বঙ্গীয় শব্দকোষ

প্রথম খণ্ড ॥ অ-ন

শ্রীহরিচরণ বন্দ্যোপাধ্যায়

সাহিত্য অকাদেমী
নিউ দিল্লী

Bangiya Sabdakosh : A Bengali-Bengali Lexicon compiled by the Late Haricharan Bandyopadhyaya.

Volume I : অ – ন

খণ্ডশঃ প্রথম প্রকাশ ১৩৪০-১৩৫৩

সাহিত্য অকাদেমী
রবীন্দ্রভবন, ফিরোজ শাহ্‌ রোড, নিউ দিল্লী ১
রবীন্দ্র-সরোবর স্টেডিয়াম, ব্লক ৫ বি, কলিকাতা ২৯
১৫ ক্যাথিড্রেল গার্ডেন্‌স রোড, মাদ্রাজ ৩৪

মুদ্রাকর
শ্রীশৈলেন্দ্রনাথ গুহরায়
শ্রীসরস্বতী প্রেস লিমিটেড, ৩২ আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলিকাতা ৯

শান্তিনিকেতন-শিক্ষাভবনের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত হরিচরণ বন্দ্যোপাধ্যায় সুদীর্ঘকাল বাংলা অভিধান সঙ্কলন কার্য্যে নিযুক্ত আছেন। তাঁহার এই বহুবর্ষব্যাপী অক্লান্ত চিন্তা ও চেষ্টা আজ সম্পূর্ণতা লাভ করিয়া সর্ব্বসাধারণের নিকট উপস্থিত হইল। তাঁহার এই অধ্যবসায় যে সার্থক হইয়াছে, আমার বিশ্বাস সকলেই তাহার সমর্থন করিবেন।

শান্তিনিকেতন
৮ আশ্বিন ১৩৩৯

রবীন্দ্রনাথ ঠাকুর

প্রকাশকের নিবেদন

বঙ্গীয় শব্দকোষের নূতন সংস্করণ প্রকাশিত হইল। এই গ্রন্থের প্রথম প্রকাশ-কালে পণ্ডিত হরিচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় (১২৭৪-১৩৬৫) যে নিবেদন লিখিয়াছিলেন তাহাতে গ্রন্থরচনার ইতিহাস সংক্ষেপে বর্ণিত হইয়াছে। তিনি কিরূপ একব্রত হইয়া এই অভিধান সংকলনার্থে সুদীর্ঘকাল আত্মনিয়োগ করিয়াছিলেন, বর্তমান সংস্করণের ভূমিকায় শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয় তাহা বর্ণনা করিয়াছেন।

১৩৪০ সালে ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে এই অভিধানের ধারাবাহিক প্রকাশ আরম্ভ হয়, এবং ১৩৫৩ সালে, ১০৫ খণ্ডে ইহার মুদ্রণ পরিসমাপ্ত হয়। তাহার কিছুকাল পরে, ঐ ১০৫ খণ্ডের অবিক্রীত প্রতি, পাঁচ ভাগে প্রচারিত হয়।

অভিধানকারের নিজ ব্যয়ে এই গ্রন্থ প্রকাশিত হয়; অধিক সংখ্যায় মুদ্রণ তাঁহার সাধ্যাতীত ছিল। পাঁচ ভাগে প্রচারিত গ্রন্থ সত্বরই নিঃশেষিত হইলে, বহু বৎসর তাহার পুনর্মুদ্রণ সম্ভব হয় নাই। তবে, অভিধানকারের জীবিতকালেই সাহিত্য অকাদেমী ইহার নবসংস্করণের ভার সাগ্রহে গ্রহণ করিয়াছিলেন।

এই গ্রন্থ প্রথম প্রকাশের পর অভিধানকার যে সমস্ত সংশোধন ও সংযোজন করিয়াছিলেন, বর্তমান সংস্করণে সেগুলি গৃহীত হইয়াছে।

রবীন্দ্রনাথ-লিখিত যে পরিচয়পত্র লইয়া এই অভিধান প্রথম প্রকাশিত হয়, রবীন্দ্রনাথের সহিত এই অভিধানের আজন্ম যোগের অন্যতম অভিজ্ঞানরূপে বর্তমান সংস্করণেও তাহা মুদ্রিত হইল।

পশ্চিমবঙ্গ সরকারের অর্থানুকূল্যে বর্তমান মূল্যে এই অভিধান প্রকাশিত হইতে পারিল, এজন্য তাঁহারা সর্বসাধারণের কৃতজ্ঞতাভাজন। এই সহায়তার জন্য অকাদেমীর পক্ষ হইতে তাঁহাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করি।

শ্রীপুলিনবিহারী সেন বঙ্গীয় শব্দকোষের নূতন সংস্করণ প্রকাশের প্রস্তাবে প্রথমাবধি বিশেষ উদ্যোগী হন; সাহিত্য অকাদেমী এই ভার লইলে নানাভাবে তিনি এ কার্যে সহায়তা করিয়াছেন।

এই গ্রন্থের প্রুফ-সংশোধনকার্যে সংকলয়িতার ভ্রাতুষ্পুত্র শ্রীসত্যেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিশেষ শ্রমস্বীকার করিয়াছেন; পরলোকগত আচার্যের প্রতি ঐকান্তিক শ্রদ্ধাবশতঃ তাঁহার আনুকূল্য করিয়াছেন শ্রীপঞ্চানন মণ্ডল, শ্রীসুখময় শাস্ত্রী, শ্রীউপেন্দ্রকুমার দাস, শ্রীনিতাইবিনোদ গোস্বামী, শ্রীদুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও সৈয়দ মুজ্‌তবা আলী।

এই সংস্করণের মুদ্রণসৌষ্ঠববিধানে শ্রীজগদিন্দ্র ভৌমিকের সহায়তা কৃতজ্ঞতার সহিত স্মরণীয়।

অভিধান-মুদ্রণ বিশেষ অভিনিবেশ ও নিষ্ঠা-সাপেক্ষ। শ্রীসরস্বতী প্রেসের কর্তৃপক্ষ বিশেষ যত্নের সহিত এই কার্য সম্পন্ন করিয়াছেন; মুদ্রণকর্ম-পরিচালনায় শ্রীসুবোধকুমার মিত্র রায় এবং প্রুফ-সংশোধনে শ্রীআশুতোষ ভট্টাচার্য যে পরিশ্রম স্বীকার করিয়াছেন তাহা বিশেষভাবে উল্লেখযোগ্য।

ভূমিকা

সর্বভারতীয় সাহিত্যসংস্থারূপে সাহিত্য অকাদেমী প্রতিষ্ঠিত হয়। ভারতীয় ভাষা ও সাহিত্যের পরিপুষ্টি সাধন এবং সাহিত্যের সূত্রে সার্বদেশিক সৌহার্দ ও সহযোগ বৃদ্ধি হইল অকাদেমীর মুখ্য উদ্দেশ্য। ভারতের সর্বত্র এবং বিশ্বের বহু দেশে আজকাল বাংলা ভাষা ও সাহিত্যের প্রতি একটি বিশেষ অনুরাগ পরিলক্ষিত হইতেছে। সম্মিলিত জাতি-সংঘের পরিসংখ্যান হইতে জানা যায় ভারতে বাংলা-ভাষীর সংখ্যা হইল হিন্দী-ভাষীর পরেই। এই ভাষায় রচিত মোট পুস্তক-সংখ্যা ভারতীয় ভাষাগুলির মধ্যে সর্বাধিক। রবীন্দ্রনাথ প্রমুখ ভারতীয় সাহিত্যের সর্বাগ্রগণ্য কতিপয় লেখক এই ভাষায় অনবদ্য সাহিত্য সৃষ্টি করিয়াছেন। সংস্কৃত হইতে উদ্ভূত এবং সংস্কৃত শব্দের দ্বারা পরিপুষ্ট যে সকল ভারতীয় ভাষা আমাদের সাংস্কৃতিক ঐক্য ও জাতীয় সংহতিকে দৃঢ়তর করিয়াছে, তাহাদের মধ্যে বাংলা ভাষা অন্যতম।

বঙ্গীয় শব্দকোষের সংস্করণ প্রকাশ করিয়া সাহিত্য অকাদেমী উপরোক্ত সত্যকে স্বীকৃতি দান করিলেন। বাস্তবপক্ষে এই শব্দকোষ যুগপৎ বাংলা ও সংস্কৃতের প্রতি পণ্ডিতপ্রবর হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের প্রণাম নিবেদন। ইহা প্রকাশ করিয়া সাহিত্য অকাদেমী বাংলা ভাষা ও সাহিত্যের একটি বিরাট তোরণদ্বার সকলের জন্য উদ্‌ঘাটন করিলেন। পশ্চিমবঙ্গ সরকার এই পুণ্যকর্মে অকাদেমীর সহযোগিতা করিয়া বাংলা দেশের একজন নিঃস্বার্থ নিরভিমান জ্ঞানযোগী ও কর্মযোগীর স্মৃতির প্রতি শ্রদ্ধার অর্ঘ নিবেদন করিলেন।

'শান্তিনিকেতন বিদ্যালয়ের ভূতপূর্ব সংস্কৃতাধ্যাপক পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত হরিচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় দীর্ঘ আটাশ বৎসর ধরিয়া বাংলা ভাষার একখানি সুবৃহৎ অভিধান সংকলন-কার্য্যে আত্মনিয়োজিত হইয়া আছেন। এই বইয়ের সংকলন-কার্য্য এবং ছাপাইতে দিবার জন্য 'প্রেস্-কাপি' আজ কয় বৎসর হইল প্রস্তুত হইয়া রহিয়াছিল। বিগত আট নয় বৎসর ধরিয়া শ্রীযুক্ত হরিচরণ পণ্ডিত মহাশয়ের আরব্ধ এই বিশেষ শ্রমসাধ্য কার্য্যের সহিত আমি পরিচিত। ইনি একটি বিরাট ব্যাপার করিয়া তুলিয়াছেন। সংকলন-কার্য্য যখন কয়েক বৎসর পূর্বে পুরা জোরে চলিতেছে, তখন শান্তিনিকেতন বিশ্বভারতীর গ্রন্থাগারের একটি প্রকোষ্ঠে পণ্ডিত মহাশয়ের অভিধান প্রণয়ন কার্য্য দেখিতাম। দিনের পর দিন, অধ্যাপনার কার্য্য হইতে যেটুকু ছুটী তিনি পাইয়াছেন, অমনিই তাঁহার অভিধানের ঘরে আসিয়া বসিয়াছেন। ছোট বড় নানা অভিধানে ভরা একখানি তক্তপোষ— কেবল বাঙ্গালার নহে, সমস্ত সংস্কৃত অভিধান, এবং পালি প্রাকৃত ফার্সী উর্দু হিন্দী মারহাট্টী গুজরাটী উড়িয়া ইংরেজী প্রভৃতি নানা ভাষার অভিধান। এতদ্‌ভিন্ন প্রাচীন ও আধুনিক বাঙ্গালা সাহিত্যের প্রায় সমস্ত প্রধান

প্রধান পুস্তক, ও সংস্কৃত সাহিত্যের যাবতীয় পুস্তক, তাঁহার অভিধানের উপাদানস্বরূপ নানা আলমারী ও শেল্‌ফে মজুদ রহিয়াছে। এই পুস্তক-স্তূপের মধ্যে, অক্লান্তকর্মী জ্ঞানতপস্বী, দীর্ঘদেহ শীর্ণকায় এই ব্রাহ্মণ, দিনের পর দিন, মাসের পর মাস, বৎসরের পর বৎসর, আপন মনে তাঁহার সংকলন-কার্য্য করিয়া যাইতেছেন, নানা অভিধান হইতে ও বাঙ্গালা ও সংস্কৃত পুস্তক হইতে শব্দ চয়ন ও প্রয়োগ উদ্ধার করিয়া লিখিয়া যাইতেছেন। কেহ আসিলে তাঁহার সহিত আলাপ জমাইবার তাঁহার সময়ও নাই, প্রবৃত্তিও নাই— তাঁহার অমায়িক সরল হাস্যের সহিত কার্য্যের সঙ্গে সঙ্গেই দুই চারিটী বাক্য বিনিময় করিয়া লইতেছেন। এই দৃশ্য বাস্তবিকই আমার চিত্তকে বিশেষভাবে মুগ্ধ করিত। মাতৃভাষা ও সংস্কৃত, এই উভয়ের প্রতি গভীর প্রীতি ও শ্রদ্ধা লইয়া, এবং উভয় ভাষার সাহিত্যের সহিত অনন্যসাধারণ প্রগাঢ় পরিচয় মাত্রকে সম্বল করিয়া, তিনি একা সহায়সম্বলহীন অবস্থায় নিজের উদ্যম ও মাতৃভাষার সেবার আদর্শকে ভেলা-রূপে গ্রহণ করিয়া দুস্তর শব্দসাগর পার হইবার জন্য অবতরণ করিয়াছিলেন। এতদিনের পরিশ্রমে তাঁহার গ্রন্থ প্রস্তুত হইয়াছে, তাঁহার সাধনা পূর্ণতা প্রাপ্ত হইয়াছে।

'এই বই সম্পূর্ণ প্রকাশিত হইলে, ইহা বাঙ্গালা ভাষার সর্বাপেক্ষা পুষ্টকলেবর অভিধান হইবে। পুস্তক যতই সমাপ্তির দিকে অগ্রসর হইতেছিল, ইহার মুদ্রণ ও প্রকাশনের চিন্তাও পণ্ডিত মহাশয়কে ততই উৎকণ্ঠিত করিতেছিল। আমাদের দুর্ভাগ্য যে এই সময়ে এরূপ বিরাট কার্য্যের জন্য উপযুক্ত বিদ্যোৎসাহী দাতা পাওয়া গেল না। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ, বিশ্বভারতী, কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রভৃতি তাবৎ শিক্ষা- ও অনুশীলন- পরিষদের নিতান্ত অর্থাভাব; প্রস্তুত অভিধানের মত গুরুতর কার্য্য গ্রহণ করা বাঙ্গালার কোনও জাতীয় প্রতিষ্ঠানের দ্বারা সম্ভব হইল না। এবং এই আর্থিক দুরবস্থার দিনে সরকারী সাহায্য লাভও দুরাশার কথা। এই অবস্থায় পণ্ডিত মহাশয়ের প্রায় সমগ্র জীবনের পরিশ্রমের ফল অমুদ্রিত ও অপ্রচারিত থাকিয়া নষ্ট হইয়া যাইবার আশঙ্কা তাঁহাকে ও তাঁহার বন্ধুগণকে উদ্বিগ্ন করিয়া তুলিল। কিন্তু যে উদ্যমের ফলে পণ্ডিত মহাশয় এই অভিধানখানি সংকলন করেন, সে উদ্যম এখনও অটুট আছে। অতঃপর অনন্যোপায় হইয়া তিনি স্বয়ং এই পুস্তক ছাপাইবার কার্য্যে অগ্রসর হইয়াছেন। তাঁহার ধনবল নাই— তিনি দরিদ্র ব্রাহ্মণ পণ্ডিত মাত্র। জীবনে যাহা কিছু আর্থিক সংগ্রহ করিয়াছেন তাহা দিয়াই ভগবানের উপর নির্ভর করিয়া তিনি মুদ্রণকার্য্য আরম্ভ করিয়া দিয়াছেন। তাঁহার বিশ্বাস, যদি তাঁহার বইয়ে লোকের— বঙ্গভাষী জনগণের— উপকারের কিছু থাকে, তাহা হইলে এই পথে কিঞ্চিৎ অগ্রসর হইলেই, মুদ্রিত কিয়দংশ দেখিয়া "সুধী গ্রাহকগণের অনুকম্পা ও বিদ্যোৎসাহী ধনিজনের পৃষ্ঠপোষকতা" প্রাপ্তি পুস্তকের পক্ষে সহজসাধ্য হইবে, এবং ধীরে ধীরে গ্রন্থখানি সম্পূর্ণ প্রকাশিত হইবে।

'আমি এই গ্রন্থ দেখিয়াছি। কোনও কোনও অংশ বেশ ভাল করিয়া দেখিয়াছি। এক সময়ে এইরূপ প্রস্তাব হইয়াছিল যে বিশ্বভারতী হইতে এই পুস্তক প্রকাশিত হইবে, এবং রবীন্দ্রনাথের অনুমোদিত একটি সম্পাদক-সংঘ শ্রীযুক্ত হরিচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়কে সাহায্য করিবেন, এই সম্পাদক সংঘে শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী মহাশয়ের নাম এবং বর্তমান সমালোচকের নামও প্রস্তাবিত হইয়াছিল। কিন্তু আমাদের নিজ নিজ কার্য্যভার নিবন্ধন এরূপ ব্যবস্থা সম্ভবপর হইল না। এই প্রস্তাব সম্পর্কে শাস্ত্রী মহাশয় ও পণ্ডিত মহাশয়ের সহিত অভিধান সম্পর্কে আমার বহু আলাপ হয়, অভিধানের কতক অংশ আমার দেখিবারও সুযোগ ঘটে।

ভূমিকা

'উপস্থিত বাঙ্গালা ভাষা যে ভাবে সংস্কৃতের আশ্রয়ে পুষ্ট হইয়াছে ও হইতেছে, তাহাতে বলা চলে যে, যে কোনও সংস্কৃত শব্দ সম্ভাব্য বা ভবিষ্যৎ বাঙ্গালা শব্দ— আবশ্যক হইলেই বাঙ্গালা ভাষা তাহাকে গ্রহণ করিতে পারে, আত্মসাৎ করিতে পারে। সংস্কৃত শব্দভাণ্ডারের দ্বার বাঙ্গালার জন্য সদা উন্মুক্ত রহিয়াছে, এবং সংস্কৃত ভাষার ধাতু ও প্রত্যয়ের দ্বারা নূতন শব্দ সৃষ্টি করিয়া বাঙ্গালা ভাষা নিজের অভাব পূর্ণ করিবার জন্য সদা প্রস্তুত আছে। সংস্কৃত ও বাঙ্গালার এই সম্পর্ক বিচার করিয়া, সংকলয়িতার ইচ্ছা ছিল— একাধারে তিনি একখানি সংস্কৃত ও বাঙ্গালা ভাষার সম্পূর্ণ অভিধান প্রস্তুত করিবেন। রবীন্দ্রনাথ প্রমুখ পরামর্শদাতার উপদেশে ও অনুরোধে তিনি সে সংকল্প ত্যাগ করিয়া, বাঙ্গালা ভাষায় অপ্রচলিত সংস্কৃত শব্দ বর্জন করিয়াছেন। শব্দসংগ্রহ বিষয়ে তবে এই অভিধানের প্রধান বৈশিষ্ট্য— ইহাতে বাঙ্গালা ভাষায় আগত বোধ হয় তাবৎ সংস্কৃত শব্দ পাওয়া যাইবে। কিন্তু তাই বলিয়া এই অভিধান একদেশদর্শী নহে— মাত্র বাঙ্গালা ভাষায় আগত সংস্কৃত শব্দের সংগ্রহ নহে, খাঁটী বাঙ্গালা— প্রাকৃতজ ও অর্ধতৎসম— শব্দ যতদূর সম্ভব ইহাতে সংগৃহীত হইয়াছে। এতদ্‌ভিন্ন বাঙ্গালায় যে সমস্ত বিদেশী শব্দ গৃহীত হইয়াছে, সেগুলিও যথাযোগ্য সমাদরের সহিত এই অভিধানে স্থান লাভ করিয়াছে। অসংস্কৃত শব্দের সংখ্যা অন্য অভিধানের তুলনায় যথেষ্ট অধিক হইবে, কারণ এই অভিধানখানি বাঙ্গালা ভাষার অন্তিম অভিধান বলিয়া পূর্ব পূর্ব অভিধানের সাহায্য ইহা পাইয়াছে, এবং তদতিরিক্ত সংকলয়িতার নিজের আহৃত নূতন অসংস্কৃত শব্দও ইহাতে আছে।

'এই সম্পর্কে, বন্দ্যোপাধ্যায় মহাশয়ের অভিধান সমালোচনা করিয়া, "চলন্তিকা" অভিধানের সংকলয়িতা, ব্যঙ্গরচনায় সিদ্ধহস্ত "গড্ডলিকা" ও "কজ্জলী"র গ্রন্থকার শ্রদ্ধেয় শ্রীযুক্ত রাজশেখর বসু মহাশয় যাহা বলিয়াছেন, তাহা খুবই সমীচীন, এবং পুনরুদ্ধার করিয়া দিবার যোগ্য। তিনি বলিয়াছেন— "কেহই শ্রীযুক্ত হরিচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের ন্যায় বিরাট কোষগ্রন্থ সংকলনের প্রয়াস করেন নাই। 'বঙ্গীয় শব্দকোষে' প্রাচীন ও আধুনিক সংস্কৃতেতর শব্দ (তদ্ভব দেশজ বৈদেশিক প্রভৃতি) প্রচুর আছে। কিন্তু সংকলয়িতার পক্ষপাত নাই, তিনি বাঙলা ভাষায় প্রচলিত ও প্রয়োগযোগ্য বিশুদ্ধ সংস্কৃত শব্দের সংগ্রহে ও বিবৃতিতে কিছুমাত্র কার্পণ্য করেন নাই। যেমন সংস্কৃত শব্দের ব্যুৎপত্তি দিয়াছেন, তেমনি অসংস্কৃত শব্দের উৎপত্তি যথাসম্ভব দেখাইয়াছেন। এই সমদর্শিতার ফলে তাঁহার গ্রন্থ যেমন মুখ্যতঃ বাঙলা সাহিত্যের প্রয়োজনসাধক হইয়াছে, তেমনি গৌণতঃ সংস্কৃত সাহিত্য চর্চারও সহায়ক হইয়াছে। ...সংস্কৃত মৃতভাষা, কিন্তু গ্রীক লাটিনের তুল্য মৃত নয়।...ভাগ্যবতী বঙ্গভাষা সংস্কৃত শব্দের অক্ষয় ভাণ্ডারের উত্তরাধিকারিণী, এবং এই বিপুল সম্পৎ ভোগ করিবার সামর্থ্যও বঙ্গভাষার প্রকৃতিগত। আমাদের ভাষা যতই স্বাধীন স্বচ্ছন্দ হউক, খাঁটী বাঙলা শব্দের যতই বৈচিত্র্য ও ব্যঞ্জনা-শক্তি থাকুক, বাঙলা ভাষার লেখককে পদে পদে সংস্কৃত ভাষার শরণ লইতে হয়। কেবল নূতন শব্দের প্রয়োজনে নয়, সুপ্রচলিত শব্দের অর্থপ্রসার করিবার নিমিত্তও। অতএব বাঙলা অভিধানে যত বেশী সংস্কৃত শব্দের বিবৃতি পাওয়া যায় ততই বাঙলা সাহিত্যের উপকার। বন্দ্যোপাধ্যায় মহাশয় এই মহোপকার করিয়াছেন। তিনি সংস্কৃত শব্দের বাঙলা প্রয়োগ দেখাইয়াই ক্ষান্ত হন নাই, সংস্কৃত সাহিত্য হইতে রাশি রাশি প্রয়োগের দৃষ্টান্ত আহরণ করিয়াছেন। এই বিশাল কোষগ্রন্থে যে শব্দসম্ভার ও অর্থবৈচিত্র্য রহিয়াছে তাহাতে কেবল বর্তমান বাঙলা সাহিত্যের চর্চা সুগম হইবে এমন নয়, ভবিষ্যৎ সাহিত্যও সমৃদ্ধিলাভ করিবে।"

ভূমিকা

'শব্দগুলি এইভাবে ব্যাখ্যাত হইয়াছে। প্রথম, শব্দের ব্যুৎপত্তি প্রদর্শিত হইয়াছে। সংস্কৃত শব্দের ব্যুৎপত্তি লইয়া বিশেষ গোল নাই—পূর্বাচার্য্যগণের পথ অনুসরণ করিয়া শব্দসাধন প্রদর্শিত হইয়াছে। বিদেশী শব্দাবলীরও মূল বা ব্যুৎপত্তি সুপরিচিত, কিন্তু প্রাকৃতজ বহু শব্দের ব্যুৎপত্তি নির্ণয় অনেক স্থলে বিশেষ কঠিন ব্যাপার। এ বিষয়ে অল্পবিস্তর মতভেদ উপস্থিত অবস্থায় থাকিবেই। তবে, মোটের উপর, শ্রীযুক্ত হরিচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় যেভাবে ব্যুৎপত্তি প্রদর্শন করিয়াছেন, সাধারণতঃ তাহা ভাষাতত্ত্বানুমোদিত রীতিতেই করিয়াছেন।

'ব্যুৎপত্তি-নির্দেশের পর অর্থনির্ণয়। এ বিষয়ে ঐতিহাসিক ক্রম অনুসৃত হইয়াছে। প্রথমে মৌলিক বা ধাতুগত অর্থ, তদনন্তর পর পর শব্দটির অর্থঘটিত বিকাশ যেমন হইয়াছে, এক দুই তিন ইত্যাদি ক্রমে তদ্রূপ অর্থ প্রদর্শন করা হইয়াছে। প্রত্যেক অর্থের সঙ্গে সঙ্গে প্রায় সর্বত্র বাঙ্গালা সাহিত্য হইতে এবং বহু স্থলে সংস্কৃত সাহিত্য হইতে প্রয়োগ উদ্ধার করিয়া দেখান হইয়াছে। এইখানেই সংকলয়িতার কৃতিত্ব পদে পদে দেখা যায়। প্রয়োগের উপযোগিতা দেখিয়া তাঁহাকে ভূয়সী প্রশংসা করিতে হয়।

'মূল শব্দের অর্থ ও প্রয়োগের পরে আছে, সেই শব্দকে আদি করিয়া সমস্ত পদ, এবং ইডিয়ম বা বাক্যভঙ্গী। এখানেও প্রয়োগ প্রদর্শন বিষয়ে কার্পণ্য করা হয় নাই।

'মোটের উপরে, এরূপ অভিধান বাঙ্গালা ভাষায় ইতিপূর্বে বাহির হয় নাই। এতাবৎ শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রমোহন দাসের অভিধান বাঙ্গালার সর্বশ্রেষ্ঠ অভিধান বলিয়া পরিগণিত ছিল। এই অভিধানের শব্দসংখ্যা ৭৫,০০০। বন্দ্যোপাধ্যায় মহাশয়ের অভিধানের শব্দ-সংখ্যা নিঃসন্দেহ-রূপে আরও অনেক অধিক হইবে। শব্দের অর্থ-বিচার ও প্রয়োগ-প্রদর্শনে শ্রীযুক্ত জ্ঞানেন্দ্র বাবু বিশেষ কৃতিত্ব দেখাইয়াছেন। বন্দ্যোপাধ্যায় মহাশয়ও যথেষ্ট পরিমাণে প্রয়োগ উদ্ধার করিয়া দিয়াছেন এবং সংস্কৃত শব্দাবলীর পূর্ণ আলোচনার জন্য বন্দ্যোপাধ্যায় মহাশয়ের অভিধান সাহিত্যিক ও শিক্ষার্থীর পক্ষে অপরিহার্য্য হইবে। দাস মহাশয়ের অভিধান এখন আর ছাপা নাই, তবে ইহার নূতন সংস্করণ প্রস্তুত হইতেছে।[১] ইহার পুনঃপ্রকাশ হইলে, শ্রীযুক্ত হরিচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের অভিধান, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রমোহন দাস মহাশয়ের অভিধান এবং শ্রীযুক্ত রাজশেখর বসুর "চলন্তিকা" বাঙ্গালা ভাষার যথাক্রমে সর্বশ্রেষ্ঠ বৃহৎ, মধ্যম ও লঘু অভিধান বলিয়া পরিগণিত হইবে।

'নানা কারণে, দেখা যাইতেছে আমাদের দেশে team-work বা যৌথ-ভাবে চর্য্যা সম্ভবপর হইতেছে না। যে ভাবে ইংরেজ জাতির সমস্ত পণ্ডিতগণ মিলিয়া অক্সফোর্ড ডিকশনারি তৈয়ারী করিয়া তুলিয়াছেন, সেভাবে কোনও কাজ ইদানীং বঙ্গদেশে হয় নাই। বিশেষতঃ অভিধানের কাজ। কোনও প্রভাব- ও প্রতিপত্তি- শালী প্রতিষ্ঠান পিছনে না থাকিলে, এবং প্রচুর অর্থের ব্যবস্থা না হইলে সমবেতভাবে পণ্ডিত-পরিষদের পক্ষে এইরূপ কাজ সমাধা করা সম্ভবপর হয় না। আমাদের দেশে বঙ্গীয় সাহিত্য-পরিষদের বা বিশ্বভারতীর সমাদর আছে, কিন্তু শক্তি নাই— অর্থবল নাই। কাশীর নাগরী প্রচারিণী সভার চেষ্টায় "হিন্দী শব্দসাগর" নামে হিন্দী ভাষায় যে বিরাট কোষগ্রন্থ প্রস্তুত হইয়াছে, তদ্রূপ বিরাট কোষগ্রন্থের ভার বঙ্গীয় সাহিত্য-পরিষৎ লইতে পারিলেন না।[২]

---

১ দ্বিতীয় সংস্করণ ১৯৩৭ সালে প্রকাশিত হইয়াছে

২ "হিন্দী শব্দসাগর"-এর প্রথম সংস্করণ নিঃশেষ হইয়া যাইবার বহু পরে সম্প্রতি ইহার পুনর্মুদ্রণ আরম্ভ হইয়াছে।

ভূমিকা

'শ্রীযুক্ত হরিচরণ বন্দ্যোপাধ্যায় যে অদম্য সাহস ও শক্তির পরিচয় দিয়াছেন, তাহা তাঁহার ন্যায় তাপসমনোবৃত্তিযুক্ত জ্ঞানের সাধকের উপযুক্ত। ইতিপূর্বে আর একজন ব্রাহ্মণ পণ্ডিত এইরূপ বিরাট কার্য্যে হাতে দিয়াছিলেন, এবং নিজ চেষ্টায় তাহা সম্পূর্ণ করিয়া তুলিয়াছিলেন। পণ্ডিত তারানাথ তর্কবাচস্পতির বিরাট "বাচস্পত্য অভিধান"-এর কথা স্বতঃ মনে হয়। আর একজন ব্রাহ্মণ পণ্ডিত মহাভারতের বঙ্গানুবাদ সহ একটি নূতন সংস্করণ সম্পাদন ও প্রকাশের কার্য্যে একাকী নামিয়াছেন— মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়, ইঁহার কৃতি সম্বন্ধে "প্রবাসী" পত্রে পরিচয় প্রকাশিত হইয়াছে (১৩৩৬ চৈত্র)।[৩] অষ্টাদশ শতকের ইংরেজ পণ্ডিত ডাক্তার সামুয়েল জনসনও মাতৃভাষার অভিধান একা সম্পাদন ও মুদ্রণ করেন— ধনী লোকের পৃষ্ঠপোষকতা চেষ্টা করিয়া না পাইয়া, তিনি বীরের মত স্বয়ং এই কাজে অবতীর্ণ হন। পণ্ডিত মহাশয়ের উৎসাহ ও শ্রমশীলতা, এবং আরব্ধ কার্য্যের পরিসমাপ্তি সম্বন্ধে আশা ও আস্থা দেখিয়া তাঁহাকে সহস্র সাধুবাদ দিতে হয়— মনে হয় দেশবাসিগণের সমক্ষে সম্পূর্ণরূপে না হইলেও এই অলস ও নিরুৎসাহ, অল্পোদ্যম এবং আশাভগ্ন জাতির মধ্যে তিনি একজন পুরুষসিংহ। ইঁহার সাহচর্য্য করিতে পারা সৌভাগ্যের বিষয়।

'এই সাহচর্য্য প্রত্যেক বাঙ্গালীর যথাশক্তি করা উচিত। একখানি সুবৃহৎ বাঙ্গালা অভিধান প্রত্যেক শিক্ষাপ্রতিষ্ঠানে থাকা দরকার। বাঙ্গালা দেশে বারো শত ইস্কুল আছে।[৪] বছরে ছয় টাকা বারো আনা— প্রতি মাসে নয় আনা— খরচ করিয়া এই বইয়ের জন্য গ্রাহক হওয়া প্রত্যেক ইস্কুলের কর্ত্তব্য বলিয়া মনে করি। এতদ্‌ভিন্ন এতগুলি কলেজ আছে, সাধারণ পাঠাগার আছে, এবং বড়লোক ও মধ্যবিত্ত লোকের নিজ নিজ পুস্তকশালা আছে। যে আশা লইয়া এই জাতীয় অনুষ্ঠানে পণ্ডিত শ্রীযুক্ত হরিচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় নামিয়াছেন, সে আশা কি পূর্ণ হইবে না? বাঙ্গালী তাহার মাতৃভাষার বৃহত্তম অভিধানের জন্য এই সামান্য ব্যয়টুকু স্বীকার করিবেন না? আমাদের ব্যক্তিগত দায়িত্ব যদি আমরা প্রত্যেকেই বুঝি, তাহা হইলে কাজটা সহজেই হইয়া যায়। যথাসম্ভব শীঘ্র সারা বাঙ্গালা দেশ হইতে "বঙ্গীয় শব্দকোষ"-এর এক হাজার গ্রাহক হউক, এই কামনা করিয়া, এই অভিধানের সংকলয়িতাকে আমার আন্তরিক কৃতজ্ঞতা ও শ্রদ্ধা নমস্কার জানাইয়া, অভিধানের পরিচয় প্রসঙ্গ উপস্থিত ক্ষেত্রে সমাপ্ত করিতেছি।'

শব্দকোষ প্রকাশের কাজ সমাপ্ত হওয়া উপলক্ষ্যে বিশ্বভারতীর পূর্বতন ছাত্রগণের সভা শান্তিনিকেতন আশ্রমিক সংঘ তাঁহাদের আচার্য্যকে অভিনন্দিত করেন। শান্তিনিকেতনে অনুষ্ঠিত এই সভায় আমন্ত্রিত হওয়া সত্ত্বেও অনিবার্য্য কারণ বশতঃ আমি সশরীরে যোগ দিতে পারি নাই। সেই সময় পণ্ডিত মহাশয়কে প্রণাম নিবেদন করিয়া যে-পত্র লিখিয়াছিলাম তাহা উদ্ধৃত করিয়া এই ভূমিকা শেষ করি:

'আপনি যে বিরাট কর্ম আপনার অদ্ভুত নিষ্ঠা ও সাধনার একচিত্ততার শক্তিতে সমাপ্ত করিলেন, তাহার জন্য মাতৃভাষার অনুরাগী প্রত্যেক বঙ্গভাষীকে এবং সমগ্র জগতের ভাষাতত্ত্বের আলোচকগণকে আপনার নিকট চিরঋণী করিয়া গেলেন। যে কাজ অন্যদেশে বহু বিদ্বজ্জন মিলিতভাবে কচিৎ সম্পন্ন

৩ সুখের বিষয়, দেহরক্ষার পূর্বেই সিদ্ধান্তবাগীশ মহাশয় তাঁহার আরব্ধ কার্য্য সম্পূর্ণ করিয়া গিয়াছেন।

৪ বর্তমানে এই সংখ্যা বহু বৃদ্ধি পাইয়াছে।

ভূমিকা

করিতে সমর্থ হন, সে অভিধান-সংকলনের কাজ আপনি একা কাহারও সাহায্য না লইয়া সুষ্ঠু এবং সম্পূর্ণ ভাবে সম্পন্ন করিলেন। এই বিরাট শব্দকোষ আপনার পাণ্ডিত্যের, অধ্যয়ন ও অভিনিবেশের, এবং গবেষণা- ও প্রকাশ- শক্তির পরিচায়ক ; ছয় কোটির* অধিক সংখ্যা জনগণের নানামুখী জীবনকে ধারণ করিয়া অবস্থিত একটি ভাষার, এবং সহস্রবর্ষব্যাপী একটি বিশাল সাহিত্যের শব্দাবলীর এই বৃহত্তম ভাণ্ডার, আপনার পক্ষে এবং সঙ্গে সঙ্গে বাঙ্গালী জাতির পক্ষে একটি কীর্তিস্তম্ভবিশেষ।

'গ্রন্থসংকলনের পরে তাহার মুদ্রণ ও প্রকাশন। নিঃসম্বল ব্রাহ্মণ পণ্ডিত কেবল আত্মিক শক্তিতে আস্থাবান হইয়া যে কিরূপে অসাধ্যসাধন করিতে পারেন, আপনি এই যুগে নূতন করিয়া তাহা আমাদের দেখাইলেন। প্রভূত দ্রব্যভাণ্ডার-সম্পন্ন রাজকীয় বা রাজানুগৃহীত পরিষৎ অথবা বিদ্যোৎসাহী ঐশ্বর্য্যবান ব্যক্তিগণের দ্বারা পৃষ্ঠপোষিত সমিতি দ্বারা যে কার্য্য সমাধা করাও বহু সময়ে কঠিন হয়, তাহা আপনার একার চেষ্টাতেই মুখ্যতঃ সম্পূর্ণ হইল। কবিগুরুর আশীর্বাদ লইয়া আপনি অবতীর্ণ হইয়াছিলেন বহু বহু বৎসর পূর্বে, এতদিনে আপনি কবিঋণ পরিশোধ করিলেন।

'আপনার এই মহিমমণ্ডিত দৃষ্টান্ত যেন চিরকাল ধরিয়া আমাদের জ্ঞান ও কর্মের ক্ষেত্রে উৎসাহ দেয়, আমাদের জ্ঞানযোগী ও কর্মযোগী হইতে সহায়তা করে।

'আপনাকে অবলম্বন করিয়া এই মহৎ কর্মের পরিসমাপ্তির দিনে আমরা আমাদের দেশের ব্রাহ্মণ্যের আদর্শকে এবং দেবভাষা সংস্কৃত ও মাতৃভাষা বাঙ্গালাকে আমাদের প্রণাম নিবেদন করিতেছি।'

শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়

* এখন নয় কোটির উপর

সঙ্কলয়িতার নিবেদন

প্রায় সাতাশ বৎসর পূর্ব্বে— যখন এই বিশ্বভারতীর শৈশবাবস্থা, ব্রহ্মচর্য্যাশ্রম—সেই সময়ে একদিন কথাপ্রসঙ্গে পূজ্যপাদ কবিবর আমাকে বাঙ্‌লাভাষার একখানি অভিধান-প্রণয়নের কথা বলিয়াছিলেন। তখন আশ্রমের বিদ্যার্থিগণের পাঠের কোন সংস্কৃত পাঠ্য-পুস্তক ছিল না, কবিবরের নির্দ্দেশানুসারে 'সংস্কৃতপ্রবেশ' রচনা করিতেছিলাম। সুতরাং, তখনই তাঁহার কথানুসারে অভিধানের কার্য্যে হস্তক্ষেপ করিতে পারি নাই। 'সংস্কৃতপ্রবেশ' রচনা ক্রমে ক্রমে তিন খণ্ডে সমাপ্ত হইলে, আমি একদিন কবিবরের নিকটে পূর্ব্বপ্রসঙ্গের উত্থাপন করিয়া, অভিধান-সঙ্কলনের ইচ্ছা প্রকাশ করিলাম; তিনিও আমার ইচ্ছানুসারে আনন্দের সহিত তৎকার্য্যে প্রবৃত্ত হইবার অনুমতি দিলেন। সেই দিন হইতেই আমি তদীয় অনুমতিক্রমে অভিধান-রচনায় নিরত হইলাম। অভিধান-প্রণয়নের ইহাই মূল-কারণ। সে অনেক দিন পূর্ব্বেরই কথা, তখন ১৩১২ সাল।

অভিধান-সঙ্কলনে কেহই আমার পথপ্রদর্শক ছিলেন না; কোন বিজ্ঞ আভিধানিকের সাহায্যলাভের আশাও করিতে পারি নাই। নিজ বুদ্ধিতে যে পথ সহজ বুঝিয়াছিলাম, তাহাই আশ্রয় করিয়া কার্য্যে অগ্রসর হইয়াছি; অসহায়ভাবে কার্য্য করার ফলে, ব্যর্থ পরিশ্রমে আমার অনেক সময় নষ্ট হইয়াছে। মূঢ়-বুদ্ধিতে প্রথমে ইহা যেরূপ সুখ-সাধ্য বোধ করিয়াছিলাম, কিছু দূর অগ্রসর হইলে, আমার সে বুদ্ধি আর রহিল না, তাহা ভ্রমাত্মক, বুঝিতে পারিলাম। তখন অভিধান-রচনার অনুরূপ উপকরণসঞ্চয়ের নিমিত্ত প্রস্তুত হইলাম এবং অধ্যাপনার অবসানে নানা বাঙ্‌লা পুস্তক পাঠ করিয়া প্রয়োজনীয় বিষয় সংগ্রহ করিতে লাগিলাম। আশ্রমের গ্রন্থাগারে যে সকল প্রাচীন বাঙ্‌লা গ্রন্থ ছিল, প্রথমে তাহা হইতেই অনেক শব্দ সংগৃহীত হইল। এই সময়ে প্রাচীন ও আধুনিক প্রায় পঞ্চাশখানি গদ্য-পদ্য-গ্রন্থ দেখিয়াছিলাম। তদ্ভিন্ন সেই সময়ে প্রকাশিত বাঙ্‌লাভাষার অভিধান, 'বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্রিকা'সমূহে প্রকাশিত প্রাদেশিক শব্দমালা ও বিদ্যাসাগর মহাশয়ের কৃত 'শব্দসংগ্রহ' হইতে অনেক শব্দ সঞ্চিত হইয়াছিল। প্রাকৃতব্যাকরণ হইতেও অনেক বাঙ্‌লা শব্দের মূল সংস্কৃত শব্দ ও তদ্ভব শব্দও কিছু কিছু লিপিবদ্ধ করিয়াছিলাম। ইহাতে আমার প্রায় দুই বৎসর অতীত হয়। ১৩১৪ সালের ১৬ই চৈত্র আমার প্রথম শব্দ-সংগ্রহের সমাপ্তির দিন।

ইহার পরে সংগৃহীত শব্দমালা মাতৃকাবর্ণানুক্রমে নিবদ্ধ করিতে প্রায় দুই বৎসর কাটিয়া যায়; ১৩১৭ সালে বৈশাখের প্রারম্ভেই শব্দানুক্রমণিকা সমাপ্ত হয়। পরে বাঙ্‌লা শব্দের সহিত বর্ণানুক্রমে সংস্কৃত শব্দ সংযোজন করিয়া শব্দের ব্যুৎপত্তি ও শিষ্টপ্রয়োগ সহ অর্থ-প্রভৃতি লিখিতে আরম্ভ করি। ইহাই প্রকৃতপক্ষে অভিধানের আরম্ভ।

অভিধান-রচনা কিয়দ্দূর অগ্রসর হইলে, ১৩১৮ সালে আষাঢ় মাসে আর্থিক অসঙ্গতির জন্য আমাকে কলিকাতায় কার্য্য গ্রহণ করিতে হয়। এই সময়ে সঙ্কলিত অভিধানের কার্য্য কিছু দিন একেবারেই বন্ধ থাকে। অভীষ্ট বিষয়ের ব্যাঘাত-জন্য বেদনা সুতীব্র ও মর্ম্মস্পর্শী হইলেও, আমার এই দুঃখনিবেদনের স্থান আর কোথাও ছিল না— কেবল, অবসরমত মধ্যে মধ্যে যোড়াসাঁকোর বাটীতে

সঙ্কলয়িতার নিবেদন

কবিবরের নিকটে গিয়া মনের বেদনার গুরুভার কিঞ্চিৎ লঘু করিয়া আসিতাম। সহৃদয় মহাত্মার নিকটে কোন সদ্বিষয়ের নিবেদন কখনই ব্যর্থ হয় না— আমার দুঃখের নিবেদন সার্থক হইল— কবিবর বিদ্যোৎসাহী দানশীল মহারাজ শ্রীযুত মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরের সহিত দেখা করিয়া অভিধানের বিষয় জানাইলেন ও বৃত্তির কথা উত্থাপন করিলেন ; মহারাজও তদনুসারে মাসিক পঞ্চাশ টাকা বৃত্তি দিবেন, স্বীকার করিলেন। এইরূপে আমার অর্থসমস্যার কিঞ্চিৎ সমাধান হইলে, কবিবর দেখা করিবার নিমিত্ত আমাকে সংবাদ দিলেন। আমি দেখা করিতে আসিয়া তাঁহার মুখে বৃত্তির কথা শুনিলাম। আমি সর্ব্ব-প্রকারেই নগণ্য, আমারই নিমিত্ত কবিবরের যাচকবৃত্তি, ইহা চিন্তা করিতে করিতে আমি তাঁহার চরিত্রের মহত্বে ও কর্ত্তব্য কর্ম্মে ঐকান্তিক নিষ্ঠায় অভিভূত হইয়া পড়িলাম— আমার আকার-প্রকার ও মৌনভাব আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিল। আমার হৃদয়গত ভাব বুঝিয়া কবিবর ধীর কণ্ঠে কহিলেন, 'স্থির হও, আমি কর্ত্তব্যই করিয়াছি।' আমি আর কিছু বলিলাম না, প্রণতিপূর্ব্বক বিদায় লইয়া ফিরিয়া আসিলাম।

ইহার কয়েক দিন পরেই, কবিবরের আদেশানুসারে আমি পুনর্ব্বার শান্তিনিকেতনে অধ্যাপনার কার্য্য গ্রহণ করিলাম এবং বৃত্তিলাভে উৎসাহিত হইয়া বহুদিনের পরে অভিধানের কার্য্যে পূর্ব্ববৎ মনোনিবেশ করিবার অবসর পাইলাম, মনের অশান্তিরও অবসান হইল। এই সময়ে একদিন অভিধানের কথাপ্রসঙ্গে কবিবর বলিয়াছিলেন, 'মহারাজের বৃত্তিলাভ ঈশ্বরের অভিপ্রেত, অভিধানের সমাপ্তির পূর্ব্বে তোমার জীবননাশের শঙ্কা নাই।' কবি-গুরুর এই ভবিষ্যদ্বাণী সার্থক হইয়াছে— ক্রমাগত ত্রয়োদশ বৎসর কঠোর পরিশ্রম করিয়া, ১৩৩০ সালের ১১ই মাঘ এই বৃহৎ অভিধান সমাপ্ত করিয়াছিলাম। মহারাজও এই দীর্ঘকাল প্রথম নয় বৎসর, অর্থাৎ ১৩২৬ সাল পর্য্যন্ত, ৫০ টাকা ও পরে চারি বৎসর, অর্থাৎ ১৩৩০ সাল পর্য্যন্ত, ৬০ টাকা বৃত্তি দিয়া স্বীয় প্রতিশ্রুতি পালন করিয়াছিলেন।

১৩৩০ সালে আধুনিক বাঙ্‌লার প্রসিদ্ধ কবি ও সাহিত্যিকগণের বাছা বাছা সাতচল্লিশখানি পুস্তক হইতে দ্বিতীয়বার শব্দসংগ্রহ ও সংযোজন করিয়া, পূর্ব্ব পাণ্ডুলিপির সংস্কারপূর্ব্বক চৈত্রমাস হইতে লিখিতে আরম্ভ করি। বিশ্বভারতী, প্রকাশ করিবার ইচ্ছা করিলেও, অর্থাভাব-হেতু ঈদৃশ বৃহৎ পুস্তকের মুদ্রাঙ্কনের ব্যয়ভার বহন করিতে সমর্থ হইলেন না। তখন, ইংরাজী ১৯২৯ সালের ১৮ই ফেব্রুয়ারি, আমি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের Post-Graduate Teaching in Arts -এর ব্যবস্থাপক সমিতির সভাপতি মহাশয়ের নিকটে মুদ্রাঙ্কনের নিমিত্ত, কবিবরের প্রশংসাপত্র সহ, আবেদন করি। সভাপতি মহাশয়, আমার এইরূপ আবেদনে, অভিধানের বিষয়ে অভিমতপ্রকাশের নিমিত্ত অধ্যাপক ডাক্তার শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়কে জানাইলেন। অধ্যাপক মহাশয় পূর্ব্বেই অভিধানের পাণ্ডুলিপি দেখিয়াছিলেন, সুতরাং, ঐরূপ পত্র পাইয়া, তিনি নিঃসংশয়ে গ্রন্থের বিষয়ে অভিমতপ্রকাশ-পূর্ব্বক, 'ইহা বিশ্ববিদ্যালয়েরই মুদ্রাঙ্কনের যোগ্য, সন্দেহ নাই,' বলিয়া সবিশেষ অনুরোধ করিলেন এবং পাণ্ডুলিপি-পরীক্ষার্থ সভ্যনির্দ্দেশ-পূর্ব্বক একটি সমিতি সংগঠন করিয়া দিলেন। কতিপয় দিবস পরেই, আমি সভাপতি মহাশয়ের পত্র পাইয়া সমিতির নির্দ্দিষ্ট অধিবেশন-দিনে পাণ্ডুলিপির কিয়দংশ লইয়া বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হইলে, সভ্য মহাশয়েরা পাণ্ডুলিপি পরীক্ষা করিয়া, অভিধানখানি প্রকাশের যোগ্য বলিয়া স্থির করিলেন। কিন্তু গ্রহ প্রতিকূল, ব্যয়বাহুল্য-ভয়ে বিশ্ববিদ্যালয় মুদ্রণ-কার্য্যে অগ্রসর হইতে তখন সাহস করিলেন না— মনে হইল, কবি রায়গুণাকর সত্যই বলিয়াছেন,

সঙ্কলয়িতার নিবেদন

'হা-ভাতে যত্তপি চায়, সাগর শুকায়ে যায়, হেদে লক্ষ্মী হৈল লক্ষ্মী-ছাড়া।' শ্রীযুত সুনীতিবাবু সে দিন গ্রন্থপ্রকাশের নিমিত্ত বিশেষ চেষ্টা করিয়াছিলেন, কিন্তু সেই বিঘ্ন-গ্রহ প্রতিকূল, ফল ফলিল না; বিদ্যোৎসাহী গুণজ্ঞ বিচারক আশুতোষ তখন স্বর্গগত, ইহাও গ্রহবৈগুণ্য। যাহা হউক, আমি নিরাশ হইয়া ফিরিলাম। কিন্তু নৈরাশ্যে হতবুদ্ধি হই নাই,— পরিশ্রমের পুরস্কার আছেই— এই বিশ্বাসে কার্য্যে বিরত হইলাম না। ঠিক জানি, মুদ্রিত না হইলেও, যদি জীবনান্ত না হয় তবে, অভীষ্ট গ্রন্থ একদিন-না-একদিন মুদ্রাঙ্কিত হইয়া আমার ইচ্ছানুরূপ পূর্ণাঙ্গ হইবে।

বিশ্ববিদ্যালয়ে আমার এই ভাগ্যনির্দ্ধারণের পরে, তিন বৎসর অতীত হইয়াছে— পাণ্ডুলিপিও কিছুদূর অগ্রসর হইয়াছে। গ্রন্থপ্রকাশ-সম্বন্ধে পূজ্যপাদ কবিবর, শ্রীমান্ রথীন্দ্রনাথ ঠাকুর ও শ্রীযুত সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের সহিত মধ্যে মধ্যে আলোচনা হইয়া থাকে। কিন্তু বিশ্বভারতী পূর্ব্ববৎ দৈন্যগ্রস্ত ; পক্ষান্তরে, পণ্ডিতসমাজে অভিধানের প্রচারও বাঞ্ছনীয় এবং আবশ্যক। এরূপ অবস্থায় আমি আপাতত গ্রন্থের কিয়দংশ মুদ্রিত করিয়া প্রকাশ করিব, স্থির করিয়াছি। উদ্দেশ্য, সুধী গ্রাহকগণের অনুকম্পা ও বিদ্যোৎসাহী ধনিজনের পৃষ্ঠপোষকতা পাইলে, ধীরে ধীরে গ্রন্থপ্রকাশের পথে অগ্রসর হইতে পারিব।

পণ্যের উৎকর্ষাপকর্ষের বিচার করিয়াই গ্রাহকগণ চড়াইয়া-নামাইয়া মূল্যের অঙ্ক নির্দ্ধারণ করেন। তদনুসারে, এই অভিধানে কি আছে এবং কি প্রণালীতেই বা রচিত হইয়াছে, তাহাই কিঞ্চিৎ লিপিবদ্ধ করিয়া বিচারক সুধীজনের সম্মুখে উপস্থিত করিতেছি, তাঁহাদের বিচারই ইহার উৎকর্ষাপকর্ষের নিকষপাষাণ।

অভিধানের বিষয়

১. 'বৌদ্ধগান ও দোহা', 'শ্রীকৃষ্ণকীর্ত্তন', 'শূন্যপুরাণ', 'মঙ্গলকাব্য', রামায়ণ, মহাভারত, বৈষ্ণব-সাহিত্য প্রভৃতি হইতে আরম্ভ করিয়া বর্ত্তমান সাহিত্য পর্য্যন্ত প্রসিদ্ধ প্রসিদ্ধ প্রাচীন ও নবীন বাঙ্‌লা গদ্য-পদ্য-পুস্তক-সমূহ ও নাটক-প্রভৃতি হইতে আবশ্যক বা উল্লেখযোগ্য প্রায় সমস্ত শব্দই ইহাতে সঙ্কলিত হইয়াছে।

২. তদ্ভব বাঙ্‌লা শব্দসমূহের বিশদভাবে ব্যুৎপত্তি প্রদর্শন করার জন্য, যতদূর সম্ভব, মূল সংস্কৃত ও তাহা হইতে ক্রমিক পালি প্রাকৃতের রূপ এবং তদনুযায়ী হিন্দী মরাঠী গুজরাটী সিন্ধী পঞ্জাবী প্রভৃতি প্রাদেশিক ভাষায় প্রচলিত শব্দসমূহের রূপ প্রদর্শিত হইয়াছে।

৩. বাঙ্‌লায় প্রচলিত আরবী ফারসী ইংরাজী পোর্ট্‌গীজ্ প্রভৃতি ভাষান্তরের শব্দসমূহের বিশুদ্ধ মূলরূপ প্রদর্শিত হইয়াছে।

৪. শব্দসমূহের লিখিত অর্থ সমর্থনের জন্য, যতদূর সম্ভব, প্রাচীন ও আধুনিক গ্রন্থ হইতে প্রচুর প্রয়োগ উদ্ধৃত হইয়াছে।

৫. বাঙ্‌লায় প্রচলিত সমস্ত সংস্কৃত শব্দের পাণিনি অনুসারে ব্যুৎপত্তি ও সমাস বিশদভাবে লিখিত হইয়াছে।

৬. সংস্কৃত ধাতুসমূহের অর্থ গণ প্রভৃতি এবং ভাষান্তরের ধাতুর সহিত তুলনা করিয়া বাঙ্‌লার ধাতুসমূহের অর্থ ও প্রয়োগ লিপিবদ্ধ হইয়াছে।

৭. বাঙ্‌লায় প্রচলিত শব্দসমূহ ভিন্ন, সাধারণ সংস্কৃত-সাহিত্যে প্রযুক্ত শব্দাবলীর বিচারপূর্ব্বক অর্থ

নির্ণয় করিয়া প্রয়োগসমূহ উদ্ধৃত হইয়াছে। সংক্ষেপে বলা যাইতে পারে, এই অভিধানে সংস্কৃতপাঠার্থীরও বিশেষ উপকার হইবে এবং এই উদ্দেশ্যেই ঐ সকল সংস্কৃত শব্দ সঙ্কলিত হইয়াছে।

এক্ষণে অভিধানে ধৃত শব্দসমূহের বিন্যাসাদি, ব্যুৎপত্তি, ও অর্থপ্রভৃতির বিষয়ে প্রধানভাবে কিঞ্চিৎ উল্লেখ করিয়া বক্তব্য সমাপ্ত করিব।

শব্দবিন্যাসাদি

১. বর্ণমালায় স্বর ও ব্যঞ্জন যেরূপ পর-পর পঠিত হয়, অভিধানের শব্দসমূহের বিন্যাসে সেইরূপ নিয়মই অনুসৃত হইয়াছে। ং ঃ ঁ স্বরের আশ্রিত; সুতরাং স্বরের শেষে এবং ব্যঞ্জনের পুর্ব্বে উহাদিগের স্থাননির্দ্দেশ অসঙ্গত নহে। যেমন, অ আ ই···ঔ অং অঃ অঁ ক খ গ ইত্যাদি। দুই বর্ণের শব্দে (আদিতে স্বর হইলে) —অ অঅ অআ অই···অঔ অঅং অআং···অক্ অক অকা অকি ইত্যাদি; এইরূপ, আ আঅ আআ আই···ইত্যাদি। (আদিতে ব্যঞ্জন হইলে) ক কঅ কআ কই···কঔ কং কঃ কঁ কক্ ককা ককি ইত্যাদি।

২. বাঙ্‌লায় 'এক' শব্দের 'এ'র মত আড়ে উচ্চারিত 'এ' আছে; 'এখন' 'এত' 'এমন' ইত্যাদির 'এ' এইরূপ। প্রাচীন বাঙ্‌লায় 'যা' দ্বারা এইরূপ উচ্চারণ সূচিত হইয়াছে। 'অ্যা' 'অ্যাঁ' 'অ্যাকা' 'অ্যাকে অ্যাকে' এই কয়েকটি শব্দের 'অ্যা' ঐরূপ 'এ'-কারের মত উচ্চারিত হয়। এক্ষণে এইরূপ বানান অপ্রচলিত হইলেও উহা পুস্তকে লিখিত হইয়াছে, সুতরাং অভিধানে গ্রহণ করিয়াছি এবং বর্ণবিন্যাস-প্রণালীতে চন্দ্রবিন্দুর পরে ঐ সকল শব্দ লিপিবদ্ধ হইয়াছে।

৩. যে সকল সংস্কৃত শব্দ বাঙ্‌লায় লেখ্যভাষায় ব্যবহৃত হইয়াছে ও পরে ব্যবহৃত হইতে পারিবে তাদৃশ শব্দ, প্রাচীন বাঙ্‌লা শব্দ, আধুনিক বাঙ্‌লার লেখ্য ও কথ্য শব্দ, জমিদারী-কার্য্যে, আদালতের ভাষায়, মহাজনী-খাতায়, বাজারহিসাবে, দলিল-দস্তাবেজে ও চিঠিপত্র প্রভৃতিতে ব্যবহৃত সাধারণ আরবী ও ফারসী শব্দ, ইংরাজী পর্টুগীজ্ শব্দ এবং দ্রবিড়ীয়ভাষা-মূলক বাঙ্‌লা শব্দ এই অভিধানে গৃহীত হইয়াছে।

৪. সংস্কৃত ঋকারান্ত ও ব্যঞ্জনান্ত শব্দের প্রথমার একবচনের পদ (যেমন, কর্ত্তা আত্মা লঘিমা গুণী ইত্যাদি) বাঙ্‌লায় প্রচলিত। এই হেতু ঐ সকল পদ প্রথমে লিখিয়া পরে বন্ধনীর মধ্যে শব্দাংশ —যেমন, কর্ত্তা (-তৃ), আত্মা (-ত্মন্) ইত্যাদি— লিখিত হইয়াছে। বিশেষণস্থলে, পুংলিঙ্গে বিশেষণের আকৃতি দিয়া, ব্যুৎপত্তির পরে স্ত্রীলিঙ্গে আকৃতি দিয়াছি। বাঙ্‌লায় ক্লীবলিঙ্গের আকৃতির প্রয়োজন নাই।

বানান

বাঙ্‌লায় শব্দের বানান এক বিষম সমস্যা; এখনও ইহার সমাধান হয় নাই, হইবে কি না, জানি না। প্রাচীন বাঙ্‌লায় কবির হস্তলিখিত পুথি অতিদুর্ল্লভ। দ্বিতীয়ত, লিপিকরগণ প্রায়ই পণ্ডিত ছিলেন না; তথাপি প্রতিলিপির সময়ে যদি তাঁহারা মূল পুথির অবিকল নকল করিতেন, তাহা হইলেও কবির অভিমত বা তাঁহার সময়ে প্রচলিত শব্দের বানান পাওয়া যাইত। কিন্তু নিরঙ্কুশ লিপিকরগণের স্বেচ্ছাচারিতায়, তাহারও উপায় নাই— তাঁহারা বানানে ইচ্ছামত কলম চালাইয়াছেন; ফলে, একই লিপিকারকের প্রতিলিপিতে একই শব্দের নানা বানান পাওয়া যায়। এইরূপে সাত নকলে আসল নষ্ট হইয়াছে। এরূপ স্থলে, যে সকল বাঙ্‌লা শব্দ তদ্ভব বা অপভ্রংশ প্রাকৃত হইতে উৎপন্ন, তাহাদের পুস্তকে লিখিত সকল প্রকার বানান গ্রহণ করিয়া, ব্যুৎপত্তিস্থলে শুদ্ধ বানান

লিখিয়াছি। লিপিকরগণের এইরূপ স্বেচ্ছাচারের ফলে, প্রাচীন বাঙ্‌লায় এমন শব্দ পাওয়া যায়, যাহার মূল ও অর্থ নির্ণয় করা সহজ নহে। আমি এইরূপ শব্দ যাহা কিছু পাইয়াছি, তাহা ত্যাগ না করিয়া, অভিধানে প্রয়োগ সহ নির্দ্দেশ করিয়াছি। উদ্দেশ্য, কালে ইহার মীমাংসা হইতে পারে। তৃতীয়ত, প্রাচীন বাঙ্‌লার অনেক কবি অনুপ্রাসপ্রিয় ছিলেন; তাঁহাদের কাব্য অকারণ অনুপ্রাসে স্থানে স্থানে দুর্ব্বোধ হইয়া পড়িয়াছে। চতুর্থত, বিদেশীয় ভাষা হইতে যে সকল শব্দ বাঙ্‌লায় গৃহীত হইয়াছে, তাহাদের প্রচলিত ও পুস্তকে লিখিত বানান ধরিয়া পরে তত্তদ্‌ভাষায় বিশুদ্ধ বানান দিয়াছি।

উচ্চারণ

ইংরাজী অভিধানের অনুকরণে প্রত্যেক শব্দের পরে তাহার উচ্চারণ দিব, মনে করিয়াছিলাম, কিন্তু আমার পরিচিত দুই একজন সাহিত্যিক এ বিষয়ে আমার সহিত একমত হইতে পারিলেন না দেখিয়া, আমি সে ইচ্ছা পরিত্যাগ করিয়াছি। যে সকল শব্দের উচ্চারণগত পার্থক্যে অর্থভেদ হয় [যেমন 'মত (মত্‌)', 'মত (মোতো)' ইত্যাদি], অথবা যে সকল শব্দ সাধারণের তাদৃশ পরিচিত নহে, কেবল সেই সেই শব্দের পরেই, উলটা কমার ('…') মধ্যে উচ্চারণ দিয়াছি। এরূপ করিলেও, কণ্ঠগত উচ্চারণে স্বরের বিশেষ বিশেষ ভেদ (intonation) যেমন স্পষ্ট বুঝা যায়, উচ্চারণার্থ চিহ্নিত বর্ণ দ্বারা সে ভেদ সেরূপ বুঝা যায় বলিয়া বোধ হয় না, তবে নেই-মামা অপেক্ষা কানা মামাও ভাল। আর, বাঙ্‌লা অভিধান বাঙালীরই জন্য, দেশগত কিছু উচ্চারণভেদ থাকিলেও, বাঙালীর বাঙ্‌লা শব্দের উচ্চারণ বুঝিতে তত কষ্ট হইবে না। ভিন্নভাষাভাষীর বাঙ্‌লাশিক্ষার পক্ষে বাঙালী শিক্ষকের প্রয়োজন আছে।

ব্যুৎপত্তি ও অর্থ

সংস্কৃত শব্দের অর্থ মূলত বুঝিতে হইলে, উপসর্গ ধাতু ও বাচ্যবোধক প্রত্যয়ের অর্থ জানা একান্ত প্রয়োজন; সুতরাং, কৃদন্ত ও তদ্ধিতসিদ্ধ শব্দের ব্যুৎপত্তি অপরিহার্য্য। এই হেতু শব্দের পরেই [···] এই বন্ধনীর মধ্যে পাণিনি-অনুসারে, ক্বচিৎ মুগ্ধবোধমতে, বাচ্য সহ ব্যুৎপত্তি প্রদর্শিত হইয়াছে। শব্দসম্বন্ধে যাহা কিছু বক্তব্য, তাহাও ব্যুৎপত্তির পরে ঐ বন্ধনীর মধ্যেই দিয়াছি। ইহার পরে ব্যুৎপত্তিগত মুখ্যার্থ, পরে গৌণার্থ প্রদত্ত হইয়াছে। যেখানে বাচ্যানুসারে অর্থ পরিবর্ত্তন হইয়াছে, সেই স্থলেই প্রত্যয়ের সহিত বাচ্য নির্দ্দেশ করিয়াছি। সংস্কৃত শব্দের সকল অর্থ বাঙ্‌লায় প্রচলিত না থাকিলেও, সংস্কৃতবিদ্যার্থীর সুবিধার জন্য শিষ্টপ্রয়োগ সহ সকল অর্থই প্রদত্ত হইয়াছে। সংস্কৃত-অভিধানে সংস্কৃত শব্দের যে যে অর্থ আছে, বাঙ্‌লায় সেই শব্দের তাহা ছাড়া অন্য অর্থ হইলে, ঐ অর্থের পূর্ব্বেই 'বাঙ্‌লায়' এই শব্দ-সঙ্কেতার্থ দিয়াছি। বাঙ্‌লায় তদ্ভব শব্দ যে প্রাকৃতনিয়মে ক্রমে ক্রমে আসিয়াছে, তাহা আকৃতিসহিত নির্দ্দেশ করিয়াছি; তদ্‌ভিন্ন বাঙ্‌লা শব্দের যথাসম্ভব বাঙ্‌লা ব্যুৎপত্তি দিয়াছি।

পদপরিচয় (Parsing)

বাঙ্‌লায় এমন অনেক শব্দ আছে, যাহা সংস্কৃত বলিয়া ভ্রম হয়। 'গঠিত' 'ঝটিকা', এই শ্রেণীর। এই ভ্রম দূর করার নিমিত্ত সংস্কৃত বিশেষ্যের লিঙ্গনির্দ্দেশক 'পুং স্ত্রী ক্লী' এবং বিশেষণের 'বিণ' এই সঙ্কেত দিয়াছি। বাঙ্‌লা বিশেষ্যের পরে 'বি' এবং বিশেষণের পরে 'বিং' এই সঙ্কেত শব্দ আছে, অর্থাৎ ঐ শব্দ বিশেষ্য বা বিশেষণ এবং বাঙ্‌লা শব্দ, সংস্কৃত শব্দ নহে। সংস্কৃত-অভিধানে ধৃত শব্দ সংস্কৃত বলিয়াছি, তদ্‌ভিন্ন শব্দ বাঙ্‌লার অন্তর্ভূত করিয়াছি। সংস্কৃত শব্দের সমাসসিদ্ধ শব্দসম্বন্ধেও ঐ

নিয়ম ; তবে এরূপ স্থলে বিচারপূর্ব্বক কোন কোন শব্দ সংস্কৃত বলা যায়। যেমন, 'অন্যান্য, অপুত্রিণী, অপ্রমিতি, একসর,-সরী, কুচক্রী' প্রভৃতি শব্দ সংস্কৃত শব্দদ্বয়ের সমাসে সিদ্ধ হইলেও সংস্কৃত নহে ; কিন্তু 'অঙ্কুরোদ্গম, অঙ্গগ্লানি, অতিক্ষীণ, অত্যাজ্য' প্রভৃতি সংস্কৃতে ব্যবহার করা যায়। ইহা বিচারাধীন।

ধাতু

সংস্কৃত ধাতুমালার পৃথক্ পরিশিষ্ট করি নাই, অভিধানেই বর্ণানুক্রমে ধাতুসমূহ লিপিবদ্ধ করিয়াছি। যে ধাতুর বাঙ্‌লা ধাতু বা শব্দ আছে এবং সংস্কৃত-বিদ্যার্থীর যে ধাতুর অধিক প্রয়োজন হয়, তাহাই গ্রহণ করিয়াছি ; অপ্রয়োজনীয় ধাতুর সমাবেশে গ্রন্থবাহুল্য করি নাই। বাঙ্‌লা ধাতুও এইরূপ বর্ণানুক্রমে সজ্জিত হইয়াছে। প্রাকৃত-অনুসারে সমস্ত বাঙ্‌লা ধাতু স্বরান্ত করিয়াছি। সকর্ম্মক' ও 'অকর্ম্মক' ধাতু সংস্কৃত হইলে, যথাক্রমে 'সক' ও 'অক' এবং বাঙ্‌লা হইলে, যথাক্রমে 'সর্ম্ম' ও 'অর্ম্ম' সঙ্কেত-শব্দ দিয়াছি। বাঙ্‌লা প্রত্যেক ধাতুর সদৃশ সংস্কৃত ও প্রাকৃত ধাতু এবং ভাষান্তরের ধাতু যাহা পাইয়াছি, তাহা ঐ বাঙ্‌লা ধাতুর পরেই লিখিত হইয়াছে।

ৰ, ব়

বাঙ্‌লায় বর্গীয় 'ৰ'-কারই প্রচলিত ; অন্তস্থ ব়কারের সংস্কৃত শব্দ বাঙ্‌লায় উচ্চারণে বর্গীয় 'ৰ', যেমন 'ৰালক', 'ব়ালুকা'। একই সংস্কৃত শব্দে দুই 'ব'ই আছে, উহা উচ্চারণ-মূলক ; সুতরাং, বাঙ্‌লায় উচ্চারণজন্য বর্গীয় 'ৰ' দূষণীয় নহে। দ্বিতীয়ত, অনেক সময়ে ব-কারাদি শব্দকোষে বাহির করিতে হইলে বর্গীয়-অন্তস্থ-ভেদে সংশয়াপন্ন হইতে হয়। এই কারণে বর্গীয় ৰ-কারেই অন্তস্থ ব়-কারাদি শব্দ বর্ণানুক্রমে সন্নিবেশিত হইয়াছে। ইহাতে ঐরূপ শব্দ বাহির করার বিশেষ সুবিধা হইবে। হিন্দী মরাঠী প্রভৃতি ভাষার যে সকল শব্দ গ্রহণ করিয়াছি, তাহাদের অন্তস্থ ব়-কার এইরূপ 'ব়', বর্গীয় 'ৰ'কার এইরূপ পেট-কাটা 'ৰ'।

অনুকরণসূচক শব্দ (Onomatopœic Word)

এই জাতীয় শব্দকে 'ধ্বন্যাত্মক' বলিয়াছি, 'শব্দাত্মক' বলি নাই ; 'শব্দ' বলিলে সাধারণভাবে 'sound' ও 'word' বুঝায়, সুতরাং সংশয়াত্মক ; 'ধ্বনি'র সাধারণ অর্থ, 'sound,' অলঙ্কারশাস্ত্রের 'ধ্বনি' কাহারও মনে আসিবে না ; অতএব উহা নিঃসংশয়।

দ্বিত্ব-শব্দ (Reduplicated Word)

'আগড় বাগড়' 'ভারিভুরি' প্রভৃতি এই শ্রেণীর। যথাক্রমে দ্বিতীয় ও প্রথম শব্দের দ্বিত্বে ও অনুকরণ সহ ঈষৎ বিকারে ঐ সকল শব্দ উৎপন্ন হইয়াছে। ইহাদিগকে সঙ্কেতে 'অনুশব্দ' (অর্থাৎ শব্দের অনুকরণমূলক. ঈষদ্‌বিকৃত শব্দ) বলিয়াছি।

কর্ম্মব্যতীহার-সূচক শব্দ (Reciprocity)

'চুলাচুলি' 'হাতাহাতি' প্রভৃতি এই শ্রেণীর। ইহারা সংস্কৃত 'কেশাকেশি' 'হস্তাহস্তি'র অনুকরণে কৃত। কিন্তু বাঙ্‌লা ভাষা সংস্কৃতের বিধি অতিক্রম করিয়া 'মারামারি' 'হানাহানি' প্রভৃতি ক্রিয়াবাচক বিশেষ্যেও কর্ম্মব্যতীহার প্রকাশ করিয়া অধিকতর ব্যাপিকা হইয়া পড়িয়াছে। ইহাদের ব্যুৎপত্তি সংস্কৃতানুসারে 'চুল-আ + চুল-ই' এইরূপ করিয়াছি, অধিক দূর অগ্রসর হই নাই।

সঙ্কলয়িতার নিবেদন

শিষ্টপ্রয়োগ

উদাহরণার্থ উদ্ধৃতাংশের শেষে লিখিত সংস্কৃত-কাব্যাদির নামের পরবর্ত্তী প্রথম সংখ্যা (১, ২, ৩ ইত্যাদি) সর্গাদির সংখ্যা-সূচক, দ্বিতীয় সংখ্যা শ্লোকসংখ্যাজ্ঞাপক। সংস্কৃত-নাটকের অঙ্ক-সংখ্যার পরবর্ত্তী ভগ্নাংশের সংখ্যা, পূর্ব্ববর্ত্তী ও পরবর্ত্তী শ্লোকদ্বয়সূচক; যেমন, $২\frac{১}{২}$, অর্থাৎ উদ্ধৃতাংশ দ্বিতীয় অঙ্কের প্রথম ও দ্বিতীয় শ্লোকের মধ্যস্থিত। ভগ্নাংশের উপরের সংখ্যা বিন্দু (০) হইলে, উহা অঙ্কের প্রারম্ভসূচক, এবং নীচের অঙ্ক বিন্দু হইলে, উহা অঙ্কের সমাপ্তিসূচক; যেমন $২\frac{০}{১}$, অর্থাৎ দ্বিতীয় অঙ্কের প্রথম শ্লোকের পূর্বে স্থিত উদ্ধৃতাংশ; $২\frac{১০}{০}$, অর্থাৎ দ্বিতীয় অঙ্কের শেষ দশম শ্লোকের পরে স্থিত উদ্ধৃতাংশ। রামায়ণে, প্রথম সংখ্যা কাণ্ডের, দ্বিতীয় সংখ্যা সর্গের এবং তৃতীয় সংখ্যা শ্লোকের; মহাভারতে, ঐ সংখ্যাত্রয় যথাক্রমে পর্ব, অধ্যায় ও শ্লোকের জ্ঞাপক। বাঙ্‌লা পুস্তকের নামের পরস্থিত সংখ্যা পৃষ্ঠাসূচক। পদকল্পতরু (প.ক)— পরবর্ত্তী সংখ্যা পদসংখ্যাসূচক।

বাঙ্‌লা-অভিধান পূর্ব্বাপর বিচার করিয়া দেখিলে, নিঃসংশয়ে বলা যায়, বাঙ্‌লা ভাষা ক্রমে ক্রমে উন্নতির পথে চলিয়াছে। আধুনিক বাঙ্‌লা পূর্ণপরিণতি প্রাপ্ত না হইলেও, ইহা যে পূর্ণতার দিকে দ্রুত অগ্রসর হইতেছে, তাহা বোধ হয় অত্যুক্তি নহে। শব্দসম্পদে ভাববৈচিত্র্যে ও নব-নব লেখনপদ্ধতিতে বাঙ্‌লা ভাষা ক্রমেই সমৃদ্ধ হইতেছে। সুতরাং, প্রাচীন ও আধুনিক বাঙ্‌লার শব্দসমূহ সংগ্রহ করিয়া অভিধান-প্রণয়নের উদ্যোগের সময় আসিয়াছে। বহুবর্ষ পূর্ব্বে পণ্ডিত রজনীকান্ত বিদ্যাবিনোদ মহাশয় কেবল বঙ্গীয় শব্দে অভিধান প্রণয়ন করেন। শ্রীযুত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মহাশয় এ ক্ষেত্রে দ্বিতীয় অগ্রণী। তৃতীয়ত শ্রীযুত জ্ঞানেন্দ্রমোহন দাস মহাশয় স্বীয় অভিধানে সংস্কৃত ও বাঙ্‌লা উভয় ভাষারই শব্দ-সন্নিবেশ করিয়া কিছু বিশেষত্ব দেখাইয়াছেন। আমার এই অভিধান-প্রণয়নে প্রধানভাবে ইঁহারাই আদর্শ অগ্রণী ও পথপ্রদর্শক; সুতরাং, একদিকে সংস্কৃত-কোষকারগণ এবং অন্য দিকে সংস্কৃত-বাঙ্‌লার আভিধানিকগণের প্রতি আমি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করি এবং এই আরব্ধ বিষয়ে যদি আমার কিঞ্চিন্মাত্র সাফল্যলাভ হয়, তবে তাহারও অংশলাভে তাঁহাদেরও বিশেষ অধিকার আছে, ইহাও মনে করি।

এই অভিধান-প্রণয়নে পরম বিদ্যোৎসাহী অতীব দানশীল মহাত্মা মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর দীর্ঘ ত্রয়োদশ বৎসর বৃত্তির ব্যবস্থা করিয়া আমাকে বিশেষ উৎসাহিত করিয়াছিলেন। এই উৎসাহ আমার কর্ত্তব্য-পথে সতত সহচররূপে বিশেষ শক্তি দিয়াছে। সেই পুণ্যাত্মা উদারহৃদয় মহোদয় এখন স্বর্গগত; অত্যন্ত দুঃখের বিষয়, তাঁহার প্রদত্ত বৃত্তিতে কিরূপ কার্য্য হইয়াছে, তাহা তিনি দেখিতে পাইলেন না, আমিও দেখাইবার অবসর পাইলাম না। অতএব তাঁহার স্বর্গগত আত্মার উদ্দেশে আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা নিবেদন করিয়াই আজ বিরত হইতে হইল।

এক্ষণে, যিনি আমার এই কোষরচনার মূল ও প্রবর্ত্তক, যিনি নানাপ্রকারে এ বিষয়ে আমার সাহায্য করিয়াছেন, সেই প্রথিতনামা পূজ্যপাদ ভক্তিভাজন কবিবর রবীন্দ্রনাথের চরণকমলে আন্তরিক ভক্তির সহিত প্রণতি করি।

শান্তিনিকেতন
১০ আশ্বিন ১৩৩৯

শ্রীহরিচরণ শর্ম্মা

শেষ নিবেদন

সুদীর্ঘ ছত্রিশ বৎসর একাগ্রভাবে কঠোর পরিশ্রম করিয়া ১৩৪৮ সালের ৭ই ফাল্গুন সর্ব্বশক্তিমান্ ভগবানের অনুগ্রহে বঙ্গীয় শব্দকোষের পাণ্ডুলিপি দ্বিতীয়বার সমাপ্ত করি। যখন বিদ্যোৎসাহী রবীন্দ্রনাথের অভিধান-সঙ্কলনার্থ প্রস্তাবে দানবীর মহারাজ মণীন্দ্রচন্দ্রের প্রদত্ত মাসিক বৃত্তি প্রাপ্ত হই, তখন কবিগুরু বলিয়াছিলেন,— মহারাজের এই বৃত্তিদান ঈশ্বরের অভিপ্রেত, অভিধানের সমাপ্তির পূর্ব্বে তোমার জীবনান্তের কোন আশঙ্কা নাই। পাণ্ডুলিপির পরিসমাপ্তিতে কবিবরের অমোঘ ভবিষ্যদ্‌বাণী বিশেষ স্মরণীয় হইয়া উঠিয়াছে। আজ সেই অসাধারণ দানশক্তিসম্পন্ন মণীন্দ্রচন্দ্র কোথায়, আর কোথায় অভিধানের প্রবর্ত্তক ভবিষ্যদ্বাদী রবীন্দ্রনাথ!—উভয়েই পরলোকে! তাঁহাদের নিকটে উপস্থিত হইয়া কোষসঙ্কলনের সমাপ্তির সুসংবাদ নিবেদন করিবার এবং একের বৃত্তিদানের সার্থকতায় ও অন্যের প্রবর্ত্তিত অভীষ্টকার্য্যের পরিসমাপ্তিতে প্রীতিপ্রফুল্ল মুখ দেখিয়া আপনাকে কৃতার্থ মনে করিবার সৌভাগ্য আমার ঘটিয়া উঠিল না!—ইহা আমার বিশেষ বিক্ষোভের বিষয়!

'সঙ্কলয়িতার নিবেদন'— বঙ্গীয় শব্দকোষের এই মুখপ্রবন্ধে, পূর্ব্বে মহারাজ মণীন্দ্রচন্দ্রের বৃত্তিদানের বিষয় লিখিয়াছি। এই বৃত্তি আমার সুদীর্ঘ কর্ম্মপথে পাথেয়রূপে দৈনিক কর্ম্মে বিশেষ উৎসাহ দিয়া আমাকে অক্লিষ্টকর্ম্মা করিয়া রাখিয়াছিল। দীর্ঘকালের পরে অভিধানের সঙ্কলন-কার্য্য শেষ হইলে আমি, বিশ্বভারতী হইতে অভিধান প্রকাশ করার কথা পত্রে মহারাজকে জানাইয়াছিলাম; উত্তরে মহারাজ লিখিয়াছিলেন, বিশ্বভারতী এই ভার গ্রহণ করিলেন, সুখেরই বিষয়, আমার প্রতিশ্রুতি পূর্ণ হইল। ইহার পরেই আমার দুর্ভাগ্যবশতঃ বিশ্বভারতীর অর্থকৃচ্ছ্রতায় আপাততঃ অভিধান প্রকাশ করার সুযোগ ঘটিয়া উঠিল না। ফলে আমি বিষমস্থ হইয়া পড়িলাম। কয়েক বৎসর সেই অবস্থায়ই কাটিয়া গেল।

আশা বৈতরণী নদী— বৈতরণীর ন্যায় আশা নিরন্তর প্রবহমাণা। এক আশার বিলয়ে আশান্তরের উদয় সঙ্কল্পসিদ্ধির উপায়ান্তর দেখাইয়া দিয়া মানুষকে নৈরাশ্যের অবসাদ হইতে বাঁচাইয়া রাখে; আমি সিদ্ধির পথের সন্ধান করিতে লাগিলাম। আমি দরিদ্র, ব্যয়বহুল এই অভিধান মুদ্রিত করিয়া প্রকাশ করা আমার পক্ষে নিতান্ত অসম্ভব, কিন্তু তাই বলিয়া নিশ্চেষ্ট থাকিলে কার্য্যসিদ্ধির সম্ভাবনা নাই, জানিয়া প্রথমে দুই একটি বিদ্যাপ্রতিষ্ঠানের কর্ত্তৃপক্ষের নিকটে সাহায্য প্রার্থনা করি, কিন্তু ভাগ্যদেবতার বক্রদৃষ্টিতে তখন সকল চেষ্টাই ব্যর্থ হইল। ব্যর্থতার ফলে কিছুকাল নৈরাশ্যে কাটিয়া গেল। পরে এক দিন প্রাচ্যবিদ্যামহার্ণব নগেন্দ্রনাথ বসু মহাশয়ের সহিত দেখা করিয়া তাঁহার বিশ্বকোষ প্রেসে অভিধান-মুদ্রাঙ্কণের প্রস্তাব করি। বসু মহাশয়ের শরীর তখন অসুস্থ, প্রেসের কার্য্য প্রায় বন্ধই ছিল, কিন্তু তিনি আমার প্রস্তাবের গুরুত্ব বুঝিতে পারিলেন, প্রস্তাব ব্যর্থ হইল না, নিজ প্রেসেই শব্দকোষ প্রকাশ করিতে স্বীকার করিলেন। সেই দিন আমার জীবনের বিশেষ স্মরণীয় পুণ্যাহ। বহু ব্যর্থ চেষ্টার পরে চেষ্টার সফলতা কিরূপ আনন্দজনক, তাহা ভুক্তভোগীরাই জানেন, বলিয়া প্রকাশ করা যায় না।

আমি পূর্ব্বে অভিধানের নিমিত্ত কষ্টেসৃষ্টে কিছু অর্থ সংগ্রহ করিয়া রাখিয়াছিলাম; অত্যল্প হইলেও,

আপাততঃ তাহাই লইয়া বিশ্বকোষ প্রেসে অভিধানের মুদ্রাঙ্কণ আরম্ভ করিলাম ; আশা ছিল, শব্দকোষ প্রকাশিত হইলে, হয়ত গ্রাহকমহাশয়গণের অনুগ্রহে প্রকাশকার্য্য ক্রমে ক্রমে অগ্রসর হইতে পারিবে ; আমার এ আশা একেবারে ব্যর্থ হয় নাই, প্রকাশের পরেই কিছু অর্থাগম হইল, কার্য্যও ক্রমে চলিতে লাগিল। এইরূপে শব্দকোষের প্রায় অর্দ্ধেক খণ্ডসংখ্যা মুদ্রিত হইলে, দুর্ভাগ্যবশতঃ নগেন্দ্রনাথ হঠাৎ স্বর্গারোহণ করিলেন, ফলে প্রেসের কার্য্য রহিত হইয়া গেল, মুদ্রাঙ্কণও প্রায় এক মাস বন্ধ থাকিল। তাহার পরে শ্যাস্কো প্রেসে ছাপার ব্যবস্থা হইল, ভগবানের কৃপায় এই প্রেসেই অভিধান সম্পূর্ণ মুদ্রিত হইয়াছে।

অভিধানের ছাপার ব্যয় প্রধানভাবে সহৃদয় গ্রাহকগণের অর্থেই কোনপ্রকারে চলিয়াছে। বিশ্বভারতী তখনও অর্থ-সাহায্য করিতে না পারিলেও, বিশ্বভারতীর পুস্তকপ্রকাশ-বিভাগের কর্ত্তৃপক্ষ অনুগ্রহপূর্ব্বক বিশ্বভারতী-গ্রন্থালয়ে বিনা কমিশনে অভিধানের খণ্ডগুলির বিক্রয়ের ব্যবস্থা করিয়া আমার বিশেষ উপকার করিয়াছেন ও আন্তরিক কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। এতদ্ভিন্ন অভিধানের প্রচ্ছদপত্রে রবীন্দ্রগ্রন্থাবলীর বিজ্ঞাপনের ব্যবস্থা করিয়া মাসিক কিঞ্চিৎ অর্থসাহায্যের উপায় করিয়া দিয়াছেন। আমার প্রাক্তন বিশ্বভারতীর ছাত্রদিগের মধ্যে কেহ বার্ষিক, কেহ সাময়িক কিছু অর্থ-সাহায্যে আমার অর্থকৃচ্ছ্রতার মধ্যে মধ্যে লাঘব করিয়াছে। বিশ্বভারতীর ছাত্রগণের আশ্রমিক সঙ্ঘ এবং কোন কোন বন্ধুর অর্থসাহায্যেও মুদ্রাঙ্কণব্যয়ের কিছু আনুকূল্য হইয়াছে। আমার ছাত্র নাড়াজোলের রাজা শ্রীমান্ দেবেন্দ্রলাল খানের এককালীন দান ১১০৲ টাকা বিশেষ উল্লেখযোগ্য ; ইহা তাঁহার বিদ্যোৎসাহিতার বিশেষ পরিচায়ক। যুদ্ধের সময়ে কাগজ দুর্ম্মূল্য হওয়ায়, বিশ্বভারতীর সংসদের কর্ত্তৃপক্ষ অনুগ্রহপূর্ব্বক কাগজের মূল্য ২০০৲ টাকা দান করিয়া বিশেষ সহানুভূতি প্রকাশ করিয়াছেন। শ্রীমান্ রথীন্দ্রনাথ বিশ্বভারতীর হিতাকাঙ্ক্ষী প্রতীচ্য পণ্ডিতগণের নিকটে শব্দকোষের প্রথম খণ্ড সমালোচনার্থ পাঠাইয়া তত্তৎস্থানে ইহার প্রচারে বিশেষ সহায়তা করিয়াছেন। এইরূপে বিশ্বভারতী গ্রাহকগণ ছাত্রগণ ও বন্ধুবর্গের আনুকূল্যে দীর্ঘ চৌদ্দ বৎসরে অভিধান সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

বিশ্বভারতী বিদ্যালয়ের অধ্যাপনা হইতে অবসর গ্রহণ করিয়া প্রায় চৌদ্দ বৎসর অভিধান প্রকাশের কার্য্যে আমাকে ব্যাপৃত থাকিতে হইয়াছে ; জীবিকার্থ কোন কার্য্য করিবার অবকাশ পাই নাই। এই সময় শ্রীমান্ রথীন্দ্রনাথের সাহায্য বিশেষ উল্লেখযোগ্য মনে করি। যুদ্ধের সময়ে সকল দ্রব্যই দুর্ম্মূল্য হওয়ায় সংসদ্ এক হাজার টাকা দান করিয়া আমার প্রতি সবিশেষ অনুকম্পা প্রকাশ করিয়াছেন। ইহাতেও শ্রীমান্ রথীন্দ্রনাথের কথা কোন কারণে প্রধানভাবে মনে পড়ে। আমি মঙ্গলময়ের নিকটে এই কর্ত্তৃপক্ষমহোদয়গণের সর্ব্বাঙ্গীণ মঙ্গলকামনা করিয়া আন্তরিক কৃতজ্ঞতা নিবেদন করি।

পরিশেষে বক্তব্য আমার বিদ্যা অল্প ; অল্প জ্ঞানে মহাপণ্ডিতের সাধ্য বিষয়ে সিদ্ধিলাভ করিবার ইচ্ছা, বামনের চাঁদ ধরার আশার ন্যায়, যেমন অসম্ভব, তেমনিই উপহাসেরই বিষয় ; ইহা জানিয়াও এ দুর্ভর ভার স্কন্ধে করিলাম কেন ?—ইহা কি অল্পবিদ্যার মাদকতাজন্য পণ্ডিতম্মন্যতার ফল ?— উত্তরে বলি— না, আমি ইহা একেবারেই স্বীকার করি না— আমার বিদ্যার গভীরতা বিপুল জ্ঞানসমুদ্রের তুলনায় গোষ্পদের নীরের তুল্যও নহে, ইহা আমি উত্তমরূপেই জানি। তাই কারণরূপে কালিদাসের

শেষ নিবেদন

সবিনয় উক্তি স্মরণ করিয়া বলিতে চাই, পূর্ব্ব পণ্ডিতগণের পদাঙ্ক অনুসরণ করিয়াই এই অসাধ্যসাধনে প্রবৃত্ত হইয়াছিলাম ; কবিগুরু রবীন্দ্রনাথের প্রবর্ত্তনাবাণীও আমার এই দুরাকাঙ্ক্ষায় কিছু আশ্বাস দিয়াছিল। ভগবৎকৃপায় সাধ্য সিদ্ধ হইয়াছে ; সিদ্ধির ফলাফল সদসদ্‌বিচারপ্রবীণ সুধীগণের মতামত-সাপেক্ষ ; স্বর্ণের শুদ্ধ্যশুদ্ধিনির্ণয়ে অগ্নিপরীক্ষাই সমীচীন।

বিনীত নিবেদক
শ্রীহরিচরণ শর্ম্মা

সঙ্কেত-সূচী

গ্রন্থ

অ.কো	অমরকোষ। চন্দ্রমোহন তর্করত্ন। সংস্কৃত। ১৮৮৬
অ.গু	অশোকগুচ্ছ। দেবেন্দ্রনাথ সেন
অ.গ্র	অমৃতগ্রন্থাবলী। প্রথম ভাগ। বসুমতী
অ.চি	অভিধান-চিন্তামণি
অ টী	অমরকোষ-টীকা (দ্র 'অ.কো')
অত্রি	অত্রিসংহিতা। বঙ্গবাসী। ১৩১০
অ.প	অশ্বমেধপর্ব্ব। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১১
অ রা	অভিধান-রাজেন্দ্র। জৈন প্রাকৃত কোষ
অ শী	অনুশীলন। বঙ্কিমচন্দ্র-গ্রন্থাবলী। বসুমতী। ১৩১১
আ দু	আলালের ঘরের দুলাল। দ্র 'অত্রি'
ঈ	ঈশ্বরচন্দ্র গুপ্তের গ্রন্থাবলী। বসুমতী
উ.চ	উত্তর-চরিত। বিদ্যাসাগর। সংস্কৃত
উ মে	উত্তরমেঘ—মেঘদূত
উশন	উশনঃসংহিতা। দ্র 'অত্রি'
ঋতু	ঋতুসংহার
ক ক	কবিকল্পদ্রুম। গুরুনাথ কাব্যতীর্থ -সম্পাদিত
ক চ	কবিকঙ্কণ-চণ্ডী। বঙ্গবাসী
কথা	কথা। রবীন্দ্রনাথ ঠাকুর। ষষ্ঠ সংস্করণ
ক.ম	কর্পূরমঞ্জরী। তুকারাম জাবজী -প্রকাশিত। ১৯০০
ক.সা	কথাসরিৎসাগর। দ্বিতীয় সংস্করণ। শক ১৮২৫
কা	কাহিনী। রবীন্দ্রনাথ ঠাকুর
কাদ	কাদম্বরী। তারাশঙ্কর তর্করত্ন
কাত্যায়ন	কাত্যায়ন-সংহিতা। দ্র 'অত্রি'
কা.প্র	কাব্যপ্রকাশ। দ্বিতীয় সংস্করণ। ১৯০১
কি	কিরাতার্জ্জুনীয়
কু.কে	কুহু ও কেকা। সত্যেন্দ্রনাথ দত্ত
কু স	কুমারসম্ভব
কৃ	কৃত্তিবাসী রামায়ণ। বঙ্গবাসী
কৃ.অ	কৃত্তিবাসী রামায়ণ। অযোধ্যাকাণ্ড। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ
কৃ উ	কৃত্তিবাসী রামায়ণ। উত্তরকাণ্ড। দ্র 'কৃ.অ'
কৃ.চ	কৃষ্ণচন্দ্র-চরিত। রাজীবলোচন মুখোপাধ্যায়
কৃ স	কৃষিসংগ্রহ। বঙ্গবাসী
গ	গঙ্গামঙ্গল। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ
গণরত্ন	গণরত্নমহোদধি
গ.স	গল্পসপ্তক। রবীন্দ্রনাথ ঠাকুর
গান	গান। রবীন্দ্রনাথ ঠাকুর। দ্বিতীয় সংস্করণ
গি তৃ	গিরিশ-গ্রন্থাবলী। তৃতীয় ভাগ। বসুমতী
গি.দ্বি	গিরিশ-গ্রন্থাবলী। দ্বিতীয় ভাগ। দ্র 'গি.তৃ'
গী	গীতা
গী গো	গীতগোবিন্দ
গী লি	গীতাঞ্জলি। রবীন্দ্রনাথ ঠাকুর
গী.সা	গীতসূত্রসার। দ্বিতীয় ভাগ। কৃষ্ণধন বন্দ্যোপাধ্যায়। ১২৯৩
গো	গোবিন্দদাস-পদাবলী। অক্ষয়চন্দ্র সরকার -সম্পাদিত। ১২৮৫
গো.চ	গোপীচন্দ্র। কলিকাতা বিশ্ববিদ্যালয়। ১৯২২
গো.বি	গোরক্ষবিজয়। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩২৪
গো রা	রামায়ণ। By Gaspare Gorresio
ঘ	ঘরে বাইরে। রবীন্দ্রনাথ ঠাকুর
চ	চর্য্যাচর্য্য-বিনিশ্চয়। "বৌদ্ধ গান ও দোহা"। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩২৩
চ.ক	চয়নিকা। রবীন্দ্রনাথ ঠাকুর। দ্বিতীয় সংস্করণ। ১৯১৮
চ চ	চমৎকারচন্দ্রিকা। বঙ্গবাসী। চৈতন্যাব্দ ৪৮১
চ দা	চণ্ডীদাস। অক্ষয়চন্দ্র সরকার -সম্পাদিত। ১২৮৫
চ.বি	চণ্ডিকা-বিজয়। রংপুর সাহিত্য-পরিষৎ। ১৩১৬
চ সা	চণ্ডীদাস। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৬
চা.তৃ	চারুপাঠ। তৃতীয় ভাগ। ৩৩শ সংস্করণ
চা.পূ	চারিত্রপূজা। রবীন্দ্রনাথ ঠাকুর
চি.স	চিঠিপত্রে সমাজচিত্র। দ্বিতীয় খণ্ড। পঞ্চানন মণ্ডল। বিশ্বভারতী। ১৩৫৯
চৈ	চৈতন্যচন্দ্রোদয়। মহেশচন্দ্র শীল -প্রকাশিত
চৈ.চ	চৈতন্যচরিতামৃত। বঙ্গবাসী। চৈতন্যাব্দ ৪৮১
চৈ ভা	চৈতন্যভাগবত। অতুলকৃষ্ণ গোস্বামি -সম্পাদিত। চৈতন্যাব্দ ৪১৪
চৈ.ম	চৈতন্যমঙ্গল। বঙ্গবাসী। ১৩০৮
জ	জগৎমঙ্গল। দ্র 'অত্রি'
জ প	জগদানন্দ-পদাবলী। কালিদাস নাথ -প্রকাশিত। ১৩০৬
জা	জামাইবারিক। দীনবন্ধু মিত্র। সপ্তম সংস্করণ। ১৩০৪
জ্ঞা	জ্ঞানদাস। রমণীমোহন মল্লিক -সম্পাদিত। ১৩০২
ত বা	তারানাথ তর্কবাচস্পতি -সঙ্কলিত "বাচস্পত্য" অভিধান
তা.ব	তাজ্জব ব্যাপার। দ্র 'অ গ্র'
তৈ	তৈত্তিরীয়প্রাতিশাখ্য। কে. রঙ্গাচার্য্য -সম্পাদিত। ১৯০৬
দক্ষ	দক্ষসংহিতা। দ্র 'অত্রি'
দশকুমার	দশকুমারচরিত
দা	দাশরথি রায়ের পাঁচালী। বঙ্গবাসী। ১৩০৯
দু	দুর্গাপঞ্চরাত্রি। কাশীবিলাস বন্দ্যোপাধ্যায় -প্রকাশিত। ১৩০৮
দেশী	দেশীনামমালা। হেমচন্দ্র সূরি
দো	দোহাকোষ। দ্র 'চ'
ন	নবীন চন্দ্রের গ্রন্থাবলী। হিতবাদী। ১৩১১
ন.ত	নবীনতপস্বিনী। দ্র 'জা'। ১৩০৬
ন.প	নবদ্বীপ-পরিক্রমা। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৬
ন.বি	নরোত্তমবিলাস। গণেশচন্দ্র ঘোষ -প্রকাশিত। ১২৯৬
নী	নীলদর্পণ। দ্র 'জা'
নৈ	নৈষধচরিত। পাণ্ডুরঙ্গ জাবজী -প্রকাশিত
প.ক	পদকল্পতরু। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ

সঙ্কেত-সূচী

সঙ্কেত	গ্রন্থ
প কা	পলাতকা। রবীন্দ্রনাথ ঠাকুর। ১৯১৮
পঞ্চ	পঞ্চতন্ত্র। তুকারাম জাবজী -প্রকাশিত। ১৯০৬
প.তৃ	পদ্যপাঠ। তৃতীয় ভাগ। ৪২শ সংস্করণ
প ম	পণ্ডিতমশাই। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। ১৩২১
প.র	পদরত্নাবলী। শ্রীশচন্দ্র মজুমদার -সঙ্কলিত
পরাশর	পরাশর-সংহিতা। দ্র 'অত্রি'
পা	পাণিনি
পা ঝো	পাগলা ঝোরা। ললিতকুমার বন্দ্যোপাধ্যায়। ১৩২৮
পা.দ	পাতঞ্জলদর্শন। পূর্ণচন্দ্র শর্ম্মা -সঙ্কলিত
পা প্র	পারিবারিক প্রবন্ধ। ভূদেব মুখোপাধ্যায়। ১৩০৬
পূ মে	পূর্ব্বমেঘ—মেঘদূত
পৈ	প্রাকৃতপৈঙ্গল। এসিয়াটিক্ সোসাইটি। ১৯০২
পো.ম	পোড়া-মহেশ্বর। দ্র 'জা'
প্রা.প্র	প্রাকৃতপ্রকাশ। ই বি. কাউএল্ -সম্পাদিত। ১৮৫৩
প্রা.ম	প্রাকৃতশব্দমহার্ণব। জৈন শ্বেতাম্বর সঙ্ঘ। ১৯২৩
প্রা.ল	প্রাকৃতলক্ষণ। এসিয়াটিক্ সোসাইটি। ১৮৮০
প্রা স	প্রাকৃতসর্ব্বস্ব। এস্. পি. ভি. রঙ্গনাথস্বামি -প্রকাশিত। ১৯১২
ব	বলরাম-দাস। রমণীমোহন মল্লিক -প্রকাশিত। ১৩০৬
ব.দ্বি	বঙ্কিমচন্দ্র-গ্রন্থাবলী। দ্বিতীয় খণ্ড। বসুমতী। ১৩১১
ব.প	বঙ্গসাহিত্য-পরিচয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়। ১৯১৪
ব.প্র	বঙ্কিমচন্দ্র-গ্রন্থাবলী। প্রথম ভাগ। দ্র 'ব.দ্বি'
বসিষ্ঠ	বসিষ্ঠসংহিতা। দ্র 'অত্রি'
ব.সু	বঙ্গসুন্দরী। বিহারিলাল চক্রবর্ত্তী। ১৩০২
বা.দ	বাসবদত্তা। মদনমোহন তর্কালঙ্কার। চতুর্থ সংস্করণ। ১২৯৮
বা.প্র	বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য-বিষয়ক প্রস্তাব। রামগতি ন্যায়রত্ন। তৃতীয় সংস্করণ। ১৩১৭
বা ভা	বালভারত। রাজশেখর। (কাব্যমালা)
বা.ম	বাইশ কবি মনসা। অমূল্যরতন বন্দ্যোপাধ্যায়-প্রকাশিত। ১৩২২
বিক্র	বিক্রমোর্ব্বশীয়। শঙ্কর পাণ্ডুরঙ্গ পণ্ডিত -সম্পাদিত। ১৯০১
বি.প	বিদ্যাপতি। কালীপ্রসন্ন কাব্যবিশারদ -সম্পাদিত। ১৩০৫
বি.পা	বিষহরি ও পদ্মাবতীর পাঁচালী। দ্বিজ বংশীদাস -রচিত। ১৯০৮
বি.বু	বিয়ে পাগলা বুড়ো। দ্র 'জা'
বি.মা	বিদগ্ধমাধব। তুকারাম জাবজী -প্রকাশিত। ১৯০৩
বিষ্ণু	বিষ্ণুসংহিতা। দ্র 'অত্রি'
বি.সা	বিদ্যাপতি। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৬
বি.সু	বিদ্যাসুন্দর। রামপ্রসাদ সেন। বঙ্গবাসী। ১৩১৩
বৃ.স	বৃহৎসংহিতা। বঙ্গবাসী। দ্বিতীয় সংস্করণ। ১৩১৭
বে	বেণীসংহার
ব্যাস	ব্যাসসংহিতা। দ্র 'অত্রি'
ব্র.প	ব্রজপরিক্রমা। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৬
ভ	শ্রীমদ্ভাগবত। বঙ্গবাসী। ১৩১৫
ভ.গ্র	ভক্তমালগ্রন্থ। বলাইচাঁদ গোস্বামি -সম্পাদিত। ১৩০৫
ভট্টি	
ভা.উ	ভারতবর্ষীয় উপাসকসম্প্রদায়
ভা.চ	ভারতচন্দ্র-গ্রন্থাবলী। বঙ্গবাসী। ১৩০৯
ম	কাশীদাসী মহাভারত। বঙ্গবাসী। দ্বিতীয় সংস্করণ
ম.গা	ময়নামতীর গান। ঢাকা সাহিত্য-পরিষৎ। দ্বিতীয় সংস্করণ। ১৩২৭
ম.চ	মহাবীরচরিত। জীবানন্দ -সম্পাদিত
মনু	মনুসংহিতা। যোগেন্দ্রনাথ বিদ্যারত্ন -সংশোধিত
মন্দ্র	মন্দ্র। দ্বিজেন্দ্রলাল রায়। দ্বিতীয় সংস্করণ
ম.পা	মঙ্গলচণ্ডীপাঞ্চালিকা। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩২৩
ম.বি	মহাভারত। বিজয় পণ্ডিত। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ
ম.ভা	মনসার ভাসান। ক্ষেমানন্দ দাস। রামলাল শীল-প্রকাশিত। নবম সংস্করণ
ম.ম	মনসামঙ্গল। বিজয়গুপ্ত। তৃতীয় সংস্করণ। ১৩১৮
মহা	মহাভারত। বঙ্গবাসী। সংস্কৃত। শকাব্দ ১৮২১
মা	মাইকেল-গ্রন্থাবলী। বঙ্গবাসী। ১৩০৭
মাঘ	মাঘকাব্য—শিশুপালবধ
মা.মা	মালতীমাধব। আর্. জি ভাণ্ডারকর -সংশোধিত। ১৯০৫
মা মি	মালবিকাগ্নিমিত্র
মী	মীনচেতন। ঢাকা সাহিত্য-পরিষৎ। ১৩২২
মু	মুদ্রারাক্ষস। জীবানন্দ-প্রকাশিত
মৃ	মৃচ্ছকটিক। জীবানন্দ-সম্পাদিত
মে	মেঘনাদবধ। বেণীমাধব দে -প্রকাশিত। ১৩০৬
য	যমালয়ে জীয়ন্ত মানুষ। দ্র 'জা'
যাজ্ঞ	যাজ্ঞবল্ক্য-সংহিতা। দ্র 'অত্রি'
রঘু	রঘুবংশ
রঙ্গ	রঙ্গলাল-গ্রন্থাবলী। বসুমতী। ১৩১৮
রা	রামায়ণ। কাশীনাথ পাণ্ডুরঙ্গ পরব -সংস্কৃত। শাক ১৮১০
রা.প	রাসপঞ্চাধ্যায়। অতুলকৃষ্ণ গোস্বামি -প্রকাশিত। ১৩১০
রা.শে	রায়শেখর-পদাবলী। নিত্যানন্দ দাস -সম্পাদিত। সংবৎ ১৯৫৮
রা.স	রামেশ্বরী সত্যনারায়ণ। অক্ষয়চন্দ্র সরকার -সম্পাদিত। ১২৮৫
লী	লীলাবতী। দ্র 'জা'
লু.র	লুপ্তরত্নোদ্ধার। কেদারনাথ বন্দ্যোপাধ্যায় -প্রকাশিত। ১৩০১
শ	অভিজ্ঞানশকুন্তল। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর -সংস্কৃত। ১৮৮৯
শ.ক	শব্দকল্পদ্রুম। বরদাপ্রসাদ বসু -প্রকাশিত। শকাব্দ ১৮০৮
শঙ্খ	শঙ্খসংহিতা। দ্র 'অত্রি'
শি	শিবায়ন। বঙ্গবাসী। দ্বিতীয় সংস্করণ। ১৩১০
শিশু	শিশু। রবীন্দ্রনাথ ঠাকুর। ১৯১৯।
শু	শুক্রনীতিসার। জীবানন্দ -প্রকাশিত
শূ	শূন্যপুরাণ। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১৪
শৃ	শৃঙ্গারতিলক
শ্রী	শ্রীধর্ম্মমঙ্গল। ঘনরাম। বঙ্গবাসী। ১৩০৮
শ্রী.কী	শ্রীকৃষ্ণকীর্ত্তন। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩২৩
শ্রী.ম	শ্রীকৃষ্ণমঙ্গল। বঙ্গবাসী
শ্রী মা	শ্রীধর্ম্মমঙ্গল। মাণিক গাঙ্গুলি -বিরচিত। বঙ্গীয় সাহিত্য-পরিষৎ। ১৩১২
ষ	ষড়্ভাষাচন্দ্রিকা। কমলাশঙ্কর ত্রিবেদী -সম্পাদিত। ১৯১৬
স.এ	সধবার একাদশী। দ্র 'জা'
স.শ	সদ্ভাবশতক। অসিতকুমার গুহ -প্রকাশিত। ১৩১৯
স.স্ব	সঙ্কল্প ও স্বদেশ। রবীন্দ্রনাথ ঠাকুর। দ্বিতীয় সংস্করণ
সাংখ্য	সাংখ্যকারিকা। পূর্ণচন্দ্র বেদান্তচুঞ্চু -সঙ্কলিত। ১৯০১
সা.দ	সাহিত্যদর্পণ। তুকারাম জাবজী -প্রকাশিত। ১৯০২
সা.ম	সারদামঙ্গল। বিহারিলাল চক্রবর্ত্তী -প্রণীত। ১৩০৭
সা.সা	সাময়িক সাহিত্য। কেদারনাথ মজুমদার
সি	সিদ্ধান্তকৌমুদী

সঙ্কেত-সূচী

সী — সীতার বনবাস। শিবরতন মিত্র -সম্পাদিত

সু.র — সুভাষিতরত্নভাণ্ডাগার

স্ব.প্র — স্বপ্নপ্রয়াণ। দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। নবতম সংস্করণ

হ — হরিবংশ। সংস্কৃত

হারীত — হারীতসংহিতা। দ্র 'অত্রি'

হি — হিতোপদেশ। তারাকুমার কবিরত্ন -পরিশোধিত। সংবৎ ১২৪৫

হু — হুতোম প্যাঁচার নক্সা। বেণীমাধব বসু -প্রকাশিত। ১৩০২

হে — সিদ্ধহেমচন্দ্র। শঙ্কর পাণ্ডুরঙ্গ পণ্ডিত -সম্পাদিত। ১৯০০

হেম — হেমচন্দ্র-গ্রন্থাবলী। হিতবাদী। ১৩০৬

A. — The Practical Sanskrit-English Dictionary by V. S. Apte

C.G. — A Comparative Grammar of the Gauḍian Languages

E.P. — Types of Early Bengali Prose, compiled by Siva Ratan Mitra

G.H. — A Grammar of the Hindi Language by S. H. Kellogg

H B — The History of the Bengali Language by Bijoy Chandra Majumdar

M.W. — A Sanskrit-English Dictionary by Monier-Williams

S W — Sanskrit-Woeterbuch by Otto Bohtlingk and Rudolph Roth

ব্যাকরণ

অক — অকর্ম্মক সংস্কৃত ধাতু

অদা — অদাদিগণীয় ধাতু

অপা — অপাদানবাচ্য

অব্য — বাঙলা অব্যয় ('ও' ইত্যাদি)

অর্ম্ম — অকর্ম্মক বাঙলা ধাতু

অলুক্ — অলুক্‌সমাস

আ — আত্মনেপদী ধাতু

উ — উণাদি সূত্র

উ.ত — উপপদতৎপুরুষ

উপ ত — উপমানতৎপুরুষ

উপ.স — উপমিতসমাস

উ.বহুব্রী — উত্তরপদলোপ বহুব্রীহি

উ.লো — উত্তরপদলোপ-তৎপুরুষ—শাকপার্থিবাদি

এক.দ্বন্দ্ব — একশেষদ্বন্দ্ব

একব(১ব) — প্রথমার একবচন

এক.স — একদেশিসমাস

ক — কর্ত্তৃবাচ্য

কর্ম্মধা — কর্ম্মধারয়সমাস

কা.ক্তি — বাঙলা কারকবিভক্তি, যেমন, 'কে' ইত্যাদি

ক্রি — ক্রিয়াপদ

ক্রি.ক্তি — বাঙলা ক্রিয়াবাচক বিভক্তি, যেমন, 'ই'—খাই, যাই ইত্যাদি

ক্রি.প্র — বাঙলা ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়, যেমন, 'অন'—ছাড়ন, দেখান; 'আ'— মারা, ধরা ইত্যাদি

ক্রি.বিং — ক্রিয়াবিশেষণ। বাঙলা শব্দ

ক্রি.বিণ — ক্রিয়াবিশেষণ। সংস্কৃত শব্দ

ক্র্যা — ক্র্যাদিগণীয় ধাতু

ক্লী — ক্লীবলিঙ্গ সংস্কৃত শব্দ

চ.ত — চতুর্থী তৎপুরুষ

চু — চুরাদিগণীয় ধাতু

ঞ — উভয়পদী ধাতু

ণ — করণবাচ্য

তনা — তনাদিগণীয় ধাতু

ত.পু — তৎপুরুষ সমাস

তুদা — তুদাদিগণীয় ধাতু

তৃ ত — তৃতীয়াতৎপুরুষ

দি — দিবাদিগণীয় ধাতু

দ্বি.ত — দ্বিতীয়াতৎপুরুষ

দ্বিব — নিত্যদ্বিবচন শব্দ

ধি — অধিকরণবাচ্য

ন ত — নঞ্‌ তৎপুরুষ

ন.বহুব্রী — নঞ্‌ বহুব্রীহি

নি.স — নিত্যসমাস

প — পরস্মৈপদী ধাতু

প ত — পঞ্চমীতৎপুরুষ

পুং — পুংলিঙ্গ সংস্কৃত শব্দ

পূ বা — সংখ্যাপূরণ-বাচক সংস্কৃত শব্দ

পূর্ব্ব.ত — পূর্ব্বোত্তরকালবাচক তৎপুরুষ। (পা ২ ১ ৪৯)

পৃষো — পৃষোদরাদি

প্র — বাঙলা ধাতু ও শব্দের উত্তর বিহিত প্রত্যয়। যেমন, 'আ'—লিখা (লিখ+আ), তেলা (তেল+আ) ইত্যাদি

প্রা স — প্রাদিসমাস

বহুব — নিত্যবহুবচন শব্দ

বহুব্রী — বহুব্রীহি সমাস

বি — বিশেষ্য। বাঙলা শব্দ

বিং — বিশেষণ। বাঙলা শব্দ

বিণ — বিশেষণ। সংস্কৃত শব্দ

ব্য — অব্যয়। সংস্কৃত শব্দ

ভা — ভাববাচ্য

ভ্বা — ভ্বাদিগণীয় ধাতু

রুধা — রুধাদিগণীয় ধাতু

র্ম্ম — কর্ম্মবাচ্য

ষ.ত — ষষ্ঠীতৎপুরুষ সমাস

সঙ্কেত-সূচী

স	সম্প্রদানবাচ্য
সক	সংস্কৃত সকর্ম্মক ধাতু
স.ত	সপ্তমীতৎপুরুষ সমাস
স.দ্ব	সমাহার-দ্বন্দ্ব সমাস
স দ্বি	সমাহার-দ্বিগু সমাস
স বিং	সংখ্যাবাচক বাঙ্‌লা শব্দ
স বিণ	সংখ্যাবাচক সংস্কৃত শব্দ
সর্ব্ব	সর্ব্বনাম
সর্ম্ম	সকর্ম্মক বাঙ্‌লা ধাতু
স্ত্রী	স্ত্রীলিঙ্গ। সংস্কৃত শব্দ
স্বা	স্বাদিগণীয় ধাতু
হ্বা	হ্বাদিগণীয় ধা

ভাষা

অস	অসমীয়া ভাষা বা আসামী
আ	আরবীয় ভাষা বা আরবী
গু	গুজরাটী
ঠ	মরাঠী
ড়	ওড়ীয়া
তা	তামিল বা দ্রবিড়ীয়
প	পঞ্জাবী
প্রা	প্রাকৃত
ফা	ফারসী
বা	বাঙ্‌লা
মৈ	মৈথিলী
র্ক	তুর্কীয় ভাষা (Turkish)
লি	পালি
সং	সংস্কৃত
সি	সিন্ধুদেশীয় ভাষা বা সিন্ধী
হি	হিন্দী

A.S.	Anglo-Saxon
Av.	Avesta
E	English
F.	French
Ger.	German
Gr.	Greek
L.	Latin
P.	Portuguese
R.	Russian
T	Teutonic

সাঙ্কেতিক শব্দের অর্থ

অনু	শব্দ অনুধ্বনিমূলক ঈষদ্‌বিকৃত শব্দ
অপ্র	অপ্রচলিত, অর্থাৎ ঐ শব্দ, শব্দের অর্থ বা বানান আধুনিক বাঙ্‌লায় অপ্রচলিত
ছান্দস	বেদে ব্যবহৃত শব্দ
তু	তুলনীয়
দ্র	দ্রষ্টব্য
বিপ	বিপরীতার্থক শব্দ
বৈদিক	ব্রাহ্মণে আরণ্যকে ও উপনিষদে ব্যবহৃত শব্দ
সর্থ	সমার্থক, একার্থক

চিহ্নসঙ্কেত

* এই চিহ্নের পরবর্ত্তী প্রাকৃত শব্দ ভাষাতত্ত্বানুসারে কল্পিত, সাহিত্যে উহার প্রয়োগ নাই।

>বা> এই চিহ্ন যে শব্দের পূর্ব্বে আছে, তাহা পূর্ব্ব শব্দ হইতে উৎপন্ন হইয়াছে, বুঝিতে হইবে। যথা, হস্ত>হথ>হাথ।

√ ইহা ধাতুর চিহ্ন।

(১) শূন্য শব্দের পূর্ব্বে বা শেষে, উপরে থাকিলে, মূল শব্দের বা মূলশব্দাংশের জ্ঞাপক। (২) কোন শব্দের শেষে নীচে শূন্য থাকিলে, উহা পদ্যের চরণের সমাপ্তিসূচক। যেমন, (১) মূল শব্দ 'অংশু' হইলে, 'অংশু-মালা'-স্থলে '°মালা'; এইরূপ 'বিবর্ত্তী' মূল হইলে, 'অংসবিবর্ত্তী'-স্থলে 'অংস°', 'অঙ্গুলী'-স্থলে '°লী'। (২) "আইল নিষাদী যথা মেঘবরাসনে。 বজ্রপাণি।"

যেখানে বাঙ্‌লা পুস্তকের এক পৃষ্ঠা হইতে দুই বা ততোধিক অংশ উদ্ধৃত হইয়াছে, সেই স্থলে উদ্ধৃতাংশের শেষে স্থিত এইরূপ বিন্দুদ্বয় প্রত্যেক বাক্যের সমাপ্তি-সূচক। সংস্কৃত বাক্যে এরূপ স্থলে (;) আছে।

ইহা অভিধানে ধৃত মূল শব্দের অর্থের প্রমাণার্থ উদ্ধৃতবাক্য-সূচক চিহ্ন।

এই চিহ্ন শিষ্টপ্রয়োগ ও উদাহরণ-সূচক।

বঙ্গীয় শব্দকোষ

বঙ্গীয় শব্দকোষ

অ

অ[১] স্বরবর্ণের আদ্য বর্ণ। [ইহার উচ্চারণ-স্থান কণ্ঠ; ইহা কণ্ঠ্য বর্ণ। পাণিনি সংবৃত-বিবৃত-ভেদে দুই প্রকার অ-কারের উল্লেখ করিয়াছেন; সংবৃত অ-কারের উচ্চারণে গলনালীর সঙ্কোচ এবং বিবৃত অ-কারের উচ্চারণে গলনালীর বিবার অর্থাৎ প্রসারণ করিতে হয়। অ-কার উচ্চারণে সংবৃত কিন্তু সন্ধিপ্রভৃতি প্রক্রিয়ায় বিবৃত (পা ১.১.৯)। একমাত্রাবিশিষ্ট বা হ্রস্ব অ-কারের দ্বিমাত্র বা দীর্ঘ উচ্চারণে আ-কার এবং ত্রিমাত্র বা প্লুত উচ্চারণে প্লুত অ৩-কার হয়। এইরূপ মাত্রাভেদ থাকিলেও এই ত্রিবিধ অ-কার সবর্ণ। সংস্কৃতে এই অ-ত্রয় হ্রস্ব দীর্ঘ প্লুত এবং সানুনাসিক ও নিরনুনাসিক ভেদে ষড়্‌বিধ। বাঙ্‌লায়ও অ-ত্রয় কণ্ঠজাত, সুতরাং কণ্ঠ্য বর্ণ; কিন্তু সংস্কৃতের ন্যায় বাঙ্‌লার আ-কার দীর্ঘ নহে; অ-কারের ন্যায় হ্রস্ব। সুতরাং কেবল আকৃতিতে বাঙ্‌লায় অ-কার ও আ-কার, সানুনাসিক ও নিরনুনাসিক ভেদে চতুর্ব্বিধ, প্লুত অ-কার বা আ-কার 'গান' 'আহ্বান' প্রভৃতিতে উচ্চারিত হয় মাত্র, উহাদের ভিন্ন লিখিত আ-কার বাঙ্‌লায় নাই। সংস্কৃতের অন্য স্বরও হ্রস্ব দীর্ঘ প্লুত উচ্চারিত হয়; কিন্তু বাঙ্‌লায় দীর্ঘ স্বর, হ্রস্ব স্বরের ন্যায় উচ্চারিত হয় বলিয়া, বাঙ্‌লার অ-ত্রয়ের ন্যায় অন্য হ্রস্ব দীর্ঘ স্বরেরও উচ্চারণগত কিঞ্চিৎ প্রভেদ আছে। হিন্দী মরাঠী প্রভৃতি ভাষার অ-কার ঈষদ্-বিবৃত, অর্থাৎ একটু আ-কার-ঘেঁষা। প্রাচীন বাঙ্‌লায় চর্য্যাপদে 'আঙ্গন' 'আন্তে' (অন্তে) ইত্যাদির ও শ্রীকৃষ্ণকীর্ত্তনে 'আচেতন' 'আর্জ্জুন' 'আণেক' প্রভৃতি শব্দের আ-কার ঐরূপ উচ্চারণমূলক। আধুনিক বাঙ্‌লায় 'আগণা' 'আচষা' 'আতেলা' 'আলুণি' প্রভৃতির আ-কার ঐরূপেই হইয়াছে। সংস্কৃতের 'শ্বাপদ' 'বিশ্বামিত্র' প্রভৃতির এবং প্রাকৃতের 'মাণংসী' (মনস্বী) 'পারোহ' (প্ররোহ) ইত্যাদির আ-কার ঐরূপে দীর্ঘ। এতদ্ভিন্ন বাঙ্‌লায় অ-কারের ও-কারবৎ উচ্চারণ আছে; 'অনুচর' 'অমনি' 'রসুই' 'লক্ষণ' ইত্যাদি ইহার উদাহরণ।]

অ[২] পুং [√অব্+অ (ড)-ক] **১** যে রক্ষা করে; বিষ্ণু। "সেব্যতামক্ষয়ো ধীরাঃ (ধীর+অঃ) সঃ (অ.কো)। অকারো বিষ্ণুরুদ্দিষ্টঃ (দ্র 'ওম্')। **২** ব্রহ্মা। **৩** শিব। **৪** বায়ু। **৫** বৈশ্বানর। **৬** ব্রহ্ম। "অংকার কেবল ব্রহ্ম একাক্ষরকোষে। অঃ কি কর, অঃ-স্বরূপা রাখ মোরে তোষে॥ ভা.চ ৪২৯।

অ[৩] ব্য [ন (নঞ্) > অ, অন্ (তৎপুরুষ-সমাসে, ব্যঞ্জনাদি উত্তরপদ পরে 'নঞ্' এর 'ন'-স্থানে 'অ', স্বরাদি উত্তরপদ পরে 'ন'-স্থানে 'অন্'); দ্র 'অন্'[১], 'ন'[৩]; cf. Gr. a, an; L. in; Ger., Gothic—un; E. in, un] **১** সাদৃশ্য। "অব্রাহ্মণ (ব্রাহ্মণ-সদৃশ —ক্ষত্রিয়াদি)। সমমব্রাহ্মণে দানম্ মনু ৭.৮৫। **২** অভাব, অবিদ্যমানতা। "অঘট (ঘটাভাব), অক্রোধ, অলোভ, অহিংসা, অকর্ম্মক ইত্যাদি। অবানরা অরামা করিব ধরাতল কৃ ২৬৮। **৩** অন্যত্ব, ভেদ, পৃথগ্‌ভাব। "অপট (পটভিন্ন—ঘটাদি), অকুপ্য ইত্যাদি। অতৈজসানি পাত্রাণি মনু ৬.৫৩। **৪** অল্পতা, ঈষদর্থ, তুচ্ছতা। "অজলা (অল্পজলা) নদী; অকেশী কন্যা; অবস্তু ইত্যাদি। **৫** অপ্রাশস্ত্য, অবৈধতা। "অপশু (অপ্রশস্ত পশু), অকার্য্য, অকাল, অসময় ইত্যাদি। **৬** বিরোধ, প্রতিকূলতা। "অসুর (সুরবিরোধী), অলক্ষ্মী, অজ্ঞান ইত্যাদি। "তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ॥" **৭** আক্রোশ, অধিক্ষেপ। "অজীবনি ইত্যাদি। পা ৩.৩.১১২। **৮** (বাঙ্‌লায়) নিষেধবাচক নহে, অর্থাৎ অনর্থক। "অবৃথা (অর্থাৎ বৃথা), অব্রেথা, অমন্দ, অলোপ, 'অশঙ্কেত' (সঙ্কেত—শ্রী.কী)। শিরোমণি মহাশয়কে আমি কি অতুচ্ছ কত্তে পারি? লী ৩৭। কেন, কলু অমন্দ জাত্‌টা কি? অ.গ্র ১২৪। আমাকে অচাষা পেয়েছ কিনা (মালদহ)। একথা যদি অব্রেথা হয়, তা হ'লে দশ ঘা জুতো খাব। [বাস্তবিক বিপরীত অর্থে (অর্থাৎ বৃথা মন্দ ইত্যাদি অর্থে) ঐ সকল শব্দ প্রয়োগ করিয়া, অশিক্ষিতে সেই অর্থ ঠিক রাখিয়া বাক্য শেষ করিতে পারে না, ফলে বিপরীতার্থকই হইয়া যায়। বোধ হয়, ইহা ঐরূপ 'অ'-কারের মূল।]

অ[৪] ব্য **১** অনুকম্পা। "পা ১.১.১৪। **২** অধিক্ষেপ, নিন্দা। "পা ৬.৩.৭৪, বার্ত্তিক (সি)। **৩** সম্বোধন। "অ অনন্ত (A.)। অ মোর সোণার সুত চৈ.ম ৩৮। অ মোর রসনা ভ.গ্র ৩৬৮। **৪** [সং অহো] (বাঙ্‌লায়) বিষাদ, শোক। "অ প্রাণধারণ না জাএ সুন্দরি রাধে শ্রী.কী ৩২৩।

অ[৫] সর্ব্ব [সং অসৌ > প্রা অহ > বা অ, হি যহ; দ্র 'এ'[৩]; অপ্র] এই, এ। "অ-কারণে (এই কারণে) ব.প ৫৭; অক ছাড়িয়া (এ স্থান ছাড়িয়া) ৮১; কহত অথন ৬১৪।

অ[৬] কা.ক্তি [সপ্তমী বিভক্তি 'য়'[৬] > অ; অপ্র] অধিকরণে সপ্তমী বিভক্তি। আড়াঅ বাঘর ভঅ জলত কুম্ভীর শূ ৫৫।

অ[৭] ক্রি.ক্তি [সং তে > প্রা এ > বা (য়ে > য়) অ; অপ্র] **১** বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "ডমরুলি বাজঅ (অর্থাৎ বাজয়ে) চ ৪৮; জাঅ, জুঝঅ, বুঝঅ ৫১। রাজা কঅ: না লঅ তোমার মন কৃ.অ ১; সব নষ্ট হঅ ৫; লজ্জা হঅ: মনে লঅ ৮; জাঅ প্রজাগণ ১৩, ধাঅ ১৮; চালাঅ সারথি ২০; দেখাঅ ২৭। পলাঅ কৃ.উ ১৮; দেঅ ৫৪। জেবা বাতি জলে হঅ শূ ১১৪; লোটাইয়া জাঅ ১১৫। তনু দেঅ চান বি.প ২২১। **২** [সং (লট্) থ > প্রা হ > বা অ] বর্ত্তমান কালে মধ্যম পুরুষের ক্রিয়ার সম্ভ্রম-সূচক বিভক্তি। "হঅ গরুর রাখোআল, বোল আকাশ পাতাল শ্রী.কী ১০৭। না বুঝ দশের বোল গো.বি ৮৯; আর কি পাইতে আস ১৬০। মম মঙ্গল বাঞ্ছ যদি বিদায় দেহি মোরে ম.পা ১২২। হিংসা কর কৃ ৫। [বোল—√বোল+অ; এইরূপ 'বুঝ' 'আস' প্রভৃতি] **৩** সং (লোট্) ত, (বৈদিক) থ > প্রা হ (তু 'পণমহ, সং প্রণমত।—বা উত্তরহ) > বা অ (সম্ভ্রমে)—হসত > হসহ > হাস (সম্ভ্রমে); সং হস (লোট্—হি) > প্রা হস > বা হাস্

(অ-লোপ, অসম্ভ্রমে)।] অনুজ্ঞায় মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। (সম্ভ্রমে) "ভুঞ্জঅ কদলীদেশ মী ৫ ; জাঅ পলাইয়া ১৩ ; খাঅ ১৯। চাঅ গো.বি ৬৫ ; তত্ত্বে দেঅ মন ১৩৬। রাজ উপরে হঅ কৃ অ ৯ ; বেড়াঅ তুমি ১৩। লঅ ভার কাহ্ন শ্রী.কী ১৭৪। অপমান ত্যাগ (অর্থাৎ ত্যাগ কর) বাপু ম পা ১২২। (অসম্ভ্রমে) লোহা তাতাইয়া কামারগণ করে গণ্ডগোল। কেহ বলে 'তাতা' (√তাতা+অ—তপ্ত কর্) কেহ বলে 'তোল' ॥ ম.ম ১৬৮। **৪** [অঁ > অ, দ্র ওঁ[৩]] কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "বৈষ্ণব বন্দ (অর্থাৎ বন্দনা করি) ঃ ঋষি বন্দ ঃ দেব বন্দ ঃ তীর্থ বন্দ ইত্যাদি শি ৪.৫।

অই[১] সর্ব্ব, বিং [সং অসৌ > প্রা অহ (হে), অপভ্রংশ প্রা—ওই (১মা-বহুব, হে ৪ ৩৬৪) > বা (ই-আগমে 'অহি') অই ; হি রহ ; মৈ ওহি ; আইঁ—এই (চ)] **১** সম্মুখস্থ, পুরোবর্ত্তী, দূরস্থ, নাতিদূরস্থ। "রাম কৃষ্ণ দুই ভাই ক্ষুধায় আকুল। ধেনু চরায়ে অই কাননে অদূর ॥ শ্রী ম ৭১। সকল অর্পিনু মুঞি অই শ্রীচরণে ভ গ্র ৪১৪। অই ঠাকুরের কেশ শোভে নানা ফুলে চৈ ভা ৩২৬। **২** বুদ্ধিস্থ, মনস্থিত। "ভগবান্ নিত্য যেন তেন অই শক্তি দু ৪৬। অই মম তপ, অই মম জপ স্ব প্র ৬। **৩** সেই, তাহা, পূর্ব্বোক্ত, তাদৃশ। "আট দিগে ভাল বর চাহে লক্ষপতি। অবিরত অই চিন্তা স্থির নহে মতি ॥ ক.চ ১১৪ ; উহারি হাতে রাঙ্গা শাঁখা অই বরণে গোরী ১৫৪। চাঁপায়ে প্রভুর আজ্ঞা সদা মনে অই শ্রী ৩৯। **৪** [হি রহ] সেই, তদভিন্ন (That very)।—ই সর্ব্ব **১** সম্মুখে দূরস্থ বা নাতিদূরস্থ নয়নগোচর বিষয়—মনুষ্যাদি ; ঐ, ও। "অই কি জানে স্ত্রীকলা ক.চ ১৫৪। কে রমণী অই পথে পথে গাই। —হেম ২৮৪ ; ভারতের "গ্রীন্-উইচ্" অই আগেকার ৩৬২। **২** বুদ্ধিস্থ বিষয়-নির্দ্দেশ ; উহা, সে, সেই, তাহা। "অই জিয়া থাক সই ক চ ৪৬। অভাগীর ভাড়া অই ঃ অঙ্গার মাণিক অই শ্রী ৬৭। — ই ক্রি.বিং **১** সম্মুখে, দূরে, নাতিদূরে, পুরোভোগে। "অই দেখ গান করে নারী পতিহীনা ঃ অই দেখ নৃত্য করে হাতে অস্ত্র ধরি ম ১০০৭। দুর্জ্জয় গড় অই শ্রী ১৭৯। বকুলতলায় বসিয়া অই ভা.চ ২৭৬ ; কালিকা আকাশে অই ৪৩৮। শারি কহে কই তব তমালিকা কই। শুক বলে অই দেখ ডালে বসে অই ॥ বা.দ ১৬৭। **২** দূরশ্রুত ধ্বনির নির্দ্দেশ। "অই শুন অই শুন ভেরীর আওয়াজ। —রঙ্গ ১০৭। অই কুহরিল পিক ললিত উচ্ছ্বাসে।—হেম ২৭০। নিশি অন্ত জেনে ডাকিছে অই কোকিলে (নিধুবাবু)। **৩** দূরস্থ দৃশ্যনির্দ্দেশ। "অই যে অবনীতলে, পরশমাণিক জ্বলে, বিধাতা-নির্ম্মিত চারু মানব-নয়ন।—হেম ২৯০। —ই অব্য **১** বিস্মৃত বিষয়ের হঠাৎ স্মরণে। "অই যা, তাড়াতাড়িতে সব ভুলেছি! **২** রোষে। "অই! আবার সেই কথা, মারব!

অই[২] ক্রি ক্তি [সং (আগম) অ+ তি (লট্) > প্রা অ+ই—অই, যেমন সং ভরতি > প্রা হরই (হে) ; অপ্র] কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "অগ্নিরে দহিলে পিণ্ড হুবই যে ধূলি ব.প ৮৯ ; দেবী কি শীতল ভোগ দিঅই বহুত ঃ গুরুর আজ্ঞএ মোক্ষ হুঅই পিণ্ডকু ৯০।

অইমনি ক্রি.বিং [অমনি > অইমনি ; অপ্র] তৎক্ষণাৎ, তখনি। "ভ.গ্র ২২৪, এত বলি বৈষ্ণবের পাদোদক আনি। বালকের মুখে দিতে বাঁচিল অইমনি ॥ ২২৭।

অইসন বিং [অই[১] +সন (সম), বৈষ্ণব-সাহিত্যে] ঐসম, ঐপ্রকার, এমন, এরূপ। "অইসন কএ বোল দহু, নিঅ সীম তেজি কহু, উছলু পয়োনিধি নীরে বি সা ৩৯২।

অউনিঞা, আউনিঞা বি [আগু-অনীক (অগ্রানীক)—মূল ; অপ্র] অগ্রগামী সৈন্য। "অউনিঞা পাইক কৃ.উ ৫৬ ; আউনিঞা পাইক ৬৪।

অউষধ বি [সং ঔষধ, ঔ > অউ, দ্র 'ঔ' ; পদ্যে ; অপ্র] ঔষধ। "সকল রোগের অউষধ আছে, হয়ো না উতলা স্ব প্র ৭৫।

অঋণী (-ণিন্) বিণ [ন ঋণী, ন-ত ; ঋ-কারের 'রি' উচ্চারণ-হেতু নঞ্ স্থানে 'অ' (দ্র অ[৩], ঋ[১]) ; স্ত্রী -ণিনী] **১** যে ঋণী নহে ; ঋণশূন্য, ঋণমুক্ত। তু 'অনৃণী'। "অঋণী চাপ্রবাসী চ স বারিচর মোদতে মহা ৩.৩১২.১১৫। ম ৫৮১ ; অঋণী হইব আমি তোমার বচনে ১০৫৪। শি ৪৪। হরবল্লভ এক্ষণে অঋণী ব.প্র ৪০২। **২** ঋণিভিন্ন।

অএ অব্য [সং অয়ে ; য়ে > এ (উচ্চারণে)] **১** সম্বোধন। "অএ কর্ণধার ম.পা ১১০। **২** সগৌরব সম্বোধন। "শুন গুরু মিননাথ, অএ বাপু কর অবধান মী ১৭। কহ কহ অএ সূত পূর্ব্ব বিবরণ গ ২। **৩** নিন্দাসূচক সম্বোধন। "শুন শুন অএ মূঢ় চিত্ত ম.পা ৩৬। **৪** সরোষ সম্বোধন। "বোল দেখি অএ মূঢ় মমাধিক হএ কোন জন ম.পা ১৫। অএ অএ নিন্দিত ব্রাহ্মণ দুরাচার চৈ ১৮। **৫** সবিষাদ বা কাতর সম্বোধন। "অএ প্রভু ত্রিবিক্রম…অপরাধ ক্ষেম ঃ অএ ঠাকুর লাগহু চরণ গ ৬৬। অএ রাজা কেহ্নে ক্রোধ কর কিঙ্করেরে ম.পা ১০৫। **৬** সস্নেহ সম্বোধন। "দেবী বলেন শুন পুত্র অএ বীরবর ম.পা ৬৫। শুন শুন অএ পুত্র তুমি সর্ব্বধন শ্রী.ম ১৩৬। **৭** সপ্রণয় সম্বোধন। "শুন শুন অএ সখা শ্রী ম ২০। শুন অএ প্রিয়া ম.পা ৪০ ; উফায় চিন্তএ অএ কান্ত ১০৮।

অওঁধা বিং [সং অবমূর্দ্ধা] নতমুখ, উপুড়-করা, উল্টা। "অওঁধা কমল কান্তি নহি পূরএ বি.সা ৩১।

অওরা বিং [হি ররা—সুলভতা ; সং অরর ; অউরা (কলিকাতা)] সুলভ, স্বল্পমূল্য, সস্তা। [অওরা হওয়া—সুলভ হওয়া।]

অওরো বি [সং অররোহ] স্বর-সপ্তকের ক্রমাবরোহণ, অর্থাৎ উচ্চ স্বর হইতে নিম্ন স্বরে নামা। যেমন, সা নি ধা পা মা গা রি সা (উদারা-সপ্তকের অবরোহ)।

অংরূপিণী বিং [অংরূপ+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] অম্ (সূক্ষ্ম)-রূপযুক্তা, অণুরূপা, বিন্দুরূপা (যোগমায়া)। "বা.দ ৮২।

অংশ[১] সক [অদন্ত চু, প—অংশয়তি, (ত বা) ; অংশাপয়তি ; সেট্] বিভাজন, পৃথক্‌করণ। "অংশয়তি ধনং বণিক্ (ক.ক)।

অংশ[২] পুং [√অংশ[১] +অ (অচ্)-ভা ; বৈদিক] **১** বিভাজন পৃথক্‌করণ, বণ্টন, ভাগ। **২** পিত্রাদিধন-বিভাগ, রিক্থ-ভাগ। "সকৃদংশো নিপততি মনু ৯ ৪৭। **৩** [+অ-র্ম্ম] যাহা বিভাগ করা যায় ; বিভক্ত দ্রব্য ; ভাগ। "মনু ৮.৪০৮। অংশের অংশ যেই—কলা নাম তার চৈ.চ ২৩। **৪** দায়ের ভাগ, রিক্থ-বিভাগ, উদ্ধার (Share)। "অনংশৌ ক্লীবপতিতৌ জাতান্ধবধিরৌ তথা মনু ৯.২০১। যাজ্ঞ ২.১৪১। **৫** বস্তুর একদেশ ; অবয়ব, একভাগ। "তুর্য্য°, ষোড়শ°। মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ গী ১৫.৭। তেঁহো যার অংশ চৈ.চ ২৩। আলেখ্যের অপর অংশে সী ১১। **৬** খণ্ড, টুকরা। **৭** ভাজ্যাঙ্ক। **৮** ভগ্নাংশের লব (Numerator)। "হরাংশ (লীলাবতী)। **৯** ভগ্নাংশ (Fraction)। **১০** বৃত্তের বা রাশিচক্রের ষষ্ট্যধিক ত্রিশততম (৩৬০ তম) ভাগ, অর্থাৎ ৩৬০ ভাগের একভাগ ; অক্ষের অংশ বা ডিগ্রি। 'অক্ষস্যাংশাঃ সমাখ্যাতাঃ ষষ্ট্যুত্তরশতত্রয়ম্। **১১** সূর্য্যমূর্ত্তিবিশেষ। **১২** দ্বাদশ আদিত্যের একতম। দ্র 'আদিত্য'। **১৩** দিন (M.W.)। তু 'অংশক'। **১৪** স্কন্ধ। তু 'অংস'। "বিপুলাংশ রা (S.W.)। °বিবর্ত্তী, ব্যূঢ়োত্তরাংশ মহা ৩.১১৯.১৩। মুখমংশবিবর্ত্তি শ ৩.২২। **১৫** (বাঙ্‌লায়) রূপ, মূর্ত্তি। "মনে মনে প্রভুর হইল অভিলাষ। এক অংশ চারি অংশে হইব প্রকাশ ॥ কৃ ১। **১৬** দেবতার মূর্ত্তিপরিগ্রহ ; অবতার। "সৃষ্ট্যাদিনিমিত্তে সেই অংশের অবধান। সেই ত অংশের

কহি 'অবতার' নাম॥ চৈ.চ ২৪। **১৭** বিষয়, সম্বন্ধ, প্রকার। "জাত্যংশে বণিক্ ভগ্র ১৭৪। অপত্যসংস্কারবিধি…কোন অংশে অঙ্গহীন হইবে না সী ৫১। এমন লোকের সঙ্গে কুটুম্বিতা হইলে তো সর্ব্বাংশে সুখজনক হইত আ.দু ৭১।

অংশক বিণ [√অংশ^১+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -শিকা] বিভাজক, বণ্টক। —**ক** পুং [অংশ^২+ক (কন্) ; পা ৫.২.৬৯] **১** অবশ্য অংশহারী ; দায়াদ, জ্ঞাতি। [অংশ^২+ক (কন্) স্বার্থে, অল্পার্থে] **২** অংশ, ভাগ। **৩** অল্পাংশ, ক্ষুদ্রভাগ। **৪** সর্থ 'অংশ^২ (১০)। —**ক** ক্লী দিন। দ্র 'অংশ^২ (১৩)।

অংশকল্পনা স্ত্রী [ষ.ত] ভাগ দেওয়া ; অংশপ্রদান।

অংশন ক্লী [√অংশ^১+অন (ল্যুট্)-ভা] বিভাজন, বিভাগ, বণ্টন।

অংশবিবর্ত্তী (-র্ত্তিন্) বিণ [অংশে বিবর্ত্তী, স ত · স্ত্রী -র্ত্তিনী] স্কন্ধাভিমুখ। "শ ৩.২২।

অংশল বিণ [অংশ^২+>লা+অ (ক)-ক, উ.ত ; স্ত্রী -লা] **১** অংশ-গ্রাহী, ভাগগ্রাহক, অংশহর। **২** [অংশ^৩ +ল (লচ্) 'বলবান্' অর্থে, পা ৫ ২.৯৮] প্রশস্ত স্কন্ধবান্, বলবান্। তু 'অংসল'।

অংশহর বিণ [অংশ^২+>হৃ+অ (অচ্)-ক ; উ ত ; স্ত্রী -রা] অংশহারক, ভাগগ্রাহী, উত্তরাধিকারী।

অংশহারী (-রিন্) বিণ [√হৃ+ইন্ (ণিনি) আবশ্যকে-১ব, অংশকে হারী, দ্বি.ত (পা ৫.২.৬৯)] অবশ্য অংশগ্রাহক ; দায়াদ।

অংশা-অংশী বি [সং অংশাংশি ; 'অংশা-অংশি' সাধু] পরস্পরের মধ্যে ভাগ করা ; ভাগাভাগি। "বাকীর টাকাটী দেওয়ান প্রভৃতি কুঠীর যাবতীয় কর্ম্মকারক অংশা-অংশী করিয়া লইত ব.প ১৮০৮।

অংশাংশ পুং [অংশের অংশ, ষ.ত] ভাগের ভাগ ; কলা। "যস্যাংশাংশঃ শ্রীলগর্ভোদশায়ী চৈ.চ ১। আর যত রুদ্রবংশ, সেহো যার অংশাংশ চৈ ম ২৮।

অংশাংশি ব্য [অংশ+অংশ+ই, পা ৫.৪.১২৭ ; ৬.৩.১৩৭] পরস্পর ভাগ করা ; ভাগাভাগি।

অংশাংশী (-শিন্) বি [অংশ ও অংশী, দ্বন্দ্ব] অবতার ও অবতারী। "সেই অংশ লঞা জ্যেষ্ঠ কনিষ্ঠাভিমান। অংশাংশিরূপে শাস্ত্রে করয়ে ব্যাখ্যান॥ চৈ.চ ২৬।

অংশাবতরণ ক্লী [অংশে অবতরণ, সুপ্সুপা] দেবতাদির অংশরূপে ভূতলে আবির্ভাব বা জন্মগ্রহণ ; আংশিক অবতার। "(দেবাসুরাণাম্) অংশাবতরণং…কীর্ত্তিতম্ মহা ১.৬৭.১৬১ : ২.৯৩। [অংশাবতরণপর্ব্ব (-র্ব্বন্)—মহাভারতের আদিপর্ব্বের অন্তর্গত পর্ব্ব (৫৯-৬৭ অধ্যায়)।]

অংশাবতার বি [অংশের অবতার, ষ ত] ঈশ্বরের অংশসম্বন্ধী অবতার—মৎস্যকূর্ম্মাদি। "অংশ-অবতার—পুরুষ-মৎস্যাদিক যত চৈ.চ ৩।

অংশাবতারণ ক্লী [অংশে অবতারণ, সুপ্সুপা] সর্থ 'অংশাবতরণ'। "মহা ১.২.৪২।

অংশিত বিণ [√অংশ^১+ত (ক্ত)-র্ম্ম] বিভাজিত, পৃথক্কৃত, ভাগ-করা।

অংশী (-শিন্) বিণ [অংশ^২+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -শিনী] **১** অংশ যাহার আছে, অংশবান্, ভাগী। "সমাংশী যাজ্ঞ ২.১১৬। দুখের যে অংশী করে, হাঁপ ছেড়ে প্রাণ তার বাঁচে ব.সু ৭। **২** [√অংশ^১+ ইন্ (ণিনি)-ক- ১ব ; স্ত্রী -শিনী] অংশকারক, বিভাজক। **৩** (বাঙ্লায়) অংশের আশ্রয় ; অবতারী। "অতএব অংশী—কৃষ্ণ, অংশ—অবতার চৈ.চ ৩১ ; অংশিনী রাধা হৈতে তিন গুণের বিস্তার ১৪। তাঁর যেহোঁ অংশী হন চৈ ২৪১। [অংশী-অংশ—অঙ্গী ও অঙ্গ। "অংশী-অংশে দেখি জ্যেষ্ঠ-কনিষ্ঠ আচার চৈ.চ ৩১।]

অংশীদার বি [অংশী+ফা. দার্] যাহার অংশ আছে ; ভাগী (Partner)। "অংশীদার জুটাইয়া ইংরাজ জনেক, বিলাতে চালান দিব সামগ্রী অনেক।—পদ্যপাঠ, ১ম ভাগ।

অংশু পুং [√অশ্+উ (কু)-ক (অ.টী) ; বৈদিক] **১** যাহা ব্যাপ্ত করে, কিরণ, কর। "ঘর্ম্ম°, নিশাকর°, সুধা°। সূর্য্যাংশুভি-র্ভিন্নমিবারবিন্দম্ কু.স ১.৩২। সোমসূর্য্যাংশু যাজ্ঞ ১.১৯৪। সুধাংশু-অংশু মে ১১২ ; সুধাংশুর অংশু ১১৮। দিনমণি…প্রচণ্ড অংশুসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন কাদ ১০। **২** প্রভা, দীপ্তি। "দশন°, রত্ন°। অঙ্গুষ্ঠনখাংশু মাঘ ১৯। অগ্নি-অংশু যেন পাংশু-আচ্ছাদিত ম ১৯১। অংশুময়ী ভা.চ ৪২৮। **৩** (সাদৃশ্যে) সূত্র, সুতা। "ঘন-অংশু অংশুক ভ্রাজয়ে ন.প ১৭১। **৪** সূত্রাদির সূক্ষ্মাংশ ; আঁশ (Fibre)। **৫** বেশ, পরিচ্ছদ, বস্ত্র। তু 'অংশুক'। **৬** লেশ, অণু, কণ। **৭** সূক্ষ্মাংশ। তু 'প্রাংশু' (ত বা)। **৮** সূর্য্য (বিশ্ব)। **৯** প্রকাশ। তু 'উপাংশু'। **১০** বেগ। **১১** (?)। "পথ আগুলিয়া রণ দেহ অষ্টবসু। অমরাতে আসিতে না পারে দৈত্য 'অংশু'॥ চ বি ৪৪। [বোধ হয় মুদ্রাঙ্কণ-প্রমাদে 'আশু'-স্থানে 'অংশু']

অংশুক ক্লী [অংশু+ক (কন্), অথবা, অংশু+>কাশ্+অ (ড)-ক (রামাশ্রমী)] **১** অংশুদ্বারা নির্বৃত্ত ; অংশুদ্বারা প্রকাশ পায় ; বস্ত্র, বসন। "পতাকা°, চীন°, শুন°। অংশুকাক্ষেপবিলজ্জিত কু.স ১১৪। যাজ্ঞ ২২২০। **২** সূক্ষ্মবস্ত্র। "কল্পদ্রুমকিশলয়াংশুকানি পু.মে ৬৩। **৩** উত্তরীয়, উড়ানি। "ঘন-অংশু অংশুক ভ্রাজয়ে ন প ১৭১। **৪** শুক্রবস্ত্র। **৫** পরিধেয় বস্ত্র ; অধোবাস। "কররুদ্ধনীবিগলদংশুকাঃ স্ত্রিয়ঃ মাঘ ১৩.৩১। অংশুকের সীমা লগ্ন চরণান্তরালে।—রঙ্গ ১৯৬। **৬** পত্র, তেজপাত। —**ক** পুং [অংশু+ক (কন্) স্বার্থে, অল্পার্থে] **১** অংশু, কিরণ। **২** অল্পপ্রভা, মৃদুদ্যুতি।

অংশুজাল ক্লী [ষ.ত] কিরণসমূহ, করমালা।

অংশুধর পুং [ষ.ত] কিরণসমূহের ধারক ; সূর্য্য।

অংশুপট্ট ক্লী [উ.লো] বল্কলতন্তুনির্ম্মিত সূক্ষ্মবস্ত্র। "শ্রীফলৈরংশুপট্টানাম্ (শুদ্ধিঃ) বিষ্ণু ২৩২১ ; মনু ৫ ১২০।

অংশুপতি, -ভর্ত্তা (-র্ত্তৃ) পুং [ষ ত] কিরণের অধিপতি ; সূর্য্য।

অংশুমান্ (-মৎ) বিণ [অংশু+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -মতী ; বৈদিক] **১** যাহার অংশু আছে ; কিরণযুক্ত, প্রভান্বিত। "জ্যোতিষাং রবিরংশুমান্ গী ১০.২১। **২** সূত্রসূক্ষ্মাংশযুক্ত, আঁশাল (Fibrous)। "রা ২.৯১.৭৫।—**ন্** পুং সগরের পৌত্র অসমঞ্জের পুত্র ও দিলীপের পিতা সূর্য্যবংশীয় রাজবিশেষ।

অংশুমালা স্ত্রী [ষ ত] কিরণসমূহ, করজাল। "উদয়-অচলে, দিবামুখে একচক্রে দিলা দরশন, অংশুমালা গলে, বিতরি সুবর্ণরশ্মি চৌদিকে তপন।—মাইকেল।

অংশুমালী (-লিন্) বিণ [অংশুমালা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -লিনী] কিরণমালা যাহার আছে ; মরীচিমালী, তেজোময়, প্রদীপ্ত। "কনক-উদয়াচলে দিনমণি যেন, অংশুমালী মে ১৩।—**লী** পুং **১** সূর্য্য। "তেজস্বী মধ্যাহ্নে যথা দেব অংশুমালী মে ১৯৬। **২** (সূর্য্যের সংখ্যা-নুসারে) দ্বাদশ (১২) এই সংখ্যা।

অংশুল বিণ [অংশু+>লা+অ (ক)-ক ; উ ত ; স্ত্রী -লা] 'অংশুগ্রাহক', কিরণযুক্ত, দীপ্ত, উজ্জ্বল।

অংশুহস্ত পুং [বহুব্রী] অংশু যাহার করতুল্য ; সহস্রকর সূর্য্য।

অংস^১ সক [অদন্ত চু, প—অংসয়তি, অংসাপয়তি ; সেট্] বিভাজন, বিভাগ। তু 'অংশ'। "অংসয়তি ধনং বণিক্ (>.ক)।—**স্** সক [চু, প—অংসয়তি ; সেট্] সমাঘাত। [বি—**১** সমাঘাত, ব্যর্থীকরণ। "মহা ১ ১.১১৯ ; ব্যংসয়ামাস তং তস্য প্রহারম্ ৩.১৬০.৬৭। **২** বিশ্লেষ। "ব্যংসয়ামাস তৎ সৈন্যম্ (মহাভারত)।]

অংস[২] পুং [√অংস[১] + অ (অচ্)-ভা] ১ বিভাজন, ভাগ করা। ২ [+অ-র্ম্ম] অংশ, ভাগ। —স পুং ক্লী [+অ-র্ম্ম] যাহা ভারাদি কর্ত্তৃক সমাহত হয় (অ.টী); ভুজশিরঃ, স্কন্ধ। "নতাংস কু.স ৩৭০। অংসনিষক্তবাহুঃ (ত.বা)। বন্দুক সদর্পভরে, তুলি নিল অংসোপরে ন ৪৯৬।

অংসকূট পুং [অংস[২] কূটতুল্য, উপ.স] ১ কূটবৎ উচ্চ স্কন্ধ; তুঙ্গস্কন্ধ। "অংসকূটক্রথনপটুঃ (কুঠারঃ—ত.বা)। ২ ষাঁড়ের ঝুঁটি (Hump); ককুদ্।

অংসত্র ক্লী [অংস[২] + √ত্রৈ+অ (ক)-ক] যাহা অংস ত্রাণ করে; স্কন্ধাবরক কবচবিশেষ; স্কন্ধরক্ষক কবচ।

অংসপৃষ্ঠ ক্লী [ষ.ত] স্কন্ধের পৃষ্ঠদেশ বা পশ্চাদ্ভাগ।

অংসফলক ক্লী [ষ.ত] স্কন্ধপৃষ্ঠস্থিত ত্রিকোণাকার অস্থিখণ্ড (Shoulder blade)।

অংসবান্ (-বৎ) বিণ [অংস[২]+বৎ (বতুপ্) 'অবল' অর্থে, পা ৫.২.৯৮, তত্ত্ববোধিনী; স্ত্রী -বতী] অবল, দুর্ব্বল।

অংসভারিক বিণ [অংসভার+ইক (ঠন্) 'হরণ' অর্থে, পা ৪.৪.১৬; স্ত্রী -কী] যে স্কন্ধে ভার হরণ করে; স্কন্ধে ভারহারক।

অংসল বিণ [অংস[২] +ল (লচ্) অস্ত্যর্থে; স্ত্রী -লা] সর্থ 'অংশল' (২)। "রঘু ৩.৩৪; ১৬.৮৪।

অংসারূঢ় বিণ [দ্বি.ত] স্কন্ধারূঢ়, স্কন্ধপতিত। "নৈদাঘ বায়ু··· অংসারূঢ় চারুবাস কম্পিত করিতেছিল ব.প্র ১৬।

অংস্বরূপা বিং [অম্ স্বরূপ যাহার, বহুব্রী; স্ত্রী আ (টাপ্)] অণুরূপা, অণুসদৃশী (কালী)। "অংস্বরূপা অংশুময়ী ভা.চ ৪২৮।

অংহ বি [সং অংহস্>প্রা অংহ * > বা অংহ] পাপ। "অংহেতে অঙ্কিত অঙ্গ রাখ অঙ্গে করি ভা চ ৪২৮।

অংহসংঘ বি [দ্র 'অংহ'] পাপরাশি। "অংহসংঘসংঘটিত ঝটিতি নিবার বা.দ ৬৯।

অংহহর বিং [দ্র 'অংহ'] পাপহারক, পাবন। "অংহহরা অংরূপিণী বা.দ ৮২।

অঁ ক্রি.ক্তি [দ্র 'ওঁ'[৩]] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের বিভক্তি। "বন্দঁ ব্যাস : বন্দঁ বৈয়াসকী : বন্দঁ পঞ্চানন জ ৪।

অঁকোল বি [সং অঙ্কোট] আঁকোড় গাছ।

অঁতর বি [সং অন্তর; হি অঁতরা; মৈ আঁতর—মধ্যে; বৈষ্ণব-সাহিত্যে] মধ্য, মন। "কোই করত সোই, প্রেমক সঙ্গতি, অঁতরে নহত তছু ভঙ্গ গো ১২৬।

অঁধার বিং [সং অন্ধকার>প্রা অংধআর, অংধার (পৈ)>বা অঁধার] অন্ধকারময়, তমোময়। "জামিনি আধ অঁধার (বি.প)।—রী বিং [অঁধার +ঈ[৯]] সর্থ 'অঁধার'। "দামিনী আএ তুলাএল হে, এক রাতি অঁধারী (বি.প)।

অঁধিয়ার বিং [সং অন্ধকার>প্রা অন্ধয়ার (হে)>বা (অন্ধিয়ার) অঁধিয়ার (য়া>ইআ>ইয়া] অন্ধকারময়, তমোময়। "যামিনি ঘন অঁধিয়ার বি.সা ১৭। দশ দিশ সবহু ভেল অঁধিয়ার ১৭৮। -রা বি অন্ধকার, তিমির। "নিজ রিপু চাঁদ কলানিধি হেরইতে, মেরু পড়ল অঁধিয়ারা বি.সা ১৬৪।

অ্যা ক্রি.প্র [ইয়া>ইআ>য়া>য়্যা>অ্যা (উচ্চারণানুসারে)—যেমন থুইয়া>থুইআ>থুয়া,-য়্যা- > অ্যা; অপ্র] অনন্তরার্থে অসমাপিকা ক্রিয়ার প্রত্যয়। "কঅ্যা, ছুঅ্যা, পাঠাঅ্যা, হঅ্যা ইত্যাদি।

অ্যাঁ অব্য [অপ্র] ১ বিস্ময়। "ভক্ত।—(মালা জপিতে জপিতে) অ্যাঁ! অ্যাঁ! —বলিস্ কি রে! মা ৩২৪। অ্যাঁ! কি সর্ব্বনাশ! নিমাই কোথা গেল! গি.দ্বি ৬৩; ১০৩; ১১৩। ব.প্র ৩৬১। ২ প্রশ্ন। "হাঁ, স্ত্রীলোক—···বড় সুন্দরী বটে, অ্যাঁ, অচ্ছা ডাক, হানফেকে ডাক। মা ৩২৪। ৩ আহ্বানে উত্তর। "গদা।—ও হানিফ, এদিকে আয়! হানিফ।—অ্যাঁ! কি? মা ৩২৪। ৪ কোন অনভিমত বিষয়ের জিজ্ঞাসায় হঠাৎ উত্তরদানে কিংকর্ত্তব্যমূঢ়তা। "আশমানি।—কথা কওনা যে? দিগ্‌গজ।—"অ্যাঁ অ্যাঁ, তা তা তা তা"—বাঙ্‌নিষ্পত্তি হইয়া উঠিল না। আশমানি।—তবে কি পারিবে না? দিগ্‌গজ।—অ্যাঁ অ্যাঁ অ্যাঁ, তা তা—স্বামিঠাকুরকে বলিয়া আসি। ব.প্র ২৯।

অ্যাকা বিং [অপ্র] একাকী, একলা। "গেল যেই আমায় ফেলিয়া অ্যাকা, ধূমাবতীমূরতি ডাকিনী এক দিল সেই দ্যাখা স্ব.প্র ২০৪।

অ্যাকেঅ্যাকে ক্রি বিং [অপ্র] একশঃ, অর্থাৎ এক এক করিয়া; একজনের পরে একজন করিয়া। "এমন যে বন্ধু তারা (তারকা), স্বচ্ছন্দে এখন তা'রা, তা'রে (শশীকে) ফেলে যায় অ্যাকেঅ্যাকে স্ব.প্র ২২৮।

অক[১] ক্লী [ন ক (সুখ), ন ত, বিরোধার্থক 'ন'] ১ সুখবিরোধী, অর্থাৎ দুঃখ। তু 'নাক' (ন+অক)—"নাকেতে নির্জ্জরগণ করে হাহাকার। ২ [বহুব্রী] পাপ।

অক[২] সর্ব্ব [অ[৫]+ক; অপ্র] ঐ স্থান, সেই স্থান (কর্ম্মপদ)। "অক ছাড়িয়া রাজা নিজায় (নিজস্থানে) গমন ব.প ৮১।

অকটবিকট বি ['আকৃতি-বিকৃতি'—মূল] ত্রাসে বিকৃত আকার বা অঙ্গভঙ্গি। "অকটবিকট করে পড়িয়া তরাসে। রাবণ জলের মধ্যে বালি ত আকাশে॥ কৃ ৪১৫।

অকণ্টক বিণ [ন.বহুব্রী; স্ত্রী -কা] ১ যাহাতে কণ্টক নাই। "অকণ্টক ভুজ-মৃণাল।—গান। ২ কণ্টকতুল্য ক্লেশকরবস্তুহীন; নির্ব্বিঘ্ন, নিরাপদ্। ৩ শত্রুহীন, অসপত্ন (রাজাদি)। [অকণ্টকে—নির্ব্বিঘ্নে।]

অকণ্টবিদ্ধ বিং [ন.ত; স্ত্রী -দ্ধা] যে কণ্টবিদ্ধ নহে; যাহার কাঁটা ফুটে নাই। "অকণ্টবিদ্ধ কি জানে কাঁটা-ফুটা বল্যে শি ৩৬।

অকত্থন বিণ [ন.ত; স্ত্রী -না] যে কত্থন (আত্মশ্লাঘী) নহে; আত্মশ্লাঘাহীন, অগর্ব্ব।

অকথন বিং যাহার কথন নাই, অর্থাৎ যাহা বলিয়া প্রকাশ করা যায় না; অকথ্য, বর্ণনাতীত। "অকথন বেয়াধি এ, কহা নাহি যায়। যে করে কানুর নাম ধরে তার পায়॥ চ দা ৮০।

অকথিত বিণ [ন.ত] ১ যাহা বলা হয় নাই; অনুক্ত। "শ ১২৭। ২ অনুচ্চারিত। ৩ (ব্যাকরণে) অপাদানাদি কারকদ্বারা অবিবক্ষিত অর্থাৎ গৌণ বা অপ্রধান (কারক)। "পা ১.৪.৫১।

অকথ্য বিণ [ন.ত; স্ত্রী -থ্যা] ১ যাহা কথনীয় বা বলার যোগ্য নহে; অবাচ্য, অনুচ্চার্য্য, অশ্লীল (ভাষা)। "অকথ্য কথন দেবি ক্রোধ হইলে বলে ম ৪১৭। ২ কথায় অপ্রকাশ্য; অনির্ব্বচনীয়, বর্ণনাতীত, বাগতীত। "অকথ্য বেদনা সেই কহা নাহি যায় (চ.দা)। কহিতে অকথ্য কথা না যায় বর্ণন ব.প ১৩১০। অকথ্য অদ্ভুত প্রভু করেন হুঙ্কার চৈ.ভা ৩৯৬; ৩৫৩। আমার এ কথা অকথ্য লু র ১৪৪। ৩ অকথনীয়; অপ্রকাশ্য। "তোমরা যে জিজ্ঞাসিলা এ বড় রহস্য। যদ্যপি অকথ্য তভো কহিব অবশ্য চৈ.ভা ১২৬। ৪ যাহা বলার নয়, অর্থাৎ অতি-দুঃখকর। "অকথ্য আমার কথা, সায় সদাগর পিতা, নাম মোর বেহুলা নাচনী ম.ভা ৫৫।

অকথ্য-কথন বিং [বহুব্রী; স্ত্রী -না] যাহার বর্ণনা কথার অতীত; অবর্ণনীয়, বর্ণনাতীত, অনির্ব্বচনীয়। "তাঁহা যা দেখিল ভাই, অকথ্য-কথন এই চ.সা ১। তনুরুচি অকথ্য-কথন ক.চ ২। শেষখণ্ডে শচী-দুঃখ অকথ্য-কথন চৈ.ভা ১১; আনন্দ হয় অকথ্য-কথন ৪০৮।

কহিবার কথা নয়—অকথ্য-কথন চৈ.চ ২৮।—ন বি অদ্ভুত বা আশ্চর্য্য কথা। "সখীর স্বভাব এক অকথ্য-কথন। কৃষ্ণ সহ নিজলীলায় নাহি সখীর মন॥ চৈ.চ ১১৯।

অকন্যা স্ত্রী [ন.ত] যে কন্যা নহে; ক্ষতযোনি, অকুমারী। "মনু ৮.২২৫ ; ২২৬।

অকপট বিণ [ন.ত ; স্ত্রী -টা] অমায়িক, ছলহীন, সরল। [অকপটে —সরলভাবে। "সী ১৮।]

অকম্প বিং [ন.বহুব্রী ; স্ত্রী -ম্পা] যাহাতে কম্প নাই ; কম্পনহীন, স্থির, স্তব্ধ। "অগ্নিময়তেজঃ বাজী ধাইল অম্বরে। অকম্প চামর শিরে মে ৬৭। তু 'নিকম্পচামরশিখাঃ (রথ্যাঃ)' শ ১.৮।

অকম্পন পুং [ন.বহুব্রী] 'কম্পনহীন, নির্ভীক' ; রাবণের সেনাপতি-বিশেষ। "অকম্পন নাম তার কম্পে না কখন কৃ ২৬১। অকম্পন, রণে ধীর মে ৩০।

অকম্পিত বিণ [ন.ত] ১ কম্পনরহিত, স্থির, অচল, দৃঢ়। ২ স্বর-কম্পনরহিত। "স্বরান্ ত্রয়াদবিকৃষ্টানকম্পিতান্ (ঋগ্বেদ-প্রাতিশাখ্য)। ৩ সঙ্কল্প হইতে অটল ; দৃঢ়াধ্যবসায়, ব্যবসায়পর।

অকর বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -রা] ১ যাহার কর নাই ; হস্তহীন। ২ রাজস্ব-হীন, নিষ্কর। ৩ অ-কারক।

অকরণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] ১ যাহার করণ (দেহেন্দ্রিয়াদি) নাই ; সর্ব্বকরণহীন, নিরাকার (পরমাত্মা)। ২ যাহার নির্ম্মাণ নাই ; অনির্ম্মিত, অকৃত্রিম, স্বাভাবিক। —ণ পুং পরমাত্মা। —ণ ক্লী [ন.ত] ১ করণের অভাব ; অননুষ্ঠান, অনাচরণ। "অকরণাৎ মন্দকরণং শ্রেয়ঃ (স্মার্ত্ত)। এ সভের বিদ্যাত্যাগ, অবিদ্যাকরণ। অকরণে দোষ, কৈলে ভক্তি-লঙ্ঘন॥ চৈ.চ ২৪৪। ২ করণাভাব, নিবৃত্তি।

অকরণী স্ত্রী [ন ত] (গণিতে) যাহা করণী (Surd) নহে, যে রাশির বর্গমূল সূক্ষ্মভাবে বাহির হয় (Rational number) ; ৪, ১৬, ৬৪ ইত্যাদি রাশি।

অকরণীয় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] অননুষ্ঠেয়, অকর্ত্তব্য, অনাচরণীয়।

অকরুণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] করুণা যাহার নাই ; নির্দ্দয়, নিষ্ঠুর, অকৃপ। "বিধাত্রাকরুণেন···ভবান্ প্রণীতঃ ভ ৭.২.৩৩। কবি চণ্ডীদাস কয়, কিবা তুমি কর ভয়, বন্ধু তোর নহে অকরুণ চ.দা ৮৪। "অরে বিধি ! অকরুণ চৈ.চ. ৩৫০।

অকর্ণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -র্ণা, -র্ণী] ১ যাহার কর্ণ নাই ; শ্রবণ-হীন। "স শৃণোত্যকর্ণঃ (শ্রীধর)। অকর্ণ শুনিতে পান ভা.চ ২৮। ২ বধির। —র্ণ পুং সর্প। তু 'চক্ষুঃশ্রবাঃ'।

অকর্ত্তব্য বিণ [ন.ত ; স্ত্রী -ব্যা] অকরণীয়, অননুষ্ঠেয়, গর্হিত। —ব্য ক্লী [ন.বহুব্রী] যাহার কর্ত্তব্য নাই ; ক্রিয়াহীন, কূটস্থ চৈতন্য।

অকর্ত্তা (-র্ত্তৃ) বিণ [ন.ত ; স্ত্রী -র্ত্রী] ১ যে কিছু করে না ; অকারক, নিষ্ক্রিয়, ক্রিয়াহীন। "পুরুষোঽকর্ত্তা ভোক্তা চ (সাংখ্য)। গী ৪.১৩। ২ যে কর্ত্তা নহে ; কর্ত্তৃভিন্ন। ৩ (ব্যাকরণে) কর্ত্তৃকারক-ভিন্ন (কারক)। "অকর্ত্তরি চ কারকে পা ৩.৩.১৯। —র্ত্তা পুং ১ সাংখ্যপুরুষ। ২ কর্ত্তৃ-ভিন্ন জন ; সহকারী কর্ত্তা।

অকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [ন.ত] ১ অপ্রশস্ত কর্ম্ম ; দুষ্কৃত, অকার্য্য, অবৈধকর্ম্ম। "সম কর্ম্মাকর্ম্ম ভা.চ ৯৭। ২ কর্ম্মাভাব, অক্রিয়া, অ-বিহিতব্যাপার, কর্ম্মাকরণ। "কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেদকর্ম্মণি চ কর্ম্ম যঃ গী ৪.১৮ ; ১৭ ; ৩.৮। ৩ হীন কর্ম্ম ; দ্যূতাদি। "মহা ৫.৩৩.৩৫।

অকর্ম্মক বিণ [ন কর্ম্ম যাহার, ন.বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -র্ম্মিকা] ১ (ব্যাকরণে) যাহার কর্ম্মপদ নাই ; কর্ম্মহীন (ক্রিয়া, ধাতু, Intransitive)। "পা ৩.৪.৬৯ ; প্রসিদ্ধেরবিবক্ষাতঃ কর্ম্ম-ণোঽকর্ম্মিকা ক্রিয়া ৭.১.৭, সি। ২ কার্য্যরহিত, নির্ব্যাপার।

অকর্ম্মকৃৎ বিণ [অকর্ম্মন্ + √কৃ + ০ (ক্বিপ্)-ক-১ব ; উ.ত, স্ত্রী -ৎ] ১ কুকর্ম্মকারক, দুষ্কৃতকারী, দুষ্কৃতী, দুর্বৃত্ত। ২ [ন ত] যে কর্ম্মকৃৎ নহে অর্থাৎ কর্ম্ম করে না ; নির্ব্যাপার, কর্ম্মহীন। "ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ গী. ৩.৫।

অকর্ম্মণ্য বিণ [ন.ত ; স্ত্রী -ণ্যা] ১ যে কর্ম্মণ্য বা কর্ম্মক্ষম নহে ; কার্য্যে অসমর্থ ; অকুশল, অপটু, অকেজো। "পরস্পরের স্বভাব-পরীক্ষায় যে বিবেক ও ধৈর্য্যের প্রয়োজন, তাহা ঐ সময়ে অকর্ম্মণ্যপ্রায় থাকে পা.প্র ৩। এই অকর্ম্মণ্য হাতীটাকে দূর করিয়া দাও (শিশু-শিক্ষা, ৩য় ভাগ)। ২ বৈব কর্ম্মে অপ্রশস্ত বা নিষিদ্ধ ; শাস্ত্রীয় ক্রিয়ায় অবিহিত। "অকর্ম্মণ্যাং তিথিমলং বিদ্যাদেকাদশীং বিনা (তিথ্যাদিতত্ত্ব)।

অকর্ম্মা (-র্ম্মন্) বিণ [ন কর্ম্ম যাহার, ন বহুব্রী ; স্ত্রী -র্ম্মা] ১ যাহার কর্ম্ম নাই ; কর্ম্মরহিত, নির্ব্যাপার, নিষ্কর্ম্মা। ২ জড়, নিরুদ্যম, অলস। ৩ কার্য্যাক্ষম, অপটু, অকর্ম্মণ্য। ৪ অপ্রশস্তকর্ম্মা, কুকর্ম্মান্বিত, দুষ্কৃতী, স্বেচ্ছাচারী। "যে মূঢ় বিষয়মত্ত, অকর্ম্মা না বুঝে তত্ত্ব, তোমা ভজিবাবে করে হেলা জ্ঞ ৭৯। ৫ পাপ বা পুণ্য কর্ম্ম যাহার নাই ; ফল-ভোগার্থ কর্ম্মহীন। "তনয় অকর্ম্মা থাকে, বাক্য নাহি সরে। ভোগ না সমাপ্তি হ'তে কেন সেই মরে॥ ম ১০২৩। ৬ (ব্যাকরণে) কর্ম্মপদ-হীন, অকর্ম্মক। —র্ম্মা পুং যাহাতে কর্ম্ম থাকে না ; মোক্ষ। "(সঃ) চচার ধর্ম্মং যদকর্ম্মহেতুম্ ভ ৫.৬.১৪। [অকর্ম্মার ধাড়ি—অলসপ্রধান, অত্যন্ত কুঁড়ে। "তোমার তুলনা তুমি চাঁদ অকর্ম্মার ধাড়ি।—দ্বিজেন্দ্রলাল। অকর্ম্মার শেষ—চূড়ান্ত অকর্ম্মা ; অলসচূড়ামণি।]

অকলঙ্ক বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ঙ্কা] ১ যাহার কলঙ্ক নাই ; অঙ্করহিত, লাঞ্ছনহীন। "অকলঙ্ক শশিমুখী ক.চ ৯ ; তুমি অকলঙ্ক বিধু ২০৭। ২ অপবাদহীন, নির্দ্দোষ। ৩ অনবদ্য, সুন্দর, কমনীয়। "অকলঙ্ক হাস্য-মুখে···ঘুমাইতে কার অঙ্কটিতে চ.কা ২০২।

অকলঙ্কী (-ঙ্কিন্) বিং [ন.ত ; স্ত্রী -ঙ্কিনী] যে কলঙ্কী নহে ; কলঙ্কহীন, নির্দ্দোষ, সাধু। "অকলঙ্কী কব্ব তারে, নতুন চতুরালি ক'রে, শাস ননদী দেখবে ফিকির মোর।—রাজকৃষ্ণ রায়।

অকল্ক বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ল্কা] ১ যাহাতে কল্ক নাই ; দম্ভরহিত, বীতদম্ভ, অগর্ব্ব। "মহা ৩.৮২.১১। ২ শাঠ্যহীন, সরল। ৩ মলরহিত নির্ম্মল। ৪ নিষ্পাপ। —ল্কা স্ত্রী 'অন্ধকাররূপমল-হীনা', জ্যোৎস্না।

অকল্প বিণ [ন.ত ; স্ত্রী -ল্পা] ১ অসমর্থ, অক্ষম, দুর্ব্বল। ২ অধীর, কাতর, অভিভূত। "স্নেহাদকল্পঃ কৃপণঃ কৃপণাং পর্য্যদেবয়ৎ ভ ৭.২.৫২।

অকল্পিত বিণ [ন.ত] ১ যাহা কল্পনাকৃত নহে ; অরচিত, স্বাভাবিক। ২ সত্য, যথার্থ।

অকল্মষ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ষা] যাহার কল্মষ (পাপ) নাই ; নিষ্পাপ, নির্দ্দোষ।

অকল্য বিণ [ন.ত ; স্ত্রী -ল্যা] ১ অসুস্থ, রোগী। "অকল্যবালস্থবির-বিসমস্তক্রিয়াকুলান্।···নাহ্বায়য়েন্নৃপঃ (মিতাক্ষরা-ধৃতবচনম্ শ.ক) ২ অসমর্থ। "অকল্যঃ স্বাঙ্গচেষ্টায়াম্ শকুন্ত ইতি পঞ্জরে ভ ৩.৩১.৮ ; (ত্যজন্তি) অকল্যং নৃপতিং প্রজাঃ ১০.৪৭.৭। ৩ সত্য। "°সন্ধ (দশকুমার)।

অকল্যাণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] যাহাতে কল্যাণ নাই ; অশুভ, অমঙ্গল। —ণ ক্লী [ন.ত] যাহা কল্যাণবিরোধী ; অশুভ, অশিব।

অকষ্টবন্ধ বিং [অকষ্ট + বন্ধ] যাহা হইতে কষ্ট অর্থাৎ ক্লেশকর নাই, তাদৃশভাবে বদ্ধ ; অতিক্লেশকরভাবে বিপজ্জড়িত ; অতিবিপন্ন। "পেয়ে বহু কষ্ট, বাহির প্রকোষ্ঠে, অকষ্টবন্ধের ন্যায়। ভ্রমিতে ভ্রমিতে, পড়িয়া ভ্রমেতে, ক্রমেতে বাহির হয়॥ বা.দ ৬৬। [অকষ্টবন্ধে পড়া—অতিবিপন্ন হওয়া।]

অকস্মাৎ ব্য [ন + কস্মাৎ] ১ কোন কারণ হইতে নহে ; অকারণ।

"রঘু ১৪.৭৩। **২** অতর্কিত, সহসা, হঠাৎ। "অকস্মাৎ আসিবেক কোন অভিপ্রায় ম ৬৩১।

অকাজ বি [অ+কাজ ; হি অকাজ] **১** অপ্রশস্ত কার্য্য ; নির্ব্বোধের কর্ম্ম ; কুকর্ম্ম। "না দেখিয়া ছিনু ভাল, দেখিয়া অকাজ হল (চ.দা)। **২** অবৈধ কার্য্য ; ধর্ম্মবিরোধী কর্ম্ম। "যত করে মুসলমান সকলি অকাজ ভা.চ ৪৮৪। অকাজের অপথ দিয়েই তা'রা তাড়াতাড়ি সংসারে ত'রে যাবে ঘ ৬৪। **৩** যে কার্য্যে অভীষ্ট ফল নাই ; বৃথা কার্য্য ; মিছা কাজ। "অকাজে দিবস গেল, নৌকা নাহি পার হৈল, পরাণ হৈল পরমাদ জ্ঞা ১৩৬। **৪** বিষম সমস্যাব কার্য্য বা বিষয়। "গোবিন্দদাস কহে পড়ল অকাজ গো ৯৫ ; এ ধনি পদুমিনী পড়ল অকাজ ১২৪।

অকাট্য বিং [ন+কাটা ; তি অকাট্য] যাহা কাটা অর্থাৎ খণ্ডন বা অবহেলা করা যায় না ; অখণ্ডনীয়, যুক্তিযুক্ত, সুসঙ্গত, ন্যায্য (কথা, যুক্তি)।

অকাণ্ড বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণ্ডা] **১** যাহার কাণ্ড নাই, কাণ্ডরহিত (বৃক্ষ)। **২** যাহার অবসর বা উচিত কাল নাই, অনবসর, অতর্কিত, আকস্মিক। "°বিবর্ত্তন উ.চ ৪১৫ ; °তাণ্ডবিত ৫৩৬ ; °প্রচণ্ড-কলহ ৬১/২ ; °বিস্ফুরিত ৬১/৪। °পাত তি ৪.৮৬। মা.মা ৫.৩১। [অকাণ্ডে—হঠাৎ, অকস্মাৎ। "শ ২.১২। মা.মা ১১৭।]

অকাতর বিণ [ন.ত ; স্ত্রী -রা] যে কাতর নহে, অক্লিষ্ট, অখেদ, অব্যাকুল। [অকাতরে—**১** অক্লিষ্টভাবে, অখেদে। "অকাতরে পরিশ্রম করা। **২** অবিষাদে, আনন্দে, অকুণ্ঠিতভাবে। "অকাতরে দান করা। **৩** সুস্থশরীরে, অর্থাৎ প্রগাঢ়ভাবে। "অকাতরে ঘুমান।]

অকান্দনে ক্রি বি [সং আক্রন্দন > প্রা অক্কংদণ < অকান্দন ; অপ্র] আক্রন্দনপূর্ব্বক, আর্ত্তনাদপূর্ব্বক, উচ্চৈঃস্বরে। "অকান্দনে কান্দেন মনসা, প্রভু মোরে না যাও ছাড়িয়া ম.ম ৩০। অকান্দনে কান্দে পদ্মা পিতা লৈয়া কোলে ব প ২৯৮।

অকাম বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -মা] **১** যাহার কামনা অর্থাৎ ফলানু-সন্ধান নাই ; কামনাহীন, নিষ্কাম, ফলাসঙ্গরহিত। "মনু ২৪। অকাম অনীহ চৈ চ ২২৪। **২** ইচ্ছারহিত, অনিচ্ছু, অনভিলাষী। "যোঽকামাং দূষয়েৎ কন্যাম্ মনু ৮.৩৬৪ ; ৯.২০৮। **৩** কামহীন, স্মরবিকারশূন্য। "শ ১.২১ (টীকা)। —ম পুং [ন.ত] কামাভাব, অনিচ্ছা, অনভিলাষ। "°উপনত রঘু ১০.৩৯। °তঃ মনু ২.১৮১ ; ৯.২৪২।

অকামিক ক্রি.বিং [সং আকস্মিক] **১** অকস্মাৎ, সহসা। "অকামিক মন্দির ভেলি বহার বি.সা ৪৫০। **২** অকারণ, বিনা কারণে। "অতি পুলকিত তনু, বিহসি অকামিক, জাগি ঠেলি সানন্দা (বি.সা)।

অকায় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া ; বৈদিক] যাহার কায় নাই ; অশরীর। —য় পুং **১** পরমাত্মা। **২** রাহু।

অকার পুং [কর্ম্মধা] 'অ' এই বর্ণ ; অ-বর্ণ। "°অন্ত, °আদি। অক্ষরাণামকারোঽস্মি গী ১০.৩৩। অকার হকার বর্ণে আকার সংযুক্ত (অর্থাৎ 'আহা') বি.সু ৬২। [অকারাদি ক্ষকারান্ত—অকারাবধি ক্ষকারপর্য্যন্ত বর্ণ, অর্থাৎ স্বর ও ব্যঞ্জন বর্ণ। "শ্রী.মা ৪৩। অকারাদি ক্ষকারান্ত ক্রমে—স্বরের আদি হইতে ব্যঞ্জনের শেষ পর্য্যন্ত পর পর ; বর্ণমালার পর্য্যায়ক্রমে শেষ পর্য্যন্ত।]

অকারণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] **১** যাহার কারণ নাই ; অহৈতুক, অনিমিত্তক, উদ্দেশ্যহীন। "মাং প্রত্যমীষামকারণস্নেহঃ উ.চ ৬১/৪। °পরিত্যক্ত শ ৬১/৪। কু.স ৪.৭। মনু ৩.১৫৭। **২** কারণ-ভিন্ন। "°গুণোৎপন্ন (ভাষাপরিচ্ছেদ)। **৩** স্বাভাবিক, সহজ। "অকারণ-মিত্রাণি সতাং চেতাংসি (কাদম্বরী)। —ণ ক্লী [ন.ত] কারণাভাব, অপ্রয়োজন। "যদ্যত্তো বা স্যাদকারণাৎ মনু ৯.১৭৭। কিমকারণে কুপ্যসি ? —রত্নাবলী ২১/২ ; অকারণে ত্বয়া দেবী ন ব্যথয়িতব্যা ২১/২। —ণে ক্রি.বিং **১** (বাঙ্লায়) অনর্থক, বৃথা। "অকারণে হের এ আজানু বাহুদণ্ড। অকারণে ধরি আমি ধনুক প্রচণ্ড॥ অকারণে ধরি খড়্গ ভল্ল চর্ম্ম শূল। কৃ ৯৮। **২** কারণ বিনা ; নিষ্কারণ। "অকারণে পেতু কান্দিবার লাগিল ব.প ৫৭। অশ্রু অকারণে করে বিসর্জ্জন বালিকা।—কথা ৪।

অকারান্ত বিণ [অকার অন্তে যাহার, বহুব্রী] যে শব্দের শেষে অ-কার আছে ; শেষে অ-কারযুক্ত (শব্দ)—দুঃখ, দেহ ইত্যাদি।

অকারিয়া বিং ['অকণ্ডিত'—মূল ; অপ্র] অনিস্তুষীকৃত, আকাঁড়ান। "অকারিয়া চাউল গো চ ৬৭ ; ২৬০ ; ২৬১।

অকার্য্য বিণ [ন.ত ; স্ত্রী -র্য্যা] **১** যাহা করণীয় নহে ; অকর্ত্তব্য, অননুষ্ঠেয়। "কিমকার্য্যং কদর্য্যাণাম্ (ভাগবত)। **২** কর্ত্তব্যভিন্ন। —র্য্য ক্লী **১** অপ্রশস্ত কার্য্য ; শাস্ত্রবিরোধী কর্ম্ম ; অবৈধকার্য্য, অকৃত্য। "তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ গী ১৬.২৪। মনু ১০.৯৮। অকার্য্যকরণ চৈ.চ ৯৭। শাস্ত্রকারেরা গর্হিত অকার্য্যদ্বারা সুহৃদের প্রাণ-রক্ষা কর্ত্তব্য বলিয়া থাকেন (কাদম্বরী)। **২** কুৎসিতকার্য্য ; দুষ্কৃত। **৩** পাপকর্ম্ম—ব্রহ্মহত্যাদি। "মনু ১১.৯৭। **৪** (বাঙ্লায়) বিরক্তিকর কার্য্য ; বৃথা কার্য্য।

অকার্য্যকারী (-রিন্) বিণ [অকার্য্য+√কৃ+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] **১** অকার্য্যকরণশীল, অবৈধ-কার্য্যকারক, দুষ্কৃতী। "শুধ্যন্তি...দানেনাকার্য্যকারিণঃ মনু ৫.১০৭। **২** উপপাতকাদিকারক। "মনু ১১.১৪০।

অকাল বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -লা] যাহার কাল (যোগ্যকাল) নহে ; অপ্রাপ্তকাল, অনুচিতকাল, অসাময়িক, অকালিক। "°সন্ধ্যা কু.স ১.৪। °মৃত্যু উ.চ ২১/২। অকালমরণরীতি কৃ ৪৫৮। অকালমরণ শ্রী মা ২২১ ; কৃউ ১৯২ ; ম ১২৭২। —ল পুং [ন ত] **১** অপ্রশস্ত সময় ; অযোগ্যকাল, অনুচিতকাল। "মনু ৩.১০৫ ; অকালে ক্রয়বিক্রয়ী ৮.৪০০। অকালে কি আরম্ভিলা প্রভু, যজ্ঞ? মা ১০১। **২** অবৈধ-কাল। "মনু ৭.১৬৪। অকালে শরতে কৈল চণ্ডীর বোধন কৃ ৩৪৮ ; ৪৫৮। **৩** অপূর্ণ বা অপ্রাপ্ত কাল ; অসময়। "অকালে বোধিতঃ রঘু ১২.৮১। নাকালে ম্রিয়তে জন্তুঃ হি ২.১৫। অকালে ভাঙ্গিলা ডিম্ব পূর্ণ নাহি হয়ে ম ৮। বীরবাহু চলি যবে গেলা যমপুরে, অকালে মে ১। **৪** অশুভকাল ; অশুদ্ধকাল ; ক্ষয়মাস মলমাস ইত্যাদি। **৫** [মৈ অকাল] অন্নাভাবকাল, দুর্ভিক্ষ, আকাল। "অকালে অন্নাভাবে মরি E. P. 90. **৬** প্রলয়। "অকালজলধি যেন করয়ে হুঙ্কার অ.প ১৫ ; অকালজলধি যেন সংহারয়ে সৃষ্টি ১৯। **৭** অতর্কিতকাল, অসময়। "অকালে কালের আগমন য ১৪।

অকালকুষ্মাণ্ড পুং [কর্ম্মধা] **১** অসময়ে জাত কুষ্মাণ্ড ; (গৌণার্থে, সাদৃশ্যে) বৃথাজাত বা অকর্ম্মণ্য জন। [অকালের কুমড়া বলিদানাদি দেবকার্য্যে লাগে না, সুতরাং ব্যর্থ।] **২** কাণ্ডজ্ঞানহীন, বিষয়জ্ঞানশূন্য, মূর্খ (গালি)। "গৌরাং ঠাকুরের ভণ্ড চেংড়া, কত অকালকুষ্মাণ্ড নেড়া, কি আপদ ক'রেছেন সৃষ্টি হরি দা ৯২৭। নাহি জ্ঞানকাণ্ড ! অকাল-কুষ্মাণ্ড !—দ্বিজেন্দ্রলাল।

অকালকুসুম ক্লী [কর্ম্মধা] অসাময়িক (অসময়ে জাত) পুষ্প ; অকালের ফুল। "দুর্জনৈরুচ্যমানানি সম্মিতানি প্রিয়াণ্যপি। অকাল-কুসুমানীব ভয়ং সংজনয়ন্তি হি॥ হি ৩.২৫। [অকালকুসুম দেশের উৎপাতসূচক—"অকালে ফলপুষ্পাণি দেশবিদ্রবকারণম্ (মৎস্যপুরাণ)।]

অকালজ, -জাত বিণ [অকাল+√জন্+অ (ড)-ক ; উ.ত ; স.ত ; স্ত্রী -জা, -তা] অসময়ে উৎপন্ন ; অসাময়িক, অপূর্ণকালজাত।

অকালজলদোদয় পুং [স.ত] **১** অসময়ে মেঘের আবির্ভাব।

"যবনীমুখপদ্মানাং সেহে মধুমদং ন সঃ। বালাতপমিবাব্জানামকালজলদোদয়ঃ॥ রঘু ৪.৬১। **২** (সাদৃশ্যে) কুজ্ঝটী। "অকালজলদোদয়-বিমর্দিত গগনমণ্ডলবৎ তাঁহার সুন্দর মুখকান্তি অন্ধকারময় হইল ব.প্র ১৩৩।

অকালজ্ঞ বিণ [ন.ত ; স্ত্রী -জ্ঞা] যে ঠিক (যোগ্য) সময় জানে না ; অনবসরজ্ঞ। "অত্যারূঢ়ো হি নারীণামকালজ্ঞো মনোভবঃ রঘু ১২.৩৩।

অকালবোধন বি [স.ত] অসময়ে প্রবোধন বা জাগরণ ; অসময়ে দেবীর জাগরণার্থ বিহিত অনুষ্ঠানবিশেষ। "বিধি কন বিধি আছে চণ্ডী-আরাধনে। হইবে রাবণবধ অকালবোধনে॥ কৃ ৩৪৮ ; অকাল-বোধনে পূজা ৩৫৪।

অকালমেঘোদয় পুং [স.ত] সর্থ 'অকালজলদোদয়'।

অকালসন্ধ্যা স্ত্রী [কর্ম্মধা] অপ্রাপ্তকালা সন্ধ্যা ; অসময়ে আবির্ভূতা বা অকালিকী সন্ধ্যা। "কু.স ১.৪।

অকালসহ বিণ [ন.ত ; স্ত্রী -হা] **১** যে কালবিলম্ব সহে না ; বিলম্বা-সহিষ্ণু। **২** যে দুর্গ দীর্ঘকাল অবরোধ সহে না ; দীর্ঘাবরোধে অবসন্ন (দুর্গ)। "হি ৩.১৪০।

অকি ধুয়ায় সুরের জন্য ব্যবহৃত শব্দ (বৈষ্ণব-সাহিত্যে)। "অকি আরে অকি আরে হয় চৈ.ম ৯ ; অকি হোরে ৯৮।

অকিঞ্চন বিণ [ন কিঞ্চন যাহার, ময়ূরব্যংসকাদি ; স্ত্রী -না] **১** যাহার কিছুই নাই, নিঃস্ব, নির্ধন, দরিদ্র। "অকিঞ্চনঃ সন্ প্রভবঃ স সম্পদাম্ কু.স ৫.৭৭। °ত্ব রঘু ৫.১৬। মাঘ ৪.৬৪। মনু ৮.৩৯৫। পরম সানন্দে বলি হইয়া অকিঞ্চন। চলিল পাতালপুরে ছাড়ি মহাধন॥ গ ৭২। শি ১০০। ভাট অকিঞ্চন জন, ধন দিয়া কৈল সভার মান চৈ.চ ৫৩। **২** বিষয়-বিরক্ত, সংসার-বিরাগী। "চৈ.চ ২২৪ ; এ সব ছাড়িয়া আর বর্ণাশ্রমধর্ম্ম। অকিঞ্চন হৈয়া লয় কৃষ্ণৈকশরণ॥ ২২৫। **৩** পতিপুত্রাদিহীন। "মহা ১৪.৬৯.৮। **৪** (বাঙলায়) একাগ্র, ঐকান্তিক (অপ্র)। "যে জনার হরিভক্তি অকিঞ্চনা হয় ভ.প্র ১০৭। **৫** অধম, নীচ। "আমি অতি হেয় ও অকিঞ্চন আ.দু ১৫৭। —ন পুং **১** বিষয়-বিরক্ত জন ; ভক্ত (শ্রীধর)। "°গোচর ভ ৮.১.১৬ ; °বিত্ত ২৬। কর দুঃখ মোচন, অকিঞ্চনের আকিঞ্চন, গৃহাণ কমল কমলাকান্ত দা ৮২১। **২** দীন, জ্ঞানহীন। "কৃপা প্রভু কর অকিঞ্চনে মে ১০৯। **৩** (বাঙলায়) কৃপণ, দীন, অনাথ, বেচারা। "শুন অকিঞ্চনের গোহারি ক.চ ২০৭ ; ২৪৮। এইরূপে অকিঞ্চনে করিলেন দয়া শ্রী মা ৯। দয়া কর কেন দুঃখ দেও অকিঞ্চনে শি ৯২। [অকিঞ্চনবেশে—বিরাগিবেশে, সন্ন্যাসিভাবে। "আপনি অখিলগুরু অকিঞ্চনবেশে। জীব লাগি জগন্নাথ ভ্রমে দেশে দেশে॥ শ্রী ১০০। এবে অকিঞ্চনবেশে, ফিরে পহুঁ দেশে দেশে ন.প ৩৭৪।

অকিঞ্চিৎকর বিণ [ন.ত ; স্ত্রী -রী] **১** যে কিছুই করে না ; ক্রিয়া-শূন্য। **২** যাহা কিঞ্চিৎ (ক্ষতি বা বৃদ্ধি) করে না ; তুচ্ছ, নগণ্য, হেয়, সামান্য। "অন্তঃকরণ হইতে অকিঞ্চিৎকর শোক নিষ্কাশিত করিয়া রাজকার্য্যে মনোনিবেশ করুন সী ৫৬। অকিঞ্চিৎকর অহঙ্কার···অর্থ হইতে উৎপন্ন হয় কাদ ১৬।

অকীর্ত্তি স্ত্রী [ন.ত] 'কীর্ত্তিবিরোধী', অযশঃ, অপবাদ, দুর্নাম। "°কর গী ২.২ ; ৩৪।

অকু বি [আ রক্] **১** ঘটনা, দুর্ঘটন, দুর্দৈব। **২** চুরি ডাকাতি দাঙ্গা প্রভৃতি দণ্ডনীয় অপরাধ। [অকুস্থল—ঘটনাস্থল, দাঙ্গা প্রভৃতি যে স্থানে হইয়াছে।]

অকুণ্ঠ বিণ [ন.ত ; স্ত্রী -ণ্ঠা] **১** 'কুণ্ঠভিন্ন', তীক্ষ্ণ, ধারাল। **২** অপ্রতি-হত, অপ্রতিবন্ধ, অব্যাহত। **৩** স্থির, অচল। **৪** নিত্য, সনাতন। "°ধিষ্ণ্য (স্বর্গ)।

অকুণ্ঠিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] **১** অপ্রতিহত, অব্যাহত, অপ্রতিবন্ধ। "শাস্ত্রেষকুণ্ঠিতা বুদ্ধিঃ রঘু ১.১৯। **২** স্পষ্ট, স্ফুট। "বক্তা···স্যাদকুণ্ঠিতবাক্ শু ৩৫৬। **৩** (বাঙলায়) অসঙ্কুচিত, অলজ্জিত ; সর্ব্বত্র প্রসরণশীল। "উদার আলোকসম অনবগুণ্ঠিতা, তুমি অকুণ্ঠিতা চ কা ২০১। **৪** উদার, প্রশস্ত (চিত্ত, হৃদয়)। **৫** অক্ষুব্ধ, অবিষণ্ণ। "অঙ্গনা ভূষণপ্রিয়া সে দেশরক্ষণে, অকুণ্ঠিতা উন্মোচনে গাত্র-অলঙ্কার প.তৃ ৫। **৬** অক্ষুণ্ণ, অখণ্ডিত, পরিপালিত। "যত অধিকার, সম্পূর্ণ সঁপিয়া দিব তোমার চরণে, অকুণ্ঠিত রাখি তাবে বিপদে স.স্ব ৩০।

অকুণ্ডল বিং [অপ্র] কুণ্ডলহীন, অর্থাৎ কুমারী। "অকুণ্ডল নারী হএয়া পুরুষ বাছিবে গো.চ ৬৯।

অকুতভয় বিং [সং অকুতোভয়, অসাধু] নির্ভীক, নিঃশঙ্ক। "প্রহ্লাদ ঘনায়া যায়, অন্তরে অকুতভয় ভ.প্র ১২৭।

অকুতোভয় বিণ [ন কুতঃ ভয় যাহার বা যাহাতে, ময়ূরব্যংসকাদি] **১** যাহার বা যাহাতে কাহা হইতে বা কিছুতে ভয় নাই ; নির্ভীক নিঃশঙ্ক। প্রস্থানমকুতোভয়ম্ ২ ৩৪.৩১। মহা ৪ ১.১৫। "জনস্থানে মাদৃশানামপি ভীরুজনানাম্ অকুতোভয়ঃ সঞ্চারো জাতঃ উ.চ ২১.৪। **২** অবিচলিত। "ত্রীণ্যকুতোভয়ান্যপি পদানি (পাঠান্তর) উ চ ৫.৩৫। [অকুতোসাহস (অনুকরণে কৃত ; গ্রাম্য)—অসীম সাহস। "আমি তখন মফস্বলে একখান খবরের কাগজ চালাই—'অকুতোসাহস'। পা ঝো ৯০।]

অকুতোমৃত্যু বিণ [তু 'অকুতোভয়'] যাহার কিছুতে মৃত্যু নাই, সর্ব্বত্র মৃত্যুভয়হীন। "(ব্রহ্মবরেণ) অকুতোমৃত্যুঃ ভ ৩.১৭.১৯।

অকূপার বি [সং অকূপার] **১** সাগর। "তদাত্মজ গদাধর গুণে অকূপার শ্রী মা ৬৩। **২** কূর্ম্মরাজ। "ইন্দ্রদ্যুম্ন কচ্ছপ পেচক অকূপার দু ২৭।

অকুমার বি [ন.ত] 'কুমারভিন্ন', অতীত-কৌমার, তরুণ, যুবা। "আমার বংশের ভাগ্য, বিশ্বরূপ পুত্র যোগ্য, অকুমার করিল সন্ন্যাস চৈ.ম ৫১। [ষোড়শবর্ষ পর্য্যন্ত কৌমার, পরে যৌবন (তন্ত্র)। তু "কৌমারং যৌবনং জরা (গী ২.১৩)।] —রী বি. স্ত্রী **১** তরুণী, যুবতী, প্রথম-যৌবনা। "তুমি অকুমারী সতী, অবশ্য চাহি তোমার পতি ম.ম ৯ ; অকুমারীবেশ ১৭। অকুমারী আছ তুমি প্রথম যৌবনে। সদা এইরূপে থাক আমার বচনে॥ ম ৯২। **২** যে কুমারী নহে, অর্থাৎ দ্বাদশবর্ষের ন্যূনবয়স্কা নারী ; অবিবাহিতা কন্যা (সম্প্রাপ্তে দ্বাদশে বর্ষে কুমারীত্যভি-ধীয়তে—স্মৃতি)। "অকুমারীকালে জন্ম হইল নন্দনে ম ৭৩০। অকুমারীনারী সব মাগিব শৃঙ্গার ম.গা ৫। অষ্ট অকুমারী দু ৪৫। অকুমারী বল কৈলে নিন্দিব অমরে ম.পা ১৭। গো.চ ৩২৩ ; বাপ-ঘরে অকুমারী ৪১৩ ; অকুমারী গর্ভ ধরে ৪১৪। অকুমারীর স্তন যেন ক্ষীরের নাই গন্ধ ম.ম ৩১। আপনার কন্যা হরে অকুমারী নারী গ ৯৬। **৩** কন্যা, অর্থাৎ অনূঢ়া কুমারী। "আহ্মি দুইজন বালা, যৌবন সহজে হেলা, অকুমারী বাপের ঘরয় ব.প ৬৯২। হিমালয় কন্যা আমি অকুমারী নারী। সত্য নষ্ট করিবারে চাহ বল করি॥ অনূঢ়া করিলে হয় নরক অপার। বা.ম ২৯। **৪** কন্যা, অর্থাৎ বলহীনা নারী। "ব্রহ্মার বরে রাবণ তোমাকে ত্রিভুবনে নারি। কি করিতে পারি আমি নারী অকুমারী॥ কৃ.উ ৩৯।

অকুমারী দ্র 'অকুমার'।

অকুমারীব্রত—স্ত্রীলোকের বৈশাখ মাসে করণীয় কুমারী-পূজারূপ ব্রত-বিশেষ।]

অকুল বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -লা] যাহার কুল অপ্রশস্ত ; হীনবংশজাত, অকুলীন। "কেহো কুল অকুল কেহো বড় বেহাল কৃ.উ ১৯৬। —ল পুং শিব। —লা স্ত্রী **১** (ন.ত) অপ্রশস্ত কুল ; হীনবংশ। °তা "মনু

৩.৬৩। ২ শিব। "অকুলং শিব ইত্যুক্তঃ কুলং শক্তিঃ প্রকীর্ত্তিতা (S W.)। ৩ (বাঙলায়) কন্যাদানাদানের অযোগ্য ঘর; অঘর। ৪ যাহার কৌলীন্য নাই; অকুলীন, বংশজ। -লা স্ত্রী পার্ব্বতী।

অকুলন, অকুলান বি [অ+কুলন] ১ না কুলান; অভাব, অনটন, অসদ্ভাব। "অকুলান পড়ে, টাকা ধার করিয়া দিব পা.প্র ৩৩। কিন্তু বাবা, অত পয়সা কার? আমাদের অনেকেরই যে গঙ্গা পার হবার আধলার অকুলন অ.গ্র ১০৪। ২ অল্পতা, কমি, টানাটানি। [অকুলন পড়া বা হওয়া—কম পড়া। "পাতে যদি কিছু হতো অকুলন…উঠিত কি তবে জয় জয় তান? দা ৮১।]

অকুলীন বিণ [ন.ত; স্ত্রী -না] ১ যে কুলীন (সৎকুলজাত) নহে; হীনবংশজ, নীচবংশজাত। "নাকুলীনাং (ভার্য্যাং বিন্দেত) বিষ্ণু ২৪.১১। অকুলীনোঽপি শাস্ত্রজ্ঞো দৈবতৈরপি পূজ্যতে।—চাণক্য। ২ আচারাদি-নবকুললক্ষণ-হীন; কৌলীন্যরহিত। "অকুলীনে দিলে সুতা, সভামাঝে হেট মাথা ক.চ ১৯।

অকুশল বিণ [ন.বহুব্রী; স্ত্রী -লা] ১ যাহার কুশল নাই; অকুশলী। ২ যাহাতে কুশল নাই; অশুভ, অমঙ্গল। ৩ [ন.ত] অনিপুণ, অজ্ঞ, অপারগ। ৪ অশোভন (শঙ্কর), দুঃখাবহ (শ্রীধর)। "ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম গী ১৮.১০। —ল ক্লী ১ অনিষ্ট বা অপ্রিয় বাক্য। "তস্মৈ নাকুশলং ব্রূয়াৎ মনু ১১.৩৫। ২ পাপ। "সর্ব্বাকুশলমোক্ষায় মনু ১১.২২২। ৩ যাহা কুশলবিরোধী; অশুভ, অভদ্র, অশিব, অমঙ্গল। "স স্নিগ্ধোঽকুশলান্নিবারয়তি যঃ (A.)। শুনি কহে জটিলা৹ ঘটিল কি অকুশল৹ ঘর সঞে বাহির হোয়। বহুরিক পাণি৹ ধরি হেরহ৹ কিয়ে অকুশল কহ মোয়॥ বি.প ১৪২। ৪ দুর্নিমিত্ত, দুর্লক্ষণ। "বহু অকুশল দেখি ঃ যত অকুশল দেখি ভাল নহে কাজ ম ১০৮।

অকুস্থল দ্র 'অকু'।

অকুপার পুং [ন কু (পৃথিবী) পারে যাহার, ন বহুব্রী; পৃষো; ছান্দস] ১ যাহার পারে পৃথিবী নাই; সমুদ্র। ২ [ন কুপার, ন.ত, ন কুপ-মৃচ্ছতি (নিরুক্ত)] কচ্ছপ। ৩ কূর্ম্মরাজ, কূর্ম্মাবতার।

অকুল বিং [ন.বহুব্রী; স্ত্রী -লা] ১ যাহার কুল নাই; কূলহীন, অপার, সুবিশাল। "অকূল-সাগর-জলে মে ৮৯। অকূল পুলকপাথারে।—গান ৮৯; অধীরা যমুনা তরঙ্গ-আকুলা অকূলা রে ১৯৫। সেথা দুই বেলা৹ ভাঙাগড়া খেলা৹ অকূল সিন্ধুতীরে।—রবীন্দ্র। ২ অসীম, অনন্ত। "তখন আছিলে তুমি একাকিনী অখণ্ড অকূল আত্মহারা।—রবীন্দ্র। অকূল বিরাট্ মোহানায় প.কা ১৬। —ল বি ১ সমুদ্র। আমি ত সঁপেছি গো কুল, অকুল-কাণ্ডারীর করে দা ২৭২। ২ সাগর-সদৃশ দুস্তর নদী। "গেল এ কুল ও কুল দুকুল, অকুলপারে গোকুল, কুলের তিলক রাখতে কুল পেলেম না দা ৩১। ৩ সাগরতুল্য দুরতিক্রম বিষয়মাত্র। "ঢেউ দেখে যে ভয় পাবে না, অকুলপারে নে যাই তারে ঃ কুল ত্যজে অকূলে ভাসি।—গিরিশ ঘোষ। "বুঝি কালী অকুলেতে কুলাইল কুল। "অকূল-মাঝে ভাসিয়ে তরি যাচ্ছি অজানায়।—রবীন্দ্র। [অকূল-কাণ্ডারী—ভবসাগরের কর্ণধার; ভগবান্ শ্রীকৃষ্ণ। "দা ২৭২। অকূলপাথার—অসীম সমুদ্রাদির বিস্তার; অপার সমুদ্র প্রভৃতি; দুস্তর বিপদ্; মহাসঙ্কট। "তুমি হে ভরসা মম অকূলপাথারে।—জ্যোতি-রিন্দ্রনাথ ঠাকুর। আকুল পরাণ মোর অকূলপাথারে ভা.চ ৩৬৬।]

অকৃত বিণ [ন.ত; স্ত্রী -তা] ১ যাহা করা হয় নাই; অননুষ্ঠিত, *অসম্পাদিত।* "°ব্যূহ পা ১.৩.১১, সি। ২ অসম্যক্‌কৃত, *অন্যথা নিষ্পাদিত,* অবৈধভাবে সাধিত। "কৃতাকৃতাবেক্ষণাদৌ ব্রহ্মা ঋত্বিক্ নিযুজ্যতে (ত.বা)। ৩ অনির্ম্মিত, অরচিত। ৪ অসমাপ্ত। "মনু ৮.১১৭। ৫ বলপূর্ব্বক লেখিত (লেখ্যাদি)। "মনু ৮.১৬৮। ৬ অপরিণত, অপূর্ণ, অপক্ব। ৭ অসিদ্ধ, আম (অন্ন)। "মনু ১০.৯৪; ১২.৭৫। ৮ অনুপ্ত, অকৃতবীজবপন (ক্ষেত্র)। "মনু ১০.১১৪। ৯ অসংস্কৃত (শ্রীধর), অমার্জ্জিত, মলিন। "°বুদ্ধিত্ব গী ১৮.১৬। —ত ক্লী অকরণ, বিরুদ্ধকর্ম্ম (গী.টীকা)। "নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন গী ৩.১৮। —তক বিণ [ন.ত] অকৃত্রিম। "°বিধি রঘু ১৮.৫২।

অকৃতকর্ম্মা (-র্ম্মন্) বিণ [ন.ত; স্ত্রী -র্ম্মা] যে কৃতকর্ম্মা নহে; অকৃতকার্য্য, অকৃতার্থ।

অকৃতজ্ঞ বিণ [ন.ত; স্ত্রী -জ্ঞা] যে কৃতজ্ঞ নহে, অর্থাৎ কৃত উপকার মনে রাখে না; উপকারকের অপকারক; কৃতঘ্ন, নিমক্‌হারাম। "এমন মায়ের প্রতি ভক্তি যে না করে। অকৃতজ্ঞ অধম সে অবনী ভিতরে॥ —দ্বারকানাথ অধিকারী।

অকৃতদার বিণ [ন.ত] যে কৃতদার নহে, অর্থাৎ দারপরিগ্রহ করে নাই; অকৃতপরিণয়, অবিবাহিত।

অকৃতধী বিণ [ন.ত; স্ত্রী -ধী] যে কৃতধী নহে; অসংস্কৃতমতি, অমার্জ্জিতবুদ্ধি, মলিনমতি।

অকৃতবুদ্ধি বিণ [ন.ত; স্ত্রী -দ্ধি] সর্থ 'অকৃতধী'। "°ত্ব গী ১৮.১৬। মনু ৭.৩০।

অকৃতা স্ত্রী [অকৃত+স্ত্রী আ (টাপ্)] কন্যাসম্প্রদান-কালে পিতা, 'এই কন্যার পুত্র আমার শ্রাদ্ধাধিকারী হইবে', ইহা মুখে না বলিয়া, অভিসন্ধিমাত্রে অর্থাৎ কেবল মনে মনে যে কন্যাকে পুত্রিকা করেন, তাদৃশী কন্যা। বিপ 'কৃতা'। "মনু ৯.১৩৬।

অকৃতাত্মা (-ত্মন্) বিণ [অকৃত আত্মা যাহার, বহুব্রী; স্ত্রী -ত্মা] অসংস্কৃতাত্মা, অশোধিতচিত্ত, অবিশুদ্ধচিত্ত, অসংস্কৃতান্তঃকরণ (কুল্লূক) "গী ১৫.১১। মনু ৬.৭৩।

অকৃতার্থ বিণ [ন.ত; স্ত্রী -র্থা] ১ যে কৃতার্থ নহে; অচরিতার্থ, অকৃতকার্য্য, ব্যর্থমনোরথ। ২ অপ্রাপ্তভোগ, অলব্ধফল। "ভ ১০.৩৯.১৯। অন্যোন্যদুর্লভ জন, প্রেমে করাঞা সম্মিলন, অকৃতার্থ কেনে করিস্ দূর চৈ.চ ৩৫০।

অকৃতাস্ত্র বিণ [ন.ত] যে কৃতাস্ত্র নহে; যে অস্ত্র শিক্ষা করে নাই; অস্ত্রে অশিক্ষিত, অস্ত্রাভ্যাসহীন।

অকৃতি[১] স্ত্রী [ন.ত] কৃতির অভাব; অকরণ, অনির্ম্মাণ। "অকৃতি-সুস্থ কটস্য পা ৩.৩.১১২, কাশিকা।

অকৃতি[২] বিং ['অকৃতী'—মূল; অপ্র] ১ ভজনকার্য্যে অক্ষম; সাধন-হীন, অভক্ত। "নিজগুণে গণনায়ক চাও। অকৃতি অধমে অভয় দাও॥ দু ২। ২ অক্ষম, অধম, নির্গুণ। "মকরন্দপূর্ণ যদি অরবিন্দ ফুটে। তায় অতি অকৃতি অলির মন ছুটে॥ শ্রী ৪০। অথর্ব্ব অকৃতি অভাজন ম ৬০০।

অকৃতী (-তিন্) বিণ [ন.ত; স্ত্রী -তিনী] ১ যে কৃতী নহে; কার্য্যে অক্ষম; অপটু, অকুশল। ২ (বাঙলায়) নির্গুণ, অধম, মূর্খ। "এক পুত্র গুণবান্ হৌক তপোধন। অকৃতী সংস্র পুতে নাহি লয় মন॥ ম ৪৬৪।

অকৃতোদ্বাহ বিণ [ন.ত] সর্থ 'অকৃতদার'।

অকৃত্ত বিণ [ন.ত; স্ত্রী -ত্তা] যাহা কৃত্ত নহে; অছিন্ন, অখণ্ডিত, আকাটা।

অকৃত্য বিণ [ন.ত; স্ত্রী -ত্যা] ১ যাহা করণীয় নহে; অকরণীয়, অননুষ্ঠেয়। ২ [ন.বহুব্রী] যাহার কৃত্য নাই; কর্ম্মরহিত।—ত্য ক্লী *[ন.ত] অপ্রশস্ত কার্য্য;* অসৎকার্য্য, অবৈধকার্য্য, অকার্য্য। "অকৃত্যেষু নিয়োজ্যন্তে।—পঞ্চ ৫.৭৭।

অকৃত্রিম বিণ [ন.ত; স্ত্রী -মা] ১ যাহা কার্য্য দ্বারা নির্বৃত্ত বা কৃত নহে; অ-করণজাত, অজন্য, সিদ্ধ। "স্নানমকৃত্রিমে জলে।—দক্ষ ২.৩৭। ২ স্বভাব-সিদ্ধ, নৈসর্গিক, অ-যত্নকৃত, স্বাভাবিক। "সৌহার্দ্দ হি ১.২১৯

অকৃত্রিম প্রেম কি পরম পদার্থ! সী ১৭। **৩** (বাঙলায়) অকপট, সরল (ভাব, ব্যবহার)। **৪** অমিশ্র, বিশুদ্ধ, খাঁটি (ঘৃতাদি)। [অকৃত্রিম ঔষধ—খাঁটি (শাস্ত্রবিহিত উপকরণে কৃত) ঔষধ।]

অকৃপ বিণ [ন কৃপা যাহার, নবহুব্রী; স্ত্রী -পা] কৃপাহীন, অকরুণ, নির্দ্দয়।

অকৃপণ বিণ [নত; স্ত্রী -ণা, -ণী] **১** 'কৃপণভিন্ন', মিতব্যয়ী। **২** অদীন, দীনতাহীন, অকপট। "প্রিয়ং ব্রূয়াদকৃপণঃ হি ৩.১০৫। °শৌণ্ডীর্য্য ম ৩৭। **৩** পুষ্কল, প্রচুর। "(কুরুধ্ব) ভূশয্যাং নবপল্লবৈরকৃপণৈঃ (বৈরাগ্যশতক, ২৪)।

অকৃষ্ট বিণ [নত; স্ত্রী -ষ্টা] যাহা কৃষ্ট (চষা) নহে, অকৃতকর্ষণ, আচষা (ভূমি)। "°রোহী রঘু ১৪.৭৭।

অকৃষ্টপচ্য বিণ [নত; ছান্দস] 'কৃষ্টপচ্যভিন্ন' অর্থাৎ যে শস্য অকৃষ্ট ক্ষেত্রে স্বয়ং উৎপন্ন ও পক্ক হয় (নীবারাদি)। "রা ৭৮৪.৮। কি ১.১৭।

অকৃষ্ণ বিণ [নত, স্ত্রী -ষ্ণা] **১** 'কৃষ্ণবিরোধী', বিশদ, শ্বেত। **২** (বাঙলায়) যাহা কৃষ্ণ নহে, অর্থাৎ পীত, লোহিত ইত্যাদি। "অকৃষ্ণবরণে কহে পীত বরণ চৈ চ ১০। —ষ্ণ পুং শুভ্রবর্ণ।

অকেজো বিণ [অ+কেজো] **১** কাজের অযোগ্য, অকর্ম্মণ্য, অকম্মা। **২** যাহা কোন কাজে লাগে না বা কার্য্যকর নয়, তুচ্ছ (জিনিশ)। **৩** যে কোন কাজ করে না; নিষ্কর্ম্মা। "কার্য্যময় এই ব্রহ্মাণ্ড-ভিতরে প্রকাণ্ড অকেজো পাহাড়।—মন্দ্র ১০।

অকেশ বিণ [নবহুব্রী, স্ত্রী -শা, -শী] কেশহীন, টাকপড়া; অল্পকেশযুক্ত, অপ্রশস্তকেশ-যুক্ত।

অকৈতব বিণ [নবহুব্রী; স্ত্রী -বা] **১** যাহাতে কৈতব নাই, ধূর্ত্ততাহীন, অকপট, সরল। **২** অকৃত্রিম। "অকৈতব ইবাস্যাঃ কোপো লক্ষ্যতে শ ৫.২১। **৩** একাগ্র, একান্ত। "অভক্ত-দ্বিজাতি-রিক্ত চণ্ডাল কেমন। অকৈতব কৃষ্ণ সেবে করি প্রাণপণ॥ শি ৪৩। **৪** ফলাভিসন্ধিলক্ষণকপটতা-হীন, অর্থাৎ যাহাতে ফলাকাঙ্ক্ষারূপ কপটতা নাই। "অকৈতব কৃষ্ণপ্রেম, যেন জাম্বুনদ হেম চৈ চ ৮০। —ব বি [নত] কৈতবের (ফলাভিসন্ধিরূপ কপটতার) অভাব; অকপটতা। "অকৈতবের বৃক্ষ চ.দা ১৫১। —বে ক্রি.বিং অকপটে, অর্থাৎ মন খুলে। "অকৈতবে আশীর্ব্বাদ করে কায়-মনে চৈ.ভা ১৫৯, ৪২০; অকৈতবে কহিলেন নিজ অপরাধ ৪৮২।

অকৌশল ক্লী [অকুশল+অ (অণ্) তদ্‌ভাবার্থে; পক্ষে 'আকৌশল' পা ৭.৩.১০৭]। **১** অকুশলভাব, অপাটব, অনৈপুণ্য। **২** [বাঙলায়] যাহাতে কুশলপ্রশ্ন থাকে না; মনোমালিন্য, অস্বরস, মনান্তর। "এইরূপে দুইজনে হৈল অকৌশল ম ৩৯৫। কখন না কখন…অকৌশল ঘটিত ব.প্র ৪৬৭।

অক্কা স্ত্রী [তু, তা অক্কা—জ্যেষ্ঠা ভগিনী; অক্কা—ভগিনী (দেশী ১.৬); ফা অকা—প্রভু, মালিক; আতা—পিতা; ঠ আকা—জ্যেষ্ঠা ভগিনী; বয়োজ্যেষ্ঠা নারী; cf. L. Acca.] জননী, মা। [অক্কা পাওয়া—মরিয়া যাওয়া। বোধ হয়, বৈষ্ণবদিগের 'কেষ্টো পাওয়া'র মত শাক্তদিগের 'অক্কা পাওয়া' (অর্থাৎ মাকে পাওয়া বা মরা) মরণসূচক। "বাবা অক্কা পেলো (বুড়ো বক্কেশ্বর)। টানের চোটেই অক্কা পেয়েচে গি.দ্বি ১১৪।]

অক্‌টোবর্ বি [E. October] ইংরাজী বৎসরের দশম মাস (আশ্বিনের প্রায় ১৪।১৫ তারিখ হইতে কার্ত্তিকের প্রায় ১৪।১৫ তারিখ পর্য্যন্ত)।

অক্ত বিণ [√অন্‌জ্+ত (ক্ত) -র্ম্ম; স্ত্রী -ক্তা] **১** ম্রক্ষিত, লিপ্ত, মাখান। "তৈলাক্ত, চন্দনাক্ত। ঘৃতাক্ত মনু ৯.৬০। অমেধ্যাক্ত যাজ্ঞ ১.১৯১। **২** ব্যাপ্ত। "ঘর্ম্মাক্ত। **৩** সঙ্কুল। **৪** রঞ্জিত। "রক্তাক্ত, রুধিরাক্ত। **৫** সংযুক্ত। "স্নেহ° মনু ৫.২৫। কুঙ্কুম°। ঋতু ৬.১২। [সমাসে উত্তরপদ]

অক্কিয্য 'ওক্কি' বি [সং ঐক্য>বা (অইক্য) অক্কিয্য; গ্রাম্য] একতা, মিল। "এমনি মজার করেছে অক্কিয্য, সে মুখ্যি কুলীন হলো দা ২.১৮। [বাকিয্য অক্কিয্য না থাকা—পরস্পর আলাপ ও মিল না থাকা।]

অক্রব্যাদ বিণ [ন.ত; ছান্দস] 'ক্রব্যাদভিন্ন', অমাংসভোজী (হরিণাদি)। "মনু ১১.১৩৮। যাজ্ঞ ৩.২৭২।

অক্রিয় বিণ [ন ক্রিয়া যাহার, নবহুব্রী; স্ত্রী -য়া] **১** ক্রিয়ারহিত, কর্ম্মশূন্য (গুণাদি)। **২** কর্ম্মত্যাগী। **৩** অনগ্নিসাধ্য-পূর্ত্তাখ্যকর্ম্মত্যাগী (শ্রীধর)। "গী ৬.১। **৪** নিশ্চেষ্ট, নিস্পন্দ। **৫** যাহার ক্রিয়া অপ্রশস্ত, কুক্রিয়, দুষ্কৃতী। —য় পুং পরমাত্মা। —য়া স্ত্রী [নত] **১** ক্রিয়ার অভাব; ক্রিয়াত্যাগ, ক্রিয়াবিরহ। **২** কর্ত্তব্যের অকরণ; অননুষ্ঠান। "প্রধানস্যাক্রিয়া, অঙ্গস্যাক্রিয়া। কাত্যায়ন ৩.৬। **৩** অপ্রশস্ত ক্রিয়া। "কাত্যায়ন ৩.১।

অক্রূর বিণ [নত; স্ত্রী -রা] 'ক্রূরভিন্ন', সরল, ঋজু। "যে ক্রূর অক্রূর, নির্দ্দয় কবরূপ, ল'য়ে শ্যামধনে গেছে মধুপুর (মিত্রবিলাপ)। —র পুং বৃষ্ণিবংশীয় ক্ষত্রিয়বিশেষ। "হায় রে, যমুনে!, কেন না ডুবিল, তোমার জলে, অদয় অক্রূর, যবে সে আইল, ব্রজমণ্ডলে? মা ১৫৯। [ইহার পিতা শ্বফল্ক, মাতা গান্দিনী। ইনি শ্রীকৃষ্ণের পিতৃব্য। কংসের আদেশে ইনি কৃষ্ণ ও বলরামকে ধনুর্যজ্ঞোপলক্ষ্যে গোকুল হইতে মথুরায় আনয়ন করেন (ভ ১০.৩৬.২৭-৩০)।]

অক্রেয় বিণ [নত; স্ত্রী -য়া] মহার্ঘতাহেতু যাহা ক্রেয় নহে; মহার্ঘ, দুর্ম্মূল্য, আক্রা, মাগ্‌গি।

অক্রোধ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ধা] যাহার ক্রোধ নাই; ক্রোধহীন, শান্ত। "অক্রোধ পরমানন্দ মোর গৌরহরি (চৈ চ)। —ধ পুং [নত] **১** ক্রোধের অভাব, শান্তভাব। "মনু ৩.২৩৫; ১১.২২৩। অক্রোধের সম পুণ্য নাহিক সংসারে ম ৬৬। **২** ক্রোধের হেতু থাকিলেও ক্রোধের অনুৎপত্তি বা ক্রোধাভাব; দশবিধ ধর্ম্মলক্ষণের একতম। "মনু ৬.৯২।

অক্রোধন বিণ [নত; স্ত্রী -না] যে ক্রোধী নহে, কোপরহিত, শান্ত। "মনু ৩.১৯২; ২১৩।

অক্রোধী (-ধিন্) বিং [নত;] যে ক্রোধী নহে, কোপরহিত, শান্ত। "শতেক বৎসর তপ করে যেই জন। অক্রোধী সহিত সম নহে কদাচন॥ ম ৬৬; অক্রোধী…ধর্ম্মের নন্দন ৩৪৫, ৬৫৫।

অক্লিষ্ট বিণ [নত; স্ত্রী -ষ্টা] **১** যে ক্লিষ্ট হয় না, ক্লেশহীন, অক্লান্ত, অখেদ। **২** অম্লান, গ্লানিরহিত, অমলিন। "°মাল্যাভরণা। গো. রা ৬.১০৩.৪। রূপমক্লিষ্টকান্তি শ ৫.১৯। **৩** স্পষ্ট, সুব্যক্ত, পরিস্ফুট। "°বর্ণ। **৪** সম্যক্‌পালিত, অখণ্ডিত, দৃঢ়। "°ব্রত।

অক্লিষ্টকর্ম্মা (-র্ম্মন্) বিণ [অক্লিষ্ট কর্ম্ম যাহার, বহুব্রী; স্ত্রী -র্ম্মা] যাহার পক্ষে কর্ম্ম ক্লেশরহিত অর্থাৎ অনায়াসসাধ্য; যে অক্লেশে কাজ করে, অনায়াসে কর্ম্মকর্ত্তা। "রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ রা ৯৯.৪২। গো. রা ৫.২৯.৩৩। মহা ৩.৮০.৬।

অক্লিষ্টকারী (-রিন্) বিণ [অক্লিষ্ট+√কৃ+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব; উ.ত; স্ত্রী -রিণী] **১** সর্থ 'অক্লিষ্টকর্ম্মা'। **২** অক্লিষ্টভাবে, অর্থাৎ যাহাতে কাহারও ক্লেশ না হয়, সেইভাবে যে (কার্য্য) করে (রা. টীকা); অক্লিষ্ট-কর্ম্মকরণশীল। "রা ১.৭৭.১৮; ৩.৩১.৪০।

অক্লেশ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -শা] যাহার ক্লেশ নাই; ক্লেশহীন, উপতাপরহিত। —শ পুং [নত] ক্লেশাভাব, অনায়াস, কষ্টরাহিত্য। "মনু ৪.৩।

অক্ষ সক [ভ্বা, প – অক্ষতি ; স্বা, প – অক্ষোতি, পা ৩.১.৭৫ ; বেট্] ১ ব্যাপ্তি। ২ সংহতি, রাশীকরণ।

অক্ষ পুং [√অক্ষ্ +অ (অচ্)-ক (ক.টী) ; ১ অশ্ দেবন+স – ণ; ছান্দস] ১ যাহা ব্যাপ্ত করে ; যাহাদ্বারা দেবন হয় ; পাশক, দ্যূতাঙ্গ, পাষ্টি, পাশা। "বয়মক্ষাঃ সুহৃদুর্দ্ধে মহা ৩.৬১.১৬। নাক্ষৈঃ ক্রীড়েৎ কদাচিৎ মনু ৪.৭৪। ২ পাশকক্রীড়া, দ্যূত, দেবন। "মনু ৭.৪৭ ; ৫০। যশস্বী তেজস্বী ধীর অক্ষে বড় প্রিয় ম ৪৩৪। ৩ দ্যূতভেদ (বৈজয়ন্তী)। ৪ পাশকক্রীড়ার্থ ঘুটিকা বা ঘুটি। "(পাতয়) কৃষ্ণাক্ষান্ লোহিতাক্ষাংশ্চ হ ১১৯.৩৮। ৫ [cf Gr Axon ; L. axis ; Ger. ahsa, Achse ; Lith assis ; E. Axel, Axis] যাহা চক্রের নাভিচ্ছিদ্র ব্যাপ্ত করে ; চক্রনাভিচ্ছিদ্রে প্রবিষ্ট চক্রাধার শকটাঙ্গ কাষ্ঠবিশেষ, রথাঙ্গ, চক্রধারণ, ধুরা, ঘুরা। "°ধুঃ, দৃঢধূরক্ষঃ পা ৬.৩.৯৮ ; ৫.৪.৭৪। মাঘ ১২.২। "ভঙ্গ মনু ৮.২৯১। ৬ রথ, শকট। ৭ চক্র, চাকা (অ কো)। ৮ তুলাদণ্ড (Beam of a balance)। 'অক্ষঃ পাদস্তম্ভোপরি নিবিষ্টতুলাধারপট্টঃ (মিতাক্ষরা)। ৯ আধার (বৈজয়ন্তী)। ১০ (জ্যোতিষে) বিষুবরেখার উভয় পার্শ্বের দূরত্ব (Latitude) ; রাশিচক্রাবয়ব (ত বা)। ১১ ক্রয়বিক্রয়াদিলক্ষণ ব্যবহার (Lawsuit)। "°দর্শক, °দৃক্। ১২ কর্ষ, অর্থাৎ ষোড়শমাষক, ষোল মাষা ; (মতান্তরে) চতুর্বিংশতিমাষক, ২৪ মাসা। 'তদ্দ্বাদশমক্ষার্দ্ধম্ বিষ্ণু ৪৮। ১৩ পরিমাণবিশেষ, ১০৪ অঙ্গুলি (M W.)। ১৪ রুদ্রাক্ষ। "°মালা। ১৫ ইন্দ্রাক্ষ। ১৬ সর্প। ১৭ বিভীতক, বহেড়াগাছ। [বিভীতকফল (বহেড়া) দ্যূতে অক্ষরূপে ব্যবহৃত হইত ; ইহা হইতে এইরূপ অর্থ (দ্র ঋগ্বেদ ১০.৩৪.১)।] ১৮ তিনিশবৃক্ষ। ১৯ নিম্ববৃক্ষ (অজয়)। ২০ রন্ধ্র, ছিদ্র। "ভ. ১০.২.২৭। শোভন নব অক্ষ শি ৪। ২১ আত্মা। ২২ আত্মজ্ঞান। ২৩ জাত্যর্থ (মেদিনী)। ২৪ জাত্যন্ধ, জন্মান্ধ। ২৫ কর্ণনেত্রের মধ্যস্থ শঙ্খের অধোভাগ। 'অক্ষঃ কর্ণনেত্রয়োর্মধ্যে শঙ্খাদধোভাগঃ (মিতাক্ষরা)। যাজ্ঞ ৩.৮৭। ২৬ শিব। "মহা ১৩.১৭.১২২। ২৭ রাবণপুত্র। "°বধোদ্যত রঘু ১২.৬৩। অক্ষ আর ইন্দ্রজিত দুই সহোদর কৃ ২১৩। ২৮ গরুড়। ২৯ (ইন্দ্রিয়সংখ্যানুসারে) পাঁচ (৫) এই সংখ্যা। —ক্ষ ক্লী ১ যাহা বিষয় ব্যাপ্ত করে, ইন্দ্রিয়। "নিয়চ্ছেদ্ বিষয়েভ্যোঽক্ষান্ ভ ২.১.১৮। ['অক্ষ' পুংলিঙ্গ (?)] ২ চক্ষুঃ। দ্র 'অক্ষি (২)। "অনিমেষৈরক্ষৈঃ ভ ১.১০.১৩। নিবৃত্তাক্ষম্ (শিরঃ) মহা ৩.১৫৭.৭১। কুম্ভকারচক্র যেন ফিরে দুই অক্ষ ম ৭১৬। বামাঙ্গ স্পন্দন করে উরু ভুজ অক্ষ শি ৪৮। ৩ (নেত্রসদৃশ স্বচ্ছতাহেতু) তুথ, তুতে। ৪ সৌবর্চ্চললবণ, সোচল নুন, সোরা।

অক্ষকিতব পুং [স.ত] 'পাশকক্রীড়ায় কুশল', দ্যূতকার, জুয়ার।

অক্ষকুশল, -কোবিদ বিণ [স.ত] অক্ষক্রীড়ানিপুণ, অক্ষশৌণ্ড, অক্ষতত্ত্বজ্ঞ।

অক্ষগ্রহ পুং [ষ.ত] পাশাধীন পণ, অর্থাৎ জয়পরাজয়-রূপ ব্যবহার (নীলকণ্ঠ)। "মহা ২.৫৯.৮।

অক্ষজ বিণ [অক্ষ+ √জন্+অ (ড)-ক ; উ ত ; স্ত্রী -জা] অক্ষ হইতে যাহা জন্মে ; ইন্দ্রিয়সন্নিকর্ষজাত, ঐন্দ্রিয়িক (জ্ঞান)। —জ পুং বিষ্ণু। "জঘানোৎপত্য গদয়া হনাবসুবমক্ষজঃ (ভাগবত)। —জ পুং, ক্লী ১ বজ্র। ২ হীরক। —জ ক্লী ইন্দ্রিয়সন্নিকর্ষজন্য জ্ঞান, প্রত্যক্ষজ্ঞান।

অক্ষটি,-টী বি [সং আখেটিক ; অপ্র] ব্যাধ, শিকারী। "হেনকালে অক্ষটি সেই বনে আইল শ্রীম ২৯৩। অক্ষটীর ভাস্তা গেল হাতের পাতলা ব.প ১৩৮।

অক্ষণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] যাহার সম্বন্ধে যোগ্যকাল নাই ; অসাময়িক, অপ্রাপ্তকাল। —ণ বি (বাংলায়) অপ্রশস্তক্ষণ ; অশুভক্ষণ, কুক্ষণ।

অক্ষণিক বিণ [ন ত ; স্ত্রী -কা] যাহা ক্ষণিক নহে ; স্থির, নিশ্চল, স্তিমিত। "হরিবীক্ষণাক্ষণিকচক্ষুষা (মাঘ)।

অক্ষত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ ক্ষতভিন্ন, অহিংসিত, অব্যাহত, অনাহত, অব্রণ। "°দেহ। মহা ৩.১৪৫.২। রঘু ২.৫৬। সৈন্যেতে অক্ষত জন না রহিল আর ম ৪০৫। ২ অদণ্ডিত, বাগ্দণ্ডাদিচতুর্বিধদণ্ডহীন। "অক্ষতো ব্রাহ্মণো ব্রজেৎ মনু ৮.১২৪। ৩ অখণ্ডিত, অবিভক্ত, অবিদারিত, অচ্ছিন্ন। "°কেসর হি ২৳ু। অক্ষত আতপ ব প ৩৮০। ৪ ক্ষয়রহিত, অক্ষয়, অক্ষীণ। ৫ উৎকর্ষান্বিত, উৎকৃষ্ট, নিখুঁত। ৬ অবিনষ্ট। "ত্বমনঙ্গঃ কথমক্ষতা রতিঃ কু.স ৪.৯। ৭ পুরুষসম্পর্কে অদূষিত। "°যোনি। —ত পুং ১ শিব। ২ [বহুব] অখণ্ডতণ্ডুল, আতপতণ্ডুল। 'অখণ্ডতণ্ডুলা অক্ষতাঃ (রামাশ্রমী)। "মা ২২৫.৩০। অক্ষতৈর্নার্চ্চয়েদ্ বিষ্ণুম্ (তন্ত্র)। সাক্ষতপাত্র রঘু ২.২১, আর্দ্রাক্ষত ৭.২৮। গন্ধ-পুষ্পাক্ষত ম.পা ৬। —ত পুং ক্লী ১ [বহুব] যব। 'অক্ষতাস্তু যবাঃ প্রোক্তাঃ (কাত্যায়ন ২৮.১)। "দূর্ব্বাক্ষতানি (পুরাণ)। লাজাক্ষত ভ ৪.৯.৫৭। ২ শণ্ড, খোজা (M. W.)। —ত ক্লী [ন ত] ক্ষতের অভাব, ক্ষয়াভাব, অবিঘ্ন, অব্যাঘাত। "অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু (শ্রাদ্ধমন্ত্র)। —তা স্ত্রী ১ কুমারী। "অক্ষতা বা ক্ষতা বাপি (মনু)। ২ কর্কটশৃঙ্গী।

অক্ষতত্ত্ব ক্লী [ষ ত] পাশকক্রীড়ার বিদ্যা, দ্যূতবিজ্ঞান, অক্ষহৃদয়।

অক্ষতযোনি বিণ [বহুব্রী] যে স্ত্রীর যোনি অখণ্ডিত অর্থাৎ যাহার প্রথম রজোদর্শন হয় নাই ; পুরুষসংসর্গে অদূষিতা (স্ত্রী)। "মনু ৯.১৭৬, পত্নীষ্বক্ষতযোনিষু ১০.৫। —নি স্ত্রী কুমারী। "অক্ষতযোনির বটে বিবাহবিধান।—ঈশ্বরগুপ্ত।

অক্ষত্র বিণ [ন বহুব্রী] যাহাতে ক্ষত্রিয় নাই, ক্ষত্রিয়রহিত। "নাক্ষত্রং ব্রহ্ম বর্দ্ধতে মনু ৯.৩২২।

অক্ষদেবন, -দ্যূত ক্লী [ষ্ ত] পাশকদ্বারা ক্রীড়া, অক্ষক্রীড়া, দ্যূত।

অক্ষদেবী (-বিন্) পুং [অক্ষ+ √দিব্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব ; উ.ত] যে অক্ষদ্বারা ক্রীড়া করে, অক্ষক্রীড়াশীল, দ্যূতকার, জুয়ার।

অক্ষদ্যূত দ্র 'অক্ষদেবন'।

অক্ষধর বিণ [ষ.ত ; স্ত্রী -রা] ১ চক্রের ধারক, চক্রধর। ২ পাশকধারক। —র পুং ১ 'সুদর্শনধারক', বিষ্ণু। ২ অক্ষের (ধুরার) ধারক ; চক্র। ৩ শাখোটকবৃক্ষ।

অক্ষধূঃ (-ধুর্) স্ত্রী [ষ.ত] ১ অক্ষের (ধুরার) প্রান্তলগ্ন শঙ্কু ; অক্ষকীল, বোঁধকীল (M W.)। ২ চক্রাগ্র ; চক্রভার (ত বা)।

অক্ষধূর্ত্ত পুং [স ত] অক্ষক্রীড়ায় ধূর্ত্ত ; দ্যূতকার, কিতব, জুয়ার।

অক্ষপটল ক্লী [ষ.ত] ১ অক্ষের পটলতুলা আচ্ছাদক ; নেত্রাবরক, নেত্রপত্র, অক্ষিপটল, চোখের পাতা। ২ নেত্ররোগবিশেষ, ছানি। ৩ ক্রয়বিক্রয়াদিরূপ ব্যবহারের গৃহ, ধর্ম্মাধিকরণ, আদালত।

অক্ষপাটি বি ['অক্ষপট্ট'—মূল] দ্যূতার্থ অস্থিপট্ট ; পাশা। "অক্ষপাটি হবে তুমি আমার সহায় ম ৪৩৮ ; অক্ষপাটি প্রহারিল রাজার মাথায় ৬৫৪।

অক্ষপাত পুং, **-পাতন** ক্লী [ষ.ত] পাশকের গতি বা পাতন ; পাশকক্ষেপণ, পাশা ফেলা।

অক্ষপাতন দ্র 'অক্ষপাত'।

অক্ষপাদ পুং [বহুব্রী] ১ যাঁহার অক্ষ (চক্ষু) পাদে, অর্থাৎ যিনি পাদদ্বারা নেত্রকার্য্য করিয়াছিলেন ; ন্যায়সূত্রকার গৌতমমুনি। [ন্যায়শাস্ত্রের নিন্দায় কুপিত হইয়া গৌতম ব্যাসের মুখদর্শন করেন নাই ; পরে ব্যাসের অনুনয়ে প্রসন্ন হইয়া, প্রতিজ্ঞাভঙ্গভয়ে যোগবলে পাদদেশে চক্ষু প্রকাশ করিয়া, তাঁহার মুখদর্শন করেন। তদবধি গৌতম 'অক্ষপাদ' নামে খ্যাত।] ২ তার্কিক, নৈয়ায়িক।

অক্ষপূগ পুং [ষ ত] পাশকসমূহ। "মহা ৩.৩৪.৪।

অক্ষবতী স্ত্রী [অক্ষ+বৎ (বতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] যাহাতে পাশক আছে; দ্যূতক্রীড়া, পাশাখেলা। "মহা ১.১.১৫৯; ৩.৭৮.১০।

অক্ষবাট পুং [ষ.ত] **১** পাশাখেলার স্থান; দ্যূতস্থান। **২** অক্ষফলক, পাশার ছক্। **৩** কুস্তির আখড়া, মল্লভূমি, নিযুদ্ধভূ।

অক্ষবিৎ (-বিদ্) বিণ [অক্ষ+ √বিদ্+০ (ক্বিপ্) -ক-১ব, উ.ত] **১** যে অক্ষক্রীড়া জানে; অক্ষকুশল, দ্যূততত্ত্বজ্ঞ। **২** ব্যবহারজ্ঞ, উকীল প্রভৃতি।

অক্ষবিদ্যা স্ত্রী [ষ.ত] অক্ষক্রীড়াসম্বন্ধী জ্ঞান; দ্যূতশাস্ত্র, অক্ষবিজ্ঞান।

অক্ষবৃত্ত বিণ [স ত] পাশকক্রীড়ায় প্রবৃত্ত, দ্যূতব্যাপৃত। --ত্ত কী [ষ.ত] **১** রাশিচক্রের অবয়বরূপ বৃত্তক্ষেত্র। **২** (বাঙ্লায়) বিষুবরেখার উভয় পার্শ্বে স্থিত সমান্তরাল ভূবেষ্টনী বৃত্তরেখা; অক্ষরেখা (Parallels of Latitude)।

অক্ষবেত্তা (-ত্তৃ) বিণ [ষ ত] সর্থ 'অক্ষবিৎ (১)।

অক্ষভার পুং [উ লো] অক্ষবাহ্য (এক গাড়ীতে যত ধরে তত) ভার; শকটপরিমিত ভার, শাকট (Cart-load)।

অক্ষভূমি স্ত্রী [ষ.ত] সর্থ 'অক্ষবাট'।

অক্ষম বিণ [ন.ত; স্ত্রী -মা] **১** 'ক্ষমভিন্ন', অসমর্থ, অশক্ত। "মনু ১০.৯৯, কুল্লূক। স্বাহাবমপ্যুৎপাদয়িতুমক্ষমঃ (হি)। **২** সহনাসমর্থ, অসহিষ্ণু। "ব্রতোপবাসাক্ষম। **৩** অকুশল, অযোগ্য। "রাজমর্য্যাদা-রক্ষণে নিতান্ত অক্ষম সী ৭০। **৪** [ন বহুব্রী] যাহার ক্ষমা নাই; ক্ষমারহিত, ক্ষান্তিহীন।

অক্ষমদ পুং [ষ.ত] পাশকক্রীড়ার মত্ততা; জুয়ার নেশা।

অক্ষমা স্ত্রী [ন ত] **১** ক্ষমার অভাব; অক্ষান্তি, সহনাসমর্থতা, ঈর্ষ্যা। "ধাবন্ত্যমী মৃগজবাক্ষময়েব রথ্যাঃ শ ১.৮। **২** ক্রোধ, কোপ। "কি ২ ৪২।

অক্ষমালা স্ত্রী [ষ.ত] **১** রুদ্রাক্ষমালা। "অক্ষমালাহরণাপরাধ কাদ ৫১। **২** সুবর্ণমণিমুক্তাদিরচিত জপমালা। 'স্বর্ণ-মণি-মুক্তা-স্ফাটিক-পদ্ম-পত্রবীজাক্ষাণামন্যতমেনাক্ষমালাং কুর্য্যাৎ।—শঙ্খ ১১$\frac{1}{2}$। **৩** (তন্ত্রে) জপকর্ম্মে বিহিত অ-ক্ষের (অ-কারাদি ক্ষ-কারান্ত পঞ্চাশদ্বর্ণের) মালা। 'অ-কারাদি-ক্ষ-কারান্তা অক্ষমালা প্রকীর্ত্তিতা। [তন্ত্রমতে, ষোল-স্বর ও চৌত্রিশ ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত নাম 'অ-ক্ষ'; স্বরের আদি 'অ' ও ব্যঞ্জনের শেষ অক্ষর 'ক্ষ' লইয়া 'অ-ক্ষ' হয়।] **৪** পঞ্চাশদ্-বর্ণের প্রতিনিধিভূত স্ফটিকাদিকৃত বাহ্যমালা। **৫** অক্ষের অর্থাৎ সপ্তর্ষিনক্ষত্রচক্রের মালারূপা; সপ্তর্ষিমণ্ডলে বসিষ্ঠসমীপে মালারূপে স্থিতা বসিষ্ঠপত্নী অরুন্ধতী। "অক্ষমালা বশিষ্ঠেন সংযুক্তাঽধমযোনিজা মনু ৯ ২৩।

অক্ষমালিকা স্ত্রী [ষ.ত] রুদ্রাক্ষাদিরচিত মালা, জপমালা। "কু.স ৫.৬৩।

অক্ষমালী (-লিন্) পুং [অক্ষমালা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'অক্ষমালাবান্', শিব।

অক্ষয় বিণ [ন.বহুব্রী; স্ত্রী -য়া] **১** যাহার ক্ষয় নাই; নাশহীন, অনশ্বর, কল্পান্তস্থায়ী। "অক্ষয়ে দেবযজনে অক্ষয়ং যত্র বৈ ফলম্ মহা ৩.৯৫.১৪। ব্রহ্মার বরে রথ অক্ষয় অব্যয় কৃ.উ ৭৭। নৃপতি অক্ষয় তব স্বর্গ বি.সু ১৪৮। এই অক্ষয় বৃক্ষের নাম গণিত চা.তৃ ৪। **২** প্রবাহরূপ, প্রবাহাত্মক (শ্রীধর)। "অহমেবাক্ষয়ঃ কালঃ গী ১০.৩৩। **৩** অনন্ত, অশেষ, অফুরন্ত। "স্বর্গমক্ষয়মিচ্ছতা মনু ৩.৭৯। মাঘ ১.২৮। ত্রিসাধনা শক্তিরিবার্থমক্ষয়ম্ রঘু ৩.১৩। অক্ষয় যুগল তূণ ম ২৬৭। আচার্য্য গোসাঞিের ভাণ্ডার অক্ষয় অব্যয় চৈ.চ ৮৭। **৪** যাহার ক্ষয় (বাসস্থান) নাই; বাসশূন্য, অনিকেত, দরিদ্র (ত.বা)। **৫** (বাঙ্লায়, অপ্র) মৃত্যুহীন, অর্থাৎ নীরোগ। "অক্ষয় কটক লোক ম ৫৮৩। —য় পুং **১** পরমাত্মা, কূটস্থ। **২** (বাঙ্লায়) অক্ষয়বট। "অক্ষয় নামেতে বট বৈতরণীতটেঃ অক্ষয় বৃক্ষ হেরিলা মে ২৯৩। **৩** রাবণপুত্র অক্ষ। "অক্ষয়কুমার যে মারিল বলে ধরি কৃ ২৫৩।

অক্ষয়তূণ বি [কর্ম্মধা] যে তূণ ক্ষয়শূন্য, অর্থাৎ যাহার বাণ অফুরন্ত; খাণ্ডবদহনে অগ্নিপ্রদত্ত অর্জ্জুনের তূণ।

অক্ষয়তৃতীয়া স্ত্রী [কর্ম্মধা] অক্ষয়ফলা তৃতীয়া তিথি; বৈশাখী শুক্লতৃতীয়া। [ইহা সত্যযুগের প্রথম দিন। ইহাতে দানাদি জন্য পুণ্য অক্ষয় হয়।]

অক্ষয়বট পুং [কর্ম্মধা] অনশ্বর বটবৃক্ষ; প্রয়াগস্থিত বট। "মহা ৩.৯৫ ১৪। [রামায়ণে ইহা 'শ্যামবট' নামে অভিহিত হইয়াছে (রা ২ ৫৫ ৬, রঘু ১৩ ৫৩)। ইহা প্রযাগে দুর্গমধ্যে অবস্থিত। গয়া ভুবনেশ্বর প্রভৃতি তীর্থেও অক্ষয়বট আছে। "গযায়ামক্ষয়বটে (বায়ু-পুরাণ)। মহা ৩ ৮৭ ১১। ভা চ ৪৬৯। মে ২৯৩।]

অক্ষয়লোক পুং [কর্ম্মধা] অনশ্বর লোক; স্বর্গ।

অক্ষয্য বিণ [ন ত, স্ত্রী -য্যা] **১** যাহা ক্ষয় করা অশক্য; ক্ষয়ানর্হ। "অক্ষয্যকরণো বটঃ মহা ৩.৮৭.১১। অক্ষয্যসায়কৌ বা ৩ ১২.৩৩। **২** অনশ্বর। বিপ 'ক্ষয়ী'। "তপঃষড্ভাগমক্ষয্যং দদাত্যারণ্যকা হি নঃ শ ২ ১৩। **৩** অক্ষয়, অত্যন্ত, প্রভূত। "আচারাদ্ ধনমক্ষয্যম্ মনু ৪.১৫৬, সুগমক্ষয্যম্ ২২৯। **৪** অনন্ত (মধুসূদন)। "গী ৫.২১।

অক্ষয্যোদক ক্লী [অক্ষয্য উদক, কর্ম্মধা] শ্রাদ্ধে পিণ্ডদানানন্তর দেয় মধুতিলমিশ্র জল। "°দান।—কাত্যায়ন ৪.৭; ৮।

অক্ষর[১] বিণ [ন ত; স্ত্রী -রা; বৈদিক] **১** যাহা ক্ষরিত বা নষ্ট হয় না; ক্ষরণশূন্য, অচ্যুত, অনশ্বর, নিত্য। "ভগবানক্ষরঃ প্রভুঃ মহা ৩.১৪২.৪২, ৪৬; অক্ষরাত্মা ৫৪। **২** স্থির, ধ্রুব। **৩** ক্রিয়াশূন্য (ত বা)। —র পুং **১** কূটস্থ, নিত্য আত্মা। "কূটস্থোঽক্ষর উচ্যতে গী ১৫.১৬। **২** জীব, পরমাত্মা (ত বা)। **৩** শিব। **৪** বিষ্ণু। **৫** অসি (M. W.)। —র ক্লী **১** পরমব্রহ্ম, পরব্রহ্ম, মূলকারণ। "ব্রহ্মাক্ষর-সমুদ্ভবম্ গী ৩ ১৫; অক্ষরং ব্রহ্ম পরমম্ ৮.৩। **২** অবিনাশী প্রণবাখ্য ব্রহ্ম; প্রণব। "মনু ২.৮৪। **৩** তপস্যা। **৪** ধর্ম্ম। **৫** মোক্ষ (অ কো)। **৬** অধ্বর, যজ্ঞ। **৭** গগন, আকাশ। **৮** অপামার্গ, আপাঙ্গাছ। **৯** বেদ (নীলকণ্ঠ)। "শিক্ষাক্ষরমন্ত্রবিদ্ ভাঃ মহা ৩ ২৩.২, ৩৬ ৪২। **১০** নিত্যতা, অনশ্বরতা। **১১** কালপরিমাণভেদ, কাষ্ঠার পঞ্চমাংশ।

অক্ষর[২] ক্লী [√অশ্+সর-ক, উ ৩ ৭০; ছান্দসঃ বৈদিক] **১** যাহা বেদাদি ব্যাপ্ত করে; অকারাদি ক্ষকারান্ত পঞ্চাশদ্বর্ণ; বর্ণ। "ত্র্যক্ষরং ব্রহ্ম মনু ১১ ২৬৬। অক্ষরাণামকারোঽস্মি গী ১০.৩৩। **২** স্বরবর্ণ। "অক্ষরব্যঞ্জনানামুপলব্ধির্ধ্বনিঃ তৈ ২৩.৭। বাচ্যঃ পূর্ব্বাক্ষরঃ প্লুতঃ মনু ২.১২৫। **৩** স্বর বা স্বরসহিতব্যঞ্জন। "আদি-রিতি দ্ব্যক্ষরং, প্রতিহার ইতি চতুরক্ষরম্।—ছান্দোগ্য ২ ১০ ১। অক্ষরসমঃ (শ্লোকঃ) রা ১.২ ১৮; সমাক্ষর ৪২। ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম গী ৮ ১৩; ১০ ২৫। নামমুদ্রাক্ষর শ ১$\frac{2}{2}\frac{7}{8}$; প্রতিষেধাক্ষর ৩.২২। মনু ২ ৭৮। হরিনাম দু-অক্ষর ম ২; ৫৮৪। দুর্গানাম যুগ্মাক্ষর ম পা ১; ১১; ১৫। অক্ষরে অক্ষরে মধু ক্ষরে শি ১০৭। রক্তের অক্ষরে।—রবীন্দ্র। **৪** বর্ণনির্ম্মাণ, লিপিসন্নিবেশ, শব্দ। 'অক্ষরং বর্ণনির্ম্মাণং বর্ণমপ্যক্ষরং বিদুঃ। "অমৃতবিন্দুসুন্দরাণি অক্ষরাণি উ.চ ৪$\frac{2}{2}\frac{2}{6}$। বাণীং মধুরাক্ষরাম্ রা ১.৪২.২১। দুরক্ষর বাণী কৃ ১৪০। **৫** (বাঙ্লায়) মুদ্রণার্থ সীসার বর্ণ-প্রতিরূপ; টাইপ্। **৬** হস্তলিখিত বর্ণ; হাতের লেখা। "একে একে সবার অক্ষর আমি জানি ক.চ ১৬৬। ['ক' অক্ষর গোমাংস—'ক' অক্ষর গোমাংসতুল্য, অর্থাৎ

বিদ্যারম্ভে বর্ণপরিচয়ে আদি বর্ণ 'ক'ও যে গোমাংসবৎ স্পর্শ করে নাই ; বর্ণজ্ঞানহীন মূর্খ; আকাট মূর্খ।"প্রশ্ন।—ছেলেটি লেখাপড়ায় কি রকম ? উত্তর—তার 'ক' অক্ষর গোমাংস। অক্ষরে অক্ষরে পালন করা—বর্ণে বর্ণে, অর্থাৎ অণুমাত্র অন্যথা না করিয়া, (উপদেশাদি) কার্য্যে পরিণত করা।]

অক্ষরচুঞ্চু পুং [অক্ষর+চুঞ্চু (চুঞ্চুপ্) 'তাহাদ্বারা খ্যাত' অর্থে; 'অক্ষরচঞ্চু, -চুঞ্চু' (অ চি) 'অক্ষরচঞ্চু' (অমরটীকায় বাচস্পতি —শ.ক)।] অক্ষরদ্বারা খ্যাত ; অক্ষরজীবক, বর্ণিক, লিপিকর, আখরিয়া (Scribe)।

অক্ষরচ্ছন্দঃ (-ন্দস্) ক্লী [উ.লো] অক্ষরসংখ্যাত, অর্থাৎ অক্ষরের ও মাত্রার সংখ্যানুসারে কৃত, ছন্দঃ ; বর্ণবৃত্ত, বৃত্ত। বিপ 'মাত্রাবৃত্ত, জাতি'। 'বৃত্তমক্ষরসংখ্যাতং জাতির্মাত্রাকৃতং ভবেৎ।

অক্ষরচ্যুতক ক্লী [অক্ষরের চ্যুত যাহাতে, বহুব্রী, সমাসান্ত ক (কপ্)] যাহাতে শ্লোকগত পদের একাক্ষর ছাড়িয়া দিলে, ঐ শ্লোকের অন্যার্থ হয়, তাদৃশ শ্লোকবিষয়ক ক্রীড়াবিশেষ (কাদম্বরী)। "কুর্ব্বন্ দিবাকরশ্লেষং দধচ্চরণডম্বরম্। দেব যৌষ্মাকসেনায়াঃ (ক)রেণুঃ প্রসরত্যসৌ॥ 'করেণু' শব্দের 'ক' ছাড়িলে, শ্লোকের ভিন্নার্থ হয়।

অক্ষরজীবক, -জীবিক, -জীবী (-জীবিন্) পুং [তৃ ত ; বহুব্রী ; উ.ত] অক্ষরদ্বারা যে বাঁচে ; অক্ষর যাহার জীবিকা, লেখনীজীবক, লিপিকর, লেখক।

অক্ষরতূলিকা স্ত্রী [ষ.ত] অক্ষরের তূলিকাতুল্য ; লেখনী, কলম।

অক্ষরন্যাস, -বিন্যাস পুং [ষ.ত] ১ বর্ণবিন্যাস, লেখন। ২ অক্ষরলেখনস্থান, পত্রিকা। "ভূর্জ্জপত্রগতোঽক্ষরবিন্যাসঃ।—বিক্র ২১৭।

অক্ষরব্যক্তি স্ত্রী [ষ.ত] অক্ষরসমূহের স্পষ্ট উচ্চারণ।

অক্ষরভূমিকা স্ত্রী [ষ.ত] অক্ষরস্থান, অক্ষরলেখনস্থল। "রঘু ১৮.৪৬।

অক্ষরমুষ্টিকাকথন ক্লী [উ.লো, তৃ.ত] অক্ষরসূচক মুষ্টিকাদ্বারা, অর্থাৎ অঙ্গুলির ও করপত্রের ভিন্ন ভিন্ন অবস্থানদ্বারা, বর্ণপ্রকাশপূর্ব্বক কথা বলা (Finger speech)। [ইহা চতুঃষষ্টি কলার একতম (দ্র 'ভ ১০.৪৫.৩৫, শ্রীধরটীকা)।]

অক্ষরসংস্থান ক্লী [ষ.ত] ১ অক্ষরের আরোপণ ; লিখিত বর্ণ (রায়-ভরত) ; লিপি। ২ লিখিতাক্ষরের আকৃতি (অ টী)।

অক্ষরসমাম্নায় পুং [ষ.ত] বর্ণসমূহ, লিপিমালা। "ভ ১২.৬.৪৩।

অক্ষরার্থ পুং [অক্ষরের অর্থ, ষ.ত] শব্দার্থ, বাক্যার্থ। "কিং তাবদ্ গীতেরবগতোঽক্ষরার্থঃ শ ৫।১। সাংখ্য ২, তত্ত্বকৌমুদী।

অক্ষরেখা বি [উ.লো] অক্ষসূচক রেখা ; সর্থ 'অক্ষবৃত্ত'।

অক্ষসূত্র ক্লী [ষ.ত] অক্ষের মালা, রুদ্রাক্ষমালা, জপমালা। "°প্রণয়ী কু.স ৫.১১। উ.চ ৫।১।১। অক্ষসূত্র কমণ্ডলুধারী ভা চ ১৩৭।

অক্ষহৃদয় ক্লী [ষ.ত] অক্ষক্রীড়ার রহস্য বা তত্ত্ব ; অক্ষশাস্ত্র, দ্যূতবিদ্যা। "°জ্ঞ মহা ৩.৬৬.২১।

অক্ষাংশ—বি [অক্ষের অংশ, ষ.ত] ৩৬০ ভাগে বিভক্ত ভূবৃত্তরেখার এক এক অংশ বা ডিগ্রী (Degree)।

অক্ষাগ্রকীল, -কীলক পুং [ষ.ত] অক্ষাগ্রের কীল ; ধুরার অগ্রে ছিদ্রপ্রবিষ্ট কীল ; ধুরার খীল বা বোধখীল ; অণি।

অক্ষান্তি স্ত্রী [ন.ত] ১ ক্ষান্তিবিরোধিভাব, পরসম্পত্ত্যসহন, অক্ষমা, ঈর্ষ্যা। ২ রোষ, ক্রোধ।

অক্ষাবলী স্ত্রী [ষ.ত] অক্ষের সমূহ ; রুদ্রাক্ষমালা, অক্ষমালা (কাদম্বরী)।

অক্ষারলবণ বিণ [ন.বহুব্রী] যাহাতে ক্ষারলবণ নাই ; কৃত্রিমলবণরহিত (কুল্লুক)। "অক্ষারলবণান্ন মনু ৫.৭৩। —ণ ক্লী [ন.ত] ১ ক্ষারলবণ (কৃত্রিমলবণ)-ভিন্ন লবণ ; অকৃত্রিমলবণ, সৈন্ধবাদি লবণ। 'গোক্ষীরং গোঘৃতং চৈব ধান্যং মুদ্গাস্তিলা যবাঃ। সামুদ্রং সৈন্ধবং চৈব অক্ষারলবণং স্মৃতম্॥ মনু ৩.২৫৭। ২ কৃত্রিমলবণ-বর্জ্জিত হবিষ্যান্ন (কুল্লুক)। "মনু ১১.১১০। দ্র 'হবিঃ (২)। ৩ হবিষ্যান্ন-বিশেষ, মহাহবিষ্য (শ.ক)

অক্ষি ক্লী [√অশ্+সি (ক্সি)-ক, উ ৩.১৫৬ ; √অক্ষ্+ই (ভরত) ; ছান্দস—অক্ষন্, অক্ষি (তু অক্ষ, অক্ষে ইত্যাদি) ; Av. Ashi ; Gr. Osse, okos, okkos ; L. Oculus ; Ger. Auge ; Lith. aki-s ; T. Augo ; R., Slav. oko ; A. S. aegh] ১ যাহা (বিষয়) ব্যাপ্ত করে ; নয়ন, নেত্র, চক্ষুঃ। "মনু ৪.৬৭। নীলাম্বর দাস তাঁকে চাপিলেন অক্ষি ক.চ ১৮ [সমাসে 'অক্ষি'-শব্দস্থানে 'অক্ষ' হয়। যথা, অব্যয়ীভাবে ; —প্রত্যক্ষ, সমক্ষ (পা ৫.৪.১০৭)। বহুব্রীহিতে ; —(স্বাঙ্গে) বিশালাক্ষ, বিশালাক্ষী ইত্যাদি (পা ৫.৪.১১৩) ; (অস্বাঙ্গে) স্থূলাক্ষ।] ২ চক্ষুর্গোলক (শ.ক)। ৩ বংশ প্রভৃতির পর্ব্বের অঙ্কুরোদ্গমস্থান ; চোখ, এঁকো। "স্থূলাক্ষা বেণুযষ্টিঃ (সি) ; স্থূলাক্ষিরিক্ষুঃ (কাশিকা) পা ৫.৪.১১৩। ৪ (বৃত্তিবিষয়ে) ইন্দ্রিয়মাত্র, চক্ষুঃকর্ণাদি। 'বৃত্তিবিষয়ে অক্ষিশব্দ ইন্দ্রিয়মাত্রপরঃ (পা ৫.৪.১০৭, তত্ত্ববোধিনী)। [অক্ষি চাপা—চোখ ঠারা।]

অক্ষিকম্প পুং [ষ.ত] নেত্রস্পন্দন, নিমেষ, পলক। "রঘু ১৫.৬৭।

অক্ষিকূট, -কূটক ক্লী [ষ.ত] চক্ষুর কূটতুল্য ; নেত্রগোলক, নেত্রতারা (Eyeball)। "যাজ্ঞ ৩.৯৬।

অক্ষিগত বিণ [দ্বি ত] ১ দৃষ্টিপথগত, নেত্রগোচর, চক্ষুঃসন্নিকৃষ্ট। "মাঘ ৯.৮১। ২ নেত্রমধ্যগত শল্যাশূকাদির ন্যায় পীড়াকর ; দ্বেষ্য, শত্রু।

অক্ষিগোল, -গোলক পুং, **-তারা** স্ত্রী [ষ.ত] সর্থ 'অক্ষিকূট'।

অক্ষিপক্ষ্ম(-ক্ষ্মন্), -লোম (-মন্) ক্লী [ষ.ত] চক্ষুর আবরণের প্রান্তস্থ লোম (Eyelash)।

অক্ষিপটল ক্লী [ষ.ত] চক্ষুর আবরণ , চোখের পাতা।

অক্ষিপাক পুং [ষ.ত] চক্ষুর দাহ ; চোখ-জ্বালা।

অক্ষিলোম দ্র 'অক্ষিপক্ষ্ম'।

অক্ষুণ্ণ বিণ [ন.ত ; স্ত্রী -ণ্ণা] ১ যাহা ক্ষুণ্ণ নহে ; অচূর্ণিত, অপিষ্ট। অমর্দিত, অক্ষোদিত। ২ অপ্রতিহত, অনভ্যস্ত। "মাঘ ১.৩২। ৩ অব্যর্থ, চরিতার্থ, সফল। "অক্ষুণ্ণোঽনুনয়ঃ প্রসন্নদয়িতাদৃষ্টস্য পুষ্ণাতু বঃ বে ১.২। ৪ অচ্ছিন্ন। "অক্ষুণ্ণং পরিবপ (শ.ক)। ৫ অকুশল, অপটু। ৬ (বাঙলায়) পরিণতিপ্রাপ্ত, পরিপুষ্ট, সম্পূর্ণ। "যখন...ভাব আমাদিগের অন্তঃকরণে অক্ষুণ্ণ...হইয়া উঠে, তখন উহাকে স্থায়িভাব বলে।—কাব্যনির্ণয়। ৭ অব্যাহত। "মিথ্যার নিশীথ দিয়া, সত্যের দিবায়, চলে জগৎ অক্ষুণ্ণ।—মন্দ্র ৮৩। ৮ অস্পৃষ্ট, অননুশীলিত। "সম্মুখে জ্ঞানার্ণব অক্ষুণ্ণ রহিয়াছে।—নীতিবোধ। ৯ অকলঙ্ক, নির্দ্দোষ, বিশুদ্ধ। "নারদ কহিয়াছেন বিরাটের আদ্য কুল। মৎস্যের উদরে জন্ম অক্ষুণ্ণ তার কুল॥ ম.বি ২২১। ১০ অবাধিত, অবিষণ্ণ, অক্ষুব্ধ (মন)।

অক্ষুব্ধ বিং [ন.ত] ১ ক্ষোভহীন, নিস্তরঙ্গ, শান্ত (সাগরাদি)। ২ অব্যাকুল, প্রশান্ত, ধীর (হৃদয়)।

অক্ষেআতি বিং [সং অখ্যাতি ; তু 'খেআতি' ; অপ্র] অকীর্ত্তি, দুর্নাম। "হেন নীল বীর বন্দি বড় অক্ষেআতি কৃ উ ২৫৬।

অক্ষেত্র ক্লী [ন.ত] ১ অপ্রশস্ত ক্ষেত্র ; অনুর্ব্বর, ঊষর দেশ। "অক্ষেত্রে বীজমুৎসৃষ্টমন্তরৈব বিনশ্যতি মনু ১০.৭১। ২ উপদেশের অযোগ্য পাত্র—শিষ্যাদি, অপাত্র, অভাজন। ৩ (জ্যামিতিতে) অপ্রশস্ত ক্ষেত্র বা চিত্র।

অক্ষেত্রজ্ঞ, অক্ষেত্রবিৎ বিণ [ন.ত] যে ক্ষেত্র (দেহতত্ত্ব) জানে না ; দেহতত্ত্বানভিজ্ঞ, দেহাভিমানী (জীব)। "°জ্ঞ—পা ৭.৩.৩০।

অক্ষেত্রী (-ত্রিন্) পুং [ন.ত] যে ক্ষেত্রী (ক্ষেত্রস্বামী) নহে ; ক্ষেত্রস্বামিভিন্ন জন ; অক্ষেত্রপতি। "মনু ৯.৪৯ ; ৫১।

অক্ষেম ক্লী [ন.ত] ক্ষেমের অভাব ; অমঙ্গল, অশুভ। "কিন্নু তেষাং গৃহে ক্ষেমমক্ষেমং কিন্নু সাম্প্রতম্ (চণ্ডী)।

অক্ষোট, -টক পুং [হি অখরোট ; ঠ অক্রোট, -ড] পর্ব্বতজাত পীলুবৃক্ষ ; আখরোট গাছ (Aleurites Triloba)। "রঘু ৪.৬৯।

অক্ষোভ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ভা] ১ ক্ষোভরহিত, অনাকুল, প্রশান্ত, স্থির। "(দদর্শ) পীতবাসসমক্ষোভম্ বিষ্ণু ১.৪০। অক্ষোভ অলোভ অচিন্ত্য সে। —দ্রু ৫২। ২ (বাঙ্‌লায়) অখেদ, অক্লান্ত। "অক্ষোভ শরীর অ.প ৮ ; ৮৪। —ভ পুং ১ হস্তিবন্ধনস্তম্ভ, আলান। ২ [ন.ত] ক্ষোভের অভাব ; অনাকুলতা, শান্তভাব।

অক্ষোভ্য বিণ [ন.ত ; স্ত্রী -ভ্যা] যে ক্ষোভ্য নহে ; অক্ষোভণীয়, অকম্প্য, গম্ভীর, প্রশান্ত। "ইক্ষ্বাকুকুলমক্ষোভ্যম্ রা ২.১২.৯১ ; মতোদধিমিবাক্ষোভ্যমহং রামমনুব্রতা ৩৪৭.৩৩ ; ১৮.৬। —ভ্য পুং বুদ্ধদেব।

অক্ষৌহিণী স্ত্রী [অক্ষ+ঊহিনী, বৃদ্ধি, ণত্ব (পা ৬.১.৮৯, বার্ত্তিক) ; ষ ত] অক্ষের (রথাদির) ঊহিনী (সমূহযুক্তা) ; সংখ্যাবিশেষযুক্ত রথাদি চতুরঙ্গ সেনা। "সাত-অক্ষৌহিণী-পতি হৈল পঞ্চজন। একাদশ-অক্ষৌহিণী-পতি দুর্য্যোধন॥ ম ৬৯৬। [রথ ১, গজ ১, অশ্ব ৩, পদাতি ৫—এক পত্তি, তিন পত্তিতে এক সেনামুখ, তিন সেনামুখে এক গুল্ম, তিন গুল্মে এক গণ, তিন গণে এক বাহিনী, তিন বাহিনীতে এক পৃতনা, তিন পৃতনায় এক চমূ, তিন চমূতে এক অনীকিনী, দশ অনীকিনীতে এক অক্ষৌহিণী। অতএব ২১,৮৭০ রথ, ২১,৮৭০ গজ, ৬৫,৬১০ অশ্ব ও ১,০৯,৩৫০ পদাতি অথবা সর্ব্বসুদ্ধ ২,১৮,৭০০ চতুরঙ্গসেনা—এক অক্ষৌহিণী। বৌদ্ধগণনায় ১ এর পরে ৪২টি শূন্য বসাইলে এক অক্ষৌহিণী (অক্ষোহিণী) হয়। কৃত্তিবাসের অক্ষৌহিণীর হিসাব প্রায় এইরূপ—দ্রষ্টব্য "শতকোটি" ইত্যাদি···"এক অক্ষৌহিণী" (কৃ ১০৩ ; ২৩৯)। এই "অক্ষৌহিণী" কেবল উচ্চসংখ্যা-জ্ঞাপক, চতুরঙ্গসেনার সংখ্যা নহে। যেমন : "রাবণের বাদ্যভাণ্ড সাত অক্ষৌহিণী (কৃ ২৭০) ; এইরূপ," চণ্ডিকাবিজয়ে"—"কতেক অক্ষৌহিণী সাজে প্রধান কুঞ্জর" (১৪৮)।] নক্ষত্রের অক্ষৌহিণী—নক্ষত্রের তুরিসংখ্যা ; বহুসংখ্যক নক্ষত্র। °নক্ষত্রের অক্ষৌহিণী হ'তে অরণ্যের পতঙ্গ-অবধি কা ৪৩।

অখঁডিত বি [সং অখণ্ডিত ; বৈষ্ণব-সাহিত্যে] অখণ্ড, সম্পূর্ণ, অটুট, আভাঙা। "পিয় রস পেসল প্রথম সমাজে। কত খন রাখব অখঁডিত লাজে॥ বি.সা ১২৫।

অখট্টি পুং ['অকোটি'—মূল ?] ১ অসদ্ব্যবহার, অশিষ্টাচার। ২ বালসুলভ কামচার ; অসদ্‌গ্রহ, খেয়াল, আবদার, আখটি।

অখণ্ড বিণ [ন.ত ; স্ত্রী -ণ্ডা] ১ যাহা খণ্ড বা ভিন্ন নহে ; অবিভক্ত, অলূন, সম্পূর্ণ, সকল, সমগ্র। "অখণ্ডং পুণ্যানাং ফলমিব শ ২.১০। অখণ্ডযশসঃ (তে) উ.চ ৫.৩৫। একক অখণ্ড ব্রহ্মাণ্ডরাজ্যে।—রবীন্দ্র। ২ পূর্ণকল, সকল, পূর্ণবিম্ব, পূর্ণ। "°মণ্ডল। নির্জিগায় মুখমিন্দুমখণ্ডম্ কি ৯.৩৮। ৩ অবিপ্লুত, অখণ্ডিত। "অখণ্ডেন তপসা কি ১১.৬৩। ৪ অবিচ্ছিন্ন, অবিচ্ছেদ। "কি ১.২৯। ৫ দোষস্পর্শশূন্য, বিশুদ্ধ। "সে পূর্ণ উদাত্তধ্বনি···অখণ্ডমূর্ত্তি ধরি, হউক বাহির চ.কা ২৮৮। ৬ (বাঙ্‌লায়) অখণ্ডনীয়, অব্যর্থ। "ধাতার অখণ্ড লিপি জে আছে কপালে ম.পা ১৫৯। ৭ অছিন্ন, আখণ্ড, গোটা। "অখণ্ড বিল্বপত্র।

অখণ্ডন বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -না] ১ যাহার খণ্ডন নাই ; খণ্ডনের অযোগ্য। ২ অখণ্ড, অবিভক্ত, সমগ্র, পূর্ণ।—ন পুং ১ পরমাত্মা। ২ যাহার বিচ্ছেদ নাই ; কাল। —ন ক্লী [ন.ত] ১ খণ্ডনের অভাব ; অভেদন, অচ্ছেদ। ২ খণ্ডনরাহিত্য, অপ্রত্যাখ্যান, অনিরাকৃতি।

অখণ্ডনীয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] ১ যাহা খণ্ডনযোগ্য নহে ; যাহা অন্যথা করা যায় না ; অবশ্যকরণীয়, অনুল্লঙ্ঘনীয়। ২ নিরাকরণের অযোগ্য ; অপ্রত্যাখ্যেয়।

অখণ্ডমণ্ডল বিণ [বহুব্রী ; স্ত্রী -লা] ১ সম্পূর্ণমণ্ডল। "অখণ্ড-মণ্ডলাকার (চরাচর)। ২ পূর্ণবিম্ব, পূর্ণকল, সকল। "কাব্যপ্রকাশ, ১০.৪৬৭। অখণ্ডমণ্ডল বিধু জিনিয়া বয়ান ম ১২২৩। অখণ্ডমণ্ডল বিধু তারাগণযুত শ্রী.ম ৫৭।

অখণ্ডিত বিণ [ন.ত , স্ত্রী -তা] ১ অবিভক্ত, যুক্ত, লিপ্ত, জোড়া। "কোন কোন জন্তুর খুর অখণ্ডিত, অর্থাৎ জোড়া, যেমন ঘোড়ার। —বোধোদয়। ২ অবিচ্ছিন্ন, বিচ্ছেদহীন। "অখণ্ডিতং পেম লভস্ব পত্যুঃ কু.স ৭.২৮। ৩ অব্যাহত, অবাধ, অপ্রতিবন্ধ। ৪ অন্যূনীকৃত। "°পৌরুষ রঘু ৯.১৩। ৫ অনিরাকৃত, অপ্রত্যাদিষ্ট। ৬ (বাঙ্‌লায়) অখণ্ডনীয়, অব্যর্থ, সত্য। "আমি তোরে বলি আজি অখণ্ডিত কথা। কাটিয়া ফেলিব কর্ণ-শকুনির মাথা॥ ম ৮৩৮।

অখণ্ড্য বিং [ন.ত ; স্ত্রী -ণ্ড্যা] ১ অখণ্ডনীয়, অব্যর্থ, অমোঘ। "বিধির নিয়ম ইহা, অখণ্ড্য লিখন।—হেম ৯৮। ২ অনুল্লঙ্ঘনীয়, অবশ্যপালনীয়। "আপনার অনুজ্ঞা অস্মদাদির নিকটে অখণ্ড্য বলিযা পরিগণিত য ১৭।

অখদ্যে-অবদ্যে দ্র 'অখাদ্য'।

অখন ক্রি.বি [অ°+খন ; পূর্ব্ববঙ্গে] এখন, এক্ষণে। "কহি ; সে অখন মী ১৪ , ২০। ম.গা ৩ ; ৯। চলহ অখন অ.প ১০। কহত অখন ব.প ৬১৪। চিন্তিব অখন ম.পা ১৫ ; ৭৬ ; না দেখি অখন ৮০। আরে কর্ত্তা, অখন বাটা (ভাঁটা) মরিনি গো আদু ১১২। [অখনে—১ এক্ষণে। "অখনে জানিল অ.প ৩৭ ; ৭৮। ব.প ৬৪৬। না বুঝ অখনে, বুঝি'বা কখনে, জখনে প্রহার করিবে শমনে ম পা ৭৩ ; ১৫২। ২ এখনই। "অখনে তোমার বল 'সহিব' (দেখিব ?) সকলে গ ১৫৯। অখনে লৈ জাবো তোর সর্ব্ব অলঙ্কার ম.পা ৪৬ ; ১৩৯। অখনেহ—এখনও। "অখনেহ কর বাপু জোগ দরসন মী ২৫।]

অখনে, অখনেহ দ্র 'অখন'।

অখর্ব্ব বিণ [ন.ত ; স্ত্রী -র্ব্বা] ১ খর্ব্বভিন্ন, প্রাংশু ; দীর্ঘাকৃতি, লম্বা। ২ বিপুল, মহান্, অতিশয়। "অখর্ব্বেণ গর্ব্বেণ বিরাজমানঃ (দশকুমার)।

অখলা বিং, স্ত্রী [অখল+স্ত্রী আ ; পদ্যে] অক্রূরা, সরলা। "না ঠেলহ বলে, অবলা 'অখলে' (অর্থাৎ অখলাকে), যে হয় উচিত তোর চ.দা ১৪৬। অবলা অখলা পথে পথে আহা ফিরিছে অন্নশোকে।—কথা ৬৩। —লা বিং [অখল>অখলা ; পদ্যে] অকপট, সরল। "সহজে অবলা, হৃদয় অখলা, ভাল মন্দ নাহি জানি চ.দা ২। সহজে অবলা, অখলা হৃদয়, ভুলিনু পরের বোলে জ্ঞা ১৫৭। অন্তর কপট নহে জানিবে অখলা বা.দ ১৭১।

অখাত বিণ [ন.ত ; স্ত্রী -তা] যাহা মনুষ্য কর্ত্তৃক খনন করা নহে ; অকৃতখনন। —ত পুং, ক্লী দেবখাত, অকৃত্রিম জলাশয়—হ্রদ নদী নির্ঝর ইত্যাদি। "অখাতো দেবখাতকঃ (অ.টী)।

অখাদ্য বিণ [ন.ত ; স্ত্রী -দ্যা] ১ যাহা খাদ্য (ভোজনযোগ্য) নহে ; শাস্ত্রনিষেধ হেতু অভোজ্য ; অভক্ষ্য (গোমাংসাদি)। ২ ভক্ষ্যভিন্ন, ভক্ষ্যেতর, অর্থাৎ যাহা ভক্ষ্যের মধ্যে নহে। ৩ (পীড়াজনকত্ব হেতু) অভোজ্য—পূতি মৎস্যাদি। —দ্য বি ১ অপ্রশস্ত খাদ্য ; পীড়াজনক বা অসার খাদ্য। ২ বিরুদ্ধ খাদ্য—যেমন, দুগ্ধের সহিত লবণ। ৩ শাস্ত্র-নিষিদ্ধ খাদ্য—যেমন, হিন্দুশাস্ত্রে পলাণ্ডু প্রভৃতি। [অখাদ্য-অবদ্য, (কথ্য) অখদ্যে-অবদ্যে—যাহা ভোজনের অযোগ্য ও নিন্দনীয়।]

অখিল বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -লা] ১ যাহার খিল (অবশিষ্ট) নাই ; অশেষ, নিঃশেষ, নিখিল, বিশ্ব, সমগ্র, সমস্ত। "বেদোঽখিলঃ মনু ২.৬ ;

৯.৬৭ ; অখিলং ধনম্ ১৩১ ; অখিলঃ কর্ম্মবিধিঃ ৩২৫। কর্ম্মাখিলম্ গী ৪.৩৩ ; ১৫.১২। অখিলকারিমণ্ডলম্ রঘু ৪.৪। অখিল জীবের পতি দেব নারায়ণ (ম)। অখিল সংসার ঈ ৩৮। **২** যাহা অকৃষ্ট নহে ; কৃতকর্ষণ, কৃষ্ট, চষা (ভূমি)। —ল ক্লী কাৎর্স্ন্য, নিঃশেষ। "ধর্ম্মোঽখিলেনোক্তঃ মনু ১.১০৭ ; ৮.২১৮ ; ২৬৬ ; ৩০১। —ল বি (বাঙলায়) **১** পৃথিবী। 'অখিলে বিখ্যাত কীর্ত্তি শ্রী ৬১ ; অখিল-খণ্ড ৭৩। অকিঞ্চনে অনেক অখিল ভ'রে দি। —শি ১০০। **২** বিশ্ব, ত্রৈলোক্য। "অমর অখিলগুরু শ্রী মা ৩। অখিল-আধান শ্রী ১ ; অখিলের পতি ২৭। —লা স্ত্রী কৃষ্টভূমি (ত.বা)।

অখিলাত্মা (-ত্মন্) পুং [অখিল আত্মা যাঁহার, বহুব্রী] বিশ্বরূপ, বিশ্বাত্মা, ব্রহ্ম।

অখেদ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দা] খেদহীন, অখিন্ন, অক্লান্ত। "বিহিত-বহিস্ত্রচরিত্রমখেদম্ গী গো ১.৫। —দ পুং [ন.ত] খেদাভাব, অক্লান্তি।

অখেয়াতি বি [সং অখ্যাতি ; দ্র 'খেয়াতি' ; পদ্যে] নিন্দা, কলঙ্ক। "গুরুজন পরিজন বলে অখেয়াতি ব ১৪৬।

অখ্যাতি স্ত্রী [ন.ত] অকীর্ত্তি, অপবাদ, নিন্দা, কলঙ্ক।

অগ[১] বিণ [√গম্+অ (ড)-ক>গ, ন গ, ন.ত ; স্ত্রী -গা, 'নগ' 'অগ' ('অপ্রাণী' অর্থে), 'অগ' ('প্রাণী' অর্থে] **১** যে যায় না ; গতিহীন। "অগো বৃষলঃ শীতেন পা ৬.৩.৭৭। **২** দুর্গম। "ভ. ৪.১২.৩১। —গ পুং **১** বৃক্ষ। "মাঘ ৪.৬৩ ; অগান্ নিরগান্ মধুপাবলিঃ ৬৭। **২** পর্ব্বত। তু 'নগ'। "অ.°জ কি ১.৩৬। অগসুতা-আজ্ঞার বাহিব কেহ নয় শি ১৭। **৩** সূর্য্য (আর্যভট্টমতে সূর্য্যের গতি নাই)। **৪** (সপ্ত কুলাচলের সংখ্যানুসারে) সাত (৭) এই সংখ্যা।

অগ[২] অব্য [সং অগোঃ] সম্বোধন। "রাজাএ বোলে শুন অগ মনামতী আজ্ঞি ম.গা ২। শুন অগ মৈনামতি গো.চ ৩১৬।

অগড়বগড়, আগড়-বাগড়, আগড়ম-বাগড়ম '-ড়্-ড়্' বি [সং বাগাডম্বর>বা বাগড়ম>বাগড়, বগড়, আগডম, আগড় অগড় (অনু. শব্দ), হি অগড়বগড়] বাক্যের আড়ম্বর ; বৃথা বাক্যবিস্তার ; অপ্রাসঙ্গিক বাক্যসমূহ ; ফাজিল কথা ; যা-তা-কথা। [আগড়বাগড় বকা —অপ্রাসঙ্গিক কথাবার্ত্তা বলা।]

অগণন বিং [ন গণনা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -না] যাহার সংখ্যা নাই, অসংখ্যক, সংখ্যাতীত, বহু। "মীন অগণন দু ৪। শত্রুসংখ্যা অগণন। —রঙ্গ ১০২। হাতে লয়ে দীপ অগণন, চরাচব কার সিংহাসন, নীরবে করিছে প্রদক্ষিণ ?—রবীন্দ্র।

অগণিত বিণ [ন ত ; স্ত্রী -তা] **১** যাহা গণা হয় নাই। অসংখ্যাত। **২** অজ্ঞাত। "এষ…সোঽগণিতলজ্জো ব্যবসায়ঃ।—বিক্র ২৭৮। **৩** অসংখ্যক, বহু। "তথি ভ্রমে পক্ষ, পশু লক্ষ লক্ষ, মৃগগণ অগণিত ম ৪৭৯। অগণিত সৈন্যঠাট।—রঙ্গ ১০১।

অগণ্য বিণ [ন.ত ; স্ত্রী -ণ্যা] **১** অগণনীয়, অসংখ্যেয়, বহু। "গুণৈর-গণ্যৈরতিশীলশালিভিঃ (কি)। অগণ্য…অগুসন্নিবেশ চৈ.চ ২০। জাগে অগণ্য রবি চন্দ্র তারা।—রবীন্দ্র। **২** গণনার অযোগ্য ; অকিঞ্চিৎকর, তুচ্ছ, সামান্য। **৩** হেয়, নগণ্য, অধম, নীচ। "নাস্তি গুণ গৌরব অগণ্য গতিহীন দা ২০৭।

অগতি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -তি] **১** যাহার গতি নাই ; গতিহীন, স্থির। **২** আশ্রয়হীন, অশরণ, নিরাশ্রয়। —তি স্ত্রী [ন.ত] **১** গতির অভাব ; গমনরাহিত্য। **২** উপায়াভাব, অনুপায়। **৩** অপ্রবেশ। "অগতিস্তত্র (যত্র) গমিষ্যামি বিহায়সা (রা)। **৪** অবিষয়। "মনোরথানামগতির্ন বিদ্যতে কু.স ৫.৬৪। **৫** (বাঙলায়) মুমূর্ষু বা প্রেতের পক্ষে শাস্ত্রীয় বা লৌকিক আচার—অন্তর্জ্জলী সংকার ইত্যাদির অভাবে মুক্তির ব্যাঘাত। [অগতিতে মৃত্যু—যে মৃত্যুর সময়ে কালোচিত আচারাদি অনুষ্ঠিত হয় নাই। অগতির গতি—নিরাশ্রয়ের আশ্রয় ; পতিতের উদ্ধারকর্ত্তা ; পতিতপাবন।

অগতিক বিণ [ন.বহুব্রী, সমাসান্ত বিকল্পিত 'ক' (কপ্) ; স্ত্রী -কা] **১** গতিহীন, গমনরহিত। **২** নিরাশ্রয়, অশরণ। "বালমেনমগতিকমাদায় (দশকুমার)। **৩** উপায়ান্তর-শূন্য। "দণ্ডস্ত্বগতিকা গতিঃ যাজ্ঞ ১.৩৪৬।

অগত্যা ক্রি.বিণ [অগতি+আ (টা, তৃতীয়া-১ব) সংস্কৃতপদ] গতির অভাবে ; উপায়ান্তরের অভাবে ; কার্য্যগতিকে, কাজে-কাজে। "বাল্মীকি অগত্যা সম্মত হইয়া বিষণ্ণবদনে আশ্রমসদনে প্রতিগমন করিলেন সী. ৯৫। আমি তখন অগত্যা চোরকে আদর করিয়া…পালঙ্কে বসাইলাম ব প্র ২৪০ ; অগত্যা প্রফুল্ল কিছু পাইল ৩৪৪।

অগথ বি [সং অগস্ত্য>প্রা * অগথ>বা অগথ ; অপ্র] বকফুল গাছ। "অগথ কপিথ সুন্দরী শ্রী কী ২০৭।

অগদ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দা] **১** যাহার গদ (রোগ) নাই, নীরোগ, সুস্থ। "নরোঽগদঃ মনু ৮ ১০৭। **২** [ন.ত] 'অভাষী', ভাষাহীন, নীরব। —দ পুং **১** যাহাতে রোগ থাকে না ; ভেষজ, ঔষধ। "বিষঘ্নৈরগদৈঃ মনু ৭.২১৮। হি ৪.৯। **২** বিষঘ্ন ঔষধ (Antidote)। **৩** [ন ত] গদের অভাব, নৈরুজ্য, অরোগিতা। "মনু ১১.২৩৮।

অগনি বি [সং অগ্নি>প্রা অগণি (হে) ; পদ্যে ; অপ্র] অগ্নি। "অগনিসংস্কার-দ্রব্য আনেন সত্বর ম ১১০৮। গো.চ ৪৫৯।

অগম বিণ [ন.ত ; স্ত্রী -মা] অগামী, গতিহীন, অচল। —ম পুং **১** বৃক্ষ। "মহা ৩ ৬৩.১০৩। **২** পর্ব্বত। **৩** (বাঙলায়, অপ্র) দুর্গম, দুরারোহ। "(এ গিরি) সকলেরি অগম, দুর্গম দুর্গ যেন —মা ১২১। **৪** দুর্বোধ, অর্থাৎ যেখানে কিছুরই নির্ণয় হয় না। "নাহি দিক্-বিদিক্! অগম শূন্য! হেথায় কি জন্য! স্ব.প্র ৩।

অগম্য বিণ [ন.ত ; স্ত্রী -ম্যা] **১** যাহা গম্য নহে ; গমনের অযোগ্য ; অগন্তব্য, অশক্যগমন। "দেবলোকস্য মার্গোঽয়মগম্যো মানুষৈঃ সদা মহা ৩.১৪৬.৯২। **২** দুষ্প্রবেশ, দুর্গম। **৩** দুষ্প্রাপ, দুরাপ। **৪** অনধিগম্য দুর্বোধ, অবিষয়। "মাঘ ৩.৫৯। সেবাধর্ম্মঃ পরমগহনো যোগিনামপ্যগম্যঃ। —নীতিশতক ৪৭ ; হি ২.২৫। অচিন্ত্য অগম্য নিত্যানন্দের মহিমা চৈ ভা ৩৭৪ ; ৫১৩। **৫** অনভিগমনীয়, অর্থাৎ যাহার নিকটে যাওয়া অনুচিত। "যদগম্যোঽপি গম্যতে (স প্রভাবো ধনস্য চ)।—পঞ্চ ১৭। —ম্যা স্ত্রী **১** যে নারী সম্ভোগ করা অবৈধ ; অ-মৈথুনার্হা নারী। "°গমন, °গামী। °গমনীয় মনু ১১.১৭০। **২** অন্ত্যজাতি-স্ত্রী, নীচ-জাতি-স্ত্রী। [সকলেরই নিজস্ত্রী গম্যা, তদ্ভিন্না অগম্যা। বিশেষতঃ রাজপত্নী গুরুপত্নী মাতা সপত্নীমাতা কন্যা পুত্রবধূ শ্বশ্রূ সহোদরা সহোদরজায়া ভ্রাতৃভগিনী-কন্যা শিষ্যা শিষ্যপত্নী ভাগিনেয়ভার্য্যা ভ্রাতুষ্পুত্রজায়া অতীব অগম্যা (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)।]

অগম্যা দ্র 'অগম্য'।

অগর[১] বি [সং অগ্র>বা (স্বরাগমে) অগর ; হি আগর ; অপ্র] 'শ্রেষ্ঠ', পরমেশ। "অগর জানেন তত্ত্ব বিশ্ব যাঁর বশ্য ভ গ্র ১৬৬।

অগর[২] বি [সং অগরু>প্রা অগর (প্রাম) ; হি অগর ; অপ্র] অগরুচন্দন। "বি.সা ৩২১।

অগরু পুং, ক্লী [তু, সং অগুরু>লি, প্রা অগরু] সুগন্ধি চন্দনবিশেষ ; অগুরু। "অগরু চন্দন বা.ম ২১৩।

অগর্ব্ব বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -র্ব্বা] যাহাতে গর্ব্ব নাই ; গর্ব্বহীন, নিরহঙ্কার। "জ্ঞানমগর্ব্বম্ হি ১.১৭৩।

অগর্হিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] **১** অনিন্দিত, অদূষিত। "জ্যেষ্ঠঃ সস্থির-গর্হিতঃ মনু ৯.১০৯। **২** দোষরহিত, শুদ্ধ। "জীবেচ্ছিন্নৈরগর্হিতৈঃ মনু ৯.৭৫। **৩** অনিন্দ্য, শাস্ত্রবিহিত। "কর্ম্মভিরগর্হিতৈঃ মনু ৪.৩। **৪** উপঘাতরহিত (খাদ্য)। "মনু ৫.২৪।

অগস্তি পুং [উ ৪.১৭৯ ; অগস্তি, অগস্ত্য (অ.টী ; অ.চি)] ১ অগস্ত্য-মুনি। ২ (তৎসম্বন্ধে) দক্ষিণ দিক্। ৩ (অগস্ত্যদেবতাক) অগস্ত্যনক্ষত্র। ৪ [বহুব] অগস্তির গোত্রাপত্যগণ। পা ৪.১.১০৫ ; ২.৪.৬৪। ৫ (অগস্ত্যোদয়ে পুষ্পোদ্গম হেতু ?) বকবৃক্ষ, বকফুলের গাছ। ৬ ব্রাহ্মণের উপাধিবিশেষ।

অগস্ত্য পুং [অগ+স্ত্যৈ স্তম্ভন+অ (ক)-ক ; উ.ত] ১ যিনি অগকে (বিন্ধ্যপর্ব্বতকে) স্তম্ভিত করেন (অ.টী) ; প্রসিদ্ধ মুনিবিশেষ। [মিত্র ও বরুণের কুম্ভে পতিত স্খলিতরেতঃ হইতে ইঁহার জন্ম ; এই জন্য ইনি 'কুম্ভজ' 'কুম্ভযোনি' নামে খ্যাত। পিতৃদ্বয়ের নামানুসারে ইঁহার নাম 'মৈত্রাবরুণি'। মতান্তরে, ইনি পুলস্ত্যপত্নী হবির্ভূর পুত্র (ভ ৪.১.৩৫)। ইনি সমুদ্রবাসী কালকেয় দৈত্যগণের বিনাশার্থ সমুদ্রশোষণ করিয়া 'পীতাব্ধি' নামে এবং বাতাপি দৈত্য নাশ করিয়া 'বাতাপিদ্বিট্' নামে অভিহিত হন। রাম বনগমনের সময়ে ইঁহার নিকটে ইন্দ্রদত্ত বৈষ্ণবচাপ, অক্ষয় তূণদ্বয়, শর ও খড়্গ প্রাপ্ত হন। উত্তরকাণ্ডে, রামচন্দ্রের সভায় ইনি রাক্ষসবংশবর্ণন, রাবণের দিগ্বিজয় পরাজয় প্রভৃতি কৌতুকজনক বিষয়ের বর্ণনা করেন। ইঁহার পত্নী 'লোপামুদ্রা' ও পুত্র 'দৃঢ়াস্য' এবং 'দৃঢস্যু'। কাশীখণ্ডে ইঁহার বিন্ধ্যাচলস্তম্ভনকথা এবং বৃহৎসংহিতায় দক্ষিণ দিকে নক্ষত্ররূপে অবস্থিতি বর্ণিত হইয়াছে। দ্র 'লোপামুদ্রা'।] ২ (অগস্ত্যদেবতাক) অগস্ত্যনক্ষত্র (Canopus)। "রঘু ১৬ ৪৪। ৩ [বহুব] অগস্ত্যের গোত্রাপত্যগণ (দ্র 'অগস্তি' (৪))। ৪ বঙ্গসেনবৃক্ষ, বকফুল গাছ (দ্র 'অগস্তি (৫))। [অগস্ত্যের আসা—অগস্ত্যের প্রত্যাবর্ত্তন। অগস্ত্য বিন্ধ্য অতিক্রম করিয়া দাক্ষিণাত্যে গমন করেন, আর ফিরেন নাই। গৌণার্থে, 'কাহারও অপ্রত্যাবর্ত্তন'। "তাঁর আসা অগস্ত্যের আসা দা ১৯৭১।]

অগস্ত্যমার্গ পুং [ষ.ত] অগস্ত্যের পথ ; দক্ষিণ দিক্।

অগস্ত্যযাত্রা বি [ষ.ত] অগস্ত্যমুনির প্রস্থান ; বিন্ধ্যলঙ্ঘনপূর্ব্বক অগস্ত্যের দাক্ষিণাত্যে যাত্রা। [অগস্ত্য ভাদ্রমাসের প্রথম দিনে বিন্ধ্য লঙ্ঘন করিয়া দাক্ষিণাত্যে যাত্রা করেন, আর ফিরেন নাই। এই হেতু ঐ দিনে যাত্রা নিষিদ্ধ। লৌকিক আচারে ইহা হইতে মাসের প্রথম দিবস যাত্রায় নিষিদ্ধ। অগস্ত্যযাত্রা করা—চিরকালের জন্য প্রস্থান করা ; জন্মের মত যাওয়া। "রামবাবু, ছেড়ে দাও, আমি অগস্ত্যযাত্রা করি। স.এ ৭২।]

অগস্ত্যসংহিতা স্ত্রী [উ.লো] অগস্ত্যকৃত বিষ্ণুবামনাদিপূজাবিষয়ক শাস্ত্র।

অগস্ত্যসেবিত বিণ [তৃ ত] অগস্ত্য কর্ত্তৃক অধ্যুষিত। "অগস্ত্য-সেবিতামাশাং সেবমানে দিবাকরে গো.রা ৩ ২২ ৮।

অগস্ত্যাচরিত বিণ [অগস্ত্য কর্ত্তৃক আচরিত, তৃ.ত] অগস্ত্যাধিষ্ঠিত। "অগস্ত্যাচরিতামাশাম্…যযৌ রঘু ৪.৪৪।

অগস্ত্যোদয় পুং [অগস্ত্যের উদয়, ষ.ত] ১ অগস্ত্যনক্ষত্রের আবির্ভাব। ২ অগস্ত্যের উদয়কাল ; সৌরভাদ্রের সপ্তদশ দিবস। [অগস্ত্য নক্ষত্রের উদয়ে জলাশয়ের জল প্রসন্ন হয়। (তু 'রঘু ৪.২১)]

অগহীন বিং ['গহীন' অর্থে, 'অগাধ' শব্দের অনুকরণে কৃত ; গ্রাম্য] গহীন, গভীর, অগাধ। [অগহীন জল—অগাধ জল।]

অগা বিং [সং অজ্ঞ] নির্বোধ, বোকা। [অগাচন্দর, অগারাম—বোকা (গালিতে)। অগা মারা—বোকা হ'য়ে যাওয়া। অগার একশেষ —অত্যন্ত বোকা।]

অগাই বিং ['অগাহ'—মূল ; অপ্র] দুরবগাহ, দুর্ব্বোধ, দুর্জ্ঞেয়। "দেব-দেববর, গোকুল-ঈশ্বর, অনন্ত অনাদি অগাই শ্রী.ম ১৫৭।

অগাধ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ধা, তু 'সুগাধ'—সুখে অবগাহনীয় (সায়ণ —ঋগ্বেদ ৭.৯৭.৮)] ১ যাহাতে গাধ (প্রতিষ্ঠা) নাই ; প্রতিষ্ঠাহীন, অতলস্পর্শ, অতিগভীর। "শোণঃ শুভজলোঽগাধঃ রা ১.৩৫.৪। অগাধ-জলো হ্রদঃ (অ.কো)। অগাধসলিলাৎ…সমুদ্রাৎ হি ১.৫৩। অগাধ-জলসঞ্চারী ন গর্ব্বং যাতি রোহিতঃ (সু.র)। পড়িনু অগাধ জলে চ.দা ১০৯। অগাধ সে স্নেহসিন্ধু প.তৃ ৭৪। ২ গম্ভীর। "°সত্ত্ব রঘু ৬.২১। ৩ অনবগাহ্যমহিমা, গম্ভীরমহত্ত্ব। "যস্য…অগাধস্থানঘা গুণাঃ অ.কো ১.১.১। ৪ গভীর, প্রগাঢ় (বুদ্ধি, জ্ঞান)। "°বোধ ভ ১.৫.৫। ৫ মহান্, অতিশয়িত, অত্যন্ত। "সাম্যাগাধে ভয়ে মগ্না (S. W.)। ৬ দুর্বোধ, দুর্জ্ঞেয়, দুরধিগম। "না বুঝিয়া নিন্দে তান চরিত্র অগাধ চৈ.ভা ৪৮৬। ৭ (বাঙলায়) প্রচুর, বিপুল। "অগাধ বিষয় ; অগাধ টাকা। ৮ অসীম, অনন্ত। "(কত) উঠেছিল চাঁদ নিশীথ অগাধ আকাশে।—রবীন্দ্র। —ধ পুং পিঠরাদি পঞ্চ অগ্নির একতম। "হ ১৮০.৩২। —ধ পুং (?), ক্লী ছিদ্র, গর্ত্ত।

অগার পুং, ক্লী [অগ+আ-√রা+অ (ক)-ক ; উ.ত] ১ যাহা স্তম্ভাদিভূত বৃক্ষ গ্রহণ করে (অ.টী) ; গৃহ, ভবন। "পা ৩.৩.৭৯ ; ৪.৪.৭০। "°দাহী মনু ৩.১৫৮ ; ১১.১৭। "অগ্ন্যগারে রঘু ৫.২৫। ২ গৃহস্থের গৃহ ; বাড়ী। "সপ্তাগারাংশ্চরেদ্ ভৈক্ষ্যম্ মনু ১১.১২৩।

অগিনি বি [সং অগ্নি>লি অগ্গিনি, গিনি>বা অগিনি ; পদ্যে] অগ্নি। "গো.চ ১৮৭। জ্বলএ অগিনি গো.বি ৪ ; ১৯৬। অগিনির কণা ম.বি ১৯। জ্বলন্ত অগিনী (মিলের জন্য 'ঈ'কার) বি.পা ১২৯। জালাইল অগিনি গো.চ ১৮৭। °পরীক্ষা শ্রী.ম ২৭৫। অগিনিতে শ্রী ৬৬। প্রজ্বলিত না হয় অগিনি ম ২৯৮।

অগিম ক্রি.বিং ['আগ্রীব'—মূল ; দ্র 'গিম'] গ্রীবাপর্য্যন্ত, ঘাড়-অবধি। "সপত্র কদম্বফুল দোঁহার কাণে। কপোলে চুম্বন করে অগিম দোলনে॥ "জ্ঞা ৫৩ ; 'অগিম' দোলনী রমণীমানস চোর (ধৃতপাঠ—'ওগিম') ৬৭।

অগুণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] ১ যাহার গুণ (গুণত্রয়ের কার্য্য) নাই ; ত্রিগুণাতীত, নির্গুণ। ২ সদ্গুণরহিত, গুণহীন। —ণ পুং [ন ত] ১ 'গুণবিরোধী', দোষ। "গুণাগুণ মনু ৩.২২ ; ৯.৩৩১। কি ৬.২১। ২ গুণাভাব। ৩ (বাঙলায়) অনুপকার, অপকার। [অগুণ করা—অপকার করা (ঔষধাদি-সম্বন্ধে)।]

অগুণতি, অগুনতি বিং [সং অগণিত ; তু 'হি গিনতী, √গুণ্] গণনাতীত, বহু। "রবরের জুতো…ন্যাজ-ওয়ালা পাগড়ী অগুনতি উঠ্‌চে হু ১৮৫।

অগুয়ান বিং [হি অগ্‌বান্ ; অপ্র] অগ্রসর। "একলি চললি ধনি হোই অগুয়ান বি.সা ২৬।

অগুরু বিণ [ন.ত ; স্ত্রী -রু, -র্ব্বী] ১ 'গুরুভিন্ন', লঘু, হাল্‌কা। ২ (ছন্দে) দীর্ঘমাত্রাহীন হ্রস্ব (বর্ণ)। "শ্রুতবোধ ৮ ; ৩৪। ৩ [ন বহুব্রী] যাহার গুরু (দীক্ষাদাতা) নাই, গুরুহীন। —রু পুং (ছন্দে) লঘুবর্ণ (ত.বা)। —রু ক্লী [ন.বহুব্রী] ১ যাহা হইতে গুরু (ভারী) নাই ; কালাগুরু, কৃষ্ণ, অগরচন্দন (Aquilaria Agallocha)। "°ধূপিত রা ২.১৭.৩। ২ পীতবর্ণ অগুরুবিশেষ ; অসার, পীতক। [ইহা সুরভি ও বর্ণের উজ্জ্বলতাজনক বলিয়া গাত্রে ভূষারূপে লিপ্ত হয়।] "চন্দনাগুরুভূষিতাঃ (শূরাঃ) রা ২.১৬.৩৫। তব সঙ্গে থাকি যদি লাগে ধুলি গায়। অগুরুচন্দন চুয়া জ্ঞান করি তায়॥ কৃ ৯৯। ৩ শিংশপা, শিশুগাছ।

অগূঢ় বিণ [ন.ত ; স্ত্রী -ঢ়া] অগুপ্ত, প্রকট, প্রকাশিত। "°সদ্ভাব কু.স ৫.১২।

অগৃহ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -হা] যাহার গৃহ নাই ; গৃহহীন। —হ পুং বানপ্রস্থ, সন্ন্যাসী।

অগেআন, -য়ান বিং [সং অজ্ঞান ; মৈ গেআন (জ্ঞান)] ১ অজ্ঞান, বিষয়জ্ঞানহীন ; গুণাগুণবিচারহীন, বিচারমূঢ়। "মহাদেবী

বলে রাজা তুমি অগেয়ান। ঝি জামাতা ভোখে মরে করাহ ভোজন পান॥ কৃ.উ ৯। অগেয়ান পশু পাখী, তা'রা কান্দে ঝরে আঁখি, কি দিয়া বান্ধিল সভার মন ব ৬। **২** অচেতন, মূর্চ্ছিত। "রাইক হেরি অগেআন। নিঝরে ঝরয়ে নয়ান॥ ব.প ১১১১। মহাহনু বীর পড়ে হয় অগেয়ান চ.বি ৮৪। **৩** বাহ্যজ্ঞানহীন, আত্মহারা। "চাঁচর চিকুর, কিছু না সম্বর, কেনে হইলে অগেয়ান চ.সা ২৯। ভ্রমই ভুবন বনে জনু অগেয়ান। ভাঙ্গল ভয় গুরুগৌরব মান॥ গো ২৬০। ব.প ১০৪৭। আমার দর্শনে রাধা সুখে অগেয়ান চৈ চ ২০। **৪** তত্ত্বজ্ঞান-হীন, মায়ামুগ্ধ। "শুন শুন মাতা! জীবতত্ত্বের সংস্থান। ভূমিতে পড়িলে মাত্র হয় অগেয়ান॥ চৈ.ভা ১৪৮। **৫** স্পর্শজ্ঞানগ্রহণে অশক্ত; নিস্পন্দ, অসাড়। "লোকাচার হরিল শরীর অগেআনে শ্রী ম ১৪২। **৬** রসকলানভিজ্ঞ, অবিদগ্ধ, অরসিক। "তুঁহুঁত নাগরগুরু হাম অগেয়ান বি.প ৭৭; অগেয়ানে কোন করয়ে ব্যবহার ৮৩। **৭** মূর্খ, বোকা। —ন বি অজ্ঞান, তত্ত্বজ্ঞানাভাব, মোহ। "ঘোর তিমির অগেয়ান ভ.গ্র ১১১। অগেয়ান ধ্বান্ত দুরন্ত নিমগন জ.প ৬৫। —নি,—নী বিং, স্ত্রী [স্ত্রী -ই,-ঈ] জ্ঞানহীনা, অচতুরা, বালমতি; রসকলানভিজ্ঞা, অবিদগ্ধা। "বিদ্যাপতি কহ তুহুঁ আগেয়ানি। পিয়া হিয়া করি কাহে না ফেরি বয়ানি॥ বি.প ১২৭; যদি কহ তুহুঁ অগেয়ানী। হাম সোঁপনু হিয়া নিজ করি মানি॥ ১৮২।

অগেয়ান, অগেয়ানি, -নী দ্র 'অগেআন'।

অগো অব্য [সং অগোঃ] সম্বোধন, ওগো, হে। "কোন দোষে অগো শ্যামা, বালকে এতেক হলো রাগ শ্রী ৭৪। অগো প্রাণপ্রিয়া সখি ম ২৪৯। অগো, মা ঠাকুরাণী যে শুতে পান না আ.ঠু ২১।

অগোচর বিণ [ন.ত; স্ত্রী -রা] যাহা গোচর (ইন্দ্রিয়ের বিষয়ীভূত) নহে; ইন্দ্রিয়জ্ঞানাতীত, অপ্রত্যক্ষ, অজ্ঞাত। "বাচামগোচরাং হর্ষাবস্থামস্পৃশৎ (দশকুমার)। ব্রহ্মময়ী অন্নপূর্ণা ধ্যানে অগোচর ভা চ ১৩৩। যিনি চক্ষের চক্ষু হইয়াও চক্ষের অগোচর, বাক্যের বাক্য হইয়াও বাক্যের অগোচর…তিনি বিদিত কি অবিদিত তাবৎ বস্তু হইতে ভিন্ন (ব্রাহ্মধর্ম্ম, উপনিষৎ)। —র ক্লী **১** ইন্দ্রিয়জ্ঞানাতীত বস্তুমাত্র। **২** ব্রহ্ম। "অগোচরে বাগিব চোপরেমে কি ১৭১১। **৩** ইন্দ্রিয়ের অবিষয়ীভাব; পরোক্ষতা, অজ্ঞাতভাব। "মদীয়াগোচরেণৈব ক্রিয়তে হি ২ ৮৪।

অগোর, অগৌর বি [সং অগরু > বা (অগউর) অগৌর, অগোর, অপ্র] অগুরুচন্দন, অগুরুপঙ্ক। "অগোরচন্দনে ছড়া ঝাটী শূ ৩৪। অগোর চন্দন ম ১১২৩। অগোর কস্তুরী গন্ধে তিলক রচিল চৈ.ম ১৪২। অগোর কস্তুরী আদি বস্ত্রে লাগাইব জ ৫৮। অগোরচন্দনে রাজা পুরি লৈল খুরী ঃ সর্ব্বাঙ্গে লেপিল তার অগোর চন্দন ক.চ ১৬১। অগোর চন্দন ম ১০১৪। অগোর ধূপের গন্ধে আমোদিত শি ৪৭। রা.শে ৫১। শ্রী.মা ১৬১। অগোর সৌরভ শ্রী.ম ২২; ১৭১; অগোর আমোদ ১৯২। অগোরচন্দনচর্চ্চিত লু.র ৫৪।

অগৌণে ক্রি.বিং [অগৌণ+এ৫] অবিলম্বে, শীঘ্র, তৎক্ষণাৎ। "সূর্য্যের যে রথখান অগৌণে ধরিল বা.ম ১৩। [অগৌণেতে (অগৌণ+ এতে৫)—শীঘ্র। "আসতে তোমায় হবেই হবে—অগৌণেতে আসতে হবে কৃ.কে ৩৭।]

অগৌণেতে, অগৌর দ্র 'অগৌণে, অগোর'।

অগ্‌গদানী বি [সং অগ্রদানী,—নীয়; 'অগ্‌গদেনে' গ্রাম্য] শ্রাদ্ধে প্রেতোদ্দেশে প্রদত্ত তিলাদির প্রতিগ্রাহী ভ্রষ্টাচার ব্রাহ্মণবিশেষ।

অগ্নি পুং [√অগ্ বক্রগতি+নি-ক (অ.টী); অগ্র+ √নী প্রণয়ন+ ক্বিপ্; নিরুক্ত—অগ্রং যজ্ঞেষু প্রণীয়তে (যাহা যজ্ঞে প্রথমে প্রণীত হয়), অথবা অগ্রণীর্ভবতি (সর্ব্ব বিষয়ে যে আপনাকে অগ্রত্ব পাওয়ায়, অর্থাৎ প্রধান হয়), ছান্দস; তা অক্কি (তু, প্রা অগ্‌গি); cf. L. Ignis; Slav. ognj; Lith. Ugni; F. ignis; Spanish, Italian—ignes] **১** যাহা বক্র গমন করে; অনল, জ্বলন, বহ্নি। "কটাগ্নি, তৃণাগ্নি, বিদাগ্নি। কোপাগ্নি রা ১.৪০৩; শোকাগ্নি ২.২৪.৮। অনু-শয়াগ্নি ক.সা ২০.২৬৬। নাগ্নিং মুখেনোপধমেৎ মনু ৪.৫৩; রাজাগ্নি ৭৯; জ্ঞানাগ্নি ১১২৪৭। সেতু অগ্নিময় কভু মে ২৬৪। **২** অগ্নির দেবতা; বৈশ্বানর। "মূর্ত্তিমান্ হ'য়ে অগ্নি আসি দিল দেখা কৃ ৩০৪। ম ৫। [অগ্নি ঋগ্‌বেদীয় দেবতাগণের একতম। ইনি অমর রত্নদাতা এবং যজ্ঞের দেবতা হোতা ঋত্বিক্ সম্পাদক রক্ষাকর্ত্তা ও হব্যবাহক। স্ত্রীপুরুষরূপী ইন্ধন বা অরণিদ্বয়ের সংঘর্ষণে ইঁহার উৎপত্তি। আকাশে সূর্য্য, বায়ুমণ্ডলে বজ্র এবং পৃথিবীতে অগ্নি—ইঁহার এই তিন রূপ। ইঁহার চারি শৃঙ্গ, তিন পদ, দুই মস্তক এবং সাত হস্ত। ইনি ত্রিলোক-দর্শক ও ত্রৈলোক্যবাসী জীবগণের কর্ম্মসাক্ষী। উপাসকেরা ইঁহার প্রসাদে দীর্ঘজীবন, ধন ও সমৃদ্ধি লাভ করেন। ধনলাভ খাদ্যপ্রাপ্তি এবং ক্ষুধা দৈন্য শত্রু ও বিপদ্ হইতে রক্ষার নিমিত্ত উপাসকেরা ইঁহার স্তব করেন। ইনি দেবগণের মুখ (মহা ১৫২৩) এবং জিহ্বা, দেবতারা অগ্নিমুখে হুতদ্রব্য ভক্ষণ ও অগ্নিজিহ্বায় যজ্ঞহবি আস্বাদন করেন (তু 'অগ্নিজিহ্ব')। পুরাণে, অগ্নি ধর্ম্মপত্নী বসুর গর্ভে জাত। ইঁহার পত্নী স্বাহা এবং পাবক পবমান শুচি তিন পুত্র, তিন পুত্রের পঞ্চচত্বারিংশৎ পুত্র; সুতরাং অগ্নির সংখ্যা একোনপঞ্চাশৎ (ভ ৪১৫৯; ৬০)।] **৩** অগ্নিদাহ; গৃহদাহ। "মনু ৪.১১৮; ৮.১০৮। **৪** গার্হপত্য দক্ষিণ ও আহবনীয়—এই অগ্নিত্রয়। "মনু ২২৩১। **৫** ভুক্তদ্রব্য-পরিপাচক জঠরানল। "॰মান্দ্য।॰ঘৃত (চক্রদত্ত)। **৬** আমাশয়স্থিত সৌরতেজঃ; পিত্ত। **৭** (অগ্নির শুক্রজাত) স্বর্ণ। **৮** (দাহকত্বহেতু) রক্তচিত্রক, লালচিতা। **৯** ভল্লাতক, ভেলা। **১০** নিম্বুক, নেবু। **১১**চিত্রক, চিতা। **১২** সূর্য্য। **১৩** বিষ্ণু। **১৪** (অগ্ন্যধিষ্ঠিত) পূর্ব্ব-দক্ষিণ কোণ; অগ্নিকোণ। **১৫** অগ্নিকোণাধিপতি লোকপালবিশেষ; বহ্নি। দ্র 'লোকপাল'। **১৬** (অগ্নিসংখ্যানুসারে তিন (৩) এই সংখ্যা। **১৭** (তন্ত্রে) 'র' এই বীজাক্ষর।

অগ্নি-অবতার বি **১** অগ্নির মূর্ত্ত্যন্তর; দ্বিতীয় অগ্নি; অগ্নিশর্ম্মা। "ক্রোধে ব্রহ্মা হইলেন অগ্নি-অবতার চৈ.ভা ৫১১। **২** অগ্নির অবতারণা বা উৎপাদন। "অগ্নিবাণে করে বীর অগ্নি-অবতার কৃ ২৯৯।

অগ্নিকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [ষ ত] **১** অগ্নিসম্বন্ধী কার্য্য; হোম, অগ্নি-হোত্র। **২** অগ্নিসম্বন্ধী কার্য্যমাত্র। **৩** [উ.লো] অগ্নিসাধ্য কার্য্য, তপ্তলৌহের দাহজন্য চিহ্নবিশেষ (Cauterization, সুশ্রুত)।

অগ্নিকলা স্ত্রী [ষ.ত] অগ্নির অবয়ব—ধূম্রার্চ্চিঃ উষ্মা জ্বলিনী জ্বালিনী বিস্ফুলিঙ্গিনী সুশ্রী সুরূপা কপিলা হব্যবহা কব্যবহা—এই দশবিধ (শারদাতিলক)।

অগ্নিকল্প বিণ [অগ্নি+কল্প (কল্পপ্) 'ঈষদসমাপ্তি' অর্থে; স্ত্রী -ল্পা] 'ঈষদসমাপ্ত অগ্নি; অগ্নিতুল্য তেজস্বী।

অগ্নিকাণ্ড বি [ষ.ত] **১** অগ্নিসম্বন্ধী ব্যাপারমাত্র; গৃহাদিদাহ। **২** কামান বন্দুক প্রভৃতি দ্বারা গোলাগুলি-বর্ষণ।

অগ্নিকার্য্য ক্লী [ষ.ত] **১** অগ্নিসম্বন্ধী কার্য্য; হবির্দানাদিপূর্ব্বক অগ্নি-প্রজ্বালন; অগ্নীন্ধন, আগুন-জ্বালান (অ.চি)। **২** অগ্নিতে প্রভাতে ও সন্ধ্যায় সমিধ্ দ্বারা হোমানুষ্ঠান (কুল্লূক); অগ্নিতে সমিৎপ্রক্ষেপাদি (মিতাক্ষরা)। "মনু ২৬৯। যাজ্ঞ ১.২৫; ৩.২৮১। **৩** (বাঙ্‌লায়) মৃতদেহদাহ, মৃতসৎকার। "পিতৃঅগ্নিকার্য্য শ্রাদ্ধ করহ তর্পণ কৃ ১১৫। অগ্নিকার্য্য সবাকার করহ এখন ম ১০১৪।

অগ্নিকাষ্ঠ [উ.লো] **১** অগ্নির উদ্দীপক কাষ্ঠ; অগুরুকাষ্ঠ। **২** (বাঙ্‌লায়) ইন্ধন, জ্বালানী কাঠ।

অগ্নিকুণ্ড ক্লী [ষ.ত] অগ্নির আধানার্থ পাত্র ; অগ্নিপাত্র, আঙটা-প্রভৃতি।

অগ্নিকুমার পুং [ষ.ত] ১ অগ্নিপুত্র কার্ত্তিকেয়। [ইনি শিবের পুত্র। অগ্নি সুরতরত উমামহেশ্বরের সম্ভোগগৃহে প্রবেশ করিলে অন্তর্য্যামী শিব তাহা জানিয়া লজ্জিত ও কেলিবিরত হন ও তাঁহার বীর্য্য স্খলিত হয়। শিব সেই বীর্য্য অগ্নিমুখে নিহিত করিলে, তেজোধারণে অসমর্থ অগ্নি তাহা গঙ্গাজলে পরিত্যাগ করেন এবং গঙ্গাজল হইতে উহা ষট্‌কৃত্তিকায় সংক্রমিত হইয়া গর্ভরূপ ধারণ করিলে, কৃত্তিকাগণ পীড়িত হইয়া ঐ গর্ভ শরবণে নিক্ষেপ করেন। শরবণে ক্ষিপ্ত সেই গর্ভই 'কার্ত্তিকেয়', তজ্জন্য ইঁহার নাম 'শরজন্মা'। অগ্নির বীর্য্যধারণ হেতু ইনি 'অগ্নিকুমার', 'অগ্নিভূ' ইত্যাদি নামে খ্যাত। গঙ্গার স্তন্যপান হেতু ইঁহার নাম 'গাঙ্গ' (কু.স. ৯ম, ১০ম, ১১শ সর্গ)। রামায়ণে, অগ্নি শিবতেজোধারণে অসমর্থ হইলে, গঙ্গা উহা গ্রহণ করেন, কিন্তু তিনিও তেজোময় গর্ভভূত শিববীর্য্যে পীড়িত হইয়া, উহা হিমালয় পার্শ্বে নিক্ষেপ করেন। কৃত্তিকাগণ সেই বীর্য্যজাত শিশুকে স্তন্যপান করান ; তজ্জন্য ঐ কুমার 'কার্ত্তিকেয়' নামে খ্যাত (রা ১.৩৭শ সর্গ ; মহা ৩.২২৪ অধ্যায়, ১৩.৮৫ অধ্যায়।] ২ (বৈদ্যকে) শাস্ত্রীয় ঔষধবিশেষ।

অগ্নিকোণ পুং [উ.লো] অগ্নির অধিষ্ঠিত কোণ ; পূর্ব্ব-দক্ষিণ কোণ।

অগ্নিক্রিয়া স্ত্রী [ষ.ত] ১ অগ্নির কার্য্য ; অগ্নিদাহ। "যাজ্ঞ ৩.২৮৪। ২ (বাঙ্‌লায়) অগ্নিসাধ্য কার্য্য ; শবদাহ, অন্ত্যেষ্টি।

অগ্নিক্রীড়া স্ত্রী [উ.লো] অগ্নিসাধ্য ক্রীড়া ; অগ্নিখেলা, আতশ্‌বাজী।

অগ্নিগর্ভ বিণ [বহুব্রী ; স্ত্রী -র্ভা] ১ যাহার গর্ভে অগ্নি ; অগ্নিমধ্য, অন্তর্বহ্নি, অগ্নিপূর্ণ। "অগ্নিগর্ভাং শমীম্ শ ৪.৪। —র্ভ পুং ১ অগ্নিজারবৃক্ষ। ২ সূর্য্যকান্তমণি। ৩ অগ্নিমন্থনকাষ্ঠ, অরণি। —র্ভা স্ত্রী [অগ্নিগর্ভ +স্ত্রী আ (টাপ্] ১ শমী, শাঁইগাছ। [শমীগর্ভে অগ্নিস্থিতিকথা দ্র 'মহা ১৩.৮৫.৩৬-৪৪]। ২ মহাজ্যোতিষ্মতী লতা। ৩ (অগ্নিতুল্য রুদ্রবীর্য্য-ধারণ হেতু) পৃথিবী (দ্র 'মহা ১৩.৮৫.৬৮-৭৯)। [অগ্নিগর্ভ দীপশলাকা—দীয়াশলাই। "ব.প্র ২৭২।]

অগ্নিগৃহ ক্লী [ষ.ত] ১ অগ্নিত্রয়ের রক্ষার্থ গৃহ ; গার্হপত্যাদির রক্ষাস্থান ; অগ্নিশরণ, অগ্ন্যাগার। "মনু ৪.৫৮, কুল্লূক। ২ হোমগৃহ।

অগ্নিচয়ন ক্লী [ষ.ত ; ছান্দস] ১ অগ্নির স্থাপন ; অগ্ন্যাধান। "পা ৩.১.১৩২, কাশিকা। ২ অগ্নির চয়নসাধন মন্ত্র ; অগ্ন্যাধান-মন্ত্র।

অগ্নিচিৎ বিণ [অগ্নি+ √চি+০ (ক্বিপ্) অতীতে-১ব ; উ.ত] ১ যিনি অগ্নি চয়ন করিয়াছেন ; কৃতাগ্ন্যাধান, আহিতাগ্নি, সাগ্নিক। "রঘু ৮.২৫। ২ অশ্বমেধান্তযজ্ঞকর্ত্তা (রা টীকা)। "রা ২.৭৬.২০। —ৎ পুং অগ্নিহোত্রী, আহিতাগ্নি। "°বান্ ভট্টি ৫.১১।

অগ্নিচূর্ণ ক্লী [উ.লো] অগ্নিজনক চূর্ণ বা গুঁড়া ; বারুদ। "শু ৪.২.৩০ ; ৭.১৯৮, ২০২। [অগ্নিচূর্ণ করার উপকরণ প্রভৃতির জন্য 'দ্র শু ৪.৭. ২০১-২০২।]

অগ্নিজ বিণ [অগ্নি+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] ১ অগ্নি হইতে যাহা জন্মে ; অগ্নিজাত, বহ্নিভব। —জ পুং ১ কার্ত্তিকেয়। দ্র 'অগ্নিকুমার'। ২ অগ্নিজারবৃক্ষ। ৩ বিষ্ণু। —জ ক্লী স্বর্ণ। 'এবং সুবর্ণমুৎপন্নমপত্যং জাতবেদসঃ মহা ১৩.৮৫.৮৩।

অগ্নিজন্মা (-ন্মন্) পুং [বহুব্রী] অগ্নি হইতে যাহার জন্ম ; কার্ত্তিকেয়। দ্র 'অগ্নিকুমার'। —ন্ম ক্লী স্বর্ণ। দ্র 'অগ্নিজ ক্লী।

অগ্নিজিহ্ব পুং [বহুব্রী ; ছান্দস] ১ অগ্নি যাহার জিহ্বা-তুল্য হুতদ্রব্যের আস্বাদনসাধন ; দেবতা। দ্র 'অগ্নি'। ২ বরাহরূপী বিষ্ণু। 'অগ্নিজিহ্বো দর্ভরোমা (বরাহরূপবর্ণন)। —হ্বা স্ত্রী [ষ.ত ; ছান্দস] ১ অগ্নির সপ্ত জিহ্বা—করালী ধূমিনী শ্বেতা লোহিতা নীললোহিতা সুবর্ণা পদ্মরাগা। দ্র 'মণ্ডূক ১.২.৪। ২ লাঙ্গলীবৃক্ষ, বিষলাঙ্গলা।

অগ্নিতুল্য বিং আগুনের মত, অর্থাৎ অত্যধিক মূল্য হেতু যে পণ্যের নিকটে ক্রয়ার্থ যাওয়া যায় না ; অতিদুর্ম্মূল্য, অতিমহার্ঘ, বড় আক্রা। "অগ্নিতুল্য দ্রব্য যত কব আর কি বি.সু ৩৬।

অগ্নিত্রয় ক্লী, **অগ্নিত্রেতা** স্ত্রী [ষ.ত] ১ তিন অগ্নি ; গার্হপত্যাদি অগ্নি। ২ অগ্নিত্রয়রূপ পিতা মাতা ও আচার্য্য। দ্র 'অগ্নি (৪)।

অগ্নিত্রেতা দ্র 'অগ্নিত্রয়'।

অগ্নিদ বিণ [অগ্নি+ √দা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -দা] ১ যে অগ্নি দেয় ; অগ্নিদাতা। "মনু ৯.২৭৮। ২ পাচকশক্তি-বর্দ্ধক। —দ পুং যে দাহার্থ গৃহাদিতে অগ্নি দেয় ; গৃহদাহক, আততায়িবিশেষ, ঘরপোড়া। "যাজ্ঞ ২.৭৬।

অগ্নিদগ্ধ বিণ. [তৃ.ত ; স্ত্রী -গ্ধা ; ছান্দস] ১ অগ্নি দ্বারা কৃতদাহ ; অগ্নিপ্লুষ্ট, আগুনে পোড়া। "অগ্নিদগ্ধাবিমৌ পক্ষৌ রা ৪.৬০.১৮। ২ শাস্ত্রানুসারে সংস্কৃত অগ্নিতে কৃতদাহ। "অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেহপ্যদগ্ধাঃ কুলে মম (বায়ুপুরাণ)। —গ্ধ পুং, বহুব √ বিপ্রের পিতৃলোকবিশেষ। "মনু ৩.১৯৯।

অগ্নিদাতা (-তৃ) বিণ [ষ.ত] যে প্রেতের মুখে অগ্নি দেয় বা যে মুখাগ্নি করে ; অন্ত্যেষ্টিকারক। "যশ্চাগ্নিদাতা প্রেতস্য পিণ্ডং দদ্যাৎ স এব হি (স্মৃতি)। অগ্নিদাতা হইলেন ধর্ম্মের নন্দন ম ১০১৪।

অগ্নিদিক্ (-শ্) স্ত্রী [উ.লো] অগ্নির অধিষ্ঠিত দিক্ ; অগ্নিকোণ।

অগ্নিদীপন বিণ [ষ.ত ; স্ত্রী -নী] জঠরানলের উদ্দীপক ; অগ্নিবর্দ্ধক, ক্ষুধাজনক (ভাবপ্রকাশ)। —ন ক্লী অগ্ন্যুদ্দীপক দ্রব্য বা ঔষধ।

অগ্নিদেব বিণ [বহুব্রী ; স্ত্রী -বা] অগ্নি যাহার দেবতা ; অগ্নিপূজক। —ব পুং ১ অগ্ন্যুপাসক। ২ [কর্ম্মধা] অগ্নিরূপ দেব ; দেবতা অগ্নি। —বা স্ত্রী [স্ত্রী আ(টাপ্)] অগ্নি যাহার অধিদেবতা ; কৃত্তিকানক্ষত্র।

অগ্নিধারণ ক্লী [ষ ত] বিধিপূর্ব্বক অগ্নিরক্ষণ। "ব্রতিনামগ্নিধারণম্ (কাদম্বরী)।

অগ্নিনক্ষত্র ক্লী [উ.লো ; বৈদিক] অগ্নিদেবতাক নক্ষত্র ; কৃত্তিকানক্ষত্র।

অগ্নিনয়ন ক্লী [ষ.ত] ১ যথাবিধি মন্ত্রপূর্ব্বক অগ্নির প্রণয়ন বা সংস্কার। ২ অগ্নির নেত্র।

অগ্নিপক্ক বিণ [স.ত] অগ্নিতে কৃতপাক ; অগ্নিসিদ্ধ। "অগ্নিপক্কমথামং বা ভ ৭.১২.১৮।

অগ্নিপরিক্রিয়া, -পরিষ্ক্রিয়া স্ত্রী [ষ.ত] অগ্নির পরিচর্য্যা ; অগ্নিসেবা। "মনু ২.৬৭।

অগ্নিপরিচ্ছদ ক্লী [ষ.ত] অগ্নির উপকরণ স্রুক্‌স্রুবাদি। "মনু ৬.৪।

অগ্নিপরিশুদ্ধি বি [তৃ.ত] অগ্নিদ্বারা পরিশোধন ; অগ্নিপ্রবেশপূর্ব্বক সচ্চরিত্রনির্দ্ধারণ, অগ্নিপরীক্ষা। "আর্য্যা জানকীর অগ্নিপরিশুদ্ধিকান্ত-পর্য্যন্ত সী ৬।

অগ্নিপরিষ্ক্রিয়া দ্র 'অগ্নিপরিক্রিয়া'।

অগ্নিপরীক্ষা স্ত্রী [তৃ.ত] ১ অগ্নিদ্বারা অপরাধীর দোষনিরূপণ ; অগ্নিবিশুদ্ধি (বিষ্ণু, ১১ অধ্যায়)। ২ সর্থ 'অগ্নিপরিশুদ্ধি'। "কৃ ৩৬৬। ৩ (বাঙ্‌লায়) কঠোরপরীক্ষামাত্র।

অগ্নিপুরাণ ক্লী [উ.লো] অগ্নিকথিত পুরাণবিশেষ ; অষ্টাদশ পুরাণের একতম।

অগ্নিপ্রণয়ন ক্লী [ষ.ত] সর্থ ' অগ্নিনয়ন (১)।

অগ্নিপ্রবেশ পুং, **-প্রবেশন** ক্লী [স.ত] মৃতপতির অনুগমনপূর্ব্বক সতীর চিতানলে প্রবেশ ; সহমরণ।

অগ্নিপ্রস্কন্দন ক্লী [ষ.ত] যথাবিধি অগ্নিকার্য্যের অননুষ্ঠান বা হোমত্যাগ ; অগ্নিসাধ্যকর্ম্মত্যাগ। "মহা ১.৮৪.২৬।

অগ্নিপ্রস্তর পুং [উ.লো] অগ্নিজনক পাষাণবিশেষ ; চক্‌মকির পাথর (Flint)।

অগ্নিবর্ণ বিণ [উ.বহুব্রী] অগ্নিবর্ণের ন্যায় বর্ণ যাহার ; অগ্নিলোহিত, অত্যুষ্ণ, অগ্নিস্পর্শ, জ্বলন্ত। "অগ্নিবর্ণাং সুরাং পিবেৎ মনু ১১.৯১ ; ৯২। —র্ণ পুং ১ সূর্য্যবংশীয়রাজ সুদর্শনের পুত্র। "রঘু ১৯.১। ২ [ষ.ত] অগ্নির রূপ।

অগ্নিবর্দ্ধক, -বর্দ্ধন বিণ [ষ.ত] জঠরাগ্নির বৃদ্ধিকর ; অগ্ন্যুদ্দীপক, আগ্নেয় (ঔষধাদি)।

অগ্নিবাণ পুং [উ.লো] অগ্নিদেবতাক বাণ ; আগ্নেয়াস্ত্র। "অগ্নিবাণে করে বীর অগ্নি-অবতার কৃ ২৯৯। ম ৯১৮।

অগ্নিবাহ পুং, **-বাহন** ক্লী [অগ্নি+ √বহ্+অ (অণ)-ক ; উ.ত, ষ.ত] যে অগ্নিকে বহন করে ; ছাগ।

অগ্নিবিন্দু পুং [ষ.ত] অগ্নিকণ, বিস্ফুলিঙ্গ, ফুল্‌কি।

অগ্নিবিসর্প [ষ.ত]] ব্রণে অগ্নিবৎ জ্বালার বিস্তার।

অগ্নিবীজ ক্লী [ষ.ত] ১ (তন্ত্রে) অগ্নির বীজমন্ত্র 'র'। ২ [বহুব্রী] অগ্নি যাহার মূল ; স্বর্ণ। দ্র 'অগ্নিজ' ক্লী'। "মনু ৫.১১৩।

অগ্নিবীর্য্য ক্লী [ষ.ত] ১ অগ্নির তেজ বা রেতঃ। ২ অগ্নিপরাক্রম। ৩ অগ্নিবীর্য্যজাত স্বর্ণ।

অগ্নিবৃদ্ধি স্ত্রী [ষ.ত] জঠরাগ্নির পাকশক্তির বৃদ্ধি ; ক্ষুধাবৃদ্ধি।

অগ্নিবৃষ্টি বি [ষ.ত] ১ অগ্নির বর্ষণ ; বৃষ্টিবৎ অবিরল অগ্নিশিখাপাত। ২ অবিরত অগ্নিবাণ গোলা গুলি প্রভৃতির বর্ষণ। ৩ অগ্নিবৎ উত্তপ্ত বায়ুপ্রবাহ।

অগ্নিবেশ পুং [অগ্নিবেশতুল্য বেশ যাহার, উ.বহুব্রী] যাহার বেশ অগ্নিবেশতুল্য উজ্জ্বল ; আগ্নেয়াস্ত্রবিৎ মুনিবিশেষ। [ইনি অগ্নির পুত্র ও দ্রোণের পিতা ভরদ্বাজের শিষ্য। ভরদ্বাজ ইঁহাকে আগ্নেয়াস্ত্র প্রদান করেন। ইনি দ্রোণাচার্য্যের অস্ত্রগুরু (মহা ১.১৩০.৩৯-৪০।]

অগ্নিভু বিণ [অগ্নি+ √ভূ+ক্বিপ্ (০)-ক ; উ.ত ; স্ত্রী -ভূ] ১ অগ্নিজাত ; অগ্নিসম্ভব। —ভূ পুং কার্ত্তিকেয়। দ্র 'অগ্নিকুমার'। ২ (কার্ত্তিকেয়ের মুখসংখ্যানুসারে) ছয় (৬) এই সংখ্যা।

অগ্নিভূতি বিণ [বহুব্রী ; স্ত্রী -তি] অগ্নিজাত। —ভূতি স্ত্রী [ষ.ত] ১ অগ্নির বিভূতি (ঐশ্বর্য্য)। ২ অগ্নিবীর্য্য।

অগ্নিমণি পুং [উ.লো] ১ অগ্নিজনক প্রস্তর ; সূর্য্যকান্ত, আতস্‌পাথর। ২ চকমকির পাথর।

অগ্নিমন্থ পুং, **-মন্থন** ক্লী [ষ.ত] ১ ঘর্ষণ দ্বারা অগ্ন্যুৎপাদন। ২ অগ্নিমন্থনসাধন মন্ত্র। ৩ গণিকারিকা বৃক্ষ (Premna Spinosa)।

অগ্নিময় বিণ [অগ্নি+ময় (ময়ট্) প্রাচুর্য্যে ; স্ত্রী -য়ী ; বৈদিক] অগ্নিপ্রচুর, অগ্নিব্যাপ্ত, তেজোময়। "ম ২৬৯। কৃ ৩৪৪। (সেতু) পাপীপক্ষে অগ্নিময় তেজে মে ২৬৪।

অগ্নিমান্ (-মৎ) বিণ [অগ্নি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -মতী] ১ অগ্নিযুক্ত, বহ্নিমান্। ২ প্রশস্তপরিপাকশক্তিবিশিষ্ট (সুশ্রুত)। ৩ আহিতাগ্নি, সাগ্নিক (দ্বিজ)। "মনু ৩.১২২ ; ৪.২৭। যাজ্ঞ ৩.৫৭।

অগ্নিমান্দ্য ক্লী [ষ.ত] জঠরাগ্নির পাকশক্তিহ্রাস ; মন্দাগ্নি।

অগ্নিমুখ বিণ [বহুব্রী ; স্ত্রী -খা, -খী ; বৈদিক] ১ অগ্নি যাহার মুখস্বরূপ। 'অগ্নিমুখা বৈ দেবাঃ (শ্রুতি)। ২ অগ্নিপ্রমুখ, অগ্নি প্রভৃতি। —মুখ পুং ১ দেবতা। ২ অগ্নিহোত্রী দ্বিজ (ত.বা)। ৩ যাহার মুখে দাহক শাপাগ্নি ; ব্রাহ্মণ। তু 'বাগ্‌বজ্রা বৈ বিপ্রাঃ (শ্রুতি)। ৪ যাহার অগ্রভাগ দাহক ; চিত্রক বৃক্ষ। ৫ ভল্লাতক, ভেলাগাছ। —মুখ ক্লী ১ অগ্নিজনক চূর্ণ ঔষধবিশেষ। ২ [ষ.ত] অগ্নির পঞ্চমুখ। ৩ (বাঙ্‌লায়) অগ্নিবৎ দীপ্তাগ্র বাণ। "কৃ ২৫৩। —মুখী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীষ্)] ১ ভল্লাতকী বৃক্ষ। ২ পাকশালা। ৩ গায়ত্রীমন্ত্র। "গায়ত্র্যাগ্নিমুখী (গোভিল)।

অগ্নিমূর্ত্তি বিং [উ বহুব্রী] ক্রোধে যাহার মূর্ত্তি অগ্নির তুল্য ; অতিকুপিত, চটিয়া লাল। —মূর্ত্তি বি অগ্নির মূর্ত্তি ; মূর্ত্তিমান্ অগ্নি।

অগ্নিমূল্য বিং যাহার মূল্য অগ্নিতুল্য অসহনীয়, অর্থাৎ অত্যধিক ; অতিমহার্ঘ। "আজকাল পাঁঠা…অগ্নিমূল্য হওয়ায়…পাঁঠি পর্য্যন্ত বলি হয় হু ২২২।

অগ্নিরক্ষণ ক্লী [ষ.ত] ১ অগ্নির রক্ষাস্থান ; অগ্নিহোত্র। ২ অগ্নিহোত্রগৃহ, অগ্নিশরণ। ৩ অগ্ন্যাধান। ৪ রাক্ষসাদি হইতে অগ্নির রক্ষণসাধনমন্ত্র।

অগ্নিরেতঃ (-তস্) ক্লী [ষ.ত] ১ অগ্নিশুক্র। ২ সুবর্ণ।

অগ্নিলোক পুং [ষ.ত] মেরুশৃঙ্গস্থ অগ্নিভুবন (দ্র 'ত.বা)।

অগ্নিশরণ, -শাল ক্লী, —শালা স্ত্রী [ষ.ত] অগ্নিত্রয়ের রক্ষাগৃহ ; অগ্নিহোত্রগৃহ, অগ্ন্যাধানগৃহ। "°ণ শ ৪ ৩/৪ ; °ণমার্গে ৫ ৫/৬। °ণ "মহা ৩.১৪৫.৩০। °লা রা ২.৯১.১১।

অগ্নিশর্ম্মা (-র্ম্মন্) বিণ [উপ.ত] অগ্নির ন্যায় শর্ম্মা, অর্থাৎ তীব্র কোপ হেতু পীড়াদায়ক ; তীব্রকোপান্বিত, অতিকোপন। "প্রখরমূর্ত্তি অগ্নিশর্ম্মা, ছাত্র মরে আতঙ্কে।—রবীন্দ্র। —র্ম্মা পুং ১ মুনিবিশেষ। 'পা ৪.১.৯৬, কাশিকা। মুগ্ধবোধ ৪১৬। ২ (বাঙ্‌লায়) অতিকোপন ব্রাহ্মণ বা ব্যক্তিমাত্র। ৩ সিংহলরাজের প্রচণ্ডস্বভাব পুরোহিত (দ্র 'ক.চ ২০৫)। [অগ্নিশর্ম্মা হওয়া—অগ্নিশর্ম্মার তুল্য কোপন-স্বভাব বা কোপজ্বলিত হওয়া।]

অগ্নিশাল, -শালা দ্র 'অগ্নিশরণ'।

অগ্নিশিখ বিণ [অগ্নিশিখার তুল্য শিখা যাহার, উ.বহুব্রী] ১ যাহার অগ্র অগ্নিশিখাবৎ প্রদীপ্ত বা জ্বালাময়। "দহত্বগ্নিশিখৈঃ সায়কৈঃ (S.W.)। ২ অগ্নিতুল্যজটাবান্ (ত.বা)। —খ পুং ১ কুঙ্কুমবৃক্ষ। ২ কুসুম্ভবৃক্ষ। ৩ প্রদীপ। ৪ শর, বাণ। —খ ক্লী ১ কুসুম্ভপুষ্প, কুসুমফুল। ২ কুঙ্কুমপুষ্প। ৩ স্বর্ণ। —খা স্ত্রী ১ লাঙ্গলী, বিষলাঙ্গলা। ২ অনন্তা, অগ্নীশ্বরবৃক্ষ (অ.কো)। ৩ [ষ.ত] অগ্নির শিখা (শীষ) ; অগ্নিজ্বালা। "শরৈরগ্নিশিখোপমৈঃ রা ৬.৯৩.৩২।

অগ্নিশিখা দ্র 'অগ্নিশিখ'।

অগ্নিশুদ্ধি স্ত্রী [তৃ.ত] সর্থ 'অগ্নিপরিশুদ্ধি'। °"অগ্নিশুদ্ধৌ ত্বনিশ্চয়ঃ উ.চ ৬ (প্রস্তাবনা)।

অগ্নিশুশ্রূষা স্ত্রী [ষ.ত] অগ্নিসেবা, প্রভাতে ও সন্ধ্যায় সমিধ্ দ্বারা অগ্নিতে যথাবিধি কৃত হোম। "মনু ২.২৪৮।

অগ্নিষ্টোম পুং [অগ্নির স্তোম যাহাতে, বহুব্রী (পা ৪.৩.৬৬, তত্ত্ববোধিনী), ষত্ব] ১ যাহাতে অগ্নির স্তব আছে ; যাগবিশেষ। "মনু ২.১৪৩। [ইহা পঞ্চদিবসসাধ্য, বসন্তকাল ইহার সময়, বেদবিৎ সাগ্নিক ইহার অধিকারী, স্বর্গলাভ ইহার ফল, সোমরস ইহার হবিঃ ; ইন্দ্রবায়ু প্রভৃতি ইহার দেবতা। ইহার ষোড়শ ঋত্বিক্—হোতৃগণ অধ্বর্য্যুগণ ব্রহ্মগণ ও উদ্গাতৃগণে বিভক্ত। হোতৃগণে হোতা প্রশাস্তা অচ্ছাবাক গ্রাবস্তোতা ; অধ্বর্য্যুগণে—অধ্বর্য্যু প্রতিপ্রস্থাতা নেষ্টা উন্নেতা ; ব্রহ্মগণে—ব্রহ্মা ব্রাহ্মণাচ্ছংসী অগ্নীধ্র পোতা ; উদ্গাতৃগণে—উদ্গাতা প্রস্তোতা প্রতিহর্ত্তা সুব্রহ্মণ্য।] ২ অগ্নিষ্টোমমন্ত্র, অগ্নিষ্টোমকল্প ? (S.W.)

অগ্নিষ্বাত্ত, -স্বাত্ত পুং, বহুব [অগ্নি কর্ত্তৃক স্বাত্ত, তৃ.ত ; বৈদিক] অগ্নি কর্ত্তৃক সম্যক্ আত্ত (গৃহীত) ; যাঁহারা শ্রৌত ও স্মার্ত্ত অগ্নি কর্ত্তৃক ভক্ষিত (শ.ক) ; শ্রাদ্ধীয় বিপ্রকররূপ অনল হইতে যাঁহাদের সম্যক্ গ্রহণ (ত.বা) ; দিব্যপিতৃগণবিশেষ। [ইঁহারা মরীচির পুত্র, দেবগণের ও বিপ্রগণের পিতৃগণ (মনু ৩. ৯৫ ; ১৯৯) এবং সপ্ত পিতৃগণের প্রথমগণ (দ্র 'তর্পণমন্ত্র')। মাধবাচার্য্যের মতে মনুষ্যজন্মে যাঁহারা অগ্নিষ্টোমাদি করেন নাই, কেবল স্মার্ত্ত কর্ম্ম করিয়াছেন, তাঁহারাই মৃত্যুর পরে অগ্নিষ্বাত্তপিতৃত্ব প্রাপ্ত হইয়াছেন।]

অগ্নিসংস্কার পুং [তৃ.ত] অগ্নিদ্বারা দাহ ; মন্ত্রপূর্ব্বক অগ্নিদ্বারা শবদাহ ; মৃতসৎকার। "মনু ৫.৬৯। রঘু ১২.৫৬। অনন্তর অগ্নিসংস্কার করিয়া বানরগণ স্রোতস্বতীতে স্নানার্থ গমন করিল (রামায়ণতত্ত্ব)।

অগ্নিসখ পুং [অগ্নির সখা ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ (উদ্দীপন হেতু) অগ্নির বন্ধু ; বায়ু। ২ ধূম। ৩ ধূম্রবর্ণ পারাবত।

অগ্নিসঙ্কাশ বিণ [তৃ.ত, নিত্যসমাস ; স্ত্রী -শা] অগ্নির সদৃশ ; অগ্নিতুল্য, অতিদীপ্ত।

অগ্নিসৎকার বি [তৃ.ত] অগ্নিদ্বারা শবদাহ ; মড়া-পোড়ান।

অগ্নিসন্দীপন বিণ [ষ.ত ; স্ত্রী -নী] অগ্নির উত্তেজক ; বহ্নিসন্দীপক ; জঠরাগ্নিবর্দ্ধক। —ন ক্লী জঠরানলবর্দ্ধক ঔষধাদি।

অগ্নিসম্ভব বিণ [বহুব্রী ; স্ত্রী -বা] অগ্নি যাহার উৎপত্তি স্থান ; বহ্নিজাত। —ব ক্লী স্বর্ণ। তু 'অগ্নিজ'।

অগ্নিসহায় পুং [ষ.ত] ১ অগ্নির বন্ধু ; বায়ু। ২ ধূম। ৩ (ধূম্রসাদৃশ্যে বা অগ্ন্যুদ্দীপক মাংস হেতু) বনকপোত, ঘুঘু।

অগ্নিসাক্ষিক বিণ [অগ্নি সাক্ষী যাহাতে, বা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] যাহাতে বা যাহার অগ্নি সাক্ষাৎ দ্রষ্টা ; ৺অগ্নি-সাক্ষাৎকারে কৃত (কর্ম্মাদি)। "সখ্যং...অগ্নিসাক্ষিকম্ রা ১.১.৬১ ; অগ্নিসাক্ষিকং মিত্রম্ ৪.৮.৪। রঘু ১১.৪৮। অগ্নিসাক্ষিক-মর্য্যাদো ভর্ত্তা হি শরণং স্ত্রিয়। —হি (S.W.)।

অগ্নিসাক্ষী (-ক্ষিন্) বিং [বহুব্রী] সর্থ 'অগ্নিসাক্ষিক'। "পরস্পর বৈরী মারি উদ্ধারিব নারী। অগ্নিসাক্ষী এই সত্য হইল দোহারি॥ কৃ ১৫২।

অগ্নিসাদ পুং [ষ.ত] জঠরাগ্নির অবসাদ ; অগ্নিমান্দ্য, অক্ষুধা (সুশ্রুত)।

অগ্নিস্তম্ভ পুং [ষ.ত] ১ অগ্নির রোধ ; মন্ত্রৌষধি দ্বারা অগ্নির দাহশক্তি প্রতিরোধ। ২ [বহুব্রী] যাহা দ্বারা অগ্নির রোধ হয় ; অগ্নিশক্তিরোধক মন্ত্র বা ঔষধ। ৩ (বাঙলায়) আগুনের থাম ; স্তম্ভাকার অগ্নি। "দেহ এ ত্রিশূল মম মায়ায়, সুন্দরি, তমোময় যমদেশে অগ্নিস্তম্ভসম, জ্বলি উজ্জ্বলিবে দেশ মে ২৬১।

অগ্নিস্তম্ভন ক্লী [ষ.ত] সর্থ 'অগ্নিস্তম্ভ (১)।

অগ্নিস্বাত্ত দ্র 'অগ্নিষ্বাত্ত'।

অগ্নিহোত্র ক্লী [বহুব্রী ; বৈদিক] ১ অগ্নিরক্ষার নিমিত্ত যে কর্ম্মে হোম আছে ; অগ্ন্যাধানপূর্ব্বক অগ্নিরক্ষার্থ করণীয় হোমরূপ যাগবিশেষ। "মনু ৪.২৫ ; ১১.৩৬,৪২। [ইহা দ্বিবিধ—মাস-সাধ্য, যাবজ্জীবন-সাধ্য। যাবজ্জীবন-সাধ্যে ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য দারগ্রহণান্তে যথাক্রমে বসন্তে গ্রীষ্মে ও শরৎকালে অগ্নিত্রয় যথাবিধি স্থাপন করিয়া তাহাতে প্রত্যহ প্রভাতে ও সন্ধ্যায় দধি দুগ্ধ ঘৃত যবাগূ ইত্যাদি দশবিধ দ্রব্যে হোম করিবেন। জীবনান্তে এই অগ্নিতে যাগকর্ত্তার দেহ দগ্ধ করিতে হইবে। ইহা নিত্য অগ্নিহোত্র। মাস-সাধ্য অগ্নিহোত্র কাম্য।] ২ যজ্ঞাগ্নিসঞ্চয়, অগ্নিরক্ষণ, অগ্ন্যাধান (শ.ক)। ৩ শ্রৌত ও স্মার্ত্ত অগ্নি। "°সংযোগ মনু ৩.১৭১। দাহয়েদগ্নিহোত্রেণ মনু ৫.১৬৭ ; ৬.৪। যাজ্ঞ ১.৮৯। ৪ অগ্নিরক্ষণস্থান, অগ্নিকুণ্ড। "অগ্নিহোত্রাৎ সমুত্থায় মহা ৩.২৯২.১১। অগ্নিহোত্র চাহি বলে দানব দুরন্ত। কহ বৈশ্বানর সব জানহ বৃত্তান্ত॥ ম ৩। ৫ অগ্নিহোত্রোপকরণ, হোমদ্রব্য। "বিকীর্ণৈরগ্নিহোত্রৈশ্চ সর্ব্বভূবঃ সমাবৃতাঃ মহা ৩.১০২.১১। ৬ [স.ত] অগ্নিতে হোম। "পা ২.৩.৩। অগ্নিহোত্রঞ্চ জুহুয়াৎ মনু ৪.২৫ ; ৭.৮৪। অগ্নিহোত্রদ্রব্য কৃ.উ ৬৬। কা ১১। —ত্র পুং ১ অগ্নি। ২ ঘৃত, হবিঃ।

অগ্নিহোত্রী (-ত্রিন্) পুং [অগ্নিহোত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] যাঁহার অগ্নিহোত্র আছে ; অগ্ন্যাধানপূর্ব্বক যথাবিধি হোমকর্ত্তা ; আহিতাগ্নি, সাগ্নিক। "মনু ১১.৪১। যাজ্ঞ ৩.১৮৪।

অগ্নীধ্র পুং [অগ্নি+ √ধৃ+অ (ক)-ক, দীর্ঘ ; উ.ত] ১ যিনি অগ্নি আধান (স্থাপন) করেন ; অগ্ন্যাধানকারক ঋত্বিগ্বিশেষ, আগ্নীধ্র। [অগ্নিরক্ষণ ইঁহার কার্য্য। ইনি ষোড়শ ঋত্বিকের ব্রহ্মগণের একতম (দ্র 'অগ্নিষ্টোম')।] ২ জম্বুদ্বীপপতি প্রিয়ব্রতের পুত্র রাজবিশেষ। [ইঁহার নাভি প্রভৃতি নয় পুত্র। এই পুত্রগণের নামানুসারে জম্বুদ্বীপ নয় বর্ষে বিভক্ত (ভ ৫.২.১, ১৯, ২১ ; দ্র 'জম্বুখণ্ড')।] ৩ স্বায়ম্ভুব মনুর পুত্র রাজবিশেষ।

অগ্নীন্ধন ক্লী [অগ্নির ইন্ধন, ষ.ত] ১ হবির্দানাদিপূর্ব্বক অগ্নিপ্রজ্বালন ; অগ্নিকার্য্য। ২ অগ্নির দীপ্তিসাধন ; সমিদ্ধোম। "মনু ২.১০৮। ৩ অগ্নিপ্রজ্বালনমন্ত্রবিশেষ (ত বা)

অগ্নীয় বিণ [অগ্নি+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -য়া] ১ অগ্নিসম্বন্ধী, আগ্নেয়। ২ অগ্নির অদূরবর্ত্তী ; অগ্নিসন্নিকৃষ্ট (স্থানাদি)।

অগ্নীষোম পুং, দ্বিব [অগ্নি ও সোম, দ্বন্দ্ব, ঈ (ঈৎ)-আদেশ, ষত্ব] ১ একহবির্ভোক্তা অগ্নি ও চন্দ্র। "মহা ৩.২২০ ১৫। অগ্নিষোমীয়ত্বাদ্ গর্ভস্য (সুশ্রুত)। ২ (বাঙলায়) অগ্নীষোমীয় যজ্ঞ। "অগ্নীসোম রাজসূয় করিল শতেক কৃ উ ১০১।

অগ্ন্যগার, অগ্ন্যাগার ক্লী [অগ্নির অগার আগার, ষ.ত] অগ্নিগৃহ, অগ্নিহোত্রগৃহ, অগ্নিশালা। "অগ্ন্যাগার রা ২.৩.১২ ; ৭৬.১৩। "বসন্...অগ্ন্যাগারে রঘু ৫.২৫। অগ্ন্যাগার মনু ৪.৫৮।

অগ্ন্যস্ত্র ক্লী [উলো] ১ অগ্নিদেবতাক অস্ত্র ; আগ্নেয়াস্ত্র। ২ অগ্নিচালিত অস্ত্র—নালাস্ত্র, নালিক, কামান, বন্দুক ইত্যাদি।

অগ্ন্যাগার দ্র 'অগ্ন্যগার'।

অগ্ন্যাত্মক বিণ [অগ্নি আত্মা যাহার, বহুব্রী ; স্ত্রী -ত্মিকা] যাহার স্বভাব অগ্নিতুল্য ; কোপনস্বভাব, রুক্ষপ্রকৃতি। 'সোমাত্মিকা স্ত্রী, অগ্ন্যাত্মকঃ পুরুষঃ (A)।

অগ্ন্যাধান ক্লী [অগ্নির আধান, ষ.ত] ১ মন্ত্রপূর্ব্বক যথাবিধি অগ্নিস্থাপন। ২ [বহুব্রী] যাহাতে অগ্নির আধান ; অগ্নিহোত্র যাগ (ত.বা)।

অগ্ন্যালয় পুং [অগ্নির আলয়, ষ.ত] ১ অগ্নিসম্বন্ধী গৃহ ; অগ্নিশরণ, হোমগৃহ। ২ যজ্ঞাগ্নির আধারকুণ্ড ও স্থণ্ডিল (ত.বা)।

অগ্ন্যাহিত বিণ [আহিত অগ্নি যাহা কর্ত্তৃক, বহুব্রী, আহিতাগ্নিগণ] যিনি অগ্ন্যাধান করিয়াছেন ; অগ্নিহোত্রী, সাগ্নিক।

অগ্ন্যুৎপাত পুং [উলো] ১ আকাশস্থ অগ্নি কর্ত্তৃক সূচিত উপদ্রব ; প্রকৃতির আকস্মিক অন্যথাভাব (অ.টী) ; উল্কাপাত ধূমকেতু প্রভৃতি ; উপাহিত। [ধিষ্ণ্যা উল্কা অশনি বিদ্যুৎ তারা ভেদে আকাশসম্বন্ধী উৎপাত পঞ্চবিধ।] ২ (বাঙলায়) আগ্নেয়গিরি হইতে অগ্নিপ্রভৃতির উৎক্ষেপ বা উদ্গিরণ। "আগ্নেয়গিরি হইতে...অগ্নিশিখাদি নির্গত হওয়াকে ঐ গিরির অগ্ন্যুৎপাত বলে চা.প্র ৬। ৩ গৃহদাহাদি অগ্নিজন্য অনিষ্টপাত।

অগ্ন্যুদ্গম, অগ্ন্যুদ্গার, -গিরণ বি [অগ্নির উদ্গম উদ্গার উদ্গিরণ, ষ.ত] আগ্নেয়গিরির গহ্বরপথে অগ্নিপ্রভৃতির উদ্গমন বা উৎক্ষেপণ।

অগ্ন্যুদ্গার, -গিরণ দ্র 'অগ্ন্যুদ্গম'।

অগ্ন্যুদ্ধার পুং [অগ্নির উদ্ধার, ষ.ত] আধানার্থ অরণিদ্বয়ঘর্ষণে অগ্ন্যুৎপাদন।

অগ্ন্যুপস্থাপন ক্লী [অগ্নির উপস্থাপন, ষ.ত] ১ অগ্নির পূজন বা উপাসনা। ২ অগ্নির উপাসনামন্ত্র।

অগ্র বিণ [√অন্গ্+র (রন্)-ক, ন্-লোপ, উ ২.২৮ ; স্ত্রী -গ্রা ; বৈদিক] ১ প্রথম, আদ্য। "°ভাগ। ২ প্রধান। "°বীর। মমাগ্রমহিষী ভব রা ৩.৪৭.২৮। ৩ প্রথম। "মনু ৩.১২। ৪ শ্রেষ্ঠ, উত্তম। "°আসন ; °জাতি। ৫ অধিক। ৬ উপরিস্থ।

"বিমানাগ্রভূমি উ.মে ৮। —গ্র ক্লী **১** উপরিভাগ, উর্দ্ধভাগ। "পদ্মানি যস্যাগ্রসরোরুহাণি কু.স ১.১৬। গৃহাগ্রে উড়িছে ধ্বজ মে ১১০। **২** শেষভাগ, প্রান্ত। "হর্ম্ম্যাগ্ররূঢ়েষু তৃণাঙ্কুরেষু (রঘু)। বল্মীকাগ্র পূ.মে ১৫। ধর্ম্মস্য ব্রাহ্মণো মূলমগ্রং রাজন্য উচ্যতে মনু ১১.৮৪। **৩** সূক্ষ্মশেষাংশ, আগা, ডগা (Tip, point)। "জিহ্বাগ্র, রসনাগ্র, দংষ্ট্রাগ্র, সূচ্যগ্র, °নখ, °নাসিকা, °পাণি। নাসিকাগ্র গী ৬.১৩। মনু ২.৫৯; নখাগ্র ১৬৭। তীক্ষ্ণাগ্রদশন মহা ৩.১২৪.২০। তীক্ষ্ণ-সূচি-অগ্রে ভূমি আচ্ছাদয়ে যত ম ৭২৪। **৪** শিখর, চূড়া, শৃঙ্গ। "কৈলাসাগ্র, পর্ব্বতাগ্র। **৫** পূর্ব্বভাগ, পূর্ব্বাবয়বাংশ। "°কায়, °জঙ্ঘা। **৬** পুরোভাগ, সম্মুখ। "°সর, °গ, °তঃ। বলাগ্র গো.রা ৬.২.১৬; অনীকাগ্র ৬.৩.১৬। রঘু ২.৫৬। তব অগ্রে মারে সেনা দেখিছ দাণ্ডায়্যা ম. ৮৩০। **৭** সন্নিধান, সমীপ, নিকট। "মমাগে প্রস্তুবস্তি হি ১$\frac{৫}{১৬}\frac{৯}{৯}$। দ্রোণগুরু আগে কহে ম ৮৩০। **৮** প্রথমাংশ। "তৎপিণ্ডাগ্রং প্রযচ্ছেত মনু ৩.২২৩। সর্ব্বরসাগ্রে মণ্ডম্ (অ.কো)। **৯** আদি, পূর্ব্ব, প্রথম (কালসম্বন্ধে)। "মাতুরগ্রেঽধিজননং দ্বিতীয়ং মৌঞ্জীবন্ধনাৎ মনু ২ ১৬৯; ৩.১১৪। তব অগ্রে তা'রা সব গেল স্বর্গ-লোকে ম ১২৭২। **১০** কোন জাতিমধ্যে শ্রেষ্ঠমাত্র। "স্যন্দনাগ্র, প্রাসাদাগ্র। **১১** উৎকর্ষ। **১২** সমূহ (M.W.)। **১৩** আলম্বন, আশ্রয়, বিষয়। "একাগ্র মনু ১.১। **১৪** প্রথমভাগ। "প্রতাপোঽগ্রে ততঃ শব্দঃ পরাগস্তদনন্তরম্ রঘু ৪.৩০। **১৫** ভিক্ষাপরিমাণবিশেষ, গ্রাসচতুষ্টয়। "গ্রাসপ্রমাণা ভিক্ষা স্যাদগ্রং ভিক্ষাচতুষ্টয়ম্ (স্মৃতি)। **১৬** আধিক্য, অতিরেক। "যোজনানাং শতং সাগ্রম্ গো.রা ৫.৭.২৮; সাগ্রকোটী চ রক্ষসাম্ ৬.১৩.১৭; সাগ্রং তু স্ত্রী-সহস্রম্ ৯৫.১৮। **১৭** পরিমাণবিশেষ, একপল।

অগ্রকর পুং [কর্ম্মধা (মল্লিনাথ); করের অগ্র, ষ.ত, রাজদন্তাদি] **১** অগ্রস্থ করাংশ; হস্তের অগ্রভাগ; করাগ্র, অঙ্গুলি। "আলম্বতাগ্র-করমত্র ভবো ভবান্যাঃ কি ৫ ২৯। **২** প্রথমকিরণ (M.W.)।

অগ্রকায় পুং [কর্ম্মধা, অথবা ষ.ত, রাজদন্তাদি] উপরিস্থ কায়াংশ, দেহের অগ্রভাগ; পূর্ব্বকায়।

অগ্রগ বিণ [অগ্র+√গম্+অ(ড)-ক; উ.ত; স্ত্রী -গা] যে অগ্রে যায়; পুরোগামী, অগ্রসর। —গ পুং নায়ক, অধিপতি। "পঞ্চ সেনাগ্রগাস্তথা গো.রা ৫.৪৩.৭। মগধরাজ সেনাগণের অগ্রগ হইয়া কহিলেন।—কালীপ্রসন্ন সিংহ।

অগ্রগণী বিং [সং অগ্রগণ্য; অস অগ্রগণি; অপ্র] প্রধান। "ত্রিভুবন-বিখ্যাত সে দাতা-অগ্রগণী অ.প ১৭।

অগ্রগণ্য বিণ [স.ত; স্ত্রী -গ্যা] **১** অগ্রে গণনীয়; প্রথমে উল্লেখযোগ্য; প্রথম, প্রধান। "শমনভবনযানে যদ্ ভবানগ্রগণ্যঃ (মহানাটক)। রাজ্যশাসনে রাজপুতগণ দক্ষাগ্রগণ্য ব.প্র ৯। **২** (বাঙ্‌লায়) অগ্রসর (অপ্র)। "ভয়ে কেহ রণেতে বা হয় অগ্রগণ্য অ.প ১৬; যুবরাজ সুধন্বা হইল অগ্রগণ্য ৬৮।

অগ্রগামী (-মিন্) বিণ [অগ্র+√গম্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব; উ.ত; স্ত্রী -মিনী (ণত্বাভাব)] অগ্রে গমনশীল; পুরোগামী, অগ্রযায়ী। "পা ৮.৩ ৯২। —মী পুং নায়ক, অগ্রণী। "পঞ্চ সেনাগ্র-গামিনঃ গো. রা ৫.৪১.২।

অগ্রজ বিণ [অগ্র+√জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] যে অগ্রে জন্মে; অগ্রজাত, পূর্ব্বজাত। "তস্য পুত্রোঽগ্রজো রামঃ গো.রা ৫.৫৬.১১। আনন্দেনাগ্রজেন রঘু ১০.৭৮। —জ পুং **১** জ্যেষ্ঠ ভ্রাতা; পূর্ব্বজ। "মনু ৯.১১৪। ভরতাগ্রজ রঘু ১৪.৭৩। অগ্রজ তব ধন্য রাজকুলে মে ১৯২। **২** (চতুর্ব্বর্ণের অগ্রজাত) ব্রাহ্মণ। "পরাশর ৬.২৩। —জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] 'অগ্রেজাতা'; জ্যেষ্ঠা ভগিনী।

অগ্রজন্মা (-ন্মন্) বিণ [অগ্রে জন্ম যাহার, বহুব্রী; স্ত্রী -ন্মা] পূর্ব্বজাত, অগ্রজ। —ন্মা পুং **১** জ্যেষ্ঠভ্রাতা। **২** (চতুর্ব্বর্ণের অগ্রজাত) ব্রাহ্মণ। "মনু ২.২০; ৩ ১৩; ১০.৭৫। যাজ্ঞ ১.১২। রঘু ৫.২৬। **৩** (দেবগণের অগ্রজাত) ব্রহ্মা। তু 'সুরজ্যেষ্ঠ'।

অগ্রজা দ্র 'অগ্রজ'।

অগ্রজাত বিণ [স.ত; স্ত্রী -তা] পূর্ব্বজাত। —ত পুং **১** অগ্রজ, জ্যেষ্ঠভ্রাতা। **২** ব্রাহ্মণ। দ্র 'অগ্রজ'। —জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] জ্যেষ্ঠভগিনী। —জাতক পুং ব্রাহ্মণ।

অগ্রজাতি পুং [বহুব্রী] যাহার জন্ম শ্রেষ্ঠ বা পূর্ব্ববর্ত্তী; ব্রাহ্মণ।

অগ্রজিহ্বা স্ত্রী [জিহ্বার অগ্র, ষ.ত, রাজদন্তাদি] জিহ্বার অগ্রভাগ; রসনাগ্র।

অগ্রণী বিণ [অগ্র+√নী+° (ক্বিপ্)-ক, ণত্ব (পা ৩.২.৬১, বার্ত্তিক), উ.ত] যে অগ্র বহন করে; অগ্রিম, শ্রেষ্ঠ, প্রধান। "অগ্রণীমন্ত্রকৃতা-মৃষীণাম্ রঘু ৫.৪। —ণী পুং **১** নায়ক প্রভু। "অগ্রণীর্বানরেশ্বরঃ গো রা ৫ ১ ৬৭। **২** অগ্নি। দ্র 'অগ্নি'। "অগ্রং যচ্ছন্তি ভূতানাং যেন ভূতানি নিত্যদা। কর্ম্মস্বিহ বিচিত্রেষু সোঽগ্রণীর্বহ্নিরুচ্যতে॥ মহা ৩.২২০.২২।

অগ্রত ক্রি বিং [সং অগ্রতঃ, বিসর্গলোপ, তু 'প্রা অগ্গঅ (প্রা.ম)] অগ্রে, সম্মুখে। "দেবের দুস্তর এই সৈন্য সিন্ধুবত। কি শক্তি মানুষ হৈবে ইহার অগ্রত॥ ম ৬১৭। সুরথ অগ্রত কেহ রত্ন নিল হরি চ বি ১২।

অগ্রতঃ (-তস্) ব্য [অগ্র+তঃ (তসি), সপ্তমীস্থানে; ছান্দস] **১** অগ্রে, পুরোভাগে, সম্মুখে। "ন গণস্যাগ্রতো গচ্ছেৎ হি ১.২৮। (দদর্শ) গামগ্রতঃ রঘু ২.৬১। শ ২$\frac{৭}{৮}$। **২** প্রত্যক্ষে, সমক্ষে, সমীপে। "তস্মাৎ ত্বয়া গুণাঃ স্তুত্যা ভরতস্যাগ্রতো ন মে।—গো.রা ২.২৬.২৮। রঘু ৩.৩৯। **৩** পূর্ব্বে, প্রথমে, প্রাক্। "পুরুনং জাতমগ্রতঃ (ঋগ্বেদ)। **৪** [+তঃ, পঞ্চমীস্থানে] অগ্র হইতে, সম্মুখ হইতে। "অপসবাগ্রতঃ। —পঞ্চ ১$\frac{৩}{৩}\frac{২}{২}\frac{২}{৩}$।

অগ্রদানী (-নিন্) পুং [অগ্রদান+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] যাহার অগ্রদান আছে, প্রেতোদ্দেশে দত্ত ষড়ঙ্গ তিলাদিগ্রাহক পতিত ব্রাহ্মণবিশেষ; অগ্‌গদানী। 'লোভী বিপ্রশ্চ শূদ্রাণামগ্রে দানং গৃহীত-বান্। গ্রহণাত্তিলদানানামগ্রদানী বভূব সঃ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)। "বৈদ্যগণের পাশে, অগ্রদানী জন বৈসে, নিত্য করে রোগীর সন্ধান ক.চ ৮৮। অগ্রদানীর আহ্লাদ হয় বুড়ো ধনী ম'লে দা ৫৩১। [অগ্রদানী ব্রাহ্মণগণ অপসদমধ্যে পরিগণিত। তাঁহাদিগের সদাচার ও সমাজপরিচ্যুতির হেতু কেবল বল্লালসেনের মাতৃশ্রাদ্ধের গো হিরণ্য হস্ত্যশ্ব নৌকা পালকী ও রথাদি মহাদানের গ্রহণ। ইঁহাদিগের পূর্ব্ব-পিতামহগণ মহর্ষি সাগ্নিক নৈষ্ঠিক বিপ্র হইলেও, সে পরিচয়ে এখন ইঁহারা সমাজে পরিচিত বা পঙ্‌ক্তিপাবন নহেন। ইঁহাদিগের কন্যা-গ্রহণে আদিবংশজের উৎপত্তি হয়। ...অগ্রদানীগণ যাজন ও অধ্যাপনায় বঞ্চিত (সম্বন্ধনির্ণয় ২৫৪,৩৪৬ পৃষ্ঠ.)।]

অগ্রদানীয় পুং [অগ্রদান+ঈয়(ছ) 'তাহার যোগ্য' অর্থে] অগ্র-দানের যোগ্য; অগ্রদানী ব্রাহ্মণ।

অগ্রপাণি পুং [পাণির অগ্র, ষ.ত, রাজদন্তাদি] **১** পাণির অগ্রভাগ; অঙ্গুলি। **২** হস্তাগ্র। **৩** [কর্ম্মধা] প্রধান হস্ত; দক্ষিণ হস্ত।

অগ্রপাতী (-তিন্) বিণ [অগ্র+√পত্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব; উ.ত; স্ত্রী -তিনী] যাহা অগ্রে যায় বা ঘটে; পূর্ব্বে সংঘটনশীল; পূর্ব্বগামী। "অগ্রপাতীনি শুভানি নিমিত্তানি (কাদম্বরী)।

অগ্রপাদ পুং [পাদের অগ্র, ষ.ত, রাজদন্তাদি] চরণাগ্র, পাদাঙ্গুলি। "°স্থিত শ ৬$\frac{২}{৩}$। মা.মি ৩.১২।

অগ্রপূজা স্ত্রী [কর্ম্মধা] প্রথম পূজা ; অগ্রসম্মাননা। "রা ১.৪৫.২৪।

অগ্রবীজ বিণ [বহুব্রী] যাহার অগ্র (শাখাগ্র) বীজ (উৎপাদক) ; যে বৃক্ষের শাখাগ্র কাটিয়া পুতিলে বা অন্য বৃক্ষে বসাইলে জীবিত থাকে ও গাছ হয়। —জ পুং অগ্রবীজবৃক্ষমাত্র ; কচের বা কলমের গাছ (Viviparous plant)।

অগ্রবীর পুং [কর্ম্মধা] প্রধান বীর ; মহাবীর। "কর্ম্মস্থ চাগ্রবীরঃ গো.রা ৬.৯৩.৩০।

অগ্রভাগ পুং [কর্ম্মধা] ১ প্রথম ভাগ ; পূর্ব্বাংশ। ২ শ্রাদ্ধাদিতে প্রথম উদ্ধৃত প্রদত্ত-দ্রব্যাংশ। "শ্রাদ্ধীয়াগ্রভাগ। ৩ প্রথমোদ্ধৃত প্রদত্ত দ্রব্যাংশ-মাত্র ; আগের ভাগ ; আগ। "অঙ্গুলির অগ্রভাগে অগ্রভাগ ল'য়ে। ভবানীর নামে দিল একভাব হ'য়ে॥ ভা.চ ৮৮। ৪ শেষভাগ, আগা, ডগা, ছুল্। "শর°।

অগ্রভূমি স্ত্রী [কর্ম্মধা] ১ প্রাপ্যস্থান, গন্তব্যস্থান। "উপেযুষো মোক্ষপথং মনস্বিনস্ত্বমগ্রভূমিঃ মাঘ ১.৩২। কি ১৭.৫৫। ২ অগ্রস্থিত তলদেশ ; উপরিভূমিকা, উপরতলা। "বিমানাগ্রভূমীঃ উ.মে ৮।

অগ্রমহিষী স্ত্রী [কর্ম্মধা] প্রধানমহিষী, মহারাণী, পাটরাণী। "রা ৩.৪৭.২৮।

অগ্রমাংস ক্লী [কর্ম্মধা] ১ প্রধান বা উৎকৃষ্ট মাংস, বুক্কা হৃদয় (অ কো)। "বে ৩৩/৪। ২ হৃদয়ের অভ্যন্তর (অ.টী)। ৩ হৃদয়স্থ পদ্মাকার মাংস বা ফুল্‌কা (ত.বা)। ৪ উদরমধ্যবর্ত্তিমাংসবর্দ্ধনরূপ রোগবিশেষ (বৈদ্যক) ; অগ্রমাসরোগ।

অগ্রমাস বি সর্থ 'অগ্রমাংস (৪)। "পিলে অগ্রমাসে মলো ব.দ্বি ৩।

অগ্রযান বিণ [বহুব্রী ; স্ত্রী -না] যাহার অগ্রে গমন ; অগ্রগামী। —ন ক্লী [স.ত] সৈন্যের অগ্রগমন (অ.চি)।

অগ্রযায়ী (-য়িন্) বিণ [অগ্র+ √যা+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব ; উ.ত , স্ত্রী -য়িণী] ১ অগ্রে গমনশীল ; পুরোগামী, অগ্রসর। "মানধনাগ্রযায়ী রঘু ৫ ৩,৬২ ; ১৮.১০। রণশিরস্যয়মগ্রযায়ী শ ৭.২৬। ২ শ্রেষ্ঠ, প্রধান।

অগ্রযোধী (-ধিন্) বিণ [স.ত] যে সৈন্যাগ্রে থাকিয়া যুদ্ধ করে ; অগ্রযোদ্ধা। "(অঙ্গদঃ) রাক্ষসানাং বধে তেষামগ্রযোধী ভবিষ্যতি গো.রা ৪.২১ ১২।

অগ্রসংখ্যা স্ত্রী [কর্ম্মধা] প্রথম সংখ্যা ; প্রথমস্থান, অগ্রগণ্যত্ব। "পুত্রঃ সমারোপয়দ্ অগ্রসংখ্যাম্ রঘু ১৮.৩০।

অগ্রসন্ধ্যা স্ত্রী [কর্ম্মধা, অথবা ষ.ত, রাজদন্তাদি] ১ সন্ধ্যার অগ্রভাগ বা প্রাক্‌কাল ; পূর্ব্বসন্ধ্যা। ২ প্রথমা সন্ধ্যা ; প্রাতঃসন্ধ্যা। "কর্কন্ধূনামুপরি তুহিনং রঞ্জয়ত্যগ্রসন্ধ্যা (শকুন্তলা)।

অগ্রসর বিণ [অগ্র+ √সৃ+ অ (ট)-ক, বাহুলকে, পা ৩.২.১৮, সি ; উ.ত ; স্ত্রী -রী] যে অগ্রে যায় ; অগ্রগামী, পুরঃসর, পুরোগামী। "হরিহয়াগ্রসরেণ ধনুর্ভৃতা রঘু ৯.২৩ ; ৫.৭১। অগ্রসরো জঘন্যানাম্ ভট্টি ৫.৯৭। অগ্রসর হও কর্ণ দেখিব নয়নেঃ ইহাদের অগ্রসর হবে কোন জনা ম ৯০৫।

অগ্রসারী বিং [সং অগ্রসর ; অপ্র] অগ্রগামী। "দুই বল মিলিলেক রণ-অগ্রসারী ব.প ৬১৭।

অগ্রসূচী স্ত্রী [ষ.ত, রাজদন্তাদি] সূচীর অগ্রভাগ ; সূচ্যগ্র (নৈষধ)।

অগ্রহস্ত পুং [কর্ম্মধা (সমানাধিকরণসমাস—মল্লিনাথ) ; অথবা, ষ.ত, রাজদন্তাদি] ১ অগ্রভাগরূপ হস্ত ; হস্তের অগ্রভাগ ; হস্তাগ্র, হাতের পাতা। "অগ্রহস্তে মুকুলীকৃতাঙ্গুলৌ কু.স ৫.৬৩। অগ্রহস্তং বিধুন্বন্ রা ২.২৩.৪। অগ্রহস্তেন মুখমপবার্য্য…স্থিতা শ ৬২/৮। ২ অঙ্গুলি। "প্রভ্রষ্টং মে অগ্রহস্তাৎ পুষ্পভাজনম্ শ ৪২/৪। ৩ প্রধান হস্ত ; দক্ষিণ হস্ত। ৪ হস্তিশুণ্ডাগ্র।

অগ্রহায়ণ পুং [হায়নের অগ্র, ষ.ত, রাজদন্তাদি (অ.টী), গস্, পা ৮.৪.৩] যাহা বৎসরের প্রথম মাস ; মার্গশীর্ষমাস, আগ্রহায়ণিক।

অগ্রহার বিণ [অগ্র+ √হৃ+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -রী] যে অগ্র গ্রহণ করে ; অগ্রহারক। —র পুং [উ.লো] ১ অগ্রার্থ হার (পৃথক্‌কৃত ক্ষেত্রাদি) ; ব্রাহ্মণ-ভোজনার্থ রাজধন হইতে পৃথক্‌কৃত ক্ষেত্রাদি (নীলকণ্ঠ) ; ব্রাহ্মণজীবিকার্থ রাজদত্ত ক্ষেত্র বা গ্রাম ; শাসন, ব্রহ্মত্তরভূমি। "অগ্রহারাংশ্চ দাস্যামি।—মহা ৩.৬৮.৪। ২ ক্ষেত্রোৎপন্ন শস্য হইতে উদ্ধৃত ও ব্রাহ্মণোদ্দেশে স্থাপ্য ধান্যাদি (ত.বা)।

অগ্রাক্ষি ক্লী [অগ্র অক্ষি, কর্ম্মধা ; অথবা ষ.ত, রাজদন্তাদি] ১ অগ্র-ভাগরূপ অক্ষি ; অক্ষির অগ্রভাগ , নেত্রাগ্র, অপাঙ্গ। ২ অপাঙ্গদর্শন, কটাক্ষ। "অগ্রাক্ষ্ণা বীক্ষমাণঃ রা ২.২৩.৫।

অগ্রাণ, অঘ্রাণ বি [সং অগ্রহায়ণ, 'হ'লোপে গ>ঘ ; কথ্যভাষায়, পদ্যে ; হি অগহন] অগ্রহায়ণমাস। "যদি না হয় অগ্রাণে বৃষ্টি। তবে না হয় কাঁঠালের সৃষ্টি॥ ব.প ১৪ ; অগ্রাণেতে নাগেশ্বর-কাল উপস্থিত ৩৭৬ , অগ্রাণ-মাসে ৮৫৪ , অগ্রাণে নূতন ধান্য ১১০৪। এক অঘ্রাণে ধান। তিন শাওনে পান॥ অঘ্রাণে পৌটি। পৌষে দেউটি॥—খনা। মাসমধ্যে নাম আমি ধরি যে অঘ্রাণ ম ৭৩৯। প্রথম অঘ্রাণ মাস শ্রী.ম ৫৯। শস্যস্তম্বরাশি অঘ্রাণে যেমন।—হেম ২০৭। অঘ্রাণে শীতের রাতে।—কথা ৫৫। অঘ্রাণেরি সোণার রোদে।—গান ৭৬ , ওমা, অঘ্রাণে তোর ভরা ক্ষেতে, কি দেখেছি মধুর হাসি ২২৮।

অগ্রাণী(নী)ক ক্লী [কর্ম্মধা ; ণত্ব] অগ্রগামী সৈন্য ; সেনাগ্রভাগ ; সেনামুখ। "ঘোরমগ্রানীকম্ গো.রা ৫.৭৩.২৩। অগ্রানীকেষু যোধয়েৎ মনু ৭.১৯৩।

অগ্রা(গ্র্যা)সন ক্লী [কর্ম্মধা] অর্ঘ্যদানাদির পূর্ব্বে কল্পিত ব্রাহ্মণের আসন ; উৎকৃষ্ট শ্রাদ্ধীয়ব্রাহ্মণাসন। "মৃ ১.১২।

অগ্রাহ্য বিণ [ন ত] ১ গ্রহণের অযোগ্য, নিষিদ্ধগ্রহণ (শিবনির্ম্মাল্যাদি, অশ্বতিলাদি)। ২ ঈষদ্‌গ্রাহ্য। "°বীর্য্যঃ পূর্ব্বাহ্ণে (আতপঃ) রা ৩.১৬.১৯। ৩ অস্বীকার্য্য, অপ্রতিগ্রহণীয়। ৪ পরিত্যাজ্য। "অগ্রাহ্য ইন্দ্রিয়পথে কি ধন পাইয়াছ ভ.গ্র ১৯৯।

অগ্রিম বিণ [অগ্র+ইম (ডিমচ) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -মা ; ছান্দস] ১ অগ্রভব, অগ্রস্থিত, পূর্ব্ববর্ত্তী। বিপ 'অন্তিম'। "কপোলী ত্বগ্রিমঃ (ভাগঃ)—অ.চি। ২ অগ্রবর্ত্তী, প্রথম। ৩ শ্রেষ্ঠ, উত্তম, প্রধান। "বীরাণামগ্রিমো ভূত্বা যুযুধে পার্থিবৈঃ সহ (পুরাণ)। ৪ অগ্রজাত। ৫ (বাঙলায়) অগ্রে দেয় ; আগাম (টাকা, Advance)। —ম পুং অগ্রজ, জ্যেষ্ঠভ্রাতা। —মা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] লবণীফল, লোনা।

অগ্রি(গ্রী)য় বিণ [অগ্র+ইয় (ঘ), +ঈয় (ছ) 'তত্র ভব' অর্থে, পা ৪.৪.১১৭ ; স্ত্রী -য়া] ১ অগ্রস্থিত, প্রথম। ২ অগ্রজাত। ৩ উত্তম, শ্রেষ্ঠ। —য় পুং জ্যেষ্ঠভ্রাতা।

অগ্রে বা [সপ্তম্যন্ত 'অগ্র'] পূর্ব্বে, সম্মুখে, সমীপে, আগে। "°গ,°বণ °সর। মমাগ্রে প্রস্তুবস্তি (হি)।

অগ্রেদিধিষু, -ষূ পুং [অগ্রে দিধিষ্ যাহার, অলুক্, পৃষো, হ্রস্ব (অ.টী)] ১ যাহার দ্বিরূঢ়া ভার্য্যা পুত্রপৌত্র-প্রতিষ্ঠিতা, (অতএব) অগ্রগণনীয়া, তাদৃশ দ্বিজ (অ.টী) ; পুনর্ভূ-বিবাহকারী জন ; পুনর্ভূ-পতি। ২ জ্যেষ্ঠা অনূঢ়া থাকিতে যে কনিষ্ঠাকে বিবাহ করে। 'জ্যেষ্ঠায়া-মনূঢ়ায়াং কনিষ্ঠামূঢ়বানগ্রেদিধিষুঃ মহা ১২.৩৩.৪; নীলকণ্ঠ। —ষু,—ষূ স্ত্রী জ্যেষ্ঠা অনূঢ়া থাকিতে বিবাহিতা কনিষ্ঠা ভগিনী (কুল্লুক)। "অগ্রেদিধিষুপতি। [অগ্রেদিধিষুপতি (পুং)—অনূঢ়জ্যেষ্ঠভগিনীর কনিষ্ঠার পতি। "মনু ৩.১৬০।]

অগ্রেসর বিণ [অগ্রে+ √সৃ+অ (ট)-ক ; উ.ত; স্ত্রী -রী] ১ অগ্র-সর, পুরোগামী। ২ উত্তম, মুখ্য (অ.চি)।

অগ্র্য বিণ [অগ্র+য (যৎ) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -গ্র্যা ; ছান্দস] **১** অগ্রভব, অগ্রস্থ। **২** প্রধান, শ্রেষ্ঠ, মুখ্য। "গুণাগ্র্যাবর্ত্তী রঘু ৩.২৭ ; অঙ্গমগ্র্যাম্ ৪৬ ; মূর্ত্তিমগ্র্যাম্ ৬.৭৩। মনু ৪.২৩০। **৩** পঙ্‌ক্তিপাবনাদি (ব্রাহ্মণ)। "মনু ৩.২৫৫। **৪** উত্তম। "মনু ১২.৩০। কান্তিমগ্র্যাম্ কু.স ৭.৭৮। **৫** অগ্রজাত। —গ্র্য পুং অগ্রজ, জ্যেষ্ঠভ্রাতা। —গ্র্য ক্লী **১** শ্রেষ্ঠধন। "মনু ৯.১১৪। **২** পটল, ঘরের চাল (Roof)। [°পূজা (স্ত্রী) —উত্তমসম্ভাবনা। "রঘু ১৪.১৯। °পৌরুষ (বিণ)—মহাপরাক্রম। "রঘু ৮.২৮। °বেশ (বিণ)—উদারনেপথ্য, ধৃতরাজবেশ। "রঘু ১৮.৩৯। °মহিষী (স্ত্রী)—প্রধানমহিষী, পাটরাণী। "রঘু ১০.৬৬। অগ্র্যাসন—দ্র 'অগ্রাসন'।]

অগ্র্যপূজা, -পৌরুষ, -বেশ, -মহিষী দ্র 'অগ্র্য'।

অঘ অক [অদন্ত চু, ঞ—অঘয়তি, -তে ; সেট্] পাপকরণ। "অঘয়তি ব্যাধঃ (ক.ক)।

অঘ বিণ [অঘ+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -ঘা ; 'অঘ'—আহন্তা (ঋগ্বেদ ১ ৪২.২)] পাপযুক্ত, পাপ। "অঘায়ু গী ৩.১৬। —ঘ পুং [১'অঘ+অ (অচ্) -ক] 'পাপকারক', কংসচর, অসুরবিশেষ। —ঘ ক্লী [+অভা ; ছান্দস] **১** পাপকরণ, দুষ্কৃত, পাপ। "অঘং স কেবলং ভুঙ্‌ক্তে মনু ৩.১১৮। ভুঞ্জতে তে ত্বঘম্ গী ৩ ১৩। **২** (পাপজন্য) দুঃখ। "অনঘস্পৃষ্ট রঘু ১০.১৯ ; অঘাবহ ১৫.৫১। অঘোপঘাত !—কি ১১.৮০। **৩** ব্যসন, অশুভ, বিপদ্। "অঘশংকিনীঃ প্রজাঃ রঘু ১৯.৫২। কি ৬.৪৫। **৪** অশৌচ। "মনু ৫.৬৩ ; অঘাহ ৮৪। [°কৃৎ (বিণ)—পাপকারী। °ঘ্ন (পুং)—'পাপনাশক,' বিষ্ণু।]

অঘকৃৎ, অঘঘ্ন দ্র 'অঘ'।

অঘট-ঘটক বিং [অপ্র] অঘটনবিষয়ের ঘটয়িতা ; অসম্ভবকারক। "অঘটঘটক, দোহার ঘোটক ধায় রে।—বা দ ১৭৬।

অঘটন বি অসম্ভব ঘটনা ; অভূতপূর্ব্ব বিষয়। —না বি **১** দুর্ঘটনা, বিপৎসংঘটন। **২** অসম্ভব বিষয়। অঘটনঘটন, অঘটনঘটনা—অসম্ভব বিষয়ের ঘটনা (সম্ভাবনা) ; অসম্ভব সম্ভব করা। "অঘটনঘটন-পটীয়সী মায়া। [অঘটন ঘটান—অসম্ভব বিষয় সম্ভব করা।] -নীয় ব.প্র ৩৫

অঘটনঘটন, -ঘটনা, অঘটনা দ্র 'অঘটন'।

অঘটিত বিণ [ন.ত] অভূত, অজাত। "(রাজালক্ষ্মীঃ) পদ্মপত্রোদকমিবাঘটিতসংশ্লেষা।—পঞ্চ ৩২১৫।

অঘনাশক, -নাশন বিণ [ষ.ত ; স্ত্রী -শিকা, -নী] পাপক্ষয়কর, পাপহর। "কৃষ্ণচরিতমিবাঘনাশনম্। —নাশক পুং বিষ্ণু। —নাশন পুং অঘাসুরনাশক শ্রীকৃষ্ণ।

অঘমর্ষণ বিণ [ষ.ত ; স্ত্রী -ণী ; ছান্দস] পাপের সহনসাধন, অর্থাৎ যাহা দ্বারা পাপ কর্ম্মাক্ষম হইয়া সহনীয় হয়, সর্ব্বপাপাপধ্বংসী, পাপনাশন। "°ণো মন্ত্রঃ, °ণং যজুঃ, °ণী ঋক্ (অ টী)। —ণ ক্লী **১** পাপনাশক সূক্ত—'ঋতঞ্চ সত্যঞ্চ' ইত্যাদি। "মনু ১১.২৬০ ; ২৬১। যাজ্ঞ ৩.৩০১। **২** অঘমর্ষণজপের সহিত আঘ্রাতজলপক্ষেপরূপ ক্রিয়াবিশেষ (শ.ক)। **৩** অশ্বমেধযজ্ঞাঙ্গভূত অবভৃথস্নানের মন্ত্র (শ ক)।

অঘর '-র্' বি অপ্রশস্ত কুল ; কৌলিক মর্যাদায় বা সামাজিক ক্রিয়াকলাপ হেতু হীন বংশ ; অ-কুল, নীচঘর। বিপ 'পালটিঘর'। "কিন্তু আর তার বিবাহ না হইলে অঘরে পড়িবে, এমন গতিক হইয়াছে ব.প্র ৪২৪। [অঘরে পড়া—হীনবংশের পাত্রের সহিত বিবাহিত হওয়া।]

অঘর্ম্ম বিণ [ন.ত ; স্ত্রী -র্ম্মা] ঘর্ম্মবিরোধী, শীতল। "°কাল (কাদম্বরী)। —র্ম্ম পুং ঘর্ম্মাভাব, শৈত্য। [অঘর্ম্মাংশু (পুং)—শীতাংশু, চন্দ্র।]

অঘা বি [সং অঘ, দ্র 'আ'১৩] অঘনামক অসুর। "অঘা বক তৃণাবর্ত্ত ম ৭১১। -ঘা বিং [অগা > অঘা] অজ্ঞ, মূর্খ। "বাবুরাম অঘা অতি, হইয়াছে ভীমরথী আ.দু ১১৮।

অঘাট (-ট্) বি ঘাটভিন্ন জলাশয়ে নামিয়া যাওয়ার স্থান ; আঘাটা। "ঘাট এড়ে অঘাটে নায় ব প ৯।

অঘা'ট, -অপা'ট (-ট্-ট্) বি ['অঘাটি-অপাটি'—মূল ; 'অপাটি'র অনুকরণে 'ঘাটি'-স্থানে 'অ-ঘাটি'] ঘাট ও অপা'ট, অপরাধ ও বিশৃঙ্খলতা (অগোছাল)। "অঘাট অপা'ট করাই বালকের স্বভাব।

অঘাটি, -টী বিং যাহাতে ঘাটি (ত্রুটি) নাই ; নির্দ্দোষ, অকলঙ্ক, নিখুঁত। "কুলে, শীলে, রূপে, গুণে, সকলে অঘাটী শি ৯৩।

অঘান বি [সং অগ্রহায়ণ > প্রা* অগ্‌গহাঅণ > বা (অগ্‌ঘান) অঘান ; অপ্র] অগ্রহায়ণ। "শূ ১১০।

অঘায়ুঃ (-য়ুস্) বিণ [বহুব্রী ; স্ত্রী -য়ুঃ] পাপজীবন। "গী ৩.১৬।

অঘাসি বি [অঘাস+ই১১] খারাপ ঘাস। "অনাদরে অঘাসি ঈশানমুখে খায় শ্রী ১২৪।

অঘাসুর পুং [কর্ম্মধা] অঘনামক অসুরবিশেষ। [এই কংসচর অসুর বৃন্দাবনে গোষ্ঠপথে সর্পদেহ ধারণ ও মুখবিস্তার করিয়া অবস্থান করে। গোপবালকেরা গুহাভ্রমে ধেনুবৎস-সহিত মুখবিবরে প্রবিষ্ট হইলে, শ্রীকৃষ্ণ অসুরমায়া বুঝিয়া, মুখে প্রবেশ ও স্বদেহ-বৃদ্ধি করিয়া অসুরের গলরোধপূর্ব্বক প্রাণসংহার করেন (ভ ১০.১২)।]

অঘোর বিণ [ন ত ; ছান্দস] **১** ঘোরভিন্ন, সৌম্যরূপ, শান্ত। "°ঘোররূপ। **২** [ন বহুব্রী] যাহা হইতে ঘোর নাই ; অতিভীষণ, অতিভয়ানক। "অঘোর সমরে ম.রি ২১৩। অঘোর বাদল শ্রী.মা ১৭৮। ম.ম ২০০। **৩** (বাঙ্‌লায়) সুগভীর, প্রগাঢ়। "অঘোর ঘুম ব.প ৪৭৩। **৪** (অপ্র) নিদ্রানিমীলিত, সুষুপ্তিজড়িত। "নিদ্রায় অঘোর দুটী আঁখি শ্রী.মা ১৯৬। —র পুং **১** শিব, রুদ্রমূর্ত্তিবিশেষ। "ঈশানাঘোরনামানৌ (পুরাণ)। অঘোর মন্ত্রেতে শিখা বান্ধে বি.সু ১৭১। **২** অঘোরোপাসক, শৈব। —রা স্ত্রী ভাদ্রকৃষ্ণচতুর্দ্দশী। [°ঘোররূপ (পুং)—'শান্তভীমমূর্ত্তি', শিব (মহা —S.W.)। °পথ, °পথী (-থিন্), °মার্গ (পুং) —শিব যাহার মোক্ষোপায় ; শৈব, অঘোরপন্থী। °প্রমাণ (ক্লী) —শিবসাক্ষিক দিব্য ; অতিগুরু দিব্য।]

অঘোরঘোররূপ, অঘোরপথ, -পথী দ্র 'অঘোর'।

অঘোরপন্থী বি [হি °পন্থী] **১** অঘোরমতানুসারী শৈবসম্প্রদায়বিশেষ। [ইহারা মদ্য মাংস খায়, সর্পাদির অস্থি ও পশ্বাদির কপাল ধারণ করে এবং অন্যান্য কুৎসিত ব্যবহার করে। ইহারা যোগী, এইজন্য কর্ণে কুণ্ডল পরিধান করে। শিবের উপাসক বলিয়া ইহারা অস্থিমালা ও করোটিমালার সহিত রুদ্রাক্ষমালা ঠুম্রা প্রভৃতি তীর্থচিহ্ন ধারণ করে এবং কেশশ্মশ্রু রাখে। এতদ্ভিন্ন ইহারা সর্ব্বাংশে অঘোরীদের ন্যায় আচরণ করে (ভা.উ)।] **২** অঘোরপন্থী সম্প্রদায়ের যোগী।

অঘোরপ্রমাণ, -মার্গ, অঘোরা দ্র 'অঘোর'।

অঘোরি, -রী বি [অঘোর+ঈ ; হি অঘোরী] **১** অঘোরপথাবলম্বী শৈবসম্প্রদায়বিশেষ। [ইহারা সন্ন্যাসগ্রহণপূর্ব্বক অঘোরমন্ত্র গ্রহণ করে। পূর্ব্বকালীন অঘোরীরা শৈবশক্তিবিশেষের অর্চ্চনা করিত, অস্থিসহকৃত ও নরকপালযুক্ত যষ্টিদণ্ড কমণ্ডলুরূপে ব্যবহার করিত, এবং মদ্যমাংসভক্ষণ ও নরবলি প্রভৃতি ঘোরতর কর্ম্মে প্রবৃত্ত হইত। অধুনাতন অঘোরীরা বিষ্ঠা ও চন্দন সমান, ইহা দেখাইয়া থাকে। সকল বস্তুতে সমভাব জানাইবার উদ্দেশ্যে শরীরে বিষ্ঠামূত্রাদি লেপন করে এবং করোটিতে বা কাষ্ঠপাত্রে উহা রাখিয়া সঙ্গে লইয়া যায়। ইহারা ঐ সমস্ত ঘৃণিত বস্তু ভক্ষণ করে, অথবা ভিক্ষা না পাইলে গৃহস্থের গৃহে উহা ক্ষেপণ করে। শৈব উদাসীনেরা বলেন, ইহারা এখনও নরবধ করিয়া ও নরমাংস খাইয়া, মন্ত্রবলে তাহাকে পুনর্জ্জীবিত করিয়া দেয়। কোন কোন অঘোরী এক একটী অঘোরিণীও সঙ্গে রাখে ও তাহাকে

লইয়া অকথ্য ও অশ্রাব্য ব্যবহার করিয়া থাকে (ভা.উ)।] **২** অঘোরীসম্প্রদায়ের যোগী। "প্রেত পিশাচ, অঘোরি চুড়েল, অ'জ সারারাত মশানে ফিরবে অ.গ্র ৪২।

অঘোষ বিণ [ন.বহুব্রী] **১** ঘোষহীন, শব্দরহিত। **২** গোপরহিত। **৩** (ব্যাকরণে) ঘোষপ্রযত্নহীন (বর্ণ)। —ঘোষ পুং **১** ঘোষভিন্ন বাহ্য-প্রযত্নবিশেষ। "পা ৮.২.১, সি। **২** অঘোষপ্রযত্ন দ্বারা উচ্চারিত বর্ণ—বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ, জিহ্বামূলীয় ও উপধ্মানীয় বর্ণ, এবং উষ্মবর্ণ ও বিসর্গ। 'উষ্মবিসর্জনীয়প্রথমদ্বিতীয়া অঘোষাঃ তৈ ১.১২।

অঘৌঘ পুং [অঘের ওঘ, ষ.ত] দুঃখসমূহ। "রা ২.৭.১৪।

অঘ্রেয় বিণ [ন.ত; স্ত্রী -য়া] ঘ্রাণের অযোগ্য; ঘ্রাণানর্হ, দুর্গন্ধ। —য় ক্লী **১** লশুন পুরীষাদি দুর্গন্ধ দ্রব্যমাত্র। "মনু ১১.৬৮। অঘ্রেয়-মদ্যয়োর্ঘ্রাতিঃ।—বিষ্ণু ৩৮.২। **২** মদ্য।

অঙ্ক্ (অকি) সক [ভা, আ—অঙ্কতে; সেট্] **১** অঙ্কন, চিত্রীকরণ। "যাজ্ঞ ২.২৯৭। **২** গতি (বোপদেব)। —ঙ্ক সক [অদন্ত চু,প—অঙ্কয়তি, অঙ্কতি; অঙ্কাপয়তি] **১** চিহ্নীকরণ। "অঙ্কয়তি বস্ত্রং রজকঃ (ক.ক)। **২** গতি। **৩** বক্রগমন (M.W.)। **৪** গণনা, সংখ্যান (A.)।

অঙ্ক পুং [√অঙ্ক্+অ (অচ্)-ণ; cf., Gr. agkas, ogkos; L. uncus] **১** যাহা দ্বারা চিহ্নীকৃত হয়; লক্ষণ, চিহ্ন, দাগ। "অলক্তাঙ্কাং পদবীং ততান রঘু ৭.৯। রতিবলয়পদাঙ্কে কু.স ২.৬৪। স্বনামাঙ্ক গো.রা ৪.৪২.১২। মৃগাঙ্কশেখর ভা.চ ১৫৭। **২** পশুগাত্রে কৃতচিহ্ন। **৩** অপরাধীর গাত্রে কৃত রাজদণ্ডসূচক দূষণচিহ্ন; লাঞ্ছন (Stigma)। "কট্যাং কৃতাঙ্কঃ মনু ৪.২৮১। বিষ্ণু ৫.৩,২০। **৪** কলঙ্ক। "ইন্দোঃ কিরণেষ্বিবাঙ্কাঃ কু.স ১.৩। **৫** রেখা, আঁক। "লোচনে অঞ্জন-অঙ্ক ব.প ১১১৯। সর্বাঙ্গভূমিতে অঙ্ক দিলেন আচার্য চৈ.ভা ২৮৩। **৬** নব সংখ্যা, অর্থাৎ ১ হইতে ৯ পর্যন্ত নয় রাশি (Figure)। "অঙ্কস্য বামা গতিঃ। দেখাইলে মূল্য-অঙ্ক নয়ন ঠারিয়া ব.প ১৪৮২। **৭** (অঙ্কশাস্ত্রে) মান (Coefficient)। **৮** বিভূষণ, ভূষা। "হেমাঙ্ক। **৯** কুচভূষা। **১০** অপরাধ। **১১** দোষ। বিপ° 'গুণ'। "বীতাঙ্ক বি.মা ১ (গ্রন্থসমাপ্তি)। **১২** [+অ (অচ্)-ক] যাহা বক্র যায়; অঙ্কুশাকার যন্ত্রবিশেষ; আঁকড়া, হুক। **১৩** বক্রভাব, বাঁক। **১৪** বক্ররেখা। **১৫** হস্তের বক্রাংশ। **১৬** শরীর। তু 'অঙ্ক' পুং, ক্লী। **১৭** কটিপ্রদেশ। **১৮** পার্শ্ব সমীপ। "সিংহত্বমঙ্কাগতসত্ত্ববৃত্তি রঘু ২.৩৮। মাঘ ৩.৩৬। সমুৎসুকেবাঙ্কমুপৈতি সিদ্ধিঃ কি ৩.৪০। **১৯** স্থান। **২০** পর্বত। **২১** [+অ-ধি; অঙ্ক ইতি রূঢ়িশব্দো রসৈশ্চ ভাবৈশ্চ রোহয়ত্যর্থান্। নানাবিধানযুক্তো যস্মাৎ তস্মাদ্ ভবেদঙ্কঃ (সা.দ ৬.১৯, টীকা)।] যাহাতে নাটকীয় বিষয়বিশেষ অঙ্কিত হয়; নাটকীয় পরিচ্ছেদ। [অঙ্কে নাটকীয় ইতিবৃত্তের একাংশ নিঃশেষে বর্ণিত হয় এবং অঙ্কশেষে পাত্রগণ রঙ্গ হইতে নিষ্ক্রান্ত হয়।] "এ নাটকের এই অঙ্কে, স্থান পেয়েছি তব অঙ্কে, যেতে হবে পর অঙ্কে, পর অঙ্কে পুত্র সেজে।—গান। মরণের অঙ্ক কি সুন্দর অ.গু ৮২। **২২** দশবিধ রূপকের একতম (সা.দ ৬৩; ২৫০-২৫২)। "আজ নৃত্য করিবাঙ অঙ্কের বিধানে চৈ.ভা ২৮২। **২৩** চিত্রযুদ্ধ (Sham fight)। **২৪** (বাঙ্‌লায়) গণিতবিষয়ক প্রশ্ন; আঁক (Sum)। "অঙ্ক কষা। —ক পুং, ক্লী [তু 'অংক'—নিকট (দেশী ১.৫)] উৎসঙ্গ, ক্রোড়, কোল। "অঙ্কাদ্ ষযাবঙ্কম্ কু.স ৭.৫। °শয্যা রঘু ৫.৭। সুবর্ণপর্য্যঙ্ক-অঙ্কে: পুষ্পনিভশয্যা-অঙ্কে ন ৮৯৫। অকলঙ্ক হাস্যমুখে...ঘুমাইতে কার অঙ্কটিতে চ.কা ২০২। পালঙ্কের অঙ্কে প.তৃ ৭৭। দ্র 'অঙ্ক (২০)। [অঙ্ক করা বা কষা—গণিতপ্রশ্নের সমাধান করা; আঁক কষা। অঙ্ক বাড়ান—খাজনার পরিমাণ বৃদ্ধি করা। "অঙ্ক নাহি বাড়াইব পুরে ক.চ ৮৪।

অঙ্ককরণ ক্লী [ষ.ত] রেখাকরণ, অঙ্কন, চিত্রীকরণ, আঁক-কাটা।

অঙ্কগত বি [দ্বি.ত, স্ত্রী -তা] অঙ্কপ্রাপ্ত, ক্রোড়গত। "রঘু ১৩.৬৭।

অঙ্কতন্ত্র ক্লী [ষ.ত] অঙ্কশাস্ত্র, পাটীগণিত-বীজগণিত প্রভৃতি।

অঙ্কধারণ ক্লী [ষ.ত] **১** চিহ্নধারণ। **২** মুদ্রাদি-বৈষ্ণবচিহ্নধারণ; ছাপ-কাটা। —ণা স্ত্রী সর্থ 'অঙ্কধারণ'।

অঙ্কন ক্লী [√অঙ্ক+অন (ল্যুট্)-ভা] **১** চিহ্নকরণ, দাগ কাটা। **২** ত্রিশূলাদিচিহ্নকরণ। **৩** মুদ্রাদিচিহ্নকরণ, ছাপ কাটা বা দেওয়া। **৪** সংখ্যালেখন। **৫** (বাঙ্‌লায়) জ্যামিতিক ক্ষেত্রাদির রেখাপাত। **৬** [+অন-ণ] যাহা দ্বারা আঁকা যায়; চিহ্নীকরণসাধন দ্রব্য। **৭** লক্ষণ, চিহ্ন, নিদর্শন। "স্নেহাঙ্কন মা.মা ৯.৪৩। —না স্ত্রী [+অন (যুট্)-ভা+স্ত্রী আ (টাপ্)] অঙ্কন।

অঙ্কনৃত্য বি অঙ্করূপকের বিধানানুসারে নৃত্য। দ্র 'অঙ্ক (২১)। "লক্ষ্মীবেশে অঙ্কনৃত্য করিব ঠাকুর চৈ.ভা ২৮৩।

অঙ্কপরিবর্ত্ত পুং [স.ত] **১** ক্রোড়ে সর্বতোভাবে বর্তন; হৃদয়া-লিঙ্গন। "মা.মা ৫.৮। **২** অন্য পার্শ্বে ব্যাবর্তন বা ঘুরা।

অঙ্কপাত পুং [ষ.ত] **১** সংখ্যার পাতন; সংখ্যালেখন, আঁক রাগা। **২** রেখাপাত, রেখাঙ্কন, আঁক দেওয়া। "শিল্পী শুধু কল্পনাতে, আভাসখানি রেগে গেছে কঙ্কালের ওই অঙ্কপাতে কু.কে ১১৭।

অঙ্কপাশ পুং [অঙ্ক পাশ যাহাতে, বহুব্রী] যে প্রক্রিয়াবিশেষে ১,২,৩ ইত্যাদি সংখ্যা পাশের বন্ধনের ন্যায় পরস্পর সম্বদ্ধভাবে পাতিত হয়; একাদি সংখ্যাসমূহের স্থানবিনিময় হেতু বিশেষ বিশেষ সংখ্যাবোধক প্রক্রিয়াবিশেষ (Permutation of numbers)। যেমন, ১,২ এই সংখ্যাদ্বয়ের স্থানবিনিময়ে ১২,২১ এই বিশেষ সংখ্যার বোধ হয় (লীলাবতী)। [°অধ্যায়—অঙ্কপাশনামক প্রকরণের অধ্যয়ন বা অভ্যাস।]

অঙ্কপূরণ ক্লী [ষ.ত] সংখ্যাদ্বয়ের গুণন (Multiplication of numbers)।

অঙ্কবিদ্যা স্ত্রী [ষ.ত] সংখ্যাসম্বন্ধী শাস্ত্র; অঙ্কশাস্ত্র, পাটীগণিত, গণিতবিজ্ঞান।

অঙ্কমুখ ক্লী [ষ.ত] অঙ্কের মুখতুল্য, অর্থাৎ নাটকের যে অঙ্কে অন্যান্য অঙ্কের নিবন্ধনীয় বস্তুসমূহের মূলবিষয়ের সূচনা থাকে; অঙ্কাস্য (সা.দ ৬.৫৯)।

অঙ্কলক্ষ্মী বি [উ.লো] **১** অঙ্কগতা শ্রী; সমীপস্থ বা অধিগত সম্পদ্; হাতের লক্ষ্মী। **২** পত্নী।

অঙ্কশাস্ত্র বি [ষ.ত] সর্থ 'অঙ্কবিদ্যা'। "অঙ্কশাস্ত্রে বররুচি গ্যালিলো নিউটন্।—হেম ৩৯০।

অঙ্কস্থ, -স্থিত বিণ [অঙ্ক+√স্থা+অ (ক)-ক; উ.ত; স.ত; স্ত্রী -স্থা, -তা] **১** ক্রোড়স্থিত। **২** সমীপস্থ, সন্নিহিত।

অঙ্কাগত বিণ [অঙ্ককে আগত, দ্বি.ত] সমীপাগত, অন্তিকস্থ, সন্নিহিত। "°সত্ত্ব রঘু ২.৩৮।

অঙ্কাবতার পুং [অঙ্কের অবতার যেখানে, বহুব্রী] অঙ্কের শেষে যে স্থানে পর অঙ্কের বিষয় প্রসঙ্গক্রমে পাত্রসূচিত হইয়া, পূর্বাঙ্কের অঙ্গ-বিশেষরূপে অবতীর্ণ হয়, তাহা 'অঙ্কাবতার' (সা.দ ৬.৫৮)।

অঙ্কিত বিণ [√অঙ্ক+ত (ক্ত)-র্ম; স্ত্রী -তা] **১** চিহ্নীকৃত, চিহ্নিত। "ভুজে শচীপত্রবিশেষকাঙ্কিতে রঘু ৩.৫৫; কুলিশব্রণাঙ্কিত ৬৮; রাবণশরাঙ্কিত ১২.১০০। নামধেয়াঙ্কিত শ ৪৯২। নামাঙ্কিত তুলসীর দল শ্রী.মা ২১৩। রামনামাঙ্কিত অশ্বমেধনিমন্ত্রণপত্র সী ৭০। **২** লাঞ্ছিত (Branded)। **৩** দূষিত, নিন্দিত। "তৎ কো নাম গুণো ভবেৎ সুগুণিনাং যো দুর্জনৈর্নাঙ্কিতঃ (নীতিশতক)। **৪** দূষিত, লিপ্ত। "অংহেতে অঙ্কিত অঙ্গ ভা.চ ৪২৮। **৫** মুদ্রিত, কৃতমুদ্রাঙ্কণ (Stamped)। **৬** রেখাদ্বারা কৃত; চিত্রিত, লিখিত, আঁকা।

"রয়েছে মূরতি হৃদি-পাষাণে অঙ্কিত, শুধু তার, মর্ম্মে যার শেল বিঁধিয়াছে (পদ্যপাঠ, ২য় ভাগ)। ৭ [অঙ্ক+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] জাতাঙ্ক, অঙ্কযুক্ত, রেখাঙ্কিত। "বলি অঙ্কিত শিথিল চর্ম্ম।—রবীন্দ্র। ৮ (বাঙ্লায়) সবিস্তর বর্ণনা দ্বারা প্রতিবিম্বিত (বিষয়)।

অঙ্কিনী স্ত্রী [দ্র 'অঙ্কী'] অঙ্কযুক্তা, অপরাধ হেতু দণ্ডচিহ্নযুক্তা স্ত্রী। দ্র 'অঙ্ক (৩)'।

অঙ্কী (-ঙ্কিন্) বিণ [অঙ্ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ঙ্কিনী] **১** অঙ্কবিশিষ্ট, চিহ্নিত। **২** প্রশস্তক্রোড়বিশিষ্ট। **৩** (বাঙ্লায়) কলঙ্কযুক্ত, কলঙ্কী (চন্দ্র)। "অঙ্কী কলানিধি, যে বাক্যে জলধি, পাইল কটুত্ব লোণ ম ৬২৭। —**ঙ্কী** পুং অঙ্ক যাহার স্থানরূপে আছে; ক্রোড়ে স্থাপনপূর্ব্বক বাদনীয় মৃদঙ্গাদি।

অঙ্কুর পুং ক্লী [√অঙ্ক+উর-ক, উ ১.৩৮; তু 'অঙ্কূর (উ ১.৩৮)] **১** যাহা বীজ হইতে উদ্গত হয়; বীজজাত নব উদ্ভিদ্; বীজোদ্ভব, কলা। "রোপিয়া প্রেমের বীজ, অঙ্কুরে মোড়লি বি.প ১৮২। অঙ্কুরের সনে মুদ্গা চৈ.চ ৪৪২। ভস্মের অঙ্কুর ম. ৬২৬। আশা-অঙ্কুর করহ বিলয়।—রবীন্দ্র। সদধি লাজ অঙ্কুর শ্রী.ম ১২৩। **২** বৃক্ষতৃণাদির নূতন প্ররোহ; নবোদ্ভিন্ন তৃণপত্রাদি; কোঁড়। "বংশাঙ্কুর (সুশ্রুত—S.W.)। চিত্রকুটৈশ্চ সাঙ্কুরৈঃ রা ১.৭৩.২১; অঙ্কুরাঢ্যৈঃ শরাবৈঃ ২২। দর্ভাঙ্কুর শ ২.১২। আস্বাদাঙ্কুরকন্দ সা.দ ৩.১৭৪। পদ্মাঙ্কুরাণি বিচিনোতি ধুনোতি পঙ্কৌ (অ.টী)। চূতাঙ্কুরস্বাদকষায়কণ্ঠঃ কু.স ৩.৩২। চূতাঙ্কুরং ক্ষিপতি শ ৬ষ্ঠ। (কাম) চূতাঙ্কুর-শর হস্তে বিহরে প্রকাম (নিবাতকবচ-বধ)। **৩** অঙ্কুরসদৃশ সূক্ষ্মাগ্রভাগ; তীক্ষ্ণ প্রান্ত। "রদাঙ্কুর (S.W.) নখাঙ্কুরোৎপাটিতহংসরোরুহ ভ ৭.৮.৩১। মকরবক্ত্র দংষ্ট্রাঙ্কুর (নীতিশতক)। **৪** (সাদৃশ্যে) শলাকা, প্রভাপ্রসার। "রত্নাঙ্কুর মাঘ ৩.৬২; কিরণাঙ্কুর ১৩.৫৬। **৫** লোম। **৬** অর্ব্বুদ, আব। "মাংসাঙ্কুর (সুশ্রুত—S.W.)। **৭** শিশুসন্তান, বালাপত্য। "অনেন কস্যাপি কুলাঙ্কুরেণ স্পৃষ্টস্য গাত্রেষু সুখং মমেদম্ শ ৭.১৯। অন্বয়াঙ্কুর (দশকুমার)। **৮** (গতিশীলত্ব হেতু?) জল। **৯** রুধির। **১০** (বাঙ্লায়) কুচের প্রথমাবস্থা; কুচোদ্গম। "উরজ অঙ্কুর চীরে ঝাঁপায়সি বি.প ১২; কিছু কিছু উতপতি অঙ্কুর ভেল ৪০। **১১** প্রথমভাগ, প্রারম্ভ, সূচনা, সূত্রপাত। "নাহ দরশ সুখে বিহি কৈল বাদ। অঙ্কুরে ভাঙল বিনি অপরাধ॥ বি.প ১৮৪।

অঙ্কুরণ বি [অপ্র] অঙ্কুরোৎপত্তি, কলা বাহির হওয়া। "সে করেছে প্রেমবীজ হৃদয়ে বপন। আকিঞ্চন-সিঞ্চনে না হয় অঙ্কুরণ॥ বা.দ ১৫৯।

অঙ্কুরপর্ব্বত বি [ষ.ত] অঙ্কুরসমূহ, ধবল অঙ্কুরস্তূপ। "অঙ্কুরপর্ব্বত যেন, বসি শ্বেতসিংহাসন, অমৃত-মধুর লহু হাস চৈ.ম ২৮।

অঙ্কুরি, -রী বি [বা অঙ্গুরী>অঙ্কুরী, -রি; গ > ক; তু 'মকন (মার্গণ, হে ৪.৩২৫); অপ্র] অঙ্গুরীয়। "হস্তে রত্নাঙ্কুরী: অঙ্কুরির মূল্য: অঙ্কুরীর মূল্য: গমন করিল বীরে লইয়া অঙ্কুরী: অঙ্কুরীর মর্ম্ম ম.পা ৫১; পত্রাঙ্কুরী ১০৯। অঙ্কুরী অঙ্গুলে গ.১১১।

অঙ্কুরিত বিণ [অঙ্কুর+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে; স্ত্রী -তা] যাহার অঙ্কুর হইয়াছে; সঞ্জাতাঙ্কুর, ঈষৎ উদ্গতাঙ্কুর। "বিক্র ১১১। চূতকলিকা অঙ্কুরিত কাদ ৪৬।

অঙ্কুরোদ্গম বি [ষ.ত] অঙ্কুরের উদ্ভব; অঙ্কুরোৎপত্তি।

অঙ্কুশ পুং, ক্লী [√অঙ্ক+উশ-ক (অ.টী); উ ৪.১০৭; অঙ্কুশী—অঙ্কুশবান্ (ঋগ্‌বেদ ১০.৩৪.৭); cf. Gr. agkura; Ger. Angel; E. Anchor; তু 'অঙ্কূষ'] **১** যাহা হস্তীর মর্ম্মস্থানে যায়; লৌহময় বক্রাগ্র হস্তিচালনাস্ত্র; শৃণি, ডাঙশ। "উট্টান্ হয়ান্ খরান্ নাগান্ জম্বূর্দণ্ডকষাঙ্কুশৈঃ গো.রা ৬.৩৭.৪১। অঙ্কুশাকারয়াঙ্গুল্যা রঘু ১২.৪১। পদাঙ্গুলনখাঙ্কুশ ম.পা ১৪। প্রবোধ-অঙ্কুশাঘাত দা ৫৯৯। **২** অঙ্কুশতুল্য নিবারক; প্রতিবন্ধ। "সিদ্ধেঃ পূর্ব্বোঽঙ্কুশস্ত্রিবিধঃ সাংখ্য ৫১। কুশং দ্বিষামঙ্কুশম্ রঘু ১৬.৮১। "নিরঙ্কুশা হি কবয়ঃ"। **৩** দণ্ড। "ধ্বজাঙ্কুশপটাঙ্কলেষু উচ ৬.৪। **৪** যুদ্ধাস্ত্রবিশেষ। "গ ২৩। **৫** আঁকশি। "ঋগ্বেদ ৩.৪৫.৪, সায়ণ।

অঙ্কুশগ্রহ পুং [অঙ্কুশ+√গ্রহ+অ (অচ্)-ক; উ.ত, পা ৩.২.৯, বার্ত্তিক] যে অঙ্কুশ গ্রহণ করে; নিষাদী, মাহুত। "মাঘ ১২.১৬।

অঙ্কুশদুর্দ্ধর বিণ [তৃ.ত; স্ত্রী -রা] অঙ্কুশ দ্বারা কষ্টে নিবার্য্য; অঙ্কুশদুর্নিবার, দুর্দান্ত (হস্তী)।

অঙ্কুশমুদ্রা স্ত্রী [উ.লো] অঙ্কুশাকৃতি মুদ্রাবিশেষ। [দক্ষিণ হস্ত মুষ্টিবদ্ধ করিয়া, মুষ্টি হইতে মধ্যমাঙ্গুলি বাহির করিলে ও তর্জ্জনীর মধ্যপর্ব্বে সংযুক্ত করিয়া ঈষৎ কুঞ্চিত করিলে 'অঙ্কুশমুদ্রা' হয়।]

অঙ্কুশিত বিণ [√অঙ্কুশি অঙ্কুশাঘাত+ত (ক্ত)-র্ম্ম, পা ৭.৩.৩২, সি] অঙ্কুশ দ্বারা আহত; অঙ্কুশপ্রহৃত। "কামাঙ্কুশাঙ্কুশিতকামিমতঙ্গ (S. W.)।

অঙ্কুস বি [সং অঙ্কুশ > লি, প্রা অঙ্কুস (হে); অপ্র] অঙ্কুশ। "প্রেমের অঙ্কুস দিয়া বাঘিনীএ টানে গো. বি ১৩৪।

অঙ্কূর, অঙ্কূষ দ্র 'অঙ্কুর, অঙ্কুশ'।

অঙ্কোট, -ঠ, -ল পুং পীতবর্ণসার দীর্ঘকণ্টক বৃক্ষবিশেষ, পীতসার, আঁকোড় গাছ (Alangium Hexapetalum)।

অঙ্ক্য[১] পুং [অঙ্ক+য (যৎ) 'তত্র সাধু' অর্থে] যাহা অঙ্কে সাধু (স্থাপনযোগ্য); ক্রোড়ে স্থাপনপূর্ব্বক বাদনীয় হরীতক্যাকৃতি মৃদঙ্গ (পাখোয়াজ)।

অঙ্ক্য[২] বিণ [√অঙ্ক+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -ঙ্ক্যা] **১** চিহ্নীকরণীয়, অঙ্কনীয়। "নাঙ্ক্যা রাজ্ঞা ললাটে স্যুঃ মনু ৯.২৫০। যাজ্ঞ ২.২৯৭। **২** গণনীয়, সংখ্যেয়।

অঙ্খার বি [সং অহঙ্কার; স্ত্রী-ভাষা (ঢাকা, ২৪ পরগণা)] অহঙ্কার। "তোর এত অঙ্খার ভাল না, এ অঙ্খার ভাঙ্‌লো ব'লে!

অঙ্গ্ (অগি) সক [ভ্বা, প—অঙ্গতি; সেট্] গতি। "গ্রামমঙ্গতি জনঃ (ক.ক)। —ঙ্গ সক [অদন্ত চু, এ—অঙ্গয়তি, -তে; অঙ্গয়তি, অঙ্গাপয়তি (ক.ক)] **১** গতি। **২** চিহ্নীকরণ, অঙ্কন।

অঙ্গ বিণ [অঙ্গ+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -ঙ্গা] **১** যাহার অঙ্গ আছে, অঙ্গবান্, অঙ্গী, দেহী। "যেনাঙ্গবিকারঃ পা ২.৩.২০। **২** অন্তিক, নিকট, সন্নিহিত। —**ঙ্গ** পুং, বহুব **১** দেশবিশেষ, অঙ্গদেশ। [হরকোপানলে দগ্ধ মদন এই স্থানে 'অঙ্গ' ত্যাগ করেন; তজ্জন্য ইহার নাম 'অঙ্গ' (রা ১.২৩শ সর্গ)। মতান্তরে, অঙ্গের রাজা বলিয়া 'অঙ্গ' নামে খ্যাত (মহা ১ ১০৪.৫১-৫৪; হ ৩১শ অধ্যায়)। দুর্য্যোধন কর্ণকে এই দেশের রাজা করেন। ইহা গঙ্গাতীরে ছিল (অঙ্গেষু গঙ্গাতটে বহিশ্চম্পায়াঃ—দণ্ডী)। পূর্ব্বে লোমপাদ এই দেশের রাজা ছিলেন (রা ১.৯.৭-৮); তদনুসারে ইহার রাজধানী 'চম্পা', কখন কখন 'লোমপাদপুরী' ও 'কর্ণপুরী' নামে খ্যাত হইত; 'অঙ্গপুরী' এবং 'মালিনী'ও ইহার অন্যতম নাম।] **২** অঙ্গদেশবাসিগণ। **৩** অঙ্গদেশের রাজগণ। 'পা ২.৪.৬২; ৪.১.১৭০। —**ঙ্গ** ক্লী [√অঙ্গ+অ (অচ্)-ক (অ.টী); √অম্+গ (গন্) উ ১.১২০; ছান্দস] **১** যাহা শীতাদি হেতু চলিত হয় (অ.টী); হস্তপদাদি, প্রতীক, অবয়ব। "হীনাঙ্গ, অতিরিক্তাঙ্গ পা ৭.৩২০, সি, বৃত্তি। মনু ৪ ৮৩; ৮.২৩৪। শেষাঙ্গনির্ম্মাণবিধৌ কু.স ১.৩৩। অঙ্গানি চম্পকদলৈঃ স বিধায় বেধাঃ শৃ ৩। ভট্টি ১.১২। যেই অঙ্গে দৃষ্টি পড়ে সেই অঙ্গে রয় শ্রী.মা ৯৩। বাম অঙ্গ করয়ে স্পন্দন ম.পা ১০৯। **২** দেহ, গাত্র। "অব্যঙ্গাঙ্গী মনু ৩.১০। অনবদ্যাঙ্গী মহা ৩.৫৩.১৩। অঙ্গৈরনঙ্গতপ্তৈঃ শ. ৩.৪। অঙ্গে বসি, অঙ্গ খসি পড়ে বি.সু ৪৭। কাম-অঙ্গ-ভস্ম

লেপে অঙ্গে ভা.চ ৬৫। **৩** অপাঙ্গ (ত.বা)। **৪** অপ্রধান বা গৌণ বিষয়। "অঙ্গমন্যে রসাঃ সর্ব্বে সা.দ ৬.১০। যশোদা সাজাতো অঙ্গ, সেই সাধকের সাধনের অঙ্গ দা ৬২৬। **৫** বিভাগ। "সেনাঙ্গ, চতুরঙ্গ, সপ্তাঙ্গ (রাজ্য)। সর্ব্বৈর্বলাঙ্গৈঃ রঘু ৭.৫৯। **৬** বেদের অবয়বভূত শাস্ত্র; শিক্ষাকল্প-প্রভৃতি। "ষড়ঙ্গবিৎ মনু ৩.১৮৫। বেদোঽঙ্গবান্ ভট্টি ১.১৬। বেদ পড়ি ছয় অঙ্গ, সভার পণ্ডিত ঢঙ্গ ক.চ ২৮২। **৭** (বেদাঙ্গানুসারে) ছয় (৬) এই সংখ্যা। **৮** প্রধানোপযোগী উপকরণ। "মনু ১১.১১। **৯** উপায়, সাধন। "তদঙ্গমগ্র্যং মঘবন্ মহাক্রতোঃ রঘু ৩.৪৬। মাঘ ২.২৮; সর্ব্বাঙ্গৈঃ সংবৃতৈঃ ২৯। **১০** অংশ। "'অঙ্গ' শব্দে অংশ শাস্ত্র-পরমাণ চৈ.চ ১০; 'অঙ্গ' শব্দে অংশ কহেঃ অদ্বৈত নিত্যানন্দ—চৈতন্যের দুই অঙ্গ ১১; ২৬; ২৯। জন্ম মৃত্যু দোঁহে মিলে জীবনের খেলা। যেমন চলার অঙ্গ পা-তোলা পা-ফেলা॥—রবীন্দ্র। **১১** (ব্যাকরণে) যে ধাতু বা প্রাতিপদিকের উত্তর প্রত্যয় বিহিত হয়, প্রত্যয় পরে তদাদি (ধাত্বাদি, প্রাতিপদিকাদি) শব্দস্বরূপ। 'পা ১.৪.১৩। **১২** (নাট্যে) মুখাদি পঞ্চ সন্ধির উপক্ষেপ-প্রভৃতি বিভাগ। [মুখসন্ধির ১২ অঙ্গ, প্রতিমুখ-সন্ধির ১৩ অঙ্গ গর্ভসন্ধির ১৩ অঙ্গ, বিমর্শসন্ধির ১৩ অঙ্গ এবং নির্বহণ-সন্ধির ১৪ অঙ্গ—সর্ব্বশুদ্ধ ৬৫ অঙ্গ (দ্র 'সা.দ ৬.৮১-১১৬)।] **১৩** (নাট্যে) অপ্রধান পাত্রসমূহ (A.)। **১৪** (জ্যোতিষে) রবির উদয়কাল; লগ্ন। "অঙ্গাধীশ। **১৫** [+অ-ণ] যাহা দ্বারা গত (জ্ঞাত) হয়; মানস, চিত্ত। 'অঙ্গং মনসি কায়ে চ (শ.ক)। "হিরণ্যগর্ভাঙ্গভুবং মুনিম্ মাঘ ১.১। [অঙ্গ—তনু, উৎসঙ্গ (মল্লিনাথ)। নারদ ব্রহ্মার মানস-পুত্র— দ্র 'নারদ'] কি রূপসী৹, অঙ্গে বসি৹ অঙ্গ খসি পড়ে বি.সু ৪৭। **১৬** (ব্যবহারে) মন্ত্রের সহায়-প্রভৃতি পঞ্চবিধ রাজনীতি বিভাগের অন্যতম। দ্র 'পঞ্চাঙ্গ'। **১৭** প্রধান জৈনধর্ম্ম-গ্রন্থসমূহ। **১৮** (বাঙ্‌লায়) দেহের উপরিভাগ; পূর্ব্বকায়। "অঙ্গে উড়নি শোভয় ভ.গ্র ৪৩০; ৪৪৩। অঙ্গের উত্তরী জ্ঞা ১০০। **১৯** স্ত্রীলোকের বক্ষঃস্থল; স্তন। "অঙ্গের বসন, কৈরাছে আসন চ.দা ২৪। (বেশ্যা) অঙ্গ উঘাড়িয়া দেখাই বসিলা দুয়ারে চৈ.চ ২৭২। পীন কঠিন অঙ্গ দরশায় ছলে ক.চ ১৬৩। [অঙ্গ ঝাড়া দিয়া উঠা— শরীরের শিথিলভাব বা আলস্য ঝাড়িয়া (ত্যাগ করিয়া) কার্য্যার্থ উদ্যোগী হওয়া। "অঙ্গ ঝাড়া দিয়া ত্রস্তে উঠিল যুবক (রঙ্গ-মতী)। অঙ্গহি অঙ্গ—অঙ্গে অঙ্গে; প্রত্যঙ্গে। "অঙ্গহি অঙ্গ অনঙ্গ-তরঙ্গিম গো ৮৩। অঙ্গে কাপড় থাকা (স্ত্রীলোকসম্বন্ধে)—স্ত্রীলোকের বক্ষঃস্থল অঞ্চলে আবৃত থাকা। অঙ্গে কাপড় দেওয়া (স্ত্রীলোকসম্বন্ধে) —স্ত্রীলোকের বক্ষঃস্থল অঞ্চলে আবৃত করা। (নিন্দা) অঙ্গের আভরণ হওয়া—লোকাপবাদ ভূষার মত মনে হওয়া, অর্থাৎ গ্লানিজনক না হওয়া; নিন্দার ভয় না থাকা। "গোহত্যা ব্রহ্মহত্যা…অঙ্গের আভরণ হইয়াছে।—নী ১২। লোকনিন্দা আমার অঙ্গের আভরণ হয়েছে। তু 'অলঙ্কার হ'য়েছে (দ্র 'অলঙ্কার')।

অঙ্গ[২] ব্য সম্বোধন (অ.কো)। "ঋগ্বেদ ৩.৩৩.১১। রা ২.৯৬.১৫।

অঙ্গক ক্লী [অঙ্গ+ক (কন্) স্বার্থে] **১** অঙ্গ, দেহ। "হরন্তি… প্রিয়তমাঙ্গকাদম্বরম্ মাঘ ৪.৬৬। **২** অবয়ব। 'নাভিঃ প্রাণ্যঙ্গকে (ত্রিকাণ্ডশেষ)। **৩** [+ক হ্রস্বার্থে] হ্রস্ব অঙ্গ; প্রতনু অবয়ব। "উ.চ ১.২০; মৃণালীদুর্ব্বলান্যঙ্গকানি ২৪।

অঙ্গকর্ম্ম (-র্ম্মন্) ক্লী, **-ক্রিয়া** স্ত্রী [ষ.ত] **১** মর্দ্দন অনুলেপন প্রভৃতি শারীরিক পরিকর্ম্ম; দেহসংস্কার-ব্যাপার। **২** [কর্ম্মধা] প্রধান যজ্ঞের অবয়বভূত গৌণকর্ম্ম।

অঙ্গগ্রহ পুং [ষ.ত] **১** রোগাদি কর্ত্তৃক অঙ্গের গ্রহণ; গাত্রবেদনা। **২** অবয়বের আক্ষেপ; হাত পা প্রভৃতি খেঁচা (Spasm)।

অঙ্গগ্লানি বি [ষ.ত] দেহের মলিনভাব; অঙ্গবৈবর্ণ্য। "প.তৃ ৫০।

অঙ্গজ বিণ [অঙ্গ+√জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] **১** যাহা অঙ্গ হইতে জন্মে, শরীরজাত, দেহজ। "তোমার অঙ্গজ তনু না রাখিব আর ক.চ ১৪। **২** আঙ্গিক, শারীরিক। "ভাবহাবহেলাদ্যস্ত্রয়োঽঙ্গজাঃ (অ.টী)। সা.দ ৩.৮৯। **৩** অঙ্গলগ্ন, শরীরলিপ্ত। "রজঃ প্রক্ষাল্য চাঙ্গজম্ গো.রা ৩.৭৬.৩৩। **৪** অঙ্গকর্ম্মজাত। —জ পুং **১** পুত্র। "দশরথ রথী৹ রঘুজ-অজ-অঙ্গজ, বিখ্যাত ভুবনে মে ১৫৪। **২** কেশ, কচ। **৩** মদ, মত্ততা। **৪** ষড়্‌রিপুর একতম; মদরিপু। **৫** গদ, রোগ। **৬** মন হইতে জাত; কাম। "অঙ্গজরাগদীপনাৎ (দশকুমার)। —জ ক্লী **১** রুধির। **২** লোম। "তবোত্তরীয়ং করিচর্ম্ম সাঙ্গজম্ কি ১৮.৩২। —জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] 'অঙ্গজাতা', কন্যা।

অঙ্গজনু বিং [সং অঙ্গজনুঃ] অঙ্গ হইতে যাহার জন্ম; অঙ্গজাত। "তব অঙ্গজনু, ত্যজিব এ তনু ভা.চ ৪১। —নু বি **১** পুত্র। "গিরিসুতা-অঙ্গজনু ক.চ ১। পবন-অঙ্গজনু ম ৪৭৬; ভীম-অঙ্গজনু ৪৯৬। শনি যম মনু, তব অঙ্গজনু ভা.চ ৫। নৃপ-অঙ্গজনু।—হেম ৩১। **২** [অপ্র] অঙ্গ। "আনন্দ বাড়িল বড় বুঝি ব্রহ্ম-তনু। জীব জন্তু নাহি কিন্তু জলে অঙ্গজনু শ্রী ৫। [মিলের জন্য 'জনু'?]

অঙ্গজনুঃ (-নুস্) [বহুব্রী] অঙ্গ হইতে যাহার জনুঃ (জন্ম); অঙ্গজ, পুত্র।

অঙ্গজা দ্র 'অঙ্গজ'।

অঙ্গণ, -ন ক্লী [√অঙ্গ্+অন (ল্যুট্)-ধি, বিকল্পে ণত্ব, পৃষো (অ.টী); তু 'প্রা অঙ্গণ (হে)] **১** গৃহ হইতে নির্গত হইয়া যেখানে যায়; চত্বর, অজির, আঙ্গিনা, উঠান। "গগন°, °ভূ, গৃহ°। উটজাঙ্গনভূমি রঘু ১.৫২। বিমানঃ…তিষ্ঠতি তেঽঙ্গণে (দেবীমাহাত্ম্য)। অঙ্গন-ভ্রমণ চৈ.ভা ২১১। অঙ্গন-ধুলে ন.প ১২। অঙ্গনে অঙ্গনাগণ বসিলেক ঘেরি শি ১০৪। অঙ্গন গহন (ভেল) ব ১৮২। দিগঙ্গন ন ৪৯৬। গগনাঙ্গন-বিক্ষিপ্ত অন্ধকার কাদ ৬। **২** [+অন-ভা] গমন। **৩** [+অন-ণ] যান, শকটাদি।

অঙ্গত্রাণ বি [ষ.ত] **১** অঙ্গের ত্রাণসাধন (রক্ষার উপায়); বর্ম্ম, সাঁজোয়া। **২** [অপ্র] অঙ্গুলিত্রাণ। "কবচ কিরীট ছাড়ে আর অঙ্গত্রাণ অ.প ৬৬।

অঙ্গদ পুং [অঙ্গ+√দো অবখণ্ডন+অ (ক)-ক; উ.ত] **১** যিনি যুদ্ধে শত্রুকে অবখণ্ডিত করেন; কিষ্কিন্ধ্যারাজ বালীর পুত্র। [ইঁহার মাতা তারা। সুগ্রীব রাজা হইয়া ইঁহাকে যুবরাজপদে অভিষিক্ত করেন। ইনি সীতান্বেষণে দক্ষিণে প্রেরিত কপিসৈন্যের নায়ক ছিলেন এবং সম্পাতির নিকটে সীতার সন্ধান পাইয়া হনুমানকে লঙ্কায় প্রেরণ করেন। ইনি বৃহস্পতির অবতার এবং বাক্‌পটু ছিলেন। সেতুপথে লঙ্কায় উত্তীর্ণ হইয়া রামচন্দ্র সীতাসমর্পণপূর্ব্বক সন্ধিকরণার্থ ইঁহাকে রাবণের সভায় প্রেরণ করেন (রা ৬.৪১শ সর্গ)।] **২** লক্ষ্মণের দ্বিতীয় পুত্র। "রঘু ১৫.৯০। কৃ ৪৯৪। —দ ক্লী [+√দৈ শোধন+অ (ক)-ক] **১** যাহা প্রগণ্ডরূপ অঙ্গ শোধন করে (অ.টী); বাহুভূষণবিশেষ, কেয়ূর, তাড়। "সংঘট্টয়ন্নঙ্গদমঙ্গদেন রঘু ৬.৭৩। স্বর্ণাঙ্গদ চৈ.চ ২৭। অঙ্গদ কঙ্কণ গ ১। **২** বলয়। "কনকাঙ্গদ রা ৩.৩৪.৬। —দা স্ত্রী উত্তরদিকের দিক্‌করিণী; অঙ্গনা।

অঙ্গদা, অঙ্গন দ্র 'অঙ্গদ, অঙ্গণ'।

অঙ্গনা[১] স্ত্রী [অঙ্গ+ন অস্ত্যর্থে কল্যাণে (পা ৫.২.১০০, বার্ত্তিক, সি) +স্ত্রী আ (টাপ্)] **১** যাহার কল্যাণসূচক (প্রশস্ত) অঙ্গ আছে; অঙ্গসৌষ্ঠববতী নারী; যোষিদ্‌বিশেষা, সুন্দরী, কামিনী। **২** ভার্য্যা। "নৃপাঙ্গনা রা ২.৭৬.২৩। যো ভর্ত্তা সা স্মৃতাঙ্গনা। মনু ৪৫; ৪৮। **৩** স্ত্রীমাত্র, যোষিৎ। "যাজ্ঞ ১.২৭৫। ব্যস্ত হ'য়ে তোলে তাকে যতেক

অঙ্গনা শ্রী.মা ২৫। কি রঙ্গে অঙ্গনাবেশ ধরিলি দুর্ম্মতি? মে ৮৬। অঙ্গনা ভুবনপ্রিয়া প.তৃ ৫। **৪** পশুর স্ত্রীজাতি। "গজাঙ্গনা রা ২.৩০.২৩। মৃগাঙ্গনা কু.স ১.৪৬। হরিণাঙ্গনা শ ১.২৪। **৫** সর্থ 'অঙ্গদা'। **৬** (জ্যোতিষে) কন্যারাশি (Virgo)।

অঙ্গনা[২] বি [সং অঙ্গন, অ>আ; তু 'আঙিনা; হি অঁগনা; অপ্র] অঙ্গন, উঠান। অঙ্গনা প্রাঙ্গনা ঘর পুরিয়া সদায়। করিল কতেক কেলী পোড়ে বাপ মায় (শ্রী.মা)।

অঙ্গনাজন পুং [কর্ম্মধা] **১** স্ত্রীজন, স্ত্রীলোক। "কি ৮.২১। **২** স্ত্রী-সমূহ।

অঙ্গনাথ বি [ষ.ত] অঙ্গদেশের পতি; কর্ণ। "ম ৬৪৫।

অঙ্গনাপ্রিয় বিণ [ষ.ত] স্ত্রীলোকের প্রিয়; যোষিদ্বল্লভ। —য় পুং **১** অঙ্গনার পতি; দিগ্‌গজ সার্ব্বভৌম। **২** [বহুব্রী] (স্ত্রী-পদাঘাত অশোকের দোহদ হেতু) অঙ্গনা যাহার প্রিয়া; অশোকবৃক্ষ।

অঙ্গন্যাস পুং [স.ত] হৃদয়াদি অবয়বে মন্ত্রবিশেষের ন্যাস; মন্ত্রবিশেষের উচ্চারণপূর্ব্বক হৃদয়াদিতে করস্পর্শ দ্বারা কর্ত্তব্য ক্রিয়াবিশেষ।

অঙ্গপ্রত্যঙ্গ ক্লী [দ্বন্দ্ব] অঙ্গ (মুখ বক্ষ হৃদয় উদর হস্ত পদ) এবং প্রত্যঙ্গ (নেত্র অঙ্গুলি ইত্যাদি—রা.টীকা); সর্ব্বাবয়ব। "অঙ্গপ্রত্যঙ্গজঃ পুত্রঃ রা ২.৭৪.১৪। অঙ্গপ্রত্যঙ্গানি পাণিনা স্পৃষ্ট্বা (কাদম্বরী)।

অঙ্গপ্রায়শ্চিত্ত ক্লী [ষ.ত] অঙ্গ-সম্বন্ধী (অঙ্গশোধনার্থ করণীয়) প্রায়শ্চিত্ত; অশৌচে পঞ্চসূনাজন্য-পাপক্ষয়ার্থ করণীয় দানরূপ প্রায়শ্চিত্ত (ত.বা)।

অঙ্গবিকল বিণ [স.ত; স্ত্রী -লা] **১** অঙ্গবিষয়ে বিকৃত; বিকলদেহ, বিকৃতাঙ্গ, পক্ষাঘাতগ্রস্ত। **২** অবসন্নদেহ, মূর্চ্ছিত।

অঙ্গবিকার পুং [ষ.ত] **১** অবয়বের অন্যথাভাব; অঙ্গদোষ, দেহের খুঁত। **২** অঙ্গিবিকার। "দ্র 'অঙ্গ'[১] (১)।

অঙ্গবিকৃতি পুং [বহুব্রী] যে হেতু অঙ্গের বিকার হয়; অপস্মাররোগ, মৃগীনাড়া। —তি স্ত্রী [ষ.ত] সর্থ 'অঙ্গবিকার'।

অঙ্গবিক্ষেপ পুং [ষ.ত] **১** অবয়বের বিক্ষেপণ; অঙ্গসঞ্চালন, অঙ্গ-ভঙ্গি। **২** [বহুব্রী] যাহাতে অঙ্গের বিক্ষেপ; অবয়বচালনসাধ্য দ্বাত্রিংশৎপ্রকার নৃত্যবিশেষ।

অঙ্গবিদ্যা স্ত্রী [কর্ম্মধা] **১** অঙ্গই (বেদাঙ্গ ব্যাকরণাদিরূপই) বিদ্যা; জ্ঞানসাধন ব্যাকরণাদি শাস্ত্র। **২** [ষ.ত] অবয়বসম্বন্ধিনী বিদ্যা; অবয়বচেষ্টাদি দ্বারা শুভাশুভবোধবিষয়ক শাস্ত্র [দ্র 'বৃহৎসংহিতা, ৫১শ অধ্যায়)। **৩** হস্তরেখাদির ফলাফলবোধক শাস্ত্র। "ন নক্ষত্রাঙ্গবিদ্যয়া (ভিক্ষাং লিপ্সেত) মনু ৬.৫০।

অঙ্গবিধি পুং [ষ.ত] অঙ্গের (প্রধান বিধির উপকারী বা ইষ্টসাধক দ্রব্য-দেবতাদির) বিধান; প্রধান বিধি দ্বারা বিধেয় কর্ম্মের অঙ্গবোধক বিধি; গুণবিধি। যেমন, "অগ্নিহোত্রং জুহোতি" ইহা প্রধান বিধি, "দধ্না জুহোতি" ইহা অঙ্গবিধি। ইহা প্রধানবিধিবিহিত অগ্নিহোত্র-কর্ম্মের অঙ্গের (ইষ্টসাধক বিধির) বোধক।

অঙ্গবৈকৃত ক্লী [ষ.ত] **১** অবয়বের বিকার; অঙ্গবৈকল্য। **২** [বহুব্রী] অঙ্গের বিকার যাহাতে; হৃদ্‌গতভাববোধক চেষ্টা; ইঙ্গিত, আকার।

অঙ্গবৈগুণ্য ক্লী [ষ.ত] অঙ্গের (প্রধান কর্ম্মের অঙ্গীভূত দ্রব্যাদির) অন্যথাকরণ। "যৎকিঞ্চিদঙ্গবৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় বিষ্ণু-স্মরণমহং করিষ্যে (শ্রাদ্ধাদি-কর্ম্মান্তে অভিলাষবাক্য)।

অঙ্গভঙ্গ পুং [ষ.ত] **১** অবয়বের বিশেষ ভাবসূচক অবস্থান; ভাব-বোধক হস্তপদাদিচালনা; গাত্রবিজৃম্ভণ। "মাঘ ৭.৭২। অঙ্গভঙ্গ দেখাইয়া, তুমি কৈলে কামী ভা.চ ৭৩৪। **২** নিদ্রানন্তর গাত্রমোটন; গা-অড়োমোড়া। "সা.দ ৩.১৫১।

অঙ্গভঙ্গি, -ভঙ্গী বি [ষ.ত] সর্থ 'অঙ্গভঙ্গ (১)। "হেন অঙ্গভঙ্গী করি নাচে গৌরচন্দ্র (চৈ.ভা)।

অঙ্গভূ বিণ [অঙ্গ+√ভূ+°(ক্বিপ্)-ক; উ.ত; স্ত্রী -ভূ] **১** অঙ্গ হইতে যাহা জন্মে; দেহজাত, মানসজাত। "হিরণ্যগর্ভাঙ্গভুবং মুনিম্ মাঘ ১.১। **২** [ষ.ত] অঙ্গসমূহের (হৃদয়াদিমন্ত্রসমুদয়ের) স্থান। "কু.স ৩.১৫। —ভূ পুং **১** মনসিজ, কাম। **২** অঙ্গজ, পুত্র।

অঙ্গমর্দ্দ, -মর্দ্দক, -মর্দ্দী (-র্দ্দিন্) পুং [অঙ্গ+√মৃদ্+অ (অণ্)-ক; উ.ত; ষ.ত; +ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] দেহের মর্দ্দনকারক ভৃত্য; সংবাহক।

অঙ্গমোড়া বি [অঙ্গ+মোড়া] আলস্য হেতু অবয়বমোটন; অঙ্গভঙ্গ, গা-মোড়া। "অঙ্গমোড়া হুহুঙ্কার ঘন ছাড়ে হাই শ্রী ৮৩।

অঙ্গযজ্ঞ, -যাগ পুং [উ. লো] প্রধান যজ্ঞের অঙ্গীভূত যজ্ঞ; অপ্রধান যজ্ঞ।

অঙ্গযষ্টি স্ত্রী [অঙ্গ যষ্টিতুল্য, উপ.স] যষ্টিসদৃশ কৃশ দেহ; তন্বঙ্গ। "সরসাঙ্গযষ্টি কু.স ৫.৮৫।

অঙ্গযাগ দ্র 'অঙ্গযজ্ঞ'।

অঙ্গরক্ষক পুং [ষ.ত] দেহের রক্ষাকারক; শরীররক্ষী পুরুষ (Bodyguard)। "পঞ্চ ৩৬৮।

অঙ্গরক্ষণী, -রক্ষিণী স্ত্রী [ষ.ত] দেহের রক্ষাসাধন বা রক্ষক বর্ম্ম; আয়সী, অঙ্গত্রাণ, সাঁজোয়া।

অঙ্গরাখি, -রাখী বি [সং অঙ্গরক্ষিণী] অঙ্গত্রাণ, কবচ। "পট্টিশ অঙ্গরাখি ক.চ ৮৭। অঙ্গে অঙ্গরাখী পরে ব.প ৪২৯।

অঙ্গরাগ পুং [ষ.ত] **১** শরীরের রঞ্জন; অঙ্গবিলেপন। "কৢপ্তাঙ্গ-রাগো হরিচন্দনেন রঘু ৬.৬০। রবির তোমাতে দেখি বড়ই সোহাগ, নিজ করে সদা ক'রে দেয় অঙ্গরাগ।—প.তৃ ৮২। **২** অঙ্গের রঞ্জনসাধন দ্রব্য; যাহার উদ্বর্ত্তন দ্বারা অঙ্গ রঞ্জিত করে; কেশরচন্দনাদিজাত রাগ; কর্পূরাগুরু-প্রভৃতিদিব্যগন্ধদ্রব্যকল্ক (তীর্থ); অঙ্গরঞ্জনকর অনুলেপন; দিব্যগন্ধদ্রব্যকল্ক (কতক)। "রা ২.১১৮.১৮। অঙ্গ-রাগে এমত অদ্ভুত হৈল ছবি শি ১০৩।

অঙ্গরাজ পুং [অঙ্গের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] **১** অঙ্গদেশের রাজা; লোমপাদ। "গো.রা ১.১০.৩; ৪। **২** কর্ণ। "বে ৩২১৬।

অঙ্গরুহ বিণ [স.ত; স্ত্রী -হা] অঙ্গে জাত; দেহজ। —হ ক্লী **১** লোম, কেশ। **২** পক্ষ। "বিহঙ্গরাজাঙ্গরুহ মাঘ ১.৭।

অঙ্গলেপ পুং [ষ.ত] অঙ্গের লেপনদ্রব্য; অঙ্গরাগ।

অঙ্গলোক পুং [কর্ম্মধা] অঙ্গদেশ। "গো.রা ৪.৪৩.৮।

অঙ্গশুদ্ধি স্ত্রী [ষ.ত] **১** দেহের শোধন; দেহপবিত্রীকরণ। **২** দেহের সংস্কারসাধন স্নানাদি।

অঙ্গসংস্কার পুং, **-সংস্ক্রিয়া** স্ত্রী [ষ.ত] **১** অঙ্গের শোধন; দেহমার্জ্জন। **২** কুঙ্কুমাদি দ্বারা শরীরের শোভাধান বা সৌন্দর্য্যসাধন; স্বেদাদিজনিত দুর্গন্ধনাশার্থ চন্দনাদিলেপন। **৩** শরীরের শুদ্ধিসাধন স্নান উদ্বর্ত্তন প্রভৃতি; পরিকর্ম্ম। **৪** [অঙ্গ+সম্-√কৃ+অ (অণ্)-ক; উ.ত] যে দেহ সংস্কৃত (মার্জ্জিত বা চন্দনাদিভূষিত) করে; পরি-কর্ম্মকারক।

অঙ্গসংহতি স্ত্রী [ষ.ত] **১** দেহের দৃঢ়তা; শরীরবন্ধ। **২** অবয়বের মেলনরূপ দেহ; অবয়বসংঘাত। "কি ১৩.৫০।

অঙ্গসঙ্গ পুং [ষ.ত] **১** শরীরের সংস্পর্শ; দেহসম্পর্ক। **২** মৈথুন। "স্ত্রীর সহিত তাঁর অঙ্গসঙ্গ হৈল ভ.গ্র ৪১৪; অঙ্গসঙ্গ তোমারে করিতে নাহি কহি ৪২৪। **৩** (বাঙলায়; অপ্র) অঙ্গের সহিত যাহার সতত সাহচর্য্য; সহচর। "হরহিত রামবোল সদা অঙ্গসঙ্গ ভা.চ ২৪।

অঙ্গসেবক পুং [ষ.ত] **১** শরীরের সেবাকারক; অঙ্গরক্ষক

(Bodyguard)। ২ (বাঙলায়) শরীরমর্দ্দনাদি-কারক, দেহ-সংবাহক ভৃত্য।

অঙ্গসেবা স্ত্রী [ষ.ত] ১ দেহের পরিচর্য্যা ; শরীর-সংস্কার। ২ অঙ্গ-সংবাহনাদি কার্য্য।

অঙ্গসৌষ্ঠব বি [ষ.ত] অবয়বসমূহের যথাসঙ্গতি নির্ম্মাণ ও সন্নিবেশ হেতু শারীরিক সৌন্দর্য্য ; নিখুঁত গড়নের শ্রী ; মানানসই গড়ন। "দুতগণ···রাজকুমারের অঙ্গসৌষ্ঠব দেখিতে লাগিলেন কাদ ১২৭।

অঙ্গহানি স্ত্রী [ষ.ত] ১ অঙ্গের (প্রধান কর্ম্মের উপযোগী অঙ্গীভূত কর্ম্মের) অন্যথা সম্পাদন বা অসম্পাদন ; অঙ্গক্রিয়ার অন্যথাকরণ বা অকরণ ; অঙ্গবৈগুণ্য। "দৈবাদ্ ভ্রমাৎ প্রমাদাচ্চেদঙ্গহানিঃ প্রজায়তে। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ (পুরাণ)। ২ অবয়বের বিকলতা, অঙ্গবৈকল্য, দৈহিকবিকার।

অঙ্গহার পুং [ষ.ত] ১ অবয়বের হরণ (স্থানান্তরে নয়ন) ; অঙ্গ-বিক্ষেপ। "ললিতাঙ্গহার কু.স ৭.৯১। রুচিরাঙ্গহার ভট্টি ২.১৬। কি ৭.৩৭। ২ অঙ্গুলি-প্রভৃতির বিন্যাসভেদে নৃত্যবিশেষ। "ভরত নাট্যশাস্ত্র ৪.১৫.৬।

অঙ্গহীন বিণ [তৃ.ত ; স্ত্রী -না] ১ অঙ্গকর্তৃক বিহীন ; দেহরহিত, অকায়। ২ হস্তপদাদির অনুরূপপরিমাণশূন্য ; অঙ্গসৌষ্ঠবহীন। "ধান্যচৌরোঽঙ্গহীনত্বম্ মনু ১১.৫০। ৩ বিকৃতাঙ্গ, বিকলদেহ। ৪ ছিন্নদেহ। ৫ সাধনভূত দ্রব্যকালাদি-শূন্য ; যথাবিহিত উপচারহীন ; সদোষ (কর্ম্ম)। "অঙ্গহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ ভবেৎ (স্মৃতি)। আকুল হইল, পূজা হয় অঙ্গহীন ভা.চ ৩০৮। বিদায় করিব বিধিমতে, অঙ্গহীন না হয় যাতে দা ৯০। ৬ (অলঙ্কারশাস্ত্রে) কাব্যাঙ্গরহিত, রসাদিদোষযুক্ত। "অঙ্গহীনং তথা কাব্যং ন প্রয়োগায় যুজ্যতে সা.দ ৬.১১৮। —ন পুং অনঙ্গ, কাম। —ন ক্লী অঙ্গহীনত্ব, অঙ্গবৈকল্য, বিকৃতি। "গর্ভস্য বৈকৃতং দৃষ্টমঙ্গহীনাদি জন্মতঃ যাজ্ঞ ৩.১৬৩।

অঙ্গা বি [হি অংগা] আঙ্গরাখা, চাপকান, জামাবিশেষ। "কেহ ধুতি কেহ পায়জামা আঙ্গা পরে ব.প ১৫১৩।

অঙ্গাঙ্গিত্ব ক্লী [অঙ্গাঙ্গিন্+ত্ব, তদ্‌ভাবার্থে] অঙ্গাঙ্গিভাব, দেহ-দেহিভাব, গৌণমুখ্যভাব, উপকার্য্যোপকারকভাব, আশ্রিতাশ্রয়ভাব, অনুগ্রাহ্যানুগ্রাহকত্ব। "কা.প্র ১০.১৪০ (মূলশ্লোক)।

অঙ্গাঙ্গিভাব পুং [অঙ্গ ও অঙ্গী (দ্বন্দ্ব), তাহার ভাব, ষ.ত] সর্থ 'অঙ্গাঙ্গিত্ব'। অঙ্গাঙ্গিভাবমজ্ঞাত্বা কথং সামর্থ্যনির্ণয়ঃ হি ২.১৪৭। অঙ্গাঙ্গিভাবেন সঙ্করঃ কি ৬.২, মল্লিনাথ।

অঙ্গাধিপ, -ধীশ, -ধীশ্বর পুং [ষ.ত] ১ অঙ্গদেশের রাজা ; কর্ণ। ২ (জ্যোতিষে) লগ্নাধিপতি, রাশির উদয়কালের গ্রহ।

অঙ্গার বিণ [অঙ্গার+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -রা] অঙ্গারবর্ণযুক্ত, লোহিত। —র পুং ক্লী [√অঙ্গ্+আর (আরন্)-ক, উ ৩.১৩৪ ; ছান্দস ; Cf., Lith. angli-s ; R. ugolj] ১ যাহা মলিনত্ব প্রাপ্ত হয় ; সাগ্নি বা নিরগ্নি বহ্নিদগ্ধ কাষ্ঠখণ্ড ; অলাত, উল্মুক, জ্বলন্ত আঙার, কয়লা। "উষ্ণো দহতি চাঙ্গারঃ শীতঃ কৃষ্ণয়তে করম্ হি ১.৮১ ; তপ্তাঙ্গারসমঃ পুমান্ ১২৬। উল্কাশ্চাঙ্গারবিষণাঃ মহা ১৬.১.৩। এ কি বিধি চন্দ্র কেন অঙ্গার উগারে দু ৫৫। অপমানে অঙ্গ দহে অঙ্গার সমান বি.সু ১২৯। ২ (সাদৃশ্যে) মালিন্যজনক, কলঙ্ককর, অপসদ, অধম। "কুরুকুলাঙ্গার বে ৬৩ৄ৪। কুলের অঙ্গার ম ১০০। রক্ষঃ-কুলাঙ্গার মে ৮৫। ওরে কুলাঙ্গার হিন্দু দুরাচার।—হেম ২৮৬। —র পুং (সাদৃশ্যে) মঙ্গলগ্রহ (Mars)। —র ক্লী রক্তবর্ণ, লাল রঙ।

অঙ্গারক পুং [অঙ্গার+ক (কন্) স্বার্থে] ১ মঙ্গলগ্রহ। "রা ২.৪.১৮। ২ মঙ্গলবার। ৩ [+ক সংজ্ঞায়, পা ৫.৩.৯৭] (সাদৃশ্যে) কুরণ্টকবৃক্ষ। ৪ ভৃঙ্গরাজ। —ক পুং, ক্লী অঙ্গার। —ক ক্লী [+ক হ্রস্বার্থে] ১ অঙ্গারের ক্ষুদ্রাংশ ; বিস্ফুলিঙ্গ। ২ (বৈদ্যকে) পাকতৈলবিশেষ। ৩ (বাঙলায়) বাষ্পবিশেষ (Carbonic acid gas)।

অঙ্গারকারক পুং [ষ.ত] যে কাষ্ঠ দগ্ধ করিয়া বিক্রয়ার্থ অঙ্গার প্রস্তুত করে ; অঙ্গারকারী। "পরাশর ১.৫৯।

অঙ্গারধানিকা, -ধানী, -পাত্রী, -শকটী স্ত্রী [ষ.ত ; ঠ শেগড়ী] অঙ্গারের আধার ; আগুনের পাত্র ; আঙটা, আগুনের মালশা ইত্যাদি। "°টী মনু ৪.৫৪, কুল্লুক।

অঙ্গারপর্ণ পুং অঙ্গারপর্ণ-নামক বনের স্বামী চিত্ররথ গন্ধর্ব্ব। "মহা ১.১৭০.১৩। —র্ণ ক্লী চিত্ররথ গন্ধর্ব্বের বন। "মহা ১.১৭০.১৪।

অঙ্গারপাত্রী, অঙ্গারশকটী দ্র 'অঙ্গারধানিকা'।

অঙ্গারিকা স্ত্রী [অঙ্গার+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'অঙ্গারধানিকা'। ২ রক্তবর্ণ ইক্ষুদণ্ড। ৩ পলাশকলিকা।

অঙ্গির পুং [তু 'অঙ্গিরস্' ; ছান্দস] সর্থ 'অঙ্গিরাঃ'। "ভৃগ্বঙ্গিরাদিভিঃ মহা ৩.২২১.১৭। যাজ্ঞ ১.৪।

অঙ্গিরাঃ (-রস্) পুং [উ ৪.২৩৬ ; ছান্দস] ১ বৈদিক ঋষিবিশেষ। [ইনি ঋগ্বেদের ঋষি। অর্চিষি ভৃগুঃ সম্বভূব···অঙ্গারেষঙ্গিরাঃ (নিরুক্ত)—প্রজাপতি আত্মশুক্র অগ্নিতে নিক্ষেপ করিলে, অগ্নিজ্বালা হইতে ভৃগু এবং জ্বালাহীন অঙ্গার হইতে অঙ্গিরাঃ উৎপন্ন হন। মতান্তরে—(১) অগ্নিতে নিক্ষিপ্ত ব্রহ্মার ক্ষরিত শুক্র হইতে অঙ্গিরার জন্ম হয়। (মৎস্যপুরাণ ১৯৫.৮.৯)। (২) অঙ্গিরা অগ্নির পুত্র ও বৃহস্পতির পিতা (মহা ৩.২১৬তম অধ্যায়)। (৩) অঙ্গিরা দশ প্রজাপতির একতম ; কঠোর তপস্যায় ব্রহ্মা ইঁহার সৃষ্টি করেন (মনু ১.৩৫), হবিষ্মন্ত ইঁহার সন্তানগণ (মনু ৩.১৯৮)। (৪) অঙ্গিরা ব্রহ্মার মুখ হইতে নির্গত হন ; ইনি ব্রহ্মার দশ পুত্রের একতম ; কর্দ্দমসুতা শ্রদ্ধা ইঁহার পত্নী, উতথ্য ইঁহার পুত্র এবং সিনিবালী রাকা কুহু অনুমতি ইঁহার কন্যা (ভ ৩.১২.২৪ ; ৪.১.৩৩.৩৪)। ইনি মনুপ্রভৃতি সংহিতা-কারের অন্যতম ; অঙ্গিরঃ-সংহিতা ইঁহার স্মৃতি। ইনি জ্যোতিষগ্রন্থেরও প্রণেতা। ইহার গোত্র, কেবলাঙ্গিরস গৌতমাঙ্গিরস ও ভরদ্বাজাঙ্গিরস —এই প্রধান তিন শাখায় বিভক্ত।] ২ অগ্নি। [অগ্নি তপস্যায় নিরত হইলে, অঙ্গিরাই অগ্নি হইয়াছিলেন (মহা ৩.২১৬তম অধ্যায়)।] ৩ [বহুব] অঙ্গিরার গোত্রাপত্যগণ। ৪ অথর্ব্ববেদের মন্ত্রসমূহ। ৫ অথর্ব্বমন্ত্রবিৎ ঋত্বিগ্‌গণ।

অঙ্গী (-ঙ্গিন্) বিণ [অঙ্গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ঙ্গিনী] ১ যাহার অঙ্গ আছে ; অবয়ববান্, অবয়বী। "অঙ্গাঙ্গিত্ব ; অঙ্গাঙ্গিভাব হি ২.১৪৭। ২ দেহী, শরীরী। "পা ২.৩.২০, বৃত্তি, সি। মাঘ ২.৮৪। ৩ প্রধান, মুখ্য। "এক এব ভবেদঙ্গী শৃঙ্গারো বীর এব বা সা.দ ৬.১০ ; ৭.১৪।

অঙ্গীকর [সং অঙ্গী-√কৃ > অঙ্গীকর্ (অঙ্গীকরোতি) > বা √অঙ্গীকর ; অপ্র] স্বীকার করা ; গ্রহণ করা ; ধারণ করা। "রাধা-ভাব অঙ্গীকরিয়াছে ভাল মতে চৈ.চ ৬৮ ; আমার প্রাণ রক্ষা কর দ্রব্য অঙ্গীকরি ২০৩। [অঙ্গীকরি (তু 'নমস্করি')—অঙ্গীকার করিয়া। অঙ্গীকরিয়াছে—অঙ্গীকার করিয়াছে।]

অঙ্গীকরণ ক্লী [অঙ্গ+অভূততদ্‌ভাবে চ্বি —অঙ্গী (০)+ √কৃ+অন (ল্যুট্)-ভা] ১ স্বীকরণ, অভ্যুপগম। ২ প্রতিজ্ঞান, প্রতিশ্রুতি।

অঙ্গীকার পুং [অঙ্গী+ √কৃ+অ (ঘঞ্)-ভা] ১ অঙ্গীভূত করা ; স্বীকার, গ্রহণ, ধারণ। "মো পাপীরে অবশ্য করিব অঙ্গীকার ন.বি ১৩২। রাধিকার ভাব কান্তি অঙ্গীকার বিনে চৈ.চ ২১ ; ৪১ ; ১০৭ ; এই গুণে কৃষ্ণ তাঁরে করিবে অঙ্গীকার ১৩৮ ; পাঁচ সহস্র মুদ্রা তুমি কর অঙ্গীকার ২০৩ ; হেন বংশে ঘৃণা ছাড়ি কৈলে অঙ্গীকার ২৭৭। মৃত্যু অঙ্গীকার করি কা ৬০। ২ প্রতিজ্ঞান, প্রতিশ্রুতি।

অঙ্গীকার্য্য বিণ [অঙ্গী + √কৃ + য (ণ্যৎ)-র্ম ; স্ত্রী -র্য্যা] স্বীকার্য্য, গ্রহণীয়। "সা.দ ৫.১।

অঙ্গীকৃত বিণ [অঙ্গী + √কৃ + ত (ক্ত)-র্ম ; স্ত্রী -তা] স্বীকৃত, গৃহীত। "অমরু ৫২। —কৃতি স্ত্রী [+ তি (ক্তিন্)-ভা] ১ অঙ্গীকার, স্বীকার, গ্রহণ। ২ প্রতিশ্রুতি।

অঙ্গীভূত বিণ [অঙ্গী + √ভূ + ত (ক্ত)-ক ; স্ত্রী -তা] যাহা অঙ্গ হইয়াছে ; অবয়বীভূত, অঙ্গস্বরূপ।

অঙ্গুটী বি [আঙ্গটী > অঙ্গুটী (সাধুভাষায়) ; অপ্র] অঙ্গুরীয়ক। "শ্রী.ম ৬২।

অঙ্গুরি, -রী বি [সং অঙ্গুরীয় ; হি অংগুরী] অঙ্গুরীয়, আঙটি। "রামের অঙ্গুরী দেখি হইল বিশ্বাস কৃ ২০৯। মণিমুক্ত-যুক্ত নানা ভূষণ অঙ্গুরি দু ৬৪। মাণিক-অঙ্গুরী ম.ভা ৪৪ ; ম ৩৭০।

অঙ্গুরীয়, -রীয়ক ক্লী [অঙ্গুরি, -রী + ঈয় (ছ) 'তত্র ভব' অর্থে ; ক (কন্) স্বার্থে] অঙ্গুরিতে (অঙ্গুলিতে) স্থিত ; অঙ্গুরিভূষণ, আঙটি। "অঙ্গুরীয়মভিজ্ঞানম্ গো.রা ৪.৪২.১২। অঙ্গুরীয়ং দাতুমিচ্ছতি শ ১২½। এ অঙ্গুরীয় অঙ্কে বিশ্বাস করিয়া দিতাম না, কিন্তু আপনাকে অবিশ্বাস নাই ব.প্র ৫৫৪।

অঙ্গুল পুং [√অঙ্গ্ + উল-ক ; তু (ছান্দস) 'অঙ্গুল'—অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্ (ঋগ্‌বেদ, পুরুষসূক্ত) ; অঙ্গুলি > অঙ্গুল (সমাসে—"দ্ব্যঙ্গুল, পঞ্চাঙ্গুল", পা ৫.৪.৮৬ ; ১১৪] ১ যাহা গ্রহণার্থ যায় ; হস্তপদ-শাখা, অঙ্গুলি। "অমৃত অঙ্গুল অগ্রে দু ১৫। অঙ্গুলে ছুঁইলা তায় ভা.চ ৪৩৯। ২ বাৎস্যায়ন মুনি। ৩ (জ্যোতিষশাস্ত্রে) দ্বাদশাংশ। —ল পুং, ক্লী ১ অঙ্গুলি, বুড়া আঙুল। ২ মধ্যমাঙ্গুলির পর্ব্বের দৈর্ঘ্যরূপ পরিমাণ। 'মধ্যমামধ্যমপর্ব্ব-দৈর্ঘ্যং যচ্চ তদঙ্গুলম্ শু ১.১৯৬। "বভ্রুবাঙ্গুলমন্তরম্ গো.রা ৬.২০.২২। চতুর্বিংশত্যঙ্গুলৈস্তৈঃ করঃ শু ১.১৯৭ ; ৪.৭.৩৮। ৩ (মতান্তরে) অষ্টযবোদরপরিমিত দৈর্ঘ্য এবং পঞ্চযবোদরপরিমিত বিস্তার দ্বারা পরিচ্ছিন্ন পরিমাণবিশেষ। 'শু ১.১৯৬।

অঙ্গুলি, -লী স্ত্রী [√অঙ্গ্ + উলি-ক (উ ৪.২) ; স্ত্রী -ঈ (ঙীপ্) ; ছান্দস—অঙ্গুলি, -লী ; অঙ্গুরি, -রী—পঞ্চাঙ্গুরি, স্বঙ্গুরি] ১ যাহা গ্রহণার্থ যায় ; হস্তপদ-শাখা, আঙুল। "অঙ্গুলীবোরগক্ষতা রঘু ১.২৮। অঙ্গুল্যা তর্জ্জয়তি শ ১২⅞ ; অঙ্গুলিসংবৃতাধরোষ্ঠ ৩.২২ ; °লী ৬.১১। °লী মনু ৮.৩৬৭। বাম বৃদ্ধাঙ্গুলী ম ২২০। পদাঙ্গুলি ম.পা ১৫২। ২ অঙ্গুষ্ঠ, বৃদ্ধাঙ্গুলি। ৩ পরিমাণবিশেষ। দ্র 'অঙ্গুল পুং, ক্লী (২)। "দ্ব্যঙ্গুলং দারু পা ৫.৪.৮৬, সি। ৪ হস্তিশুণ্ডাগ্রভাগ। "কর্ণিকা… করিহস্তাঙ্গুলৌ (অ.কো)। ৫ গজকর্ণিকা, হাতীশুঁড়া গাছ। ৬ (সাদৃশ্যে) শিশ্ন। "যোনাবঙ্গুলিপ্রক্ষেপণম্ (বিবাদচিন্তামণি)।

অঙ্গুলিচালন বি [ষ.ত] ১ অঙ্গুলিপ্রবেশন, আঙুল-ঢুকান। ২ মনোভাবপ্রকাশার্থ অঙ্গুলিস্পন্দন।

অঙ্গুলিত্র ক্লী [অঙ্গুলি + ত্রৈ + অ (ক)-ক ; উ.ত] ১ যাহা অঙ্গুলিকে জ্যাঘাত হইতে রক্ষা করে ; ধনুর্যোদ্ধার করতলে জ্যাঘাতবারণার্থ বদ্ধ চর্ম্মাবরণ ; অঙ্গুলিত্রাণ। "অঙ্গুলিত্রবান্ রা ২.৮৭.২৩ ; গোধাঙ্গুলিত্র ৯৯.২৩। অঙ্গুলিতে অঙ্গুলিত্র ন ১২৫২। ২ (বাঙলায়) সূচীঘাত-বারণার্থ অঙ্গুলির টুপি ; আঙুস্তানা (Thimble)। ৩ শৈত্যবারণার্থ অঙ্গুলির আবরণ ; দস্তানা (Glove)।

অঙ্গুলিত্রাণ ক্লী [ষ.ত] ১ অঙ্গুলির ত্রাণসাধন চর্ম্মাবরণ। দ্র 'অঙ্গুলিত্র (১)। "বদ্ধগোধাঙ্গুলিত্রাণ রা ১.২২.৯ ; ২.২৩.৩৫। ২ (বাঙলায়) সর্ব 'অঙ্গুলিত্র (২,৩)।

অঙ্গুলিধ্বনি পুং [ষ.ত] অঙ্গুলিদ্বয়ের পরস্পর আঘাতজন্য শব্দ ; তুড়ি। "ক্ষুতোৎপতনজৃম্ভাসু জীবোতিষ্ঠাঙ্গুলিধ্বনিঃ। শত্রোরপি চ কর্ত্তব্যমন্যথা ব্রহ্মহা ভবেৎ (তিথ্যাদিতত্ত্ব)॥

অঙ্গুলিপঞ্চক ক্লী [ষ.ত] পঞ্চ অঙ্গুলির সমবায় ; পঞ্চাঙ্গুলি—অঙ্গুষ্ঠ তর্জ্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠা।

অঙ্গুলিপর্ব্ব (-র্ব্বন্) ক্লী [ষ.ত] অঙ্গুলির সন্ধিদ্বয়ের মধ্যস্থ অংশ ; আঙ্গুলের পাব।

অঙ্গুলিপীড়িত বিণ [তৃ.ত] অঙ্গুলির চাপে ব্যথিত ; আঙ্গুলের টিপে আহত। "নবীনা সহচরীকে অঙ্গুলিপীড়িত করিয়া তদ্রূপ মৃদুস্বরে কহিল "তুমি নিপাত যাও।" "ব.প্র ৬।

অঙ্গুলিমুখ ক্লী [ষ.ত] অঙ্গুলির অগ্রভাগ।

অঙ্গুলিমুদ্রা স্ত্রী [ষ.ত] অঙ্গুলিসম্বন্ধিনী মুদ্রা ; সাঙ্করা উর্ম্মিকা ; নামাঙ্কিত অঙ্গুরীয় ; শিল আঙটি। "উপহিতস্মৃতিরঙ্গুলিমুদ্রয়া (শ)।

অঙ্গুলিমূল ক্লী [ষ.ত] অঙ্গুলির প্রারম্ভভাগ (গোড়া)। "কায়মঙ্গুলিমূলে মনু ২.৫৯।

অঙ্গুলিমোটন ক্লী [ষ.ত] অঙ্গুলির মর্দ্দন ; আঙ্গুল মোড়া বা মটকান।

অঙ্গুলিসংজ্ঞা স্ত্রী [তৃ.ত] অঙ্গুলি দ্বারা অভীষ্টসূচনা ; অঙ্গুলির চেষ্টাবিশেষ দ্বারা কৃত সঙ্কেত। "মুখার্পিতৈকাঙ্গুলিসংজ্ঞয়ৈব কু.স ৩.৪১।

অঙ্গুলিসন্দেশ পুং [তৃ.ত] ১ অঙ্গুলি দ্বারা সংজ্ঞাকরণ ; অঙ্গুলিধ্বনি দ্বারা কৃত সঙ্কেত। ২ অঙ্গুলিমোটন (শ.ক)।

অঙ্গুলিস্ফোটন ক্লী [ষ.ত] ১ অঙ্গুলির মোটন ; আঙ্গুল ফুটান বা মটকান। ২ অঙ্গুলিদ্বয়ের তাড়নশব্দ ; তুড়ি।

অঙ্গুলী, অঙ্গুলীপঞ্চক দ্র 'অঙ্গুলি, অঙ্গুলিপঞ্চক'।

অঙ্গুলীয়, -লীয়ক পুং,ক্লী [দ্র 'অঙ্গুরীয়, -রীয়ক, র > ল] অঙ্গুরীয়। "অঙ্গুলীয়কদান রা ১.৩২৬। তব সুচরিতমঙ্গুলীয়ং নূনং প্রতনু শ ৬.১১ ; এতৎ তদঙ্গুলীয়কম্ ; অঙ্গুলীয়স্যোপলম্ভাৎ ৭২⅙। কাকুৎ-স্থস্যাঙ্গুলীয়কঃ ভট্টি ৮.১১৮।

অঙ্গুষ্ঠ পুং [অঙ্গু + √স্থা + অ (ক)-ক, ষত্ব, পা ৮৩৯৭ ; উ.ত ; ছান্দস ; Av. Angusht—পদাঙ্গুলি ; ফা অঙ্গুশ্‌ত্—অঙ্গুলি ; ঠ অংগঠা, আংগঠা ; হি অঁগূঠা ; গু অংগুঠ] ১ যাহা পাণিতে থাকে ; বৃদ্ধাঙ্গুলি, বুড়া আঙ্গুল। "°মূল। পাদাঙ্গুষ্ঠ রা ৪.১১.৮৪ ; ৮৫। ২ অঙ্গুষ্ঠের বৃহৎপর্ব্ব (পরিমাণে)। 'অঙ্গুষ্ঠাঙ্গুলমানন্তু যত্র যত্রোপদিশ্যতে। তত্র তত্র বৃহৎপর্ব্বগ্রন্থিভির্মিনুয়াৎ সদা॥ —কাত্যায়ন ৭.৫। "°মাত্র। ৩ অঙ্গুষ্ঠের বিস্তাররূপ পরিমাণ, এক আঙুল। ৪ (বাঙলায়) অঙ্গুলি। "মধ্যাঙ্গুষ্ঠে ঃ অনামাঙ্গুষ্ঠ ম ২২০। তু 'খুদা পঞ্জ্ অঙ্গুশ্‌ত্ একসাঁ না করদ্।

অঙ্গুষ্ঠপুরুষ বি অঙ্গুষ্ঠপ্রমাণ পুরুষ ; জীবাত্মা। "সাবিত্রী লইয়া সেই অঙ্গুষ্ঠপুরুষে। স্বামিসঙ্গে নিয়োজিল পরম হরিষে॥ ম ৫৬৬।

অঙ্গুষ্ঠপ্রমাণ বিং [বহুব্রী ; স্ত্রী -ণা] যাহার পরিমাণ অঙ্গুষ্ঠ ; বৃদ্ধাঙ্গুলির বৃহৎপর্ব্ব-পরিমিত। "অঙ্গুষ্ঠপ্রমাণ ষাটি সহস্র ব্রাহ্মণ ম ২৩ ; অঙ্গুষ্ঠপ্রমাণ তনু ৫৬৩।

অঙ্গুষ্ঠমাত্র, -মাত্রক বিণ [অঙ্গুষ্ঠ + মাত্র (মাত্রচ্) পরিমাণার্থে, ক (কন্) স্বার্থে ; স্ত্রী -ত্রী, -ত্রিকা] অঙ্গুষ্ঠের বৃহৎপর্ব্বপরিমাণ ; অঙ্গুষ্ঠ-সদৃশ। "অঙ্গুষ্ঠমাত্রং পুরুষম্ মহা ৩.২৯৬.১৭।

অঙ্গুষ্ঠমূল ক্লী [ষ.ত] বৃদ্ধাঙ্গুলির মূলদেশ (গোড়া)। "অঙ্গুষ্ঠমূলস্য তলে ব্রাহ্মং তীর্থং প্রচক্ষতে মনু ২.৫৯।

অঙ্গোত্তম বি [অঙ্গমধ্যে উত্তম, স.ত ; অপ্র] অবয়বসমূহের শ্রেষ্ঠ ; মুখ। তু 'উত্তমাঙ্গ'। "অঙ্গোত্তমে পঙ্কজাঙ্ঘ্রি প্রেস একবার ম.পা ৬০। [অঙ্গোত্তমে প্রেস—মুখ প্রেরণ কর, অর্থাৎ ফিরাও ; মুখ তুলিয়া চাও ; কৃপাদৃষ্টি কর।]

অঙ্গোপাঙ্গ বি [অঙ্গ ও উপাঙ্গ, দ্বন্দ্ব] অঙ্গ ও অঙ্গের অঙ্গ ; অংশ ও অংশাংশ। "জীবের কল্মষতমো-নাশ করিবারে। অঙ্গ-উপাঙ্গ-নাম

নানা অস্ত্র ধরে॥ অন্য অবতারে সব সৈন্য-অস্ত্র সঙ্গে। চৈতন্য-কৃষ্ণের সৈন্য অঙ্গ-উপাঙ্গে॥ চৈ.চ ১০; অঙ্গোপাঙ্গ তীক্ষ্ণ অস্ত্র প্রভুর সহিত ১১।

অঙ্ঘ্ (অঘি) সক [ভ্বা, আ—অঙ্ঘতে; সেট্] ১ গতি। "হয়ঃ পন্থানমঙ্ঘতে (ক.ক)। ২ নিন্দা, ভৎর্সনা। ৩ আরম্ভ। —ঙ্ঘ্ অক বেগগতি। "অঙ্ঘতে বায়ুঃ (ক.ক)।

অঙ্ঘ বি [সং অঙ্ঘস্; ছান্দস; অপ্র] পাপ। "অঙ্ঘের সঙ্গে হৈছে সঙ্গতি ম.পা ১৪; অঙ্ঘ করে হন ১৬; অঙ্ঘেরাজ্য ১৭; দুর্গানাম অঙ্ঘ নাশে ২১।

অঙ্ঘঃ (-ঙ্ঘস্) ক্লী [√অঙ্ঘ্+অস্ (অসুন্)-ণ; তু 'অংহস্'] যাহা দ্বারা নরকে যায়; পাপ। "হ ৫৭.১০। যুষ্মচ্ছাসনলঙ্ঘনাঙ্ঘসি বে ১.১২।

অঙ্ঘ্রি পুং [√অঙ্ঘ্+রি (ক্রিন্)-ণ, উ ৪.৬৬; তু 'অংহ্রি'] ১ যাহা দ্বারা যায়; পাদ, চরণ। "অধারি পদ্মেষু তদঙ্ঘ্রিণা ঘৃণা নৈ ১.২০। অম্বিকারাঙ্ঘ্রিতে ম.পা ২; হরাঙ্ঘ্রিসেবনে ৩; °দ্বয়ঃ পঙ্কজাঙ্ঘ্রি-পঞ্জরেত ৫। কমলাঙ্ঘ্রিতল ম ১৮৩; তোমার…অঙ্ঘ্রি গিরিগণ ৩৮৮। অঙ্ঘ্রি যার বসুমতী শি ৫৯। ২ (সাদৃশ্যে) বৃক্ষমূল, শিকড়। "°প। বৃক্ষাঙ্ঘ্রি হি ৪.৬৪। ৩ ছন্দের চতুর্থভাগ, চরণ। "প্রথমাঙ্ঘ্রি।

অঙ্ঘ্রিকমল বি [উপ.স; অপ্র] পদ কমলতুল্য; কমল-কোমল চরণ; পাদপদ্ম। "এই বাঞ্ছি—তবাঙ্ঘ্রি-কমলে ম.পা ৬।

অঙ্ঘ্রিজা বি [অঙ্ঘ্রি+√জন+অ (ড)-ক+স্ত্রী আ (টাপ্); অপ্র] 'পাদ হইতে জাতা'; বিষ্ণুপদজাতা গঙ্গা। "গঙ্গাজল বিষ্ণুপদ করেন ক্ষালন। অঙ্ঘ্রিজা বলিয়া নাম এই সে কারণ॥ কৃ ১৮।

অঙ্ঘ্রিপ পুং [অঙ্ঘ্রি+√পা+অ (ক)-ক; উ.ত] যে মূল দ্বারা পান করে; পাদপ, বৃক্ষ। "দিশন্তি ভিক্ষাং নৈবাঙ্ঘ্রিপাঃ পরভৃতঃ ভ ২.২.৫।

অঙ্ঘ্রিপঙ্কজ ক্লী [উপ.স; অপ্র] সর্থ 'অঙ্ঘ্রিকমল'। "দয়িতাঙ্ঘ্রি-পঙ্কজ ভ ৭.২.৩২। তবাঙ্ঘ্রিপঙ্কজ বহি, ধ্রুব আর নাহি মোর গতি ম.পা ৫; ২৮।

অঙ্ঘ্রিপঞ্জর বি [কর্ম্মধা; অপ্র] পাদরূপ পিঞ্জর (খাঁচা)। তবাঙ্ঘ্রিপঞ্জরেত, মমেন্দ্রিয়রাজ নিত্য, শুক প্রাএ বঞ্চোক আনন্দে ম.পা ৫।

অঙ্ঘ্রিপদ্ম বি [কর্ম্মধা; অপ্র] ১ পাদরূপ পদ্ম; চরণকমল। "অঙ্ঘ্রিপদ্মসুধা কহে কৃষ্ণসঙ্গানন্দ চৈ.চ ১১৯। ২ [উপ.স] পদ্মতুল্য কোমল পদ।

অচক্র বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ক্রা; ছান্দস] যাহার চক্র নাই; চক্রহীন। "নাচক্রো বিদ্যতে রথঃ রা ২.৩৯.২৯।

অচক্ষু বিং [সং অচক্ষুঃ] যাহার চক্ষু নাই; নেত্রহীন। "অচক্ষু সর্ব্বত্র চান ভা.চ ২৮।

অচক্ষুঃ (-ক্ষুস্) বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ক্ষুঃ] ১ অবিদ্যমানচক্ষুঃ, নেত্রহীন। ২ অন্ধ। "কিং নাম কৃত্বাহমচক্ষুরেবম্ মহা ৩.১১৯.১১। ৩ মন্দনেত্র, কুৎসিতনয়ন। —ক্ষুঃ ক্লী [ন.ত] অপ্রশস্ত চক্ষুঃ; কুৎসিত নেত্র।

অচক্ষুর্বিষয় বিণ [ন.বহুব্রী; স্ত্রী -য়া] যাহাতে চক্ষুর্বিষয় নাই; নেত্রবিষয়াতীত, অপ্রত্যক্ষ, অগোচর। "অচক্ষুর্বিষয়শ্চন্দ্রঃ কাং প্রীতিং জনয়িষ্যতি রা ৬.১০১.১০। অচক্ষুর্বিষয়ং দুর্গম্।—মনু ৪.৭৭। —য় পুং [ন.ত] চক্ষুর্বিষয়ের অভাব; অগোচরতা। "অচক্ষুর্বিষয়ং প্রাপ্যাং রা (S.W.)।

অচঞ্চল বিং [ন.ত; স্ত্রী -লা] স্থির, শুদ্ধ। "রত্নময় কর্ণপুর, তিমির করয়ে দূর, অচঞ্চলা বিজুলী কপোলে ক.চ ১৫৩। শুভ্র সুবর্ণ-আসনে অচঞ্চলা (নন্দন-লক্ষ্মী)।—গান ১২৫।

অচট -'ট্' বিং ['অচোট'—মূল] যে জমিতে লাঙ্গলের চোট লাগে নাই; অকৃষ্ট, আচষা, পতিত। "শুন নাই অচট ভূমের ভাঙ্গে খীল বি.সু ৬৩।

অচণ্ড বিণ [ন.ত; স্ত্রী -ণ্ডা, -ণ্ডী] অকোপন, শান্ত, ধীর। —ণ্ডী স্ত্রী যে গাভীকে সুখে বাঁধা ছাঁদা যায়; শান্তস্বভাবা গবী; সুকরা, শান্ত গাই।

অচর বিণ [ন.ত; স্ত্রী -রা] ১ যাহা চর (চল) নহে; চলনহীন, গতিশূন্য। ২ স্থিতিশীল, স্থাবর, অজঙ্গম (তৃণাদি)। "চরাণামন্নমচরাঃ মনু ৫.২৯। —র ক্লী স্থাবর ভূতজাত। "বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ (তৎ) গী ১৩.১৫।

অচরম বিণ [ন.ত; স্ত্রী -মা] যাহা চরম নহে; অনন্তিম, মধ্যাবস্থাযুক্ত। "বয়স্যচরমে পা ৪.১.২০, বার্ত্তিক, সি।

অচর্ব্বিত বিণ [ন.ত; স্ত্রী -তা] ১ যাহা চর্ব্বিত নহে; অ-দন্তপিষ্ট, অচিবান। ২ অসম্যক্ চর্ব্বিত; অর্দ্ধচর্ব্বিত।

অচল বিণ [ন.ত; স্ত্রী -লা] ১ যাহা চল নহে; চলনহীন, অকম্প, স্তব্ধ, স্থির, দৃঢ়। "সমাধাবচলা বুদ্ধিঃ গী ২.৫৩। স্থাণুরিবাচলো মুনিঃ শ ৭.১১। কি ৬.১৮। শিখরী অচল, এ দেখি সচল বি.সু ২২। প্রতাপ-তপনে কীর্ত্তি-পদ্ম বিকাসিয়া। রাখিলেন রাজলক্ষ্মী অচলা করিয়া॥ ভা.চ ১৯। মেঘশ্রেণী যেন অচল মে ১৭; মন্দর আপনি, অচল হইল হেরি উচ্চ কুচযুগে ৬১। ২ (বাঙ্লায়, অপ্র) নিশ্চিত, ঠিক। "মিথ্যা সাক্ষী হরিহর দিবেক অচল শ্রী.মা ২১৮। ৩ সমাজচ্যুত, পতিত, একঘ'রে। "সমাজে অচল। ৪ বিনিময়ের অযোগ্য; খাদ-দেওয়া, মেকি (টাকা, সিকি ইত্যাদি)। "অচল টাকা, সিকি। ৫ বার্দ্ধক্যাদি হেতু চলন-শক্তিহীন; কার্য্যে অপটু; অকর্ম্মণ্য (দেহ)। ৬ অর্থাভাবে নির্ব্বাহের উপায়-রহিত। "অর্থাভাবে সংসার অচল। ৭ লোকাভাবে বিশৃঙ্খল (সাংসারিক কার্য্য)। "ইতিমধ্যে এত অচল, এই ত দুদিন অচল,-পুরে গেলেন অচলনন্দিনী দা ১৬৬৩। —ল পুং ১ পর্ব্বত, গিরি। "বিন্ধ্য°, মলয়°, হিম°। উচল দেখিয়া, অচলে চড়িনু, পড়িনু অগাধ জলে চ.দা ১০৯। অচলের ঝি।—শি ১০০। ২ (কুলাচলের সংখ্যানুসারে) সাত (৭) এই সংখ্যা। ৩ শঙ্কু, কীলক, গোঁজ। ৪ শিব। তু 'স্থাণু'। ৫ আত্মা। তু 'অচলোঽয়ং সনাতনঃ গী ২.২৪। —ল ক্লী ১ ব্রহ্ম। ২ (বাঙ্লায়, অপ্র) পর্ব্বতসদৃশ, অর্থাৎ মহৎ; অত্যধিক, সুপ্রচুর। "অচল হিত, করয়ে মূরুখ জনে, মানয়ে সরিষ প্রমাণ জ্ঞা ২০৫। [অচল ঠাট—(সঙ্গীতে) যে ঠাটের পর্দ্দা কড়ি-কোমলের জন্য সঞ্চালিত করিতে হয় না; কড়ি-কোমলের পর্দ্দাবিশিষ্ট ঠাট; বীণার ঠাট।]

অচলকন্যকা, -কন্যা, -নন্দিনী স্ত্রী [ষ.ত] পর্ব্বতের কন্যা; পার্ব্বতী। "এই ত দুদিন অচল,-পুরে গেলেন অচলনন্দিনী দা ১৬৬৩।

অচলজ বিণ [অচল+√জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] যাহা পর্ব্বতে জন্মে; পর্ব্বতজাত, শৈলজ। —জা স্ত্রী শৈলজা, পার্ব্বতী।

অচলপতি, -রাজ পুং [ষ.ত; সমাসান্ত 'অ' (টচ্)] গিরিরাজ, হিমালয়।

অচলা স্ত্রী [অচল+স্ত্রী আ (টাপ্)] অস্থিরা, পৃথিবী। "আনন্দে বন্দেন রায় লোটায়ে অচলা শ্রী ৬৪। [ভাস্করাচার্য্যমতে, পৃথিবী 'অচল' (সিদ্ধান্তশিরোমণি, গোলাধ্যায়) এবং আর্য্যভট্টমতে, পৃথিবী 'চল'।]

অচাকনির্ম্মাণ '-ক্-ন্' বিং [অ-চাকনির্ম্মাণ; অপ্র] যাহা কুম্ভকার-চক্রে নির্ম্মিত নহে; যাহা চাকে গড়া না। "আঙহাঁড়ী আনিবেক এক অচাকনির্ম্মাণঃ অচাকনির্ম্মাণ আঙহাঁড়ী শ্রী.মা ৯৯।

অচিকিৎসা স্ত্রী [ন.ত] ১ চিকিৎসার অভাব; চিকিৎসা না করা। ২ অপ্রশস্ত চিকিৎসা; মন্দচিকিৎসা।

অচিকিৎস্য বিং [ন.ত; স্ত্রী -স্যা] যাহা চিকিৎসাসাধ্য নহে; চিকিৎসা দ্বারা অপ্রতিবিধেয়। "আমি অচিকিৎস্য ব্যাধি-পীড়ায় প্রিয়জনের বিয়োগদুঃখ ভোগ করিয়াছি পা.প্র ১৮২।

অচিৎ বিণ [ন.বহুব্রী; ছান্দস] যাহাতে চিৎ নাই; অচেতন, জ্ঞানহীন। —ৎ স্ত্রী [ন.ত] 'চিৎ-ভিন্ন', প্রত্যক্ষ যাবতীয় পদার্থ (Material)। [রামানুজসম্প্রদায়ের মতে পদার্থ তিন প্রকার—চিৎ অচিৎ ঈশ্বর। জীব চিৎ; ইহা ভোক্তা ও নিত্যচেতনস্বরূপ। প্রত্যক্ষ যাবতীয় বস্তু অচিৎ; ইহা জড়াত্মক, এবং ভোগ্য অন্নাদি, ভোগোপকরণ ভোজনপাত্রাদি ও ভোগায়তন শরীর—এই তিন ভাগে বিভক্ত। ঈশ্বর বিশ্বের কর্ত্তা ও উপাদান। ইনি অপরিচ্ছিন্ন জ্ঞানস্বরূপ, চিৎ অচিৎ ইঁহার শরীর, ইনি সকলের নিয়ন্তা (ভা.উ)।

অচিত্ত বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ত্তা] ১ যাহার চিত্ত নাই; চিত্তশূন্য। চেতনারহিত, অচেতন, জড়। "পা ৪.২.৪৭। দো ১১১। ২ বুদ্ধিহীন, মূঢ়। ৩ [ন ত] অচিন্তিত, আকস্মিক।

অচিন বিং ১ যাহা চেনা যায় না; যাহার রহস্য দুর্ভেদ্য; দুজ্ঞেয়। "খাঁচার ভিতর অচিন পাখী কমনে আসে যায়।—রবীন্দ্র। ২ চিহ্নহীন, অচিহ্নিত। ৩ অজ্ঞাত, অজানা। "সে পথ বেয়ে কাঙাল পরাণ, যেতে চায় কোন অচিন পথে।—গান ৭৫।

অচিন্তনীয় বিণ [ন.ত; স্ত্রী -য়া] ১ যাহা চিন্তার বিষয় নহে; চিন্তাতীত, সুদুর্বোধ। "অচিন্তনীয়স্ত তব প্রভাবঃ রঘু ৫.৩৩। °সমাগম শ ৬২১/২। ২ যাহা কখন চিন্তা করা যায় না; অভাবনীয়, আকস্মিক।

অচিন্তিত বিণ [ন.ত; স্ত্রী -তা] যাহা চিন্তা করা যায় নাই; অভাবিত, অনপেক্ষিত, আকস্মিক, অতর্কিত। "অচিন্তিতানি দুঃখানি যথৈবায়ান্তি দেহিনাম্ হি ১.১৭৬। পঞ্চ ২.৩। কত অসম্ভাবিত ও অচিন্তিত বিষয় স্বপ্নকল্পিতের ন্যায় উপস্থিত হয় (কাদ)।

অচিন্ত্য বিণ [ন.ত; স্ত্রী -ন্ত্যা] চিন্তার অবিষয়; চিন্তাযোগ্য (নীলকণ্ঠ), চিন্তাতীত। "অচিন্ত্যোঽয়ম্ গী ২.২৫। মনু ১.৩; ৭; পরাক্রম ৫১। অচিন্ত্য চরিত্র প্রভুর: অচিন্ত্য শক্তি চৈ.চ ৬৯। চৈ ভা ৩৭৪। ক.চ ৮; ১০। —ন্ত্য পুং শিব।

অচির বিণ [ন.ত; স্ত্রী -রা] ১ অবিলম্বিত, অনধিক, অল্প (কাল)। "অচিরেণৈব কালেন গো.রা ৫.৩৭.২১। ২ ক্ষণস্থায়ী, ক্ষণিক, ক্ষণ-স্থিতিশীল। "°দ্যুতি, °প্রভা, °রাংশু। ৩ নব, নবীন। "অচিরেশ্বর রঘু ৮.২০। ৪ যাহা দীর্ঘ কাল হয় নাই; শীঘ্র, অবিলম্ব। "অচিরোদিত মনু ৩.২৮০। অচিরপ্রবৃত্তম্…গ্রীষ্মসময়ম্ শ ১৩/৪।

অচিরক্রিয় বিণ [ন.ত; স্ত্রী -য়া] যে চিরক্রিয় নহে, অর্থাৎ যে কোন কার্য্য আলস্যবশতঃ দীর্ঘ কাল ধরিয়া করে না; অদীর্ঘসূত্র।

অচিরদ্যুতি বিণ [বহুব্রী; স্ত্রী -তি] যাহার প্রভা ক্ষণস্থায়ী; ক্ষণপ্রভ, ক্ষণিকদ্যুতি। —তি স্ত্রী ১ বিদ্যুৎ। "°তেজঃ কি ৫.৬। ২ [কর্ম্মধা] ক্ষণিকপ্রভা।

অচিরপ্রভ বিণ [অচিরা প্রভা যাহার, বহুব্রী, স্ত্রী -ভা] সর্থ 'অচির-দ্যুতি'। —ভা স্ত্রী [স্ত্রী আ (টাপ)] ১ বিদ্যুৎ। "ভট্টি ২.৪৭। স.শ ১০৫। ২ [কর্ম্মধা] ক্ষণিকদীপ্তি।

অচিরাংশু বিণ [অচির অংশু যাহার, বহুব্রী; স্ত্রী -শু] সর্থ 'অচির-দ্যুতি'। —শু স্ত্রী ১ বিদ্যুৎ। ২ [কর্ম্মধা] ক্ষণিক কিরণ।

অচিরাৎ বা [ন.ত] ১ শীঘ্র, সত্বর, অবিলম্বে। "সোঽচিরাদ্ ভ্রশ্যতে রাজ্যাৎ মনু ৭.১১১; ৮.১৭৪। যাহ পুত্র অমৃত আনহ অচিরাৎ ম ২১। কাদ ২১। ২ সম্প্রতি।

অচিরাতে [অচিরাৎ+এ° ; তু 'অবিলম্বে'; অপ্র] ১ শীঘ্র, অবিলম্বে। "অচিরাতে হবে সব দুঃখবিমোচন। ম ৬৮০। অচিরাতে অপসরে আবার আসিব শ্রী.মা ৪৫। ২ এখনই। "অচিরাতে হবে তোর ছাগলবদন ক.চ ১২; ২০। অচিরাতে পাবে আজি তার প্রতিফল চ.বি ১৬৩।

অচিরাভা স্ত্রী [অচিরা আভা যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] 'ক্ষণিকপ্রভাযুক্ত,' বিদ্যুৎ। "কি ৪.২৪।

অচিরে অব্য [অচির+এ° ; সং অচিরেণ] শীঘ্র। "অচিরে হইবে পুনঃ ভারত-উদ্ধার ন ৪৩৫। অচিরে রাজকুমার দর্শন করিব সী ২।

অচিহ্ন বি [ন.ত; অপ্র] সাধারণ চিহ্ন; সামান্য ক্ষতচিহ্ন। "অন্য অঙ্গে দেব অঙ্গে ভেদ নাহি হয়; শিবের ত্রিশূল-চিহ্ন, অচিহ্ন এ নয়॥ —হেম ১৪২।

অচেত বিং [সং অচেতাঃ; হি অচেত—মূর্চ্ছিত] তত্ত্বজ্ঞানহীন, অবিবেক, মূঢ়। "যে জন অচেতচিত্ত সেই সদা দুঃখী ভা.চ ১১১।

অচেতন বিণ [ন চেতনা যাহার, ন.বহুব্রী; স্ত্রী -না] ১ চেতনাহীন, প্রজ্ঞারহিত, অবিবেক, সদসদ্‌বিচারশূন্য, অবোধ, মূঢ়। "বুদ্ধিশতমচেতনে নষ্টম্ হি ২.১৬১। মুগ্ধগুমনুমুহ্যামি দুর্যোধনমচেতনম্ মহা ১.১.১৪৫। দৈত্য কোপে অচৈতন্য কৃ.উ ১৮৮। অচেতন হয়্যা কান্দে হারায়্যা সর্ব্বণী ক.চ ১৪৬। ২ বোধশক্তিহীন, সংজ্ঞাশূন্য, অচৈতন্য। "গতসত্ত্বম-চেতনম্ গো.রা ৪.৯.৮১। ক্ষণে ক্ষণে অচেতন ক্ষণেক চেতন কৃ ৩১৪। অচেতন সুন্দরী না মিলয়ে দিঠি বি.প ১৯৪। কভু গোঁ গোঁ করে কভু রহে অচেতন চৈ.চ ৩৪৫। ৩ জড়, নির্জ্জীব। "কামার্ত্তা হি প্রকৃতি-কৃপণাশ্চেতনাচেতনেষু পূ.মে ৫। অচেতনং নাম গুণং ন লক্ষয়েৎ শ ৬.১৩।

অচেনা বিং [অ+চেনা] ১ অপরিচিত, অজ্ঞাত, অজানা। "ভাবিতেছি মনে, যাব তব সনে, অচেনা অসীম আঁধারে।—গান ৮৯। উন্নত গিরিশৃঙ্গগুলি…অচেনা পথিকদলকে সাদর অভ্যর্থনা করিতেছিল (প্রদীপ)। ২ অননুভূত, অনাস্বাদিত। "অচেনা সুখে, কথাটি কারো নাহিক মুখে কু.কে ৬৩। —না বি অপরিচিত ব্যক্তি। "অচেনায় চিনিয়ে দিয়ে, মন আমার যে ছিনিয়ে নিলে। অচেনায় দেখলে পরে, প্রাণ যে কেন এমন করে, খুলে তা বোলবো তারে, অচেনা যদি মিলে॥—রাজকৃষ্ণ রায়। [অচেনা অজানা—অপরিচিত ও অজ্ঞাত-কুলশীল।]

অচেষ্ট বিণ [ন চেষ্টা যাহার, ন.বহুব্রী; স্ত্রী -ষ্টা] ১ চেষ্টাহীন, নিশ্চেষ্ট, নিরুদ্যম। ২ নিস্পন্দ, স্থির, অসাড়। "সর্ব্বশক্তিসমন্বিত প্রভু হরিদাস। হইলেন অচেষ্ট কোথাও নাহি শ্বাস॥ চৈ.ভা ১২২; পড়িল যেহেন মহা অচেষ্ট হইয়া ১২৫।

অচৈতন্য বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ন্যা] যাহার চৈতন্য নাই; অচেতন, সংজ্ঞাহীন, অজ্ঞান। —ন্য ক্লী [ন.ত] ১ 'চৈতন্যভিন্ন', অচিৎ, অজ্ঞান; জড়। "অচৈতন্যমিদং বিশ্বং দৈবং চৈতন্যমেব যৎ (চৈতন্য-চন্দ্রামৃত)। ২ চেতনাভাব, অজ্ঞান। ৩ তত্ত্বজ্ঞানহীনতা, অনাত্মজ্ঞান।

অচ্ছ বিণ [√ছো ছেদন+অ (ড)-ক (অ.টী); ন ছ, ন.ত, দ্বিত্ব; স্ত্রী -চ্ছা] যাহা দৃষ্টি ছেদন (নির্ম্মলতা হেতু দৃষ্টি রোধ) করে না; প্রসন্ন, অনাবিল, নির্ম্মল। "অচ্ছোদ। অচ্ছম্ (নবমৌক্তিকবৎ) ক.ম ৩৪। অচ্ছবালুকম্ (পুলিনম্) ভ ১০.১৩.৫। °স্ফটিকবিশদ পূমে ৫২। মুক্তাচ্ছদন্ত উচ ৬.২৭। অচ্ছ-কপোলমূলগলিতৈঃ (অশ্রুভিঃ)।—অমরু ২৬। —চ্ছ পুং ১ স্ফটিক। ২ ভল্লুক। [তু প্রা রিচ্ছ (ঋক্ষ)]

অচ্ছিদ্র বিণ [ন ছিদ্র যাহাতে, ন.বহুব্রী; স্ত্রী -দ্রা; ছান্দস] ১ ছিদ্র-রহিত, নীরন্ধ্র। ২ নির্দ্দোষ, ত্রুটিহীন, অস্খলন, পূর্ণাঙ্গ, সর্ব্বাঙ্গসুন্দর, নিখুঁত। "অচ্ছিদ্রঃ ক্রতুঃ গো.রা ১.৪১.১০। অচ্ছিদ্রৈঃ (মন্ত্রিভিঃ) পঞ্চ ১.১৩৭। অচ্ছিদ্র মথুরাপুরী ব.প ৮৪৩। অচ্ছিদ্র করিবা শ্রাদ্ধ করি সমাপন বা.ম ২৭২। ৩ নিরন্তর, অবিরল, ঘন। "অচ্ছিদ্রে বরষে

(বাণ) যেন ধারার শ্রাবণে ম ৫০৪। —দ্র ক্লী ১ ছিদ্রহীন কর্ম্ম; নির্দ্দোষানুষ্ঠান। ২ [ন.ত] ছিদ্রাভাব, দোষরাহিত্য, অস্খলন, অপ্রমাদ, অবধান। "অচ্ছিদ্রেণ বিচেতব্যা দেশাঃ সগিরিকন্দরাঃ গো.রা ৪.৪৩.২৫।

অচ্ছিদ্রাবধারণ ক্লী [অচ্ছিদ্রের অবধারণ, ষ.ত] নির্দ্দোষ অনুষ্ঠানের নিশ্চয়; কর্ম্মের নির্দ্দোষ সমাপ্তিনির্দ্ধারণ, অর্থাৎ আমার কৃত এই অমুক কর্ম্ম অচ্ছিদ্র হউক (মৎকৃতৈতদমুককর্ম্মাচ্ছিদ্রমস্তু) এইরূপ নিশ্চয়।

অচ্ছিন্ন বিণ [ন.ত; স্ত্রী -ন্না; ছান্দস] ১ ছেদরহিত, অখণ্ডিত, অকৃত্ত। "অচ্ছিন্ননালং পশ্যেৎ তং (পুত্রং) দত্ত্বা রুক্মং ফলান্বিতম্ (শুদ্ধিতত্ত্ব)। ২ অবিচ্ছিন্ন, সন্তত, অখণ্ড। "অচ্ছিন্নামলসন্তানাঃ (কীর্ত্তয়ঃ সরিতশ্চ তে) কু.স ৬.৬৯। বসুধারাং প্রকুর্ব্বীত অচ্ছিন্ন-ঘৃতধারয়া (পুরাণ)। ৩ অনিরাকৃত, অনিরস্ত, অনপাস্ত। "নাস্তিকোঽচ্ছিন্নসংশয়ঃ (ন তীর্থফলভাগিনঃ)।—শঙ্খ।

অচ্ছেদ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -দা] যাহাতে ছেদ নাই; ছেদহীন, অচ্ছিন্ন।

অচ্ছেদ্য বিণ [ন.ত; স্ত্রী -দ্যা] যাহা ছেদন করা যায় না; অখণ্ডনীয়, অবিভাজ্য। "অচ্ছেদ্যোঽয়ম্ গী ২.২৪।

অচ্ছোদ বিণ [অচ্ছ উদ যাহার, বহুব্রী, স্ত্রী -দা] স্বচ্ছজল। —দ ক্লী [অচ্ছ উদক যাহার, বহুব্রী, উদক > উদ, সংজ্ঞায়, পা ৬.৩.৫৭] হিমালয়স্থিত স্বচ্ছজল সরোবরবিশেষ [ইহা অচ্ছোদা নদী হইতে উৎপন্ন হইয়াছে (হ. ১৮.২৫)। কাদম্বরীতে ইহার বর্ণনা আছে।] "কাশ্মীরভুবন-শিরে যক্ষ-সরোবর৹ অচ্ছোদ যাহার নাম কাদম্বরীপ্রিয়। —হেম ৩২১। অচ্ছোদ-সরসীতীরে রমণী যে দিন৹ নামিলা স্নানের তরে চ.কা ২১১। আমি…এই অচ্ছোদসরোবরে স্নান করিতে আসিয়াছিলাম কাদ ৪৬। —দা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] অগ্নিষ্বাত্ত পিতৃগণের মানসী কন্যা নদীবিশেষ (হ ১৮.২৫)।

অচ্যুত বিণ [ন.ত; স্ত্রী -তা; ছান্দস] ১ যাহা চ্যুত নহে; অপতিত, অভ্রষ্ট, অস্খলিত। ২ অক্ষর, অনশ্বর, অক্ষয়, অবিনাশী, ধ্রুব। "পলাশং প্রেপ্সুনা ভগ্নং ত্বয়াচ্যুতবনং মহৎ গো.রা ৪.২০.১০। ৩ স্থির, একাগ্র-মতি, অবহিত। "(রামঃ কার্য্যাণি) প্রত্যবৈক্ষত ধর্ম্মাত্মা সহ ভ্রাতৃ-ভিরচ্যুতঃ গো.রা ৬.১১৩.১। ৪ স্থিরপ্রতিজ্ঞ, সত্যসন্ধ, অটল। "যুধিষ্ঠিরো গুড়াকেশং ভ্রাতা ভ্রাতরমচ্যুতম্ (উবাচ) মহা ১.২১৩.২৯। ৫ অমৃত, মরণহীন। "খগা মৃগাঃ পাপজীবাঃ সন্তি হ্যচ্যুততাং গতাঃ ভ ৭.৭.৫৪। ৬ অচঞ্চল, স্থির, স্তব্ধ, অকম্প। "গরুড়মূর্ত্তিরিবাচ্যুতস্থিতি-রমণীয়া (কাদম্বরী)। ৭ বিকাররহিত, নির্ব্বিকার (গী. টীকা)। "গী ১১.৪২। —ত পুং [ন. বহুব্রী, অথবা ন.ত] ১ যাঁহার স্বপদ হইতে চ্যুতি (ক্ষরণ) নাই (অ.টী); অথবা যিনি স্বপদ হইতে চ্যুত হন না; বিষ্ণু। 'যস্মান্ন চ্যুতপুর্ব্বোঽহমচ্যুতস্তেন কর্ম্মণা (ভাগবত)। ২ শ্রীকৃষ্ণ। "গী ১.২১; ১১.৪২। অচ্যুত-অনুজা ভা.চ ১৭; ৪২৭। ৩ বৃক্ষবিশেষ।

অচ্যুতাগ্রজ পুং [ষ.ত] ১ বিষ্ণুর অগ্রজ; ইন্দ্র। ২ শ্রীকৃষ্ণের অগ্রজ; বলরাম।

অচ্যুতাঙ্গজ, -তাত্মজ পুং [অচ্যুতের অঙ্গজ আত্মজ, ষ.ত] শ্রীকৃষ্ণের পুত্র; কামদেব।

অচ্যুতি বিণ [ন.বহুব্রী; স্ত্রী -তি] যাহার চ্যুতি নাই; অচ্যুত, অক্ষর, অবিকার। —তি স্ত্রী [ন.ত] চ্যুতির অভাব; অক্ষরণ, অভ্রংশ।

অছ অর্ম্ম [দ্র √আছ; হি, মৈ √অছ; অপ্র] ১ স্থিতি করা; থাকা, রহা। "এক দোস অছ বি.প ২২২। কে অছ এহি মহীতল (বি.প)। ২ বাস করা; থাকা। "অনি রমণী সঙে, রাজসম্পদময়ে, অছিয়ে বৈছে বৈরাগী বি.প ২০৪। ৩ বহির্গত না হওয়া। "জিবন অছয় পুন তুয়া প্রতি আস (বি.প)। [অছ, অছয় (মৈ অছএ)—আছে, রহিয়াছে। "উবরি অএলাহুঁ অছ ভাগে বি.সা ২০২। অছইতে (হি অছত; মৈ অছইত) —বিদ্যমানে, থাকিতে। "অছইতে বধু নহি করিঅ উদাস বি.সা ৫৫। অছল, -লো —আছিল, ছিল। "শৈশব অছল সে ডরে পলাএল (বি.প)। অছলি—ছিলি। "বি.সা ২০২। অছলিহুঁ—আছিলাম, ছিলাম। "এতদিন অছলিহুঁ অপনে গেয়ানে (বি.প)। অছি—আছে। "কেহরি সম কটিগুন অছি সজনি গে বি.সা ১৭। অছিয়ে—আছি, রহিয়াছি।]

অছাপি বিং [অ°+ছাপিত] অবিদিত, অজ্ঞাত। "তাঁহাদের জননী ভগিনীরা যত রূপসী, তাহাও আমাদের অছাপি নাই পা.ঝো ৫৮।

অছি বি [আ রসি; র্ক অচি—বড়ভাই] অধ্যক্ষ, তত্ত্বাবধায়ক, অভিভাবক, এক্‌জিকিউটার্ (Executor)। "উইলে কেবল তুমি অছি আছ আ.দ্রু ১৩২।

অছিপছি বি [অছি (অস্থির)+পছি, অনু. শব্দ] অস্থিরভাব, উদ্বিগ্ন-ভাব, আকুলিবিকুলি। তু 'উষিপিষি'। "বিকলা মায়ের প্রাণ অছিপছি করে ব.প ১৩৫৪; ১৩৬০। [জান অছিপছি করা—প্রাণ বহির্গতপ্রায় হওয়া। "সহিতে না পারি প্রাণ, অছিপছি করে জান ব.প ১৩৬৪।]

অছিলা বি [আ রসীলহ্; 'অছিলে' (গ্রাম্য)] হেতু, নিমিত্ত, উপায়, ছল, ছুতা। [অছিলা করা—ছুতা করা।]

অছু সর্ব্ব [সং অস্য > প্রা অস্স (হে), * অসু (তু অপভ্রংশে, তস্য > তসু, তস্সু (হে ৪.৩৩৮) > বা অছু] ইহার, উহার। "অছু গুণ গান গো ৬৪। কোন অছু পুন বদন নিরমিল জ.প ২০। —ছু বিং ঐছন, ঐরূপ, তদবস্থাপন্ন। "গোকুলে গোপরমণী অছু ভেল গো ২৬৯।

অজ্ সক [ভ্বা, প—অজতি; সেট্] ১ গতি। "বাতমজঃ (ক.ক)। ২ ক্ষেপণ। "ব্যজনম্ (ক.ক)।

অজ১ বিণ [ন জ (যে জন্মে), ন.ত; স্ত্রী -জা; ছান্দস; Av. buza —a goat; Pahlavi—buj; ফা বুজ.; cf., Gr. aiz, aigos; Lith. ozys] যে জন্মে না; জন্মরহিত, জন্মশূন্য (শ্রীধর)। "গী ২.২০; ২১; ১০.৩। অজস্য গৃহ্ণতো জন্ম রঘু ১০.২৪। —জ পুং ১ যাঁহার জন্ম হয় নাই, হয় না ও হইবে না; ঈশ্বর। 'ন হি জাতো ন জায়েঽহং ন জনিষ্যে কদাচন। সর্ব্বজ্ঞঃ সর্ব্বভূতানাং তস্মাদহমজঃ স্মৃতঃ॥—মহাভারত। ২ বিষ্ণু। ৩ ব্রহ্মা। "কি অনন্ত, কিবা শিব, অজাদি দেবতা চৈ.ভা ৭১; ২৯৭। যে পদপঙ্কজ অজ দেখিতে না পায় (শি)। ৪ অগ্নি। ৫ শিব। "ইন্দ্র অজ মহাবিষ্ণু শ্রী.মা ৪। ৬ জীবাত্মা, জীব। ৭ বদ্ধপুরুষ। "সাংখ্যদর্শন। ৮ রঘুর পুত্র ও দশরথের পিতা সূর্য্যবংশীয় রাজবিশেষ। [ইনি ব্রাহ্ম মুহূর্ত্তে ভূমিষ্ঠ হইয়াছিলেন, সেই হেতু ব্রহ্মার নামানুসারে ইঁহার 'অজ' নামকরণ হইয়াছিল (রঘু ৫.৩৬)।] "দশরথ রথী, রঘুজ-অজ-অঙ্গজ মে ১৫৪। জনম তোমার হে অতি বিপুলে। ভুবনবিদিত অজের কুলে (কাব্যনির্ণয়)॥ ৯ মেষ। [দক্ষযজ্ঞবিধ্বংসে ব্রহ্মা মেষরূপে পলায়ন করেন; এই হেতু উপচারে 'মেষ' (ত.বা)।] ১০ অগ্নির বাহন। ১১ মেষরাশি (Aries)। ১২ রুদ্রবিশেষ। ১৩ (বহুব) ঋষিগণবিশেষ। "মহা ১.২১১.৫। ১৪ (সাদৃশ্যে) ছাগ। ১৫ মাক্ষিকধাতু। ১৬ [অ+ √জন+অ (ড)-ক; উ.ত] যে মন হইতে জন্মে; (বিষ্ণুর মন হইতে জাত) চন্দ্র। 'চন্দ্রমা মনসো জাতঃ (শ্রুতি)। ১৭ বিষ্ণু হইতে জাত; শ্রীকৃষ্ণপুত্র কামদেব। ১৮ শস্য-বিশেষ। "অজৈর্যষ্টব্যম্ (A.)।

অজ২ '-জ্' বিং [সং আদ্য > প্রা * অজ্জ > বা অজ (?); অজ (ময়মনসিং)] আদি, আদৎ, খাঁটি, ঠিক। "অজ পাড়া গেঁয়ে মূর্খ চাকর পা.ঝো ১৪৩। [অজ কোণ—ঠিক কোণ। অজ গোড়া—

আদৎ বা ঠিক গোড়া। অজ চাষা—আদৎ চাষা; নিরেট মূর্খ। অজ বঞ্জর—আদৎ অনুর্ব্বর পতিত জমি। "E.P.54. অজ মূর্খ—অজসদৃশ মূর্খ (?); নিরেট মূর্খ। তু, সং 'অজবন্ধু'।]

অজ[৩] '-জ্' বি ['আজ্জি'—মূল (?); অপ্র] মা। "ঐত ময়না অজ বড় নাটক। চটকিয়া ধরিল চড়কার ছতর॥ ব.প ৮৩।

অজক্ষীর ক্লী [অজার ক্ষীর, ষ.ত, পুংস্ত্ব, পা ৬.৩.৬৩] অজার দুগ্ধ; ছাগীর দুধ। "অজক্ষীরেণ পাচয়েৎ (বৈদ্যক)।

অজগন্ধা, -গন্ধিকা স্ত্রী [অজগন্ধের ন্যায় যাহার গন্ধ, উ.বহুব্রী; স্ত্রী আ (টাপ্)] বর্ব্বরী তুলসী, বাবুই তুলসী।

অজগর পুং [অজের গর, ষ.ত; ছান্দস] **১** 'ছাগের ভক্ষক', অর্থাৎ যে একটা ছাগল গিলে; বৃহৎ সর্পবিশেষ; শয়ু, বাহস। "জগ্রাহাজগরো গ্রাহঃ মহা ৩.৬৩.২১। অজগর সর্প যেন কৈকেয়ী গরজে কৃ ৯২; গিলেছিল অজগর উগারিয়া ফেলে ২৬৩। **২** (বাঙ্লায়) বৃহৎ সর্প। "এড়িলেক বাণগোটা হৈল অজগর। অজগর হাতে গলে বান্ধে পুরন্দর॥ কৃ.উ ১১৬।

অজগব ক্লী [অজগ+ব অস্ত্যর্থে, পা ৫.২.১১০; 'অজকব, -গব, আজকব, -গব, অজকাব, -গাব, এই ষড়্বিধ রূপ (অ.টী)।] শিবচাপ, পিনাক।

অজঘন্য বিণ [ন.ত; স্ত্রী -ন্যা] **১** যে জঘন্য নহে; উত্তম, শ্রেষ্ঠ, প্রধান। "সর্ব্বেষামজঘন্যস্তু রাম আসীজ্জঘন্যজঃ মহা ৩.১১৬.৪। **২** অনন্তিম।

অজচ্ছল বিং [অজস্র > বা (অজস্সর) অজচ্ছল (?)] প্রচুর, পর্য্যাপ্ত, বহু। "না চাহিতে অজচ্ছল, নাহি কোন ভাবনা। —বিহারিলাল চক্রবর্ত্তী।

অজজীবিক পুং [অজ জীবিকা যাহার, বহুব্রী] যাহার ছাগ-ক্রয়বিক্রয় বৃত্তি; ছাগপালক, অজাজীবী।

অজড় বিণ [ন.ত; স্ত্রী -ড়া] **১** 'জড়ভিন্ন', অবিকৃতবুদ্ধি, বুদ্ধিমান্। "মনু ৮.১৪৮। **২** অস্থাবর, গতিবিশিষ্ট, জঙ্গম। **৩** (বাঙ্লায়) জঙ্গম —মনুষ্য পশু পক্ষী কীট পতঙ্গ প্রভৃতি। "পতিত মূঢ় জড়, অজড় উদ্ধারল, কেবল বঞ্চিত যদু ন.প ৩৬০।

অজদেবতা স্ত্রী [ষ.ত] **১** অজের দেবতা, অগ্নি। **২** [বহুব্রী] অজদেবতাক পূর্ব্বভাদ্রপদা নক্ষত্র।

অজন বিণ [ন.বহুব্রী; স্ত্রী -না] **১** যে স্থানে জন নাই; জনশূন্য, বিজন। "অজনে বনে রা ২.৯২.১০। **২** যাঁহার জনা (জন্ম) নাই; জন্মহীন, অজ। "এবং জন্মানি কর্ম্মাণি হ্যকর্ত্তুরজনস্য চ।—ভ ১.৩.৩৫। —ন পুং **১** নারায়ণ। "°জন্মা ভ ১০.৩.১। **২** ব্রহ্মা। তু 'অজ'। **৩** [ন.ত] অপ্রশস্ত জন; হেয় জন; অমানুষ।

অজন্ত বিণ [অচ্ অন্তে যাহার, বহুব্রী] যে শব্দের শেষে স্বরবর্ণ আছে; স্বরান্ত (শব্দ)।

অজন্মা (-ন্মন্) বিণ [ন জন্ম যাহার, ন.বহুব্রী; স্ত্রী -ন্মা] পুং জন্মরহিত, পুরাণ। "পুরুষস্য পদেষ্বজন্মনঃ রঘু ৮.৭৮। —ন্মা পুং **১** যাহাতে জন্ম নাই; জন্মনিবৃত্তি, মোক্ষ, নির্ব্বাণ। "অজন্মনেঽকল্পত জন্মভীরুঃ রঘু ১৮.৩৩। **২** (বাঙ্লায়) যাহার জন্ম অপ্রশস্ত; জারজ, বেজন্মা। **৩** শস্যের অনুৎপত্তি বা অসম্পূর্ণ উৎপত্তি; শস্যোৎপত্তির বিঘ্ন; অনাবৃষ্টিপ্রভৃতি, শস্যাভাব। "আমার সোনার ক্ষেত, শুষিছে অজন্মা-প্রেত।—কথা ৫৭। অজন্মাবশতঃ…ধান্য বাকি পড়ে নী ৭৩।

অজন্য বিণ [ন.ত; স্ত্রী -ন্যা] **১** যাহা জন্য (উৎপাদনীয়) নহে; অনুৎপাদ্য, অজননীয়। **২** যাহা জনের পক্ষে উপকারক নহে; লোকাপকারক। —ন্য ক্লী যাহা পুরুষব্যাপার-সাধ্য নহে; আকস্মিক উৎপাত—ভূকম্পাদি; উৎপাত, উপসর্গ।

অজপ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -পা] যাহার জপ নাই; সন্ধ্যাবন্দনহীন। "অজপা ব্রাহ্মণাস্তাত শূদ্রা জপপরায়ণাঃ। ভবিষ্যন্তি কলৌ…॥—মহাভারত। —প পুং **১** স্বাধ্যায়হীন, অসদধ্যেতা। **২** [অজ+√পা+অ (ক)-ক; উ.ত] অজ যে পালন করে, ছাগপালক। "ওষধীনাম-রূপাভ্যাং জানতে হ্যজপা বনে (চরক)।

অজপা স্ত্রী [ন জপা (জপ্যা), ন.ত] যাহা জপনীয় (পঠনীয়) নহে, অর্থাৎ যাহা জপ করিতে হয় না; উচ্ছ্বাসের অন্তর্গমন ও নিঃশ্বাসের নির্গমন দ্বারা স্বভাবতঃ যে মন্ত্রের জপ (অক্ষরোচ্চারণ-রূপ ক্রিয়া) হয়; স্বাভাবিক উচ্ছ্বাস ও নিঃশ্বাস দ্বারা নিষ্পাদিতবর্ণ জপ্য 'হংস' মন্ত্র। "দ্বিতীএ অজপা জান চারিবেদ-সার গো.বি ১৯২। অন্নদার পদে দেউ অজপা জপিয়া ভা. চ ৫০৪। পরে জায়ার সঙ্গে লীলাখেলায়, অজপা ফুরায়ে গেলো।—রামপ্রসাদ। [জীব প্রত্যেক উচ্ছ্বাসের অন্তর্গমনে 'হং' ও নিঃশ্বাসের বহির্গমনে 'সঃ'—এই দুই অক্ষরের উচ্চারণরূপ 'হংসঃ' মন্ত্রের জপ করে (তু 'হং'-বর্ণ পূরকে হয়, 'সঃ'-বর্ণ রেচকে কয়। অহর্নিশি করে জপ 'হংস' 'হংস' বলিয়ে।—রামপ্রসাদ)। সুতরাং, 'হংস' মন্ত্র জপ করিতে হয় না, ইহা প্রাণিমাত্রেরই স্বাভাবিক বা অযত্ন-সিদ্ধ। এই হেতু ইহার নাম 'অজপা'। 'হংসঃ' উচ্ছ্বাস-নিঃশ্বাসরূপ প্রাণ এবং প্রাণ আত্মরূপে দেহে অবস্থিত। প্রাণী প্রত্যহ উচ্ছ্বাস ও নিঃশ্বাস দ্বারা ২১৬০০ বার 'হংসঃ' মন্ত্র জপরূপ প্রাণায়াম করে; ইহা জীবের আয়ু। সুতরাং, অজপা-জপ ফুরাইলে আয়ুঃশেষ হয় (দক্ষিণা-মূর্ত্তিসংহিতা)। অজপা ফুরান—'হংসঃ'-মন্ত্র-জপ শেষ হওয়া; আয়ুঃ-শেষ হওয়া; মরা।]

অজবীথি, -বীথী স্ত্রী [ষ.ত] অমরমার্গ (মিতাক্ষরা), অর্থাৎ দেবযান, ব্রহ্মলোকের পথ (যাজ্ঞ ৩.১৯৩-৪)। "যাজ্ঞ ৩.১৮৪।

অজবুক '-ক্' বিং [র্ক উজবক্] মূর্খ, আনাড়ী, বেকুফ। "ওরা যে আমাদের অসভ্য অজবুক মনে করে যাবে ঘ ১০৭। তোর সোয়ামী নাকি অজবুক হয়েছেন, তাই এমন কাজ ছেড়ে দিচ্ছেন অ.গ্র (সাবাস আটাশ) ১২।

অজমীঢ় পুং **১** আজমীর দেশ। **২** পুরুবংশীয় হস্তিরাজের জ্যেষ্ঠ পুত্র। "মহা ১ ৯৫.৩৬। অজমীঢ় মহারাজ হস্তীর নন্দন ম ৮০। **৩** রাজা যুধিষ্ঠির। **৪** অজমীঢ়-দেশীয় রাজগণ। **৫** অজমীঢ়ের অপত্যগণ; কৌরবগণ। "মহা ২.৪৫.৪১।

অজমুখ পুং [উ.বহুব্রী] অজমুখতুল্য যাহার মুখ; ছাগমুখ, দক্ষ।

অজম্মিত বিং [অ+জম্মিত] জারজ, বেজন্মা ('বঙ্গীয় সাহিত্য-পরিষৎ'-প্রকাশিত বিদ্যাসাগর-কৃত 'শব্দসংগ্রহ')।

অজয় বিণ [ন.বহুব্রী; স্ত্রী -য়া] **১** যাহার জয় (পরাভব) নাই; অভিভবহীন, অজেয়, অধৃষ্য, দুর্দ্ধর্ষ। "অবিলম্বে উপনীত অজয় চেকুরে শ্রী.মা ১৬৫। সে হয় অজয় অমর কৃ.উ ৫৪; ৮৬; ১২৭; ১৫৯; তুমি দুই ভাই হও অজয়-প্রতাপ ২৫২। **২** (বাঙ্লায়) সারবান্ (অপ্র)। "অজয় ধনুক কৃ.উ ৬১। —য় পুং **১** বিষ্ণু (M.W.)। তু 'অজিত'। **২** 'নানার্থসংগ্রহ'-কোষকার অজয়পাল। **৩** বীরভূমজেলায় স্থিত নদ-বিশেষ। "অজয় সরস্বতী ক.চ ৮৩। এই নদী অজয় শ্রী ১৭৯। [এই নদ হাজারিবাগের পাহাড় হইতে উদ্ভূত হইয়া সাঁওতালপরগণা, বীরভূম ও বর্দ্ধমানের মধ্য দিয়া কাটোয়ার নিকটে গঙ্গায় মিলিত হইয়াছে। মধুরকোমলকান্তপদাবলী-রচয়িতা বৈষ্ণবকবি জয়দেবের জন্মস্থান কেন্দুবিল্ব গ্রাম এই নদের তীরে অবস্থিত।] **৪** [ন.ত] জয়ের অভাব; পরাজয়। "জয়াজয় গী ২.৩৮। **৫** অপরাভব, বিজয়। "আয়ুর্যশঃপ্রদ, অজয় সম্পদ, পাইতে যাহারে বলি ম ৬২৬। —য়া স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্)] **১** ভঙ্গা, ভাঙ। **২** দুর্গার সখীবিশেষ। **৩** অবিদ্যা, মায়া। "ভ ৭.৯.২১। **৪** (বাঙ্লায়) দুর্গা। 'ভা.চ ১৭। **৫** [অপ্র] অজয় নদ। "তদবধি অজয়ার এক-আঁটু জল শ্রী.মা ১৬৫।

অজয়া দ্র 'অজয়'।

অজয্য বিণ [ন.ত ; স্ত্রী -য্যা] যাহা জয় করা অশক্য (শক্তির অতীত) ; অশক্যজয়। "ব্রাহ্মং তেজস্তদাজয্যং মন্যমানঃ মহা ১.১৯০.২৩। শতক্রতোরজয্যঃ শ (S.W.)।

অজর[১] বিণ [ন জরা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -রা ; ছান্দস] ১ যাহার বার্দ্ধক্য নাই ; বার্দ্ধক্যহীন, জরাশূন্য। "বৃন্দারকমিবাজরম্ মহা ৩.১২৪.১০। রাম সীতার বরে হউক অজর অমর কৃ.উ ২৭৭ ; ২৮৫। অজর অমর মুনি ম.ম ২৮। থাইয়া হউক লোক অজর অমরে চৈ.চ ৪৩। ২ নির্ব্বিকারত্ব হেতু অক্ষর। "রঘু ১০.১৯। ৩ অজীর্ণ, চিরনূতন। "ন সখ্যমজরং লোকে হৃদি তিষ্ঠতি কস্যচিৎ।—মহা ১.১৩১.৭ ; বস্ত্রমজরম্ ৩.৭৬.৪২। —র পুং ১ নির্জর, দেবতা। তু 'ত্রিদশ'। ২ বৃদ্ধদারক বৃক্ষ, জীর্ণফঞ্জীলতা। —র ক্লী পরব্রহ্ম। —রা স্ত্রী গৃহকন্যা, ঘৃতকুমারী।

অজর[২] বি' ['অজস্র'—মূল ; বৈষ্ণবসাহিত্যে ; অপ্র] অজস্র, সতত। "কত অজর বজর বিনিপাত জ.প ২৪।

অজরা দ্র 'অজর'[১]।

অজরাইল, -রাল '-জ্‌-স্‌' বি [আ ইজ্‌রাইল] ১ যমদূত। ২ (বাঙ্‌লায়, সাদৃশ্যে) বৃহৎ হিংস্র জন্তুমাত্র।

অজরামর বিণ [অজর অমর, ত.পু ; স্ত্রী -রা] জরাহীন ও মৃত্যুহীন ; জরামরণবর্জ্জিত। "লোকাদজরামরাৎ।—মহা ৩.৩১.৮। মনু ২.১৪৮। সাঽজরামরা (জাতিঃ) বিষ্ণু ৩০.৪৬। ভ ৭.৩.১। হয়েছি অজরামর হরিগুণ গেয়ে শি ৩৪ ; ৬০।

অজল-অস্থল বি না জল, না স্থল, অর্থাৎ উভয়েরই অভাব ; উভয়-পক্ষেই আশ্রয়াভাব ; নিরবলম্বনভাব। [অজলে অস্থলে পড়া—নিরাশ্রয় হওয়া। অজলে অস্থলে ফেলা—নিরবলম্বন করা। "ঐ অভয়চরণ বিনে অবলার অবলম্ব নাই। অজলে অস্থলে ফেলিস, অসাধ্য তোর নাই॥ দা ৫৪০।]

অজস্র বিণ [ন+ √জস্ মোক্ষণ+র-ক, ক্রিয়াসাতত্যে, পা ৩.২.১৬৭ ; স্ত্রী -স্রা ; ছান্দস—অজস্রো (অনুপক্ষীণঃ) ঘর্ম্মঃ (ঋগ্বেদ ৩.২৬.৭)] ১ সন্তত, অবিচ্ছেদ, নিরন্তর, সতত, নিত্য। "মনু ৪.১৪৯। অজস্র-দীক্ষাপ্রযত রঘু ৩.৪৪। অজস্র সহস্র নতি সহস্রলোচনে শি ৯৫। অজস্র অশ্রুর ধারা ঝুরিছে নয়ন।—হেম ১০৫। অজস্র সুখদ ভ.গ্র ৪৩৪। ২ (বাঙ্‌লায়) পর্য্যাপ্ত, প্রচুর। "কাঞ্চনগাছ অজস্র গোলাপী ফুলের মুখরতায় আকাশকে অভিভূত করে দিয়েচে ঘ ১৩২ ; অজস্র মিথ্যা কথার ধারাবর্ষণ ১৬৫। —স্র ক্রি.বিণ নিরন্তর। "মনু ১.৫৭। ক্ষিপাম্য-জস্রম্ গী ১৬.১৯। (পুচ্ছং চ) ধুনোত্যজস্রম্ উ.চ ৪.২৭। অজস্র এড়েন বাণ কর্ণের উপর ম ৯১৫।

অজহৎস্বার্থা স্ত্রী [অজহৎ স্বার্থ যাহাকে, বহুব্রী (সা.দ-টীকা) ; জহৎ স্ব (স্বপদ) যাহাকে (বহুব্রী) —জহৎস্ব, তাদৃশ অর্থ যাহাতে (বহুব্রী) —জহৎস্বার্থা, ন জহৎস্বার্থা (ন.ত ; পা ২.২.৩৫, তত্ত্ববোধিনী)] মুখ্যার্থ যে লক্ষণাকে ত্যাগ করে না, অথবা যে লক্ষণা জহৎস্বার্থ নহে ; লক্ষণাবিশেষ, উপাদানলক্ষণা। [এই লক্ষণায় শব্দের মুখ্যার্থ পরিত্যক্ত হয় না, কিন্তু বাক্যার্থের প্রতিপাদক অন্বয়বোধের জন্য মুখ্যার্থ দ্বারা সেই শব্দের লক্ষ্যার্থের আক্ষেপ বা প্রতীতি উৎপাদন করিতে হয়। যেমন, "শ্বেতো ধাবতি"—এস্থলে উপাদানলক্ষণা হেতু, 'শ্বেত' শব্দ মুখ্যার্থে 'শ্বেতবর্ণে'র ও লক্ষ্যার্থে স্বসংযোগী 'অশ্বে'র বাচক (সা.দ ২.৬)।]

অজহল্লিঙ্গ পুং [ন জহৎ লিঙ্গ যাহাকে, ন.বহুব্রী] স্বীয় লিঙ্গ যে শব্দকে ত্যাগ করে না ; যে বিশেষণ বা বিধেয় বিশেষণ বিশেষ্যের লিঙ্গ অনুসরণ না করিয়া স্বীয় লিঙ্গ রক্ষা করে ; স্বলিঙ্গাত্যাগী বিশেষণ শব্দ। "সম্পদঃ পদমাপদাম্ ; অত্র স্বামী প্রমাণম্ ('পদম্' 'প্রমাণম্' অজহল্লিঙ্গ)।

অজা[১] স্ত্রী [অজ+স্ত্রী আ (টাপ্)] ১ 'অজ-স্ত্রী' ছাগী। "°গলস্তন। ২ (সাংখ্যে) 'উৎপত্তিরহিতা', মূলপ্রকৃতি। "অজামেকাং লোহিতকৃষ্ণ-শুক্লাম্ "সাংখ্যদর্শন। ৩ অবিদ্যা, মায়া। "ভ ৭.৯.১২ ; ২১। ৪ ওষধি-বিশেষ। "অজা মহৌষধ জ্ঞেয়া (সুশ্রুত)।

অজা[২] বি [সং অজ, দ্র আ[১৪]] ছাগ। "°গর। 'অজা লয়্যা আইল রামা দিন অবশেষ। অজাশালে অজাগণে করাল প্রবেশ॥ ক.চ ১৪২। পুরুষে করে অজা : অজা অজী রাথে কেহ শ্রী ৯৯। —জী বি, স্ত্রী [অজা+স্ত্রী ঈ৬] ছাগী।

অজাকৃপাণীয় বিণ [অজাকৃপাণ+ঈয় (ছ) সদৃশার্থে, পা ৫.৩.১০৬] অজাকৃপাণসদৃশ, অর্থাৎ অতর্কিতোপনত। [অজাকৃপাণীয় ন্যায়—দ্র 'ন্যায় (১)।]

অজাগর বি [অজা[২]+গর ; সং অজগর] ১ অজগর সর্প। "ধর্ম্মশাস্ত্রে বেদ নিন্দা করে যেই জন। অজাগর-মধ্যে তারে করিয়ে গণন॥ ম ৪১৯। অজাগর সাপ যেন মহানন্দে গর্জ্জে কৃ.উ ৯১। দুই দিকে দুই হংস মধ্যে অজাগর ম.ম ২। বায়ু অজাগর হ'য়ে ধ্রুবেরে গিলিল চৈ.ম ১৩৬। বা.ম ৩০৩। গরজিলা অজাগর মে ১৮২। মৃত্যু হেতু এই অজাগরে, ভূপ দুধ দিয়া পোষে স্ব.প্র ১০২। ২ অজগর-সদৃশ বৃহৎ ও ভয়ঙ্কর সর্প। "এ যে অজাগর গোখরো সাপ, গি.দ্বি ১১৪।

অজাগলস্তন পুং [ষ.ত] অজার গলের (গল-স্থিত) স্তনাকার মাংসপিণ্ড। [কোন বিষয়ের বিফলতা-বর্ণনার স্থলে উপমানরূপে ইহার প্রয়োগ হয়।] "অজাগলস্তনস্যেব তস্য জন্ম নিরর্থকম্ হি ২৬ (কথারম্ভ)। অজাগলস্তনস্যেব তস্য রাজ্যং নিরর্থকম্।—পঞ্চ ৩.২৪৮। অতএব কৃষ্ণ মূল জগতকারণ। প্রকৃতি কারণ যৈছে অজাগলস্তন॥ চৈ.চ ২৩ ; অজাগলস্তন-ন্যায় অন্য সাধন ২৩৬। সেই যে নির্ব্বাণ সেহ ভক্তিগন্ধ বিনে। না পায় জ্ঞানাদি যথা অজাগলস্তনে॥ ভ.গ্র ১১৬।

অজাজীব পুং [অজ আজীব যাহার, বহুব্রী] ছাগ ক্রয়বিক্রয়াদি যাহার জীবিকা ; ছাগপালক।

অজাণ্ড বি [অজের অণ্ড, ষ.ত] 'ব্রহ্মার ডিম্ব' ; ব্রহ্মাণ্ড, পৃথিবী আকাশ স্বর্গ—এই ত্র্যবয়ব বিশ্ব। "প্রকৃতাপ্রাকৃত সৃষ্টি কৈল একক্ষণে। অশেষ বৈকুণ্ঠাজাণ্ড স্বস্বনাথসনে॥ চৈ.চ ২১৬।

অজাত বিণ [ন.ত ; স্ত্রী -তা ; ছান্দস] যে জন্মে নাই ; অনুৎপন্ন। "মনু ৮.৯৯। অজাতমৃতমূর্খেভ্যো মৃতাজাতৌ সুতৌ বরম্।—পঞ্চ ৪ (কথামুখ)। যখন বিলীনভাবে ছিনু, ছিনু ওই বিরাট জঠরে, অজাত ভুবনভ্রূণ-মাঝে চ.কা ১১৩।

অজা'ত '-ত্' বিং ['অজাতি'—মূল ; অ+জা'ত] যাহার জাতি নীচ ; নীচবংশোদ্ভব, নীচ, ইতর। —ত বি নীচ জাতি ; নীচ বংশ। [অজা'তের মেয়ে—নীচ বংশের কন্যা ; ছোটলোকের মেয়ে।]

অজাতপক্ষ বিণ [বহুব্রী ; স্ত্রী -ক্ষা] যাহার উড়িয়া যাওয়ার মত পক্ষ উঠে নাই ; অনুদ্ভিন্নপক্ষ (পক্ষী)। "গো.রা ৫.১১.২৩। বালক অজাতপক্ষ এ চারি নন্দন ম ২৭২।

অজাতব্যঞ্জন বিণ [বহুব্রী] যাহার ব্যঞ্জন (পুরুষচিহ্ন শ্মশ্রু-প্রভৃতি) জন্মে নাই ; অজাতশ্মশ্রু, অল্পবয়স্ক। "অজাতব্যঞ্জনঃ শ্রীমান্ বালঃ (রামঃ) গো.রা ৩.৪২.৩৩। অজাতব্যঞ্জনাকৃতি মহা ১.১৫৭.৩৫।

অজাতব্যবহার বিণ [বহুব্রী ; স্ত্রী -রা] যাহার ব্যবহার (ঋণদানাদি-ব্যবহার-বিষয়ক অধিকার) হয় নাই ; অপ্রাপ্ত-ব্যবহারদশ, নাবালগ (Minor)।

অজাতশত্রু বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্রু] যাহার শত্রু জন্মে নাই ; অজা-তারি, শত্রুহীন। "অজাতশত্রবো ধীরাস্তথান্যে বনবাসিনঃ মহা ১২.১৯.১২। অক্রোধী অজাতশত্রু ধর্ম্মের নন্দন ম ৩৪৫ ; ৬৫৫। —ত্রু পুং ১ যুধিষ্ঠির। "অজাতশত্রোর্নৃপতের্দ্বারি তিষ্ঠন্তি বারিতাঃ মহা ২.৫২.৭।

বে ৩.১৩। **২** শিব। **৩** কাশীরাজ-পুত্র। **৪** মগধরাজ বিম্বিসারের পুত্র। "অজাতশত্রু রাজা হল পিতার আসনে আসি।—রবীন্দ্র। [ইঁহার মাতা বিদেহরাজ-কন্যা এবং বিমাতা উত্তরকোশল-রাজ প্রসেনজিতের ভগিনী। ইনি পিতাকে নিহত করিলে ও বিমাতা পতিশোকে প্রাণত্যাগ করিলে, প্রসেনজিৎ যুদ্ধে ইঁহাকে বন্দি করিয়া কাশী অধিকার করেন এবং পরে কন্যাদান করিয়া কাশী প্রত্যর্পণ করেন (Buddhist India)। ইঁহার শাসনকালে বুদ্ধদেব জন্মগ্রহণ করেন।]

অজাতশ্মশ্রু বিং [বহুব্রী] যাহার শ্মশ্রু উঠে নাই; অল্পবয়স্ক।

অজাতারি বিণ [অজাত অরি যাহার, বহুব্রী; স্ত্রী -রি] সর্ব 'অজাতশত্রু'। —রি পুং **১** যুধিষ্ঠির। "মাঘ ২.১০২। **২** শিব।

অজাতি বিণ [ন.বহুব্রী; স্ত্রী -তি] **১** যাহার জাতি নাই; জাতিহীন। **২** যাহার জন্ম নাই; অজ, নিত্য। **৩** ন্যায়শাস্ত্রানুসারে জাতিহীন। —তি স্ত্রী [ন.ত] **১** জাতির অভাব; অনুৎপত্তি। **২** (বাঙলায়) নীচ জাতি, ইতর জাতি। "হলেম যেন আমি অজাতি—কত শূদ্র তোমার ঘরে দাসীপনা করিতেছে ব.প্র ৩৪২। **৩** অপ্রশস্তজন্ম-বিশিষ্ট—নপুংসক বা বিকৃতাঙ্গ জন। "আমার প্রতিজ্ঞা তবে শুন সর্ব্বজন। অজাতি দেখিলে যুদ্ধ না করি কখন॥ ম ৮২১।

অজান বিং [অ+জান; সং অজ্ঞান; হি, অস অজান; ঠ অজাণ; অপ্র] জ্ঞানহীন, অনভিজ্ঞ, অবুঝ। "দেখিয়া সে বিশ্বম্ভর, মায়ের কোলভিতর, প্রবেশিল যেনক অজান চৈ.ম ৫০।

অজানত বিং [সং অজানৎ] যে জানে না; অজ্ঞ, অনভিজ্ঞ। [অজানত করা—না জানিয়া করা; বুদ্ধিপূর্ব্বক না করা; না বুঝিয়া করা। অজানতরূপে—অজ্ঞের মত। "অজানতরূপে জিজ্ঞাসয়ে এ সভারে। চান্দরায় বৈষ্ণব কেমনে কি প্রকারে॥ ন.বি ১৪৩।]

অজানা বিং [অ+জানা; দ্র 'অজান'] **১** যাহা জানা নহে; অবিদিত, অপরিচিত। "(নদী) তারে ছেড়ে দূরে যায় দিনে দিনে, অজানা সাগরে চলিয়া।—শিশু ১১১। অতিথি অজানা।—গান ৮৯। **২** অবিদিতপ্রকৃতি, কিজানি-কিরূপ। "অজানা ভয়ে···, কথাটি কারো নাহিক মুখে কৃ.কে ৬৩। —না বি **১** অজ্ঞাত জন বিষয় বা দেশ। "অজানারে কবে আপন করিব, কহে বিরহিণী নারী (চ.কা); এই বন, চলিয়াছে উন্মুক্ত ডানায়, ···অজানা হইতে অজানায় ৪৭২। কত অজানারে জানাইলে তুমি গী.লি ৪। আজ তাকে হঠাৎ অজানার দিকে ডাক পড়েচে ঘ ১০৪। **২** যাহার তত্ত্ব সহজে জানা যায় না; দুর্জ্ঞেয়-স্বরূপ, সাধনার ধন। "ঘাটে সেই অজানা বাজায় বীণা তরণীতে গী.লি ৩২।

অজানি বিণ [ন জায়া যাহার, ন.বহুব্রী, জায়া>জানি; ছান্দস] জায়াহীন, বিপত্নীক।

অজানিত বিং [অ+জানিত] **১** অজ্ঞাত, অপরিচিত। "মৃদুগতি চলিলা সুন্দরী, মুহুর্মুহু চাহি চারিদিকে, চাহে যথা, অজানিত ফুলবনে কুরঙ্গিণী মা ১৪৮। অজানিত, সকলি নূতন চ.কা ৫০। **২** অননুভূত, অপূর্ব্ব, দিব্য। "কভু অজানিত কুসুম-সৌরভে, দিক্ পূর্ণ হয় জ্ঞান গি.দ্বি ৬০।—ত বি **১** অজ্ঞাত জন বিষয় বা দেশ। "সম্মুখে তার জীবন-মরণ সকল একাকার, অজানিতের ভয় কিছু নাহি আর প.কা ২। **২** অজ্ঞাতস্বরূপ। "নিজেরে হায় চিত-উদাস গানে, উড়িয়ে দিলে অজানিতের পানে।—রবীন্দ্র।

অজাপুত্র বি [ষ.ত; অপ্র] ছাগীর বৎস; ছাগশিশু, পাঁটা। "অজাপুত্র আনিলেক বলি ছেদিবার ম.পা ১৭৬।

অজামিল পুং কান্যকুব্জবাসী দ্বিজবিশেষ। [ইনি দাসীসংসর্গে দূষিত হইয়া দ্যূতচৌর্য্য-প্রভৃতি অসদ্বৃত্তি দ্বারা জীবিকার্জ্জন করিতেন। দাসীগর্ভ-জাত দশ পুত্রের মধ্যে 'নারায়ণ' কনিষ্ঠ। নারায়ণের প্রতি অজামিলের অতিশয় স্নেহ ছিল। মৃত্যুকালে দূরে ক্রীড়াসক্ত নারায়ণকে তদ্গতচিত্তে উচ্চৈঃস্বরে আহ্বান করিয়া পাপমুক্ত হইয়া ইনি বিষ্ণুলোকে গমন করেন (ভ ৬.১ম, ২য় অধ্যায়)।]

অজারেণু পুং স্ত্রী [উ.লো] অজা কর্তৃক উদ্ধত ধূলি; ছাগীর খুরোৎক্ষিপ্ত ধূলি। "অত্রি ৩৮৩।

অজাশাল বি [অজা²+শাল; সং অজশাল, -লা] ছাগলের ঘর; ছাগশাল। "অজাশালে অজাগণে করাল্য প্রবেশ ক.চ ১৪২। অজাশালে তুলি দিল পাল ব.প ৩৩০।

অজিত বিণ [ন.ত; স্ত্রী-তা] **১** 'জিতভিন্ন', অপরাজিত, অবিজিত, (শত্রু, দেশ)। "রঘু ১০.১৮। অবশেষে অজিত ইহার সনে রণ শ্রী.মা ১৫৬। **২** অপ্রতিহত। "অজিতং পুণ্যম্ উ.চ ৫.২৭। **৩** অবশীকৃত, অনিয়ত, অসংযত। "অজিতাত্মা, অজিতেন্দ্রিয়। **৪** অমোঘ, অব্যর্থ। "মরণং চান্দ্রমজিতম্ রা (S.W.)। —ত পুং **১** বিষ্ণু। "বিজ্ঞাতাজিতসংস্থিতিঃ ভ ১.১৮.৩। **২** শ্রীকৃষ্ণ। "অপ্রমিততেজ, অজিতবংশজ, ইঙ্গিতে করিল ধ্বংস ম ৬২৭। জয় জয় অজিত হে শ্রী.ম ২৬২। **৩** শিব। **৪** বুদ্ধদেব। **৫** ষষ্ঠ মন্বন্তরের অবতার। [চাক্ষুষ মনুর অধিকারকালে ভগবান্ অজিত নামে অবতীর্ণ হন। ইঁহার পিতা বৈরাজ, মাতা সম্ভূতি। সমুদ্রমন্থনে ইনি কূর্ম্মরূপে পৃষ্ঠে মন্দর ধারণ করেন (ভ ৮.৫.৯; ১০)।] **৬** বিষনাশক অমোঘ ঔষধবিশেষ। **৭** দ্বিতীয় অর্হৎ। **৮** ইক্ষ্বাকুপুত্র। **৯** চতুর্দ্দশ মন্বন্তরের সপ্তর্ষির একতম (হ ৭ম অধ্যায়)।

অজিতবল্লভা বি, স্ত্রী [ষ.ত] বিষ্ণুর প্রিয়া; লক্ষ্মী। "অজিতবল্লভা দেবী ব্রহ্মার জননি ক.চ ৩।

অজিতাত্মা (-ত্মন্) বিণ [জিত আত্মা যাহা কর্তৃক, বহুব্রী; ন জিতাত্মা, ন.ত; স্ত্রী -ত্মা] যাহার মন অসংযত; অনিয়তচিত্ত, অজিতেন্দ্রিয়। "নৃপতেরজিতাত্মনঃ মনু ৭.৩৪।

অজিতেন্দ্রিয় বিণ [ন জিতেন্দ্রিয়, ন.ত; স্ত্রী -য়া] অনিয়তাত্মা, ইন্দ্রিয়বশ।

অজিন ক্লী [√অজ্+ইন (ইনন্) -ক, উ ২.৪৮; ছান্দস] **১** যাহা আবরণরূপে ধূলিপ্রভৃতি ক্ষেপণ করে; চর্ম্ম, কৃত্তি। "গর্দ্দভাজিন মনু ১১.১২২। গজাজিন কু.স ৫.৬৭। ঐণেনাজিনেন ব্রাহ্মণং রৌরবেণ ক্ষত্রিয়মাজেন বৈশ্যম্ (আশ্বলায়নগৃহ্যসূত্র ১১৯.৮)। সন্তোষে বসিলা শিব শার্দ্দুল-অজিনে শি ৩৩। **২** ব্রহ্মচারীর বা যোগীর ব্যবহার্য্য ব্যাঘ্রকৃষ্ণসারাদির চর্ম্ম। "বল্কলাজিনসংবৃতঃ গো রা ১.১.৩৩। মনু ২.৬৪। গী ৬.১১। অজিনাষাঢ়ধর কু.স ৫.৩০। হর গৌরী দোঁহা দেখি অজিন-আসনে ম ১২৭৬। অজিন (রঞ্জিত আহা কত শত রঙ্গে!) পাতি বসিতাম মে ১১৮।

অজিনপত্রা, -পত্রী স্ত্রী [বহুব্রী; স্ত্রী আ, ঈ (টাপ্, ঙীষ্)] যাহার পক্ষ চর্ম্ম; জতুকা, চামচিকা।

অজিনবাসী (-সিন্) বিণ [অজিন+ √বস্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব; উ.ত; ছান্দস] অজিনপরিধানশীল, চর্ম্মবসনধারী।

অজিনযোনি পুং [ষ.ত] **১** অজিনের উৎপত্তিস্থান; মৃগ, হরিণ। **২** কদলী কন্দলী প্রভৃতি ষড়্‌বিধ হরিণ (অ.কো)।

অজির পুং [√অজ্+ইর (কিরচ্) -ক, উ ১.৫৩] 'ক্ষিপ্রগামী', মূষিকবিশেষ (A)। —র ক্লী **১** বাত, বায়ু। **২** দর্দ্দুর, ভেক। **৩** [+ইর-র্ম্ম] প্রাঙ্গণ, আঙিনা, উঠান। "উটজাজির (কাদম্বরী)। নিকেতনাজির কি ১.১৬। রণাজির মহা ৩.৮০.২৩। **৪** ক্রীড়াস্থান। "ব্যালোলূকশিবাজিরম্ ভ ১.৬.১৪। **৫** 'যাহা ইন্দ্রিয়গম্য'; বিষয়।

অজিরাবতী স্ত্রী [অজির+বৎ (বতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] নদীবিশেষ (ইহার তীরে শ্রাবস্তি নগর ছিল)। 'পা ৬.৩.১১৯।

অজিহ্ম বিণ [ন জিহ্ম, ন.ত; স্ত্রী -হ্মা] **১** অবক্র, সরল, ঋজু। "°গ। **২** অকপট, সরলচিত্ত। "অজিহ্মস্ত (দাসবর্গস্ত) মনু ৩.২৪৬; সুহৃৎস্বজিহ্মঃ

৭.৩২ । মাঘ ৩.৫৭ । ৩ বৃথাত্মগুণকথনাদিরূপপাপ-রহিত (কুল্লুক) । "মনু ৪.১১ । ৪ অকুণ্ঠিত, তীক্ষ্ণ । "অজিহ্মাগ্রৈঃ (শরৈঃ) মহা ১.১৯০.৩ । —হ্ম পুং ১ ভেক । ২ মৎস্য ।

অজিহ্মগ বিণ [অজিহ্ম+ √গম্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -গা] যে বা যাহা সরল যায় ; ঋজুগতি, সরলগামী । "অজিহ্মগং (শরং চিক্ষেপ) গো.রা ৩.৩৫.৮৭ । ব্রজেদ্দিশমজিহ্মগঃ মনু ৬.৩১ । —গ পুং বাণ । "রুক্মপুঙ্খা অজিহ্মগাঃ গো.রা ৬.৭০.১৬ ; ৩৯ ।

অজিহ্মগামী (-মিন্) বিণ [অজিহ্ম+ √গম্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব ; উ.ত ; স্ত্রী -মিনী] যে বা যাহা সরল যায় ; সরলগমনশীল, ঋজুগামী, অকপটাচারী । "অজিহ্মগামিভিঃ (ফণিনাং কুলৈঃ) মাঘ ১.৬৩ ।

অজিহ্ব বিণ [ন জিহ্বা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -হ্বা] যাহার জিহ্বা নাই ; জিহ্বাহীন । "মহা ১৩.৮৫.৭৩ । —হ্ব পুং ভেক । [অগ্নিশাপে ভেক জিহ্বাহীন হয় (মহা ১৩.৮৫.২৮, ৩১) ।]

অজী দ্র 'অজা²' ।

অজীগর্ত্ত পুং শুনঃশেফের পিতা ঋষিবিশেষ (দ্র 'শুনঃশেফ') ।

অজীর্ণ বিণ [ন.ত ; স্ত্রী -র্ণা] ১ যাহা জীর্ণ নহে ; অপরিপাক । "অজীর্ণ ভোজনদ্রব্য...তুলিয়া গিলিছে মে ২৬৭ । ২ অজরাগ্রস্ত, অবৃদ্ধ । —র্ণ ক্লী ১ জীর্ণের অভাব ; ভুক্তদ্রব্যের অপরিপাক । "নাজীর্ণে (অধীয়ীত) মনু ৪.২ । অজীর্ণে ভোজনং বিষম্ হি ২২ (কথারম্ভ) ; কৈরজীর্ণভয়াদ্ ভ্রাতর্ভোজনং পরিহীয়তে ২.৫৪ । অজীর্ণে ভেষজং বারি, জীর্ণে বারি বলপ্রদম্ (বৈদ্যক) । ২ রোগবিশেষ । ৩ ক্ষয়রাহিত্য ।

অজীর্ণী (-র্ণিন্) বিণ [অজীর্ণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্ণিনী] যাহার অজীর্ণরোগ আছে ; অজীর্ণরোগী ।

অজীব বিণ [ন জীব, ন.ত ; স্ত্রী -বা] ১ জীবনরহিত (ঘটাদি) । ২ নির্জীব, মৃত । —ব পুং [ন.ত] ১ জীবের অভাব ; মৃত্যু । ২ জীব-ভিন্ন পদার্থ ; অপ্রাণী, জড়, স্থাবর । "(তুমি) সজীব অজীব ব্যাপ্ত স্বর্গ সুরভূমি কৃ ৩৫২ ।

অজীবন বিণ [ন বহুব্রী ; স্ত্রী -না] যাহার জীবন নাই । প্রাণহীন, মৃত । —ন ক্লী [ন.ত] জীবনাভাব, মরণ ।

অজু বি [আ রজু] নামাজের নিমিত্ত শাস্ত্রবিহিত স্নান ; নামাজের পূর্ব্বে হস্তপদাদি-প্রক্ষালন ।

অজুগুপ্সিত বিণ [ন.ত] অনিন্দিত । "মনু ৩.২০৯ ।

অজুহাৎ, ওজুহাৎ বি [আ রজুহাত্] কারণসমূহ । [অজুহাৎনামা—যে কাগজে মোকদ্দমাপ্রভৃতির কারণসমূহ লিখিত থাকে ।]

অজেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] যাহাকে জয় করা যায় না ; অনভিভবনীয়, অজেতব্য । "মেঘনাদে—অজেয় জগতে, ঊর্ম্মিলাবিলাসী নাশি, ইন্দ্রে নিঃশঙ্কিলা মে ১ ; ৪১ । —য় ক্লী পাকঘৃতবিশেষ (সুশ্রুত) ।

অজৈকপাৎ (-পাদ্), -পাদ পুং রুদ্রবিশেষ (দ্র 'রুদ্র') ।

অজ্ঞ বিণ [ন জ্ঞ (জ্ঞানী), ন.ত ; স্ত্রী -জ্ঞা] ১ যে জানে না ; জ্ঞানহীন, নির্ব্বোধ, নিষ্প্রতিভ, মূর্খ । "অজ্ঞো ভবতি বৈ বালঃ মনু ২.১৫৩ ; ১৫৮ । অজ্ঞ দাস, বিজ্ঞতম তুমি মে ২০৩ । ২ অনাত্মজ্ঞ, আত্মজ্ঞানশূন্য (গী.-টীকা) । "গী. ৪.৪০ । ৩ বিশেষজ্ঞানশূন্য (ত.বা) । ৪ চৈতন্যহীন, নিঃসংজ্ঞ । ৫ জড়, অচেতন । "বৎসবিবৃদ্ধিনিমিত্তং ক্ষীরস্য যথা প্রবৃত্তিরজ্ঞস্য ।—সাংখ্য ৫৭ । ৬ কিঞ্চিজ্জ্ঞ, অল্পজ্ঞ (ত.বা) । ৭ [ন জ্ঞ যাহা হইতে, ন.বহুব্রী] যাহা হইতে জ্ঞানী নাই ; সর্ব্বজ্ঞ (শ্রীধর) । "ভ ১০.২৫.৫ । যাহা হৈতে অন্য বিজ্ঞ নাহি—সে 'অজ্ঞ' হয়, চৈ.চ ২৮৮ । ৮ বেদান্তিমত-সিদ্ধাজ্ঞানবান্ (ত.বা) । —জ্ঞ পুং জীব । "জ্ঞাজ্ঞৌ (জ্ঞ ঈশ্বরঃ ; অজ্ঞো জীবঃ—শঙ্কর) । —শ্বেতাশ্বতর ১.৯ ।

অজ্ঞাত বিণ [ন.ত ; স্ত্রী -তা ; ছান্দস] যাহা জ্ঞাত নহে ; অবিদিত, অনবগত, অপরিচিত । "°কুলশীল । নাজ্ঞাতেন সমং গচ্ছেৎ মনু ৪.১৪০ ; ৫.১৭ । বৎসরেক অজ্ঞাত রহিবে কোন স্থান ম ৫৮৫ । সম্মুখে অজ্ঞাত সিন্ধু, ভাসে কৃষ্ণপদতরী ন ১৫০৮ । [অজ্ঞাত বৎসর—পাণ্ডবগণের অজ্ঞাতবাসের বৎসর । "দ্বাদশ বৎসর অন্তে অজ্ঞাত বৎসর ম ৫৮৫ ; ৬৫৭ । অজ্ঞাতে—অবিদিতভাবে, গোপনে । "বিরাটনগর-মধ্যে রহিল অজ্ঞাতে ম ৫৮৫ । অজ্ঞাতের লেখা—অজ্ঞাতবাসের বৎসরের গণনা । "দ্বাদশবৎসর-শেষ অজ্ঞাতের লেখা ম ৬৫৭ ।]

অজ্ঞাতকুলশীল বিণ [অজ্ঞাত কুলশীল যাহার, বহুব্রী ; স্ত্রী -লা] যাহার বংশ ও চরিত্র অজ্ঞাত ; অবিদিত-বংশচরিত্র । "হি ১.৫৭ । অজ্ঞাত-কুলশীল এই শঙ্কা পরিহার করিয়া...বিস্রব্ধ আলাপ করি । —কাদ ৭৭ । অজ্ঞাত-কুলশীল ব্যক্তির পরিবার চা.তৃ ২৯ । পা.প্র ৫১ ।

অজ্ঞাতবাস বিণ [বহুব্রী ; স্ত্রী -সা] যাহার বাস অবিদিত ; অবিদিত-বাসস্থান । —স বি ১ বিরাটনগরে পাণ্ডবগণের অবিদিতভাবে (গুপ্তাকারে) অবস্থান । ২ অজ্ঞাত বসতি । "কাশীতে লোক পাঠাইয়াছিলাম—কিন্তু সেখানেও কোন সংবাদ আইসে না । বাবুর এক্ষণে অজ্ঞাতবাস । ব.প্র ৩১০ ।

অজ্ঞাতচর্য্যা স্ত্রী [কর্ম্মধা] অজ্ঞাতবাস ; অজ্ঞাত স্থানে গমন । "হংসাঃ সম্প্রতি পাণ্ডবা ইব বনাদজ্ঞাতচর্য্যাং গতাঃ মৃ ৫.৬ ।

অজ্ঞাতযৌবনা স্ত্রী [অজ্ঞাত যৌবন যাহা কর্ত্তৃক, বহুব্রী ; স্ত্রী আ (টাপ্)] যে নারীর নিজ যৌবন অবিদিত ; অবিদিতযৌবনা নারী ; মুগ্ধনায়িকাবিশেষ । 'রসমঞ্জরী ৫ । হয়েছে যৌবন, যার নহে অনুভব । অজ্ঞাতযৌবনা তাকে বলে কবি সব ॥ ভা.চ ৬৭১ ।

অজ্ঞাতসারে ক্রি-বিং ১ অজ্ঞাত সারে, অর্থাৎ সাড়ে (শব্দে) ; নিঃশব্দপদসঞ্চারে ; চুপে চুপে । ২ অনুপলব্ধিভাবে, অগোচরে । "নেত্রযুগল নিমীলিত ও অঙ্গ অবশ করিয়া, মূর্চ্ছা অজ্ঞাতসারে আমাকে আক্রমণ করিল ।—কাদ ৬০ । বরকর্ত্তা জ্ঞাতসারেই হউক, বা অজ্ঞাতসারেই হউক, সেই নৈসর্গিক বলে বলীয়ান্ পা.প্র ৯৪ । [অজ্ঞাতসারে আসা—নিঃশব্দগমনে (চুপে চুপে) আসা ।]

অজ্ঞাতি পুং [ন.ত] জ্ঞাতিভিন্ন জন ; অসগোত্র, অবান্ধব । "মনু ৫.১০৩ ।

অজ্ঞান বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -না] ১ যাহার জ্ঞান নাই ; জ্ঞানহীন, নির্ব্বোধ, মূঢ়, বোকা । ২ জ্ঞানবিশেষহীন । ৩ (বাঙ্লায়) অচেতন, মূর্চ্ছিত । "অজ্ঞান হইয়া আমি পড়িনু ভূতলে মে ১২২ । ৪ তত্ত্বজ্ঞান-হীন, মায়ামুগ্ধ । —ন ক্লী [ন.ত] ১ জ্ঞানের অভাব ; বোধাভাব, অবিবেকতা, মূঢ়তা । "তুমি ব্যাস রচিয়াছ আঠার পুরাণ । তথাপি এমন কহ, এ বড় অজ্ঞান ॥ ভা.চ ১৫৬ । ২ অনবগতি, অনুপলব্ধি । "অজ্ঞানাৎ ক্ষেত্রিকস্য মনু ৮.২৪৩ ; জ্ঞানাজ্ঞান-কৃত ১১.১৪৬ ; ১৪৭ ; ১৫১ । ৩ ভ্রান্তি, ভ্রম । "রঘু ৯.৭৭ । °কৃত মনু ১১.১৪৬ । ৪ যাহা জ্ঞানের বিরোধী ; অনাত্মদেহে আত্মবুদ্ধি ; অবিদ্যা, মায়া । "অজ্ঞানে-নাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ গী ৫.১৫ । [অন্ধতামিস্র (মরণ), তামিস্র (ক্রোধ), মহামোহ (গ্রাম্যভোগসুখেচ্ছা), মোহ (মনোবিভ্রম), তমঃ (অবিবেক) এই পঞ্চবিধ অজ্ঞানবৃত্তি (ভ ৩.১২.২, শ্রীধরটীকা) । অজ্ঞানকৃত ১—ভ্রমবশতঃ কৃত । ২ হিতাহিত জ্ঞানশূন্য অবস্থায় কৃত ; শৈশবে অনুষ্ঠিত ।]

অজ্ঞানতঃ (-তস্) ক্রি.বিণ [অজ্ঞান+তঃ (তসি) তৃতীয়ার্থে] অজ্ঞানবশতঃ, অনবগতিতে, ভ্রমে । "মনু ৬.৬৯ ; জ্ঞানতোঽজ্ঞান-তোঽপি বা ৮.২৮৮ ।

অজ্ঞানতিমির ক্লী [কর্ম্মধা] অজ্ঞানই (অজ্ঞানরূপ) অন্ধকার ; তিমিরতুল্য জ্ঞানের আবরক বা বিরোধী অবিদ্যা ; মোহান্ধকার । "অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া । চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ (গুরুগীতা) ॥ "অজ্ঞানতিমিরে দন্ধ মোহিত আছিল ।"

অজ্ঞানী (-নিন্) বিণ [ন.ত ; স্ত্রী -নিনী] ১ যে জ্ঞানী নহে ;

জ্ঞানহীন, অজ্ঞ, মূঢ়। ২ তত্ত্বজ্ঞানহীন, অনাত্মজ্ঞ। "জ্ঞানী বা অজ্ঞানী কিবা সাধু সদাশয়, কেহ বা যিহোবা যোব কেহ প্রভু কয়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৩ বিষয়বিশেষে অনভিজ্ঞ। "অজ্ঞান পাইতে, পারয়ে কভু, রসিক জ্ঞানীর সন্ধান চ.দা ১২২।

অজ্যেষ্ঠবৃত্তি বিণ [ন জ্যেষ্ঠবৃত্তি যাহার, ন.বহুব্রী] যে জ্যেষ্ঠ অনুজের প্রতি জ্যেষ্ঠোচিত ব্যবহার করে না; অকৃতজ্যেষ্ঠোচিত-ব্যবহার। "অজ্যেষ্ঠবৃত্তির্যস্তু স্যাৎ স সম্পূজ্যস্তু বন্ধুবৎ মনু ৯.১১০।

অঝর১ বিং [অ+ঝর; পদ্যে] যাহা ঝরে না; অক্ষর, অস্খলিত। "ফুলবনে দুই ফুল, রুক্মিণী ও সত্যভামা, রহিয়াছে অঝর ফুটিয়া ন ৯৬২।

অঝর২ বিং ['অজস্রধার'—মূল] অবিরল-অশ্রুধারাবিশিষ্ট; সতত-গলদশ্রুধার। "বড়ায়ি বড়ায়ি বুলি অঝর নয়নে (কান্দন) শ্রী.কী ১২৪। প্রভুরে বিনায়্যা কান্দে নয়ন অঝর শ্রী.ম ২০০। [অঝরনয়ন, -নয়নে—সততগলদশ্রুনেত্রে। "অঝর-নয়নে সভে করেন রোদন চৈ.চ ৩২১। কান্দয়ে শচীর সুত অঝর-নয়ন চৈ.ম ৬১। মায়াতে বাছুর কান্দে অঝর-নয়ন কৃ.উ ১৫১। অঝরু, অঝরে—অজস্রধারায়, অবিরল-প্রবাহে, প্রচুরপরিমাণে। "অঝরু ঝরয়ে আঁখি চ.দা ১১। অঙ্গ পুলকিত, সরম সহিত, অঝরে নয়ন ঝরে (চ.দা)। অঝরে ঝরয়ে দুই কমল নয়ন (চৈ.ভা)। চাষা লোকে কৃষি করে, পঙ্ক জলে পচে মরে। যদি সে নিড়াইতে পারে, অঝরে কাঞ্চন ঝরে॥—রামপ্রসাদ।]

অঝরনয়ন, -নয়নে, অঝরু, -রে দ্র 'অঝর২'।

অঝোর বিং [অঝর২ > অঝোর; অপ্র] সততগলদশ্রুধার (শোকে, হর্ষে)। "কি দেখি ধরিব প্রাণ নয়ন অঝোর শ্রী.ম ১৩৭। বুক ব'য়ে পড়ে ধারা অঝোর নয়ন শ্রী.মা ৩; ৮; ঊর্দ্ধবাহু হ'য়ে নাচে অঝোর নয়ন ৭০; এত শুনি নৃপতির অঝোর নয়ন, কোলে করি লাউসেনে নাচেন তখন॥ ২১৯; এতেক করিল স্তব অঝোর নয়ন ২২১। [অঝোরঝরণে ঝরে— অবিরলধারায় গলিয়া ক্ষরিত হয়। "অঝোরঝরণে ঝরে নয়নের নীর ম ১০১৫। অঝোরনয়ন, -নয়নে, -নয়ান— সততগলদশ্রুনেত্রে। "অঝোর-নয়নে কান্দে শ্রী.মা ৫২; কৌশল্যা কান্দেন এথা অঝোর-নয়ন ১৩৫। আশীষ করিল রাণী অঝোর-নয়নে শ্রী ১৩১; ইছার মন্দিরে আইল অঝোরনয়ান: কান্দেন করুণাময়ী অঝোর-নয়নে ১৯৯।]

অঝোরঝরণে, অঝোরনয়ন, -নয়নে, -নয়ান দ্র 'অঝোর'।

অঞ্চ্ (অচি) সক [ভ্বা, এ—অঞ্চতি,-তে, সেট্] ১ গতি, প্রাপ্তি। "সঙ্কোচমঞ্চতি সরঃ। ২ যাচন, প্রার্থন। ৩ [অক] অব্যক্তশব্দ-করণ। "অঞ্চতি শকটম্ (ক.ক)। —ঞ্চ্ সক [ভ্বা,প—অঞ্চতি; সেট্] পূজন, সম্মান। —ঞ্চ্ সক [চু.প—অঞ্চয়তি; সেট্] বিশেষণ, বিশিষ্টীকরণ। "অঞ্চয়তি বুদ্ধিং সুধীঃ, বিশিনষ্টীত্যর্থঃ (ক.ক) [অব—অধোগমন। উদ্—১ উদ্গমন। "ভট্টি ২.৩১। ২ উদ্ধরণ। "পা ৭.২.৫৩, কাশিকা। নি—অধোভাব। পরি—ঘূর্ণন, পরিভ্রমণ (সক)।]

অঞ্চ১ পুং [√অঞ্চ্+অ (ঘঞ্) -ভা] উদ্গম, ঊর্দ্ধগমন। "রোমাঞ্চ, পুলকাঞ্চ।

অঞ্চ২ বি ['আঁচ' > অঞ্চ (সাধুভাষায়); অপ্র] শিখা, আভা। "যামিনী তিমির৹ থির নাহি হেরিয়ে, পরশি অরুণ রুচি রঞ্চ। নাগরী নীল৹ পটাঞ্চলে লাগল৹ জনু বিরহানলে অঞ্চ॥ গো ১৬৭।

অঞ্চল পুং, ক্লী [√অঞ্চ্+অল (অলচ্)-ক] ১ যাহা প্রান্ত প্রাপ্ত হয়; বস্ত্রান্ত, আঁচল। "উত্তরীয়াঞ্চল, চেলাঞ্চল, বস্ত্রাঞ্চল। ধ্বজাঙ্কুশ-পটাঞ্চল উ.চ ৬.৪। অঞ্চলে ঢাকিতে চায় কমলের গন্ধ ভা.চ ৩২১। চঞ্চল করে, অঞ্চল টানি, রোষছলে যায় চলি (চ.কা)। অনিল-বিকম্পিত শ্যামল অঞ্চল।—গান ২২১। ২ প্রান্তভাগ। "দৃগঞ্চলৈঃ পশ্যতি কেবলং মনাক্ (উদ্ভট)। কর্ণাঞ্চল বি.মা ৬.১৬। নয়নক অঞ্চল চঞ্চল ভান বি.প ৬১। লোচন-অঞ্চল শ্রী.ম ৭২। ত্রিলোচনাঞ্চল ন.প ১৮৬। অরুণ দৃগঞ্চল প.র ৩। ধটি-অঞ্চল জ্ঞা ১৮। ৩ (বাঙ্লায়) দেশ, প্রদেশ, ভূভাগ। "চলিতে চলিতে, হেরি এক স্থানে, অপূর্ব্ব নব অঞ্চল।—হেম ৫৭। বিষ্ণুপুর অঞ্চলে ব.প্র ৭। [অঞ্চলপ্রভাব—অঞ্চলের অর্থাৎ স্ত্রীর প্রভাব; স্ত্রীর সুপারিশ। "বাবা যম!...তুমি আহার কর, তার পরে তোমারে সমভিব্যাহারে লইয়া বিষ্ণুঠাকুরের নিকটে যাইব, লক্ষ্মীর দ্বারা অনুরোধ করাইব। আজকাল অঞ্চলপ্রভাব অতীব প্রবল।— য ১১।]

অঞ্চলপ্রভাব দ্র 'অঞ্চল'।

অঞ্চিত বিণ [√অঞ্চ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -তা] ১ পূজিত, অর্চ্চিত, সম্মানিত। "°বিক্রম রঘু ৯.২৪। °লাঙ্গূল ভট্টি ৯.৪০। লীলাঞ্চিত-বিক্রম কু.স ১৩৪। ২ চারু, সুন্দর, শোভন। "মত্তসিংহাঞ্চিতস্কন্ধঃ গো.রা ৬.২৯.১২। অঞ্চিতাভ্যাম্...গতাভ্যাম্ রঘু ২.১৮; অঞ্চি-তাক্ষিপক্ষ্মা ৫.৭৬। কেশ কুসুমাঞ্চিত ন.প ১৯৭; কুসুমাঞ্চিত চারু চিকুর ২৬৫। ৩ আকুঞ্চিত, বক্রীকৃত। "সুদীর্ঘাঞ্চিতলাঙ্গুলাঃ গো.রা ৬.৩.৪৩। স্বসিতাঞ্চিতমূর্দ্ধজা (কন্যা) মহা ১.৬৭.১৫৮। °সব্যজানু রঘু ১৮.৫১। °দক্ষিণোরু ভট্টি ২.৩১। ৪ গত, ব্যাপ্ত। "দীর্ঘরোমাঞ্চিতেন (লাঙ্গুলেন) মহা ৩.১৪৬ ৭৭। বক্ত্রং স্বেদকণাঞ্চিতম্।—অমরু ৭৮। কঞ্চুক-অঞ্চিত, বক্ষ মৃদুতর ন.প ২৯৮। ৫ গুম্ফিত, গ্রথিত। "অর্দ্ধাঞ্চিতা (রশনা) রঘু ৭.১০।

অঞ্জ্, অনজ্ (অনজ্) সক [রুধা, প—অনক্তি; বিকল্পিতেট্; ছান্দস; cf., Av. anj—to pollute; L. ung-o] ১ ব্যক্তি, প্রকাশন, স্ফুটীকরণ। "ভট্টি ৯.৪৯। ২ ম্রক্ষণ, মাখান। ৩ গতি। ৪ মর্দ্দণ। —ঞ্জ্ অক ১ কান্তি, শোভা। ২ [চু.প—অঞ্জয়তি] দীপ্তি, প্রকাশ। —ঞ্জ্ (ণিজন্ত) সক [চু,প—অঞ্জয়তি] ১ ম্রক্ষণ। "নাঞ্জয়ন্তীং স্বকে নেত্রে মনু ৪.৪৪। ২ অনুষ্ঠান, নির্ব্বাহ। "ব্যঞ্জয়ন্তি চ গোদানং যদ্দেশে যাজ্ঞিকা দ্বিজাঃ।—হলায়ুধ। [অভি-বি—অভিব্যক্তি, প্রকাশন। "রঘু ৬.১২। বি—প্রকটন, প্রকাশন। "অকিঞ্চনত্বং মখজং ব্যনক্তি রঘু ৫.১৬। মনু ১.৬।]

অঞ্জ সর্ম্ম [সং √অঞ্জ্] অঞ্জনাঙ্কিত করা; কাজল পরান। "অঞ্জইতে লোচন দুনয়ান ছল ছল ব ১১০।

অঞ্জন পুং [√অঞ্জ্+অন (ল্যুট্)-ক] ১ যে রব দ্বারা শুভাশুভ ব্যক্ত করে; জেঠী, জেঠী। ২ [অঞ্জন+অ (অচ্) অস্ত্যর্থে] 'অঞ্জনবান্', পশ্চিমদিকের দিগ্গজ। "ক.চ ৮১। গমন অঞ্জন জিনি ম.পা ৩৩। কৃ.উ ১৪৮। ৩ পর্ব্বতবিশেষ, নীলগিরি। ৪ জ্যেষ্ঠীবিশেষ, আঁজনি। —ন ক্লী [+অন-ভা] ১ গতি। ২ ম্রক্ষণ, অভ্যঞ্জন। ৩ অঞ্জন, লেপন, অলঙ্করণ। "মনু ২.১৭৮; ৪.১৫২। ৪ মিশ্রীকরণ। ৫ ব্যক্তী-করণ, প্রকটন, প্রকাশন। ৬ [+অন-ণ] যাহা দ্বারা চক্ষু লিপ্ত হয়; কজ্জল, কাজল। "নীলাঞ্জন, ভিন্নাঞ্জন, মেচকাঞ্জন, °শলাকা। নয়নাঞ্জন রা ২.৯৫.১২; কাঞ্চনাঞ্জন ৫.১.১৫। ভিন্নাঞ্জনসন্নিভভ্রূঃ ঋতু ১.১১। দৃশোরমৃতাঞ্জনম্ উ.চ ৪.১৯। (নয়ন) অঞ্জনে রঞ্জই বি.প ৫; অঞ্জন শোভন তায় ১৩। অঞ্জনে রঞ্জন দুই আঁখি ম.ম ১৬৫। মম মোহের স্বপন-অঞ্জন তব৹ নয়নে দিয়েছি পরায়ে।—গান ১১৬; নিদ্রাঞ্জন মাখা ১০৫। [সৌবীর জাম্বল তুথ ময়ূর শ্রীকর দর্ব্বিকা নীল-মেঘ—এই ষড়্বিধ অঞ্জন।] ৭ সৌবীরাঞ্জন। ৮ রসাঞ্জন। ৯ 'অঞ্জন-বর্ণযুক্ত', মসী, কালি। ১০ মালিন্য, মল, পাপ। "সত্যস্বরূপ নিরঞ্জন হে বা.দ ৬। দেহাঞ্জন নাহি রয়।—হেম ৩৫৯। ১১ রাত্রি। ১২ 'প্রকাশক', অগ্নি। ১৩ (অলঙ্কারশাস্ত্রে) ব্যঞ্জনাবৃত্তি। "কা.প্র ২.১৯। [°সুত (পুং) —বুদ্ধদেব। "অ ১.৩.২৪। অঞ্জনিয়া—অঞ্জনযুক্ত করিয়া; অঞ্জন দ্বারা রঞ্জিত করিয়া। "ধায় কোন শশিমুখী, অঞ্জনিয়া এক

আঁখি ক.চ ২৯৬। তু "বিলোচনং দক্ষিণমঞ্জনেন" ইত্যাদি রঘু ৭.৮।]

অঞ্জনশলাকা স্ত্রী [.উলো] অঞ্জনার্থ (অঞ্জনধারণার্থ) শলাকা; চক্ষুতে কাজল পরার নিমিত্ত শলা; আঁজনকাঠি। "জ্ঞানাঞ্জনশলাকাভি-র্নেত্রোন্মীলনকারকম্ মহা ১.১.৮৪।

অঞ্জনা স্ত্রী [অঞ্জন+স্ত্রী আ (টাপ্)] ১ 'অঞ্জনবর্ণযুক্তা', ঈশানদিকের দিক্‌করিণী; অঞ্জনাবতী। ২ কেসরীর পত্নী, হনুমানের জননী, বানরীবিশেষ। [ইনি পূর্ব্বজন্মে পুঞ্জিকস্থলা নামে অপ্সরা ছিলেন। ঋষিশাপে বানররাজ কুঞ্জরের কন্যারূপে জন্মগ্রহণ করেন। মারুত যোনিসম্বন্ধ বিনা ইঁহার গর্ভে যে বীর্য্য নিহিত করেন, তাহা হইতেই মহাবল মহাসত্ত্ব মহাতেজা বুদ্ধিমান্ হনুমানের জন্ম হয় (রা ৪.১৬ সর্গ—দ্র 'কু ১৯৫)।]

অঞ্জনাগিরি, -নাদ্রি পুং [উ.লো] অঞ্জনসদৃশ পর্ব্বত; নীলগিরি।

অঞ্জনাহৃদয়নন্দন বি [ষ.ত] 'অঞ্জনার হৃদয়ের আনন্দজনক'; হনুমান্। "হা বৎস অঞ্জনাহৃদয়নন্দন! সী ২২।

অঞ্জনিকা স্ত্রী [অঞ্জনা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ সর্প 'অঞ্জনা (১)। ২ অঞ্জনাধিকা, আঁজনাই। ৩ ক্ষুদ্রমূষিকা।

অঞ্জনিত বিং [অঞ্জন+ইত; অপ্র] অঞ্জনযুক্ত, অঞ্জনবর্ণ, কৃষ্ণ। "অঞ্জনিত তনু শি ৫৭।

অঞ্জলি পুং [√অঞ্জ্+অলি (অলিচ্)-ণ, উ ৪.২; ছান্দস] ১ যাহা দ্বারা বিনয় প্রকাশিত হয় [অ.টী); কুব্জীকৃত ও মিলিত করতলদ্বয়; হস্তসম্পুট, করপুট, আঁজলা। "কৃতাঞ্জলি, বদ্ধাঞ্জলি, রচিতাঞ্জলি, °বন্ধ। ন বার্য্যঞ্জলিনা পিবেৎ মনু ৪.৬৩; ১১.১০৫। জলং পিবেন্ নাঞ্জলিনা যাজ্ঞ ১.১৩৮। শ্রবণাঞ্জলিপুটপেয় বে ১.৪। সুপুরো মূষিকাঞ্জলিঃ —পঞ্চ ১২৬। [দ্বিগুসমাসে 'দ্বি' 'ত্রি' শব্দের পরবর্ত্তী 'অঞ্জলি'-স্থানে বিকল্পে 'অঞ্জল' হয় (পা ৫.৪ ১০২)। যেমন, দ্ব্যঞ্জল দ্ব্যঞ্জলি; ত্র্যঞ্জল ত্র্যঞ্জলি।] ২ অঞ্জলিপরিমিত দ্রব্য। "অরণ্যবীজাঞ্জলিদানলালিত কু.স ৫.১৫। পুষ্পাণাং হরিচরণয়োরঞ্জলিরয়ম্ বে ১.১। জলস্যাঞ্জলয়ো দশ যাজ্ঞ ৩.১০৫। বংশে না রহিল কেহ দিতে জলাঞ্জলি ম ৪০। ৩ কুড়ব-পরিমাণ। [অঞ্জলিবন্ধ গৌরবসূচক প্রণতিসূচক বা দৈন্যসূচক চিহ্নস্বরূপ। "বধ্যতামভয়যাচনাঞ্জলিঃ রঘু ১১.৭৮। কঃ শক্রেণ কৃতং নেচ্ছেদ্দধিমূর্দ্ধানমঞ্জলিম্ ভট্টি ৮.৮৪। অঞ্জলি করিয়া নিবেদয়ে সবিনয় ক.চ ২০। অঞ্জলি অঞ্জলি—অনেক অঞ্জলিপরিমিত দ্রব্য। "পিব অঞ্জলি অঞ্জলি জল যমুনার।—গান। অঞ্জলি করিয়া বলা—সবিনয়ে বা দীনভাবে নিবেদন করা। "অঞ্জলি করিয়া গৌরী বলেন শঙ্করে ক.চ ২৩। অঞ্জলি দেওয়া—পূজার্থ দেবতার পদে পুষ্পাদির অঞ্জলিদান। অঞ্জলিবদ্ধকরে ('অঞ্জলিবদ্ধ করে' সাধু)—'অঞ্জলিসংযোগকরে', কৃতাঞ্জলিপুটে। "(বয়োধিকা) অঞ্জলিবদ্ধকরে কহিলেন, 'যুবরাজ!···অপরাধ করিয়াছি···মার্জ্জনা করিবেন' ব.প্র ৬।]

অঞ্জলিকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [ষ.ত] অঞ্জলিসম্বন্ধী কার্য্য; অঞ্জলিবন্ধন। "লুব্ধমর্থেন গৃহ্ণীয়াৎ ক্রুদ্ধমঞ্জলিকর্ম্মণা।—চাণক্য।

অঞ্জলিপুট পুং, ক্লী [কর্ম্মধা] অঞ্জলিরূপ আধার; অঞ্জলিভাজন। "কৃত°। শ্লিষ্টাঞ্জলি পুট গো.রা ৩.৪.১। শ্রবণাঞ্জলিপুটপেয় বে ১.৪। [অঞ্জলিপুটে—অঞ্জলিদ্বয়বদ্ধ-পূর্ব্বক, করপুটে। "কহি গো অঞ্জলিপুটে, উরগো আমার ঘটে ক.চ ২।]

অঞ্জলিবন্ধন ক্লী [ষ.ত] অঞ্জলিরচনা, অঞ্জলিকরণ, আঁজলা করা।

অঞ্জাম -'ম্' বি [ফা অন্‌জ়াম্] ১ সমাপ্তি, শেষ। তু 'আঞ্জাম'। ২ সম্পাদন, নির্ব্বাহ। ৩ বন্দোবস্ত। [অঞ্জাম করিতে থাকহ (দলিলে)—নির্ব্বাহ বা বন্দোবস্ত করিতে থাক।]

অঞ্জিত বিণ [অঞ্জ্+ত (ক্ত)-ক] চারু, কান্ত, শোভিত। "অঞ্জিতাক্ষিপক্ষ্মা রঘু ৫.৭৬।

অঞ্জীর পুং [তু, ফা অন্‌জ়ীর্] পেয়ারা গাছ। তু "আঞ্জীর'। মহা ৩.১৫৮.৪৫। —র ক্লী অঞ্জীর ফল, পেয়ারা।

অট্ সক [ভ্বা, প—অটতি; সেট্; তু √অত্ (ছান্দস); অট্টট—যাত (দেশী ১.১০)] গতি, ভ্রমণ। "কপিরাটীদ্ গৃহাদ্ গৃহম্ ভট্টি ৮.৪২। 'বটো! ভিক্ষামট গাঞ্জানয়' বৈছে প্রকার চৈ.চ ২৪১। [পরি—পর্য্যটন। "সর্ব্বাণি (তীর্থানি) পর্য্যটস্ব মহা ৩.৯৩.১৪।]

অট বিণ [√অট্+অ (অচ্)-ক] ১ ভ্রমণকারী। "ক্ষপাট ভট্টি ২.৩০। ২ [অট্+হি (অনুজ্ঞামধ্যমপুরুষ-১ব)] যাও। "বটো! ভিক্ষামট চৈ চ ২৪১।

অট-অট, অট-অট্টো ক্রি.বিং [সং অট্টাট্ট > বা অট্ট-অট্ট > অট-অট্টো, অট-অট] অট্ট-অট্ট, অত্যুচ্চ। "অট-অট হাসে, কটমট ভাষে ভা.চ ৩১৩; ৪৯৩। রথে চড়ি ভগবতি অট্-অট্টো হাসে কৃ.উ ১০৭।

অটন ক্লী [√অট্+অন (ল্যুট্)-ভা] গতি, পর্য্যটন, পরিক্রমণ। "ভিক্ষাটন মনু ৯.১৩; হি ১.১২১। বিপিন-অটনে রা.প ১১।

অটনি, -নী স্ত্রী [√অট্+অনি-ক, বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] যাহা জ্যা প্রাপ্ত হয়; চাপাগ্র, ধনুষ্কোটি, ধনুকের হুল্। "নময়ন্নটনৌ ধনুঃ নৈ ৪.৯৬। স্থলনিবেশিতাটনি রঘু ১১.১৪। কোদণ্ডাটনীলগ্ন হি ১ $\frac{১}{১}\frac{৭}{৭}\frac{৭}{৮}$।

অটমী বি [সং অষ্টমী; প্রা অট্‌ঠমী > বা অঠ(ট)মী; হি অটমী] অষ্টমী তিথি।

অটল বিং [ন টল, ন.ত; স্ত্রী -লা] ১ যাহা টল (চল) নহে; অচঞ্চল, স্থির, শুদ্ধ, অচল। "অটল অচল যথা, দাঁড়াইয়া বলী। সে রৌরবে মে ১৫৫। ২ সুদৃঢ়, সম্বদ্ধ।

অটবি, -বী স্ত্রী [√অট্+অবি-র্ম্ম, বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] মৃগয়ার্থে বা বার্দ্ধক্যে যেখানে যায়; অরণ্য, বিপিন, বন। "বিন্ধ্যাটবী, °রাজ্য। গো.রা ৪.৪৩.১৩। আহিণ্ডাতে অটবীতঃ অটবী শ ২$\frac{০}{১}$। অটবী ভ্রমিয়া বুলে কামসেনাপতি ব.প ৩৫৭। অটবীতে উপস্থিত ম.পা ৩৪। ঈষীকামুঞ্জাটবী চৈ.ম ১৮২। বিনশন মহাটবী।—রঙ্গ ৬।

অটুট বিং [অ+টুট; সং অত্রুটি; হি অটুট; গু অতুট] ১ যাহা টুটে না; অচ্ছেদ্য, দৃঢ়, শক্ত, মজবুত। "অটুট চারিটি বাহুর বাঁধন অ.গু ৭২। ২ অক্ষয়। "অটুট দেহ। ৩ ত্রুটিরহিত, ন্যূনতাহীন, পুরা। "গন্ধমধুরূপ-সায়রে ভাসছে নীলোৎপল,—নিখুঁত-নধর, অটুট আদর, সোহাগ-শতদল কু.কে ৬।

অট্ট্ সক [ভ্বা, আ—অট্টতে; সেট্] ১ অতিক্রম। ২ হিংসা, বধ। —ট্ট,সক [চু, প—অট্টয়তি; সেট্] অনাদর। —ট্ট অক অল্পীভাব।

অট্ট বিণ [√অট্ট্+অ (অচ্)-ক; স্ত্রী -ট্টা] ১ যাহা অতিক্রম করে; অতিশয়, উচ্চ। "°হাস পূ.মে ৫৯। অট্ট অট্ট হাস ভা.চ ৪৩৩। সাট্টহাসা বা.দ ১১২। কেহ অট্ট হাসে ম ১২০০। হাসে অট্ট অট্ট চ.বি ২৪০। বজ্র···হাসিল অট্ট হাস্য।—কথা ৩২। ২ শুষ্ক। —ট্ট, পুং ১ যাহা অন্য গৃহ অতিক্রম করে; অট্টালিকা (অ.টী) "সাট্টপ্রাকার-তোরণা মহা ৩.১৪৮.৮। নরেন্দ্রমার্গাট্ট রঘু ৬.৬৭। ২ প্রাসাদের উপরিস্থ গৃহ। ৩ প্রাকারাগ্রস্থিত রণগৃহ (কৌটিল্য)। ৪ প্রাকারমণ্ডপোপরিস্থ শালা। ৫ উচ্চস্থানে নির্ম্মিত ভূমিকা (শ্রীধর)। "ভ ৪.৯.৫৭। ৬ গৃহবিশেষ। "রঘু ১৬.১১। ৭ দুর্গপ্রাকার (অ.টী)। ৮ ক্ষৌমবস্ত্র। তু 'পট্ট'। "বিশীর্ণতল্পাট্টশতঃ রঘু ১৬.১১। ৯ [+অ (ঘঞ্)-ভা] হিংসা, বধ। ১০ অতিশয়। —ট্ট ক্লী ভক্ত, অন্ন। তু 'আটকে'। "সাট্টাট্টালকগোপুরা (পুরী) মহা ৩.১৫.৬; অট্টশূলা জনপদাঃ ৩.১৮৮.৪২। [তু 'দ্রবিড়ীয় √অড়—পাক; অট্ট—পক (Cooked)।] —ট্ট পুং, ক্লী [+অ-ঘি] যে স্থানে বিক্রয়ার্থ পশুবধ হয়; বিপণি আপণ, হাট, বাজার (অ.চি)। তু 'হট্ট'। [অট্ট-অট্ট, অট্ট-অট্ট-অট্ট

—অত্যুচ্চ। "অট্ট-অট্ট হাসে দেবী চ.বি ২৪৮। অট্ট-অট্ট ঘট্ট-ঘট্ট ঘোরহাস্যহাসিকে ভা.চ ৪২৭। অট্ট-অট্ট মহাহাস্য চৈ.ভা ১১৮; অট্ট-অট্ট হাসে আই ৪৩২। অট্ট-অট্ট হাসে চৈ.চ ৬৩। মুখে অট্ট-অট্ট হাসি পি ১০৭। অট্টে অট্টে—অত্যুচ্চে।]

অট্ট-অট্ট, অট্ট-অট্ট-অট্ট দ্র 'অট্ট'।

অট্টট্ট বিণ [অট্ট+অট্ট, শকন্ধ্বাদি; পক্ষে 'অট্টাট্ট'; তু, সং—অট্টাট্ট> প্রা অট্টট্ট (ভবিষ্যদত্তকথা)] ১ অত্যুচ্চ, অত্যূর্দ্ধ। ২ অতিতার, অতিগুরু। "অট্টট্টহাসমশিবং শিবদূতী চকার হ (চণ্ডী)।

অট্টহসিত ক্লী, **-হাস** পুং, **-হাস্য** ক্লী [কর্ম্মধা] উচ্চহাস্য, অতিহাস। "দেবী ননাদোচ্চৈঃ সাট্টহাসম্ (চণ্ডী)। অট্টহাস ঘর্ঘর নির্ঘোষ ভা.চ ৪৩২।

অট্টহাস, -হাস্য; অট্টাট্ট দ্র 'অট্টহসিত; অট্টট্ট'।

অট্টাল পুং [√অট্ট্+আল-ক (অ.চি)] ১ পাসাদোপরিস্থ গৃহ; উপরিগৃহ। "উচ্চাট্টালধ্বজবতী (পুরী) রা ১.৫৮। ২ প্রাকারের উপরিস্থ উন্নত স্থান (শ্রীধর)। "পুরোদ্যান-প্রাকারাট্টালগোপুর (ভ)।

অট্টালক পুং [অট্টাল+ক (কন্) স্বার্থে] ১ উপরিগৃহ। "সাট্টাট্টালক-গোপুরা (পুরী) মহা ৩.১৫৬। ২ প্রাকারাগ্রস্থ-রণগৃহ; ক্ষৌম (অ.চি)।

অট্টালিকা স্ত্রী [অট্টালক+স্ত্রী আ (টাপ্)] ১ রাজগৃহ, প্রাসাদ, সৌধ। ২ ইষ্টকাদিরচিত গৃহ। ৩ প্রাসাদপ্রধান দেশবিশেষ।

অট্টালিকাকার পুং [অট্টালিকা+√কৃ+অ (অণ্)-ক; উ.ত] প্রাসাদকারক, রাজমিস্ত্রি, থৈকর। [কুলটা শূদ্রা ইহাদের জননী ও চিত্রকর পিতা (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)।

অট্টালী বি [সং অট্টালিকা; অপ্র] অট্টালিকা, প্রাসাদ, উপরিগৃহ, পাকাবাড়ী। "দুঃখিত কলিঙ্গরায়, হাথী ঘোড়া ভাসি যায়, অট্টালীতে উঠে রামাগণ ক.চ ৮৩। এত শুনি তিন জন অট্টালী চড়িলা চৈ চ ১৪০। উঠিয়া অট্টালী, চৌদিকে নেহালি, দিবস হইল শেষ রা.শে ৮৮।

অঠেল '-ল্' বিং [অ+ঠেল] যাহা ঠেলা (অগ্রাহ্য করা) যায় না, অবশ্যকরণীয় (হুকুম, কথা)।

অড়[১] '-ড়্' বি [সং অরট>প্রা অড (হে ১.২৭১)>বা অড] গর্ত্ত (২৪ পরগণা)। [অড় বুঁজান—গর্ত্ত পূর্ণ করা।]

অড়[২] দ্র 'ওআড়'।

অড়র, -ল, অড়হর বি [সং আঢ়কী; হি অরহর] ১ কলায়বিশেষের গাছ; অড়রগাছ। ২ অড়লের ফল বা ডা'ল্।

অঢেল বিং [হি অটালা; ঢের>ঢেল>অঢেল (দ্র 'অ'[৩])] ঢের, প্রচুর, অনেক। "যে রকমে হোক লোককে দ্যাখান চাই যে, বাবুর রূপো সোনার জিনিষ অঢেল হু ১৮৪।

অণি পুং, **অণী** স্ত্রী [√অণ্ শব্দ+ই (ইন্)-ক, স্ত্রী ঈ (ঙীষ্)] ১ অক্ষকীল, রোধশীল। ২ সূচাগ্র। ৩ শূলাগ্র (নীলকণ্ঠ)। "অণীমাণ্ডব্য। ৪ অস্রি, কোণ। [অণীমাণ্ডব্য—শূলাগ্রযুক্ত মাণ্ডব্য নামক ঋষিবিশেষ (দ্র মহা ১.১০৭-৮তম অধ্যায়)।]

অণিমা (-মন্) পুং [অণু+ইমন্ (ইমনিচ্) তদ্ভাবার্থে] ১ অণুভাব, অণুত্ব, সূক্ষ্মতা। ২ অষ্টবিধ ঐশ্বর্য্যের একতম। "অণিমা লঘিমা আদি যার অষ্টসিদ্ধি ক.চ ২৩। শিবের সেই সে অণিমা গো। —ভা.চ ২৫৩। [ইহার প্রভাবে সিদ্ধগণ অণুতুল্য সূক্ষ্মরূপ ধারণ করিয়া অলক্ষিতভাবে সর্ব্বত্র বিচরণ করিতে পারেন (যেন সূক্ষ্মো ভূত্বা বিচরতি।—অ.টী। পা.দ ৩.৪৬)।

অণীমাণ্ডব্য দ্র 'অণি'।

অণীয়ান্ (-য়স্) বিণ [অণু+ঈয়স্ (ঈয়সুন্) 'দুইএর মধ্যে একাতিশয্যে'-১ব; স্ত্রী -য়সী] দুইএর মধ্যে অণু; অণুতর; ক্ষুদ্রতর, সূক্ষ্মতর। "অণোরণীয়াংসমনুস্মরেদ্ যঃ গী ৮.৯। "অণীয়াংসমণোরপি মনু ১২.১২২।

অণু বিণ [√অণ শব্দ+উ (উন্)-ক. উ ১.৮; স্ত্রী -ণু, -ণ্বী; ছান্দস] ১ সূক্ষ্ম। বিপ 'স্থূল' 'মহৎ'। "অণ্ব্যো মাত্রাঃ—মনু ১.২৭। ২ সূক্ষ্ম, অত্যল্প, একটু। "শুক্ষমণ্বপি মনু ৩.৫১; যস্মাদণ্বপি ভূতানাং দ্বিজান্নোৎপদ্যতে ভয়ম্ ৬.৪০। পুর অভিলাষ অণু শ্রী ১। —ণু পুং ১ সূক্ষ্মাংশ, লব, লেশ, কণ। "অণোরণীয়াংসমনুস্মরেদ্ যঃ গী ৮.৯। মনু ১২.১২২। ২ অতিসূক্ষ্মতম অবিভাজ্য অংশ (Atom)। ৩ ক্ষুদ্র ধান্য—চীনক কঙ্গু শ্যামাক প্রভৃতি; (মতান্তরে) সূক্ষ্মচীনক। 'অণবঃ সূক্ষ্মচীনকাঃ (অ.টী)। [তু 'অণু'—ধান্যবিশেষ (দেশী ১.৫২)] ৪ মাত্রার চতুর্থাংশ। 'চতুর্ভিরণুভির্মাত্রাপরিমাণম্ তৈ ২১.১৫, ব্যাখ্যা। ৫ মুহূর্ত্তের (৪৮ মিনিটের) ৫৪,৬৭৫,০০০তম অংশ। ৬ শিব। ৭ যযাতির পুত্র। দ্র 'যযাতি'।

অণুমাত্র বিণ [অণু+মাত্র (মাত্রচ্) প্রমাণ অর্থে; স্ত্রী -ত্রী] অণু যাহার প্রমাণ; অল্পপরিমাণ, অত্যল্প, একটু। "অণুমাত্র সংশয় সী ১৯।

অণুমাত্রিক বিণ [অনুমাত্রা+ইক (ঠন্) বাহুলকে, অস্ত্যর্থে] অণু-মাত্রাযুক্ত; লিঙ্গশরীরবিশিষ্ট। "মনু ১.৫৬।

অণুরেণু পুং [কর্ম্মধা] ক্ষুদ্ররেণু, সূক্ষ্মকণ।

অণুবাদ পুং [উ. লো] অণুবিষয়ক মত; সকল বস্তুরই মূল উপাদান অণু, অণুর সমবায়ে সকল দ্রব্যের উৎপত্তি এবং অণু আদ্যন্তহীন—এইরূপ সিদ্ধান্ত; বৈশেষিকমতবাদ (Atomic Theory)।

অণুবীক্ষণ ক্লী [ষ.ত] ১ সূক্ষ্মপদার্থের সবিশেষ দর্শন; সূক্ষ্মপদার্থ-সমালোচনা। ২ সূক্ষ্মপদার্থের বিশেষদর্শন-সাধন-যন্ত্র; অণুপরীক্ষণার্থ যন্ত্রবিশেষ (Microscope)। "মনুষ্যের চক্ষু মনুষ্যেরই কার্য্যের উপযুক্ত। উহা দূরবীক্ষণ হইলেও দোষ—অণুবীক্ষণ হইলেও দোষ পা.প্র ৩৩।

অণ্ড পুং, ক্লী [√অম্ গতি+ড -ণ (উ ১.১১১), -অণ্ডা (অ.টী); ছান্দস 'আণ্ড'—ডিম্ব, (ঋগ্বেদ ১০.৬৮.৭) বৃষণদ্বয় (অথর্ব্ব ৯.৭.১৩); হি, মৈ অংডা; ঠ আংডে; 'তু অংডয় (অণ্ডজ)—মৎস্য (দেশী ১.১৬)] ১ যাহা দ্বারা অবয়ব সংযোগপ্রাপ্ত হয়; যাহা হইতে শাবক নির্গত হয় (অ.টী); পক্ষিডিম্ব, ডিম্বমাত্র; পেশী, পেশীকোষ। "হি ২৩৪৬৮। মনু ১.৪৪। ['অণ্ড' শব্দ পরে থাকিলে, 'কুক্কুটী' প্রভৃতির পুংবদ্ভাব হয়। যথা, কুক্কুটীর অণ্ড, কুক্কুটাণ্ড ইত্যাদি (পা ৬.৩.৩৫, বার্ত্তিক)।] ২ মুষ্কমধ্যস্থ অণ্ডাকার-পদার্থ, বীচি (Testicles)। "°কোশ। ৩ মুষ্ক, অণ্ডকোষ (Scrotum)। ৪ সৃষ্টিপ্রারম্ভে কারণসলিলে আরোপিত অণ্ডাকার ব্রহ্মবীজ। "মনু ১.৯। তু 'ব্রহ্মাণ্ড'। "অগণ্য অনন্ত যত অণ্ডসন্নিবেশ। ততরূপে পুরুষ করে সভাতে প্রবেশ॥ চৈ.চ ২৩। ৫ বীর্য্য, বীজ। ৬ (সাদৃশ্যে) মৃগনাভি। ৭ (ব্রহ্মাণ্ডস্বরূপ) শিব।

অণ্ডক পুং [অণ্ড+ক (কন্) স্বার্থে] অণ্ড, মুষ্ক। —ক ক্লী ১ অণ্ড, আশ্রয়কোষ। "বৃহজ্জগদণ্ডক মাঘ ৯.৯। ২ [+ক হ্রস্বার্থে] ক্ষুদ্র অণ্ড (ডিম্ব)।

অণ্ডকটাহ ক্লী [অণ্ড কটাহতুল্য, উপ.স] কটাহসদৃশ ব্রহ্মাণ্ড; ব্রহ্মাণ্ডের কটাহাকার বাহ্য কঠিন আবরণ; ব্রহ্মাণ্ডগোলক। "যেনাণ্ড-কটাহমস্ফুটৎ ভ ৭.৮.১৫। কৈল সেই চণ্ড, শব্দ অণ্ড, -কটাহ-ভেদন ব.প ৬০১। ব্রহ্মাণ্ড অণ্ড-কটাহে (শব্দ পূরিল দিগ) গ ৫০।

অণ্ডকোশ, -কোষ, -কোষক পুং [ষ.ত; ক (কন্) স্বার্থে] অণ্ডের কোশ (আধার); অণ্ডাবরণ পুংশ্চিহ্নবিশেষ; ফলকোষক, বীজপেশিকা, সীমা, মুষ্ক, হোল্।

অণ্ডজ বিণ [অণ্ড+√জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] অণ্ড হইতে জাত; ডিম্বজাত। —জ পুং ১ অণ্ডজাত প্রাণিমাত্র; অণ্ডজাত-জাতি। "মৃকাণ্ডজম্ (কাননম্) কু.স ৩. ৪২। ২ পক্ষী। "গো রা ৩.৭৩.৬। ৩ সর্প, সরীসৃপ। ৪ নক্র, কুম্ভীর। ৫ মৎস্য। "সরঃ পূর্ণমিবাণ্ডজৈঃ হি ১.১৮৩। ৬ কচ্ছপ। "অণ্ডজাঃ পক্ষিণঃ সর্পা নক্রা মৎস্যাশ্চ কচ্ছপাঃ।

যানি চৈবংপ্রকারাণি স্থলজান্যৌদকানি চ॥ মনু ১.৪৪। **৭** কৃকলাস। —জা স্ত্রী 'অণ্ডজাতা', কস্তূরিকা, মৃগনাভি।

অণ্ডজেশ্বর পুং [অণ্ডজের ঈশ্বর, ষ.ত] পক্ষিগণের অধিপতি ; গরুড়। "গো.রা ৫.৪২.১৯।

অণ্ডবর্দ্ধন ক্লী, **-বৃদ্ধি** স্ত্রী [ষ.ত] অণ্ডকোষবৃদ্ধি (Hydrocele)।

অণ্ডাকর্ষণ ক্লী [ষ.ত] মুষ্ক হইতে অণ্ডের নিষ্কাশন ; বিফলীকরণ, খোজা করা, দামড়া করা (Castration)।

অণ্ডাকার, -কৃতি বিণ [অণ্ডাকারের ন্যায় আকার, আকৃতি যাহার ; উ. বহুব্রী ; স্ত্রী -রা, -তি] অণ্ডসদৃশ, ডিম্বাকার, বাদামী (Oval)। —র, —তি পুং অণ্ডসদৃশ বৃত্তক্ষেত্র (Ellipse)।

অত্ অক [[ভ্বা, প—অততি ; সেট্] সতত গমন ; নিরন্তর ভ্রমণ। "অততি বায়ুঃ (ক.ক)। —ত্ সক সতত প্রাপ্তি। "অততি সূর্য্যো গগনম্ (ক.ক)।

অত[১] '-তো' বিং [সং ইয়ৎ ; হি উত্তা, উতনা, ওতা ; প উত ; সি ওতি ; গু আট (C. G. § 838.7) ; মৈ ওতেক] **১** এই-পরিমাণ, তত। "তোমাদের বটে তাহাতে আমোদ হ'তে পারে সম্ভবতঃই, কিন্তু ধ্রুব বলা যায় না অন্যের হয় কি না ওটা অতই।—মন্দ্র ১৪। **২** ঐ-সংখ্যক, ততগুলা, তত (টাকা, কাজ ইত্যাদি)। "আমি বুড়ো মানুষ, হালা কালা, আমি কি অত পারি? ব.প্র ৩৬৬ ; অত বিধিব্যবস্থা ৪০৭। **৩** সেই-পরিমাণ, অর্থাৎ অনেক। "এই সে দিন ওর সঙ্গে অত কথা কহিলে, আজ একেবারে চিনিতে পারিলে না। পা.প্র ১৮০। **৪** এইরূপ, সেইপ্রকার, অর্থাৎ অত্যন্ত। "অত বড় ক'নে? ব.প্র ৪৩২। —ত বি ঐ-পরিমাণ দ্রব্যাদি। "আর অতয় কাজ নাই (গিরিশচন্দ্র ঘোষ)। [অতই—ঐ-পরিমাণই, ঠিক অত। অতটা—ঐ-পরিমাণ (so much)। অতয়—ঐ-পরিমাণ দ্রব্যাদিতে। অতশত—**১** ঐরূপ নানাপ্রকার কঠোর কার্য্য। "আমি উহাদের জন্য অতশত করিয়াছি, উহারা আমার জন্য কিছুই করিবে না! পা.প্র ২১৩। **২** ঐরূপ নানা খুঁটিনাটি ব্যাপার। "আমি অতশত বুঝি না, মোটামুটি যা বুঝি, তাই বলি।]

অত[২] প্র [সং শতৃ (অৎ)>প্রা অন্ত>বা অত] 'প্রবৃত্ত ক্রিয়ার অবিরাম' অর্থে। তু 'অতি[২]'। "শুনত হি জাগি, পুন দুহু ঘুমল, নায়রী কোরহিঁ যাতি ব ১২৫। হাস্য করত আদু ১৭৪। দ্র 'করত'। [শুনত হিঁ—শুনিতে শুনিতেই।]

অতএ অব্য [সং অত এব ; বা অতএব>অতএ ; বৈষ্ণবসাহিত্যে] এই হেতুই ; এইজন্যই, কাজে-কাজেই, সুতরাং। "বিনা অবলম্বে, উঠই না পারই, অতএ নিবেদিলু তোয় বি.প ১৯৭। অতএ নিবেদলু তোয় জ্ঞা ১৯৭ ; কি কহব রে সখি, কহি কহি দেখলু, অতএ চাহি সমাধান ২০৬ ; নিজ নিজ জানিয়া, অতএ করবি সমাধানে ২১৯। অতএ বরণ কলু তোয় গো ১২৫।

অতএব অব্য [সং অত এব ; হি অতএব] এই হেতুই, এই নিমিত্ত। "অতএব চল সবে মহেন্দ্রভূধর কৃ ১৯৭।

অতঃ (তস্) ব্য [এতদ্+তস্ (তসিল্) পঞ্চম্যর্থে (পা ৫.৩.৫ ; ৭) ; ছান্দস] **১** এই হেতু ; এই কারণে। "(বেদ) সর্ব্বং ভবান্ তাবদতোঽভিধাস্তে রঘু ২.৪৩। অতঃ অতঃপর যদি দোষী হই বা.দ ১০৯। **২** ইহা হইতে, ইহা অপেক্ষা। "অতোঽন্যথাপ্রবৃত্তিঃ মনু ৫.৩১ ; অতোঽন্যথা প্রহরন্ ৮.৩০০। **৩** এই স্থান দেশ বা কাল হইতে। "নিবসিষ্যসি ময্যেব অত ঊর্দ্ধম্ গী ১২.৮। অতঃ স্বল্পীয়সি দ্রব্যে মনু ১১.৮।

অতঃপর ক্রিং.বিং [সং অতঃ পরম্—ভাগ্যায়ত্তমতঃ পরম্ (শ ৪.১৭) ; কিমাশ্চর্যমতঃ পরম্ (মহা ৩.৩১২.১১৬ ; ম ৫৮০)] ইহার পরে ; তৎপরে, তাহার পরে, তার পর। "অতঃপর কহি কিছু গল্প-উপাখ্যান শ্রী.মা ১১ ; সবে শুন অতঃপর ২০৭। তুমি সৃষ্টি করহ সংসার অতঃপর শ্রী ৫। অতঃপর কহে ভা.চ ১৫৯। অতঃপর যদি দোষী হই বা.দ ১০৯। [অতঃপরে—তাহার পরে। "অতঃপরে যায় মুনি ফিরি ফিরি চায় কৃ ৩।]

অতট বিণ [ন.বহুব্রী] **১** যাহার তট (জলাঘাতস্থান, অবলম্বনস্থান) নাই ; তটহীন, অবলম্বনস্থানশূন্য। "(এতে) মনোরথানামতটপ্রপাতাঃ শ ৬.১০। **২** তুঙ্গ, অত্যুচ্চ, খাড়া (Abruptly high)। —ট পুং **১** পর্ব্বতের উচ্চস্থান ; প্রপাত, ভৃগু। **২** ভূমির অধোভাগ বা নিম্নদেশ। **৩** পর্ব্বতবিশেষ। **৪** (বাঙ্‌লায়) নদীর অত্যুচ্চ তীর ; আড়া।

অতথোচিত বিণ [ন তথোচিত, ন.ত ; স্ত্রী -তা] যে সে-প্রকার দুঃখে অভ্যস্ত নহে ; তাদৃশ কঠোরদুঃখ-সহনে অনভ্যস্ত ; কঠোরতা-সহিষ্ণু। "পুত্রঃ ক্লেশানামতথোচিতঃ রা ২.১০৪.৭। মহা ৩.৬৯.৩।

অতথ্য বিণ [ন.ত ; স্ত্রী -থ্যা] তথ্যভিন্ন, অসত্য, মিথ্যা। "শ্রী.ম ২৬২।

অতদ্‌গুণ পুং [ন.বহুব্রী] যাহাতে তদ্‌গুণ নাই ; অর্থালঙ্কারবিশেষ। [উৎকৃষ্টগুণযুক্ত পদার্থের সন্নিধানরূপ হেতু থাকিলেও, অপকৃষ্টগুণান্বিত বস্তু যদি সেই উৎকৃষ্ট গুণ গ্রহণ না করে, তাহা হইলে 'অতদ্‌গুণ' অলঙ্কার হয় সা.দ (১০.৯১)।]

অতনু বিণ [ন.ত ; স্ত্রী -নু, -ন্বী] **১** 'তনুভিন্ন', অক্ষীণ, অকৃশ, স্থূল। **২** অক্ষুদ্র। **৩** [ন.বহুব্রী] যাহার তনু নাই ; অদেহ, অশরীরী। "অতনু আভাস ছিলে কু.কে ২০ ; প্রিয়ার ও তনু অতনু সে কোন, দেবতার মন্দির! ২১। —নু পুং অনঙ্গ, কাম। "অতনুকাচলা উপাম বি.প ১৭। অতনু মাতল ব ৬২। অতনুর ধনু দু ১০। নয়নক বাণ, বিঁধলী রঙ্গিণী, সখী-তনু অতনু-শেলা ব.প ১১৩৭। অতনুর স্তব বা.দ ৪০। অতনু-ধনু ম.প ১৭১।

অতন্ত্র বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ন্ত্রা] **১** যাহার তন্ত্র নাই ; তন্ত্রশূন্য, তারহীন (বীণাপ্রভৃতি)। **২** যাহার কারণ নাই ; অকারণ, অবিবক্ষিত। "হ্রস্বগ্রহণমতন্ত্রম্ পা ১.২.৩২ সি। **৩** বিবক্ষাশূন্য (ত.বা)। **৪** অপ্রধান। "বচনমতন্ত্রম্ ('তন্ত্র' শব্দে অ.টী)।

অতন্ত্রী বিণ [অতন্ত্র+স্ত্রী ঈ (ঙীষ্)] তন্ত্ররহিতা, গুণহীনা। "নাতন্ত্রী বিদ্যতে বীণা রা ২.৩৯.২০।

অতন্দ্র বিণ [ন তন্দ্রা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ন্দ্রা ; ছান্দস] **১** তন্দ্রাহীন নিদ্রারহিত। "জাগর্ত্তব্যমতন্দ্রাভ্যাম্ (পাঠান্তর) রা ২.৫৩.৩। **২** আলস্যহীন, অনলস। **৩** অবহিত, সাবধান।

অতন্দ্রিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] **১** যে তন্দ্রাযুক্ত নহে ; তন্দ্রাহীন, অনিদ্র। "অতন্দ্রিতৈস্তৈ রাতিভিরাত্তকার্ম্মুকৈঃ রা ২.৮৭.২৪। **২** আলস্য-হীন, অনলস। "দদর্শ সংশয়চ্ছেত্ত্যান্ ব্যবহারানতন্দ্রিতঃ রঘু ১৭.৩৯। গী ৩.২৩। মনু ২.৭৩ ; ৮২। কু.স ৫.১৪। **৩** সাবধান। "পুনরাগমনঞ্চৈব তথা কার্য্যমতন্দ্রিতৈঃ মহা ৩.৬৯.৪৬। গো.রা ৪.৪৪.১১২।

অতন্দ্রী (-ন্দ্রিন্) বিণ [ন ত ; স্ত্রী -ন্দ্রিণী] **১** যে অলস নহে ; অনলস। মনু ৩.২৭৯। **২** নিদ্রারহিত। "জাগর্ত্তব্যমতন্দ্রিভ্যাম্ রা ২.৫৩.৩।

অতপস্ক, অতপাঃ (-পস্) বিণ [ন তপঃ যাহার, ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)-২ব ; স্ত্রী -স্কা, -পাঃ] **১** তপোরহিত, তপস্যাহীন। "মনু ৪.১৯০। **২** অযত্নশীল (নীলকণ্ঠ), স্বধর্ম্মানুষ্ঠানহীন। "গী ১৮.৬৭।

অতয়ে অব্য [অতএ > অতয়ে (উচ্চারণসাম্যে) ; বৈষ্ণবসাহিত্যে] অতএব। "তুহু জগতারণ, দীন দয়াময়, অতয়ে তোহারি বিশোয়াসা বি.প ২১৮। অতয়ে আয়লু তুয়া পাশ জ্ঞা ২৪৩।

অতর্ক বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -র্কা] ১ যাহার তর্ক (তর্কহেতু) নাই ; অহৈতুক । ২ তর্কহীন । ৩ যাহার তর্ক অপ্রশস্ত ; শুষ্কতর্কপর । —র্ক পুং [ন.ত] ১ তর্কাভাব, ন্যায়াভাব । ২ অপ্রশস্ত তর্ক ; কুতর্ক, শুষ্কতর্ক ।

অতর্কিত বিণ [ন.ত] ১ যাহা তর্কিত (চিন্তিত) নহে ; অচিন্তিত, অননুমিত, অবিচারিত । "গতোঽস্ত্যতর্কিতাং গতিম্ কু.স ৪.২২ । ২ আকস্মিক ।

অতর্কিতোপপন্ন বিণ [অতর্কিত উপপন্ন, সুপ্সুপা ; স্ত্রী -ন্না] অচিন্তিতভাবে বা সহসা উপগত ; অত্যন্তাসম্ভাবিত । "কু.স ৬.৫৪ ।

অতর্ক্য বিণ [ন.ত ; স্ত্রী -র্ক্যা] যাহা তর্কসাধ্য নহে ; অননুমেয়, অসম্ভাব্য ।

অতল বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -লা] ১ যাহার তল নাই ; প্রতিষ্ঠাহীন, অপ্রতিষ্ঠ । ২ অগাধ, গভীর । "ডুবিয়া অতল জলে মৃণালিনী মরে ব.প্র ১১৭ ; সন্তানধর্ম্ম অতল জলে ডুবাইয়া দাও ১৩৩ । অতল অপার মাতৃস্নেহ-পারাবার প.তৃ ৭৪ । ৩ (বাঙ্‌লায়) দুরবগাহ, দুরধিগম । "অতল রহস্য যেন চাহে বলিবারে চ.কা ৯৫ । ৪ অধস্তম, নিম্নতম । "অতল পাতালে নাগ মে ৯৮ । —ল ক্লী সপ্ত পাতালের প্রথম পাতাল । "দেবল নামেতে মুনি অতলেতে যান ম ৯৪৮ । গ ১৮৫ । [অতল জলে ডুবা—অগাধ জলে মগ্ন হওয়া (সুতরাং উদ্ধার অসম্ভব) ; অত্যন্তধ্বংসপ্রাপ্ত বা একেবারে নষ্ট হওয়া ।]

অতলস্ত বিং [অ+তল+অন্ত > °লন্ত > লান্ত° ; তু, সং শকন্ধু (শক+অন্ধু) ; প্রা তুহন্ধং (তুহ+অন্ধং—সং তব+অর্দ্ধম্, প্রা.প্র ৪.১) ; অপ্র] অতল ও অনন্ত ; অগাধ-অপার । "অতলস্ত সিন্ধু । —হেম ৩৭৫ ।

অতলস্পর্শ বিণ [ন তলস্পর্শ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -র্শা] যাহার তলের (অধোদেশের) স্পর্শ নাই , অতিগভীর, অগাধ ।

অতসী স্ত্রী [√অত্‌+অস (অসচ্‌)-ক (উ ৩.১১৭)+স্ত্রী ঈ (ঙীষ্‌)] ১ নীলপুষ্প ক্ষুদ্র বৃক্ষবিশেষ ; নীলপুষ্পিকা, মসিনা গাছ, তিসি । "তস্যাতসীসূনসমভাসঃ (হরেঃ) মাঘ ৩.১৭ । অতসীকুসুমশ্যাম (অচ্যুত) ।—কূর্ম্মপুরাণ । ২ শণবৃক্ষ (Hemp) । "অতসীপুষ্পবর্ণাভা (দুর্গাধ্যান) । ৩ (বাঙ্‌লায়) পীতপুষ্পের বৃক্ষবিশেষ ও তাহার পুষ্প । "অতসী অপরাজিতা, যাতে দুর্গা হরষিতা কৃ ৩৪৯ ।

অতি[১] বা [√অত্‌+ই ; ছান্দস ; Av. aiti ; cf., Gr. anti ; L. ante ; Ger. anti, inti :] উপসর্গবিশেষ ।—১ প্রকর্ষ, নির্ভর, অতীব, নিতান্ত, অধিক, উৎকট, অতিশয় । "°গুপ্ত, °ভয়, °শ্রম, °সঞ্চয় । °পরিক্ষত মনু ৭.৯৩ । অত্যদ্ভুতরস উ.চ ৩.৪৪ ; অতি হি নাম শোভসে ৫২১৮ ; অতি হি নাম প্রগল্ভসে ৩৬ । °মাত্রসুহৃৎসহ শ ৪.৩ । °দর্প, °মান, °দান (চাণক্যশ্লোক) । অতি না করব কোপ বি.সা ২৭৬ । অতি হি কোমল ন.প ২৯৮ । আম্বা দেখি অতি কৃ ৩৩৯ । পুণ্য পাইবা অতি অ.প ৬ ; হৃষ্ট পুষ্ট অতি ৭ ; ধন দিল অতি ৩২ ; তপ করে অতি ৮৯ । অতি অমানুষি চৈ.ভা ৪৪২ । কটাক্ষ অতি স্থির, অতি স্নিগ্ধ, অতি গম্ভীর ব.খি ১৬৬ । ২ প্রশংসা, স্তুতি, পূজন । "°রাজা, °গৌ, °সক্থ পা ৫.৪.৬৯, কাশিকা । ৩ শোভন । "°গার্গ্য (মহাভাষ্য) । ৪ অতিক্রম, লঙ্ঘন । "অত্যঙ্গুল, অত্যঙ্গ, °শক্র, °সাল পা ১.৪.৭৯ ; ৯৫, সি । অনতিক্রমণীয়ং মে সুহৃদবাক্যম্ শ ২১৪ । অতিরিচ্যতে হি ১.১৬ ; ১৯ । অতি চন্দ্রর্ক সূর্য্যাঙ্ক শিখিনক্ষ স্বয়ংপ্রভা (সভা) মহা ২.১১.১৬ ; রূপেণাপ্সরসোঽপ্যতি ৩.৯৬.২৯ । ৫ অত্যয়, ধ্বংস । "°হিমম্ পা ২.৪.১৮ । ৬ অযোগ্যতা, নিন্দা, ক্ষেপ । "°নিদ্রম্ পা ২.৪.১৮ । ৭ বহুতর, সমীচীন । "°সিক্ত, °স্তুত পা ১.৪.৯৫, তত্ত্ববোধিনী । ৮ অসম্ভাবন । "মুগ্ধবোধ ১০ ৯ সম্পূর্ণ, ঠিক । "°মধ্যন্দিনে মনু ৪.১৪০ । ১০ উৎকৃষ্ট, বর । "সে অতি নাগর, তোঁঞে তসু তুল বি.সা ৫২ । ১১ (বাঙ্‌লায়) বংশের পুরুষগণনায় 'পূর্ব্ববর্ত্তিপুরুষ'-সূচক । "বৃদ্ধপ্রপিতামহ, অত্যতিবৃদ্ধ-প্রপিতামহ ইত্যাদি ।

অতি[২] প্র [অত[২]+স্ত্রী ই ; বৈষ্ণবসাহিত্যে] সর্থ 'অত[২]' । "খোজতি ফিরতি, জননী যশোমতী, আওল কুঞ্জকুটীর ব ১২৪ ।

অতিকথা স্ত্রী [প্রা.স] ১ অতিশয়িত (উৎকট) কথা ; অতিরঞ্জিত বর্ণন । ২ অপার্থবাক্য, বার্থভাষণ, ফাজিলকথা । ৩ নষ্টধর্ম্ম (বিশ্বপ্রকাশ) ।

অতিকল্য ক্লী [প্রা.স] অতিপ্রভাত, অতিপ্রত্যূষ, ঊষাকাল । "মনু ৪.১৪০ ।

অতিকশ বিণ [কশাকে অতিক্রান্ত, প্রা.স] যে অশ্ব কশা (কশাঘাত) অতিক্রম করিয়াছে, অর্থাৎ কশাঘাতে ভয় করে না ; যথেচ্ছপ্রবৃত্ত, দুর্দান্ত । "অতিকশোঽশ্বঃ পা ১২.১৯১ ।

অতিকা বি [সং অতিকায় ; য় > অ (লোপ) , অপ্র] অতিকায় । "রুষিল অতিকা বীর কৃ ২৮২ । অতিকা কুঙর কৃ.উ ৩৭ ; ৪২ ।

অতিকায় বিণ [অতিশয়িত কায় যাহার, বহুব্রী ; স্ত্রী -য়া] ১ বিশাল-দেহ, মহাকায়, ভীষণ । "রাক্ষসেনাতিকায়েন গো.রা ৫.৩২.২৭ । মহা ৩.১৪৬.৮১ । অতিকায়হস্তিকঙ্কাল (চারুপাঠ) । ২ বিপুল । ৩ বিশাল । "পরিঘেণাতিকায়েন গো.রা ৫.৫৬.১২৪ । -য় পুং ধান্য-মালিনীর গর্ভজাত রাবণপুত্র রাক্ষসবিশেষ (রা ৬.৭.৩০) ।

অতিকাল বি অতিশয় বেলা ; অতিরিক্ত বেলা । "অতিকাল হৈল—লোক ছাড়িয়া না যায় চৈ.চ ১১০ ।

অতিকৃচ্ছ্র বিণ [বহুব্রী ; স্ত্রী -চ্ছ্রা] যাহাতে অতিশয়িত কৃচ্ছ্র ; অতীব কষ্টকর ; সুকঠোর । —চ্ছ্র পুং, ক্লী অতিশয়কষ্টসাধ্য দ্বিজাতির অনুষ্ঠেয় প্রায়শ্চিত্তবিশেষ (মনু ১১.২১৪) ।

অতিকৃত বিণ [অতি+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ মর্য্যাদাতিক্রমপূর্ব্বক আচরিত ; বাহুল্যপূর্ব্বক কৃত ; বাড়াবাড়ির সহিত করা (কর্ম্ম) । "সর্ব্বত্রাতিকৃতং ভদ্রে বাসনায়োপকল্পতে গো.রা ৫.২৫.২১ । ২ অতি-ক্রান্ত । "কটিশ্চ তস্যাতিকৃতপ্রমাণা মহা ৩ ১১২.৪ ।

অতিকেশ বিণ [অতিশয়িত কেশ যাহার, বহুব্রী ; স্ত্রী -শা, -শী] যাহার কেশ প্রচুর ও দীর্ঘ ; দীর্ঘপ্রচুরকেশযুক্ত । বিপ 'অকেশ' । "অতিকেশামকেশাঞ্চ (কন্যাং নোদ্বহেৎ) । —নারদ ।

অতিক্রম[১] পুং [অতি+ √ক্রম্‌+অ (ঘঞ্‌) -ভা] ১ উল্লঙ্ঘন, পর্য্যায়, উপাত্যয়, অতিপাত, অত্যয় । "ন কালাতিক্রমং ক্ষমে গো.রা ৫.৫৬.১৬ । প্রাপ্তো বেলাতিক্রমেণ ।—পঞ্চ ১২৪৮৫ । ২ অনাদর, অসম্মান, অপূজন । "ব্রাহ্মণাতিক্রম মনু ৩.৬৩ । গুরুজনের অতিক্রম কাদ ৬০ । ৩ অননুষ্ঠান, অপালন, খণ্ডন, ভঙ্গ । "অতিক্রমং ব্রতস্যাহুঃ মনু ১১ ১২১ । ৪ অপরাধ, দোষ । "কস্য ন স্যাদতিক্রমঃ গো.রা ৪.৩৬.১১ । ৫ যুদ্ধে শত্রুর অভিমুখে নির্ভীক যোদ্ধার গমন ; অতিক্রম । ৬ অশিষ্টাচার । ৭ আধিক্য । ৮ অভিভব, নিগ্রহ । "দুরতিক্রম ।

অতিক্রম[২] সর্ম্ম [সং অতি+ √ক্রম্‌] ১ উল্লঙ্ঘন করা ; প্লাবিত করা, ছাপান । "বরিষার কালে, সখি, প্লাবনপীড়নে, কাতর প্রবাহ ঢালে, তীর অতিক্রমি, বারিরাশি দুই পাশে মে ১১৮ । ২ উল্লঙ্ঘন করা ; অতিক্রম করা । "অতিক্রমি বঙ্গপারাবার ।—নবীনচন্দ্র ।

অতিক্রমণ ক্লী [অতি+ √ক্রম্‌+অন (ল্যুট্‌)-ভা] ১ উল্লঙ্ঘন, অতিপাত । "সীমাতি° যাজ্ঞ ২.১৫৮ । ২ যাপন', অতিবাহন । "পা ৫.৪.৬০, কাশিকা । কালাতি° । পঞ্চ ১.১৬৫ । ৩ অবসান, অপগম, অত্যয় । "যাবৎ রাত্রেরতিক্রমণং তাবৎ কথাঃ কথয়তি পা ৩.১.২৬, বার্ত্তিক (S.W.) । ৪ অপরাধ, দোষ, অত্যাচার । "তেনাতি-

ক্রমণেন দুঃখয়সি নঃ ম.চ ৩.৪৩। ৫ উচিতাধিক অনুষ্ঠান; আধিক্য, বাহুল্য। "পা ১.৪.৯৫, সি।

অতিক্রমণীয় বিণ [অতি+ √ক্রম্+অনীয় (অনীয়র্)-র্ম ; স্ত্রী -য়া] ১ উল্লঙ্ঘনীয়, অপালনীয়, অকরণীয়। "অনতিক্রমণীয়ং মে সুহৃদ্‌বাক্যম্ শ ২৪; ৬৩; ৭৫। ২ পরিহার্য্য, বর্জ্জনীয়। "অনতিক্রমণীয়স্য জন্ম মৃত্যোরিবাগমম্ হি ৪.৭৭।

অতিক্রমী (-মিন্) বিণ [অতি+ √ক্রম্+ইন্ (ণিনি)-ক ; স্ত্রী -মিণী] ১ যে অতিক্রম করে ; উল্লঙ্ঘয়িতা, অপালক। "ধর্ম্মাতিক্রমিণাং ধর্ম্ম্যং কুর্ম্মহে দণ্ডধারণম্ গো.রা ৪.১৭.১৪। ২ অপহারী। "ভার্য্যাতিক্রমী বিষ্ণু ৫.১৮৮।

অতিক্রান্ত বিণ [অতি+ √ক্রম্+ত (ক্ত)-ক ; স্ত্রী -ন্তা] ১ যে অতিক্রম করিয়াছে ; অতীত। "সোঽতিক্রান্তঃ শ্রবণবিষয়ম্ উ.মে ৪২। বিচারাতিক্রান্ত মৃ ৫.৪। চক্ষুর্বিষয়মতিক্রান্তেষু পক্ষিষু হি ১৭৮। ২ অতীত গত। "যেয়ং পৌর্ণমাস্যতিক্রান্তা পা ৩.৩.১৩৫, কাশিকা। অতিক্রান্তে দশাহে মনু ৫.৭৬। অতিক্রান্তেন বয়সা মহা ৩.২৯২.৭। ৩ উল্লঙ্ঘিত, প্রচ্যুত, ভ্রষ্ট। "ধর্ম্মাদতিক্রান্তঃ ; গুরুধর্ম্মব্যতিক্রান্ত রা ৪.১৮. ২৩। —ন্ত ক্লী অতীত বিষয়। "অতিক্রান্তং নানুশোচন্তি পণ্ডিতাঃ। —পঞ্চ ১.৩৬৩। °ন্তোপবর্ণন হি ১৭৮। —ন্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অতিক্রমণ, উল্লঙ্ঘন, ব্যভিচার। —ক্রামক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -মিকা] উল্লঙ্ঘয়িতা, অতিক্রমী।

অতিক্রূর বিণ [প্রা.স ; স্ত্রী -রা] অত্যন্ত কুটিল ; অতিকপট। —র পুং ১ বক্রগ্রহ, শনি ; মঙ্গল। ২ (তন্ত্রে) মন্ত্রবিশেষ; ত্রিশ বা তেত্রিশ অক্ষরের মন্ত্র।

অতিক্ষীণ বিং [প্রা.স] অতিকৃশ, সুতনু। "কেশরী জিনিঞা মাঝা দেখি অতিক্ষীণ কৃ.উ ১৭১।

অতিখর বিণ [প্রা.স ; স্ত্রী -রা] অতিকর্কশ, প্রচণ্ড, অতিরূক্ষ। "°স্বন (মেঘ) গো.রা ৩.৩০.৩।

অতিগ বিণ [অতি+ √গম্+অ(ড)-ক ; স্ত্রী -গা] ১ যাহা অতিক্রমপূর্ব্বক যায় ; অতিক্রমী, ভেদপূর্ব্বক নির্গত। "দেহাতিগৈঃ (বাণৈঃ) রঘু ১২.৪৮। ২ অতিযায়ী, অতীত। "শোকাতিগ। বয়োঽতিগ মনু ৭.১৪৯। ৩ অতিশায়ী। "সর্ব্বলোকাতিগ রা ২.১৯.৩৩ ; মৃ ১.২। [সমাসে উত্তরপদ]

অতিগণ্ড পুং [প্রা.স] ১ অতিশয়িত গণ্ড ; বৃদ্ধিপ্রাপ্ত গণ্ডদেশ। ২ (জ্যোতিষে) যোগবিশেষ। "°জন্মা।

অতিগন্ধ বিণ [বহুব্রী ; স্ত্রী -ন্ধা] ১ যাহার অতিশয় গন্ধ, অত্যন্ত গন্ধযুক্ত, অতিসৌরভ। ২ অতিদৃপ্ত, অতিগর্ব্বিত। —ন্ধ পুং ১ চম্পকবৃক্ষ। ২ গন্ধক।

অতিগহন বিণ [প্রা.স ; স্ত্রী -না] অত্যন্ত দুর্বোধ ; অতিদুরূহ, অতিগভীর।

অতিগুণ বিণ [বহুব্রী ; স্ত্রী -ণা] যাহার অতিশয়িত গুণ ; অতিগুণযুক্ত, অত্যুৎকৃষ্ট। "তদতিগুণং পুরুষার্থম্ আচরধ্বম্ গো.রা ৪.৪১.৭৯। —ণ পুং [প্রা.স] অতিশয়িত গুণ , অতিশয় বিনয়দাক্ষিণ্যাদি।

অতিগুরু বিণ [প্রা.স ; স্ত্রী -রু, -র্ব্বী] অত্যন্ত ভারী ; অতিদুর্ভর (পারদাদি)। "°পুরুষভিদ্যমানস্য (অবয়বস্য) ।—বিষ্ণুপুরাণ। —রু পুং অতিপূজ্য—মাতা পিতা ও আচার্য্য। 'বিষ্ণু ৩১.১।

অতিচার পুং [অতি+ √চর্+অ (ঘঞ্)-ভা] ১ অতিক্রম-পূর্ব্বক গমন ; উল্লঙ্ঘন। ২ দ্রুতগতি। ৩ (জ্যোতিষে) মঙ্গলাদি পঞ্চ গ্রহের স্বস্বরাশিভোগকালের অসমাপ্তিতে অন্যরাশিতে গমন। "অতিচারে বৃহস্পতি পরে কালাশুদ্ধি শ্রী ১৪৪। [মঙ্গলাদির পূর্ব্বরাশিগমন—'বক্রাতিচার', পররাশিগমন—'অতিচার'।] —চারী (-রিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্) তাচ্ছীল্যে-ক-১ব ; স্ত্রী -রিণী। ১ অতিচরণশীল, অতিক্রমশীল। ২ অতিগমনশীল। ৩ [°র+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] অতিচারযুক্ত। দ্র (৩)। "অদ্য অতিচারী বৃহস্পতি শ্রী ১৪৫।

অতিজর বিণ [জরাকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -রা] জরারহিত, বার্দ্ধক্যহীন। "পা ৭.২.১০১, কাশিকা।

অতিজব বিণ [বহুব্রী ; স্ত্রী -বা] যাহার অতিশয়িত বেগ ; অতিবেগবান্, অতিদ্রুতগামী। —ব পুং [প্রা.স] অতিশয়িত বেগ ; অতিদ্রুতগতি, মহাবেগ। "ভট্টি ২.৫৫। সগরসন্ততি-সন্তরণেচ্ছয়া, প্রচলিতাতিজবেন হিমালয়াৎ। ইহ হি মন্দমুপৈতি সরস্বতী-যমুনয়োর্বিরহেণ হি জাহ্নবী॥—উদ্ভট।

অতিজাত বিণ [অতি+ √জন্+ত (ক্ত)-ক] গুণে পিতাকে অতিক্রম করিয়া জাত ; পিতা অপেক্ষা গুণাধিক বা গুণবত্তর (পুত্র)। 'অতিজাতোঽধিকস্তস্মাৎ (পিতুঃ)।—পঞ্চ ১.৪২৬।

অতিডীন ক্লী [অতি+ √ডী+ত (ক্ত) -ভা] অত্যন্ত নভোগতি (উড্ডয়ন) ; পক্ষীর দীর্ঘ গমন। "মহা ৮.৪১.২৭।

অতিতর বিং [সং অতিতরাম্ ; অপ্র] অত্যন্ত, প্রগাঢ়। "চন্দ্রিণী পদ্মিনী, দোঁহে প্রেম অতিতর ভা চ ২৪২।

অতিতার বিণ [প্রা.স ; স্ত্রী -রা] ১ অতিশয়িততার ; অত্যুচ্চ (শব্দ)। ২ অতিশয়বিশুদ্ধ, অতিবিশদ। "°হার (কাদম্বরী)।

অতিতৃপ্ত বিণ [প্রা.স] অত্যন্ত তৃপ্তিযুক্ত ; অতিসুহিত। "ভুক্ত্বা নাতিতৃপ্তোঽথ সংবিশেৎ যাজ্ঞ ১.১১৪।

অতিতৃষ্ণ বিণ [অতিশয়িতা তৃষ্ণা যাহার, বহুব্রী ; স্ত্রী -ষ্ণা] অতিপিপাসিত, অতিপানেচ্ছু। "রঘু ২.৬৯। —ষ্ণা স্ত্রী [প্রা.স] ১ অতিশয়িতা তৃষ্ণা ; অতিপিপাসা। ২ অতিলিপ্সা, অতিলোভ। "°ষ্ণা ন কর্ত্তব্যা ; °ষ্ণাভিভূত।—পঞ্চ ২.৮১।

অতিথ বি [সং অতিথি , গু অতিত] ১ অতিথি, অভ্যাগত। "অবিলম্বে অতিথ করিব তোরে যম অ.প ১৭। কৃ.উ ৫২। চ.বি ১৪। ভ.গ্র ২৬০। আশ্রয় পায় অনাথ অতিথ কা ১৩৬। ২ সাধু, সন্ন্যাসী, ভিক্ষুক। "কেনে আর মরিবি তুই অতিথর লগে যাইয়া ব.প ৪৯। ভিক্ষা পাইলে অতিথেব গৃহে কি যতন শ্রী.ম ১২৪। অতিথে আসক্তঃ অতিথ দেখিয়া কন্যা উঠে শীঘ্রগতি জ ১৬। [অতিথ-অভ্যাগত (একার্থক)—অতিথি। "অতিথ অভ্যাগত কত কি আশে (আসে)।—হেম ৩২১। অতিথখানা, -শালা—অতিথিপরিচর্য্যার গৃহ ; পান্থশালা, ধর্ম্মশালা। "খুলিল অতিথখানা ধুমধাম করি ব.প ১৮৫৩। অতিথ-বেতিথ (অতিথি-ব্যথিত) —অতিথি ও আতুর ব্যক্তি।]

অতিথ-অভ্যাগত, -খানা, -বেথিত দ্র 'অতিথ'।

অতিথি পুং [√অত্+ইথি (ইথিন্)-ক, উ ৪.২ ; ন তিথি যাহার, বহুব্রী (দ্র 'মনু ৩.১০২) ; ন স্থিতি যাহার, পৃষো (অ.টী)—অস্থিতি > লি * অথিতি > অথিতি, অতিথি (?) ; ছান্দস—অতিথি, অতিথিন্ ; (স্ত্রীলিঙ্গে) অতিথিনী (সততং গচ্ছন্তী—ঋগবেদ ১০.৬৮.৩ ; অতনশীলা, অতিথিতর্পকা—অথর্ব্ব ২০.১৬.৩) ; স্ত্রী -থী (অ.টী) ; অধীত (গো. চ ১৭৭, টীকা)] ১ যে যায়, থাকে না (অ.টী) ; অনিত্যাবস্থান হেতু যাহার তিথি (দ্বিতীয় তিথি বা দিন) নাই (মনু) ; যাহার স্থিতি নাই (পুরাণ) ; অজ্ঞাতপূর্ব্ব গৃহাগত ব্যক্তি (শ্রীধর) ; আবেশিক, অভ্যাগত, গৃহাগত, আগন্তুক। 'অনিত্যং হি স্থিতো যস্মাৎ তস্মাদতিথিরুচ্যতে মনু ৩.১০২। যস্য ন জ্ঞায়তে নাম ন চ গোত্রং ন চ স্থিতিঃ। অকস্মাদ্ গৃহমায়াতি সোঽতিথিঃ প্রোচ্যতে বুধৈঃ॥ "শ ৪৫ ; কুসুমলতাপ্রিয়াতিথে ৬৬। সমরে যমনগরাতিথিরকারি (দশকুমার)। অতিথি আসিত নিত্য করভ করভী মে ১১৬ ; ১৯৯। ২ একরাত্র পরগৃহবাসী ব্রাহ্মণ। 'একরাত্রস্তু নিবসন্নতিথির্ব্রাহ্মণঃ স্মৃতঃ মনু ৩.১০২। ৩ (ইন্দ্রিয়ের

সংসর্গগত অতএব) গোচর, বিষয়। "লোচনাতিথি নৈ ২.৬৫। ৪ পথিক। 'অধ্বনীনোঽতিথির্জ্ঞেয়ঃ শ্রোত্রিয়ো বেদপারগঃ যাজ্ঞ ১.১১১। [মিতাক্ষরা মতে, 'পথিক' 'শ্রোত্রিয়' 'বেদপারগ' তিনই অতিথি]। ৫ কোপ (বিশ্বপ্রকাশ)। ৬ রামচন্দ্রের পৌত্র ও কুশের পুত্র (রঘু ১৭.১)। [অতিথি-সজ্জন—অতিথি ও ভদ্রলোক। "পথ দেখিয়ে আনবে যবে সাথে অতিথি-সজ্জনে (চ.কা)।]

অতিথিক্রিয়া স্ত্রী, **-সৎকার** পুং, **-সেবা** স্ত্রী [ষ.ত] অতিথির পরিচর্য্যা; আতিথ্য। "রামলক্ষ্মণয়োঃ পশ্চাদকুর্ব্বন্নতিথিক্রিয়াম্ রা (S.W.)। °সৎকার হি ১২২২।

অতিথিদেব বিণ [বহুব্রী] যাহার অতিথি দেবসদৃশ পূজ্য; অতিথি-পূজক।

অতিথিধর্ম্ম পুং [ষ.ত] অতিথিভাব; অতিথিরূপ। "মনু ৩.১১১।

অতিথিধর্ম্মী (-র্ম্মিন্) বিণ [°ধর্ম্ম+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -র্ম্মিণী] অতিথিধর্ম্মবিশিষ্ট, অতিথিভাবগত। "মনু ৩.১১২।

অতিথিপরিভাবী (-বিন্) বিণ [ষ.ত; স্ত্রী -বিনী] অতিথির পরিভবকারী বা অবজ্ঞাতা। "আঃ অতিথিপরিভাবিনি! শ ৪২।

অতিথিপূজন ক্লী, **-পূজা** স্ত্রী [ষ.ত] অতিথিসেবা, অতিথিভোজন (দ্র 'পঞ্চযজ্ঞ')। "নৃযজ্ঞোঽতিথিপূজনম্ মনু ৩.৭০; ১০৬।

অতিথিশালা বি [ষ.ত] অতিথির বাসাদির নিমিত্ত গৃহ; পান্থনিবাস, ধর্ম্মশালা।

অতিথিসৎকার দ্র 'অতিথিক্রিয়া'।

অতিথিসেবন বি [ষ.ত] অতিথিসৎকার, আতিথ্য। "ম ৫৯৯। অতিথিসেবন বিনা জল নাহি খান ভা.চ ১৭৭।

অতিথি-সজ্জন, অতিথিসেবা দ্র 'অতিথি, অতিথিক্রিয়া'।

অতিদর্প বিণ [অতিশয়িত দর্প যাহার, বহুব্রী; স্ত্রী -র্পা] অতিগর্ব্বিত, অতিদৃপ্ত। —র্প পুং [প্রা.স] অতিশয়িত গর্ব্ব; মহাদর্প। "অতিদর্পে হতা লঙ্কা।—চাণক্য।

অতিদর্শী (-র্শিন্) বিণ [অতি+ √দৃশ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্শিনী] যাহা অতিদূর দেখে; অতিদূরদর্শনসমর্থ। "নয়নেনাতিদর্শিনা গো.রা ৩.৭৪.১৬।

অতিদান ক্লী [প্রা.স] অতিশয় দান; ভূরিদান, অপরিমিতদান। "অতিদানে বলির্বদ্ধঃ।—চাণক্য। অতিদানে বলি বদ্ধ বামনের ঠাঁই শি ১০২।

অতিদারুণ বিণ [প্রা.স; স্ত্রী -ণা] ১ অতিকঠোর। ২ অতিভীষণ।

অতিদাহ পুং [প্রা.স] ১ অতিশয়িত দাহ; তীব্রজ্বালা, মহাতাপ। ২ অতিরিক্ত দহন (পোড়ান)। "পরাশর ৮.২৮।

অতিদীন বিণ [প্রা.স; স্ত্রী -না] ১ অতিশয় দরিদ্র; অতিদুর্গত। ২ অতিদুঃখিত। ৩ অতিকাতর, বিনম্র।

অতিদীর্ঘ বিণ [প্রা.স; স্ত্রী -র্ঘা] ১ অত্যধিক, সুচির (কাল)। "মহা ৩.৭৭.২০। ২ অতিলম্ব, খুব লম্বা। "সুশ্রুত ১.৭.১৫।

অতিদুর্গত বিণ [প্রা.স; স্ত্রী -তা] অত্যন্ত দুরবস্থাপন্ন; অতিদরিদ্র।

অতিদূর বিণ [প্রা.স; স্ত্রী -রা] অতিশয় দূরস্থ; অতিবিপ্রকৃষ্ট। —র ক্লী অতিশয় বিপ্রকর্ষ; অতিদূরস্থান।

অতিদেব পুং [প্রা.স] অতিশয় (প্রধান) দেব; শিব। "হ ১৩৩.১২।

অতিদেশ পুং [অতি+ √দিশ্+অ (ঘঞ্)-ভা] ১ আরোপণ। ২ স্ববিষয়-অতিক্রমপূর্ব্বক অন্য বিষয়ে উপদেশ; এক বিষয়ে বিহিত ধর্ম্মের বা বিধির অন্য বিষয়ে প্রয়োগের আদেশ। 'অতিদেশো নাম ইতরধর্ম্মস্য ইতরস্মিন্ প্রয়োগায় আদেশঃ (মীমাংসা)। [অতিদেশ পঞ্চবিধ:— ১ শাস্ত্রাতিদেশ। "নিত্যেন তুল্যং শেষং স্যাৎ।—'তুল্য'শব্দ দ্বারা শেষবিষয়ে নিত্যশাস্ত্রের আদেশ। ২ কার্য্যাতিদেশ। কর্ম্মবৎ কর্ম্মণা তুল্যক্রিয়ঃ (পা ৩.১.৮৭)।—অতিদেশ দ্বারা কর্ম্মবৎ কার্য্যের আদেশ। ৩ নিমিত্তাতিদেশ। "ণিদ্বৎ।—'ণ'-কারনিমিত্তের অতিদেশ। ৪ ব্যপদেশাতিদেশ। "ব্যপদেশিবদ্ ভাবঃ।—ব্যপদেশীর ন্যায় সংজ্ঞাতিদেশ। ৫ রূপাতিদেশ। "ইণ্বদ্ ইকঃ ('পা ৬.৪.৬৬, বার্ত্তিক)।—স্মরণার্থ ইক্ (ই) ধাতুতে গত্যর্থ ইণ্ (ই) ধাতুর রূপাতিদেশ। লোকে, "গোসদৃশো গবয়ঃ"।—রূপাতিদেশ। 'ইব, বৎ, তুল্য' ইত্যাদি সাদৃশ্যার্থক শব্দ অতিদেশসূচক।]

অতিদোহ পুং [প্রা.স] অতিশয়িত দোহন; নিঃশেষে গবাদিদোহন। "অত্রি ২১৭।

অতিনিদ্র বিণ [নিদ্রাকে অতিক্রান্ত, প্রা.স; স্ত্রী -দ্রা] ১ নিদ্রাহীন। ২ [অতিশয়িতা নিদ্রা যাহার, বহুব্রী] দীর্ঘনিদ্র। গো.রা ৬.৩৭.৪৮। —দ্রা স্ত্রী [প্রা.স] অতিশয়নিদ্রা; দীর্ঘনিদ্রা।

অতিনির্হারী (-রিন্) বিণ [অতি-নির্+ √হৃ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] ১ অত্যন্ত আকর্ষক; অতিবিমোহন। ২ অতিদূরপাতী, বহুদূরগামী। "আমোদঃ সোঽতিনির্হারী (অ.কো)।

অতিনীচ বিণ [প্রা.স; স্ত্রী -চা] অত্যন্ত ক্ষুদ্র; অতিহেয়, অতিহীন। "নীচৈরনীচৈরতিনীচনীচৈঃ সর্ব্বৈরুপায়ৈঃ ফলমেব সাধ্যম্ (উদ্ভট)।

অতিপত্তি স্ত্রী [অতি+ √পদ্+তি (ক্তিন্)-ভা] ১ অতিক্রম, অতিপাত, অত্যয়। "দেশকালাতি° যাজ্ঞ ২.১৭২। ২ অনিষ্পত্তি। "ক্রিয়াতি° পা ৩.৩.১৩৯। —পন্ন বিণ [+ত (ক্ত)-ক] ১ অতিক্রান্ত। ২ অনিষ্পন্ন।

অতিপর বিণ [অতিক্রান্ত পর যাহা কর্ত্তৃক, বহুব্রী] যে শত্রুকে অতিক্রম করিয়াছে; বিজিতারি, বিজয়ী। —র পুং [প্রা.স] ১ অত্যন্ত পর; পরমশত্রু। ২ (বাঙ্‌লায়) নিঃসম্পর্কজন।

অতিপরিচয় পুং [প্রা.স] অতিশয় পরিচয়; বিশেষ জানাশুনা। "অতিপরিচয়াদবজ্ঞা।

অতিপাত পুং [অতি+ √পত্+অ (ঘঞ্)-ভা] ১ অপগম, অত্যয়, পর্য্যয়, অতিক্রম। "কালাতি°, সময়াতি°। ২ ব্যাঘাত, হানি, ক্ষতি। "কার্য্যাতি° শ ১২২। ৩ সংঘটন, আপাত, উপাগম। "দুঃখাতি° (কাদম্বরী)। ৪ অবিরলপাত, সততবর্ষণ। "জলধারাতি° (কাদম্বরী)। ৫ অশিষ্টাচার (A.)। ৬ (বাঙ্‌লায়) যাপন, অতিবাহন। "কিয়ৎকাল অতিপাত করিয়াছি চা.তৃ ২৭।

অতিপাতক ক্লী [পাতককে অতিক্রান্ত, প্রা.স] যাহা সকল পাতককে অতিক্রম করিয়াছে; পুরুষের মাতৃদুহিতৃপুত্রবধূগমন ও স্ত্রীলোকের পিতৃপুত্রশ্বশুরগমন হেতু পাপবিশেষ। "বিষ্ণু ৩৪.১। —কী (-কিন্) বিণ [অতিপাতক+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব; স্ত্রী -কিনী] অতিপাতকদূষিত। "বিষ্ণু ৩৪.২।

অতিপাতিত বিণ [অতি+ √পাতি+ত (ক্ত)-র্ম্ম] ১ অতিক্রমিত, উল্লঙ্ঘিত। ২ [স্বার্থে ণিচ্] অতিক্রান্ত। "°কালসাধনা (অক্ষমা) কি ২.৪২। ৩ অত্যন্তবিক্ষিপ্ত; স্বস্থানভ্রংশিত, অতিদূরনীত (Much dislocated)। "অস্থি নিঃশেষতশ্ছিন্নমতিপাতিতম্ (A.)। সুশ্রুত ১.১৮.১৮।

অতিপাতী (-তিন্) বিণ [অতি+ √পত্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -তিনী] ১ যে অতিক্রম করে; অতিযায়ী, অতিশায়ী। "পবনাতি° রঘু ৩.৩০। ২ দারুণ, তীব্র।

অতিপাত্য বিণ [অতি+ √পত্+য (ণ্যৎ)-র্ম্ম; স্ত্রী -ত্যা] অতিপাতযোগ্য, উল্লঙ্ঘনীয়, অতিক্রমণীয়। "ধর্ম্মকার্য্যমনতিপাত্যং দেবস্য শ ৫২।

অতিপ্রকাশ বিণ [অতি-প্র+ √কাশ্+অ (অচ্)-ক; স্ত্রী -শা] অতিপ্রকট, সুবিদিত। "°ধৈর্য্যঃ (দেবশত্রুঃ) গো.রা ৩.৩৯.৪২।

অতিপ্রকৃত বিং ১ প্রকৃতিবহির্ভূত, অস্বাভাবিক, অলৌকিক। "জয়ন্তীসম্বন্ধে অতিপ্রকৃত রটনা পূর্ব্বে যথেষ্টই ছিল ব.প্র ৫৩০। ২ অতিযথার্থ, ঠিকসত্য।

অতিপ্রণয় পুং [প্রা.স] অতিশয় প্রণয়; অত্যন্ত স্নেহ বা প্রেম। "ন চাতিপ্রণয়ঃ কার্য্যঃ কর্ত্তব্যঃ প্রণয়শ্চ তে গো.রা ৩.২১.৬৩।

অতিপ্রবন্ধ পুং [প্রা.স] অত্যন্ত অবিরাম; অতিসাতত্য। "°প্রহিতাস্ত্রবৃষ্টি রঘু ৩.৫৮।

অতিপ্রবৃত্তি স্ত্রী [প্রা.স] অতিশয় প্রবর্ত্তন; অতিনিঃস্রব, ভূরিক্ষরণ, প্রচুরনিঃসরণ। "শোণিতাতি°, পুরীষাতি° (সুশ্রুত)।

অতিপ্রবৃদ্ধ বিণ [অতি-প্র+ √বৃধ্+ত (ক্ত)-ক] ১ অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত। ২ অতিপীড়াদায়ক, পীড়ানুবৃত্ত। "মনু ৯.৩২০।

অতিপ্রমাণ বিণ [অতিশয়িত প্রমাণ যাহার, বহুব্রী, স্ত্রী -ণা] ১ যাহার পরিমাণ অতিশয়; মহাকায়, বিশাল। (ভুজঙ্গম °ণ) গো.রা ৫.৫৪.১৭। সর্ব্বাতিশায়িপ্রমাণ, বিরাড্ মূর্ত্তি, বিশ্বরূপ। "অণোরণীয়াংসমতিপ্রমাণম্ বিষ্ণুম্—বিষ্ণুপুরাণ।

অতিপ্রসক্ত বিণ [প্রা.স] অতীব আসক্ত; অত্যনুরক্ত। "পঞ্চ ১.১৯৮। -ক্তি স্ত্রী [প্রা.স] ১ অত্যন্ত আসক্তি; অতিসেবন। "অতিপ্রসক্তিং চৈতেষাং (ইন্দ্রিয়ার্থানাম্) মনসা সন্নিবর্ত্তয়েৎ মনু ৪ ১৬। ২ প্রসঙ্গাতিক্রমপূর্ব্বক লক্ষণের অন্য বিষয়ে সম্বন্ধ; অলক্ষ্যে লক্ষণসম্বন্ধ; অতিব্যাপ্তি।

অতিপ্রসঙ্গ পুং [প্রা.স] ১ অতিশয় আসক্তি; অত্যনুরাগ। "নাতিপ্রসঙ্গঃ প্রমদাসু কার্য্যঃ।—পঞ্চ ১.১৯৮। ২ সর্থ 'অতিপ্রসক্তি (২)। ৩ দুর্বিনয়, প্রাগল্ভ্য, গর্ব্বাতিরেক, অতিগর্ব্ব। "বিরম বিরম অতিপ্রসঙ্গাৎ উ.চ ৫৩১/২। মা ভূৎ পুনর্বত কথঞ্চিদতিপ্রসঙ্গঃ ম.চ ৩.১৬। ৪ অবিচ্ছেদ, নিরন্তরসম্পর্ক। "অতিপ্রসঙ্গাদ্ বিহিতাগসঃ (ঊর্ম্ময়ঃ) কি ৮.৩৩। ৫ অতিবিস্তর, বাহুল্য। "অলমতিপ্রসঙ্গেন মু ১৩/৪। রঙ্গে অতিপ্রসঙ্গেই নাহি প্রয়োজন চৈ ৩।

অতিপ্রাকৃত বিণ [প্রা.স; স্ত্রী -তা] যাহা প্রাকৃতকে অতিক্রম করিয়াছে; অস্বাভাবিক, অনৈসর্গিক, অলৌকিক।

অতিপ্রৌঢ় বিণ [প্রা.স; স্ত্রী -ঢা] ১ অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত। ২ সম্পূর্ণ। "°যৌবন। —ঢা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ প্রাপ্তবিবাহকাল-কন্যা। ২ অতিবৃদ্ধিপ্রাপ্তা নারী।

অতিবড় বিং ১ অত্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত; অধিকবয়স্ক। ২ অতিবৃহৎ, খুব বড়। ৩ অত্যন্ত, অতিশয়। "অতিবড় বৃদ্ধ পতি ভা.চ ২৫৫। মোর স্বামী অতিবড় বুড়া কৃ উ ২৬৮। অতিবড় লঘু বেটি কি কর্ম্ম করিল গো.বি ৩১। অতিবড় ক্ষীণ কটি শ্রী.ম ১৯। ভেউর বাদ্য অতিবড় ভাল ম.পা ৫৭। অতিবড় গুণবান্ কৃ.চ ৬। ৪ অত্যুৎকৃষ্ট, অতিবুদ্ধিমান্। "রাজা কৃষ্ণচন্দ্র রায় অতিবড় মন্ত্রী কৃ.চ ৪৬। ৫ অতিবিস্তীর্ণ, অতিপরিসর। "অতিবড় গাঙ্গ হইলে ঝাটে পড়ে চর ম.ম ১৯। [অতিবড় দিব্যি—উৎকট দিব্য; পিতা মাতা বা ইষ্টদেবতার নামে দিব্য। অতিবড় বৃদ্ধ—অত্যন্ত প্রাচীন; সর্ব্বাপেক্ষা বড়। অতিবড় শত্রু—পরম শত্রু।]

অতিবর্ত্তন ক্লী [অতি+ √বৃৎ+অন (ল্যুট্)-ভা] ১ অতিরেক (ত.বা)। ২ উল্লঙ্ঘন (?)। ৩ [+অন-ক] যাহা দণ্ড অতিক্রমপূর্ব্বক স্থিত (দণ্ডমতিক্রম্য বর্ত্ততে—কুল্লুক); যান সারথি ও যানস্বামীর দণ্ডের অযোগ্য দশবিধ নিমিত্ত বা অপরাধ। 'মনু ৮.২৯০। —বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [+ইন্ (গিনি)-ক-১ব; স্ত্রী -র্ত্তিনী] ১ যে অতিবর্ত্তন করে; উল্লঙ্ঘয়িতা, উত্তরিতা। "সাগরং চাতিবর্ত্তিনাম্ (বনৌকসাম্) গো.রা ৬.১৬.১০০। ২ অতিশায়ী। "ভুবনাতিবর্ত্তিনা (ওজসা) কি ১২.২১। ৩ অতিক্রমী, উল্লঙ্ঘয়িতা। "ধর্ম্মাতি° গো.রা ৪.১৬.৩৭। ৪ অগ্রগামী, পুরঃসর। ৫ অধিক।

অতিবর্ত্তুল পুং [সুপ্ সুপা] 'অত্যন্তবর্ত্তুলাকার বা গোল'; গোল কলায়বিশেষ, বাট্‌লো কলাই, মটর।

অতিবল বিণ [অতিশয়িত বল যাহার, বহুব্রী; স্ত্রী -লা] ১ মহাবল, বলবান্। "অতিবলেন পক্ষিণা গো.রা ৩.২০.৩৭। —ল পুং মহাবল যোধ; অতিরথ। —ল ক্লী ১ সৈন্য। ২ [প্রা.স] অতিশয় বল; মহাশক্তি। —লা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ মন্ত্রসমূহরূপ বিদ্যাবিশেষ। [বিশ্বামিত্র রামচন্দ্রকে এই মন্ত্রসমূহে দীক্ষিত করিয়াছিলেন। ইহার প্রভাবে শ্রম জ্বর রূপবিপর্য্যয় সুপ্তি প্রমাদ ও পরাজয় হয় না এবং অপ্রমিত বাহুবল সৌভাগ্য দাক্ষিণ্য তত্ত্বজ্ঞান ঐহিকবিষয়কজ্ঞান ও প্রত্যুত্তরদানে অসাধারণ শক্তি হয় (রা ১.২২.১৩—১৭)। ২ দক্ষকন্যাবিশেষ। ৩ পীতবলা, পীতবেঁড়ল।

অতিবা'ড় বি [অতি+বা'ড়] অত্যন্ত বাড়া; অতিস্পর্দ্ধা। "অতিবা'ড় বেড়ো না ঝড়ে ভেঙে যাবে। অতিথাট হইও না ছাগলে মুড়িয়ে খাবে॥ —প্রবচন।

অতিবাত পুং [প্রা.স] অতিশয় বাত, প্রবল বায়ু; বাত্যা, ঝড়। "অতিবাত অতিবৃষ্টি করিল পীড়ন শ্রী.ম ৭৬।

অতিবাদ পুং [অতি+ √বদ্+অ (ঘঞ্)-ভা] ১ অতিক্রমবাদ, পরুষবচন, কঠোরবাক্য-প্রয়োগ। "অতিবাদাংস্তিতিক্ষেত মনু ৬.৪৭। ভ ১২.৬.৩৪। ২ অত্যুক্তি, অতিশয়োক্তি। "যে কহিল অনুচিত অতিবাদ সেটা শ্রী.মা ৬৫। ৩ [বাদকে অতিক্রান্ত, প্রা.স] প্রমাণান্তরাতিক্রান্ত বচন; বেদনির্দ্দিষ্ট প্রমাণ; বৈদেকপ্রামাণ্য। "অতিবাদাদ্ বদামোষ মা ধর্ম্মমতিশঙ্কিথাঃ মহা ৩.৩১.৭।

অতিবাহ পুং [অতি+ √বহ্+অ (ঘঞ্)-ভা] ১ স্থানান্তরপ্রাপণ। ২ অতিযাপন (ত.বা)। ৩ অতিরিক্তভারবহন। "পরাশর ৯.২৮। অত্রি ২১৭। ৪ ঐহিকভোগসাধন অদৃষ্টের ক্ষয়ে, দেহাতিক্রমপূর্ব্বক, সূক্ষ্মশরীরাবচ্ছিন্ন জীবের দেহান্তরে সংযোজনার্থ বহন বা নয়ন। তু 'অতিবাহিক'। —বাহক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -হিকা] যে এক দেহ অতিক্রম করিয়া অন্য দেহে লিঙ্গশরীর-জীবকে বহন করে; লিঙ্গদেহের দেহান্তরপ্রাপক। —ক পুং অর্চ্চিরাদ্যভিমানিনী দেবতা। [ইঁহারা লিঙ্গ-শরীরাবচ্ছিন্ন জীবকে দেবযান ও পিতৃযান দ্বারা যথাক্রমে ব্রহ্মলোকে ও চন্দ্রলোকে লইয়া যান (দ্র 'গী ৮.২৪,২৫, শ্রীধরটীকা)।] —বাহন ক্লী [+ √বাহি+অন (ল্যুট্)-ভা] ১ অতিপাত, ক্ষেপণ, যাপন। ২ অতিগুরুভারবহন। ৩ (বাঙ্‌লায়) অতিক্রম। "মৃণালিনী ...বেগে রাজপথ অতিবাহন করিয়া চলিলেন ব.প্র ১৫৮। —বাহিক বিণ [°বাহ+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] অতিবাহসম্বন্ধী, অতিবাহের বা দেহান্তরে নয়নের (লওয়ার) যোগ্য (লিঙ্গদেহ)।—বাহিত বিণ [+ √বাহি+ত (ক্ত)-র্ম্ম] ১ অতিক্রমিত। ২ যাপিত, নীত (কাল)। —ত পুং নারকীয়, পরেত (A)। —ত ক্লী লিঙ্গ-শরীর (A)। —বাহ্য বিণ [+ √বাহি+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -হ্যা] যাপনীয় (কাল)।

অতিবাহক, -বাহন, -বাহিক, -বাহিত, -বাহ্য দ্র 'অতিবাহ'।

অতিবিদ্ধ বিণ [অতি+ √ব্যধ্+ত (ক্ত)-র্ম্ম] অতীব আহত; নির্ভিন্ন।

অতিবিধ বিং [অপ্র] নানাবিধ, বিবিধ। "বহু উপহার দিল অতিবিধ গতি অ প ২৪।

অতিবিলম্বী (-ম্বিন্) বিণ [অতি-বি+ √লম্ব্+ইন্ (গিনি) -ক-১ব; স্ত্রী -ম্বিনী] অতিবিলম্বকারী, দীর্ঘসূত্র।

অতিবিষ বিণ [বিষকে অতিক্রান্ত, প্রা.স; স্ত্রী -ষা] ১ বিষঘ্ন, বিষনাশক। ২ [বহুব্রী] যাহাতে অত্যন্ত বিষ; তীব্রবিষময়। —ষা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] বৃক্ষবিশেষ, অমৃতা, অতৈচ, কাঠবিষ (Aconitum Ferox)।

অতিবিস্তর পুং [প্রা.স] অতিবাহুল্য, প্রপঞ্চ, বাগ্‌বিস্তার। "অলমতিবিস্তরেণ উ.চ ১/১ (প্রস্তাবনা)। আর অতিবিস্তরের নাহি প্রয়োজন চৈ ৪০।

অতিবুদ্ধি বি অতিশয় বুদ্ধি ; তীক্ষ্ণ বুদ্ধি। [অতিবুদ্ধে পোঁদে দড়ি—অতিবুদ্ধিতে বিপরীত কার্য্য ও বিপরীত ফল, অর্থাৎ বিষম বিপদ্। "অতিবুদ্ধে পোঁদে দড়ি তার ভোগ করি বি.সু ৯৫।]

অতিবৃংহিত বিণ [অতি+ √বৃংহি+ত (ক্ত)-র্ম্ম] অতিবর্দ্ধিত অতিপ্রবলীকৃত। "মহা ৫.১৬.১৬।

অতিবৃত্ত বিণ [অতি+ √বৃৎ+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -ত্তা] ১ অতিশয়িত। ২ অতিক্রান্ত, উল্লঙ্ঘিত, অবজ্ঞাত। "শর্ম্মিষ্ঠয়াতিবৃত্তাস্মি মহা ১.৮৩২৮। —ত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ অতিবর্ত্তন, অতিক্রম। "অনতি° পা ২.৪.১৮, সি। ২ অতিনিঃসরণ।

অতিবৃদ্ধ বিণ [প্রা.স , স্ত্রী -দ্ধা] ১ অতিশয়িত বৃদ্ধিপ্রাপ্ত, অত্যুপচিত। ২ অতিস্থবির, অত্যন্ত বুড়া। "ভা.চ ১১৭। —দ্ধ পুং (তন্ত্রে) মন্ত্রবিশেষ। [°পিতামহ—বৃদ্ধপিতামহের পিতা ; পিতামহের পিতামহ বা ঊর্দ্ধ পঞ্চম পুরুষ। "অতিবৃদ্ধপিতামহের খেলাৎ তুলে কেহ। বলে সাহেব সবার আগে আমার 'পাস' দেহ ॥—হেম ৩৮০।]

অতিবৃদ্ধি স্ত্রী [প্রা.স] ১ অত্যন্ত উপচয় ; অতিবর্দ্ধন। ২ বৃক্ষাদির অত্যন্ত বৃদ্ধি। ৩ অতিপ্রসর। "বৃথৈব সঙ্কল্পশতৈরজস্রমনঙ্গ নীতোঽসি ময়াতিবৃদ্ধিম্ শ ৩.৩, টীকা। ৪ (বাঙ্‌লায়) অতিস্পর্দ্ধা, অতিবা'ড়।

অতিবৃষ্টি স্ত্রী [প্রা.স] ১ অতিশয় বর্ষণ ; অতিরিক্তবৃষ্টি। বিপ 'অনাবৃষ্টি'। "শ্রী.ম ৭৬। ২ শস্যনাশক ষড়্‌বিধ 'ঈতি'র একতম। দ্র 'ঈতি'।

অতিবেল বিণ [বেলাকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -লা] ১ যাহা বেলা অতিক্রম করিয়াছে ; নির্ম্মর্য্যাদ, সীমাতিক্রমকারক। ২ অতিমাত্র, অতিশয়, নির্ভর, ভৃশ, অত্যন্ত। "মহা ৩.৩৩.২৫।

অতিব্যথন ক্লী [অতি+ √ব্যথি+অন (ল্যুট্)-ভা] অতিপীড়ন। "পা ৫.৪.৬১। —থা স্ত্রী [প্রা.স] অতিপীড়া, তীব্রবেদনা।

অতিব্যয় পুং [প্রা.স] অতিশয় ব্যয় ; অমিতব্যয়। "হি ২.৯৩।

অতিব্যাপ্ত বিণ [প্রা.স] অতিশয়ভাবে ব্যাপ্ত, অলক্ষ্যে (অবিষয়ে) গত (লক্ষণ)। "পৃথিব্যা রূপবত্ত্বং লক্ষণং জলাদাবতিব্যাপ্তম্ (ত.বা)। —প্তি স্ত্রী [প্রা.স] ১ অতিশয় ব্যাপ্তি ; লক্ষণের অলক্ষ্যে (অবিষয়ে) গমন বা অলক্ষ্যপ্রাপ্তি ; অতিপ্রসঙ্গ। বিপ 'অব্যাপ্তি'। "পরিগণনং কর্ত্তব্যম্ অব্যাপ্ত্যতিব্যাপ্তিপরিহারায় পা ৬.৩.৩৫, সি। ২ যেখানে যাহার অবস্থান নিত্য, তদ্‌ভিন্ন স্থানে তাহার সম্বন্ধ বা প্রসঙ্গ। যেমন, ধূমে বহ্নির সত্তা নিত্য, জলে তাহার প্রসঙ্গ অতিব্যাপ্তি।

অতিভক্তি বি [প্রা.স] অতিশয় অনুরাগ, অতিশ্রদ্ধা। [অতিভক্তি চোরের লক্ষণ—অকারণ অতিভক্তিতে চোর বলিয়া চরিত্রে সন্দেহ হয় ; (গৌণার্থে) অকারণে অধিক আদর যত্ন প্রভৃতিতে নানা সন্দেহ জন্মে।]

অতিভার পুং [প্রা.স] ১ অতিশয়ভার ; অত্যন্ত গুরুত্ব ; অতিগৌরব। "তন্মনোভিদ্রুঃগোতিভারোঽপি লঘুঃ স মেনে কি ৩৩৩। কোঽতিভারঃ সমর্থানাম্ হি ২.১১। ২ অতিশয়, অতিবেক। "বাসনাতিভারাচ্চক্রন্দ রঘু ১৪.১৮। ৩ বেগ (A.)।

অতিভূমি বিণ [ভূমিকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -মি] যাহা ভূমি (মর্য্যাদা) অতিক্রম করিয়াছে ; অতিমর্য্যাদ, সীমাতিক্রান্ত। —মি স্ত্রী ১ অতিক্রান্তা (সীমাবহির্গতা) ভূমি ; অমর্য্যাদা, মর্য্যাদালঙ্ঘন। "বিপদি ন দূষিতাতিভূমিঃ মাঘ ৮.২০। ২ পরাকাষ্ঠা ; উৎকর্ষ, আধিক্য। "প্রমদাঃ প্রণয়াতিভূমিমগমন্ মাঘ, ৯.৭৮ ; ১০.৮০। ৩ উৎকটভাব, প্রচণ্ডতা। "অতিভূমিং গতেন রণরণকেন উ চ ১৩১/১। ৪ বিস্তীর্ণভূমি।

অতিভোজন ক্লী [প্রা.স] অতিশয় ভোজন ; অমিতাহার। "মনু ২.৫৭। যাজ্ঞ ১.১১২।

অতিমধ্যন্দিন ক্লী [প্রা.স] সম্পূর্ণ মধ্যাহ্ন ; দিবাসম্পূর্ণপ্রহরদ্বয়, ঠিক দুপুর। "মনু ৪.১৪০।

অতিমর্ত্ত্য বিণ [মর্ত্ত্যকে অতিক্রান্ত, প্রা.স] অতিমানুষ, অলৌকিক। "কর্ম্মাণি…অতিমর্ত্ত্যানি ভ ১.১.২০।

অতিমর্য্যাদ বিণ [মর্য্যাদাকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -দা] ১ অতিক্রান্তসীম, নির্ম্মর্য্যাদ। ২ অত্যর্থ, তীব্র, গাঢ়, অতিশয়, নিতান্ত, একান্ত (অ.চি)। —দা স্ত্রী [প্রা.স] অতিসম্মান।

অতিমাত্র বিণ [মাত্রাকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -ত্রা ; চান্দস] ১ যাহা মাত্রা অতিক্রম করিয়াছে ; অধিকপরিমাণ, অত্যন্ত, অতিশয়। "°কর্শিত কু.স ৫.৪৮। °লোহিত শ ১.২৭ ; °সুদুঃসহ ৪.৩। দীনোঽতিমাত্রং ত্বম্ মহা ৩.১১১.২৩। রাম ও জানকী শ্রবণমাত্র অতিমাত্র ব্যগ্র হইয়া কহিলেন সী ৩। ২ অতিমর্য্যাদ, অতিক্রান্তসীম। "স্ত্রিয়া গৃহীতো হৃদযেঽতিমাত্রয়া রা ২.১২ ১১২। ৩ প্রমাণাধিক, অতিপ্রমাণ।—ত্রা স্ত্রী অতিক্রান্তা মাত্রা ; অতিরিক্ত পরিমাণ।

অতিমান[১] পুং [প্রা.স ; বৈদিক] অতিশয় মান, অধিক আস্বাদর ; অত্যভিমান। "অতিমানে চ কৌরবাঃ (হতাঃ)। —চাণক্য। অতিমানে উদ্ধত কৌরব গেল ম'রে শি ১০২।

অতিমান[২] বিণ [মানকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -না] যাহা পরিমাণ অতিক্রম করিয়াছে ; অপরিমিত, বিপুল, পৃথু, প্রচুর। "অতিমানয়া কীর্ত্ত্যা (দশকুমার)।

অতিমানী (-নিন্) বিণ [প্রা.স ; স্ত্রী -নিনী] অতিশয় মানী ; অতিমানবিশিষ্ট, অতিপূজাতাভিমানযুক্ত। "অদ্যৈষাং ভক্ষয়িষ্যামি পশ্যতস্তেঽতিমানিনঃ গো.রা ৩.২৪.১৭। গী ১৬৩।

অতিমানুষ বিণ [মানুষকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -ষী] যাহা মানুষসম্বন্ধী বিষয় অতিক্রম করিয়াছে, মানুষাতীত, অপার্থিব, অলৌকিক। "রূপং দৃষ্ট্বাতিমানুষম্ মহা ১.১৫৪.১ ; দৃষ্ট্বা বিভূতিমতিমানুষীম ৩.৮৭.১৬।

অতিমায় বিণ [মায়াকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -যা] মায়াতীত, নির্মায়, মুক্ত।

অতিমারুত পুং [প্রা.স] অতিশয় বায়ু ; প্রচণ্ডবাত, বাত্যাকাল, ঝটিকাকাল। "অতিমারুতে (নাধীয়ীত) যাজ্ঞ ১.১৪৯।

অতিমুক্ত বিণ [প্রা.স ; স্ত্রী -ক্তা] ১ যে অতিশয় (সম্যক্) মুক্ত ; লব্ধনির্ব্বাণ। ২ নিঃসঙ্গ, আসক্তিরহিত। ৩ নিষ্ফল, বীর্য্যহীন। ৪ [মুক্তাকে অতিক্রান্ত, প্রা.স] মুক্তাতিশায়ী। "°মদগ্রথিতকেসরাবলী মা.মা ৫.৮। —ক্ত পুং ১ যে পুষ্প শুভ্রতায় মুক্তা অতিক্রম করিয়াছে ; মাধবীলতা। "ক ইদানীং সহকারমন্তরেণ অতিমুক্তলতাং…সহেত শ ৩১/১। °লতাচরিত মা.মি ৪.১৩। ২ তিনিশবৃক্ষ। —ক্ত ক্লী মাধবীকুসুম। "ধবতি স্ফুটিতাতিমুক্তম্ (কবিরহস্য)। —ক্তি স্ত্রী পরিনির্ব্বাণ।

অতিমৃত্যু বিণ [মৃত্যুকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -ত্যু] মরণাতীত, অমৃত। —ত্যু পুং মোক্ষ, নির্ব্বাণ। "তমেব বিদিত্বা অতিমৃত্যুমেতি শ্বেতাশ্বতর ৩.৮।

অতিমোদ বিণ [বহুব্রী ; স্ত্রী -দা] যাহাতে অতিশয় গন্ধ ; অতিগন্ধযুক্ত, অতিসৌরভ। —দা স্ত্রী [স্ত্রী আ(টাপ্] নবমল্লিকা।

অতিযশাঃ (-শস্) বিণ [অতিশয়িত যশঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -শাঃ ; তু 'অতিযশা'—"বৃহৎসেনামতিযশাম্ (অব্রবীৎ) মহা ৩.৬০.৪] অতিকীর্ত্তিমান্, পৃথুকীর্ত্তি, মহাযশাঃ। 'অতিযশা লোকে রামঃ (S W.)।

অতিযুবা (-বন্) বিণ [প্রা.স ; স্ত্রী -যূনী] অত্যন্ত যুবা ; কনিষ্ঠ (অ.কো)।

অতিযোগ পুং [প্রা.স] ১ অতিশয় যোগ ; অতিনিঃস্রব, ভূরি-নিঃসরণ। "পিত্তাতি° রক্তাতি°, শোণিতাতি° (সুশ্রুত)। ২ আধিক্য। "নিদ্রাতি° (সুশ্রুত)। [বিপ 'নিদ্রানাশ']

অতিরক্ত বিণ [প্রা.স ; স্ত্রী -ক্তা] ১ অত্যন্ত লোহিত ; সুরক্ত। ২ অতিশয় অনুরাগযুক্ত ; অত্যনুরক্ত।—ক্ত পুং অত্যন্তরক্তবর্ণ। —ক্তা স্ত্রী অগ্নির সপ্তজিহ্বার একতমা।

অতিরথ বিণ [প্রা.স] যিনি অমিত যোধের সহিত যুদ্ধ করেন ; মহারথযূথপতি। 'অমিতান্ যোধয়েদ্ যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথযূথপা মহারথাঃ তেষাং যূথপোঽতিরথঃ॥ মহা ৫.১৬৪.২৮, নীলকণ্ঠ। "ইক্ষ্বাকূণামতিরথঃ গো.রা ২.৬.২। ভীমার্জ্জুনৌ চাতিরথৌ মহা ৩.১২০.২৪ ; ৫.১৬৪.২৬, ১৬৭.৫।

অতিরভস পুং [প্রা.স] অতিশয় বেগ ; অতিজব। "°কৃত।—ভর্ত্তৃহরি। °প্রধাবিত (কাদম্বরী)।

অতিরস বিণ [অতিশয় রস যাহার, বহুব্রী ; স্ত্রী -সা] অতিস্বাদু, সুস্বাদু, সুমধুর। "তোয়ানি···অতিরসানি মহা ৩.১১২ ১৫। —সা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ মূর্ব্বালতা। ২ রাস্না। ৩ যষ্টিমধু।

অতিরাত্র পুং [অতিশয় রাত্রি, প্রা.স, সমাসান্ত 'অ' (অচ্)] ১ অধিক রাত্রি ; মধ্যরাত্র, নিশীথ। ২ একরাত্রসাধ্য যাগবিশেষ। "রা ১.১৪.৪২।

অতিরিক্ত বিণ [অতি+ √রিচ্+ত (ক্ত)-ক] ১ অতিশয়িত, সমধিক, অধিক। "সর্ব্বাতিরিক্তসার রঘু ১.১৪। কি ৩.৫১। বেলা হৈল অতিরিক্ত ভা.চ ১০৩। ২ অধিক, উদ্বৃত্ত। "পরিপূরিতহৃদয়াতিরিক্ত-হর্ষ (কাদম্বরী)। ৩ উত্তান, উচ্চ। "কি ১৪.৩৩। ৪ অধিক, বেশী। বিপ 'হীন'। "অতিরিক্তাঙ্গ যাজ্ঞ ১.২২২। ৫ অধিক, শ্রেষ্ঠ, উত্তম। "অব্যাজে বিষ্ণুর পূজা চণ্ডাল যে করে। চতুর্ব্বেদী-ব্রাহ্মণাতিরিক্ত দেখি তারে॥ শি ৪৩। ৬ [প্রা.স] অতিশয় রিক্ত বা শূন্য। ৭ ভিন্ন। তু 'ব্যতিরিক্ত'। —ক্ত ক্লী [+ত -ভা] অতিশয়, আধিক্য।

অতিরুচির বিণ [প্রা.স ; স্ত্রী -রা] অতিসুন্দর, অতিকান্ত। —রা স্ত্রী ছন্দোবিশেষ।

অতিরূক্ষ বিণ [প্রা.স ; স্ত্রী -ক্ষা] ১ অত্যন্ত স্নেহশূন্য ; অতিনির্দ্দয়, নিষ্ঠুর। ২ অত্যন্ত স্নেহরহিত, অতিশুষ্ক (আহার)। "গী ১৭.৯। ৩ অশ্লক্ষ, অতিপরুষ, সুকঠোর (বাক্য)।—ক্ষ পুং কঙ্গু কোদ্রব প্রভৃতি ধান্য।

অতিরূপ বিণ [রূপকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -পা] ১ রূপহীন, অমূর্ত্ত। ২ [অতিশয়িত রূপ যাহার, বহুব্রী] অতিসুন্দর, অতিকান্ত, সুশ্রী। ৩ শুক্লাদিরূপহীন (বায়ুপ্রভৃতি)।—প পুং রূপহীন পরমেশ্বর।—প ক্লী [প্রা.স] অতিশয় রূপ ; অলৌকিক শ্রী। "অপরূপ রূপ অতিরূপ জ.প ৭৮। অতিরূপে সীতাকে রাবণ নিল হ'রে শি ১০২।

অতিরেক পুং [অতি+ √রিচ্+অ (ঘঞ্)-ভা] ১ অতিশয়, আধিক্য, প্রাচুর্য্য। "তৃষ্ণাতিরেক, বীর্য্যাতিরেক, মদাতিরেক। পৌরুষাতি° উ. চ ৬২½। সয় নাহি লায় যদি হয় অতিরেক শি ৯৫। আনন্দ-অতিরেক অ.প ১৩৫। ২ ভেদ, অন্তর, বিশেষ। ৩ আধিক্য, উদ্বৃত্ততা। ৪ শ্রেষ্ঠতা, প্রাধান্য। ৫ উৎকর্ষ। "গুণাতি° মাঘ ৪.১৬। —ক বিং (বাঙ্লায় অপ্র) ১ (বাঙ্লায়) অতিরিক্ত, অধিক। "অগ্নি রবি চন্দ্রের কিরণে অতিরেক। দীপদানে 'আমাপানে করি হরিবেক॥ দ্রু ৩৯। ২ অধিক, বেশী। "বেলা নাই অতিরেক, তেকারণে নাঞি করি পার ব.প ৯১৬। ৩ প্রচুর, পর্য্যাপ্ত। "আজিকার ভিক্ষা মাতা অতিরেক নহে ম ২১০ ; ভিক্ষা অতিরেক নয় ৭১৬। ৪ অত্যন্ত, উচ্চৈঃস্বরে। "সীতা কান্দে অতিরেক ব.প ৫৪৭।

অতিরোগ পুং [প্রা.স] অতিশয় রোগ ; ক্ষয়রোগ।

অতিরোমশ বিণ [প্রা.স ; স্ত্রী -শা] অতিলোমযুক্ত, রোমাঢ্য, বহুরোমা।—শ পুং ১ বন্যছাগ। ২ বৃহৎ বানরবিশেষ।

অতিরোহিত বিণ [ন তিরোহিত ন.ত ; স্ত্রী -তা] ১ প্রকাশিত, প্রকট, স্ফুট, ব্যক্ত। ২ অব্যবহিত (ত.বা)।

অতিলঙ্ঘন ক্লী [প্রা.স] ১ অতিশয় ব্যভিচার ; অতিব্যতিক্রম। "আর্য্যজনাতি° কি ১৪.৯। ২ অধিক উপবাস ; দীর্ঘ অনাহার।

অতিলঙ্ঘী (-লঙ্ঘিন্) বিণ [অতি+ √লঙ্ঘ্+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -ঙ্ঘিনী] অতিব্যভিচারী, লঙ্ঘনকারী। "অভিনয়াতি-লঙ্ঘিনী রঘু ১৯.১৪।

অতিলোভ পুং [প্রা.স] অতিশয় লোভ ; অধিকলালসা। "অতিলোভো ন কর্ত্তব্যঃ।—পঞ্চ ৫.২২। [অতিলোভে তাঁতী নষ্ট (দা ৭৮৩) —এক বেতাল মন্থর নামে এক তাঁতীকে বর দিতে চাহিলে, মন্থর বাড়ী গিয়া স্ত্রীকে প্রার্থনার বিষয় জিজ্ঞাসা করিল। স্ত্রী আনন্দিত হইয়া কহিল, "তুমি পশ্চাদ্‌ভাগে দ্বিতীয় মস্তক ও অপর দুই হাত বেতালের নিকটে প্রার্থনা কর, তাহা হইলে, দুইদিকে একেবারে দুইখানি বস্ত্র হইবে ; একখানিতে সাংসারিক ব্যয় ও অপরখানিতে পারত্রিক কার্য্য হইবে ; সুতরাং ইহলোকে ও পরলোকে আমরা সুখে বাস করিব।" মন্থর স্ত্রীর পরামর্শে সেই বর চাহিল এবং দ্বিমস্তক ও চতুর্বাহু হইয়া গৃহে প্রত্যাগমনকালে রাক্ষসবোধে লোক কর্ত্তৃক দণ্ডপাষাণঘাতে নিহত হইল (পঞ্চ ৫, ৭ম কথা)।]

অতিলোমশ [প্রা.স ; স্ত্রী -শা] সর্থ 'অতিরোমশ'।

অতিলোমা (-মন্) বিণ [অতিশয়িত লোম যাহার, বহুব্রী ; স্ত্রী -মা (-মন্), -মা, মী] অতিলোমযুক্ত, প্রচুরলোমা, লোমাঢ্য। "নাতিলোমাম্ (উদ্বহেৎ) মনু ৩.৮।

অতিলৌল্য ক্লী [প্রা.স] অতিশয় লোলতা, অতিলোভ। "কর্পূর-পুটিকামতিলৌল্যাদভক্ষয়ৎ।—পঞ্চ ৫৩½।

অতিশক্তি বিণ [বহুব্রী ; স্ত্রী -ক্তি] যাহার অতিশয়িত শক্তি ; মহাবল।—ক্তি স্ত্রী [প্রা.স] অতিশয় সামর্থ্য ; অতিবীর্য্য, মহাবল। "°ভাক্ (অ.কো)।

অতিশয় বিণ [অতি+ √শী +অ (অচ্) -ক ; স্ত্রী -য়া] ১ যাহা অতিক্রম করে ; অতিমাত্র, অধিক, নিতান্ত, অত্যর্থ, অত্যন্ত। "°দারিদ্র্যোপহত। ২ অতিরিক্ত, সমধিক। ৩ তীব্র (ক্রোধাদি)। ৪ গাঢ়। ৫ উত্তম, উৎকৃষ্ট। "অতিশয় নির্ম্মিত সভাথানে শ্রী.ম ২৩৫। ['অতিশয় নির্ম্মিত'—অপ্র] ৬ প্রচুর ভূরি, পর্য্যাপ্ত। ৭ অতিমর্যাদ, সীমাতিক্রান্ত, বাড়াবাড়ি-রকম। ৮ বিলক্ষণ, অসাধারণ। "চত্বার এতেঽতিশয়াঃ সহোথাঃ অ.চি ১.৫৮। ৯ (বাঙ্লায় ; অপ্র) অত্যন্ত, অর্থাৎ অতিস্থূল। "হস্তিনী জাতি এক কন্যা অতিশয় মাঝা বি.পা ২৫১। —য় পুং [+অ-ভা] ১ অতিক্রম, অতিরেক, অভিভব। "পা ৫.৩.৫৫, তত্ত্ববোধিনী। ২ আধিক্য, প্রকর্ষ। "বীর্য্যাতিশয় রঘু ৩.৬২ ; °প্রেক্ষা ১৭.২৫। নিরতি° পঞ্চ ১.৩১। ৩ উৎকর্ষ, শ্রেষ্ঠতা। "যচ্চ সাতিশয়ম্···আপ্নুয়াৎ (অগ্রজঃ) মনু ৯.১১৪। ৪ বিশেষ। "বিধানাতি° রঘু ৬ ১১। ৫ মহিমা, মহত্ত্ব। "তীর্থানামিব হি মহতাং কোঽপ্যতিশয়ঃ উ.চ ৬.১১। ৬ শ্রেষ্ঠার্থ। "অশ্বাতি° (কাদম্বরী)। —শয়ন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ অতিশায়ী, অতি-ক্রমী, অধিক। ২ প্রচুর, পর্য্যাপ্ত। ৩ শ্রেষ্ঠ, উত্তম, প্রকৃষ্ট। —ন ক্লী [+অন-ভা] ১ অতিরেক, অতিক্রম। ২ অতিশয়, আধিক্য, প্রাচুর্য্য। —নী স্ত্রী চিত্রলেখা ছন্দঃ। —শয়নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম ; স্ত্রী -য়া] অতিশয়নার্হ, অতিক্রমণীয়। "অনতিশয়নীয় কি ৫.৫২। —শয়িত বিণ [+ত (ক্ত) -র্ম] ১ অতিক্রান্ত, অধরী-কৃত, তিরস্কৃত। "অতিশয়িতসুরাসুরপ্রভাবম্ (শিশুম্) উ.চ ৫.৪।

২ [+ত -ক] অধিক, অত্যন্ত, প্রচুর। —শয়ী (-য়িন্) বিণ [+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -য়িনী] ১ অতিশয়বান্, সাতিশয়, সমধিক। "(কুমুদবনানি) শ্রিয়মতিশয়িনীম্…জগ্মুঃ কি ১০.২৫। ২ অধিক চমৎকারজনক। "অতিশয়িনি ব্যঙ্গ্যে কা.প্র ১.৪। ৩ বিশিষ্ট, শ্রেষ্ঠ, উত্তম। "অতিশয়িনি সমাপ্তা বংশ এবাশিষস্তে বিক্র ৫.২১।

অতিশয়ন, -শয়নীয়, -শয়িত, -শয়ী দ্র 'অতিশয়'।

অতিশয়োক্তি স্ত্রী [অতিশয় উক্তি, কর্ম্মধা] ১ অতিশয় (লোকাতীত) কথন ; অতিবর্ণন, অত্যুক্তি। ২ অর্থালঙ্কারবিশেষ। [প্রকৃত বিষয়ের (উপমেয়ের) পৃথক্ নির্দ্দেশ না করিয়া উপমানের সহিত উপমেয়ের অভেদপ্রতিপত্তিকে, অর্থাৎ উপমানকে উপমেয়রূপে নির্দ্দেশ করাকে, 'অতিশয়োক্তি' কহে। ভেদে অভেদ, অভেদে ভেদ ইত্যাদি বিশেষে অতিশয়োক্তি পঞ্চবিধ (সা.দ ১০.৪৬,৪৭); কাব্যপ্রকাশমতে, চতুর্বিধ (১০.১০০)। ভেদে অভেদ—যথা, "যত হেমাব্জ জলে ভাসে, তত নীলাব্জ তার পাশে, আসি আসি করয়ে মিলন। নীলাব্জে হেমাব্জে ঠেকে, যুদ্ধ হয় প্রত্যেকে, কৌতুক দেখে তীরে সখীগণ॥…চক্রবাকে পদ্ম আস্বাদয়। চৈ.চ ৩৪৭।]

অতিশস্ত্র বিণ [শস্ত্রকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -স্ত্রা] অস্ত্রাতিক্রান্ত, অতিক্রান্তশস্ত্রঘাত, অর্থাৎ যাহা শস্ত্রঘাত অপেক্ষা অধিক। "°নখন্যাস রঘু ১২.৭৩।

অতিশায়ন ক্লী [অতি+ √শী+অন (ল্যুট্)-ভা, নিপাতনে দীর্ঘ, পা ৫.৩.৫৫, কাশিকা] ১ অতিশয়, আধিক্য। "পা ৫.২.৯৪, সি। ২ প্রকর্ষ ; অভিভব (তত্ত্ববোধিনী)। "অতিশায়নে তমবিষ্ঠনৌ পা ৫.৩.৫৫। ৩ উৎকর্ষ। "পর্য্যায়াৎ পরমতিশায়নস্য বা যৎ ম চ ৪.১৫। —শায়ী (-য়িন্) বিণ [অতি+ √শী+ইন্ (ণিনি)-ক- ১ব ; স্ত্রী -য়িনী] ১ যাহা অতিক্রম করে ; অতিশয়, সমধিক। "সুষমা সা (শোভা)-হতিশায়িনী অ.চি ৬.১৪৮। ২ [+ √শায়ি+ইন্] আতিশয্যজনক, উৎকর্ষসাধক। "অনুপ্রাসোপমাদয়ঃ শব্দশোভাতিশায়িনঃ সা.দ ১০.১, বৃত্তি।

অতিশায়ী দ্র 'অতিশায়ন'।

অতিশিথিল বিণ [প্রা.স ; স্ত্রী -লা] ১ অতিতবল, অতিপাতলা। "ন চাতিশিথিলঃ পাচ্যঃ (চরুঃ)।—কাত্যায়ন ১৫.১৩। ২ অতিশ্লথ, বড় ঢিলা। ৩ (বাঙলায়) অতি-অলস ; খাসা কুঁড়ে।

অতিশীত বিণ [প্রা.স ; স্ত্রী -তা] অত্যন্তশীতলস্পর্শ ; খুব ঠাণ্ডা।

অতিশেষ পুং [প্রা.স] অত্যন্ত শেষ ; অত্যল্প অবশিষ্টাংশ, স্বল্পাবশেষ। "ছান্দোগ্য ১.১০.৫।

অতিশোভন বিণ [অতি+ √শুভ্+অন (যুচ্)-ক ; স্ত্রী -না] অতিশোভাযুক্ত, অতিসুন্দর। "সত্তমশ্চাতিশোভনে (অ.কো)।

অতিষ্ঠ বিং [অ+তিষ্ঠ (√স্থা> তিষ্ঠ্)] যে তিষ্ঠিতে বা স্থির থাকিতে পারে না ; অস্থির, বিরক্ত, ব্যস্ত, ব্যাকুল, পালাই-পালাই। [অতিষ্ঠ ক'রে তোলা—ব্যস্ত ক'রে ফেলা, পালাই-পালাই ডাক ছাড়ান।]

অতিসক '-ক' বি [অতি+সক] অত্যন্ত অনুরাগ ; ঐকান্তিক ভাব, একাগ্রতা। "কেহ পড়ে কাব্য রস শ্রীকলা নাটক। আনন্দে নটিনী মাগী শুনে অতিসক॥ শ্রী.মা ৯৪।

অতিসক্তি স্ত্রী [অতি+ √সন্জ্+তি (ক্তিন্)-ভা] ১ অতিসংশ্লেষ, অতিসন্নিকর্ষ। "মাঘ ৯.৭। ২ অত্যাসঙ্গ, অত্যাসক্তি।

অতিসঞ্চয় পুং [প্রা.স] অত্যন্ত সঞ্চয় ; অতিসংগ্রহ। "কর্ত্তব্যো নাতিসঞ্চয়ঃ হি ১.১৭৪।

অতিসন্ধান ক্লী [অতি-সম্+ √ধা+অন (ল্যুট্)-ভা] প্রতারণা, বঞ্চন। "পরাতিসন্ধানমধীয়তে যৈঃ শ ৫.২৫।

অতিসন্ধি বি অতিশয় প্রবন্ধ ; অতি কূটকৌশল। "মায়াময় অস্ত্র মায়ার অতিসন্ধি কৃ.উ ২২৭।

অতিসন্ধিত বিণ ['অতিসংহিত' সাধু] বঞ্চিত, প্রতারিত। "তেনৈবাতিসন্ধিতা রা ২.৭.২৪।

অতিসন্ধেয় বিণ [অতি-সম্+ √ধা+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -য়া] প্রতারণীয়, বঞ্চনীয়। "কথং ময়া ব্রহ্মবন্ধুরতিসন্ধেয়ঃ বিক্র ২½।

অতিসন্ধ্যা স্ত্রী [অত্যাসন্না সন্ধ্যা, প্রা.স] সন্ধ্যার অতিনিকট কাল ; রাত্রির শেষ দণ্ড হইতে সূর্য্যোদয় পর্য্যন্ত কালের ও সূর্য্যাস্তের পূর্ব্বাপর দণ্ডপরিমিত কালের আসন্ন সময়। "নাতিসন্ধ্যাসমীপতঃ (স্মৃতি)।

অতিসন্নিধান, -সমীপ ক্লী [প্রা.স] অত্যন্ত সান্নিধ্য ; অতিনিকট। "অতিসন্নিধানে পলায়নমপ্যশক্যম্ হি ১৫৮।

অতিসম্পর্ক পুং [প্রা.স] অতিসংশ্লেষ, অতিসংযোগ, অতিসম্বন্ধ।

অতিসর্গ বিণ [সর্গকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -র্গা] ১ যাহা সর্গ (সৃষ্টি) অতিক্রম করিয়াছে ; সৃষ্টাতিশায়ী, নিত্য, অনশ্বর। ২ মুক্ত, মোক্ষপ্রাপ্ত। —র্গ পুং [অতি+ √সৃজ্+অ (ঘঞ্)-ভা] ১ বিসর্জ্জন, বিতরণ, ত্যাগ, দান। "বরাতিসর্গ রঘু ১০ ৪২। ২ কামচারাভ্যনুজ্ঞা, অর্থাৎ যাহা না করিলে প্রত্যবায় নাই, তাদৃশ অনুজ্ঞা বা নিয়োগ ; আমন্ত্রণ। "পা ৩.৩.১৬৩। —সর্জ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উৎসর্জ্জন, উৎসর্গ, ত্যাগ, দান, অর্পণ। "জ্বলনাতিসর্জ্জন কু.স ৪.৩২। বচোঽতিসর্জ্জনে মাঘ ১৪.৪৮। ২ প্রত্যর্পণ। "বিশিখাতি° কি ১৩.৫৭। ৩ অতিশয় দান ; অতিদান। ৪ বদান্যতা, দানশীলতা। ৫ বধ। ৬ বিপ্রলম্ভ, বঞ্চন। ৭ বিয়োজন, বিশ্লেষণ।

অতিসর্পণ ক্লী [অতি+ √সৃপ্+অন (ল্যুট্)-ভা] গর্ভস্থ ভ্রূণের সঞ্চলন।

অতিসায়ম্ বা [অতিশয় বা অত্যাসন্ন সায়ম্, প্রা.স] ১ অত্যন্ত সন্ধ্যাবেলায় ; ঠিক সাঁজের বেলায় ; ভরা সাঁজে। "নাতিসায়ম্ (অশ্নীয়াৎ)।—বিষ্ণু ৬৮.৪৮। ২ অত্যাসন্ন সন্ধ্যাকালে ; সন্ধ্যার ঠিক পূর্ব্বে ; ; প্রদোষে। "মনু ৪.১৪০।

অতি(তী)সার পুং [অতি+ √সৃ (অন্তর্ভাবিতণ্যর্থ) +অ (ঘঞ্) -ক, 'ব্যাধি' অর্থে, বিকল্পে দীর্ঘ, পা ৩.৩.১৭ ; ৬.৩.১২২] যাহা রুধিরাদি অতিশয় নিঃসারণ করে (সি); যাহা মল দ্রব করিয়া নিঃসারণ করে ; উদরাময়, অন্নগন্ধি। "পিত্তাতি°, পিত্তশ্লেষ্মাতি°, বাতাতি°, রক্তাতি°, শ্লেষ্মাতি°।

অতি(তী)সারকী (-কিন্), অতিসারী (-রিন্) বিণ [অতি(তী)সার+ক্ (কুক্) +ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, রোগে, পা ৫.২.১২৯ ; অতিসার+ইন্-১ব ; স্ত্রী -কিণী, -রিণী] অতিসারযুক্ত, উদরাময়রোগী (অ.কো)। "°কী সুশ্রুত ৬.৪০.৭। দীর্ঘকালাতি°, সর্ব্বাতি°, পিত্তাতি° (সুশ্রুত)। —রী পুং [অতি+ √সারি+ইন্ (ণিনি)-ক-১ব] যাহা অতিনিঃসারণ করে ; অতিসার রোগ।

অতিসিদ্ধি স্ত্রী [প্রা.স] অতিশয় সিদ্ধি ; অতিসম্পন্নতা, অতিপ্রকর্ষ, অতিপূর্ণতা। "সর্ব্বপাপাতিসিদ্ধিনা (রাবণেন) গো.রা ৪.৫৭.১০।

অতিসুন্দর বিণ [প্রা.স ; স্ত্রী -রী] অতিরমণীয়, সুমনোহর, বিমোহন। "অবশ্যই তুমি অতিসুন্দর, নৈলে এত দিন কার পূজা করিচি ? গি.দ্বি ১১৫। —র পুং ষোড়শাক্ষরপাদ বৃত্তবিশেষ। —রা স্ত্রী সর্ব 'অতিসুন্দর' (পুং)।

অতিসৃষ্ট বিণ [অতি+ √সৃজ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -ষ্টা] উৎসৃষ্ট, ত্যক্ত, দত্ত, অর্পিত। "অনসূয়াতিসৃষ্টেন (অঙ্গরাগেণ) রঘু ১২.২৭।

অতিসেবা স্ত্রী [প্রা.স] অত্যন্ত সেবন বা ভোগ ; অত্যাসক্তি।

অতিসৌরভ বিণ [অতিশয়িত সৌরভ যাহার, বহুব্রী ; স্ত্রী -ভা]

অতিসুগন্ধি, অতিসুরভি। "সহকারোঽতিসৌরভঃ (অ.কো)। —ভ পুং সহকার। —ভ ক্লী [প্রা.স] অতিশয় সুগন্ধ; সুবাস।

অতিসৌহিত্য ক্লী [প্রা.স] অতিতৃপ্তি, অতিভোজন। "নাতি সৌহিত্যমাচরেৎ মনু ৪.৬২।

অতিস্তুতি স্ত্রী [প্রা.স] অত্যধিক স্তব; অবিদ্যমানগুণের কীর্ত্তন; অতিপ্রশংসা। "তবে রূপগোসাঞি যদি শ্লোক পড়িল। শুনি প্রভু কহে এই অতিস্তুতি শুনিল॥ চৈ.চ ২৫৯।

অতিস্থূল বিণ [প্রা.স; স্ত্রী -লা] ১ অতিস্থূলদেহ, মহাকায়, অতিভীষণ। "অতিস্থূলান্ (রাক্ষসান্ দদর্শ) গো.রা ৫.১০.১৭। ২ অতিমূঢ়, মহামূর্খ।

অতিস্নেহ পুং [প্রা.স] ১ অত্যন্ত বাৎসল্য। ২ অতিপ্রণয়। "অতিস্নেহঃ খলু কার্য্যদর্শী বিক্র ২ৡ। অতিস্নেহঃ পাপশঙ্কী ৪ৡ।

অতিহসিত ক্লী [অতি+ √হস্+ত (ক্ত)-ভা] অতিশয় হাস্য, অর্থাৎ যে হাস্যে অবয়বসমূহ বিক্ষিপ্ত হয়। 'বিক্ষিপ্তাঙ্গং ভবত্যতিহসিতম্ সা.দ ৩.২১৯।

অতিহাস পুং [অতি+ √হস্+অ (ঘঞ্)-ভা] অনুস্যূত (অনবচ্ছিন্ন) হাস্য; নিরন্তর হাস (অ.চি)।

অতিহু বিং [অতি+হু১] অতিশয়ই, অত্যন্তই। "অতিহু লাজ ডর অতিহু করুণা বি.প ৬৯।

অতিহ্রস্ব বিণ [প্রা.স; স্ত্রী -স্বা] ১ অতিহ্রস্বমাত্রাবিশিষ্ট। "সুশ্রুত ৭.১৫। ২ অতিখর্ব্ব, অতিক্ষুদ্র।

অতীত বিণ [অতি+ √ই+ত (ক্ত)-ক, -র্ম্ম; স্ত্রী -তা] ১ যে অতিক্রম করিয়াছে; অতিক্রান্ত। "°বাক্‌পথ, কালাতীত, গুণাতীত, ত্রিকালাতীত, মায়াতীত, সংখ্যাতীত। দুঃখমতীতঃ পা ২.১.২৪, সি। গুণানতীতঃ গী ১৪.২১। বাণপথাতীত।—বিক্র ৫ৡ। °শৈশব মনু ৮.২৭। ২ গত, পূর্ব্বতন, ঊর্দ্ধতন। "অতীতকুলকোটীনাম্ (রামতর্পণ)। ৩ অপগত, অবসিত। "অতীতানি হিমানি পা ২.১.৬, কাশিকা। অতীতা শর্ব্বরী রা ২.৬৭.৫। অতীতে বর্ষুকে কালে ভট্টি ৭.১৮। ৪ উত্তীর্ণ। "যমুনামতীতমথ শুশ্রুবানমুম্ মাঘ ১৩.১। ৫ উপরত, মৃত। "মনু ৫.৭১; অপ্রজায়ামতীতায়াম্ ৯.১৯৬; ১৯৭। যাজ্ঞ ২.১৪৭। ৬ পূর্ব্ব, প্রাক্, বিগত। "°ভবে (পূর্ব্বজন্মনি) ভ ১.৫.২৩। ৭ গত। "অসন্নিবৃত্ত্যৈ তদতীতম্ শ ৬.১০। ৮ ভূত, বৃত্ত। "°কাল। অতীতলাভস্য সুরক্ষণার্থম্।—পঞ্চ ২.১৯৬। —ত ক্লী অতীতকাল, ভূতকাল। "°বেদী। অসীম অতীতে, চাহিতে চাহিতে, দেখা দেয় অবশেষে।—রবীন্দ্র। [অদ্যতন অনদ্যতন অনদ্যতনপরোক্ষ ভেদে অতীত ত্রিবিধ (পা ১.২.৫৭; ৩.২.১১১; ১১৫)।]

অতীতবেদী (-দিন্) বিং [অতীতের বেদী, ষ.ত; স্ত্রী -দিনী] অতীতকালের বেত্তা; ভূতকালজ্ঞ। "অতীতবেদী ব্যক্তিরাও বলিতে লাগিলেন, কোন কালে কোন রাজা ঈদৃশ…যজ্ঞ করিতে পারেন নাই সী ৭৫।

অতীন্দ্রিয় বিণ [ইন্দ্রিয়কে অতীত, প্রা.স; স্ত্রী -য়া] ইন্দ্রিয়ের অগোচর; ইন্দ্রিয়াতীত, অপ্রত্যক্ষ, পরোক্ষ। "অতীন্দ্রিয়েষ্বপ্যুপপন্নদর্শনঃ রঘু ৩.৪১। গী ৬.২১। °জ্ঞাননিধি মাঘ ১.১১। —য় পুং ১ আত্মা, পুরুষ। ২ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৩১। —য় ক্লী ১ প্রধান, প্রকৃতি। ২ মানস, মন। "°গ্রাহ্য মনু ১.৭।

অতীব ব্য [অতি+ইব] অতিশয়, অত্যন্ত, অধিক। "গো.রা ৪.৮.২৯। অতীব সুকুমারাঙ্গী মহা ৩.৫৫.৬৩। কু.স ১.১২।

অতীসার, অতীসারকী দ্র 'অতিসার, অতিসারকী'।

অতুর '-র্' বিং [সং আতুর; তু, হি অতুরাঈ (আতুরতা), অতুরানা (আতুর হওয়া)] ১ কাতর, বিহ্বল, আর্ত্ত। "সুস্থির হইয়া কেন অস্থির অতুর বা.দ ৪৮। ২ রোগগ্রস্ত, পীড়িত, রোগ হেতু কার্য্যে অক্ষম। "রাজা পরমাহ্লাদে শত ২ সুবর্ণ…অন্ধ অতুরে এবং খঞ্জে প্রদান করিতে লাগিলেন কৃ.চ ২২; অন্ধ অতুর পঙ্গু…যে কেহ উপনীত হইবেক যার যে স্বেচ্ছা আহারের দ্রব্য পাইবেক ৩১। [কুঁড়ে অতুর—অলস ও অক্ষম ব্যক্তি।]

অতুল বিণ [ন তুলা যাহার, ন.বহুব্রী; স্ত্রী -লা] ১ তুলাহীন, তুলনারহিত, অসদৃশ, অনুপম। "°বিক্রম। শ্রিয়া চাতুলয়া গো.রা ৫.১৩.১৯। বলবীর্য্যে অতুল কৃ.উ ১৯৬। ২ অসাধারণ, অপূর্ব্ব, বিশেষ। "উপায়ো বিহিতস্চায়ং ত্বদর্থমতুলোঽনয়া মহা ৩.৭৬.৩৮। ৩ সমধিক, অত্যন্ত, মহান্। "ভয়মতুলম্। —পঞ্চ ৫.৩১।—ল পুং তিলবৃক্ষ।

অতুলন বিং [ন তুলনা যাহার, ন.বহুব্রী; স্ত্রী -না] তুলনারহিত, অনুপম, অতিশায়ী। "অতুলন মহিমাসঞ্চার ন ৯৭৭। শর্ম্মিষ্ঠা সাবিত্রী সতী…অতুলনা ভারত-ললনা।—সত্যেন্দ্রনাথ ঠাকুর।

অতুলিত বিং [ন.ত; স্ত্রী -তা] ১ যাহা তুলিত (তুলাধৃত) নহে; অনুপম, অতুল। "অতুলিত ত্রিভুবনে (নায়কনিধি) ভ.গ্র ৩৭৫। ভাল ঝলকত, তিলক অতুলিত ব.প ৫৮১। মে ৯৫। ২ অত্যন্ত অতিশয়। "আনন্দিত অতুলিত ব.প ৫৮১। ৩ (অপ্র) প্রচণ্ড, প্রবল। "বহুবেগে বায়ু যেন হএল অতুলিত অ প ১৪।

অতুল্য বিণ [ন.ত; স্ত্রী -ল্যা] অসদৃশ, অতুল, বিষম, অমিত। "অতুল্যসহসা (রামেণ) ভট্টি ৫.২৯। বেদাগমে অতুল্য মহিমা বি.সু ৩। তুমিই অতুল্য অমূল্য ধন স.শ ৯৯।

অতৃপ্ত বিণ [ন.ত] ১ তৃপ্তিহীন, অপূর্ণকাম। ২ সন্তোষহীন। ৩ তৃপ্তিহীন, লালসাযুক্ত, লোলুপ, সমুৎসুক। "°দৃক্। (লোচনয়োঃ) তয়োরতৃপ্তয়োঃ কু.স ৪.২।

অতেব অব্য [সং অত এব; বা অতএব > অতেব; অপ্র] অতএব, এই হেতু, এ কারণে। "সর্ব্বচরাচরমূর্ত্তি এক নারায়ণ। অতেব একত্রে বন্দি সবার চরণ॥ দু ৩; ৪৬; ৪৭। অতেব ভারতভূমে যেতে বাসি ভয় শ্রী.মা ৩৭; ৫০; ১৩২। অতেব করেছি আশা শ্রী ১; ৮৭; ২০২। ভ.গ্র ৩। অতেব তোমারে বহি ম ৬৮৩। অতেব বিচ্ছেদে কেউ মরে না নাথ! —যখন শ্যামবিরহ সন্নিপাত, সামলে উঠেছেন কমলিনী দা ৪৩১। অতেব লিখী E.P. 122

অতৈল বিং [ন.বহুব্রী] যাহাতে তৈল নাই; তৈলহীন, রুক্ষ। [অতৈল স্নান—তৈল বিনা স্নান; রুক্ষ স্নান।]

অতৈলপূর বিণ [ন.বহুব্রী; স্ত্রী -রা] যাহাতে তৈলপূর নাই; তৈলসেকহীন, অনপেক্ষিততৈলসেক। "ওষধয়ঃ…অতৈলপূরাঃ সুরতপ্রদীপাঃ কু.স ১.১০।

অত্তব্য বিণ [√অদ্+তব্য -র্ম্ম; স্ত্রী -ব্যা] ভক্ষণীয়, ভোক্তব্য। "মনু ১১.৯৬; অভোজ্যান্নং নাত্তব্যম্ ১৬১।

অত্তা[১] **(-ত্তৃ)** বিণ [√অদ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ভক্ষয়িতা, ভক্ষিতা, উপভোক্তা। "মনু ৫.৩০; ৮.৩০৯।

অত্তা[২] স্ত্রী [তু'তা অত্তে—পিতৃষ্বসা; অত্তা—মাতা, শ্বশ্রূ, পিতৃষ্বসা, সখী (দেশী ১.৫১)] ১ মাতা। ২ মাতার জ্যেষ্ঠভগিনী। ৩ জ্যেষ্ঠভগিনী। ৪ শ্বশ্রূ (শ.ক)।

অত্যঙ্কুশ বিণ [অঙ্কুশকে অতিক্রান্ত, প্রা.স; স্ত্রী -শা] যে অঙ্কুশাঘাত অতিক্রম করিয়াছে; নিরঙ্কুশ, দুর্দ্ধর্ষ। "অত্যঙ্কুশমিবোদ্দামং গজম্ রা ২.২৩.২০।

অত্যতিবৃদ্ধপ্রপৌত্র বি বৃদ্ধ প্রপৌত্রের পৌত্র, অর্থাৎ মূল পুরুষের অধস্তন সপ্তম পুরুষ। "মহারাজ (কৃষ্ণচন্দ্র) ভবানন্দ মজুমদারেরই বংশীয় এবং উঁহারই অত্যতিবৃদ্ধপ্রপৌত্র বা.প্র ১৭৫।

অত্যধিক বিং [অতি+অধিক] অতিশয় অধিক; খুব বেশী।

অত্যন্ত বিণ [অন্তকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -ন্তা] ১ যাহা সীমা অতিক্রম করিয়াছে ; অতিশয়, অধিক, একান্ত। "°বল, °পীড়ন। °বিমুখে দৈবে হি ১.১৩৯। °হিমোৎকিরানিল কু.স ৫.২৬। সকল অত্যন্ত হ'লে শোভা নাহি করে শি ৮৯। ২ পরম। "অত্যন্তং বৈরম্। —পঞ্চ ৫২/৩। ৩ ভূয়ান্, ভূরি, প্রচুর, মহান্। "শরীরস্থ গুণানাং চ দূরমত্যন্তমন্তরম্ হি ১৫০। ৪ যাহা নাশ অতিক্রম করিয়াছে ; নাশ-রহিত, অক্ষয়, অক্ষয্য (রা. টীকা)। "স্বর্গং গচ্ছেদ্যুরত্যন্তং সর্ব্বে চ প্রপিতামহাঃ রা. ১.৪২.১৯। ৫ অনন্ত, নিয়ত। "অত্যন্তং সুখমশ্নুতে মনু ৫.৪৬। কন্যাত্যন্তং সুখমুপনতম্ উ.মে ৪৮। ৬ সর্ব্বোত্তম, নির্বিশেষ (গী.টীকা)। "অত্যন্তং সুখমশ্নুতে গী ৬.২৮। ৭ পুনঃপ্রাপ্তিরহিত, পুনঃসমাগমহীন। "°বিয়োগমোঘে (হতজীবিতে) রঘু ১৪.৬৫। ৮ ত্রিকালব্যাপী, ত্রৈকালিক (অভাব)। ৯ অবিচ্ছিন্ন, নিরন্তর। "°সংযোগ পা. ২.৩.৫। °সংবাদ হি ৪৭৬। —ন্ত ক্রি.বিণ ১ সাতিশয়, অতীব, নিতান্ত। "°কোপন অ.কো ৩.১.৩২। পঞ্চ ১.৩৪। ২ যাবজ্জীবন, আমরণান্ত। "মনু ৯.২০২। শ. ১২৪। ৩ নিত্য, শশ্বৎ, সর্ব্বকাল, সদা। "°বিলুপ্তদর্শন কু.স ৪.২। অত্যন্তমদর্শনং যাতা বিক্র ৪.২। °লুপ্ত রঘু ১৪.৪৯। ৪ সম্পূর্ণভাবে, একেবারে। —ন্ত পুং নিবৃত্ত দুঃখের পুনর্ব্বার অনুৎপত্তি। 'অত্যন্তো দুঃখস্য নিবৃত্তস্য পুনরনুৎপাদঃ। —সাংখ্য ২, তত্ত্বকৌমুদী।

অত্যন্তকোপন বিণ [সুপ্‌ সুপা ; স্ত্রী -না] চণ্ড, বদরাগী।

অত্যন্তগত বিণ [সুপ্‌ সুপা ; স্ত্রী -তা] অত্যন্তভাবে (চিরকালের জন্য) গত ; পুনরাবৃত্তিরহিত, অর্থাৎ যে আর আসিবে না। "কথমত্যন্তগতা (ত্বম্) ন মাং দহেঃ রঘু ৮.৫৬।

অত্যন্তনিবৃত্তি স্ত্রী [কর্ম্মধা] শাশ্বতী নিবৃত্তি (চিরকালের জন্য নিবৃত্তি) ; যেরূপ নিবৃত্তিতে আর দুঃখাদির উৎপত্তি হয় না ; অত্যন্ত-ধ্বংস। "ত্রিবিধদুঃখাত্যন্তনিবৃত্তিরত্যন্তপুরুষার্থঃ।—সাংখ্যসূত্র। সাংখ্য-কার বলেন, তিন প্রকার দুঃখের অত্যন্তনিবৃত্তি পরমপুরুষার্থ অ.শী ৫।

অত্যন্তবিমুখ বিণ [সুপ্‌ সুপা ; স্ত্রী -খা, -খী] অতীব প্রতিকূল ; অতিবিরোধী। "°বিমুখে দৈবে হি ১.১৩৯।

অত্যন্তশিশু পুং [কর্ম্মধা] অত্যল্পবয়স্ক সন্তান ; স্তন্যপায়ী শিশু। "মু ৪.১৪।

অত্যন্তাভাব পুং [অত্যন্ত অভাব, কর্ম্মধা] নিত্য অভাব, অর্থাৎ ভূত বর্ত্তমান ভবিষ্যৎ—তিন কালেই যে অভাব ; ত্রৈকালিক অভাব (ত্রিবিধ সংসর্গাভাবের একতম অভাব)।

অত্যম্ল বিণ [প্রা.স ; স্ত্রী -ম্লা] অতিশয় অম্ল ; তীব্রাম্লরস, বড় টক্। —ম্ল পুং তিন্তিড়ীবৃক্ষ।—ম্ল ক্লী তিন্তিড়ীফল, তেঁতুল। —ম্লা স্ত্রী বনবীজপুর, টাবালেবু।

অত্যয় পুং [অতি+ √ই+অ (অচ্)-ভা] ১ অতিক্রম, ভূতত্ব (কাশিকা), অতিপাত, বিলম্ব। "পা ২.১৬। গো.রা ১.২.৮। কালাত্যয় মনু ৮.১৪৫। ২ অপগম। "আতপাত্যয় রঘু ১.৫২। আবরণাত্যয় উ.চ ১.৩৯। মেঘাত্যয় ভট্টি ২.১৭। ৩ অবসান। "কার্য্য-কালাত্যয়।—শুক্র ২.২২১ ; হি ২.৭২। ৪ ধ্বংস। "হিমাত্যয় পা ২.৪.১৮, সি। ৫ সংশয়, সঙ্কট। "প্রাণানামেব চাত্যয়ে মনু ৫.২৭ ; জীবিতাত্যয় ১০.১০৪। প্রাণাত্যয় যাজ্ঞ ১.১৯৭। ৬ মরণ, নাশ। "পিতুরত্যয়াৎ (দশকুমার)। অচিরাৎ সে অনলে পাইবে অত্যয়। —রঙ্গ ১৯৮। ৭ পীড়া, কষ্ট। "শরীরস্যাত্যয়ে মনু ৬.৬৮। ৮ উপঘাত, ধ্বংস। "শরীরস্যাপি চাত্যয়ে মনু ৮.৬৯। ৯ অপরাধ, দোষ। "মনু ৮.২৪৩। ১০ ক্ষয়, নাশ। "যাজ্ঞ ২.১২। ১১ বিপত্তি, ব্যসন। "পুত্র-দারাত্যয় মনু ১০.৯৯। ১২ [+অ-ণ] যাহা দ্বারা অপরাধ অতিক্রম করে ; দণ্ড। "অষ্টগুণমত্যয়ম্ মনু ৮.৪০০

অত্যর্থ বিণ [অর্থকে অতিক্রান্ত, প্রা.স ; স্ত্রী -র্থা] যাহা অর্থ (নিবৃত্তি) অতিক্রম করিয়াছে ; নিবৃত্তিরহিত, অতিশয়, অতিমাত্র, অত্যন্ত, তীব্র "°সম্পীড়িত শ ৭.১১। °তাপ মা.মি ২.১২। অত্যর্থং মধুরং তাবগায়তাম্ রা ১.৪.২০। প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহম্ গী ৭.১৭। যাজ্ঞ ২.২৭২। অত্যর্থমধুরং সান্ত্বম্ (অ.কো। —র্থ ক্লী অতিশয়। "অত্যর্থে গাঢ়মুদ্‌গাঢ়ম্ (অ.চি)।

অত্যল্প বিণ [অতিশয় অল্প, প্রা স ; স্ত্রী -ল্পা] অল্পিষ্ঠ, স্বল্প, অতিকম।

অত্যশন ক্লী [প্রা.স] অতিভোজন, অমিতাহার। "মনু ২.৫৬।

অত্যস্ত বিণ [অতি+ √অস্+ত (ক্ত)-র্ম ; স্ত্রী -স্তা] অতিক্ষিপ্ত, দূরপাতিত। "তরঙ্গাত্যস্ত পা ২.১.২৪, কাশিকা।

অত্যহিত বি [অতিশয় অহিত প্রা স] অতীব অমঙ্গল ; অত্যশুভ। "ভাবিলেন, বুঝি কাদম্বরীর কোন অত্যহিত ঘটিয়া থাকিবেক কাদ ১১১।

অত্যাগসহন বিণ [ন ত, স্ত্রী -না] যে ত্যাগ সহে না ; বিরহা-সহিষ্ণু। "অত্যাগসহনো বন্ধুঃ।

অত্যাগী (-গিন্) বিণ [ন.ত ; স্ত্রী -গিনী] ১ যে কর্ম্মফলত্যাগী নহে ; কর্ম্মফলাসক্ত, সকাম। "গী ১৮.১২। ২ অত্যাগশীল, অদাতা।

অত্যাচার বিণ [আচারকে অতিক্রান্ত, প্রা.স] যে আচার (প্রথা) অতিক্রম করিয়াছে ; আচারভ্রষ্ট। —র পুং [অতি-আ+ √চর্+অ (ঘঞ্)-ভা] ১ উৎকট আচার ; অনুচিতাচরণ, অবৈধ অনুষ্ঠান, অন্যায় ব্যবহার। ২ উপদ্রব, দৌরাত্ম্য। "অত্যাচার উপদ্রব নিত্য সহচর ন ৪৩৫।

অত্যাচারী (-রিন্) বিং [অতি-আ+ √চর+ইন্ (ণিন্)-ক -১ব ; স্ত্রী -রিণী] অবৈধ আচারী ; উপদ্রবকারী, পীড়ক। "তিনি যদি এতাধিক হন অত্যাচারী,— কি করিবে তবে ? ন ৪৩৩।

অত্যাজ্য বিং [ন.ত ; স্ত্রী -জ্যা] যে ত্যাগযোগ্য নহে ; অবর্জ্জনীয় "কি হেতু অত্যাজ্য পুত্র ত্যজিল সগর ম ৪৬৯।

অত্যাদর পুং [অতিশয় আদর প্রা.স] অত্যন্ত সপ্রীতি সম্ভ্রম ; অতিযত্ন। "পঞ্চ ১.৪৪৬।

অত্যানন্দ বি [প্রা.স] অতিশয় আনন্দ ; অতিহর্ষ, পরমানন্দ। "গদগদ অত্যানন্দে শ্রী.মা ২০৮।

অত্যাপন্ন বিণ [অতিশয় আপন্ন, প্রা স , স্ত্রী -ন্না] অতিশয় আপদ্-যুক্ত ; অতিব্যাকুলিত। "অত্যাপন্নো গুরুজনঃ ম.চ ৪৫/৩৪।

অত্যারূঢ় বিণ [অতি-আ+ √রুহ্ +ত (ক্ত)-ক ; স্ত্রী -ঢা] অতিবৃদ্ধি-প্রাপ্ত, অতিপ্রবৃদ্ধ. অতিপ্রবল। "অত্যারূঢো হি নারীণামকালজ্ঞো মনোভবঃ রঘু ১২.৩৩। —ঢ় ক্লী [+ত -ভা] অত্যারোহণ, অতিবৃদ্ধি। "অত্যারূঢ়ং রিপোঃ সোঢ়ং চন্দনেনেব ভোগিনঃ রঘু ১০.৪২। —ঢ়ি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অত্যুচ্চ পদ ; অত্যুন্নতি, অতিবৃদ্ধি। "অত্যা-রূঢ়ির্ভবতি মহতামপ্যপভ্রংশনিষ্ঠা শ ৪ (A.)।

অত্যাসক্তি বি [প্রা.স] অতিশয় আসক্তি ; একান্ত অনুরাগ ; অভিনিবেশ।

অত্যাহিত ক্লী [অতি-আ+ √ধা+ত (ক্ত)-ধি] ১ নিবারণার্থ যাহাতে মন অত্যন্ত আহিত (স্থাপিত) হয় ; মহাভয়, মহাশঙ্কা। "ন খলু কিমপি অত্যাহিতম্ শ ১২/৩। ২ বিপত্তি, ব্যসন, দুর্দৈব, দুর্জাত, অনর্থ, অশুভ। "কিমত্যাহিতং সীতাদেব্যাঃ উ.চ ২৭/৪। কিং নু খল্বত্যাহিতম্ মা.মি ৪২/৬। কিমিদমুচ্চৈরত্যাহিতম্ ম.চ ৬৪/৭। ৩ জীবানপেক্ষিকর্ম্ম, অর্থাৎ যাহাতে জীবনের আশা থাকে না, তাদৃশ কার্য্য ; সাহস (Rash deed)। "অত্যাহিতং কিমপি...কুর্য্যাৎ ম.চ ৪.৫০। বে ২২/৪।

অত্যুক্তি স্ত্রী [অতি+ √বচ্+তি (ক্তিন্)-ভা] ১ অতিরিক্ত কথন ;

আরোপিতগুণাদিকথন, অতিবর্ণন, অসম্ভবোক্তি, অতিরঞ্জিতভাষা, অদ্ভুতকীর্ত্তন। "অত্যুক্তৌ ন যদি প্রকুপ্যসি মৃষাবাদং চ নো মন্যসে। তদ্ ব্রমোঽদ্ভুতকীর্ত্তনেন রসনা কেষাং ন কয়ন্ডূতে॥—শাঙ্গ´ধরপদ্ধতি। কি কহিবে ধীর সবে বলিবে অত্যুক্তি ব.প ১৫০৩। **২** অতিশয়োক্তি অলঙ্কার (শ.ক)।

অত্যুক্তিপ্রসক্তি বি [ষ.ত] অত্যুক্তির প্রসঙ্গ ; অতিবর্ণনের ভাব ; অদ্ভুতকথন। "যে বলিবে যেই বাক্য তুমি যদি তাই। সুতরাং অত্যুক্তি-প্রসঙ্গ আর নাই। বা.দ ১২।

অত্যুগ্র বিণ [প্রা.স ; স্ত্রী -গ্রা] **১** অতিতীব্র, অতিকটু। **২** অতি-রৌদ্র, অতিকোপন, প্রচণ্ড। "অত্যুগ্রং স্তুতিভিঃ (বশং কুর্য্যাৎ)। **৩** উত্তম, শ্রেষ্ঠ। "গীতা মে জ্ঞানমত্যুগ্রম্ (গীতামাহাত্ম্য)। —গ্র ক্লী হিঙ্গু, হিঙ্।

অত্যুচ্চৈঃ বিণ [অতিশয় উচ্চৈঃ, প্রা.স] **১** অতিমহান্, সুবিশাল (বৃক্ষাদি). **২** মাংসল, অতিগুরু, তার (শব্দ)। "তারোঽত্যুচ্চৈ-র্ধ্বনিঃ (অ.চি)।

অত্যুচ্ছ্রিত বিণ [অতি-উদ্+ √শ্রি+ত (ক্ত)-ক ; স্ত্রী -তা] **১** অত্যুচ্চ, অত্যুন্নত। বিপ 'অতিনীচ'। "গী ১৬.১১। **২** সুদীর্ঘ, সুবিশাল। "শৃঙ্গং সঃ…অত্যুচ্ছ্রিতং ন মমৃষে রঘু ৯.৬২ (গজবরম্) অত্যুচ্ছ্রিতকরম্ মহা ৩.২৭০.২০।

অত্যুৎকট বিণ [প্রা.স ; স্ত্রী -টা] **১** অতিশয় উগ্র ; অতিভীষণ, নিদারুণ। **২** অতিমহান্, অতিগুরু, অতিশয়। "অত্যুৎকটৈঃ পাপ-পুণ্যৈরিহৈব ফলমশ্নুতে হি ১.৮৪।

অত্যুল্বণ বিণ [অতিশয় উল্বণ, প্রা.স ; স্ত্রী -ণা] অতিমহান্, অত্যুচ্চৈঃ, অতিমাংসল, তার। "অত্যুল্বণো নাদঃ গো.রা ৩.৩০.২৯।

অত্যুষ্ণ বিণ [অতিশয় উষ্ণ, প্রা.স ; স্ত্রী -ষ্ণা] **১** অতিতপ্ত। **২** তপ্ত, উষ্ণ (কুল্লূক)। "অত্যুষ্ণং সর্ব্বমন্নং স্যাৎ মনু ৩.২৩৬।

অত্র ব্য [এতদ্+ত্র (ত্রল্) সপ্তমীস্থানে, পা ৫.৩.৫ ; ছান্দস— 'অত্রা' ; AV. athra] **১** এই স্থানে ; এখানে। "অপি সন্নিহিতোঽত্র কুলপতিঃ শ ১২/৩ ; কঃ কোঽত্র ভোঃ ২৪। ওরে পবন-পুত্র, মরিতে অত্র, কেন আলি তুই পাপ ব.প ৫৯৭। **২** এই বিষয়ে। "নাত্র সংশয়ঃ মনু ২.৮৭। কিমত্র প্রতিবিধেয়ম্ শ ২২/৪। রঘু ৩.৫০। কৌতুকে নরহরি হিয়া উমতা অত্র ন.প ৯০। **৩** ইহাতে, এই শিশুতে। "অত্র খলু মে বংশ-প্রতিষ্ঠা শ ৭৩/২। **৪** এই প্রস্তাবে ; এই প্রসঙ্গে। "মনু ২.১৩৭। রঙ্গে অতিপ্রসঙ্গেই নাহি প্রয়োজন। অত্র অত্র শুন সভে করি নিবেদন॥ চৈ ৩। **৫** এই (সপ্তম্যন্ত বিশেষণ)। "অত্র মারাত্মকে হি ১২/৭৮। [অত্র কুশল—এখানে, অর্থাৎ এখানকার সকলের, কুশল। অত্র পত্র সহ—এই পত্রের সহিত ; এই পত্রে। "E. P. 117. অত্র পত্রে—এই পত্রে। অত্রানন্দ পরং, অত্রানন্দ বিশেষ—এখানে পরম (বিশেষ) আনন্দ, অর্থাৎ এবাটীতে সকলের কুশল হেতু আনন্দ। "তোমার কুশল মোঙ্গল সদা সর্ব্বদা মুনবাসনা করিতেছি তাহাতে অত্রানন্দ বিশেষ E.P. 125. তু "এখানে আনন্দ জয় পরন্ত সম্প্রতি (অর্থাৎ অত্রানন্দ পরং সম্প্রতি) শ্রী ১৩০।

অত্রত্য বিণ [অত্র+ত্য (ত্যপ্) 'অত্র ভব' অর্থে ; স্ত্রী -ত্যা] **১** এই স্থানে ভব ; অত্র স্থিত ; স্থানীয়। "দৌরাত্ম্যাদ্ রক্ষসন্তাং তু নাত্রত্যাঃ প্রব্দধুঃ প্রজাঃ রঘু ১৫.৭২। **২** অত্র জাত। "ভূমণ্ডলের জীবপ্রতিপালন-শক্তি যতই অধিক হউক, ঐ শক্তি অসীম নয়। সুতরাং অত্রত্য এক প্রকার জীবের বৃদ্ধিতে অপরপ্রকার জীবের বিকৃতি, হ্রাস এবং বিনাশ সাধিত হইয়া যায় পা.প্র ৬৬। **৩** এতৎস্থানসম্বন্ধী, এতৎস্থানীয়।

অত্রপ বিণ [ন ত্রপা যাহার, ন. বহুব্রী ; স্ত্রী -পা] যাহার লজ্জা নাই ; নির্লজ্জ, বেহায়া। "স্ত্রী চাত্রপা (ত্যাজ্যা) পঞ্চ ১.৪৫৮।

অত্রভবান্ (-বৎ) বিণ [অত্র+ভবৎ -১মা -১ব ; স্ত্রী -বতী] **১** ইনি। "পরিশ্রান্তামত্রভবতীং লক্ষয়ে শ ১২/৪ ; অত্রভবান্ প্রকৃতি-মাপন্নঃ ২৬/৫ ; ১০/১। **২** পূজ্য, মান্য। "কি ১১.১৮। সেয়মত্রভবতী শকুন্তলা শ ৭২/০। **৩** আপনি। "কিমত্রভবত্যোঃ কর্ণপথং নায়াতং শকুন্তলাপ্রত্যাদেশকৌলীনম্ শ ৬৪/৫।

অত্রযোগ বি ['অত্যাযোগ'—মূল (?)] অতিদুর্যোগ ; অত্যন্ত গোল-যোগ ; বিশৃঙ্খলা, বিপর্য্যয়, গোলমাল। "কন্যারাশি মাস বটে, কিন্তু পূজ্য নাহি ঘটে, অত্রযোগ সব হৈল যাতে কৃ ৩৪৯। [দেবতার অত্র-যোগ—মেঘগর্জ্জন, বর্ষণ, বজ্রপাত, বজ্রধ্বনি প্রভৃতি দৈব উপদ্রব।]

অত্রস্ত বিণ [ন.ত ; স্ত্রী -স্তা] অভীত, ত্রাসহীন। "জুগোপাত্মান-মত্রস্তঃ রঘু ১.২১।

অত্রস্থ বিং ['অত্রত্য'—মূল] এখানে স্থিত ; অত্রত্য। [অত্রস্থ মঙ্গল (পত্রে)—এখানকার সকলের মঙ্গল।]

অত্রি পুং [√অদ্+ত্রি (ত্রিন্)-ক, উ ৪.৬৮, দ্বি-তকার পাঠ 'অত্ত্রি' সাধু ; ছান্দস ; দ্র বৃহদারণ্যক ২.২.৪] ঋষিবিশেষ। "কৃ ১২৪। [ইনি ঋগ্বেদের পঞ্চম মণ্ডলের কতিপয় সূক্তের ঋষি। ধ্যানমগ্ন ব্রহ্মার নেত্র হইতে ইঁহার উৎপত্তি। ইনি ব্রহ্মার দশ পুত্রের অন্যতম (ভ ৩.১২,২১-২৩)। কর্দ্দম-সুতা অনসূয়া ইঁহার পত্নী ; বিষ্ণু অংশে দত্ত, রুদ্রাংশে দুর্ব্বাসা ও ব্রহ্মাংশে সোম ইঁহার পুত্র (ভ ৪.১-১৫ ; ৩২)। মনুসংহিতামতে, ইনি মনুর সৃষ্ট দশ প্রজাপতির একতম। ইঁহার পুত্রগণ 'বর্হিষদ' দৈত্যদানবাদির পিতৃগণ [মনু ১.৩৪ ; ৩৫ ; ৩.১৯৬]। হরিবংশমতে, ইনি স্বয়ম্ভুর সপ্ত মানস পুত্রের একতম ও স্বায়ম্ভুব মন্বন্তরের সপ্তর্ষির ঋষিবিশেষ। ইঁহার নেত্রনীর হইতে চন্দ্রের উৎপত্তি হয়, এই হেতু চন্দ্র 'অত্রিজ' 'অত্রিজাত' নামে খ্যাত (হ ১ম, ২৫শ অধ্যায়)। রামচন্দ্র বনবাসকালে ইঁহার আশ্রমে গমন করিলে ইঁহার পত্নী পতিব্রতা অনসূয়া সীতাকে বস্ত্রাদি দান করিয়া, সতীধর্ম্মের মহত্ত্ব কীর্ত্তন করেন (রা ২.১১৭-১১৯ অধ্যায়)। ধর্ম্মশাস্ত্রপ্রয়োজক মুনিগণের ইনি অন্যতম। ইঁহার স্মৃতি 'অত্রিসংহিতা'।]—ত্রী স্ত্রী অত্রিপত্নী। "অত্র্যা নমস্কর্ত্তা মহা ১৩.১৭.৩৮।

অত্রিজ, -জাত পুং [অত্রি+ √জন্+অ (ড)-ক ; উ.ত , প.ত] **১** 'অত্রি হইতে জাত', অত্রিপুত্র। "মনু ৩.১৯৬। **২** চন্দ্র। **৩** (চন্দ্রের সংখ্যানুসারে) এক (১) এই সংখ্যা।

অত্রিনেত্রজ, -নেত্রপ্রভব, -নেত্রপ্রসূত, -নেত্রভব পুং [উ.ত ; বহুব্রী ; প.ত] **১** অত্রির নেত্রজল-জাত ; চন্দ্র। দ্র 'অত্রি'। **২** এক (১) এই সংখ্যা।

অত্রিসংহিতা স্ত্রী [উ.লো] অত্রিমুনিকৃত স্মৃতিগ্রন্থবিশেষ।

অত্বরা স্ত্রী [ন.ত] ত্বরার অভাব ; ধৈর্য্য, সহিষ্ণুতা। মনু ৩.২৩৫।

অথ ব্য [ছান্দস—'অথা' 'অধ' ; Av. atha] **১** মঙ্গল। "অথ বর্ণ-সমাম্নায়ঃ তৈ ১.১। **২** অতঃপর, অনন্তর। "অথ যন্তারমাদিশ্য রঘু ১.৫৪ ; ২.১। অথ মঙ্গলাচরণ ভ.গ্র ৩ ; ১৪২ ; পরে রাধাবাগ পূর্ব্বে পাণিঘাট দূরে। অথ দেবালয় কহি গ্রামের ভিতরে॥ ৪৬৯। সুখ কি জীবিতমানে ? কিবা অথ নির্ব্বাণে ?—হেম ৩৩৮। অথ গুরুমহাশয়ের নিকটে বাবুদিগের বিদ্যাভ্যাসরীতি ব.প ১৭৩৪ ; অথ মুনসীবৃত্তান্ত ১৭৩৭। **৩** আরম্ভ। "অথ শব্দানুশাসনং লিখ্যতে (অ.টী)। অথ পদ্ম-পুরাণং লিখ্যতে বি.পা ৫। **৪** প্রশ্ন, জিজ্ঞাসা। "অথ কেন প্রযুক্তোঽয়ং পাপং চরতি পুরুষঃ গী ৩.৩৬। **৫** সাকল্য। "অথ ধাতূন্ ক্রমঃ (অ.টী)। **৬** অধিকার। "অথ তিঙন্তপ্রকরণম্ (সি)। **৭** বিকল্প, সংশয়। "শব্দো নিত্যোঽথানিত্যঃ (গণরত্ন)। **৮** পক্ষান্তরে, অথবা। "কি ১.৪৪। কু.স ৫.৪৫। রঘু ২.৪৯। মনু ৮.২০২। **৯** সমুচ্চয়, এবং, ও। "মাতৃষ্বসা মাতুলানী শ্বশ্রূরথ পিতৃষ্বসা (সংপূজ্যাঃ) মনু ২.১৩১। **১০** যদি। "গী ১২.৯ ; ১১।

১১ তদা, তাহা হইলে। পা ৩.৩.৯, কাশিকা। ১২ সেই হেতু। "ভ ৭.২.৪৯। ১৩ প্রতিজ্ঞা।

অথই বিং [অথাই২ > অথই] সর্থ 'অথাই২'।

অথচ ব্য [অথ চ (সাধু)। অস অথচ] ১ পক্ষান্তরে, অন্যপক্ষে। "মলিনেন কলঙ্কিনা, অথচ পাপিনা। কাব্যাদর্শ ২.১৭৮, টীকা ; ২.১৮৮, টীকা। বক্রেশ্বর...নীতি শিখান, অথচ জল উঁচুনীচু বলনের শিরোমণি আ.দু ৪১। ২ (বাঙলায়) কিন্তু, তৎসত্ত্বেও তাহা হইলেও। "অন্তর বাহিরে সবাকার দেহে আছ। অথচ কাহারো দেহে লিপ্ত না হয়েছ ॥ চু ৯৫। সেই উদাসীন, নয়ন তাহার, নহে লক্ষ্যহীন আর ; অথচ সে লক্ষ্য, চাহে লুকাইতে, অন্তরে অন্তরে তার। ন ৮২৯। ইনি নবীনার সহচারিণী দাসী হইবেন ; অথচ সচরাচর দাসীর অপেক্ষা সম্পন্ন। ব.প্র ৫ ; ১৬ ; ১৭ ; ৫২ ; ১০৪ ; ১১৬ ; মৃণালিনী বাষ্পপীড়িতলোচনে, গদগদস্বরে, অথচ হাসিয়া কহিলেন "এ কোন চোরের কথা?" ১১৭ ; পিতা বৌদ্ধ জামাতা চাহেন অথচ সুপাত্রও চাহেন ১৮২। অ.শী ৩ ; ১০। ঘ ৮ ; ১৭ ; তা'রা এই নিয়মেই চলচে অথচ বলচে অন্য রকম কথা ৪১, বিশ্বের এই যা কিছু খুব সহজ অথচ অত্যন্ত বৃহৎ ১৩২ ; ১৫৩।

অথবা ব্য [সং অথ বা, পা ৪.২.২১, কাশিকা ; বা 'অথবা' ; হি, ঠ অথবা ; তু 'ফাল্গুনং বাথ চৈত্রং বা—অর্থাৎ ফাল্গুনং বা অথ বা চৈত্রম্ (মনু ৭.১৮২)] পক্ষান্তরে, কিংবা, বা। "অথ বা কৃতবাগ্দ্বারে বংশেঽস্মিন্ রঘু ১.৪। অথ বা কৃতং সন্দেহেন শ ১২/৬। বধ্যঃ পুজ্যোঽথ বা ভবেৎ হি ১.৫৯। যথা তরঙ্গিণী তরঙ্গচয়৷ কিছুকাল থাকি বিলীন হয় ; অথবা অচিরপ্রভা যেরূপ৷...বিষয়নিচয় তেমনি প্রায় স.শ ১০৫। সী ২০ ; অথবা আর আমি তাদৃশ মহাত্মাদিগের নামগ্রহণে অধিকারী নহি ২২।

অথবেথে, -ব্যথে ক্রি.বিং ['অস্তব্যস্তে'—মূল ; তু 'অস্তব্যস্তেঽপি' (দো, টীকা ৯৬) ; অপ্র] ১ অস্তব্যস্তভাবে, সত্বর, শীঘ্র। "তা দেখি বড়ায়ি পালটি অথবেথে শ্রী.কী ১২৪। ২ দ্রুতগতিতে। "ঘোর বৃন্দাবনে কে হে আইলা অথবাথে শ্রী.কী ২২৪।

অথর্ব্ব১ (র্ব্বন্) ক্লী [অথ + √থর্ব গতি + অন্ (বনিপ্)-১ব, শকন্ধাদি ; Av. atharvan] ঐহিকমঙ্গলকরমন্ত্রস্বরূপ বেদবিশেষ, চতুর্থবেদ। [ইহার মন্ত্রসমূহ পীড়াদুর্দৈবশান্তি ও শত্রুমারণাদির উপযোগী ঐহিক-ফলপ্রদ যজ্ঞে প্রযুক্ত হয়, সোমযাগাদিতে ইহাদের প্রয়োগ হয় না ; এইজন্য ইহাদের নাম 'অথর্ব্বা'। অথবা, অঙ্গিরোবংশীয় অথর্ব্বা ঋষি মন্ত্রসমূহের শ্রেণী বিভাগ করিয়া, মন্ত্রগুলি তাঁহারই নামে অভিহিত করিয়াছেন এবং উঁহারা 'অথর্ব্বা-'নামে চলিয়া আসিতেছে। 'অথর্ব্বা' হইতে বেদের নাম 'অথর্ব্বা' বা 'অথর্ব্ব'। ঐতরেয়- ও শতপথ-ব্রাহ্মণ, বৃহদারণ্যক ছান্দোগ্য উপনিষৎ প্রভৃতি প্রাচীন গ্রন্থে তিন বেদের উল্লেখ আছে, অথর্ব্ববেদের নাই। মনুসংহিতার অধিকাংশস্থলে (১.২৩, ৩.১৪৫, ৪.১২৪, ১১.২৬৩, ১২.১১১, ১১২ ইত্যাদি শ্লোকে) বেদত্রয়েরই উল্লেখ আছে, কেবল ১১.৩৩ শ্লোকে, "শ্রুতীরথর্ব্বাঙ্গীরসীঃ" দেখা যায়। গীতায় 'ত্রৈবিদ্যা' 'ত্রয়ী,' (৯.২০ ; ২১) আছে। অমরকোষে 'অথর্ব্ব' শব্দ নাই, মেদিনী-কোষে আছে। ইতিহাসে পুরাণে চারিবেদেরই নাম পাওয়া যায়। ইহাতে অনুমান হয় যে, 'অথর্ব্ববেদ' ত্রয়ীর পরবর্ত্তী সংহিতা। ইহার বিংশতি কাণ্ড, নয়টি শাখা, পাঁচটি কল্প। ইহার ব্রাহ্মণ—'গোপথব্রাহ্মণ', উপনিষৎ—'প্রশ্ন' 'মুণ্ডক' 'মাণ্ডুক্য' ইত্যাদি।] —র্ব্বা (-র্ব্বন্) পুং ১ অথর্ব্ববেদ। "পা ৪.৩.১৩৩, তত্ত্ববোধিনী। ২ ঋষিবিশেষ। [ইনি ব্রহ্মার জ্যেষ্ঠ পুত্র। ব্রহ্মা ইঁহাকে ব্রহ্মবিদ্যা উপদেশ দেন (মুণ্ডকোপনিষৎ ১.১) ।] ৩ বশিষ্ঠ। "কি ১০.১০। ৪ ব্রাহ্মণ।

অথর্ব্ব২ পুং ঋষিবিশেষ, অথর্ব্বা ঋষি। "স ব্রহ্মবিদ্যাম্...অথর্ব্বায় জ্যেষ্ঠ-পুত্রায় প্রাহ।—মুণ্ডক ১.১।

অথর্ব্ব৩ বিং [তু 'অথর্ব্বা'—স্থিরপ্রকৃতি (নিরুক্ত) ; 'অথর্ব্ব' (কথ্য)] ১ উত্থানশক্তিরহিত, গতিশক্তিহীন, পঙ্গু, নিশ্চেষ্ট। "অথর্ব্ব উঠিতে নারি আছি এক কোণে শি ৯২। যত অন্ধ অথর্ব্ব অকৃতি অভাজন। ম ৬০০। অথর্ব্ব উঠিতে নারি শ্রী.মা ১২২। ২ অবশ, নিস্পন্দ, জড়। "অথর্ব্ব শরীর ম ১২১৭। ৩ অতিবৃদ্ধ, স্থবির। "অথর্ব্ব জনার আত্মা আধুনির নড়ি শ্রী.মা ৫৯। ৪ পৌরুষহীন, অধম, অক্ষম। "মনের বাসনা কি কহিব আর? এই ভিক্ষা চাই ক'রো গো বিচার৷ অথর্ব্ব দাসেরে ক'রো গো ক্ষমা।—হেম ২৬৬।

অথর্ব্বনিধি পুং [ষ.ত] অথর্ব্ববেদের নিধি (আধার) ; অথর্ব্ববেদ-নিপুণ, পুরোহিতকর্ম্মাভিজ্ঞ। "রঘু ১.৫৯।

অথর্ব্ববান্ বিং ['অথর্ব্ব'—সাধু ; অপ্র] উত্থানশক্তিহীন, পঙ্গু। "অত্যন্ত অথর্ব্ববান আটু ধ'রে উঠে শ্রী.মা ১৩৯।

অথর্ব্ববিৎ (-বিদ্) বিণ [অথর্ব্বন্ + √বিদ্ + ০ (ক্বিপ্)-১ব ; উ.ত ; স্ত্রী -ৎ] অথর্ব্ববেদজ্ঞ। "রঘু ৮.৪।

অথর্ব্বা দ্র 'অথর্ব্ব'।

অথল বিং [অ + থল, পদ্যে] যাহার স্থল (তল) নাই ; অতল, গভীর, অথই। "আমার দুয়ারে জল হইল অথল ক.চ ৮৪। যশোদা অম্বর৷ অমিয়া সাগর৷ রাধিকা মকরী তায়। অগম অথল৷ মধুর শীতল৷ ডুবল সকল গায় ॥ রা.শে ৩৩।

অথা১ অব্য [ওথা > অথা ; অপ্র। ওখানে, ওদিকে, অপরপক্ষে, পক্ষান্তরে। "বাণবৃষ্টি করে অথা অসুর প্রবল চ.বি ৪৭ ; অথা স্বর্গে দেবগণ একত্র হইয়া ৬২ ; ৮০ ; ১৫৪ ; মার মার করি অথা ডাকে চণ্ড মুণ্ড ২২৫। [অথাতে—ওখানে, ওদিকে। "চ.বি ২৯৩ ; অথাতে নিশুম্ভ রাজা পাইল চেতন ৩১১।]

অথা২ অব্য [সং অথ ; অপ্র] অনন্তর। "অথা বলবান্ বীর ধূম্রলোচন। গঙ্গাজলে কৈল বীর স্নান তর্পণ ॥ চ.বি ২০৩।

অথাই১ বিং ['অস্থিতি'--মূল (?) ; অপ্র] 'দাঁড়াইতে অশক্ত' ; অবশাঙ্গ, মূর্চ্ছাপন্ন। "আজম্বিতে রাই, পড়িল অথাই, চণ্ডীদাস যায় নগে চ.সা ২১।

অথাই২ বিং [সং অস্তাগ, -ঘ, অস্তাগ, -ঘ ; অথগ্‌ঘ, অথাহ—গভীর (দেশী ১.৫৪) ; হি অথাহ ; ঠ অথাক, অথাংগ (পদ্যে) ; গু অথাক, -থাগ] অগাধ, গভীর, অথই। তুমি জলনিধি৷ দরিয়া অথাই৷ আমরা ইহার মীন চ.সা ২৪৯।

অথান্তর বি [সং অবস্থান্তর > প্রা অবত্থন্তর (শ ৫২/৩), *অঅথন্তর > বা (আথান্তর) আথান্তর, অথান্তর] ১ দুরবস্থা, দুর্গতি ; অনর্থ, বিপদ। "কেনে অহিত হৈয়া কৈলা অথান্তর মী ২৪। কোথা হৈতে আসি নাথ কৈলা অথান্তর গো.বি ১৮৫। কার বোলে সীতাকে বাপু পাড় অথান্তরে কৃ.উ ২৭২। কোন বীর লইয়া পড়েছে অথান্তর কৃ ২৬১। বরহি হইবে অথান্তর ম.পা ৪৮ ; বিধি এথ কৈল অথান্তর ৭৬ ; ৭৮। অশিষ্ট জন পুছিলে হয় অথান্তর ম.বি ১৯। বহু অথান্তর সেই পুষ্পের কারণ (ম.ম)। ২ অমঙ্গল। "অতিকোপে করিলে কাজ ঠেকে অথান্তর ম.ম ১৯।

অথাহ বিং [দ্র অথাই২] অতল, গভীর। "নদিআ জোরা ভউ অথাহ বি.সা ১৭৯।

অথির বিং [সং অস্থির > প্রা অথির ; হি অথির ; পদ্যে] ১ অস্থির, লক্ষ্যহীন। "তরল নয়ন বাণ অথির সন্ধান বি.প ৮৩। ২ ব্যাকুল, বিহ্বল, অশান্ত। "শুনিয়া বচন তার অথির পরাণি চ.দা ৭১। ৩ তরল, চঞ্চল। "রাজপথ নিহালয়ে অথির নয়নে ক.চ ২১৭। আকুল অথির পরাণ জ্ঞা ২১৫। ৪ ভাবাবেগে আবিষ্ট বা অভিভূত। "কৃষ্ণ অনুরাগে সদা অথির আশয় চৈ.ম ৩০। ৫ কম্পমান। "অধর অথির ভাবের ভরে রা.শে ১০৪।

অদ্ সক [অদা, প —অত্তি ; অনিট্] ১ ভক্ষণ। ২ সংহার, উপশমন, মোঘীকরণ। "শস্ত্রৈরাদিথ শস্ত্রাণি ভট্টি ৯.৪৮।

অদক্ষিণ বিণ [ন.ত ; স্ত্রী -ণা] ১ 'দক্ষিণভিন্ন', সব্য, বাম। "গো.রা ৬.২৯.১০। ২ অদক্ষ, অকুশল। ৩ মূঢ়, নির্ব্বোধ, বিষয়বোধহীন। "মেনেঽথ সত্যমেবেতি পরিহাসমদক্ষিণা গো.রা ৩.২৪.১৩। ৪ অসরল, কুটিল, ক্রূর। ৫ প্রতিকূল, অননুরক্ত। ৬ [ন দক্ষিণা যাহাতে, ন.বহুব্রী ; ছান্দস] দক্ষিণারহিত (যজ্ঞাদি)। "মৃতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ পঞ্চ ২.১০১। হতো যজ্ঞস্ত্বদক্ষিণঃ।—চাণক্য।

অদগ্ধ বিণ [ন.ত] ১ 'দগ্ধভিন্ন', অপ্লুষ্ট, আপোড়া। ২ শাস্ত্রানুসারে অকৃতাগ্নিসংস্কার (শব)। "যেঽপ্যদগ্ধাঃ কুলে মম (শ্রাদ্ধতত্ত্ব)। ৩ অসম্যক্ দগ্ধ ; আধপোড়া।

অদণ্ড্য বিণ [ন.ত ; স্ত্রী -ণ্ড্যা] ১ যে দণ্ডযোগ্য নহে ; দণ্ডানর্হ, নির্দোষ। "অদণ্ড্যান্ দণ্ডয়ন্ রাজা (নরকঞ্চৈব গচ্ছতি) মনু ৮.১২৮। ২ অদণ্ডনীয়, দণ্ডের অযোগ্য। "মনু ৮ ২০২ ; ৩৩৫।

অদত্ত বিণ [ন.ত ; স্ত্রী -ত্তা] ১ 'দত্তভিন্ন', অনর্পিত, অত্যক্ত। "মনু ৪.২০২ ; অদত্তানামুপাদানম্ ১২.৭। ২ অপ্রশস্তভাবে (অপ্রীতিসহিত নির্ব্বন্ধ-হেতুক) দত্ত। "ন হ্যদত্তাং মহীং পিত্রা ভরতঃ শাস্তুমিচ্ছতি রা ২.৩৭.৩০। ৩ ভয়াদিলক্ষণানুসারে দত্ত, অর্থাৎ শাস্ত্রোক্ত ভয় ক্রোধ শোক ইত্যাদি ষোড়শ লক্ষণানুসারে যাহা দান করিয়া প্রত্যাহরণ করা যায়। [অদত্ত ষোড়শপ্রকার—ভয় ও ক্রোধ হেতু দত্ত, শোকাবিষ্ট কর্ত্তৃক দত্ত, উৎকোচরূপে দত্ত, পরিহাসের সহিত দত্ত, ছলপূর্ব্বক দত্ত ইত্যাদি (দ্র 'যাজ্ঞ ২.১৭৯, মিতাক্ষরা)।] ৪ অবিবাহিত, অনূঢ়' "কন্যকানাং ত্বদত্তানাম্ (কাত্যায়ন)। অদত্তা কুমারী ব.প ৯৩৩ ; অদত্তা কনিষ্ঠা ৯৩৮। কন্যা সে অদত্তাঃ অদত্তা কন্যা ম.ভা ২২। —ত্ত ক্লী ভয়াদি হেতু দত্ত দ্রব্য। দ্র (৩)। "দত্তাদত্তয়োঃ স্বরূপম্ (মিতাক্ষরা)। —ত্তা স্ত্রী অবিবাহিতা কন্যা ; অনূঢ়া।

অদন ক্লী (√অদ্+অন (ল্যুট্) -ভা] ১ ভক্ষণ, অশন। "অন্নাদন মনু ১১.৯৫ ; ১৬২। বদনে রদন নড়ে অদনে বঞ্চিত ভা.চ ৪০৩। ২ [+অন -র্ম্ম ; ছান্দস] খাদ্য, ভক্ষ্য।

অদন্ত বিং [ন দন্ত যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ন্তা, -ন্তী] ১ যাহার দন্ত নাই ; দশনহীন। ২ যাহার দাঁত উঠে নাই ; অজাতদন্ত (বালক)। —ন্ত পুং ১ আদিত্যবিশেষ, পূষা। [দক্ষযজ্ঞনাশকালে বীরভদ্র ইঁহার দন্তপঙ্‌ক্তি উৎপাটিত করেন। 'পূষ্ণো হ্যপাটয়দ্ দন্তান্ (ভ. ৪.৫.২১)। পূষণের দন্তপাঁতি পাড়িল (ভা.চ ৪৪)।] ২ জলৌকা, জোঁক। ৩ (বাঙ্‌লায়) অজাতদন্ত শিশু। "অদন্তের হাসি, বড় ভাল বাসি জা ১২।

অদভ্র ১ বহুল। "কি ১.৩৮। ২ অনল্প। "ভ ৪.১.৫৬। ৩ অনন্ত। "ভ ১.৩.৪।

অদম্ভ বিণ [ন দম্ভ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ম্ভা] যাহার দম্ভ অর্থাৎ ধর্ম্মধ্বজিত্ব নাই ; যে সম্মান খ্যাতি প্রভৃতির জন্য কর্ম্ম করে না ; ছদ্ম-হীন, অকৈতব, অব্যাজ। "অদম্ভং শঠতাহীনং কর্ম্ম কুর্য্যাদলোলুপঃ (পুরাণ)। —ম্ভ পুং ১ শিব। ২ [ন.ত] দম্ভের অভাব ; ব্যাজরাহিত্য, অকপটতা। "হেন হেরম্বে আদম্ভে প্রণতি দ্রু ২।

অদম্য বিণ [ন.ত ; স্ত্রী -ম্যা] যে দম্য নহে ; অদমনীয়।

অদয় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ যাহার দয়া নাই ; নির্দ্দয়, নিষ্ঠুর। ২ (গৌণার্থে) নিবিড়, গাঢ় (আলিঙ্গন)। "ইচ্ছামি চৈনমদয়ং পরিরব্ধুমঙ্গৈঃ বিক্র ৫.৯।

অদরিদ্র বিং [ন.বহুব্রী ; স্ত্রী -দ্রা] যাহাতে দরিদ্র নাই ; দরিদ্রহীন। "অদরিদ্রা কৈল পৃথ্বী দিয়া বহু দান ম ৩২৩।

অদর্শন বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -না] ১ যাহার দর্শন নাই ; অপ্রত্যক্ষ, দৃষ্টিবহির্ভূত অন্তর্হিত। "অদর্শনীভূত।—পঞ্চ ১। হইলেন অদর্শন প্রভু গৌরহরি ন প ৬৪। মেঘে লুকাইয়া রাজা হৈল অদর্শন কৃ উ ৬৪ ; ১৮৬ ; দেবরাজ হইলা অদর্শন ২১২। ২ নেত্রহীন। —ন ক্লী [ন.ত] ১ দর্শনের অভাব ; অগোচরতা। "পা ১.৪.২৮। রঘু ২.৭৩। অত্যন্ত-মদর্শনং নয়নয়োঃ বিক্র ৪.২। ২ দর্শনাভাব, অপ্রাপ্তি। "মনু ১০.৪৩। ৩ অশ্রবণ, অনুপলব্ধি, লোপ। "পা ১ ১.৬০। ৪ তিরোভাব, অন্তর্ধান। "অদর্শনং গতঃ মহা ৩.১১৫.৩৭। ৫ (বাঙ্‌লায় ; অপ্র) মৃত্যু। "করিব বিবাহদ্বয় পিতা অদর্শনে ন.প ৫৬।

অদলবদল বি [আ বদল > অদল্, অনু শব্দ ; হি অদল বদল] তুল্য-দ্রব্যের বিনিময় ; পরিবর্ত্তন, হেরফের। [অদল বদল করা—পরিবর্ত্তন করা।]

অদাতা (-তৃ) বিণ [ন.ত ; স্ত্রী -ত্রী] ১ যে দাতা নহে ; দানবিমুখ। "মনু ১১.১৫। ২ অদানশীল, কৃপণ। "অদাতা বংশদোষেণ (পুরাণ)। অদাতা পুরুষস্ত্যাগী ধনং সংত্যজ্য গচ্ছতি। দাতারং কৃপণং মন্যে মৃত্বাঽপ্যর্থং ন মুঞ্চতি ॥—শার্ঙ্গধরপদ্ধতি। ৩ যে কন্যা দান করে না ; অসম্প্রদাতা। "কালেঽদাতা পিতা বাচ্যঃ মনু ৯ ৪। ৪ যে দানপ্রতিভূ (টাকা দেওয়ার জন্য জামিন) নহে ; দানপ্রতিভূ-ভিন্ন প্রতিভূ।

অদান বিণ [ন বহুব্রী ; স্ত্রী -না] ১ যাহার দান নাই ; দানহীন, কৃপণ। ২ দান-বারি-রহিত, মদক্ষরণহীন। "অদানঃ পীনগাত্রোঽপি নিন্দ্য এব হি গর্দ্দভঃ।—পঞ্চ ২.৭৭। —ন ক্লী [ন.ত] দানাভাব। "সুশীলোঽপি সুবৃত্তোঽপি যাত্যদানাদধো ঘটঃ।—পঞ্চ ২.৭৮।

অদায় বিণ [ন দায় যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -য়া] যাহার দায় (বিভাজ্য পৈতৃক ধনাদি) নাই ; পৈতৃকধনাদিতে অনধিকারী ; দায়ানর্হ (পতিতজ্ঞাতি-প্রভৃতি)। "অদায়াশ্চ স্ত্রিয়ো মতাঃ (স্মৃতি)।

অদায়াদ বিণ [ন.ত ;] যে দায়াদ (দায়গ্রহণে অধিকারী) নহে ; অ-গোত্ররিক্থহর। "°বান্ধবাঃ মনু ৯.১৬০। [°বান্ধব—কানীন সহোঢ় ক্রীত পৌনর্ভব স্বয়ংদত্ত ও শৌদ্র এই ষড়্‌বিধ দায়গ্রহণে অনধিকারী জ্ঞাতি। [দ্র 'অবন্ধুদায়াদ']।

অদায়াদবান্ধব দ্র 'অদায়াদ'।

অদায়িক বিণ [ন.বহুব্রী] যাহার দায়িক (দায়গ্রাহক) পুত্রাদি নাই ; রিক্থহরপুত্রাদিশূন্য, উত্তরাধিকারিরহিত (ধনাদি)। "অদায়িকং রাজগামি (স্মৃতি)।

অদার বিণ [ন.বহুব্রী] ১ যাহার দার নাই , স্ত্রীহীন, বিপত্নীক। ২ অকৃত-দার, অবিবাহিত। "(বানরাঃ) অদারাশ্চ সদারাশ্চ গো রা ৪.১৮.১৫।

অদাস পুং [ন.ত] 'দাসভিন্ন', উচ্ছিষ্টভক্ষণাদিদাসকর্ম্মরহিত জন (কুল্লুক) ; দাসত্বমুক্ত জন ; স্বাধীন। "অদাসো গচ্ছ মুক্তোঽসি মহা ৩.২৭১.২১। মনু ১০ ৩২।

অদাহন বিং [ন.বহুব্রী] যেখানে দাহন (শবসংকার) হয় নাই ; শবদাহশূন্য (স্থান)। "অগনিসংস্কার কর গঙ্গার নন্দনে। অদাহন ভূমণ্ডল দেখ যেই থানে ॥ ম ১১০৮।

অদাহ্য বিণ [ন.ত ; স্ত্রী -হ্যা] ১ যাহা পোড়ান যায় না ; অদহনীয়। ২ শাস্ত্রানুসারে অগ্নিসংস্কারের অযোগ্য (পতিত ব্যক্তি)। ৩ অশক্যদাহ (আত্মা)। "গী ২.২৪।

অদিতি স্ত্রী [ন.ত] ১ 'দিতিবিরোধিনী', দক্ষকন্যা কশ্যপপত্নী ও আদিত্যগণের জননী। "°জ, °নন্দন ঋগ্‌বেদ ১৩.৯২.৮। ২ ভূমি, পৃথিবী। "ইয়ং বৈ পৃথিবী অদিতিঃ।—শতপথব্রাহ্মণ ২.২.১.১৯।

অদিন বি অপ্রশস্ত দিন ; অশুভ দিন। [অদিনে অক্ষণে—অশুভ দিনে ও অশুভ ক্ষণে। "যার বিয়ের সম্বন্ধ হইতেছে, তাহাকে কি শ্বশুরবাড়ীতে অমন অদিনে অক্ষণে বিয়ের আগে আসিতে আছে ? ব.প্র ২৩৫। অদিনেতে—অসময়ে, বিপৎকালে। "অদিনেতে পালিমু তোমারে মী ১৩।]

অদিষ্ট বি [অর্দ্ধতদ্ভব শব্দ ; তু 'সং অদৃষ্ট>প্রা অদিট্‌ঠ (হে)] ভাগ্য। "আমার অদিষ্ট প্রসন্ন কৃ.চ ১০।

অদীন বিণ [ন.ত ; স্ত্রী -না] ১ অদরিদ্র, ধনী। ২ প্রসন্ন, হৃষ্ট, সুখী। "°মানস মহা ১.১৩২.৫৮। ৩ উদার, উন্নত, মহান্। "অদীনাত্মা। ৪ অকাতর, অকৃপণ। "যদ্ বাসুদেবেনাদীনম্‌...ঈরিতম্ মাঘ ২.২২।

অদীনসত্ত্ব বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্ত্বা] ১ অক্ষীণসত্ত্বগুণ, সত্ত্বগুণসম্পন্ন। "মহা ১.২৩.১৯। ২ অখেদবীর্য্য, মহাবল। "দানবান্ জঘ্নুরদীনসত্ত্বাঃ মহা ৩.১০৫.৭। ৩ উদারচরিত, মহাত্মা, মনস্বী। "মহা ৩.১১৮২০ ; ১২০.২৩। ৪ দৃঢ়ব্যবসায়, সত্যসন্ধ, সত্যপ্রতিজ্ঞ। "ভজস্ব সামর্থ্যমদীনসত্ত্ব গো.রা ৪.১৯.২৫।

অদীর্ঘসূত্র বিণ [ন.ত ; স্ত্রী -ত্রা] যে দীর্ঘসূত্র নহে, অর্থাৎ কর্ত্তব্য কর্ম্মের আরম্ভে ও সমাপনে আলস্যহীন ; অচিরক্রিয়, উদ্যোগী। "হি ১.১৮৪। যাজ্ঞ ১.৩১০।

অদূর বিণ [ন.ত ; স্ত্রী -রা] ১ সমীপ, আসন্ন, নিকট। "°ত্রিংশ পা ৬.৪.১৪২, সি। অদূরোজ্‌ঝিতবর্ত্ম রঘু ১.৪০। °কোপা হি মুনিজনপ্রকৃতিঃ (কাদম্বরী)। ২ (বাঙলায় ; অপ্র) শীঘ্র, অচিরে। "খেদ না করিহ দেখা হইব অদূর চৈ.ম ১৫৩। —র ক্লী সান্নিধ্য, সামীপ্য, সন্নিধান, নিকট। "°বর্ত্তী, °ভব, °স্থ। "রঘু ৬.৩৪। ঋতু ১.১৪। অদূরে মহারুদ্র ডাকে গভীরে ভা.চ ৪৩। দেখিলা সভয়ে, অদূরে ভীষণ পুরী মে ২৬৩।

অদূরদর্শী (-র্শিন্) বিং [ন.ত ; স্ত্রী -র্শিনী] যে দূরদর্শী নহে ; যে পরিণাম দেখে না ; অবিমৃশ্যকারী, অপরিণামদর্শী, অবিবেক।

অদূরবর্ত্তী (-র্ত্তিন্) বিণ [ন.ত ; স্ত্রী -র্ত্তিনী] অদূরস্থিত, শীঘ্রভাবী। "রঘু ১.৮৭।

অদৃশ্য বিণ [ন.ত ; স্ত্রী -শ্যা] ১ যাহা দৃশ্য নহে, চক্ষুরবিষয়, দৃষ্টিবহির্ভূত, অপ্রত্যক্ষ। "অদৃশ্যা সর্ব্বভূতানাম্ রা ১৪৮.৩৩। রঘু ৪৫। °রূপ কৃ.স ৪.৪৫। অন্যের অদৃশ্য কিছু কারিকুরি করি ভা.চ ২৯৬। মোর বরে পশিবি দুজনে, অদৃশ্য মে ১৬০। কেশরাশিতে...স্কন্ধদেশ একেবারে অদৃশ্য ব.ছি ১৬৬। ২ দর্শনের অযোগ্য ; দর্শনানর্হ। "ইহাতে যে পাপিগণ মনে দুঃখ পায়। বৈষ্ণবের অদৃশ্য সেই সর্ব্বথায়॥ চৈ.ভা ৭১।

অদৃষ্ট বিণ [ন.ত ; স্ত্রী -ষ্টা] ১ যাহা দৃষ্ট নহে, অনবলোকিত, অনীক্ষিত। "°রূপা (লতা) রা ২৫৫.২৯। মনু ৫.১২৭। ২ অননুভূত, অজ্ঞাত, অবিদিত। "°দুঃখ রা ২.২৪.২। °বিরহব্যথ হি ১.১৫৪। °হেতুকা—সুশ্রুত ১.২১.১০। ৩ অবিহিত, শাস্ত্রনিষিদ্ধ। "বৃদ্ধিং ন চাদৃষ্টং পুনর্হরেৎ মনু ৮.১৫৩। ৪ অচিন্তিত, অতর্কিত। "মহা ১.৩.৯। —ষ্ট ক্লী ১ যাহা দৃষ্ট নহে, তাদৃশ ভয় ; অগ্নি জল ব্যাধি দুর্ভিক্ষ মরণ ইত্যাদির ভয়। বিণ 'দৃষ্ট'। ২ প্রাক্তন বা জন্মান্তরীণ শুভাশুভ কর্ম্ম, ভাগধেয়, ভাগ্য, দৈব, নিয়তি, বিধি। "দৈবমিতি যদপি কথয়সি পুরুষগুণঃ সোঽপ্যদৃষ্টাখ্যঃ।—পঞ্চ ৫.৩০। [(ন্যায়) মিথ্যাজ্ঞান হেতু অনুকূলে আসক্তি, প্রতিকূলে দ্বেষ—'দোষ' ; মূল—রাগ দ্বেষ মোহ হেতু দোষ ত্রিবিধ ; দোষত্রয় প্রবৃত্তির মূল ; প্রবৃত্তি, বৈধ অবৈধ ভেদে দ্বিবিধ ; দ্বিবিধ প্রবৃত্তি, কায়িক বাচিক মানসিক ভেদে ত্রিবিধ ; বৈধ ত্রিবিধ প্রবৃত্তি—লোকোপকার, সত্যকথন, দয়াপ্রকাশ ইত্যাদি হইতে ধর্ম্মের, অবৈধ ত্রিবিধ প্রবৃত্তি—চৌর্য্য, মিথ্যাকথন, পরদ্রোহ ইত্যাদি হইতে অধর্ম্মের উৎপত্তি হয় ; বাহ্য ও মানসিক ক্রিয়ায় পরিপুষ্ট ঐ দ্বিবিধ প্রবৃত্তি হইতে আত্মায় বাসনাময় সংস্কার বা অদৃষ্টবিশেষ উৎপন্ন হয়। সংস্কার বা অদৃষ্টই—ধর্ম্মাধর্ম্ম বা পাপপুণ্য ; জন্ম ও সুখদুঃখভোগ অদৃষ্টানুরূপ। অদৃষ্ট, ন্যায়ে বৈশেষিকে 'আত্মধর্ম্ম', বেদান্তে সাংখ্যে পাতঞ্জলে 'বুদ্ধিধর্ম্ম' (ত.বা)।] ৩ ধর্ম্মাধর্ম্ম, পুণ্যাপুণ্য।

অদৃষ্টকর্ম্মা (-র্ম্মন্) বিণ [অদৃষ্ট কর্ম্ম যাহা কর্ত্তৃক, বহুব্রী ; স্ত্রী -র্ম্মা] যে কার্য্য দেখে নাই, অর্থাৎ কার্য্যে অনভ্যস্ত ; কার্য্যানুষ্ঠানহীন। "কার্য্যেষ্বদৃষ্টকর্ম্মা যঃ শাস্ত্রজ্ঞোঽপি বিমুহ্যতি হি ৩.৫৭।

অদৃষ্টচর বিং [ন.ত ; স্ত্রী -রী] যাহা পূর্ব্বে দৃষ্ট হয় নাই ; অদৃষ্টপূর্ব্ব। "অদৃষ্টচরলোকানুরাগপ্রিয়তা সী ৪৪ ; অদৃষ্টচর...নৃশংস আচরণ ৬১।

অদৃষ্টপূর্ব্ব বিণ [ন.ত ; স্ত্রী -র্ব্বা] যাহা দৃষ্টপূর্ব্ব নহে, অর্থাৎ পূর্ব্বে দেখা যায় নাই ; পূর্ব্বে অদৃষ্ট, অদৃষ্টচর। "অদৃষ্টপূর্ব্ববাসনা রাজপুত্রী রা ২.৫৮.৩৫। অদৃষ্টপূর্ব্বং হৃষিতোঽস্মি দৃষ্ট্বা গী ১১.৪৫। আজন্মপরিচিত ব্যক্তিকেও...অদৃষ্টপূর্ব্বের ন্যায় পরিত্যাগ করিয়া গেলে! কাদ ৬৩।

অদৃষ্টবান্ (-বৎ) বিণ [অদৃষ্ট+বৎ (বতুপ্) অস্ত্যর্থে প্রশংসায় -১ব, স্ত্রী -বতী] যাহার প্রশস্ত অদৃষ্ট, ভাগ্যবান্।

অদৃষ্টায়ত্ত বিং [অদৃষ্টে আয়ত্ত, স.ত ; স্ত্রী -ত্তা] ভাগ্যাধীন, দৈবায়ত্ত। "সকলই অদৃষ্টায়ত্ত সী ৪৬।

অদেখ বিং [অ+দেখ ; অপ্র] অদৃশ্য, অগোচর, অন্তর্হিত। "ভাবি ভাবি লক্ষ্মণ হইলা অদেখ। ভূমেতে পড়িয়া সীতা কান্দে অতিরেক॥ ব প ৫৪৭।

অদেখা বিং [অ+দেখা] ১ অদৃষ্ট, অলক্ষিত, লুক্কায়িত। "দেখাদেখি যুদ্ধ করি জিনিবারে নারি। অদেখা হইলে যুদ্ধ করিবারে পারি॥ কৃ ২৫৮। অদেখা হইল রাত্রি ঘোর অন্ধকার বা.ম ২৪০ ; বি.পা ২৫০। ২ অদৃশ্য, অন্তর্হিত। অদেখা হইব প্রভু ঘুচাব জঞ্জাল কৃ ৪৯০। অদেখা হৈল সীতা কৃ.উ ২৭৪। ৩ অগোচর। "আঁখির অদেখা হ'লে সে যেন সে নয় (ফুলরেণু)।

অদেব বিণ [ন.বহুব্রী, স্ত্রী -বা] ১ যাহার সম্বন্ধে দেবতা নাই ; দেবসম্বন্ধহীন, অদৈব। ২ দেবভক্তিহীন, অধার্ম্মিক, পামর। —ব পুং [ন.ত] 'দেবভিন্ন', মনুষ্যাদি। "(যে) দেবান্ কুর্য্যুরদেবান্ মনু ৯.৩১৫।

অদেবমাতৃক বিণ [ন.ত, স্ত্রী -কা] 'দেবমাতৃকভিন্ন', যে দেশ বৃষ্টিজল-জনিত শস্যে পালিত নহে ; নদীমাতৃক। "গো.রা ২.১০৯২৩। কি ১১৭।

অদেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] ১ যাহা দেয় নহে, দানের অযোগ্য ; অদাতব্য, দানানর্হ। "অদেয়মাসীৎ ত্রয়মেব ভূপতেঃ রঘু ৩.১৬। মদ্যমদেয়মপেয়মগ্রাহ্যম্ (স্মৃতি)। কি আছে অদেয়? তুমি সর্ব্বস্ব আমার?—অশোকগুচ্ছ। ২ দেয়ভিন্ন। ৩ স্মৃতিনিষিদ্ধদান (বস্তু)। —য় ক্লী স্মৃতিনিষিদ্ধদান বস্তু—পুত্র দার নিক্ষেপ আধি সাধারণদ্রব্য ইত্যাদি (যাজ্ঞ ২.১৭৮, মিতাক্ষরা)।

অদেশ পুং [ন.ত] ১ অপ্রশস্ত দেশ, গর্হিত দেশ ; কুৎসিত স্থান। ২ অযোগ্যস্থান। "নাদেশে তর্পণং কুর্য্যাৎ (স্মৃতি)। ৩ অরক্ষিত স্থান। "অদেশস্থো হি রিপুণা স্বল্পকেনাপি হন্যতে হি ৪.৪৯। ৪ স্পর্শনাযোগ্য স্ত্রীলোকের স্তনজঘনাদি ও পুরুষের উপস্থবৃষণাদি স্থান। "মনু ৮.৩৫৮। ৫ স্মৃতিনিষিদ্ধগমন দেশ—অঙ্গ বঙ্গ কলিঙ্গ মগধ সৌরাষ্ট্র ইত্যাদি (বৌধায়ন, স্মৃতি)। ৬ অশুচিস্থান। "গী ১৭.২২। ৭ নিষিদ্ধদেশ। "পা ৪.৪.৭১। ৮ অনুচিতদেশ। "অদেশকালে সংপ্রাপ্তঃ রা ৬.১৭.৪৬ ; ৫৬।

অদৈন্য বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ন্যা] ১ যাহার দৈন্য নাই ; দীনতাহীন, কার্পণ্যরহিত। ২ (বাঙলায়) দারিদ্র্যহীন, ধনবান্, সম্পন্ন। "ব্রাহ্মণ অদৈন্য হইল দানেতে যাহার ম ৯৬২। অদৈন্য করিল দ্বিজবর্গ বি.সু ১৪৮। দিছে সবে করিয়া অদৈন্য দা ৮৮।

অদোষ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ষা] ১ যাহার দোষ নাই ; নিরপরাধ, সচ্চরিত্র, সাধু। "জায়ামদোষাম্ রঘু ১৪.৩৪। ২ (অলঙ্কারে) গ্রাম্যতাপ্রভৃতি রসাপকর্ষক-দোষরহিত। "অদোষং গুণবৎ কাব্যম্

(সরস্বতীকণ্ঠাভরণ)। —ষ পুং [ন.ত] দোষাভাব, নির্দ্দোষতা। "কিমিত্যদোষেণ তিরস্কৃতা বয়ম্ কি ১৪.১১।

অদ্ধ বিং [সং অর্দ্ধ>লি.প্রা অদ্ধ > বা অদ্দ, অধ ; অপ্র] আধা। "এক অদ্দ মস্তকের ক্যাশ দুই অদ্দ করিয়া গো.চ ৬৫। [এক অদ্দ—একগাছি। দুই অদ্দ—দু-আধখান, দুখান।]

অদ্দেক, অদ্ধেক বিং ['অর্দ্ধেক'—মূল ; সং অর্দ্ধক] অর্দ্ধ। "তখন মাছের অদ্দেক দাম না দিলে আমাকে ঢুকতে দেবে না বলেছিল হু ২৩।

অদ্ধে ক্রি.বিণ [সং অধঃ ; অপ্র] অধোদেশে, নিম্নে। "অদ্ধে উর্দ্ধে তুলি ধর কাম মহাবলী গো.বি ১৪৩। ['উর্দ্ধে'র অনুকরণে 'অধে'> অদ্ধে।]

অদ্ভুত বিণ [অৎ+ √ভূ+উত (ডুতচ্)-ক, উ ৫.১, স্ত্রী -তা ; ছান্দস] ১ যাহা অকস্মাৎ ঘটিয়াছে ; আকস্মিক, বিস্ময়কর আশ্চর্য্য, অপূর্ব্ব। "°কর্ম্মা, °রূপ। ঋগ্বেদ ১.১৮.৬। গী ১৮.৭৪ ; রূপমত্যদ্ভুতং হরেঃ ৭৭। অদ্ভুত নৃত্য অদ্ভুত বিকার চৈ.ভা ৪৫১। ২ অলৌকিক, দিব্য। "°দর্শন মহা ৩.১১২.৬ ; ১১৩.১। গী ১১.১০। —ত পুং (অলঙ্কারে) রসবিশেষ, অদ্ভুতরস (সা.দ ৩.২৪২-২৪৫)। —ত ক্লী ১ আশ্চর্য্য, বিস্ময়। "উ.চ ৬$\frac{২}{৫}$; ৭$\frac{২}{১৯}$। অদ্ভুতের শেষ প.তৃ ১৬। ২ বিস্ময়কর বস্তু বা বিষয় (Miracle)। "অদ্ভুতং খলু সংবৃত্তম্ শ ৫$\frac{২}{২৩}$। ৩ উৎপাত। "মনু ৪.১১৮।

অদ্ভুতরস পুং [কর্ম্মধা] সর্থ 'অদ্ভুত' (পুং)। "উ.চ ৩.৪৪।

অদ্য ব্য [ইদম্+দ্য, নিপাতিত, পা ৫.৩.২২ ; অস্মিন্ দ্যবি (অহনি)—নিরুক্ত ; 'অদ্যা' (ঋগ্বেদ ৬.৩০.৩ ; cf., L. hodie] ১ এই দিনে ; আজ। "অদ্য প্রাতরেব হি ১$\frac{২}{১}$। শ ২.৬। অদ্য যেন অন্ন আর শাস্তিলাভ হয়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ ইদানীং, অধুনা। "মাঘ ১৪.৫। ৩ (বাঙলায়) এই দিন ; বর্ত্তমান দিবস। "অদ্য হইতে পক্ষান্তরে আপনার সহিত কোথায় সাক্ষাৎ হইতে পারিবে, বলিয়া দিন ব.প্র ৮। [অদ্যকার—আজকার। "বাঁচি কিংবা মরি আমি অদ্যকার দিনে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। অদ্যকালে (অপ্র)—বর্ত্তমান কালে ; এখন। "ম.পা ১৭ ; ১২৯। অদ্যদিনে—অদ্য, আজ। "পঞ্চ ৩$\frac{২}{১}$$\frac{২}{৩}$$\frac{৪}{৫}$।]

অদ্যকার, অদ্যকালে দ্র 'অদ্য'।

অদ্যতন বিণ [অদ্য+তন (ট্যু, তুট্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -নী] ১ অদ্য ভব ; অদ্যসম্বন্ধী। "°দিবস, °কাল (A.)। ২ ইদানীন্তন, আধুনিক। [অদ্যতনীয়—১ অদ্যতন। "অদ্যতনীয়ো হিমপাতঃ।—পঞ্চ ৩$\frac{২}{১}$$\frac{২}{৩}$$\frac{৪}{}$। ২ আধুনিক।]

অদ্যপ্রসূত বিং অদ্য ভূমিষ্ঠ ; সদ্যোজাত। "অদ্যপ্রসূত যত ছেলে, ধ্বংস জন্য কংস দুষ্টাসুর (ব'লে পাঠালে পুতনায়) দা ১৫০।

অদ্যভক্ষ্য বি আজকার খাদ্য ; একদিনের খাদ্য ; অতাল্প খাদ্য। "অদ্যভক্ষ্য রঘুরাজ নাহি রাখে ঘরে কৃ ২৫।

অদ্যভক্ষ্যধনুর্গুণ [সং অদ্য ভক্ষ্যো ধনুর্গুণঃ] হিতোপদেশে ক্ষুধার্ত্ত শৃগাল দীর্ঘরাব মৃত ব্যাধ সর্প শূকর ধনু দেখিয়া বলিয়াছিল, "আজ ধনুর্গুণ ভক্ষ্য" ; (গৌণার্থে) খাদ্যের অভাব- বা দারিদ্র্য-সূচক বাক্য। "ওদিকে অদ্যভক্ষ্যধনুর্গুণ (অর্থাৎ ঘরে অন্ন নাই), আর এদিকে বেটার নবাবী দেখ!

অদ্যাপি ব্য [অদ্য+অপি] ১ বর্ত্তমানদিনপর্য্যন্তও, আজও, এখনও। "রা ২.৭১.২৭। অদ্যাপি স্তনবেপথুং জনয়তি শ্বাসঃ শ ১.২৭। মেদিনী হইল মাটি নিতম্ব দেখিয়া। অদ্যাপি কাঁপিয়া উঠে থাকিয়া থাকিয়া॥ ভা.চ ২৯১। ২ (বাঙলায়) অদ্য, আজ, এখন (অপ্র)। "শ্রী.মা ২০৮ ; ২২১। [অদ্যাপিও, অদ্যাপিহ ('অদ্যাপি' সাধু)—এখনও। "অদ্যাপিও ঘোষে ত্রিভুবন ম.ম ১৭০। অদ্যাপিহ এথা দেবী পূজে সর্ব্ব লোকে ন.প ২৪। ম.পা ১৩৯। ম ৪৫ ; ৬০৮। অদ্যাপিহ (খিচুড় লাগায় ভোগ) ভ.গ্র ২১৭।]

অদ্যাবধি বিণ [অদ্য অবধি যাহার, বহুব্রী] অদ্যপর্য্যন্ত, বর্ত্তমানদিন-পর্য্যন্ত। "দ্বাদশাব্দ অদ্যাবধি হইলেক গত ম.পা ৬৫। —ধি ক্রি.বিণ আজপর্য্যন্ত। "অদ্যাবধি ছাড়িনু কৈলাস ভা.চ ১০৪। অদ্যাবধি তরাসে বিদ্যুৎ নহে স্থির শি ৩০। আ.দু ৫১।

অদ্রি পুং [√অদ্+রি (ক্রিন্)-ক, উ ৪.৬৫ ; 'অদ্রি'-বজ্র (ঋগ্বেদ ১.১৬৮.৬)] ১ যে বৃষ্টিজল পান (ধারণ) করে ; পর্ব্বত। "কু.স ১.৫২। কোন অদ্রি ভারতের হিমাদ্রিসমান ?—সত্যেন্দ্রনাথ ঠাকুর। ২ পর্ব্বতমূষিক। ৩ (কুলপর্ব্বতের সংখ্যানুসারে) সাত (৭) এই সংখ্যা। ৪ পরিমাণবিশেষ, আড়ি (?)।

অদ্রিজ ক্লী [অদ্রি+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ১ 'অদ্রিজাত', শিলাজতু। ২ গৈরিক, গিরিমাটি।—জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] গিরিজা, পার্ব্বতী। "কৃত্তিবাসে কহেন অদ্রিজা শ্রী.মা ৪৭। ব.প ৩২০।

অদ্রিনাথ, -পতি পুং [ষ.ত] ১ 'পর্ব্বতরাজ', হিমালয়। ২ শিব।

অদ্রোহ পুং [ন.ত] ১ দ্রোহাভাব, অহিংসা। "মনু ৪.১৪৮। ২ অপীড়া। "মনু ৪.২।

অদ্বয় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ যাহার দ্বয় বা দ্বিত্ব নাই ; দ্বিত্বহীন, কেবল, এক। "অদ্বয়ং ব্রহ্ম (বেদান্ত)। ২ আত্মজ্ঞ, আত্মতত্ত্ববিৎ। ৩ ব্রহ্ম ও আত্মার ঐক্যবিৎ। —য় পুং ১ আত্মা। ২ অদ্বৈতবাদী। ৩ বুদ্ধ (অ.চি)।—য় ক্লী [ন.ত] ১ দ্বয়ের অভাব ; দ্বিত্বাভাব, অদ্বৈত। ২ জীবাত্মা বা জগতের সহিত ব্রহ্মের ঐক্য ; পরমতত্ত্ব। "অদ্বয়ানন্দ (বেদান্তসার—প্রতিজ্ঞা)।

অদ্বয়বাদ বি [ষ.ত] অদ্বয়সম্বন্ধী বাদ ; সবই চিৎস্বরূপ, তদতিরিক্ত কিছুই নাই—এই মত ; ব্রহ্ম ও জীবের একাত্মবাদ। "অদ্বয়বাদ যেই করিল স্থাপন। তারি শাস্ত্রযুক্ত্যে প্রভু করিল খণ্ডন॥ চৈ.চ ১৯৩।

অদ্বয়বাদী(-দিন্) পুং [অদ্বয়+ √বদ্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব ; উ.ত] ১ যিনি অদ্বয়বাদ স্বীকার করেন ; অদ্বৈতবাদী, বৈদান্তিক। ২ বুদ্ধ (অ.কো)।

অদ্বার ক্লী [ন.ত] যাহা দ্বার নহে ; দ্বারব্যতিরিক্তপ্রদেশ (কুল্লুক), দ্বারভিন্ন পথ। "মনু ৪.৭৩। নাদ্বারেণ বিশেৎ কর্হিচিৎ যাজ্ঞ ১.১৪০।

অদ্বিতীয় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ যাহার দ্বিতীয় নাই ; অসদৃশ, অতুল, অনুপম। "ন কেবলং রূপে শিল্পেঽপ্যদ্বিতীয়া মালবিকা মা মি ২$\frac{২}{১}$$\frac{}{৩}$। ২ সহায়হীন, অসহচর, একাকী। ৩ সজাতীয়াদিভেদহীন, কেবল। "একমেবাদ্বিতীয়ং ব্রহ্ম (শ্রুতি)। অদ্বিতীয় রূপ চৈ.ভা ৭। —য় ক্লী ব্রহ্ম।

অদ্বৈত বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -তা] ১ যাহার দ্বৈত (ভেদ) নাই ; অদ্বয়, অভেদ। "বিষ্ণুমানন্দমদ্বৈতম্ (প্রণমামি)। —গরুড়পুরাণ। ২ অসদৃশ, অতুল। ৩ কেবল, অদ্বিতীয়। "ব্রহ্মাদ্বৈতম্ মহা ৩.১৩৩.১৯। ৪ একরূপ, অবিকৃত। "অদ্বৈতং সুখদুঃখয়োঃ (যৎ প্রেম) উ.চ ১.৪০। —ত পুং অদ্বৈতাচার্য্য। "অদ্বৈতং হরিণাদ্বৈতাৎ চৈ.চ ২ ; অদ্বৈত গুণধাম ২৯। —ত ক্লী ১ ব্রহ্ম। "°তত্ত্ব। ভারতের পরিচয় শান্ত শিব অদ্বৈতের সনে স.স্ব ৯২। ২ [ন.ত] দ্বৈতের অভাব ; অভেদ, একাত্মতা। ৩ অদ্বৈধ, একাগ্রতা। "অদ্বৈতেনোপচর্য্যান্ত (ভর্ত্তা) গো.রা ৩.৩.৩। ৪ ব্রহ্মতত্ত্ব। ৫ উপনিষদ্‌বিশেষ।

অদ্বৈতবাদ বি [ষ.ত] সর্থ 'অদ্বয়বাদ'। "আচার্য্যের আগ্রহ অদ্বৈত-বাদ স্থাপিতে চৈ.চ ২৪৭।

অদ্বৈতবাদী (-দিন্) পুং [অদ্বৈত+ √বদ্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক -১ব ; উ.ত] ১ সর্থ 'অদ্বয়বাদী'। ২ (বাঙলায়) যে স্বামী প্রথম পত্নীর প্রতি প্রণয় অদ্বিতীয় বলিয়া স্বীকার করেন ; এক-

পত্নীব্রতী পতি। "এইজন্য অদ্বৈতবাদী পবিত্রমনা ব্যক্তির পক্ষে দ্বিতীয়-দারপরিগ্রহ অসম্ভবপর পা.প্র ১২৫।

অদ্বৈধ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ধা] ১ দ্বৈধ যাহাতে নাই ; দ্বৈধরহিত, নিঃসংশয়। ২ প্রকারদ্বয়রহিত, একাগ্র। "অদ্বৈধমত্র (ভর্ত্তরি) বর্ত্তব্যম্ রা ২.১১৮.৩।

অধ[১] বিং [সং অধঃ ; হি, মৈ অধ ; পদ্যে] নিম্ন, নীচ। "ঊর্দ্ধ-অধ-ভিত্তি চৈ.চ ১৪৭। অধ অধরেতে বা.দ ১১০। [অধ অধ—নীচে নীচে। "উভ উভ উড়ে ফলা, অধ অধ অসি শ্রী ৮৮। অধগতি (সং অধোগতি ; হি অধগতি) —নরকগমন। "সপ্তম পুরুষ তার হয় অধগতি শ্রী মা ২১৮। অধনিবাসিনী—পাতালবাসিনী। "ম.পা ১৫৬। অধপাত (সং অধঃপাত)—অধোগতি, নাশ, ধ্বংস। "তোহ্মা শাপে ভস্ম হৈআ গেলেন অধপাতে গ ৮৯। অধভূম—অধোভূমি, পাতাল। "অধভূমে পালন করিলা নাগগণে ম.ম ৪৭। অধে—নিম্নদেশে, পাতালে। "উর্দ্ধে অধে ধাএ দশদিকে গ ১২।]

অধ[২] বিং [দ্র 'অদ্ধ' ; অপ্র] অর্দ্ধ। "অধ বস জোগি পাইলে মৈধ্য দেসে কাটে গো বি ৬০ ; অধকালে নাটভঙ্গ করিতে না পারি ১০৪।

অধঃ (-ধস্) ব্য [অধর+অস্ (অসি) 'প্রথমা-পঞ্চমী-সপ্তমী'-অর্থে পা ৫.৩.৩৯] ১ অধর লোক ; পাতাল (ত্রিকাণ্ডশেষ)। "তুমি অধঃ অনন্ত আকাশ শ্রী.মা ৮৮। অধঃ কাঁপে অনন্ত শি ১১। ২ অধর, নিম্ন। "অধোভুবন, অধোমুখ, অধোলোক। অধো রমণীয়ম্ (কাশিকা)। অধঃ মুখে লাউসেন ভাবে শ্রী.মা ১৫৫। অধঃপল্লব ব.প্র ৫২। [অধঃতে—নিম্নদেশে। "অধঃতে অনন্ত দু ৯ ; ১১, ১০৩।]

অধঃকরণ ক্লী [অধস্+√কৃ+অন (ল্যুট্)-ভা] ১ ন্যূনীকরণ, অভিভব, অপমান। ২ নিম্নদেশে স্থাপন।

অধঃকৃত বিণ [অধস্+√কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ ন্যূনীকৃত, পরাভূত, অপমানিত। "অধঃকৃতকুসুমায়ুধঃ (কাদম্বরী)। ২ অধরীকৃত, তুচ্ছী-কৃত। ৩ নিরস্ত, প্রত্যাদিষ্ট। "মাগ ১৬৮। ৪ অধোনিহিত, নিম্নদেশে স্থাপিত। "হি ২.৬৭।

অধঃপতন বি ১ নিম্নে পতন। ২ চরিত্রভ্রংশ, অধোগতি। ৩ অবস্থার অবনতি ; ভাগ্যবিপর্য্যয়।

অধঃপাত পুং [স.ত] ১ অধোদেশে গমন ; অধোগতি, অবতরণ। ২ চরিত্রের অবনতি বা অপকর্ষ ; চরিত্রভ্রংশ, বদ্ স্বভাব। "অধঃপাতে গতি যার কে তার রক্ষণ (মাইকেল)। বড় ভাইটিতো একেবারে অধঃপাতে গিয়েছে আ.দু ৩৯। ৩ সপ্রণয় গালি। "তুমি অধঃপাতে যাও, মনের কথা কিছু বুঝিলে ? ব.প্র ১২০। [অধঃপাতে যাওয়া—কুপথগামী হওয়া ; উচ্ছন্নে যাওয়া। "অধঃপাতে যায়, সর্ব্ব ধর্ম্ম ঘুচে তার চৈ.ভা ৩০০। অধঃপেতে (অধঃপাত+এ৮)—কুপথ-গত, দুর্ব্বৃত্ত, দুষ্ট, বজ্জাত। "এমন ছোঁড়া অধঃপেতে, দধি যদি দিদি ! রাখি পেতে, মাথা খেতে, সে মাথা খেতে চায় দা ১৫৩। ফুলমণি ডাকিল, "ও অধঃপেতে…—ও বিট্‌লে ! ব.প্র ৩৬০।]

অধঃশিরা বিং [সং অধঃশিরাঃ] সর্থ 'অধঃশিরাঃ'। "অধঃশিরা ঊর্দ্ধ-পদে থাকয়ে ভাবিনী ম ৯৪৬।

অধঃশিরাঃ (-রস্) বিণ [অধঃ শিরঃ যাহার, বহুব্রী, ১ব ; স্ত্রী -রাঃ] যাহার মস্তক নিম্নাভিমুখ ; অবাক্‌শিরাঃ। —রাঃ পুং নরক-বিশেষ।

অধঃস্থ বিণ [অধঃ+√স্থা+অ (ক)-ক, উ.ত ; স্ত্রী -স্থা] ১ নিম্নস্থিত। ২ অপকৃষ্ট, অধম।

অধগতি দ্র 'অধ[১]'।

অধন বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -না] ১ যাহার ধন নাই ; নির্ধন, দরিদ্র। "মহা ৩.৬৯.৪৭। পঞ্চ ২.১০৯। ২ স্বোপার্জ্জিত ধনে স্বাতন্ত্র্যহীন (স্ত্রী, পুত্র ও দাস)। "মনু ৮.৪১৬। মহা ২.৭১.১। —ন পুং দরিদ্র। "ভ ৪.৯.৩৫।

অধনিবাসিনী দ্র 'অধ[১]'।

অধন্য বিণ [ন.ত ; স্ত্রী -ন্যা] ১ মন্দভাগ্য, দুর্ভাগা। "°তা শ ২$\frac{৬}{১}$। ধিঙ্ মামধন্যাম্ উ.চ ১৪৩। ২ দুঃখিত, অসুখী।

অধপাত, -ভূম দ্র 'অধ[১]'।

অধম বিণ [অধস্+ম (অ টী), অধঃ+তম (?) ; স্ত্রী -মা ; ছান্দস] ১ যে অধঃ (অধো ভবতি—অ টী) ; কুৎসিত, নিন্দিত, অপকৃষ্ট, হেয়। বিপ 'উত্তম'। "দেহেষু…উত্তমেষ্বধমেষু মনু ৬.৬৫ ; ১২.৩ ; ৪১। ২ নির্গুণ। বিপ 'অধিগুণ'। "যাচ্ঞা মোঘা বরমধিগুণে নাধমে লব্ধকামা পু.মে ৬। উত্তমে উত্তমে মিলে অধম অধমে। কোথায় মিলন হয় অধম উত্তমে॥ ভা চ ৩২২। ৩ অপসদ। "দ্বিজাধম মনু ৩. ১৪০ ; নরাধম ১০ ২৬। ৪ ন্যূন, ন্যূনতম। "তদর্দ্ধমধমঃ (সাহসঃ) যাজ্ঞ ১.৩৬৬। ৫ নীচ, হীন, ইতর (জাতি)। "°যোনিজ মনু ৯.২৩ ; চণ্ডালশ্চাধমো নৃণাম্ ১০ ১২ ; ১৬ ; অধমো জাত্যা ৯৬। কোন জন নাহি দুখী, উত্তম অধম সুখী ক.চ ৯৩। ৬ হীনবল। "মনু ৭.৮৭। ৭ গৌণ। বিপ 'মুখ্য'। "মুখ্যঃ স্যাৎ প্রথমঃ কল্পোঽনুকল্পস্তু ততোঽধমঃ (অ কো)। ৮ দুরাত্মা, খল, দুর্জন। "দেয়ঃ…নাবকাশোঽধমানাম্। —পঞ্চ ১.৩৯৭। ৯ নিকৃষ্ট, ভারবাহী। 'অধমো ভারবাহী স্যাৎ। "°ভৃত, °ভৃতক। —ম পুং উপপতি-বিশেষ (রসমঞ্জরী)।

অধমর্ণ পুং [অধম ঋণ যাহার, বহুব্রী ; অথবা ঋণে অধম, স.ত, রাজদন্তাদি (অ.টী) ; অধম ঋণে পা ৮.২.৬০, কাশিকা] ঋণগ্রহীতা, ঋণকর্ত্তা, খাতক। বিপ 'উত্তমর্ণ'। "মনু ৮.৪৭।

অধমা স্ত্রী [অধম+স্ত্রী আ (টাপ্)] নায়িকাবিশেষ (রসমঞ্জরী)। "হিত কৈলে অহিত করয়ে যেই জন। অধমা তাহাব নাম বলে কবিগণ॥ ভা চ ১৯৬।

অধমাঙ্গ ক্লী [অধম অঙ্গ, কর্ম্মধা] অধরতম অবয়ব ; চরণ। বিপ 'উত্তমাঙ্গ'।

অধমাধম বিণ [সুপ্ সুপা ; স্ত্রী -মা] অধম হইতে অধম ; অতিশয় অধম ; অতিনিকৃষ্ট। "(পুত্রঃ) অপজাতোঽধমাধমঃ পঞ্চ ১.৪২৭।

অধমুখ বিণ [অধ[১]+মুখ ; সং অধোমুখ ; হি অধমুখ ; অপ্র] অবনতমুখ, হেটমুখ। "ঈশ্বরী হলেন অধমুখ শ্রী.মা ১৯৪ ; ২২১।

অধর্ম্ম বি [সং অধর্ম্ম > লি, প্রা অধম্ম ; কথাভাষা] পাপ, কুকর্ম্ম। ['অধম্মে'র ভোগ—পাপের ফলভোগ ; দুঃখভোগ। অধম্মে—অধার্ম্মিক, পাপী।]

অধর বিণ [ন.ধর, ন.ত ; স্ত্রী -রা ; অধঃ+তর (?) ; ছান্দস ; Av. adhara] ১ অনূর্দ্ধ, নিম্ন, অপর, নীচ। বিপ 'উত্তর'। "অধরোষ্ঠ ; °কায় পা ২ ২.১, কাশিকা। ২ অধঃস্থিত, নিম্ন। "অধরাম্বর মাঘ ১.৬। °বাস কি ৪.৩৮। ৩ হীন, অপকৃষ্ট, জঘন্য। "অধরোত্তর শ ৫$\frac{২}{২}\frac{৩}{৪}$। নৈ ২.২৪। নাগর, শুন তোমার অধর চরিত চৈ.চ ৩৩৯। ৪ পূর্ব্ব, গত। "অধরেদ্যুঃ। ৫ (ব্যবহারে) হীনবাদী, অর্থাৎ যে বাদী পূর্ব্ববাদ ত্যাগ করিয়া অন্য বাদ অবলম্বন করে (অ চি)। —র পুং ১ যাহা কিছু ধরে না (অ.টী) ; নিম্ন ওষ্ঠ ; নীচের ঠোঁট। "অধরো-ষ্ঠেঽধরঃ (অ.টী) ; ওষ্ঠাধরৌ তু রদনচ্ছদৌ (অ.কো)। ভ ২.১.৩২ অধরহি লাগল দশনক চিহ্ন বি.প ৬৯। ইহার (গণ্ডারের) ওষ্ঠ অধরের উপর ঝুলিয়া পড়িয়া থাকে (শিশুশিক্ষা, ৩য় ভাগ)। ২ ঊর্দ্ধ ও নিম্ন ওষ্ঠ ; ওষ্ঠ, ঠোঁট। স্ফুরমাণাধরাননা গো.রা ৩.৬২.৩২। °বিম্ব কু.স ৩.৩৩ ; ৫.১১ ; °পত্র ২৭ ; ৭৪ ; উত্তরাধর ৮৩। অধরঃ কিসলয়রাগঃ শ ১.১৯ ; ২১। ঋতু ৩.২৫। গী.গো ১০.১৪। °পুট

শৃ ৭। অধর সুরঙ্গ বিপ ৬৫ ; অধর নীরস ৭০। চঞ্চল অধর ক.চ ২৩। °পল্লব সা.ম ৫৬। অধরে ধরি লে মধু মে ৮৪ ; বিম্বাধরা ১১২। অঞ্চলতল অধরে চাপি চ.কা ৩১৬ ; অধরের কোলে যেন অধরের ভাষা : দুখানি অধর : দুটি অধরের ২৪। লোহিত অধর —কাদ ২৪। —র ক্লী অধোভাগ, প্রান্ত। "পৃষ্ঠবংশাধরে ত্রিকম্ (অ.কো)। —র পুং, ক্লী ১ যোনি। ২ (বাঙ্‌লায়) চক্ষু (অপ্র)। "ক্ষেমঙ্করী রূপ ধরি, অধরে টোপর করি, ভগবতী চলিলা উড়িয়া ক.চ ২৪৪।

অধরপান ক্লী [ষ.ত] অধরচুম্বন।

অধরবিম্ব বিণ [অধর বিম্ব যাহা হইতে, বহুব্রী] যাহা হইতে বিম্বফল অপকৃষ্ট ; জিতবিম্ব। "নৈ ২.২৪। —ম্ব ক্লী [অধর বিম্বতুল্য, উপ.স] বিম্বফলবৎ রক্ত ওষ্ঠ। "নৈ ২.২৪।

অধরবিম্বক বি বিম্বতুল্য লোহিত ওষ্ঠ। "অধরবিম্বকজুতি ক.চ ৮।

অধরমদিরা বি [ষ.ত] অধরের সুরাতুল্য ; সুরাবৎ মত্ততাজনক অধররস ; মুখাসব। "ন ১৩০৭।

অধরমধু ক্লী [ষ ত] অধরের মধুতুল্য ; অধররস, মুখাসব, অধরসুধা। "°স্যন্দ গী.গো ১২.১১। অধরমধু যদি কর দান রা.গ; ৩০। °পান শ্রী ম ১৯৮। সে অধরমধু পিয়ে শি ৫৪।

অধররস বি [ষ.ত] সর্থ 'অধরমধু'। "কত মুখ মোড়ি অধররস নেল বি.প ১৪০।

অধরসঙ্গম বি [ষ.ত] অধরের মেলনস্থান , ওষ্ঠসংযোগস্থল। "গৃহ ছাড়ি নিরুদ্দেশ দুটি ভাল বাসা, তীর্থযাত্রা করিয়াছে অধর-সঙ্গমে চ.কা ২৪।

অধরসুধা বি [ষ.ত] অধরামৃত। "°রস গী গো ১২.৬ ; বি.প ২৬।

অধরামৃত ক্লী [অধরের অমৃত, ষ.ত] অধরসুধা, অধররস। "°পূরক ভ ১০.২৯.৩৫। °পান নৈ ২০.৫৯। দুহু অধরামৃতে দুহু মুখ ভরু বি প ২১১। অধর-অমৃত-আশে ভুলিল অমৃত, দেব-দৈত্য মে ৬১।

অধরীকৃত বিণ [অধর+(চ্বি) অভূততদ্ভাবে+ √কৃ+ত (ক্ত)-র্ম] ন্যূনীকৃত, তিরস্কৃত। "ভবতা ধীরতয়াধরীকৃতঃ কি ২.২৪।

অধরীভূত বিণ [অধর+(চ্বি) অভূততদ্ভাবে+ √ভূ+ত (ক্ত)-ক] ১ ন্যূনীভূত, অল্পীভূত। "পয়োধরীভূতচতুঃসমুদ্রা।—রঘু ২.৩। ২ হীনীভূত, দুর্ব্বল। "যাজ্ঞ ২.১৭।

অধরু বি [বৈষ্ণবসাহিত্যে] অধরে। "অধরু আচর ওর বি.প ১৩৮।

অধরোত্তর বিণ [অধর ও উত্তর, দ্বন্দ্ব , স্ত্রী -রা] পূর্ব্বোত্তর, পূর্ব্বাপর। "অধরোত্তরান্ অর্থান্ মনু ৮.৫৩। —র ক্লী [স দ্ব] নীচের অভিবৃদ্ধি ও উত্তমের হ্রাস (নীলকণ্ঠ) ; নীচের প্রাধান্য। "অধর্ম্মেণ জিতো ধর্ম্মঃ প্রবৃত্তমধরোত্তরম্ মহা ১.৮৩.২৮। মনু ৭.২১। যাজ্ঞ ১ ৯৬।

অধরো(রৌ)ষ্ঠ পুং [অধর ওষ্ঠ, কর্ম্মধা ; পক্ষে 'অধরৌষ্ঠ', পা ১.১. ৬৪, বার্ত্তিক] নিম্ন ওষ্ঠ ; নীচের ঠোঁট। বিপ 'উত্তরোষ্ঠ'। "অধরোষ্ঠঃ করণম্ তৈ ২.২৪, ব্যাখ্যা। —ষ্ঠ ক্লী [স.দ্ব] অধর ও ওষ্ঠ ; ওষ্ঠাধর। "অঙ্গুলিসংবৃতাধরোষ্ঠ শ ৩ ২২। পক্কবিম্বাধরোষ্ঠী উ.মে ২১। অধরোষ্ঠ যেন প্রাতঃশিশিরে সিক্ত ব.প্র ১৪১।

অধর্ম্ম পুং [ন.ত] ১ 'ধর্ম্মবিরোধী', শ্রুতিস্মৃতিবিরোধী আচার ; অবৈধ কার্য্য ; দুষ্কৃত, পাপ। "মনু ৮.৩৮১ ; অধর্ম্মেণৈধতে তাবৎ ৪.১৭৪। গী ১৮.৩২। 'ধর্ম্ম' শব্দ মুখে, গতি অধর্ম্মের পথে মা ১০১। অধর্ম্মকর্ম্মে রত মে ১৫৪। ২ ব্রহ্মার পৃষ্ঠজাত ধর্ম্মবিরোধী পুরুষ। "ভ ৩.১২.২৫।

অধর্ম্মদণ্ডন ক্লী [কর্ম্মধা] ধর্ম্মহীন দণ্ডবিধান ; অন্যায় দণ্ড। "মনু ৮.১২৭।

অধর্ম্মনিয়ম পুং [ষ.ত] পাপের নিয়ন্ত্রণ ; পাপবারণ। "মনু ৮.১২২।

অধর্ম্মভীরু বিণ [প.ত ; স্ত্রী -রু, -রূ] পাপ হইতে ভয়শীল ; অধর্ম্ম-ভয়াশঙ্কী। "শ ৫২৮।

অধর্ম্মাচারী (-রিন্) বিং [অধর্ম্ম+আ+ √চর্+ইন (ণিনি) তাচ্ছীল্যে -ক -১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] পাপানুষ্ঠানশীল, পাপকারী। "পরম অধর্ম্মাচারী রঘুকুলপতি মা ১০২।

অধর্ম্মিষ্ঠ বিণ [ন.ত ; স্ত্রী -ষ্ঠা] ১ যাহা ধর্ম্মযুক্ত নহে ; অতিপাপ-জনক। "অধর্ম্মিষ্ঠম্ (কর্ম্ম) গো.রা ৩.৫৯.৮। ২ অতীব ধর্ম্মবিরোধী ; অন্যায্য। "পিতুর্বাক্যমধর্ম্মিষ্ঠম্ রা ২.২৩.১২।

অধর্ম্মী (-র্ম্মিন্) বিণ [ন.ত ; স্ত্রী -র্ম্মিণী] ১ অধর্ম্মযুক্ত, অধার্ম্মিক, পাপী। "অধর্ম্মী পাপিষ্ঠ আমি ম ৬৬ ; ১২২ ; অধর্ম্মীর অস্ত ৪৯৭ ; অধর্ম্মী জনের সুখ কভু সিদ্ধ নয় ৫২০। ২ জাতিবিহিতধর্ম্মহীন, অবৈধকার্য্যকারী। "বিনাশিব, অধর্ম্মী সৌমিত্রি শূরে মে ২৩৩।

অধর্ম্ম্য বিণ [ন.ত ; স্ত্রী -র্ম্ম্যা] ১ যাহা ধর্ম্ম্য নহে ; ধর্ম্মাপেত, ধর্ম্মহীন, পাপকর। "অধর্ম্ম্যং বচঃ রা ২.২১.২২। ২ অবৈধ, অবিহিত, অকর্ত্তব্য। "মনু ৩.২৫।

অধস্তন বিণ [অধস্+তন (ট্যু, তুট্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -নী] 'অধোভব', অধঃস্থিত, নিম্নস্থ। "অয়ম্ (অর্থাৎ অধরঃ) অধস্তনোষ্ঠবাচী (অ.চি)। [অধস্তন কর্ম্মচারী —নিম্নপদস্থ কর্ম্মকারক (Inferior officer)। অধস্তন পুরুষ—বংশের পরবর্ত্তী পুরুষ (Generation downward)।]

অধস্তল ক্লী [অধঃ তল, কর্ম্মধা] অধোভাগ, নিম্নদেশ। "খট্বাধস্তল, শয্যাধস্তল (S.W.)।

অধানন বিং [অধ+আনন , অপ্র] অধোমুখ। "অধানন হৈয়া রামা ছেলি লৈয়া জাএ ম.পা ৭৮ , ১২০। —ন বি নত মুখ। "শৈলবাচে অধানন কৈল দিগম্বর ম পা ২০।

অধার্ম্মিক বি [ন.ত ; স্ত্রী -কী] ১ অধর্ম্মচারী, অধর্ম্মব্যবহারী , পাপী। "মনু ৪.১৭০ ; ১৭১। ২ [ন.বহুব্রী ; স্ত্রী -কা] যেখানে ধার্ম্মিক নাই, অর্থাৎ বাস করে না ; ধার্ম্মিকবাসরহিত (গ্রাম)। "মনু ৪ ৬০। —কা বিং, স্ত্রী [সং °কী] পাপচারিণী, পাপিনী। "অধার্ম্মিকা নহি আমি রামের সুন্দরী কৃ ২০৬।

অধার্য্য বিণ [ন.ত , স্ত্রী -র্য্যা] ১ ধারণের (পরিধানের) অযোগ্য , অপরিধেয়, বর্জ্জিত (রা.টীকা)। "অধার্য্যং চর্ম্ম মে সদ্ভিঃ রা ৪.১৭. ৩৮। ২ অশক্যধারণ, অনমুষ্ঠেয়। "মনু ৩.৭৯।

অধি ব্য [ছান্দস] উপসর্গবিশেষ।—১ উপরি। "°রোহণ, °রোহণী, °শ্রয়ণ। ২ অধিকার। "°দৈব, °ভূত, °শয়িত, °ষ্ঠিত, অধ্যাত্ম, অধ্যুষিত। °কৃষ্ণ (মুগ্ধবোধ)। °তস্থুষি রঘু ১৫.৯৬। ৩ আধিক্য, পর। "অধিক, °বচন, °মাস। সত্ত্বাদধি মহানাত্মা। —কঠোপনিষৎ ৬.৮। ৪ ঐশ্বর্য্য, স্বস্বামিসম্বন্ধ। "পা ১.৪.৯৭। ৫ আনর্থক্য, অনর্থান্তর। "পা ১.৪.৯৩। ৬ উপরিস্থ, অধ্যারূঢ়। "°কর্ণ, °কেশ, °দন্ত পা ৬.২.১৮৮, কাশিকা। ৭ বিশিষ্টতা, আধিক্য। "°ক্ষেপ, °গত, °গত্য নৈ ২.১। ৮ প্রধান, অধিষ্ঠাতা। "°দেবতা, °রাজ। ৯ লক্ষীকরণ, উদ্দেশ। "রাধিকামধি বচনজাতম্ গী.গো ১০.৯। ১০ আরূঢ়। "°ত্যকা। ১১ আরোপিত অধ্যারূঢ়। "°জ্য। ১২ প্রাক্, পূর্ব্ব। "°বিন্না। ১৩ অধ্যয়ন, ঐশ্বর্য্য, বশিত্ব, স্মরণ (গণরত্ন)। ১৪ বিভক্ত্যর্থ—অধিকরণ-প্রধান, আধেয়প্রধান (পা ২.১.৪০, তত্ত্ববোধিনী)। "°হরি পা ২.৪.১৮ ; ৮৪। রঘু ১৮.৩৯। ঈশ্বরাধীন পা ২.১.৪০।

অধিক বিণ [অধ্যারূঢ়+ক (কন্) স্বার্থে, উত্তরপদলোপ, পা ৫.২.৭৩ ; স্ত্রী -কা ; ছান্দস] ১ অতিরিক্ত, বেশী (সংখ্যা পরিমাণ)। "পা ৬.৪.১৪২। নবতিং নবাধিকাম্ রঘু ৩.৬৯। অধিকাঙ্গী মনু ৩.৮। শক্তিধরাধিক শক্তি মে ২৫২। ২ অত্যন্ত, অতিমাত্র, অতিশয়। "°ক্রোধ রঘু ১২.৯০। ৩ বয়োবৃদ্ধ। "বয়োঽধিক মনু ৪.১৪১।

৪ প্রচুর, ভূয়িষ্ঠ। "রসাধিক শ ৭.২০। মনু ৩.৪৯। **৫** নির্ভর পুরিত। "রসাধিকে মনসি মাঘ ১৭.৪৮। **৬** প্রবল, বলবান্। "রঘু ২.১৪। অশ্বাধিকো রাজা হি ৩.৮৭। মাঘ ৯৪৮। **৭** অসাধারণ, বিশেষ। "বিদ্যা নাম নরস্য রূপমধিকম্।—ভর্তৃহরি। যাজ্ঞ ১.১১৮। **৮** উৎকৃষ্ট, শ্রেষ্ঠ, উত্তম। "অধিকং মেনিরে বিষ্ণুং দেবাঃ রা ১৭৫.২০। মা বাপ অধিক বন্ধু কেবা কোথা আছে শ্রী.ম ১৪২। অশ্বত্থামাধিক ম ১৯২। **৯** প্রবল। "শ্বাসঃ প্রমাণাধিকঃ শ ১.২৭। **১০** অতিশয়। "°মনোজ্ঞা শ ১.১৮। **১১** বলবান্, সমর্থ, শক্ত। "একা (বুদ্ধিঃ)···অর্থসাধনবিধৌ সেনাশতেভ্যোঽধিকা মু ১২৫। ত্রিশূলে অধিক জেহি, সমরে মারিবে সেহি চ.বি ১৭৮। **১২** বৃহত্তর। "প্রমাণাদধিকস্য (মত্তদন্তিনঃ) পঞ্চ ১.৩৫৬। **১৩** অতিশায়ী, বরিষ্ঠ। "মায়াধিকানি রক্ষাংসি গো.রা ৬.৮২.১৭৪। **১৪** প্রচুর, ভূয়ান্। "নাত্র শক্যং বলং জ্ঞাতুং তব বা তস্য বাধিকম্ গো.রা ৪.৯.৯৫। **১৫** সম্পন্ন, সমৃদ্ধ। "ধনধান্যাধিকো বৈশ্যঃ (পূজ্যঃ) হি ৪.২৫। **১৬** প্রিয়তর, গরীয়ান্। "প্রাণাধিক। **১৭** প্রধান। **১৮** উচ্চ, বিশিষ্ট। বিপ 'হীন'। পঞ্চ ২.৩১। "বর্ণ (উচ্চজাতি) বিষ্ণু ৫.১৯। **১৯** (বাঙ্লায়) অনেক, বহু। "গুণ অনুরূপ নাম হইল অধিক গ ৩৮; **২০** অনুচিত, অসঙ্গত, অন্যায়। "ব্রাহ্মণে অধিক বলে মারে জ্যেষ্ঠ ভাই। মুষলে দলয়ে বুক ডাকে পরিত্রাই॥ কৃ.উ ৭৬। —ক ক্লী **১** আধিক্য, অতিরেক, অতিশয়, প্রাচুর্য্য। "বর্ষশতে সাধিকে (ব্রহ্মপুরাণ)। **২** অর্থালঙ্কারবিশেষ। [আশ্রয় ও আশ্রয়ীর মধ্যে একের আধিক্যবর্ণন হইলে, 'অধিক' অলঙ্কার হয় (সা.দ ১০.৭২)। "যাহার কুক্ষিতে বিশ্ব রহে তিলমানে। সেই হরি সিন্ধুগর্ভে তিলমাত্র স্থানে॥]

অধিকদন্ত পুং [কর্ম্মধা] অধ্যারূঢ় দন্ত, অর্থাৎ দাতের উপরে জাত দন্ত; অধিদন্ত, গজদাঁত।

অধিকন্তু ক্রি.বিং [অধিকম্+তু] **১** পক্ষান্তরে অধিকভাবে; অত্যন্ত, তীব্রভাবে। "কামিনীর প্রেমানল···জলে আর অধিকন্তু জ্বলে বা.দ ৬০। **২** পক্ষান্তরে বেশীর ভাগে; আরও। "যে আশাতে আসা, তার ত ফল ফলিল বড়। অধিকন্তু কেন প্রভু! আর ব্রহ্মহত্যাটা কর॥ দা ৭৪৮। অধিকন্তু, উহাদের কলেবরে আমার অবয়বের সম্পূর্ণ লক্ষণ লক্ষিত হইতেছে সী ৮১। অধিকন্তু লাভ এই, স্ত্রী হিসাব পত্র করিতে শিখিলেন পা.প্র ৩৭। [অধিকন্তু ন দোষায় (তু 'অধিকং ন দোষায়—ঐতরেয়ব্রাহ্মণ ২.৩, সায়ণ—S.W.)—প্রয়োজনাধিক আয়োজন দোষের নহে। অধিকে—তাহার উপরে; তাহাতে। "সহজে সুন্দর দোহে জিনি রতি কাম। অধিকে বিভার বেশ অতি অনুপাম॥ শ্রী.ম ১৬৮।]

অধিকম্ ক্লী [সংস্কৃত প্রথমান্ত পদ] আধিক্য, বাহুল্য, অধিক লেখা (পত্রের শেষে)। "দুর্গতি না ঘটে যেন, কিমধিকমিতি শ্রী ১৪; ত্বরায় অবশ্যাবশ্য কিমধিকমিতি ১৩০। [কিমধিকম্—অধিক লেখার প্রয়োজন কি?।]

অধিকরণ ক্লী [অধি+√কৃ+অন (ল্যুট্) -ভা] **১** নিয়োগ। তু 'অধিকৃত'। **২** [+অন -ম্ম] 'যাহা অধিকৃত হয়'; বিষয়। "রামাধিকরণাঃ কথাঃ রা ২.১৫.২৯। **৩** অভিধেয় (কাশিকা), অর্থ, বিভক্তি। "সমানাধিকরণ পা ১.২.৪২। **৪** দ্রব্য, বস্তু। "পা ২.৪.১৩; °বিচাল ৫.৩.৪৩। **৫** [+অন-ণ, অথবা, -ধি] যাহা দ্বারা বা যাহাতে পঞ্চাঙ্গ বিচার অধিকৃত হয়; বিষয় (বিচার্য্য বাক্য), বিশয় (সংশয়), পূর্ব্বপক্ষ (প্রকৃতার্থের প্রতিকূল তর্কের উপন্যাস), উত্তর (সিদ্ধান্তের অনুকূল তর্কের অবতারণা) এবং নির্ণয় (সিদ্ধান্ত)—এই পঞ্চাঙ্গবিচারযুক্ত গ্রন্থ বা সন্দর্ভ; পঞ্চাঙ্গবিচারসিদ্ধসূত্রবিষয়ক বিভাগ। **৬** আধার, স্থান, পাত্র। "ধর্ম্মাধিকরণ। জ্ঞানাধিকরণমাত্মা (S.W.)। **৭** (ব্যাকরণে) ক্রিয়ার আধাররূপ কারকবিশেষ; কর্তৃনিষ্ঠ ও কর্ম্মনিষ্ঠ ক্রিয়ার আধাররূপ কারক। 'পা ১.৪.৪৫; ২.৩.৩৬ "ব্রহ্ম হৈতে জন্মে বিশ্ব, ব্রহ্মেতে জীবয়। সেই ব্রহ্মে পুনরপি হ'য়ে যায় লয়॥ অপাদান-করণাধিকরণ কারক তিন। চৈ.চ ১০৩। **৮** বিচারালয়, আদালত। "মৃ ৯.৩; ৪। °ভোজক মৃ ৯২। **৯** অধিকার, স্বত্ব। **১০** আধিপত্য, প্রভুত্ব স্বামিত্ব, (A.)। [°মণ্ডপ (পুং, ক্লী)—অধিকরণগৃহ; বিচারালয়। "মৃ ৯২।]

অধিকরণিক পুং [অধিকরণ+ইক (ঠন্) অস্ত্যর্থে] অধিকরণ যাহার আছে; বিচারক, জজ। "মৃ ৯২; ৯।

অধিকর্ত্তা বি অধিকারী, স্বামী, প্রভু। "অন্নদাতা অধিকর্ত্তা আমার আপনি শ্রী মা ৩৯।

অধিকাঙ্গ বিণ [অধিক অঙ্গ যাহার, বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] যাহার অতিরিক্ত অবয়ব; অতিরিক্তাঙ্গযুক্ত, ষড়ঙ্গুলিপ্রভৃতিবিশিষ্ট। বিপ 'হীনাঙ্গ'। "মনু ৩৮। বিষ্ণু ২৪.১৩। পঞ্চ ৫৮৯। —ঙ্গ ক্লী সারসন, কোমরবন্ধ।

অধিকার পুং [অধি+√কৃ+অ (ঘঞ্) -ভা] **১** পর্য্যবেক্ষণ, পরিদর্শন, তত্ত্বাবধান। "ধর্ম্মাধিকারে নিযুক্তঃ শ ১২৬। স্ত্রীষু কষ্টোঽধিকারঃ বিক্র ৩১। **২** তৃষ্ণা, কাম, সঙ্গ (গী.টীকা)। "কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন গী ২.৪৭। **৩** আরম্ভ (ত বা)। **৪** বিনিয়োগ, অনুবৃত্তি। "স্বরিতেনাধিকারঃ পা ১.৩.১১; ৩.১.৯১; ৯৫। **৫** অধিক কার অর্থাৎ অধিক কার্য্য; গৌণেও শাস্ত্র-প্রবৃত্তি (পা ১.৩.১১, তত্ত্ববোধিনী)। **৬** বৈধ অনুষ্ঠানাদিতে সম্বন্ধ; শাস্ত্রবিহিত পাত্রতা বা যোগ্যতা। "শাস্ত্রেঽধিকারঃ মনু ২.১৬; ১০.১২৬। °হীন যাজ্ঞ ৩.২৬১। **৭** [+অ -ম্ম] 'অধিকৃত বিষয়'; প্রজাপালনব্যাপার, শাসনকার্য্য (রাজসম্বন্ধে)। "°খেদ শ ৫৬। নিজেঽধিকারে রঘু ১৮.২৮। **৮** গণনাপ্রস্তাব। "পুরুষাধি° কি ৩.৫১। **৯** কর্ত্তব্য বিষয়; নিয়োগ। "স্বাধিকারপ্রমত্ত পূ মে ১। লোকতন্ত্রাধি° শ ৫৬। তাম্বূলাধি° (পঞ্চ)। পরাধিকারচর্চ্চা (হি)। সভাকারে অধিকার করিল বিধান: ভক্ষ্য-ভোজ্য-অধিকার ম ৩০৬। **১০** ভার, অধ্যক্ষতা। "ব্রাহ্মণঃ···নাধিকারে প্রশস্যতে।—হি ২.৯৫। বরং···নাধিকারেণ সম্পদঃ।—পঞ্চ ১৩০১। **১১** নৃপাদির চামরব্যজনাদিপ্রতিপত্তি; প্রক্রিয়া (অ.কো)। **১২** অধিকৃত দেশ, রাষ্ট্র, রাজ্য। "স্বাধিকারভূমি শ ৭৮। **১৩** প্রকরণ, অধিকরণ, বিভাগ, বিষয়। "প্রায়শ্চিত্তাধিকার শোণাধিকার, শ্লেষ্মাধিকার। শিল্পাধিকার মা.মি ১৬, নির্ণয়াধিকার ২৩। **১৪** ইচ্ছানুসারে ক্রয়বিক্রয়াদিকার্য্য-করণে স্বামিত্ব; স্বত্ব। **১৫** স্বামিত্ব, প্রভুত্ব। "বৎসেঽধিকারঃ স্থিতঃ ম.চ ৪.৩৮। সেই বনে সভার উপরে অধিকার কৃ.উ ৯৮। **১৬** কর্ম্মফলে স্বামিত্ব। 'অধিকারঃ ফলে স্বাম্যম্ (সা.দ)। **১৭** পদ, স্থান, ক্ষমতাবিশেষ। "°চ্যুত, °স্থ। হৃতাধিকারা (ব্যভিচারিণী) যাজ্ঞ ১.৭০। **১৮** রাজকীয় অসাধারণ বা বিশেষ শক্তি। **১৯** স্থান, অধিকরণ। "মহৎ খলু পুরুষাধিকারং জ্যোতিঃ (A)। **২০** (বাঙ্লায়) অভিজ্ঞতা, জ্ঞান, ব্যুৎপত্তি। [অধিকারিয়া (অপ্র)—অধিকার করিয়া; তত্ত্বাবধানের ভার লইয়া। "অশ্ব অধিকারিয়া রহ মহাজন ম.বি ১১৫।]

অধিকারস্থ বিণ [অধিকার+√স্থা+অ(ক)-ক; উ.ত; স্ত্রী -স্থা] **১** অধিকারে যে থাকে; পদস্থিত, নিয়োগবর্ত্তী। **২** অধিকৃতদেশবাসী, রাষ্ট্রস্থ, রাজ্যস্থিত।

অধিকারী (-রিন্) বিণ [অধি+√কৃ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] **১** যে অধিকার করে; অধিকারবিশিষ্ট, দায়াদ, রিক্থহর। "উত্তরাধি°, ধনগ্রহণাধি°। সর্ব্বে স্যুরধিকারিণঃ (স্মৃতি)। **২** ক্ষমতাবিশিষ্ট, কর্ত্তব্যাদেশপূর্ব্বক-নিয়োজিত, অধিকৃত। "সন্ধিবিগ্রহকার্য্যাধি-

কারী হি ২২৬/৪। বচনাধি° নৈ ১২.৬০। নিস্পৃহো নাধিকারী স্যাৎ পঞ্চ ১.১৭৫। ৩ যোগ্যপাত্রভূত। "তপস্তনধিকারিত্বাৎ রঘু ১৫.৫১। এ-কথার অধিকারী আর ত্রিভুবনে। সত্য কহিলাঙ এই নাহি তোমা বিনে॥ চৈ.ভা ৫১৪। ৪ স্বামিত্ববিশিষ্ট, স্বত্ববান্। "কেন আশ্রয় করলি এ সংসার-বারি, কাল জাল যায় ফেলতে অধিকারী দা ২১৮০। ৫ বিহিতকর্ম্মফল-ভোক্তা। —রী পুং ১ অধিকৃত পুরুষ; রাজপুরুষ, কর্ম্মচারী। ২ প্রভু, স্বামী, অধিপতি, রাজা। "লঙ্কা-অধিকারী কৃ ২৪১। দেবের অধিকারী কৃ.উ ১১৭। দেব-অধিকারী ম.ম ১৮; জগৎ-অধিকারী ২১৫। আটার বছর হইল তুক্কি অধিকারী ম.গা ৯। চাঁদ অধিকারী ম.ভা ১৭। কুরু-অধিকারী অ.প ১৯। ৩ অধ্যক্ষ, তত্ত্বাবধায়ক। ৪ বৈধ কর্ম্ম যজ্ঞাদির অনুষ্ঠানে যোগ্য পাত্র। ৫ বেদান্তশাস্ত্রবেত্তা; অধীতবেদবেদাঙ্গ নির্ম্মলচিত্ত বিরাগমুমুক্ষু প্রভৃতি সাধনচতুষ্টয়সম্পন্ন পুরুষ (বেদান্তসার)। ৬ পুরুষ (শ.ক)। ৭ (বাঙলায়) পার্ষদের অধিকারপ্রাপ্ত শ্রেষ্ঠ পাত্র। "দামোদর স্বরূপ পরমানন্দপুরী। সন্ন্যাসিপার্ষদে এই দুই অধিকারী॥ চৈ.ভা ৫১৫। ৮ বারেন্দ্রশ্রেণী ব্রাহ্মণের উপাধি। ৯ ভক্তিশাস্ত্রে অধিকারবিশিষ্ট ভক্ত। "অবোধ অগম্য অধিকারীর ব্যভার: অধিকারি-ভক্ত-জয়: অধিকারি-বৈষ্ণবের চৈ.ভা ৫১৩। ১০ বৈষ্ণবের উপাধি। "গোবিন্দ অধিকারী। ১১ প্রধান পার্ষদ। "দামোদরস্বরূপ পরমানন্দপুরী। শেষখণ্ডে এই দুই সঙ্গে অধিকারী॥ চৈ.ভা ১১; ৪০৮। ১২ যাত্রাসম্প্রদায়ের কর্ত্তা বা মালিক। "যাত্রার অধিকারীর বয়স ৭৬ বৎসর: অধিকারী দূতী সেজে ...আসোরে নাবলেন হু ৩৮।

অধিকারারূঢ়বৈশিষ্ট্য স্ত্রী [অধিক আরূঢ় (সুপ্‌সুপা) বৈশিষ্ট্য যাহাতে, বহুব্রী] যে রূপকে অত্যর্থ আরূঢ় বিশেষণ, অর্থাৎ যে রূপকে, যাহাতে আরোপ করা যায় তাহার গুণদোষ, আরোপ্যমাণের গুণদোষ অপেক্ষা অধিক বর্ণিত হয়, তাদৃশ রূপকালঙ্কারবিশেষ। (সা.দ ১০.৩৪)। যথা, "তিলফুল জিনি-নাসা, বসন্তকোকিল-ভাষা ক.চ ৯।

অধিকৃত বিণ [অধি+ √কৃ+ত (ক্ত) -র্ম্ম] ১ উপরি স্থাপিত; নিযুক্ত। "রক্ষাধিকৃত মনু ৭.১২৩; ৮.১১; ৯.২৭২। দৃপ্তবিনয়াধিকৃত রঘু ৯.৬২। °কৃত্য কি ৬.৩০। রাষ্ট্রাধিকৃত যাজ্ঞ ১.৩৩৮। ২ স্বামিত্ববান্ (ত বা)। ৩ কৃতাধিকার, অধিগত, আয়ত্তীকৃত, দখল-করা। ৪ নিযুক্ত; সমর্থ। "কি ৪.২৫। —ত পুং ১ অধিকারে নিযুক্ত পুরুষ; অধিকারী, কার্য্যাবেক্ষক, অধ্যক্ষ। "মাঘ ৫.১৮। কি ৬.৪৬। অধিকৃতঃ প্রমাদী। —পঞ্চ ১.৪৫৮। ২ আয়ব্যয়াবেক্ষক, অর্থাৎ যে আয় ব্যয় দেখে (অ.টী)।

অধিক্ষিপ্ত বিণ [অধি+ √ক্ষিপ্‌+ত (ক্ত) -র্ম্ম] ১ নিন্দিত, গর্হিত। "শ ৫২/৬। ২ তিরস্কৃত, অবজ্ঞাত, অনাদৃত। "অয়ং ন মে পাদরজসাপি তুল্য ইত্যধিক্ষিপ্তঃ মা.মি ১২/৩।

অধিক্ষেপ পুং [অধি+ √ক্ষিপ্‌+অ (ঘঞ্‌) -ভা] ১ নিন্দা, কুৎসা। "ব্রহ্মবন্ধুরধিক্ষেপে (অ.কো)। ২ তিরস্কার। "কি ১.২৮। ৩ অবজ্ঞা, অনাদর। ৪ নিক্ষেপ (A.)।

অধিগত বিণ [অধি+ √গম্‌+ত (ক্ত) -ক -র্ম্ম] ১ প্রাপ্ত, লব্ধ। "প্রনষ্টাধিগতং দ্রব্যম্ মনু ৮.৩৪। রঘু ৯.২। ২ বিদিত, অবগত। "°সকলকলাকলাপক (কাদম্বরী)। °তাখিলবেদার্থ (বেদান্তসার)। ৩ অধীত, পঠিত। "অনধিগতরামায়ণ উ.চ ৬.৩০। ৪ প্রাপ্ত, সেবিত (রা.টীকা)। "রা ৪.৬০.১১।

অধিগন্তব্য বিণ [অধি+ √গম্‌+তব্য -র্ম্ম; স্ত্রী -ব্যা] ১ প্রাপ্তব্য, লভ্য। ২ উৎপাদয়িতব্য (কুল্লূক)। "মনু ৯.৫৯।

অধিগম পুং, **-গমন** স্ত্রী [অধি+ √গম্‌+অ (ঘঞ্‌), -অন (ল্যুট্), -ভা] ১ প্রাপ্তি, লাভ। "দারাধিগমন মনু ১.১১২ ২ অন্বেষণ। "সীতাধিগমন গো.রা ৪.৪৫.১৯। ৩ অভ্যাস, অধ্যয়ন, শিক্ষণ। "অসচ্ছাস্ত্রাধিগমন মনু ১১.৬৬। যাজ্ঞ ৩.২৪১।

অধিগম্য বিণ [অধি+ √গম্‌+য (যৎ) -র্ম্ম; স্ত্রী -ম্যা] ১ প্রাপ্য। ২ জ্ঞেয়। "সাংখ্যযোগাধিগম্য (S.W.)। ৩ শিক্ষণীয়। ৪ আশ্রয়ণীয়। "রঘু ১.১৬। ভূতানামধিগম্যঃ কু.স ৬.৫৬।

অধিগুণ বিণ [অধিগত গুণ যাহা কর্ত্তৃক, বহুব্রী; স্ত্রী -ণা] ১ অধিক-গুণ, গুণবান্। "যাচ্ঞা মোঘা বরমধিগুণে পূ.মে ৬। ২ অধিরূঢ়গুণ, অধিজ্য, আরোপিতগুণ। "°শরাসন কি ১২.১৪। —ণ পুং [প্রা.স] অধিক গুণ; উৎকৃষ্ট গুণ।

অধিজনন স্ত্রী [অধি+ √জন্‌+অন (ল্যুট্) -ভা] উৎপত্তি, জন্ম। "মাতুরগ্রেঽধিজননং দ্বিতীয়ং মৌঞ্জীবন্ধনে মনু ২.১৬৯।

অধিজিহ্বা স্ত্রী [প্রা.স] ১ অধিক জিহ্বা; অলিজিহ্বা, আলজিব্। ২ জিহ্বাস্ফীতিরোগ (সুশ্রুত)।

অধিজ্য বিণ [জ্যাকে অধিগত প্রা.স; অথবা, অধ্যারূঢ়া জ্যা যাহাতে, বহুব্রী; বৈদিক] আরোপিতগুণ, অধিমৌর্ব্বীক, গুণ-চড়ান। বিপ 'বিজ্য'। "°কার্ম্মুক শ ১.৬। রঘু ৮.২৭। °চাপ ভট্টি ২.৩১।

অধিজ্যকার্ম্মুক, -চাপ, -ধন্বা (-ন্বন্) বিণ [বহুব্রী; সমাসে অন্ (অনঙ্) প্রত্যয়ে 'ধনুস্>ধন্বন্'] যাহার ধনু জ্যাযুক্ত বা গুণ-চড়ান; ধৃতসজ্যচাপ। "°র্ম্মুক শ ১.৬। °চাপ ভট্টি ২.৩১। অধিজ্য-ধন্বা রঘু ২.৮; ৩.৬।

অধিত্যকা স্ত্রী [অধি+ত্যক (ত্যকন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), পা ৫.২.৩৪] অধি অর্থাৎ আরূঢ় স্থল; পর্ব্বতের ঊর্দ্ধ (উপরিস্থ) ভূমি (Table-land)। "রঘু ২.২৯। কু.স ৩.১৭। পর্ব্বতাধিত্যকাপুরী ভট্টি ৫.৮৯। অধিত্যকাপ্রদেশ সী ১০।

অধিদন্ত পুং [প্রা.স] অধ্যারূঢ় দন্ত, অর্থাৎ দাঁতের উপরে জাত দাঁত; গজদাঁত। "পা ৬.২.১৮৮, কাশিকা।

অধিদেব পুং [প্রা.স] ১ অধিষ্ঠিত দেব; অধিষ্ঠাত্রী দেবতা। ২ অধিক দেবতা; শ্রেষ্ঠ দেবতা, পরমেশ।

অধিদেবতা স্ত্রী [প্রা.স] অধিষ্ঠাত্রী দেবতা; অধিদেব। "রাজ্যাধি° রঘু ১২.১৭; ১৩.৬৮; ১৬.৯।

অধিদেবী বি [প্রা.স] অধিষ্ঠাত্রী দেবী। "ক্রমে অধিদেবীরে পূজিলা কৃপাময় চু ৩৯।

অধিদৈব, -দৈবত ক্লী [প্রা.স] অধিষ্ঠাতা দেবতা; সকলদেবতাত্মা হিরণ্যগর্ভ; অধিষ্ঠাত্রী দেবতা (গী.টীকা); সর্ব্ব দেবের অধিপতি। "গী ৭.৩০; ৮.৪।

অধিনাথ পুং [প্রা.স] 'অধিক নাথ'; অধীশ্বর। "নৈ ১৩.২।

অধিনী, অধীনী বিং, স্ত্রী [অধীন+স্ত্রী ঈ°; পদ্যে; সং অধীনা] বশীভূতা, অনুগতা, আশ্রিতা। "হে শ্রীকান্ত নিতান্ত অধিনী বলে। দেহ কৃপাবারি মনোদুঃখানলে॥ ব.প ৯৪৩। অধিনীরে... হে রমেশ, তরাইলা বহুমূর্ত্তি ধরি মে ২৩৫। কর চিন্তামণি যাতে অধিনীরা উপায় পায় দা ২৫৩। অধিনীর সঙ্গে বাদ বা.দ ১৭০। রাখ অধিনী জনে। —গান ১। হায় অভাগিনী, পরের অধীনী চ.দা ১১৩। পৌরব-সরসে, নলিনী!—অলির সখী, রবির অধীনী, সমীরণ-প্রিয়া! মা ১১৮; তুমি নব জলধর, এ তব অধীনী! ১৫৬। ষড়্‌ঋতু-আজ্ঞাধীনী করিল দাসীরে, বিধাতা ন ৫৫৭।

অধিপ পুং [অধি+ √পা+অ (ক) -ক] ১ যে উপরিস্থ হইয়া পালন করে; অধিপতি, পতি, স্বামী, প্রভু, রাজা, ঈশ্বর। "অঙ্গ°, জন°, নগর°, নিষধ°, বিদর্ভ°। রঘু ২.১। কি ১.১। উৎকল-অধিপ ক.চ ৬। অধিপ অনঙ্গ দেব তায়। —রঙ্গ ৬। কৃষ্ণনগরাধিপ ন ৪৩২। ২ ঈশ্বর, অধিকারী। "লঙ্ক°। ৩ শ্রেষ্ঠ। "গজ°, মৃগ°।

অধিপতি পুং [অধি+ √পা+অতি (ডতি) -ক ; অথবা, অধিক পতি, প্রা.স] ১ রাজা। "রাক্ষসাধি°, নিবাদাধি° । রঘু ৩.৪৭। ২ অধিকারী, ঈশ্বর। "দ্রবিণাধি° রা ৬.৪.১৯। ৩ অধ্যক্ষ। "সহস্রাধি° মনু ৭.১১৯। ৪ স্বামী, প্রভু। "মনু ৮.৩৭ ; ৩৯। ৫ মস্তকের অংশ-বিশেষরূপ মর্ম্মস্থান (সুশ্রুত)।

অধিপুরুষ পুং [প্রা.স] অধিক (উত্তম) পুরুষ, পরমেশ্বর (বিষ্ণুপুরাণ)।

অধিবাস[১] পুং [অধি+ √বস্+অ (ঘঞ্) -ভা] ১ অধিকারপূর্ব্বক বাস ; অধিবসতি, নিবাস। "°ভূমি। হৃদয়ৈককৃতাধি° (চণ্ডী)। উৎকৃষ্টতরভুবনাধি° চা.তৃ ১৩২। ২ অধিষ্ঠান, অবস্থিতি। "তটাধি° মাঘ ৩.৭১। মা.মা ৫.৮। ৩ [+অ-র্ম] অধ্যুষিত স্থান ; বাসস্থান, বসতি, আলয়। "তস্থাপি স এব গিরিরধিবাসঃ (কাদম্বরী)। সর্ব্ব-ভূতাধি° (শ্বেতাশ্বতর)। ৪ প্রার্থনাসিদ্ধির জন্য কাহারও গৃহসমীপে অনাহারে বাস ; নির্বন্ধ, ধন্না (M.W.)।

অধিবাস[২] পুং (অধি+ √বাসি সুরভীকরণ+অ (অচ্) -ভা] ১ সুরভীকরণ, সৌরভাধান, বাসনা (Scenting)। "মাঘ ২.২০ ; করিদানকৃতাধি° ৫.৪২। দিব্যগন্ধাধি° মহা ৩.৪৩.১৭। °স্পৃহা রঘু ৭.৩৪। ২ যাগপূজাবিবাহাদিতে গন্ধাদি দ্বারা করণীয় সংস্কারবিশেষ ; ধূপনাদি দ্বারা সংস্কার ; সংক্রিয়া (ত্রিকাণ্ডশেষ)। "আজি অধিবাস কালি পাব ছত্রদণ্ড কৃ ৮৭ ; ৮৮। অধিবাস যোড়ার করিব কু.উ ১৪৭। কন্যা-অধিবাসে : অধিবাস-আদি ক.চ ২৪ ; গন্ধ-অধিবাস ১২৩। কালি অধিবাস পরশু হউক বিয়া বি.পা ৪২। ৩ [+অ-ণ] সুরভী-করণসাধন দ্রব্য ; গন্ধদ্রব্য, গন্ধ, সৌরভ। "সাধিবাসেন জলেন মহা ৭.৮০.১০। ৪ (বাঙ্‌লায়) বিধিপূর্ব্বক কোন পদে স্থাপন বা বরণ। "সেই ক্ষণে দ্রোণপুত্রে অধিবাস কৈল ম ৯৭২। [অধিবাসদ্রব্য—মহী গন্ধ শিলা ধান। দূর্ব্বা পুষ্প ফল দধি। রজত দর্পণ ক্ষেম। স্বস্তিক সিন্দুর হেম। কজ্জল গোরোচনা যথাবিধি॥ সিদ্ধার্থ চামর শঙ্খ···পূর্ণ-পাত্র প্রদীপ ভূষিত। ক.চ ১২৩। °ডালা—অধিবাসদ্রব্যের স্থাপনার্থ বংশ-রচিত পাত্রবিশেষ ; বরণডালা। "ক.চ ৪৭।]

অধিবাসডালা, অধিবাসদ্রব্য দ্র 'অধিবাস[২]'।

অধিবাসন ক্লী [অধি+ √বাসি+অন (ল্যুট্) -ভা] ১ গন্ধমাল্যাদি দ্বারা করণীয় সুরভীকরণরূপ সংস্কারবিশেষ (A.) ; গন্ধমাল্যধূপাদি দ্বারা তাম্বুলবস্ত্রাদির সংস্কার ; সৌরভাধান (অ.টী)। "শুভাধি°। গৌরীর গন্ধাধিবাসনে ক.চ ২৪ ; ২৮৩। ২ [+ √বাসি স্থাপন+অন -ণ] 'প্রতিমায় দেবতার অধিষ্ঠাপন' ; যজ্ঞের পূর্ব্বদিনে দেবতাদির আবাহনপূর্ব্বক পূজনাদিকর্ম্ম। —বাসিত বিণ [অধি+ √বাসি+ত (ক্ত) -র্ম] ১ সুরভীকৃত, সুবাসিত। ২ প্রতিষ্ঠাপিত, কৃতাধিবাসন। —বাসী (সিন্) বিণ [অধি+ √বস্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] বাসকারী, নিবাসী।

অধিবিন্না স্ত্রী [অধি+ √বিদ্+ত (ক্ত)-র্ম+স্ত্রী আ (টাপ্)] 'প্রাগ্‌লব্ধা' (অ.টী) ; যে দ্বিতীয়বার বিবাহ করিয়াছে, তাহার প্রথমা স্ত্রী ; প্রাগূঢ়া, অধ্যূঢ়া। "মনু ৯.৮৩। যাজ্ঞ ১.৭৪। [শাস্ত্রানুসারে সুরাপী ব্যাধিতা বন্ধ্যা ধূর্ত্তা প্রভৃতি অষ্টবিধ স্ত্রী অধিবেত্তব্যা (দ্র 'মনু ৯.৮০-৮২ ; যাজ্ঞ ১.৭৩)।]

অধিবেদ পুং, **অধিবেদন** ক্লী [অধি+ √বিদ্+অ (ঘঞ্), -অন (ল্যুট্), -ভা] বিবাহোত্তর বিবাহান্তরকরণ, অর্থাৎ প্রথমা স্ত্রী থাকিতে, তাহার বন্ধ্যাত্বাদি দোষ হেতু দ্বিতীয়বার বিবাহ করা।

অধিবেষ্টিত বিণ [অধি+বেষ্ট্+ত (ক্ত) -র্ম] পরিবৃত, পরিক্ষিপ্ত, পরীত। "কি ১২.২২।

অধিভূ পুং [অধি+ √ভূ+০ (ক্বিপ্) -ক] 'উপরি স্থিত' ; অধিপ, প্রভু, নায়ক। "ম.চ ৬.৪৭ ; ৫৩।

অধিভূত ক্লী [ভূতে অধিষ্ঠিত, প্রা.স] ১ যাহা প্রাণিমাত্রে অধিষ্ঠিত ; জনিমদ্বস্তু ; বিনশ্বর দেহাদি পদার্থ। "গী ৮.৪। ২ পরমাত্মা।

অধিমাস পুং [অধিক মাস, প্রা.স] রবিমাস হইতে অতিরিক্ত মাস ; অসংক্রান্তমাস, মলমাস। তু 'ক্ষয়মাস'।

অধিযজ্ঞ বিণ [অধিকৃত যজ্ঞ যাহা কর্ত্তৃক, বহুব্রী] 'যজ্ঞাধিকারপূর্ব্বক প্রবৃত্ত' ; যজ্ঞবিষয়ক, কর্ম্মকাণ্ডীয়। "অধিযজ্ঞং ব্রহ্ম জপেৎ মনু ৬.৮৩। —জ্ঞ পুং ১ যজ্ঞাধিষ্ঠাত্রী দেবতা ; যজ্ঞাদিপ্রবর্ত্তক ও যজ্ঞফলদাতা ; যজ্ঞাভিমানী বিষ্ণু (গী.টীকা)। "গী ৮ ১ ; ৪। ২ [প্রা.স] অধিকাঙ্গযাগ (ত.বা)।

অধিযোধ পুং [প্রা.স] অধিক যোধ ; মহাযোধ। "গো.রা ৬.২৩.২৮।

অধিরথ বিণ [রথে অধ্যারূঢ়, প্রা.স] রথারূঢ়। —থ পুং ১ সারথি। ২ অতিরথ, মহাযোধ। ৩ কর্ণের পালকপিতা। "অধিরথসূত-পুত্র কা ১৪৬। [কুন্তী সদ্যোজাত শিশু কর্ণকে জলে নিক্ষেপ করিলে, ইনি তাহাকে গ্রহণ ও পুত্ররূপে পালন করেন। ইঁহার পত্নী রাধা। ইনি সূতজাতি (মহা ১.১১১.২২, ২৩ ; ১৩৭.৩)।]

অধিরাজ পুং [অধিক রাজা, প্রা.স, সমাসান্ত 'অ' (টচ্)] ১ সম্রাট্, চক্রবর্ত্তী, মহারাজ। "লোকরক্ষাধি° গো.রা ৬.৮৬.২৫। °স্থম্ রঘু ৭.৬১। °শব্দ উ.চ ৬.১৬। ২ অধিপতি, রাজা। "পুরুষাধি° রঘু ২.৪১। নগাধি° কু.স ১.১ ; শৈলাধি° ৫.৮৫। ৩ শ্রেষ্ঠ, প্রধান। "মৃগাধি° রঘু ২.৪১।

অধিরাজ্য ক্লী [অধিক রাজ্য, প্রা স] ১ শ্রেষ্ঠ রাজভাব বা রাজকার্য্য ; সম্রাট্‌পদ, অধিরাজপদ। । "°শ্রী ; লঙ্কাধি° (S.W.)। °জ্যেহভিষিচ্যান্তে গো.রা. ৬.২৩.৮ ; °জ্যেঽভিষেকঃ ১৭। ২ সাম্রাজ্য (ত বা)। ৩ দেশবিশেষ। "°রাষ্ট্র (S.W)।

অধিরূঢ় বিণ [অধি+ √রুহ্+ত (ক্ত)-ক, -র্ম ; স্ত্রী -ঢা] ১ কৃতা-রোহণ, আরূঢ়। "তুরগাধি° রঘু ৭.৩৭ ; বিমানরত্নাধি° ১২.১০৪। কু.স ৭.৫২। ২ আরূঢ়, আস্থিত। "যোগাধি° রঘু ১৩.৫২। ৩ অধি-শয়িত। "অধিরূঢ়ঃ শয়নং মহাধনম্ কি ১.৩৮। ৪ আরূঢ়বান, গত, প্রাপ্ত। "ত্বাং ধুরিয়ং যোগ্যতয়াধিরূঢ়া কি ৩.৫০। ৫ অতিশয়জাত, ঐকান্তিক, সুগভীর। "অধিরূঢ় ভাব যার, তার এ বিকার চৈ.চ ৯৯ ; অধিরূঢ় মহাভাব ১৬২ ; রূঢ় অধিরূঢ় ভাব কেবল মধুরে ২৩০। ৬ উন্নত, আক্রান্ত। "অধিরূঢ়নিতম্বভূময়ঃ (মেখলাঃ) মাঘ ১৬.৭৬।

অধিরোপণ ক্লী [অধি+ √রোপি+অন (ল্যুট্) -ভা] ১ উপরি আরোপণ ; উত্থাপন। ২ আরোহণ, চড়ান। —রোপিত বিণ [+ত (ক্ত) -র্ম] ১ উপরি স্থাপিত ; উত্থাপিত। ২ আরোপিত। "রঘু ১১.৮১ ; ১৬.৪২।

অধিরোহ পুং, **-রোহণ** ক্লী [অধি+রুহ্+অ (ঘঞ্), +অন (ল্যুট্), -ভা] আরোহণ। "পৃষ্ঠাধিরোহণ গো.রা ৫.৩৫.২৯। চিতাধি-রোহণ রঘু ৮.৫৭। অস্তগিরিশিখরে অধিরোহণ সী ৩৭। —হ পুং [+ √রুহ্+অ (অচ্)-ক] আরোহণ (মল্লিনাথ), আরোহী। "মাঘ ১১.৭। —হণী স্ত্রী [+অন-ণ+স্ত্রী -ঈ (ঙীপ্)] যাহা দ্বারা অধিরোহণ করে (উপরে উঠে) ; নিঃশ্রেণী, শিঁড়ি, মই (Ladder) । —হিণী স্ত্রী সর্ব 'অধিরোহণী'। ['অধিরোহিণী' প্রামাদিক পাঠ (দ্র 'অ.টী')।] —রোহী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -হিণী)] অধিরোহক, আরোহী।

অধিরোহণী, -হিণী, -হী দ্র 'অধিরোহ'।

অধিশ্রয় পুং, **-শ্রয়ণ** ক্লী [অধি+ √শ্রি+অ (অচ্),+অন (ল্যুট্), -ভা] চুল্লীতে স্থালী প্রভৃতির স্থাপন ; পচন, পাক। "অনধিশ্রয়া পুরী গো.রা ২.৬৮.৫৬। সা.দ ২১/২। —ণী স্ত্রী [+অন-ধি+স্ত্রী ঈ (ঙীপ্)] চুল্লী, উনান।

অধিশ্রী বিণ [অধিরূঢ় শ্রী যাহার, বহুব্রী ; স্ত্রী -শ্রী] যাহার অধিক সম্পত্তি ; অধিকসম্পন্ন। "রঘু ৭.২৯। কু.স ৫.৫৩।

অধিষ্ঠাতা (-তৃ) বিণ [অধি+ √স্থা+তৃ (তৃচ্) -ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ অধিষ্ঠানকর্ত্তা, নিয়ন্তা। "আত্মেন্দ্রিয়াধিষ্ঠাতা (ভাষা-পরিচ্ছেদ)। ২ কার্য্যাবেক্ষক, পরিদর্শক। ৩ অধীশ্বর। "°ত্রী দেবতা (S.W.)। —তা ১ অধ্যক্ষ, অধিপতি। "গো.রা ৫.৬৫.১১। ২ অধিদেবতা। —ষ্ঠান ক্লী [+ √স্থা+অন (ল্যুট্) -ভা] ১ অধ্যাসন, সন্নিধি, সমীপাবস্থান। "অত্রাধিষ্ঠানং কুরু (আবাহনমন্ত্র)। দেব-অধিষ্ঠান কৃ.উ ১০১। দেবী-অধিষ্ঠানে ভা.চ ১৪২। ২ অবস্থান, স্থিতি। "লম্বোদর...মূষিকেতে কৈল অধিষ্ঠান দু ৭ ; কমলে লক্ষ্মীদেবী-অধিষ্ঠান ১০। ৩ অবেক্ষণ, পরিদর্শন। "হি ৩.৯৩। ৪ [+অন-র্ম্ম] আশ্রয়, স্থান। "গী ৩.৪০ ; ১৮.১৪। ত্র্যধিষ্ঠান মনু ১২.৪। তুমি তরু দেব-অধিষ্ঠান বি.পা ১৭০। ৫ বাসস্থান। "নগরং রাজাধিষ্ঠানম্ (পঞ্চ ১)। ৬ নগর, পুর। "অধিষ্ঠানমুদ্ধিমৎ গো.রা ৩.৫৪.৫। মহা ৩.৭৮.২৮। ৭ [+অন-ণ] প্রভাব, অনুভাব। "অধিষ্ঠানপরাক্রম ; গো.রা ৪.১৪৩০। ৮ রথাঙ্গ, চক্র। ৯ (বাঙ্‌লায়) বাহন। "দেব-অধিষ্ঠান বৃষ ম.ম ৬। ১০ উপস্থিত। "হেনকালে বর আসি কৈল অধিষ্ঠান ভা.চ ৭৫। ১১ [বিং] সন্নিহিত, আবির্ভূত। "অধিষ্ঠান হয়্যা বর আপনি দিল হর কৃ.উ ৪ ; বিধাতা হইল অধিষ্ঠান : অধিষ্ঠান হঞা অগ্নি রহিল সম্মুখে ১০১। চ.বি ৩৪৫। ১২ উপস্থিত। "মহাদেব হইলা অধিষ্ঠান গ ১৭২। পূজাকালে হ'তে অধিষ্ঠান বি.পা ২। ১৩ মূর্ত্তিমান্, রূপবিশিষ্ট। "এথেক বলিয়া গঙ্গা হইলা অধিষ্ঠান ১৮৬ ; ১৮৭। ১৪ অধ্যাসীন, উপবিষ্ট। "কণ্ঠে আসি অধিষ্ঠান হইলা সরস্বতী ম.ম ২১১। ১৫ অবস্থিত। "দণ্ডকবনে হৈলা অধিষ্ঠান কৃ.উ ৯৮। "হংসে চাপিয়া ব্রহ্ম হৈলা অধিষ্ঠান ক.চ ১৭৮। ১৬ স্থিত, ধৃত। "পরবস্ত্র অঙ্গে তব হ'য়ে অধিষ্ঠান, তোমারেই করিছে না নিত্য অপমান? স.স্ম ৫৭। —ষ্ঠিত বিণ [+ত (ক্ত) -ক,-র্ম্ম] ১ উপরি স্থিত ; আরূঢ়। "সমর্থাধিষ্ঠিতশ্চাশ্বঃ রা ১.১২.১৫। কু.স ৫.৭০। ২ প্রবিষ্ট, গত। "অন্তরাধিষ্ঠিতাঃ শরাঃ মহা ৫.১৮২.৩১। দন্তান্তরাধি° মনু ৫.১৪৬। ৩ অধিষ্ঠানপূর্ব্বক স্থিত ; আশ্রিত। "ভ ৩.১০.৫ ; ৭। রাবণাধিষ্ঠিতং তৎ (দ্বারম্) গো.রা ৬.১৬.২৮। ৪ গত; প্রস্থিত। "বীরলোকমধিষ্ঠিতস্তাতঃ ম.চ ৫২৬। ৫ প্রাপ্ত। 'রাজপ্রাসাদাধিষ্ঠিতোঽয়ম্।—পঞ্চ ১২৫৮। ৬ আস্থিত, অধ্যাসীন। "ধর্ম্মাধিকরণাধিষ্ঠিতৈঃ পুরুষৈঃ (পঞ্চ)। ৭ অধ্যুষিত। "দনুকবন্ধাধিষ্ঠিতো দণ্ডকারণ্য-ভাগঃ উ.চ ১৩৩। ম.চ ৫২৭। ৮ অধিকৃত, উপহত, অভিভূত। "কামাধিষ্ঠিতচেতনা হি ১২২৬। ৯ আক্রান্ত, আবিষ্ট। "লোকেশাধিষ্ঠিতো রাজা মনু ৫.৯৭। বেতালাধিষ্ঠিতঃ শবঃ ক.সা ১৮.১৫৬। ১০ রক্ষিত, প্রত্যবেক্ষিত। "বসিষ্ঠাধিষ্ঠিতা দেব্যঃ উ.চ ১.৩ ; ২৭। মনু ৭.১১৪ ; ৮.৩৪। স্বামিনাধিষ্ঠিতঃ শ্বা (সিংহায়তে) হি ৩.১৩৯। ১১ অধিগত। "অচিরাধিষ্ঠিতরাজ্যা মা.মি ১.৮। ১২ দৃঢ়ীকৃত, সমর্থিত। "প্রতাপাধিষ্ঠিতেনোপায়েন হি ৪৩২।

অধিষ্ঠান, -ষ্ঠিত দ্র 'অধিষ্ঠাতা'।

অধীকার পুং [অধি+ √কৃ+অ (ঘঞ্) -ভা, বিকল্পে উপসর্গ-দীর্ঘ] অধিকার, স্বামিত্ব। "মনু ১১.৬৪।

অধীত বিণ [অধি+ √ই+ত (ক্ত) -র্ম্ম] অধিগত, পঠিত, শিক্ষিত, সম্যক্ পঠিত। "বেদাঃ সাঙ্গা ময়াধীতাঃ।—মহা ৩.২৯৭.১১। দুরধীতা বিষং বিদ্যা।—চাণক্য। হি ১৭। —ত ক্লী [+ত -ভা] ১ অধ্যয়ন। ২ অধীতশাস্ত্র। "অধীতস্য চ নাশনম্ যাজ্ঞ ৩.২২৮। —তি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] অধ্যয়ন। "নৈ ১.৪।

অধীন বিণ [অধি (উত্তরপদ) +ঈন (খ) স্বার্থে, পা ৫.৪.৭ ; ঈনকে অধিগত, প্রা.স ; অধিগত ইন যাহা কর্ত্তৃক (অ.টী) ; স্ত্রী -না] ১ 'প্রভুকে প্রাপ্ত' ; নিম্ন, আয়ত্ত, বশগত। "গ্রহাধীন, দৈবাধীন, ভাগ্যাধীন (S.W.)। তদধীন পা ৫.৪.৫৪। ত্বদধীন রা ২.৭২.৫৩। রঘু ১.৭২। কু.স ৪.৬ ; ১০। দারাধীন মনু ৯.২৮। অধীনতা অপমান ন ৫০২। ২ (বাঙ্‌লায়) আশ্রিত, আজ্ঞাকারী। "জন্মপাপাধীন (অহং) দা ২১৬১। [সমাসে উত্তরপদ। অমরকোষে ব্যস্তপ্রয়োগ 'অধীন' 'অনধীনক' (শূদ্রবর্গ, ৯) আছে। বাঙ্‌লায়, সমস্ত ও ব্যস্ত প্রয়োগ হয়। যথা, 'পরাধীন' 'পরের অধীন' ইত্যাদি। অধীনস্থ ('অধীন' সাধু)—অধীন, বশবর্ত্তী। অধীনস্থ কর্ম্মচারী—অধস্তন কর্ম্মচারী। অধীনে—আধিপত্যে, বশে ; অধস্তন পদে। অধীনের—আশ্রিতের।]

অধীনস্থ, অধীনে ; অধীনী দ্র 'অধীন ; অধিনী'।

অধীয়মান বিণ [অধি+ √ই+মান (শানচ্) -র্ম্ম ; স্ত্রী -না] যাহা পঠিত হইতেছে ; পঠ্যমান। ("লক্ষ্মী) অধীয়মান পত্রে প্রদর্শনী-প্রদান-পূর্ব্বক পুস্তকপানি মুড়িয়া, আয়েষার বিষাদ আলোচনা করিতেছেন য ১১।

অধীর বিণ [ন.ত ; স্ত্রী -রা ;] ১ অস্থির, চঞ্চল। ২ বিহ্বল, ব্যাকুল, কাতর। "অধীর কর্ব্বুরোত্তম মে ২৫৭। ৩ ভীত, চকিত। "°বিপ্রেক্ষিত কু.স ১.৪৬। ৪ চলচিত্ত, অব্যবস্থিতচিত্ত। ৫ [ছান্দস] অপণ্ডিত, অনভিজ্ঞ। —রা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ চঞ্চলা, বিদ্যুৎ। ২ মানাবস্থায় মধ্যা ও প্রগল্‌ভা নায়িকাবিশেষ। "সা.দ ৩৬১ ; ৬৪। ভা.চ ৬৭৪ ; ৬৭৬।

অধীশ পুং [অধি+ √ঈশ্+অ (অচ্)-ক] ১ অধীশ্বর, সম্রাট্। ২ অধিপতি, প্রভু, রাজা। "অধীশ-প্রধান স.শ ৫৯। ৩ পতি, কর্ত্তা। "দিনাধীশ।—পঞ্চ ১.২২৭।

অধীশ্বর পুং [অধিক ঈশ্বর, প্রা.স ; স্ত্রী -রা, -রী] ১ যে রাজার নিকটে সামন্তরাজগণ প্রণত (অ.কো)। ২ অধিপতি, রাজা, স্বামী। "নৈ ২.১। ৩ প্রভু।

অধুনা ব্য [ইদম্+ধুনা, পা ৫.৩.১৭, তত্ত্ববোধিনী ; কাশিকা ; বৈদিক] এই সময়ে ; ইদানীম্, সম্প্রতি, এখন। "কু.স ৪.১২।

অধুনাতন বিণ [অধুনা+তন (ট্যু, টুট্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -নী] অধুনাভব, ইদানীন্তন, এখনকার।

অধৃষ্য বিণ [ন.ত ; স্ত্রী -ষ্যা] ১ অধর্ষণীয়, অনভিভবনীয়, অজেয়। "রঘু ১.১৬। ২ প্রগল্‌ভ (শ.ক)।

অধেক বিং ['অর্দ্ধেক'—মূল ; অপ্র] অর্দ্ধদেহাবশিষ্ট, অতিক্ষণ। "তোমার হাবাসে রাম অধেক দুর্ব্বল কৃ.উ ২৬৬।

অধৈর্য্য বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -র্য্যা] যাহার ধৈর্য্য নাই ; অধীর, অশান্ত, বিকল, কাতর। "সাপের বিষের জ্বালায় অধৈর্য্য শরীর কৃ ২৫৯। রাম যৎপরোনাস্তি অধৈর্য্য...হইলেন সী ৫৩। —র্য্য ক্লী [ন.ত] ধৈর্য্যের অভাব ; অধীরতা, বৈকল্য, বিহ্বলতা। "মনু ১১.৭১ ; ১২.৩২।

অধোক্ষজ পুং [অধঃ অক্ষজ যাহার (বহুব্রী)— 'অধোঽক্ষজ' ; অপ্র] যাঁহার ইন্দ্রিয়জাত জ্ঞান অধঃ (হীন) ; বিষ্ণু। "সর্ব্বত্র সুখদ, মহিমা যে পদ, বক্ষে অধোক্ষজভূষা ম ৬২৬।

অধোগতি বিণ [বহুব্রী ; স্ত্রী -তি] যাহার অধোদেশে গতি ; নরকগামী। "মনু ৮.৩০৯। —তি স্ত্রী [স.ত] ১ অধোদেশে গমন ; অবতরণ। বিপ 'উন্নতি'। "স্তোকেনোন্নতিমায়াতি স্তোকেনায়াত্যধোগতিম্। অহো সুসদৃশী চেষ্টা তুলাযষ্টেঃ খলস্য চ॥ পঞ্চ ১.১৬১। ২ অধঃপতন, চরিত্রভ্রংশ, উন্মার্গগমন। "দ্র (১)। ৩ নরকগমন। "মনু ৩.১৭ ; পাপা যাত্যধোগতিম্ ৫২। সপ্তম পুরুষ তার যাবে অধোগতি কৃ.উ ১৮০ ; ২৩২। গুরুনিন্দে অধোগতি লী ৯।

অধোগামী (-মিন্) বিণ [অধঃ গামী, স.ত . স্ত্রী -মিনী] ১ নিম্নগামী। ২ উৎপথগামী। ৩ নরকগামী।

অধোতে [অধো+তে, তু 'অধোগামী' ; সং 'অধঃ' ; অপ্র] নিম্নদেশে, নীচে। "অধোতে মহিষাসুর দু ৩৭। তদধোতে নূপুর বাজ্যাছে ব.প ৩৭৫।

অধোদারু ক্লী [অধঃ দারু, কর্ম্মধা] নিম্নস্থিত কাষ্ঠ ; কাষ্ঠময় দ্বারের (চৌকাঠের) নিম্নস্থ কাষ্ঠখণ্ড ; গোবরাট্।

অধোদিক্ (-দিশ্) স্ত্রী [অধঃ দিক্, কর্ম্মধা] ১ নিম্নদিক্, দক্ষিণ দিক্, অবাচী। ২ অধঃস্বস্তিক, অধোবিন্দু (Nadir)।

অধোদৃষ্টি বিণ [অধঃ দৃষ্টি যাহার, বহুব্রী ; স্ত্রী -ষ্টি] ১ যাহার চক্ষু নিম্নদিকে ; নিম্নদৃষ্টি। "মনু ৪.১৯৬। ২ (যোগাভ্যাসে) নাসিকাগ্র-নিবদ্ধদৃষ্টি। তু 'গী ৬.১৩। কু.স ৩.৪৭। —ষ্টি স্ত্রী [কর্ম্মধা] নিম্নাভিমুখ দৃষ্টি ; নিম্নে দৃষ্টিপাত।

অধোদেশ পুং [অধঃ দেশ, কর্ম্মধা] ১ নিম্নভাগ ; নিম্নাংশ। ২ (বাঙ্লায়) অধোভুবন, অর্থাৎ ভূলোক। "কেশববাসনা দেবী গেলা অধোদেশে মে ৪৯।

অধোনিবাসী (-সিন্) বিং [অধঃ+নিবাসী ; স্ত্রী -সিনী] পাতালবাসী। "ম.পা ৪৯।

অধোপুর বি [অধঃ+পুর, তু 'অধোভুবন'—পাতাল ; অপ্র] পাতাল। "নিবাতকবচ দৈত্য অধোপুরে বৈসে কৃ.উ ৮২ ; স্বর্গ মর্ত্ত্য অধোপুর কম্পিত মেদিনী ১১০ ; বালী গেলা অধোপুরে ১৪২ ; অনন্ত…অধোপুরে বৈসে ২৫০।

অধোবদন বিণ [অধঃ বদন যাহার, বহুব্রী ; স্ত্রী -না] ১ অবনতমুখ, অধোমুখ। "সী ৬৮। ২ লজ্জায় নতমুখ।

অধোবায়ু পুং [অধঃ বায়ু, কর্ম্মধা] নিম্নে (গুহ্যে) স্থিত বায়ু ; অপানবায়ু। "°গমন, °বিমোক্ষণ, °সমুৎসর্গ (কাত্যায়ন ২.১৩)। [°বিমোক্ষণ (বি)—অপানবায়ুর ত্যাগ ; বাতকর্ম্ম। "অশ্লীলভাষণ অধোবায়ুবিমোক্ষণ ভ.গ্র ২৯০।]

অধোবাস বি [অধঃ বাস, কর্ম্মধা] অধর বাস ; পরিধানবস্ত্র। "কেহো মুক্তকেশপাশ, আগে কৈল অধোবাস, স্বহস্তে কঞ্চুলী করিল চৈ.চ ৩৪৭।

অধোভাগ পুং [অধঃ ভাগ, কর্ম্মধা] ১ শরীরের নিম্নভাগ ; অপরকায়। "পূর্ব্বো ভাগো গুরুঃ পুংসামধোভাগস্তু যোষিতাম্ (সুশ্রুত)। ২ নিম্নদেশ। "°ব্যবস্থিত।—পঞ্চ ১৩৪৬/৪৭।

অধোভুবন ক্লী [অধঃ ভুবন, কর্ম্মধা] অধোলোক, পাতাল।

অধোমুখ বিণ [অধঃ মুখ যাহার, বহুব্রী ; স্ত্রী -খা, -খী] ১ অবনতমুখ, অবাঙ্মুখ, অধোবদন। ২ লজ্জায় নতমুখ। "অধোমুখী তিষ্ঠতি শ ১২/৪। পাইল বড়ই লাজ অধোমুখী রয় শ্রী.ম ২৩৫। অধোমুখে উঠিয়া গায়ের ধুলা ঝাড়ে কৃ ২৫৫। ৩ নিম্নাগ্রভাগ (বাণ)। "অধোমুখৈঃ… পত্রিভিঃ রঘু ৩.৫৭। ৪ বিপর্য্যস্ত, উল্‌টা। —খ ক্লী ১ নিম্নাভিমুখ-গতি মূলা অশ্লেষা কৃত্তিকা বিশাখা ভরণী মঘা ও পূর্ব্বাত্রয় নক্ষত্র। ২ নরকবিশেষ।

অধোলোক পুং [অধঃ লোক, কর্ম্মধা] অধোভুবন, পাতাল।

অধ্যক্ষ বিণ [অক্ষকে অধিগত প্রা.স ; অক্ষেষু অধিগত (অ.টী) ; স্ত্রী -ক্ষা] ১ ইন্দ্রিয়কে প্রাপ্ত (অ.টী) ; প্রত্যক্ষ, গোচর। "ভামিনী-বিলাস ৪.১৭। ২ 'আয়ত্তস্থানে নিযুক্ত' ; আয়ব্যয়নিরীক্ষক (অ.টী)। —ক্ষ পুং ১ অধিকারবিশেষে নিযুক্ত পুরুষ ; অধিকৃত, অবেক্ষিতা, কার্য্যদর্শক। "গজ°, দ্বার°, ধন°, শুল্ক°। অশ্ব°, গব° পা ৬.২.৬৭। অধ্যক্ষান্ বিবিধান্ কুর্য্যাৎ মনু ৭.৮১। ভ ৪.১৬.১২। ২ অধিপতি, অধিপ, অধীশ। গ্রামশত° মনু ৭.১১৯ ; বল° ১৮৯। দশ°, দেশ°, শত°।—বিষ্ণু ৩.৫। কু.স ৬.১৭। ৩ প্রবর্ত্তক, অধিষ্ঠাতা, নিয়ন্তা (গী.টীকা)। "ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্ গী ৯.১০। —ক্ষ ক্লী ইন্দ্রিয়জন্যজ্ঞান (শ.ক), প্রত্যক্ষজ্ঞান (ত.বা)।

অধ্যবস বি ['অর্দ্ধবয়স'—মূল ; অর্দ্ধ>অদ্ধ>অধ্য (উচ্চারণে) ; অপ্র] অর্দ্ধেক বয়স ; প্রৌঢ়ত্ব। "অধ্যবসের যোগী পাইলে কমরে তুলি কাটে মী ১২।

অধ্যবসান ক্লী [অধি-অব+√সো+অন (ল্যুট্) -ভা] ১ উদ্যম, চেষ্টা, অধ্যবসায় (A.)। ২ (অলঙ্কারে) অভেদপ্রতিপত্তি, একাত্মভাব, একীভাব। "কা.প্র ১০.১০০। —সায় পুং [+অ (ঘঞ্) -ভা] ১ উৎসাহ, উদ্যম। "উ.চ ৪৩/৮। °ভীরু হি ১.১৮১ ; পঞ্চ ৩.২৪৪। ২ কর্ম্মে সুকর প্রত্যয় ; কর্ম্ম সহজসাধ্য বলিয়া বিশ্বাস (মধু—শ.ক)। ৩ অশক্যে বলোদ্যম, অর্থাৎ অসাধ্য কার্য্যে বলের সহিত উদ্যম। ৪ 'এই কার্য্য আমার কর্ত্তব্য' এইরূপ বিনিশ্চয় ; নিশ্চয়। 'যোঽয়ং কর্ত্তব্যমিতি বিনিশ্চয়ঃ…সোঽধ্যবসায়ঃ (তত্ত্বকৌমুদী ২৩)। "সাংখ্য ৫। ৫ (অলঙ্কারে) অভেদ প্রতিপত্তি ; তাদাত্ম্যারোপ, একীভাব। "সা.দ ১০.৪৬। —সায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -য়িনী] ১ অধ্যবসায়যুক্ত, উৎসাহী। ২ ব্যবসায়পর, নিশ্চয়বান্। —সিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ নিশ্চিত, সঙ্কল্পিত। "উ.চ ১৪৩/৪৪। ২ আরব্ধ, গৃহীত। "ব্রতং চান্দ্রায়ণমধ্যবসিতম্ হি ১৬৫/৬৬।

অধ্যবসায়ী, -সিত দ্র 'অধ্যবসায়'।

অধ্যয়ন ক্লী [অধি+√ই+অন (ল্যুট্) -ভা] ১ পাঠ, আবৃত্তি। "ব্যাকরণাধ্য° পা ১.৩.৩৮, কাশিকা। ২ গুরুর উচ্চারণের অনুরূপ উচ্চারণ ; অধিগম (গী. টীকা), অক্ষরমাত্রগ্রহণ, পাঠ। "বেদাধ্যয়ন রা ১.৫০.৩ ; মনু ৩.৬৩। বেদযজ্ঞাধ্যয়ন গী ১১.৪৮। ৩ ব্রাহ্মণাদিবর্ণত্রয়ের শাস্ত্রদৃষ্ট কর্ম্মসমূহের একতম। 'মনু ১.৮৮-৯০। ৪ বেদপাঠ, স্বাধ্যায়। "ছান্দোগ্য ২.২৩.১। মনু ২.২৪১। ইজ্যাধ্যয়নদান মহা ৩.২.৭৫ ; হি ১.৭। পঞ্চ ১.১৮০। —য়নীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম্ম] পঠনীয়, পাঠ্য।

অধ্যা বি [সং অধ্যায় ; অস অধ্যা ; অপ্র] অধ্যায়। "এই অধ্যা ভারত শুনেন একমনে শ্রী ১৩১ ; ১৩২। শ্রী.মা ১২৩।

অধ্যাক্রান্ত বিণ [অধি-আ+√ক্রম্+ত (ক্ত) -র্ম্ম] আলম্বিত, আশ্রিত। "অধ্যাক্রান্তা বসতিরমুনাপি শ ২.১৪।

অধ্যাত্ম ব্য [আত্মাকে অধিকার করিয়া ইতি অব্যয়ীভাব, সমাসান্ত অ (টচ্) ; বৈদিক] ১ আত্মায়, অর্থাৎ ব্রহ্মে ক্ষেত্রজ্ঞে বা দেহাদিতে অধিকৃত ব্রহ্মবিষয়ক। "°রতি মনু ৬.৪৯। ২ ক্ষেত্রজ্ঞবিষয়ক। ৩ দেহবিষয়ক, আত্মাদিবিষয় (শঙ্কর)। "গী ১৩.১৯। ৪ দেহাধিকার-পূর্ব্বক ভোক্তৃরূপে স্থিত আত্মা বা জীব (শ্রীধর)। "স্বভাবোঽধ্যাত্ম-মুচ্যতে গী ৮.৩। ৫ দেহস্থ প্রত্যগাত্মবিষয় বস্তু ; শুদ্ধ আত্মা (গী. টীকা)। "গী ৭.২৯। ৬ আত্মানাত্মবিবেক, আত্মজ্ঞান, আত্মতত্ত্ব। "°সংজ্ঞিত গী ১১.১ ; °নিত্য ১৫.৫। °দীপ ভ ১.২.৩ ; °বিৎ ৭.৭.২১। ৭ অধ্যাত্মশাস্ত্র (নীলকণ্ঠ)। "°চেতস্ গী ৩.৩০ ; °জ্ঞান ১৩.১১। —জ্ঞান ক্লী [কর্ম্মধা] আত্মাদিবিষয় জ্ঞান ; আত্মজ্ঞান (গী.টীকা)। "°নিত্যত্ব গী ১৩.১১। —বিদ্যা স্ত্রী, -শাস্ত্র ক্লী [কর্ম্মধা] আত্মজ্ঞানরূপা বিদ্যা ; আত্মবিদ্যা। "গী ১০.৩২। —রামায়ণ ক্লী [কর্ম্মধা] রামচরিত-প্রসঙ্গে পরমাত্মা ও রামের একাত্মতাপ্রতিপাদক রামায়ণ।

অধ্যাত্মজ্ঞান, -বিদ্যা, -রামায়ণ, -শাস্ত্র দ্র 'অধ্যাত্ম'।

অধ্যাপক পুং [অধি+√ই+ই (ণিচ্)+অক (ণ্বুল্)-ক] যিনি অধ্যয়ন করান ; অধ্যাপয়িতা, বেদাদিপাঠয়িতা, উপাধ্যায়। [অধ্যাপক দ্বিবিধ ;—আচার্য্য ও উপাধ্যায় (দ্র 'মনু ২.১৪০ ; ১৪১। যাজ্ঞ ১.২২৩)। "ন্যায়াধ্যা°, বেদাধ্যা°, ব্যাকরণাধ্যা°। উঠানে বসান

অধ্যাপককে, ভাটকে দিয়েছেন খাট।—দা ৭৫৮। —পন ক্লী, —পনা স্ত্রী [+অন (ল্যুট্), +অন (যুচ্)+স্ত্রী -আ (টাপ্), -ভা] ১ অধ্যয়ন করান; পাঠনা, শিক্ষাদান, পড়ান। "মনু ৪.১০১; ৮.৩৪০। শত শত শিষ্য-সঙ্গে সদা অধ্যাপন চৈ.চ ৫৭। ভাগবত করান অধ্যাপন চৈ ১৮। ২ ব্রাহ্মণের শাস্ত্রবিহিত ষট্‌কর্ম্মের একতম। "মনু ১.৮০; ১০.৭৫। [অধ্যাপন ত্রিবিধ, —ধর্ম্মার্থ, ধনার্থ ও শুশ্রূষার্থ (হারীত ১.১৯)।] —পয়িতা (-তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] অধ্যাপক, উপাধ্যায়। —পিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] পাঠিত। "মনু ৩.১৫৬। কু.স ৩.৬।

অধ্যাপন, -পনা, -পয়িতা, -পিত দ্র 'অধ্যাপক'।

অধ্যায় পুং [অধি+ √ই+অ (ঘঞ্) -ভা, পা ৩.৩.২১] ১ অধ্যয়ন, পাঠ, আবৃত্তি। "প্রশান্তাধ্যায়সৎকথা (নগরী) রা ২.৪৮.৩৪। অনধ্যায় মনু ২.১০৫। মন্ত্রাধ্যায় (S.W.)। ২ অধ্যয়ন বিধি। "°জ্ঞ মনু ৪.১০২। ৩ [+অ -র্ম্ম] বেদ। "যাজ্ঞ ১.১৪২। ৪ [+অ -ধি, নিপাতিত, পা ৩.৩.১২২] বিষয়বিশেষের পাঠযুক্ত গ্রন্থাংশ; পরিচ্ছেদ, সর্গ। ৫ [+অ (অণ্)-ক] পাঠক, অধ্যেতা। "বেদ°, মন্ত্র° পা ৩.২.১। ৮৯ [সমাসে উত্তরপদ]।

অধ্যারূঢ় বিণ [অধি -আ+ √রুহ্ +ত (ক্ত) -ক, -র্ম্ম] ১ কৃতাধ্যারোহণ, সমারূঢ়। ২ আক্রান্ত। ৩ অত্যধিক, অতিশয়। "পা ৫.২.৭৩, তত্ত্ববোধিনী। ৪ উপরি জাত। "অধ্যারূঢ়ো দন্তঃ পা ৬.২.১৮৮, কাশিকা। ৫ উচ্চপদাধিকৃত, উচ্চপদস্থ। "অধ্যারূঢ়ানাং পদমনুজনদ্বেষজননম্ মু ৫.১২। ৬ প্রবৃত্ত, আরব্ধ। "অধ্যারূঢ়ো দুর্য্যোগঃ উচ ৬২৩৪।

অধ্যারোপ পুং, **অধ্যারোপণ** ক্লী [অধি-আ+ √রোপি+অ (অচ্), +অন (ল্যুট্), -ভা] ১ উপরি আরোপণ; উত্থাপন। ২ বস্তুতে অবস্তুর আরোপ, অর্থাৎ এক বস্তুকে অন্য বস্তু মনে করা; মিথ্যাজ্ঞান, ভ্রমাত্মক জ্ঞান (বেদান্তসার)। —ণ ক্লী ১ অতিশয় আরোপণ। ২ ধান্যাদিবপন।

অধ্যাস পুং [অধি+ √অস্+অ (ঘঞ্) -ভা] ১ মিথ্যাজ্ঞান, অযথার্থানুভব, অবভাস। যেমন, শুক্তিতে রজতের জ্ঞান। ২ আরোপণ। ৩ ঘটন, আঘাত, প্রহার। "পাদাধ্যাস।—যাজ্ঞ ২.২২০। —সিত বিণ [+ √আস্+ত (ক্ত) -র্ম্ম] ১ অধিষ্ঠিত। "মৃগাধ্যাসিতশাদ্বল রঘু ২.১৭। কু.স ৬.৫৬। ২ আসেবিত, আচরিত। "সদ্ভিঃ সদাধ্যাসিতন্তু প্রশস্তম্ মহা ৩.১৯৭.২৭। ৩ ক্ষিপ্ত (নীলকণ্ঠ)। "মহা ৩.২৩২.২১। —ত ক্লী [+ত -ভা] আক্রমণ। "রঘু ২.৫২। —সীন বিণ [+ঈন (শানচ্)-ক, নিপাতিত; স্ত্রী -না] অধিষ্ঠিত, অধ্যুষিত। "কৈলাসম্ অধ্যাসীনো মহাবলঃ গো.রা ৩.৩৬.১৪।

অধ্যাসিত, -সীন দ্র 'অধ্যাস'।

অধ্যাহরণ ক্লী, **-হার** পুং [অধি-আ+ √হৃ+অন (ল্যুট্), -অ (ঘঞ্), -ভা] ১ অধিক (আকাঙ্ক্ষিত) পদের আহরণ বা অনুসন্ধান; গম্যমানার্থ বাক্যের স্বরূপে উপাদান (কাশিকা), আকাঙ্ক্ষিতবিষয় পদের অনুসন্ধান; উহ, উৎপ্রেক্ষণ, উহ্য করা। ২ বিতর্ক, অনুমান। —হার্য্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম] উহনীয়, বিতর্ক্য, অনুসন্ধেয়, অনুমেয়। —হৃত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] উহিত, উৎপ্রেক্ষিত, অনুমিত, বিতর্কিত।

অধ্যাহার্য্য, -হৃত দ্র 'অধ্যাহরণ'।

অধ্যুষিত বিণ [অধি+ √বস্+ত (ক্ত) -র্ম্ম] ১ অধিষ্ঠিত। "গো.রা ৩.৫৩.৩। বলৈরধ্যুষিতাঃ (উপত্যকাঃ) রঘু ৪.৪৬; ৯.২৫। ২ জুষ্ট, সেবিত। "অধ্যুষিতানি পৌরৈঃ (উপবনানি) রঘু ১৪.৩০। ৩ কৃতসম্পর্ক (রা.টীকা)। "(ভুজঃ) অধ্যুষিতঃ প্রিয়েণ রা ৫.২৯.৩। ৪ আচরিত, অনুষ্ঠিত। "প্রমদাধ্যুষিতাং বৃত্তিম্ গো.রা ৩.১.৭।

অধ্যেষণ ক্লী, **-ষণা** স্ত্রী [অধি+ √ইষ্ +অন (ল্যুট্), +অন (যুচ্) +স্ত্রী আ (টাপ্), -ভা] সৎকারপূর্ব্বক কার্য্যে নিয়োজন: সসম্মান প্রবর্ত্তনা বা প্রেরণা (মুগ্ধবোধ)।

অধ্রুব বিণ [ন.ত; স্ত্রী -বা] ১ 'ধ্রুবভিন্ন', অনিশ্চিত, সংশয়িত। "অধ্রুবশ্চ রণে জয়ঃ গো.রা ৫.৩৭.২১। অধ্রুবাণি নিষেবতে হি ১.২২৫। ২ অস্থির, চঞ্চল। ৩ ক্ষণিক, নশ্বর। "অধ্রুবং যৌবনম্ গো.রা ৩.৬১.৩৪। ৪ যে অঙ্গ ছিন্ন হইলেও প্রাণীর মৃত্যু হয় না, তাদৃশ (অঙ্গ)। "পা ৩.৪.৫৪। —ব ক্লী অনিশ্চিত বস্তু।

অধ্বগ পুং [অধ্বন্+ √গম্+অ (ড)-ক; উ.ত] ১ যে পথে যায়; পথিগামী, পান্থ। "গো.রা ৫.৪.১৩। মনু ৮.৩৪১; ১১.১। °বেশা তাপসী উ.চ ২৭/৮। কু. স ৬.৬৪। ২ উষ্ট্র। ৩ অশ্বতর।

অধ্বর পুং [অধ্বন্+ √রা দান+অ (ক)-ক; উ.ত] ১ যাহা সৎপথ দেয়; যজ্ঞ, যাগ। "অধ্বরস্যেব দক্ষিণা রঘু ১.৩১; ৫.১। হতাধ্বর ভা.চ ১৫৮। ২ অষ্টবসুর দ্বিতীয় বসু।

অধ্বর্য্যু পুং [অধ্বর+যু+উ (ড়ু)-ক, পৃষো; 'অধ্বর্য্যু', অধ্বরয়ু' (নিরুক্ত)] ১ যিনি অধ্বরের নেতা, অর্থাৎ, যিনি যজ্ঞ শেষ করেন (নিরুক্ত); ঋত্বিগ্‌বিশেষ। দ্র 'অগ্নিষ্টোম'। "মহা ২.৩৩.৩৫। মনু ৮.২০৯। [ইনি যজুর্ব্বেদবিৎ, যজুর্ব্বেদবিধানে যজ্ঞকরণে সমর্থ। নারায়ণের মুখ হইতে ইঁহার উৎপত্তি (হ ২০০.৬)। যজ্ঞভূমির পরিমাণ, বেদিনির্ম্মাণ, যজ্ঞপাত্রনির্ম্মাণ, জলকাষ্ঠানয়ন, অগ্নিপ্রজ্বালন, পশু-আনয়ন এবং বলিদান ইঁহার কার্য্য (M.W.)।] ২ যজুর্ব্বেদী। "মনু ৩.১৪৫। ৩ যজুর্ব্বেদ। —র্য্যু স্ত্রী অধ্বর্য্যু-পত্নী। "পা ৪.১.৬৬।

অধ্বা (-ধ্বন্) পুং [√অদ্+বন্ (কনিপ্) উ ৪.১১৫; ছান্দস] ১ যাহা পথিকের বল ভক্ষণ (নাশ) করে; অয়ন, বর্ত্ম, মার্গ, পথ। "নৈকঃ প্রপদ্যেতাধ্বানম্ মনু ৪.৬০। রঘু ১১.৫৭। অধ্বশেষ পৃ.মে ৩৯। ২ অধ্বপরিমাণ, ক্রোশযোজনাদি দূর। "পা ২.৩.৫। যযুঃ শীঘ্রং মহদধ্বানম্ মহা ৩.১৪৫.১২। রঘু ১.৪৭। মনু ৭.১২৭। ৩ অধ্বগমন, পথিগমন। "অধ্বকর্শিতা মহা ৩.১৪৪.১৪। অধ্বশ্রম পৃ.মে ১৭। অধ্বসঞ্জাতখেদ উ.চ ১.২৪। কি ১১.২। ৪ গ্রহাদির পথ; কক্ষ (Orbit)। ৫ সংস্থান, উপায়, সাধন। ৬ বেদের শাখা বা অবয়ব। "সহস্রাধ্বা সামবেদো যজুরেকশতাধ্বকম্ (S.W.)। ৭ (সর্ব্বভক্ষক) কাল। ৮ আকাশ।

অন্[১] ব্য [দ্র 'অ'; প্রা অণ (হে ২.১৯০)—(সমাসে) অণচিন্তিঅ (অচিন্তিত); (অসমাসে) অণ চিংতিঅ (ন চিন্তিত—হ ২.১.৬১), অণ অগ্গিং (ন অগ্নি—প্রা.স ৮.৩)। হি অন—অনঋতু (বিরুদ্ধ ঋতু), অনকংপ ইত্যাদি। ঠ অন—অনভগ্ন (অভগ্ন), অনমান (অমান) ইত্যাদি। মৈ অন—অনচিহ্ন (অজ্ঞাত), অনবন (বিরোধ), অনবাহ (অহলবাহক) ইত্যাদি; অনদেখা (অদৃশ্য) গো.চ] সর্ব 'অ'।

অন্[২] অক [অদা, প; দিবা, আ—অনিতি, অন্যতে; সেট্] জীবন, বাঁচা। "যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ কো হ্যেবান্যাৎ (শ্রুতি)। [অপ—অধোগতি। "অপান। যদপানিতি সোঽপানঃ (শ্রুতি)। উদ্—ঊর্দ্ধগতি। "উদান। প্র—প্রাণন, জীবন। "প্রাণ। যদ্ বৈ প্রাণিতি স প্রাণঃ (শ্রুতি)। বি—সর্ব্বত্র গতি। "ব্যান। সম্—সম্যগ্ জীবন। "সমান।]

অন ক্রি.প্র [সং অন (ভাবে ল্যুট্)] ১ বাঙলা ধাতুর উত্তর বিহিত ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "(অকারান্ত ধাতু) √কহ—কহন, গুঞ্জরণ, বলন, বাঁচন, শুনন ইত্যাদি; (আকারান্ত ধাতু) √জড়া—জড়ান, তাড়ান, মাড়ান; (ণিজন্ত) √করা—করান, ধরান, হারান ইত্যাদি। ২ বাঙলা নামধাতুর উত্তর বিহিত ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "জুতা> √জুতা—জুতান; ঠেঙ্গান, রঙ্গান, হাতান ইত্যাদি।

অনংশ বিণ [ন অংশ যাহার, ন.বহুব্রী; স্ত্রী -শা] ১ অংশরহিত দায়-

ভাগে অনধিকারী ; অ-রিক্থহর (ক্লীবপতিতাদি)। "মনু ৯.২০১। ২ অবয়বহীন, নিরবয়ব (আকাশ, পরমেশ্বর)।

অনকি '-ন্-' বি ['অণুক'—মূল ; অথবা, ধ্বন্যাত্মক ; ওয়ানি (বর্দ্ধমান), উন্‌কি (পাবনা), পুকি (মালদহ), পুদকি (মুরশিদাবাদ)] অণুতুল্য, অর্থাৎ অতিক্ষুদ্র মক্ষিকাবিশেষ (ইহারা 'উড়্ উড়্' শব্দ করিয়া চোখের কাছে উড়ে)। "চোখের আগে অনকি ওড়ে কু.কে ১৩১।

অনক্ষর বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -রা] ১ যাহার অক্ষর (বর্ণজ্ঞান) নাই ; বর্ণজ্ঞানশূন্য, মূর্খ। ২ বর্ণোচ্চারণে অশক্ত বাক্‌শক্তিহীন। "মুখমনক্ষরম্। —ভর্তৃহরি। ৩ যাহাতে অপ্রশস্ত অক্ষর ; যাহা বলার অযোগ্য ; অবচনার্হ, অবাচ্য। ৪ (বাঙ্‌লায়) অদৃশ্যাক্ষর, লুপ্তবর্ণ, অদৃশ্য। "চিন্তা মায়াবিনী।...আঁধারিল যুবকের মানসনয়ন ;—হ'ল কাব্য অনক্ষর! ন ৫৬১।—র ক্লী দুরক্ষর বাক্য ; নিন্দাবচন, কুবাক্য, গালি।

অনগ্নি বিণ [ন অগ্নি যাহার, ন.বহুব্রী] ১ যাহার শ্রৌত বা স্মার্ত্ত অগ্নি নাই ; অগ্ন্যাধানহীন, অনাহিতাগ্নি। বিপ 'সাগ্নিক'। "যে চ কেচিদনগ্নয়ঃ।—বসিষ্ঠ ৫। অনগ্নি সাগ্নিক তবে বহু দ্বিজগণ। পাণ্ডবের সহিত চলিল সর্ব্বজন॥ ম ৩৭৮। ২ লৌকিকাগ্নিহীন (কুল্লুক)। "মনু ৬.২৫ ; ৪৩। ৩ শ্রৌতস্মার্ত্তকর্ম্মহীন (শ.ক)। ৪ যাহার অগ্নি-সংস্কার অবিহিত ; অগ্নি-সংস্কারহীন। "বসিষ্ঠ ৫। রঘু ৮.২৫। ৫ প্রব্রজিত (ত.বা)। ৬ অকৃতদার, অবিবাহিত। ৭ যাহার জঠরাগ্নি অল্প ; অগ্নিমান্দ্যযুক্ত (Dyspeptic)। —গ্নি পুং [ন.ত] ১ অগ্নিভিন্ন পদার্থ। "অনগ্নাবিব শুষ্কৈধো ন তজ্জ্বলতি কর্হিচিৎ (নিরুক্ত)। যথা হুতমনগ্নৌ (অফলম্)।—পরাশর ৮.২৪। ২ অগ্নির অভাব।

অনঘ বিণ [ন অঘ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ঘা] ১ যাহার বা যাহাতে পাপ নাই ; অপাপ, নিষ্কলুষ। "মনু ১২.১। হি ১.৮৫। ২ সৎ, সাধু, সচ্চরিত্র। "অবৈমি চৈনামনঘেতি রঘু ১৪.৪০। ৩ সর্ব্বথা দোষস্পর্শশূন্য ; দোষলেশহীন, অনবদ্য, নিখুঁত। "তদ্রূপমনঘম্ শ ২.১০। °সর্ব্বগাত্রী (কাদম্বরী)। ৪ নির্ম্মল, অকলঙ্ক, শুদ্ধ। "অনঘং কুলম্ রঘু ১০.৮০। মাঘ ৩.৩১। ৫ অদোষ, অনুপভুক্ত, অনুচ্ছিষ্ট। "শ্রিয়ং...প্রত্যর্পয়িষ্যত্যনঘাম্ রঘু ১৩.৬৫। ৬ নির্ব্বিঘ্ন, সুখ। "°প্রসূতি রঘু ১৪.৭৫। °প্রসবা শ ৪২৬/২৭। ৭ অব্যসন, অনপায়ী। "অনঘা প্রসূতিঃ রঘু ৫.৭। —ঘ পুং ১ বিষ্ণু। ২ শিব। ৩ কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১.৫।

অনঙ্কুশ বিণ [ন অঙ্কুশ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -শা] ১ অঙ্কুশরহিত, অবাধ, অনিয়ন্ত্রিত, দুর্দ্দম। "গো.রা ৩.৪১.৮। ২ স্বেচ্ছাচারী, স্বতন্ত্র, নিরঙ্কুশ (কবি)।

অনঙ্গ বিণ [ন অঙ্গ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] ১ অঙ্গহীন, অশরীর, বিদেহ। "ত্বমনঙ্গঃ কথমক্ষতা রতিঃ কু.স ৪.৯ ; ১৩। গগনের সম তুমি কেবল অনঙ্গ শ্রী.ম ২৫৭। যে অঙ্গ হেরি হেরি অনঙ্গ ভেল কাম ন.প ৩০৭। (ফুলধনু) লুকায় মাজার মাঝে অনঙ্গ হইয়া ভা.চ ১৭৬। বা.দ ১৬। ২ অসমগ্রদেহ, অপূর্ণকায়, অপরিপুষ্টাঙ্গ। "মহা ১.১৬.২১। —ঙ্গ পুং কামদেব। "°ক্রীড়া, °তপ্ত (শ ৩.৪), °লেখ, °সন্দীপন (ঋতু ১.১২)। অঙ্গ অঙ্গ অনঙ্গ-তরঙ্গ ঘনঘোর শি ৩০। আজি আমরা অঙ্গবিশিষ্ট অনঙ্গকে প্রত্যক্ষ করিলাম।—কাদ ২৯। [কাম পূর্ব্বে শরীরী ছিলেন। সমাধিমগ্ন শিবের শরীরে স্মরবিকার উৎপাদন করিয়া হরকোপানলে ভস্মীভূত এবং তদবধি 'অনঙ্গ' নামে অভিহিত হন (রা ১.২৩। কু.স ৩.৭০-৭২)। 'কার্ত্তিকেয় জন্ম হেতু, ভস্মরাশি মীনকেতু, তদবধি অনঙ্গাখ্যা ধরে বি.সু ১৭৯।] —ঙ্গ ক্লী ১ আকাশ। ২ মানস। [বৈশেষিকে 'আকাশ' পঞ্চম, 'মন' নবম দ্রব্য।] ৩ [ন.ত] অঙ্গভিন্ন বস্তু।

অনঙ্গতপ্ত বিণ [তৃ.ত] স্মরপীড়িত, কামার্ত্ত। "শ ৩.৪।

অনঙ্গমোহন বিং [ষ.ত] কামের মোহকর ; মদনমোহন, অতি-সুন্দর। "অনঙ্গমোহন অঙ্গখানি দা ৬২৬।

অনঙ্গমোহিনী বিং, স্ত্রী [ষ.ত] কামের মোহনকারিণী ; অলৌকিক-রূপবতী, অতিসুন্দরী। "কৃষ্ণ অনঙ্গমোহিনী ম ১৯৩।

অনঙ্গলেখ পুং [ষ.ত] কামসম্বন্ধী লেখ ; মদনলেখ, প্রণয়পত্রিকা (Love-letter)। "অনঙ্গলেখক্রিয়া কু.স ১.৭।

অনঙ্গসমর বি [ষ.ত] কামসম্বন্ধী যুদ্ধ ; রতিরণ। "বলয়া ঘাঘর বাজে, অনঙ্গসমরে যুঝে ক.চ ১৬৭।

অনচির বিং [অন্১+চির ; অপ্র] অচির, শীঘ্র ; কতিপয়, কিয়ৎ। "অনচির দিনান্তর, জন্মিলেন রামেশ্বর বি.সু ৫৩।

অনঞ্জন বিণ [ন অঞ্জন যাহাতে, ন.বহুব্রী] ১ অঞ্জনহীন, কজ্জলশূন্য। "নেত্রে দূরমনঞ্জনে সা.দ ২৯/৬। ২ নির্দ্দোষ, অকলঙ্ক। —ন পুং নারায়ণ। —ন ক্লী ১ আকাশ। ২ পরব্রহ্ম, নিরঞ্জন।

অনটন বি [অন্১+অটন] অনাটন, অভাব। "দেশে অন্নজলের হ'ল ঘোর অনটন।—রবীন্দ্র।

অনড় বিং [অ০+নড়] ১ যাহা নড়ে না, অচল, স্থির, স্তব্ধ। "পড়ে আছি এক আলস্যের স্তূপ,—কঠিন অনড় ভূধর? —মন্দ্র ১৬। ২ অব্যর্থ, সত্য, ঠিক (কথা, প্রতিজ্ঞা)। ৩ অবশ্যপালনীয়, অনুল্লঙ্ঘনীয় (হুকুম)।

অনত অব্য [সং অন্যতঃ, অন্যত্র>প্রা অন্নত্ত,-ত্থ (হে)>বা আনত, অনত ; মৈ অনত ; বৈষ্ণবসাহিত্যে] অন্যস্থানে। "অনতহি গমনে এতহি নিগর বি.প ৫৮। অনত অনত চলি যাও।—গো ১০৯। [অনতহি (মৈ অনতহুঁ)—অন্যত্র।]

অনতিক্রমণীয় বিণ [ন.ত] অনুল্লঙ্ঘনীয়, অপরিহার্য্য। "অনতি-ক্রমণীয়ং মে সুহৃদ্বাক্যম্ শ ২৪/৪।

অনতিবেগ বি ঈষৎ বেগ, নাতিদ্রুত গতি। "(জলধরদলে) অনতি-বেগেতে ধায় গগনমণ্ডলে স.শ ৮।

অনতীতবাল্য বিং [বহুব্রী, স্ত্রী -ল্যা] যাহার বাল্য অতীত নহে ; অনতিক্রান্তশৈশব। "তাহাদের মধ্যে অনতীতবাল্যা কুমারী হইতে পলিতকেশা বর্ষীয়সী পর্য্যন্ত সকলেই ছিলেন ব.দ্বি ১৪।

অনথ বি [সং অনর্থ>প্রা অণথ ; অপ্র] বিপদ্, সঙ্কট। "অমর-অসুররণে অনথ পড়িল শ্রী.মা ২০৪।

অনদেখা বিং [অন্১+দেখা ; অপ্র] অদৃশ্য। "আসিবেক সেই জন অনদেখা হইয়া গো.চ ৩২৯।

অনধিক বিণ [ন অধিক, ন.ত ; স্ত্রী -কা] ১ অতিশয়, অনতিরিক্ত, অল্প, কম। "বৃদ্ধের নড়া চড়া কম, মস্তিষ্ককার্য্যও অনধিক পা.প্র. ১৯৯। ২ [ন.বহুব্রী] যাহা হইতে অধিক নাই ; অত্যধিক, সুপ্রচুর, অসংখ্য। ৩ (বাঙ্‌লায়) তৎসংখ্যক বা কিছু কম। যেমন, দশের অনধিক, অর্থাৎ ঠিক দশ বা কিছু কম দশ। ৪ (অপ্র) কম। "ছকুড়ি নাগর তার অনধিক ছটী। উদ্দেশ করিয়া বুলে আটে নাই দুটি॥ একুনে ছকুড়ি নাম অনধিক ছটী শ্রী.মা ৯২। ৫ যাহা পরিমাণ অপেক্ষা বড় নহে। "অনুমান বুঝিয়া অনূন অনধিক। হাসি বলে হইল হাতের মত ঠিক॥ শি ১০৪। [অনূন অনধিক—ছোট নয়, বড়ও নয় ; ঠিক মাপের মত।]

অনধিকার পুং [ন.ত] ১ অধিকারের অভাব ; অধিকাররাহিত্য। ২ অন্যের অধিকার ; পরনিয়োগ। "অনধিকারের চর্চ্চা অধিকার ছাড়ে শ্রী.মা ১০২। [অনধিকারচর্চ্চা—অন্যের অধিকারের আলোচনা ; পরকার্য্যবিচার।]

অনধিগত বিণ [ন অধিগত, ন.ত] ১ অপ্রাপ্ত, অলব্ধ ; অচরিতার্থ। "°মনোরথ। ২ অনবগত, অজ্ঞাত। "°বেদার্থবিভব (শ.ক)। ৩ অনধীত, অপঠিত। "°রামায়ণ উ.চ ৬৩/৭। °শাস্ত্র হি ২/২ (কথারম্ভ)।

অনধীত বিণ [ন.ত] অপঠিত, অনভ্যস্ত।

অনধ্যয়ন ক্লী [ন অধ্যয়ন, ন.ত] ১ অধ্যয়নের অভাব ; পাঠবর্জ্জন।

২ অনধ্যয়ন কাল, অর্থাৎ যে কালে অধ্যয়ন নিষিদ্ধ; শাস্ত্রবিহিত অধ্যয়ননিষিদ্ধ কাল। "°নাধীত বিষ্ণু ৩০.২৯।

অনধ্যায় পুং [ন অধ্যায়, ন.ত] ১ অধ্যায়ের অভাব; পাঠাভাব, অনধ্যয়ন, বেদাধ্যয়ন-বর্জ্জন। "মনু ২.১০৫; ১০৬। যাজ্ঞ ১.১৫১। শিষ্টান° উ.চ ৪১২। ২ অনধ্যয়নকাল, নিষিদ্ধপাঠকাল, ছুটির দিন। "ছাত্রপ্রিয়োঽনধ্যায়ঃ পা ৬.২.১৬, কাশিকা। [অনধ্যায়দিবস—পর্ব্ব-দিন, ছুটির দিন।]

অননুগতি বি [ন অনুগতি, ন.ত] অনুগতির অভাব; অননুসরণ, অভক্তি। "ঈশ্বরে অননুগতি দ্বিজে অনাদর শ্রী.মা ২২৫।

অননুজ্ঞাত বিণ [ন অনুজ্ঞাত, ন.ত] অনাজ্ঞপ্ত, অনাদিষ্ট। "মনু ৮.১৫০। কাদ ৬০।

অননুরূপ বিণ [ন অনুরূপ ন.ত; স্ত্রী -পা] অযোগ্য। "অননু-রূপমস্যা বয়সো বল্কলম্ শ ১২১।

অননুষ্ঠান ক্লী [ন অনুষ্ঠান, ন.ত] অনাচরণ অকরণ। "শাস্ত্রানুষ্ঠান হি ১২১। (কথারম্ভ)।

অনন্ত বিণ [ন অন্ত যাহার, ন.বহুব্রী; স্ত্রী -ন্তা] ১ অশেষ, অসীম, নিরবধি। "অনন্তপারং কিল শব্দশাস্ত্রম্।—পঞ্চ ৯ (কথামুখ)। অনন্ত গগন।—রবীন্দ্র। অনন্ত অচিন্ত্য মহাশক্তি ন ৭৫৯। অনন্তের অনন্ত মিলন ন ১৩২৬। ২ অপরিমিত, সুপ্রচুর। "°বীর্য্য গী ১১.১৯। °রত্নপ্রভব কু.স ১.৩। মনু ৭.৮৫। ৩ সর্ব্বকালস্থায়ী, কল্পান্তস্থায়ী। "মনু ৩.২৭৫। ৪ নাশহীন, অবিনাশী, অক্ষয়, অনশ্বর। "অনন্তং সুখম্ মনু ৪.১৪৯। °কীর্ত্তি।—রঘু ২.৬৩। °দানফল।—পঞ্চ ২৭২৩। ৫ স্থির, চির, নিত্য। "পৌলমী, অনন্ত-যৌবনা মে ১৪৫। অনন্ত যৌবন।—হেম ১৩৭। ৬ অসংখ্যক, বহু, অশেষ। "°বাহু গী ১১.১৯। অনন্ত তোমার বাহু অনন্ত বদন। অনন্ত তোমার দেহ অনন্ত চরণ॥ জ ৪৮। ৭ বহুবিধ, নানাপ্রকার, নানা-জাতি। "°পুষ্পস্য মধোঃ কু.স ১.২৭। ৮ সর্ব্বত্র পরিচ্ছেদরহিত; অপরিচ্ছিন্ন (গী.টীকা); ইয়ত্তাশূন্য। "গী ১১.১১। বহে নিরন্তর অনন্ত আনন্দধারা।—রবীন্দ্র। ৯ অপার। "রা ২.২০.৪০; ৫৩.২১। —ন্ত পুং ১ বিষ্ণু, শ্রীকৃষ্ণ। "অনন্ত দেবেশ গী ১১.৩৭। ২ (বহুশীর্ষত্ব হেতু অপরিচ্ছিন্ন) শেষ, নাগরাজ। "অনন্তশ্চাস্মি নাগানাম্ গী ১০.২৯। অনন্তশয্যা কৃ ৪৮। ৩ শেষাবতার, বলরাম। ৪ বাসুকী। ৫ শিব। "কে পায় তোমার (গঙ্গার) অন্ত, অনন্তরে তেরেছ বা.দ ৬৯। ৬ রুদ্র। ৭ চতুর্দ্দশ জিন (অ.চি)। ৮ মেঘ। ৯ অভ্র। [মেঘের নাম 'অভ্র' হইতে কি এই অর্থ?] ১০ সিন্ধুবার, নিসিন্দাগাছ। ১১ অনন্ত চতুর্দ্দশীতে দক্ষিণ বাহুতে ধারণীয় চতুর্দ্দশগ্রন্থিযুক্ত কৌশেয়সূত্রবেষ্টন (A.)। ১২ (অনন্তদেবতাকা) শ্রবণা নক্ষত্র। ১৩ 'আ' এই বর্ণ। ১৪ আকাশ। "°কল্প।—মহা ১.১৭.৯। ১৫ [ন.ত] অন্তাভাব, অক্ষয়। "যদ্দীয়তে বিবেকজ্ঞেস্তদনন্তায় কল্পতে।—পঞ্চ ২.৮০। ১৬ (বাঙ্‌লায়) স্ত্রীলোকের স্বর্ণময় করভূষণবিশেষ। দ্র (১১)। —ন্ত ক্লী ১ আকাশ। "(গ্রহ) কেহ ধীরে একা ধায়,...বিশাল অনন্ত গায়।—হেম ১১৪। ২ অভ্র। ৩ নিত্যকাল, কাল (Eternity)। ৪ দেশ-কালাদিভেদে পরিচ্ছেদহীন; পরব্রহ্ম। "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম (শ্রুতি)। অনন্তে অন্তের ক্রীড়া চির সম্মিলন: চিন্তার প্রবাহ, অনন্তের মহাগর্ভে প্রবেশে যখন, ভাষা তার—নীরবতা! ন ৭৫৯। [অনন্তেক (অপ্র)—অসংখ্য। তু 'অনেক'। "অনন্তেক নাম ধরে...ভগবতী চ.বি ২৭]

অনন্তচতুর্দ্দশী স্ত্রী [উ.লো] অনন্তের প্রিয় চতুর্দ্দশী তিথি; বিষ্ণু-পূজার্থ ভাদ্রশুক্লচতুর্দ্দশী। [°ব্রত—ব্রতবিশেষ, অনন্তব্রত।]

অনন্ততৃতীয়া স্ত্রী [উ.লো] অনন্তপ্রিয়া তৃতীয়া; ভাদ্র অগ্রহায়ণ ও বৈশাখের শুক্লা তৃতীয়া (পদ্মপুরাণ)।

অনন্তদেব পুং [কর্ম্মধা] ১ বিষ্ণু, নারায়ণ। "অধঃতে অনন্তদেব অহীর উপরে দু ১১। ২ শেষনাগ, অনন্ত।

অনন্তপার বিণ [বহুব্রী; স্ত্রী -রা] যাহার পার (সীমা) অনন্ত, অসীম, অপার। "পঞ্চ ৯ (কথামুখ)।

অনন্তবিজয় পুং [ষ.ত] অনন্তের (বহুশঙ্খের) বিজেতা; যুধিষ্ঠিরের রণশঙ্খ। "গী ১.১৬। "অনন্তবিজয় শঙ্খ ধর্ম্ম নৃপমণি ম ৯২৩।

অনন্তব্রত ক্লী [ষ.ত] অনন্তের উপাসনার্থ ভাদ্রশুক্লচতুর্দ্দশীতে করণীয় ব্রতবিশেষ; অনন্তচতুর্দ্দশীব্রত।

অনন্তমূল পুং [বহুব্রী] যাহার মূল অনন্ত (সুদীর্ঘ); মূলপ্রধান লতাবিশেষ; শারিবা।

অনন্তর বিণ [ন অন্তর যাহার, বহুব্রী; স্ত্রী -রা; বৈদিক] ১ নিরব-কাশ, অতিনিকট, সন্নিহিত। "অনন্তরান্ বৃক্ষান্।—মহা ৩.১৪৩.১৩। রঘু ৩.৩৬; অনন্তরাশোকলতাপ্রবাল ৭.২১। ভ ৪.১২.৭। ২ অব্য-বহিত, পরবর্ত্তী। "পা ১.১.৭। ব্রাহ্মণানন্তরো বর্ণঃ ক্ষত্রিয়ঃ মহা ৩.১৪৭.২। °কাল।—পঞ্চ ৩৪৪৩। অরেরনন্তরঃ মিত্রম্ মনু ৭.১৫৮। ৩ সন্নিকৃষ্টতর, ঘনিষ্ঠ। "অনন্তরঃ সপিণ্ডাদ্ যস্তস্য তস্য ধনং ভবেৎ মনু ৯.১৮৭। ৪ কিঞ্চিদূন, কিঞ্চিৎ হীন। "এষ ব্রহ্মর্ষিদেশো বৈ ব্রহ্মবর্ত্তা-দনন্তরঃ মনু ২.১৯। ৫ পরপ্রবৃত্ত। "শঙ্খস্বনানন্তরপুষ্পবৃষ্টি কু.স ১.২৩; ২.৫৩। ৬ অনুজাত, কনীয়ান্। "সুচন্দ্র ইতি বিখ্যাতো হেমচন্দ্রা-দনন্তরঃ রা ১৪৭.১৩। ৭ একান্তর, অর্থাৎ পরবর্ত্তিবর্ণসম্বন্ধী। "মনু ১০.৭; পুত্রা যেঽনন্তরস্ত্রীজাঃ ১৪। ৮ মধ্যশূন্য, সংহত, ঘন। ৯ অবধি-শূন্য। ১০ [ন বহুব্রী] যাহার সম্বন্ধে অন্তর (মধ্য) নাই; বহিঃস্থ, বাহ্য। "(ভগবান্) অন্তরোঽনন্তরো ভাতি ভ ১.১৩.৪৮। —র ক্লী [ন.ত] ১ অবকাশের অভাব; সন্নিকর্ষ, সান্নিধ্য। ২ অবিলম্ব, অব্যবহিত পরবর্ত্তী কাল। "°জ (ত.বা)। ৩ ব্রহ্ম। —র ক্রি-বিণ অতঃপর, তৎপরে, তাহার পরে। "গোদানবিধেরনন্তরম্।—রঘু ৩.৩৩। "অনন্তর মিষ্টবাক্যে কহে জগন্নাথ ম ৫২০। "সান্ত্বনাকরণানন্তর আ.দু ৬৮; বিবেচনাকরণানন্তর ১৩৯; জিজ্ঞাসানন্তর ১৫৩। "অনন্তর অষ্টাবক্র কহিলেন সী ৪। কাদ ৬২। [অনন্তরে—তাহার পরে। "অনন্তরে কহিতে লাগিল নারায়ণ ম ৫২০। "বিদ্যাভ্যাসানন্তরে ব.প ১৭৩৫।]

অনন্তরজ বিণ [অনন্তর+√জন্+অ (ড) -ক; উ.ত; স্ত্রী -জা] অব্যবহিত বর্ণের স্ত্রীতে জাত; অনুলোমভাবে (অর্থাৎ ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়ায়, বৈশ্যায় এবং ক্ষত্রিয় হইতে বৈশ্যায়) জাত (পুত্র)। "মনু ১০.৪১। —জ পুং ১ অনুলোমজাত পুত্র। ২ অনুজ, কনিষ্ঠভ্রাতা। —জা স্ত্রী অনুজা। "°বিবাহ রঘু ৭.৩২।

অনন্তরজাত বিণ [স.ত] অনুলোমভাবে (অর্থাৎ ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়ায়, ক্ষত্রিয় হইতে বৈশ্যায়, এইরূপে) অব্যবহিত বর্ণে জাত। "স্ত্রীষনন্তরজাতাসু মনু ১০.৬।

অনন্তরিত বিণ [ন.ত; স্ত্রী -তা] অপরিচ্ছিন্ন, সন্তত, অবিরাম।

অনন্তরূপ পুং [বহুব্রী] যাহার রূপ অনন্ত; অপরিচ্ছিন্নস্বরূপ, বিষ্ণু। "ত্বয়া ততং বিশ্বমনন্তরূপ গী ১১.৩৮।

অনন্তশয়ন, -শয্যা বি [কর্ম্মধা] অনন্তরূপ শয়নস্থান; শেষশয্যা। "অনন্তশয্যায় শুয়ে আছেন শ্রীহরি কৃ ৪৮। "অনন্তশয়নে হের নারায়ণে (গান)। [অনন্তশয্যা পাতা থাকা—বিষ্ণুর অনন্তশয্যার ন্যায়, যে বিছানা বিছানই থাকে, গুটান হয় না, তৎসম্বন্ধে ইহার প্রয়োগ হয়।]

অনন্তা স্ত্রী [অনন্ত+স্ত্রী আ (টাপ্)] ১ 'অসীমা', পৃথিবী। ২ দুর্গা। "ভা.চ ১৭; ৪২৭। ৩ শ্যামা লতা। ৪ দূর্ব্বা, শ্বেতদূর্ব্বা। ৫ পিপ্পলী। ৬ হরীতকী। ৭ গুড়ূচী। ৮ আমলকী। ৯ অনন্তমূল। ১০ (পৃথিবীর সংখ্যানুসারে) এক (১) এই সংখ্যা।

অনন্য বিণ [ন অন্য, ন.ত ; স্ত্রী -ন্যা] ১ অন্য নহে ; অন্যভিন্ন, স্ব, স্বীয়। ২ ভিন্নত্বাভাববান্ (রা.টীকা), অপৃথক্, অভেদ, এক। "অনন্যা রাঘবেণাংহ ভাস্করেণ প্রভা যথা রা ৫.২১.১৫। °যোগ গী ১৩.১০। "গঙ্গা নারায়ণ কৃষ্ণে হইল অনন্য ন.বি ১৩৫। ৩ [ন.বহুব্রী] যাহার অন্য নাই ; অদ্বিতীয়, একমাত্র, কেবল। ৪ যাহার অন্য উপায় নাই ; উপায়ান্তর-হীন, অপৃথগ্‌ভূত (গী.টীকা)। "গী ৯.২২। ৫ অব্যভিচরিত, অখণ্ড, একনিষ্ঠ (গী.টীকা), একাগ্র। "ভক্ত্যা ত্বনন্যয়া গী ১১.৫৪। অনন্যশ্চাচ্ চ ভর্ত্তরি রা ৫.৫৫.২৮। °ভকতি ভ.গ্র ৭৭। তপস্যা অনন্যমনে ভা.চ ১৪০। ৬ (বাঙ্‌লায়) যাহা অন্যথা নহে ; অমোঘ, অব্যর্থ। "অনন্য করিল জ্ঞান ঈশ্বরের বাক্য শ্রী.মা ২০৮। ৭ যাহা অন্যবিধ নহে, তদ্রূপ, তদাকার, তাদৃশ। "আকন্দ লইয়া থাক হাকন্দ ভিতরে। অনন্য হইল বেটা (অর্থাৎ বেটো কুকুর) ঈশ্বরের বরে॥ শ্রী.মা ২১৩। —ন্য পুং যাহা হইতে ভিন্ন কিছু নাই ; বিষ্ণু। "°জ (অ.কো) ; °জন্মা মা.মা ১.৩১।

অনন্যকর্ম্মা (-র্ম্মন্) বিং [ন অন্যকর্ম্ম যাহার, বহুব্রী ; স্ত্রী -র্ম্মা] অন্যকর্ম্মহীন, এককর্ম্মনিষ্ঠ, এককর্ম্মব্যাপৃত। "জানকী…অনন্যমনা ও অনন্যকর্ম্মা হইয়া কুশ ও লবের লালন পালনে ব্যাপৃতা ছিলেন সী ৬৩।

অনন্যকায় বিং [ন অন্যকায় যাহার, ন.বহুব্রী] যাহার অন্যকায় (পরস্পর পৃথক্ দেহ) নাই ; অভিন্নকায়, একাকার। "তিমিরে অনন্যকায় শূন্য ধরাতল ন ৪১২।

অনন্যগতি, -গতিক বিণ [ন অন্যগতি যাহার, ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -তি, -কা] ১ অন্যগতিহীন, গত্যন্তর-রহিত, অনন্যোপায়। "অনন্যগতিকে জনে (ত.বা)। ২ অন্যাশ্রয়হীন, একাশ্রয়। "ময়্যাত্মজেঽনন্যগতৌ ভ ১.৬.৬। —তি স্ত্রী [ন.ত] অন্য-গতির অভাব ; উপায়ান্তরাভাব, একাশ্রয়।

অনন্যচিত্ত, -চেতাঃ (-তস্), -মনাঃ (-নস্), -মানস বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ত্তা, -তাঃ, -নাঃ, -সা] যাহার অন্যচিত্ত (দ্বৈধভাবাপন্ন মন) নহে ; একনিষ্ঠমনাঃ, একাগ্র, একতান, তন্মনাঃ। "গী ৮.১৪। °মানসা শ ৪.১।

অনন্যচেতা বিং [সং অনন্যচেতাঃ] একাগ্রচিত্ত, একনিষ্ঠ। "প্রহ্লাদ অনন্যচেতা তাহে নাহি মন ভ.গ্র ১১৪।

অনন্যদৃষ্টি বিণ [ন অন্যদৃষ্টি, ন.বহুব্রী ; স্ত্রী -ষ্টি] যাহার অন্যদৃষ্টি নাই ; অন্যত্র দৃষ্টিপাতহীন ; একদৃষ্টি। "অনন্যদৃষ্টিঃ সবিতারমৈক্ষত কু.স ৫.২০। লোক অনন্যদৃষ্টি হইয়া নষ্ট বস্তুর অন্বেষণ করে।—কাদ ১০৪।

অনন্যপর বিণ [ন.ত ; স্ত্রী -রা] যাহা অন্যপর নহে ; অনন্যনিষ্ঠ, একাগ্র, তন্ময়। "মনসোঽনন্যপরতা মা.মা ৬.১৪।

অনন্যপরায়ণ বিণ [ন.ত ; স্ত্রী -ণা] যাহা অন্যপরায়ণ (অন্যাশ্রিত) নহে ; অনন্যাসক্ত, একপর। "°ণম্ (হৃদয়ম্) শ ৩.১৬।

অনন্যপীরিতি বি [ন অন্যপীরিতি, পদ্যে] অন্যপ্রীতিহীন ; একান্ত অনুরাগ বা ভক্তি। "লক্ষ্মীনারায়ণে তাঁর অনন্যপীরিতি ন.প ৬৫।

অনন্যপূর্ব্ব বিণ [ন অন্যপূর্ব্ব, ন.ত] যে অন্যপূর্ব্ব নহে, অর্থাৎ যে পূর্ব্বে অন্য স্ত্রী গ্রহণ করে নাই ; ভার্য্যান্তররহীন, অকৃতদার। "বরস্তানন্যপূর্ব্বস্ত কু.স ৬.৯২। —র্ব্বা, —র্ব্বিকা স্ত্রী, বিণ [ন অন্যপূর্ব্বা, ন.ত ; স্বার্থে ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ যে কন্যার অন্যপূর্ব্ব পতি নাই ; যে দানে বা উপভোগে পুরুষান্তর কর্ত্তৃক পরিগৃহীতা নহে (মিতাক্ষরা) ; পূর্ব্বে অবিবাহিতা বা অন্যুপভুক্তা (স্ত্রী)। "(স্ত্রিয়ম্) অনন্যপূর্ব্বিকাম্ (উদ্বহেৎ) যাজ্ঞ ১.৫২। ২ অনন্যোপভুক্তা। "অনন্যপূর্ব্বেব তস্মিন্নাসীদ্ বসুন্ধরা রঘু ৪.৭।

অনন্যবিষয় বিণ [ন.বহুব্রী] যাহার অন্য বিষয় (বাচ্য) নাই। অনন্যবোধক, অনন্যগামী, অদ্বিতীয়গামী। "যস্মিন্নীশ্বর ইত্যনন্যবিষয়ঃ শব্দো যথার্থাক্ষরঃ বিক্র ১.১। —য় পুং [ন অন্য বিষয়, ন.ত] যাহা অন্যের বিষয় নহে ; অনধিকার। "ম.চ ১.২৫।

অনন্যবৃত্তি বিণ [ন অন্যবৃত্তি যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ত্তি] ১ যাহার ভিন্ন মনোবৃত্তি নাই ; একতানচিত্ত, একাগ্র। ২ অভিন্নমনোবৃত্তি, তুল্যপ্রকৃতি। ৩ অন্যজীবিকাহীন ; একাজীব।

অনন্যভাক্ (-ভাজ্) বিণ [ন অন্যভাক্, ন.ত ; স্ত্রী -ক্] ১ যে অন্য দেবতা ভজে না ; অনন্যভক্তি, অনন্যচেতাঃ (গী.টীকা)। "গী ৯.৩০। (সম্প্রদোপদিষ্ট) অনন্যভাকেতে হয় ইষ্টভক্তিনিষ্ঠ ভ.গ্র ১০৬। ২ যে অন্যা স্ত্রী ভজনা করে না ; অন্য স্ত্রীতে অনাসক্ত ; অব্যভিচারী। "অনন্যভাজং পতিমাপ্নুহি কু.স ৩.৬৩।

অনন্যভাব বিণ [ন অন্যভাব যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -বা] অন্য-ভাবহীন, একান্তভক্ত। "ভ ১.৭.২৫। [অনন্যভাবে—একাগ্রভাবে। "আমার অনন্যভাবে তুমি হও ইষ্ট শ্রী.মা ১৯২।]

অনন্যমনা বিং [সং অনন্যমনাঃ] অন্যে অনাসক্তচিত্ত ; একাগ্র-চিত্ত, অনন্যবৃত্তি, অবহিত। দ্র 'অনন্যকর্ম্মা'। "চণ্ডালকন্যা…নৃপতিকে অনন্যমনা করিবার আশয়ে বেণুযষ্টি দ্বারা সভাকুট্টিমে একবার আঘাত করিল কাদ ২।

অনন্যমনাঃ, অনন্যমানস দ্র 'অনন্যচিত্ত'।

অনন্যশরণ বিং [ন অন্যশরণ যাহার, ন. বহুব্রী ; স্ত্রী -ণা] যাহার অন্য রক্ষিতা নাই ; অনন্যাশ্রয়, একাবলম্বন। "কৃশাঙ্গী লতিকা আহা! সুদৃঢ় বন্ধনে, বেঁধেছিল তরুবরে অনন্যশরণা প.তৃ ৩৮।

অনন্যশরণ্য বিং [ন অন্যশরণ্য যাহার, ন.বহুব্রী] যাহার অন্য শরণা-গতরক্ষক নাই ; অনন্যরক্ষক। "নিবারণজন্য, অনন্যশরণ্য বিতর লাবণ্যজলে বা.দ ৩৬।

অনন্যসদৃশ বিণ [ন অন্যসদৃশ, ন.ত ; স্ত্রী -শী] অসদৃশ, অসাধারণ, অসামান্য। "°শত্ত সা.দ ১০$\frac{১৫}{৮}$। পঞ্চ $\frac{১}{১৮}$ (কথামুখ)।

অনন্যসাধারণ বিণ [ন অন্যসাধারণ, ন.ত ; স্ত্রী -ণা] ১ যাহা অন্যের সাধারণ নহে ; অনন্যসামান্য, অসাধারণ। "°রাজ-শব্দ রঘু ৬.৩৮। °ণম্ (কর্ম্ম) কু.স ৩.১৯। °ণীং শোভাম্ মা.মি ৫$\frac{৫}{৮}$। °ধী সা.দ ৪$\frac{১}{১৮}$। ২ অন্য স্ত্রীগণের অসাধারণ ; অন্যাদুর্লভ। "অনন্যসাধারণ রামবাহু…তোমার উপাধানকার্য্য সম্পাদন করুক সী ১৬। ৩ যে অন্য প্রভুগণের সাধারণ নহে, অর্থাৎ যে একমাত্র প্রভুর অধীন। "অনন্য-সাধারণো দাসঃ মা.মি ৪.১০।

অনন্যসামান্য বিণ [ন অন্যসামান্য, ন.ত ; স্ত্রী -ন্যা] যাহা অন্যের সাধারণ নহে ; অনন্যসাধারণ। "°কলত্রবৃত্তি রঘু ১৩.৯।

অনন্বয় বিণ [ন অন্বয় যাহাতে, ন বহুব্রী ; স্ত্রী -য়া] ১ অন্বয়, অর্থাৎ শব্দার্থবোধবিষয়ে পরস্পরসংসর্গ, যাহাতে নাই ; শাব্দবোধে পরস্পরসংসর্গ-শূন্য ; অন্বয়হীন (পদসমূহ)। ২ সম্বন্ধশূন্য। "ভ ১.১৮.৪৪।—য় পুং ১ যে উপমায় উপমানের সহিত উপমেয়ের সম্বন্ধ নাই ; অর্থালঙ্কার-বিশেষ। [এক বস্তুতেই উপমান ও উপমেয়ের ধর্ম্ম বর্ণিত হইলে, অর্থাৎ নিজেই নিজের উপমা হইলে, অনন্বয়োপমা হয় (সা.দ ১০.২৬)। "আপনি আপন সমা ভা.চ ২৮। তোমার তুলনা তুমি প্রাণ! এ মহীমণ্ডলে (নিধুবাবু)।] ২ [ন.ত] অন্বয়ের অভাব ; সম্বন্ধরাহিত্য

অনন্বিত বিণ [ন অন্বিত, ন.ত ; স্ত্রী -তা] ১ অন্বয়হীন, সম্বন্ধহীন, অসংসৃষ্ট। "অনন্বিতার্থ পা ৩.১.৪০, সি। ২ অসম্বন্ধ, সঙ্গতিহীন, অপ্রাসঙ্গিক, অনৈক্য (বাক্যপ্রভৃতি)। ৩ অযুক্ত, বিরহিত, বিহীন "পুত্রান", ভার্য্যান" (A.)।

অনপকরণ স্ত্রী, অনপক্রিয়া স্ত্রী [ন অপকরণ অপক্রিয়া, ন.ত] ১ অপক্রিয়ার অভাব ; অনপকার। ২ (ব্যবহারে) অপ্রতিপাদন

অদান। "দত্তস্য...অনপক্রিয়া মনু ৮.২১৪। ৩ অনপাকরণ, অশোধন। "ঋণানামনপক্রিয়া মনু ১১.৬৬।

অনপত্য বিণ [ন অপত্য যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ত্যা] যাহার অপত্য নাই ; নিঃসন্তান, পুত্রকন্যাহীন। "অনপত্যায় মে কন্যাং সখে দাতুং ত্বমর্হসি গো.রা ১.১০.৫। অনপত্যশ্চ কিল তপস্বী শ ৬২২ ; °তা ৭২২।

অনপাকরণ, অনপাকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [ন অপাকরণ অপাকর্ম্ম, ন.ত] সর্থ 'অনপকরণ' (২,৩)।

অনপায় বিণ [ন অপায় যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ অপায়হীন, নির্বিঘ্ন, নিরাপদ্। "এবং কৃতমিদং কার্য্যমনপায়ং ভবিষ্যতি গো.রা ৩.৪৪.১৯। ২ অনপচয়, অক্ষয় ; বৰ্দ্ধিষ্ণু। "কি ২.১১। —য় পুং ১ শিব। ২ [ন.ত] অপায়ের অভাব ; অবিঘ্ন, অক্ষয়।

অনপায়ী(-য়িন্) বিণ [ন অপায়ী, ন.ত ; স্ত্রী -য়িনী] ১ যাহা অপগত হয় না ; স্থির, নিশ্চল, স্থায়ী। "নিকষে হেমরেখেব শ্রীরাসীদনপায়িনী রঘু ১৭.৪৬। মাঘ ৮.৫০। অনপায়িনী ভক্তি ভ.গ্র ১৩৭। ২ নাশরহিত, অবিনাশী, অক্ষয়। "অনপায়িভিঃ...আয়ুধৈঃ মাঘ ১৭.২৬। যশঃস্বনপায়িষু মু ৫.১৪। কি ২.৪৩। ৩ শাশ্বত, নিত্য। "°য়িপদোপলব্ধয়ে রঘু ৮.১৭। ৪ অনপায়যুক্ত, শুভকর, শিব। "ভ ৪.১৫.৩। ৫ অবিনাশী, অর্থাৎ বিশ্বস্ত। "অনপায়িনে সংশ্রয়দ্রুমে কু.স ৪.৩১।

অনপেক্ষ বিণ [ন অপেক্ষা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ক্ষা] ১ অপেক্ষাহীন, আশারহিত (রা.টীকা)। "রা ৩.৩.৭। ২ নিরপেক্ষ, উদাসীন। "গো.রা ৫.৬১.১৯। ৩ স্বাধীন, স্বৈরবৃত্তি, কামচারী। ৪ অপক্ষপাতী, সমদর্শী। ৫ অসম্বন্ধ, সঙ্গতিহীন। ৬ অনন্বিত, অপ্রাসঙ্গিক। ৭ লিপ্সাশূন্য, নিঃস্পৃহ (গী.টীকা)। "গী ১২.১৬। ৮ অনিচ্ছু। "অপায়ান° মাঘ ১৮.১। —পেক্ষা স্ত্রী [ন অপেক্ষা, ন.ত] ১ অপেক্ষার অভাব ; নিরপেক্ষতা, নিঃস্পৃহতা, ঔদাসীন্য। ২ অযত্ন, অরক্ষণ। "হি ২.৯৩। —পেক্ষিত বিণ [ন অপেক্ষিত, ন.ত] ১ লঙ্ঘিত, অতিক্রান্ত। "°মর্য্যাদ মনু ৮.৩০৯। ২ অতর্কিত, অচিন্তিত। ৩ অনবেক্ষিত, অগণিত। ৪ অনন্বিত, অপ্রাসঙ্গিক। "নানপেক্ষিতমুচ্যতে (মল্লিনাথ)। —পেক্ষী (-ক্ষিন্) বিণ [ন অপেক্ষী, ন.ত ; স্ত্রী -ক্ষিণী] ১ নিরপেক্ষ, উদাসীন। "গো.রা ৪.২৮.৫। ২ সর্থ 'অনপেক্ষ'।

অনপেক্ষা, -পেক্ষিত, -পেক্ষী দ্র 'অনপেক্ষ'।

অনপেত বিণ [ন অপেত, ন.ত ; স্ত্রী -তা] ১ অনপগত, অনিক্রান্ত। ২ অনতীত, অনতিক্রান্ত। "°কাল কি ৬.৩০। ৩ অব্যভিচরিত, অবিচলিত। "ধর্ম্মাদনপেতবুদ্ধিঃ গো.রা ৫.৪৮.৭। পা ৪.৪.৯২। ৪ অভ্রষ্ট, অচ্যুত। "ঐশ্বর্য্যাদনপেতমীশ্বরম্ মু ১.১৪।

অনবকাশ বিণ [ন অবকাশ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -শা] ১ অবকাশশূন্য, অবসরহীন। ২ (ব্যাকরণে) নিরবকাশক (বিধি)। —শ পুং [ন.ত] অবকাশাভাব, অনবসর।

অনবগত বিং [ন অবগত, ন.ত] ১ অজ্ঞাত, অবিদিত (কর্ম্মবাচ্যে)। ২ যে জানে নাই বা অবগত নহে (কর্তৃবাচ্যে)। "এজন্য সকলের সকল ভাব সকলে অনবগত (আ.দু)। ['সকলে অনবগত' এই অর্থে "সকলে অজ্ঞাত বা অবিদিত" অসাধু।]

অনবগীত বিণ [ন অবগীত, ন.ত] অনিন্দিত, দোষস্পর্শহীন। "অনবগীতঃ পরিচয়ঃ উ.চ ২.২।

অনবগুণ্ঠিত বিং [ন.ত] অবগুণ্ঠনশূন্য, অনাবৃত, সুপ্রকাশ। "উষার উদয় সম অনবগুণ্ঠিতা তুমি অকুণ্ঠিতা চ.কা ২০১।

অনবগ্রহ বিণ [ন অবগ্রহ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -হা] অবগ্রহহীন, অবাধ, নিরর্গল, প্রতিবন্ধহীন। "°গ্রহ নৈ ১.১২০। অনবগ্রহঃ স্মরঃ মা.মা ১.৩৮। —হ পুং [ন.ত] বৃষ্টিপ্রতিবন্ধাভাব ; বৃষ্টির প্রতিবন্ধ না থাকা।

অনবদ্য বিণ [ন অবদ্য, ন.ত ; স্ত্রী -দ্যা] ১ অনিন্দনীয়, অগর্হণীয়, অদোষ। "অনবদ্যা...নারী।—ঋগ্বেদ ১.৭৩.৩। °দ্যাঙ্গী রা ৩.৪৭.৩৩। "রঘু ৭.৭০। ভট্টি ৬.৫০। °তা মা.মি ২৩। বা.দ ২। ২ দোষশূন্য, নিরপরাধ। "নৈ ২.১০।

অনবধান বিণ [ন অবধান যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -না] অবধানহীন, অনবহিত, প্রমত্ত, অমনোযোগী। "°তা (অ.কো)। পা.প্র ৩৩। —ন ক্লী [ন.ত] অবধানের অভাব ; প্রমাদ, অমনোযোগ। "কর্ত্তব্য কর্ম্মে অনবধান সী ৫৭।

অনবধি বিণ [ন অবধি যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ধি] অবধিহীন, নিরবধি, অসীম, অনন্ত।

অনবর বিণ [ন অবর, ন.ত ; স্ত্রী -রা] ১ 'অবরভিন্ন', অন্যূন, সদৃশ। "(অৰ্জ্জুনঃ) ইন্দ্রাদনবরঃ মহা ৩.৮৬.৭। ২ শ্রেষ্ঠ, বর।

অনবরত বিণ [ন অবরত, ন.ত ; স্ত্রী -তা] বিরতিহীন, অবিরত, নিরন্তর, সতত। "°ধনুর্জ্যাস্ফালনক্রূর শ ২.৪। তৎকালে...অনবরত অশ্রুধারা নির্গত হইতেছিল সী ১২।

অনবলম্ব, অনবলম্বন বিণ [ন অবলম্ব অবলম্বন যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ম্বা, -না] ১ অবলম্বনহীন, নিরালম্ব, নিরাশ্রয়। "নৈ ২.৫২। ২ নির্গতিক, নিরুপায়। "নৈ ২.৫২। —ম্ব পুং, —ন ক্লী [ন.ত] অবলম্বনের অভাব ; অনাশ্রয়। "অথগুবস্ত্বনবলম্বনেন চিত্তবৃত্তের্নিদ্রা (বেদান্তসার)।

অনবলোকন বি [ন অবলোকন, ন.ত] অদর্শন। "বিধুর বদনবিধু-অনবলোকনে, বিধুর চকোর চায় চঞ্চল নয়নে স.শ ২২।

অনবসর বিণ [ন অবসর যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -রা] ১ অবসরহীন, অবকাশরহিত। "°দুঃস্থ।—মহিম্নঃ স্তবঃ, ৫। ২ অপ্রাপ্তকাল, অসাময়িক। 'প্রবেশ হি ২৫৪। ৩ নির্ব্যাপারকালহীন, নিরন্তর, সতত। "অনবসরোঽয়ং ঘণ্টাবাদঃ হি ২৮৮।—র পুং [ন.ত] ১ অবসরের অভাব ; অনবকাশ। "°গ্রস্ত এবার্থিভাবঃ মা.মা ৯.৩০। ২ অসময়। "এখন না পাবে দেখা হৈল অনবসর চৈ.ম ১৯৩। ৩ (বাঙ্লায়) জগন্নাথের স্নানযাত্রার পর নবযৌবনদর্শনপর্য্যন্ত সময় (এই সময়ে জগন্নাথদর্শনের অবসর থাকে না)। "জগন্নাথ-সেবক এই নাম জনার্দ্দন। অনবসরে করে প্রভুর শ্রীঅঙ্গ-সেবন ॥—চৈ.চ ১৩৩।

অনবসিত বিণ [ন অবসিত, ন.ত] ১ অসমাপ্ত। ২ অনিশ্চিত, অনবধারিত। "°তার্থপদ কি ১০.৬১।

অনবস্থ বিণ [ন অবস্থা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -স্থা] ১ অবস্থিতিহীন, অনিত্য, নশ্বর। "অশরীরং শরীরেষ্বনবস্থেষ্ববস্থিতম্ ।—কঠোপনিষৎ ২.২২। ২ অস্থিত, চঞ্চল, প্রবহমাণ। "অনবস্থঃ স্থাস্নুতামেতি বায়ুঃ মাঘ ১১.২৮। ৩ অব্যবস্থিত, চলচিত্ত। "অনবস্থো নিষ্করুণশ্চ (দশকুমার)। —স্থা স্ত্রী [ন অবস্থা, ন.ত] ১ অবস্থার অভাব ; অস্থিতি, চাঞ্চল্য, অশান্তি। "আপতুরলং মনসোঽনবস্থাম্ ভ ১০.৮.২৫। ২ অসংযম। ৩ দশাভাব (শ.ক)। ৪ (দর্শনে) উপপাদ্য ও উপপাদকের অবিশ্রান্তিরূপ তর্কদোষবিশেষ। [যেমন, বিশ্বের কার্য্যসমূহের মূল মূলপ্রকৃতি, তাহার মূল নাই,—এইরূপে তর্কের বিশ্রান্তি ; অন্যথা প্রকৃতির মূল, সেই মূলের মূল, আবার তাহার মূল, এইরূপে তর্কে উপপাদ্য ও উপপাদকের অবিশ্রান্তি বা অনন্তপ্রবাহমূলক প্রসঙ্গ (An endless series of statements) আসিয়া পড়ে, কিছুই সপ্রমাণ হয় না (সাংখ্যতত্ত্বকৌমুদী ৩)।]

অনবস্থান বিণ [ন অবস্থান যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -না] অবস্থিতিহীন, অস্থিত, চঞ্চল। —ন পুং সদাগতি, বায়ু। —ন ক্লী [ন.ত] ১ অবস্থানাভাব, চাঞ্চল্য। "মনোঽনবস্থানাৎ।—সাংখ্য ৭। ২ অনিশ্চয়। "জয়পরাজয়ানবস্থানাৎ (দশকুমার)। —স্থিত বিণ [ন অবস্থিত, ন.ত] ১ অস্থির, চল। "দয়িতাস্বনবস্থিতং নৃণাম্...প্রেম কু.স ৪.২৮। উ.চ

৩২২। ২ বিপর্যস্ত, অবস্থান্তরগত। "অনবস্থিতো ভূমিসন্নিবেশঃ উ.চ ২২৬। ৩ অবস্থানে অক্ষম। "রঘু ১৯.৩১। ৪ ব্যভিচারী। "নারীর্হত্বা-নবস্থিতাঃ মনু ১১.১৩৯। ৫ অনিশ্চিত। "দূরশব্দাশ্চায়মনবস্থিতপদার্থকঃ পা ৮.২.৮৪ (মহাভাষ্য)। —তি স্ত্রী [ন.ত] ১ অবস্থিতির অভাব; চাঞ্চল্য, অস্থিরতা। ২ ব্যভিচার।

অনবস্থিত, -স্থিতি দ্র 'অনবস্থান'।

অনবহিত বিণ [ন অবহিত, ন.ত] অবধানহীন, প্রমত্ত, অমনোযোগী। "আমি প্রজারঞ্জনকার্য্যে এক মুহূর্ত্তেরও নিমিত্তও অলস বা অনবহিত নহি সী ৫।

অনবেক্ষক বিণ [ন অবেক্ষক, ন.ত] অপরিদর্শক, উদাসীন। "মন্ত্রিণামনবেক্ষকম্ রা ৪.১৯.৫। ধর্ম্মাধর্ম্মান° গো রা ৪.১৭.১২।

অনবেলি বিং [সং অনবদ্যা; অপ্র] সুন্দরী। "অনবেলি হরিণী৹ নব নব রঙ্গিণী৹ ভঙ্গিনী কর কত ছন্দ রা.শে ১১৯।

অনভিজ্ঞ বিণ [ন অভিজ্ঞ, ন.ত; স্ত্রী -জ্ঞা] ১ অজ্ঞ, মূর্খ। ২ অপটু, অকুশল। "অনভিজ্ঞঃ অয়ং জনঃ কৈতবস্য শ ৫২৬। ৩ অপরিচিত, অনভ্যস্ত। "ভয়ানভিজ্ঞৈর্হরিণৈঃ মহা ৩.১৪৬.২৬। কু.স ৬.৪৩।

অনভিপ্রেত বিণ [ন অভিপ্রেত, ন.ত] অনভীষ্ট, অনভিমত।

অনভিব্যক্ত বিণ [ন অভিব্যক্ত, ন.ত; স্ত্রী -ক্তা] অপরিস্ফুট, অপ্রকাশ, অপ্রকট, অস্পষ্ট। "মহামণিরিবানভিব্যক্তব্রহ্মবর্চ্চসঃ (ভরতঃ) ভ ৫.৯.১৩।

অনভিমত বিণ [ন অভিমত, ন.ত] ১ অসম্মত। ২ অনভীষ্ট, অপ্রিয়। "হি ১২।

অনভিষঙ্গ পুং [ন অভিষঙ্গ, ন.ত] অভিষঙ্গের অভাব; পুত্রাদির সুখে দুঃখে আমি সুখী দুঃখী, জীবনে মরণে আমি জীবিত মৃত, ইত্যাদি-রূপ ভাবনালক্ষণ আসক্তিবিশেষ (শঙ্কর)। "গী ১৩.৯।

অনভিস্নেহ বিণ [ন অভিস্নেহ যাহার, ন.বহুব্রী; স্ত্রী -হা] স্নেহবর্জ্জিত, স্নেহশূন্য। "যঃ সর্ব্বত্রানভিস্নেহঃ গী ২.৫৭।

অনভ্যাস পুং [ন অভ্যাস, ন.ত] অভ্যাসের অভাব; অননুশীলন, অনভ্যাবৃত্তি। "অনভ্যাসেন বেদানাম্ (মৃত্যুর্বিপ্রান্ জিঘাংসতি) মনু ৫.৪। অনভ্যাসে বিষং বিদ্যা।—হি ২২ (কথারম্ভ)। অনভ্যাসরূপ মহৎ অন্তরায় পা.প্র ১৬৪। [অনভ্যাসের ফোঁটা, কপাল চচ্চড় করে —ফোঁটা পরার অভ্যাস না থাকিলে, ফোঁটায় কপালে টানের মত যন্ত্রণা বোধ হয়; (গৌণার্থে) আরম্ভে নূতন বিষয়মাত্রই কষ্টকর হয়।]

অনভ্রবৃষ্টি স্ত্রী [অনভ্রা বৃষ্টি, কর্ম্মধা] মেঘশূন্য বারিপাত; বিনা মেঘে জল; (গৌণার্থে) অতর্কিতোপপন্ন (অকস্মাৎ সংঘটিত) বিষয়। "°বদ্ অতর্কিতোপপন্নং ভবদ্দর্শনম্ কি ৩.৫ (মল্লিনাথ)।

অনম্বর বিণ [ন অম্বর যাহার, ন.বহুব্রী; স্ত্রী -রা] অম্বরহীন, বস্ত্ররহিত, নগ্ন, উলঙ্গ। —র পুং ১ জৈনসন্ন্যাসী, দিগম্বর, ক্ষপণক। ২ (বাঙলায়; অপ্র) যাহার আচ্ছাদন নাই; আকাশ। "°পথে মে ৪৯; ১৪০; অনম্বর আঁধারি ধাইল, শিখর ২৪৯। °তলে মা ১৩৫।

অনয় পুং [ন নয়, ন.ত] ১ অপ্রশস্ত নয়; অনীতি, অন্যায়। "রা ২.১২.১৯; ৫৭.৩০। (বিনশ্যতি) সমৃদ্ধিরনয়াৎ।—পঞ্চ ১.১৮০। ২ অশুভ, অমঙ্গল (মেদিনী)। ৩ ব্যসন, পানস্ত্রীমৃগয়াদি। ৪ বিপদ্। "মনু ১০.৯৫; ব্রাহ্মণস্ত্বনয়ং গতঃ ১০২। ৫ অশুভ, দৈব (অ.কো)।

অনর্গল বিণ [ন অর্গল যাহার, ন.বহুব্রী; স্ত্রী -লা] ১ যাহার অর্গল (প্রতিবন্ধক) নাই; অর্গলহীন (দ্বার)। ২ অপ্রতিবন্ধ, অবাধ, অব্যাহত। "চেষ্টা অনর্গল চৈ.চ ৪৬। ৩ উচ্ছৃঙ্খল, উদ্দাম, নিরঙ্কুশ (অ.চি)। ৪ অব্যাহতস্বৈরগতি, যদৃচ্ছাচারী। "তুরঙ্গমুৎসৃষ্টমনর্গলং পুনঃ রঘু ৩.১৯। ৫ (বাঙলায়) মুক্ত, অর্থাৎ দানের পাত্রাপাত্রবিচার-হীন, ব্যক্তিনির্ব্বিশেষে দেয়। "অনর্গল প্রেমা সভার চৈ.চ ৪৬। ৬ অবিরামকথিত, ক্রমাগত। "মাঝে মাঝে দাঁড়ায় বেঁকে নিন্দা শুনে অনর্গল কু.কে ১৫৫। —ল ক্রি বিং অবাধভাবে, অবিরাম, ক্রমাগত। "মেজরাণী অনর্গল বকে যেতে লাগলেন য ২০৩। অনর্গল অশ্রুজল নির্গত হইতে লাগিল সী ৪০। [অনর্গল মুখস্থ বলা—অবিরাম মুখস্থ বিষয়ের আবৃত্তি করা।]

অনর্ঘ বিণ [ন অর্ঘ যাহার, ন.বহুব্রী; স্ত্রী -র্ঘা] ১ যাহার অনুরূপ মূল্য নাই; অমূল্য, অসাধারণ। "°শীল রঘু ৫.২। মাঘ ১৪৮৮। ২ পূজারহিত। "মাঘ ১৪.৮৮। ৩ মহামূল্য। "দদামোত্তদনর্ঘং বো রত্নালঙ্করণং নিজম্ ক.সা ৩৪২। ৪ যাহার অনুরূপ পূজাবিধি নাই; অতিপূজ্য। "°রাঘবং নাম নাটকম্। [°রাঘব (ক্লী)—মহাকবি মুরারিকৃত নাটকবিশেষ।]

অনর্ঘ্য বিণ [ন অর্ঘ্য, ন.ত; স্ত্রী -র্ঘ্যা] ১ যাহা মূল্যার্হ নয়; অমূল্য। "°ত্ব।—হি ৪ (অবতরণিকা)। ২ [ন.বহুব্রী] যাহা হইতে পূজ্য নাই; অতিপূজনীয়। "অনর্ঘ্যমর্ঘেণ তম্ (অর্চয়িত্বা) কু.স ১.৫৮। 'অমূল্য' (মল্লিনাথ)। ৩ যাহার পূজ্য নাই; পূজাহীন (ত.বা)। ৪ যাহা মূল্যার্হ নহে; মূল্যহীন (M.W.)।

অনর্থ বিণ [ন অর্থ যাহাতে বা যাহার, ন.বহুব্রী; স্ত্রী -র্থা; 'অনর্থক' 'সাধু' (পা ৫.৪.১৫১)] ১ নিষ্প্রয়োজন, অনাবশ্যক, ব্যর্থ। "শুনঃ পুচ্ছমিবানর্থং পাণ্ডিত্যং ধর্ম্মবর্জ্জিতম্।—পঞ্চ ৩.৯৬। অনর্থ কালহরণ করা বিধেয় নহে সী ৬৬। ২ যাহার অভিধেয় নাই; অর্থহীন। "অশ্রোতব্য বাক্য এই বড়ই অনর্থ ভ.গ্র ৩৩৩। ৩ অন্যার্থক, অর্থান্তর-যুক্ত। ৪ ধনহীন, দরিদ্র। ৫ [অনর্থ+অ (অচ্) অস্ত্যর্থে] অনর্থযুক্ত, বিপন্ন, হতভাগ্য। "গো.রা ৩.৭৫.৪০। ৬ অনর্থকর, বিপৎকর। "যুবাপানৈর্বৈরাসনৈর্বিহীনঃ রঘু ১৮.১৪। —র্থ পুং [ন.ত] ১ 'অর্থ-বিরোধী', অনভীষ্ট বিষয়, অনিষ্ট। "অর্থানর্থাবুভৌ বুদ্ধা মনু ৮.২৪। পঞ্চ ১.৩৬৪। ২ অনর্থকারণ, বিপত্তিহেতু। সোঽয়ং মূলহরোঽনর্থঃ গো রা ৬.২১.১৫। অর্থমনর্থং ভাবয় নিত্যম্ (মোহমুদ্গর)। আর যত দেখ হয়, সকলি অনর্থ ভ.গ্র ২৫৪। ৩ আপদ্, বিপত্তি। "রন্ধ্রোপনি-পাতিনোঽনর্থাঃ শ ৬৭। ছিদ্রেষ্বনর্থা বহুলীভবন্তি হি ১.২১৮। জানিলা অনর্থমাত্র অর্থ হতে হয় শি ৩৬। অনর্থসংঘটন সী ১১; °পরম্পরা ৩৫। অর্থ অনর্থের মূল কাদ ৩৬। ৪ অর্থের অভাব; অভিধেয়াভাব। ৫ নিষ্প্রয়োজন দ্রব্য; নিরর্থক বস্তু। ৬ (অনর্থহেতুভূত) সংসার। "°র্থাপগম ভ ৭.৫.৩২। ৭ যাহার প্রার্থনীয় নাই; বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৫৯।

অনর্থক বিণ [অনর্থ+ক (কপ্) সমাসান্ত (পা ৫.৪.১৫১); স্ত্রী -র্থিকা] ১ নিষ্প্রয়োজন; নিষ্ফল, ব্যর্থ। "সর্ব্বমপ্যেতদনর্থকম্ (বে ১)। ২ অর্থশূন্য, অভিধেয়হীন। "অনর্থকশব্দ বিন্যাস পা.প্র ১৬৩। ৩ অর্থসঙ্গতিহীন, অসম্বদ্ধ। বিপ 'সার্থক'। "প্রলাপোঽনর্থকং বাক্যম্ (অ.কো)। ৪ অর্থাগমহীন, লাভশূন্য। —ক ক্লী অর্থশূন্য বা অসম্বদ্ধ বাক্য।

অনর্থকর বিণ [অনর্থ+√কৃ+অ (ট) তাচ্ছীল্যে -ক; উ.ত; স্ত্রী -রী] ১ অনর্থকরণশীল, অনিষ্টজনক, বিপৎকর। "সর্ব্বান° হি ২.১০০। ২ [ন অর্থকর, ন.ত] অর্থাগমহীন, লাভরহিত।

অনর্থপাত বি [ষ.ত] অনিষ্ট-সংঘটন, বিপৎপাত। "অতিবিষম অনর্থপাত ঘটিয়াছে সী ২৬।

অনর্থী (-র্থিন্) বিণ [ন অর্থী, ন.ত; স্ত্রী -র্থিনী] অর্থিভিন্ন, অযাচক, নিস্পৃহ। "রঘু ১০.১৮। °র্থিত্ব।—পঞ্চ ১.১৫৩।

অনর্পণ ক্লী [ন অর্পণ, ন.ত] ১ অত্যাগ, অদান। "অথর্বসংহিতা ১২.৪.৩৩। ২ (বাঙলায়) দেবোদ্দেশে অনুৎসর্গ বা অনিবেদন। "ফল-মূল-আদি-অনর্পণ ভ.গ্র ২৯০।

অনর্হ বিণ [ন অর্হ, ন.ত ; স্ত্রী -র্হা] ১ অযোগ্য। "মনু ৩.১৫০। হরিভক্তিহীন বিপ্র সেবানর্হ সেহ ভ.প্র ২১০। ২ অননুরূপ, অসদৃশ, বেখাপ্। ৩ অনুচিত, অনভ্যস্ত। "রা ২.৮৫.৬। মহা ৩.৬৬.১৭ ; ৬৭.১৬। ৪ [ন অর্হ যাহার, ন.বহুব্রী] যাহার মূল্য নাই ; অমূল্য, অত্যুত্তম। "ভক্ষ্যাণ্যনর্হানি মহা ৩.১১১.১৪।

অনল পুং [√অন্ + অল (কলচ্) -ণ] ১ যাহা দ্বারা বাঁচে ; অগ্নি। "অপি নির্ব্বাণমায়াতি নানলো যাতি শীততাম্।—হি ১.১৪০। বিয়োগানল ঋতু ১.১০। অনলে পুড়িলে পুন অনলে কাজ বি.প ৭৩। অনলে ফেলিনু কন্যা ক.চ ১১। অনল-অক্ষরে রয়েছে লিখা।—হেম ২৫০। ২ দেবতা অগ্নি। "গো.রা ১.১.৬। °প্রভব মনু ৫.১১। ৩ জঠরানল, পাচকরস। "°দীপন। ৪ (পাচকরসজনক) পিত্তধাতু। "মন্দঃ সংজায়তেঽনলঃ (সুশ্রুত)। ৫ অগ্নিদেবতাকা কৃত্তিকা নক্ষত্র। ৬ অগ্নিবীজ 'র'। ৭ (অগ্নি-সংখ্যানুসারে) তিন (৩) এই সংখ্যা। ৮ (দাহকত্ব হেতু) চিত্রকবৃক্ষ, চিতা। ৯ রক্তচিত্রক, লালচিতা। ১০ ভল্লাতক-বৃক্ষ ; ভেলা। ১১ বসুবিশেষ। দ্র 'বসু'। ১২ পিতৃদেবতা-বিশেষ (বায়ুপুরাণ)। ১৩ বৃহস্পতিগ্রহের ষষ্টিবর্ষান্তর্গত পঞ্চাশত্তম বর্ষ। ১৪ বায়ু। তু 'অনিল'। ১৫ জীবাত্মা, জীব। ১৬ বাসুদেব। ১৭ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৪৫। ১৮ ব্রহ্ম।

অনলঙ্কার বি [ন অলঙ্কার ন.ত] অলঙ্কারাভাব, ভূষণাভাব। "অনলঙ্কার তাঁহাদের অলঙ্কার হইয়াছে চা.তৃ ১০।

অনলপ্রিয়া, -ভাবিনী স্ত্রী [ষ.ত] অগ্নিপ্রিয়া, স্বাহা। "কিবা স্বাহা অনলভাবিনী ম ৫৯২।

অনলস বিণ [ন.ত ; স্ত্রী -সা] আলস্যহীন, শ্রমশীল। "রঘু ৯.১৫।

অনল্প বিণ [ন অল্প, ন.ত ; স্ত্রী -ল্পা] ১ 'অল্পবিরোধী', অধিক, প্রচুর। "°জল্প (ভামিনীবিলাস)। ২ অসংখ্যক, বহু। "অনল্পাক্ষর।—পঞ্চ ১.১৪৭। ৩ উদার, মহান্। "°চেতা কি ১৪.১৮। ৪ উচ্চৈঃ, তার। "°ঘোষ। ৫ সমধিক, বিবৃদ্ধ। "°মন্যু। ৬ মহান্। "গুণমনল্পম্… অবাপ মাঘ ৫.২৫।

অনশন [ন অশন যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -না] অশনহীন, উপবাসী। —ন ক্লী [ন.ত] ১ অশনাভাব, অনাহার। "শোকানশনকর্শিতা রা ২.৯.২২০। গত দিন অনশন ম.পা ৫৪। ২ ব্রতার্থ উপবাস। "ভা.চ ১৪০। ৩ প্রাণত্যাগার্থ আহারত্যাগ। "অনশনং কৃত্বা প্রাণানুৎস্রক্ষ্যামি। —পঞ্চ ৫$\frac{২}{১}$।

অনশ্ব বিণ [ন অশ্ব যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -শ্বা] অশ্বহীন। —শ্ব পুং [ন.ত] অশ্বভিন্ন প্রাণী। "অনশ্বা যত্র হ্রেষন্তে।—পঞ্চ ৪.৪৭।

অনশ্বর বিণ [ন নশ্বর, ন.ত ; স্ত্রী -রী] 'নশ্বরভিন্ন', অনাশশীল, অক্ষয়, নিত্য, শাশ্বত, স্থায়ী। "মত্বা বিশ্বমনশ্বরং বিবিশতে সংসারকারাগৃহে (বৈরাগ্যশতক)।

অনসূয়, -সূয়ক বিণ [ন অসূয়া যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -য়া, -য়িকা] ১ যাহার অসূয়া (গুণে দোষাবিষ্কার) নাই ; অসূয়াবর্জিত, দোষদৃষ্টি-রহিত (গী.টীকা) ; যে পরদোষ বলে না ; পরগুণানিন্দক (কুল্লূক)। "গী ১৮.৭১। মনু ৪.১৫৮ ; °ক ১০.১২৭। সা ত্বেবমুক্তা বৈদেহী ত্বনসূয়ানসূয়য়া রা ২.১১৮.৩। °ক গো.রা ১.১.৪। °ক মহা ৩.৬৩.৪৬ ; °য়িকা ১২২.২৯। —য়া স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ অত্রিমুনির পত্নী। "রঘু ১২.২৮। [ইনি কর্দম মুনির কন্যা। বনগমনসময়ে ইনি সীতাকে সতীধর্ম্মের উপদেশ দিয়া অম্লান মাল্য দিব্যবস্ত্র আভরণ অঙ্গরাগ ও সুগন্ধি অনুলেপন প্রদান করেন। ইঁহার তপোবলে ইঁহার সখীর প্রতি মাণ্ডব্য ঋষির বৈধব্যশাপ ব্যর্থ হয় (রা ২.১১৮ ; রঘু ১৪.১৪)।] ২ শকুন্তলার সখীবিশেষ। ৩ [ন.ত] অসূয়াভাব, দোষদৃষ্টিহীনতা, গুণের প্রশংসা ও দোষের গোপন। ন গুণান্ গুণিনো হন্তি স্তৌতি চান্যান্ গুণানপি। ন হসেচ্চান্যদোষাংশ্চ সানসূয়া প্রকীর্ত্তিতা॥—অত্রি ৩৪। "মনু ১.৯৬ ; ৪.২২৮। —সূয় বিণ [ন অসূয়, ন.ত ; স্ত্রী -য়ু] অসূয়াহীন, অনসূয়। "গী ৯.১। ভ ১.২২৬।

অনহঙ্কার পুং [ন অহঙ্কার, ন.ত] অহঙ্কারাভাব, অগর্ব্ব, আত্মশ্লাঘা-ভাব। "গী ১৩.৮। —কৃত বিণ [ন অহঙ্কৃত যাহার, ন বহুব্রী ; স্ত্রী -তা] অহঙ্কারহীন, নিরহঙ্কার। "মনু ৯.৩৩৫।

অনা অব্য [অন১ > অনা ; 'অনাকাল'] নিষেধার্থ—অপ্রশস্ততা, বিরোধ, অদ্ভুত ইত্যাদি। "°ছিষ্টি, °সৃষ্টি।

অনাকাল পুং [ন আকাল (অন্নাদিসম্পন্ন কাল—ত.বা) ; ন.ত ; তু 'অনাকাল'—অসময় (শতপথব্রাহ্মণ ২.৪.২.৪) ; দ্র 'আকাল'] অন্নকষ্টকাল, দুর্ভিক্ষকাল। "°ভৃত [পাঠান্তর—"অন্নাকালভৃত" মিতাক্ষরা (S.W.) ।]

অনাকাশ বিণ [ন আকাশ যাহাতে, ন.বহুব্রী] যাহাতে আকাশ নাই ; অস্বচ্ছ, তমোময়। "আকাশং তদনাকাশং চক্রুঃ গো.রা ৩.২৯.৭। —শ ক্লী [ন.ত] আকাশ-ভিন্ন পদার্থ।

অনাকুল বিণ [ন আকুল, ন.ত ; স্ত্রী -লা] ১ অব্যাকুল, শান্ত, ধীর, স্থির। "°কুলা…মতিঃ গো.রা ৬.২৩.১৬। ২ একাগ্র, একান্ত। ৩ অমুক্ত, বদ্ধ। "°কেশ (S.W.)। ৪ অসঙ্কীর্ণ, অবিরোধ (বাক্য)।

অনাকৃষ্ট বিণ [ন আকৃষ্ট, ন.ত ; স্ত্রী -ষ্টা] অবশীকৃত। "অনাকৃষ্টস্য বিষয়ৈঃ রঘু ১.২৩।

অনাগত বিণ [ন আগত, ন.ত] ১ অনুপস্থিত, অনায়াত। "তাবদ্ ভয়স্য ভেতব্যং যাবদ্ ভয়মনাগতম্ হি ১.৫৮। ২ অপ্রাপ্ত। "°আর্ত্তব। ন হ্যেবানাগতে কালে দেহাচ্চ্যবতি জীবিতম্ রা ২.৩৯.৫। ৩ ভবিষ্য, ভাবী। "অনাগতং ভয়ং দৃষ্ট্বা হি ১.৩৯। ৪ অনবগত। —ত ক্লী ১ ভবিষ্যৎকাল, উত্তরকাল। ২ ভাবী বিষয়। "অনাগতং যঃ কুরুতে স শোভতে।—পঞ্চ ৩.২১১। অনাগত পুস্তক কইল বাল্মীকি মুনিবর কৃ.উ ১ ; ২৭৬। অনাগত পুরাণ রচিল মুনিবর কৃ ১৫৩ ; ২৪১। আমার অনাগত, আমার অনাহত, তোমার বীণাতারে বাজিছে তা'রা চ.কা ৪৩৫। [°বিধাতা (-তৃ) পুং—ভাবী অনিষ্টের প্রতিকারক।]

অনাগম পুং [ন আগম যাহার, ন.বহুব্রী] ১ যাহার স্বত্বহেতু ক্রয়াদি-পত্র (দলিল) নাই ; স্বত্বজনক ক্রয়াদিপত্র-'হীন' ভূমিপ্রভৃতি। "°মোপভোগ (A.)। ২ [ন.ত] আগমের অভাব ; অনাগমন, অনুপস্থিতি। ৩ অপ্রাপ্তি। ৪ অপ্রত্যাবর্ত্তন, পুনরাগমনাভাব। "অনাগমায় গচ্ছধ্বম্ মহা ৩.১০৭.২০।

অনাঘ্রাত বিণ [ন আঘ্রাত, ন.ত ; স্ত্রী -তা] যাহা কৃতঘ্রাণ নহে ; অকৃতঘ্রাণ। "অনাঘ্রাতং পুষ্পম্ শ ২.১০। সোনার জলে দাগ পড়ে না, খোলে না কেউ পাতা ; অস্বাদিত মধু যেমন, যূথী অনাঘ্রাতা চ.কা ৩২৭।

অনাচরণ ক্লী [ন আচরণ, ন.ত] ১ অননুষ্ঠান, অকরণ। ২ নিষিদ্ধা-চরণ, কদাচার। ৩ অশিষ্টাচার, অবিনয়। —চার বিণ [ন আচার যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -রা] ১ আচারহীন, বৈধকর্ম্মরহিত। "(কলি) অতি অনাচার ম ১২৭৩। ২ যাহা আচারবিরোধী ; অবৈধ। "অযুক্ত করিলে কর্ম্ম অতি অনাচার অ.প ১২৩। —চার পুং [ন আচার, ন.ত] ১ অপ্রশস্ত অনুষ্ঠান ; নিষিদ্ধাচরণ, কদাচার। "অনাচারোদ্ভবং পাপম্ (গী.মাহাত্ম্য)। সর্ব্বদেশেষনাচারঃ পথি তাম্বূলচর্ব্বণম্ (স্মৃতি)। না জানিয়া করিলে যে কিছু অনাচার চৈ.ভা ১২০। ২ আচারাভাব, বিহিতের অননুষ্ঠান। ৩ (বাঙ্লায় ; অপ্র) যথেচ্ছাচার। "গো.চ ৩২৩। —চারী (-রিন্) বিণ [অনাচার + ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -রিণী] অনাচারবান্, আচারহীন, কদাচার।

অনাচার, -চারী দ্র 'অনাচরণ'।

অনাছিষ্টি, অনাস্থষ্টি বি [অনা+ছিষ্টি, সৃষ্টি] সৃষ্টিছাড়া, অদ্ভুত, অসম্ভব, অন্যায়, গর্হিত। "অনাসৃষ্টি বশিষ্ঠ বলিল পুনঃ পুনঃ। একদিন বলে আজি অপস্কর আন ॥—শি ৩৭। অনায়াসে কত অনাসৃষ্টি দা ৯৩৩। অনাছিষ্টি কাজে টাকা দিইনে লী ৩৯।

অনাটন বি [ন+আটন ; 'অনাবর্ত্তন'—মূল (?)] অভাব, অপ্রতুল, অকুলন, টানাটানি, কমী। "কিসের অনাটন, আমি থাক্‌তে তব।—দা ৫৫২ ; যোগাযোগের অনাটন ২০৪৩।

অনাতপ বিণ [ন আতপ যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -পা] আতপহীন, ছায়াযুক্ত, শীতল। "(খল্বাটঃ) বাঞ্ছন্ দেশমনাতপং বিধিবশাদ্ বিল্বস্য মূলং গতঃ (ভর্ত্তৃহরি)। —প পুং [ন.ত] ১ আতপাভাব, রৌদ্রাভাব। ২ ছায়া।

অনাতুর বিণ [ন আতুর, ন.ত ; স্ত্রী -রা ; ছান্দস] ১ 'আতুরভিন্ন', অরুগ্ণ, অরোগ, সুস্থ। "মনু ২.১৮৭ ; ৪.১৪৪। ভেজে ধর্ম্মমনাতুরঃ রঘু ১.২১। ২ অনুৎকণ্ঠিত। "মা.মি ৩.১৫।

অনাত্মবর্গ পুং [অনাত্মার বর্গ, ষ.ত] পুরুষ হইতে ভিন্ন মূলপ্রকৃতি, সপ্ত প্রকৃতিবিকৃতি ও ষোড়শ বিকর—এই ষড়্‌বিংশতি আত্মভিন্ন পদার্থের তত্ত্ব ; জড়বর্গ। "সাংখ্য ৩।

অনাত্মবান্ (-বৎ) বিণ [ন আত্মবান্, ন.ত ; স্ত্রী -বতী] যাহার মন বশ নহে ; অজিতেন্দ্রিয়, অসংযতচিত্ত। "অনাত্মবন্তঃ পশুবদ্ ভুঞ্জতে যেঽপ্রমাণতঃ (সুশ্রুত)।

অনাত্মবেদী (-দিন্) বিণ [ন আত্মবেদী, ন.ত ; স্ত্রী -দিনী] ১ যে আপন স্বরূপ জানে না ; স্ব-স্বরূপানভিজ্ঞ, অনাত্মজ্ঞ, মূঢ়। "°দিতা মাঘ ১৫.২২। ২ আত্মজ্ঞানহীন।

অনাত্মা (-ত্মন্) বিণ [ন আত্মা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ত্মা] ১ আত্মহীন, অপ্রশস্তমনাঃ, অনুদার। ২ অজিতাত্মা, অজিতচেতাঃ (গী.টীকা), অসংযতচিত্ত। "গী ৬.৬। ৩ যাহাতে আত্মা নাই ; অনাত্ম-বিষয়ক, দেহসম্বন্ধী। —ত্মা পুং [ন.ত] ১ আত্মভিন্ন পদার্থ বা অপকৃষ্ট আত্মা ; দেহাদি। 'জানীয়াৎ তমনাত্মানং বুদ্ধ্যন্তং বপুরাদিকম্। "অনাত্মাতে আত্মবুদ্ধি আত্মা নাহি জানে।—শি ৭। ২ আত্মা (আপনি) হইতে অন্য ; পর (অ.কো—নানার্থবর্গ ১৮৯)।

অনাত্মীয় বিং [ন আত্মীয়, ন.ত ; স্ত্রী -য়া] আত্মীয়ভিন্ন, পর।

অনাথ বিণ [ন নাথ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -থা ; ছান্দস] ১ যাহার প্রভু নাই ; প্রভুহীন, অধিপতিরহিত, অরক্ষক। "ঋগবেদ ১০.১০.১১। ন হ্যনাথা বয়ং রাজ্ঞা লোকনাথেন ; রা ২.২৪.২২। অনাথাঃ প্রকৃতয়ঃ রঘু ১২.১২। ২ নিরাশ্রয়, নিরবলম্ব, অসহায়। "ত্বমনাথা বিপৎস্বসে উ.চ ১.৪৩। অনাথ জনের বন্ধু ম ৩৫৫ ; অনাথা ডাকয়ে ৪৪২। অনাথের নাথ ১০১১। শ্রী ১। গো.চ ৩৯০। প্রফুল্ল বলিল, "আমি অনাথা।...তুমিও দেখিতেছি অনাথ ব.প্র ৩৫৬। ৩ ঐশ্বর্য্যহীন, দীন। "তে নানাথবৎ কৃচ্ছ্রমবাপ্নুবন্তি মহা ৩.১২০.৩। ৪ মাতৃপিতৃহীন, অপিতৃক, পতিহীনা। "কথং ত্বং সনাথাপানাথা উ.চ ৭১। অনাথ করিয়া গেলে এ দুই ছাওয়ালে কৃ ৪৯১। অনাথ হইল কুন্তী শিশু-পুত্রগণ ম ১২১। ৫ প্রমাণহীন, অমূলক। "°ব্যাখ্যান কু.স ৩.১৪, মল্লিনাথ।

অনাথপিণ্ড, -পিণ্ডিক পুং 'অনাথের (দরিদ্রের) পিণ্ডদাতা' ; শ্রেষ্টিবিশেষ। "কথা ১। [ইঁহার নাম সুদত্ত, 'অনাথপিণ্ডদ' 'অনাথ-পিণ্ডিক' ইঁহার উপাধি। শ্রাবস্তি ইঁহার বাসস্থান। শ্রাবস্তির 'জেতবন' বিহার ইঁহারই অর্থে নির্ম্মিত হয়।]

অনাথা বিণ, স্ত্রী [অনাথ+স্ত্রী আ (টাপ্)] নিরাশ্রয়া, অসহায়া, পতিহীনা। দ্র 'অনাথ' (২,৪)।

অনাথিনী বিং, স্ত্রী [অনাথ+স্ত্রী ইনী] ১ নাথহীনা, বিধবা। "রতিরে করিলে অনাথিনী ক.চ ২১। অল্পকালে বাছা সব হল অনাথিনী শ্রী.ম ১৬২। ২ নিরাশ্রয়া, সহায়হীনা। "তুমি স্বামী থাকিতে হইবে অনাথিনী কৃ ৪৪। অনাথিনী অবুধ হামরা শ্রী.ম ৯৩। অনাথিনী করিয়া কোথারে গেলে বাপ চৈ.ম ১৪৪। অনাথিনী পাঞ্চালীর আর্ত্ত কণ্ঠরব কা ১৯। পিতৃহীনা অনাথিনী বালিকা কোথায়? ব.প্র ৫৯ ; ১০১।

অনাথী বিং স্ত্রী [অনাথ+স্ত্রী ঈ ; অপ্র] ১ অনাথা, নিরাশ্রয়া। "অনাথী নারীক সঙ্গে নে শ্রী.কী ৩০৯ ; ৩৫৫। অনাথী দেখিয়া তোর নাহি দয়া ক.চ ১৪৪। ২ দরিদ্রা, দীনা। "নাপিতিনী কহে "শুন গো সই। অনাথী জনের বেতন কই" ॥—চ.দা ৩৪।

অনাদর বিণ [ন আদর যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -রা] আদরহীন, অবজ্ঞাত, উপেক্ষিত। —র পুং [ন.ত] ১ 'আদরবিরোধী', অবজ্ঞা, অবহেলা, অবগণনা। "°রোপাত্তধৃতৈকসায়ক কি ১৪.৩৬। পা ২.৩.৩৮। ২ বিরাগ, অনাসক্তি। "ধ্যসনেষ্বনাদরঃ।—পঞ্চ ৩.২৪৯। হি ২.১৩১। ৩ পরিভব। ৪ অযত্ন, অনায়াস। "°খণ্ডিতশঙ্করশরাসন উ.চ ১২১। ৫ তিরস্কার। "পা ২.৩.১৭।

অনাদি বিণ [ন আদি যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -দি] ১ যাহার কারণ বা পূর্ব্বকাল নাই ; কারণহীন, আদিরহিত, অকারণক। "ত্বমনাদিঃ রা ১.২৯.১৩। জগদাদিরনাদিস্ত্বম্ কু.স ২.৯। গী ১০.৩। অনাদি পুরুষ হরি ম ১২৪০। অনাদি কারণ তুমি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। অনাদি কাল চাহে আমার তরে।—রবীন্দ্র। ২ জন্মহীন, অজ, স্বয়ম্ভু। "অনাদি অনন্ত ধর্ম্ম শ্রী ১। ৩ আরম্ভকালহীন। "অনাদি অসীম অকুল সিন্ধু। —গান ১৭৪। ৪ নিত্য, শাশ্বত। "অনাদি কাল।—রবীন্দ্র। —দি পুং ১ পরমেশ্বর। "আদি অনাদিক, নাথ কহায়সি বি.প ২১৯। "অনাদি-আজ্ঞায় (দ্বাদশ কবিতা—দীনবন্ধু)। ২ হিরণ্যগর্ভ।

অনাদিনিধন বিণ [ন আদিনিধন যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -না] জন্মমৃত্যুহীন, নিত্য, শাশ্বত। "অনাদিনিধন (নারায়ণ)।—বিষ্ণুপুরাণ। অনাদিনিধন জান মিন মহাশএ মী ১০। হর মনিস্য নহে, জান অনাদিনিধন গো.বি ১১২।

অনাদিনী বিং, স্ত্রী [অনাদি+স্ত্রী নী ; অপ্র] আদিরহিতা, জন্মহীনা, নিত্যা। "তুমি আদ্যা অনাদিনী চ.বি ৩৩৪।

অনাদিমধ্যান্ত বিণ [ন আদিমধ্যান্ত যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ন্তা] যাহার আদি মধ্য ও অন্ত নাই ; উৎপত্তিস্থিতিপ্রলয়রহিত (শ্রীধর)। "গী ১১.১৯।

অনাদিষ্ট বিণ [ন আদিষ্ট, ন.ত ; স্ত্রী -ষ্টা] ১ বিশেষভাবে অকথিত ; অনির্দ্দিষ্ট (প্রায়শ্চিত্ত)। ২ অনুপদিষ্ট। ৩ অনাজ্ঞপ্ত, অপ্রবর্ত্তিত। "পঞ্চ ১.৯৬।

অনাদৃত বিণ [ন আদৃত, ন.ত ; স্ত্রী -তা] ১ অকৃতাদর, অপূজিত, অসংকৃত। "মনু ২.২৩৪। ২ অবগণিত, অবজ্ঞাত। "°সংকার ক.সা ৫.৯৮। ৩ অনাদরযুক্ত, নিন্দাত্মক। "রা ২.৫৯.৯। ৪ তিরস্কৃত। ৫ [ন আদৃত যাহার ন.বহুব্রী] আদররহিত। "কি ১৪.১০।

অনাদেয় বিণ [ন আদেয়, ন.ত ; স্ত্রী -য়া] অগ্রহণীয়, অগ্রাহ্য। "অনাদেয়ং নাদদীত পরিক্ষীণোঽপি পার্থিবঃ মনু ৮.১৭০ ; ১৭১।

অনাদেশ পুং [ন আদেশ, ন.ত] ১ আদেশাভাব, অনিয়োগ। ২ উপ-দেশাভাব, অননুশাসন।

অনাদ্য বিণ [ন আদ্য, ন.ত ; স্ত্রী -দ্যা] ১ যাহা আদ্য (ভক্ষণীয়) নহে ; অভক্ষ্য, অখাদ্য। "°ভক্ষণ মনু ১১.১৪৫ ; °দ্যাদন ১৬২। ২ খাদ্যভিন্ন, খাদ্যবহির্ভূত (পুরীষাদি)। "মনু ১১.৫৭। ৩ [ন.বহুব্রী] যাহার আদ্য নাই ; আদ্যহীন, অনাদি। "বসিষ্ঠ ১। —দ্য বি ১ (বাঙ্গালায়) আদিদেব, ধর্ম্ম, নিরঞ্জন। "অনাদ্যের আদ্যে আমিনী শ্রী.ম্য ১৯ ;

অনাদ্যের পূজা ২০ ; অনাদ্য গোসাই ৯৩ ; অনাদ্য করতার ১১৩ ; অনাদ্যের নাথ ২১১ ; ২১৭। ২ যাহা আদ্য (আদি) নহে, অর্থাৎ আদ্য কর্তৃক সৃষ্ট—ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণ, অগ্নি মৃত্তিকাদি। "আদ্য অনাদ্যরূপে কৈল নিরঞ্জণ গো.বি ২ ; আদ্য বোলে অনাদ্য তোমাকে বুঝাই ৩; দ্বিতীয়ার চন্দ্র যেন বাড়িল অনাদ্য সমস্ত ৫। —দ্যা বি 'আদিহীনা', আদ্যশক্তি, দুর্গা। "ভা.চ ১৭।

অনাধি বিণ [ন আধি যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ধি] আধিহীন, মনোব্যথা-রহিত। "রঘু ৯.৫৪।

অনাধৃষ্য বিণ [ন আধৃষ্য, ন.ত; স্ত্রী -ষ্যা] ধর্ষণের অযোগ্য; অহিংসনীয়, অনভিভবনীয়, অজেয়। "°তম গো.রা ৬.৪ ১৬। অনাধৃষ্যং মৈনাকমিব পর্ব্বতম্ মহা ৩.১৫০.১৩।

অনাপ্ত বিণ [ন আপ্ত, ন.ত ; স্ত্রী -প্তা ; ছান্দস] ১ অপ্রাপ্ত, অলব্ধ। "ঋগ্বেদ ১.১০০.২। ২ অকুশল, অশিক্ষিত। "মনু ৪.২৯৪। —প্ত পুং [ন.ত] আপ্তভিন্ন, অবন্ধু, পর।

অনাবিদ্ধ বিণ [ন.ত; স্ত্রী -দ্ধা] ১ 'আবিদ্ধভিন্ন' অনুৎকীর্ণ, বেধদোষহীন, অবিদ্ধ। "°দ্ধং রত্নম্ শ ২.১০। ২ অনভিভূত, অনাক্রান্ত। "ভ ১.২.১৯।

অনাবিল বিণ [ন আবিল, ন.ত ; স্ত্রী -লা] ১ অকলুষ, পাপলেশহীন, পুণ্য। "চরিতৈরনাবিলৈঃ কু.স ৫.৩৭। ২ অপঙ্কিল, স্বচ্ছ, প্রসন্ন। "বারি···অনাবিলম্ গো.রা ৩.৭৬.১১। ৩ রোগোপসর্গহীন, রোগাদি-রহিত। "অনাবিলম্ (দেশমাবসেৎ) মনু ৭.৬৯।

অনাবিষ্কৃত বিণ [ন আবিষ্কৃত ন.ত] বহিরপ্রকটিত, অন্তর্গূঢ়, অন্তর্গত, অপ্রকাশিত, অদৃশ্যমান। "°দানরাজি রঘু ২.৭। °লাঞ্ছন কু.স ৭.৩৫। °পাপ মনু ১১.২২৭। °বিক্রিয় মাঘ ২.৮৮।

অনাবিষ্ট বিং [ন.ত ; স্ত্রী -ষ্টা] অনবহিত, অমনোযোগী।

অনাবৃত বিণ [ন আবৃত, ন.ত ; বৈদিক] ১ আবরণহীন, অনাচ্ছাদিত, আঢাকা। ২ অবদ্ধ, উদ্ঘাটিত, অপাবৃত।

অনাবৃত্তি স্ত্রী [ন আবৃত্তি, ন.ত] ১ আবৃত্তির অভাব ; অপুনর্জ্জন্মাবৃত্তি (শঙ্কর), পুনর্জ্জন্মাভাব, মোক্ষ। গী ৮ ২৩। ২ অপ্রত্যাবর্ত্তন, পুনরাগমনাভাব। ৩ অনভ্যাস, অপৌনঃপুন্য।

অনাবৃষ্টি স্ত্রী [ন আবৃষ্টি, ন.ত] বর্ষণাভাব, বর্ষবিঘাত, অবগ্রাহ, অবৃষ্টি। "রা ১.৯.৯। °হত।—পঞ্চ ২.৫৭। কু ৪২ ; ৪৫।

অনামক বিণ [ন নাম যাহার, ন.বহুব্রী, সমাসে বিকল্পিত ক (কপ্) ; স্ত্রী -মিকা] ১ নামশূন্য। ২ অপ্রসিদ্ধ, অখ্যাত। ৩ যাহার নাম অপ্রশস্ত, অর্থাৎ নামগ্রহণ অশুভ ; দুর্নামক (শ.ক)। —ক পুং মলমাস।

অনাময় বিণ [ন আময় যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ আময়হীন, রোগশূন্য, নীরোগ। ২ নিরাপদ্, নির্ব্বিঘ্ন, কুশলী। "মহা ৩.৭৮.৩১। ৩ নিরুপদ্রব, উৎপাতহীন। "রাজ্যং চৈতদনাময়ম্ রা ২.৭৩.৫৩। মহা ৩.১১০.২ ; ১৪২.৬০। পদং গচ্ছন্ত্যনাময়ম্ গী ২.৫১। —য় পুং, ক্লী [ন আময়, ন.ত; অভাবার্থে অব্যয়ীভাব (অ টী)] ১ রোগাভাব, রোগাপায়, আরোগ্য। "ক্ষত্রবন্ধুমনাময়ম্ (পৃচ্ছেৎ) মনু ২.১২৭; °প্রশ্নপূর্ব্বক শ ৫$\frac{১}{৮}$। ২ কুশল, মঙ্গল। "রা ২.১০.৮। মহা ৩.৫৪. ১৫। মহাশ্বেতা কাদম্বরীমনাময়ং পপ্রচ্ছ (কাদম্বরী)। [°প্রশ্ন (পুং)—আরোগ্যজিজ্ঞাসা ; কুশলপ্রশ্ন।]

অনামা[১] (**-মন্**) বিণ [ন নাম যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -মা (মন্), -ম্না] ১ নামশূন্য (শতপথব্রাহ্মণ, ১৪.৬.৮.৮)। ২ অখ্যাত, অপ্রসিদ্ধ। —মা পুং ১ অনামিকা (শ.ক)। ২ মলমাস (A.)।

অনামা[২], **-মিকা** স্ত্রী [অনামন্+স্ত্রী আ (ডাপ্) ; অনামা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] যাহার নাম নিন্দ্য (অ.টী) ; অঙ্গুষ্ঠ হইতে চতুর্থ অঙ্গুলি ; উপকনিষ্ঠিকা (Ring-finger)। "°কা।—শতপথব্রাহ্মণ ১৪.৯.৪.৫। যাজ্ঞ ৩.২৭৭। নকুল অনামিকাঙ্গুষ্ঠে কনিষ্ঠে কনিষ্ঠ ম ২২০। [শিব এই অঙ্গুলি দ্বারা ব্রহ্মার শিরশ্ছেদ করেন। সেই হেতু ইহা নামগ্রহণের অযোগ্য ও অপবিত্র। অতএব ইহার পবিত্রতার নিমিত্ত যজ্ঞাদিতে ইহাতে 'পবিত্র'-নামক কুশধারণের ব্যবস্থা আছে।]

অনামিষ বিণ [ন আমিষ যাহাতে, ন.বহুব্রী] ১ আমিষহীন, নিরামিষ। ২ আয়রহিত, লাভহীন।

অনামুখ (-খো) বিণ ['অনামক'—মূল] ১ যাহার নাম গ্রহণের যোগ্য নহে, অর্থাৎ যাহার নামগ্রহণে অশুভ হয় ; অশুভনামা (ব্যক্তি) ; পাষণ্ড। ২ গালি। "অনামুখ টাকার লোভে মড়িপোড়ার মেয়ে বিয়ে কল্লে! —জা ২১। [অনামুখ গাঁ—প্রাতঃকালে বা আহারের পূর্ব্বে যে গ্রামের নামগ্রহণ অশুভ।]

অনামৃষ্ট বিণ [ন আমৃষ্ট, ন.ত] অস্পৃষ্ট, অনুত্তপ্ত। "(আশ্রমম্) অনামৃষ্টং রবেঃ করৈঃ মহা ৩.১৪৫.২৭।

অনায়ক বিণ [ন নায়ক যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -য়িকা] ১ নায়কহীন, অরাজক। "রা ২.৪৮.২৫ ; রাজ্যমেতদনায়কম্ ৭৯.৩। ২ অধ্যক্ষহীন, সেনাপতিরহিত। "সেনা হ্যনায়িকা রা ২.১৪.৫৪। হতং সৈন্যমনায়কম্।—চাণক্য।

অনায়ত বিণ [ন আয়ত, ন.ত ; স্ত্রী -তা] ১ 'আয়তভিন্ন', অদীর্ঘ, অবিস্তৃত। ২ অল্পকালস্থায়ী, ক্ষণিক। "অনায়তস্বভাবভঙ্গুরাণি সুখানি (কাদম্বরী)।

অনায়ত্ত বিণ [ন আয়ত্ত, ন.ত ; স্ত্রী -ত্তা] ১ অবশীভূত, স্বাধীন, স্বতন্ত্র। "এতাবজ্জন্মসাফল্যং যদনায়ত্তবৃত্তিতা হি ২.২০। ২ অনধীন, অবশ। "অনায়ত্তো রোষস্য (কাদম্বরী)। ৩ অনিয়ত, অনিয়ন্ত্রিত, অসংযত। "অনায়ত্ত-ইন্দ্রিয় শি ৩৬। ৪ অবশীভূত, বশবহির্ভূত। "নিতান্ত অনায়ত্ত হওয়াতেই রাম তাঁহাকে পরিত্যাগ করিয়াছেন সী ৭২।

অনায়স বিণ [ন আয়স, ন.ত ; স্ত্রী -সী] আয়স (লৌহময়)-ভিন্ন ; অলৌহজাত। "বৈরং···শস্ত্রমনায়সম্ মহা ২.৫৬.১১।

অনায়াস বিণ [ন আয়াস যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -সা] যাহার সাধনে ক্লেশ নাই ; অনতিক্লেশসাধ্য, প্রযত্নহীন, সুকর। "ভবতা একস্মিন্নানায়াসে কর্ম্মণি সহায়েন ভবিতব্যম্ শ ২$\frac{১}{৪}$। —স পুং [ন আয়াস, ন.ত] আয়াসের অভাব ; অল্পায়াস, প্রযত্নাভাব, অক্লেশ। "অত্রি ৩৭। [অনায়াসে—অক্লেশে, বিনা প্রযত্নে ; স্বেচ্ছানুসারে। "অনায়াসে কত অনাসৃষ্টি দা ৯৩৩।]

অনায়ুষ্য বিণ [ন আয়ুষ্য, ন.ত ; স্ত্রী -ষ্যা] যাহা আয়ুর্ব্বর্দ্ধক নহে ; আয়ুঃক্ষয়কর, প্রাণহর। "অনায়ুষ্যম্···অতিভোজনম্ মনু ২.৫৭; ৪.১৩৪।

অনার্ বি [E. Honor] গৌরব, সম্মান ; বিশ্ববিদ্যালয়প্রদত্ত গৌরব-বিশেষ ; বি.এ. প্রভৃতি পরীক্ষার গৌরবার্থ নির্দ্দিষ্ট পুস্তক (Honors course)। [অনারে পাশ করা—অনারের নির্দ্দিষ্ট পুস্তকের পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। অনার নেওয়া—অনারের পাঠ্য পড়া।]

অনারত বিণ [ন আরত, ন.ত ; স্ত্রী -তা] ১ আরামহীন, অশ্রান্ত। "°রতাভিরতা মাঘ ১০.৮৯ ; ২০.৪২। ২ অজস্র, অনবরত, নিরন্তর। "কি ১.১৫ ; ৪০।

অনারম্ভ পুং [ন আরম্ভ, ন.ত] আরম্ভাভাব, অননুষ্ঠান, অকরণ। "গী ৩.৪। আরম্ভ ; না প্রতিকারম্ভঃ শ ৩$\frac{১}{৪}$।

অনারারি বিং [E. Honorary] বেতনব্যতিরেকে (অবৈতনিকভাবে) কেবল গৌরবার্থই পদবিশেষে নিয়োজিত। "অনারারি ম্যাজিষ্ট্রেট্, সেক্রেটারি ইত্যাদি।

অনারেবেল্ বিং [E. Honorable] মাননীয়, বড়লাটসভার

সভ্যগণের সম্মানসূচক উপাধি। "অম্বল থেকে অনারেবল আর কে অমন আছে?—হেম ৩৭৯; অনারেবল শিষ্টদাস ৩৮১।

অনারোগ্য বিণ [ন আরোগ্য, ন.ত; স্ত্রী -গ্যা] যাহা রোগাভাবের নিমিত্ত হিত নহে (কুল্লুক); রোগকর, পীড়াজনক। "অনারোগ্যম্... অতিভোজনম্ মনু ২.৫৭।

অনার্জ্জব বিণ [ন আর্জ্জব যাহার, ন.বহুব্রী; স্ত্রী -বা] আর্জ্জবরহিত, কুটিল, ক্রূর। —ব ক্লী [ন.ত] ১ আর্জ্জবের অভাব; কৌটিল্য, ক্রূরতা। "মনু ৯.১৭। ২ যাহাতে স্বাচ্ছন্দ্য থাকে না; রোগ।

অনার্ত্তব বিণ [ন আর্ত্তব, ন.ত; স্ত্রী -বী] যাহা ঋতুজাত নহে; অকাল-ঋতুতে অনুৎপন্ন; অসাময়িক (পুষ্পাদি)। —বা স্ত্রী [ন.বহুব্রী; স্ত্রী আ (টাপ্)] যে নারীর রজোদর্শন হয় নাই; অদৃষ্টরজস্কা নারী।

অনার্য্য বিণ [ন আর্য্য, ন.ত; স্ত্রী -র্য্যা] ১ অপূজ্য, হেয়, নীচ, অধম। "জেন দেখ হলধর, যুধিষ্ঠির নৃপবর, তাহা হোতে না দেখ অনার্য্য অ.প ২৯। ২ অসচ্চরিত, পাপী। "অনার্য্য ইতি মামার্য্যাঃ (বিকরিষ্যন্তি) রা ২.১২.৭৮। ৩ ভীরু শাস্ত্রার্থানভিজ্ঞ (গী.টীকা)। "°জুষ্টম্ (কশ্মলম্) গী ২.২। ৪ নিষ্ঠুর। "°তা মনু ১০.৫৮। ৫ আর্য্যজনবিগর্হিত। "অনার্য্যঃ পরদারব্যবহারঃ শ ৭২৬/২৭। ৬ হীনজাতীয়, অসভ্য। "হি ৪.২৬। ৭ আর্য্যাচারহীন; শিষ্টাচাররহিত। "অনার্য্য আত্মনো হৃদয়ানুমানেন প্রেক্ষসে শ ৫২২/২৩। ৮ [ন.বহুব্রী]। যেখানে আর্য্য নাই; আর্য্যবিরহিত। "অনার্য্য দেশে (S.W.)। —র্য্য পুং ১ আর্য্যভিন্ন, শূদ্র। "মনু ১০.৬৬; ৬৭; ৭৩। ২ শূদ্রাদি। "অনার্য্যানার্য্যলিঙ্গিনঃ মনু ৯.২৬০। ৩ ম্লেচ্ছ। "কীকটা নাম দেশোঽনার্য্যনিবাসঃ (নিরুক্ত)। ৪ অধম, নীচজন। "নিতান্ত অনার্য্যের ন্যায় বৃথা জীবনধারণের ফল কি বল?—সী ২৭। ৫ অনার্য্যদেশ। "°জ (অনার্য্যদেশজ অগুরু)। দ্র (৮)। —র্য্য ক্লী ১ অন্তার্য্য, শত্রুতা (শ্রীধর)। "(অয়ম্) ন বিস্মরতি মেঽনার্য্যম্ ভ ৭.৫.৪৬। ২ অনার্য্যোচিত আচরণ; অশিষ্টাচার। "রাজ্ঞা শকুন্তলায়াম্ অনার্য্যমাচরিতম্ শ ৪৪/৪। —র্য্যা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] শূদ্রা। "মনু ১০.৬৬; ৬৭। [°জুষ্ট (বিণ) —ভীরুসেবিত। "গী ২.২। °বুদ্ধি (বিণ)—অচতুর, মূঢ়। "বৎসাভিমন্তো চতুরম্মন্তোঽপি ত্বমনার্য্যবুদ্ধিরসি বি.মা ৭২/১।

অনার্ষ বিণ [ন আর্ষ, ন.ত] ১ যাহা ঋষিসম্বন্ধী (বৈদিক) নহে, অবৈদিক। "পা ১.৬.১৬। ২ ঋষিগোত্রভিন্ন গোত্রবিষয়ে বিহিত (প্রত্যয়)। "পা ৪.১.৭৮।

অনালম্ব বিণ [ন আলম্ব যাহার, ন.বহুব্রী; স্ত্রী -ম্বা] আলম্বহীন, নিরাশ্রয়, নিরাহার। "অনালম্বা কীর্ত্তিঃ মাঘ ২.৫২। —ম্ব পুং [ন.ত] আলম্বাভাব, আধারহীনতা। —ম্বী স্ত্রী শিববীণা (অ.চি)

অনাশী (-শিন্) বিণ [ন নাশী, ন.ত; স্ত্রী -শিনী] ১ যাহা নষ্ট হয় না; বিনাশরহিত, সততপ্রকাশমান (গী.টীকা)। "গী ২.১৮। ২ অবিনষ্ট (দ্রব্য)। "মনু ৮.১৮৫।

অনাশ্রম বিং [ন আশ্রম যাহার, ন.বহুব্রী] যাহার আশ্রম নাই; আশ্রমশূন্য; সন্ন্যাসী। "অনাশ্রম আমি যে যৌতুকে কিবা কাজ বি.পা ৫২।

অনাশ্রমী (-মিন্) বিণ [ন আশ্রমী, ন.ত; স্ত্রী -মিণী] যে আশ্রমী নহে; গৃহস্থাদি-আশ্রমশূন্য। "অনাশ্রমী ন তিষ্ঠেৎ তু ক্ষণমেকমপি দ্বিজঃ (স্মৃতি)।

অনাশ্রয় বিণ [ন আশ্রয় যাহার, ন.বহুব্রী; স্ত্রী -য়া] আশ্রয়হীন, অসহায়। —য় পুং [ন.ত] আশ্রয়াভাব, অসহায়তা। —শ্রিত বিণ [ন-আশ্রিত, ন.ত] ১ আশ্রিতভিন্ন, অনধীন। ২ অনপেক্ষমাণ। "গী ৬.১।

অনাসক্ত বিণ [ন আসক্ত, ন.ত] আসক্তিহীন, নিঃসঙ্গ, নির্লিপ্ত। "অনাসক্ত যথা পদ্মপত্রজলাশয় ভ.গ্র ৪১৪।

অনাসাদিত বিণ [ন আসাদিত, ন.ত] ১ অপ্রাপ্ত। ২ অনাক্রান্ত।

অনাসৃষ্টি দ্র 'অনাছিষ্টি'।

অনাসে ক্রি বিং ['অনায়াসে'—মূল; অপ্র] অক্লেশে, বিনা প্রযত্নে; সুখে। "অনাসে অপার সিন্ধু অবশ্য তরিবে শ্রী.মা ১১। দুষ্প্রাজ্য ত্রৈলোক্যরাজ্য অনাসে ত্যাজিল ভ.গ্র ৭৫। অনাসে বিনাশ হবে বা.দ ২৪০। ছুটে বেড়াত অনাসে ব.সু ৩৯। [অনাসেতে—অনায়াসে। "(কোচের দুহিতা) হ'রে লয়ে রঙ্গরসে ভাসে অনাসেতে ব.প ১৪৭।]

অনাস্তিক বিণ [ন আস্তিক, ন.ত] পরলোকে ও ঈশ্বরে অবিশ্বাসী; নাস্তিক, অধার্ম্মিক। "সত্যধর্ম্মচ্যুতাৎ পুংসঃ ক্রুদ্ধাদাশীবিষাদিব। অনাস্তিকোঽপ্যুদ্বিজতে জনঃ কিং পুনরাস্তিকঃ (আদিপর্ব্ব)। [অনাস্তিকের নিমন্ত্রণ, না আঁচালে বিশ্বাস নেই—নাস্তিকের ব্রাহ্মণভোজনের ফলে বিশ্বাস নাই, সুতরাং, নিমন্ত্রণে আহারান্তে আচমনের পরে আর অবিশ্বাস থাকে না; (গৌণার্থে) কার্য্যে পরিণত না হওয়া পর্য্যন্ত দুরাত্মার কথায় বিশ্বাস নাই।]

অনাস্থা স্ত্রী [ন আস্থা, ন.ত] ১ আস্থাভাব, অনপেক্ষা, ঔদাসীন্য। "পিণ্ডেষ্বনাস্থা খলু ভৌতিকেষু রঘু ২৫৭। ২ অনাদর, অবজ্ঞা। "°পর কি ৪.৩৪। অনাস্থা বাহ্যবস্তুষু কু.স ৬.৬৩। নৈ ১.৮৮। স্ব স্ব জীবনের প্রতি অনাস্থা পা.প্র ১০০। ৩ অসমীক্ষা, অবিচারণা। "স্ত্রী পুমান্ ইত্যনাস্থৈষা বৃত্তং হি মহিতং সতাম্ কু.স ৬.১২। ৪ অবিশ্বাস, অপ্রত্যয়।

অনাস্বাদিত বিণ [ন আস্বাদিত, ন.ত] অভক্ষিত, অভুক্ত, অনুপভুক্ত। "°পূর্ব্ব রা ১.১০.২১। মধু নবমনাস্বাদিতরসম্ শ ২.১০।

অনাহত বিণ [ন আহত, ন.ত; স্ত্রী -তা] ১ 'আহতভিন্ন', আঘাতরহিত, অকৃতাঘাত। ২ অক্ষত। ৩ অস্পৃষ্ট। ৪ অক্ষুব্ধ। ৫ ছেদভোগরহিত, নূতন (বস্ত্র)। ৬ অগুণিত, অপূরিত (Not multiplied)। ৭ (বাঙ্‌লায়) অবাদিত অর্থাৎ যাহা যন্ত্রে বাজান হয় নাই; বাদ্যে যাহা বাজে নাই। "আমার অনাহত০ তোমার বীণাতারে বাজিছে তা'রা চ.কা ৪৩৫। —ত ক্লী (তন্ত্রে) ষট্‌চক্রের অন্তর্গত চতুর্থ চক্র। [ইহাতে শব্দব্রহ্মময় বাণলিঙ্গ অবস্থিত; সুতরাং, ইহা হইতে অনাঘাতজাত শব্দ উত্থিত হয় এবং সেই হেতু ইহার নাম 'অনাহত'। 'শব্দো ব্রহ্মময়ঃ শব্দোঽনাহতো যত্র দৃশ্যতে। অনাহতাখ্যং তৎ পদ্মং মুনিভিঃ পরিকীর্ত্তিতম্॥ দ্র 'ষট্‌চক্র'।

অনাহার বিণ [ন আহার যাহার, ন.বহুব্রী; স্ত্রী -রা] আহারহীন, উপবাসী। —র পুং [ন.ত] আহারাভাব, অনশন, উপবাস। "হি ১২১/৩। কভু জলাহার করে কভু অনাহার কৃ ১৬।

অনাহার্য্য বিণ [ন আহার্য্য, ন.ত; স্ত্রী -র্য্যা] ১ আহার্য্যভিন্ন, অভক্ষ্য, অখাদ্য। "বাম অঙ্গের ব্যর্থ জন্ম হৈল অনাহার্য্য অ.প ১২৫। ২ অকৃত্রিম, স্বাভাবিক, সহজ। ৩ যে আহার্য্য নহে, অর্থাৎ মরণ বা দেশান্তরগমন হেতু আনয়নের (আনিয়া উপস্থিত করার) অযোগ্য (Not producible)। "মনু ৮.২০২।

অনাহূত বিণ [ন আহূত, ন.ত; স্ত্রী -তা] ১ আহূতভিন্ন, অকৃতাহ্বান, অনাকারিত। "অনাহূত আসি দ্বন্দ্ব করিস সভায় ম ১৩৮। ২ অনিমন্ত্রিত। "রাজপুর যাব আমি ভিক্ষার কারণ। অনাহূত নহি আমি ব'লে দেহ জন॥—শ্রী ২৭। ৩ (বাঙ্‌লায়) আপনা-আপনি উপস্থিত; অনাবশ্যকভাবে প্রাপ্ত। "কালের এই সমস্ত অনাহূত আবর্জ্জনারাশিকেই আমরা আপনার বলিয়া অভিমান করি চা.পু ৭। ৪ অবস্থান ব্যতীত, আকস্মিক। "বৃন্দাবনেই অনাহূত প্রবেশ করায়... বিরক্তিকর বোধ হইত।—গল্পগুচ্ছ। —ত ক্রি.বিং ১ আহ্বানব্যতিরেকে, বিনা ডাকে। "প্রকৃতির বর আসে অনাহূত ঘ ৩৮।

২ অনাবশ্যকভাবে, স্বেচ্ছানুসারে, আপনা-আপনি। "চোখের জল অত বিধিব্যবস্থা অবগত নয়, তা'রা অনাহুত আসিয়া ব্রজেশ্বরের চোখ ভরিয়া গেল ব.প্র ৪০৭।

অনি[১] বিং [সং অন্য > বা (অনিয় > অনিঅ) অনি, তু 'ধনি' বৈষ্ণব-সাহিত্যে] অপর। "অনি রমণী সঙে। রাজসম্পদময়ে। অছিয়ে যৈছে বৈরাগী বি.প ২০৪।

অনি[২] প্র [অন[২] + ই[১১] স্বার্থে] বাঙলা ধাতুর উত্তর বিহিত ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "কনকনানি, কাতরানি-চুবানি ইত্যাদি। বঙ্ক নেহারনি বি.প ১৩; গাঁথনি ১৪; হাসনি ১৫। বাহুর বলনি, অঙ্গের হেলনি, মন্থর চলনি ছাঁদে গো ৫০।

অনিঃসর বিং [ন নিঃসর; অপ্র] যাহা নিঃসৃত হয় না; অনির্গত, অস্ফুট, রুদ্ধ। "অনিঃসর বচন হইল গোপশিশু ব.প ৮৪৮।

অনিকেত, -কেতন বিণ [ন.বহুব্রী; স্ত্রী -তা, -না] নিকেতনহীন, নিয়তবাসহীন, অনাগার, গৃহশূন্য। "°ত গী ১২.১৯। মনু ৬.২৫; ৪৩। অনিকেতন দোহে রহে চৈ.চ ১৯৮।

অনিক্ষু পুং [ন ইক্ষু, ন.ত] ইক্ষুসদৃশ কাশবিশেষ; নাটা-আক্ (Saccarum Spontaneum)।

অনিগ্রহ বিণ [ন নিগ্রহ যাহার, ন.বহুব্রী; স্ত্রী -হা] নিগ্রহহীন, অসংযত। —হ পুং [ন.ত] ১ নিগ্রহাভাব, অসংযম, অনিয়ন্ত্রণ, উদ্দামভাব। ২ (দর্শনে) তর্কে অপরাজয়। "°স্থান। ৩ অপ্রত্যাখ্যান, অখণ্ডন (Non-refutation)।

অনিচ্ছা স্ত্রী [ন ইচ্ছা, ন.ত,] ১ ইচ্ছাভাব, অনভিলাষ। "মনু ১১. ১২৫। (মহিষীরা) নিতান্ত অনিচ্ছাপূর্ব্বক যজ্ঞদর্শনে গমন করিলেন সী ২। ২ ঔদাসীন্য, বিরাগ। "রাম তদ্বিষয়ে ঐকান্তিকী অনিচ্ছা প্রদর্শন করিয়া মৌনভাবে অধোবদনে অবস্থিত রহিলেন সী ৬৮।

অনিচ্ছু, -চ্ছুক বিণ [ন ইচ্ছু, ন.ত, ক (কন্) স্বার্থে, স্ত্রী -চ্ছু, কা] অনভিলাষী, ইচ্ছাহীন।

অনিত (-ত) বিং [সং অনীতি; তু 'অনীত'; অপ্র] অশিষ্ট, অসৎ। "সেন কন তুমি যদি স্বরূপের মূল। অনিত সেবকে তবে হবে অনুকুল ॥—শ্রী মা ২১৩।

অনিত্য বিণ [ন নিত্য, ন.ত; স্ত্রী -ত্যা] ১ নিত্যভিন্ন, বিনশ্বর, নাশশীল, ভঙ্গুর। "মনু ৬.৭৭। অনিত্যেন (কায়েন) হি ১.৪৯; °তা ৩.২৪। অনিত্যসংসারপ্রেমে মুগ্ধ অনুক্ষণ স.শ ৭০। ২ উৎপত্তিবিলয়রূপ, অস্থির, ক্ষণিক। "গী ২.১৪। অনিত্যং যৌবনং রূপম্ হি ৪.৭১। ৩ অনিয়ম, অনিশ্চিত, সংশয়িত। "অনিত্যো বিজয়ো যস্মাদ্ দৃশ্যতে যুধ্যমানয়োঃ মনু ৭.১৯৯। পঞ্চ ৩.২১। ৪ অব্যবস্থিত, চঞ্চল। "চিত্তং মনুষ্যাণামনিত্যম্।—রা ২.৪.২৭; °হৃদয়াঃ হি তাঃ (স্ত্রিয়ঃ) ৩৯.২৩; °ত্ব ৪.৩২.৭। ৫ বৈকল্পিক। "সমাসান্তবিধেরনিত্যত্বম্। ৬ অব্যবস্থিত, অর্থাৎ যাবৎ আশ্রয় তাবৎ অনবস্থিত। "বর্ণে চানিত্যে পা ৫.৪.৩১। ৭ জন্য। "ধর্ম্মো নিত্যঃ সুখদুঃখেঽপ্যনিত্যে, জীবো নিত্যো হেতুরস্যাপ্যনিত্যঃ (শ.ক)। ৮ নৈমিত্তিক, কাদাচিৎক। "°কর্ম্ম, °ক্রিয়া। —ত্য পুং (?) ১ দেহ। "ভ ৭.২.৪৯। ২ সদাতনভিন্ন কাল (ত.বা); কিয়ৎকাল। "অনিত্যং হি স্থিতো যস্মাৎ তস্মাদতিথিরুচ্যতে মনু ৩.১০২।

অনিদান বিণ [ন নিদান যাহার, ন.বহুব্রী; স্ত্রী -না] অকারণ, অহেতুক, বৃথা। "মুঞ্চ ময়ি মানমনিদানম্ গী.গো ১০.৩।

অনিদ্র বিণ [ন নিদ্রা যাহার, ন.বহুব্রী; স্ত্রী -দ্রা] ১ নিদ্রাহীন, জাগর। "রা ১.৩০.৫। ২ সাবধান, অবহিত। ৩ সুখনিরপেক্ষ। "রা ২.২.৬। —দ্রা স্ত্রী [ন.ত] ১ নিদ্রাভাব, জাগরণ। ২ অবধান, অপ্রমাদ।

অনিন্দিত বিণ [ন.ত; স্ত্রী -তা] ১ অগর্হিত, প্রশস্ত, উৎকৃষ্ট। "°াত্মা রঘু ২.৬৯; ১৮.১৮। অনিন্দিতৈঃ স্ত্রীবিবাহৈরনিন্দ্যা ভবতি প্রজা মনু ৩.৪২। ২ অনবদ্য, শোভন, সুন্দর। ৩ সাধু, ধার্ম্মিক। —তা বিণ, স্ত্রী শোভনা, সুন্দরী, সাধ্বী। "মহা ১.৪৫.৩৭। ঐশ্বর্য্যাৎ প্রচ্যুতোঽহমনিন্দিতে মহা ৩.৬১.১৮।

অনিন্দ্য বিণ [ন.ত; স্ত্রী -ন্দ্যা; ছান্দস] অগর্হ্য, প্রশস্ত, উৎকৃষ্ট। "অনিন্দ্যা নন্দিনী নাম ধেনুঃ রঘু ১.৮২। মনু ৩.৪২। অনিন্দ্যের নিন্দা শুনে ক্রোধে হুতাশন শ্রী.মা ১২২।

অনিবর্ত্তী (-র্ত্তিন্) বিণ [ন নিবর্ত্তী, ন.ত; স্ত্রী -র্ত্তিনী] ১ যে নিবৃত্ত হয় না; অপরাঙ্মুখ। "সংযুগেষ্বনিবর্ত্তিনাম্ গো.রা ৪.১৫.৩। °ত্তিত্ব মনু ৭.৮৮। ২ যাহা অতীত হইলে ফিরে না; অপ্রত্যাবর্ত্তনশীল। "সুন্দরি যৌবনমনিবর্ত্তি যাতম্ কা.প্র ১০.৪৬২। —র্ত্তী পুং বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৭৭।

অনিবার বিং [সং অনিবার্য্য; পদ্যে] ১ যাহা নিবারণ করা যায় না; প্রবল, প্রচণ্ড। "(হস্তিবৃন্দ) মহাকায় বলে অনিবার ম ৩৪৪। এখনো চুম্বকচিত্ত ধাইছে আমার। সে মেরুর পানে সদা বেগে অনিবার।—রাজকৃষ্ণ মুখোপাধ্যায়। ২ দুরপনেয়, অপ্রভাত। "অনিবার বিভাবরী, যথা বেদবতী নারী, সেবে দেব জুড়ি দুই কর ক.চ ৬৭। ৩ যাহা প্রশমিত হয় না, অর্থাৎ প্রবলবেগে নির্গলিত। "কিসে এ বারি নিবারি, ভেবে দাশরথির অনিবারি বারি নয়নে দা ২১৫৯। ৪ সতত, নিরন্তর। "দরশন পরশন ব্যয় অনিবারে। মুহিরে মুদল জনু রতন ভাণ্ডারে ॥ বি.প ৮০। দিতেছে বেলায় সিন্ধু শ্বেতপুষ্পহার, গাইয়া আনন্দগীত চুম্বি অনিবার ন ১৩২৬। —র ক্রি.বিং প্রবলভাবে, প্রচণ্ডবেগে। "পুন পুন বাঢ়ে সুখ অতি অনিবার (চৈ.ভা)। বহে অনিবার, তপ্ত রুক্ষ বায়ু ন ১৩৩১।

অনিবার্য্য বিণ [ন নিবার্য্য, ন.ত; স্ত্রী -র্য্যা] ১ অনিবারণীয়, দুর্নিগ্রহ, প্রচণ্ড। "লক্ষ্মণের শোকসাগর অনিবার্য্যবেগে উচ্ছলিত হইয়া উঠিল সী ৩৮। ২ অপ্রতিবিধেয়, অবশ্যম্ভাবী।

অনিবেদিত বিণ [ন নিবেদিত, ন.ত] ১ অবিজ্ঞাপিত, অকথিত। ২ (বাঙলায়) দেবোদ্দেশে অনুৎসৃষ্ট; অনুৎসর্গীকৃত। "যৎকিঞ্চ অনিবেদিতমাত্রেতে ভক্ষণ ভ.গ্র ২৯০।

অনিভৃত বিণ [ন নিভৃত, ন.ত; স্ত্রী -তা] ১ নিভৃতভিন্ন, অবিবিক্ত, সাধারণ। ২ চঞ্চল, চপল। "°বেলাবীচিবাহুঃ পয়োধিঃ কি ৩.৬০; ১৩.৬৬। °কর উ.মে ৭। ৩ প্রৌঢ়, গম্ভীর, উচ্চৈঃ। "সন্ধ্যাশঙ্খধ্বনিরনিভৃতঃ মা.মা ২.১১। ৪ অনর্পিত, অদত্ত। "মাঘ ১০.৬৬।

অনিমিক, -খ বিং [সং অনিমিষ, ষ > খ, ক; দ্র 'খ'[২]] নিমেষহীন, নিস্পন্দ, স্থির, পলকশূন্য। "অনিমিখ নয়নে। নাহ মুখ নিরখিতে বি.প ১৬৯। অনিমিখ নয়নে ক.চ ৪০। ম ১২২৪। নয়ন অনিমিক স্ব.প্র ৭। আঁখি অনিমিক (অশোকগুচ্ছ)। [অনিমিখে—নির্নিমেষনেত্রে, একদৃষ্টিতে। "ব্রজপতি দম্পতী অনিমেখে হেরই রা.শে ৪২।]

অনিমিত্ত বিণ [ন নিমিত্ত যাহার, ন.বহুব্রী; স্ত্রী -ত্তা] নিমিত্তহীন, অকারণ, অহেতুক। "°হাস শ ৭.১৭। °ত্তোৎকণ্ঠা মা.মি ৩.৯। এত সৌসাদৃশ্য কি কেবল অনিমিত্ত ঘটনামাত্রে পর্য্যবসিত হইবে? সী ৮২। —ত্ত ক্লী [ন.ত] ১ নিমিত্তাভাব, অকারণ। "°তঃ মনু ৪.১৪৪। ২ অপ্রশস্ত নিমিত্ত, দুর্নিমিত্ত, দুর্লক্ষণ। "মমানিমিত্তানি হি খেদয়ান্তি মৃ ৯.১০।

অনিমিষ বিণ [ন নিমিষ যাহাতে, ন.বহুব্রী; স্ত্রী -ষা; ছান্দস] ১ নিমেষহীন, নেত্রস্পন্দনশূন্য, স্থির। "°দৃষ্টি, °নয়ন, °লোচন, °পক্ষ্ম, °দাক্ষ, °বেক্ষণ। রা ২.১২.৫২। মাঘ ১১.১৮। নেত্রৈরনিমিষৈঃ রা (S.W.)। ২ সতৃষ্ণদৃষ্টি, সস্পৃহনেত্র। "ত্বং কিলানিমিষং পার্থ মামেকাং তত্র দৃষ্টবান্ মহা ৩.৪৬.২৮। ৩ উন্মীলিত (চক্ষুঃ)। —ষ পুং ১ দেব। "মাঘ ৫.৫৭। ২ মৎস্য। ৩ বিষ্ণু। "ভ ১.১.৪। ৪ মহাকাল। ৫ [ন.ত] নিমেষাভাব।

অনিমেষ বিণ [ন নিমেষ যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -ষা ; ছান্দস] সর্থ 'অনিমিষ'। "°দৃষ্টি রঘু ৩.৪৩। °নয়নে সী ৪৯। প্রেয়সীর কালো চোখের তারার মত অনিমেষ ঘ ১৭২। —ষ পুং সর্থ 'অনিমেষ'। [অনিমেষে—১ একদৃষ্টিতে, সতৃষ্ণনেত্রে। ২ নিমেষ-কাল অপেক্ষাও অল্প-কালে ; তৎক্ষণাৎ, তখনি (অপ্র)। "অনিমেষে অন্তর্দ্ধান হ'ল যোগবলে শ্রী.মা ৪১ ; ৪৫।]

অনিয়ত বিণ [ন নিয়ত, ন.ত ; স্ত্রী -তা] ১ অনিগৃহীত, অনিয়ন্ত্রিত, অসংযত। ২ অনিত্য, অস্থায়ী। ৩ স্বাবস্থিতনিয়মরহিত। "রত্যাদয়োঽপ্যনিয়তে রসে স্যুর্ব্যভিচারিণঃ সা.দ ৩.১৭২। ৪ নিয়মরহিত, অনবস্থিত। "°বেলম্...আহারো ভুজ্যতে শ ২$\frac{0}{9}$। ৫ অধ্রুব, অনিশ্চিত। ৬ নিয়মরহিত, অহেতুক। "°রুদিতস্মিত উ.চ ৪.৪। ৭ (বাঙলায় অপ্র) নিয়মরহিত, ভূরি, প্রচুর, সমধিক। "কেহ আংটী ও ইষ্টিকের অনিয়ত প্রশংসা কত্তে আরম্ভ কল্লেন হু ২০৫।

অনিয়ম বিণ [ন নিয়ম যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -মা] নিয়মশূন্য, বিধিহীন, অনিয়ত। —ম পুং [ন.ত] ১ নিয়মাভাব, অবিধি। "গুরু ষষ্ঠঞ্চ পাদানাং শেষেষনিয়মো মতঃ (ছন্দোমঞ্জরী)। ২ অনিশ্চয়। ৩ উচ্ছৃঙ্খলতা, ব্যভিচার।

অনিরুদ্ধ বিণ [ন নিরুদ্ধ, ন.ত ; স্ত্রী -দ্ধা] ১ নিরোধহীন, অপ্রতিবন্ধ, অবাধ, অব্যাহত। ২ রোধহীন, অনর্গল (বিশ্ব)। —দ্ধ পুং ১ চর। ২ বৃষ্ণিবংশীয় বীরবিশেষ। [ইনি শ্রীকৃষ্ণের পৌত্র ও প্রদ্যুম্নের পুত্র ; রুক্মীকন্যা রুক্মবতী ইঁহার জননী। বাণকন্যা উষা ইঁহাকে স্বপ্নে দেখিয়া প্রণয়াসক্ত হইলে, সখী চিত্রলেখা ইঁহাকে সঙ্গে লইয়া শোণিতপুরে উষার সহিত মিলিত করেন। বাণরাজ অন্তঃপুররক্ষীর নিকটে সংবাদ পাইয়া সসৈন্যে উষার অন্তঃপুরে গমনপূর্ব্বক ইঁহাকে পরাজিত ও বন্দী করেন। শ্রীকৃষ্ণ নারদের নিকটে সংবাদ পাইয়া, বাণপুরে সসৈন্যে উপস্থিত হন এবং বাণরাজকে যুদ্ধে পরাজিত করিয়া, অনিরুদ্ধ ও উষার সহিত দ্বারকায় প্রত্যাগমন করেন। (হ ১৭৪-১৮৮ অধ্যায়)। ইঁহার দ্বিতীয় পত্নী রোচনা, মহাবীর বজ্রের জননী। ইনি বাসুদেবের চতুর্ব্যূহের একতম (দ্র 'চতুর্ব্যূহ')।] ৩ শিব। ৪ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৮১। —দ্ধ স্ত্রী পশুবন্ধনরজ্জু।

অনিরূপিত বিণ [ন নিরূপিত, ন.ত] অনির্ণীত, অনির্দ্দিষ্ট, অজ্ঞাত। "মাঘ ১৬.৫০।

অনির্দ্দশ, অনির্দ্দশাহ বিণ [ন নির্দ্দশ, নির্দ্দশাহ ন.ত ; স্ত্রী -শা] যাহার অশৌচকাল দশ দিন যায় নাই ; অনির্গতদশাহ। "সূতিকান্নম্... অনির্দ্দশম্ মনু ৪.২১২ ; অনির্দ্দশঞ্চ প্রেতান্নম্ ২১৭ ; অনির্দ্দশায়া গোঃ ক্ষীরম্ ৫.৮ ; ৭৫ ; ৭৯। যাজ্ঞ ১.১৭০।

অনির্দ্দিষ্ট বিণ [ন নির্দ্দিষ্ট ; ন.ত] ১ অকৃতনির্দ্দেশ, অব্যাখ্যাত। ২ অনির্ণীত, অনিশ্চিত। "ক অনির্দ্দিষ্টকারণং গম্যতে বিক্র ২$\frac{0}{5}$।

অনির্দ্দেশ্য বিণ [ন নির্দ্দেশ্য, ন.ত ; স্ত্রী -শ্যা] যাহা শব্দ দ্বারা নির্দ্দেশ করা (সুস্পষ্ট বলা) যায় না ; শব্দ দ্বারা অশক্যনির্দ্দেশ। "গী ১২.৩। °সুখ বিক্র ৩.১৮।

অনির্ব্বচনীয় বিণ [ন নির্ব্বচনীয়, ন.ত , স্ত্রী -য়া] যাহা নির্ব্বচনীয় (লক্ষণাদি দ্বারা বিশেষভাবে বলার যোগ্য নহে ; অবাচ্যস্বরূপ, অনির্ব্বাচ্য, বর্ণনাতীত, অবর্ণনীয়। "অজ্ঞানন্ত সদসদ্ভ্যামনির্ব্বচনীয়ম্ (বেদান্তসার)। অনির্ব্বচনীয় স্পর্শসুখ সী ১৫ ; অনির্ব্বচনীয় আনন্দ-রস ১৬ ; °স্নেহসহকৃত ৬৩। অনির্ব্বচনীয় মাধুর্য্য ; অনির্ব্বচনীয় উন্নত-ভাব, অনির্ব্বচনীয় প্রেম ব.ৰি ১০৯। —য় পুং পরমাত্মা। —য় স্ত্রী ১ অজ্ঞান। ২ জগৎ।

অনির্ব্বন্ধ বিণ [ন নির্ব্বন্ধ যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -ন্ধা] নির্ব্বন্ধহীন, অনিয়ত। "°রুষ রঘু ১৬.৮০।

অনির্ব্বাচ্য বিণ [ন নির্ব্বাচ্য, ন.ত ; স্ত্রী -চ্যা] সর্থ 'অনির্ব্বচনীয়'। "°পদাম্বিকা (গী. মাহাত্ম্য)। °চ্যা দু ১৭ ; ভা.চ ২৮।

অনির্ব্বাণ বিণ [ন নির্ব্বাণ, ন.ত ; স্ত্রী -ণা] ১ 'নির্ব্বাণভিন্ন', প্রজ্বলিত, সমিদ্ধ। ২ [ন নির্ব্বাণ যাহার, ন.বহুব্রী] যে হস্তীর স্নান নাই ; অস্নাত, মজ্জনরহিত (হস্তী)। অনির্ব্বাণস্য দন্তিনঃ রঘু ১.৭২। ৩ (বাঙলায়) অবিনাশী, অনন্ত, অনশ্বর। "অন্তরে যে রহিয়াছে অনির্ব্বাণ আমি। দুঃখে তার লব আর দিব পরিচয়। স.স্ব ২৮।

অনির্ব্বাহ পুং [ন নির্ব্বাহ, ন.ত] ১ নির্ব্বাহের অভাব ; অসমাপ্তি, অনিষ্পত্তি। ২ অসঙ্গতি (শ.ক)। ৩ আয়ের ন্যূনতা ; অভাব, অসংস্থান। "ভীম আছে হালুয়া অনির্ব্বাহ কি ?—শি ৬৯। অনির্ব্বাহে নির্ব্বাহ করয়ে যত দায় ভা.চ ১০০।

অনির্ব্বিণ্ণ বিণ [ন নির্ব্বিণ্ণ, ন.ত ; স্ত্রী -ণ্ণা] ১ নির্ব্বেদরহিত, দুঃখবুদ্ধি হেতু প্রযত্নশৈথিল্যহীন (শ্রীধর)। "স নিশ্চয়েন যোক্তব্যো যোগোঽনির্ব্বিণ্ণচেতসা গী ৬.২৩। ২ অদুঃখিত (শ.ক)

অনির্বৃত বিণ [ন নির্বৃত, ন.ত ; স্ত্রী -তা] অসুখিত, দুঃখিত। "রঘু ১৬.৭।—তি স্ত্রী [ন.ত] ১ নির্বৃতির অভাব ; অসুখ, দুঃখ, অশান্তি। "°কারণ বিক্র ৪$\frac{0}{3}$। ২ দরিদ্রতা, দৈন্য। "অনির্ব্বৃতিনিশাচরী মম গৃহান্তরালং গতা (উদ্ভট)।

অনির্ব্বেদ পুং [ন নির্ব্বেদ, ন.ত] ১ নির্ব্বেদাভাব, অবৈরাগ্য (ত.বা) ২ ইন্দ্রিয়সমূহের প্রবৃত্তিবিমুখতার অভাব ; উৎসাহ (রা.টীকা)। "অনির্ব্বেদঃ শ্রিয়ো মূলমনির্ব্বেদঃ পরং সুখম্ রা ৫.১২.১০ ; ১১ ; °কর ১২। °প্রাপ্যাণি শ্রেয়াংসি বিক্র ৪$\frac{৫০}{৫৪}$। ৩ অলাভ, দর্শনাভাব (রা.টীকা)। "রা ৪.১০.২০। ৪ সন্তোষ (ত.বা)।

অনির্ব্বেয় বিং [অ+নির্ব্বেয় ; 'অনির্ব্বাপ্য' সাধু ; অপ্র] যাহা নির্ব্বাপণের যোগ্য নহে, অর্থাৎ নিবান যায় না ; অনির্ব্বাপণীয়। "অনির্ব্বেয় কামানল পোড়ায় হৃদয়ে ; অনির্ব্বেয় বিধিরোষ কালানলরূপে। দহে দেহ মে ২৮১।

অনিল পুং (√অন+ইল (ইলচ্) -ণ (উ ১.৫৪ ; ছান্দস ; cf. Irish—Anal] ১ যাহা দ্বারা বাঁচে ; বায়ু। প্রাণানামনিলেন বৃত্তিরুচিতা শ ৭.১২। বার্য্যনিলাশনঃ মনু ৬.৩১ ; ফলমূলানিলাশনাঃ ১১.২৩৭। আজ্ঞায় কোটাল ধায় অনিল-গমন শ্রী.ম ২১৮। ২ বায়ুপ্রবাহ। "মনু ৪.১০২। অনিলৈঃ কীচকাঃ পূর্য্যমাণাঃ পূ.মে ৫৭। °হত কু.স ৪.৩০। ব্যজনোদ্ভবানিলৈঃ ঋতু ১.৮। ৩ বায়ুদেবতা, পবনদেব। "°লাত্মজ। অনিল আত্মজ শুন কথা শ্রী.মা ১০২। ৪ অষ্টবসুর একতম। ৫ লোকপালবিশেষ। "মনু ৫.৯৬ ; ৭.৪। ৬ শরীরধাতুবিশেষ। "°ঘ্ন, °হা, °লাপহ (সুশ্রুত)। ৭ শরীরস্থ প্রাণাদিবায়ু (শ.ক)। ৮ উনপঞ্চাশৎ বায়ুর একতম। ৯ (বায়ুর সংখ্যানুসারে) উনপঞ্চাশ (৪৯) এই সংখ্যা। ১০ (তন্ত্রে) বায়ুবীজ 'য'। ১১ (অনিলদেবতাক) স্বাতিনক্ষত্র। ১২ বাত রোগ। ১৩ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.১০০। [°লাশন (পুং)— বায়ুভক্ষ্য, পবনাশন, সর্প।]

অনিশ বিণ [ন নিশা যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -শা ; তু (ছান্দস) অনিশিত— সতত (ঋগ্বেদ ২.৩৮.৮)] ১ যাহাতে নিশা (ক্রিয়াবিচ্ছেদ) নাই (জয়মঙ্গল) ; বিরামকালহীন, অবিরাম, সতত। "অনিশং মুঞ্চতঃ ...শরান্ গো.রা ৪.৫.২৪। নৈ ৩.১৭। ভট্টি ৬.২। শ ৩.৩, টীকা। অশ্রান্তমনিশং শরান্ মহা ১.১৩২.৪৩। ২ নিশাহীন।

অনিশ্চয় পুং [ন নিশ্চয়, ন.ত] ১ নিশ্চয়াভাব, অধ্রুবতা, অনির্ণয়। ২ অপ্রত্যয়, সংশয়। অগ্নিশুদ্ধো ত্বনিশ্চয়ঃ উ.চ ১.৬। —শ্চিত বিণ অনির্ণীত, সংশয়িত

অনিশ্চিন্ত্য বিণ [ন নিশ্চিন্ত্য, ন.ত ; স্ত্রী -ন্ত্যা] যাহা নিশ্চিতভাবে চিন্তনীয় নহে ; অ-চিন্তানির্ণেয়, দুর্বোধ। "অনিশ্চিন্ত্যং দৈবং কর্ম্ম গো.রা ৫.৮১.৬।

অনিষ্ট বিণ [ন ইষ্ট, ন.ত ; স্ত্রী -ষ্টা] ১ ইষ্টবিরোধী, অনভিমত, অনভিলষিত। ২ অপ্রিয়, দুঃখকর। "°প্রসঙ্গ মনু ৯.২১। একে দূত বাসুদেব তাহে হন ইষ্ট। তাহে বন্দী করিতে চাহ বড়ই অনিষ্ট॥—ম.বি ২৫৩। ৩ নিষিদ্ধ। "মনসানিষ্টচিন্তনম্ মনু ১২.৫। ৪ কুৎসিত, নিন্দিত। "অনিষ্টেষু বর্ত্তন্তে সর্ব্বকর্ম্মসু মনু ৯.৩১৯। ৫ অনপেক্ষিত, দুর্বৃত্ত। "মনু ৭.১৩। ৬ শাস্ত্রবিরোধী। "মনু ৭.১৩। ৭ নরকতির্য্যগাদি-লক্ষণ (শঙ্কর)। "অনিষ্টমিষ্টং মিশ্রং চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্।— গী ১৮.১২। ৮ প্রতিকূল, অপকারক। ৯ অশুভ, অমঙ্গল। "°গ্রহ, °ফল। ১০ অকৃতযাগ, অর্থাৎ যজ্ঞানুষ্ঠান দ্বারা অপূজিত (দেবাদি)। —ষ্ট ক্লী ১ ইষ্টবিরোধী দুঃখজনক বিষয়মাত্র ; অপ্রিয় বিষয় ; পাপ অপকার প্রভৃতি। "°ষ্টাপত্তি, °ষ্টাপ্তি সা.দ ৩.২২২। কু.স ৫.৮২। হি ১.৫। ২ দুর্দৈব, বিপদ্। "°শঙ্কা, °সূচক, °হেতু, °ষ্টাপাত, °ষ্টাশংসী। আপতিত অনিষ্টনিবারণের একমাত্র উপায় আছে সী ২৬। ৩ অশুভ বিষয়; দুর্নিমিত্ত। "°দর্শন হি ১২/৩। —ষ্টা স্ত্রী নাগবলা।

অনিষ্ঠ বিণ [ন নিষ্ঠা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ষ্ঠা] নিষ্ঠাহীন, শ্রদ্ধারহিত, অননুরক্ত। "পঞ্চ ১.৭০।

অনিষ্ঠুর বিণ [ন নিষ্ঠুর, ন.ত ; স্ত্রী -রা] ১ অপরুষ, শ্লক্ষ, মধুর। ২ সানুক্রোশ, সদয়। "প্রগল্‌ভঃ স্যাদনিষ্ঠুরঃ হি ৩.১০৫।

অনিষ্পত্তি স্ত্রী [ন নিষ্পত্তি, ন.ত] নিষ্পত্তির অভাব ; অতিপত্তি, অকরণ। "পা ৩.৩.১৩৯, সি।

অনিস্তব্ধ বিণ [ন.ত ; স্ত্রী -ব্ধা] অনভিভূত, অবিজিত। "অনিস্তব্ধো মহাহবে ভট্টি ৯.৮৯।

অনীক পুং, ক্লী [√অন্+ঈক (ঈকন্)-ণ, উ ৪.১৭ ; তু (ছান্দস) অনীক— সেনামুখ (front), মুখ] ১ যাহা দ্বারা বাঁচে ; সৈন্য, সেনা। "পাণ্ডবানীক গী ১.২। পুরোঽনীক হি ৩.৮৩। অনেক অনীক হতনাথ হ'য়ে গেল শি ৫৮। ২ বৃন্দ, সমূহ, নিচয়। "নবাম্বুদানীক রঘু ৩.৫৩। ভুজানীক ভ ৭.৮.২২। ৩ শ্রেণী, পঙ্‌ক্তি। ৪ যুদ্ধ। ৫ অগ্র, সূক্ষ্মাগ্র। "ইষ্বনীক।

অনীকিনী স্ত্রী [অনীক+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অনীক (যুদ্ধ) যাহার প্রয়োজনরূপে আছে ; বল, সৈন্য। "রঘু ১৮.১০। ত্বরগতি অনীকিনী সাথে শ্রী.মা ১৪। রক্ষ-অনীকিনী মে ২১০। দেব-অনীকিনী।—হেম ১৪৫। ২ চতুরঙ্গ সেনার সংখ্যাবিশেষ ; অক্ষৌহিণীর দশম ভাগ। দ্র 'অক্ষৌহিণী'।

অনীচ বিণ [ন নীচ, ন.ত ; স্ত্রী -চা] ১ নীচভিন্ন, অনিম্ন, উন্নত। "মাঘ ৬.৭৪। ২ অক্ষুদ্র, অজঘন্য, মান্য। ৩ ভদ্র, সাধু, শোভন। "নীচৈরনীচৈরতিনীচনীচৈঃ সর্ব্বৈরুপায়ৈঃ ফলমেব সাধ্যম্। ৪ অনুদাত্তস্বরে অনুচ্চারিত।

অনীত বিং [সং অনীতি ; হি অনীত ; অপ্র] নীতিবিরোধী, অন্যায়, গর্হিত। "অনীত হইল কর্ম্ম শি ৯২। —ত বি ১ অন্যায় কার্য্য ; অশিষ্ট ব্যবহার ; অবিনয়, অসভ্যতা। "অনীত দেখিয়া শিবে দক্ষ কাঁপে রোষে ক.চ ১১। ২ অন্যায়, অধর্ম্ম। "পূর্ব্বে মহাজন যত, সভাকার এই মত, কেহ নাহি করিল অনীত ম ৪৯৭।

অনীতি স্ত্রী [ন নীতি, ন.ত] ১ অপ্রশস্ত নীতি ; অনয়, অন্যায়, দুর্নীতি, অধর্ম্ম, অপকর্ম্ম। "তদনীতিরনুষ্ঠিতানেন।—পঞ্চ (S.W.)। মহামদে মত্ত হ'য়ে অনীতি করিব ম ৫৪২ ; এমত অনীতি করিয়াছে কোন লোকে। ঈশ্বর থাকিতে রাজা হইবে সেবকে॥—৫৫০। ২ মূঢ়কার্য্য, অশিষ্টাচার, অসদাচরণ।

অনীপ্সিত বিণ [ন ঈপ্সিত, ন.ত ; স্ত্রী -তা] ১ ঈপ্সিত হইতে অন্য ; অনভীষ্ট, অনিষ্ট। ২ উপেক্ষণীয়, দ্বেষ্য। "পা ১.৪.৫০, তত্ত্ববোধিনী।

অনীশ বিণ [ন ঈশ, ন.ত ; স্ত্রী -শা] ১ ঈশ (সমর্থ)-ভিন্ন ; অসমর্থ, অপ্রভু, অশক্ত। "অনীশা কিং করিষ্যামি গো.রা ৫.৩৫.৪৫। শ ২৩/৪। ২ ঈশ্বরভিন্ন। "মহিম্নঃ স্তবঃ ৬। ৩ অস্বতন্ত্র। "একো হ্যনীশঃ সর্ব্বত্র (ব্যাসস্মৃতি)। ৪ অস্বামী, অপ্রভু, অনধিকারী। "মনু ৯.১০৪। ৫ [ন ঈশ যাহার, ন.বহুব্রী] ঈশহীন, প্রভুশূন্য, নিয়ন্তৃরহিত, অনীশ্বর। "সর্ব্বপ্রভুরনীশশ্চ রঘু ১০.২০। —শ পুং ১ বিষ্ণু। ২ শিব (S.W.)। ৩ দরিদ্র। "মহা ১৩.৬০.৪। —শা স্ত্রী দীনভাব। "মুণ্ডকোপনিষৎ ৩.১.২। [°শাত্মা (বিং)—স্বতন্ত্রস্বভাব। "অনীশাত্মা পুরুষ শ্রী.মা ৩।]

অনীশ্বর বিণ [ন ঈশ্বর যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -রা ; বৈদিক] ১ ঈশ্বরহীন, নিয়ন্তৃশূন্য, অনিয়ন্তৃক, কর্ত্তৃব্যবস্থাপকহীন (গী.টীকা)। "তে জগদাহুরনীশ্বরম্ গী ১৬.৮। ২ অপ্রভু, অস্বতন্ত্র, অধীন। "ন খল্বহং ত্বাং নৃপ দোষতো ব্রবীম্যনীশ্বরং হীশ্বরদেশিতং জগৎ গো.রা ২.৬১.৩৪। ৩ অসমর্থ, অশক্ত। "ভামিনীবিলাস ২.১৮২। ৪ স্বামিশূন্য। ৫ যাহার সম্বন্ধে ঈশ্বর নাই ; অর্থাৎ যাহা ঈশ্বরের নহে, তাদৃশ, অনৈশ্বরিক (গুণ—ক্রোধলোভাদি)। "(দহেৎ) ধ্যানেনানীশ্বরান্ গুণান্ মনু ৬.৭২। ৬ ঈশ্বরহীন, নিরীশ্বর (বাদ)। "°বাদ, °বাদী। ৭ (বাঙ্‌লায়) শিবহীন। "অনীশ্বর যজ্ঞে তুমি পান কৈলে হবিঃ ব.প ১২৪। [°বাদ (পুং) —নাস্তিকবাদ (Atheism)।]

অনীহ বিণ [ন ঈহা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -হা] ১ ঈহাহীন, স্পৃহাশূন্য, নিস্পৃহ। "অকাম অনীহ স্থির বিজিতষড়্‌গুণ চৈ.চ ২২৪। ২ নিরুপাধিকৃপাকর (শ্রীজীব), অর্থাৎ অকপট জনে কৃপাপরায়ণ। "ভজত··· অনীহং হরিম্ ভ ৭.৭.৪৮। ৩ নিশ্চেষ্ট, নিরুদ্যম। —হা স্ত্রী ১ নিরুপাধিকা (শ্রীজীব), অকপট। "ভ ৭.৭.৪৮। ২ স্পৃহাভাব, নিস্পৃহতা। ৩ নিশ্চেষ্টতা।

অনু[১] ব্য [ছান্দস] উপসর্গবিশেষ ; —১ পশ্চাৎ, অনন্তর, পরে। "°বিষ্ণু পা ২.৪.১৮ ; °জাত ৩.৪.৭২। অন্বাসিত রঘু ১.৫৬ ; ২.২৪। তমুদ্দ জলদ শ্রোষ্যসি পূ.মে ১৩। °প্রয়াত কু.স ৩.২৩। তোমার অনু পাঠাইব কৃ.উ ৩১। তার অনু তার অনু কত রাজা হৈল ম ১১১১। দিগ্‌বাণ সুবর্ণ দক্ষিণা তার অনু শ্রী ২০২। ২ সাদৃশ্য, সাম্য, যথার্থ (অ.কো)। "°করণ, °কার। °গর্জ্জিত কু.স ৬.৪০। বিক্র ৪.২৫। সেনের আকার বেশ সবিশেষ অনু শ্রী ১৯৮। ভুরু অনু, কামধনু বি.সু ৪৮। ৩ লক্ষণ, চিহ্ন, সামীপ্য, আশ্রয়। "পা ১.৪.৮৪ ; ৯০। (জলানি যা) বহত্যযোধ্যামনু রাজধানীম্ রঘু ১৩.৬১। গঙ্গামনু (আশ্রয়ার্থ) রা ২.৮৩.২৬। যমুনামনু, গঙ্গামনু মহা ৭.৬৬.৮। °কনথলম্ পূ.মে ৫১। ৪ বীপ্সা, ব্যাপ্তীচ্ছা। "°ক্ষণ, °দিন, °বেল, অন্বহ। পা ১.৪.৯০। ৫ ইত্থম্ভাব, বিষয়বিষয়িভাব। "ভক্তো বিষ্ণুমনু পা ১.৪.৯০। ৬ ভাগ, স্বস্বামিভাব। "লক্ষ্মীর্হরিমনু।—পা ১.৪.৯০, সি। ৭ হীন। "অনু হরিং সুরাঃ পা ১.৪.৮৬, সি। ৮ সহার্থ, সম্বন্ধ, সাহিত্য। "প্রমদামনু সংস্থিতঃ রঘু ৮.৭২। পা ১.৪.৮৫, সি। ৯ আয়াম, দৈর্ঘ্য। "°গঙ্গ পা ২.১.১, সি। ১০ আনুপূর্ব্ব্য, অনুক্রম, যথাক্রম। "অনুজ্যেষ্ঠং প্রবিশন্তু ভবন্তঃ পা ২.১.৬, কাশিকা। ১১ পুনঃ (মুগ্ধবোধ)। "°শাপ, °শীলন। ১২ যোগ্যতা। "°রূপ পা ২.৪.১৮, সি। ১৩ অনুবর্ত্তন। "ভ ১.২.২৫। ১৪ বিভক্ত্যর্থ। "°মালিনীতীর শ ১২/৩। °কচ্ছ পূ.মে ২১। ১৫ উদ্দেশ। "মাঘ ১৪.৫৩। ১৬ আভিমুখ্য। "মাতরমনু ধাবতি বৎসঃ (গণরত্নমহোদধি)। মনোমত্তকুঞ্জর মাহুত পুষ্পধনু। সতত হুলায় হাতী কমলিনী অনু॥ বি.সু ১২৭। ১৭ অনুগত। "অনূপ পা ৬.৩.৯, তত্ত্ববোধিনী। অন্বর্থ রঘু ৪.১২। ১৮ অনুষ্ঠান। "অন্বতিষ্ঠৎ কু.স ১.১৭। ১৯ হেতু। "সমন্তো বত লোকোঽয়ং ভজতে কারণাদনু গো.রা ৬.১০.২৩। ২০ বিসর্গ, অর্থাৎ প্রবৃত্তি-অপ্রতিবন্ধ। "°জানীতে। অনু—বেদাধ্যয়নানুষ্ঠানসামীপ্য-পশ্চাদ্ভাবানুবন্ধসাম্যাভিমুখহীনবিসর্গলক্ষণেষু (গণরত্নমহোদধি)।

অনু[২] ক্রি.বি [ইনু>অনু (মৈথিলী) ; তু 'অনু' ; বৈষ্ণবসাহিত্যে]

কর্তৃবাচ্যে অতীতকালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "ভালে বুঝনু : অলপে চিহ্নু বি.প ১২৪ ; পারনু, বিচারনু, সোঁপনু, আছিনু, চাঁচনু, বুঝনু ১৫৬ ; পেথনু ১৯৪ ; হেরনু, মাননু, করনু ২০৮। বন্দনু নিরঞ্জন ম.পা ৩।

অনুকথন ক্লী [অনু+ √কথি+অন (ল্যুট্) -ভা] ১ পুনঃকথন, অনুভাষণ, পুনরুল্লেখ। ২ যথাক্রমে বর্ণন ; অনুপূর্ব্বকথন।

অনুকম্পক বিণ [অনু+ √কম্প্+অক (ণ্বুল্) -ক ; স্ত্রী -ম্পিকা] অনুকম্পাকারক, কৃপাকর, কৃপাবান্। "সর্ব্বভূতানু° মনু ৬.৮।—কম্পন ক্লী [অনু+ √কম্প্+অন (ল্যুট্) -ভা] অনুকম্পা, কৃপা, দয়া, অনুক্রোশ। "সর্ব্বভূতানু° রা ২.৪৫.৩১। —কম্পা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'অনুকম্পন'। "ভূতানু° রঘু ২.৪৮ ; ৬৩। °র্থ গী ১০.১১। ২ কিঞ্চিচ্চলন (ত.বা)। —কম্পনীয় বিণ [+ √কম্প্+ অনীয় (অনীয়র্)-র্ম্ম ; স্ত্রী -য়া] অনুকম্পার যোগ্য ; কৃপার্হ, অনুক্রোশনীয়। "যথা রাজর্ষেরনুকম্পনীয়া ভবামি শ ৩$\frac{১}{৮}$। —কম্পিত বিণ [√কম্প্+ত (ক্ত)-র্ম্ম] ১ যাহার প্রতি অনুকম্পা করা হইয়াছে ; কৃতানুকম্প। ২ [অনুকম্পা+ইত (ইতচ্) সঞ্জাতার্থে] সঞ্জাতানুকম্প, সদয়। "°তাত্মা। —কম্পী (-ম্পিন্) বিণ [+ √কম্প্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব ; স্ত্রী -ম্পিনী] অনুকম্পাকারী, সানুক্রোশ, সদয়। "দীনানু° রা ২.১.১৫ ; ভৃত্যানু° ৫২.৫৯। ভক্ত° (S.W.)। [সমাসে উত্তরপদ] —কম্প্য বিণ [+ √কম্প্+য (ণ্যৎ)-র্ম্ম ; স্ত্রী -ম্প্যা] ১ অনুকম্পনীয়, দয়ার্হ, অনুগ্রাহ্য। "রঘু ১৪.৭৪। কু.স ৩.৭৬। ২ তরস্বী, বেগবান্ (শ.ক)।

অনুকম্পন, -কম্পনীয়, -কম্পিত, -কম্পী, -কম্প্য দ্র 'অনুকম্পক'।

অনুকর সর্ম্ম [সং অনু+ √কৃ > √অনুকর্ > বা √অনুকর] অনুকরণ করা (অপ্র)। "বলিতে লাগিল নরপতি অনুকরি। সে সব বচনে কিছু আপন চাতুরী ॥—শ্রী.ম ১১০।

অনুকরণ ক্লী [অনু+ √কৃ+অন (ল্যুট্) -ভা] ১ অনুরূপীকরণ, অর্থাৎ গুণক্রিয়াদি দ্বারা কোন বিষয়ের সাদৃশ্যকরণ ; সদৃশক্রিয়াকরণ, নকল করা। "সুচরিতৈকদেশস্য অনুকরণম্ মু ৭$\frac{১}{৬}$। ২ [+অন -ণ] পরিস্ফুট অকারাদি বর্ণ দ্বারা ধ্বনির সদৃশীকরণসাধন শব্দ। "°অব্যক্তানু পা ৫.৪.৫৭ ; ৬.১.৯৮ ; ১.৪.৬২। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম্ম] অনুকরণার্হ। —কর্ত্তা (-র্তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব] ১ অনুকারী, সদৃশক্রিয়াকারক। ২ অভিনেতা।

অনুকরণীয়, -কর্ত্তা দ্র 'অনুকরণ'।

অনুকর্ষ পুং, **-কর্ষণ** ক্লী [অনু+ √কৃষ্+অ (ঘঞ্),+অন (ল্যুট্), -ভা] ১ পশ্চাৎ আকর্ষণ ; আকর্ষণ। ২ মন্ত্রোচ্চারণপূর্ব্বক আবাহন। ৩ (ব্যাকরণে) পূর্ব্বসূত্রস্থ পদাদির পরসূত্রে অন্বয়ার্থ অনুবর্ত্তন। "°ণার্থ পা ২.২.৪ ; °র্থ ৫.১.৮৪,মহাভাষ্য। ৪ কর্ত্তব্য কর্ম্মের বিলম্বিত অনুষ্ঠান। ৫ [+অ,+অন, -র্ম্ম] রথের অধঃস্থিত চক্রোপরি বদ্ধ কাষ্ঠ।

অনুকল্প পুং [অনু+ √কল্পি+অ (অচ্)-র্ম্ম] ১ যাহা গৌণভাবে বিহিত ; মুখ্য কল্প হইতে হীন কল্প ; গৌণকল্প, অধমবিধি। "মনু ৩.১৪৭। যাজ্ঞ ২.৩, মিতাক্ষরা। ২ প্রতিনিধি। "মনু ১১.৩০। দেখি বনে নানা লতা, অনুকল্প কল্পলতা বা.দ ৬০। ৩ বিহিত মুখ্যদ্রব্যাভাবে তৎপ্রতিনিধিভূত সুসদৃশ দ্রব্যান্তর ; যেমন, যবাদির অভাবে গোধুম, মধুর অভাবে গুড়। পা ৪.২.৬০। —কল্পিত বিণ [+ √কল্পি+ত (ক্ত)-র্ম্ম] ১ গৌণভাবে বিহিত ; প্রতিনিধীকৃত। ২ পাত্রীভূত (নীলকণ্ঠ)। "মহা ১৩.৫৩.৯।

অনুকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্) বিণ [অনু+ √কাঙ্ক্ষ্+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -ঙ্ক্ষিণী] অভিলাষী, ইচ্ছু। "ধর্ম্মানু° (S.W.)।

অনুকাম ব্য [অব্যয়ীভাব] যথাকাম, যথেচ্ছ। "অনুকামং গামী পা ৫.২.১১। [°মীনতা—যথেচ্ছগামিতা। "ভট্টি ৫.১৫।]

অনুকার পুং [অনু+ √কৃ+অ (ঘঞ্)-ভা] সর্থ 'অনুকরণ'। "অবস্থানু° সা.দ ৬.২। গত্যানু° (মুগ্ধবোধ)। শুদ্ধ বাৎসল্য—নাহি ঈশ্বরজ্ঞান যার। তাহাকেই প্রেমে করায় দাস্য-অনুকার ॥—চৈ.চ ৩০। [অনুকার (তু 'অনুকর')—অনুকরণ করা। "পড়ি নীল জলে,··· সৌধছবি, অনুকারিছে নভ অঞ্জন ও।—গোবিন্দ দাস। শুন কি তরঙ্গভঙ্গ। হইতেছে আনন্দের শিবিরে শিবিরে। সমুদ্রতরঙ্গভঙ্গ অনুকারি তীরে ন ১৩৩৪। প.তৃ ৭২।] —কারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -রিণী] যে অনুকরণ করে ; গুণক্রিয়াদি দ্বারা সদৃশীকারক ; প্রতিরূপকারক, অনুহারক, সদৃশ। "কোমলবিটপানুকারিণৌ বাহূ শ ১.১৯ ; ২.১৬ ; কিঞ্চিদনু° ৬$\frac{৮}{৯}$; মদনু° ৭$\frac{১}{৯}$। হংসরুতানু° ঋতু ১.৫। স্বনিশ্বাসানু° রঘু ১.৪ ; কপিলানু° ৩.৫০। [সমাসে উত্তরপদ] —কার্য্য বিণ [। য (ণ্যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্য্যা] অনুকরণীয়। —র্য্য পুং নায়ক। "সা.দ ৩.১৮। —র্য্য ক্লী পশ্চাৎ করণীয় কর্ম্ম ; গৌণকার্য্য। বিপ 'পূর্ব্বকার্য্য'। "যঃ পশ্চাৎ পূর্ব্বকার্য্যাণি কুর্য্যাদৈশ্বর্য্যমোহিতঃ। পূর্ব্বং চৈবানুকার্য্যাণি ন স বেদ নয়ানয়ৌ ॥—গো.রা ৬.৪.৫।

অনুকারী, -কার্য্য দ্র 'অনুকার'।

অনুকাল ব্য [অব্যয়ীভাব] ১ কালের অনুরূপ বা যোগ্য ; কালযোগ্য, কালানুরূপ। "(নারীণাম্) ভোজনাচ্ছাদনে দদ্যাদনুকালং বিশেষতঃ। —পক্ষ ৫.৬। ২ তৎকালে, সেই সময়ে। "অরুণ-উদয়-কালে অনুকাল লখি শ্রী.মা ৯৮ ; হাকণ্ডে উদয় দিতে গেল অনুকাল ১৮৬।

অনুকীর্ত্তন ক্লী [অনু+ √কীর্ত্তি+অন (ল্যুট্)-ভা] ১ অনুক্রমে বর্ণন ; ক্রমিক বর্ণন ; কথন। "দোষানু° ক.সা ৪.১২১। দুশ্চরিতানু° হি ১.১১৪। গুণানু° স.শ ৫৩। ২ উচ্চারণ। "সাঙ্গং ভবতি তৎসর্ব্বং হরের্নামানুকীর্ত্তনাৎ (স্মৃতি)। ৩ বিঘোষণ, প্রকটন।

অনুকূল বিণ [কূলকে অনুগত, প্রা.স ; স্ত্রী -লা ; তু 'অনুকূল'—নদীবেগানুসারী। "প্রতিকূলমনুকূলমিবোদকম্ (অথর্ব্ববেদ, ৫.১৪.৩)] ১ তটের অভিমুখ ; কূলানুযায়ী, পক্ষপাতী। বিপ 'প্রতিকূল'। ২ সহচর, সহায়। "সুকন্যয়া সহারণ্যে বিজহারানুকূলয়া মহা ১৩.২৫.১১। ৩ অবিরোধী, সপক্ষ। "এষা ইদানীমনুকূলা তে অভ্যর্থনা শ ২$\frac{১}{৬}$। ৪ ক্ষম, অর্থাৎ শীতল। "স্পর্শানুকূলা ইব সূর্য্যকান্তাঃ শ ২.৭। ৫ হিতকর, সদয়, সানুক্রোশ, বন্ধুভাবাপন্ন। "চিরদিনে সো বিধি ভেলি অনুকূল বি.প ২১১। ৬ গন্তব্যদিগভিমুখ, অর্থাৎ যাওয়ার দিকে প্রবাহিত (বায়ু) ; অভিমুখপ্রবাহ। "পবনস্যানুকূলত্বাৎ রঘু ১.৪২। পবনশ্চানুকূলঃ পূ.মে ৯। °পবন শ ৪.১১। অনুকূল বাতে যদি পায় মোর গন্ধ। উড়িয়া পড়িতে চাহে প্রেমে হ'য়ে অন্ধ ॥—চৈ.চ ২০। ৭ সুখকর। "°পরিণাম শ ৭$\frac{১}{৯}$। ৮ শুভশংসী, মঙ্গলসূচক। "তরুষু চুকুবুরুচ্চৈঃ পক্ষিণশ্চানুকূলাঃ ভট্টি ১.২৭। ৯ অভিরাম, প্রীতিকর। "মনোহনুকূলম্ (বচনম্) মহা ৩.২৯৬.৩১। ১০ সুখস্পর্শ। "অঙ্গানুকূলঃ (শিপ্রাবাতঃ) পূ.মে ৩২। ১১ একনিরত, আসক্ত, অনুরক্ত। "°কলত্র।—দক্ষ ৪.৫। আপনি চিরানুকূল ও স্থিরপ্রসাদ সী ১৫। ১২ উচিত, যোগ্য। "°বেশ রঘু ৫.৭৬। ১৩ প্রবণ। "অনমুকূলোহভিমানস্য (কাদম্বরী)। ১৪ অভিমুখ, অভিমুখানীত। "কাপি······শ্রুতিমূলে চুচুম্ব···দয়িতং পুলকৈরনুকূলে গী.গো ১.৩২। —ল পুং ১ একনিরত, অর্থাৎ এক নায়িকাতে আসক্ত নায়ক ; নায়কবিশেষ। "সা.দ ৩.৩৭। কত পুন কাকুতি কয়ল অনুকূল বি.প ৭১। একে অনুরাগ যার সেই অনুকূল ভা.চ ৬৯৯। ২ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৫০। —ল ক্লী ১ অর্থালঙ্কারবিশেষ। [প্রতিকূলতা আনুকূল্যকর হইলে, 'অনুকূল' অলঙ্কার হয় (সা.দ ১০.৬৪)। "ঘটয় ভুজবন্ধনং জনয় রদখণ্ডনং যেন বা ভবতি

সুখজাতম্ গী.গো ১০.৩। ভুজপাশে বান্ধি যখন পর তাড়ি। পয়োধর পাথর হিয়ে দেহ ভারি ॥ ইত্যাদি। বি.প ১০২।] **২** আনুকূল্য, দয়া। "°লামুবন্ধী সা.দ ১০.৬৪। **৩** অনুগুণ, অনুকূল বিষয়। "নারীণামনুকূলমাচরসি চেজ্জানাসি কা.প্র ৯.৩৫২। [°তা (স্ত্রী)—**১** অনুকূলভাব, ছন্দানুবর্ত্তিতা, দাক্ষিণ্য। সর্ব্বানু° রা ১.৩.১০। **২** অনুকূলাচরণ। "রা ২.২৬.২৬। **৩** প্রসন্নতা। "দৈবানু°।—পঞ্চ ৫১⁄১।]

অনুকূলগলহস্ত বি [কর্ম্মধা] যে গলহস্ত (গলাধাক্কা) অনুকূল বিষয়ে অগ্রসর করে ; যাহা বাহ্যে প্রতিকূলভাবে প্রতীয়মান হইলেও অন্তরে অনুকূল বা অভীষ্টপ্রদ, তাদৃশ বিষয়। যেমন, শকুন্তলানাটকে, রাজা কর্তৃক বিদূষকের রাজধানীতে প্রেরণ, বিদূষকের পক্ষে 'অনুকূলগলহস্ত'।

অনুকূলনায়ক পুং [কর্ম্মধা] দ্রষ্ট 'অনুকূল' পুং (১)।

অনুকৃত বিণ [অনু+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] যাহা অনুকরণ করা হইয়াছে; কৃতানুকরণ। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা ; বৈদিক] অনুকরণ, সদৃশীকরণ। "ধুমোদ্গারানু° উ.মে ৮। শ ৫১⁄১। ইংরাজদিগের অনুকৃতি পা.প্র ১৫৭।

অনুক্ত বিণ [ন উক্ত, ন.ত ; স্ত্রী -ক্তা] **১** অনুদিত, অভাষিত। "°সমুচ্চয়শ্চকারঃ (রঘুনন্দন)। **২** অবিহিত। "°নিষ্কৃতি মনু ১১.২১০। **৩** অনিয়োজিত, অপ্রেরিত, অপ্রবর্ত্তিত। "অসাবনুক্তোঽপি সহায় এব কু.স ৩.২১। **৪** অনাদিষ্ট। "রা ৩.১০.২০। **৫** (ব্যাকরণে) অনভিহিত, অকথিত, অপ্রধান (কর্ত্তা, কর্ম্ম)। "পা ২.৩.২, সি। **৬** অনুচ্চারিত। "°ক্লীববচন হি ১.১৫৪। —ক্তি স্ত্রী [ন উক্তি, ন.ত] **১** অভাষণ, অকথন। **২** গর্হিত উক্তি।

অনুক্রম[১] বিণ [ক্রমকে অনুগত, প্রা.স ; স্ত্রী -মা] ক্রমানুগত, অনুপূর্ব্ব, যথাক্রম। —ম পুং [অনু+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা ; অনুগত ক্রম, প্রা.স (অ.টী)] **১** পর্য্যায়, আনুপূর্ব্বী, পরিপাটী, পরম্পরা, পৌর্ব্বাপর্য্য। "শ্বশ্রূজনং সর্ব্বমনুক্রমেণ বিজ্ঞাপয় রঘু ১৪.৬০। যাজ্ঞ ১.১৯। চৈতন্যমালীর কহি লীলা-অনুক্রম চৈ.চ ৪৯। **২** [+অ-ধি] যাহাতে গ্রন্থের বিষয়সমূহ ক্রমে বর্ণিত হয় ; অনুক্রমণিকা। "দ্বাদশে তু পুরাণোক্তসর্ব্বার্থানুক্রমঃ কৃতঃ ভ ১২.১২ (শ্রীধরকৃত টীকারম্ভে)। **৩** (বাঙলায় ; অপ্র) অনুগমন, অনুসরণ। "তার পাছে সৈন্য-অনুক্রম অ.প ৫১ ; কুতুহল করিতে করিতে অনুক্রম ৫২। **৪** বিধি-পর্য্যায় ; পর পর পূজার বিধান। "শ্রীরাম কহেন তবে, কিরূপে পূজিতে হবে, অনুক্রম কহ শুনি তার কৃ ৩৪৮। **৫** বিধি, ব্যবস্থা। "সাধারণ জন প্রতি এই অনুক্রম চৈ ৪১। —ক্রমণ ক্লী [+ অন (ল্যুট্)-ভা] **১** অনুগমন, অনুসরণ। **২** অনুবর্ত্তন। "পা ৩.১.১১, মহাভাষ্য। **৩** ক্রমিক গমন। —ক্রমণিকা, -ণী স্ত্রী [+অন-ধি+স্ত্রী ঈ (ঙীপ্) ; ক (কন্) স্বার্থে +স্ত্রী আ (টাপ্)] গ্রন্থের যে অংশে বিষয়সমূহ ক্রমান্বয়ে লিখিত থাকে ; পুরাণাদিতে বর্ণিত বিবরণসমূহের ক্রমিক সূচিগ্রন্থ ; গ্রন্থাদির বিষয়সংগ্রহাংশ ; সংক্ষিপ্ত বিষয়গ্রন্থ ; ভূমিকা, সূচী। "°কাপর্ব্ব, °ণীপর্ব্ব মহা ১.১ (অধ্যায়শেষে) ; পর্ব্বানুক্রমণী ২.৪১। [°মে—**১** অনুসারে। "আজ্ঞা-অনুক্রমে গো.বি ৪৯। **২** ক্রমানুসারে, ক্রমশঃ। "অনুক্রমে বসিলা ম.বি ২২৭ ; ২৩৫। অর্ঘ্য আচমনি তবে দিল অনুক্রমে বি.পা ৪৯।]

অনুক্রম[২] সর্ম্ম [সং অনু+ √ক্রম্ ; পদ্যে] অনুসরণ করা ; অপেক্ষা করা। "ছদ্মবেশে আছয়ে সময় অনুক্রমি ম ৬০৭ ; ত্রয়োদশ বৎসর সময় অনুক্রমি ৬৩৫ ; কাল অনুক্রমি ৬৮৫।

অনুক্রমণ, -ক্রমণিকা, -ক্রমণী, -ক্রমী, -ক্রমে দ্র 'অনুক্রম'।

অনুক্রোশ পুং [অনু+ √ক্রুশ্+অ (ঘঞ্)-ভা] দয়া, করুণা। "সানু° রা ২.৪.২৬। °বুদ্ধি উ.মে ৫৪।

অনুক্ষণ ব্য [বীপ্সার্থে অব্যয়ীভাব] প্রতিক্ষণ, সতত, সর্ব্বদা।

অনুখণ, -খন ক্রি.বিং [সং অনুক্ষণ > প্রা * অণুখণ > বা অনুখণ,-ন, বৈষ্ণবসাহিত্যে] অনুক্ষণ, সতত। "অব অনুখন আঁচরে দেই হাত ৪১ ; ১৫৯। অনুখন অন্তর দহে জ্ঞা ১৭৬। অনুখন নটনবিভোর গো ২৭ ; অনুখন কঙ্কণ কিঙ্কিণী ঝঙ্কর ১৫৪।

অনুগ বিণ [অনু+ √গম্+অ (ড)-ক ; স্ত্রী -গা ; বৈদিক] **১** যে অনুগমন করে ; অনুগামী, অনুসারী, অনুযায়ী। "ভগীরথ-রথানুগ রা ১.৪৩.৩২ ; ৩৯। কামক্রোধবশানুগ মনু ২.২১৪ ; গোত্ররিক্থানুগঃ পিণ্ডঃ ৯.১৪২। গোঽনুগঃ যাজ্ঞ ৩.২৭৬। গুরুশুক্রানুগ মাঘ ২.২। গোপিকা অনুগা হঞা না কৈল ভজন চৈ.চ ১২৬ ; রাগানুগ ২২৭ ; ২২৮। **২** প্রবেশযোগ্য (কুল্লুক)। "শশূকরমুখানুগম্ (ছিদ্রম্) মনু ৮.২৩৯। **৩** অনুরূপ, যোগ্য। "গন্ধসংযোগান্ সর্ব্বগন্ধানুগান্ গো.রা ৪.৪৪.৯৯। [সমাসে উত্তরপদ] —গ পুং **১** অনুচর, সহচর। "ভূতনাথ° রঘু ২.৫৮ ; প্রাপ্ত° ৯.৮২। সর্ব্ব° মহা ৩.১২০.১০। সসদস্যানুগ ভ ৪.২২.৩। **২** পরিবার, পরিজন। "প্রণেমুঃ পাণ্ডবা ভীষ্মং সানুগাঃ ভ ১.৯.৪। **৩** সেবক, ভৃত্য।

অনুগচ্ছ সং, ক্রি [অনু+ √গম্+ (হি) মধ্যমপুরুষের ১ব ; অপ্র] অনুগমন কর। "স্বামীর অনুগচ্ছ, কর স্বর্গ গমন কৃ.উ ৬৫।

অনুগত বিণ [অনু+ √গম্+ত (ক্ত)-ক, -র্ম্ম ; স্ত্রী -তা] **১** পশ্চাৎগত ; অনুসৃত, অনুযাত। "সীতাপ্যনুগতা রামম্ রা ১.১.২৮। লোকপ্রভাবানুগতো বাষ্পমোক্ষঃ গো.রা ৪.২৪.৩। **২** পশ্চাদ্ব্যাপ্ত। "শিবমিবানুগতং গজচর্ম্মণা কি ৫.২। **৩** পরীত, অভিভূত, ব্যাকুলিত। "চিন্তানুগতসর্ব্বাত্মা।—মহা ১৩.১২.১১। **৪** আশ্রিত, আশ্রিত। ত্বৎস্নেহানুগতেন (ময়া) মৃ ৪.৫। **৫** অনুবৃত্তি (কুল্লুক)। "মনু ৯.২৬৭। **৬** সহ আনীত, সংস্পৃষ্ট। "মদ্যানুগতভোজন মনু ১১.৭১। **৭** গত, অতীত। "কালে ত্বনুগতে ভ ১.১৪.৫। **৮** আনুলোম্যগত, নিদেশবর্ত্তী। **৯** আশ্রিত, অধীন। "অনুগত জনেরে ছাড়িতে না জুয়ায় বি.প ২১৫। অনুগত…নৃপতিদিগকে নিমন্ত্রণ কর সী ৬৬। **১০** অনুসৃত, সংবাদী। "°বীণৈঃ…বেণুনাদৈঃ।—মাঘ ১১.১০। মৃদঙ্গানুগতসঙ্গীতমধুর।—রত্নাবলী ১১⁄২। **১১** প্রাপ্ত। "পাদন্যাসো লয়মনুগতঃ (পাঠান্তর) মা.মি ২.৮। **১২** অনুযাত, অনুরূপ, যোগ্য। "প্রস্তাবানুগতং পৃষ্টঃ।—পঞ্চ ৫। **১৩** নিয়ত (শ.ক)। —গতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** পশ্চাদ্গমন ; অনুগমন, অনুসরণ। "বলস্য চতুরঙ্গস্য নায়কানুগতির্নয়ঃ গো.রা ৫.৮১.২৩। গতানুগতিকো লোকঃ হি ১.৯। গোপী-অনুগতি বিনা ঐশ্বর্য্যজ্ঞানে। ভজিলেহ নাহি পায় ব্রজেন্দ্রনন্দনে ॥—চৈ.চ ১১৯। **২** স্বীকরণ। "অকামানু° (অ.চি—S.W.)। **৩** অনুকরণ (M.W.)। **৪** (বাঙলায়) অনুগতভাব, অধীনতা, আনুগত্য। "শৈশব কাল ধরি, তুয়া পদ অনুসরি, অবহু অধিক অনুগতি শ্রী.ম৮৪। —গন্তব্য বিণ [+তব্য -র্ম্ম ; স্ত্রী -ব্যা] **১** অনুসরণীয়, অনুযাতব্য। "ভগবন্ উদকান্তং স্নিগ্ধো জনোঽনুগন্তব্যঃ শ ৪১⁄৬। যাজ্ঞ ৩.২৬। **২** অনুকরণীয় (M.W.)। —গম পুং, —গমন ক্লী [+অ (ঘঞ্),+ অন (ল্যুট্), -ভা] **১** পশ্চাদ্গমন ; অনুসরণ। "অর্থানুগম (S.W.)। আত্মানুগমন রঘু ১.৮৮। ভবানুগমনে রতঃ রা (S.W.)। শবানুগমনাশৌচং স্নানমাত্রেণ শুধ্যতি (স্মৃতি)। তাঁহার অনুগমনে…পাঠকমহাশয়দিগের কৌতূহল নিবারণ করিতে পারিলাম না ব.প্র ৮। **২** উপসর্পণ, সমীপগমন (শ.ক)। সূর্য্যানুগমন রা ৪.৬১.১। **৩** সহগমন। "ভর্ত্তৃশরীরানুগমন (শ.ক)। তুমিও মরিবে মহারাজ! আমিও মরিব —তোমার অনুগমন করিব ব.প্র ৩৩৫। **৪** অনুসরণ। **৫** অনুকরণ (M.W.)। **৬** সহায়ীভবন, অর্থাৎ সহায় হওয়া (ত.বা)। **৭** অনুবর্ত্তন। "শ্রুত্যনুগমাচ্ছ (A.)। —গামী (-মিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -মিনী] পশ্চাদ্গামী, অনুসারী, অনুযায়ী।

"ছায়ানু° গো.রা ৩.৫৮.৩৯। গোঃনুগামী যাজ্ঞ ৩.২৬৩। তব অনুগামী দাস মে ১০৮। ছায়ানুগামিতা পা.প্র ১৫০। তুমি···যুদ্ধ করিতে করিতে মরিবে, আমি তোমার অনুগামিনী হইব।—ব.প্র ৩৩৪। —গামী পুং অনুচর। "সর্ব্ব এবানুগামিনঃ রা ২.৭৭.১৯। [অনুগতার্থ (পুং) —সঙ্গতার্থ, অনায়াসলভ্য অর্থ।]

অনুগতি, -গন্তব্য, -গম, -গমন, -গামী দ্র 'অনুগত'।

অনুগর্জ্জিত ক্লী [অনু+ √গর্জ্জ্+ত (ক্ত)-ভা] অনুরূপ গর্জ্জন; প্রতিগর্জ্জিত, প্রতিধ্বনি। "°সন্দিগ্ধাঃ···মুরজস্বনাঃ কু.স ৬.৪০।

অনুগীত ক্লী [অনু+ √গৈ+ত (ক্ত)-ভা] অনুরূপ গীতি; অনুগুঞ্জন। "রত্নাবলী ১.১৮।

অনুগুণ বিণ [গুণকে অনুগত, প্রা.স; অনুকূল গুণ যাহার, বহুব্রী (ত.বা); স্ত্রী -ণা] ১ গুণানুগত, অনুকূল। "অনুগুণং সর্ব্বাস্ববস্থাসু যৎ উ.চ ১.৩৯। তদনুগুণবিধি ম.চ ৭.৩৮। °তা কি ৬.৩৩। ভট্টি ৮.৯৫। ২ অনুরূপ, যোগ্য। "মনোরথস্যানুগুণম্···চেষ্টিতম্ ম.চ ৭.৭। কি ১০.১৩। ৩ তুল্যগুণ, সমগুণ। "কান্তারতাপসাবিন্দু বংশকায়ানুগুণৌ মতৌ (সুশ্রুত—S.W.)। ৪ অনুকূল, সান্ত্বনাকর, প্রশময়িতা। "(বীণা) উৎকণ্ঠিতস্য হৃদয়ানুগুণা বয়স্যা মৃ ৩.৩। ৫ অনুগত (ত.বা)। ৬ গুণানুরক্ত। ৭ তন্ত্রীযুক্ত (বীণাদি)। —গুণ পুং [প্রা.স] অনুরূপ গুণ; যোগ্যোপকরণ। "রসানুগুণতা সা.দ (ত.বা)।

অনুগৃহীত বিণ [অনু+ √গ্রহ্+ত (ক্ত)-র্ম্ম] কৃতানুগ্রহ। "অনুগৃহীতোঽস্মি শ ২২⅙। এই আদেশে সবিশেষ অনুগৃহীত হইলাম সী ৫। —গ্রহ পুং [+অ (অপ্)-ভা] ১ প্রসাদ, কৃপা। বিপ 'নিগ্রহ'। "নিগ্রহানুগ্রহে রতঃ গো.রা ৪.১৭.১০। পাদার্পণানুগ্রহপূতপৃষ্ঠ রঘু ২.৩৫। কু.স ৩.৩। মদনু° গী ১১.১। ২ আনুকূল্য। ৩ দরিদ্রাদিপোষণ (ত.বা)। ৪ গ্রহণ (A.)। ৫ [+অ (অচ্)-ক] সৈন্যের পৃষ্ঠরক্ষক; পর্ক্ষিত্র (Rearguard)। —গ্রহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অনুগ্রহ, প্রসাদ। "রাজানু° রা ২.৩১.১৫। ২ পালন, রক্ষণ, পোষণ। "সৎসংগ্রহানু° রা ২.১.২৬। —গ্রাহক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী-হিকা] ১ অনুগ্রহকারক, কৃপাকর। ২ সদয়, কৃপাবান্। —গ্রাহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম; স্ত্রী -হ্যা] অনুগ্রহযোগ্য, কৃপার্হ, অনুকম্পনীয়। "অহমনুগ্রাহ্যো দেবতানাম্ রা ৪.৮.২।

অনুগ্রহ, -গ্রহণ, -গ্রাহক, -গ্রাহ্য দ্র 'অনুগৃহীত'।

অনুচর বিণ [অনু+চর্+অ (অচ্)-ক; স্ত্রী -রী (দ্র 'রঘু ৯.৫৭, মল্লিনাথ), -রা (ত.বা); বৈদিক] ১ পশ্চাদ্গামী, অনুসারী, অনুযায়ী। "অপ্সরসো মহেন্দ্রানুচরাঃ গো.রা ৬.৩৮.১৪। ব্রতায় তেনানুচরেণ ধেনোঃ রঘু ২.৪। বিবুধানু° মনু ১২.৪৭। ২ [চরকে অনুগত, প্রা.স] দূতানুগামী। —র পুং ১ সহচর, সহায়। "আত্মানু° রঘু ২.২৬। রাবণানু° ভট্টি ৮.২৭। ২ সেবক, কিঙ্কর। "দেবানু° রঘু ২.৫২। অনুচরো রাজরাজস্য পু.মে ৩। —চরা, -রী স্ত্রী ১ সহচরী। "অহং (কৌসল্যা) সুমিত্রানুচরা (প্রস্তাস্তে) রা ২.৭৫.১৪। পরিচারিকা, কিঙ্করী। "আছেন পার্ব্বতী তাঁর হ'য়ে অনুচরী ক.চ ২১। আমি (রাধা) তো অনুচরা হ'য়ে, চল্লাম অনুমতি ল'য়ে, অনুকূল থেকো হে জগৎপতি দা ৩৮২। —চরিত বিণ [+ত (ক্ত)-ক] অনুসৃত, অনুগত। —চরিত ক্লী [+ত -ভা] অনুসরণ, অনুগমন। —চারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] অনুগামী, অনুসারী। "দেখিলেক ভগ্নী মনুষ্যরূপ ধরি। কামে মোহিত হ'য়ে ভীম-অনুচারী॥—ম.বি ২৩। —চারী বি (বাঙ্লায়; অপ্র) কিঙ্করী, পরিচারিকা। "চণ্ডিকা বলে তার যত অনুচারী। নানা মায়ায় মরি গিয়া হয় মোর বৈরী॥—ম.ম ৩৩।

অনুচরিত, -চারী দ্র 'অনুচর'।

অনুচিকীর্ষা স্ত্রী [অনু+ √কৃ+স (সন্) ইচ্ছার্থে+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] অনুকরণেচ্ছা। —র্ষু বিণ [+উ-ক; স্ত্রী -র্ষু] অনুকরণেচ্ছু, অনুকরণাভিলাষী। "ইংরাজদিগের নিরবচ্ছিন্ন অনুচিকীর্ষু পা.প্র ১; অনুচিকীর্ষু সংস্কারকের ছড়াছড়ি ১৪৪।

অনুচিত বিণ [ন উচিত, ন.ত; স্ত্রী -তা] ১ অন্যায্য, অধর্ম্ম্য, অযুক্ত। ২ অননুরূপ, অযোগ্য। "°প্রার্থনাবর্ত্তী উ.মে ৫৪। °কর্ম্মারম্ভ হি ২.১৪৯। ৩ অপরিচিত, অনভ্যস্ত। "দুঃখস্যানুচিতঃ দুঃখম্ (প্রাপ্তঃ) রা ২.৫৮.৬। [°তার্থ (পুং), °তার্থতা (স্ত্রী) (অলঙ্কারশাস্ত্রে)—অযোগ্যার্থতা দোষবিশেষ (কা.প্র ৭.৫০। সা.দ ৭.২)।]

অনুচিন্তন ক্লী [অনু √চিন্তি+অন (ল্যুট্)-ভা] অনুস্মরণ, সততচিন্তা, অনুধ্যান।

অনুচ্ছিষ্ট বিণ [ন উচ্ছিষ্ট, ন.ত; স্ত্রী -ষ্টা] ১ উচ্ছিষ্টভিন্ন, অর্থাৎ যাহা ভুক্তাবশিষ্ট নহে। ২ অনুপভুক্ত, পবিত্র। "°সম্পদ্ রঘু (শ.ক)। °যৌবনা (দশকুমার)।

অনুজ বিণ [অনু+ √জন্ অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] পশ্চাৎ জাত, কনীয়ান্, কনিষ্ঠ, ছোট (পুত্র, সহোদর ভ্রাতা বা ভগিনী)। বিপ 'অগ্রজ'। "অনুজো ভ্রাতা···কুশধ্বজঃ। —রা ১.৭১.১৩। অনুজঃ (পুত্রঃ) মনু ৯.১১৭। তাহার অনুজ ভাই ক.চ ২; ১৩৩। সীতানুজা কন্যা ছিল পরম সুন্দরী ম ৫৪৮। —জ পুং ১ কনীয়ান্ বা কনিষ্ঠ সহোদর ভ্রাতা; আপন ছোট ভাই। "পরিবিত্তিতানুজেনোঢ়ে মনু ১১.৬১। ২ কনীয়ান্ বা কনিষ্ঠ ভ্রাতৃমাত্র; ছোট ভাই। "(স রামঃ) অনুজঃ ভৃগমনুণাস্য রা ২.২১.৬৪। (রামঃ) সানুজঃ রঘু ১২.২০। কোথা, রামভদ্র!···অনুজ তোর?— মে ২৫৮। —জ ক্লী গন্ধদ্রব্যবিশেষ। —জা স্ত্রী [°জ+স্ত্রী আ (টাপ্); ছান্দস] ১ কনিষ্ঠা ভগিনী; কনিষ্ঠা সহোদরা। "অনূঢ়া অনুজা এই রঞ্জাবতী নাম শ্রী ১৮। অচ্যুত-অনুজা ভা.চ ৪২৭। ২ ত্রায়মাণা লতা। —জাত বিণ [+ত (ক্ত)-ক; স্ত্রী -তা] ১ পশ্চাৎ জাত; অনন্তরজাত। "রামমনুজাতঃ পা ৩.৪.৭২, সি। রঘু ৬.৭৮। ২ অনুরূপজাত, অর্থাৎ পিতৃসম (পুত্র)। "অনুজাতঃ পিতুঃ সমঃ। —পঞ্চ ১.৪২৭। ৩ পুনর্জ্জাত, কৃতোপনয়ন (S.W.)। —ত পুং অনুজ। —জাতা স্ত্রী অনুজা।

অনুজন্মা (-ন্মন্) পুং [অনু (পশ্চাৎ) জন্ম যাহার, বহুব্রী; স্ত্রী -ন্মা] পশ্চাৎ জাত; অনুজ, কনিষ্ঠভ্রাতা। "কি ২.১৭। মাঘ ১৩.২; ১৪। শত্রুঘ্ন পুরুষসার, অনুজন্মা সমরবিজয়ী ক.চ ২৩৭।

অনুজা, -জাত, -জাতা দ্র 'অনুজ'।

অনুজীবী (-বিন্) বিণ [অনু+ √জীব্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব; পা ৩.২.৭৮; বৈদিক] অনুজীবনশীল; আশ্রিত। —বী পুং সেবক, ভৃত্য। "কি ১.৪। পঞ্চ ১.৭৫।

অনুজীব্য বিণ [অনু+ √জীব্+য (ণ্যৎ)-র্ম্ম; স্ত্রী -ব্যা] আশ্রয়ণীয়, সেব্য। "গো.রা ৬.৫.৭।

অনুজোগমনে ক্রি.বিং [সং অনুযোগ, য>জ; অপ্র] সমাহিতচিত্তে, তন্মনস্কভাবে। "নাথেরে এড়িয়া যাইতে নাহি লয় মনে। ধীরে ধীরে যায় নারী অনুজোগমনে॥—মী ৪।

অনুজ্ঞা স্ত্রী [অনু+ √জ্ঞা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্); বৈদিক] ১ অনুমতি, সম্মতি। "রঘু ২.৬৬। রা ২.৩৪.২৫। পা ৮.১.৪৩। ২ আদেশ। "ভরতের প্রতি রাম কি অনুজ্ঞা হয় কৃ ১২১। আমরা তাঁহাদিগের অনুজ্ঞাপালক চাকরমাত্র পা.প্র ১৬৫। ৩ প্রস্থানাজ্ঞা (M.W.)। —জ্ঞাত বিণ [অনু+ √জ্ঞা+ত (ক্ত)-র্ম্ম, স্ত্রী -তা] ১ অনুমত, সম্মত। "শ ৫২⅙। ২ আদিষ্ট। —জ্ঞান ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ সর্থ 'অনুজ্ঞা'। ২ (বাঙ্লায়; অপ্র) কোন বিষয়ের অনুমানপূর্ব্বক বোধ। "আর এক অনুজ্ঞান অতি চমৎকার। না হইতে সিরজোর প্রবাহ-বিস্তার॥ জানিয়া আগত তায় মুদিয়া নয়ন। চরণ

প্রসারি (উট) করে ধরায় শয়ন॥ —রঙ্গ ২১। ৩ চেতনা। "হারাইল অনুজ্ঞান অলসে অবোল শ্রী.মা ১৯৫। [°জ্ঞাবচন (ক্লী)—আদেশ বাক্য।]

অনুজ্ঞাত, -জ্ঞান দ্র 'অনুজ্ঞা'।

অনুজ্যেষ্ঠ বিণ [জ্যেষ্ঠকে অনুগত, প্রা.স ; স্ত্রী -ষ্ঠা] জ্যেষ্ঠানুগত, জ্যেষ্ঠের পর। "পা ৬.২.১৮৯, কাশিকা। —ষ্ঠ ব্য [অব্যয়ীভাব] জ্যেষ্ঠা-নুক্রমে, জ্যেষ্ঠানুসারে।

অনুতপ্ত বিণ [অনু+ √তপ্+ত (ক্ত) ; স্ত্রী -প্তা] কৃতানুতাপ, কৃতা-নুশোচন। —তাপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ গর্হিত কার্য্যার্থ পশ্চাৎ দুঃখবোধ ; পশ্চাৎ তাপ, অনুশয়, অনুশোচন। "মনু ১১.২২৮। ২ তাপ (M.W.)।—তাপন বিণ [+ √তাপি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ যাহা অনুতপ্ত করে ; অনুতাপজনক। ২ তাপজনক, পীড়াকর, নির্ম্মথন। "ধনুষী চিত্রে দ্বিষচ্চিত্তানুতাপনে গো.রা ৪.২.১৩।

অনুতর ক্লী [অনু+ √তৄ+অ (অপ্) -ণ] যাহা দ্বারা নদী উত্তীর্ণ হয় ; নদীপারার্থ শুল্ক ; তরপণ্য, পারানী কড়ি।·

অনুতাপ, -তাপন দ্র 'অনুতপ্ত'।

অনুত্তম বিণ [ন উত্তম যাহা হইতে, ন.বহুব্রী ; স্ত্রী -মা ; বৈদিক] ১ যাহা হইতে উত্তম নাই ; অত্যুৎকৃষ্ট, প্রধান। "সৌগন্ধিকমনুত্তমম্ মহা ৩.১৪৬.৪। °মং সুখম্ মনু ২.৯; ২৪২; °মাং কীর্ত্তিম্ ৮.৮১। দ্রব্যমনুত্তমম্ হি ৪ (অবতরণিকা)। গী ৭.১৮। ২ সুদুঃসহ, নিদারুণ। "প্রাপ্তাঃ ক্লেশমনুত্তমম্ মহা ১.১৫১.৩৭। ৩ সর্ব্বাধিক, সর্ব্বাতিশায়ী। "অনুত্তমং তমঃ মাঘ ১.২৭। ৪ [ন.ত] অপকৃষ্ট, অধম। —ম পুং ১ শিব। ২ বিষ্ণু।

অনুত্তর বিণ [ন উত্তর যাহা হইতে, ন.বহুব্রী ; স্ত্রী -রা] ১ যাহা হইতে উৎকৃষ্টতর নাই ; শ্রেষ্ঠ, প্রধান, মুখ্য। ২ অত্যুৎকৃষ্ট, সর্ব্বাতিশায়ী। ৩ [ন.ত] উত্তরদিগ্‌বিরোধী, দক্ষিণ, অবাচীন। ৪ অপকৃষ্ট। ৫ অচল, স্থির। ৬ [ন.বহুব্রী] যাহার উত্তর নাই ; উত্তরবাক্যরহিত, নিরুত্তর। —র ক্লী [ন.ত] ১ উত্তরাভাব, অপ্রতিবচন। "ভবত্যবজ্ঞা ভবত্যনুত্তরাৎ নৈ (ত.বা)। ২ (বাঙ্‌লায়) অপ্রশস্ত উত্তর ; কদুত্তর। "দূতের মুখে মনসা পাইয়া অনুত্তর। নাগ সবার তরে দেবী বলে ধর ধর॥—ম.ম ১১৩। —র পুং (বহুব) জৈনদেবগণবিশেষ (অ.চি)। —রা স্ত্রী দক্ষিণ দিক্।

অনুত্তরঙ্গ বিণ [ন উত্তরঙ্গ, ন.ত ; স্ত্রী -ঙ্গা] উত্তালতরঙ্গহীন, অনুদ্ধত-তরঙ্গ, তরঙ্গোদ্‌গমহীন। "অপামিবাধারমনুত্তরঙ্গম্ কু.স ৩.৪৮।

অনুৎপাদ পুং [ন উৎপাদ, ন.ত] অনুৎপত্তি, অজনন, জন্মাভাব। —পাদন ক্লী উৎপাদনের অভাব।

অনুৎসেক পুং [ন উৎসেক, ন.ত] গর্ব্বের অভাব ; অগর্ব্ব, অনহঙ্কার। "অনুৎসেকঃ খলু বিক্রমালঙ্কারঃ বিক্র ১২৬। —সেকী (-কিন্) বিণ [ন উৎসেকী, ন.ত ; স্ত্রী -কিনী] উৎসেকিভিন্ন, অগর্ব্বিত, নিরহঙ্কার। "ভাগ্যেষ্বনুৎসেকিনী শ ৪.১৮।

অনুদক বিণ [ন উদক যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -কা ; ছান্দস] ১ উদক-হীন, নির্জ্জল (মরু প্রভৃতি)। ২ অল্পজল (পল্বলাদি)। ৩ জলদানশূন্য (শ্রাদ্ধবিশেষ)।

অনুদয় পুং [ন উদয়, ন.ত] ১ উদয়াভাব, অপ্রকাশ। ২ (বাঙ্‌লায়) সূর্য্যোদয়ের পূর্ব্বকাল। "অনুদয়ে স্নান সন্ধ্যা করি সমাপন।—শি ৬৩। —য় বিং (বাঙ্‌লায়) উদয়হীন, অপ্রকটিত, অনাবির্ভূত। "অনুদয় থেকো না হৃদে দা ৩৮২। উদয় দিননাথ, অনুদয় দীননাথ।—গোবিন্দ অধিকারী। [অনুদয়ে স্নান—সূর্য্যোদয়ের পূর্ব্বে স্নান।]

অনুদর বিণ [ন উদর যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -রা, -রী] অল্পোদর, কৃশোদর। "অনুদরা কন্যা (সি)।

অনুদর্শন ক্লী [অনু+ √দৃশ্+অন (ল্যুট্)-ভা] আলোচন, পুনঃ-পুনরালোচন (গী.টীকা)। "বলানামনুদর্শনে রা ৬.৩.১৯। দুঃখদোষানু°গী ১৩.৮। —দর্শী (-র্শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী র্শিনী] ১ আলোচক। ২ দ্রষ্টা, অন্বেষী। "দোষশতানুদর্শী।—পঞ্চ ৩.২৪৪।

অনুদাত্ত বিণ [ন উদাত্ত, ন.ত] উদাত্তভিন্ন, নীচৈরুচ্চারিত (স্বর)। —ত্ত পুং বেদগানে নীচৈরুচ্চারিত স্বরবিশেষ ; অনুদাত্তস্বর। "পা ১.২.৩০।

অনুদার বিণ [ন উদার, ন.ত ; স্ত্রী -রা, -রী] ১ উদারভিন্ন, সঙ্কীর্ণ-চেতাঃ, নীচমনাঃ, ক্ষুদ্র। ২ অদাতা, অত্যাগী। ৩ অনৃজু, কুটিল। ৪ [ন.বহুব্রী ; স্ত্রী -রা] যাহা হইতে উদার নাই ; অত্যুদার, অতিদাতা, মহাত্মা। ৫ [দারকে অনুগত, প্রা.স] দারানুগত। "যস্মিন্ প্রসীদসি পুনঃ স ভবত্যুদারোঽনুদারশ্চ কা.প্র ৪ (A.)। ৬ [অনুগত দার যাহার, বহুব্রী] অনুগতভার্য্য।

অনুদাস বি [অনুগত দাস, প্রা.স] দাসের অনুগত দাস। "আমি তোমার দাসের অনুদাস চৈ.চ ১৫৮। দাসানুদাসোঽহং দা ২১৬১।

অনুদিত বিণ [ন উদিত, ন.ত ;] ১ অপ্রকাশিত, অপ্রকটিত। ২ অনুচ্ছ্রিত। "°তান্যসিতাতপবারণঃ রঘু ৯.১৫। ৩ [ছান্দস] অনুক্ত, অকথিত। "°প্রায়ং যশঃ ভ ১.৫.৮।

অনুদিন ব্য [দিনে দিনে, অব্যয়ীভাব বীপ্সার্থে] ১ প্রতিদিন, প্রত্যহ। "অনুদিন বেচয়ে ফুল্লরাঃ অনুদিন পশু বধে বীর ক.চ ৪৯ ; ৮৫। ভাগবত অনুদিন করত বিচার গো ৫৮। সেবা করে অনুদিনে ম ৩৫। ২ (বাঙ্‌লায় অপ্র,) অনুক্ষণ, সতত। "অনুদিন করিত যতন ক.চ ৭ ; হিমালয় অনুদিন চিন্তিত-অন্তর ১৯। স্তুতি করে অনুদিন গ ৫৯ ; ১৮৯। ৩ দিনের পর দিন, কতদিন। "আনন্দের সীমা নাই অনুদিন গেল শ্রী.মা ৩৫ ; ৩৮ ; অনুদিন যায় ৬৫। ৪ দীর্ঘকাল। "গো.চ ৩১৮।

অনুদিবস ব্য [দিবসে দিবসে বীপ্সার্থে অব্যয়ীভাব] অনুদিন, প্রত্যহ। "অনুদিবসং খলু পরিহায়সে অঙ্গৈঃ শ ৩৪।

অনুদেশ পুং [অনু+ √দিশ্+অ (ঘঞ্)-ভা] ১ উপদেশ (Direction)। ২ যথাক্রমোচ্চারণ (ত.বা)। ৩ [+অ-র্ম] পশ্চাৎ উচ্চারিত বর্ণাদি। "পা ১.৩.১০ ; ৮.৪.৪১, কাশিকা। ৪ (বাঙ্‌লায়, অপ্র) অনুমতি, আদেশ। "রহিলেন ছয় জন রাজ অনুদেশে ম.বি ১৭১।

অনুদ্ঘাত পুং [ন উদ্ঘাত, ন.ত] উদ্ঘাতের অভাব ; অপ্রতিঘাত। "যথাবদনুদ্ঘাতসুখেন সোঽধ্বনা মাঘ ১২.২।

অনুদ্ঘাতিনী বিণ স্ত্রী [অনুদ্ঘাত+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] উদ্ঘাতিনী-ভিন্না, অবন্ধুরা সমতলা। "বাঙ্গলাদেশের অন্যত্র ভূমি যেরূপ সচরাচর অনুদ্ঘাতিনী, এ দেশের সেরূপ নহে ব.দ্বি ১৬২।

অনুদ্দেশ বিং যাহার উদ্দেশ (সন্ধান) নাই ; নিরুদ্দেশ। "অনুদ্দেশ হৈল না কি গৌরাঙ্গ ঈশ্বর চৈ ৬০।

অনুদ্ধত বিণ [ন উদ্ধত, ন.ত ; স্ত্রী -তা] উদ্ধতভিন্ন, বিনয়যুক্ত, অবনত, নম্র। "অনুদ্ধতাঃ সৎপুরুষাঃ সমৃদ্ধিভিঃ শ ৫.১২।

অনুদ্ধার বিণ [ন উদ্ধার যাহাতে, ন.বহুব্রী] যাহাতে উদ্ধার (বিংশ ভাগ) নাই ; বিংশভাগরহিত। "অনুদ্ধারো বিভাগঃ স্যাৎ (ত.বা)। —র পুং [ন.ত] উদ্ধারাভাব।

অনুদ্ধৃত বিণ [ন উদ্ধৃত, ন.ত] ১ অনপনীত, অনপসারিত। ২ অনুত্থাপিত। "পয়োঽনুদ্ধৃতসারম্ (স্মৃতি)।

অনুদ্যূত ক্লী [অনু+ √দিব্+ত (ক্ত)-ভা] ১ পশ্চাৎ (পুনর্ব্বার) পাশকক্রীড়া ; পুনর্দেবন। "°পর্ব্ব। দৈবং...অনুদ্যূতে প্রাবর্ত্তয়ৎ মহা ২.৭৪.২, নীলকণ্ঠ। ২ অনুদ্যূতপর্ব্ব।

অনুদ্যোগ [ন উদ্যোগ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -গা] উদ্যোগহীন, নিরুদ্যম, নিশ্চেষ্ট, অলস। —গ পুং [ন.ত] উদ্যোগের অভাব ; অনুদ্যম, অযত্ন,

আলস্য। "অনুদ্যোগেন তৈলানি তিলেভ্যো নাপ্নুমর্হতি হি ৩০ (**কথারম্ভ**)।

অনুদ্রুত বিণ [অনু+ √দ্রু+ত (ক্ত)-র্ম্ম] ১ অনুসৃত, অনুগত। "রাজসৈন্যৈরনুদ্রুতম্ রঘু ৩.৩৮; ১৬.২৫। ২ অনুধাবিত। "অনুদ্রুতঃ সংযতি যেন…বলস্য শক্রঃ মাঘ ১.৫২। ৩ অন্বিত, সমেত। "হরি-সৈন্যৈরনুদ্রুতঃ রঘু ১২.৬৭। —ত ক্লী [প্রা.স] হীন দ্রুততাল, অর্থাৎ দ্রুততালের অর্দ্ধ (সিকিমাত্রার) তালবিশেষ। 'অর্দ্ধমাত্রং দ্রুতং জ্ঞেয়ং দ্রুতার্দ্ধঞ্চাপ্যনুদ্রুতম্ (শব্দরত্নাবলী)।

অনুদ্বেগ পুং [ন উদ্বেগ, ন.ত] উদ্বেগের অভাব; দুঃখাভাব, ভয়াভাব, অভয়। [°কর—যাহা দুঃখজনক বা ভয়জনক নহে; অদুঃখকর, অভয়জনক। "অনুদ্বেগকরং বাক্যম্ গী ১৭.১৫।]

অনুধাবন ক্লী [অনু+ √ধাব্+অন (ল্যুট্)-ভা] ১ পশ্চাৎ গতি, অনুগমন। "তুরগানুধাবনকণ্ডিতসন্ধি শ ২৪। ২ পশ্চাৎ ধাবন। ৩ তত্ত্বনির্ণয়ার্থ কোন বিষয়ের বিশেষ অনুসন্ধান; গবেষণা। ৪ অনুচিন্তন, তথ্যানুসন্ধান। "তাঁহারা অনুভবশক্তি দ্বারা কিছুই অনুধাবন করিতে না পারিয়া…তদীয় বদন নিরীক্ষণ করিতে লাগিলেন সী ২৬; ৫৬। ৫ প্রক্ষালন, শোধন।

অনুধ্যাত বিণ [অনু+ √ধ্যৈ+ত(ক্ত)-র্ম্ম; স্ত্রী -তা] অনুচিন্তিত, স্মৃত। "উ.চ ৭.১১। —ধ্যান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অনুচিন্তন, একাগ্রচিন্তা। "°নানন্তর (কাদম্বরী)। ২ ধ্যান, ইষ্টচিন্তন, সমাধি। "উপরুদ্ধ্যেতে তপোঽনুধ্যানে শ (S.W.)। ৩ শুভচিন্তন, মঙ্গলাকাঙ্ক্ষা। "অম্ব…সীতায়াং শিবানুধ্যানপরা ভব উ.চ ১২৪। ৪ স্মরণ। "ত্বদনুধ্যানসম্ভবা (প্রীতিঃ) কু.স ৬.২১।

অনুধ্যায়ী (-য়িন্) বিণ [অনু+ √ধ্যৈ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী; বৈদিক] অনুচিন্তক, অভিলাষী। "শুভানু°।

অনুনয় বিণ [অনুনয়+অ (অচ্) অস্ত্যর্থে, স্ত্রী -য়া] অনুনয়বান্, সানুনয়, সান্ত্বনাকর। "°য়ং বচঃ রা ৪.২৭.৩৩। —য় পুং [অনু+ √নী+অ (অচ্)-ভা] ১ বিনয়, প্রশ্রয়। "(দিতিঃ) সানুনয়াব্রবীৎ রা ১.৪৭.১। ২ সান্ত্বন, ক্রোধাপনয়, প্রসাদন। "কথং নু শক্যোঽনুনয়ো মহর্ষেঃ রঘু ২.৫৪। সিংহানু°।—হি ২.১২১। দায়িতানু° বিক্র ৩.৫। ৩ প্রার্থনা, যাচ্ঞা। "দয়িতজনানু° বিক্র ২.২২। গৃহীতানু° রঘু ৬.২। শ ৪২। মাঘ ১১.৯। ৪ প্রণিপাত (ত.বা)। ৫ বিনয়ন, সন্মার্গপ্রবর্ত্তন।

অনুনাদ পুং [অনু+ √নদ্+অ (ঘঞ্)-ভা] ১ অনুরূপশব্দ, প্রতিধ্বনি। ২ ধ্বনি, শিঞ্জন। "নূপুরানু° মাঘ ৭.১৮। —নাদিত বিণ [+ √নাদি+ত (ক্ত) -র্ম্ম] প্রতিধ্বনিত। "প্রাবৃণ্ মেঘানুনাদিতা মহা ৩.১৮২.৯। নীরদরবানুনাদিত বর্ষাকাল।—কালীপ্রসন্ন সিংহ। —নাদী (-দিন্) বিণ [+ √নদ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] অনুধ্বনিকারক। "গম্ভীরেণানুনাদিনা (স্বরেণ) রা ২.২.২।

অনুনাদিত, -নাদী দ্র 'অনুনাদ'।

অনুনায়িকা স্ত্রী [নায়িকাকে অনুগতা, প্রা.স] নায়িকার অনুগতা পাত্রী—সখী দাসী প্রেষ্যা ইত্যাদি।

অনুনাসিক বিণ [নাসিকাকে অনুগত, প্রা.স] মুখসহিত নাসিকা (মুখস্থ তত্তদুচ্চারণস্থান ও নাসিকা) দ্বারা উচ্চারিত (বর্ণ); যে বর্ণের উচ্চারণে তালু-প্রভৃতি ও নাসিকা করণ, তাদৃশ বর্ণ—ঙ ঞ ণ ন ম (পা ১.১.৮)। 'মুখনাসিকাকরণোঽনুনাসিকঃ (বাজসনেয়িসংহিতা-প্রাতিশাখ্য)। —ক পুং ১ অনুনাসিক বর্ণ। "°লোপ পা ৬.৪.৩৭। °কান্তি, °কান্ত, °কোপধ। ২ অর্দ্ধচন্দ্রাকারবর্ণ (ঁ)। 'অনুনাসিক-শব্দোঽর্দ্ধচন্দ্রাকারবর্ণে রূঢ়ঃ (দুর্গাদাস)। "সানু°, নিরনু°। —ক ক্লী ১ অনুনাসিক স্বর। "অননুনাসিকং পঠেৎ (সুশ্রুত)। ২ অনুনাসিক-স্বরে বাক্যোচ্চারণ; নাকী সুরে বলা (M.W.)।

অনুনির্দ্দেশ পুং [অনু-নির্+ √দিশ্+অ (ঘঞ্) -ভা] ক্রমানুসারে কথন; যথাক্রমবর্ণন।

অনুনীত বিণ [অনু+ √নী+ত (ক্ত) -র্ম্ম] ১ কৃতানুনয়, প্রসাদিত। ২ প্রার্থিত, সবিনয়-যাচিত। "অনুনীতাস্মি রামেণ গচ্ছতা বহুবিস্তরম্ গো.রা ২.৬১.২৮। ৩ সন্মার্গে প্রবর্ত্তিত; বিনীত। —নীতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অনুনয়। "সমনু° ভট্টি ৮.৭৫। মাঘ ১৬.৫৫। —নেয় বিণ [+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -য়া] অনুনয়ার্হ, সান্ত্বনীয়, প্রসাদনীয়।

অনুপ বিং [সং অনুপম; পদ্যে; অপ্র] উপমাহীন, অতুল, অদ্বিতীয়। "অনুপ সুন্দর, মূরতি কিশোর চ.সা ১৮। অনুপ রাস জ্ঞা ১২৯। অনুপ চরিত গো ৩। সপ্ত স্বরভেদ অনুপ ন.প ২০৫। ভ.গ্র ২৩৩। বেদেতে কহে অনুপ ভা.চ ৩২০। অনুপ সেরূপ বা.দ ২৯। সুর কুসুম অনুপ ব.সু ৪২। অনুপ দেউল কু.কে ২২।

অনুপকর্ত্তা (-র্ত্তৃ) বিণ [ন উপকর্ত্তা, ন.ত; স্ত্রী -র্ত্রী] অনুপকারী। "রঘু ১৭.৫৮।

অনুপকারী (-রিন্) বিণ [ন উপকারী, ন.ত; স্ত্রী -রিণী] ১ অপকারক, অহিতকর। ২ প্রত্যুপকারে অসমর্থ। "গী ১৭.২০।

অনুপঠিত বিণ [অনু+ √পঠ্+ত (ক্ত)-র্ম্ম] গুরুর উপদেশানুসারে পঠিত। —ত ক্লী [+ত -ভা] গুরুকৃতপাঠানুসারে পাঠ।

অনুপদ বিণ [পদকে অনুগত, প্রা.স; স্ত্রী -দা] ১ পদানুগত, পশ্চাদ্-গামী, অনুগ। ২ পদানুযায়ী, প্রতিপদকৃত (Following every word)। "°সূত্র (A commentary explaining the text word for word)। —দ ক্লী [প্রা.স] ১ অনুরূপস্থান, অনুকূল স্থান (ত.বা)। ২ সঙ্গীতে নিয়মিত ব্যবধানে গেয় গীতাংশ; ধ্রুবপদ, ধুয়া (Chorus)। —দ ব্য [পদের পশ্চাৎ, অব্যয়ীভাব] ১ পশ্চাৎ, ঠিক পিছে পিছে, ঠিক পরে। "অহমপি অনুপদমাগত এব শ ২৪। ২ অনন্তর। "রঘু ১.৪৪, ১১.৩১। ৩ [পদে পদে, বীপ্সার্থে অব্যয়ীভাব] প্রতিপদে, পায় পায়। "মাঘ ৯.৭৮। ৪ প্রতিপদে, কথায় কথায় (Word for word)। —পদী (-দিন্) বিণ [°দ+ইন্ (ইনি) 'অন্বেষ্টা' অর্থে নিপাতিত, পা ৫.২.৯০] অন্বেষণকর্ত্তা, অন্বেষ্টা। "মৃগমায়ানুপদী রামো জগাম ভট্টি ৫.৫০। ধায় মৃগ অনুপদী ক.চ ৫৭। —পদীন বিণ [°দ+ঈন (খ) 'বদ্ধ' অর্থে; স্ত্রী -না] অনুপদ-বদ্ধ; পদপ্রমাণ (কাশিকা)। "°না উপানৎ পা ৫.২.৯।—পদীনা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] পদপ্রমাণ (পদসদৃশ দীর্ঘ) পাদুকা। "পৃষ্ঠে তূণীর, চরণে অনুপদীনা ব.প্র ১০৯।

অনুপদী, -পদীন, -পদীনা দ্র 'অনুপদ'।

অনুপধি বিণ [ন উপধি যাহার, ন.বহুব্রী; স্ত্রী -ধি] ছলশূন্য, অকপট, অমায়িক, সরল। "উ.চ ২.২।

অনুপনীত বিণ [ন উপনীত, ন.ত] যাহার উপনয়ন হয় নাই; অকৃতোপনয়ন।

অনুপন্যস্ত বিণ [ন উপন্যস্ত, ন.ত] অনভিহিত, অকথিত। "যাজ্ঞ ২.৯। —ন্যাস পুং [ন.ত] কথনাভাব, অকথন।

অনুপপত্তি স্ত্রী [ন উপপত্তি, ন.ত] ১ উপপত্তির অভাব। প্রতিপাদ্য-বিষয়ের সাধনানুকূল যুক্তির অভাব; যুক্ত্যভাব। ২ অসঙ্গতি। "লক্ষণা শক্যসম্বন্ধস্তাৎপর্য্যানুপপত্তিতঃ (ভাষা-পরিচ্ছেদ ৮২)। ৩ প্রমাণাভাব। ৪ অসমাপ্তি। —পন্ন বিণ [ন উপপন্ন, ন.ত] ১ যুক্তিশূন্য, অযুক্তি। ২ অসমাপ্ত। ৩ অপ্রমাণ। ৪ সঙ্গতিহীন।

অনুপবীতী (-তিন্) বিণ [ন উপবীতী, ন.ত] উপবীতভিন্ন, অনুপনীত, অকৃতোপনয়ন।

অনুপম বিণ [ন উপমা যাহার, ন.বহুব্রী; স্ত্রী -মা] ১ উপমাহীন, অতুলন, অনুত্তম, সর্ব্বাতিরিক্ত। "বলম্…পরৈরনুপমং মম গো.রা

৪.৬২.১৭। অনুপম তনু শ্যাম ম ১৯১। আমার নগর দিয়া যাও বড় অনুপম ম.ম ১৭৪। ২ (বাঙলায়) মর্ত্তমানের মত এক প্রকার কলা। "অনুপম মর্ত্তমানাদি বা.ম ২০৮। সবরি অনুপম বি.পা ১৬৩। স্ত্রী ৫৬। —মা স্ত্রী কুমুদদিগ্‌গজের স্ত্রী (অ.কো)।

অনুপমিত বিণ [ন উপমিত, ন.ত; স্ত্রী -তা] উপমারহিত, অতুলিত। —মেয় বিণ [ন.ত] উপমার অযোগ্য; অতুলনীয়।

অনুপযুক্ত বিণ [ন উপযুক্ত, ন.ত; স্ত্রী -ক্তা] ১ উপযুক্তভিন্ন, অযোগ্য, অকর্ম্মণ্য। "হি ৩$\frac{2\cdot 2}{5\cdot 5}$। ২ অন্যায্য, অনুচিত। ৩ অসঙ্গত, অশোভন। ৪ অভুক্ত, অভক্ষিত (খাদ্য)।

অনুপযোগ বিণ [ন উপযোগ যাহার, ন.বহুব্রী; স্ত্রী -গা] ১ উপযোগহীন, অনুপযুক্ত। ২ অনাহার, উপবাসী। —গ পুং [ন.ত] ১ উপযোগাভাব, অযোগ্যতা। ২ ভোজনাভাব, অনশন।

অনুপরত বিণ [ন উপরত, ন.ত] ১ অনিবৃত্ত, অবিরত। ২ বিষয়-রাগনিবৃত্তিশূন্য, বিষয়ানুরক্ত। ৩ অমৃত, জীবিত। —রতি স্ত্রী [ন.ত] ১ উপরতির অভাব; অনিবৃত্তি, অবিরাম। ২ বিষয়ানুরক্তি।

অনুপল বি পল হইতে ন্যূন কালমান; বিপলের ষষ্টিতম অংশ।

অনুপলক্ষিত বিণ [ন উপলক্ষিত, ন.ত; স্ত্রী -তা] ১ অবিজ্ঞাত। ২ অতর্কিত।

অনুপলব্ধি স্ত্রী [ন উপলব্ধি, ন.ত] ১ উপলব্ধির (প্রত্যক্ষাদির) অভাব; অপরিজ্ঞান, অননুভূতি। "সৌক্ষ্ম্যাৎ তদনুপলব্ধির্নাভাবাৎ কার্য্যতস্তদুপলব্ধেঃ।— সাংখ্য ৮। ২ অপ্রাপ্তি।

অনুপসংহারী (-রিন্) পুং [ন উপসংহারী, ন.ত] (ন্যায়ে) যাহা সাধ্যের উপসংহার করে না; দুষ্টহেতুবিশেষ, হেত্বাভাসভেদ।

অনুপসর্গ বিণ [ন.বহুব্রী] উপসর্গহীন (ধাতু)। "পা ৩.২.৩, বৃত্তি। —র্গ পুং [ন.ত] উপসর্গভিন্ন শব্দ। "পা ৩.২.৩।

অনুপস্কৃত বিণ [ন উপস্কৃত, ন.ত] ১ অবিকৃত, পূতিগন্ধাদিরহিত। "মাংসং যচ্চানুপস্কৃতম্ মনু ৩.২৫৭। ২ রেখাদিহীন। "রজতঞ্চানুপস্কৃতম্ মনু ৫.১১২। ৩ অবিগর্হিত, অনিন্দিত। "এযোঽনুপস্কৃতঃ প্রোক্তঃ (মনু)। ৪ অকৃতপাক, অপক্ব (খাদ্য)।

অনুপস্থিতি স্ত্রী [ন উপস্থিতি, ন.ত] ১ উপস্থিতির অভাব; অবিদ্যমানতা। ২ স্মৃতির অভাব; অস্মরণ।

অনুপহত বিণ [ন উপহত, ন.ত] ১ অক্ষত, অনাহত। ২ অনুপভুক্ত, অপরিহিত, নব। "°দুকূলযুগল। ৩ অদূষিত, বিশুদ্ধ।

অনুপাকৃত বিণ [ন উপাকৃত, ন.ত] যজ্ঞে আহুত (মিতাক্ষরা); মন্ত্রোচ্চারণপূর্ব্বকস্পর্শনরহিত (কুল্লুক), অনর্চ্চিত, অসংস্কৃত। "°মাংস মনু ৫.৭। যাজ্ঞ ১.১৭১।

অনুপাত পুং [অনু+ √পত্+অ (ঘঞ্)-ভা] ১ পশ্চাৎ পতন বা অবতরণ; ক্রমিক অবপাত। ২ অনুসার, অনুগমন। "উপবনপবনানুপাতদক্ষৈরলিভিঃ মাঘ ৭.২৭। ৩ [প্রা.স] (গণিতে) অনুরূপ অঙ্কপাত; পূর্ব্বাঙ্কানুসারে অপরাঙ্কের পাতন (শ.ক); ত্রৈরাশিকানুসারে যুক্ত-সংখ্যাপাত (ত.বা)। ৪ একজাতীয় রাশিদ্বয়ের তুলনামূলক সম্বন্ধ (Proportion)। ৫ ত্রৈরাশিক (Rule of Three)।

অনুপাতক ক্লী [প্রা.স] অনুরূপ পাতক; ব্রহ্মহত্যাদিসদৃশ অনৃত-পৈশুন-প্রভৃতি পঞ্চত্রিংশৎ পাতক (মনু ১১.৫৬-৫৯। বিষ্ণু ৩৬.১-৭)। —কী (-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব; স্ত্রী -কিনী] অনুপাতকযুক্ত। "বিষ্ণু ৩৬.৮।

অনুপান ক্লী [অনু+ √পা+অন (ল্যুট্)-র্ম্ম] ১ ঔষধের সহিত বা পশ্চাৎ পেয় মধুগুড়-প্রভৃতি; ঔষধাঙ্গভূত পেয়দ্রব্য। "অনুপানবিশেষেণ (ঔষধম্) করোতি বিবিধান্ গুণান্ (বৈদ্যক)। ২ ভোজনানন্তর পেয় দ্রব্য। "মিষ্ট অনুপান ৯৭২।

অনুপাম বিং [সং অনুপম; মৈ অনুপাম; তু 'উপাম'; অপ্র] ১ অতুলন। "বি.প ৪০; বৈদাঙ্গি কলা অনুপাম ৪৭। রূপে অনুপাম গো.চ ৪০৬। ২ অদ্বিতীয়। "সভা অনুপাম লোকে ম ৩৩৭। গোসাঞি গুণে অনুপামা ব.প ৩০০। বৈদেশী দুজন এল বলে অনুপাম শ্রী.মা ১০৮। ৩ যাহার সদৃশ নাই; সর্ব্বাতিশায়ী, অনুত্তম। "অনুপাম সভার বর্ণনা ম ১৮২। ৪ অসদৃশ, অপ্রতিরূপ। "সেই মুষ্টিপাতে মধ্যে ভাঙ্গিল সে থাম। উর্দ্ধখণ্ড ভূতলে পড়িল অনুপাম॥—ব.প ৬০০। ৫ অতিরমণীয়, পরমসুন্দর। "মুখচন্দ্র অনুপাম ক.চ ৬১; ১১৭। পুরী অতি-অনুপাম কৃ.উ ১০৫। গ্রাম অতি-অনুপাম চৈ.চ ৭৫। বেশ অতি-অনুপাম শ্রী.ম ১৬৮। ৬ উৎকৃষ্ট, অব্যর্থ। "অশ্বের চিকিৎসা আমি জানি অনুপাম ম ৫৮৭। ৭ অতিপরিপাটি, নির্ম্মাণকৌশলময়। "সোনার দুপাটী দণ্ড গঠে অনুপাম শ্রী.মা ৯৪। —ম ক্রি.বিং অতুলনীয়ভাবে, অতিসুন্দর, অতুল। "পীত বসন কটি শোভে অনুপাম গ ৪০। [অনু-হিপাম—অনুপাম, অতিমধুর ('হি' স্বরের দীর্ঘতাজন্য)। "মধুর মধুর, ঐ রাগ-রাগিণী, বাজাই অনুহিপাম চ.সা ২১০।]

অনুপার্শ্ব বিণ [পার্শ্বকে অনুগত, প্রা.স; স্ত্রী -র্শ্বা] পার্শ্বগত, পার্শ্বিক (Lateral)।

অনুপাল্য বিং [অনু+ √পালি+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -ল্যা; অপ্র] অনুরূপ (সমভাবে) পালনীয়; রক্ষণীয়। "অনুপাল্য তোমার আমরা সর্ব্বজন চৈ.ভা ১৬৪।

অনুপূর্ব্ব বিণ [পূর্ব্বকে অনুগত, প্রা.স; স্ত্রী -র্ব্বা] ১ পূর্ব্বানুগত, যথা-ক্রমপ্রাপ্ত, অনুক্রমিক। ২ পশ্চাদ্গামী (ত.বা)। ৩ সৌষ্ঠবসম্পন্ন, সম-প্রমাণ, সুজাত সুঘটিত (Symmetrical)। "°গাত্র, °দংষ্ট্র, °নাভি, °পাণি, °জ্রু। ৪ গোপুচ্ছাকার। "°কেশ। বৃত্তানুপূর্ব্বে...জঙ্ঘে কু.স ১.৩৫। °র্ব্বায়তবৃত্তবাহু কি ১৭.৫০। ৫ নিকৃষ্টপ্রমাণ। "অনুপূর্ব্বা ইতরে (পশবঃ)। —কাত্যায়নশ্রৌতসূত্র ৮.৮.২০। [°বৎসা (স্ত্রী)—যে গাভী নিয়মিতভাবে বৎস প্রসব করে (অথর্ব্ববেদ ৯.৫.২৯)।]

অনুপেত বিণ [ন উপেত, ন.ত] ১ উপেতভিন্ন, অনুপগত, অনন্বিত। ২ অনুপনীত। "ন স্ত্রী জুহুয়ান্নানুপেতঃ (স্মৃতি)।

অনুপ্ত বিণ [ন উপ্ত, ন.ত] অকৃতবপন (বীজ)। "°শস্য (ভূমি)।

অনুপ্রদান ক্লী [অনু-প্র+ √দা+অন (ল্যুট্)-ভা] বর্ণোচ্চারণে বাহ্যপ্রযত্নবিশেষ। "পা ৮.২.১, সি।

অনুপ্রপন্ন বিণ [অনু-প্র+ √পদ্+ত (ক্ত)-ক] অনুপ্রাপ্ত, অনুগত। "(ধর্ম্মঃ) ত্রেতাকালে জ্ঞানমনুপ্রপন্নঃ মহা ১৩.১৫৮.১০।

অনুপ্রবেশ পুং [অনু-প্র+ √বিশ্+অ (ঘঞ্)-ভা] ১ পশ্চাৎ প্রবেশ বা গৃহান্তর্গমন। "মহা ১.২১৩.১৯; ৩১; ৩২। ২ প্রবেশ, অন্তর্গমন। "রঘু ৩.২২। ৩ অন্যের শরণাগতভাবে ছন্দানুবর্ত্তন। "মাঘ ৯.৪৮। বল-বতাভিভূতস্য বিদেশগমনং তদনুপ্রবেশো বা নীতিঃ।—পঞ্চ ১$\frac{8}{৮৮}$।

অনুপ্রয়াত বিণ [অনু-প্র+ √যা+ত (ক্ত)-ক, -র্ম্ম; স্ত্রী -তা] অনুগত, অনুসৃত। "রত্যা চ সাশঙ্কমনুপ্রয়াতঃ কু.স ৩.২৩।

অনুপ্রসাদন ক্লী [অনু-প্র+ √সাদি+অন (ল্যুট্)-ভা] অনুপ্রীণন, কোপাপনয়ন। "প্রিয়ানুপ্রসাদনব্রত বিক্র ৩$\frac{2}{5}$।

অনুপ্রসূত বিণ [অনু-প্র+ √সূ+ত (ক্ত)-র্ম্ম] পশ্চাৎ বা যথাক্রমে নির্ম্মিত। "সৃষ্টিস্তথৈবেয়মনুপ্রসূতা মহা ১৩.১৫৮.৮।

অনুপ্রাণন ক্লী [অনু-প্র+ √অন্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] ১ প্রাণশক্তিদান, প্রাণসঞ্চারণ, উজ্জীবন (Animation)। ২ (বাঙ্লায়) উত্তেজন, উৎসাহন, উৎসাহিত করা। —ণিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ উজ্জীবিত (Animated)। ২ সমর্থিত, দৃঢ়ীকৃত। "উৎপ্রেক্ষানু-প্রাণিতা স্বভাবোক্তিঃ (A.)। ৩ (বাঙ্লায়) উত্তেজিত, উৎসাহিত।

অনুপ্রাপ্ত বিণ [অনু-প্র+ √আপ্+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ আসাদিত,

আগত, প্রাপ্ত। "নগরান্তমনুপ্রাপ্তম্ (পুত্রম্) রা ২.৪২.১৩। গঙ্গা-তীরমনুপ্রাপ্তাঃ মহা ১.১৫০.১৯। ২ আশ্রিত, গত। "শরণং ত্বামনুপ্রাপ্তা গো.রা ৩.২৭.৯। ৩ উপস্থিত, আগত। "ততো রস্তরমনুপ্রাপ্তঃ রা ৪.৩৯.৩২; ৩.৬৯.৪৫; ৪৬। ৪ সমাগত, আরব্ধ। "প্রাবৃড়নুপ্রাপ্তা রা ২.৬৩.১৪। ৫ প্রাপ্ত, লব্ধ।

অনুপ্রাস পুং [অনু-প্র+ √অস্+অ (ঘঞ্) -ভা] রসাদির অনুকূল-ভাবে প্রকর্ষরূপে সমবর্ণের ন্যাস; রসাদির অনুকূল সদৃশ বর্ণের ন্যাসরূপ শব্দালঙ্কারবিশেষ। [ইহাতে স্বরের বৈষম্য থাকিলেও ব্যঞ্জনবর্ণের পদের বা পদাংশের সাম্য থাকে (বর্ণসাম্যমনুপ্রাসঃ কা.প্র। সা.দ ১০.৩)। অনুপ্রাস পঞ্চবিধ—ছেকানু°, বৃত্ত্যনু°, শ্রুত্যনু°, অন্ত্যানু°, লাটানু°। "জয় নন্দ-নন্দন, ব্রহ্ম-বন্দন ইত্যাদি (কাব্যনির্ণয়)।]

অনুপ্লব পুং [অনু+ √প্লু+অ (অচ্)-ক] অনুচর, সহায়। "সানু° রঘু ১৩.৭৫। ম.চ ৭.১৯।

অনুবংশ পুং [প্রা.স] ১ অনুক্রমিক বংশ; ক্রমিক সন্তানগণ; অপত্য-পরম্পরা, বংশাবলি। "°শ্লোক মহা ১.৯৫.৯, ২৭; ৪৬। ২ অনুজাত বংশ; শাখাবংশ। "বংশানুবংশচরিত (অ.চি)। —শ বা [অব্যয়ী-ভাব] বংশানুক্রমে।

অনুবচন ক্লী [অনু+ √বচ্+অন (ল্যুট্)-ভা; বৈদিক] ১ অনুরূপ কথন; অনুভাষণ, পুনরুক্তি। ২ অভ্যাস, আবৃত্তি, পাঠ। "বেদানু° যাজ্ঞ ৩.১৯০। সাবিত্র্যনু° মনু ২.৩৮, কুল্লূক। ৩ ঋত্বিকের নির্দ্দেশানুসারে মন্ত্রের আবৃত্তি। ৪ [+অন-র্ম্ম] অধ্যায়, পরিচ্ছেদ (M.W.)।

অনুবদ্ধ বিণ [অনু+ √বন্ধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্বদ্ধ, সংশ্লিষ্ট। ২ অনু-স্যূত, অবিচ্ছিন্ন। "°কুলবৈরঃ (বে)। ৩ সম্পৃক্ত, পরস্পরসংশ্লিষ্ট। "°ক্কার্থানর্থসংশয় (দশকুমার)। ৪ অনুপ্রেরিত, সমাহিত, অধিষ্ঠাপিত। "কলহংসানুবদ্ধবক্ত্র্যা (দশকুমার)। ৫ [+ত-ক] নিরন্তরলগ্ন। "°মুগ্ধ-কাকলিবিহসিত উ.চ ৩২/১৮।

অনুবধি ক্রি.বিং ['অনবধি'—মূল; তু 'অনুক্ষণ', 'অনুব্রত'; অপ্র] অবধিহীন, সতত। "অনুবধি কহে সবে ম ১৪৬, অনুবধি করিলেন সূর্য্যের সেবন ১৬৭; ভজে পদ্মা অনুবধি ৩০৩; অনুবধি সেবে ৩৯৯। অনুবধি কহে মুনিগণ ব.প ৬৭২।

অনুবন্ধ বিণ [অনু+ √বন্ধ্+অ (অচ্)-ক] সতত, অবিরত। "°সেবা রঘু ৯.৬৯। —ন্ধ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বন্ধ, বন্ধন। "তাহাকে তোমার কেন প্রেম-অনুবন্ধ চ.বি ১৭। ২ সতত সম্বন্ধ; অবিচ্ছেদ। "শোকানু°, মৎসরানু°। অনর্থং সানুবন্ধম্ (বিদিত্বা) গো.রা ৫৮১.৪। সানুবন্ধাঃ···সম্পদঃ রঘু ১.৬৪। ৩ অবিশ্রান্তবহন, অবিরামপাত। "বাষ্পং কুরু···বিরতানুবন্ধম্ শ ৩.১৫। ৪ আরম্ভ, উপক্রম। "বিহিত-ক্রীড়ানুবন্ধ।—অমরু ১৬। দক্ষ জীয়াইতে হর করে অনুবন্ধ ক.চ ১৮; বিবাহের অনুবন্ধ ৪৬। কর্ম্ম-অনুবন্ধ শ্রী.ম ১৬৮। দ্বিজকুলশব্দ গীত-অনু-বন্ধ জ্ঞা ৭০। ৫ অনুসরণ। "মরণানু° (কাদম্বরী)। শান্তজ্বরোঽপি শোধ্যঃ স্যাদনুবন্ধভয়ান্নরঃ (সুশ্রুত)। ৬ দোষোৎপাদ, দোষোৎপত্তি। "অনুবন্ধং বুদ্ধ্বোন্ত দণ্ডো বিধীয়তাম্ (শ.ক)। ৭ ইচ্ছাপূর্ব্বকদোষবিশেষাভ্যাস (ত.বা); পুনঃ পুনঃ অভিনিবেশ। "অনুবন্ধাদিকম্ দৃষ্ট্বা সর্ব্বং কার্য্যং যথাক্রমম্ (স্মৃতি)। ৮ পুনঃ পুনঃ প্রবৃত্তি বা প্রবৃত্তিকরণ (মেধাতিথি); ফলসাধনে পুনঃ পুনরনুষ্ঠানাভ্যাস (ত.বা)। "মনু ৮.১২৬। ৯ প্রকৃতের (প্রক্রান্ত বিষয়ের) অনুবর্ত্তন; আরব্ধ বিষয়ের অত্যাগ (অ.টী)। ১০ সম্বন্ধ (ত.বা)। "যৌবন অবধি রাখ অনুবন্ধ বি.সা ৩০৬। পৃথিবী হইতে সীতার জন্মের অনুবন্ধ কৃ.উ ২৭৫। ১১ (গণিতে) ভগ্নাংশের সঙ্কলন। ১২ [+অ-র্ম্ম] পশ্চাদ্ভাবী শুভাশুভ; ফল (গী.টীকা)। "গী ১৮.২৫। ১৩ পরিণাম, অবসানোত্তরকাল (গী.টীকা)। "যদগ্রে চানুবন্ধে চ সুখং মোহনমাত্মনঃ (তত্তামসম্) গী ১৮.৩৯। ১৪ অবস্থা। "হৃদয়ানু° উ.চ ৩২/১৬। ১৫ পুত্রাদি-পরিকর (রা.টীকা); পুত্র-প্রভৃতি পরিজন। "সানুবন্ধা হতা হ্যসি রা ২.৭.২৯। সানু°।—মহা ৩.১২০.৬। ১৬ বাতপিত্তাদি দোষের অপ্রাধান্য বা গৌণলক্ষণ। "মূর্চ্ছানুবন্ধা বিষমজ্বরাঃ (সুশ্রুত)। ১৭ (ব্যাকরণে) প্রকৃতি প্রত্যয় আদেশ আগমের বিকরণগুণবৃদ্ধ্যাদি-কার্য্যার্থ বিনশ্বর ইৎ-সংজ্ঞক বর্ণ। "যেমন, প্রকৃতি—চিতী (√চিৎ-'ঈ'), প্রত্যয়—অ'চ্', আদেশ—খ্যা-'ঞ্', আগম—অ-'ট্'। "প্রকৃতিপ্রত্যয়য়োরিবানুবন্ধঃ কি ১৩.১৯। ১৮ প্রকৃতি—শব্দ ও ধাতু (A.)। ১৯ (বেদান্তে) শাস্ত্রের আদিতে বক্তব্য অধিকারী বিষয় সম্বন্ধ ও প্রয়োজন (বেদান্তসার)। ২০ নিমিত্ত, কারণ। "এই অনুবন্ধে রাণী করয়ে ক্রন্দন দু ১০০; ১০১। ২১ [+অ (অচ্)-ক] মুখ্যানু-যায়ী শিশু, অর্থাৎ যে শিশু পিত্রাদির অনুগমন করে (অ.টী); (স্বামিমতে) মুখ্যানুযায়ী, অপ্রধান। ২২ প্রতিবন্ধ, বিঘ্ন। "বিরাত্রে চাগতং কস্মাৎ কোঽনুবন্ধস্তবাভবৎ মহা ৩.২৯৭.২৮। ২৩ বিষয়, বস্তু (দ্র ১৯)। "এবে কহি চৈতন্যলীলার ক্রম-অনুবন্ধ চৈ.চ ৪৯। ২৪ (বাঙলায়) প্রসঙ্গ, অভিনিবেশ। "গীত-অনুবন্ধ করি দিবস গোঙায় ব.প ৮০৬। ২৫ প্রবন্ধ, কৌশল। "হৈমবতী হর সনে হাসে মন্দ মন্দ। কান্ত সনে করিয়া কথার অনুবন্ধ॥—শি ৮৯। ২৬ শ্রেণী, পঙ্‌ক্তি। "সড়্ঋতু বসন্ত দন্তের অনু-বন্ধে কৃ.উ ৯২। ২৭ গ্রন্থন, রচনা। "মোহিত হইল লোকে গীতের অনু-বন্ধে কৃ.উ ২৭০; ২৭১। ২৮ নির্ব্বন্ধ, প্রযত্ন। "শ্রী.কী ১১৮; আঁচল ধরে, অনুবন্ধ করে ১৩১। অনুবন্ধ করে বাঘা ভাঙ্গিতে পিঞ্জর শ্রী ৭৬। মাতল মধুকরে, পীবইতে করু অনুবন্ধে।—গো ৫৯।—ন্ধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বন্ধন। "স্নেহানু° ভ ১.৬.৬। ২ সম্বন্ধ, সম্পর্ক, অন্বয়। "দুঃখং দুঃখানুবন্ধনম্ বিক্র (S.W.)। —ন্ধী (-ন্ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ন্ধিনী] ১ অবিচ্ছিন্ন। "সরসরমণীয়ানু-বন্ধিনী স্ত্রীজনকথা মা.মা ১২/২৫। অনুবন্ধি যশঃ রঘু ৬.৭৭। ২ সহচারী, অনুগামী। "গুণানু° রঘু ১.২২। দুঃখং দুঃখানুবন্ধি বিক্র ৪৩/৬। ৩ অনুরোধী পরিণামযুক্ত। "হিতানুবন্ধিভিঃ (ফলৈঃ) কি ১.২০। কর্ম্মানু° গী ৫.২। ৪ অনুস্যূত, অবিচ্ছেদজাত। "কু.স ৫.৩৪। ৫ সম্পৃক্ত, সমন্বিত। "মা.মা ৯২/১৬। ৬ নিরত। "পাপানু° রা ২.৪৯.৫।

অনুবর্ত্তন ক্লী [অনু+ √বৃৎ+অন (ল্যুট্)-ভা] ১ অনুসরণ, অনু-গমন। "লোকস্থিত্যনু° ম.চ ৪.৭। ২ অনিবৃত্তি, অত্যাগ। "অনুবন্ধ··· প্রকৃতস্যানুবর্ত্তনে (অ.কো)। ৩ পালন, অনুল্লঙ্ঘন। "আজ্ঞানু° হি ২২/৬৭৮। ৪ (ব্যাকরণে) পূর্ব্বসূত্রস্থপদের পরসূত্রে অন্বয়ার্থ অনুসরণ। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ অনুসরণীয়। ২ করণীয়, অনুষ্ঠেয়। "ক্রিয়াবিশেষো হ্যনুবর্ত্তনীয়ঃ গো.রা ৪.২৯.২১। —র্ত্তী (-র্ত্তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্ত্তিনী] ১ অনুবর্ত্তনকারী, অনুসারী, অনুগামী, পশ্চাদ্গামী। "ধর্ম্মানু°, পাপানু°। রা ১.৩৪.৮; জ্যেষ্ঠানু° ২.৪.২৬। চিত্তানু°, ছন্দানু°।—পঞ্চ ১.৭৫। পত্রলেখা ছায়ার ন্যায় রাজকুমারের অনুবর্ত্তিনী হইলেন।—কাদ ৩৪। ২ অনুযায়ী, অনুগত, বশীভূত। "পঞ্চ ১.৪১৪। ৩ অনুগামী, অনুষ্ঠাতা, কর্ত্তা। "অনীচানু° মহা ৩.৭৩.১৪। ৪ অনুরক্ত, অনুকূল। "ভৃত্যানামনু-বর্ত্তিনাম্। —পঞ্চ ১.৩২১; অনুবর্ত্তিনি কলত্রে ৩৭২। ৫ সদৃশ, তুল্য (M.W.)।

অনুবল ক্লী [অনুগত বল, প্রা.স] ১ সৈন্যের পশ্চাদ্গামী পৃষ্ঠরক্ষক সৈন্য; পার্ষ্ণিত্র (Rearguard)। "(নিজঘান রামঃ) তেষামনুবলম্ গো.রা ১.১.৫০। হনুর সৈন্যেতে থাক অনুবল হ'য়ে কৃ ৩০৬। ২ (বাঙলায়) সহায়। "কৃপা করি আপনি হইবে অনুবল ম ৪৯১। নকুল তাহার অনুবল অ.প ৯। আমি হব অনুবল ম.বি ১৫০। দক্ষের অনুবল ব.প ১২২। অনুবল নাহি অন্তজন।—হেম ৩৬। ৩ সাহায্য, কৃপা,

অনুগ্রহ, প্রসাদ। "সভার ঈশ্বরী তুষ্কি দেয় অনুবল গ ২০০। ধর্ম্ম-অনুবলে তাহা হইল উদয় ম ৬৬৮। তবে পতি জীয়াইব দেবী-অনুবলে ম.ভা ৫১। ৪ প্রভাব। "ব্যাসের তপের অনুবলে ভা.চ ২০৭। ৫ মায়া-বলে। "চাল কড়ি দেয় রামা যোগিনীর থালে। আচম্বিতে উড়ে তাহা দেবী-অনুবলে ম.ভা ৬৯।

অনুবশ বিণ [বশকে অনুগত, প্রা.স ; স্ত্রী -শা] বশানুগত, বশানুগ। "রামস্যানুবশঃ…ভরতঃ রা ২.৮৯.৬। —শ পুং অনুরোধ, অনুবর্ত্তন, নিদেশানুবর্ত্তিতা। "ভরতানুবশাৎ…গতঃ রা ২.৮.২৯।

অনুবাক পুং [অনু+ √বচ্+অ (ঘঞ্)-ভা] ১ অনুকথন, পশ্চাদ্-ভাষণ; আবৃত্তি, পুনঃপাঠ। ২ [+অ-র্ম্ম ; ছান্দস] ঋগ্‌যজুঃসমূহ (অ.টী); বেদবিশেষ (সুভূতি) ; গানশূন্য ঋগ্‌বিশেষ (ত.বা) ; বেদের বিভাগবিশেষ। "°কানুক্রমণী। পা ২.৩.৬ ; ৪.২৯। ৩ শস্ত্রনামক বেদাংশ (ত.বা)।

অনুবাচন ক্লী [অনু+ √বাচি+অন (ল্যুট্) -ভা] ১ অধ্যাপনা। ২ অধ্বর্য্যুর নিয়োগানুসারে হোতার ঋগ্‌মন্ত্রসমূহের আবৃত্তি।

অনুবাত পুং [অনুগত বাত, প্রা.স] অনুকূল বায়ু ; শিষ্যের দিক্ হইতে গুরুর দিকে প্রবাহিত (গুরুর অভিমুখগত) বায়ু ; বিপ 'প্রতিবাত'। "মনু ২.২.৩।

অনুবাদ পুং [অনু+ √বদ্+অ (ঘঞ্) -ভা] ১ কথিত বিষয়ের পুনঃ কথন ; পুনরুক্তি। "গুণানু° (কাদম্বরী)। ২ অনুক্ষণ কথন ; অনুকীর্ত্তন। "উত্তমঃশ্লোকগুণানুবাদ।—ভ ১০.১.৪। লিখিত গ্রন্থের যদি করি অনুবাদ। তবে সে গ্রন্থের অর্থ পাইয়ে আস্বাদ॥—চৈ.চ ৬৯ ; ২৫৩ ; অন্ত্যলীলাগণের করি অনুবাদ ৩৫৬। ৩ সিদ্ধ বস্তুর উপন্যাস বা কথন (সি)। "পা ২.৪.৩। ৪ বিধিপ্রাপ্ত বিষয়ের বাক্যান্তরে অনুবচন বা পুনঃ কথন। 'বিধিবিহিতস্যানুবচনমনুবাদঃ (ন্যায়সূত্র)। [অনুবাদ ত্রিবিধ—১ ভূতার্থানুবাদ। "প্রথমে সৎই ছিলেন। ২ স্তুত্যর্থানুবাদ। "বায়ু ক্ষিপ্রতম দেবতা। ৩ গুণানুবাদ। "দধি দ্বারা হোম করিতেছে।] ৫ ভাষান্তরে পুনঃকথন ; ভাষান্তরকরণ, তরজমা (Translation)। ৬ [+অ-র্ম্ম] কুৎসিতার্থ বাক্য ; গালি, অপবাদ। "কবহু মাধব সেই মানিনী প্রসাদে। আসিব, যায়ব তুয়া দূত অনুবাদে শ্রী.ম ১৪২। ৭ কিংবদন্তী, জনশ্রুতি। ৮ প্রথমে কথিত জ্ঞাত বস্তু ; উদ্দেশ্যপদ। "অনুবাদমনুক্ত্বা তু ন বিধেয়ম্ উদীরয়েৎ (একাদশীতত্ত্ব)। 'বিধেয়' কহিয়ে তারে যে বস্তু অজ্ঞাত। 'অনুবাদ' কহি তারে যেই হয় জ্ঞাত॥ চৈ.চ ৭ ; ৫৯। ৯ (বাঙ্‌লায়) প্রতিকূলতা, শত্রুতা। "খাইতে নাহি ঘরে, সাধ বহু করে, বিহি করে অনুবাদ চ.দা ৫১। মনে ছিল অনুবাদ…অকলঙ্ক কুলে কালি দিল জ্ঞা ১৫৩। ১০ প্রশংসা, স্তুতিবাদ। "ধন্য ধন্য করিয়া করিল অনুবাদ গ ১৯৪। —বাদক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -দিকা] ১ অর্থব্যঞ্জক, অর্থপ্রকাশক (Explanatory)। ২ অনুগুণ, সদৃশ, অনুরূপ। ৩ (বাঙ্‌লায়) যে অনুবাদ করে ; ভাষান্তরকারক (Translator)। —বাদিত বিং [সং অনূদিত ; 'অনুবাদিত' (M.W.)—অসাধু] সর্থ 'অনূদিত'। —বাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক -১ব ; স্ত্রী -দিনী] ১ সর্থ 'অনুবাদক (১)। ২ সূচক, দ্যোতক, প্রকাশক। "আরম্ভশ্চ সাহসানুবাদী (দশকুমার)। ৩ অনুভাষী। "প্রিয়বচনশতানুবাদিনো হরিতনয়াঃ গো.রা ৪.৬২.২৫। ৪ সদৃশ, অনুরূপ। "যুক্তগীতানুবাদী গো.রা ৫.১৪.১০। তদনুবাদিগুণ রঘু ৯.৩০। গীতং শঙ্খবাদানুবাদি।—পঞ্চ (S.W.। —বাদী পুং (সঙ্গীতে) গীতে যে স্বর বাদী ও সংবাদী অপেক্ষা ন্যূনসংখ্যক, অর্থাৎ কম লাগে (গী.সা)। —বাদ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম, পা ৩.১.১০৬, সি ; স্ত্রী -দ্যা] অনুকীর্ত্তনীয়, পুনর্ব্যাখ্যেয়। —বাদ্য ক্লী উদ্দেশ্য (The subject of a predicate)। "অনুবাদ্যমনুক্ত্বৈব ন বিধেয়মুদীরয়েৎ সা.দ ৭.৩ ('অবিমৃষ্টবিধেয়াংশত্ব'এর টীকা)

অনুবাদক, -বাদিত, -বাদী, -বাদ্য দ্র 'অনুবাদ'।

অনুবাস পুং [অনু+ √বাসি+অ (অচ্)-ভা] ১ ধূপাদি দ্বারা সুরভীকরণ ; ধূপন। ২ বস্ত্রাদিসুরভীকরণ। ৩ [+অ-ণ] স্নেহবস্তি (Oily enema)। 'বস্তির্দ্বিধাঽনুবাসাখ্যো নিরূহশ্চ (সারকৌমুদী)। —বাসন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'অনুবাস' (১ ; ২)। "পা ৫.১.১১১। ২ স্নেহন, অর্থাৎ স্নেহবস্তি (তৈলপিচ্‌কারী) দ্বারা বস্তিকর্ম্ম বা তৈলাক্ত করা। ৩ [+অন-ণ] স্নেহবস্তি, তৈলপিচ্‌কারী (Oily enema)। —বাসন পুং অনুবাসনদ্রব্য। "সুশ্রুত ৪.৩৭.২। —বাস্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ সুরভীকরণীয়, ধূপনীয়। ২ বস্তিকর্ম্ম দ্বারা চিকিৎসনীয়। "সুশ্রুত ৪.৩৬.১৬।

অনুবিদ্ধ বিণ [অনু+ √ব্যধ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -দ্ধা] ১ নির্ভিন্ন, সমুৎকীর্ণ, ছিদ্রিত। "কীটানুবিদ্ধরত্ন সা.দ ১ ২/তৃ। ২ সংশ্লিষ্ট, সমন্বিত। "সরসিজমনুবিদ্ধং শৈবলেনাপি রম্যম্ শ ১.১৮। ৩ খচিত, মণ্ডিত। "রত্নানুবিদ্ধাঙ্গদ রঘু ৬.১৪। ৪ সহগুম্ফিত, সংগ্রথিত। "রঘু ১৩.৫৪। ৫ ব্যাপ্ত, নিচিত। "প্রভয়ানুবিদ্ধান্ (অঙ্কান্) রঘু ৬.১৮ ; রত্নানু-বিদ্ধার্ণব ৬৩। পাণ্ডুতানু° (দশকুমার)। ৬ সম্পৃক্ত, সমন্বিত। "স্নেহ-রসানু° কু.স ৩.৩৫। দেশবার্ত্তানু° (দশকুমার)। ৭ সংসিক্ত, আর্দ্রী-কৃত। "স্বেদানুবিদ্ধার্দ্রনখক্ষতাঙ্ক রঘু ১৬.৪৮। ৮ আবিষ্ট, অন্বিত। "কোপানুবিদ্ধাং চিন্তাম্ মু.৩ ২০/১১। ৯ অনুরুদ্ধ, অনুসৃত। "মাঘ ৫.২৫। ১০ অনুরঞ্জিত। "রত্নকরানু° মাঘ ৪.৪৯। —বিদ্ধ ক্লী [+ত-ভা] অনুবেধ, গ্রন্থন, গুম্ফন। "অলকে বালকুন্দানুবিদ্ধম্ উ.মে ২।

অনুবিধাতব্য বিণ [অনু-বি+ √ধা+তব্য -র্ম্ম ; স্ত্রী -ব্যা] পশ্চাৎ বিধেয় ; আদেশানুসারে করণীয়। "যদত্রানুবিধাতব্যং তৎ সর্ব্বং সংবিধী-য়তাম্ গো.রা ৫.৯৫.৪। —বিধান ক্লী [+অন (ল্যুট্)-ভা] আদেশানুরূপ অনুষ্ঠান। —বিধায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিন্)-ক -১ব ; স্ত্রী য়িনী] ১ অনুবর্ত্তী, অনুবন্ধী, অনুরোধী, অনুসারী। "ভবি-তব্যতানুবিধায়ীনি বুদ্ধীন্দ্রিয়াণি বিক্র ৩ ৩/১। ২ অনুরক্ত, বশ্য, বচনকর। "সা স্ত্রী যানুবিধায়িনী হি ২.১৩৯। ৩ অনুকারী। "শ্বসিতানুবিধায়িনি (মরুতি) মাঘ ৬.২৩।

অনুবৃত্ত বিণ [অনু+ √বৃৎ+ত (ক্ত)-ক ; স্ত্রী -ত্তা] ১ কৃতানু-বর্ত্তন, অনুগত, অনুযাত। ২ আদেশকর, বশ্য। ৩ (ব্যাকরণে) পূর্ব্ব-সূত্র হইতে পরসূত্রে আকাঙ্ক্ষাপূরণার্থ অন্বিত (পদাদি)। ৪ (অন্তর্ভা-বিতণ্যর্থ) অবিচ্ছেদে প্রবর্ত্তিত। "অম্ব অনুবৃত্তস্ত্বয়া ভগীরথকুলে প্রসাদঃ উ.চ ৭ ৯/২। ৫ [বৃত্তকে অনুগত প্রা.স] অনুপূর্ব্বভাবে বৃত্তত্বগুণযুক্ত (রা.টীকা) ; ক্রমে বৃত্তাকারপ্রাপ্ত ; বর্ত্তুলাকৃতি, গোল। "°নখ রা ৬.৪৮.১০। °পীনবাহু (কাদম্বরী)। ৬ শীলানুগত। —বৃত্ত ক্লী [+ত -ভা] অনুবর্ত্তন, অনুসরণ। "মূর্খং ছন্দানুবৃত্তেন (গৃহ্লীয়াৎ)।—চাণক্য। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ অনুসরণ, অনুগমন। "তবানুবৃত্তিং ন চ কর্ত্তুমুৎসহে কু.স ৫.৬৫। ২ চিত্তানুবর্ত্তন। "উ.চ ৭.৫। ৩ অবি-চ্ছেদপ্রবর্ত্তন, অনুবন্ধ। "স্নেহানু° হি ১ ৭৩/৯১। ৪ আদর, সেবা (শ্রীধর)। "বৃদ্ধানু° ভ ১.১৮.১৮। ৫ অন্বয়। "ভ ১.১.১, শ্রীধর। ৬ পুনঃ পুনঃ উদ্ভাবন। "দোষানু° সা.দ ৩ ২০/১১। ৭ অনুরঞ্জন। "কান্তানু° উ.চ ৩ ২৫/১৬। ৮ উচিতকর্ম্মানুষ্ঠান (রা.টীকা)। "দেশকালানু° রা ৪.৪৪.৭। ৯ (ব্যাকরণে) পূর্ব্বসূত্রস্থ পদের পরসূত্রে আকাঙ্ক্ষাপূরণার্থ অনুবর্ত্তন। ১০ অনুমোদন (শ.ক) ১১ অনুকরণ। ১২ আবর্ত্তন, অভ্যাস, পুন-রুক্তি। "বর্ণানামনুবৃত্তিরনুপ্রাসঃ (A.)।

অনুবেদন বি [অপ্র] সহানুভূতি, অনুগ্রহ। "তুমি অনুবেদন করিলে পাই হরি শি ৪৯

অনুবেধ পুং [অনু+ √বিধ্+অ (ঘঞ্)-ভা] সচ্ছিদ্রীকরণ, নির্ভেদ। "কীটানু° সা.দ ১ ২/তৃ।

অনুবেশ্য পুং [অনুবেশ+য (যৎ) 'তদর্হ' অর্থে] অনুবেশার্হ, প্রতিবেশীর পরবর্তী গৃহবাসী। "মনু ৮.৩৯২।

অনুবোধ পুং, **-বোধন** ক্লী [অনু+বুধ্+অ (ঘঞ্), +অন (ল্যুট্), -ভা] পশ্চাৎ বোধ ; স্মরণ, উদ্বোধন। —বোধিত বিণ [+ √বোধি+ত (ক্ত)-র্ম] উদ্বোধিত। "সম্যগনুবোধিতোঽস্মি শ ঽ (প্রস্তাবনা)।

অনুবোল বি [অপ্র] অনুকূল বাক্য ; হিতবাক্য, মঙ্গলকথা। "আশিখ করেন রাণী বিবিধ অনুবোলে কৃ.অ ৯।

অনুব্যাধ পুং [অনু+ √ব্যধ্+অ (ঘঞ্) -ভা] সংসর্গ, সম্পর্ক। "মুখামোদং মদিরয়া কৃতানুব্যাধম্ মাঘ ২.২০।

অনুব্যাহরণ ক্লী, **-ব্যাহার** পুং [অনু-বি-আ+ √হৃ+অন (ল্যুট্), +অ (ঘঞ্), -ভা] পুনরুচ্চারণ, পুনঃপাঠ (রা.টীকা)। "সোঽস্যনুব্যাহরণাদ্ ভূয়ঃ শোকঃ শ্লোকত্বমাগতঃ রা ১.২.৪০।

অনুব্রজ[১] সর্ম [সং অনু+ √ব্রজ্] ১ অনুসরণ করা। "রামে অনুব্রজি যায় সকল নগর কৃ.উ ২৮৫। সীতা অনুব্রজি যায় কৃ ৯৪ ; অনুব্রজি যায় ১৯৮। ক.চ ১০৭ ; অনুব্রজি গেল রাজা ২৯২। চৈ.চ ১১১। ২ প্রত্যুদ্গমন করা ; আগ বাড়াইয়া লওয়া। "তাঁরে অনুব্রজিয়া সে লয়েন জনক কৃ ৭৭। মালা দিয়া অনুব্রজি আনাইব যারে চৈ ১৪৪ ; ২১১। ৩ (অপ্র) অভ্যর্থনা করা। "ব্রহ্মা অনুব্রজিবারে আইল সব ঋষি কৃ.উ ২৭৬। [অনুব্রজি—অনুসরণ করিয়া। "অনুব্রজি চলিল কৃ.উ ১৫৭ ; ২৭৮। অনুব্রজিবারে—অনুসরণ করার নিমিত্ত। "কৃ.উ ১৬১। অনুব্রজ্যা—অনুব্রজিয়া, সঙ্গে লইয়া। "অনুব্রজ্যা তিনভাই রাম আল্য ঘরে কৃ.উ ১৫৮।]

অনুব্রজ[২] বি [সং অনুব্রজন ; অপ্র] ১ অনুগমন, সহগমন। "লক্ষ্মণেরে দিলেন অনুব্রজের কারণ কৃ.উ ১৫৭। —ব্রজে ক্রি.বিং অনুগমনপূর্ব্বক, সঙ্গে সঙ্গে। "অনুব্রজে এল সঙ্গে গব্যূতি অয়ন শ্রী.মা ১৩১। ভরত লক্ষ্মণ দোঁহে অনুব্রজে গেলা কৃ.উ ১৯১। ২ প্রত্যুদ্গমনপূর্ব্বক। "অনুব্রজে আনিতে গেলেন ভরতেরে কৃ.অ ২৫। অনুব্রজে লও রাজা অজের কুমারে কৃ ৭৬।

অনুব্রজন ক্লী [অনু+ √ব্রজ্+অন (ল্যুট্)-ভা] ১ অনুগমন, অনুসরণ। ২ বন্ধুজন কর্ত্তৃক প্রস্থিত বন্ধুর বনান্ত জলসমীপ বা ক্রীড়াবন পর্য্যন্ত অনুগমন (দ্র 'নৈ ১.৭৫, টীকা)। "পদব্রজে শ্রীরাম চলিলা অনুব্রজনে কৃ.উ ২১৯। —ব্রজ্যা স্ত্রী [+য (ক্যপ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অনুগমন। ২ প্রস্থিতের অনুগমন (দ্র 'অনুব্রজন')। "মনু ৩.১০৭। অভ্যুত্থান অনুব্রজ্যা তীর্থগৃহে গতি চৈ.চ ২১৬। [অনুব্রজনে—অনুগমনপূর্ব্বক।]

অনুব্রত[১] বিণ [অনুকূল ব্রত যাহার, বহুব্রী ; স্ত্রী -তা ; ছান্দস] ১ অনুকূলকার্য্যকারক, অনুকূলকর্ম্মা। বিপ 'অপব্রত' (ছান্দস)। "বৈশ্যাঃ ক্ষত্রমনুব্রতাঃ রা ১.৬.১৯। ২ অনুরক্ত, অনাসক্ত। "অহং রামমনুব্রতা রা ৩.৪৭.৩৩। (নলঃ) দময়ন্তীমনুব্রতঃ।—মহা ৩.৫৪.২৭ ; ৬৫.৫৬। ৩ অনুকূল। "ভ ৭.৫.১২। ৪ [ব্রতকে অনুগত, প্রা.স] যথাবিধি পালিতব্রত। —ত পুং পার্ষদ, অনুচর। "হরেরনুব্রতাঃ ভ ২.৯.১০।

অনুব্রত[২] ক্রি.বিং [সং অনবরত ; অপ্র] সর্ব্বদা, অবিরত। "মোর বাপে স্তুতি শুক্র করে অনুব্রতে ম ৬৬ ; সাধু পিয়ে অনুব্রত ২১৩ ; ৩২৩। অনুব্রত থাকিএ এথাতে জ ২৯। কপা অনুব্রত চৈ.ম ৩৬ ; ৪৭। নৃত্য গীত হয়ে অনুব্রত ব.প ৬৭৩ ; ৬৯০। অনুব্রত ঐ পদ ধোয়াই দা ৩৮২।

অনুভই ক্রি ["অনুভবি—মূল ; অপ্র] অনুভব করি ; ভোগ করি। "যবে সে রাবণ যেন হএ দশমুখ। তবে কিছু অনুভই মথুরার সুখ॥ —ব.প ৮৪৪।

অনুভব[১] পুং [অনু+ √ভূ+অ (অপ্)-ভা] ১ 'বিষয়ের অনুরূপ ভবন', অর্থাৎ বিষয়াকারে বুদ্ধিবৃত্তির পরিণতিরূপ বৃত্তি ; স্মৃতিভিন্নজ্ঞান ; উপলব্ধি। "অনুভবং বচসা সখি লুম্পসি নৈ ৪.১০৫। সখি কি পুছসি অনুভব মোয় ঃ কত বিদগধ জন. রসে অনুমগন. অনুভব কাহু না পেখ বি.প ২১৪। ২ প্রত্যক্ষ অনুমান শব্দ উপমান অর্থাপত্তি অনুপলব্ধি সম্ভব ঐতিহ্য—এই অষ্টবিধ। [ইহাদের মধ্যে ক্রমান্বয়ে চার্ব্বাক একটি, কণাদ বৌদ্ধ দুইটি, সাংখ্য পাতঞ্জল তিনটি, নৈয়ায়িক চারিটি, প্রভাকর পাঁচটি, বেদান্তী মীমাংসক ছয়টি ও পৌরাণিক আটটি অনুভব স্বীকার করেন।] ৩ বহুদর্শিতাজন্য জ্ঞান ; বুদ্ধি। "নিশ্চিতানুভবশ্চাপি হনুমান্ কার্য্যসাধনে গো.রা ৪.৪২.৯। ৪ পরিণাম (?) (A.)। ৫ (বাঙ্‌লায়) অনুভবসিদ্ধ বিষয় ; রহস্য, তত্ত্ব। "অল্পে সর্ব্বশাস্ত্রের জানিব অনুভব (চৈ.ভা)। [অনুভবি—অনুভব করি। "বি.প ১২৪।]

অনুভব[২] বি [সং অনুভাব ; অপ্র] প্রভাব, মহত্ত্ব, মহিমা, দৈবশক্তি। "না জানি পাইল প্রাণ কার অনুভবে ম ৫৪২। নিশ্চিত দেখিলুঁ আজি কিছু অনুভব ঃ ব্রহ্মাদির দুর্লভ দেখিব অনুভব চৈ.ভা ১৫৭। ঐ অনুভবে এ সকল ঃ জানিনু তোমার অনুভব ভা.চ ৪৩৮।

অনুভাগ বি [অপ্র] অনুরূপ ভাগ ; যোগ্য অংশ। "চ.বি ১৫১।

অনুভাব পুং [অনু+ √ভাবি+অ (অচ্) -ণ] ১ যাহা দ্বারা উদ্বোধিত হয় (ত.বা) ; রাজার কোষদণ্ডজাত তেজোবিশেষ ; প্রভাব। "°বিশেষ রঘু ১.৩৭। মহানু° শ ৩৫। গী ২.৫। উ.চ ৬.২০ ; ৪১। ২ তেজঃ। "লোকপালানু° রঘু ২.৭৫। ৩ মহিমা, মহত্ত্ব। "রঘু ১০.৩৮। ভক্ত লাগি কৃষ্ণের সকল অনুভাব চৈ.ভা ১৫৯। অলৌকিক অনুভাব চৈ.চ ১১। ৪ মতিনিশ্চয়, অভিপ্রায়নিশ্চয়। "মহানু°। ন নিহন্তি ধৈর্য্যমনুভাবগুণঃ কি ৬.২৮ ; ১৩.১৫। ৫ সামর্থ্য। "°সম্পদ্।—মাঘ ১৪.৫। তোমাদের অনুভাবে আমার কল্যাণ কৃ.উ ১৫৮। ৬ নিশ্চয়, স্থিরতা, নির্দ্ধার। ৭ অবশ্যম্ভাবিতা (শ.ক)। ৮ (অলঙ্কারে) যাহা দ্বারা রত্যাদি প্রকাশিত হয় (অ.টী) ; ভাববোধক, অর্থাৎ রত্যাদিসূচক গুণক্রিয়াদি ; রসব্যঞ্জক, অর্থাৎ স্থায়িভাবের কার্য্যসূচক ভ্রূভঙ্গাদি। "সা.দ ৩.১৩২। —ভাবক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -বিকা] অনুভবজনক, বোধয়িতা, বোধক। "যৎপদেন বিনা যস্যানুভাবকতা ভবেৎ, আকাঙ্ক্ষা।—ভাষাপরিচ্ছেদ ৮৪। —ভাবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] প্রকাশন, ব্যঞ্জন, উদ্বোধন। "সা.দ ৩.১৩, টীকা। —ভাবী (-বিন্) বিণ [+ √ভূ+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -বিনী] ১ অনুভবকারক, উপলব্ধা, জ্ঞাতা। ২ সাক্ষাদ্দ্রষ্টা। "অনুভাবী তু যঃ কশ্চিৎ কুর্য্যাৎ সাক্ষ্যং বিবাদিনাম্ মনু ৮.৬৯। ৩ পশ্চাজ্জাত, কনিষ্ঠাদি। "অনুভাবিনাং পরিবাপণম্ (আপস্তম্ব)। [অনুভাবিয়া—অনুভাব, অর্থাৎ মতিনিশ্চয় করিয়া ; ঠিক করিয়া। "জ্ঞানদাস অনুভাবিয়া গায়। রসের বেভার লুকা না যায়॥—জ্ঞা ৯৯।]

অনুভাবক, -ভাবন, -ভাবী দ্র 'অনুভাব'।

অনুভাষণ ক্লী [অনু+ √ভাষ্+অন (ল্যুট্)-ভা] ১ পুনঃকথন, পুনরুক্তি। ২ সহভাষণ, সম্ভাষা। —ভাষিতা (-তৃ) পুং [+তৃ (তৃচ্) -ক -১ব ; স্ত্রী -ত্রী] অনুবক্তা। "রঘু ১৬.৮৬।

অনুভূত বিণ [অনু+ √ভূ+ত (ক্ত)-র্ম] ১ উপলব্ধ, জ্ঞাত। ২ উপভুক্ত, কৃতোপভোগ। ৩ [+ত-ক] পশ্চাজ্জাত। —ভূতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ অনুভব, উপলব্ধি, বোধ। "পেশীসঞ্চালনজন্য সুখানুভূতি পা.প্র ১৫১। ২ (দর্শনে) প্রত্যক্ষ অনুমিতিজাত উপমিতিজাত ও শব্দজাত—এই চতুর্বিধ জ্ঞান (ভাষাপরিচ্ছেদ)।

অনুমত বিণ [অনু+ √মন্+ত (ক্ত)-র্ম ; স্ত্রী -তা ; বৈদিক] ১ অনুজ্ঞাত, আদিষ্ট। "গুরুণানুমতঃ (উদ্বহেত দ্বিজঃ) মনু ৩.৪। রঘু ৫.১০। °গমনা শকুন্তলা শ ৪.১০। ২ অভিমত, অনুমোদিত।

"লক্ষ্মণানুমতং বচঃ গো.রা ৪.১২.৯। শ্রেষ্ঠে শ্রেষ্ঠে ক্ষত্রযুদ্ধ অনুমত কর্ম্ম ম ৮৩৪। ৩ অঙ্গীকৃত। "ভ্রূক্ষেপমাত্রানুমতপ্রবেশো কু.স ৩.৬০। উভয়ানুমতঃ সাক্ষী।—যাজ্ঞ ২.৭৪। ৪ অভীষ্ট, প্রিয়। "বৃষ্টিং চ কর্ষকজনানুমতাং করোতি (বৃহৎসংহিতা)। —মত পুং প্রিয়, দয়িত। "মাঘ ৬.৬৫। —মত ক্লী [+ত -ভা] ১ সম্মতি, অনুমতি, অনুমোদন। "রা ২.৭৫.২১। মনু ৫.১৫১। মহা ৩.৬৯.২২; যাস্তাবোহনুমতে তব ২৯৬.৮১। ২ অনুজ্ঞা, আদেশ। "মনু ৮.২৩১। ৩ অঙ্গীকরণ। "পরস্পরস্যানুমতে মনু ৮.৩৫৮। —মতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সম্মতি, অনুমোদন। "অকামানুমতো কামম্ (অ.কো)। ২ অনুজ্ঞা, আদেশ। ৩ [+তি-ধি] কলাহীন হইলেও যে তিথিতে পূর্ণিমাবিহিত যাগাদির অনুমতি আছে; ঊনেন্দু, অর্থাৎ চতুর্দ্দশীযুক্ত পূর্ণিমা; তদধিষ্ঠাত্রী দেবতা। মনু ৩৮৬। ৪ অঙ্গিরার পত্নী। "ভ ৪.১.৩৩। ৫ (বাঙলায়, অপ্র) অনুকূলমতি, প্রসন্ন। "আগচ্ছ মনসা দেবী হইয়া অনুমতি। সেবকে শরণ লইবে করিয়া ভকতি॥—ম.ম ২২। [°পত্র —কার্য্যবিশেষের অনুমতিসূচক লেখ্য (দলিল)। অনুমত্যনুসারে ('By order' এর অনুবাদ)—আজ্ঞানুসারে।]

অনুমনন ক্লী [অনু+ √মন্+অন (ল্যুট্)-ভা] ১ অনুমোদন (গী ১৩.২২, শঙ্কর)। ২ অনুচিন্তন। —মন্তা (-ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্) -ক-১ব; স্ত্রী -ত্রী] অনুমোদনকর্ত্তা, অনুমোদিতা (গী.টীকা), অনুমতিকারক। "গী ১৩.২২। মনু ৫.৫১।

অনুমরণ ক্লী [অনু+ √মৃ+অন (ল্যুট্) ভা] ১ পশ্চাৎ মরণ, মৃত পতির সহিত চিতারোহণপূর্ব্বক পত্নীর দেহত্যাগ; সহমরণ। "তন্মরণে চানুমরণং করিষ্যামি হি ৩৮৪। স্বামী সনে অনুমরণে মরে যেবা স্ত্রী কৃ.উ ৬৫। তিনজনের অনুমরণ গ ৭৬। অনুমরণ পতিব্রতার লক্ষণ নয়।—কাদ ৭০। ২ পতির মরণে তাহার মৃতদেহ অপ্রাপ্তিতে তৎপাদুকাদিগ্রহণপূর্ব্বক পৃথক্ চিতায় ক্ষত্রিয়াদিবর্ণের স্ত্রীর দেহত্যাগ (স্মৃতি)। [কাদম্বরীতে চন্দ্রাপীড়মহাশ্বেতা-সংবাদে বাণভট্ট অনুমরণ-প্রথার বিশেষ নিন্দা করিয়াছেন এবং উহা ব্যামোহমাত্র বলিয়াছেন।]

অনুমাতা (-তৃ) বিণ [অনু+ √মা+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] অনুমানকর্ত্তা। "ন হি করিণি দৃষ্টে চীৎকারেণ তমনুমিমতেঽনুমাতারঃ (ত.বা)। —মান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ (সাংখ্যে) ব্যাপ্যজ্ঞান দ্বারা ব্যাপকের নিশ্চয়। "মনু ১২.১০৫। [ইহা সাংখ্যের দ্বিতীয় প্রমাণ এবং ব্যাপ্তিজ্ঞানসাপেক্ষ। পূর্ব্ববৎ, শেষবৎ ও সামান্যতোদৃষ্ট ভেদে ইহা ত্রিবিধ (সাংখ্য, ৫)।] ২ বিতর্ক। "ইঙ্গিতৈরনুমানৈশ্চ (বৈদেহী) ময়া জ্ঞেয়া ভবিষ্যতি গো.রা ৫.১২.৪। মনু ৮.৪৪। ৩ [+অন-ণ] যাহা দ্বারা অনুমিত হয়; অনুমানসাধন, অনুমানবস্তু। "মর্ত্তব্যমিতি যদ্ দুঃখং পুরুষস্যোপজায়তে। শক্যস্তেনানুমানেন পরোঽপি পরিরক্ষিতুম্। হি ১.৬৯। ৪ অনুমাপক লিঙ্গ বা চিহ্ন। "অনুমানাৎ তু জানামি বৈদেহী সা ন সংশয়ঃ রা ৪.৬.৯। ৫ [প্রা.স] অনুরূপ মান; তুলনা, সাদৃশ্য। "আত্মনো হৃদয়ানুমানেন প্রেক্ষসে শ ৫২২। (অলঙ্কারশাস্ত্রে) অর্থালঙ্কারবিশেষ। [সাধন (হেতু) দ্বারা সাধ্যের (প্রতিপাদ্য বিষয়ের) জ্ঞান কবিপ্রতিভা-কল্পিত (চমৎকারজনক) হইলে, 'অনুমান' অলঙ্কার হয় (সা.দ ১০.৬৩। কা.প্র ১০.১১৭)। "তব তেজপ্রাদুর্ভাবে করি অনুমান। দৈত্য-আঁধারের আজি নিশা-অবসান॥]।

অনুমান সর্ম্ম [সং অনু+ √মানি (মানয়) >প্রা √ অণুমাণ (প্রা.ম) > বা √অনুমান; হি, ঠ √অনুমান] ১ অনুমান করা; অনুভব করা; হেতু দ্বারা নিশ্চয় করা; বোধ করা। "কঙ্কণধ্বনি শুনি, মনে অনুমানই, রাই মিলব মঝু কোর ব.প ১৮৭৭। রাইক অধর, লুবধ অনুমানিয়, দশনক দংশন মিঠ।—গো ১৫৫; হৃদয় পাষাণ, বচনে অনুমানিয়ে ১৯৭। ২ [অপ্র] অনুসরণ করা; মানা। "উপদেশ কহিল নীতিশাস্ত্র অনুমানি ম.বি ২৬৬। (বোধ হয়, অক্ষরানুরোধে 'মানি'-স্থানে 'অনুমানি' হইয়াছে)। [অনুমানল—অনুমান করিল। "গোবিন্দদাস, অতএ অনুমানল, মদন মোহন অবতার গো ৯৭।]

অনুমাপক বিণ [অনু+ √মাপি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -পিকা] যে অনুমান করায়; অনুমানের হেতুভূত (ব্যাপ্য)।

অনুমিত বিণ [অনু+ √মা+ত (ক্ত)-র্ম্ম] বিতর্কিত, ঊহিত, কৃতানুমান। "রাজলক্ষ্মীং তেজোবিশেষানুমিতাং দধানঃ।—রঘু ২.৭। অনুমিতোঽপি চ বাষ্পনিরীক্ষণাৎ নৈ ৪.১৮। —মিতি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] অনুমান, ব্যাপ্তিজ্ঞান দ্বারা লব্ধ জ্ঞান; অনুভূতিবিশেষ। [স্বার্থা পরার্থা ভেদে অনুমিতি দ্বিবিধ।]

অনুমৃত বিণ [অনু+ √মৃ+ত (ক্ত)-ক; স্ত্রী -তা] মৃতের পশ্চাৎ মৃত; সহমৃত। "স্ত্রী সকল ডাকিয়া জিজ্ঞাসা কর কথা। কেবা যাবে তোর সনে হ'য়ে অনুমৃতা॥—কৃ ২৫১। অনুমৃতা হয় রতি ক.চ ২২; ১০৭। গ ৭৬। শ্রী.মা ১৩। পৃথা পাণ্ডুর মরণোত্তর অনুমৃতা হন নাই। —কাদ ৭০। —মৃতা স্ত্রী যে স্ত্রী পতির মরণে তৎপাদুকাদি লইয়া চিতারোহণপূর্ব্বক প্রাণত্যাগ করে (M.W.)। দ্র 'অনুমরণ (২)।

অনুমেয় বিণ [অনু+ √মা+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -য়া] অনুমানযোগ্য, বিতর্কণীয়। "ফলানুমেয়াঃ প্রারম্ভাঃ রঘু ১.২০। °শোভি কু.স ১.৩৭। অননুমেয় সৌন্দর্য্য ব.দ্বি ১০৯।

অনুমোদ পুং, **-মোদন** ক্লী [অনু+ √মুদ্+অ (ঘঞ্),+অন (ল্যুট্), -ভা] কোন বিষয়ের অনুকূলে (অর্থাৎ ইহা আমার অভিমত এইরূপে) মতপ্রকাশ; সম্মতি, অনুমতি। "তোমরা প্রশস্তমনে অনুমোদন প্রদর্শন কর সী ২৭; ৬৬। —মোদন ক্লী [+ √মোদি+অন -ভা] প্রীত করা; তোষণ (M.W.)। —মোদিত বিণ [+ √মোদি +ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতানুমোদন, সম্মত। "তদেব রামমাতৃভিরনুমোদিতম্ উ.চ ২৪। আমার অভিলাষ, আপনাদিগের অভিমত ও অনুজদিগের অনুমোদিত হইতেছে সী ৬৬। ২ আদিষ্ট। "অনুমোদিতমাচার্য্যৈঃ; অনুমোদিতা মাত্রা (কাদম্বরী)। [অনুমোদে—অনুমোদন করে; আনন্দের সহিত গ্রহণ করে। "যেই নর গায় ইহা হয়্যা কুতূহলী॥ যেবা শুনে অনুমোদে পায় ইষ্টভক্তি।—শ্রী.ম ২১৯। তু 'যত্তঙ্গ গায়তি শৃণোত্যনুমোদতে বা, ভক্তির্ভবেদ্ ভগবতি হ্যপবর্গমার্গে। ভ ১০.৬৯.৪৫।]

অনুযাত বিণ [অনু+ √যা+ত (ক্ত)-র্ম্ম] ১ অনুগত, অনুসৃত। "মহা ৩.২৮১.২। ২ অনুকৃত, কৃতানুকরণ। "°লীল রঘু ১৬.৭১। ৩ পশ্চাদ্গামী, সহগামী (ত.বা)। —যাতব্য বিণ [+তব্য-র্ম্ম; স্ত্রী -ব্যা] অনুগন্তব্য, অনুসরণীয়, অনুপ্রাপ্তব্য। "রবিঃ স্যাদনুযাতব্যঃ রা ৪.৬১.৪। —যাতা (-তৃ) [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] পুং অনুগামী, সহচর। "ভরতস্যানুযাতারঃ রা ২৯১.৬১। —যান ক্লী [+অন (ল্যুট্) -ভা] অনুগমন, সহগমন। "বনবাসানুযান রা ২.৫২.৪৮; ১০৫.১২। ভ ৭.২.৩৪। —যায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] ১ পশ্চাদ্গামী, অনুসারী। "সেনা ভরতস্যানুযায়িনী রা ২.৮৩. ২১। ২ অনুকরণকারক, অনুকারী। "(অনুবন্ধঃ) মুখ্যানুযায়িনি শিশৌ (অ.কো)। ৩ অনুবর্ত্তী। "সাধুনাং চানুযায়িতা রা ২.৯০.২০। ৪ অনুরূপ, সদৃশ। "ধর্ম্ম-অনুযায়ী ভোগ দা ৩৮২। —যায়ী পুং অনুচর, সহায়। "দদৌ...ভরতায়ানুযায়িনঃ রা ২.৭০.২২। °য়িবর্গ রঘু ২.৪; ১৮।

অনুযাতব্য, -যাতা, -যান, -যায়ী দ্র 'অনুযাত'।

অনুযাত্র বিণ [যাত্রাকে অনুগত, প্রা.স; স্ত্রী -ত্রা] ১ যাত্রানুগত, যাত্রানুগামী, অনুযায়ী। ২ যাত্রার উপকরণপালক (নীলকণ্ঠ)। "যত্তানু-

যাত্রা ধ্বজিনঃ (পাঠান্তর) মহা ৩.২৬৪.৯ । —যাত্র ক্লী ১ অনুযাত্রাবান্ (অনুযাত্রী) সৈন্য (রা.টীকা) । "কিং কার্য্যমনুযাত্রেণ রা ২.৩৭.২ । ২ যাত্রার উপকরণ বাহনাদি (নীলকণ্ঠ) ; অনুযায়িবর্গ । "ব্যাদিদেশানুযাত্রম্ মহা ৩.২৯২.৩৭ । —যাত্রা স্ত্রী [অনুগতা যাত্রা, প্রা.স] ১ পশ্চাৎ যাত্রা; অনুগমন। "অনুযাত্রাং নরেন্দ্রস্য করিষ্যেঽহম্ রা ৪.৩৬.১০ । ২ সেবা (রা.টীকা), পরিচর্য্যা । "রাঘবস্যানুযাত্রার্থম্ রা ২.৩৬.২ । —যাত্রিক পুং [অনুযাত্রা+ইক (ঠন্) অস্ত্যর্থে] 'অনুযাত্রাবান্, অনুগামী', অনুযায়িবর্গ, সহচর । "সর্ব্বানন্যুযাত্রিকাংস্ত্বয়ৈব সহ প্রস্থাপয়ামি শ ২১/২৮ ।

অনুযুগ ব্য [যোগ্যতা, বীপ্সা অর্থে অব্যয়ীভাব] ১ যুগযোগ্য, যুগানুরূপ । "ফলন্ত্যনুযুগং লোকে প্রভাবশ্চ শরীরিণাম্ মনু ১.৮৪ । ২ যুগে যুগে ; প্রতিযুগ । "অনুযুগ অখিল ভুবন-পরিপালক শ্রী.ম ৪ ।

অনুযোগ পুং [অনু √যুজ্+অ (ঘঞ্)-ভা] ১ প্রশ্ন, জিজ্ঞাসা । "বার্ত্তানু° রঘু ১৩.৭১ । লোকে করে অনুযোগ, সাধুর কি হ'ল রোগ (ক.চ) । ২ মতের আবিষ্করণ (কাশিকা), মতপ্রকাশ ; প্রতিপাদন (তত্ত্ববোধিনী) । "পা ৮.২.৯৪ । ৩ নিন্দা, তিরস্কার, পরীবাদ, দোষার্পণ । "আর কত অনুযোগ করিব তোমাকে ম ১০০৮ । মিথ্যা অনুযোগ ভা.চ ৩৭৩ । দা ৩৮২ । কাহে কহসি অনুযোগে বি.প ২০৬ । রামচন্দ্র আমাকে কোশলরাজ্যের হিতসাধনে যত্নবিহীন বলিয়া অনুযোগ করিতে পারেন সী ৭০ । ৪ উদ্যম, প্রযত্ন । "অনুযোগং বিনা তৈলং তিলানাং নোপজায়তে ।—পঞ্চ ২.১৪৭ । ৫ প্রার্থনা, যাচনা (A.) । ৬ সমাধি, যোগ (M.W.) । —যোজ্য বিণ [+য (ণ্যৎ) আবশ্যকে ; স্ত্রী -জ্যা] ১ অবশ্যপ্রষ্টব্য, জিজ্ঞাস্য । "মনু ৮.৩১ । ২ অবশ্যনিন্দনীয় । ৩ অবশ্যনিয়োজ্য, আজ্ঞাকর । "বাসবানু° শ ৭১/২৮ ।

অনুরক্ত বিণ [অনু+ √রন্জ্+ত (ক্ত)-ক] ১ অনুরাগযুক্ত, অনুরাগী, প্রীতিমান্ । বিপ 'বিরক্ত' । "শ ৬.১৯ । গুণানু° কি ১.৩১ । মনু ৭.৬৪ । অনুরক্তো গুণান্ ব্রূতে বিরক্তে দূষণানি চ (উদ্ভট) । ২ অনুকূল । "°সাধন কি ১.৩১ । ৩ [রক্তকে অনুগত, প্রা.স] রাগপ্রাপ্ত, প্রাপ্তরক্তবর্ণ, লোহিত । "কুন্তলমণিপ্রভানুরক্তগণ্ডস্থল (কাদম্বরী) । —রঞ্জক বিণ [+ √রঞ্জি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ঞ্জিকা] আনন্দয়িতা, সন্তোষক, আহ্লাদক । "সর্ব্বভূতানু° গো.রা ২.১.২০ ।—রঞ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আনন্দন, সন্তোষণ, আরাধন । "প্রজানামনুরঞ্জনে উ.চ ১.১১ । বিশ্বেষামনুরঞ্জনেন গী.গো ১.৪৮ । প্রজালোকের সর্ব্বাঙ্গীণ অনুরঞ্জনানুরোধে সী ৫ । ২ [+ √রঞ্জ্ +অন-ভা] অনুরাগ, প্রীতি । —রঞ্জিত বিণ [+ √রঞ্জি+ত (ক্ত)-র্ম্ম] আনন্দিত, প্রীণিত, তোষিত, আরাধিত ।

অনুরণন ক্লী [অনু+ √রণ্ (শব্দ)+অন (ল্যুট্)-ভা] ১ ঘণ্টাদিশব্দের প্রতিধ্বনিজাত ক্রমশঃ ক্ষীণতর শব্দবিস্তার ; অনুশব্দন, অনুস্বান, প্রতিধ্বনি । ২ (অলঙ্কারে) ব্যঞ্জনরূপ শব্দশক্তিবিশেষ । "°রূপো যো ব্যঙ্গ্যঃ সা.দ ৪১/২ ।

অনুরত বিণ [অনু+ √রম্+ত (ক্ত)-ক] অনুরক্ত, প্রীতিমান্, আসক্ত । "আর তাহে অনুরত বরজসমাজ বি.প ৫০ । কাশীরাম কহে সাধু পিয়ে অনুরত ম ৪৩ ; পতি-অনুরতা ৪১২ । —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অনুরাগ, আসক্তি ।

অনুরথ বি [অনর্থ > বা অনরথ (স্বরাগম) > অনুরথ ; বৈষ্ণবসাহিত্যে] অনর্থক, ব্যর্থ । "যত ছিল মনোরথ, সব ভেল অনুরথ, রা.শে ৫২ । —থ বি ১ অনর্থ, বিপদ্ । "বড়াইরে রাধা, কহে এক কথা, বড় দেখি অনুরথ চ.সা ৫৮ ; ৭৩ । ২ অপবাদ, কলঙ্ক । "এ কোন বিচার, নহে ব্যবহার, বড় হবে অনুরথে ॥—চ.সা ৬২ । ৩ দৌরাত্ম্য, দুষ্টামি, ধূর্ত্ততা । "ও পথে যাইছ, চলে তরিখানি, এদিকে রহয়ে পথ । এতদিনে জানি, তোমার চরিত, বড় কর অনুরথ চ.সা ১৬ ।

অনুরথ্যা স্ত্রী [রথ্যাকে অনুগত, প্রা.স] রাজপথের অনুগত (পার্শ্বস্থ) স্থান ; রথ্যাপার্শ্ব (Foot-path) । "দীপবৃক্ষাংস্তথা চক্রুরনুরথ্যাসু সর্ব্বশঃ রা ২.৬.১৮ । মহা ৩.১৫.২০ ।

অনুরন্ত বিং [বোধ হয়, 'অনুলম্ব' মূলপাঠ] লম্বমান, ধৃত । "অমৃত পূরিত কুম্ভ, বামকরে অনুরন্ত গ ৩৯ ।

অনুরস পুং [প্রা.স] (অলঙ্কারে) অনুগত রস ; গুণীভূত রস ।

অনুরসিত ক্লী [অনু+ √রস্+ত (ক্ত)-ভা] অনুধ্বনি, অনুস্বান, প্রতিধ্বনন । "°গুরু উ.চ ২.২০ । মা.ম ৯.৬ ; ম.চ ৫.৪১ ।

অনুরাগ[১] বিণ [রাগকে অনুগত, প্রা.স ; স্ত্রী -গা] রাগপ্রাপ্ত, লোহিত । —গ পুং (অনু+ √রঞ্জ্ (রন্জ্)+অ (ঘঞ্)-ভা, 'ন'-লোপ] ১ অত্যন্ত-প্রীতি, আসক্তি, রতি, রাগ । বিপ 'অপরাগ, বিরাগ' । "°গাপরাগ মনু ৭.১৫৪ । ২ স্নেহ, প্রণয়, প্রেম । "স্থিরানু° রা ৩.১১৮.৪ । "শ ৩.১২ । প্রিয়ানু° রঘু ৩.১০ । ঝুরে অনুরাগে জ্ঞা ২১ । ৩ অভিলাষ । "°বান্ মাঘ ৯.১০ । তাপসকন্যানুরাগ শ ২১/২৮ । উদ্ভট প্রেমে করসি অনুরাগ বি.প ২০০ ; অনুরাগ বাখানিতে, তিলে তিলে নূতন হোয় ২১৪ । ৪ [+অ-ণ] লোহিতবর্ণ, লৌহিত্য । "বহলানু° মাঘ ৯.৮ ; ১০ । ৫ (বাঙ্গলায়) অনুরূপ রাগ ; মিশ্র রাগ । "ছত্রিশ রাগিণী মেলে, ছয় রাগ সদা খেলে, অনুরাগ যে সব রাগিণী ভা.চ ১৩ । [°বান্ (স্ত্রী °বতী) —অনুরাগী, অনুরক্ত, আসক্ত । "স...তস্যামতীবানুরাগবান্ হি ১১/২৮ ; °বতী ১২/৩ ।]

অনুরাগ[২] বি [বা 'রাগ' (ক্রোধ) > অনুরাগ (সাধুভাষা) ; অপ্র] ১ রাগ, ক্রোধ, অসন্তোষ । "(বাঘে) লোহার পিঞ্জরে বন্দি থুইল অনুরাগে শ্রী ৭৬ । কে আঁটে তোমার অনুরাগে ম.ভা ২৯ । ২ অভিমান । "করে অনুরাগ, তাহা (অঙ্গুরী, হার) কৈলা ত্যাগ, ম ৩৭০ । অনুরাগে আপনি গলায় দিব দড়ি শ্রী.মা ১৩১ । ৩ দুঃখপ্রকাশ । "নাহি কর অনুরাগ, ছয় আনা তোমার ভাগ গো.চ ৪৭৮ । [অশিক্ষিত ইতরজাতির মুখে 'ক্রোধ' অর্থে 'অনুরাগ' শুনিয়াছি ।]

অনুরাগিণী, -নি, -নী দ্র 'অনুরাগী' ।

অনুরাগী (-গিন্) বিণ [অনু+ √রন্জ্+ইন্ (ঘিনুণ্)-ক-১ব ; স্ত্রী -গিণী] অনুরাগশীল, প্রণয়ী, অনুরক্ত, আসক্ত । "°গিতা সা.দ ৩.৫১ ; সত্যানুরাগিণী ৭১ । কত অনুরাগিণী ঝুরে অনুরাগে জ্ঞা ২১ । রূপলাবণ্যের অনুরাগিণী কাদ ৫১ । [°গিনি, -নী (সং °ণী)— অনুরাগবতী, অনুরক্তা । "°গিনি বি.সা ১৭২ । °গিনী বি.প ৮৯ ।]

অনুরাধা স্ত্রী [রাধাকে অনুগত, প্রা.স] ১ বিশাখা নক্ষত্রের অনুগত সপ্তদশ নক্ষত্র । "পা ৪.৩.৩৪ । ২ [°ধা+অ (অণ্) প্রত্যয়লোপ, পা ৪.২.৩,৪] অনুরাধা নক্ষত্রযুক্তকাল । [ইহা সর্পাকৃতি, সপ্ততারাময় । ইহার অধিদেবতা মিত্র ।]

অনুরুদ্ধ বিণ [অনু+ √রুধ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -দ্ধা] ১ কৃতানুরোধ, প্রার্থিত । "সা চ ভীমধন্বনা বলবদনুরুদ্ধা (দশকুমার) । ২ অপেক্ষিত । ৩ কৃতরোধ, নিরুদ্ধ ।

অনুরূপ বিণ [রূপকে অনুগত, প্রা.স ; স্ত্রী -পা] ১ রূপানুগত, তুল্যরূপ, সদৃশ । "দেবানামনুরূপা হি চরন্ত্যেতে মহীতলে গো.রা ৪.১৭.২৭ । ২ সদৃশগুণযুক্ত, সমগুণ, অনুগুণ । "তস্যামাত্মানুরূপায়াম্ রঘু ১.৩৩ । ভব পিতরমনুরূপস্ত্বং গুণৈঃ ।—বিক্র ৫.২১ । ৩ যোগ্য । "শ্রীমহিমানু° রঘু ১৬.৫৫ । আত্মনঃ অনুরূপং বরং লভেয় শ ১১/২ । সত্যবানমনুরূপো মে ভর্ত্তা ।—মহা ৩.২৯৩.১০ । উহা...কি তপস্যার অনুরূপ !—কাদ ৫৪ । ৪ সম্মিত, সদৃশ, সম । "স্বপ্রমাণানুরূপৈঃ সেচনঘটৈঃ শ ১১/৪ । ৫ অনুসারী, অনুযায়ী । "রা ২.১১৮.১৯ । "সত্ত্বানুরূপা সর্ব্বস্য শ্রদ্ধা ভবতি ভারত গী ১৭.৩ । —প ক্লী ১ সাদৃশ্য, তুল্যতা, যোগ্যতা । ২ অনুসার । "কর্ম্মানুরূপেণ দেয়োঽংশঃ ।—মনু ৮.২০৬ । ২ (বাঙ্গলায়)

সদৃশমূর্ত্তি, প্রতিরূপ। "তুয়া অনুরূপ, একপটে লিখিয়া, দেয়ল তাকর আগে ব.প ১১০৭।—রূপ ব্য [যোগ্যতার্থে অব্যয়ীভাব] রূপের যোগ্য। পা ২.৪.১৮, সি। [°তঃ—অনুসারে। "যুগহ্রাসানুরূপতঃ মনু ১.৮৫ ; ৭.১২৫।]

অনুরোধ পুং, **-রোধন** ক্লী [অনু+ √রুধ্+অ (ঘঞ্),+অন (ল্যুট্), -ভা] ১ পরের ছন্দানুবর্ত্তন ; অনুবৃত্তি, অনুসরণ। "গুরুবৃত্ত্যনুরোধ রা ২.৩০.৩৬। মিত্রস্য চানুরোধেন মনু ৭.১৬৬। কো বিনতেঽনুরোধঃ পা ৮.৩.৬১, কাশিকা। তদনুরোধ উ.চ ১৪/৫। মহতোঽনুরোধাৎ। —পঞ্চ ১.১০৯। °ন।— হি ২.১০২। জাতি-অনুরোধে গাও ক.চ ১৪৫। অক্ষরানুরোধে বন্দনা নহে ক্রমে চৈ.ম ৩। তদনুরোধে রাম ও লক্ষ্মণ নিমন্ত্রণ রক্ষা করিতে পারিলেন না।—সী ২ ; অনুরঞ্জনানু° ৫ ; প্রজারঞ্জনানুরোধে ৩০। ২ আদর, বিনয়। "নানুরোধোঽস্ত্যনধ্যায়ে মনু ২.১০৫। ৩ গৌরব, পূজ্যত্ব। "যাজ্ঞবল্ক্যানুরোধ ম.চ ৩.২৮। ৪ অভিপ্রায়, অপেক্ষা, উদ্দেশ্য। "আধারানুরোধ মু ১.২। প্রয়োজনানু° মনু ৭.১০, কুল্লুক। তাঁসভার নাহি নিজসুখ-অনুরোধ চৈ.চ ১৮। ৫ উপরোধ, প্রার্থনা। "বিনানুরোধাৎ মাঘ ২ (কবিবংশবর্ণন)। ক ইবাত্রানুরোধঃ (কাদম্বরী)। না কর না কর সখি মোহে অনুরোধে বি.প ৬৯। ৬ আরাধ্যাদির ইষ্টসম্পাদনেচ্ছা (ত.বা)। ৭ (বাঙলায়, অপ্র) নিরোধ, নিবারণ। "অধর শুখায়া দীঘল নিশাস। জনু অনুরোধে ঝাপল নিজ বাস॥—জ্ঞা ২৪। —রোধী (-ধিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্)-ক -১ব ; স্ত্রী -ধিনী] অনুবর্ত্তনশীল, অনুবর্ত্তী, অনুসারী। "পতিব্রতানাং সময়ানুরোধিনী গো.রা ৩.২.২৮। ধিগহো কষ্টাং স্ত্রীত্বমনুরোধিতাম্ ক.সা ২০.১৯৭।

অনুরোল বি [অপ্র] কোলাহল, হাহাকার। "দেব গন্ধর্ব্ব আকাশে করেন অনুরোল কৃ.উ ২৭৩।

অনুর্ব্বর বিং [ন উর্ব্বর, ন.ত ; স্ত্রী -রা ; দ্র 'উর্ব্বর'] শস্যোৎপাদকশক্তিহীন, মরুময়। "আমি অনুর্ব্বর না হয়, কিন্তু সুশ্যামল‑ক্ষেত্র দেখ যত, কে করে উর্ব্বর তাহায় ?—মন্দ্র ১৬। তদ্দ্বারা অত্যন্ত অনুর্ব্বরা ভূমিও উর্ব্বরা হয় চা.তৃ ৩৬।

অনুল বিং [লিপিপ্রমাদ (?)] অবিদ্যমান। "পুঞ্জি আর প্রবঞ্চনা বাণিজ্যের মূল। মহেশের সে ত নাই সকলি অনুল॥—শি ৬৯।

অনুলগ্ন বিণ [অনু+ √লগ্+ত (ক্ত)-ক ; স্ত্রী -গ্না] অনুষক্ত, নিষ্ঠিত, নিবিষ্ট। "আর্য্যায়াঃ সুস্নিগ্ধা দৃষ্টিরনুলগ্না মৃ ৪/৬।

অনুলিপ্ত বিণ [অনু+ √লিপ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -প্তা] ১ চন্দনাদি দ্বারা কৃতানুলেপ ; ম্রক্ষিত, চর্চ্চিত। "স্নাতানুলিপ্ত পা ২.১.৪৯, সি। ২ পরিব্যাপ্ত, দিগ্ধ। "হরিভিরচিরভাসাং তেজসা চানুলিপ্তৈঃ শ ৭.৭। ৩ অনুরঞ্জিত। "প্রভানুলিপ্তশ্রীবৎস।—রঘু ১০.১০। অসৃগনু° মাঘ ৯.১৫। ৪ আবৃত। "তিমিরানু° (দশকুমার)। —লেপ পুং [+অ (ঘঞ্) -ভা] চন্দনাদিলেপন ; চর্চ্চা, ম্রক্ষণ। "চন্দনমনুলেপার্থে (সুশ্রুত)। —লেপ পুং, ক্লী [+অ-ণ] যাহা দ্বারা লিপ্ত হয় ; অনুলেপন-সাধন চন্দনাদি। "অনুলেপং চ সুচিরং গাত্রান্ নাপগমিষ্যতি গো.রা ৩.৩.১৯। —লেপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ চন্দনাদিচর্চ্চা। "উশীরানু° (S.W.)। ২ [+অন-ণ] অনুলেপন-সাধন দ্রব্যমাত্র ; কুঙ্কুমচন্দনাদি। "দিব্যগন্ধানু° গী ১১.১০। শরজ্জ্যোৎস্নানুলেপন গো.রা ৪.২৯.৪। জ্যোৎস্নানু° রা ৪.২৯.১। শুক্লমাল্যানু° (আচার্য্য) মহা ১.১৩৪.১৯। প.তৃ ৮৬। —লেপিত বিণ [+ √লেপি+ত (ক্ত)-র্ম্ম] কারিতানুলেপন। "স্নাপিতোঽনুলেপিতশ্চ (দশকুমার)।

অনুলেপ, -লেপন, -লেপিত দ্র 'অনুলিপ্ত'।

অনুলেহ বি [অনু+লেহ] অনুস্নেহ, কাহারো প্রতি প্রণয়। "তেজল অব জগজন অনুলেহ বি.প ১৯১।

অনুলোম বিণ [লোমকে অনুগত, প্রা.স, সমাসান্ত অ (অচ্) ; স্ত্রী -মা ; বৈদিক] ১ যাহা লোমের অনুগত ; অনুক্রমগত, ক্রমানুগত, ক্রমিক। বিপ 'প্রতিলোম, বিলোম'। "প্রতিলোমানুলোমাশ্চ…রোমরাজয়ঃ রা ৩.৪৩.২৭। ২ অনুকূল। "°মার্থ মাঘ ২.২৫। অনুলোমসুখো বায়ুঃ গো.রা ৩.৭৮.৮। ৩ ক্ষেত্রের অনুকূলদিগভিমুখ। "অনুলোমং কৃষ্টং ক্ষেত্রম্ পা ৫.৪.৫৮, সি। ৪ মনোনুকূল, মনঃপূত। "প্রতিলোমানুলোমং বা যৎ তু মহ্যসে নো হিতম্ রা ৬.৫৭.১১। ৫ দেহের নিম্নাভিমুখ। "তত্র প্রতিলোমমালিম্পেন্ নানুলোমম্ (সুশ্রুত)। —লোম পুং ১ মাতৃকাবর্ণের অনুক্রম বা পর্য্যায়। "অনুলোমবিলোমাভ্যাং মাতৃকার্ণান্ জপেদ্ বুধঃ (তন্ত্রসার)। ২ ব্রাহ্মণাদি বর্ণের যথাক্রম। "°জ, °জন্মা (-ন্মন্)। প্রতিলোমানুলোমজ মনু ১০.২৫। যাজ্ঞ ১.৯৫। ৩ অনুকূলব্যবহার (রা.টীকা)। "রা ৫.২২.৩৭। ৪ [বহুব] অনুলোমজাত বর্ণ। "যাজ্ঞ ১.৯১, মিতাক্ষরা। —লোম ব্য [অনতিক্রমার্থে অব্যয়ীভাব] যথাক্রমে। —লোমা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] স্বামী অপেক্ষা হীনবর্ণা স্ত্রী। "অনুলোমাসু (পুত্রাঃ) মাতৃবর্ণাঃ বিষ্ণু ১৬.২। যাজ্ঞ ২.২৯১।

অনুশয় পুং [অনু+ √শী+অ (অচ্) -ভা] ১ কৃত কর্ম্মের জন্য দুঃখ ; পশ্চাত্তাপ, অনুতাপ, অনুশোচন। "°দুঃখ শ ৬.৭ ; বিগতানু° ৭.২৫। স্মরণানু° মাঘ ২.১৪। গতস্যানুশয়ো মা ভূৎ।—বিক্র ৪/২-৩। ২ ক্রয়বিক্রয়বিষয়ে অসমীচীনতাবুদ্ধি (অর্থাৎ কেনা বা বেচা ঠিক মূল্যে হয় নাই—এই মনে হওয়া) হেতু পশ্চাৎ তাপ। "ক্রয়বিক্রয়ানু° মনু ৮.৫ ; ২২২ ; ২২৮। যাজ্ঞ ২.২৬১। ৩ দ্বেষ, দীর্ঘদ্বেষ, চিরদ্বেষ। "তেঽনুশয়ো মহান্ মহা ৬.৯৫.১৫। মাঘ ১৬.২। ৪ অনুবন্ধ (মেদিনী)। ৫ [+অক] পূর্ব্ববৈর। ৬ বাসনা (শ্রীধর)। "বিদগ্ধবীজানুশয় ভ ৭.৭.৩৬। ৭ ভুক্তকর্ম্মের অবশেষ (ত.বা)। —শায়ী (-য়িন্) বিণ [অনু+ √শী +ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -য়িনী] ১ অনুতাপকারক, অনুতাপী, অনুশোচনপর। ২ অনুরক্ত (শ.ক)। ৩ দীর্ঘদ্বেষযুক্ত, দ্বেষী। ৪ ভুক্তকর্ম্মাবশেষভোগী (জীব)।

অনুশস্ত্র ক্লী [প্রা.স] শস্ত্রাবচারণে শস্ত্রার্থে প্রযোজ্য গৌণশস্ত্র—ত্বক্‌সার (বাঁশের চেওয়াড়ি), কাচ, জলৌকা, ক্ষার, নখ ইত্যাদি চতুর্দ্দশ দ্রব্য (সুশ্রুত ১.৮.১১)।

অনুশায়ী (-য়িন্) দ্র 'অনুশয়'।

অনুশাসক, -শাসিতা (-তৃ), -শাস্তা (-স্তৃ) বিণ [অনু+ √শাস্+অক (ণ্বুল্), +তৃ (তৃচ্), -ক -১ব (উ ২.৯২) ; স্ত্রী -সিকা, -সিত্রী, -স্ত্রী] ১ কর্ত্তব্যোপদেশক, উপদেষ্টা। ২ দণ্ডয়িতা, বিনেতা ; প্রশাসিতা, নিয়ন্তা (গী.টীকা)। "কবিং পুরাণমনুশাসিতারম্ গী ৮.৯। —শাসন ক্লী [+অন (ল্যুট্)-ভা ; ছান্দস] ১ উপদেশ, কর্ত্তব্যোপদেশ। "মনু ৬.৫০ ; মনোরনুশাসনম্ ৮.২৭৯। সকললোকের হিতানুশাসনকার্য্যের ভার সী ৫৬। ২ আজ্ঞা, আদেশ। "মনোরনুশাসনম্ মনু ৯.২৩৯। ৩ দণ্ডপ্রকার, দণ্ডবিধি। "মনু ৮.১৩৯। ৪ শাসন, দমন। "মনু ২.১৫৯। ৫ যাথার্থ্যজ্ঞাপন, নিরূপণ (ত.বা)। ৬ [+অন-র্ম্ম] উপদেশবাক্য, শাসনবাক্য। "নাপ্রাপ্তকালো ম্রিয়তে শ্রুতং বৃদ্ধানুশাসনম্ মহা ৩.৬৫.৩৯। ৭ বিধি, নিয়ম, শাস্ত্র। "নামলিঙ্গানুশাসনে অ.কো ৪৭ (লিঙ্গাদিসংগ্রহবর্গ)। লিঙ্গানু°, শব্দানু° (অ.চি)। —শাসনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ অনুশাসনার্হ, উপদেষ্টব্য। "শ ৪/২৭-২৮। ২ দণ্ডনীয়, দমনীয়। "বে ৩/২১-২২। —শিষ্ট বিণ [অনু+ √শাস্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -ষ্টা] ১ উপদিষ্ট, কৃতানুশাসন। "অনুশিষ্টং জনন্যা মে বাক্যং তদপি মে ধৃতম্ রা ২.১১৮.৮। ২ আজ্ঞপ্ত, আদিষ্ট। "দশরথপ্রভবানুশিষ্ট রঘু ১৩.৭৫। ৩ দণ্ডিত। —শিষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] উপদেশ, আদেশ। [°নপর্ব্ব (-র্ব্বন্)—মহাভারতের ত্রয়োদশ পর্ব্ব।]

অনুশাসন, -শাসনীয়, -শাসিতা, -শাস্তা, -শিষ্ট, -শিষ্টি দ্র 'অনুশাসক'।

অনুশিষ্য বি শিষ্যের অনুগত (পরবর্ত্তী) শিষ্য ; শিষ্যের শিষ্য ; প্রশিষ্য। "শিষ্য অনুশিষ্যক্রমে দাতা বিষ্ণুমন্ত্র ভ.গ্র ১৬৭ ; ৩০৯।

অনুশীঘ্র ক্রি.বিং [অপ্র] পশ্চাৎ (পরে) শীঘ্র ; পরে সত্বর। "আদৌ ঘটেতে দিয়া, পত্রিকা পরশিয়া, মৃন্ময়ে দেন অনুশীঘ্রে দ্বু ১৫।

অনুশীলন ক্লী [অনু+ √শীলি+অন (ল্যুট্)-ভা] **১** অনুক্ষণ আলোচনা ; সতত অভ্যাস। **২** অনুক্ষণ সেবন ; সদা ভজন। "আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা (ভক্তিরসামৃতসিন্ধু)। **৩** অনুক্ষণ আচরণ (ত.বা)। **৪** পরিচয়। "কি ১৬.২৮। **৫** (বাঙলায় ; অপ্র) সতত ভোগ। "যায় দুঃখের অনুশীলন, অনুরক্ত হয় ভুবন, তোমার কৃপায় অনুকম্পা হ'লে দা ৩৮২। —শীলনী বি, স্ত্রী অধীতবিষয়ের অভ্যাসার্থ প্রশ্নমালা ; যেমন, জ্যামিতির অনুশীলনী (Rider)।—শীলিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পুনঃ পুনঃ আলোচিত ; সতত অভ্যস্ত।

অনুশীলনী, -শীলিত দ্র 'অনুশীলন'।

অনুশোচ বি [সং অনুশোচন ; অপ্র] **১** অনুশোচন, শোকপ্রকাশ। "তার প্রতি অনুশোচ কর কি কারণ ম ১৭৭ ; সব সংহারয়ে কাল, আগু পাছু মাত্র সার, অনুশোচ কর কি কারণ ৯৯১। **২** মনস্তাপ, বিষাদ। "কি তোর অসাধ্য অনুশোচ কি কারণ ম ৩৩৯। [অনুশোচে—অনুশোচন করে ; দুঃখ প্রকাশ করে। "মুনি বলে পাণ্ডুপুত্র অর্জ্জুন বিহনে। অনুশোচে পক্ষী যেন পক্ষের কারণে ॥—ম ৪৫৮।]

অনুশোচক বিণ [অনু+ √শুচ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -চিকা,] অনুশোচনকারক, অনুতাপী। —শোচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** পশ্চাত্তাপ, অনুতাপ। "ইথে তব কি অনুশোচন দ্বু ৫৮। আর মিছে অনুশোচন…অনুগ্রহ বিনে নাই মোচন দা ৩৮২। **২** শোকপ্রকাশ, শোক। "তারানুশোচনং নাম বিংশতিতমঃ সর্গঃ (গো.রা—কিষ্কিন্ধ্যাকাণ্ড)। —শোচনা স্ত্রী [+ √শোচি+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] অনুতাপ, পশ্চাত্তাপ। "গত কর্ম্মের অনুশোচনা নাই দা ৬১২। অতীত বিষয়ের অনুশোচনা সী ৫৭। —শোচনীয় বিণ [+ √শুচ্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অনুশোচনার্হ, অনুতাপযোগ্য। —শোচিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম, আদিকর্ম্মে, বিকল্পে গুণ, পক্ষে 'অনুশুচিত' ।—পা ১.২.২১ ; স্ত্রী -তা] কৃতানুশোচনারম্ভ।

অনুশোচন, -শোচনা, -শোচনীয়, -শোচিত দ্র 'অনুশোচক।

অনুষক্ত বিণ [অনু+ √সন্‌জ্+ত (ক্ত)-ক ; ষত্ব ; স্ত্রী -ক্তা] **১** সংযুক্ত, সংমিলিত, সংলগ্ন। "°মন্দাকিনীপবিত্রমেখলং চিত্রকূটম্ ম.চ ৪৯৩। **২** অবস্থিত। "হৃদি নিত্যানুষক্তেন সীতাশোকেন তপ্যতে উ.চ ৪.২। ম.চ ২১৬। —ষঙ্গ পুং [+অ (ঘঞ্)-ভা] **১** সংযোগ, সংশ্লেষ, সম্বন্ধ, সম্পর্ক। "নাসিকয়োত্তমনুষঙ্গেঽনুনাসিকম্ (ঋগ্‌বেদপ্রাতিশাখ্য)। **২** সদা সঙ্গ ; সাহচর্য্য ; অনুচর (টীকা)। "সানুষঙ্গাণি কল্যাণানি উ.চ ১৯। **৩** প্রসঙ্গ, অনুস্মরণ। "মদনশিখী…অনুষঙ্গোদ্ভবঃ। —অমরু ৯১। **৪** কার্য্যকারণ-সম্বন্ধ। **৫** প্রসঙ্গ, অর্থাৎ এক উদ্দেশে প্রবৃত্ত প্রস্তাবে তৎসম্পৃক্ত অন্য উদ্দেশের সিদ্ধি। "যেমন, বিপ্রবধপ্রায়শ্চিত্তের প্রস্তাবে অবগোরণদণ্ডনিপাতনের প্রায়শ্চিত্তসিদ্ধি। **৬** একবাক্যে শ্রুত পদের অন্বয়ার্থ অন্য বাক্যে আকর্ষণ। "যেমন, 'কোষো বলঙ্কাপহৃতম্' এই বাক্যে 'কোষঃ অপহৃতঃ' এইরূপ অন্বয়ে 'অপহৃতঃ' পদের অনুষঙ্গ। **৭** (ন্যায়ে) পঞ্চাবয়বের উপনয়বাক্যস্থিত 'অয়ম্' পদের নিগমনবাক্যে অন্বয়ার্থ আকর্ষণ। "যেমন, 'বহ্নিব্যাপ্যো ধূমঃ, ধূমবাংশ্চায়ম্' এই উপনয়বাক্যস্থ 'অয়ম্' পদের, অতএব 'অয়ং বহ্নিমান্'—এই নিগমনবাক্যে অনুষঙ্গ। **৮** [+অ-ণ] দয়া, করুণা। "তু যদি কহসি করিয়া অনুষঙ্গ। চৌরি পিরীতি হোয় লাখগুণ রঙ্গ ॥—বি.প ৫০। **৯** (ব্যাকরণে) হলন্ত 'তৃম্ফ্' প্রভৃতি ধাতুর অনুনাসিক বর্ণ। "পা ১.১.৪৭ ; ৭.১.৫৯, ৬০, কাশিকা। —ষঙ্গী (-ঙ্গিন্) বিণ [অনুষঙ্গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -ঙ্গিনী] **১** অনুষঙ্গবান্, সংসক্ত, সংলগ্ন। "রজনি মুখানুষঙ্গিণি। —মাঘ ১৭.৫৭। **২** অবস্থিত। "মনু ৭.৫২। **৩** ব্যাপক, সদাপ্রসক্ত। "বিভুতানুষঙ্গি ভয়ম্ কি ৬.৩৫। **৪** সহচর, সঙ্গী। "যস্তানুষঙ্গিণ ইমে ভোগাদয়ো ভবন্তি (ভর্ত্তৃহরি)। —ষঞ্জনীয় বিণ [অনু+ √সন্‌জ্+ অনীয় (অনীয়র্)-র্ম্ম] অনুবর্ত্তনীয়, যোজনীয়। "সাংখ্য ৭, তত্ত্বকৌমুদী।

অনুষিক্ত বিণ [অনু+ √সিচ্+ত (ক্ত)-র্ম্ম] **১** অনুক্ষণ সিক্ত। **২** পশ্চাৎ সিক্ত। —ষেক পুং, —ষেচন ক্লী [+অ (ঘঞ্), +অন (ল্যুট্), -ভা] **১** অনুক্ষণ সেচন। **২** পশ্চাৎ সেচন।

অনুষ্টুপ্ (-ভ্) স্ত্রী [অনু+ √স্তুভ্ (স্তব)+ক্বিপ্ (০)-ক-১ব ; অনুষ্টুব্‌ বনুষ্টোভনাৎ (নিরুক্ত ৩.১২.৯)] **১** অষ্টাক্ষরপাদ ছন্দোবিশেষ। [ইহার সকল পাদের ৫ম অক্ষর লঘু, ৬ষ্ঠ গুরু, এবং দ্বিতীয় চতুর্থ পাদের ৭ম লঘু।—পঞ্চমং লঘু সর্ব্বত্র সপ্তমং দ্বিচতুর্থয়োঃ। গুরু ষষ্ঠং তু পাদানাং শেষেষ্বনিয়মো মতঃ॥ "আইল নৃপবালিকা বাজিল করতালিকা। দোলত ফুলমালিকা সা মনসিজনালিকা ॥—বা.দ ১৩৮।] **২** (অনুষ্টুপ্‌পাদের বর্ণসংখ্যানুসারে) আট (৮) এই সংখ্যা। **৩** [+ক্বিপ্-ণ] বাক্য, বাণী ; সরস্বতী।

অনুষ্ঠাতব্য বিণ [অনু+ √স্থা+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] অনুষ্ঠেয়, আচরণীয়, কার্য্য। "এতদপি সুগুপ্তমনুষ্ঠাতব্যম্। - হি ৩৩৮। —ষ্ঠাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী ; ছান্দস] **১** অনুষ্ঠানকর্ত্তা, সাধয়িতা, কারক। **২** [+তৃ (তৃন্) শীলার্থে -ক-১ব] অনুষ্ঠানশীল। "চাণক্যমতবিং তদনুষ্ঠাতা চ।—পঞ্চ ৫৭৯। —ষ্ঠান ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** আচরণ, সাধন, করণ। "তপোঽনুষ্ঠানম্ শ ৪১৬। অন্ত নিত্যমনুষ্ঠানম্।—মনু ৭.১০০। ন্যায্যমনুষ্ঠানম্ উ.চ ৫.২১। **২** আরম্ভ। "সমুদ্রেণ সহ বিগ্রহানুষ্ঠানং কার্য্যম্।—পঞ্চ ১৩৬৬। যজ্ঞবিশেষের অনুষ্ঠান সী ২। **৩** কার্য্যতঃ করণ ; কাজে করা। "ধর্ম্মে স্বীয়মনুষ্ঠানং কস্যচিৎ তু মহাত্মনঃ হি ১.১০৭। **৪** [+অন-র্ম্ম] শাস্ত্রদৃষ্ট কর্ম্ম ; ধর্ম্মকর্ম্ম। "°নিত্যত্ব উ.চ ১.৮। ম.চ ৪.৩৩। অনুষ্ঠানৈর্ধ নৈর্হীনাঃ।—পঞ্চ ২.১০২। **৫** কর্ম্মমাত্র। "তদনুষ্ঠান হি ৩৩৭। —ষ্ঠিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** আচরিত, নিষ্পাদিত, কৃত। "মনু ১০.৯৭। স্বনুষ্ঠিত রঘু ৩.১২ ; °দেবকার্য্য ১২.১০৩। **২** সজ্জটিত। "বিক্রিয়ায়ৈ ন কল্পন্তে সম্বন্ধাঃ সদনুষ্ঠিতাঃ কু.স ৬.২৯। **৩** আরব্ধ। "উত্তিষ্ঠধ্বং ন যুক্তং হি ত্যক্তুং কার্য্যমনুষ্ঠিতম্ গো.রা ৪.৬১.৫৯। **৪** [+ত-ক] আশ্রিত। "মনু ১০.১২৭। যে ত্রিবর্গমনুষ্ঠিতাঃ মহা ১৩.৩১.২২। —ষ্ঠেয় বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -য়া] আচরণীয়, সাধ্য, কার্য্য। "রা ৪.৭.২০। —য় ক্লী কর্ত্তব্য কর্ম্ম ; কার্য্য। "বিদর্ভগতমনুষ্ঠেয়ম্ মা.মি ৫১৬। [অনুষ্ঠানশরীর—(সাংখ্যে) লিঙ্গদেহ, স্থূলশরীরস্থ কর্ম্মময় দেহ।]

অনুষ্ঠাতা, -ষ্ঠান, -ষ্ঠিত, -ষ্ঠেয় দ্র 'অনুষ্ঠাতব্য'।

অনুষ্ণ বিণ [ন উষ্ণ, ন.ত ; স্ত্রী -ষ্ণা] **১** উষ্ণভিন্ন, শীত, শীতল। "রঘু ১২.৬২। অনুষ্ণাভিঃ…অদ্ভিঃ মনু ২.৬১। **২** ঈষদুষ্ণ, অল্পোষ্ণ। "°বপুঃ মাঘ ৯.৩। **৩** কার্য্যতৎপরতাহীন, অলস, জড়। —ষ্ণ পুং শীতলস্পর্শ। —ষ্ণ ক্লী উৎপল।

অনুসংবীত বিণ [অনু-সম্+ √ব্যে+ত (ক্ত)-র্ম্ম] সমাবৃত প্রচ্ছাদিত। "একবস্ত্রানু° মহা ১১.২৪.৭।

অনুসংহিত বিণ [অনু-সম্+ √ধা+ত (ক্ত)-র্ম্ম] **১** কৃতানুসন্ধান। **২** অনুস্যূত, অন্বিত, যুক্ত। "বাক্যমর্থধর্ম্মানুসংহিতম্ গো.রা ৫.৪৭.২১। অহিংসা…সর্ব্বধর্ম্মানুসংহিতা মহা ১৩.১১৪.১৯।

অনুসঙ্গী বিং ['সঙ্গী'র অনুকরণে 'অনুসঙ্গী'; সং অনুষঙ্গী] অনুচর, সহচর, সঙ্গী। "দ্বারে দ্বারী ছিল অনুসঙ্গী যারা ব.প ৫২৭। অনুসঙ্গী বীরগণ সহিত মন্ত্রণা।—হেম ১৪৯।

অনুসন্ততি স্ত্রী [অনু-সম্+ √তন্+তি (ক্তিন্)-ভা] অবিচ্ছেদ, অবিরাম। "°পাতী (শর) মাঘ ২০.১১।

অনুসন্ধান ক্লী [অনু-সম্+ √ধা+অন (ল্যুট্)-ভা] ১ অন্বেষণ। ২ চিন্তন, বিমর্শন, সমীক্ষা। ৩ নির্দ্ধারণ। "ধর্ম্মফলানুসন্ধান সা.দ ১২৬। ৪ লক্ষ্যীকরণ। ৫ অনুক্রমে স্থাপন; সংবিধান, ব্যবস্থাপন। —সন্ধানী (-নিন্) বিণ [°ন+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব; স্ত্রী -নিনী] ১ অনুসন্ধানবান্, অন্বেষণকারক। ২ (বাঙলায়) যে সব বিষয়ের খবর রাখে; খোঁজখবরে পাকা। "বেণীবাবু অতি-অনুসন্ধানী—পূর্ব্বকথা সকলই জানেন আ.দ্র ১৬। —সন্ধিৎসু বিং [+ √ধা+স (সন্)+উ-ক; স্ত্রী -সু] অনুসন্ধান করিতে ইচ্ছু; অন্বেষণেচ্ছু। "স্বামী স্বয়ংও…অনুসন্ধিৎসু না হইলে উহা দেখিতে পান না পা.প্র ১৭। —সন্ধেয় বিণ [+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -য়া] ১ অনুসন্ধানার্হ, অন্বেষণীয়। ২ চিন্তনীয়। "পুরাবৃত্তকথা অনুসন্ধেয়া কু.স ১.২১, মল্লিনাথ।

অনুসন্ধানী, -সন্ধিৎসু, -সন্ধেয় দ্র 'অনুসন্ধান'।

অনুসম্প্রাপ্ত বিণ [অনু-সম্-প্র+ √আপ্+ত (ক্ত)-ক, -র্ম্ম; স্ত্রী -প্তা] উপস্থিত, উপাগত।

অনুসর[১] বিণ [অনু+ √সৃ+অ (অচ্) -ক; স্ত্রী -রা] পশ্চাদ্‌গামী, অনুযায়ী। —র পুং অনুচর, সহচর। "কুজা খোড়া অন্ধক ধাইল অনুসর কৃ.উ ২৭২।

অনুসর[২] সর্ম্ম [সং অনু+ √সৃ>প্রা √অনুসর (হে)>বা √অনুসর; হি, ঠ, গু √অনুসর] অনুসরণ করা। "শৈশব কাল ধরি৹ তুয়া পাদ অনুসরি৹ অবহু অধিক অনুগতি শ্রী.ম ৮৪। [অনুসরী ('অনুসরি'—সাধু)—অনুসরণ করিয়া। "শ্রী.কী ৩৫৮।]

অনুসরণ ক্লী [অনু+ √সৃ+অন (ল্যুট্)-ভা] ১ অনুগমন, পশ্চাদ্‌গমন। "তদনুসরণক্রম, কনকসূত্রানু° (হি)। ২ লক্ষ্যপূর্ব্বক গমন। "ক্রন্দনানুসরণং ক্রিয়তাম্।—হি ৩২০৬। ৩ উপরোধ, আবরণ। "ইন্দোঃ…ত্বদনুসরণক্লিষ্টক্লান্তেঃ উ.মে ২৩। ৪ অনুবর্ত্তন। "সদ্‌গুণানু° (সা.দ)। ৫ সদৃশীকরণ (ত.বা)। —সার বিণ [+অ (অণ)-ক; স্ত্রী -রী] অনুসারী। "বিলানুসারমার্গ।—পঞ্চ (S.W.)। [সমাসে উত্তরপদ]। —র পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অনুসরণ, অনুগমন। "মার্গানুসারেণ গত্বা রা ২.৪৭.১৩; রথমার্গানুসার ১৪। ২ অনুরোধ, অনুবর্ত্তন। "ধর্ম্মশাস্ত্রানুসার যাজ্ঞ ২.১। ফলং কর্ম্মানুসারতঃ হি (S.W.)। শব্দানু° শ ৭২৬। এমত কৃষ্ণের লীলা করি অনুসার। শ্রীপতি খেলেন নিত্য মনে নাহি আর॥—ক.চ ২১৩। ৩ পশ্চাদ্ধাবন। "ব্যাধানুসারচকিতা হরিণী মৃ ১.১৭। ৪ নিরূপণ, অনুসন্ধান, আবিষ্করণ। "(অধিকরণিকঃ) কপটানুসারকুশলঃ মৃ ৯.৫। ৫ [+অ-র্ম্ম] শাস্ত্রোদিত সমাচার (মেধাতিথি); শাস্ত্রোক্তবিধান। "মনু ৮.১৫২। ৬ আচার, পদ্ধতি, রীতি। ৭ ফল, পরিণাম (M.W.)। —সারণা স্ত্রী [√সারি+অন (যুচ্) +স্ত্রী আ (টাপ্)] অনুসরণ। "তস্মাৎ পলায়মানানাং কুর্য্যান্ নাত্যনুসারণাম্ (শান্তিপর্ব্ব)। —সারী (-রিন্) বিণ [অনু+ √সৃ+ইন (ণিনি)-ক -১ব; স্ত্রী -রিণী] ১ অনুসরণশীল অনুযায়ী। "বুদ্ধির্বেদানুসারিণী; সা বনবাসানুসারিণী রা ২.৪৫.২৪। বায়ুমার্গানু° গো.রা ৫.৫৩.২২। মৃগানু° শ ১.৬। রুদিতানু° রঘু ১৪.৭০। ২ অনুরোধী, অনুবর্ত্তী। "কৃপণানুসারি চ ধনম্।—পঞ্চ ১.৩০১। ৩ অন্বেষী, অনুসন্ধানপর। "ছিদ্রানু° মনু ৭.১০২; পঞ্চ ১.৭০। ৪ ব্যবহারী, ব্যবহারকারী। "যথাশাস্ত্রানুসারী মনু ৭.৩১। ৫ অনুকূলগামী, অনুবাতপ্রসারী। "পরিমলঃ পবনানুসারী (দশকুমার)। [সমাসে উত্তরপদ]। ৬ অনুগামী। "অনুসারিণাম্ (ব্রহ্মবাদিনাম্) রা ১.৩১.১৭। [অনুসারে (অনুসার+এ; সং অনুসারেণ)—১ অনুসরণপূর্ব্বক, অবলম্বনে। "নিদ্রায় আছেন প্রভু যোগ-অনুসারে ব.প ৮৯১। ধর্ম্ম-অনুসারে সী ২০। ২ উদ্দেশ্যে, অপেক্ষায়। "স্বামীর জীয়ন্তে ভার্য্যা আগে যদি মরে। পথ চাহি থাকে ভার্য্যা স্বামী-অনুসারে॥ —ম ৫৯। ৩ উদ্দেশ্যে, প্রয়োজনে, নিমিত্তে। "পুষ্প-অনুসারে, পাঠাইল মোরে ম ৪৮০। ভিক্ষার অনুসারে, ফিরেন ঘরে ঘরে ক.চ ২৩। শ্রী.মা ২১৪। ৪ প্রসারণপূর্ব্বক। "বুকে বাণ বাজিয়াছে কথা নাহি সরে। জল দেহ বলে মুনি হস্ত-অনুসারে॥—কৃ ৩৬।]

অনুসার, -সারণা, -সারী, -সারে দ্র 'অনুসরণ'।

অনুসময়ে [অনুসময়ে; অপ্র] ঠিক তখন। "বৈকুণ্ঠে বসিয়াছিল বিশ্বলোকনাথ। অনুসময়ে আসন টলিল অকস্মাৎ॥—শ্রী.মা ১৬৯।

অনুসূচক বিণ [অনু+ √সূচি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -চিকা] ব্যঞ্জক, দ্যোতক, জ্ঞাপক। —সূচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ব্যঞ্জন, দ্যোতন, প্রকটন, আবিষ্করণ।

অনুসৃত বিণ [অনু+ √সৃ+ত (ক্ত)-র্ম্ম] অনুযাত, কৃতানুসরণ। —সৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অনুসরণ, অনুগমন, অনুবর্ত্তন।

অনুসেবী (-বিন্) বিণ [অনু+ √সেব্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -বিনী] আচরণশীল, কারক। "ক্রূরকর্ম্মানুসেবিনী রা (S.W.)।

অনুস্মরণ ক্লী [অনু+ √স্মৃ+অন (ল্যুট্)-ভা] পুনঃপুনঃ স্মরণ; অনুচিন্তন। "ত্বদনু° গো.রা ৬.৮২.১৩৪। —স্মৃতি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ সর্থ 'অনুস্মরণ'। ২ অনুরূপচিন্তন।

অনুস্যূত বিণ [অনু+ √সিব্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -তা] ১ অনুক্রমে সূত্রনিবদ্ধ; অনুগ্রথিত। ২ সততসম্বদ্ধ, সদাসংশ্লিষ্ট। "স্রক্‌সূত্রবৎ সর্ব্বানুস্যূতা (রঘুনন্দন)। সৌভাগ্যগর্ব্বের মধ্যে আর একপ্রকারে ত্বদীয়তা ভাব অনুস্যূত দেখা যায় পা.প্র ২১; ত্বদীয়তা মদীয়তা ভাব কাপড়ের টানাপড়েনের ন্যায় এমনি পরস্পর অনুস্যূত যে, তাহাদিগকে পৃথক্ করিয়া লওয়া নিতান্ত অসাধ্য ২২।

অনুস্বান পুং [অনু+ √স্বন্+অ (ঘঞ্)-ভা] অনুরূপধ্বনি, অনুধ্বনন, অনুরণন, প্রতিধ্বনি। "সা.দ ৪.৬। কা.প্র ৪.৭।

অনুস্বার পুং [অনু+ √স্বৃ+অ (ঘঞ্)-র্ম্ম; (অনুস্বর্য্যতে পশ্চার্দ্ধে স্বরবদ্ উচ্চার্য্যতে ইত্যনুস্বারঃ (তৈ ১.১৮); স্বারকে (স্বরকে) অনুগত, প্রা.স (ত.বা); 'অনুস্বর' অসাধু] যাহা পরার্দ্ধে স্বরবৎ উচ্চারিত হয়, অথবা যাহা স্বরাশ্রয়ে উচ্চারিত হয়; বিন্দুরূপ বা বিন্দুরেখারূপ (ং) বর্ণবিশেষ। "মোহনুস্বারঃ পা ৮.৩.২৩। অনুস্বার [ধৃতপাঠ 'অনুস্বর'] বিসর্গের ঘটা: অনুস্বার ধনুঃশর নহে (রাজা ও রাণী)। [অনুস্বার ব্যঞ্জনবর্ণ, কিন্তু অকারের ন্যায় হ্রস্ব। ইহার উচ্চারণে হস্বস্বর ঈষৎ সংযোগ করিতে হয়। ইহা অনুনাসিক (তৈ ১.৩৪; ২.১৯)। ইহা যে স্বরের পরে থাকে, তাহারই উচ্চারণস্থান ইহার উচ্চারণস্থান। ইহা অযোগবাহ বর্ণ। ইহার সংযোগে বর্ণ গুরু হয়।]

অনুহরণ ক্লী [অনু+ √হৃ+অন (ল্যুট্)-ভা] রূপ বেশ ভাষা প্রভৃতির তুল্য আবিষ্করণ; অনুকরণ, সদৃশীকরণ। —হার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সর্থ 'অনুহরণ'। ২ গ্রহণ, স্বীকরণ। "সা.দ ১০.৯১। —হারক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -রিকা] অনুকারক। "প্লুতং…মৃগগত্যনুহারকম্ (অ.চি)। —হার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] অনুকরণীয়।

অনুহারক, -হার্য্য দ্র 'অনুহরণ'।

অনুহ্রাদ, -হ্লাদ পুং হিরণ্যকশিপুর তৃতীয় পুত্র। "গো.রা ৪.৩৯.৬। মহা ১.৬৫.১৮।

অনূক্ত বিণ [অনু+ √বচ্+ত (ক্ত)-র্ম্ম] পশ্চাৎ কথিত; পুনরুক্ত,

পুনর্ধৃত (পাঠ)। —ক্ত ক্লী, —ক্তি স্ত্রী [+ত, -তি (ক্তিন্), -ভা] পশ্চাদুক্তি, পুনরুক্তি। "মুগ্ধবোধ ২০৯ ; ২১১।

অনূচান বিণ [অনু+ √বচ্+আন (কানচ্)-ক, অতীতে ; নিপাতিত, পা ৩.২.১০৯] যিনি বেদের অনুবচন করিয়াছেন ; সাঙ্গবেদাধ্যেতা (কুল্লুক), সাঙ্গবেদপ্রবক্তা (মল্লিনাথ)। "যোঽনূচানঃ স নো মহান্ মহা ৩.১৩৩.১২। মনু ২.১৫৪, ২৪২ ; ৫.৮২। কু.স ৬.১৫।

অনূঢ় বিণ [ন ঊঢ়, ন.ত ; স্ত্রী -ঢ়া] ১ অ-কৃতবহন। ২ অপরিণীত, অবিবাহিত। "অনূঢ়ে জ্যেষ্ঠে অ.কো ৫৫ (ব্রহ্মবর্গ)। অনূঢ়া অনুজা শ্রী ১৮। —ঢ়া স্ত্রী অপরিণীতা স্ত্রী। "°ভ্রাতা সা.দ ৩.৪৪।

অনূদিত বিণ [অনু+ √বদ্+ত (ক্ত)-র্ম] ১ পশ্চাৎ কথিত ; পুনরুক্ত, অনুক্ত। ২ অনুরূপ কথিত। ৩ কৃতানুবাদ, তুল্যার্থক ভাষান্তরে লিখিত (পুস্তকাদি)।

অনূদ্দেশ পুং [অনু-উদ্+ √দিশ্+অ (ঘঞ্)-ভা] পশ্চাদ্ উদ্দেশ ; পুনঃকথন। "সা.দ ১০.৭৯।

অনূন বিণ [ন ঊন, ন.ত , স্ত্রী -না ; ছান্দস] ১ ঊনভিন্ন, অহীন, অন্যূন, সদৃশ। "ইমামনূনাং সুরভেরবেহি রঘু ২.৫২ ; বৃন্দাবনে চৈত্ররথাদনূনে ৬.৩৭ ; °সার ১৮.১। ২ অধিক। "গুণৈরনূনাম্ (সৃষ্টিম্) রঘু ৬.৩৭। ৩ মহান্, অতিশয়। "অনূনর্দ্ধেঃ (তস্য) রঘু ১০.১। ৪ অন্যূন, স্থূল। "°কন্ধর কি ১৪.৪০। ৫ মহান্, বিশাল। "অনূনৈঃ প্রস্থৈঃ মাঘ ৪.১১। ৬ পরিপূর্ণ, সমগ্র, অখণ্ড। ৭ অত্যন্ত, অতিশয়। "°গুরুর্নিতম্বঃ সা.দ ৩$\frac{৬৪}{১}$।

অনূপ বিণ [অনুগত অপ্ যে স্থানে, বহুব্রী, সমাসান্ত 'অ' অপ্ > ঊপ্, পা ৫.৪.৭৪ ; ৬.৩.৯৮ ; (ছান্দস) 'অনূপে'—নিম্নে দেশে কলশে (ঋগ্বেদ ৯.১০৭.৯)] যে স্থানে জল অনুগত ; অনুগতোদক (কুল্লুক), জলপ্রায়, জলবহুল, প্রায়জলময়। "অনূপো দেশঃ (সি)। সাগরানূপদেশে গো.রা ৫.১৫.৫৫। মনু ৭.১৯২। —প পুং, ক্লী ১ জলপ্রায় দেশ ; জলবহুল স্থান। "শৈলসাগরানূপ গো.রা ৩.৩৯.২১। হি ৩.৮৪। সাগরানূপবাসী মহা ২.২৬.৯। ২ নদীতীর। "গোমতীং গোযুতানূপামতরং রা ২.৪৯.১০। —প পুং ১ [বহুব] দেশবিশেষ। "°রাজ।—রঘু ৬.৩৭। ২ (অনূপবাসী) মহিষ।

অনূরু বিণ [ন ঊরু যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -রু] যাহার ঊরু নাই ; ঊরুহীন। —রু পুং বিনতার জ্যেষ্ঠ পুত্র গরুড়ের অগ্রজ অরুণ। "°সারথি মাঘ ১.২। [অকালে ডিম্বভঙ্গ হেতু ইঁহার ঊরুপ্রভৃতি অধস্তন দেহভাগ অপরিপুষ্ট ও বিকৃত হয়। সেই হেতু ইঁহার নাম 'অনূরু'। জন্মের পরেই আকাশে উঠিয়া, ইনি সূর্য্যরথে আসন গ্রহণপূর্ব্বক সারথ্য স্বীকার করেন। এই হেতু সূর্য্য "অনূরুসারথি' (মহা ১.১৬শ অধ্যায়। ম ৮)। °সারথি (বিণ)—অনূরু যাঁহার সারথি ; সূর্য্য।]

অনূর্দ্ধ বিণ [ন ঊর্দ্ধ, ন.ত ; স্ত্রী -র্দ্ধা ; °ভাস্ (ঋগ্বেদ।] ১ ঊর্দ্ধভিন্ন, নিম্ন, নীচ। ২ (বাঙ্লায়) যাহা হইতে ঊর্দ্ধ নাই , অত্যুচ্চ, অতিমহান্। "অসম অনূর্দ্ধ যার অপার মহিমা ভ.গ্র ১৬৫। ['অনূর্দ্ধ কাল—কোন নিরূপিত কালের অনধিক কাল।]

অনূর্দ্ধসমান বিং যাহার কেহ ঊর্দ্ধ (উপরিস্থ) বা সমান (তুল্য) নাই ; শ্রেষ্ঠতম ও অদ্বিতীয়। "ব্রহ্ম শব্দে মুখ্য অর্থে কহে 'ভগবান্'। চিদৈশ্বর্য্যপরিপূর্ণ অনূর্দ্ধসমান ॥—চৈ.চ ৩৫।

অনৃজু বিণ [ন ঋজু, ন.ত ; স্ত্রী -জু, -জ্বী ; ছান্দস] ১ ঋজুভিন্ন, বক্র। ২ কুটিল, ধূর্ত্ত। "মনু ৪.১৭৭। ৩ কুটিল, গর্হিত। "অনৃজুরূপায়ঃ পার্শ্বম্ পা ৫.২.৭৫, কাশিকা। ৪ কুপথগামী, কদাচার। "গো.রা ৪.১৬.৩৬।

অনৃণ বিণ [ন ঋণ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ণা] ১ ঋণশূন্য, অঋণী। "রা ২.৫৫.৩। শ ১$\frac{২৭}{২১}$। রঘু ১২.৫৪। ২ ঋণত্রয়মুক্ত। দ্র 'ঋণ' (২)। "মনু ৬.৯৪ ; ৯.১৯৬। [°তা, °ত্ব—ঋণশূন্যতা। "°তাধর্ম্মে রা ২.৯৫.১৭ ; °ত্ব ১১২.৬। রঘু ৮.৩০।]

অনৃণী (-ণিন্) বিণ [ন ঋণী, ন.ত ; স্ত্রী -ণিনী] সর্থ 'অনৃণ'। "মহা ৩.৩১২.১১৫।

অনৃত বিণ [ন ঋত, ন.ত ; স্ত্রী -তা ; 'অনৃতেভির্বচোভিঃ' (ঋগ্বেদ)] অসত্য, মিথ্যা। বিপ 'ঋত'। "সময়ং নানৃতং কার্যীঃ রা ২.১২.৪৪। প্রিয়ঞ্চ নানৃতং ব্রূয়াৎ মনু ৪.১৩৮। অনৃতকথনে বল কে উৎসুক হয় স.শ ৯২। অনৃতাচার-নিবন্ধন পা.প্র ১৪২। —ত ক্লী ১ অসত্য, অসত্যভাষণ, মিথ্যাবাক্য। "সত্যানৃতে।—ঋগ্বেদ ৭.৪৯.৩। ঋতানৃতে মনু ১.২৯ ; পশ্বনৃতে, গবানৃতে, অশ্বানৃতে, পুরুষানৃতে ৮.৯৮ ; ভূম্যনৃতে ৯৯। ন নর্ম্মযুক্তং বচনং হিনস্তি ন স্ত্রীষু রাজন্ ন বিবাহকালে। প্রাণাত্যয়ে সর্ব্বধনাপহারে পঞ্চানৃতান্যাহুরপাতকানি ॥—মহা ১.৮২.১৬। ২ যাহা ঋত (উঞ্ছশিল) নহে ; কৃষি। 'অনৃতং কৃষি (অ.কো)। হিংসাদোষপ্রধানত্বাদনৃতং কৃষিরুচ্যতে (অ.টী)। ৩ অনৃতবৎ অশুভ। "মনু ৯.১৮। —তক বিণ মিথ্যাবাদী। "লুব্ধা অনৃতকাশ্চৈব তিগ্মে জায়ন্তি ভারত (ভীষ্মপর্ব্ব)। [°ময়—অনৃতপ্রচুর, মিথ্যাবাদপূর্ণ। "°বাঙ্মধু শ ৫$\frac{২০}{২১}$।]

অনৃতী (-তিন্) বিণ [অনৃত+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -তিনী] যাহাতে অনৃত আছে ; অসত্যবচন (রা.টীকা), মিথ্যাবাদী। "রা ১.৬.১৪। মনু ৪.২১৪। যাজ্ঞ ১.১৬৫।

অনৃতু পুং [ন ঋতু, ন.ত] ১ ঋতুভিন্ন কাল ; ঋতুকালভিন্ন সময়। "মনু ৫.১৫৩। ২ অসময়, অকাল। "অনৃতৌ চাভ্রদর্শনে মনু ৪.১০৪।

অনৃশংস বিণ [ন.ত ; স্ত্রী -সা] অনিষ্ঠুর, সদয়। "রা ২.৬২.৭।

অনেক বিণ [ন এক, ন.ত, বহুবচন ; স্ত্রী -কা ; বৈদিক] ১ বহুসংখ্যক, বহু। "°শতসহস্র রা ২.৯.৫৬। অনেকানি সহস্রাণি মনু ৫.১৫৯। °বাহূদরবক্ত্রনেত্র গী ১১.১৬। রঘু ১৭.৪। °সংশয়োচ্ছেদি (হি)। °বিজয়ী।—পঞ্চ ৩.৮ ; °যুদ্ধবিজয়ী ১০। অনেকের পতি তেঁই পতি মোর বাম ভা.চ ২৫৪। অনেক খরিদদারে কসে হাট, অনেক পড়োতে হয় না পাঠ ; অনেকের মৃত্যু হয় অনেক লোভে দা ৭৮৩। ২ দ্বিসংখ্যক, দুই। "°জ, °প, °শফ। ৩ বিভিন্ন, পৃথক্। "°পিতৃক। যাজ্ঞ ২.১২৩। ৪ প্রভূত, প্রচুর, সমধিক। "°চাটুপরা।—পঞ্চ ৫$\frac{৯৪}{৯৫}$। অনেক আশাতে হয় ফক্কি, অনেক কোঁদলে ছাড়ে লক্ষ্মী, অনেক আদরে অহঙ্কার বাড়ে দা ৭৮৩। অনেক চিন্তার পর করিলাম স্থির ন ৪৬৮। ৫ [ন এক যাহার, ন.বহুব্রী] যাহার একত্ব নাই ; একত্বহীন, দ্বিসংখ্যক, নানা। "অনেকমন্যপদার্থে পা ২.২.২৪। অনেকস্যৈকধা সাম্যম্ সা.দ ১০.৪। অনেকমাশ্রিতং লিঙ্গম্ (সাংখ্যকারিকা)। আত্মৈকোঽহনেকঃ যাজ্ঞ ৩.১৪৪। —ক বি (বাঙ্লায়) ১ প্রচুর, বহু দ্রব্যাদি। "অনেক দিয়াছ নাথ, আমার বাসনা তবু পূরিল না।—রবীন্দ্র। ২ বহুলোক, কেহ কেহ। "কথা শুনিয়া দর্শকমণ্ডলী এবার আর জয়ধ্বনি করিল না —অনেকে বিষণ্ণ হইল—অনেকে বলিল 'কবুল' ব.প্র ৪৯৯। [°কাল —প্রচুর সময় ; বহু মাসবর্ষ-প্রভৃতি। °টা—১ অধিকাংশ, বেশীভাগ। "নদীতে জমির অনেকটা ভাঙ্গিয়াছে। ২ বহুপ্রকারে বা বিষয়ে ; প্রায়। "অনেকটা একরকম। অনেকটা ভাল। °বার—বহুবার, বারংবার। অনেকানেক (অপ্র)—বহুসংখ্যক। "অনেকানেক সহচর ব.প্র ১৩। অনেকানেক সুবোধ…ব্যক্তি পা.প্র ১৪২ ; ১৬৯। অনেকানেক ধনশালী (পদ্যসংগ্রহ—দীনবন্ধু-২২)। °মত (অপ্র) বহুপ্রকার, নানাবিষয়ক। "অনেকমত চিন্তা করিয়া স্থির করিলেন কৃ.চ ৫৯।]

অনেকচিত্ত ক্লী [কর্ম্মধা] বহুসংকল্প, অনেকমনোরথে প্রবৃত্ত চিত্ত (গী. টীকা)। "°বিভ্রান্ত গী ১৬.১৬। [°মন্ত্র—যাহার মন্ত্র অনেকচিত্তে যায় ; যে অনেকের কাছে মন্ত্র ব্যক্ত করে। "হি ৪.৩৫।]

অনেকজ পুং [°ক+ √জন্+অ (ড)-ক ; উ.ত] দ্বিজাত ; পক্ষী।

অনেকপ পুং [অনেক+ √পা+অ (ক)-ক ; উ.ত] যে অনেক (মুখ শুণ্ড এই দুই) দ্বারা পান করে ; দ্বিপ, হস্তী। "বন্যেতরানেকপদর্শন রঘু ৫.৪৭। মাঘ ৫.৩৫।

অনেকমুখ বিণ বহুব্রী ; স্ত্রী -খা, -খী] ১ বহুমুখ, অনেকবক্ত্র। ২ বহুদিগনুবর্ত্তী, পৃথগ্‌ভূত, বহুলীভূত। "বলানি···অনেকমুখানি ভট্টি ২.৫৪।

অনেকরূপ বিণ [বহুব্রী ; স্ত্রী -পা] ১ যাহার বহুরূপ ; নানাকৃতি। "বেশ্যাঙ্গনেব নৃপনীতিরনেকরূপা।—পঞ্চ ১.৪৫৯। ২ নানাপ্রকার, বিবিধ। "পঞ্চ ১.৪৫৯। ৩ অব্যবস্থিত, পরিবর্ত্তনশীল। —প পুং বহুরূপ পরমেশ্বর ; বিষ্ণু।

অনেকশফ বিণ [অনেক শফ যাহার, বহুব্রী ; স্ত্রী -ফা, -ফী] যাহার দুই খুর ; খণ্ডিত-খুর (পশু)। "পা ১.৩.৭৩, কাশিকা।

অনেকার্থ বিণ [অনেক অর্থ যাহার, বহুব্রী ; স্ত্রী -র্থা] ১ নানার্থক (শব্দ)। "সা.দ ২.১৪। ২ যাহার অর্থ 'অনেক' ; 'অনেক' পর্য্যায়স্থ ('বহু'-প্রভৃতি শব্দ)। ৩ বহুপ্রয়োজন। —র্থ পুং [কর্ম্মধা] ১ বহু প্রয়োজন। ২ নানা অভিধেয়।

অনেকাশ্রিত বিণ [অনেককে আশ্রিত, দ্বি.ত] ১ বহুগত, বহুনিষ্ঠ (সংযোগাদি গুণ)। "ভাষাপরিচ্ছেদ ৮৯। ২ সামান্য, সাধারণ।

অনেহাঃ (-হস্) পুং [(ন হন্যতে, ন+হন্+অসুন্ পৃষোদরাদিত্বাৎ হন্ স্থানে এহাদেশঃ, সৌ কৃতে অনঙাদেশঃ)।] কাল, সময় (অ.কো)। "তস্থুস্তস্যান্তিকে দ্রোহচ্ছিদ্রান্বেহঃ প্রতীক্ষিণঃ। রাজতরঙ্গিণী।

অনৈক্য ক্লী [ন ঐক্য, ন.ত] ১ একত্বের অভাব ; বহুত্ব। ২ একতার অভাব ; অনৈকমত্য, অন্যোন্যবিরোধিতা।

অনৈষ্ঠিক বিং নৈষ্ঠিকভিন্ন, অনিষ্ঠাবান্, নিষ্ঠাহীন, ধর্ম্মধ্বজী। "(অনৈষ্ঠিক) কণ্ঠীতিলক-হীন হইল অমনি॥—ভ.গ্র ৪২৭।

অনোআন বি [সং অনুমান ; তু 'অনোচিত' ; বৈষ্ণবসাহিত্যে] অনুভব, বোধ, জ্ঞান। "উরপর কমল৽ পাণি অবলম্বনে৽ দূর করল অনোআন গো ১৭৭।

অনোচিত বিং [সং অনুচিত ; অপ্র] অযুক্ত, অন্যায়। "মহাপ্রভু শ্রীচৈতন্য নিন্দে অনোচিত ভ.গ্র ২০৭ ; ২৩৪। অনোচিত হয় তোখে চুলে ধ'রে নিতে চ.বি ১৯৫।

অনৌচিত্য ক্লী [ন ঔচিত্য, ন.ত] ১ ঔচিত্যের অভাব ; অযুক্ততা, অন্যায্যত্ব। "ঔচিত্য-অনৌচিত্য-বোধ পা.প্র ৬৭। ২ (অলঙ্কারে) রসানুকূলসামগ্রীরাহিত্য। "সা.দ ৩.২৬২ ; ২৬৪। ৩ অর্থগত রসাপকর্ষক দোষবিশেষ ; অনুচিতার্থতা দোষ (কাব্যনির্ণয়)।

অনৌদার্য্য বি [ন ঔদার্য্য, ন.ত] ঔদার্য্যের অভাব ; অনুদারভাব, লঘুচিত্ততা, চিত্তের নীচতা। পা.প্র ৩৩।

অনৌদ্ধত্য ক্লী [ন ঔদ্ধত্য, ন.ত] ১ ঔদ্ধত্যের অভাব ; অনুদ্ধ ভাব, নম্রতা। ২ গম্যরূপত্ব (মল্লিনাথ), অক্ষোভতা, শান্তভাব। "উপেতি··· নদীরনৌদ্ধত্যম্ কি ৪.২২।

অনৌরস বিণ [ন ঔরস, ন.ত ; স্ত্রী -সী] ঔরসভিন্ন, ঔরসপুত্র-ব্যতীত (পুত্র—দত্তকাদি)। "বিষ্ণু ২২.৪২।

অন্ত[1] বিণ [√অম্ গতি+ত (তন্)-ক, উ ৩.৮৬ ; স্ত্রী -ন্তা] ১ সমীপবর্ত্তী, অন্তিক। "গ্রামবিবীতান্তে ক্ষেত্রে যাজ্ঞ ২.১৬৫। ২ রম্য, মনোহর। "মেখলান্তাঃ (নিতম্বাঃ) মাঘ ৪.৪০। পরিণতফলশ্যামজম্বূবনান্তাঃ (দশার্ণাঃ) পূ.মে ২৪। ৩ অবসিত, সমাপ্ত (বৈজয়ন্তী)। ৪ জঘন্য, অন্ত্য, চরম, পশ্চিম। [এই অর্থে 'অন্ত' শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ ; সুতরাং 'অন্তঃ' ঘটঃ, অন্তং গৃহম্, অন্তঃ অন্তং বা স্ত্রী—এইরূপ প্রয়োগ সাধু (দ্র 'ভরত-কৃত অ.টী)। 'অবসিত' অর্থেও 'অন্ত' শব্দের এই নিয়ম—'অন্তোঽন্ত্যাবসিতে' (বৈজয়ন্তী)।] ৫ অধ্যবসিত। ৬ অপকৃষ্ট, অধম। ৭ কনিষ্ঠ (A.)। —ন্ত পুং [+ত-ভা ; Cf., Gr. anti ; L. ante ; Ger. Ende ; Gothic—andis ; Swedish—anda ; E. end] ১ নাশ, ক্ষয়, লয়। "ওষধ্যঃ ফলপাকান্তাঃ মনু ১.৪৬ ; প্রাণান্তং দন্তম্ ৮.৩৫৯। কলহান্তানি হর্ম্ম্যাণি কুবাক্যান্তং চ সৌহৃদম্।—পঞ্চ ৫.৭২। গী ১০.৩২। মাতঙ্গের করিলেক অন্ত কৃ ১৯৬। ম ১০২২। কয়ল জীউ অন্ত জ্ঞা ২৩৫। ২ [পুং, ক্লী—বৈজয়ন্তী] মরণ, শরীরত্যাগকাল। "যোগেনান্তে তনুত্যজাম্ (রঘূণাম্) রঘু ১.৮ ; তদন্তে ২.৪৮। অন্তে নরকে গমন ম ৪ ; অন্তে স্বর্গে যায় ৫১। ৩ সংহার, প্রলয়, লয়স্থান (গী.টীকা)। "অহম্···ভূতানামন্ত এব চ গী ১০.২০। ৪ নির্ণয়, যাথাতথ্য (গী.টীকা)। "উভয়োরপি দৃষ্টোঽন্তঃ গী ২.১৬। ৫ অবসান, সমাপ্তি। "সেকান্তে রঘু ১.৫১। যুগসহস্রান্ত মনু ১.৭৩। ব্যসনানি দুরন্তানি মনু ৭.৪৫। অদ্য কান্তঃ কৃতান্তো বা দুঃখস্যান্তং করিষ্যতি (উদ্ভট)। অশোচান্তে পৌষমাস শ্রী ১৪৫। ৬ [+ত-র্ম্ম] পর্য্যন্ত, সীমা, অবধি। "সাগরান্তা মহী গো.রা ১.৫.১। ফলোদয়ান্ত কু.স ৫.৬। উদকান্ত শ ৪২২৬। আলোকিতঃ খলু রমণীয়ানামন্তঃ (কাদম্বরী)। এতদন্ত মনু ১.৫০। মাধব নিকরুণ অন্ত বি.প ১৬৯। শ্যাম নিকরুণ অন্ত জ্ঞা ২৩৫। আয়ুর···অন্ত-ওর ম ৯৫০। ৭ পার। "শ্রুতস্য যায়াদয়মন্তমর্ভকঃ রঘু ৩.২১। বিদ্যান্ত হি ৩.১১৬। ৮ [পুং, ক্লী] শেষ, প্রান্ত, অন্ত্যভাগ। "কেশান্ত, নিশান্ত, পক্ষান্ত, বস্ত্রান্ত, বেদান্ত, মাসান্ত। দিনান্তরম্য।—ঋতু ১.১। দিনান্তে রঘু ৪.১ ; দশান্ত ১২.১। ৯ [ক্লী—বৈজয়ন্তী] সমীপ, সান্নিধ্য। "প্রপাতান্তবিরূঢ়শষ্পা রঘু ২.২৬। নাধীয়ীত শ্মশানান্তে মনু ৪.১১৬। জলান্তে সা.দ ৬.১৩৯। ১০ (ব্যাকরণে) শব্দের শেষাবয়ব—বর্ণাদি। "অজন্ত, কৃদন্ত, তদ্ধিতান্ত, তিঙন্ত, হলন্ত, হসন্ত। ১১ সমাসের বা সমাসার্থ উত্তরপদের চরমাবয়ব—টচ্-প্রভৃতি (তত্ত্ববোধিনী)। "সমাসান্তবিধান পা ৫.৪.১০৭। ১২ [তু 'সং অন্তর > প্রা অংত (প্রা.ম)] স্বরূপ। "বনান্ত রঘু ২.১৯ ; ৫৮। উ.চ ২.২৪। বনান্তভু।—কি ৬.১৭। আয়তান্ত মাঘ ২০.২২। পটান্ত শ ৩২২। শ্মশানান্তে।—অত্রি ৩১৪। ফুটল কুসুম সকল বন অন্ত বি.প ১৭০। ফুয়ল কুসুম সব কানন অন্ত গো ৭৮। ১৩ উচ্চ সংখ্যাবিশেষ (A.)। [অন্তে—১ জীবনান্তে, পরকালে। "(ও কে) দিতিসুতপ্রাণ নাশে, সুরে আশু তোষে, অন্তে তোষে অরিগণ দা ২১৫১। ২ শেষকালে, মৃত্যুকালে। "জীবের অন্তেগতি সতি! দা ২১৬১ ; ২১৬৮ ; অন্তে এই ক'রো ২১৬৯।]

অন্ত[2] [বি সং অন্ত্র > লি, প্রা অংত > বা অন্ত অপ্র ;] নাড়ীভুঁড়ি, আঁত। "কার সভড়ায় অন্ত চ.বি ১৬৪। বুক বিদারিয়া তার বাহিরায় অন্ত বা.ম ৪২।

অন্ত[3] প্র [সং শতৃ (অৎ) > লি অন্ত ; প্রা 'ন্ত' ; 'তু' সং জীবন্ত, নন্দন্ত, রোহন্ত (উ ৩.১২৭)] প্রবৃত্ত ক্রিয়ার অবিরাম (Progression), অর্থাৎ কোন ক্রিয়া আরব্ধ হইয়া চলিতেছে, এইরূপ অর্থে প্রত্যয়। "উঠন্ত, পরন্ত (রোদ, বয়স) ; ফলন্ত গাছ ; আগজ্বলন্ত ভাত। জ্বলন্ত অঙ্গার ম.ম ১৭৫।

অন্ত[4] ক্রি.বি [সং অস্তি > বা অন্ত] বর্ত্তমান কালের প্রথম পুরুষের একবচন ও বহুবচনের ক্রিয়াবাচক বিভক্তি (সম্ভ্রমে, অসম্ভ্রমে)। "বোলন্ত (শ্রী.কী)। শুনন্ত অ.প ৪৬ ; অর্জ্জুনবীর ঘোড়া অন্বেষন্ত ৫৩ ; পর্য্যটন্ত ৮৬ ; বাহন্ত বহুল বাদ্য ১০৬ ; পুছন্ত, কহন্ত, মাগন্ত ১২২ ; নারদ···কহন্ত ১২৭ ; (সবে) ক্ষিতিম ভ্রমন্ত : (সবে) মিলন্ত : চাহন্ত সর্ব্বজনে ১২৯ ; (শিশু) গোবিন্দ ভাবন্ত ১৩০ ; সেনাপতি···নেয়ন্ত সেই শিশু : (শিশু) বিষ্ণুকে সেবন্ত ১৩১ ; ঘোড়া বিচরন্ত ১৩৭। বড় বড় বৈষ্ণব তার দর্শনেতে যান্ত চৈ.চ ২৭৩।

অন্তঃ (-ন্তর্) বা [√অম্ গতি+অর্ (অরন্), ত্ (তুট্)-আগম, উ ৫.৬০ ; ছান্দস ; ফা অন্দর্ ; Av. Antare ; Cf., Gr.

entos ; L. inter ; Gothic—undar ; E. under] ১ মধ্যে, অভ্যন্তরে। বিপ 'বহিঃ'। "অন্তর্গত, অন্তর্বর্ত্তী, অন্তর্ভূত, অন্তঃস্থিত। বহিরন্তশ্চ ভূতানাম্ গী ১৩.১৫। রঘু ২.৩২। অন্তশ্চরতি মহা ৩.২৪.৩৪। সভান্তঃ মনু ৮.৭৯। অন্তর্বহির্যদি হরিস্তপসা ততঃ কিং, নান্তর্বহির্যদি হরিস্তপসা ততঃ কিম্ (নারদপঞ্চরাত্র)। ২ দুই বা বহুর মধ্যে (Between, amongst)। "অন্তঃস্থ বর্ণ। অন্তর্বিচ্ছিন্ন শ ১.৯। দন্তান্তরধিষ্ঠিতম্ (অন্নাবয়বাদি) মনু ৫.১৪১। যাজ্ঞ ৩.১৮৭। ৩ পরিগ্রহ, স্বীকার। "পা ১.৪.৬৫। ৪ মধ্যে, মনে। 'অবিরতজ্বালমন্তর্জ্বলামি উ.চ ৩.৩৮। ৫ প্রান্তে (বিশ্ব)। ৬ অন্তরাত্মা। "যোহন্তঃসুখোহন্তরারামস্তথান্তর্জ্যোতিরেব যঃ গী ৫.২৪। ৭ অন্তঃপুরে। "রঘু ১৯.৬।

অন্তঃকরণ ক্লী [অন্তর্গত করণ, উ.লো] ১ মধ্যস্থ জ্ঞানেন্দ্রিয়; মনঃ। "°প্রবৃত্তি শ ১.২০। রঘু ২.১১। সরলান্তঃকরণা সী ৫৩। ২ অহঙ্কার। "ভ ২.১.৩৫। [বৃত্তিভেদে 'অন্তঃকরণ' বুদ্ধি ও মন নামে অভিহিত হয়; বুদ্ধি নিশ্চয়াত্মিকা, মন সংকল্পবিকল্পাত্মিকা বৃত্তি। চিত্ত অহঙ্কার ইহাদের অন্তর্ভূত; চিত্ত অনুসন্ধানাত্মিকা, অহঙ্কার অভিমানাত্মিকা বৃত্তি (বেদান্তসার)। সাংখ্যে ত্রিবিধ—বুদ্ধি অহঙ্কার মন (সাংখ্য ৩৩; ৩৫)। অন্তঃকরণে করা (অপ্র)—মনে করা; চিন্তা করা। "নবাব অন্তঃকরণে করিলেন…অধিক রাজকর লইব কৃ.চ ৫০।]

অন্তঃকলি পুং [উ.লো] অন্তর্ভূত বিবাদ; সগোত্রগণের মধ্যে বিবাদ; গোত্রকলহ। "ভ ১১.১.৪।

অন্তঃপট পুং, ক্লী [উ.লো] ১ মধ্যবর্ত্তী বস্ত্র; বিবাহে বর ও কন্যার মধ্যে, দীক্ষায় গুরু ও শিষ্যের মধ্যে মিলনের শুভমুহূর্ত্তের পূর্ব্বপর্য্যন্ত ধৃত যবনিকা (পর্দ্দা) বা বস্ত্রখণ্ড। "তবে মধ্যে অন্তঃপট ধরি লোকাচারে। সপ্ত প্রদক্ষিণ করাইলেন কন্যারে॥—চৈ.ভা ১১৫। অন্তঃপট ঘুচাইল দোঁহে দোঁহা দেখি চৈ.ম ৬৮; অন্তঃপট ঘুচাইল, চারি চক্ষে দেখা হৈল ৮৩। ২ (বাঙলায়) যবনিকা, পর্দ্দা। "মুকুন্দ আছেন অন্তঃপটের বাহিরে চৈ.ভা ২৩৫। চিত্রসেন ধরিল বিচিত্র অন্তঃপট বা.ম ১৫৮; পুনঃ নাচে উষা ঘুচাইয়া অন্তঃপট ১৫৯। ৩ অবগুণ্ঠন। "বাহিরিলা বিপুলাকে অন্তঃপট দিয়া বা.ম ২৮৫।

অন্তঃপাত পুং [স.ত] মধ্যে পতন; মধ্যস্থিতি, অন্তর্ভাব। "সা.দ ৮.১৩।

অন্তঃপাতী (-তিন্) বিণ [অন্তর্+√পত্+ইন্ (ণিনি)-ক -১ব; উ.ত; স্ত্রী -তিনী] মধ্যপ্রবিষ্ট, অন্তর্গত, মধ্যস্থ। "দণ্ডকারণ্যান্তঃপাতি আশ্রমপদম্ (কাদম্বরী)। যশল্মীর অন্তঃপাতী, দেশে ছিল ভট্টিজাতি।—রঙ্গ ৬।

অন্তঃপাল পুং [অন্তর্+√পালি+অ (অণ্)-ক; উ.ত] অন্তঃপুররক্ষক, শুদ্ধান্তরক্ষক। "রা ২.৩৭.২৬ (ধৃতপাঠ—"অন্তপাল")।

অন্তঃপুর ক্লী [উ.লো] ১ পুরের মধ্যস্থ পুর; রাজস্ত্রীগণের গৃহ; শুদ্ধান্ত, অবরোধ, অন্দরমহল। "মনু ৭.২১৬; ২২১। কন্যান্তঃপুর, স্বসুতান্তঃপুর (S.W.)। °রামা ম ৩৪৩; °বালা ৫৮৭। ২ অন্তঃপুরবধূ, অন্তঃপুরস্ত্রী (কুল্লুক), রাজদার। "°প্রচার মনু ৭.১৫৩। প্রার্থনামন্তঃপুরেভ্যঃ কথয়েৎ শ ২২/৩; ৬.৫। রাজ্ঞোঽন্তঃপুরং…জলক্রীড়াং কুরুতে। —পঞ্চ ১২/৩৪।

অন্তঃপুরচর বিণ [অন্তঃপুর+√চর্+অ (ট)-ক; উ.ত; স্ত্রী -রী] অবরোধচারী, অন্তঃপুরস্থ। —র পুং রাজান্তঃপুরস্থ কঞ্চুকীপ্রভৃতি। —রী স্ত্রী অবরোধবধূ, অন্তঃপুর-স্ত্রী। —চারী (রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -রিণী] যে অন্তঃপুরে বিচরণ করে; অন্তঃপুরগমনে অধিকারবিশিষ্ট। "দুর্ম্মুখ অন্তঃপুরচারী অতিবিশ্বস্ত ভৃত্য সী ১৭।

অন্তঃপুরাধ্যক্ষ পুং [ষ.ত] অন্তঃপুরের অধ্যক্ষ; অবরোধরক্ষক।

অন্তঃপুরিক পুং [অন্তঃপুর+ইক (ঠক্) 'তত্র নিযুক্ত' অর্থে, বৃদ্ধ্যভাব, বৃদ্ধিতে 'আন্তপুরিক'] অন্তঃপুরে নিযুক্ত পুরুষ; অন্তঃপুরাধ্যক্ষকঞ্চুকিপ্রভৃতি। —কা স্ত্রী প্রতিহারীপ্রভৃতি।

অন্তঃপ্রকৃতি স্ত্রী [উ.লো] ১ অন্তর্ভূত স্বভাব। ২ অন্তরাত্মা। ৩ রাজার সন্নিকৃষ্ট (অন্তরঙ্গ) অমাত্যাদি। "°প্রকোপ কি ২.৫১।

অন্তঃপ্রবিষ্ট বিণ [দ্বি.ত] ১ মধ্যগত, অন্তর্গত। ২ মনোগত।

অন্তঃপ্রসৃপ্ত বিণ [স.ত] অভ্যন্তরে সঞ্চরিত। "°দহন উ.চ ৪.২।

অন্তঃশরীর ক্লী [উ.লো] ১ স্থূলদেহমধ্যস্থ দেহ; মনোবুদ্ধিপ্রভৃতি সপ্তদশাবয়ব সূক্ষ্মশরীর; লিঙ্গদেহ। ২ অন্তরিন্দ্রিয়, অন্তঃকরণ। "রঘু ৬.৩৯। —র ব্য [বিভক্ত্যর্থে অব্যয়ীভাব] শরীরে, দেহমধ্যে। "°স্থ গী ১৭.৬।

অন্তঃশল্য ক্লী [ষ.ত] অন্তঃকরণের শল্যতুল্য পীড়াকর; মনোব্যথাজনক বস্তুমাত্র।

অন্তঃশিলে, -শীলা, -শীলে বিং [সং অন্তঃসলিল, -লা, অন্তঃসলিলা >°শিলা>°শীলা 'অপ্রকাশিতস্বভাব, গুপ্তমনোবৃত্তি', অর্থে; কিন্তু উহা অসাধু] ১ অন্তঃসলিলা নদীর প্রবাহের ন্যায় অপ্রকাশিত; অদৃশ্য, গুপ্ত, লুকান। "তোর, অপকর্ম্মের কেউ অন্ত পায় না, অন্তঃশিলে বয় দা ৫৪০। এ কি নবীনতা বহে অন্তঃশীলা গী.লি ১৪৪। এ সওয়ায় বিস্তর অন্তঃশিলে সরঞ্জামও প্রস্তুত আছে, আবশ্যক হলে দেখা দেবে হু ৩৫; কেউ কেউ ফল্গু নদীর মত অন্তঃশীলে বইতে লাগলেন ৮৭; পেটকামড়ানি ও গা বমি বমি প্রভৃতি অন্তঃশীলে রোগ ১৩৯। ২ অন্তঃসলিলা, অন্তঃপ্রবাহবতী (নদী)। "অন্তঃশীলা তুমি (ফল্গু) বহিও সর্ব্বকাল কৃ.অ ৩৩। বীরবাহুশোকভার, বাহিরেতে নাহি আর, অন্তঃশীলাভাবে শেষে উথলিতে লাগিল।—হেম ২৮। নিৰ্জ্জীব নিষ্কামভাব, আছে তাহে লুক্কায়িত, অন্তঃশীলা প্রীতিপ্রবাহিণী ন ৯৭৩। অন্তঃশীলা অশ্রুনদীর নীরব নীরে প.কা ৩৫। [নদীর °শিলে বহা—অন্তঃসলিলা প্রবাহের ন্যায় গোপনে থাকা।]

অন্তঃশীলা, -শীলে দ্র 'অন্তঃশিলে'।

অন্তঃশুদ্ধ বিণ [স.ত; স্ত্রী -দ্ধা] অন্তরাত্মবিষয়ে নির্ম্মল; নির্দ্দোষাত্মা। "অন্তঃশুদ্ধত্বমপি ভবিতা পূ.মে ৫০।

অন্তঃশূন্য বিং [স.ত; স্ত্রী -ন্যা] মধ্যে শূন্য; রিক্তমধ্য, খালি। "অন্তঃশূন্য কলসী পূর্ণতোয় হইলে, রোহিণী ঘাটে উঠিয়া…ধীরে ধীরে ঘরে যাইতে লাগিল ব.প্র ২৬৯।

অন্তঃসংজ্ঞ বিণ [অন্তঃ সংজ্ঞা যাহার, বহুব্রী; স্ত্রী -জ্ঞা] যাহার ভিতরে চেতনা; অন্তশ্চৈতন্য। "অন্তঃসংজ্ঞা ভবন্ত্যেতে (বৃক্ষাদয়ঃ) মনু ১.৪৯। —জ্ঞা বি [উ.লো] অন্তঃস্থিত চৈতন্য; অন্তর্বর্ত্তী জ্ঞান। "একই অপ্রতর্ক্য শক্তি…উদ্ভিদে অন্তঃসংজ্ঞা রূপে…অধিষ্ঠিত রহিয়াছে। পা.প্র ৬৭।

অন্তঃসত্ত্ব বিণ [অন্তঃ সত্ত্ব যাহার, বহুব্রী; স্ত্রী -ত্ত্বা] যাহার মধ্যে বল আছে; অন্তঃসার। —ত্ত্বা স্ত্রী যে স্ত্রীর গর্ভে ভ্রূণ আছে; সসত্ত্বা, গর্ভিণী। "সী ৪৪।

অন্তঃসলিল বিণ [অন্তঃ সলিল যাহার, বহুব্রী; স্ত্রী -লা] যাহার মধ্যে জলপ্রবাহ; অন্তর্গতজল, গূঢ়প্রবাহ। "নদীমিবান্তঃসলিলাং সরস্বতীম্ রঘু ৩.৯। —ল ব্য [অব্যয়ীভাব] সলিলে, জলে। [°বাহিনী (বিং) —ভূমধ্যে প্রবাহশীলা; অন্তঃসলিলা। "°বাহিনী নদীর বারি পান করিতে লাগিলেন ব.প ১৭১৬।]

অন্তঃসার বিণ [অন্তঃ সার যাহার, বহুব্রী; স্ত্রী -রা] ১ যাহার মধ্যে বল আছে; অন্তর্বলযুক্ত। ২ মধ্যে স্থিরাংশবান্; মধ্যসার। "অন্তঃসারং ঘন তুলয়িতুং নানিলঃ শক্ষ্যতি ত্বাম্ পূ.মে ২০। ৩ নীতিবলসম্পন্ন, নীতিশাস্ত্রনিপুণ। "অন্তঃসারৈঃ…মন্ত্রিভিঃ।—পঞ্চ ১.১৩৭। —র পুং [উ.লো] অন্তঃস্থিত বল বা সারবস্তু। "নাপীড়িতা বমন্ত্যচ্চৈ-

রন্তঃসারং (নিয়োগিনঃ) হি ২.১০৪। অন্তঃসারবিহীনস্ত সহায়ঃ কিং করিষ্যতি (সু.র)।

অন্তঃস্থ বিণ [অন্তর্‌+ √স্থা+অ (ক) -ক ; উ.ত ; স্ত্রী -স্থা ; বিকল্পে 'অন্তস্থ', 'অন্তস্‌স্থ'] ১ যাহা মধ্যে স্থিত ; মধ্যস্থ। "যস্যান্তঃস্থানি ভূতানি গী ৮.২২। ক.সা ১১.১০৪। অগ্নিগিরি-অন্তঃস্থ অনল ন ৪৪৯। ২ হৃদয়স্থ। "ভ ১.২.১৭। —স্থ পুং স্পর্শ ও উষ্মবর্ণের মধ্যবর্ত্তী, অথবা সন্ধ্যক্ষর হেতু স্বর ও ব্যঞ্জনের মধ্যবর্ত্তী, বর্ণ; জিহ্বার মধ্যপ্রভৃতি করণের অন্তর্জাত বর্ণ (তৈ ১.৮) ; য র ল ব এই চারি বর্ণ। "য র ল ব অন্তঃস্থাঃ (Semi-vowels) পা ৮.২.১, সি। অন্তস্থোষ্মস্বরস্পর্শে ভ ১২.৬.৪৩।

অন্তঃস্থল বি [উ.লো] মধ্যস্থিত স্থল; অভ্যন্তরভাগ। "অন্তরের অন্তঃস্থল ন ৮৮১।

অন্তক বিণ [√অন্তি (অন্ত্‌+ণিচ্‌)+অক (ণ্বুল্‌)-ক ; স্ত্রী -ন্তিকা] যাহা অন্ত করে ; নাশক, সংহারক। "জগদন্তকান্তক ভ ৪.৫.৬। তারকান্তক রঘু ১১.২১। জগতামন্তকস্যান্তকোঽহম্‌ বে ৩.৩০। সেই সে জানিবে এই বকের অন্তক ম ১৬৩। ভক্তভয়ান্তক দা ১৫৯৫। অন্তকমূর্ত্তি মম।—হেম ২৩৭। —ক পুং [ছান্দস] মৃত্যুপতি, যম। "অতিক্রুদ্ধ ইবান্তকঃ গো.রা ১.৬৯.১৯। নান্তকঃ সর্ব্বভূতানাম্‌ (তৃপ্যতি) মহা ৫.৪০.৭। অন্তকের আজ্ঞা পেয়ে শি ৬৪। [°নগর (বি)—যমপুর। "ম ৭৬৫। °সদন (বি)—শমনভবন। "ম ৭৮৪।]

অন্তকর, -করণ বিণ [উ.ত ; ষ.ত ; স্ত্রী -রী, -ণী] নাশের কারক ; ক্ষয়সাধক, নাশক। "°র ভট্টি ৫.৯৯। ক্ষত্রিয়ান্তকরণ রঘু ১১.৭৫। রাজ্যান্তকরণৌ…দোষৌ মনু ৯.২২১।

অন্তকনগর, -সদন দ্র 'অন্তক'।

অন্তকারী (-রিন্‌) বিং [ষ.ত ; স্ত্রী -রিণী] নাশের কারক ; নাশক। "দশস্কন্ধ-অন্তকারী শ্রী.ম ১২১।

অন্তকাল পুং [কর্ম্মধা] ১ অন্ত্য বয়ঃ ; মৃত্যুসময় (গী.টীকা)। "অন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি গী ২.৭২ ; ৮.৫। ২ (বাঙলায়, অপ্র) পরকাল, পারত্রিক জীবন। "অন্তকালে বসতি করহ বিষ্ণুলোকে ম ৫৬৬।

অন্তকৃৎ বিণ [অন্ত+ √কৃ+ক্বিপ্‌ (০)-ক ; উ.ত ; স্ত্রী -ৎ] অন্তকারক, নাশক। "জীবিতান্তকৃৎ গো.রা ৩.৬৭.১৯। —ৎ পুং অন্তক, যম। "গো.রা ৫.২৩.১৭ ; ১৮।

অন্তগ বিণ [অন্ত+ √গম্‌+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -গা] ১ যে অন্তে যায় ; পারগত, অবধিপ্রাপ্ত। "পা ৩.২.৪৮। ২ পারগ, কুশল। "বেদান্তগো ব্রাহ্মণঃ স্যাৎ।—মহা ১৩.১৪৯.১২৩। শাখান্তগ —মনু ৩.১৪৫। ৩ নিরবশেষ কার্য্যকারক ; নিঃশেষে কার্য্যকাবক। ৪ অন্তস্থিত, অন্ত্য। "পাদান্তগ (বর্ণ)।

অন্তগত বিণ [দ্বি.ত] সীমাপ্রাপ্ত, অবধিগত, অন্ত্য। —গমন ক্লী [স.ত] ১ সীমায় গমন ; শেষপ্রাপ্তি, সমাপ্তি, অবসান। "প্রারব্ধস্যান্তগমনং দ্বিতীয়ং বুদ্ধিলক্ষণম্‌।—পঞ্চ ৩.১২৪। ২ নাশপ্রাপ্তি, মৃত্যু। "প্রায়ো ভূম্যন্তগমনে (অ.কো)। —গামী (-মিন্‌) বিণ [অন্ত+ √গম্‌+ইন্‌ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -মিনী] অন্তগমনশীল, বিনাশী, নশ্বর।

অন্তচর বিণ [অন্ত+ √চর্‌+অ (ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী] প্রান্তচারী, সীমান্তবাসী, প্রান্তস্থ। "পৃথিব্যন্তচরঃ গো.রা ৪.৪০.৩।

অন্তজ বিণ [অন্ত+ √জন্‌+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] ১ শেষে জাত ; অন্তজাত। ২ (বাঙলায়) নীচজাতিতে জাত ; নীচ, ইতর। "পুরীর প্রান্তরে,…অন্তজ জাতি অপার শ্রী ১৩।

অন্তত অব্য [সং অন্ততঃ] ন্যূনকল্পে, অভাবপক্ষে, আর কিছু না হইলেও শেষপক্ষে। "সে যাহা দেয়, অন্তত তাহার একটা রসিদ লিখিয়া রাখিতে চায়। চা.পু ২।

অন্ততঃ (-তস্‌) ব্য [অন্ত+তঃ (তসি) সর্ব্ববিভক্তিস্থানে ; ছান্দস] ১ অন্ত দ্বারা ; অগ্রভাগ দ্বারা। "(পুয়তে) অদ্ভিঃ …শূদ্রঃ স্পৃষ্টাভিরন্ততঃ মনু ২.৬২। যাজ্ঞ ১.২১। ২ নির্ণয়পূর্ব্বক, সিদ্ধান্তপূর্ব্বক। "নলং… মন্যে বাহুকমন্ততঃ মহা ৩.৭১.৩৩। ৩ অন্তে, শেষে। "মনু ৩.৮। ৪ তদন্তে, তারপরে। "মনু ১১.১২০। ৫ সর্ব্বশেষে, সর্ব্ববিচার-পূর্ব্বক, অর্থাৎ সব বিষয় বিবেচনা করিয়া। "পতিঘ্নীং ত্বামহং মন্যে কুলঘ্নীমপি চান্ততঃ রা ২.৩৫.৬। অন্ততঃ আমি যতদূর জানি সী ২৯। ৬ প্রান্তভাগ হইতে। "তামন্তত উপক্রম্য (ত.বা)। ৭ অপেক্ষায়, সম্ভাবনায়, অবয়বে, শাসনে (বিশ্ব)। ৮ উৎপ্রেক্ষায় (S.W.)। ৯ শেষপক্ষে, ন্যূনকল্পে, একান্তপক্ষে, গৌণভাবে। "অন্ততঃ একবার ভুলে নয়ন মেলিয়া চাহ।—মন্দ্র ১৩। যতদিন…ইংরাজের যথাযথ অনুকরণের পথ প্রকাশ না হইতেছে, অন্ততঃ সেই পর্য্যন্ত একটু স্থির থাকিয়া গৃহকার্য্যের পূর্ব্ব-প্রচলিত দেশীয় ব্যবস্থাগুলি রক্ষা করাই বিধেয় পা.প্র ১৬০।

অন্তদন্ত বি [দন্ত>অন্ত (অনু.শব্দ)] দন্ত। "অন্তদন্ত কার, কার হস্তপদ ভাঙ্গি ভ.গ্র ৪৭। অন্তদন্তহীন বিধি মিলাল জামাই ব.প ১৪৩। [°হীন হওয়া—অতিবৃদ্ধ হওয়া। "তুমি অন্তদন্তহীন হয়েছ, পাক ধরেছে সব চুলে (বাউল-সঙ্গীত)। অন্ত নাই দন্ত নাই (ব্যস্তপ্রয়োগ)—অন্তদন্ত নাই, অর্থাৎ দাঁত পড়িয়াছে ; বার্দ্ধক্য আসিয়াছে। "অন্ত নাই দন্ত নাই, ক্ষান্ত নাই সে তবু দা ১৮১ ; তোমার অন্ত নাই দন্ত নাই বয়সের অন্ত নাই ১৩৭৬। অন্তদন্তহীন ত্রিকালের বুড়া—অতিবৃদ্ধ, অশীতিপর বৃদ্ধ। "ব.প্র ৬৪১।]

অন্তপাল বিণ [অন্ত+ √পালি+অ (অণ্‌) -ক ; উ.ত ; স্ত্রী -লী] ১ রাজ্যসীমান্ত পরিরক্ষক (Frontier guard)। "অন্তপালা প্লবগাঃ গো.রা ৪.২৮.৩১। °দুর্গ মা.মি ১৬/৬ ; ৭/৮। ২ শুদ্ধান্তরক্ষক, অন্তঃপুর-রক্ষক। "রা ২.৩৭.২৬।

অন্তবান্‌ (-বৎ) বিণ [অন্ত+বৎ (বতুপ্‌) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -বতী ; ছান্দস] ১ অন্তযুক্ত, নাশবান্‌, বিনাশী। "অন্তবন্ত ইমে দেহাঃ গী ২.১৮। অন্তবত্তু ফলম্‌ ৭.২৩। ২ সীমাযুক্ত, সাবধি ; পরিচ্ছেদযুক্ত।

অন্ত(ন্তে)বাসী (-সিন্‌) বিণ [অন্ত+ √বস্‌+ইন্‌ (ণিনি) -ক -১ব ; উ.ত ; বিকল্পে সপ্তমীর অলুক্‌, 'অন্তেবাসী' ।—পা ৬.৩.১৮ ; স্ত্রী -সিনী] ১ সমীপবাসী, নিকটস্থ। "বিন্ধ্যান্ত° (S.W.)। ২ প্রান্ত-বাসী। —সী পুং ['অন্তেবাসী' বৈদিক] ১ গুরুসমীপে বাসশীল ; বিদ্যার্থী, শিষ্য। "পা ৪.৩.১০৪। মনু ৪.৩৩। প্রাচেতসান্তে° উ.চ ৬২/৬। যত অন্তেবাসী থাকে, জিজ্ঞাসিলু একে একে ক.চ ২১৭। ২ গ্রামপ্রান্তবাসী চণ্ডাল। —সিনী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্‌)] শিষ্যা। "অঘোরঘণ্টনামধেয়স্যান্তবাসিনী কপালকুণ্ডলা মা.মা ১২/৫।

অন্তবেলা স্ত্রী [ষ.ত] শেষ সময় ; মৃত্যুকাল। "ছান্দোগ্য ৩.১৭.৬।

অন্তযমক, অন্ত্যযমক ক্লী [কর্ম্মধা] অন্তস্থিত যমক ; শ্লোকে চরণের শেষস্থ যমক ; শব্দালঙ্কারবিশেষ। "ভট্টি ১০.৩। ভা.চ ২৮৫ (মালিনীর বেসাতির হিসাব)।

অন্তর[১] বিণ [অন্ত+ √রা গ্রহণ+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -রা ; ছান্দস ; Av. Aantara ; Cf., L. inter ; Gothic—anthar ; E. inter-ior] ১ যে মধ্য গ্রহণ করে ; মধ্যবর্ত্তী, অন্তর্গত। বিপ 'বাহ্য'। "অন্তর আত্মা (তৈত্তিরীয়োপনিষৎ)। কন্দনান্তরো ধর্ম্মঃ সা.দ (S.W.)। (ব্রহ্মপুত্র) দুঃসহ অন্তরবেগে তীরতরু করিয়া উন্মূল (ফিরে) কা ৪২। ২ আত্মীয়, স্বীয়। "ইদমন্তরং মম (অ.টী)। অয়মন্তরো মম (S.W.)। অন্তর মম বিকসিত কর অন্তরতর হে। —রবীন্দ্র। ৩ আসন্ন, নিকট। ৪ বিনা, ব্যতিরিক্ত। "ধনমন্তরং ন কিঞ্চিৎ (অ.টী)। ৫ অন্য, ভিন্ন। "আত্মান্তর পা ৬.২.১৬৬।

উদধেরন্তরং পারম্ রা (S.W.)। (নিত্যসমাসে উত্তরপদ) গ্রামান্তর, দেশান্তর। রাজান্তর পা ২.১.৭২, সি। দশা° শ ৪.২। জন্ম° হি ১.২২১। বিষয়ান্তর-সঞ্চটন সী ১২। কথান্তর, গাঁ-অন্তর, মনান্তর ইত্যাদি। **৬** বাহ্য, বহিঃস্থ। "পা ১.১.৩৬, সি। অন্তরে চণ্ডালগৃহাঃ (অ.টী)। **৭** পরিধানীয়, পরিধেয়। "অন্তরে অন্তরা বা শাটিকাঃ পা ১.১.৩৬, সি। **৮** সদৃশ। "স্থানেঽন্তরতমঃ পা ১.১.৫০। হ-কারস্য ঘ-কারোঽন্তরতমঃ (অ.টী)। **৯** ব্যবধায়ক, ব্যবহিত। "বস্ত্রান্তর (বস্ত্রব্যবধায়ক) পা ৬.২.১৬৬, কাশিকা। শ্বোকান্তর মনু ১০.৭; একান্তর ১৩; অনন্তর ১৪। **১০** দূরগত, দূর; অন্তর্হিত। "এতবলি চন্দ্র রাগি হইল অন্তর ম ২৮। অন্তরের আশা যদি হইল অন্তর বা.দ ১৪৮। **১১** (বাঙ্‌লায়) দূর, অর্থাৎ বাহির। "ধেকা মারি করিব তোরে পুরির অন্তর মী ১৭। —র ক্লী **১** অবকাশ, মধ্যবর্ত্তী স্থান বা কাল। "মৃণালসূত্রান্তর কু.স ১.৪০। ভুজ° রঘু ৩.৫৪; বিমান° ১৩.৩৩। গী ১১.২০। **২** অবকাশ, প্রবেশমার্গ। "লেভেঽন্তরং চেতসি নোপদেশঃ রঘু ৬.৬৬; লব্ধান্তর ১৬.৭। **৩** মধ্য। "গীতান্তরেষু···প্রিয়ামুখং কিম্পুরুষশ্চুচুম্বে কু.স ৩.৩৮। মাসেক অন্তরে হয় অঙ্গুষ্ঠ-প্রমাণ ম ১০৫২। **৪** পক্ষদ্বয়ের মধ্য। "ধনিকাধমর্ণয়োরন্তরে যস্তিষ্ঠতি স প্রতিভূঃ পা ৩.২.১৭৯, কাশিকা। যাজ্ঞ ২.২৪২। **৫** মধ্যভাগ, অভ্যন্তর, মধ্যদেশ। "নগর°, বন°, মুকুল°। গত্বা কক্ষান্তরং ত্বন্যং মনু ৭.২২৪। শিলান্তরগোপুরা কি ৫.৫; ১৮। লুকাইল···বনান্তরে কৃ ১৪৭। সে লক্ষ্য, চাহে লুকাইতে, অন্তরে অন্তরে তাব (নয়নের) ন ৮২৯। **৬** অবসর, যোগ্যকাল। "রা ১.৪৬.২৩। অন্তরাম্বেষী শ ৭১‍২/৩। লব্ধা° মৃ ২.২৩। অন্তরজ্ঞশ্চ সেবকঃ (অ.টী)। অত্রান্তরে (হি)। 'অন্তরে দুরন্ত দুঃখ অন্তরে পশিল বা.দ ১৪৮। **৭** বিরামকাল। "কর্ম্মান্তর রা ৭.৯৪.৪। **৮** মধ্য, ব্যবধান। "মেঘান্তরালক্ষ্যমিবেন্দুবিম্বম্ রঘু ১৩.৩৮; মেঘান্তরেণ পূর্ণিমাচন্দ্রস্য দর্শনম্ উ.চ ৩৪৪/৫৪। **৯** ব্যবধান, অন্তরাল। "পাটান্তরে স্থিত্বা শ ১২/২। **১০** তত্ত্ব। "কি ৫.১৮। **১১** অন্তর্গত বস্তু; তাৎপর্য্য, মর্ম্ম। **১২** পার্শ্বদেশ। "রম্যান্তরঃ (পন্থাঃ) শ ৪.১১। **১৩** অন্তরাত্মা। **১৪** অন্তঃকরণ, মনঃ। "মোর দহিছে অন্তর ম ৬৬। অন্তর-আধারে ম.পা ১৫। চিন্তিত অন্তরে ক.চ ২৫। বা.দ ১৪৮। গাহে অন্তর কত ছন্দে কু.কে ৪। **১৫** পরমাত্মা (A.)। **১৬** অবধি। "কিঞ্চিৎক্ষণান্তর গো.রা ২.১১৪.১২। মাসান্তরে দেয়ম্ (অ টী)। তৌ বিরহান্তরক্ষমৌ রঘু ৮.৫৬। **১৭** অধিকারকাল। "মন্বন্তর। (মনবঃ) স্বে স্বেঽন্তরে সর্ব্বমিদমাপুঃ মনু ১.৬৩। **১৮** ভেদ, বিশেষ, পার্থক্য। "যদন্তরং সিংহশৃগালয়োর্বনে···তদন্তরং দাশরথেস্তবৈব চ।—রা ৩.৪৭.৪৫-৪৭। হি ১.৫৩। গী ১৩.১৪। অনেক অন্তর দেখ কাঁজি-সুধা-পানে। অনেক অন্তর দেখ লোহা ও কাঞ্চনে॥—কৃ ২০৭। তোমায় আমায় দেখ অনেক অন্তর ম ৬৫। **১৯** (অঙ্কশাস্ত্রে) রাশিদ্বয়ের ভেদ। **২০** ব্যবকলন, বিয়োজন (Subtraction)। **২১** সন্নিধানরহিতকাল, অনুপস্থিতিকাল, ফাঁক। "তস্যান্তরং বিদিত্বা চ সহস্রাক্ষঃ···অহল্যামিদমব্রবীৎ রা ১.৪৮.১৭। রক্ষসামন্তরপ্রেক্ষী গো.রা ৫.৯.৪৬। **২২** বিপ্রকৃষ্টস্থান, দূর। "পদান্তরে স্থিত্বা শ ১২/২। বৈসহ অন্তরে ম.পা ১৫১। মলমূত্র পরিত্যাগ করিহ অন্তরে কৃ ১০। ফেলিল অন্তর ম ৫৭; ৮২৭। গো.চ ৩৫৬। **২৩** ব্যবধি, ব্যবধান। "শ ৭.২৭। **২৪** ভেদ, বিশেষ, প্রকার। "প্রেতো ভূতান্তরে (মেদিনী)। ব্রীহ্যন্তরেঽপ্যণুঃ (ত্রিকাণ্ডশেষ)। প্রাসঙ্গো যুগান্তরম্ (অ.চি)। **২৫** অন্তর্দ্ধি, অন্তর্দ্ধান। "অন্তরিতাঃ স্ত্রিয়ঃ (অ.টী)। **২৬** পরিধান। "অন্তরিতাঃ শাটকাঃ (অ.টী)। **২৭** তাদর্থ্য, নিমিত্ত, প্রয়োজন, অর্থ। "মদন্তরে রা ২.৯০.১৬। কার্য্যান্তরমানুষ রঘু ১৬.৮২। ওদনান্তরতণ্ডুলঃ (মল্লিনাথ)। কিসের অন্তর মী ৮; ১৯। গো.বি ২৬; ম.বি ১৯১। যুদ্ধের অন্তর অ.প ১৪; কিসের অন্তরে ১০৯; অশ্বের অন্তর ১২২। **২৮** ছিদ্র, রন্ধ্র, বিবর। "কপালনেত্রান্তরলব্ধমার্গৈ কু.স ৩.৪৯। জালান্তরগতে ভানৌ মনু ৮.১৩২। **২৯** ছিদ্র, দোষ (Weak point)। "হনুমতো বেদ ন রাক্ষসোঽন্তরং ন মারুতিস্তস্য মহাত্মনোঽন্তরম্ রা ৫.৪৮.৩৩। দদর্শ কলিরন্তরম্ মহা ৩.৫৯.২। কি ২.৫২। **৩০** ছিদ্র, ক্ষতমুখ। "তস্য বাণান্তরেভ্যস্তু বহু সুস্রাব শোণিতম্ গো.রা ৩.৩৫.৮৪। **৩১** বিশেষ, বিশিষ্টতা, উৎকর্ষ। "পাত্রবিশেষে ন্যস্তং গুণান্তরং ব্রজতি শিল্পমাধাতুঃ মা.মি ১.৬। **৩২** পণ (Pledge)। "তেন তব বিরূপকরণে সুকৃতমন্তরে ধৃতম্।—পঞ্চ ৪৩‍১/২। **৩৩** (বাঙ্‌লায়) মনোগত বিষয়; মনের কথা; রহস্য। "শুনিয়া জাহ্নবী নিজ অন্তর প্রকাশে ন.প ৪০। "অন্তর কহিল শচী নিভৃতে তাহাকে চৈ.ম ৭৭। "কেন বা ভাঙ্গিল দণ্ড কে জানে অন্তর চৈ ৯৪। [অন্তর-ঈশ্বর—অন্তর্যামী। "জানিলেন নিত্যানন্দ অন্তর-ঈশ্বর চৈ.ভা ১৭৪। অন্তর-কাঁপ—হৃৎকম্প। "হৃদয়ে অন্তর-কাঁপ ক.চ ৯৯। অন্তর-পাষণ্ড—মনের পাপ। "যে কথা শুনিলে খণ্ডে অন্তরপাষণ্ড চৈ.ভা ২০৮। অন্তরে—নিমিত্তে। দ্র (২৭)। "তোহোর অন্তরে ৮১৯। শ্রী.কী ১২২।]

অন্তর[২] বি [সং অন্তঃপুর (অন্তরপুর) > অন্তর; অপ্র] অন্তঃপুর। "গোর্থনাথ চলি গেল মীনের অন্তর মী ৭৪।

অন্তর[৩] ক্রি-বিং [সং অনন্তর; অপ্র] অনন্তর, পরে। "দশ দিন অন্তর রাজার দশা করিল গো.চ ৫১। "প্রাতঃক্রিয়াসম্পাদনান্তর য ৫; প্রভাত-কার্য্যসম্পাদনকরণান্তর ৬। [অন্তরে—পরবর্ত্তী কালে; অন্তে, পরে। "ইহার অন্তরে তবে শুন সর্ব্বজনেঃ তদন্তরে শুন ম ৩৩৫। বিবাহ অন্তরে চৈ.ম ৮৩। মাসান্তরে ম.পা ৩৯। পঞ্চদিনান্তরে ব.প ৩৭৪। সন্ধ্যা-ধূপ-অন্তরে।—রঙ্গ ১৯৬। তিন দিন অন্তরে গো.চ ৫১; ৫২]

অন্তর-ঈশ্বর, -কাঁপ, -পাষণ্ড দ্র 'অন্তর'।

অন্তরঙ্গ বিণ [অন্তর্ অঙ্গ যাহার, বহুব্রী; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] **১** যাহার অঙ্গ আত্মসদৃশ; আত্মীয়, স্বসম্পর্ক, ঘনিষ্ঠ। বিপ—'বহিরঙ্গ'। "অংশ হৈতে অঙ্গ যাতে হয় অন্তরঙ্গ চৈ.চ ২৯। তোরে অন্তরঙ্গ জানি, করিনু যুগলপাণি, উপকারে আসিতে আমার।—ভা.চ ১৯৩। **২** অত্যন্তপ্রিয়, প্রিয়তম। "স্বপিতি সুখমিদানীমন্তরঙ্গঃ কুরঙ্গঃ (শ.ক)। **৩** (ব্যাকরণে) যাহা অঙ্গের (শব্দস্বরূপের) অন্তর্গত; বহিরঙ্গবাধক নৈমিত্তিক কার্য-বিশেষবোধক; অঙ্গাশ্রিত, প্রকৃত্যাশ্রিত (বিধি)। "ধাতূপসর্গয়োঃ কার্য্যমন্তরঙ্গম্ পা ৮.৩.৭৪, সি। বহিরঙ্গবিধিভ্যঃ স্যাদন্তরঙ্গবিধির্বলী (মুগ্ধবোধ)। **৪** (যোগশাস্ত্রে) সমবিষয়তা হেতু সাক্ষাৎস্বরূপে উপকারক; সাক্ষাৎকার-সাধন (ধারণাদিত্রয়)। "পা.দ ৩.৭। —ঙ্গ ক্লী **১** আত্মীয়জন, স্বজন। "অন্তরঙ্গেষু রাজ্যভারং সমর্প্য (দশকুমার)। অন্তরঙ্গ বহিরঙ্গ বৈসে চারি-ভিত কৃ.উ ১৫৬; ১৫৭। **২** স্বীয় অঙ্গসদৃশ প্রিয়তম। "প্রভু বোলে, এ লোক আমার অন্তরঙ্গ হয় চৈ.চ ৬৫। **৩** (ব্যাকরণে) প্রকৃত্যাশ্রিত কার্য্য বা তৎকার্য্যবোধক শাস্ত্র। 'প্রকৃত্যাশ্রিতং কার্য্যং স্যাদন্তরঙ্গমিতি ধ্রুবম্ (কারিকা)। "পা ১.৩.১১, সি। **৪** সাক্ষাৎকারসাধন ধারণাদি-ত্রয়। দ্র (৪)। **৫** অন্তঃস্থ ইন্দ্রিয়; অন্তঃকরণ। "সন্তুষ্টান্তরঙ্গ, °বৃত্তি (দশকুমার)। [°ভক্ত—প্রিয়তম ভক্ত। "অন্তরঙ্গ ভক্ত করি গণন যাঁহার চৈ.চ ৩২।]

অন্তরচক্র ক্লী [কর্ম্মধা] মধ্যস্থ চক্র; তন্ত্রোক্ত মূলাধারাদি ষট্‌চক্র (দ্র 'ষট্‌চক্র')।

অন্তরজ্ঞ বিণ [অন্তর + √জ্ঞা + অ (ক)-ক; উ.ত; স্ত্রী -জ্ঞা] যে ভেদ জানে; নীচানীচবিশেষজ্ঞ। "নান্তরজ্ঞাঃ শ্রিয়ো জাতু কি ১১.২৪।

অন্তরটিপনি, -টিপুনি, -টিপ্‌পনি বি **১** অন্তর্ভূত টিপনি; বাহিরে কেহ বুঝিতে না পারে, এরূপভাবে টিপা বা চাপিয়া ধরা; অন্তর-চাপ। "(হনুমান্) মাঝে মাঝে দেন অন্তরটিপনি দা ৮১৪। "যদি দেখিস্ পূর্ণিমার রাত্রি পার হই, তবে আমায় একটা অন্তরটিপনি দিতে ভুলিস

না ব.প্র ৩৩০। নদেরচাঁদ।—টিপ্পনি কি? শ্রীনাথ।—অন্তরটিপ্পনি,—খাবে? লী ৪। **২** অন্যের অলক্ষ্যভাবে শাসন বা কড়াকড়ি। "তা'রা অন্তরটিপুনি দিচ্চে! ঘ ১৩৮।

অন্তরপু(পূ)রুষ পুং [কর্ম্মধা] মধ্যস্থিত পুরুষ; অন্তর্যামী, অন্তরাত্মা। "মনু ৮.৮৫। শু ৪.৫.২০৬।

অন্তরপ্রভব পুং [অন্তরে প্রভব যাহার (মেধাতিথি), বহুব্রী।] ভিন্নবর্ণ মাতায় ও পিতায় উৎপন্ন জাতি; অনুলোমপ্রতিলোমজাত অম্বষ্ঠকরণ-ক্ষত্তৃপ্রভৃতি; সঙ্কীর্ণ জাতি। "মনু ১.২।

অন্তরবয়ব পুং [কর্ম্মধা] অন্তর্গত অঙ্গ বা অংশ। "নিষ্কোষণমন্তরবয়বানাম্ পা ৫.৪.৬২, কাশিকা।

অন্তরযামিনী বিং [সং অন্তর্যামী; পদ্যে; স্ত্রীভাষায়] যিনি অন্তর জানেন; মনোগতভাববেত্তা। "ও গৌরাঙ্গ পহু, হে অন্তরযামিনী। তোমার চরণে আমি কি বলিতে জানি॥—ব.প ১১০৪। —নী বিং, স্ত্রী যে দেবী মনোগতভাব জানেন। "অন্তরযামিনী তুমি তবু নাহি বুঝে ভা.চ ২৪০।

অন্তরস্থ বিণ [অন্তর+√স্থা+অ (ক)-ক; উ.ত; স্ত্রী -স্থা] **১** অন্তঃস্থিত, মধ্যস্থ; স্বাভাবিক। "নৃপদীপো ধনস্নেহং প্রজাভ্যঃ সংহরন্নপি। অন্তরস্থৈর্গুণৈঃ শুভ্রৈর্লক্ষ্যতে নৈব কেনচিৎ॥—পঞ্চ ১.২৪৪। **২** উভয়ের মধ্যবর্ত্তী; ব্যবধানস্থিত। **৩** দূরস্থ। **৪** মনোগত। —স্থ পুং জীব।

অন্তরহিয়া বি [সং অন্তর্হৃদয়; পদ্যে] হৃদয়ের মধ্য; বুকের ভিতর। "শচীর অন্তরহিয়া করে দপদপ চৈ.ম ১৯১।

অন্তরা বি [সং অন্তর] **১** (সঙ্গীতে) আস্থায়ী ও আভোগের অন্তরগত, অর্থাৎ ইহাদের মধ্যে উচ্চারিত স্বর (গী.সা)। **২** গানের দ্বিতীয় চরণ বা কলি। "আমার দেহবীণার ছোট বড় সমস্ত তার ঐ আস্থায়ীতেই কেন থেমে গেল, অন্তরাপর্য্যন্ত কেন পৌঁছিল না?—ঘ ১৩৫। [ইহা প্রায়ই মধ্য-সপ্তকের মধ্যস্থান হইতে আরম্ভ হইয়া তার-সপ্তকের 'সা'-এ আরোহণ-করত তথায় কিঞ্চিৎ বিশ্রাম লইয়া, তৎপরে রাগবিশেষে কেহ আরো উপরে যাইয়া নামিয়া আইসে, কেহ বা ঐ 'সা' হইতেই নামিয়া আসিয়া আস্থায়ীর স্বরের সহিত মিলিত হইয়া সমাপ্ত হয় (গী.সা)।]

অন্তরাকাশ পুং [উ.লো; বৈদিক] অন্তঃস্থিত আকাশ;' চিদাকাশ, ঘটাকাশ।

অন্তরাগার ক্লী [ষ.ত, রাজদন্তাদি] গৃহমধ্য। "যাজ্ঞ ২.৩২।

অন্তরাত্মা (-ত্মন্) পুং [কর্ম্মধা; বৈদিক] **১** অন্তরস্থ আত্মা; জীবাত্মা। "অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽন্তরাত্মা (শ্বেতাশ্বতর)। দ্বিতীয়ং মেঽন্তরাত্মানম্ রা ২.৪.৪৩। মনু ৬.৬৩; জীবসংজ্ঞোঽন্তরাত্মান্যঃ ১২.১৩। **২** অন্তঃকরণ, চিত্ত। "মদ্গতেনান্তরাত্মনা গী ৬.৪৭। শ ৪.৪২। স্বচ্ছান্ত° হি ১.১০১। উ.চ ৩.৩৮। আর্দ্রান্ত° উ.মে ৩২। অন্তরাত্মা অনির্ব্বচনীয় আনন্দরসে আপ্লুত হয় সী ১৬। **৩** অন্তর্যামী। "অন্তরাত্মাসি দেহিনাম্ কু.স ৬.২১।

অন্তরাপত্যা স্ত্রী [অন্তরে অপত্য যাহার, বহুব্রী; স্ত্রী -আ (টাপ্)] যাহার গর্ভে সন্তান আছে; অন্তঃসত্ত্বা, গর্ভিণী। [অশিক্ষিত এই অর্থে 'অন্তরাপতি' বলে।]

অন্তরায় বিণ [অন্তর+√অয়্>অ (অণ্)-ক; উ.ত; স্ত্রী -য়ী] 'অন্তরগত', মধ্যগত, ব্যবধানস্থিত। "বাণপথবর্ত্তিনঃ কৃষ্ণসারস্য অন্তরায়ৌ তপস্বিনৌ সংবৃত্তৌ (পাঠান্তর—S.W.) শ ১। —য় পুং **১** বিঘ্ন, প্রত্যূহ, প্রতিবন্ধক। "ত্বমন্তরায়ো ভবসি রঘু ৩.৪৫; ১৪.৬৫। বহ্বন্তরায়যুক্ত। —পঞ্চ ৩.১০০। **২** ব্যবধান, আচ্ছাদন। "বিসিনীপত্রমাত্রান্তরায় মা.মা ৩ ১১। **৩** (বেদান্তে) নির্ব্বিকল্প সমাধির বিঘ্ন—লয় বিক্ষেপ কষায় ও রসাস্বাদ (বেদান্তসার)। **৪** (জৈনমতে) অর্হদ্গণের অষ্টাদশ দোষের অন্তর্গত দানাদিগত পঞ্চ দোষ (অ.চি)। [° পতি (বি)—বিঘ্নরাজ, গণেশ। "ক.চ ১।]

অন্তরারাম বিণ [অন্তঃ আরাম যাহার, বহুব্রী; স্ত্রী -মা] যাহার আত্মায়ই আক্রীড়া; আত্মাভিরত, আত্মারাম। "গী ৫.২৪।

অন্তরাল ক্লী [অন্তর+আ-√লা গ্রহণ+অ (ক)-ক (অ.টী), উ.ত] **১** যে অন্তর গ্রহণ করে; মধ্যবর্ত্তী স্থান; মধ্যাবকাশ। "গজদন্তান্ত°, দংষ্ট্রান্ত°, পয়োধরান্ত°, বনান্তর°। ত্রিশঙ্কুরিব অন্তরালে তিষ্ঠ শ ২$\frac{১}{২}\frac{৩}{৪}$। **২** দিগ্দ্বয়ের মধ্যবর্ত্তী কোণ; দিঙ্মণ্ডলমধ্য (অ.টী)। "দিঙ্নামান্তরালে পা ২.২.২৬। **৩** মধ্যকাল, অবকাশকাল। "বাষ্পান্তঃপরিপতনোদ্গমান্তরালে উ.চ ১.৩১। **৪** মধ্য, অভ্যন্তরভাগ। "ছিদ্রীকৃতান্ত° (দশকুমার)। **৫** পথিমধ্য। "আগচ্ছন্নন্তরালে মহতা কেনচিদপরেণ সিংহেন…অভিহিতঃ।—পঞ্চ ১$\frac{১}{২}\frac{৪}{৪}\frac{৪}{৮}$। **৬** সঙ্কীর্ণজাতি। "মনু ২.১৮। **৭** (বাঙ্‌লায়) ব্যবধান, আড়াল। "সম্মুখের অন্তরাল কা ৫। আমি কি তোমায় নয়নের অন্তরাল করিয়া এক মুহূর্ত্তও সুস্থ হৃদয়ে থাকিতে পারিব? সী ১৪। [অন্তরাল করা—অন্তরালে রাখা।]

অন্তরি(রী)ক্ষ ক্লী [অন্তর্ (মধ্যে) ঈক্ষ (দৃশ্য), স.ত, পৃষো; 'অন্তরিক্ষ' (ঋগ্বেদ)] **১** যাহা স্বর্গ ও পৃথিবীর মধ্যে দৃষ্ট হয়, আকাশ। 'পুরান্তরা বা ইদমীক্ষমভূদিতি তস্মাদন্তরিক্ষম্ (শতপথব্রাহ্মণ ৭.১.২.২৩)। "°গত মনু ৭.২৯। অন্তরিক্ষে বাণে বাণে হল কাটাকাটি কৃ.উ ২৫১। **২** বায়ুমণ্ডল। **৩** (স্বচ্ছতাসাদৃশ্যে) অভ্র। [°গ, °চর°(পুং) —পক্ষী। "মহা ৩.৫৩.২০; ১.১৫২.৩০। °বাণী—আকাশবাণী। "ততক্ষণে উপজিল অন্তরীক্ষবাণী ক.চ ১৯। অন্তরীখে—অন্তরীক্ষে। "জুই মূর্ত্তি হএ কামিষ্যা বিসান্তর আনাইল অন্তরীখে শূ ৬০।]

অন্তরিত বিণ [অন্তর্ ইত (গত), দ্বি.ত; স্ত্রী -তা] **১** মধ্যগত, অন্তর্গত। "গিরি দেখিলা পড়িছে, অন্তরিত পরাক্রমে মে ৭২। **২** অন্তর্হিত। "অন্তরিতে তস্মিঞ্জবরসেনাপতৌ (কাদম্বরী)। **৩** অন্তর্গত, বিম্বগত। "স্ফটিকভিত্ত্যন্তরিতান্ মৃগশাবকান্ (A.)। **৪** [√অন্তরি (অন্তর+ণিচ্) +ত (ক্ত)-র্ম্ম] অন্তরীকৃত, দূরীকৃত, তিরস্কৃত। "নাথদেহস্পর্শেন …অন্তরিত এব সন্তাপঃ উ.চ ৬$\frac{৪}{৫}$। প্রতাপান্ত° কি ৩.৪৫। **৫** ব্যবহিত, তিরোহিত। "পরলোকান্তরিতস্য তে কু.স ৪.২২। পাদপান্তরিত শ ১$\frac{২}{৮}\frac{৭}{}$; নলিনীপত্রান্ত° ৪$\frac{২}{৬}\frac{৬}{}$। ক্ষৌমান্তরিতমেখল রঘু ১০.৮। স্বদেহান্ত° হি ৩$\frac{২}{৪}\frac{৪}{৮}\frac{৮}{}$। **৬** আস্তীর্ণ, আচ্ছাদিত, আবৃত। "°ভূমিভিঃ কুশৈঃ রঘু ১৯.২। শার্দ্দূলচর্ম্মান্ত° কু.স ৭.৩৭। **৭** বাধিত, ব্যাহত। "তদ্বাক্যান্তরিতানি (সাধানি) মু ৪.১৫। **৮** আবৃত, নিষ্প্রভীকৃত। "ইন্দুপ্রকাশেনান্তরিতোড়ুতুল্যাঃ রঘু ১৬.৬৫। **৯** অপনীত। "কার্য্যান্তরিতোৎকণ্ঠম্ (A.)। **১০** অতিক্রান্ত, পরিহৃত। "মধ্যমাশ্বাবৃত্তমন্তরিতমার্য্যেণ উ.চ ১$\frac{২}{২}\frac{১}{}$। **১১** ব্যবকলিত, বিয়োজিত '(লীলাবতী)। **১২** গুপ্ত, গূঢ়। "ফাটি অন্তরিত রাগে মা ৯৪; এ প্রেম, বঁধু, আছিল হৃদয়ে অন্তরিত ৯৬।

অন্তরীক্ষ, -ক্ষগ, -ক্ষচর, -ক্ষবাণী দ্র 'অন্তরিক্ষ'।

অন্তরীণ বিং [অন্তর[১] > অন্তরীণ, তু 'সর্ব্বাঙ্গীণ'; অপ্র] **১** অন্তরঙ্গ, আত্মীয়। "সর্ব্ব তত্ত্ব জানে সে প্রভুর অন্তরীণ চৈ.ম ৩; শ্রীমুরারি …প্রভুর অন্তরীণ ৫৯। **২** অতিপ্রিয়। "মথুরামণ্ডল এই কৃষ্ণের অন্তরীণ চৈ.ম ১৭৮। **৩** রাজা কর্ত্তৃক জেলার গ্রামবিশেষে অবরুদ্ধ (রাজনৈতিক দোষী ব্যক্তি; Politically interned)।

অন্তরীপ ক্লী [অন্তর্ (অন্তর্গত) অপ্ যেথানে বহুব্রী, সমাসান্ত 'অ', অপ্ >ঈপ্, পা ৫.৪.৭৪; ৬.৩.৯৭] **১** যেথানে জল প্রতিকূল ও সঙ্গত (তত্ত্ববোধিনী); দ্বীপ (অ.কো)। **২** (বাঙ্‌লায়) জলমধ্যে প্রবিষ্ট সঙ্কীর্ণ ভূমিভাগ (Cape)।

অন্তরীয় ক্লী [অন্তর+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে] 'পরিধানসম্বন্ধী', পরিধানবস্ত্র, অধোবস্ত্র। বিপ 'উত্তরীয়'। 'নাভৌ ধৃতঞ্চ যদ্ বস্ত্রমাচ্ছাদয়তি জানুনী। অন্তরীয়ং প্রশস্তং তদচ্ছিন্নমুভয়ান্তয়োঃ॥

অন্তরে[১], অন্তরে[২] দ্র 'অন্তর[১], অন্তর[৩]।

অন্তর্গত বিণ [অন্তর্ গত, দ্বি.ত; স্ত্রী -তা] ১ মধ্যপ্রাপ্ত, মধ্যপ্রবিষ্ট। "সাগরান্ত° গো.রা ৬.৯৩.২। ২ উভয়মধ্যগত, ব্যবধানস্থিত। ৩ মধ্যগত, অভ্যন্তরস্থ। "°শবে গ্রামে মনু ৪.১০৮। লঘুদ্বীপা জম্বুদ্বীপান্তর্গতাঃ হি ৩২৮। ৪ গর্ভগত। "°ফলারম্ভাঃ শস্যানামিব সম্পদঃ রঘু ১০.৫৯। ৫ মনোগত, হৃদ্গত, অন্তরস্থ। "অন্তর্গতং প্রাণভৃতাং হি বেদ।—রঘু ২.৪৩। ৬ অন্তরাত্মগত। "অন্তর্গতমপাস্তং মে···তমঃ কু.স ৬.৬০। ৭ স্তম্ভিত, রুদ্ধ। "°বাষ্পকণ্ঠ রঘু ১৪.৫৩। ৮ অপ্রকটিত, গূঢ়, অব্যক্ত। "অন্তর্গতমপি ব্যক্তমাখ্যাতি হৃদয়ং হৃদা রা ১.৭৭.২৮। মনু ৮.২৫; অন্তর্গতং মনঃ ২৬। হি ২.৪৭। পঞ্চ ১.৪৫। ৯ অন্তশ্চর, মধ্যবাসী। "ভূতানি সাগরান্তর্গতানি গো.রা ৫.৫.৫। ১০ দেহমধ্যস্থ। "অন্তর্গতা মদনবহ্নিশিখাবলী (উদ্ভট)। ১১ অন্তর্হিত; বিস্মৃত; নষ্ট (M.W.)।

অন্তর্গর্ভ বিণ [অন্তর্ গর্ভ যাহার, বহুব্রী] যাহার ভিতরে গর্ভপত্র আছে; গর্ভপত্রবিশিষ্ট (কুশ)। "কুশৌ···অন্তর্গর্ভৌ (কাত্যায়নশ্রৌতসূত্র)। —র্ভী (-র্ভিন্) বিণ [অন্তর্গর্ভ+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] অন্তর্গর্ভযুক্ত, অর্থাৎ যাহার মাজপাতা আছে; গর্ভপত্রযুক্ত। "কাত্যায়ন ২.১০।

অন্তর্গূঢ় বিণ [অন্তর্ গূঢ়, স.ত; স্ত্রী -ঢ়া] বহিরপ্রকাশিত, অন্তর্গত। "রঘু ১৯.৫৭। °ঘনব্যথ উ.চ ৩.১।

অন্তর্গৃহ ক্লী [উ.লো] মধ্যবর্ত্তী গৃহ; কোষ্ঠ। "°ক্রম, °যাত্রা। অন্তর্গৃহমাবিশ্য রা ২.৪.৩। —হ ব্য [বিভক্ত্যর্থে অব্যয়ীভাব] গৃহে, গৃহমধ্যে।

অন্তর্জগৎ বি [উ.লো] অন্তঃস্থিত জগৎ; মনঃকল্পিত সৃষ্টি; মনোগতভাবসমূহ। "পর কেবল বহির্জগতের কর্ত্তা—অন্তর্জগতের আমি এককর্ত্তা। ···জড়জগৎ জগৎ, অন্তর্জগৎ কি জগৎ নয়? ব.প্র ২১২।

অন্তর্জ্জল ব্য [বিভক্ত্যর্থে অব্যয়ীভাব] ১ জলে, জলমধ্যে। "তত্র অন্তর্জ্জলে সম্মদনামা···মীনাধিপতিরাসীৎ (বিষ্ণুপুরাণ)। অন্তর্জ্জলং প্রসুতাসি উ.চ ৭.৩। অত্রি ৩১৪। পরাশর ৬.৪। ২ (বাঙলায়) গঙ্গাদি পবিত্র নদীর জলমধ্যে। "ভাগ্যে যদি থাকে, মাতঃ! অন্তে যেন পাই, অন্তর্জ্জলে তব কূলে করিতে শয়ন প.তৃ ৬৯। ৩ (বাঙলায়) সর্থ 'অন্তর্জ্জলী'। "ছোট রাণি, আমার অন্তর্জ্জল কর জা ২৮। —লী বি ['অন্তর্জ্জলীয়'—মূল] মুমূর্ষুর অন্তর্জ্জলে শয়নের সময়ে হিন্দুশাস্ত্রানুসারে সদ্গতির জন্য তারকব্রহ্মনাম শুনান প্রভৃতি পারলৌকিক কার্য্য। "তোর তবু স্বামী বেঁচে আছে—আমার যাঁর সঙ্গে বে হয়, তাঁর তখন অন্তর্জ্জলী হচ্ছিল আ.দু ১১৭। [অন্তর্জ্জলী করা—মুমূর্ষুর অন্তর্জ্জলে করণীয় কার্য্য সম্পন্ন করা।] অন্তর্জ্জলে শয়ন করা—হিন্দুশাস্ত্রানুসারে গঙ্গাদি পবিত্র নদীর জলে দেহের অধোভাগ নাভিপর্য্যন্ত ডুবাইয়া মুমূর্ষুর নদীতীরে শয়ন করা।

অন্তর্জ্যোতিঃ (-তিস্) বিণ [অন্তর্ জ্যোতিঃ যাহার, বহুব্রী; স্ত্রী-তিঃ] যাহার অন্তরাত্মায় প্রকাশ বা দৃষ্টি (গী.টীকা)। "গী ৫.২৪। —তিঃ ক্লী [উ.লো] অন্তর্গত জ্যোতিঃপ্রকাশক চৈতন্য; অন্তর্যামী ব্রহ্মচৈতন্য।

অন্তর্দ্দশা স্ত্রী [উ.লো] অন্তর্গত আধিপত্যকাল; (জ্যোতিষে) কোন গ্রহের দশার অন্তর্গত রবি চন্দ্রাদি গ্রহের আধিপত্যকাল। [অন্তর্দ্দশা সর্ব্বসুদ্ধ একশত আটটি।]

অন্তর্দ্দাহ পুং [উ.লো] দেহমধ্যস্থ তাপ; অন্তঃসন্তাপ, অন্তর্জ্জলন। "অন্তর্দাহেন দহনঃ সন্তাপয়তি রাঘবম্ রা ২.৮৫.১৭। জ্বলয়তি তনুমন্তর্দ্দাহঃ উ.চ ৩.৩১। শোকদহনে নিরন্তর 'অন্তর্দ্দাহ' (পাঠান্তর) হওয়াতে সী ৬৪।

অন্তর্দুষ্ট বিণ [সুপ্সুপা; স্ত্রী -ষ্টা] কপটচিত্ত। "হি ২.১০০।

অন্তর্দৃষ্টি স্ত্রী [অন্তর্ দৃষ্টি, স.ত] অন্তরাত্মায় দৃষ্টি; আত্মদর্শন, আত্মজ্ঞান।

অন্তর্দ্ধান ক্লী [অন্তর্ + √ধা+অন (ল্যুট্) -ভা] ১ অদৃশ্যস্থানে স্থিতি; তিরোধান, অদৃশ্যত্ব। "°গতঃ পাপঃ গো.রা ৬ ১৯.৩৯; ৬৭.১২। °ব্যসনরসিকা কা.প্র ১০৪৪৮। ২ মুনিপ্রভৃতির দেহত্যাগ; তিরোভাব। "অন্তর্দ্ধানং গতে রামে রা (ত.বা)। —ন বিং (বাঙলায়) অন্তর্হিত, অদৃশ্য (অসাধু)। "পার্ব্বতী হইলা অন্তর্দ্ধান দু ৯২। অন্তর্দ্ধান হইলা দেবী ম.ম ১৯৫। অ.প ১৩৪। অন্তর্দ্ধান হইলা মুনি ম ৬; ৭; ১১৮। সে প্রতিভাদেবী অন্তর্দ্ধান হইয়াছেন ব.প্র ১৪৩। [অন্তর্দ্ধান হওয়া (অসাধু)—অন্তর্দ্ধান করা, অন্তর্হিত হওয়া (সাধু)।]

অন্তর্নিবিষ্ট বিণ [স.ত; স্ত্রী -ষ্টা] মধ্যে স্থাপিত; গৃহমধ্যে নিহিত। "°প্রোজ্জ্বলরত্ন ভট্টি ১.৮।

অন্তর্নিহিত বিণ [অন্তর্ নিহিত, স.ত] অভ্যন্তরে ধৃত; মনোমধ্যে নিহিত; অন্তর্গূঢ়। "মা.মি ২.৮।

অন্তর্ব্বণ ব্য [বিভক্ত্যর্থে অব্যয়ীভাব] বনে, বনমধ্যে। "বৎসাস্ত্বন্তর্ব্বণে দূরং বিবিশুঃ ভ ১০.১৩.১২।

অন্তর্ব্বত্নী বিণ, স্ত্রী [অন্তর্+বৎ (বতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ্), 'গর্ভিণী' অর্থে নিপাতিত, পা ৪.১.৩২; 'অন্তর্ব্বতী' (ঋগ্বেদ ১০.৯১.৬)] যে স্ত্রীর অন্তরে গর্ভ আছে; গর্ভিণী। "রঘু ১৫.১৩। অন্তর্ব্বত্নী কামিনীর প্রতি এইরূপ নির্দ্দয় ব্যবহার নী ৫২।

অন্তর্ব্বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [অন্তর্+ √বৃৎ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্ত্তিনী] মধ্যবর্ত্তী, অন্তর্গত।

অন্তর্ব্বস্ত্র, অন্তর্ব্বাসঃ (-সস্) ক্লী [উ.লো] অন্তর্ মধ্যে (কটিতে) বদ্ধ বস্ত্র; পরিধানবস্ত্র, অন্তরীয়। "ক.সা ৪.৫২।

অন্তর্ব্বাষ্প বিণ [বহুব্রী; স্ত্রী -ষ্পা] যাহার বাষ্প অন্তঃস্থিত বা বহিরপ্রকাশিত; অন্তঃস্তম্ভিতাশ্রু। "পূ.মে ৩। বিক্র ৪.৫। —ষ্প পুং [উ.লো] অন্তঃস্তম্ভিত নেত্রনীর। "নিগৃহ্যান্তর্ব্বাষ্পং হসিতমপি শূন্যেন মনসা (বৈরাগ্যশতক ৬)।

অন্তর্ব্বাসিক পুং [অন্তর্ব্বাস+ইক (ঠক্), 'তত্র নিযুক্ত' অর্থে] অন্তর্ব্বাসে নিযুক্ত পুরুষ; অন্তঃপুরাধ্যক্ষ। "পঞ্চ ৩৬৬৮।

অন্তর্ব্বিপ্লব বি [উ.লো] অন্তঃস্থিত বিপ্লব; স্বজনগণের মধ্যে বিরোধ; গৃহবিবাদ।

অন্তর্ব্বৃত্তি বি [উ.লো] অন্তঃস্থ (মনোগত) ভাব; আন্তরিক ভাব। "শ্রীবিদ্যানিধির অন্তর্ব্বৃত্তি না জানিল ন.প ২৫১।

অন্তর্ভাব পুং [স.ত] ১ মধ্যে স্থিতি; অন্তঃপাত, অন্তর্ব্বর্ত্তন। "অনয়োরেব চিত্তাহঙ্কারয়োরন্তর্ভাবঃ (বেদান্তসার)। ২ মনোগত ভাব; চিত্তবৃত্তি। ৩ অন্তর্দ্ধান, তিরোভাব। "সর্ব্বে অন্তর্ভাবং গতাঃ (দশকুমার)।

অন্তর্ভাবিত বিণ [অন্তর্+ √ভাবি+ত (ক্ত)-র্ম্ম; গতিসমাস] মধ্যে প্রবেশিত; অন্তর্ভূতীকৃত। "°ণ্যর্থ (ব্যাকরণে)।

অন্তর্ভূত বিণ [অন্তর্+ √ভূ+ত (ক্ত)-ক; গতিসমাস; স্ত্রী -তা] ১ মধ্যস্থিত, অন্তরস্থ। ২ অন্তর্গত, গম্যমান, উহ্য (ক্রিয়া)। "°ক্রিয়ান্তর (ত.বা)।

অন্তর্ভেদ পুং [উ.লো] অন্তঃস্থ অনৈক্য; অন্তঃকলহ, গৃহবিবাদ। "°জর্জ্জরং রাজকুলম্ মু ৪।

অন্তর্ভেদী (-দিন্) বিং [অন্তর্+ √ভিদ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -দিনী] যাহা অন্তরে ভেদ করে; মনোমধ্যগামী, মনোগতভাবজ্ঞ। "অন্তর্ভেদী তীব্র দৃষ্টি তার ন ৪৪৯।

অন্তর্ভৌম বিণ [অন্তর্ভূমি+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -মী] ১ অন্তর্ভূমিসম্বন্ধী, ভূমির অন্তর্জাত, ভূমধ্যস্থ। "অন্তর্ভৌমানি সত্ত্বানি রা ১.৪১.৩। ২ ভূমির মধ্যে বিদ্যমান। "স খাতং পিতৃভির্মার্গমন্তর্ভৌমম্ (প্রাপদ্যত) রা ১.৪১.৬।

অন্তর্মনা বিং [সং অন্তর্মনাঃ] তদন্তর্গতচিত্ত, তদ্গতচিত্ত, একাগ্র। "গোবিন্দ ভজহ সদা অন্তর্মনা হৈয়া চৈ ৭১।

অন্তর্মনাঃ (-নস্) বিণ [অন্তর্ মনঃ যাহার, বহুব্রী; স্ত্রী -নাঃ] ১ যাহার মন অন্তর্গত অর্থাৎ বাহ্যব্যাপারহীন; চিন্তান্বিতচিত্ত, ব্যাকুলচিত্ত, উন্মনাঃ। ২ সমাহিতচিত্ত।

অন্তর্মাতৃকা স্ত্রী [উ.লো] (তন্ত্রে) অন্তঃস্থিত মাতৃকাবর্ণ ; ষট্‌চক্রান্তর্গত অকারাদি ক্ষকারান্ত পঞ্চাশদ্‌বর্ণ। "°ন্যাস।

অন্তর্মুখ বিণ [বহুব্রী ; স্ত্রী -খা,-খী] ১ যাহার মধ্যে মুখ ; মধ্যাভিমুখ। "ম.চ ৮৫.২৬। ২ আত্মায় যাহার মুখ ; আত্মাভিমুখ, আত্মবিষয়ক (চিত্ত)। ৩ মধ্যবৃত্তি, দেহান্তর্গামী। "শ্বাসস্ত শ্বসিতং সোঽন্তর্মুখ উচ্ছ্বাসঃ (অ.চি)। —খ ক্লী ব্রণবিস্রাবণার্থ শস্ত্রবিশেষ। "সুশ্রুত ১.৮.২।

অন্তর্মৃত বিণ [স.ত] মধ্যে (গর্ভে) মৃত ; গর্ভাশয়ে মৃত (শিশু)।

অন্তর্যামিনী বিং, স্ত্রী [সং অন্তর্যামিন্+স্ত্রী ঈ] যে দেবী মনোগতভাব জানেন ; মনোগতভাবজ্ঞা। "অন্তর্যামিনী দেবী দশহস্ত দিয়া। পূজার সামগ্রী সব দিলা পাঠাইয়া॥—ভা.চ ৫০৭। মানবমনের কথা, হে অন্তর্যামিনি, তুমি যত জান, হায়, মানব-রসনা, পারে কি কহিতে তত ?—মে ১৫৯।

অন্তর্যামী (-মিন্) বিণ [অন্তর্+ √যমি+ইন্ (ণিনি)-ক-১ব, উ.ত] ১ যিনি মধ্যে থাকিয়া ইন্দ্রিয়গণকে নিয়মিত করেন ; অন্তঃকরণ-নিয়ামক। ২ অন্তর্গতভাববিৎ, মনোগতজ্ঞ। "অন্তর্যামী বিভু হ'তে ভয় মোর লোকে স.শ ১৫২। তুমি অন্তর্যামী, হৃদয়স্বামী, সকলি জানিছ হে। —রবীন্দ্র। —মী পুং আত্মা, জীব, পুরুষ, ঈশ্বর ; সত্ত্বপ্রধান জ্ঞানময় চৈতন্য। "বৃহদারণ্যক ৩.৭.১। এতদুপহিতং চৈতন্যং…অন্তর্যামি (বেদান্তসার)। অন্তরেরি কথা জানে অন্তর্যামী দা ১৩৯২। এ বজ্র আঘাতে, কত যে কাতর সে, তা জানেন সে জন, অন্তর্যামী যিনি মে ১৬। আর সঙ্গী বজ্রহস্ত দীপ্ত অন্তর্যামী কা ১০।

অন্তর্লীন বিণ [অন্তর্ লীন, স.ত ; স্ত্রী -না] মধ্যে লয়প্রাপ্ত ; গূঢ়, গুপ্ত। "°নস্য দুঃখাগ্নেঃ উ.চ ৩৯। দ্বারান্ত°। —পঞ্চ ৩১৩৬।

অন্তর্লোম বিণ [অন্তর্ লোম যাহার, বহুব্রী, সমাসান্ত (অপ্), পা ৫.৪.১১৭ ; স্ত্রী -মা] যাহার মধ্যে লোম ; যে বস্ত্রাদি মধ্যে লোমযুক্ত। বিপ 'বহির্লোম'। "°মঃ প্রাবারঃ (কাশিকা)। —ম ক্লী [উ.লো, সমাসান্ত অ (অচ্), পা ৫.৪.৭৫] অন্তর্গত (আচ্ছাদ্য) লোম ; লিঙ্গমূলস্থ লোম।

অন্তর্হাস পুং [উ.লো] ১ অন্তর্গত হাস্য ; অব্যক্তহাস, গূঢ়হাস। "°লসৎ-কপোলফলকাং ধূর্তোঽপরাং চুম্বতি।—অমরু ১৬। °বিকাসমুখ (পঞ্চ)। ২ মন্দহাস, স্মিত। "সান্তর্হাসং কথিতম্ উ.মে ৫০।

অন্তর্হিত বিণ [অন্তর্+ √ধা+ত (ক্ত)-ক ; স্ত্রী -তা] ১ তিরোহিত। "°তে শশিনি শ ৪.৩। ভ ১.৩.৩৬ ; ১৬.২৪। ২ অন্তর্গত, অভ্যন্তরস্থিত। "°তং গৃহম্ রা ৩.১১.১৭। °সৌধ রঘু ১৩.৪০। ৩ [+ত-র্ম] ব্যবহিত, অন্তরিত, অপবারিত। "অন্তর্হিতা শকুন্তলা বনরাজ্যা শ ৪১৩। ৪ আচ্ছন্ন, আবৃত। "অনন্তর্হিতাং নাভিমভিস্পৃশেৎ (গোভিল)। মৃ ৩.৪। ৫ আস্তৃত, আস্তরণযুক্ত। "শেষানন্তর্হিতায়াং ত্বং ভূমৌ মলিন-বাসিনী রা ২.৯.২২। ৬ গুপ্ত, অপনীত। "ময়া তেঽন্তর্হিতং রূপং ন ত্বাং বিদুর্জনা ইতি মহা ৩.৬৬.১৪।

অন্তর্হৃদয় ক্লী [হৃদয়ের অন্তর্, ষ.ত, রাজদন্তাদি] হৃদয়ের মধ্য ; মনোমধ্য।

অন্তশয্যা স্ত্রী [কর্মধা] ১ শেষ শয্যা ; ভূমিশয্যা। ২ মৃত্যুশয্যা। ৩ শ্মশান। ৪ শবযান (Bier)। ৫ চিতা। ৬ নিখননস্থান, সমাধি-স্থান। ৭ মরণ (ত.বা)।

অন্তশ্চর বিণ [অন্তর্+ √চর্+অ (ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী] মধ্যে বিচরণকারী ; দেহমধ্যস্থ, অন্তঃস্থিত। বিপ 'বহিশ্চর'। "অন্তশ্চরাণাং মরুতাং নিরোধাৎ কু.স ৩.৪৮।

অন্তস্তল বি [অন্তঃ+তল] অন্তঃকরণের তলদেশ ; মনোমধ্য। " 'আইসেন নাই !' এই কথাটি মৃণালিনীর অন্তস্তল হইতে ধ্বনিত হইল ব.প্র ১২২।

অন্তস্তাপ পুং [উ.লো] ১ অন্তঃস্থিত তাপ ; দেহস্থিত দাহ ; আভ্যন্তর-তাপ। "অন্তস্তাপাদ্ বিবর্ণমণীকৃতম্ (কনকবলয়ম্) শ ৩.১০। ২ মনস্তাপ।

অন্তস্তোয় বিণ [অন্তর্ তোয় যাহার, বহুব্রী ; স্ত্রী -য়া] যাহার মধ্যে জল ; সলিলগর্ভ। "উ.মে ১।

অন্তস্থ বিণ [অন্ত+ √স্থা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -স্থা] ১ অন্তস্থিত, অন্ত্য, চরম। ২ সর্থ 'অন্তঃস্থ'।

অন্তস্‌পট বি [সং অন্তঃপট ; তু 'অন্তস্তল' ; অপ্র] ১ সর্থ 'অন্তঃপট'। "নির্জল (নির্লজ্জ ?) নয়নে মুখ নেহালে শেষে ঘুচায় অন্তস্পট ম.ম ২৭ ; অন্তস্পট ঘুচাইয়া করে মুখামুখি ১৮০। বি.পা ৫০ ; ৮৯। অন্তস্পটের বাহিরে নৃপতি নন্দিনী শ্রী.ম ১৭০। ২ অবগুণ্ঠন, ঘোমটা। "পঞ্চ উপহারে অন্ন থালেতে করিয়া। আগে দিল কন্যা অন্তস্পট দিয়া॥ —বি.পা ২৬৫। [অন্তস্পট করাইল—মুখচন্দ্রিকা করাইল। "অন্তস্পট করাইল ফিরায়্যা বন্ধুজন শ্রী.ম ১৭০। অন্তস্পটে—১ অন্তরালে, আড়ালে। "অন্তস্পটে হস্ত-পাদ কাটি ছাড়ি দিল ভ.গ্র ১৯১। ২ অন্তঃপুরে (পাঠান্তর)। "রাজা নাহি জানে অন্তস্পটে পুত্রগণে ভ.গ্র ৭৫। বোধ হয় 'অন্তসপুর' পাঠ ছিল।]

অন্তস্‌পুর বি [সং অন্তঃপুর ; দ্র 'অন্তস্‌পট' ; অপ্র] অন্তঃপুর। "দৈবকী-প্রমুখ করি, অন্তস্পুর যত নারী অ.প ২৭।

অন্তাবশায়ী (-য়িন্) পুং [অন্ত+অব- √শী+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত] যে গ্রামান্তে শয়ন করে ; গ্রামান্তবাসী, চণ্ডালাদি। —সায়ী (-য়িন্) পুং [+ √সো+ইন্-ক-১ব ; উ.ত] ১ প্রাণিঘাতক চণ্ডালাদি। ২ কেশাদির অন্তচ্ছেদক নাপিত।

অন্তি১, -কা স্ত্রী [সং অন্তি>প্রা * অংতি (?)] (নাট্যে) জ্যেষ্ঠা ভগিনী। তু 'অত্তা'।

অন্তি২ ব্য [(ছান্দস)—'অন্তি'—অন্তিকে (ঋগ্বেদ ১.৯৪.৯) ; অন্তিকস্য কাদিলোপো বহুলমিতি 'ক'-লোপঃ' (সায়ণ) ; তু 'ই৫ (২) ; Cf., Gr. anti ; L. ante] অন্তিকে, সমীপে। "অন্তি রাজ্ঞঃ ভ ২.৭.৮ ; ১০.১২.৩৫, ৩১.১৬।

অন্তি৩, -ন্তে ক্রি-বি [সং অন্তি, অন্তে (ঝি) ; অপ্র] কর্তৃবাচ্যে বর্তমানকালে প্রথম পুরুষের ক্রিয়াবাচক বিভক্তি। তু 'অন্ত৪'। "(গৌরবে বহুবচন) সরহ ভণন্তি (সরহপাদা ভণন্তি) চ ৩৯ ; নলণীবন পইসন্তে ৪০। রমন্তি, খোজন্তি, কহন্তি, করন্তি (শ্রী.কী)। পুছন্তি…দ্বিজবর শ্রী.ম ২৪৩। করন্তি মন্ত্রী অ.প ১৩২। বড় বড় বৈষ্ণব তাঁর দরশনেতে 'যান্তি' (পাঠান্তর) চৈ.চ ২৭৩। ব্রহ্ম বোলন্তি আপনি কৃ.উ ২১। (অসম্ভ্রমে) ঝঞ্ঝা ঘন, গরজন্তি সন্ততি, ভুবন ভরি বরিখন্তিয়াঃ কাম দারুণ, সঘন খর শর হন্তিয়া বি.প ১৭২। (সকল কন্যা) হাসন্তি নাচন্তি গায়ন্তি কৃ.উ ২০ ; অপ্সরা নাচন্তি গীতি গায়ন্তি ২৮৭। কহন্তি (কহে) মাধব শ্রী.ম ১১৪।

অন্তিক বিণ [অন্ত+ইক (ঠন্) অস্ত্যর্থে ; স্ত্রী -কা] ১ সামীপ্যবান্, নিকট, সন্নিকৃষ্ট। "সর্বাণীমান্যন্তিকানি পা ৫.৩.৬৩, কাশিকা ; ২.৩.৩৪। ২ সম্মিত, তৎপর্যন্তপরিমাণ। "কেশান্তিকো ব্রাহ্মণস্য দণ্ডঃ কার্য্যঃ প্রমাণতঃ ; নাসান্তিক মনু ২.৪৬। ৩ তৎকালপর্যন্ত। "(চর্যাম্) গ্রহণান্তিকম্ মনু ৩.১। যাজ্ঞ ১.৩৬। —ক ক্লী [ছান্দস] সমীপ, সান্নিধ্য, সামীপ্য। "পিতুরন্তিকম্ রা ২.১৭.২২। °কে গী ১৩.১৫। কর্ণান্তিকচর শ ১.২১। রঘু ১.৮৫ ; °ন্যস্ত ২.২৪। মনু ২.১৯৭। অদ্বৈত আইলা পুনঃ প্রভুর অন্তিকে চৈ.চ ৮০। আহার অন্তিকে পেয়ে শ্রী.মা ৭৫ ; ২১৪। হরান্তিকে শি ২৮ ; ৭১।

অন্তিম বিণ [অন্ত+ইম (ডিমচ্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -মা ; অন্ত+তম>'অন্ততম'—মূল (?) ; তু 'অন্তম' ঋগ্বেদ ১.২৭.৫ ; Av. aantaema ; L. Ultimus] অন্তে ভব ; অন্ত্য, চরম। "হি ১০ (কথারম্ভ)। সৃষ্টির অন্তিম অঙ্ক ন ১৫০৮। [অন্তিমে—মৃত্যুকালে, জীবনান্তে, পর-কালে। "অন্তিমে আশ্রয় দেহ ও পদপঙ্কজ কৃ ২৯১। অন্তিমে পাইবে অতুল গোলোকবাস দা ২১৪২।

অন্ত্তজ বিং [সং অন্ত্যজ ; গ্রাম্য] নীচবর্ণজাত, ইতর, অভদ্র। "ওহে শ্রীনাথবাবু, তোমরা অতি অন্ত্তজ লী ৯৭।

অন্তে১, অন্তে২, অন্তেবাসী দ্র 'অন্ত১, অন্তি৩, অন্তবাসী'।

অন্ত্য বিণ [অন্ত+ য (যৎ) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -ন্ত্যা ; বৈদিক] ১ অন্ততম, চরম, অন্তিম, শেষ। "হলন্ত্যম্ পা ১.৩.৩ ; ১.১.৪৭। ঋণমন্ত্যম্ রঘু ১.৭১ ; অন্ত্যে বয়সি ৯.৭৯। অন্ত্যেঽধ্যায়ে উ.চ ৬৩১/২। ২ শেষ, প্রেতোচিত। "°মণ্ডন রঘু ৮.৭১। কু.স ৪.২২। ৩ শেষ, মৃত্যুকালোচিত। "দেবপাদাঃ ক্ষুধানিরোধাদন্ত্যাং দশাং যাস্যন্তি।—পঞ্চ ১৩১/২। ৪ অতিদুর্গত, অতিবিষম। "অন্ত্যাবস্থ—পঞ্চ ৪.৭২। ৫ অব্যবহিতপরবর্ত্তী, অন্তিকস্থ। "অষ্টমান্ত্যঃ (বর্ণঃ)।—শ্রুতবোধ ১৭। ৬ অধম, নীচ, জঘন্য। "জায়ন্তেঽন্ত্যাসু যোনিধু যাজ্ঞ ৩.১৩৪। —ন্ত্য পুং ১ নীচজাতি, চণ্ডাল ম্লেচ্ছ শবর প্রভৃতি। "মনু ২.২৩৮ ; ৩৯, ৪.৭৯ ; ৮.৬৮, ১১.১৭৬। ২ শব্দের শেষ বর্ণ। "পা ১.১.৬৪। ৩ বৎসরের শেষ চান্দ্রমাস, ফাল্গুন। ৪ মুস্তা, মুথা। ৫ (জ্যোতিষে) লগ্নাবধি দ্বাদশ রাশি (ত.বা)। ৬ (বৈশেষিকে) যাহা অবসানে স্থিত ; পরিচ্ছেদকারক পরমাণুনিষ্ঠ 'বিশেষ' পদার্থ। 'অন্ত্যো নিত্যদ্রব্যবৃত্তির্বিশেষঃ।—ভাষাপরিচ্ছেদ ১০। [ঘট, পট হইতে ভিন্ন ; উভয়ের এই প্রভেদ আপাততঃ আকৃতিগত হইলেও, কল্পনা দ্বারা শেষে এই সিদ্ধান্ত হয় যে, পরমাণুই চরমব্যাবর্ত্তক, অর্থাৎ পরমাণুনিষ্ঠ প্রভেদবিশেষ-পদার্থই উহাদিগের প্রভেদের মূলকারণ। এই পরমাণুগত পদার্থ, অর্থাৎ 'বিশেষ'—'অন্ত্য'।] —ন্ত্য ক্লী ১ সংখ্যাবিশেষ, সাগরের দশ গুণ ও কোটির কোটিগুণ (১০,০০০,০০০,০০০,০০০,০০)। "রা ৪.৩৮.৩১। ২ (গণিতে) শ্রেঢ়ীর শেষ অঙ্ক (লীলাবতী)। ৩ (জ্যোতিষে) দ্বাদশ লগ্ন (শ.ক)। —ন্ত্যা স্ত্রী চণ্ডালী। "অন্ত্যাভিগমন যাজ্ঞ ২.২৯৭।

অন্ত্যকর্ম্ম (-র্ম্মন্) ক্লী, **-ক্রিয়া** স্ত্রী [কর্ম্মধা] শেষ কার্য্য ; ঔর্দ্ধদেহিক দাহশ্রাদ্ধাদি ; অন্ত্যেষ্টিক্রিয়া। "মনু ৫.১৬৮ ; ১১.১৯৮।

অন্ত্যজ বিণ [অন্ত্য+ √জন্+অ (ড)-ক; উ.ত ; স্ত্রী -জা] ১ অন্ত্যবর্ণজাত, নীচজাতি। "অন্ত্যৈর্জন্ভিঃ মনু ৪.৬১। ২ শেষজাত, জঘন্যজ। —জ পুং ১ রজক চর্ম্মকার নট বরুড় কৈবর্ত্ত মেদ ভিল্ল—এই সপ্ত জাতি বা সপ্তজাতীয় জন। 'অত্রি ১৯৫। ২ বর্দ্ধকী নাপিত প্রভৃতি সপ্তদশ জাতি। 'ব্যাস ১.১১-১২। ৩ শূদ্র। "মনু ৮.২৭৯। ৪ চণ্ডালাদি জাতি। "অন্ত্যজ-স্ত্রী মনু ৮.৩৮৫। যাজ্ঞ ১.২৭৩। পঞ্চ ১.৪৩৭। অন্ত্যজ দেখিয়া চিত্ত মজাইল তায় ম ৪০৯। —জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ রজক-প্রভৃতি নীচজাতির স্ত্রীজাতি। "অন্ত্যজ-গমন। ২ চণ্ডালী। "মনু ১১.৫৯ ; ১৭১। যাজ্ঞ ৩.২৩১।

অন্ত্যজাতি পুং [বহুব্রী] ১ যাহার জন্ম নিকৃষ্ট, চণ্ডালাদি। "মনু ১২.৯। ২ শূদ্র। ৩ রজকাদি। "আপস্তম্ব ৩.১।

অন্ত্যযোনি পুং [বহুব্রী] ১ যাহার উৎপত্তিস্থান নিকৃষ্ট ; অন্ত্যজ, চণ্ডালাদি। "মহা ১৩.২৭.২০। মনু ৮.৬৮। ২ শূদ্র।

অন্ত্যানুপ্রাস পুং [অন্ত্য অনুপ্রাস, কর্ম্মধা] পদের বা পদ্যে পাদের অন্তস্থ অনুপ্রাসবিশেষ। "সা.দ ১০.৬।

অন্ত্যাবসায়ী (-য়িন্) পুং [অন্ত্য+অব √সো+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত] ১ অন্ত্যজাতিতে অবসিত ; চণ্ডাল হইতে নিষাদস্ত্রীর গর্ভজাত সঙ্কীর্ণজাতি ; মুর্দ্দাফরাশ্। "মনু ৪.৭৯ ; ১০.৩৯। [ইহারা শ্মশানবাসী ও শ্মশানকার্য্য ইহাদের জীবিকা।] ২ শূদ্র হইতে ক্ষত্রিয়ার ও বৈশ্যার গর্ভজাত সঙ্কীর্ণজাতিবিশেষ। 'বসিষ্ঠ ১৮। ৩ চণ্ডাল শ্বপচ ক্ষত্তা সূত বৈদেহক মাগধ অয়োগব—এই সপ্ত জাতি (অঙ্গিরঃস্মৃতি)। —য়িনী স্ত্রী অন্ত্যাবসায়িজাতির স্ত্রী।

অন্ত্যাশ্রম পুং [কর্ম্মধা] শেষ আশ্রম ; সন্ন্যাস। —মী (-মিন্) পুং [অন্ত্যাশ্রম+ইন্ (ইনি) অস্ত্যর্থে] সন্ন্যাসী '

অন্ত্যেষ্টি, অন্ত্যেষ্টিক্রিয়া স্ত্রী [অন্ত্য ইষ্টি, অন্ত্যেষ্টি ক্রিয়া, কর্ম্মধা] ১ চরমসংস্কার ; শবদাহাদি কার্য্য। ২ সাগ্নিকের মৃতদেহসংস্কারার্থ যজ্ঞবিশেষ।

অন্ত্র ক্লী [√অন্ত্ বন্ধন+ত্র (ষ্ট্রন্)-ণ; √অম্+ত্র (ক্ত্র), উ ৪.১৬৩; Cf., E. entrails] যাহা দ্বারা দেহ বদ্ধ হয় ; দেহবন্ধক নাড়ীবিশেষ; আঁত, আঁতুড়ি। "ক্ষুদ্রান্ত্র, স্থূলান্ত্র। যাজ্ঞ ৩.৯৪ ; ৯৫। °ভেদন ম.চ ৩১/২। °মালী ভ ৭.৮.৩০। দুঃখানলে অন্ত্র জ্বলে ব.প ১৫০। পেটেতে বাজিয়া কার বারি হৈল অন্ত্র ম ৬০৯ ; নর-অন্ত্র ১০০৫। [°কূজ (পুং), °কূজন (ক্লী)—অন্ত্রের শব্দ ; পেটের ডাক (সুশ্রুত)।]

অন্ত্রবৃদ্ধি স্ত্রী [অন্ত্রনিমিত্ত বৃদ্ধি, উ.লো] রোগবিশেষ (Hernia)। 'বাতপিত্তশ্লেষ্মশোণিতমেদোমূত্রান্ত্রনিমিত্তাঃ সপ্ত বৃদ্ধয়ঃ (সুশ্রুত)।

অন্ত্রাপত্য বিং [সং অন্তরাপত্যা ; অপ্র] অন্তঃসত্ত্বা। "মহারাণী অন্ত্রাপত্য ইহাতে সকলেরি মন প্রফুল্ল ব.প ১৬৯৫।

অন্ত্রে ['অন্তে'—মূল ; অপ] ১ শেষে, পরে। "বার বছর অন্ত্রে গো.চ ১৬৫। ২['অন্তরে'—মূল ; অপ্র] দূরে। "ছয় কোরোশ অন্ত্রে হাড়ি সিদ্ধা আসিল ফিরিয়া গো.চ ২০৮।

অন্দন '-ন্' বি [সং অন্ধ ; তু 'আন্ধল' ; অপ্র] অন্ধজন। "অন্দনে দোকান দেয় খরিদ করে কানে মী ২৫।

অন্দর '-র্' বি [ফা অন্দর্—Inward, without ; তু সং 'অন্তর'] ভিতর, অন্তঃপুর, ভিতরবাড়ী, মেয়ে-মহাল। "ভিতর অন্দর জাই গো.চ ১৪। রাজার সকল জানি অন্দর বাহির ভা.চ ২৮৮। তবে পাগলিনী প্রায় হইয়া অস্থির, কেবল করেন তিনি অন্দর বাহির।—দ্বারকানাথ অধিকারী। [°বাড়ী—ভিতরবাড়ী, অন্তঃপুর। "চান্দের প্রকৃতি হইবে অন্দরবাড়ী যাইতে বি.পা ২৫০।]

অন্দিসন্দি বি ['অন্ধিসন্ধি'—মূল] ১ অনুসন্ধান, উদ্দেশ, পাত্তা, খোঁজখবর। "বেহারা কহিল, "নব ঠাকুরকে কবে লুকিয়েচে তার অন্দিসন্দি পালাম না।—যভ। ২ গূঢ়বিষয়, রহস্য। "তবে জ্ঞান কহে সিদ্ধা অন্দি আর সন্দি ম.গা ১৩। [অন্দি আর সন্দি—অর্থাৎ অন্দিসন্দি। দ্র 'অন্ধিসন্ধি'।]

অন্ধ১ অক [অদন্ত চু, প—অন্ধয়তি ; সেট্] ১ দৃষ্ট্যুপঘাত, দৃষ্টিরহিতীভাব। ২ উপসংহার। —ন্ধি সক [অন্ধ+ই (করোত্যর্থে ণিচ্)— √অন্ধি চু, প—অন্ধয়তি,-তে] অন্ধীকরণ, দৃষ্টিরহিতীকরণ। "দৃশমন্ধয়তি মাঘ ৯.২১ ; অন্ধয়ন্ ভৃঙ্গমালাঃ ১১.১৯।

অন্ধ২ বিণ [√অন্ধ১+অ (অচ্)-ক ; স্ত্রী -ন্ধা ; ছান্দস] ১ নেত্রদ্বয়হীন, চক্ষুহীন। 'কাণঃ স্যাদেকহীনোঽপি দ্বাভ্যামন্ধঃ প্রকীর্ত্তিতঃ।—অত্রি ৩৪৪ ; হারীত ১.২৫। "গৌরন্ধেব মনু ৩.১৪৪। স্রজমপি শিরস্যন্ধঃ ক্ষিপ্তাং ধুনোত্যহিশঙ্কয়া শ ৭.২৪। ২ চক্ষুঃসত্ত্বেও দর্শনসহকারী আলোকাদির কার্য্যকারিত্বের অভাবে দৃষ্টিশক্তিহীন। "দিবান্ধাঃ প্রাণিনঃ কেচিদ্ রাত্রাবন্ধাস্তথাপরে (চণ্ডী)। ৩ শ্রুতিস্মৃতিরূপ নয়নহীন (বিপ্র)। 'শ্রুতিঃ স্মৃতিশ্চ বিপ্রাণাং নয়নে দ্বে প্রকীর্ত্তিতে। ৪ সদসদ্‌বিচারহীন, বিবেকশূন্য, বিবেকজ্ঞানহীন, মূঢ়। "অজ্ঞান°, অজ্ঞানতিমির°, অতিলোভ°, মোহ°, স্মর°। মদান্ধসিন্ধুরঘটা (গঙ্গাষ্টক)। অবিবেকান্ধবুদ্ধি ক.সা ৩.৩৭। গড়াগড়ি যায় রাজা শোকে হয়্যা অন্ধ ব.প ৫১৮। স্বভাবতঃ অন্ধ আমি, নাহি জ্ঞানোদয়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। অন্ধ-অর্থলোলুপতা।—মন্দ্র ১ ; সেই অন্ধ দ্বন্দ্বে মাতা নহে মাতা৭। ৫ বস্তুবিচারমূঢ়, দোষগুণবিচারহীন। "নিদ্রয়ান্ধা কিল স্ত্রী মুকুলিতনয়নৈর্বাঞ্ছতি প্রাণনাথম্ মাঘ ১১.৯। অন্ধ অনুরাগপ্রণোদিত উদ্বাহবন্ধন পা.প্র ৩। ৬ দৃষ্টিপাতহীন। "সহজান্ধদৃশঃ স্বদুর্নয়ে (অসাধবঃ)—মাঘ ১৬.২৯। ৭[√অন্ধি+অ (অচ্)-ক] যাহা অন্ধ করে ; অতিগাঢ়, নিবিড়, সান্দ্র, ঘন। "অন্ধং তমঃ পা ৫.৪.৭৯, সি। অন্ধে তমসি উ.চ ৩.৩৮ তমোঽন্ধম্ ভ ১.২.৩। মা.মা ৯.২০।

অন্ধ অন্ধকারের সদন বা.দ ৮৫। **৮** মলিন, অস্বচ্ছ। "নিঃশ্বাসান্ধ ইবাদর্শ রা ৩.১৬.১৩। **৯** (বাঙলায়) তিমিরময়। "অন্দরমহল আজ অন্ধ কারাগার ব.সু ৫৯। অন্ধ এ মন্দিরে তুমি উদার জোছনা কু.কে ১৭। —ন্ধ পুং **১** পরিব্রাজকবিশেষ (ইঁহারা বাহ্যবস্তু দর্শন করেন না বলিয়া অন্ধ-সদৃশ)। **২** (জ্যোতিষে) পরিভাষিত রাশিবিশেষ। [মেষ বৃষ সিংহ দিবান্ধ, মিথুন কর্কট কন্যা রাত্র্যন্ধ, অর্থাৎ মেষাদিতে দিবসে, মিথুনাদিতে রাত্রিতে, নষ্টদ্রব্য লাভ হয়, কারণ তত্তৎকালে গ্রহীতা তস্কর অন্ধ হয়।] —ন্ধ ক্লী **১** অন্ধকার, তিমির। **২** (বেদান্তে) অজ্ঞান। **৩** (জলমধ্যে দর্শনাভাবে) জল। **৪** [সং অন্ধতামিস্র ; অপ্র] (বাঙলায়) নিবিড় তমোময় নরকবিশেষ। "নিরোদ্ধার অন্ধেতে বঞ্চিব কেমনে ম.পা ৫৩ ; ১৪০ ; ১৪১ ; ১৪২। [অন্ধ হওয়া—নেত্রহীন হওয়া ; কোপাদিতে বিবেকশূন্য হওয়া; গুণ বা দোষ দেখিতে না পাওয়া। অন্ধের নড়ি—অন্ধের যষ্টির ন্যায় অসহায়ের সহায়।]

অন্ধক বিণ [অন্ধ+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -ন্ধিকা] অন্ধ।—ক পুং **১** অন্ধজন। "পঞ্চ ৫.৮৬। অন্ধকের নড়ি শ্রী ৬৭ ; অন্ধকের চক্ষু তুমি ৭৪। অন্ধক ধাইল অনুসর কৃ.উ ২৭২। **২** যদুবংশীয় ক্ষত্রিয়বিশেষ। "পা ৪.১.১১৪। [ইঁহার পিতা সত্বান্ ও জননী কৌশল্যা। কুকুরবংশপ্রবর্ত্তক কুকুর ইঁহার জ্যেষ্ঠ পুত্র (হ ৩৭তম অধ্যায়)।] **৩** মুনিবিশেষ। [ইঁহার পিতা উতথ্য ও মাতা মমতা। জন্মান্ধতা হেতু ইনি দীর্ঘতমা নামে অভিহিত (মহা ১.১০৪.৯-১২।] **৪** অসুরবিশেষ। [ইহার পিতা কশ্যপ, মাতা দিতি। ইহার সহস্র বাহু ও মস্তক এবং দ্বি-সহস্র চক্ষু ও চরণ। অহঙ্কারে অন্ধতা হেতু নাম 'অন্ধক'। শিবসৃষ্ট পারিজাতবন উৎপাটন করিতে উদ্যত হইলে, মহেশ্বর মহাশূলে ইহাকে ভস্মসাৎ করেন। অন্ধকবধ হেতু শিব 'অন্ধকারি' 'অন্ধকরিপু' ইত্যাদি নামে অভিহিত (হ ১৪৪-১৪৫ অধ্যায়)।] **৫** মুনিবিশেষ। "অন্ধক মুনির পুত্র সিন্ধু নাম ধরে কৃ ৩৬। [বাল্মীকির রামায়ণে ইনি অন্ধ বলিয়া বর্ণিত হইয়াছেন, ইঁহার কোন নাম নাই। ইঁহার পুত্র 'যজ্ঞদত্ত' (গো.রা ২.৬৪.৬)।] **৬** (বহুব) অন্ধকের অপত্যগণ। "পা ৪.১.১৪৪। **৭** দেশবিশেষ (শ.ক)। তু 'অন্ধ্র'। —ক ক্লী অন্ধকার। "অন্ধকরিপু।

অন্ধকঘাতী (-তিন্), -রিপু, -শত্রু, -কান্তক পুং [ষ.ত] অন্ধক-দৈত্যের নাশক বা অরি ; শিব। দ্র 'অন্ধক (৪)। "গঙ্গাধরান্ধকরিপো (শিবস্তোত্র)। খলান্ধকান্তক ভা.চ ১৫৭। —রিপু পুং অন্ধকারের শত্রু ; সূর্য্য, চন্দ্র, বহ্নি।

অন্ধকার পুং, ক্লী [অন্ধ+ √কৃ+অ (অণ্)-ক, উ.ত] **১** যাহা অন্ধ করে, তমঃ, তিমির। "অজ্ঞানান্ধ°, কামান্ধ° মদনান্ধ°, রঘু ২.৪৬। কু.স ১.১২। বলীয়সি অন্ধকারে ; বলবানন্ধ° মৃ ১৩৩। **২** (বাঙলায়) অপ্রফুল্লভাব, নিরানন্দভাব, নীরসতা, রূক্ষতা। "সতী নিবসতি এল গেল অন্ধকার ভা.চ ৮৬। **৩** (খৃষ্টীয় ধর্ম্মের তুলনায়) কুসংস্কারময় হিন্দুধর্ম্ম (উপহাসে)। "তোমরা আলো পাইয়াছ, আর কেন অন্ধকারে থাক? পা.প্র ১৪৫। —র বিং (বাঙলায়) **১** অন্ধকারময়, তমোময় (গৃহাদি)। "অন্ধকার বনচ্ছায়ে চ.কা ১৬৬। **২** বিষণ্ণ, অপ্রফুল্ল (মুখ)। **৩** বিষাদময়, উদ্বেগকর, রূক্ষ, ম্লান। "এক সীতা বিহনে সকল অন্ধকার কৃ ১৪৭। [অন্ধকার দেখা—**১** অন্ধকারাবৃতের ন্যায় অস্পষ্ট দেখা। **২** বিপদে অভিভূত হইয়া হিতাহিতজ্ঞানশূন্য হওয়া। **৩** প্রিয়জনের অভাবে সর্ব্বত্র অপ্রফুল্লভাব অনুভব করা। অন্ধকার দেখান—**১** অপ্রফুল্ল অনুভূত হওয়া। **২** অত্যন্ত বিপন্ন করিয়া হিতাহিতজ্ঞানশূন্য করা। অন্ধকার হওয়া—**১** তিমিরাবৃত হওয়া। **২** অপ্রফুল্ল বা মলিন হওয়া (মুখ) ; শোভাহীন বা নীরস অনুভূত হওয়া (গৃহ)। অন্ধকার হইতে আলোয় আসা—হিন্দুধর্ম্ম ছাড়িয়া খৃষ্টধর্ম্ম গ্রহণ করা। "সেই হিড়ীকে···দুচার জন বড় বড় ঘরের মেয়ে মানুষও অন্ধকার থেকে আলোয় এলেন হু ৬৭। অন্ধকারে ঢিল মারা—না জানিয়া আন্দাজে কোন বিষয়ে কিছু বলা বা লেখা। অন্ধকারে থাকা—কোন বিষয়ে অনভিজ্ঞ কুসংস্কারাপন্ন হইয়া থাকা।]

অন্ধকারিত বিণ [অন্ধকার+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] সঞ্জাতান্ধকার, অন্ধকারময় ; বিষাদিত, মলিন। "বাষ্পজলধারান্ধকারিতমুখী (কাদম্বরী)।

অন্ধকুণ্ড বি অন্ধকারময় নরককুণ্ডবিশেষ ; অন্ধতামিস্র। "কেসেতে ধরিয়া, ক্ষেপিবেক অন্ধকুণ্ডে ম.পা ১৪৪।

অন্ধকূপ পুং [কর্ম্মধা] **১** অন্ধকারময় কূপ ; তৃণাদিচ্ছাদিতমুখ কূপ ; এঁধো কুয়া। "অন্ধকূপসম রয়নি বিলাস বি.সা ১৯১। অন্ধকূপে পড়িয়া মোহর প্রাণ যায় ম ৬৫। **২** মোহগর্ত্ত। "ভ ৫.১৩.৯। **৩** মোহ। **৪** নরকবিশেষ, অন্ধতামিস্র। **৫** (বাঙলায়) আলোকবায়ুসঞ্চার-হীন ইতিহাসপ্রসিদ্ধ কাল্পনিক ক্ষুদ্র গৃহবিশেষ। [এ বিষয়ে মতভেদ আছে।] "অন্ধকূপ-অত্যাচার করিলে স্মরণ ন ৪২৫। **৬** (গৌণার্থে) অন্ধকূপতুল্য গৃহমাত্র।

অন্ধগজ(-হস্তি)ন্যায়, অন্ধগোলাঙ্গূলন্যায় দ্র 'ন্যায় (১,৩)।

অন্ধতম বি [সং অন্ধতমস ; তু 'সং তমস্ > প্রা তম] গাঢ় তিমির ; ঘনান্ধকার। "কাম অন্ধতম, প্রেম নির্ম্মল ভাস্কর চৈ.চ ১৭।

অন্ধতমঃ বি [সং অন্ধতমস] সর্থ 'অন্ধতম'। "আকাশে মেঘাড়ম্বরকারণ রাত্রি প্রদোষেই গাঢ়ান্ধতমোময়ী হইল ব.দ্বি ৪।

অন্ধতমস ক্লী [অন্ধ তমঃ কর্ম্মধা, সমাসান্ত 'অ' (অচ্)] **১** অন্ধতাজনক তমঃ ; গাঢ় তিমির। "রঘু ১১.২৪। প্রধ্বংসিতান্ধতমস মাঘ ২.৩৩। মোহান্ধতমস মা.মা ৯.৮। **২** নিবিড় তিমিরময় নরকবিশেষ ; অন্ধতামিস্র।

অন্ধতামসী বিং, স্ত্রী [অন্ধ+তামসী] গাঢ়ভাবে তমোবিশিষ্টা ; নিবিড়-তমোময়ী। "শশিতারাহীনা অন্ধতামসী যামিনী। চ.কা ২৫২।

অন্ধতামিস্র ক্লী [কর্ম্মধা] **১** গাঢ় তমিস্রা ; নিবিড় তিমির। **২** পঞ্চ অবিদ্যাবৃত্তির একতম—দেহনাশে আমিত্ব নষ্ট হইল, এইরূপ বুদ্ধি বা অজ্ঞান ; আত্মমরণবুদ্ধি। 'মরণং হ্যন্ধতামিস্রম্ ভ ৩.১২.২, শ্রীধর। দেহে নষ্টে অহমেব নষ্টোঽস্মি (বেদান্তিমত)। **৩** ভয়বিশেষ, অভিনিবেশ, মরণত্রাস। "সাংখ্য ৪৮। পা.দ ২.৯। —স্র পুং, ক্লী [বহুব্রী] যে স্থানে নিবিড় তামিস্র (অন্ধকার) ; গাঢ়তমোময় নরকবিশেষ বা লোকবিশেষ। "মনু ৪.৮৮ ; ১৯৭। যাজ্ঞ ৩.২২৪। অন্ধতামিস্রা অসূর্য্যা নাম তে লোকাঃ উ.চ ৪৩/৪ ; ম.চ ১২২/৭। [মনুমতে, বকব্রতী ও বিড়ালব্রতী ব্রাহ্মণেরা, যাজ্ঞবল্ক্যমতে মহাপাতক ও উপপাতকের পাপীরা এবং বাজসনেয়সংহিতোপনিষদের মতে আত্মঘাতীরা এই নরক ভোগ করে। উত্তরচরিতে ও মহাবীরচরিতে শেষ দুই বিষয় বর্ণিত হইয়াছে।]

অন্ধদর্পণন্যায় দ্র 'ন্যায় (৪)।

অন্ধনী বি, স্ত্রী [অন্ধ+স্ত্রী নী ; অপ্র] অন্ধনারী। "অন্ধার মাণিক বাছা অন্ধনীর নড়ি শ্রী ৪৮।

অন্ধপঙ্গুন্যায়, -পরম্পরান্যায় দ্র 'ন্যায় (৫, ৬)।

অন্ধপূতনা স্ত্রী স্কন্দপ্রভৃতি নববিধ বাল-গ্রহের একতম। "সুশ্রুত ৬.২৭.১০।

অন্ধবেগ বি [কর্ম্মধা] পরিণামনিরপেক্ষ বেগ। "বায়ুবলে অন্ধবেগে বিনাশের গ্রাসে. ছুটিয়া চলেছি কা ১০।

অন্ধরাজ বি [অন্ধ রাজা, কর্ম্মধা, সমাসান্ত অ(টচ্)] জন্মান্ধ রাজা ধৃতরাষ্ট্র। "মে ৮।

অন্ধা বি [সং অন্ধ ; হি অংধ ; অপ্র] অন্ধকার। "তোমার কৃপাঞ্জনে এবে গর্ব্ব-অন্ধা গেল চৈ.চ ৩০২।

অন্ধার বিং অন্ধকারাচ্ছন্ন, আলোকহীন। "রয়নি উজাগরি দিন অন্ধার বি.সা ৩৬৫। —র বি [সং অন্ধকার >প্রা অন্ধআর (হে), অংধয়ার (প্রা.স), অংধার (পৈ) >বা অন্ধার ; হি—অঁধার ; ঠ অংধার ; মৈ অন্হার ; অন্ধার,-রি,-রী (চ) ; অপ্র] অন্ধকার। "অজ্ঞান অন্ধার শ্রী ৪৬ ; অন্ধার-মাণিক ৪৮, ৬৭।

অন্ধিয়ার বি [প্রা অন্ধআর >বা অন্ধিয়ার (দ্র 'অন্ধার'); হি অঁধিয়ার, -রা ; অপ্র] ১ অন্ধকার। ২ (মালিন্যসমতায়) পাপ। "ললিত তনুদ্যুতি …চমকে কলি-অন্ধিয়ার ন.প ২৯৫।

অন্ধিসন্ধি বি [সন্ধি >'অন্ধি' (অনু.শব্দ)] ১ সংযোগস্থল, জোড়ের মুখ, ফাঁক, মুখ। তু 'আদিসাদি'। ২ সন্ধান, উদ্দেশ, আভাস, তত্ত্ব, খোঁজ-খবর। "লোকটি সাম্প্রদায়িক, কিন্তু আপন অভিপ্রায় কি, তাহা ডুবুরী ডুবিলেও অন্ধিসন্ধি পাইত না।—টেকচাঁদগ্রন্থাবলী ১১৩। আজ পর্য্যন্ত সে ভয়ানক কাণ্ডের কোন অন্ধিসন্ধি পাওয়া গেল না।—রবীন্দ্র। [অন্ধি আর সন্ধি—সন্ধান, রহস্য, তত্ত্ব। "তবে জ্ঞান কহে সিদ্ধা অন্ধি আর সন্ধি গো.চ ৩৪৪ ; ৩৮৩।]

অন্ধীকৃত বিণ [অন্ধ+অভূততদ্ভাবে চ্বি(০)—অন্ধী+ √কৃ+ত (ক্ত) -র্ম ; গতিসমাস ; স্ত্রী -তা] দৃষ্টিরহিতীকৃত, অবিবেকীকৃত। "অন্ধী-কৃতাত্মা। —ভূত বিণ [+ √ভূ+ত-ক ; গতিসমাস ; স্ত্রী -তা] দৃষ্টি-রহিতীভূত। "অন্ধীভূতঃ কুসুমরজসা (দ্বিরেফঃ)।—ভ্রমরাষ্টক ১। ফোটিতনয়নোঽন্ধীভূতঃ।—পঞ্চ ১ $\frac{১২}{১৩}$। রজে অন্ধীভূত আঁখি(ভ্রমর)। —পদ্যপাঠ, ২য় ভাগ]

অন্ধু পুং [উ ১.২৭ ; তু 'অংধংধু' —কূপ (দেশী ১.১৮)] কূপ। "শকন্ধু পা ১.১.৬৪ ; ৬.১.২৮, সি। ২ নিতম্বস্থ কূপক (অ.টী)। ৩ লিঙ্গ (ত.বা)।

অন্ধ্র পুং ১ বৈদেহিক হইতে কারাবরস্ত্রীতে জাত সঙ্কীর্ণজাতি। 'মনু ১০.৩৬। ২ [বহুব] দেশবিশেষ। ৩ তদ্দেশবাসিগণ। "মহা ২.৩১.৭২। ৪ অন্ধ্রদেশীয় রাজগণ। "পা ৪.১.১৭০। [°জাতি—অন্ধ্রদেশবাসিগণ।]

অন্ন বিণ [√অদ্-নিষ্পন্ন (অ.টী) ; √অন্+ন (নন্)-র্ম (শ.ক)] ভক্ষিত, খাদিত, ভুক্ত, গ্রস্ত (অ.কো)। —ন্ন ক্লী [+ন-ণ, উ ৩.১০ ; 'অদ্' ধাতুনিষ্পন্ন—তু 'অত্তের্বা (নিরুক্ত) ; অদ্যতেঽত্তি চ ভূতানি তস্মাদন্নং তদুচ্যতে (তৈত্তিরীয়োপনিষৎ)] ১ যাহা দ্বারা বাঁচে ; যাহা ভূতেরা ভক্ষণ করে ; স্বিন্ন তণ্ডুল ; ওদন, ভক্ত, ভাত। 'শস্যং ক্ষেত্রগতং জ্ঞেয়ং সতুষং ধান্যমুচ্যতে। আমং তু নিস্তুষং জ্ঞেয়ং স্বিন্নমন্নমুদাহৃতম্॥ —বসিষ্ঠস্মৃতি। "পা ২.১.৩৪। ভক্ষ্যান্নপান রা ১.১৩.১০। ধান্যান্ন-ধনচৌর্য্য মনু ১১.১৬৩। অন্নদা সকলে দেন অন্ন ভা.চ ১৪৩। [অন্ন অষ্টবিধ—ভোজ্য পেয় চূষ্য লেহ্য খাদ্য চর্ব্বণ নিষ্পেয় ভক্ষ্য (রাজনির্ঘণ্ট)] ২ শস্য—ধান্যগোধুমাদি। "বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ মনু ৩.৭৬। পর্জ্জন্যাদন্ন-সম্ভবঃ গী ৩.১৪। ৩ ভক্ষ্য দ্রব্যমাত্র ; তণ্ডুলসক্তুমোদকাদি। "বৃহদারণ্যক ৬.১.১৪। পা ৪.৪.৮৫। হি ১.২২ ; অহমন্নং ভবান্ ভোক্তা ৫৫। প্রাণস্যান্নমিদং সর্ব্বম্ মনু ৫.২৮ ; কৃতান্ন ১০.৮৬। যর প্রতি অন্ন জনেক (অর্থাৎ একজন) তাহার উপহার ম.বি ২৭। সহরের যত অন্ন কটাক্ষে হরিল ঃ হাট ঘাট বাজারে দোকানে অন্ন নাই ভা.চ ৪.৯৬। ৪ (শ্রাদ্ধে) দৈব ও পিত্র্য অন্ন ; হব্য-কব্য। "মনু ৩.১২৪ ; ১৮২। ৫ ভক্তাদি পঞ্চ-খাদ্য ; ভাত তরকারি প্রভৃতি সিদ্ধ খাদ্য। "নূনমন্নৈঃ (অর্চ্চয়েৎ) মনু ৩.৮১। °সংস্কার মহা ৩.৬৭.৩। পচাম্যন্নং চতুর্ব্বিধম্ গী ১৫.১৪। তুমি অন্ন দিলে পাবে অপর ঘরণী কৃ ১৪১। ৬ ধান্য (শ.ক)। ৭ বিষ্ণু। ৮ পৃথিবী। ৯ (বাঙ্লায়) অন্নতুল্য ভোগাবিষয়। "আনন্দের এই পরম অন্ন—প্রথম অন্ন—হাসি, কোন্ দেবতা প্রসাদ দিল ওকে? কু.কে ৬৭। ১০ আকাঙ্ক্ষাপূরক বিষয়। "প্রাণের অন্ন দিবে না কি হায়? কু.কে ৯৬। [অন্ন করিয়া খাওয়া—জীবিকার্জ্জনপূর্ব্বক পরিবারবর্গের ভরণপোষণ করা। "আমার পুত্র ভাল অন্ন করিয়া খাইতে পারিবে ব.প ১৭১২। অন্নগতপ্রাণ—অন্নজীবী, যে প্রাণ অন্নে রক্ষিত হয়। "কলিতে অন্নগত প্রাণ। অন্নবস্ত্রের সংস্থান—ভাত কাপড়ের সঙ্গতি। অন্নের জ্বালা —অন্নাভাবে কষ্ট। "অন্নের বড় জ্বালা। হাত পা ঝিন্‌ঝিন্ করে, কানে লাগে তালা॥—প্রবচন। অন্নের সংস্থান—ভাতের যোগাড়, পেটচলার উপায়। °কষ্ট—দুর্ভিক্ষ ; অন্নাভাবে ক্লেশ।]

অন্নকূট পুং [ষ.ত] অন্নের শিখরতুল্য ; অন্নরাশি, খাদ্যস্তূপ। "অন্নকূটাশ্চ বহবো দৃশ্যন্তে পর্ব্বতোপমাঃ (রা)। হেন মতে অন্নকূট করিল সাজন চৈ.চ ৯১।

অন্নকোষ্ঠ্যা বিং [অন্নকষ্টীয়া > অন্নকষ্ট্যা—মূল ; অপ্র] অন্নকষ্টপীড়িত, অনাহারকৃশ। "খুঁজিতে খুঁজিতে বন্দীর বুকে পড়ে পা। অন্নকোষ্ঠ্যা বন্দী কাড়ে বিপরীত রা॥—ক.চ ২৭৭।

অন্নক্ষেত্তর বি ['অন্নক্ষেত্র'—মূল ; কথ্যভাষা] অন্নের ক্ষেত্রতুল্য ; ভোজ্যদ্রব্যের ভূরি আয়োজনের স্থান। "পোপ্ দেবেন্দ্রনাথ ঠাকুর দি ফাষ্টের বাড়িতে যে বছর বছর একটা অন্নক্ষেত্তর হয়, তাতেও প্রসাদ পেয়েচি হু ৮৯।

অন্নছত্র বি ['অন্নসত্র'—মূল, স>ছ] যেখানে অন্নার্থী অন্ন পায় ; ভোজ্যদ্রব্যের সদাদান-স্থান ; অন্নযজ্ঞশালা। "ত্রিভুবনে কৃষ্ণ দিয়াছেন অন্নছত্র চৈ.ভা ৩৮২।

অন্নজল ক্লী [স.দ্ব গু ; আটা-পাণী] ১ খাদ্য ও পেয় দ্রব্য ; ভক্ষ্যপেয়-মাত্র, অন্নপান, ভাতজল, জীবিকা। "কলিতে অন্নজলগত প্রাণ শি ৬। তার অন্নজল যেন খাইতে না হয় ভ.গ্র ৪৮২। ২ (বাঙ্লায়) শ্রাদ্ধে প্রেতের উদ্দেশে উৎসৃষ্ট ভোজ্য ও সজল তৈজসাধার। "অন্নজল উৎসর্গ করা। [অন্নজলের নাড়ী ফোটা—শিশুর ভাতজল খাওয়ার বয়স হওয়া। অন্নজলের বরাত উঠা—১ পরমায়ু শেষ হওয়া। ২ জীবিকার্জ্জনের উপায় চাকরী শেষ হওয়া।

অন্নজীবী (-বিন্) বিং [অন্ন+ √জীব্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] যে অন্নে বাঁচে, অর্থাৎ যাহার জীবন অন্ন বিনা থাকে না ; অন্ন-গতপ্রাণ, অন্নজীবন। "এখানে বসিবে যা'রা, অন্নজীবী হবে তা'রা, অন্ন বিনা না রবে জীবন ভা.চ ১২১।

অন্নদ বিণ [অন্ন+ √দা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -দা] যে অন্ন দেয় ; অন্নদাতা। "আপ্নোতি সুখমক্ষয্যমন্নদঃ মনু ৪.২২৯। অধিক অন্নদ হ'তে আপনি আমার শ্রী.মা ১১৩। —দ পুং শিব। —দা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] অন্নদাত্রী, অন্নপূর্ণা। "অন্নদার হস্ত দুটি, অন্ন দেন গুটি গুটি ভা.চ ২০৬। ভিক্ষা দেহ, রঘুবধূ° (অন্নদা এ বনে তুমি!) ক্ষুধার্ত্ত অতিথে মে ১২৬।

অন্নদাতা (-তৃ) বিণ [ষ্বি.ত ; স্ত্রী -ত্রী] অন্নদানশীল, অন্নদানকারী। দ্র 'পঞ্চপিতা'।

অন্নদান ক্লী [ষ.ত] ভক্তাদি খাদ্য-দান। "অন্নদানাৎ পরং দানং ন ভূতং ন ভবিষ্যতি।

অন্নদায় বি অন্নের অভাবরূপ সঙ্কট ; অন্নাভাব, অন্নকষ্ট। "উনি রাখুন অন্নদায়, ছয়মাস এখন অন্নদায়, না আনিলে কি হানি বল শুনি দা ১৬৬৩। অন্নদায় হেন দেখি অন্নদায় (গান—ধুমাবতীবর্ণনা)।

অন্নদাস পুং [উ.লো] ১ অন্নপালিত ভৃত্য। উদরান্নের নিমিত্ত দাস ; ভক্তদাস, পেটভাতা চাকর। ২ (বাঙ্লায়) অন্নদাসতুল্য পরান্নজীবী হেয় ব্যক্তি ; পরের ভাতুড়ে। "(জামাই) অধিক দিন করলে বাস, নাম হয় তার অন্নদাস দা ৪৫২। ঘরজামায়ে অন্নদাস জা ৪২। পুত্রবধূর সংসারে তাঁহাকে…অন্নদাস…হইয়া ইহজীবন নির্ব্বাহ করিতে হইবে ব.প্র ৩০৪ ; তোমার অন্নদাস হইয়া থাকিতে হইবে ৩০৫।

অন্নদোষ পুং [ষ.ত] ১ অন্নসম্বন্ধী দোষ ; অভোজ্যান্নভোজন বা অগ্রাহ্যান্ন-গ্রহণ হেতু পাপবিশেষ। "মনু ৫.৪। ২ (বৈদ্যকে) অপথ্য-

ভোজন হেতু দোষ বা রোগনিদান (যেমন, মন্দাগ্নির সম্বন্ধে গুরুপাক-দ্রব্যভোজন)।

অন্নধ্বংস বি অন্নক্ষয়, ভোজ্যনাশ, ভুক্তিধ্বংস (গালিতে)। "'বেটার ক-অক্ষর গোমাংস বিদ্যার মধ্যে অন্নধ্বংস দা ১৪২৯।

অন্ননালী বি [ষ.ত] ভুক্তদ্রব্যের গমনপথ (The gullet)।

অন্নপক্তি স্ত্রী [ষ.ত] অন্নপাক, অন্নসাধন। "মনু ৯.১১।

অন্নপাক পুং [ষ.ত] ১ অন্নের রন্ধন; খাদ্যপাক। ২ ভুক্ত দ্রব্যের জঠরাগ্নিতে পরিপাক (জীর্ণ করা)।

অন্নপাত বি [অপ্র] অন্নপাত্র, অন্নাদিপূর্ণ পাত্র; ভাতের পাত্র। "অন্ন-পাত সম্মুখে রাখিলা সেইজন গো.বি ১৮।

অন্নপান ক্লী [দ্বন্দ্ব] ভোজ্য ও পেয় দ্রব্যমাত্র; সর্ব্বপ্রকার খাদ্য। "রা ৭.৯১.২৭; °নাদি ৯২.৫। সুধাসম অন্নপান ম ৪০৩; দিব্য অন্নপান ৫০৯। কৃ.উ ২৩৫। ত্যজি অন্নপান ক.চ ২৩।

অন্নপানি, -নী বি ['অন্নপানীয়'—মূল] অন্ন ও জল; ভাত জল। "অন্নপানি কারো নাহি রোচয়ে শরীরে চৈ.ভা ৩৫৮। কে দিবে অন্নপানি কৃ.উ ২৭৪। ব.প ৭৯৪। সভাকারে দিল অন্নপানী শ্রী.ম ২৩।

অন্নপূর্ণ বিণ [তৃ.ত; স্ত্রী -র্ণা] ভোজ্যদ্রব্যে পূর্ণ; খাদ্যপূরিত, খাদ্যপ্রচুর। —র্ণা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] অন্নে পূর্ণ সিদ্ধশক্তিবিশেষ; তদ্রূপা দেবী। "অন্নপূর্ণে সদাপূর্ণে শঙ্করপ্রাণবল্লভে।—শঙ্করাচার্য্য। আমি দেবী অন্নপূর্ণা ভা.চ ২৫৭। অন্নপূর্ণা মা আমার, লয়েছে বিশ্বের ভার।—কথা ৮। [°র্ণেশ্বরী—দেবী অন্নপূর্ণা। "ভিক্ষাং দেহি···মাতান্নপূর্ণেশ্বরী (শঙ্করাচার্য্য)।]

অন্নপ্রাশন ক্লী [ষ.ত] অন্নের প্রথম ভোজন; শিশুর ষষ্ঠ মাসে বিধি-পূর্ব্বক প্রথম অন্নভোজনরূপ সংস্কারবিশেষ। "ষষ্ঠেঽন্নপ্রাশনং মাসি যদ্বেষ্টং মঙ্গলং কুলে মনু ২.৩৪। যাজ্ঞ ১.১২।

অন্নবিকার পুং [ষ.ত] ১ ভুক্ত দ্রব্যের শোণিতাদিতে পরিণতি। ২ অন্ন-বিকারজাত শুক্রধাতু; রেতঃ। 'অন্নাদ্ রেতঃ (শ্রুতি)। ৩ [উ.লো] অন্নজন্য (অজীর্ণহেতুক) বিকার; জঠরাময়, পেটের অসুখ।

অন্নব্রহ্ম ক্লী [কর্ম্মধা] (জীবনরক্ষা হেতু) অন্নরূপ ব্রহ্ম। "অন্নব্রহ্ম জীব সদা করয়ে ভোজন দ্রু ৬০।

অন্নময় বিণ [অন্ন+ময় (ময়ট্) তদ্বিকারার্থে; স্ত্রী-য়ী] ১ অন্নবিকার, অন্নজাত, খাদ্যসম্ভূত। ২ অন্ন হইতে জাত ও অন্নে বর্দ্ধিত (দেহ)। 'পিতৃভুক্তান্নজাদ্ বীর্য্যাজ্জাতোঽন্নেনৈব বর্দ্ধতে। দেহঃ সোঽন্নময়ঃ···॥—পঞ্চদশী ৩.৩। ৩ [+ময় প্রকৃতবচনে] যাহাতে অন্ন প্রচুর প্রস্তুত; প্রচুর-প্রস্তুতভক্তাদিক। "অন্নময়ো যজ্ঞঃ পা ৫.৪ ২১, সি। —য় পুং স্থূলশরীর (ত.বা)। —য় ক্লী প্রচুরপ্রস্তুত অন্ন। "পা ৫.৪.২১, সি। [°কোশ, -ষ—অন্নবিকারজাত স্থূলশরীর। ইহা পঞ্চ কোশের একতম (বেদান্তসার)।]

অন্নমল ক্লী [ষ.ত] ১ অন্নের (ভুক্ত দ্রব্যের) অসার; বিষ্ঠা। "পা ৬.১.১৪৮, কাশিকা। ২ তণ্ডুলপিষ্টের মলস্বরূপ; সুরা। 'সুরা বৈ মলমন্নানাম্ মনু ১১.৯৪।

অন্নমেরু বি [ষ.ত] অন্নের মেরুতুল্য স্তূপ; প্রচুর অন্নরাশি। "নিত্য দান অখিলে অক্ষয় অন্নমেরু শ্রী ১০; ২৫৩।

অন্নরস পুং [ষ.ত] ১ অন্নের স্বাদ; খাদ্যরস। ২ ভুক্তদ্রব্যের সার (Chyle)। ৩ অন্নমাত্রে বিশিষ্টরসবত্তা (নীলকণ্ঠ); খাদ্যমাত্রের স্বাদুতা। "যমন্নরসং প্রাদাৎ মহা ৩.৫৭.৩৭। ৪ [দ্বন্দ্ব] খাদ্যমাত্র ও পানীয়বিশেষ (রা.টীকা)। "নানাবিধানন্নরসান্ রা ২.৫৪.১৮।

অন্নসংস্কার পুং [ষ.ত] ১ অন্নের উৎকর্ষাধান; ভক্তাদির স্বাদুতা-সম্পাদন; খাদ্য সুরস করা। "মহা ৩.৬৭.৩। ২ অন্নের অভিমন্ত্রণ; মন্ত্র দ্বারা অন্নশোধন।

অন্নহুড়, -হুড়ো বিং [অপ্র] যে অন্নের নিমিত্ত হুড়ে, অর্থাৎ দ্বারে দ্বারে বেড়ায়; অন্ন-কাঙাল, হা-ভাতে। "কার পতি অন্ন-হুড়, কোন যুবতীর পতি বুড় দা ৪৫৮; পৌষ মাসে পাঁচটা উপোস—ছিল অন্ন-হুড়ো ৪৯৬।

অন্নাদ্য বিণ [অন্ন আদ্য যাহার, বহুব্রী; স্ত্রী -দ্যা] ১ অন্নপ্রভৃতি, অন্নাদি। "মনু ৩.৮২; ২৩৩; ২৪৪। ২ [অন্ন আদ্য যাহার, বহুব্রী] অন্ন যাহার ভক্ষ্য; অন্নভক্ষক।

অন্নায়ুঃ (-য়ুস্) বিণ [অন্ন আয়ুঃ যাহার, বহুব্রী; স্ত্রী -য়ুঃ] অন্নজীবন, অন্নগতপ্রাণ।

অন্নার্থী (-র্থিন্) বিণ [অন্ন+√অর্থি+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -র্থিনী] অন্নপ্রার্থী, খাদ্যার্থী।

অন্নাশন ক্লী [অন্নের অশন, ষ.ত] সর্থ 'অন্নপ্রাশন'; ভাল অন্ন করিয়া খাওয়া। "ব.প ১৭১২।

অন্য[১] সর্ব্ব, বিণ [√অন্+য (অ.টী); ছান্দস—'অন্য'-কৃত (ঋগ্বেদ ৬.৫১.৭); Av. anya; cf., Gr. allos; L alius; E. alien] ১ ভিন্ন, ইতর, পৃথক্। "ত্বদন্য রঘু ৩.৬৩। গী ৬.৩৯। মনস্যন্যদ্ বচস্যন্যৎ কর্ম্মণ্যন্যদ্ দুরাত্মনাম্ হি ১.১০১। ২ তদ্‌ভিন্ন, তদিতর। "কিমুতান্য-হিংস্রাঃ রঘু ২.৬২। মনু ৮.৩২৮। শরীরেণ সমং নাশং সর্ব্বমন্যত্তু গচ্ছতি হি ১.৬৭। ৩ অপর, দ্বিতীয়। "কিং নু খলু মে প্রিয়দর্শনাদৃতে শরণ-মন্যৎ শ ৩৪/২। কাঙ্ক্ষত্যন্যো বদনমদিরাম্ উ.মে ১৭। ত্বমেব যন্তা নান্যোঽস্তি মহা ৩.৭২.১৮। তাঁহাকেও আবার অন্য পাবন দ্বারা পূত করিতে হইয়াছিল সী ৬। ৪ পর। বিপ 'স্ব'। "উপানহৌ চ বাসশ্চ ধৃতমন্যৈর্ন ধারয়েৎ মনু ৪.৬৬। ৫ অধিক, অপর, আরও। "অন্যান্ তাবৎ দশ সুবর্ণানস্মৈ প্রযচ্ছ মৃ ২৫/২। ৬ অপর, সর্ব্ব। "সাধারণ্যান্ নিরাতঙ্কঃ কন্যামন্যোঽপি যাচতে ম.চ ১.৩১। ৭ অসদৃশ। ৮ এক, একপ্রকার; অন্যপ্রকার, অন্যতর। "অন্যে কৃতযুগে ধর্ম্মাঃ; অন্যে কলি-যুগে মনু ১.৮৫। জল্পতি সার্দ্ধমন্যেন পশ্যত্যন্যং সবিভ্রমাঃ।—পঞ্চ ১.১৪৬। ৯ অন্যদীয়, পরকীয়। "স্বান্যা (স্বা+অন্যা) সাধারণী স্ত্রী সা.দ ৩.৫৬। [অন্য···অন্য—এক···তদ্‌ভিন্ন। "অন্যদুপ্তং জাতমন্যৎ মনু ৯.৪০। লোকে অন্য ভাবে দৈবে করে অন্য গতি শ্রী.ম ১১০। অন্যে পরে কা কথা (সং অন্যে জনে কা কথা)—সাধারণের সম্বন্ধে কি বক্তব্য আছে? —অর্থাৎ কিছুই বক্তব্য নাই; অসাধারণ ব্যক্তিরাও দৈবাধীন, সাধারণের কথাই নাই। পূর্ণ শ্লোক—জাতঃ সূর্য্যকুলে পিতা দশরথঃ ক্ষৌণীভুজা-মগ্রণীঃ, সীতা সত্যপরায়ণা প্রণয়িনী যস্যানুজো লক্ষণঃ। দোর্দণ্ডেন সমো ন চাস্তি ভুবনে প্রত্যক্ষবিষ্ণুঃ স্বয়ং, রামো যেন বিড়ম্বিতোঽপি বিধিনা চান্যে জনে কা কথা॥ অন্য অন্য—আর আর। "অন্য অন্য বালক অন্য অন্য ক্রীড়া করে ভ.গ্র ১১৩। অন্য পর—অনাত্মীয়, অপর। অন্যে অন্যে— পরস্পরে। "অন্যে অন্যে দরশনে খণ্ডিল সন্তাপ অ.প ৩২; অন্যে অন্যে রক্ষি অন্য অন্য সমর্পিল ৪৬। অন্যে অন্যে সম্ভাষা ম.পা ৮৬।]

অন্য[২] বি [সং অন্ন, ন্ন>ন্য (উচ্চারণসাম্যে); তু 'সং অন্য>প্রা অন্ন (হে); অপ্র] অন্ন, ভাত। "অন্য গোটা ম.গা ৩; অন্য খাইতে ১১; ভক্ষ অন্য ১২; সে অন্য খাইয়া ১৩; অন্য খাইবার ১৫। অন্য জল মী ১৩।

অন্যকাম বিণ [অন্য+√কম্+অ (অণ্)-ক; স্ত্রী -মী] যে অন্যকে কামনা করে; অন্যাভিলাষী, অন্যাসক্ত। "গো.রা ৫.১৩,৬৮।

অন্যক্ষেত্র ক্লী [কর্ম্মধা] ১ অন্য দেহ। ২ অন্য কেদার (খেত); ক্ষেত্রান্তর। ৩ [ষ.ত] অন্যের স্ত্রী।

অন্যগ, -গামী (-মিন্) বিণ [অন্য+√গম্+অ (ড)-ক, উ.ত; দ্বি.ত; স্ত্রী -গা, -মিনী] দ্বিতীয়গামী, পুরুষান্তরগামী, ব্যভিচারী। "বণিজাং তু কুলস্ত্রীব স্থিরা লক্ষ্মীরনন্যগা ক.সা ২১.৫৫; ভার্য্যাং তামন্য-গামিনীম্ ১৯.২৭। —গামী বিণ বিষয়ান্তরগমনশীল। "চেতসা নান্য-গামিনা গী ৮.৮।

অন্যতঃ (-তস্) ব্য [অন্য+তঃ (তসিল্) সর্ব্ববিভক্তিস্থানে ; ছান্দস] ১ অন্য হইতে। "রঘু ২.৪। মনু ৯.১৪৭। ২ অন্য দ্বারা। "উ.চ ১.১৩। ৩ অন্যবিষয়ে। "মোক্ষে জ্ঞানং বিজ্ঞানমন্যতঃ (অ.চি)। ৪ অন্যে, অন্যজনে। "উপপন্নং নরশ্রেষ্ঠ ত্বযোব ভুবি নান্যতঃ রা ৭.৯৫.১৫। ৫ অন্য ভাগে ; অন্যদিকে। "নৈশতমোবৃতমন্যতঃ কি ৫.২। ৬ অন্যত্র, অন্য-স্থানে। "গন্তব্যং বা ততোঽন্যতঃ মনু ২.২০০। শ ২.২। ৭ অন্যের দিকে। "ব্রজামোঽন্যতঃ রঘু ৬.৮২। ৮ অন্যপক্ষে, পক্ষান্তরে। ৯ অন্যকারণে।

অন্যতম বিণ [অন্য+অতম (ডতম), বহুর মধ্যে একনির্দ্ধারে (মুগ্ধবোধ ৫১০) ; পাণিনিমতে অব্যুৎপন্ন (পা ৭.১.৫২ ; ৫.৩.৯৩, সি) ; স্ত্রী -মা; 'অন্যতর' শব্দও এইরূপ] বহুর মধ্যে নির্দ্ধারিত এক ; একতম, এক। "তাসামন্যতমাঃ গো.রা ৫.৫৬.১১৫। অন্যতমং বেদম্ মনু ১১.৭৬।

অন্যতর[১] বিণ [অন্য+অতর (ডতর), দুইএব মধ্যে একনির্দ্ধারে (মুগ্ধবোধ ৫১০) ; দ্র 'অন্যতম'] দুইএর মধ্যে নির্দ্ধারিত এক ; এক-তর। "তয়োরন্যতরঃ মনু ২.১১১। এত বলি নারদ ছাড়িয়া সেই ঘর। তার পাছে প্রবেশ করিল অন্যতর॥—শ্রী.ম ২১৭।

অন্যতর[২] (-র্) অব্য [সং অন্যত্র, ত্র > তর (স্বরাগমে) ; অপ্র] অন্য-স্থানে। "তোমাদের হেথা হইতে জাব অন্যতর কৃ.উ ২৩৭। [অন্যতরে —অন্যত্র। "একদিকে কোমলতা ; বীর্য্য অন্যতরে। জ্যোৎস্না আতপে রণ ন ৮৬৯।]

অন্যন্তর, -ন্তরে অব্য [অন্যতর[২] > অন্যন্তর, -ন্তরে ; অপ্র] অন্যস্থানে। "যাহ অন্যন্তরে কৃ.অ ২৭। চল অন্যন্তরে ব.প ৮৬৩। অন্যন্তর উঠি গেল ভ.গ্র ২০৮। যাব অন্যন্তরে চৈ.ম ৮।

অন্যত্র ব্য [অন্য+ত্র (ত্রল্) সপ্তমীস্থানে ; ছান্দস] ১ অন্য, পূর্ব্ব। "অন্যত্র জন্মনি রা ৬.১০১.১৮। ২ অন্যস্থানে, স্থানান্তরে। "অন্যত্র গচ্ছ মহা ৩.৬০.২০। পঞ্চ ১.৪২। ৩ অন্যবিষয়ে, অন্যকর্ম্মে, অন্যশাস্ত্রাদিতে। "যথা ফলানাং পক্কানাং নান্যত্র পতনাদ্ ভয়ম্। এবং নরস্য জাতস্য নান্যত্র মরণাদ্ ভয়ম্॥ রা ২.১০৫.১৭। যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র গী ৩.৯। যোঽনধীত্য দ্বিজো বেদমন্যত্র কুরুতে শ্রমম্ মনু ২.১৬৮। ৪ অন্য কালে। "হি ৩.৭৭। ৫ অন্য অর্থে। "পা ৮.২.১৪, কাশিকা। ৬ ইতরাংশে, অন্য বিষয়ে। "রঘু ১৪.৩২। [অন্যত্রে ('°ত্র' সাধু)—অন্যস্থানে। "অন্যত্রে উড়িয়া যায় ভ.গ্র ২২৩। অন্যত্রের (অসাধু)—অন্য স্থানের। "অন্যত্রের কোটীশ্বর নহে তার সমা চৈ.ভা ৩৭৪।]

অন্যথা ব্য [অন্য+থা (থাল্) প্রকারার্থে ; ছান্দস] ১ অন্যপ্রকারে, ভিন্নভাবে, প্রকারান্তরে, অন্যরকমে। "শোকার্ত্তস্য প্রবৃত্তো মে শ্লোকো ভবতু নান্যথা রা ১.২.১৮। ভাবি চেন্ন তদন্যথা। —হি ৪.৯। অন্যথা প্রবৃত্তিঃ মনু ৫.৩১। ২ অযথার্থভাবে, বিতথভাবে, মিথ্যা। "যো ন্যায়-মন্যথা ব্রূতে।—পঞ্চ ৩.১০৬। যদি ব্রূয়াত্ত্বমন্যথা মনু ৮.৯০। অলঙ্ঘ্য দেবীর বাক্য অন্যথা না হয় ভা.চ ২১৪। ৩ অর্থান্তরপ্রতিপাদকভাবে। "অন্যস্যান্যার্থকং বাক্যমন্যথা যোজয়েদ্ যদি সা.দ ১০.৯। ৪ বিরুদ্ধভাবে, বিরুদ্ধ। "মিত্র নান্যথা মন্তব্যম্ হি ১ ৭৫/২ড। ৫ অসম্যগ্রূপে, অন্যায়-ভাবে। "অমাত্যাঃ প্রাড়্বিবাকো বা যৎ কুর্য্যুঃ কার্য্যমন্যথা মনু ৯.২৩৪। ৬ অন্য হেতুতে ; অন্য কারণে। "দুর্ব্বাসসঃ শাপাদিয়ং···ত্বয়া প্রত্যা-দিষ্টা নান্যথেতি শ ৭ ৩/২২। ৭ ব্যর্থ, ব্যাহত। "মমেচ্ছাং মান্যথা কৃথাঃ ক.সা ২২.৫১। ৮ অন্যপ্রকার, লোপপ্রাপ্ত। "যন্নবে ভাজনে লগ্নঃ সংস্কারো নান্যথা ভবেৎ হি ৮ (অবতরণিকা)। ৯ বিপর্য্যয়ভাবে, বিপরীতভাবে। "অজ্ঞানং যদতোঽন্যথা গী ১৩.১১। ১০ বিপরীতভাবে, শত্রুরূপে। "দ্রষ্টুমভ্যাগতো হ্যেষ ভরতো নান্যথাগতঃ রা ২.৯৭.১১। ১১ (বাঙ্লায়) অন্যপ্রকার ; বিপর্য্যয়। "পূর্ব্বে যে নিবেদন করিয়া আসিয়াছি তাহার অন্যথা কদাচ হইবে না কৃ.চ ৬৭। ১২ অন্যভাব, দ্বৈধ, ব্যর্থতা। "পূরাব পূরাব বাসনা তোমার। অন্যথা নাহি কথায়। —হেম ১১২। [অন্যথা করা—১ অন্যপ্রকারে করা ; পরিবর্ত্তন করা। "মহাত্মারা যাহা বলেন, তাহা অন্যথা করেন না। ২ উল্লঙ্ঘন করা ; অগ্রাহ্য করা। "মম বাক্য অন্যথা করিলে কেন ভাই কৃ ১৪৬। কল্য প্রভাতে আদেশানুযায়ী কার্য্য করিবে, কোন মতে অন্যথা করিবে না সী ৩১। অন্যথা হওয়া—অন্য প্রকারে পরিণত হওয়া ; ব্যর্থ হওয়া। "মম বচনম্ অন্যথা ভবিতুং ন অর্হতি শ ৪ ১/২।—(আমার কথা অন্যথা হইতে পারে না)। 'তাহার অন্যথা হইবে না', 'কথায় অন্যথা নাহি' (দ্র ১১ ; ১২)—অসাধু ; 'তাহা অন্যথা হইবে না', 'কথা অন্যথা নহে' —সাধু। এইরূপ, 'ধর্ম্মের অন্যথা করা'— অসাধু ; 'ধর্ম্ম অন্যথা করা' —সাধু। "বংশপরম্পরাগত ধর্ম্মের অন্যথা কল্লে মহাপাপ হু ৭৩। °করণ (ক্লী), °কার (পুং)—অন্যপ্রকারে করা, বিপরীত অনুষ্ঠান ; উল্লঙ্ঘন, অপালন। °কৃত (বিণ)—উল্লঙ্ঘিত, অপালিত। °ত্ব (ক্লী)—অন্যথা-ভাব। "পা ৫.৪.৫৩, সি। °বাদী (-দিন্) বিণ—মিথ্যাবাদী। "যাজ্ঞ ২.৮১।]

অন্যথাকরণ, -কার,-কৃত, -থাত্ব, -থাবাদী দ্র 'অন্যথা'।

অন্যথাবৃত্তি বিণ [অন্যথা বৃত্তি যাহার, বহুব্রী ; স্ত্রী -ত্তি] যাহার ব্যাপার অন্যথাভূত ; বিকৃতিপ্রাপ্ত। "°চেতঃ পূ.মে ৩।

অন্যথাভাব পুং [সুপ্সুপা] ১ অন্যপ্রকারে সত্তা ; অন্যরূপে স্থিতি। "পা ৫ ৪.৫৩, সি। ২ পরিবর্ত্তন, ব্যভিচার। "এই চিরপরিচিত সাংসারিক নিয়মের কোন কালে অন্যথাভাব দেখিতে পাওয়া যায় না সী ৫৬ ; অনুরাগের অন্যথাভাব ৭২। —ভূত বিণ [সুপ্ সুপা] অন্যপ্রকারে ঘটিত ; পরিবর্ত্তনগত, বিকৃত।

অন্যথাসিদ্ধ বিণ [সুপ্ সুপা] অন্যপ্রকারে নিষ্পন্ন। —সিদ্ধি স্ত্রী [সুপ্সুপা] অন্য প্রকারে নিষ্পত্তি।

অন্যদা ব্য [অন্য+দা, সপ্তমীস্থানে কালার্থে] ১ অন্যকালে, ইতঃপূর্ব্বে, পূর্ব্বে। "রঘু ১১.৭৩। ২ তদ্ভিন্নকালে, অন্যসময়ে। "পঞ্চ ৩.৩৬। হি ৩.৭। ৩ একদা, একসময়ে। "অন্যদা তস্য···পর্য্যটতঃ শৃগালেন সার্দ্ধং মৈত্রী বভূব।—পঞ্চ (S.W.)। ৪ কোন পূর্ব্বকালে। "রা ২.৭৪.১৫।

অন্যদীয় বিণ [অন্য+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে, পা ৬.৩৩.৯৯ ; স্ত্রী -য়া] অন্যসম্বন্ধী, অন্যসম্পৃক্ত, পরকীয়। "অন্যদীয় মুখাপেক্ষতা পা.প্র ১৪০।

অন্যনাভি বিণ [বহুব্রী ; স্ত্রী -ভি ; ছান্দস] যাহার নাভি (কুলসম্বন্ধ) ভিন্ন ; ভিন্নবংশীয়। বিপ 'সনাভি'।

অন্যন্তরে ক্রি-বিং [অন্যত্তরে > অন্যন্তরে ; অপ্র] অন্যত্র। "আমারেও কহিল যাইব অন্যন্তরে ভ.গ্র ২১।

অন্যপুষ্ট বিণ [তৃ.ত ; স্ত্রী-ষ্টা] অন্যকর্ত্তৃক পালিত ; পরভৃত। —ষ্ট পুং (কাকপালিত) কোকিল। —ষ্টা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] কোকিলা। "কু.স ১.৪৫।

অন্যপূর্ব্বা স্ত্রী [অন্য পূর্ব্ব যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] ১ যে স্ত্রীর অন্য (জন) পূর্ব্বপতি ; দ্বিতীয়বার পরিণীতা বিধবা ; পুনর্ভূ। ২ অন্যের সহিত বিবাহে বাগ্দত্তা কন্যা। "অন্যপূর্ব্বা হবে বালা···কুলে চড়ে কলঙ্কের দাগ।— রঙ্গ ১৪ ; অন্যপূর্ব্বা ঘর ঘর, অসতী হইত কত শত ১৫। ৩ অন্যস্বামিকা (ত.বা)। —র্ব্ব পুং অন্যপূর্ব্বাপতি, পুনর্ভূ-পতি। [বাগ্দত্তা মনোদত্তা কৃতকৌতুকমঙ্গলা পাণিগৃহীতিকা উদকস্পর্শিতা অগ্নিপরিগতা পুনর্ভূ-প্রসবা—এই সপ্তবিধ অন্যপূর্ব্বা (কাত্যায়ন)।]

অন্যবিধ বিণ [অন্যা বিধা যাহার, বহুব্রী ; স্ত্রী -ধা] অন্যপ্রকার, বিভিন্ন।

অন্যভৃৎ পুং [অন্য+ √ভৃ+ক্বিপ্ (০)-ক ; উ.ত] অন্যের পালক ; (কোকিলপালক) কাক। —ভৃত পুং [তৃ.ত] অন্য কর্ত্তৃক পালিত ; (কাকপালিত) কোকিল। —তা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] কোকিলা। "রঘু ৮.৫৯।

অন্যমনস্ক, -মনাঃ (-নস্) বিণ [অন্যে মনঃ যাহার, বহুব্রী ; বিকল্পে 'ক' (কপ্) ; স্ত্রী -স্কা, -নাঃ] ১ অন্যাসক্তচিত্ত, অনবহিত, অনাবিষ্ট, প্রমত্ত। ২ অন্যরতচিত্ত, অন্যানুরাগী। "°নাঃ গো.রা ৫.৩৫.২। অন্য-মনসঃ স্ত্রিয়ঃ হি ১.১১৭।

অন্যমনা বিং [সং অন্যমনাঃ ; হি অনমনা, অন্যমন] অন্যমনস্ক, উদাস, চিন্তিত। "সদা অন্যমনা থাক কি ভাব অন্তরে ভ.গ্র ১১৪। [অন্যমনে —অনবহিতভাবে, আন্‌মনে। "(তিলোত্তমা) অন্যমনে…ঘর দ্বার গাছ মানুষ ইত্যাদি লিখিতে লাগিলেন ব.প্র ১৭।]

অন্যরূপ বিণ [বহুব্রী ; স্ত্রী -পা] যাহার রূপ পূর্ব্বরূপ হইতে ভিন্ন; পূর্ব্ব-বিপরীতাকার, বিকৃতাকৃতি। "শিশিরমথিতাং পদ্মিনীং বান্যরূপাম্ উ.মে ২২। —প ক্লী [কর্ম্মধা] ভিন্ন আকৃতি ; ছদ্মবেশ। "ক.সা ১৩.১৭২ ; কৃতান্য° ২৫.১৯২। —পী (-পিন্) বিণ [অন্যরূপ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -পিণী] অন্যরূপযুক্ত, বিকৃতাকার। "ক.সা ১৬.৪৪।

অন্যসংক্রান্ত বিণ [দ্বি.ত ; স্ত্রী -স্তা] ১ অন্যগত, অন্যানুরক্ত, অন্যা-সক্ত। "°হৃদয় মা.মি ৩$\frac{1}{6}$। ২ (বাঙলায়) বিষয়ান্তরগত, অন্যবিষয়ক।

অন্যসাধারণ বিণ [স.ত ; স্ত্রী -ণা,-,ণী] অন্যবিষয়ে সাধারণ ; অন্য-সামান্য, সর্ব্বসাধারণ। "অনন্য° কু.স ৩.১৯।

অন্যস্ত্রী স্ত্রী [ষ.ত] ১ অন্যের স্ত্রী ; পরদার। "°গ মনু ৮.৩৮৬। ২ [কর্ম্মধা] অন্যা (স্বস্ত্রী-ভিন্না) স্ত্রী ; পরকীয়া, নায়িকাবিশেষ। 'সা.দ ৩.৫৬। [পরোঢ়া ও কন্যকা ভেদে অন্যস্ত্রী দ্বিবিধ (সা.দ ৩.৬৬ ; ভা.চ ৬৮১। অন্যস্ত্রী [°গ (বিণ)—পারদারিক।]

অন্যাদৃশ বিণ [অন্য+ √দৃশ্+অ (কঞ্) কর্ম্মকর্ত্তৃবাচ্যে (মহাভাষ্য), কর্ম্মবাচ্যে (মুগ্ধবোধ) ; বৈদিক] ১ যাহা অন্যের ন্যায় দেখা যায় ; অন্য-তুল্য, ভিন্নপ্রকার। ২ বিলক্ষণাবস্থ, বিকারপ্রাপ্ত, অন্যবিধ। "যাত্রা-প্রতিনিবৃত্তমন্যাদৃশমিব ভবন্তমবধারয়ামি মা.মা ১$\frac{1}{২}$$\frac{৮}{৯}$। ৩ অন্যপ্রকার, অসাধারণ, অলৌকিক, অদ্ভুত। "কিমপি অন্যাদৃশী রচনা কস্যাপি বলী-মুখস্য ম.চ ৬$\frac{১}{৫}$$\frac{৪}{৬}$। ৪ সাধারণ। "রাজা ঋষি বা অন্যাদৃশ লোক…মুক্ত-কণ্ঠে কহিতে লাগিলেন, আমরা কখন এরূপ যজ্ঞদর্শন করি নাই সী ৭৫।

অন্যান্তর[১] বিং [অন্যা+অন্তর ; অপ্র] যাহার অন্যা স্ত্রীতে মন ; অন্য-নায়িকাসক্ত। "ষট্‌পদ মধুকর, নিরন্তর অন্যান্তর, দ্বিপদ কি ষট্‌পদস্বভাব পাইলে ব.প ১৫৪২।

অন্যান্তর[২], **-ন্তরে** ক্রি.বিং [অন্যত্র, -রে>অন্যান্তর, -রে ; অপ্র] অন্যত্র, অন্যস্থানে। "সেই স্থান ছাড়ি গৌরী চলে অন্যান্তর ক.চ ২৩ ; যাব অন্যান্তরে ৩০।

অন্যান্য বিং [অন্য+অন্য ; সং অন্যোন্য ; তু °প্রা অণ্ণণ্ণ, অন্নন্ন (প্রা.ম)] অপরাপর, আর-আর (লোক, বিষয়)।

অন্যায় বিণ [ন ন্যায় যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -য়া ; মৈ—অন্যাই] ১ ন্যায়হীন, অনুচিত। "অন্যায়ঃ পরদারপৃচ্ছাব্যবহারঃ শ ৫ (A.)। ২ বিচারহীন, অসঙ্গত। ৩ (ন্যায়ে) প্রতিজ্ঞাদি পঞ্চাবয়বহীন। —য় পুং [ন.ত] ১ ন্যায়াভাব, অবিচার। "অন্যায়েনৈব বরাকো বধ্যতে।—পঞ্চ (S.W.)। ২ অনৌচিত্য, অযুক্তি, অসঙ্গতি। ৩ ন্যায়হীন কার্য্য —পরস্বাপহরণাদি, পরবঞ্চনাদি (গী.টীকা)। "ঈহন্তে…অন্যায়েনার্থ-সঞ্চয়ান্ গী ১৬.১২। প্রবর্ত্তমানমন্যায়ে মনু ৯.২৯২। ৪ ধর্ম্মোল্লঙ্ঘন। "মনু ২.১১০। ৫ অপরাধ, দোষ। "°বর্ত্তী।—মনু ৭.১৭। ৬ (ন্যায়ে) প্রতিজ্ঞাদি পঞ্চাঙ্গন্যায়ের অভাব।

অন্যায্য বিণ [ন.ত ; স্ত্রী -য্যা] ন্যায্যভিন্ন, ন্যায়রহিত, অনুচিত, অযৌক্তিক।

অন্যার্থ পুং [অন্য অর্থ, কর্ম্মধা] ১ ভিন্ন অভিধেয় (মানে)। ২ [ষ.ত] অন্যের ধন বা দ্রব্য।

অন্যাসন বি [সং অন্বেষণ, ষ > স্ব (উচ্চারণসাম্যে) ; গ্রাম্য ; অপ্র] অনুসন্ধান। "তাহাতে না পাইল শিব দেবী অন্যাসন গো.বি ৩৩।

অন্যূন বিণ [ন ন্যূন, ন.ত ; স্ত্রী -না ; বৈদিক] ১ ন্যূনভিন্ন, ন্যূনতাহীন, অনূন। ২ সকল, সমগ্র, সম্পূর্ণ। ৩ অহীন। "°নাঙ্গ, °নানতিরিক্তাঙ্গ। ৪ যাহা পরিমাণ অপেক্ষা ন্যূন (ছোট) নহে ; অক্ষুদ্র। "অনুমান করিয়া অন্যূন অনধিক। হাসি বলে হইল হাতের মত ঠিক॥—শি ১০৪। [অন্যূন অনধিক —ছোটও না বড়ও না ; ঠিকমাপ-মত। অন্যূন পাঁচ টাকা—ন্যূনকল্পে পাঁচ টাকা।]

অন্যূনাধিক বিণ [ন ন্যূনাধিক, ন.ত ; স্ত্রী -কা] যাহা ন্যূন বা অধিক নহে ; ন্যূনাধিকতারহিত, পরিমিত। "রামবচঃ সর্ব্বমন্যূনাধিকম্ গো.রা ৬.১৬.৭৮।

অন্যোঽন্য[১], **অন্যোন্য** সর্ব্ব, বিণ [অন্যঃ+অন্য, কর্ম্মব্যতীহারে দ্বিত্ব, বাহুলকে অসমাসবদ্ভাবে পূর্ব্বপদের বিভক্তিস্থানে স্ (সু) আগম] পরস্পর। "°শোভাজনন কু.স ১.৪২। অন্যোন্যং জিঘাংসন্তঃ মনু ৭.৮৯ ; অন্যোন্যব্যভিচারঃ ৯.১০১ ; °ব্যতিষক্ত ১০.২৫। °দর্শন রঘু ১২.৮৭ ; °জয় ৯২। °ফলভক্ষী।—পঞ্চ ৫.৯৪। °স্নেহাং পুষ্করৈঃ মাঘ ১৮.৩২। °স্যয়োঃ সমক্ষম্ শু ৪.৫.১৫১ ; ২৮.৮.৩৫০। অন্যোন্যের গুণোপলব্ধি পা.প্র ৭। —ন্য ক্লী (অলঙ্কারশাস্ত্রে) অর্থালঙ্কারবিশেষ। [বস্তুদ্বয় পরস্পর একজাতীয় ক্রিয়ার কারণ হইলে, 'অন্যোন্য' অলঙ্কার হয়। "রজন্যা শোভতে চন্দ্রশ্চ-ন্দ্রেণাপি নিশীথিনী।—নিশিতে শশীর শোভা শশীতে নিশির (কাব্যনির্ণয়)।] [অন্যোঽন্যে, অন্যোন্যে—পরস্পরে। "অন্যোঽন্যে এই কথা বলে সর্ব্বজনে ম ৩৩। অন্যোঽন্যে বিক্কিলেক অ.প ৭৩। অন্যোঽন্যে সর্ব্বজনে কহয়ে বচন চৈ.ভা ১৪৬ ; ২৬১। অন্যোঽন্যে কৈল আলিঙ্গন চৈ.চ ৩২৫। অন্যোঽন্যে মুখ নিরীক্ষণে শ্রী.ম ৪৮ ; ২১৪। অন্যোন্যে দৃষ্টি হইল তা'রা দুই জন। অন্যোন্যদরশনে মজিলেক মন ব.প ৫৭৫।]

অন্যোঽন্য[২] সর্ব্ব, বিং [সংস্কৃত 'অন্যোঽন্য'এর অনুকরণে 'অন্যান্য' অর্থে] আর-আর। "অন্যোঽন্য বালক নাচে ধূলি উড়াইয়া ভ.গ্র ১১৩ ; অন্যোঽন্য বালক সহ যতনে পঢ়ায়ঃ অন্যোঽন্য বালকগণ চমকিয়া চাহে ১১৪।

অন্যোঢ়া স্ত্রী [অন্য কর্ত্তৃক ঊঢ়া, তৃ.ত] অন্যপরিণীতা, অন্যস্ত্রী, পরকীয়া-বিশেষ। 'সা.দ ৩.৬৬।

অন্যোদর্য্য পুং [অন্যোদর+য (যৎ) 'তত্র ভব' অর্থে] অন্যার (স্বমাতৃভিন্নার) উদরে জাত ; বৈমাত্রেয় ভ্রাতা। বিপ 'সমানোদর্য্য, সোদর্য্য'। "যাজ্ঞ ২.১৪২। —র্য্যা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] বৈমাত্রেয়ী ভগিনী।

অন্যোন্যসদৃশ বিণ [তৃ.ত ; স্ত্রী -শী] পরস্পরতুল্যাকৃতি। "যুবামন্যোন্য-সদৃশৌ গো.রা ৪.২.১০।

অন্যোন্যাধ্যাস পুং [অন্যোন্যে অধ্যাস, স.ত] তাদাত্ম্য (অনন্যতা) হেতু পরস্পরে আরোপ ; যেমন, অন্তঃকরণে চেতনার, চেতনে অন্তঃ-করণের তাদাত্ম্যারোপ।

অন্যোন্যাভাব পুং [অন্যোন্যের অভাব, ষ.ত] পরস্পরের অভাব ; দ্রব্যদ্বয়ের মধ্যে একে অন্যের অবিদ্যমানতা ; পরস্পরভেদ ; যেমন ঘটে পটের ও পটে ঘটের অভাব। দ্র 'অভাব'।

অন্যোন্যাশ্রয় বিণ [অন্যোন্যে আশ্রয়, স.ত ; স্ত্রী -য়া] পরস্পরে আশ্রয়কারক ; পরস্পরসাপেক্ষ। —য় পুং (ন্যায়ে) পরস্পরসাপেক্ষতা-রূপ তর্কবিশেষ ; তর্কদোষভেদ। যেমন, প্রশ্ন—'এ দ্রব্য কাহার ?' 'উত্তর —'আমার প্রভুর।' প্রশ্ন—'কে তোমার প্রভু ?' উত্তর—'এ দ্রব্য যাহার।' তর্কদোষে দ্রব্যস্বামীর জ্ঞান হইল না।

অন্যোন্যোক্তি স্ত্রী [অন্যোন্যের উক্তি, ষ.ত] পরস্পরকথন, সংবাদ, সংভাষা, সংলাপ।

অন্ববায় পুং [অনু-অব+ √ই+অ (অচ্)-ক] ১ বংশপরম্পরা, পুত্রপৌত্রাদি, সন্তান। ২ বংশ, কুল। "মহাসুরস্যান্ববায়ে মহা ১.২০৯.২। কি ১৩.৩৭।

অন্ববেক্ষা স্ত্রী [অনু-অব+ √ঈক্ষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] অনুরোধ, অপেক্ষা।

অন্বয় পুং [অনু+ √ই+অ (অচ্)-ভা] ১ অনুগমন, অনুসরণ। "নিরন্বয়ে বনে ভট্টি ৫.৬৬। ২ সম্বন্ধ, সম্পর্ক। "নিরন্বয়, সান্বয় মনু ৮.১৯৮; ৩৩১। গন্ধঃ...কটুকান্বয়ঃ গো.রা ৩.১৬.৭। ৩ চক্ষুঃসম্বন্ধ, সমক্ষতা, প্রত্যক্ষভাব, গোচরতা। "নিরন্বয়ং ভবেৎ স্তেয়ম্ মনু ৮.৩৩২। ৪ পদসমূহের পরস্পর আকাঙ্ক্ষা ও যোগ্যতা (দুর্গাদাস—মুগ্ধবোধ ৩১৭); পরস্পরসম্বন্ধ (রামতর্কবাগীশ); পদসমূহের পরস্পর অর্থানুগমন (অ.চি)। "°বোধ। °সিদ্ধি সা.দ ২.৬, ৭; °বোধন ২০। ৫ আনুগত্য, নিরুতসাহচর্য্য। "মৃ ৫.১০। ৬ অনুবৃত্তি (শ্রীধর)। "ভ ১.১.১। ৭ (সাংখ্যে) হেতু ও সাধ্যের ব্যাপ্তি; ব্যাপ্য বা ব্যাপকের অবিনাভাব বা সতত-সম্বন্ধ। বিপ 'ব্যতিরেক'। "°মুখ, °ব্যাপ্তি। মৃ ৫.১০। ৮ কার্য্য-কারণের সাধ্যসাধকের সাহচর্য্য (ন্যায়কোশ)। ৯ কার্য্যে কারণের অনুসরণ (ন্যায়কোশ)। ১০ আনুকূল্য (ত.বা)। ১১ [+অ-ক] যাহা পরস্পরের সম্বন্ধ-প্রাপ্ত হয় (অ.টী); বংশ, গোত্র, কুল। "শ্রোত্রিয়ান্বয় মনু ৩.১৮৪। তদন্বয় রঘু ১.১২; ৩.২৭। এক° শ ৭২২। ১২ অন্বয়-বিষয়ক প্রবন্ধ। "রঘূণামন্বয়ং বক্ষ্যে।—রঘু ১.৯। ১৩ পুত্রপৌত্রাদি, সন্তানপরম্পরা। "সান্বয় মনু ২.১৬৮। যাজ্ঞ ২.১১৯; ১৭৮।

অন্বয়ব্যতিরেক পুং [দ্বন্দ্ব] অন্বয় ও ব্যতিরেক; সাধ্য-সাধনের অনুবৃত্তি-ব্যাবৃত্তি, অর্থাৎ তৎসত্ত্বে তৎসত্তা, তদসত্ত্বে তদসত্তা। "গৌণমুখ্যবৃত্তি কি অন্বয়ব্যতিরেকে। বেদের প্রতিজ্ঞা কেবল কহয়ে কৃষ্ণকে॥—চৈ.চ ২০৭।

অন্বয়ব্যাপ্তি স্ত্রী [তৃ.ত] সাধ্যসাধনের অন্বয়মুখে (অর্থাৎ তৎসত্ত্বে তৎসত্তা'—এইরূপে) নিয়ত সম্বন্ধ (Affirmative agreement)। বিপ 'ব্যতিরেকব্যাপ্তি'।

অন্বয়মুখ ক্লী [ষ.ত] ১ (সাংখ্যে) অন্বয়ের (অর্থাৎ ব্যাপ্যব্যাপকের, তৎসত্ত্বে তৎসত্তা—এইরূপ নিয়ত সম্বন্ধের) কথন। বিপ 'ব্যতিরেকমুখ'। "সাংখ্য ৫, তত্ত্বকৌমুদী। ২ বাক্যান্তর্গত পদসমূহের পরস্পরসম্বন্ধকথন। "ইহান্বয়মুখেনৈব সর্ব্বং ব্যাখ্যায়তে ময়া (মল্লিনাথ)।

অন্বয়াগত বিণ [অন্বয়ক্রমে আগত, সুপ্‌সুপা] পুত্রপৌত্রাদি ক্রমে আগত; পুরুষপরম্পরাপ্রাপ্ত। "অন্বয়াগত...পঞ্চসচিবান্।—পঞ্চ ৩৪।

অন্বর্থ বিণ [অর্থকে অনুগত, প্রা.স; স্ত্রী -র্থা] অর্থানুগত, ব্যুৎপত্তি-গতার্থক, সার্থক, যথার্থ। "বাক্যমন্বর্থম্ রা ৩.৭৩.১। সোঽভূদন্বর্থো রাজা প্রকৃতিরঞ্জনাৎ রঘু ৪.১২। কি ১১.৬৪। নাম্নান্বর্থেন বিখ্যাতঃ ক.সা ২২.১৮। হা বিধাতঃ! এত দিনের পর তুমি আমার দুর্ম্মুখ নাম অন্বর্থ করিয়া দিলে সী ২৬ (২৬শ সংস্করণ)। —র্থ পুং [অনুগত অর্থ, প্রা.স] শব্দের প্রকৃতিগত অর্থ; যৌগিকার্থ। বিপ 'রূঢ়ার্থ'। "°গ্রহণ। অন্বর্থতো নম্নু রাক্ষস রাক্ষসোঽসি মৃ ৫.৭।

অন্বাচয় পুং [অনু-আ+ √চি+অ (অচ্)-ধি] যাহাতে প্রধানের পশ্চাৎ গৌণ গৃহীত হয়; যাহাতে একটি প্রধানরূপে, অন্যটি গৌণভাবে কথিত হয় (অ.টী); প্রধানের সহিত অপ্রধানের আনুষঙ্গিক উপদেশ। যেমন, বটু! ভিক্ষায় যাও, যদি দেখ, গাভীও আনিও—এখানে 'ভিক্ষাটন' প্রধান, 'গবানয়ন' আনুষঙ্গিক কার্য্য, অর্থাৎ ভিক্ষাটন করিবেই, আর দেখিতে পাইলে গাভীও আনিবে, ইহাই উপদেশ। " 'চ' শব্দ 'অন্বাচয়ে', অর্থ কহে আর। বটো! ভিক্ষামট, গাঞ্চানয় বৈছে প্রকার॥—চৈ.চ ২৪১।

অন্বাদেশ পুং [অনু-আ+ √দিশ্+অ (ঘঞ্)-ভা] ১ অনুকথন, কথিতকথন। ২ অনুবাদ। ৩ (ব্যাকরণে) অনুকথন, অর্থাৎ পূর্ব্ব কথিতের কার্য্যান্তর-বিধানার্থ পুনরুপদেশ; অনুক্তি, পশ্চাদুক্তি (মুগ্ধবোধ)। "পা ২.৪.৩৪, সি। মুগ্ধবোধ ২০৯।

অন্বাধি পুং [অনু-আ+ √ধা+ই (কি)-র্ম্ম] যাহা পশ্চাৎ অন্যত্র আহিত হয়; 'তুমি ইহা স্বামীকে দিবে'—এই বলিয়া উত্তমর্ণ কর্ত্তৃক তৃতীয় ব্যক্তির নিকটে ন্যস্ত দ্রব্য। —ন্বাহিত বিণ [+ √ধা+ত (ক্ত) -র্ম্ম] 'স্বামীকে দিবে'—এই বলিয়া উত্তমর্ণ কর্ত্তৃক তৃতীয় ব্যক্তির নিকটে আহিত বা ন্যস্ত (দ্রব্য)। "যাজ্ঞ ২.৬৮।

অন্বাধেয় ক্লী [অনু-আ+ √ধা+য (যৎ) -র্ম্ম] বিবাহের পশ্চাৎ আধেয় বা দেয়; বিবাহের পরে ভর্ত্তৃকুলে বা পিতৃকুলে স্ত্রীর লব্ধ ধন; স্ত্রীধনবিশেষ।

অন্বারোহণ ক্লী [অনু-আ+ √রুহ্+অন (ল্যুট্)-ভা] ১ পশ্চাৎ আরোহণ। ২ পতির মৃতদেহের পশ্চাৎ (সহিত) পত্নীর চিতায় আরোহণ; অনুমরণ, সহমরণ। "মৃতে ভর্ত্তরি ব্রহ্মচর্য্যং তদন্বারোহণং বা।—বিষ্ণু ২৫.১৪।

অন্বাসন ক্লী [অনু+ √আস্+অন (ল্যুট্) -ভা] ১ পশ্চাৎ উপবেশন; অনুপবেশন। ২ সেবন, পরিচর্য্যা, উপাসনা। ৩ অনুশোচন। ৪ [+অন-ধি] শিল্পাদিগৃহ, কর্ম্মশালা (Workshop)। ৫ [অনু-আ+ √অস্+অন -ভা] পিচ্‌কারী দিয়া তৈলাদি বস্তিতে ক্ষেপণ বা প্রবেশ করান; অনুবাসন, স্নেহন। ৬ [+অন -ণ] যাহা দ্বারা স্নেহাদি বস্তিতে প্রবেশ করায়; স্নেহবস্তি (Oily enema)। —সিত বিণ [+ √আস্+ত (ক্ত)-র্ম্ম] উপসেবিত। "রঘু ১.৫৬। —সীন বিণ [+ঈন (শানচ্ > আন > ঈন)-ক; স্ত্রী -না] পশ্চাৎ উপবিষ্ট; অনুপবিষ্ট।

অন্বাসিত, অন্বাসীন দ্র 'অন্বাসন'।

অন্বাহার্য্য ক্লী [অনু-আ+ √হৃ+য (ণ্যৎ)-র্ম্ম] ১ মাসে মাসে অমাবস্যায় কর্ত্তব্য শ্রাদ্ধ; পার্ব্বণশ্রাদ্ধ। "মনু ৩.১২২; ১২৩। ২ কর্ম্মের আভ্যঙ্গভূত শ্রাদ্ধ; নান্দীমুখ শ্রাদ্ধ (গোভিল)। ৩ শ্রাদ্ধান্তে দক্ষিণা (গোভিল)।

অন্বিত বিণ [অনু+ √ই+ত (ক্ত)-ক; স্ত্রী -তা] ১ অনুগত, অনুসৃত। "তন্মার্গমন্বিতে তস্মিন্ রাঘবে গো.রা ৩.৪০.৩১। ২ যুক্ত, মিলিত (শ.ক)। ৩ [+ত-র্ম্ম] অনুগত। ৪ উপেত, যুক্ত, সহিত। "ছিদ্র°, ঋণ°, বল°, বিত্ত°, লক্ষণ°, বিনয়°, সবয়োভিরন্বিতঃ রঘু ৩.২৮। অন্বিতো ভ্রাতৃভিঃ।— পঞ্চ ৩.২২৩। ৫ বিশিষ্ট। "কুল°।—পঞ্চ ১.৪৪৮। ৬ সম্বন্ধ (টীকা)। "ভট্টি ১.১। ৭ যুক্ত, বাচক। "ক্ষত্রিয়স্য বলান্বিতম্ (নামধেয়ং কারয়েৎ) মনু ২.৩১। ৮ ব্যাপ্ত। "জ্যোৎস্নী চন্দ্রিকয়ান্বিতা (অ.কো)। ৯ আবিষ্ট। "বিস্ময়° মহা ৩.৫৫.১৬। ১০ যুক্ত, পরীত, পীড়িত। "ক্ষুধয়ান্বিতঃ মহা ৩.৬১.১৮; ক্ষুচ্ছ্রম° ২৭। ১১ পরস্পরসম্বদ্ধ, সহসম্বদ্ধ। "সা.দ ২.২। ১২ উন্মীলিত, প্রকটিত। "তথাপি তস্যা লাবণ্যং রেখয়া কিঞ্চিদন্বিতম্ শ ৬.১৪।

অন্বিষ্ট বিণ [অনু+ √ইষ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -ষ্টা] মার্গিত, কৃতান্বেষণ। "°মৃগৈঃ কিরাতৈঃ কু.স ১.৬।

অন্বীক্ষণ ক্লী, **-ক্ষা** স্ত্রী [অনু+ √ঈক্ষ্+অন (ল্যুট্),+অ, -ভা, স্ত্রী আ (টাপ্)] ১ অনুসরণপূর্ব্বক ঈক্ষণ; অর্থবিনির্ণয়ার্থ বেদবাক্য-পর্য্যালোচনা; পর্য্যালোচনা। ২ অন্বেষণ, মার্গণ।

অন্বেষ[১] পুং [অনু+ √ইষ্+অ (ঘঞ্)-ভা] অন্বেষণ, অনুসন্ধান। "তত্ত্বান্বেষ শ ১.২১।

অন্বেষ[২] সর্ম্ম [অন্বেষণ > বা √অন্বেষ; পদ্যে] অন্বেষণ করা। "স্বামী অন্বেষিয়া ভ্রমি ম ৪৪৪; ৪৪৫। এথাত অর্জ্জুনবীর ঘোড়া অন্বেষয় অ.প ৫৩।

অন্বেষক বিণ [অনু+ √ইষ্‌+অক (ণুল্‌) -ক ; স্ত্রী -ষিকা] অন্বেষণ-কারক, অন্বেষ্টা, গবেষক। —ষণ ক্লী, ষণা স্ত্রী [+অন (ল্যুট্‌), +অন (যুচ্‌), -ভা, স্ত্রী আ (টাপ্‌)] অনুসন্ধান, গবেষণা। "রত্নান্বেষণ রঘু ১২.১১। ছায়ান্বেষণ পঞ্চ ৩.৮৯। এতস্যোবান্বেষণা বিক্র ২২২৪। °পা চৈ ৪৫।

অন্বেষিত বিণ [অনু+ √ইষ্‌+ই (ণিচ্‌) স্বার্থে+ত (ক্ত)-র্ম] অন্বিষ্ট, কৃতানুসন্ধান।

অন্বেষী (-ষিন্‌) বিণ [অনু+ √ইষ্‌+ইন্‌ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ষিণী] অন্বেষ্টা, অন্বেষণকারক। "সীতা°।—রঘু ১২.৫৪। অন্তরান্বেষী শ ৭২২।

অন্বেষ্টব্য বিণ [অনু+ √ইষ্‌+তব্য-র্ম, স্ত্রী -ব্যা] অন্বেষণীয়, অনুসন্ধেয়। "স (আত্মা) অন্বেষ্টব্যঃ ন জিজ্ঞাসিতব্যঃ (ছান্দোগ্য)। অন্বেষ্টব্যাঃ…সহায়তা রা ২.৪৬.৯।

অন্বেষ্টা (-ষ্টৃ) বিণ [অনু+ √ইষ্‌+তৃ (তৃচ্‌)-ক-১ব ; স্ত্রী -ষ্ট্রী] ১ অন্বেষক। "পা ৫.২.৯০। °ষ্টারো ব্রাহ্মণাঃ মহা ৩.৬৮.৩০। ২ [+তৃ (তৃন্‌) শীলার্থে-ক] অন্বেষণশীল।

অন্বেষ্য বিণ [অনু+ √ইষ্‌+য (ণ্যৎ)-র্ম ; স্ত্রী -ষ্যা] অন্বেষণীয়, অনুসন্ধেয়। "অন্বেষ্যা মহিষী সীতা গো.রা ৪.৪১.৭৬ ; দেশো দুরন্বেষ্যঃ ৪৮.৬।

অপ্‌ স্ত্রী, বহুব [√আপ্‌+ক্বিপ্‌ (০)-ক, হ্রস্ব, উ ২.৫৮ ; বেদে একবচন, বহুবচন—"অপা কৃতম্‌ (ঋগ্বেদ ৮.৪.৩), অবিন্দদ্‌ গা অপঃ স্বঃ (৫.১৪.৪) ; ফা আব্‌ ; Av. ap ; Gr. appas ; L. aqua ; O. Ger. apa ; Goth. apva (river)] যাহা ব্যাপ্ত করে (উ.টীকা); জল। "মনু ১.৮। রঘু ১.৮৯।

অপ[১] ব্য [ছান্দস ; Av. apa ; cf. Gr. Apo ; L. Ab ; Goth. af ; E. off (away)] উপসর্গবিশেষ :—১ বিয়োগ, ভ্রংশ। "°ক্রম, °গত, °নয়ন। [বিপ 'অনু'—অপগত অনুগত, অপব্রত অনুব্রত ; 'উদ্‌'—অপকর্ষ উৎকর্ষ ; 'উপ'—অপকার উপকার, অপচয় উপচয় ; 'সমা'—অপগম সমাগম।] ২ অপগমন। "°চ্ছায়, °ত্রপ। ৩ অপকর্ষ। "°কর্ম্ম, °ক্রিয়া, °হসিত। ৪ বিপরীত। "°মান, °শব্দ। ৫ বিকৃতি, বিরূপ। "°কৃত, °ভ্রংশ। ৬ নিদর্শন, নির্দ্দেশ। "°দেশ। ৭ মিথ্যা। "°লাপ। ৮ হর্ষ। "°চিত। ৯ বর্জ্জন, ত্যাগ। "পা ১.৪.৮৮ ; ২.১.১২। ১০ চৌর্য্য। "°হরণ। ১১ অনাদর। "°দেবতা। ১২ অসাকল্য। ১৩ মধ্য। "°দিশ। ১৪ অধঃপ্রদেশ। "অপান, °শ্বাস, °সদ। ১৫ নঞর্থ—অপ্রাশস্ত্য ইত্যাদি। °তর্পণ, °পাঠ। "বর্জ্জনে বিকৃতৌ চৌর্য্যে বিপরীতবিয়োগয়োঃ। অপকৃষ্টে চ নির্দ্দেশে হর্ষে চাপঃ প্রযুজ্যতে॥

অপ[২] বি [সং অপ্‌ ; তু 'অপ'—বিমলাপং সরঃ (পা ৫.৪.৭৪) ; বা 'আপ'[২] ; পদ্যে] জল। "অপ নারায়ণ বলি মুনি নামে জলে ম ১০৩০।

অপকরণ ক্লী [অপ+ √কৃ+অন (ল্যুট্‌)-ভা] ১ বিপরীত অনুষ্ঠান ; অপকার। ২ অসদাচরণ, হিংসন।

অপকরুণ বিণ [অপগতা করুণা যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -ণা] করুণাহীন, নিষ্করুণ, নিষ্ঠুর।

অপকর্ত্তা (-র্ত্তৃ) বিণ [অপ- √কৃ+তৃ (তৃন্‌)-ক-১ব ; স্ত্রী -র্ত্রী] ১ অপকারক, হিংসক। ২ শত্রুতাপন্ন, বিদ্বেষী। —র্ত্তা পুং শত্রু, বিপক্ষ, অরি। "হি ৩.৫০।

অপকর্ম্মা (-র্ম্মন্‌) বিণ [অপকৃষ্ট কর্ম্ম যাহার, বহুব্রী ; স্ত্রী -র্ম্মা] কুক্রিয়, দুষ্কৃতী, দুষ্কর্ম্মা, দুর্বৃত্ত। —র্ম্ম (-র্ম্মন্‌) ক্লী [প্রা.স] ১ অপকৃষ্ট কার্য্য ; দুষ্কৃত, দুষ্কর্ম্ম, কুকার্য্য। "পৃথিবী পুরিল রাজা এই অপকর্ম্ম ম ৮৬৫। ২ অত্যাচার, অপকার, উপদ্রব। ৩ প্রদান। "দত্তস্যানপকর্ম্ম মনু ৮.৪।

অপকর্ষ পুং [অপ+ √কৃষ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ অপকর্ষণ, আকর্ষণ। ২ হীনতা, নীচতা। বিপ 'উৎকর্ষ'। "মনু ১০.৪২। ৩ হ্রাস, ন্যূনতা। "মূল্যোৎকর্ষ° মনু ৯.৩২৯, কুলুক। ৪ মন্দত্ব, মূঢ়তা। "উৎকর্ষাপকর্ষহীনো মধ্যো বৈয়াকরণঃ পা ৪.৩.৯, সি। ৫ ক্ষয়, অপচয়, ধ্বংস। "মেদোঽপকর্ষ (দশকুমার)। ৬ হানি। "তেজোঽপকর্ষ। ৭ পরসূত্রস্থ পদের পূর্ব্বসূত্রে আকর্ষণ। ৮ [+অ -র্ম] বিহিত-কালের পূর্ব্বে কর্ত্তব্য। "°সপিণ্ডন। —র্ষক বিণ [+অক (ণুল্‌)-ক ; স্ত্রী -র্ষিকা] ১ আকর্ষক, অপসারক। ২ অপকর্ষজনক, হানিকর। "দোষান্তস্যাপর্ষকাঃ সা.দ ১.৩। —র্ষণ বিণ [+অন (ল্যুট্‌)-ক ; স্ত্রী -ণী] অপকর্ষকারক, হ্রাসক, নাশক। "ন চাস্তি সদৃশং তেন কিঞ্চিৎ স্থৌল্যাপকর্ষণম্‌ (সুশ্রুত)। —ণ ক্লী [+অন -ভা] ১ আকর্ষণ, অপনয়ন, অপসারণ। "পূতিমাংস° (সুশ্রুত)। শল্য° (দশকুমার)। গন্ধ° যাজ্ঞ ১.১৯১। ২ ন্যূনীকরণ। ৩ অপকর্ষ, হীনতা। উৎকর্ষাপকর্ষণ (সুশ্রুত)।

অপকর্ষক, -কর্ষণ দ্র 'অপকর্ষ'।

অপকলঙ্ক পুং [প্রা.স] ১ অপকৃষ্ট কলঙ্ক ; দুরপনেয় দোষ। ২ (বাঙলায়) মিথ্যা কলঙ্ক ; বৃথা দুর্নাম।

অপকার পুং [অপ+ √কৃ+অ (ঘঞ্‌)-ভা] ১ অপকর্ম্মকরণ, অনিষ্টসাধন। বিপ 'উপকার'। "উপকার° মাঘ ২.৩৭। ২ দ্রোহ। 'দ্রোহোঽপকারঃ পা ১.৪.৩৭, সি। ৩ অনিষ্টচিন্তন। ৪ অসদাচরণ। ৫ [+অ-র্ম] অপকর্ম্ম, কুকার্য্য। "(পদং রাজ্ঞাম্‌) স্বল্পেনাপ্যপকারেণ ব্রাহ্মণ্যমিব নশ্যতি।—পঞ্চ ১.৭২। —কারক বিণ [+অক (ণুল্‌) -ক ; স্ত্রী -রিকা] ১ অনিষ্টসাধক, অপকারী। বিপ 'উপকারক'। ২ দ্রোহকারক। ৩ দুর্বৃত্ত। —ক পুং শত্রু। —কারী (-রিন্‌) বিণ [+ইন্‌ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -রিণী] ১ অনিষ্টকারক, অপকারক। বিপ 'উপকারী'। 'মিত্রেণাপকারিণা মাঘ ২.৩৭। স্ব°।—পঞ্চ ১.১০৪। ২ দ্রোহী। —রী পুং অত্যাচারী, শত্রু। "অপকারিণি চেৎ ক্রোধঃ, ক্রোধঃ ক্রোধে কথং নু তে। ধর্ম্মার্থকামমোক্ষাণাং চতুর্ণাং পরিপন্থিনি॥—উদ্ভট। অপকারিণি যঃ সাধুঃ স সাধুঃ সদ্ভিরুচ্যতে হি (A.)।

অপকারক,-কারী দ্র 'অপকার'।

অপকীর্ত্তি বি ['অপযশঃ'এর অনুকরণে 'অপকীর্ত্তি'] অযশঃ, অখ্যাতি, দুর্নাম। "এই অপকীর্ত্তি মোর থাকিল সংসারে কৃ ১০১। লোকে অপকীর্ত্তি ম ৩৬০ ; ৬৭২। ম.ম ৪৬।

অপকৃত বিণ [অপ+ √কৃ+ত (ক্ত)-র্ম ; স্ত্রী -তা] ১ কৃতাপকার, কৃতদ্রোহ। বিপ 'উপকৃত'। ২ শত্রুভাবে অনুষ্ঠিত। "কিং বাস্যাপকৃতং ময়া রা ২.৬৩.২৯। —ত ক্লী [+ ত -ভা] অপকার, অপকর্ম্ম। "লোকস্যাপকৃতং মহৎ রা ২.৬১.৫। অনপকৃতে মহা ৩.৬৩.৫। মিত্রস্য চৈবাপকৃতে মনু ৭.১৬৮। —কৃতি স্ত্রী [+তি (ক্তিন্‌)-ভা] ১ অপকার, অনিষ্টসাধন। বিপ 'উপকৃতি'। ২ অনিষ্টচিন্তন। ৩ দ্রোহ।

অপকৃত্য ক্লী [অপকৃষ্ট কৃত্য, প্রা.স] ১ অপকৃষ্ট কর্ম্ম ; অপকর্ম্ম। ২ [অপ+ √কৃ+য (ক্যপ্‌)-ভা] অপকার, অনিষ্টসাধন। "তস্য… অপকৃত্যং করিষ্যামি।—পঞ্চ ৫২২। —ত্যা স্ত্রী [স্ত্রী আ (টাপ্‌)] অপক্রিয়া, অপকার।

অপকৃষ্ট বিণ [অপ+ √কৃষ্‌+ত (ক্ত)-র্ম ; স্ত্রী -ষ্টা] ১ অপনীত, অপসারিত। "তাম্‌ (সরযূম্‌) অপকৃষ্টনক্রাম্‌।—রঘু ১৬.৫৫। নৃপোঽপকৃষ্টঃ সচিবাৎ মু ৪.১৪। ২ আকৃষ্ট। "সর্ব্বং দৈবাপকৃষ্টং মন্যতে যুধিষ্ঠিরঃ বে ৫ (A.)। ৩ বিহিত কালের পূর্ব্বে কৃত (সপিণ্ডন)। ৪ পরসূত্র হইতে অন্বয়ার্থ পূর্ব্বসূত্রে আকৃষ্ট (পদ)। ৫ হীন, নীচ, অধম। বিপ 'উৎকৃষ্ট'। "বর্ণানাম্‌…অপকৃষ্টঃ শ ৫.১০। ৬ জাতিতে বা বৃত্তিতে নিকৃষ্ট। "পতিং হিত্বাপকৃষ্টং স্বম্‌ মনু ৫.১৬৩। সহাপকৃষ্টৈর্মহতাং ন সঙ্গতম্‌ কি ১৪.১২। [°জ—হীনবর্ণে জাত ; শূদ্র। "মনু ৮.২৮১।]

অপক্তি স্ত্রী [ন.ত] ১ পক্তির অভাব ; অপরিপাক, অজীর্ণ। ২ পাক-অভাব, অপক্কতা (Unripeness)।

অপক্রম বিণ [ক্রম হইতে অপগত, প্রা.স ; স্ত্রী -মা] ক্রমহীন, পরিপাটীরহিত, বিশৃঙ্খল। —ম পুং [অ+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা ; বৈদিক] ১ অপযান, পলায়ন। ২ প্রস্থান, প্রয়াণ। ৩ অপগম, অত্যয়, অবসান (কালের)। —ক্রমণ ক্লী [+ অন (ল্যুট্)-ভা ; বৈদিক] ১ সর্থ 'অপক্রম (২)। ২ গমন, প্রস্থান, নির্ধাণ। "অপক্রমণমেবাতঃ বৃণে রা ২.৩৪.৪০।

অপক্রান্ত বিণ [অপ+ √ক্রম+ত (ক্ত)-ক ; স্ত্রী -ন্তা] ১ অপযাত, পলায়িত। ২ প্রস্থিত, গত।

অপক্রিয়া স্ত্রী [অপ+ √কৃ+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অপকার, দ্রোহ। "মাঘ ২.৫৪। পঞ্চ ৩.২৬। ২ পরিশোধ, প্রদান। "ঋণানাং চানপক্রিয়া যাজ্ঞ ৩.২৩৪। ৩ [প্রা.স] অপকর্ম্ম, অপকার।

অপক্ক বিণ [ন.ত ; স্ত্রী -ক্কা] ১ পক্কভিন্ন, পাকহীন, কাঁচা (ফলাদি)। "অপক্ক পনস শ্রী ১০৭। ২ অসিদ্ধ, আম (তণ্ডুলাদি)। "অপক্কে লবণং দদ্যাৎ (শ.ক)। ৩ অজীর্ণ (খাদ্য)। ৪ অপরিণত, অপূর্ণ, অপুষ্ট। "অপক্ক মাতৃশরীরপ্রসূত সন্তান পা.প্র ১। ৫ অকৃতার্থ। "ভ ১.৫.১৭। ৬ অবিবেক, বিচারবিমূঢ়। "বালেনাপক্কবুদ্ধিনা ভ ১.১৮.৪৭। ৭ (বাঙ্লায়) অকুশল, অশুভ। [°রম্ভা—কাঁচা কলা ; কাঁচকলা। "অপক্ক রম্ভার এক করিল ব্যঞ্জন ম.পা ৩৮।]।

অপক্ষ বিণ [ন পক্ষ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ক্ষা] ১ পক্ষহীন, উড্ডয়নশক্তিহীন (পক্ষী)। ২ সহায়হীন, অসহায়। ৩ বিপক্ষ। [°পাত (পুং) —পক্ষপাতের অভাব ; অ-পক্ষাশ্রয়। "অপক্ষপাতাদ্ বক্তব্যং সভায়ামিতি নিশ্চয়ঃ (ত.বা)। °পাতী (-তিন্) বিণ—পক্ষপাতিভিন্ন, পক্ষপাতহীন, যথার্থবাদী, মধ্যস্থ।]

অপক্ষপাত, -পাতী দ্র 'অপক্ষ'।

অপক্ষেপ পুং, **-ক্ষেপণ** ক্লী [অপ+ √ক্ষিপ্+অ (ঘঞ্), +অন (ল্যুট্),-ভা] অধঃপাতন, নিম্নে ক্ষেপণ। —ক্ষেপণ ক্লী (দর্শনে) পঞ্চবিধ কর্ম্মের একতম ; অধোদেশসংযোগানুকূল ব্যাপার। বিপ 'উৎক্ষেপণ'।

অপগত বিণ [অপ+ √গম্+ত(ক্ত)-ক ; স্ত্রী -তা]। ১ অপক্রান্ত, প্রস্থিত, চলিত। ২ অপযাত, পলায়িত। ৩ বীত, বিগত। "°মৎসর, °মল (কাদম্বরী)। ৪ বিরত। "°নিমেষেণ চক্ষুষা ; °বাহ্যব্যাপার (কাদম্বরী)। ৫ প্রয়াত, মৃত। —গতি স্ত্রী [প্রা.স] অপকৃষ্ট গতি ; দুর্গতি, অধোগতি, নরকগমন। "যেন চাপগতির্ভবেৎ (তৎ কর্ম্ম ন সমাচরেৎ)।—পঞ্চ ২.১১৫।

অপগম পুং [অপ+ √গম্+অ (ঘঞ্)-ভা] ১ অপযান, পলায়ন। ২ অপসরণ, তিরোধান। "সংরোধ° উ.মে ৯। ৩ অভাব। "তস্য (নিমিত্তস্য) অপগমে।—পঞ্চ ১.৩০৬। ৪ বিপ্রয়োগ, বিচ্ছেদ। "সমাগমাঃ সাপগমাঃ হি ১.২২২ ; ২.১৯১। ৫ পতন, ভ্রংশ। "পুরাণপত্র° রঘু ৩.৭। ৬ অত্যয়, অবসান। "বর্ষা°, কতিপয়দিবস° ক.সা ২১.১৪৭। ৭ ভঙ্গ। "নিদ্রা° সা.দ ৩.১৫১। ৮ অভাব, রাহিত্য। "বৈদগ্ধ্য° (অমরু)। ৯ প্রয়াণ, মরণ। —গমন ক্লী [+অন (ল্যুট্) -ভা] অপযান, প্রয়াণ। "প্রাণাপগমন (S.W.)।

অপগর্জ্জিত বিণ [বহুব্রী ; স্ত্রী -তা] অপগতগর্জ্জন, গর্জ্জনহীন। "°তান্ (অম্বুদান্) ক.সা ১৯.৯৪।

অপগা স্ত্রী [আপগা > °গা ; তু 'সং অপ্ > প্রা অপ (প্রা.ম)] নদী। "বেতস্বত্যোঽপগাঃ (অ.টী)।

অপগুণ বিণ [অপগত গুণ যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -ণা] গুণহীন, নির্গুণ। "মাঘ ১৫.৩২। —ণ বি অপকৃষ্ট গুণ ; দোষ। "গুণ অপগুণ না বুঝি তেজবি. জগত-দুলহ লেহ বি.প ১০৩। গুণ বিনা অপগুণ সাধু নাহি লয় ম ৬৫৩।

অপঘন বিণ [অপগত ঘন যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -না] গতঘন, মেঘহীন। —ন পুং [অপ+ √হন্+অ (অপ্) -ণ (সি), 'অঙ্গ' অর্থে নিপাতিত, পা ৩.৩.৮১] ১ অঙ্গ, অবয়ব অর্থাৎ হস্ত ও পদ (সি)। ২ হস্তপদাদি অবয়ব (অ.টী) ; শরীর। "ললিতাপঘনাং স্ত্রিয়ম্ ভট্টি ৭.৬২। জননীর স্তনপানে বাড়ে অপঘন ম ১০৫৩। ঘড়িকে অপঘন, ঘামে ঘন ঘন জ.প ৪৮।

অপঘাত পুং (অপ+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ অপকৃষ্ট হনন ; অপকৃষ্টমৃত্যু-জনক আঘাত ; আকস্মিক মৃত্যুর কারণ ; পতনাদ। ২ অপকৃষ্টহেতুক মরণ ; দুর্দৈব হেতু আকস্মিক মরণ ; হঠাৎ মৃত্যু। [°মৃত্যু—অপঘাত হেতু মরণ ; অস্বাভাবিক মৃত্যু। "ঠক্‌চাচা, কি হইবে ! দেখিতেছি অপঘাত মৃত্যু হইল আ.দু ৫৩। অপঘাতমৃত্যু উপলক্ষে হু ৩৩।]

অপঘাতক বিণ [অপ+ √হন্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -তিকা] সমূল-বিনাশক। "সাংখ্য ১। —ঘাতী (-তিন্) বিণ (+ইন্ (ণিনি' -ক-১ব ; স্ত্রী -তিনী] বিনাশক, হন্তা।

অপঘাতমৃত্যু, অপঘাতী দ্র 'অপঘাত, অপঘাতক'।

অপঙ্ক বিণ (ন.বহুব্রী ; স্ত্রী -ঙ্কা) পঙ্কহীন, অকর্দ্দম। "কি ৪ ২২।

অপচয় পুং [অপ+ √চি+অ(অচ্)-ভা] ১ হানি, ক্ষয়, নাশ, হ্রাস। বিপ 'উপচয়'। "কফাপচয় ; দেহস্থাপচয়ঃ (শান্তিশতক)। চিন্তায় চিন্তায় কৈল তনু-অপচয় বা.দ ১৫৬। ২ ধ্বংস, পতন। বিপ 'উচ্চয়'। "যেষাং রাজ্ঞা সহ স্যাতামুচ্চয়াপচয়ৌ ধ্রুবম্ হি ৩.১৩৬। আমা বিদ্যমানে তোমার নাহি অপচয় কৃ.উ ২৮৭। ৩ পরাভব, পরাজয়। "পৌলস্ত্য° ম. চ ২.১৩। ৪ অপহরণ। ৫ ক্ষতি। ৬ ব্যয় (ত.বা) ; অপব্যয়। ৭ পুজা, সম্মানন (শ.ক)। ৮ অপকর্ষ, ভ্রংশ, পতন। "প্রভু ত সন্ন্যাসী উহার নাহি অপচয় চৈ.চ ১৪৯। ৯ (বাঙ্লায়, অপ্র) দুষ্টভাব, কুপ্রবৃত্তি, দুষ্টামি। "দৈবাত মনেতে কিছু হৈল অপচয় ভ.গ্র ৪১৪। ১০ পরিপাকশক্তির হ্রাস ; মন্দাগ্নি।

অপচরিত ক্লী [অপ+ √চর্+ত (ক্ত)-ভা] অসদাচরণ, দুষ্কৃত। "শ ৫.৯। —চার পুং [+অ (ঘঞ্) -ভা] ১ অহিতাচরণ, অপকার ; অপথ্য। "কৃতাপচার° মাঘ ২.৮৪। ২ ধর্ম্মব্যতিক্রম, ধর্ম্মব্যতিরেক, অধর্ম্মাচার। "রাজ° উ.চ ২৲। রঘু ১৫.৪৭। ৩ দোষ। "মাঘ ১৪.৩২। ৪ অপকর্ম্ম, অশিষ্টাচার। "শিষ্যো গুরাবিব কৃতপ্রথমাপচারঃ ম.চ ৪.২০। ৫ স্খলন, ব্যতিক্রম। "বিধ্যপচারদোষ কি ১৬.৪৮। ৬ অনাচার (নীলকণ্ঠ), ব্যভিচার। "গুহমানাপচারং সা (উৎসসর্জ কুমারম্) মহা ১.১১১.২২। ৭ নির্গম, প্রয়াণ। "প্রাণ° বে ৪.১০। —চারী (-রিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্) তাচ্ছীল্যে -ক -১ব ; স্ত্রী -রিণী] ১ অপকর্ম্মকরণশীল, অপকারী। ২ ব্যভিচারী। "ভার্য্যাপচারিণী।—মনু ৮.৩১৭।

অপচার, -চারী দ্র 'অপচরিত'।

অপচিকীর্ষা স্ত্রী [অপ+ √কৃ+স (সন্)— √চিকীর্ষ+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] অপকারেচ্ছা, অনিষ্টাচরণেচ্ছা। —র্ষু বিণ [+উ-ক ; স্ত্রী -র্ষু, -র্ষূ] অপকারেচ্ছু।

অপচিত বিণ [অপ+ √চি+ত (ক্ত)-র্ম্ম] ১ ব্যয়িত, অপব্যয়িত। ২ [+ত -ক] ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ, কৃশ। বিপ 'উপচিত'। "অপচিতমপি গাত্রং ব্যায়তত্বাদলক্ষ্যম্ শ ২.৪। ৩ হীন, অল্প। "°বলাঃ প্রাণিনঃ (সুশ্রুত)। —চিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ হানি, ক্ষয়, অপচয়। ২ হীনতা। ৩ কৃশতা। ৪ ব্যয়, অপব্যয়। ৫ [√চায়্ পূজা+তি -ভা, নিপাতিত, পা ৭.২.৩০, বার্ত্তিক] পূজা, অর্চ্চনা। "রা ২.৭৪.৩০। বিহিতাপচিতি মাঘ ১৬.৯।

অপচেষ্টা বি [অপ্র] বৃথা চেষ্টা ; ব্যর্থ যত্ন। "ঐ ব্যাপারে সংস্কারের চেষ্টা যে অপচেষ্টা, তাহার অধিক প্রমাণের প্রয়োজন নাই পা.প্র ৯২।

অপচ্ছত্র বিণ [অপগত ছত্র যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -ত্রা] ছত্রহীন। "অপচ্ছত্রেণ শিরসা ক.সা ১৯.১১৩।

অপচ্ছায় বিণ [অপগতা ছায়া যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -য়া] ১ ছায়াহীন, দেহচ্ছায়ারহিত (দেব)। ২ কান্তিহীন, নিষ্প্রভ। ৩ যাহার ছায়া অপকৃষ্ট ; অশুভচ্ছায়াবিশিষ্ট (পিশাচাদি)। —য় পুং ১ দেব। ২ উপদেবতা—ভূতপিশাচাদি (শ.ক)। —য়া স্ত্রী [প্রা.স] ১ অশুভ ছায়া ; দীপখট্বাচ্ছায়া। "দীপখট্বাপচ্ছায়েব ত্যজ্যতে নির্ধনো জনঃ (শ.ক)। ২ অশুভ ছায়া ; পিশাচাদি।

অপজাত পুং [অপ+ √জন্+ত (ক্ত)-ক] অপকৃষ্ট-জাত, যে পুত্র পিতৃতুল্য গুণবান্ নহে ; অধম পুত্র। "অপজাতোঽধমাধমঃ।—পঞ্চ ১.৪২৭।

অপজান বি [সং অপযান, য>জ ; অপ্র] প্রয়াণ, মৃত্যু। "সন্ধ্যাকালে হইল পার্থের অপজান অ.প ১০৬।

অপজ্ঞান বি [সং অবজ্ঞান, ব>প ; অপ্র] অবজ্ঞা। "হাত পাও বাঁকা দেখি অপজ্ঞান মনে ব.প ২১১। পিতা মাতা অপজ্ঞান করে কদাচার বি.পা ৩৪১।

অপটী স্ত্রী [ন পটী, ন.ত] ১ অল্প পট ; পটগৃহের (তাম্বুর) অধোলম্বিত বায়ুসঞ্চারার্থ পট ; কাণ্ডপট (মাঘ ৫.২২, মল্লিনাথ)। ২ বস্ত্রপ্রাবরণ, যবনিকা, পর্দ্দা (অ.চি)। "°ক্ষেপ।

অপটীক বিণ [ন পটী যাহার, ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্), স্ত্রী -কা] ১ পটীহীন, প্রাবরণরহিত। ২ [অপগতা টীকা যাহা হইতে, বহুব্রী] টীকাজ্ঞানহীন। "অপটীকো জড়ো মাঘে ভৃশং জাড্যেন তাড্যতে (উদ্ভট)।

অপটীক্ষেপ পুং [ষ.ত] ১ নেপথ্যদ্বারলম্বী তিরস্করিণীর অপসারণ ; পর্দ্দা তোলা। "প্রবিশ্যাপটীক্ষেপেণ (পাঠান্তর—'পটাক্ষেপেণ') শ ৪ ৩/৪। ২ [ন.ত] যবনিকাপসরণব্যতিরেক। "ততঃ প্রবিশত্যপটীক্ষেপেণাপ্সরসঃ (পাঠান্তর)।—বিক্র ১ ১/৪। [নাট্যে, অন্তে যবনিকা উত্তোলন করিলেই, রঙ্গে পাত্র প্রবেশ করে ; ভয়াদি হেতু পাত্রপ্রবেশ অকস্মাৎ আবশ্যক হইলে, পাত্র স্বয়ং যবনিকা অপসারণ করিয়া প্রবেশের প্রসঙ্গব্যতিরেকে হঠাৎ রঙ্গস্থলে অবতীর্ণ হয়।]

অপটু বিণ [ন.ত ; স্ত্রী -টু, -ট্বী] ১ অকুশল। ২ মন্দ, জড়। ৩ রোগী। ৪ কার্য্যাক্ষম।

অপড় '-ড়,' বিং ১ [অপ্র] যে পড়ে না ; যুদ্ধে অজেয় ; অটুট। "কারো নাহি হারি জিন সমরে অপড় শ্রী.ম ২২৯। ২ যাহা রোগে পড়ে না ; নীরোগ, অটুট (দেহ)।

অপতি, -তিকা, অপত্নী বিণ, স্ত্রী [ন পতি যাহার, বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী আ (টাপ্) ; স্ত্রী 'ঈ' (ঙীপ্), 'ন্' আদেশ] ১ পতিহীনা, বিধবা। ২ অপরিণীতা।

অপতিত বিং ১ [অপ্র] নিয়মানুসারে ব্রতপালনপর ; ব্যভিচারহীন। "তিন লক্ষ নাম তেঁহো লয়েন অপতিত চৈ.চ ৪২। ২ নিয়মিত, প্রাত্যহিক। "তিন সন্ধ্যা রাধাকুণ্ডে অপতিত স্নান চৈ.চ ৪৩।

অপত্নীক বিণ [ন পত্নী যাহার, ন.বহুব্রী, নিত্য সমাসান্ত 'ক' (কপ্)] ১ যাহার পত্নী নাই ; মৃতস্ত্রীক, বিপত্নীক। ২ অসন্নিকৃষ্টপত্নীক। ৩ যাহাতে পত্নী নাই ; পত্নীসাহচর্য্যরহিত (ধর্ম্মকর্ম্ম)। "(পিতৃযজ্ঞঃ) অপত্নীকঃ।—কাত্যায়ন।

অপত্য ক্লী [√পত্+য (যৎ)-ণ, বাহুলকে, ন পত্য, ন.ত ; নানেন পততি (নিরুক্ত)—যে জন্মিলে পিতা নরকে পড়েন না] ১ যাহা দ্বারা বংশ পতিত হয় না (অ.টী) ; সন্তান, পুত্র বা কন্যা। "অপত্যৈরিব... মৃগৈঃ রঘু ১.৫০। শূদ্রা° মনু ৩.৬৪। আনন্দগ্রন্থিরেকোঽয়মপত্যম্ উ.চ ৩.১৭। ২ পুত্র। "°লোভ মনু ৫.১৬১ ; অপত্যস্যৈব চাপত্যম্ ৬.২। ৩ কন্যা। "কু.স ১.২৭। উ.চ ৪.৩। ইঁহার (মহাশ্বেতার) নাম কি ? কাহার অপত্য ?—কাদ ৫২। ৪ শাবক। "বকানাং বালাপত্যানি হি ৪ ১/২। ৫ পিতামহাদির অপতনে হেতুভূত পৌত্রাদি (তত্ত্ববোধিনী)। 'অপত্যং পিতুরেব স্যাৎ ততঃ প্রাচামপীতি চ।—পা ৪.১.৯৩, কারিকা (সি)। ৬ (ব্যাকরণে) অপত্যার্থ প্রত্যয়। "অপত্যাধিকারপ্রকরণ। স্ত্রীপুংসয়োরপত্যান্তাঃ (অ.কো, লিঙ্গাদিসংগ্রহবর্গ ৩৭)। [°নির্ব্বিশেষে—পুত্রসদৃশ, পুত্রভাবে। "রাম...অপত্যনির্ব্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন সী ১। °বিক্রয়ী (-য়িন্)—কন্যাশুল্কগ্রাহী, অর্থাৎ যে অর্থ লইয়া কন্যার বিবাহ দেয়। °সংস্কারবিধি—প্রসবের পরে সন্তানের জাতকর্ম্মাদিরূপ অনুষ্ঠান। "প্রসবের পর অপত্যসংস্কারবিধি যথাবিধি হইবেক সী ৫১। °স্নেহ—সন্তানের প্রতি পিতামাতার স্নেহ (ভালবাসা)।]

অপত্যনির্ব্বিশেষে, -বিক্রয়ী, -সংস্কারবিধি, -স্নেহ দ্র 'অপত্য'।

অপত্রপ বিণ [অপগতা ত্রপা যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -পা] ত্রপাহীন, নির্লজ্জ। —পা স্ত্রী [অপ+ √ত্রপ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] লজ্জা। "রমসে নিরপত্রপঃ গো.রা ৪.৩০.১৭।

অপত্রস্ত বিণ [অপ+ √ত্রস্+ত (ক্ত)-ক ; স্ত্রী -স্তা] ভীত, শঙ্কিত। "তরঙ্গাপত্রস্ত পা ২.১.৩৮।

অপথ বিণ [ন পন্থা যাহাতে, ন.বহুব্রী, নিত্য সমাসান্ত 'অ' ; স্ত্রী -থা] পথিহীন, সুন্দরপথশূন্য, মার্গরহিত। "°থো দেশঃ, °থা নগরী। —পা ২.৪.৩০, কাশিকা। —থ ক্লী [ন.ত. বিকল্পে সমাসান্ত 'অ', ক্লীবলিঙ্গ, পা ৫.৪.৭২ ; ২.৪.৩০ ; ছান্দস] ১ অপ্রশস্তপথ, অপকৃষ্টপথ, কুপথ। ২ শাস্ত্রনিষিদ্ধ মার্গ ; উৎপথ, উন্মার্গ। "অপথে হি পদমর্পয়ন্তি শ্রুতবন্তোঽপি রজোনিমীলিতাঃ রঘু ৯.৭৪। শ ৫.১০। কারিতং ত্বমপথে পদম্ কি ১৩.৪৫। তা'রাই...মনে করে, অকাজের অপথ দিয়েই তা'রা তাড়াতাড়ি সংসারে ত'রে যাবে ঘ ৬৪। ৩ যোনি। ৪ পাষণ্ডমার্গ, নাস্তিকতা। —থ ব্য [অব্যয়ীভাব] পথের অভাব ; মার্গাভাব। [অপথপ্রপন্ন—১ উন্মার্গগত কুপথগত। ২ অপব্যয়িত। "কাকিণীমপ্যপথপ্রপন্নাম্ হি ৩.১২৬।]

অপথ্য বিণ [ন.ত ; স্ত্রী -থ্যা] ১ পথ্যভিন্ন, অনারোগ্যকর, রোগজনক। "অপথ্যমিব ভোজনম্ গো.রা ৫.৭৬.৬। ২ দুঃখোদক (রা.টীকা), অহিতপরিণাম। "অপথ্যং পথ্যসন্নিভম্ রা ২.১০৯.২। —থ্য ক্লী ১ রোগীর অহিত খাদ্য ; কুভোজন, কুপথ্য। "সন্তাপয়ন্তি কমপথ্যভুজং ন রোগাঃ হি ৩.১২০। ২ অহিতাচার, অসদনুষ্ঠান, কুক্রিয়া। [অপথ্যভুক্(-ভুজ্) বিণ—অপথ্যভোজী। "হি ৩.১২০।]

অপদ বিণ [ন পদ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -দা, -দী] ১ পদহীন, অচরণ। "অপদা বয়ম্।—পঞ্চ ৪ ১/২। "অপদ সর্ব্বত্র গতাগতি ভা.চ ২৮। ২ স্থানহীন। —দ পুং সরীসৃপ। —দ ক্লী [ন.ত] ১ অপকৃষ্ট স্থান ; অযোগ্য বিষয় ; অস্থান। "প্রেম পশ্যতি ভয়ান্যপদেঽপি কি ৯.৭০। অপদ ন দিঅ দোষ বি.সা ২৫০ ; সজনী অপদ ন মোহি পরবোধ ২৬২। ২ সুপ্তিঙন্তভিন্ন শব্দ। "নাপদং শাস্ত্রে প্রযুঞ্জীত। [°স্থ(বিং)—অযোগ্য স্থানে স্থিত ; অবমানিত, অপ্রতিভ।]

অপদান ক্লী [অপ+ √দৈ শোধন+অন (ল্যুট্)-ণ] ১ যেরূপ কর্ম্ম দ্বারা চিত্তশুদ্ধি হয় ; পরিশুদ্ধাচরণ, অর্থাৎ যে কর্ম্ম হেতু সকলে সৎ বলিয়া জানে। ২ বৃত্তাদ্ভুতকর্ম্ম (রা.টীকা), অর্থাৎ কীর্ত্তিজনক অদ্ভুত কার্য্য ; অবদান। "রা ২.৬৫.৪।

অপদার্থ পুং [ন পদার্থ, ন.ত] পদার্থভিন্ন, অদ্রব্য, অবস্তু। —র্থ বিং

[ন.বহুব্রী] যাহাতে তৎপদবাচ্য অর্থ নাই ; যে মনুষ্যপদবাচ্য নহে ; মনুষ্যত্বহীন, অসার, অযোগ্য। "আর্য্যাকে পরিত্যাগ করিলে, লোকে আমাদিগকে নিতান্ত অপদার্থ জ্ঞান করিবে সী ২৯ ; ৫৮।

অপদেবতা স্ত্রী [প্রা.স] অপকৃষ্ট দেবতা ; ভূতপিশাচাদি। "তপস্বীরা বনবাসী, বনচর নয়, তা'রা অপদেবতাও নয়, দেবতাও নয় ন.ত ৪১।

অপদেশ পুং [অপ+ √দিশ্+অ (ঘঞ্)-ভা] ১ কথন, উপন্যাস। "হেত্বপদেশাৎ প্রতিজ্ঞায়াঃ পুনর্ব্বচনং নিগমনম্ (ন্যায়সূত্র)। ২ উপদেশ। "দীক্ষায়া অপদেশাৎ (কাত্যায়ন)। ৩ নামনির্দ্দেশ। "নৈব ন্যায়ো যদ্ দাতুরপদেশঃ (দশকুমার)। ৪ প্রত্যাদেশ। ৫ [+অ-ণ] লক্ষ্য, ব্যাজ, ছল। "রক্ষা° রঘু ২.৮। কেনাপদেশেন আশ্রমে বসামঃ শ ২২৮। ধর্ম্মস্যাপদেশেন মনু ৪.১৯৮। ৬ লক্ষ্য (Mark)। ["লক্ষ্যে নিমিত্তেঽপদেশঃ" (অ.কো)—'লক্ষ্যে' অর্থাৎ 'ব্যাজে' (অ.টী) ; শব্দকল্পদ্রুম ও অন্য কোষে 'শরব্য' অর্থে 'লক্ষ্য' গৃহীত হইয়াছে।] ৭ কারণ, নিমিত্ত। "কেনাপদেশেনাগতঃ (অ.টী)। ৮ খ্যাতি, কীর্ত্তি (?) (শ.ক)। ৯ স্থান, পদ। "ত্যক্তাপদেশো ধাবতি (অ.টী)। ১০ (বৈশেষিকে) পঞ্চাবয়ব ন্যায়ের দ্বিতীয় অবয়ব (হেতু)। ১১ [প্রা.স] অপকৃষ্ট দেশ বা স্থান। —দেশী (-শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -শিনী] অপদেশকারী, বেশধারী। "রাজপুত্র° ক.সা২৪.১২১।

অপদোষ বিণ [অপগত দোষ যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -ষা] দোষরহিত, নির্দ্দোষ।

অপদ্রব্য ক্লী [প্রা.স] অপকৃষ্ট দ্রব্য ; দুষ্ট (দোষযুক্ত) দ্রব্য। "মনু ৯.২৮৬, কুল্লুক।

অপদ্রাবক বিং [অপ+ √দ্রাবি+অক (ণ্বুল্)-ক] অপসারক, অপকর্ষক। "দুই চুম্বকলৌহ...যদি এমত রাখা যায় যে দুইটার উত্তরমুখ পরস্পর আসন্ন হয়, তবে দুইটাই অপদ্রাবক হয়।—রামমোহন রায়।

অপধূম বিণ [অপগত ধূম যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -মা] ধূমরহিত, নির্ধূম। "রঘু ১০.৭৪।

অপধ্যান ক্লী [অপ+ √ধ্যৈ+অন (ল্যুট্)-ভা] ১ অপকৃষ্ট চিন্তা ; অনিষ্টচিন্তন। "তদপধ্যানাৎ পিশাচতামুপগতম্ (কাদম্বরী)। ২ বিপরীতচিন্তন।

অপধ্বংস পুং [অপ+ √ধ্বংস্+অ (ঘঞ্)-ভা] ১ নাশ। ২ প্রচ্যুতি, পতন, ভ্রংশ। ৩ [+অ-ণ] 'ধ্বংস-সাধন', প্রতিলোম। "°জ মনু ১০.৪ ; ৪৬। —সী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] নাশক, নিরাসক। "সর্ব্বৈনসামপধ্বংসি... অঘমর্ষণম্ (অ.কো)। —ধ্বস্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অবচূর্ণিত। ২ নিন্দিত। ৩ পরিত্যক্ত। ৪ ধর্ম্মজ্ঞানশূন্য, দুর্বৃত্ত। "অপধ্বস্তোঽসি মৃ ৮২৮। [°জ (বিণ)—প্রতিলোমজাত সূতাদি (মনু)।]

অপধ্বংসজ, -অপধ্বংসী, -ধ্বস্ত দ্র 'অপধ্বংস'।

অপনয় পুং [অপ+ √নী+অ (অচ্)-ভা] ১ অপনয়ন, নিরসন, অপনোদন, অপসারণ। ২ দূরীকরণ, স্থানান্তরনয়ন। ৩ উচ্ছেদ, খণ্ডন। ৪ [প্রা.স] অপকৃষ্ট নয় ; দুর্নীতি, নিন্দিতনীতি। "নয়াপনয়কোবিদ গো.রা ৪.৪০.১৬। ৫ অপকার। "সপত্ন° মাঘ ২.১৪। —নয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অপনোদন, নিরসন। "সিদ্ধান্তের অপনয়ন সী ৩০। ২ বিনয়ন, দূরীকরণ। "শ্রমাপনয়ন রা ১.৪৬.১১। অতিশ্রম° শ ৫.৬। ৩ খণ্ডন, উচ্ছেদ। ৪ প্রমার্জ্জন। "গণ্ডস্বেদ° পু.মে ২৭। ৫ প্রতীকার, প্রতিবিধান। "রোগ°। রোগাচ্চাপনয়নে পা ৫.৪.৪৯। ৬ দূরে আকর্ষণ ; দূরনয়ন। "আত্মনশ্চাপনয়নং মৃগরূপেণ রক্ষসা রা ৩.৫৭.১১। ৭ ঋণশোধন। ৮ বিয়োগ, ব্যবকলন। —নীত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অপনোদিত, নিরস্ত, দূরীকৃত, অপসারিত। "তত্ত্ব-ধর্ম্মাপনীতস্য দৃশ্যতে কর্ম্মণঃ ফলম্ গো.রা ৩.৫৫.৪০। ২ উচ্ছিন্ন, খণ্ডিত। ৩ অপহৃত। "মহা ১৩.৯৩.১১৪। রঘু ১৩.২৪। ৪ অন্যায়পূর্ব্বক নাশিত (নীলকণ্ঠ)। "মহা ৫.৩৯.৫৪। ৫ অন্যায়পূর্ব্বক আনীত। "অপনীতাস্মি ভীষ্মেণ ভগবন্নবিজানতা মহা ৫.১৭৭.৫। ৬ অন্যায়পূর্ব্বক প্রাপিত। "নেচ্ছামি যদিদং রাজ্যমপনীতমনার্য্যয়া গো.রা ২.১১৭.৭। ৭ পরিশোধিত (ঋণ)। —ত ক্লী [+ত-ভা] অপনয়, অপকার।

অপনস বিণ [অপগতা নাসিকা যাহা হইতে, বহুব্রী, নাসিকা>নস্, সমাসান্ত 'অ' (অচ্), পা ৫.৪.১১৯] অপগতনাসিক, ছিন্ননাসিক। "চকারাপনসং মুখম্ ভট্টি ৪.৩১।

অপনুত্তি স্ত্রী [অপ+ √নুদ্+তি (ক্তিন্)-ভা] ১ অপনোদন, দূরীকরণ, বিনয়ন। "শ্রম° (বৃহদারণ্যক)। ২ নির্হরণ, বিনাশ, ক্ষয়। "সুরাপান° মনু ১১.৯৩ ; গুরুতল্প° ১০৭ ; ২১০। সর্ব্বপাপ° যাজ্ঞ ৩.৩০৫। —নোদ পুং [+অ (ঘঞ্)-ভা] সর্থ'অপনুত্তি (১;২)। "ব্রহ্মহত্যাপনোদ মনু ১১.৭৬। -নোদন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] অপনেতা, নাশক, দূরীকারক। "সর্ব্বপাপ° মনু ১১.২১৬ ; ২৬১। —ন ক্লী [+অন-ভা] অপনয়ন, দূরীকরণ, নাশন, খণ্ডন, নির্হরণ। "মনু ১১.২৫৩। শোক° সী ৫৫।

অপনেতা (-তৃ) বিণ [অপ+ √নী+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী -ত্রী] অপসারক, অপনোদক, দূরীকারক।

অপনোদ, -নোদন দ্র 'অপনুত্তি'।

অপন্যায় বি [ন্যায়>অপন্যায় (বৈপরীত্যে), তু 'অপকর্ম্ম'] ১ অন্যায়-কার্য্য, অপকর্ম্ম। "তোমার পুত্রের অপন্যায় কহি শুন চৈ.ভা ৪২। এই দুই অন্তরে আছে সদা অপন্যায় চৈ ১৯। ২ বিবাদ। "কোন দিন পাণ্ডবের সনে অপন্যায় ? ব.প ৮৮৫।

অপপাঠ পুং [প্রা.স] ১ অপকৃষ্ট পাঠ ; পুস্তকের অশুদ্ধ পাঠ। ২ দোষযুক্ত আবৃত্তি। "পা ৪.৪.৬৪, কাশিকা। [শঙ্কিত ভীত উদ্ঘুষ্ট অব্যক্ত সানুনাসিক কাকস্বর শীর্ষগত স্থানবিবর্জ্জিত বিস্বর বিরস বিশ্লিষ্ট বিষমাহত ব্যাকুল তালুহীন—এই চতুর্দ্দশ অপপাঠ (যাজ্ঞবল্ক্যশিক্ষা ২৬-২৮)।]

অপপ্রয়োগ বি [প্রা.স] অপকৃষ্ট বা অশুদ্ধ প্রয়োগ ; অসাধুপ্রয়োগ।

অপবর্গ পুং [অপ+ √বৃজ্+অ (ঘঞ্)-ভা] ১ বিতরণ, উৎসর্জ্জন, দান। ২ অপবর্জ্জন, ত্যাগ। ৩ মোক্ষ, ক্ষেপ। "মুষ্টেরসম্ভেদ ইবাপবর্গে কি ১৬.২০। ৪ (ত্যাগের হেতুভূত) সমাপ্তি, অবসান। "পা ৩.৪.৬০। ক্রিয়া° কি ১.১৪ ; ১৬.৪৯। ৫ ফলপ্রাপ্তি। "পা ২.৩.৬, সি। নৈ ১৭.৭০। ন তেঽপবর্গঃ সুকৃতাদ্ বিনাকৃতঃ মহা ৩.২৯৬.৫২। ৬ ফলপ্রাপ্তি-হেতুক কর্ম্মসমাপন (ত.বা) ; ক্রিয়াসমাপ্তি (শ.ক)। ৭ ক্রিয়াবসান-সাফল্য, কর্ম্মফল (শ.ক)। ৮ পূর্ণতা (শ.ক)। ৯ [+অ-ধি] যাহাতে দুঃখ অপবর্জ্জিত হয় ; মোক্ষ, নির্ব্বাণ। "জ্ঞানেন চাপবর্গঃ সাংখ্য ৪৪। রঘু ৮.১৬। ১০ [+অ-র্ম্ম] দান, উপহার।

অপবর্জ্জন ক্লী [অপ+ √বৃজ্+অন (ল্যুট্)-ভা] ১ বিতরণ, দান। ২ ত্যাগ, পরিহার। ৩ [+অন-ধি] মোক্ষ। —বর্জ্জিত বিণ [+ √বর্জ্জি+ত (ক্ত)-র্ম্ম] ১ দত্ত, অর্পিত। ২ ত্যক্ত, উৎসৃষ্ট। "°বিপ্লব কি ২.২৬। ৩ হীন, ন্যূনীকৃত, বিযুক্ত। "ষড়্‌ভিরপবর্জ্জিতা-শীতিঃ (বৃহৎসংহিতা)। ৪ ছিন্ন, কৃত্ত। "ভল্ল° রঘু ৪.৬৩। ৫ পরিশোধিত (ঋণ)।

অপবর্ত্তন ক্লী [অপ+ √বৃৎ+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] ১ পরিবর্ত্তন। "স্থান° (সুশ্রুত)। ২ গ্রহণ। "দায়° মনু ৯.৭৯। ৩ অপহরণ। ৪ বক্রীকরণ (ত.বা)। ৫ সংক্ষেপ। ৬ (অঙ্কশাস্ত্রে) কোন অঙ্ক দ্বারা ভাজ্য ভাজকের তুল্যরূপে (ভাগশেষ বিনা) বিভাজন। —বর্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিবর্ত্তিত। ২ সঙ্কলিত, আবর্ত্তিত। "°ত্রিকা

কি ৪.১৫। ৩ বক্রীকৃত, ব্যবর্ত্তিত। "তির্য্যগপবর্ত্তিতদৃষ্টি বক্ত্রম্ মা.মা ১.৩৯। ৪ গুণনীয়ক দ্বারা বিভাজিত।

অপবাদ পুং [অপ+ √বদ্+অ (ঘঞ্)-ভা] ১ নিন্দা, পরীবাদ, অবক্ষেপ, গর্হণ, কুৎসা। "লোক° রঘু ১৪.৪০। স° উ.চ ১.৬। পরস্যাপবাদেন।—হি ২.১৪১। এই লোকাপবাদ দুর্নিবার হইয়া উঠিয়াছে সী ২১। ২ আদেশ, নির্দ্দেশ। "অপবাদেন পতাকিনীপতে-শ্চচাল…মহাচমূঃ কি ১৪.২৭। ৩ মিথ্যাবাদ। "অপবাদমাত্রমবুদ্ধানাম্ (সাংখ্যসূত্র)। ৪ প্রত্যাখ্যান, নিরসন, অপলাপ। "ন্যায়াপবাদেন ধনমর্জ্জয়িষ্যামি পা ১.৩.৭৩, কাশিকা। ৫ বিশ্বাস। ৬ প্রণয় (ত.বা)। ৭ [+অ-ণ] যাহা দ্বারা অপোদিত অর্থাৎ সঙ্কোচিত হয়; বাধক বা বিষয়সঙ্কোচক বিধি; বিশেষশাস্ত্র। বিপ 'উৎসর্গ'। "পা ৩.৩.৯৪, কাশিকা। অপবাদৈরিবোৎসর্গাঃ কু.স ২.২৭। ৮ বাধনসাধন বস্তুমাত্র (ন্যায়কোশ)। ৯ (বেদান্তে) মিথ্যাভূতপদার্থের নিবারণার্থ উপদেশ-বিশেষ। যেমন, রজ্জুবিবর্ত্ত মিথ্যাভূত সর্পের সর্পমাত্রত্বের ন্যায়, বস্তুভূত ব্রহ্মের বিবর্ত্ত প্রপঞ্চাদির বস্তুমাত্রত্বের উপদেশ (ত.বা)। ১০ [+ √বাদি +অ (অচ্)-র্ম্ম] মৃগবঞ্চনার্থ বাদনীয় ঘণ্টাদি-কুৎসিতবাদ্য। "মাঘ ৬.৯। —বাদক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ দূষক, নিন্দক, কুৎসা-কারক। ২ নিরাসক, বাধক। —বাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব; স্ত্রী -দিনী] নিন্দক, দূষক। "মৃগয়া° শ ২$\frac{৪}{৫}$।

অপবাদক, -বাদী দ্র 'অপবাদ'।

অপবারক পুং [অপ+ √বৃ+অক (ণ্বুল্)-ক] ১ আচ্ছাদন, আবরণ। ২ যবনিকা, যবনিকাব্যবহিত স্থান। "অপবারকে প্রবিশ্য একান্তে তিষ্ঠ মৃ ৮। —বারণ বিণ [√বারি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] আবরক; ব্যবধায়ক। —ণ ক্লী [+অন-ভা] ১ আচ্ছাদন। ২ অন্তর্দ্ধান (?)। —বারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আচ্ছাদিত, আবৃত। "অপবারিতং পক্ষদ্বারকে সজ্জং প্রবহণং তিষ্ঠতি মৃ ৬$\frac{১}{৭}$। ২ ব্যবধাপিত, কৃতব্যবধান। ৩ গুপ্ত। বিপ 'প্রকাশ'। [নাট্যে, যে রহস্য স্থানান্তরে গিয়া প্রকাশ করিতে হয়, সেই স্থলে 'অপবারিত, অপবারিতক' (অর্থাৎ গুপ্তভাবে) ব্যবহৃত হয় (সা.দ ৬.১৩৮)।] —ত ক্লী [+ত-ভা] ১ অপবারণ, অপ্রকাশ। ২ স্থানান্তরে গমনপূর্ব্বক অন্যের রহস্যকথন (ত.বা)। —তক ক্লী [ক (কন্) স্বার্থে] অপ্রকাশ। "অপবারিতকেন প্রাবৃণোতি মৃ ১$\frac{৫২}{৬৩}$।

অপবারণ, -বারিত, -বারিতক দ্র 'অপবারক'।

অপবাহ পুং, **-বাহন** ক্লী [অপ+ √বহ্+অ (ঘঞ্), + √বাহি +অন (ল্যুট্), -ভা] অন্য স্থান হইতে স্থানান্তরে প্রাপণ বা স্থানান্তরে আনয়ন; পরদেশবাসী জনকে স্বদেশে আনয়ন। "পরদেশাপবাহ (কৌটিল্য)। পরদেশাপবাহন হি ৩.৯৮। —বাহ্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম] অপনেয়, দূরীকরণীয়। বিপ 'উপবাহ্য'। "উপবাহ্যস্তু বো ভর্ত্তা নাপবাহ্যঃ পুরাদ্ বনম্ রা ২.৪৫.১৬।

অপবাহন, -বাহ্য দ্র 'অপবাহ'।

অপবিঘ্ন বিণ [অপগত বিঘ্ন যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -ঘ্না] অপগত-বিঘ্ন, নির্বিঘ্ন। "রঘু ৩.৩৮।

অপবিত্র বিণ [ন.ত; স্ত্রী -ত্রা] ১ অশুচি। "অপবিত্রঃ পবিত্রো বা (স্মৃতি)। ২ দূষিত, গর্হিত। "অপবিত্রমিদং কর্ম্ম কৃতং মোহাদ্ধয়া ত্বয়া রা (শ.ক)। ৩ মলদূষিত, মলিন।

অপবিদ্ধ বিণ [অপ+ √ব্যধ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -দ্ধা] ১ অতিবিদ্ধ, বিক্ষত। "°দ্ধঃ শরৈর্ভৃশম্ মহা (A.)। ২ ক্ষিপ্ত। "°সলিল (অম্বুনিধি)।— কি ৫.৩০। ৩ প্রত্যাখ্যাত, নিরস্ত, নিরাকৃত। "রঘু ১০.৭৪। ৪ ত্যক্ত, উৎসৃষ্ট। "অপবিদ্ধাঃ…কমলস্রজঃ রা ২.৯৪.২৫; ১০.৭। °পদ কু.স ২.২২। ৫ প্রেরিত, সংপ্রেষিত। "দোলয়া…পরিজনাপবিদ্ধয়া রঘু ১৯.৪৪। ৬ অধম, নিকৃষ্ট (A.)। —দ্ধ পুং মাতা পিতা উভয়ের বা একের পরিত্যক্ত অন্য কর্ত্তৃক পুত্রভাবে গৃহীত পুত্র; দ্বাদশ পুত্রের একতম। °মনু ৯.১৭১। যাজ্ঞ ২.১৩২। বিষ্ণু ১৫.২৪। [°পুত্র —সর্থ 'অপবিদ্ধ (পুং)'।]

অপবিদ্যা স্ত্রী [প্রা.স] ১ অপকৃষ্ট বিদ্যা। ২ বৌদ্ধাগমবিদ্যা। ৩ বিদ্যা-বিরোধিনী অবিদ্যা; অজ্ঞান। "কি ১৬.৩২।

অপবৃত্ত বিণ [অপ+ √বৃৎ+ত (ক্ত)-ক] ১ সমাপ্ত, নিবৃত্ত। ২ লুঠিত, বিচেষ্টিত। "°জঠরশফরীকুল কি ১২.৪৯। ৩ অধোমুখ। "ক্ষুরদপবৃত্তরুগুথণ্ডঃ (মার্গঃ) মা.মা ৩.১৭। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] সমাপ্তি, অবসান।

অপবেধ পুং [অপ+ √বিধ্+অ (ঘঞ্)-ভা] অপকৃষ্টবেধন, মণির অস্থানে ছিদ্রীকরণ। "মণীনামপবেধেন দণ্ড উত্তমসাহসম্।

অপব্যয় পুং [প্রা.স] ১ অপকৃষ্ট ব্যয়; দ্যূতাদি অপকৃষ্ট বিষয়ে ব্যয়। ২ অপরিমিত বা বৃথা ব্যয়। —ব্যয়িত বিং [অপ+ √ব্যয়+ত (ক্ত) -র্ম্ম] (বাঙ্‌লায়) বৃথা বা অপরিমিত ব্যয়িত; অসৎকার্য্যে ব্যয়িত। "অধিক টাকা পাঠাইলে তাহা অপব্যয়িত হইবার সম্ভাবনা ব.প্র ৩৩০। —ব্যয়ী (-য়িন্) বিণ [+ √ব্যয় +ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] অপব্যয়কারী, বৃথাব্যয়ী।

অপভয় বিণ [অপগত ভয় যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -য়া] বীতশঙ্ক, নির্ভীক, নিঃশঙ্ক। "রঘু ৩.৫১।

অপভাষ বি ['অপভাষা'—মূল] নিন্দা, অপবাদ, অখ্যাতি। "যদি শুনে তার জনে, শুনিলে হইবে অপভাষ চ.দা ২৬। প্রভাত হইলে লোকে গাবে অপভাষ শ্রী ৫৭। —ভাষণ ক্লী [অপ+ √ভাষ্+অন (ল্যুট্) -ভা] অপবাদ, নিন্দা, কুৎসন। —ভাষা ১ বি (বাঙ্‌লায়) অপকৃষ্ট ভাষা; কটুকথা, নিন্দাবাক্য, গালি। "সভায় তোমার বাপ, অপভাষা বলিবে তোমারে শি ১০। অপভাষা অনেক কহিল শ্রী.মা ১৫৮। ২ অসাধুভাষা, বাঙ্‌লাভাষা। "স্নেহ না করিয়া ভাই বলি অপভাষা॥ —রূপনারায়ণকৃত দুর্গামঙ্গল। ৩ ইতরজাতির ভাষা; গ্রাম্যভাষা।

অপভাষণ, -ভাষা দ্র 'অপভাষ'।

অপভ্রংশ পুং [অপ+ √ভ্রংশ্+অ (ঘঞ্) -ভা] ১ অধঃপতন, স্খলন অধোগতি, চ্যুতি। "অত্যারূঢ়ির্ভবতি মহতামপ্যপভ্রংশনিষ্ঠা শ (S.W.)। ২ [+অ (অচ্)-ক] যাহা সাধুভাষা হইতে ভ্রষ্ট; বিকৃত উচ্চারিত শব্দ; অপশব্দ (রভস), গ্রাম্যভাষা (অ.টী)। ৩ নাটকাদিতে আভীর-চণ্ডাল-শকারাদির ব্যবহার্য্য ভাষা। 'আভীরাদিগিরঃ কাব্যেষ্বপভ্রংশ ইতি স্মৃতাঃ।—কাব্যাদর্শ ১.১৬। ৪ শাস্ত্রে সংস্কৃতভিন্ন ভাষা। 'শাস্ত্রেষু সংস্কৃতাদন্যদপভ্রংশতয়োদিতম্।—কাব্যাদর্শ ১.৩৬। ৫ (বাঙ্‌লায়) অপকর্ষ, বিলোপ, ভ্রংশ। "এই সকল উৎকট চিন্তায়…রাজপুত্রের বুদ্ধির অপভ্রংশ হইতে লাগিল ব.প্র ৭৪। —ভ্রষ্ট বিণ [+ত (ক্ত) -ক; স্ত্রী -ষ্টা] ১ পতিত, চ্যুত, স্খলিত। ২ বিকৃতোচ্চারিত, অসাধু, অশুদ্ধ। "এসো ঠিও খু মজ্জারো ইত্যপভ্রষ্টবক্রয়া (গিরা) ক.সা ১৭.১৪১।

অপমান পুং [অপ+ √মন্+অ (ঘঞ্)-ভা] অনাদর, অবহেলন, পরিভব, অবজ্ঞা। বিপ 'মান'। "°পরম্পরা। নাপমানঃ প্রযোক্তব্যঃ গো.রা ১.১২.১৩। মান° গী ১৪.২৪। অপমানং চ মতিমান্ ন প্রকাশয়েৎ হি ১.১৩৭; ১৩৮। নাটুয়া আসিয়া দ্বারে, অপমান পাইয়া ফিরে গো.বি ৯১। —মানিত বিণ [+ √মানি+ত (ক্ত)-র্ম্ম] অনাদৃত, পরিভূত, অবজ্ঞাত। —মানী (-নিন্) বিণ [+ √মন্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -মানিনী] অবহেলক, অবজ্ঞাতা। "ভেষজ° (সুশ্রুত)।

অপমানিত, -মানী দ্র 'অপমান'।

অপমার্জ্জন ক্লী [অপ+মৃজ +অন (ল্যুট্)-ভা, বৃদ্ধি] ১ সংশোধন,

পরিষ্করণ। "কাংস্য° (সুশ্রুত)। ২ পাত্রাদির মুখ হইতে অধোভাগ-পর্য্যন্ত মার্জ্জন।

অপমৃত্যু পুং [প্রা.স] অপকৃষ্ট মৃত্যু; আকস্মিক বা অস্বাভাবিক মরণ; উদ্বন্ধনাদিতে মৃত্যু। "তোমার বুদ্ধিতে অপমৃত্যো প্রাণ গেল চৈ.ভা ২৫১।

অপযশঃ (-শস্) ক্লী [প্রা.স] অপকৃষ্ট যশঃ; অযশঃ, অকীর্ত্তি, কলঙ্ক। "অপযশো যদ্যস্তি কিং মৃত্যুনা।—ভর্ত্তৃহরি। অপযশঃ করে লোক ম.ম ২১৮।

অপয়া বিং [সং অপায়>বা অপায়া>অপয়া] অপায়যুক্ত, অভাগ্যবান্, অলক্ষণ, হতভাগ্য। "এই 'পয়া' 'অপয়া' কথা দুইটিতে অনেক সুখ নষ্ট ও অসুখের বৃদ্ধি করিয়াছে পা.প্র ৮৩। [অপয়ার শেষ—অতিহতভাগ্য।]

অপযাত বিণ [অপ+ √যা+ত (ক্ত)-ক; স্ত্রী -তা] ১ প্রয়াত, প্রস্থিত। ২ পলায়িত। "উ.চ ৬.৪। —যান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রস্থান, প্রয়াণ। "দ্রুতমপযানম্।—মাঘ ৯.৮৪। ২ পলায়ন। "অপযানেঽপি চ ভবান্ সমর্থো লঘুবিক্রমঃ গো.রা ৩.৪০.২৯।

অপর সর্ব্ব, বিণ [ন পর, ন.ত; স্ত্রী -রা; ছান্দস; cf., Ger. afar, aber; Gothic—afar] ১ অন্য, ভিন্ন, ইতর, পৃথক্। "ষড়্ বংশ্যা মনবোঽপরে মনু ১.৬১; ৮৫। ২ অধিক, তদ্ব্যতীত, দ্বিতীয়। "কৃতদারোঽপরান্ দারান্ ভিক্ষিত্বা যোঽধিগচ্ছতি মনু ১১.৫। প্রিয়তমা কাচিন্ মমৈবাপরা।—পঞ্চ ৪.৭। ৩ উত্তমভিন্ন, অর্থাৎ মধ্যম। "মাঘ ১৬.২৩। ৪ অর্ব্বাচীন, অর্ব্বাক্কালিক, পরবর্ত্তিকালিক। বিপ 'পর'। "অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ গী ২.৪। ৫ অন্য, পরবর্ত্তী, দ্বিতীয়। "অপরেঽহনি রা ২.৬৫.১। ৬ বিজাতীয় অন্যজাতীয়। "মনু ৯.৮৫। ৭ পশ্চিম, প্রতীচ্য। বিপ 'পূর্ব্ব'। "পূর্ব্বাপরৌ তোয়নিধী কু.স ১.১। মনু ৪.৯৩। অপরাম্বুনিধি মাঘ ৯.১। ৮ দ্বিতীয়। "অপরঃ পক্ষঃ মনু ৩.২৭৮। দ্র 'অপরপক্ষ'। ৯ তদ্ভিন্ন, আর। "একত্র করিয়া পড় মোর নাম পাবে। অপর সুধাবে যাহা, মালিনী শুনাবে॥—ভা.চ ২৯৭। অপর সকল শুভ লিখিবে বিশেষ শ্রী ২৪৬। ১০ নিকৃষ্ট, অশ্রেষ্ঠ (গী.টীকা)। "অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্ গী ৭.৫। ১১ অধম। বিপ 'উত্তম, সম'। "নাহং বেদ পরস্ত্বস্মিন্ নাপরং ন সমং বিভো।—ভ ২.৫.৬। ১২ (ন্যায়ে) অল্পদেশবৃত্তিরূপ ব্যাপ্য (Non-extensive; ত.বা)। ১৩ প্রতিকূল, বিরোধী। ১৪ বিপ্রকৃষ্ট, দূর। "ভাষা-পরিচ্ছেদ ৮। ১৫ [ন.বহুব্রী] যাহা হইতে পর নাই; অনুত্তম, অনুত্তর, অন্যাদৃশ, সর্ব্ববিলক্ষণ। "স্ত্রীরত্নসৃষ্টিরপরা⋯সা শ ২.৯। —র পুং ১ অন্য জন; দ্বিতীয়। "রঘু ৫.৬০। ২ শত্রু। ৩ হস্তীর পশ্চাদ্ভাগের পদ। "বদ্ধাপরাণি পরিতো নিগড়ানি মাঘ ৫.৪৮। —র ক্লী ১ সমুদায়ীর বা অবয়বীর শেষভাগ, পশ্চাদ্ভাগ বা পশ্চিমভাগ। "°অহ্ন, °কায়, °পঞ্চাল, °বর্ষা, °শরৎ। ২ হস্তীর পশ্চার্দ্ধ, অর্থাৎ পশ্চাৎ অর্দ্ধভাগ। —র বি ১ (বাঙলায়) আত্মীয়, স্বজন, মিত্র। "বিপদে অপর পর সম মোর কাছে। মিত্রবর! মে ৩০৩। ২ অন্যলোক, সাধারণ লোক। 'অপর সাধারণ। —র অব্য ১ (অপ্র) অতঃপর, আর। "উঠে এস অপর বিলম্বে নাই ফল শ্রী ১০৮। ২ [সং অপরম্] আর, দ্বিতীয়তঃ। "অপর, আপনি আইস শ্রী ১৪৭। —রা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)।] ১ পশ্চিমদিক্। ২ হস্তীর পশ্চাদ্ভাগ (অ.চি)। ৩ জরায়ু, ভ্রূণের বাহ্যাবরণচর্ম্ম। ৪ বেদবেদাঙ্গ-বিদ্যা, অপরা বিদ্যা। বিপ 'পরা'। [°সাধারণ—সাধারণলোক, জনসাধারণ। অপরে,-রেতে (সং অপরতঃ) —অন্যদিকে, এদিকে, পক্ষান্তরে। "অপরেতে রাজরাণী কহে নারীগণে ব.প ৯৪৯; অপরে শ্রীহরি, আসি ত্বরা করি, রথ লয়্যে নিকটেতে ৯৫২।]

অপরকায় পুং [এক.স] কায়ের অপরভাগ বা পশ্চাদ্ভাগ।

অপরক্ত বিণ [অপগত রক্ত যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -ক্তা] ১ রক্তহীন, বিবর্ণ, ক্লেশিত। "শ্বাসাপরক্তাধরঃ শ ৬.৬। ২ [অপ+ √রঞ্জ্+ত (ক্ত)-ক] অনুরাগহীন, বিরক্ত।

অপরঞ্চ বিং [সং অপরম্; অপ্র] ১ অপর, আর, দ্বিতীয়। "মর্ত্তেতে মানবী হব অপরঞ্চ দুঃখ শ্রী ৯। অপরঞ্চ প্রমাণ—বাইতি হরিহর ২৫৬। ২ তদ্ভিন্ন, তা-ছাড়া, আর। "অপরঞ্চ যে কিছু সম্ভায় কব কিবা শ্রী ১৫৪; ২৫১। অপরঞ্চ দানে নাহি এ পাপ মোচন ব.প ৪৫৯। অপরঞ্চ কিমধিক লিখিব শ্রী.মা ২০৮; অপরঞ্চ ইহার অধিক নাহি জানি ২১৯। —ঞ্চ অব্য পক্ষান্তরে, অন্যদিকে, বিষয়ান্তরে, দ্বিতীয়তঃ, আরও। "অপরঞ্চ রামলীলা রাক্ষসের রণে। ম'রে মাত্র প্রাণ পেলে মৃত পশুগণে॥ —শ্রী ১৪৪। অপরঞ্চ, আর কিছু উপদেশ দি শ্রী.মা ৫০; অপরঞ্চ অধিক আরজ আর এক লিখি ৫৯; ১৪৩; ১৯৪। ইতর পুরুষ পিতা পুত্র হেন গণি। অপরঞ্চ পরজায়া যেমন জননী॥ —কৃ ১৮৬।

অপরত বিণ [অপ+ √রম্+ত (ক্ত)-ক; স্ত্রী -তা] বিরত, নিবৃত্ত। —তি স্ত্রী [-/-তি (ক্তিন্)-ভা] ১ নিবৃত্তি। ২ বিরক্তি।

অপরত্র বা [অপর+ত্র (ত্রল্) সপ্তমীস্থানে] ১ অপরস্থানে, অন্যত্র। ২ অন্যবিষয়ে, বিষয়ান্তরে।

অপরপক্ষ পুং [কর্ম্মধা] ১ অন্য, অর্থাৎ শুক্লেতর পক্ষ; কৃষ্ণপক্ষ। বিপ 'পূর্ব্বপক্ষ'। 'পূর্ব্বপক্ষো দেবানামপরপক্ষঃ পিতৄণাম্ (শ্রুতি)। [চৈত্রের শুক্লপক্ষ চান্দ্রমাসের আদি; এই জ্যোতিঃশাস্ত্রের বিধানানুসারে শুক্লপক্ষ হইতে চান্দ্রমাসের আরম্ভহেতু, মাসের অপর (শুক্লেতর) পক্ষ কৃষ্ণপক্ষ (মনু ৩.২৭৮, কুল্লুক)।] ২ (ব্যবহারে) প্রতিবাদী, প্রতিবাদি-পক্ষীয় জন। "যৃ ৯.৩, ৪। —ক্ষীয় বিণ [অপরপক্ষ+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -য়া] ১ কৃষ্ণপক্ষীয়। ২ প্রতিবাদিপক্ষীয়।

অপরম্বা [সং অপরং বা] আর বা; এ ছাড়া আর কি বা। "ভনয়ে ফকীররাম শুন রাজার ঝী। মরণ গোমতীতীরে অপরম্বা কি॥ —ব.প ১০৬৩। দেখুন, "অপরম্বা কিং ভবিষ্যতি"—আর বা কপালে কি আছে! আ.দু ৮১। [অপরম্বা কিং ভবিষ্যতি—ইহা চতুর্থ চরণ। পূর্ণ শ্লোক, শ্লোকের আবৃত্তি ও অর্থ প্রাচীনদের মুখে এইরূপ শুনিয়াছি—ভোজনং যত্র তত্র চ শয়নং হট্টমন্দিরে। মরণং গোমতীতীরে অপরম্বা কিং ভবিষ্যতি।—অর্থাৎ যেথানে সেথানে ভোজন, হট্টমন্দিরে (হাট-চালায়) শয়ন, আর গোভাগাড়ে মরণ, এ ছাড়া আরও বা কি কপালে আছে। ইহার মূল গল্প এইরূপ;—সাধারণের বিশ্বাস, নরকপালের সন্ধিস্থলে যে বক্র রেখা থাকে, তাহা বিধাতার ভাগ্যলিপি। এই ভাগ্য-লিপিজ্ঞ এক ব্রাহ্মণ এক নরকপালের লিপিতে ঐ শ্লোক দেখিয়া, 'আরও বা কি ভাগ্যে আছে'—ইহা পরীক্ষার্থ কৌতূহলী হইয়া, উহা গোপনে গৃহে আনিয়া লুকাইয়া রাখিলেন। একদিন ব্রাহ্মণী গৃহকর্ম্ম করিতে করিতে ঐ গুপ্ত কপাল দেখিয়া ভাবিলেন, উহা তাঁহার স্বামীর উপপত্নীর কপাল; প্রণয়বশতঃ, ছাড়িতে না পারিয়া, তিনি গৃহে আনিয়া রাখিয়াছেন। এই স্থির করিয়া ব্রাহ্মণী ঈর্ষ্যাবশতঃ তৎক্ষণাৎ উহা ঢেঁকিতে চূর্ণবিচূর্ণ করিয়া বিষ্ঠাময়স্থানে ফেলিয়া দিলেন। ব্রাহ্মণ গৃহে আসিয়া কপাল না দেখিয়া ব্রাহ্মণীকে জিজ্ঞাসা করিলে, ব্রাহ্মণী কুপিত হইয়া তিরস্কার করিতে করিতে সকল কথা ব্যক্ত করিলেন। ব্রাহ্মণ তখন শ্লোকের শেষ চরণের অর্থ কার্য্যতঃ প্রত্যক্ষ করিয়া, হাসিতে হাসিতে ঐ ভাগ্যলিপির আবৃত্তি ও অর্থ করিয়া ব্রাহ্মণীকে স্বীয় অভিপ্রায় বুঝাইয়া দিলেন।]

অপররাত্র পুং [এক.স] রাত্রির অপরভাগ; রাত্রিশেষ। "°কৃত ২.১.৪৫, কাশিকা। গো.রা ৩.২২.২৯।

অপরবর্ষা স্ত্রী, বহুব [এক.স] বর্ষার অপরভাগ; বর্ষাশেষ।

অপরশ বিং ['অস্পৃশ্য'—মূল; অপ্র] স্পর্শের অযোগ্য; অশুচি,

অস্পৃশ্য। "সর্ব্ব লোক ছাড়ে যারে অপরশ বলি। দেবগণ মাগে এবে তার পদধূলি॥ —ব ১০।

অপরস্পরসম্ভূত বিণ [অপরস্পর হইতে সম্ভূত, প.ত] স্ত্রীপুরুষমিথুন-জাত। "গী ১৬.৮।

অপরাগ পুং [অপ+ √রন্জ্+অ (ঘঞ্)-ভা] ১ অপ্রীতি, বিরাগ, দ্বেষ। "কি ২.৪৯। অনুরাগাপরাগ মনু ৭.১৫৪। ২ শত্রুতা, বৈর।

অপরাজিত বিণ [ন.ত ; স্ত্রী -তা ; ছান্দস] অনির্জিত, অবিজিত, অপরাভূত। "জেতারমপরাজিতম্।—ঋগ্বেদ ৫.২৫.৬। সাত্যকিশ্চাপরাজিতঃ গী ১.১৭। —ত পুং ১ অজিত, বিষ্ণু। ২ শিব। ৩ রুদ্র-বিশেষ। ৪ ঋষিবিশেষ (সুশ্রুত)। —তা স্ত্রী [আ (টাপ্)] ১ দুর্গা। "ভা.চ ৪২৭। ২ ঈশানকোণ, ঐশানী। "মনু ৬.৩১। আশ্বলায়ন গৃহ্য-সূত্র ৩.১.১। কাত্যায়ন ১.৯। ৩ দুর্গামূর্ত্তিভেদ দেবীবিশেষ। [আশ্বিনের শুক্লাদশমীতে ইঁহার পূজা হয় (স্কন্দপুরাণ)।] ৪ স্বনামখ্যাত পুষ্পলতা-বিশেষ ও তাহার পুষ্প। [ইহা রক্ষারূপে অঙ্গে ধৃত হয়।] "অপরাজিতা নাম ওষধিঃ শ ৭২২/২। অতসী অপরাজিতা, যাতে দুর্গা হরষিতা কৃ ৩৪৯। ৫ শত্রুর আক্রমণ হইতে রক্ষার্থে শিখাবন্ধনবিদ্যাবিশেষ। "অপরাজিতাং নাম শিখাবন্ধনবিদ্যাম্ বিক্র ২৩/৩০। ৬ শেফালিকা, জয়ন্তী, অসনবৃক্ষ, শমীবিশেষ, দূর্ব্বা ইত্যাদি। ৭ চতুর্দ্দশাক্ষরপাদ ছন্দোবিশেষ। ৮ যোগিনীবিশেষ।

অপরাদ্ধ বিণ [অপ+ √রাধ্+ত (ক্ত)-ক ; স্ত্রী -দ্ধা] ১ কৃতাপরাধ, অপরাধী। "রঘু ৮.৪৮ ; প্রথম° ৯.৭৯। অপরাদ্ধা শূন্যহৃদয়া শকুন্তলা শ ৪২/২। ২ লক্ষ্যচ্যুত, স্খলিত। "অপরাদ্ধেষোর্ধানুষ্কস্য মাঘ ২.২৭। ৩ অতীত, অতিক্রান্ত। "°দ্ধাভিষেকবেলা বিক্র ৩৫/৬। —দ্ধ ক্লী [+ত -ভা] অপরাধ, অভিভব। "ন তু গ্রীষ্মস্যৈবং সুভগমপরাদ্ধং যুবতিষু শ ৩.৬। —দ্ধা (-দ্ধৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী দ্ধ্রী] অপরাধ-কারী, দোষী।

অপরাধ পুং [অপ+ √রাধ্+অ (ঘঞ্)-ভা] ১ স্বকর্ত্তব্যের অকরণ-জন্য দোষ ; অতিক্রম। "°চণ্ড রঘু ২.৪৯। °লব।—বিক্র ৪.২৯। °বৃক্ষ হি ১.৪২। প্রণয়° । অমরু ৫২। সেবানামাপরাধ চৈ.চ ২২৬। ২ শাস্ত্রবিরুদ্ধ কর্ম্মজন্য দোষ। "যথাপরাধদণ্ডানাম্ (রঘুণাম্) রঘু ১.৬। মনু ৮.১২৬ ; প্রাপ্ত° ২৯৯। [শাস্ত্রে দ্বাত্রিংশৎপ্রকার অপরাধ দর্শিত হইয়াছে।] —ধী (-ধিন্) বিণ [অপ+ √রাধ্+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -ধিনী] অপরাধকারক, দোষী। "বিক্র ২.২১। পূর্ব্বকর্ম্ম° যাজ্ঞ ২.২৬৯। শত শত অপরাধে আমি অপরাধী কৃ ৩৫৮।

অপরান্ত পুং [অপরার অন্ত, ষ.ত] ১ পশ্চিমদিকের সীমা ; পশ্চিম-প্রান্ত। ২ পাশ্চাত্য, পশ্চিমসীমান্তবর্ত্তী রাজা। "°জয়োদ্যত রঘু ৪.৫৩ ; °মহীপাল ৫৮। ৩ শেষ সীমা। ৪ মৃত্যু। "°জ্ঞান (A.)। ৫ হস্তীর পশ্চাদ্ভাগের পদ। "মাঘ ১১.৭।

অপরার্দ্ধ বি [অপর অর্দ্ধ, কর্ম্মধা ; সংস্কৃতে 'অপর অর্দ্ধ'—'পশ্চার্দ্ধ' (পা ২.১.৫, সি)] অপর অংশ ; দ্বিতীয় খণ্ড।

অপরাপর বিং [অপর+অপর] (বাঙলায়) আর আর।

অপরাহ্ণ পুং [অহের অপর, এক.স, সমাসান্ত 'অ' (অচ্), ণত্ব ; অর্দ্ধর্চ্চাদিগণ পুং-নপুংসক ; ছান্দস] ১ দিবসের অপর ভাগ ; দিনান্ত, দিনশেষ। বিপ 'পূর্ব্বাহ্ণ'। "°শীতল মাঘ ৯.৪। শ্রাদ্ধস্য পূর্ব্বাহ্লাদপরাহ্লো বিশিষ্যতে মনু ৩.২৭৮। °বেলা চৈ.ভা ১১৩। [দ্বিধা বিভক্ত দিনের দ্বিতীয় ভাগ, ত্রিধা বিভক্ত দিনের তৃতীয় ভাগ, পঞ্চধা বিভক্ত দিনের চতুর্থ ভাগ 'অপরাহ্ণ'। দিনমান ত্রিশ দণ্ড হইলে, যথাক্রমে পঞ্চদশ, বিংশ ও অষ্টাদশ দণ্ডের পরবর্ত্তী কাল 'অপরাহ্ণ' হয়। পাঁচ ভাগের প্রত্যেক ভাগ তিন মুহূর্ত্ত, অর্থাৎ ২ ঘণ্টা ২৪ মিনিট ; ইহাদের প্রথমভাগ 'প্রাতঃকাল', দ্বিতীয় 'সঙ্গব', তৃতীয় 'মধ্যাহ্ন', চতুর্থ 'অপরাহ্ণ' ও পঞ্চম 'সায়াহ্ন' বা 'রাক্ষসী বেলা'। রাক্ষসী বেলা সর্ব্ব কর্ম্মে গর্হিত।] ২ (দিবসের সাদৃশ্যে, বাঙলায়) জীবিতকালের শেষ-ভাগ ; বয়ঃশেষ। "শুনিতে শুনিতে যেন পুত্রমুখে কৃষ্ণনাম, নবীনের হয় এই অপরাহ্ণ-অবসান ন ১৩২১। [অপরাহ্ণ বেলা—বিকাল বেলা। বেলা অপরাহ্ণ—অপরাহ্ণ বেলা ; রাক্ষসী বেলা। "বেলা অপরাহ্ণ হয়, বিলম্ব নাহিক সয়, আজ্ঞা কর করি কোন্ রূপ ব.প ৭৪৯।]

অপরিক্রম বিণ [ন পরিক্রমা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -মা] পরিক্রমা-রহিত, সঞ্চারাক্ষম, গতিশক্তিহীন। "জানন্নপি চ কিং কুর্য্যাদশক্তশ্চা-পরিক্রমঃ রা ২.৬৩.৪২।

অপরিগণিত বিং [ন.ত ; স্ত্রী -তা ; অপ্র] পরগিণনার অতীত, বাক্যাতীত, অনির্ব্বচনীয়। "অপরিগণিত, মহিমা-খচিত, বচন-মন-বিদূর ব.প ৫৯৮।

অপরিগ্রহ বিণ [ন পরিগ্রহ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -হা] ১ যাহার পত্নী নাই ; পত্নীহীন, বিপত্নীক। "পতিঃ পশূনামপরিগ্রহোঽভূৎ কু.স ১.৫৩। ২ পরিজনহীন, সহচরশূন্য। ৩ কন্থা-পুস্তকাদি বহুপরিগ্রহশূন্য (গী.টীকা)। "গী ৬.১০।—হ পুং ১ পরিগ্রহাভাব, অস্বীকার, অগ্রহণ। ২ (পাতঞ্জলে) পঞ্চবিধ যমের একতম। "পা.দ ২.৩০। —গ্রাহ্য বিণ [ন পরিগ্রাহ্য, ন.ত ; স্ত্রী -হ্যা] অগ্রহণীয়, অস্বীকার্য্য।

অপরিচিত বিণ [ন.ত] ১ পরিচয়রহিত, অজ্ঞাতকুলশীল, অজ্ঞাত। "কেন এই অপরিচিত শিশুকে ক্রোড়ে করিবার নিমিত্ত, আমার মন এত উৎসুক হইতেছে।—শকুন্তলা (বিদ্যাসাগর)। ২ অনুশীলিতভিন্ন, অকৃতানুশীলন।

অপরিচ্ছদ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দা] পরিচ্ছদহীন, বেষরহিত, দরিদ্র। "মনু ৮.৪০৫।

অপরিচ্ছিন্ন[১] বিণ [ন.ত ; স্ত্রী -ন্না] ১ অনাবৃত, মুক্ত। ২ (গৌণার্থে, বাঙলায়) অপরিষ্কৃত, মলিন।

অপরিচ্ছিন্ন[২] বিণ [ন.ত ; স্ত্রী -ন্না] ১ পরিচ্ছেদহীন, অখণ্ডিত, বিচ্ছেদহীন, সংশ্লিষ্ট। ২ সীমারহিত, নিরবধি, ইয়ত্তাশূন্য, অসীম। "তোমারে অপরিচ্ছিন্ন, ভাবি নিরন্তর শ্রী.ম ২৬৪। ৩ অবিশেষ, অবিলক্ষণ। —চ্ছেদ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দা] পরিচ্ছেদহীন, ইয়ত্তাশূন্য। —দ পুং [ন.ত] ১ পরিচ্ছেদাভাব, অবিচ্ছেদ, অবিরতি, সংশ্লেষ। ২ ইয়ত্তাভাব, অসীমতা। ৩ অবিশেষ, অবিলক্ষণভাব। ৪ ক্রমহীনতা, অপরিপাটি। —চ্ছেদ্য বিণ [ন.ত] পরিচ্ছেদের অযোগ্য ; ইয়ত্তা দ্বারা অনবধার্য্য। "রঘু ১০.২৮।

অপরিচ্ছেদ, -চ্ছেদ্য দ্র 'অপরিচ্ছিন্ন'।

অপরিণত বিণ [ন.ত] ১ অপ্রাপ্তপরিণাম, পরিপাকহীন, অপুষ্ট। ২ অপরিপক্ব, বিচারাক্ষম, অপরিণামদর্শী (বুদ্ধি)।

অপরিণাম পুং [ন.ত] পরিণামাভাব, বিকাররাহিত্য।

অপরিণামদর্শী (-র্শিন্) বিণ [ন.ত ; স্ত্রী -র্শিনী] যে পরিণাম (ভবিষ্যৎ ফল) দেখে না ; অদূরদর্শী, অবিবেকী, অপ্রাজ্ঞ। [°র্শিতা—পরিণামবিষয়ে অজ্ঞতা। "আমাদের অপরিণামদর্শিতা…দোষেই এই বিষম সর্ব্বনাশ ঘটিয়াছে সী ৩০।]

অপরিপক্ব বিণ [ন.ত ; স্ত্রী -ক্বা] ১ পরিপক্বভিন্ন, পরিণতিহীন, অপূর্ণ। ২ অসিদ্ধ, আম (তণ্ডুল)। ৩ অপরিণত, আপাকা (ফল, ফোটক—সুশ্রুত)।

অপরিবৃত বিণ [ন.ত] পরিবৃতভিন্ন, অদত্তবৃতিক (যাহা বেড়া-দেওয়া নহে)। "মনু ৮.২৩৮।

অপরিমাণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] ১ পরিমাণহীন, অমিত। ২ অসীম। ৩ বিপুল, অসংখ্য।—মিত বিণ [ন.ত] ১ সর্ব 'অপরিমাণ'। "°গুণগণ। ২ নানা, বিবিধ। "°মহাভূতৈর্বিচিত্রঃ (জলধিঃ) ভট্টি

১০.৬২। —মেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] পরিমাণের অযোগ্য ; অমেয়, বিপুল।

অপরিষ্কার, -স্কৃত বিণ [ন.বহুব্রী ; ন.ত ; স্ত্রী -রা ; -তা] পরিষ্কার-হীন, মার্জ্জনশূন্য, অমার্জ্জিত, শোধনসংস্কারহীন, আমাজা। —ষ্কার পুং [ন.ত] পরিষ্কারের অভাব ; মার্জ্জনরাহিত্য।

অপরিসর বিণ [ন.ত; স্ত্রী -রা] ১ বিস্তারহীন, অবিস্তৃত। ২ অসন্নিহিত, দূর। —র পুং [ন.ত] ১ পরিসরের অভাব ; বিস্তারাভাব। ২ প্রচারাভাব।

অপরিসীম বিং [ন.বহুব্রী ; স্ত্রী -মা] ১ পরিসীমাহীন, অসীম, অনন্ত, বিশাল। ২ অত্যধিক। "যন্ত্রণা অপরিসীম, নাহি সহি যেন নর-গৃধিনীর করে ন ৫০২।

অপরিস্ফুট বিণ [ন.ত ; স্ত্রী -টা] ১ অব্যক্ত, অর্দ্ধস্ফুট (ভাষা)। ২ অস্পষ্ট দৃশ্যমান বা প্রতীয়মান। ৩ অবিশদ, অবিস্পষ্ট, দুর্বোধ (ভাবাদি)।

অপরিহরণীয়, -হার্য্য বিণ [ন.ত ; স্ত্রী -য়া, -র্য্যা] ১ পরিহারের অযোগ্য; অবর্জ্জনীয়, অত্যাজ্য। ২ অশক্যপরিহার, অবশ্যম্ভাবী। "অপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি গী ২.২৭।

অপরীক্ষিত বিণ [ন.ত] ১ অসম্যগ্দৃষ্ট, রূপবর্ণপরিমাণাদি বিষয়ে তত্ত্বজ্ঞানহীন। "°ক্রয়বিক্রয় (মিতাক্ষরা)। ২ অবিচারিত, অবিবেচিত। "°কারী ভট্টি ১০.৪১। °কারক পঞ্চ। —৫৭৮

অপরুদ্ধ বিং [সং অপরাদ্ধ ; 'রুদ্ধ' এর অনুকরণে 'অপরুদ্ধ' ; অপ্র] ১ কৃতাপরাধ, অপরাধী। "মহা অপরুদ্ধ হৈল শান্তিপুরনাথ ঃ অপরুদ্ধ হই প্রভু প্রভুর বিরহে। উপবাস করি থাকিলেন গিয়া গৃহে॥ —চৈ.ভা ২৭৯। অপরুদ্ধ কংস স্তুতি করয়ে চৈ.ম ১৮০। ভ.গ্র ১৯১। ২ অপরাধ হেতু অপ্রতিভ বা হতবুদ্ধি।

অপরুব (-ব্) বিং [সং অপূর্ব্ব>প্রা অরূবর (প্রা.স ৯.২৩)>বা অপরুব, অপরূপ, অপুরব ; হি অপরূপ ; ঠ অপরূপ-ব,-ভ ; মৈ অপরূপ, ; অস অপরূপ ; অপ্র] ১ অলৌকিকরূপসম্পন্ন, অতিসুন্দর। "কি হেরিলোঁ অপরুব গোরি বি.প ২৯। এ সখি পেখলু অপরুব গোরি (বি.প)। ২ অদ্ভুত, বিস্ময়কর, অপূর্ব্ব। "অপরুব কথা শ্রী.কী ১.৫।

অপরূপ বিং [দ্র 'অপরুব'; অপরূপ—অপকৃষ্টরূপ (অথর্ব্ববেদ ১২.৪.৯) ; বাচস্পত্যে 'আশ্চর্য্যরূপ' অর্থে সংস্কৃত 'অপরূপ' ধৃত হইয়াছে।] ১ অদ্ভুত, বিস্ময়কর, আশ্চর্য্য। "অপরূপ দেখ আর, ওরে ভাই কর্ণধার, কমলে কামিনী অবতার ক.চ ২৪০। অপরূপ তব রূপ স.শ ৮৪। ২ অনুপম, অতুল, অলৌকিক। "অপরূপ রূপ, মনোভবমঙ্গল বি.প ৯; ১৬; অপরূপ মুরতি ৮৮। অপরূপ রূপ অতিরূপ জ.প ৭৮। একি অপরূপ রূপ তরুতলে ভা.চ ২৭৮। ৩ অদৃষ্টপূর্ব্ব, অদ্ভুত। "সখি হে অপরূপ চাতুরী গোরী বি.প ২৩। ৪ অলৌকিকরূপসম্পন্ন, পরমসুন্দর। "মাধব পেখলু অপরূপ বালা বি.প ৩২। ৫ অচিন্তিতপূর্ব্ব, অতর্কিত। "যোগী বেশ ধরি আওল আজ। কো ইহ সমুঝব অপরূপ কাজ॥—বি.প ১৩০।

অপরোক্ষ বিণ [ন.ত ; স্ত্রী -ক্ষা] পরোক্ষভিন্ন, ইন্দ্রিয়সন্নিকর্ষজন্য, প্রত্যক্ষ। "অপরোক্ষানুভূতি।

অপর্ণ বিণ [ন পর্ণ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -র্ণা] পর্ণহীন, পত্রশূন্য। —র্ণাস্ত্রী [স্ত্রী আ (টাপ্)] যাঁহার ভক্ষণার্থ পর্ণও ছিল না ; যিনি ব্রতকালে পত্রভক্ষণও ছাড়িয়াছিলেন ; পার্ব্বতী, উমা। 'স্বয়ং বিশীর্ণ-দ্রুমপর্ণবৃত্তিতা, পরা হি কাষ্ঠা তপসস্তয়া পুনঃ। তদপ্যপাকীর্ণমতঃ প্রিয়ংবদাং বদন্ত্যপর্ণেতি চ তাং পুরাবিদঃ কু.স ৫.২৮। ত্যজিল বৃক্ষের পত্র ত্যজি অন্নপান। এই হেতু অপর্ণা হইল অভিধান॥ —ক.চ ২৩। সকলি ত্যজিয়া দূরে, শীর্ণ পর্ণ রহিল আহার। তাহা ত্যাগ হৈল যবে, অপর্ণাখ্য হ'য়ে তবে, পবন-ভক্ষণ কৈল সার॥—শি ২২ ; অপর্ণাখ্য কন্যা ২৩। ভা.চ ১৭।

অপর্ব্ব (-র্ব্বন্) ক্লী [ন.ত] ১ পর্ব্বাভাব, গ্রন্থিহীনতা। ২ পর্ব্ব-ভিন্নকাল ; পূর্ণিমাদিতিথিভিন্ন তিথি (দ্র 'পর্ব্ব')। "অপর্ব্বণি গ্রহ-কলুষেন্দুমণ্ডলা বিভাবরী মা.মি ৪.১৬। শিরোঽপর্ব্বণি মুণ্ডিতম্। —পঞ্চ ৪.৪৭। অপর্ব্বে গ্রাসিল রাহু দেব দিবাকর ম ৩৭৪। —র্ব্বা (-র্ব্বন্) বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -র্ব্বা (-র্ব্বন্), -র্ব্বা (আকারান্ত)] যাহার পর্ব্ব নাই ; গ্রন্থিশূন্য (দন্তাদি)।

অপর্য্যন্ত বিণ [ন পর্য্যন্ত যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ন্তা, বৈদিক] পর্য্যন্ত-হীন, অসীম, ইয়ত্তাহীন, অসংখ্য, বিপুল। "অপর্য্যন্তং দুর্জ্জয়ং বানরং বলম্ গো.রা ৬.১.১৭। °বলো রাজা মহা ২.১৪.১৫।

অপর্য্যাপ্ত বিণ [ন.ত ; স্ত্রী -প্তা] ১ পর্য্যাপ্তভিন্ন, অপ্রচুর। ২ অসমর্থ, স্বকার্য্যাক্ষম। "অপর্য্যাপ্তং তদস্মাকং বলম্ গী ১.১০। ৩ অসম্পূর্ণ, অসমাপ্ত। ৪ অপরিচ্ছিন্ন, অবিশ্লিষ্ট। "°সহস্রভানুনা (ভানুনা) মাঘ ১.২৭। ৫ ইয়ত্তারহিত। ৬ প্রচুর, প্রভূত, ভূরি। "অপর্য্যাপ্ত অন্নলাভ সী ৭৫। অপর্য্যাপ্ত আনন্দ চা.তৃ ২ ; অপর্য্যাপ্ত শস্য ৩৫। সুখ অপর্য্যাপ্ত হইয়া উঠে।—গল্পগুচ্ছ। —প্তি স্ত্রী [ন.ত] পর্য্যাপ্তির অভাব ; অপ্রাচুর্য্য। ২ অপরিচ্ছেদ, অনবধিত্ব। "ভূরিবসোরাস্য-জেত্যপর্য্যাপ্তির্বহুমানস্য মা.মা ১৩৩। ৩ অসামর্থ্য।

অপর্য্যুষিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ পর্য্যুষিতভিন্ন, সদ্যোজাত, অভিনব, টাটকা। "°নিশ্ছিদ্রৈঃ (পুষ্পৈঃ সংপূজয়েদ্ধরিঃ)।—শ.ক। ২ সদ্যঃপালিত, তৎকালানুষ্ঠিত। "°দারুণাং প্রতিজ্ঞামুপলভ্য বে ৬৪; °প্রতিজ্ঞে চ মারুতৌ ১/৫। ৩ নিঃশেষিত। "°পাপ মহা ১.১৭০.২১।

অপলপন ক্লী [অপ+ √লপ্+অন (ল্যুট্)-ভা] ১ অপকৃষ্ট কথন ; অযথাভাষণ, অপহ্নব, গোপন। ২ কাকুক্তি। "মু ৩.১৪। ৩ অস্বীকার। —লপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অস্বীকৃত। "মনু ৮.৪০০, কুল্লুক। —লাপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সর্ব 'অপলপন' (১)। "প্রত্যক্ষ-সিদ্ধস্যাপলাপঃ (ত.বা)। সী ১৮। ২ অস্বীকার। ৩ নিহ্নব, আবরণ। "দ্যুতিমণ্ডল° মাঘ ২০.২৮। ৪ [+অ-ণ] প্রেম, স্নেহ (মেদিনী)। ৫ (বাঙলায় ; অপ্র) অসঙ্গত বাক্য ; অন্যায় কথা। "ঈশ্বর বলেন বাছা অপলাপ ছাড় শ্রী.মা ২১৩। —লাপী (-পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -পিনী] ১ অপলাপকারী, অস্বীকর্ত্তা। [অপলাপদণ্ড—(স্মৃতিতে) অভিযোগবিষয় মিথ্যা বলার জন্য দণ্ড বা জরিমানা।]

অপলপিত, -লাপ, -লাপদণ্ড, -লাপী দ্র 'অপলপন'।

অপলায়ন ক্লী [ন.ত] পলায়নাভাব, অপরাঙ্মুখীভাব, প্রতিজ্ঞাপূর্ব্বক অবস্থিতি। "যুদ্ধে চাপ্যপলায়নম্ গী ১৮.৪৩। —লায়ী (-য়িন্) বিণ [ন.ত ; স্ত্রী-য়িনী] অপলায়নকারী, অপরাঙ্মুখ। "সংগ্রামেষ্বপলায়িনম্ মহা ৩.১৪০.৯।

অপশকুন পুং, ক্লী [প্রা.স] অপকৃষ্ট শকুন ; দুর্নিমিত্ত, দুর্লক্ষণ। "নির্গমনসময়ে অপশকুনোঽভূৎ (দ্বাত্রিংশৎপুত্তলিকা)।

অপশঙ্ক বিণ [অপগতা শঙ্কা যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -ঙ্কা] নিঃশঙ্ক, নির্ভীক।

অপশব্দ পুং [অপকৃষ্ট শব্দ, প্রা.স] ১ শক্তিবৈকল্য প্রমাদ আলস্যাদি হেতু অন্যথা উচ্চারিত শব্দ। 'ত এব শক্তিবৈকল্যাৎ প্রমাদালসতা-দিভিঃ। অন্যথোচ্চারিতাঃ শব্দা অপশব্দা ইতীরিতাঃ ॥ ২ ব্যাকরণ-বিরুদ্ধ শব্দ ; অশুদ্ধ শব্দ। ৩ গ্রাম্য শব্দ। ৪ সংস্কৃতভিন্ন ভাষা ; অপভ্রংশ ভাষা। ৫ অপভাষ, গর্হণা। "মাঘ ৮.৪৩।

অপশীর্ষ বিণ [অপগত শীর্ষ যাহার, বহুব্রী ; স্ত্রী -র্ষা] অপগতশীর্ষ, মস্তকহীন।

অপপশু পুং [ন.ত] অপ্রশস্ত পশু ; গো-অশ্ব-ভিন্ন পশু। 'অপশবো বা অন্যে গোঅশ্বেভ্যঃ (শতপথব্রাহ্মণ)।

অপশোক বিণ [অপগত শোক যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -কা] অপগতশোক, শোকরহিত, দুঃখহীন। "°মনাঃ রঘু ৮.৮৬। —ক পুং অশোক বৃক্ষ। দ্র 'অশোক'।

অপশ্চিম বিণ [ন.ত ; স্ত্রী -মা] ১ অগ্রিম, প্রথম, প্রধান, অগ্রগণ্য। "কণ্বপশ্চ মহাভাগস্তেষামাসীদপশ্চিমঃ গো.রা ৩.২০.৯। শ্রুতবতামপশ্চিমঃ রঘু ১৯.১। ২ [ন পশ্চিম যাহার, ন. বহুব্রী ; স্ত্রী -মা] যাহার পশ্চাদ্ভব নাই ; অন্তিম, চরম। "অপশ্চিম...পাদপঙ্কজস্পর্শঃ উ.চ ১২৯/৫। অপশ্চিমঃ বাহুপরিষঙ্গঃ মা.মা ৯৩৭/৮। অপশ্চিমঃ প্রণামঃ।—নাগানন্দ ৫। ৩ অপরাবর্ত্তী (নীলকণ্ঠ), নিরতিশয়, পরম। "অপশ্চিমাম্...আপদং প্রাপ্তবত্যহম্ মহা ৩.৬৫.৩৩।

অপশ্রী বিণ [অপগত শ্রী যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -শ্রী ; ক্লী -শ্রি] অপগতশ্রীক, শ্রীহীন। "কুমুদবনমপশ্রি মাঘ ১১.৬৪।

অপসদ বিণ [অপ+ √সদ্+অ (অচ্)-ক ; স্ত্রী -দা] ১ যে অধঃ যায় ; নিকৃষ্ট, অধম, নীচ। "ক্ষত্রিয়°, গজ°, নর°, বানর,° ব্রাহ্মণ°, রাক্ষস°। ষড়েতেঽপসদাঃ মনু ১০.১০। ২ অপগত (কুল্লুক)। "মনু ১০.১৬ ; ১৭। —দ পুং ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়াদি-স্ত্রীতে, ক্ষত্রিয় হইতে বৈশ্যাদি-স্ত্রীতে ও বৈশ্য হইতে শূদ্র-স্ত্রীতে অনুলোমজাত ষড়বিধ পুত্র। 'মনু ১০ ১০। ['অপসদ'—নিকৃষ্ট (কুল্লুক)।]

অপসব্য বি [সব্য হইতে অপক্রান্ত, প্রা.স ; স্ত্রী -ব্যা ; তু 'অবসব্য' (রত্নকোষ—অ.টী)] ১ বাম হইতে অপগত ; দক্ষিণ। "অপসব্যেন হস্তেন মনু ৩.২১৪। ২ দক্ষিণসংস্থ (কুল্লুক), দক্ষিণস্থ। "অপসব্যং ততঃ কুর্ব্বন্ রাবণস্য মহারথম্ গো.রা ৩.৪৭.১৩ ; ৬.৯০.১৯। ৪ প্রাচীনাবীত (যজ্ঞোপবীত)। "যাজ্ঞ ১.২৩২। —সব্য ক্লী ১ দেহের দক্ষিণভাগ ; দক্ষিণ অঙ্গ (অ.টী)। "সব্যে অপসব্যে জয়া বিজয়া নির্ম্মাণ ত্রু ১০। ২ পিতৃতীর্থ—প্রদেশিনী ও অঙ্গুষ্ঠের মধ্য।

অপসর[১] পুং [অপ+ √সৃ+অ (অপ্)-ভা] ১ অপযান, প্রয়াণ। ২ [+অ-ণ (কুল্লুক)] যাহা দ্বারা ধনাদি অপসৃত হয় ; ক্রয়প্রতিগ্রহাদি। "মনু ৮.১৯৮। —সরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'অপসর (১)। ২ পলায়ন। "কার্য্যলাভমপেক্ষ্যাপসরণং ক্রিয়তে বুধৈঃ। —পঞ্চ ৩.৪০ ; °সময় ৪৪/৪৩।

অপসর[২] বি [সং অবসর ; অপ্র] অবকাশ, কার্য্যবিরাম। "অচিরাতে অপসরে আবার আসিব শ্রী.মা ৪৫।

অপসর[৩] সং, ক্রি [অপ+ √সৃ+হি (অনুজ্ঞা, মধ্যমপুরুষ -১ব)] অপগত হও ; সরিয়া যাও। "অপসর বানর, ক্ষণেক রহ দূরে ম.বি ১৪৯।

অপসর্জ্জন ক্লী [অপ+সৃজ্+অন (ল্যুট্)-ভা] ১ বর্জ্জন, পরিহার। ২ ত্যাগ, দান। ৩ বধ (শ.ক)। ৪ [+অন-ধি] মোক্ষ, নির্ব্বাণ।

অপসর্প পুং [অপ+ √সৃপ্+অ (ঘঞ্)-ভা] ১ অপসরণ, অপযান, অপগম, পলায়ন। ২ [+অ (অচ্)-ক] চর, গূঢ়পুরুষ। "রঘু ১৪.৩১ ; ১৭.৫১। —সর্পণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'অপসর্প (১)। ২ (মল্লশাস্ত্রে) প্রতিযোধ-মল্লকে ছাড়িয়া পশ্চাদ্গমন বা পিছান। বিপ 'উৎসর্পণ'। "ভ ১০.৪৪.৪।

অপসার পুং [অপ+ √সৃ+অ (ঘঞ্)-ভা] ১ অপসরণ, পলায়ন, প্রস্থান। "সাবশেষ° মৃ ৭.৩। ২ অপসরণ, নিষ্ক্রমণ, নির্গম। "দুঃখলভ্য° মাঘ ১৮.৪০। °সমাযুক্ত, °পরিত্যক্ত।—পঞ্চ ৩.১১৯। ৩ [+ √সারি +অ (অচ্)-ভা] অপসারণ, অপনয়ন, বহিষ্করণ। —সারণ ক্লী, —সারণা স্ত্রী [+অন (ল্যুট্), +অন (যুচ্),-ভা ; স্ত্রী আ (টাপ্)] অপনয়ন, নিঃসারণ, দূরীকরণ, বহিষ্করণ। "কিং নিমিত্তমেষা অপসারণা ক্রিয়তে মৃ ৪৪/৪। —সারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -তা] ১ অপনীত, নিঃসারিত, দূরীকৃত, বহিষ্কৃত। ২ উৎসারিত। [অপসারি—অপসারণ করিয়া ; অপনয়ন করিয়া। "বিঘ্ন দাও অপসারি। —রবীন্দ্র।]

অপসারণ, -সারিত দ্র 'অপসার'।

অপসিদ্ধান্ত পুং [প্রা.স] যাহা সিদ্ধান্ত হইতে অপক্রান্ত ; স্বীকৃত সিদ্ধান্ত হইতে স্খলনরূপ দোষবিশেষ ; এক সিদ্ধান্তমত আশ্রয় করিয়া কথারম্ভে তদ্বিরুদ্ধ সিদ্ধান্তের মত আশ্রয়পূর্ব্বক উত্তরদান (ন্যায়কোশ)।

অপসৃত বিণ [অপ+ √সৃ+ত(ক্ত) -ক] ১ অপগত। "রমণী... অবগুণ্ঠনের কিয়দংশ অপসৃত করিয়া...দৃষ্টি করিতেছিলেন ব.প্র ৬। ২ প্রস্থিত, অপগত ; পলায়িত। ৩ স্খলিত, পতিত। "°পাণ্ডুপত্রা (লতা) ৪.১২। ৪ স্রস্তাংস, শিথিলমূল। "অপসৃতাভ্যাং বাহুভ্যাম্ শ ৬২/৪। ৫ সংহিত, কৃতসন্ধান। "অপসৃতমপি শস্ত্রং প্রণিদধ্যাৎ ম.চ ২২/৩। —সৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অপসরণ, অপগম ; পলায়ন।

অপস্কর পুং, ক্লী [অপ+ √কৃ+অ (অপ্)-র্ম্ম, 'রথাঙ্গ' অর্থে 'স্' (সুট্) নিপাতিত, পা ৬.১.১৪৯] ১ যাহা অপকীর্ণ (স্ব স্ব স্থানে ক্ষিপ্ত) হয় ; রথাবয়বসামান্য (অ.টী) ; রথাঙ্গ, চক্রভিন্ন রথারম্ভক অবয়ব (অ.চি)। "অপস্করমধিষ্ঠানে হিমবান্ বিন্ধ্যপর্ব্বতঃ মহা ৮ (ত.বা)। স্বর্ণময় ধুরা, স্বর্ণময় অপস্কর।—রঙ্গ ২২১। ২ গুহ্যদ্বার। ৩ বিষ্ঠা। "অনাসৃষ্টি বশিষ্ঠ বলিল পুনঃ পুনঃ। একদিন বলে আজি অপস্কর আন॥ —শি ৩৭।

অপস্নাত বিণ [অপ+ √স্না+ত (ক্ত)-ক] ১ অপকৃষ্টভাবে (অমঙ্গলার্থ) স্নাত ; মৃতের উদ্দেশে কৃতস্নান (জন) ; মৃতস্নাত (অ.কো) ; মৃতস্নানস্নাত (রা.টীকা)। "রা ২.৪২.২২। ২ সংস্কারার্থ স্নাপিত (মৃতজন)। —স্নান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ মৃতের উদ্দেশে কৃত স্নান ; মৃতস্নান (অ.চি)। ২ স্নানাবশিষ্ট জলে স্নান ; অপবিত্র স্নান। ৩ [প্রা.স] স্নান হইতে অপক্রান্ত জল ; স্নানাবশিষ্ট জল ; স্নানোদক। "মনু ৪.১৩২।

অপস্মার পুং [অপ+ √স্মারি+অ (অচ্)-ক] ১ যাহা অপস্মারণ করে (ভুলায়) ; রোগবিশেষ, ভূতবিক্রিয়া, মৃগীরোগ (Epilepsy)। "ধূর্ত্তোঽপস্মাররোগী স্যাৎ।—শাতাতপ ৩.১১। ২ (অলঙ্কারশাস্ত্রে) ব্যভিচারিভাববিশেষ 'সা.দ ৩.১৫৩। —স্মারী (-রিন্) বিণ [অপস্মার+ ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -রিণী] অপস্মাররোগযুক্ত। "মনু ৩.৭। মাঘ ৩.৭২।

অপহ বিণ [অপ+ √হন্+অ (ড)-ক, পা ৩.২.৫০ ; স্ত্রী -হা] অপঘাতক, নিরাসক, নাশক। "ক্লেশ°, তমোঽপহ (পা)। জীবিত° রঘু ৮.৪৬ ; পাপকর্ম্ম° ১৭.৬১। বিষ° মনু ৭.২১৭। দুঃখশোক° গো.রা ৩.৭৯.৪৪। দংশমশক°।—পঞ্চ ৩.৯৬। ভীরুভয়াপহ ! বা.দ ৩। [সমাসে উত্তরপদ]

অপহত বিণ [অপ+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] বিনাশিত, বিধ্বস্ত। "দেশেঽপহতকণ্টকে মহা ৩.১৪৫.২৪। °পাপ্মা উ ৩৫/১। —হতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] নাশন, ক্ষয়, নিরাস। "রাক্ষসানামপহত্যৈ (ঐতরেয়ব্রাহ্মণ)। —হনন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'অপহতি'। —হন্তা (ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী -ত্রী ; বৈদিক] অপঘাতক, নাশক, নিরাসক। "রক্ষসামপহন্তা (শতপথব্রাহ্মণ)।

অপহতি, -হনন, -হন্তা দ্র 'অপহত'।

অপহর বিণ [অপ+ √হৃ+অ (অচ্)-ক ; স্ত্রী -রা] অপহারক, নাশক। "ভবভয়° (ত.বা)। —হরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অপনয়ন, অপসারণ। ২ স্তেয়, চৌর্য্য। "সীতাদ্রব্য° মনু ৯.২৯৩ ; ভক্ষ্যভোজ্য° ১১.১৬৬। ৩ অপকৃষ্টভাবে (অর্থাৎ ছলপূর্ব্বক) গ্রহণ।

"রাজ্য° মহা ৩.৬২.৯। ৪ নাশ, ক্ষয়। "কোপেন...তপোঽপহরণে কৃতে রা ১.৬৪.১৬; ১৭। —হরণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম; স্ত্রী -য়া] ১ অপনেয়, অপসারণীয়। ২ অপহরণযোগ্য, অপহরণীয় দ্রব্য-বিষয়ে দ্রষ্টব্য (মনু ৮.৩৪১)। —হর্ত্তা (-র্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব; স্ত্রী -হর্ত্রী] ১ অপহারক, চোরয়িতা। "কোষ° মনু ৯.২৭৫। ২ অপহ্নবকারী, অপলাপী। "নিক্ষেপস্যাপহর্ত্তারম্ মনু ৮.১৯০; ১৯২। ৩ নিরাকর্ত্তা, নাশক। "স্তেয়পাপ° মনু ১১.১৬২। ৪ [+তৃ (-তৃন্) শীলার্থে -১ব] অপহরণশীল। "পা ৩.২.১৩৫, কাশিকা। [অপহরি—অপহরণ করিয়া; নাশ করিয়া। "পিত্ত শ্লেষ্মা...বলে কভু আক্রমিছে৷ অপহরি জ্ঞান তার মে ২৬৬।]

অপহরণ, -হরণীয়, -হর্ত্তা দ্র 'অপহর'।

অপহসিত ক্লী [অপ+ √হস্+ত (ক্ত)-ভা] অপকৃষ্ট হাস্য; নীচের হাস্য; সাশ্রুনেত্রসহিত হাস্য। 'নীচানামপহসিতম্ সা.দ ৩.২১৭; অপহসিতং সাস্রাক্ষম্ ২১৯।

অপহার পুং [অপ+ √হৃ+অ (ঘঞ্)-ভা] ১ অপহরণ, চৌর্য্য। "ভার্য্যা° গো.রা ৩.৭৫.৬০। সর্ব্বধন° মহা ১.৮৫.১৬। ধান্য° মনু ৮.৩৩২, কুল্লুক। সর্ব্বধন-অপহারে ম ৬৯; ১০৭১; ১০৯৬। ২ নাশ, ছেদন। "নাসাকর্ণ° রা ৩.৩৬.১৩। ৩ অপনয়ন। "শ্রীকৃষ্ণের ঘৃতপাত্র হৈল অপহার চৈ.ভা ২৪২। ৪ ভঙ্গ। "নিদ্রা° (প্রবোধ-চন্দ্রোদয়)। ৫ অপচয়। ৬ হানি। ৭ সংগোপন, নিহ্নব। "আত্মা-পহার শ ১২১/২। ৮ পুনর্গ্রহণ। "পাপ হৈল দত্ত-অপহার চৈ.চ ৩৫০। ৯ ধনস্বামীর অনুপযোগী ব্যয় (শ.ক)। —হারক বিণ [+অক (ণ্বুল্) -ক; স্ত্রী -রিকা] ১ অপহরণকারী, চৌর্য্যকারক। "পরদ্রব্য° মনু ৯.২৫৬; বস্ত্র° ১১.৫১। পরপত্নী° যাজ্ঞ ৩.২১৩। ২ অপনেতা, স্থানান্তর-প্রাপক। "জাল° হি ১৩/৪। ৩ সঙ্গোপক, অপলাপী। "আত্ম° মনু ৪.২৫৫। ৪ নাশক। ৫ অপসারক। —ক পুং চৌর। —হারণ ক্লী [+ √হারি+অন (ল্যুট্)-ভা] অন্য দ্বারা অপনয়ন। "স্বরাষ্ট্রং বাসয়েদ্ রাজা পরদেশাপহারণাৎ হি ৩.৯৮। —হারিত বিণ [+ √হারি (স্বার্থে ণিচ্) +ত (ক্ত)-র্ম] অপহৃত, অপনীত। "অশ্বঃ... ময়াপহারিতঃ রঘু ৩.৫০। —হারী (-রিন্) বিণ [+ √হৃ+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -রিণী] ১ অপহারক, চৌর্য্যকারক। "ক্ষেত্র-দার°। দারাপহারী গো.রা ৫.৬৬.৩১। ২ অপহরণশীল, আকর্ষক। "বিষয়েষপহারিষু মনু ২.৮৮। ৩ বিনাশী, ক্ষয়কারী। "সর্ব্বভূত° গো.রা ৪.৪৪.৮১; কালপাশেন সর্ব্বভূতাপহারিণা ৫.৮৮.২১।

অপহারক, -হারণ, -হারিত, -হারী দ্র 'অপহার'।

অপহাস পুং [প্রা.স] অপকৃষ্টহাস্য, বৃথাহাস্য (অ.চি)। —হাস্য ক্লী [প্রা.স] অতিশয়িত হাস্য (রা.টীকা)। "অপহাস্যং মে (জায়তে) রা ২.২৭.২।

অপহৃত বিণ [অপ+ √হৃ+ত (ক্ত) -র্ম] ১ চোরিত। "হা পুত্রবৎসল ভগবন্ শ্বেতকেতো! তোমার সর্ব্বস্ব অপহৃত হইয়াছে কাদ ৬২। ২ অপনীত, অপসারিত। ৩ স্বীকৃত, গৃহীত। "যেন (হরিণা) মেঽপহৃতং তেজঃ ভ ১.১৫.৫। ৪ সংমুষিত, তিরস্কৃত, নিরস্ত (গী.টীকা)। "মায়য়াপহৃতজ্ঞানঃ গী ৭.১৫। °জ্ঞান মহা ৩.৬২.২৫। °বিক্রম ভ ৮.১৩.২৫। দুই একজন সুরাপহৃতবুদ্ধি কামিনীর অসম্বদ্ধগীতিশব্দ ব.প্র ২০৭। ৫ প্রতিহত, বারিত। "যেন মেঽপহৃতা গতিঃ গো.রা ৫.৫৬.৫৩। ৬ অভিভূত। "দময়ন্তী...নিদ্রয়াপহৃতা মহা ৩.৬২.৭।

অপহ্নব পুং [অপ+ √হ্নু+অ(অপ্)-ভা] ১ অপলাপ, গোপন, অস্বীকার। "পা ১.৩.৪৪। মনু ৮.৫২; ১৩৯। জ্ঞাতং ময়া তে হৃদয়ং সখে মাপহ্নবং কৃথাঃ ক.সা ১০.৯২। শুক্রাচার্য্য পুনঃ পুনঃ আঁখি মটকায়। বাক্যে অপহ্নব করিবারে যে কহয়॥—ভ.গ্র ১৩১। ২ স্নেহ (মেদিনী)। —হ্নুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সর্থ 'অপহ্নব (১)'। ২ (অলঙ্কারশাস্ত্রে) অর্থালঙ্কার-বিশেষ। [প্রকৃত অর্থাৎ উপমেয়ের গোপন করিয়া উপমানের স্থাপনকে 'অপহ্নুতি' অলঙ্কার কহে (সা.দ ১০.৩৮)। "নেদং নভোমণ্ডলমম্বুরাশির্নৈতাশ্চ তারা নবফেনভঙ্গাঃ।—ও নহে আকাশ, নীলনীরনিধি হয়। ও নহে তারকাবলী, নবফেনচয়॥]

অপাংপতি পুং [ষ.ত, অলুক্] ১ জলসমূহের পতি; সমুদ্র। ২ বরুণ। "মহা ৩.৫৭.৩৮।

অপাংশুলা স্ত্রী [ন.ত] পাংশুলাভিন্না, পতিব্রতা, সতী। "অপাংশুলানাং ধুরি কীর্ত্তনীয়া রঘু ২.২।

অপাক বিণ [ন পাক যাহার, ন.বহুব্রী; স্ত্রী -কা] ১ পরিপাকহীন, অজীর্ণ। ২ অপক্ব (ফলাদি)। ৩ অসিদ্ধ, আম (তণ্ডুলাদি)। —ক পুং [ন.ত] ১ পাকাভাব, অপরিপাক, অজীর্ণ। ২ অজীর্ণরোগ। ৩ অসিদ্ধভাব, আমভাব (অন্নাদির)। ৪ পক্বতার অভাব (ফলাদির)।

অপাকরণ ক্লী, **-কৃতি** স্ত্রী [অপ-আ+ √কৃ+অন (ল্যুট্), +তি (ক্তিন্), -ভা] ১ অপসারণ, অপনয়ন, দূরীকরণ। ২ নিরাকরণ, প্রত্যাদেশ। "তদপাকরণায়াহ (প্রশ্নোপনিষদ্-ভাষ্য)। ৩ শোধন, শুদ্ধি। "ঋণত্রয়াপকরণান্ নাস্ত্যপবর্গঃ (গৌতমসূত্র)। —করিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্) তাচ্ছীল্যে-ক, বাহুলকে; স্ত্রী -ষ্ণু] অপাকরণশীল, অপসারণ-শীল। "বর্ণঃ স্বর্ণাপকরিষ্ণুঃ (ভর্তৃহরি)।

অপাকীর্ণ বিণ [অপ-আ+ √কৄ+ত (ক্ত)-র্ম; স্ত্রী -র্ণা] অপাকৃত, নিরস্ত, ত্যক্ত। "কু.স ৫.২৮।

অপাকৃত বিণ [অপ-আ+ √কৃ+ত (ক্ত)-র্ম] ১ অপসারিত, অপ-নীত, দূরীকৃত, নিরস্ত। "ত্বয়ি...অপাকৃতে গুণৈঃ মাঘ ১৫.৩৩। ২ নিবারিত। ৩ শোধিত (ঋণ)। —কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সর্থ 'অপাকরণ'। ২ বিকার। "কি ১.২৭। —ক্রিয়া স্ত্রী [+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'অপাকরণ'। ২ শোধন। "ঋণানামনপক্রিয়া (ত.বা)।

অপাঙ্‌ক্ত, -ঙ্‌ক্তেয়, -ঙ্‌ক্ত্য বিণ [ন.ত] পঙ্‌ক্তিভোজনের অযোগ্য; সাধুলোকের সহিত একত্র ভোজনাদির অযোগ্য; পঙ্‌ক্তিদূষণ, সমাজচ্যুত (Excommunicated)। "°য় মনু ৩.১৬৭; ১৭০; °ঙ্‌ক্তদান ১৬৯; °ঙ্‌ক্ত্য ১৭৬; ১৮২।

অপাঙ্‌ক্তেয়, -ঙ্‌ক্ত্য দ্র 'অপাঙ্‌ক্ত'।

অপাঙ্গ বিণ [অপগত অঙ্গ যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -ঙ্গা,-ঙ্গী] অঙ্গহীন, বিকলাঙ্গ। —ঙ্গ পুং [অপ+ √অঙ্গ্+অ (অচ্)-ক; তু 'অবংগ'—কটাক্ষ (দেশী ১.১৫)] ১ যাহা অপকৃষ্ট (তির্য্যক্) যায়; নেত্রান্ত, নেত্র-প্রান্ত, নয়নকোণ। "চলাপাঙ্গাং দৃষ্টিং স্পৃশসি শ ১.২১। শুক্ল° পু মে ২৩; লোল° ২৮; ধৌত° ৪৫। রুচির° মহা ৩.৫৯.১৬। অপাঙ্গ-ইঙ্গিতে দু ২০। অপাঙ্গলোকনে শ্রী.ম ১৪২। হের মা অপাঙ্গ-ভঙ্গে দা ২১৪৪। আনন্দাশ্রু অপাঙ্গেতে উদিত হইল স.শ ৮৪। ২ তিলক (অ.কো)। ৩ কণ্টক হেতু অপকৃষ্টাঙ্গ; অপামার্গ, অপাঙ্গাছ। "ওকড়া ধুতরা কাটে অপাঙ্গ ক.চ ৭৭। ৪ অনঙ্গ, কামদেব। —ঙ্গক পুং [অপাঙ্গ+ক (কন্) স্বার্থে] ১ নেত্রপ্রান্ত। "অপাঙ্গকো মে স্ফুরতি মা.মি ২.৪। ২ সর্থ 'অপাঙ্গ'।

অপাঙ্গদর্শন ক্লী, **-দৃষ্টি** স্ত্রী, **-বীক্ষণ** ক্লী, **-মোক্ষ** পুং [তৃ.ত] নেত্রান্ত দ্বারা দর্শন বা দৃষ্টিমোচন; কটাক্ষ। "°ক্ষ।— ভ ২.১.৩১; ১০.১৫.৪৩।

অপা'ট (-ট্) বি [অপরিপাটি > 'অপাটি'—মূল] বিশৃঙ্খলতা, এলো-মেলোভাব অগোছালভাব। [অপা'ট অঘা'ট করা—গৃহদ্রব্য বিশৃঙ্খল করা ও অপরাধ করা। "অপা'ট অঘা'ট করা ছেলেপিলের স্বভাব।]

অপাঠ্য বিণ [ন.ত] পাঠের অযোগ্য; অস্পষ্টাক্ষরে লিখিত; যাহা পড়া যায় না।

অপাতক বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -কা] যাহাতে পাতক নাই ; পাপস্পর্শ-শূন্য। "পঞ্চানৃতাস্ত্বাহুরপাতকানি মহা ১.৮২.১৬।

অপাত্র ক্লী [ন.ত] ১ অপ্রশস্ত আধার—ভাণ্ডাদি। ২ বিদ্যাতপোরহিত নট-বিটাদি ; মূর্থতস্করাদি, বিট-নট-নর্ত্তকাদি (গী.টীকা) ; অসৎপাত্র, অযোগ্যপাত্র। "গী ১৭.২২। °ভৃৎ।—পঞ্চ ১। বিদ্যেব কন্যকা মোহাদ-পাত্রপ্রতিপাদিতা। যশসে ন, ন ধর্ম্মায়, জায়েতানুশয়ায় তু॥—ক.সা ২৪.২৬। অপাত্রেতে কন্যা দিবে অতি অনুচিত ভ.গ্র ২.৪।

অপাত্রদায়ী (-য়িন্), -বর্ষী (-র্ষিন্) বিণ [অপাত্র+ √দা, √বৃষ্ +ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত, স্ত্রী -য়িনী, -র্ষিণী] অপাত্রে দানশীল ; অযোগ্যপাত্রে দাতা। "°র্ষী বিষ্ণু ৩.৩৪।

অপাত্রীকরণ ক্লী [অপাত্র+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্)-ক] যাহা অপাত্র করে ; নিন্দিত হইতে ধনগ্রহণাদি চতুর্ব্বিধ পাতক। 'নিন্দিতেভ্যো ধনাদানং বাণিজ্যং শূদ্রসেবনম্। অপাত্রীকরণং জ্ঞেয়মসত্যস্য চ ভাষণম্॥—মনু ১১.৭০।

অপাদান ক্লী [অপ-আ+ √দা+অন (ল্যুট্) -অপা] ১ যাহা হইতে বিশ্লিষ্ট হয় ; বিশ্লেষ বুঝাইলে, যাহা অবধিভূত, তাদৃশ কারক-বিশেষ (Ablative Case)। 'পা ১.৪.২৪। [নির্দ্দিষ্টবিষয় (শ্রুত-সাধ্যক্রিয়), উপাত্তবিষয়/উহ্যসাধ্যক্রিয় ও অপেক্ষিতক্রিয় ভেদে অপাদান ত্রিবিধ। (১) 'বৃক্ষাৎ' পর্ণং পততি। (২) 'ঘনাৎ' (নিঃসৃত্য) বিদ্যোততে বিদ্যুৎ। (৩) 'কুতো' ভবান্ ?—পাটলিপুত্রাৎ (উত্তর) ; এখানে 'আগতঃ' অপেক্ষিতক্রিয়া।] ২ [+অন-ভা] বিশ্লেষণ, নিয়োজন।

অপান পুং [অপ+ √অন+অ (অচ্) -ক ; ছান্দস] যাহা অধোদেশে যায় ; গুদস্থিত বায়ু ; গুহ্যবায়ু। বিপ 'প্রাণ'। 'গুদেঽপানঃ (সংস্থিতঃ)। —অ.টী। অপানো নাম অবাগ্‌গমনবান্ পায্বাদিস্থানবর্ত্তী (বেদান্তসার)। "প্রাণ° গী ৫.২৭। —ন ক্লী [+অ (ঘঞ্)-ণ] যাহা দ্বারা মলাদি অধোগত হয় ; বিষ্ঠানির্গমমার্গ (অ.টী) ; গুদ, পায়ু, মার্গ। "°প্রদেশে পা ৩.১.১৫, সি। [°দ্বার (ক্লী)—গুহ্যদ্বার (Anus)। °পবন (পুং)—অপানবায়ু। °মারুতমোচন (বি)—বাতকর্ম্ম। "ভ.গ্র ২৮৯'।]

অপানৃত বিণ [অপগত অনৃত যাহা হইতে, বহুব্রী] অপগতানৃত, সত্য। "°কথ রা ২.৩৪.৩৮।

অপাপ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -পা ; বৈদিক] যাহার পাপ নাই ; পাপ-হীন, ধার্ম্মিক, পবিত্র, শুদ্ধচরিত্র, সৎ। "ইয়ং...অপাপা পতিদেবতা রা ৭.৯৬.২২। খুল্লনারে ধনপতি জানিল অপাপ ক.চ ১৮০। ওহে অপাপপুরুষ, দীনহীন আমি এসেছি পাপের কূলে।—রবীন্দ্র। [°বিদ্ধ পাপবিদ্ধভিন্ন, পাপবেধহীন, পাপসম্পর্কশূন্য। "প্রশ্নোপনিষৎ ৮।]

অপাপী (-পিন্) বিণ [ন.ত ; স্ত্রী -পিনী] সর্থ 'অপাপ'।

অপাবরণ ক্লী [অপ-আ+ √বৃ+অন (ল্যুট্)-ভা] উদ্‌ঘাটন, আবরণমোচন। —বৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অনাবৃত, অনাচ্ছাদিত। ২ উদ্‌ঘাটিত, নিরাবরণ, মুক্ত। "অপাবৃতং দ্বারমাপদাম্ রা (ত.বা) ; ক.সা ২১.১১৮। অপাবৃতং পক্ষদ্বারম্ মৃ ১৩৮।' গী ২.৩২। ৩ ব্যাদত্ত, বিস্তারিত। "আস্যাদ্ অপাবৃতাৎ মহা ১.২৯.২। ৪ আবৃত, পিহিত (মেদিনী)। ৫ [বহুব্রী] অপগত আবৃত (আবরণ) যাহার (অ.টী) ; নিরবগ্রহ, স্বতন্ত্র, স্বাধীন। —বৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ অনাচ্ছাদন। ২ উদ্‌ঘাটন, আবরণাপসারণ।

অপাবর্ত্তন ক্লী [অপ-আ+ √বৃৎ+অন (ল্যুট্)-ভা] ১ পরাবর্ত্তন, ফেরা। ২ ইতস্ততঃ আবর্ত্তন ; উল্লুণ্ঠন, মাটিতে লুঠান। —বৃত্ত বিণ [+ত (ক্ত)-ক] ১ পরাবৃত্ত, প্রত্যাবৃত্ত। ২ নিবৃত্ত, বিরত। "প্রতি-গ্রহাদপাবৃত্তঃ মহা ৩.৮২.১০। ৩ পরাভূত (রা.টীকা)। "রা ২.১২.৬৪। ৪ অন্তরিত (ত.বা)। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ উদ্বর্ত্তন, উল্লুণ্ঠন। ২ নিবৃত্তি।

অপাবৃত, -বৃতি ; অপাবৃত্ত, -বৃত্তি দ্র 'অপাবরণ ; অপাবর্ত্তন'।

অপামার্গ পুং [অপ-আ+ √মৃজ্+অ (ঘঞ্)-ণ ; ছান্দস] যাহা দ্বারা ব্যাধি অপামৃষ্ট (দূর) হয় ; ওষধিবিশেষ, আপাঙগাছ (Achyranthes Aspera)। "যাজ্ঞ ১.৩০২।

অপামার্জ্জন ক্লী [অপ-আ+ √মৃজ্+অন (ল্যুট্)-ভা] ১ পরিষ্করণ, শোধন। ২ অপনয়ন, নিরাকরণ।

অপায় পুং [অপ+ √ই+অ (অচ্)-ভা] ১ অপগমন, গমন। "দুর্ল্লক্ষ্যাপায়সংযোগাঃ (পুরস্ত্রিয়ঃ)। ভ ৭.১০.৫৪। ২ অপগম, অত্যয়। "আতপাপায় রা ২.৯৩.১০। ক্ষণদাপায় রঘু ৮.৭৪। ৩ বিশ্লেষ, বিয়োগ। "পা ১.৪.২৪, সি। ৪ অভাব। "প্রিয়া° ভট্টি ৬.৭৫। ৫ অস্তগমন। "সূর্য্যাপায়ে ন খলু কমলং পুষ্যতি স্বামভিখ্যাম্ উ.মে ১৯। ৬ অপগম, নাশ, বিকৃতি। "তয়া করণাপায়বিভিন্নবর্ণয়া রঘু ৮.৪২। ৭ মৃত্যু, বিনাশ ; বিনাশকাল। "আত্মাপায় ভ ৭.২.৫৭। তদপায়চিন্তা রঘু ৮.৮৩। ভবত্যপায়ে পরিমোহিনী মতিঃ কি ১৪.১৯। ৮ নির্গম, নিঃসরণ। "জলাপায়বিপাণ্ডুরাণি (অভ্রাণি) মাঘ ৪.৫ ; ৫৪। ৯ অপসরণ, নিবর্ত্তন, পলায়ন। "অপায়ানপেক্ষৌ সেনাস্তোধী যাম ১৮.১। ১০ হানি, ন্যূনতা। "এক° মনু ১.৭০। ১১ ব্যভিচার, ব্যর্থতা। "উপায়ো নিরপায়োঽয়ম্ রা ১.১০.২। মহা ৩.৫৬.১৯। ১২ অতিক্রম, দোষ। "অস্তি কোঽপ্যপায়ো যেন দেব্যাঃ প্রকোপঃ কৃতঃ (S.W.)। ১৩ (নাশহেতু) দুর্দৈব, বিপদ্, সঙ্কট, অশুভ। "(বক্তুমর্হসি) অপায়ং বা উপায়ং বা কার্য্যস্যাস্য বিনিশ্চয়ে রা ৩.৪০.৮। °শঙ্কা হি ১৩৮ ; কায়ঃ সন্নিহিতাপায়ঃ ২২২। পুণ্যের শরীর হল্যে নাহিক অপায় ব.প ৪৫৯। আপন অপায় স ৭৫৮। অভয়া জানেন সব অপায় উপায় চ.বি ১৪। শ্রী ৭০। ১৪ শব্দের শেষ (ঋগ্বেদ প্রাতিশাখ্য)।

অপায়ন বি [অপ+ √ই+অন (ল্যুট্)-ভা] অপযান, পলায়ন। "নিরুপায়ে অপায়ন বুঝি কাকীপতি। নতশিরে নিজ দুর্গে করিলেন গতি॥—রঙ্গ ২২২।

অপায়ী (-য়িন্) বিণ [অপ+ই+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -য়িনী] ১ অপগমনকারী, অত্যয়ী, অপায়যুক্ত। ২ অপায়শীল, নশ্বর। "আগমাপায়িনঃ (মাত্রাস্পর্শাঃ) গী ২.১৪। ৩ বিয়োগী।

অপার বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -রা ; ছান্দস] ১ যাহার পার নাই ; পার-শূন্য, অকূল। "(সাগরম্) অপারম্ গো.রা ৫.৫.২ ; ৩.৪৪.২৭। অপার মাতৃস্নেহ-পারাবার প.তৃ ৭৪। ২ অনুত্তার্য্য, দুস্তর, দুষ্প্রাপবৈরনির্য্যাতন-পার (রা.টীকা)। "রাবণশ্চ মহাঞ্ছত্রুরপারঃ প্রতিভাতি মে।—রা ৪.২৮.৫৯। ৩ সীমারহিত, অসীম। "তদপারমসংখ্যেয়ং বানরাণাং মহদ্ বলম্ গো.রা ৬.২.৯। অপার কৃপার গুণে যা দিয়াছ প্রভু।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [তু 'অপার'—অধিক (ঋগ্বেদ ৫.৮৭.৬)] ৪ (বাঙ্গলায় ; অপ্র) অত্যন্ত, অধিক, উচ্চ। "মুনির কথায় রাম হাসিল অপার কৃ.উ ১৫৫। ৫ (অপ্র) প্রচুর। "মস্তক ফুটিয়া রক্ত পড়িল অপার কৃ.উ ১৭৯ ; ক্রন্দন অপার ২৭৩। —র ক্লী [ন.ত] ১ পরপার-ভিন্ন, অর্ব্বাক্ পার (এপার), অবার (শ.ক)। ২ অসীম সমুদ্র (M.W.)। —রা স্ত্রী অনন্তা, পৃথিবী।

অপারক, -গ বিং যে পারক নহে ; অসমর্থ, অশক্ত।

অপার্থ, -র্থক বিণ [অপগত অর্থ যাহা হইতে, বহুব্রী ; বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -র্থা, -র্থিকা] ১ অর্থহীন, অভিধেয়শূন্য। "অপার্থং বহু সঙ্কীর্ণং ভাষতে (সুশ্রুত)। ২ নিরর্থক, ব্যর্থ, নিষ্প্রয়োজন, বৃথা। "অহং ত্বমিত্যপার্থা ধীরজ্ঞানাৎ পুরুষস্য হি।—ভ ৪.১২.৪ ; শোচন্ত্যপার্থম্ ৭.২.৩৭। তদপার্থকম্ মনু ৮.৭৮। —র্থক ক্লী যোগ্যতা-আসত্তি-আকাঙ্ক্ষা-শূন্য বাক্য ; অসম্বদ্ধ অর্থশূন্য বাক্য। "পৌর্ব্বাপর্য্যাযোগাদ-প্রতিবদ্ধার্থমপার্থকম্ (গৌতম)।

অপার্থিব বিং [ন.ত ; স্ত্রী -বী] পার্থিবভিন্ন, অলৌকিক, দিব্য। "হায়াস্ নে এ রতন ! এই অপার্থিব ধন ! ন ৫০৩।

অপার্য্যপক্ষে ক্রি.বিং [অপ্র] পারগ পক্ষের অভাবে ; সমর্থ লোকের অসদ্ভাবে। "অপার্য্যপক্ষেতে আমি এসেছি যুদ্ধেতে। বধিতে নারিবে আর চেপে কুড়ি হাতে॥—কৃ ৪০৫।

অপালন বি [ন.ত] শাস্ত্রবিরুদ্ধ প্রজাপালন ; অন্যায়পূর্ব্বক শাসন। "অপালন নাহি, প্রজা বলে সর্ব্বজন ম ১১০৯।

অপাশ্রয় বিণ [অপগত আশ্রয় যাহার, বহুব্রী ; স্ত্রী -য়া] আশ্রয়হীন, নিরাশ্রয়। —য় পুং [অপ-আ+ √শ্রি+অ (অচ্)-ভা] ১ আশ্রয়, অবলম্বন। "কর্ণে কৃতাপাশ্রয়ঃ বে ৫.১। ২ [+অ-র্ম্ম] খট্বাশয্যাদির উপরিভাগ বা তলদেশ। "পর্য্যঙ্কস্যাপাশ্রয়ে (কাদম্বরী)। ৩ চন্দ্রাতপ, চাঁদোয়া (অ.চি)। "অপাশ্রয়ান্ কাঞ্চনচিত্রবর্ণান্ গো.রা ৫.১১.১৯। —শ্রিত বিণ [+ত (ক্ত) -ক] ১ আশ্রয়প্রাপ্ত, কৃতাবলম্বন, আশ্রিত। "গো.রা ৫.১১.১৯। ২ [+ত-র্ম্ম] আলম্বিত, কৃতাশ্রয়। ৩ অধ্যুষিত। ৪ পরিবেষ্টিত, আবদ্ধ।

অপাসন ক্লী [অপ+ √অস্+অন (ল্যুট্) -ভা] ১ অপক্ষেপণ, বিক্ষেপ। ২ অপসারণ, দূরীকরণ। ৩ বধ, মারণ। —পাস্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -স্তা] ১ অপক্ষিপ্ত, নিরস্ত। "°পুষ্পক মাঘ ১.৫৫। ২ নিরাকৃত, খণ্ডিত (মত)। "কাব্যলক্ষণমপাস্তম্ সা.দ ১⅓। ৩ অপসারিত, অপনীত, দূরীকৃত। "অন্তর্গতমপাস্তং মে…তমঃ কু.স ৬.৬০।

অপি ব্য [ছান্দস ; লি অপি, পি, রি ; প্রা পি, রি ; হি ভী, হী ; ঠ বী ; Av. aipi ; cf., Gr. epi ; Ger., E be (prefix)] উপসর্গ-বিশেষ ; —১ পদার্থ (প্রযুজ্যমান পদান্তরের অর্থ—কাশিকা)। "সর্পিষোঽপি স্যাৎ পা ১.৪.৯৬। [পদার্থ, অর্থাৎ অল্পত্ব ; যথা, অপি সিঞ্চতি, অল্পং সিঞ্চতীত্যর্থঃ (দুর্গাদাস)।] ২ সম্ভাবনা, অর্থাৎ শক্তির উৎকর্ষ আবিষ্কারার্থ উক্তি (সি)। "অপি স্তুয়াদ্ বিষ্ণুম্।—পা ১.৪.৯৬। ৩ কামচারানুজ্ঞা (সি) ; অনুজ্ঞা (জিজ্ঞাসানন্তর অনুমতি—দুর্গাদাস)। "অপি সিঞ্চ (সি) ; সেচ্ছামীতি প্রশ্নে, অপি সিঞ্চ (দুর্গাদাস)। ভট্টি ৮.৯২। ৪ গর্হা, নিন্দা। "ধিগ্ দেবদত্তম্ অপি স্তুয়াদ্ বৃষলম্ (সি)। 'আত্মারামা অপি,—'অপি'—'গর্হা' অর্থ কয় চৈ.চ ২৪১। নৃপে বোলে অপি তোর বাক্য নহে সত্য ম.পা ১৪১। ৫ সমুচ্চয়, অর্থাৎ পরস্পর-ক্রিয়াসংশ্লেষ ; এবং। "অপি সিঞ্চ, অপি স্তুহি ; সিঞ্চ স্তুহি চ ইত্যর্থঃ। প্রিয়মপি তথ্যমাহ।—শ ১⅟₂₆। 'অপি' সমুচ্চয়ে চৈ.চ ২৪০। ৬ শঙ্কা, সন্দেহ। "অপি চৌরো ভবেৎ (অ.টী)। ৭ প্রশ্ন, জিজ্ঞাসা। "অপি সন্নিহিতোঽত্র কুলপতিঃ শ ১⅟₂₆। অপি…কুশলী গুরুস্তে রঘু ৫.৪। কু.স ৫৩৩। ৮ আহরণ, অন্বাদেশ, অর্থাৎ পূর্ব্বপ্রযুক্ত শব্দের অনুকর্ষণ। "তৈ ২২.৫। ৯ অবধারণ, নিশ্চয়। "এতাস্বপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন মনু ৩.১০১ ; ৭.৫৫। তিন এক ব্রহ্ম হএ অপি নাহি ভেদ ম.পা ২৭ ; রম্ভা বলে কর্ম্মলিপি, খণ্ডাইতে নারে অপি ৭৩ ; ১১০ ; মিথ্যা অপি নহে ১২১। ১০ ব্যভিচার, অনিয়ম। "পা ৩.২.৭৫ ; ১০১, কাশিকা। ১১ পুনঃ, পক্ষান্তরে, ও। "রাজাপি (শুদ্ধিলাভমমন্যত) রঘু ১২.১০ ; ২০। আমা সম গুরু পাপী বুঝি ভবে নাহি অপি ম.পা ১৪৫। ১২ নিশ্চয়ার্থক—ও, এমন কি (Emphasis)। "বিধুরপি বিধিযোগাদ্ গ্রস্যতে রাহুণাসৌ হি ১.২০। তার প্রতি শাপ অপি দিব এইক্ষণ ম.পা ৩৪ ; অপি কেন প্রকারেণ ১৩১। দানবী প্রকৃতি হরে মুনেরপি মন চৈ.চ ১৬৭। ১৩ যদি, যদ্যপি। "সরসিজমনুবিদ্ধং শৈবলেনাপি রম্যম্। —শ ১.১৮। ১৪ (সংখ্যাবাচকের পরে) সাকল্যার্থে। "চতুর্ণামপি বর্ণানাম্ মনু ১.১০৭। ১৫ আশীর্ব্বাদ ; মৃত্যু ; ভূষা (গণরত্নমহোদধি)। ১৬ ('কিম্' শব্দের পরস্থিত) অনির্ব্বচনীয়তা। "কাপ্যভিখ্যা তয়োরাসাৎ রঘু ১.৪৬। তৎ তস্য কিমপি দ্রব্যং যো হি যস্য প্রিয়ো জনঃ উ.চ ২.১৮। ১৭ পাদপূরণে (M.W.)। "বুঝিলাম সিংহলে অপি আত্মার গমন ম.পা ১০৬ ; হান্তাননে বিদায় দেয় ক্লাইবাম অপি ১০৭ ; স্বপ্নের বৃত্তান্ত মোর শুণ্ রুহি অপি ১৪২। [আচার্য্য ভাগুরির মতে 'অপি' উপসর্গের 'অ'-কারের লোপ হয়। যথা, পিধান (অপিধান), পিহিত (পা ১.৪.৮২, সি)।]

অপিচ ব্য [সং অপি চ—রাজাপি চ… সমচিন্তয়ৎ (মহা ৩.৭৩.২৬) ; অপ্র] আরও, এবং, পক্ষান্তরে। "অপিচ একই লিপিকার একই শব্দের বর্ণবিন্যাস ভিন্ন ভিন্ন স্থলে ভিন্ন ভিন্ন প্রকারে করিয়া থাকেন (সম্পাদকীয় মন্তব্য—চ.বি)। ব.প ৫২৪।

অপিতু ব্য [সং অপি তু ; অপ্র] ১ যদি, যদ্যপি (শ.ক)। ২ কিন্তু (ত.বা)। ৩ (বাঙলায়) আরও। "অপিতু, মনোজ্ঞ ভাবাভরণে মনুষ্য-মনোভূষণকারিণী…এই চমৎকারিণী বিদ্যা মনুষ্যকে ইতর ও স্বার্থ-পর চিন্তাচক্র হইতে যেরূপ দূরান্তরিত করিয়া রাখে, এমন আর কিছুতেই রাখিতে পারে না।—রঙ্গ ৮০।

অপিতৃক বিণ [ন পিতা যাহার, ন.বহুব্রী ; সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -কা] ১ পিতৃহীন। ২ অপৈতৃক (?)।

অপিত্র্য বিণ [ন.ত ; স্ত্রী -ত্র্যা] পিত্র্যভিন্ন, অপৈতৃক, স্বার্জ্জিত, স্বোপার্জ্জিত। "মনু ৯.২০৫।

অপিধান ক্লী [অপি+ √ধা+অন (ল্যুট্) -ভা ; ছান্দস] ১ আচ্ছাদন, আবরণ। "দেখিতে পাইবে বলি দুষ্ট ব্রহ্মচারী। অন্তরে রাখিল মোরে অপিধান করি॥—শ্রী.মা ২৯। ২ [+অন-ণ] আবরণসাধন দ্রব্য ; আচ্ছাদন (Cover)। তু 'পিধান'। "অমৃতাপিধানমসি স্বাহ (ভোজনান্তে জলপানমন্ত্র)। জলদচ্ছত্র° মৃ ৫.২৪। ৩ কবাট। "দ্বারে পুরস্তোদ্‌ঘাটিতাপিধানে কু.স ৭.৫৩। (গুহা) শিলাপিধানা গো.রা ৩.৭৬.৩৫। —হিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম, স্ত্রী -তা] ১ আচ্ছাদিত, আবৃত। তু 'পিহিত'। "তনুবাহুস্বস্তিকাপিহিতমুগ্ধকুচাগ্রা মাঘ ১০.৪৩। গো.রা ৫.১৬.৫১। ভ ৭.৩.১৬। ২ রুদ্ধকণ্ঠ। "বাষ্পেণাপিহিতা রাজ্ঞী নোত্তরং কিঞ্চিদব্রবীৎ মহা ৩.৬৯.৩০। ৩ [ন.ত] পিহিতভিন্ন, অনাবৃত ; বিশদ, স্পষ্ট। "অর্থো গিরামপিহিতঃ পিহিতশ্চ কিঞ্চিৎ, সত্যং চকাস্তি মরহট্টবধূস্তনাভঃ (সু.র)।

অপিনদ্ধ বিণ [অপি+ √নহ্ +ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -দ্ধা ; তু 'পিনদ্ধ'] বদ্ধ, ধৃত, পরিহিত। "(পুষ্পাণি) অপিনদ্ধানি বৈদেহ্যা রা ৩.৬৫.২৭।

অপীত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ পীতভিন্ন, পীতবর্ণভিন্ন। ২ [ন.ত] অ-পানযুক্ত, অকৃতপান। "নাপীতম্ (অপথ্যম্) মহা ২.৫২.৪৪। ৩ অকৃতজলসেক। "যুষ্মাস্বপীতেষু শ ৪.৯।

অপুংস্কা স্ত্রী [ন পুমান্ যাহার, ন.বহুব্রী,—অপুমস্ ; সমাসান্ত 'ক' (কপ্), স্ত্রী আ (টাপ্)] পুরুষহীনা নারী ; পতিহীনা স্ত্রী। "নাপুংস্কাসি ভট্টি ৫.৭।

অপুংস্ত্ব ক্লী [অপুমস্+ত্ব 'তদ্‌ভাব' অর্থে] অপুমানের ভাব, অপুরুষত্ব, ক্লীবতা। "মহা ৩.৪৬.৬৯।

অপুণ্য বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণ্যা] ১ যাহার পুণ্য নাই ; পুণ্যহীন, পাপী। ২ নির্দ্দৈব, ভাগ্যহীন। "ভ ৭.৫.৪১। —ণ্য ক্লী [ন.ত] পুণ্যবিরোধী, পাপ, অধর্ম্ম। "অপুণ্যকৃৎ।

অপুত্র, -পুত্রক বিণ [ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -ত্রা, -ত্রিকা ; 'ত্র (বৈদিক)] ১ যাহার পুত্র নাই ; পুত্রহীন, অজাত-পুত্র। "অপুত্রস্য গৃহং শূন্যম্ হি ১.১৩৪। °ত্রা মনু ৫.১৬০। °ক ক.সা ১৩.৫৭। অপুত্রক আমি মনে পাই বড় দুখ। প্রভাতে না দেখে কেহ অপুত্রের মুখ॥—কৃ ৪১। ২ মৃতপুত্রক।

অপুত্রিণী বিং, স্ত্রী [ন.ত ; সং অপুত্রা] অপুত্রবতী, অজাতপুত্রা।

"অপুত্রিণী ছিলাম ভাল দা ৯৪৩। —ত্রী বি, স্ত্রী [সং অপুত্রা ; অপ্র] পুত্রহীনা নারী। "অপুত্রীকে পুত্র দেও বা.ম ৩।

অপুমান্ (-মস্) পুং [ন.ত] ১ পুমান্-ভিন্ন, অপুরুষ, নপুংসক। "মনু ৩.৩৯। ২ পৌরুষহীন জন। "মহা ৩.২৩১.১৬।

অপুরুব বিং [দ্র 'অপরূপ' ; অপ্র] ১ অদ্ভুত, বিস্ময়কর। "অপুরুব কথা মোএ কহিতোঁ কাহারে শ্রী.কী ১০৫। ২ মনোমোহন, সুন্দর। "পুরুব জত অপুরুব ভেলা। সময় বসে সেহ্‌এো দুর গেলা॥—বি.সা ৩৮২।

অপুষ্ট বিণ [ন.ত ; স্ত্রী -ষ্টা] ১ যাহা পোষা হয় নাই ; অকৃতপোষণ। ২ পুষ্টিহীন, কৃশ, ক্ষীণ। ৩ অমাংসল, অনুচ্চ (ধ্বনি)। ৪ (অলঙ্কার-শাস্ত্রে) মুখ্যার্থের অনুপকারী (অর্থদোষবিশেষ)। "সা.দ ৭.৯। —পুষ্টতা স্ত্রী অর্থদোষবিশেষ। দ্র (৪)।

অপুষ্প বিণ [ন বহুব্রী ; স্ত্রী -ষ্পা ; ছান্দস] যাহার পুষ্প হয় না ; পুষ্পাভাব-যুক্ত (Not flowering)। "অপুষ্পাঃ ফলবন্তো যে তে বনস্পতয়ঃ স্মৃতাঃ মনু ১.৪৭। —ষ্প পুং উদুম্বর। —ষ্প স্ত্রী [ন.ত] পুষ্পাভাব। "তৈরপুষ্পাদ্ বনস্পতিঃ (অ.কো)। [°ফল—যাহার পুষ্প বিনা ফল হয় ; পনসবৃক্ষ, উদুম্বরবৃক্ষ।]

অপূজা স্ত্রী [ন.ত] ১ পূজাভাব, অপূজন। ২ সম্মানাভাব, অনাদর। ৩ অবিধিপূর্ব্বক পূজা। —পূজিত বিণ [ন.ত] ১ অনর্চ্চিত। ২ অনাদৃত, অবজ্ঞাত। —পূজ্য বিণ [ন.ত ; স্ত্রী -জ্যা] অপূজনীয়, অমাননীয়। "পঞ্চ ১.৭।

অপূত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ অপবিত্রীকৃত, অশুচি। ২ সংস্কার-হীন, ব্রাত্য। "মনু ২.৪০।

অপূপ পুং [ন পূপ, ন.ত ; তু 'তা √ওপ্‌পু—স্ফীত হওয়া ; অপ্‌পম্—স্ফীত দ্রব্য ; ছান্দস—অপূপং ঘৃতবন্তম্ (ঋগ্বেদ ১০.৪৫.৯)] ১ যাহা ভিন্ন হয় না ; পিষ্টক। "মনু ৫.৭। যাজ্ঞ ১.১৭৩। ২ পুরোডাশ, হবির্বিশেষ। [°পাষ্টকা—পৌষের কৃষ্ণাষ্টমীতে করণীয় শ্রাদ্ধ।]

অপূর্ণ বিণ [ন.ত ; স্ত্রী -র্ণা] ১ অসমগ্র, অসকল। ২ হীন, ন্যূন। "অপূর্ণমেকেন…শতং ক্রতুনাম্ রঘু ৩.৩৮। —র্ণ স্ত্রী (গণিতে) অসম্পূর্ণ (ভগ্ন) সংখ্যা (Fraction)। [°কাল—অসময়, অকাল।]

অপূর্ব্ব বিণ [ন পূর্ব্ব যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -র্ব্বা] ১ যাহার সদৃশ পূর্ব্ব বস্তু নাই ; অভিনব, অদৃষ্টপূর্ব্ব। "অভিজ্ঞানশকুন্তলং নাম অপূর্ব্বং নাটকম্ শ ১৪/৫। অপূর্ব্বং সত্ত্বম্।—পঞ্চ ১২৮/৮৩। ২ অসাধারণ, সর্ব্ববিলক্ষণ। "অপূর্ব্বঃ খলু বোঽনুগ্রহঃ শ ৭৩/৮৯। উ.চ ৪২। অপূর্ব্ব আমার দুঃখ কর অবগতি ভা.চ ৪০৯ ; ৫৩৭। ৩ অলৌকিক, অতি-মনোহর, দিব্য। "অপূর্ব্ব সাজিবে কৃত্তিবাস শি ২৪। ৪ আশ্চর্য্য। "অপূর্ব্ব কথন।—ম ২৭৫। ৫ অদৃষ্টপূর্ব্ব। "মাঘ ৪.১৭। ৬ অদৃষ্টচর ও অশ্রুতপূর্ব্ব। "°কর্ম্মচণ্ডাল উ.চ ১.৪৬। ৭ অননুভূতপূর্ব্ব। "অপূর্ব্বো-হস্যাস্বাদঃ।—পঞ্চ ৪৯/৮৫। অপূর্ব্ব উদ্বেগভরে কা ৪২ ; তব কণ্ঠস্বর… জাগাইছে অপূর্ব্ব বেদনা ১৪৬। ৮ অবিদিত, অজ্ঞাত। "কি ৬.৩৯। ৯ হেতুশূন্য। ১০ প্রমাণান্তরের অবিষয়ীকৃত, অর্থাৎ যাহা অন্য প্রমাণে জ্ঞাত হওয়া যায় নাই (বেদান্তসার)। ১১ অ-কার যাহার পূর্ব্ব বর্ণ ; অবর্ণ-পূর্ব্ব। "পা ৮.৩.১৭। ১২ [ন.ত] পূর্ব্বভিন্ন, অপ্রথম। ১৩ পূর্ব্ব-দিগ্‌দেশকাল-ভিন্ন। —র্ব্ব স্ত্রী ১ যাহা পূর্ব্ব নহে ; কর্ম্মের উত্তরাবস্থা বা কর্ম্মফল ; কর্ম্মজন্য অদৃষ্ট ; অনুশয়। ২ বৈধাবৈধ ক্রিয়াজন্য কালান্তর-ভাবী সুখদুঃখের হেতু পুণ্যপাপ (ত.বা) ; যাগাদিজন্য স্বর্গাদিজনক গুণবিশেষ (ন্যায়কোশ)। "সাংখ্য ২, তত্ত্বকৌমুদী।

অপূর্ব্বদৃষ্ট বিণ [ন.ত] পূর্ব্বে অলক্ষিত বা অজ্ঞাত। "জগৎসিংহ… এমন স্থানে গিয়া সৈন্য সংস্থাপন করিলেন যে আগন্তুক পাঠান সেনার উপরে সুকৌশলে এবং অপূর্ব্বদৃষ্ট হইয়া আক্রমণ করিতে পারেন ব.প্র ১৯।

অপৃক্ত বিণ [ন.ত] ১ অসম্বদ্ধ, অযুক্ত। ২ (ব্যাকরণে) বর্ণান্তরা-যুক্ত, একবর্ণ। "পা ৬ ১.৬৮। —ক্ত পুং (ব্যাকরণে) একবর্ণ প্রত্যয়। "পা ১.২.৪১।

অপৃষ্ট বিণ [ন.ত ; স্ত্রী -ষ্টা] অজিজ্ঞাসিত। "অপৃষ্টোঽপি হিতং ব্রূয়াদ্ যস্য নেচ্ছেৎ পরাভবম্ হি ২.১৩৮।

অপেক্ষণ স্ত্রী [অপ+ √ঈক্ষ্+অন (ল্যুট্)-ভা] ১ আকাঙ্ক্ষা ইচ্ছা, আশা। "উত্তরায়ণের সূর্য্য অপেক্ষণ করি ম ৮১৫। ২ সর্থ 'অপেক্ষা'। ৩ (বাঙ্‌লায়) প্রতীক্ষা, অপেক্ষা। "অমৃত না বাটে চন্দ্র সূর্য্য-অপেক্ষণে গো.চ ৩৬৭। হাতে অস্ত্র রাজা করেন অপেক্ষণে কৃ.উ ২৭৮। ৪ [সং অবেক্ষণ ; অপ্র] রক্ষণ, তত্ত্বাবধান। "নিয়োজিত কর তারে ছেলি-অপেক্ষণে ক.চ ১৩৮। আইলাঙ বাপের (অর্থাৎ বাপেরে) ঘরে রাখি অপেক্ষণ কৃ.উ ১৩৮। ৫ (অপ্র) রক্ষা। "ঋতু অপেক্ষণ শৈলে (অর্থাৎ স্বামী হিমালয়) কৈল শুভক্ষণে ম.পা ১৬। ৬ (অপ্র) দর্শন। "মহারাজ, ইহার লক্ষণাপেক্ষণে বুঝা যায়, এ অতি উন্নত হবেক ব.প ১৬৯৭। ৭ (অপ্র) রোধ, বারণ। "দ্বারি অপেক্ষণে ক্রোধে গেল অভ্যন্তরে শ্রী.ম ২৩৫। —ক্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম ; স্ত্রী -য়া] ১ অভিলষণীয়, আশাযোগ্য। ২ অনুবর্ত্তনীয়, অনুরোদ্ধব্য। ৩ প্রতিপাল্য, রক্ষণীয়। "আত্মা যত্নেন রক্ষ্যো রণশিরসি পুনঃ সোঽপি নাপেক্ষণীয়ঃ।—নবরত্ন ৪। —ক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ আকাঙ্ক্ষা, আশা। "ন তে ন কুর্য্যুর্বচনং জীবিতাপেক্ষয়া মম গো.রা ৩.২৭.৩। ২ শাব্দবোধজনক আকাঙ্ক্ষা। "সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ (ভাষ্য)। ৩ স্পৃহা, লিপ্সা। "অনপেক্ষ গী ১২.১৬। কামেষু নিরপেক্ষঃ পরিব্রজেৎ মনু ৬.৪১ ; ৪৯। ৪ অবধান। "স্তনভরবিনমন্ মধ্যভঙ্গানপেক্ষঃ—রত্নাবলীনাটিকা ১.১৬। ৫ অনুরোধ, অনুবর্ত্তন। "নিয়মাপেক্ষা রঘু ১.৯৪। কার্য্যকারণাপেক্ষা।—পঞ্চ ১। ৬ পর্য্যা-লোচনা, বিচারণা। "প্রথমমুপকৃতাপেক্ষয়া পু.মে ১৭। গুরুর কন্যা হরে রাজা না করে অপেক্ষা কৃ.উ ২০৫। আমার ভাগিনা বলি না কর অপেক্ষা শ্রী ১৩০। রাজ্য নিতে ভরত না করিল অপেক্ষা কৃ ৯৯। ৭ সম্বন্ধ, অনুষঙ্গ। "শরীরসাধনাপেক্ষং নিত্যং যৎ কর্ম্ম তদ্ যমঃ (অ.কো)। প্রাতিপদিকমাত্রাপেক্ষো নির্দ্দেশঃ।—পা ৪.৪.৭৮, কাশিকা। ৮ আনুরূপ্য, যোগ্যতা। "দণ্ডং…শক্ত্যাপেক্ষম্ যাজ্ঞ ২.২৬। ৯ প্রযত্ন। "লব্ধং রক্ষেদপেক্ষয়া (পাঠান্তর) হি ২.৭। ১০ সমাদর, সম্মান। "সভাই প্রভুর করে পরম অপেক্ষা চৈ.ভা ৪৯৯। রাজা বলে ইন্দ্র বলি করিল অপেক্ষা কৃ.উ ১৪৮। ম ৭১৯। উপযুক্ত অন্যকালে অপেক্ষা আদর শ্রী ১৩২। ১১ অন্বেষণার্থ স্থিতি। "ভট্টি ৭.৪৯। ১২ (বাঙ্‌লায়) বিলম্ব, দেরি। "ব্রজেশ্বর অপেক্ষা করিতে পারিল না। বাপের ভয়, রাত্রিমধ্যেই ফিরিয়া আসিল ব.প্র ৩৬৮। ১৩ জীবনের আশা। "তপ করিতে বৃত্র না করে অপেক্ষা। ত্রিভুবন বশ করিলেক দেবের নাহি রক্ষা॥—কৃ.উ ২০৭। ১৪ কাহারও মুখ চাহিয়া থাকা ; প্রতীক্ষা। ১৫ তুলনার্থক 'হইতে', 'চেয়ে'। "তৈল অপেক্ষা ঘৃত ভাল। [অপেক্ষায় (সং অপেক্ষয়া) —তুলনায়। "এই সাহেব তৎকালে সর্ব্বাপেক্ষায় উত্তম বাঙ্গালা জানিতেন বা.প্র ২০২। ভূলোক অপেক্ষায় উৎকৃষ্টতর ভুবন চা.তু ১৩২ ; ১৩৩। অন্যাপেক্ষায় পা.প্র ১৭১। ভা.উ ৭৭ (উপক্রমণিকা) ; সর্ব্বাপেক্ষায় ৯০ ; ৯৫। অপেক্ষে—অপেক্ষায়, আশায়, সাহসে। "দেবগণে হাত দেহ কাহার অপেক্ষে কৃ.উ ১১৮।]

অপেক্ষণীয়, অপেক্ষা দ্র 'অপেক্ষণ'।

অপেক্ষাকৃত বিং অপেক্ষায় অর্থাৎ পূর্ব্বাবস্থার তুলনায় কৃত বা কথিত ; কিঞ্চিৎ, কিছু, একটু। "চিত্তের অপেক্ষাকৃত স্থৈর্য্যসম্পাদন সী ৪১ ; ৪২। অপেক্ষাকৃত স্বাচ্ছন্দ্য ৫৯। অপেক্ষাকৃত তীব্রতাশূন্য নৈরাশ্য ব.প্র ৭৫। [অপেক্ষাকৃত ভাল—কিছু ভাল।]

অপেক্ষাবুদ্ধি স্ত্রী [উ.লো] ইহা এক, ইহা এক, ইহা অশ্বাদিসমূহ সেনা, ইহা বৃক্ষসমূহ বন—এই প্রকার অপেক্ষাসিদ্ধ অনেকের একত্ববিষয়ক বুদ্ধি। 'অনেকৈকত্ববুদ্ধির্যা সাপেক্ষাবুদ্ধিরিষ্যতে।—ভাষা-পরিচ্ছেদ ১০৯। [°জ—অপেক্ষাবুদ্ধি হইতে উৎপন্ন (দ্বিত্বাদি পরার্দ্ধ-পর্য্যন্ত সংখ্যা)। 'ভাষাপরিচ্ছেদ ১০৭।]

অপেক্ষিত বিণ [অপ+ √ঈক্ষ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -তা] ১ অভিলষিত, ইষ্ট। ২ আকাঙ্ক্ষিত। "°ক্রিয়ম্ (অপাদানম্)।—মুগ্ধবোধটীকা। ৩ পর্য্যালোচিত, বিচারিত। ৪ সম্বন্ধযুক্ত, সম্পৃক্ত, প্রাসঙ্গিক। "নানপেক্ষিতমুচ্যতে।—মল্লিনাথ। ৫ সম্মানিত, সমাদৃত, শ্রেষ্ঠ। "সর্ব্বলোকে অপেক্ষিত চৈ.ভা ১৯৯ ; লোকে বড় অপেক্ষিত ৩১২ ; অপেক্ষিত যত যত মহান্ত সন্ন্যাসী ৪৯৯। ৬ অনুবৃত্ত, কৃতানুবর্ত্তন। "কস্মান্ ন ত্বয়াপেক্ষিতঃ পিতা।—ভট্টি ৬.১২৮। —ক্ষিতব্য বিণ [+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] সর্ব 'অপেক্ষণীয়'।

অপেক্ষী (-ক্ষিন্) বিণ [অপ+ √ঈক্ষ্+ইন্ (গিনি)-ক -ব ; স্ত্রী -ক্ষিণী] ১ অভিলাষী, ইচ্ছু, আকাঙ্ক্ষী। "উদয়াপেক্ষিণী পত্যুঃ ক.সা ১৬.৮৬ ; সংবাদাপেক্ষিমানস ২৩.১১। ২ সাবধান, অবহিত, মনোযোগী। "মন্ত্রিসংন্যস্তকার্য্যার্থং মন্ত্রিণামনপেক্ষিণম্ (সুগ্রীবম্) গো.রা ৪ ২৮.৫। ৩ দর্শী, দর্শনশীল, বেত্তা। "গুরুবিধিবলাপেক্ষী রঘু ১৫.৮৫। ৪ অর্থী। "প্রয়োজনাপেক্ষিতা কু.স ৩.১। ৫ অনুবর্ত্তী। "শক্তেনাপি…কালান্তরাপেক্ষিণা।—পঞ্চ ৩.২২১ ; কালাপেক্ষী কুর্য্যাৎ ২২২।

অপেত বিণ [অপ+ √ই+ত (ক্ত)-ক ; স্ত্রী -তা] ১ অপগত, অপসৃত, বিগত, তিরোহিত। "°ক্লমসন্তাপ রা ২.৯২.৬ ; °তোদকধূম ৩৩.২০। °ভী মনু ৭.১৯৭। ভর্ত্তর্য্যপেততমসি শ (S.W.)। ২ ভ্রষ্ট, চ্যুত, চলিত। "অনপেত পা ৪.৪.৯২। ধর্ম্মপথাদপেত রা ২.১০৯.৩৩। ৩ বিরুদ্ধ, বিরোধী। "ধর্ম্মাপেতমিদং বচঃ রা ২.১০৮.১। স্মৃতি° যাজ্ঞ ২.৪। ৪ বহির্ভূত। "বর্ণ° মনু ১০.৫৭। অবদ্যাদপেতঃ রঘু ৭.৭০। ৫ পলায়িত। [°ভী—অপগতভয়, নির্ভীক। "মনু ৭.১৯৭।]

অপেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] ১ পানের অযোগ্য ; পানানর্হ। "মনু ৯.৩১৪। ২ শাস্ত্রনিষিদ্ধপান (মদ্যাদি)। "মদ্যমদেয়মপেয়মনিগ্রাহ্যম্ (তিথ্যাদিতত্ত্ব)।

অপৈতক বিং যাহার পৈতা নাই, অর্থাৎ হয় নাই ; অনুপনীত। [অপৈতকভাত—উপনয়নের পূর্ব্বদিনে অনুপনীত বালকের নিমিত্ত অনুষ্ঠেয় আচারবিশেষ (২৪ পরগণা)।]

অপৈশুন বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -না] পৈশুনহীন, খলতাশূন্য, অখল। —ন ক্লী [ন.ত] পৈশুনাভাব, পরোক্ষে পরদোষপ্রকাশবর্জ্জন। "গী ১৬.২।

অপোগণ্ড বিণ [অপ+ √গম্+ড-ক (অ.টী) ; পৃষো ; 'পোগণ্ড' (অ.কো ; অ.চি), 'অপোগণ্ড' (বিশ্ব, মেদিনী)] ১ যে অপকৃষ্ট যায় ; স্বাভাবিক হীনাঙ্গ (অ.টী) ; বিকলাঙ্গ। ২ অতিভীরু। ৩ ত্রিবলিযুত, বলিভ (মধ্য)। ৪ [ন পোগণ্ড, ন.ত] ষোড়শ-বর্ষাতীতবয়স্ক (যাহার বয়স ষোল বৎসরের অধিক)। 'বাল আ ষোড়শাদ্ বর্ষাৎ পোগণ্ডঃ।—নারদ। "মনু ৮.১৪৮। ৫ পঞ্চবর্ষবয়স্ক (বালক)। 'পোগণ্ডঃ পঞ্চমাদব্দাদর্ব্বাক্ চ দশমাব্দতঃ। —ণ্ড পুং শিশু, কিশোর, অল্পবয়স্ক বালক। "আমিও মরিব—তোমার অনুগমন করিব। কিন্তু ভাবিতেছি—এই অপোগণ্ডগুলির কি হইবে ব.প্র ৩৩৫।

অপোঢ় বিণ [অপ+ √বহ্+ ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -ঢ়া] ১ অপনীত, অপসারিত। ২ অন্তনিরস্ত, দূরীকৃত। "জনস্থানমপোঢ়বিঘ্নম্ রঘু ১৩.২২। °মহীরজঃ (অচলাঞ্জনম্) মাঘ ৬.৩৩। ৩ উদ্ঘাটিত। "অনপোঢ়ার্গল রঘু ১৬.৬। ৪ অকৃত, অসম্পাদিত। "°নেপথ্যবিধি রঘু ১৬.৭৩। ৫ ত্যক্ত। "°কর্ম্মণাম্ রঘু ১১.২৫। ৬ অতিক্রান্ত, উল্লঙ্ঘিত। "অনপোঢ়স্থিতিঃ…বিন্ধ্যাদ্রিঃ রঘু ১২.৩১।

অপোষ্য বি (অপ্র) অক্ষম পালনীয় শিশুসন্তান ; কুপোষ্য। "আমি ঘর ফেলিয়ে একলা গিয়ে রই। আমার অপোষ্যগুলিন মরুক দিন আষ্টেক বই॥—দা ৫৫৪।

অপোহ পুং [অপ+ √উহ্+অ (ঘঞ্)-ভা] ১ অপনোদন, অপ-নয়ন, নিরাস। ২ অপরতর্কনিরাকরণার্থ কৃত বিপরীত তর্ক (ত.বা) ; অসৎপক্ষনিরাকরণ (অ.চি.টীকা)। বিপ 'উহ'। [ইহা অষ্ট ধীগুণের একতম।] ৩ অপগত উহ ; বিতর্কাভাব (শ.ক)। ৪ অতদ্ব্যাবৃত্তি, অর্থাৎ তদ্‌ভিন্ন ব্যক্তি হইতে ব্যাবৃত্তি ; তদ্‌ভিন্নত্যাগ। যেমন, 'গো' শব্দ শুনিলে গোজাতির উপস্থিতি ও তদ্‌ভিন্ন অশ্বাদির ব্যাবৃত্তি অর্থাৎ ত্যাগ (দ্র 'কাব্যপ্রকাশ ২.৮, টীকা)। ৫ ত্যাগ (ত.বা)। ৬ [+ অ-র্ম্ম] পূর্ব্বপক্ষ (নীলকণ্ঠ)। "উহাপোহবিশারদ মহা ১৩.১৪৫.৪৩ ; ১৪৬.২৯। —হন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ অপায়ন, অপগমন ; বিস্মরণ, অজ্ঞান ; প্রমোষ (গী.টীকা)। "মত্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনং চ গী ১৫.১৫। ২ সর্ব 'অপোহ'। —হনীয়, —হ্য বিণ [+অনীয় (অনীয়র্), +য (ণ্যৎ)-র্ম্ম ; স্ত্রী -য়া, -হ্যা] অপনেয়, নিরসনীয়, নির্হরণীয়। "এতৈর্ব্রতৈরপোহ্যং স্যাদ্ এনঃ মনু ১১.১৪৬।

অপোহন, -হনীয়, -হ্য দ্র 'অপোহ'।

অপৌরুষ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ষা] ১ যাহার পৌরুষ নাই ; পৌরুষ-হীন, বিক্রমশূন্য, ভীরু। "হেন অপৌরুষকর্ম্ম কর বিদ্যমান ম ৭৮৭। ২ [ন.ত ; স্ত্রী -ষী] পুরুষকৃত-ভিন্ন, অমানুষ, দৈব। —ষ ক্লী ১ পৌরুষাভাব, ভীরুতা। ২ অমানুষবল, দৈববল। —ষেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়ী] যাহা পুরুষকৃত নহে ; যাহা করা অশক্য ; অ-পুরুষকৃত, নিত্য। "°য়বেদবাক্য সাংখ্য ৫, তত্ত্বকৌমুদী। মনু ১২.৯৪, কুল্লুক। যিনি…মীনরূপ ধারণ করিয়া বদ্ধমূল অপৌরুষেয় বেদের রক্ষা করিয়াছেন (বেতালপঞ্চবিংশতি)। অপৌরুষেয় শাস্ত্র পা.প্র ১০৮।

অপ্‌চ বি [সং অপচয়] হানি, ক্ষতি, ধ্বংস। "অপ্‌চ ক'রে এমন কথা দিন লেগেছে পারা শি ৮২।

অপ্‌চর পুং [অপ্+ √চর্+অ (ট)-ক, উ.ত ; স্ত্রী -রী] জলচর—কুম্ভীরাদি। "মনু ৭.৭২।

অপ্‌চ্ছরা, -ছর, -ছরা বি [সং অপ্সরাঃ -রা>লি, প্রা অচ্ছরা ; বা অপ্‌ছরা, -র, -চ্ছরা (স > ছ) ; হি অচ্ছরা, -রী ; সি, গু অপ্‌ছরা ; অস অপেশ্বরা, -রী ; অপ্র] অপ্সরা। "রূপে অপ্‌চ্ছরা অ.প ৫২। সঙ্গে অপ্‌ছর গ ১২৮ ; আইলেন্ত অপ্‌ছর ১৫১ ; কিন্নর অপ্‌ছর ১৮৯। রম্ভা অপ্‌ছরা কৃ.উ ৯৪ ; রূপে অপ্‌ছরা ৯৬। —ছরী বি [হি অচ্ছরী] অপ্সরা। "নাচয়ে অপ্‌ছরী গ ১৯৮।

অপ্‌পতি পুং [ষ.ত] জলপতি ; বরুণ। "মনু ৩.৮৭ ; ৫.৯৬।

অপ্যয় পুং [অপি+ √ই+অ (অচ্)-ভা] ১ অপগমন, তিরোধান। ২ নাশ, মৃত্যু। বিপ 'ভব, ভাব'। "ভবাপ্যয়ৌ…শ্রুতৌ গী ১১.২। প্রভব মহা ২.৬৫.৯। °ভাব ভ ৪.১২.৩।

অপ্রকট বিণ [ন.ত ; স্ত্রী -টা] অপ্রকাশ, অব্যক্ত, গুপ্ত। "প্রকটা-প্রকটা চেতি লীলা সেয়ং হরেদ্বিধা (পদ্মপুরাণ)। অপ্রকটরূপ বিদ্বেষ-বুদ্ধি পা.প্র ১৫২। —ট বি (বাঙলায় ; অপ্র) তিরোভাব, প্রয়াণ, মৃত্যু। "অত্যন্ত প্রাচীন বিপ্র অপ্রকটকালে। করি অনুগ্রহ কিছু কহিল আমারে॥—ন.প ৬০। [অপ্রকটে—অপ্রকট হইলে ; মরিলে। "কবিরাট্ অপ্রকটে বহুকাল পরে। ঠাকুর লইয়া গেল রাজা জয়পুরে॥ —ভ.গ্র ১৯৩।]

অপ্রকাশ বিণ [ন.ত ; স্ত্রী -শা] ১ অদীপ্ত, আলোকহীন, তিমিরময়। "প্রকাশশ্চাপ্রকাশশ্চ লোকালোক ইবাচলঃ রঘু ১.৬৮। ২ গূঢ়, গুপ্ত।

"মনু ৮.৩৫১ ; ৯.২৫৬। ৩ প্রকাশরহিত, প্রচ্ছন্ন। "অপ্রকাশা দিশঃ সর্ব্বাঃ মহা (S.W.)। মনু ৮.২৫১। ৪ (বাঙলায়) অবিদিত। "অপ্রকাশ নাই যে ইতিপূর্ব্বে তুমি অবিরত শত শত অপরাধে দণ্ডনীয় হইলেও...অথণ্ড প্রচণ্ড রাজদণ্ড খণ্ডন করা যায় নাই।—য ৭। —শ পুং [ন.ত] প্রকাশাভাব, গোপন। "ছদ্মরূপে শিষ্যগৃহে করি অপ্রকাশ (রহিলেন) ভ.গ্র ৩০৬। —কাশিত বিণ [ন.ত] গূঢ়, প্রচ্ছন্ন, গুপ্ত, নিভৃত। —কাশ্য বিণ [ন.ত ; স্ত্রী -শ্যা] ১ প্রকাশের অযোগ্য ; গোপনীয়, গুহ্য। ২ বিশেষভাবে গোপনীয় (জন্মনক্ষত্রাদি)। 'জন্মর্ক্ষং মৈথুনং মন্ত্রো গৃহচ্ছিদ্রঞ্চ বঞ্চনম্। আয়ুর্ধনাপমানং স্ত্রী ন প্রকাশ্যানি সর্ব্বথা॥

অপ্রকাশিত, -অপ্রকাশ্য দ্র 'অপ্রকাশ'।

অপ্রকৃত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ অপ্রক্রান্ত, অনারব্ধ। ২ অযথার্থ। ৩ অপ্রস্তুত, অপ্রাসঙ্গিক, অবর্ণনীয়। ৪ অস্বাভাবিক। —ত ক্লী (অলঙ্কারশাস্ত্রে) উপমান। বিপ 'প্রকৃত'।

অপ্রকৃতি স্ত্রী [ন.ত] ১ যাহা প্রকৃতিভিন্ন ; বিকৃতি। ২ (সাংখ্যে) প্রকৃতিভিন্ন পুরুষ। ৩ (ব্যাকরণে) শব্দধাতুভিন্ন প্রত্যয়াদি। [°স্থ—রোগভয়াদি হেতু অস্বস্থ।]

অপ্রগল্‌ভ বিণ [ন.ত ; স্ত্রী -ভা] প্রগল্‌ভভিন্ন, হ্রীমান্, লজ্জাশীল, লাজুক। বিপ 'ধৃষ্ট'। "নিসর্গাদেব অপ্রগল্‌ভস্তপস্বিকন্যাজনঃ শ ২১/২। হি ২.১৫।

অপ্রচোদিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] অপ্রেরিত, অনাদিষ্ট, অযাচিত। "মনু ৪.২৪৮।

অপ্রচ্যুত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ অভ্রষ্ট, অপ্রমত্ত, অনুষ্ঠানপর। "অস্মাদপ্রচ্যুতো বিপ্রঃ মনু ৪.২৪৮। ২ অনশ্বর, নিত্য। "অপ্রচ্যুতৈশ্বর্য্য তুমি উপাস্য প্রণমা শ্রী.ম ২৬০।

অপ্রজ বিণ [প্র + √জন্ + অ (ড)-ক—প্রজ ; ন প্রজ ন.ত ; স্ত্রী -জা ; 'অপ্রজ'—অনুৎপন্ন (ঋগ্বেদ ১.২১.৫)] ১ যে আত্মজরূপে জন্মগ্রহণ করে না ; বন্ধ্য, অনপত্য। "যুষ্মাকমপ্রজাঃ সন্তু পত্নয়ঃ রা. ১.৩৬.২২। (গান্ধারী) অপ্রজা মহা ১.১১৫.১০। স চাপ্রজঃ মহা ৩.৫৩.৫। অপ্রজঃ সুপ্রজতমো (ভবতি) ভ ৪.২৩.৩৩। অপ্রজায়ামতীতায়াম্ মনু ৯.১৯৬,-৭ ; মৈথুনমপ্রজম্।—চাণক্য। ২ অনুৎপন্ন। —জা স্ত্রী বন্ধ্যা।

অপ্রজাঃ (-জস্) বিণ [ন প্রজা যাহার, ন.বহুব্রী, সমাসান্ত 'অস্' (অসিচ্) ; তু 'অপ্রজ' ; ছান্দস (অথর্ব্ব ৭.৩৫.৩)] প্রজাশূন্য, অনপত্য। "(সা) কুমারং সুষুবেঽপ্রজাঃ ভ ৪.১৩.৩৮। অতীতায়ামপ্রজসি যাজ্ঞ ২.১৪৭ ; অপ্রজঃস্ত্রীধনম্ ১৪৮।

অপ্রজাতা স্ত্রী [ন.ত] প্রজাতাভিন্না, বন্ধ্যা স্ত্রী। "দাসীনামপ্রজাতানাম্ মহা ৫.৮৬.৮।

অপ্রতর্ক্য বিণ [ন.ত ; স্ত্রী -র্ক্যা] প্রতর্ক্যভিন্ন, অতর্কণীয়, তর্কাতীত। "মনু ১.৫ ; ১২.২৯। একই অপ্রতর্ক্য শক্তি জড়পদার্থে জড়ধর্ম্মরূপে... অধিষ্ঠিত রহিয়াছে পা.প্র ৬৭।

অপ্রতিকর্ম্মা (-র্ম্মন্) বিণ [ন প্রতিকর্ম্ম যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -র্ম্মা] ১ যাহার প্রতিকার নাই ; প্রতিক্রিয়ারহিত, প্রতিবিধানবিমুখ। "পুত্রস্যাপ্রতিকর্ম্মণঃ রা ১.৭৫.২২ ; ৭৬.১৮। ২ অপ্রতিবিধেয়, অশক্যপ্রতিকার। [°র্ম্মক্রিয়া—বেশবিন্যাসরাহিত্য, প্রসাধনাভাব। "ভর্ত্তরি প্রবসিতেঽপ্রতিকর্ম্মক্রিয়া বিষ্ণু ২৫.৯।]

অপ্রতি(তী)কার বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -রা] ১ যাহার প্রতিকার নাই ; অপ্রতিবিধেয়, অশক্যপ্রতিকার। "মনু ১২.৮০। °রেয়মাপৎ (কাদম্বরী)। ২ অকৃতপ্রতিকার (শ্রীধর), প্রতিহিংসাবিরত। "গী ১.৪৫। —র পুং [ন.ত] প্রতিকারাভাব ; অপ্রতিবিধান। —প্রতিকারী (-রিন্) বিণ [ন.ত ; স্ত্রী -রিণী] প্রতিকারবিমুখ।

অপ্রতিঘ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ঘা] প্রতিঘাতকহীন, অপ্রতিবন্ধ, দুর্নিবার। "মনু ১২.২৮।

অপ্রতিদ্বন্দ্ব বিণ [ন প্রতিদ্বন্দ্ব যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ন্দ্বা] ১ প্রতিদ্বন্দ্বহীন, প্রতিযোগরহিত, প্রতিস্পর্দ্ধিশূন্য। "°ন্দ্বমাহবে রা ১.৭৬.১৮। ২ স্পর্দ্ধারহিত। "রা ২.১০৭.৮।

অপ্রতিপত্তি স্ত্রী [ন.ত] ১ প্রতিপত্তির অভাব ; ইতিকর্ত্তব্যতাবিষয়ে নিশ্চয়াভাব ; অজ্ঞান। "°মূঢ়তা কি ১৪.৪৩। °বিহ্বলানি চেন্দ্রিয়াণি (কাদম্বরী)। ২ জড়তা। "সা.দ ৩.১৪৮। ৩ নিশ্চয়াভাব। ৪ অস্বীকার। ৫ অগৌরব। ৬ অসম্প্রাপ্তি। ৭ স্ফূর্ত্ত্যভাব। "উত্তরস্যাপ্রতিপত্তিরপ্রতিভা (গৌতমসূত্র)।

অপ্রতিবন্ধ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ন্ধা] ১ প্রতিবন্ধহীন, অপ্রতিহত, অবাধ। ২ (ব্যবহারে) অবিরোধ, নির্ব্বিবাদ (দায়)।

অপ্রতিবল বিণ [ন প্রতিবল যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -লা] ১ যাহার প্রতিকূল বল নাই ; বিপক্ষহীন। ২ অতিপ্রবল, মহাবীর্য্য। "গো.রা ৬.৭০.৫৫।

অপ্রতিবিধেয় বিং [ন.ত ; স্ত্রী -য়া] প্রতিবিধানের অযোগ্য ; অশক্যপ্রতিকার, অপ্রতিকার্য্য। "অপ্রতিবিধেয় অনিষ্টসঙ্ঘটন সী ২৫।

অপ্রতিবীর্য্য বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -র্য্যা] প্রতিবীর্য্যহীন, মহাবিক্রম, মহাবল। "গো.রা ৪.৩৫.৪ ; ৩৮.১৩।

অপ্রতিভ বিণ [ন প্রতিভা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ভা] ১ প্রতিভাহীন, প্রত্যুৎপন্নমতিশূন্য, হতবুদ্ধি। ২ অপ্রগল্‌ভ, লজ্জাশীল, লাজুক। ৩ লজ্জিত, অপ্রস্তুত। "অপ্রতিভা কৈল মোরে দৈত্যের নন্দিনী ম ৬৬। তিলোত্তমা অপ্রতিভ হইলেন ব.প্র ২১ ; হেমচন্দ্র অপ্রতিভ হইয়া বেত ফেলিয়া দিলেন ১৫৯। অনেক সময়ে ভুল হয় এবং তজ্জন্য বিলক্ষণ অপ্রতিভ হইতে হয় পা.প্র ১৮০। ভয় হ'চ্চে পাছে অপ্রতিভ হই লী ৪২। ৪ স্ফূর্ত্তিশূন্য। —ভা স্ত্রী [ন.ত] ১ প্রতিভার অভাব ; প্রগল্‌ভতাভাব। ২ (ন্যায়ে) নিগ্রহস্থানবিশেষ।

অপ্রতিম বিণ [ন প্রতিমা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -মা] ১ উপমাহীন, অনুপম, অতুল, নিরতিশয়। "°প্রভাব গী ১১.৪৩। রূপেণাপ্রতিমা রা ৩.৩৪.২০ ; °মো গুণৈঃ ৪.২৯.১৭। রূপেণাপ্রতিমা মহা ৩.৬২.২৫। অপ্রতিম অসীম সদ্গুণ।—রঙ্গ ২১। ২ অতিসুন্দর। "মহা ৩.২১৮.৪।

অপ্রতিমান বিণ [ন প্রতিমান যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -না ; ছান্দস] প্রতিমানহীন, অতুল। "পথ্যাপ্রতিমানমোজঃ ম.চ ১৬২।

অপ্রতিযোগী (-গিন্) বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -গিনী] ১ যাহার প্রতিযোগী নাই ; অতুল, অনুপম। ২ শত্রুহীন। ৩ অভাবসম্বন্ধিভিন্ন।

অপ্রতিরথ বিণ [ন প্রতিরথ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -থা] ১ প্রতিযোধহীন, অপ্রতিপক্ষ। "মহা ১.৭০.২৩। দৌষ্মন্তিমপ্রতিরথং তনয়ং নিবেশ্য শ ৪.২০ ; ৭.৩৩। ২ অনুপম, সর্ব্বাতিশায়ী। "অপ্রতিরথৈস্তেজোভিঃ ম.চ ১.৪৬। —থ পুং অপ্রতিপক্ষ যোধ ; মহাবীর। —থ পুং, ক্লী যাত্রামঙ্গল সামবিশেষ।

অপ্রতিরূপ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -পা ; বৈদিক] ১ প্রতিরূপহীন ; অসদৃশ, অতুল্যরূপ। ২ অনুপম, অতুল। "°রূপ রা ৩.৪৮.২৪। তস্যাস্ত্বপ্রতিরূপায়া বচনম্ গো.রা ৩.৩৮.২০। ৩ অননুরূপ, অযোগ্য। [°রূপ (বিণ)—অনুপমরূপবান্।]

অপ্রতিলোম বিণ [ন.ত ; স্ত্রী -মা] অপ্রতিকূল, অবিরোধী। "অপরিচিতস্যাপি তে অপ্রতিলোমঃ সংবৃত্তঃ শ ৭১/২।

অপ্রতিশাসন বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -না] প্রতিশাসনহীন, দ্বিতীয়াজ্ঞারহিত, একায়ত্ত। "(সঃ) অধিজ্যকার্ম্মুকঃ কৃতবানপ্রতিশাসনং জগৎ রঘু ৮.২৭।

অপ্রতিষিদ্ধ বিণ [ন.ত ; স্ত্রী -দ্ধা] প্রতিষেধরহিত, অনিষিদ্ধ। —ষেধ পুং [ন.ত] প্রতিষেধাভাব, অনিষেধ।

অপ্রতিষ্ঠ বিণ [ন প্রতিষ্ঠা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ষ্ঠা] ১ প্রতিষ্ঠাহীন, স্থিতিশূন্য, অস্থির। ২ বংশস্থিতিরহিত, অপুত্রক। "অপ্রতিষ্ঠে রঘুজ্যেষ্ঠে কা প্রতিষ্ঠা কুলস্য নঃ উ.চ ৫.২৫। ৩ আধারশূন্য, নিরাশ্রয়, নিরবলম্ব। "গী ৬.৩৮ ; ১৬.৮। ৪ প্রশংসাহীন, গৌরবশূন্য। ৫ অনাশ্রয় হেতু নিষ্ফল। "মনু ৩.১৮০। —ষ্ঠ পুং নরকবিশেষ। —ষ্ঠ ক্লী স্বধামস্থিত ব্রহ্ম (A.)। —ষ্ঠা স্ত্রী [ন.ত] ১ প্রতিষ্ঠার অভাব, অস্থিতি ; নিরাশ্রয়তা। ২ অপ্রশংসা, অগৌরব। —ষ্ঠিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] সর্ব 'অপ্রতিষ্ঠ'। —ষ্ঠিত পুং বিষ্ণু।

অপ্রতিষ্ঠা,-ষ্ঠিত দ্র 'অপ্রতিষ্ঠ'।

অপ্রতিস্তব্ধ বিণ [ন.ত ; স্ত্রী -ব্ধা] প্রতিস্তম্ভনরহিত, অনভিভূত। "°বিক্রান্ত ভট্টি ৯.৮৯।

অপ্রতিহত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ অনভিভূত। ২ অপ্রতিরুদ্ধ, অপ্রতিবন্ধ, অনিবারিত। "°রয় উ.চ ৩.৩৬। °প্রসর বে ১২/২৫। °প্রভাবে রাজ্যশাসন সী ১। ৩ সর্বত্র প্রসরণশীল ; অনুপহত, অপ্রতিবন্ধ, অকুণ্ঠিত। "°চিত্ত, °মানস। সা বুদ্ধিরপ্রতিহতা (ভর্তৃহরি) ; পঞ্চ ৫.২৬ ; হি ১.১৩৬। ৪ অব্যাহত।

অপ্রতীক বিণ [ন বহুব্রী ; স্ত্রী -কা] ১ যাহার প্রতীক (একদেশ) নাই ; সম্পূর্ণ। ২ নিরবয়ব (ব্রহ্ম)।

অপ্রতীত বিণ [ন.ত ; স্ত্রী -তা ; ছান্দস] ১ প্রতীতভিন্ন, অপ্রতিগত, অপ্রতিরুদ্ধ। ২ অপরিজ্ঞাত। ৩ (অলঙ্কারশাস্ত্রে) একদেশমাত্রপ্রসিদ্ধ, বিষয়বিশেষেই প্রতীত (শব্দগতদোষ)। —তি স্ত্রী [ন.ত] ১ প্রতীতির অভাব ; জ্ঞানাভাব, অস্পষ্টভাব। ২ অপ্রত্যয়। [°ত্ব—শব্দগতদোষবিশেষ। যেমন, "যোগেন দলিতাশয়ঃ"—এখানে 'আশয়' শব্দের অর্থ 'বাসনা' যোগশাস্ত্রেই প্রসিদ্ধ, সুতরাং তদনভিজ্ঞের ইহা অপ্রতীত (সা.দ ৭.২)]

অপ্রতুল বি [(?) ; 'প্রকৃষ্ট তুলার অভাব' এই অর্থে অব্যয়ীভাব (শ.ক)] ১ অভাব, অসঙ্গতি, অনাটন। "আমন কি একটা খেলো হুঁকোরও অপ্রতুল হু ১৬৭ ; সাদর সম্ভাষণেরও বিলক্ষণ অপ্রতুল ১৯২ ; পয়সারও বিলক্ষণ অপ্রতুল ২২৮। ২ দুর্দ্দশা, দুর্গতি, বিপৎসঙ্কুল অবস্থা, বিপদ্। "জগৎসেট কহিলেন, এ দেশের অত্যন্ত অপ্রতুল হইল। দেশাধিকারী অত্যন্ত দুরন্ত, কারু বাক্য শুনে না কৃ.চ ৪৩। —ল বিং বিপজ্জনক, অনর্থকর। "মিছে কথায় ক'রে ভুল, গোঠে থেকে হ'য়ে বাতুল, ঘটনা যা অপ্রতুল, কে সে কথা কয় রে।—দা ২১৪। [অপ্রতুলের একশেষ—বিপদের চূড়ান্ত।]

অপ্রত্যক্ষ বিণ [ন.ত ; স্ত্রী -ক্ষা] ১ প্রত্যক্ষভিন্ন, অগোচর, পরোক্ষ। ২ অনুপলব্ধ, অদৃষ্ট। "অপ্রত্যক্ষং চ মে বীর্য্যম্ গো.রা. ৪.৯.১০২। মনু ৮.৯৫।

অপ্রত্যয় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ প্রত্যয়হীন, বিশ্বাসহীন, সংশয়িত। "অপ্রত্যয়ং চেতঃ শ ১.২। ২ জ্ঞানশূন্য। —য় পুং [ন.ত] ১ প্রত্যয়াভাব, অবিশ্বাস, সংশয়। "ক্ষেত্রমপ্রত্যয়ানাম্ (স্ত্রীযন্ত্রম্)।—শিলহন ; পঞ্চ ১.২০১। ২ প্রত্যয়ভিন্ন প্রকৃতিরূপশব্দ। "অর্থবদধাতুরপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্ (পা)।

অপ্রদত্তা বিং, স্ত্রী [ন.ত ; বিকল্পে 'অপ্রত্তা'—অপ্রত্তা দুহিতা (বসিষ্ঠ ২৭)] বিবাহে অ-কৃতসম্প্রদানা ; অদত্তা। "অপ্রদত্তা ভূপতির আছে এক বালা বা.দ ১১৪।

অপ্রধান বিণ [ন.ত ; স্ত্রী -না] ১ প্রধানভিন্ন, অধীন। "আবাং তাবদপ্রধানৌ হি ২৬/২৬। ২ অনুৎকৃষ্ট। "অপ্রধানঃ প্রধানঃ স্যাৎ সেবতে যদি পার্থিবম্।—পঞ্চ ১.৩৫। ৩ (ব্যাকরণে) মুখ্যভিন্ন, গৌণ (কর্ম্ম)। —ন ক্লী ১ প্রধান কর্ম্মাঙ্গ। ২ গৌণত্ব, অপ্রধানভাব, অধীনতা। ৩ গৌণকর্ম্ম। "পা ১.৪.৫১, মহাভাষ্য।

অপ্রধৃষ্য বিণ [ন.ত ; স্ত্রী -ষ্যা] অশক্যধর্ষণ, অজেয়। "মহা ১.১.১৮৪। মা.মি ৫.১৭।

অপ্রবাস বি [ন.ত] প্রবাসাভাব, স্বগৃহে বাস। "অপ্রবাসে ঋণ বিনা যার কাল যায় ম ৫৮১। —সী (-সিন্) বিণ [ন.ত ; স্ত্রী -সিনী] প্রবাসিভিন্ন, স্বগৃহবাসী। "অঋণী চাপ্রবাসী চ স বারিচর মোদতে মহা ৩.৩১২.১১৫। অপ্রবাসী অঋণী সে সদা সুখে বৈসে ম ১২৫৭।

অপ্রভু বিণ [ন.ত ; স্ত্রী -ভু, -ভ্বী ; ছান্দস] অসমর্থ, অশক্ত। "অপ্রভুর্লঙ্ঘনেঽভবৎ গো.রা ৬.৩৬.৮৯।

অপ্রমত্ত বিণ [ন.ত ; স্ত্রী -ত্তা ; বৈদিক] প্রমত্তভিন্ন, প্রমাদরহিত, সাবধান, অবহিত। "অপ্রমত্তস্ত্বমথেষু ভব।—রা ২.৪৬.১১। মনু ৭.১৪২। চৈ.চ ২২৪।

অপ্রমাণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] ১ প্রমাণহীন, হেতুশূন্য, মিথ্যা। "অপ্রমাণং বচনম্ শ ৫.২৪। গোবিন্দ বলিলা রাজা নহে অপ্রমাণ। যে হেতু না আইল আমি কর অবধান॥—ম ৩৯০। ২ শাস্ত্রীয়প্রমাণশূন্য। ৩ ইয়ত্তাহীন, অসীম। —ণ ক্লী [ন.ত] ১ প্রমাণের অভাব, হেত্বভাব। ২ যাহা প্রমাণবিরোধী ; প্রমাভিন্ন ভ্রমাদিজনক বাক্যাদি ; প্রমাণবিরুদ্ধ বচন। ৩ বেদস্মৃতিপ্রভৃতি প্রমাণভিন্ন চার্ব্বাকাদিমত।

অপ্রমাদ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দা ; ছান্দস] প্রমাদরহিত, অপ্রমত্ত, সাবধান। "°তা যাজ্ঞ ৩.৩১৩। অপ্রমাদঃ সদা দক্ষঃ প্রতীহারঃ স উচ্যতে।—চাণক্য। —দ পুং [ন.ত] প্রমাদাভাব, অবধান, সাবধানতা। "(গুহঃ) নিবসত্যপ্রমাদেন দেশং তং পরিপালয়ন্ রা ৮.২৩.২০। —দী (-দিন্) বিণ [ন.ত ; স্ত্রী -দিনী] প্রমাদিভিন্ন, প্রমাদরহিত, সাবধান। "মনু ২.১১৫। পঞ্চ ১.৪১। [অপ্রমাদে—নির্ব্বিঘ্নে, নিরাপদে, অবাধে, অনায়াসে। "প্রত্যূষ বিহানে কালি সূর্য্যের প্রসাদে। দশ লক্ষ হইলে ভুঞ্জাব অপ্রমাদে ম ৫১৬ ; জয়দ্রথেরে মারিব অপ্রমাদে ৮৫৪।]

অপ্রমিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ প্রমাণরহিত, অপরিমিত, ইয়ত্তাহীন, অসীম। ২ অ-প্রমাণসিদ্ধ। ৩ অনুপলব্ধ। ৪ (বাঙ্‌লায়) প্রচুর, অনেক, অসংখ্যক, বহু। "নানা ধর্ম্ম কর্ম্ম করিবেক অপ্রমিত ম ৪৮ ; বৃষ্টি কৈলু অপ্রমিত ৬২৫ ; গুণ অপ্রমিতে ৭০১। ৫ [অপ্র] মহান্, প্রভূত। "নাগলোকে উৎসব হইল অপ্রমিত ম ৪৬। —মিতি বিং অপ্রমিত, অপরিমিত, প্রচুর। "ব্রাহ্মণেরে দান রাজা দিল 'অপ্রমিতি' ম ৬৭৩। [পদ্যে মিলের জন্য 'ই']। —মেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] ১ পরিমাণের অযোগ্য ; অপরিমেয়, অসীম। "অপ্রমেয় বল ধরে অপ্রমেয় সেনা ম ৪৯৪। ২ অপরিচ্ছেদ্য, অনবগম্য। "মনু ১.৩ ; ১২.৯। °মহিমা ম.চ ৪.৩০। ৩ ব্রহ্মবিদ্যাবিৎ। "বরুণায়াপ্রমেয়ায় রা ১.৭৭.১। ৪ মহাবীর্য্যবান্, অমিতবল। "গাণ্ডিবমপ্রমেয়ম্ মহা ১.১.১৮০। ৫ প্রমাণাতীত, অচিন্ত্যপ্রভাব (গী.টীকা)। "তৎ ক্ষাময়ে ত্বামহমপ্রমেয়ম্ গী ১১.৪৩। —মেয় পুং বিষ্ণু। —য় ক্লী ব্রহ্ম। [°য়াত্মা (-ত্মন্) পুং—১ শিব। ২ বিষ্ণু।]

অপ্রমিতি, -প্রমেয়, -প্রমেয়াত্মা দ্র 'অপ্রমিত'।

অপ্রমোদ পুং [ন.ত] প্রমোদাভাব, অপ্রহর্ষ, আনন্দাভাব। "মনু ৩.৬১ ; মহা ১৩.৪৬.৪।

অপ্রযত্ন বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ত্না] প্রযত্নশূন্য, প্রয়াসহীন, উদাসীন। "অপ্রযত্নঃ সুখার্থেষু মনু ৬.২৬। —ত্ন পুং [ন.ত] প্রযত্নাভাব, অপ্রয়াস, ঔদাসীন্য।

অপ্রযুক্ত বিণ [ন.ত ; স্ত্রী -ক্তা] ১ প্রযুক্তভিন্ন, অকৃতপ্রয়োগ, অব্যবহৃত (শব্দ)। ২ অশুদ্ধ (ভ্রান্ত)-প্রযুক্ত (শব্দ)। ৩ (অলঙ্কারশাস্ত্রে) বিরলপ্রয়োগ (শব্দগতদোষবিশেষ)। [°ত্ব (ক্লী)—শব্দগতদোষবিশেষ।

কোন শব্দের অর্থ বা লিঙ্গ অভিধানসম্মত হইলেও, কবিরা সেই অর্থে বা লিঙ্গে ঐ শব্দের প্রয়োগ করেন নাই ; তাদৃশ শব্দের প্রয়োগে 'অপ্রযুক্তত্ব' বা অপ্রযুক্ততাদোষ হয় (সা.দ ৭.২)। "ঈশাঙ্কের উর্ব্বধে মারা গেল মার (কাব্যনির্ণয়)।] —প্রয়োগ পুং [ন.ত] ১ প্রয়োগাভাব। ২ অসাধুপ্রয়োগ।

অপ্রশস্ত বিণ [ন.ত ; স্ত্রী -স্তা ;] ১ প্রশস্তভিন্ন, অপকৃষ্ট, অসৎ। ২ অবিহিত, নিষিদ্ধ, নিন্দিত। "অপ্রশস্তং নিশিস্নানম্।—পরাশব ১২.২০। মনু ১১.২৫৬। ৩ অযোগ্য, অশুভ (কাল)। ৪ অপবিত্র, দূষিত, কলুষিত। "বিভীতকশ্চাপ্রশস্তঃ সংবৃত্তঃ কলিসংশ্রয়াৎ মহা ৩.৭২.৪১। ৫ (বাঙলায়) অবিস্তৃত, সঙ্কীর্ণ, অনায়ত, সরু (পথ, পাত্র, পাত্রাদির মুখ)। —প্রশস্য বিণ [ন.ত ; স্ত্রী -স্যা] অপ্রশংসনীয়, নিন্দনীয়, অবিধেয়।

অপ্রসক্ত বিণ [ন.ত ; স্ত্রী -ক্তা] ১ অনভিনিবিষ্ট, অনাসক্ত। ২ প্রসঙ্গরহিত। ৩ অসংবদ্ধ, অসংলগ্ন। —প্রসক্তি স্ত্রী [ন.ত.] ১ প্রসক্তির অভাব ; অনাসক্তি, প্রসঙ্গাভাব। ২ অসেবন, অনুপভোগ। "বিষয়েষ্বপ্রসক্তিঃ মনু ১.৮৯। —প্রসঙ্গ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ঙ্গা] প্রসঙ্গশূন্য, সম্বন্ধহীন, অনাসক্ত। —প্রসঙ্গ পুং [ন.ত] ১ প্রসঙ্গাভাব, অসম্বন্ধ। ২ অনাসক্তি। ৩ সঙ্গতির অভাব ; অসঙ্গতি, অনন্বয় (বাক্যের)।

অপ্রসক্তি, অপ্রসঙ্গ দ্র 'অপ্রসক্ত'।

অপ্রসাদ পুং [ন.ত] অপ্রসন্নতা, অপ্রীতি। "হি ৩.৯৩।

অপ্রস্তুত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ প্রস্তুতভিন্ন, অপ্রক্রান্ত, অপ্রকৃত, অপ্রাকরণিক, অপ্রাসঙ্গিক। "°প্রশংসা। ২ অনিষ্পন্ন। ৩ অসংস্তুত। ৪ কার্য্যসাধনার্থ অনুদ্যুক্ত ; উদ্যোগহীন। ৫ (বাঙলায়) অপ্রতিভ, লজ্জিত, সঙ্কুচিত। "কর্ম্মকর্ত্তার ব্যাভার দেখে প্রতিমে পর্য্যন্ত অপ্রস্তুত হন হু ১৯৩। ৬ হতবুদ্ধি। "(বাবাজীরা) পাহারাওয়ালাকে দেখে কিঞ্চিৎ অপ্রস্তুত হ'য়ে পড়লেন হু ২১৯। [°প্রশংসা (স্ত্রী)—অপ্রস্তুত দ্বারা প্রস্তুতের প্রশংসা (ব্যঞ্জন) ; অর্থালঙ্কারবিশেষ। অপ্রস্তুত (অবর্ণনীয়) বিষয়ের বর্ণনা দ্বারা প্রস্তুতবিষয়ের প্রতীতি জন্মাইলে 'অপ্রস্তুতপ্রশংসা' হয় (সা.দ ১০.৫৯)।]

অপ্রহত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ প্রহতভিন্ন, অনাহত, অক্ষুণ্ণ। ২ অকৃষ্ট, খিল (ভূমি)। ৩ দশাসহিত ঈষদ্ধৌত নব শ্বেত (বস্ত্র)। 'ঈষদ্ধৌতং নবং শ্বেতং সদশং যন্নধারিতম্। নির্ণেজকাক্ষালিতং চাপ্রহতং বাস উচ্যতে॥

অপ্রাকরণিক বিণ [ন প্রাকরণিক, ন.ত ; স্ত্রী -কী] প্রাকরণিকভিন্ন, অপ্রস্তাবিত, অপ্রস্তুত। "কা.প্র ১০.৯৮।

অপ্রাকৃত বিণ [ন.ত ; স্ত্রী -তী] ১ প্রকৃতিসম্বন্ধিভিন্ন, অর্থাৎ যাহা ক্ষিতি জল বায়ু প্রভৃতি ভূতগণ দ্বারা সৃষ্ট নহে ; প্রকৃতিকার্য্যভিন্ন, অস্বাভাবিক। "সেকালে নাহিক জন্মে প্রাকৃত মন নয়ন। অতএব অপ্রাকৃত ব্রহ্মের নেত্র মন॥—চৈ.চ ১০৩। দুগ্ধ পান করি ভাণ্ড রাখিতেই মাত্র। আপনি চলিয়া গেল অপ্রাকৃত পাত্র॥—ভ.গ্র ২২ ; ১৬৫। ২ অলৌকিক, লোকাতিশায়ী, অসামান্য। "অপ্রাকৃতেষু পাত্রেষু ম.চ ১.৩। ৩ অ-মনুষ্যকৃত, অমানুষ, দিব্য। "অপ্রাকৃত সদক্ষর ঝলকিছে জ্যোতি ভ.গ্র ১৮৯। ৪ চিদানন্দময়। "সেই দেহ করে তার চিদানন্দময়। অপ্রাকৃত দেহে তাঁর চরণ ভজয়॥ —চৈ.চ ২৮২।

অপ্রাপ্ত বিণ [ন.ত ; স্ত্রী -প্তা] ১ প্রাপ্তভিন্ন, প্রমাণান্তর দ্বারা অনবগত। "°প্রাপকো বিধিঃ (মীমাংসাদর্শন)। ২ অনধিগত, অলব্ধ। ৩ সম্বন্ধহীন, অসম্বন্ধ। "অপ্রাপ্তয়োস্তু যা প্রাপ্তিঃ সৈব সংযোগ ঈরিতঃ। —ভাষাপরিচ্ছেদ ১১৫। ৪ অনাগত, অনুপস্থিত। "রঘু ১২.৯৬ ; °যৌবন ১৫.৪২। ৫ অনিবৃত্ত (মিতাক্ষরা)। "°ব্যবহার যাজ্ঞ ২.২৪৬। ৬ অপ্রাপ্তবিবাহকাল। "অপ্রাপ্তামপি তাং তস্মৈ কন্যাং দদ্যাৎ মনু ৯.৮৮।

অপ্রাপ্তকাল বিণ [ন.ত ; স্ত্রী -লা] ১ অপ্রাপ্তসময় ; অসময়োচিত, অপ্রাসঙ্গিক। "অপ্রাপ্তকালং বচনম্ কা।—পঞ্চ ১.৬৭ ; হি ২.১৬১। ২ অনাগতমৃত্যুকাল। "নাপ্রাপ্তকালো ম্রিয়তে বিষ্ণু ২০.৪২। —ল পুং (ন্যায়ে) নিগ্রহস্থানভেদ, বাদীর দোষবিশেষ।

অপ্রাপ্তবয়স্ক, -বয়াঃ (-য়স্), -ব্যবহার বিণ [বহুব্রী ; স্ত্রী -স্কা, -য়াঃ, -রা] যে ব্যবহারযোগ্য বয়স বা কাল প্রাপ্ত হয় নাই ; ব্যবহারানভিজ্ঞ, অপূর্ণ-ষোড়শবর্ষবয়স্ক (বাল) ; নাবালগ্ (Minor)। 'যাজ্ঞ ২.২৪৬। দক্ষ ১.৬। অপ্রাপ্তব্যবহার ব্যক্তি ত্বদীয় কার্য্যে ত নিয়োজিত হয় না ? ।—কালীপ্রসন্ন সিংহ।

অপ্রাপ্তবয়াঃ, -ব্যবহার দ্র 'অপ্রাপ্তবয়স্ক'।

অপ্রাপ্তাবসর বিণ [অপ্রাপ্ত অবসর যাহা কর্তৃক, বহুব্রী ; স্ত্রী -রা] অপ্রাপ্তযোগ্যকাল, অপ্রাপ্তসময়। "নাহমপ্রাপ্তাবসরং বচনং বক্ষ্যামি হি ২৬।

অপ্রাপ্তি স্ত্রী [ন.ত] ১ প্রাপ্তির অভাব ; অনধিগম, অলাভ। ২ বিয়োগ। "তদপ্রাপ্তিমহাদুঃখবিলীনাশেষপাতকা (গোপকন্যকা) কা.প্র ৪.৮০ (উদাহরণ)। ৩ প্রমাণান্তর দ্বারা জ্ঞানাভাব। "°বিধিরত্যন্তমপ্রাপ্তৌ নিয়মঃ পাক্ষিকে সতি (মীমাংসাদর্শন)। ৪ অসম্ভব। "বেদান্ত ২.২.২২। ৫ অনুপপত্তি। "বেদান্ত ২.২.১৮।

অপ্রাপ্য বিণ [ন.ত ; স্ত্রী -প্যা] প্রাপ্তির অযোগ্য ; অলব্ধব্য। "অপ্রাপ্যং নাভিবাঞ্ছন্তি (নরাঃ পণ্ডিতবুদ্ধয়ঃ) হি ১.১৭৯।

অপ্রামাণিক বিণ [ন.ত ; স্ত্রী -কী] ১ প্রমাণসিদ্ধভিন্ন, অ-প্রমাণসিদ্ধ। "অপ্রামাণিকীয়মনবস্থা (সাংখ্যভাষ্য)। ২ প্রমাণবিদ্ভিন্ন, প্রমাণানভিজ্ঞ। ৩ অবিশ্বসনীয়, বিশ্বাসের অযোগ্য। —মাণ্য ক্লী [ন.ত] প্রামাণ্যের অভাব ; প্রমাণাভাব, অসত্যতা। "অপ্রামাণ্যং জনয়তি সদা নন্দসূনোর্বিয়োগঃ (পদাঙ্কদূত)।

অপ্রিয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া ; ছান্দস] ১ প্রিয়ভিন্ন, অপ্রীতিকর, অনিষ্ট। "ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্ মনু ৪.১৩৮। অপ্রিয়াপি প্রমদা শ ৫.১৭। ২ নিষ্ঠুর, পরুষ। "অপ্রিয়স্য চ পথ্যস্য বক্তা শ্রোতা চ দুর্লভঃ মহা ২.৬৪.১৬। কঠিন অপ্রিয় ভাষ স শ ৩৮। ৩ অনিষ্ট, হিংসক, অহিতকর। "সংযোগশ্চ তথাপ্রিয়ৈঃ মনু ৬.৬২ ; ৭৯। —য় পুং শত্রু, অরি। —য় ক্লী ১ পরুষবাক্য। "°বাদী মনু ৯.৮১। ভার্য্যা চাপ্রিয়বাদিনী। —চাণক্য। ২ অনভিমতকার্য্য। "পাণিগ্রাহস্য সাধ্বী স্ত্রী নাচরেৎ কিঞ্চিদপ্রিয়ম্ মনু ৫.১৫৬ ; °কর ৭.২০৪। প্রিয়বিয়োগ ও অপ্রিয়সংযোগ শোকের কারণ সী ৫৬।

অপ্রিয়ংবদ বিণ [ন.ত ; স্ত্রী -দা] অপ্রিয়বাদী, পরুষভাষী। "যাজ্ঞ ১.৭৩।

অপ্রীত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ প্রীতিহীন, অসন্তুষ্ট, বিরক্ত। ২ (বাঙলায় ; অপ্র) অপ্রীতিকর, অসুখজনক। "অপ্রীত অশন শয়ন সদা হাহাভাষ ম ৪৩৫। —প্রীতি স্ত্রী [ন.ত] ১ প্রীতির অভাব ; অসন্তোষ, বিরাগ। ২ দ্বেষ, বিরোধ, বৈর, অপ্রণয়। ৩ দুঃখ। "অপ্রীতির্দুঃখমপ্রীত্যাত্মকো রজোগুণঃ (সাংখ্যতত্ত্বকৌমুদী)। [°তিকর (বিণ)— অসন্তোষকর, বিরাগজনক। "মনু ১২.২৮।]

অপ্সর[১] পুং [অপ্ (জল), তাহাতে সর (গন্তা), স.ত] জলে বিচরণকারী ; জলচরপ্রাণী। "মনু ১.১২।

অপ্সর[২] বি [সং অপ্সরাঃ (-রস্) ; হি অপ্সর (পদ্যে) ; দ্র 'অপ্সরা'] ১ স্ত্রীজাতি দেবযোনিবিশেষ ; স্বর্গবেশ্যা। "অপ্সর কিন্নর যক্ষ, সবে ভোগ করে নানা রস ভা.চ ১৫ ; অপ্সরগণের বাস ৯৬ ; অপ্সর নাচে ১৪৫। পিশাচ অপ্সর শ্রী.ম ২৩৯। নৃত্য করে যতেক অপ্সরে ম ৪২৮।

২ ['কিন্নর (পুং)—কিন্নরী (স্ত্রী)' ইত্যাদির অনুকরণে বাঙলায় অপ্সর (পুং)—অপ্সরী (স্ত্রী) ; অপ্র] অপ্সরার পুরুষজাতি। "অপ্সর অপ্সরী গায় জ ২০। অপ্সরী অপ্সর যত ম ৪৫ ; অপ্সরী অপ্সর, কিন্নরী কিন্নর ম ৯৬০, টীকা।

অপ্সরা স্ত্রী ['তু সং অপ্সরাঃ (-রস্) ; প্সর—রূপ (ঋগ্বেদ ১.৪১.৭) ; ছান্দস—'অপ্সরাম্' 'অপ্সরাভ্যস্' 'অপ্সরাসু' (অথর্ববেদ ৪ ৩৮.১ ; ৭.১০৯.২ ; ২.২.৩) ; অপ্সরায়তে (পা ৩.৩.১১, সি) ; অপ্সরা (অ.চি ২.৯৭, টীকা) ; হি, ঠ, গু অপ্সরা] ১ উর্ব্বশীপ্রভৃতি স্বর্গবেশ্যা। "অপ্সরাণাং সুবর্চ্চসাম্ রা ১.৪৫.৩৪। অপ্সরোপমা মহা ১.১০২.৩ ; ১৭১'৮। ঘৃতাচী অপ্সরা ম ১২৮। ইন্দ্রের অপ্সরা শি ২৪। দেবী কি অপ্সরা ক্রিহ ভ.গ্র ২৪০। °গণ ম.ম ৪২ ; কাদ ৪৫। ২ [বাঙলায়, 'দেবা (পুং)—দেবী (স্ত্রী)' ইত্যাদির অনুকরণে 'অপ্সরা (পুং)—অপ্সরী (স্ত্রী)' ; অপ্র] অপ্সরীর পুরুষজাতি। "নৃত্য করে বিদ্যাধর অপ্সরা অপ্সরী শি ৩৩।

অপ্সরাঃ(-রস্) স্ত্রী [অপ্ + √সৃ + অস্ (অসুন্)-ক -১ব (উ ৪.২৩৭); "অপ্সরা অপ্সারিণী"…অপঃ প্রতি নিত্যমেব সরতি, তৎপ্রভবত্বাৎ (নিরুক্ত)। 'অপ্সরস্' নিত্যবহুবচন (বামন, চন্দ্রগোমী), একবচন ও বহুবচন (স্ত্রিয়াং বহুষ্বপ্সরসঃ স্যাদ্ একত্বেঽপ্সরা অপি—শব্দার্ণব)। বস্তুতঃ ইহার প্রয়োগ বহুবচনেই অধিক (প্রায়েণায়ং ভূম্নি—উণাদিবৃত্তি)। একবচনেও বিরল নহে। —"উর্ব্বশ্যপ্সরাঃ" (যাস্কভাষ্য)। মেনকা নাম অপ্সরাঃ (মহা ১.৭৪.৬৯ ; ৩.৭৮.১৪)। মেনকা নাম অপ্সরাঃ ; সানুমতী নামাপ্সরাঃ (শ ১২/৩ ; ৬২/১)। একাপ্সরঃপ্রার্থিত (রঘু ৭.৫৩) ইত্যাদি।] জলে জন্ম হেতু যাহারা জলে যায় (নিরুক্ত) ; যাহারা মথিত সমুদ্রজল হইতে জাত (রা ১.৪৫.৩৩) ; যাহারা বিহারার্থ জলে যায় (ভরত) ; দেবযোনিবিশেষ। "অপ্সরোগণসংযুক্তাঃ সৈন্যাঃ রা ২.৯১.৫৮। অপ্সরোগণের (পাঠান্তর) বাস ভা.চ ৯৬। অপ্সরোনিন্দিত সঙ্গীতবিদ্যাপটু গায়কগায়িকার গান ব.দ্বি ৩০০। [রামায়ণমতে (রা ১.৪৫.৩৩) সমুদ্রমন্থন হইতে অপ্সরার উৎপত্তি হয়। মহাভারতে, কশ্যপপত্নী প্রধার গর্ভে অলম্বুষাপ্রভৃতি চতুর্দ্দশ অপ্সরার উৎপত্তি বর্ণিত হইয়াছে (মহা ২.৬৫.৪৮-৫১)। কাদম্বরীতে, মহাশ্বেতাকৃত অপ্সরোগণের বংশবর্ণনায় ব্রহ্মার মানস দেব অনল জল প্রভৃতি হইতে চতুর্দ্দশ কুলের উৎপত্তি উল্লিখিত হইয়াছে। অভিধানচিন্তামণির টীকায়, ব্রহ্মা বিষ্ণু যম হইতে প্রভাবতী প্রভৃতি একোনচত্বারিংশৎ অপ্সরার উৎপত্তিবিষয়ে ব্যাড়িধৃত বচন উদ্ধৃত হইয়াছে। অপ্সরার উৎপত্তিবিষয়ে এইরূপ নানা মত। মহাভারতে (১.১২৩.৬১-৬৫) পাণ্ডবের উৎপত্তিবর্ণনায় অনূচানাপ্রভৃতি অনেক অপ্সরার নামোল্লেখ আছে। ইহাদের মধ্যে উর্ব্বশী পূর্ব্বচিত্তি সহজন্যা মেনকা বিশ্বাচী ঘৃতাচী—এই ছয়জন প্রধান (মহা ১.৭৪.৬৮)। [অপ্সরোগণ (পুং) —অপ্সরঃসমূহ।]

অপ্সরী বি [দ্র 'অপ্সর২', 'অপ্সরা (২)'] অপ্সরা। "ইন্দ্রের অপ্সরী গো.চ ৪৮১ ; ৪৮২। চিনা ভার সে অপ্সরী কি কিন্নরী কৃ ৪৩। কিন্নরী অপ্সরী দেবকন্যা হবে প্রায় ম ৫৯২। নরাঙ্গ যথা মানসের জলে৹ অপ্সরীর।—মে ২৭৮। অপ্সরীদের রঙ্গশালা কু.কে ১১২।

অফল বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -লা ; ছান্দস] ১ যাহার ফল নাই ; ফলকালে ফলশূন্য ; বন্ধ্য, রাড়া (বৃক্ষ)। বিপ 'সফল'। "বৃক্ষঃ…অফলা বাত্র দৃশ্যতে গো.রা ৪.৫৯.১২। ২ অনুৎপাদক, নিষ্ফল। "যথা ষণ্ডোঽফলঃ স্ত্রীষু যথা গৌর্গবি চাফলা।—মনু ২.১৫৮। ৩ ধর্ম্মকর্ম্মজন্যসুখাদিহীন ; নিষ্ফল। যজ্ঞেঽফলং দানম্ মনু ২.১৫৮ ; অফলাঃ ক্রিয়াঃ ২৩৪। ৪ নিষ্প্রয়োজন। "অন্যথা তে…অফলা চ বিদ্যা (সুশ্রুত)। ৫ বৃষণহীন, অণ্ডশূন্য। "অফলস্তু ততঃ শক্রঃ (অব্রবীৎ)।— রা ১.৪৯.১ ; ৩ ; অফলস্তু কৃতো মেষঃ ৭ ; ৯। ৬ শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্মের অযোগ্য। "বিপ্রোঽনূচোঽফলঃ মনু ২.১৫৮। —ল পুং ১ ইন্দ্র। দ্র (৫)। ২ মেষ। দ্র (৫)। ৩ ঝাবুকবৃক্ষ। —লা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ ফলহীনা ভূম্যামলকী, ভুঁই-আমলা। ২ ঘৃতকুমারী। [°লপ্রেপ্সু (বিণ)– অ-ফললাভেচ্ছু, নিষ্কাম। "গী ১৮.২৩।]

অফলপ্রেপ্সু, অফলা১ দ্র 'অফল'।

অফলা২ বিং [অ৩+ফলা ; সং অফল] ১ কালে যে গাছে ফল হয় না ; বন্ধ্য, রাড়া (গাছ)। ২ যে গাছে ফল এখনও হয় নাই। "বিক্কাদি ফলা অফলা E. P. 95। ৩ ফলশূন্য (বৃক্ষ)।

অফিল্লা বিং [সং 'অফুল্ল'—মূল ? ; অপ্র] যাহার ফুল হয় নাই ; আফুলা। "অফিল্লা বিন্নার থোপ আনে গো.চ ৫, টীকা।

অফুট (-ট্) বিং ['অস্ফুট'—মূল ; পদ্যে] অস্ফুটিত, অবিকসিত, অফুটন্ত। "তুলি তুলি নীল কমলকলিকা৹ ফুঁ দিয়ে ফুটায় অফুট দলে ব.সু ৩২।

অফুটন্ত বিং [অ৩+ফুটন্ত] ১ অপ্রস্ফুটিত, অর্দ্ধস্ফুটিত (ফুল)। ২ অসিদ্ধ, আধসিদ্ধ (চাল, ভাত)।

অফুরন্ত বিণ [অ৩+ফুরন্ত] ১ যাহা ফুরায় না ; অশেষ, প্রচুর, বহু (জিনিশ, কাজ)। ২ বহুদূর, সুদীর্ঘ (পথ)।

অফুরাণ, -ন বিং [অ৩+ফুরাণ, -ন] ১ যাহার ফুরান নাই অর্থাৎ যাহা ফুরায় না ; সুদীর্ঘ, অফুরন্ত। "ঘরে যাইতে পথ মোর হইল অফুরাণ জ্ঞা ৯। রাত্রে অন্ধকার যত, পথ অফুরান হ'ত।—রবীন্দ্র। ২ যাহা ব্যয় করিলেও ফুরায় না ; অফুরন্ত, উদ্বৃত্ত। "করিল সামগ্রা ঐছে হইল অফুরাণ ন.বি ১০৫। ৩ অনন্ত, অনবধি, অশেষ। "এ কি অফুরান লীলা গী.লি ১৪৪।

অফেন বিণ [ন বহুব্রী ; স্ত্রী -না] ফেনশূন্য, অফেনিল (দুগ্ধাদি)। "অফেনাভিরদ্ভিঃ (আচমেৎ) মনু ২.৬১। —ন ক্লী যাহার ফেন (নির্য্যাস) নিন্দিত ; অহিফেন।

অব্ সক [ভ্বা.প—অবতি ; সেট্ ; ছান্দস] ১ রক্ষণ। "অবতু বো গিরিসুতা শশিভৃতঃ প্রিয়তমা। ২ তর্পণ, প্রীণন। "রঘু ১.৬৫। ৩ স্পৃহা গতি শ্রুতি প্রাপ্তি আলিঙ্গন যাচ্ঞা বধ প্রবেশ ইত্যাদি। —ব্ অক তৃপ্তি, দ্যুতি, সত্তা, বৃদ্ধি, শক্তি।

অব১ ব্য [ছান্দস ; Cf., L ab, abs ; E. off] উপসর্গবিশেষ। —১ নিশ্চয়। "°ধারণ, °সায়। ২ অসাকল্য, ঈষদর্থ। "°ঘাত (বিতুষীকরণার্থ একদেশমাত্রে ঘাত—ত.বা)। ৩ অনাদর। "°গণিত, °জ্ঞা, °মান। ৪ আশ্রয়, আলম্বন। "°লম্বন। ৫ ব্যাপ্তি। "°কীর্ণ। ৬ নিম্নতা। "°ডীন, °তরণ, °তার, °পাত। ৭ বিয়োগ। "°কর্ত্তন, °কৃষ্ট, °যান (ছান্দস), °শ্রয়ণ। ৮ জ্ঞান। "°গত। ৯ শুদ্ধি। "°দাত। ১০ পরাভব। "অবহস্তি (পরাভবতি)। ১১ সমন্তাৎ। "°নদ্ধ, °নেজন। ১২ [Cf., E. up] উপরি। "°ক্ষুত মনু ৪.২১৩। ১৩ প্রাপ্ত। "°অন্তর। ১৪ (সমাসে) শব্দন। "°কোকিল। ১৫ সন্তত, ব্যাপ্ত। "°তমস। [ভাগুরির মতে 'অব' উপসর্গের 'অ'কারের লোপ হয়। যথা, বগাহ (অবগাহ), বগাহ্য (অবগাহ্য) কু.স ১.১। দ্র 'অপি'।

অব২ ক্রি.বিং [হি, মৈ অব—ভট্ট হো অব ভগু ভয়া (ভা.চ ৪৩৫) ; বৈষ্ণবসাহিত্যে] এ সময়ে ; এখন। "অব তিন ভুবন আগোর বি.প ৩০ ; অব সবখণ ৪০ ; অব কি বলব ৫৬ ; অব জন উপহাস ১২৪ ; অব বুঝনু ১৫৬ ; অব তারণ ভার তোহারা ২১৯। অব মাধব কৈছে জীয়ব বর নারী গো ১১১ ; অব হেরিয়েঃ চললিহ অব ১৯০। অব সেই বিরাগ চৈ.চ ১১৮। প্রেম করবি অব সুপুরুখ জানি প.র ২৫। অব টুটায়ব ব.প ৯৯০। [অবকে—এখন, আজকে। "অবকে মিলন সমুচিত হোয় বি.প ৫৭। অব হি—এখনই। "অব হি যে করত পরাণ বি.প ১৬৭ ; ২০১। অবে—এখন। "অবে পয়তীতি করত দহ কোএ বি.সা ২৫৯।]

অব[৩] সং, ক্রি [√অব্+লোট্-হি (অনুজ্ঞা, মধ্যমপুরুষ-১ব)] রক্ষা কর ; রাখ। "অব গো অবয়া ভা.চ ১৭ ; অব অবিলম্বে ১১৭। ক্রোধে বহ্নি-সমুদ্ভব, হৈল স্বর অব অব ব.প ১২১।

অব[৪] ক্রি.ক্তি. [সং তব্য>প্রা অব্ব (হে ৩.১৫৭) >বা অব ; অব+অ'[৭]>অব (উত্তমপুরুষ) ; তু 'প্রা সহব (সহিষ্যে, সোঢ়ব্যা —পৈ)] কর্তৃবাচ্যে ভবিষ্যৎকালে প্রথম ও উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "নগরে বাজব জয়তূর : মঙ্গল কলস করব কুচভার বি.প ২০৫ ; দরপণ ধরব : বেদী বনাব হাম : কদলী রোপব : পসারব চাঁদ কি হাট ২০৬ ; ধরব, বারব, পিয়ব হামারা, হরব, হেরব, বোলব, করব, ও রসে পুরব হাম মুদব নয়ান ২০৭। গিরব ব ৮৯ ; যুঝব ৯০ ; বান্ধব লেহা ২০১। কত কি হোঅব জ.প ৪১ ; ৫৩। লাগব, জানব গো ২০১। টুটাঅব ব.প ৯৯০। [বৈষ্ণব পদাবলীতেই ভূরি প্রয়োগ]। —অবোঁ [অব[৪] +ওঁ[৩]] কর্তৃবাচ্যে ভবিষ্যৎকালে উত্তমপুরুষের ক্রিয়ার বিভক্তি। "জৈসাণে রতি জাণবোঁ। তেসাণে কাহ্নু আণিবোঁ ॥—শ্রী.কী ২১ ; তাক পাঅবোঁ কমণ পরকারে ৩৩২। [আয়ব (√আ'[৫] +অব)—আসিবে। "যব হরি আয়ব গোকুলপুর বি.প ২০৫ ; ২০৬।]

অবংশ পুং [ন.ত] অপ্রশস্ত বংশ ; নীচকুল। "°শপতিতো রাজা (তৃণবন্মন্যতে জগৎ)।—চাণক্য ৮১। —শ বিণ অবংশজাত, নীচকুলোদ্ভব।

অবকর পুং [অব+ √কৃ+অ (অপ্)-র্ম] যাহা দূরে ক্ষিপ্ত হয় ; সম্মার্জ্জনীবিক্ষিপ্ত ধূলিপ্রভৃতি ; আবর্জ্জনা, জঞ্জাল। তু 'অবস্কর'। "অবকরনিকরং বিকিরতি তৎ কিং কৃকবাকুরিব হংসঃ।—ভর্ত্তৃহরি। সকল মার্জ্জিয়া যত হৈল অবকর। সে সকল নিল বহির্ব্বাসের উপর ॥—চৈ ২২৬ ; ২২৭।

অবকর্ত্ত পুং [অব+ √কৃৎ+অ (ঘঞ্)-র্ম] অবকৃত্ত (খণ্ডিত) অংশ ; ছিন্নাংশ, খণ্ড। "ইয়ং বস্ত্রাবকর্ত্তেন সংবীতা মহা ৩.৬২.২২। —কর্ত্তন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ছেদন, কর্ত্তন। "বস্ত্রার্দ্ধস্যাবকর্ত্তনম্ মহা ৩.৬২.১৬। —কর্ত্তী (-র্ত্তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্ত্তিনী] ছেদক, কর্ত্তক। "চর্ম্ম° মনু ৪.২১৮। [সমাসে উত্তরপদ]

অবকর্ত্তন, -কর্ত্তী দ্র 'অবকর্ত্ত'।

অবকাশ পুং [অব+ √কাশ্+অ (ঘঞ্)-ধি ; বৈদিক] ১ ব্যাপ্তি-রহিত স্থান (শ.ক) ; স্থান, ফাঁক। "রা ২.৫৪.২২। লব্ধাবকাশ শ ১২/৩৪ ; ২/৮। অবকাশঃ...দদৌ রঘু ৪.৫৮ ; যথা° ৬.১৪। রুদ্ধ° উ.মে ৩০। পঞ্চ ৪.৯। পাতালে—প্রবেশি যদি পাই অবকাশ ক.চ ১৪৩। সেইত কারুণ্যজল, ভরিল গোলোকস্থল, রহিলেক নাহি অবকাশ গ ১৫। ২ নিবাসস্থান (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.২৭৬। ৩ মধ্যবর্ত্তী স্থান ; অন্তর। "কু.স ১.৪০, মল্লিনাথ। ৪ সময়, অবসর, সুযোগ। "সেবা° মা.মি ৩.১৩। ভয়স্যাবকাশঃ বে ৩.৬। তিমিরাবকাশ মৃ ৩.৬। অবকাশো ন সান্ত্বস্য গো.রা ৫.৯.২৮। ৫ ব্যবহিত কাল ; নির্ব্বাপারকাল। "এক ধারা নির্গত ও অপর ধারা উদ্গত হইবার মধ্যে মুহূর্ত্তমাত্র নয়নের যে অবকাশ পাইয়াছিলাম, তাহাতেই কেবল একবার অস্পষ্ট অবলোকন করি সী ১২। ৬ রন্ধ্র, ছিদ্র, প্রসর, প্রবেশ। "(ছায়া) শুদ্ধে তু দর্পণতলে সুলভাবকাশা শ ৭.৩২। ৭ অরণ্যাদিপ্রদেশ। "মনু ৩.২০৭। ৮ অবস্থান। "ভাণ্ডাবকাশদ মনু ৯.২৭১ ; শস্ত্রাবকাশদ ২৭৮।

অবকীর্ণ বিণ [অব+ √কৄ+ত (ক্ত)-র্ম ; স্ত্রী -র্ণা] ১ বিক্ষিপ্ত। "পুষ্প-প্রকর° কু.স ৫.১৮। করকাবৃষ্টিপাত° পু.মে ৫৫। ২ ছন্ন, আবৃত। "রজোভিঃ...অবকীর্ণস্য মণেঃ।—মাঘ ১৬.২৭। ৩ খণ্ডিত, বিপ্লুত (ব্রহ্মচর্য্য)। ৪ চূর্ণিত। ৫ ধ্বস্ত। —র্ণ ক্লী [+ত-ভা] ব্রহ্মচর্য্য-ব্রতভঙ্গ। —র্ণী (-র্ণিন্) বিণ [অবকীর্ণ+ইন্ (ইনি)-ক-১ব, পা ৫.২.৮৮] স্ত্রীগমনাদি হেতু খণ্ডিতব্রহ্মচর্য্য ; হীনব্রত, ক্ষতব্রত, ভগ্নব্রহ্ম-চর্য্যব্রত। —র্ণী পুং ক্ষতব্রত ব্রহ্মচারী ; স্ত্রীসম্পর্ক হেতু বিপ্লুতব্রহ্মচর্য্য ব্রহ্মচারী ও যতি (কুল্লূক)। "মনু ৩.১৫৫ ; যাজ্ঞ ৩.২৮০ ; মহা ১২.৩৪।

অবকীলক পুং [প্রা.স] অন্তঃপ্রবিষ্ট শঙ্কু (নীলকণ্ঠ)। "ক্ষুৎপিপাসাব-কীলক মহা ১৪ ৪৫.৩।

অবকৃষ্ট বিণ [অব+ √কৃষ্+ত (ক্ত)-র্ম, স্ত্রী -ষ্টা] ১ নিঃসারিত, নিষ্কাশিত, বহিষ্কৃত। ২ অপসারিত, দূরীকৃত, অপনীত। ৩ আকৃষ্ট। "মহা ৩.৬২.২৮। °নিস্ত্রিংশ (নাগানন্দ)। ৪ নিষ্কৃষ্ট (Extracted)। ৫ নীচ, নিকৃষ্ট। "°জাতি।—মনু ৮.১৭৭। —ষ্ট পুং ১ অপকৃষ্টজাতি। বিপ 'প্রকৃষ্ট, উৎকৃষ্ট'। "প্রতিকর্ত্তুং প্রকৃষ্টস্য নাবকৃষ্টেন যুজ্যতে গো.রা ৪.১৭.৪৭। যাজ্ঞ ৩.২৬১। ২ গৃহসম্মার্জ্জক ও জলবহনাদিকর্ম্ম-কারক সেবক ; মেথর কাহার ফরাশ প্রভৃতি ভৃত্য। "মনু ৭.১২৬।

অবক্ত্র বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ক্ত্রা] ১ শোণিতাদিনিঃসরণের মুখশূন্য (ব্রণাদি ; —সুশ্রুত)। ২ মুখহীন (পাত্র)।

অবক্রম পুং [অব+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা] অবরোহণ, অবতরণ, নিম্নগতি। —ক্রান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] সর্থ 'অবক্রম'।

অবক্রয় পুং [অব+ √ক্রী+অ (অচ্)-ণ] ১ যাহা দ্বারা ক্রীত হয় ; মূল্য। ২ ভাটক, ভাড়া। "যাজ্ঞ ২.২৪১। ৩ বাণিজ্যার্থ রাজাকে দেয় শুল্ক বা মাশুল ; রাজগ্রাহ্য দ্রব্য। "পা ৪.৪.৫০।

অবক্ষয় পুং [অব+ √ক্ষি+অ (অচ্)-ভা] নাশ, ধ্বংস। "লব্ধং রক্ষেদবক্ষয়াৎ (পাঠান্তর) হি ২.৮।

অবক্ষিপ্ত বিণ [অব+ √ক্ষিপ্+ত (ক্ত)-র্ম] ১ নিম্নে ক্ষিপ্ত। ২ নিন্দিত, তিরস্কৃত। ৩ উপহসিত। —ক্ষেপ পুং [+অ (ঘঞ্) -ভা] ১ অধঃক্ষেপণ। ২ নিন্দা, তিরস্কার। —ক্ষেপণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ অধঃক্ষেপণ। বিপ 'উৎক্ষেপণ'। ২ ভর্ৎসন, নিন্দন। "পা ১.৩.৩২। ৩ (ন্যায়ে) পঞ্চবিধ কর্ম্মের একতম—অধোদেশসংযোগানুকূল ব্যাপার। 'উৎক্ষেপণং ততোঽপক্ষেপণমাকুঞ্চনং তথা। প্রসারণং চ গমনং কর্ম্মাণ্যেতানি পঞ্চ চ ॥—ভাষাপরিচ্ছেদ ৬। —ণী স্ত্রী [+অন -ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] রশ্মি, বল্গা, লাগাম্ (অ.চি)।

অবক্ষেপ, -ক্ষেপণ, -ক্ষেপণী দ্র 'অবক্ষিপ্ত'।

অবক্ষুত বিণ [অব+ √ক্ষু+ত (ক্ত)-র্ম] উপরি কৃতক্ষুত, অর্থাৎ যে অন্নের উপরে কেহ হাঁচিয়াছে। "পতিতান্নমবক্ষুতম্ মনু ৪.২১৩। মহা ১৩.৯১.৫১।

অবখণ্ডন ক্লী [অব+ √খণ্ডি+অন (ল্যুট্)-ভা] ১ অবচ্ছেদ, বিভাজন, ভেদন। ২ বিনাশ, ধ্বংস।

অবগণন ক্লী [অব+ √গণি+অন (ল্যুট্)-ভা] ১ অবজ্ঞা, অনাদর। ২ নিন্দন, কুৎসা। ৩ তিরস্কার। ৪ পরিভব, ন্যূনীকরণ, পরাজয়। —ণিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ অবজ্ঞাত, অনাদৃত। ২ নিন্দিত ; কুৎসিত। ৩ তিরস্কৃত। ৪ পরাভূত, পরাজিত। ৫ উপেক্ষিত। "°খলীনাকর্ষণ (পাঠান্তর)।—পঞ্চ ৫/৮৪।

অবগণ্ড পুং [প্রা স] অবকৃষ্ট গণ্ড ; বরণ্ড, বয়সফোড়া।

অবগত বিণ [অব+ √গম্+ত (ক্ত) -র্ম] ১ জ্ঞাত, বিদিত, প্রতীত। ২ [+ত-ক] বিদিতবান্। "ঊঢ়পূর্ব্বাং তদ্দুহিতরমবগতোঽহম্ শ ৭/১৮ ; ধ্যানাদবগতোঽস্মি ৭/১৮। ৩ নিম্নগত। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ জ্ঞান, বোধ। ২ নিশ্চয়াত্মক জ্ঞান। "ব্রহ্মাবগতির্হি পুরুষার্থঃ (শারীরকভাষ্য)। ৩ (বাঙলায় ; অপ্র) জ্ঞানার্থ অবধান বা মনোনিবেশ। "আমার বচনে তুমি কর অবগতি ক.চ ১৪০ ; আদ্দাসে কর অবগতি ২১৭। অবগতি কর মহাশয় দু ৪৯। অপূর্ব্ব আমার দুঃখ কর অবগতি ভা.চ ৪০৯। —গন্তব্য বিণ [+তব্য -র্ম ; স্ত্রী -ব্যা] ১ জ্ঞেয়, অবগম্য। ২ মননীয়, বিভাবনীয়। "ন দোষেণাব-গন্তব্যা কৈকেয়ী ভরত ত্বয়া।—রা ২.৯২.৩০। —গম পুং,—গমন ক্লী

[+অ (ঘঞ্), +অন (ল্যুট্), -ভা] ১ অববোধ, জ্ঞান। "প্রত্যক্ষ° গী ৯.২। আত্ম° ভ ১.১৮.২৩। ২ নিশ্চয়াত্মক জ্ঞান; স্বরূপবোধ। "আত্মনাবগমং কৃত্বা বধ্নীয়াৎ পূজয়েত বা।—হি ২.১৪১। ৩ অধোগমন।

অবগতি, -গন্তব্য, -গম, -গমন দ্র 'অবগত'।

অবগর বি [সং 'অবকর'—মূল; অপ্র] আবর্জনাতুল্য চিত্তের মালিন্য-জনক কলুষ; পাপ। "জগবন্ধু দেখে ভবসিন্ধু হসু পার। অবগর কি বর অপর আছে আর॥—শি ৪৫; যে করে এ ব্রত তারে চতুর্ব্বর্গ দি। গাণ-পত্য লভে আর অবগর কি॥—৬৩; হরাস্তিকে বসিলেন হেমন্তের ঝি। রামেশ্বর বলে আর অবগর কি॥—৭২।

অবগলিত বিণ [অব+ √গল্+ত (ক্ত)-ক] ভ্রষ্ট, অবপতিত। "উরু-ভয়াদবগলিতো গর্ভঃ।—ভ ৫.৮.৫।

অবগাই বি [সং অবগ্রাহ; 'ই' স্বার্থে; বৈষ্ণবসাহিত্যে] বাক্যের বিরাম বা ক্রমভঙ্গ; কথার বিচ্ছেদ। "বোলইতে বচন অলপ অবগাই জ্ঞা ২৯। —ই ক্রি ১ অবগ্রাহ করিয়া; দূর বা প্রশমিত করিয়া। "মধুর বচন কহি কানুকে বুঝাই। এই কর দেখি রোখ অবগাই॥—বি.প ১৮১। ২ প্রতিহত বা দূর করিয়া; এড়াইয়া। "কো জানো এতহুঁ বিঘিন অবগাই। ঐছন সময়ে মিলব ধনী রাই গো ১৩০। ৩ [অব+ √গাহ্] অবগাহন করে; ডুবিয়া বা ভোর হইয়া থাকে। "লোচন ওত, করত নাহি মাধব, নিশি দিশি রস অবগাই গো ১২০।

অবগাঢ় বিণ [অব+ √গাহ্+ত (ক্ত)-ক; স্ত্রী -ঢ়া] ১ প্রবিষ্ট (রা. টীকা); নিমগ্ন (শ্রীধর)। "অবগাঢ়ঃ…শোকসাগরম্ রা ২.৫৯.২৭। সমুদ্র° শ ৭১/৮; অমৃতহ্রদমিব অবগাঢ়োঽস্মি ১২/২। হৃদয়হ্রদ° ভ ৫.৭.১২। সরোঽবগাঢ় মহা ৩.১০০.১৬। ২ অন্তঃপ্রবিষ্ট, নিম্ন। "অবগাঢ়া জঘনগৌরবাৎ পশ্চাৎ (পদপঙ্‌ক্তিঃ) শ ৩.৫। ৩ নিবিড়, বিবৃদ্ধ। "মন্যুঃ…অবগাঢ়তরঃ মাঘ ১৫.২। ৪ কৃতাব-গাহন। "(গঙ্গা) অবগাঢ়া…পুনাত্যাসপ্তমং কুলম্ মহা ৩.৮৫.৯৩। ৫ সান্দ্র, ঘন, গাঢ়, জমাট (রক্তপ্রভৃতি; —সুশ্রুত)। ৬ পরাভূত (নীলকণ্ঠ)। "অবগাঢ়া দ্বিষন্তো মে।—মহা ৪.৬৮.৭৫। ৭ আলো-ড়িত, জ্ঞাত। "হ্রদে গভীরে হৃদি চাবগাঢ়ে নৈ ৩.৫৩। —গাহ পুং [+অ (ঘঞ্)-ভা; তু 'বগাহ'] ১ শিরঃস্নান, নিমজ্জন, ডুব দিয়া নাওয়া। "সুভগসলিল° শ ১.৩। °ক্ষতবারিসঞ্চয়।—ঋতু ১.১। গৌরলীলামৃতসিন্ধু অপার অগাধ। কে করিতে পারে তাহে অবগাহ সাধ॥—চৈ.চ ৪৯। তোমার চরিত্র মহাসুধারত্নাকরে। অবগাহ করিয়াছে শ্রম গ্যাছে দূরে॥—শ্রী.ম ২৬৪। করব আসিয়া অবগাহ ব ১২৭। ২ প্রবেশ, নিমজ্জন। "জলাবগাহনাত্রশান্তা (মদদুর্দিনশ্রীঃ) রঘু ৫.৪৭। ৩ অধিগম, অধিকার, পরিচয়। "সকলশাস্ত্রাবগাহগম্ভীর-বুদ্ধিঃ (কাদম্বরী)। ৪ [+অ-ধি] স্নানস্থান, স্নানগৃহ। ৫ ঘট্ট, ঘাট। —গাহক বিং [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -হিকা] অবগাহনকারক, স্নানকারী। "মে ১৮৯। —গাহন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'অবগাহ (১)। "কন্দর্পবাণানলৈর্দহ্যমানামবগাহনায় শৃ ১। করিয়া অবগাহন সোনার সরসে অ.গু ১০। ভাগীরথীসলিলে অবগাহন সী ১৪। °মানসে কাদ ৬। ২ প্রবেশ। "হুতভুগবগাহনসাহসিকা (দশ-কুমার)। পরদেশ° (পাঠান্তর) হি ৩.৯৮। অতিগহন° কু.স ২.২৭, মল্লিনাথ। ৩ অধিগম, পরিচয়। "অনেকশাস্ত্র° পঞ্চ ১৩/৬৬। ৪ (ন্যায়ে) বিষয়িতা, বিষয়ীকরণ (ন্যায়কোশ)। —গাহিত বিণ [+ √গাহি+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাবগাহন। "গঙ্গা যত্র তত্রাবগাহিতা মহা ৩.৮৬.৮৮; ১৩.২৬.৬৩। ২ (হেতুমদর্থে ণিচ্) স্নাপিত। —গাহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ অবগাহনযোগ্য (জলাদি)। ২ অন্তঃ-প্রবেশযোগ্য; বিষয়ীকরণীয়।

অবগাঢ়ি বিং, স্ত্রী [°ঢ়+স্ত্রী ই১০; সং অবগাঢ়া; বৈষ্ণবসাহিত্যে] নিমগ্না, অভিভূতা। "সতী পতিভয় অবগাঢ়ি বি.প ১৪২।

অবগান বি [সং অবগাহন (হ-লোপ); বৈষ্ণবসাহিত্যে] স্নান। "কৌতুকে কেলি কুণ্ড অবগান গো ১৫।

অবগাহ১ অর্ম্ম [সং অব+ √গাহ্>প্রা √অবগাহ>বা √অবগাহ; হি, মৈ √অবগাহ] ১ অবগাহন করা; স্নান করা। "অবগাহি তব নীরে, বীর বৃকোদর প.তৃ ৫১। ২ নিমগ্ন হওয়া। "(ধনী রাই) রাস রসিক সহ রস অবগাই (অর্থাৎ অবগাহই) বি.প ৯৯; (নাহ) চুম্বয়ে হরষ সরস অবগাহ (অর্থাৎ অবগাহে) ১৪৩। তাকর দরশ পরশ অবগাহ (অর্থাৎ অবগাহন কর) গো ২০৪। অবগাহি হৃদয়ের সীমান্ত অবধি, করহ সন্ধান চ.কা ২২১। ৩ প্রবেশ করা; তত্ত্বতঃ বিচার করা; ভিতরে ঢুকা; তলান। "আপন মনে ধরি বুঝ অবগাহে। ভ্রমর বধ পাপ লাগত কাহে॥—বি.প ২৬; এতদিনে আমু, ভানে হাম আছনু, অব বুঝনু অবগাহি ১৫৬। —গাহ সর্ম্ম নিমগ্ন করা; ধৌত করা। "অবগাহ দেহ, দেবি, সুশীতল জলে মে ১৩৭; কেহ অবগাহে দেহ…সরোবরে ১৫৬; শিশিরে যথা অবগাহে দেহ, কুসুম ২১৪।

অবগাহ২**, -গাহক, -গাহন, -গাহিত, -গাহ্য** দ্র 'অবগাঢ়'।

অবগীত বিণ [অব+ √গৈ+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -তা] ১ গর্হিত, নিন্দিত। "অনবগীতঃ পরিচয়ঃ উ.চ ২২। কি ২৭। অনবগীতং গীতম্ মাঘ ১১.১০। ২ দুষ্ট। ৩ মুহুর্দৃষ্ট। ৪ অসাধুগীত, বেসুরা-গাওয়া (গান)। —ত ক্লী [+ত-ভা] ১ নিন্দা, গর্হণ। ২ জনাপবাদ। ৩ অসাধুগীত গান (A.)।

অবগুণ বিণ [অবসৃত গুণ যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -ণা] বিগতগুণ, নির্গুণ (নীলকণ্ঠ)। "মহা ১.১০৭.৩। —ণ পুং [প্রা.স] অপকৃষ্ট গুণ; দোষ। "পর° কি ১৩.৪৮, মল্লিনাথ। অবগুণ পরিহরি বি.প ১২০; সো সব অবগুণ, ঢাকল একল পিক, বোলত মধুরিম বাণী ১২২।

অবগুণ্ঠন ক্লী [অব+ √গুণ্ঠ্+অন (ল্যুট্)-ভা; তু 'অবগুণ্ঠী'—অবগুণ্ঠন (দেশী ১.৬)] ১ স্ত্রীলোকের মস্তকাবরণক্রিয়া। ২ [+অন -ণ] স্ত্রীলোকের শিরঃপ্রচ্ছাদনবস্ত্র; স্ত্রীমুখাবরণপট, ঘোমটা। "প্রস্তাব-গুণ্ঠনপটাঃ (রাজ্ঞীঃ) মাঘ ৫.১৭। °সংবীত সা.দ ৩.৭৭। অপনেষ্যামি তাবৎ তে অবগুণ্ঠনম্ শ ৫২/৭। তিমিরাবগুণ্ঠনপটক্ষেপ সা.দ ৩২/২। অবগুণ্ঠনের কিয়দংশ ব.প্র ৬। ৩ আবরণ, আচ্ছাদন। "বধূশব্দ° মৃ ৪.২৪। ৪ (তন্ত্রে) মুদ্রাবিশেষ, অবগুণ্ঠনমুদ্রা। —গুণ্ঠিকা স্ত্রী [+অক (ণ্বুল্)+স্ত্রী আ (টাপ্)] ১ যাহা আবরণ করে; অবগুণ্ঠন। ২ যবনিকা। ৩ আবরণ। —গুণ্ঠিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আবৃত, আচ্ছাদিত। "রজনীতিমিরাবগুণ্ঠিতে পুরমার্গে কু.স ৪.১১। অবগুণ্ঠিত-শিরাঃ মনু ৪.৪৯, কুল্লুক। ২ কৃতাবগুণ্ঠন। ৩ চূর্ণিত (?)। তু 'অব-গুণ্ডিত'। [°বতী—অবগুণ্ঠনযুক্তা। "শ ৫.১৩। °মুদ্রা—(তন্ত্রে) দক্ষিণ হস্ত মুষ্টিবদ্ধ এবং তর্জনী দীর্ঘ (লম্বা) ও অধোমুখ করিয়া, চারি-দিকে ঘুরাইলে 'অবগুণ্ঠনমুদ্রা' হয়।]

অবগুণ্ঠনবতী, অবগুণ্ঠনমুদ্রা দ্র 'অবগুণ্ঠন'।

অবগুণ্ঠবতী বিং, স্ত্রী [সং অবগুণ্ঠনবতী; তু 'অবগুণ্ঠী'—অবগুণ্ঠন (দেশী ১.৬); অপ্র] ঘোমটা-দেওয়া। "সবে অবগুণ্ঠবতী।—রঙ্গ ২০। প্রণয়িনী রজনী মানভরে অবগুণ্ঠবতী হ'য়ে রয়েছেন হু ২১২।

অবগুণ্ঠিকা, -গুণ্ঠিত দ্র 'অবগুণ্ঠন'।

অবগুণ্ডিত বিণ [অব+ √গুণ্ড্+ত (ক্ত)-র্ম্ম] চূর্ণিত, পিষ্ট।

অবগ্রহ পুং [অব+ √গ্রহ্+অ (অপ্)-ভা] ১ বর্ষপ্রতিবন্ধ, বর্ষ-বিঘাত, অনাবৃষ্টি। তু 'অবগ্রাহ'। "অবগ্রহো দেবস্য পা ৩.৩.৫১, কাশিকা। °বিশোষী (শস্য) রঘু ১.৬১; রাবণাবগ্রহক্লান্ত ১০.৪৮।

°ক্ষত কু.স ৫.৬১। ২ নিগ্রহ, শাসন। বিপ 'অনুগ্রহ'। "অনুগ্রহাবগ্রহ।—মাঘ ১.৭১। নিরবগ্রহ।—হি ২.৯৭। ৩ প্রতিবন্ধ, অর্গল। "অবস্তুভব্যেধনবগ্রহগ্রহা…বেধসঃ স্পৃহা নৈ ১.১২০। ৪ বন্ধ, বন্ধন, অবরোধ। "সংসার°। স রোচয়ামাস…রক্ষোভিরবগ্রহম্ গো.রা ৫.৪৪.৮। ৫ গ্রহণ, স্বীকার। ৬ অপসারণ, হরণ। ৭ অনাদর, নিন্দাসূচকবাক্যপ্রয়োগ। ৮ শাপ। ৯ অবান্তরপদসংজ্ঞা-সূচনার্থ পাঠকালে কিঞ্চিৎকাল অবসান (পা ৩.১.১১৯, তত্ত্ববোধিনী); বিচ্ছেদ। "অবগ্রহঃ পদস্য পা ৩.৩.৪৫। ১০ (উপচারে) বিরামকাল। "সমাসেঽবগ্রহো হ্রস্বসমকালঃ (প্রাতিশাখ্য)। ১১ (ব্যাকরণে) অসন্ধি, প্রকৃতিভাব। "ধিক্ তাং চ তং চ মদনং 'চ ইমাং' (চেমাং) চ মাং চ (ভর্তৃহরি)। ১২ [+অ-ণ] (ব্যাকরণে) পদান্তস্থিত এ-কার এবং ও-কারের পরবর্তী অবগ্রহসূচক লুপ্ত অ-কারের চিহ্ন (ঽ)। ১৩ যাহা দ্বারা হস্তী নিগৃহীত হয়; অঙ্কুশ। ১৪ স্বভাব। "পরস্পরাবগ্রহনির্ব্বিকারৌ মা.মি ৫.১৪। ১৫ [+অ-র্ম্ম] বিচ্ছেদপূর্ব্বক পঠিত পদ। "তস্য পূর্ব্বপদমবগ্রহঃ তৈ ১.৪৯। পা ৮.৪.২৬। ১৬ গজসমূহ। ১৭ জ্ঞানবিশেষ (অ.চি)। ১৮ [+অ-ধি] হস্তীর নিগ্রহস্থান; হস্তিললাট। —গ্রহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রতিরোধ, প্রতিবন্ধ। ২ অনাদর। ৩ জ্ঞান। —গ্রাহ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অনাবৃষ্টি। "পা ৩.৩.৫১। ২ প্রতিবন্ধ। ৩ বিচ্ছেদ। ৪ অভিভব। "পা ৩.৩.৪৫। ৫ শাপ। ৬ [+অ-ধি] যে স্থানে নিগৃহীত হয়; হস্তিললাট।

অবগ্রহণ, -গ্রাহ দ্র 'অবগ্রহ'।

অবঘট্টন ক্লী [অব+ √ঘট্ট্+অন (ল্যুট্)-ভা] আস্ফালন। "মহা ৪.১৩.২৯।

অবঘর্ষণ ক্লী [অব+ √ঘৃষ্+অন (ল্যুট্)-ভা] ১ অধঃস্থাপনপূর্ব্বক ঘর্ষণ। ২ অবচূর্ণন। ৩ মার্জ্জন। "গোবালৈরবঘর্ষণাৎ যাজ্ঞ ৩.৬০।

অবঘাত পুং [অব+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ আঘাত, হনন। "অধরে দন্তদন্তাবঘাতে (সা.দ)। ২ ধান্যাদিনিস্তুষীকরণব্যাপার; তণ্ডুলাদিকণ্ডন, চাউল-প্রভৃতি কাঁড়ান। ৩ তাড়ন। "কর্ণাবঘাতেন চ তাড্যমানাঃ (ভৃঙ্গাঃ)। ৪ অপমৃত্যু (শ.ক)। —ঘাতী (-তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -তিনী] আঘাতকারক।

অবঘুষ্ট বিণ [অব+ √ঘুষ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -ষ্টা; ইটপক্ষে 'অবঘুষিত', পা ৭.২.২৩] ১ প্রতিধ্বনিত। "নদীষু…ক্রৌঞ্চাবঘুষ্টস্বরশোভিতাসু মহা ১৩.১১.১৬। ২ শব্দ দ্বারা আহূত। "অবঘুষ্টে সমাজে মহা ১.১৩৪.১০। ৩ ঘোষণা দ্বারা প্রচারিত। "মহা ১৩.২৩.৫। —ঘুষিত বিণ [দ্র 'অবঘুষ্ট'] শব্দ দ্বারা আবিষ্কৃত; প্রতিজ্ঞাত (কাশিকা)। ['অবঘুষ্ট' শব্দের অর্থ, পাণিনিসূত্রানুযায়ী নহে।]

অবচন বিণ [ন.বহুব্রী; স্ত্রী -না] বাক্যহীন, নীরব, মৌনী। "অবচনা তিষ্ঠতি শ ১২১/২। —ন ক্লী [ন.ত] ১ কুৎসিত বচন, নিন্দা। ২ বচনাভাব, মৌন।

অবচনীয় বিণ [ন.ত; স্ত্রী -য়া] ১ অকথ্য, অশ্লীল। "মনু ৮.২৬৯। ২ অনিন্দ্য, অগর্হণীয়। "সর্ব্বথা ব্যবহর্ত্তব্যং কুতো হ্যবচনীয়তা উ.চ ১.৫।

অবচয় পুং [অব+ √চি+অ (অচ্)-ভা] সংগ্রহ, ফলপুষ্পাদিচয়ন। "কুসুমাবচয়মভিনয়ন্ত্যৌ সখ্যৌ শ ৪১/২। কুসুম° মহা ৩.১৫০.২৩। পুষ্পাবচয় উ.চ ৩১/২। —চায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] সংগ্রাহক, চয়নকারী। "পুষ্পলবী পুষ্পাণামবচায়িনি (অ.চি)। —চিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সংগৃহীত, কৃতচয়ন, লূন। "°বলিপুষ্পা কু.স ১.৬০। স্বহস্তাবচিতৈঃ পুষ্পৈঃ উ.চ ৩১/২। [অবচয়ি (অবচয়> √অবচয়+ই[৭])—চয়ন করিয়া; তুলিয়া। "অবচয়ি ফুলচয়ে সে নিকুঞ্জবনে,…কহিলা প্রমীলা মে ৮০; ১৯৫।]

অবচারণ ক্লী [অব+ √চারি+অন (ল্যুট্)-ভা] ১ প্রয়োগ, চালন, চালান। "শস্ত্রাবচারণীয়।—সুশ্রুত ১.৮। ২ ক্ষারপাকবিধি (সুশ্রুত)।

অবচূড় পুং [অবনতা চূড়া যাহার, বহুব্রী] ১ ধ্বজের অধোমুখ বস্ত্র, অধোলম্বিকলাপ (মল্লিনাথ)। বিপ 'উচ্চূড়'। "পিচ্ছ" মাঘ ৫.১৩; ধ্বজ° ২০.৪৬। ২ কণ্ঠভূষণ। "কক্ষরাশ্চলাবচূড়াঃ মাঘ ১২.১৮। ৩ ধ্বজের অধোমুখাগ্র চামরাদি (ত.বা)। —চূল পুং সর্থ 'অবচূড়'। "°চামরকলাপ (কাদম্বরী)।

অবচূর্ণন ক্লী [অব+ √চূর্ণি+অন (ল্যুট্)-ভা] ১ চূর্ণীকরণ, পেষণ। ২ পেষণ দ্বারা অবধ্বংস। ৩ ক্ষতস্থানে চূর্ণবিক্ষেপ (ব্রণচিকিৎসাবিশেষ —সুশ্রুত ৪.১.২২)। ৪ ব্রণরোগভেদ? (ত.বা)। —র্ণিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ চূর্ণীকৃত, পিষ্ট। ২ অবধ্বস্ত, দন্ত-চন্দনাদিচূর্ণ (অ.টী)। ৩ পেষণ দ্বারা অবধ্বস্ত। ৪ অবকীর্ণ, ব্যাপ্ত (নীলকণ্ঠ)। "ভের্য্যো দিব্যপুষ্পাবচূর্ণিতাঃ মহা ২.২১.১৭।

অবচূর্ণিত, অবচূল দ্র 'অবচূর্ণন, অবচূড়'।

অবচ্ছদ পুং [অব+ √ছাদি+অ (ঘ)-ণ, হ্রস্ব] 'আচ্ছাদনসাধন,' আবরণ, পরিচ্ছদ। "কাঞ্চনাবচ্ছদান্ হত্বা…খরান্ গো.রা ৩.৫৬ ৪৮।

অবচ্ছিন্ন বিণ [অব+ √ছিদ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -ন্না] ১ কৃত্ত, খণ্ডিত, ছিন্ন। ২ বিভক্ত, বিশ্লিষ্ট, বিযুক্ত। ৩ সীমাবদ্ধ, পরিচ্ছিন্ন, সাবধিক। "দিক্কালানবচ্ছিন্নায় (তেজসে)।—ভর্তৃহরি। ৪ (ন্যায়ে) উপাধি দ্বারা বিশেষিত; অবচ্ছেদকতানিরূপিত, ব্যাবর্ত্তকধর্ম্মবিশিষ্ট, উপহিত। "বনবৃক্ষতদবচ্ছিন্নাকাশয়োঃ (বেদান্তসার)। ৫ বিশেষিত। ৬ (বাঙলায়) খণ্ডিত, বিধ্বস্ত, বিলুপ্ত। "যে সকল সূত্রে তাহাদের ধরিবার সম্ভাবনা, সকলই অবচ্ছিন্ন হইয়াছে ব.প্র ৩১০। —চ্ছেদ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ছেদন, খণ্ডন, কর্ত্তন। ২ বিভাজন, বিশ্লেষ। ৩ সীমাকরণ, অবধীকরণ, ইয়ত্তাকরণ। "অগ্রাবচ্ছেদেন কপিসংযোগঃ, মূলাবচ্ছেদেন কপিসংযোগাভাবঃ (ন্যায়কোশ)। ৪ বিশেষকরণ, বিশেষণ। ৫ ব্যাপ্তি। "°দাবচ্ছেদ (ত.বা)। ৬ পরিচ্ছেদ, অবধারণ। "শব্দার্থানামবচ্ছেদে (বাক্যপদীয়)। ৭ [+অ-র্ম্ম] অংশ, অবয়ব, একদেশ। ৮ [+অ-ণ] সীমা, অবধি। ৯ অসাধারণ ধর্ম্ম; বিশেষত্ব। —চ্ছেদক বিণ [+অক (ণ্বুল্)-র্ক; স্ত্রী -দিকা] ১ কর্ত্তক, খণ্ডয়িতা, বিশ্লেষক। ২ ইয়ত্তাকারক। ৩ বিশেষক, ইতরব্যাবর্ত্তক, ভেদকারক। ৪ ব্যাপক। ৫ অবধারক। ৬ অব্যাপ্যবৃত্তিতা-নিরূপক। "প্রতিযোগিতাবচ্ছেদকাবচ্ছিন্নম্ (ত.বা)। —ক পুং ১ ব্যাবর্ত্তক বা বিশেষ ধর্ম্ম। ২ সীমা। ৩ বিশেষক। —চ্ছেদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'অবচ্ছেদ'।

অবচ্ছেদ, -চ্ছেদক, -চ্ছেদন দ্র 'অবচ্ছিন্ন'।

অবছায়া '-ব্' বি [ফা আব+ছায়া; তু 'আবছায়া'; অপ্র] ১ জলে প্রতিবিম্বিত ছায়া; জলগত প্রতিমূর্ত্তি। "পক্ষির অবছায়া জলত দেখিল গো.চ ২৭০। ২ প্রতিবিম্ব, প্রতিমূর্ত্তি। "(সিন্ধু!) তুমি মাত্র অনন্তকালের অবছায়া।—রঙ্গ ১৯৮।

অবজয় পুং [অব+ √জি+অ (অচ্)-ভা] পরাজয়, বিজয়। "ইন্দ্রলোক° রঘু ৬.৬২। —জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পরাজিত, বিজিত। "°তারাতিপক্ষ (ইন্দ্র)।—বিষ্ণুপুরাণ। —জিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] বিজয়। "সুখ° কি ৬.৪৩।

অবজান '-ন্' বি [সং অবজ্ঞান; দ্র 'জান[১]'; অপ্র] অবজ্ঞা, অনাদর, অপমান। "বুঝিয়া কার্য্যের তত্ত্ব, নিবেদয়ে ভাঁড়ু দত্ত, পশ্চাতে করিয়া অবজান ক.চ ১০৮। ক্রোধাবেশে প্রভু তারে কৈল অবজান [২]চৈ.চ ৬২; ৩০২।

অবজিত, -জিতি দ্র 'অবজয়'।

অবজ্ঞা স্ত্রী [অব+ √জ্ঞা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] অনাদর, অবহেলা, ঘৃণা। "আত্মন্যবজ্ঞাং শিথিলীচকার রঘু ২.৪১। হি ১২১/২।

পরাবজ্ঞাতদুঃখদগ্ধ মাঘ ২.৪৫। —জ্ঞাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অনাদৃত, তুচ্ছীকৃত, অবমত। —জ্ঞান ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্ব 'অবজ্ঞা'। "তদবজ্ঞান।—রঘু ১.৭৯। মন্ত্রহীন জেবা কর্ম্ম করে অবজ্ঞান গ ৭০; দেবতারে করে অবজ্ঞান ৭১; অবজ্ঞান কথা ১৫৭; ১৭৪। চৈ.ভা ৫২০। —জ্ঞেয় বিণ [+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -য়া] অনাদরণীয়, ঘৃণার্হ, অবমাননীয়। "বিপ্রাহিক্ষিত্রিয়াম্মানো নাবজ্ঞেয়াঃ কদাচন।—যাজ্ঞ ১.১৫৩। ২ তিরস্করণীয়। [অবজ্ঞিল (অপ্র)—অবজ্ঞা করিল। "হস্ত পদ বাঁকা দেখি অবজ্ঞিল মনে বি পা ৮৮।]

অবজ্ঞাত, -জ্ঞান, -জ্ঞেয় দ্র 'অবজ্ঞা'।

অবট পুং [√অব্+অট (অটন্)-ক; ছান্দস] ১ যাহা সর্পাদিকে রক্ষা করে; ভূরন্ধ্র, গর্ত্ত। "অবটে…প্রক্ষিপেমং কলেবরম্ গো.রা ৩৮.১৯। ২ কূপ। "°কচ্ছপ। ৩ শরীরস্থ নিম্নস্থান; কণ্ঠমূল-কক্ষাদি। "যাজ্ঞ ৩.৯৮। ৪ কুহকজীবী, ঐন্দ্রজালিক। টি, -টী স্ত্রী গর্ত্ত; কূপ। —টু স্ত্রী ঘাটা, ঘাড়। "°জ মাঘ ১০.৫২।

অবটি, -টী, -টু দ্র 'অবট'।

অবডীন ক্লী [অব+ √ডী+ত (ক্ত)-ভা] পক্ষীর নিম্নাভিমুখ গতি বা অবগতি। বিপ 'উড্ডীন'। দ্র 'ডীন'।

অবতংস পুং, ক্লী [অব+ √তংস্+অ (ঘঞ্)-ণ; তু 'বতংস'] ১ 'অলঙ্করণসাধন', কর্ণপূর, কর্ণভূষণ, কুণ্ডল। "°উৎপল কু.স ৪.৮; চল° ৭.৩৮। কৃষ্ণ-নামগুণযশ অবতংস কাণে চৈ.চ ১১৮। এক কর্ণে অবতংস ক.চ ২৯৭, টীকা। ২ শিরোভূষণ, শেখর, মুকুট, কিরীট, শিরোমণি। "চারুচন্দ্র°। গণা নমেরুপ্রসবাবতংসাঃ কু.স ১.৫৫। পুচ্ছ-অংশ অবতংস (শ্রীনন্দজ) জ ১। নানাবর্ণে বান্ধি ঝোটা অবতংস-সাজে গ ৩০; ১১১। হিমাংশু-অবতংস ১২৪; ১৭২। ৩ অলঙ্কার, ভূষণ, শোভাসাধনমাত্র। "তামরস°। নমেরুপ্রসবাবতংসাভিঃ পরিগাভিঃ গো.রা ৫.১২.১৮। যশোঽবতংস কি ৩.১১। হংসকুল° নৈ ৩.৯৪। লবঙ্গমালাকলিত° মাঘ ৩.৮১। পুষ্প° (সলিল)—সুশ্রুত। ধন্য জে তপনবংশ, জার তুমি অবতংস কৃ.উ ২৫৬। ধন্য রাজা চন্দ্রবংশ, হেন পুত্র অবতংস ম ৪৪। নৃপতি-অবতংস ম.বি ৩১। সর্ব্ব-অবতংস চৈ.চ ৭; ২৪। ত্রিভুবনে অবতংস ক.চ ২; লোক-অবতংস ৮৭; জগদবতংস ৯৮। ঋষিগণ-অবতংস ভা.চ ১৫১। কে পারে হিংসিতে, রঘু-অবতংসে মে ১২৪। —তংসক পুং [অবতংস+ক (কন্) স্বার্থে] ১ ভূষণ। "বিক্র ৫.৩। ২ শিরোভূষণ। "(লঙ্কা) প্রাসাদাট্ট° গো.রা ৩.৫৩.৩৬। —তংসিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অলঙ্কৃত, ভূষিত। ২ [√অবতংসি+ত-র্ম্ম] অবতংসীকৃত, কর্ণপূরীকৃত। "মাঘ ৭.৫৯।

অবতংসক, -তংসিত দ্র 'অবতংস'।

অবতত বিণ [অব+ √তন্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -তা] ১ আবৃত, ব্যাপ্ত। "লতাশতৈরবততাম্ (নদীম্) গো.রা ৫.১৬.২৮; মহোর্ম্মিজাল° ৯৩.২০। তুরঙ্গৌঘৈরবততা (মহী)।—রা ২.৯৩.৫। ২ প্রসারিত, বিস্তারিত। "বিশালমূলাবততম্ (ন্যগ্রোধম্) হ ৬৮.২০। ৩ শিথিলিত-গুণ, অবরোপিতগুণ। "°ধন্বন্। —ততি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রসারণ। ২ সংহতি, রাশি। "প্রালেয়° কি ১১.৪।

অবতমস ক্লী [অবহীন তমঃ, প্রা.স, সমাসান্ত 'অ (অচ্)] ১ ক্ষীণতমঃ, অল্পান্ধকার (অ.কো)। বিপ 'অন্ধতমস'। ২ তিমির (দ্র 'মল্লিনাথ')। "মাঘ ১১.৫৭।

অবতর[১] পুং [অব+ √তৃ+অ (অপ্)-ভা] ১ অবতরণ, অবরোহণ। "গঙ্গাবতর রা ১.৪৩.১৯। ২ সঞ্চার। "ভয়স্য পূর্ব্বাবতরঃ মাঘ ১.৪৩। ৩ [+অ-ণ] তরণপথ, উত্তরণমার্গ; প্রস্তাব। "কার্য্য° নৈ ৩.৫৩। —তরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অবরোহণ, অধোগমন, নামা। "বেগ° শ ৭৳। ২ অধঃপতন, অবপাত। "গঙ্গা° রা ১.৪২.৬; ৪৪.২২; ৪৫.২। ৩ অবগাহনার্থ জলে সোপানপথে অবরোহণ; জলে নামা। ৪ অবরোহণমাত্র, নামা। "স্তন্য° (মাইএর দুধ নামা)। —সুশ্রুত। ৫ দেবতাদির অন্যরূপে আবির্ভাব; অবতার। "অংশ° (পর্ব্ব)। ৬ অপনয়ন, অপসারণ। "ভারাবতরণ (S.W.)। ৭ আকস্মিক তিরোভাব (M W.)। ৮ অনুবাদ? (A.)। ৯ উত্তরণ, লঙ্ঘন। ১০ [+অন-ণ] 'অবরোহণসাধন', নদীপ্রভৃতির অবতরণপথ; তীর্থসোপান, জলাবতার। "অপ্সরতীর্থ° শ ৭৩১/২। ১১ [+অন-ধি] অবরোহণস্থান, তীর্থ, ঘাট। —তরণিকা, -তরণী স্ত্রী [অবতরণ+স্ত্রী ঈ (ঙীপ্); °ণী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ যাহা দ্বারা অবতীর্ণ হয়; গ্রন্থারম্ভে অভীষ্টদেবতার অবতরণার্থ বন্দনা। ২ গ্রন্থারম্ভে গ্রন্থবিষয়াদিপরিচায়ক প্রবন্ধ; ভূমিকা, মুখবন্ধ, পূর্ব্বভাষ। ৩ পরিপাটী, ক্রম। —তার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অবতরণ, অবরোহণ। "প্রাপ্তাবতারমস্তঃ সঃ (ব্যোমমার্গাদবাতরৎ) ক.সা ২০.১৮০। "তোমার অবতার : তবে পারি ক্ষিতিতে করিতে অবতার কৃ ১৯। ২ অধঃপতন, অবপাত। "গঙ্গা° (S.W.)। পৃথিবীতে হয় তবে গঙ্গা-অবতার কৃ ২০। ভাদ্রমাসে যেমন গঙ্গার অবতার চৈ.ভা ৩৮৫। শিবজটাপুটে অবতার ভা.চ ৪৬৮। ৩ আবির্ভাব, উৎপত্তি। "নব° রঘু ৩.৩৬; পরীবাদনব° ৫.২৪। অগ্নিবাণে করে বীর অগ্নি-অবতার।—কৃ ২৯৯। মহানন্দ-অবতার চৈ.ভা ১১২; ১১৪। ৪ আবির্ভাব, প্রারম্ভ। "বসন্তাবতারসময়ে (পাঠান্তর) শ ১২১/২। যৌবন° (কাদম্বরী)। ৫ পৃথিবীতে দেবতাদির নরাদিরূপে আবির্ভাব। "অবতারোঽস্ত যুবয়োঃ ক.সা ৯.২৭; গণ° ৮.৩১। রামাবতারো নাম দশমঃ সর্গঃ রঘু ১০। ৬ উত্তরণ, উল্লঙ্ঘন। ৭ অবতরণ, আশ্রয়, গমন। "পাখণ্ডিপথ° (দশকুমার)। ৮ [+অ-ণ] যাহা দ্বারা অবতীর্ণ হয়; তীর্থসোপান, সোপানপদ্ধতি, কূপাদির পৈঠা। "পা ৩.৩.১২০, সি। ৯ প্রস্তাবনা, উপক্রমণিকা (শ.ক)। ১০ যে রূপে দেবতাদি পৃথিবীতে আবির্ভূত হন; দেবতাদির মনুষ্যাদি-রূপ। "ধর্ম্মার্থকামমোক্ষাণামবতার ইবাঙ্গবান্ রঘু ১০.৮৪। দুর্য্যোধন কলি-অবতার ম.বি ১১। ১১ অসাধারণ তেজোবলাদিসম্পন্ন পুরুষ। "নবঃ পুরুষাবতারঃ উ.চ ৫.৩৪। ১২ বিষ্ণুর (কৃষ্ণের) মৎস্যকূর্ম্মাদি রূপ। "অবতারা হ্যসংখ্যেয়াঃ ভ ১.৩.২৬। চৈ.চ ২৪; বিশ্বে অবতরি ধরে 'অবতার' নাম ২১০। সলিল পঙ্কিল যবে, কূর্ম্ম-অবতার ন ৯৩৯। [বিষ্ণুর দশ অবতার প্রসিদ্ধ। ভাগবতে দ্বাবিংশতি অবতারের প্রধান-ভাবে এবং তদ্ভিন্ন ঋষিগণ মনুগণ মনুপুত্রগণ দেবগণ ও কলাবতারের উল্লেখ আছে (ভ ১.৩.২৭)। চৈতন্যচরিতামৃতে, 'পুরুষাবতার' প্রভৃতি ষড়্‌বিধ অবতার কথিত হইয়াছে (মধ্যলীলা, ২০শ পরিচ্ছেদ)।] ১৩ [+অ-ধি] তীর্থ, ঘাট। "মাঘ ৫.৩৩। ১৪ হ্রদপুষ্করিণী-প্রভৃতি (মেদিনী)। ১৫ [+ √তারি+অ (অচ্)-ভা] অবতারণ, হরণ। "ভূরিভর° ভ ১.১৬.২৪। ভূমের্ভারাবতারায় (অধ্যাত্মরামায়ণ)। ১৬ [বাঙলায়; অপ্র] প্রবাহ, ধারা। "পৃথিবী যুড়িয়া আসে বিষ-অবতার বা.ম ৩০৩। ১৭ নিক্ষেপ, ক্ষেপণ, পাতন। "অস্ত্র অবতার ম ৭৪২। বাণ অবতার কৃ.উ ১১৪; ২৫২। এত বাণ দুই জনে করে অবতার কৃ ২৭৩। —তার বিং অবতীর্ণ, আবির্ভূত; উপস্থিত। "চক্রপাণি ষড়ানন, সম্মুখে হইবে কোন, বীর যুদ্ধে হলে অবতার ব.প ৩২৮। —তারক বিণ [+ √তারি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -রিকা] ১ অবতরণকারক। ২ [+ √তৃ+অক-ক] অবতরণকারী। "রঙ্গ° মনু ৪.২১৫। —তারণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অধোদেশপ্রাপণ, অবরোপণ। "গঙ্গায়া অবতারণম্ গো.রা ১.৪২.২১। ২ অপনয়ন, হরণ। "ভূভারাবতারণে হরি, যাইব গোকুলপুরী ব.প ৭৮২; ৭৯১। ৩ অনুবাদ (M.W.)। ৪ অপনয়ন, উন্মোচন (বস্ত্রভূষণাদির)। ৫ [+অন-র্ম্ম]

বস্ত্রাঞ্চল। ৬ [+অন-ণ] গ্রন্থের প্রস্তাবনা। ৭ অর্চ্চন (মেদিনীকোষ)। ৮ [স্বার্থে ণিচ্] অবতরণ, দেবাদির পৃথিবীতে আবির্ভাব। "অংশ° মহা ১.২.৪২ ; ৯৩। যুগ উপযোগী৹ চরম উন্নতি অবতারণ যখন৹ ঘটিয়াছে, সে যুগের যেই অবতার ন ৯৩৯। ৯ ভূতাদির আবেশ ; ভূতাদিগ্রহ (মেদিনী) ; দ্র 'অবতারণা'। ১০ (বাঙলায়) আবির্ভাবকরণ ; উত্থাপন। "অন্তরে আমি করি অবতারণ। —ণা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ অবরোপণ, নামান। ২ ভূতাদিগ্রহ ; ভূতাদির প্রাদুর্ভাবকরণ ; ভূতনামান (ত.বা)। [অবতারি—অবতারণ করিয়া ; পৃথিবীতে জন্মগ্রহণ করাইয়া। "পিতা-মাতা গুরুগণ আগে অবতারি চৈ.চ ২১।]

অবতর[২] অর্ম্ম [সং অব+ √তৃ>লি √°ব, প্রা √ ওঅর> বা √°র ; হি, ঠ, প √অবতর] ১ ভূমিতে অবতীর্ণ হওয়া ; নামিয়া আসা। "সদয়া ত্রিদশ ঈশ্বরী৹ পতিত তারিতে অবতরি গ ১৮৩। অবতরি ভূমিতলে ন ১৫৮৪। ২ আবির্ভূত বা দৃষ্টিগোচর হওয়া। "অবতরি (পাঠান্তর) কারাগারে… চণ্ডিকা হইল লজ্জাবতী ক.চ ১০৫। ৩ মূর্ত্তিগ্রহপূর্ব্বক আবির্ভূত হওয়া। "চতুরঙ্গ স্ত্রীপুরুষে করে জয়ধ্বনি। আনন্দ আসিয়া অবতরিলা আপনি ॥—চৈ ভা ১১৫। ৪ দেবাদির নরাদিরূপে জন্মগ্রহণ করা। "অসুর দেব জন, হইল মোহন, জে দিন প্রভু অবতরে গ ৩৬। অবনীতে অবতরি (হরি) ক.চ ২। ঐছে অবতরে কৃষ্ণ চৈ.চ ১২ ; কৃষ্ণ যবে অবতরে ২৫। [অবতরিবারে—অবতীর্ণ হইবার নিমিত্ত। "অবতরিবারে প্রভু করিলা উদ্যোগ চৈ.ভা ১৯। অবতরিয়াছে —অবতীর্ণ হইয়াছে। "অবতরিয়াছে প্রভু চৈ.ভা ১৫৭।]

অবতরণ, -তরণিকা, -তরণী দ্র 'অবতর[১]'।

অবতান পুং [অব+ √তন্+অ (ঘঞ্)-ভা] ১ সন্তান, বিস্তার, প্রসারণ। ২ [+অ -র্ম্ম] লতাপ্রতান, লতাশাখাপত্রচয়। "অবততামবতানশতৈঃ (নদীম্) গো.রা ৫.১৬.২৮। মহা ২৯.৩। ৩ অধোমুখ। ৪ বিতান, আবরণ।

অবতার, -তারক, -তারণ, -তারণা দ্র 'অবতর'[১]

অবতারবীজ বি অবতারের মূল বা আদি। "(আদ্য অবতার) সর্ব্ব-অবতার-বীজ চৈ.চ ২৪।

অবতারিত বিণ [অব+ √তারি+ত (ক্ত)-র্ম্ম] ১ অবরোপিত। "স্বভুজাদবতারিতা (তেন ধূর্জগতঃ) রঘু ১.৩৪। ২ উন্মোচিত। "তদঙ্গাবতারিতম্ (কনকসূত্রম্) হি ২১২১।

অবতারী (-রিন্) বিণ [অব+ √তৃ+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -রিণী] ১ যে অবতরণ করে ; অবতরণকারক। "রঙ্গ° যাজ্ঞ ১.১৬১। ২ [+ √তারি+ইন্ -ক] অবতারণকারক, আবির্ভাবক ; অবপাতকারক। ৩ (বাঙলায়) যাঁহার দেহে সর্ব্ব অবতারের স্থিতি ; অবতারগণের আশ্রয়। "কিশোরস্বরূপ কৃষ্ণ—স্বয়ং অবতারী ঃ অবতারী ব্রজেন্দ্রকুমার ঃ অবতারীর দেহে সর্ব্ব অবতারের স্থিতি চৈ.চ ৮।

অবতীর্ণ বিণ [অব+ √তৃ+ত (ক্ত) -ক ; স্ত্রী -র্ণা] ১ অবরূঢ়, কৃতাবরোহণ। "মেঘপদবীমবতীর্ণো স্বঃ শ ৭১ ; ১১। ত্বদর্থমবতীর্ণাস্মি পৃথিবীম্ মহা ৩.১০৯.১৪। ২ নিম্নদেশগত, কৃতাবতরণ। "শৈলরাজাবতীর্ণা পূ.মে ৫১। ৩ ভূতলে অন্যরূপে আবির্ভূত (দেবাদি) ; প্রকটিত। "সঃ…অবতীর্ণঃ স্বমায়য়া ভ ১.১১.৩৬। ত্বদর্থমবতীর্ণোঽসৌ… চতুর্ভুজঃ মহা ৩.২৭৫.৫। যহি অবতীর্ণ হৈলা চৈতন্যগোসাঞি চৈ.ভা ১৬ ; ১৭ ; ২০। ৪ প্রবিষ্ট, প্রাপ্ত। "জলনিধিমনুরূপং জহ্নুকন্যাবতীর্ণা রঘু ৬.৮৫। সভে আসি কৃষ্ণ অঙ্গে হয় অবতীর্ণ চৈ.চ ১২। ৫ অবরূঢ়, কৃতাবগাহন। "অবভৃথাবতীর্ণ রঘু ১৩.৬১। ৬ গত, প্রাপ্ত। "যমুনাতটমবতীর্ণঃ (সিংহঃ)।—পঞ্চ ১২২। সংসারপথমবতীর্ণানাম্ (কাদম্বরী)। ৭ আপতিত, সমাগত। "অবতীর্ণায়াং তস্যাং রজন্যাম্ (কাদম্বরী)। ৮ অতিক্রান্ত, অতীত। "দর্শনপথমবতীর্ণঃ (A.)।

অবতু সং, ক্রি [√অব্+তু (অনুজ্ঞা, প্রথম পুরুষ-১ব)] রক্ষা কর। "অবতু বো গিরিসুতা ইত্যাদি। দ্র 'অবুতবু'।

অবদংশ পুং [অব+ √দংশ্+অ (ঘঞ্)-র্ম্ম] সুরাপানে রুচিকর ভৃষ্ট চর্ব্বণদ্রব্য চণকাদি ; রোচক, নকুল, চাট। "অঙ্গারশূল্যাবদংশ (সুশ্রুত)।

অবদাত বিণ [অব+ √দৈ+ত (ক্ত) -র্ম্ম ; স্ত্রী -তা] ১ শোধিত, সংস্কৃত, শুদ্ধীকৃত। "সর্ব্ববিদ্যাবদাতচেতাঃ (কাদম্বরী)। ২ স্বচ্ছ, পবিত্র, অকলঙ্ক, নির্দ্দোষ। "বংশস্যাবদাতস্য।—কি ১১.৭৫ ; ১৩.৩৭। কুলে শীলে অবদাত ক.চ ৩ ; রাজগুণে অবদাত ৭ ; ১৪১ ; ২৫৩। ৩ উজ্জ্বল, দীপ্তিমান্। "শ্যামাবদাতা (বরাঙ্গনা) গো.রা ৫.১৪.২৩। ভ ২.৯.১১ ; ৩.৪.৭। বহ্নিকণ° কি ৩.২৫। ৪ পুণ্য, পাবন, সৎ। "অস্মিন্ জন্মনি ন কৃতমবদাতং কর্ম্ম (কাদম্বরী)। ৫ মনোজ্ঞ, সুন্দর। "°কান্তি (দশকুমার)। ৬ শ্বেত, শুভ্র। "বধূহসিত° (কুন্দ)। —ঋতু ৬.২৩। কুন্দ° ভট্টি ২.১৮। কুসুম অবদাত ব.প ৪৩০। ৭ নির্ম্মল। ৮ পীতবর্ণযুক্ত। ৯ বদ্ধ নিগড়াদি দ্বারা আক্রান্ত (অ.টী)। —ত পুং ১ শ্বেতবর্ণ। ২ পীতবর্ণ। —দান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ শোধন, শুদ্ধীকরণ। ২ [+অন-ক] যাহা শুদ্ধ করে ; উৎকৃষ্ট চরিত ; বৃত্ত, কর্ম্ম, প্রশস্তকর্ম্ম। "অবদানকল্পলতা, দিব্যাবদান, °শতক। বীর্য্য° কি ৩.৪৩। পুণ্য অবদান কু.কে ১৪৭। ৩ কর্ম্ম। "কৃত° কি ১৩.৩২। ত্রিপুর° কু.স ৭.৪৮। ৪ অতিমহৎ কর্ম্ম ; বিক্রান্তচরিত, পৌরুষ। "°বিস্মিত শ ৭১। দৃষ্ট° কি ১৭.১৬। ৫ পরাক্রম, বীর্য্য। "°তোষিত রঘু ১১.২১। ৬ [+ √দো+অন-ভা] খণ্ডন, ছেদন। ৭ অতিক্রম। ৮ [+অন-ণ] বীরণমূল, উশীর।

অবদান দ্র 'অবদাত'।

অবদারক বিণ [অব+ √দৃ+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] বিদারক, বিভাগকারক। —ক পুং খনিত্র। —দারণ ক্লী [+ √দারি+অন (ল্যুট্)-ভা] ১ বিদারণ, ভেদন, অবয়ববিভাগ। "°কাল রা ২.৭৭.১৬। ২ খনন। ৩ [+ অন-ণ] খননসাধন অস্ত্র ; খনিত্র, খন্তা। —দারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিদারিত, ভিন্ন। "গিরেঃ শৃঙ্গং বজ্রেণেবাবদারিতম্ রা (S.W.)। ২ খাত, কৃতখনন। "পৃথিবীমবদারিতাম্ মহা ৩.১০৭.২২। ৩ বিভাজিত, কৃতবিভাগ। —দীর্ণ বিণ [দৃ+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -র্ণা] ১ বিদারিত, বিভিন্ন। "°শুক্তিপুট মাঘ ১৩.৩৭। ২ বিবৃত, অনাচ্ছাদিত। "অবদীর্ণং দদৃশুর্বিলম্ গো.রা ৪.৫০.১১। ৩ [+ত-ক] বিদীর্ণ, দ্বিধাভূত। "অবদীর্ণাং চ পৃথিবীম্ (পশ্যামি)। —রা ২.৬৯.১৩। ৪ অভিভূত, অতিভীত। "ভয়াবদীর্ণঃ…অবদ্ধং বহু ভাষসে (মহা A.)। ৫ জীর্ণ। "নাবদীর্ণে চ শয়নে প্রস্বপীত মহা ১৩.১০৪.৪৯।

অবদারণ, -দারিত, -দীর্ণ দ্র 'অবদারক'।

অবদ্ধ বিণ [ন.ত ; স্ত্রী -দ্ধা] ১ 'বন্ধভিন্ন', বন্ধনহীন, মুক্ত। "অবদ্ধ ক্ষুদ্র কুঞ্চিত কেশ ব.প্র ১৪১। ২ অসম্বদ্ধ, পরস্পরসঙ্গতিহীন, অনন্বিত, অন্যোন্যবিরোধী, সঙ্গতিরহিত (বাক্য)। "°প্রলাপী মহা ৩.৭৮.১৬। অবদ্ধমভিভাষণম্ ভ ৫.১০.৮। [অবদ্ধ বাক্য—সঙ্গতিহীন বাক্য। "জরদ্গবঃ কোমলপাদুকাভ্যাং দ্বারি স্থিতো গায়তি মঙ্গলানি (অ.টী)। পরীক্ষিত কীচকেরে করিয়া সংহার। সিংহাসন অধিকার করিল লঙ্কার ॥—কাব্যনির্ণয়। °মুখ—স্পষ্টবক্তা, দুর্ম্মুখ।]

অবদ্য বিণ [ন+ √বদ্+য (যৎ)-র্ম্ম, 'গর্হ্য' অর্থে নিপাতিত (পা ৩.১.১০১) ; স্ত্রী -দ্যা ; ছান্দস] ১ নিন্দনীয়, গর্হণীয়, দোষান্বিত। "অনবদ্যা রঘু ৭.৭০। ভট্টি ৬.৫০। মা.মি ১.২। ২ অনিষ্ট (মুগ্ধবোধ)। ৩ অকথ্য, অবাচ্য, কথনাযোগ্য। ৪ অধম। ৫ পাপী। —দ্য ক্লী ১ পাপ (সি)। ২ দোষ, অপবাদ। "অবদ্যাদপেতঃ রঘু ৭.৭০।

অবধ পুং [ন.ত] (বধজন্য দোষাভাব, হেতু) অবিনাশ, অহিংসা। "যজ্ঞে বধোঽবধঃ মনু ৫.৩৯। বসিষ্ঠ ৪।

অবধাতব্য বিণ [অব+ √ধা+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] অবধানযোগ্য, মনোযোগার্হ। "উ.চ ৭২। —ধান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রণিধান, একান্ত মনোযোগ, একাগ্রচিত্ততা। "সাবধান। দত্ত° ভট্টি ২.৭। °পর কু.স ৪.২। অবধান করি সুন কৃ.উ ১৪১ ; অবধান সুন মাগো ২৩৯। অবধান কর ম.ম ১৬। তালে নাহি অবধান বি.পা ১৭৮। রায় কর অবধান ক.চ ৮৪। ২ স্বাস্থ্য (নীলকণ্ঠ)। "অবধানং ন গচ্ছামঃ কাম্যকে সহ কৃষ্ণয়া মহা ৩.৮৬.১৭। ৩ (বাঙ্‌লায়) ঈক্ষণ, দৃষ্টিপাত। "দূর হৈতে পুরুষ করে মায়াতে অবধান চৈ.চ ২৩। —ন বিং [অপ্র] অবহিত, মনোযোগী। "অবধান হৈঞা তাহা শুন রঘুমণি কৃ.উ ১২৬। অবধান হইয়া প্রভু শুন চ.বি ১৯। —ধানী (-নিন্) বিণ [অবধান+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -নিনী] অবধানবান্, মনোযোগী। [অবধান—১ মনোযোগ করুন ; মনোযোগপূর্ব্বক শুনিতে আজ্ঞা হউক। "কহে মন্ত্রিবর।...অবধান মহীপতি।—রঙ্গ ২০১। ২ কৃপাদৃষ্টিপূর্ব্বক প্রণাম গ্রহণ করিতে আজ্ঞা হউক (অভিবাদনে)। "আমি আসি কর্ত্তা মহাশয় ! অবধান, বড় বাবু নমস্কার করি গো।—নী ৮। (বাণভট্টের প্রবেশ) বাণ।—অবধান মহারাজ ! অ.গ্র ৭। অবধানে—সাবধানে, সতর্কতাপূর্ব্বক। "অবধানে আল্যাইল দৃঢ় বন্ধন-দড়ি ক.চ ১৫৩। শতাবধানী—একশত (বহু) লোকের প্রশ্নে যাহার মনোযোগ দিবার শক্তি আছে।]

অবধান, -ধানী দ্র 'অবধাতব্য'।

অবধার পুং [অব+ √ধারি+অ (অচ্)-ভা] অবধারণ, নিশ্চয়। "সর্ব্বত্র যদবধারেণোচ্যতে স একান্তঃ। ক্বচিত্তথা ক্বচিদন্যথেতি যঃ সোঽনেকার্থঃ।—সুশ্রুত। —ধারক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] নিশ্চায়ক, নিরূপক। "ইষ্টাবধারকং বাক্যমাশীঃ (ভরত—S.W.)। —ধারণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ নিশ্চয়। "হি হেতাববধারণে (অ.কো)। ২ 'ইহা এইরূপই'—ঈদৃশ বিষয়-পরিচ্ছেদ ; নিরূপণ, সিদ্ধান্ত। "কার্য্যাবধারণ সী ২৯। ৩ ইয়ত্তাপরিচ্ছেদ, সংখ্যার নিরূপণ। "যাবদবধারণে পা ২.১.৮। ৪ বিষয়ান্তর-ব্যাবর্ত্তন (Restriction)। —ধারণা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্ব 'অবধারণ'। —ধারণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম ; স্ত্রী -য়া] নির্ণেয়, নিরূপণীয়, নির্দ্ধার্য্য। "অনবধারণীয় রঘু ১৩.৫। —ধারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিশ্চিত, নির্ণীত, সিদ্ধান্তিত। —ধার্য্য বিণ [-য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্য্যা] সর্ব 'অবধারণীয়'। "আদৌ পরিণতিরবধার্য্যা যত্নতঃ পণ্ডিতেন।—ভর্তৃহরি। [অবধারল (মৈ √অবধার ; হি, ঠ √অবধার)—অবধারণ করিলাম ; স্থির করিলাম। "হমে অবধারল সুন সুন কান্‌হ। নাগর করথু অপন অবধান॥—বি.সা ১৮।]

অবধারক, -ধারণ, -ধারণীয়, -ধারিত, -ধার্য্য, অবধারল দ্র 'অবধার'।

অবধি পুং [অব+ √ধা+ই (কি)-ণ] ১ পরিচ্ছেদ, সীমা, পর্য্যন্ত। "পা ৪.২.১২৪। কালো হ্যয়ং নিরবধিঃ মা.মা ১.৫। জীবিতাবধিঃ প্রবাদঃ উ.চ ১২৩/৪ ; রিপুযাত° ৩.৪৪। কি ১২.২২। কালিক অবধি করি পিয়া গেল বি.প ১৭৯ ; জনম অবধি হাম রূপ নেহারনু ২১৪। অবধি জানিতে, সুধাই কাহাতে চ.দা ৯৭। দ্বিতীয়াঙ্ক নাটকের অবধি পাইল চৈ ৩৬। শুভাগমনাবধি আ.দু ১৪৬ ; প্রাতঃকালাবধি ১৪৭। সহস্রাবধিং। বৃহৎ২ নৌকা ব.প ১৬৮৯। ২ চরম সীমা ; পরাকাষ্ঠা। "প্রত্যাগম° ক.সা ৪.১০০। শ্রীরাধার ভাবের অবধি চৈ.চ ১৩। সুবর্ণের পুষ্প সেই গন্ধের অবধি ম ৪৭৫ ; তুমি দয়ার অবধি ৪৭৭। ব্যাকরণ শাস্ত্র এই বিষয়ের অবধি চৈ.ভা ৭২। ৩ কাল। "নিদাঘ° রঘু ১৬.৫২। কি ২.১৬। ৪ সময়, নিয়ম। "রমণীয়ঃ খলু অবধিঃ বিধিনা বিসংবাদিতঃ শ ৭২২/৩। ৫ [+ই-ভা] অবসান। "স্মরশাপ° কু.স ৪.৪৩। ৬ অবধান, মনোভিনিবেশ। ৭ [+ই-ধি] গর্ত্ত, বিল। ৮ (বাঙ্‌লায় ; অপ্র) অবশিষ্ট, শেষ। "তিন বাণে মদন, জিতল তিন ভুবন, অবধি রহল দউ বাণে বি.প ১০। [অবধিয়া—অবধি করিয়া ; ব্যাপ্ত করিয়া। "ভীম বলেন নিগুর্ণ হউক পুরুষ নির্ধন। দেহ অবধিয়া থাকেন আপনি নারায়ণ॥—ম.বি ১৪৯।

অবধিয়া, অবুধিয়া, অবোধিয়া বিং [অবোধ+ঈয়া>অবোধীয়া>অবোধিয়া, অবুবধিয়া ; অপ্র] ১ অবোধ, বিচারশক্তিহীন, বিষয়জ্ঞানশূন্য, মূঢ়। "অবধিয়া এখনি বেটার মাথা খাবি শ্রী.মা ৯০। অবোধিয়া সদাগর ক.চ ২৩৯। আমি কি এমন বাক্যে অবোধিয়া ভুলি শ্রী.মা ৭৬ ; অবোধিয়া পুত চৈ.ম ৪৭। ২ মায়ামোহে বিচারশক্তিহীন। "জানকীকে পাঠাইয়া জনক যেমন। উচ্চৈঃস্বরে অবধিয়া করেন রোদন॥ —শ্রী.মা ১৩১ ; অবধিয়া (জননী) ১৫৭। ৩ তত্ত্বজ্ঞানহীন। "তাঁহা তাঁহা পূজিলে তোমার পূজা হয়। অবুধিয়া লোকমাত্র ভিন্নভাবে লয়। শ্রী.ম১২১।

অবধীর সক [অদন্ত চু.প—অবধীরয়তি ; —তে (ত.বা) ; সেট্] ১ অবজ্ঞা, অনাদর। "অবধীরয়তি সাধুমসাধুঃ (ক.ক)। ২ তিরস্কার। "মাঘ ৯.৫৯।

অবধীরণ বিণ [√অবধীর+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] অবজ্ঞাতা, তিরস্কারক, অতিশায়ী। "রসৈঃ কথা যস্য সুধাবধীরণী নৈ ১.২। —ণ ক্লী [+অন-ভা] অবজ্ঞা, অনাদর। —ণা স্ত্রী [+অন (যুচ্)-ভা +স্ত্রী আ (টাপ্)] অবজ্ঞা। "বিশঙ্কসে ভীরু যতোঽবধীরণাম্ শ ৩.১১। রঘু ৮.৪৭। —ধীরিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অবজ্ঞাত, অনাদৃত। "ময়ৈব কামাদবধীরিতা প্রিয়া শ ৬.১৩। °সুহৃদ্বাক্য।—হি ১৭৭/৬। ২ তিরস্কৃত, নিরস্ত, দূরীকৃত। "°তার্ত্তবগুণ কি ৬.২৫। ৩ তুচ্ছীকৃত, উপেক্ষিত, তুচ্ছবোধে পরিত্যক্ত। "(মাংসম্) খাদিতং ব্যয়িতমবধীরিতঞ্চ হি ২৮/৮। —ধীরী (-রিন্) বিণ [+ইন্ (-ণিনি) -ক-১ব ; স্ত্রী -রিণী] সর্ব 'অবধীরণ' (বিণ)। "সুধীবধীরিণী (পাঠান্তর) নৈ ১.২।

অবধীরণা, -ধীরিত, -ধীরী দ্র 'অবধীরণ'।

অবধূত বিণ [অব+ধু+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -তা ; ছান্দস] ১ কম্পিত, চালিত। "লীলাবধূতৈঃ (চামরৈঃ) পূ.মে ৩৬। মাঘ ১১.২৮। সটাবধূতা জলদাঃ ভ ৭.৮.৩২। ২ বিক্ষিপ্ত, বিকীর্ণ। "°পঙ্কজপরাগকণাঃ (মরুতঃ) কি ৬.৩। ৩ আহত। "রেণুঃ...পবনাবধূতঃ রঘু ৭.৪৩। ৪ নিবর্ত্তিত, নিরাকৃত, দূরীকৃত। "অগাপয়ৎ...সুরবধূরবধূতভয়াঃ রঘু ৯.১৯। ৫ অবজ্ঞাত, অনাদৃত। "°প্রণিপাত বিক্র ৩.৫। ৬ তিরস্কৃত, ভর্ৎসিত। "রা ১.৬৬.২২। অবজ্ঞাত° মহা ১৩.৯৮.৩৭। কোপনয়াবধূতঃ কু.স ৩.৮। ৭ ত্যক্ত। "°বিগ্রহ রঘু ১৯.৪৩। ৮ ভ্রামিত। "লীলাবধূতপদ্মা (কেয়ম্)।—রত্নাবলী নাটিকা ২.৮। ৯ অভিভূত। ১০ অসংস্কৃতদেহ (শ্রীধর)। "ভ ৩.১.১৯। ১১ অবধূতসম্বন্ধী, অবধূতবেশসদৃশ। "অবধূতেন বেশেন ভ ৬.১৫.১০। ১২ সংসারাসক্তিশূন্য। "যাহার শ্রবণে চিত্ত হয় অবধূত চৈ.চ ২১৬। —ত পুং ১ বর্ণাশ্রমধর্ম্মহীন সংসারাসক্তিরহিত সন্ন্যাসী ; সন্ন্যাসাশ্রমী। 'যো বিলঙ্ঘ্যাশ্রমবর্ণান্ আত্মন্যেব স্থিতঃ পুমান্। অতিবর্ণাশ্রমী যোগী অবধূতঃ স উচ্যতে॥ "°বেশ ভ ৩.১.১৯। শি ৫। [অবধূত চতুর্বিধ—শৈবাবধূত ব্রহ্মাবধূত হংসাবধূত (পরমহংস বা পূর্ণভক্তাবধূত), পরিব্রাট্ (অপূর্ণভক্তাবধূত)। বন অরণ্য ভারতী গিরি পুরী ইঁহাদের উপাধি।] ২ অবজ্ঞাপূর্ব্বক লোকের পরিত্যক্ত জন (অবজ্ঞয়া জনৈস্ত্যক্তো যঃ—

শ্রীধর)। "ভ ১.১৯.২৫। ৩ সংসারাসক্তিশূন্য বর্ণাশ্রমচিহ্নহীন গৃহস্থ; গৃহস্থাবধূত। দ্র 'অবধূতচন্দ্র'। ৪ সদাশিব। 'অবধূতঃ সদাশিবঃ (মুণ্ডমালাতন্ত্র)। —ধূতী স্ত্রী শিবাদেবী। 'অবধূতী শিবাদেবী (মুণ্ডমালাতন্ত্র)।

অবধূতচন্দ্র, -রায় বি অবধূতগণের শ্রেষ্ঠ; সন্ন্যাসিশিরোমণি। "°চন্দ্রসঙ্গে চৈ.ভা ৪৮৮। নিত্যানন্দ অবধূতরায়ঃ দেখিলাসিয়া অবধূতরায় চৈ.ম ১০৮।

অবধূতবেশ বিণ [উ.বহুব্রী] ১ যাহার অবধূতবেশের ন্যায় বেশ; বল্কলাদিধারী। "ভ ৩.১.১৯। ২ বস্ত্রহীন, নগ্ন।

অবধূতরায়, অবধূতী দ্র 'অবধূতচন্দ্র, অবধূত'।

অবধূনন ক্লী [অব+ √ধুনি+অন (ল্যুট্)-ভা] ১ কম্পন। 'কর-বধূনন, কি ৮.৬। ২ চালন, উৎক্ষেপণ। "মনু ৩.২৩০। ৩ চিকিৎসা-বিশেষ (সুশ্রুত)।

অবধূপিত বিণ [অব+ √ধূপি+ত (ক্ত)-র্ম্ম] ধূপ দ্বারা সুরভীকৃত। "দিব্যধূপাবধূপিত গো.রা ২.৮৩.১৬।

অবধৃত বিণ [অব+ √ধৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ অবধারিত, নিশ্চিত। "ন্যায়° মনু ৩.১৩৫, কুল্লুক। ২ শ্রুত। "তদপ্যবধৃতং ময়া মহা ১৩.৭২.৩।

অবধেয় বিণ [অব+ √ধা+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -য়া] ১ অবধানযোগ্য, মনোনিবেশার্হ। ২ শ্রদ্ধেয়, গ্রাহ্য। "°বচন।—সাংখ্য ২, তত্ত্বকৌমুদী। ৩ নিবেশ্য, স্থাপনীয়। ৪ জ্ঞেয়। —য় ক্লী [+য-ভা] অবধান।

অবধৌত বি [সং অবভৃথ; লিপিপ্রমাদ] যজ্ঞান্তে বিহিত স্নান। "অবধৌতে স্নান কৈল যেন বিধিমত অ.প ১৪০।

অবধ্য বিণ [ন.ত; স্ত্রী -ধ্যা] ১ বধের অযোগ্য; অ-বধার্হ, অহিংসনীয়। "যাবানবধ্যস্য বধে তাবান্ বধ্যস্য মোক্ষণে (অধর্ম্মো নৃপতেদৃষ্টঃ) মনু ৯.২৪৯। বধার্হাণামবধ্যতাম্ (আদিশৎ) রঘু ১৭.১৯। ২ যাহাকে বধ করা যায় না; অশক্যবধ। "দেবদানবযক্ষাণামবধ্যঃ গো.রা ১.১৪.১৫; অবধ্যো বরদানেন রাবণঃ ৩৯। দেহী নিত্যমবধ্যোঽয়ম্।—গী ২.৩০। পঞ্চ ৩.২৯। এবে ত পড়িল ভীষ্ম অবধ্য দেবের ম ৮১৪। ৩ বধদণ্ডের অযোগ্য, অর্থাৎ শাস্ত্রে যাহার বধদণ্ড নিষিদ্ধ, তাদৃশ (ব্রাহ্মণাদি)। 'অবধ্যো ব্রাহ্মণো বালঃ স্ত্রী তপস্বী চ রোগভাক্।—পঞ্চ ১.২১৪। (দূতঃ) সদৈবাবধ্যভাবেন যথার্থস্য হি বাচকঃ হি ৩.১৬। অন্যজাতি নহ তুমি অবধ্য ব্রাহ্মণ ম ১৯৫। [অবধিয়া—অবধ্য করিয়া (?)। "এই তুমি অভাগাকে অবধিয়া গেলে শ্রী.মা ১৭০।]

অবধ্যাত বিণ [অব+ √ধ্যৈ+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -তা] অবজ্ঞাত, অবমত, অনাদৃত। "সোঽবধ্যাতঃ সুতৈঃ ভ ৩.১২.৬।

অবধ্বস্ত বিণ [অব+ধ্বন্স্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -স্তা] ১ অবচূর্ণিত, দন্তচন্দনাদিচূর্ণ (অ.টী)। ২ পরিত্যক্ত। ৩ নিন্দিত।

অবন ক্লী [√অব্.+অন (ল্যুট্)-ভা] ১ রক্ষণ, পালন। "পা ১.৩.৬৬। "অনবনাশ।—নলোদয় ৪। ২ প্রীণন। ৩ প্রীতি।

অবনত বিণ [অব+ √নম্+ত (ক্ত)-ক] ১ অধোভূত, নত। বিপ 'উন্নত'। "°তানন, °কায়, °মুখ। °বদন।—মাঘ ৭.৩৮। °তাঙ্গী কু.স ৫.৮৬। অবনত-বয়নী নখে লেখি বি.প ১১২। ২ প্রহ্ব, নম্র। "প্রশ্রয়°, বিনয়°। ৩ আনম্র, আনত। "°তোত্তরকায় রঘু ৯.৬০। ৪ নিম্নাগ্রভাগ, নতাগ্র। "(বিষান্) ফলভরাবনতান্ গো.রা ২.৫৬.৯। ৫ লম্বমান, লম্বিত। "তয্যাদাতুং জলমবনতে পূ.মে ৪৭। ৬ ভ্রষ্ট, স্খলিত। "রজনি-রবনতেন্দুঃ মাঘ ১০.৯১। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ অধোভাব, অধোনমন, নম্রভাব। "দধত্যা শালীনামবনতিমুদারে ফলে মৃ ৩.৮। ধনু-ষামবনতিঃ (কাদম্বরী)। ২ অনৌদ্ধত্য, বিনয়, নম্রতা। "মৃ ৩.৮। ৩ অধোগতি, নিম্নগমন। "মৃ ১.২। ৪ প্রণতি, প্রণাম। ৫ অস্ততা। "গতবতি···দিনকরেঽবনতিম্ মাঘ ৯.৮। ৬ (বাঙলায়) অনভ্যুদয়, অসমৃদ্ধি। বিপ 'উন্নতি'।

অবনদ্ধ বিণ [অব+ √নহ্.+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -দ্ধা; ছান্দস] ১ আচ্ছাদিত, আবৃত। "পুষ্পভরাবনদ্ধ (পাদপ) গো.রা ৫.৯.৮। হেমমালা° (রথ) মহা ৭.২.২৭; হেমপট্ট° (গদা) ১৭৭.২৭। চর্ম্ম° (দেহ) মনু ৬.৭৬। ২ লিপ্ত, দিগ্ধ। "স্যানাবনদ্ধঘনশোণিত বে ১.২১। ৩ গ্রথিত। "স্রগবনদ্ধমনোরমপল্লবা মাঘ ৬.৫৩। ৪ আবদ্ধ, বদ্ধ। "প্রিয়তময়েতি রুষা প্রজাবনদ্ধঃ (যুবা) মাঘ ৭.৫২। ৫ খচিত, রোপিত। ৬ বেষ্টিত। —দ্ধ ক্লী চর্ম্মাচ্ছাদিত মৃদঙ্গাদি বাদ্য; আনদ্ধবাদ্য। —নাহ পুং [+অ (ঘঞ্)-ভা] আচ্ছাদন, বন্ধন।

অবনমিত বিণ [অব+ √নমি+ত (ক্ত)-র্ম্ম] নম্রীকৃত, শাসিত। "°বিধুতাশেষভূভৃদ্গণ (S.W.)।

অবনম্র বিণ [অব+ √নম্+র-ক; স্ত্রী -ম্রা] অতিনম্র, অবনত। "পুষ্পস্তবকাবনম্রা (লতা) কু.স ৩.৫৪। পাদ° ক.সা ২২.১৩০।

অবনয় পুং [অব+ √নী+অ (অচ্)-ভা] অধোনয়ন, অধঃপাতন, নিপাতন, নোয়ান। —নয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'অবনয়'। ২ অবস্থাপন। —নায়ক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -য়িকা] অধঃপ্রাপক।

অবনাবনি, অবনিবনাও বি [অ+বনাবনি (তু, সং √বন্—সেবা); হি অনবন, অনবনাব] মনের অমিল; বিরোধ, খটমটি, অস্বরস।

অবনাম পুং [অব+ √নম্+অ (ঘঞ্)-ভা] ১ অবনতি, নতভাব। "পাদ° মাঘ ১১.৩৫। ২ প্রণতি, প্রণাম। "কৃত° ভ ৪.৯.১। ৩ [+ √নামি+অ (অচ্)-ভা] অধঃপাতন, অধোনয়ন। —নামক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -মিকা] অবনমনকারক, অবনময়িতা। —নামিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অধঃকৃত, অবনমিত। "°মেঢ্র (সুশ্রুত)। 'ফলভর মহা ১.২০৭.৪২। শ্বপুচ্ছমবনামিতম্।—পঞ্চ ৪। —নামী (-মিন্) বিণ [+ √নম্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -মিনী] অবনত, অধোগত। "ফলভর° মহা ৩.১৪৫.৪৫। কি ৭.১৯।

অবনামক, -নামী; অবনাহ দ্র 'অবনাম; অবনদ্ধ'।

অবনি, -নী স্ত্রী [√অব্.+অনি-ক, উ ২.১০১, বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] °নি (ছান্দস)—রক্ষণহেতুভূত জল] ১ যে জনসমূহ রক্ষা করে; পৃথিবী। "অবনতিমবনে রক্ষতঃ মৃ ১.২। °লোক ম ১২৩১। অবনীমাঝে শ্রী.মা ১১০। অবনীতে অবতরি ক.চ ২। ২ ভূতল, ভূমি। "°নিশয়না উ.মে ২৭। জানুভ্যাবনিং গত্বা।—পঞ্চ ৫২২। ৩ ভূভাগ, স্থান, ভূমি, দেশ। "কানন°, লীলা° (দশকুমার)। অবনী কাঙুরে। শ্রী ১৪৫; ময়না অবনী ১৫০। গৌড়াবনী মাঝ ব.প ৪৫৮। সিমুল অবনি শ্রী.মা ১৫১। ৪ ত্রায়মাণা লতা।

অবনিকণ্টক ক্লী [ষ.ত] পৃথিবীর কণ্টকতুল্য; লোকপীড়ক। "ভ ২.৭.২২।

অবনিচর বিণ [অবনি+ √চর্+অ (ট)-ক; উ.ত, স্ত্রী -রী] যে দেশে দেশে ঘুরিয়া বেড়ায়; গৃহশূন্য, ভবঘুরে, বেটুয়া (Vagabond)।

অবনিদেব বি [ষ.ত] পৃথিবীর দেবতুল্য; ভূদেব, ব্রাহ্মণ। "এমন অবনিদেবে আমার প্রণতি শি ৪৬।

অবনিনাথ, -পতি, -পাল পুং [ষ.ত; অবনি+ √পালি+অ (অণ্)-ক; উ.ত] ভূপতি, ভূপাল, রাজা। "পতিরবনিপতীনাম্ রঘু ১০.৮৬; °ল ১১.৯৩। °ল-সজ্জ গী ১১.২৬। °তি শ্রী.মা ৭০; °থ ১১৪।

অবনিপতি, -পাল; অবনিবনাও; অবনী—দ্র 'অবনি-নাথ; অবনাবনি; অবনি'।

অবনী-অমর বি ['ভূদেব'এর অনুকরণে কৃত ; অপ্র] পৃথিবীর দেবতাতুল্য ; ব্রাহ্মণ। "শ্রী.মা ৭০।

অবনীধ্র পুং [অবনী+ √ধৃ+অ (ক)-ক ; উ.ত] 'পৃথিবীধারক', পর্ব্বত, হিমালয়। "সুতাবনীধ্রস্য মহা ১৩.২৬.৮৯।

অবনীমুখ বিণ [বহুব্রী ; স্ত্রী -খা,-খী] অধোমুখ, অবাঙ্মুখ। "গো.রা ৪.৫৭.২।

অবনীশ, -নীশ্বর পুং [অবনীর ঈশ ঈশ্বর, ষ.ত] ভূপতি।

অবনেজন ক্লী [অব+ √নিজ্+অন (ল্যুট্)-ভা] ১ প্রক্ষালন। "পাদয়োরবনেজনম্ মনু ২.২০৯। ২ শ্রাদ্ধে পিণ্ডদানার্থ আস্তৃত কুশে জলসেক ; পিণ্ডোপরি জলসেচন (শ.ক)। "কাত্যায়ন ৩.১৪ ; ৪.৮।

অবন্তি পুং, বহুব [√অব্+অন্তি (ঝিচ্)-ক, উ ৩.৫০] ১ মালবদেশ। 'মালবাঃ স্যুরবন্তয়ঃ (অ.চি)। "°নগরী, °পুর, -রী। প্রাপ্যাবন্তীম্ পূ.মে ৩১। °নাথ রঘু ৬.৩২। ২ অবন্তিরাজগণ। ৩ অবন্তিবাসিগণ। —ন্তিকা স্ত্রী [ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] অবন্তিনগরী, উজ্জয়নী। "কাশী কাঞ্চী অবন্তিকা (পুরাণ)। [ইহা সপ্ত মোক্ষদায়িকা পুরীর একতমা।] —ন্তী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মালবদেশ। "অবন্তীসংজ্ঞকো দেশঃ (শক্তিসঙ্গমতন্ত্র)। ২ উজ্জয়নী, বিশালা (অ.চি)। "মহা ৩.৬১.২১।

অবন্তিকা, অবন্তী দ্র 'অবন্তি'।

অবন্দ্য বিণ [ন.ত ; স্ত্রী -ন্দ্যা] অবন্দনীয়, অপ্রণম্য, অপূজ্য। "বন্দ্যাতে যদবন্দ্যোঽপি (স প্রভাবো ধনস্য চ)।—পঞ্চ ১.৭।

অবন্ধক বিণ [ন বন্ধ যাহাতে, ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)] ১ যাহাতে কোন দ্রব্য বন্ধক নাই ; আধিশূন্য, বন্ধকহীন (ঋণদান)। বিপ 'সবন্ধক'। "যাজ্ঞ ২.৩৮, মিতাক্ষরা। ২ বন্ধহীন, অবন্ধ। —ন্ধন বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -না ; ছান্দস] বন্ধনহীন, মুক্ত, স্বাধীন।

অবন্ধান বিং ['অবন্ধন'—মূল ; অপ্র] বন্ধনের অভাব ; অবহেলা। "তালে নাহি অবধান, আমা করে অবন্ধান, অনিরুদ্ধ উষা দুইজনে বি.পা ১৭৮।

অবন্ধু বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ন্ধু ; ছান্দস] ১ যাহার বন্ধু নাই ; মিত্রহীন। বিপ 'সবন্ধু'। ২ অসহায়, একাকী।

অবন্ধুদায়াদ পুং [ন.ত] বন্ধুদায়াদভিন্ন, যে বন্ধু (জ্ঞাতি) দায়গ্রহণে অধিকারী নহে ; অদায়াদবান্ধব, অরিক্থহর। "ষড়েবাবন্ধুদায়াদাঃ পুত্রাঃ মহা ১.১২০.৩২। [দ্র 'নীলকণ্ঠটীকা']

অবন্ধ্য বিণ [ন.ত ; স্ত্রী -ন্ধ্যা] ১ বন্ধ্যাভিন্ন, সফল, সার্থক, অমোঘ। "°প্রার্থন রঘু ১.৮৬ ; ১৬.২। °রূপতা কু.স ৫.২। °পাত (বাণ) বিক্র ২.২। অবন্ধ্যং দিবসম্ হি ২.৯। অবন্ধ্যচিত্তে শ্রী.মা ৫৩ ; অবন্ধ্য দিবস ১৪২। ২ বন্ধ্য (অফল) ভিন্ন ; ফলকালে ফলপ্রসূ (বৃক্ষ)। ৩ সফল, ফলবান্, শস্যসম্পন্ন। "মহীম্…অবন্ধ্যাম্ পূ.মে ১১। ৪ বন্ধনের অযোগ্য ; অ-বন্ধনার্হ। বিপ 'বন্ধ্য'। "অবন্ধ্যং যশ্চ বধ্নাতি যাজ্ঞ ২.২৪৬।

অবন্ধ্যজন্মা (-ন্মন্) বিণ [অবন্ধ্য জন্ম যাহার, বহুব্রী ; স্ত্রী -ন্মা] সফলজন্মা। "°জন্মাস্মি কৃতা বি.মা ৬৬/১।

অবপতন ক্লী [অব+ √পত্+অন (ল্যুট্)-ভা] অধোগমন, অবরোহণ। বিপ 'উৎপতন'। —পতিত বিণ [+ত (ক্ত)-ক] ১ নিম্নগত, পতিত। "ফলৈর্বৃক্ষাবপতিতৈঃ।—রা ২.২৮.১২। ২ অস্ফুট, অস্পষ্ট (স্বর)। "অনবপতিত (চরক)। ৩ [+ত-র্ম্ম] অবপন্ন, সংসর্গদূষিত। "কেশকীট° (ভাগ) মহা ১৩.২৩.৬। —পাত পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অধঃপতন, ভঙ্গ। "কূল° মৃ ৯.২৪। ২ অবতরণ, অবরোহণ, অবডীন। বিপ 'উৎপাত'। "কপোত° হি ১/১৯। শ্যেন° মা.মা ৮.৮। ৩ পতন। "চরণ° (ভর্তৃহরি)। ৪ [+অ-ধি] ভূরন্ধ্র, গর্ত্ত। ৫ গজধারণার্থ তৃণাদিচ্ছন্ন গর্ত্তবিশেষ। "°মগ্ন (করী) রঘু ১৬.৭৮। ৬ [+ √পাতি+অ (অচ্)-ভা] অবপাতন, পাতন, আঘাত। "শস্ত্র° যাজ্ঞ ২.২৮০। —পাতন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ভূতলে পাতন (ফেলিয়া দেওয়া)। "কুড্য° যাজ্ঞ ২.২২৬। ২ ছেদন, কর্ত্তন। "দ্রুমাণামবপাতনম্ মনু ১১.৬৫। ৩ (মল্লশাস্ত্রে) অধঃক্ষেপ, অর্থাৎ প্রতিযোধ মল্লকে অধঃক্ষেপণ করা। "ভ ১০.৪৪.৪।

অবপন্ন বিণ [অব+পদ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -ন্না] ১ অবপতিত., দূষিত। "কেশকীট° মনু ৪.২০৭ ; ১১.১৬০। ২ সহপক্ক (ত.বা)। ৩ [+ত-ক] অধোগত, পতিত। "স্বয়ম্° (M.W.)।

অবপাত, -পাতন দ্র 'অবপতন'।

অবপাদ পুং [অব+ √পদ্+অ (ঘঞ্)-ভা ; বৈদিক] অধঃপতন। "দেবাঃ…স্বর্গাল্লোকাদবপাদাদ্ বিভিয়ুঃ (তাণ্ড্যব্রাহ্মণ)।

অবপাশিত বিণ [অব+ √পাশি+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -তা] সঞ্জাতপাশবন্ধ (রা টীকা) ; নিয়ন্ত্রিত, বন্ধ। "কামপাশ° রা ৩.১৮.১। ত্বাং কালপাশেনাবপাশিতম্ গো.রা ৩.৫৯.১৮।

অবপীড় বিণ [অব+ √পীড়ি+অ (অচ্)-ক ; স্ত্রী -ড়া] সমন্তাৎ (সর্ব্বত্র) পীড়ক। —ড় পুং নস্য-চিকিৎসাবিশেষ। "সুশ্রুত ৪.৪০.১৯। —পীড়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ নিষ্পীড়ন। ২ বস্তিপীড়নদোষবিশেষ। "সুশ্রুত ৪.৩৫.১৬। —পীড়না স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] নিষ্পীড়ন, নির্ভেদ। "অঙ্গ° মনু ৮.২.৭। —পীড়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিপীড়িত। "ব্রহ্মাস্ত্রেণাবপীড়িতঃ মহা ১৪.৬৬.৯। পার্শ্বাবপীড়িত সুশ্রুত ৪.৩৫.১৬।

অবপীড়ন, -পীড়না, -পীড়িত দ্র 'অবপীড়'।

অবপ্লুত বিণ [অব+ √প্লু+ত (ক্ত)-ক] ১ অপগত, ভ্রষ্ট, চ্যুত। "সতাং মার্গাদবপ্লুতঃ মহা ২.৪১.২০। ২ লম্ফপ্রদানপূর্ব্বক অবতীর্ণ। "অবপ্লুতঃ সিংহ ইবাচলাগ্রাৎ মহা ৬.৮৫.৩৮। —ত ক্লী [+ত-ভা] লম্ফ, অবতরণ।

অববাদ পুং [অব্+ √বদ্+অ (ঘঞ্)-ভা] ১ নিন্দা, অপবাদ। ২ অবজ্ঞা। ৩ [+অ -র্ম্ম] অশুভ বার্ত্তা ; দুঃসংবাদ।

অববুদ্ধ বিণ [অব+ √বুধ্+ত (ক্ত)-র্ম্ম] জ্ঞাত, বিদিত। "কৌশলং সর্ব্বমববুদ্ধম্ (পাঠান্তর) মহা ৪.৩.১০। অনব° মাঘ ১২.৩৯। —বোদ্ধব্য বিণ [+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] জ্ঞাতব্য, অবগন্তব্য। "অববোদ্ধব্যং বৃদ্ধস্য মম শাসনম্ মহা ২.৭৩.৩। —বোধ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অবগতি, পরিজ্ঞান। "ভাবাববোধকলুষা দয়িতা রঘু ৫.৬৪। তৈক্ষ্ণ্যস্যাববোধঃ সা.দ ৩.১৭৭। কোন পদার্থের সুপরিস্ফুট অববোধ পা.প্র ৫ ; সৌন্দর্য্যাববোধ ৬ ; ১১৪। ২ বিবেক, বিচারণা। "আত্মপর° রঘু ৭.৪১। ৩ তত্ত্বজ্ঞান। "°বারি কি ৬.৪১। ৪ জাগরণ, প্রবোধ। বিপ 'স্বপ্ন, স্বাপ'। "যুক্তস্বপ্ন° গী ৬.১৭। স্বপ্ন° কু.স ২.৮। ৫ [+ √বোধি+অ (অচ্)-ভা] অববোধন, জ্ঞাপন ; উপদেশ। —বোধক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ধিকা] ১ জ্ঞাপক, সূচক। "পরাক্রমাববোধকানি চরিতানি (দশকুমার)। ২ জাগরয়িতা, প্রবোধক। ৩ উপদেশক। —ক পুং ১ সূর্য্য। ২ উপদেষ্টা। ৩ স্তুতিপাঠক, বৈতালিক। —বোধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উপদেশ, শিক্ষণ। "বাল° পঞ্চ ১/৩ (কথামুখ)। ২ জাগরণ, জাগান। ৩ (অণিজন্ত) জ্ঞান, অববোধ। —বোধিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] জাগরিত, প্রবোধিত। "মহা ৩.২৯৬.৬৫। রামা° রঘু ১২.২৩।

অববোদ্ধব্য, -অববোধ, -বোধক, -বোধন দ্র 'অববুদ্ধ'।

অবভগ্ন বিণ [অব+ √ভন্জ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -গ্না] ১ ভগ্ন, খণ্ডিত। "কাষ্ঠানি চাবভগ্নানি রা ২.৯৯.৫। ২ আহত। "কুঞ্জরাশ্চাবভগ্নাঃ (পাঠান্তর) মহা ৭.১৭৭.৩৮। ৩ নাশিত, হত। "অবভগ্নশ্চ মে

মানঃ গো.রা ৪.২২.১৪। —ভঙ্গ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ভঙ্গ, ভঞ্জন। "মান° বিক্র ৪.১১। ২ নাসিকার নতি বা নমন (সুশ্রুত)। —ভঞ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্ব 'অবভঙ্গ (১)।

অবভঙ্গ, -ভঞ্জন দ্র 'অবভগ্ন'।

অবভর্জ্জন ক্লী [অব্+ √ভ্রস্জ্+অন (ল্যুট্)-ভা] পাকবিশেষ, ভর্জ্জন, ভাজা। —ভর্জ্জিত বিণ [+ √ভর্জ্জি+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -তা] অবভৃষ্ট, দগ্ধ। "°কর্ম্মবীজ ভ ৫.৬.১।

অবভাষণ ক্লী [অব্+ √ভাষ্+অন (ল্যুট্)-ভা] ১ বিরুদ্ধভাষণ, নিন্দন। ২ কথন, বাদ। —ভাষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিন্দিত।

অবভাস পুং [অব+ √ভাস্+অ (ঘঞ্)-ভা] ১ দীপ্তি, প্রভা। "পীত°, শুক্র°। ২ প্রকাশ, আবির্ভাব। "ন্যূনাধিকভাবে তব হয় অবভাস শ্রী.ম ২৬৩। ৩ সাক্ষাৎকার। "তত্ত্বেষু কৃতেঽবভাসে কি ৩.২৬। ৪ জ্ঞান, বোধ। ৫ মিথ্যাজ্ঞান, ভ্রম। —ভাসক বিণ [+ √ভাসি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -সিকা] প্রকাশক, প্রকটয়িতা। "সকলাজ্ঞানাবভাসকত্বাদস্য সর্ব্বজ্ঞত্বম্ (বেদান্তসার)। —ক ক্লী কূটস্থ চৈতন্য। —ভাসন ক্লী [√ভাস্+অন (ল্যুট্)-ভা] সর্ব 'অবভাস'। — ভাসিত বিণ [√ভাস্+ত (ক্ত)-ক] ১ দীপ্ত, উজ্জ্বল। ২ প্রকাশিত, প্রকট। ৩ [+ √ভাসি+ত (ক্ত)-র্ম্ম] প্রকাশিত। —ভাসী (-সিন্) বিণ [√ভাস্+ইন্ (ণিনি)-ক-১ব , স্ত্রী -সিনী] দীপক, প্রকাশ, উজ্জ্বল।

অবভাসক, -সন, -সিত, -সী দ্র 'অবভাস'।

অবভুগ্ন বিণ [অব+ √ভুজ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -গ্না] বক্রীকৃত, কুটিল। "°ভোগিফণমণ্ডলা মাঘ ১৫.৫৪।

অবভৃথ পুং [অব+ √ভৃ+থ (ক্থন্)-র্ম্ম, উ ২.৩ ; ছান্দস] ১ প্রধানযাগসমাপক ন্যূনাধিকদোষ-প্রশমনার্থ করণীয় প্রায়শ্চিত্তাদি যজ্ঞ (অ.টী) ; প্রধানকর্ম্মসমাপ্তিতে করণীয় যজ্ঞ বা ইষ্টিবিশেষ (রামাশ্রমী) ; মুখ্যকর্ম্মসমাপ্তিতে করণীয় যজ্ঞশেষকর্ম্ম (ত.বা) ; দীক্ষান্ত (অ.কো)। "স্নাতবত্যবভৃথে ততস্ত্বয়ি মাঘ ১৪.১০। ২ যজ্ঞাবশেষস্নান (অ.টী) ; যজ্ঞাঙ্গভূত যজ্ঞান্তে করণীয় স্নান (ত.বা)। "মেধ্যোনাবভৃথাদপি (প্রস্রবেণ) রঘু ১.৮৪ ; °পার্দ্রমূর্ত্তি ৬.৬১ ; °প্রযত ৯.২২ ; তুরঙ্গমেধ° ১৩.৬১। ৩ যজ্ঞাবসান। 'অবভৃথো যজ্ঞাবসানম্ উ ২.৩, তত্ত্ববোধিনী। "অবভৃথে স্নাতঃ গো.রা ৪.২২.৩২। [°স্নাত (বিণ)—যজ্ঞাবসানে কৃতস্নান। "মনু ১১.৮৩। °স্নান (ক্লী) —অবভৃথনামক স্নান ; 'অবভৃথাখ্য কর্ম্মাঙ্গভূত স্নান' (মিতাক্ষরা) ; যজ্ঞান্তস্নান। "যাজ্ঞ ৩.২৪৩। তবে অবভৃথস্নানে চলিল গঙ্গায় শ্রী.ম ২৩৩।

অবভৃথাপ্লুত বিণ [অবভৃথে আপ্লুত, স.ত] দীক্ষান্তে স্নাত ; যজ্ঞাবসানে কৃতস্নান। "রঘু ১১.৩১।

অবম বিণ [√অব্+অম (অমচ্) ; 'অবতম'—মূল (?) ; ছান্দস] ১ পাপী। ২ কুৎসিত, অধম, নিকৃষ্ট। বিপ 'পরম'। "অগ্নির্বৈ দেবানামবমো বিষ্ণুঃ পরমঃ (ঐতরেয়ব্রাহ্মণ)। ৩ ন্যূন। "অলকানবমাং পুরীম্ রঘু ৯.১৪। —ম পুং পিতৃগণবিশেষ। 'ত্রিবিধাঃ পিতরঃ অবমাঃ উর্ব্বাঃ কাব্যাশ্চ (ত.বা)। —মা ক্লী [√অব্+অম-অপা] ১ পাপ। ২ (জ্যোতিষে) একতিথির শেষ ও অন্য তিথির আদ্যন্ত-স্পর্শ (আরম্ভ ও শেষ) যে দিনে হয়, তাদৃশ এক দিন ; তিথ্যন্তদ্বয়স্পৃষ্ট এক দিন। ৩ দিনক্ষয় (ত.বা)।

অবমত বিণ [অব+ √মন্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -তা] ১ অবজ্ঞাত, অনাদৃত, অবমানিত। "সুখং হ্যবমতঃ শেতে।—মনু ২.১৬৩ ; ৭.১৫০। ২ তিরস্কৃত। —মতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ অনাদর, অবজ্ঞা, অবমাননা। ২ তিরস্কার। —মন্তব্য বিণ [+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] ১ অবজ্ঞেয়, হেয়। "ন শত্রুরবমন্তব্যো দুর্ব্বলোঽপি বলীয়সা মহা ৩.২২.২৩। বালোঽপি নাবমন্তব্যো মনুষ্য ইতি ভূমিপঃ মনু ৭.৮। ২ তিরস্করণীয়। —মন্তা (-ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ অবমানকারক, অবজ্ঞাতা। "অবমন্তা বিনশ্যতি মনু ২.১৬৩। ২ তিরস্কারক। ৩ যে সকল বিষয় অকিঞ্চিৎকর মনে করে ; বিষয়গৌরবজ্ঞান-হীন। "মূঢ়ো যুদ্ধাবমন্তা চ সুখোচ্ছেদ্যো ভবেদ্ রিপুঃ। —পঞ্চ ৩.২৫।

অবমতি, -মন্তব্য, -মন্তা দ্র 'অবমত'।

অবমন্থ বিণ [অব+ √মন্থ্+অ (অচ্)-ক ; স্ত্রী -স্থা] অবমন্থনকারক, স্ফীতিজনক। —স্থ পুং ১ শূকদোষনিমিত্ত ব্যাধিসমূহের একতম। "সুশ্রুত ২.১৪.১ ; ১০। ২ কর্ণপালীস্থ উপদ্রবরূপ রোগবিশেষ (সুশ্রুত)।

অবমর্দ্দ পুং [অব+ √মৃদ্+অ (ঘঞ্)-ভা] ১ পাদাক্রমণ, পদদলন, মাড়ান। ২ পীড়ন, নির্ম্মথন, প্রমাথ। "রণ° গো.রা ৫.৪৩.৭ ; বল° ১১। ইভাবলীনামবমর্দ্দাৎ উ.চ ৫.৮। ৩ পরচক্র (শত্রুসৈন্য) কর্ত্তৃক পীড়ন ; (মতান্তরে) শস্যাদিসম্পন্ন দেশের পরচক্রকৃত পীড়ন (অ.টী) ; সংঘর্ষ। "রা ৫.৪৮.৬। ৪ শত্রুকৃত গুরু প্রহার (শ.ক)। —মর্দ্দন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] পীড়ক, প্রমাথী। "শত্রুবল° (রাম) গো.রা ৩.৩৫.১১৪। —ন ক্লী [+অন-ভা] ১ পীড়ন, মথন। "রামরণ° গো.রা ৩.২৫.২৬। ২ পদদলন। ৩ অঙ্গমর্দ্দন, সংবাহন। "হস্তপাদ° —পঞ্চ (S.W.)। —মর্দ্দিত বিণ [+ √মর্দ্দি+ত (ক্ত)-র্ম্ম] পীড়িত, মথিত, বিদলিত, বিধ্বস্ত। "যেন···দ্বারকা চাবমর্দ্দিতা মহা ৩.২২.৬৬। —মর্দ্দী (-র্দ্দিন্ , বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -র্দ্দিনী] প্রমাথী, নিপীড়ক। "বৈরিবংশ° ক.সা ২৩.৫৮।

অবমর্দ্দন, -মর্দ্দিত, -মর্দ্দী দ্র 'অবমর্দ্দ'।

অবমর্শ পুং [অব+ √মৃশ্+অ (ঘঞ্)-ভা] ১ আমর্দ্দন, স্পর্শ। ২ পরামর্শ, প্রণিধান, অনুচিন্তন। —মর্শন বি মৃদুস্পর্শ।

অবমর্ষ পুং [অব+ √মৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ আলোচনা। তু 'অবমর্শ'। ২ আস্কন্দন, আক্রমণ। "কৃত°।—কি ৩.৪৩। ৩ (নাট্যে) পঞ্চসন্ধির একতম। দ্র 'বিমর্শ'। —মর্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] অসহন, অক্ষমা। —মর্ষিত বিণ [অবমর্ষ+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] জাতাবমর্ষ, অসহিষ্ণু। "জুহাবৈতচ্ছিরস্তস্মিন্ দক্ষিণাগ্নাবমর্ষিতঃ ভ ৪.৫.২৬।

অবমর্ষণ, -মর্ষিত দ্র 'অবমর্ষ'।

অবমান পুং [অব+ √মন্+অ (ঘঞ্)-ভা] অবজ্ঞা, অবহেলা, অনাদর। তু 'অপমান'। "অবমানং পুরস্কৃত্য (স্বকার্য্যং সাধয়েৎ প্রাজ্ঞঃ) শু ৪.৭.৩৬৩। মনু ২.১৬২। ধার্ম্মিকের অবমান অধার্ম্মিকে করে কৃ ৪০৮। —মানন ক্লী [+অন (ল্যুট্)-ভা] অবজ্ঞা, অনাদর, অবহেলা। "ভৃত্যাবমাননবিভাবনসানুতাপা ক.সা ১.৬৬। নির্ব্বেদঃ স্বাবমাননম্ (অ.চি)। —মাননা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্ব 'অবমানন'। "°নার্থ মাঘ ১৫.১৮। স্ব° সা.দ ৩.১৪২। —মাননীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অবজ্ঞেয়, অবগণনীয়। —মানিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অবজ্ঞাত, অবমত, অবগণিত, পরিভূত। "সা.দ ৩.৮৩। —মানী (-নিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -নিনী] অবজ্ঞাতা, অবমন্তা, অনাদরকারী। "আত্মগুণাবমানিনি শ ৩২/২ ; উপস্থিতশ্রেয়োঽবমানী ৬২/৩। —মান্য বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -ন্যা] অবমাননীয়, অবজ্ঞেয়। "(সা) নাবমান্যা চ কর্হিচিৎ মনু ৯.৮২।

অবমানন, -মাননা, -মাননীয়, -মানিত, -মানী, -মান্য দ্র 'অবমান'।

অবমার্জ্জন ক্লী [অব+ √মৃজ্+অন (ল্যুট্)-ভা] শোধন, প্রক্ষালন। "দ্বিজোচ্ছিষ্ট° মহা ১৩.১৯৯.২৪।

অবমূর্দ্ধশয় বিণ [অবমূর্দ্ধ+শী+অ (অচ্)-ক; উ.ত; স্ত্রী -য়া] যে অবমূর্দ্ধ (উবুড়) হইয়া শয়ন করে; অধোমুখশায়ী। "পা ৩.২.১৫ সি। বিপ 'উত্তানশয়'। —য় পুং অধোমুখশায়ী মনুষ্য।

অবমূর্দ্ধা (-র্দ্ধন্) বিণ [অবনত মূর্দ্ধা যাহার, বহুব্রী; স্ত্রী -র্দ্ধা] অবনতমস্তক, অধোমুখ, উবুড়। বিপ 'উত্তান'।

অবমোচন ক্লী [অব+ √মুচ+অন (ল্যুট্)-ভা] বন্ধনরহিতীকরণ, উন্মোচন।

অবয়ব পুং [অব+ √যু+অ (অপ্)-ক; বৈদিক] ১ যাহা অঙ্গীর সহিত মিশ্রিত হয় (অ.টী); প্রতীক, হস্তপদাদি দেহাংশ। "শরীরাবয়ব পা ৫.১.৬। প্রচীয়মানাবয়ব রঘু ৩.৭; মুগাবয়বলূনা ১২.৪৩। ২ (অবয়বযুক্ত) দেহ। ৩ সমুদায়ের একদেশ; অংশ, ভাগ। "অহোরাত্র° পা ২.১.৪৫। মনু ১.১৬; ১৮। ৪ আরম্ভক দ্রব্য; উপাদান, উপকরণ। "পরমাণু দ্ব্যণুকের, দ্ব্যণুক ত্রসরেণুর অবয়ব। ৫ দ্রব্যের সমবায়িকারণ। "কপাল ঘটের, তন্তু পটের অবয়ব। ৬ (ন্যায়ে) ন্যায়ের বা পরার্থানুমানসাধনের বাক্যসমূহের বিশেষ বিশেষ অংশ—প্রতিজ্ঞা হেতু উদাহরণ উপনয় নিগমন এই পঞ্চবিধ। ৭ শব্দের অর্থসাধক ভিন্ন ভিন্ন অংশ; শব্দাংশ। "°অর্থ। [°ধর্ম্ম—অবয়বের বিশেষ বা ব্যাবর্ত্তক গুণ। "পা ২.৩.২০, কাশিকা। °অর্থ—শব্দাংশের অর্থ; শব্দের ব্যুৎপত্তিগত অর্থ। "অবয়বার্থশূন্য।—কি ৩.৪৮, মল্লিনাথ। মাঘ ৭.২৮, মল্লিনাথ।]

অবয়বধর্ম্ম, অবয়বার্থ দ্র 'অবয়ব'।

অবয়বী (-বিন্) বিণ [অবয়ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব; স্ত্রী -বিনী] ১ অবয়ববান্, অঙ্গী, একদেশী। "পা ২.২.১, সি। ২ ভাগবান্, অংশী। —বী পুং ১ অবয়বজন্য দ্রব্য; অবয়বসমূহের সমবায়জাত বস্তু; অঙ্গী। "অবয়বী বহু অবয়ব হৈতে পারে। অবয়বী হইবারে অবয়ব নারে॥—চৈ.চ ৪৫। ২ (ন্যায়ে) প্রতিজ্ঞাদি বাক্যসমূহ; ন্যায় (Syllogism)।

অবর[1] বিণ [ন.ত; স্ত্রী -রা; 'অবতর'—মূল (?); ছান্দস] ১ 'অশ্রেষ্ঠ', অধম, নিকৃষ্ট। বিপ 'উত্তম'। "দূরেণ হ্যবরং কর্ম্ম গী ২.৪৯। জাতিতে অবর, কিন্তু গুণে সর্ব্ব-বর বা.দ ১৬। ২ পশ্চাদ্‌বর্ত্তী, পরস্থিত (দেশ, কাল)। "যদবরং কৌশাম্ব্যাঃ; যদবরমগ্রহায়ণ্যাঃ পা ৩.৩.১৩৬,-৭। ৩ উপরিতন। "ক্ষত্রস্য চতুরোঽবরান্ (বিদ্যাৎ) মনু ৩.২৩। ৪ কনিষ্ঠ, কনীয়ান্। "পূর্ব্বজে নাবরঃ পুত্রো জ্যেষ্ঠো রাজ্যেঽভিষিচ্যতে রা ২.১১০.৩৬। প্রথমাবরত্ব কু.স ৭.৪৪। ৫ ন্যূন, কম। "ত্র্যবর (অর্থাৎ তিনের কম) মনু ৩.২৮৭; ৮.৬০; দশাবরা; ত্র্যবরা ১২.১১০। ৬ শেষ, চরম, অন্ত্য। "°রার্দ্ধ। ৭ শেষ, অর্থাৎ চতুর্থ (বর্ণ)। "°বর্ণজ মনু ৩.২৪১। ৮ অপ্রয়োজনিক (রা.টীকা)। "ন...বৃণেঽবরামস্য মহীমধর্ম্মতঃ রা ২.২১.৬৩। ৯ পশ্চিমদিক্‌স্থিত, পাশ্চাত্ত্য। তু 'অপর'। "°শৈল। ১০ অধস্তন, পরবর্ত্তী। °পুরুষ। ১১ নীচ, নিকৃষ্ট। "বর্ণাবরো ভ্রাতা মা.মি ১/৬। ১২ আসন্ন, নিকট (A.)। ১৩ পর, উত্তর। "থোড়ে থঞ্জ স্রিধু জরাবরাঃ (শব্দাঃ, অ.কো)। ১৪ [ন.বহুব্রী] যাহা হইতে বর নাই; অনুত্তম, অত্যন্তশ্রেষ্ঠ। "°ব্রত (ত.বা)। —র পুং ১ পশ্চাদ্বর্ত্তী দেশ। ২ অতীতকাল (A.)। ৩ পরবর্ত্তিকাল। "°জ ৪ শূদ্র। "শুভাং বিদ্যামাদদীতাবরাদপি মনু ২.২৩৮। —র ক্লী হস্তীর পশ্চাদ্বর্ত্তী জঙ্ঘাদি অংশ। তু 'অপর'। —রা স্ত্রী ১ পশ্চাদ্বর্ত্তী দিক্। ২ দুর্গা।

অবর[2] **(-র্)** বি [সং অব্ভ্র>(স্বরাগমে) অবভর>অবর; অপ্র] মেঘ। "নয়নক কাজর অবরহি শোভা জ্ঞা ২০১।

অবরজ বিণ [অবর+ √জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] ১ চরমজ, অনুজাত। "মাঘ ১৪.৭৪। রঘু ১১.৫৪। ২ কনিষ্ঠ, কনীয়ান্। "অস্য চাবরজং বিদ্ধি ভ্রাতরং মাম্ গো রা ৩.৭৫.১০। ৩ নীচবংশজ। —জ পুং ১ অনুজ ভ্রাতা। "ইন্দ্র° (অ.কো)। স° রঘু ১৪.১১। °ত্ব মাঘ ১৪.৭৪। ২ শূদ্র। "মনু ২.২২৩। —জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ অনুজা, সহোদরা। "বিদর্ভরাজ° রঘু ৬.৫৮; ৮৪; রাবণ° ১২.৩২। ২ শূদ্রা, শূদ্রজাতি-স্ত্রী।

অবরত বিণ [অব+ √রম্+ত (ক্ত)-ক; স্ত্রী -তা] নিবৃত্ত, বিরত। —রতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] বিরতি, বিরাম, নিবৃত্তি।

অবরবর্ণজ পুং [অবরবর্ণ+ √জন্+অ (ড)-ক; উ.ত] অবরবর্ণজাত, শূদ্র। "মনু ৩.২৪১; ৯.২৪৮।

অবরুগ্ণ বিণ [অব+ √রুজ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -গ্ণা] ১ ভগ্ন। "°তুঙ্গসুরদারুতরু কি ৬.৫। ২ [+ত-ক] রোগযুক্ত।

অবরুদ্ধ বিণ [অব+ √রুধ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -দ্ধা] ১ প্রতিরুদ্ধ, ব্যাহত। "(নদী) অবরুদ্ধ হয় শৈলে অর্দ্ধপথে যদি ন ৫০৭। ২ নিরুদ্ধ। "যাজ্ঞ ২.২৯৩। ৩ গুপ্ত, অজ্ঞাত, অসংলক্ষিত। "অবরুদ্ধোঽচরৎ পার্থঃ মহা ৪.৬২.৬৪। ৪ নিয়মিত। "মনু ৮.২৩৬। ৫ বন্দীকৃত, কারারুদ্ধ। ৬ পরিবেষ্টিত, ঘেরা (নগরাদি)। ৭ স্বীকৃত। "°দেহ ভ ৩.৯.১৯। —রুদ্ধি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রতিরোধ। ২ অবরোধ, নিরোধ। ৩ নিগ্রহ, সংযম। "ইন্দ্রিয়াণাং বীর্য্যাণাং চাবরুদ্ধ্যৈ (ঐতরেয়ব্রাহ্মণ)। —রোধ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অবরোধন, নিরোধ। "স্রোতোঽবরোধ (সুশ্রুত)। দুর্গাবরোধ হি ৩/১২৭। ২ নিয়ন্ত্রণ, নিয়মন। "অন্তঃপ্রাণ° মৃ ১.১। ৩ বন্দীকরণ। ৪ তিরোধান (মেদিনী)। ৫ [+অ-র্ম্ম] রাজদার, রাজান্তঃপুর, অন্তঃপুরস্ত্রী, অন্তঃপুরবর্গ। "অবরোধে মহত্যপি রঘু ১.৩২; হূণ° ৪.৬৮; বিরহোৎসুক° ৮৭; ১৬.৫৮। রাজ° ক.সা ১২.৫৫। ৬ [+অ-ণ] আচ্ছাদন, আবরণ। ৭ ক্ষেত্রাদিবেষ্টন, আলি, বৃতি, বেড়া। ৮ [+অ-ধি] রাজস্ত্রীগৃহ, শুদ্ধান্ত, রাজান্তঃপুর, অন্তঃপুর। "অবরোধস্য দর্শনম্ রা ১.৩.৩৯। °সুন্দরী মহা ১.৪৪.১১। °দক্ষ কু.স ৭.৭৩। (কাঁদিল) অবরোধে কুলবধূ মে ৮৬; ১৮০। ৯ স্বধর্ম্মযুক্তা কুলস্ত্রী (রা.টীকা)। "পরদারাবরোধস্য...নিরীক্ষণম্ রা ৫.১১.৩৮। ১০ রাজগৃহ (অ.চি)। ১১ [+অ (অচ্)-ক] অন্তরায় (শ.ক)। ১২ বন্দী, প্রহরী (A.)। —রোধক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ধিকা] ১ প্রতিরোধক, রোধকারক। ২ আবরক। ৩ [+অক ভবিষ্যদর্থে] যে অবরোধ করিবে; নিরোধক। "সুধন্বা বীর্য্যবান্ রাজা মিথিলামবরোধকঃ।—রা ১.৭১.১৬। —রোধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রতিবন্ধ, প্রতিরোধ। "প্রাণপ্রয়াণসময়ে কফবাতপিত্তৈঃ কণ্ঠাবরোধনবিধৌ স্মরণং কুতস্তে (পাণ্ডবগীতা)। দুর্গদ্বার° হি ৩/১২৬। ২ নিরোধ (Blockade)। "লঙ্কা° রা ১.৩.৩৫। ৩ বন্দীকরণ। ৪ [+অন-ক] 'রোধকারক', অন্তরায়, বিঘ্ন। ৫ [+অন-র্ম্ম] নিরুদ্ধ স্থান; নিভৃত দেশ। ৬ [অন-ধি] সর্ব 'অবরোধ (৮)। "রাজাবরোধনবধূ মাঘ ৫.১৮। ৭ (লক্ষণায়) অন্তঃপুরস্ত্রী, মহিষী, স্ত্রী। "অবরোধনানি সিদ্ধোঃ মাঘ ৮.৮। 'সুহৃদ্দায়াদপুত্রান্বিত ম.চ ৬.২০। —রোধী (ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ধিনী] অবরোধক; আবরক।

অবরুদ্ধি, -রোধ, -রোধক, -রোধন দ্র 'অবরুদ্ধ'।

অবরোধিক পুং [অবরোধ+ইক (ঠন্) অস্ত্যর্থে] যাহার অবরোধ রক্ষণীয়; রাজান্তঃপুরাধ্যক্ষ (অ.চি)। —কা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] যাহার অবরোধ বাসস্থানরূপে আছে; অন্তঃপুরাঙ্গনা, অবরোধস্ত্রী। "যযুঃ...অবরোধিকাঃ মাঘ ১২.২০।

অবরোধী দ্র 'অবরুদ্ধ'।

অবরোপণ ক্লী [অব+ √রোপি+অন (ল্যুট্)-ভা] ১ অবতারণ, অবরোহণ, নামান। ২ উন্মূলন, উৎপাটন। ৩ রোপণ। "বৃক্ষাণামবরোপণম্ মহা ১৩.৫৮.২২। ৪ চ্যাবন, ভ্রংশন। —রোপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অবতারিত। ২ উৎপাটিত। ৩ চ্যাবিত, ভ্রংশিত, বিচালিত। "রাজ্য° মহা ৪.৬৫.১৫। °কর্ত্তৃবাদ ভ ৮.২২.২০। ৪ হীনীকৃত। "ধর্ম্মঃ পাদশস্ত্ববরোপিতঃ মনু ১.৮২। ৫ উদ্বাসিত (ভ.টীকা); উপক্রুত, বিনাশিত। "রাষ্ট্রাণি…তৈরবরোপিতানি ভ ১.১৬.২৩।

অবরোহ পুং [অব+ √রুহ্+অ (ঘঞ্)-ভা] ১ অধোগমন, অবতরণ, নামা। ২ উচ্চ সুর হইতে ক্রমে নিম্ন সুরে অবতরণ; স্বরের বিলোমীকরণ। বিপ 'আরোহ'। "স্বরারোহাবরোহক্রমভেদ মাঘ ১.১০, মল্লিনাথ। ৩ আরোহ, আরোহণ (মেদিনী)। ৪ লতোদ্গম, অর্থাৎ গাছ বেড়িয়া লতার উর্দ্ধগমন (মেদিনী)। ৫ [+অ-অপা] ভোগক্ষয়ে জীব যাহা হইতে অবরোহণ করে; স্বর্গ, চন্দ্রাদিলোক (তু 'গী ৮.২৫)। ৬ [+অ (অচ্)-ক] 'অবরোহক', শাখা-শিফা, বটের নামনা বা বোয়া (অ.টী)। "শাখী। °সমাকীর্ণং বটম্ গো.রা ২.৫২.৩৩। ৭ যে লতা গাছ জড়াইয়া উঠে; গুড়ুচীপ্রভৃতি। —রোহক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -হিকা] অবরোহকারক (যে নামে)। "অশ্ব° (S.W.)। —রোহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] অবতরণ, নামা। "ব্যোম° ক.সা ২০.১৭৯। —রোহী (-হিন্) বিণ [ইন্ (ণিনি) -ক -১ব; স্ত্রী -হিণী] অবরোহণকারী। —হী পুং 'অবরোহযুক্ত', বটবৃক্ষ।

অবরোহক, -রোহণ, -রোহী দ্র 'অবরোহ'।

অবর্জ্জ্য বিণ [ন.ত; স্ত্রী -র্জ্জ্যা] অবর্জ্জনীয়, অপরিহার্য্য।

অবর্ণ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -র্ণা] ১ বর্ণরহিত, লোহিতাদিবর্ণহীন। ২ লোহিতশুক্লকৃষ্ণ (রজঃসত্ত্বতমঃ)-বর্ণরহিত (নীলকণ্ঠ)। "মহা ৩.৯০.১৩। ৩ [ন.ত] 'অবর্ণনীয়', মন্দ, নির্গুণ। —র্ণ পুং ১ 'স্তুতিবিরোধী' (অ.টী)' পরীবাদ, অপবাদ, নিন্দা। "রঘু ১৪.৩৮; ভর্ত্তুরবর্ণম্ ৫৭। ২ [কর্ম্মধা] 'অ' এই বর্ণ; হ্রস্বাদিভেদে অষ্টাদশ অ-কার (পা ১.১.৬৯, সি)।

অবর্ণ্য বিণ [ন.ত; স্ত্রী -র্ণ্যা] অবর্ণনীয়, অনির্ব্বাচ্য।

অবর্ত্তমান বিণ [ন.ত; স্ত্রী -না] ১ অবিদ্যমান, অস্থিত। "বাহিরিলা আশুপতি দোহে, শার্দ্দুলী অবর্ত্তমানে, নাশি শিশু যথা, নিষাদ মে ২১১। ২ 'বর্ত্তমান-ভিন্ন, ভূত বা ভবিষ্যৎ (পদার্থ, বিষয়)। ৩ (বাঙলায়) ইহলোকে অবিদ্যমান; মৃত। "নবাব অবর্ত্তমানে এই বাঙ্গালায়, কে আঁটিবে তার সনে বীরপরাক্রমে?—ন ৪৩৮। তাহার অবর্ত্তমানে রামজীবন রায় রাজা হইলেন কৃ.চ ২০। আমার অবর্ত্তমানে নগরের কিরূপ অবস্থা, তাহা জানিবার জন্য ছদ্মবেশে এক রাত্রিকালে আসিয়াছিলাম ব.প্র ৪৯১; ৫২১। পিতা-মাতার অবর্ত্তমানে ভ্রাতৃবিচ্ছেদের সূত্রপাত হইয়া থাকে পা.প্র ৮৪। ['তাহার অবর্ত্তমানে', 'আমার অবর্ত্তমানে', ইত্যাদি বাক্যে, 'তাহার' 'আমার' ইত্যাদির পরিবর্ত্তে, 'সে' 'আমি' ইত্যাদি সাধু। অবর্ত্তমানাবস্থায়—ইহলোকে অবিদ্যমান অবস্থায়, অর্থাৎ পরলোকগমনে, মরণে। "ভ্রমরের অবর্ত্তমানাবস্থায় গোবিন্দলাল ঐ অর্দ্ধাংশ পাইবে, লেখ ব.প্র ২৯৯।]

অবর্ষ ক্লী [ন.ত] বর্ষণাভাব, অনাবৃষ্টি। "তোয়বর্ষমিবাবর্ষে গো.রা ৩.৫.২৮। —র্ষা স্ত্রী [ন.ত] বর্ষার অভাব; বৃষ্টিনিবন্ধ, অনাবৃষ্টি। "মহা ১৩.৯৪.৩৩। —বর্ষণ ক্লী [ন.ত] সর্থ 'অবর্ষ'।

অবল বিণ [ন.বহুব্রী; স্ত্রী -লা] ১ যাহার বল নাই; বলহীন, নির্ব্বল, অশক্ত, দুর্ব্বল। "উ.মে ৩২। °স্বকুল নৈ ২.১০। ভ ৭.২.৩৮। অবল দেখিয়া রাজায় ছাড়ে প্রজাগণ শ্রী.ম ১৪২। অবলা স্ত্রীজাতি আমি ম ৭৩০। মিথ্যা কন্যা অবলা বি.সু ৬৩। দ্বিসপ্তকোটিভুজৈর্ধৃতখরকরবালে, অবলা কেন মা এত বলে ব.ষি ৯৭। আহা! আহা! বালিকা অবলা নী ৫২। —ল পুং (ভঙ্গুরত্ব হেতু) বরুণবৃক্ষ। —ল ক্লী [ন.ত] বলাভাব, বলহীনতা। ২ অপকর্ষ। "অর্থবলাবল মনু ৯.৩২৯। ৩ অপরাধনুনতা। "(তে) সুতীক্ষ্ণদন্তাঃ সংপ্রেক্ষ্য পুরুষস্য বলাবলম্ রা ১.৭.১৩। —লা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ 'অল্পবলা', স্ত্রীজাতি, নারী। "°জন রঘু ৯.৪৬। শ ৪.৩। উ.মে ৪০। হাম সে অবলা চ.দা ২। সহজে অবলা জ্ঞা ১৫৭। ২ দুর্ব্বলা নারী। "(যাভিঃ) শক্রাদয়োঽপি বিজিতাস্ত্ববলাঃ কথং তাঃ।—ভর্ত্তৃহরি। হৃদয়ে বহসি গিরীন্দ্রৌ ত্রিভুবনবিজয়িনী কটাক্ষেণ। অবলা ত্বং যদি মন্যে কে বলবন্তো ন মন্যে।—উদ্ভট। 'অবলা'-বোল ছাড় বি.সু ৬৩। তোমরা অবলা, কহ কি লাগিয়া হেথা আইলা অকালে মে ৮৮। ৩ কান্তা, পত্নী। "°বিপ্রযুক্ত পূ.মে ২। ঈশান-অবলা ম.পা ৬০; ফণিধর-অবলার চরণ ভাবিয়া ১৪৮।

অবলগিত ক্লী [অব+ √লগ্+ত (ক্ত)-ক; 'সংযুক্ত' অর্থে 'অবলগ্ন' (ইড়ভাব)] (নাট্যে) পঞ্চবিধ প্রস্তাবনার একতমা। (দ্র 'সা.দ ৬.৩৮)।

অবলগ্ন বিণ [অব+ √লগ্+ত (ক্ত)-ক, দ্র 'অবলগিত'] সংযুক্ত, সংশ্লিষ্ট, সংলগ্ন। "স্কন্ধ° রঘু ১৬.৬৮। নিরন্তরাবলগ্নস্তন মাঘ ৭.২। —গ্ন পুং, ক্লী দেহ-মধ্যভাগ, মাজা। "মাঘ ৯.৪৯।

অবলম্ব পুং [অব+ √লম্ব+অ (ঘঞ্)-ভা] ১ দ্রব্যান্তরাশ্রয়ণ, অবলম্বন, আশ্রয়। কুনৃপতিভবনদ্বারসেবা°।—ভর্ত্তৃহরি। ছিদামের কাঁধে অবলম্ব গো ১০৭। ধ্যান-অবলম্ব চিত্তে ম ৬৮০। অবলম্ব-স্থান ম পা ১০৫। ২ লম্বিত হওয়া; লম্বমানভাব। "মালাম্…গুল্‌ফদেশাবলম্বাম্ মহা ১৩.১৪.৩৮৮। ৩ [+অ-র্ম্ম] আধার, আশ্রয়। "তন্তুজাল° উ.মে ৯। সিতাংশুকর° মাঘ ৪.২৫। সাবলম্বগমনা রঘু ১৯.৫০। চলইতে সহচরী কর অবলম্ব বি.প ৪; পাণি কপোল অবলম্ব ১৫৫। নির-অবলম্ব বি.সা ২১। চরণাম্বুজ করি অবলম্ব ম.পা ১। কাম-পারাবার-পার-সার-অবলম্ব বি.সু ২৯। দা ৫৪০। ৪ আশ্রয়ার্থ দণ্ডাদি। ৫ [+অ (অচ্)-ক] (জ্যামিতিতে) যাহা লম্বিত হয়; লম্ব (Perpendicular)। ৬ অবলম্বী, আশ্রয়ী। "বাম পদে আমি তোমা রাখিব ধরিয়া। কেবল থাকিবে রথে অবলম্ব হয়্যা॥—ম ৬৩০। —লম্বন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'অবলম্ব (১)। "সৈব জাতা প্রস্থানবিক্লবগতেরবলম্বনার্থা শ ৫.৩। ইন্দ্রনীলমণি, মুকুর উপরে জনি,করু অবলম্বন অরুণে জ্ঞা ১৮। ২ গ্রহণ, ধারণ। "ইতরপক্ষ° (কাদম্বরী)। করেণ…তৎপ্রথমাবলম্বনম্ কু.স ৫.৬৬। ধৈর্য্য°, মৌন° সী ৫৮। ৩ অবষ্টম্ভন, নিরোধ। "অবলম্বনায় দিনভর্ত্তুরভূন্ন পতিষ্যতঃ করসহস্রমপি মাঘ ৯.৬। ৪ [+অন-র্ম্ম] আশ্রয়, আধার। "কনকলতা, অবলম্বনে উয়ল, হরিণী হীন হিমধামা বি.প ৫। ৫ আশ্রয়ার্থ দণ্ডাদি। "বিনা অবলম্বনে, উঠই ন পারই বি.প ১৯৭। ৬ (বাঙলায়) জীবিকার্জ্জনের উপায়; বৃত্তি, চাকরী-প্রভৃতি। "বিনা অবলম্বনে কেমনে যাবে দিন শি ৬৮। —লম্বিত বিণ [ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাবলম্বন, আশ্রিত। ২ গৃহীত, ধৃত। "সচিবাবলম্বিতধুরং নরাধিপম্ রঘু ৯.৬৯। মাঘ ৬.১০। প্রাণাংস্ত্বৎপ্রাপ্ত্যাশাবলম্বিতান্ ক.সা ১০৬.১৪৪। ৩ [+ত-ক] লম্বমান। "সৌধাবলম্বিতয়া দৃঢ়বরত্রয়া।—পঞ্চ ২৩/১৩৪। চূতশাখা° শ ৪/৫। শাখায়াং মৃতকমবলম্বিতমাস্তে (বেতালপঞ্চবিংশতি)। ৪ অবতীর্ণ, অবপতিত। "তত্রাবলম্বিতাঃ পক্ষিণঃ হি ১২/৮। ৫ অবিলম্বিত, শীঘ্র। —লম্বিতব্য বিণ [+তব্য-র্ম্ম; স্ত্রী -ব্যা] আশ্রয়ণীয়; গ্রহণীয়, ধার্য্য। "কাষ্ঠখণ্ডমেকং ময়া মুখেনাবলম্বিতব্যম্ হি৪/৯০। —লম্বী (-ম্বিন্) বিণ [+ √লম্ব+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী-ম্বিনী] ১ গ্রাহী, ধারক। "অপরধুর্য্যপদ° রঘু ৫.৬৬। নন্দিভুজ° কু.স ৭.৩৭। ২ আলম্বমান। "বৃক্ষশাখা° রঘু ১৫.৪৯; গবাক্ষবিবরাবলম্বিনা চরণেন ১৯.৭। ৩ আশ্রিত, গত। "অস্তাচলচূড়াং (কাদম্বরী); হি ১২। ৪ অবনম্র। "পুষ্পভার° (তরু) রা (S.W.)। [সমাসে উত্তরপদ]

অবলধবল; অবলম্বন, -লম্বিত, -লম্বিতব্য, -লম্বী; অবলা[১] দ্র 'অমলধবল ; অবলম্ব ; অবল'।

অবলা[২] বিং [অবোল > অবোলা > অবলা] যাহার বোল নাই ; বাক্‌শক্তিহীন (পশু-প্রভৃতি)। "ও আমার অবলা জীব, কথা বলতে পারে না, শুধু চেয়ে থাকে।—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। —লা বি, স্ত্রী বাক্‌শক্তি থাকিলেও যে লজ্জায় মনের ভাব বলে না; স্ত্রীজাতি। "বদন থাকিতে না পারি বলিতে তেঁই সে অবলা নাম চ.সা ৩২২।

অবলিপ্ত বিণ [অব+ √লিপ্‌+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -প্তা] ১ কৃতলেপন, সর্ব্বত্র লিপ্ত। ২ দূষিত (নীলকণ্ঠ)। "মহা ১.১৬৭.৩৭। ৩ সমল (জিহ্বা ;—সুশ্রুত)। ৪ অবলেপযুক্ত, গর্ব্বিত। "নাবলিপ্তেশ্চ (সংবসেৎ) মনু ৪.৭৯। মু ৩.২৭।

অবলীঢ় বিণ [অব+ √লিহ্‌+ত (ক্ত) -র্ম্ম স্ত্রী -ঢ়া] ১ জিহ্বাগ্র দ্বারা ভক্ষিত; কৃতাবলেহন। ২ আস্বাদিত, উপভুক্ত, খাদিত, ভক্ষিত। "পতত্রিণাবলীঢ়ম্ (অন্নম্) মনু ৪.২০৮। শ্বাবলীঢ়ং হবিঃ মহা ৩.২৯০.১৩। বিপ্রুষা সকৃদবলীঢ়য়া (পাঠান্তর) ভ ৬.৯.৩৯। ৩ ব্যাপ্ত। "নবযৌবনাবলীঢ়াবয়বা (দশকুমার)। অস্ত্রজ্বালাবলীঢ়প্রতিবলজলধেঃ বে ৩.৬। ৪ দগ্ধ। "অবলীঢ়সনাভিঃ···খাণ্ডববনজাতবেদসা কি ১৩.১১। জ্বালাবলীঢ়বদন (হ)। ৫ সংস্পৃষ্ট, ক্ষত, ছিন্ন। "বিষ্ণুচক্রাবলীঢ়াঙ্গ গো.রা ৩.৪৩.৩। °করজাগ্রং (পঙ্কজ) হ ১২৫.৬। ৬ দষ্ট, খণ্ডিত। "বীজাঞ্জলিঃ···কীটমুখাবলীঢ়ঃ মৃ ১.৯।

অবলীন বিণ [অব+ √লী+ত (ক্ত)-ক ; স্ত্রী -না] ১ প্রাপ্ত। "উদয়°।—নলোদয় ২.৪৬। ২ প্রচ্ছন্ন, গূঢ়। "অবলীনঃ···হনুমান্‌ শিংশপাপাদপে গো.রা ৫.২৫.১৩। ৩ আশ্রিত, আস্থিত। "বিহগাদিভিরবলীনৈঃ।—বৃহৎসংহিতা ৫৩.১১৪।

অবলীলা স্ত্রী [অবরা লীলা, প্রা.স] ১ ক্রীড়া, খেলা ; অনায়াস। ২ অনাদর। [°ক্রমে—অনায়াসে, সহজভাবে, সুখে।]

অবলুণ্ঠন ক্লী [অব+ √লুঠ্‌+অন (ল্যুট্‌)-ভা] ১ ভূতলে আবর্ত্তন (গড়াগড়ি দেওয়া)। ২ অপহরণ।

অবলুপ্ত বিণ [অব+ √লুপ্‌+ত (ক্ত)-ক ; স্ত্রী -প্তা] লোপপ্রাপ্ত, বিনষ্ট, অন্তর্হিত। "জরাবলুপ্তমানাবমানচিন্তঃ (A.)। নিশীথের তারা শ্রাবণগগনে, ঘন মেঘে অবলুপ্ত।—কথা ৩০। —লোপ পুং [+ √লুপ্‌ +অ (ঘঞ্‌)-ভা] ১ বিনাশ, অন্তর্দ্ধান। ২ ছেদন, কর্ত্তন। ৩ দংশন, খণ্ডন। "অধর° মাঘ ৭.৪৫।

অবলেখ পুং [অব+ √লিখ্‌+অ (ঘঞ্‌)-ভা] অবভেদন, উল্লেখন, আঁচড়ান। —লেখন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ সর্থ 'অবলেখ'। ২ কেশসংস্কার, চুল আঁচড়ান (আপস্তম্বধর্ম্মসূত্র)। —নী স্ত্রী [+অন-ণ +স্ত্রী ঈ (ঙীপ্‌)] কেশপ্রসাধনী, কঙ্কতিকা, কাঁকই (কৌশিকসূত্র—M.W.)। —খা স্ত্রী [+অ (অঙ্‌)+স্ত্রী আ (টাপ্‌)] ১ লেখন, অঙ্কন, চিত্রীকরণ। ২ ঘর্ষণ। ৩ পত্রাদিরচনায় দেহপ্রসাধন।

অবলেখন, -লেখনী, -লেখা দ্র 'অবলেখ'।

অবলেপ পুং [অব+ √লিপ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ লেপন, ম্রক্ষণ। ২ সম্বন্ধ, সঙ্গ। ৩ অধিক্ষেপ, পরাভব, ধর্ষণ। "পবন° রঘু ৮.৩৫। ৪ গর্ব্ব, অহঙ্কার। "°মূল রঘু ৫.৫৩। স্থূলহস্ত° পু.মে ১৪। অহি ভ্রমে ···ত্রিশূলসদৃশ জিহ্বা লুলি অবলেপে মে ১৪। ৫ [+অ-ণ] লেপনদ্রব্য, অনুলেপ, চন্দনাদি। ৬ ভূষা, অলঙ্কার। —লেপন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ সর্থ 'অবলেপ (১ ; ২)'। ২ গর্ব্ব। "রা ১.৪৩.৬। ৩ [+অন-ণ] সর্থ 'অবলেপ (৫)'। ৪ অভ্যঙ্গদ্রব্য তৈলাদি।

অবলেহ পুং [অব+ √লিহ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ জিহ্বা দ্বারা স্বাদগ্রহণ ; লেহন, আস্বাদন, চাটা। ২ [+অ-র্ম্ম] লেহ্য ঔষধবিশেষ; লেহ (Electuary)। ৩ সোমাদি-নির্য্যাস (A.)। —লেহন ক্লী [+অন (ল্যুট্‌) -ভা] সর্থ 'অবলেহ (১)'। —লেহিকা স্ত্রী লেহ্য ঔষধ। "জিহ্বালেহ্যাবলেহিকা (বৈদ্যক)। —লেহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] লেহনীয় (মধু-প্রভৃতি)।

অবলেহন, -লেহিকা, -লেহ্য দ্র 'অবলেহ'।

অবলোক পুং [অব+ √লোক্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ অবলোকন, দর্শন। "অঙ্গ° সা.দ ৩.১৫১। বনশোভা° বিক্র ৪.৩১। দয়িত° মাঘ ৯.৭১। °লব ভ ১০.৬১.৪। ২ অপাঙ্গদর্শন, কটাক্ষ। "ব্রীড়া° ভ ১.১১.৩৭। ৩ [+অ-র্ম্ম] দৃশ্য। ৪ [+অ-ণ] অবলোকনসাধন গবাক্ষদ্বার। "অবলোকেষু নারীণাং সহস্রাণি (আজগ্মুঃ) মহা ১.২১৮.১৮। —লোকক বিণ [+অক (ণ্বুল্‌)-ক ; স্ত্রী-কিকা] ১ অবলোকনার্থী। "(নারদঃ) আজগাম···পাণ্ডবানবলোককঃ মহা ৩.১৮৩.৪৭ ; ৫৫। ২ অন্বেষণার্থী। "প্রেষিতঃ···হনূমানবলোককঃ। —রা ৬.১১৬.১১। —লোকন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ দর্শন, দৃষ্টি। "°ক্ষম রঘু ১১.৬০। °মার্গ বিক্র ৩$\frac{3}{}$। °ক্ষণ ছি ১$\frac{২}{৫৮}$। নাথ অবলোকনে মৃদু মৃদু হাস জ্ঞা ৭৬। ২ দৃষ্টিপাত, কটাক্ষ। "রঘু ১০.১৪। তৎকৃপাবলোকন চৈ.চ ২২৬। ৩ [+অন-ণ] দর্শনসাধন (গবাক্ষপ্রভৃতি)। "দীর্ঘিকাবলোকনগবাক্ষগতা মা মি ১$\frac{৪}{৪২}$। ৪ আলোক। ৫ নেত্র। —লোকনীয় বিণ [+অনীয় (অনীয়র্‌)-র্ম্ম] দর্শনীয়, দ্রষ্টব্য। —লোকয়িতা (-তৃ) বিণ [+ √লোকি+তৃ (তৃচ্‌)-ক -১ব ; স্ত্রী ত্রী] দর্শক, দ্রষ্টা। —লোকিত বিণ [+ √লোক্‌ বা √লোকি+ত (ক্ত)-র্ম্ম] দৃষ্ট। —ত ক্লী [+ত-ভা] অবলোকন। "রঘু ৪.৭২। —ত পুং 'তত্ত্বজ্ঞানবান্‌', বুদ্ধ। "°ঈশ্বর। —লোকী (-কিন্‌)বিণ [+ইন্‌ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -কিনী] বীক্ষক, দর্শক। "চতুর° (চক্ষুঃ) কু.স ৫.৪৯। —লোক্য বিণ [+ √লোক্‌+য (ণ্যৎ) -র্ম্ম ; স্ত্রী -ক্যা] দর্শনীয়, দ্রষ্টব্য। "মহা ১৩.১০৪.৪৭।

অবলোকক, -লোকন, -লোকনীয়, -লোকয়িতা, -লোকিত, -লোকী, -লোক্য দ্র 'অবলোক'।

অবশ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -শা ; ছান্দস] ১ যাহার বশ (আপনার সম্বন্ধে আয়ত্ততা) নাই ; অস্বতন্ত্র, অস্বাধীন, পরবশ। "কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ গী ৩.৫ ; ৯.৮। ২ অন্যের আয়ত্ততাহীন ; স্বতন্ত্র, স্বাধীন, স্বেচ্ছাচারী। "স্ত্রী চাবশা (ত্যাজ্যা) হি ২.১৮১। ৩ স্বরক্ষণাক্ষম, আত্মরক্ষাসমর্থ। "স মজ্জত্যবশঃ শোকে গো.রা ৪.৬.১২। মনু ৫.৩৩। হি ২.৭৬। ৪ অসংযত, অনিয়ন্ত্রিত, কামাদিবশীভূত। "°ইন্দ্রিয়চিত্ত হি ১.১৭। ৫ অনিয়তেন্দ্রিয়, ইন্দ্রিয়পরতন্ত্র। "কু.স ৬.৯৫। ৬ প্রতিকূল। "কি ২.৫৫। —বশিকা স্ত্রী [অবশ + ক (কন্‌) স্বার্থে+স্ত্রী আ (টাপ্‌)] অবশা, স্বাধীনা। "মৃ ১.২৩।

অবশর্দ্ধয়িতা (-তৃ) পুং [অব+ √শর্দ্ধি অপানশব্দ+তৃ (তৃচ্‌) -ক-১ব] ১ যে অন্যের দিকে অপানত্যাগ (বাতকর্ম্ম) করে, বাতকর্ম্মকারী। "বিষ্ণু ৫.২২।

অবশাতন ক্লী [অব+ √শদ্‌+ই (ণিচ্‌)+অন (ল্যুট্‌)-ভা] ১ ছেদন। ২ নাশন। ৩ শীর্ণতাকরণ। "মাংসানামবশাতনম্‌ (সুশ্রুত)।

অবশিষ্ট বিণ [অব+ √শিষ্‌+ত (ক্ত)-র্ম্ম-ক ; স্ত্রী -ষ্টা] ১ পরিশেষীকৃত, অবশেষযুক্ত, পরিশিষ্ট। "ষষ্ঠেন নীবার ইবাবশিষ্টঃ রঘু ৫.১৫। কিয়দবশিষ্টং রজন্যাঃ শ ৪$\frac{১}{}$। ভোজনাবশিষ্টভিক্ষান্ন হি ১$\frac{২}{২৩}$। বিনিযুক্তাবশিষ্ট ব্যঞ্জনাদিক ভ.গ্র ২৯০। ২ অতিরিক্ত, অধিক, উদ্বৃত্ত। —শিষ্টক ক্লী [ক (কন্‌) স্বার্থে] অবশিষ্টভাগ, শেষ। "দগুশুক্লাবশিষ্টকম্‌ যাজ্ঞ ২.৪৮।

অবশী (-শিন্‌) বিণ [ন.ত ; স্ত্রী -শিনী] অজিতেন্দ্রিয়, ইন্দ্রিয়পরতন্ত্র। "মহা ১৪.৩৬.১৫। অবশী যদ্যপি হয়, বিদ্যা আছে যার, বর্ত্তিকাধারীর সঙ্গে তুলনা তাহার। স.শ ১৫৩।

অবশীর্ণ বি [অব+ √শৄ+ত (ক্ত)-ক ; স্ত্রী -র্ণা] জীর্ণ, ছিন্ন, ভগ্ন। "নাবশীর্ণে চ শয়নে প্রস্বপীত মহা ১৩.১০৪.৪৯।

অবশীর্ষ, -র্ষক বিণ [অবনত শীর্ষ যাহার, বহুব্রী ; বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -র্ষা, -র্ষিকা] অবনতমস্তক, অবাক্‌শিরাঃ। —র্ষ, —র্ষক পুং ১ শয়নে দেহের অবস্থানভেদে দীর্ঘ ন্যুব্জ উত্তান ইত্যাদি সপ্ত শয়নদোষের একতম (সুশ্রুত)। ২ নেত্ররোগবিশেষ (সুশ্রুত)।

অবশেষ পুং [অব+ √শিষ্+অ (ঘঞ্)-ভা] ১ অন্ত, অবসান, শেষ। "অহ্নোঽবশেষেণ গো.রা ৫.২৯.১০। অহ্ন ইবাবশেষঃ কি ৩.৪৩। ২ অবশিষ্টতা (জয়মঙ্গল), সমাপ্তি। "তোয়াবশেষেণ হিমাভমভ্রম্ ভট্টি ২.৮। রাজায় মেলানি মাগে যজ্ঞ-অবশেষে কৃ.উ ২৭১। —ষ পুং, ক্লী [+অ-র্ম্ম] অবশিষ্টাংশ, শেষভাগ, অবশিষ্ট। "কথা°, নাম°, বৃত্তান্ত°। রক্ষসামবশেষম্ (উত্থিতম্) গো.রা ৩.৩২.১ ; অল্প° ২ ; অর্দ্ধ° ৫.১৪.৪৯। ভস্ম° কু.স ৩.৭২। হুত° রঘু ২.৬৯। দগ্ধশুষ্ক° মনু ৮.১৫৯। ম ২১০। ঘটাদির অবশেষ মৃত্তিকাই সত্য শ্রী.ম ২৬২। —শেষিত বিণ [+ √শেষি+ত (ক্ত)-র্ম্ম] অবশিষ্ট। "শরীরমাত্রম্... অবশেষিতম্ মহা ১.১৩০.৬৩।

অবশ্য[১] বিণ [ন.ত ; স্ত্রী -শ্যা] ১ 'বশ্যভিন্ন', অনায়ত্ত। ২ স্বতন্ত্র, অনধীন। ৩ দুর্দ্দান্ত। "°পুত্র (A.)। ৪ অপরিহার্য্য, অবর্জ্জনীয়। "মরণমবশ্যমেব জন্তোঃ বে ৩.৫। —শ্যা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] স্বৈরিণী, অবশস্ত্রী।

অবশ্য[২] ক্রি.বিং [সং অবশ্যম্ (ব্য) ; 'অবশ্যকরণীয়, অবশ্যকর্ত্তব্য,' ইত্যাদি সমস্ত শব্দ হইতে 'অবশ্য' গৃহীত ; তু 'অবশে, -সে (গো.চ) ; আবাসে, -সী, -সে (শ্রী.কী)—অবশ্য] (বাঙ্‌লায়) অপরিহার্য্যভাবে, নিশ্চিত, নিঃসন্দেহ। "অবশ্য অবশ্য করি লিখিলেন পাতি ক.চ ১৩৮। আফিম খাইতে আরম্ভ করিলে ক্রমে ক্রমে মাত্রা অবশ্যই অধিক হইয়া উঠে আ.দু ৬৬। ভোলা।—ও একটী রস কি না? চতুর্থ ইয়ার।—অবশ্য। —লী ৯৮। [অবশ্য অবশ্য, অবশ্যাবশ্য—সুনিশ্চিত, অতিনিশ্চিত। "আমার সহিত অবশ্য অবশ্য সাক্ষাৎ করিয়া যাইবে (বঙ্কিম)। ত্বরায় অবশ্যাবশ্য কিমধিকমিতি শ্রী ১৩০।]

অবশ্যকরণীয়, -কর্ত্তব্য, -কার্য্য বিণ [অবশ্যম্ করণীয় কর্ত্তব্য কার্য্য, সুপ্‌সুপা ; দ্র 'অবশ্যম্' ; স্ত্রী -য়া, -ব্যা, -র্য্যা] নিশ্চিত অনুষ্ঠেয় ; সর্ব্বথা পালনীয়। "পর-উপকার ইহা অবশ্যকর্ত্তব্য ভ.গ্র ৩২৭। বিবাহ করা না করা, নিজ ইচ্ছাধীন ব্যাপার—অবশ্যকর্ত্তব্য সংস্কারকার্য্য নহে পা.প্র ১৩৫।

অবশ্যভব্য বিণ [অবশ্যম্ ভব্য, সুপ্‌সুপা ; দ্র 'অবশ্যম্' ; স্ত্রী -ব্যা] নিয়মানুসারে ভবিতব্য ; অবশ্যম্ভাবী। "নৈ ১.১২০।

অবশ্যম্ ব্য [সমাসে কৃত্যপ্রত্যয়ান্ত শব্দ পরে থাকিলে, 'ম্'এর লোপ হয়। যথা, 'অবশ্যকরণীয়, অবশ্যগন্তব্য,' ইত্যাদি।] ১ নিশ্চিত, সর্ব্বথা, সর্ব্বপ্রকারে, যে কোনরূপে। "দাতব্যো যদি বাঽবশ্যং...বরঃ গো.রা ২.৬১.৫। তাঞ্চাবশ্যম্...দ্রক্ষ্যসি পূ.মে ১০। অবশ্যং যাতি তির্য্যক্ত্বম্ মনু ১২.৬৮। সৌহৃদ্যমবশ্যমেব ময়া করণীয়ম্ হি ১২৬/১৩। ২ অপরিহার্য্যভাবে।

অবশ্যম্ভাবিতা স্ত্রী [অবশ্যম্ভাবিন্+তা (তল্) তদ্ভাবার্থে] অবশ্যম্ভাবিভাব, অবশ্যভবিতব্যতা। "ক্লেশ ও দৌর্ভাগ্যের অবশ্যম্ভাবিতা কাদ ৪৮। —ম্ভাবী (-বিন্) বিণ [অবশ্যম্+ √ভূ+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -বিনী] যাহা অবশ্য ঘটিবে ; নিশ্চিত ভবিতব্য ; অপরিহার্য্য। "অবশ্যম্ভাবিত্বর্থে মহা ১.১৫৮.২। অবশ্যম্ভাবী অচিন্তনীয়সমাগমো ভবতি শ ৬২/১৫। অবশ্যম্ভাবিনো ভাবাঃ হি ২৮ (কথারম্ভ)। চৌর্য, শঠতা, ধূর্ত্ততা, মিথ্যাকথন—এ সব ভীরুতার কার্য্য—নৈষ্ঠুর্য্যের অবশ্যম্ভাবিফল পা.প্র ৬২।

অবশ্যম্ভাবী, অবশ্যা দ্র 'অবশ্যম্ভাবিতা, অবশ্য'।

অবশ্যায় পুং [অব+ √শ্যৈ গতি+অ (ণ)-ক, পা ৩.১.১৪১] ১ নীহার, তুহিন, হিম। "°য়াবসিক্ত উ.চ ৬.২৯। °কণ।—ভট্টি ৬.৮০। °সলিল বিক্র ২৩/১। ২ কুজ্ঝটিকা। ৩ অভিমান।

অবশ্যাস ক্রি.বিং ['অবশেষে'—মূল ; অপ্র] সব শেষে। "অবশ্যাস দিলে তৈল মস্তকে ঢালিয়া গো.চ ৯৩।

অবশ্রয়ণ [অব+ √শ্রি+অন (ল্যুট্)-ভা] চুল্লী হইতে স্থালীপ্রভৃতির অবরোহণ ; উনান হইতে পাত্র নামান। বিপ 'অধিশ্রয়ণ'। 'অধিশ্রয়ণাবশ্রয়ণান্তাদি (ব্যাপার) সা.দ ২৪/৫।

অবষ্টব্ধ বিণ [অব+ √স্তন্‌ভ্+ত (ক্ত)-ক, ষত্ব ; স্ত্রী -ব্ধা] ১ আলম্বিত, আশ্রিত। "পা ৮.৩.৬৮। বাহুচ্ছায়ামবষ্টব্ধো যস্য লোকো মহাত্মনঃ গো.রা ৫.৩১.৫০। ২ অবিদূর, আসন্ন, ঈষদ্দূর। "অবষ্টব্ধা শরৎ (কাশিকা)। ভট্টি ৯.৭২। ৩ [+ত-র্ম্ম] প্রতিরুদ্ধ, নিরুদ্ধ। "অবষ্টব্ধা গৌঃ (তত্ত্ববোধিনী)। ৪ আবদ্ধ, সংবেষ্টিত। "(রামলক্ষ্মণৌ) বাহুভ্যামবষ্টব্ধৌ গো.রা ৩.৭৪.২৪। ৫ আক্রান্ত। ৬ স্তম্ভিত। —ষ্টম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ আলম্বন, আশ্রয়ণ। "ধৈর্য্যাব° (পঞ্চ)। পঙ্কাভ্যামীষৎকৃতাবষ্টম্ভঃ (কাদম্বরী)। ২ আবিদূর্য্য, সামীপ্য, ঈষৎদূর। ৩ অনম্রতা, স্তব্ধতা, আড়ষ্টভাব। ৪ প্রতিরোধ, স্তম্ভন। ৫ ব্যবসায়, স্থিরসঙ্কল্প। "সভায়াং বক্তি সামর্ষং সাবষ্টম্ভো নরঃ শুচি। —পঞ্চ ১.২১৩। ৬ নিস্পন্দতা। ৭ অলসভাবে অবস্থান। "তৎ কিমত্র যুজ্যতে কর্ত্তুম্, পলায়নমবষ্টম্ভো বা।—পঞ্চ ৫৪/৪৪। ৮ প্রারম্ভ। ৯ গর্ব্ব, অভিমান। ১০ [+অ (অচ্)-ক] স্তম্ভ। "অবষ্টম্ভময়েন পত্রিণা রঘু ৩.৫৩। ১১ আশ্রয়, আধার। ১২ স্বর্ণ। ১৩ সৌষ্ঠব (শ.ক)। —ষ্টম্ভন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আলম্বন, আশ্রয়ণ। "দৃঢ়সত্ত্বাবষ্টম্ভন।—পঞ্চ ৪৭৭/৭৮। ২ প্রারম্ভ। ৩ প্রতিরোধ।

অবষ্টম্ভ, -ষ্টম্ভন দ্র 'অবষ্টব্ধ'।

অবসক্ত বিণ [অব+ √সন্‌জ্+ত (ক্ত)-ক ; স্ত্রী -ক্তা] ১ সংলগ্ন। "শাখা° গো.রা ১.১০৩.১২ ; কি ৭.৪০ ; ১২.২২। কর্ণ° কু.স ৭.২৩। মৃ ১.৫৪। ২ আলম্বী, লম্বমান। "বর্ণাবসক্তদ্বিগুণাক্ষসূত্র কু.স ৩.৪৬। ৩ আসক্ত, ব্যাপৃত, নিরত। মনু ১১.৬, কুল্লূক। ৪ [+ত-র্ম্ম] আনদ্ধ, আবদ্ধ। "অবসক্তঃ পিতুস্তেঽস্য মৃতঃ স্কন্ধে ভুজঙ্গমঃ মহা ১.৪১.২২ ; ৪২.১৯। ৫ আক্রান্ত, পরিব্যাপ্ত। "স্বকরাবসক্তরুচিরাম্বরা মাঘ ৯.৭। —সঞ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] অবসক্তভাব, সংশ্লেষ ; আলিঙ্গন।

অবসক্‌থিকা স্ত্রী [অবনদ্ধ সক্‌থি যাহাতে, বহুব্রী, সমাসান্ত অ (ষচ্), স্ত্রী ঈ (ঙীপ্),—'অবসক্‌থী'+ক (কপ্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ যে বন্ধনপ্রণালীতে সক্‌থিদ্বয় বদ্ধ হয় ; বস্ত্র দ্বারা পৃষ্ঠ, জানুদ্বয় ও জঙ্ঘাদ্বয় দৃঢ়বন্ধনপূর্ব্বক উপবেশন (শ.ক) ; পর্য্যঙ্কবন্ধ। "মনু ৪.১১২। °বন্ধ কি ১২.২২, মল্লিনাথ। ২ পর্য্যঙ্ক, পালঙ্ক। ৩ পর্য্যঙ্কবন্ধের পরিবেষ্টনবস্ত্র (A.)।

অবসঞ্জন দ্র 'অবসক্ত'।

অবসথ পুং [অব+ √সো+অথ (কথন্)-খি ; তু 'আবসথ'] ১ গৃহ। ২ গ্রাম। ৩ ছাত্রনিলয়, মঠ (অ.চি)।

অবসন্ন বিণ [অব+ √সদ্+ত (ক্ত)-ক ; স্ত্রী -ন্না] ১ অবসাদগত, খিন্ন, শিথিল। "°ভুজ মাঘ ১৫.৮৫। অতিপ্রবলপিপাসা° (কাদম্বরী)। মূর্চ্ছাপন্ন অবসন্ন শ্রীরাম ধানুকী কৃ ১৪৬। ২ বিষাদপ্রাপ্ত, বিষণ্ণ। ৩ নিরুৎসাহ, নিরুদ্যম। ৪ প্রশান্ত। "অবসন্নতাপম্ (নভঃ) মাঘ ৯.১২। ৫ বিগত, অতীত, অবসিত। "অবসন্নায়াং রাত্রৌ হি ১২/৩। রজনী অবসন্না হইলে সী ৮৬। ষষ্ঠীর শর্ব্বরী অবসন্না হলো হু ১৮৮। ৬ নষ্ট, দৃষ্টিশক্তিহীন। পিত্রোঃ...অবসন্নদৃশো রঘু ৯.৭৭। ৭ অফল, অযোগ্য। "মহিম্নঃ স্তবঃ ১। ৮ স্বকার্য্যাক্ষম ; জড়। "বারেক ভাবিলে হয় অবসন্না

মতি স.শ ৮৭। **৯** (ব্যবহারে) পরাজয়-প্রাপ্ত, অকৃতকার্য্য। —সাদ পুং [+ √সদ্+অ (ঘঞ্)-ভা] **১** খেদ, শিথিলভাব। "অবসাদে রাক্ষস ধাইতে নারে লগে কৃ.উ ৬৯। **২** বিষাদ, বিষণ্ণতা। "যার নারী সুতা সুত, সদা অন্নকষ্টযুত, সর্ব্বদা তাহার অবসাদ ভা.চ ১১। অপবিত্র স্থানে বৈস—কিবা অবসাদ চৈ.চ ৩৩। **৩** ক্ষয়, নাশ। "কি ৬.৪১; বিপদেতি তাবদবসাদকরী ১৮.২৩। **৪** অশান্তি। "কিমিবাবসাদকরমাত্মবতাম্ কি ৬.১৯। **৫** ভঙ্গ, পরাজয়। "পর্য্যায়জয়াবসাদাং রণক্রিয়াম্ কি ১৭.১৮। কোই ন মানই জয় অবসাদ বি.প ৪০। বন্ধনে তোমার ঠাঞি পাল্য অবসাদ কৃ.উ ৭০। **৬** ভ্রংশ, চ্যুতি। "ধৈর্য্য° কি ৩.৩৮। **৭** ভঙ্গ, বিকার, স্বকার্য্যাক্ষমতা। "স্বরাবসাদো ঘুর্ঘুরকঃ (সুশ্রুত)। **৮** (বাঙ্‌লায়) বিরাম, নিবৃত্তি। "একে মোর অন্তর, পোড়য়ে নিরন্তর, তিল এক নাহি অবসাদ জ্ঞা ১৬৬। দুই দলে বাদ্য বাজে নাহি অবসাদ ম ৮৯৯। যত খাবে তত পাবে নাহি অবসাদ কৃ.উ ১৫২। —সাদক বিণ [√সাদি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -দিকা] **১** অবসাদকারক, খেদজনক, শৈথিল্যকর। "শোকঃ···সর্ব্বকার্য্যাবসাদকঃ রা ৪.২৭.৪৩। **২** বিষাদজনক। **৩** কার্য্যে অক্ষমতাজনক। **৪** অবসানকর, সমাপক। —সাদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** খেদজনন, খিন্ন করা। **২** বিনাশন। "অসূনামবসাদনম্ (বে)। **৩** কার্য্যে অক্ষমতাজনন। **৪** ব্রণচিকিৎসাভেদ (সুশ্রুত)। —সাদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** খেদিত, জনিতখেদ। **২** কুণ্ঠিত, প্রতিহত। "°বাক্ মাঘ ১০.৩০। **৩** নাশিত, হত, বিফলীকৃত। "যদর্থময়মারম্ভস্তৎকার্য্যমবসাদিতম্ রা ৫.৫৫.৯। —সাদী (-দিন্) বিণ [+ √সদ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] অবসাদযুক্ত, শৈথিলভাক্, জড়। "(কাংস্যম্) অপতদবসাদিনঃ করাৎ মাঘ ১৫.৮১।

অবসর পুং [অব+ √সৃ+অ (অপ্) বাহুলকে (রামাশ্রমী)] **১** প্রস্তাব। **২** 'জলের অবসরণ', বর্ষণ (মেদিনী)। **৩** [+অ-ধি, পা ৩.৩.৭১] কাল, সময়, বেলা। "অস্মৈ অবসরং ন দাস্যামি। —শ ২ ৭/৮; বিসর্জ্জনাবসরসৎকার ৭ ১/২। অত্রাবসরে (পঞ্চ)। মাঘ ৭.৩। **৪** প্রসঙ্গযোগ্য কাল; প্রসঙ্গ। °প্রদান মাঘ ২.৮। অপ্রাপ্তাবসরং বচনম্ হি ২ ৬/২। **৫** যোগ্যকাল, অনুরূপসময়, সুসময়। "অবসরোঽয়মাত্মানং প্রকাশয়িতুম্ শ ১ ২/২। বাণ° কু.স ৩.৬৪; সেবা° ৭.৪০। অনবসরোঽয়ং ঘণ্টাবাদঃ হি ২ ৮/৯। প্রাপ্তবিক্রম° রঘু ১২.৮৭। **৬** সময়, পর্য্যায়, পালা। "জাতিক্রমাচ্ছশকস্যাবসরঃ সমায়াতঃ। —পঞ্চ ১ ২/২ ৪/৪ ৮/৯। **৭** অবকাশ, অন্তর। "(অলভত) অঙ্গনামনসি চাবসরম্ মাঘ ৯.৪১। বন-অবসরে খণ্ড জ্যোৎস্না নির্ম্মল। পড়িয়াছে দেব-অঙ্গে (অমিতাভ)। **৮** কালিক অবকাশ; নির্ব্যাপারকাল, ক্ষণ। "একে আরম্ভিতে হয় আরে অবসর ভা.চ ৪০৪। অবসর আর নাহিক তোমার।—রবীন্দ্র। **৯** শিষ্যজিজ্ঞাসানিবৃত্তির জন্য অবশ্যবক্তব্যরূপ সঙ্গতিবিশেষ (শ.ক)। দ্র 'সঙ্গতি'। **১০** [+অ (অচ্)-ক?] বৎসর। **১১** মন্ত্রবিশেষ। **১২** (বাঙ্‌লায়; অপ্র) বিলম্ব, অপেক্ষা। "ভক্তি করিয়া তবে বলে পতিব্রতা। কিছু অবসর কর মিলাবে বিধাতা॥—ম.ম ৭৯। [অবসর লওয়া, হওয়া—অবকাশ লওয়া; অবকাশ প্রাপ্ত হওয়া; কার্য্য বা অধিকার হইতে অপসৃত হওয়া। "আমি রাণীগিরি হইতে অবসর হইতে চাই ব.প্র ৩৯৮। অবসরায় (অপ্র)—অবসর মত। "গো.চ ৩৪২।]

অবসর্গ পুং [অব+ √সৃজ্+অ (ঘঞ্)-ভা] **১** অপ্রতিবন্ধ। **২** কামচারানুজ্ঞা, অর্থাৎ 'যথেচ্ছ কর', এইরূপ অনুজ্ঞা। **৩** মোচন, ত্যাগ। —সর্জ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] মোচন। —সর্জ্জিত বিণ [+ √সর্জ্জি+ত (ক্ত)-র্ম্ম] বিসৃষ্ট, ত্যক্ত। "কস্মাৎ ত্বমবসর্জ্জিতা রা ৭.৫৬.২৩।

অবসর্জ্জন, -সর্জ্জিত; অবসাদ, -সাদক, -সাদন, -সাদিত, -সাদী দ্র 'অবসর্গ; অবসন্ন'।

অবসান ক্লী [অব+ √সো+অন (ল্যুট্)-ভা; (ছান্দস) 'অবসান'—স্থান] **১** সমাপ্তি, সমাপন। "ব্রহ্মারম্ভেঽবসানে চ।—মনু ২.৭১। পূজা° ক.সা ২০.১০২। দেহা° রঘু ২০.২৩। শ ৭ ৩/২। কৃ.উ ২৫২। **২** বিরাম, নিবৃত্তি। "তৃষ্ণাম্বুরাশেন হি গতঃ কশ্চিদেবাবসানম্ (ভর্ত্তৃহরি)। **৩** নাশ, ক্ষয়। "সুখাবসান বিক্র ৩ ১/১ ৩/৪। ওষধিঃ···ফলপাকাবসানিকা (অ.চি)। **৪** অত্যয়, অপগম। "উষ্ণকালাবসান (S.W.)। **৫** দেহাত্যয়, মরণ। "মূলপুরুষ° শ ৭ ২/২ ৩/৪। **৬** (ব্যাকরণে) বর্ণাভাব। "পা ১.৪.১১০, সি। **৭** [+অন (ল্যুট্)-ধি] মর্য্যাদা, সীমা। "বিলোকিতা দর্শনীয়ানামবসানভূমিঃ (কাদম্বরী)। কহিতে তোমার গুণ নাহি অবসান কৃ.উ ২৫২। **৮** (ব্যাকরণে) শব্দের শেষবর্ণ; বিরাম। "বাবসানে পা ৮.৪.৫৬। **৯** শেষ, অন্ত, শেষভাগ। বিপ 'আদি'। "নিশা° রঘু ১.৯৫; দিবা° ২.৪৫; 'অনীক'পদ° ১৮.১০। অবসানেঽন্যবৃত্তকৈঃ সা.দ ৬.৩২০। নাহি তুয়া আদি অবসানা বি.প ২১৯। কৃ.উ ১৬৭। **১০** পদ্যের চরণের শেষভাগ। **১১** যাবজ্জীবন বাসস্থান (নীলকণ্ঠ)। "মহা ৪.৭২.১৫। **১২** (বাঙ্‌লায়) অবসিত, গত। "বেলা হইল অবসান কৃ.উ ১৫৬। অপরাহ্ণ ম্লান হেসে হল অবসান স.স্ব ২১। নিশি হল অবসান—রবীন্দ্র। **১৩** ['অবসন্ন'—মূল; অপ্র] অবসন্ন, নিস্পন্দ, জড়। "পাসরিতে শরীর হোয় অবসান বি.প ১৯৯। [অবসান বেলা—শেষ বেলা। "ম.ভা ৫৬। °জাতি (বি)—গ্রামের অবসানবাসী (সীমান্তস্থিত) জাতি; নিষাদ-চর্ম্মকার-প্রভৃতি জাতি (দ্র 'মনু ১০.৩৬)। "দেশের বাহিরে যেন অবসানজাতি ম ৩৩২। °বিরস (বিং)—শেষভাগে অসুখকর; শেষকটু। "আপাততঃ মধুররূপে প্রতীয়মান, কিন্তু অবসান-বিরস কর্ম্মে কোন্ ব্যক্তির সহসা প্রবৃত্তি জন্মে?—কাদ ৭৪।]

অবসায় পুং [অব+ √সো+অ (ঘঞ্)-ভা] **১** অবসান, সমাপ্তি। **২** অবসাদ; নাশ। "নীয়মানঃ শরবর্ষৈরবসায়মাশ্রয়াশঃ মাঘ ২০.৭২। **৩** নিশ্চয়। **৪** নিগ্রহ, সংযম। "কাম°। **৫** [+অ-ধি] শেষভাগ, অবশিষ্ট। **৬** [+অ (ণ)-ক, পা ৩.১.১৪১] যে নাশপ্রাপ্ত হয়। —সায়ক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -য়িকা] **১** নিশ্চয়কারক। **২** অবসানকর, সমাপক। **৩** [+সায়ি+অক-ক] অবসাদক, নাশক, সংঘাতক। "সায়কৈরবসায়কৈঃ কি ১৫.৩৭।

অবসিক্ত বিণ [অব+ √সিচ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -ক্তা] **১** কৃতসেক, অতিবৃষ্ট। "অবশ্যায়° (পুণ্ডরীক) উ চ ৬.২৯। **২** আপ্লুত। **৩** দূষিত; সংস্পৃষ্ট। "অস্থিচর্ম্ম°।—অত্রি ২২৬।

অবসিত বিণ [অব+ √সো+ত (ক্ত) -ক] **১** অবসানপ্রাপ্ত, নিষ্ঠাগত, সমাপ্ত। "অবসিতে ক্রিয়াবিধৌ রঘু ১১.৩৭। বচস্যবসিতে কু.স ২.৫৩। নেপথ্যবিধানমবসিতম্ শ ১ ১/২। ভ ৩.২৮.৩৬। **২** অপগত, বিগত। "ভট্টি ১০.৬। রাত্রি অবসিত স.শ ৮৫। **৩** প্রচ্যুত (মিতাক্ষরা)। "প্রব্রজ্যা° যাজ্ঞ ২.১৮৬। **৪** [+ত-র্ম্ম] জ্ঞাত, বিদিত। "ভ ৩.৬.৩৭। **৫** নির্ণীত, নিশ্চিত; সমাপ্ত। "ভ ৪.২১.৩৩; °কর্ম্মনির্ব্বাণাবসর ৫.৭.৮। **৬** অলক্ষিত। "মায়য়ানবসিতপদব্যা ভ ৫.৩.১৪। **৭** নাশিত, হত। "অবসিতশ্চ পণ্ডরসৌ (দশকুমার)। **৮** পরিপক্ব (ধান্যতণ্ডুলাদি)। **৯** ঋদ্ধ, রাশীকৃত (ধান্য; অ.টী)। **১০** [+ √সি+ত-র্ম্ম] নিবদ্ধ; নির্ণীত। "ত্বয়ৈব লোকেঽবসিতাশ্চ সেতবঃ ভ ৪.৬.৪৪। —ত ক্লী পরিপক্বমর্দ্দিত ধান্য (শ.ক)।

অবসৃত বিঃ [অব+ √সৃ+ত (ক্ত)-ক] **১** অবসরপ্রাপ্ত। "রাজকার্য্য হইতে অবসৃত সী ৫৯; ৯৫। **২** অপসৃত, নিবৃত্ত। "অন্য লোকে

শ্রীকে চিনে না বলিয়া সন্ধান হইতেছে না, এই শঙ্কায়, গঙ্গারামকে… রাজকর্ম্ম হইতে অবসৃত করিয়া এই কার্য্যে নিযুক্ত করিয়াছিলেন ব.প্র ৪৬৮।

অবসৃষ্ট বিণ [অব+ √সৃজ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -ষ্টা] ১ দত্ত, সমর্পিত। ২ ত্যক্ত। ৩ অধঃক্ষিপ্ত। "ভ ৩.৩১.২৩। ৪ [+ত-ক] নিঃসৃত। "পাদনখাবসৃষ্টম্…অম্ভঃ ভ ১.১৮.২১। ৫ গলিত। "তচ্চরণাবসৃষ্টম্ (নির্ম্মাল্যম্) ভ ৪.৪.১৬।

অবসেক পুং [অব+ √সিচ্+অ (ঘঞ্)-ভা] ১ অবসেচন, সর্ব্বত্র সেচন। "°স্নিগ্ধতরুণপল্লব শ ৬$\frac{১}{৫}\frac{৪}{৫}$। জলাবসেকশিথিল (দেশ) মৃ ৩.১২। ২ নেত্রবস্তিরোগবিশেষ (সুশ্রুত)। —সেচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'অবসেক'। ২ শোণিতনিঃসারণ। "শোণিতাবসেচনোপায়া জলৌকসঃ (সুশ্রুত)। ৩ [+অন-ণ] প্রক্ষালনজল। "পাদ° মনু ৪.১৫১। ৪ [+অন-র্ম্ম ?] রোগবিশেষ (সুশ্রুত)।

অবসেয় বিণ [অব+ √সো+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -য়া] ১ নির্ণেয়। ২ সমাপনীয়।

অবসেস বি [সং অবশেষ > লি, প্রা অবসেস ; অপ্র] অন্ত, অবসান। "নিশি অবসেসে গো বি ১২৪ ; রাত্রি অবসেস ১৩৯।

অবস্কন্দ পুং [অব+স্কন্দ্+অ (ঘঞ্)-ভা] ১ আক্রমণ। "হি ৩.১১৪। °প্রদান।—পঞ্চ ৩.৩৭। অবস্কন্দং দাতুম্ ক.সা ১২.৩৫ ; °ভয়াশঙ্কী ১৬.৩। ২ অবতরণ। ৩ [+অ-ধি] বিজিগীষুর নিবেশস্থান ; শিবির। —স্কন্দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'অবস্কন্দ'। ২ অবগাহন। ৩ (ব্যবহারে) অভিযোগ (M.W.)। —স্কন্দিত বিণ [+ √স্কন্দি+ত (ক্ত)-র্ম্ম] ১ আক্রান্ত। ২ অবতীর্ণ। ৩ কৃতাবগাহন। ৪ (ব্যবহারে) অভিযুক্ত। —স্কন্দী (-ন্দিন্) বিণ [+ √স্কন্দ্+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -ন্দিনী] ১ আক্রমণকারী। ২ ধর্ষয়িতা, বলাৎকারকারক (Outraging)। "গৌতমদার° ম.চ ১$\frac{২}{৬}$। —স্কন্ন বিণ [+ত (ক্ত) -ক ; স্ত্রী -ন্না] ১ স্খলিত। "(রেতঃ) অবস্কন্নং শরস্তম্বে হ ৩২.৭২। ২ [+ত-র্ম্ম] আক্রান্ত, অভিভূত। "স্নেহাবস্কন্নহৃদয়া দেবী গো.রা ৬.৯৫.৪১।

অবস্কন্দন, -স্কন্দিত, -স্কন্দী, -স্কন্ন দ্র 'অবস্কন্দ'।

অবস্কর পুং [অব+ √কৃ+অ (অপ্)-র্ম্ম, স্ (সুট্) আগম, পা ৬.১.১৪৮] ১ যাহা বিক্ষিপ্ত হয় ; অন্নমল, বিষ্ঠা। ২ মলমূত্র, আবর্জ্জনা, জঞ্জাল। "রথ্যাবস্করশোধন (ত.বা)। ৩ গুহ্যদেশ ; উপস্থাদি। ৪ [+অ-ধি] গৃহমার্জ্জিত পাংশুপ্রভৃতির স্থান (মিতাক্ষরা) ; আবর্জ্জনাদির স্থান ; আঁস্তাকুড়। "অবস্করে চিরস্থানম্…বর্জ্জয়েৎ মহা ৩.২৩২.২৮। [°মন্দির—মলত্যাগগৃহ, পায়খানা (রাজতরঙ্গিণী)।]

অবস্তরণ ক্লী [অব+ √স্তৃ+অন (ল্যুট্)-ভা] বিস্তার, প্রসারণ। —স্তার পুং [+অ (ঘঞ্)-র্ম্ম, পা ৩.৩.১৩০] ১ জবনিকা, কানাৎ, পর্দ্দা। ২ আস্তরণ, চাদর।

অবস্তু ক্লী [ন.ত] ১ অপকৃষ্ট বস্তু ; তুচ্ছ দ্রব্য। "°নির্ব্বন্ধপর কু.স ৫.৬৬। ২ ব্রহ্মভিন্ন যাহা কিছু সব ; অজ্ঞান ও তদ্‌বিজৃম্ভিত জড়-সমূহ (বেদান্তসার) ; মিথ্যাবস্তু। "বস্তুন্যবস্ত্বারোপঃ অধ্যারোপঃ (বেদান্তসার)।

অবস্থা স্ত্রী [অব+ √স্থা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অবস্থান, স্থিতি। ২ বিরতি, নিবৃত্তি। তু 'অনবস্থা'। ৩ ধর্ম্মাধিকরণে উপস্থিতি ; আহ্বান (কুল্লুক)। "কৃতাবস্থ মনু ৮.৬০। ৪ [+অ-ধি] দশা। "অবস্থাং পশ্চিমাং পশ্য পিতুঃ গো.রা ৪.২২.৬। অন্তর্মদাবস্থ… দ্বিপেন্দ্রঃ রঘু ২.৭। বিরহ° পূ.মে ৩০। °স্তোচিত ক.সা ২৬.২৫। পঞ্চম অবস্থা কৃ ২৩৬। সংশয়িত অবস্থা সী ৪১। অবস্থাবিশেষে মনুষ্য হিংস্র জন্তুমাত্র ব.বি ৯১। ৫ দেহে কালকৃত যৌবনাদি ভাববিকারবিশেষ ; বয়োবিশেষ। "°চতুষ্টয়। পা ৬.২ ১১৫। বয়োঽবস্থা মা.মা ৯.২৭। ৬ ভাব, প্রকার। "স্ফুলিঙ্গাবস্থয়া বহ্নিঃ শ ৭.১৬। ৭ আকার। "কুম্ভকর্ণঃ কপীন্দ্রেণ তুল্যাবস্থঃ স্বসুঃ কৃতঃ রঘু ১২.৮০। বাষ্পো নামাশ্রুণঃ পূর্ব্বাবস্থা শ (S.W.)। ৮ বিত্তাদিবিষয়ে সাংসারিক দশা। "অস্ত্যাবস্থোঽপি মহান্ স্বামিগুণান্ ন জহাতি।—পঞ্চ ৪.৭২। যত দিন ভবে, না হবে না হবে, তোমার অবস্থা আমার সম স.শ ২৭। ৯ (বাঙ্‌লায়) দুর্দ্দশা, দুর্গতি। "গো.চ ৪৫৮ ; এতেক অবস্থা ৪৭৬। ইন্দ্র বেটা কৈল বড় আমার অবস্থা কৃ.উ ১১৭ ; ২৭২। হেরি মোর পুত্রের অবস্থা ম ১০০৭। ভাটের অবস্থা করে শ্রী মা ১৪০। চ.বি ২১০। দাসী মোর করিল অবস্থা চৈ.ম ১৬১। মনে না করিও শূর্পণখার অবস্থা কৃ ১৩৭। ম.ম ২০২ ; করিলেক এতেক অবস্থা ২১৮। ১০ নরকভোগরূপ দুর্দ্দশা। "জীবে দুঃখ দিছ, তোমার হইবে অবস্থা চৈ.চ ২৪২। ১১ বাহ্যভাব, লক্ষণ, আকারপ্রকার। "রোগের অবস্থা বুঝে ব্যবস্থা করা উচিত। রোগীর অবস্থা এখন ভালই দেখছি। [অবস্থাপন্ন—উন্নতাবস্থাযুক্ত, সমৃদ্ধ। অবস্থা করা—দুর্দ্দশা করা। অবস্থা ফিরান—অবস্থা উন্নত করা। অবস্থা বুঝে ব্যবস্থা—কোন বিষয়ের ভাব বুঝিয়া প্রতিকারের উপায় নির্ণয় ; ক্ষেত বুঝে পা'ট। অবস্থার কালে ব্যবস্থা সেই—দুর্গতির সময়ে নিয়মরক্ষা হয় না।]

অবস্থাচতুষ্টয় ক্লী [ষ.ত] বাল্য কৌমার যৌবন বার্দ্ধক্য—এই চতুর্ব্বিধ শারীরিক অবস্থা। [১৫ বৎসর পর্য্যন্ত বাল্য, ৩০ বৎসর পর্য্যন্ত কৌমার, ৫০ বৎসর পর্য্যন্ত যৌবন এবং তাহার পর বার্দ্ধক্য (বৈদ্যকশাস্ত্র—শ.ক)।]

অবস্থাত্রয় ক্লী [ষ.ত] (বেদান্তে) জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি—জীবের এই দশাত্রয়।

অবস্থাদশক ক্লী [ষ.ত] (অলঙ্কারশাস্ত্রে) অভিলাষ চিন্তা স্মৃতি গুণকথন উদ্বেগ প্রলাপ উন্মাদ ব্যাধি জড়তা মৃত্যু—নায়ক-নায়িকার পূর্ব্বরাগে কামজ এই দশ দশা (সা.দ ৩.১৯০)।

অবস্থাদ্বয় ক্লী [ষ.ত] জীবনের দুই দশা—সুখ, দুঃখ।

অবস্থান ক্লী [অব+ √স্থা+অন (ল্যুট্)-ভা] ১ অবস্থিতি, থাকা। "স্বামিনঃ কিমিহ নিবৃত্যাবস্থানম্।—পঞ্চ $\frac{২}{১}\frac{০}{০}\frac{৮}{৯}$। ২ বসতি, বাস। "সহ°। অত্রাবস্থানেন বনমিদং সনাথীক্রিয়তাম্ হি ১$\frac{২}{২}\frac{০}{০}\frac{২}{২}$। আমি জানি পঞ্চবটী তুমি পুণ্যস্থান। তেঁই সে এথানে করিলাম অবস্থান॥—কৃ ১৪৭। ৩ পদে দণ্ডবৎস্থিতি ; দাঁড়ান। ৪ প্রতিষ্ঠা। "পদ্ভ্যাং দৃঢ়মবস্থানং স কৃত্বা কপিকুঞ্জরঃ গো.রা ৫.৫.১৮। ৫ শরীরসংস্থান, অবয়ববিন্যাস (Posture)। "মধুরাবস্থানদর্শনীয়ো ভাবানুপ্রবেশঃ শ ৬$\frac{১}{১}\frac{৩}{৪}$। আপনার অবস্থান প্রতি তাহার (শ্রীর) কিছুমাত্র মনোযোগ ছিল না ব.প্র ৪৪৫। ৬ [+অন-ধি] বাসভূমি, স্থান। ৭ স্থিতিকাল।

অবস্থান্তর ক্লী [অন্য অবস্থা, ময়ূরব্যংসকাদি] অন্য দশা ; ভাবান্তর। "অবস্থান্তরম্ আরোপিতা শ (A.)।

অবস্থাপন ক্লী [অব+ √স্থাপি+অন (ল্যুট্)-ভা] ১ বিধান, স্থাপন। ২ নিবেশন। —স্থাপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ নিহিত। ২ নিবেশিত। "°বাহিনীক রঘু ১৩.৬৬।

অবস্থাপন্ন, অবস্থাপিত দ্র 'অবস্থা, অবস্থাপন'।

অবস্থায়ী (-য়িন্) বিণ [অব+ √স্থা+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -য়িনী] স্থিতিকারী, স্থায়ী। "পশ্চাদবস্থায়িবলং…সমন্বয় (অ.কো)।

অবস্থাষট্‌ক ক্লী [ষ.ত] জীবের জন্মাদি ষড়্‌বিধ দশা ; জন্ম স্থিতি বৃদ্ধি বিপরিণাম অপক্ষয় নাশ—এই ষড়্‌ভাব। 'জায়তেঽস্তি বর্দ্ধতে বিপরিণমতেঽপক্ষীয়তে নশ্যতি—যাস্ক।

অবস্থিত বিণ [অব+ √স্থা+ত (ক্ত)-ক] ১ কৃতাবস্থান, স্থিত।

"সব্যং পার্শ্বমবস্থিতম্ গো.রা ৫.৭৩ ২৬। যথাভাগমবস্থিতাঃ গী ১.১১ ; ২.৬ ; রঘু ৬.১৯। **২** বিদ্যমান, সমীপস্থ। "স এব সাক্ষাদিহ মামবস্থিতঃ হ ২৭৩.৯। **৩** স্থিরসঙ্কল্প, দৃঢ়নিশ্চয়। "অন্°। যুদ্ধায় অবস্থিতোঽয়ম্ (পাঠান্তর)।—পঞ্চ ১৩৩৫। মনু ৭.৬০। **৪** বর্ত্তমান। "স্বে স্বে কর্ম্মণ্যবস্থিতঃ মনু ৮.৪২। ময়ি শ্রেয়স্যবস্থিতে মহা ২.৩৩ ২৪। **৫** আস্থিত, প্রাপ্ত, গত। "(এতৌ) পরং দর্পমবস্থিতৌ গো.রা ৫.৫৮.১৩। আনৃশংস্যমবস্থিতঃ মহা ১৩.৫.১০। **৬** নিষ্ঠিত। "জ্ঞানাবস্থিতচেতসঃ গী ৪.২৩। **৭** দণ্ডায়মান। "বভূবাবস্থিতো রামঃ গো.রা ৬.৩০.১৯ ; ৫০.১৫। **৮** অধিকাররূপে স্থিত। "রক্ষা যুষ্মাস্ববস্থিতা কু.স ২.২৮। **৯** অধিকৃত, অধিকারী। "ভূতানাং পালনেঽবস্থিতো ভবান্ ভ ৪.১৭.১৮। **১০** ব্যবস্থিত, সিদ্ধান্তিত। "পিতুরস্যাঃ সমীপনয়নমবস্থিতমেব শ ৫২৮। **১১** অবস্থানযুক্ত, আকৃতিবিশিষ্ট। "সংবর্ত্তো নাম (কেতুঃ)…শূলাগ্রাবস্থিতঃ।—বৃহৎসংহিতা ১১.৫১। —স্থিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** অবস্থান, স্থিতি। **২** বাস, বসতি। "(সা জগ্রাহ) আশ্রমেঽবস্থিতিম্ ক.সা ৯.৬৭। **৩** অনুসরণ, অভ্যাস (শ.ক)।

অবস্ফূর্জ্জিত ক্লী [অব+ √স্ফূর্জ্জ্+ত (ক্ত)-ভা] বজ্রনির্ঘোষ, বজ্রধ্বনি। "কাদম্বরী।

অবস্যন্দন ক্লী [অব+ √স্যন্দ্+অন (ল্যুট্)-ভা] স্রবণ, ক্ষরণ। "পা ৪.২.১০৮।

অবস্রংসন ক্লী [অব+ √স্রন্স্+অন (ল্যুট্)-ভা] **১** অধঃপতন, স্খলন। **২** চ্যুতি, ভ্রংশ। —স্রংসিত বিণ [+ √স্রংসি+ত (ক্ত)-র্ম্ম] **১** পাতিত। **২** ভ্রংশিত। **৩** দলিত (ত.বা)। —স্রস্ত বিণ [+ √স্রন্স্ +ত (ক্ত)-ক] পতিত, ভ্রষ্ট, স্খলিত।

অবস্রংসিত, -স্রস্ত দ্র 'অবস্রংসন'।

অবহত বিণ [অব+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] অল্পাঘাতে বিতুষীকৃত (শস্য)। —হতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** বিতুষীকরণার্থ অল্প আঘাত ; অবঘাত (Threshing)। **২** (বাঙ্লায়) বিনাশ। "তবে দৈত্যপতি অবহতি° করি নিরীক্ষণ ব.প ৬০৩। —হনন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** সর্থ 'অবহতি (১)। **২** [+অন-ধি] যে স্থানে রক্ত আঘাত করে ; ফুপ্‌ফুস, ফুস্‌ফুস্। "যাজ্ঞ ৩.৯৪।

অবহতি, -হনন দ্র 'অবহত'।

অবহসন ক্লী [অব+হস্+অন (ল্যুট্)-ভা] অবজ্ঞাসহিত হাস্য ; উপহাস। "মহা ১.১.১৪৬। —হসিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] উপহসিত। "ভৃশ° মহা ৭.৩২.৬। —ত ক্লী [+ত-ভা] স্কন্ধশিরঃকম্পনপূর্ব্বক হাস্য। "সা.দ ৩.২১৯। —হাস পুং [+অ (ঘঞ্)-ভা] উপহাস। "গী ১১.৪২। —হাস্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] উপহাস্য, পরিহাসার্হ। "অবহাস্যো বলীয়সা গো.রা ৪.১৪.৩১।

অবহার পুং [অব+ √ হৃ+অ (ঘঞ্)-ভা, পা ৩.৩.১২২, সি] **১** স্থানান্তরনয়ন, অপনয়ন। "হে গণপতি, কর সম্প্রতি, দুর্গতি অবহার বা.দ ১ ; দুঃখ-অবহার ১৬০। **২** যুদ্ধস্থান হইতে সৈন্যগণকে শিবিরে নয়ন। "ততোঽবহারং সৈন্যানাম্ মহা ৭ (ত.বা)। **৩** দ্যূতযুদ্ধাদি হইতে বিশ্রাম (শ ক) ; বিরাম, নিবৃত্তি। "ক্রিয়তামবহারোঽস্মাদ্ যুদ্ধাৎ মহা (ত.বা)। অবহারং ততঃ কৃত্বা মহা ৭.৩২.৩ ; ২০। **৪** স্বধর্ম্মত্যাগপূর্ব্বক ধর্ম্মান্তরগ্রহণ (শ.ক)। **৫** আহ্বান। **৬** প্রত্যর্পণ। তু 'অবহার্য্য'। **৭** নিমন্ত্রিত বিপ্রাদি হইতে দ্রব্য-হরণ (ত.বা)। **৮** [+অ-র্ম্ম] নিমন্ত্রণে উপনেতব্য (উপহারযোগ্য) দ্রব্য (মেদিনী)। **৯** ধর্ম্মান্তর (শ.ক)। **১০** [+অ (ণ)-ক, পা ৩.১.১৪১] অপহারক, চৌর। **১১** গ্রাহ, হাঙ্গর। —হারক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] **১** স্থানান্তরপ্রাপক; অপনেতা। **২** যুদ্ধাদি হইতে নিবর্ত্তক। **৩** নিবারক। —ক পুং গ্রাহ, হাঙ্গর। —হার্য্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম ; স্ত্রী -র্য্যা] **১** অপনয়নীয়, স্থানান্তরনেয়। **২** সমর্পণীয়, অবশ্যদেয়। "মনু ৮.১৪৫। **৩** দণ্ডনীয়। "মনু ৮.১৯৮। **৪** সমাপনীয় (ত.বা)।

অবহারক, -হার্য্য ; অবহাস, -হাস্য দ্র 'অবহার ; অবহসন'।

অবহিত বিণ [অব+ √ধা+ত (ক্ত)-ক ; স্ত্রী -তা] **১** কৃতাবধান, সাবধান, মনোযোগী। "শৃণু মেঽবহিতা বচঃ গো.রা ২.৬৫.৪। অবহিতোঽস্মি।—শ ৫১৩। উ.মে ৩৯। অবহিতচিত্তে সী ১ ; ৪। **২** প্রমাদহীন, অ-প্রমত্ত। "আচার ইত্যবহিতেন ময়া গৃহীতা যা বেত্রযষ্টিঃ শ ৫.৩। **৩** [+ত-র্ম্ম] নিহিত। "অবহিতো বহ্নির্দারুষু (নানেব ভাতি) ভ ১.২.৩২। **৪** বিজ্ঞাত (শ.ক)।

অবহিত্থ ক্লী [অ-বহিস্+ √স্থা+অ (ক)-ক, পৃষো] অনুভাবগোপনার্থ ভাববিশেষ। 'অনুভাবপিধানার্থোঽবহিত্থং ভাব উচ্যতে সা.দ ৩.১৫৮, টীকা। —ত্থা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্), পৃষো : তু 'সং অবস্থা>প্রা অবত্থা] **১** আকার-গুপ্তি, অর্থাৎ শৃঙ্গারাদিজাত রোমাঞ্চপ্রসন্নমুখরাগাদি অঙ্গবিকারের গোপন (অ.টী) ; লজ্জাদি হেতু হর্ষাদিজন্য আকার-গোপন (কু.স ৬.৮৪, মল্লিনাথ)। 'সা.দ ৩.১৫৮। **২** সঞ্চারিভাববিশেষ। "সা.দ ৩.১৪১। **৩** আকার-গোপন (হলায়ুধ—অ.টী)। **৪** হৃদ্‌গতভাব (ত.বা)।

অবহু ক্রি.বিং [অব[২] +হু[১] ; অপ্র] এগনও। "শৈশব কাল ধরি, তুয়া পদ অনুসরি, অবহু অধিক অনুগতি শ্রী.ম ৮৪ ; অবহু কানু রহে মধুপুরী ১৪৩।

অবহৃত বিণ [অব+ √হৃ+ত (ক্ত)-র্ম্ম] **১** স্থানান্তরে নীত; অপনীত। "(সঃ) অশ্বৈরবহৃতো রণাৎ মহা ৭.৪৩.৬। **২** অপহৃত, চোরিত। **৩** দণ্ডিত (A.)।

অবহেল[১] ক্লী, **-হেলা** স্ত্রী [অব+ √হেড়্+অ (ঘঞ্), +অ, -ভা ; স্ত্রী আ (টাপ্) ; ড়্>ল্] অনাদর, অবজ্ঞা। "অবহেলাং কুটজে মধুকর মা গাঃ।—ভামিনীবিলাস ১.৬। —হেলন ক্লী [+অন (ল্যুট্)-ভা] অনাদর। —হেলিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অনাদৃত, অবজ্ঞাত। "ভামিনীবিলাস ১৮। —ত ক্লী [+ত-ভা] অবহেলা। [অবহেলে—অবহেলায়, অনায়াসে। "শি ৫৪।]

অবহেল[২] সর্ম্ম [সং অব+ √হেড়্ ; হি √অবহেল] অবহেলা করা ; তুচ্ছ করা। "মণি, মুক্তা, রতন, কি আছে লো জগতে৹ যাহে নাহি অবহেলি লভিতে সে ধনে মে ১১৪।

অবহেলন, -হেলা, -হেলিত দ্র 'অবহেল[১]।

অবা বিং ['অবোধ'—মূল ; অপ্র] **১** নির্ব্বোধ, বোকা। "হীরা বলে অবা, হাবা-গোবা বোবা, বিধাতা ঘটালো মোরে শ্রী ৯২। **২** বুদ্ধিহীন, নেকী (সস্নেহ গালি)। "কান্দিয়া জিজ্ঞাসে পুনঃ কানাড়া রূপসী। মোর মাথা খাস অবা হেদে লো ধুমসী॥—শ্রী ১৬৩ ; শোকাকুল কান্দিয়া কঙ্কণ হানে শিরে। কি বোল বলিলি অবা বল দেখি ফিরে॥—১৬৭।

অবাক্ (-চ্) বিণ [ন বাক্ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ক্ ; বৈদিক] **১** বাক্যরহিত, বাক্‌শক্তিহীন, বোবা। **২** (বাঙ্লায়) হর্ষবিস্ময়াদি হেতু বাক্যহীন ; নীরব। "পুলকে প্রেমের সিন্ধু উথলিয়া উঠে। অবাক্ অমনি দ্বিজ রহে করপুটে॥—রা.স ১৮। অবাক্ হইয়া অমনি একদৃষ্টে চেয়ে রয় শ্রী.মা ৬৪। মালিনী অবাক্ ত্রাসে ভা.চ ৩৯৬। অবাক্ দেখিলে, হয় অমনি অবাক্ স্না.ম ১৩। তীব্র তিরস্কার শুনি, অবাক্ হইল সভা কা ৬৭। **৩** (বিস্ময় বাক্যহীনতার হেতু বলিয়া) বিস্মিত, আশ্চর্য্যান্বিত। "অবাক্ হইনু হাটে দেখিয়া গুবাক ভা.চ ২৮৬। অবাক্ হলাম দেখে শুনে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। (লোকে) বেড়ার কাছে দাঁড়িয়ে যেত, দেখত অবাক্ চোখে প.কা ১। **৪** বিস্ময়জনক, অদ্ভুত। "অবাক্ কাণ্ড এ কি ! প.কা ১৯। —ক্ ক্লী (বাগিন্দ্রিয়শূন্য) ব্রহ্ম। [অবাক্

কারখানা—বিস্ময়কর ব্যাপার; অদ্ভুত কাণ্ড। "বাপের বাড়ি চলিয়া যাও, নাহিক তাতে মানা, যথায় খুসী চলিয়া যাও?—অবাক্ কারখানা!—মন্দ্র ৬৮।

অবাক্[২] বিণ [অব+ √অন্চ্+কিন্(০)-ক-১ব, -ক্ (ক্লী), -ঙ্ (পুং), -চী (স্ত্রী); সমাসে পূর্ব্বপদ 'অবাচ্'-স্থানে 'অবাক্' হয়; যেমন, 'অবাক্পুষ্পী' 'অবাক্শিরাঃ' ইত্যাদি; ছান্দস] ১ নম্র, নত, ন্যুব্জ। "মাঘ ৬.৭৯। কি ১৪.৩৪। ২ অধোমুখ। "(সাক্ষী) অবাঙ্ নরকমভ্যেতি মনু ৮.৭৫। ৩ দক্ষিণদিগ্ভব, অবাচীন। —ক্ ক্লী অবাচী দিক্; দক্ষিণ দিক্। 'পা ৫.৩.৩০, সি। —চী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] দক্ষিণ দিক্।

অবাক্য বিণ [ন.বহুব্রী] বিস্ময়ে বাক্যহীন; মৌনী, স্তব্ধ। "যে যে দেখিলেন প্রেম সভেই অবাক্য চৈ.ভা ১৪৩।

অবাক্শিরাঃ (-রস্), -শীর্ষ বিণ [বহুব্রী; স্ত্রী -রাঃ, -র্ষা] ১ অধোমস্তক, অধোমুখ। "অবাক্শিরাস্ত্রিশঙ্কুশ্চ তিষ্ঠতু রা ১.৬০.৩২। °র্ষ মহা ১৩.৫৭.৪। মনু ৩.২৪৯। ভট্টি ৪.৩। ২ অবনতমস্তক। "°শিরাঃ প্রপতিতঃ গো.রা ৫.৫৬.৭৮।

অবাগিনী বিং ['অভাগিনী'—মূল; অপ্র; তু 'আবাগী'] অভাগ্যবতী, দুঃখিনী। "অবাগিণী মাএ কান্দে ম.গা ৮।

অবাগ্গতি স্ত্রী [কর্ম্মধা] নীচকর্ম্মানুরাগ (নীলকণ্ঠ)। "মহা ১৪.৩৬.১৫। —গমন ক্লী [কর্ম্মধা] অধোগমন। "অপানো নাম অবাগ্গমনবান্ (বেদান্তসার)।

অবাঙ্মনসগোচর বিণ [ন ত; স্ত্রী -রা] বাক্য ও মনের অবিষয়; অনির্ব্বাচ্য ও অচিন্তনীয়। "অথৈনং তুষ্টুবুঃ স্তুত্যমবাঙ্মনসগোচরম্ রঘু ১০.১৫। °রম্ (আত্মানমাশ্রয়ে)।—বেদান্তসার। —র পুং (?) ব্রহ্ম।

অবাঙ্মুখ বিণ [অবাক্ মুখ যাহার, বহুব্রী; স্ত্রী -খা, -খী] অধোমুখ, অবনতমস্তক। "অবাঙ্মুখস্যোপরি পুষ্পবৃষ্টিঃ রঘু ২.৬০। —খ ক্লী অস্ত্রবিশেষ। রা ১.২৮.৪।

অবাচ্য বিণ [ন.ত; স্ত্রী -চ্যা] ১ বচনানর্হ, নিন্দনীয়, দুষ্ট। "অবাচ্যং বদতো জিহ্বা কথং ন পতিতা তব গো.রা ৫.৫৬.৮১। °বাদ গী ২.৩৬। ২ (অসম্ভবত্ব হেতু) অকথনীয় (এই বন্ধ্যার পুত্র যাইতেছে ইত্যাদি বাক্য)। ৩ অসম্বোধনীয়, সম্বোধনানর্হ। "অবাচ্যো দীক্ষিতো নাম্না মনু ২.১২৮। ৪ অবদ্য, অগ্রহণীয় (গুরুনামাদি)। ৫ অনির্ব্বচনীয়, বাগতীত। ৬ অনিন্দ্য, অবচনীয়। "দুর্লভা সর্ব্বেষবাচ্যতা কি ১১.৫৩। মহিম্নঃ স্তবঃ ১। ৭ অভিধাবৃত্তি দ্বারা অবোধনীয় (যাহা বুঝান যায় না)। "অবাচ্যত্বাদিকং তস্য বক্ষ্যে ব্যঞ্জনরূপেণ সা.দ (ত.বা)। ৮ (অশ্লীলতা হেতু) অকথনীয়, অনুচ্চার্য্য। "°দেশ (যোনি)। ৯ বাচ্যভিন্ন, অর্থাৎ যাহা বলা যায়, তদ্ভিন্ন (বিষয়)। —চ্য ক্লী দুর্ব্বাক্য গালি প্রভৃতি।

অবাত বিণ [ন.বহুব্রী; ছান্দস] বাতহীন, নির্বাত (দেশ)।

অবাধ বিণ [ন বাধ যাহাতে, ন.বহুব্রী; স্ত্রী -ধা] ১ বাধশূন্য, অপ্রতিবন্ধ, অনর্গল। "ভাবলোকের মুক্তাকাশে অবাধ বিহার চা.পূ ৯২। ২ বাধারহিত, পীড়াশূন্য। "বীতশোকভয়াবাধ মহা ৩.৬৪.১০৪। —ধ পুং [ন.ত] ১ বাধের অভাব; প্রতিবন্ধাভাব। ২ পীড়াভাব, অবাধা। [অবাধে—১ অপ্রতিবন্ধভাবে, অবিরোধে। "দুই ভাগ অগ্নি এক অবাধে, হইল প্রণয় করি রে ভা.চ ৯৫। ২ অনর্গলভাবে; অনায়াসে।]

অবাধক বিণ [ন.ত; স্ত্রী -কা] ১ বাধকভিন্ন, অনুগুণ, অনুকূল। "ভ্রান্তিরবাধকা ক.সা ২৭.৮০। ২ অপ্রতিবন্ধক।

অবাধিত বিণ [ন.ত] ১ বাধিতভিন্ন, অপ্রতিহত। ২ অপ্রতিবন্ধ, মুক্ত। "°স্থান মনু ৪.৫, কুল্লুক।

অবাধ্য বিণ [ন.ত; স্ত্রী -ধ্যা] ১ বাধ্যভিন্ন, অপ্রতিরোধনীয়। ২ (বাঙলায়) অবশীভূত, অবশ, স্বেচ্ছাচারী। ['বাধ্য' অর্থাৎ প্রতিরোধনীয়, বশীভূত; তদ্ভিন্ন, অর্থাৎ অবশীভূত, 'অবাধ্য'।]

অবান্তর বিণ [অন্তরকে অবগত, প্রা.স; স্ত্রী -রা; ছান্দস] ১ মধ্যকে প্রাপ্ত; মধ্যবর্ত্তী, প্রধানান্তর্ভূত (অঙ্গাদি)। ২ সামান্যের মধ্যে বিশেষ। ৩ দুইএর মধ্যস্থ; অন্তরালস্থিত। "°দিক্, °দেশ। ৪ প্রসঙ্গাগত, গৌণ, অপ্রধান (যেমন, যজ্ঞাদির ফলশ্রুতি 'অবান্তর', মোক্ষবিবক্ষা 'প্রধান')। "বরপাত্রের দর বাড়িয়া উঠিবার সেটাও একটা অবান্তর কারণ পা.প্র ৯৩। —র বি (বাঙলায়; অপ্র) অন্তর্ভূত বিষয়; ভিতরের কথা; গূঢ় বিষয়; রহস্য। "কৃপা করি কহ কন্তে শুনি অবান্তর কৃ ১৮৩। জানিল দেবতাগণ সব অবান্তর ম ৯৫৪। শুনিয়া হনুর মুখে সব অবান্তর শ্রী.মা ২৩; আমূলক অবান্তর কহিল সকল ২৪; যতেক অবান্তর ৬০। শুনি অবান্তর ২১৮। কোথা স্থান করিব কি জানি অবান্তর ব.প ৭৪৮।

অবান্ধব বিণ [ন.বহুব্রী] ১ বান্ধবহীন, অবন্ধু। ২ অনাথ, স্বজনহীন। "অবান্ধবং শবম্ মনু ১০.৫৫। —ব পুং [ন.ত] বান্ধবভিন্ন জন; অবন্ধু। "যেঽবান্ধবা বান্ধবা বা (তর্পণমন্ত্র)।

অবাপিত বিণ [অব+ √আপি+ত (ক্ত)-র্ম্ম] প্রাপিত, নীত। "নৈ ২.৯৫। —বাপ্ত বিণ [+ √আপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রাপ্ত, লব্ধ। "অনবাপ্ত গী ৩.২২; রঘু ১০.৩১। অনবাপ্তচক্ষুঃফল শ ২.৮। ২ [+ত-ক] প্রাপ্ত, গত। —বাপ্তব্য বিণ [+তব্য-র্ম্ম; স্ত্রী -ব্যা] প্রাপ্তব্য, লভ্য। "গী ৩.২২। রঘু ১০.৩১। —বাপ্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] প্রাপ্তি, লাভ। "কুসুম° মহা ৩.১৪৭.৩৫। °সাধন কু.স ৫.৬৪। —বাপ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] প্রাপ্য, লভ্য। "জ্যেষ্ঠ° (ধন) মনু ১১.১৮৬।

অবাপ্ত, -বাপ্তব্য, -বাপ্তি, -বাপ্য দ্র 'অবাপিত'।

অবাম বিণ [ন.ত] ১ বামভিন্ন, দক্ষিণ। ২ অপ্রতিকূল, অনুকূল। ৩ অসুন্দর, অশোভন। —ম ক্লী দক্ষিণ। "নৈ ১৪.৮৮।

অবার পুং, ক্লী [অব+ √ঋ গতি+অ (ঘঞ্)-র্ম্ম; তু 'সং অপার > প্রা অবার, ছান্দস] নদীপ্রভৃতির অর্বাক্ (নিকটবর্ত্তী) তীর; এপার (The near bank)। বিপ 'পার'।

অবারিত বিণ [ন.ত] ১ অরুদ্ধ, অনিষিদ্ধ। "পানীয়ং যস্য তিষ্ঠতাবারিতম্ মহা ১৩.৬৫.৬। °দ্বার নৈ ৩.৪১। সে বাড়িতে আমার অবারিত দ্বার ব.প্র ২৩৬। ২ অপ্রতিহত, অপ্রতিবন্ধ। "আত্মা যেন দিবারাত্রি অবারিত স্রোতে…ধায় তোমাপানে স.স্ব ৩০। নির্ঝরের ধারাসম অবারিত। —মন্দ্র ৯। ৩ অপরিমিত। "মাঘ ১২.৩৬।

অবার্য্য বিণ [ন.ত; স্ত্রী -র্য্যা] ১ অবারণীয়, অনিবার্য্য। ২ অপ্রতিকার্য্য, অচিকিৎস্য, অপ্রতিবিধেয়। "ব্যাধয়ো যান্ত্যবার্য্যতাম্। —সুশ্রুত ১.৩৩.২।

অবাল বিণ [ন.ত; স্ত্রী -লা] ১ বালভিন্ন, তরুণ। ২ সকল, পূর্ণ। "অবালেন্দুমুখী রঘু ৬.৫৩।

অবাস্তব বিণ [ন.বহুব্রী; স্ত্রী -বা] ১ বাস্তব যাহাতে নাই; অসত্য, মিথ্যাভূত। ২ ন্যায়বিরুদ্ধ, অযৌক্তিক। —ব ক্লী [ন.ত] বাস্তবের অভাব; অযাথার্থ্য, অমূলকতা।

অবাহ্য বিণ [ন.ত; স্ত্রী -হ্যা] ১ অবহনীয়, অশক্যবহন। ২ অবহিঃস্থিত, অন্তস্থ, আভ্যন্তর। "করণৈরবাহ্যৈঃ রঘু ১৪.৫০। ৩ নিষ্ণাত, কুশল। "গীতবাদ্যনৃত্যাদিষবাহ্যঃ (দশকুমার)। ৪ [ন.বহুব্রী] বহির্ভাগরহিত।

অবি[১] পুং [√অব্+ই (ইন্)-ক; ছান্দস; cf., Gr. Oi-s; L. Ovi-s; S. ovjza; Lith. awi-s; Keltic—Oi; T., Goth.,

Avistr] ১ মেষ। "অথর্ব্বসংহিতা ৫.৮.৪। মনু ৩.৬। কোন জনে করে অবি শ্রী ৯৯। ২ ছাগ। ৩ মূষিক। ৪ মূষিককম্বল। ৫ কম্বল। —বি স্ত্রী ১ মেষী। ২ ঋতুমতী।

অবি[২] ক্রি.বি [অব[৬] +ইব] কর্ত্তৃবাচ্যে ভবিষ্যৎকালে অনুজ্ঞাসূচক মধ্যম-পুরুষের ক্রিয়ার বিভক্তি। "বৈঠবি, নেহারবি, ঠেলবি, মোড়বি, দেয়বি বি.প ৫২; রহবি, ঝাঁপবি, দরশায়বি (ণিজন্ত), রাখবি, বান্ধবি ৫৫; ছোড়বি, করবি, গায়বি ১৫১; গোঙায়বি ১৭২। হেরবি, রহবি, শুনবি, পূজবি, গোপবি, রাখবি গো ১৫০; উপেখবি ২০১। আনবি, দেখবি, সহবি, ধরবি রা.শে ১১৮; সাধবি, (ণিজন্ত) ঘুচাবি, বসাবি ১১৯।

অবিকত্থ, -বিকত্থন বিণ [ন.ত; স্ত্রী -ত্থা, -না] বিকত্থনহীন, শ্লাঘা-শূন্য, অশ্লাঘী। "°ন রঘু ১৪.৭৩। শূরঃ স্যাদবিকত্থনঃ হি ৩.১০৫। °ন সা.দ ৩.৩২।

অবিকম্প বিণ [ন বিকম্প যাহাতে, ন.বহুব্রী; স্ত্রী -ম্পা] 'বিকম্পহীন', অপ্রচলিত, অচল, নির্ব্বিকল্পক, নিঃসংশয় (গী.টীকা)। "সোঽবি-কম্পেন যোগেন যুজ্যতে গী ১০.৭।

অবিকল[১] বিণ [ন.ত; স্ত্রী -লা] ১ বিকলভিন্ন, অব্যাকুল, অনাকুল। ২ বিকারহীন, অবিকৃত। "তানীন্দ্রিয়াণ্যবিকলানি হি ১.১৩৬। ৩ অবিসংবাদী, সুসঙ্গত। "°তাল মাঘ ১১.১০।

অবিকল[২] বিণ [ন.ত; স্ত্রী -লা] ১ বিকলভিন্ন, অ-কলাহীন, সকল, পূর্ণ। "°শরচ্চন্দ্রমধুর মা.মা ২.৯। ২ পরিপূর্ণ। "অবিকলঃ পুমান্ ভ ৭.২.২৪। ৩ সম্যগ্রূপ, নিঃশেষ। "°নিহতক্ষত্রতন্ত্রপ্রসার ম.চ ২.১৭। ৪ সমগ্র, অখণ্ড। "ফলমবিকলম্ পূ.মে ২৫; ৩৫। ৫ সম্পূর্ণ। "অবি-কলমাপ্তমাধিপত্যম্ কি ১৮.৩৬। মনোবাঞ্ছা সিদ্ধি...হউক অবিকলে অ.প ৯। কোন দুইখানি চিত্র অবিকল একরূপ হইত না পা.প্র ৬।

অবিকল্প বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ল্পা] ১ যাহার বিকল্প নাই; নিঃসংশয়। ২ পক্ষান্তররহিত। —ল্প পুং [ন.ত] বিকল্পাভাব, অসংশয়। —ল্পিত বিণ [ন.ত] নিঃসংশয়, পক্ষান্তররহিত।

অবিকার বিণ [ন.বহুব্রী; স্ত্রী -রা] যাহার বিকার নাই; অবিকৃত, পরিবর্ত্তনহীন। —র পুং [ন.ত] বিকারাভাব, অপরিণাম, একরূপতা। —কারী (-রিন্) বিণ [ন.ত; স্ত্রী -রিণী] ১ অপরিণামী, একরূপ, নিত্য। ২ অব্যভিচারী। "মনু ৭.১৯০। —কার্য্য বিণ [ন.ত; স্ত্রী -র্য্যা] অবিক্রিয়, পরিণামহীন, নিত্য। "গী ২.২৫। —কৃত বিণ [ন.ত] বিকাররহিত, পরিণামশূন্য, অবিকার। "সকলের উপাদান ব্রহ্ম অবিকৃত শ্রী.ম ২৬২। অকৃত্রিম প্রেম কি পরম পদার্থ। কি সুখ, কি দুঃখ... সকল অবস্থাতেই একরূপ ও অবিকৃত সী ১৭। —কৃতি স্ত্রী [ন.ত] ১ বিকারাভাব, অপরিণাম, একরূপতা। ২ যাহা কার্য্য নহে; কারণ। "মূলপ্রকৃতিরবিকৃতিঃ সাংখ্য ৩। —ক্রিয় বিণ [ন বিক্রিয়া যাহার, ন.বহুব্রী; স্ত্রী -য়া] বিকারশূন্য, নির্ব্বিকার, একরূপ। "°য়াত্মক (বেদান্তসার)। °ত্ব মনু ৬.৯২, কুল্লূক। রঘু ২০.১৭। —য় ক্লী ব্রহ্ম। —য়া স্ত্রী [ন.ত] অবিকৃতি, একরূপতা।

অবিকারী, -কার্য্য, -কৃত, -কৃতি, -ক্রিয়, -ক্রিয়া দ্র 'অবিকার'।

অবিক্রী বিং ['অবিক্রীত'—মূল] যাহা বিক্রীত হয় না; বিক্রয়ের অযোগ্য। "সহরে অবিক্রী কিছুই নাই।

অবিক্রীত বিণ [ন.ত] যাহা বিক্রীত নহে; অকৃতবিক্রয়। —ক্রেয় বিণ [ন.ত; স্ত্রী -য়া] বিক্রয়ের অযোগ্য; স্মৃতিনিষিদ্ধ বিক্রয়; যাহা বেচা শাস্ত্রনিষিদ্ধ (লাক্ষালবণাদি)। "অবিক্রেয়ং সুতং জ্যেষ্ঠম্ রা ১.৬১.১৭। °য়স্য বিক্রয়ঃ (স্মৃতি)।

অবিক্লব বিণ [ন.ত; স্ত্রী -বা] অনাকুল, শান্ত, ধীর। "(অচষ্ট) জগৎকারণবিক্লবা মহা ১.৫৪.৪।

অবিক্ষত বিণ [ন.ত; স্ত্রী -তা] ১ অহিংসিত, অনাহত, অক্ষত। ২ ভোগাদি হেতু অদূষিত; অখণ্ডিত, অবিনষ্ট (পণ্য)। "বিক্রেতুঃ প্রতিদেয়ং তৎ তস্মিন্নেবাহ্যবিক্ষতম্।

অবিগীত বিণ [ন.ত; স্ত্রী -তা] অনিন্দিত, অগর্হিত, প্রশস্ত। "°শিষ্টাচারপরম্পরা (মুক্তাবলী)। অবিগীত শিষ্টাচারে তা সবারে গণি: অবিগীত শিষ্টজন-আচরণে চৈ ১১০। অবিগীত ব্রাহ্মণ ভা.চ ১৯৬।

অবিগ্রহ বিণ [ন বিগ্রহ যাহার, ন.বহুব্রী; স্ত্রী -হা] ১ দেহশূন্য, নির-বয়ব, অশরীরী। ২ (ব্যাকরণে) সমাসে যে শব্দের বিগ্রহ (বৃত্তি) নাই; বৃত্তিতে রূপান্তরপ্রাপ্ত শব্দ (নিত্যসমাসে—'অন্তর' 'মাত্র' ইত্যাদি)। —হ ১ অরূপ পরমেশ। ২ অকায় দেব। ৩ (ব্যাকরণে) স্বপদবিগ্রহহীন নিত্যসমাস।

অবিঘাত বিণ [ন.বহুব্রী; স্ত্রী -তা] যাহার বিঘাত নাই; অবিঘ্ন, অব্যাহত, অপ্রতিবন্ধ, অবাধ। "°গতি। —ত পুং [ন.ত] বিঘাতের অভাব; বাধাভাব, অপ্রতিবন্ধ।

অবিঘ্ন বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ঘ্না] ১ যাহার বিঘ্ন নাই; অবিঘাত, অবাধ, নির্বিঘ্ন। "অবিঘ্নং গচ্ছ পন্থানম্ গো.রা ৩.১২ ১১। °ক্রিয়োপলব্ধ শ ১২/৩। ২ (বিঘ্নাভাব হেতু) অবিলম্ব। "অবিঘ্নং ক্রিয়তাং সর্ব্বং কিমর্থং হি বিলম্বাতে রা ১.৭৩.১৬। —ঘ্ন ক্লী [অব্যয়ীভাব] বিঘ্নের অভাব; বিঘ্নাভাব, অবাধা। "যজ্ঞশ্চাবিঘ্নতো ভবেৎ রা ১৬২.১২। °ঘ্নমস্তু মহা ৩.২৯৩.৩২; রঘু ১.৯১। [অবিঘিনে—অবিঘ্নে, নিরাপদে (পদ্যে)। "অবিঘিনে সুন্দরী করু অভিসার বি.প ৯১।]

অবিঘ্নেশ্বর বি [ষ.ত] 'অবিঘ্নের অধিপতি'; গণেশ। "অবিঘ্নেশ্বর দিব (অর্থাৎ দেব) নাম গজানন কৃ.উ ৬১।

অবিচক্ষণ বিণ [ন.ত, স্ত্রী -ণা] ১ অপণ্ডিত, অপটু, মূঢ়। ২ অজ্ঞ, দোষজ্ঞানহীন। "মনু ৩.১১৫। ৩ মূর্খ, অর্থাৎ যে বন্ধকের নিয়ম জানে না। "আধিঃ ভুঙ্ক্তেঽবিচক্ষণঃ মনু ৮.১৫০।

অবিচল বিণ [ন.ত; স্ত্রী -লা] ১ অচল, স্থির, স্তব্ধ, দৃঢ়। ২ অক্ষোভ, সংযত। "°ইন্দ্রিয়। ৩ নিস্পন্দ, স্তব্ধ। "দাঁড়াইয়া তরুরাজি স্থির, অবিচল,—প্রস্তরে নির্ম্মিত যেন।—ন ৪১২। ৪ অটল, স্থিরসঙ্কল্প। "উহ সুপুরুখ বর, বিদগধ শেখর, এ অবিচল কুল বালা গো ২১৩। ৫ অভ্রষ্ট। "অবিচল কুল, রমণী সকল, শুনিয়া বরল চিত চ.দা ৬৬। —চলিত বিণ [ন.ত] ১ সর্ব্ব 'অবিচল (১)। "অবিচলিত স্নেহ সী ৭২। ২ অক্ষোভ, শান্ত, সংযত (চিত্ত)। ৩ স্থিরসঙ্কল্প, নিষ্ঠিত, ব্যবস্থিত। ৪ স্থির, নিস্পন্দ, নির্নিমেষ। "সীতা অবিচলিতনয়নে নিরীক্ষণ করিয়া রহিলেন সী ৪৯। —চালিত বিণ [ন.ত] অনপসারিত, অনপনীত। —চাল্য বিণ [ন.ত; স্ত্রী -ল্যা] অনপসারণীয়, অনপনেয়, অভ্রংশনীয়। "অবিচাল্যাশ্চ (পাঠান্তর) তে তে স্মরচলা ইব নিত্যশঃ মহা ১৫.৫.৪৩।

অবিচলিত, -চালিত, -চাল্য দ্র 'অবিচল'।

অবিচার বিণ [ন.বহুব্রী; স্ত্রী -রা] ১ বিচারহীন, অরাজক। "অবিচার-পুরে দেশে যঃ পলায়তি জীবতি।— হি (ত.বা)। ২ বিচারশক্তিহীন, অবিবেকী। —র পুং [ন.ত] ১ বিচারাভাব, অসংশয়। "অবিচারেণ সর্ব্বাভিরনুষ্ঠেয়ন্তু তৎ পুনঃ (শ.ক)। ২ অপ্রশস্ত বিচার; অন্যায়, সপক্ষপাতবিচার। ৩ অবিবেচনা। ৪ অত্যাচার। —চারণ ক্লী [ন.ত] বিচারাভাব, কর্ত্তব্যাকর্ত্তব্যবিষয়ে বিবেকাভাব; অসংশয়। "তাস্মিন্ স্যন্দনে ক্ষিপ্রং স্যন্দস্তামবিচারণাৎ গো.রা ৩.২৮.২৭। —চারণীয় বিণ [ন.ত; স্ত্রী -য়া] অবিচার্য্য, অবিবেচ্য, বিচারানর্হ। "আজ্ঞা গুরূণাং হ্যবিচারণীয়া রঘু ১৪.৪৬। —চারিত বিণ [ন.ত] ১ অসম্যগ্দৃষ্ট, অবি-মৃষ্ট, অবিবেচিত। "অবিচারিতং কর্ম্ম ন কর্ত্তব্যম্ হি ১২/৩। ২ অকৃত-বিচার, বিচাররহিত। "তত্র দণ্ডোঽবিচারিতঃ মনু ৮.২৯৫। ৩ অসম্যগ-

বিচারিত, অবিবেচিত। "মহা ১৪.৪৮.১০। —চার্য্য বিণ [ন.ত ; স্ত্রী -র্য্যা] সর্থ 'অবিচারণীয়'। [অবিচারে—১ কার্য্যাকার্য্যবিচারত্যাগ-পূর্ব্বক, নিঃসংশয়ে। "অবিচারে তারে···করিবা নিধন অ.প ১৩২। ২ অন্যায়পূর্ব্বক। "অবিচারে কারাগারে পিতার নিধন নী ৯৭।]

অবিচারণ, -চারণীয়, -চারিত, -চার্য্য দ্র 'অবিচার'।

অবিচিন্তন ক্লী [ন.ত] অবিমর্শন, অভাবনা, চিন্তাভাব। "মহা ৩.২.২৩। —চিন্ত্য বিণ [ন.ত ; স্ত্রী -ন্ত্যা] অভাবনীয়, অচিন্তনীয়, চিন্তাতীত। "কর্ম্মকালে পুনর্দেহমবিচিন্ত্যং সৃজাম্যহম্ মহা ৩.১৮৯.৩১।

অবিচ্ছিন্ন বিণ [ন.ত ; স্ত্রী -ন্না] ১ অখণ্ডিত, অবিযুক্ত, সংশ্লিষ্ট। "ঘন জলধরে, অবিচ্ছিন্ন ব্যাপিয়াছে গগনমণ্ডল ন ৪২৫। ২ নিরন্তর, অবিরাম। "°সন্ততি (কল্যাণ) রঘু ১৭.১১। অবিচ্ছিন্ন কত ধারা বহে চৈ.ভা ৪৫১। —চ্ছেদ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দা] বিচ্ছেদরহিত, অবিচ্ছিন্ন। —দ পুং [ন.ত ; ছান্দস] বিচ্ছেদাভাব, অবিরাম। "°বিরুদ্ধ কি ১৪.৩২।

অবিচ্যুত বিণ [ন.ত] ১ চ্যুতিরহিত, অভ্রষ্ট। "প্রাপ্নোতি ব্রহ্ম-লোকমবিচ্যুতম্ যাজ্ঞ ১.২১২। ২ অস্খলিত। "পঠন্ সামগায়মবিচ্যুতম্ যাজ্ঞ ৩.১১২।

অবিজ্ঞাত বিণ [ন.ত] বিশেষভাবে অজ্ঞাত ; অবিদিত। "°তে জলা-শয়ে মনু ৪.১২৯ ; ১০.৫৭ ; ১১.৮৮। —জ্ঞাতা (-তৃ) বিণ [ন.ত ; স্ত্রী -ত্রী] বিজ্ঞাতৃভিন্ন, অজ্ঞাতা। —তা পুং 'জীববিলক্ষণ', পরমেশ্বর, বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৬৪। —জ্ঞান ক্লী [ন.ত] অনবগতি, অজ্ঞান। "মনু ২.২২০। —জ্ঞেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] ১ অনবগম্য, অবেদ্য. ২ অর্থাপত্ত্যাদি দ্বারা অগোচর ; মন ও বাহ্যেন্দ্রিয় দ্বারা দুর্জ্ঞেয় (কুল্লুক) ; দুর্বিজ্ঞেয়, স্থূলদৃষ্টির অবিষয়। "মনু ১.৫ ; ১২২৯। গী ১৩.১৫। —য় পুং পরমেশ্বর।

অবিজ্ঞাতা, -জ্ঞান, -জ্ঞেয় দ্র 'অবিজ্ঞাত'।

অবিতথ বিণ [ন.ত ; স্ত্রী -থা] ১ বিতথবিরোধী, অমোঘ, সত্য। "রঘু ৫.২৬ ; ১৫.৯৫। মনু ২.১৪৪। ২ সার্থক, সফল। "°ক্রিয় রা ২.৪৭.৫। অবিতথৈষা তব ভারতী ভবতু (নাগানন্দ)। —থ ক্লী সত্য, ঠিক কথা। "অবিতথমাহ প্রিয়ংবদা শ ৩৯/৪।

অবিতর্কিত বিণ [ন.ত] অচিন্তিত, অভাবিত, অনপেক্ষিত। "দুঃস্বপ্ন-গতিং নিশম্য···অবিতর্কিতাম্ রা ২.৬৯.২১।

অবিতা (-তৃ) বিণ [√অব্+তৃ (তৃন্)-ক-১ব ; স্ত্রী -ত্রী ; ছান্দস] রক্ষক, ত্রাতা। "সর্ব্বসুহৃদমবিতারম্ ভ ১.১১.৫ ; প্রজা° ১২.১৯ ; ধর্ম্ম° ৪.৪.১৬।

অবিতৃপ্ত বিণ [ন.ত] তৃপ্তিহীন, অবিতৃষ্ণ, অতৃপ্ত। "অবিতৃপ্তস্ত কামানাম্ গো.রা ৪.৩৫.৯। অবিতৃপ্ত ইবাতুরঃ ভ ১.৬.২০ ; °দৃক্ ৩.২.১১ ; °কাম ৭.৬.১৩।

অবিদগ্ধ বিণ [ন.ত ; স্ত্রী -গ্ধা] ১ অসম্যক্ দগ্ধ ; অদগ্ধ। ২ অপক, অজীর্ণ। "শাল্যোদনপিণ্ডম্···অবিদগ্ধম্ (সুশ্রুত)। ৩ অপণ্ডিত, অজ্ঞ, অবিবেকী, মূঢ়, অরসিক। "নাবিদগ্ধঃ প্রিয়ং ব্রূয়াৎ।—পঞ্চ ১.১৭৫। অবিদগ্ধ বিধি ভাল না জানে সৃজন চৈ.চ ১৭। ৪ অপক (শোথ)। অবিদগ্ধঃ শমং যাতি বিদগ্ধঃ পাকমেতি চ (সুশ্রুত)। ৫ বিদাহহীন, দাহশূন্য। "সুশ্রুত ১.১৮.৫।

অবিদিত বিণ [ন.ত] অবিজ্ঞাত, অনবগত, অজ্ঞাত। "°গতযামা রাত্রিঃ উ.চ ১.২৭। সা.দ ১০৪/৫। —ত পুং পরমেশ।

অবিদ্ধ বিণ [ন.ত ; স্ত্রী -দ্ধা] ১ বিদ্ধভিন্ন, বেধহীন, অচ্ছিদ্র। "°কর্ণ (অম্বষ্ঠালতা) ২ অলুপ্ত। "°দৃক্ ভ ৮.৩.৪। ৩ অনাবৃত। "অবিদ্ধবচ্চঃ ভ ৩.৯.৩।

অবিদ্য বিণ [ন বিদ্যা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -দ্যা] বিদ্যাহীন, শাস্ত্রজ্ঞান-শূন্য, মূর্খ। "মনু ৯.২০৫। অবিদ্যং জীবনং শূন্যম্ (সু.র)। অবিদ্যো বা সবিদ্যো বা ব্রাহ্মণো মামকী তনুঃ (পুরাণ)। অবিদ্য সবিদ্য বেদহীন দ্বিজগণ। তথাপি আমার তনু জানিবে অর্জ্জুন॥ —ম ৭৪০।

অবিদ্যমান বিণ [ন.ত ; স্ত্রী -না] ১ অবর্ত্তমান, অভাবযুক্ত। "মনু ১১.১১৭। ২ অনুপস্থিত। ৩ মৃত। "এতেষবিদ্যমানেষু মনু ২.২৪৮। [আমি অবিদ্যমানে—আমি না থাকিলে ; আমি মরিলে।]

অবিদ্যা স্ত্রী [ন.ত ; ছান্দস] ১ বিদ্যার অভাব ; জ্ঞানাভাব, মূর্খতা। ২ 'বিদ্যাবিরোধী', অজ্ঞান। ৩ বিপর্য্যয়জ্ঞান (একটিকে আর একটি বলিয়া জানা) ; অযথার্থবুদ্ধি, মিথ্যাজ্ঞান, তমঃ (ইহা পঞ্চ ক্লেশ বা পঞ্চ-পর্ব্বা অবিদ্যার একতম—পা.দ ২.৩ ; সাংখ্য ৪৭)। ৪ অনাত্মায় আত্মবুদ্ধি, অর্থাৎ যাহা আত্মা নহে, তাহাকে আত্মা বলিয়া জানা। 'অনাত্মন্যাত্মবুদ্ধির্যা সাঽবিদ্যা পরিকীর্ত্তিতা। ৫ (বেদান্তে) মায়া। দ্র 'মায়া (১৫)। ৬ (বিদ্যাভিন্ন) কৃষি-বাণিজ্য-রাজসেবাদি কার্য্য (মনু ৯.২০৫, মেধাতিথি)। ৭ (বাঙলায়) উপপত্নী, রাঁড়।

অবিদ্বান্ (-দ্বস্) বিণ [ন.ত ; স্ত্রী -দুষী ; ছান্দস] অপণ্ডিত, অজ্ঞ, অবিবেকী, মূর্খ। "মনু ২.২১৪ ; ৪.১৯১ ; ৯.৩১৭।

অবিধবা স্ত্রী [ন.ত ; ছান্দস] সভর্ত্তৃকা নারী ; সধবা। "ইমা নারীর-বিধবাঃ সপত্নীঃ।—ঋগ্বেদ ১০.১৮.৭। উ.মে ৩৮।

অবিধা, অবিহা ব্য [সং অবিঘাত > প্রা অবিহাঅ > অবিহা—ধা (?)] খেদোক্তি, ত্রাহি ! রক্ষা কর (Help !)। "ভো বয়স্য অবিহা অবিহা শ ৭১/৪ ; ২১/৮। বিক্র ২১/২। [মৃচ্ছকটিকে দ-কারান্ত—"অবিদ অবিদ ভোঃ"(১/৮)]

অবিধান বিণ [ন. বহুব্রী ; স্ত্রী -না] যাহাতে বিধান নাই ; বিধিহীন, অবৈধ, নিয়মরহিত, অশাস্ত্রীয়। —ন ক্লী [ন.ত] বিধানাভাব, অবিধি, অনিয়ম, অবৈধকার্য্য। "অবিধানেন যৎ কার্য্যং তৎ সর্ব্বং বিফলং ভবেৎ (স্মৃতি)। চমকিত শচীদেবী দেখি অবিধান চৈ.ম ৩৪ ; ৫০।

অবিধি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ধি] সর্থ 'অবিধান'। —ধি পুং [ন.ত] ১ বিধির অভাব ; অবিধান। "নাদ্যাদবিধিনা মাংসম্ মনু ৫.৩৩। ২ অজ্ঞান, ভেদবুদ্ধি (গী.টীকা)। "গী ৯.২৩। ৩ বিহিতাঙ্গে ইতি-কর্ত্তব্যতারহিত (শঙ্কর)। "গী ১৬.১৭।

অবিধেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] ১ অকর্ত্তব্য, অবৈধ, অনিয়ম। " 'গঙ্গার মহত্ত্ব' শ্লোকে মূল বিধেয়। 'ইদং' শব্দে অনুবাদ পাছে, অবিধেয়॥ —চৈ.চ ৫৯। ২ অ-বশ্য, প্রতিকূল। "বিধেয়বিধেয়তাম্ মু ৪.২।

অবিনয় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী- য়া] যাহার বিনয় নাই ; অবিনীত, অশিষ্ট, অভদ্র। —য় পুং [ন.ত] ১ বিনয়াভাব। ২ 'বিনয়বিরোধী', দুর্নয়, অশিষ্টাচার। "অবিনয়ান্নষ্টা রাজানঃ মনু ৭.৪০ ; ৪১। অয়মাচরত্যবিনয়ম্ শ ১.২২। ৩ গর্ব্ব। "অবিনয়মপনয় বিষ্ণো (শঙ্কর)। ৪ ঔদ্ধত্য, অসম্মান।

অবিনাভাব পুং ১ 'ব্যাপক বিনা ন ভাব (অস্থিতি)' ; ব্যাপক বিনা ব্যাপ্যের অস্থিতি ; নিয়তসম্বন্ধ ; ব্যভিচারাভাব, নিত্যসম্বন্ধ, ব্যাপ্তি। [যেমন, ব্যাপক বহ্নি বিনা ব্যাপ্য ধূমের অসত্তা অর্থাৎ বহ্নি নাই ধূম আছে, ইহা হয় না ; ধূম থাকিলেই বহ্নি থাকিবেই—এইরূপ 'অবিনা-ভাব'।] ২ অবিয়োগ, অবিচ্ছেদ। ৩ সম্বন্ধমাত্র। 'অবিনাভাবোঽত্র সম্বন্ধমাত্রম্ কা.প্র ২১/৩। —ভাবী (-বিন্) বিণ 'ব্যাপক বিনা ন ভাবী' ; নিত্যসম্বন্ধ, ব্যাপ্য। "°ভাবিত্ব কা.প্র. ২১/২। —ভূত বিণ 'ব্যাপক বিনা ন স্থিত' ; ব্যাপ্ত, সম্বন্ধ। "অভিধেয়াবিনাভূতপ্রতীতিঃ কা.প্র ২১/২।

অবিনাশ পুং [ন.ত] বিনাশাভাব, অক্ষয়। —নাশী (-শিন্) বিণ [ন.ত ; স্ত্রী -শিনী] অবিনাশশীল, সর্ব্বপ্রকারপরিচ্ছেদশূন্য, বিনাশশূন্য (গী.টীকা)। "গী ২.১৭ ; ২১। —নাশ্য বিণ [ন.ত ; স্ত্রী -শ্যা]

১ বিনাশের অযোগ্য ; অহননীয়। ২ অবিকার্য্য (নীলকণ্ঠ)। "অবিনাশ্যঃ ...ক্ষেত্রজ্ঞঃ মহা ১৫.৩৪.৭।

অবিনাশী, -নাশ্য দ্র 'অবিনাশ'।

অবিনির্ণয় পুং [ন.ত] অনিশ্চয়। "মহা ১৪.৩৬.১২।

অবিনীত বিণ [ন.ত] ১ বিনয়রহিত, অশিষ্ট। ২ কামক্রোধাদি কর্ত্তৃক অভিভূত (অ.টী); উদ্ধত। "(রাজ্যং পালয়িতুং শক্যম্) নাবিনীতেন রা ৩.৪১.১১। ৩ অসংযত, অনিগৃহীত। "°তাত্মা যাজ্ঞ ৩.১৫৪। অবিনীত নর হেতো কভু না সাহসে স্ব.প্র ১৯২। ৪ অদমিত (অশ্ব, গজ ; Unbroken)। "নাবিনীতৈর্ব্রজেৎ মনু ৪.৬৭। —তা স্ত্রী কুলটা, অসতী।

অবিপক্ক বিণ [ন.ত ; স্ত্রী -কা] ১ অপক, আপাকা (Unripe)। ২ অজীর্ণ (খাদ্য)। ৩ অপরিণত (বুদ্ধি)। ৪ রাগাদিসমাক্রান্ত (চিত্ত)। "যাজ্ঞ ৩.১৪১। ৫ অপ্রাপ্তবিপাক, ফলরূপে অপরিণত। "কৃতস্যাবিপকস্য নাশঃ পা.দ ২.১৩, ব্যাসভাষ্য।

অবিপর্য্যাসিত বিণ [ন.ত] অপ্রাপ্তবিপর্য্যয়, একরূপ, অবিকৃত। "অবিপর্য্যাসিত রস উ.চ ২.২।

অবিপাক পুং [ন.ত] ১ কর্ম্মের ফলরূপে অপরিণতি বা অফলোদয় ; অপরিণাম। "মহা ১৪.৩৬.১৩। ২ পাকাভাব, অজীর্ণ। ৩ অগ্নিমান্দ্য-হেতুক রোগবিশেষ (সুশ্রুত)। ৪ অপকভাব।

অবিপ্লুত বিণ [ন.ত] ১ সম্যক্‌পালিত, অখণ্ডিত। "°ব্রহ্মচর্য্য মনু ৩.২। যাজ্ঞ ১.৫২। ২ অখণ্ডিতব্রত। "মনু ২.২৪৯। ৩ একাগ্রভাবে ব্যাপৃত। "°মতি যাজ্ঞ ৩.১৬১।

অবিপ্রতিহত বিণ [ন.ত] পাদ দ্বারা অনাক্রান্ত ; অক্ষুণ্ণ, গমনাগমন-রহিত (পথ)। "গো.রা ৩.৭৪.৪।

অবিবক্ষা স্ত্রী [ন.ত] বিবক্ষাভাব, কথনেচ্ছাবিরহ, বলার অনিচ্ছা। "অবিবক্ষাতঃ কর্ম্মণোঽকর্ম্মিকা ক্রিয়া।—পা ৭.১.৭, সি। —ক্ষিত বিণ [ন.ত] কথনে অনীপ্সিত ; তাৎপর্য্যের অবিষয়ীকৃত ; অলক্ষিত। "পা ১.৪.৫১, সি।

অবিবাদ পুং [ন.ত] ১ বিবাদাভাব, অবিরুদ্ধবাদ, ঐকমত্য। "মনু ৮.৯২। ২ বিরোধাভাব। —বাদী (-দিন্) বিণ [ন.ত ; স্ত্রী -দিনী] ১ অবিরুদ্ধবাদী, একমতি। ২ অবিবাদকারী, শান্ত।

অবিবাহ বিং [অপ্র] যাহার বিবাহ হয় নাই ; অনূঢ়া। "অবিবাহ এত বড় তোমার ভগিনী শ্রী ১৮।

অবিবাহিত বিণ [ন.ত] অভূতবিবাহসংস্কার, অনূঢ় (ত.বা)।

অবিবাহী (-হিন্) বিণ [ন.ত] ১ যাহার সহিত কন্যাদানসম্বন্ধ অকর্ত্তব্য ; কন্যাদানের অযোগ্য। "মনু ৯.২৩৮। ২ (বাঙলায় ; অপ্র) অকৃতদার, অবিবাহিত। "অবিবাহী পুত্র তার নাম লখিন্দর ম.ভা ২৩। ৩ অবিবাহিতা, অনূঢ়া। "কন্যা আছে অবিবাহী ম.ভা ২২ ; অবিবাহী কন্যা ২৩।

অবিবাহ্য বিণ [ন.ত ; স্ত্রী -হ্যা] ১ অসবর্ণতা হেতু বিবাহের অযোগ্য। "অবিবাহ্যা হি রাজানো দেবযানি পিতুস্তব মহা ১.৮১.১৮। ২ সগোত্রতাদি হেতু বিবাহের অযোগ্য। "আ সপ্তমাৎ পঞ্চমাচ্চ বন্ধুভ্যঃ পিতৃমাতৃতঃ। অবিবাহ্যা সগোত্রা চ সমানপ্রবরা তথা॥—নারদ।

অবিবিক্ত বিণ [ন.ত ; স্ত্রী -ক্তা] ১ বিবিক্তভিন্ন, অনিভৃত (দেশ)। ২ অবিবেচিত। ৩ বিবেকশূন্য। ৪ পরস্পর-তদাত্মভাবাপন্ন, পরস্পর অভেদভাবগত, একীভূত। "শুদ্ধচৈতন্যম্ অজ্ঞানাদিতদুপহিত-চৈতন্যাভ্যাং তপ্তায়ঃপিণ্ডবদবিবিক্তম্ (বেদান্তসার)। —বিবেক বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -কা] ১ যাহার বিবেক নাই ; সদসদ্‌বিচারহীন, বিচার-মূঢ়, অবিমৃশ্যকারী, অবিবেচক। "বরং বাসোঽরণ্যে ন পুনর-বিবেকাধিপপুরে হি ১.১৪৫। —ক পুং [ন.ত] ১ বিবেকাভাব, বিচার-মূঢ়তা, অবিমৃশ্যকারিতা। "অবিবেকঃ পরমাপদাং পদম্ কি ২.৩০। ২ সাহসিকতা (Rashness)। ৩ অন্যোন্যতাদাত্ম্যরূপ (পরস্পরের একীভাবরূপ) মিথ্যাজ্ঞান। "তদযোগোঽপ্যবিবেকাৎ (সাংখ্যসূত্র—ত.বা)। ৪ সম্ভূয়কারিতা, অর্থাৎ মিলিত হইয়া কার্য্য করা। "সম্ভূয়কারিত্বমবিবেকঃ সাংখ্য ১১, তত্ত্বকৌমুদী। ৫ সদসদ্-বিচাররাহিত্য, অবিবেচনা। ৬ পরস্পরের একীভাব হেতু বিশেষ জ্ঞানাভাব ; অভেদজ্ঞান। —বিবেকী (-কিন্) বিণ [ন.ত ; স্ত্রী -কিনী] ১ সর্থ 'অবিবেক' (বিণ)। "°বেকিতা হি ১১ (কথারম্ভ)। অবিবেকী বিষয়িনিকর স.শ ৫৩ ; অবিবেকী মন ৭০। ২ সম্ভূয়কারী, অর্থাৎ মিলিতভাবে কার্য্যকারী। "সাংখ্য ১১। —বিবেচক বিণ [ন.ত ; স্ত্রী -চিকা] কার্য্যাকার্য্যবিবেচনাশূন্য, অবিবেক। —বিবেচনা স্ত্রী [ন.ত] বিবেচনাভাব, অবিচারণা, বিচারমূঢ়তা।

অবিবেক, -বিবেকী, -বিবেচক, -বিবেচনা দ্র 'অবিবিক্ত'।

অবিভক্ত বিণ [ন.ত ; স্ত্রী -ক্তা] ১ বিভাগরহিত, অখণ্ডিত, সংস্পৃষ্ট, যুক্ত। ২ বিভাগহীন, অপৃথক্। "ভ্রাতৄণামবিভক্তানাম্ মনু ৯.১১৫। অবিভক্তং স্থাবরম্ (স্মৃতি)। ৩ এক, অভিন্ন (গী.টীকা)। "গী ১৩.১৬। ৪ সর্ব্বত্র বর্ত্তমান। ৫ অখণ্ড, সমগ্র। —বিভাগ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -গা] সর্থ 'অবিভক্ত'। —গ পুং [ন.ত] ১ বিভাগের অভাব ; অপৃথগ্‌ভাব। "°কালে মনু ৯.২১৯, কুল্লুক। ২ অভেদ। ৩ [ন.বহুব্রী] অবিভক্ত দায়। —বিভাজ্য বিণ বিভাগের অযোগ্য ; অভাজ্য (ধনাদি)। "মনু ৯.২১৯, কুল্লুক। —বিভাজ্য ক্লী বিভাগের অযোগ্য ধনবস্ত্রা-লঙ্কারাদি। দ্র 'মনু ৯.২১৯।

অবিভাই, অবিভাতি বিং [সং অবিবাহী, অবিবাহিতা ; অপ্র] অনূঢ়া। "এত বড় যোগ্য কন্যা কেন অবিভাই ম ২৩ ; অবিভাতি কন্যা ২৩৪ ; ২৫০।

অবিভাগ, -বিভাজ্য দ্র 'অবিভক্ত'।

অবিভাবনা স্ত্রী [ন.ত] অচিন্তন, অবিতর্কণ। —বিভাবনীয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] অবিতর্ক্য, অবোধ্য। —বিভাবিত বিণ [ন.ত] ১ অচিন্তিত, অবিতর্কিত, অনপেক্ষিত। ২ অলক্ষিত। ৩ অনুদ্ভাবিত। —বিভাব্য বিণ [ন.ত ; স্ত্রী -ব্যা] ১ অচিন্তনীয়, অবিতর্ক্য। ২ অনব-ধার্য্য, অবোধ্য। "নদৎসু তূর্য্যেষ্ববিভাব্যবাচঃ রঘু ৭.৩৮। ৩ অলক্ষ্য, অদৃশ্য। "অবিভাব্যতারকম্ (নভঃ) মাঘ ৯.১২।

অবিভাবিত, -বিভাব্য দ্র 'অবিভাবনা'।

অবিভ্রম বিণ [ন.ত] বিভ্রমাভাব, ধীরতা। "মহা ৪.৫৮.৬৩।

অবিমুক্ত বিণ [ন.ত] অপরিত্যক্ত, বদ্ধ। —বিমুক্ত ক্লী শিব ও শিবা কর্ত্তৃক অপরিত্যক্ত ; কাশীক্ষেত্র (কাশীখণ্ড)।

অবিমৃশ্য বিণ [ন.ত ; স্ত্রী -শ্যা ; 'অবিমৃষ্য' ইতি মূর্দ্ধন্য-'ষ'-যুক্ত পাঠ অসাধু] বিমর্শনের অযোগ্য ; অবিচার্য্য, অসন্দিগ্ধব্য (মল্লিনাথ), অর্থাৎ সন্দেহের অযোগ্য। "অবিমৃশ্যমেতৎ কি ৭.৪৪। —মৃশ্যকারিতা বি [°রিন্+তা (তল্) °তদ্ভাবার্থে] অবিমৃশ্যকারিভাব, কর্ত্তব্যা-কর্ত্তব্যবিচাররাহিত্য, অবিবেকিতা। "আমাদের...অবিমৃশ্যকারিতা দোষেই এই বিষম সর্ব্বনাশ ঘটিয়াছে সী ৩০। [বিদ্যাসাগর-ধৃত পাঠ '°শ্যকারিতা' (দ্রষ্টব্য 'সী, ২৬শ সংস্করণ) ; আধুনিক সংস্করণে '°ষ্যকারিতা' অসাধু।]

অবিমৃষ্টবিধেয়াংশ বি সর্থ 'অবিমৃষ্টবিধেয়াংশভাব'। "অবিমৃষ্ট-বিধেয়াংশ দুই ঠাঁই চিহ্ন : 'অবিমৃষ্ট-বিধেয়াংশ' এই দোষের নাম চৈ.চ ৫৯।

অবিমৃষ্টবিধেয়াংশভাব পুং [অবিমৃষ্ট বিধেয়াংশ যাহাতে (বহুব্রী), তাদৃশ ভাব, কর্ম্মধা] (অলঙ্কারশাস্ত্রে) পদগত ও বাক্যগত দোষবিশেষ। [বাক্যে অনুবাদ্য ও বিধেয়ের মধ্যে বিধেয় প্রধান ; যে স্থলে অপ্রধান-

ভাবে বিধেয়াংশের নির্দ্দেশ হয়, সেই স্থলে এই দোষ ঘটে। সমাস ও অনুবাদবিধেয়পদের স্থানবিপর্য্যয় হেতু এই দোষ দ্বিবিধ ; সমাসে, পদগত ও দ্বিতীয়ে, বাক্যগত দোষ হয় (সা.দ ৭.৩)। যথা (বাক্যে) 'গঙ্গার মহত্ত্ব' শ্লোকে মূল বিধেয়। 'ইদং' শব্দে অনুবাদ পাছে, অবিধেয়॥ (সমাসে) 'দ্বিতীয়' শব্দ বিধেয় পড়িল সমাসে। 'লক্ষ্মীর সমতা' অর্থ করিল বিনাশে॥—চৈ.চ ৫৯।]

অবিয়ত বিং [সং অবিবাহিত ; অপ্র ; কথ্যভাষা] অনূঢ়া। "মহাশয়ের অবিয়ত কন্যা একটী আছে ব.প ১৪৩২।

অবিযুক্ত বিণ [ন.ত] ১ অবিভক্ত, অচ্ছিন্ন, সংযুক্ত। ২ অবিচ্ছিন্ন, মিলিত। "অবিযুক্তানি রথাঙ্গনাম্নাং (দ্বন্দ্বানি) রঘু ১৩.৩১। —বিয়োগ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -গা] সর্থ 'অবিযুক্ত'। —বিয়োগ পুং [ন.ত] ১ বিয়োগাভাব, অবিচ্ছেদ, অবিরহ। ২ সংযোগ। ৩ সাহচর্য্য।

অবিরত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ বিরতিশূন্য, সতত, নিরন্তর, অবিচ্ছেদ। "অবিরতলীলা মাঘ ১১.১৭ ; ৫৫। অবিরতোৎকণ্ঠ উ.মে ৪১। °তোজ্ঝিত কি ৫.৬। অবিরত নেত্রজল নিবারিতে নারি ম.ভা ৪৭ ; ৫৩। ২ অনিবৃত্ত, অপরাঙ্মুখ। —রত ক্লী বিরামাভাব, অবিরাম। —বিরতি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -তি] সর্থ 'অবিরত (১)। "তোমার মহিমা গুণ শুনম অবিরতি গ ৬৯। ম.ম ৭৩। হানাহানি মহাযুদ্ধ হয় অবিরতি ম ৮৪২, টীকা। —বিরতি স্ত্রী [ন.ত] ১ বিরতির অভাব, অবিরাম, সাতত্য। ২ অনিবৃত্তি। ৩ অসংযম।

অবিরল বিণ [ন.ত ; স্ত্রী -লা] ১ বিরতিশূন্য, নীরন্ধ্র, সান্দ্র, নিবিড়, ঘন, গাঢ়। "অবিরলচ্ছায়া ; পত্রৈ···অবিরলৈঃ মহা ৩ ১৪৫.২০। অবিরলমালিঙ্গিতুম্ শ ৩.৪। °পুলক মাঘ ৭.১৫। কাঁচলিতে কাঁচা-সোনা কুচ গেল ঢাকা। অবিরল শ্রীফল-যুগল যেন পাকা॥—শি ১০৯। অবিরল শ্রীফলযুগল যেন দুটী শ্রী.মা ৯৯। অবিরল জনসংঘ চৈ ২১৬। ২ নিরন্তর, সতত, অবিরত। "°বিলোলঘূর্ণদ্বিদ্যুল্লতা ; °প্রবৃত্তবারিধারা উ.চ ৬$\frac{৫}{৬}$। (জগৎসিংহ) সেই দীনা শব্দহীনা বিধবার অবিরল কার্য্যের সাহায্য করিতেছেন ব.প্র ১০২।

অবিরলিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] অন্যোন্যসংযুক্ত, পরস্পরসংলগ্ন, অত্যাসন্ন। "°কপোল উ.চ ১.২৭।

অবিরাম বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -মা] বিরামশূন্য, অবিরত, সতত, অবিচ্ছিন্ন। "অবিরামাঃ···নিধুবনলীলাঃ মাঘ ১১.১৮। দেখিতে সভার চিত্ত হরে অবিরাম চৈ.ভা ৪০৮।

অবিরুদ্ধ বিণ [ন.ত ; স্ত্রী -দ্ধা] ১ বিরুদ্ধভিন্ন, বিরোধহীন, অবিরোধ, সঙ্গতিযুক্ত। ২ অপ্রতিবন্ধ, প্রতিবন্ধহীন, অবাধ। "যদি অবিরুদ্ধং ততঃ শ্রোষ্যামি বিক্র ২$\frac{২}{৯}$। ৩ একত্র, সহাবস্থিত। —বিরোধ পুং [ন.ত] ১ বিরোধাভাব, অবিঘ্ন, অপ্রতিবন্ধ, অব্যাঘাত। "কদাচিতে কোন দিবসে বা খাই অন্ন। সেহো যদি অবিরোধে হয় উপসন্ন॥ —চৈ.ভা ৩৭। ২ বাধাভাব, অনুপমর্দ্দ, অনুপঘাত। "অবিরোধাৎ তু যো ধর্ম্মঃ স ধর্ম্মঃ মহা ৩.১৩১.১১। নিজধর্ম্ম° যাজ্ঞ ২.১৮৯। ৩ অনুকূলভাব। "ভূতানামবিরোধেন পূজাকর্ম্ম করোম্যহম্ (আহ্নিকতত্ত্ব)। ৪ একত্র অবস্থান ; সহাবস্থান। ৫ সঙ্গতি, ঐকমত্য। "ব্রহ্মক্ষত্রাবিরোধেন পূজাং চ প্রাপ্নুয়ামহম্ মহা ১৩.২০.২২। —বিরোধিত বিণ [ন.ত] অনিবারিত, অপ্রতিবিদ্ধ। "°বাষ্প মাঘ ১৬.৬৯। —বিরোধী (-ধিন্) বিণ [ন.ত ; স্ত্রী -ধিনী] ১ বিরোধিভিন্ন, অবিরুদ্ধ, অপ্রতিকূল। "অবিরোধিজনে যেবা করয়ে প্রহার ম ১২৩৫। ২ অবিঘ্নকর, অপ্রতিবন্ধক।

অবিরোধ, -বিরোধী দ্র 'অবিরুদ্ধ'।

অবিলক্ষ্য বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ক্ষ্যা] ১ যাহার বিশেষ লক্ষ্য নাই ; উদ্দেশ্যহীন। ২ লক্ষ্যহীন। ৩ ব্যাজশূন্য। ৪ অপ্রতিকার, অপ্রতি-বিধেয়।

অবিলম্ব বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ম্বা] বিলম্বশূন্য, শীঘ্র, সত্বর। —ম্ব পুং [ন.ত] বিলম্বাভাব, শীঘ্রতা, অব্যাক্ষেপ। "রঘু ১০.৬, মল্লিনাথ। —বিলম্বন ক্লী [ন.ত] বিলম্বাভাব, ত্বরা। "°কারণ মহা ১.১৩২.১৭। —বিলম্বিত বিণ [ন.ত] ১ বিলম্বরহিত, ত্বরান্বিত। ২ অমন্দ, অমৃদূচ্চারিত। "তৈ ২৩.২৪।

অবিলম্বন, -বিলম্বিত দ্র 'অবিলম্ব'।

অবিলুপ্ত বিণ [ন.ত] ১ বিলোপবিহীন, বিনাশরহিত। "°প্রাব-বোধাত্মা ভ ৩.৭.৫। ২ অবিকৃত, অচ্ছিন্ন। "°হস্তেন ভর্ত্রা ক.সা ৬৫.৩৫। ৩ (বাঙ্লায়) মায়ামুগ্ধ। "সৃষ্ট্যাদিসময়ে সেই মায়ার সহিত। ক্রীড়া কর তবু তুমি অবিলুপ্তচিত্ত শ্রী.মা ২৬২। —বিলোপ পুং [ন.ত] বিলোপাভাব, অবিনাশ, রক্ষণ। "অবিলোপেন ধর্ম্মস্য মহা ৫.৯০.১০২।

অবিশঙ্ক বিণ [ন বিশঙ্কা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ঙ্কা] ১ বিশেষশঙ্কাহীন, নির্ভীক, নিঃশঙ্ক, অভীত। ২ অসংশয়, নিঃসন্দেহ। "ক্রিয়তামবিশঙ্কেন মনসা মহা ৩.৫৬.১২। —শঙ্কা স্ত্রী [ন.ত] ১ বিশঙ্কার অভাব ; অত্রাস, অভয়। ২ সন্দেহাভাব, অসংশয়। —বিশঙ্কিত বিণ [ন.ত] সর্থ 'অবিশঙ্ক'। ২ অসন্দিগ্ধ, নিঃসংশয় ; অবিচারিত, দ্বৈধশূন্য। "যদি দোষো মহাংস্তস্মিন্ ত্যজ্যতামবিশঙ্কিতম্ গো.রা ৫.৯০.১৩। মহা ৫.১৬.৮।

অবিশঙ্কা, -বিশঙ্কিত দ্র 'অবিশঙ্ক'।

অবিশার, -সার বি [অবি (মেষ) + সোয়ার (আসোয়ার) ; অপ্র] অগ্নি (?)। "শুনি সমাচার, ক্রোধে অবিশার, নৃপতি কর্পূরধল শ্রী.মা ১২৭ ; অবিসার অস্ত্র লয়ে আরোহণ তাজি ১৪১ ; অবিসার অস্ত্র ১৪৩ ; অবিসার অস্ত্রজালে অঙ্গ গেল ঢাকা ২০৮।

অবিশুদ্ধ বিণ [ন.ত ; স্ত্রী -দ্ধা] ১ বিশুদ্ধভিন্ন, সদোষ। ২ অনির্ম্মল, অশুদ্ধ, অপবিত্র। "দেহ অবিশুদ্ধ হইয়া গেলেও যে অন্তঃকরণ বিশুদ্ধ থাকিতে পারে, এরূপ ভ্রমে পতিত হওয়া অবিধেয় পা.প্র ১৩৬। —বিশুদ্ধি স্ত্রী [ন.ত] ১ বিশুদ্ধির অভাব ; দোষ, পাপ। "স হ্যবিশুদ্ধিক্ষয়াতিশয়যুক্তঃ সাংখ্য ২। ২ অপবিত্রতা, অশৌচ। ৩ মালিন্য, অনির্ম্মলতা।

অবিশেষ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ষা] ১ যাহাতে বিশেষ নাই ; ভেদক-ধর্ম্মহীন, সমধর্ম্মা। ২ অভেদ, তুল্য, সদৃশ। —ষ পুং [ন.ত] ১ বিশেষাভাব, ভেদকধর্ম্মাভাব। "বেদান্ত ৪.৩.২। মনু ৯.১২৫। ২ অভেদ, সমতা, ঐক্য। "°বান্ যাজ্ঞ ৩.১৫৪। ৩ যাহাতে সুখদুঃখমোহরূপ বিশেষ নাই ; সুখাদিধর্ম্মহীন, স্থূলভূতোপকরণ সূক্ষ্মভূত পঞ্চতন্মাত্র—রূপরসাদি। বিপ 'বিশেষ'। "তন্মাত্রাণ্যবিশেষাঃ সাংখ্য ৩৮।

অবিশ্রান্ত বিণ [ন.ত ; স্ত্রী -ন্তা] ১ অকৃতবিশ্রাম, অক্লিষ্ট। ২ অবিরাম, সতত। —বিশ্রাম বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -মা] সর্থ 'অবিশ্রান্ত'। "অবিশ্রামং বহেদ্ ভারম্ (গর্দ্দভঃ)।—চাণক্য।

অবিশ্বস্ত বিণ [ন.ত ; স্ত্রী -স্তা] অকৃতবিশ্বাস, বিশ্বাসযোগ্যতাহীন। "ন বিশ্বসেদবিশ্বস্তে।—পঞ্চ ৪.১৪। —বিশ্বাস পুং [ন.ত] বিশ্বাসের অভাব ; অপ্রত্যয়। —বিশ্বাসী (-সিন্) বিণ [ন.ত ; স্ত্রী -সিনী] ১ যে বিশ্বাস করে না ; অপ্রত্যয়কারক। "উ.মে ৫১। ২ যাহাতে বিশ্বাস নাই ; বিশ্বাসের অযোগ্য। "দুষ্ট হাসি মিষ্ট ভাষী অবিশ্বাসী নারী ব.প ১৬২৯।

অবিশ্বাস, -বিশ্বাসী দ্র 'অবিশ্বস্ত'।

অবিষ বিণ [ন.বহুব্রী ; ছান্দস] বিষহীন, নির্ব্বিষ। "এতে অবিষা ব্যাখ্যাতাঃ।—সুশ্রুত (শ.ক)।

অবিষক্ত বিণ [ন.ত ; স্ত্রী -ক্তা] ১ অসংলগ্ন। ২ অপ্রতিবন্ধ, অপ্রতিরুদ্ধ। "°বেগ কি ১৩.২৪।

অবিষম বিণ [ন.ত ; স্ত্রী -মা] ১ বিষমভিন্ন, সম, জোড়। ২ সম, তুল্য, অপক্ষপাত। "°বমরা···স্বদৃষ্টা ভ ৩.১৫.২৯। ৩ অকুটিল,

অপ্রতিকূল। "ভ ৫.১.২১। ৪ সুগ্রহ, সুগম, সুখবোধ্য। ৫ (ন.বহুব্রী) যাহা হইতে বিষম নাই; অতিবিষম, অতিভীষণ। "প্রপতিতো গর্ত্তেঽবিষমে।—পঞ্চ ২$\frac{১৭৫}{১৭৬}$।

অবিষয় বিণ [ন.বহুব্রী; স্ত্রী -য়া] ১ যাহার সম্বন্ধে বিষয় নাই; ইন্দ্রিয়বিষয়হীন, বিষয়বিরক্ত। "অবিষয়মনসাং যঃ পরস্তাদ্ যতীনাম্ মা.মি ১.১। ২ বিষয়শূন্য। ৩ ইন্দ্রিয়বিষয়াতীত, অতীন্দ্রিয়। ৪ অগোচর, অলক্ষ্যবিষয়। "সৌমিত্রেরপি পত্রিণামবিষয়ে তত্র প্রিয়ে ক্বাসি মে উ.চ ৩.৪৫। ৫ অপরিজ্ঞাত, অবিদিত। "ন খলু ধীমতাং কশ্চিদবিষয়ো নাম শ ৪$\frac{১৭}{১৮}$। ৬ অপ্রতিপাদ্য। "সকলবচনানামবিষয়ঃ মা.মা ১.২৯। —য় পুং [ন.ত] ১ অগোচর। ২ অযোগ্যবিষয়, অজ্ঞাতবিষয়। "ন ত্বামবিষয়ে ভদ্রে নিয়োক্ষ্যামি মহা ১৩.৩৮.৬। ৩ অপ্রকাশ, অনুদয়। "রবেরবিষয়ে কিং ন প্রদীপস্য প্রকাশনম্ হি ২.৭৮।

অবিষহ্য বিণ [ন.ত; স্ত্রী -হ্যা] ১ অশক্যসহন, অসহনীয়, দুর্ব্বিষহ। "তেজোঽবিষহ্যম্ রঘু ৬.৪৭। °ব্যসন কু.স ৪.৩০। বীর্য্যমবিষহ্যম্ ভ ৭.৭.৯; ১১.১.৩। ২ অতিদারুণ। "কর্ম্ম কৃত্বাঽবিষহ্যম্ মহা ১.১৯৯.২৫। ৩ প্রচণ্ড, প্রখর। "তেজসা তেঽবিষহ্যেন ভূরি দ্রষ্টুং ন শক্নুমঃ ভ ১০.৫১.৩৪। ৪ অনভিভবনীয়, দুর্দ্ধর্ষ। "অবিষহ্যং মন্যমানঃ কৃষ্ণং দানবপুঙ্গবঃ ভ ১০.১৮.২৫। ৫ প্রবল, মহাবেগবান্। "ঘনাবলীর্বায়ুরিবাবিষহ্যঃ ভ ৪.২৪.৬৫। ৬ সুদুর্দ্দর্শ, অগোচর। "চক্ষুষামবিষহ্যং যৎ মহা ১৪.২০.১৩। ৭ পরিচ্ছেদে (নিশ্চয়ে) অশক্য; অশক্যনির্ণয়। "সীমায়ামবিষহ্যায়াম্ মনু ৮.২৬৫। ৮ অসাধ্য, দুষ্কর। "অবিষহ্যতমং লোকে বিদ্যতে ন মে কিঞ্চন গো.রা ২.২০.৩৩।

অবিসংবাদ পুং [ন.ত] ১ বিসংবাদের অভাব; প্রমাণানুসরণ। ২ অবিরোধ। ৩ অনুল্লঙ্ঘন, পরিপালন। "মহা (M.W.)। —বাদী (-দিন্) বিণ [ন.ত; স্ত্রী -দিনী] ১ প্রমাণানুসারী। ২ অবিরোধী। ৩ অসত্যরহিত; অভঙ্গুর (মিত্র, ধনুঃ)। "কি ১৩.১৫।

অবিসার বি দ্র 'অবিশার'। —র বিং [অপ্র] ১ অগ্নিতুল্য, প্রভাময়, দীপ্তিমান্; (অথবা) সুসার, অত্যুৎকৃষ্ট। "টোপর সুচিত্র অবিসার শ্রী.ম ১৪৫। ২ অবিচার (?)। "অবিসার হইতে আমার অনুরাগ (অর্থাৎ অবিচার হেতু আমার ক্রোধ?) শ্রী.মা ১৪৬। ৩ অসার, যুক্তিহীন, অসঙ্গত (?)। "এইরূপ অবিসার লিখিয়া লিখন শ্রী.মা ১৬১; বচন… অবিসার ১৮৯। ৪ দ্বৈধহীন, কর্ত্তব্যাকর্ত্তব্যবিচারহীন (?)। "অবিসার মনে (সাজিলেন) শ্রী.মা ১৭৯। ৫ (?)। "মহিপাল কয় বাছা মনে অবিসার। কলি হল প্রবল করিল একাকার শ্রী.মা ১৮০। ৬ অত্যন্ত (?)। "অবিসার আনন্দে দোলায় আরোহণ শ্রী.মা ১৮৮। ৭ সমাদর (?)। "খাওয়াবেন অনেক করিয়া অবিসার শ্রী.ম ১০৪; ১১৫। ৮ অবিশ্রাম, নিরন্তর (?)। "কৃষ্ণের কিত্তন অবিসার শ্রী.মা ১০৫। ৯ ['অভিসার'—মূল?] অগ্রসর (?)। "কার্য্যে অবিসার হবি শ্রী.মা ১০৮; ১১৩। ১০ সুসার, যথার্থ (?)। "বচন অবিসার শ্রী.মা ১১৯; ২২৪; শুন অবিসার ২০৭। ১১ অভিসার, অর্থাৎ গমন (?)। "অহর্নিশি মগন আনন্দে অবিসার শ্রী.মা ১৫২; সুখে অবিসার ২২৩। ১২ আত্মহারা (?)। "পাঠক পুরাণ পড়ে প্রেমে অবিসার শ্রী.মা ১৫৩। ১৩ কুশল (?)। "ঘোড়া অবিসার রণে শ্রী মা ২০৩। ১৪ ['বিশাল'—মূল?] অপার, অত্যন্ত (?)। "মায়ের হল দুঃখ অবিসার শ্রী.মা ২১৬। ১৫ সারাৎসার, পরম (?)। "ধরায় তৃতীয় পদ্ম ধর্ম্ম অবিসার শ্রী.মা ২১১। ১৬ বিহ্বল, ব্যাকুল (?)। "দুহে হন শোকে অবিসার শ্রী.মা ২১২। [এই শব্দের মূল কি, জানি না; প্রয়োগানুসারেই অর্থ লিখিলাম, ঠিক না হইতেও পারে।]

অবিস্পষ্ট বিণ [ন.ত; -ষ্টা] অনভিব্যক্ত, অস্পষ্ট, অবিশদ, জড়িত। "নাবিস্পষ্টমধীয়ীত মনু ৪.৯৯। —ষ্ট ক্লী অস্পষ্টবাক্য।

অবিহত বিণ [ন.ত] ১ অপ্রতিহত, অপ্রতিবন্ধ, অব্যাহত। "অবিহতঃ…স্বতেজঃ ভ ২.৭.২০; অবিহতাং গতিম্ ৯.৭.২৪। ২ অনিবারিত। "যে সঞ্চরন্ত্যবিহতাঃ ভ ৩.১৫.২৯। ৩ অবিচ্ছিন্ন। "অবিহতগতি পু মে ১০।

অবিহা দ্র 'অবিধা'।

অবিহিংসক বিণ [ন.ত; স্ত্রী -সিকা] অহিংসক, অহিংস্র, হিংসারহিত। "মহা ৩.১২.৭৯; ৫.৩৭.১৪। —হিংসন ক্লী, —হিংসা স্ত্রী [ন.ত] বিহিংসনাভাব, অহিংসা। "যজ্ঞানাং ব্রহ্মযজ্ঞোঽহং ব্রতানামবিহিংসনম্। "ভ ১১.১৬.২৩। —হিংস্র বিণ [ন.ত; স্ত্রী -স্রা] সর্থ 'অবিহিংসক'। "ভ ৩.২২.১৯।

অবিহিংসন, -হিংসা, -হিংস্র দ্র 'অবিহিংসক'।

অবিহিত বিণ [ন.ত] ১ অকৃত, অননুষ্ঠিত। ২ নিষিদ্ধ।

অবিহ্বল বিণ [ন.ত; স্ত্রী -লা] অব্যাকুল, সুস্থ। "তুরগৈঃ…অবিহ্বলৈঃ মহা ৫.১৮২.২।

অবীক্ষিত বিণ [ন.ত] ১ অদৃষ্ট, অনবলোকিত। ২ অবগণিত, উপেক্ষিত। "ব্যাধিরবীক্ষিতঃ।—চাণক্য।

অবীচি, -বীচিময়, -বীচিমান্ (-মৎ) পুং 'রশ্মিতরঙ্গহীন', নরকবিশেষ। "অবীচি ভ ৫.২৬.৭; যাজ্ঞ ৩.২২৪। অবীচিমান্ ভ ৫.২৬.২৮।

অবীজ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -জা] ১ যাহাতে বীজ নাই; বীজহীন (ফল)। ২ বাধ্যরেতাঃ, বীজরহিত। "মনু ৯.৭৯। ৩ শস্যবীজশূন্য, অনুপ্তবীজ (ক্ষেত্র)। ৪ কারণশূন্য। —জ পুং (যোগশাস্ত্র) নির্বীজ-চিত্তবৃত্তিপরিণাম-নিরোধ (ত.বা)। —জ ক্লী ১ অপকৃষ্ট (অঙ্কুরোৎপাদনে অসমর্থ) বীজ। "°বিক্রয়ী মনু ৯.২৯১। ২ শুক্ররহিত, ক্লীব। ৩ বীজাভাব। —বীজক বিণ [বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)] শস্য-বীজশূন্য (ক্ষেত্র)। "মনু ১০.৭১। —জা স্ত্রী দ্রাক্ষা।

অবীজক, -বীজা দ্র 'অবীজ'।

অবীর বিণ [ন.ত; ছান্দস; Av. vīra—a man] ১ বীরভিন্ন, নির্বীর্য্য, ভীরু, দুর্ব্বল। "°পুরুষ (S.W.)। ২ পুত্রাদিরহিত। "ঋগ্বেদ ৭.৪.৬। ৩ বীররহিত; পুরুষশূন্য (A.)। ৪ [ন.বহুব্রী] বীরশূন্য (M.W.)। —বীরা বিণ. স্ত্রী পতিপুত্ররহিতা (স্ত্রী)। "অবীরায়াশ্চ যোষিতঃ মনু ৪.২১৩। যাজ্ঞ ১.১৬৩। —বীরা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ পতিপুত্ররহিতা স্ত্রী। "কর্পূর কহেন অবীরার কণ্ঠহার শ্রী ১১০। ২ অজাতপুত্রা বিধবা; ক'ড়ে রাঁড়ী। 'অজাতপুত্রা বিধবা সাঽবীরা (স্মৃতি)। "অবীরা অবলা হ'লে রাখা নয় ঘরে। অগ্নিকুণ্ড ক'রে যেন চারি বৌ মরে॥—শ্রী.মা ১৬১। ৩ বিধবা (শ্রীধর)। "(বিদ্দেত) অবীরা হতকিল্বিষাং গতিম্ ভ ৬.১৯.২৬। হ'য়ে অলঙ্কার-শূন্যা, নেত্রজলে ভাসি৹ হইনু অবীরা আজি।—অ.গু ৬৫।

অবুজ, -ঝ বিং [অ+বুজ, -ঝ; তু 'অবুধ'; হি, গু অবুঝ] ১ যে বুঝে না; অবোধ, বোকা। "মহাভুজ! অবুঝে বধিবা অনুচিত শি ৫২। অবুঝকে বুঝাব কত বুঝ নাহি মানে। ঢেঁকিরে বুঝাব কত নিত্যি ধান ভানে॥ —প্রবচন। তুমি ত বাবা অবুঝ নও স.এ ১২। অবুঝ অপরাপর লোকদিগের নিন্দার ভয় করিবে না পা.প্র ১৫৩। ২ রসকলানভিজ্ঞ, অরসিক। "হাম অবুঝ নারী তুহুঁ ত গোঙার বি.প ৭৮। বুঝইতে অবুঝ অবুঝ মানিয় বি.সা ২৪৬। —বুঝা বিং ১ সর্থ 'অবুঝ (১)। "অধিক অবুঝা শ্রী ৯২। ২ অবিবেচক, অপরিণামদর্শী। "আমার বচন শুন না হয়ো অবুঝ। সমরে সাক্ষাৎ তার দেবী দশভুজ॥—শ্রী ১৭৪।

অবুঝ, -ঝা দ্র 'অবুজ'।

অবুতমু [সং অবতু বঃ; সম্পূর্ণশ্লোক—"অবতু বো গিরিসুতা শশিভৃতঃ প্রিয়তমা। বসতু মে হৃদি সদা ভগবতঃ পদযুগম্॥] তোমাদিগকে রক্ষা

করুন। "অবুতবু গিরিসুত। মায় বলে পড় পুত॥ পড়িলে শুনিলে হুদিভাতি। না পড়িলে ঠেঙ্গার গুতি॥—ব.প ১৭৩৬।

অবুদ্ধিয়া বিং ['অবুদ্ধিক'—মূল ; অপ্র] অবোধ। "অবুদ্ধিয়া গুণী-চাঁদ বুদ্ধি নাহি দিলে ম.গা ১১। অবুদ্ধিয়া সদাগর বুদ্ধি অতি ছার (বঙ্গভাষা ও সাহিত্য)।

অবুদ্ধ বিণ [ন.ত ; স্ত্রী -দ্ধা] ১ বোধরহিত, অজ্ঞ ; মূর্খ। ২ অজ্ঞাত, অবিদিত। "মোক্ষ গো.রা ৫.৪৪.১৩। —বুদ্ধি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দ্ধি] ১ যাহার বুদ্ধি নাই ; অবোধ, মূঢ়। "°তা গো.রা ৫.৮৭.২৪। কিম্…ময়া কৃতমবুদ্ধিনা মহা ৩.১৪৪.১২। ২ অনভিজ্ঞ। "মনু ৩.১০৪। ৩ অবিবেকী, বিবেকশূন্য, মন্দমতি (গী.টীকা)। "গী ৭.২৪। —দ্ধি স্ত্রী [ন.ত] ১ বুদ্ধির অভাব ; বোধাভাব, মূঢ়তা। ২ অপ্রশস্ত বুদ্ধি ; মন্দবুদ্ধি, দুর্ব্বুদ্ধি। "নহ্যবুদ্ধিং গতো রাজা সর্ব্বভূতানি পাতি হ।—গো.রা ৪.২১.২৩। অবুদ্ধিমাশ্রিতানাং তু ক্ষন্তব্যম্।—চাণক্য।

অবুদ্ধিপূর্ব্ব, -পূর্ব্বক বিণ [অবুদ্ধি পূর্ব্ব যাহার, বহুব্রী, বিকল্পে 'ক' (কপ্), স্ত্রী -র্ব্বা, -র্ব্বিকা] যাহা যথার্থবুদ্ধিপূর্ব্বক নহে ; অজ্ঞানপূর্ব্বক। "°পূর্ব্বহননে ব্রতার্দ্ধমুপকল্পয়েৎ (স্মৃতি)।

অবুধ বিণ [ন.ত ; স্ত্রী -ধা ; বৈদিক] ১ বুধভিন্ন, অপণ্ডিত, মূর্খ। ২ অল্পজ্ঞান, অবোধ, অবুঝ। "অবুধ গোআলিনী শ্রী.ক ১০২ ; ১১৮। "অবুধ হামরা শ্রী.ম ৯৩ ; ১৯৬। "অবুধ নাইয়া চৈ.ভা ৩৮৫। ৩ তত্ত্বজ্ঞানহীন। "অবুধ রাখালগণ শ্রী.ম ৪৯ ; লুব্ধ অবুধ মন ১২৫। মিশ্র বলে তুমি ত অবুধ বিপ্রসুতা। হর্ত্তা কর্ত্তা পিতা কৃষ্ণ সবার রক্ষিতা॥—চৈ.ভা ৫১। ৪ কর্ত্তব্যাকর্ত্তব্যবিচার-হীন, অবিবেচক। "অঞ্চলত না ধরহ শুণ অবুধ শ্রী.কী ৭২। না কর আরতি এ অবুধ নাহ বি.প ১৪০। গোকুল নগরে, কেবা কি না করে, অবুধ মূঢ় সে লোকে চ.দা ৯৬। —ধ পুং মূঢ়জন। "হি ২.২২।

অবুধিনী বিং,স্ত্রী [অবুধ+স্ত্রী ইনী ; সং অবুধা] বোধহীনা, তত্ত্বজ্ঞানরহিতা, মূঢ়া। "ভজহুঁ চরণ তার স্ত্রী অবুধিনী শ্রী.ম ১৪২ ; কান্তবুদ্ধ্যা নাহি ভজে অবুধিনী সব ১৯৪।

অবুধিয়া দ্র 'অবধিয়া'।

অবৃক্ষ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ক্ষা] যেখানে বৃক্ষ নাই ; বৃক্ষহীন। "রা ৪.৪৩.২৮।

অবৃত্ত বিণ [ন.ত ; স্ত্রী -ত্তা] ১ অমৃত, জীবিত। "গো.রা ৬৮.১০। ২ অঘটিত। —বৃত্তি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ত্তি] ১ যাহার স্থিতি নাই ; অবিদ্যমান, অস্থিতি। ২ বৃত্তিহীন, জীবিকাশূন্য। —ত্তি স্ত্রী [ন.ত] ১ বৃত্তির অভাব ; জীবিকাভাব, অন্নাভাব। "মনু ৪.২২৩। ২ গ্রাসাচ্ছাদনাভাব। "° কর্ষিত মনু ৯.৭৪ ; ১০.১০১। ৩ বর্ত্তনহীন, বেতনাভাব।

অবৃদ্ধিক বিণ [ন বৃদ্ধি যাহার, ন.বহুব্রী ; সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -কা] বৃদ্ধিরহিত, কুসীদহীন, লাভশূন্য। "যাজ্ঞ ২.৬৪। —ক ক্লী বৃদ্ধিরহিত মূলধন।

অবৃষ্টি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ষ্টি] বৃষ্টিহীন, বর্ষণরহিত (মেঘ)। —ষ্টি স্ত্রী [ন.ত ; বৈদিক] বর্ষণাভাব, অনাবৃষ্টি।

অবে প্র [অব⁴+এ⁶] ভবিষ্যৎকালে প্রথমপুরুষের ক্রিয়ার প্রত্যয়। "আবেশে আঁচর পিয়া ধরবে। যাওব হাম, যতন তহু করবে॥—বি.প ২০৬।

অবেকত বিং [সং অব্যক্ত ; মৈ অবেকত ; বৈষ্ণবসাহিত্যে] অস্ফুট, অব্যক্ত। "পরস্পর কত, কহে অবেকত ন.প ১২৭।

অবেক্ষক বিণ [অব+ √ঈক্ষ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ক্ষিকা] ১ দর্শক। ২ পর্য্যালোচক। ৩ আয়ব্যয়াদির অধ্যক্ষ। —বেক্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অবলোকন, দর্শন। "মিথ্যা বিষগবেক্ষণম্ সা.দ ৩.১০৮। ২ পরিদর্শন, পর্য্যালোচনা। ৩ অবধান, অপ্রমাদ। ৪ অনুসন্ধান, তত্ত্বাবধারণ। "বর্ণাশ্রমাবেক্ষণজাগরূক রঘু ১৪.৮৫। ৫ প্রতিজাগরণ (ত.বা)। —বেক্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম ; স্ত্রী -য়া] ১ দর্শনীয়। ২ তত্ত্বাবধানার্হ, রক্ষণীয়। "ত্বয়াহং তপস্বিসামান্যমবেক্ষণীয়া রঘু ১৪.৬৭। ৩ আলোচনীয়। —বেক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ দর্শন। ২ অবধান, অপ্রমাদ। "লব্ধং রক্ষেদবেক্ষয়া মনু ৭.১০১। হি ২.৮। ৩ সমাদর, সম্মান, পূজা। "যদি রামস্ত নাবেক্ষা ত্বয়ি স্যাদ্ মাতৃবৎ সদা রা ২.৭৩.১৮। —বেক্ষিত বিণ [+ত (ক্ত) -র্ম] ১ দৃষ্ট, অবলোকিত। "ভ্রূণঘ্নাবেক্ষিতম্ (অন্নং) মনু ৪.২০৮। ২ পর্য্যালোচিত। ৩ অনুসংহিত, কৃততত্ত্বাবধান। "°প্রজঃ রঘু ৮.৩২। ৪ পূজিত, সম্মানিত। —বেক্ষিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ সর্ব 'অবেক্ষক'। ২ সম্মানয়িতা। —বেক্ষী (-ক্ষিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -ক্ষিণী] ১ দর্শক, পর্য্যালোচক, তত্ত্বাবধায়ী। ২ অনুসারী, অনুবর্ত্তী। "অহো ধর্ম্মাবেক্ষিতা ভর্ত্তুঃ শ ৫২¾। —বেক্ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম ; স্ত্রী -ক্ষ্যা] ১ পর্য্যালোচনীয়, বিবেচ্য। "উবাচ সীতাং কিমবেক্ষ্যমস্তি তে গো.রা ৬.৭.৪৮। যাজ্ঞ ৩.৬৩। ২ দর্শনীয় ; রক্ষণীয়, পালনীয়। "সহদেবশ্চ মে পুত্রঃ সদাবেক্ষ্যো বনে বসন্ মহা ২.৭৯.৮।

অবেক্ষণ, -বেক্ষণীয়, -বেক্ষা, -বেক্ষিত, -বেক্ষিতা, -বেক্ষী, -বেক্ষ্য দ্র 'অবেক্ষক'।

অবেদন বিণ [ন বেদনা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -না] বেদনাহীন। —ন ক্লী [ন.ত] বেদনের অভাব ; অপরিজ্ঞান। "সমানোদকভাবস্তু জন্মনাম্নোরবেদনে (বিনিবর্ত্ততে) মনু ৫.৬০।

অবেদ্য বিণ [ন.ত ; স্ত্রী -দ্যা] ১ অজ্ঞেয়, গূঢ়। ২ অলভ্য। —দ্যা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] অবিবাহ্যা (বিবাহের অযোগ্যা) স্ত্রী। "অবেদ্যবেদন মনু ১০.২৪।

অবেভার বি ['অব্যবহার'—মূল ; অপ্র] ১ অভদ্র আচরণ ; অশিষ্টাচার, অন্যায় কার্য্য। "আমি ক্ষেত্রি ধনুর্দ্ধর, ব্রাহ্মণে না মারি শর, তেঞি সহি এত অবেভার কৃ.উ ২৪৭। নিজ সত্য রাখ পহু, না বল না বল এহুঁ, অবেভার নিঠুর কাহিনী শ্রী.ম ৭২। ২ সমাজগর্হিত কার্য্য ; অসামাজিক ভাব। "বিষ্ণুগুণ নাহি তোর সব অবেভার কৃ.উ ১২৪।

অবেল বিণ [ন বেলা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -লা] ১ বেলারহিত, তীরশূন্য, নির্ম্মর্য্যাদ। ২ সময়শূন্য, অসাময়িক। —লা স্ত্রী [ন.ত] ১ অপ্রশস্ত কাল ; অসময়। ২ [অস আবেলি] (বাঙ্লায়) অপরাহ্ণ, শেষবেলা। ৩ অনিয়মিত সময়। "অবেলায় খাওয়া নাওয়ায় শরীর অসুস্থ হয়।

অবৈতনিক বিং [সং বৈতনিক ; (নঞর্থে) '°ক'] যে বেতন গ্রহণ করে না ; বিনা বেতনে কার্য্যকারী (Honorary)। [°বিদ্যালয়— যে বিদ্যালয়ে বিনা বেতনে শিক্ষাদান হয়।]

অবৈধ বিণ [ন.ত ; স্ত্রী -ধী] ১ যাহা বিধি হইতে অপ্রাপ্ত ; অশাস্ত্রীয়, অবিহিত, নিষিদ্ধ। "°মাংসভক্ষণ মনু ৫.৫০ ; ৫৫, কুল্লুক। অবৈধং মরণম্ ৬.৩১, কুল্লুক। ২ অনুচিত, অন্যায়। ৩ দণ্ডনীতিবিরোধী, বে-আইনী। "অবৈধ জনতা।

অবৈধব্য ক্লী [ন.ত] বৈধব্যের অভাব ; সপতিকত্ব। "°ব্যাশিষঃ মহা ৩.২৯৫.১২ ; °কর (সুলক্ষণ) ২৯৭.১৫।

অবোঁ দ্র 'অব⁴'।

অবোধ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ধা] ১ বোধরহিত, বুদ্ধিহীন, মূঢ়। ২ হতবুদ্ধি, কিংকর্ত্তব্যবিমূঢ়। —ধ পুং [ন.ত] ১ বোধাভাব, অজ্ঞান, মূঢ়তা। "°বিক্লব কি ৬.১। ২ অনবগতি, অনির্ণয়। "অবোধকৃৎ মাঘ ৬.৪১।

অবোধিনী বিং, স্ত্রী [অবোধ+স্ত্রী ইনী ; সং অবোধা ; অপ্র] বোধহীনা, বিচারশক্তিরহিতা, মুগ্ধা। "কিছু বুদ্ধি নাহি তব অবোধিনী সীতা কৃ ২০৬। না বুঝসি অবোধিনী চৈ.চ ৪৭।

অবোধিয়া দ্র 'অবধিয়া'।

অবোধী বিং, স্ত্রী [অবোধ+স্ত্রী ঈ৩ ; সং অবোধা ; অপ্র] বোধহীনা, বুদ্ধিশুদ্ধিরহিতা। "তব ধরি অবোধী মুগধ হাম নারী। কি কহি বলি কছু বুঝয় ন পারি॥—বি.প ৪৩।

অবোল বিং [হি অনবোল ; অপ্র] যাহার বোল নাই ; বাক্‌শক্তিহীন, নির্ব্বাক্। "নিদাটী লাগিল লোক নিদ্রায় বিভোল। হারাইল অনুজ্ঞান অলসে অবোল॥—শ্রী.মা ১৮৫। —ল বি কুৎসিত বাক্য; কুকথা, গর্হিত বাক্য। "অবোল না বোল সুন্দর কাহাঞি শ্রী.কী ২৪৯ ; ২৫১।' —লা বি, স্ত্রী সর্থ 'অবলা২'। "বদন থাকিতে, না পারি বলিতে, তেঞিসে অবোলা নাম ব.প ৯৮৯। কেবল অবোলা তুহ্মি, তেকারণে বলি আহ্মি, মোর বাচ না কর লঙ্ঘন ম.পা ৯১।

অব্জ বিণ [অপ্+ √জন্+অ (ড)-ক ; উ.ত; স্ত্রী -জা] ১ যাহা জলে জন্মে ; জলজাত, জলজ। বিপ 'স্থলজ'। "স্থলজাঃ পক্ষিণোঽব্জাশ্চ হ ৩.১১৮। অব্জেষু চৈব রত্নেষু মনু ৮.১০০। ২ শতকোটী-সংখ্যক। —জ পুং ১ (সমুদ্রমন্থনজাত) চন্দ্র। "°বাহন (শিব)। ২ ধন্বন্তরি। ৩ (জলপ্রায়স্থানে জাত) নিচুল বৃক্ষ। ৪ কর্পূর। —জ পুং, ক্লী জলজাত শঙ্খশুক্তিপ্রভৃতি। "অব্জম্ (অদ্ভিরেব বিশুধ্যতি) মনু ৫.১১২। যাজ্ঞ ১.১৮১। —জ ক্লী ১ পদ্ম। "°দৃক্, °নয়ন, °নেত্র। যত হেমাব্জ জলে ভাসে, তত নীলাব্জ তার পাশে, আসি আসি করয়ে মিলন। নীলাব্জ হেমাব্জে ঠেকে, যুদ্ধ হয় প্রত্যেকে, কৌতুক দেখে তীরে সখীগণ॥—চৈ.চ ৩৪৭। ২ দশ অর্ব্বুদ বা শতকোটি সংখ্যা। 'অর্ব্বুদমব্জং খর্ব্বনিখর্ব্বমহাপদ্মশঙ্কবঃ (লীলাবতী)।

অব্জজ, -ভব, -ভূ, -যোনি পুং [অব্জ+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স.ত; অব্জ+ √ভূ+ক্বিপ্ (°)-ক ; উ.ত, বহুব্রী] 'বিষ্ণুর নাভিপদ্মজাত', ব্রহ্মা।

অব্জিনী স্ত্রী [অব্জ+ইন্ (ইনি) 'দেশ, সমূহ' অর্থে ; স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অব্জের দেশ ; পদ্মলতা, পদ্মঝাড়। "অব্জিনীপতি (সূর্য্য)। ২ পদ্মপূর্ণ স্থান। ৩ পদ্মসমূহ।

অব্দ বিণ [অপ্+ √দা+অ (ক) -ক ; উ.ত ; স্ত্রী -ব্দা] যে জল দেয়; জলদাতা। —ব্দ পুং ১ জলদ, মেঘ। "°বাহন (ইন্দ্র)। যেন অব্দে ক্ষুব্ধ বহে প্রলয়ের বাত বা.দ ৬৮। ২ মুস্তা, মুথা। ৩ সংবৎসর, বর্ষ। "ত্র্যব্দ মনু ৮.৩০ ; অধিবেদ্য° ৯.৮১। গৌড়নগরেতে প্রভু গেল সতাব্দেতে ম.পা ৮৩। [ব্রাহ্ম দিব্য পিত্র্য প্রাজাপত্য গুরুবর্ষ সৌর সাবন চান্দ্র ও আর্ক্ষ ভেদে বর্ষ নয়প্রকার (সূর্য্যসিদ্ধান্ত)।] [°শত (ক্লী)—শতাব্দী।]

অব্দপর্য্যায় পুং [ষ.ত] বর্ষের পর্য্যায় ; দ্বিতীয় বর্ষের প্রবৃত্তি (আরম্ভ)। "মনু ১১.২৭।

অব্দশতান্ত পুং, ক্লী [অব্দশতের অন্ত, ষ.ত] শতবৎসরের শেষ ; শতবর্ষাবসান। "অদ্য অব্দশতান্তে বা মৃত্যুর্বৈ প্রাণিনাং ধ্রুবঃ ভ ১০.১.৩৮। পঞ্চ ১.৪৫২। অদ্য অব্দশতান্তে বা বাজাপ্ত হবে জান না?—ব.প ১৫৩৩। অদ্য বাব্দশতান্তে বা নিতান্ত মরণ বি.সু ১৭৮।

অব্দুর্গ ক্লী [উ.লো] অপ্(জল)-বেষ্টিত দুর্গ ; চতুর্দ্দিক্ অগাধ জলরাশি দ্বারা বেষ্টিত ষড়্‌বিধ দুর্গের অন্যতম। মনু ৭.৭০।

অব্দৈবত বিণ [অপ্ দৈবত যাহার, বহুব্রী] জল যাহার দেবতা ; জলদেবতাক (মন্ত্র)। "মনু ৮.১০৬ ; ১১.১৩৩।

অব্ধি পুং [অপ্+ √ধা+ই (কি)-ধি ; উ.ত] ১ যাহাতে অপ্ (জল) ধৃত হয় ; সমুদ্র। "°কফ (সমুদ্রফেন), °শয়ন (বিষ্ণু), ক্ষীর°, ভাস্ব°। অনীতিপবনক্ষিপ্তেঽকার্য্যাব্ধৌ স নিমজ্জতি হি ৩.১৩৪। পয়োঽব্ধিশায়ী চৈ.চ ১। ভবাব্ধিবিমোচন বা.দ ৭। ২ সরোবর, হ্রদ। ৩ (সাদৃশ্যে) মহান্ আধারমাত্র। 'জ্ঞান'। ৪ সাগরের সংখ্যানুসারে (৪), অথবা (৭) এই সংখ্যা।

অব্ধিজ পুং [অব্ধি+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ১ 'সমুদ্রজাত', চন্দ্র। ২ শঙ্খ। ৩ অশ্বিনীকুমারদ্বয়। —জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ লক্ষ্মী। ২ সুরা।

অব্বর, -ভ্রর বি [সং অভ্র, অভ্র>প্রা অব্ভ] অভ্র। "অব্বরের হাতঝাড় হ ১৫১।

অব্ভক্ষ বিণ [অপ্ ভক্ষ যাহার, বহুব্রী ; স্ত্রী -ক্ষা] জলমাত্রাহারী। "ভ ১.১৩.৫৩। যাজ্ঞ ৩.২৮৫। —ক্ষক পুং সর্পবিশেষ।

অব্‌ভ্র ক্লী [অপ্+ √ভৃ+অ (ক)-ক ; তু 'অব্রাণ্যব্‌ভরণাৎ' (ছান্দোগ্য ২.১৫.১, শাঙ্করভাষ্য) ; উ.ত] ১ 'জলধারক', জলধর, মেঘ। ২ আকাশ। ৩ মুস্তা, মুথা। ৪ অভ্র ধাতু, আভ্র।

অব্যক্ত বিণ [ন.ত ; স্ত্রী -ক্তা] ১ যাহা ব্যক্ত (স্পষ্ট-উচ্চারিত) নহে ; অপরিস্ফুট, অস্পষ্ট। "°পদ। °বর্ণরমণীয়বচঃ শ ৭.১৭। ২ সর্ব্বকরণাবিষয়, প্রত্যগাত্মা, চক্ষুরাদ্যবিষয়। "গী ২.২৫। মনু ১.৬; ১১। ৩ ব্যক্তিহীন, অবয়বরহিত। "মনু ১.৭। ৪ অতিসূক্ষ্মরূপ, কারণরূপ। "রঘু ১০.১৮। ৫ অদর্শন, অনুপলব্ধ। "অব্যক্তাদীনি ভূতানি গী ২.২৮। ৬ অক্ষরাত্মক, অব্যক্তবিষয়ক। "গী ১২.৫। ৭ ঈষদ্‌ব্যক্ত, স্বল্পস্ফুট। "অব্যক্তরাগস্ত্বরুণঃ (অ.কো)। ৮ অবিদিত, অজ্ঞাত। "আগমো মে ততোঽব্যক্তঃ গো.রা ৪.৩৫.২৬। ৯ (গণিতে) অজ্ঞাত। "°রাশি। —ক্ত পুং ১ বিষ্ণু। ২ শিব। ৩ (অনঙ্গত্ব হেতু) কামদেব। ৪ মূর্খ (M.W.)। —ক্ত ক্লী ১ (সাংখ্যে) সর্ব্বকারণ প্রধান। "সাংখ্য ১০। "মহতঃ পরমব্যক্তম্।—কঠোপনিষৎ ৩.১১। মনু ১২.৫০। রঘু ১৩.৬০। ২ নির্গুণব্রহ্ম, নির্ব্বিশেষ অক্ষর। "গী ১২.৫। ৩ (বেদান্তে) অজ্ঞান। '°ক্তাদি গী ২.২৮। ৪ (সাংখ্যে) মহৎ-প্রভৃতি—মহৎ অহঙ্কার ও তন্মাত্র। ৫ পরমাত্মা। ৬ সূক্ষ্মশরীর। ৭ সুষুপ্তাবস্থা (A.)। ৮ প্রকৃতি। ৯ অস্ফুটবর্ণ ধ্বনি। "°ক্তানুকরণ পা ৫.৪.৫৭, কাশিকা।

অব্যক্তমূর্ত্তি বিণ [বহুব্রী ; স্ত্রী -র্ত্তি] অতীন্দ্রিয়স্বরূপ, ইন্দ্রিয়গোচরস্বরূপ। "গী ৯.৪।

অব্যক্তরাগ পুং [কর্ম্মধা] ঈষৎ ব্যক্ত অরুণিমা ; ঈষদ্‌রক্ত বা অরুণ বর্ণ। "দ্র 'অব্যক্ত (৭)।

অব্যগ্র বিণ [ন.ত ; স্ত্রী -গ্রা] ১ অনাকুল, শান্ত। "প্রেতরঙ্কঃ…ক্রব্যামব্যগ্রমত্তি মা.মা ৫.১৬। ২ অব্যস্ত, উদাসীন। ৩ অব্যাপৃত। "উ.চ ২ (A.)। ৪ অবহিত, অভিনিবিষ্ট।

অব্যঙ্গ বিণ [ন.ত ; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] ১ অবিকলাঙ্গ, পূর্ণাঙ্গসংস্থান, সর্ব্বাঙ্গসুন্দর। "°তা মহা ১৩.১১৫.৬ ; ৮। ২ অবিকল, পরিপূর্ণ (মেধাতিথি)। "অব্যঙ্গাঙ্গী মনু ৩.১০। —ঙ্গা স্ত্রী [অবির অঙ্গ (শৃঙ্গ), ষ.ত] (মেষশৃঙ্গসাদৃশ্যে) শুকশিম্বী।

অব্যঙ্গ্য বিণ [ন ব্যঙ্গ্য যাহাতে, ন.বহুব্রী] যে কাব্যে ব্যঙ্গ্য নাই, ব্যঙ্গ্যার্থরহিত, ব্যঞ্জনাশূন্য। "সব্যঙ্গ্যমুত্তমং কাব্যমব্যঙ্গ্যমধমং স্মৃতম্ (কাব্যচন্দ্রিকা)।

অব্যঞ্জন বিণ [ন ব্যঞ্জন বা ব্যঞ্জনা যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -না] ১ লক্ষণশূন্য, চিহ্নহীন। ২ সুলক্ষণহীন। ৩ অব্যক্ত, অস্ফুট। ৪ অব্যক্তজাতিগতলক্ষণ। "অব্যঞ্জনা ভবেৎ কন্যা কুচহীনা চ নগ্নিকা।—পঞ্চ ৩.২০০। ৫ ব্যঞ্জনারহিত, অব্যঙ্গ্য (কাব্য)। ৬ ব্যঞ্জনবর্ণশূন্য। —ন পুং শৃঙ্গহীন পশু।

অব্যতিকর পুং [ন.ত] ব্যতিকরের অভাব ; সংসর্গাভাব। —কীর্ণ বিণ [ন.ত ; স্ত্রী -র্ণা] অসঙ্কীর্ণ, অসংমিশ্র। "ধারাঃ…অব্যতিকীর্ণরূপাঃ মাঘ ৫.৬০।

অব্যথ বিণ [ন ব্যথা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -থা] ১ ব্যথাহীন, পীড়ারহিত। "মাঘ ১৮.৪৭। ২ [ন ব্যথ (বাধয়িতা), ন.ত] অপীড়ক, সদয়। —থা স্ত্রী [ন.ত] ১ ব্যথাভাব। ২ হরীতকী। —ব্যথী (-থিন্) বিণ [ন.ত ; স্ত্রী -থিনী] ১ ব্যথাহীন। ২ নির্ভয়। "মাঘ ১৫.১২।

অব্যপদেশ্য বিণ [ন.ত ; স্ত্রী -শ্যা] অনির্দ্দেশ্য, অনির্ব্বাচ্য। —শ্য ক্লী ১ ব্রহ্ম। ২ (ন্যায়ে) নির্ব্বিকল্পক জ্ঞান (ত.বা)। [যেমন শিশুর জ্ঞান ; শিশু বস্তু দেখে, নাম করিতে পারে না। এইরূপ ইন্দ্রিয় সামান্য-ভাবে বস্তু গ্রহণ করে, মন নাম দিয়া উল্লেখযোগ্য করিয়া লয়।]

অব্যপেক্ষ বিণ [ন ব্যপেক্ষা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ক্ষা] ব্যপেক্ষাহীন, অনপেক্ষ। —ক্ষা স্ত্রী [ন.ত] ১ বিশেষ অপেক্ষার অভাব ; অনবেক্ষা, অনবধান। "°চ্যুত (হেমকাঞ্চী গুণ) মা.মি ৩.২১। ২ পরস্পরসম্বন্ধা-ভাব, একার্থীভাব। "পা ২.১.১, তত্ত্ববোধিনী।

অব্যবধান বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -না] ১ দেশকৃত বা কালকৃত ব্যবধান-হীন ; সন্নিকৃষ্ট, নিকট, অনন্তর। ২ পটাদি দ্বারা অবিচ্ছিন্ন ; অবাধিত। ৩ নিরন্তর। "°সমাধিযোগ ভ ৫.১.৬। ৪ ফলসঙ্কল্পরূপব্যবধানশূন্য। "°নানন্যভক্তিযোগ ভ ৫.১৮.৭। ৫ আস্তরণহীন। "°নায়াং ভূমাবেব (কাদম্বরী)। ৬ বিশেষ অবধানহীন ; অনবহিত। —ন ক্লী [ন.ত] ১ ব্যবধানাভাব, আনন্তর্য্য, নৈকট্য, সান্নিধ্য। ২ আসত্তি, আসন্নভাব। ৩ অবিচ্ছেদ। "ভ ৪.২৯.৬০। ৪ অভেদ। "ভ ৫.৫.৩৫। ৫ অনবধান।

অব্যবসায় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ ব্যবসায়হীন, নিরুদ্যোগ, নিশ্চেষ্ট। ২ অনিশ্চয়, অব্যবস্থিত। —য় পুং [ন.ত] ১ উদ্যমাভাব, নিশ্চেষ্টতা। ২ নিশ্চয়াভাব। —ব্যবসায়ী (-য়িন্) বিণ [ন.ত ; স্ত্রী -য়িনী] ১ সর্ব 'অব্যবসায়' (১)। "হি ২.৪। ২ প্রমাণজনিতবিবেকরহিত, অজ্ঞানী, বহির্মুখকামী (গী.টীকা)। "গী ২.৪১। ৩ নিশ্চয়শূন্য, অব্যবস্থিত। ৪ (বাঙ্‌লায়) ব্যবসায়ে (বাণিজ্যব্যাপারে) অনভিজ্ঞ ; আনাড়ী ব্যবসাদার। "প্রেমের অব্যবসায়ী—কি জানে উহারা।—অ.গু ১২। —ব্যবসিত বিণ [ন.ত] ব্যবসায়রহিত, উদ্যমহীন। "নহ্যব্য-বসিতং শক্রম্ (সমর্থস্ত্বং রণে হন্তুম্) রা ৪.২৭৩৬।

অব্যবসায়ী, অব্যবসিত দ্র 'অব্যবসায়'।

অব্যবস্থ বিণ [ন ব্যবস্থা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -স্থা] ১ ব্যবস্থাহীন, স্থিতিরহিত, সঞ্চারী, চল। "স্থলারবিন্দশ্রিয়মব্যবস্থাম্ কু.স ১.৩৩। ২ মর্য্যাদাহীন, সীমারহিত। ৩ শাস্ত্রব্যবস্থাবিরোধী, বিধিহীন, অবিহিত। ৪ ব্যবস্থারহিত, অনিয়ত। °ভঙ্গং জয়ঞ্চাপতুরব্যবস্থম্ রঘু ৭.৫৪। —স্থা স্ত্রী [ন.ত] ১ ব্যবস্থাভাব, অনিয়ম, অমর্য্যাদা। "মাঘ ১২.৩৬। ২ শাস্ত্রবিরুদ্ধ ব্যবস্থা ; অবিধি। —ব্যবস্থিত বিণ [ন.ত] ১ ব্যবস্থা-রহিত, শাস্ত্রমর্য্যাদাহীন, অবৈধ। ২ অনিয়ত, চঞ্চল, চল। "°চিত্তস্য প্রসাদোঽপি ভয়ঙ্করঃ (সু.র)। আমাদের রাজা অতি-অব্যবস্থিতচিত্ত সী ৯৩। ৩ ক্রমরহিত, বিশৃঙ্খল, বিপর্য্যস্ত।

অব্যবস্থা, -ব্যবস্থিত দ্র 'অব্যবস্থ'।

অব্যবহার্য্য বিণ [ন.ত ; স্ত্রী -র্য্যা] ১ ব্যবহারের অযোগ্য ; একত্র শয়নাসনভোজনাদির অযোগ্য ; পতিত, সমাজচ্যুত। "যাজ্ঞ ৩.২২৬। ২ ব্যবহারশাস্ত্রের অযোগ্য ; অ-ব্যবহারপদ, নালিসের অযোগ্য (Un-actionable)। ৩ (বাঙ্‌লায়) কাজের অযোগ্য ; অকর্ম্মণ্য (দ্রব্য)। ৪ পরিধানের বা ধারণের অযোগ্য (বসনভূষণাদি)। ৫ অপ্রযোজ্য, অকথ্য, সম্বন্ধবিরুদ্ধ (গালি, উপহাসবাক্য)। ৬ প্রয়োগের অযোগ্য (শব্দ)।

অব্যবহিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ ব্যবধানরহিত, সাক্ষাৎসম্বন্ধযুক্ত, নিরন্তর, সন্নিহিত। ২ অবিচ্ছিন্ন, সংলগ্ন। ৩ অন্তর্ব্বর্ত্তিকালরহিত, অনন্তর। "তিনি কৌশল্যাপ্রভৃতির অব্যবহিত পরেই মিথিলায় প্রত্যাগমন করিলেন সী ২। ৪ পটাদিব্যবধানরহিত।

অব্যবহৃত বিণ [ন.ত] ১ অকৃতব্যবহার, ভোগাদি দ্বারা অদূষিত (ভূষণাদি)। ২ (বাঙ্‌লায়) অকৃতপ্রয়োগ, অপ্রযুক্ত (শব্দ)।

অব্যাবুবু বিং [(?)] অভিভূত, মোহিত। "অব্যাবুবু করিয়া মোরে, ছলিয়া যাবেক ঘরে, পশ্চাতে খাবেক মোর প্রাণ শি ৮৩।

অব্যভার বি ['অব্যবহার'—মূল ; 'হ'-লোপে ব > ভ ; অপ্র] অশিষ্টাচার, অভদ্রতা। "দেখিয়া পুত্রের অনাদর অব্যভার। ক্রোধে ব্রহ্মা হইলেন অগ্নি-অবতার॥—চৈ.ভা ৫১১।

অব্যভিচরিত বিণ [ন.ত] ১ ব্যভিচাররহিত, ব্যতিক্রমহীন, নিত্য-সম্বন্ধযুক্ত (হেতু)। ২ অবাধিতার্থ (প্রমাণ)। —চার বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -রা] ১ সর্ব 'অব্যভিচরিত (১)। ২ বিবেকজ্ঞানাত্মক, পরম-প্রেমলক্ষণ, একান্ত। "°রেণ ভক্তিযোগেন গী ১৪.২৬। —র পুং [ন.ত] ১ ব্যভিচারাভাব, অব্যতিক্রম, অনন্যথাভাব, নিয়তত্ব। "°বান্ মহা ২.২২.১৮। ২ অপরিলোপ, পালন। "ধর্ম্মস্যাব্যভিচারার্থম্ মনু ৮.১২২। ৩ অপরিত্যাগ (মেধাতিথি)। "অন্যোন্যস্যাব্যভিচারঃ মনু ৯.১০১। —ব্যভিচারী (-রিন্) বিণ [ন.ত ; স্ত্রী -রিণী] ১ ব্যতিক্রম-শূন্য, অস্খলিত, সত্য। "°রি তদ্বচঃ কু.স ৫.৩৬। °রি বচঃ শ ৬ষ্ঠ। ২ অবিরোধী, অনুকূল। "°রিণ্যো ভর্ত্তরিষ্টে পতিব্রতাঃ কু.স ৬.৮৬। ৩ সাধ্যসাধকব্যাপ্তিবিশিষ্ট (হেতু)। ৪ অবাধিতবিষয়, যথার্থ। "ইন্দ্রিয়সন্নিকর্ষোৎপন্নং জ্ঞানম্…অব্যভিচারি (ন্যায়সূত্র)। ৫ সমাধ্যনু-গত, অবিনাভূত, বিষয়ান্তরধারণাহীন। "গী ১৮.৩৩। ৬ একান্ত। "ভক্তিরব্যভিচারিণী গী ১৩.১০। ৭ সংযত, নিয়ন্ত্রিত। "বুদ্ধিশ্চাব্যভি-চারিণী মহা ১৪.৪২.১০। ৮ নিত্য। "°রিসদ্‌গুণ ভ ৮.৮.১৯। ৯ অনুরক্ত। "ক.সা ১১০.১০। ১০ বিশ্রব্ধ, জাতবিশ্বাস। "ততোঽনু-রক্তমালোক্য রাষ্ট্রমব্যভিচারি তৎ ক.সা ১২.৩৮। ১১ সাধু, সৎ, ধর্ম্মশীল।

অব্যভিচার, -ব্যভিচারী দ্র 'অব্যভিচরিত'।

অব্যয় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ ব্যয়হীন, অপক্ষয়রহিত, ক্ষয়শূন্য। "গী ২.২১। ২ ৺বিনাশী, নিত্য। "গী ৭.২৪ ; ২৫। মনু ১.১৮ ; ১৯, ৫৭। তমসঃ পরমপদাব্যয়ম্ রঘু ৮.২৪। ৩ দীর্ঘকাল, শাশ্বত। "অকীর্ত্তিম্…অব্যয়াম্ গী ২.৩৪। ৪ অনাদ্যনন্ত, অবিচ্ছেদ, সনাতন। "গী ১৫.১। ৫ অক্ষীণ, অনশ্বর। "°য়াত্মা গী ৪ ৬। ৬ বিকারশূন্য। ৭ ব্যয়রহিত, নির্ব্যয়। ৮ অব্যয়ফলদ, মোক্ষদ। "ভূয়াদ্যাস্তিস্র এবৈতা মহাব্যাহৃতয়োঽব্যয়াঃ (ত.বা)। ৯ (বাঙ্‌লায়) ব্যয়কুণ্ঠ, কৃপণ। "অব্যয় সাধব, রাজা নিল সব রা.স ২৯। ১০ ন্যূনতাহীন, অক্ষয়, অফুরন্ত। "ফল মূল শাক আদি যা কিছু আনিবে। অল্পমাত্র-রন্ধনেতে অব্যয় হইবে॥ —ম ৩৮০। দশ দিগে বহি যায় ধারা। অক্ষয় অব্যয় অবিকারা॥—গ ১২। —য় পুং ১ বিষ্ণু। ২ শিব। —য় ক্লী পরব্রহ্ম। —য় পুং, ক্লী [অমরকোষমতে ক্লী, মেদিনীমতে পুং, ক্লী] (ব্যাকরণে) অব্যক্তলিঙ্গসংখ্যক (অ.টী) ; লিঙ্গে বচনে বিভক্তিতে অবিকৃত শব্দ-বিশেষ। 'সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু। বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্॥—পা ১.৪.৮২, সি। "পা ১.১.৩৭। —য়া বি, স্ত্রী [+স্ত্রী আ (টাপ্)] সনাতনী, দুর্গা। "অব গো অব্যয়া ভা.চ ১৭।

অব্যয়ীভাব পুং [অব্যয়+অভূততদ্ভাবে চ্বি (•)+√ভূ+অ (ঘঞ্) -ণ] ১ যাহা দ্বারা অনব্যয় অব্যয় হয় ; সমাসবিশেষ। "পা ২.১.৫। [বিভক্তি, সমীপ ইত্যাদি অর্থে অব্যয় ও সমর্থপদের সমাস 'অব্যয়ীভাব'। এই সমাসে অব্যয় পূর্ব্বপদ এবং সমস্ত শব্দ অব্যয় ও ক্লীবলিঙ্গ হয় (পা ২.১.৬ ; ২.৪.১৮)।] ২ [+অ-ভা] অব্যয়ের ভাব ; ব্যয়রাহিত্য। "দ্বন্দ্বো দ্বিগুরপি চাহং মদ্‌গেহে নিত্যমব্যয়ীভাবঃ। তৎপুরুষ কর্ম্মধারয় যেনাহং স্যাং বহুব্রীহিঃ॥—সু.র।

অব্যর্থ বিণ [ন.ত] ১ অমোঘ, সফল। ২ সার্থক, অন্বর্থ।

অব্যলীক বিণ [ন.ত ; স্ত্রী -কা] ১ প্রিয়। "মাঘ ৫.১। ভ ৪.৮.১৯। ২ সত্য। "বচঃ…অব্যলীকম্ ভ ১.১৯.২২। ৩ নিষ্কপট (নীলকণ্ঠ)। "দৌহিত্রাঃ…অব্যলীকাঃ মহা ৫.২৩.১৪। °ব্রত ভ ২.৯.১৪।

অব্যসন, -ব্যসনী (-নিন্) বিণ [ন.বহুব্রী ; ন.ত ; স্ত্রী -না, -নিনী]

ব্যসনহীন, মৃগয়াদিব্যসনরহিত। "°ন যাজ্ঞ ১.৩১০। স্বর্ধ্যাত্যব্যসনী স্মৃতঃ "মনু ৭.৫৩।

অব্যস্ত বিণ [ন.ত; স্ত্রী -স্তা] ১ অবিক্ষিপ্ত। ২ অবিপর্য্যস্ত। ৩ সমস্ত, সংক্ষিপ্ত।

অব্যাকৃত বিণ [ন.ত; বৈদিক] ১ অপ্রকটীভূত, অব্যক্ত। "ইদং নামরূপাভ্যামব্যাকৃতম্ (শতপথব্রাহ্মণ)। ২ কার্য্যোপাধিশূন্য। "ভ ৩.১১.৩৮। ৩ বীজরূপ। —ত ক্লী ১ (বেদান্তে) বীজরূপ জগৎকারণ অজ্ঞান (ত.বা)। ২ (সাংখ্যে) প্রধান, প্রকৃতি। —ব্যাকৃতি বিং, স্ত্রী (বাঙলায়) অব্যক্তা, সূক্ষ্মরূপা, বীজরূপা। "অব্যাকৃতি পরমা প্রকৃতি তুমি আদ্যা দু ৯১।

অব্যাক্ষেপ পুং [ন.ত] ব্যাক্ষেপাভাব, অব্যাসঙ্গ, অবিলম্ব। "অব্যাক্ষেপো ভবিষ্যন্ত্যাঃ কার্য্যসিদ্ধেৰ্হি লক্ষণম্ রঘু ১০.৬।

অব্যাজ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -জা] ব্যাজরহিত, ছলহীন, অকপট। —জ পুং [ন.ত] ১ ব্যাজাভাব, অব্যপদেশ, ছলহীনতা। ২ কৃত্রিম-শোভাভাব, আহার্য্যশোভারাহিত্য। "°মনোহরং বপুঃ শ ১.১৭। °সুন্দরী মা.মি ২.১৩। ৩ আর্জ্জব, সরলতা। "°রমণীয়ং প্রেম (কাদম্বরী)। —ব্যাজে, ক্রি-বিং ১ (বাঙলায়) অকপটে, একাগ্রভাবে। "অব্যাজে বিষ্ণুর পূজা চণ্ডালে যে করে শি ৪৩। ২ ছলশূন্যভাবে, নির্লজ্জভাবে। "অব্যাজে দেখায় রূপ যৌবন-সম্পদ ক.চ ১৫৪। ৩ বিলম্বচ্ছলব্যতীত, অবিলম্বে, শীঘ্র। "অব্যাজে আসিবে রাজা সংগ্রাম করিতে দু ৫। ["অব্যাজং পরিষিঞ্চ কিং চিরয়সে (শ.ক)—'অব্যাজম্' —অকপটম্, অর্থাৎ শীঘ্রম্। এইরূপ প্রয়োগ বিবেচ্য।]

অব্যাপক বিণ [ন.ত; স্ত্রী -পিকা] ১ ব্যাপকভিন্ন, নিত্যসম্বন্ধহীন, পরিচ্ছিন্ন। যেমন, ধূম বহ্নির অব্যাপক, কারণ বহ্নির আধার তপ্ত অয়ঃপিণ্ডে ধূম থাকে না। ২ ব্যক্তিগত, বিশেষ।

অব্যাপন্ন বিণ [ন.ত; স্ত্রী ন্না] বিপদ্‌রহিত, নিরাপদ্, সুস্থ, জীবিত। "উ.মে ৪০।

অব্যাপার বিণ [ন.বহুব্রী] ব্যাপারহীন, কার্য্যরহিত, করণশূন্য। —র পুং [ন.ত] ১ ব্যাপারাভাব, কার্য্যবিরতি। ২ অপ্রশস্ত ব্যাপার; পরাধিকার, অন্যনিয়োগ। "হি ২.২৮।

অব্যাপী (-পিন্) বিণ [ন.ত; স্ত্রী -পিনী] ১ অব্যাপক। ২ পরিচ্ছিন্ন। ৩ ব্যক্তিগত, বিশেষ। —ব্যাপ্ত বিণ [ন.ত; স্ত্রী -প্তা] ১ পরিচ্ছিন্ন। ২ অসংস্পৃষ্ট, অলিপ্ত। "(আপঃ) অব্যাপ্তাশ্চেদমেধ্যেন মনু ৫.১২৮। —ব্যাপ্তি স্ত্রী [ন.ত] ১ ব্যাপ্তির অভাব; লক্ষ্যে লক্ষণের অপ্রবৃত্তি, অর্থাৎ লক্ষণের যাহা লক্ষ্য (বিষয়), তাহা সর্ব্বপ্রকারে লক্ষণের অন্তর্গত না হইলে, লক্ষণের অব্যাপ্তি হয়। যেমন, 'শিখাসূত্রবান্ ব্রাহ্মণ' —এই লক্ষণ হেতু সন্ন্যাসী ব্রাহ্মণ হইলেও, 'শিখাসূত্রাভাবে' তাহার ব্রাহ্মণত্ব সিদ্ধ হয় না; ইহা 'অব্যাপ্তি'। ২ ভাগাসিদ্ধত্ব, অর্থাৎ লক্ষণে ব্যাবর্ত্তক ধর্ম্মের অনুল্লেখ। যেমন, গোরুর লক্ষণে 'সাস্নাদিমত্ব' না বলিয়া 'শবলত্ব' বলা; ইহা ভাগাসিদ্ধি। ৩ নিত্যসম্বন্ধাভাব। —ব্যাপ্য বিণ [ন.ত] ব্যাপ্যভিন্ন, ব্যাপ্তিবিশিষ্টভিন্ন, ব্যাপ্তিরহিত, নিত্যসম্বন্ধহীন, অনধীন। যেমন, বহ্নি ধূমের অব্যাপ্য, কারণ ধূম বহ্নির আধার তপ্তায়ঃপিণ্ডের অনধীন বা নিত্যসম্বন্ধহীন।

অব্যাপ্ত, -ব্যাপ্তি, -ব্যাপ্য দ্র 'অব্যাপী'।

অব্যাভার বি ['অবাবহার'—মূল, 'হ'-লোপে 'ব'>'ভ'; অপ্র] অবৈধ অনুষ্ঠান; অসামাজিক কার্য্য। "লোকে বলে রাজা হঞা করে অব্যাভার কৃ ১৬৫।

অব্যাহত বিণ [ন.ত] ১ ব্যাঘাতশূন্য, অপ্রতিবন্ধ। ২ অপ্রতিরোধ। "°তাজ্ঞা রাজ্ঞী রঘু ১৯.৫৭। "সত্যলোকে গেল ব্রহ্মা অব্যাহতগতি গ ১৭। ৩ অকুণ্ঠিত, সুপ্রসর। "বেদশাস্ত্রার্থবিজ্ঞানে যেষামব্যাহতা মতিঃ (শ.ক)। [অব্যাহতরূপে (অপ্র)—অবাধভাবে, মুক্তকণ্ঠে। "হেনকালে বসুমতী অব্যাহতরূপে। কান্দিয়া কহিছে মজি পতিশোক কূপে॥—ভা.চ ২৩৯।

অব্যাহতি বিং অব্যাহত, অক্ষতদেহ। "মহাবীর রণে অব্যাহতি ক.চ ৯৬। [পদ্যে মিলের জন্য 'ই']। —তি বি ১ অবিঘ্ন, মঙ্গল, শুভ। "তোমা বিনা পাণ্ডবের নাহি অব্যাহতি ম ৬৭১। ২ পরিত্রাণ, নিস্তার, এড়ান, ছাড়ান। "মরিলেও নাহি অব্যাহতি ভা.চ ৬৭। রাজা রাণী, যাকে করিবেন, সেই হইতে পারিবে, আমাকে অব্যাহতি দিন। —ব.প্র ৩৯৭।

অব্যুৎপত্তি স্ত্রী [ন.ত] ব্যুৎপত্তির অভাব; প্রকৃতিপ্রত্যয়শূন্যতা। "°পক্ষে পা ৮.৩.৬, সি। —পন্ন বিণ [ন.ত] ১ ব্যুৎপত্তিরহিত, প্রকৃতিপ্রত্যয়শূন্য, অবয়বার্থশূন্য (শব্দ)। "অন্যতরাস্যতমশব্দা ব্যুৎপন্নৌ পা ৭.১.৫২, সি। উণাদয়োঽব্যুৎপন্নাঃ প্রাতিপদিকম্ (ত.বা)। ২ শব্দের অবয়বার্থে অনভিজ্ঞ; অবৈয়াকরণ। ৩ অবিবেকী। "°লোক-সমধিগম ভ ৫.১৪.২৬। ৪ অজ্ঞ। "°ম্নো বালভাবঃ (কাদম্বরী)।

অব্যূঢ় বিং ['অব্যূঢ়'—অনপসারিত (শতপথব্রাহ্মণ,—M.W.) সং 'ব্যূঢ়'—বিবাহিত] ১ অবিবাহিত, আইবুড়। ২ অকৃতব্যূহ, অসজ্জিত, বিক্ষিপ্ত, বিভিন্ন। "মনুষ্যে অব্যূঢ় জড় পদার্থের ধর্ম্ম, উদ্ভিদের ধর্ম্ম, পশুর ধর্ম্ম এবং মনুষ্যের ধর্ম্ম, এই চারিটি ধর্ম্মই একত্র মিলিত পা.প্র ১২৮। [অব্যূঢান্ন—আইবুড়ভাত।]

অব্রণ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ণা; ছান্দস] ১ ব্রণহীন, ছিদ্রবিশেষহীন। "ঈশোপনিষৎ ৮। ২ অক্ষত, ত্বগ্‌ভেদরহিত। "তে (দণ্ডাঃ)···স্যুরব্রণাঃ মনু ২.৪৭। দন্তপবনম্···ঋজ্বগ্রায়তমব্রণম্ (সুশ্রুত)। ৩ অচ্ছিদ্র, নীরন্ধ্র (আজ্যস্থালী)। "কাত্যায়ন ১৫.১১। ৪ অচ্ছিদ্র, অবিপ্লুত, অখণ্ডিত। "অলোকব্রতমব্রণম্ ভ ৮.৩.৭। —ণ ক্লী নেত্ররোগবিশেষ (সুশ্রুত)।

অব্রত বিণ [ন.বহুব্রী; স্ত্রী -তা; 'অব্রত'—অযজ্বা, যাগবিরোধী (ঋগ্বেদ ১.১৩২ ৪)] ১ ব্রতরহিত, শাস্ত্রবিহিতনিয়মশূন্য। "পা ৬.১.১১৬। মনু ৩.১৭০। ২ উপনয়নব্রতহীন, অনুপনীত। "মনু ১০.২০। ৩ সাবিত্র্যাদিব্রতরহিত, গায়ত্রী-প্রভৃতি-ব্রহ্মচারিব্রত-হীন। "মনু ১২.১১৪। —ব্রতিক বিণ [ন.ত; স্ত্রী -কা] সর্থ 'অব্রত (১)। "মহা ৩.৪৩.৫। —ব্রতী (-তিন্) বিণ [ন.ত; স্ত্রী -তিনী] সর্থ 'অব্রত (১)। "গো.রা ১.১৩.৮। মহা ১৩.২৩.৩০।

অব্রতিক, -ব্রতী দ্র 'অব্রত'।

অব্রহ্মণ্য বিণ [ন.ত; স্ত্রী -ণ্যা] ১ ব্রাহ্মণের অহিতকর; ব্রাহ্মণহিংসক। "°ণ্যানি তবাপত্যানি ভবিষ্যন্তি মহা ৩.১৯২.৩৫। ভ ৯.১৫.১৫। ২ ব্রাহ্মণোচিত কর্ম্মে অসাধু। —ণ্য ক্লী [ন.ত] ১ ব্রাহ্মণের অনুচিত কার্য্য; হিংসাদি, হিংসার্থ-প্রবর্ত্তক বাক্য। ২ (নাট্যাদিতে) অবধ্যোক্তি (অ.কো); অবধ্য ব্রাহ্মণাদির দোষোক্তি (রামাশ্রমী); অবধপ্রার্থনা, রক্ষা কর (Help!)। "(নেপথ্যে) অব্রহ্মণ্যম্ অব্রহ্মণ্যম্ উ.চ ১$\frac{৪৯}{৫০}$; ব্রাহ্মণেন···অব্রহ্মণ্যমুদ্‌ঘোষিতম্ ২$\frac{৩}{৮}$। ক.সা ৪.১১১। পক্ষিণঃ··· ফুৎকর্ত্তুমারব্ধাঃ—'অহো অব্রহ্মণ্যমব্রহ্মণ্যম্।—পঞ্চ ১$\frac{৩৭২}{৩৭৩}$।

অব্রাহ্মণ বিণ [ন.বহুব্রী] যেস্থানে ব্রাহ্মণ নাই; ব্রাহ্মণরহিত (দেশাদি)। —ণ পুং [ন.ত] ১ অপ্রশস্ত ব্রাহ্মণ; আচারভ্রষ্ট ব্রাহ্মণ। "বীরভদ্র বলে বেটা বড় অব্রাহ্মণ শি ১৪। [রাজভৃত ক্রয়বিক্রয়ী বহু-যাজ্য গ্রামযাজক ইত্যাদি ভেদে অব্রাহ্মণ ষড়্‌বিধ (ত.বা)। ২ ব্রাহ্মণ-সদৃশ, ক্ষত্রিয় ও বৈশ্য। "°ণাদ্ অধ্যয়নম্ মনু ২.২৪১; ২৪৩; সমম-ব্রাহ্মণে দানম্ ৭.৮৫। ৩ ব্রাহ্মণভিন্ন জাতি; শূদ্র। "মনু ৮.৩৫৯। যদ্যপি তা হইত তবে আমরা অব্রাহ্মণ আ.দু ৬১।

অব্রেথা বিং ['অবৃথা'—মূল; দ্র অ° (৮); গ্রাম্য] বৃথা, অনর্থক। "অব্রেথা হইল সিদ্ধা খিতির উপর ম.পা ১২। গো.চ ৩১৬; ৩৪৩।

অভঅা বি [সং অভয়া > প্রা অভঅা ('তু অভয় > প্রা অভঅ—হে) ; অপ্র] দুর্গা। "প্রভুর অঙ্গ তেজিয়া অভঅা, অবিরত বোলে ডাকিয়া গ ১৩।

অভক্ত বিণ [ন.ত] **১** ভক্তভিন্ন, অসেবমান। "ঋগ্বেদ ১.১২৭.৫। **২** অবিভক্ত, অপৃথক্কৃত। **৩** অভুক্ত, অভক্ষিত। —ভক্তি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ক্তি] ভক্তিহীন। —ক্তি স্ত্রী [ন.ত] ভক্তির অভাব ; অননুরাগ, অশ্রদ্ধা।

অভক্ষণ ক্লী [ন.ত] **১** ভক্ষণাভাব, অভোজন, উপবাস। **২** ভক্ষণ-নিবৃত্তি, ভোজননিষেধ। "পৌর্ণমাস্যন্তমাঘে চ মূলকানামভক্ষণম্ (মলমাসতত্ত্ব)। —ভক্ষিত বিণ [ন.ত] অখাদিত, অভুক্ত। —ভক্ষ্য বিণ [ন.ত ; স্ত্রী -ক্ষ্যা] **১** 'ভক্ষ্যভিন্ন', ভক্ষ্যেতর (দ্রব্য)। **২** শাস্ত্র-নিষেধ হেতু অখাদ্য (লশুনাদি)। "অভক্ষ্যং চৈব মে মাংসম্ গো.রা ৪.১৬.৩১। মনু ৫.৫ ; মাংসমভক্ষ্যম্ ১১.১৫৩। **৩** স্পর্শাদি হেতু ভোজনের অযোগ্য (দ্রব্য)। —ভক্ষ্য ক্লী **১** শাস্ত্রনিষিদ্ধ খাদ্য—লশুনাদি। "ভক্ষ্যাভক্ষ্য মনু ১.১১৩, ৫.২৬। **২** (বাঙ্লায়) ভক্ষ্যভিন্ন-দ্রব্য, পুরীষাদি। "অভক্ষ্যে পুরিয়া তুণ্ড, দুই গালে দেহ কালি চূণ ক.চ ১০৯। [°ভক্ষণ—অখাদ্যভোজন। °ভক্ষজ—অভক্ষ্যভোজনজন্য (পাপ)।]

অভক্ষিত, অভক্ষ্য, অভক্ষ্যভক্ষণ, অভক্ষ্যভক্ষজ দ্র 'অভক্ষণ'।

অভগ্ন বিণ [ন.ত ; স্ত্রী -গ্না] **১** ভঙ্গরহিত, সমগ্র। **২** অপ্রতিহত, অপ্রতিবন্ধ। "°কামা রঘু ৫.৭। —ভঙ্গ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ঙ্গা] **১** ভঙ্গরহিত, অভগ্ন। **২** (বাঙ্লায়) অবিচ্ছেদ, নিরন্তর। "গমন গজ-গতি, গঞ্জি গরজে অভঙ্গ ন.প ২৯৬। —ঙ্গ পুং [ন.ত] **১** ভঙ্গাভাব অভঞ্জন। **২** পলায়নাভাব, অপলায়ন। **৩** (অলঙ্কারশাস্ত্রে) অর্থ-শ্লেষালঙ্কারবিশেষ। [শব্দের অভঙ্গ দ্বারা (বিশ্লেষ বিনা) শ্লিষ্ট অর্থের প্রাপ্তি হইলে, 'অভঙ্গশ্লেষ' হয় (সা.দ ১০.১২)।]

অভদ্র বিণ [ন.ত ; স্ত্রী -দ্রা] **১** অমঙ্গল, অহিতকর, অশুভ। **২** (বাঙ্লায়) অ-ভদ্রোচিত, অশিষ্ট, অসাধু (ব্যবহার, লোক)। —দ্র ক্লী **১** অশিব, অমঙ্গল, অপায়। "অন্ন না খাইতে জোড়ে সদাই অভদ্র ভ.গ্র ৩৪৬। **২** 'সুখভিন্ন', দুঃখ।

অভব পুং [ন.ত] **১** ভবের অভাব ; জন্মাভাব। "ভবাভব মহা ৩.২৯.১। **২** অপবর্গ, সংসারনিবৃত্তি, মোক্ষ। "ভবাভব রা ২.২২.২২। কি ১২.৩০ ; তব ভক্ত্যা সংস্মৃতির্ভব ভবত্যভবায় ১৮.২৭। বড় ফল করি মানো কৈবল্য অভব ভ.গ্র ২৫৩। **৩** বিনাশ, ক্ষয়। "সর্ব্বভূত-ভবাভব রা ২.৭৭.২৪ ; প্রভবাভবকোবিদ ১০৬.৭। **৪** শিবভিন্ন দেবতা।

অভব্য বিণ [ন.ত ; স্ত্রী -ব্যা] **১** ভব্যভিন্ন, অভবিষ্য, অভাবী। **২** [ন.বহুব্রী] যাহাতে কল্যাণ নাই ; অশুভ, অমঙ্গল। **৩** নির্ভাগ্য, ভাগ্যহীন। "কি ১০.৫১। **৪** অসাধু, অধার্ম্মিক, দুরাত্মা। "অভব্যো ভব্যরূপেণ (রাবণঃ উপতস্থে) রা ৩.৪৬.১০। পাত্র মিত্র যত সব অভব্য দুর্ব্বার বা.ম ২০০। **৫** (বাঙ্লায়) অশিষ্ট, অসভ্য বর্ব্বর। "অত্যন্ত অসভ্য রাজা নির্ব্বোধ কেবল। পাত্র মিত্র নৃপতির অভব্য সকল॥ —বা.ম ১৮৮। অবৈষ্ণব অভব্য না জানে ব্যবহার ভ.গ্র ৪১৬। না কহিলে সভায় অভব্য ব'লে জানে শ্রী ২২৫। **৬** (অপ্র) অপমানিত, অপদস্থ। "রুক্মিণী-বিবাহে যেন বাড়িল জঞ্জাল। সুতা-হাতে অভব্য হইল শিশুপাল॥ —শ্রী ১৫৫। **৭** (অপ্র) বিচারশক্তিহীন, অবিবেচক, কাণ্ড-জ্ঞানশূন্য, মূঢ়। "এমত অভব্যেরে দিছ এতেক সম্পত্তি বি.পা ১৯৭। সহসা এমত কার্য্য তুমি ত অভব্য বি.সু ৪৬। অত্যন্ত অভব্য সব বা.ম ২০০।

অভয় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] **১** ভয়হীন, নির্ভীক, নিঃশঙ্ক। "উভয় অভয় হ'য়ে ভ্রমে হৃষ্টভাবে বা.দ ৮৪। **২** যাহা হইতে ভয় নাই ; অভয়ঙ্কর, অভীষণ। "সর্ব্বা দিশো অভয়াস্তে ভবন্তু।—অথর্ব্ববেদ, ১৯.৪৫.৪। **৩** ভয়কারণহীন, নিরাপদ্, অবিঘ্ন। "বৈরাগ্যমেবাভয়ম্। —ভর্তৃহরি (A.)। —য় পুং **১** পরমাত্মা। **২** আত্মজ্ঞান। **৩** শিব। তু 'অভয়া'। **৪** সর্ব্বপরিগ্রহশূন্য। **৫** শাস্ত্রোপদিষ্ট বিষয়ের নিঃসন্দেহে অনুষ্ঠাতা। **৬** আত্মনিষ্ঠ, আত্মস্থ। **৭** (জ্যোতিষে) শক্রভূতনাশক যাত্রিক যোগবিশেষ। **৮** 'মা ভৈঃ' বলিয়া উত্তোলিত দক্ষিণ হস্তের প্রসারণবিশেষ। "অভয়ং বরদং চৈব দক্ষিণে দধতী ক্রমাৎ (শ্যামাধ্যান)। —য় ক্লী **১** বীরণমূল। **২** সূক্তবিশেষ। "অভয়ৈর্জুহুয়াৎ (কৌশিকসূত্র —S.W.)। **৩** [ন.ত] ভয়াভাব, অভীতি। "অভয়দ গো.রা ৪.২১.১১। দত্ত্বা...অভয়ম্ মনু ৬.৩৯, ৭.২০১। °যাচনাঞ্জলি রঘু ১১.৭৮। **৪** অভীরুতা, শাস্ত্রোপদিষ্ট বিষয়ে নিঃসন্দেহে অনুষ্ঠাননিষ্ঠতা (গী.টী)। "গী ১৬.১। **৫** ভয়ত্রাণ, ত্রাণ। "অভয়স্য হি যো দাতা স পূজ্যঃ সততং নৃপঃ মনু ৮.৩০৩। **৬** অভয়দান। "আপন্নাভয়সত্রেষু দীক্ষিতাঃ খলু পৌরবাঃ শ ২.১৭। —য়া স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] **১** দুর্গা, গৌরী। "হিমালয়ে চলিল অভয়া ভা.চ ১০৫। মে ৬০। **২** হরীতকী। "অভয়াদ্যমোদক (চক্রদত্ত)।

অভয়ঙ্কর বিণ [অভয় + √কৃ + অ (খচ্)-ক ; উ.ত ; স্ত্রী -রা] **১** অভয়জনক, ত্রাণকর্ত্তা। "পা ৩.২.৪৩, সি। **২** [ন.ত] 'ভয়ঙ্করভিন্ন', সৌম্য।

অভয়ডিণ্ডিম পুং [উ.লো] যোধগণের অভয়ার্থ বাদনীয় ডিণ্ডিম ; রণঢক্কা।

অভয়দক্ষিণ বিণ [বহুব্রী ; স্ত্রী -ণা] চৌরাদিনিগ্রহরূপ অভয় যাহার দক্ষিণা ; অভয়ফলপ্রদ। "সত্রম্...অভয়দক্ষিণম্ মনু ৮.৩০৩। —ণা স্ত্রী [অভয় দক্ষিণাতুল্য উপ.স] দক্ষিণাতুল্য প্রীতিহেতুক আত্মত্রাণাত্মক অভয় ; প্রীতিকর অভয়দান। "মনু ৪.২৪৭। °ণা দাপয়িতব্যা। —পঞ্চ ১৲৩৬৲।

অভয়দান, -প্রদান ক্লী [ষ.ত] অভয়বাক্যপ্রয়োগ, 'ভয় নাই' বলা। "প্রধানং সর্ব্বপ্রদানেষ্বভয়প্রদানম্।—পঞ্চ ১.৩১৩। অভয়ে, অভয়দান কর তুমি যারে মে ৬০।

অভয়বচন ক্লী [উ.লো] অভয়দানার্থ বাক্য।

অভয়মুদ্রা স্ত্রী [উ.লো] (তন্ত্রে) মুদ্রাবিশেষ। 'উর্দ্ধীকৃতো বামহস্তঃ প্রসৃতোঽভয়মুদ্রিকা (জ্ঞানার্ণব)।

অভরণ বি [সং আভরণ ; হি, মৈ অভরন ; অপ্র] অলঙ্কার। "শ্রীঅঙ্গ অভরণ ভ.গ্র ২৬৬। বস্ত্র-অভরণে চৈ.ম ১৮২ ; ম.পা ১৭৩। অভরণ ফণী চ.বি ২২২। নানা অভরণ গ ৪০।

অভরসা বি [অ + ভরসা] আশা না থাকা ; নৈরাশ্য। "ডাকিলে বোলান না দেও অভরসা পাই ম.ম ১২ ; পদ্মাবতী বলে বেহুলা কেন অভরসা ২০২।

অভাগ[১] বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -গা ; ছান্দস] **১** যাহার ভাগ নাই ; ভাগরহিত, অংশহীন। "ঋগ্বেদ ১০.৮৩.৫। **২** একদেশশূন্য, পূর্ণ। **৩** দায়ভাগহীন, নির্দায়। **৪** 'উদ্ধার'-ভাগরহিত। "মনু ৯.২১৩। —গ পুং [ন.ত] ভাগাভাব, অংশহীনতা।

অভাগ[২] বিং [অ-ভাগ ; সং অভাগ্য ; হি অভাগা ; ঠ অভাগী ; মৈ অভা-গল ; গু অভাগিয়ু, অভাগা ; অস অভাগা] অভাগ্যবান্ অভাগা, অভাগ্যবতী, অভাগিনী। "এত রস আদর, বাদ করল বিধি, কুল-বতী কেমন অভাগ জ্ঞা ১৬৬। —গ বি [হি অভাগ] দুর্ভাগ্য, দুরদৃষ্ট। "মরম না জানি কয়লু অনুরাগ। জ্ঞানদাস কহে গুরুয়া অভাগ॥ —জ্ঞা ২০৩। —ভাগা বিং **১** ভাগ্যহীন, দুর্ভাগ্যবান্। "তোমার এমন আজ্ঞা আমা অভাগায় (শ্রী)। **২** মন্দ, পোড়া। "অভাগা কপাল, কান্তা

যেন কাল, প্রহারে পয়জার ধরিয়া চুলে জ্ঞা ৩১। —ভাগি বিং [সং অভাগ্য, (স্বরাগমে) অভাগিয়>অভাগিঅ, -ভাগি; বৈষ্ণবসাহিত্যে] পুণ্যহীন, মন্দ, খারাব। "চিন্তামণি যব৹ নিজ-গুণ ছোড়ব৹ কি মোর করম অভাগি বি.প ১৭৪। —গি বি অভাগ্য, দুরদৃষ্ট। "সে অব বিসরল হমর অভাগি বি.সা ৩০৩। নাহ নিকটে পাই, যো জন বঞ্চয়ে, তাকর বড়ই অভাগি জ্ঞা ২০৯।

অভাগা, -ভাগি দ্র 'অভাগ[২]।

অভাগিনী বিং, স্ত্রী [দ্র 'অভাগী[১]'; হি অভাগিনী; গু অভাগণী; অস অভাগিনী, -গী] অভাগ্যবতী, হতভাগিনী। "হাম অভাগিনী দোসর নাহি ভেলা বি.প ১৭০। মোর সম অভাগিনী ম ৭১৪। রাধা অভাগিনী মা ১৬১; ১৬৪। অভাগিনী মায়ে ছাড়ি বা.ম ৩২৫। এ অভাগিনীর জন্যে সী ১১।

অভাগিয়া, -গীয়া বিং [অভাগিয়>অভাগিয়া, -গীয়া, দ্র 'অভাগি'; পদ্যে] হতভাগ্য, পুণ্যহীন, দুষ্কৃতী। "অভাগিয়া জ্ঞানী আস্বাদয়ে শুষ্ক-জ্ঞান চৈ.চ ১২০। সেই অভাগিয়া ভুবনমাঝ ন.প ৪০১। অভাগিয়া সেই ভ.গ্র ৭১। অভাগিয়া পতি মোর ক.চ ২৬। অভাগিয়া নর লোকে কিছুই না বুঝে রে গো.বি ১৮৭। মুই অভাগীয়া ম.ম ১০০; °গিয়া ২০৪। শি ৪৩।

অভাগী[১] (-গিন্) বিণ [ন.ত; স্ত্রী -গিনী] ১ দায়ে অনধিকারী (ক্লীবপতিতাদি)। ২ ভাগরহিত, ভাগ্যহীন, দুর্ভাগা। "যমাত্মানং ন বিদ্যুরভাগিনঃ (কঠোপনিষৎ—ত.বা)।

অভাগী[২] বিং, স্ত্রী [অভাগা+স্ত্রী ঈ৬; সং অভাগ্যা] অভাগ্যবতী, হত-ভাগিনী, পোড়াকপালী। "সাগর শুকাল৹ মাণিক লুকাল৹ অভাগীর করম দোষে জ্ঞা ১৭৯। অভাগী মায়ের দেখ হাল শি ৯৬। অভাগীর বুকে: অভাগী-কারণে শ্রী ২৩। পাপিনী অভাগী ক.চ ১৪৬। তুই রে অভাগী মে ৭। ব.প্র ৩৪২।

অভাগীয়া দ্র 'অভাগিয়া'।

অভাগ্য বিণ [ন.বহুব্রী, স্ত্রী -গ্যা] ভাগ্যহীন, হতভাগ্য। "°তর গো.রা ৩.৭২.২১। —গ্য ক্লী [ন.ত] অপ্রশস্ত ভাগ্য; দুর্ভাগ্য, দুরদৃষ্ট। "অভাগ্যের উপহাস (রবীন্দ্র)।

অভাজন ক্লী [ন.ত] ১ অনাধার। "দীধীবেবীসমঃ কশ্চিদ্ গুণবৃদ্ধ্যোর-ভাজনম্ কা.প্র (ত.বা)। ২ (বাঙলায়) অপাত্র, গুণহীন জন। "হতকীর্ত্তি অভাজন জীয়ন্তে মরণ ম ২২৩। ৩ দুর্জ্জন, দুরাত্মা। "যত দুঃখ দিল মোরে চাঁদ অভাজন বা.ম ৩২৫। ৪ শত্রু। "নিরপেক্ষে এক-দণ্ডে, ফেলিলে অনলকুণ্ডে, মা হয়্যা হইলে অভাজন ক.চ ১৪৫। ৫ ভাগ্যহীন, হতভাগ্য। "অবলা প্রকৃতি আমি বড় অভাজন ম.ভা ৫১। আমি অভাজন, পরম ভাজন, ঘটক নারদ ভায়া ভা.চ ৩৯। ৬ নির্ব্বোধ, মূঢ়। "মুঞি অতি অভাজন, না বুঝোঁ ডাহিন বাম চৈ.ম ১।

অভাব বিণ [ন.বহুব্রী; স্ত্রী -বা] ১ ভাবহীন, সত্তারহিত, অবিদ্যমান। ২ মিথ্যাভূত, অসৎ। ৩ স্থায়িভাবাদিহীন (শ.ক)। ৪ স্নেহশূন্য, অনু-রাগহীন। —ব পুং [ন.ত] ১ সত্তার অভাব; অসত্তা, অবিদ্যমানতা, অসদ্‌ভাব। "অন্যাভাবে মনু ৩.২১২। গতো ভাবোঽভাবম্ মৃ ১ (A)। আঁতে পুতে ভাল চাষ অভাবে সোদর শি ৭৩। কোন দ্রব্যের নাই অভাব, কারু সঙ্গে নাই অভাব দা ৬৪। ২ অনুপস্থিতি, অপ্রাপ্তি, অলাভ। "সাক্ষ্যভাবে মনু ৮.১৮২; ৯.১৮৮; সর্ব্ব°; রিক্থহর° (কুল্লুক) ১৮৯। ৩ অসত্ত্ব, পরিচ্ছিন্নত্ব, বিনাশ (গী.টীকা)। "নাভাবো বিদ্যতে সতঃ গী ২.১৬। ৪ বিনাশ, ক্ষয়। "কুলস্য...অভাবায় রা ২.৭৩.৪। "কাল মাঘ ২০.৬৪। °ভয় কি ১৮.১০। ৫ (বৈশেষিকে) সপ্তম পদার্থ। [দ্রব্য গুণ কর্ম্ম সামান্য বিশেষ সমবায়—এই ছয়টি ভাব (Positive) বা ভাবপদার্থের বিভাগ এবং সপ্তম অভাব (Negative) বা অভাবপদার্থ। অভাব দ্বিবিধ—অন্যোন্যাভাব ও সংসর্গাভাব। সংসর্গাভাব ত্রিবিধ—অত্যন্তাভাব, প্রাগভাব ও প্রধ্বংসাভাব; সুতরাং, অভাব চতুর্ব্বিধ (ভাষাপরিচ্ছেদ ১.১২)।] ৬ (বাঙলায়) অসংস্থান, অসঙ্গতি; অনাটন, অকুলন। "দণ্ডক ভাণ্ডার যার...কিসের অভাব তার? —মে ১১৫। ৭ মৃত্যু। "মা অভাবে বাপ তালুই। তাই হন বনের বালুই ॥—প্রবচন। [অভাবে স্বভাব নষ্ট—অভাব হইলে চরিত্র-দোষ হয়।]

অভাবনা স্ত্রী [ন.ত] ১ ভাবনার অভাব; ধ্যানাভাব। ২ চিন্তাভাব। —ভাবনীয় বিণ [ন.ত; স্ত্রী -য়া] ১ অচিন্তনীয়, চিন্তাতীত। ২ অনুৎপাদনীয়। —ভাবিত বিণ [ন.ত] অচিন্তিত, অতর্কিত। "ঈদৃশ অভাবিত ভাবান্তর সী ৪০।

অভাবী (-বিন্) বিণ [ন.ত; স্ত্রী -বিনী] ১ 'ভাবিভিন্ন', অর্থাৎ যাহা ঘটিবে না; অভাব্য। "যদভাবি ন তদ্ ভাবি হি ৪.৯। ২ (বাঙলায়) অভাববান, সঙ্গতিহীন, দরিদ্র। ৩ অভাবুক (?)। —ভাব্য বিণ [ন.ত; স্ত্রী -ব্যা] সর্ব 'অভাবী (১)।

অভি[১] ব্য [ছান্দস; Av. aibi,-bī,-wi; cf., Gr. amphi—amphitheatre; L ob; Old Ger. bi; Goth bi, um, umbi] উপসর্গবিশেষ:—১ আভিমুখ্য, লক্ষ্যীকরণ। "°গমন, °ঘাতী, °চর, °যান। অভ্যর্কবিম্ব শ ৭.১১। অভ্যগ্নি পা ২.১.১৪, সি। °শৌরি মাঘ ২০.২; °চৈদ্য ৩। ২ উপরি। "°ক্রম, °বর্ষণ, °ষেচন। ৩ ধর্ষণ, বিরোধ। "°পতন, °শংসন। ৪ লক্ষণ, চিহ্ন, সমীপ। "হরিমভি বর্ত্ততে পা ১.৪.৯১, সি। মাঘ ৭৩২; ১৫৫৮। ৫ ইত্থম্ভূতভাব। "ভক্তো হরিমভি (সি)। ৬ বীপ্সা। "দেবং দেবমভি সিঞ্চতি (সি)। ৭ ভাগ, অংশ। "যদত্র মমাভিষ্যাৎ তদ্ দীয়তাম্ (সি)। ৮ সমন্তাৎ, সর্ব্বত্র। "°অভাঞ্জন, °ত (সর্ব্বতঃ)। ৯ উভয়ার্থ। "ঈশমভিতোঽর্চ্চকাঃ (মুগ্ধবোধ)। অভিতঃ প্রধানম্ ভট্টি ১.১২। অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে গী ৫.২৬। ১০ ইচ্ছা। "°লাষ। ১১ উদ্দেশ্য। "সায়মণ্ডনমভি স্বরয়ন্তাঃ (রবিভাসঃ) কি ৯৬। ১২ ভৃশার্থ, আতিশয্য। "°তাপ, °তাম্র, °নব, °নিবেশ। ১৩ পূজা। "°বন্দন, °বাদন। ১৪ সৌম্য, মধুর। "অভিজাতবাচি কু.স ১.৪৫। ১৫ পূজা, উৎকর্ষ, প্রশস্ততা। "তেনাভি-জাতেন রঘু ১৭.৪। ১৬ সৌরূপ্য। "°রূপ। ১৭ বচন। "°ধত্তে, °ধান। ১৮ আহার। "অভ্যবহরতি, অভ্যবহার। ১৯ স্বাধ্যায়। "অভ্যস্যতি, অভ্যাস, বেদাভ্যাস। ২০ অভিনব। "অভ্যঙ্ক্তা গাবঃ পা ২.১.১৪, কাশিকা। ২১ পুনর্ব্বার, পুনঃ। "°জ্ঞান। অভি পূজা-ভৃশার্থেচ্ছাসৌম্যাভিমুখ্যসৌরূপ্যবচনাহারস্বাধ্যায়েষু (গণরত্নমহোদধি)। অভি সমন্তাদুভয়ার্থলক্ষণবীপ্সেত্থম্ভূতভাবধর্ষণেষু (মুগ্ধবোধ)।

অভি[২] বি [অভিমন্যু > অভি, দ্র 'বল (১)] অভিমন্যু। "রাজা হবে অভি মম।—ন ১১১৬।

অভি(ভী)ক বিণ [অভি+ক (কন্) 'কমিতা' অর্থে, নিপাতিত, পা ৫.২.৭৪] কাময়িতা, কামুক। "রঘু ১৯৪। "রাক্ষস্যাঽভীকয়া ভট্টি ৪.১৫; ৮.৯২।

অভিকম্পন ক্লী [অভি+√কম্প্+অন (ল্যুট্)-ভা] প্রবল কম্পন; কম্পন।

অভিকাঙ্ক্ষা স্ত্রী [অভি+√কাঙ্ক্ষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অভিলাষ, ইচ্ছা। "পা ১.৩.৬৯, কাশিকা। গো.রা ৩.৪৮.১৫। নীত° (সুশ্রুত)। ২ বাৎসল্য (রা.টীকা)। "গৌঃ...বৎসমিবাকাঙ্ক্ষয়া রা ২.২০.৫৪। —কাঙ্ক্ষিত বিণ [+ত (ক্ত)-কর্ম] অভিলষিত, অভীষ্ট। —কাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -ঙ্ক্ষিণী] অভিলাষী, ইচ্ছু। "মুক্ত° গো.রা ৫.৭৩.৬৬। স্বর্গমার্গ° মহা ৩.৪২.২২। মনু ৪.৯১।

অভিকাঙ্ক্ষিত, -কাঙ্ক্ষী দ্র 'অভিকাঙ্ক্ষা'।

অভিকাম বিণ [অভি+ √কম্+ই (ণিচ্) +অ (অচ্) -ক ; স্ত্রী -মা] ১ অভিলাষী, ইচ্ছু, ইচ্ছাবান্। "তয়া সঃ...অভিকাময়া সমেয়িবান্ রা ১.৭৭.২৯। ২ কাময়মান, কাময়ান, কামবশ। "অভিকামোঽসি সীতাম্ গো.রা ৬.৯৫.১৫। যাচে ত্বামভিকামাহম্ মহা ১.২১৪.৩২। অভিকামোঽভিকামাং তু (সেবেত প্রমদাম্)।—সুশ্রুত। —কাম পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অভিলাষ, ইচ্ছা। "সমরাভিকামা (সেনা) গো.রা ৩ ২৯ ৩৩। ২ অনুরাগ। "সাভিকামা মহা ৩.৭৬.১৩।

অভিক্রম পুং [অভি+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা] ১ অভিমুখগমন, যুদ্ধার্থ শত্রুর সম্মুখযান, অভিযান। ২ আরোহণ। ৩ অভিক্রমণ, প্রারম্ভ ; কর্ম্মারম্ভ, কর্ম্ম (গী.টীকা)। "°নাশ গী ২.৪০। ৪ আক্রমণ। ৫ [+অ-র্ম্ম] আরব্ধবিষয় (ত বা)। —ক্রমণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ অভিযান, আক্রমণ। "পুণ্ড্রদেশ°। ২ আরোহণ। —ক্রান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ আক্রমণ। ২ আরম্ভ। "যজ্ঞস্যাভিক্রান্তিঃ (ঐতরেয়ব্রাহ্মণ)।

অভিক্রমণ, -ক্রান্তি দ্র 'অভিক্রম'।

অভিক্রুদ্ধ বিণ [অভি+ √ক্রুধ্+ত (ক্ত)-ক] অতিকুপিত। "মহা ৩ ২৪৪.৬।

অভিক্রোশ পুং [অভি+ √ক্রুশ্+অ (ঘঞ্)-ভা] ১ আক্রোশ, ভৎসনা। ২ অপবাদ, নিন্দা।

অভিখ্যা স্ত্রী [অভি+ √খ্যা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্) ; 'অভিখ্যা'—মাহাত্ম্য, প্রসিদ্ধ (ঋগ্বেদ)] ১ অভিধান, কথন। ২ আহ্বান, সম্বোধন। ৩ [+অ-ণ] নাম, সংজ্ঞা। ৪ একার্থক শব্দ। ৫ শোভা, সৌন্দর্য্য। "রঘু ১.৪৬। চান্দ্রমসীমভিখ্যাম্ কু.স ১.৪৩। উ.মে ১৯। ৬ কীর্ত্তি। —খ্যাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিহিত, বিখ্যাত, প্রথিত। "পুণ্যমেতদভিখ্যাতম্ মহা ১৩.৯৭.১৬। ২ প্রকাশিত, বিদিত। "অনভিখ্যাত দোষ যাজ্ঞ ৩.৩০০।

অভিগত বিণ [অভি+ √গম্+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ অভিমুখগত, সমীপগত, অভ্যুপেত। "গো.রা ৪.৫৯.১১। °তোঽস্মি তে নৃপ মহা ৩.২৯৪.১০। ২ অনুকূলভাবে প্রাপ্ত। ৩ সেবিত। —গন্তব্য বিণ [+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] ১ অভ্যুপেতব্য, অভিগম্য। ২ প্রাপ্য, সেব্য। "সন্তঃ সদাভিগন্তব্যাঃ (বসিষ্ঠ)। —গম পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অভিমুখগমন, সমীপগমন, আগমন। "রঘু ৫.১১। ২ যুদ্ধার্থ অভিযান। "সেনয়াভিগমো রিপৌ (অ.চি)। ৩ সেবা। "পূ.মে ৫০। ৪ স্ত্রীসহবাস। "দাম্পত্যভিগমে যাজ্ঞ ২.২৯৪। —গমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'অভিগম (১)। "জ্যেষ্ঠ° রঘু ১২.৩৫ ; ১৭.৭২। ২ অন্বেষণ, অনুসন্ধান। "তবাভিগমনার্থ মহা ৩.৭৬.২৭। ৩ সম্ভোগ, স্ত্রীসহবাস। "পরদার° রা ৩.৯.৪। গুরুতল্প° ক.সা ২০.১৫৪। পঞ্চ ৫ (কথামুখ)। অন্ত্যা° যাজ্ঞ ২.২৯৭ ; নীচা° ৩.২৯৭। ৪ সর্থ 'অভিগম (২)। "সেনয়াভিগমনমরৌ...অভিষেণনম্ (অ.কো)। ৫ সম্মুখগমন। ৬ আগমন। "স্বয়ংবরাভিগমনো নাম পঞ্চমঃ সর্গঃ (রঘু)। —গম্য বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -ম্যা] ১ সর্থ 'অভিগন্তব্য (১)। ২ আশ্রয়ণীয়। "গো.রা ৩.৭৫.৫৮। রঘু ১.১৬। —গামী (-মিন্) বিণ [+ √গম্+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -মিনী] ১ সম্মুখগামী। ২ সম্ভোগকারী। "ঋতুকাল° মনু ৩.৪৫। রাজপত্ন্যভিগামী যাজ্ঞ ২.২৮৫।

অভিগন্তব্য, -গম, -গমন, -গম্য, -গামী দ্র 'অভিগত'।

অভিগর্জ্জন, -গর্জ্জিত ক্লী [অভি+ √গর্জ্জ্+অন (ল্যুট্), +ত (ক্ত), -ভা] মহাগর্জ্জন, প্রবলনাদ। "লঙ্কাদাহাভিগর্জ্জন রা ১.৩.৩৩। সুগ্রীবস্যাভিগর্জ্জিতম্ গো.রা ৪.১৪.১।

অভিগুপ্ত বিণ [অভি+গুপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিরক্ষিত, পরিত্রাত। "স্বচরিত্র° গো.রা ৫.৫১.১৭। বরুণেনাভিগুপ্তঃ ভ ৫.২০.১৯। মহা ৩.৯২.৭। ২ পরিবৃত, পরিবেষ্টিত। "লঙ্কায়ামভিগুপ্তায়াং সাগরেণ গো.রা ৪.৫৮ ২৬। "সৈন্যেন মহতা শৌরিরভিগুপ্তঃ মহা ১.২২১.২৮। ৩ রক্ষিত, নিরুদ্ধ। "রাক্ষসৈঃ...অভিগুপ্তম্ (দ্বারম্) গো.রা ৬.১৬.২৯। —গুপ্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা ; বৈদিক] অভিরক্ষণ।

অভিগৃহীত বিণ [অভি+ √গ্রহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সংযোজিত, পুটীকৃত। "°পাণি ভ ১.১৯.১২। ২ মুষিত, লুণ্ঠিত। —গ্রহ পুং [+অ (অপ্)-ভা] ১ অভিমুখ উদ্যম। ২ প্রকাশ্যহরণ ; লুঠ। ৩ আক্রমণ। ৪ অভিযোগ। ৫ কলহার্থ বা যুদ্ধার্থ আহ্বান ; স্পর্দ্ধা। —গ্রহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'অভিগ্রহ'।

অভিগ্রহ, -গ্রহণ দ্র 'অভিগৃহীত'।

অভিঘাত পুং [অভি+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ অভিমুখ হনন ; আঘাত, প্রহার, তাড়ন। "গদাভিঘাতচূর্ণিত বে ১.২১। ২ ভেদ, উৎখাত। "তটাভিঘাত কু.স ৭.৪৯। ৩ পীড়ন, ক্লেশন। "শীতাতপ° মনু ১২.৭৭। দ্বন্দ্বানভিঘাত পা.দ ২.৪৮। ৪ সংঘর্ষণ, সংমর্দ্দ, নিষ্পীড়ন। ৫ শোকজন্য অশান্তি ; শোকক্ষোভ। ৬ উৎসাদন, নাশন। "তৎ স্বামিনোঽভিঘাতায় ভবতি।—পঞ্চ ৩ . ৭। অনিষ্টরূপে অভিসম্বন্ধ (তত্ত্বকৌমুদী); নিঃশেষহনন, সমূলনাশন (ত.বা)। "দুঃখত্রয়াভিঘাতাজ্জিজ্ঞাসা।—সাংখ্য ১। ৮ প্রতীকার। ৯ (বৈশেষিকে) শব্দোৎপত্তির ও ক্রিয়োৎপত্তির কারণ —সংযোগনামক গুণবিশেষ। ১০ (বাঙলায়) আঘাত, অভীষ্ট কার্য্যের অন্তরায়। "যে জন আমার পরে করে অভিঘাত। সদ্য তার হয় যেন সবংশ নিপাত॥—শ্রী.মা ২। —ত ক্লী ব্যঞ্জনবর্ণের সংযোগবিশেষ, অর্থাৎ বর্গে' চতুর্থ বর্ণের সহিত প্রথম বা তৃতীয়ের, দ্বিতীয়ের সহিত প্রথমের এবং তৃতীয়ের সহিত দ্বিতীয়ের সংযোগ (শ.ক)। —ঘাতক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -তিকা] ১ অভিঘাতকারক, প্রতিহন্তা। ২ সমূলনাশক। "তদভিঘাতকে হেতৌ সাংখ্য ১। —ক পুং অভিমুখে আঘাতকারক ; রিপু, শত্রুমাত্র। —ঘাতী (-তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -তিনী] ১ সর্থ 'অভিঘাতক'। ২ আঘাতকারক, পীড়ক। "পরমর্ম্ম° গো.রা ৫.৮১.৫। —তী পুং শত্রু, রিপুমাত্র (অ.কো)।

অভিঘাতক, -ঘাতী দ্র 'অভিঘাত'।

অভিচরণ ক্লী [অভি+ √চর্+অন (ল্যুট্)-ভা] ১ মারণ-প্রভৃতি আভিচারিক কার্য্যের অনুষ্ঠান। "°ণে জ্ঞাতদুঃখঃ মৃ ৪.১২। ২ শত্রুনাশার্থ বিহিত শ্যেনযাগাদি। —চার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অভিমুখভাবে শত্রুনাশার্থ কার্য্যানুষ্ঠান ; অথর্ব্ববেদীয় মন্ত্রযন্ত্রসাধিত মারণাদি হিংসাত্মক ক্রিয়া ; শ্যেনাদিযাগ দ্বারা মারণ (কুল্লুক) ; মন্ত্রাদি শক্তি দ্বারা মারণ (মেধাতিথি)। "মনু ১১.৬৪। ২ [+অ-ণ] অভিচারহোমাদি শাস্ত্রীয় মারণোপায় ; মূলনিখনন পদধূলিগ্রহণ প্রভৃতি লৌকিক মারণোপায় ; শ্যেনাদিযাগ, পরমারণকর্ম্ম। "মনু ৯.২৯০ ; ১১.১৯৮। °মন্ত্র মাঘ ৭.৫৮। ম.চ ১.১২। ৩ কৃত্যাদি। "ভ ৭.৫.৪৩। ৪ মারণ মোহন স্তম্ভন বিদ্বেষণ উচ্চাটন বশীকরণ—এই ষড়্‌বিধ হিংসাত্মক তান্ত্রিক প্রয়োগবিশেষ (শ.ক)। ৫ উপপাতকবিশেষ। "মনু ১১.৬৪। —চারক, -চারী (-রিন্) বিণ [+অক (ণ্বুল্), +ইন্ (ণিনি), -ক -১ব ; স্ত্রী -রিকা-রিণী] অভিচারকর্ত্তা, শ্যেনাদিযাগকারক। "বিদুলা অভিচারিণঃ।—অথর্ব্ববেদ ১০.১.৯। —চারণীয় বিণ [+ √চারি +অনীয়(অনীয়র্)-র্ম্ম] অভিচারকার্য্য দ্বারা হিংসনীয়। "মনু ১১.১৯৮, কুল্লুক।

অভিচার, -চারক, -চারণীয় দ্র 'অভিচরণ'।

অভিচারযজ্ঞ, -হোম পুং [উ.লো] শত্রুমারণাদির নিমিত্ত শ্যেনযাগাদি। "অভিচারযজ্ঞ কর, তাহাতে উঠিবে হুতাশন শ্রী.ম ২১০।

অভিচারহোম, অভিচারী দ্র 'অভিচারযজ্ঞ' ; 'অভিচরণ'।

অভিজন পুং [অভি+ √জন্+অ (ঘঞ্)-ধি, বৃদ্ধ্যভাব] ১ যাহাতে জন্ম হয় ; জন্মভূমি, উৎপত্তিস্থান। "কল্যাণ°" রা ২.১.২১। কল্যাণাভিজন (নৃপ) মহা ৩.৬৪.৯৫। ২ অভিমত জন্মস্থান ; পিত্রাদি পূর্ব্বপুরুষের অধ্যুষিত স্থান। "পা ৪.৩.৮৯ ; ৯০। ৩ অন্বয়, বংশ, গোত্র, কুল। "গো.রা ৫.৮৭.১৫। মনু ৪.১৮। উচ্চৈরভিজন (পতি) মু ৬.৬। ৪ মহাকুল, সদ্বংশ, কুলশ্রেষ্ঠ। "°বতো ভর্ত্তুঃ শ ৪.১৯। ম.চ ১.৩৩। গী ১৬.১৫। ৫ [+অ-অপা] যাহা হইতে জন্ম হয় ; পূর্ব্ববান্ধব, পিত্রাদি পূর্ব্বপুরুষ। "পা ৪.৩.৯০, তত্ত্ববোধিনী ; কাশিকা। ৬ [প্রা.স] অভিমত জন ; কুলশ্রেষ্ঠ (ত.বা), কুলতিলক, কুলভূষণ (A.)। ৭ কীর্ত্তি, খ্যাতি। ৮ পরিজন (A.)। ৯ [+অ-ভা] অভিমত জন্ম ; শ্রেষ্ঠ জন্ম। "মনু ১.১০০। ১০ কৌলিন্য, আভিজাত্য। "সত্ত্বাভিজনসম্পন্ন গো.রা ৪.৩৪.১২ ; ৫.৮১.১৫। রূপাভিজনসম্পন্ন।—পঞ্চ ৩.২২৪। ১১ পরিজন (A.)। —জাত বিণ [+ত (ক্ত)-ক] ১ জাত, উদ্গত। "°কণ্ঠীম্ (নীলকণ্ঠীঃ দদর্শ) গো.রা ৫.১১.২৩। ২ সহজাত, স্বভাবজ। ৩ অভিলক্ষ্যপূর্ব্বক জাত। "গী ১৬.৩ ; ৪ ; ৫। ৪ [বহুব্রী] যাহার অভিমত জাত [জন্ম] ; সৎকুলজাত, কুলীন, কুলজ। "রঘু ১৭.৪। হি ২.২৫। সত্ত্ববত্যভিজাতানামভিমানো হ্যকৃত্রিমঃ ক.সা ১৮.৫৫। ৫ মনোহর, সুন্দর। ৬ সমীচীন, ন্যায্য। "আর্য্য অভিজাতং খলু এষ বারিতঃ শ ৬২১৪। ৭ বুধ, পণ্ডিত। "সঙ্কীর্ণং নাভিজাতেষু নাপ্রবুদ্ধেষু সংস্কৃতম্ (বদেৎ)।—ত.বা। ৮ মধুর শ্লক্ষ্ণ। "তস্যাম্…অভিজাতবাচি কু.স ১.৪৫। ৯ শ্রেষ্ঠ (ত.বা)। ১০ মান্য, পূজ্য, ধন্য, শ্লাঘ্য (শ.ক)। ১১ শিষ্টোচিত, সবিনয়, বিনীত। "অভিজাতং খলু অস্য বচনম্ বিক্র ১২৮। ১২ সমৃদ্ধ (শ.ক)। —ত ক্লী [+ত-ভা] ১ সৎকুলে জন্ম ; কৌলীন্য। ২ জন্ম, জাতকর্ম্ম। "°কোবিদ ভ ১.১৬.১। —জাতি স্ত্রী [প্রা.স] অভিমত জাতি (জন্ম) ; প্রশস্তজন্ম, কৌলিন্য। "শুক্লাভিজাতীয়া (ত্বম্) গো.রা ৬.১০.২৪।

অভিজাত, -জাতি দ্র 'অভিজন'।

অভিজিৎ বিণ [অভি+ √জি+ক্বিপ্ (০)+ক, 'ৎ' আগম ; স্ত্রী -ৎ] ১ বিজেতা, বিজয়ী। ২ [অভিজিৎ+অ (অণ্) 'তত্র জাত' অর্থে, বিকল্পে প্রত্যয়লোপ, পা ৪.৩.৩৬] অভিজিৎ নক্ষত্রে জাত। —জিৎ পুং ১ বিষ্ণু। ২ অজ্ঞানকৃত দ্বিজাতিবধে প্রায়শ্চিত্তার্থ ব্রাহ্মণাদিবর্ণত্রয়ের করণীয় যাগবিশেষ। "রা ১.১৪.৪২। মনু ১১.৭৫। ৩ অগ্নিষ্টোমাঙ্গ যাগবিশেষ (ত.বা)। ৪ [ক্লীবলিঙ্গ (শ.ক)] নক্ষত্রবিশেষ। [ইহা তারকাত্রয়বিশিষ্ট এবং শৃঙ্গাটকের (পানীফলের) তুল্য। উত্তরাষাঢ়ার শেষ পনর দণ্ড ও শ্রবণার প্রথম চারি দণ্ড ইহার কাল। ইহাতে জন্মিলে নর, ললিতকান্তি, সজ্জনসম্মত, বিনীত, কীর্ত্তিমান্, সুবেশ, দেবদ্বিজভক্ত ও স্পষ্টবক্তা হয়।] —জিৎ ক্লী ১ দিবসের অষ্টম মুহূর্ত্ত, অর্থাৎ মধ্যাহ্নের পূর্ব্ব ২৪ মিনিট ও পরবর্ত্তী ২৪ মিনিট, এই ৪৮ মিনিট কাল ; শ্রাদ্ধে প্রশস্ত কুতপকাল। "°মুহূর্ত্ত। ২ যাত্রালগ্নবিশেষ (ত.বা)। —জিত পুং [+ত (ক্ত) আশীর্ব্বাদে, সংজ্ঞায়, পা ৩.৩.১৭৪] 'ইহা জয়যুক্ত করুক' ; অর্দ্ধরাত্রসম্বন্ধী মুহূর্ত্ত। "দেবক্যাজনয়দ্ বিষ্ণুঃ যশোদা তাস্ত কন্যকাম্। মুহূর্ত্তেঽভিজিতে প্রাপ্তে সার্দ্ধরাত্রে বিভূষিতে॥—হ ৬০.১৩। [°জিন্মুহূর্ত্ত (পুং)—দিবসের অষ্টম মুহূর্ত্ত ; দ্র 'অভিজিৎ ক্লী (১)।]

অভিজিত, -জিন্মুহূর্ত্ত দ্র 'অভিজিৎ'।

অভিজুষ্ট বিণ [অভি+ √জুষ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -ষ্টা] সেবিত, আশ্রিত, সম্পন্ন। "প্রিয়াভিজুষ্টস্য গৃহস্থধর্ম্মে মহা ৫.৩.৭৪। প্রিয়াভিজুষ্টঃ ভ ৫.২৪.১৮।

অভিজ্ঞ বিণ [অভি+ √জ্ঞা+অ (ক)-ক ; স্ত্রী -জ্ঞা] ১ জ্ঞাতা, বোধক। "কু.স ২.৪১। অনভিজ্ঞো গুণানাম্।—পঞ্চ ১.৭৯। ২ পণ্ডিত, প্রবীণ, প্রাজ্ঞ। "নীতিশাস্ত্র° হি ৪৪/৪৫ (কথারম্ভ)। ৩ কুশল, নিপুণ প্রবীণ। "একা বালানভিজ্ঞা মহা ৩.৬৭.১৭। কথায়ামভিজ্ঞঃ উ.চ ৪২৩। ৪ অবগতিবিশিষ্ট, অবগত, পরিচিত। "যদ্ বা কৌশলমিন্দ্রসূনুনিধনে তত্রাপ্যভিজ্ঞো জনঃ উ.চ ৫.৩৫। ৫ চেতন, পরিচিত, অভ্যস্ত। "অনভিজ্ঞস্তু নারীণাং বিষয়াণাং সুখস্য চ রা ১.১৩.৩। ভ্রূবিলাসানভিজ্ঞ পু.মে ১৬। ৬ প্রত্যভিজ্ঞাত, অর্থাৎ 'ইহা তাহাই' এইরূপ নির্ণয়ে সমর্থ। "শব্দস্বনাভিজ্ঞতা রঘু ৭.৬৪। —ভিজ্ঞা স্ত্রী [+অ (অঙ্)-ভা +স্ত্রী আ (টাপ্)] ১ প্রথমোৎপন্নজ্ঞান (ত.বা)। ২ স্মৃতি, অনুস্মরণ। "°বচন পা ৩.২.১১২। ৩ সংস্কারমূলক ইন্দ্রিয়সন্নিকর্ষজন্য জ্ঞান ; প্রত্যভিজ্ঞান। —জ্ঞাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ 'ইহা তাহাই' এইরূপ নিঃসংশয় জ্ঞানের বিষয়ীকৃত (পূর্ব্বদৃষ্ট পদার্থ) ; প্রত্যভিজ্ঞাত। "অভিজ্ঞানমভিজ্ঞাতমেতদ্ রামস্য তত্ত্বতঃ রা ৫.৩৯.১। ২ অভিমতজ্ঞানবান্, কুশল (নীলকণ্ঠ)। "অহমক্ষেষ্বভিজ্ঞাতঃ মহা ৩.৪৯.৩৮। —জ্ঞান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ 'ইহা তাহাই' এইরূপ নিশ্চয়জ্ঞান ; প্রত্যভিজ্ঞান (Recognition)। "তৎ (অঙ্গুরীয়কম্) অভিজ্ঞানহেতোর্হি দত্তং তেন মহাত্মনা গো.রা ৫.৩২.৪৪। °সিন্ধয়ে (হ্যস্তং বাসন্তলক্তকম্) ক.সা ৩.৭১। ২ স্মৃতি, অনুস্মরণ। ৩ জ্ঞান। "লক্ষণং ত্বনভিজ্ঞানাং তদভিজ্ঞানসূচকম্ (মুগ্ধবোধ ১১৮৩)। ৪ [+অন-ণ] 'ইহা তাহাই' এইরূপ জ্ঞানসাধন ; লক্ষণ, চিহ্ন, অঙ্ক। "চিহ্নভূতমভিজ্ঞানং ত্বমঙ্গে কর্ত্তুমর্হসি গো.রা ৪.১২.৪৪। °দান উ.মে ৫১। (সিন্ধু !) তুমি মাত্র অনন্তশক্তির অভিজ্ঞান।—রঙ্গ ১৯৮। ৫ স্মরণার্থ অঙ্গুরীয়কাদি। "(সা) অভিজ্ঞানৈর্দুর্ত্তঃত্বমবগচ্ছত গো.রা ৫.৩৩.১৪। মৈথিল্যভিজ্ঞানং কাকুৎস্থস্যাঙ্গুলীয়কঃ ভট্টি ৮.১১৮। রঘু ১২.১২। শ ৫২৬। পশুপতি …বিশ্বাসজনক অভিজ্ঞান দেখিতে চাহিলেন। মুসলমান অভিজ্ঞান দৃষ্ট করাইলেন ব.প্র ১৩৬। ৬ চন্দ্রকলঙ্ক (A.)। —জ্ঞাপক বিণ [+ √জ্ঞাপি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -পিকা] বিজ্ঞাপয়িতা, নিবেদক।

অভিজ্ঞা, -জ্ঞাত, -জ্ঞান দ্র 'অভিজ্ঞ'।

অভিজ্ঞানশকুন্তল ক্লী [অভিজ্ঞানস্মৃতা শকুন্তলা (উ.লো)—°লা ; 'নাটক' শব্দের সহিত অভেদোপচার হেতু ক্লীবলিঙ্গে '°ল'] 'অভিজ্ঞানশকুন্তলা'-বিষয়ক কালিদাসকৃত নাটকবিশেষ। "°নামধেয় শ ১২। [মহারাজ দুষ্মন্ত কণ্বতপোবনে গান্ধর্ব্ববিবাহে কণ্বপালিতা শকুন্তলার পাণিগ্রহণ করেন এবং পরে দুর্ব্বাসার শাপে বিবাহবৃত্তান্ত বিস্মৃত হওয়ায়, প্রথম শকুন্তলাকে প্রত্যাখ্যান করিয়া, পরে অভিজ্ঞান (অঙ্গুরীয়ক)-দর্শনে পরিণয়বৃত্তান্তের স্মরণ হেতু তাঁহাকে পত্নীরূপে গ্রহণ করেন। ইহা এই নাটকের বিষয়।]

অভিডীন ক্লী [অভি+ √ডী+ত (ক্ত)-ভা] অভিমুখভাবে নভোগতি ; পক্ষীর অভিমুখগমন। 'আভিমুখ্যেন গমনমভিডীনম্ মহা ৮.৪১.২৭, নীলকণ্ঠ।

অভিতঃ (-তস্) ব্য [অভি+তঃ (তসিল্—তস্) সপ্তমী অর্থে] ১ অভিমুখে, সম্মুখে। "কি ২.৫৯। ২ সমীপে, সন্নিধানে। "পা ১.৪.৪৮, সি। সুমন্ত্রমভিতঃ স্থিতম্ গো.রা ১.১১.৫ ; পম্পা নামাভিতো বাপী ৩.৭৫.৫৭। ৩ উভয়তঃ, উভয়ভাগে। "ঈশমভিতোঽর্চ্চকাঃ (মুগ্ধবোধ)। তামভিতো নিষণ্ণহরিণাঃ (কার্য্যাঃ) শ ৬.১৭। ৪ সমন্তাৎ, সর্ব্বতঃ, চতুর্দ্দিকে। "যস্যায়মভিতঃ পুষ্পৈঃ প্রবৃষ্ট ইব কেসরঃ উ.চ ৬.৩৬। রাজানমভিতঃ স্থিতঃ মা.মি ১। ৫ অগ্রে ও পশ্চাৎ। ৬ প্রতি। "কি ১১.৮। ৭ সাকল্য। ৮ শীঘ্র।

অভিতপ্ত বিণ [অভি+ √তপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ অতিতপ্ত, সন্তপ্ত। "°প্রমন্নঃ রঘু ৮.৪৩। কু.স ৫.২১। ২ অভিমুখভাবে তাপযুক্ত। "নিদ্রাং প্রযাতি মৃদুসূর্য্যকরাভিতপ্তা।—ঋতু ৪.১৪। ৩ ব্যথিত, নিপীড়িত। "দ্বন্দ্বৈঃ…জগৎ সর্ব্বমভিতপ্তম্ গো.রা ২.৮৪.২০। °প্তঃ শরৈঃ মহা

৬.১২১.১০ ; শরাভিতপ্তকায় ১১। ৪ শোকপীড়িত। "অতিতপ্তানাং শুশ্রাব পরিদেবনাম্ রা ২.৫৭.১৫। ভ্রাতুর্বধাভিতপ্তেন ভ ৪.১১.৯। ৫ অভিতপ্ত, দগ্ধ। ৬ অতিদুঃখিত। —তাপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অত্যন্ত তাপ; সন্তাপ। "°সম্পদ্ মাঘ ৯.১। ২ ব্যথা, পীড়া, বেদনা, দুঃখ। "আসসাদ…চক্রবাকহৃদয়াণ্যভিতাপঃ কি ৯.৪। মনসোঽভিতাপঃ বিক্র ৩২/৮। —তাপিত বিণ [+ √তাপি+ত (ক্ত)-র্ম্ম] অতিতাপিত, সন্তপ্ত। "বহ্নিতেজোঽভিতাপিত মহা ১৪.৫৮.৫২। ময়ূখৈরভিতাপিতঃ। —ঋতু ১.১৩.১৫।

অভিতাপ, -তাপিত দ্র 'অভিতপ্ত'।

অভিতাম্র বিণ [প্রা.স ; স্ত্রী -ম্রা] অতিলোহিত, সুলোহিত। "ধূমাভিতাম্রাক্ষ রঘু ১৫.৪৯। ধূম° ক.সা ১৪.৩০। অলক্তকবর্ত্তন° কি ১০.৪২।

অভিত্তি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ত্তি] ভিত্তিহীন, অকুড্য, অনাধার। "আকাশে রচিতমভিত্তি চিত্রকর্ম্ম মাঘ ৪.৫৩।

অভিদর্শন ক্লী [অভি+ √দৃশ্+অন (ল্যুট্)-ভা] অভিমুখভাবে দর্শন ; সম্মুখদর্শন, দর্শন। "মোষ° মনু ৯.২৭৪।

অভিদেবন ক্লী [অভি+ √দিব্+অন (ল্যুট্)-ধি] যাহার উপরি পাশক্রীড়া হয় ; শারিফল। "মহা ৯.১৫.৮।

অভিদ্রুত বিণ [অভি+ √দ্রু+ত (ক্ত)-র্ম্ম] আক্রান্ত, অভিভূত। "ব্যসনৈরভিদ্রুতং কুলম্। —মহা ৩.২৯৭.৪৩ ; ব্যাধিবেদনাভিরভিদ্রুতম্ (দেহম্) ১২.৯.৩৭।

অভিদ্রুগ্ধ বিণ [অভি+ √দ্রুহ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -গ্ধা] ১ কৃতাভিদ্রোহ, বৈরায়িত, কৃতবৈর। "ময়া পুনরেভ্য এবাভিদ্রুগ্ধমজ্ঞেন উ.চ ৬২/৪। —দ্রোহ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ আক্রোশ, অর্থাৎ 'রে ব্রাহ্মণাধম যজ্ঞদত্ত!' ইত্যাদিরূপ কুৎসাপূর্ব্বক আহ্বান। "মনু ৮.২৭১। ২ অনিষ্টচিন্তন, হিংসা। "কি ১১.২১। ৩ অপকার, অহিতাচরণ।

অভিধা স্ত্রী [অভি+ √ধা+অ (অঙ্)-ভা +স্ত্রী আ (টাপ্)] ১ অভিধান, কথন। ২ [+অ-ণ] যাহা দ্বারা অভিহিত হয় ; সংজ্ঞা, আখ্যা, নাম। "ভার্য্যা…জয়াভিধা ক.সা ৭.১০৭। ৩ শব্দ। ৪ শব্দনিষ্ঠ-অর্থবোধজনকতারূপ শক্তিবিশেষ ; শব্দশক্তিভেদ। "°মূলা (ব্যঞ্জনা) সা.দ ২.১৩। [শব্দের ত্রিবিধ শক্তি—অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা। শব্দের যে শক্তিতে তাহার মুখ্যার্থ বা বাচ্যার্থ প্রতীত হয়, অর্থাৎ শব্দের উচ্চারণমাত্রেই তাহার কোষব্যাকরণাদিপ্রসিদ্ধ অনায়াসলভ্য সহজ মুখ্য অর্থের বোধ হয়, তাহা 'অভিধা'-শক্তি। এইরূপ মুখ্যার্থের উপলব্ধি হেতু অভিধা-শক্তি (The literal sense of a word) প্রথম (সা.দ ২.২-৪)।] —ধাতব্য বিণ [+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] কথনীয়, আখ্যেয়। "ভবতাপাকৃপণশৌণ্ডীর্য্যমভিধাতব্যম্ মৃ ৩৩/৬। —ধাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্) -ক -১ব ; স্ত্রী -ত্রী] কথয়িতা, বাচক। —ধান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ কথন, উচ্চারণ। "তবাভিধানাৎ ('ত'-'ব'-অভিধানাৎ) কি ১.২৪। ২ নির্দ্দেশ, সূচন, দ্যোতন। "ক্বচিন্নিপাতেনাভিধানম্ পা ২.৩.২, সি। গোশব্দস্য বাহীকাভিধানে সা.দ ২৯/১০। সর্ব্ব বেদসূত্রে করে কৃষ্ণের অভিধান চৈ.চ ৩৫। ৩ [+অন-ণ] সংজ্ঞা, আখ্যা, নাম। "ঋণাভিধানাৎ…বন্ধনাৎ রঘু ৩.২০। প্রতিযুবতেরভিধানম্ মাঘ ৭.৫৮। পম্পা° উ.চ ১৩/৩১। বিভীষণ তার অভিধান ম ১০২০। অপর্ণা হইল অভিধান ক.চ ২৩ ; ২৮। তেঁই হৈল অভিধান, দুর্গাপঞ্চরাত্রি সুপবিত্র দু ১। বেণুরায় অভিধান শ্রী.মা ১২। ৪ উপাধি। "ডেপুটি-অভিধান-স্মরণপূর্ব্বক ব.প্র ৩১১। ৫ শব্দ, নাম। "আশীর্ব্বাদ° মনু ২.৩৩। °কোশ কা.প্র ১২/৪। ৬ শব্দার্থপ্রতিপাদক গ্রন্থ ; শব্দার্থকোষ। "মুগ্ধবোধ ১১৮৩। ৭ একপর্য্যায়বোধক শব্দ। "খড়্গাশরপঙ্কাভিধানানি পুংসি স্যুঃ।—সিদ্ধান্তকৌমুদী, পুংলিঙ্গপ্রকরণ ৯ ; ১০ ; ১৫। —ধানীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম ; স্ত্রী -য়া] কথনীয়, বাচ্য। —ধায়ক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -য়িকা] ১ বাচক। "এতেষামভিধায়কানি ক্লীবে স্যুঃ (সি)। ২ তত্তচ্ছব্দোচ্চারক। —ধায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -য়িনী] ১ কথয়িতা, বাদী, ভাষী। "যুক্তবাকা° গো.রা ৫.১৪.১১। লক্ষ্মীমিতাভিধায়িনি প্রিয়তমে।—অমরু ২৩। ২ বাচক, তদর্থক। "কর্ষূঃ কুল্যাভিধায়িনী (অ.কো)। [সমাসে উত্তরপদ]। —ধেয় বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -য়া] ১ কথনীয়, বক্তব্য। "বাগেব মে নাভিধেয়বিষয়মবতরতি ত্রপয়া (কাদম্বরী)। ২ বাচ্য (শব্দ)। "অঙ্কঃ…চক্ষুর্হীনেঽভিধেয়বৎ (মেদিনী)। ৩ অভিধাবৃত্তিবোধ্য ; বাচ্য (অর্থ)। ৪ প্রতিপাদ্য (বিষয়)। —য় ক্লী ১ অভিধাবৃত্তিগম্য অর্থ ; বাচ্যার্থ, শক্যার্থ। "অভিধেয়াবিনাভূতপ্রতীতির্লক্ষণোচ্যতে কা.প্র ২৯/১২ (মূলশ্লোক)। ২ শব্দার্থ। "স্বাভিধেয়াপেক্ষাবধিনিয়মো ব্যবস্থা পা ১.১.৩৪, সি। ৩ গ্রন্থের প্রতিপাদ্য বিষয় ; গ্রন্থবস্তু, বক্তব্যবিষয়। "ইতিপ্রয়োজনাভিধেয়সম্বন্ধাঃ।—মুগ্ধবোধ ২। ইহাভিধেয়ং সপ্রয়োজনম্ কা.প্র ১২/২ (মূলশ্লোক)। অভিধেয়-নাম ভক্তি, প্রেম প্রয়োজন চৈ.চ ২০৬।

অভিধাতব্য, -ধাতা, -ধান, -ধানীয় দ্র 'অভিধা'।

অভিধাবক বিণ [অভি+ √ধাব্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -বিকা] অভিমুখে ধাবক ; বিপন্নের ত্রাণার্থ বেগে তদভিমুখগামী। "যাজ্ঞ ২.২৩৭। —ধাবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] অভিমুখে বেগে গমন।

অভিধাবন ; অভিধায়ক, -ধায়ী, -ধেয় দ্র 'অভিধাবক ; অভিধা'।

অভিধ্যা স্ত্রী [অভি+ √ধ্যৈ+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ ধ্যান, চিন্তন। ২ পরধনহরণেচ্ছা। ৩ বিষয়স্পৃহা। ৪ গ্রহণেচ্ছা। ৫ সঙ্কল্প। "অভিধ্যোপদেশাৎ।—বেদান্ত ১.৪.২৪। —ধ্যান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'অভিধ্যা'। ২ চিন্তন, অনুচিন্তন। "পরদ্রব্যেষ্বভিধ্যানম্ মনু ১২.৫। ৩ অধিষ্ঠান। "তদভিধ্যান।—বেদান্ত ২.৩.১৩। —ধ্যেয় বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -য়া] চিন্তনীয়, ধ্যেয়।

অভিধ্যান, -ধ্যেয় দ্র 'অভিধ্যা'।

অভিধ্বস্ত বিণ [অভি+ √ধ্বন্স্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -স্তা] বাধিত, পীড়িত। "পুত্রাদিভিরভিধ্বস্তা মহা ৫.৯০.১০০।

অভিনন্দ[১] বিণ [অভি+ √নন্দি+অ (অচ্)-ক ; স্ত্রী -ন্দা] সন্তোষক, প্রীণয়িতা। —ন্দ পুং [√নন্দ্+অ (ঘঞ্)-ভা] ১ সন্তোষ, আনন্দ। ২ গুণকথনাদি হেতু আনন্দ। ৩ সুখলব, অল্পসুখ। "ছান্দগ্যোপনিষৎ ৫.৮.১। ৪ প্রশংসা। ৫ প্রোৎসাহন। —ন্দন বিণ [+ √নন্দি+অন (ল্যু)-ক ; স্ত্রী -না] ১ সন্তোষক। ২ প্রশংসক। —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সন্তোষণ, প্রীণন। ২ প্রশংসা। —নন্দনীয় বিণ [+ √নন্দ্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] প্রশংসনীয়, প্রশংসার্হ। "কামমেতদভিনন্দনীয়ম্ শ ৫২/১২। —নন্দিত বিণ [+ √নন্দ্+ত (ক্ত) -র্ম্ম] ১ প্রশংসিত ; অনুমোদিত, অনুমত। "তাঃ পিতৃভিশ্চাভিনন্দিতাঃ শ ৩.২০ ; ৪৪/৩ ; °তং দেবস্য শাসনম্ ৬২/৩। ২ অঙ্গীকৃত। "রঘু ১২.৩৫। ৩ [অভিনন্দ+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] সঞ্জাতহর্ষ, আনন্দিত। "শরাঃ…যুদ্ধেঽভিনন্দিতাঃ রা ৩.২৪.৫। —নন্দী (-ন্দিন্) বিণ [+ √নন্দ্+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -ন্দিনী] আনন্দলাভকারী। "মহাযুদ্ধ° গো.রা ৩.৩০.৫ ; যুদ্ধ° ৫.৫৯.১৬। [সমাসে উত্তরপদ]। —নন্দ্য বিণ [+ √নন্দ্+য (ণ্যৎ)-র্ম্ম ; স্ত্রী -ন্দ্যা] অভিনন্দনীয়, প্রশস্ত, স্তুত্য। "°সত্ত্ব রঘু ৫.৩১।

অভিনন্দ[২] সর্ম্ম [সং অভি+ √নন্দ্] অভিনন্দিত করা ; বন্দনাদি দ্বারা প্রীত করা। "পিতার চরণ বন্দি, বলভদ্র অভিনন্দি অ.প ২৮ ; অন্তে অন্তে অভিনন্দে ৩২।

অভিনন্দন, -নন্দনীয়, -নন্দিত, -নন্দী, -নন্দ্য দ্র 'অভিনন্দ[১]'।

অভিনব বিণ [অভিমত বা অধিক নব, প্রা.স ; স্ত্রী -বা] ১ অভিমতভাবে বা সম্পূর্ণ নূতন ; প্রথমোদ্ভূত, আচরজাত, প্রত্যগ্র। "°কুশসূচ্যা শ ১৩১৮। আভিনবৈর্জ্জলকৈঃ উ.মে ৩৭। °বিষবল্লী (গঙ্গাষ্টক)। অঙ্কুরোঽভিনবোদ্ভিদি (অ.কো)। ২ সুকুমার, মৃদুল, কোমল। "বপুরভিনবমস্যাঃ শ ১.১৮, টীকা। ৩ নবোদিত। "°চন্দ্রার্দ্ধ (S.W.)। ৪ নবীন, প্রথম। "°বয়ঃকাম্যকায় উ.চ ৫.১২। ৫ নূতন, অনাস্বাদিত। "°মধুলোলুপ শ ৫.১। ৬ সদ্যঃক্রুত, তপ্ত, তাজা। "°কণ্ঠশোণিতার্থী শ ৬.২৭। ৭ সদ্যোবিরচিত, অম্লান। "আভনবা ইব পত্রবিশেষকাঃ (কুরুবকাঃ) রঘু ৯.২৯। ৮ অচিরকৃত। "°সম্মার্জ্জনসশ্রীক শ ৫৪। ৯ নূতন, অচিরপ্রবৃত্ত, প্রথম। "অভিনবযৌবন। ১০ নবোঢ়, নবপরিণীত (বধূ)। "°বা বধূঃ (কাদম্বরী)। °বধূ সী ৮। ১১ অচিরনিয়োজিত, নূতন। "°সেবকবিনয়।—পঞ্চ ৩.১১৭। ১২ নূতন, অর্থাৎ সপ্তদিবসাবধি। "পেযূষোঽভিনবং পয়ঃ (অ.কো)। ১৩ নবাঙ্কিত, অক্ষুণ্ণ। "পদপঙ্‌ক্তির্দৃশ্যতেঽভিনবা শ ৩.৫। ১৪ প্রথম। "মাঘ ৩.৩৬। ১৫ সদ্যঃপ্রস্ফুটিত। "°তামরস। ১৬ আধুনিক, অর্ব্বাচীন (Modern, the younger)। "°কালিদাস ; °ভোজ ; °শাকটায়ন। ১৭ অপূর্ব্ব, অভূতপূর্ব্ব। ১৮ (বাঙ্গলায়) নবাবতীর্ণ, নবাবতার। "রূপ ধরি অনুপাম, যেন অভিনব কাম শ্রী.ম ২৭৩। —নব পুং [অভি+ √নু (স্তব)+অ (অপ্)-ভা] স্তব, চাটুবাদ।

অভিনম্র বিণ [প্রা.স ; স্ত্রী -ম্রা] অভিমুখভাবে নম্র ; অবনত। "স্তবক° রঘু ১৩.৩২।

অভিনয় পুং [অভি+ √নী+অ (অচ্)-ভা] ১ শ্রোতৃগণের অভিমুখে অভিনেয় বিষয়ের আনয়ন ; শরীরচেষ্টা-ভাষণাদি দ্বারা অভিনেয় বিষয়ের অনুকরণ ; অবস্থানুকরণ (সা.দ ৬.২)। "যার যখন হ'তেছে সাঙ্গ রঙ্গভূমির অভিনয়, কাকস্য পরিবেদনা, আর তখন সে কারও নয় পা.ঝো ২৫৯। ২ [+অ-ণ] যাহা দ্বারা হৃদ্‌গতভাব শ্রোতৃসমীপে নীত হয় ; হৃদ্‌গতভাবব্যঞ্জক শরীরচেষ্টাদি ; অর্থব্যঞ্জকচেষ্টাবিশেষ ; অর্থব্যঞ্জক ব্যাপার (ম.ল্লনাথ)। "নৃত্যাভিনয়ক্রিয়া কু.স ৫.৭৯। অভিনয়ান্ পরিচেতুম্ রঘু ৯.৩৩ ; °য়াতিলজ্জিনী (নর্ত্তকী) ১৯.১৪। °মনাঃ কি ১০.৪২। °বিদ্যা মা.মি ১১৩ ; °য়াচার্য্য ১.১০। —নীত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিমুখে প্রাপিত ; সমীপনীত। ২ শরীরচেষ্টাদি দ্বারা কৃতানুকরণ ; কৃতাভিনয় (নাটকাদি)। ৩ ন্যায্য, যুক্ত। "°তরং বাক্যম্ (মহা)। ৪ প্রতিজ্ঞাত। "°তার্থ রা ৩.২৯.১২। ৫ ভূষিত, অতিসংস্কৃত। —নীতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সর্থ 'অভিনয় (১)। ২ প্রিয়যুক্তি, প্রিয়বাক্যসহিত যুক্তি। "°হেতুকম্ (বচঃ) কি ১৩.৩৬। —নেতব্য, —নেয় বিণ [+তব্য,+য (যৎ), -র্ম্ম, স্ত্রী -ব্যা, -য়া] অভিনয়যোগ্য, শরীরচেষ্টাদি দ্বারা অনুকরণীয়, অভিনয়প্রযোজ্য। "°য়ার্থ উ.চ ৪১৬। °বস্তু ; দৃশ্যং তত্রাভিনেয়ম্ সা.দ ৬.১। —নেতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী ; ঋগ্বেদ ৪.২০.৮] অভিনয়কারক (নটাদি)। "কেহ সেজে এসেছেন পিতা, কেহ স্নেহময়ী মাতা, কত রঙ্গের অভিনেতা, এসেছে সেজে কত সাজে পা.ঝো ২৫৯।

অভিনিঃসৃত বিণ [অভি-নির্+ √সৃ+ত (ক্ত)-ক] অভিনির্গত, বহির্গত। "যতঃ শব্দোঽভিনিঃসৃতঃ গো.রা ১.২৯.৭। যাজ্ঞ ৩.১০৮।

অভিনিবিষ্ট বিণ [অভি-নি+ √বিশ্+ত (ক্ত)-ক ; স্ত্রী -ষ্টা] ১ অভিনিবেশযুক্ত, সমাবিষ্ট, সমাহিত। "°বুদ্ধি গো.রা ৫.৫১.২৬। অর্থসূক্ষ্মাভিনিবিষ্টবুদ্ধি ভ ৩.৮.১৩ ; কৃষ্ণপদ° ৪.১২.২২। ২ আগ্রহাবিষ্ট, আগ্রহগ্রস্ত। "অভিনিবিষ্টবুদ্ধি মাঘ ১৬.৪৩। ৩ নিষ্ঠিত, নিশ্চিত। "°বুদ্ধি কি ১৭.১১। ৪ চিন্তনপ্রবৃত্ত। "সা.দ ৩.১৫৬। ৫ অব্যগ্র। ৬ [+ত-র্ম্ম] অনুপ্রবিষ্ট। "গর্ভম্…অভিনিবিষ্টঃ লোকপালানুভাবৈঃ রঘু ২.৭৫। —নিবেশ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ আগ্রহবিশিষ্ট মনঃসংযোগবিশেষ। ২ আগ্রহ, নির্ব্বন্ধ। "অনুরূপ° কু.স ৫.৭। নিতান্তরূক্ষ° রঘু ১৪.৪৩। °যুক্ত মাঘ ৩.১। বলবান্ খলু মেঽভিনিবেশঃ শ ৩২। ৩ পুনঃ পুনঃ সঙ্কল্প (মিতাক্ষরা) ; সঙ্কল্প, চিত্তবৃত্তি। "বিতথাভিনিবেশবান্ যাজ্ঞ ৩.১৫৫। বিতথাভিনিবেশ মনু ১২.৫। ৪ মনোনিবেশ, অবধান। "অভিনিবেশপূর্ব্বক অবলোকন সী ৮১। ৫ চিন্তাসঙ্গ, আসক্তি। "অনুরূপপক্ষে অভিনিবেশঃ শ ৩২৩। ৬ অতিযত্ন, আবেশ। "°কদর্থ্যমান মা.মা ৫.২৬। ৭ (যোগশাস্ত্রে) মরণভয়জন্য অজ্ঞানবিশেষ ; মরণত্রাস। [ইহা ক্লেশবিশেষ। পূর্ব্ব পূর্ব্ব জন্মে মরণদুঃখ অনুভব করিয়া অজ্ঞসাধারণের যে মরণভয়, তাহা 'অভিনিবেশক্লেশ' (পা.দ ২.৩ ; ৯)]। ৮ শাস্ত্রাদিতে প্রবেশ ; নিবন্ধ (শ.ক)। —নিবেশিত বিণ [+ √বেশি+ত (ক্ত)-র্ম্ম] অন্তর্নিহিত, নিমজ্জিত। "°তোঽহম্…বিষয়ান্ধকূপে ভ ৫.১.৩৭। —নিবেশী (-শিন্) বিণ [+ √বিশ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -শিনী] ১ আগ্রহবান্, সনির্ব্বন্ধ। "বিতথ° যাজ্ঞ ৩.১৩৪। ২ অনুরাগবান্, আসক্ত। "গুণেষ্বভিনিবেশিনো ভর্ত্তুঃ মা.মি ৩২৩।

অভিনিবেশ, -বেশিত, বেশী দ্র 'অভিনিবিষ্ট'।

অভিনিয়োগ পুং [অভি-নি+ √যুজ্+অ (ঘঞ্)-ভা] একান্ত নিবেশন ; অভিনিবেশ। "কার্য্য° মৃ ১২৩।

অভিনির্জ্জিত বিণ [অভি-নির্+ √জি+ত (ক্ত)-র্ম্ম] বিজিত, পরাজিত। "পাণ্ডবেনাভিনির্জ্জিতঃ মহা ১৪.৭৬.২৬।

অভিনির্ম্মিত বিণ [অভি-নির্+ √মা+ত (ক্ত)-র্ম্ম] প্রধানভাবে নির্ম্মিত ; অভিসৃষ্ট, বিরচিত। "রা ৩.৭৩.৩২। অভিনির্ম্মিতং প্রতিনিধিং জগতামিব শম্ভুনা কি ৫.৩।

অভিনির্ম্মুক্ত বিণ [অভি-নির্+ √মুচ্+ত (ক্ত)-র্ম্ম] সর্ব্বপ্রকারে সায়ন্তনকর্ম্ম কর্ত্তৃক নিশ্চিতমুক্ত (অ.টী) ; যে ব্রহ্মচারী সুপ্ত থাকিতে সূর্য্য অস্ত যায় (নীলকণ্ঠ), সুতরাং সায়ন্তন কর্ম্ম করিতে পারে না ; সূর্য্যাস্তগমন হেতু অভিদুষ্ট (মেধাতিথি) ; সূর্য্যাস্তকালশায়ী। বিপ 'অভ্যুদিত'। "সূর্য্য° মহা ১২.৩৪.৩। মনু ২.২২১।

অভিনির্য্যাণ ক্লী [অভি-নির্+ √যা+অন (ল্যুট্)-ভা] ১ শত্রুজয়ার্থ তদভিমুখে নিষ্ক্রমণ ; জিগীষুর জয়ার্থ অভিযান। "সেনয়াভিনির্য্যাণম্, অভিষেণনম্ (হলায়ুধ)। ২ যাত্রা, প্রস্থান, গমন (অ.কো)।

অভিনির্বর্ত্তিত বিণ [অভি-নির্+ √বর্ত্তি+ত (ক্ত)-র্ম্ম] নিষ্পাদিত, কৃত। "°তা বর্ণাঃ…বিষ্ণুনা হ ১১১.১০। —নির্বৃত্ত বিণ [√বৃৎ+ত-ক] নির্ব্যূঢ় (নীলকণ্ঠ), নিষ্পন্ন, ভূত। "এতন্নামাভিনির্বৃত্তং তস্য দেশস্য মহা ১.২.১৫। —নির্বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] নিষ্পত্তি, সম্পাদন।

অভিনিশ্চিত বিণ [অভি-নির্+ √চি+ত (ক্ত)-র্ম্ম] নির্ণীত, নির্দ্ধারিত। "মহা ৩.২৯.২২।

অভিনিষ্ক্রমণ ক্লী [অভি-নির্+ √ক্রম্+অন (ল্যুট্)-ভা] অভিনির্গমন, বহির্গমন। —নিষ্ক্রান্ত বিণ [+ত (ক্ত)-ক] নির্গত। "আগারাদভিনিষ্ক্রান্ত মনু ৬.৪১।

অভিনীত, -নেতব্য, -নেতা, -নেয় দ্র 'অভিনয়'।

অভিন্ন বিণ [ন.ত ; স্ত্রী -ন্না ; 'অভিন্ন'—অভেদ্য (ঋগ্বেদ ৬.২৮.২)] ১ অকৃতভেদ, অচ্ছিন্ন, অবিদারিত। ২ অবিযুক্ত, সংলগ্ন। ৩ অপৃথক্, অনন্য, এক। 'নমু জনক এবাস্মাকমভিন্নঃ (প্রবোধচন্দ্রোদয়)। ৪ একরূপ, তুল্যাকৃতি, সদৃশ। ৫ একমতি, মতদ্বৈধশূন্য। "অভিন্নত্বম্ …একার্থতাং প্রতি গো.রা ৫.৮৬৭। ৬ অবিদলিত, অখণ্ডিত। "°পুট রঘু ১৭.১২। ৭ অভগ্ন, অব্যাকুল। "অভিন্নগতি (মৃগ) শ ১.১৪। ৮ অস্পৃষ্ট, বিহীন। "স্বেদলেশৈরভিন্নম্ শ ২.৪। ৯ অদলিত, নিবিড়। "অভিন্ন অঞ্জন চৈ.ম ১৬৪। ১০ অভগ্ন, পূর্ণ (রাশি)।

অভিপতন ক্লী [অভি+ √পত্+অন (ল্যুট্)-ভা] ১ অভিগমন, উপসর্পণ। ২ আক্রমণ। ৩ প্রস্থান। ৪ অভিমুখ উড্ডয়ন।

অভিপদ্ম বিণ [অভিতঃ পদ্মা যাহার (নীলকণ্ঠ), বহুব্রী ; স্ত্রী -দ্মা] 'সর্ব্বতঃ লক্ষ্মীযুক্ত' ; সর্ব্বাঙ্গসুন্দর। "তান্…পদ্মাভিপদ্মান্ মহা ১.১৮৭.৯।

অভিপন্ন বিণ [অভি+ √পদ্+ত (ক্ত)-ক ; স্ত্রী -ন্না] ১ অভিমুখগত, উপযাত। ২ প্রাপ্ত, গত। "ত্বমস্তমাকারমিবাভিপন্নঃ কি ৩.৪৬। ৩ আপদ্‌গত, বিপন্ন। ৪ আশ্রিত, গত। "স্ববৃত্তিমভিপন্নায় (দেয়ম্) মহা ১৩.২২.২। ৫ অপরাধবান্, অপরাদ্ধ। ৬ আক্রান্ত, অভিগ্রস্ত (অ.কো)। অভিভূত, পীড়িত, উপহত। "যদিদং সর্ব্বং মৃত্যুনাভিপন্নম্ (শতপথব্রাহ্মণ)। দৈব° রা ২.২২.৩০। ব্যাঘ্র° গো.রা ২.৯.৪৬। কফ°, পিত্ত°, বাত°, শিশির° (সুশ্রুত)। কশ্মলেনাভিপন্নে মহা ১.১.১৮১। ৭ শরণার্থী। ৮ অঙ্গীকৃত, স্বীকৃত। ৯ মৃত (M.W.)।

অভিপরিগ্লান বিণ [অভি-পরি+ √গ্লৈ+ত (ক্ত)-র্ম্ম, স্ত্রী -না] সংক্লেশিত, পরীত, অবসাদিত। "কৃচ্ছ্রমাভিপরিগ্লানি মহা ১.১১.৫.৭।

অভিপরিপ্লুত বিণ [অভি-পরি+ √প্লু+ত (ক্ত)-র্ম্ম] ১ আপ্লুত, প্লাবিত। "রজসাভিপরিপ্লুতঃ মহা ৩.১২.৬৩। ২ অভিগ্রস্ত, আক্রান্ত, অভিভূত, মোহিত। "শোক° গো.রা ৪.৩১.১ ; ৫.১.১৫। কামেন… অভিপরিপ্লুতঃ মহা ৪.১৫.১। ৩ পরিব্যাপ্ত, আচিত। "(মেদিনী) মেদসাভিপরিপ্লুতা হ ৬.৪৫। ৪ নিমজ্জিত। "হর্ষেণাভিপরিপ্লুতঃ রা ১.৭৩.৩০।

অভিপরীত বিণ [অভি-পরি+ √ই+ত (ক্ত)-র্ম্ম, স্ত্রী -তা] ১ অভিগ্রস্ত, আক্রান্ত, অভিভূত। "চিন্তয়াভিপরীতাত্মা গো.রা ৪.১.২। ২ নিপীড়িত, ব্যথিত, সন্তপ্ত। "মন্মথ° মহা ১.৬৩.৪৬ ; দুঃখেনাভিপরীতানাম্ ৩ ২৭.৯।

অভিপারা বি [অভিপ্রায়>অভিপারা, দ্র 'পারা' ; অপ্র] অভিপ্রেত বিষয় ; হৃদ্‌গতভাব, উদ্দেশ্য। "কর শির নাড়িয়া, ভক্তিপথ ছাড়িয়া, যোগ বোল এই অভিপারা চৈ.ম ৫০ ; বিষ্ণুপ্রিয়ায় পুছে অভিপারা ১৩৯।

অভিপালিত বিণ [অভি+ √পালি+ত (ক্ত) -র্ম্ম] অভিরক্ষিত, অবেক্ষিত, পালিত, পরিত্রাত। "রাজ্ঞাভিপালিতাঃ গো.রা ৩.১০.১৫ ; ৫.৩৮.৪৫। মহা ৩.৯৩.১৫ ; ক্রূরৈঃ…নাভিপালিতঃ ৭.১৯৮.৩১।

অভিপীড়িত বিণ [অভি+ √পীড়ি+ত (ক্ত)-র্ম্ম] ১ নিপীড়িত, অতিব্যথিত। "ব্যথয়াভিপীড়িতঃ গো.রা ২.৪৮.২৪। ভর্তৃশোক° মহা ৩.৬৪.৯। ২ সন্তপ্ত, প্রজ্বলিত। "অস্ত্রতেজোঽভিপীড়িত মহা ৫.১৮৬.১৯। ৩ উপহত, অভিগ্রস্ত। "দারিদ্র্যেণাভিপীড়িতা রা (S.W.)।

অভিপুষ্প ক্লী [প্রা.স] অভিমত পুষ্প ; উৎকৃষ্ট পুষ্প। "ধৃতিঃপ্রবালঃ প্রসবাভিপুষ্পঃ (রাক্ষসরাজবৃক্ষঃ) গো.রা ৬.৯৩.১৮।

অভিপূজিত বিণ [অভি+ √পূজি+ত (ক্ত)-র্ম্ম] ১ পূজান্বিত, পূজা-পূর্ব্বক। "°লাভ মহা ১৪.৪৬.২২ ; মনু ৬.৫৮। ২ সুপূজিত, সম্মানিত। "(বানপ্রস্থঃ) ন ভুঞ্জীতাভিপূজিতঃ মহা ১৪.৪৬.২১। ৩ অভিমত, অনুমোদিত। "(পুরাণম্) সুরৈঃ…যদভিপূজিতম্ মহা ১.১.১৭। ৪ অভীষ্ট। "ষড়্‌রসেষভিপূজিতম্ (তৎ সর্ব্বম্) রা ১.৫২.২২।

অভিপৃষ্ট বিণ [অভি+ √প্রচ্ছ্+ত (ক্ত)-র্ম্ম ; স্ত্রী -ষ্টা] জিজ্ঞাসিত। "ভ ২.২.৩২।

অভিপ্রণয়ন ক্লী [অভি-প্র+ √নী+অন (ল্যুট্)-ভা] বেদবিধি-মতে অগ্ন্যাদির সংস্কার। —প্রণীত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] মন্ত্র দ্বারা অভিমুখীকৃত (জয়মঙ্গল) ; বেদবিধানে সংস্কৃত (বহ্নি)। "বহ্নিরভি-প্রণীতঃ ভট্টি ১.৪।

অভিপ্রদক্ষিণ ক্লী [প্রা.স] অত্যন্ত প্রদক্ষিণ ; পুনঃ পুনঃ প্রদক্ষিণ (রা.টীকা)। "চকারাভিপ্রদক্ষিণম্ রা ১.১৬.২২। কৃত্বা চাভিপ্রদক্ষিণম্ গো.রা ৫.৫৯।

অভিপ্রবিষ্ট বিণ [অভি-প্র+ √বিশ্+ত (ক্ত)-ক] অভিমুখপ্রবিষ্ট, প্রবিষ্ট। "মহাগজো ধ্বান্তমভিপ্রবিষ্টঃ রা ২.২১.৫৪। —প্রবেশ পুং [+অ (ঘঞ্) -ভা] অন্তর্গমন। "মহা ১.৭০.২৮।

অভিপ্রবৃত্ত বিণ [অভি-প্র+ √বৃৎ+ত(ক্ত)-ক] অভিমুখভাবে প্রবৃত্ত ; সর্ব্বতোভাবে ব্যাপৃত। "গী ৪.২০।

অভিপ্রয়াত বিণ [অভি-প্র+ √যা+ত (ক্ত)-ক] অভিমুখে গত ; অভিপ্রস্থিত। "পদ্মানি বানেতুমভিপ্রস্থিতা রা ৩.৬৩.১৪।

অভিপ্রায় পুং বিণ [অভি-প্র+ √ই+অ (অণ্)-ক] অভিগামী, গামী। "কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে পা ১.৩.৭২। [সমাসে উত্তরপদ]। —প্রায় পুং [+অ (অচ্)-ণ] ১ ছন্দ, আশয়, মত, ভাব, হৃদয়গত-ভাব, অভিসন্ধি। "নিবেশয়ত মে সৈন্যমভিপ্রায়েণ সর্ব্বতঃ রা ২.৮৩.২৩। সাভিপ্রায় সা.দ ১০.৫৭। আত্ম°, নিজ°, স্বচিত্ত° (পঞ্চ)। মনু ৭.৫৭। অভিপ্রায় বুঝিল ম ৪৮৩। অভিপ্রায় জানি ক.চ ২৩ ; ২৭। ২ বিবক্ষিতার্থ, তাৎপর্য, ভাব। "তেষাময়মভিপ্রায়ঃ সা দ ২উ। ভাবঃ কবেরভিপ্রায়ঃ (A.)। ৩ সম্বন্ধ। তু 'অভিপ্রৈতি সম্যগ্বধ্নাতি পা ১.৪.৩২, তত্ত্ববোধিনী। ৪ [+অ (অচ্)-র্ম্ম] যাহাকে পায় ; বিষ্ণু। —প্রেত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিমত, উদ্দিষ্ট, মনোগত। "নিবেদয়াভিপ্রেতম্।—পঞ্চ ১২৩৪। কিমভিপ্রেতং তব ক সা ২৬.২৪১। ২ বিবক্ষিত, সঙ্কেতিত, মত। "অত্রায়মর্থোঽভিপ্রেতঃ (A.)। ৩ অভিলষিত, ইষ্ট, সম্মত। "°তঃ…মার্গঃ রা ২.২১.৩৬। °সিদ্ধির পথ সী ৭১। ৪ প্রিয়। "পত্নীমভিপ্রেতাম্ গো.রা ৪.২৮.৩।

অভিপ্রেত দ্র 'অভিপ্রায়'।

অভিপ্রেপ্সু বিণ [অভি-প্র+ √আপ্+স (সন্)+উ-ক ; স্ত্রী -প্সূ] পাইতে ইচ্ছু ; লিপ্সু, লাভেচ্ছু। "আনন্তর্য্যমভিপ্রেপ্সুঃ গো.রা ৬ ১৬.৬০। মনু ৮.২৮১ ; ৩৪৪।

অভিপ্লব পুং [অভি+ √প্লু+অ (অপ্)-ভা] ১ সর্ব্বত্র প্লবন (লম্ফ)। ২ উপদ্রব। —প্লুত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিব্যাপ্ত, প্লাবিত। ২ অভিভূত, ব্যথিত। "পুত্রাদিভিরভিপ্লুতাম্ মহা ৫.৯.৯০। ব্যসন° যাজ্ঞ ২.৫১। ৩ সম্বন্ধ (মেধাতিথি)। "রজসাভিপ্লুতাং নারীম্ মনু ৪.৪১। ৪ অভিগত, সেবিত। "সর্ব্বদাভিপ্লুতঃ সদ্ভিঃ (রামঃ) গো.রা ১.১.১৮। ৫ পরিব্যাপ্ত, সমাবৃত। "তমসাভিপ্লুতে লোকে মহা ৪.৩৩.১।

অভিবন্দ বি [সং অভিবন্দন ; অপ্র] বন্দন। "চারি গোসাঞির কৈল রায় চরণাভিবন্দ চৈ.চ ১৩৯।

অভিবন্দন ক্লী [অভি+ √বন্দ্+অন (ল্যুট্)-ভা] অভিমুখবন্দন, অভিমুখপ্রণাম ; প্রণতি, প্রণাম। "পাদ° রা ২.৫২.৩১ ; ৪.৬.২৩। "চক্রে পাদাভিবন্দনম্ মহা ৩.২৯৩.৩।

অভিবর্ত্তী (র্ত্তিন্) বিণ [অভি+ √বৃৎ+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্ত্তিনী] অভিমুখে বর্ত্তমান। "মৃত্যুকালাভিবর্ত্তী গো.রা ৬.৮৮.৩৫।

অভিবর্ষণ ক্লী [অভি+ √বৃষ্+অন (ল্যুট্)-ভা] সর্ব্বত্র বর্ষণ। "কালেঽভিবর্ষণম্ গো.রা ১.২১.১৫। —বর্ষিত বিণ [+ √বর্ষি+ত(ক্ত) -র্ম্ম] অভিমুখ বর্ষণে অভিব্যাপ্ত বা সমাচ্ছাদিত। "প্রসূনবর্ষৈরভিবর্ষিতঃ ভ ১.১.২৮। —বর্ষী (-র্ষিন্) বিণ [+ √বৃষ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্ষিণী] অভিমুখে বা চতুর্দ্দিকে বর্ষণকারী। "যক্ষীমশ্রবৃষ্ট্যাভিবর্ষিণীম্ রা ১.২৬ ১৩।

অভিবর্ষিত, -বর্ষী দ্র 'অভিবর্ষণ'।

অভিবাদ পুং [অভি+ √বাদি+অ (অচ্)-ণ] ১ যে শব্দ দ্বারা পরকে (অভিবাদিত ব্যক্তিকে), অভিবাদকের প্রতি আশীর্ব্বাদ বা কুশলপ্রশ্ন করায় (যেন শব্দেন পরঃ সম্বোধ্যতে, আশিষং প্রতি প্রযোজ্যতে কুশল-প্রশ্নং বা কার্য্যতে, সোঽভিবাদঃ) ; অভিবাদপ্রতিপাদক শব্দ (মেধাতিথি), অর্থাৎ 'অভিবাদন করি' (অভিবাদয়ে) এই শব্দ (কুল্লুক) ; (গৌণার্থে)

'অভিবাদন করি' বলিয়া নামগ্রহণপূর্ব্বক প্রণতি; পাদগ্রহণপূর্ব্বক বা বাক্য দ্বারা নতি (ত.বা); প্রণাম, বন্দনা (শ.ক)। "প্রত্যুত্থান° মনু ২.১২০; অভিবাদশীল ১২১; ১২২; ১২৩। **২** [+অ (ঘঞ্) -র্ম (?)] অপ্রিয় বাক্য, পরুষভাব (অ.কো)। —বাদক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -দিকা] **১** অভিবাদনকারক, নতিকারক। "মনু ২.১২৫, কুল্লুক। **২** বন্দনশীল (অ.কো)। **৩** [+অক ভবিষ্যদর্থে-ক] যে অভিবাদন করিবে; অভিবাদনেচ্ছু। "আগতোঽস্মি…ভবন্তমভিবাদকঃ মহা ৩.৭৩.২৫; ২৭। —বাদন ক্লী [+অন (ল্যুট্)-ভা; অভিমুখীকৃত্য সম্বোধ্য, বাদনমাশিষো বাচনং মহ্যমাশিষো দেহীতি (অ.টী)] **১** সর্থ 'অভিবাদ (১)। "মনু ২.১২২; ১২৪; ১২৫। পাদ° মহা ৩.২৯৩.৩। **২** বাক্য দ্বারা, অর্থাৎ 'প্রণাম করি' এই শব্দোচ্চারণপূর্ব্বক নতি। "প্রহ্ব° ভ ১১১.২৩। —বাদনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] অভিবাদনার্হ, প্রণম্য। "মহা ৩.১১১.৯। —বাদয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] অভিবাদক। "মনু ২.১২৩, কুল্লুক। —বাদিত বিণ [+ত (ক্ত)-র্ম] অভিবন্দিত, প্রণত। "ভরতেনাভিবাদিতঃ রা ২.৯০.৫। মহা ১.২২১.৪৩। ভ ৫.৩.১৬। —বাদ্য বিণ [+য (যৎ)-র্ম; স্ত্রী -দ্যা] প্রণম্য, নমস্কারার্হ। "রা ১.৪১.৪।

অভিবাদক, -বাদন, -বাদনীয়, -বাদয়িতা, -বাদ্য দ্র 'অভিবাদ'।

অভিবাহ্য বিণ [অভি+ √বহ্+য (ণ্যৎ)-র্ম; স্ত্রী -হ্যা] অভিমুখে বহনীয়। —হ্য ক্লী [+য-ভা] বহন। "মনু ১.৯৪।

অভিবিখ্যাত বিণ [অভি-বি+ √খ্যা+ত (ক্ত)-র্ম] **১** সর্ব্বত্র বিখ্যাত; সুপ্রসিদ্ধ। "°তৈঃ (মহাত্মভিঃ) গো.রা ৪.১.২২। **২** অভিহিত, সংজ্ঞিত, কথিত। "ক্রম ইত্যভিবিখ্যাতঃ সঃ।—মহা ১.৬৭.৮; ৭২। বৃত্র ইত্যভিবিখ্যাতঃ ভ ৬.১৭.৩৮।

অভিবিদীপিত বিণ [অভি-বি+ √দীপি+ত (ক্ত)-র্ম] সমুজ্জ্বলিত, বিভাসিত। "বেশ্ম…তেজসাভিবিদীপিতম্ মহা ১৪.৭০.১।

অভিবিদ্রুত বিণ [অভি-বি+ √দ্রু+ত (ক্ত)-ক] **১** অভিধাবিত। "(হয়ারোহাঃ) অন্যোন্যমভিবিদ্রুতাঃ মহা ৬.৪৬.২০। **২** অপযাত, পলায়িত। "সৈন্যং দৃষ্টাভিবিদ্রুতম্ ৬.১০১.৩১।

অভিবিধি পুং [অভিতঃ বিধি, প্রা.স] সর্ব্বতঃ ব্যাপ্তি; অভিব্যাপ্তি, অবধিসহিত কার্য্যান্বয়। 'সহ তেনেত্যভিবিধিঃ পা ১.৪.৮৯, তত্ত্ববোধিনী। "পা ২.১.১৩; ৫.৪.৫৩। ['আসমুদ্রক্ষিতি' অর্থাৎ সমুদ্রাবধিক (অবধিভূত-সমুদ্র-সহিত) ক্ষিতি, সমুদ্র লইয়া ক্ষিতি। এখানে 'আ' অভিবিধি-সূচক। দ্র 'আ২'।]

অভিবিনীত বিণ [অভি-বি+ √নী+ত (ক্ত)-র্ম] **১** শিক্ষিত। "বৃদ্ধৈরভিবিনীতঃ রা ২.১.২১; ২.৩৬। **২** পণ্ডিত, অভিজ্ঞ। "কন্যাং কলায়ামভিবিনীতে ভবত্যৌ মা.মি $\frac{৫}{১৬}$।

অভিবিরাজিত বিণ [অভি-বি+ √রাজ্+ত (ক্ত)-ক] সুশোভিত। "পুষ্পোপহারৈঃ…অভিবিরাজিতম্ মহা ৩.১৪৬.২৯।

অভিবিশ্রুত বিণ [অভি-বি+ √শ্রু+ত (ক্ত)-র্ম] সর্ব্বত্র বিশ্রুত; সর্ব্বত্র খ্যাত; অভিহিত। "সুরাপরিগ্রহাদ্ দেবাঃ সুরা ইত্যভিবিশ্রুতাঃ গো.রা ১.৪৬.২৮। অরুণেত্যভিবিশ্রুতঃ মহা ১.২৪.১৬। ভ ৮.১.২১; ৯.১৫.১৩।

অভিবিষ্ট বিণ [অভি+ √বিশ্+ত (ক্ত)-র্ম] আবিষ্ট, আক্রান্ত, অভিভূত। "মদন° গো.রা ৫.১১.২২।

অভিবৃদ্ধি স্ত্রী [অভি+ √বৃধ্+তি (ক্তিন্)-ভা] বৃদ্ধি; বিস্তার। "রাষ্ট্রাভিবৃদ্ধি মনু ৭.১০৯।

অভিবৃষ্ট বিণ [অভি+ √বৃষ্+ত (ক্ত)-র্ম; স্ত্রী-ষ্টা] অভিষিক্ত; অভ্যুক্ষিত। "স্থলী নবাম্ভঃপৃষতাভিবৃষ্টা রঘু ৭.৬৯; (পদবীম্) অভিবৃষ্টাং প্রজাশ্রুভিঃ ১৫.৯৯। মেঘাভিবৃষ্টসিকতা বিক্র ৪.৬; ৩৪।

অভিব্যক্ত বিণ [অভি-বি+ √অন্জ্+ত(ক্ত)-র্ম] **১** প্রকাশিত, প্রকটীকৃত। "পুরপ্যাভিব্যক্তমুখপ্রসাদা রঘু ১৬.২৩। **২** [+ত-ক] পরিস্ফুট, বিশদ, বিমল। "অভিব্যক্তায়াং চন্দ্রিকায়াং কিং দীপিকাপৌনরুক্ত্যেন বিক্র ৩$\frac{১}{০}$। **৩** বিস্পষ্ট, আবির্ভূত। "°সত্বলক্ষণা শ $\frac{৫}{১৮}$। **৪** প্ররূঢ়, অভিবৃদ্ধ, সুপ্রকাশ। "°মনোরথ রঘু ৬.১২। **৫** আবির্ভূত, ফলদানোন্মুখ। "তত্র দৈবমভিব্যক্তং পৌরুষং পৌর্ব্বদেহিকম্ (ত.বা)। —ব্যক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** অভিব্যঞ্জন, আবিষ্করণ, প্রকাশন। "ভাব° সা.দ ৩.১২৮। **২** প্রকাশ, আবির্ভাব। "অপূর্ব্বতেজোভিব্যক্তি ব.প্র ১৪২। **৩** সূক্ষ্মরূপে স্থিত কারণের কার্য্যরূপে আবির্ভাব। "বেদান্ত ১.২.২৯। **৪** অত্যন্তসাহচর্য্য হেতু লোকবিজ্ঞান (বালমনোরমা)। "পা ৮.১.১৫। —ব্যঞ্জক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ঞ্জিকা] **১** প্রকাশক, অবভাসক। **২** (অলঙ্কারশাস্ত্রে) ব্যঞ্জনাবৃত্তি দ্বারা প্রকাশক। "গুণাভিব্যঞ্জকাঃ শব্দা রসস্যোৎকর্ষকাঃ সা.দ ১$\frac{১}{৩}$। —ব্যঞ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] প্রকাশন, আবিষ্করণ, প্রকটন।

অভিব্যক্তি, -ব্যঞ্জক, -ব্যঞ্জন দ্র 'অভিব্যক্ত'।

অভিব্যাপক বিণ [অভি-বি+ √আপ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -পিকা] **১** সর্ব্বতোভাবে (সর্ব্বাবয়বাবচ্ছেদে) ব্যাপক; সর্ব্বব্যাপী। **২** (ব্যাকরণে) ত্রিবিধ আধারের একতম। "পা ২.৩.৩৬, সি। —ব্যাপ্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] সর্ব্বতোভাবে ব্যাপ্তি; সর্ব্বত্র ব্যাপার বা বৃত্তি (অ.টী)।

অভিভব পুং [অভি+ √ভূ+অ (অপ্)-ভা] **১** পরাভব, পরাজয়, পরিভব। "°বাস্পদ হি ২.১৭২। **২** তিরস্কার, গর্ব্বনাশ। "অলভ্যশোকাভিভবেয়মাকৃতিঃ কু.স ৫.৪৩। **৩** আক্রান্তি, আক্রমণ। "°বাশঙ্কী রঘু ৪.২১। কি ২.৩৭। জরাভিভববিচ্ছায়ম্ (কাদম্বরী)। তেজোঽভিভব শ ২.৭। **৪** দ্রোহ, হিংসা। "ইতরেতরানভিভবেন কি ৬.৩৪। **৫** বাধ, পীড়া। "প্রশান্তঘর্ম্ম° কি ৮.২৮। **৬** অনাদর, অবজ্ঞা। "নিরভিভবসারাঃ পরকথাঃ (ভর্ত্তৃহরি)। **৭** দুর্ব্বলীকরণ, ন্যূনীকরণ। "অন্যোন্য° সাংখ্য ১২। **৮** ব্যাপ্তি। "অধর্ম্ম° গী ১.৪০। **৯** রোগাদি হেতু গাত্রাদির জড়ীভাব (ত.বা)। —ভবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** সর্থ 'অভিভব'। **২** আক্রমণ। "জরয়া চাভিভবনম্ মনু ৬.৬২। —ভাবক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -বিকা] **১** অভিভবকারক, পরাজেতা। **২** তিরস্কারক, নিরাসক, নাশক। "ন হি স্বল্পো দোষোঽমিতগুণাভিভাবকঃ কু.স ১.৩, মল্লিনাথ। **৩** অতিশায়ী। **৪** আক্রমণকারী। —ভাবক বি (বাঙলায়) যে শাসনে রাখে; রক্ষণাবেক্ষণকারক, তত্ত্বাবধানকার (Guardian)। "বৈদ্যবাটীর বাটী অন্ধকারময় হইল—রক্ষণাবেক্ষণ করে এমন অভিভাবক নাই আ.দু ১৮৫। সম্ভবমত তাঁহাদের সুখ দুঃখের অভিভাবক হও পা.প্র ৫৩। —ভাবিকা বি, স্ত্রীলিঙ্গ (বাঙলায়) রক্ষণাবেক্ষণকারিণী, তত্ত্বাবধায়িকা। —ভাবী (-বিন্) বিণ [+ইন্ (ণিনি)-তাচ্ছীল্যে-ক-১ব; স্ত্রী -বিনী] **১** পরাজেতা, অতিশায়ী, ন্যূনীকারক। "সর্ব্বতেজোঽভিভাবিনা রঘু ১.১৪। শোকাভিভাবিনা ভয়েনাভিভূতঃ (কাদম্বরী)। **২** ব্যাপী। "ধাম্না লোকাভিভাবিনা কি ১১.৬। **৩** তিরস্কারক। [সমাসে উত্তরপদ]। —ভূ বিণ [+ক্বিপ্ (০)-ক; স্ত্রী -ভূ] সর্থ 'অভিভাবী'। "মহা ৩.১৮৯.৩৫। —ভূত বিণ [+ত(ক্ত)-র্ম] **১** পরাজিত, পরাভূত। **২** ব্যাকুলিত, বিহ্বল, কাতর। "ব্যসন°, ভয়°, রোগ° (S.W.)। স্বাগুভঙ্গ°।—পঞ্চ $\frac{১৬}{১৩}$। **৩** আক্রান্ত, উপদ্রুত, নিপীড়িত। "দৈত্যাভিভূতস্য (ভুবনস্য) ভট্টি ২.২৭। হ ৪৩.১৯। **৪** মোহিত, বিবেকরহিত। "কাম°, রাগ° (S.W.)। হৃচ্ছয়েনাভিভূতাত্মা

মহা ৩.১২ ৯৫। ৫ আবিষ্ট, বশীকৃত। "নিদ্রাভিভূতা সীতা সী ২০। —ভূতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সর্থ 'অভিভব (১)। "°ভয় কি ২.২০। ২ অনাদর, অবজ্ঞা। ৩ মানভঙ্গ।

অভিভবন, -ভাবক, -ভাবিকা, -ভাবী দ্র 'অভিভব'।

অভিভাষণ ক্লী [অভি+ √ভাষ্+অন (ল্যুট্)-ভা] ১ অভিমুখে (সমক্ষে) কথন; সম্ভাষণ, আলাপ। "নিশাচরীণাং প্রত্যক্ষমক্ষমং চাভিভাষণম্ গো.রা ৫.২৯.৯। °ব্যাপার কু.স ৬.২, মল্লিনাথ। ২ (বাঙলায়) সভায় সভাগণের সম্মুখে সভাপতির বক্তব্য বিষয়। "সভাপতির অভিভাষণ। —ভাষী (-ষিন্) বিণ [+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব; স্ত্রী -ষিণী] অভিভাষণশীল, সম্ভাষণকারী। "স্মিত-পূর্ব্ব° রা ১.৭.৮; রঘু ১৭.৩১। [সমাসে উত্তরপদ]। —ভাষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম; স্ত্রী -ষ্যা] অভিমুখভাবে ভাষণীয়; সম্ভাষার্হ, আলপনীয়। "ন তেঽহমভিভাষ্যোঽস্মি দুর্ব্বৃত্তে রা ২.৭৪.৭।

অভিভূ, -ভূত, -ভূতি দ্র 'অভিভব'।

অভিমত বিণ [অভি+ √মন্+ত (ক্ত) -র্ম্ম] ১ সম্মত, অনুমত, অনুমোদিত। "স্থানং দেব্যা গৃহেঽভিমতম্ উ.চ ৩.৩২। ২ অভীষ্ট, প্রিয়, ইষ্ট। "°ফলশংসা ভট্টি ১.২৭। মাধবেনাভিমতেন সখ্যা কু.স ৩.২৩। এই চারি সেবা হয় কৃষ্ণের অভিমত চৈ.চ ২২৬। ৩ আদৃত। —ত পুং প্রিয়। "মাঘ ৭.৭২; ৮.৬৮। —ত ক্লী [+ত-ভা] ১ অভিমতি, অভিলাষ, বাঞ্ছা। ২ অভিমান (ত.বা)। —মতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সম্মতি। "অভিমতি স্থির করিবার নিমিত্ত আমার অল্প সময়ই যাইত পা.প্র ১৬৫। ২ সম্মান, আদর। ৩ অভিলাষ, ইচ্ছা। "নিজ পত্নীর অভিমতি জানিতে ইচ্ছা হইল পা.প্র ৭৪।

অভিমনাঃ (-নস্) বিণ [বহুব্রী; স্ত্রী -নাঃ] ১ যাহার অভিমুখ মন; অভিনিবিষ্টচিত্ত, একাগ্রমতি। "ধর্ম্মাভিমনসস্তব রা ২.৩৪.৩২; যুদ্ধ° ৫.৪২.২৬। ২ উৎকণ্ঠিতচিত্ত। "মাঘ ১৬.২। ৩ সচেতাঃ। "ভট্টি ৫.৭৩, জয়মঙ্গলটীকা।

অভিমন্তব্য বিণ [অভি+ √মন্+তব্য-র্ম্ম; স্ত্রী -ব্যা] বোদ্ধব্য, জ্ঞেয়, গণনীয়। "ন স্ত্রীত্যভিমন্তব্যা যস্যাং ভর্ত্তা ন তুষ্যতি।—পঞ্চ ৩.১৪৬। —মন্তা (-ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ন্ত্রী] ১ 'আমি' এই অভিমানাখ্যকার্য্যযুক্ত (কুল্লূক); অভিমানকারক। "মনু ১.১৪। ২ সম্মানকর্ত্তা (ত.বা)।

অভিমন্ত্রণ ক্লী [অভি+ √মন্ত্রি+অন (ল্যুট্)-ভা] ১ মন্ত্রপাঠ-পূর্ব্বক সংস্কার বা পবিত্রীকরণ। "পাত্র° যাজ্ঞ ১.২৩৭। ২ আহ্বান (A.)। —মন্ত্রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] মন্ত্রপাঠপূর্ব্বক সংস্কৃত। "বামদেবাভিমন্ত্রিতো মেধ্যোঽশ্বঃ উ.চ ২$\frac{৭}{৮}$।

অভিমন্যু পুং ১ যিনি অভী (নির্ভীক) এবং মন্যু (মন্যুমান্) (মহা ১.২২১.৬৭); সুভদ্রাগর্ভজাত অর্জ্জুনপুত্র। [ইনি শাপভ্রষ্ট চন্দ্র (মহা ৭.৬৯.১৭)। ইঁহার পত্নী উত্তরা এবং পুত্র পরীক্ষিৎ। যুধিষ্ঠিরের আদেশে ইনি কুরুক্ষেত্রসমরে দ্রোণ-রচিত চক্রব্যূহমধ্যে প্রবেশ করেন; কিন্তু ইনি ব্যূহনির্গমনকৌশল জানিতেন না এবং ভীমাদিও ইঁহার অনুসরণ করিতে পারেন নাই, সুতরাং, ব্যূহমধ্যে বহু কুরুসৈন্য নিহত করিয়া, ইনি দ্রোণ কর্ণ কৃপ অশ্বত্থামা বৃহদ্বল কৃতবর্ম্মা—এই ষড়্রথী কর্ত্তৃক নিহত হন (মহা ৭.৪৬.৪)। কাশীদাসী মহাভারতে কর্ণ দুঃশাসন শকুনি দ্রোণ কৃপ অশ্বত্থামা জয়দ্রথ—এই সপ্তরথীর উল্লেখ আছে (ম ৮৪২)।] ২ জটিলার পুত্র ও রাধিকার স্বামী 'আয়ান'। "গোল যে আভীর অভিমন্যুর জনক ভ.গ্র ১৪২।

অভিমর্দ্দ পুং [অভি+ √মৃদ্+অ (ঘঞ্)-ভা] ১ নিষ্পীড়ন। ২ চূর্ণীকরণ। ৩ পররাষ্ট্রবিধ্বংস। "কৃতোঽভিমর্দ্দঃ কুরুভিঃ (S.W.)। ৪ [+অ-ঘি] যুদ্ধ। ৫ [+অ-ক] মদ্য। —মর্দ্দন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ সর্থ 'অভিমর্দ্দ (১, ২)। ২ প্রধর্ষণ, বলাৎকার। "পরদার° গো.রা ৩.৩৬.১১; ৬.৯৫.৮। ৩ উৎসাদন, উচ্ছেদ। "লঙ্কায়াশ্চাভিমর্দ্দনম্ গো.রা ৬.১০০.৭।

অভিমর্শ পুং [অভি+ √মৃশ্+অ (ঘঞ্)-ভা] ১ সম্পর্ক, সংস্পর্শ। "উষ্ণাংশুকর° মাঘ ৪.১৬। ২ আক্রমণ, ধর্ষণ। "পর° কু.স ৫.৪৩। —মর্শক বিণ [+অক (ণ্বুল্) -ক, স্ত্রী -র্শিকা] ১ স্পর্শকারক। ২ ধর্ষক, আক্রমণকারী। —মর্শন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] অভিভবকারক, আক্রমণকারী। "শাপো হরিদাসাভিমর্শন ভ ৭.১.৩৩। —ন ক্লী [+অন-ভা] ১ স্পর্শ। "বালধেরভিমর্শনম্ রা ২ ৬১.১৯। সক্থিকেশ° যাজ্ঞ ২.২৮৭। ২ ধর্ষণ, সম্ভোগ। "পরদার° রা ৩.৩২.১২। মহা ২.৭২.৭।

অভিমর্শক, -মর্শন দ্র 'অভিমর্শ'।

অভিমর্ষ পুং [অভি+ √মৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ স্পর্শ, সম্পর্ক। ২ ধর্ষণ, সম্ভোগ। "পরদার° ৫.৮৪.৮; মনু ৮.৩৫২। কৃতাভিমর্ষা শ ৫.১৯। ৩ আঘাত, প্রহার। "গদাভিমর্ষভগ্নোরুদণ্ড ভ ১.৭.১৩। —মর্ষক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -র্ষিকা] ১ স্পর্শকারক। ২ ধর্ষক, সম্ভোগকারক। "পরদার° গো রা ১.৭.১৪। —মর্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ স্পর্শন। ২ ধর্ষণ, সম্ভোগ। "পরদার° গো.রা ৬.৬৬.২৬। ৩ প্রধর্ষণ, অভিভব। "তব তেনাভিমর্ষণম্ রা ৬.১১১.৮। —মর্ষী (-র্ষিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব; স্ত্রী -র্ষিণী] ১ স্পর্শকারী। ২ ধর্ষক, সম্ভোগকারী। "ত্বৎকলত্রাভিমর্ষী বৈরাস্পদং ধনমিত্রঃ (দশকুমার)।

অভিমর্ষক, -মর্ষণ, -মর্ষী দ্র 'অভিমর্ষ'।

অভিমান পুং [অভি+ √মন্+অ (ঘঞ্)-ভা] ১ আপনার প্রতি মান; 'আমার সমান নাই' এই মনন (অ.টী); আপনার প্রতি উৎকর্ষারোপ; আত্মবিষয়ে পূজ্যতাবুদ্ধি; আত্মকর্ত্তৃত্বাদি-বোধ। "গী ১৬.৪। অভিমানে পরিপূর্ণ রাজা লঙ্কেশ্বরে কৃ ৩১৫। আমি হই, আমি করি, ত্যজ এই অভিমান।—রামমোহন রায়। ২ আত্মসম্মান, গৌরব, মান। "অভিমানৈকধনা হি মানিনঃ মাঘ ১.৬৭। ৩ অর্থ বিদ্যা কুলাদির দর্প (অ.টী); মিথ্যাগর্ব্ব। "অভিমানে কাঁপে দুর্য্যোধন কলেবর ম ৩৬৭। অভিমানে সমুদ্রেতে ঝাঁপ দিলা ভাই ভা.চ ২৫৫। ৪ অহঙ্কার, গর্ব্ব (অ.কো)। "অভিমানং চ মানং চ ত্যক্ত্বা বর্ত্তস্ব মাতৃষু রা ২.৫৮.১৯। °ভূত কু.স ৩.২৪। অভিমানে মহামানী…রাবণ কহিলা মে ১৭; ২৩। ৫ অহঙ্কার, বুদ্ধি, জ্ঞান। "মুনিরস্মি নিরাগসঃ কুতো মে ভয়মিত্যেষ ন ভূতয়েঽভিমানঃ কি ১৩.৭। আপনাকে করেন তাঁর দাস অভিমান॥—চৈ.চ ২৯। ৬ মিথ্যাজ্ঞান। "দেহ° (S.W.)। ৭ প্রণয়, প্রেমপ্রার্থনা (শ.ক)। ৮ হিংসা, হিংসেচ্ছা, বৈরনির্য্যাতন। "°ধন কি ২.১৯। তব অপরূপ রূপ হেরি, গুণমণি, অভিমানে ঘনেশ্বর, যাবে কাঁদি দেশান্তর মা ১৫৬। অভিমানে গেল দ্রোণ হস্তিনানগরে ম ১৬৪। ৯ স্নেহহেতুক অনাদরজন্য-চিত্তক্ষোভ। "শুন বাপ্যা তোমারে করিয়ে অভিমান। এবে কেন সতী ঝিয়ে টুটিল সম্মান॥—ক.চ ১৩। ১০ শৃঙ্গাররসের অবস্থাভেদ (ত.বা); মান, প্রণয়মান। "সা.দ ৩.১৯৮। [অভিমানভরে—অভিমানের আধিক্যে বা আতিশয্য হেতু। "অভিমানভরে ভাবে লঙ্কাঅধিকারী কৃ ৩.৫।]

অভিমানী (-নিন্) বিণ [অভি+ √মন্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -নিনী] ১ অভিমানকারী; অভিমানযুক্ত। ২ দর্পযুক্ত, গর্ব্বিত। "কুল° কি ১.৩১। দেখিয়া ও গতি, কি লজ্জায় আর তুই মুখ দেখাইবি, অভিমানি?—মে ১৭১। ৩ প্রণয়কোপযুক্ত। "পর্ব্বতসানুবাহী শিলা-খণ্ডের ন্যায় অভিমানিনী সতী চলিয়া গেলেন ব.প্র ১২৫। ৪ মিথ্যা-জ্ঞানযুক্ত (ত.বা)। "°নিব্যপদেশ বেদান্ত ২.১.৫। ধুমাভিমানিনী

রাত্র্যভিমানিনী চ দেবতা গী ৮.১৫, শাঙ্করভাষ্য। শ্রুত্যভিমানিনী··· দেবতা শ্রী.ম ২৬৪।

অভিমুখ বিণ [মুখকে অভিগত, প্রা.স; স্ত্রী -খা, -খী (স্বাঙ্গে), -খা (অস্বাঙ্গে)—°খা শালা, পা ৬ ২.১৮৫, কাশিকা] ১ সম্মুখতাপ্রাপ্ত, সম্মুখ। "নিদ্রা চিরেণ নয়নাভিমুখী বভূব।—রঘু ৫.৬৪। দক্ষিণাভিমুখ ৪.৫০। রণে কোঽস্য ভবেদভিমুখঃ গো.রা ৪.৯.৫০। শার্দ্দুলোঽভিমুখোঽভ্যেতি মহা ৩ ৬৪.৩২। °খে ময়ি শ ২.১১। গী ১১.২৮। রুমিল রাজার সেনা অভিমুখ রণে শ্রী.মা ১২৭। ২ সম্মুখস্থ, সম্মুখীন। "মনু ২.১৯৭। ৩ উন্মুখ, উন্মুখীভূত। "প্ররোহোঽভিমুখ···মনোরথঃ কু স ৫.৬০। প্রয়াণ° রঘু ৫.২৯ ; পুরপ্রবেশ° ৭.১ ; পাক° ১৭.৪০। পাক° (দৈব) উ.চ ৭.৪। ৪ প্রবণ। "প্রসাদ° কু.স ২.১৬ ; পয়শ্চ নিম্নাভিমুখম্ ৫.৫। চন্দ্রাপীডাভিমুখহৃদয়া (কাদম্বরী)। ৫ অনুকূল। "ঘটয়তি বিধিরভিমতমভিমুখীভূতঃ।—রত্নাবলী ১.৬। ৬ সমক্ষ। "কি ৬ ৪৬। ৭ সম্ভাষণপর। "নাস্তিকে নাভিমুখো বুধঃ স্যাৎ রা ২.১০৯.৩৪। ৮ প্রবৃত্ত, আরব্ধ। "ফলমভিমুখপাকং রাজজম্বুদ্রুমস্য বিক্র ৪.১৩। ৯ অভিযাত। "কি ৬.১৪। ১০ আসন্নতাপ্রাপ্ত, সন্নিহিত। "যৌবনাভিমুখী সংজজ্ঞে।—পঞ্চ (S.W.)। —খ ক্রি.বিণ ১ অভিমুখে, দিকে। "নেপথ্যাভিমুখমবলোক্য শ ১৷ৄ। ২ সম্মুখে, সমক্ষে। "আসীতাভিমুখং গুরোঃ মনু ২.১৯৩। [°তা—অনুকূলতা, বশ্যতা। "কি ১৩ ৪০। অভিমুখীকরণ (ক্লী)—(ব্যাকরণে) যাহা দ্বারা অভিমুখ করে ; সম্বোধন। °খীভাব পুং—আভিমুখ্য, সম্মুখতা ; আনুকূল্য।]

অভিমুখতা, -মুখীকরণ, -মুখীভাব দ্র 'অভিমুখ'।

অভিমূর্চ্ছিত বিণ [অভি+ √মূর্চ্ছি+ত (ক্ত)-র্ম্ম] অভিভূত ; বিমোহিত। "কন্দর্পেণাভিমূর্চ্ছিতা মহা ১.২১৪.১৯।

অভিমৃষ্ট বিণ [অভি+ √মৃশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ স্পৃষ্ট, কৃতস্পর্শন। ২ ধর্ষিত, নিপীড়িত। "সঃ···বচনাভিমৃষ্টঃ মহা ৪.৬৬.২। ৩ সংমর্দ্দিত, বিদলিত। "ভোগী যথা পাদতলাভিমৃষ্টঃ মহা ৪.৬৬.২। ৪ আহত, তাড়িত। "বৃত্রগদা° ভ ৬ ১১.১১। ৫ সংসৃষ্ট, সম্পৃক্ত। ৬ মিলিত। ৭ [+ √মৃজ্+ত-র্ম্ম] কৃতমার্জ্জন, শুদ্ধীকৃত। [°জ (বিণ)। —ধর্ষিত দার হইতে জাত (অপত্য)। "মহা ২.৭২.৭।]

অভিযাত বিণ [অভি+ √যা+ত (ক্ত)-ক] ১ সর্ব্বত্র গত। "(দেববিমানানি) অভিযাতানি মহা ৩.৪৩.৮। ২ অতীত, গত। "কালোঽভিযাতঃ ভ ৯.৩.৩২। ৩ অধিগত, প্রাপ্ত। "ঐশ্বর্য্যমভিযাতঃ গো.রা ৫.৮৮.১০। ৪ সমুপাগত। ৫ [+ত-র্ম্ম] আক্রান্ত। —যাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] পরসেনার অভিমুখে গন্তা ; অভিযানকারী। "রা ২.১.২৯। —তা পুং শত্রু। —যাতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অভিযান। —যান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অভিমুখগমন, উপসর্পণ। ২ পরসেনার অভিমুখে গমন ; যুদ্ধার্থ যাত্রা। "রণ° (দশকুমার)। —যায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -য়িনী] অভিমুখগামী, অভিযানকারী। "রাম° রঘু ১২.৪৩।

অভিযাতা, -যাতি, -যান, -যায়ী দ্র 'অভিযাত'।

অভিযুক্ত বিণ [অভি+ √যুজ্+ত (ক্ত)-ক ; স্ত্রী -ক্তা] ১ অভিমুখভাবে যুক্ত ; প্রসিত, আসক্ত, তৎপর। "ভ ১.১৯.২৪। ২ অভিযোগী, ব্যাপৃত, একনিষ্ঠ (গী.টীকা)। "গী ৯.২২। ৩ অভিনিবেশিত, সাগ্রহ, একাগ্র। "°ক্তেন মনসা মু ১.১৩। ৪ অবহিত, অপ্রমত্ত। "ইদং বিশ্বং পাল্যম্ বিধিবদভিযুক্তেন মনসা উ.চ ৩.৩০। ৫ কুশল, নিপুণ। "প্রয়োগেষ্বভিযুক্তানাম্ ক.সা ৩২.১২৫। ৬ পণ্ডিত, বুধ, প্রাজ্ঞ। "সূক্তমিদমভিযুক্তৈঃ প্রকৃতির্হ্যজেতি বে ৬৷ৄ। °অভিযুক্তৈরঙ্গীকৃতম্ কু.স ৩.৪.৪, মল্লিনাথ। ৭ [+ত-র্ম্ম] অভিযাত, আক্রান্ত। "পুরস্কৃতঃ···অরাত্যভিযুক্তঃ (অ.কো)। দ্বিরদপতিনা সন্নিপত্যাভিযুক্তঃ উ.চ ৩.৬। মাঘ ২.১০১। ৮ অভিশস্ত, দূষিত। "মৃ ৯.৯। ৯ শত্রু কর্ত্তৃক রুদ্ধ (ত.বা)। ১০ কৃতপরাভব। "দেবি কেনাভিযুক্তাসি রা ২.১০.২৮। ১১ নিযুক্ত। ১২ আপ্ত, বৃদ্ধতম (ত.বা)। —ক্ত পুং প্রত্যর্থী, প্রতিবাদী। "যাজ্ঞ ২.৯। —যোক্তব্য বিণ [+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] ১ যোজনীয়। ২ নিষেধ্য, নিষেধযোগ্য। "মনু ৮.৫০। ৩ (ব্যবহারে) অভিযোগার্হ, দূষণীয়, প্রতিবাদী। —যোক্তা (-ক্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ক্ত্রী] ১ অভিযোগকারী, দূষক, বাদী। ২ আক্রমণকারী, অভিযায়ী, জিগীষু। "ত্বয়ি···অভিযোক্তরি নৃপে মু ৪.১৫। —ক্তা পুং ১ (ব্যবহারে) বাদী, অর্থী। "মনু ৮.৫২ ; ৫৮। যাজ্ঞ ২.৯৭। ২ জিগীষু, শত্রু। "হি ৩.৯৬। —যোগ পুং [+অ (ঘঞ্) -ভা] ১ অভিনিবেশ, আসক্তি, অবধান। "নয়াভিযোগং মনসঃ গো.রা ৪.২৯.২৫। °ভাক্ কি ৩.৪০। ২ সংযোগ, সম্বন্ধ। "নববধূসুরত° ভা.চ ৬৫৮ ; ৬৬১। ৩ প্রয়োগ, বর্ষণ। "বাণ° ম.চ ৬.৩৮। ৪ মর্দ্দন। "পরিচুম্বন° মাঘ ৭.৭৩। ৫ পুনঃ পুনঃ যোগ, অভ্যাস। "তন্ত্রমন্ত্রযোগ° মা.মা ৯.৫০। ৬ উদ্যোগ, উদ্যম, আগ্রহ। "সন্তঃ স্বয়ং পরহিতেষু কৃতাভিযোগঃ।—ভর্ত্তৃহরি। ৭ অপকারেচ্ছায় নিরোধ ; অবরোধ। "বনগোচর° কি ১৩.১০। ৮ যুদ্ধার্থ আক্রমণ ; সমাক্রান্তি। "পর° কু.স ৭.৫০। দ্বিষদভিযোগ মু ১.৭। ৯ কলহাহ্বান (রামাশ্রমী), যুদ্ধার্থ আহ্বান (রায়মুকুট)। ১০ অন্যকৃত অপরাধাদির রাজসমীপে নিবেদন ; নালিশ। ১১ আর্দ্র, পরাভব। "কি ২.৪৬। ১২ অধ্যবসায় (অ.চি)। ১৩ অপরাধ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.৯। ১৪ অভিযুক্ত ধন (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.১১। ১৫ শপথ। ১৬ [+অ-ধি] যুদ্ধ? (A.)। —যোগী (-গিন্) বিণ [অভিযোগ+ইন্ (ণিনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -গিনী] ১ অভিযোগযুক্ত, অভিনিবিষ্ট। ২ আগ্রহবান্, উদ্যোগী। ৩ আক্রমণকারী। ৪ অভিযোগকারী (বাদী)। "মিথ্যা° যাজ্ঞ ২.১১। —গী পুং বাদী, অর্থী।

অভিযোক্তব্য, -যোক্তা, -যোগ, -যোগী দ্র 'অভিযুক্ত'।

অভিরক্ষা স্ত্রী [অভি+ √রক্ষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্ব্বত্র ত্রাণ। "কি ১.১৮। —রক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সর্ব্বত্র রক্ষিত। "শিশুনাগ° রা ৩.৭৩.৩২। ভীষ্ম°, ভীম° গী ১.১০। —রক্ষিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] সর্ব্বত্র রক্ষক ; পালক। "মনু ৭.৩৫।

অভিরক্ষিত, -রক্ষিতা দ্র 'অভিরক্ষা'।

অভিরক্ত বিণ [অভি+ √রন্জ্+ত (ক্ত)-ক] ১ অনুরক্ত। "ধর্ম্ম° রা ৭.১০.৩৩। বিরাটঃ···অভিরক্তঃ মহা ৪.১.১৬। ২ অতিললিত। "(গীতম্) অভিরক্তম্···স্বরসম্পদা গো.রা ১.১.৬১। —রঞ্জিত বিণ [+ √রঞ্জি+ত (ক্ত)-র্ম্ম] ১ সর্ব্বত্র আলোকিত। "তেজোঽভিরঞ্জিতম্ (সর্ব্বং বনম্) রা ১.৩৭.২১। ২ সর্ব্বতোভাবে চিত্রিত ; বিভূষিত, পিশঙ্গীকৃত। "চক্রবাকাশ্চ পদ্মরেণ্বভিরঞ্জিতাঃ গো.রা ৪.৫০.১২।

অভিরত বিণ [অভি+ √রম্+ত (ক্ত) -ক] ১ অত্যাসক্ত, সমাসক্ত। "সুরত° মাঘ ১০.৮৯। গৃহেষ্বভিরতাশয়াঃ ভ ৩.৩২.১৭। সাধুসঙ্গে অভিরত রা.স ৩৮। ২ তৎপর, নিষ্ঠাবান্, পরিনিষ্ঠিত। "স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ গী ১৮ ৪৫। রাজধর্ম্ম° হ ৫৫.৬৭। ৩ পরস্পরানুরক্ত, অন্যোন্যাসক্ত। "কেবলাভিরতদম্পতি ধাম মাঘ ১০.৫৫। ৪ প্রীত। "ত্রয়স্তেঽভিরতাঃ স্মৃঃ যাজ্ঞ ১.২৫২। ৫ অভিনিবিষ্ট। —রতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সমাসক্তি, ব্যসন। "মৃগয়া° রঘু ৯.৭। ২ সুখ। "বিষয়° কি ৬ ৪৪। —রমণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] আসক্তি। —রমিত বিণ [+ √রমি +ত (ক্ত)-র্ম্ম] প্রীণিত, আনন্দিত, তর্পিত। "ত্বয়াভিরমিতাঃ ভ ১০.২৯.৩৬। —রম্য বিণ [+য (যৎ)-র্ম] মনোরম, অভিরাম।

—রাম বিণ [+অ (ঘঞ্)-ধি ; স্ত্রী -মা] ১ যাহাতে অভিরত হয় ; মনোহর, রুচির, সুন্দর। "°মেণ বপুষা রঘু ১০.৬৭। প্রতিবেধাক্ষরবিক্লব° শ ৩.২২। পূমে ৫২। সে জন অভিরাম ক.চ ৩। ২ দর্শনীয়। "গ্রীবাভঙ্গ° শ ১.৭। ৩ প্রিয়, প্রীতিকর; আনন্দজনক। "গুণাভিরামং রামম্ গো.রা ৫.১৯.১। মনোঽভিরামাঃ (কেকাঃ) রঘু ১.৩৯; শ্রোত্রাভিরামধ্বনি ২.৭২ ; নয়নাভিরামা কান্তিঃ ৬.৪৭। অগ্নি যৈছে নিজধাম, দেখাইয়া অভিরাম, পতঙ্গেরে আকর্ষিয়া মারে চৈ.চ ৭৯। কলরব অভিরামা ব্র.প ৬২। নারায়ণ অভিরাম ভ.গ্র ২। ভা.চ ১২৪। প.তৃ ৪। [°রামিণী—অভিরাম, মনোহর। "দৃগ্ভঙ্গিম অভিরামিণী ব্র.প ১৭৬। (পদ্যে মিলের জন্য স্ত্রীলিঙ্গ)।]

অভিরতি, -রমণ, -রমিত, -রম্য, -রাম, -রামিণী দ্র 'অভিরত'।

অভিরুচি স্ত্রী [অভি+ √রুচ্+ই (ইন্), উ ৪.১১৭; গুণাভাব ১১৯] ১ অভিপ্রীতি, অভিলাষ। "যশসি চাভিরুচিঃ।—ভর্তৃহরি ; হি ১.৩২ ; পিশুনবাক্যেষ্বভিরুচিঃ ১৪৪। ২ দীপ্তি, প্রভা। —রুচিত বিণ [+ত (ক্ত)-র্ম] অভিলষিত, অভিপ্রীত। —ত পুং প্রিয়। "মাঘ ১০.৬৮। —রুচির বিণ [প্রা.স ; স্ত্রী -রা] ১ অতিশোভন, সুমনোহর। "রথম্… অভিরুচিরম্ গো.রা ৩.৩৯.৫। ২ অতিদীপ্ত।

অভিরুচিত, -রুচির দ্র 'অভিরুচি'।

অভিরুত বিণ [অভি+ √রু+ত (ক্ত)-র্ম] নিনাদিত, প্রতিধ্বনিত। "ময়ূরহংসাভিরুতাম্ (নদীম্) গো.রা ২.৪৬.১২ ; ভেরীমৃদঙ্গ° ৫.১২.২৩। সারস° মহা ৩.৩৮.২০। ময়ূরকেকা° ভ ৪.৬.১২। —ত ক্লী [+ত -ভা] মহানাদ, উচ্চৈঃশব্দ, মহাকোলাহল। "ভৈরবাভিরুতে যুদ্ধে গো.রা ৬.৭০.২৯।

অভিরূপ বিণ [অভিমত রূপ যাহার, বহুব্রী ; স্ত্রী -পা ; ছান্দস] ১ অভীষ্টরূপবান্, সুরূপ, মনোহর, রম্য। "অভিরূপায় বরায় মনু ৯.৮৮। ২ অভিমত, প্রীতিকর। "যো যঃ প্রদেশঃ সখ্যা মে অভিরূপঃ শ ৬২৭। ৩ অনুরূপ, যোগ্য। "কামমনভিরূপমস্যা বয়সো বল্কলম্ শ ১২৭ (S.W.)। —প পুং [√অভিরূপি+অ (অচ্)-ক ; অভিলক্ষ্য রূপ যাহার (অ.টী)] ১ 'শাস্ত্রার্থ-নিরূপক', অভিলক্ষ্যমূর্তি ; বিদ্বান্, পণ্ডিত। "অভিরূপভূয়িষ্ঠা পরিষৎ শ ২ (প্রস্তাবনা)। মনু ৩.১৪৪। ২ বিষ্ণু। ৩ শিব। ৪ চন্দ্র। ৫ কামদেব। —প ক্লী [প্রা.স] অভিমত রূপ ; দিব্যরূপ। "°বৎ (পাঠান্তর) মহা ৩.১১৩.১। —রূপক বিণ [ক (কন্) স্বার্থে] সুন্দর। "পা ৮.১.৮, কাশিকা। [°পতি পুং জন্মান্তরে ইহলোকের অভিমত পতিলাভার্থ ব্রতবিশেষ। "অভিরূপপতির্নাম (উপবাসঃ) মৃ ১২।]

অভিরূপক, -রূপপতি দ্র 'অভিরূপ'।

অভিরোষ বি [অভি+ √রুষ্+অ (ঘঞ্) -ভা] অভিক্রোধ, মহাকোপ। "মনে মনে ভাবি বীর করে অভিরোষ ম ৮০৯। পুরোহিত কহে অভিরোষে ক.চ ১১৭। ক্ষমা কর অভিরোষ ভা.চ ২২২ ; দূর কর অভিরোষ ৪৩৮।

অভিলক্ষিত বিণ [অভি+ √লক্ষ্+ত (ক্ত)-র্ম] ১ উদ্দিষ্ট। ২ জ্ঞাত। "রা ২.৫৭২। ৩ দৃষ্ট, লক্ষিত। "দ্রবামোঽনভিলক্ষিতঃ মহা ১.১৪৮.৪। যাজ্ঞ ৩.৫৯। ৪ লক্ষীকৃত। —লক্ষ্য বিণ [+য (যৎ) -র্ম ; স্ত্রী -ক্ষ্যা] ১ উদ্দেশ্য। ২ লক্ষ্যীকরণীয়।

অভিলঙ্ঘন ক্লী [অভি+ √লঙ্ঘ্+অন (ল্যুট্)-ভা] উল্লঙ্ঘন। "সাগরস্যাভিলঙ্ঘনে গো.রা ৫.৫৩৯।

অভিলষণ ক্লী [অভি+লষ্+অন (ল্যুট্)-ভা] অভিলাষ, সম্ভোগেচ্ছা। "অভিলষণং স্ত্রীণাং পরেষাম্ রা ৩.৯.৫। —লষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম ; স্ত্রী -য়া] বাঞ্ছনীয়, কাম্য। —লষিত বিণ [+ত (ক্ত) -র্ম] অভীষ্ট, বাঞ্ছিত। —ত ক্লী [+ত-ভা] অভিলাষ, ইচ্ছা। —লাষ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ইচ্ছা, কাম, বাঞ্ছা, মনোরথ। "রাজসুতা° রা ৬.১০১.৫৫। উ.মে ৪৯। ২ সঙ্গমেচ্ছা (শ.ক)। "বনিতা°। ৩ অনুরাগ। "ভব হৃদয় সাভিলাষম্ শ ১.২৫ ; ২২৭। ৪ লোভ। ৫ তৃষ্ণা। "সাভিলাষা (দৃষ্টিঃ)। ৬ [+অ-র্ম] অভিলষিত বিষয় ; অভীষ্ট বস্তু, ভোগ্য বস্তু, কাম। "রঘু ৩.৪। ৭ (বাঙলায়) অভীষ্ট বা প্রিয় জন। "চিরদিনে নিত্যানন্দে পাই অভিলাষে। বাহ্য নাহি, আনন্দসাগরমাঝে ভাসে॥—চৈ.ভা ১৮৩। —লাষক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ষিকা] অভিলাষী। —লাষী (-ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ষিণী] ১ ইচ্ছু, স্পৃহান্বিত। "জল° রঘু ২.৬। বামপাদ° উ.মে ১৭। ২ অনুরাগী, প্রণয়বান্। "অন্যামভিলাষিমে মনঃ শ ১.২০। —লাষুক বিণ [+উক (উকঞ্) তাচ্ছীল্যে-ক ; স্ত্রী -কা] অভিলাষশীল, ইচ্ছু। "কি ১১.১৮। মাঘ ১৫.৫৯। কন্যা° ক সা ১৫.৪৯। পুরুষান্তর° শ (S.W.)। শুনিতে অভিলাষুক মোর মতি বা.দ ১৪৪।

অভিলষণীয়, -লষিত দ্র 'অভিলষণ'।

অভিলাপ পুং [অভি+লপ্+অ (ঘঞ্) -ভা] ১ কথন, বাক্যপ্রয়োগ। "কি ১০.৬১। তদভাবাভিলাপ (বেদান্ত)। ২ [+অ-র্ম] শব্দ, বাক্য। "°সংসর্গ সা দ ৩২৫। ৩ সঙ্কল্পজ্ঞাপক বাক্য। "কামো হি কামাভিলাপসহিত-কুশতিলজলত্যাগরূপঃ সঙ্কল্পঃ কার্যঃ (ত.বা)।

অভিলাষ, -লাষক,-লাষী, -লাষুক দ্র 'অভিলষণ'।

অভিলাস পুং [অভি+ √লস্+অ (ঘঞ্)-ভা] অভিলাষ, ইচ্ছা। "গঙ্গা জাইবার মনে করে অভিলাস গ ২ ; রাজহংসগণ…মৃণাল পাএ অভিলাসে ১৮।

অভিলীন বিণ [অভি+ √লী+ত (ক্ত)-র্ম ; স্ত্রী -না] অভিব্যাপ্ত। "ভ্রমর° (পঙ্কজকোশ) রঘু ৩.৮। পূ.মে ৩৭।

অভিলেখিত ক্লী [অভি+ √লেখি+ত (ক্ত) -র্ম] লেখ্য, দলিল। "যাজ্ঞ ২.১৫২।

অভিশংসক বিণ [অভি+ √শংস্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -সিকা] আক্ষেপকারক, মিথ্যাপবাদকারী, দূষক। —শংসন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ সমক্ষে আক্রোশবচন বা পরুষভাষণ ; 'এ চোর' ইত্যাদি মিথ্যাপবাদ ; আক্ষেপ। "মনু ৮.২৬৮। ২ দোষাবিষ্কারপূর্বক দূষণ। "মিথ্যা° যাজ্ঞ ২.২৬২। —শংসী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] অপবাদকারক, আক্ষেপকারী। "মিথ্যা° যাজ্ঞ ৩.২৬২।

অভিশংসন, -শংসী দ্র 'অভিশংসক'।

অভিশঙ্কা স্ত্রী [অভি+ √শঙ্ক্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্বথা শঙ্কা। ২ সংশয়, সন্দেহ। "সুহৃদামভিশঙ্কা গো.রা ৬.৬৬.২৬। ৩ শঙ্কা। "বাষ্পপাত° ক.সা ২১.৭০। ৪ ভ্রম, ভ্রান্তি। "ধৃতনবলোহিতপঙ্কজ° কি ১০.৪২। —শঙ্কিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ সন্দিগ্ধ, সংশয়িত। ২ [+ত-ক] অতিভীত। "ভট্টি ৬.২। ৩ ভ্রান্ত। —শঙ্কী (-ঙ্কিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ঙ্কিনী] সংশয়শীল, অবিশ্বাসী। "ধর্মাভিশঙ্কী পুরুষস্তির্যগ্‌গতিপরায়ণঃ মহা ৩.৩১.৭। ধর্মাভিশঙ্কী ব্যক্তি তির্যগ্‌গতি প্রাপ্ত হয়।—কালীপ্রসন্ন সিংহ। —শঙ্ক্য বিণ [+য (ণ্যৎ)-র্ম ; স্ত্রী -ঙ্ক্যা] শঙ্কনীয়, সংশয়িতব্য। "অনভিশঙ্ক্য মহা ২.৫.৫৬ ; ধর্মো যস্যাভিশঙ্ক্যঃ স্যাৎ ৩.৩১.৮। —শঙ্কিতব্য বিণ [+তব্য-র্ম ; স্ত্রী -ব্যা] সর্থ 'অভিশঙ্কা'। "ন…মাতা যবীয়স্যভিশঙ্কিতব্যা রা ২.২২.৩০।

অভিশঙ্কিত, -শঙ্কী, -শঙ্ক্য দ্র 'অভিশঙ্কা'।

অভিশপন ক্লী, -শাপ পুং [অভি+ √শপ্+অন (ল্যুট্), +অ (ঘঞ্), -ভা] ১ 'তুমি সুবর্ণ চুরি করিয়াছ' ইত্যাদি কথন (অ.টী) ;

মিথ্যাপবাদকথন, মিথ্যাভিশংসন, মিথ্যাদোষারোপ। ২ পাতকাভিযোগ (মিতাক্ষরা), মহাপাতকবিষয়ে অভিযোগ। "যাজ্ঞ ২.১২; ১০১। ৩ ব্রাহ্মণ গুরু বৃদ্ধ সিদ্ধপুরুষ কর্তৃক অনিষ্টাভিশংসন (অহিত-কথন); অভিসম্পাত, শাপ। "অভিশাপে যেন নাহি মন্দ করি তার, ভবে যারে ভাবিয়াছি বিপক্ষ তোমার।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। —শপ্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] প্রাপ্তাভিশাপ, জাতাভিশাপ, শাপগ্রস্ত। "অভিশপ্তা মহেন্দ্রেণ গো.রা ৪.৪০.৪৪। মনু ৩.১৫৯। কু.স ৪.৪১। দৈব° ক.সা ৫৭.২৪।

অভিশব্দিত বিণ [অভি+√শব্দি+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত, উক্ত। "যদেতদভিশব্দিতম্ মনু ৬.৮২। ২ অভিহিত, সংজ্ঞিত। "সা তু সুরভীত্যভিশব্দিতা মহা ১.৯৯.৮; গুল্ম ইত্যভিশব্দিতঃ ৫.১৫৪.২৮। ৩ শব্দ দ্বারা প্রকটীকৃত; বিঘোষিত।

অভিশস্ত বিণ [অভি+√শন্স্+ত (ক্ত)-র্ম্ম] ১ পরস্ত্রীর বা পরপুরুষের মৈথুনদোষে দূষিত; আক্ষারিত। "মনু ৮.৩৭৩। ২ মিথ্যারোপিতদোষ, মিথ্যাদূষিত (অ.টী)। "ন ক্রুধ্যত্যভিশস্তোঽপি রা ২.৪১.৩। যাজ্ঞ ৩.২৮৬। ব্যবহার° বিষ্ণু ১১.১২। ৩ আরোপিত। "মিথ্যাভিশস্তপাপ যাজ্ঞ ৩.২৮৪। ৪ অভিক্রুষ্ট, অভিশপ্ত। "মনু ৮.১১৬। ৫ আক্রান্ত। "মনু ১১.১১৩। ৬ ব্রহ্মহত্যাদিপাপে অভিযুক্ত (মিতাক্ষরা); উপপন্নপাতক (অ.টী); মহাপাতক হেতু সংজাতলোকবিক্রোশ (কুল্লুক)। "মনু ৪.২১১। যাজ্ঞ ২.৭০, মিতাক্ষরা। ৭ পাতিত্যজনকদুষ্কর্ম্মকারী। "যাজ্ঞ ১.১৬১। ৮ [+√শস্+ত-র্ম্ম] হিংসিত। "দেবি কেনাভিশস্তাসি। —শস্ত স্ত্রী [+ত-ভা] ১ অপবাদারোপ। ২ আক্রোশ। ৩ হিংসন। ৪ অভিশাপ। —শস্তক বিণ [+ক (কন্) স্বার্থে] ১ ব্রহ্মহত্যাদিপাপে অভিযুক্ত। "যাজ্ঞ ২.৭২। ২ [+ক সংজ্ঞার্থে] অভিশাপজাত (জ্বরাদি; সুশ্রুত)। —শস্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা; "°স্তি'—অভিশাপরূপ নিন্দন (ঋগ্বেদ ১.৯১.১৫)] ১ অভিশাপ। ২ অপবাদ, কলঙ্ক। "মিথ্যা° হ ৩৯.৩৭। মিথ্যাভিশস্তিবিশুদ্ধি (বিষ্ণুপুরাণ)। ৩ প্রার্থনা। ৪ [+√শস্+তি-ভা] হিংসা।

অভিশাপ দ্র 'অভিশপন'।

অভিষঙ্গ পুং [অভি+√সন্জ্+অ (ঘঞ্)-ভা, ষত্ব] ১ সর্ব্বতোভাবে সঙ্গ; আসঙ্গ, আসক্তি। "বনবিভ্রম° মাঘ ৭.৬৮। দুরভিষঙ্গ মা.মা ৭২। ২ আলিঙ্গন (শ.ক)। ৩ ভূতাদির আবেশ; ভূতে পাওয়া। "অভিঘাত° (মাধবনিদান)। °জ্বর। ৪ পরাভব, পরাজয়। "জাত° রঘু ২.৩; °অনিল ১৪.৫৪। ৫ আক্রোশ, অভিশাপ। ৬ শপথ। ৭ অপবাদ, মিথ্যাদোষারোপ। ৮ ব্যসন, বিপদ্, দুঃখ। "°জড় রঘু ৮.৭৫; নব° ১৪.৭৭। —ষঙ্গী (-ঙ্গিন্) বিণ শত্রুপরাজয়সমর্থ (নীলকণ্ঠ)। "মহা ৪.৬৬.৪।

অভিষব পুং [অভি+√সু+অ (অপ্)-ভা] ১ স্নান। "কি ৩.২৮। ২ যজ্ঞস্নান, ব্রতার্থস্নান, (অ.টী), সবন, যজ্ঞাঙ্গস্নান (ত.বা)। ৩ সুরাসন্ধান, মদ্যোৎপাদনব্যাপার, মদ্যসজ্জীকরণ (অ.টী), মদ চোঁয়ান। ৪ সোমলতাপান। ৫ সোমলতাকণ্ডন (ত.বা)। ৬ সোমরসনিষ্পীড়ন (A.)। ৭ নিষ্পীড়ন। ৮ [+অ-ণ] মদ্যোৎপাদক দ্রব্য; কিণ্ব (Yeast)। ৯ [+অ-খি] যজ্ঞ। —ষব ক্লী [+অ-র্ম্ম] কাঞ্জিক। —ষবণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ স্নান। "কি ৬.২৩। ২ [+অন-ণ] সোমনিষ্পীড়নসাধন উপায়। —ষুত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিষ্পীড়িত। —ষুত ক্লী কাঞ্জিক; কাঁজি।

অভিষিক্ত বিণ [অভি+√সিচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ আর্দ্রীকৃত। "রজনীর বিন্দু বিন্দু নয়নজল শিশিরচ্ছলে বনরাজী ও ফুলদামে অভিষিক্ত করেছে হ ২১২। ২ স্নাত (রা.টীকা), স্নপিত। "মূর্দ্ধ° রা ২২৬.১৩। ৩ অধিকারপ্রাপ্ত্যর্থ যথাবিধি স্নপিত; কৃতাভিষেক। "সৈনাপত্যেন… অভিষিক্তো গুহঃ মহা ৩.৮৩.১৬৫। অহম্…অরণ্যরাজ্যে সর্ব্বৌষধিরসেনাভিষিক্তঃ।—হি ৩৬৬। —ষেক পুং [+অ (ঘঞ্)-ভা] ১ আর্দ্রীকরণ, ভিজান। ২ স্নান, অবগাহ। "কৃতাভিষেকো গঙ্গায়াম্ রা ১.৪৩.৩০। অভিষেকক্রিয়া শ ৭.১২; °কোত্তীর্ণ ৪৬। তীর্থ° রঘু ১.৮৫; ১০.৬৩। পর্জ্জন্যজল° কু.স ৭.১১। ইঁহার স্পর্শ চন্দনরসাভিষেকস্বরূপ সী ১৬। ৩ স্নানমাত্র। "পাদরজোঽভিষেক ভ ৭.৬৩২। ৪ অধিকারপ্রাপ্তির জন্য যথাবিধি তীর্থাদিজলে স্নান। "°কোদক, °শালা, °কাহ, রাজ্যাভি°। পাদুকাগ্রাভি° রা ১.৩.১৭, রামাভি° ৩৮; বিভীষণাভি° ৩৭। সৈনাপত্যাভি° ক.সা ২০.৯৫। অভিষেকসম্ভার রঘু ১২.৪; ১৪.৭। ৫ যথাবিধি শান্ত্যর্থ সেচন। ৬ কর্ম্মান্তে শান্ত্যর্থস্নান। ৭ মন্ত্রোচ্চারণপূর্ব্বক মস্তকে জলপ্রক্ষেপ দ্বারা মার্জ্জন। ৮ [+অ-ণ] অভিষেকার্থ জল (M.W.)। —ষেক্তা (-ক্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; ছান্দস] অভিষেককর্ত্তা। —ষেচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সেচন, আর্দ্রীকরণ। ২ অভিষেক। "ভরতস্যাভিষেচনম্ রা ১.১.২২; যৌবরাজ্যাভিষেচন ২.২৬.৩। রঘু ৮.৩। —ষেচনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম; বৈদিক] ১ অভিষেকযোগ্য। ২ [+অনীয়-ণ] অভিষেকদ্রব্য। —ষেচিত বিণ [+√সেচি+ত (ক্ত)-র্ম্ম] অভিষিক্ত, আর্দ্রীকৃত। "তোয়ধারাভিষিক্ত হ ১১১. ৭। —ষেচ্য বিণ [+√সিচ্+য (ণ্যৎ)-র্ম্ম; স্ত্রী -চ্যা] অভিষেচনীয়। "যোঽভিষেচ্যস্তু মে সুতঃ রা ২.৪.২।

অভিষিঞ্চন বি [সং অভিষেচন] আর্দ্রীকরণ, সেচন। "পানীয়াভিষিঞ্চন ব.প্র ৯৫।

অভিষেক, -ষেক্তা, -ষেচন, -ষেচনীয়, -ষেচিত, -ষেচ্য দ্র 'অভিষিক্ত'।

অভিষেণন ক্লী [অভি+√সেনি+অন (ল্যুট্)-ভা, পা ৩.১.২৫] শত্রুর অভিমুখে যুদ্ধার্থ সেনা সহ জিগীষুর গমন।

অভিষ্টুত বিণ [অভি+√স্তু+ত(ক্ত)-ক; ষত্ব, স্ত্রী -তা] ১ কৃতস্তব, স্তুত। "মহা ১.২৫.১৬; দেবৈরভিষ্টুতঃ ৩.৮২.৭৪। ২ অভিমন্ত্রিত, মন্ত্রপূত। "ওঙ্কারাভিষ্টুত যাজ্ঞ ৩.৩০৬।

অভিষ্যন্দ, -স্যন্দ পুং [অভি+√স্যন্দ্+অ (ঘঞ্)-ভা, অপ্রাণিবিষয়ে বিকল্পে ষত্ব, পা ৮.৩.৭২] ১ স্রবণ, ক্ষরণ, জলাদিস্রাব। ২ অতিরেক, অতিবৃদ্ধি, আধিক্য। "°বমন রঘু ১৫.২৯। ৩ [+অ-ণ] নেত্ররোগহেতু (সুশ্রুত)। —ন্দী (-ন্দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ন্দিনী] ১ স্রাবী, ক্ষরণকারী। ২ (ণিজন্ত) স্রাবয়িতা, নিঃসারক। "পয়োঽভিষ্যন্দি (সুশ্রুত)। ৩ মলনিঃসারক, রেচক (Laxative)। [°নগর (ক্লী) —শাখানগর। °বমন (ক্লী) —অতিরিক্তজনাহরণ। "রঘু ১৫.২৯। কু.স ৬.৩৭।]

অভিষ্যন্দনগর, -ন্দবমন -ষ্যন্দী দ্র 'অভিষ্যন্দ'।

অভিষ্বঙ্গ পুং [অভি+√স্বঞ্জ্+অ (ঘঞ্)-ভা, ষত্ব] ১ অত্যাসক্তি, মহানুরাগ। "বিদ্যাস্বভিষ্বঙ্গঃ (দশকুমার)। অত্রভবতোঽভিষ্বঙ্গঃ মা.মা ১৩৬। ২ প্রণয়, স্নেহ। "নাস্তি মে ত্বয্যভিষ্বঙ্গো যথেষ্টং গম্যতাম্ গো.রা ৬.১০০.২১। ৩ আসক্তিবিশেষ, পুত্রাদির সুখে বা দুঃখে আমিও সুখী বা দুঃখী—এইরূপ অধ্যাসাতিরেক (গী.টীকা)। "গী ১৩.৯। ৪ স্পর্শ, সম্পর্ক। "সর্ব্বদোষাভিষ্বঙ্গ ম ৮১.৩৮।

অভিসংযুক্ত বিণ [অভি-সম্+√যুজ্+ত (ক্ত)-র্ম্ম] সমন্বিত, সংযুক্ত। "অনয়েনাভিসংযুক্তাম্ (নাশয়ামি ত্বাম্) গো.রা ৫.২৪.২৮। —সংযোগ পুং [+অ (ঘঞ্)-ভা] সমন্বয়, সংশ্লেষ, সম্বন্ধ।

অভিসংরক্ত বিণ [অভি-সম্+√রন্জ্+ত (ক্ত)-ক] অত্যাসক্ত, প্রসক্ত। "কামভোগাভিসংরক্ত রা ৭.২৬.৪১।

অভিসংরব্ধ বিণ [অভি-সম্+ √রভ্+ত (ক্ত) -ক ; স্ত্রী -ব্ধা] অভিসংক্রুদ্ধ। "অন্যোন্যমভিসংরব্ধৌ গো.রা ৬.৭৬.৩২ ; মহা ৪.২২.৫৫। —সংরম্ভ পুং [+অ (ঘঞ্) -ভা] দ্বেষাভিনিবেশ (নীলকণ্ঠ)। "মহা ১৪.৩১.২।

অভিসংবৃত বিণ [অভি-সম্+ √বৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ সমাবৃত, সংবীত। "বস্ত্রার্দ্ধেনাভিসংবৃতা মহা ৩.৬৯.৩৮। ২ পরিবৃত, সমন্বিত। "বানরসহস্রাণাং কোটীভিরভিসংবৃতঃ।—রা ৫.৫৬.১৬। লক্ষ্ম্যাভিসংবৃত মহা ১৮.১.৫। ৩ পরিপূরিত, সম্পূর্ণ। "বিবিধজনাভিসংবৃত রা ৭.৭০.১৭। জনৌঘৈরভিসংবৃতম্ মহা ২.২৩.২২। ৪ অভিভূত। "শোকাভিসংবৃত গো.রা ৪.১৯.৫।

অভিসংবৃত্ত বিণ [অভি-সম্+ √বৃৎ+ত (ক্ত)-ক] প্রবৃত্ত, আরব্ধ। "(বানরং সৈন্যম্) সংখ্যাতুমভিসংবৃত্তৌ (শুকসারণৌ) গো.রা ৬.১.১৫।

অভিসংশ্রয় পুং [অভি-সম্+ √শ্রি+অ (অচ্)-ভা] সমাশ্রয়। "গো.রা ৪.১৩.১৬। মৎস্যাঘাত্যভি° মহা ১ ৬৩.৬৮। —সংশ্রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সমাশ্রিত। "মহা ১৩ ৭৭.২২। ২ অভিমুখাগত, সম্মুখে উপাগত (নীলকণ্ঠ)। "(নারায়ণঃ) দানবানভিসংশ্রিতঃ মহা ১.১৮.৪৬।

অভিসংস্কার পুং [অভি-সম্+ √কৃ+অ (ঘঞ্)-ভা] ১ সংস্কার, বোধ। ২ শোধন, পবিত্রীকরণ। —সংস্কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] শোধিত, পূত। "(পাণ্ডুসুতাঃ) মহীধরং জগ্মুর্ধর্ম্মজ্ঞেনাভিসংস্কৃতম্ মহা ৩.৯৫.৮।

অভিসংহিত বিণ [অভি-সম্+ √ধা+ত (ক্ত)-র্ম্ম] ১ লক্ষীকৃত. "(শূলম্) লক্ষ্মণায়াভিসংহিতম্ রা (A.)। ২ অভিমত, অনুমোদিত। "গো.রা ৫ ৮২.৫। ৩ সংযুক্ত। "বাক্যং ঘোরাভিসংহিতম্ রা ১.৫৮.৮। ৪ সম্পাদিত। "রা ৬.১৭.৬৫। ৫ ফলোদ্দেশে কৃত। ৬ অভিসন্ধি-বিষয়ীকৃত।

অভিসংক্ষিপ্ত বিণ [অভি-সম্+ √ক্ষিপ্+ত (ক্ত)-র্ম্ম] অভিসংহৃত, সঙ্কুচিতকায়। "সৌষ্ঠবেনাভিসংক্ষিপ্ত সোঽবিধ্যাদ্ বিবিধৈঃ শরৈঃ মহা ১.১৩৫.২২। —সংক্ষেপ পুং [+অ (ঘঞ্)-ভা] অভিসংহার, সঙ্কোচন।

অভিসংখ্যা স্ত্রী [অভি-সম্+ √খ্যা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সংখ্যান, গণনা। "দ্বিচত্বারিংশদধ্যায়াঃ পর্ব্বৈতদভিসংখ্যয়া মহা ১.২.৩৫২। —সংখ্যেয় বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -য়া] গণনীয়। "অবশ্যমভি-সংখ্যেয়ং তন্ময়া বানরং বলম্ গো রা ৬.১.৫।

অভিসন্তপ্ত বিণ [অভি-সম্+ √তপ্+ত (ক্ত)-র্ম্ম] অতিব্যথিত, নিপীড়িত। "দুঃখ° রা ২.২৬.৮। পুত্রশোক° মহা ১.২.৩১৩। —সন্তাপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অতিতাপ, মহাব্যথা। ২ [+অ -ণ] অভিশাপ। ৩ [+অ-ধি] যুদ্ধ (হলায়ুধ)।

অভিসন্ত্রস্ত বিণ [অভি-সম্+ √ত্রস্+ত (ক্ত)-ক] অতিভীত, পরমশঙ্কিত। "গো.রা ২.৯.৬।

অভিসন্দেহ পুং [অভি-সম্+ √দিহ্+অ (অচ্)-ক] যাহা রতি-কালে উপচিত হয় ; লিঙ্গ। "মহা ৫.৯৪.৮।

অভিসন্ধক বিণ [অভি-সম্+ √ধা+অ (ক) -ক+ক (কন্) স্বার্থে] পরগুণাসহন হেতু আক্ষেপক, অর্থাৎ যে পরগুণ সহিতে না পারিয়া নিন্দা করে। "সর্ব্বাভি° মনু ৪.১৯৫। —সন্ধা স্ত্রী [+অ (অঙ্)-ভা +স্ত্রী আ (টাপ্) ; বৈদিক] ১ প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি। "সত্যাভিসন্ধ রা ১.৬.৫। ২ অভিনিবেশ। "অনৃতাভিসন্ধ।—ছান্দোগ্য ৬.১৬.১ ; সত্যাভিসন্ধ ২। ৩ সঙ্কল্প। "রা ৫.৩১.৭। ৪ অভিসন্ধি। ৫ ফলোদ্দেশ। ৬ বঞ্চনা। —সন্ধান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রতিজ্ঞা, সঙ্কল্প। "সা হি সত্যাভিসন্ধানা গো.রা ৫.৫১.২১। ২ অভিসন্ধি। "অস্ত° (A.)। ৩ ফলোদ্দেশ। "ফলাভিসন্ধানপরা ন যোগিনঃ (ভ.বা)। ৪ বঞ্চন। "পরাভি° রঘু ১৭.৭৬। ৫ সন্ধিকরণ। ৬ বিষয়বিশেষে আসক্তি। —সন্ধি পুং [+ই (কি)-ভা] ১ অভিসন্ধান, ফলোদ্দেশ, উদ্দেশ। "স্বর্গাভিসন্ধিকৃত কু.স ৬.৪৭। দুষ্টাভি° (পক্ষ)। ২ প্রতিজ্ঞা। ৩ বঞ্চনা। ৪ সন্ধিকরণ। ৫ সন্ধান, সংযোগ। ৬ [+ই-র্ম্ম] সময়, নিয়ম, পণ। "শ্রূয়তামভিসন্ধিঃ মা.মি ১২/৪। ৭ গূঢ়ার্থ, তাৎপর্য্য। "অয়মভিসন্ধিঃ (টীকায়)।

অভিসন্ধা, -সন্ধান, -সন্ধি দ্র 'অভিসন্ধক'।

অভিসম্পন্ন বিণ [অভি-সম্+ √পদ্+ত (ক্ত)-র্ম্ম] অনুগত। "বদতায়মভিসম্পন্নমার্ষেণ সংস্কারেণ উ.চ ৫ ৩/১।

অভিসম্পাত পুং [অভি-সম্+ √পত্+ অ (ঘঞ্)-ভা] ১ সমাগম, মেলন। ২ [+অ-ধি] যুদ্ধ। ৩ (বাঙলায়) অভিশাপ।

অভিসম্বদ্ধ বিণ [অভি-সম্+ √বন্ধ্+ত (ক্ত)-র্ম্ম] সংযুক্ত, সমন্বিত, সম্পৃক্ত। —সম্বন্ধ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সংযোগ, সংশ্লেষ, সমন্বয়, সম্পর্ক, সম্বন্ধ। "বৈজিকাদভিসম্বন্ধাৎ মনু ৫.৬৩। ২ যৌনসম্বন্ধ। "°কারণ মহা ১৩.৫৬.২০। ৩ (ব্যাকরণে) বাক্যাদিতে পদান্বয় ; অনুবৃত্তি।

অভিসম্বুদ্ধ বিণ [অভি-সম্+ √বুধ্+ত (ক্ত)-ভা—°দ্ধ+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -দ্ধা] সম্যগ্‌বুদ্ধিযুক্ত, অভিজ্ঞ, সুপণ্ডিত। "ত্বমত্রাভিসম্বুদ্ধঃ কথং বা মন্যতে ভবান্ মহা ৩.১৮১.২৭।

অভিসম্ভৃত বিণ [অভি-সম্+ √ভৃ+ত (ক্ত)-র্ম্ম] সমন্বিত, সম্পৃক্ত। "দেবনদী চেয়ং সর্ব্বতীর্থাভিসম্ভৃতা।—মহা ১৩.১৪৬.১৯।

অভিসম্মূঢ় বিণ [অভি-সম্+ √মুহ্+ত (ক্ত) -ক ; স্ত্রী -ঢ়া] সম্মোহপ্রাপ্ত, ব্যামোহগত, পর্য্যাকুল। "তেঽন্যোন্যমভিসম্মূঢ়াঃ পাতয়ন্তি স্ম দানবাঃ মহা ৩.১৭৩ ২২।

অভিসর[১] পুং [অভি+ √সৃ+অ (অচ্)-ক] সহায়, অনুচর। "সাভিসর (মাঘ)। মন্মথাভিসরা তদাগারমভিসরামি (দশকুমার)।

অভিসর[২] অর্ম্ম [সং অভি+ √সৃ>প্রা অভি+ √সর>বা √অভিসর ; হি √অভিসর] নায়কের বা নায়িকার সঙ্কেতস্থানে যাওয়া। "অভিসর সুন্দরি ভয় নাহি আর বি.সা ১৫১। অভিসরু গো ২০৪। [অভিসরু—অভিসার কর।]

অভিসরণ ক্লী [অভি+ √সৃ+অন (ল্যুট্)-ভা] ১ অভিগমন, উপসর্পণ। ২ নায়কের বা নায়িকার সঙ্কেতস্থানে গমন ; অভিসার। "°রভস গী.গো ৬.৩। ৩ [+অন -ধি] অভিসারস্থান। —সার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ নায়কের বা নায়িকার সম্ভোগার্থ নিভৃত সঙ্কেতস্থানে গমন। 'প্রিয়ের মিলন-আশে কুঞ্জেতে গমন। সঙ্কেতপূর্ব্বক অভিসারের লক্ষণ॥—ভ.গ্র ৩৮৫। "কৃতাভিসারা সা.দ ৩.৮১। কয়ল অভিসার : অভিসার করু বি.সা ১৩৪। ঝড়ের রাতে তোমার অভিসার, পরাণ সখা বন্ধু হে আমার।—গান ৯০। আজি অভিসার-রাত্রি।—কথা ৩৩। ২ আক্রমণার্থ অভিগমন ; অভিযান। "খোঽভি-সারঃ পুরস্ত নঃ গো.রা ৬.৯.১৯। ৩ [+অ -ণ] সার, বল, সামর্থ্য। "বীরের বচনে সেন বুঝে অভিসার শ্রী.মা ১৫৯। ৪ সাধন, উপায়। ৫ [+অ-ক, বাহুলকে] সহায়, সহচর। "অভিসারেণ সর্ব্বেণ ততো যুদ্ধমবর্ত্তত (মহা)। ৬ [+অ-র্ম্ম] নায়কের বা নায়িকার অভিসার-স্থান ; সঙ্কেতস্থান। "রতিসুখসারে, গতমভিসারে (হৃদয়েশম্) গী.গো ৫.৮ ; ৬.৬। নগরের নটী চলে অভিসারে।—কথা ৩১। ৭ যুদ্ধ। ৮ (বহুব) জাতিবিশেষ (M.W.)। ৯ (বাঙলায় ; অপ্র) অভিগমন, সমীপগমন, উপস্থিতি। "হেনকালে হাড়িনী হইয়া অভিসার। সকালে উঠিয়া করে গৃহসংস্কার॥—শ্রী.মা ১৯ ; আনন্দ-অভিসারে, উথানিল বরে, অমলা অতি কুতুহলে ১৩০। —সারক বিং [+ √সৃ+অক

(-সৃল্)-ক ; স্ত্রী -রিকা] ১ অভিগমনকারী, অভিগামী। "চিতাভিসারক শুভঙ্কর ভা.চ ১৫৮। ২ সঙ্কেতস্থানগামী, অভিসারী (নায়ক)। "ভা.চ ৭০৪। —সারণ ক্লী [+ √সারি+অন (ল্যুট্)-ভা] ১ অভিসার করান ; সঙ্কেতস্থানে আনয়ন। ২ (স্বার্থে ণিচ্) অভিসার, সমাগম। "কি ১০.৫৮। —সারিকা স্ত্রী [°রক+স্ত্রী আ (টাপ্)] যে নায়িকা প্রিয়সমাগমার্থ সঙ্কেতস্থানে যায় ; অথবা, যে নায়িকা কামার্ত্তা হইয়া প্রিয়কে স্বস্থানে আনয়ন করে। 'কান্তার্থিনী তু যা যাতি সঙ্কেতং সাভিসারিকা (অ.কো)। সা.দ ৩.৭৬। "রঘু ১৬.১২। কু.স ৬.৪৩। আমি কহিব, অভিসারিকাকে ধরিয়াছি ব.প্র ১২৩। [কুলজা বেশ্যা ও প্রেষ্যা ভেদে অভিসারিকা ত্রিবিধ (সা.দ ৩.৭৭.৭৯)। অভিসারিকা অষ্টনায়িকার একতমা ও প্রথমা নায়িকা। 'প্রথম নায়িকা অভিসারিকা অবস্থা ভ.গ্র ৩৮৫। দ্র 'নায়িকাভেদপ্রকরণ', উজ্জ্বলনীলমণি, ৩৯ শ্লোক।] —সারিণী স্ত্রী [°সারিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সর্ব 'অভিসারিকা'। "অভিসারিণী সন্ধ্যাবধূ হ ২০৭। ২ দ্বাদশাক্ষর বৈদিকচ্ছন্দোবিশেষ। —সারী (-রিন্) বিণ [+ √সৃ+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -রিণী] ১ সঙ্কেতস্থানাভিগামী। ২ অভিমুখগামী, আকাঙ্ক্ষী। "সমুদ্র° (S.W.)। যুদ্ধ° উ.চ ৫৮। ৩ নগরীবিশেষ। "মহা ২.২৭.১৯। [°সারস্থান—সঙ্কেতস্থান, ক্ষেত্রবাটী-প্রভৃতি। 'সা.দ ৩.৮০।]

অভিসান্ত্ব পুং [অভি+ √সান্ত্বি+অ (অচ্)-ভা] সান্ত্বনা, সমাশ্বাস। "বাণীমভিসান্ত্বপুরস্কৃতাম্ গো.রা ৫.৫৬.৪৪।

অভিসার, -সারক, -সারণ, -সারস্থান, -সারিকা, -সারিণী, -সারী দ্র 'অভিসরণ'।

অভিসৃষ্ট বিণ [অভি+সৃজ্+ত (ক্ত)-র্ম] ১ সৃষ্ট, নির্মিত। "প্রজেশাঃ…পরেশাভিসৃষ্টাঃ ভ ৭.৮.৪৯। ২ ত্যক্ত, দত্ত। "পিত্রাভিসৃষ্টাম্ …শ্রিয়ম্ গো.রা ২.২৭.১৫। ৩ অভ্যনুজ্ঞাত, সমাদিষ্ট। "(হরিযূথপাঃ) অভিসৃষ্টাঃ কুমারেণ গো.রা ৫.৬০.৬। ৪ উচ্চারিত, উদারিত (বাক্)। "হ ৮৪.১৯।

অভিস্নেহ পুং [অভি+ √স্নিহ্+অ (ঘঞ্)-ভা] স্নেহ, প্রেম। "যঃ সর্ব্বত্রানভিস্নেহঃ গী ২.৫৭।

অভিহত বিণ [অভি+ √হন্+ত (ক্ত)-র্ম ; ছান্দস] ১ অভিমুখ-হত, প্রহৃত, তাড়িত। "বাতাভি° (পাদপ) গো.রা ৩.৫৮.৩৭। বাক্যপ্রতোদাভিহত মহা ১.২.২৪৯ ; কিং রোদিষি কেনাস্যভিহতঃ ৩.৩ ; ৪। আলোলপত্রাভিহতদ্বিরেফ রঘু ৬.১৩। মা.মি ৫৩। বাতাভিহতা কদলী সী ৪২। ২ অভিভূত, নিপীড়িত, ক্লিষ্ট। "কামাভি°, দুঃখাভি°, শোকবেগাভি°। ক্ষুত্তৃড়্ভ্যামভিহতঃ ভ ৫.২৬.৩২। ৩ আক্রান্ত। "সিংহাভিহত…দ্বিপঃ গো.রা ৫.৪.৮। ৪ গ্রস্ত। "শাপেনাভিহতঃ মহা ৩.৭৬.১৮। ৫ আহত, নাদিত। "সুবর্ণকোণাভিহতঃ প্রাণদদ্ ঘামদুন্দুভিঃ রা ২.৮১.২। ৬ (গণিতে) গুণিত, পুরিত। "অন্যোন্যহরাভিহতৌ হরাংশৌ (লীলাবতী)। ৭ [+ত-ক] সর্ব্বতঃ গত (নীলকণ্ঠ)। "মহা ২.৭২.৭। ৮ অভিঘাতসংযোগবান্ (ত.বা)। মূর্দ্ধ্যভিহতঃ…মারুতঃ (শিক্ষা)। —হতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ তাড়ন, আঘাত। ২ (গণিতে) গুণন, পূরণ।

অভিহরণ ক্লী [অভি+ √হৃ+অন (ল্যুট্)-ভা] ১ সমীপে নয়ন ; আনয়ন। "অর্ঘ্যাভি° মহা ১.২.৪৮। কার্ম্মুকাভিহরণ রঘু ১১.৪৩। ২ অপহরণ, চৌর্য্য। —হর্ত্তা (-র্ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -হর্ত্রী] অপহারী। "ভার্য্যাভি° মহা ৩.২৭০.৪৬। —হার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অভিমুখভাবে হরণ ; সাক্ষাৎ চৌর্য্য। ২ চৌর্য্য। ৩ অভিযোগ, অভিগমনপূর্ব্বক আক্রমণ। ৪ কবচধারণ, সন্নহন। ৫ সংমিশ্রণ, সংশ্লেষণ। "সমানাভি° সাংখ্য ৭। ৬ তিরস্কার। "বাচ্যমাহরনীশস্য অভিহারম্ মহা ১৩.৬০.৪। ৭ সাহস (শ.ক)।

অভিহর্ত্তা, -হার দ্র 'অভিহরণ'।

অভিহিত বিণ [অভি+ √ধা+ত (ক্ত)-র্ম] ১ কথিত, উক্ত। "কু.স ৩.৬৩। ২ (ব্যাকরণে) উক্ত, প্রধান। "পা ২.৩.২, সি। ৩ অভিধাবৃত্তিদ্বারা বোধিত। "অভিহিতান্বয়। ৪ কথিত, নির্দ্দিষ্ট, সংজ্ঞিত। "মনু ৩.১৪১। —হিত ক্লী কথিত বাক্য। "গোবিন্দাভি° ভ ১.১৫.২৭। [°তান্বয়—অভিধাবৃত্তিদ্বারা বোধিত (উপস্থাপিত) অর্থসমূহের পরস্পরসম্বন্ধ। °তান্বয়বাদী (-দিন্)—কুমারিলমতানুসারী মীমাংসকগণ। বিপ 'অন্বিতাভিধানবাদী'—প্রভাকরমতাবলম্বী নৈয়ায়িকগণ, মীমাংসকগণ। দ্র 'কা.প্র ২.৬, মূলশ্লোক-টীকা।

অভী, অভীক বিণ [ন ভী যাহার, ন.বহুব্রী ; বিকল্পে 'ক' (কপ্) ; স্ত্রী -ভী, -কা] ভয়হীন, নির্ভীক। "সোপাসর্পদভীঃ গো.রা ৫.১৪.১২। রঘু ৯.৬৩ ; (দাশরথিঃ) যযৌ…অভীঃ ১৫.৮। °কমতি মাঘ ১৯.৭২।

অভীক্ষ্ণ বিণ [ক্ষণকে অভিগত, প্রা.স, পৃষো ; অভীক্ষ্ণমভিক্ষণং ভবতি (নিরুক্ত)।] ১ নিরন্তর, সতত। ২ ভৃশ, অত্যন্ত। —ক্ষ্ণ ক্লী পৌনঃপুন্য। "°শঃ রা ২.৪৬.৬ ; °শ্লোপসেবিত ৭১.৮। —ক্ষ্ণম্ ব্য ১ পুনঃ পুনঃ ; নিরন্তর। "অভীক্ষ্ণমাখ্যাসি মহা ৩.৬১.৩৪। পঞ্চ ২.১৯২। ২ ভৃশ। "মাঘ ১.৬৫।

অভীত বিণ [ন.ত] অশঙ্কিত, নির্ভীক। "রা ২.৬০.৭। —তি বিণ [ন. বহুব্রী ; স্ত্রী -তি] ভীতিহীন, নির্ভয়। —তি স্ত্রী [ন.ত] ১ ভয়াভাব, অভয়। ২ অভয়দানার্থ মুদ্রাবিশেষ। দ্র 'অভয়মুদ্রা'। "পরশুমৃগবরাভীতিহস্তম্ (মহেশম্)।—শিবধ্যান।

অভীন -'ন্' বিং [অ+ভীন ; দ্র 'ভীন' ; সং অভিন্ন ; অপ্র] একপ্রকার ; সমান। "প্রীত হৈল দুজনে অভীন রা.স ২৮।

অভীপ্সিত বিণ [অভি+ √ঈপ্স+ত (ক্ত)-র্ম] অভীষ্ট, অভিলষিত। "কু.স ৬.৮৬। অভীপ্সিত বর ৫৫। —ত ক্লী অভীষ্ট, বস্তু। —প্সু বিণ [+উ-ক ; স্ত্রী -প্সু] লাভেচ্ছু, অভিলাষুক। "মাঘ ১.১৪। অনভীপ্সু ভ ২.১৮.২০।

অভীর পুং [অভী+ √রা গ্রহণ+ অ (ক)-ক (অ.টী)] গোপ, আভীর। —রী স্ত্রী ১ গোপী। ২ আভীরভাষা।

অভীরু বিণ [ন.ত ; স্ত্রী -রু, -রূ ; ছান্দস] অ-ভয়শীল, নির্ভীক, যুদ্ধাদিতে উৎসাহসম্পন্ন। "মনু ৭.১৯০। —রু পুং বটুকভৈরব (বটুকস্তব)। —রু ক্লী [ন.বহুব্রী] ভীরুশূন্য স্থান। যুদ্ধভূমি। —রু স্ত্রী শতমূলী (সুশ্রুত)।

অভীলাপ, অভীলু, অভীশাপ সর্ব 'অভিলাপ, অভীরু, অভিশাপ'।

অভীশু পুং [অভি+ √অশ্+উ (উন্)-ক, পৃষো ; (ছান্দস) 'অভীশু'—রশ্মি, অশ্বরশ্মি, বাহু, অঙ্গুলি (নিঘণ্টু)] ১ যাহা সর্ব্বত্র ব্যাপ্ত হয় ; রশ্মি, কিরণ। "°মান্ মাঘ ১৬.৫০। ২ অশ্বরশ্মি, প্রগ্রহ, লাগাম। —ষু পুং [+ √ইষ্+উ (ক)-ক] ১ যাহা সর্ব্বত্র যায় ; কিরণ। "মাঘ ১.২২ ; °মান্ ৬.৬৩। দ্র 'মাঘ ১৬.৫০, মল্লিনাথ। ২ সর্ব 'অভীশু (২)। "শ ১৭/৮। ৩ অভিলাষ।

অভীষঙ্গ, অভীষু দ্র 'অভিষঙ্গ, অভীশু'।

অভীষ্ট বিণ [অভি+ √ইষ্+ (ক্ত)-র্ম ; স্ত্রী -ষ্টা] ১ অভিলষিত, বাঞ্ছিত। "স্বাভীষ্ট বর ন.প ২৪০। ২ দয়িত, প্রিয়, হৃদ্য। "প্রাণা যথাত্মনোঽভীষ্টা ভূতানামপি তে তথা।—হি ১.১১। °দেবতা।—পঞ্চ ৪৩/৪। —ষ্ট পুং ১ প্রিয়, দয়িত, বল্লভ। "মাঘ ৬.৭৪। ২ ইষ্টবন্ধু। "মাঘ ১৪.৫৫। —ষ্ট ক্লী ১ অভিমত বিষয় ; প্রিয়বস্তু। "ভট্টি ২০.২৪। অভীষ্ট মাগিয়া লহ ম ৫৪৯। ধর্ম্ম নষ্ট কর, অভীষ্ট পূর্ণিতে তার রঘুশ্রেষ্ঠ মা ১০২। ২ [+-ভা] অভিলাষ। —ষ্টা স্ত্রী ১ প্রিয়া, দয়িতা। ২ তাম্বূলী, পান। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অভিলাষ।

অভীষ্টিত বিং ['অভীষ্ট' সাধু] প্রিয়। "অভীষ্টিত মহামন্ত্র ন ৪১৫।

অভুক্ত বিণ [ন.ত ; স্ত্রী -ক্তা] ১ অভক্ষিত, অনাস্বাদিত (অন্নাদি)। ২ অনুপভুক্ত, অকৃতোপভোগ (পুণ্যাদি)। "অভুক্তা (ভূ) ।—বৈরাগ্য-শতক, ৫৮। নাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম (পুরাণ)। ব্রজেশ্বর মুখনলটি পরীক্ষা করিয়া দেখিলেন—অভুক্ত বোধ হয় ব.প্র ৩৯১। ৩ যে ভুক্ত (ভোজনবান্) নহে ; উপবাসী। "অভুক্তস্ত দিবা নিদ্রা পাষাণমপি জীর্য্যতি (বৈদ্যক)। দিনান্তে অভুক্ত মুনি পোড়ে কলেবর কৃ ৭।

অভূত বিণ [ন.ত] ১ অঘটিত, অজাত, অনাবির্ভূত। "°তদ্‌ভাব। ২ অবিদ্যমান। "কি ৩.৪৩। মু ৩.১৬। ৩ অনৃত, মিথ্যা। "কি ১৪.১৯।

অভূততদ্ভাব পুং [অভূতের তদ্রূপে ভাব, ষ.ত, সুপ্‌সুপা] (ব্যাকরণে) অজাতের (যাহা পূর্ব্বাবস্থা হইতে অবস্থান্তরপ্রাপ্ত হয় নাই, তাহার) তদ্রূপে (অবস্থান্তরে) জন্ম বা আবির্ভাব, যে কোন পদার্থ যে রূপে ছিল না, তাহার সেইরূপে আবির্ভাব। "পা ৫.৪.৫০, সি। মুগ্ধবোধ ৪৯৫।

অভূতপূর্ব্ব বিণ [ন.ত ; পূর্ব্বে অভূত, সুপ্‌সুপা (মল্লিনাথ) ; স্ত্রী -র্ব্বা] যাহা ভূতপূর্ব্ব (পূর্ব্বে ঘটিত) নহে ; পূর্ব্বে অভূত ; অজাতপূর্ব্ব, অপূর্ব্ব। "মাঘ ৩.৩। অভূতপূর্ব্বঃ প্লবঃ বে ৩.৩। অভূতপূর্ব্ব রসাবেশে অবশ সী ১৫ ; অভূতপূর্ব্ব অনর্থ ৪৪।

অভূতি স্ত্রী [ন.ত] ১ ভূতির অভাব ; অসত্তা। ২ সম্পত্ত্যভাব, অনভ্যুদয়, অশুভ। "ধ্বজাশ্চাপি ব্যশীর্য্যন্ত ভরতানামভূতয়ে (মহা, শান্তিপর্ব্ব)।

অভূমি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -মি] ভূমিশূন্য। —মি স্ত্রী [ন.ত] ১ ভূমিভিন্ন বস্তু (আকাশাদি)। "°জ (জলাদি)। ২ অপ্রশস্ত স্থান ; অননুরূপ দেশ। "অভূমিরিয়মবিনয়স্য শ ৭২৩/৪। ৩ অবিষয়। "স খলু মনোরথানামভূমিঃ শ ৪২/৩। অভূমিঃ স্মরনায়কানাম্ নৈ ১০.২। মাঘ ১.৪২। ৪ অপ্রশস্ত ক্ষেত্র। "°জং...ধান্যম্ (সুশ্রুত)। ৫ অনাশ্রয়, অনাধার।

অভৃত, -ভৃতক বিণ [ন.ত ; ক (কন্) স্বার্থে ; স্ত্রী -তা, -তিকা] অপ্রাপ্তবেতন, ভৃতিহীন, অবৈতনিক। "সা স্যাৎ পালেঽভৃতে ভৃতিঃ মনু ৮.২৩১। °কো নরঃ মহা ৭.১১২.২৪।

অভেদ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দা] ১ ভেদহীন, অবিশেষ, সদৃশ। "°প্রতিপত্তি। ২ অবিভক্ত, অখণ্ড। —দ পুং [ন.ত] ১ ভেদাভাব, ঐক্য, অবিশেষ। "°বিবক্ষা পা ২.১.১৯, সি। মাঘ ১৩.২৫। হরি হর বিধি তিন আমার শরীর। অভেদে যে জন ভজে সেই ভক্ত ধীর—ভা.চ ২১৬। ২ তদাত্মভাব, তাদাত্ম্য, একের সত্তায় অন্যের সত্তা। "গুণ-গুণিনোঃ ক্রিয়াক্রিয়াবতোশ্চাভেদঃ (ত বা)। ৩ অভেদারোপ, অতিসাম্য-কথন। "তদ্ রূপকমভেদো য উপমানোপমেয়য়োঃ কাপ্র ১০.৯৩ (মূলশ্লোক)। ৪ সাদৃশ্য, একরূপতা। "কাকঃ কৃষ্ণঃ পিকঃ কৃষ্ণঃকো ভেদঃ পিককাকয়োঃ। বসন্তে সমুপায়াতে কাকঃ কাকঃ পিকঃ পিকঃ॥ —নীতিরত্ন। ৫ স্বরূপতা। "রলয়োর্ডলয়োশ্চৈব জয়োর্বরয়োরপি। ...স্যাদভেদেন কল্পনম্॥—আলঙ্কারিক। ৬ অবিয়োগ, অবিচ্ছেদ। "ইচ্ছতাং সহ বধূভিরভেদম্...বিহগানাম্ কি ৯.১৩। ৭ ঐকমত্য, একতা। "অভেদেন চ যুধ্যেযু রক্ষেয়ুশ্চ পরস্পরম্ হি ৩.৮২। —ভেদ্য বিণ [ন.ত ; স্ত্রী -দ্যা] ১ অশক্যভেদ, অবিদার্য্য, অবেধ্য। "অস্ত্রাভেদ্য গো.রা ৩.৭.২১ ; (কবচে) অভেদ্যে ৬.৭৯.৬৫। —দ্য ক্লী হীরক।

অভেদাত্মা (-ত্মন্) বিং [বহুব্রী ; স্ত্রী -ত্মা] অভিন্নমতি, একমন, একপ্রাণ, এক। "সহপাঠী কেলিচর, অভেদাত্মা হরিহর।—হেম ২৯২।

অভোগ্য বিণ [ন.ত ; স্ত্রী -গ্যা] ১ ভোগের অযোগ্য ; অনুপভোগ্য। ২ সম্ভোগের অযোগ্য ; অগম্য। "মহা ১৩.৯৩.১৩২।

অভোজন ক্লী [ন.ত] ভোজনাভাব, অনশন, উপবাস। "মনু ১১.১৬৭ ; প্রায়শ্চিত্তমভোজনম্ ২০৪ ; ২১৬। জীর্ণে বেষাম-ভোজনম্ (তৈবাং নশ্যন্তি ধাতবঃ)।—বৈদ্যক।

অভোজ্য বিণ [ন.ত ; স্ত্রী -জ্যা] ১ ভোজনের অযোগ্য ; অখাদ্য, অভক্ষ্য। ২ শাস্ত্রনিষেধ হেতু অখাদ্য ; প্রতিষিদ্ধ। "অভোজ্যমন্নং নাত্তব্যম্ মনু ১১.১৬১। —জ্য পুং [ন.বহুব্রী] যাহার ভোজ্য শাস্ত্রনিষিদ্ধ ; অভোজ্যান্ন জন। "মনু ১১.১৫৩।

অভোজ্যান্ন বিণ [বহুব্রী] শাস্ত্রনিষেধ হেতু যাহার অন্ন অভোজ্য ; শাস্ত্রনিষিদ্ধান্ন (নট-প্রভৃতি)। "মনু ৪.২২১। ব্যাস ৩.৫১। [পিশুন কূটসাক্ষী নট সৌচিক প্রভৃতি অভোজ্যান্ন। দ্র "মনু ৪.২১৪-২২০। যাজ্ঞ ১.১৬০-১৬৫। ব্যাসসংহিতা ৩.৪৭-৫১।

অভ্যক্ত বিণ [অভি+√অন্‌জ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সর্ব্বত্র লিপ্ত। ২ কৃতাভ্যঙ্গ, তৈলাদিলিপ্ত, তৈলাক্তসর্ব্বাঙ্গ। "অভ্যক্তমিব স্নাতঃ শ ৫.১১। মনু ৪.৪৪। ঘৃত° যাজ্ঞ ১.৬৮। —ভ্যঙ্গ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ তৈলাদি দ্বারা শিরঃসহিত দেহমর্দ্দন (কুল্লুক) ; তৈলাদিমর্দ্দন, অভ্যঞ্জন, স্নেহন, আভাঙ্। 'মূর্দ্ধ্নি দত্তং যদা তৈলং ভবেৎ সর্ব্বাঙ্গ-সঙ্গতম্। স্রোতোভিস্তর্পয়েদ্ বাহু অভ্যঙ্গঃ স উদাহৃতঃ॥—বৈদ্যক। "মনু ২.১৭৮। °নেপথ্য কু.স ৭.৭। তৈলাভ্যঙ্গ আদি যত দেখে অমঙ্গল শ্রী.ম ১২৭। ২ স্নেহনমাত্র। ৩ [+অ-ণ] তৈলাদি অভ্যঞ্জনদ্রব্য। "অভ্যঙ্গমর্দ্দন।—পঞ্চ ৫২/১৮। —ভ্যঞ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'অভ্যঙ্গ (১)। "মনু ১০.৯১। ২ স্নেহনমাত্র। ৩ নেত্রে কজ্জল-দান। ৪ [+অন-ণ] অভ্যঙ্গসাধন দ্রব্য—তৈলাদি। ৫ [+√অঞ্জি +অন-ভা] তৈলাদি মাখান। "মনু ২.২১১। —ভ্যঞ্জনীয় বিণ [+√অঞ্জ্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] লেপনীয়, মর্দ্দনীয় (তৈল-ঘৃতাদি)। "°য়ং ঘৃতম্ (দুর্গাপূজাপদ্ধতি)।

অভ্যক্ষণ বি [:: 'অভ্যুক্ষণ' ; অপ্র] জলসেচন, মন্ত্রপূত জল ছিটান। "কাণেতে কহিয়া মন্ত্র দিল অভ্যক্ষণ ম.ম ৪৪ ; মহাবিদ্যা জপিয়া অভ্যাক্ষণ দিল ৮৮।

অভ্যগ্র বিণ [অভিমুখ অগ্র যাহার (অটী), বহুব্রী ; স্ত্রী -গ্রা] ১ আসন্ন, নিকট। "স্বভ্যগ্রো নঃ পরাক্রমঃ মহা ৩.১৫৫.৮। ২ অচির-প্রবৃত্ত, অনতিপূর্ব্বে সংঘটিত। "ইদং শোণিতমভ্যগ্রে সংপ্রহারেঽচ্যুতত তয়োঃ মহা (A.)।

অভ্যঙ্গ, -ভ্যঞ্জন, -ভ্যঞ্জনীয় দ্র 'অভ্যক্ত'।

অভ্যতীত বিণ [অভি-অতি+√ই+ত (ক্ত)-ক] ১ অতিক্রান্ত, অপ-গত। "(প্রাবৃট্) °তা মহা ৩.১৮২.৯। ২ পরলোকগত, মৃত। "মহা ৭.২৩.১৬। গুরুষু ত্বভ্যতীতেষু মনু ৪.২৫২।

অভ্যধিক বিণ [প্রা.স, স্ত্রী -কা] ১ অত্যন্ত অধিক ; অতিরিক্ত, উদ্‌বৃত্ত, অবশিষ্ট। "নীবারৌদনমণ্ডম্...প্রিয়াপীতাদভ্যধিকম্ উ.চ ৪.১। ভোজনাচ্ছাদনাভ্য°।—পঞ্চ ২১/৪৪/৫। ২ উৎকৃষ্টতর, মহত্তর, শ্রেষ্ঠ। "গী ১১.৪৩। ৩ বলীয়ান্, বলবত্তর, প্রবলতর। "মনু ৭.১৭৭। যাজ্ঞ ২.২৭। বীর্য্যাভ্য°।—পঞ্চ ৪.২৫। ৪ বৃহত্তর, বিশালতর। "প্রমা-ণাভ্য° (মত্তদন্তী)।—পঞ্চ ১.৩৫৬। ৫ পরিমাণে অধিকতর। "ধান্যং দশভ্যঃ কুম্ভেভ্যো হরতোঽভ্যধিকং বধঃ মনু ৮.৩২০। ৬ উন্মানে (ওজনে) অধিক (স্বর্ণাদি)। "মনু ৮.৩২১ ; ৩২২। তুলায়াং স কপোতাভ্যধিকোঽ-ভবৎ ক.সা ৭.৯৪। ৭ অধিক, বেশী। "ন্যূনং বাভ্যধিকং (পাঠান্তর) বাপি লিখেদ্ যো রাজশাসনম্ যাজ্ঞ ২.২৯৮। ৮ সবিশেষ। "এব চাভ্যধিকোঽস্মাকং গুণঃ গো.রা ৫.৭২.১৩। ৯ বিশেষফলপ্রদ। "মন্ত্রশ্চাভ্যধিকো যুদ্ধে গো.রা ৫.৭২.১৬। ১০ তীব্রতর, কঠোরতর। "তস্য ভূতস্য নো দুঃখাদ্ দুঃখমভ্যধিকং ভবেৎ মহা ৩.৬৩.১৬। ১১ গরিষ্ঠ, গুরুতম, শ্রেষ্ঠ। "(চূতাঙ্কুরঃ কামস্য) পঞ্চাভ্যধিকঃ শরো ভব শ ৬.৩। ১২ অধিকতর, উজ্জ্বলতর। "আসীদভ্যধিকা চাপি শ্রীঃ।—মহা ৪.২২.২২।

অভ্যনুজ্ঞা স্ত্রী [অভি-অনু+√জ্ঞা+অ-ভা+স্ত্রী আ (টাপ্)]

অনুমতি, সম্মতি, অনুজ্ঞা। "কৃতাভ্যনুজ্ঞ গো.রা ৫.৭৬.২৪ ; রঘু ২.৬৯ ; কু.স ৫.৭। —জ্ঞাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিমুখভাবে অনুজ্ঞাত ; অনুমত, আদিষ্ট। "ভৰ্ত্রাভ্যনুজ্ঞাতা গো.রা ২০.৩০.৩৮ ; ৩.৩৬.১৯। ২ অভিমুখভাবে জ্ঞাত ; সরসভাবে অবগত। "হৃদয়েনাভ্যনুজ্ঞাতঃ (ধর্ম্মঃ) মনু ২.১। —জ্ঞান ক্লী [+অন (ল্যুট্)-ভা] সৰ্থ 'অভ্যনুজ্ঞা'। "ভরদ্বাজাভ্যনুজ্ঞানাৎ রা ১.৩.১৫।

অভ্যন্তর বিণ [অন্তরকে অভিগত, প্রা.স ; স্ত্রী -রা] ১ মধ্যগত অন্তর্গত, অন্তর্ব্বর্ত্তী। বিপ 'বাহ্য'। "°রান্...অজয়দ্ রিপূন্ রঘু ১৭.৪৫ ; লীলাগারেষু...নন্দনাভ্যন্তরেষু ৮.৯৫। অভ্যন্তরা চ সৰ্ব্বস্বে দ্রৌপদী মহা ২.৬৮.৩২। প্রয়োগাভ্য° মা.মি ২$\frac{২}{১০}$। °শোণিত যাজ্ঞ ৩.২৯২। গণাভ্য° মনু ৩.১৫৪। ২ স্বপক্ষগত, অন্তরঙ্গভূত, আত্মীয়। "ত্যক্তাশ্চাভ্যন্তরা যেন বাহ্যাশ্চাভ্যন্তরীকৃতাঃ।—পঞ্চ ১.২৮২। ৩ তত্ত্বজ্ঞ, নিপুণ। "মন্ত্রেষভ্যন্তরাঃ কে স্যুঃ গো.রা ৬.৫.১৯। ৪ অন্তঃপুরস্থিত। "°স্ত্রী গো.রা ৪.১৯.৪ ; ৬.১১২.৪৩। অভ্যন্তরাজ্জনাৎ ক.সা ২৩.৬৬। —র ক্লী ১ অন্তর্ভাগ, মধ্য। "শমীমিবাভ্যন্তরলীনপাবকাম্ রঘু ৩.৯। অভ্যন্তরচারী গী ৫.২৭। অভ্যন্তর করিল মাৰ্জ্জন চৈ.চ ১৪৭। ২ উভয়ের মধ্য। ৩ মধ্যবর্ত্তী কাল। ষণ্মাসাভ্যন্তরে হি $\frac{৪৪}{৪৫}$ (কথারম্ভ)। ৪ রহস্য, রহস্যজ্ঞান। "অভ্যন্তরে খলু আবাং মদনগতস্য বৃত্তান্তস্য শ ৩$\frac{৫}{৬}$। ৫ গূঢ়বিষয়। "রন্ধ্রেণ প্রবিশ্যাভ্যন্তরং রিপোঃ।—পঞ্চ ২.৪৪। ৬ অন্তঃকরণ। ৭ (বাঙ্লায় ; অপ্র) অন্তঃপুর। তু (৪)। "রাজা গেল নিজ অভ্যন্তরে চৈ.চ ৭৫ ; ৮৭। শ্রী.ম ২৫ ; ১৯৯। ৮ অধীন। "ম.ম ২৩৬। —রীকৃত বিণ [°র+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রবেশিত। "রা ৬.৬৩.১৪। ২ অন্তরঙ্গীকৃত। "পঞ্চ ১.২৮২।

অভ্যন্তরীণ বিং [সং আভ্যন্তর ; তু 'সর্ব্বাঙ্গীণ'] অভ্যন্তরস্থ।

অভ্যবকীর্ণ বিণ [অভি-অব+ √কৄ+ত (ক্ত) -র্ম্ম ; স্ত্রী -র্ণা] সমাচিত, ব্যাপ্ত। "রজসাভ্যবকীর্ণানি (বেশ্মানি) রা ২.৩৩.১৯।

অভ্যবস্থিত বিণ [অভি-অব+ √স্থা+ত (ক্ত)-ক] অভিমুখে অবস্থিত। "ভ ৫.২৪.৩।

অভ্যবহরণ ক্লী [অভি-অব + √হৃ+অন (ল্যুট্)-ভা ; বৈদিক] কণ্ঠ হইতে অধোনয়ন (যাজ্ঞ, মিতাক্ষরা) ; ভোজন। —হার পুং [+অ (ঘঞ্)-ভা] ভোজন। "অন্নান্নাভ্য° মনু ৬.৫৯। —হার্য্য বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্য্যা] ভোজনীয়, ভক্ষ্য। "°র্য্যাণি মূলানি গো.রা ৪.৫০.৩৩। —র্য্য ক্লী ভোজ্য, খাদ্য। "সর্ব্বত্রৌদরিকস্য অভ্যবহার্য্যমেব বিষয়ঃ বিক্র ৩$\frac{৪}{৫}$। পা ৭.৩.৬৯, তত্ত্ববোধিনী। —হৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ভক্ষিত, ভুক্ত, খাদিত।

অভ্যবহার, -হার্য্য, -হৃত দ্র 'অভ্যবহরণ'।

অভ্যর্চ্চন ক্লী [অভি+ √অর্চ্চ্+অন (ল্যুট্) -ভা] আভিমুখ্যার্থ পূজন ; অর্চ্চনা, পূজা। "দেবতাভ্য° মহা ৩.৬৪.৭৮ ; ২.১৭৬। —র্চ্চা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] সৰ্থ 'অভ্যর্চ্চন'। —র্চ্চিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অভিপূজিত, অর্চ্চিত। "°তোঽচ্যুতঃ মহা ২.৩৮.২১ ; ৫.৪০.১। —র্চ্চ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্চ্চ্যা] অভিপূজনীয়, অর্চ্চনীয়। "দেবাঃ যঃ সদাভ্যর্চ্চ্যাঃ (পুরাণ)।

অভ্যর্চ্চা, -র্চ্চ্য দ্র 'অভ্যর্চ্চন'।

অভ্যর্ণ বিণ [অভি+ √অৰ্দ্দ্+ত (ক্ত)-র্ম্ম, 'আবিদূর্য্য' অর্থে ; অন্য অর্থে 'অভ্যৰ্দ্দিত' ; পা ৭.২.২৫ ; স্ত্রী -র্ণা] ১ অবিদূর, নাতিদূর। "ভট্টি ৯.১৯। ২ আসন্ন, অন্তিক, নিকট। "অভ্যর্ণমাগস্কৃতম্ রঘু ২.৩২। প্রতপ্তমভ্যর্ণতয়া বিবস্বতঃ মাঘ ১২.৬৬। ভট্টি ৩.২৮। °জলাগম সা.দ ৩$\frac{২১৪}{২১৫}$। রত্নাবলী ৩.১০। —ভ্যর্ণ ক্লী নাতিদূর, সামীপ্য, অন্তিক। "কৃষ্ণার্ণবাভ্যর্ণচর মাঘ ৩.২১। আভীরবামভ্রুবামভ্যর্ণে পরিরভ্য গী.গো ১.৫৯ ; বনাভ্যর্ণে ৭.১১।

অভ্যর্থন ক্লী, -**না** স্ত্রী [অভি+ √অর্থি+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] প্রার্থনা, যাচ্ঞা। "°নাভঙ্গভয় কু.স ১.৫২। ভবত ইয়মভ্যর্থনা শ ২$\frac{৮}{৯}$। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] প্রার্থনীয়, যাচনীয়। "তে তাপসকন্যকা অভ্যর্থনীয়া দৃশ্যতে শ ২$\frac{৭}{৮}$। —র্থিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রার্থিত, যাচিত। "রঘু ৪.৫৮। ২ নিমন্ত্রিত। "মনু ২.১৮৯। —র্থিত ক্লী [+ত (ক্ত)-ভা] অভ্যর্থনা, যাচ্ঞা। "যাজ্ঞ ২.৯০। —র্থ্য বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্থ্যা] প্রার্থনীয়। "অভ্যর্থ্যোঽস্মি ন বজ্রিণা রঘু ১০.৪০।

অভ্যর্থনীয়, -র্থিত, -র্থ্য দ্র 'অভ্যর্থনা'।

অভ্যৰ্দ্দিত বিণ [দ্র 'অভ্যর্ণ'] অতিপীড়িত, নিপীড়িত। "পা ৭.২.২৫। মহা ১.১০২.৪৩।

অভ্যর্হণ ক্লী, -**ণা** স্ত্রী [অভি+ √অর্হ্-র্হি+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] পূজা, সম্মাননা। —ণীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম্ম] পূজনীয়, সম্মাননীয়। "অভ্যর্হণীয়তা মনু ৯.২৩। —র্হিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পূজিত, সম্মানিত। "পা ২.২.৩৪, সি। °ত্ব রঘু ১.১, মল্লিনাথ। ২ উচিত। "অভ্যর্হিতা বন্ধুষু তুল্যরূপা বৃত্তিঃ কি ৩.১৮।

অভ্যর্হণা, -ণীয়, -র্হিত দ্র 'অভ্যর্হণ'।

অভ্যলঙ্কৃত বিণ [অভি-অলম্+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] বিমণ্ডিত, সুশোভিত। "তপ্তহেমময়ৈঃ শৃঙ্গৈঃ...অভ্যলঙ্কৃতা গো.রা ৩.৫৩.৩৬। —ঙ্কার পুং [+অ (ঘঞ্)-ণ] মণ্ডন, বিভূষণ। "মণিশেষাভ্যলঙ্কারা মহা ৩.২৮০.১।

অভ্যাসন ক্লী [অভি+ √অস্+অন (ল্যুট্)-ভা] পুনঃ পুনঃ একক্রিয়াকরণ বা আবৃত্তি ; অভ্যাস। "°শীল গো.রা ৫.১৯.২২। স্বাধ্যায়াভ্য° গী ১৭.১৫। রঘু ১.৮৮। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অভ্যাসযোগ্য। —ভ্যস্ত বিণ [+ত(ক্ত) -র্ম্ম] ১ পুনঃ পুনঃ আচরিত ; কৃতাভ্যাস, অনুশীলিত। "নয়নয়োরভ্যস্তমামীলনম্।—অমরু ৯২। ২ শিক্ষিত, অধীত, অধিগত। "°বিদ্য রঘু ১.৮। অনভ্যস্তরথচর্য্য উ.চ ৫$\frac{২৮}{২৯}$। °গুণা বাণী মা.মা ৩.১১। ৩ একরূপ ক্রিয়ায় পুনঃ পুনঃ আবর্ত্তিত। "প্রত্যহাভ্যস্ত ; ত্র্যহাভ্যস্ত।—বিষ্ণু ৪৬.২০ ; ২১। ৪ (গণিতে) গুণিত, পূরিত। "অযুতং নিযুতং প্রযুতং তত্তদভ্যস্তম্।—নিরুক্ত ৩.১০১। ৫ (ব্যাকরণে) কৃতদ্বিত্ব (ধাতুভাগদ্বয়)। —স্ত ক্লী কৃতদ্বিত্বধাতুভাগদ্বয়। "পা ৬.১.৫ ; ৩.৪.১০৯ ; ৭.১.৭৮। —ভ্যাস পুং [+অ (ঘঞ্)-র্ম্ম] ১ সামীপ্য, অন্তিক, নিকট। "অনভ্যাস পা ৬.৩.৭০, সি। কু.স ৬.২। নগরাভ্যাস মহা ৩.৬১.১০ ; °পরিবর্ত্তিনী ৬৩.২১ ; শিখরাভ্যাসে ১৫৩.১। ২ (ব্যাকরণে) ধাতুর দ্বিরুক্ত ভাগদ্বয়ের পূর্ব্বভাগ। "পূর্ব্বোঽভ্যাসঃ পা ৬.১.৪ ; ৭.৩.৫৫। ৩ [+অ-ভা] পুনঃ পুনঃ করণ (কাশিকা) ; আবৃত্তি, অনুশীলন। "পা ১.৩.৭১। অভ্যাসাৎ কর্ম্মণাম্ মনু ১২.৭৪। °নিগৃহীতেন মনসা রঘু ১০.২৩। যাজ্ঞ ৩.১১২ ; ৩২২। ৪ সমানপ্রত্যয়াবৃত্তি (শঙ্কর)। "গী ৬.৩৫। ৫ জ্ঞানসংস্কার (মধুসূদন)। "পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ গী ৬.৪৪। করোতি কিঞ্চিদভ্যাসাৎ যাজ্ঞ ৩০৬৮। ৬ পুনঃ পুনঃ স্থাপন (শঙ্কর)। "°যোগ গী ১২.৯। ৭ পরিচয়, আবৃত্তি (শঙ্কর)। 'অভ্যাসাদ্ রমতে যত্র গী ১৮.৩৬। ৮ আচার, আচরণ। "অমঙ্গলাভ্যাসরতি কু.স ৫.৬৫। যোগাভ্যাস যাজ্ঞ ৩.৫১। ৯ শরাভ্যাস, শস্ত্রাভ্যাস (অ.চি, টীকা) ; খুরলী। ১০ পুনঃ পুনঃ অনুষ্ঠানজন্য সংস্কার ; ভাব, স্বভাব। "যথাভ্যাসমুচ্যতাম্ উ.চ ১$\frac{৮}{৯}$। ১১ পুনঃ পুনঃ অধ্যয়ন ; বেদাদির আবৃত্তি। "অনভ্যাসেন বেদানাম্ মনু ৫.৪ ; বেদাভ্যাস ২.১৬৬ ; ব্রহ্মাভ্যাস ৪.১৪৯। ১২ পুনঃ পুনঃ প্রবৃত্তি। "কাব্যজ্ঞশিক্ষয়াঽভ্যাসঃ কা.প্র ১.৩ (মূলশ্লোক)। ১৩ অধ্যায়সমাপ্তিতে পদবিশেষের দ্বিরুক্তি। "ব্যাখ্যাতা ব্যাখ্যাতা ইতি পদাভ্যাসঃ (শতপথব্রাহ্মণ)। নবকৃত্বঃ

অভ্যাসঃ ।—ছান্দোগ্য ৬ । **১৪** (ব্যাকরণে) দ্বিত্বপ্রাপ্তি, দ্বিরুক্তি । **১৫** (পদ্যে) শেষ শ্লোকের পঙ্ক্তি বা শেষ শ্লোক ; ধ্রুবপদ । **১৬** (যোগশাস্ত্রে) চিত্তের সাত্ত্বিকপ্রবাহার্থ যত্ন । "পা.দ ১.১৩ । **১৭** (গণিতে) গুণন, পূরণ । "বজ্রাভ্যাস (Cross Multiplication) ।

অভ্যসূয়, -সূয়ক বিণ [অভি+অসূ+য (যক্) কণ্ড্বাদি+অ (অচ্), -অক (ণ্বুল্), -ক ; স্ত্রী -য়া ; -য়িকা] অসূয়াকারক, গুণে দোষারোপক ; দোষাবিষ্করণশীল, গুণাসহিষ্ণু । "গী ১৬.১৮ । —সূয়া স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] গুণে দোষারোপ ; দোষাবিষ্করণ, ঈর্ষ্যা (মল্লিনাথ) । "°বিনিবৃত্তি রঘু ৬.৭৪ ; সাভ্যসূয় ৭.২ ; °পর ৯.৬৪ । কু.স ৩.৪ ।

অভ্যসূয়ক, -সূয়া ; অভ্যস্ত দ্র 'অভ্যসূয় ; অভ্যসন' ।

অভ্যস্তমিত বিণ [অভিমুখে অস্তমিত, প্রা.স] যে ব্রহ্মচারী নিদ্রিত থাকিতে সূর্য্য অস্তমিত হয় ; সূর্য্যাস্ত হেতু অভিব্যাপ্তদোষ (ব্রহ্মচারী) । বিপ 'অভ্যুদিত' । "মনু ২.২২০, মেধাতিথিধৃত গৌতমবচন ।

অভ্যাকর্ষ পুং [অভি-আ+ √কৃষ্+অ (ঘঞ্)-ভা] (মল্লশাস্ত্রে) অভিমুখ আস্ফালন (নীলকণ্ঠ) ; বুকে তাল ঠোকা । "মহা ১.১৯০.২৫ ।

অভ্যাগত বিণ [অভি-আ+ √গম্+ত (ক্ত)-ক] **১** অভিমুখে আগত ; সম্মুখগত, সকাশপ্রাপ্ত, সমীপাগত । "°তাং ভৈমীম্ মহা ৩.৬৩.২১ ; ১৩১.৪ । রা ৪.৬০.১১ । **২** অতিথিভাবে আগত । "জানন্তি জিজ্ঞাসে সেই অভ্যাগত নরে ম ১০৬৭ । **৩** আয়াত, আগত । "কথঞ্চাভ্যাগতা বনম্ মহা ৩.৬০.৩০ ; পোষণাভ্যা° ১৩.৭১.৩১ । **৪** গৃহাগত । "শ্রোত্রিয়ায়াভ্যাগতায় উ.চ ৪½ । **৫** সমাগত, প্রাপ্ত, উপস্থিত । "তস্মিন্নভ্যাগতে কালে গো.রা ৩.৬৮.২৬ । প্রকৃতয়ঃ…শাম্বেভ্যোঽভ্যাগতাঃ মহা ৩.২৯৮.৩ । °তং দ্রব্যম্ যাজ্ঞ ২.১২১ । —ত পুং অতিথি । "সর্ব্বস্যাভ্যাগতো গুরুঃ হি ১.৬২ । মাঘ ৩.৮১ । —গম পুং [+অ (অপ্)-ভা] **১** অভিমুখগমন, সমীপাগমন, প্রাপ্তি, উপস্থিতি । "মদভ্যাগমকারণ রঘু ১৬.৮ । তপোধনাভ্যাগম মাঘ ১.২৩ । **২** অভ্যুদ্গমন, অভ্যুত্থান । **৩** [+অ-ণ] বিরোধ, ঘাত । **৪** [+অ-র্ম্ম] অন্তিক । **৫** যুদ্ধ । —গমন ক্লী [অন (ল্যুট্)-ভা] **১** আগম । "তদভ্যা° কি ৩.৪ । গো.রা ১.৮.২৪ । **২** অভ্যুদ্গমন ।

অভ্যাগম, -গমন দ্র 'অভ্যাগত' ।

অভ্যাঘাত পুং [অভি-আ+ √হন্+অ (ঘঞ্)-ভা] **১** আঘাত, তাড়ন । **২** [+অ-ণ] চৌর্য্যোপদেশ (কুল্লুক) । "মনু ৯.১৭২ । —ঘাতী (-তিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্)-ক, তাচ্ছীল্যে -১ব ; স্ত্রী -তিনী] অভিহননশীল, হিংসাশীল । "পা ৩.২.১৪২ । ভট্টি ৭.৭ ।

অভ্যাবৃত্ত বিণ [অভি-আ+ √বৃৎ+ত (ক্ত)-ক] পুনঃ পুনঃ আবৃত্ত ; পৌনঃপুন্যযুক্ত, অভ্যাসবিশিষ্ট । —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] পৌনঃপুন্য (কাশিকা) ; জন্ম (কাশিকা, সি) । "ক্রিয়াভ্যা° পা ৫.৪.১৭ । মাঘ ২.৪৩ ।

অভ্যাশ পুং [অভি+অশ্+অ (ঘঞ্)-র্ম্ম] সর্থ 'অভ্যাস (১) । "পা ৬.৩.৭০, কাশিকা । আশ্রমপদাভ্যাশ রা ৪.৬০.১২ ।

অভ্যাস দ্র 'অভ্যসন' ।

অভ্যাসযোগ পুং [তৃ.ত] সতত অনুশীলন দ্বারা যোগ ; প্রতিমাদির অবলম্বনে চিত্তের পুনঃ পুনঃ স্থাপনপূর্ব্বক সমাধান (গী.টীকা) । "গী ১২.৯ ।

অভ্যাহত বিণ [অভি-আ+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] **১** অভিমুখভাবে আহত ; তাড়িত, আহত । "পৃষ্ঠতোঽভ্যাহতঃ শরৈঃ মহা ৩.১৮.২৯ । (মালয়া) অভ্যাহতা ক.সা ৬৬.২৪ । রঘু ১৪.৩৩ । **২** অভিভূত, বাধিত । "গো.রা ২.৪৪.২৬ । °কর্ম্মবৃত্তি ভট্টি ১.১৭ । **৩** অলক্ষ্যতাপ্রাপ্ত (রা.টীকা), অভিব্যাপ্ত । "তিমিরাভ্যাহতাম্…নিশাম্ রা ২.১১৪.২ ।

—হনন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** আঘাত, তাড়ন । **২** বাধ, প্রতিবন্ধ ।

অভ্যুক্ষণ ক্লী [অভি+ √উক্ষ্+অন (ল্যুট্)-ভা] আর্দ্রীকরণ, সেচন । "পরম্পরাভ্যু° রঘু ১৬.৫৭ । —ক্ষিত বিণ [+ত+-র্ম্ম] আর্দ্রীকৃত, সিক্ত । "হবিরভ্যুক্ষিতাম্…শিখাং বিপ্রলয়ং গতাম্ রা ২.১১৪.৫ । অভ্যুক্ষিতোঽসি সলিলৈঃ মৃ (S. W.) । —ক্ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] সেচনীয় ।

অভ্যুচ্ছ্রিত বিণ [অভি-উদ্+ √শ্রি+ত (ক্ত)-র্ম্ম] **১** উন্নমিত, উন্নীত । **২** অতিসমর্থ, সুনিপুণ । "রঘু ১৬.২ ।

অভ্যুত্থান ক্লী [অভি-উদ্+ √স্থা+অন (ল্যুট্)-ভা] **১** সম্মানার্থ আসন হইতে উত্থান । "°ক্রিয়া ।—পঞ্চ ২.৬৯ । অলমলমভ্যুত্থানেন (নাগানন্দ) । সম্ভ্রমে উঠিয়া সবে কৈল অভ্যুত্থান ভা.চ ৭৫ । **২** উত্থানপূর্ব্বক প্রত্যুদ্গমন । "সভাকারে বসুদেব করে অভ্যুত্থান ম ৮৬০ । **৩** অভ্যুন্নতি, অভ্যুদয় । "নবাভ্যু° রঘু ৪.৩ । **৪** উদ্যম, উদ্যোগ । "অভ্যুত্থানং চ যুদ্ধার্থে গো.রা ৬.৭২.৬৫ । **৫** উদ্ভব, আধিক্য, বৃদ্ধি । "অভ্যুত্থানমধর্ম্মস্য গী ৪.৭ । **৬** ব্যাপার (নীলকণ্ঠ) । "অভ্যুত্থানেন দৈবস্য মহা ১৩.৬.৪৯ । **৭** উদয় (শ.ক) । **৮** রাজাভিদ্রোহ, বিদ্রোহ (M.W.) । —ত্থিত বিণ [+ত (ক্ত)-ক] **১** সম্মানার্থ আসন হইতে উত্থিত । "ভ ৪.১২.২১ । **২** উদ্যত, উদ্যুক্ত । "বুধেন অভ্যুত্থিতাত্মনা হ ৮০.১৩ । **৩** উদ্ভূত, উত্থিত । "এতে হ্যভ্যুত্থিতা দেবাঃ ভ ৩.২৬.৬২ । **৪** উদ্গত, উদিত । "°তোঽনেকসহস্ররশ্মিঃ গো.রা ৫.১১.১ ; °তঃ…শশাঙ্কঃ ১৯.৩৫ । **৫** প্রজ্বলিত । "°তাগ্নিপিশুন (ধূম) রঘু ১.৫৩ । **৬** অভ্যুচ্ছ্রিত, অত্যুন্নত । "তমভ্যুত্থিতমত্যর্থম্ গো.রা ৫.৭.২২ । **৭** [+ত-র্ম্ম] আক্রান্ত, অভিভূত । "গ্রহেণাভ্যুত্থিতামেকাং রোহিণীম্ গো.রা ২.১২৫.৩ ।

অভ্যুৎপতন ক্লী [অভি-উদ্+ √পত্+অন (ল্যুট্)-ভা] অভিমুখভাবে উৎপতন ; সম্মুখাক্রমণ । "অলক্ষিতাভ্যুৎপতন (সিংহ) রঘু ২.২৭ ।

অভ্যুদয় বিণ [অভি-উদ্+ √ই+অ (অচ্) -ক ; স্ত্রী -য়া] উদীয়মান, প্রকাশমান । "দধ্যাবভ্যুদয়ং দৃষ্ট্বা শশাঙ্কম্ গো.রা ৪.২৬.৮ । —দয় পুং [+অ-ভা] **১** অভীষ্টকার্য্যের প্রাদুর্ভাব (ত.বা) । **২** উদয়, প্রকাশ (M.W.) । **৩** উদ্ভব, উৎপত্তি । "সুখাভ্যুদয়িকম্ (কর্ম্ম) মনু ১২.৮৮ । **৪** বৃদ্ধি, সমৃদ্ধি, সমুন্নতি । "লোকাভ্যু° রঘু ৩.১৪ । "অভ্যুদয়ে ক্ষমা হি ১.৩২ । **৫** সৌভাগ্যসঞ্চার, পুণ্যোদয় । "এষ চাভ্যুদয়ো মহান্ ।— রা ২.৪০.২৬ । প্রাপ্তশ্চাভ্যুদয়ো মহান্ গো.রা ৫.৩১.৩৭ । °শ্রুতি রঘু ১২.৩ । °কালেষু শ ৭½ । **৬** [+অ-ণ] আভ্যুদয়িক বিবাহাদি উৎসব ; উৎসব । "রামাভিষেকাভ্যু° রা ১.৩.৩৮ । মনু ৯.৮৪ । **৭** বৃদ্ধিনিমিত্তক শ্রাদ্ধ ; বৃদ্ধিশ্রাদ্ধ, আভ্যুদয়িক । "সম্পন্নমিত্যাভ্যুদয়িকে (বাচ্যম্) মনু ৩.২৫৪ । **৮** চূড়াদি সংস্কার । **৯** অভ্যুদয়সাধন ইষ্টলাভ । **১০** বীর্য্য, বল । "বাহুদণ্ডাভ্যুদয়জীবী (ভ) । —দিত বিণ [+ত (ক্ত)-ক] **১** সমুদিত, প্রকাশিত । "°তে সূর্য্যে রা ২.৫৪.১ ; ১১৪.৩ । °তং রবিম্ মহা ৩.২২.১৯ । **২** যুগপদ্ উৎপন্ন (কুল্লুক) । "মনু ৪.১০৪ । **৩** অভ্যুদয়প্রাপ্ত, সমৃদ্ধ, সম্পন্ন । **৪** শ্রেষ্ঠ (নীলকণ্ঠ) । "মহা ৩.২৫৩.২৭ । **৫** বৃত্ত, ঘটিত (M.W.) । **৬** [+ত-ভা ; অভ্যুদিত+অ (অচ্) অস্ত্যর্থে (অ.টী)] সূর্য্যোদয় হেতু দোষযুক্ত ; যে ব্রহ্মচারী নিদ্রিত থাকিতে সূর্য্যোদয় হয় ; সূর্য্যোদয়কালশায়ী (ব্রহ্মচারী) । বিপ 'অভিনির্ম্মুক্ত, অভ্যস্তমিত' । "সূর্য্যেণ… অভ্যুদিতশ্চ যঃ মনু ২.২২১ । সূর্য্যেণাভ্যুদিতো যশ্চ ব্রহ্মচারী মহা ১২.৩৪.৬ । —ত ক্লী [+ত-ভা] অভ্যুদয়, উদয় ।

অভ্যুদ্গত বিণ [অভি-উদ্+ √গম্+ত (ক্ত)-ক] **১** প্রত্যুদ্গত, কৃতপ্রত্যুদ্গমন । **২** সর্ব্বত্র প্রসৃত ; পরিব্যাপ্ত । "মহচ্চাভ্যুদিতং যশঃ

গো.রা ৪.২১.৭। ৩ অভ্যুপেত, সমুপাগত। "অভ্যুগতাস্তাম্‌…জিজ্ঞাসমানাঃ মহা ১.৮৮.৯। ৪ উদিত, প্রকাশিত (চন্দ্রাদি)। —দ্গম পুং [+অ (অপ্‌)-ভা] ১ অভ্যুত্থান, প্রত্যুদ্গমন। তেনাভ্যুদ্গমানন্দম্বাগতৈরভ্যনন্দ্যত ক.সা ২৪.১২২। ২ উদ্ভব। ৩ উদয়। —দ্গমন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] সর্ব 'অভ্যুদ্গম'।

অভ্যুদ্গম, -দ্গমন দ্র 'অভ্যুদ্গত'।

অভ্যুদ্যত বিণ [অভি উদ্‌+ √যম্‌+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিমুখে উদ্যত; উন্নমিত, উত্থাপিত। "°চক্র, °বাহুদণ্ড, °শস্ত্র। °তায়ুধ গো.রা ৬.৩৬.১০৪। ২ অভিমুখে স্থাপিত। "মনু ৪.২৪৮। ৩ অযাচিতভাবে উপনীত। "মনু ৪.২৪৭। ৪ অভিমুখে আগমনপূর্ব্বক সংকৃত। "°তঃ পৌরসুহৃদ্দ্বিজাতিভিঃ ভ ১০.৬৩.৫২। ৫ [+ত-ক] উদ্যুক্ত, কৃতোদ্যম। "°মানস গো.রা ৫.৫৬.১০৮। °তো রণে মহা ৬.১১২.১২০। কু.স ৩.৭০। ৬ প্রবৃত্ত। "বলিনিয়মনাভ্যু° পু.মে ৫৮। ৭ অবস্থিত। "কর্ম্মস্বভ্যুদ্যতঃ মনু ৯.৩০২। ৮ অভ্যুদিত, অভ্যুত্থিত। "°নূতনেশ্বর রঘু ৮.১৫।

অভ্যুন্নত বিণ [অভি-উদ্‌+ √নম্‌+ত (ক্ত)-ক] ১ অভিমুখে (পুরোভাগে) উন্নত; অগ্রভাগে অনবগাঢ়। "অভ্যুন্নতা পুরস্তাৎ (পদপঙ্‌ক্তির্দৃশ্যতে) শ ৩.৪। ২ অভ্যুদ্গত, উদ্গত। "অভ্যুন্নতাঙ্গুষ্ঠনখপ্রভা কু.স ১.৩।

অভ্যুপগত বিণ [অভি-উপ+ √গম্‌+ত (ক্ত)-ক] ১ অভিমুখে উপগত; সমীপগত, অভ্যুপেত, সন্নিকৃষ্ট। ২ প্রাপ্ত, গত। "আষাঢ়ীমভ্যুপগতো ভরতঃ গো.রা ৪.২৭.১১। ভর্ত্তরি… পরলোকমভ্যুপগতে মাঘ ৯.১৩। ৩ সদৃশীভূত (শ.ক)। ৪ [+ত-র্ম্ম] অঙ্গীকৃত, স্বীকৃত। "অভ্যুপগতং তাবদস্মাভিরেবম্‌ শ ৫২৬/২৭। ৫ অননুষ্ঠিত, অকৃত। "অনভ্যুপগত-প্রায়শ্চিত্ত যাজ্ঞ ২.১৮৩, মিতাক্ষরা। ৬ অনুমিত; নির্দ্ধারিত (শ.ক)। —গন্তব্য বিণ [+তব্য-র্ম্ম; স্ত্রী -ব্যা] ১ স্বীকার্য্য, অঙ্গীকরণীয়। "পা ১.২.৫৫, কাশিকা। ২ উপসর্পণীয়। ৩ [+তব্য-ভা] অভিমুখীভবিতব্য (নীলকণ্ঠ)। "°ব্যং যুদ্ধায় মহা ১৪.১৩। —গম পুং [অভি-উপ + √গম+অ (অপ্‌)-ভা] ১ উপসর্পণ, সমীপগমন। ২ অঙ্গীকরণ (মেধাতিথি), স্বীকার। পা ৮.৩.৭৪, সি। ক্রিয়াভ্যু° মনু ৯.৫৩। নির্ণয়াভ্যু° মা.মি ১২/১৭। ৩ অনুমতি (শ.ক)। ৪ [+অ-র্ম্ম] অঙ্গীকৃত সিদ্ধান্ত; মত। 'যুষ্মাকমভ্যুপগমাঃ প্রমাণং পাপপুণ্যয়োঃ ম.চ ১.৩৮।

অভ্যুপগন্তব্য, -গম দ্র 'অভ্যুপগত'।

অভ্যুপপত্তি স্ত্রী [অভি-উপ+ √পদ্‌+তি (ক্তিন্‌)-ভা] ১ অভিমুখভাবে উপপত্তি; অনুগ্রহ, প্রসাদ (মেধাতিথি); অঙ্গীকৃতধনাদি (কুল্লুক)। "ব্রাহ্মণাভ্যু° মনু ৮.১১২। ২ অনুগ্রহ। "শ ৩২/৬; অনয়া অভ্যুপপত্ত্যা স্থচিতা ৪/৬। ৩ রক্ষা, ত্রাণ (কুল্লুক)। "স্ত্রীবিপ্রাভ্যু° ৮.৩৪৯; স্ত্রীবালাভ্যু° ১০.৬২। ৪ সান্ত্বন, আশ্বাসন। দ্র 'কু.স ৪.২৫, মল্লিনাথ। ৫ অঙ্গীকার (A.)। —পন্ন বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অনুগৃহীত, আশ্বাসিত। "সীতাদেব্যা অভ্যুপপন্নোঽস্মি উ.চ ৩২/৩; ৭/৩।

অভ্যুপস্থিত বিণ [অভি-উপ+ √স্থা+ত (ক্ত)-ক] ১ সমাগত, উপস্থিত। "লগ্নকালেঽভ্যুপস্থিতে ক.সা ৭১.১৬৬। ২ প্রাপ্ত। "ইদং তদ্‌ ব্রহ্মণো ঘোরং বাক্যং মামভ্যুপস্থিতম্‌ রা ৬.৬০.৬। ৩ [+ত-র্ম্ম] সমন্বিত, সহিত। "নিবাসমকরোদ্‌ ধীমান্‌ সুগ্রীবেণাভ্যুপস্থিতঃ মহা ৩.২৭৯.৪০।

অভ্যুপায় পুং [অভি-উপ+ √ই+অ (অচ্‌)-ভা] ১ স্বীকার। ২ [+অ-ণ] উপায়। "অভ্যুপায়ৈস্তে জিঘাংসন্তি স্ম পাণ্ডবান্‌ মহা ১.১৪১.২১; ১৪২.৪। বিজয়াভ্যু° কু.স ৩.১৯। ৩ হেতু। "মনু ১১.২১১। —পায়ন ক্লী [+অন (ল্যুট্‌)-র্ম্ম]। উপঢৌকনদ্রব্য, উপহার। "নন্দাদ্যৈঃ সাভ্যুপায়নৈঃ ভ ১০.৬৬.৩১। —পেত বিণ [+ত (ক্ত) -ক] ১ উপগত, উপস্থিত, প্রাপ্ত। "ব্যপেতকালস্বহমভ্যুপেতঃ রঘু ৫.১৪। ২ [+ত-র্ম্ম] অঙ্গীকৃত। "°তার্থকৃত্যা পু.মে ৩৯। অস্তৈ দাস্যমভ্যুপেতং ময়া (দশকুমার)।

অভ্যুপায়ন, -পেত দ্র 'অভ্যুপায়'।

অভ্যুষিত বিণ [অভি+ √বস্‌+ত (ক্ত)-ক] ১ সমীপে কৃতবাস (স্থিতি)। ২ অতিক্রান্ত, যাপিতবান্‌। "সুখমভ্যুষিতো নিশাম্‌ গো.রা ৩.১৭.২।

অভ্র্‌ সক [ভ্বা, প—অভ্রতি; সেট্‌] গতি, পরিক্রমণ। "ভট্টি ৪.১১; ১৪.১১০।

অভ্র ক্লী [√অভ্র্‌+অ (অচ্‌)-ক; ছান্দস—স্তনয়ান্ত্যভ্রা (ঋগ্বেদ ১.৭৯.২); তু 'অব্‌ভ্র'; ফা অব্‌র; Av. Awra, -ra; Gr. ombros; L. imber] ১ যে পরিক্রমণ করে; মেঘ। "আদিত্যরাগেণ তাম্রমভ্রম্‌ রা ৩.৫২.১৭। °দর্শন মনু ৪.১০৪। ছিন্নাভ্র গী ৬.৩৮। নবাভ্রগর্জ্জিত চৈ.চ ৩৪৯। বদমে বসন খানি ধীরে ধীরে দিল টানি, চাঁদে যেন হ'ল অভ্রচ্ছায় বা.দ ২৬৩। শুভ্র অভ্র উপবীত সা.ম ২০। ২ আকাশ। "মাঘ ৯.৩। ৩ (গণিতে) শূন্য (০)। ৪ মুস্তক। ৫ অভ্রক, আভ (Talc)। ৬ কর্পূর। ৭ স্বর্ণ।

অভ্রংলিহ বিণ [অভ্র+ √লিহ্‌+অ (খশ্‌)-ক; উ.ত; স্ত্রী -হা] মেঘস্পর্শী, অত্যুচ্চ, উত্তুঙ্গ। "অভ্রংলিহাগ্রাঃ প্রাসাদা উ মে ১। প্রাসাদমভ্রংলিহম্‌ রঘু ১৪.২৯। °হানি…নবপল্লবানি মাঘ ৫.৬৫। —হ পুং বায়ু। "°হো বায়ুঃ (সি)।

অভ্রক ক্লী [অভ্র+ক (কন্‌) স্বার্থে; আ অবরক; হি অব্‌রক্‌-খ্‌] অভ্রধাতু। [ইহা গৌরীর রজোজাত]। 'অভ্রকং তব বীজং তু মম বীজং তু পারদঃ।]

অভ্রঘন পুং [ষ.ত] মেঘের সমবায়; মেঘসজ্ঘাত। "বর্ষাত্যয়েন রুচমভ্রঘনাদিবেন্দোঃ রঘু ১৩.৭৭।

অভ্রঙ্কষ বিণ [অভ্র+ √কষ্‌+অ (খচ্‌)-ক; উ.ত; স্ত্রী -ষা] যাহা উচ্চতা হেতু মেঘকে পীড়িত করে; অত্যুচ্চ; উচ্চৈস্তর। "°ষো গিরিঃ (কাশিকা); °ষো বায়ুঃ (সি)। °ষং প্রায়ান্‌ মলয়ম্‌ ভট্টি ৬.১০৩। —ষ পুং বায়ু (শ.ক)।

অভ্রচ্ছায়া স্ত্রী [ষ.ত] মেঘচ্ছায়া। "°য়া (কিঞ্চিৎকালোপভোগ্যা) হি ১১.৮৭; পঞ্চ ২.১২০।

অভ্রপটল ক্লী [ষ.ত] মেঘসমূহ। "°চ্ছন্নবিগ্রহ কি ১১.৬।

অভ্রবৃন্দ ক্লী [ষ.ত] মেঘমালা। "রঘু ৭.৬৯; ১৩; ৭৬।

অভ্রভেদী (-দিন্‌) বিণ [অভ্র+ √ভিদ্‌+ইন্‌ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] ১ মেঘস্পর্শী, অত্যুচ্চ। "অভ্রভেদী চূড়া মে ৮। ধবল নামেতে গিরি…অভ্রভেদী মা ১২১। ২ অত্যুচ্চ, অতিমহান্‌, সর্ব্বব্যাপী। "যুগে যুগে রাজ-পিতাপিতামহ মিলে, ঊর্দ্ধ্বপানে তুলিয়াছে যে রাজমহিমা, অভ্রভেদী ক'রে।—রবীন্দ্র। ৩ অত্যুচ্চ, তারস্বরে গীত। "অভ্রভেদী তোমার সঙ্গীত তরঙ্গিয়া চলিয়াছে স.স্ব ৮৮। কা ৪৫। ৪ অতিস্ফীত, অতিবর্দ্ধিত। "অন্ধ অহঙ্কারকে প্রতিদিন অভ্রভেদী করিয়া তোলাকে শ্রেয় বলিয়া বোধ হইতে থাকে চা.পু ৫।

অভ্রম বিণ [ন.বহুব্রী; স্ত্রী -মা] ভ্রমহীন, অভ্রান্ত। —ম পুং [ন.ত] ১ ভ্রমাভাব, অভ্রান্তি। ২ (বাঙলায়) সম্ভ্রমহীন, হতমান, হেয়। "তোমার এ যে সম্ভ্রম, মনে হয় মনের ভ্রম, অভ্রম হয়েছে ত্রিভুবনে দা ৬২৫।

অভ্রলিহ বিং [সং অভ্রংলিহ; অপ্র] অত্যুচ্চ। "গিরিচূড়া অভ্রলিহা স্ব.প্র ২২।

অভ্রান্ত বিণ [ন.ত] ১ ভ্রান্তিহীন, যথার্থজ্ঞানযুক্ত। ২ ভ্রমণহীন, স্থির। —ভ্রান্তি বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ন্তি] সর্ব 'অভ্রান্ত'। —ভ্রান্তি স্ত্রী [ন.ত] ১ ভ্রান্তির অভাব; অভ্রম। ২ ভ্রমণাভাব।

অভ্রাবকাশ পুং [অভ্রই অবকাশ, কর্ম্মধা] আকাশরূপ অবকাশ; ছত্রাদ্যাবরণরহিত স্থান; ফাঁকা জায়গা। "বর্ষাস্বভ্রাবকাশমাশ্রয়েৎ মনু ৬.২৩, কুল্লূক। —শিক বিণ [°শ+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] অভ্রাবকাশবান্, ছত্রাদ্যাবরণরহিত। "বর্ষাস্বভ্রাবকাশিকঃ গো.রা ১.৪৩.১৪; মনু ৬.২৩। —কাশী (-শিন্) বিণ [°শ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -শিনী] সর্থ 'অভ্রাবকাশিক'।

অভ্রাবকাশিক, -কাশী দ্র 'অভ্রাবকাশ'।

অভ্রিত বিণ [অভ্র+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে; স্ত্রী -তা] সঞ্জাতাভ্র, মেঘাচ্ছন্ন। "দিবমভ্রিতাম্ রঘু ৩.১২।

অম্ সক [ভ্বা, প—অমতি; সেট্] ১ গতি। ২ ভজন, আশ্রয়। —ম্ সক [চু.প—আময়তি; সেট্] রোগ, পীড়ন। তু 'নিরাময়'। "আময়তি ব্যাধির্লোকম্ (ক.ক)।

অম '-ম্' ক্রি.ক্তি [দ্র 'ওঁ৩'; অপ্র] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমানকালে উত্তম পুরুষের একবচনে ক্রিয়ার বিভক্তি। "ফু করিয়া ডাকম্ তোরে ভাবম্ অভয়াঃ যোড়হাতে বোলম্ তোরেঃ হস্ত জোড়ে করম্ স্তুতি।—কালকেতুর চৌতিশা, সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ৪র্থ সংখ্যা, ১৩১৬। মুই যে জিজ্ঞাসম তুমি না কর কপট ম.ম ৭৭। কি ভয় করম ব.প ৪০৭; করম নমস্কার ৬৫১। যদি মুই সেই অশ্ব আনিতে নারম। মাতৃহত্যা নরকেত পচিয়া মরম॥—অ.প ৮। [করিআছম—করিয়াছি। "যত পুণ্য করিআছম অ.প ২১।]

অমঙ্গল বিণ [ন.বহুব্রী; অথবা ন.ত; স্ত্রী -লা] ১ যাহার বা যাহাতে মঙ্গল নাই; মঙ্গলশূন্য, কুশলহীন। ২ মঙ্গলভিন্ন, অশুভ, অশিব। "°লাভ্যাসরতি কু.স ৫.৬৫। রঘু ১২.৪৩। মঙ্গলধ্বনি অমঙ্গল দিনে মে ৩১২। —ল পুং এরণ্ডবৃক্ষ। —ল ক্লী [ন.ত] ১ মঙ্গলাভাব, অশুভ। ২ অশুভ বিষয়; দুর্নিমিত্ত, দুর্লক্ষণ। "দদর্শামঙ্গলং রাজা পুরো বর্ত্মনি বর্ত্মনি (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)। পথে অমঙ্গল যত দেখেন গোচরে কৃ ১৪৫। —ল্য বিণ [ন.ত; স্ত্রী -ল্যা] মঙ্গল্যবিরোধী, অশুভকর। "অমঙ্গল্যং শীলং তব।—মহিম্নঃ স্তবঃ, ২৪। —ল্য ক্লী অশুভ, অহিত। "দেবি মৈবমমঙ্গল্যবাদিনী ভব (নাগানন্দ)।

অমঙ্গল্যা বিং ['অমঙ্গলীয়া' —মূল; দ্র 'যা৫'; অপ্র] অমঙ্গলবিশিষ্ট, অলক্ষণযুক্ত, হতভাগা, লক্ষ্মীছাড়া। "সতীর কপালে পতি অমঙ্গল্যা ছিল শি ১১।

অমত বিণ [ন.ত; স্ত্রী -তা] ১ অসম্মত, অনভিপ্রেত, অনভীষ্ট। ২ অজ্ঞাত। ৩ প্রকৃতবিরুদ্ধ, প্রাকরণিকরসবিরুদ্ধরসের ব্যঞ্জক। "°পরার্থ কা.প্র ৭.৫৫ (মূলশ্লোক)। [°পরার্থতা—শব্দদোষবিশেষ (কা.প্র); সা.দ ৭.৭।]

অমতি বিণ [ন.বহুব্রী; স্ত্রী -তি] ১ যাহার মতি নাই; বুদ্ধিহীন, অজ্ঞান। ২ অপ্রশস্তমতি, দুর্ম্মতি, দুর্ব্বুদ্ধি। —তি স্ত্রী [ন.ত] ১ অপ্রশস্ত মতি; দুষ্ট বুদ্ধি। ২ জ্ঞানাভাব, অজ্ঞান। "মনু ৪.২২২; ৫.২০।

অমত্র ক্লী [√অম্+অত্র (অত্রন্)-র্ম্ম, উ ৩.১০৫] ১ দ্রব্যাদির আশ্রয়; পাত্র, ভাজন (কাশিকা)। "পা ৪.২.১৪। ২ ভোজনপাত্র। তু 'অমিত্তি'। "যাবদমত্রং ব্রাহ্মণানামন্ত্রয়স্ব পা ২.১.৮, কাশিকা।

অমৎসর বিণ [ন.বহুব্রী; স্ত্রী -রা] মৎসরহীন, মাৎসর্য্যরহিত, দ্বেষশূন্য। "মনু ৩.২৩১। —র পুং [ন.ত] মৎসরাভাব, অন্যের শুভে দ্বেষাভাব। —সরী (-রিন্) বিণ [ন.ত; স্ত্রী -রিণী] সর্থ 'অমৎসর'।

অমন বিং [অ৫+মন৪; হি ওহন (G.H. § 376)] ১ ঐপ্রকার, ও-রকম, এরূপ। "অমন রাজার মাকে ডান বলে, ঘরে ব'সে অনেকে দা ১০৩৮। মরি কি রূপসী! পথে ঘাটে বসি, কাঁদিছে অমন কত স্ব.প্র ১৩৭। অমন দীননয়নে তুমি চেয়ো না; অমন সুধাকরুণ সুরে তুমি গেয়ো না!—রবীন্দ্র। অমন সকল স্থলে পা.প্র ৮২; অমন বড় বেতন ১৫৭। ২ ঐরূপ বিকৃত; এমন খারাপ। "তেমন যে রূপ একেবারে কালিমাড়া হইয়া গিয়াছে। কেন অমন হল?—পা.প্র ২১। —ন ক্রি.বিং ১ ঐ প্রকারে, ও ভাবে, ঐরূপে। "অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে চল্‌বে না।—রবীন্দ্র। ২ এরকম বিনা কারণে; স্বভাব হেতু; বিনা উদ্দেশ্যে। "বণিক্।—তুমি এখানে কি ক'রে এলে? রাখাল।—আমি অমন আসি। বণিক্।— কেন, তুমি বৃন্দাবন যাব —জিজ্ঞাসা কচ্চ যে? রাখাল।—আমি অমন বাড়ী বাড়ী জিজ্ঞাসা করি।—গি.ষ্বি ১৩২। ৩ ঐরূপ করুণ সুরে। "অমন করিয়ে বাঁশী বাজিয়ো না শ্যাম (গান)। [°ধারা— ১ যাহার ধারা ঐরূপ; অমনতর, ঐরূপ। "অমনধারা আদর করা কমলিনী আর চায় না।—দা ৪৪০। ২ ঐরূপ ধারা বা রীতি।]

অমনধারা দ্র 'অমন'।

অমনস্ক, -মনাঃ (-নস্) বিণ [ন মনঃ যাহার, ন.বহুব্রী; বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -স্কা, -নাঃ] ১ কার্য্যক্ষমমনোরহিত (বালাদি)। "যথা বালা অমনসঃ প্রাণন্তঃ (ছান্দোগ্য)। ২ মনোবৃত্তিহীন, নিরুদ্ধচিত্তবৃত্তি (যোগী)। ৩ অন্যমনস্ক, অনবহিত। ৪ অনিয়তচিত্ত, অসংযতমনাঃ। ৫ স্নেহহীন। —স্ক, —নাঃ পুং পরমাত্মা।

অমনি বিং [অমন+ই৪] ১ ঐরূপই, ঐপ্রকারই, ঐভাবই। "ওগো তুমি অমনি সন্ধ্যার মত হও।—রবীন্দ্র। ২ ঐরূপবর্ণবিশিষ্ট, সদৃশবর্ণ। "তোমার মতন অমনি মুগ, তোমার যত জ্ঞাতিদের সব হবে দা ১১৮৪। —নি ক্রি.বিং ১ ঐ প্রকারেই, এই ভাবেই, এরূপেই। "সীতা বলেন কি করিব বেশ সবেশে। অমনি যাইব আমি রঘুনাথের পাশে॥—ব.প ৫০৪। ২ ঐ প্রকারেই, অর্থাৎ মনোভাবের পরিবর্ত্তন না হইতে হইতেই; কোন ক্রিয়ার অব্যবহিত পরেই; (গৌণার্থে) তৎক্ষণাৎ, তখনি। "অমনি প্রেমের সিন্ধু উথলিয়া উঠে শ্রী.মা ৩; অমনি (চলিলা) ৩২। সকল রমণী৹ ধাইল অমনি চ.দা ৬৭। উঠে অমনি লখেরে দিল তাড়া শ্রী ২২৭। দড়বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক ভা.চ ২৬৫। পবনপুত্র জ্বলনসূত্র, অমনি তাদের ধরে দা ১১৮০। মে ৪৯; ৭২; ১০২। মন্দ্র ৪। আ.দু ৩২। উঠছি আর অমনি পেছু ডাকছ ১৪৩। ঘ ১৮০। ৩ এককভাবে, অন্যসহায় বিনা, একলাই। "এ আগুনে কেন আহুতিদান? অমনি নারে কি জ্বালাতে প্রাণ?—মা ১০৬। ৪ যদৃচ্ছাক্রমেই, বিনা অন্বেষণেই, বিনা চেষ্টায়ই। "(শিকার) হাতের কাছে অমনি এল, অমনি যাবে?—অমনি যেতে দেবে কে রে!—গান ১০। ৫ বিনা মূল্যেই। "অমনি নেব কিনে!—চ.কা ৪৪০। তা মা, তুমি যদি খাও, ত টাকা দিয়া খাও, আর অমনিই খাও, নাও না কেন!—ব.প্র ৫১৪। ৬ অকারণেই, বিনা কাজেই, বৃথাই। "তুমি কাজের লোক, অমনি এসেছো ব'লে মনে হয় না। ৭ শূন্য, খালি। "বাড়ীটা অনেক দিন অমনি পড়ে আছে, ভূতের বাসা হয়েছে। ৮ নগ্ন, অনাবৃত; আদুড়। "শীতের দিনে অমনি গায়ে অমনি পায়ে থাকা ভাল না। ৯ অবাধে, প্রতিবন্ধক বিনা। "অমনি মানিকচন্দ্র রাজাক জমে লইয়া জাবে গো.চ ১২। [অমনি একরকম—ভালও নয়, মন্দও নয়; মাঝারিগোছ, চলনসই। অমনিপাওয়া—বিনামূল্যে লব্ধ। অমনিমুখে যাওয়া—জলগ্রহণপর্য্যন্ত না করিয়া (শুধুমুখে) যাওয়া।]

অমনুষ্য বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ষ্যা] মনুষ্যহীন, জনশূন্য, বিজন। "নামনুষ্যে ভবত্যগ্নির্ব্যক্তমত্রৈব রাঘবৌ রা ২.৯৩.২২। —ষ্য পুং [ন.ত] ১ মনুষ্যভিন্ন, রাক্ষসপিশাচাদি। "পা ২.৪.২৩, সি। ২ অপ্রাণী। "°কর্ত্তৃক পা ৫.২.৫৩। ৩ অপ্রশস্ত মানুষ; মনুষ্যোচিতকর্ত্তব্যহীন, জাতিমাত্রে মানুষ; অমানুষ।

অমনোযোগ পুং [ন.ত] অনবধান, প্রমাদ।

অমন্ত্র বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ন্ত্রা] ১ মন্ত্রপাঠহীন, মন্ত্রহীন (কর্ম্মাদি)। "পত্ন্যমন্ত্রং বলিং হরেৎ মনু ৩.১২১। ২ মন্ত্র-বেদাধ্যয়নরহিত। "মনু ১২.১১৪। ৩ মন্ত্রজপরহিত, বেদপাঠশূন্য (ত.বা)। "অমন্ত্রাশ্চ স্ত্রিয়ঃ মনু ১৯.১৮। ৪ অভিচারমন্ত্রহীন। "ভামিনীবিলাস ২.১১১। —মন্ত্রক বিণ [বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -ন্ত্রিকা] ১ মন্ত্রপাঠহীন। "অমন্ত্রিকা তু কার্য্যেয়ম্ মনু ২.৬৬। ২ সর্থ 'অমন্ত্র'। [°মন্ত্রজ্ঞ—অবিদ্বান্, বেদানভিজ্ঞ। "মনু ৩.১২৯। °তন্ত্র—মন্ত্রতন্ত্রহীন, অভিচারকার্য্যরহিত। "°মন্ত্রং বশীকরণম্।—পঞ্চ ১.৭৬। °বিৎ—অবেদবিৎ। "মনু ৩.১৩৩।]

অমন্ত্রক, -মন্ত্রজ্ঞ, -মন্ত্রতন্ত্র, -মন্ত্রবিৎ দ্র 'অমন্ত্র'।

অমন্দ বিণ [ন.ত ; স্ত্রী -ন্দা] ১ মন্দভিন্ন, উৎকৃষ্ট। ২ অমূঢ়, পণ্ডিত, প্রাজ্ঞ। "মন্দোঽপ্যমন্দতামেতি সংসর্গেণ বিপশ্চিতঃ মা.মা ২.৭। ৩ অমৃদু, প্রবল, প্রচণ্ড, বেগবান্ (বায়ু-প্রভৃতি)। ৪ অনল্প, প্রচুর। "°মন্দদুর্দ্দিন উ.চ ৫.৫। ৫ অনল্প, উচ্চৈঃ, তার। "°দুন্দুভিরব উ চ ৫.৬। ৬ পটু, কুশল। ৭ অজড়, উদ্যোগী। ৮ দৃঢ়, তীব্র। "অমন্দদষ্টৌষ্ঠ-করাবধুনন কি ৮.৬। ৯ (বাঙলায়, গ্রাম্য) মন্দ। দ্র 'অ'৩।

অমম বিণ [ন মম যাহার, ন.বহুব্রী] যাহার 'আমার' নাই ; মমত্বরহিত, মমতাহীন, অনাসক্ত। "শরণেষ্বমমঃ মনু ৬.২৬। [°কার—সর্থ 'অমম'। °তা—নির্ম্মমভাব।]

অমমকার, -মমতা দ্র 'অমম'।

অমর বিণ [ন.ত ; স্ত্রী -রা, -রী ; বৈদিক] ১ মরভিন্ন, মৃত্যুহীন, চির-জীবী। "অজরামর মনু ২.১৪৮ ; হি ৩ (অবতরণিকা)। অয়ম্… অমর ভ ৭.৫.৪৭। রাম সীতার বরে হউক অজর অমর কৃ.উ ২৭৭, ২৮৫। চৈ.চ ৪০। অমর মুনি।—ম.ম ২৮। হয়েছি অজরামর হরিগুণ গেয়ে শি ৩৪। অমর (দেববৃন্দ)।—হেম ১২৮ ; ১৩০। অমর বিহঙ্গশিশু কা ৪২। অমর মরণ রক্তচরণ, নাচিছে সগৌরবে স.স্ব ২০। ২ কীর্ত্তিহেতু চিরস্মরণীয়। "অমর করিয়া বর দেহ দাসে, সুবরদে!—মাইকেল। ৩ (বাঙলায়) অনশ্বর, অক্ষয়। "এই মহামন্ত্র, দেব, রয়েছে অঙ্কিত।…সর্ব্বত্র অমরাক্ষরে ন ৯৩৯ ; বিজ্ঞানের নক্ষত্র অমর ১৪৯৪। ৪ (অপ্র) অব্যর্থ, অমোঘ। "(শক্তিপাশ) কাটি পাড়ে অমর সন্ধানে ম ৮১১। ৫ (অপ্র) মৃত্যুঞ্জয়ী, মরণবারণ। "অমর গিয়ান গো.চ ১৪ ; ১৬ ; অমর মন্ত্র ২৯৭। ৬ নিরবশেষ, অবিচ্ছিন্ন, অফুরন্ত। "(তুমি) গীত…লালিত ললিত এক অমর স্বপনে।—মন্দ্র ৬৩। —র পুং ১ দেব, সুর। "নরামর মনু ৭.৭২। হরামরাঙ্গনাঃ মাঘ ১.৫১। °বৃন্দ মে ৬। ২ মরুদ্-বিশেষ। "হ ২০৪.৫৩। ৩ (দেবতার সংখ্যানু-সারে) তেত্রিশ (৩৩) এই সংখ্যা। ৪ কোষকার অমরসিংহ। [ইনি অষ্ট আদিশাব্দিকের একতম।—ক.ক ২০, পরিভাষা]। ৫ পর্ব্বত-বিশেষ। "°পর্ব্বত মহা ২.৩২.১১। ৬ (বহুকাল ভূমধ্যে অক্ষয় থাকা হেতু) অস্থিসমুচ্চয়, অস্থিরাশি। ৭ পারদ। ৮ স্বর্ণ। ৯ স্নুহীবৃক্ষ, দেবদারুবিশেষ। ১০ বীজাক্ষর 'উ'। —রা স্ত্রী [অমর+স্ত্রী আ (টাপ্)] ১ বৃক্ষবিশেষ—দূর্ব্বা, গুড়ূচী, স্নুহী, ঘৃতকুমারী, বটী, ইন্দ্র-বারুণী। ২ যাহা দ্বারা মরে না; ভ্রূণের নাভিসংযুক্ত নাড়ী ; নাভিনালা। ৩ জরায়ু। ৪ (গৃহধ্বংসনিবারক) স্থূণা, গৃহস্তম্ভ, খুঁটি। ৫ [অমর+অ (অচ্) অস্ত্যর্থে+স্ত্রী আ] অমরের বাসস্থানরূপে যাহা আছে ; ইন্দ্রপুরী, অমরাবতী। "অমরা নির্ম্মাইল ম ১০৩১। অমরা ছাইল কৃ.উ ১০৮ ; ১১৬। অমরা জিনিব চ.বি ৪৪ ; ৫৩ ; ৬৯। জ্বলুক দেবের তেজ অমরা ঘেরিয়া।—হেম ১৩০। যাও লক্ষ্মী অমরায় সা.ম ১১ ; গান ২৫। ৬ (বাঙলায় ; অপ্র) অমর দেবতা। "অমরা সঙ্গতি করি ম.পা ২৩। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] অমরস্ত্রী, সুরনারী। "°কবরীভার।—কুবলয়ানন্দ ১। অমরী ব্রততী অমর সুতরুকুল মা ১৩৯। সা.ম ২০ ; ৫১। হেম ১০৬ ; ১৩৫ ; অমরী-ইঙ্গিতে ১১৮।

অমরকোষ পুং [উ.লো] অমরসিংহকৃত ত্রিকাণ্ডযুক্ত সংস্কৃতাভিধান।

অমরতটিনী স্ত্রী [উ.লো] দেবপ্রিয়া নদী ; সুরসরিৎ, গঙ্গা। "অমর-তটিনীরোধঃ।—বৈরাগ্যশতক, ৮৭।

অমরতরু পুং [উ.লো] ১ দেবপ্রিয় বৃক্ষ ; পারিজাত মন্দার কল্পবৃক্ষ সন্তান হরিচন্দন—এই পঞ্চ দেবতরু। "°কুসুমসৌরভ।—ভামিনীবিলাস ১.২৮। পরিমলে জিতল অমরতরুবাস।—গো ১২৪। ২ দেবদারু। ৩ কল্পবৃক্ষ। দ্র (১)।

অমরতা স্ত্রী, **-মরত্ব** ক্লী [অমর+তা (তল্), ত্ব তদ্ভাবার্থে, স্ত্রী আ (টাপ্)] অমরভাব, অনশ্বরত্ব, মৃত্যুহীনতা। "নামরত্বমহং বৃণে রা ২.৩১.৫। কিন্তু কোন গুণ আছে, যাচিব যে তব কাছে, হেন অমরতা আমি।—মাইকেল।

অমরনগর বি [ষ.ত] সুরপুর, স্বর্গ। "ম ১২৭২।

অমরপ্রভু, -ভর্ত্তা (-র্ত্তৃ), -রাজ পুং [ষ.ত ; °জ, সমাসান্ত 'অ' (টচ্)] সুরপতি, ইন্দ্র। "°জশক্র গো.রা ৬.৩৫.১।

অমরলোক পুং [ষ.ত] ১ দেবলোক, স্বর্গ। ২ ব্রহ্মলোক। [অমর-লোকতা (স্ত্রী)—অমরধর্ম্মক ব্রহ্মভাব। "মনু ২.৫।]

অমরাধিপ পুং [অমরের অধিপ, ষ.ত] ১ সুরপতি, ইন্দ্র। "রা ২.৭৪. ২২। ২ শিব। —ধীশ পুং [অমরের অধীশ, ষ.ত] দেবতার অধি-পতি ; ইন্দ্র।

অমরানগর বি [পদ্যে] ১ অমরাপুরী, অমরাবতী। "কোন দৈত্য আইসে দেখ অমরানগর কৃ.উ ১৪। ২ (সাদৃশ্যে) অমরাবতীতুল্য সমৃদ্ধ নগর। "স্থানে স্থানে দেখে সব অমরানগর গো.বি ৫৫।

অমরাপতি বি [পদ্যে] অমরাবতীর পতি ; ইন্দ্র। "গ ২৫।

অমরাপুরী বি [পদ্যে] অমরা নামে নগরী ; অমরাবতী, ইন্দ্রপুরী। "গ ৩৫।

অমরাবতী স্ত্রী [অমর+বৎ (বতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্), দীর্ঘ, পা ৬.৩.১১৯] ১ যাহাতে অমর আছেন ; ইন্দ্রনগরী, অমরা। "রা ১.৬.৫। কৃ.উ ১০৮। ২ বিদর্ভদেশের (বেরারের) নগরীবিশেষ।

অমরাবাস, -ভুবন, -স্থল বি [অপ্র] অমরার বাসস্থান; অমরাবতী, স্বর্গ। "°স চ.বি ৩২৪। °ন ম.পা ২৬ ; ৫২। ম.বি ৪৬। °ল গ ২৫।

অমরাভুবন, -স্থল ; অমরী দ্র 'অমরাবাস ; অমর'।

অমরেন্দ্র পুং [অমর ইন্দ্রতুল্য, উপ.স] ১ সুরশ্রেষ্ঠ, ইন্দ্র। ২ বিষ্ণু। ৩ শিব।

অমরেশ, -রেশ্বর পুং [অমরের ঈশ ঈশ্বর, ষ.ত] ১ সুরপতি, দেবদেব। "রুদ্র ইবামরেশঃ গো.রা ৬.৩৫.৩। বিষ্ণুরিবামরেশ্বরঃ রা ১.৭৭.২৯। ২ ইন্দ্র "°শদিক্ সা.দ ৩২৩। °শ্বর শ ৭৬। রঘু ১৯.১৫। —র পুং শিবলিঙ্গবিশেষ।

অমরোপম বিণ [অমরের সহ উপমা যাহার, বহুব্রী ; অমরের সদৃশ নি.স ; স্ত্রী -মা] দেবসদৃশ। "মহা ৩.৫৭.৬৪।

অমর্ত বি [সং অমৃত, মৃ > ম্র > মর্ ; অপ্র] সুধা, সুধাতুল্য জীবনরক্ষক জল। "অমর্ত কুণ্ডর পানি : অমর্ত বরিখন শূ ১১২। [অমর্তকুণ্ড—সুধাপাত্র। মুখের অমর্ত (স্ত্রীভাষা)—মুখামৃত, লালা।]

অমর্ত্ত্য বিণ [ন.ত ; স্ত্রী -র্ত্ত্যা ; ঋগ্বেদ ১.৪৬.১ ; cf., L im-mortalis ; E. immortal] মরণরহিত, অক্ষয়। —র্ত্ত্য পুং অমর, দেবতা। "°বধূ-সমূহ কি ৬.৪৬। °ভাব রঘু ৭৫.৩। °নদী ভ ১.১৯.৫ ; অমর্ত্ত্যানাং দর্শনম্ ৭.৩.২১। সে দেবত্ব কোথা হে অমর্ত্ত্যগণ?—হেম ১২৯। [°নদী—গঙ্গা। °বধূ—অপ্সরা। °ভাব—দেবত্ব। °ভুবন—দেবলোক, স্বর্গ।]

অমর্য্যাদ বিণ [ন মর্য্যাদা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -দা] ১ মর্য্যাদাহীন, সম্মানরহিত। "গো.রা ৩.৪১.১১। ২ সীমারহিত, অসীম। ৩ ত্যক্তস্ব-স্বপ্রকৃতিক (রা.টীকা) ; অপ্রকৃতিস্থ। "জগৎ সর্ব্বমমর্য্যাদম্ রা ৩.৫২.৯।

৪ অতিক্রান্তব্যবহার, লঙ্ঘিতাচারক্রম। "অমর্য্যাদম্ অগ্য কর্ম্ম করিষ্যসি রা ২.৩৫.১১। ৫ মহান্, প্রবল, দুর্নিবার। "অমর্য্যাদেন কামেন ঘোরেণা-ভিপরিপ্লুতঃ মহা ৪.১৫.১। —দা স্ত্রী [ন.ত] ১ মর্য্যাদাভাব, অসম্মান। ২ সীমাভাব, সীমালঙ্ঘন।

অমর্ষ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -র্ষা] মর্ষণহীন, অসহিষ্ণু। —র্ষ পুং [ন.ত] ১ মর্ষাভাব, অসহিষ্ণুতা, পরলাভে অসহন, অক্ষমা। "পা ৩.৩.১৪৫। হর্ষামর্ষ গী ১২.১৫। তাতপ্রতাপোৎকর্ষেঽপি অমর্ষঃ উ.চ ৫২৪/৩০। রোষামর্ষ-আদি সৈন্য চৈ.চ ৮১। ২ মর্ষবিরোধী, কোপ, রোষ। "সামর্ষ রঘু ৭.৪৪। °শূন্য কি ১.৩৩। °পূর্ণহৃদয় (বিষ্ণুপুরাণ)। ৩ (অলঙ্কার-শাস্ত্রে) ব্যভিচারিভাববিশেষ। 'সা.দ ৩.১৫৬ [°হাস—সরোষহাস্য।]

অমর্ষণ বিণ [ন.ত ; স্ত্রী -ণী] ১ অসহনশীল, অসহিষ্ণু। "গো.রা ৪.৩.৬৪। মহা ৩.৬৪.৫৪। পঞ্চ ১.৩৫৫। ২ কোপন, রোষণ, ক্রোধশীল। "ভীম-সেনোঽত্যমর্ষণঃ মহা ৩.১৫৪.১৩। ৩ অসহন, ক্রুদ্ধ। "রঘু ৩.৫৩। —ণ ক্লী [ন.ত] মর্ষণাভাব, অক্ষমা, ক্রোধ। "মহা ১৩.৩৫.১৮। —র্ষিত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ অকৃতসহন, অসোঢ়। ২ [অমর্ষ+ইত (ইতচ্) সঞ্জাতার্থে] সঞ্জাতামর্ষ, ক্রুদ্ধ। "গো.রা ৪.৯.১৩। অভিমন্যুবধামর্ষিত বে ৪২/২৫। —র্ষী (-র্ষিন্) বিণ [ন.ত ; স্ত্রী -র্ষিণী] ১ অসহন, অসহিষ্ণু। "রা ৩.৩৪.১৪। ২ ক্রুদ্ধ। "পিতৃবধামর্ষী রা ১.৭৪.২১।

অমর্ষিত, -মর্ষী দ্র 'অমর্ষণ'।

অমল বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -লা] ১ যাহাতে মল নাই ; নির্ম্মল, পরিষ্কৃত। "°শেখরশ্রী কু.স ৭.৩২। অমল কমলদল সোভই পদতল গ ৫৯। অমল কমল···আনন্দে রহে ফুটিয়া।—রবীন্দ্র। ২ স্বচ্ছ। "অমল-পিঙ্গতার কু.স ৭.৩৬। ৩ অকলঙ্ক, অঙ্করহিত। "চন্দ্ররেখামিবামলাম্ গো.রা ৫.২০.৩। ৪ দোষহীন, অনবদ্য, বিশুদ্ধ। "জনন্যমলান্বয়া মা.মা ২.২। ৫ সমুজ্জ্বল, বিশদ। "কর্ণাবসক্তামলদন্তপত্র কু.স ৭.২৩। °মণিরত্ন (বিষ্ণুপুরাণ)। ৬ প্রসন্ন। "দৃষ্ট্যা প্রসাদামলয়া রঘু ৬.৮০। ৭ পবিত্র, শুদ্ধ, অনুপহত (বস্ত্রাদি)। ৮ অকপট, শুদ্ধচিত্ত, সরল। "আপন্নাশায় বিবুধৈঃ কর্ত্তব্যাঃ সুহৃদোঽমলাঃ।—পঞ্চ ২.১৮১। ৯ দোষ-লেশহীন, শুভ্র। "স্থিরম্···অমলং যশঃ ক.সা ২২.২৬। ১০ অপাপ, শুদ্ধচরিত। "(নরাঃ) মহর্ষয় ইবামলাঃ রা ১.৬.৯। ১১ পবিত্র, পাবন, পুণ্য। "নমামি কমলাম্ অমলাম্···মাতরম্ ব.দ্বি ৯৭। অমল চরণ ঘেরিয়া পুলকে শত শতদল ফুটিল।—গান ৮৫। ১২ মেঘমুক্ত, নির্ম্মল। "অমলম্···গগনং তোয়দাত্যয়ে রা ২.৭২.১৯। ১৩ নিষ্কাম। "প্রীয়তেঽমলয়া ভক্ত্যা হরিঃ ভ ৭.৭.৫২। ১৪ মলরহিত, প্রকাশময় (গী.টীকা)। "লোকানমলান্ প্রতিপদ্যতে।— গী ১৪.১৪। ১৫ মল-শূন্য, অর্থাৎ জ্ঞানগোচর। "যস্য ত্রিকালমমলম্ (স ভগবান্)।—বিষ্ণু-পুরাণ। —ল পুং স্ফটিক। —ল ক্লী ১ অভ্রধাতু। ২ [ন.ত] মলাভাব, বিশুদ্ধি, অঙ্কাভাব। —লা স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্)] ১ লক্ষ্মী। ২ ভূম্যামলকী। ৩ সাতলাবৃক্ষ। ৪ নাভিনালা। তু 'অমরা'। ৫ (বাঙ্লায়) আমলকী, আমলা। "অমলা বণ্টন, যতন করিয়া আনে চ.সা ৪৭।

অমলধবল বিং [তু 'অবল ধবল'—গো.চ ১৬৩ ; 'ধবল'-এর অনুকরণে 'অবল'] নির্ম্মলভাবে ধবল ; অতিশুভ্র। "অমলধবল পালে লেগেছে মন্দ-মধুর হাওয়া।—গান ৯৫। সীতাভোগপ্রভৃতির অমলধবল শোভা ব.প্র ২৫৯ ; অমলধবল-কিরণরাশি সুধাংশো ! ৫৯৪ ; অমলধবল অন্ন-রাশি কাংস্যপাত্রে কুসুমদামবৎ বিরাজ করিতেছে ৬৩৩।

অমলমণি পুং,-**রত্ন** ক্লী [কর্ম্মধা] শ্বেত মণি ; স্ফটিক। "অমলমণি ভট্টি ১৩.৪০।

অমলিন বিণ [ন.ত ; স্ত্রী -না] ১ নির্ম্মল, স্বচ্ছ। ২ নির্দ্দোষ, বিশুদ্ধ। "কুলমমলিনম্ মা.মা ২.২।

অমহিমা বি [অপ্র] অযশঃ, নিন্দা, কলঙ্ক। "ঘরে অবিবাহিতা কন্যা বড়ই অমহিমা ম.ম ২৩।

অমা ব্য ১ সহ। "ঋগ্বেদ ২.৩৬.৩। °বাস্যা, °বস্যা পা ৩.১.১২২। ২ সমীপ। "অমাত্য পা ৪.২.১০৪। —মা বিণ অমিত, পরিমাণশূন্য। —মা পুং আত্মা। —মা স্ত্রী [ন মা, ন.ত] ১ যাহা ক্ষয়োদয়ে পরিচ্ছিন্ন হয় না ; চন্দ্রের ষোড়শী কলা ; মহাকলা। [ইহা চন্দ্রের ষোড়শী কলা। ইহার ক্ষয় ও উদয় নাই, সুতরাং নিত্য। ইহা অন্য কলার আধারশক্তি-রূপা এবং মাল্যের সূত্রবৎ কলাসমূহের সহিত অনুস্যূত।—রঘুনন্দন।] ২ [অমাবস্যা>অমা ('ভীম'বৎ শব্দের একদেশগ্রহণ—অ.চি) ; ন মাঃ (চন্দ্রমাঃ) যাহাতে, ন.বহুব্রী, পৃষোদরাদি (?)] অমাবস্যা। "রঘু ১৪.৮০, মল্লিনাথ। অমায়াং তু সদা সোম ওষধীঃ প্রতিপদ্যতে (ব্যাস)। ত্রয়োদশী চতুর্দ্দশী অমা হ'ল্য আসি দু ১৪। অমাযামিনী স.শ ৬১। কু.কে ১৫০। পূর্ণিমা অমায় যে ধরে হাল। তার দুঃখ সর্ব্বকাল॥ —খনা। এ অমা ঘুচিবে, সে শশী উঠিবে।—হেম ৩৩। °নিশীথিনী প.তৃ ৮৪। ৩ মহামায়া, দুর্গা (দ্র 'কলা'—ত.বা)। "অনন্তা অম্বা অমা ভা.চ ৫৬৪। —মা পুং আত্মা।

অমাতৃক বিণ [ন মাতা যাহার, ন.বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -কা] মাতৃহীন।

অমাত্য পুং [অমা+ত্য (ত্যপ্), 'তত্র ভব' অর্থে, পা ৪.২.১০৪ ; (ছান্দস) 'অমাত্য'—অন্তিকেভব, সহভূত (ঋগ্বেদ ৭.১৫.৩)] ১ সমীপে ভব (স্থিত) ; কর্ম্মসচিব, মন্ত্রী। 'দেশকালপ্রবিজ্ঞাতা হ্যমাত্য ইতি কথ্যতে শু ২.৮৬। "মনু ৭.৬০ ; °মুখ্য ১৪১। °পুত্র রঘু ৩.২৮। পুরোহিতামাত্যমথ ভট্টি ৩.২৮। °বর্গপরিবৃত সী ১। ২ সেনাপতি। "মনু ৭.৬০। ৩ বান্ধব। "আশ্বালায়ন ৪.২.৯।

অমাত্র বিণ [ন মাত্রা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -ত্রা ; (ছান্দস) '°ত্র'—ইয়ত্তারহিত (ঋগ্বেদ ১.১০২.৭)] ১ মাত্রাহীন, পরিচ্ছেদশূন্য, অসীম (গগনাদি)। ২ (ছন্দঃশাস্ত্রে) মাত্রাহীন। ৩ অপূর্ণমাত্রক, অসমগ্র। ৪ অকারমাত্রাবিশিষ্ট। —ত্র পুং পরমাত্মা। —ত্র ক্লী মাত্রারাহিত্য, অপরিচ্ছেদ। —ত্রা স্ত্রী [ন.ত] মাত্রাভাব, অতিমাত্রতা, নিরতিশয়। "তে হি কুপ্যন্ত্যমাত্রয়া ক.সা ৮.১১২।

অমানন ক্লী, **-না** স্ত্রী [ন.ত] মাননার অভাব ; অনাদর, অবজ্ঞা। "হি ১.১১৪। না কর সেনের অমাননা শ্রী.মা ১৯১।

অমানব বিণ [ন.ত ; স্ত্রী -বী] ১ অ-মনুসম্বন্ধী, অমানুষ। "মাঘ ১.৬৭। ২ অলৌকিক। ৩ পাশব।

অমানান '-ন্' বিং যাহা মানায় না বা ভাল দেখায় না ; অশোভন, গরমানান।

অমানী (-নিন্) বিণ [ন.ত ; স্ত্রী -নিনী] ১ মানিভিন্ন, স্বগুণশ্লাঘা-রহিত, আত্মশ্লাঘাহীন। "°নিত্ব গী ১৩.৭। অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ চৈ.চ ৬১। ২ নিরভিমান। —নী পুং বিষ্ণু (মহা)।

অমানুষ বিণ [ন.ত ; স্ত্রী -ষী ; ছান্দস] ১ মনুষ্যসম্বন্ধিভিন্ন, মনুষ্যে অসম্ভাবিত। "যস্য···বৃত্তমাহুরমানুষম্ রা ২.১০২.৪। °ষেণ ঘোরেণ মহা ১৪.১০.১১। ২ অমানব, অলৌকিক, দিব্য। "°বাকৃতি, °গীত, °শক্তি। বপুরেতদ্ধ্যমানুষম্ মহা ৩.২৯৬.১১। °ষং বীর্য্যম্ ক.সা ১০.১২৫। কেহ বলে ব্রাহ্মণের শক্তি অমানুষী চৈ.ভা ৮৩। ৩ অ-মানুষসম্ভব, অশরীরী, দৈব। "বাগুচ্চৈরুবাচামানুষী গো.রা ৩.৪.১১। ৪ পশুচিত্ত, পাশব। ৫ অতিদারুণ, ক্রূর। ৬ [ন.বহুব্রী] মানুষহীন, বিজন। "°ষং বনম্ (কাদম্বরী)। —ষ [ন.ত] ১ মানুষভিন্ন প্রাণী ; গবাশ্ব-প্রভৃতি। "মনু ৯.২৮৪। ২ অপ্রশস্ত (মনুষ্যত্বহীন) জন ; নরাধম। [°লোক—স্বর্গ (কাদম্বরী)।

অমানুষিক বিণ [ন.ত ; স্ত্রী -কী] ১ মনুষ্যে অসম্ভব ; অলৌকিক, লোকোত্তর (রূপগুণাদি)। ২ মনুষ্যক্ষমতাতীত, অসাধারণ, অতি-কঠোর (শ্রমাদি)। ৩ অমনুষ্যোচিত, পাশব, নিদারুণ (অত্যাচারাদি)।

অমানুষী স্ত্রী [ন.ত] ১ মানুষীভিন্না, তির্য্যগ্জাতীয়া স্ত্রী ; স্ত্রীজাতি পশুপক্ষী। "শ ৫.২১। ২ বড়বাদি স্ত্রীজাতি পশু। "মনু ১১.১৭৪। ৩ (বাঙলায় ; অপ্র) অমানুষীয়, মনুষ্যে অসম্ভব, অসাধারণ, বিপুল। "অতি-অমানুষী বিবাহ সজ্জার চৈ.ভা ১১৪ ; ৪৪২।

অমান্য বিং [ন.ত ; স্ত্রী -ন্যা] অপূজ্য, হেয়। "ব্রাহ্মণেরে অমান্য করিলে দুরাচার ম ৮৪৮। —ন্য বি অসম্মান, অবমাননা, অনাদর। "তুমি যা দিয়েছ মোরে অধিকার-ভার, তাহা কেড়ে নিতে দিলে অমান্য তোমার !—স.স্ব ৩০।

অমাবসী, -বাসী স্ত্রী [অমা+ √বস্+অ ঔণাদিক,-ধি,+স্ত্রী ঈ (ঙীষ্), বাহুলকে দীর্ঘ (অ.চি-টীকা) ; বোধ হয়, 'অমাবস্যা, -বাস্যা' শব্দের উচ্চারণ—'অমাবসিআ, -বাসিআ' ইহার মূল] অমাবস্যা (শব্দার্ণব)। "নির্য্যাহ্যমাবাস্যাং বিজয়ায় গো.রা ৬.৭২.৬৬। °বাস্যান্ত··· সম্প্রত্যুর্মহর্ষয়ঃ মহা ১.১২০.৫। —বস্যা, -বাস্যা স্ত্রী [+য (ণ্যৎ) -ধি+স্ত্রী আ (টাপ্), পাক্ষিক হ্রস্ব নিপাতিত, পা ৩.১.১২২] ১ যে তিথিতে সূর্য্য ও চন্দ্র সহবাস করে ; কৃষ্ণপক্ষের পঞ্চদশী তিথি ; সূর্য্যেন্দু-সঙ্গম, পঞ্চদশী, দর্শ। [সূর্য্যাচন্দ্রমসোর্যঃ পরঃ সন্নিকর্ষঃ সামাবস্যা (গোভিল)।—সূর্য্য ঊর্দ্ধস্থ মন্দগামী, চন্দ্র অধঃস্থিত শীঘ্রগামী ; এইরূপ গতি হেতু চন্দ্র যখন সূর্য্যমণ্ডলের অতিসন্নিকৃষ্ট (ঠিক অধোভাগে অবস্থিত) হয়, তখন চন্দ্রমণ্ডলের ঊর্দ্ধ অর্দ্ধাংশ আলোকিত হয় ও নিম্ন অর্দ্ধাংশ অপ্রকাশ থাকে, চন্দ্র দৃষ্ট হয় না, রাত্রি নিরবচ্ছিন্ন অন্ধকারময় হয়।] ২ অমাবস্যায় করণীয় যজ্ঞ ; দর্শযাগ।

অমাবস্যা, -বাসী, -বাস্যা দ্র 'অমাবসী'।

অমায় বিণ [ন মায়া যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -য়া ; বৈদিক] ১ মায়াশূন্য, অকপট, সরল। ২ অবিদ্যাহীন। ৩ ইয়ত্তাহীন। —য় ক্লী ব্রহ্ম। —য়া স্ত্রী [ন.ত] ১ মায়াভাব, মায়াব্যতিরেক, অকপট। "মনু ২.৫১ ; ৭.১০৪"। হি ২.৩২। সেইদিন অমায়ায় কহিলেন কথা (চৈ.ভা)। ২ (বেদান্তে) মায়ারাহিত্য, অবিদ্যাভাব।

অমায়িক বিণ [ন.ত ; স্ত্রী -কা] ১ অমায়াবান্, অকপট, সরল, সাধু। "অমায়িক ভাব ন ৪২৮। অমায়িক তোমার অন্তর ব.সু ১১। অমায়িক প্রেমিক সা.ম ৩৭। ২ (বাঙলায়) আড়ম্বরহীন, সাদাসিদা। "মুনিজন-মনোহর অমায়িক বেশ স.শ ৭৪। ৩ মায়ালেশহীন, সরলতাব্যঞ্জক। "কিবে অমায়িক বদনমণ্ডল, কিবে অমায়িক নয়নপাতি ব.সু ৩৫। ৪ মায়াবরণহীন, স্বচ্ছ। "কিবে অমায়িক সরল মতি ব.সু ৩৫। ৫ স্বার্থহীন, উদার। "কিবে অমায়িক বাসনা সকল ব.সু ৩৫।

অমায়ী (-য়িন্) বিণ [ন.ত ; স্ত্রী -য়িনী] অর্থ 'অমায়িক (১)। "মহা ৩.৩৪.৪।

অমার্গ পুং [ন.বহুব্রী ; স্ত্রী -র্গা] মার্গহীন, অপথ (দেশাদি)। —র্গ পুং [ন.ত] ১ অপ্রশস্ত মার্গ ; কুপথ। ২ শাস্ত্রবিরুদ্ধপথ, উৎপথ, অসন্মার্গ। ৩ বিগর্হিত উপায়। "মহা ২.৫৯.৬। ৪ মার্গাভাব।

অমার্জ্জিত বিণ [ন.ত] অপরিষ্কৃত, অসংস্কৃত, মলযুক্ত। "মহা ৩.৬৫.৪৬।

অমিখ সর্ম্ম [সং অনু+ √ঈক্ষ্ (অবীক্ষ্)—মূল (?) ; অপ্র] দেখা। "আহা মরি অমিখিয়া জুড়াইল আঁখি শ্রী.মা ৮৫।

অমিঞা বি [সং অমৃত>প্রা অমঅ (হে), অমিয় (প্রা.স)>বা অমিয়া, -আ, -আঁ, -ঞা (অনুনাসিক হেতু আ>আঁ>ঞা) অমিঅ, -য়া(চ), -অ (লো) ; হি অমিয় ; মৈ অমিঅ ; তু 'আমিঞা' ; বৈষ্ণব-সাহিত্যে] সুধা। "°যাঁহা যাঁহা হাস সঞ্চার। তাঁহা তাঁহা অমিঞা বিকার॥ —বি.প ৩০। অমিঞা গরল হয় শ্রী.ম ১৩৯। গোরা-অঙ্গ-কিরণ-অমিঞা চৈ.ম ৩৫। প্রেম অমিঞা রসে।—গো ৩০ ; অমিঞার সাঁচে ভরি ৩৫। অমিঞা রসের কূপ ব.প ৯৯৫ ; অমিঞা সিনান ১০৩৯। অমিঞা পানা চ.দা ১১২।

অমিত বিণ [ন.ত ; ছান্দস] ১ অপরিমিত, ইয়ত্তাহীন, প্রচুর। "অমি-তস্য হি দাতারম্ গো.রা ৪.২০.৪। মাঘ ৪.১১। ২ অসীম, অনন্ত। ৩ মহান্, বিপুল, অতিশয়। "°বিক্রম, °বীর্য্য। ৪ নির্দ্দিষ্ট সংখ্যাহীন। "°তাক্ষর। [°তাত্মা (-ত্মন্) —অমিতবুদ্ধি (নীলকণ্ঠ)। "মহা ৩.১৬৬.৮। °তাভ—১ যাহার অমিতা আভা ; মহাপ্রভ, অতিদীপ্ত। ২ (বহুব) অষ্টম মন্বন্তরের দেবগণ (বায়ুপুরাণ)। ৩ বুদ্ধদেব। °তাশন —'সর্ব্বভক্ষক', বিষ্ণু (মহা)।]

অমিতাত্মা, -তাভ, -তাশন দ্র 'অমিত'।

অমিতৌজাঃ (-জস্) বিণ [অমিত ওজঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -জাঃ] ১ অপরিচ্ছেদ্যসামর্থ্য, সর্ব্বশক্তিমান্। "মনু ১.৪। ২ অতিবীর্য্যশালী, মহাবল। "মনু ১.১৬। ৩ অপরিমিততেজস্ক, মহাতেজাঃ (দেবাদি)। "মনু ১.৩৬।

অমিত্তি বি [সং অমত্র>প্রা অমত্ত (প্রা.স)>বা অমিত্তি ; হি অমৃতী, ইমরতী] গলাসরু জলাধার তৈজস পাত্রবিশেষ। "কবিরাজ দেখিলেন ছবুড়ির ফলে অমিত্তি হারাইতে হয় আ.দু ৯৬ ; ১৩৫। [ছবুড়ির ফলে অমিত্তি হারান—স্বল্প লাভের আশায় মূল্যবান্ দ্রব্য খোয়ান ; খাড়্‌র ঘায়ে গাড়্‌ যাওয়া।]

অমিত্র পুং [√অম্+ইত্র (ইত্রচ্)-ক, উ ৪.১৭৩] পীড়ক ; শত্রু, রিপু। "জহি···মঘবন্নমিত্রান্।—ঋগ্বেদ ৬.৪৪.১৭। নিহতামিত্র রা ১.৬.৩ ; মাতৃরূপে মমামিত্রে নৃশংসে ২.৭৪.৭। মনু ২.২৩৯ ; ৭.৮৩। রঘু ২.৩৬। প্রকৃত্যমিত্রা হি সতামসাধবঃ কি ১৪.২১। [°কর্শন, °কর্ষণ—শত্রুর পীড়ক ; অরিন্দম। "ভীষ্মমমিত্রকর্শনম্ মহা ১.২.১৮২ ; °ণ ৩.১৪৭.১। °ঘাতী (-তিন্)—শত্রুনাশক, অরিঘাতক। "গো.রা ৫.৮০.২৩।]

অমিত্রকর্শন, -কর্ষণ, -ঘাতী দ্র 'অমিত্র'।

অমিত্রঘ্ন বিণ [অমিত্র+ √হন্+অ (ক)-ক, মনুষ্যকর্ত্তৃকে ; উ.ত ; স্ত্রী -ঘ্না] ১ শত্রুঘাতক। "°ঘ্ন (রাঘব) গো.রা ৩.২৩৬। ২ [+অ (টক্) অমনুষ্যকর্ত্তৃকে ; উ.ত ; স্ত্রী -ঘ্নী] শত্রুনাশক। "অমিত্রঘ্ন (শর) গো.রা ৩.৩৫.৮৮।

অমিত্রজিৎ বিণ [অমিত্র+ √জি+ক্বিপ্ (০)-ক , উ.ত , স্ত্রী -ৎ] শত্রুজয়ী, অরিন্দম। "নৈ ১.১৩।

অমিত্রতা স্ত্রী [অমিত্র+তা (তল্) তদ্ভাবার্থে] অমিত্রভাব, শত্রুতা। "মু ১.৫৩। পঞ্চ ২.১০৫।

অমিত্রহা (-হন্) বিণ [অমিত্র+ √হন্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ঘ্নী] শত্রুনাশক। "অমিত্রহা বৃত্রহা···ত্বং নঃ।—ঋগ্বেদ ১০.৮৩.৩।

অমিত্রাক্ষর বি যে ছন্দের পঙ্‌ক্তির শেষে অক্ষরে অক্ষরে অমিত্রতা অর্থাৎ অমিল ; বাঙলাছন্দোবিশেষ (Blank Verse)। "আমি কৌতুক ক'রে বলুম, মিত্রে মিত্রে মিলে অমিত্রাক্ষর। হয় ত আমাদের ভাগ্যকবি প্যারাডাইস্ লষ্ট-এর মত একটা এপিক্ লেখবার সঙ্কল্প করেচেন ঘ ১২৬। [ইহা চৌদ্দ অক্ষরের ছন্দ, পঙ্‌ক্তির শেষ দুই অক্ষরের মিল থাকে না। ইহা মিল্টনের ছন্দের অনুকরণ, মাইকেল ইহার সৃষ্টিকর্ত্তা। ইহার অন্য নাম 'মাইকেলী ছন্দ'।]

অমিথ্যা বিণ [ন.ত ; স্ত্রী -থ্যা] সত্য, যথার্থ। "রঘু ১৪.৬।

অমিয়, -য়া বি [দ্র 'অমিঞা'] অমৃত, সুধা। "অমিয় বচন তার (কাব্যনির্ণয়)। না জানি কি পায় তব বচনে অমিয় (কবিতাকুসুমাঞ্জলি)। অমিয়া বরিখে বি.প ১৬ ; অমিয়া সরোবরে ১২৫। অমিয়া

ছানিয়া গড়িল চ.দা ১৩। অমিয়া সিঞ্চনে চৈ.ম ৭। অমিয়া হাসি শ্রী ৫৭। বচন অমিয়া সিন্ধু রা.শে ৩১। উথলে অমিয়াসিন্ধু বি.সু ৫২। অমিয়া সাগরে চ.সা ১৩১। [°য়াদিঠ—অমৃতবর্ষী দৃষ্টি ; সুধাবৎ মৃত-সঞ্জীবন দৃষ্টিপাত। "কৃষ্ণের অমিয়াদিঠে, বালক সকল উঠে ব.প ৭১১। °য়ামিঠ—অমৃতবৎ মিষ্ট ; সুধামধুর, সুধাস্বাদু। "কিবা সে বচন অমিয়ামিঠ বি.প ৭২।]

অমিয়া, অমিয়াদিঠ, -মিঠ দ্র 'অমিয়'।

অমিল বিং [অ+মিল] ১ যাহা মিলান (সংগ্রহ করা) কঠিন ; দুর্লভ। "সহরে পয়সা হ'লে কিছুই অমিল হয় না, বাঘের দুধও পাওয়া যায়। ২ অর্থেও যাহা মিলে না ; অমূল্য (Invaluable)। "অমিল নিধি বি.সা ৩১। —ল বি ১ মনের অমিলন ; অনৈক্য, মনকষাকষি। "স্ত্রীপুরুষে মনের অমিল হ'লে সংসারে সুখ থাকে না। ২ কাষ্ঠখণ্ডদ্বয়ের ভাল সংযোগ না হওয়া, অর্থাৎ বেমালুম জোড় না লাগা। ৩ ছন্দে পঙ্ক্তির শেষে বর্ণে বর্ণে বা বর্ণের উচ্চারণে পার্থক্য (মিল না হওয়া)। ৪ অনৈক্য, দ্বৈধ, গরমিল। "তুমি বল এক, কর আর, এমন কথায় অমিল হ'লে কাজ চলে না।

অমিশ্র বিণ [ন.ত ; স্ত্রী -শ্রা ; বৈদিক] ১ অসঙ্কীর্ণ, পৃথগ্‌ভূত। ২ অন্যের ভাগরহিত ; নিজ (ভূমি-প্রভৃতি)। ৩ দ্রব্যান্তরমিশ্রণহীন ; বিশুদ্ধ, খাঁটি (ঘৃতাদি)। ৪ (বাঙলায়) একজাতীয় ও একশ্রেণীস্থ (রাশি)। "°সঙ্কলন, °ব্যবকলন। ৫ অসংযুক্ত (বর্ণ)। "ক খ ইত্যাদি। —মিশ্রিত বিণ সর্থ 'অমিশ্র (১-৩)।

অমিশ্রিত দ্র 'অমিশ্র'।

অমীমাংস্য বিণ [ন.ত ; স্ত্রী -স্যা] মীমাংসার অযোগ্য ; প্রতিকূল তর্ক দ্বারা অবিচার্য্য। "মনু ২.১০। অত্রি ২.৩৮।

অমুক সর্ব্ব [পাণিনিমতে 'অসুক' (পুং), 'অসুকা' (স্ত্রী), পা ৭.২.১০, বার্ত্তিক, তত্ত্ববোধিনী ; মুগ্ধবোধ ২৩৪ ; মতান্তরে, 'অমুক' (পুং), 'অমুকা' (স্ত্রী) বিকল্পে (দুর্গাদাস)। বা 'অমুকী'। লি—অমুক ; প্রা অমুগ (প্রা.ম) ; হি, ঠ, গু অমুক] অনির্দ্দিষ্টনামা বস্তু বা ব্যক্তির পরিবর্ত্তে প্রযোজ্য সর্ব্বনাম ; ঐ, ফলনা। "অহমমুকঃ সাক্ষী যাজ্ঞ ২.৮৯ ; °সুনু ; লিখিতং হ্যমুকেন ৯০। 'অমুক এই দিয়াছেন' গোবিন্দ করে নিবেদন চৈ.চ ৩১৪। অমুক পর্ব্বতে ভ.গ্র ৭৭৩। অমুক দিবস অমুক তারিখে অমুক সময়ে তিনি মতিলালকে···ফার্সি পড়াইতেছিলেন আ.দু ৫০। আজি বিকালে অমুকের আসিবার সম্ভাবনা আছে পা.প্র ২৬৭। [°নামা (-মন্)—অনির্দ্দিষ্টনামা। "°নামাহমস্মি মনু ২.১২২, কুল্লুক। °শর্ম্মা ('অদকঃশর্ম্মা' সাধু —পা ৭.২.১০৭, তত্ত্ববোধিনী) অনির্দ্দিষ্টনামা ব্রাহ্মণবিশেষ।]

অমুকনামা, -শর্ম্মা দ্র 'অমুক'।

অমুক্ত বিণ [ন.ত] ১ বদ্ধ। ২ সংসারবন্ধনযুক্ত। ৩ অবহুপ্রদ। "°হস্ত। —ক্তি স্ত্রী [ন.ত] ১ মুক্তির অভাব ; অমোচন, বন্ধন। ২ সংসারবন্ধনমোচনের অভাব ; সংসারবদ্ধতা। [°হস্ত—যে মুক্তহস্ত (ব্যয়ে বা দানে হাত-খোলা) নহে ; অবহুপ্রদ, মিতব্যয়ী। "(স্ত্রিয়া ভাব্যম্) ব্যয়ে চামুক্তহস্তয়া মনু ৫.১৫০। অমুক্তহস্ততা বিষ্ণু ২.৫৫।]

অমুক্তহস্ত, অমুক্তি দ্র 'অমুক্ত'।

অমুত্র ব্য [অদস্+ত্র (ত্রল্) সপ্তমীস্থানে ; ছান্দস] ১ ঐ স্থানে, তথা, সেস্থানে। "অমুত্রাসন্ যবনাঃ (দশকুমার)। ক.সা ২৪.২০৯। ২ পরলোকে। বিপ 'ইহ'। "মনু ৩.১৮১ ; ৪.১৬৮। নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে গী ৬.৪০। [°ত্য—পারলৌকিক। °ত্রার্থ—পর-লোকার্থ। "অমুত্রার্থমুপার্জ্জিতম্ (সংকৃতম্) মনু ৭.৯৫।]

অমুত্রত্য, অমুত্রার্থ ; অমুষ্যায়ণ দ্র 'অমুত্র ; আমুষ্যায়ণ'।

অমূর্ত্ত বিণ [ন.ত ; স্ত্রী -র্ত্তা ; বৈদিক] মূর্ত্তভিন্ন, অবয়বহীন, অপরিচ্ছিন্নপরিমাণ, অরূপ। "দ্বে বাব ব্রহ্মণো রূপে মূর্ত্তং চামূর্ত্তমেব চ (শতপথব্রাহ্মণ)। অমূর্ত্তস্যাশ্রয়ো মূর্ত্তঃ ; অমূর্ত্তঃ পরমাত্মা ; মূর্ত্তানন্দ অমূর্ত্ত আনন্দ নাহি ভেদ চৈ ১০৯ ; ১১০। —র্ত্ত পুং ১ বায়ু। ২ অন্তরিক্ষ। ৩ (বায়ুমূর্ত্তি ও আকাশমূর্ত্তি) শিব। তু 'অষ্টমূর্ত্তি'। —র্ত্তি পুং [ন.বহুব্রী ; স্ত্রী -র্ত্তি] ১ 'মূর্ত্তিহীন', বিষ্ণু (মহা)। ২ (বহুব) পিতৃগণবিশেষ। "হ ১৮.৪ ; ৭। —র্ত্তি স্ত্রী [ন.ত] মূর্ত্তির অভাব ; অরূপতা। [অমূর্ত্তগুণ—মূর্ত্তিহীন গুণ—ধর্ম্মাধর্ম্ম ভাবনা বুদ্ধি প্রভৃতি (ভাষাপরিচ্ছেদ ৮৭ ; ৮৮)। অমূর্ত্তিমান্—বিষ্ণু (মহা)।]

অমূর্ত্তগুণ, অমূর্ত্তি, অমূর্ত্তিমান্ দ্র 'অমূর্ত্ত'।

অমূল[১] বিণ [ন মূল যাহার, ন.বহুব্রী, স্ত্রী -লা ; বৈদিক] ১ মূলহীন, আদিকারণশূন্য, অনাদি। "মূলে মূলাভাবাদমূলং মূলম্ (সাংখ্যপ্রবচন)। ২ যাহার শিকড় নাই, শিফাহীন। "পশবোঽমূলা ওষধয়ো মূলিন্যঃ (শতপথব্রাহ্মণ)। ৩ আশ্রয়হীন, ভিত্তিরহিত। "নহ্যমূলা জনশ্রুতিঃ। ৪ অপ্রামাণিক, প্রমাণহীন। "নামূলং লিখ্যতে কিঞ্চিৎ (মল্লিনাথ)। —লা স্ত্রী অগ্নিশিখাবৃক্ষ।

অমূল[২] বিং [ন মূল (মূল্য) ; সং অমূল্য ; পদ্যে] মূল্যহীন, বিনিময়ে অপ্রাপ্য। "অমূল মণি শ্রী.কী ৬৯ ; অমূল রতন ৮৭। প্রেম পরশরস আরতি অমূল জ্ঞা ৭৬। অমূল রতন মে ১৮৬ ; রাক্ষসরত্ন—অমূল জগতে ২৫১।

অমূলক বিণ [দ্র 'অমূল'[১] ; বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -লিকা] ১ মূলরহিত, কারণহীন, অকারণ, মিথ্যা। "অমূলক লোকা-পবাদে অবজ্ঞাপ্রদর্শন সী ৩০। ২ সর্থ 'অমূল'[১]।

অমূল্য বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ল্যা] ১ মূল্যহীন, বিনিময়ে অপ্রাপ্য। "রাশি রাশি ধন দাও, অমূল্য সময়, একবার গেলে, আর আসিবার নয়।—পদ্যপাঠ, ১ম ভাগ। প্রণয় জন্মিলেই তাহাকে যত্নে স্থান দিবে, কেন না, প্রণয় অমূল্য ব.প্র ১৫৬। ২ (বাঙলায়) অর্থাদির বিনিময়ে অপ্রাপ্য ; অসাধারণ মূল্যবান্। "অমূল্য শব্দের মূল্য আত্মসমর্পণ শি ১০০।

অমৃত বিণ [ন.ত ; স্ত্রী -তা ; ছান্দস ; তু 'আমি(মে)ত্র'—গো.চ ২৯৫ ; ২৯৬] ১ যে মরে না ; মৃত্যুহীন, অবিনাশী, সনাতন। "পা ৩.২.১৮৮, কাশিকা। গী ১৪.২৭। মৃত্যুভয় কি লাগিয়া হে অমৃত! স.স্ব ২৯। ২ মৃতভিন্ন, জীবিত। "অমৃতে (ভর্ত্তরি) জারজঃ কুণ্ডঃ (অ কো)। অন্নদার রন্ধন ভারত কিবা কয়। মৃত হয় অমৃত, অমৃত মৃত হয়॥ —ভা.চ ৫৫০। ৩ [ন.বহুব্রী] যাহা দ্বারা মরণ হয় না ; অমরত্বসাধন, অমরত্বপ্রদ। "°বীর্য্যাণাং রসানাম্ মহা ১.১৮ ২৭। ৪ সুন্দর, অতিহৃদ্য (শ.ক)। ৫ (সাদৃশ্যে) স্নিগ্ধ, শীত। "°দীধিতি, °রশ্মি। —ত পুং ১ অমর, দেবতা। "ঋগ্বেদ ১.৫৯.১। যজুর্ব্বেদ ৩৩.৪০। সুচারু দশন দাড়িম্ব-দ্যুতি। 'পরম অমৃত' (মহাদেব) সংমৃত তথি॥ —দু ৯৩। ২ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.২৬। বিষ্ণু ১.৫২। ৩ মৃত্যুঞ্জয়, শিব। ৪ ধন্বন্তরি। দ্র 'মহা ১.১৮ ৩৯। ৫ ইন্দ্র। ৬ প্রজাপতি। ৭ সূর্য্য। ৮ আত্মা। ৯ (রোগনাশকত্ব হেতু) বারাহীকন্দ। ১০ বনমুদ্গ। —ত ক্লী [Cf., Gr. ambrotos ; L. Immortalis] ১ অমরণহেতু উদক (সায়ণ) ; পীযূষ, সুধা। "ঋগ্বেদ ৬.৭.৭। বিষমপ্যমৃতং ক্বচিদ্ ভবেৎ রঘু ৮.৪৬ ; বাগমৃত ১০.৪৮। (ব্রাহ্মণঃ) অমৃতস্যেব চাকাঙ্ক্ষেদবমানস্য সর্ব্বদা মনু ২.১৬২ ; বিষাদপ্যমৃতং গ্রাহ্যম্ ২৩৯। °সার (প্রজ্ঞান) উচ ৭২। বচন° (হি)। অমৃতের ধার ম ৬ ; °লহরী ১০ ; °সমান ১৯। অমৃত মৃত হয় ভা.চ ৫৫০ ; নয়ন অমৃতনদী : হাস্য অমৃতের সিন্ধু : অমৃতের ধারা ভাষা ৬৬৭। মৃত্যু অমৃত করে দান।—গান ১৬০। ২ অমৃতবৎ প্রীতিকর বিষয় ; সুধা-তুল্য স্বাদু দ্রব্য ; হৃদ্যবস্তু। "অমৃতং শিশিরে বহ্নিরমৃতং প্রিয়দর্শনম্।

অমৃতং রাজসম্মানমমৃতং ক্ষীরভোজনম্ ॥—পঞ্চ ১.১৩৯। হরিনামামৃত-পান।—হেম ১২৫। **৩** অমৃতবৎ স্বাদু বাক্য। "তৃপ্তির্হি শৃণ্বতো নাস্তি মেঽমৃতম্ গী ১০.১৮। **৪** (সাদৃশ্যে) প্রসাদ। "কু.স ৪.৪৩। **৫** (প্রাণরক্ষণ হেতু) জল। তু 'আপোময়ঃ প্রাণঃ (ছান্দোগ্য)। "অমৃতাখ্যাতজীমূত উ.চ ২.২১। অমৃতোপস্তরণমসি স্বাহা; অমৃতাপিধানমসি স্বাহা (আপোশানমন্ত্র)। অমৃত দিলেন তবে জলের ঈশ্বর ম ৪৩৮। অমৃত করি গে পান শ্রী.মা ৮২। আকাশগঙ্গামৃত শি ৬২। মহাসিন্ধুনীলামৃতে তরঙ্গিত।—ন ১৪১৩। **৬** ঘৃত। তু 'আয়ুর্বৈ ঘৃতম্। **৭** ঘৃতপুরোডাশাদি হবিঃ। "মাঘ ২.১০৭। **৮** যজ্ঞশেষ পুরোডাশাদি। 'যজ্ঞশেষং তথামৃতম্ মনু ৩.২৮৫। **৯** পঞ্চমহাযজ্ঞাবশিষ্ট অন্ন; যজ্ঞবিশেষে অনিষিদ্ধ অন্ন। "যজ্ঞশিষ্ট° গী ৪.৩১। **১০** দুগ্ধ, ধারোষ্ণদুগ্ধ। "ক্ষীরোদসাগরে আনিঞা যোগাইল অমৃত কৃ.উ ৬৬। **১১** অন্ন। তু 'অন্নমূলং হি জীবনম্। **১২** (সাদৃশ্যে) স্বাদু দ্রব্যমাত্র; ভক্ষ্যদ্রব্যমাত্র। **১৩** ধন (শ.ক)। **১৪** পারদ। "পিত্ত ধাতু অমৃত দিয়া করে রসায়ন ব প ৩১৭। **১৫** বিষমাত্র। **১৬** বৎসনাভ বিষ। **১৭** বিষঘ্ন ঔষধ। **১৮** ঔষধ (শ.ক)। **১৯** ওষধিবিশেষ। "মাঘ ৯.৩৬। **২০** (সুখকরত্ব হেতু) অযাচিতবস্তু। বিপ 'মৃত'। 'অমৃতং স্যাদযাচিতম্ মনু ৪.৫। ভ ৭.১১.১৯। **২১** ক্ষৌদ্র, মধু। "অমৃতঘট রা ৭.৭.৩। **২২** সোমলতারস। **২৩** ব্রহ্মানন্দ, পরমানন্দ। "°দ্রবসংযুক্ত ভ ১.১.৩। গী ১৪.২০ (শ্রীধর)। জাগ জাগ সকল জাগ অমৃতের অধিকারী।—রবীন্দ্র। অমৃতপিপাসা ও অমৃতসন্ধানের পথে ঐশ্বর্য্য একটি প্রধান অন্তরায় চা.পু ৮১। **২৪** পরমাত্মা, ব্রহ্ম। তু 'আনন্দরূপমমৃতং যদ্ বিভাতি। "কে যায় অমৃতধামযাত্রী।—রবীন্দ্র। ধিক্! ধিক্! মরণের দাস! মুখে বল পুত্র অমৃতের। কৃ.কে ১০। **২৫** যাহাতে মরণ নাই; মোক্ষ, নির্ব্বাণ। "মনু ১২.৮৫। গী ১৪.২০। **২৬** যেখানে মৃত্যু নাই; স্বর্গ। **২৭** যাহা অগ্নিতে ক্ষয়প্রাপ্ত হয় না; স্বর্ণ। **২৮** (জ্যোতিষে) যোগবিশেষ—নক্ষত্রামৃতযোগ, তিথ্যমৃতযোগ। **২৯** জীবন। "গী ৯.১৯। **৩০** (ব্রহ্মার মুখানুসারে) চার (৪) এই সংখ্যা। **৩১** (বাঙলায়) লালা, নাল। "মুখের অমৃত তৈল্লক ফেলিল গো.চ ৯৫। মুখের অমৃত পড়ে বি.পা ৩১৬; কৃ ৪১। অধর-অমৃত-আশে মে ৬১। **৩২** (পারদজাত বলিয়া) সিন্দূর। "অমৃত অঙ্গুল-অগ্রে দু ১৫। **৩৩** চন্দ্রকিরণ, সুধা। "চন্দ্রের অমৃত পড়ে তাহার উপর বা.ম ৩৪। চারু চন্দ্রাতপ নীল অমৃতে রঞ্জিত ন ১৪১৩। —তা স্ত্রী [°ত+স্ত্রী আ (টাপ্)] **১** (রোগনাশিনী) গুড়ূচী। **২** ইন্দ্রবারুণী। **৩** জ্যোতিষ্মতী, নয়া কট্‌কী। **৪** অতিবিষা। **৫** দূর্ব্বা। **৬** আমলকী। **৭** হরীতকী। **৮** রক্তত্রিবৃৎ। **৯** তুলসী। **১০** পিপ্পলী। **১১** সুরা। **১২** সূর্য্যরশ্মিবিশেষ। "রঘু ১০.৫৮। [দশ শত সূর্য্যরশ্মির মধ্যে চারি শত বৃষ্টি বর্ষণ করে, তিন শত হিমোৎসর্গ (হিমের সৃষ্টি) করে এবং তিন শত বৃষ্টিগর্ভ ধারণ করে (বৈজয়ন্তী, মল্লিনাথ)।] **১৩** অনশ্বাপত্নী ও পরীক্ষিতের জননী (মহা ১.৯৫.৪১)। **১৪** দাক্ষায়ণী (M.W.)। **১৫** চন্দ্রের প্রথমকলা (ব্রহ্মপুরাণ)। দ্র 'কলা (১)। **১৬** (বাঙলায়) সুস্বাদু পিষ্টকবিশেষ; অমৃতী জিলিপি (?)। "অমৃতা চিতুই পুলি কৃ ৩৭৬।

অমৃতকুণ্ড ক্লী [ষ.ত] **১** সুধার পাত্র; সুধাধার। **২** (বাঙলায়) দেবতার চরণামৃতের আধার-কুণ্ড। "ঝাড়ি ভরিয়া লৈল অমৃতকুণ্ডের জল: সকল শরীর সঞ্চারে অমৃতকুণ্ডের জলে ম.ম ১৮৫।

অমৃতকেলি, -কেলিকা বি মিষ্ট খাদ্যবিশেষ। "°লি চৈ.চ ৩১২, টীকা; ৩৪৭। °কা।—রা.পে ২২; ৫১।

অমৃতগুটিকা, -গোটিকা বি সুস্বাদু খাদ্যবিশেষ। "°গুটিকা চৈ.চ ১৫৮; °গোটিকা ৩১৪।

অমৃতদীধিতি, -দ্যুতি পুং [বহুব্রী] যাহার কিরণ অমৃতবৎ স্নিগ্ধ; চন্দ্র। "অমৃতদীধিতি নৈ ৪.১০৪।

অমৃতদ্রব বিণ [তৃ.ত; স্ত্রী -বা] অমৃতার্দ্র, সুধাসিক্ত। "°বৈঃ (করৈঃ) মাঘ ৯.৩৬। —ব পুং [ষ.ত] সুধারস, অমৃতধারা।

অমৃতধুনী বি [ষ.ত] অমৃতনদী। "পাইয়া অমৃতধুনী, পিয়ে বিষগর্ত্ত পানী চৈ চ ৫৩।

অমৃতপ পুং [অমৃত+ √পা+অ (ক)-ক; উ.ত] **১** যে সুধা পান করে; দেবতা। "মাঘ ৭.৪২। **২** (মোহিনীরূপে সুধারক্ষক) বিষ্ণু (মহা)। অধরামৃতপায়ী। "মাঘ ৭.৪২। **৩** দানবিশেষ। "মহা ১.৬৫.২৯।

অমৃতপুর বি মধুর খাদ্যবিশেষ। "চৈ.চ ৩১২।

অমৃতফল পুং [বহুব্রী] যাহার ফল অমৃততুল্য; পটোললতা। —ফল ক্লী [উলো] সুধাতুল্য ফল; রুচিফল, নাসপাতি। —লা স্ত্রী **১** দ্রাক্ষালতা। **২** আমলকী।

অমৃতফেণী বি মধুমিশ্রিত ও চিনির সহিত পাক-করা আম ও কাঁটালের রসের সুস্বাদু লাড়ুবিশেষ। দ্র 'ব.প ১৩০১।

অমৃতভাষী (-ষিন্) বিং [স্ত্রী -ষিণী] অমৃতভাষাযুক্ত, প্রিয়বাদী, মধুরভাষী। "কহ, হে দেবি অমৃতভাষিণি মে ১।

অমৃতমণি বি [উ.লো] অমৃতস্রাবী মৃতসঞ্জীবন মণিবিশেষ। "ম ১১৮১।

অমৃতমণ্ডা বি **১** সুমিষ্ট লাড়ুবিশেষ। "চৈ.চ ১৫৮। শ্রী ১০৬; ১৫২। **২** মিষ্ট আম্রবিশেষ।

অমৃতমন্থন ক্লী [ষ.ত] সমুদ্র হইতে সুধামন্থন। "অমৃতমন্থনে সপ্তদশোঽধ্যায়ঃ মহা ১।

অমৃতমূর্ত্তি পুং [বহুব্রী] যাহার মূর্ত্তি অমৃততুল্য, অর্থাৎ স্নিগ্ধ; চন্দ্র। "বদনামৃতমূর্ত্তি ভ ৪.১৬.৯।

অমৃতযোগ পুং [কর্ম্মধা] (জ্যোতিষে) বারানুসারে তিথি ও নক্ষত্র ভেদে যোগবিশেষ। "নক্ষত্রামৃ°, তিথামৃ°।

অমৃতরস পুং [কর্ম্মধা] **১** সুধারস, মধুরদ্রব। "বিবিধকাব্যামৃতরস (ভর্তৃহরি)। কাব্যামৃতরসাস্বাদ হি ১.১৬১। মাঘ ৫.১৬। **২** যাহার মোক্ষ রস; পরমাত্মা। —সা স্ত্রী **১** কপিলদ্রাক্ষা। **২** পক্কান্নবিশেষ (ভাবপ্রকাশ)।

অমৃতলোক পুং [ষ.ত] অমরের লোক; দেবলোক, স্বর্গ (ঐতরেয়ব্রাহ্মণ)।

অমৃতস্রাব পুং [ষ.ত] সুধাক্ষরণ। —স্রাবী (-বিন্) বিণ [অমৃত + √স্রু+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -বিণী] সুধাক্ষরণকারী, অমৃতনিঃস্যন্দী। "°বিণী (প্রদেশিনী)।—বিষ্ণুপুরাণ। —স্রুৎ বিণ [+ক্বিপ্ (০)-ক; উ.ত; স্ত্রী -ৎ] অমৃতস্রাবী। "স্মরেণ তস্যামমৃতস্রুতা কু.স ১.৪৫। মাঘ ৯.৬৮।

অমৃতস্রাবিণী, -স্রাবী, -স্রুৎ দ্র 'অমৃতস্রাব'।

অমৃতহ্রদ পুং [ষ.ত] সুধার হ্রদ। "অমৃতহ্রদ শ (S.W.)। মক্ষিকাও গলে না গো পড়িলে অমৃতহ্রদে।—মাইকেল।

অমৃতাঞ্জন ক্লী [ষ.ত] অমৃতময় কজ্জল; সুধাঞ্জন। "দৃশোরমৃতাঞ্জনম্ উ.চ ৪.১৯।

অমৃতায়মান বিণ [√অমৃতায়+আন (শানচ্>আন>মান)-ক; স্ত্রী -না] যাহা অমৃতের ন্যায় আচরণ করে; অমৃতবৎ প্রীতিকর। "অমৃতায়মানং বচঃ রঘু ২.৬১। অমৃতায়মান বচনপরম্পরা সী ১৫।

অমৃতাশ, -শন, -শী (-শিন্) পুং [অমৃত+ √অশ্+অ (অণ্), +ইন্ (ণিনি), -ক-১ব; উ.ত; অমৃত অশন যাঁহার, বহুব্রী] যিনি অমৃত ভোজন করেন, অর্থাৎ দর্শনমাত্রে ভোজনবৎ তৃপ্ত হন; দেবতা। তু 'ন বৈ দেবা অশ্নন্তি পিবন্তি এতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি (শ্রুতি)। —শন পুং বিষ্ণু (মহা)।

অমৃতাহ্ব ক্লী [অমৃত আহ্বা যাহার, বহুব্রী] অমৃতনামক ফল ; নাসপাতি। "কিবা সেই ফল, অমৃতে বিহ্বল, অমৃতাহ্ব যার নাম।—রঙ্গ ৮।

অমৃতি বি [সং অমৃতীকরণ>অমৃতী, -তি ; অপ্র] অমৃতীকরণ। "শঙ্খপাত্রে দধি দূর্ব্বা পুষ্প দিয়া তথি। ধেনুমুদ্রা দিয়া তথি করিলা অমৃতি॥ —চু ১৩।

অমৃতী বি [দ্র 'অমিত্তি'] ১ সর্থ 'অমিত্তি'। "ছোটমার ঘরে আসি পাণ খেতে হয়। এত বলি ঝারি বাটা অমৃতীট লয়॥—ভা.চ ৫২৯। ২ [অমৃত+ঈ৭ ; হি অমৃতী, ইমরতী] ধারপেঁচান ঘৃতপক্ব চিনির রসে ফেলা জিলাপীর মত অথবা কঙ্কণের মত মিঠাইবিশেষ। [অমৃতীর পেঁচ—অমৃতীর পেঁচাল ধারের মত মনের কুটিলতা। "যার মনে অমৃতীর পেঁচ, তার কাছে সবই পেঁচাল।]

অমৃতীকরণ ক্লী [অমৃত+অভূততদ্ভাবে চ্বি (০)+√কৃ+অন (ল্যুট্)-ভা] (তন্ত্রে) ধেনুমুদ্রা দ্বারা অমৃতে পরিণতীকরণ। 'অমৃতীকরণং কুর্য্যাৎ তয়া সাধকসত্তমঃ (তন্ত্রসার)।

অমৃতোদ্ভব বিণ [বহুব্রী ; স্ত্রী -বা] অমৃতনিমিত্ত সমুদ্রমন্থন হইতে যাহার উৎপত্তি ; সমুদ্রমন্থনজাত। "গী ১০.২৭।

অমৃষ্ট বিণ [ন.ত] ১ অসংস্কৃত, অনির্ম্মল। "রা ১.৬.১০। —ষ্ট ক্লী অপরিষ্কৃত দ্রব্য। "নামৃষ্টভোজী রা ১.৬.১১।

অমেধাঃ (-ধস্) বিণ [ন মেধা যাহার, ন.বহুব্রী, সমাসান্ত 'অস্' (অসিচ্) ; স্ত্রী -ধাঃ] মেধাহীন, ধারণাশূন্য-বুদ্ধিযুক্ত, মূর্খ। "পা ৫.৪.১২২।

অমেধ্য বিণ [ন.ত ; স্ত্রী -ধ্যা ; বৈদিক] ১ মেধাবিরোধী, অযজ্ঞার্হ। "অমেধ্যো বৈ পুরুষো যদনৃতং বদতি (শতপথব্রাহ্মণ)। ২ অভক্ষ্য। "গী ১৭.১০। ৩ অপবিত্র, অশুচি। "অস্তি বৈ পত্যা অমেধ্যং যদবাচীনং নাভেঃ (শতপথব্রাহ্মণ)। (খানি) যান্যধস্তান্যমেধ্যানি মনু ৫.১৩২। চৈ.চ ১২৩। —ধ্য ক্লী ১ অপবিত্র দ্রব্য ; মূত্রপুরীষাদি। "নামেধ্যং প্রক্ষিপেদগ্নৌ মনু ৪.৫৩ ; °লিপ্ত ৫৬। °প্রভব ৫.৫ ; °ধ্যাক্ত ১২৬। ২ বিষ্ঠা। "মনু ৯.২৮২। ৩ অশুচিস্থান। "অমেধ্যাদপি কাঞ্চনম্ (গ্রাহ্যম্) মনু ২.২৩৯।

অমেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া] ১ অপরিমেয়, অপরিচ্ছেদ্য। "অমেয়ো মিতলোকস্ত্বম্ রঘু ১০.১৮। ২ মহান্, উদার। "°য়াত্মা মহা ৩.৪৩ ২২। [°য়াত্মা—বিষ্ণু (মহা)]।

অমোঘ বিণ [ন.ত ; স্ত্রী -ঘা] ১ অব্যর্থ, সফল। "°ক্রোধহর্ষ রা ২.১.২৩। রঘু ১.৪৪। °দৃক্ ভ ১.৪.১৮। ২ অবন্ধ্য, লক্ষ্যবেধক। "°ঘা ইষবঃ গো.রা ৩.১৮.৩৮। °ঘ (সায়ক) রঘু ৩.৫৩। °ঘ (বাণ) কু.স ৩ ৬৬। অমোঘতা কি ৬.৪০। ৩ অবন্ধ্য, উৎপাদনশীল। "°ঘ (বীজ) কু.স ২.৫। ৪ অক্ষীণ। "অমোঘং বলতে রা ১.৫৬.২০ ; ২১। মহা ১.১৭.৩। ৫ যথার্থ, অভ্রান্ত। "°দৃক্ ভ ১.৫.১৩। ৬ সার্থক, অন্বর্থ (বাক্)। ৭ সিদ্ধ। "°ঘার্থ মহা ৩.৩০১.১৪। —ঘ পুং ১ 'সত্যসঙ্কল্প', বিষ্ণু (মহা)। ২ শিব। ৩ কার্ত্তিকেয়। "মহা ৩২৩১.৫। —ঘা স্ত্রী [°ঘ+স্ত্রী আ (টাপ্)] ১ পাটলিবৃক্ষ, পারুল। ২ পটোললতা। ৩ বিড়ঙ্গ ; ৪ হরীতকী। ৫ বীজাক্ষর 'ক্ষ'। ৬ শক্তিবিশেষ। "মহা ৩.৩০১.১৫। ৭ শিবপত্নী, দুর্গা।

অম্ব্ সক [ভ্বা, প—অম্বতি ; সেট্] গতি। —ম্ব্ অক [ভ্বা, আ—অম্বতে] শব্দ (গোরুর ডাকের অনুকরণে ?)।

অম্ব পুং [√অম্ব্+অ (অচ্)-ক] ১ পিতা। তু 'অম্বা (স্ত্রী)। ২ [+অ (ঘঞ্)-ভা] শব্দ। তু 'অম্বর'। ৩ বেদ। তু 'শব্দব্রহ্ম'। —ম্ব ক্লী ১ 'গতিশীল', জল। তু 'অম্বু'। ২ চক্ষুঃ। তু 'ত্র্যম্বক'। ৩ [অম্বা>অম্ব (সম্বোধনে)] হে মাতঃ! "শুন সুরধুনী অম্ব চু ১৭। অম্ব বসুন্ধরে কাদ ৬৫।

অম্বক পুং [অম্ব+ক (কন্) স্বার্থে] ১ পিতা। "ঋগ্বেদ ৭.৫৯.১২, সায়ণ। —ক ক্লী ১ চক্ষুঃ। তু 'ত্র্যম্বক'। ২ [সং তাম্র>লি, প্রা তম্ব>অম্ব, অম্বক (?)] তাম্র।

অম্বর ক্লী [অম্ব+√রা গ্রহণ+অ (ক)-ক ; অম্বরমম্বুমদ্ ভবতি (নিরুক্ত) ; অর্দ্ধর্চ্চাদিগণ] ১ যাহা শব্দ গ্রহণ করে ; (শব্দাশ্রয়) আকাশ। "রা ১.৪৮.৫। রঘু ১২.৪১। উঠিল অম্বরে ম ৫০৮। °চারিণী শি ২১। অম্বরে যথা নাদে কাদম্বিনী মে ৮৪। মা ১০২। (দেবতা) রন অম্বরেতে চু ১৮। অম্বর পড়ে শিরে বি.সু ৭৮। ক্ষণেক অম্বরে ক.চ ৫২। °চুম্বিতভাল হিমাচল।—গান ২২১। ২ শূন্য (Cipher)। —সূর্য্যসিদ্ধান্ত। ৩ মর্ম্মরশব্দযুক্ত বস্ত্র (ত.বা) ; পট্টবস্ত্র। "ক্ষৌমপট্ট° গো.রা ১.৭৭.৩। ৪ বস্ত্রমাত্র। "কোট্যম্বর।—রা ১.৭৭.৪। °ধর গী ১১.১১। দিগম্বরত্ব কু.স ৫ ৭২। শুক্ল° মনু ৪.৩৫। উরুপর অম্বর আধা বি.প ৪৮। দেবতা-অম্বর ম.ভা ৫৫। আলুথালু অম্বর শ্রী.মা ৮৫। অসম্বর অম্বর বি.সু ৭৮। ৫ (সাদৃশ্যে) আবরণমাত্র। "কৃষ্ণাজিন° মহা ৩.১৪৫.৩২। সাগর° রঘু ৩.৯। মৃগব্যাঘ্রাম্বর চৈ চ ২৪২। ৬ কার্পাস। ৭ অভ্রধাতু। ৮ (দন্তাবরণ) ওষ্ঠ। তু 'দশনবাসস্'। ৯ (মালিন্যসাম্যে) পাপ। তু 'মালিন্যং ব্যোম্নি পাপে সাদ ৭.২৩। ১০ [আ অন্বর্ ; হি অংবর ; F. ambre ; E. Amber] সুগন্ধিদ্রব্যবিশেষ। দ্র 'অম্বুরি'। ১১ দশম নক্ষত্র 'মঘা' (M.W.)। ১২ কুঙ্কুম (S.W.)। ১৩ (দিক্‌চক্র হইতে ?) পরিধি, সীমা। (M.W.)। ১৪ দেশবিশেষ ; (বহুব) তদ্দেশবাসিগণ (বৃহৎসংহিতা)। [°গ —আকাশগামী, খগ। °চর—খেচর, পক্ষী ; বিদ্যাধর (ক.সা)। °পুষ্প—আকাশকুসুম। °মণি—সূর্য্য। °যুগ—অন্তরীয় ও উত্তরীয় ; ধুতি-চাদর, শাড়ী-ওড়না।]

অম্বরগ, অম্বরচর, -পুষ্প, -যুগ দ্র 'অম্বর'।

অম্বরলেখী (-খিন্) বিণ [অম্বর+√লিখ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -খিনী] 'মেঘলেখনশীল', অভ্রঙ্কষ, অত্যুচ্চ। "অম্বরলেখি শৃঙ্গম্ রঘু ১৩.২৬।

অম্বরি(রী)ষ পুং, ক্লী [√অম্ব্+ঈষ (ঈষন্)-খি, নিপাতিত, উ ৪.২৯] ভর্জ্জনপাত্র, ভাজনা খোলা। —ষ পুং ১ (সাদৃশ্যে) নরকবিশেষ। ২ যুদ্ধ। ৩ সূর্য্য। "°ষোপমং দীপ্তম্ গো.রা ৫.৩.৫। ৪ বিষ্ণু। ৫ শিব। ৬ সূর্য্যবংশীয় রাজবিশেষ, নহুষের পিতা। "রা ১.৭০.৪১ ; হ ১৫.১৮।

অম্বরৌকাঃ (-কস্) পুং [অম্বর ওকঃ যাহার, বহুব্রী] 'আকাশবৎ উচ্চ মেরুশৃঙ্গবাসী' ; দেবতা। "কু.স ৫.৭৯।

অম্বল '-ল্' বি [সং অম্ল>লি অম্বিল, প্রা অংবিল, অম্বিল ; ঠ আম্বিল ; গু আংব—sour ; মৈ আমিল] ১ অম্লরসযুক্ত ব্যঞ্জনবিশেষ ; টক্। "তোর মুণ্ডমালা কেড়ে নিয়ে অম্বলে সম্বরা দেব (রামপ্রসাদ)। ভা.চ ৩৬৮ ; ৫৪৮। অম্বলভক্ষণ ন.প ১১৮। ২ অম্লরোগ। "অম্বলের রোগী। [অম্বলের মাছ হওয়া—লিভারের দোষে অম্বলের মাছের মত পাণ্ডুবর্ণ হওয়া। অম্বল হওয়া—পাচকরসে অম্লাধিক্য হওয়া। অম্বলে মার—অম্বল খাওয়ায় পটুতা। "কুঁড়ের অম্বলে মার।—প্রবচন।]

অম্বষ্ঠ পুং [অম্বা+√স্থা+অ (ক)-ক (অ.কো), ষত্ব, পা ৮.৩.৯৭ ; উ.ত] ১ যে মাতৃসমীপে থাকে ; পরিণীতা বৈশ্যকন্যায় ব্রাহ্মণ হইতে জাত সন্তান ; চিকিৎসকজাতি, বৈদ্য, চিকিৎসক। "মনু ১০.৮ ; যাজ্ঞ ১.৯১। [ইঁহাদের বৃত্তি চিকিৎসা (মনু ১০.৪৭)] ২ হস্তিপক, মাহুত। "ভ ১০.৪৩.৪। ৩ (বহুব) দেশবিশেষ ; তদ্দেশবাসিগণ। —ষ্ঠা স্ত্রী [°ষ্ঠ+স্ত্রী আ (টাপ্)] যূথিকা। —ষ্ঠা, -ষ্ঠী স্ত্রী অম্বষ্ঠজাতি-স্ত্রী। "মনু ১০.১৫ ; ১৯, কুল্লুক।

অম্বা স্ত্রী [√অম্ব্+অ (অঙ্)-র্ম+স্ত্রী আ (টাপ্) ; 'অঙ্গানাং

বর্দ্ধনাদ্ 'অম্বা' (মহা ১২.২৬৫.৩২) ; তু 'তা অম্মা ; তেলেগু—অম্মা (মাতা), অম্বা (গোরুর ডাক) ; অম্মা (দেশী ১.৫) ; আ উম্ম্‌ ; ফা আম্ম্—কাকা ; আম্মা—কাকী ; হি অম্মাঁ ; মৈ অমা, -মাঁ ; সিংহলী—আম্মা ; বা আম্বা, হাম্বা, (গোবৎসের ডাক) ; cf., Hebrew—ēm ; Old Ger. amma ; Ger. Amme—a nurse ; সম্বোধনে—অম্ব (ঋগ্বেদ), অম্বে (বাজসনেয়িসংহিতা ; পা ৭.৩.১০৮)। অম্ব (সংস্কৃত)] ১ মাতা। "পা ৬.১.১১৮। অম্বায়াঃ কুশলী তাতঃ রা ২.৭২.৮ ; ১২। রঘু ১৪.১৬। আন্ধা ক্লেশ দেয় অম্বে কোন অপরাধে ম.পা ৫৯ ; ৬০। হের অম্বে দা ১৭৭৬। [নাট্যে, 'মাতা' অর্থে 'অম্বা' শব্দের প্রয়োগ হয়। অন্যত্র ইহার যথাদর্শন প্রয়োগ দুষণীয় নহে (অ.টী)।] ২ (নাট্যে) পূজ্যা ও প্রাচীনা নারী। 'সা.দ ৬.১৫৬। ৩ দুর্গা। "ভবানী অম্বা ম.পা ৬১ ; ১৬৬। ভা.চ ১৭ ; ৫৬৪। ৪ কাশীরাজের জ্যেষ্ঠা কন্যা। [ভীষ্ম, অম্বা অম্বালিকা অম্বিকা—তিন ভগিনীকে স্বয়ংবরসভা হইতে সবলে হরণ করিয়া হস্তিনায় আনয়ন করেন এবং বিচিত্রবীর্য্যের সহিত বিবাহের উদ্যোগ করিলে, 'আমি সৌভপতিকে পতিত্বে বরণ করিয়াছি' বলিয়া অম্বা অভিপ্রায় ব্যক্ত করেন। তখন ভীষ্ম বিচিত্রবীর্য্যের সহিত অম্বালিকা ও অম্বিকার বিবাহ দিয়া, অম্বাকে শাল্বরাজের নিকটে প্রেরণ করেন। শাল্ব, 'ভীষ্মগৃহীতা' বলিয়া ইঁহার পাণিগ্রহণ অস্বীকার করিলে, অম্বা পুনর্ব্বার ভীষ্মকে বিবাহার্থ অনুরোধ করেন। কিন্তু কৌমারব্রতী ভীষ্ম কিছুতেই ব্রতভঙ্গ করিলেন না। অম্বা, এইরূপে নিরাশ হইয়া, ভীষ্মবধার্থ শিবারাধনায় বরলাভ ও অগ্নিতে প্রাণত্যাগ করেন। এই অম্বা দ্রুপদকন্যা শিখণ্ডিনী (দ্র 'শিখণ্ডী (৮) ; মহা ৫.১৭২,-৭৩, -৮৯,-৯০) ।] ৫ অপ্সরোবিশেষ।

অম্বালিকা স্ত্রী [অম্বালা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ মাতা। ২ কাশীরাজের কনিষ্ঠা কন্যা, বিচিত্রবীর্য্যের পত্নী ও পাণ্ডুর জননী। দ্র 'অম্বা (৫)।

অম্বিকা [অম্বা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), ছান্দস—সম্বোধনে 'অম্বিক, -কে' (পা ৭.৩ ১০৭, কাশিকা), 'অম্বিকে' (সংস্কৃত)] ১ মাতা। "পা ৬.১.১১৮। জগদম্বিকা (ভগবতীগীতা)। ২ পূজ্যা নারী। তু 'অম্বা (২)। ৩ দুর্গা, পার্ব্বতী। "কু.স ৬.৯০। যাজ্ঞ ১.২৯০। অম্বিকার পদে৹ কহিও এ কথা মে ৪৯। ৪ কাশীরাজের মধ্যমা কন্যা, বিচিত্রবীর্য্যের পত্নী ও ধৃতরাষ্ট্রের জননী। দ্র 'অম্বা (৪)। ৫ ওষধিবিশেষ —কটুকী, অম্বষ্ঠা। [°নন্দন, °সম্ভব, °সুত (পুং)—ধৃতরাষ্ট্র। "°ন ম ৭৩৩ ; °ব ৭৬৪। °পতি (পুং)—শিব।]

অম্বিকানন্দন, -পতি, -সম্ভব, -সুত দ্র 'অম্বিকা'।

অম্বিকেয়, -য়ক পুং [অম্বিকা+এয় (ঢক্) তদপত্যার্থে, ক্বচিদ্ বৃদ্ধাভাব ; 'আম্বিকেয়' সাধু] ১ অম্বিকার অপত্য : কার্ত্তিকেয়। ২ গণেশ। ৩ অম্বিকাপুত্র, ধৃতরাষ্ট্র। "তপ্যমানোঽম্বিকেয়ঃ মহা ৩.৪.১ ; ধৃতরাষ্ট্রোঽম্বিকেয়ঃ ৫.১১।

অম্বু ক্লী [√অম্ব্+উ (কু)-ক (অ.টী) ; অরণম্ (গমনশীলম্) অম্বু (নিঘণ্টুভাষ্য) ; ছান্দস] ১ যাহা প্রবাহিত হয় ; জল। "জলনাম্বুসম মনু ১০.১০৩। রঘু ১১.১১। অম্বুজমম্বুনি জাতং ন হি দৃষ্টং জাতমম্বুজাদম্বু। অধুনা তদ্বিপরীতং চরণসরোজাদ্ বিনির্গতা গঙ্গা॥—সু.র। নেত্র° ।— পঞ্চ ৩.৩৩। কণ্ঠ দেখি কম্বু, প্রবেশিল অম্বু ম ১৮৩। মেঘ° ম.পা ১১। আকাশগঙ্গার অম্বু শি ৩৪। পাত্রে পাত্রে রাখি অম্বু, দেখ রবি প্রতিবিম্ব।—রামমোহন রায়। ২ রস, দ্রব, পঙ্ক। "সচন্দনাম্বুব্যজনোদ্ভবানিল।—ঋতু ১.৮। ৩ রক্তের জলীয়াংশ (A.)। ৪ বালা-নামক ওষধি। ৫ (জ্যোতিষে) লগ্ন হইতে চতুর্থ স্থান। ৬ চার (৪) এই সংখ্যা (M.W.)। [°ক্রিয়া—প্রেতোদ্দেশে জলসাধ্য পারলৌকিক কার্য্য ; তর্পণ (ভট্টি)। °ঘন (পুং)—জলের কঠিন রূপ ; করকা, শিল্ (Hail)। °চর, °চারী (-রিন্) পুং —জলচর (মৎস্যাদি)। "°রী মনু ১২.৫৭। °বেতস (পুং)—জলবেতস, নাদেয়ী (অ কো)।]

অম্বুক্রিয়া, -ঘন, -চর, -চারী দ্র 'অম্বু'।

অম্বুজ বিণ [অম্বু+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] জলজাত, বারিজ। "গো.রা ৪.২৫.২৪। —জ পুং ১ (সমুদ্রমন্থনজাত) চন্দ্র। ২ কর্পূর। ৩ নিচুল, হিজলগাছ। ৪ সারসপক্ষী। —জ পুং, ক্লী ১ শঙ্খ। "°জো হরিণাধ্মাতঃ রা ৭.৭.১০। দেবদত্তাম্বুজ ম ২৯৩। ২ (অম্বুদজন্মহেতু ?) বজ্র। —জ ক্লী পদ্ম। "মুখমম্বুজেন (বিধায়) শৃ ৩। অম্বুজমম্বুনি জাতম্ চৈ.চ ৫৯। চরণ°, পদ° ম.পা ১। °লোচন শি ৫৪। বিষ্ণুপদাম্বুজ-ভৃঙ্গ ক.চ ৬। নয়ন° ।—রঙ্গ ১০২। [°নাভ—পদ্মনাভ, বিষ্ণু। "অম্বুজনাভপাদ ভ ৪.১২ ৭। °জাসন—পদ্ম যাহার আসন ; ব্রহ্মা। °জাসনা—লক্ষ্মী।]

অম্বুজনাভ, -জাসন, -জাসনা দ্র 'অম্বুজ'।

অম্বুদ বিণ [অম্বু+ √দা+অ (ক) -ক ; উ.ত ; স্ত্রী -দা] যে জল দেয় ; জলদাতা। —দ পুং ১ মেঘ। "রঘু ৩.৫৮। নবাম্বুদশ্যামবপুঃ মাঘ ১.১৯। অনাথপিণ্ডদ কহিল অম্বুদনিনাদে।—কথা ৩। ২ মুস্তক, মুথা।

অম্বুদানীক পুং, ক্লী [অম্বুদের অনীক, ষ.ত] মেঘসমূহ, মেঘমালা, কাদম্বিনী। "রঘু ৩.৫৩।

অম্বুধর পুং [ষ.ত] ১ অম্বুর ধারক ; জলধর, মেঘ। "রা ২ ১১৪ ১৩। কু.স ৪.১৩। শরৎপ্রবৃষ্টাম্বুধর রঘু ৬.৪৪। ২ মুস্তক। ৩ অভ্রধাতু। ৪ জলাশয়, নদীপ্রভৃতি। "অম্বুধরোত্তম মহা ৩.১১৮.৭। [অম্বুধরোত্তম —জলাশয়শ্রেষ্ঠ, সমুদ্র।]

অম্বুনাথ, -নিধি পুং [ষ.ত] 'জলপতি, জলাশয়', সমুদ্র। "°ধি কি ৫.৩০ ; মাঘ ৫.৩১। অম্বুনাথে নিদাঘ শুষিল মে ১৯৭।

অম্বুপ পুং [অম্বু+ √পা+অ (ক)-ক ; উ.ত] ১ জলপতি, সমুদ্র। ২ জলেশ্বর, বরুণ। "শক্রাম্বুপযম রা ৭৩.১৮। ৩ চক্রমর্দ্দক, চাকুন্দাগাছ। ৪ বরুণদেবতাক শতভিষানক্ষত্র।

অম্বুপাত পুং [ষ.ত] জলপ্রবাহ, নীরধারা, জলপতন। "গঙ্গাম্বুপাত ভট্টি ১.৮।

অম্বুপায়ী (-য়িন্) বিণ [অম্বু+ √পা+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -য়িনী] জলপানশীল। "আলবালাম্বু° রঘু ১৫১।

অম্বুপ্রসাদ পুং [অম্বু+প্র+ √সাদি+অ (অণ্)-ক ; উ ত] জলপ্রসাদয়িতা, জলনির্ম্মলীকারক ; কতকবৃক্ষ, নির্ম্মলী। —প্রসাদক বিণ [+অক (ণ্বুল্) -ক ; স্ত্রী -দিকা] জলের মলনাশক : জলনির্ম্মলীকারক। "ফলং কতকবৃক্ষস্য…অম্বুপ্রসাদকম্ মনু ৬.৬৭। —প্রসাদন ক্লী [ষ.ত] জলের নির্ম্মলীকারক ; কতকফল, নির্ম্মলীফল।

অম্বুবাচী স্ত্রী [অম্বু+ √বাচি+অ (অণ্) -ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; উ.ত ; 'আম্বুবতী' গ্রাম্য] ১ যাহা অম্বু (বারিবর্ষণ) সূচনা করে ; ঋতুমতী (জলবর্ষণে বীজধারণযোগ্যা) ভূমি ; রজস্বলা পৃথ্বী। 'রজোযুক্ স্যাদম্বুবাচী (শ.ক)। [মৃগশিরার শেষার্দ্ধ, আর্দ্রার পাদচতুষ্টয় এবং পুনর্বসুর পাদত্রয় মিথুনরাশির অন্তর্গত। সূর্য্য, মৃগশিরা ভোগ করিয়া আর্দ্রার প্রথমপাদভোগার্থ গমন করিলে, পৃথিবী ঋতুমতী হয় (রবৌ রৌদ্রাদ্যপাদস্থে ভূমেঃ সংজায়তে রজঃ)।] ২ আষাঢ়ের কৃষ্ণপক্ষে সূর্য্য যখন আর্দ্রার প্রথমপাদ ভোগ করে সেই সময়, অর্থাৎ বিংশতিদণ্ডাধিক দিবসত্রয়। "°ত্যাগ, °প্রদ, °প্রবৃত্তি, °নিবৃত্তি। [এই সময়ে কাম্য ও নৈমিত্তিক কর্ম্ম, স্বাধ্যায়, দেবপিতৃতর্পণ, হলবাহন ও বীজবপন নিষিদ্ধ। যতি ব্রতী বিধবা ও দ্বিজ এই সময়ে পাক করিয়া ভক্ষণ করিবেন না।]

অম্বুবাহ পুং [অম্বু+ √বহ্+অ (অণ্) -ক ; উ.ত] ১ জলবাহক, মেঘ। "উ.মে ৩৮। কু.স ৩.৪৮। কি ৩.১। ঈশস্য কেশান্ বিদ্যুদম্বুবাহান্

ভ ২.১.৩৪। **২** মুস্তক। **৩** অভ্রধাতু। **৪** হ্রদ। **৫** জলবাহক। **৬** সতর (১৭) এই সংখ্যা। —বাহিনী স্ত্রী [°বাহিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** জলবাহিকা নারী। **২** নৌকাজলসেচনার্থ কাষ্ঠপাত্রবিশেষ; সেঁউতি। —বাহী (-হিন্) বিণ [অম্বু+ √বহ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -হিনী] **১** 'জলবাহক', মেঘ। **২** মুস্তক।

অম্বুবাহিনী, -বাহী দ্র 'অম্বুবাহ'।

অম্বুবিম্ব বি [ষ.ত] জলবুদ্বুদ। "কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃ-পাতি ?—মাইকেল।

অম্বুভৃৎ পুং [অম্বু+ √ভৃ+ক্বিপ (০)-ক; উ.ত] **১** 'জলধারক', মেঘ। "শ্রী.মা ৩২। **২** সাগর। **৩** মুস্তক। **৪** অভ্রধাতু।

অম্বুমুক্ (-মুচ্) পুং [অম্বু+ √মুচ্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত] **১** যে জল মোচন করে; জলমুক্, মেঘ। "কি ৫.১২। **২** মুস্তক।

অম্বুরাশি পুং [ষ.ত] **১** জলরাশি, সলিলসমূহ। "°পতি। **২** সমুদ্র। "অম্বুরাশেস্তীরেষু রঘু ৬.৫৭; ৯.৮২। কু.স ৩.৬৭। শ ৩.৩, টীকা। কি ১৭.৩৯। নাদিল কম্বু অম্বুরাশিরবে।—মে ১২; °সুতা ৩৭; °তলে ১১২। °নাদসম মা ১০৭। [°পতি —সমুদ্র। "গম্ভীর নিনাদে নাদি অম্বুরাশিপতি, পূজিলা ভৈরবদূতে মে ২১৮। °রশনা—সমুদ্রমেখলা, সাগরকাঞ্চী (মহী)।]

অম্বুরাশিপতি, -রশনা দ্র 'অম্বুরাশি'।

অম্বুরি, -রী বি [সং অম্বর+ঈ৭>(অম্বরী) অম্বুরী, -রি] অম্বরনামক-গন্ধদ্রব্যমিশ্র মিঠেকড়া গুড়ুকতামাক। "অম্বুরি অথবা ভেলসায় সানে না আ.দ্রু ১৫। একছিলেম অম্বুরি তামাক টামাক খাওয়া না।—মা ৩৩১।

অম্বুরুট্ (-রুহ্), -রুহ ক্লী [অম্বু+ √রুহ্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত; অম্বুতে রুহ, স.ত] জলে জাত; অম্বুজ, পদ্ম। "°হাং রজোভিঃ মাঘ ৩.১১। প্রসন্নাম্বু° (নদী) গো.রা ৪.৪১.১৮। বিপুলিনাম্বুরুহা ন সরিদ্বধূঃ কি ৫.১০। মুখাম্বুরুহ ভ ২.৪.২৪। —হা স্ত্রী [°হ+স্ত্রী আ (টাপ্)] স্থলপদ্মিনী, স্থলপদ্মগাছ। —রুহিণী স্ত্রী [°হ+ইন্ (ইনি) সমূহার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** অম্বুরুহসমূহ, পদ্মনিচয়। **২** [+ -ইন্ 'দেশ' অর্থে] পদ্মলতা, পদ্মিনী। —রোহিণী স্ত্রী [+ √রুহ্+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ] 'জলজাতা', পদ্মিনী।

অম্বুরুহ, -রুহা, -রুহিণী, -রোহিণী দ্র 'অম্বুরুট্'।

অম্বুসেচনী স্ত্রী [ষ.ত] জলসেচনপাত্র; অম্বুবাহিনী।

অম্বুকৃত ক্লী [অম্বু+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম] **১** নিষ্ঠীবনযুক্ত বাক্য (ত.বা)। **২** ভল্লুকের থুৎকারনিঃসরণসহিত শব্দ। "ভল্লূকযূনাম্…অম্বুকৃতানি উ.চ ২.২০; ম.চ ৫.৪১; মা.মা ৯.৬।

অম্ভ বি [সং অম্ভস্>বা অম্ভ (বিসর্গহীন), তু 'মন, যশ' ইত্যাদি] জল। "অম্ভের রাখিতে দম্ভ, শুন সুরধুনী অম্ভ, অসম্ভব কর নারায়ণি দ্রু ১৭। প্রলয়পয়োধি-অম্ভ ক.চ ১০।

অম্ভঃ (-ম্ভস্) ক্লী [√অম্ভ্ শব্দ+অস্ (অসুন্)-ক; দ্র 'উ ৪.২১০; ছান্দস; cf., Gr. ombhos; L. imber] **১** 'শব্দকারক', জল। তু 'অম্বু'। "পা ৬.৩.৩। বরুণশ্চাম্ভসাং পতিঃ গো.রা ৬.১০২.২। পীতাম্ভস্ রঘু ১.৮৯। শ ৬.১৩। বিনাশং ব্রজতি ক্ষিপ্রমামপাত্রমিবাম্ভসি মনু ৩.১৭৯। সাগরাম্ভঃ হি ১.৮৭। পূত অম্ভোরাশি, গাঙ্গেয় মে ৩১২। **২** (জলহেতু) দেব; মেঘ, আকাশ (A.)। **৩** (জলময় চন্দ্রলোকস্থ) পিতৃলোক। **৪** (জ্যোতিষে) লগ্ন হইতে চতুর্থ-স্থান। **৫** চার (৪) এই সংখ্যা। **৬** 'ব' এই বরুণবীজ। **৭** (সাংখ্যে) আধ্যাত্মিক তুষ্টিবিশেষ; 'প্রকৃতি'নামা তুষ্টি। 'প্রকৃত্যাখ্যা তুষ্টিঃ অম্ভঃ ইত্যুচ্যতে সাংখ্য ৫০, তত্ত্বকৌমুদী। **৮** বাল-নামক ওষধি। **৯** বৈদিক ছন্দোবিশেষ। [অম্ভঃ-কণ—জলবিন্দু। "মাঘ ১.৬৫। °পতি—বরুণ। অম্ভসাংনিধি—অম্বু-নিধি, সমুদ্র। "মাঘ ১.২০।]

অম্ভঃকণ, অম্ভঃপতি, অম্ভসাংনিধি দ্র 'অম্ভঃ'।

অম্ভোজ বিণ [অম্ভস্+ √জন্+অ (ড) ক; উ.ত; স্ত্রী -জা] জল-জাত। —জ পুং **১** (সমুদ্রজাত) চন্দ্র। "মুখাম্ভোজচ্যুতং হরিকথা-মৃতম্ (ভাগবত)। **২** সারসপক্ষী। —জ ক্লী পদ্ম। "মৃতাম্ভোজা বাপী গো.রা ৫.৩৬.১২। শারদা শরদাম্ভোজবদনা (মল্লিনাথ)। বালে তব মুখাম্ভোজে কথমিন্দীবরদ্বয়ম্ শৃ ২০। শ্যাম-কাম্বোজে কনকাম্ভোজ, সিন্দূর প্রতিভার কু.কে ১১৯। [°যোনি—পদ্মযোনি, ব্রহ্মা। "সদনম্ …অম্ভোযোনেঃ (প্রবোধচন্দ্রোদয়)। °ষণ্ড—পদ্মসমূহ। "মাঘ ১১.৬৪।]

অম্ভোজন্ম (-ন্মন্) ক্লী [বহুব্রী] জল হইতে যাহার জন্ম; পদ্ম। [°জনি—পদ্মযোনি, ব্রহ্মা। "ভ ১০.১৩.১৫।]

অম্ভোজন্মজনি; অম্ভোজযোনি, অম্ভোজষণ্ড দ্র 'অম্ভোজন্ম; অম্ভোজ'।

অম্ভোজিনী স্ত্রী [অম্ভোজ+ইন্ (ইনি) 'সমূহ, দেশ' অর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** অম্ভোজসমূহ, পদ্মনিচয়। **২** অম্ভোজদেশ, পদ্মযুক্তস্থান। **৩** পদ্মলতা, পদ্মিনী। "°বনবিহারবিলাস।—নীতিশতক ১৪।

অম্ভোদ পুং [অম্ভস্+ √দা+অ (ক)-ক; উ.ত] জলদ, মেঘ। "গো.রা ৫.৪০.৭।

অম্ভোধর পুং [ষ.ত] **১** জলের ধারক; জলধর। "°মত্তকুঞ্জর ঋতু ২১। **২** সমুদ্র। **৩** মুস্তক।

অম্ভোধি পুং [অম্ভস্+ √ধা+ই (কি)-ধি; উ.ত] জলধি, সমুদ্র। "মাঘ ২.১০০। সা.দ ১০$\frac{৭৫}{৭৬}$।

অম্ভোনিধি পুং [ষ.ত] জলনিধি, সমুদ্র। "মাঘ ২.৫৮। °বদ্ধসখ্য কু.স ১.২০। ভা.৩ ৬৬২।

অম্ভোরুট্ (-রুহ্), -রুহ ক্লী [অম্ভস্+ √রুহ+ক্বিপ্ (০)-ক-১ব, উ.ত; স.ত] জলে জাত; অম্বুজ, পদ্ম। "বক্ত্রাম্ভোরুহি (S.W.)। হেমাম্ভোরুহশস্য কু.স ২.৪৪। অম্ভোরুহ-অঙ্ঘ্রি-যুগে শ্রী মা ৩৯।

অম্ময় বিণ [অপ্+ময় (ময়ট্) 'বিকার, প্রাচুর্য্য, অবয়ব' অর্থে; স্ত্রী -য়ী] **১** জলবিকার, জলময় (ফেনাদি)। **২** জলপ্রচুর। "পা ৪.৩.১৪৪, সি। অম্ময় (গর্ভ) রঘু ১০.৫৮। **৩** জলাবয়ব, জলরূপ। "অম্ময়ানি তীর্থানি।—ভ (শ.ক)।

অম্র পুং [√অম্+র (রন্)-ক; তু 'সং আম্র>লি অম্ব, প্রা অম্ব (হে), অম্ম (প্রা.ম); অপ্র] আম্রবৃক্ষ। "অম্র কাঁঠাল গো.বি ৫৬, টীকা। °পল্লব বি.পা ২৭৬। °জ ১৫।

অম্রেত বি [সং অমৃত, মৃ>ম্রি>ম্রে; অপ্র] অমৃত। "অম্রেত সঞ্চা-রিল যেন কর্ণে কৈল পান মী ১৮।

অম্ল বিণ [অম্ল+অ (অচ) অস্ত্যর্থে; স্ত্রী -ম্লা] অম্লরসযুক্ত, টক্। "°উদক মনু ৫.১১৪। যাজ্ঞ ১.১৯০। কট্বম্ল (আহার) গী ১৭.৯। —ম্ল পুং [√অম্+ল (ক্ল)-ক, উ ৪.১০৮; অম্র, আম্র>অম্ল, র>ল (?)] **১** রসবিশেষ, অম্লরস, টক্। "সুশ্রুত ১.৪২৮। °লবণোপেত (মাংস) গো.রা ৫.১৪.৪৫। **২** অম্লবেতস। **৩** জম্বীরবৃক্ষ। **৪** রোগবিশেষ। —ম্ল ক্লী তক্র, ঘোল। —ম্লক পুং 'ঈষদম্ল', লকুচবৃক্ষ। [°চুক্রিকা, °চূড়া (স্ত্রী)—অম্লশাক, আমরুল। °জম্বীর—অম্লনিম্বুক, গোঁড়া লেবুগাছ। °নায়ক (পুং)—অম্লবেতস। °পঞ্চক, °পঞ্চফল (ক্লী)—অম্ল পঞ্চবিধ ফল —কুল ডালিম তেঁতুল আমরুল, অম্লবেতস; (মতান্তরে) জম্বীর নারঙ্গ ও অন্য তিনটি। °পনস (পুং)—লকুচবৃক্ষ।]

অম্লক, অম্লচুক্রিকা, -চূড়া, -জম্বীর, -নায়ক, -পঞ্চক, -পঞ্চফল, -পনস দ্র 'অম্ল'।

অম্লপিত্ত ক্লী [অম্লজনক পিত্ত যাহাতে, বহুব্রী (?)] রোগবিশেষ, যে রোগে পিত্তদোষে ভুক্ত বস্তুমাত্র অম্লরসযুক্ত হয়।

অম্লপুর, -ফল ক্লী [তৃ.ত ; কর্ম্মধা] বৃক্ষাম্ল, তেঁতুল। —ল পুং বৃক্ষাম্ল, তেঁতুলগাছ।

অম্লবর্গ পুং [ষ.ত] প্রধান অম্লদ্রব্যসমূহ—দাড়িম আমলক মাতুলুঙ্গ (গোঁড়ালেবু) ইত্যাদি ফল। "সুশ্রুত ১.৪২.১৬।

অম্লবাস্তুক পুং [কর্ম্মধা] অম্লরসযুক্ত বাস্তুকবিশেষ ; চুক্র, চুকাপালঙ্।

অম্লবীজ, -বৃক্ষ ক্লী [ষ.ত] অম্লের মূল ; তিন্তিড়ীফল, তেঁতুল। —বৃক্ষ পুং তিন্তিড়ীবৃক্ষ।

অম্লবেতস পুং [কর্ম্মধা] অম্ল ও বেতসবৎ নম্র (অ.টী) ; চুকাশাক, চুকাপালঙ্।

অম্লমধু বি অম্ল ও মিষ্ট ব্যঞ্জন ; গুড়-টক্। "হরবধূ অম্লমধু দিতে আর-বার। খসিল কাঁচলি হৈল পয়োধর ভার ॥—শি ৩২।

অম্লমধুর বিং ঈষৎ অম্লরসযুক্ত ও মিষ্টতাপ্রধান (ফলাদি)। "নেংড়া অম্ল-মধুর, ফজলী বোম্বাই আম মধুর।

অম্লমেহ পুং [উ.লো] অম্লরসগন্ধি মেহবিশেষ। "সুশ্রুত ২.৬.৭। —মেহী (-হিন্) পুং যে মেহরোগী অম্লগন্ধি প্রস্রাব করে ; অম্লমেহরোগী। "সুশ্রুত ২.৬.১১ ; ৪.১১.৬।

অম্ললোণিকা, -লোণী, -লোনিকা, -লোনী স্ত্রী ['অম্ললবণিকা, -ণী'—মূল (?)] অম্বষ্ঠা, আমরুল শাক (Oxalis Corniculata)।

অম্লশাক পুং [কর্ম্মধা] অম্লদ্রব্যবিশেষ, শাকাম্ল। —ক ক্লী ১ চুক্র, চুকাপালঙ্। ২ বৃক্ষাম্ল, তেঁতুল।

অম্লসার পুং [বহুব্রী] ১ 'অম্লপ্রধান', চুক্র। ২ নিম্বক। ৩ হিন্তাল। —র ক্লী কাঞ্জিক।

অম্লহরিদ্রা স্ত্রী [কর্ম্মধা] অম্লরসযুক্তা হরিদ্রা ; আমআদা।

অম্লান বিণ [ন.ত ; স্ত্রী -না] ১ ম্লানভিন্ন, অপর্য্যুষিত, প্রত্যগ্র, অশুষ্ক, তাজা। "°পঙ্কজাং মালাম্ (চণ্ডী)। °পঙ্কজমালা শ্রী.মা ৫১। অম্লান কুসুমের মধুপান স.শ ৭০। ২ পরিষ্কৃত, নির্ম্মল। "অম্লান অম্বর, দিল যে কিন্নর ম ৩৭০। ৩ অনুপহত, প্রসন্ন। "পরার্থন্যায়বাদেষু কাণোঽপ্যম্লানদর্শনঃ (S.W.)। ৪ উজ্জ্বল, প্রভান্বিত। "অম্লান টোপর ম ১১। ৫ প্রসন্ন, প্রফুল্ল, সহর্ষ। "সাক্ষী অম্লানমুখে সেই দাগগুলি ফিচেলখাঁর মারপিঠের দাগ বলিয়া জজসাহেবকে দেখাইল ব.প্র ৩২৭। —ন পুং মহাসহাবৃক্ষ (Globe amaranth), আবৃলাগাছ। —ন ক্লী পদ্ম। —ম্লানি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -নি] গ্লানিহীন, প্রসন্ন, প্রফুল্ল, নির্ম্মল। [অম্লান-মুখে, -বদনে বলা—কিছুমাত্র সঙ্কোচবোধ না করিয়া বলা।]

অম্লিকা স্ত্রী [অম্ল+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)। তু 'হি ইমলী] ১ তিন্তিড়ীবৃক্ষ। "অম্লিকায়াঃ ফলম্ (সুশ্রুত)। ২ শ্বেতাম্লিকা ; ক্ষুদ্রাম্লিকা। ৩। অম্লোদ্গার (মেদিনী)। [অম্লিকাবটক—অম্লিকার (তেঁতুলের) বটক ; অম্লবড়া (ভাবপ্রকাশ)।]

অম্লোদ্গার পুং [অম্ল উদ্গার, কর্ম্মধা] অম্লরসযুক্ত উদ্গার ; টক্ ঢেকুর।

অয়্ সক [ভ্বা, আ—অয়তে ; সেট্ ; ভ্বা, প—অয়তি ; উদয়তি (মাঘ ৪.২০)] গতি, অয়ন। "উত্তরায়ণ, দক্ষিণায়ন। [অপ-বি—অপহ্নব, গোপন। "মনু ৮.৬০। উদ্—উদয়, প্রকাশ। "মাঘ ৪.২০। উদয়তি যদি ভানুঃ পশ্চিমে দিগ্‌বিভাগে (সু.র)। পরা—পলায়ন। "পা ৮.২.১৯।]

অয় পুং [√ই+অ (অচ্)-ভা] ১ অয়ন, গমন। "অস্তময়। ২ প্রদক্ষিণগমন। "পা ৫.২.৯, তত্ত্ববোধিনী। ৩ [+অ-ণ] শুভাবহ-বিধি, মঙ্গলানুষ্ঠান। ৪ প্রাক্তন শুভকর্ম্ম (ত.বা) ; কল্যাণদায়ক দৈব (শ.ক) ; শুভদৈব। "অয়ান্বিত রঘু ৪.২৬। °বৎ কি ৫.২০। °শোভী মাঘ ১৯.৫৮। ৫ বিধান, বিধি। ৬ [ছান্দস] পাশক। "(কলিঃ) সর্ব্বানয়ানভিভবতি (শতপথব্রাহ্মণ)। [পাশক, সৌবর্ণ কপর্দ্দক বা বিভীতক ফল। পাশকে চার অঙ্ক থাকিলে 'কৃত'-সংজ্ঞক এবং পাঁচ অঙ্ক থাকিলে 'কালি'-সংজ্ঞক হয় (দ্র 'ত.বা)।] ৭ চারি অঙ্কযুক্ত পাশকভাগ, অর্থাৎ পাশার যে দিকে চারিটি বিন্দু থাকে (ছান্দোগ্যোপনিষৎ)। ৮ চার (৪) এই সংখ্যা। ৯ নরকবিশেষ (শ.ক)। [°বান্, °শোভী (-ভিন্) পুং—ভাগ্যবান্।]

অয়ং সর্ব্ব [সং অয়ম্ ; অপ্র] এই। "মমাধমের পূর্ব্বজন্মে, অয়ং লিপি ছিল কর্ম্মে ম.পা ১৪৫।

অয়ঃ (-য়স্) ক্লী [√অয়্ অথবা √ই+অস্ (অসুন্)-ক, উ ৪.১৮৯ ; 'অয়স' (অকারান্ত, সমাসে উত্তরপদ)—কালায়স, কান্তায়স (পা ৫.৪.৯৪) ; ছান্দস ; Av. Ayangh ; L. Aes ; Goth—ais ; Ger. Eisen ; T. Aiz ; A. S. Ar (ore)] ১ লৌহ। "°প্রতিমা। "মনু ৫.১১৪। অয়োহৃদয় রঘু ৯.৯। ২ সারলৌহ, ইস্পাত। ৩ স্বর্ণ (নিঘণ্ট)। ৪ ধাতুমাত্র। ৫ লৌহনির্ম্মিত অস্ত্রাদি। ৬ গুড়্‌চ্যাদিলৌহ। ৭ (বর্ণসাম্যে ?) অগুরু। [°পিণ্ড (ক্লী)—লৌহপিণ্ড। °প্রতিমা (স্ত্রী)—লৌহপ্রতিমূর্ত্তি। °শঙ্কু (পুং)—লৌহকণ্টক। "অয়ঃশঙ্কুচিত রঘু ১২.৯৫। °শূল (ক্লী)—লৌহময় কুন্ত, তীক্ষ্ণ উপায়। "পা ৫.২.৭৬, সি।]

অয়ঃকণপ ক্লী [°ণ+ √পা+অ (ক)-ক ; উ.ত] লৌহকণপায়ী ; যে যন্ত্রে আগ্নেয় ঔষধবলে গর্ভস্থ লৌহগুলিকা তারকাবৎ বিকীর্ণ করে (নীলকণ্ঠ) ; বন্দুকবিশেষ। "মহা ১.২২৭.২৫।

অয়ঃপান বিণ [বহুব্রী] যেখানে পাপী লৌহদ্রব্য পান করে ; নরক-বিশেষ। "ভ ৫.২৬.৭ ; ২৯।

অয়ঃপিণ্ড, -প্রতিমা, -শঙ্কু, -শূল দ্র 'অয়ঃ'।

অযজ্ঞ বিণ [ন.বহুব্রী ; ছান্দস] অকৃতযজ্ঞ। —জ্ঞ পুং [ন.ত] যজ্ঞব্যতিরেক, যজ্ঞভিন্নকাল। "মনু ৩.১২০।

অযত বিণ [ন.ত ; স্ত্রী -তা] ১ অসংযত, অজিতেন্দ্রিয়। ২ যত্নশূন্য। —তি বিণ [ন.ত] অপ্রযত্নবান্, অল্পপ্রযত্ন, শিথিলাভ্যাস (গী.টীকা)। "গী ৬.৩৭। —তী (-তিন্) বিণ [ন.ত ; স্ত্রী -তিনী] যত্নরহিত, সংযমহীন, অজিতেন্দ্রিয়।

অযত্ন বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ত্না] যত্নহীন, প্রয়াসশূন্য, অযত্নসিদ্ধ। "রঘু ৪.৫৫। —ত্ন পুং [ন.ত] যত্নাভাব, অনায়াস, অক্লেশ। "অযত্নাদাগতং রাজ্যম্ রা ২.৮৫.১২। মনু ৫.৪৭। °বালব্যজনী রঘু ১৬.৩৩। [°কৃত—যত্নকৃতভিন্ন, অনায়াসসাধিত। °লভ্য—অনায়াসপ্রাপ্য, সুলভ। °সম্ভূত—অনায়াসজাত, স্বভাবজ।]

অযত্নকৃত, -লভ্য, -সম্ভূত দ্র 'অযত্ন'।

অযথা ব্য [ন.ত] ১ যে প্রকারে হওয়া উচিত, তাহা হইতে অন্য-প্রকারে ; অনুচিতভাবে, অযোগ্যভাবে। "অযথাকৃত। ২ অযোগ্য, মিথ্যাভূত, অসম্ভব। "আসিবে সময়ে ফিরে অমর আবার। এ অযথা কথা মন্ত্রি, রচিত কাহার ?—হেম ১৩৫। [°কৃত—অযোগ্যভাবে সম্পাদিত। °তথ—অযথার্থ, অনর্থক। "মনু ৩.২৪০। বে ২২। °নামে—বিকৃতনামে। "কাহাকেও অযথানামে ডাকা উচিত নহে—বিদ্যাসাগর। অযথাপূর্ব্ব—যথাপূর্ব্বভিন্ন, পূর্ব্ববৎ অপ্রতীয়মান। "রঘু ১২.৮৮। °বৎ—অযোগ্যভাবে, অসম্যক্। "গী ১৮.৩১। °রূপে—অনুচিতভাবে, অসম্ভবরূপে। "বাঙ্গালীর স্বভাবে অনুচিকীর্ষাবৃত্তি অযথারূপে প্রবল হইয়া উঠিয়াছে পা.প্র ১১৬।]

অযথাকৃত, -তথ, -পূর্ব্ব, -বৎ, -রূপে দ্র 'অযথা'।

অযথার্থ বিণ [ন.ত ; স্ত্রী -র্থা] ১ যথার্থভিন্ন, মিথ্যাভূত, অসত্য। "°র্থানুভব। অযথার্থ কথা যদি বাহিরায় মুখে, কেকয়ীর, মাথা তার কাট তুমি আসি, নররাজ ! মা ১০১। ২ অননুগতার্থ, অসার্থকনামা। °পরিত্যক্তস্বার্থো নিয়তমযথার্থঃ ক্ষিতিপতিঃ মু ৩.৪।

অয়ন ক্লী [√অয়্+অন (ল্যুট্)-ভা ; ছান্দস] ১ গমন, গতি। "নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়।—বাজসনেয়িসংহিতা ৩১.১৮। নদ্যঃ··· সমুদ্রায়ণাঃ।—প্রশ্নোপনিষৎ ৬.৫। পরাশর ১২.৭১। সম্মুখ অয়নে শ্রী.মা ১২৭ ; (নারী) অয়নে হইল অগ্রসর ১৩৩। (গ্রহ ধায়) অদূরে অন্তরে বিচিত্র অয়নে।—হেম ১১৪। ২ দক্ষিণ হইতে উত্তরে এবং উত্তর হইতে দক্ষিণে সূর্য্যের ও চন্দ্রের গতি ; ক্রান্তি। "উত্তরায়ণ, দক্ষিণ°। [রাশিচক্রের মকরাবধি মিথুনপর্য্যন্ত ছয় রাশি ক্রমে উত্তরাবনত এবং কর্কটাবধি ধনুঃপর্য্যন্ত ছয় রাশি ক্রমে দক্ষিণাবনত। সূর্য্য ও চন্দ্র মকরাদি-রাশিস্থিত হইলে ক্রমে তির্য্যগ্‌গতিতে উত্তর দিকে এবং কর্কটাদিরাশিস্থিত হইলে ক্রমে দক্ষিণ দিকে গমন করে। ইহা জ্যোতিষে 'অয়ন' (উত্তরায়ণ, দক্ষিণায়ন)।] ৩ [+অন-ণ] মার্গ, পথ। "অগস্ত্যচিহ্নাদয়নাৎ রঘু ১৬.৪৪। ময়না অয়নে শ্রী.মা ৩৯ ; ৮৭ ; গব্যূতি অয়ন ১৩° ; অম্বর-অয়নে গতি ১৬৪। ৪ পথ, কক্ষ। "(গ্রহ) কেহ না বাধিছে কাহারও গমন, চলেছে অয়ন কাটি।—হেম ১১৪ ; সঙ্গে ঘুরিছে কিরণ সাগর, অনন্ত অয়ন পর ১১৫। ৫ ব্যূহপ্রবেশমার্গ, যোধগণের পূর্ব্বাপরাদি-বিভাগক্রমে নিয়ত অবস্থিতিস্থান। "গী ১.১১। ৬ বিষুবরেখার উভয়-দিগ্‌বর্ত্তী সূর্য্যের গমনপথ। ৭ সত্রবিশেষ। "গবাময়নম্। ৮ উপায়, পথ। ৯ শাস্ত্র। "জ্যোতিষাময়নম্ (ত.বা)। ১০ [+অন-ধি] সূর্য্যের উত্তরদক্ষিণদিগ্‌গমনের কাল। "মনু ৪.২৬। অয়ন বৎসর মাস (ম)। ক.চ ১০। [মাঘাদি আষাঢ়পর্য্যন্ত ষণ্মাস উত্তরায়ণ, শ্রাবণাবধি পৌষপর্য্যন্ত ষণ্মাস দক্ষিণায়ন (অ.টী)। দেবতাদিগের উত্তরায়ণ দিন ও দক্ষিণায়ন রাত্রি (মনু ১.৬৭)। সৌরমানানুসারে ঋতুত্রয় অয়ন (বিষ্ণু-ধর্ম্মোত্তর)। মতান্তরে, চান্দ্রমানানুসারে মার্গমাসাদি ঋতুত্রয়ে (হেমন্ত শিশির ও বসন্তে) 'উত্তরায়ণ' এবং জ্যৈষ্ঠমাসাদি ঋতুত্রয়ে (গ্রীষ্ম বর্ষা ও শরতে) 'দক্ষিণায়ন' (ত.বা)।] ১১ অয়নাভিমানিনী দেবতা। দ্র 'গী ৮.২৪ ; ২৫। ১২ রবি সংক্রান্তিবিশেষ, কর্কটমকরসংক্রান্তি। "অয়নে বিষুবে চৈব শয়নে বোধনে হরেঃ। অনধ্যায়স্তু কর্ত্তব্যো মন্বাদিষু যুগাদিষু॥—তিথ্যাদিতত্ত্ব। ১৩ [+অন-র্ম্ম] আশ্রয়, স্থান। "মনু ১.১০। পরমায়ণ ভ ২.৬.২। 'অয়ন' শব্দেতে কহে তাহার 'আশ্রয়' চৈ.চ ৬। ১৪ গৃহ। [°কাল—অয়নদ্বয়ের অবসান ও প্রারম্ভের মধ্যবর্ত্তী কাল। °বৃত্ত—পৃথিবী পরিক্রমণার্থ অণ্ডাকার পথ (Ecliptic)। °ভাগ, °নাংশ—সূর্য্যের গমনপথের অংশ। °নান্ত—সূর্য্যের উত্তরে ও দক্ষিণে গমনের শেষসীমা ; গ্রীষ্মমণ্ডলের শেষসীমা—ক্রান্তিদ্বয় (Solstice)। °নান্তবৃত্ত, °নান্তরেখা—বিষুবরেখার উভয় পার্শ্বে প্রায় সাড়ে তেইশ ডিগ্রি দূরে বৃত্তরেখাদ্বয়—কর্কটক্রান্তি, মকরক্রান্তি (The Tropics)।]

অয়নকাল, -বৃত্ত, -ভাগ, অয়নাংশ, -নান্ত, -নান্তবৃত্ত, -নান্তরেখা দ্র 'অয়ন'।

অযন্ত্রিত বিণ [ন.ত] ১ অসংযমিত, অনিগৃহীত ; স্বেচ্ছাচারী। ২ শাস্ত্রাচারহীন, নিষিদ্ধভোজনাদিশীল। "মনু ২.১১৮।

অযব পুং [ন.বহুব্রী] ১ যবহীন তিলসাধন পিতৃকৃত্যাদি। ২ অসম্বদ্ধ শক্রু। ৩ কৃমিবিশেষ (সুশ্রুত)। ৪ সূর্য্যচন্দ্রের বিয়োজক কৃষ্ণপক্ষ। "পূর্ব্বপক্ষা বৈ যবা অপরপক্ষা বা অযবাস্তে হীদং সর্ব্বং যুবতে চাযুবতে চ।—শতপথব্রাহ্মণ ৮.৪.২.১১।

অযমিত বিণ [ন.ত] ১ অনিগৃহীত, অনিয়ন্ত্রিত। ২ অকর্ত্তিতোপান্ত, যাহার আগা কাটা নহে। "°নখ উ.মে ৩১।

অয়রান '-র্‌-ন' বিং [ফা বইরান্] উচ্ছিন্ন, বিধ্বস্ত, উচ্ছন্ন, নষ্ট। "কুমার বাহাদুর পিতার মৃত্যুর মাসেকের মধ্যে বাগানখানি অয়রান করে ফেল্লেন হু ২০৮।

অযশ বি [তু 'সং অযশঃ>প্রা অজস (প্রা.ম) ; হি, ঠ, গু অযশ] অকীর্ত্তি, দুর্নাম। "কৃ ৯৬।

অযশঃ (-শস্) ক্লী [ন.ত] ১ যশোবিরোধী, অকীর্ত্তি, অপবাদ। "রা ২.৭৪.৬। °শঃ প্রমৃষ্টম্ রঘু ৬.৪১। ২ শৌর্য্যাদিজন্যখ্যাতি-হীন। "অযশোঽকীর্ত্তিসংযুক্তো জীবন্নপি ন জীবতি (সু.র)। —যশস্কর বিণ [ন.ত ; স্ত্রী -রী] অকীর্ত্তিকর, অপবাদজনক। "°রী মহা ১.৫৩.১৮। —যশস্য বিণ [ন.ত ; স্ত্রী -স্যা] যশস্যবিরোধী, যশের পক্ষে অহিত, অপবাদকর। "°স্য (দোষ) গো.রা ৫.৯১.১২। —যশাঃ (-শস্) বিণ [ন যশঃ যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -শাঃ] যশোহীন।

অযশস্কর, -যশস্য, -যশাঃ ; অযশোভী দ্র 'অযশ ; অয়'।

অয়স -'স্' বি [সং অয়স্ ; হি অযস ; পদ্যে] লৌহ। "আপাদমস্তক-পরা, অয়সরচিত পরিচ্ছদ।—রঙ্গ ৭।

অয়স্কান্ত পুং [স.ত ; বিসর্গস্থানে 'স্', কস্কাদি] ১ লৌহসমূহে রমণীয় বা উত্তম ; কান্তলোহ, কান্তিলোহা। [ভ্রামক চুম্বক রোমক স্বেদক ভেদে ইহা চতুর্ব্বিধ (শ.ক)।] ২ লৌহাকর্ষক প্রস্তরবিশেষ ; চুম্বক, অয়স্কান্তমণি (Magnet)। "কু.স ২.৫৯। °মণিশলাকা মা.মা ১ ২/২ ১/২। রঘু ১৭.৬৩। °শকল উ.চ ৪.২১। ৩ অয়স্কান্ত দ্বারা শল্যাপনয়ন-রূপ ব্রণচিকিৎসাবিশেষ। "সুশ্রুত ১.২৭.৩। [অয়স্কান্তমণি—অয়স্কান্ত।]

অয়স্কার পুং [অয়স্+√কৃ+অ (অণ্)-ক, পা ৮.৩.৪৬ ; উ.ত] লৌহবিকারকারক, কর্ম্মকার, কামার।

অয়স্কুম্ভ পুং [উ.লো] অয়োময় কলস ; লৌহঘট।

অয়স্কৃতি স্ত্রী [তৃ.ত] অয়স্কান্ত দ্বারা মহাকুষ্ঠচিকিৎসাবিশেষ। "সুশ্রুত ৪.৪০.১১।

অযাচক বিণ [ন.ত ; স্ত্রী -চিকা] অপ্রার্থী, অনর্থী, প্রার্থনাপরাঙ্মুখ। —যাচিত বিণ [ন.ত] অপ্রার্থিত, যাচ্ঞা বিনা লব্ধ (অন্নাদি)। "ত্র্যহমদ্যাদযাচিতম্ মনু ১১.২১২। অযাচিত ক্ষীরপ্রসাদঃ অযাচিত পাইলে খান চৈ.চ ৯২। অযাচিত অন্ন আদি ভ.গ্র ৭৭। —যাচিত ক্লী অযাচিতভাবে উপস্থিত বৃত্তি—অন্নাদি। "অমৃতং স্যাদযাচিতম্ মনু ৪.৫। °কবৃত্তি—অযাচকের, অর্থাৎ প্রার্থনা বিনা লব্ধ, জীবিকা। "অযাচক-বৃত্তি মাত্র শরীর লাগিয়া ভ.গ্র ৭৭। (°তবৃত্তি—১ প্রার্থনা বিনা লব্ধ অন্ন যাহার জীবিকা ; অযাচিতখাদ্যজীবী। "অযাচিতবৃত্তি পুরী চৈ.চ ৯২। ২ অযাচিত অন্নাদি। "অযাচিতবৃত্তি কিম্বা শাক ফল খাইব চৈ.চ ৬১। °তব্রত (ক্লী)—অযাচিতভাবে উপস্থিত অন্নে প্রাণধারণ-রূপ নিয়ম। "ত্র্যহমযাচিতব্রতম্ মনু ১১.২১২, কুল্লুক। °তাশী (-শিন্) বিণ—অযাচিতভোজী। "পরাশর ৮.৪৪। °তোপনত, °তোপস্থিত (বিণ)—প্রার্থনা বিনা উপস্থিত বা উপাগত। "অযাচিতোপনত (মল্লিনাথ) ; অযাচিতোপস্থিত কু.স ৫.২২। °তোপনীত, °তাহৃত (বিণ)—প্রার্থনা বিনা সমীপে আনীত। "মনু ৪.২৪৭, কুল্লুক। অযাচিতাহৃত যাজ্ঞ ১.২১৫।

অযাচকবৃত্তি, অযাচিত, -তবৃত্তি, -তব্রত, -তাশী, -তাহৃত, -তোপনত, -তোপনীত, -তোপস্থিত দ্র 'অযাচক'।

অযাজ্য বিণ [ন.ত ; স্ত্রী -জ্যা] যাজনের অযোগ্য ; স্মৃতিনিষিদ্ধযাজন (জাতি), পতিত। —যাজ্য পুং জাতিকর্ম্মভ্রষ্ট জন ; ব্রাত্যাদি। "অযাজ্য করিবে যজমান ক.চ ৩০৫। [°যাজন, °সংযাজ্য—পতিত-ব্রাত্য-প্রভৃতির যাজন। "অযাজ্যযাজন মহা ১২.৩৪.১০। মনু ৩.৬৫ ; অযাজ্যসংযাজ্য ১১.৬০।]

অযাতযাম বিণ [ন.ত ; স্ত্রী -মা] ১ যাতযামভিন্ন, যাহার সম্বন্ধে কাল গত হয় নাই ; তাৎকালিক (নীলকণ্ঠ)। "মহা ৩.১১৪.১১। ২ অপর্য্যুষিত। ৩ অগতবীর্য্য (শ্রীধর)। "ভ ৪.১৩.২৭ ; ১৯.২৮। ৪ অচিরপ্রবৃত্ত, নব। "°মং চ যৌবনম্। ৫ অজ্ঞ কর্ত্তৃক অবিজ্ঞাত (শ্রীধর)। "ভ ১২.৬.৭৩।

অযাত্রা বি ১ অশুভক্ষণে যাত্রা; দুর্নিমিত্তসূচক দ্রব্যাদিদর্শনপূর্বক যাত্রা। ২ যাত্রাবিরোধী দুর্নিমিত্তসূচক বিষয়—শূন্য কলসী হাঁচি প্রভৃতি।

অযাত্রিক বিং যাত্রার পক্ষে অমঙ্গলসূচক; যাত্রাবিরোধী, যাত্রায় দুর্নিমিত্তসূচক। "সুবর্ণগোধিকা দেখি, চিত্তে বীর হয়ে দুখী, অযাত্রিক পাপদরশনে ক.চ ৫৭।

অয়ান্বিত বিণ [তৃ.ত] অয়যুক্ত, শুভদৈবান্বিত। "রঘু ৪.২৬।

অয়ি ব্য ১ সম্বোধন, ভোঃ, ওহে। "অয়ি জানীষে রেভিলস্য সার্থবাহস্য গৃহম্ মৃ (S.W.)। ২ কোমলামন্ত্রণ, সকরুণ সপ্রণয় বা সস্নেহ সম্বোধন। "অয়ি কথং বিস্মর্য্যতে উ.চ ১২/১৪; অয়ি মুগ্ধে বিমুঞ্চ মাম্ ১.৪৬; অয়ি কঠোর যশঃ কিল তে প্রিয়ম্ ৩.২৭। অয়ি ভো মহর্ষিপুত্র শ ৭২/১৮। অয়ি শাস্তি! বসুধারে কর আলিঙ্গন স.শ ১১১। সন্ন্যাসী কহে করুণ-বচনে, অয়ি লাবণ্যপুঞ্জে।—কথা ৩২। অয়ি তরুণী পথিক-ললনা চ.কা ২৫০; অয়ি ভাবাকুললোচনা ২৫১। অয়ি প্রিয়সখীগণ! সী ৬০। ৩ প্রশ্ন। "অয়ি জীবিতনাথ জীবসি কু.স ৪.৩। ৪ অনুনয়। "অয়ি সম্প্রতি দেহি দর্শনম্ স্মর কু.স ৪.২৮। ৫ সহানুভূতিসহিত সম্বোধন। "অয়ি বিয়োগকাতরে! এ চিত্রপট, বাস্তবিক পঞ্চবটী অথবা পাপীয়সী শূর্পণখা নহে সী ১০১ ৬ সানুরাগ সম্বোধন। "অয়ি সুখময়ি উষে! কে তোমারে নিরমিল স.শ ১১৯। অয়ি ভুবনমনোমোহিনী, অয়ি নির্মলসূর্য্যকরোজ্জ্বল ধরণী।—গান ২২১। ৭ ঘৃণার সহিত সম্বোধন। "অয়ি লক্ষ্মি! কি আশ্চর্য্য প্রকৃতি তোমার, স্মরণ করিলে হয় ঘৃণার সঞ্চার স.শ ১১১। ৮ সবিরক্তি সম্বোধন। "অয়ি বহুতরং দ্রষ্টব্যমস্তি, অন্যতো দর্শয় উ.চ ১২/১৮।

অয়ুক্ (-জ্) বিণ [ন.ত; স্ত্রী -ক্] ১ যুগ্‌ভিন্ন, অযুগ্ম, বিষম, বিজোড়। বিপ 'যুক্'। "°ছদ। মনু ৩.২৭৭। ২ বিষমসংখ্যক, অর্থাৎ প্রথম ও তৃতীয় (শ্লোকপাদ)। "°পদযমক ভট্টি ১০.১০, টীকা। অযুজি নযুগ-রেফতঃ…পুষ্পিতাগ্রা। [অযুক্ছদ—অযুগ্মপত্র, সপ্তচ্ছদ। "°গুচ্ছসুগন্ধি মাঘ ৬.৫০।

অযুক্ত বিণ [ন.ত] ১ অ-যুগবদ্ধ, যুগে অযোজিত (Not yoked)। "ঋগ্বেদ ১০.২৭.৯। ২ অসংযুক্ত, অনন্বিত, বিশ্লিষ্ট, অসংলগ্ন। ৩ বর্ণান্তর-যোগহীন (স্বর)। ৪ অনবহিত, অসমাহিত, প্রমত্ত। "ন হ্যযুক্তেন মনসা কিং চন সংপ্রতি শক্নোতি কর্ত্তুম্।—শতপথব্রাহ্মণ। গী ১৮.২৮। ৫ বহির্মুখ (শ্রীধর) "গী ৫.১২। ৬ অনাসক্ত, অজিতচিত্ত, অকৃতেন্দ্রিয় (গী.টীকা)। "নাস্তি বুদ্ধিরযুক্তস্য গী ২.৬৬। ৭ অযোগ্য, অননুরূপ, বিসদৃশ। "অযুক্তরূপং কিমতঃ পরং বদ কু.স ৫.৬৯। ৮ যুক্তিশূন্য, অনুচিত, অন্যায়। "অব্রবীৎ পরুষং বাক্যমযুক্তং কালচোদিতঃ গো.রা ৩.৪৪.২। ৯ সঙ্গতিহীন, সম্বন্ধরহিত। "অযুক্তোঽয়ং নির্দ্দেশঃ পা ৪.২.৬২; ৬৩,—মহাভাষ্য। ১০ অনিয়োজিত। "°চারা রাজানঃ গো.রা ৩.৩৭.৭, °চার ১০। ১১ আপদ্গত, দুর্গত। ১২ বিচারশক্তিহীন, অবিবেক। "অযুক্তবুদ্ধিগুণদোষনিশ্চয়ে রা ৩.৩৩.২৩। ১৩ অমিশ্রিত। ১৪ অসত্য। ১৫ বিবাহবন্ধহীন, অবিবাহিত। ১৬ অপরিমিত, অনিয়ত। বিপ 'যুক্ত'—যুক্তাহারবিহার, যুক্তচেষ্ট (গী ৬.১৭)। ১৭ অধ্যাহার্য্য, উহ্য। "°পদার্থ। —যুক্তি বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ক্তি] ১ যুক্তিহীন, অন্যায্য। ২ যোগহীন, বিযুক্ত। —যুক্তি স্ত্রী [ন.ত] ১ যুক্তির অভাব; অযোগ, বিশ্লেষ। ২ অপ্রশস্ত যুক্তি। ৩ অসঙ্গতি, অযোগ্যতা। [°রূপ—অত্যন্ত অযুক্ত। "কু.স ৫.৬৯।]

অযুগ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -গা] ১ যুগহীন, যুগলরহিত, একক। ২ বিষম, বিজোড়। "°নয়ন, °নেত্র। ৩ যুগশূন্য, ভগ্নযুগ (রথাদি)। [°নয়ন, °নেত্র (পুং)—ত্রিনয়ন, শিব। °শর (পুং)—পঞ্চশর, কাম। °সপ্তি (পুং)—সপ্তাশ্ব, সূর্য্য। "মাঘ ১১.৬১।]

অযুগনয়ন, -নেত্র, -শর, -সপ্তি দ্র 'অযুগ'।

অযুগ্ম বিণ [ন.বহুব্রী; স্ত্রী -গ্মা] ১ যুগ্মরহিত, অযুগল, একক। ২ বিষমসংখ্যক, বিজোড়। "°গ্মা (রাত্রি) মনু ৩.৪৮। °পাদযমক ভট্টি ১০.১০। [°চ্ছদ, °পত্র, °পর্ণ (পুং)—সপ্তপর্ণ বৃক্ষ। "কি ১.১৬। °নয়ন, °নেত্র, °লোচন (পুং)—ত্রিলোচন শিব। "°নেত্র কু.স ৩.৫১; ৬৯। °বাণ, °শর (পুং)—পঞ্চবাণ, কাম। °বাহ, °সপ্তি (পুং)—সপ্তাশ্ব, সূর্য্য (সর্বত্র বহুব্রী সমাস)।]

অযুগ্মচ্ছদ, -নয়ন, -নেত্র, -পত্র, -পর্ণ, -বাণ, -বাহ, -লোচন, -শর, -সপ্তি দ্র 'অযুগ্ম'।

অযুত বিণ [ন.ত; স্ত্রী -তা] ১ অসংযুক্ত, বিযুক্ত। ২ অসম্বদ্ধ। —যুত স.বিণ দশসহস্রসংখ্যক; দশহাজার। —যুত পুং, ক্লী [ছান্দস] দশসহস্র সংখ্যা। "হরীণাম্…অযুতানি গো.রা ৫.৪৭.১২। শরাণাম-যুতান্ মহা ৩.২০.২৫; বর্ষাযুত ৭৮.২৮। অজ্ঞানাম্…অযুতৈঃ মনু ১২.১১৩।

অযুদ্ধ ক্লী [ন.ত] ১ যুদ্ধাভাব, যুদ্ধ না করা। "হি ২.১৬৯। ২ (বাঙ্‌লায়; অপ্র) যুদ্ধে অকুশল। "অযুদ্ধ কুমার রণমধ্যে গেলা ম.বি ২১৩। [°মান (তু 'সং অযুধ্যমান; অপ্র)—যুদ্ধে অকুশল। "অযুদ্ধমান পুত্র ম.বি ২১৩; ২৩২। অযুদ্ধা ('অযোদ্ধা'—মূল; অপ্র)—অযোধ, যুদ্ধে অকুশল। "অযুদ্ধা আমি গো দেবি তুমি কি না জান চ.বি ৩২।]

অয়ে ব্য [তু 'অয়ি, অহে; হয়ে (ঋগ্বেদ)] ১ সম্বোধন। ২ সভক্তি সম্বোধন। "অয়ে গৌরীনাথ ত্রিপুরহর শম্ভো সা.দ ৩২/৫৫। ৩ সোপ-হাস সম্বোধন। "সভেই বোলেন—"অয়ে নিমাঞি ঢাঙ্গাতি। কি করিবা এবে যে তোমার গেল জাতি॥—চৈ.ভা ৩৫। ৪ কোমল আমন্ত্রণ, সপ্রণয় সকরুণ বা সস্নেহ সম্বোধন। "অয়ে স্নিগ্ধে মুগ্ধে চপলনয়নে চন্দ্রবদনে প্রসীদ (সু.র)। শুন শুন অয়ে সখা শ্রী.ম ২০। অয়ে সুকুমার কান্তি তরুণনিচয়। স.শ ৯৯। ৫ বিস্ময়। "অয়ে দক্ষিণেন বৃক্ষবাটিকাম্ আলাপ ইব শ্রূয়তে শ ১২/১৬; অয়ে মাতালঃ ৬২/১৯। উচ ২/৫। ৬ সহর্ষবিস্ময়। "অয়ে দেবী অরুন্ধতী সর্ব্বে চ প্রহৃষ্টদৃষ্টশৃঙ্গশান্তাসমেতা গুরবঃ।—উ.চ ৭২/১৮। ৭ কোপ। "অয়ে অশ্বমেধ ইতি বিশ্ববিজয়িনাং ক্ষত্রিয়াণাম্…মহান্ উৎকর্ষনিষ্কর্ষঃ উ.চ ৪২/২৪। ৮ বিষাদ। "অয়ে দেবপাদপদ্মোপজীবিনোঽবস্থেয়ম্ মৃ (A.)। ৯ সম্ভ্রম, ত্বরা। ১০ স্মরণ। ১১ ভয়।

অয়েলক্লথ্ বি [E. Oilcloth] রঙ্-করা তৈলবৎ মসৃণ কাপড়বিশেষ।

অযোগ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -গা] যোগহীন, বিযুক্ত। —গ পুং [ন.ত] ১ যোগাভাব, বিয়োগ, বিশ্লেষ। ২ অপ্রশস্ত যোগ, অসঙ্গতি, অযোগ্যতা। "কু.স ৩.১৪, মল্লিনাথ। ৩ প্রিয়বিরহ (M.W.)। ৪ গাঢ়ানুরাগ নব নায়ক-নায়িকার পরবশ বা দৈব হেতু বিপ্রকর্ষজন্য বিচ্ছেদ (দশরূপাদর্শ—শ.ক) ৫ কঠিন উদ্যম; একান্ত চেষ্টা। ৬ কূট, লৌহমুদ্গর। তু 'অয়োগ্র' মুষল। ৭ বিধুর, বিরহকাতর প্রিয় বা ভর্ত্তা। ৮ ঔষধের প্রতিকূল ক্রিয়া বা অল্পক্রিয়া। 'সুশ্রুত ৪.৩৪.২; ৭। ৯ (বাঙ্‌লায়) ঔষধ (ইহা 'ঔষধ'-অর্থে, 'যোগ' শব্দের ভ্রান্ত প্রয়োগ)। "আমার অযোগ আছে রাত্রিবাস ধুতি। পরশ করিলে গায় ব্যাধি যায় কতি॥—শ্রী.মা ২২৩।

অয়োগব পুং [অযোগ + √বা + অ (ক)-ক; তু 'সং অয়োগ্‌বান্ > লি অযোগরা] যে প্রতিলোমযোগ সূচনা করে; শূদ্র হইতে বৈশ্যায় জাত সন্তান বা সঙ্কীর্ণ জাতিবিশেষ (মনু ১০.১২)। [কাষ্ঠতক্ষণ (কাঠের কাজ, ছুতারের কাজ) ইহাদের বৃত্তি (মনু ১০.৪৮)]—বী স্ত্রী [°ব + স্ত্রী ঈ (ঙীপ্)] অয়োগবজাতি-স্ত্রী। দ্র 'আয়োগব, -বী'।

অযোগবাহ পুং [অযোগ বাহ, কর্মধা] অযোগ (পাণিনিকৃত অণাদি চতুর্দ্দশ সংজ্ঞায় যোগরহিত বা অপঠিত) এবং তথাপি বাহ যত্নগত্বাদি-

কার্য্যের নির্ব্বাহক; অনুস্বার বিসর্গ জিহ্বামূলীয় উপধ্মানীয় ও যম —এই সকল বর্ণ। 'বিসর্জ্জনীয়জিহ্বামূলীয়োপধ্মানীয়ানুস্বারানুনাসিক্য-যমাঃ (অযোগবাহাঃ)।—মহাভাষ্য পা ৮.৪২, তত্ত্ববোধিনী।

অয়োগুড়, -গুল পুং [উ.লো] লৌহনির্ম্মিত গুলিকা; লৌহপিণ্ড। "মনু ৩.১৩৩।

অযোগ্য বিণ [ন.ত; স্ত্রী -গ্যা] ১ অনর্হ, অনুপযুক্ত। ২ অনুচিত, অন্যায্য। ৩ অকর্ম্মণ্য, অকুশল, অসমর্থ। "অযোগ্যঃ পুরুষো নাস্তি যোজকস্তত্র দুর্লভঃ শু ২.১২৬। ৪ শাস্ত্রানুসারে অপাত্রভূত (যেমন, বেদাধ্যয়নে শূদ্র)। "যাজ্ঞ ২.২৩৮।

অয়োঘন পুং [অয়স্+ √হন্+অ (অপ্)-ণ, পা ১.৩.৮২; উত] যাহা দ্বারা লোহ আহত হয়; লৌহমুদ্গর। "রঘু ১৪.৩৩।

অয়োজাল ক্লী [উ.লো; °ল পুং—"°লং চ তং ছিত্ত্বা (গো.রা ৩.৩৯.৩৬)] লৌহনির্ম্মিত জাল। "°লানি নির্ম্মথ্য রা ৩.৩৫.৩৫।

অযোদ্ধা (-দ্ধৃ) পুং [ন.ত] ১ অকুশল যোদ্ধা। ২ যে যোদ্ধা নহে; অযোধ।

অযোদ্ধ্যা বি [সং অযোধ্যা > (বিকল্পে) অযোদ্ধ্যা; অপ্র] অযোধ্যা-নগরী। "অযোদ্ধ্যানগরে ম ১৭৪।

অয়োধাতু পুং [কর্ম্মধা] লৌহধাতু। "উ.চ ৪.২১।

অযোধ্য বিণ [ন.ত; স্ত্রী -ধ্যা; ছান্দস] যুদ্ধে অশক্য, অনাক্রমণীয়, অনভিভবনীয়। "দেবানাং পুরযোধ্যা।—অথর্ব্ব ১০.২.৩১। অন্যাযোধ্যা মহাবাহো অযোধ্যা প্রতিভাতি মে গো.রা ৬.১১২.৪৭। অধ্যবসৎ ততোঽযোধ্যামযোধ্যাম্।—মহা ৩.১৪৮.১৩। —ধ্যা স্ত্রী [°ধ্য+স্ত্রী আ (টাপ্)] ১ কোশলা, উত্তরকোশলা, সাকেত। "গো.রা ৬.১১২.৪৭। [ইহা সূর্য্যবংশীয় রাজগণের রাজধানী এবং সরযূতীরে কোশল জনপদের অন্তর্গত ছিল। মনু ইহার নির্ম্মাতা। ইহা দৈর্ঘ্যে দ্বাদশ যোজন এবং বিস্তারে তিন যোজন ছিল (রা ১৫)। ইহা মোক্ষদায়িকা সপ্তপুরীর একতমা (পদ্মপুরাণ)।] ২ (বাঙলায়) অযোধ্যাকাণ্ড। "অযোধ্যাতে বনবাস কৃ ২৩৬।

অযোধ্যাকাণ্ড ক্লী [ষ.ত] অযোধ্যার বৃত্তান্তসমূহের কাণ্ড; রামায়ণের অযোধ্যাবৃত্তান্তবর্ণনবিষয়ক দ্বিতীয় গ্রন্থ বা বিভাগ। [রামের রাজ্যে অভিষেক ও নির্ব্বাসন ইহার বিষয়।]

অযোনি বিণ [ন.বহুব্রী; স্ত্রী -নি] ১ যাহার উৎপত্তিস্থান নাই; অনাদি-কারণ, অকারণক, অজন্য, নিত্য। "জগদ্যোনিরযোনিস্ত্বম্ কু.স ২.৯। হে বিভো জগদ্যোনি! অযোনি আপনি মা ১৩৯। ২ কুৎসিতযোনি, হীনযোনিজাত। "মহা ১৩.২৭.২০। ৩ অ-গর্ভসম্ভূত (সীতাপ্রভৃতি)। ৪ আদিম। —নি পুং ১ পদ্মযোনি ব্রহ্মা। ২ স্বয়ম্ভু শিব। ৩ মুষল (বৈজয়ন্তী)। ['অযোণি' (অয়স্+অণি)—মূল?] —নি স্ত্রী [ন.ত] যোনিভিন্ন স্থান—মুখাদি। "মনু ১১.১৭৪। যাজ্ঞ ২.২৯৬।

অযোনিজ বিণ [ন.ত; স্ত্রী -জা] ১ যোনিজাতভিন্ন, অ-গর্ভজাত। "শরীরং দ্বিবিধং যোনিজমযোনিজম্ (বৈশেষিকসূত্র)। তনয়ামযোনিজাম্ রঘু ১১.৪৭; ৪৮। মহা ১.১৩০.৫৭। ২ অযোনি (মানসাদি) হইতে জাত—মনুপ্রভৃতি। —জ পুং বিষ্ণু (মহা)। —জা স্ত্রী [°জ+স্ত্রী আ (টাপ্)] যজ্ঞভূমিজাতা সীতা।

অযোনিসম্ভব, -সম্ভূত, -জন্মা (-ন্মন্) বিণ [ন.ত; স্ত্রী -বা, -তা, -ন্মা] অযোনিজ। "কন্যারত্নমযোনিজন্ম ম.চ ১.৩০। নিজবীর্য্যে উৎপত্তি অযোনিসম্ভবা বি.পা ৬৯; ৮৫। অযোনিসম্ভবা সীতা কৃ.উ ১৭২। অযোনিসম্ভবা উনি জন্মিলেন চাষে কৃ ৪৯। লক্ষ্মী অযোনিসম্ভবা। —ম ৫৪৬। আমি…ভরদ্বাজের পুত্র, অযোনিসম্ভূত।—কালীপ্রসন্ন সিংহ। —সম্ভবা স্ত্রী সীতা। [অযোনিসম্ভবা বিষ (অপ্র)—সমুদ্রমন্থন-জাত বিষ। (সমুদ্রমন্থনে হৈল) অযোনিসম্ভবা বিষ বি.পা ৬৯।]

অয়োময় বিণ [অয়স্+ময় (ময়ট্) বিকারার্থে; স্ত্রী -য়ী; ছান্দস—'অয়স্ময়', পা ১.৪.২০] অয়োবিকার, লৌহময়, আয়স। "°য় (চক্র) গো.রা ৪.৪৩.৩৩। °য় শঙ্কু মনু ৮.২৭১; ১১.১০৪।

অয়োমল ক্লী [ষ.ত] লৌহমল, মণ্ডুর, লোহার গু (Rust)।

অয়োমুখ বিণ [অয়ঃ মুখে যাহার, বহুব্রী; স্ত্রী -খা, -খী] ১ লৌহমুখ, লৌহাগ্র। "কাষ্ঠময়োমুখম্ মনু ১০.৮৪। ২ লৌহসূচিমুখ। "অয়োমুখানাং শূলানাম্ রা ৩.৪৭.৪৪। —মুখ পুং লৌহাগ্র শর। "রঘু ৫.৫৫।

অয়োহৃদয় বিণ [অয়ঃ হৃদয় যাহার, বহুব্রী; স্ত্রী -য়া] লৌহবৎ কঠিনহৃদয়; নিষ্করুণ, নির্দ্দয়। "রঘু ৯.৯।

অযৌক্তিক বিণ [ন.ত; স্ত্রী -কী] অ-যুক্তিসিদ্ধ, অন্যায্য, অনুচিত; সঙ্গতিহীন।

অযৌগিক বিণ [ন.ত; স্ত্রী -কী] যৌগিকভিন্ন, যাহা প্রকৃতিপ্রত্যয়-যোগে সিদ্ধ নহে; অব্যুৎপন্ন, রূঢ় (শব্দ)।

অর বিণ [√ঋ+অ (অচ্)-ক; স্ত্রী -রা] ১ শীঘ্র, দ্রুত, লঘু। "অরং যাতি তুরঙ্গমঃ (S.W.)। ২ শীঘ্রগ, দ্রুতগামী। —র পুং ১ শৈবাল। ২ কোণ। "ত্রিপঞ্চারে পীঠে শশিবহৃদি (শ্যামাস্তব)। ৩ পর্পট, ক্ষেতপাপড়ী। ৪ (জৈনমতে) কালচক্রের দ্বাদশাংশ। ৫ অষ্টাদশ তীর্থঙ্কর। —র পুং, ক্লী [ছান্দস] ১ চক্রের নাভি ও নেমির মধ্যস্থ তির্য্যক্ কাষ্ঠখণ্ড; চক্রশলাকা, চাকার পাখি (Spoke)। "ত্রিংশ-দর, দশার, শতার্দ্ধার (S.W.)। পঞ্চারে চক্রে।—ঋগ্বেদ ১.১৬৪.১৩। °বিবর শ ৭.৭। উদর (উদ্+অর)-শ্রী মাঘ ১২.৮। অরান্তর বিক্র ১.৪। অরৈঃ সন্ধার্য্যতে নাভির্নাভৌ চারাঃ প্রতিষ্ঠিতাঃ।—পঞ্চ ১.৮৯। অর লাগাইতে চাকে দেখি শুভক্ষণ জ ৫৫। ২ (জৈনমতে) কালচক্র উৎসর্পিণী ও অবসর্পিণীর অবয়ব (অ.চি)।

অরক্ষণীয় বিং [ন.ত] যাহা রক্ষা করা যায় না, অশক্যরক্ষণ। —য়া বিং যে কন্যা বিবাহের কাল অতিক্রম করিয়াছে, আর অবিবাহিতা রাখা যায় না; অরক্ষণে (কন্যা)।

অরক্ষণে বিং ['অরক্ষণীয়া'—মূল; 'অরক্ষুনে' (কথ্যভাষা)] সর্থ 'অরক্ষণীয়া'। "অরক্ষণে হ'ল মেয়ে বা দ ২২৯।

অরক্ষিত বিণ [ন.ত] ১ অনবেক্ষিত, অগুপ্ত। "°ত নিধি হি ২ ৮/৯। অরক্ষিতং তিষ্ঠতি দৈবরক্ষিতম্ (S.W.)। ২ ব্যভিচার হইতে অনিবারিত (নারী)। "(যোনিতঃ) অরক্ষিতা গৃহে রুদ্ধাঃ পুরুষৈরাপ্তকারিভিঃ মনু ৯.১২। —তা (-তৃ) বিণ [ন ত; স্ত্রী -ত্রী] অরক্ষক, অপালক। "°তা নৃপ মনু ৮.৩০৯। অরক্ষিতা রাজা। —পঞ্চ ৩.৭৩।

অরগুণ '-রন্' বি ['আরগুণ' নাই ছারগুণ আছে (ঢাকা), 'অরগুণ' নাই বরগুণ আছে (২৪ পরগণা)—'বরগুণে'র অনুকরণে 'আরগুণ'-স্থলে 'অরগুণ' হইয়াছে, বোধ হয়; অথবা, 'হরগুণ বরগুণ হৈল এক ঠাই (ভা.চ ৮৪)—ইহারও সহিত 'অরগুণ বরগুণ'-এর সম্বন্ধ থাকিতে পারে।] সদ্গুণ, ভাল গুণ। "সহরে বড় মানুষদের মধ্যে অনেকের অরগুণ নাই বরগুণ আছে। ভাল কত্তে পারবো না, মন্দ করবো, কি দিবি তা দে! হু ১০২।

অরঘট্ট, -ঘট্টক পুং [অর ঘট্ট, সুপ্সুপা; ক (কন্) স্বার্থে] ১ 'দ্রুত ঘট্টিত'; কূপ হইতে জলোত্তোলনার্থ ঘটীযন্ত্রবিশেষ; কূপোপরি বদ্ধ জলোত্তোলনকাষ্ঠবিশেষ (শ.ক)। "°ট্টঘটী।—পঞ্চ ৪ ২/১৬; অরঘট্টঘটিকামার্গ ২ ৪/৫। [এই যন্ত্রে একটি চাকা থাকে। উহার চারিটি বা ছয়টি অর (পাখি)। চাকায় সংলগ্ন দড়িতে ঘট বা বাল্‌টি বাঁধিয়া, পাখি ধরিয়া চাকা ঘুরাইয়া কূপ হইতে জল তুলিতে হয়।] ২ মহাকূপ।

অরজস্ক, -রজাঃ (-জস্) বিণ [ন রজঃ যাহাতে, ন.বহুব্রী; সমাসান্ত

বিকল্পিত 'ক' (কপ্) ; স্ত্রী -স্কা, -জাঃ] ১ রজোহীন, ধূলিশূন্য, নির্ম্মল। ২ রজোগুণহীন, কামক্রোধাদিশূন্য। —স্কা, -জাঃ বিণ, স্ত্রী অরজস্বলা, অনার্ত্তবা (নারী)। —জাঃ স্ত্রী রজোদর্শনহীনা বালিকা ; কন্যা, নগ্নিকা।

অরণ বিণ [ন.বহুব্রী] রণশূন্য, অবিদ্যমানযুদ্ধ। "অরণং মরণং সময়াৎ ভট্টি ১০.৯। —ণ ক্লী [√ঋ+অন (ল্যুট্)-র্ম্ম] শরণ, আশ্রয়। "মৃত্যোঃ প্রধাবত্যরণং তমীমহি ভ ৮.২.৩৩ ; অরণমেষমাণঃ ৯.৪.৫২ ; তবাঙ্ঘ্রিররণম্ ১০.৬০.৪৩।

অরণি পুং, স্ত্রী [√ঋ+অনি-ক, উ ২.১০১ ; ছান্দস] ১ যাহা অগ্নি-জনক ; অগ্নিজননার্থ যে কাষ্ঠ কাষ্ঠান্তর দ্বারা ঘৃষ্ট হয় (অ.টী) ; নির্ম্মন্থ্যদারু। "অরণিরগ্নিযোনিঃ (উণাদিবৃত্তি)। বাসনারণিসম্ভব রা ২.১০৪.২৬। অরণিকাষ্ঠ—পুরূরবা ব.দ্বি ৩৪২। ['অরণি'র নামান্তর 'অধরারণি'। যে কাষ্ঠের ঘর্ষণে অরণিতে অগ্নি উৎপন্ন হয়, তাহা 'উত্তরারণি'। প্রশস্তভূমিজাত শমীগর্ভ অশ্বত্থের পূর্ব্বমুখী উত্তরমুখী বা ঊর্দ্ধগামিনী শাখায় অরণিদ্বয় নির্ম্মিত হয় (কাত্যায়ন ৭.১.২। হ ২৬.৪৫)।] ২ (দ্বিব) অধরারণি ও উত্তরারণি। —ণি পুং ১ সূর্য্য। ২ অগ্নি। ৩ অগ্নিমন্থবৃক্ষ। —ণি স্ত্রী ১ (সাদৃশ্যে) মাতা। "পাণ্ডব°, সুর° (M.W.)। ২ [+অনি-ণ] মার্গ। তু 'সরণি'। —ণী স্ত্রী [°ণি+স্ত্রী ঈ (ঙীপ্)] অধরারণী। "(পাণিং বেণস্য) অরণীমিব মমন্থুঃ হ ৪.২১ ; ২৬.৪৪। অরণীব হুতাশনম্।—পঞ্চ ১.২৩৯। [°ণীসুত—শুকদেব। দ্র 'শুক (৩)]

অরণী, অরণীসুত দ্র 'অরণি'।

অরণ্য ক্লী [√ঋ+অন্য-র্ম্ম, উ ৩.১০২ ; 'অরণ্যম্'—অরমণং ভবতি (যাস্ক) ; অরম্য > অরণ্য (?)—যাহা রম্য নহে। তু 'অরুন'—"অরুন জঙ্গল গো.চ ২০৬] যে স্থানে শেষ বয়সে যায় ; শ্বাপদেরা যেখানে যায় (অ.টী) ; বিপিন, কানন, বন। "প্রিয়নাশে কৃৎস্নং জগদিদমরণ্যম্ উ.চ ৬.৩০। অরণ্যং তেন গন্তব্যং যথারণ্যং তথা গৃহম্।—চাণক্য। কোথা শশী, কোথা তারা, মেঘারণ্যে পথহারা।—ছবি ও গান (রবীন্দ্র)। জগৎ শূন্য ও জীর্ণ অরণ্যপ্রায় বোধ হইতেছে সী ২২। —ণ্য পুং ১ শঙ্করাচার্য্যকৃত ব্রহ্মচারী পরিব্রাজকের দশ উপাধির একতম। 'তীর্থাশ্রমবনারণ্যগিরিপর্ব্বতসাগরাঃ। পুরিঃ সরস্বতী চৈব ভারতী চ তথা দশ॥ "(বিশ্বরূপ সন্ন্যাস করিল কথোদিনে) জগতে বিদিত নাম 'শ্রীশঙ্করারণ্য'।—চৈ.ভা ৪৯। ২ টকফল ; বৃক্ষ। ৩ (বাঙলায় ; অপ্র) অরণ্যষষ্ঠী। "অরণ্যের আগমনে আনন্দ অপার।—দীনবন্ধু মিত্র। —ণ্যক ক্লী বন। "যাজ্ঞ ৩.১৯২। [অরণ্যে রোদন (সং অরণ্যরুদিত) —জনশূন্য বনে শ্রোতার অভাবে বিফল রোদনের ন্যায় কোন বিষয়ে ব্যর্থ প্রয়াস বা নিবেদন। "রায় বলে পুন পুন, সাধিলে যদি না শুন, অরণ্যে রোদনে কিবা ফল ভা.চ ৩৪৩। তু 'অরণ্যে ময়া রুদিতমাসীৎ শ ২৲। জনারণ্য, লোকারণ্য—বনবৃক্ষসমূহের ন্যায় নিরন্তরভাবে (গায়-গায়) দণ্ডায়মান লোকসমূহ। "হো হো করি জনারণ্যে হাস্যরস ফুটে।—রঙ্গ ২৪।]

অরণ্যকাণ্ড ক্লী [ষ.ত] রামের বনবাসবর্ণনবিষয়ক রামায়ণের তৃতীয় গ্রন্থ বা বিভাগ। "অরণ্যকাণ্ডেতে সীতা হরিল রাবণ কৃ ২৩৬।

অরণ্যগজ পুং [উ.লো] অরণ্যজাত হস্তী ; বনহস্তী।

অরণ্যচন্দ্রিকা স্ত্রী [ষ.ত] বনের জ্যোৎস্না ; দর্শকাভাবে বনজ্যোৎস্না-শোভার ন্যায় ব্যর্থ ভূষণাদিজন্য শোভা ; নিষ্ফলভূষণ, ব্যর্থ শোভা। "কু.স ৭.২২।

অরণ্যচর, -চারী (-রিন্) বিণ [অরণ্য+ √চর্+অ (ট),+ইন্ (ণিনি), -ক-১ব ; উ.ত ; স্ত্রী -রী, -রিণী] বনচর, বন্য। "অরণ্যচারী।—পঞ্চ ১৲২৲।

অরণ্যধর্ম্ম পুং [উ.লো] ১ বনে আচরণীয় ধর্ম্ম ; বানপ্রস্থ ধর্ম্ম (মনু ৬.২-৩২)। ২ অরণ্যসুলভ স্বভাব ; বন্যভাব, অশান্তপ্রকৃতি। "সঞ্জীবকেন পিঙ্গলকঃ···অরণ্যধর্ম্মাদ্ বিয়োজ্য গ্রাম্যধর্ম্মেষু নিয়োজিতঃ। —পঞ্চ ১৲৩৲।

অরণ্যবহ্নি পুং [ষ.ত] বনসম্বন্ধী বহ্নি ; দাবানল (অ.কো)।

অরণ্যবাসী (-সিন্) বিণ [অরণ্য+ √বস্+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -সিনী] ১ বনবাসশীল, বনবাসী। ২ [স.ত] নিয়মার্থ বনে কৃতবাস। "°সী পার্থ (যুধিষ্ঠিরাদি) মহা ৩.২৬৬.১৭। —বাসী পুং ১ বনবাসী পশু ; সিংহাদি। "হি ৩৲৬৲। ২ মুনি। "এতে হিমগিরেরুপত্যকারণ্যবাসিনঃ শ (ত.বা)।

অরণ্যভব বিণ [স.ত ; স্ত্রী -বা] বনজ, বন্য। "পঞ্চ ২.৯৩।

অরণ্যমক্ষিকা স্ত্রী [ষ.ত] বনমক্ষিকাবিশেষ ; দংশ, ডাঁশ।

অরণ্যযান ক্লী [স.ত] বনগমন। "ভট্টি ৩.৫১।

অরণ্যরক্ষক পুং [ষ.ত] বনাধ্যক্ষ ; বনে লোকরক্ষার্থ রাজনিয়োজিত সৈন্যবিশেষ (ত.বা)।

অরণ্যরাট্ (-জ্) পুং [ষ.ত] ১ বনরাজ, ব্যাঘ্র। "মহা ৩.৬৪.২০ ; ৩১। ২ সিংহ।

অরণ্যরুদিত, -রোদন ক্লী [স.ত ; বিকল্পে 'অরণ্যেরুদিত' (অলুক্)] শ্রোতার অভাবে বনে রোদনের ন্যায় ব্যর্থ নিবেদন বা প্রয়াস ; নিষ্ফল বস্তুমাত্র। "প্রোক্তং শ্রদ্ধাবিহীনস্য অরণ্যরুদিতোপমম্। —পঞ্চ ১.৪২৪। অলমধুনারণ্যরুদিতৈঃ—অমরু, ৭৬। তু "ন খল্বহমিদং শূন্যে রৌমি, কিং ন শৃণোষি মে।—মহা ১.৭৪.৩৫। অরণ্যে ময়া রুদিতমাসীৎ শ ২৲। [অরণ্যরোদন-ন্যায়—দ্র 'ন্যায় (৭)।]

অরণ্যষষ্ঠী স্ত্রী [উ.লো] অরণ্যসম্বন্ধিনী (অরণ্যগমনার্থ) ষষ্ঠী ; জ্যৈষ্ঠ-শুক্লষষ্ঠী, জামাইষষ্ঠী। [এই ষষ্ঠীতে স্ত্রীলোকেরা ব্যজন লইয়া বনে ভ্রমণ করেন এবং সুপুত্রলাভের নিমিত্ত ফলমূলাহারে বিন্ধ্যবাসিনী ষষ্ঠীর আরাধনা করেন (রাজমার্ত্তণ্ড)। বঙ্গদেশে অনেকস্থলে এই দিনে জামাতার অর্চনার বিধি আছে। মাণিক গাঙ্গুলির শ্রীধর্ম্মমঙ্গলে পুত্র-জন্মের একবিংশ দিবসে অরণ্যষষ্ঠীপূজার বিধি আছে (শ্রী.মা ২২ ; ৪২)।]

অরণ্যানী স্ত্রী [অরণ্য+আন ('আমুক্' আগম) +স্ত্রী ঈ (ঙীষ্) ; 'মহত্ত্ব' অর্থে ; 'অরণ্যানী' অরণ্যস্য পত্নী (যাস্ক)—পালয়িত্রী দেবতা (নিরুক্ত)] মহারণ্য, মহাবন। "বসন্নরণ্যান্যাম্।—ঋগ্বেদ ১০.১৪৬.৪। হি ১৲৫৲৬৲। কোথায় মুক্ত অরণ্যানী প.কা ৭০। বনভ্রষ্ট যূথ যেন হেরে অরণ্যানী।—হেম ১০২। অরণ্যানী কোলাহলময় কাদ ৬ ; ৭।

অরণ্যৌকাঃ (-কস্) বিণ [অরণ্য ওকঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -কাঃ] বনবাসী, বানপ্রস্থ। "শ ৪.৬।

অরতি বিণ [ন রতি যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -তি] ১ রতিহীন, রাগশূন্য, অনসুরক্ত। ২ নিরুদ্যম। —তি স্ত্রী [ন.ত] ১ অরমণ, অপ্রীতি, অননুরাগ। "অরতির্জনসংসদি গী ১৩.১০। ২ হর্ষাভাব, অসন্তোষ। ৩ ব্যথা, বেদনা। "সংধত্তে ভৃশমরতিং হি সদ্বিয়োগঃ কি ৫.৫১। ৪ সুখাভাব, দুঃখ, ক্লেশ। "কি ১০.৪৯। ৫ ইষ্টবস্তুর অলাভে চিত্তের অনবস্থিতি ; ইষ্টবিরহে চিত্তের আকুলীভাব (শ.ক)। ৬ অনবস্থিত-চিত্ততা। ৭ মনোগ্লানি। "ভ ১০.৭.২। ৮ ক্রীড়াভাব। ৯ সুষ্ঠুতাভাব, অস্বাস্থ্য (শ.ক)। ১০ বিরক্তি। ১১ উদ্যমাভাব, নিশ্চেষ্টতা। ১২ [√ঋ+অতি-ভা, উ ৫.৭] উদ্বেগ। —তি পুং ক্রোধ। 'অরতিঃ ক্রোধঃ উ ৪.৬০।

অরত্নি পুং [ন রত্নি যাহাতে, ন.বহুব্রী ; ছান্দস] ১ যাহাতে বদ্ধমুষ্টিহস্ত নাই ; বিস্তৃতকনিষ্ঠাঙ্গুলি বদ্ধমুষ্টি হস্ত ; কনুই হইতে প্রসারিত কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগপর্য্যন্ত মুষ্টিবদ্ধ হস্ত। "পঞ্চ°, দশ° পা ৬.২.২৯, কাশিকা। °মাত্রকূপক (সুশ্রুত)। ২ কফোণি, কনুই। "উপজানুরত্নি

(ভট্টি)। ৩ বদ্ধমুষ্টি হস্ত। "°যুগ কি ১৮.৬। ৪ বাহু। ৫ করতল-পার্শ্ব (?) (শ.ক)। ৬ অরত্নিপরিমাণ। —ত্নিক পুং সর্থ 'অরত্নি (১)। "যাজ্ঞ ৩.৮৬।

অরন্ধন ক্লী [ন.ত] রন্ধনাভাব, পাকাভাব, হিন্দুর আচারবিশেষ। [অরন্ধন কন্যাসংক্রান্তিতে অনুষ্ঠিত হইলে 'বুদ্ধারন্ধন' এবং ভাদ্রের যে কোন দিনে হইলে 'ইচ্ছারন্ধন' বলে। এই দিনে রন্ধন নিষিদ্ধ, পর্য্যুষিত অন্ন ব্যঞ্জন প্রভৃতি মনসাদিকে উৎসর্গ করিয়া ভক্ষণ করিতে হয়।]

অরব বিণ [ন.বহুব্রী; স্ত্রী -বা] রবশূন্য, নিঃশব্দ। —ব পুং [ন.ত] রবাভাব, নিঃশব্দতা, তূষ্ণীম্ভাব। "বসেছে অরবে শাখে পাখী মে ১১২।

অরবিন্দ ক্লী [অর+√বিদ্+অ (শ)-ক, পা ৩.১.১৩৮, বার্ত্তিক; তু '°ন্দ'—জল (ঋগ্বেদ ১.১৩৯.১০)] ১ যাহার চক্রের অরের (আরার) ন্যায় দল (পাপড়ি) লাভ করে (তত্ত্ববোধিনী); পদ্ম। "°ন্দাক্ষি গো.রা ৫.৩৩.১১। রঘু ১.৪৩; চরণার° ১৩.২৩; মুখার° ১৪.৫০। কু.স ১.৩২; স্থলার° ৩৩। °সুরভি শ ৩.৪। ফুল্লারবিন্দবদনা ভা.চ ৫৬৫। কুচযুগ অরবিন্দ বি.প ২২৩। পদার° ক.চ ৫; °বন্ধু ৯। শ্রী ৪০। চরণারবিন্দ সী ৫। ২ রক্তপদ্ম, কোকনদ। ৩ নীলপদ্ম, ইন্দীবর। ৪ (বাঙ্‌লায়; অপ্র) শ্রেষ্ঠার্থ। "উড়িষ্যার অরবিন্দ কটক-নগর।—দীনবন্ধু মিত্র। ৫ (রক্তপদ্মসাদৃশ্যে?) তাম্র। —বিন্দ পুং সারসপক্ষী। [°দলপ্রভ (ক্লী)—তাম্র। °নাভ (পুং)—অরবিন্দ যাহার নাভিতে; পদ্মনাভ, বিষ্ণু। "অরবিন্দনাভপদারবিন্দ ভ ৭.৯.১০। °বন্ধু (পুং)—পদ্মদয়িত, সূর্য্য। "সিন্দুরবিন্দু, নব অরবিন্দবন্ধু ক.চ ৯। অরবিন্দাক্ষ (পুং)—যাহার চক্ষু পদ্মতুল্য, পুণ্ডরীকাক্ষ, বিষ্ণু (মহা)।]

অরবিন্দদলপ্রভ, -বিন্দনাভ, -বিন্দবন্ধু, -বিন্দাক্ষ দ্র 'অরবিন্দ'।

অরবিন্দিনী স্ত্রী [অরবিন্দ+ইন্ (ইনি) 'দেশ' অর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পদ্ম-দেশ, পদ্মযুক্তস্থান। ২ পদ্মলতা, পদ্মিনী। "ভট্টি ৫.৭০। ৩ [+ইন্ সমূহার্থে] পদ্মসমূহ।

অররু ক্লী [√ঋ+অর (অরন্), উ ৩.১৩২] ১ কপাট। "ম.চ ৬.২৭। ২ আচ্ছাদন। ৩ বংশাঙ্কুরকোষ। —র পুং চর্ম্মকর্ত্তনার্থ ছুরিকাবিশেষ (Awl), আরা।

অররু পুং [√ঋ+অরু-ক, উ ৪.৭৯; অপ্র; '°রু'—অসুরবিশেষ (ঋগ্বেদ ১০.৯৯.১০)] শত্রু। "°পুরে মে ১১৮।

অরস বিণ [ন.বহুব্রী; স্ত্রী -সা; ছান্দস] ১ রসহীন, নীরস। "অরসং নিত্যমগন্ধবচ্চ যৎ (শ্রুতি)। ২ স্বাদহীন, নিঃস্বাদু। ৩ অপ্রীতিকর, নিরানন্দ, কর্কশ। ৪ অরসজ্ঞ, অরসিক। —স পুং [ন.ত] ১ রসাভাব, স্বাদহীনতা। ২ অপ্রশস্ত রস; মধুরাদিভিন্ন রস।

অরসিক বিণ [ন.ত; স্ত্রী -কা] ১ রসিকভিন্ন, অরসজ্ঞ, অবিদগ্ধ, রসবোধহীন, বেরসিক। "অরসিকেষু রসস্য নিবেদনং শিরসি মা লিখ মা লিখ মা লিখ (উদ্ভট)। অরসিক নিকটে রহস্য নিবেদন। ততোধিক শ্রেষ্ঠ কর্ম্ম হয় যে মরণ॥—বি.সু ১৪৬। ২ রসহীন, নিঃস্বাদ, নীরস।

অরহর বি [সং আঢ়কী; লি অড়ঢকী; হি অরহর; বা অড়ল] কলায়বিশেষ, অড়ল; অড়লের ডাল।

অরাগ বিণ [ন.বহুব্রী, স্ত্রী -গা] রাগহীন, অনুরাগশূন্য, অনাসক্ত। "বে ১.৪। —রাগ পুং [ন.ত] ১ রাগের অভাব; অননুরাগ, অনাসক্তি। ২ রঞ্জনাভাব, রঙ্গহীনতা।

অরাজক বিণ [ন রাজা যাহাতে, ন.বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -জিকা] রাজশূন্য, শাসকহীন (দেশ)। "°ক (রাষ্ট্র) রা ২.৬৭.৮। °ক (লোক)।—মনু ৭.৩। শোচ্যং রাজ্যমরাজকম্।—চাণক্য। অরাজক হৈল রাজ্য কৃ ১০৯। —ক ক্লী ১ অরাজক রাজ্য বা দেশ। "(সাধবঃ) অরাজকে রক্ষ্যমাণাঃ ভ ১০.৮.১৭। ২ (বাঙ্‌লায়) শাসন-বিশৃঙ্খলতা, যথেচ্ছাচার, উপদ্রব। "কাড়াকাড়ি ঘন, না মানে বারণ, অরাজক হলো পারা চ.দা ৩৬; হয় বোলাবুলি, করে ঠেলাঠেলি হৈল অরাজক পারা ৪৮।

অরাজন্য পুং [ন.ত] রাজন্যভিন্ন বর্ণ; অক্ষত্রিয়। "রাজ্ঞো ন ধনমম্বিচ্ছেদ-রাজন্যপ্রসূতিতঃ (মনু)।

অরাতি পুং [ন রাতি, ন.ত; 'অরাতি'—অদানকর্ম্মা; 'রাতি'—দানকর্ম্ম (নিরুক্ত); 'অরাতি' (স্ত্রী)—যা অরাতয়ঃ (ঋগ্বেদ ২.৩০.৪)] ১ অ-সুখদায়ক, শত্রু। "°শোণিতজল বে ৩.৩১। রঘু ১২.৮৯। ২ (জ্যোতিষে) ষষ্ঠস্থান। ৩ (ষড়্‌রিপুর সংখ্যানুসারে) ছয় (৬) এই সংখ্যা।

অরাবণ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ণা] রাবণশূন্য, রাবণরহিত। "অরাবণ-মরামং বা জগদদ্যেতি নিশ্চিতম্ রঘু ১২.৮৩। অরাবণ অরাম বা হবে ভব আজি মে ২৩।

অরাম বিণ [ন.বহুব্রী; স্ত্রী -মা] রামরহিত। 'দ্র 'অরাবণ'। অরাম করিবে ভব মে ৫২।

অরাল[১] বিণ [অর+আ-√লা+অ (ক)-ক; স্ত্রী -লা, -লী] 'অরাকৃতিগত', বক্র, কুটিল, কুঞ্চিত। "°কেশী, °পক্ষ। °লাঙ্গূলী মা.মি ২.৩। —পুং ১ বক্রহস্ত। ২ মত্তহস্তী। ৩ সর্জ্জরস। [°কেশী—কুটিলকুন্তলা। "রঘু ৬.৮১। °পক্ষ্মা (-ক্ষ্মন্)—আভুগ্নপক্ষ্মা, কুটিল-নেত্রলোমা। °পক্ষ্মম (নয়নম্) গো.রা ৫.২৮.১৩। অরালপক্ষ্মনয়ন মহা ৩.৬৩.৩৩। অরালপক্ষ্ম (চক্ষুঃ) কু.স ৫.৪৯।]

অরাল[২] বি ['অন্ত়াল'—মূল; অপ্র] অন্তরাল। "রুণু রুণু রুণু নূপুর বাজে। অরাল মরাল লুকায় লাজে॥—বা.দ ১৩৯।

অরালকেশী, -পক্ষ্মা দ্র 'অরাল'।

অরি[১] পুং [√ঋ+ই (ইন্)-ক, উ ৪.১৩৮; 'অরি'—শত্রু (ঋগ্বেদ ১.৬১.৯)] ১ যে হননার্থ যায় (অ.টী); অমিত্র, শত্রু, রিপু, বৈরী। "°পুর রঘু ১.৫৯; প্রশমিতারি ৬১। নারিং ন মিত্রং যং বিদ্যাৎ তং শ্রাদ্ধে ভোজয়েদ্ দ্বিজম্ মনু ৩.১৩৮। দৈত্য সুর-অরি গ ১৯। ত্রিপুরের অরি কৃ ১৫। রাঘবারি মে ১; মারি অরি, পারি যে কৌশলে ২০০। ২ বিজিগীষু রাজার অব্যবহিতপরবর্ত্তী রাজা। 'অনন্তরমরিং বিদ্যাৎ মনু ৭.১৫৮। "অরি (বলবত্তর) মনু ৭.১৭৩। ৩ কামক্রোধাদি ষড়বর্গ। "অরিষড়্‌বর্গজয় কি ১.৯। ৪ (কামাদিসংখ্যানুসারে) ছয় (৬) এই সংখ্যা। ৫ (জ্যোতিষে) লগ্ন হইতে ষষ্ঠ স্থান। ৬ [+ই-ণ] চক্র। "ভ ৩.১৯.১৪। ৭ বিট্‌খদির। ৮ (তন্ত্রে) মন্ত্রবিশেষ। [°কর্ষণ—শত্রুদমন, অরিন্দম। "মহা ৩.৬৪.২৪; ১১০.৭।]

অরি[২] **(-রিন্)** ক্লী [অর+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] অরযুক্ত, চক্র। "বনমালারিদরগদাদি ভ ৫.৭.৭; ৬.৮.১২।

অরিক্ত বিণ [ন.ত] অশূন্য, পরিপূর্ণ। "অরিক্তাখিলসম্পদ্ ভ ৪.২২.১১। অর্থিজনবাগ্‌ভিররিক্তকর্ণঃ কর্ণঃ বা.ভা ২.৩০।

অরিত্র ক্লী [√ঋ+ইত্র-ণ; ছান্দস; cf., Gr. eretmos; L. aratrum.] 'গমনসাধন', নৌকাচালনকাষ্ঠদণ্ড, কর্ণ, কেনিপাত, হা'ল। "শতারিত্রাং নাবম্।—ঋগ্বেদ ১.১১৬.৫। °গাধ পা ৬.২.৪। নাবা স্বরিত্রয়া মহা ১৪.৫০.২৭। মাঘ ১২.৭১। ২ ক্ষেপণী, দাঁড়। ৩ নৌকা, পোত (A.)।

অরিনন্দন বিণ [ষ.ত; স্ত্রী -না] ১ শত্রুর আনন্দকর; অরিপ্রীতি-জনক। "হি ২.৭। ২ অজিতেন্দ্রিয়।

অরিন্দম বিণ [অরি+√দম্+অ (খচ্)-ক; উ.ত; স্ত্রী -মা] শত্রুদমনকারক, অরিজিৎ, পরন্তপ। "পা ৩.২.৪৬, সি। মে ৪৩; ৭৮; ৮৪; ৮৭। —ম পুং 'জিতেন্দ্রিয়', শিব।

অরিভজ্র পুং [অরি ভদ্রতুল্য, উপ.স] বৃষতুল্য শত্রু, অরিশ্রেষ্ঠ। "বিজিতারিভদ্র রঘু ১৪.৩১।

অরিভুক '-ক' বিং [অপ্র] শত্রুভক্ষক, অরিনাশক। "নিজ অরিভুক, সদা সখা নারায়ণ শ্রী.মা ১২৭।

অরিমণ্ডল ক্লী [ষ.ত] শত্রুরাষ্ট্র। "রঘু ৪.৪।

অরিমর্দ্দ, -মর্দ্দন বিণ [অরি+ √মৃদ্+অ (অণ্)-ক ; উ.ত ; ষ.ত ; স্ত্রী -র্দ্দী, -নী] শত্রুতাপক, পরন্তপ। —র্দ্দ, পুং রোগনাশক, কাসমর্দ্দবৃক্ষ। —ন পুং অক্রূরসোদর ক্ষত্রিয়বিশেষ।

অরিমিত্র ক্লী [ষ.ত] বিজিগীষু রাজার শত্রুর সহকারী রাজা (দ্বাদশ প্রকৃতির একতম)। "মনু ৭১৫৬, কুল্লূক। অরিমিত্রোদাসীনব্যবস্থা মু ৫৲। [°মিত্র—অরিমিত্রের সহায়। "মনু ৭১৫৬, কুল্লূক।]

অরিষড়্‌বর্গ পুং [ষ.ত] কামাদি ষড়্‌রিপুর সমূহ ; ষড়্‌বর্গ। "°জয় কি ১.৯।

অরিষ্ট বিণ [ন রিষ্ট (হিংসিত), ন.ত ; স্ত্রী -ষ্টা; ছান্দস] ১ অহিংসিত, অনাহত, অক্ষত। "অরিষ্টঃ সর্ব এধতে।—ঋগ্বেদ ১.৪১.২। °দেহ মহা (S.W.)। ২ নির্বিঘ্ন, শুভ। "অরিষ্টং গচ্ছ পন্থানম্ রা ১২৪.৩। (গচ্ছ) অরিষ্টং ক্ষেমমধ্বানম্ মহা ৩.১৫০.২১। ৩ কশ্মলময় (রা.টীকা), পাপময়। "অরিষ্টম্...গৃহোত্তমম্ রা ২.৪২.২২। ৪ দুর্নিমিত্তসূচক (M.W.)। —ষ্ট পুং [ন.বহুব্রী] ১ যাহার অকালমরণরূপ অশুভ নাই (অ.টী) ; কাক। ২ কঙ্কপক্ষী। ৩ 'শুভহীন', শত্রু। "অরিষ্ট-স্বাষ্ট্রস্য প্রশমনবিধৌ ম.চ ৪.১৮। ৪ 'অশুভরহিত', নিম্ববৃক্ষ। "রা ২.৯৪.৯। সুশ্রুত ৪.১৬২/১। ৫ রশুন। ৬ ফেনিল, ফলকবৃক্ষ, রিঠাগাছ (Soap-berry tree)। ৭ মদ্যবিশেষ। ৮ বলির জ্যেষ্ঠ পুত্র কংসচর অসুরবিশেষ ; বৃষভাসুর। [এই অসুর বৃষরূপে গোষ্ঠে প্রবেশপূর্ব্বক গোবৎস বিনাশ করিতে প্রবৃত্ত হইলে, কৃষ্ণ ইহাকে নিধন করেন (হ ৪৩শ ও ৭৭তম অধ্যায়)।] ৯ (জ্যোতিষে) অনিষ্টস্থানস্থিত রবিপ্রভৃতি গ্রহ। —ষ্ট ক্লী ১ তক্র, ঘোল। ২ শুভ, ক্ষেম, কল্যাণ ; শুভকরবিধান। "মহা ৪.৬৬.২২। ৩ [ন.ত] 'রিষ্টসদৃশ', অশুভ, অমঙ্গল। "দেবারিষ্টনাশে ব্যাঘাত চণ্ডিকার কৃ ৩৪৮ ; °নাশিনী ৩৫২। খণ্ডিল অরিষ্ট শ্রী.ম ১১০। সর্ব্বারিষ্ট হরে ম ২৯ ; সকল অরিষ্ট খণ্ডে ২৫৬। ৪ অনিষ্টসূচক উৎপাত—ভূকম্পাদি ; দুর্লক্ষণ, দুর্নিমিত্ত। "এমত অরিষ্ট কেন স্বর্গেতে হইল ম ২৩। সেই কাল অরিষ্ট হইল বহুতর (ক চ)। ৫ সৌভাগ্য ; দুর্ভাগ্য, দুরদৃষ্ট। "কৃতশুভাশুভচয়,-অরিষ্ট ভুঞ্জিতে হয় দু ১৭। ৬ মরণচিহ্ন, মৃত্যুলক্ষণ। 'রোগিণো মরণং যস্মাদবশ্যম্ভাবি লক্ষ্যতে। তল্লক্ষণমরিষ্টং স্যাদ্ রিষ্টমপ্যভিধীয়তে॥ —পুরাণ। ৭ (বৈদ্যকে) মদ্য। "দশমূল°, দ্রাক্ষা°, বব্বল°। ৮ পান-বিশেষ। "রক্ত° মাঘ ১৮.৭৭। ৯ (মন্ত্রাদিরক্ষিত অতএব অশুভহীন) সূতিকাগৃহ। "অরিষ্টশয্যা রঘু ৩.১৫। আভীর অরিষ্টাবাসে অন্ধকার থাল (অর্থাৎ গেল) শ্রী মা ১৩ ; ২২ ; অরিষ্ট-আলয় ৩৯। ১০ অরিষ্টফল, রিঠা। "(শুধ্যতি) সারিষ্টৈঃ (উদকগোমূত্রৈঃ) কুতপম্ যাজ্ঞ ১.১৮৬। —ষ্টক পুং [°ষ্ট+ক (কন্) স্বার্থে] ফেনিল ; রিঠাগাছ। —ষ্টক ক্লী অরিষ্টফল, রিঠা। "মনু ৫.১২০। [°ষ্টগৃহ, °ষ্টবাস—সূতিকাগার। "°ষ্টবাস শ্রী.মা ১৩। °মথন, °সূদন °হা (হন্) পুং—বিষ্ণু, শ্রীকৃষ্ণ। °শয্যা—সূতিকাগারস্থ শয্যা। "রঘু ৩.১৫।]

অরিষ্টনেমি পুং [ষ.ত ; "মি'—মন্ত্রদ্রষ্টা (ঋগ্বেদ—M.W.) ; তার্ক্ষ্যো অরিষ্টনেমি—অপ্রতিহতগতি গরুড় (প্রশ্নোপনিষৎ)।] ১ বিনতার পুত্রবিশেষ। "মহা ১.৬৫.৪০ ; ১২৩.৭৩। ২ কশ্যপ। "°নেমেদুহিতা রা ১.৩৮.৪। ৩ প্রজাপতিবিশেষ। "রা ৩.১৪.৯। ৪ গন্ধর্ব্ববিশেষ। ৫ তীর্থঙ্করবিশেষ। ['নেমী (-মিন্)—কশ্যপ। "°নেমিনঃ পুত্রঃ (গরুত্মান্) রা ৪.৬৬.৪। (নাস্তত্বমার্যম্—রা.টীকা)। "°নেমিনো ভ্রাতা বৈনতেয়ঃ (গো.রা ৪.২.১০)—এস্থলে 'অরিষ্টনেমী' গরুড়ের ভ্রাতা। মহাভারতমতে, তার্ক্ষ্য অরিষ্টনেমি গরুড় অরুণ প্রভৃতি বিনতার ছয় পুত্র (মহা ১.৬৫.৪০) ; কিন্তু মহাভারতে স্থানান্তরে (১.১২৩.৭৩) এবং হরিবংশমতে, তার্ক্ষ্যপ্রভৃতি পাঁচ পুত্র (শ.ক)।]

অরিষ্টনেমী ; অরিষ্টবাস, -মথন, -শয্যা, -সূদন, -হা দ্র 'অরিষ্টনেমি ; অরিষ্ট'।

অরিহ বিণ [অরি+ √হন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -হা] শত্রুঘাতক, রিপুঘ্ন। "রঘু ৯.১৮। —হ পুং পুরুবংশীয় নৃপবিশেষ।

অরিহর বিণ [ষ.ত ; স্ত্রী -রা] রিপুনাশক। "মহা ৩.১৪৬ ১৫।

অরু অব্য [সং অপরম্ ; হি ঔর ; মৈ অরু ; বা আর ; অস আরু] এবং, আর। "লগ নাহি সরয়ে শুনয়ে নাহি বোল। অরু বেরি বেরি করহি কর জোর॥—বি.প ৮০। অরু কত অজর বজর বিনিপাত জ প ২৪। ধর্ম্ম অর্থ অরু কাম মোক্ষগণে ন.প ৮। সুন্দর বদন, চারু অরু লোচন বি.সা ১৬। ['অরু'—অরুণ। "বি.প ৯।]

অরুচি স্ত্রী [ন.ত] ১ রুচির অভাব ; অনিচ্ছা, অপ্রবৃত্তি, অপ্রীতি। "ক্ব সা ভোগানামুপর্য্যরুচিঃ (কাদম্বরী)। অধর্ম্মে অরুচি শি ৪৬। ২ ভোজনে অনভিলাষ ; খাদ্যে অনিচ্ছা। "তিক্তকারুচিপ্রণুৎ (সুশ্রুত)। ৩ সন্তোষাভাব (ত বা)। ৪ (অলঙ্কারে) দশবিধ স্মরদশার একতম ; বস্তুবৈরাগ্য। 'সা.দ ৩২০৫-৭। ৫ [ন বহুব্রী] যাহাতে রুচি থাকে না ; ইচ্ছাসত্ত্বে ভোজনে অনিচ্ছাজনক রোগবিশেষ ; অরোচক। [অরুচির রুচি করা—অরুচিরোগগ্রস্তের ভোজনে ইচ্ছা জন্মান। "(পেয়ারা হে) কষা টক মধু তিন রসে...অরুচির রুচি করি, ভারত রেখেছ নিজ বশে।—মনোমোহন বসু। অরুচির মুখ—অরুচিরোগীর স্বাদহীন মুখ। যমের অরুচি (গালিতে)—যমের অখাদ্য, অর্থাৎ যাহাকে যমেও উদরসাৎ করে না বা লয় না।]

অরুজ বিণ [ন রুজা যাহার, ন.বহুব্রী , স্ত্রী -জা] ১ রুজাহীন, নীরোগ, সুস্থ। "শরীরমরুজম্।—বৈরাগ্যশতক ৭৫। ২ অবিঘ্ন, নিষ্কণ্টক। "প্রশান্তমরুজং জগৎ।—রা ৭.৮৪.১৬। ৩ বেদনাহীন (গ্রন্থিপ্রভৃতি)। ৪ রোগনাশক। "কর্ণিকামরুজাং স্থিরাম্ (সুশ্রুত)। —জ পুং আরগ্বধ, সোনালিগাছ।

অরুণ বিণ [অরুণ+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -ণা, -ণী ; ছান্দস] ১ অরুণবর্ণবান্, কৃষ্ণমিশ্ররক্তবর্ণ-যুক্ত, কৃষ্ণলোহিত, কপিল (মেদিনী), বালসন্ধ্যাভ (অ.চি)। "প্রাচী দিগিয়মভবত্তাবদরুণা শৃ ৮। ২ কপোত-বর্ণযুক্ত, ধূসর, মেচক। "ভস্মারুণ রা ২.৭৭৮ ; কপোতাঙ্গারুণ (ধূম) ১১৯.৬ ; হিম° ৩.১৬.১২ ; তুষারারুণমণ্ডল ১৩ ; গর্দ্দভারুণ (মেঘ) ৩.২৩.১। ক্ষিতিরজোঽরুণা গো.রা ৫.৩৩.২। ৩ লোহিত, রক্ত, আরক্ত। "নয়নান্যরুণানি কু.স ৪.১২। পদ্মপত্রারুণ (কর) গো রা. ৩.৫২.৩১। অরুণাম্বুজেক্ষণ ভ ৪.১২.২০ ; কুচকুঙ্কুমারুণ ৭.২.৩২। অরুণ বসন বি.প ১১২ ; কোপে অরুণ আঁখি ১৩৭। অরুণ তরুণ তরু অরুণ হি ধরণী : অরুণ হি নীরে অরুণ অরবিন্দ গো ৭৯। অরুণ নয়নযুগ্ম ম ২০১ ; অরুণ অধর ৫৯২ ; অরুণ বসন : অরুণ হেমমুকুট : অরুণ চরণ ৬৩০। অরুণ তোমার তরুণ অধর স.স্ব ১৯। অরুণ সহাস্য লোচন।—কথা ৩। ৪ নিঃশব্দ। "সংশ্লিষ্টত্যারুণং গৃহীতবসনে (প্রেয়সি)।—অমরুশতক ৪৪। ৫ (বাঙলায়) অনুরাগরঞ্জিত, রাগরক্ত। "অরুণ হৃদয়ে ভেল দাস গোবিন্দ গো ৭৯। —ণ পুং ১ (অরুণবর্ণ হেতু) সূর্য্যসারথি। "মদমত্তচক্ষ্রাগোঽরুণঃ (অমরমালা)। "°পুরঃসরঃ...অর্কঃ শ ৪.২। কু.স ৫.৪৪। অরুণেন তমো নিরস্তম্ রঘু ৫.৭১। [ইনি বিনতার পুত্র ও গরুড়ের অগ্রজ। অকালে জননীকৃত ডিম্বভঙ্গ হেতু ইঁহার কটির নিম্নভাগ পরিপুষ্ট হয় নাই ; সেই হেতু ইঁহার নাম 'অনূরু'। ইনি লোহিতবর্ণ (অরুণঃ...জবাপুষ্পসমপ্রভঃ।—হরিবংশ)।

অকালে ডিম্বভঙ্গ হেতু বিনতা ইঁহার শাপে কদ্রুর দাসীত্বপ্রাপ্ত এবং গরুড় কর্ত্তৃক দাসত্বমুক্ত হন। ইনি সূর্য্যের সারথি (মহা ১.১৬)। সূর্য্যের তেজ-আচ্ছাদনার্থ গরুড় ইঁহাকে সূর্য্যরথে স্থাপন করেন (ম ২০)। ইঁহার পত্নী শ্যেনী, পুত্রদ্বয় সম্পাতি ও জটায়ু (রা ৩.১৪.৩৩)।] **২** অব্যক্তরাগ, ঈষদ্রক্তবর্ণ (অ.টী)। **৩** সন্ধ্যারাগ, বালসন্ধ্যাভা। **৪** কপিলবর্ণ। **৫** (সাদৃশ্যে) কুষ্ঠবিশেষ। **৬** পুন্নাগবৃক্ষ। **৭** ইক্ষুরস-বিকার, গুড়। **৮** হিমালয়শৃঙ্গবিশেষ। **৯** মাঘমাসের সূর্য্য। 'অরুণো মাঘমাসে (আদিত্যহৃদয়)। দ্র 'আদিত্য (২)। **১০** বিষকীটবিশেষ (সুশ্রুত)। **১১** রক্তাদিবর্ণ (ত.বা)। "প্রবাল আবলী, বেঢ়ল বান্ধুলী, অরুণ বেকত মাঝ ব ৬৪। **১২** [+উন (উনন্); উ ৩.৬০] যে আকাশে যায়; সূর্য্য। "অরুণাংশু রঘু ৫.৬৯। বালারুণ কু.স ৩.৩০। অরুণ-অঙ্গজ বীর অরুণ-প্রতাপে। অরুণসদৃশ শর বনাইল চাপে॥ —ম ২০১; গলে মণিরত্নহার অরুণ উদিত ৬৩০। তরুণ-অরুণ-ভাতি। —রঙ্গ ৮২। **১৩** অর্কবৃক্ষ, আকন্দগাছ। **১৪** কেতুগণবিশেষ (M.W.)। **১৫** (বাঙলায়) বালসূর্য্য। "সিঁথির সিন্দূরে তার অরুণ-প্রকাশ কৃ.উ ১৭১। —ণ ক্লী **১** কুঙ্কুম। **২** সিন্দূর। **৩** পদ্মরাগমণি (M.W.)। —ণা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] **১** গুঞ্জা। **২** মঞ্জিষ্ঠা। **৩** অতিবিষা। **৪** ত্রিবৃতা। **৫** ইন্দ্রবারুণী। **৬** শ্যামাকা লতা। —ণী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীষ্)] **১** উষা। **২** অরুণবর্ণা গবী (নিরুক্ত)। [°কঞ্জ—কোকনদে। "°যুগলোচন ন.প ২৫৬। °নন্দন—জটায়ু। "ম ৫৫৩। °প্রিয়া—সূর্য্যপত্নী, সংজ্ঞা; ছায়া।]

অরুণকঞ্জ, -নন্দন, -প্রিয়া, অরুণা দ্র 'অরুণ'।

অরুণাত্মজ পুং [অরুণের আত্মজ, ষ.ত] **১** অরুণপুত্র—জটায়ু ও সম্পাতি। **২** সূর্য্যপুত্র—সাবর্ণি মনু (চণ্ডী)] **৩** কর্ণ। **৪** সুগ্রীব। **৫** অশ্বিনীকুমারদ্বয়। **৬** যম। **৭** শনি। —জা [স্ত্রী আ (টাপ্)] **১** সূর্য্যকন্যা—যমুনা। **২** তপতী, তাপ্তী নদী।

অরুণারুণ বিং [অরুণতুল্য অরুণ, উপ.ত; স্ত্রী -ণা] বালসূর্য্যবৎ লোহিত; সুলোহিত। "নয়ন অরুণারুণ জ.প ১২।

অরুণিত বিণ [অরুণ+ই (ণিচ্) 'করণ' অর্থে+ত (ক্ত)-র্ম্ম; অথবা, অরুণ+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে; স্ত্রী -তা] **১** অরুণীকৃত, লোহিতীকৃত। "স্তনাঙ্গরাগারুণিতাচ্চ কন্দুকাৎ কু.স ৫.১১। **২** সঞ্জাত-রক্তবর্ণ, লোহিত। "অরুণিত মাল গো ৫৪।

অরুণিম বিং [সং 'অরুণিমা'—মূল; বৈষ্ণবসাহিত্যে] অরুণবর্ণযুক্ত, লোহিত। "তব হি যো হাসি, অধর দরশায়সি, অরুণিম কৌমুদী কাঁতি গো ১০৮। সুধাকর ধুসর, দিশি ভরু অরুণিম কাঁতি ব ১২৩। [°ম কাঁতি—তরুণতপনের লোহিত আভা।]

অরুণিমা (-মন্) পুং [অরুণ+ইমন্ (ইমনিচ্) তদ্ভাবার্থে -১ব] অরুণভাব, রক্তিমা, লৌহিত্য। "মাঘ ৭.৬৩।

অরুণীকৃত বিণ [অরুণ+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] সর্থ 'অরুণিত'। "কু.স ৫.১১, মল্লিনাথ।

অরুণোদয় পুং [বহুব্রী] **১** যে সময়ে অরুণপ্রকাশ হয়; সূর্য্যোদয়ের পূর্ব্বে চার ঘটিকা বা দণ্ড; রাত্রির শেষ যামের শেষার্দ্ধ। 'চতস্রো ঘটিকাঃ প্রাতররুণোদয় উচ্যতে (ব্রহ্মবৈবর্ত্ত)। **২** প্রাতঃকাল, প্রভাত। "রা ২.৭১.১৭। মনু ১০.৩৩। [°সপ্তমী (স্ত্রী)—অরুণোদয়স্থিতা সপ্তমী; মাঘের শুক্লসপ্তমী, মাকরী সপ্তমী।]

অরুন্তুদ বিণ [অরুস্+ √তুদ্+অ (খচ্)-ক; স্ত্রী -দা] **১** মর্ম্মপীড়াকর, মর্ম্মস্পৃক্, মর্ম্মচ্ছেদী, দুঃখদায়ক। "নারুন্তুদঃ স্যাদার্ত্তোঽপি মনু ২.২৬১। অরুন্তুদ (আলান) রঘু ১.৭১। (সতঃ) নারুন্তুদা বুদ্ধিঃ (স্যাৎ) মাঘ ২.১০৯। **২** কঠোর, পরুষ। "কর্ণারুন্তুদমন্তরেণ ত্বাং (কাকম্) মন্মহে কোকিলম্ (ভামিনীবিলাস)।

অরুন্ধতী স্ত্রী [ন রুন্ধতী, ন.ত] **১** 'অরোধকারিণী', বসিষ্ঠপত্নী। "রঘু ১.৫৬। হা অম্ব অরুন্ধতি!—উ.চ ১$\frac{৪৮}{৫৬}$। °সমভিব্যাহারে সী ২; হা ভগবতি অরুন্ধতি! ২২। [ইঁহার জনক মহর্ষি কর্দ্দম, জননী দেবহূতি। ইনি সতীধর্ম্মের হেতু বিখ্যাত। পতিশুশ্রূষায় ইনি সপ্তর্ষি-মণ্ডলে বসিষ্ঠের সন্নিধানে স্থানলাভ করিয়াছেন (অরুন্ধতী যাতা পতিশুশ্রূষয়া দিবম্—গো.রা ৩.৩.১০। তেষাং মধ্যগতা…বভাসে অরুন্ধতি কু.স ৬.১১)। 'অরুন্ধতীর ন্যায় পতিব্রতা হও' এই অভিপ্রায়ে পতির সহিত নববধূকে অরুন্ধতী দেখাইবার বিধি আছে (গোভিল, আশ্বলায়ন)। বরকন্যা দেখে অরুন্ধতী ক.চ ৪৮। প্রসিদ্ধি যে, আসন্ন-মৃত্যু ব্যক্তি অরুন্ধতী দেখিতে পায় না (ন পশ্যতি…যস্তু দেবীমরুন্ধতীম্। …তং বিদন্তি গতায়ুষম্॥ —সুশ্রুত। হি ১.৭৭, টীকা)।] **২** দক্ষকন্যা, ধর্ম্মপত্নী (হ ৩.৩০)। **৩** সপ্তর্ষিমণ্ডলস্থ ক্ষুদ্রনক্ষত্র। দ্র (১)। **৪** জিহ্বা (কাশীখণ্ড)। [°প্রদর্শনন্যায়—দ্র 'ন্যায় (৮)। °জানি, °নাথ, °সহচর—বসিষ্ঠদেব।]

অরুন্ধতীজানি, -নাথ, অরুন্ধতীপ্রদর্শনন্যায়, অরুন্ধতী-সহচর দ্র 'অরুন্ধতী'।

অরুশ বিং ['অরুষ বা অরোষ'—মূল; অপ্র] রোষহীন, শান্ত, শোকহীন। "আশয়ে অরুশ হ'য়ে, তোমার মস্তক ল'য়ে, রেখেছিলাম তায় হল দিতে শ্রী.মা ২৬।

অরুষে, -সে ক্রি.বিং ['অরোষে'—মূল; অনুপ্রাস হেতু 'অ' (?); অপ্র] রোষে। "অমনি অরুষে, অনল বরিষে শ্রী.মা ৭৮; ১২২; আগুণ হইল ঘোড়া অরুসে ২০৩।

অরূপ বিণ [ন.বহুব্রী; স্ত্রী -পা] **১** রূপহীন, নিরাকার, অমূর্ত্ত। "অনির্ব্বাচ্যা অরূপা অসমা ভা.চ ৫৬৪। **২** কুৎসিতমূর্ত্তি, কদাকার, বিশ্রী। "অরূপা (মানুষী) গো.রা ৩.২৩.৪৩। **৩** বিসদৃশ, অননুরূপ। **৪** বক্তৃরহিত (শ্রীধর), অ-বক্তৃনির্গত। "তেষামাবিরভূদ্ বাণী অরূপা ভ ৭.৪.২৪। **৫** অপ্রাকৃতরূপবান্। "অপ্রাকৃতত্বাদ্ রূপস্যাপ্যরূপোঽসা-বুদীর্য্যতে (লঘুভাগবত)। —প ক্লী **১** ((বেদান্তে) ব্রহ্ম। "একমাত্র অরূপ অশেষ রূপ ধরে শি ৭। রূপসাগরে ডুব দিয়েছি অরূপরতন আশা করি গী.লি ৫৬; অরূপ, তোমার রূপের লীলায় জাগে হৃদয়পুর ১৪০। **২** (সাংখ্যে) প্রধান, প্রকৃতি। **৩** [ন.ত] অপ্রশস্ত (কুৎসিত) রূপ; কদাকার। —পক বিণ [°প+সমাসান্ত 'ক' (কপ্) বিকল্পে; স্ত্রী -পিকা] **১** সর্থ 'অরূপ (১)। "কালচক্রম্…অরূপকম্ (পাঠান্তর) মহা ৩.১৮৯.৩৫। **২** (অলঙ্কারশাস্ত্রে) যাহাতে রূপক নাই; অলঙ্কার-শূন্য, শব্দগত, শাব্দ (অর্থ)।

অরূপহার্য্য বিণ [ন রূপহার্য্য, ন.ত; স্ত্রী -র্য্যা] সৌন্দর্য্য দ্বারা অবশীকরণীয়। "অরূপহার্য্যা (পিনাকপাণি) কু.স ৫.৫৩।

অরূপী (-পিন্) বিণ [ন.ত; স্ত্রী -পিণী] অরূপবান্, অমূর্ত্ত। "কালচক্রং নয়ামি…অরূপি মহা ৩.১৮৯.৩৫।

অরে ব্য [তু 'সং অররে, অরেরে; প্রা অরে (হে), হরে (সংক্ষিপ্তসার-ব্যাকরণ); অলে (পৈশাচিকভাষা); ছান্দস] **১** নীচসম্বোধন, ওরে। "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যঃ (শ্রুতি)। শুন শুন অরে নন্দী ভা.চ ৮৫: অরে অরে কাঠি তোরে বিশাই গড়িল ৩১৫। **২** সরোষ সম্বোধন। "অরে মহারাজং প্রতি কুতঃ ক্ষত্রিয়াঃ উ.চ ৪$\frac{২৬}{৬৮}$। আনীয়তামরে বেত্রম্ ভ ৭.৫.১৬। অরে দক্ষ দে রে সতীরে ভা.চ ৪৩। **৩** অসূয়াযুক্ত আহ্বান। **৪** সভয় সম্বোধন। **৫** অহো (বিস্ময়ে)। "কিংবা অরে আচরিতং তপস্তপস্বিন্যানয়া।—ভ ৫.৮.২৩। **৬** আক্ষেপ (সংক্ষিপ্তসার-ব্যাকরণ)। **৭** (বাঙলায়) সশোক সম্বোধনে। "রে সতি অরে সতি, কাঁদিল পশুপতি।—হেম ৩৩৭।

অরেরে ব্য [অরে-অরে > অরেরে > অরেংরে, অথবা 'অরে-রে'

বীপ্সায় দ্বিত্ব, অলেলে (পৈশাচিকভাষা)] **১** সকোপ সম্বোধন। "অরেরে রাধায়াঃ সুত! সুতাপসদ! বে ওত্তুত্ত ; অরেরে বাচাট! স্তুত্ত। রহ রহ অরেরে অবোধ পাপমতি ম ১.১৬৫। অরেরে অরে দক্ষ ভা.চ ৪৩। **২** নীচসম্বোধন।

অরোগ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -গা] **১** রোগহীন, নীরুজ। "রা ২.৭০.৮ ; ১০। মনু ১.৮৩। **২** দেহজব্যাধিহীন। "রা ১.১.৯০। —গ পুং [ন.ত] রোগাভাব, আরোগ্য। "ঔষধম্...নামমাত্রেণ করোত্যরোগম্। —হি ১.১৮০।

অরোগিতা স্ত্রী [অরোগিন্+তা (তল্) তদ্ভাবার্থে] অরোগিভাব, আরোগ্য, স্বাস্থ্য। "কিং সৌখ্যম্? অরোগিতা জগতি জন্তোঃ হি ১.১৫৬ ; ১৯ (কথারম্ভ)। —গী (-গিন্) বিণ [ন.ত ; স্ত্রী -গিণী] রোগিভিন্ন, রোগহীন, স্বস্থ। "অরোগিণীং ভ্রাতৃমতীম্ (স্ত্রিয়মুদ্বহেৎ) যাজ্ঞ ১.৫৩।

অরোষ বিণ [ন.বহুব্রী] রোষহীন। —ষ পুং [ন.ত] রোষাভাব, অক্রোধ। "মহা ১০.১৫.২৬।

অর্ক[1] পুং [√অর্চ্ +অ (ঘঞ্)-র্ক ; 'অর্ক'—অর্চনীয় (ঋগ্বেদ ৬.৫.৬)] 'অর্চনীয়,' সূর্য্য। "শ ৪.২। পুরাণার্ক ভ ১.৩.৪৫। °চন্দ্রপ্রভা ম ৬২১ ; °প্রভ (শম্ভ) ৬২২। অর্কের কুমার ব.প ৩২৩। °দেব ম.পা ৪৬ ; ৫২ ; অর্কার্ঘ্য ১০২। শ্রী.মা ৫৫ ; ১০২। চ.বি ১৫০। বালার্কসিন্দুর-ফোটা স.শ ১১৯। **২** (লক্ষণায়) রবিবার। **৩** অগ্নি। **৪** ইন্দ্র। **৫** বিষ্ণু (মহা)। **৬** তাম্র। **৭** স্ফটিক। "রা ২.৯৪.৬। **৮** জ্যেষ্ঠভ্রাতা। **৯** পণ্ডিত। **১০** আকন্দগাছ। "°পত্র মহা ১.৩৩.৫৫। যাজ্ঞ ১.৩০২। অর্কের কোমল পত্র।—ম ৩৮ ; °পত্র ৩৯। **১১** সূর্য্যদেবতাকা উত্তরফল্গুনীনক্ষত্র। **১২** সপ্তমী তিথি (ত.বা) ; মাসের সপ্তম দিন (A.)। **১৩** সূর্য্যের সংখ্যানুসারে বার (১২) এই সংখ্যা। "অর্কাবৃত্ত্যা কামসিদ্ধিঃ...জায়তে (চণ্ডী)। **১৪** ক্বাথবিশেষ, আরক্। **১৫** যজ্ঞ-বিশেষ। "পা ২.৪.৪।

অর্ক[2] বি [র্ক>অর্ক (উচ্চারণে 'অ' আগম), তু 'আর্ক'] **১** রেফফলার বানানবিশেষ, রেফযুক্ত 'ক'। **২** (সাদৃশ্যে) শিখা, চৈতন। "অর্কযুত কেশগুচ্ছ ব.প ১৭৩৬।

অর্কজ, অর্কতনয়, -নন্দন পুং [অর্ক+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; ষ.ত] **১** 'সূর্য্যপুত্র', কর্ণ। **২** যম। **৩** শনি। **৪** বৈবস্বত মনু। **৫** সাবর্ণি মনু। **৬** সুগ্রীব। **৭** (দ্বিব) অশ্বিনীকুমারদ্বয়। —জা, —তনয়া, —নন্দিনী স্ত্রী [স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীপ্)] **১** যমুনা। **২** তপতী, তাপ্তী নদী।

অর্কজা, অর্কতনয়,-নন্দন দ্র 'অর্কজ'।

অর্কপক্ব বিণ [তৃ.ত] সূর্য্যতাপে পক্ব। "ভ ৭.১২.১৮।

অর্কপ্রকাশ বিণ [উ.বহুব্রী ; স্ত্রী -শা] সূর্য্যপ্রকাশবৎ প্রদীপ্ত ; সূর্য্যসঙ্কাশ। "মহা ২.৮.৩।

অর্কফলা বি [অর্ক[2] +ফলা] **১** রেফফলা, রেফফলার বানান—র্ক র্থ র্গ ইত্যাদি। **২** (সাদৃশ্যে) শিখা (উপহাসে)। "কোথায় ছিল জাতির অর্ক—অর্কফলার আন্দোলন কু.কে ১৫৩।

অর্কবংশ বি **১** সূর্য্যবংশ। "ষাইট সহস্র নরপতি ছিল অর্কবংশ ম.পা ১০৯। **২** সূর্য্যবংশীয় ক্ষত্রিয়। "ষাইট সহস্র অর্কবংশ, মুনির শাপে হৈয়া ধ্বংস, ভস্ম হৈয়া রহিল পাতালে ম.পা ১২৯।

অর্কবন্ধু, -বল্লভ, -বান্ধব পুং [ষ.ত] 'সূর্য্যপ্রিয়', পদ্ম।

অর্কবিবাহ পুং চতুর্থাদিবিবাহার্থ তৃতীয় বারে কন্যারূপে কল্পিত অর্ক-বৃক্ষের সহিত বিহিত তৃতীয় বিবাহ (বিবাহপারিজাত, তৃতীয় বিবাহ-প্রকরণ)।

অর্কব্রত ক্লী [ষ.ত] সূর্য্যসম্বন্ধী ব্রতবিশেষ ; মাঘের শুক্লসপ্তমী হইতে বৎসরপর্য্যন্ত প্রতি শুক্লসপ্তমীতে সূর্য্যারাধনার্থ কর্ত্তব্য ব্রত ; আরোগ্য-সপ্তমীব্রত। **২** অগ্রহায়ণাদি অষ্টমাস সূর্য্যের অল্প তাপে অল্প অল্প রসাকর্ষণের ন্যায়, রাজার পীড়ন বিনা রাষ্ট্র হইতে শাস্ত্রীয়করগ্রহণ (মনু ৯.৩০৫)। তু 'রঘু ১.১৮।

অর্কসুত, -সূনু পুং [ষ.ত] সূর্য্যপুত্র ; সর্থ 'অর্কজ'। —সুতা, —সূ স্ত্রী **১** যমুনা। **২** তপতী, তাপ্তী নদী।

অর্কোপল পুং [উ.লো] **১** অর্কপ্রিয় উপল ; সূর্য্যকান্তমণি। "মাঘ ৪.৫৮। **২** পদ্মরাগ, চুনি।

অর্গল পুং, ক্লী [√অর্জ্+অল (কলচ্), কুত্ব (অ.টী) ; তু 'অর্গড'—ইন্দ্রস্ত্বায়ং বজ্রঃ কৃতঃ সার্গডঃ (সার্গলঃ)।—শতপথব্রাহ্মণ, ১৪.৯.৪.২২] **১** কপাটরোধক লৌহাদিদণ্ড ; পরিঘ, আগল, হুড়কা। "দৃঢ়তোরণার্গলা (পুরী) রা ১.৬.২৮। অনপোঢ়ার্গল রঘু ১৬.৬। স্বর্গার্গল হি ১.১৬৩। দত্তম্...অর্গলম্ ক.সা ৪.৭২। লোহার অর্গল স.শ ৫২। **২** বিষ্কম্ভমাত্র, রোধকমাত্র। "তস্যাঃ (মঞ্জুষায়াঃ) দত্ত্বার্গলম্ ক.সা ৪.৬০ ; ৫৬। **৩** প্রতিবন্ধ, অন্তরায়, বিঘ্ন। "ঈপ্সিতম্...বিদ্ধি সার্গলম্।—রঘু ১.৯৭। **৪** (নৌকাগতিরোধ হেতু ?) কল্লোল, তরঙ্গ। **৫** কপাট। **৬** চণ্ডী-পাঠের পূর্ব্বে পাঠ্য স্তোত্রবিশেষ। **৭** নরকবিশেষ (M.W.)। —লা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] **১** অর্গল। "°ভঙ্গ রঘু ৫.৪৫। **২** রোধকমাত্র, প্রতিবন্ধ। "বাচম্...অর্গলাং দুর্নয়স্য মাঘ ২.১১৮। বাক্যার্গলা। —পঞ্চ (S.W.)। **৩** কল্লোল। —লিকা স্ত্রী [°লা+ক (কন্) হ্রস্বার্থে+স্ত্রী আ (টাপ্)] হ্রস্বার্গল, খিল (অ.চি)। —লী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীষ্)] ক্ষুদ্র অর্গল। [অর্গলিত—অর্গলবদ্ধ, রুদ্ধ। "অর্গলিতদ্বারা (ভার্য্যা) ক.সা ১৯.২৭।]

অর্গলা, -লিকা, -লিত, -লী দ্র 'অর্গল'।

অর্ঘ্ সক [ভ্বা, প—অর্ঘতি ; সেট্ ; তু '√অর্হ্] **১** মূল্য, ক্রয়ণ, কেনা। "অর্ঘতি গাং গোপঃ (ক.ক)। নার্ঘন্তি রত্নানি সমুদ্রজানি।—পঞ্চ ১.৮৪। **২** পূজা।

অর্ঘ[1] পুং [√অর্ঘ্+অ (ঘঞ্)-ণ ; √অর্হ্+অ, ন্যঙ্ক্বাদি (অ.টী) ; ছান্দস] 'ক্রয়সাধন', পণ্যার্থ দেয় রজতাদিদ্রব্য ; মূল্য। "মহার্ঘ, °বলাবল, শতার্ঘ, সহস্রার্ঘ। মনু ৮.৩৯৮। যাজ্ঞ ২.২৫২। **২** পূজাবিধি, পূজার উপচার—দূর্ব্বাক্ষতাদি। 'আপঃ ক্ষীরং কুশাগ্রং চ দধি সর্পিঃ সতণ্ডুলম্। যবঃ সিদ্ধার্থকশ্চৈব অষ্টাঙ্গোঽর্ঘ্যঃ প্রকীর্ত্তিতঃ॥ "কল্পিতার্ঘ পু.মে ৪। পাদ্য অর্ঘ আচমন অ.প ৫১ ; ম.ম ১৭৬। **৩** [+অ -ভা] পূজা। "°দান মাঘ ১৪.৫৩। **৪** (বাঙলায় ; অপ্র) পূজ্য অর্থাৎ গ্রাহ্য, অবশ্যকর্ত্তব্য। "আর এক উক্তি কই অর্ঘ করি ধর শ্রী.মা ১২। [°পাত্র (পুং)—পূজার উপচারের পাত্র। °বলাবল—মূল্যে বৃদ্ধি ও হ্রাস। "মনু ৯.৩২৯। °বিৎ—পণ্যের মূল্যবেত্তা। "মনু ৮.৪০২, কুল্লূক। °ভাক্ (-ভাজ্)—পূজার্হ। "মাঘ ১৪.৫৫। °সংস্থাপন (ক্লী)—মূল্য-ব্যবস্থা, মূল্যনির্ণয়। "মনু ৮.৪০২।

অর্ঘ[2] সর্ম্ম [সং √অর্ঘ্>লি, প্রা √অগ্ঘ ; >বা √অর্ঘ ; অপ্র] অর্ঘ্য দিয়া পূজা করা। "হাতে অর্ঘ্য আসিল জামাই অর্ঘিবারে বি.পা ৪৯ ; ৫১। [অর্ঘিয়া পূজিয়া—অর্ঘ্য দিয়া ও পূজা করিয়া। "অর্ঘিয়া পূজিয়া ভরা তুলে যত্ন করি বি.পা ১০৭।]

অর্ঘবলাবল, -বিৎ, -ভাক্, -সংস্থাপন দ্র 'অর্ঘ'।

অর্ঘ্য বিণ [অর্ঘ+য (যৎ) যোগ্য অর্থে, স্ত্রী -র্ঘ্যা] **১** অর্ঘযোগ্য, পূজার্হ, পূজ্য। "মহা ২.৩৮.২১। কু.স ৬.৫০। মাঘ ১.১৪। **২** মধুপর্ক দ্বারা সম্পূজ্য (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১.১১০। **৩** মূল্যবান্, দামী। —র্ঘ্য পুং পূজ্য আচার্য্যাদি (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১.৩৫৮। —র্ঘ্য ক্লী [অর্ঘ[1] +য (যৎ) তাদর্থ্যে, পা ৫.৪.২৫ ; 'অর্ঘ্য' (পুং)—"অর্ঘ্যো-ঽর্ঘ্যোঽর্ঘ্যঃ প্রতিগৃহ্যতাম্ (পুরোহিতদর্পণ)।] **১** পূজার্থ দেয় জলকুসুমাদি উপচার ; পূজার্থ দ্রব্য। "অর্ঘেণ...অর্চ্চয়িত্বা কু.স ১.৫৮ ; ৬.৫০।

রঘু ১.৪৪ ; ১১.৬৯। 'ইদমর্ঘ্যং…রামচন্দ্রায় নমঃ' বলি মুখে।—দা ১৩০৮। **২** অর্ঘার্থ জল। "দত্তঃ স্বেদমুচা পয়োধরযুগেনার্ঘ্যো ন কুম্ভাম্ভসা।—অমরু ৪০। **৩** পূজার উপচারমাত্র। "ফলপুষ্পপল্লবার্ঘ্য উ.চ ২৭/২। **৪** বহুমূল্য মধুবিশেষ (দ্র 'শ.ক')। [°থালী—অর্ঘ্যপাত্র। "নারী সব হাতে অর্ঘ্যথালী ন.প ২৬৯।]

অর্চ্চ্ সক [ভ্বা, এ—অর্চ্চতি, -তে ; সেট্] **১** পূজা, সম্মাননা। "রঘু ১.৯০। স্বকুসুমৈরর্চ্চন্তি গোদাবরীম্ উ.চ ২.৯। **২** অনুগ্রহ। 'অর্চ্চতিরনুগ্রহে ন পূজায়াম্ মনু ৩.৯৩, মেধাতিথি। —র্চ্চ্ সক [চু.প —অর্চ্চয়তি ; সেট্] **১** পূজা ((ক.ক)। **২** সসম্মান ধারণ বা বহন। "যস্যার্চ্চয়ন্ত্যসৌ (মূর্ধ্না শাসনম্) ম.চ ১.২৯। [অভি—অভিমুখভাবে পূজা। "রঘু ১.৩৫। প্র—প্রপূজন। "ভট্টি ২.২০। প্রতি—প্রতিপূজন। "মহা ২ ১৩.৪। সম্—সমর্চ্চনা। "ভট্টি ৪.৯।]

অর্চ্চ সর্ম্ম [সং √অর্চ্চ্ > লি, প্রা √অচ্চ] পূজা করা। "অর্চ্চিলা বৃত্রারি ০ অর্চ্চিলেকঃ অর্চ্চে ম.পা ২ ; ৩ ; অর্চ্চিবারে ৯। জামাই অর্চ্চিয়া ম.ম ১৭৬। রাজগণ…অর্চ্চন্ত অ.প ৫১ ; ১২৭।

অর্চ্চক বিণ [√অর্চ্চ্ + অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -র্চ্চিকা] পূজক, সম্মানয়িতা। "গুরুদেবদ্বিজার্চ্চক।—মনু ১১.২২৫। —র্চ্চন ক্লী [+ অন (ল্যুট্)-ভা] **১** পূজা, সম্মাননা। "গ্রহবিপ্রসুরার্চ্চন (ত.বা)। পদার্চ্চনে…হৈল সুন্দপ্রাপ্তি ম.পা ২। **২** [+ অন-ণ] পূজাদ্রব্য। "অর্চ্চনস্যাতিশায়নাৎ (শ.ক)। **৩** ভক্তিলক্ষণবিশেষ। "ভ ৭.৫.২৩। —না স্ত্রী [√অর্চ্চি + অন (যুচ্)-ভা + স্ত্রী আ (টাপ্)] পূজা। —নীয় বিণ [+ অনীয় (অনীয়র্)-র্ম্ম] পূজ্য, মান্য। "অর্চ্চিতা চার্চ্চনীয়ানাম্ গো.রা ৫.৩২.৭। জগদর্চ্চনীয় ভট্টি ২.২০। —র্চ্চা স্ত্রী [+ অ-ভা + স্ত্রী আ (টাপ্) ; বৈদিক] **১** পূজা, সম্মাননা। "দ্বিজাগ্র্যার্চ্চা মনু ৩.৭৪। ভৈরবার্চ্চা ক.সা ২.২৩১। দেবার্চ্চা ম.পা ৬ ; শম্ভুনাথ-অর্চ্চা ৯ ; অর্চ্চের সমএ ৩৪। **২** [+ অ-ধি] প্রতিমা। "দেবতার্চ্চা রা ২.৭১.৪০। —র্চ্চিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] **১** পূজিত, সম্মানিত। "যথাকামার্চ্চিতার্থী রঘু ১.৬ ; ৯০ ; ১২.৮৯। মহা ২.৩৮.২১। **২** জ্যেষ্ঠ, মান্য। "অর্চ্চিতা তস্য কৌসল্যা রঘু ১০.৫৫। **৩** অর্চ্চাসহিত, পূজা-পূর্ব্বক। "মনু ৪.২৩৫। —ত পুং বিষ্ণু (মহা)। —র্চ্চিতা (-তৃ) বিণ [+ তৃ (তৃন্)-ক-১ব ; স্ত্রী -র্চ্চিত্রী] অর্চ্চনশীল, পূজক। "অর্চ্চিতা চার্চ্চনীয়ানাম্ গো.রা ৫.৩২.৭। —র্চ্চ্য বিণ [+ য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্চ্চ্যা] পূজ্য, মান্য। "মহা ১.৭৬.২১। রঘু ২.১০। ভট্টি ২.২০। [অর্চ্চার্হ—পূজ্য। "মহা ২ ৩৮.২১।]

অর্চ্চন, -না, -নীয়, -র্চ্চা, -র্চ্চার্হ দ্র 'অর্চ্চক'।

অর্চ্চি স্ত্রী [√অর্চ্চ্ + (ইন্)-র্ম্ম ; 'অর্চ্চি'—প্রকাশ (ঋগ্বেদ ১.৪৮.১৩)] জ্যোতিঃ, জ্বালা, শিখা। "প্রদীপ° রঘু ১২.১। অগ্নের্ভ্রাজন্তে অর্চ্চয়ঃ উ ২.১০৭। তুমি অর্চ্চি চ.বি ৩১। অর্চ্চিপুঞ্জ লক্ লক্ সা.ম ৫৯। **২** রশ্মি, কিরণ। "তপনের জ্বলদর্চ্চি-রেখা চ.কা ২৯০। —র্চ্চিঃ (-র্চ্চিস্) স্ত্রী, ক্লী [+ ইস্ (ইসি)-র্ম্ম, উ ২.১০৭ ; ছান্দস] **১** বহ্নিশিখা, জ্বালা। "ঋগ্বেদ ৯.৬৭.২৩। প্রদক্ষিণ° রঘু ৩.১৪। অর্চ্চিষাং চক্রবালম্। —রত্নাবলীনাটিকা ৪.১৬। **২** তেজঃ, প্রভা। "দীপ্তিমন্তঃ স্বয়ার্চ্চিষা মহা ৩.৪২.৩৫। প্রশমাদর্চ্চিষাম্ কু.স ২.২০। —র্চ্চিঃ পুং **১** বহ্নি। **২** কিরণ। —র্চ্চিঃ স্ত্রী কৃশাশ্বপত্নী।

অর্চ্চিঃ ; অর্চ্চিত, -তা দ্র 'অর্চ্চি ; অর্চ্চক'।

অর্চ্চিষ্মান্ (-ষ্মৎ) বিণ [অর্চ্চিস্ + মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ষ্মতী] **১** দীপ্তিমান্, প্রভান্বিত, দীপ্ত। "অর্চ্চিষ্মতীঃ সন্ধ্যামঙ্গলদীপিকাঃ বিক্র ৩.২। —ষ্মান্ পুং **১** অগ্নি। **২** অগ্নিদেবতা। **৩** সূর্য্য। **৪** উপদেব-বিশেষ। **৫** বিষ্ণু (মহা)। —ষ্মতী স্ত্রী অগ্নিপুরী।

অর্জ্জ্ সক [ভ্বা, প—অর্জ্জতি ; সেট্] **১** অর্জ্জন, অলব্ধলাভ। "°নৈ ৫.৮৪। **২** গ্রহণ। "অনর্জ্জুর্ভুজোঽস্ত্রাণি ভট্টি ১৪.৭৪।—র্জ্জ সক [চু.প—অর্জ্জয়তি ; সেট্] **১** উপার্জ্জন। **২** সংস্কার। "অর্জ্জয়তি কিমপি লোকঃ (ক.ক)। **৩** প্রতিযত্ন, গ্রহণার্থ যত্ন। "ভট্টি ১৫.৪৩। [উপ—উপার্জ্জন।]

অর্জ্জক বিণ [√অর্জ্জ্ + অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -র্জ্জিকা] উপার্জ্জয়িতা, অর্জ্জনকারক। "অর্জ্জকো হ্যংশমাহরেৎ (স্মৃতি)। —ক পুং বাবুই তুলসী ; সামান্য তুলসী। —র্জ্জন ক্লী [+ অন (ল্যুট্)-ভা] **১** অলব্ধ-লাভ, উপার্জ্জন। "অর্থানমার্জ্জনে দুঃখম্।—পঞ্চ ১.১৭৪। হি ১.১৯০। দ্রব্যার্জ্জন মনু ১২.৭৯। **২** লাভ। "মিত্রামিত্রস্য চার্জ্জনম্ মনু ১২.৭৯। **৩** আদান, গ্রহণ। "কণিশাদ্যর্জ্জনং শিলম্ (অ.চি)। —র্জ্জনীয় বিণ [+ অনীয় (অনীয়র্)-র্ম্ম] উপার্জ্জনযোগ্য। —র্জ্জিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] **১** কৃতার্জ্জন, লব্ধ। "দুঃখমর্জ্জিতানাং চ রক্ষণে।—পঞ্চ ১.১৭৪। মনু ৪.১৯০। স্বয়মর্জ্জিত যাজ্ঞ ২.১২০। **২** অধিকৃত, আয়ত্তীকৃত। "মহী…বীর্য্যার্জ্জিতা গো.রা ১.৫.১। **৩** চরিত, কৃত। "চিরার্জ্জিতং তপঃ রা (S.W.)। **৪** (বাঙ্‌লায় ; অপ্র) নির্ম্মিত "তোমার অর্জ্জিত লঙ্কা কৃ.উ ১৬।

অর্জ্জন, -নীয়, অর্জ্জিত দ্র 'অর্জ্জক'।

অর্জ্জুন বিণ [√অর্জ্জ্ + উন (উনন্)-ক (?) ; উ ৩.৫৮ ; ছান্দস] শুভ্রতাগুণযুক্ত, শুক্লবর্ণ, শ্বেত। "অহশ্চ কৃষ্ণমহরর্জ্জুনম্।—ঋগ্বেদ ৬.৯.১। অর্জ্জুনচ্ছবি।—মাঘ ১.৬। —ন পুং **১** শ্বেতবর্ণ। **২** অর্জ্জুন বৃক্ষ। **৩** ময়ূর। **৪** মাতার একমাত্র পুত্র। **৫** চর্ম্মরোগবিশেষ (M.W.), ধবলকুষ্ঠ (?)। **৬** [√ঋজ্ + উন-ক (নীলকণ্ঠ)] কুন্তীপুত্র তৃতীয় পাণ্ডব। 'করোমি কর্ম্ম শুক্লং তস্মান্ মামর্জ্জুনং বিদুঃ (মহা ৪.৪৪.২০)। [দ্রোণ ইঁহার ধনুর্ব্বেদাচার্য্য। ইঁহার জীবনের প্রধান ঘটনাবলী—দ্রোণের নিকট ব্রহ্মশিরঃ অস্ত্রলাভ, পঞ্চালে লক্ষ্যভেদ ও দ্রৌপদীলাভ, দ্বাদশ-বর্ষ ব্রহ্মচর্য্যপালন, উলূপীর ও চিত্রাঙ্গদার পাণিগ্রহণ, প্রভাসে সুভদ্রাপরিণয়, খাণ্ডবদাহ, অগ্নির নিকটে গাণ্ডীব, অক্ষয়তূণ ও কপিধ্বজ রথ প্রাপ্তি, ময়-দানব কর্ত্তৃক ইন্দ্রপ্রস্থে সভানির্ম্মাণ, বনবাসকালে কিরাত-শঙ্কর হইতে পাশুপত অস্ত্রলাভ, নিবাতকবচবধ ও ইন্দ্রের নিকটে কবচ, মালা, দেবদত্ত শঙ্খ, কিরীট প্রভৃতি লাভ, বিরাটের গোগৃহরক্ষা, কুরুক্ষেত্রে ভীষ্ম দ্রোণ কর্ণ প্রভৃতির বিনাশ এবং মণিপুরে বভ্রুবাহনের যুদ্ধে প্রাণত্যাগ ও সঞ্জীবনমণি-প্রভাবে জীবনলাভ। অভিমন্যু ইঁহার পুত্র। পূর্ব্বজন্মে ইনি নারায়ণ ঋষি ছিলেন। কৃষ্ণ ইঁহার পরম সখা। ইনি ভগবদ্গীতার প্রশ্ন-কর্ত্তা। কৃষ্ণের দেহাবসানে যুধিষ্ঠিরাদির সহিত ইনি মহাপ্রস্থান ও স্বর্গা-রোহণ করেন। অর্জ্জুন ফাল্গুন জিষ্ণু কিরীটী শ্বেতবাহন বীভৎসু বিজয় কৃষ্ণ সব্যসাচী ধনঞ্জয় ইঁহার এই দশ নাম (মহা ৪.৪৪.৯)] **৭** হৈহয়াধি-পতি কার্ত্তবীর্য্য। দ্র 'কার্ত্তবীর্য্য'। **৮** দেশবিশেষ (A.)। **৯** (বহুব) অর্জ্জুনগোত্রাপত্যগণ। "পা ২.৪.৬৬। **১০** করবীর (ত.বা)। —ন ক্লী **১** স্বর্ণ (অ.চি)। **২** রৌপ্য (অথর্ব্ববেদ)। **৩** নেত্ররোগবিশেষ। **৪** তৃণবিশেষ, তৃণসামান্য (অ.কো), জুন্ ঘাস (?)। "উ ৩.৫৯। ফিট্‌সূত্র ১.১৬। —নী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীষ্)] **১** গবী। "অর্জ্জুনীনাং কপিলা বরিষ্ঠা মহা ১৩.৭৩.৪২। **২** কুট্টিনী। **৩** বাহুদানদী, করতোয়া। **৪** অনিরুদ্ধপত্নী উষা। **৫** (দ্বিব, বহুব) ফল্গুনীনক্ষত্র।

অর্ণঃ (-র্ণস্) ক্লী [√ঋ + অস্ (অসুন্)-ক, 'ন' (নুট্ আগম) ; উ ৪.১৯৭ ; তু 'অর্ণ'—জল (ঋগ্বেদ ৩.২২.৩)] জল। "সবর্ণমর্ণঃ মাঘ ১২.৬৯। পা ৫.২.১০৯, বার্ত্তিক।

অর্ণব পুং [অর্ণস্ + ব অস্ত্যর্থে, স্-লোপ, পা ৫.২.১০৯, বার্ত্তিক। তু '°ব'—জলযুক্ত। "সমুদ্রমর্ণবম্ (ঋগ্বেদ ১.১৯.৭)। '°ব' ক্লী—তিষ্ঠন্ত্যর্ণবং তর্জ্জয়ানম্ (মহা ১৩.১৫৮.৯)] **১** 'জলবান্', সমুদ্র। "রঘু ১.১৬ ; °ধীরনাদিনী ৩.৫৯। ভবার্ণবতরণ (মোহমুদ্গর)। ভবা° ভ ৪.২২.৪০।

২ (সাদৃশ্যে) বিপুল দুস্তর বিষয়মাত্র ; রাশি, সমূহ। "জন°, শোক°। চিন্তা° গো.রা ৩.৪.২২। **৩** (সমুদ্রের সংখ্যানুসারে) চার (৪) এই সংখ্যা। **৪** ছন্দোবিশেষ। **৫** (বাঙ্‌লায়, অপ্র) সাগরতুল্য বিশালনদী। "ষষ্ঠ ডিঙ্গি মগ্ন কর অর্ণবের (মগরার) জলে ম.পা ১১০। [°নেমি (স্ত্রী) —'সমুদ্রপ্রান্ত', পৃথিবী। °পোত (পুং), °যান (ক্লী)—'সমুদ্রগমনসাধন', জাহাজ। °সুনু (বাঙ্‌লায় ; অপ্র)—মেঘ, অর্থাৎ আকাশ। "কর বাড়াইয়া জেনার্ণবসুনু পাএ ম.পা ৯০। °বোপম—(বিণ) সাগরসদৃশ। "রঘু ৩.৩০।]

অর্ণবনেমি, -পোত, -বোপম, -যান দ্র 'অর্ণব'।

অর্ত্তি স্ত্রী [√অর্দ্দ্‌+তি (ক্তিন্)-ভা] **১** পীড়া, বেদনা। তু 'আর্ত্তি'। "°নিপীড়িত (সুশ্রুত)। শিরোহর্ত্তি ক.সা ১৩.১৫২। **২** [+তি-র্ম্ম] ধনুষ্কোটি, ধনুরগ্রভাগ।

অর্থ[১] সক [অদন্ত চু, আ—অর্থয়তে ; দ্বিকর্ম্মক ; সেট্] যাচন, প্রার্থনা। "ভট্টি ১৪.৮৮। [অভি-প্র—সমীপে প্রার্থনা। "যদভিপ্রার্থিতং ময়া (রা)। প—প্রার্থনা। "ভট্টি ৭.৪৮। প্রতি—প্রত্যর্থীকরণ। "ভট্টি ৬.২৫। সম্—**১** সম্যক্ যাচন, সমর্থনা। **২** অববোধন, বিবেচনা। "নাত্মদ্ দৈবাৎ সমর্থয়ে রা ২.২২.১৮। রঘু ১১.৭২। সম্-প্র—সম্প্রার্থনা। "রা ২.১১২.১৪।]

অর্থ[২] পুং [√অর্থি+অ (অচ্)-ভা] **১** যাচন, প্রার্থনা। **২** অভিলাষ, ইচ্ছা। "কৃতার্থ, চরিত°, সিদ্ধ°। **৩** নিবৃত্তি। "তাদর্থ্য।—মুগ্ধবোধ ২৯৪। **৪** [+অ-র্ম ; √ঋ+থ (থন্), উ ২.৪ ; ছান্দস] ধন, বিত্ত। "অর্থার্থী গী ৭.১৬। অর্থমনর্থং ভাবয় নিত্যম্ (মোহমুদ্গর)। অর্থোষ্মা হি ১.১৩৬। অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ।—শু ৫.৩৮। অর্থাভিলাষী সী ৭৫। অর্থ অনর্থের মূল।—কাদ ৩৬। [শুক্ল শবল কৃষ্ণ ভেদে অর্থ ত্রিবিধ। স্ববৃত্তি দ্বারা অর্জ্জিত ধন শুক্ল, অনন্তরবৃত্তি (ব্রাহ্মণাদির ক্ষত্রিয়াদি-বৃত্তি) দ্বারা লব্ধ ধন শবল এবং দ্যূতচৌর্য্যাদি-প্রাপ্ত ধন কৃষ্ণ (ত.বা)।] **৫** লাভধন, লাভের টাকা। "দেশকালার্থ-দর্শী মনু ৮.১৫৭। **৬** শব্দশক্তি দ্বারা বোধগম্য পদার্থ ; অভিধেয়, শব্দ-বাচ্য, মানে। "বাগর্থ রঘু ১.১ ; ধাতোর্গমনার্থম্ ৩.২১। [বাচ্য লক্ষ্য ও ব্যঙ্গ্য ভেদে অর্থ ত্রিবিধ ; —বাচ্যার্থ লক্ষ্যার্থ ব্যঙ্গ্যার্থ (সা.দ ২.২)।] **৭** অভীষ্ট বিষয় ; উদ্দেশ্য, কার্য্য, কর্ম্ম। "°সিদ্ধি রঘু ২.২১। সর্ব্বার্থ-চিন্তক মনু ৭.১২১। °বশ মৃ ৫.৮। **৮** বস্তু, দ্রব্য। "অর্থোহি কন্যা পরকীয় এব শ ৪.২২। মনু ৭.২০৪। **৯** বিষয়, বস্তু, প্রকরণ। "গৃহীত°, পরিগৃহীত°, লেখ°। অগৃহীতার্থ শ ৬ৡ। রঘু ২.৫১। সঙ্গীতার্থ পু.মে ৫৭। **১০** বিষয়, ঘটনা। "অপরিহার্য্যেহর্থে ন ত্বং শোচিতুমর্হসি গী ২.২৭। ঈশ্বর জগন্নাথ, তাঁর হাতে সর্ব্ব অর্থ চৈ.চ ৩০৮। কোন অর্থে আমি।—ম ৮৬১। **১১** ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়—শব্দস্পর্শাদি। "ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থা অর্থেভ্যশ্চ পরং মনঃ।—কঠোপনিষৎ ৩.১০। ইন্দ্রিয়ার্থ গী ২.৫৮। মম ব্যাবৃত্তসর্ব্বেন্দ্রিয়ার্থস্য।—পঞ্চ ৬ৡ (কথামুখ)। **১২** জ্ঞেয়বস্তু। "ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষোৎপন্নং জ্ঞানং প্রত্যক্ষম্ (গৌতমসূত্র)। **১৩** বস্তুস্বভাব, প্রকৃতবিষয়, তত্ত্ব। "যথার্থ, অর্থতঃ, °তত্ত্ববিৎ। **১৪** প্রয়োজন। "ঋগ্বেদ ১.১০.২। পরার্থৈকফলা গুণাঃ রঘু ১.২৯ ; ক্রিয়ার্থ ২.৫৫। কু.স ৩.১৮। যাবানর্থঃ গী ২.৪৬। কঃ…জীবিতেনার্থঃ মহা ৩.৬৪.৯০। ভ.গ্র ১৮ ; কিবা অর্থে আগমন ১৩০। **১৫** স্বপররাষ্ট্র-চিন্তন, ধর্ম্ম (মেধাতিথি), প্রজারক্ষণ (কুল্লুক)। "অর্থানর্থ মনু ৮.২৪। মন্ত্রী স্যাদর্থচিন্তায়াম্ সা.দ ৩.৪৩। **১৬** নিমিত্ত, কারণ। "দ্বিজার্থঃ সুপঃ পা ২.১.৩৬, বার্ত্তিক। অর্থান্তরভাব্য (অর্থ) কু.স ৩.১৮। অতোঽর্থাৎ মনু ২.২১৩। পরার্থে হি ১.৪৫। **১৭** কাম্যফল। "সর্ব্বসিদ্ধার্থ মনু ১.৮৩। **১৮** চতুর্বিধ পুরুষার্থের একতম। "°কাম রঘু ১.২৫ ; ধর্ম্মার্থকামমোক্ষাণামবতারঃ ১০.৮৪। হি ১.৪৪। নির্ব্বিষয়ার্থকাম কু.স ৫.৩৮। **১৯**। ফল। "সার্থক জীবন আর বাহুবল তার। আত্ম-নাশে করে যেই দেশের উদ্ধার।—রঙ্গ ১০৭। **২০** প্রকার। **২১** (স্মৃতি) ব্যবহার, অভিযোগ। তু 'অর্থী'। "মনু ৮.৫৬ ; ১০৯। **২২** বিষ্ণু (মহা)। **২৩** (জ্যোতিষে) লগ্ন হইতে দ্বিতীয় স্থান ; ধনস্থান। **২৪** ধর্ম্মের পুত্র।

অর্থ[৩] সর্ম্ম [সং √অর্থ>লি, প্রা √অথ ; অপ্র] প্রার্থনা করা। "যে পদ অর্থয়ে ব্রহ্মা ব.প ৯০০।

অর্থকর বিণ [অর্থ+ √কৃ+অ (ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী] ধনকরণশীল, বিত্তলাভকারক, অর্থোপার্জ্জনকর। "পা ৩.২.২০, কাশিকা। অর্থকরী চ বিদ্যা।—হি ১৯ (কথারম্ভ)।

অর্থকাম বিণ [অর্থ+ √কম্+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -মী] ধনলিপ্সু, ধনার্থী, অর্থলুব্ধ। "গী ২.৫। মহা ১২.৮.২০।—কাম পুং [দ্বন্দ্ব] অর্থ ও কাম ; ধন ও ইষ্টবস্তু (পুরুষার্থদ্বয়)। "রা ২.৮৬.৬। রঘু ১.২৫। অর্থকামেষ্বসক্তানাম্ মনু ২.১৩।

অর্থকার্শ্য ক্লী [ষ.ত] ধনক্ষীণতা, দারিদ্র্য। "রঘু ৫.২১।

অর্থকৃচ্ছ্র ক্লী [ষ.ত] **১** ধনজন্য কষ্ট ; ধননাশ (রা.টীকা)। "°চ্ছ্রে (ধৃতিমান্ নাবসীদতি) রা ৪.৭.৯। **২** কার্য্যের কষ্টসাধ্যতা ; কার্য্যা-সৌকর্য্য। "°চ্ছ্রেষু চাহং প্রষ্টব্যঃ মহা ৩.৬৭.৩।

অর্থকৃৎ বিণ [অর্থ+ √কৃ+ক্বিপ্ (০)-ক ; উ.ত ; স্ত্রী -কৃৎ] অর্থ-কারক, হিতকর। "°কৃৎ (শাপ) মহা ৩.৪৬.৫৭।

অর্থকৃত বিণ [তৃ.ত] **১** অভিধেয়জনিত, অর্থবোধিত। **২** [সুপ্সুপা] প্রয়োজন হেতু কৃত ; কার্য্যনিমিত্ত। "অন্যেষ্বর্থকৃতা মৈত্রী ভ ১০.৪৭.৬।

অর্থকৃত্য ক্লী, **-কৃত্যা** স্ত্রী [ষ.ত] প্রয়োজনসাধন, কার্য্যসিদ্ধি। "রামঃ স্থিতোঽর্থকৃত্যেষু গো.রা ৪.৩৮.৪৩। অভ্যুপেতার্থকৃত্যা পু.মে ৩৯।

অর্থকোবিদ বিণ [স.ত ; স্ত্রী -দা] প্রয়োজনে পণ্ডিত ; কার্য্যসাধন-কুশল। "রা ৬.৪.৮।

অর্থগৃহ ক্লী [ষ.ত] ভাণ্ডাগার, কোষ। "হ ১২৩.২।

অর্থগৌরব ক্লী [ষ.ত] অর্থগাম্ভীর্য্য, গভীরার্থ। "ভারবেরর্থগৌরবম্ (সু.র)।

অর্থঘ্ন বিণ [অর্থ+ √হন্+অ (টক্, ক), -ক ; উ.ত , স্ত্রী -ঘ্নী, -ঘ্না] অর্থনাশক, অমিতব্যয়ী। "মনু ৯.৮০ ; যাজ্ঞ ১.৭৩।

অর্থচিন্তক বিণ [ষ.ত ; স্ত্রী -ন্তিকা] কার্য্যদ্রষ্টা। "মনু ৭.১২১। —চিন্তন ক্লী,—চিন্তা স্ত্রী [ষ.ত] স্বপররাষ্ট্রচিন্তা (দ্র 'অর্থ[২], ১৫)। "সা.দ ৩ৡ ; °ন্তা ৩.৪৩।

অর্থজ বিণ [অর্থ+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] বিত্তজন্য, ধনহেতুক। "°জ (দুঃখ) মহা ৩.২.৪৩।

অর্থজাত ক্লী [ষ.ত] **১** বস্তুসমূহ। **২** বিত্তরাশি। "মৃ ২.৬। **৩** পুরুষার্থ-সমূহ, ত্রিবর্গ ; বাচ্যলক্ষ্যব্যঙ্গ্য-রূপ অভিধেয়ত্রয়। "কবয় ইব মহী-পাশ্চিন্তয়ন্ত্যর্থজাতম্ মাঘ ১১.৬। **৪** অভিধেয়সামান্যজাতি, অর্থমাত্র। "কি ৩.৪৮। **৫** বিষয়সমূহ, বস্তুনিচয়। "গীতক্ষমমর্থজাতম্ শ ৭.৫।

অর্থজ্ঞ বিণ [অর্থ+ √জ্ঞা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -জ্ঞা] প্রয়োজনা-ভিজ্ঞ, কার্য্যতত্ত্বজ্ঞ। "রা ৩.৭৩ ১।

অর্থতঃ (-তস্) ব্য [অর্থ+তঃ (তসি) তৃতীয়াদি অর্থে] **১** অর্থাৎ, অর্থানুসারে, অর্থক্রিয়ায়, মানে দ্বারা। "মাঘ ৩.৫৬ ; পরিস্ফুটমর্থতোঽ-ভিধানম্ ৭.২৮। **২** বস্তুতঃ, তত্ত্বতঃ, বাস্তবিক, প্রকৃতপক্ষে। "গো.রা ৬.৯৮.২০। প্রাপ্ত এবার্থতঃ সোঽর্থো যতো বাঞ্ছা নিবর্ত্ততে।— হি ১.১৯৭। **৩** পুরুষার্থবশে। "সাংখ্য ১৩। **৪** নিমিত্তে, অর্থে, কারণে। "যদ্ গচ্ছতি বিদেশং চ তৎসর্ব্বমুদরার্থতঃ।—পঞ্চ ১.২৭৯। **৫** ধনার্থ, ধনলাভ হেতু। "ঈশ্বরময়ং লোকোঽর্থতঃ সেবতে।—মু ১.১৪। **৬** ধন বা কার্য্য হেতু ; ফলতঃ, কার্য্যতঃ। "অর্থতঃ পুরুষো নারী যা নারী সার্থতঃ পুমান্ মু ৩.২৭।

অর্থতত্ত্ব ক্লী [ষ.ত] ১ অর্থের যাথার্থ্য ; অভিধেয়রহস্য, প্রকৃতার্থ। "সর্ব্বশাস্ত্রার্থতত্ত্বজ্ঞ রা ১.১.১৫। বেদশাস্ত্রার্থ° মনু ১২.১০২। ২ বিষয়ের প্রকৃত কারণ ; যথার্থকারণ। "হি ৪.৯৭।

অর্থতন্ত্র বিণ [বহুব্রী] যাহার কর্ম্ম মুখ্য ; কার্য্যপ্রধান। "ভ ১০.২.২১। —তন্ত্র ক্লী [ষ.ত] কার্য্যসিদ্ধান্ত, কার্য্যপরিচ্ছেদ। "অর্থতন্ত্রজ্ঞ ভ ১০.৩৬.২৭।

অর্থদ বিণ [অর্থ+ √দা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -দা] ১ অর্থকর, লাভজনক। "মন্ত্রোঽর্থদঃ ক.সা ১৭.১২২। ২ হিতকর, ফলপ্রদ। ৩ ধনদাতা। "মনু ২.১০৯। —দ পুং ধনদ, কুবের।

অর্থদর্শন ক্লী [ষ.ত] ১ কার্য্যজ্ঞান ; বস্তুপ্রতিভাসন, দ্রব্যপ্রকাশন। "আগমঃ কুরুতে দীপ ইবার্থদর্শনম্ কি ২.৩৩। ২ অভিযোগবিষয়ের বিচার।

অর্থদূষণ ক্লী [ষ.ত] ১ অর্থাপহরণ, দেয় ঋণাদির অপরিশোধ (ঋণ শোধ না করা)। "মনু ৭.৪৮। হি ৩.১১৮। ২ অর্থনাশন, অসৎকার্য্যে ধননিয়োগ, অপব্যয়। ৩ অভিধেয়বিষয়ে দোষারোপ। —দোষ পুং [ষ.ত] অপুষ্টতা-প্রভৃতি অর্থবিষয়ক দোষ। 'সা.দ ৭.৯-১২।

অর্থনা স্ত্রী [√অর্থ+অন (যুচ্) -ভা+স্ত্রী আ (টাপ্)] যাচনা, প্রার্থনা। "নৈ ৫.১১২। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] যাচনীয়। "কিমিতঃ পরমর্থনীয়ম্।—ভর্তৃহরি।

অর্থনাশ পুং [ষ.ত] ধনক্ষয়, বিত্তহানি। "হি ১.১৩৭।

অর্থনিবন্ধন বিণ [বহুব্রী ; স্ত্রী -না] ধনহেতুক, বিত্তজন্য। "সখ্যম্··· অর্থনিবন্ধনম্ মহা ১.১৩১.৮।

অর্থনিশ্চয় পুং [ষ.ত] কার্য্যনিরূপণ, বিষয়সিদ্ধান্ত। "গো.রা ৪.৩১.৩২।

অর্থন্যূন বিণ [স.ত] অর্থহীন, দরিদ্র। "মহা ৩.৮২.১৫।

অর্থপতি পুং [ষ.ত] ১ ধনস্বামী, নৃপ। "রঘু ১.৫৯ ; ২.৪৬। ২ স্বামী, প্রভু। "পঞ্চ ১.৮০। ৩ ধনাধিপ, কুবের।

অর্থপর বিণ [বহুব্রী ; স্ত্রী -রা] ধনার্জ্জনতৎপর, ধনলুব্ধ ; কৃপণ। "নীতিশতক, ৩৮।

অর্থপরিগ্রহ বিণ [বহুব্রী] ধনার্থ অবলম্বনীয়। "ধর্ম্মশ্চার্থপরিগ্রহঃ মহা ৩.৩৩.২৯। —গ্রহ পুং ধনলাভ, বিত্তপ্রাপ্তি। "গো.রা ৫.৪৩.৬।

অর্থপিশাচ বি অর্থবিষয়ে পিশাচতুল্য ; ধনালাভে অতৃপ্ত, অতীব অর্থগৃধ্নু।

অর্থপ্রয়োগ পুং [ষ.ত] ১ ঋণদানবাণিজ্যাদিতে ধনের বিনিয়োগ ; বৃদ্ধিজীবিকা, কুসীদব্যবহার, তেজারতী। ২ যথাযথরাষ্ট্রকার্যনির্ব্বাহ। "°কুশল (অমাত্য)।

অর্থবন্ধ পুং [ষ.ত] ১ বস্তুসংসর্গ, বিষয়সম্পর্ক। "ললিতার্থ° (উদাহরণ) বিক্র ২.১৪। ২ অর্থের বন্ধভূত শব্দসমূহ ; প্রবন্ধ, সন্দর্ভ। "গীতক্ষমমর্থবন্ধম্ (পাঠান্তর) শ ৭.৫। ৩ ধনকৃতবন্ধন।

অর্থবাদ পুং [ষ.ত] ১ প্রশংসনীয় বিষয়ের কথন ; স্তুতিবাদ। "অর্থবাদ এষ দোষং চ কঞ্চিৎ কথয় উচ ১৯/৪। ভক্তগণে প্রভু নামমহিমা কহিল। শুনি এক পঢ়ুয়া তাহা 'অর্থবাদ' কৈল॥—চৈ.চ ৬২। এথা প্রভু ভক্তে নামমহিমা কহিল। পঢ়ুয়া অধম অর্থবাদে দুঃখ দিল ন.প ২১১। ২ প্রতিপাদ্য বস্তুর প্রশংসা। 'প্রকরণপ্রতিপাদ্যস্য তত্র তত্র প্রশংসনম্ অর্থবাদঃ (বেদান্তসার)। ৩ প্রশংসনীয় গুণের বা নিন্দনীয় দোষের কথন ; স্তুতিনিন্দাফলক উক্তি। "পা ২.১.৩৩, সি। ৪ 'অর্থের কথনসাধন' ; স্তুতির (গুণের) ও নিন্দার (দোষের) বাচক শব্দ। [ইহা ত্রিবিধ—গুণবাদ অনুবাদ ভূতার্থবাদ। 'আদিত্য যূপ'—ইহা বিরোধ হেতু 'গুণবাদ' ; 'অগ্নি হিমের ঔষধ'—ইহা অবধারিত (প্রমাণসিদ্ধ) অর্থে 'অনুবাদ' ; 'বজ্রহস্ত পুরন্দর'—ইহা ভূতের (ভূতার্থের, সিদ্ধার্থের) বাচক 'ভূতার্থবাদ' (ন্যায়কোশ)। 'বিরোধে গুণবাদঃ স্যাদ্ অনুবাদোঽবধারিতে। ভূতার্থবাদস্তদ্ধানাদর্থবাদস্ত্রিধা মতঃ॥] ৫ বিধিনিষেধভিন্ন শব্দ (ন্যায়কোশ)। "আদিত্যো যূপঃ ইত্যাদি।

অর্থবান্ (-বৎ) বিণ [অর্থ+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] ১ ধনবান্, ধনিক। "রঘু ১৪.২৩। মনসি চ পরিতুষ্টে কোঽর্থবান্ কো দরিদ্রঃ।—বৈরাগ্যশতক ৫৩। ২ অভিধেয়বান্, সার্থক। "পা ১.২.৪৫। অর্থবান্ খলু মে রাজশব্দঃ শ ৫/৫। অর্থবজ্জন্মা কি ১১.৬২। ৩ সপ্রয়োজন। "(বীক্ষিতম্) রুচিকরমপি নার্থবদ্ বভূব কি ১০.৬২। ৪ সফল। "সম্ভাবনামর্থবতীং ক্রিয়াভিঃ কি ৩.৫১।

অর্থবিজ্ঞান ক্লী [ষ.ত] অর্থের যথাবস্থভাবে বোধ, শব্দার্থবোধ (ধীগুণ-বিশেষ)।

অর্থবিৎ (-বিদ্) বিণ [অর্থ+ √বিদ্+ক্বিপ্ (০)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -বিৎ] ১ শব্দাদির অর্থবেত্তা ; শব্দার্থজ্ঞ। "রঘু ৩.২১। ২ কার্য্যজ্ঞ। "মাঘ ২.১৫।

অর্থবিত্ত বি ধনসামগ্রী, টাকাকড়ি-প্রভৃতি। "ব্যবহারে অর্থবিত্ত অনেক লইয়া। সন্ধ্যাকালে গৃহে প্রভু উত্তরিলা গিয়া॥ অর্থবিত্ত সকল দিলেন চৈ.ভা ১০৭।

অর্থবিদ্যা স্ত্রী [ষ.ত] অর্থশাস্ত্র। "মহা ৭.৫.৩৫।

অর্থবিপত্তি স্ত্রী [ষ.ত] অর্থভ্রংশ, প্রয়োজনবৈফল্য। "সমীক্ষ্য···অর্থবিপত্তিম্ (ন রামঃ বিক্রিয়াং জগাম) রা ২.১৯.৪০।

অর্থ বৈকল্য ক্লী [ষ.ত] তত্ত্বার্থের অন্যথাভাব ; সত্যের অপলাপ। "মনু ৮.৯৫।

অর্থব্যক্তি স্ত্রী [ষ.ত] ১ অর্থের প্রকাশ ; বর্ণনীয় বিষয়ের অসাধারণ রূপক্রিয়াদির পরিস্ফুটবর্ণন ; অর্থগুণবিশেষ। "কা.প্র ৮৭/৯ (মূলশ্লোক)। সা.দ ৮.১৫। ২ শ্রবণানন্তর পদসমূহের অর্থপ্রকাশন। 'অর্থব্যক্তিঃ পদানাং হি ঝটিত্যর্থসমর্পণম্ সা.দ ৮.১২। ৩ ঝটিতি (শ্রবণমাত্র) অর্থোপস্থাপনে সামর্থ্য। "প্রসাদেনার্থব্যক্তির্গৃহীতা কা.প্র ৮৭/৯ (মূলশ্লোক)।

অর্থমাত্র ক্লী [অর্থই ইতি, নি.স, ময়ূরব্যংসকাদি] অর্থ, ধন। "ন ভোজনাচ্ছাদনাভ্যধিকং কথমপ্যর্থমাত্রং সম্পদ্যতে।—পঞ্চ ১/১৩। —মাত্রা স্ত্রী [ষ.ত] ১ অল্পধন, ধনাংশ। ২ ধনবাহুল্য, প্রচুরধন। "অর্থমাত্রাস্তি নঃ পুনঃ ক.সা ২৫.১২৫।

অর্থযুক্ত বিণ [তৃ.ত] অভিধেয়বান্, সার্থক। "যস্যার্থযুক্তং গিরিরাজশব্দম্ কু.স ১.১৩। —যুক্তি স্ত্রী [ষ.ত] ধনযোগ, অর্থলাভ।

অর্থশালী (-লিন্) বিণ [অর্থ+ √শল্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -লিনী] ধনবান্, ধনিক। "অর্থশালিতা পা.প্র ৯৪। —শালী পুং ধনী।

অর্থশাস্ত্র ক্লী [ষ.ত] ১ অর্থসম্বন্ধী শাসনগ্রন্থ ; যে শাস্ত্রে শ্রুতি-স্মৃতির অবিরোধী রাজকার্য্যাদির উপদেশ ও সুকৌশলে অর্থোপার্জ্জন বর্ণিত থাকে (শু ৪.৩.৫৬) ; রাজনীতিশাস্ত্র, দণ্ডনীতি, অর্থবিদ্যা (Politics)। "গো.রা ৫.১.৮২। °সার।—পঞ্চ ৩ (কথামুখ)। অর্থশাস্ত্রকার মু ৩২/৪। ২ অভিচারাদি কর্ম্মপ্রতিপাদক শাস্ত্র (ত.বা)। [°কার —অর্থশাস্ত্রপ্রণেতা। °ব্যবহারী (-রিন্)—রাজনীতিকুশল। "মু ৫/৪।]

অর্থশাস্ত্রকার, -ব্যবহারী দ্র 'অর্থশাস্ত্র'।

অর্থশৌচ ক্লী [ষ.ত] অর্থসম্বন্ধে শুচিভাব ; অন্যায়ধনগ্রহণপরিহারপূর্ব্বক ধনার্জ্জনচেষ্টা। "সর্ব্বেষামেব শৌচানামর্থশৌচং পরং স্মৃতম্ মনু ৫.১০৬।

অর্থশ্লেষ পুং [বহুব্রী] যাহাতে অর্থসম্বন্ধী শ্লেষ আছে ; অর্থালঙ্কারবিশেষ। [যে স্থলে একার্থপ্রতিপাদক শব্দের অনেকার্থ হয়, তাহা 'অর্থশ্লেষ' বা 'শ্লেষালঙ্কার' (সা.দ ১৯.৫৮ ; কা.প্র ১০.৯৬)।]

অর্থশ্লোক বি শ্লোকের অর্থাবলম্বনে রচিত শ্লোক; অনুরূপোক্তি শ্লোক। "সেই শ্লোকের অর্থশ্লোক করিল চৈ.চ ২৫৭।

অর্থসংগ্রহ পুং, **-সংস্থান** ক্লী, **-সঞ্চয়** পুং [ষ.ত] ধনাহরণ, ধন-সঞ্চয়। "অর্থসংগ্রহ রঘু ১৭.৬০। —য় পুং সঞ্চিত অর্থরাশি। "শ ৬২৮৬।

অর্থসম্পৎ (-দ্) স্ত্রী [ষ.ত] অর্থের প্রাচুর্য্য; অভীষ্টদ্রব্যজাত, ধন-সম্পত্তি। "কি ১.১৫।

অর্থসম্পাদন ক্লী [ষ.ত] প্রয়োজনসাধন। "মনু ৭.১৬৮।

অর্থসম্বন্ধী (-ন্ধিন্) বিণ [°ন্ধ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ন্ধিনী] অর্থসম্বন্ধযুক্ত, ধনবিষয়ক, ঋণাদি হেতু সম্বন্ধযুক্ত (অধমর্ণাদি)। "মনু ৮.৬৪। যাজ্ঞ ২.৭৩।

অর্থসাধক বিণ [ষ.ত; স্ত্রী -ধিকা] প্রয়োজননিষ্পাদক, অভীষ্টকারক। "মহা ১.১২৩.২৯। —সাধন বিণ [ষ.ত; স্ত্রী -নী] প্রয়োজনসাধক। "ত্বয়মেবার্থসাধনম্ রঘু ১.১৯। —ন ক্লী প্রয়োজনসম্পাদন। "স সমর্থোঽর্থসাধনে রা ৫.৪১.৬।

অর্থসার পুং, ক্লী [ষ.ত] ধনসমূহের সার; শ্রেষ্ঠ ধন; মহাধন। "পঞ্চ ২.৪৮। হি ১.৯২।

অর্থসিদ্ধ বিণ [তৃ.ত] ১ অর্থবিশেষ দ্বারা সিদ্ধ; শব্দাদি দ্বারা বোধগম্য না হইলেও অন্বয়বলে লভ্য (পদার্থ)। যেমন, 'ঘট আন' বলিলে, শব্দশক্তি বিনা অচ্ছিদ্র ঘট আনয়ন করা বুঝায়। ২ [বহুব্রী, আহিতাগ্ন্যাদি] সিদ্ধার্থ, সিদ্ধপ্রয়োজন। —সিদ্ধি স্ত্রী [ষ.ত] ১ অন্বয়-বলে পদের অর্থবোধ। দ্র 'অর্থসিদ্ধ'। ২ কার্য্যসিদ্ধি। "মহ ৫.১৩৪.১০। শৃঙ্গান্তরং দ্বারমিবার্থসিদ্ধেঃ রঘু ২.২১। ৩ ধনসিদ্ধি।

অর্থহর বিণ [অর্থ+√হৃ+অ (অচ্)-ক; উ.ত; স্ত্রী -রা] ১ রিক্থভাক্, দায়গ্রাহক, ধনাধিকারী। "যশ্চার্থহরঃ স পিণ্ডদায়ী। —বিষ্ণু ১৫.৩৯। ২ ধনহারক (চৌরাদি)। —হারক, —হারী (-রিন্) বিণ [ষ.ত; অর্থ+√হৃ+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -রিকা, -রিণী] ধনাপহারক (চৌরাদি)।

অর্থহীন বিণ [তৃ.ত] ১ ধনহীন, দরিদ্র। ২ অভিধেয়হীন, বাচ্যার্থ-রহিত। ৩ (বাঙলায়) দৃশ্যবিশেষরহিত, শূন্য, ফাঁকা। "নির্জ্জনে বীর বসি তরুতলে;—অর্থহীন ঊর্দ্ধদৃষ্টি ন ৪৪৯।

অর্থাগম পুং [অর্থের আগম, ষ.ত] ১ ধনাগম, আয়। "মহা ৩.২.৪২। হি ১৯ (কথারম্ভ)। ২ আয়ের উপায়; ক্রয়বিক্রয়াদি। ৩ অর্থপ্রতীতি, বাচ্যাদি অর্থের বোধ। "দণ্ডাপূপিকয়ান্যার্থাগমোঽর্থাপত্তিরিষ্যতে সা.দ ১০.৮৩।

অর্থাৎ ব্য [অর্থ+আৎ (ঙসি-৫মী-১ব)] ১ অর্থানুসারে, তাৎপর্য্যক্রমে। "মূষিকেণ দণ্ডো ভক্ষিত ইত্যানেন তৎসহচরিতমপূপভক্ষণমর্থাদ্ আয়াতং ভবতি সা.দ ১০৮৩। ২ ফলিতার্থে, বস্তুতঃ, তত্ত্বার্থে, ফলতঃ, ফলে, মানে। "১মা প্রতিবেশিনী।—কিন্তু যা বল, আমাদের মাতা। নাই তাঁর সম এতবড় দাতা! ক্ষীরো।—অর্থাৎ কি না এত বড় হাবা। জন্ম দেয় নি আর কারো বাবা।—কা ৮৪। ৩ সরলভাবে, সোজা কথায়। [অর্থাৎ কি—বস্তুতঃ বা সোজা কথায় কি।]

অর্থাধিকার পুং [অর্থের অধিকার, ষ.ত] ধনসম্বন্ধী নিয়োগ; কোষাধ্যক্ষপদ। "হি ২২১৪। —কারী (-রিন্) বিণ [অর্থ+অধি+কৃ +ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -রিণী] 'ধনাধিকারে নিযুক্ত'; কোষাধ্যক্ষ।

অর্থান্তর ক্লী [অন্য অর্থ, নি.স, ময়ূরব্যংসকাদি] ১ অন্যার্থ, পৃথগভিধেয়। ২ প্রকৃত অর্থ হইতে ভিন্ন (অসম্বন্ধ) অর্থ (ন্যায়কোশ); অপ্রস্তুত-বাক্যার্থ। "°ন্যাস। ৩ (ন্যায়ে) প্রকৃত বিষয়ে অনাকাঙ্ক্ষিত বিষয়ের কথন; নিগ্রহস্থানবিশেষ। যেমন, 'শব্দ' অনিত্য, কারণ তাহা জন্য। এই প্রস্তাবের পরে 'শব্দ' গুণ, তাহা আকাশের,—এই উক্তি করিলে, তাহা 'অর্থান্তর' হয়, কারণ শব্দের আকাশবৃত্তিতা তাহার অনিত্যত্ব-সাধনে প্রকৃত উপযোগী নহে। ৪ অন্য বস্তু; বিষয়ান্তর। ৫ কারণান্তর। "অর্থান্তরভাব্য কু.স ৩.১৮। ৬ প্রকারান্তর। "কহিব অর্থান্তরে চৈ ৯৪।

অর্থান্তরন্যাস পুং [ষ.ত] কোন বিষয় বর্ণনীয়রূপে উপন্যাস করিয়া তাহার সাধনে সমর্থ (তৎসমর্থনার্থ) অন্য অবর্ণনীয় বিষয়ের ন্যাস (কাব্যাদর্শ); অর্থালঙ্কারবিশেষ। [যে স্থলে সামান্য দ্বারা বিশেষ, বিশেষ দ্বারা সামান্য, কারণ দ্বারা কার্য্য, ও কার্য্য দ্বারা কারণ সমর্থিত হয়, তথায় 'অর্থান্তরন্যাস' হয়। সাধর্ম্ম্যে ও বৈধর্ম্ম্যে সমর্থন ভেদে ইহা অষ্টবিধ (সা.দ ১০.৬১; ৬২। কা.প্র ১০.১০৯)।]

অর্থাপত্তি স্ত্রী [অর্থের আপত্তি, ষ.ত] ১ অর্থের (শব্দ দ্বারা অনুপ-স্থাপিত বিষয়ের) সিদ্ধি; উপপাদ্য জ্ঞান দ্বারা উপপাদকের কল্পনা; যাহা ব্যতীত উপপাদ্য সিদ্ধ হয় না, তাহার কল্পনা। যেমন, 'পীন দেবদত্ত দিবায় খায় না'—এস্থলে উপপাদ্য 'পীনত্ব' সিদ্ধ করার নিমিত্ত দেবদত্তের রাত্রিভোজনরূপ উপপাদক কল্পনা করিতে হয়, অন্যথা দিবসে অভুক্তের পীনত্ব সম্ভবে না। এই অনুপস্থাপিত বিষয়ের সিদ্ধি 'অর্থাপত্তি'। [ন্যায়ে, সাংখ্যে ইহা ব্যতিরেকব্যাপ্তিমূলক অনুমান।] ২ অর্থালঙ্কার-বিশেষ। [দণ্ডাপূপন্যায়ে অন্যার্থের প্রতীতি হইলে, অর্থাৎ যেমন মূষিক দণ্ড খাইয়াছে বলিলে, তৎসহচরিত অপূপও খাইয়াছে, ইহা নিশ্চিত প্রতীতিবিষয় হয়, সেইরূপ বাক্যবৈচিত্র্য হেতু এককার্য্যের সিদ্ধিতে কার্য্যান্তরসিদ্ধি নিশ্চিত প্রতীত হইলে 'অর্থাপত্তি' হয় (সা.দ ১০.৮৩)।]

অর্থারি বি [অপ্র] অর্থের অরিতুল্য পরিহার্য্য; দরিদ্র। "বিধাতা সৃজিছে আমা অর্থারি করিয়া ম.পা ৪৫।

অর্থার্থ বিণ [অর্থের নিমিত্ত ইহা, ইতি নিত্য চ.ত; স্ত্রী -র্থা] ১ প্রয়োজননিমিত্ত। ২ ধননিমিত্ত।

অর্থার্থী (-র্থিন্) বিণ [অর্থ+√অর্থ+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -র্থিনী] ধনাভিলাষী, ধনকাম, অর্থলিপ্সু। "গী ৭.১৬। মহা ৩.৩৩.২৫। অর্থার্থী জীবলোকঃ।—পঞ্চ ১.৯। বিপুল ধর্ম্মোপার্জ্জন দ্বারা অর্থার্থী ব্যক্তির অর্থলাভ হয়।—কালীপ্রসন্ন সিংহ।

অর্থালঙ্কার পুং [ষ.ত] বাক্যের অর্থসম্বন্ধী অলঙ্কার; বাক্যের অর্থবৈচিত্র্যজনক ধর্ম্মবিশেষ—উপমা উৎপ্রেক্ষা ইত্যাদি। বিপ 'শব্দা-লঙ্কার'।

অর্থিক পুং [অর্থিন্+ক (কন্) স্বার্থে] ১ প্রার্থী, যাচক। "নার্থি-কোঽর্থিনমভ্যেতি মহা ১.১৪০.৭৯। ২ বৈতালিক (অ.চি)।

অর্থিজন পুং [কর্ম্মধা] যাচকজন, অর্থী। "নৈ ১.১৫।

অর্থিত বিণ [√অর্থ+ত (ক্ত)-র্ম্ম] যাচিত, প্রার্থিত (দাতা, দ্রব্য)। —ত ক্লী [+ত-ভা] যাচনা। —তব্য বিণ [√অর্থি+তব্য-র্ম্ম— 'অর্থয়িতব্য'; (বিকল্পিতণিচ্পক্ষে) 'অর্থিতব্য'; স্ত্রী -ব্যা] প্রার্থনীয়। "রাজ্যমর্থিতব্যম্ মহা ৩.৭৮.৯।

অর্থিতা স্ত্রী, **-ত্ব** ক্লী [অর্থিন্+তা (তল্), -ত্ব (তদ্ভাবার্থে)] ১ অর্থিভাব, যাচকধর্ম্ম, যাচ্ঞা। "°ত্ব পু.মে ৬। রঘু ১১.২। ২ ইচ্ছা, অভিলাষ। "রঘু ১৪.৪২; অনর্থিত্ব।—পঞ্চ ১.১৫৩। ৩ অপেক্ষা। "অর্থিতা...আর্য্যসঙ্গমে কি ১৩.৬৯।

অর্থী (-র্থিন্) বিণ [√অর্থ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্থিনী] ১ যাচক, প্রার্থী। "তরুণো ভার্য্যয়া চার্থী গো.রা ৩.২৪.৪। যা দীয়তেঽর্থিনে যাজ্ঞ ১.৬০। মানিতার্থী রঘু ২.৬৪; অনর্থী ১০.১৮। অর্থার্থী গী ৭.১৬। অর্থিভাব মা.মা ৯.২৮। ২ অভিলাষী, ইচ্ছু। "ঈহার্থী, বল° মনু ২.৩৭; পুত্র° ৩.৪৮। কান্তার্থিনী...অভিসারিকা (অ.কো)। পুত্রার্থীরে পুত্র দিলে ধনার্থীরে ধন। দারার্থী সদাই সেবে

তোমার চরণ ॥—রা.স ৩৯। [সমাসে উত্তরপদ]। ৩ [অর্থ+ইন্ (ইনি) 'অসন্নিহিত' অর্থে-১ব] যাহার অর্থ অসন্নিহিত, অর্থাৎ নাই (বালমনোরমা); অর্থহীন। বিপ 'অর্থবান্'। —র্থী পুং ১ প্রার্থিজন, যাচক। "স্বাধ্যায়ার্থী মনু ১১.১। অর্চ্চিতার্থী রঘু ১.৬; ৯.২৭। মাঘ ১৪.৪৫। হি ১.২০১। সঙ্গীতে গাইছে অর্থী মনের বেদন ন ৪২৮। ২ রত্যর্থী, কামুক। "ঋতুকালং প্রতীক্ষন্তে নার্থিনঃ রা ১.৪৮.১৮। ৩ সহায়। ৪ সেবক। ৫ (ব্যবহারে) বিবাদী, বাদী। বিপ 'প্রত্যর্থী'। "অর্থ্যুক্ত মনু ৮.৭২; ৭৯। যাজ্ঞ ২.৬।

অর্থীয় বিণ [অর্থ+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -য়া] অর্থসম্বন্ধী, বিষয়সম্বন্ধী। "তদর্থীয় (কর্ম্ম) গী ১৭.২৭। শরীরং যাতনার্থীয়ম্ মনু ১২.১৬। [সমাসে উত্তরপদ]

অর্থে ব্য [অর্থ+এ (৭মী-১ব)] নিমিত্তে। "পা ১.৪.৭৪। পরার্থে হি ১.৪৫। কুলস্বার্থে, গ্রামস্বার্থে, জনপদস্বার্থে, আত্মার্থে।—পঞ্চ ১.৩৮৬। কুটুম্বার্থে যাজ্ঞ ২.৪৬। চিত্তবিনোদনার্থে সী ৪; অপবাদবিমোচনার্থে ৪১।

অর্থোপক্ষেপক পুং [অর্থের উপক্ষেপক, ষ.ত] (নাট্যে) পর অঙ্কের প্রয়োজননির্দ্দেশক বিষ্কম্ভকাদি পঞ্চবিধ (সা.দ ৬.৫৪)।

অর্থোপমা স্ত্রী [উ.লো] অর্থগত বা অর্থোক্ত উপমাবিশেষ; আর্থী উপমা। [সমাসগত 'সদৃশ সমান সমতুল্য' প্রভৃতি শব্দের অর্থ দ্বারা এবং তদ্ধিতগত তুল্যার্থ বৎ-প্রত্যয় দ্বারা এই উপমা সূচিত হয় (সা.দ ১০.১৬)।]

অর্থোষ্মা (-ষ্মন্) পুং [অর্থই বা অর্থের উষ্মা, কর্ম্মধা বা ষ.ত] ধনরূপ বা ধনের উত্তাপ; টাকার গরম। "অর্থোষ্মণা বিরহিতঃ পুরুষঃ।—হি ১.১৩৬।

অর্থ্য বিণ [√অর্থ+য। (যৎ)-র্ম্ম; স্ত্রী -র্থ্যা] ১ অর্থনীয়, যাচনীয়। "নৃপে অর্থ্যে ক.সা ২৩.৮১। ২ [অর্থ+য অনপেতার্থে] অর্থ হইতে অনপেত; অর্থযুক্ত, সার্থক। "অর্থ্যাম্ বাচম্ রঘু ১.৫৯; স্তুতিভিরর্থ্যাভিঃ ৪.৬। বাগ্‌ভিরর্থ্যাভিঃ কু.স ২.৩। ৩ সপ্রয়োজন। ৪ বস্তু হইতে অনপেত; বস্তুস্বভাবগত। ৫ ন্যায্য। "অর্থ্যো বিরোধঃ শক্তেন জাতঃ ম.চ ২.৭। ৬ জ্ঞানশালী, পণ্ডিত (অ.টী)। ৭ অর্থশালী, ধনবান্ (অ.টী)। —র্থ্য পুং পণ্ডিত। —র্থ্য ক্লী শিলাজতু, গৈরিক।

অর্দ্দ্ সক [ভ্বা, প—অর্দ্দতি; সেট্] ১ যাতনা, তাড়ন, পীড়ন। "অর্দ্দতি পিতা পুত্রম্ (ক.ক)। ২ যাচন, প্রার্থনা। "শরদ্‌ঘনং নার্দ্দতি চাতকোঽপি রঘু ৫.১৭। ৩ গতি (ক.ক)। —র্দ্দ্ [ভ্বা, ঞ—অর্দ্দতি, -তে; সেট্] বধ, হিংসা। "ভট্টি ১২.৬৫। —র্দ্দ্ [চু, ঞ—অর্দ্দয়তি, -তে; সেট্] ১ হিংসা, বধ। "ভট্টি ২.৪২; ৯.১৯। ২ পীড়ন, তাড়ন। "অর্দ্দয়ামাস তোমরৈঃ মহা ৩.২৮৭.১৩। ৩ গতি। "ভট্টি ১৫.৯০। [অতি —অতিপীড়ন। "ভট্টি ১৫.১১৫। অভি—অভিপীড়ন, প্রহার। "অভ্যর্দ্দসি মাং সুদুঃখম্ রা (S.W.)। ভট্টি ১৫.১১৫। প্রতি—প্রতিহিংসা, প্রতিপীড়ন। "(রাবণঃ) রামং প্রত্যর্দ্দয়দ্ রণে গো.রা ৬.৯২.৩২। বি—পীড়ন। "অভ্যর্ণ ভট্টি ৯.১৯। পা ৭.২.২৪। সম্—সম্পীড়ন। "মহা ৩.১৯.১২।]

অর্দ্দন বিণ [√অর্দ্দ্+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] পীড়ক, হিংসক, ঘাতক। "পরপুরার্দ্দন রা (S.W.)। পরবল° রা ১.৫৪.১৭।—ন ক্লী [+অন-ভা] ১ যাতনা, পীড়ন, তাড়ন। ২ যাচন। ৩ হিংসা, বধ। ৪ গতি। —ন পুং শিব (মহা)। —না স্ত্রী [√অর্দ্দ্+অন (যুচ্) -ভা+স্ত্রী আ (টাপ্)] তাড়না; যাচনা। —র্দ্দিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ পীড়িত, তাড়িত। ২ যাচিত। ৩ হিংসিত, হত। ৪ গত। —ত ক্লী বাতব্যাধিবিশেষ। 'সুশ্রুত ২.১.৬৭-৮।

অর্দ্ধ বিণ [অর্দ্ধ+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -র্দ্ধা; ছান্দস] ১ অর্দ্ধযুক্ত, ভাগবান্ (অ.টী), অংশযুক্ত, খণ্ডিত। "অর্দ্ধা শাটী, অর্দ্ধং বস্ত্রম্, অর্দ্ধঃ কম্বলঃ (অ.টী)। °মার্গ রঘু ৭.৪৫। °পথে (পঞ্চ)। শৈলে অর্দ্ধপথে ন ৫০৭। ২ সমাংশযুক্ত, ঠিক অর্দ্ধেক। "°পঞ্চমশূর্প পা ১.১.২৩, কাশিকা। °হ্রস্ব, °মাত্রা ২.৩২। °তৃতীয়েষু যোজনেষু রা ২.৯২.১০। °ত্রয়োদশপণ যাজ্ঞ ২.১৬৮। অর্দ্ধ গলে হাড়মাল অর্দ্ধ বনমালা: অর্দ্ধ বাঘাম্বর কটি অর্দ্ধ পীতাম্বর ম ১৭; অর্দ্ধরাজ্য ২২৩। ৩ অসম্পূর্ণ, অসম্যক্। "অর্দ্ধাশন, °পিষ্ট, °বীক্ষণ, °রথী। অর্দ্ধাবলীঢ় (তৃণ) শ ১.৭। —র্দ্ধ পুং [√ঋধ্+অ (ঘঞ্)-ণ] যাহা দ্বারা সমুদায় বাড়ে; অবয়বরূপ অংশ; খণ্ড, একদেশ, অসমভাগ। "উত্তরার্দ্ধ, গ্রাস°, পূর্ব্ব°। বস্ত্রার্দ্ধসংবৃতাবকর্ত্তনম্ মহা ৩.৭২.১৬। শশাঙ্কার্দ্ধমুখ (পত্রী) রঘু ৩.৫৯। পশ্চার্দ্ধ শ ১.৭। সর্ব্বনাশে সমুৎপন্নে অর্দ্ধং ত্যজতি পণ্ডিতঃ।—পঞ্চ ৫.৪১। চন্দ্রার্দ্ধচূড়ামণি হি ১.২২৬। অস্ত্র লৈয়া অর্দ্ধবাস করিল ছেদন ম ৪৪১। [সমাসে উত্তরপদ]। —র্দ্ধ ক্লী ১ সমাংশ, সমখণ্ড, ঠিক অর্দ্ধেক। "°পিপ্পলী পা ২.২.২। অর্দ্ধভাক্ মনু ৮.৩৯; অর্দ্ধশত ২৬৭। অর্দ্ধাদর্দ্ধম্, অবশিষ্টার্দ্ধ, পায়সার্দ্ধ রা ১.১৬.২৭; ২৮। অর্দ্ধং ভার্য্যা মনুষ্যস্য মহা ১.৭৪.৪১। কস্তূরীতিলক অর্দ্ধ (অর্থাৎ অর্দ্ধ শরীরে) অর্দ্ধ শশিকলা ম ১৭। [একদেশিসমাসে পূর্ব্বপদ] ২ রূপকার্দ্ধ, আধুলি। "পা ৫.১.৪৮, সি।

অর্দ্ধক বিণ [অর্দ্ধ+ক (কন্) স্বার্থে] ১ খণ্ডিত। ২ সমাংশযুক্ত, অর্দ্ধেক। —ক ক্লী সমাংশ, অর্দ্ধ। "যাজ্ঞ ২.২৯৯।

অর্দ্ধকুক্কুটীন্যায় পুং [ষ.ত] ন্যায়বিশেষ। দ্র 'ন্যায় (৯)।

অর্দ্ধকৈশিক বিণ [অর্দ্ধকেশ+ইক (ঠক্) পরিমাণার্থে; স্ত্রী -কী] অর্দ্ধকেশপরিমাণ, চুলের অর্দ্ধেক। "অর্দ্ধকৈশিকী (ধারা) সুশ্রুত ১.৮.৭।

অর্দ্ধগুঞ্জা স্ত্রী [এক.স] গুঞ্জার অর্দ্ধ; এক-যব-পরিমাণ।

অর্দ্ধচতুর্থ বিণ [বহুব্রী; স্ত্রী -র্থা] যে সংখ্যাসমূহের চতুর্থ অর্দ্ধ; সার্দ্ধত্রিসংখ্যক, সাড়ে তিন (সুশ্রুত)।

অর্দ্ধচন্দ্র পুং [এক.স] ১ চন্দ্রের অর্দ্ধ; অর্দ্ধচন্দ্রমণ্ডল, চাঁদের অর্দ্ধেক। ২ [কর্ম্মধা] চন্দ্রখণ্ড, চন্দ্রার্দ্ধ। "°দ্রোপম গো.রা ৬.৩৬.৭৭। কু.স ৬.৭৫। অর্দ্ধচন্দ্রমুখৈর্ব্বাণৈঃ রঘু ১২.৯৬। তিলক অর্দ্ধচন্দ্র শ্রী.মা ১৯২। ৩ (সাদৃশ্যে) নখাঙ্ক, নখক্ষত। ৪ বাণবিশেষ। "গো.রা ৩.৩৪.৩০। কৃ ৩৪৬। ৫ ময়ূরপুচ্ছস্থ চিহ্ন; চন্দ্রক। ৬ চন্দ্রখণ্ডতুল্য বিস্তৃত অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ; গলহস্ত-মুদ্রা। "অর্দ্ধচন্দ্রোঽস্য গলেঽস্মিন্ দীয়তাম্ ক.সা ৬.৫৯। অর্দ্ধচন্দ্রং দত্ত্বা নিঃসারিতঃ (গোরস্তঃ) পঞ্চ ১২৪২/১৪৪৫; ২৮৪/২৮৫। অর্দ্ধচন্দ্রের ব্যবস্থা ব.প্র ২৩০। [অর্দ্ধচন্দ্র দেওয়া, অর্দ্ধচন্দ্রের ব্যবস্থা করা—গলাধাক্কা দেওয়া।]

অর্দ্ধজরতীয়ন্যায় পুং ন্যায়বিশেষ। দ্র 'ন্যায় (১০)।

অর্দ্ধতৃতীয় স.বিণ [বহুব্রী; স্ত্রী -য়া] যে সংখ্যাসমূহের তৃতীয় অর্দ্ধ; সার্দ্ধদ্বিসংখ্যক, আড়াই। "তৈ ১৮.১। অর্দ্ধতৃতীয়েষু যোজনেষু রা ২.৯২.১০।

অর্দ্ধত্রয়োদশ (-শন্) স.বিণ [উ.লো] অর্দ্ধাধিক ত্রয়োদশ; সার্দ্ধত্রয়োদশ, সাড়ে তের। "°পণ যাজ্ঞ ২.১৬৮; ২০৭। —দশ [বহুব্রী] যে সংখ্যাসমূহের ত্রয়োদশ অর্দ্ধ; সার্দ্ধদ্বাদশ, সাড়ে বার (M.W.)।

অর্দ্ধদিবস পুং, ক্লী [এক.স] ১ দিবসের অর্দ্ধ; মধ্যাহ্ন। "গতেঽর্দ্ধদিবসে রা ১.৩৫.৬। ২ যামচতুষ্টয়মিত দিবসকাল।

অর্দ্ধদৃষ্টি বি অসম্পূর্ণ বা অস্পষ্ট দর্শন; কটাক্ষ। "তিলোত্তমা অপাঙ্গে অর্দ্ধদৃষ্টি করিতে জানিতেন না, দৃষ্টিতে কেবল স্পষ্টতা আর সরলতা ব.প্র ১৬।

অর্দ্ধধার পুং [বহুব্রী] যে অস্ত্রের অর্দ্ধে ধারা (ধার); ছেদন-ভেদনার্থ অর্দ্ধাংশে ধারাল অস্ত্রবিশেষ। "সুশ্রুত ১.৮.২।

অর্দ্ধনারাচ পুং [কর্ম্মধা] অর্দ্ধধার লৌহশরবিশেষ। "মহা ২.৫১.৩৫।

অর্দ্ধনারীশ, -শ্বর পুং [°নারীর ঈশ ঈশ্বর, ষ.ত] অর্দ্ধাঙ্গরূপা গৌরী

মূর্ত্তির ঈশ্বর বা শিব; অর্দ্ধমিলিত হরগৌরীরূপ শিবমূর্ত্তিবিশেষ। "হর গৌরী ঘুচে হৈল অর্দ্ধনারীশ্বর ব.প ১৪৭।

অর্দ্ধপঞ্চম স.বিণ [বহুব্রী; স্ত্রী-মা] যে সংখ্যাসমূহের পঞ্চম অর্দ্ধ; সার্দ্ধ চতুঃসংখ্যক, সাড়ে চার। "মনু ৪.৯৫।

অর্দ্ধপঞ্চাশৎ স.বিণ [এক.স] পঞ্চাশতের অর্দ্ধ; পঞ্চবিংশতি। "মনু ৮.২৬৮।

অর্দ্ধপণ পুং [এক.স] পণের অর্দ্ধ, কাকিনীদ্বয়, দুপয়সা। "মনু ৮.৪০৪।

অর্দ্ধপথ পুং [এক.স, সমাসান্ত 'অ' প্রত্যয়] ১ পথের তুল্যাংশ, ঠিক অর্দ্ধেক পথ। ২ পথের প্রায় অর্দ্ধেক, পথের একদেশ, বা কিয়দ্দূর। "যাজ্ঞ ২ ২০১। ন ৫০৭।

অর্দ্ধবীক্ষণ ক্লী [কর্ম্মধা] অসম্পূর্ণ দৃষ্টি; কটাক্ষ।

অর্দ্ধভাগ পুং [কর্ম্মধা] ১ অর্দ্ধাংশ, একদেশ, একাংশ। "তদর্দ্ধভাগ কু.স ৫ ৫০। ২ সমখণ্ডিত ভাগ, সমাংশ, ঠিক অর্দ্ধেক। [°ভাগিক, °ভাগী (-গিন্)—অর্দ্ধভাগবান, অর্দ্ধাংশী। "কুর্য্যাত্তং ভ্রাতরস্ত্বর্দ্ধভাগিনম্ যাজ্ঞ ২.১৩৭।]

অর্দ্ধমাত্রক বিণ [অর্দ্ধ মাত্রা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -ত্রিকা] অর্দ্ধমাত্রাযুক্ত (ব্যঞ্জন)। "শ্রুতবোধ ৩। —মাত্রা স্ত্রী [এক.স] ১ মাত্রার অর্দ্ধ; অর্দ্ধোচ্চারণকাল। ২ প্রণবের অর্দ্ধমাত্রাচিহ্ন (৺)-রূপা ব্রহ্মময়ী মহেশ্বরী। 'অর্দ্ধমাত্রা মহেশ্বরী (দেবীভাগবত)। "অর্দ্ধমাত্রা তুমি চ.বি ২৯। ৩ (বাঙলায়) পূর্ণমাত্রার অর্দ্ধপরিমাণ ঔষধ।

অর্দ্ধমার্গ পুং [এক.স] ১ সর্থ 'অর্দ্ধপথ (১)। ২ [কর্ম্মধা] সর্থ 'অর্দ্ধপথ (২)। "রঘু ৭.৪৫।

অর্দ্ধমাস পুং [এক.স; ছান্দস] মাসের অর্দ্ধ; একপক্ষকাল। "অর্দ্ধমাসান্ত মনু ৪.২৫।

অর্দ্ধরথ পুং [কর্ম্মধা] অসম্পূর্ণ রথ, অর্থাৎ রথী; যুদ্ধে অভিমানী, প্রতিযুদ্ধে বিমুখ, নিন্দক ও প্রমাদী রথী (কর্ণাদি)। 'মহা ৫.১৬৭.৯। —রথী (-থিন্) বি সর্থ 'অর্দ্ধরথ'। "অর্দ্ধরথী বলি কহে কর্ণ ধনুর্দ্ধরে ম ৮২১।

অর্দ্ধরাত্র পুং [রাত্রির অর্দ্ধ, এক.স, সমাসান্ত 'অ' (অচ্)] ১ রাত্রিমানের অর্দ্ধ বা সমাংশ। ২ যামদ্বয়পূরণকাল; মহানিশা, নিশীথ। "°সময়ে মহা ৩.৬৫.৬। °রাত্রে মনু ৪.১৩১। রঘু ১৬.৪। [অর্দ্ধরাত্রার্দ্ধদিবস—যে দিনে রাত্রি ও দিবসের পরিমাণ ঠিক সমান; সূর্য্যের বিষুবস্থিতিকাল। "অর্দ্ধরাত্রার্দ্ধদিবসে (রক্ষো জগ্রাহ বৈদেহীম্) গো.রা ৩.৫৫.৩৩।

অর্দ্ধলিখিত বিণ [সুপ্সুপা] অসম্পূর্ণচিত্রিত, অর্দ্ধাঙ্কিত। "অর্দ্ধলিখিতমেতদ্ বিনোদস্থানম্ শ ৬১/২।

অর্দ্ধশত ক্লী [এক.স] ১ শতের অর্দ্ধ: পঞ্চাশৎ সংখ্যা; তৎসংখ্যক পণাদি। "মনু ৮.৩৩১। ২ [উ.লো] অর্দ্ধাধিক শত; সার্দ্ধশত পণাদি। "মনু ৮.২৬৭।

অর্দ্ধসপ্তশত স.বিণ [সপ্তশতের অর্দ্ধ, এক.স; °ত+অ (অচ্) অস্ত্যর্থে (রা.টীকা); স্ত্রী -তা] ১ অর্দ্ধসপ্তশতসংখ্যাবান্, সার্দ্ধত্রিশতসংখ্যক। "°তাঃ (প্রমদাঃ) রা ২.৩৪.১৩। ২ [উ.লো] অর্দ্ধাধিক সপ্তশত; সার্দ্ধসপ্তশতসংখ্যক।

অর্দ্ধসীরী (-রিন্) পুং [অর্দ্ধসীর+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ সীরের (হলকর্ষণজাত কৃষিফলের) তুল্যভাগগ্রাহী (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১.১৬৮। ২ বৈশ্যকন্যাজাত ও ব্রাহ্মণ কর্ত্তৃক সংস্কৃত ব্রাহ্মণপুত্র। 'পরাশর ১১ ২০।

অর্দ্ধহর বিণ [অর্দ্ধ+√হৃ+অ (অচ্)-ক; উ.ত; স্ত্রী -রা] ১ সমাংশহারক, অর্দ্ধভাগী। "শরীরার্দ্ধ° কু.স ১.৫০। ২ ন্যূনার্দ্ধগ্রাহক (দ্র 'মনু ৮.২১০, কুল্লুক)।

অর্দ্ধা-অর্দ্ধি বিং [অপ্র] প্রায় অর্দ্ধেক; আধা-আধি। "মন্ত্রের বলে আসিল অর্দ্ধা-অর্দ্ধি পথে বি.পা ১৪০। —র্দ্ধি ক্রি.বিং আধা-আধিভাবে, অর্থাৎ অর্দ্ধেক করিয়া। "অর্দ্ধা-অর্দ্ধি বাটি দেই অমরা-বসতি কৃ.উ ১৮৬। —র্দ্ধি বি প্রায় অর্দ্ধাংশ বা আধখানা। "অর্দ্ধা-অর্দ্ধি খাইয়া হাণ্ডী পুরে বালি নিঞা কৃ.উ ৫।

অর্দ্ধাংশ পুং [অর্দ্ধ অংশ, কর্ম্মধা] অংশভূত অর্দ্ধ; অর্দ্ধভাগ। —শী (-শিন্) বিণ [°শ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -শিনী] অর্দ্ধাংশবান, অর্দ্ধভাগী।

অর্দ্ধাচিত বিণ [অর্দ্ধ+আচিত, সুপ্সুপা] অসম্পূর্ণগ্রথিত, অর্দ্ধগুম্ফিত। "রঘু ৭.১০। কু স ৭.৬১।

অর্দ্ধার্দ্ধ ক্লী [এক স] ১ সমাংশের তুল্য অর্দ্ধভাগ, সমচতুর্থাংশ, ঠিক সিকিভাগ। ২ [দ্বন্দ্ব] অর্দ্ধ ও অর্দ্ধ; অর্দ্ধাংশ ও অর্দ্ধাংশ। "°হানি যাজ্ঞ ২.২১০। —র্দ্ধ পুং [ষ.ত] অর্দ্ধের অর্দ্ধ (একদেশ, একভাগ); চতুর্থভাগ। "°ভাগ রঘু ১০.৫৬।

অর্দ্ধাবলীঢ় বিণ [অর্দ্ধ অবলীঢ়, সুপ্সুপা; স্ত্রী -ঢা] অসম্পূর্ণচর্ব্বিত, অর্দ্ধোপভুক্ত। "দর্ভৈরর্দ্ধাবলীঢৈঃ শ ১.৭।

অর্দ্ধাবশিষ্ট বিং [বহুব্রী] যাহার অর্দ্ধ অবশিষ্ট; অর্দ্ধাবশেষ, অর্দ্ধেক। "শোকানলে তাঁহার শরীর অর্দ্ধাবশিষ্ট হইল সী ৫৪।

অর্দ্ধাবশেষ বিণ [বহুব্রী; স্ত্রী -ষা] যাহার অর্দ্ধ অবশেষ; সমাংশশেষ, কিঞ্চিদবশেষ। "°ষ (পান) গো.রা ৫ ১৪.৪৯।

অর্দ্ধাসন বি [এক.স] আসনের অর্দ্ধ (সমাংশ); আসনৈকদেশ। "অর্দ্ধাসনোপবেশিত শ ৭১/২। রঘু ৬.৭৩। নিজার্দ্ধআসন ম.পা ৫৫।

অর্দ্ধিক বিণ [অর্দ্ধ+ইক (ঠিঠন্) অর্হীয় অর্থে, পা ৫ ১.২৫; স্ত্রী -কী] ১ অর্দ্ধভাগার্হ, অর্দ্ধাংশ পাওয়ার যোগ্য। ২ [অর্দ্ধ+ইক (ঠন্) অস্ত্যর্থে] অর্দ্ধপরিমাণ (মেধাতিথি)। "তদর্দ্ধিক মনু ৩.১। তদর্দ্ধিক (দম) যাজ্ঞ ২.২১১। —ক পুং সর্থ 'অর্দ্ধসীরী (২)। 'পরাশর ১১.২৩। —ক ক্লী অর্দ্ধপরিমাণ দণ্ড। "যাজ্ঞ ২.২৯৬, মিতাক্ষরা।

অর্দ্ধেক বিং [অর্দ্ধ+এক[২]] এক অর্দ্ধভাগ; অর্দ্ধাংশ। "বাণিজ্যে লক্ষ্মীর বাস, তাহার অর্দ্ধেক চাষ ভা.চ ১০৫। [অর্দ্ধেক বয়স—প্রৌঢ়ত্ব। "অর্দ্ধেক বয়স রাজা ভা.চ ২৮৯।]

অর্দ্ধেন্দু পুং [এক.স] ১ ইন্দুর অর্দ্ধ; চন্দ্রের সমার্দ্ধভাগ। ২ [কর্ম্মধা] খণ্ডিত চন্দ্র; ইন্দুখণ্ড, চন্দ্রার্দ্ধ। "°কৃতশেখর, °মৌলি। নখাঙ্কৈরর্দ্ধেন্দুলীলৈঃ নৈ ৬ ২৫। ভ্রূযুগ উপরেতে উদয় অর্দ্ধ ইন্দু কৃ ১৮৩। শ্রী ৪০। ৩ (সাদৃশ্যে) নখক্ষত, নখাঙ্ক। ৪ গলহস্ত-মুদ্রা, অর্দ্ধচন্দ্র। ৫ অর্দ্ধচন্দ্রতুল্যমুখ লৌহশর; অর্দ্ধচন্দ্রবাণ (অ.চি)। [°মৌলি—অর্দ্ধেন্দুশেখর, শিব। "চরণন্যাসমর্দ্ধেন্দুমৌলেঃ পূ.মে ৫৬।]

অর্দ্ধোক্ত বিণ [অর্দ্ধ উক্ত, সুপ্সুপা] অসম্পূর্ণ-কথিত, অর্দ্ধোচ্চারিত। "অর্দ্ধোক্তে স্বগতম্ শ ১১/২। অর্দ্ধোক্তে সাশঙ্কম্ উ.চ ১৪/৫। —ক্তি স্ত্রী [কর্ম্মধা] অসম্পূর্ণ বা অর্দ্ধোচ্চারিত বাক্য; অস্ফুট কথা।

অর্দ্ধোদয় পুং [অর্দ্ধ উদয়, কর্ম্মধা] ১ অসম্পূর্ণ উদয়; সূর্য্যচন্দ্রের অসকল (আংশিক) প্রকাশ। ২ [বহুব্রী] যে তিথিতে সমৃদ্ধ পুণ্যের উদয়; পৌষ বা মাঘ মাসে রবিবারে ব্যতীপাত ও শ্রবণানক্ষত্রযুক্তা অমাবস্যারূপ তিথিনক্ষত্রাদিযোগবিশেষ। 'অমার্কপাতশ্রবণৈর্যুক্তা চেন্ মাঘপৌষয়োঃ। অর্দ্ধোদয়ঃ সঃ বিজ্ঞেয়ঃ…॥

অর্দ্ধোদিত বিণ [অর্দ্ধ উদিত, সুপ্সুপা] ১ অসম্পূর্ণ-প্রকাশিত (সূর্য্যাদি)। "পঞ্চ ৫৭/২৮। ২ অর্দ্ধোক্ত।

অর্ন্ন বি [সং অন্ন; অপ্র] অন্ন। "ভারু বোলে দোকানী আন্ধারে দেয় অর্ন্ন ম.পা ৫৫। [পদ্যে মিলের জন্য 'র']।

অর্পণ বি [√ঋ+ই (ণিচ্)—√অর্পি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] অর্পয়িতা, প্রতিপাদক, প্রাপক। "সিদ্ধিশ্চৈব তদর্পণী মহা ১৩,১৪.৪১২।

—ণ ক্লী [+অন-ভা] ১ স্বত্বত্যাগানুকূলব্যাপার, বিতরণ, দান। "অভিজ্ঞানস্য চার্পণম্ গো.রা ১.৩.৪। "মদর্পণ গী ৯.২৭। দেহার্পণ রঘু ২.৫৫ ; মুখ° ১৩.৯। ২ প্রতিদান, প্রত্যর্পণ। 'প্রতিদানং তদর্পণম্ ; নির্য্যাতনম্···ন্যাসার্পণম্ (অ.কো)। ৩ নিবেশন, ন্যাস, স্থাপন। "পাদার্পণানুগ্রহ রঘু ২.৩৫। গলদেশে ভুজলতা অর্পণ করিয়া ক্ষণকাল বিশ্রাম কর সী ১৫। ৪ পদের মুখ্যার্থপরিহার; মুখ্যার্থ ভিন্ন অর্থবোধ দ্বারা উপযোগীকরণ। "সা.দ ২.৭। ৫ নিক্ষেপ। ৬ তুণ্ডাদির স্পর্শ বা আঘাত। "তাক্ষ্ণতুণ্ডার্পণৈর্গ্রীবাম্···ব্যদারয়ৎ গো.রা ৩.৫৭.২৪। ৭ [+অন-ণ] অগ্নিতে হবিরর্পণসাধন স্রুবাদি ; জুহূ-প্রভৃতি মন্ত্রাদি। "ব্রহ্মার্পণম্ ব্রহ্ম হবিঃ গী ৪.২৪। ৮ [+অন-র্ম্ম] হবিরাদি ত্যাজ্য দ্রব্য। ৯ [+অন-স] হবির্দানপাত্র দেবতাদি। ১০ [+অন-ধি] হবিরর্পণস্থান বহ্নি-প্রভৃতি। —ণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ত্যাজ্য ; দেয়। —র্পয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] দানকারক, দাতা। —র্পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম, ছান্দস] ১ প্রতিপাদিত, দত্ত। "যাজ্ঞ ২.৬৬। ভট্টি ৮.১১৮। ২ নিবেশিত, উপন্যস্ত, নিহিত, স্থাপিত। "ময্যর্পিতমনোবুদ্ধিঃ গী ৮.৭। স্বপদার্পিতচঙ্ক্ষুনা রঘু ১৫.৭৯ ; আজ্ঞাং শাসনার্পিতাম্ ১৭.৭৯। করপল্লবার্পিতকপোলতল মাঘ ৯.৫৪। মুখ° কু.স ৩.৪১ ; পাদার্পিতেক্ষণা ৬.১১। ৩ লিখিত, অঙ্কিত। "মন্মথলেখ এষ নলিনীপত্রে নখৈরর্পিতঃ শ ৩.২৩ ; চিত্র° ৬.১৬। চিত্রার্পিতারম্ভ কু.স ৩.৪২। রঘু ২.৩১। সমস্ত লোক চিত্রার্পিতপ্রায় উপবিষ্ট রহিলেন সী ১০০। ৪ নিখাত। "হৃদি শল্যমর্পিতম্ রঘু ৮.৮৮। ৫ ধারিত। "প্রকোষ্ঠার্পিতহেমবেত্র কু.স ৩.৪১। ৬ পরিহিত, ধৃত। "প্রকোষ্ঠার্পিত (বলয়) শ ৬.৬। ৭ বিসৃষ্ট, পাতিত। "হস্তার্পিতৈর্নয়নবারিভিঃ রঘু ৯.৭৮। ৮ লিপ্ত, কৃতলেপন। "শ্রীখণ্ডবিলেপনম্···প্রত্যঙ্গমর্প্যার্পিতম্।—হি ১.৯৮। ৯ অভিব্যঞ্জিত। "°প্রকৃতকান্তিভিমু খৈঃ রঘু ১৯.১০। ১০ নিক্ষিপ্ত। ১১ গত। "°চেতন রা ২.৫৯.২০। —র্প্য বিণ [+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্প্যা] ১ দেয়, অর্পণীয়। ২ নিবেশনীয়, স্থাপ্য। ৩ ত্যাজ্য। [°তকর—দত্তহস্ত, পরিণীত।]

অর্পণীয়, -র্পয়িতা, -র্পিত, -র্প্য দ্র 'অর্পণ'।

অর্ব্বা (-র্ব্বন্) পুং [√ঋ+বন্ (বনিপ্)-ক -১ব ; ছান্দস] ১ ঘোটক। "মাঘ ১২.৩১। ভ ১১.২০.২১। ২ ইন্দ্র।

অর্ব্বাক্ (-চ্) বিণ [অবর+ √অন্চ্+কিন্ (০)-ক-১ব ; পৃষো ; স্ত্রী -চী ; ছান্দস] ১ অবরকালগত, পরবর্ত্তী। তু 'অর্ব্বাচীন'। ২ অবরদেশস্থ, নিম্নস্থিত। ৩ সমীপস্থ, সন্নিহিত। বিপ 'পর'। "পারাবারে পরার্ব্বাচী তীরে (অ.কো)। —ক্ অব্য ১ অবরকালে, পশ্চাৎকালে, পরে। "°ক্ দশবর্ষেভ্যঃ (অ.টী)। অর্ব্বাক্ সঞ্চয়নাৎ মনু ৫.৫৯। ২ মধ্যকালে, নির্দ্দিষ্টকালের মধ্যে। "°ক্ ত্র্যব্দাৎ মনু ৮.১৩। °ক্ সংবৎসরাৎ যাজ্ঞ ১.২৫৫ ; ২.১১৫। ৩ পূর্ব্বে (কালে, দেশে)। "সৃষ্টেরর্ব্বাক্ সলিলময়ং ব্রহ্মাণ্ডমভূৎ (কাদম্বরী)। মনু ৫.৭২, কুল্লুক। ৪ সমীপে, নিকটে। "অর্ব্বাগুপবনভুবি শ ১.১৪, টীকা। ৫ বিপর্য্যস্ত, অধোগামী। "°স্রোতাঃ। [°কাল (পুং)—পরবর্ত্তী (উত্তর) কাল। °কালিক (বিণ)—ইদানীন্তন। "অর্ব্বাক্কালিকতা মনু ১২.৯৬। °কূল (ক্লী)—এই পার (তীর)। °তন (বিণ)—পরবর্ত্তী। "অর্ব্বাক্তনা (নামরূপাকৃতি) ভ ৫.৩.৪। °স্রোতাঃ (তস্) বিণ—ধর্ম্মাদিত্রিবর্গনিরত, ইন্দ্রিয়প্রসক্ত। "মহা ১৪.৩৭.১৬।

অর্ব্বাক্কাল, -কালিক, -কূল, -তন, -স্রোতাঃ দ্র 'অর্ব্বাক্'।

অর্ব্বাচীন বিণ [অর্ব্বাচ্+ঈন (খ) 'তত্র ভব' অর্থে স্ত্রী -না ; ছান্দস] ১ অবরকালে ভব ; পরবর্ত্তী, পরজাত। ২ ইদানীন্তন, আধুনিক। ৩ বিপর্য্যস্ত। ৪ [+ঈ স্বার্থে, পা ৫.৪.৮] নিকৃষ্ট, অধম। "অর্ব্বাচীন অন্য জনে পিঠ নাহি দি। তোমার নিমিত্ত জন্ম মর্ত্ত্যে লভেছি ॥— শ্রী.মা ১১৬। ৫ (বাঙলায়) অপরিণতবয়স্ক, অবিবেচক, অপরিণামদর্শী, অপ্রবীণ। "মুহূর্ত্তে ক্লাইব যুদ্ধে হ'লে সম্মুখীন। উড়াইবে তৃণবৎ যুবা অর্ব্বাচীন। —ন ৪৩১। যদি কোন অর্ব্বাচীন মধ্যস্থতা করিতে আইসে, তাহাকে কদাপি আমল দিও না পা.প্র ২৬। ৬ অজ্ঞ, মূঢ়, তত্ত্বজ্ঞানহীন। "আমি···অর্ব্বাচীন বা.দ ৮ ; পঞ্চশর যেবা বলে সেই অর্ব্বাচীন। পঞ্চশত শর মোরে হানে প্রতিদিন ॥—১৬৯। ও কথা আপনি অর্ব্বাচীনকে বোঝাবেন গি.দ্বি ৮০।

অর্ব্বুদ[১] পুং, ক্লী [অর+ √বুন্দ্+অ (ক)-ক (রামাশ্রমী) ; তু 'তা ওপ্পু—স্ফীত হওয়া, অপ্পম—স্ফীতি।] ১ মাংসপিণ্ডাকার রোগবিশেষ ; মাংসকীল, আব্। 'অধার্ব্বুদ, দ্বিরর্ব্বুদ।—সুশ্রুত ২.১১.১৫ ; মাংস°, শোণিত° ১৪.২। ভীম অর্ব্বুদ, ভীষণ তুষার কু.কে ৯৬। ২ শুক্রশোণিতময় মাংসপিণ্ডরূপ গর্ভ। "মাস্যর্ব্বুদং দ্বিতীয়ে যাজ্ঞ ২.৭৫। ৩ ক্ষুদ্র অস্থিবিশেষ। "যাজ্ঞ ৩.৮৯। —দ পুং ১ পর্ব্বতবিশেষ, আবু পর্ব্বত। ২ (বহুব) অর্ব্বুদদেশবাসিগণ। "ভ ১১.৩০.১৮। —দী (-দিন্) বিণ [°দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -দিনী] অর্ব্বুদরোগী (সুশ্রুত)।

অর্ব্বুদ[২] স.বিণ [ছান্দস ; দ্র 'নিঘণ্টুভাষ্য ২.১৭] দশকোটিসংখ্যক ; বহু। "°শিখর (পর্ব্বত) হি ২৮৯। —দ পুং, ক্লী দশকোটি সংখ্যা (১০,০০,০০,০০০)। "°শত গো.বা ৬.৪.৪। শতকোটি অর্ব্বুদে মহার্ব্বুদ লেখা কৃ ২৩৯।

অর্ভ পুং [√ঋ+ভ (ভন্)-ক, উ ৩.১৫২ ; 'অর্ভ'—অল্প (ঋগ্বেদ ১.৪০.৮, ৫১.১৩) ; cf, Gr. orphanos ; L orbus] ১ বালক, শিশু। "ভ ০.১৩.৭। ২ শিষ্য (A.)। —র্ভক বিণ [অর্ভ+ক (কন্) স্বার্থে; °ক'—১ অল্প, হ্রস্ব (নিঘণ্টু)। "নমো মহদ্ভ্যোঽর্ভকেভ্যঃ (যজুর্ব্বেদ ১৬.২৬)। ২ গুণে ন্যূন। "ঋগ্বেদ ১.২৭.১৩] ১ কৃশ, অল্প। ২ মূর্খ। —ক পুং ১ বালক, শিশু। "রঘু ৩.২১ ; ২৫। ব্রজ° ভ ১০.১৩.৮। °দ্বয় বা.দ ৬৯। ২ শাবক। "মৃগ° ভ ৫.৯.২৬। ৩ নির্ব্বোধ, মূঢ়জন। [°লীলা (বি)—শিশুক্রীড়া, ছেলেখেলা। "চৈ ম ৪৩। °হার্য্য (বিণ)—বালকাপহার্য্য। "অর্ভকহার্য্যশস্ত্র রঘু ৭.৬৭।]

অর্ভক, অর্ভকলীলা, অর্ভকহার্য্য দ্র 'অর্ভ'।

অর্য্য বিণ [√ঋ+য (যৎ)-র্ম্ম, স্ত্রী -র্য্যা ; তু 'অর্য্য'—শ্রেষ্ঠ, পূজনীয় (ঋগ্বেদ)] শ্রেষ্ঠ, উৎকৃষ্ট, পূজনীয়। —র্য্য পুং ১ স্বামী, প্রভু। "মাঘ ১৮.৫২। ২ বৈশ্য। "পা ৩.১.১০৩। —র্য্যা, স্ত্রী [°র্য্য+স্ত্রী আ (টাপ্)] ১ স্বামিনী, কর্ত্রী। ২ বৈশ্যজাতি-স্ত্রী, বৈশ্যা। —র্য্যাণী [°র্য্য+আন্ (আনুক্)+স্ত্রী ঈ (ঙীষ্)] সর্থ 'অর্য্যা (২)। —র্য্যী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীষ্), পুং-যোগে] ১ অর্য্য-স্ত্রী, বৈশ্যপত্নী। ২ বৈশ্যের শূদ্রাভার্য্যা (অ.টী)।

অর্য্যমা (-মন্) পুং [√ঋ+মন্ (মনিন্)-ক-১ব ; 'য' -আগম (অ.টী) ; উ ১.১৫৬ ; ছান্দস] ১ সূর্য্য। "রা ২.২৫.৮। মাঘ ২.২৯। শ্রী.মা ৪। ব.প ১২৪। ২ দ্বাদশ আদিত্যের একতম। দ্র 'আদিত্য'। ৩ অর্কবৃক্ষ। ৪ অর্য্যমদেবতাকা উত্তরফল্গুনী নক্ষত্র। ৫ পিতৃদেববিশেষ। "গী ১০.২৯।

অর্য্যা, অর্য্যাণী, অর্য্যী দ্র 'অর্য্য'।

অর্শ[১], **অর্শঃ (-স্)** ক্লী [√ঋ+অস্ (অসুন্), ব্যাধি-অর্থে, 'শ' (শুট্) আগম, উ ৪.১৯৬ ; (মতান্তরে) 'অর্সস্' (ত বা), অর্শস্ > অর্শ, তু লি 'চেত, মন, যস প্রা; চেত, মণ, জস ছান্দস] অর্শোরোগ (Piles)। —র্শস বিণ [অর্শস্+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -সা] অর্শোরোগযুক্ত, অর্শোরোগী। "পা ৫.২.১২৭। মনু ৩.৭। —র্শী (-র্শিন্) বিণ [অর্শ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্শিনী] অর্শরোগী।

অর্শ[২], **অর্শা** সর্ম [ফা 'য়ারিস্'—মূল] ওয়ারিশরূপে প্রাপ্ত হওয়া।

"কাছাড়ের সিংহাসন আমাকেই অর্শে।—কমলে কামিনী (দীনবন্ধু মিত্র) ১। —র্শ, —র্শা অর্ম্ম ১ উত্তরাধিকারসূত্রে বর্ত্তান। ২ (অপ্র) বিচারে বিহিত হওয়া। "রাজদণ্ড অর্শে প্রভু গৃধিনী উপর কৃ ৪৬০। ৩ ভাগ্যে ঘটা বা সম্ভব হওয়া। "রামকৃষ্ণ দরশন মোরে নাহি অর্শে ভ.গ্র ১২৯। [অর্শে, অর্শায়—উত্তরাধিকারসূত্রে প্রাপ্য হয় (বর্ত্তায়)। অর্শান—ওয়ারিশসূত্রে বর্ত্তান।]

অর্শঃ; অর্শা, অর্শান, অর্শায়, -র্শে; অর্শী দ্র 'অর্শ[১]; অর্শ[২]; অর্শ[১]।

অর্শোঘ্ন বিণ [অর্শস্+ √হন্+অ (টক্)-ক; উত; স্ত্রী -ঘ্নী] অর্শোনাশক। —ঘ্ন পুং ১ শূরণ, ওল। ২ ভল্লাতক, ভেলা। —ঘ্নী স্ত্রী তালমূলী।

অর্হ্ অক [ভ্বা, প—অর্হতি; সেট্] ১ যোগ্যতা। "সাহায্যং কর্ত্তুমর্হসি মহা ৩.৬০ ১৩। নাস্যং স্ত্রী দাতুমর্হতি যাজ্ঞ ২.৫০। ২ সমর্থীভাব। "বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি গী ২ ১৭। —র্হ্ সক ১ প্রাপ্তি। "সর্ব্বে…কলাং নার্হন্তি ষোড়শীম্ মনু ২৮৬। ২ প্রশংসা, স্তুতি। "পা ৩.২.১৩৩। ৩ ভজন, আশ্রয়। "ন স্ত্রী স্বাতন্ত্র্যমর্হতি মনু ৯.৩। ৪ প্রাপ্তিযোগ্যতা। "নন্নু গর্ভঃ পিত্র্যং রিক্থমর্হতি শ ৬২৳৩। দণ্ডমর্হতি মনু ৮.১৯৬। ৫ অনুষ্ঠানযোগ্যতা। "ন তে গাত্রাণ্যুপচারমর্হন্তি শ ৩.১৫। —র্হ্ সক [চু,প—অর্হয়তি; সেট্] পূজন। "স্রগ্বিণম্…অর্হয়েৎ মনু ৩.৩। [অভি—পূজন, অভ্যর্হণা।]

অর্হ বিণ [অর্হ্+অ (অচ্)-ক; স্ত্রী -র্হা] ১ যোগ্য, সমর্থ। "অর্হোঽসি …ভোক্তুম্ গো.রা ৪.৩৬.১৭। ভৃত্যোঽর্হঃ।—পঞ্চ ১.৯৫। নার্হা বয়ং হন্তুম্ গী ১.৩৬। যেই লয়ে (রামনাম) হয়ে অর্হ যজ্ঞের বিষয় ভ.গ্র ২৪৪; দণ্ড-অর্হঃ শাসন-অর্হ ৪২৫। ২ প্রাপ্তিযোগ্য। "সংস্কারমর্হস্তম্ গো.রা ৬.৮.২৬। মনু ৯.১৪৪। ৩ অভ্যস্ত, উচিত। "অনর্হা বনবাসম্ মহা ৩.২৯৪.৯। ৪ [+অ-ক, কর্ম্মোপপদে] প্রাপ্তিযোগ্য। "নিন্দা°, নৃপ°, মণ্ডন°, যজ্ঞ°, শতদণ্ড°, সৎকার°, সহস্র°। মান° মনু ২.১৩৭; পূজা° ৯.২৬। প্রদক্ষিণক্রিয়া° রঘু ১.৭৬। [সমাসে উত্তরপদ]। ৫ [+অ (ঘঞ্)-র্ম্ম; স্ত্রী র্হা] অর্হণীয়, পূজ্য, মান্য। —র্হ পুং ১ বিষ্ণু (মহা)। ২ ইন্দ্র। ৩ বিনিময়ে যোগ্য; মূল্য। "মহার্হাণি চ যানানি রা ৪.৫০.৩৬। মহার্হশয্যা কু.স ৫.১২। ৪ [+অ-ভা] ১ পূজন। ২ যোগ্যতা। ৩ গতি। —র্হণ বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] যোগ্য। "আততায়ী বধার্হণঃ ভ ১.৭.৫৩। —ণ ক্লী [+অন -ভা] ১ যোগ্যতা। "পা ৩.৩.১১১। ২ পূজন, সম্মাননা। "অর্হণং তৎকুমারীণাম্ মনু ৩.৫৪। নৃপযোগ্যমর্হণম্ মাঘ ১৫.২২। ভ ৫.৩.৪। ৩ [+অন-ণ] পূজাদ্রব্য, উপচার, উপায়ন, উপহার। "মহা ১.১.১৩২। °পাণি ভ ৯.১১.২৯। —ণা স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] ১ পূজা, সম্মাননা। "মহা ৩.৭৭.৪। রঘু ১.৫৫। ২ [+অন-ণ] পূজাসামগ্রী; উপচার। "পরিকল্পিত° (তপোবন) রঘু ১১.২৩। —র্হণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] পূজনীয়; মান্য। —য় ক্লী [+অনীয়-ণ] পূজাসাধনদ্রব্য। "°গবানুমন্ত্রণে বিনিয়োগঃ (ভবদেব)।

অর্হণ, অর্হণা, -ণীয় দ্র 'অর্হ'।

অর্হন্ (-ৎ) বিণ [√অর্হ্+অৎ (শতৃ)-র্ম্ম-১ব, পা ৩.২ ১৩৩; স্ত্রী -ন্তী; ছান্দস] ১ প্রশস্ত, পূজ্য, মান্য। "রঘু ১.৫৫; ৫.১১; ২৫। অর্হতাং প্রাগ্রহরঃ শ ৫.১৫। ২ সন্, সাধু। "যদধ্যাসিতমর্হদ্ভিস্তদ্ধি তীর্থং প্রচক্ষতে কু.স ৬.৫৬। ৩ স্তুত। —ন্ পুং জৈনদেব, জিন। "অর্হন্নিত্যথ জৈনশাসনরতাঃ (যং সমুপাসতে)।—হ.র।

অর্হা স্ত্রী [√অর্হ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] পূজা, সম্মান। "কি ২.৫৮। —র্হিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পূজিত, সম্মানিত (অ.কো)। —র্হ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম, স্ত্রী -র্হ্যা] ১ পূজ্য, মান্য। ২ প্রশস্ত, স্তুত্য।

অর্হিত, অর্হ্য দ্র 'অর্হা'।

অল্ সক [ভ্বা, ঞ—অলতি, -তে; সেট্] ১ নিবারণ। "অলতে পাপং গঙ্গা (ক.ক)। ২ ভূষণ, অলঙ্করণ। "অলতি হারো জনম্ (ক.ক)। —ল্ অক পর্য্যাপ্তি, সমর্থীভাব। "অলতি ঘোটকো ধাবিতুম্ (ক.ক)।

অল[১] ক্লী [√অল্+অ (অচ্)-ক; তু 'আল'—বিষ (ঋগ্বেদ ৬.৭.১৫)] ১ 'শত্রুনিবারক', বৃশ্চিকের পুচ্ছকণ্টক; বিছের আল (অ.চি)। ২ 'ভূষয়িতা', হরিতাল।

অল[২] ক্রি.ক্তি [ইল > অল] কর্ত্তৃবাচ্যে অতীতকালে প্রথমপুরুষের ক্রিয়ার প্রত্যয়। তু 'ওল[২]। "সিঁথি…দেঅল সিঁথিমূলে ঃ সিন্দূর…পরাঅল ভাল ব.প ১০৩২; ভাঙ্গল ভয়ঃ ভিগল…নিচোল ১০৪৭। তিতল বসন তনু লাগি বি.প ২১; সিরজল ১২০; কহল, ফুয়ল, হরল, বহল, পড়ল ২০৩। উদসল বি.সা ২৪; উগিলল (উদ্গীর্ণ করিল) ৪১৬। পসারল, বহল, মিলল চ.দা ১০৯। তেজল, কয়ল, বুঝল জ্ঞা ২২৫। কয়ল ন.প ১৩৪। উছলল ব.প ১৩৩৫। করল (দ্র '√কর[২])।

অলক পুং, ক্লী [√অল্+অক (ক্বুন্); তু 'আলক' শ্রী.কী] ১ যাহা মুখ ভূষিত করে; ভঙ্গুরকুন্তল (অ.টী); কুটিলকেশ (রামাশ্রমী), কুটিলকুন্তল, চূর্ণকুন্তল। "চন্দনধূসর° কু.স ৫.৫৫। রঘু ১.৪২। মন্দার-শূন্য° ৬.২৩। পূ.মে ৬৪। অলকে মণির আভা মে ১০৪। অধরে অধর মিলন অলকে অলকে৹ কোথা পুলকের তুলনা।—রবীন্দ্র। লতিকার তন্তু সে অলক কু.কে ১১। ২ চূর্ণকুন্তল, অর্থাৎ কর্পূরাদিচূর্ণযুক্ত কেশ (অ.টী)। "অলকেষু চমূরেণু-চূর্ণপ্রতিনিধীকৃতঃ রঘু ৪.৫৪। আকাশ-অলকমালা৹ হৃদয়মুকুরে ঢালা।—হেম ৩৫৯। ৩ ললাটস্থ ছিন্নাগ্র কুটিলকেশ (ত.বা)। ৪ কুন্তল, চিকুর। "উ.মে ২; লম্ব° ২৩। °সংহতি মাঘ ৬.৩। ৫ 'শোভাকর', অঙ্গলিপ্ত কুঙ্কুম (A)। —ক পুং ক্ষিপ্ত কুক্কুর। [তু 'সং অলর্ক > প্রা* অলক্ক]। [অলকাবলকা (°লিকা)—অলকাবলি। "ব ৬১।

অলককুন্তল বি অলকের কেশ; অলকগুচ্ছ। "নৈদাঘ বায়ু তিলোত্তমার অলককুন্তল…কম্পিত করিতেছিল ব.প্র ১৬।]

অলকতিলক, অলকাতিলক, -তিলকা বি [অলক+তিলক, অ > আ[১৪]] ১ চূর্ণকুন্তল ও মুখে চন্দনগোরোচনাদি-কৃত তিলকাকার চিহ্ন; ললাটে লম্বিত ভঙ্গিযুক্ত কেশগুচ্ছ ও মুখে চন্দনাদিরচিত তিল-পত্রপুষ্পাকার চিত্র। "তুমি অলকতিলক পর মোহন কজ্জল ক.চ ১৫৪। পহিল হি অলকাতিলক করি সাজ বি.প ৫৫; অলকাতিলকা মিটি গেল হি দূর ৬৮। অলকাতিলকা চাঁদমুখের পরিপাটী ন.প ২৮৯। অলকাতিলকা ম ১২২৯। অলকাতিলকা ভালে শ্রী.ম ১৯। অলকা-তিলকা দিল কৃ.অ ২৭। [অলকাতিলকা-রেখা—অলকা ও তিলকাদি-রচনা। "কৃ ১৮৩।]

অলকনন্দা স্ত্রী [তৃ.ত] ১ 'অলক দ্বারা নন্দয়িত্রী'; অষ্টবর্ষাবধি দশবর্ষপর্যান্তবয়স্কা বালিকা; কন্যা, কুমারী। ২ ভারতবর্ষীয়া গঙ্গা। 'অলকনন্দা…লুঠন্তী ভারতমভি বর্ষং দক্ষিণস্যাং দিশি লবণজলধিমভি প্রবিশতি ভ ৫.১৭.৯। "মর্ত্ত্যে অলকনন্দা ম ৪৭১। ক.চ ২০৫। ভূতলে অলকনন্দা ভা.চ ৫১১। [ইহা গঙ্গার সপ্তধারার (মহা ১.১৭০.১৯, নীলকণ্ঠ), মতান্তরে চারি ধারার (ভ ৫.১৭.৪) একতমা। রামায়ণে (১.৪৩.১২-১৪) ইহার উল্লেখ নাই।] ৩ আকাশগামিনী দেবলোকে প্রবাহিতা গঙ্গা (মহা ১.১৭০.২২)। 'গঙ্গা আকাশগামিনী হইয়া দেবলোকে অলকনন্দা নামে প্রসিদ্ধা হইয়াছেন।—কালীপ্রসন্ন সিংহ। ৪ হিমালয়জাতা শ্রীনগরের অদূরে গঙ্গার সহিত মিলিতা নদী (শ.ক)।

অলকমেঘ বি অলকাবৎ শুভ্র বিক্ষিপ্ত মেঘখণ্ড (Cirrus)।

অলকা[১] স্ত্রী [অলক+স্ত্রী আ (টাপ্)] ১ মেরুশিখরস্থ কুবেরপুরী।

"পু মে ৭। কু.স ৬.৩৭। অলকার পতি।—মে ৩১৪। যাও লক্ষ্মী অলকায় সা.ম ১১ ; গান ২৫। °ভ্রান্তি প.তৃ ৫৬। ২ 'অলকবিশিষ্টা', সর্থ 'অলকনন্দা (১)। —কা বি [সং অলক, অ>আ।¹³] সর্থ 'অলক'। "চামর জিনি কুন্তল। অলকা ভৃঙ্গ বি.প ৮৬। ললাটফলকে, অলকা ঝলকে ক.চ ৪। মধুকরশিশু যেন…অলকা বপ ৫৪৬। °মণ্ডিত শ্রী ৫৫। [°কাধিপ, °পতি, °কেশ্বর (পুং)—অলকাস্বামী, কুবের। "°র রঘু ১৯.১৫।]

অলকা² বি ['হলকা'—মূল ; অপ্র] যূথ, দল। "হস্তীর অলকা সাজে বি.পা ২৭৫ ; ২৭৮।

অলকাতিলক, -তিলকা ; অলকাধিপ—দ্র 'অলকতিলক ; অলকা¹।

অলকানন্দা বি [সং অলকনন্দা] ১ সর্থ 'অলকনন্দা (২)। "ক্ষিতিতলে অধিষ্ঠান…অলকানন্দা হয়েছ বা দ ৭০। ২ স্বর্গে প্রবাহিতা গঙ্গা। "স্বর্গেতে অলকানন্দা ভূমে ভাগীরথী ম ১৬৫।

অলকাপতি, অলকেশ্বর দ্র 'অলকা¹।

অলক্ত, -ক্তক পুং [ন রক্ত যাহা হইতে, বহুব্রী, র>ল ; ক (কন্) স্বার্থে ; ঠ অলিতা] ১ লাক্ষা, জতু, জৌ। "°রস। ২ লাক্ষারাগ, জতুরস, আল্‌তা। "°কাঙ্ক (পদ) কু.স ৫.৬৮ ; ৩৪ ; °কাঙ্কাং পদবীং ততান ৭.৫৮। রঘু ৭.৭। আর্দ্রালক্তক (চরণ) মা.মি ৩.১৩। নিষ্পীড়িতালক্তক মৃ ৪.১৫। —ক ক্লী লাক্ষারস। "ন্যস্তং বাসন্তলক্তকম্ ক.সা ৩.৭১। [°করস, °ক্তরস, °ক্তরাগ (পুং)—অলক্তদ্রব্য, যাবক, আল্‌তা। "অলক্তরসরক্তাভাবলক্তরসবৰ্জ্জিতৌ (চরণৌ) রা ২.৬০.১৮। তাহাদের…অঙ্গরাগই অলক্তকরস।—কাদ ৭৫।]

অলক্তকরস, অলক্তরস, -রাগ দ্র 'অলক্ত'।

অলক্ষণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] ১ যাহাতে লক্ষণ নাই ; ব্যাবর্তক-চিহ্নহীন, চিহ্নবিশেষরহিত। ২ চিহ্নহীন। ৩ শুভলক্ষণহীন, অপ্রশস্ত-চিহ্নযুক্ত। ৪ অভাগ্যবান্, দুর্ভগ। "°ণাহং সীতা রঘু ১৪.৫। অলক্ষণা সুলক্ষণা যে হই সে হই ঃ তবে মোরে অলক্ষণা কহ কি কারণ ভা.চ ১০২। ৫ লিঙ্গরহিত, অনন্যুমেয়। "আসীদিদম্…অলক্ষণম্ মনু ১.৫। —ণ ক্লী [ন.ত] ১ লক্ষণাভাব, চিহ্নহীনতা। ২ অপ্রশস্ত (অশুভ) লক্ষণ ; দুর্লক্ষণ, দুর্নিমিত্ত ; অশুভ, অমঙ্গল। "কোথা হৈতে বুড়া এক ডোকরা বামন। প্রণাম করিল মোরে এ কি অলক্ষণ॥—ভা.চ ৬০। ৩ অনন্যুমাপক লক্ষণ বা চিহ্ন। ৪ অব্যাপ্ত বা অতিব্যাপ্ত লক্ষণ ; অসমীচীন সংজ্ঞা। ৫ অশুভফলসূচক দেহস্থলক্ষণ। "আচারো হন্ত্য-লক্ষণম্ মনু ৪.১৫৬।

অলক্ষিত বিণ [ন.ত] ১ অজ্ঞাত, অনবগত ; অদৃষ্ট, অনবলোকিত। "°তা জানিঃ (পাঠান্তর) কু.স ৫.৭২, মল্লিনাথ। রঘু ২.২৭। রাজাপি তৈরলক্ষিতঃ সত্বরমন্তঃপুরং প্রবিষ্টঃ হি ৩২৩৬। ২ অকৃতচিহ্ন, অচিহ্নিত, অনঙ্কিত। ৩ লক্ষণ দ্বারা অনন্যুমিত। ৪ (বাঙলায়) অনুদ্দিষ্ট, অনভিপ্রেত। [°তোপস্থিত (বিণ)—অজ্ঞাতভাবে উপস্থিত। °তে—১ অজ্ঞাতভাবে। "অলক্ষিতে যাই সিন্ধুজলে ঝাঁপ দিলা চৈ.চ ৩৪৪। ২ গূঢ়ভাবে, চুপে চুপে। "অলক্ষিতে আসিবে চুরি-বিদ্যা জানে কৃ ৩৩২।]

অলক্ষুণে বিং ['অলক্ষণীয়'—মূল ; কথ্যভাষা] অলক্ষণযুক্ত, অশুভ-লক্ষণান্বিত, অভাগা, অপয়া (ছেলে, মেয়ে)।

অলক্ষ্মিণী বি [সং অলক্ষ্মী ; অপ্র] অলক্ষ্মী। "তুমি লক্ষ্মীরূপা দেবি তুমি অলক্ষ্মিণী চ.বি ৩৩৬।

অলক্ষ্মী স্ত্রী [ন.ত] লক্ষ্মীবিরোধিনী দেবী ; নিঋ র্তি, জ্যেষ্ঠা দেবী, আলক্ষ্মী। "রা ৩.৬.১২৪। °রূপ হ ৫৯.১২। বিপ্রকর্ষত্যলক্ষ্মীম্ উ.চ ৫.৩১। রে অলক্ষ্মি, করি সর্বনাশ. আজও কি মিটিল না আশ ?—অ.গু ১১০। বিলিতি অলক্ষ্মীকে কুলোর বাতাস দিয়ে বিদায় করা চাই ঘ ১১০। [সমুদ্রমন্থনে ইঁহার উৎপত্তি। ইনি কৃষ্ণবর্ণা দ্বিভুজা কৃষ্ণবসনা লৌহাভরণভূষিতা শর্করাচন্দনচর্চিতা সম্মার্জ্জনীহস্তা ও গর্দ্দভারূঢ়া। কলহ ইঁহার প্রিয়, দারিদ্র্য ইঁহার সহচর। দীপান্বিতা অমাবস্যায় প্রদোষে গোময়-পুত্তলিকায় কৃষ্ণপুষ্পে বাম হস্তে ইঁহার পূজার বিধান আছে। সূর্পবাদ্যের সহিত প্রদোষে বা নিশীথে গৃহসীমান্তে ইঁহার বিসর্জন করিতে হয়। অনাচারবহুল গৃহ ইঁহার প্রিয় স্থান (দ্র 'পদ্মপুরাণ, উত্তরখণ্ড')।]

অলক্ষ্মীক বিণ [ন লক্ষ্মী যাহার, ন.বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -কা] লক্ষ্মীশূন্য, শ্রীহীন, অভাগ্যবান্, লক্ষ্মীছাড়া। "নালক্ষ্মীকে বসন্তি তে।—বৃহৎসংহিতা ৬৫.৯। যে ব্যক্তি…বাক্যরূপ কণ্টক দ্বারা অন্যের হৃদয় বিদ্ধ করে, তাহাকে অলক্ষ্মীক বলে।—কালীপ্রসন্ন সিংহ।

অলক্ষ্য বিণ [ন.ত ; স্ত্রী -ক্ষ্যা] ১ অদৃশ্য, অগোচর। "তিমিরে অলক্ষ্য তার কায়।—রঙ্গ ১০২। ২ অজ্ঞেয়, অজ্ঞাত। "°জন্মতা কু.স ৫.৭২। ৩ যাহা লক্ষণাবোধ্য নহে ; লক্ষণাবোধ্যভিন্ন (অর্থ)। ৪ [ন.বহুব্রী] যাহাতে লক্ষ্য (উদ্দেশ্য) নাই ; নির্বিষয়, অর্থহীন। "°বাক্ কু.স ৫.৫৭। ৫ অব্যাজ, অকপট। —ক্ষ্য পুং অস্ত্রবিশেষ। "রা ১.২৮.৫। —ক্ষ্য ক্লী লক্ষণের লক্ষ্যভিন্ন বিষয়। "অতিব্যাপ্তিঃ—অলক্ষ্যবৃত্তিত্বম্ (ন্যায়কোশ)। অলক্ষ্যে লক্ষণ গেলে 'অতিব্যাপ্তি' বলে (হিন্দুশাস্ত্র)। °ক্ষ্যে ব.দ্বি ৩। [°গতি (স্ত্রী)—অদৃশ্যগমন, গূঢ়চার। °জন্মা (-ন্মন্) বিণ—অজ্ঞাতজন্মা (শিব)। "কু.স ৫.৭২।]

অলখ '-খ্' বিং [সং অলক্ষ্য>প্রা অলক্‌খ>হি, ঠ—অলথ ; '°থ' (চ ৫৩, টীকা)] অদৃশ্য, অপ্রত্যক্ষ, ইন্দ্রিয়াতীত (ঈশ্বর)। "'অলখ নিরঞ্জন।'—মহারব উঠেঃ পঞ্জাব আজি গরজি উঠিল।—'অলখ নিরঞ্জন' !—কথা ৭২।

অলখিত বিং [সং অলক্ষিত>লি অলকিখত, প্রা—অলকিখয় ; হি '°ত' ; বৈষ্ণবসাহিত্যে] সর্থ 'অলক্ষিত'। [°তে—অদৃশ্যভাবে, অন্যের অগোচরে, চুপে চুপে। "অলখিতে হাসে হেরি বিহসলি থোরি বি.প ২৪ ; ৪৮। °তে আওল বি.প ১৩৮ ; জ্ঞা ৯১, ৯২ ; রা.শে ১ ; ২। °তে আধ (হেরই) ব ১১৯। °তে আওল, °তে গেল বি.সা ৩৩৮।]

অলগর্দ্দ, -র্দ্দ পুং [অর+√গৃধ্+অ (অচ্)-ক ; (পাঠান্তর) 'অলিগর্দ্দ' (অ.টী) ; 'আলাদ' (কুষ্টিয়া)] জলসর্পবিশেষ, কেউটিয়া (ভরত) ; আলাধসাপ, পাণসাপ (অ.টী) ; বিলকেউটিয়া (শ.ক)। "°র্দ্দ (সুশ্রুত)। —র্দ্দা, —র্দ্ধা স্ত্রী সবিষ জলৌকা (জোঁক)-বিশেষ। "সুশ্রুত ১.১৩.৯।

অলগ্ন বিণ [ন.ত ; °গ্ন (শতপথব্রাহ্মণ—S.W.)] ১ অসংস্পৃষ্ট, অযুক্ত। ২ সঙ্গতিহীন, অসম্বদ্ধ। ৩ স্খলিত, অব্যক্ত (বাক্য)। —গ্ন ক্লী (জ্যোতিষে) অশুভলগ্ন।

অলঘু বিণ [ন.ত ; স্ত্রী -ঘু, -ঘ্বী] ১ লঘুভিন্ন, গুরু, দুর্ভর, ভারী। ২ পৃথু, স্থূল। "অলঘু (জঘন) মাঘ ৭.৫ ; °পীবরোরু ২০ ; °তরস্তন ৮.১। ৩ লঘুমাত্রাহীন, গুরুমাত্রক (বর্ণ)। ৪ দীর্ঘ। "°ধূপলপঙ্‌ক্তি মাঘ ১৬.৭৬। °প্রসারিতবিলোচন (ত.বা)। ৫ অদ্রুত, ধীর, মৃদু (গতি)। ৬ প্রবল, প্রখর, দুঃসহ। "অলঘূষ্মা। ৭ গুরু, আবশ্যক (কার্য্য)।

অলঙ্করণ ক্লী [অলম্+√কৃ+অন (ল্যুট্)-ভা] ১ মণ্ডন, ভূষণ, প্রসাধন। "স্নানাল° মহা ৩.৪৬.২। ২ [+অন-ণ] 'মণ্ডন', ভূষণ, বলয়াদি। "রত্নাল° ক.সা ৩.৪২। ৩ ভূষাকর দ্রব্যমাত্র। "পুরুষরত্ন-মলঙ্করণং ভুবঃ।—নীতিশতক, ৮৬। —ষ্করিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্) শীলার্থে-ক ; স্ত্রী -ষ্ণু] অলঙ্করণশীল, ভূষাকর, শোভাজনক। —ষ্কর্ত্তা (-র্ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী র্ত্রী] অলঙ্কারক, শোভয়িতা। —ঙ্কার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ অলঙ্করণ, প্রসাধন। "কুন্তালঙ্কার-

মাম্মনঃ রা ২.৪০.১৩। **২** [+অ-ণ ; বৈদিক] মণ্ডনসাধন হারাদি ; ভূষণ। "মনু ৪.৬৬। **৩** (সাদৃশ্যে) শোভাজনক বস্তুমাত্র। "°রঃ স্বর্গস্য সা বিক্র ১৩/৪ ; অনুৎসেকঃ খলু বিক্রমালঙ্কারঃ ২১/৪। ক্ষতচিহ্ন অলঙ্কার স.স্ব ২৭। **৪** ভূষাসাদৃশ্যে শব্দের ও অর্থের শোভাকর, রসাদির উৎকর্ষ-জনক অনুপ্রাসাদি (শব্দভূষণ) এবং উপমাদি (অর্থভূষণ) ; কাব্য-শোভাকর ধর্ম্ম (দণ্ডী)। "সা.দ ১০.১। কা.প্র ৮.৬৭। "এই উপদেশ কবি দিল অলঙ্কারে মা ৩৫৭। **৫** কাব্যের গুণদোষপ্রতিপাদক শাস্ত্র ; অলঙ্কারশাস্ত্র (The Science of Rhetoric)। **৬** যুবতীর সাত্ত্বিক হাবভাবাদি অষ্টাবিংশতি অনুভাব। 'সা.দ ৩৮৮-৯৩। ভ.প্র ৩৯৪। [অলঙ্কার হওয়া—ভূষার মত হওয়া ; লজ্জার বা অপমানের বিষয় বলিয়া মনে না হওয়া। "উকীলের চিঠি, ও নফিনে বাবুর অলঙ্কার হয়েছে হু ১৫। এইরূপ, 'অঙ্গের ভূষণ হওয়া' (দ্র 'অঙ্গ')।] —ঙ্কারক পুং [+অক (ণুল্)-ক ; স্ত্রী -রিকা] অলঙ্করণার্থ (কুল্লূক), ভূষণ। "মনু ৭.২২০। —ঙ্কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ভূষিত, মণ্ডিত, শোভিত। "বিভ্রমালঙ্কৃতঃ।—হি ১.৯০। সুবর্ণালঙ্কৃতা কন্যা হেমালঙ্কারবর্জ্জিতা। —সু.র। শিখরদেশ…নিবিড় নীলিমায় অলঙ্কৃত সা ১০। —ঙ্কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** সর্ব 'অলঙ্করণ'। **২** [+ তি-ণ] অলঙ্কার, ভূষণ। "কর্ণালঙ্কৃতি।—অমরু ১৩। পুরট° বি.মা ৭.৪২। কুন্তলালঙ্কৃতি বা.দ ১৪১। শ্রুতি-অলঙ্কৃতি ব ৬২। **৩** উপমা-প্রভৃতি অলঙ্কার। "শব্দার্থৌ…অনলঙ্কৃতী কা.প্র ১৪। সালঙ্কৃতিঃ (কবিতেব রামা)। —ভামিনীবিলাস ৩.৬। অলঙ্কৃতিরূপা…লতা।—চা তু ৪। —ঙ্ক্রিয়া স্ত্রী [+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্)] **১** অলঙ্করণক্রিয়া (অ.কো)। **২** [+অ-ণ] ভূষণ। "প্রশমস্তস্য ভবত্যলঙ্ক্রিয়া কি ২.৩২। [°রণাস্ব (ক্লী)—সর্ব 'অলঙ্কার (৫)।]

অলঙ্করিষ্ণু, -ঙ্কর্ত্তা, -ঙ্কার, -ঙ্কারক, -ঙ্কৃত, -ঙ্কৃতি, -ঙ্ক্রিয়া দ্র 'অলঙ্করণ'।

অলঙ্ঘনীয়, -ঙ্ঘ্য বিণ [ন.ত ; স্ত্রী -য়া, -ঙ্ঘ্যা] **১** অনতিক্রমণীয়, দুর্লঙ্ঘ্য (সাগরাদি)। "মাঘ ২.৪৮ ; ৫৮। °য়।—কি ১৪.৩৭। অলঙ্ঘ্য সাগর কৃ.উ ১২৫ ; ২৩৭। শ্রী ১৩৩। অলঙ্ঘ্যার্ণব ম.পা ১। **২** দুষ্প্রাধর্ষ্য, অনভিভবনীয়, দুর্দ্ধর্ষ। "°য়।—বিক্র ২৭/৬। যা দেবসেনেব পরৈরলঙ্ঘ্যা মাঘ ৩.৬৪ ; ৮.৫৭। 'ঙ্ঘ্যতা কি ১১.৬৩। **৩** অসাধ্য, অশক্যকরণ। "ন হি জয়িনাং তপসামলঙ্ঘ্যমস্তি কি ১০.৬,১৩ ; ১৩.৭। **৪** অবশ্য-পালনীয়, অব্যর্থ। "অলঙ্ঘ্য তোমার বাচ ম.পা ১৩১।

অলত, -তক বি [সং অলক্ত, -ক্তক > লি অলত্ত, -ত্তক, প্রা অলত্ত, -ত্তয় > বা অলত, -তক, বৈষ্ণবসাহিত্যে] আলতা। "বেকত অলত রাগ ব ৬৮। ভালোপরি অলতক দাগ গো ১৯৮।

অলপ বি° [সং অল্প > (স্বরাগমে) অলপ ; বৈষ্ণবসাহিত্যে] **১** অল্প, কম। "অলপবয়সী বালা বি.প ১৪। **২** সামান্য, একটু। "সো যদি জানিতাম, অলপ ইঙ্গিতে, তবে কি এমন করি (চ.দা)।

অল(লো)পে্পেয়ে বিং [সং অল্পায়ুঃ ; 'অলপেয়ে (বীরভূম) ; অলপ্পাইয়া (ঢাকা)] যাহার আয়ু অল্প, আসন্নমৃত্যু ; গালিবিশেষ। "আশমানি মনে মনে বলিল, "অলোপ্পেয়ে ! তুমি হাত ধোবে?" —ব.প্র ২৭।

অলবণ বিণ [ন.বহুব্রী] **১** যাহাতে লবণ নাই ; লবণহীন। "শাক লাউ সিদ্ধ করে সেও অলবণ শ্রী.মা ১১৬। **২** অল্পলবণ, আলুনী। "°ণা যবাগূঃ মাঘ ৯.৩, মল্লিনাথ। কা.প্র ১.৪, টীকা।

অলব্ধ বিণ [ন.ত] অপ্রাপ্ত, অনধিগত, অর্জিত (কুল্লূক), অনধিকৃত (ভূম্যাদি)। "অলব্ধঞ্চৈব লিপ্সেত মনু ৭.৯৯। হি ২.৮।

অলম্ ব্য [বৈদিক] **১** ভূষণ, শোভিত করা। "পা ১.৪.৬৪। কন্যামলঙ্ক-রোতি (অ.টী)। অলঙ্কৃত্য মনু ৩.২৮। **২** পর্য্যাপ্তি, প্রাচুর্য্য। "অলন্ধন মনু ৮.১৬২। অলম্…ভূপ্ত্যৈ রঘু ২.৩৯। **৩** অত্যন্ত, সমধিক, সম্যক্। "অলমুদ্দ্যোতয়ামাসুঃ রঘু ১০.৮০। মাঘ ৩.৫৮। অর্হস্যেনং শময়িতুমলম্ পূ.মে ৫৪। **৪** শক্তি, সামর্থ্য, যোগ্যতা। "ত্রয়াণামপি লোকানামলমস্মি নিবারণে গো.রা ৩.৪৭.৬। রঘু ৯.৩২। প্রতিশপ্তুমলম্তমঃ ভ ৬.১৭.৩৭। **৫** বারণ, নিষেধ। "অলম্… শ্রমেণ রঘু ২.৩৪। অলমলমায়াসেন শ ৩২/৫। **৬** নিরর্থক। **৭** ভৃশ, অত্যর্থ। "কি ১৩.১৩। দৃশ্যতে দৈন্যমপালম্ ম.চ ৬.৪০। **৮** সম্পূর্ণতা। "স্বর্গিণঃ প্রীণয়ালম্ (পাঠান্তর)। —শ ৭.৩৪। **৯** অবধারণ, নিশ্চয়। **১০** মিথ্যা। "°বুদ্ধি। **১১** অন্যার্থে (ত.বা)। [অলম্+ √কৃ (অলঙ্ক)—অলঙ্করণ, ভূষিত করা। "পা ১.৪.৬৪, কাশিকা। রাজর্ষিবংশঃ অলঙ্ক্রিয়তে শ ১২/৬।]

অলম্পট বিণ [ন.ত] অকামুক, জিতেন্দ্রিয়। "ভ ৩.১৪.৪৯ ; ২২.১। চৈ.চ ৫৩।

অলম্বুষ পুং **১** রাবণমন্ত্রী প্রহস্ত। **২** ঘটোৎকচ-হত কুরুপক্ষীয় রাক্ষস-বিশেষ (মহা ৭.১০৭.৩৪)। - ষুসা স্ত্রী **১** অপ্সরোবিশেষ। "রা ২.৯১.১৭। **২** লজ্জালু-লতা। —ষুস ক্লী লজ্জালু-লতার ফল। "মহা ৭.১০৭.৩৪। [আলম্বুষি—অলম্বুষরাক্ষসের পুত্র। "ম ৮৭৯।]

অলয় বিণ [ন.বহুব্রী] **১** লয়হীন, বিনাশরহিত। **২** অবস্থানহীন, অনবস্থিত। "মাঘ ৪.৫৭। —য় পুং [ন.ত] **১** লয়াভাব, অবিনাশ। **২** 'লয়বিরোধী', জন্ম। "লয়ালয় গো.বা ৩.৭১.১০।

অলর্ক পুং **১** শ্বেত অর্কবৃক্ষ, শ্বেত আকন্দ। **২** ক্ষিপ্ত কুক্কুর। তু 'আলর্ক'। **৩** কৃমিরূপী দংশাসুর। "মহা ১২.৩.১৩ ; ১৯।

অলস[১] বিণ [ন লস, ন.ত , স্ত্রী -সা ; বৈদিক] **১** কার্য্যে অব্যাপৃত বা অকৃতপ্রয়াস ; ক্রিয়াজড়, মন্দ, কুঁড়ে। "হি ২.৪। **২** মন্দ, ব্যাপার-হীন। "নিমেষালসপক্ষ্মপঙ্‌ক্তি রঘু ২.১৯। শয়িতোঽলসঃ (মদনঃ) মাঘ ৯.৩৯। **৩** মন্দ, মন্থর, ধীর। "শ্রোণিভারাদলসগমনা উ.মে ২১। গর্ভভরালসা উ.চ ৩.২৮। মদালসং গতম্ রঘু ৮.৫৯। বারিভবালসাম্বুদ। —অমরু ৯৭। °পদ কি ১০.৬০। শ্রোণিভারে…অলস গমন ন ১১৮৫। **৪** জাতখেদ, খিন্ন, ক্লান্ত। "উপবাসশ্রম° গো বা ৩.৭৭.২৫। অলস-ললিতমুগ্ধানি (অঙ্গকানি) উ.চ ১.২৪। **৫** নির্নিমেষ। "সব্রীডৈরলসৈঃ লোচনৈঃ।—অমরু ৯০। **৬** (বাঙলায়) অকিঞ্চিৎকর, অকর্ম্মণ্য, ব্যর্থ। "তোমারেও মাগিব না, অলস কাঁদনী ! আপনারে দিলে তুমি আসিবে আপনি।—স স্ব ২৭। **৭** তন্দ্রাজনক, মোহকর। "কোন ছায়ায় কোন উদাসী, দূরে বাজায় অলস বাঁশী।—গান ১৪৫। —স পুং **১** পাদরোগবিশেষ, পাঁকুই (সুশ্রুত)। **২** বৃক্ষবিশেষ। **৩** সবিষ ক্ষুদ্র প্রাণিবিশেষ। —সক পুং [°স+ক (কন্) স্বার্থে] উদররোগ-বিশেষ (Flatulence)। 'প্রয়াতি চোর্দ্ধ্বং নাধস্তাদাহারো ন চ পচ্যতে। আমাশয়েঽলসীভূতস্তেন সোঽলসকঃ স্মৃতঃ ॥ —সা স্ত্রী হংসপদী লতা।

অলস[২] বি [সং আলস, -স্য ; পদ্যে] **১** আলস্য। "°সিত। সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস চৈ.চ ৮। **২** আলস্য, রসাবেশজন্য জড়তা। "ক্ষণে আগে যায়, ক্ষণে পাছে চায়, অবশ অঙ্গ অলসে ভা.চ ৩১৬। **৩** তন্দ্রাজড়িমা। "স্বপ্নে হইল রতিরঙ্গ, সুখে হৈল নিদ্রাভঙ্গ, রাঙ্গা আঁখি ঘূর্ণিত অলসে ভা.চ ৩৫৮। —সিত বিং [সং অলস ; পদ্যে] **১** অলস। "পান্থ এখন কেন অলসিত অঙ্গ।—রবীন্দ্র। **২** তন্দ্রা-জড়িত, নিদ্রালস। "করে পদ্মফুল, করে দুল দুল, অলসিত আঁখিসম আধো-আধো ফুটি স্ব.প্র ১। —সিনী বিং [অলস+স্ত্রী ইনী ; সং অলসা] জাগরখেদ-জড়া (নায়িকা)। "অলসিনী অঙ্গ অথির। সম্বর না করে পীতম্ চীর ॥—রা.শে ২।

অলসক, -সা ; অলসিত, -সিনী দ্র 'অলস'[১]; অলস[২]।

অলা, -লো অব্য [সং হলা > অলা-লো] সখীর সম্বোধনে ; সমবয়স্কার সম্বোধনে। "যাজই অলো সহি হেরম্ব বীণা চ ৩০।

অলাঘব বিণ [ন.বহুব্রী] লঘুত্বরহিত, অপরাঙ্মুখ। "°বমর্থিষু (কাকুৎস্থম্) রঘু ৯.১৬।

অলাত বিণ [ন লাত (গৃহীত) ন.ত (অ.টী)] অগ্নি কর্ত্তৃক ঈষৎ গৃহীত (দগ্ধ) ; সাগ্নিক বা নিরগ্নি বহ্নিদগ্ধকাষ্ঠখণ্ড (অ.টী) ; অর্দ্ধদগ্ধ-কাষ্ঠ (রামাশ্রমী), উল্মুক। "°চক্র, °জ্বালা, °শান্তি (S.W.)। অলাতসদৃশেক্ষণা রা ৩.১৮.১৭। নির্ব্বাণালাত কু.স ২.২৩।

অলাতচক্র ক্লী [ষ.ত] **১** অলাতসম্বন্ধী বলয় ; জ্বলদঙ্গারের চক্রাকার আবর্ত্তন ; উল্মুকবলয়, অর্থাৎ ঘূর্ণমান উল্মুকের অগ্নিশিখাময়ী চক্র-রেখা। "অসৌ মৃণালম্বিতহেমসূত্রং বিভ্রন্ মণিং মণ্ডলশীঘ্রচারঃ। অলাতচক্রপ্রতিমং বিহঙ্গস্তদ্রাগলেখাবলয়ং তনোতি ॥—বিক্র ৫.২। অলাতচক্রের প্রায় লগুড় ফিরায় চৈ.চ ১৬৫ ; অলাতচক্রবৎ সেই লীলাচক্র ফিরে ২১৫। **২** অলাতচক্রবৎ বর্ত্তুল। "°প্রতিম (দিবাকর) বা ৩.২৩.৩।

অলাবু, -বূ স্ত্রী [উ ১.৮৭ ; স্ত্রী উ (ঊঙ্)] যাহা জলে লম্বিত হয় না (মগ্ন হয় না)—অ.টী ; লতাবিশেষ, লাউগাছ। —বু ক্লী, —বূ স্ত্রী অলাবুফল, লাউ। "মজ্জন্ত্যলাবূনি মহা ২.৬৬.১১। °বুং বর্ত্তুলাকারাম্ (স্মৃতি)। চর্ম্মের অলাবু এক প্রসবে তখন কৃ ১৩। —বু পুং, ক্লী যতির অলাবুনির্ম্মিত ভিক্ষাপাত্র। "অথর্ব্ব ৮.১০.৩০। মনু ৬.৫৪। [°বুপাত্র (ক্লী)—যতির ভিক্ষাপাত্র। "অথর্ব্ব ৮.১০.২৯। °বুময় (বিণ) —অলাবুনির্ম্মিত (যতিপাত্র)। "যাজ্ঞ ৩.৬০।]

অলাভ পুং [ন.ত] **১** অপ্রাপ্তি। "মহা ৩.১০৭.৪৭। মুগ্ধালাভ মনু ২.৪৩ ; ৬.৫৭। **২** অভাব। "অলাভে ত্বন্যগেহানাম্ মনু ২.১৮৪। **৩** অপচয়, ক্ষতি। "লাভালাভ মনু ৯.৩৩১। গী ২.৩৮।

অলাস্য বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -স্যা] লাস্যরহিত, নৃত্যহীন। "অলাস্যাঃ (ক্রীড়াময়ূরাঃ) রঘু ১৬.১৪।

অলি[1] পুং [√অল্+ই (ইন্)-ক, উ ৪.১১৭] **১** 'গুঞ্জনসমর্থ', ভ্রমর। "অলিমালা মাঘ ৪ ৫৭। °কদম্বক রঘু ৯.৪৪ ; °বৃন্দ ১২.১০২। হি ১.২০০। অলি হব কৃষ্ণপদে ম ৫৮৪। দন্তাবলী শিশু অলি কুন্দ-কলিমাঝে বি.সু ৪৮। অলি কি পদ্মিনী পাইলে ফিরে ভা.চ ৩৫৮। **২** (সাদৃশ্যে) কোকিল। **৩** কাক। **৪** বৃশ্চিক। **৫** বৃশ্চিকরাশি। **৬** সুরা। "মহানির্ব্বাণতন্ত্র ৮.১৭১। [°কদম্বক, °কুল, °বৃন্দ (ক্লী), °মালা (স্ত্রী)—ভ্রমরসমূহ। দ্র 'অলি (১)। °বৃন্দ ম ১৫। চূতমুকুল-কুলসঙ্কুলদলিকুল (কাব্যনির্ণয়)। অলিকুলসঙ্কুল (বিণ)—ভ্রমরসমূহ-ব্যাপ্ত। "°কুসুমসমূহ গী.গো ১.২৯।]

অলি[2] বি [আ ৱলি] **১** অভিভাবক, নাবালকের রক্ষক (Guardian)। [অলি-অছি—অভিভাবক জ্যেষ্ঠভ্রাতা ; (গৌণার্থে) নাবালকের অভিভাবকমাত্র।] **২** পীর, সাধুপুরুষ, মুনি। "রূপ দেখি তপভঙ্গ ভুলি এ জাএ অলি গো.চ ৩৩৬ ; ৩৭৮। [অলি মাতা—অভিভাবিকা মাতা।]

অলি[3] ক্রি.ক্তি [ইলি>অলি, দ্র 'ইল[1]' ; বৈষ্ণবসাহিত্যে] **১** সর্থ 'অল[2]'। "নাহলি গোরী : রূপ ধনী আনলি চোরি বি.প ১৮ ; বিহসলি থোরি : চমকি চললি ধনী ২৪। যামিনী জাগি পোহাঅলি কামিনী ব.প ১০৪৫। **২** কর্ত্তৃবাচ্যে অতীতকালে মধ্যমপুরুষের ক্রিয়ায় প্রত্যয়। "হামারি গরব তুহু আগে বাঢ়াঅলি ব.প ১০৪০ ; মাধব কাঁহে আশোয়াসলি রামা ১০৪৫। চিহ্নলি, গোঙায়লি গো ১৯৯ ; ধারলি, রোথলি ২০১। কঅলি (করলি) জ.প ৪২।

অলি-অছি ; অলিকদম্বক, -কুল দ্র 'অলি[2] ; অলি[1]।

অলিকেশ বি অলি সদৃশ কৃষ্ণ কেশ ; গাঢ়কৃষ্ণ কেশ। "ডানিভাগে জটাজুট, বামে অলিকেশ ক.চ ৩০১। তু 'অলিনীজিষ্ণুঃ কচানাং চয়ঃ (দ্র 'অলিনী')।

অলিগলি বি [গলি>অলি (অনু.শব্দ)] গলি ও তদপেক্ষা সঙ্কীর্ণ পথ ; গলিঘুঁজি। [অলিতে গলিতে—**১** গলিঘুঁজিতে। **২** অপ্রকাশিত স্থানে ; সঙ্কীর্ণ স্থানে। "(কবিতাবধূ) ছদ্মবেশে কতকাল মাসিকপত্রের অলিতে গলিতে…ভ্রমিবে ?—অ.গু ১।]

অলিঙ্গ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ঙ্গা] **১** লিঙ্গহীন, চিহ্নশূন্য, ভেদজনক-লক্ষণরহিত। **২** অনুমাপকহেতু-শূন্য। **৩** (সাংখ্যে) 'লিঙ্গভিন্ন', অননুমাপক। "সাংখ্য ১০, তত্ত্বকৌমুদী। **৪** পুংস্ত্বাদিলিঙ্গরহিত (অব্যয়াদি)। —ঙ্গ পুং পরমাত্মা। —ঙ্গ ক্লী [ন.ত] **১** লিঙ্গাভাব, লক্ষণরাহিত্য। **২** দুষ্টচিহ্ন। —ঙ্গী (-ঙ্গিন্) বিণ [ন.ত] 'লিঙ্গি (ছদ্মবেশি)-ভিন্ন', কপটবেশধারিভিন্ন (ব্রহ্মচারি-প্রভৃতি)।

অলিজিহ্বা, -জিহ্বিকা স্ত্রী [উ.লো ; ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] অলিতুল্য ক্ষুদ্র জিহ্বা ; জিহ্বামূলস্থ ক্ষুদ্রজিহ্বা ; আল্‌জিব (Uvula)।

অলিঞ্জর পুং [তু 'অলিংজর'—কুণ্ড (দেশী ১.৩৬) ; (পাঠান্তর) 'অলঞ্জর'] বৃহৎ মৃন্ময় জলাধারবিশেষ ; জালা। "(মৎস্যম্) অলিঞ্জরে প্রাক্ষিপৎ মহা ৩.১৮৭.১১।

অলিন '-ন্' বি [সং অলী (-লিন্) ; তু 'গুণিন, রঙ্গিন' ইত্যাদি ; অপ্র] অলি, ভ্রমর। "অলিনে মলিন করে প্রস্তরের আভা বা.দ ৭২ ; কত ফুটিছে নলিন, কত ছুটিছে অলিন ৯৭।

অলিনী স্ত্রী [অলিন্+স্ত্রী ঈ (ঙীপ্) ; দ্র 'অলী'] ভৃঙ্গবধূ, ভ্রমরী। "°জিষ্ণুঃ কচানাং চয়ঃ।—শৃঙ্গারশতক ৫। অলিনাহরমতালিনী শিলীন্ধ্রে মাঘ ৬.৭২। (ভ্রমর !) সঙ্গেতে অলিনী, নিবস নলিনী, না জান বিরহব্যথা ক.চ ১৪৪।

অলিন্দ পুং [√অল্+ইন্দ (কিন্দচ্)-র্ম্ম] **১** যাহা ভূষিত হয় ; দ্বারদেশস্থ আভ্যন্তর ও বাহ্য প্রকোষ্ঠদ্বয় ; বহির্দ্বারপ্রকোষ্ঠ (অ.কো)। 'দ্বারদেশে দ্বৌ প্রকোষ্ঠাবলিন্দৌ আভ্যন্তরো বাহ্যশ্চ পা ৩.৩.৭৯, সি। "মুখালিন্দতোরণ মা.মি ৫$\frac{২}{৬}$। **২** বহির্দ্বারসংলগ্ন চতুরস্র কৃত্রিমভূমি (শ.ক) ; বহির্দ্বারপুরোবর্ত্তী ভূভাগ ; বহির্দ্বারভাগ (মল্লিনাথ) ; গৃহদ্বারপিণ্ডক, পিঁড়া, বারাণ্ডা। "মাঘ ৩.৪৮। অগ্নিশরণ° শ ৫$\frac{৮}{৯}$। অলিন্দে সুন্দর হৈমময় স্তম্ভাবলী মে ৩৫। প্রশস্ত অলিন্দে শোভে স্তম্ভরূপী নারী নর ন ১০৩৮। **৩** গৃহাভ্যন্তরস্থ শয্যার্থ পিণ্ডিকা (শয্যা রাখার উচ্চস্থান)। **৪** (বহুব) দেশবিশেষ। **৫** অলিন্দদেশের অধিবাসি-গণ বা রাজগণ। "মহা ৬.৯.৬৪।

অলিবিরাব পুং, **-বিরুত** ক্লী [ষ.ত] অলিগুঞ্জন।

অলী (-লিন্) পুং [অল+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -লিনী] **১** 'অল (আল্) -যুক্ত', ভৃঙ্গ, ভ্রমর। "মাঘ ৬.৪ ; অলিনাহরমতালিনী শিলীন্ধ্রে ৭২। **২** বৃশ্চিক, বিছা।

অলীক বিণ [√অল্+ঈক (কীকন্)-র্ম্ম, উ ৪.২৫ ; স্ত্রী -কা ; ছান্দস] **১** যাহা বারিত হয় ; অপ্রিয়। **২** অনৃত, অমূলক, অসত্য, মিথ্যা। "°নির্ব্বন্ধ মনু ১১.৫৬। °ভৈমী।—নৈ ৬.১৫। °বচন।—অমরু ২৩ ; °নিমীলন ৩৩। °মুগ্ধং হি বচঃ ক.সা ১৪.৪২। °কোপ-কান্ত (কাদম্বরী)। অলীককলঙ্কভার।—স.শ ১৮। **৩** অল্প (শ.ক)। —ক ক্লী **১** অপ্রিয় বস্তু বা বিষয়। "রা ২.৫২.২৬। কুর্ব্বন্নপি ব্যলীকানি যঃ প্রিয়ঃ প্রিয় এব সঃ হি ২.১৩০। **২** অসত্য। **৩** ললাট। "অলীকালকভঙ্গতা (কাদম্বরী)। (অলকাঃ) সবিলাসমলীকলগ্নাঃ (সু.র)। —কী (-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -কিনী] **১** অলীকবান্, অসত্য, মিথ্যা। "পা ৫.২:১৩১। **২** অপ্রিয়।

অলু, অলুঁ ক্রি.ক্তি [ইলু, -লুঁ >অলু, -লুঁ ; বৈষ্ণবসাহিত্যে] কর্ত্তৃবাচ্যে অতীতকালে উত্তমপুরুষের ক্রিয়ার বিভক্তি। "মধুসিন্ধুহি বিন্দু ন দেখলু বি.প ১২৪ ; শুতলু : শুতি রহলু ১৩৩ ; বান্ধলু চোর ১৩৫ ; কহলু বুঝাই ১৪০। ছোড়লু, থোয়লু ব.প ১০২০ ; সেরলুঁ ১০২৪ ; করলু ১০৩৬।

অলুক্‌সমাস পুং [কর্ম্মধা] বিভক্তির লোপহীন সমাসবিশেষ। "সরসিজ (সরসি-জ), মনসিজ ইত্যাদি ; বিভক্তিলোপ হইলে, 'সরোজ, মনোজ'।

অলুপ্ত বিণ [ন.ত] লোপহীন, অব্যাহত, নির্বিঘ্ন। "রঘু ২.৫৫।

অলে ; অলেলে ; অলো দ্র 'অরে ; অরেরে ; অলা'।

অলোক বিণ [ন.ত ; স্ত্রী -কা] **১** অদৃশ্য। "লোকালোক ইবাচলঃ। —রঘু ১.৬৮। **২** [ন.বহুব্রী] লোকহীন, নির্জন। **—ক ক্লী ১** লোক-শূন্য স্থান। "রা ১.৩৬.১১। **২** পাতাল। —লোকন ক্লী [ন.ত] অদর্শন, তিরোভাব। —লোকনীয় বিণ [ন.ত] অদৃশ্য, চক্ষুরতীত। —লোকিত বিণ [ন.ত] অদৃষ্ট।

অলোকন, -লোকনীয়, -লোকিত দ্র 'অলোক'।

অলোকসামান্য বিণ [ন.ত ; স্ত্রী -ন্যা] লোকসামান্যভিন্ন ; লোক-বিলক্ষণ, অসাধারণ। "°গুণস্তনুজঃ মা.মা ১.৯।

অলোক্য বিণ [ন.ত ; স্ত্রী -ক্যা ; বৈদিক] 'লোক্যভিন্ন', স্বর্গাদিপ্রাপ্তি-বিরোধী (কুল্লুক)। "মনু ২.২৬১।

অলোভ পুং [ন.ত] লোভাভাব, লোভবিরহ, তৃষ্ণাভাব। "হি ১.৭। —ভী (-ভিন্) বিণ [ন.ত] লোভহীন, তৃষ্ণাশূন্য। "অলোভী স্যাৎ প্রজাবিত্তে (শান্তিপর্ব্ব)।

অলোমক, -লোমা (-মন্) বিণ [ন লোম যাহার, ন.বহুব্রী ; বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -মিকা ; -মা (-মন্), -মা] লোমহীন। বিপ 'অতিলোমক, -মা'। "নালোমিকাম্ (কন্যামুদ্বহেৎ) মনু ৩.৮।

অলৌকিক বিণ [ন.ত ; স্ত্রী -কী] **১** 'লৌকিকভিন্ন', লোকে অবিদিত, লোকাতীত, লোকোত্তর, অমানুষিক। "ইষ্টপ্রাপ্ত্যনিষ্ট-পরিহারয়োরলৌকিকমুপায়ং যো গ্রন্থো বেদয়তি স বেদঃ (সায়ণ)। °চেষ্টা চৈ.ভা ৪৮২। অলৌকিক আনন্দের ভার কা ৪২। °পরীক্ষা সী ৩০ ; °রূপলাবণ্য ৫০ ; °কবিত্বশক্তি, °গুণসমুদায়, °গুণকীর্ত্তন ৭৪। **২** অপার্থিব, স্বর্গীয়, দিব্য। "°কাস্বাদ চৈ.চ ৩৩৮। তোমার উপদেষ্টা অলৌকিক ব্যক্তি ব.প্র ১৫৬। **৩** অসামান্য, অসাধারণ, বিরল। **৪** বেদে প্রচলিত, সংস্কৃতে অপ্রচলিত ; বেদনিষ্ঠিত, বৈদিক। "অধি ভি হরি ইত্যলৌকিকং বিগ্রহবাক্যম্ পা ২.৪.৮৪, সি। **৫** সংস্কৃতে বিরলপ্রচার বা অপ্রচলিত। "অলৌকিকত্বাদমরঃ স্বকোষে, ন যানি নামানি সমুল্লিলেখ। বিলোক্য তৈরপ্যধুনা প্রচারময়ং প্রযত্নঃ পুরুষোত্তমস্য॥ —ত্রিকাণ্ডশেষ ১.১.২। **৬** (বাঙলায় ; অপ্র) লোকবিগর্হিত অপরাধ ; গুরুতর দোষ। "কোটি অলৌকিকো যদি এ দুই করেন। তথাপিহ গৌরচন্দ্র কিছু না বোলেন॥—চৈ.ভা ৪৮৮।

অল্প বিণ [√অল্‌+প-র্ম্ম (অ.টী) ; 'অল্প'—হ্রস্ব (নিঘণ্ট ৩.২)] **১** 'বারণযোগ্য', স্তোক, ঈষৎ, কিঞ্চিৎ (পরিমাণে)। "অল্পং তৈলম্ পা ৫.৩.৮৫। অল্পবিষয় রঘু ১.২। স্বল্প (সম্পৎ)। হি ২.৬। **২** অল্প-বিষয়ক, পরিমিতসংখ্যাক। বিপ 'সর্ব্ব'। "অল্পা পঞ্চমী সমস্ততে ন সর্ব্বা।—পা ২.১.৩৮, কাশিকা। **৩** অকিঞ্চিৎকর, সামান্য, তুচ্ছ, হেয়। বিপ 'গুরু, মহৎ'। "অল্পানামপি বস্তুনাং সংহতিঃ কার্য্যসাধিকা হি ১.৩৫। গী ১৮.২২। অল্প জ্ঞান কর।— কৃ ১০। অল্প করি মানি চৈ.চ ৬০। না শুনিল মম বাক্য অল্প জ্ঞান করি ম ৬৭৭। অল্প কাজে উর্ব্বশী শাপিল ব.প ৭০১। **৪** লঘু, সামান্য। "অল্পকার্য্যং বিনির্দ্দিষ্টং তন্ত্রাগমনকারণম্ মহা ৩.৭৩.২৭। **৫** সুকর, অনায়াসসাধ্য, সামান্য। "কোন অল্প কার্য্য হেতু চিন্ত নরবর ম ৬৯৪। অল্পকার্য্য হেতু কেন চিন্ত মতিমন্ত অ.প ১২। **৬** অনায়ত, অপ্রসর, পরিমিত। "°কুচান্তর বিক্র ৪.২৬। **৭** ক্ষুদ্র, হ্রস্ব। "°শরীরত্বম্ গো.রা ৫.৩৫.৩১। দংষ্ট্রী তজ্জাতিরল্পা স্যাৎ (অ.কো)। **৮** অদীর্ঘ, অল্পপরিমাণ। "স্বল্পং তথায়ুঃ। —পঞ্চ ৯ (কথামুখ)। **৯** অগভীর। "°সরঃ ; কুল্যাল্পা কৃত্রিমা সরিৎ (অ.কো)। **১০** অসম্পূর্ণ, অনধীত। "°বিদ্য মনু ১১.৩৬। **১১** ন্যূন-সংখ্যক। "অল্পাচ্‌তরম্ পা ২.২.৩৪। **১২** ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত। "°ভাগ্যস্ত গো.রা ৬.৭৪.১১। °পুণ্য মহা ১.৮৯.১। **১৩** অপ্রচুর, ন্যূন। "কুলান্যল্প-ধনানি মনু ৩.৬৬ ; অল্পম্ (ফলম্) ৭.৮৬ ; °দক্ষিণ ১১.৩৯ ; ৪০। **১৪** মন্দ, মূঢ়, স্থূল। "°মতি, °বুদ্ধি মনু ১২.৭৪। °ধী।— হি ১.৭১। **১৫** ন্যূনবয়স্ক। "অল্পিষ্ঠঃ, অল্পীয়ান্ পা ৫.৩.৬৪। **১৬** বিরল। "°প্রয়োগ (S.W.)। **১৭** লঘু, কৃশ, তনু। "°মধ্যম। **১৮** নীচ, সঙ্কীর্ণ, অনুদার। "°বুদ্ধি। **১৯** কিয়দ্দূরবর্ত্তী, নাতিদূর। "অল্পে ভূমিভাগে (বিষ্ণুপুরাণ)। **২০** মৃদু, অনুচ্চ, অস্পষ্ট। "স বক্তি স্ম··· অল্পয়া গিরা ক.সা ২৪.১৩৬। **২১** দুর্ব্বল, ক্ষীণ। "(সে শব্দে) অল্পপ্রাণি (অর্থাৎ অল্পপ্রাণ) সকলের হৃদয় বিদরে অ.প ৩৪। **২২** (বাঙলায় ; অপ্র) নীচ, হীন। "আমি হই অল্পজাতি কৃ.উ ১৬৫। —ল্প ক্লী **১** অকিঞ্চিৎকর বস্তু ; তুচ্ছ কারণ ; অল্পফল। "অনিত্যত্বাদ্ধি চিত্তানাং প্রীতিরল্পেন ভিদ্যতে গো.রা ৪.৩২.৭। অল্পস্য হেতোর্বহু হাতুমিচ্ছন্ রঘু ২.৪৭। **২** লেশ, অণু, কণ। বিপ 'ভূমা'। "অল্পাৎ্যায়াম্ পা ৫.৪.১৩৬। নাল্পে সুখমস্তি ভূমৈব সুখম্ (শ্রুতি)। নহে অল্পদাতা কৃ ৯৪। —ল্পক বিণ [অল্প+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -ল্পিকা ; বৈদিক] **১** অল্প, ঈষৎ। "অল্পিকাং মাত্রাম্ মনু ৩.২১৯ ; ৭.১৬৯ ; ১০.১১৭। **২** তুচ্ছ, নীচ। "মাঘ ১৬.২৮। সংহতিঃ শ্রেয়সী পুংসাং স্বকুলৈরল্পকৈরপি হি ১.৩৬। **৩** ক্ষুদ্র। "দংষ্ট্রী তজ্জাতিরল্পিকা (অ.চি)। —ল্পক ক্লী **১** অল্পদ্রব্য। "মনু ৪.১৯১। **২** ক্ষুদ্রাশয়। "নাগ্নিশুদ্ধিমল্পকাঃ প্রতিযন্তি উ.চ ৪$\frac{১০}{১১}$। —ল্পকা বিং [সং অল্পক ; অপ্র] হেয়, তুচ্ছ। "অল্পকা করিব মোরে বীর ধনঞ্জয় ম ১১১৯। [°কার্য্য (ক্লী)—লঘুবিষয়, ক্ষুদ্রকার্য্য। °ক্রীত (বিণ)—অল্পধনে ক্রীত ; সুলভ। °গন্ধ (ক্লী) —রক্তকুমুদ। °চ্ছদ (বিণ)—সামান্যপরিচ্ছদ। "মৃ ১.৩৭। °জ্ঞান (বি)—হেয়জ্ঞান। "ব.প ৮৯০। অল্প অল্প—**১** একটু একটু, গুড়ি-গুড়ি। "অল্প অল্প বৃষ্টিতে কাদা হয়, কাটা বৃষ্টিতে হয় না। **২** কম-কম। "অল্প অল্প ক'রে খাওয়া দেওয়া ইত্যাদি। অল্প জলের মাছ—যে মাছ অল্প জলে চরে—পুটি-প্রভৃতি মৎস্য। (গৌণার্থে) অল্পবিত্ত জন ; অল্পধন ব্যক্তি ; অল্পপ্রাণশক্তিমান্, অল্পশক্তিমান্। অল্পস্বল্প—সামান্য, কিঞ্চিৎ, যৎকিঞ্চিৎ। "অল্পস্বল্প পাই।—কথা ৬৯। কা ১১৭। অল্পে— **১** সহজে, অনায়াসে, বিশেষ চেষ্টা বিনা। "অল্পে কারেও পাওয়া যায় না। অল্পে গোল মেটে না। **২** সংক্ষেপে, কমে। "উঠাইলে গল্পে, ফুরাবে না অল্পে স্ব.প্র ১১। অল্পে অল্পে—**১** ক্রমে ক্রমে ; ক্রমশঃ। "অল্পে অল্পে সর্ব্ব গ্রাস করা। **২** কমে কমে ; প্রথমাবস্থায়, সহজে। "অল্পে অল্পে কাজ মেটা, অল্পে অল্পে নিস্তার পাওয়া। **৩** স্বল্প ব্যয়ে। "অল্পে অল্পে কাজ সারা। অল্পে ছাড়া—বিশেষ বা চূড়ান্ত চেষ্টা না করিয়া (কোন বিষয়) ত্যাগ করা। অল্পের উপর দিয়া যাওয়া—অল্প ব্যয়ে, ক্ষতিস্বীকারে বা কষ্টভোগে বিপদ্ কাটা বা কার্য্য সিদ্ধ হওয়া।]

অল্পক, অল্পকার্য্য, -ক্রীত, -গন্ধ, -চ্ছদ, -জ্ঞান দ্র 'অল্প'।

অল্পতা স্ত্রী, **-ত্ব** ক্লী [অল্প+তা (তল্), -ত্ব তদ্ভাবার্থে] **১** অল্পভাব, ক্ষুদ্রত্ব। **২** তুচ্ছতা, হেয়ত্ব, হীনতা, অপকর্ষ। "মহানপ্যল্পতাং যাতি নির্গুণে গুণবিস্তরঃ হি ৩.১৩। মানত্বরিণাল্পতা।—পঞ্চ ২.১৬৭। কি কারণে ধনঞ্জয় এতেক অল্পতা ম ৬২৬। °তা চৈ.ভা ৭০ ; °ত্ব ২৫৮। **৩** বালিশতা, অজ্ঞানত্ব। "নিজয়া···অল্পতয়া কি ৬.৩৭।

অল্পদক্ষিণ বিণ [অল্পা দক্ষিণা যাহার, বহুব্রী] ন্যূনদক্ষিণ। বিপ 'ভূরি-দক্ষিণ'। "মনু ১১.৩৯ ; ৪০।

অল্পদর্শন, -দৃষ্টি বিণ [বহুব্রী ; স্ত্রী -না, -ষ্টি] অদূরদর্শী, অপরিণামদর্শী, অবিমৃশ্যকারী। "অল্পদর্শন মহা ১.১৫১.৩৮।

অল্পধী বিণ [বহুব্রী ; স্ত্রী -ধী] মন্দমতি, মূঢ়। "হি ১.৭১।

অল্পপুণ্য বিণ [বহুব্রী ; স্ত্রী -ণ্যা] ক্ষীণপুণ্য, ন্যূনভাগ্য। "মহা ১.৮৯.১।

অল্পপ্রাণ বিণ [বহুব্রী ; স্ত্রী -ণা] ১ (ব্যাকরণে) অল্পপ্রাণবায়ুর ব্যাপারযুক্ত (বর্ণ)। ২ অল্পবল। "°শ্চ ক্রিয়াসু (সুশ্রুত)। ৩ অল্প-বেগবত্তাযুক্ত। "অল্পবলপ্রাণ (হয়) মহা ৩.৭১.১৫। —প্রাণ পুং [কর্ম্মধা] ১ (ব্যাকরণে) অল্পপ্রাণ বর্ণ—বর্গের প্রথম তৃতীয় পঞ্চম· বর্ণ, য র ল ব (পা ৮.২.১, সি)। বিপ 'মহাপ্রাণ'। ২ অল্পপ্রাণ বর্ণের উচ্চারণার্থ বাহ্য প্রযত্নবিশেষ।

অল্পবাধ বিণ [বহুব্রী] ঈষৎপীড়াকর। "যাজ্ঞ ১.১৫৯।

অল্পবিদ্য বিণ [অল্পা বিদ্যা যাহার, বহুব্রী ; স্ত্রী -দ্যা] অল্পাধ্যায়ী, অল্পজ্ঞান। "মনু ১১ ৩৬। —বিদ্যা স্ত্রী [কর্ম্মধা] অল্পজ্ঞান, পল্লব-গ্রাহিতা।

অল্পবিষয় বিণ [বহুব্রী] অল্পজ্ঞেয়ার্থ, অল্পপ্রসর। "অল্পবিষয়া মতিঃ রঘু ১.২। —বিষয় বি অকিঞ্চিৎকর বস্তু।

অল্পবুদ্ধি, -মতি বিণ [বহুব্রী ; স্ত্রী -দ্ধি, -তি] মূঢ়, মূর্খ। "অল্পবুদ্ধি মনু ১২.৭৪।

অল্পভাগ্য বিণ [বহুব্রী] হতভাগ্য, ক্ষীণপুণ্য। "গো.রা ৬.৭৪.১১।

অল্পমাত্র ক্লী [নি.স, ময়ূরব্যংসকাদি] ১ অল্পই, ঈষন্মাত্র, কিঞ্চিন্মাত্র (ধনাদি)। ২ অল্পক্ষণই, মুহূর্তমাত্র।

অল্পমেধাঃ (-ধস্) বিণ [অল্পা মেধা যাহার, বহুব্রী, সমাসান্ত 'অস্' (অসিচ্)-১ব ; স্ত্রী -ধাঃ] অল্পমেধাবী, অল্পপ্রজ্ঞ, মন্দপ্রজ্ঞ (গী.টীকা)। "গী ৭.২৩। হি ১.১৩২। পঞ্চ ২.৯২।

অল্পশঃ (-শস্) ব্য [অল্প+শঃ (শস্) কারকার্থে] ১ অল্প। বিণ 'বহুশঃ'। "অল্পশঃ (অল্পম্) দদাতি পা ৫.৪.৪২। আচরতি ধর্ম্মং স প্রায়শোঽধর্ম্মমল্পশঃ মনু ১২.২০ ; সেবতে ধর্ম্মমল্পশঃ ২১। ২ অল্পপরিমাণে।

অল্পশরীর বিণ [বহুব্রী ; স্ত্রী -রা] হ্রস্বকায়, ক্ষুদ্রদেহ। "গো.রা ৫.৩৫.৩১।

অল্পসরঃ (-রস্) ক্লী [কর্ম্মধা] পল্বল, ডোবা (অ.কো)।

অল্পসার বিণ [বহুব্রী , স্ত্রী -রা] অল্পস্থিরাংশ, অল্পমূল্য। "দ্রব্যাণামল্প-সারাণাম্ মনু ১১.১৬৫।

অল্পাই বিং [অল্প+আই ; সং অল্পায়ুঃ ; অপ্র] যাহার জীবিতকাল অল্প ; অল্পজীবী। "এ বড় বিষম পাপ, জনমে জনমে তাপ, ভুজাইয়া করাএ অল্পাই শ্রী.ম ১২। অহঙ্কার করি সবে অল্পাই হৈল ম ১০২৯। রাবণ হবেক অল্পাই কৃ.উ ৩১। —ই বি অল্প জীবিতকাল, অকালমৃত্যু। "ব্রাহ্মণীলঙ্ঘন-ফলে যাবি রে অল্পাই ক.চ ২৬২।

অল্পায়ুঃ (-য়ুস্) বিণ [অল্প আয়ুঃ যাহার, রহুব্রী ; স্ত্রী -য়ুঃ] অল্প-জীবিতকাল, অল্পজীবী। "মনু ৪.১৫৭।

অল্পায়ে বিং সর্থ 'অলপ্পেয়ে'। "আরে বুড়া আঁটকুড়া নারদ অল্পায়ে বি.পা ৫০।

অল্পাল্প বিণ [অল্প+অল্প, প্রকারে দ্বিরুক্তি] অল্পপ্রকার, ঈষৎ অল্প ; অতিশয় অল্প (ত.বা)। "°ভাসম্ (বিদ্যুদুন্মেষদৃষ্টিম্) উ.মে ২০। অল্পাল্পঃ (করঃ) মনু ৭.১২৯।

অল্পাসু বিণ [অল্প অসু যাহার, বহুব্রী] সর্থ 'অল্পপ্রাণ'। "পা ৮.২.১, কারিকা।

অল্পিত বিণ [অল্প+ই (ণিচ্)— √অল্পি+ত (ক্ত)-র্ম্ম] অল্পীকৃত, অবরীকৃত। "°কল্পপাদপ নৈ ১.১৫।

অল্পিষ্ঠ বিণ [অল্প+ইষ্ঠ (ইষ্ঠন্) বহুর মধ্যে একাতিশয্যে ; স্ত্রী -ষ্ঠা] অল্পতম, ক্ষুদ্রতম। —ল্পীয়ান্ (-য়স্) বিণ [+ঈয়স্ (ঈয়সুন্) দুই-এর মধ্যে একাতিশয্যে ; স্ত্রী -য়সী] অল্পতর, ন্যূনতর। "সৈন্যমল্পীয়ঃ মহা ৬.১৯.৫।

অল্পেতর বিণ [অল্প হইতে ইতর, সুপ্সুপা ; স্ত্রী -রা] অল্পভিন্ন, সমধিক, অতিমহান্। "অল্পেতরত্ব রঘু ৫.২২।

অল্পেয়ে বিণ সর্থ 'অলপ্পেয়ে'। "আঁটকুড়া নারদ অল্পেয়ে ভা.চ ৭৮। কোথাকার এ অল্পেয়ে, বসেছে এক রঙ্গ পেয়ে দা ৩৭৫ ; ৫১৫ ; ৫৩৩।

অশ্ সক [ক্র্যা.প—অশ্নাতি, সেট্] ১ অশন, ভোজন। "নিবেদ্য গুরবে-হশ্নীয়াৎ মনু ২.৫১। ২ [স্বা, আ অশ্নুতে ; বিকল্পিতেট্] ব্যাপ্তি। "ভট্টি ২.৩০। ৩ প্রাপ্তি, উপভোগ, লাভ। "সুখমশ্নুতে মনু ৪.১৪৯। ফলমশ্নুতে হি ১.৮৪। ৪ সংঘাত, রাশীকরণ। [অতি—অতিভোজন। "গী ৬.১৬। উপ—উপভোগ। "ন ফলং তদুপাশ্নাতি মহা ৩.১৮৩.৫৭। মনু ৬.৮২। পরি—পরিব্যাপ্তি।]

অশকুন পুং, ক্লী [ন.ত] অপ্রশস্ত লক্ষণ ; দুর্নিমিত্ত, দুর্লক্ষণ—শিবাদি-দর্শন। "মাঘ ৯.৮৩। অশকুনভূত (দর্শন) মু ৫$\frac{১}{২}$। না মানিনু অশকুন যাত্রার সময়।—রঙ্গ ২২১।

অশক্ত বিণ [ন.ত] ১ অসমর্থ, অক্ষম। "মনু ৮.১৫৪। শ্রমেতে অশক্ত-কলেবর সর্ব্বজনা ম ১৩। ২ অকুশল, অপটু। —শক্তি স্ত্রী [ন.ত] ১ শক্তির অভাব ; দৌর্ব্বল্য। ২ অসামর্থ্য, অপাটব। ৩ অশক্যতা। "রঘু ১০.৩২। ৪ (সাংখ্যে) করণবৈকল্য, ইন্দ্রিয়ের অপটুতা, বুদ্ধিধর্ম্ম-বিশেষ। "সাংখ্য ৪৬ ; ৪৭। —শক্য বিণ [ন.ত ; স্ত্রী -ক্যা] ১ শক্যভিন্ন, অসাধ্য। "হি ১.৯১ ; অশক্যার্থ ২$\frac{১৫৭}{৫৮}$। কৃষ্ণজনে কি কর্ম্ম অশক্য ম ১৯১ , ৫৬৯। কহিতে অশক্য কৃ ৪১৮। আমার অশক্য হৈল শি ২০। অশক্য হইলে বড় কৃ.উ ১৫৩। বুঝাইলে না বুঝ বড়ই অশক্য ম.ম ১১৭। ২ অশক্যরচন, অপৌরুষেয়। "অশক্যম্···বেদশাস্ত্রম্ মনু ১২.৯৪। ৩ দুরারোহ, অজয্য। "প্রকারাগ্রাণ্যশক্যানি গো.রা ৬.১৭.৮। ৪ (বাঙলায় ; অপ্র) অসম্ভব, অদ্ভুত। "শুনিতে অশক্য কথা বা.ম ৪৬ , অশক্য কথনঃ অশক্য কথা ১১৬। [অশক্যার্থ—অসাধ্য বিষয় (হি)।]

অশঙ্ক বিণ [ন শঙ্কা যাহার, ন.বহুব্রী , স্ত্রী -ঙ্কা] ১ শঙ্কাহীন, নির্ভীক। "(খলঃ) ছিদ্রং নিরূপ্য সহসা প্রবিশত্যশঙ্কঃ হি ১.৮২। ক্ষেত্রী সব অশঙ্ক পরাণ কৃ.উ ৫৬। ২ সন্দেহহীন, নিঃসংশয়। —শঙ্কা স্ত্রী [ন.ত] শঙ্কাভাব, অভয়। "তৎ তৎ কার্য্যমশঙ্কয়া গো.রা ২.৪৯.১৭। —শঙ্কিত বিণ [ন.ত] ১ অভীত, অত্রস্ত। ২ সন্দেহরহিত, নিশ্চিত। "যং শিষ্টা ব্রাহ্মণা ব্রূয়ুঃ স ধর্ম্মঃ স্যাদশঙ্কিতঃ মনু ১২.১০৮।

অশথ, আশথ, আশোদ বি [সং অশ্বত্থ > লি অস্সথ ; প্রা অস্সত্থ আসথ (প্রা.ম) > বা আশথ, অশথ ; পদ্যে] অশ্বত্থবৃক্ষ। "অশথ-তলায়।—শিশু ৫৬। শিশু অশথের গাছ।—সোনার তরী ৩২। চ.কা ৫৪,-৫। অশোদ গাছের শেকড় হু ৮৪।

অশন পুং [√অশ্ +অন (ল্যুট্)-ক] 'দূরব্যাপী', পীতসালবৃক্ষ। —ন ক্লী [+অন-ভা ; বৈদিক] ১ ভোজন, আহার। "কৃতাশন রা ২.৪৩.৮। অশনানশন যাজ্ঞ ৩.১২৩ ; ঘৃত° ২৭৪। ফলমূল° মনু ৫.৫৪। অশন করে অন্নঃ অনশন ম.পা ৫৪। ২ আস্বাদন, উপভোগ। ৩ ব্যাপ্তি। ৪ [+অন-র্ম্ম] ভোজ্য, খাদ্য, অন্নাদি। "পন্নগ°, পবন°, হুত°। পূজয়েদশনং নিত্যম্ মনু ২.৫৪ ; ৫৫। পিশিত° শ ৩.২৪। মহা° গী ৩.৩৭। অপ্রীত অশন ম ৪৩৫। শাকান্ন অশন ম.পা ১৭৪। গরলাশন বা.দ ১০১। বসন বাসন অশন আসন যত।—কা ৮। —না বি [সং অশন, -নায়া ; তু '°না' (ছান্দোগ্য ৬.৮.৩) ; অপ্র] ক্ষুধা। "(লোভ) তবু সদা৹ অশনায় পীড়িত মা ১৩৭। —নায়া স্ত্রী [√অশনায় বুভুক্ষা+অ-ভা+স্ত্রী আ (টাপ্) ; বৈদিক] বুভুক্ষা, ক্ষুধা। "চ্যুতাশনায়ঃ (রামঃ) ভট্টি ৩.৪০। —নায়িত বিণ [√অশনায়+ত (ক্ত)-ক] বুভুক্ষিত, ক্ষুধিত। —শিত বিণ [√অশ্ +ত (ক্ত)-র্ম্ম] ১ ভক্ষিত, খাদিত। ২ [+ত-ধি] ভোজনস্থান। "পা ৩.৪.৭৬। —শিতা (-তৃ) বিণ [+তৃ (তৃন্) -ক-১ব ; স্ত্রী -ত্রী] ভোক্তা।

অশনা, -নায়া, -নায়িত দ্র 'অশন'।

অশনি পুং, স্ত্রী [√অশ্+অনি-ক ; ছান্দস] ১ যাহা ব্যাপ্ত করে (অ.টী) ; কুলিশ, বজ্র। "মহাশনিধ্বজ রঘু ৩.৫৬। °ভরা বিদ্যুৎ।—কথা ৭৯। °সম্পাত ন ৫০৬। ২ বৈদ্যুতাগ্নি, বজ্রানল। "অশনিঃ কল্পিত এব বেধসা রঘু ৮.৪৭। কু.স ৪.৪৩। ৩ বিদ্যুৎ। ৪ উল্কাবিশেষ। ৫ ইন্দ্রাস্ত্র বজ্র। ৬ শক্রনাশার্থ অনুযাজ (ত বা)। —নি পুং ১ শিব (মহা)। দ্র 'অশনী' পুং। ২ (সাদৃশ্যে) কোপ। "কু.স ৩.৪৩, মল্লিনাথ। —নী স্ত্রী [°নি+স্ত্রী ঈ (ঙীষ্) ; 'ঈপি °নী' (অ.টী)] অশনি, বজ্র। "প্রদীপ্তামশনীম্ গো.রা ৩.৩৫.৪০। —নী (-নিন্) পুং [°নি+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'বজ্রবান্', শিব। "মহা ১৩.১৭.৪৩।

অশবার '-র্' বি [সং অশ্ববার>প্রা *অশ্শ (স্স)-আর ; আসবার (ভবিষ্যদত্তকথা) >বা আশ (শো)-আর, -য়ার, আসোবার, -য়ার, আ (অ)শবার ; ফা, হি অস্‌ৱার ; ঠ স্বার] অশ্বারোহী। "অশ্বপিঠে বসি দো অশবারা বা.দ ৮৯।

অশব্দ বিণ [ন.বহুব্রী] শব্দহীন, ধ্বনিরহিত। —ব্দ ক্লী ১ শব্দগুণহীন ব্রহ্ম। ২ বেদে বাচকশব্দবর্জ্জিত প্রধান।

অশম পুং [ন.ত] ১ শমাভাব, অশান্তি, ক্ষোভ। ২ অনুপশম, অনুপরম, ইহা করিয়া ইহা করিব—এইরূপ সঙ্কল্পবিকল্পের অনুপরম (গী.টীকা)। "কর্ম্মণামশমঃ গী ১৪.১২।

অশরণ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণা] শরণরহিত, রক্ষকহীন, নিরাশ্রয়। "বলবদশরণোঽস্মি শ ৬২/২৪। উ.চ ১৪/৪৬।

অশরীর বিণ [ন বহুব্রী] ১ শরীরহীন, অদেহ। ২ শরীরাভিমানহীন, জীবন্মুক্ত। "অশরীরং বা বসন্তং প্রিয়াপ্রিয়ে ন স্পৃশতঃ (ত বা)। ৩ উচ্চারকশরীরহীন, আকাশসম্ভব, দৈব। "°বাক্ ভ ১০.১.৩৪। —র পুং ১ পরমাত্মা। ২ (মীমাংসায়) দেব, ঈশ্বর। ৩ অনঙ্গ, কাম। "°শর মাঘ ৯.৬১। কি ১৭.১০।

অশরীরী (-রিন্) বিণ [ন.ত ; স্ত্রী -রিণী] ১ শরীরবিভিন্ন, অকায়, নিরাকার (ব্রহ্ম)। ২ সর্থ 'অশরীর (৩)। "°রিবাক্, °রিবাণী। বাগুবাচাশরীরিণী মহা ৩ ১৫৬ ১৩। —শরীরী পুং সর্থ 'অশরীর (২)।

অশর্ম্মা (-র্ম্মন্) বিণ [ন শর্ম্ম যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -র্ম্মা (র্ম্মন্)] শর্ম্মরহিত, সুখহীন। —শর্ম্ম ক্লী [ন.ত] 'শর্ম্মবিরোধী', অসুখ, দুঃখ। "কি ৩.৩৫।

অশস্ত্রবিহিত বিণ [ন.ত] শস্ত্র বিনা কৃত ; অনায়ুধসাধিত। "পৃথক্ শয্যা চ নারীণামশস্ত্রবিহিতো বধঃ হি ২ ৮৪।

অশান '-ন্' বিং [সং অশান্ত ; অপ্র] অধীর। "সুশাণ বিষাণ ঘায় অশান হইয়া। ব্যাঘ্র গড়াগড়ি যায় ধরায় পড়িয়া॥—বা.দ ৯৩ ; ২৫৬।

অশান্ত বিণ [ন ত ; বৈদিক] ১ শমরহিত, উপশমহীন, চিত্তোপরতি-হীন। "অশান্তস্য কুতঃ সুখম্ গী ২.৬৬। ভুক্তিমুক্তিসিদ্ধি-কামী সকলি অশান্ত চৈ.চ ১৯৯। ২ অধীর, উদ্বিগ্ন। ৩ অস্থির, দুরন্ত (বালক)। ৪ অজিতেন্দ্রিয়, অসংযত। "°তা ক.সা ২.১৩২। ৫ হিংস্র, বন্য, প্রচণ্ড। "সিংহী ভূত্বাশান্তেবাচরৎ (শতপথব্রাহ্মণ)। —শান্তি স্ত্রী [ন.ত] ১ অশম, অধীরতা। ২ উৎকণ্ঠা, উদ্বেগ। ৩ অনুপশম, অবিরতি।

অশাশ্বত বিণ [ন.ত ; স্ত্রী -তী] অনবস্থিত, অস্থির, নশ্বর, অনিত্য। "জন্ম...অশাশ্বতম্ গী ৮.১৫। অশাশ্বতোঽয়ং জীবিতব্যবিষয়ঃ। —পঞ্চ ১/৭ (কথামুখ)।

অশাসনীয়, -শাস্য বিণ [ন.ত] দুর্দ্দম, দুর্নিগ্রহ, দুঃশাসন, উদ্দাম। "অশাস্যানপি শাস্ত্যেষ মহা ৫ ৯৮.২১।

অশাস্ত্রবিহিত, -শাস্ত্রীয় বিণ [ন.ত] শাস্ত্রবিরোধী, অবৈধ, নিষিদ্ধ। "°বিহিত গী ১৭.৫।

অশিক্ষিত বিণ [ন ত] ১ অনুপদিষ্ট, অননুশিষ্ট। "অশিক্ষিতপটুত্ব শ ৫.২১ ; ২৪। ২ অনভ্যস্ত, অনধিগত। "অশিক্ষিতং চ ব্রহ্মাস্ত্রং ভগবন্ প্রতিভাতু মে।—রা ৭.১০ ৩১। ৩ শিক্ষাহীন, মূর্খ। ৪ অবিনীত, গতিনৈপুণ্যহীন (অশ্বাদি)। ৫ অকুশল, অজ্ঞ। "°সারথিনিয়োগ (কুল্লুক—শ.ক)। ৬ সমাজশিক্ষাহীন, অসামাজিক, অসভ্য।

অশিত, অশিতা দ্র 'অশন'।

অশিথিল বিণ [ন.ত] ১ অশ্লথ, দৃঢ়। ২ গাঢ়, নিবিড়, নিরন্তর। "°পরিরম্ভ উ.চ ১.২৭।

অশিব বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -বা ; ছান্দস] ১ শিবহীন, অমঙ্গল, অশুভ। ২ অপকারক, হিংসক, অহিতকর, বিদ্বেষী। "এতে শিরাসঃ সন্তো অশিরা অভূবন্।—ঋগ্বেদ ৫.১২.৫। ৩ অশুভসূচক, উৎপাতসূচক। "গো.রা ৩.২৯.১ ; অশিবাঃ (শিবাঃ) ১১। ৪ উগ্র। —শিব ক্লী [ন.ত] অমঙ্গল, অহিত, অশুভ। "সর্ব্বভূতাশিব গো.রা ৩.৩০.৩।

অশিরস্ক, -রাঃ (-রস্) বিণ [ন শিরঃ যাহার, ন বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -স্কা, -রাঃ] শিরোহীন, মস্তকরহিত। "অশিরাঃ পুমান্ মনু ৯.২৩৭। —স্ক, —রাঃ পুং মস্তকহীন দেহ ; কবন্ধ। [অশিরঃস্নান (ক্লী) —মস্তকব্যতিরিক্তসর্ব্বশরীরমজ্জন।]

অশিশির বিণ [ন.ত ; স্ত্রী -রা] অশীতল, উষ্ণ, তপ্ত। "অশিশিরৈঃ (অশ্রুভিঃ) শ ৩.১০। [°কর, °কিরণ, °রশ্মি (পুং)—উষ্ণকর, সূর্য্য। "°শ্মি কি ৫.৩১।]

অশিশিরকর, -কিরণ, -রশ্মি দ্র 'অশিশির'।

অশিশু বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -শ্বী ; (ছান্দস) ধেনবঃ...অশিশ্বীঃ (ঋগ্বেদ ১.১২০.৮)] শিশুহীন, অপোতক। —শিশু পুং ১ শিশুভিন্ন, তরুণ। ২ নববর্ষবয়স্ক। 'শিশুস্তাবদ্ যাবদষ্টৌ সমা বয়ঃ (স্মৃতি)।

অশিষ্ট বিণ [ন.ত] ১ অকৃতশাসন, অনুপদিষ্ট। ২ অসাধু, অভদ্র, দুর্বিনীত। "অশিষ্টালাপ (পঞ্চ)। ৩ অশিক্ষিত। ৪ নাস্তিক। ৫ প্রমাণগ্রন্থবিরোধী, অপ্রামাণিক। ৬ বেদমার্গাপেত, ব্যভিচারবান্। "°ব্যবহার পা ২৩.২৩, বার্ত্তিক। [অশিষ্টাচরণ (বি)—অভদ্র ব্যবহার ; অবিনয়।]

অশিষ্য বিণ [ন.ত ; স্ত্রী -ষ্যা] ১ অশাসনীয়, অনুপদেষ্টব্য, উপদেশানর্হ। "অশিষ্যং শাস্তি যঃ (তমাহুর্ম্মূঢ়চেতসম্) মহা ৫ ৩৩.৪৩। ২ অবক্তব্য। "পা ১.২.৫৩।

অশীত বিণ [ন.ত] ১ শীতভিন্ন, উষ্ণ। "°মরীচি মাঘ ৭.৬৩। ২ [ন.বহুব্রী] শীতপ্রভাবহীন। "অশীতান্তরবো মাঘে ফাল্গুনে পশুপক্ষিণো। চৈত্রে জলচরাঃ সর্ব্বে বৈশাখে নরবানরো॥ —তল বিণ [ন.ত] উষ্ণ। "মাঘ ৯.৮৬। [°তকর, °তমরীচি—উষ্ণরশ্মি, সূর্য্য। "অশীতমরীচি মাঘ ৭.৬৩।]

অশীতল, অশীতকর, -মরীচি দ্র 'অশীত'।

অশীতি স.বিণ [অষ্ট দশৎ ইহার পরিমাণ ইতি নিপাতিত পা ৫.১.৫৯ ; ছান্দস] ১ অষ্টদশকপরিমিতসংখ্যক, আশী। "°ত্যা...যাহি ঋগ্বেদ ২.১৮.৬। ২ অশীতিতম। "°ভাগ মনু ৮.১৪০। যাজ্ঞ ২.৩৮। —তি স্ত্রী সংখ্যাবিশেষ, আশী (৮০)। "°যানানি রা ২.৩২.২০। পিণ্ডানাং ত্রিশ্রোঽশীতীঃ মনু ১১.২২১। —তিক বিণ [°তি+ক (কন্) পরি-মাণার্থে, পা ৫.১.২২ ; স্ত্রী -কা] ১ অশীতিপরিমিত। "গো.রা ৫.৬.২১। ২ অশীতিবর্ষবয়স্ক। [অশীতিকাবর (বিণ)—অশীতিবর্ষের ন্যূনবয়স্ক, ঊনাশীতিবর্ষ। "অশীতিকাবরঃ শূদ্রোঽপ্যপাপত্যসমঃ।—গৌতম ৬।

অশীতিক, অশীতিকাবর দ্র 'অশীতি'।

অশীতিপর বিং অশীতির পরবর্ত্তী ; অশীতিবর্ষের অধিকবয়স্ক ; অতিবৃদ্ধ। "(বুড়ি) বয়সে অশীতিপরা ক.চ ২৬১। অশীতিপরের বটে মরণ মঙ্গল প.তৃ ৩৭।

অশীতিবর্ষ বিণ [অশীতি বর্ষ ভূত ইতি °র্ষ+ঈন (খ), প্রত্যয়লোপ, পা ৫.১.৮৯ ; স্ত্রী -র্ষা] অশীতিবর্ষবয়স্ক। "মমাশীতিবর্ষস্য।—পঞ্চ ৫ক্ষ্টি (কথামুখ)

অশীর্ষক, -র্ষিক, -র্ষী (-র্ষিন্) বিণ [ন.বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্); অশীর্ষ+ইক (ঠন্),+ইন্ (ইনি), অস্ত্যর্থে -ঽব, স্ত্রী -কা, -র্ষিকা, -র্ষিণী] শীর্ষহীন, মস্তকরহিত ; অগ্রশূন্য। "পা ৫.১.১১৬।

অশীল বিণ [ন.বহুব্রী] অপ্রশস্তশীল, দুশ্চরিত্র, দুর্বৃত্ত। "গো.রা ৩.৪০.১৬। অশীলেষু চঞ্চলাঃ (সম্পদঃ) কি ১১.২৫। —ল ক্লী [ন.ত] দুষ্ট স্বভাব; দুঃশীল, দুর্বৃত্ততা। "অশীলং কস্য ভূতয়ে ক.সা ৪.৮৪।

অশুচি বিণ [ন.ত ; স্ত্রী -চি] ১ অন্তর্বাহ্যশৌচরহিত। অন্তরে ও বাহ্যে মলিন। "মনু ৪.৭১। ২ অপবিত্র (মলমূত্রাদি)। ৩ বিষ্মূত্রাদিপূর্ণ (বৈতরণ্যাদি)। "নরকেঽশুচৌ গী ১৬.১৬। ৪ অস্বচ্ছ, অপরিষ্কৃত, সমল (মণি-প্রভৃতি)। ৫ কপট, ধূর্ত্ত। "গো.রা ১.৭.১৪। —চি পুং কৃষ্ণবর্ণ।

অশুদ্ধ বিণ [ন.ত] ১ অশুচি, অপবিত্র। ২ অমেধ্যোপহত, উচ্ছিষ্টাদি-যুক্ত। "মনু ৪.১২৭। ৩ জননমরণ হেতু অশুচি। "মনু ৫.৫৮। ৪ ব্যাকরণবিরোধী, ব্যাকরণদুষ্ট (শব্দাদি)। ৫ অশাস্ত্রবিহিত, সদোষ (কর্ম্ম)। ৬ অঙ্গহীন, সদোষ। "প্রথম মাহাত্ম্যান্তোক, পুছে ফেলে তিন শ্লোক, চণ্ডী হইল অশুদ্ধ তখন কৃ ৩৫৪। ৭ অপ্রশস্ত, স্মার্ত্তকর্ম্মের অযোগ্য, অশুভ (কাল)। —শুদ্ধা বিং [(স্ত্রীভাষায়) 'অশুদ্ধ'] অশুচি, ঋতুমতী। "বৌচুঁড়ী অশুদ্ধা হইয়াছে, কুটনা বা কে কুটিবে, বাটনা বা কে বাটিবে ব.প ১৭১১। —শুদ্ধি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -দ্ধি] শুদ্ধিহীন, অপবিত্র, অশুচি। —শুদ্ধি স্ত্রী [ন.ত] ১ শুদ্ধিহীনতা, অপবিত্রতা, অশৌচ। ২ অপ্রশস্ততা, অবৈধতা। "অতিচারে বৃহস্পতি পরে কালাশুদ্ধি শ্রী ১৪৪। ৩ ব্যাকরণদুষ্টতা, ভ্রম। "বর্ণ°, °শোধন।

অশুভ বিণ [ন.ত ; স্ত্রী -ভা] ১ শুভহীন, অমঙ্গল, অহিত। "°ভস্যাস্য মহতঃ কর্ম্মণঃ গো.রা ২.৬১.২১। ২ অমঙ্গলসূচক। ৩ অনিষ্ট, অপ্রিয়, ভীষণ। "°দর্শন (রাক্ষস) গো.রা ৬.১.২১। ৪ অসাধু, গর্হিত, কুৎসিত। "শুভেনাশুভেন বোপায়েন (কাদম্বরী)। ৫ প্রতিকূল, দুঃখহেতু। "ততং প্রাপ্য শুভাশুভম্ গী ২.৫৭। —শুভ ক্লী [ন.ত] ১ 'শুভ-বিরোধী', অমঙ্গল, অশিব। "মা.মা ১.২২। ২ দুর্দৈব, দুঃখ। "নাথে কুতস্ত্বয্যশুভং প্রজানাম্ রঘু ৫.১৩। ৩ পাপ।

অশুশ্রূষা স্ত্রী [ন.ত] শ্রবণেচ্ছার অভাব। "অশুশ্রূষা ত্বরা শ্লাঘা বিদ্যায়াঃ শত্রবস্ত্রয়ঃ মহা ৫.৪০.৪। —শুশ্রূষু বিণ [ন.ত ; স্ত্রী -ষু] শ্রবণেচ্ছাহীন, অশ্রবণেচ্ছু। "(ইদম্) ন চাশুশ্রূষবে বাচ্যম্ গী ১৮.৬৭।

অশুষ্ক বিণ [ন.ত] ১ সরস, সিক্ত। ২ জীবিত। "অশুষ্কাণাং দ্রুমাণাম্ মনু ১১.৬৪।

অশূন্য বিণ [ন.ত] ১ অহীন, পূর্ণ। "°শয়নং ভূয়ান্ মম জন্মনি জন্মনি (শয্যাদানমন্ত্র)। ২ (নাট্যে) অনুষ্ঠিত, সম্পাদিত। "নিয়োগমশূন্যং কুরু শ ২ক্ষ্টি। —শূন্য ক্লী অরিক্ততা, সাফল্য। "লেখস্য অশূন্যার্থং কিঞ্চিৎ অনুপ্রেষিতম্ মু ৫ক্ষ্টি।

অশেষ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ষা] ১ শেষহীন, সর্ব্ব, সমগ্র। "সমুদ্ধৃতাশেষ-মৃণালজালক।—ঋতু ১.১৯। মদগুরুঃ ক্রতোরশেষেণ ফলেন যুজ্যতাম্ রঘু ৩.৬৫। °জন কি ৩.৫১। °শেমুষীমোষং মাষমশ্বামি কেবলম্।—উদ্ভট। ২ অন্তহীন, অনন্ত, অসীম। "°ষোঽসি (বিষ্ণো)।—বিষ্ণু-পুরাণ। ৩ (বাঙলায়) সুদীর্ঘ, সুবিশাল। "মহোরগবৃন্দ অশেষশরীরী মে ২৮৪। —শেষ পুং [ন.ত] শেষাভাব, সামগ্র্য, সাকল্য, সম্পূর্ণতা। "ভৃগুঃ শাস্ত্রং শ্রাবয়িষ্যত্যশেষতঃ মনু ১.৫৯। ব্রূহি ধর্ম্মানশেষতঃ যাজ্ঞ ১.১। [অশেষবিশেষ—নানাপ্রকার। "অশেষবিশেষ পূজা করএ গ ১৭। অশেষবিশেষে—নানাপ্রকারে, নানাবিধভাবে। "স্তুতি করে নারায়ণে অশেষবিশেষে ম ১০। অশেষবিশেষে বুধ বোলেন্ত কৃ.উ ২১১। কহিলেন অশেষবিশেষে চৈ.ভা ১৪৩। বিদ্যাদান কৈল প্রভু অশেষবিশেষে চৈ.ম ৭৫।]

অশেষিত বিণ [ন.ত] শেষিতভিন্ন, অশেষীকৃত, সমাপিত। "অশেষিত-ক্রিয় কি ১.২০।

অশৈক্য বিং [সং অশক্য ; অপ্র] অসম্ভব। "মা বুলিয়া ডাকিবারে ঘরের রমণী। এমন অশৈক্য বাণী কভু নাহি শুনি॥—ম.গা ২৪।

অশোক বিণ [ন.বহুব্রী, স্ত্রী -কা] ১ শোকহীন, বীতশোক, দুঃখরহিত। "তথাপি না পায় গঙ্গা না হয় অশোক কৃ ১৬। সর্ব্ব নবদ্বীপ প্রভুপ্রভাবে অশোক চৈ.ভা ৯১। আনন্দে অশোক শ্রী.মা ১৫৩। ২ যাহা হইতে শোক নাই ; শোকনাশন। "সতানামা ভবাশোক! অশোকঃ শোক-নাশকঃ মহা ৩.৬৪.১০৭। —শোক পুং ১ স্বনামখ্যাত বৃক্ষ। "°বনিকা রা ১.১.৭৩। দ্র (২)। [ইহার মূলে তপস্যা করিয়া গৌরী লক্ষমনোরথ হইয়াছিলেন ; এই হেতু নাম 'অশোক' (অ.টী)। রমণীর পাদাঘাতে অশোক বিকশিত হয়; পাদাঘাত ইহার দোহদ (সা.দ ৭.২৪। উ.মে ১৭। কু.স ৩.২৬)। 'হে অশোক, কোন রাঙ্গা চরণচুম্বনে॰ মর্ম্মে মর্ম্মে শিহরিয়া হলি লালে লাল!—অ.গু ১৪৪।] ২ বকুলবৃক্ষ। ৩ বিষ্ণু (মহা)। ৪ অশ্বপতির জ্যেষ্ঠভ্রাতা (শ.ক)। ৫ চন্দ্রগুপ্তের পৌত্র বৌদ্ধরাজ প্রিয়দর্শী। —শোক ক্লী ১ অশোকপুষ্প। "সা.দ ৭.২৪। কৃ ৩৪৯। ২ পারদ। —শোকা স্ত্রী ১ কটুকা বৃক্ষ। ২ চৈত্রমাসের শুক্লষষ্ঠী ; অশোকষষ্ঠী। ৩ (জৈন) শাসনদেবতাবিশেষ (অ.চি)। [°ত্রিরাত্র (ক্লী)—ব্রতবিশেষ (ত.বা)। °পূর্ণিমা (স্ত্রী)—ফাল্গুনের পূর্ণিমাবধি বর্ষপর্য্যন্ত পূর্ণিমা ; পূর্ণিমায় কর্ত্তব্য ব্রতবিশেষ (ত.বা)। °বনিকা (স্ত্রী)—অশোকের ক্ষুদ্রবন, রাবণের প্রমোদবন (রা.টীকা)। "রা ১.১.৭০। °ভঙ্গ ভটি, ৮ম সর্গ। °বর্দ্ধন (পুং)—মৌর্য্যবংশীয় অশোকরাজ। "ভ ১২.১.১২। °ষষ্ঠী ((স্ত্রী)—চৈত্রশুক্লষষ্ঠী। °কাষ্টমী (স্ত্রী)—চৈত্রশুক্লাষ্টমী। [এই তিথিতে অষ্ট অশোক কলিকা ভক্ষণ করিলে লোক শোকপ্রাপ্ত হয় না।]

অশোকত্রিরাত্র, -পূর্ণিমা, -বনিকা, -বর্দ্ধন, -ষষ্ঠী, অশোকা, -কাষ্টমী দ্র 'অশোক'।

অশোচ্য বিণ [ন.ত] শোকের অযোগ্য ; অশোচনীয়। "গী ২.১১। °তা রঘু ৮.২৭। °চ্য (ভূত)।—পঞ্চ ১.৩৬৪।

অশোদ '-দ্' বি [দ্র 'অশথ'] অশ্বত্থবৃক্ষ। "মহাপুরুষ সত্যযুগের মানুষ, গায়ে বড় বড় অশোদ গাছ…হয়ে গিয়েছে হু ৮২।

অশোভন বিণ [ন.ত ; স্ত্রী -না] শোভাহীন, কুৎসিত, রূক্ষদর্শন। "অশোভন ভূমি হৈল বিধবাসদৃশ ম ৯৩৭।

অশোষ্য বিণ [ন.ত ; স্ত্রী -ষ্যা] শোষণের অযোগ্য ; অশোষণীয়। "গী ২.২৪।

অশৌচ ক্লী [অশুচি+অ (অণ্) তদ্ভাবার্থে ; বিকল্পে 'আশৌচ', পা ৭.৩.৩০] ১ অশুচিভাব, অপবিত্রতা ; মালিন্য। "পঞ্চ ১.২০৭। ২ জন্মমৃত্যু-হেতু শাস্ত্রবিহিত অশুদ্ধি ; অশুদ্। "জনন°, মৃত°। শাবমশৌচম্ মনু ৫.৬১ ; ৬২ ; শৌচ° ৯৭।

অশৌচসঙ্কর পুং [ষ.ত] অশৌচদ্বয়ের মিশ্রণ ; জননমরণাশৌচের মধ্যে পুনর্জননমরণাশৌচের সঙ্ঘটন হেতু অশৌচবিশেষ (দ্র 'মনু ৫.৭৪)।

অশৌচান্ত পুং [অশৌচের অন্ত যাহাতে, বহুব্রী] ১ যে দিনে অশৌচ যায় ; অশৌচাবসান দশমাদি দিন। "অশৌচান্তাদ্ দ্বিতীয়েঽহ্নি শয্যাং দদ্যাদ্ বিলক্ষণাম্ (স্মৃতি)। ২ [ষ.ত] অশৌচের অবসান। "অশৌচান্তে পৌষমাস পরে শুক্রবৃদ্ধি শ্রী ১৪৪ ; ১৪৫। শ্রী.মা ২১০। [অশৌচান্তে পৌষমাস—শুভকর্ম্মের অনুষ্ঠানবিরোধী এক বিঘ্নের পরে অন্য বিঘ্ন ; কার্য্যমাত্রেরই প্রতিবন্ধক বিঘ্নপরম্পরা।]

অশৌণ্ডীর বিণ [ন.ত ; স্ত্রী -রা] অসমর্থ। "রা ২.২৩.৭।

অশ্ম বি [সং অশ্মা (-শ্মন্)] প্রস্তর, শিলাদেহ। "সতীশাপে আপনি ঈশ্বর হৈল অশ্ম শি ১০১।

অশ্মক পুং [অশ্মন্+ক (কন্) সাদৃশ্যার্থে, সংজ্ঞায়] ১ অশ্ম (প্রস্তর)-তুল্য স্থির; ঋষিবিশেষ। ২ সূর্য্যবংশীয় সৌদাসপুত্র রাজবিশেষ। "'ভ ৯.৯.৪০। ৩ (বহুব) দাক্ষিণাত্যস্থিত দেশবিশেষ; ত্রিবাঙ্কোর (?)। "পা ৪.১.১৭৩। গো.রা ৪.৪১.১৭। ৪ অশ্মকদেশের রাজগণ বা অধিবাসিগণ।

অশ্মকুট্ট, -কুট্টক বিণ [তৃ.ত] প্রস্তর দ্বারা ফলাদি চূর্ণীকারক (বানপ্রস্থবিশেষ)। "মনু ৬.১৭। যাজ্ঞ ৩.৪৯। —ট্ট, —ট্টক পুং বানপ্রস্থবিশেষ। "মহা ১৪.৯২.৬।

অশ্মগুড়, -গুড়ক পুং [অশ্মার গুড়, ষ.ত; 'ক' (কন্) স্বার্থে] শত্রুপরিক্ষেপণার্থ বর্ত্তুলীকৃত পাষাণ; পাথরের গুলি। "°ক মহা ৩.১৫.৮।

অশ্মজ ক্লী [অশ্মন্+ √জন্+অ (ড)-ক; উ.ত] ১ 'শিলাজাত', শিলাজতু। ২ লৌহ। তু 'অশ্মনো লৌহমুত্থিতম্ মনু ৯.৩২১।

অশ্মন্ত, -ন্তক ক্লী ['অশ্মবন্ত'—মূল (?)] ১ চুল্লী। ['লুড়ির চুলা' এই মৌলিক অর্থ হইতে চুল্লীসামান্য (?)] ২ ক্ষেত্র। —ন্তক পুং [অশ্মার অন্তক, ষ.ত] ১ 'পাষাণনাশক', তৃণবিশেষ। "মনু ২.৪৩। ২ কোবিদারবৃক্ষ।

অশ্মপ্লব পুং [ষ.ত] পাষাণময় উড়ুপ; পাথরের ভেলা। "অশ্মপ্লবেনেব সহ তেনৈব মজ্জতি মনু ৪.১৯০।

অশ্মবর্ষ ক্লী, **-বৃষ্টি** স্ত্রী [ষ.ত] পাষাণবর্ষণ, নিরন্তরশিলাক্ষেপণ। "°র্ষ রা ১.২৬.২০।

অশ্মময় বিণ [অশ্মন্+ময় (ময়ট্) তদ্বিকারার্থে; স্ত্রী -য়ী] ১ শিলাময়, প্রস্তররচিত। ২ শিলারূপ। "রত্নেষু...অশ্মময়েষু মনু ৮.১০০। —ময় ক্লী শিলাময় বস্তু; পাথরের দ্রব্য। "মনু ৫.১১১; ১১২।

অশ্মরী স্ত্রী [অশ্মন্+ √রা+অ (ক)-ক+স্ত্রী ঈ (ঙীষ্), উ.ত] মূত্রকৃচ্ছ্ররোগ, পাথরী। [°ঘ্ন (পুং)—'অশ্মরীনাশক', বরুণবৃক্ষ। °হর (পুং)—'অশ্মরীহারক', দেবধান্য, দেধান।]

অশ্মসার বিণ [ষ.ত] প্রস্তরের সারতুল্য; কঠিন, দৃঢ়। —সার পুং, ক্লী ১ প্রস্তরের স্থিরাংশ; পাথরের সার। "°ময় (হৃদয়) গো.রা ২.৬২.২১। অশ্মসারকঠিন (প্রাণ—সা.দ)। ২ লৌহ। ৩ ইন্দ্রনীলমণি। ৪ হীরকপদ্মরাগাদি মণি। "অশ্মসারময়ং ভাণ্ডম্ মহা ২.৫১.১৬।

অশ্মা (-শ্মন্) পুং [অশ্+মন্ (মনিন্)-ক -১ব, উ ৪.১৪৬; ছান্দস; ফা অশ্‌মান্; Av. asman] ১ যাহা সংহত হয়; প্রস্তর। "অশ্মনিপ্পেষোৎপতিতানল রঘু ৪.৭৭। হি ৪৫ (কথারম্ভ)। ২ অগ্নিজনক প্রস্তর; চকমকি পাথর। ৩ করকা। "অশ্মসহিতা ধারা মহা ৩.১৪৩.১৯।

অশ্মান্তক পুং সর্ব 'অশ্মন্তক'। "কুশাশ্মান্তকবল্বজ (পাঠান্তর) মনু ২.৪৩।

অশ্র ক্লী [√অশ্+র (রক্)-ক] যাহা (নেত্র) ব্যাপ্ত করে; নেত্রজল, অশ্রু। তু 'অস্র'। "নেত্রাভ্যামশ্রমুৎসৃজন্ রা ২.১০৩.৬। (দৃগ্‌ভ্যাম্) অশ্রং প্রববৃতে ক.সা ১৩.১২৬।

অশ্রদ্ধ বিণ [ন শ্রদ্ধা যাহার, ন.বহুব্রী; স্ত্রী -দ্ধা; ছান্দস] ১ শ্রদ্ধাহীন, আস্তিক্যবুদ্ধিরহিত, শাস্ত্রার্থে দৃঢ়প্রত্যয়শূন্য। ২ (বাঙ্‌লায়) ভক্তিহীন, অনুরাগশূন্য। —শ্রদ্ধা স্ত্রী [ন.ত; ছান্দস] ১ শ্রদ্ধাভাব, শাস্ত্রার্থে দৃঢ়প্রত্যয়াভাব, আস্তিকালক্ষণা ভক্তির অভাব। "গী ১৭.২৮। মনু ৪.২২৫। ২ শ্রদ্ধাবিরোধী চিত্তবৃত্তিবিশেষ; অপ্রত্যয়। ৩ (বাঙ্‌লায়) অভক্তি, অবজ্ঞা, হেয়জ্ঞান। "°খ্যাপন পা.প্র ৫৪। —শ্রদ্ধেয় বিণ [ন.ত; স্ত্রী -য়া] ১ শ্রদ্ধার অযোগ্য; শ্রদ্ধানর্হ, অবিশ্বসনীয়। "বচনমশ্রদ্ধেয়ং শ্রুত্বা...প্রহস্য প্রোচুঃ।—পঞ্চ ৫ৈঁ৫ৈঁ। ২ (বাঙ্‌লায়) অবজ্ঞেয়, হেয়।

অশ্রম পুং [ন.ত] শ্রমাভাব, অনায়াস। "রঘু ২.৬৭।

অশ্রাদ্ধভোজী (-জিন্) বিণ [অশ্রাদ্ধ+ √ভুজ্+ইন্ (ণিনি) -ক -১ব —সতি ভোজনেঽশ্রাদ্ধমেব ভুঙ্ক্তে ন শ্রাদ্ধম্ (পা ৩.২.৮০, কাশিকা); অথবা, শ্রাদ্ধ ভোজন করেন না (শ্রাদ্ধং ন ভুঙ্ক্তে) ইতি অসমর্থসমাস] যিনি অশ্রাদ্ধ (শ্রাদ্ধভিন্ন অন্ন) ভোজন করেন; অথবা যিনি শ্রাদ্ধ ভোজন করেন না; অশ্রাদ্ধভোজনশীল (ব্রতী)। "সা.দ ৭ঁ৫ঁ।

অশ্রাদ্ধী (-দ্ধিন্) বিণ [ন.ত] শ্রাদ্ধহীন, শ্রাদ্ধাদি পঞ্চযজ্ঞশূন্য (শূদ্র)। "মনু ৪.২২৩।

অশ্রাদ্ধেয় বিণ [ন.ত] শ্রাদ্ধের অযোগ্য; শ্রাদ্ধানর্হ। "অশ্রাদ্ধেয়ানি ধান্যানি মহা ১৩.৯১.৩৮।

অশ্রান্ত বিণ [ন.ত; ছান্দস] ১ শ্রান্তভিন্ন, শ্রমরহিত, অক্লিষ্ট। "ক.সা ৪০.১৭। ২ সতত, অবিরত। "অশ্রান্তং তপতি...দিনকরঃ উ.চ ৬.১৪। ঘুরে সূর্য্য গ্রহ চন্দ্র অশ্রান্ত।—মন্দ্র ১০। পাখীর অশ্রান্ত গান চ.কা ৪৮। রাবণের চিতার ন্যায় অশ্রান্ত রব করিতেছে ব.দ্বি ৪।

অশ্রাব্য বিণ [ন.ত; স্ত্রী -ব্যা] ১ যাহা অবশ্য অশ্রবণীয়; সর্ব্বথা শ্রবণের অযোগ্য। "অশ্রাব্যং খলু যদ্ বস্তু তদিহ স্বগতং মতম্ সা.দ ৬.১৩৭। অশ্রাব্য কটূক্তি।—হেম ৫৭। ২ (বাঙ্‌লায়) কটু, অশ্লীল। "অশ্রাব্য ভাষায় গালাগালি।

অশ্রি, -শ্রী স্ত্রী [√অশ্+রি (ক্রি)-ধি, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.১৩৭; ছান্দস] ১ যেখানে সংহত হয়; অস্ত্রের কোণভাগ, অগ্রভাগ (অ.টী); কোটি, খড়্গাদির অগ্রভাগ। "চতুরশ্রি।—ঋগ্বেদ ১.১৫২.২। অষ্টাশ্রির্বৈ বজ্রঃ—ঐতরেয় ব্রাহ্মণ ২.১। যূপশ্চাষ্টাশ্রিঃ মহা ৩.১৩৪.১৫। পা ৫.৪.২০। কুলিশং কুণ্ঠিতাশ্রি কু.স ২.২০। ২ গৃহাদির কোণ।

অশ্রীক বিণ [ন শ্রী যাহার, ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -কা] ১ শ্রীহীন, বীতশোভ, শোভাশূন্য। "°ক (দানবপুর) মহা ৩.১৭৩.৬৪। °কা (দিক্) মাঘ ১৫.৯৬। ২ লক্ষ্মীহীন, সমৃদ্ধিহীন।

অশ্রীমান্ (-মৎ) [ন.ত; স্ত্রী -মতী] ১ অশ্রীযুত, কান্তিহীন, শোভাশূন্য। "রা ১.৬.১৬। ২ অলক্ষ্মীবান্, অসমৃদ্ধ, দুর্গত।

অশ্রু ক্লী [√অশ্+রু-ক, উ ৪.১০২; ছান্দস; ফা অশক্; Av. asru; cf., Gr. oakru, Ger. Zahre] ১ যাহা ব্যাপ্ত করে; নেত্রজল। তু 'অস্র'। "আবর্ত্তয়ন্ত তেঽশ্রূণি রা ২.৪৭.১৬; অশ্রূণি মুমুচুঃ ৪৮.৩; °কণ্ঠ ৭৪.৩২। সৈনিক° রঘু ৩.৬১; শোকোষ্ণৈঃ... অশ্রুভিঃ ১২.৪। অশ্রু-আঁখি বিধুমুখী মে ৭৭। ২ সাত্ত্বিকবিকারবিশেষ। "সা.দ ৩.১৩৯। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—অশ্রুপাত (মহা)। °কলা (স্ত্রী)—অশ্রুবিন্দু। °লেশ (পুং)—অশ্রুকণ। "উ.মে ৪৫। °লোচন (বিণ)—সাশ্রুনেত্র। "মহা ৪.১৬.৩৪।]

অশ্রুত[১] বিণ [ন.ত] ১ শ্রুতভিন্ন, অনাকর্ণিত। ২ শ্রুতিবিরোধী। ৩ [ন.বহুব্রী] শ্রুতিজ্ঞানহীন, শাস্ত্রজ্ঞানশূন্য, মূঢ়, মূর্খ। বিপ 'বহুশ্রুত'। 'অশ্রুতঃ (মূঢ় ইত্যুচ্যতে বুধৈঃ) মহা ৫.৩৩.৩৫; ৩৭.৩৬।

অশ্রুত[২] বিং ['অশ্রুযুত'—মূল; তু 'দুঃখিত' ইত্যাদি; অপ্র] ১ অশ্রুপূর্ণ, সজল। "সাধু অশ্রুত লোচন ক.চ ১৮৯। অশ্রুত লোচনে ম ৪৯৬। ২ আনন্দাশ্রুপূর্ণ। "শুনিয়া বিরাট রাজা অশ্রুতলোচন।—ম ৬৬০; ভাবে গদগদ হৈল অশ্রুত-লোচন ৭১৫।

অশ্রুতপূর্ব্ব বিণ [ন.ত; স্ত্রী -র্ব্বা] যাহা পূর্ব্বে অশ্রুত (শুনা যায় নাই); অশ্রুতচর। "অশ্রুতপূর্ব্ব লোকানুরাগপ্রিয়তা সী ৪৪।

অশ্রুতি বিণ [ন বহুব্রী, স্ত্রী -তি] শ্রুতিহীন, বধির। —শ্রুতি স্ত্রী [ন.ত] অশ্রবণ। "অশ্রুতিমভিনীয় উ.চ ৩.২৪,২৫।

অশ্রুপরিপূর্ণ, -পরিপ্লুত, -পূর্ণ বিণ [তৃ.ত] অশ্রুপূরিত, অশ্রুপ্লাবিত, সাশ্রু। "অশ্রুপূর্ণাকুলেক্ষণ গী ২.১। অশ্রুপূর্ণলোচনে সী ৮।

অশ্রুপাত পুং [ষ.ত] অশ্রুমোচন, ক্রন্দন। "ম.পা ১৬৫।

অশ্রুবারি, -সলিল বি [কর্ম্মধা] অশ্রুরূপ জল; অশ্রু। "অশ্রুবারিধারা আসার মে ১৯। অশ্রুবারি মুছিল না।—রবীন্দ্র। অশ্রু-সলিলধৌত হৃদয়ে থাক দিবস যামী।—রবীন্দ্র।

অশ্রুময় বিং [অশ্রু+ময় (ময়ট্) প্রকৃতবচনে ; স্ত্রী -য়ী] প্রচুরাশ্রু-যুক্ত, অশ্রুপ্রচুর, অশ্রুপূর্ণ। "অশ্রুময় আঁখি৹ নিশার শিশিরপূর্ণ পদ্মপর্ণ যেন মে ১৯।

অশ্রুমুখ বিণ [বহুব্রী ; স্ত্রী -খা, -খী] ১ যাহার মুখে অশ্রু ; অশ্রু-সিক্ত মুখ। "°খ (জন) রা ২.৫৯.১১। সংসদশ্রুমুখী বভৌ রঘু ১৫.৬৬। কু.স ৬.৯২। ২ (বহুব) দ্বাদশ পিতৃগণের শেষপিতৃত্রয়। [পিতৃ-প্রভৃতি উর্দ্ধ তিন পুরুষ 'পিণ্ডভাক্' বৃদ্ধপ্রপিতামহাদি তিন পুরুষ 'লেপভুক্', তৎপরবর্ত্তী তিন পুরুষ 'নান্দীমুখ' এবং শেষ পিতৃত্রয় 'অশ্রুমুখ'। 'শাতাতপসংহিতা ৬.৫।]

অশ্রুলেশ, -অশ্রুলোচন দ্র 'অশ্রু'।

অশ্রেয়ঃ (-য়স্) ক্লী [ন.ত] 'শ্রেয়োভিন্ন', অমঙ্গল অশুভ, অনিষ্ট। "অশ্রেয়শ্চ বিন্দতি মহা ৫.১৭৯.৩০। ধ্রুবমশ্রেয়ঃ ক.সা ৪.৩৪। —য়স্ক বিণ [°য়স্+ক (কন্) সমাসান্ত ; স্ত্রী -স্কা] শ্রেয়োহীন, অহিতকর, অশুভ। "অশ্রেয়স্কাবেতাবুভৌ।—মহা ৩ ২.২৯। —য়ান্ (-য়স্) বিণ [ন ত ; স্ত্রী -য়সী] ১ সর্ব 'অশ্রেয়স্ক'। ২ হীনতর, অপকৃষ্টতর। "অশ্রেয়ান্ শ্রেয়সীং জাতিং গচ্ছতি মনু ১০.৬৪।

অশ্রোত্রিয় বিণ [ন.বহুব্রী] ১ শ্রোত্রিয়হীন, বেদজ্ঞব্রাহ্মণশূন্য। "হতমশ্রোত্রিয়ং শ্রাদ্ধম্। —চাণক্য ১০০। ২ [ন.ত] শ্রোত্রিয়ভিন্ন, বেদানভিজ্ঞ। —য় পুং অনধীতবেদ ব্রাহ্মণ। "নাশ্রোত্রিয়ততে যজ্ঞে (ভুঞ্জীত) মনু ৪.২০৫ ; ৫.৮২।

অশ্লিষ্ট বিণ [ন.ত] ১ অসম্বদ্ধ, অসম্পৃক্ত, বিযুক্ত। ২ অসঙ্গত, অনন্বিত, অপ্রাসঙ্গিক। ৩ শ্লেষহীন (কাব্য)।

অশ্লীক বিণ [অশ্রীক>অশ্লীক (র>ল)] শ্রীঘ্ন, শ্রীহানিকর ; অশ্লাঘ্য (মেধাতিথি)। "মনু ৪ ২০৬।

অশ্লীল বিণ [ন.ত ; স্ত্রী -লা ; শ্রীল>শ্লীল (র>ল), পা ৬.২.৪২, কাশিকা ; তু, 'অশ্রীর'—"অশ্রীরা তনূর্ভবতি (ঋগ্বেদ ১০.৮৫.৩০)] ১ শ্রীলভিন্ন, অশোভন, কুৎসিত, গ্রাম্য (ভাষাদি)। ২ লজ্জাকর, কটু। —ল ক্লী ১ ভাণ্ডাদিবচন (অ.কো), গ্রাম্যভাষা, অশিষ্টবাক্য। ২ লজ্জাজনক বাক্য। ৩ অসত্যভাষণ (মিতাক্ষরা), জুগুপ্সিত বাক্য। "যাজ্ঞ ১.৩৩। ৪ (অলঙ্কারে) কাব্যগতদোষবিশেষ। [ব্রীড়া, জুগুপ্সা ও অমঙ্গল ভেদে 'অশ্লীল' ত্রিবিধ ('ত্রিধাঽশ্লীলম্ কা.প্র ৭.৫০ ; সা.দ ৭২)।]

অশ্লীলতা স্ত্রী [অশ্লীল+তা (তল্) তদ্ভাবার্থে] ১ অশ্লীলভাব, অশোভনতা, গ্রাম্যতা। ২ কাব্যদোষবিশেষ। 'সা.দ ৭.২।

অশ্লেষা স্ত্রী [ন শ্লেষ যাহাতে, ন.বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] (জ্যোতিষে) সপ্তবিংশতি নক্ষত্রের নবম নক্ষত্র। [ইহা চক্রাকৃতি, ষড়্নক্ষত্রাত্মক। ইহার দেবতা সর্প। ইহাতে জন্মিলে, নর বৃথাভ্রমণশীল অতিদুষ্ট বৃথাকষ্ট-প্রদ সদর্প ও কামবশ হয়। [°ভব, °ভূ (পুং)—'অশ্লেষায় জাত' ; কেতুগ্রহ।]

অশ্ব পুং [√অশ্+ব (ক্বন্)-ক, উ ১.১৪৯ ; অশ্বঃ কস্মাদশ্নুতেঽধ্বানম্ (নিঘণ্ট্ ১.১৪) ; স্ত্রী -শ্বা ; ছান্দস ; ফা অস্প্ ; Av. aspa ; Gr. Hippos ; L. Equus ; T. Ehu ; Lith. Aszva ; F. rosse ; Iceland—horss ; E. horse] ১ যে পথ ব্যাপ্ত করে ; ঘোটক। [ইহার সপ্ত উৎপত্তিস্থান—অমৃত (জল ? —দ্র 'শুক্ল-যজুর্ব্বেদ ২৩.১৪, মহীধর) বাষ্প বহ্নি বেদ অণ্ড গর্ভ এবং সাম। দ্র 'আশ্বির'।] ২ (সূর্য্যের সপ্তাশ্বানুসারে বা অশ্বের জন্মস্থানানুসারে) সাত (৭) এই সংখ্যা। ৩ চারিজাতি পুরুষের চতুর্থজাতি (রসমঞ্জরী)। "বৃষে শঙ্খিনীর তুষ্টি অশ্বে হস্তিনীর ভা.চ ৭২৩। ৪ চতুরঙ্গক্রীড়ার উপকরণবিশেষ। ৫ (জ্যোতিষে) অশ্বারূঢ় ধনুঃ রাশি। —শ্বক পুং [+অশ্বক (কন্) স্বার্থে, হ্রস্বার্থে] ১ অশ্ব। ২ ক্ষুদ্র অশ্ব।

অশ্বকন্দা, -গন্ধা স্ত্রী 'অশ্বমেঢ্রতুল্যকন্দ-যুক্তা', অশ্বগন্ধবিশিষ্টা, বৃক্ষ-বিশেষ।

অশ্বকর্ণ, -কর্ণক পুং ১ যাহার পত্র অশ্বকর্ণতুল্য ; সালবৃক্ষবিশেষ (Valica Robusta)। "রা ৩.১৫.১৮। কু ২৫৭। ২ [ষ.ত] অশ্বের কর্ণ।

অশ্বকুটী স্ত্রী [ষ.ত] অশ্বশালা, মন্দুরা। "পঞ্চ ৫৺৯৺।

অশ্বকোবিদ পুং [ষ.ত] অশ্বশাস্ত্রের পণ্ডিত, অশ্বতত্ত্বজ্ঞ, অশ্বশাস্ত্রবিৎ। "মহা ৩.৫৩.১।

অশ্বক্রান্ত বিণ [তৃ.ত] অশ্ব কর্ত্তৃক আক্রান্ত ; অশ্বখুরক্ষুণ্ণ। "অশ্বক্রান্তে …বসুন্ধরে (গাত্রে মৃত্তিকালেপনমন্ত্র)। "অশ্বক্রান্তে ইতি মন্ত্র উচ্চারি বদনে ম.পা ১৪৫।

অশ্বঘাস পুং [ষ.ত] অশ্বসম্বন্ধী ঘাস ; ঘোড়ার ঘাস। "পা ২.১.৩৬, সি।

অশ্বচক্র ক্লী [ষ.ত] ১ অশ্বসমূহ। ২ [উ.লো] রাজার জয়াজয়-সূচক অশ্বাকার চক্রবিশেষ। ৩ (বাঙলায়) চতুরঙ্গখেলায় অশ্বের চা'লের ক্রীড়াকৌশলবিশেষ।

অশ্বচেষ্টিত ক্লী [ষ.ত] ১ অশ্বের গতি। ২ অশ্বচেষ্টাসম্বন্ধী শুভাশুভ-সূচক নিমিত্তবিশেষ (বৃহৎসংহিতা, ৯৩)।

অশ্বতর পুং [অশ্ব+তর (ষ্টরচ্) 'তনুত্ব' অর্থে ; স্ত্রী -রী ; ছান্দস] ১ 'অশ্বধর্ম্মের ন্যূনতাযুক্ত অশ্ব' ; গর্দ্দভ হইতে অশ্বায় জাত মিশ্রজাতি অশ্ববিশেষ ; খচ্চর (Mule)। "রী (S.W.)। ২ পুংবৎস (শ.ক)। ৩ নাগরাজবিশেষ। —রী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্) ; ছান্দস] অশ্বতর-স্ত্রীজাতি, খচ্চরী। "স্বগর্ভোঽশ্বতরীমিব গো.রা ৩.৪৯.৪৯। মহা ১.১৪০.৮৩। পঞ্চ ২.৩৫। অশ্বতরী গর্ভ ধরে মরিতে যেমন হি ২.১৪৬ (অনুবাদ)।

অশ্বত্থ পুং [ন শ্বত্থ (শ্বঃ স্থিত), ন.ত, পৃষো ; অশ্বাস্তিষ্ঠন্ত্যস্মিন্ (অ.টী), পৃষো ; ছান্দস] ১ যাহা শ্বত্থ (অল্পকালস্থায়ী) নহে ; বৃক্ষবিশেষ, পিপ্পল। "অশ্বত্থে বো নিষদনম্।—ঋগ্বেদ ১০.৯৭.৫। গী ১০.২৬। [অশ্বত্থ অলক্ষ্মীর আশ্রয় (দ্র 'পদ্মপুরাণ,উত্তরখণ্ড, ১৬১তম অধ্যায়)।] ২ সংসারবৃক্ষ। "কঠোপনিষৎ ৬.১। গী ১৫.১। ৩ (অশ্বশীর্ষসাদৃশ্যে) অশ্বিনী নক্ষত্র। "পা ৪.২.৫। ৪ অশ্বিনীনক্ষত্রযুক্ত কাল। "অশ্বত্থো মুহূর্ত্তঃ (সি)। ৫ অশ্বিনীনক্ষত্রযুক্তা পৌর্ণমাসী। "পা ৪.২.২২, সি। ৬ অশ্বত্থফল। "পা ৪.৩.৪৮, সি। ৭ অশ্বত্থফলের সময় (সি)। ৮ গর্দ্দভাণ্ডবৃক্ষ ; নন্দীবৃক্ষ। —ত্থা স্ত্রী পূর্ণিমা (মেদিনী)।

অশ্বত্থামা (-মন্) পুং [অশ্বের ন্যায় স্থাম যাহার, পৃষো] কৃপীগর্ভজাত দ্রোণপুত্র। [ইনি জাতমাত্র উচ্চৈঃশ্রবার ন্যায় রব করিয়াছিলেন এবং ইঁহার বল দিগ্বিদিক্ ব্যাপ্ত করিয়াছিল, এই হেতু ইঁহার নাম 'অশ্বত্থামা' (মহা ১.১৩০.৪৭)। ইনি কুরুপক্ষীয় যোদ্ধা ছিলেন। ইঁহার প্রধান কার্য্য—অভিমন্যুবধ, রাত্রিতে সুপ্ত পাণ্ডবশিবিরে দ্রৌপদীর পঞ্চ-পুত্র ধৃষ্টদ্যুম্নাদির বিনাশ, ব্যাসাশ্রমে পাণ্ডববধার্থ ব্রহ্মশিরঃ-অস্ত্রত্যাগ, সেই অস্ত্রে পাণ্ডবের পরিবর্ত্তে উত্তরার গর্ভনাশ এবং স্বীয় শিরোমণি-প্রদানপূর্ব্বক পাণ্ডবের নিকটে প্রাণপ্রতিদান। ইনি চিরজীবী ও মহারথী।]

অশ্বদ বিণ [অশ্ব+ √দা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -দা] অশ্বদাতা। "মনু ৪.২৩১।

অশ্বপ পুং [অশ্ব+ √পা+অ (ক)-ক ; উ.ত] অশ্বপালক, সইস (বাজসনেয়িসংহিত')।

অশ্বপতি পুং [ষ.ত] ১ অশ্বপালক, হয়রক্ষক। ২ মদ্রপতি সাবিত্রী-পিতা। ৩ কেকয়পতি ভরতমাতুল। "রা ২.১.২।

অশ্বপাল, -পালক, -বন্ধ, -বন্ধক পুং [ষ.ত] অশ্বের রক্ষক, বন্ধনকারক; হয়পালক, সইস। "অশ্ববন্ধ রা ২.৯১.৫৭। °ন্ধ মহা ৪.৩.২। —বন্ধন ক্লী [ষ.ত] অশ্বনিয়ন্ত্রণ, ঘোড়া বাঁধা।

অশ্ববক্ত্র, -বদন, -মুখ পুং [উ.বহুব্রী; স্ত্রী -ক্ত্রী, -নী, -খী] অশ্ব-মুখতুল্য যাহার মুখ; কিম্পুরুষ, কিন্নর। —ক্ত্রী, —নী, —খী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] কিন্নরী। "°মুখী কু.স ১.১১। —মুখ বি রামচন্দ্রের বাণবিশেষ। "কৃ ২৫৩।

অশ্ববদন; অশ্ববন্ধ, -ন্ধক দ্র 'অশ্ববক্ত্র; অশ্বপাল'।

অশ্ববহ, -বাহ, -বাহক পুং [অশ্ব বহ বাহক যাহার, বহুব্রী; অশ্বের বাহ (বহনীয়), ষ.ত] অশ্বারোহ, সাদী। "°হ দু ৪।

অশ্ববার পুং [অশ্ব+ √বারি+অ (অণ্)-ক; উ.ত] ১ 'অশ্বনিবারক', অশ্বারোহ, সাদী। "গো.রা ৫.৭৩.১১। মাঘ ৩.৬৬। অশ্বমুণ্ড সম কাটি পাড়ে অশ্ববার অ.প ১৬; ২০। ২ অশ্বপালক, সইস। —বারক পুং [ষ.ত] সর্ব 'অশ্ববার'।

অশ্ববারক; অশ্ববাহ, -বাহক দ্র 'অশ্ববার; অশ্ববহ'।

অশ্ববাল পুং [ষ.ত] ১ অশ্বপুচ্ছ, বালাঞ্চি। ২ (সাদৃশ্যে) কাশতৃণ।

অশ্ববিৎ (-বিদ্) বিণ [অশ্ব+ √বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব, উ.ত; স্ত্রী -বিৎ] অশ্বতত্ত্বজ্ঞ, অশ্ববিদ্যানিপুণ। —বিৎ পুং অশ্বতত্ত্বজ্ঞ নলরাজ।

অশ্ববৈদ্য পুং [ষ.ত] অশ্বচিকিৎসক। "ম ৫৮৭।

অশ্বমার, -মারক, -হন্তা (-ন্তৃ) পুং [অশ্ব+ √মারি+অ (অণ্) -ক; উ.ত; ষ.ত] 'অশ্বনাশক', করবীবৃক্ষ।

অশ্বমারক; অশ্বমুখ, -মুখী দ্র 'অশ্বমার; অশ্ববক্ত্র'।

অশ্বমেধ পুং [অশ্বের মেধ যাহাতে, বহুব্রী; ছান্দস] যে যজ্ঞে অশ্ব-হিংসা আছে; যজ্ঞবিশেষ। [এই যজ্ঞে বিশেষলক্ষণসম্পন্ন অশ্বের কপালে জয়পত্র বাঁধিয়া অশ্ব ছাড়িয়া দিয়া, রক্ষার্থ সসৈন্য রক্ষক নিযুক্ত করিতে হয়। রক্ষক সসৈন্যে অবাধগতি অশ্বের অনুসরণ করেন এবং প্রতিকূল রাজা অশ্ব বদ্ধ করিলে, তাঁহাকে যুদ্ধে পরাজিত করিয়া অশ্বের উদ্ধার করেন। এইরূপে সংবৎসর পর্য্যটন করিলে, অশ্ব নিহত করিয়া যথাবিধি যজ্ঞ সম্পূর্ণ করিতে হয় (দ্র রা ১.১৪শ সর্গ। মহা ১৪.৮৯তম অধ্যায়)। ব্রহ্মহত্যাপাপক্ষয় স্বর্গ ও মোক্ষ ইহার ফল। ইহা সার্ব্বভৌমের অনুষ্ঠেয়। বৈদিক যুগে অপত্যকাম রাজগণ ইহার অনুষ্ঠান করিতেন (A.)। দশরথও পুত্রার্থ এই যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন (রা ১.১২.৯)। শত অশ্বমেধের ফল ইন্দ্রত্বলাভ। এই হেতু ইন্দ্র, দিলীপ ও সগররাজের শততম অশ্বমেধের অশ্ব হরণ করিয়াছিলেন।]

অশ্বমেধিক বিণ [°মেধ+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] অশ্বমেধ-বিষয়ক। "°ক পর্ব্ব।—মহা ১.২.৭৯; ৩৩৮।

অশ্বমেধীয় বিণ [°মেধ+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -য়া] অশ্বমেধ-সম্বন্ধী, অশ্বমেধযোগ্য। "যযুরথোঽশ্বমেধীয়ঃ (অ.কো)।

অশ্বযুক্ (-যুজ্) বিণ [অশ্ব দ্বারা যুক্ (যুক্ত), তৃ.ত; স্ত্রী -ক্] ১ অশ্বযুক্ত। "রথেনাশ্বযুজা গো.রা ৫.২৭.১৪। ২ অশ্বযুগ্ (অশ্বিনী)-নক্ষত্রে জাত। "পা ৪.৩.৩৬। —যুক্ স্ত্রী 'অশ্বসদৃশী', অশ্বিনীনক্ষত্র। —যুক্ পুং চান্দ্র আশ্বিনমাস। "অশ্বযুক্কৃষ্ণপক্ষ (স্মৃতি)। —যুজ পুং [°জ্+অ (অচ্) অস্ত্যর্থে] 'অশ্বিনীপৌর্ণমাসীযুক্ত', চান্দ্র আশ্বিন।

অশ্বরক্ষ, -রক্ষক পুং [ষ.ত] অশ্বপাল, সইস।

অশ্বরত্ন ক্লী [অশ্ব রত্নতুল্য, উপ.স] ১ 'অশ্বশ্রেষ্ঠ', উত্তমাশ্ব। 'অশ্বরত্ন বন্দি কৈল কৃ.উ ২২১; অশ্বরতন ২৩৮। ২ উচ্চৈঃশ্রবাঃ অশ্ব। "মহা ১.১৭.২।

অশ্বরাজ পুং [অশ্বের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ 'অশ্বশ্রেষ্ঠ', উচ্চৈঃশ্রবাঃ অশ্ব। "মহা ১.১৭.৪। ২ অশ্ববর। "কা ৪৫।

অশ্বশঙ্কু পুং [উ.লো] অশ্ববন্ধনার্থ কীল (খোঁটা)।

অশ্বশাখোট পুং [অশ্বপ্রিয় (?) শাখোট, উ.লো] বৃক্ষবিশেষ, আশ্‌শাওড়াগাছ।

অশ্বশাল ক্লী, **-শালা** স্ত্রী [অশ্বের শালা, ষ.ত, বিকল্পে ক্লীবত্ব] অশ্বগৃহ, মন্দুরা, আস্তাবল। "°লা মহা ৩.৭১.১১। কোন বাপ তোর বাঁধা ছিল অর্জ্জুনের অশ্বশালে কৃ ২৪৯। অশ্বশালে বা.দ ৫৯।

অশ্বশাস্ত্র ক্লী [ষ.ত] অশ্বসম্বন্ধী শাস্ত্র; শালিহোত্রকৃত অশ্বলক্ষণাদি-জ্ঞাপক শাস্ত্র।

অশ্বশিরঃ (-রস্) ক্লী [ষ.ত] ১ অশ্বমস্তক। ২ অশ্ববিদ্যা। "মহা ৩.৭৯.২১।

অশ্বসাদ, সাদী (-দিন্) পুং [অশ্ব+সাদি+অ (অণ্)-ক; উ.ত; অশ্বে সাদী, স.ত] অশ্বকে যে চালায়; অশ্বে আসীন; অশ্বা-রোহ। "অশ্বসাদী রঘু ৭.৪৭।

অশ্বসারথ্য ক্লী [স.দ্ব] অশ্বের দমনযোজনাদি ও রথসারথ্য। "সূতানামশ্ব-সারথ্যম্ মনু ১০.৪৭।

অশ্বসূত্র ক্লী [ষ.ত] অশ্বের লক্ষণপরীক্ষা-চিকিৎসৌষধাদি-প্রতিপাদক গ্রন্থসিদ্ধান্ত-সংক্ষেপ। "মহা ২.৫.১২০।

অশ্বস্থান ক্লী [ষ.ত] অশ্বশালা। "যাজ্ঞ ১.২৭৯।

অশ্বহর্ত্তা (-র্ত্তৃ), -হারক পুং [ষ.ত] অশ্বচৌর। "রা ১.৪০.১১। মনু ১১.৫১।

অশ্বহৃদয় ক্লী [ষ.ত] অশ্বের মনোগতভাবাদিবিষয়ক শাস্ত্র; অশ্বতত্ত্ব। "মহা ৩.৬৬.২১।

অশ্বাধ্যক্ষ পুং [ষ.ত] অশ্বপালক, হয়রক্ষক। "মহা ৩.৬৭.৬।

অশ্বায়ুর্ব্বেদ পুং [ষ.ত] অশ্বের আয়ুরাদিজ্ঞাপক শাস্ত্র। [শালিহোত্র পুত্র সুশ্রুতকে ইহার উপদেশ দিয়াছিলেন।]

অশ্বারূঢ় বিণ [দ্বি.ত] অশ্বে কৃতারোহণ; অশ্বাসীন। —রূঢ় পুং সাদী, অশ্বারোহ। —রোহ বিণ [অশ্ব+আ- √রুহ্+অ (অণ্)-ক; উ.ত; স্ত্রী -হী] অশ্বারোহী। —রোহ পুং অশ্বারোহী যোধ; সাদী। —রোহা স্ত্রী অশ্বগন্ধা। —রোহী (-হিন্) বিং অশ্বারূঢ়। "অশ্বারোহী পুরুষ ব.প্র ৩।

অশ্বারোহ, -রোহী দ্র 'অশ্বারূঢ়'।

অশ্বিনী স্ত্রী [অশ্ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ (জ্যোতিষে) 'অশ্বমুখাকৃতি', সপ্তবিংশতি নক্ষত্রের প্রথম নক্ষত্র। [ইহা অশ্বমুখতুল্য ও নক্ষত্রত্রয়াত্মক। ইহার দেবতা অশ্বারূঢ়পুরুষ। ইহাতে জন্মিলে নর দেবকার্য্যপরায়ণ বিনীত সত্ত্বান্বিত সম্পত্তিশালী যোষানুরক্ত অলঙ্কারপ্রিয় ও পুত্রবৎসল হয়।] ২ অশ্বাকৃতি বিশ্বকর্ম্মদুহিতা সংজ্ঞা। দ্র 'বড়বা (২)। —নীকুমার, —নীপুত্র, —নীসুত পুং, দ্বিব [ষ.ত] অশ্বিনীর পুত্রদ্বয়। দ্র 'বড়বা (২)। "ম ১১৯। [ইঁহারা স্বর্গবৈদ্য এবং পরমরূপবান্ (রূপেণাপ্রতিমৌ—মহা ১.১২৪.১৭)। সংস্কৃতকাব্যে রূপবর্ণনায় উপমানরূপে ইঁহাদের উল্লেখ আছে (রঘু ১৮.২৩। ভট্টি ২.৪১)। নকুল ও সহদেব ইঁহাদের পুত্র (মহা ১.১২৪ ১৬)।]

অশ্বিনীকুমার, -পুত্র, -সুত দ্র 'অশ্বিনী'।

অশ্বী[1] **(-শ্বিন্)** পুং, দ্বিব [অশ্ব, অশ্বা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; অশ্বিনী+অ (অণ্) 'তত্র জাত' অর্থে, প্রত্যয়লোপ, পা ৪.৩.৩৭; ১.২.৪৯; অশ্বিনৌ যদ্ ব্যশ্নুবাতে সর্ব্বম্ (যাস্ক)] 'অশ্ববান্; অশ্বা যাহাদের উৎপত্তিস্থান; অশ্বিনীনক্ষত্রে জাত' (অ.টী); অশ্বিনীকুমার-দ্বয়। "মহা ১.১২৪.১৬। রঘু ১৮.২৩। ভট্টি ২.৪১। ২ অশ্বীর পুত্রদ্বয় —নকুল ও সহদেব। "মহা ৫.৪৮.৮। ৩ (অশ্বীর সংখ্যানুসারে) দুই

(২) এই সংখ্যা। **৪** অশ্বত্থ। **৫** (জ্যোতিষে) মিথুনরাশি। **৬** (একব) অশ্বারোহ, সাদী।

অশ্বী২ বি [অশ্ব+স্ত্রী ঈ৬ ; সং অশ্বা] ঘোটকী। "অশ্বী বড় তেজস্বিনী ব.প্র ৪৪৬।

অশ্বীয় ক্লী [অশ্ব+ঈয় (ছ)] অশ্বসমূহ। "মাঘ ১৮.৫।

অষাঢ় বিণ [অষাঢ়া+অ (অণ্) 'তত্র জাত' অর্থে, প্রত্যয়লোপ, পা ৪.৩.৩৪, ১.২.৪৯ ; স্ত্রী -ঢ়া] অষাঢ়ানক্ষত্রে জাত। —ঢ় পুং [আষাঢ় > °ঢ়] **১** আষাঢ়মাস। 'স্যাদাষাঢ়ে ত্বষাঢ়কঃ (শব্দার্ণব)। **২** সর্ব 'আষাঢ় (২)। —ঢ়া স্ত্রী সর্ব 'আষাঢ়া'। —ঢ়ক পুং [°ঢ়+ক (কন্) স্বার্থে] আষাঢ়মাস।

অষুধ, -দ বি [সং ঔষধ ; বা ওষুধ > অষুধ ; গ্রাম্য] ঔষধ। "এদের অষুধ চমৎকার, কেউ বলদের মতন রোগীর নাক ফুঁড়ে আরাম করেন হু ৯। [অষুধ বিষুদ—**১** বশীকরণার্থ ঔষধ ও মন্ত্রতন্ত্রাদি। "অষুদ বিষুদ ফুরুলো, ভস্কুগুপ্ত করবার জন্য কনেকে দালানে নিয়ে যাওয়া হলো হু ১৫৩। **২** ঔষধ গাছ-গাছড়া প্রভৃতি।]

অষ্ট (-ষ্টন্) স.বিণ, বহুব [√অশ্+অন্ (কনিন্)-ক, 'ত্' (তুট্) -১ব, উ ১.১৫৪ ; অষ্টাবশ্নাতেঃ (নিরুক্ত) ; সমাসে পূর্ব্বপদ—'অষ্ট, অষ্টা' ; "অষ্টমূর্ত্তি, অষ্টাদশ ইত্যাদি ; ছান্দস ; ফা হশ্‌ত্ ; Av. ashtan ; cf., Gr. okto ; L. octo ; Ger. acht , Goth. ahtau ; Lith. asztūni ; Slav. osmj ; R. osm ; A.S. eahta ; E. eight] **১** অষ্টসংখ্যক, আট। "দিশশ্চাষ্টৌ মনু ১.১৩। অষ্ট বাহু : অষ্ট লোচন কৃ ৩২০। **২** সংখ্যাবিশেষ, আট (৮) এই সংখ্যা। **৩** (বাঙলায় ; অপ্র) অষ্টম। "অষ্ট মনু।—দু ৩৪।

অষ্ট-আঁখি বি [তু 'সং অষ্টকর্ণ, -শ্রবাঃ ; অপ্র] অষ্টনেত্র, ব্রহ্মা। "স্তব করে অষ্ট-আঁখি জ ৬।

অষ্টআশী, অষ্টাশী স.বিং [সং অষ্টাশীতি ; লি অট্ঠাসীতি ; প্রা অট্ঠাসি, -সীই (প্রা.ম) ; হি অঠাসী ; ঠ অঠ্‌ঠ্য়াঐংশী, -যশী ; গু অঠযাসী] **১** অষ্টাধিক অশীতি ; আটাসী। "অষ্টাশী সহস্র. ম ৩১৭ ; ১২৭০। **২** অষ্টাশী (৮৮) এই সংখ্যা।

অষ্টক বিণ [অষ্টন্+ক (কন্) স্বার্থে, তৎপরিমাণার্থে, পা ৫.১.৫৮ ; স্ত্রী -কা, -ষ্টিকা, পা ৭.৩.৪৫, বার্ত্তিক ; বৈদিক] **১** অষ্টসংখ্যক, অষ্ট-পরিমাণ (সঙ্ঘ, সূত্র)। "অষ্টকং পাণিনীয়ম্ পাণিনীয়ম্ অষ্টকং সূত্রম্ পা ৪.২.৬৫। গণোঽষ্টকং মনু ৭.৪৮। অষ্টক তোমার ম ৭৬১। **২** অষ্ট (কপর্দ্দকাদি) দ্বারা ক্রীত। "পা ৫.১.২২। **৩** পাণিনির অষ্টাধ্যায়ীর অধ্যেতা। "পা ৪.২.৬৫। —ক পুং রাজর্ষিবিশেষ। "মহা ১.৮৮.৬। —ক ক্লী **১** পাণিনির অষ্টাধ্যায়ীসূত্র। "পা ৫.১.৫৮। **২** আট সংখ্যা (ত.বা)। **৩** অষ্টবিভাগযুক্ত গ্রন্থ। "গঙ্গাষ্টক, চাতকাষ্টক, বানরাষ্টক, ভ্রমরাষ্টক, শিবাষ্টক। **৪** ঋগ্বেদের বিভাগবিশেষ। —কা স্ত্রী [স্ত্রী আ (টাপ্) পিতৃদৈবত্যে, ক্ষিপকাদি ; √অশ্+তক (তকন্)-ধি,+স্ত্রী আ, উ ৩.১৪৮] **১** যে তিথিতে পিতৃগণ শ্রাদ্ধ ভক্ষণ করেন ; গৌণচান্দ্র পৌষ মাঘ ফাল্গুনের কৃষ্ণাষ্টমী তিথি (মনু ৪.১১৯, কুল্লুক) ; (মতান্তরে) হেমন্ত ও শিশিরের কৃষ্ণাষ্টমীচতুষ্টয় (আশ্বলায়ন-গৃহ্যসূত্র ২.৪.১ ; ভ ৭.১৪.২১)। "°কর্ম্ম, °হোম (S.W.)। [অষ্টকাত্রয়ের প্রথমা পুপাষ্টকা, দ্বিতীয়া মাংসাষ্টকা, তৃতীয়া শাকাষ্টকা ; ঐ তিথিতে যথাক্রমে অপূপ মাংস শাক দ্বারা শ্রাদ্ধ বিধেয় (বায়ুপুরাণ) ; মতান্তরে, যথাক্রমে শাক মাংস অপূপ দ্বারা শ্রাদ্ধ কর্ত্তব্য (বিষ্ণু ৭৪.১)।] **২** গৌণচান্দ্র আশ্বিনের কৃষ্ণাষ্টমী। **৩** সপ্তম্যাদি দিনত্রয় (ত.বা)। **৪** অষ্টমী তিথি (কুল্লুক)। "মনু ৪.১১৩ ; ১১৪।

অষ্টকর্ণ, -শ্রবাঃ (-বস্) পুং [বহুব্রী] যাহার অষ্ট কর্ণ ; ব্রহ্মা।

অষ্টকলাই বি **১** আটরকম ভাজা কলায় প্রভৃতি—কলায় মুগ ছোলা মটর তিল খই চিঁড়ে চালভাজা বা মুড়ি। "এ অষ্ট দিবসে…এ অষ্ট-কলাই বিলাই চৈ.ম ৩৭। এথা অষ্টদিনে অষ্ট-কলাই বিলায় ন.প ৯২। **২** শিশুর জন্মের অষ্টমদিনে সন্ধ্যাকালে করণীয় লৌকিক আচারবিশেষ ; আটকড়া'য়ে। "অষ্টদিনে অষ্টকলাই কৈল ধর্ম্মকেতু ক.চ ৪৫ ; ১১৩। [পাড়ার ছেলেমেয়েরা শিশুর বাড়ীতে আসিয়া "আটকড়ায়ে ফুটকড়ায়ে খোকা (বা খুকী) আছে ভাল" ইত্যাদি বলিয়া কুলা বাজায় ও নাচে। পরে গৃহিণী তাহাদিগকে কলাই ভাজা মিষ্টান্ন পয়সা বিতরণ করেন (দ্র 'হু ১৩৯ ; আটকৌড়ে'।]

অষ্টকালীয় বিং নিশাশেষ প্রভাত পূর্ব্বাহ্ণ মধ্যাহ্ন অপরাহ্ণ সন্ধ্যা প্রদোষ ও নিশা—এই অষ্টকালসম্বন্ধী (পদাবলী)। "°গৌরচন্দ্রিকা, °পদাবলী (রা.শে)।

অষ্টকুলাচল পুং [কর্ম্মধা] অষ্টসংখ্যক কুলপর্ব্বত—মহেন্দ্রাদি সপ্ত ও হিমালয়। দ্র 'কুলগিরি'। "°সপ্তসমুদ্রাঃ।—মোহমুদ্গর।

অষ্টগুণ বিণ [অষ্ট গুণ যাহাতে, বহুব্রী ; স্ত্রী -ণা] **১** অষ্টগুণযুক্ত, অষ্টা-বৃত্ত, আটগুণ। "অষ্টগুণৈশ্বর্য্য মহা ৩.৮২.৯৭। মনু ৮.৪০০। অন্নাদষ্ট-গুণং পিষ্টং পিষ্টাদষ্টগুণং পয়ঃ। পয়সোঽষ্টগুণং মাংসং মাংসাদষ্টগুণং ঘৃতম্। ঘৃতাদষ্টগুণং তৈলং মর্দ্দনান্ন চ ভক্ষণাৎ॥—বৈদ্যক। **২** দয়া ক্ষান্তি অনসূয়া শৌচ অনায়াস মঙ্গল অকার্পণ্য অস্পৃহা—এই অষ্ট-গুণান্বিত ব্রাহ্মণ (গৌতম)।

অষ্টচণ্ডী বি চণ্ডীর অষ্টমূর্ত্তি—মঙ্গলা বিমলা সর্ব্বমঙ্গলা কালী রাত্রি-কালিকা বিকটা কামাখ্যা ও ভবানী। "অষ্টচণ্ডী ক্ষেত্রের ভিতর জ ১১।

অষ্ট(ষ্টা)চত্বারিংশৎ স.বিণ [উ.লো ; পু.বা—°রিংশ, °শত্তম (ডট্, তমট্ প্রত্যয়) ; স্ত্রী °শী, °মী] অষ্টাধিক চত্বারিংশৎ ; আট-চল্লিশ। —শৎ স্ত্রী তৎসংখ্যা, (৪৮) এই সংখ্যা।

অষ্টচল্লিশ স.বিং [সং অষ্টচত্বারিংশৎ ; অপ্র] আটচল্লিশ। "অষ্টচল্লিশ বৎসর চৈ.চ ৪৯।

অষ্টতারিণী স্ত্রী [কর্ম্মধা] তারা উগ্রা মহোগ্রা বলা কালী সরস্বতী কামেশ্বরী চামুণ্ডা—এই অষ্ট তারিণীমূর্ত্তি।

অষ্ট(ষ্টা)ত্রিংশৎ স.বিণ [উ.লো ; পু.বা—°ত্রিংশ (অষ্টত্রিংশঃ সর্গঃ, অধ্যায়ঃ—রা ; মহা), °শত্তম (ডট্, তমট্ প্রত্যয়) ; স্ত্রী °শী, °মী] অষ্টাধিক ত্রিংশৎ ; আটত্রিশ। —শৎ স্ত্রী তৎসংখ্যা, (৩৮) এই সংখ্যা।

অষ্টদল ক্লী [বহুব্রী] **১** যাহার অষ্ট পত্র (পাপড়ি) ; অষ্টপত্রকমল। "চন্দনের অষ্টদল ক.চ ২২৫। **২** (তন্ত্রে) অষ্টপত্রক যন্ত্র। **৩** ষট্‌চক্রের অন্তর্গত দ্বিতীয় চক্র ; স্বাধিষ্ঠানপদ্ম। দ্র 'ষট্‌চক্র'। "ম ১০৭১।

অষ্টদিক্ (-শ্) স্ত্রী, বহুব [কর্ম্মধা] পূর্ব্বাদি চারিদিক্ এবং অগ্নি-কোণাদি চারিকোণ। "ইন্দ্রাদীন্ লোকপালাংশ্চ অষ্টদিক্ষু চ পূজয়েৎ (তন্ত্র)। [অষ্টদিক্‌পাল (পুং)—অষ্টদিকের রক্ষক ইন্দ্রাদি (অ.কো)। অষ্টদিগগজ (পুং)—ঐরাবতাদি অষ্ট দিগ্‌রক্ষক হস্তী (অ.কো)।]

অষ্টদিক্‌পাল, -দিগগজ দ্র 'অষ্টদিক্'।

অষ্টদ্রব্য ক্লী, বহুব [কর্ম্মধা] অশ্বত্থ উদুম্বর প্লক্ষ ন্যগ্রোধ—ইহাদের সমিধ্ ও তিল সিদ্ধার্থ পায়স আজ্য—এই অষ্ট হোমদ্রব্য।

অষ্টধা ব্য [অষ্টন্+ধা (ধাচ্) প্রকারার্থে] **১** অষ্টপ্রকারে। "অষ্টধা যুক্তো বহতি বহ্নিরুগ্রঃ।—অথর্ব্ব ১৩.৩.১৯। ভিন্নোঽষ্টধা রঘু ১৬.৩। গী ৭.৪। **২** আটবার।

অষ্টধাতু পুং, বহুব [কর্ম্মধা] স্বর্ণ রৌপ্য তাম্র রঙ্গ যশদ সীস লৌহ রস (পারদ)—এই অষ্টধাতু। [অষ্টধাতুর প্রতিমানির্ম্মাণে রসের পরিবর্ত্তে পিত্তল গ্রহণীয় (ত.বা)।]

অষ্টনই, -নব্বুই স.বিং দ্র 'আটানই'।

অষ্ট(ষ্টা)নবতি স.বিণ [উ.লো ; পু.বা—°বত, °তিতম (ডট্

তমট্ প্রত্যয়) ; স্ত্রী °বতী, °তিতমী] অষ্টাধিক নবতি ; তৎসংখ্যক, অষ্টনব্বই। —তি স্ত্রী তৎসংখ্যা, (৯৮) এই সংখ্যা।

অষ্টনাগ পুং, বহুব [কর্ম্মধা] অনন্তাদি অষ্ট নাগ। 'অনন্তো বাসুকিঃ পদ্মো মহাপদ্মোঽথ তক্ষকঃ। কুলীরঃ কর্কটঃ শঙ্খো হ্যষ্টৌ নাগাঃ প্রকীর্ত্তিতাঃ॥

অষ্টনায়িকা স্ত্রী, বহুব [কর্ম্মধা] দুর্গার অষ্টশক্তি—উগ্রচণ্ডা প্রচণ্ডা চণ্ডোগ্রা চণ্ডনায়িকা অতিচণ্ডা চামুণ্ডা চণ্ডা চণ্ডবতী। দ্র 'দু ১০। "°কা দেব্যাঃ···পরিপূজয়েৎ (ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড, ৬৪.৮১)। অষ্টদিকে শোভা করে অষ্টনায়িকা ক.চ ৭১। °চরণ শ্রী ৪।

অষ্টনিধি পুং, বহুব [কর্ম্মধা] কুবেরের অষ্ট রত্ন পদ্মপ্রভৃতি। 'তত্র পদ্মমহাপদ্মৌ তথা মকরকচ্ছপৌ। মুকুন্দনীলৌ নন্দশ্চ শঙ্খশ্চৈবাষ্টমো নিধিঃ॥ "তুমি অষ্টনিধি ম ৮১৮।

অষ্টপঞ্চাশ পু.বা ১ দ্র 'অষ্টপঞ্চাশৎ'। ২ (বাঙলায় ; অপ্র) আটান্ন। "চৈ.চ ২৪৩।

অষ্ট(ষ্টা)পঞ্চাশৎ স.বিণ [উ.লো : পু.বা—°শ, °শত্তম (ডট্, তমট্ প্রত্যয়) ; স্ত্রী °শী, °মী] অষ্টাধিক পঞ্চাশৎ ; তৎসংখ্যক, আটান্ন। —শৎ স্ত্রী তৎসংখ্যা, (৫৮) এই সংখ্যা।

অষ্টপ(পা)দিকা স্ত্রী [বহুব্রী ; স্ত্রী আ (টাপ্)] যাহার সকল দিকে পাদ (মূল) ; হাপরমালী লতা। "মহা ১৩.৫৪.৬।

অষ্টপর ক্রি.বিং অষ্টপ্রহর ; অহোরাত্র, সর্ব্বদা। "অষ্টপর অতি আঁটা-আঁটি শ্রী ২২৮।

অষ্টপ্রহর বি ১ চব্বিশ ঘণ্টা, অহোরাত্র। ২ দিবারাত্রিব্যাপী হরিনাম-সঙ্কীর্ত্তন। —প্রহর ক্রি.বিং অনুক্ষণ ; সর্ব্বদা। "খেতে শুতে অষ্টপ্রহর মহেশ তারি বশ প.কা ৭৯।

অষ্টবজ্র পুং, ক্লী [কর্ম্মধা] বজ্রবৎ অমোঘ অষ্ট দেবাস্ত্র—সুদর্শন শূল অক্ষমালা বজ্র পাশ যম-দণ্ড কার্ত্তিকেয়-শক্তি দুর্গার অসি—এই অষ্টবিধ। [এই অষ্টবজ্রের মিলনে উর্ব্বশী দুর্ব্বাসাশাপে প্রাপ্ত ঘোটক-যোনি হইতে মুক্ত হন। (গৌণার্থে) অষ্টবজ্রমিলন—কার্য্যসিদ্ধির অনুকূল কারণসমূহের সমবায়।]

অষ্টবর্গ পুং [ষ.ত] ১ (বৈদ্যকে) ঋষভ জীবক মেদ মহামেদ ঋদ্ধি বৃদ্ধি কাকোলী ক্ষীরকাকোলী—এই অষ্ট দ্রব্য। ২ (জ্যোতিষে) জন্মকালে রবি-প্রভৃতি অষ্টগ্রহের স্থিতি-অনুসারে শুভাশুভফলসূচক চক্রবিশেষ। "ষড়্‌বর্গ অষ্টবর্গ সর্ব্বসুলক্ষণ চৈ.চ ৫২। শ্রী ৪৩। ৩ জ্যোতিষাদিতে শুভাশুভজ্ঞাপক অষ্টধা বিভক্ত বর্ণসমূহের বর্গ ;— অবর্গ (স্বরবর্ণ), ক-চ-ট-ত-প-বর্গ, য-বর্গ (য···ব), শ-বর্গ (শ···হ)। ৪ (তন্ত্রে) মন্ত্রের শুভাশুভজ্ঞানার্থ অবর্গাদিক্রমে পক্ষী মার্জ্জার সিংহ কুকুর সর্প মূষিক হস্তী মেষ—এই অষ্টপ্রাণীর বর্গ। ৫ নীতিবেদিগণের অভিমত হিতকর কৃষি বাণিজ্য দুর্গ সেতু কুঞ্জরবন্ধন আকর বল সৈন্য-নিবেশ—এই অষ্ট বর্গ। "গো.রা ২.১১৮.২৭।

অষ্টবসু পুং, বহুব [কর্ম্মধা] দক্ষকন্যা বসুর গর্ভজাত ধর ধ্রুব সোম অহ অনিল অনল প্রত্যূষ প্রভাস—এই অষ্ট বসু (মহা ১.৬৬.১৮)।

অষ্টবিধ বিণ [অষ্ট বিধা যাহার, বহুব্রী ; স্ত্রী -ধা] অষ্টপ্রকার। "মনু ৭.১৫৪।

অষ্টভুজা স্ত্রী [বহুব্রী ; স্ত্রী আ (টাপ্)] অষ্টবাহুযুক্ত মহাসরস্বতী (চণ্ডী)। "ভা.চ ১৭।

অষ্টভৈরব পুং বহুব [কর্ম্মধা] অসিতাঙ্গ রুরু চণ্ড ক্রোধ উন্মত্ত কপালী ভীষণ সংহার—এই অষ্ট ভৈরব। 'ভা.চ ৫০।

অষ্টম, -মক পু.বা [অষ্টন্+ম (মট্) পূরণার্থে ; স্বার্থে 'ক' (কন্) ; স্ত্রী -মী, মিকা ; ছান্দস ; ফা হশ্‌তুম্ ; Av. ashtema ; L. octavus ; Ger. achte] অষ্টের পূরণ ; সাতের পরবর্ত্তী। "অষ্টমেহহ্নি মনু ২.৩৬ ; ৩৭। °ক যাজ্ঞ ২.২৪৭। অষ্টমূর্ত্তিধরমূর্ত্তিরষ্টমী মাঘ ১৪.১৮। —ম পুং অষ্টমাংশ। "মনু ১০.১২০। [অষ্টমকালিক (বিণ)—তিন দিন উপবাসের পরে চতুর্থ দিনে রাত্রিতে ভোজনকারী। "মনু ৬.১৯।]

অষ্টমঙ্গল পুং [বহুব্রী] যাহার অষ্ট শুভচিহ্ন ; শ্বেত পুচ্ছ বক্ষঃ খুরচতুষ্টয় কেশ মুখ—এই অষ্টশুভচিহ্নযুক্ত ঘোটক (অ.চি)। —ল ক্লী, বহুব [কর্ম্মধা] অষ্টমঙ্গল দ্রব্য—সিংহ হস্তী বৃষ কলস ব্যজন পতাকা ভেরী দীপ ; (মতান্তরে) ব্রাহ্মণ গো অগ্নি স্বর্ণ ঘৃত সূর্য্য জল রাজা।

অষ্টমঙ্গলা বি ['°লীয়া'—মূল] অষ্ট দিনে গীত, অষ্টভাগে বিভক্ত, মঙ্গলকাব্যের পালাগানের শেষে গেয়, পালাবিষয়ক সংক্ষিপ্ত কবিতা-সন্দর্ভ। "অষ্টমঙ্গলা সায় ক.চ ৩০৪। ম.ভা ৮৩। ভা.চ ১০৭ ; °লায় সমাপন ১৪৮ ; ৫৫২। [ইহাতে পালায় গীত বিষয় আটভাগে বর্ণিত থাকে। প্রতিদিনের পালা দিবাপালা ও নিশাপালায় বিভক্ত। আট দিনে পালা সমাপ্ত হয়। কবিকঙ্কণে পালার আরম্ভ মঙ্গলবারে (দ্র 'পৃষ্ঠ ৭) ; ভারতচন্দ্রে অন্যপ্রকার (দ্র 'পৃষ্ঠ ১৪৮-৯)। শিবায়ন মনসামঙ্গল ধর্ম্মমঙ্গল কাব্যে অষ্টমঙ্গলা নাই। রামপ্রসাদের বিদ্যাসুন্দরের অষ্টমঙ্গলায় পালার বিষয় নাই, দেবীর অন্য মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে।]

অষ্টমান ক্লী [বহুব্রী] যাহার পরিমাণ অষ্ট মুষ্টি ; অর্দ্ধশরাব, আধশরা।

অষ্টমিকা স্ত্রী [অষ্টমক+স্ত্রী আ (টাপ্)] চার তোলা।

অষ্টমী স্ত্রী [অষ্টম+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অষ্টের পূরণী ; চন্দ্রের অষ্ট-কলাক্রিয়ারূপ তিথিবিশেষ ; অষ্টমী তিথি। "কৃষ্ণ°, জন্ম°, ভীষ্ম°, মহা°। অষ্টমীর রজনীতে ভা ১৪৮ ; শুক্র অষ্টমীতে ২৫৭। ২ শুক্র বা কৃষ্ণপক্ষের অষ্টম দিন। [অষ্টমী-ইন্দু (বি)—অষ্টমীর চন্দ্র। "ললাট অষ্টমী-ইন্দু চৈ.চ ২২০।]

অষ্টমূর্ত্তি পুং [বহুব্রী] যাঁহার ক্ষিতি-প্রভৃতি অষ্টবিধ-রূপ ; শিব। "রঘু ২.৩৫। কু.স ১.৫৭। [অষ্টমূর্ত্তি—সর্ব্ব ক্ষিতিমূর্ত্তি, ভব জলমূর্ত্তি, রুদ্র অগ্নিমূর্ত্তি, উগ্র বায়ুমূর্ত্তি, ভীম আকাশমূর্ত্তি, পশুপতি যজমানমূর্ত্তি, মহাদেব সোমমূর্ত্তি, ঈশান সূর্য্যমূর্ত্তি। দ্র 'শ ১.১, টীকা।] —মূর্ত্তি ক্লী [স.দ্বি] অষ্টমূর্ত্তির সমাহার। "°ধর মাঘ ১৪.১৮।

অষ্টমূর্ত্তিধর পুং [স.দ্বি, ষ.ত] অষ্টমূর্ত্তির ধারক, অষ্টমূর্ত্তি শিব। "°মূর্ত্তি মাঘ ১৪.১৮।

অষ্টযোগিনী স্ত্রী, বহুব [কর্ম্মধা] শৈলপুত্রী চণ্ডঘণ্টা স্কন্দমাতা কালরাত্রি চণ্ডিকা কুষ্মাণ্ডী কাত্যায়নী মহাগৌরী—দুর্গার এই অষ্ট সখী।

অষ্টরম্ভা বি [?] শূন্য, অভাব, ফাঁকি। "সন্ধ্যা আহ্নিক অষ্টরম্ভা দা ১৯৯৬। হয়েছে হতভোম্বা, অষ্টরম্ভা নাহি মাত্র চাকি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। অষ্টরম্ভা বাপের বাড়ী, দুবেলা চড়ে না হাঁড়ি জা ৩১। আমি দুর্ম্মুখ—বলিলাম, "কি ঠাকুর, অষ্টরম্ভা। ···সে আজকাল দেবতাদেরই একচেটে ব.প্র ৬২৯।

অষ্টরস পুং বহুব [কর্ম্মধা] (কাব্যে) শৃঙ্গার বীর করুণ অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস রৌদ্র—এই অষ্ট রস। 'অ.কো। কা.প্র ৪.২৯। "অষ্টরসাশ্রয় বিক্র ২.১৮।

অষ্টলোকপাল বি [কর্ম্মধা] ইন্দ্রাদি অষ্ট দিক্‌পালগণ। "জিনিব ইন্দ্র অষ্টলোকপাল কৃ.উ ৭১।

অষ্টলৌহ ক্লী [কর্ম্মধা] স্বর্ণ রৌপ্য তাম্র রঙ্গ সীস কান্তলৌহ মুণ্ডলৌহ তীক্ষ্ণলৌহ (ইস্পাত)—এই অষ্ট ধাতু।

অষ্টশত, -শতক ক্লী [উ.লো ; 'ক' (কন্) স্বার্থে] অষ্টাধিক শত ; অষ্টোত্তর শত। "নাম° মহা ৩.৩.১৫ ; ২৮।

অষ্টশিব বি যমেশ্বর-প্রভৃতি অষ্ট শিবমূর্ত্তি। দ্র 'জ ১১।

অষ্টশ্রবণ, -শ্রবাঃ (-বস্) পুং [বহুব্রী] 'অষ্টকর্ণ', ব্রহ্মা।

অষ্ট(ষ্টা)ষষ্টি স.বিণ [উ.লো; পু.বা—°ষ্ট, °ষ্টিতম (ডট্, তমট্ প্রত্যয়); স্ত্রী °ষ্টী, °মী] অষ্টাধিক ষষ্টি; তৎসংখ্যক, আটষট্টি। —ষ্টি তৎসংখ্যা, (৬৮) এই সংখ্যা।

অষ্ট(ষ্টা)সপ্ততি স বিণ [উ.লো; পু.বা—°প্তত, °তিতম (ডট্, তমট্ প্রত্যয়); স্ত্রী °তী, °মী] অষ্টাধিক সপ্ততি; তৎসংখ্যক, আটাত্তর। —তি স্ত্রী তৎসংখ্যা, (৭৮) এই সংখ্যা।

অষ্টসিদ্ধি বি [কর্ম্মধা] অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য (দ্র 'সিদ্ধি')। "°দাতা দু ১; ৪০।

অষ্টাঙ্গ বিণ [অষ্ট অঙ্গ যাহার, বহুব্রী, স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] অষ্টাবয়ব, অষ্টভাগযুক্ত, অষ্টবিধ। "অষ্টাঙ্গার্ঘ্য। অষ্টাঙ্গা চিকিৎসা মহা ২.৫.৯০; অষ্টাঙ্গেন মার্গেণ ৩.২.৭৭। —ঙ্গ ক্লী, বহুব [কর্ম্মধা] ১ জানু পদ পাণি বক্ষঃ বুদ্ধি শিরঃ বাক্য দৃষ্টি—প্রণামের এই অষ্ট অঙ্গ। 'জানুভ্যাং চ তথা পদ্ভ্যাং পাণিভ্যামুরসা ধিয়া। শিরসা বচসা দৃষ্ট্যা প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ॥ "সাষ্টাঙ্গপাতং প্রণম্য হি ১২৳৬। সাষ্টাঙ্গ লোটায়ে ভূমে করিল প্রণাম কৃ ২৯১। সাষ্টাঙ্গ প্রণিপাত সী ৫। ২ রথ হস্তী অশ্ব যোধ পত্তি কর্ম্মকারক চার দৈশিকমুখ্য (দেশের প্রধান ব্যক্তি)—সেনার এই অষ্ট অঙ্গ। 'মহা ২.৫.৬৩। ৩ যম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার ধারণা ধ্যান সমাধি—যোগের অষ্ট অঙ্গ। 'পা.দ ২.২৯। ৪ জল ক্ষীর কুশাগ্র দধি ঘৃত আতপতণ্ডুল যব শ্বেতসর্ষপ (মতান্তরে—মধু রক্তকরবীর রক্তচন্দন)—পূজার এই অষ্ট উপচার। ৫ ব্যবহারশাস্ত্র বিচারক সভ্য লেখক জ্যোতির্ব্বিৎ স্বর্ণ অগ্নি জল—বিচারালয়ের এই অষ্ট অঙ্গ। ৬ শল্য শালাক্য কায়চিকিৎসা ভূতবিদ্যা কৌমারভৃত্য অগদতন্ত্র রসায়নতন্ত্র বাজীকরণ—আয়ুর্ব্বেদের এই অষ্ট অঙ্গ। 'সুশ্রুত ১.১.৩। দ্র 'মহা ২.৫.৯০, নীলকণ্ঠ। ৭ অষ্টদ্রব্যাত্মক সূর্য্যার্ঘ্য। ৮ শারীফলক দ্যূতফলক। ৯ পাশক (A.)। ১০ (বাঙলায়; অপ্র) সাষ্টাঙ্গ প্রণাম। "অষ্টাঙ্গ করিয়া (চলিলেন মহাশয়) ভ.গ্র ৩৪২। [°ধূপ (পুং)—নিম্বপত্র বচা-প্রভৃতি অষ্ট দ্রব্যে রচিত জ্বরনাশক ধূপ (চক্রদত্ত)। °মৈথুন (ক্লী)—স্মরণ কীর্ত্তন কেলি প্রেক্ষণ গুহ্যভাষণ সঙ্কল্প অধ্যবসায় ক্রিয়ানিষ্পত্তি—এই অষ্টাঙ্গ রতি। °যোগ (পুং)—যমাদিবিশিষ্ট যোগ দ্র 'অষ্টাঙ্গ (৩)। °হৃদয় (ক্লী)—শল্যাদিবিষয়ক আয়ুর্ব্বেদশাস্ত্র। দ্র 'অষ্টাঙ্গ (৬)। °ঙ্গার্ঘ্য (ক্লী)—জলাদি অষ্ট পূজাদ্রব্য। দ্র 'অষ্টাঙ্গ (৪)।]

অষ্টাঙ্গধূপ, -মৈথুন, -যোগ, -হৃদয়, -ঙ্গার্ঘ্য দ্র 'অষ্টাঙ্গ'।

অষ্টাচত্বারিংশ, -রিংশৎ, -রিংশত্তম, -রিংশত্তমী, -রিংশী দ্র 'অষ্টচত্বারিংশৎ'।

অষ্টাত্রিংশ, -ত্রিংশৎ, -ত্রিংশত্তম, -ত্রিংশত্তমী, -ত্রিংশী দ্র 'অষ্টত্রিংশৎ'।

অষ্টাদশ (-শন্) স.বিণ [উ.লো, অথবা দ্বন্দ্বসমাস; পু.বা—°শ (ডট্ প্রত্যয়); স্ত্রী °শী] অষ্টাধিক দশ; অষ্ট এবং দশ; তৎসংখ্যক, আঠার। —শ ক্লী (?) তৎসংখ্যা, (১৮) এই সংখ্যা। [°ধান্য (ক্লী) —যব গোধুম ধান্য তিল কঙ্গু কুলথ মাষ মুদ্গ মসুর নিষ্পাব শ্যামাক সর্ষপ গবেধুক নীবার আঢ়কী সতীনক চণক চীনক—এই অষ্টাদশ শস্য। °পুরাণ (ক্লী)—ব্রহ্মপুরাণ পদ্মপুরাণ প্রভৃতি অষ্টাদশ পুরাণ। দ্র 'ভ ১২.৭.২৩-২৪। °বিদ্যা (স্ত্রী)—ষড়ঙ্গ বেদচতুষ্টয় মীমাংসা ন্যায় ধর্ম্মশাস্ত্র পুরাণ আয়ুর্ব্বেদ ধনুর্ব্বেদ গান্ধর্ব্ববেদ অর্থশাস্ত্র—এই অষ্টাদশ শাস্ত্র। °বিবাদপদ (ক্লী)—ঋণাদাননিক্ষেপ-প্রভৃতি অষ্টাদশ ব্যবহার-প্রবৃত্তির স্থান (Objects of litigation)। দ্র 'মনু ৮.৪-৭। °ভুজা (স্ত্রী)—মহালক্ষ্মী (চণ্ডী)। °শোপপুরাণ (ক্লী)—সনৎকুমারোক্ত নারসিংহ-প্রভৃতি অষ্টাদশ গৌণ পুরাণ। দ্র 'কূর্ম্মপুরাণ, পূর্ব্বভাগ, ১.১৭-২০।]

অষ্টাদশধান্য, -পুরাণ, -বিদ্যা, -বিবাদপদ, -ভুজা, -শোপপুরাণ দ্র 'অষ্টাদশ'।

অষ্টাপঞ্চাশ, -শৎ, -শত্তম, -শত্তমী, -শী দ্র 'অষ্টপঞ্চাশৎ'।

অষ্টাপদ পুং [অষ্ট পদ যাহার, বহুব্রী, সংজ্ঞার্থে দীর্ঘ, পা ৬.৩ ১২৫] ১ শরভ। ২ মর্কট, মাকড়সা। ৩ ক্রিমি। ৪ চন্দ্রমল্লী। ৫ (অষ্ট-সিদ্ধিযুক্ত) কৈলাসপর্ব্বত। ৬ কীলক। —পদ পুং, ক্লী ১ অষ্ট ধাতুতে যাহার স্থান; স্বর্ণ। "রা ১.৫.১৬। °কুম্ভ কু.স ৭.১০। °ভূমিরেণু মাঘ ৩.২৮। কাটের সেউতি মোর হৈল অষ্টাপদ ভা.চ ২৫৭। ২ দ্যূতফলক, শারীফলক। "অষ্টাপদাকার রা ১.৫.১৬। ৩ ধুস্তুর। —পদী স্ত্রী চন্দ্রমল্লী।

অষ্টাপাদ্য বিণ [অষ্ট দ্বারা আপাদ্য, তৃ.ত] অষ্ট দ্বারা গুণনীয়, অষ্টগুণ। "অষ্টাপাদ্য (কিল্বিষ) মনু ৮.৩৭।

অষ্টাবক্র পুং [অষ্টে (অষ্ট স্থানে) বক্র, কর্ম্মধা, সংজ্ঞার্থে দীর্ঘ, পা ৬.৩.১২৫] সংহিতাকার মুনিবিশেষ। "সী ৩। [ইঁহার পিতা কহোড়, মাতা সুজাতা। ইনি পিতৃশাপে বিকৃতাঙ্গ হইয়া ভূমিষ্ট হন, সেই হেতু নাম 'অষ্টাবক্র'। জনক-রাজের সভায় বাদবিৎ বন্দীকে পরাস্ত করিয়া, ইনি পিতাকে উদ্ধার করিলে, পিতার প্রসাদে ইঁহার অঙ্গবিকৃতি দূর হয় (মহা ৩.১৩২-৪তম অধ্যায়)। [°সংহিতা (স্ত্রী) —অষ্টাবক্রকৃত মোক্ষধর্ম্মমূলক যোগগ্রন্থ।]

অষ্টাবিংশতি স.বিণ [উ.লো; পু.বা—°শ, °তিতম (ডট্, তমট্ প্রত্যয়); স্ত্রী °শী, °তিতমী] অষ্টাধিক বিংশতি; তৎসংখ্যক, আটাশ। —তি স্ত্রী তৎসংখ্যা, (২৮) এই সংখ্যা।

অষ্টার্চ্চা বি [অষ্ট অর্চ্চা; অপ্র] ইন্দ্র-প্রভৃতি ভক্তের আটবার দুর্গাপূজা। "তবাষ্টার্চ্চা পদবন্ধে রচিবারে চাই ম.পা ১।

অষ্টাশীতি স.বিণ [উ.লো; পু.বা—°তিতম (তমট্ প্রত্যয়); স্ত্রী °তমী] অষ্টাধিক অশীতি, তৎসংখ্যক, আটাশী। —তি স্ত্রী তৎসংখ্যা, (৮৮) এই সংখ্যা।

অষ্টাশ্রি, -স্রি বিণ [বহুব্রী] অষ্টকোণ। দ্র 'অশ্রি, -স্রি'।

অষ্টাষষ্টি; অষ্টাসপ্ততি দ্র 'অষ্টষষ্টি; অষ্টসপ্ততি'।

অষ্টাহ পুং [অষ্ট অহের সমাহার, স.দ্ব, সমাসান্ত 'অ' (টচ্)] অষ্ট-দিবস, আটদিন। "অষ্টাহ সঙ্গীত ভা.চ ১০৭; ১৪৯; অন্নদা-অষ্টাহ-গীত ৫৫৭।

অষ্টি স্ত্রী [√অস্+তি (ক্তিন্)-র্ম, পৃষো, ষত্ব; তু 'অষ্ঠি'] ১ যাহা বিক্ষিপ্ত হয়; বীজ, আঠি; কারণ। "ভ ৭.৯ ৩১। নাহিক বন্ধ অষ্টি ন.প ২১১। ২ [তু 'অষ্টন্'] ষোড়শাক্ষরপাদ ছন্দোবিশেষ। ৩ ষোড়শ সংখ্যা। "°দিনান্তরালে (মুহূর্ত্তচিন্তামণি)। ৪ পাশক (A.)।

অষ্টেপৃষ্ঠে, আষ্টেপৃষ্ঠে বি [অষ্টপৃষ্ঠে > °ষ্ঠে] ১ আটপিঠে; আটদিকে, সবদিকে, চারদিকে, সর্ব্বত্র। ২ শরীরের সর্ব্বস্থানে; সবগায়। "(কুব্জার) অষ্টেপৃষ্ঠে টিপি-চাপা, আট দিকে আট বেঁকা দা ৫৫৭। [অষ্টেপৃষ্ঠে বাঁধন—চারদিকে বাঁধন। অষ্টেপৃষ্ঠে ললাটে —দেহের সব দিকে এবং কপালে; সবগায়। "অষ্টেপৃষ্ঠে ললাটে-তিলক কাটা।]

অষ্টোত্তর বিং [অষ্ট উত্তর যাহাতে, বহুব্রী; স্ত্রী -রা] যে সংখ্যায় আট অধিক; অষ্টাধিক (অন্য সংখ্যার সহিত প্রযোজ্য)। "অষ্টোত্তর শত নাম ম ৩৮০। অষ্টোত্তর শত নীলোৎপল কৃ ৩৫০। মূল মন্ত্র জপ করে শত অষ্টোত্তর শ্রী.মা ৩০। [অষ্টোত্তর শত—১০৮-সংখ্যক।]

অষ্ঠি স্ত্রী [তু 'অস্থি (থ > ঠ)'; অষ্ঠীবান্—'অস্থি' > অষ্ঠী (নিপাতিত, পা ৮.২.১২); 'অষ্টি'] ১ বীজের অস্থিবৎ কঠিন আবরণ; বীজ, আঠি। অষ্ঠাংশ বল্কল নাহি চৈ.চ ৬৩। ২ জানু ও কূর্পরের অস্থি (বৈজয়ন্তী)। [অষ্ঠ্যংশ বল্কল—আঠি আঁশ ও খোসা।]

অষ্ঠীলা স্ত্রী [অষ্ঠি+√লা+অ (ক) -ক+স্ত্রী আ (টাপ্), দীর্ঘ] ১ মূত্রাঘাতরোগবিশেষ (সুশ্রুত)। ২ বর্তুলাকার পাষাণ খণ্ড ; নুড়ি। "লোহ° মহা ১.১১৫.১২ ; ২০। ৩ শাল্মলিফলের অন্তর্গত গ্রন্থি (নীলকণ্ঠ)। "মহা ৩.১৩৩.৯ ; ৫.৭৫.১৯। ৪ গোল বস্তুমাত্র। ৫ বীজ, আঁঠি। —লিকা স্ত্রী ১ সর্থ 'অষ্ঠীলা'। ২ লিঙ্গে শূক (শূয়া)-কীটপ্রয়োগজন্য রোগবিশেষ। "সুশ্রুত ২.১৪.২।

অস্ অক [অদা, প—অস্তি ; সেট্ ; Av. √ah—ahi (অসি) ; ফা হস্ত্ ,-তী (সত্তা); cf., Gr. esti ; L. es-t ; Ger. ist ; Goth. is-t ; Lith. es-ti ; E. is] সত্তা, বিদ্যমানতা। "অস্তি বিষ্ণুঃ (ক.ক)। অস্তি অস্তি বলি গর্জে বুলাইল হাথ ম ৩৬। শ্রীবাস পণ্ডিত ধীমান্ নারদ আসিত (সং 'আসীৎ') ভ.গ্র ৩৭। —স্ সক [দি, প—অস্যতি ; সেট্] ক্ষেপণ, অপনোদন। "ভট্টি ৫.৮১। —স্ সক [ভ্বা.উ—অসতি, -তে ; সেট্] ১ গতি। "যোঽস্যদেবমুপাসতে (উপগচ্ছতি—ক.ক)। ২ আদান, গ্রহণ। ৩ (অক) দীপ্তি। "কু.স ১.৩৫ (দ্র 'মল্লিনাথ')। [অভি—অভ্যাস। "মনু ৪.১৪৭। রোমন্থ-মভ্যস্যতু শ ২.৬। নি—ন্যাস, নিক্ষেপ, ত্যাগ। "ন্যসেৎ পাদম্ মনু ৬.৪৬। নির্—নিরাস, অপসারণ। "ভট্টি ১.৩। পরি—পর্যাস, পাতন, ক্ষেপণ। "মনু ১১.১৮৪। বি—বিভাগ, অপনয়ন। "ব্যস্য বেদান্ মহা ১.১০৫.১৫। বি-নি—বিন্যাস। বি-পরি—বিপর্যাস। সম্—সমাস, সংক্ষেপ। সম্-নি—সন্ন্যাস। "মনু ৬.৯৪।]

অসংখ্য, -খ্যক বিণ [ন সংখ্যা যাহার, ন.বহুব্রী ; বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -খ্যা, -খ্যিকা ; 'কপ্'-পক্ষে বিকল্পে°খ্যাক, °খ্যাকা (স্ত্রী), পা ৭.৪.১৫] সংখ্যাহীন, অগণ্য, ইয়ত্তাশূন্য। "°খ্যতা মাঘ ১.২৭। মনু ১.৮০। °গণন চৈ.চ ২৯০। —খ্যাত বিণ [ন.ত ; স্ত্রী -তা ; ছান্দস] অগণিত, সংখ্যাতীত, বহুসংখ্যক, বিপুল। "বক্র শির অসংখ্যাত ব.প ১৩২৮। অসংখ্যাত দল চ.বি ১৩৫। —খ্যেয় বিণ [ন.ত ; স্ত্রী -য়া ; ছান্দস] অগণনীয়, ইয়ত্তাহীন। "অসংখ্যেয়ং ধনম্ রা ১.১.৯৫। —য় পুং বিষ্ণু।

অসংখ্যক, -খ্যাত, -খ্যেয় দ্র 'অসংখ্য'।

অসংগ্রহ বি [অপ্র] পরিত্যাগ। "ভ.গ্র ৩২১।

অসংজ্ঞ বিণ [ন সংজ্ঞা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -জ্ঞা] সংজ্ঞাহীন, অচেতন। —সংজ্ঞা স্ত্রী [ন.ত] ১ সংজ্ঞাভাব, অচৈতন্য। ২ সংজ্ঞাভিন্ন শব্দ ; অনাম। "পা ৪.৩.১৪৯।

অসংজ্বর বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -রা] সংজ্বররহিত, অসন্তাপ। "মনু ৪.১৮৫।

অসংন্যস্ত বিণ [ন.ত] অকৃতসন্ন্যাস, অত্যক্ত। "অসংন্যস্তসঙ্কল্প গী ৬.২।

অসংপাঠ্য বিণ [ন.ত] অনধ্যাপনীয়। "মনু ৯.২৩৮।

অসংবর বিণ [ন.ত ; স্ত্রী -রা] অশক্যনিরোধ, অগোপ্য, অসংবরণীয়। "অসংবরে শম্বরবৈরিবিক্রমে নৈ ১.৫৩। —বার্য্য বিণ [ন.ত] অশক্য-বারণ, অনিবার্য্য।

অসংবীত বিণ [ন.ত] সংব্যানহীন, উত্তরীয়রহিত, একবস্ত্র। "মহা ৩.৬১.৪।

অসংবৃত বিণ [ন.ত] ১ অনাবৃত, অনাচ্ছাদিত। ২ অগুপ্ত, অগূঢ়। ৩ আবরণহীন, আস্তরণশূন্য। "অসংবৃতাম্ (মেদিনীম্) গো.রা ২.৮.৫৯ ; অসংবৃতায়াম্ (ভূমৌ) ৯.৩৫। —সংবৃত ক্লী নরকবিশেষ। "মনু ৪.৮১।

অসংযত বিণ [ন.ত] ১ অনিয়ন্ত্রিত, অজিত। "অসংযতাত্মা গী ৬.৩৬। ২ অজিতেন্দ্রিয়, ইন্দ্রিয়সংযমহীন, উদ্দাম। "মহা ১৩.৪০.১৫। ৩ অবদ্ধ, মুক্ত। "°কবাট রা ২.৭১.৩৭। —যম পুং [ন.ত] ১ সংযমাভাব, অনিগ্রহ ; অনিয়ম। "ইন্দ্রিয়াণামসংযমঃ হি ১.২৯। ২ উদ্দামভাব, উচ্ছৃঙ্খলতা।

অসংযাজ্য বিণ [ন.ত] যাজনের অযোগ্য, অযাজনীয়। "মনু ৯.২৩৮।

অসংযুক্ত, -যোগ বিণ [ন.ত ; ন.বহুব্রী] ১ সংযোগরহিত, বিশ্লিষ্ট, পৃথক্। ২ অসম্পৃক্ত, অসংস্পৃষ্ট। ৩ অন্যব্যঞ্জনের যোগরহিত ; অমিশ্র (ব্যঞ্জনবর্ণ) "°গোপথ পা ৪.১.৫৪। —ক্ত ক্লী, —গ পুং [ন.ত] সংযোগাভাব, বিশ্লেষ, অসংস্পর্শ।

অসংলগ্ন বিণ [ন.ত] ১ বিযুক্ত, ভিন্ন, পৃথক্। ২ অসম্বদ্ধ, সঙ্গতিহীন, অপ্রাসঙ্গিক।

অসংশয় বিণ [ন.বহুব্রী] সংশয়শূন্য, নিঃসন্দেহ, ধ্রুব। "গো.রা ৫.২৩.২৫। শ ১.২০। —সংশয় পুং [ন.ত] সংশয়াভাব, অসন্দেহ, নিশ্চয়। —সংশয়িত বিং [ন.ত] অ-সংশয়যুক্ত, অসন্দিগ্ধ, নিঃসংশয়। "অসংশয়িত পরিচয় সী ২৯।

অসংশ্রব বিণ [ন.বহুব্রী] যেস্থানে সংশ্রব (সম্যক্ শ্রবণ) নাই ; সম্যক্ শ্রবণের অযোগ্য (দূরস্থান)। "মনু ২.২০৩।

অসংসক্ত বিণ [ন.ত] ১ অসংলগ্ন, অনন্বিত, বিযুক্ত। ২ অনাসক্ত বিরক্ত। "ভোগেষ্বসংসক্তঃ রা ৭.৩.২।

অসংসৃষ্ট বিণ [ন.ত] ১ সংসর্গহীন, অসম্পৃক্ত। ২ অমিশ্র, বিশুদ্ধ, খাঁটি।

অসংস্কার বিণ [ন.বহুব্রী] ১ সংস্কারহীন, অপরিষ্কৃত, মলিন। ২ প্রসাধনরহিত, শরীরসংস্কারহীন, অলক্তকরঞ্জনাদিহীন। "°পাটলোষ্ঠ-পুটং মুখম্ শ ৭.২৩। ৩ গর্ভাধানাদিহীন। —সংস্কার পুং [ন.ত] ১ সংস্কারাভাব, মার্জ্জনাভাব। ২ অব্যুৎপত্তি। "°হত (উক্তি) কি ৩.৪৮। —সংস্কৃত বিণ [ন.ত] ১ সর্থ 'অসংস্কার (১)। ২ সর্থ 'অসংস্কার (৩)। "যাজ্ঞ ২.১২৭। ৩ উপনয়নসংস্কারহীন, অনুপনীত। "মনু ২.৩৯। ৪ প্রোক্ষণাদিসংস্কারহীন (পশু)। "মনু ৫.৩৬। ৫ বিবাহসংস্কার-হীন, অনূঢ়। "কন্যা…অসংস্কৃতা।—পঞ্চ ৩.২০৫। ৬ ব্যাকরণদুষ্ট, অসাধু (শব্দ)। ৭ প্রসাধনহীন, অপরিপাটি। "অসংস্কৃতালকী (কাদম্বরী)। ৮ সংস্কৃতেতর, অপভ্রষ্ট (বাক্য)। —ত পুং অপশব্দ। [°তবাক্য—অপভ্রংশ, অপশব্দ (শ.ক)।]

অসংস্তুত বিণ [ন.ত] ১ অকৃতস্তব। ২ অপরিচিত। "কি ৩.২১। অসংস্তুত ইব পরিত্যক্তো বান্ধবো জনঃ (কাদম্বরী)।

অসংস্থান ক্লী [ন.ত] ১ অসংসক্তি, অসংশ্লেষ, বিয়োগ। ২ অভাব। ৩ অব্যবস্থা, বিশৃঙ্খলতা। —স্থিত বিণ [ন.ত] ১ পৃথক্‌স্থিত, বিযুক্ত। ২ ভগ্নক্রম, বিশৃঙ্খল, ভগ্নব্যূহ (সৈন্য)। "হি ৩.১১২। ৩ অনবস্থিত, অস্থির, চল। "অসংস্থিতং চেতঃ শ ১.৩১। —স্থিতি স্ত্রী [ন.ত] অব্যবস্থা, বিশৃঙ্খলতা।

অসংহত বিণ [ন.ত] ১ অসংলগ্ন, অনন্বিত, বিযুক্ত। ২ ঐকমত্যহীন, অনৈক্য। "অসংহতা বিনশ্যন্তি।—পঞ্চ ৫.৯৪। ৩ অঘনীভূত, অজমাট। ৪ অসহায় (নীলকণ্ঠ)। "মহা ১৩.১০৭.৩। —হত পুং ১ (প্রকাশ-ক্রিয়ায় অন্যের অনপেক্ষা হেতু) সাংখ্যোক্ত পুরুষ। ২ পৃথগ্‌বৃত্তিসেনাব্যূহবিশেষ। 'পৃথগ্‌বৃত্তিরসংহতঃ ('ব্যূহ' শব্দে অ.টী)।

অসংহৃত বিণ [ন.ত] ধারাবাহিকভাবে প্রবর্ত্তিত। "অসংহৃতানন্দ-নান্দীক উ.চ ১১।

অসকল বিণ [ন.ত ; স্ত্রী -লা] অসমগ্র, অসম্পূর্ণ। "মুখমসকলব্যক্তি লম্বালকত্বাৎ উ.মে ২৩।

অসকাল বি [অ+সকাল ; অপ্র] ১ সকালভিন্ন কাল ; অপরাহ্ণ, বিকাল। "বেলি অসকালে। দেখিনু ভালে। পথেতে যাইতে সে চ.দা ১৯। চল চল আলো সখি বেলি অসকাল শ্রী.ম ৬৯। ২ অসময়। "অসকালে দ্বিজবর গেল রাজস্থান ম ১০৬২। অসকাল হয় পাছে পেতে চাই নাথ শ্রী ১৮৪।

অসকৃৎ ব্য [ন সকৃৎ ন.ত] পুনঃ পুনঃ, মুহুঃ, বারংবার। "রঘু ৯.২৩। উ.মে ৩১।

বিণ [ন.ত] ১ আসক্তিহীন, অনাসঙ্গ, ফলকামনারহিত। "অসক্তঃ সুখমন্বভূৎ রঘু ১.২১। কি ১.১১। ২ সর্ব্বসংশ্লেষবর্জ্জিত, সঙ্গশূন্য (গী.টীকা)। "গী ১৩.১৪। ৩ অলগ্ন। "শ ২.১২। ৪ অপ্রতিবন্ধ, প্রতিবন্ধরহিত। "অসক্তমুধাংসি পয়ঃ ক্ষরন্তি।—কি ৪.৩১। ৫ বিযুক্ত, পৃথক্। ৬ বিরক্ত, বিরাগী। —সক্তি স্ত্রী [ন.ত] ১ আসক্তির অভাব ; অনাসঙ্গ, ঔদাসীন্য। ২ পুত্রাদিতে মমতাভাব বা প্রীতিত্যাগ। "গী ১৩.৯।

অসক্ষ বিং ['অশক্য'—মূল, ক্য > ক্ক > (ক্থ) ক্ষ (উচ্চারণসাম্যে) ; অপ্র] অসাধ্য, অদ্ভুত। "এমত অসক্ষ না শুনিছি গো.বি ৮৭।

অসগোত্র বিণ [ন.ত ; স্ত্রী -ত্রা] সগোত্রভিন্ন, ভিন্নগোত্র, অন্যবংশজ। "মনু ৩.৫।

অসঙ্কল্পিত বিণ [ন.ত] অচিন্তিত, অতর্কিত। "রা ২.২২.২৪।

অসঙ্কুচিত বিং [ন.ত] ১ সঙ্কোচরহিত, অকুণ্ঠিত, অলজ্জিত। "°ভাবে কথোপকথন সী ১৫। ২ কুঞ্চনহীন, প্রসৃত, বিস্তৃত। —সঙ্কোচ বি সঙ্কোচাভাব, অকুণ্ঠিতভাব, সপ্রতিভভাব। [অসঙ্কোচে বলা—অকুণ্ঠিতভাবে বলা ; স্বচ্ছন্দে বলা।]

অসঙ্গ বিণ [ন.বহুব্রী] ১ সঙ্গরহিত, অনাসক্ত, সম্বন্ধশূন্য। "সৃজত্যবত্যত্তি গুণৈরসঙ্গঃ ভ ১.৫.৬। ২ অপ্রতিবন্ধ, অব্যাহত। "°চারী গো.রা ৫.৪২.৪। রঘু ৩.৬৩। ৩ স্পর্শহীন। "মহা ২.২৪.২২। ৪ অলগ্ন, অসক্ত। ৫ বিরক্ত, উদাসী। —সঙ্গ পুং [ন.ত] ১ সঙ্গাভাব, অনাসক্তি, বিষয়ব্যাবৃত্তি, বিষয়সঙ্গপরিহার। "বিষয়েষ্বসঙ্গবান্ গো.রা ৩.৩৭.২৩। ইন্দ্রিয়াসঙ্গ মনু ৬.৭৫। ২ অহংমমতাত্যাগ, পুত্রবিত্তাদিত্যাগ, বৈরাগ্য। "অসঙ্গশস্ত্র গী ১৫.৩। ৩ (সাংখ্যে) পুরুষ।

অসঙ্গত বিণ [ন.ত] ১ সঙ্গতিহীন, অসম্বন্ধ, পূর্ব্বাপর-সাম্যহীন, অনৈক্য। ২ অযুক্ত, অলগ্ন। ৩ যুক্তিশূন্য, অন্যায়। ৪ বিসদৃশ। ৫ অবিনীত, অশিষ্ট। "আসন্নমেব নৃপতির্ভজতে মনুষ্যং বিদ্যাবিহীনমকুলীনমসঙ্গতং বা (হি)। ৬ অযথোচিত, সমধিক, অত্যধিক, অসম্ভব। "তরণী অসঙ্গত সাহসে সেই দুর্দ্দমনীয় যমুনার স্রোতোবেগে আরোহণ করিয়া, প্রয়াগের ঘাটে আসিয়া লাগিল ব.প্র ১০৯। চুলের গার্ডচেনের অসঙ্গত খদ্দের হু ১৮৫। —সঙ্গতি স্ত্রী [ন.ত] ১ সঙ্গতির অভাব ; পূর্ব্বাপরবিরুদ্ধতা, অসম্বন্ধ, অনুপপত্তি। ২ বৈসাদৃশ্য, বৈষম্য, অনৈক্য। ৩ বিযুক্ততা, বিশ্লেষ। ৪ অসদ্ভাব, অভাব। "অসঙ্গতিনিবন্ধন সী ৬৭। ৫ অসম্ভব। ৬ অর্থালঙ্কারবিশেষ। [কার্য্যকারণের ভিন্নদেশতা (অর্থাৎ একস্থলে কারণ, অন্যত্র তাহার কার্য্য) হইলে 'অসঙ্গতি' অলঙ্কার হয় (সা.দ ১০.৬৯)।]

অসচ্ছাস্ত্র ক্লী [অসৎ শাস্ত্র, কর্ম্মধা] শ্রুতিস্মৃতিবিরুদ্ধ শাস্ত্র ; বৌদ্ধাগমাদি। "অসচ্ছাস্ত্রাধিগমন মনু ১১.৬৬।

অসজ্জন পুং [অসৎ জন, কর্ম্মধা] ১ দুর্জন, দুর্বৃত্ত। "রঘু ১২.৪৬। °গোষ্ঠী হি ১.২১৭। ২ অসতী জন ; অসতী। "না মামসজ্জনেনার্য্যা সম্মানয়িতুমর্হতি রা ২.৩৯.২৮।

অসঞ্চয়িক বিণ [ন.ত ; স্ত্রী -কা] সঞ্চয়হীন। "মনু ৬.৪৩, কুলুক।

অসৎ বিণ [ন.ত ; °সন্ (পুং), °তী (স্ত্রী) ; ছান্দস] ১ 'সদ্ভিন্ন', অবিদ্যমান, অবর্ত্তমান। "অসতি ত্বয়ি কু.স ৪.১২। রাজন্যসতি হি ১.২১৪। °পুত্র মনু ৯.১৫৪। ২ অসত্য, মিথ্যা। "ভ ৭.৫.১২। একা রামচন্দ্র আর তাঁহার ভকত। আর যত দেখ হয় সকলি অসত॥—ভ.প্র ২৪৮। ৩ অসাধু, গর্হিত, মন্দ, নীচ। "°কুলপ্রসূত ; অসদাচার। ৪ অযুক্ত, অন্যায়, অসঙ্গত। ৫ অভাবভূত, অসাধু, অপ্রশস্ত। "গী ১৭.২৮। ৬ অনিত্য, নশ্বর। —সৎ ক্লী ১ অভাব, অসত্তা, অগোচরত্ব, অব্যক্ত। "নাসদাসীন্নো সদাসীৎ।—ঋগ্বেদ ১০.১২৯.১। সদসদাত্মক (কারণ) মনু ১.১১ ; ১৪। ২ অসত্য, অনৃত। ৩ সদ্ভিন্ন (ব্রহ্মভিন্ন) সমুদয় ; অবস্তু। "অসদুপাসনা করি আত্মঘাতী হয় শ্রী.ম ২৬৪। ৪ দোষ, অপকর্ষ। "সদসদ্ব্যক্তিহেতবঃ রঘু ১.১০। সদসৎপরিবেদনাবিহীন।—সী ৫১। [°পথ (পুং)—কুপথ, উন্মার্গ। °পরিগ্রহ (পুং)—অসৎপক্ষগ্রহণ।]

অসতি বিং [সং অসৎ, স্ত্রীলিঙ্গ 'অসতী' হইতে পুংলিঙ্গে '°তি' (?) ; অপ্র] অধার্ম্মিক। "অসতি রাজা গো.চ ৩ ; ৪ (টীকা)।

অসতী স্ত্রী [অসৎ + স্ত্রী ঈ (ঙীপ্)] অসাধ্বী, ব্যভিচারিণী, কুলটা। "অসতী ভবতি সলজ্জা (পঞ্চ)। চোর চন্দ্র নিন্দে, বেশ্যা নিন্দে কোটাল। অসতী সতী নিন্দে, ঘৃত নিন্দে মাতাল॥—প্রবচন। [অসতী সতী নিন্দে—গুণী গুণীর গুণ বুঝে, অগুণী বুঝে না।]

অসত্তা স্ত্রী [অসৎ + তা (তল্) তত্ত্বার্থে] ১ অসদ্ভাব, অবিদ্যমানতা, অভাব। "তদসত্ত্বে তদসত্তা। ২ অসাধুতা, দৌর্জ্জন্য। ৩ অব্যক্ততা। ৪ অসত্যতা। —সত্ত্ব১ ক্লী [+ ত্ব তত্ত্বার্থে] সর্থ 'অসত্তা'।

অসত্ত্ব২ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ত্ত্বা] ১ সত্ত্বহীন, বলশূন্য, নির্বীর্য্য। ২ জন্তুহীন। ৩ সাধুতারহিত। ৪ সত্ত্বগুণহীন। —সত্ত্ব ক্লী [ন.ত] ১ সত্ত্বভিন্ন গুণ ; রজস্তমোগুণ। ২ অব্রহ্ম। "চাদয়োঽসত্ত্বে পা ১.৪.৫৭।

অসৎপুত্র বিণ [অসন্ পুত্র যাহার বহুব্রী ; স্ত্রী -ত্রা] অবিদ্যমানপুত্র, অপুত্রক। বিপ 'সৎপুত্র'। "মনু ৯.১৫৪। —সৎপুত্র পুং [কর্ম্মধা] অসাধু পুত্র।

অসৎপ্রতিগ্রহ পুং [ষ.ত] ১ নিষিদ্ধ দ্রব্যের (তিলাদির) গ্রহণ। ২ [প.ত] অসৎ হইতে গ্রহণ ; শূদ্রাদির দ্রব্যস্বীকার। "মনু ১১.১৯৫।

অসত্য বিণ [ন.ত ; স্ত্রী -ত্যা ; ছান্দস] ১ সত্যবর্জ্জিত, অনৃত, মিথ্যা। "অনৃতা অসত্যাঃ।—ঋগ্বেদ ৪.৫.৫। গী ১৬.৮। ২ কল্পিত। "°কণ্ঠার্পিতবাহুবন্ধনা কু.স ৫.৫৭। —সত্য ক্লী অনৃত, মিথ্যাবাক্য। "অসত্যস্য চ ভাষণম্ মনু ১১.৭০।

অসত্যসন্ধ বিণ [অসত্যা সন্ধা যাহার, বহুব্রী ; স্ত্রী -ন্ধা] অসত্যপ্রতিজ্ঞ, মিথ্যাবাদী, কপট। "গো.রা ৩.৫৭.২০। অসত্যসন্ধে জনে শ ৪২৪। হি ১.৮০।

অসদাগম পুং [কর্ম্মধা] ১ অসৎ (বেদবিরোধী) শাস্ত্র ; নাস্তিকাদিশাস্ত্র। ২ ধনাদিলাভের অসদুপায়। [দায় লাভ জয় ক্রয় বিভাগ সংপ্রয়োগ সৎপ্রতিগ্রহ—এই সপ্ত সদুপায়।] ৩ [ষ.ত] শাস্ত্রনিষিদ্ধ তিলাদির লাভ ; অপহৃতদ্রব্যাদির লাভ।

অসদাচার, -চারী (-রিন্) বিণ [বহুব্রী ; °র + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -রা, -রিণী] সদাচারহীন, দুর্বৃত্ত। —চার পুং (কর্ম্মধা) অসৎ আচরণ ; অবৈধানুষ্ঠান, কুক্রিয়া।

অসদৃশ বিণ [ন.ত ; স্ত্রী -শী] ১ অতুল্য, বিভিন্ন, অন্যরূপ। ২ অযোগ্য, অননুরূপ, অযুক্ত, অনুচিত। "°সংযোগ (কাদম্বরী)। °ব্যবহারী। —হি ২৲২৲২৮। অসদৃশম্ (বচঃ) মহা ৩.২৭৮.১৭। বে ৫.৩। অসদৃশ সাহস ম ৯৩৮।

অসদ্‌গ্রহ পুং [কর্ম্মধা, অথবা স.ত] ১ দুরাগ্রহ, অপ্রাপ্য বস্তুতে আগ্রহ ; অথট্টি, আবদার। ২ 'আপন পর' এইরূপ মিথ্যাভিনিবেশ (শ্রীধর) ; মিথ্যাজ্ঞান, শুক্তিকারজত ইত্যাদি জ্ঞান (ত.বা)। "স্বপরাসদ্‌গ্রহাশ্রয় ভ ৭.৫.৩। ৩ অসৎ (নশ্বর) দেহাদিতে আগ্রহ। "ভ ১০.১৬.৫৬। —গ্রহ বিণ [ষ.ত] অসৎপ্রকাশক। "দৃগ্‌ভিরসদ্‌গ্রহৈঃ ভ ৪.৭.৩৭। —গ্রাহ বিণ [অসৎ বা অসতে গ্রাহ যাহার, বহুব্রী (শ্রীধর) ; স্ত্রী -হা] ১ অসৎকার্য্যগ্রাহক। "(রাজানম্) অসদ্‌গ্রাহমিমং মোহাৎ কুরুষে রা ২.৩৫.২৭। ২ দুরাগ্রহ, নশ্বরদেহাদিতে যাহার আগ্রহ ; অসদাগ্রহ, মিথ্যাভিনিবেশযুক্ত। "অহংমমেত্যসদ্‌গ্রাহঃ (দেহী)।—ভ ৩.৩১.৩০ ; ১০.৪০.২৩। —গ্রাহ পুং [কর্ম্মধা] ১ অশুভনিশ্চয়, এই মন্ত্রে দেবারাধনায় মহানিধি পাইব, এইরূপ দুরাগ্রহ (গী.টীকা)।

"গী ১৬.১০। ২ পর ও আপন—এই মিথ্যাভিনিবেশ। "ভ ৭.৫.১১। ৩ [স.ত] অসদ্বিষয়ে আগ্রহ; ঘোর পাপকর্ম্মে অভিনিবেশ। "রা ২.৩৫.১৮। —গ্রাহী (-হিন্) বিণ [অসৎ+√গ্রহ্+ইন্ (গিনি) -ক-১ব; উ.ত; স্ত্রী -হিণী] অসদ্বস্তুগ্রহণশীল, নিষিদ্ধদ্রব্যগ্রাহক। "রা ২.১.২৪।

অসদ্ধর্ম্ম পুং [কর্ম্মধা] ১ অধর্ম, পাপকর্ম্ম। "মহা ১৩.৩৮.১৪। ২ অপকার, অভিচার। "ভ ৭.৫.৪৩।

অসদ্ধেতু পুং [কর্ম্মধা] ভ্রমমূলক হেতু; সোপাধিক হেতু; হেত্বাভাস।

অসদ্বুদ্ধি বিণ [বহুব্রী; স্ত্রী -দ্ধি] দুর্ম্মতি, মূঢ়। "(জনঃ) মৃত্যুমৃচ্ছত্যসদ্বুদ্ধিঃ ভ ১১.৮.১৯।

অসদ্ভাব পুং [ন.ত] ১ অবিদ্যমানতা, অসত্তা, অভাব। "তুমি চাব চখিলে কিসের অসদ্ভাব শি ৬৯। দুরাত্মার ছলের অসদ্ভাব নাই (কথামালা)। সদ্ভাবের অসদ্ভাব চা.তূ ২৮। ২ দুষ্টাভিপ্রায়, দুরভিসন্ধি। ৩ দুষ্প্রবৃত্তি। ৪ অপ্রণয়।

অসন ক্লী [√অস্+অন্ (ল্যুট্) ভা] ১ ক্ষেপণ। "নিরসন। ২ [+অন-ণ] ক্ষেপণসাধন। "শরাসন। ৩ অসনবৃক্ষের কুসুম; প্রিয়কপ্রসূন। "মাঘ ৬.৪৭। —ন পুং [+অন-ক] 'মাননিরাসক' [দ্র 'মাঘ ৬.৪৭, মল্লিনাথ'), পীতসাল, পিয়াল। তু 'অশন'। "রঘু ৯.৬৩।

অসন্তুষ্ট বিণ [ন.ত] ১ সন্তোষহীন, অভীষ্টলাভেও যে তৃপ্ত হয় না; অতৃপ্ত। "অসন্তুষ্টা দ্বিজা নষ্টাঃ।—হি ১.১৫০। ২ অপ্রসন্ন। —সন্তুষ্টি বি অসন্তোষ, অপ্রীতি। "ব.প্র ৯। —সন্তোষ পুং [ন.ত] সন্তোষাভাব, অপ্রীতি; অতৃপ্তি।

অসন্ত্যাগ পুং [ন.ত] সন্ত্যাগাভাব, অপরিহার। "অসন্ত্যাগাৎ পাপকৃতাম্ মহা ৫.৩৪.৭০। —ত্যাজ্য বিণ [ন.ত] ১ অপরিহার্য্য, অনতিক্রমণীয়। "মহা ৩.২৮.২৫। ২ ত্যাগের অযোগ্য; অত্যাগার্হ। "মহা ১.২২৯.১৯।

অসন্দিহান বিং [ন.ত; স্ত্রী -না] সন্দেহহীন, নিঃসংশয়। "°চিত্তে সী ২৯।

অসন্ধি বিণ [ন.বহুব্রী; স্ত্রী -ন্ধি] ১ (ব্যাকরণে) সন্ধিশূন্য, বিশ্লিষ্ট (শব্দ)। ২ অবদ্ধ, অনিয়ন্ত্রিত, মুক্ত। —ন্ধি পুং (ব্যাকরণে) সন্ধির অভাব; সন্ধিকার্য্যাভাব।

অসন্ধিত বিণ [ন.ত] অবদ্ধ, মুক্ত (অশ্বাদি)। "অসন্ধিতানাং মনু ৮.৩৪২।

অসন্নিবৃত্তি স্ত্রী [ন.ত] অপুনরাবৃত্তি, অপ্রত্যাগমন। "রঘু ৮.৪৯। অসন্নিবৃত্ত্যৈ তদতীতম্ শ ৬.১৪।

অসন্মার্গ বি [অসৎ মার্গ, কর্ম্মধা] অসৎপথ, উন্মার্গ, অসাধু উপায়। "ম ৪০।

অসপত্ন বিণ [ন সপত্ন যাহার, ন.বহুব্রী; স্ত্রী -ত্না; ছান্দস] শত্রুহীন, অকণ্টক। "রাজ্যমসপত্নম্ মহা ১.১.২১৬। গী ২.৮। —ত্ন পুং [ন.ত] ১ মিত্র। ২ শত্রুর অভাব।

অসপিণ্ড বিণ [ন.ত] সমানপিণ্ডরহিত, শোণিতসম্বন্ধশূন্য, অর্থাৎ সপ্তম পুরুষের ঊর্দ্ধতন (পুরুষ)'। "মনু ৩.৫।

অসবর্ণ বিণ [ন.ত; স্ত্রী -র্ণা] সমানবর্ণভিন্ন, ভিন্নবর্ণ, বিজাতীয় (যেমন, ব্রাহ্মণের ক্ষত্রিয়াদি)। "অসবর্ণক্ষেত্রসম্ভবা শ [illegible]। মনু ৩.৪৩।

অসভ্য বিণ [ন.ত; স্ত্রী -ভ্যা] ১ সভায় অসাধু; অসামাজিক। ২ সভার অযোগ্য (স্ত্রীবর্ণনাদি)। ৩ অশিষ্ট, নীচ, বর্ব্বর। "অসভ্য জাপান।—হেম ২৭২। ৪ কুৎসিত, অশ্লীল (শব্দাদি)। ৫ খল। "ভ ১০.৩.২২।

অসম বিণ [ন.ত; স্ত্রী -মা; ছান্দস] ১ অসমতল, বন্ধুর, বিষম (স্থান)। ২ অসদৃশ, অনুপম। "সমৈরসমৈস্তটৈঃ কি ৫.৭। ৩ অসমান, অতুল্য। "মনু ১০.৭৩। অসমৈঃ সমীয়মানঃ।—পঞ্চ ১.৮০। ৪ অযুগ্ম, বিজোড় (Odd)। "°নেত্র, °বাণ, °সায়ক। ৫ (বাঙ্লায়) অতিশয়, সমধিক। "অসম সাহসে কৃ.উ ২৫২। স্ত্রী ১। —সম পুং বুদ্ধদেব। [°নয়ন, °নেত্র, °লোচন (পুং)—ত্রিলোচন, শিব। °বাণ, °শর, °সায়ক (পুং)—পঞ্চশর, কাম। "°শর গী.গো ৪.৫।]

অসমগ্র বিণ [ন.ত; স্ত্রী -গ্রা] ১ অসকল, অপূর্ণ। ২ অসম্পূর্ণ, ঈষৎ। "নিষঙ্গাদসমগ্রমুদ্ধৃতম্ (ইষুম্) রঘু ৩.৬৪। ৩ পরিমিত। "°ভূষণা রঘু ৩.২।

অসমজ্ঞা বি [অপ্র] অকীর্ত্তি, দুর্নাম। "না পারিলে পাছে লোকে হয় অসমজ্ঞা শ্রী.মা ৭২।

অসমঞ্জ, -ঞ্জাঃ (-ঞ্জস্) পুং সগররাজের পুত্র। "°ঞ্জ রা ২.৭০.৩৮। °ঞ্জাঃ মহা ৩.১০৭.৩৯। °ঞ্জ কৃ ১৩।

অসমঞ্জস বিণ [ন.ত, স্ত্রী -সা] ১ অযুক্ত, অন্যায়, অসঙ্গত। "অতিপ্রণয়াদেতন্ ময়োক্তমসমঞ্জসম্ ক.সা ১৭.৫১। অসমঞ্জস রস সহয় ন পারিয় বি.সা ২৬৭। ২ অসমগ্র, অস্পষ্ট, অস্ফুট। "°মঞ্জুজল্পিত উ.চ ৪.৪। ৩ অসম্বদ্ধ, অসম্ভব। —স ক্লী [ন.ত] অসঙ্গতি, বৈষম্য, ভেদ।

অসমনয়ন, -নেত্র, -বাণ দ্র 'অসম'।

অসমবায়িকারণ ক্লী [ন.ত] (ন্যায়ে) সমবায়িকারণভিন্ন কারণ; কার্য্য বা কারণের সহিত এক অর্থে অসমবেত কারণ; সমবায়িকারণের আসন্ন কারণ (শ.ক)—যেমন, ঘটের কপালদ্বয়সংযোগ, পটের তন্তুসংযোগ।

অসমবৃত্ত ক্লী [ন.ত] ১ যে বৃত্তের (ছন্দের) সকল চরণে গণ অসমান; বিষমবৃত্ত। ২ [কর্ম্মধা] অনুপমচরিত।

অসময় পুং [ন.ত] ১ অপ্রশস্ত সময়; অযোগ্যকাল, অকাল। ২ অপ্রস্তাব। "অসময়ে মতিরুন্মিষতি ধ্রুবম্ নৈ ৪.৫৭। ৩ দুঃসময়, বিপৎকাল। "হের গো নয়নে কালী মোর অসময় কৃ ৩৫২, ৩৫৩।

অসমর্থ বিণ [ন.ত; স্ত্রী -র্থা] ১ অশক্ত, অক্ষম। ২ দুর্ব্বল। ৩ অকুশল, অপটু। ৪ আকাঙ্ক্ষাদির অভাবে পরস্পর সম্বন্ধহীন; অনন্বিত, ব্যপেক্ষাহীন (শব্দ)। "°সমাস। ৫ প্রকৃতস্থলে বিবক্ষিতার্থপ্রকাশে সামর্থ্যরহিত (পদ)। যেমন, "সুরস্রোতস্বিনীমেষ হন্তি" (কা.প্র ৭.৫০)—এস্থলে, 'হন্তি' পদ 'গমন' অর্থে অসমর্থ। [°সমাস (পুং)—যে পদের সহিত যে পদ অন্বিত, সেই পদের সহিত অনন্বিত অন্য পদের সমাস। যেমন, 'অশ্রাদ্ধভোজী'—এস্থলে, 'নঞ্'এর সহিত 'ভুজ্' ধাতু অন্বিত, 'শ্রাদ্ধ' এর সহিত নহে; 'অশ্রাদ্ধ'—অসমর্থসমাস। এইরূপ 'অসূর্য্যম্পশ্যা' (দ্র 'পা ৩.২.৩৬, সি)।]

অসমলোচন, -শর, -সায়ক দ্র 'অসম'।

অসমসাহস, -সী (-সিন্) বিং যাহার সাহস অনুপম, অতিসাহসিক। "বীর অসমসাহস ম ৮৭৮; °স শ্রী.ম ৬১। অসমসাহসী বীর কৃ ৯৯। —সাহস বি অত্যন্ত সাহস।

অসমস্ত বিণ [ন.ত] ১ অসকল, অসমগ্র। ২ বিক্ষিপ্ত, ব্যস্ত। ৩ (ব্যাকরণে) সমাসশূন্য (বাক্য)। —সমস্ত ক্লী (ব্যাকরণে) সমাসকার্য্যহীন বিগ্রহবাক্য।

অসমান বিণ [ন.ত] ১ অসম, অতুল্য, অসদৃশ। "অসমানে নাহি মানে স্বসমানে খুঁজে শি ৫৭। ২ (বাঙ্লায়) অসমতল, বন্ধুর। ৩ অসমপরিমাণ (দৈর্ঘ্যাদি, ওজন, মাপ)।

অসমাপ্ত বিণ [ন.ত] অসম্পূর্ণ, সমাপ্তিহীন। "°বিধি রঘু ৮.৭৬। কু.স ৪.১৯। —প্তি স্ত্রী [ন.ত] অসম্পূর্ণতা।

অসমাবর্ত্ত, -বর্ত্তক, -বৃত্ত, -বৃত্তক, -বৃত্তিক বিণ [ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)] অকৃতসমাবর্ত্তসংস্কার; ব্রহ্মচারী। "°র্ত্তকো দ্বিজঃ মনু ১১.১৫৮।

অসমীক্ষিত বিণ [ন.ত] অসম্যগ্‌দৃষ্ট, অপরীক্ষিত। "গো.রা ৫.৮১.৮।

অসমীক্ষ্যকারী (-রিন্) বিণ [অসমীক্ষ্য+ √কৃ+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] যে গুণ দোষ বিচার না করিয়া কার্য্য করে; অবিনীত (অ.টী), জাল্ম ; অবিবেচনাপূর্ব্বক কর্ম্মকারী (শ.ক)। "উচিতমেবৈতৎ মমাসমীক্ষ্যকারিণঃ (শ.ক)। হি ১$\frac{২২৪}{২২৫}$। °কারিতা দোষ পা.প্র ১০৪।

অসমৃদ্ধি স্ত্রী [ন.ত] সমৃদ্ধ্যভাব, অসম্পত্তি, অপ্রাচুর্য্য। "নাত্মানম-বমন্যেত পূর্ব্বাভিরসমৃদ্ধিভিঃ মনু ৪.১৩৭।

অসমেত বিণ [ন.ত] অসন্নিহিত। "°পরিচ্ছদ রঘু ৯.৭০।

অসমোর্দ্ধ বিং যাহার সমান বা উর্দ্ধ নাই ; অনুপম ও অনুত্তম। "অসমোর্দ্ধ মাধুর্য্য—সাম্য নাহি যার চৈ.চ ২০।

অসম্পত্তি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ত্তি] সম্পত্তিহীন, অসম্পন্ন, দরিদ্র। —ত্তি স্ত্রী [ন.ত] ১ সম্পত্তির অভাব ; বিত্তাভাব, দুর্ভাগ্য। ২ অপ্রাপ্তি, অলাভ। "মনু ১২.৩৬। ৩ অনিষ্পত্তি।

অসম্পূর্ণ বিণ [ন.ত] ১ অপূর্ণ, অসমগ্র, অসকল। "চন্দ্রমসম্পূর্ণমণ্ডলম্ মৃ ১.৬। ২ অসমাপ্ত, অসিদ্ধ।

অসম্প্রজ্ঞাত বিণ [ন.বহুব্রী] সম্প্রজ্ঞাতহীন, জ্ঞেয়জ্ঞানজ্ঞাতৃশূন্য, নির্ব্বিকল্পক, নির্ব্বীজ (সমাধি)। 'পা.দ ১.১৮।

অসম্বদ্ধ বিণ [ন.ত] ১ বিযুক্ত, পৃথক্। "গো.রা ৩.৩১.২০। ২ পরস্পর অনন্বিতার্থক ; ব্যপেক্ষাহীন (পদ, বাক্য)। ৩ সম্বন্ধহীন, অনিযুক্ত। "মনু ৮.১৬৩। ৪ নিষ্প্রয়োজন, অনর্থক। "°প্রলাপ মনু ১২.৬। ৫ পূর্ব্বাপরসঙ্গতিরহিত, অসঙ্গত, বিসংবাদী, বিরুদ্ধ। "সুরাপঙ্কবুদ্ধি কামিনীর অসম্বদ্ধ গীতিশব্দ ব.প্র ২০৭। ৬ অযুক্ত, অসম্ভব। "°মনোরথ মা.মা ২$\frac{৫}{১}$। ৭ অনর্থকভাষী, অযথার্থবাদী। "অসম্বদ্ধঃ খল্বসি মৃ ৯$\frac{১৮}{১৯}$। ৮ উচ্ছৃঙ্খল, অনিয়ম, উদ্দাম। "°দ্ধ (গজ)।—মহা (শ.ক)। —দ্ধ ক্লী অসঙ্গত (অনর্থক) বাক্য। [°প্রলাপ (পুং)—১ অসঙ্গত কথন ; অপ্রস্তুতবিষয়ের বর্ণন। ২ নিষ্প্রয়োজন বর্ণন। "মনু ১২.৬।]

অসম্বন্ধ বিণ [ন.বহুব্রী] ১ সম্বন্ধশূন্য, সম্পর্কহীন। "যা.স্ত্রী স্যাদসম্বন্ধা মনু ২.১২৯। ২ অসংলগ্ন, অনন্বিত, বিযুক্ত। —ন্ধ পুং [ন.ত] ১ সম্বন্ধাভাব। ২ পরস্পর অন্বয়াভাব।

অসম্বর বিং [তু 'সং অসংবর] ১ অসংযত, অধীর, বিহ্বল। "শেষে প্রভু হইলেন বড় অসম্বর। 'কৃষ্ণ' বলি কাঁদিতে লাগিল বহুতর ॥—চৈ.ভা ১৪০। ২ পরিপাটিহীন, এলোমেলো, অসামাল। "অসম্বর অম্বর অম্বর পড়ে শিরে বি সু ৭৮।

অসম্বাধ বিণ [ন সম্বাধা যাহাতে, ন.বহুব্রী ; স্ত্রী -ধা ; ছান্দস] ১ সম্বাধা-হীন, বিস্তৃত, বিস্তীর্ণ। "°ধা সভা।—মহা ২.৮.৩৪। অসম্বাধ (আবসথ) ৩৪.২৩। ২ সংমর্দ্দরহিত, লোকসংঘর্ষহীন (যাহাতে ভিড় নাই)। "রা ৫.২১.২৬ (পাঠান্তর)। ৩ বাধাহীন, নির্বিঘ্ন। "মার্গমেতদসংবাধম্ মহা ৩.১৬৩.৩৪। ৪ বিশাল। "°ধ (মহারথ) রা ৩.২২.১৩। °শতদ্বার মহা ১.১৮৪.২২। ৫ নিঃসঙ্কট। "°ধা দেবনদী ; অসম্বাধ (জল) মহা ১.১৭০.২৩ ; ২৪। ৬ অসঙ্কট, বিজন। "°শিবেঽপি দেশে কি ৩.৫৩। ৭ অসঙ্কীর্ণ, সংঘর্ষহীন, বিরল, অবাধ। "অসম্বাধময়াংবভূবে মাঘ ৩.৬৭। —সম্বাধা স্ত্রী চতুর্দ্দশাক্ষরপাদ ছন্দোবিশেষ।

অসম্বিত বিং ['অসংবিৎ'—মূল ; সং সংবিৎ (-দ্) ; 'অসংবিদ'—অচেতন (শতপথব্রাহ্মণ)] অচেতন, অজ্ঞান। "পরাণ বিকল বীর শোকে অসম্বিত কৃ.উ ১৭৩।

অসম্বৃত বিং [সং অসংবৃত—অনাবৃত ; তু 'অসম্বর'] পর্য্যাকুলবেষ, ব্যস্তপরিচ্ছদ। "দিগন্তে মেখলা তব টুটে আচম্বিতে, অয়ি অসম্বৃতে ! —চ.কা ২০৩।

অসম্ভব বিণ [ন.বহুব্রী] ১ সম্ভবহীন, অঘটন, অনুপপন্ন। "অসম্ভবং হেমমৃগস্য জন্ম হি ১.২৭। এ কি অসম্ভব, ভবপরাভব, পদতলে শব-সদৃশ নীরব (শ্যামাসঙ্গীত)। 'অসম্ভব' কথা নাহি মম অভিধানে ন ৯৫৯। ২ অসঙ্গত। ৩ অদ্ভুত, বিস্ময়কর, অপূর্ব্ব। "ঘরের দেওয়ালে সাদা পাতরের অসম্ভব পক্ষী সকল, অসম্ভব রকমে, অসম্ভব লতার উপর বসিয়া, অসম্ভব জাতির ফুলের উপর পুচ্ছ রাখিয়া, অসম্ভব জাতীয় ফল ভোজন করিতেছে ব.দ্বি ২৮৭। —সম্ভব পুং [ন.ত] ১ সম্ভবাভাব, অঘটন, অনুপপত্তি। "পশুসোমযাগাসম্ভবে মনু ১১.২৭, কুল্লুক। যাজ্ঞ ১.১২৬। ২ অসাধকত্ব, কার্য্যসিদ্ধিসংশয়। "মনু ৭.২০০। মহা ১৫.৬.২০। —সম্ভবনীয় বিণ [ন.ত] অসম্ভব। "অসম্ভবনীয়... বৈশম্পায়নবৃত্তান্ত।—কাদ ১০৪। —সম্ভব্য, —সম্ভাবী (-বিন্) বিণ [ন.ত] অসম্ভব। "অসম্ভব্যা প্রতিজ্ঞা।—পঞ্চ $\frac{৯}{১০}$ (কথামুখ)। অসম্ভব্যং ন বক্তব্যম্ (ত.বা)। অসম্ভব্য দেখিয়া জননী করে খেদ চৈ.ভা ৪১। —সম্ভাবনা স্ত্রী সম্ভাবনার অভাব ; অঘটন। —সম্ভাবনীয়, —সম্ভাব্য বিণ [ন.ত] অচিন্ত্য, অসম্ভব। "°ব্য মহা ১৩.৫.১০। —সম্ভাবিত বিণ [ন.ত] অচিন্তিত, অতর্কিত। [অসম্ভবে—১ অসম্ভব হয়। "তেকারণে তব মুখ্য প্রবেশ অসম্ভবে। অতএব বিশন্নিব কহিলাম সভে ॥—শ্রী.ম ২৬৩। ২ (অপ্র) অবর্ত্তমানে। "পিতা অসম্ভবে জাতি ডুবাইল জননী গো.চ ৪৪০।]

অসম্ভবনীয়, -ম্ভব্য, -ম্ভাবনীয়, -ম্ভাবিত, -ম্ভাবী, -ম্ভাব্য দ্র 'অসম্ভব'।

অসম্ভাষ্য বিণ [ন.ত] ১ সম্ভাষণের অযোগ্য ; অ-সম্ভাষণার্হ। "অসম্ভাষ্যবর্জ্জন ভ ১১.১৭.৩৪। অসম্ভাষ্যা ভবন্ত্যেতে মহা ১৩.১২৯.৩ ; ১৩০.৬। ২ সম্ভাষণের অযোগ্য নিভৃত (দেশ)। "মনু ৮.৫৫।

অসম্ভৃত বিণ [ন.ত] ১ অনাহৃত, অযত্নসিদ্ধ। "অসম্ভৃতং মণ্ডন-মঙ্গযষ্টেঃ কু.স ১.৩১। ২ অসম্যক্ পুষ্ট।

অসম্ভেদ পুং [ন.ত] অসংঘটন, অবন্ধন, অসংশ্লেষ। "মুষ্টেরসম্ভেদঃ কি ১৬.২০।

অসম্ভোগ পুং [ন.ত] ১ অনুপভোগ। "অসম্ভোগেন সামান্যং কৃপণস্য ধনং পরৈঃ হি ১.১৭০। ২ স্বামিসহবাসাভাব, অমৈথুন। "অসম্ভোগা জরা স্ত্রীণাম্ মহা ৫.৩৯.৭৯।

অসম্ভোজ্য বিণ [ন.ত] একত্র বা পঙ্‌ক্তিতে অভোজয়িতব্য (যাহাকে একসঙ্গে খাওয়ান যায় না)। "মনু ৯.২৩৮।

অসম্ভ্রম বিণ [ন.বহুব্রী] ১ সম্ভ্রমহীন, কার্য্যত্বরারহিত। ২ নির্ভয়। "তমুবাচাথ কাকুৎস্থঃ সম্ভ্রমেষ্বপ্যসম্ভ্রমঃ মহা ৩.২৭৮.৩৫। —ম পুং [ন.ত] ১ সম্ভ্রমাভাব, ভয়হেতুক চিত্তক্ষোভের অভাব ; অন্তঃক্ষোভবিরহিতভাব। "সৈন্যঘোষেঽপ্যসম্ভ্রমম্।—রঘু ৪.৭২। ২ কার্য্যত্বরার অভাব ; কার্য্যে অক্ষিপ্রতা। ৩ (বাঙলায়) অসম্মান, অনাদর।

অসম্মত বিণ [ন.ত] ১ অননুমত। "মনু ৮.১৯৭। কু.স ৩.৫। ২ অনভিমত, অনভিপ্রেত। ৩ অবজ্ঞাত। ৪ (বাঙলায়) অনিচ্ছু, গররাজি। "লম্পট...(নিষ্কৃতি) প্রাপ্তির পরেই অহল্যার পাণিগ্রহণে অসম্মত লী ৯৫। —সম্মতি বিণ [ন.বহুব্রী] যাহার বা যাহাতে অসম্মতি (প্রীতি নাই) ; বিরক্ত ; প্রীত্যনর্হ। "পা ৩.১.১২৮। —সম্মতি স্ত্রী [ন.ত] ১ অননুমতি। ২ বিমতি, মতবিরোধ।

অসম্মূঢ় বিণ [ন.ত] ১ সম্মোহবর্জিত, নির্গতমোহ। "গী ৫.২০ ; ১০.৩। ২ নিশ্চিতমতি, সংশয়াদিহীন। "গী ১৫.১৯। ৩ ভ্রান্তিশূন্য।

অসম্মোহ পুং [ন.ত] ১ অব্যাকুলতা, ব্যাকুলতাভাব, উৎসাহ। "গী ১০.৪। ২ ভ্রমাভাব। ৩ প্রমাত্মক যথার্থ জ্ঞান ([illegible])।

অসম্যক্ (-ম্যচ্) বিণ [ন.ত ; [illegible]] ১ অনুচিত, অযুক্ত, অসমীচীন। "°কারী মনু ৯.২০[illegible]। [illegible] (চণ্ডী)। ২ অসাধু, ভ্রমাত্মক (প্রয়োগ)। ৩ অসম্যক্ [illegible]।

অসহ বিণ [ন.ত ; স্ত্রী -হা] ১ সহনাসমর্থ, অসহন, অক্ষম। "কালক্ষেপাসহ ক.সা ৯.৩৭। ২ অসহন, বহনাসমর্থ। "°তরা কুচকুম্ভয়োর্ভরম্ মাঘ ৭.৪৮। অসহা ভারস্য মৃ ৪.১৩। ৩ [বাঙলায়, পদ্যে ; সং অসহ্য] অসহনীয়, দুঃসহ। "ব্যাসজীর তাহে কিছু না হৈল অসহ ভ.গ্র ৩২১। অসহ যাতনা মা ১৬২। অসহ ভার মে ৫১। এ কুসুমমালা হয়েছে অসহঃ জয় অসহ বিচ্ছেদবেদনা।—রবীন্দ্র।

অসহন বিণ [ন.ত ; স্ত্রী -না] অক্ষম, অসহিষ্ণু। "মাঘ ১৫.৩৯। বিক্র ৪.২৮। —সহন পুং 'ক্ষমাশূন্য', শত্রু (অ.চি)। —সহন ক্লী [ন.ত] অমর্ষণ, অক্ষমা। 'পরসম্পত্ত্যসহনম্ অক্ষমা (তত্ত্ববোধিনী)।

অসহনীয়, -সহ্য বিণ [ন.ত] ১ অশক্যসহন, দুঃসহ। "অসহ্যপীড় (ঋণ) রঘু ১.৭১ ; অসহ্যবিক্রম ৪.৫২। অসহ্যবেদন কু.স ৪.১। অসহ্যং জ্ঞাতিদুর্বাক্যং মেঘান্তরিতসূর্যবৎ (মহানাটক)। ২ অক্ষমার্হ, অতিদুর্বৃত্ত। "যক্ষিণ্যা···অসহ্যয়া রা ১.২৪.৩২।

অসহায় বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -য়া] ১ সহায়হীন, সহকারিশূন্য, একাকী। "মনু ৭.৩০ ; ৫৫। ২ নির্জন, নিভৃত। "অসহায়মগারম্ পা ৫.১.১১৩, সি। ৩ সঙ্গরহিত, একক। "অসহায়তা (মুক্তস্য লক্ষণম্) মনু ৬.৪৪।

অসহিষ্ণু বিণ [ন.ত ; স্ত্রী -ষ্ণু] অসহনশীল, অক্ষম। "পরদুঃখমসহিষ্ণুঃ হি ৩২৳।

অসাক্ষাৎ ব্য [ন.ত] ১ অপ্রত্যক্ষ, অগোচর, পরোক্ষ। ২ ইন্দ্রিয়ের অবিষয়ীভূত। ৩ (বাঙলায়) অসাক্ষাৎকার, অদর্শন। "আমার সহিত এক বৎসর অসাক্ষাৎ তাঁহার ব্রত ব.প্র ১৩১। [°কার (পুং)—প্রত্যক্ষাভাব, পরোক্ষজ্ঞান ; অনুপস্থিতি। অসাক্ষাতে—পরোক্ষে, অগোচরে। "অসাক্ষাতে কে জানে এতেক অবিচার শ্রী ১২০।]

অসাক্ষিক বিণ [ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; পক্ষে '°ক্ষী'] সাক্ষাদ্দর্শক-হীন, সাক্ষিশূন্য। "অসাক্ষিকেষু ত্বর্থেষু মনু ৮.১০৯। °হৃত যাজ্ঞ ২.২১৫। —সাক্ষী (-ক্ষিন্) বিণ ১ সর্ব 'অসাক্ষিক'। ২ সাক্ষাৎ অদ্রষ্টা (যে চোখে দেখে নাই)। ৩ অপ্রশস্ত সাক্ষী, শাস্ত্রানুসারে দোষাদি হেতু অযোগ্যসাক্ষী (শ্রোত্রিয়াদি)। দ্র 'বিষ্ণু ৮.১-৬। যাজ্ঞ ২.৭১।

অসাজন্ত বিং [অ+সাজন্ত] যাহা সাজে না বা মানায় না, অশোভন, গরমানান, বেখাপ। "আমার সাত পাঁচ নাই, একটি মেয়ে, আমি কি প্রাণ ধরে অসাজন্ত বরে দিতে পারি?—ন.ত ১৪।

অসাড় বিং [অ+সাড়] ১ সংজ্ঞাহীন, অচেতন। "ভয়েতে অসাড়ভাব রাজা দুইজন ভ.গ্র ৪১৩। ২ সংজ্ঞাহীন ও নিস্পন্দ। "তারি পরক্ষণে, কে পড়িল ভূমি'পরে অসাড় পতনে।—কথা ৪৫। ৩ অনুভূতিশূন্য, অননুভূত। "প্রকৃতির ডাক্তারিতে ব্যথা অসাড় করবার অনেক ওষুধ আছে ঘ ৪৭। ৪ স্পর্শজ্ঞানহীন। "অনবরত নস্য নিয়ে নাকের নলি এমনি অসাড় হয়ে গ্যাচে যে, নাক দিয়ে অনবরত নস্য ও সর্দ্দি মিশ্রিত কফজল গড়াচ্ছে, কিন্তু তিনি তা টেরও পাচ্চেন না।—হু ২১৬। [অসাড়তা—১ স্পর্শজ্ঞানের অভাব। "ত্বকে নাহি তার শুষ্ক অসাড়তা অ.গু ৮২। ২ বেদনাবোধের বা সহানুভূতির অভাব। "চারিদিকের অসাড়তার মধ্যে এই ব্যথিত বিশাল হৃদয়···একাকী আপন কাজ করিয়াছেন ঃ অসাড়তার পাষাণব্যবধান চা.পূ ৬৩।]

অসাধন বিণ [ন.বহুব্রী] সাধনহীন, করণশূন্য, উপায়রহিত। "হি ১.১। পঞ্চ ২.১। —ন ক্লী [ন.ত] ১ সাধনের অভাব ; অনুপায়। ২ অপ্রশস্ত উপায়। ৩ অকরণ, অননুষ্ঠান।

অসাধনীয়, -সাধ্য বিণ [ন.ত] ১ অশক্যসাধন, অকরণীয়, দুষ্কর। "নাস্তি অসাধ্যং নাম মনোভুবঃ (কাদম্বরী)। ২ অনুপপাদ্য, অপ্রমেয়। ৩ অপ্রতিসমাধেয়, অপ্রতিবিধেয়। "অসাধ্য (পদ) মাঘ ২.৮৪। রঘু ৮.৯৩। হস্তিতে অসাধ্য ব্যাধি, বৈদ্য নাহি পান বিধি দা ৭। [অসাধ্যসাধন—১ অসাধ্য বিষয়ের সম্পাদন। ২ যাহার সাধন অসাধ্য ; অতীব দুষ্কর। "কোন মত পুষ্প সেই কার উপবন। চেষ্টায় লভিব কিম্বা অসাধ্যসাধন॥—ম ৪৭৫।]

অসাধারণ বিণ [ন.ত ; স্ত্রী -ণা] ১ তন্মাত্রবৃত্তিধর্ম্মযুক্ত, অসামান্য, বিশেষ। "°ণো হেতুঃ হি ১৪৳। ২ অধিক। ৩ যাহাতে কেবল নিজস্বত্ব আছে, অন্যের নাই ; স্বমাত্রস্বত্বযুক্ত ও ইতরস্বত্বরহিত (ধনাদি)। ৪ অতুল্য (শ.ক)। —ণ পুং (ন্যায়ে) স্বপক্ষবিপক্ষাবৃত্তি হেতু (ত.বা) ; হেত্বাভাসবিশেষ। —ণ ক্লী বিশেষত্ব, বিশেষ ধর্ম্ম।

অসাধু বিণ [ন.ত ; স্ত্রী -ধু, -ধ্বী ; বৈদিক] ১ অসৎ, গর্হিত, নিন্দিত। "°বৃত্ত মনু ৯.৮০। ২ অসচ্চরিত, দুষ্ট, দুর্বৃত্ত। ৩ অহিতকারী। "অসাধুর্মাতুলে কৃষ্ণঃ পা ২.৩.৩৬, সি। ৪ অসম্যক্, অসমীচীন, অযুক্ত। "°দর্শী শ ১২৳। ৫ অপ্রিয়। "কি ১.৪। ৬ সংস্কৃতশব্দভিন্ন (অপভ্রংশাদি)। ৭ ব্যাকরণদুষ্ট, অশুদ্ধ। —ধু পুং দুর্জ্জন, দুর্বৃত্ত। —সাধ্বী স্ত্রী অসতী, কুলটা।

অসাধ্য, অসাধ্যসাধন দ্র 'অসাধনীয়'।

অসামঞ্জস্য ক্লী [ন.ত] অযুক্ততা, অন্যায়, অনৌচিত্য।

অসাময়িক বিণ [ন.ত ; স্ত্রী -কী] অপ্রাপ্তকাল, আকালিক। "কি ১.৪০।

অসামর্থ্য বিণ [ন.বহুব্রী] ১ সামর্থ্যহীন, অশক্ত, অপটু। ২ বুদ্ধিশক্তিহীন, জীর্ণ। "মহা ১৩.৫.১৯। —র্থ্য ক্লী [ন.ত] ১ সামর্থ্যাভাব, অশক্ততা, অপাটব। ২ (ব্যাকরণে) পরস্পরনিরপেক্ষভাব, একার্থিভাবাভাব। "পা ২.২.২৯।

অসামান্য বিণ [ন.ত, স্ত্রী -ন্যা] ১ সমতাবর্জিত, অনুপম, অতুল। ২ অসাধারণ, ইতরস্বত্বহীন, ব্যক্তিগত। "(দদর্শ) রামং সীতাপরিত্যাগাদসামান্যং পতিং ভুবঃ রঘু ১৫.৩৯। ৩ বিশেষ, বিলক্ষণ। —ন্য ক্লী বিশেষ ধর্ম্ম।

অসামাল বিং [অ+সামাল, 'অসম্বর'—মূল, দ্র '√সামাল] ১ যাহা সম্বরণ করা বা সামলান যায় না, দুর্নিবার, বশে অরক্ষণীয়, অনায়ত্ত। "বাতাসে কাপড়চোপড় অসামাল হ'য়ে পড়ে। ২ সম্বরণে বা আয়ত্তীকরণে অসমর্থ।

অসাম্প্রতম্ ব্য [ন.ত] অযুক্ত, অনুচিত। "পা ২.৩.২, সি। মহা ১.১৬৭.১৬। বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ কু.স ২.৫৫। রঘু ৮.৬১।

অসাম্য ক্লী [ন.ত] ১ সামাভাব, বৈষম্য, অন্যতরোৎকর্ষ। "মহা ২.১৭.৪। ২ আধিক্য, অতিশয়। "ভ ১.১৮.২০।

অসার বিণ [ন.বহুব্রী ; তু 'অসারা'—কদলীবৃক্ষ (দেশী ১.১২)] ১ সারহীন, স্থিরাংশরহিত, অকিঞ্চিৎকর, খারাপ (বস্তু)। "মনু ৮.২০৩। ২ ব্যর্থ, নিস্প্রয়োজন, তুচ্ছ। "অসারঃ সংসারঃ উ.চ ১৪৳। হি ১.৬২। অসারসংসারসারা ভা.চ ৫৬। ৩ বলহীন, দুর্ব্বল, অক্ষম। "বস্তুনামপ্যসারাণাং সমবায়ো হি দুর্জয়ঃ।—পঞ্চ ১.৩৬১। মাঘ ২.৫০। মৃ ৬.১৪। ৪ নীরস, শুষ্ক। ৫ অবর, অধম, হেয়। ৬ অস্থির, ক্ষণিক। "অসারতা রঘু ৮.৫১। ৭ অপর্য্যাপ্ত (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.৬১। ৮ (বাঙলায়) অকর্ম্মণ্য, অকেজো (লোক)। —সার পুং এরণ্ড বৃক্ষ। —সার ক্লী ১ তুচ্ছতা। ২ অগুরু। [অসার-সুসার—অসুবিধা ও সুবিধা ; অসচ্ছল ও সচ্ছল।]

অসাহসিক বিণ [ন.ত ; স্ত্রী -কী] ১ যে সহসা (পরিণাম না ভাবিয়া বলপূর্ব্বক) কার্য্য করে না ; বিমৃশ্যকারী। "কর্ত্তুমিদং ন সহাস্মি সাহসমসাহসিকী মাঘ ৯.৫৯। ২ (বাঙলায়) ভীরু, পৌরুষহীন ; ভীরুজনোচিত। "যে ইংরাজ অসাহসিক কার্য্য করে, সে ভদ্রসমাজে যাইতে পারে না আ.দু ১০০।

অসি[1] পুং [√অস্+ই (ইন্)-র্ম ; তু 'অসিঅ'—দাত্র (দেশী ১.১৪) ; ছান্দস] কৃপাণ, খড়্গ, করবাল। "°চর্ম্মায়ুধৈঃ স্থলে (যুধ্যেৎ) মনু ৭.১৯২। বিকৃষ্টাসি রঘু ১২.৪০। —সি স্ত্রী [+ই-ক] 'পাপনাশিনী', কাশীর দক্ষিণস্থ নদীবিশেষ। "পুণ্যভূমি বারাণসী, বেষ্টিত বরুণা অসি ভা.চ ১১৯। অসি বরুণার মধ্যে তীর্থ বারাণসী। মায়ের করুণা বরুণাধারা, অসিধারা অসি॥—রামপ্রসাদ। —সি ব্য [বিভক্তিপ্রতিরূপক অব্যয়] তুমি। "কু.স ৪.৭। ['অসি' ক্রিয়া (মল্লিনাথ)]

অসি[2] সং, ক্রি [√অস্+সি (সিপ্) বর্ত্তমানকাল, মধ্যমপুরুষের ১ব] হও। "ত্বমসি ত্রয়গুণধারিণী দু ৬৫।

অসি[3] ক্রি.বিভ [সং অ (শপ্)+সি (সিপ্); তু 'ওসি' 'য়সি' 'সি'] কর্তৃবাচ্যে বর্ত্তমানকালের মধ্যমপুরুষের একবচনের ক্রিয়াবাচক বিভক্তি। "হেনয়ি দেবকে কেহ্নে পেলাঅসি হাথে শ্রী.কী ১৯১।

অসিগণ্ড পুং গণ্ডোপধান, গালবালিশ।

অসিচর্য্যা স্ত্রী [ষ.ত] খড়্গচালনা, অসিপ্রয়োগ। "মহা ১.১৩২.২৯।

অসিত বিণ [ন.ত ; স্ত্রী -তা, -ক্লী (ছান্দস) ; 'ত্বচমসিক্নীম্' (ঋগ্বেদ ৯.৭৩.৫) ; ছান্দস 'অসিত' নঞ্ সমাসসিদ্ধ নহে ; 'অসিত' হইতে, পরে 'অ'-কারের নঞর্থ হওয়ায়, 'সিত' শব্দ সিদ্ধ হইয়াছে, বোধ হয়। তু 'অসুর' 'সুর'] ১ সিতবিরোধী, কৃষ্ণ। "অসিতায়তলোচনা মহা ৩.৬৪.৬৬ ; °কেশান্তা ৬৮.২১। °নয়ন উ.মে ৫১। শিরোরুহ অসিত চামর ক.চ ৯। ২ অবদ্ধ, মুক্ত। "ভ ৪.২০.৩০। —সিত পুং ১ কৃষ্ণবর্ণ, কাল রঙ। ২ (নীলাঞ্জনচয়তুল্য) শনিগ্রহ। ৩ কৃষ্ণসর্প। ৪ কৃষ্ণপক্ষ। "এতদিনে আজ্ঞা সভার খণ্ডিলেকাসিত ম.পা ১৫৯। ভা.চ ২২। ৫ পর্ব্বতবিশেষ। "মহা ৩.৮৯.১১। ৬ দেবল ঋষি। [ইনি ধৌম্যের জ্যেষ্ঠ ভ্রাতা (গী ১০.১৩, মধুসূদনী-ব্যাখ্যা)। হিমালয়কন্যা একপর্ণা ইঁহার পত্নী। ইনি যোগাচার্য্য ছিলেন (হ ১৮শ অধ্যায়)। ইনি, 'অসিতদেবল' 'দেবল' 'অসিত' এই তিন নামে আখ্যাত (মহা ৯.৫০শ অধ্যায়)।] ৭ সর্পভয়নিবারক মন্ত্রবিশেষ। "মহা ১.৫৮.২৩। —সিতা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ নীলীবৃক্ষ। ২ যমুনানদী। ৩ অপ্সরোবিশেষ। ৪ চন্দ্রভাগা নদী। [°দেবল—দ্র 'অসিত (৬)। "ম ৩৮৮। °পক্ষ (পুং)—কৃষ্ণপক্ষ। °মৃগ (পুং)—কৃষ্ণসার মৃগ। °যবন (পুং)—কালযবন। "মাঘ ১৫.৫৬। অসিতাঙ্গ (পুং)—ভৈরববিশেষ। "ভা.চ ৫৪। অসিতাপাঙ্গ (বিণ)—নীলনেত্রান্ত। "চকোরৈরসিতাপাঙ্গৈঃ মহা ৩.১০৮.৮। অসিতাম্বুজ (ক্লী)—নীলপদ্ম। অসিতাশ্ম (-শ্মন্) পুং—ইন্দ্রনীল। "মাঘ ১৫.৫৪।]

অসিতদেবল, -পক্ষ, -মৃগ, -যবন, -তাঙ্গ, -তাপাঙ্গ, -তাম্বুজ, -তাশ্ম দ্র 'অসিত'।

অসিদ্ধ বিণ [ন.ত] ১ অনিষ্পন্ন, অসমাপ্ত। ২ অপক্ক (অন্ন, ফল)। ৩ অনুমান দ্বারা অনধিগত। "সাংখ্য ৬। ৪ সিদ্ধিশূন্য। "স্বয়মসিদ্ধঃ কথং পরান্ সাধয়েৎ (ন্যায়)। —সিদ্ধ পুং (ন্যায়ে) দোষদুষ্ট হেতুবিশেষ। —সিদ্ধি স্ত্রী [ন.ত] ১ অনিষ্পত্তি, অসমাপ্তি। ২ পাকাভাব, অপক্কতা। ৩ (যোগদর্শনে) সিদ্ধ্যভাব। ৪ (ন্যায়ে) হেতুদোষবিশেষ। "আশ্রয়াসিদ্ধি, ব্যাপ্যতাসিদ্ধি, স্বরূপাসিদ্ধি।

অসিধাব, -ধাবক পুং [অসি+ √ধাব্+অ (অণ্)-ক ; উ.ত ; ষ.ত] খড়্গাদির মার্জ্জক, শস্ত্রমার্জ্জক (Furbisher)।

অসিধারা স্ত্রী [ষ.ত] ১ খড়্গের তীক্ষ্ণাগ্রভাগ বা ধার। "°পরিহৃত রঘু ১০.৪১ ; দৈত্যাসিধারা ৮৬। ২ অসিধারাব্রত। "বরমসিধারা তরুতলবাসঃ···নচ ধনগর্ব্বিতবান্ধবশরণম্ (সু.র)।

অসিধারাব্রত ক্লী [উ.লো] ১ অসিধারাসাধ্য ব্রতবিশেষ ; অসিধারায় স্থিতির ন্যায় দুষ্কর ব্রত (ত.বা) ; মতান্তরে, (ক) যে ব্রতে শয্যার মধ্যে অসিস্থাপনপূর্ব্বক স্ত্রী-পুরুষ ব্রহ্মচর্য্যপালনপূর্ব্বক অবস্থান করেন ; (খ) যে ব্রতে একশয্যাস্থিতা রমণীর উপভোগ নিষিদ্ধ ; (গ) যে ব্রতে যুবা, মনেও স্ত্রীসঙ্গচিন্তা না করিয়া, যুবতীর সহিত মুগ্ধভর্ত্তৃবৎ আচরণ করেন। 'শয়নে মধ্যে খড়্গং নিধায় স্ত্রীপুংসৌ যত্র ব্রহ্মচর্য্যেণ স্বপতঃ। যত্রৈকশয়নস্থাপি প্রমদা নোপভুজ্যতে। অসিধারাব্রতং নাম বদন্তি মুনিপুঙ্গবাঃ॥ যুবা যুবত্যা সার্দ্ধং যন্ মুগ্ধভর্ত্তৃবদাচরেৎ। অন্তর্নিবৃত্তসঙ্গঃ স্যাদসিধারাব্রতং হি তৎ॥ ২ (গৌণার্থে) দুষ্করব্রতমাত্র। "সতাং কেনোদ্দিষ্টং বিষমমসিধারাব্রতমিদম্।—নীতিশতক ১৪। অসিধারাব্রতমিদং যদরিণা সহ সংবাসঃ।—পঞ্চ ৩।

অসিধেনু, -ধেনুকা, অসিপুত্রিকা, -ত্রী স্ত্রী [বহুব্রী ; ষ.ত ; 'ক' (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ছুরিকা।

অসিপত্র পুং [উ.বহুব্রী] ১ অসিপত্রতুল্য যাহার পত্র ; খড়্গাকারদল অপূর্ব্ব বৃক্ষবিশেষ (মল্লিনাথ)। "°বৃক্ষ রঘু ১৪.৪৮। °বন মনু ৪.৯০। °মহাবন ম ১০৫১। ২ ইক্ষুবৃক্ষ। ৩ গুণ্ডনামকতৃণ। ৪ নরকবিশেষ। "গ ৯২। —পত্র ক্লী [ষ.ত] ১ অসিফলক। ২ অসির পত্রবৎ আচ্ছাদক ; অসিকোষ। ৩ উভয়পার্শ্বে ধারযুক্ত খড়্গ। "অত্যাক্ষীৎ স্বাসিপত্রাদীন্ ভট্টি (ত.বা)। [°বন (ক্লী)—অসিপত্রবৃক্ষের বন ; নরকবিশেষ। "মনু ৪.৯০ ; ১২.৭৫। বিষ্ণু ৪৩.২২, ২৪।]

অসিপত্রব্রত ক্লী [উ.লো] অসিপত্রসাধ্য ব্রত ; অশ্বমেধে কর্ত্তব্য ব্রতবিশেষ। দ্র 'অসিধারাব্রত (১)। "আপনে যে আরম্ভিল অসিপত্রব্রত অ.প ৭ ; ১৩৮। ম ৪৮ ; ১১৩৬। [বিশেষবিবরণার্থ দ্রষ্টব্য—অ.প ৭ ; ম ১১১৪।]

অসিলতা স্ত্রী [অসি লতাতুল্য, উপ.স] অসিফলক, অসি। "উল্লসিতাসিলতা মাঘ ৬.৫১। তাহারা কুবলয়মালা বলিয়া অসিলতা গলে দেয়।—কাদ ৫৭।

অসী স্ত্রী [অসি+স্ত্রী ঈ (ঙীপ্)] অসী নদী। "বরুণামসীম্ (পাঠান্তর) মহা ৬.৯.৩১।

অসীম বিং [সং অসীমা (-মন্)] সীমাহীন, নিরবধি, অনন্ত। "সীমার মাঝে অসীম তুমি বাজাও আপন সুর গী.লি ১৪০। অসীম অকূল সিন্ধু।—গান ১৭৪। —সীম বি অনন্ত ব্রহ্ম। "অনন্ত গগন, সেই অসীমমহিমা-মগন।—রবীন্দ্র।

অসীমা (-মন্) বিণ [ন সীমা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -মা (-মন্), -মা] সীমাবিহীন, অনন্ত।

অসু[1]**, অসূ** সক [কণ্ড্বাদি, প—অসূয়তি, (মতান্তরে) অসূঞ্—অসূয়তি, -তে ; সেট্ ; ছান্দস] উপতাপ, অসূয়াপ্রদর্শন, কোপপ্রদর্শন। "কথং চিত্রগতো ভর্ত্তা ময়া অসূয়িতঃ মা.মি ৪২২। অসূয়তি হি রাজানো নরাননৃতবাদিনঃ মহা ৪.৪.১৭। শ্রোত্রবামনসূয়তা রা ১.৫.৪ ; যদি মাং ধার্ম্মিকো রামো নাসূয়েন্ মাতৃঘাতকম্ ২.৭৮.২২।

অসু[2] পুং [অস্+উ (উন্)-ক, উ ১.১০ ; ছান্দস] ১ 'ক্ষেপণকারক', তাপ। ২ [+উ-র্ম] (বহুব) পঞ্চবৃত্তি প্রাণাদি পঞ্চবায়ু ; প্রাণ। "গতাসু মনু ৩.২১৭। কি ২.১৯। কম্পে অসু ম.পা ৬১। °তুল্য শি ২৩। অনেক লোকের অসু।—রঙ্গ ৯। পরশুপরশে পশু তেয়াগিল অসু স্ব.প্র ১৯৫। ৩ জল। তু 'জীবন'। "অসু লবণ রত্নাকর কু.উ ৫২। ৪ প্রাণবায়ু। "ভ ৪.৮.৮০। ৫ (জ্যোতিষে) দশটি দীর্ঘমাত্র বর্ণের উচ্চারণকাল ; পলের ষষ্ঠাংশ। —সু ক্লী ১ চিত্ত। ২ দুঃখ, উপতাপ। [°সু (পুং) 'প্রাণপ্রেরক', বাণ। "সাসু, -সু কি ১৫.৫]

অসুখ বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -খা] ১ সুখহীন, সুখলেশরহিত। "অসুখং লোকম্ গী ৯.৩০। ২ অ-সুখসাধ্য, অশক্য। "কি ৫.৪৯। ৩ অসুখকর। "অসুখোদয় মনু ৪.৭০ ; °খোদর্ক ১৭৬ ; ১১.১০ ; সুখাসুখ ১২.১৯। —খ ক্লী [ন.ত] ১ 'সুখবিরোধী', দুঃখ, কষ্ট।

অসুখাবহ মহা ১.১২২.১৮। পঞ্চ ১.৪৪৬। ২ (বাঙ্‌লায়) পীড়া, জ্বর। [অসুখ-বিসুখ—জ্বর-জারি।]

অসুখড় (-ড়্) বিং [অ+সুখড় ; হি সুঘড় ; ঠ সুঘড] অনিপুণ, অরসজ্ঞ, অরসিক। "ডরাইয় নাই সই, আমি অসুখড় নই, বড় সুখ পাবে আলিঙ্গনে শি ৮৭।

অসুখিত বিণ [ন.ত] অসুখযুক্ত, দুঃখিত। "স.শ ৮০। অসুখিত চিত্ত।—পদ্যপাঠ, ২য় ভাগ।

অসুখী (-খিন্) বিণ [ন.ত ; স্ত্রী -খিনী] দুঃখিত, ব্যথিত। "বৈদেহ্যা রহিতোঽসুখী গো.রা ৩.৭৯.৪৩। রাম হৈল্যা অসুখী কৃ.উ ২৬৪। ম ৪৬।

অসুগম বিণ [ন.ত ; স্ত্রী -মা] ১ দুর্গম : "অসুগমেঽধ্বনি ভ ৫.১৪.১। ২ দুর্ব্বোধ।

অসুৎ বিং ['অশুদ্ধ'—মূল ; অপ্র] অশুচি, অন্ত্যজ, নীচ। "আমি হছি রাজার ছেইলা ভাই ক্যানে অসুৎ গো.চ ১৮৪।

অসুদ বি ['ঔষধ'—মূল ; অপ্র ; তু 'অষুধ, -দ'] স্বামিবশীকরণদ্রব্য। "দুই সতীনে গৌরব করে যে জানে অসুদ ম.গা ১০।

অসুমান্ (-মৎ) পুং [অসু+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব] 'প্রাণবান্', প্রাণী। "মাঘ ৪.২৯।

অসুর পুং [√অস্+উর (উরন্)-ক, উ ১.৪২ ; ন.ত ; ন.বহুব্রী ; (নিরুক্তে) অসুরিতি প্রাণনাম···তেন তদ্বন্তঃ (অসুরাঃ)] ১ দেবের ক্ষেপক ; সুরবিরোধী, যাহাদের সম্বন্ধে সুরাধিদেবতা বারুণী নাই (রা ১.৪৫.৩৮) ; সুরশত্রু, দৈত্য। "রঘু ৩.৫৪। দেবাসুরে সদা দ্বন্দ্ব সুধার লাগিয়া। ভয়ে বিধি তার মুখে থুলা লুকাইয়া ॥—ভা.চ ২৯০। [ঋগ্বেদে 'অসুর' শব্দের অর্থ 'শত্রুগণের নিরসিতা' 'প্রাণবান্' 'বলবান্' (১.৫৪.৩), এবং 'ক্ষেপ্তা' (১০.১৫৭.৪) ; ইহা পূর্ব্বোক্ত ব্যুৎপত্তির সমর্থক। দশম মণ্ডলে, ৮.৯৬.৯ ঋকে "অভব্য অদেবা" ইহার ভাষ্যে 'দেবদ্বেষী অসুর' আছে। ইহাতে বোধ হয়, এই 'দেবদ্বেষ' হেতু পরে 'অ'কারের বিরোধার্থ ধরিয়া 'অসুর' (সুরবিরোধী), এবং 'সুর' (দেব), এই দুই শব্দ হইয়াছে। অবেস্তায়, 'অহুর' শব্দের অর্থ 'The Life giver and the Omniscient ; God' (তু 'অসুরঃ সর্ব্বেষাং প্রাণদঃ', ঋগ্বেদ ১.৩৫.৭)। তু 'অসিত', 'সিত'।] ২ রাহু। ৩ হস্তী। ৪ সূর্য্য। ৫ আসুরসম্পদভিজাত (অর্থাৎ দম্ভদর্পাদিযুক্ত) জন (দ্র 'ছান্দোগ্য ৮.৮.৫ ; গী ১৬.৪ ; ৭-১৮)। "অঘাসুর, প্রলম্বাসুর, বকাসুর। ভূভারাসুররাজন্য ভ ১১.৫.৫০। সুজন জনারে রাখ অসুর সংহারে ম ৮১৮ ; কৃষ্ণে প্রীতি যে না করে সে জন অসুর ১১৮১। ভ.গ্র ২৩৭ ; ২৫৭ ; মনুষ্যেই দেবাসুর দুইমত জন্মে ২৭৮। পাষণ্ড অসুর হাসি করে নানামতে ন.প ২৭৫। সহজে অসুর জাতি শ্রী.ম ১৫৫। —সুরা স্ত্রী ১ রাত্রি। ২ (জ্যোতিষে) রাশি। ৩ বেশ্যা। —সুরী স্ত্রী ১ অসুরপত্নী। ২ রাজিকা, রাই সরিষা। [°গুরু, অসুরাচার্য্য (পুং) —শুক্রাচার্য্য। °দ্বিট্ (দ্বিষ্), °সূদন—বিষ্ণু। অসুরারি (পুং)— ১ বিষ্ণু। ২ (বাঙ্‌লায়) ইন্দ্র। "°রিপু মে ৪১।]

অসুরগুরু, -দ্বিট্, -সূদন, অসুরা, -রাচার্য্য, -রারি, অসুরী দ্র 'অসুর'।

অসুসার বি [অ+সুসার ; অপ্র] ১ অসারতা, ক্লীবতা হেতু অপৌরুষ। "সেহি অভিশাপ মুক্ত হইল আমার। আজি হনে আমার ঘুচিল অসুসার ॥—ব.প ৭০২। ২ অর্থাদির অসঙ্গতি ; অভাব, টানা-টানি। "সংসার কর্ত্তে গেলে সুসার অসুসার থাকেই।

অসুহৃৎ (-হৃদ্) পুং [ন.ত] অমিত্র, রিপু। "অসুহৃদ্গণ মহা ৩.৭৮.১৫ ; মাঘ ২.১১৭।

অসূতি স্ত্রী [ন.ত] ১ অপ্রভব, নিবর্ত্তক। "অসূতিরাপদাম্ (স মুনিঃ) "কি ২.৫৬। ২ অনুৎপত্তি, বন্ধ্যাতা।

অসূয় বিণ [√অসূয়+অ (অচ্)-ক ; স্ত্রী -য়া] অসূয়াকারক, অসূয়াবান্। "মহা ১৩.১১.৭। —য়ক বিণ [+অক (বুঞ্)-ক, পা ৩.২.১৪৬] গুণে দোষাবিষ্করণশীল ; অসূয়াকারক, 'কুৎসাকার, নিন্দক' (মেধাতিথি)। "রা ১.৬.১৪। মনু ২.১১৪। —সূয়া স্ত্রী [+অ-ভা +স্ত্রী আ (টাপ্)] ১ পরগুণে দোষাবিষ্করণ, পরগুণাসহন। "পা ১.৪.৩৭ ; ৮.১.৮। গো.রা ৪.১৪.২০। মনু ৭.৪৮। বৈষ্ণব সজ্জনে সাধু বিলাইতে লাগিল। ব্রাহ্মণগণের মনে অসূয়া হইল ॥—ভ.গ্র ২৪৬। ২ রোষ। "°কুটিল রঘু ৬.৮২। সাসূয় মৃ ১$\frac{৪}{৪}\frac{৫}{৬}$। ৩ স্পর্দ্ধা। "রঘু ৪.২৩। ৪ অসহন। "(সাসূয়ম্) শ্রুতং ভবদ্ভিরধরোত্তরম্ শ ৫$\frac{২}{২}\frac{৩}{৪}$। ৫ ব্যভিচারিভাববিশেষ। 'সা.দ ৩.১৪১। ৬ ঈর্ষ্যাকোপ। "সাসূয়মুক্তা সখী শ ২.২। —সূয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃন্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] সর্থ 'অসূয়ক'। "মহা ১.১৪০.৭১ ; ২.৭৭.৩২। —সূয়ু বিণ [+উ (কু)-ক, মৃগয্বাদি, পা ৩.২.১৭০, তত্ত্ববোধিনী ; স্ত্রী -য়ু] অসূয়া-যুক্ত, দোষদৃষ্টিযুক্ত (শ্রীধর)। "গী ৯.১।

অসূয়ক, -য়া, -য়িতা, -য়ু দ্র 'অসূয়'।

অসূর্য্যম্পশ্য বিণ [অসূর্য্য+ √দৃশ্+অ (খশ্) -ক, অসমর্থসমাস (পা ৩.২.৩৬), স্ত্রী -শ্যা] ১ যে সূর্য্য দেখে না, অতিগোপনীয়। "°শ্যা রাজদারাঃ (সি)। ২ সূর্য্যোদয়হীন, অপ্রকাশ। "°শ্যাপরভাগো লোকালোকাচলঃ কি ১২.২২, মল্লিনাথ। —শ্যা স্ত্রী পতিব্রতা পত্নী (A.)। [°রূপা (বিণ) —যে স্ত্রীর রূপ, অর্থাৎ যে স্ত্রী, সূর্য্যকে দেখে না ; অতিগোপনীয়া অন্তঃপুরচারিণী। "অসূর্য্যম্পশ্যরূপা ত্বম্ ভট্টি ৪.২১। অসূর্য্যম্পশ্যরূপা কামিনী সী ৪৯।]

অসৃক্ (-জ্) ক্লী [ন সৃক্, ন.ত ; ছান্দস] ১ যাহা শরীর বা ত্বক্ ত্যাগ করে না (অ.টী) ; শোণিত, রক্ত। "মাংসাসৃগনুলিপ্তানি অস্থীনি হি ১$\frac{৭}{৭}\frac{৩}{৪}$। ২ (সাদৃশ্যে)। কুঙ্কুম। ৩ মঙ্গলগ্রহ। ৪ (জ্যোতিষে) বিষ্কুম্ভাদি যোগের অন্তর্গত ষোড়শ যোগ। [°ক্কর (বিণ) —রক্তজনক রসধাতু, আহারতেজঃ (অ.চি)। °ক্পাত, °ক্স্রাব (পুং)—রক্তপাত। "মনু ৮.৪৪। যাজ্ঞ ৩.২৯২। অসৃগ্ধারা (স্ত্রী)—রক্তধারা, শোণিত-প্রবাহ। "ক.সা ২২.২২৪। অসৃঙ্ময় (বিণ) —রক্তবিকার, রক্তময়। "অসৃঙ্ময়ী মাঘ ১৮.৭১।

অসৃক্কর, -ক্পাত, -ক্স্রাব, অসৃগ্ধারা, অসৃঙ্ময় দ্র 'অসৃক্'।

অসৃজ্য বিং [ন.ত] যাহা সৃষ্টি করিতে হয় না ; অসর্জ্জনীয়। "অসৃজ্য নিত্য চিচ্ছক্তিবিলাস চৈ.চ ২১০।

অসৃণি বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ণি] নিরঙ্কুশ, উদ্দাম। "অসৃণিভির্ভিঃ ভ ৪.৪.১৭।

অসৃষ্ট বিণ [ন.ত] ১ অনির্ম্মিত, অকৃত। ২ অদত্ত, অত্যক্ত। "অসৃষ্টান্ন (যজ্ঞ) গী ১৭.১৩।

অসেক্কসি বিং [?] অশিক্ষিতা, দুর্ব্বিনীতা (?)। "তোর পারা অসেক্কসি কে আছে সংসারে শ্রী.মা ৮৭।

অসেচন,-নক বিণ [ন.ত ; ক (কন্) স্বার্থে] যাহা হইতে নয়ন ও মন ক্ষরিত হয় না (অ.টী) ; যাহার দর্শনে তৃপ্তির অন্ত নাই (অ.কো) ; অতিপ্রিয়দর্শন। "নয়নযুগাসেচনক (রূপ) সা.দ ১০$\frac{৬}{৬}\frac{৮}{৮}$। অসেচনক —শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বি.এ. একাত্মবরেষু।—উৎসর্গ, ন.ত। —সেচন ক্লী [ন.ত] সেচনাভাব।

অসেবন ক্লী [ন.ত] সেবাভাব, অসেবা, অভক্তি। —সেবা স্ত্রী [ন.ত] ১ সর্থ 'অসেবন'। ২ ইন্দ্রিয়ের বিষয়সন্নিধিবর্জ্জন ; অনুপযোগ। "মনু ২.৯৬। —সেবিত বিণ [ন.ত] ১ অনাশ্রিত। "অসেবিতেশ্বরদ্বার হি ১.১৫৪। ২ অনধ্যুষিত। —সেব্য বিণ [ন.ত] ১ অনাশ্রয়ণীয় ; অভজনীয়, অনুপাস্য। ২ অভক্ষ্য, অপেয়।

অসেবা, -সেবিত, -সেব্য দ্র 'অসেবন'।

অসৈর(ল)ন বি [অ+সহিল>সইল>সৈল(র)ন] অসহনীয় বিষয়। "অসৈলন সইতে নারি, সিকেয় বসে ঝুলে মরি"-সং।—হ ৪৩।

অসোয়াস্ত, -স্থ বিং [সং অস্বস্থ, স্ব>সুস্ব>সোআ, -য়া ; পদ্যে ; অপ্র] অপ্রকৃতিস্থ, ব্যাকুল, উৎকণ্ঠিত। "অধিক দক্ষিণ বায়ু…অসোয়াস্ত করে সেই বালা শ্রী.ম ২৬৩।

অসৌজন্য বি অসুজনতা, অশিষ্টাচার, অভদ্রতা, অসভ্যতা।

অসৌম্য বিণ [ন.ত ; স্ত্রী -ম্যা] ১ নিন্দিত, রূক্ষ, কর্কশ। "°স্বর (অ.কো)। ২ দুর্নিমিত্তসূচক, প্রতিকূল। "অসৌম্যাঃ পক্ষিণঃ রা ১.৭৪.১০। ৩ ভীষণ, উগ্র, ঘোর। ৪ সরোষ। "অদৃষ্টিঃ স্যাদসৌম্যেঽক্ষি (অ.কো)।

অসৌষ্ঠব বিণ [ন. বহুব্রী] ১ সৌষ্ঠবহীন, পরিপাটিরহিত, অশোভন। ২ সংস্কারহীন, বিকল। "শরীরমসৌষ্ঠবম্ মা.মা ১.১৬। ৩ কদাকার, কুৎসিত। —ব ক্লী [ন.ত] ১ সৌষ্ঠবাভাব, বিশৃঙ্খলতা, অপরিপাটি। ২ বিরূপতা, বিকৃতি, অশোভনভাব। ৩ নায়িকার স্মরদশাবিশেষ ; মলসম্বন্ধ। "সা.দ ৩.২০৭।

অসৌহৃদ ক্লী [ন.ত] সৌহৃদাভাব, বৈর, শত্রুতা। "মহা ১৫.৩৩.৭।

অস্কন্দিত বিণ [ন.ত] ১ অবিপ্লুত, অগণ্ডিত। "°ব্রত ভ ১.৬.৩২। ২ অনুপেক্ষিত। "°কালবলিহোম (মহা)।

অস্খলিত বিণ [ন.ত] ১ অচ্যুত, অভ্রষ্ট। ২ অবিচলিত। "°তোপচারা (ভক্তি) রঘু ৫.২০। ৩ অপ্রতিহত। "উপক্রমৈরস্খলিতৈঃ রঘু ১৮.১৫। °তাদেশ ভ ৪.২১.১১। মাঘ ১২.২৩। ৪ অক্ষত, অনাহত। "°ভ্রাতৃ-শতোঽহম্ বে ৫ঙ্ক।

অস্ত বিণ [√অস্+ত (ক্ত)-র্ম] ১ ক্ষিপ্ত। "অস্তং কাণ্ডম্ পা ১.৪.৬৮, কাশিকা। ২ নিরস্ত, ত্যক্ত। "°রুষঃ (প্রিয়াঃ) মাঘ ৬.৬৫। ৩ রহিত "নলোদয় ১.৩৮। ৪ [+ত-ক] অবসানপ্রাপ্ত, অবসিত (মেদিনী) ; নিঃশেষ। "কুরুকুল হৈল অস্ত ম ৮২৫। —স্ত পুং [+ত-ধি ; (ছান্দস) 'অস্ত'—গৃহ] পশ্চিমাচল, অস্তাচল। "রা ৬.১০১.৫৪। অস্তনিমগ্নসূর্য্য রঘু ১৬.১১। রূপসী-শশী অস্ত প্রবেশিল বা.দ ১৪৮। —স্ত ক্লী [+ত-ভা] ১ ক্ষেপণ। ২ সূর্য্যাস্তগমন। "°সময় মাঘ ৯.৫। ৩ অদর্শন, দর্শনা-যোগ্যতা, নাশ, ক্ষয়। "নন্দমৌর্য্যনৃপয়োঃ…অস্তোদয়ো মু ৩.১৭। °সময় মাঘ ৯.৫। ব্রহ্ম হৈতে জগতের হয় উদয় অস্ত শ্রী.ম ২৬২। ৪ মৃত্যু (অ.চি)। ৫ সূর্য্যের সহিত যোগজন্য গ্রহের অদর্শন। "বুধাস্ত, শুক্রাস্ত। শুক্র-অস্ত বাল্যবৃদ্ধি শ্রী ১৪৫। ৬ (জ্যোতিষে) লগ্ন হইতে সপ্তম স্থান। [°নিমগ্ন (বিণ)—অস্তাচলে লীন, অস্তমিত। "রঘু ১৬.১১। অস্ত (অস্তে) যাওয়া (সং অস্তং √যা)—অস্তাচলে যাওয়া। "অস্তে গেল দিনমণি মে ৪৪। অস্ত গেল রবি হায়! অস্ত গেল যবনের গৌরব-ভাস্কর ন ৫০৮।]

অস্তগ, -গত বিণ [অস্ত+ √গম্+অ (ড)-ক ; উ.ত ; দ্বি.ত ; স্ত্রী -গা, -তা] ১ অদর্শনগত, অপ্রত্যক্ষ। ২ সূর্য্যকিরণে অদৃশ্য (গ্রহ)।

অস্তগমন ক্লী [স.ত] ১ অস্তাচলাবলম্বন, অদর্শন। "প্রাগস্তগমনাদ্ রবেঃ মহা ১.১৫৫.১৭। ২ গ্রহের অদর্শনপ্রাপ্তি।

অস্তন্দ্র বিণ [ন.ত] ১ দর্পশূন্য, অগর্ব্ব। "মহা ৫.৩৭.২৭। ২ নম্রতা। "অস্তব্ধত হি ১.১৪০। ৩ অধীর, চপল। "গো.রা ৩.৭৯.২২।

অস্তব্যস্ত বিং [ব্যস্ত>অস্ত (অনু.শব্দ] ১ বিক্ষিপ্ত ও বিপর্য্যস্ত ; উল্টাপাল্টা, গোলমাল। "কথো গ্রামনাম লোকে অস্তব্যস্ত কৈল ন.প ৬। ২ অসম্বদ্ধ, সঙ্গতিরহিত, অনন্বিত। "অস্তব্যস্ত লিখন সেই, লোকে না মানিবে চৈ.চ ৩০২। ৩ শীঘ্র, সত্বর। "অস্তব্যস্ত করিয়া চৌদলী নিল কাঁধে ক.চ ২৬৪। —ব্যস্তে ক্রি.বিং সম্ভ্রমে, সত্বর। "অস্তব্যস্তে জানাইল জ ২৬। —ব্যস্ত বিং ত্বরান্বিত। "অস্তব্যস্ত হইয়া অন্নের কাছে গ্যাল গো.চ ৮৪। [অস্তেব্যস্তে—সত্বর, ত্বরায় (গৌরবে, হর্ষে, ভক্তবাৎসল্যে)। "অস্তেব্যস্তে পুরীগোসাঞি প্রভুস্থানে গেলা চৈ.চ ২৬৭ ; অস্তেব্যস্তে আমি গিয়া সকল খাইল ২৬৯ ; ৩২৮। অস্তেব্যস্তে নরপতি আসন এড়িল অ.প ১০। অস্তেব্যস্তে চড়িঞা গেল রাজা লক্ষেশ্বর কৃ.উ ৪৬। অস্বেব্যস্বে—সত্বর (ক্রোধে)। "অস্বেব্যস্বে হস্ত ছাড়ি পাখালিয়া উঠি (চাহে কোপদৃষ্টি) গ ২০৪।]

অস্তব্যস্তে, -ব্যাস্ত, অস্তেব্যস্তে, অস্বেব্যস্বে দ্র 'অস্তব্যস্ত'।

অস্তম্ ব্য ১ অদর্শন, অপ্রকাশ। "°মিতভানু নভঃ মাঘ ৯.১২। ২ নাশ। "দণ্ডেনাস্তমিতত্বিষা কু.স ২.২৩। পু.মে ১।

অস্তমন ক্লী [তু 'অস্তময়ন (অস্তম্+অয়ন)।—শতপথব্রাহ্মণ ১৩.৮.১.৯ ; অয়ন>অন ; অস্তমণ (দো ৯৯)] অস্তগমন। "°বেলা। —পঞ্চ ৩৫৯।

অস্তময় পুং [অস্তম্ অয়, ষ.ত (মল্লিনাথ)] ১ অস্তগমন, সূর্য্যাদির অদর্শন। বিপ 'উদয়'। "অকালাস্তময় কি ৫.৩৫। ২ অদর্শন, তিরোভাব। "ইন্দ্রিয়াণাম্…উদয়াস্তময়ৌ।—কঠোপনিষৎ ৬.৭। ৩ নাশ। "প্রভা-প্ররোহাস্তময় রঘু ৬.৩৩ ; ৯.৯। ভাগ্যাস্তময় মা.মি ২.১১। ৪ অদর্শন-প্রাপ্তি, বিনাশ, মৃত্যু। "মাধবাস্তময়সাক্ষিণা মা.মা ৯ঙ্ক। ৫ রবিযোগে গ্রহগণের অদর্শন।

অস্তমান বিং ['উদীয়মান' এর অনুকরণে '°ন' ; পদ্যে] অস্তগমনোন্মুখ। "শেষ যৌবনের ভরে, দেহ ঢল ঢল করে, অস্তমান ভানুর তুলনা।—হেম ১৬। সিন্ধুগর্ভে অস্তমান অংশুমালীমত, ভীমকর্ম্মা ভীষ্মদেব শরশয্যাগত! —ন ১১৭৩। সাক্ষী করি পশ্চিমের সূর্য্য অস্তমান, তোমারে সঁপিয়াছিনু আমার পরাণ চ.কা ২৪৩।

অস্তমিত বিণ [অস্তম্ ইত, দ্বি.ত ; ছান্দস] ১ অস্তগত। "অস্তমিত রবি, সুখ-দিবা-অবসান, নলিনী প্রফুল্ল বল রহিবে কেমনে প.তৃ ৩৮। ২ নাশপ্রাপ্ত, নষ্ট। "°ত্বিষা কু.স ২.২৩ ; ৮.৬৬। ৩ অদর্শনগত, মৃত। "ত্বাং সংস্মরন্নস্তমিতঃ পিতা তে রা (S.W.)। অস্তমিতেশ্বর রঘু ১২.১১। ৪ সমাপ্ত, নিঃশেষ। "অস্তমিতৈষা কথা (কাদম্বরী)।

অস্তম্ভ বিণ [ন.বহুব্রী] আধারস্তম্ভরহিত। "অস্তম্ভাং তোরণস্রজম্ রঘু ১.৪১।

অস্তর[1] '-র্' বি [সং অস্ত্র> (স্বরাগমে) অস্তর ; কথ্যভাষা] ১ অস্ত্র, যুদ্ধাস্ত্র—খড়্গ বাণ ইত্যাদি। "যুদ্ধ করিবারে গেল অস্তর ধরিয়া ভ.গ্র ২৩০। প্রস্তর বিঁধিতে পারে এমনি অস্তর স্ব.প্র ৬৩। (তাঁদের) অস্তরের মধ্যে টেবিল ও পেন্নাইফ ব্যবহার করিয়া থাকেন হু ৯০। ২ ছুতারের করাত বাঁটালি প্রভৃতি। ৩ ডাক্তারের স্ফোটকাদির ছেদনার্থ অস্ত্র। [অস্তর করা—স্ফোটকাদি অস্ত্র দিয়া কাটা। অস্তর শস্তর—অস্ত্রাদি কার্য্যোপকরণ ; যন্ত্রপাতি।]

অ(আ)স্তর[2] বি [ফা অস্তর ; হি অস্তর ; তু 'সং আস্তর] ১ দোলাই কোট প্রভৃতির ভিতরে লাগান দ্বিতীয় আবরণ-বস্ত্র বা নীচের পাল্লা (Lining)। ২ ডবল চামড়ার নীচের চামড়া। ৩ চিত্রে রঙ্গের প্রথম পোঁচ, অর্থাৎ যে রঙের উপর দোসরা রঙ্ দিতে হয় (Priming)। ৪ পলস্তারা (Plaster)।

অস্তশিখর ক্লী [ষ.ত] অস্তাচলচূড়া। "শ ৪.১। যাতেঽস্তশিখরং রবৌ ক.সা ২৫.২৩৬।

অস্তসংখ্য বিণ [অস্তা সংখ্যা যাহার, বহুব্রী ; স্ত্রী -খ্যা] সংখ্যাতীত, অসংখ্য। "কি ১৬.১৬।

অস্তাগ, -ঘ বিণ ['অস্থাগ, -ঘ' (অ.চি) ; তু 'অথাহ' 'অথগ্য'—গভীর (দেশী ১.৫৪)] অতিগভীর, অথই।

অস্তাচল, অস্তাদ্রি পুং [অস্ত অচল, অদ্রি, কর্ম্মধা] অস্তগিরি। "অস্তাচলগামী মে ৪১।

অস্তি[1] ব্য [√অস্+তি (শতিপ্)] ১ বিদ্যমান, বর্ত্তমান। "°ক্ষীরা গৌঃ পা ২.২.২৪, সি; ৪.৪.৬০। তৃণ গুল্ম আদি করি, অস্তি নাস্তি যত হরি, গর্ভের বাহিরে কেহ নয় শ্রী.ম ৪৫। সর্ব্বদা লইবে নাম দৃঢ় করি অস্তি ভ.গ্র ৩৬৭। ২ উপাখ্যানাদির আরম্ভসূচক। "অস্তি মামীক্ষিতুং পূর্ব্বং ব্রহ্মা নারায়ণঃ (আপতুঃ) ক.সা ১.২৭; ২২.৫৬। —স্তি স্ত্রী জরাসন্ধকন্যা ও কংসমহিষী। "ভ ১০.৫০.১। —স্তি সং, ক্রি [+তি (তিপ্) বর্ত্তমানকাল, প্রথমপুরুষের ১ব] আছে। "অস্ত্যয়ং সুভগে গর্ভস্তব বৈশ্বানরোপমঃ মহা ১.৪৭.৪২। অস্তি অস্তি বলি গর্ভে বুলাইল হাথ ম ৩৬; অস্তি অস্তি বলে বাণী ৩৭। কালাকাল নাস্তি ভ.গ্র ৩৬। —স্তি বি (বাঙলায়; অপ্র) আস্তিকমুনি। "উপনীত হইল অস্তি ম ৪৪।

অস্তি[2] অব্য [সং স্বস্তি; অপ্র] দানস্বীকারসূচক। "অস্তি করি পৃথিবী তোহ্মারে দিল পুনি অ.প ১৪০।

অস্তিত্ব ক্লী [অস্তি+ত্ব, তদ্ভাবার্থে] অস্তিভাব, বিদ্যমানতা, সত্তা। "°পরিগ্রহ সী ১৭।

অস্তু ব্য [√অস্+তু, অনুজ্ঞায় প্রথমপুরুষের ১ব] অনুজ্ঞা, আদেশ। —স্তু সং, ক্রি হউক। "বিধি অস্তু বলে ম ৫৪৪। নমোহস্তু তে শ্রী ১৬। কৃষ্ণে মতিরস্তু চৈ.চ ১০০। তথাস্তু বলিয়া দেবী দিল বরদান ভা.চ ২৫৭। দীর্ঘায়ুরস্তু সী ৩। [অস্তু অস্তু—হউক হউক; কার্য্যতঃ সফল হউক। "প্রভু বোলে অস্তু অস্তু এ সব বচন চৈ ভা ২৭৮।]

অস্তেন পুং [ন.ত] স্তেনভিন্ন, অচৌর। "°মানী মনু ৮.১৯৭।

অস্তেয় ক্লী [ন ত] ১ স্তেয়াভাব, অচৌর্য্য, পরধন গ্রহণ না করা। "মনু ৬.৯২; ১০ ৬৩। ২ যমবিশেষ। "পা.দ ২.৩০।

অস্তোতা (-তৃ) বি [ন.ত; স্ত্রী -ত্রী] অ-স্তবকারক। "মহা ১ ৭৮.৩৭। কু.স ৬.৮৩।

অস্তোদয় পুং, দ্বিব [অস্ত ও উদয়, দ্বন্দ্ব] ১ সূর্য্যের অস্তগমন ও উদয়; অস্তোদয়কাল। "উদয়াস্ত অস্তোদয় (তপ) করিল বিস্তর ভা.চ ১৩৬। ২ দর্শনাদর্শন, পতনাভ্যুদয়, নাশবৃদ্ধি। "মু ৩.১৭।

অস্ত্র ক্লী [√অস্+ত্র (ষ্ট্রন্)-র্ম্ম, উ ৪.১৫৮, ছান্দস] ১ ক্ষেপণযোগ্য বাণাদি (শ.ক)। 'যেন ক্ষিপ্যতে হস্ততে তদস্ত্রম্ বাণাদি (অ.টী)। "রঘু ২.৩৪; প্রত্যাহতাস্ত্র ৪১; °বৃষ্টি ৩.৫৮; ইষিকাস্ত্র ১২.২৩। শস্ত্রাস্ত্র-ভৃৎ মনু ১০.৭৯। °শস্ত্র রা (S.W.); ভট্টি ১.২৫। অস্ত্র-অবতারঃ °বৃষ্টিঃ ব্রহ্ম-অস্ত্র রুদ্র-অস্ত্র ম ৭৪২। মৃত্যু-অস্ত্র কৃ ৩৫৭। [অমরকোষে 'অস্ত্র' 'শস্ত্র' একপর্য্যায়ে 'অস্ত্রসামান্য' অর্থে ধৃত হইয়াছে; কিন্তু 'অস্ত্রশস্ত্র' 'শস্ত্রাস্ত্র' ইত্যাদি স্থলে, 'মুক্ত আয়ুধ বাণাদি'—'অস্ত্র', 'অমুক্ত আয়ুধ খড়্গাদি'—'শস্ত্র', এইরূপ ব্যুৎপত্তিমূলক অর্থ করিতে হয় (দ্র 'অ.টী')। অস্যতে ক্ষিপ্যতে যত্তু মন্ত্রযন্ত্রাগ্নিভিশ্চ তৎ। অস্ত্রং তদন্যতঃ শস্ত্রমসি-কুন্তাদিকঞ্চ যৎ॥—শু ৪.৭.১৯১; ৩৫৪। আয়ুধ চতুর্ব্বিধ—পাণিমুক্ত শক্তি-প্রভৃতি, যন্ত্রমুক্ত শরাদি, অমুক্ত অসি-প্রভৃতি এবং মুক্তামুক্ত দণ্ডাদি (অ.চি)।] ২ চাপ। "মুণ্ডকোপনিষৎ ২.২.৩। গাণ্ডীবাস্ত্র মহা ৩.১৭৩.৫৬। ৩ অসি, করবাল, খড়্গ। "অস্ত্রে অস্ত্রে বাজিল ঝঞ্জনা ন ৪৯৯। ৪ অস্ত্রসামান্য (অ টী), প্রহরণ, আয়ুধ। "অথর্ব্ব ১১.১০.১৬। অশিক্ষতাস্ত্রং পিতুঃ।—রঘু ৩.৩১। °গৃহ ম ২২৯; ৭৩৪। ৫ (বাঙলায়) ছুতারের হাতিয়ার—করাত বাঁটালি প্রভৃতি। "নানা অস্ত্র সঙ্গে আছে, লৌহ কাটে লৌহ চাছে ম ভা ২৮। ৬ ছেদনসাধনদ্রব্যমাত্র—দা ছুরী কাটারি বটি ইত্যাদি। "তীক্ষ্ণ অস্ত্রে ছেদিল ছাগল কৃ ২৮৩। ৭ ডাক্তারের ব্যবহার্য্য স্ফোটকাদিচ্ছেদনার্থ অস্ত্র। [অস্ত্র করা—১ স্ফোটকাদিচ্ছেদনার্থ অস্ত্রাবচারণ। ২ (অপ্র) যুদ্ধে অস্ত্র প্রয়োগ করা। "প্রথম করহ অস্ত্র ঘন্তেক শকতি অ.প ১৮। অস্ত্র কাটা—অস্ত্রে শত্রুর অস্ত্র ছেদন (ব্যর্থ) করা। "কৃ ৩৪৪।]

অস্ত্রকার, -কারক, -কারী (-রিন্) পুং [অস্ত্র+√কৃ+অ (অণ্),+ইন্ (ণিনি), -ক-১ব; উ.ত; ষ.ত] যে অস্ত্র গড়ে; অস্ত্রনির্ম্মাতা।

অস্ত্রগড় বি অস্ত্রসুরক্ষিত স্থান (?)। "রণস্থলে মিলিয়া হইল অস্ত্রগড় চ.বি ৮৯।

অস্ত্রগুরু বি অস্ত্রবিদ্যাচার্য্য, ধনুর্ব্বেদাচার্য্য। "অস্ত্রগুরু হবে তুমি কৃ.উ ৬১। ম ৯৯৫।

অস্ত্রচিকিৎসক পুং [ষ.ত] অস্ত্রসম্বন্ধী চিকিৎসক; শস্ত্রাবচারক (Surgeon)। —চিকিৎসা স্ত্রী [তৃ.ত] অস্ত্র দ্বারা রোগপ্রতীকার; শস্ত্রাবচারণবিদ্যা, শল্যশাস্ত্র (Surgery)।

অস্ত্রজীব, -জীবী (-বিন্), -ধারী (-রিন্) পুং [তৃ.ত; অস্ত্র+ √জীব্, √ধৃ+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] অস্ত্র (অস্ত্রকর্ম্ম) দ্বারা জীবনধারক; যোধ, সৈন্য।

অস্ত্রপাণি বিং [বহুব্রী] ধৃতাস্ত্র। "ম.পা ১৩৫; ১৪৫।

অস্ত্রবিৎ (-বিদ্) বিণ [অস্ত্র+ √বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত] অস্ত্রপ্রয়োগকুশল, অস্ত্রজ্ঞ। "রঘু ৫ ৫৯।

অস্ত্রবিদ্যা স্ত্রী, **-বেদ** পুং [ষ.ত] অস্ত্রশাস্ত্র, ধনুর্ব্বেদ। "কায়বানস্ত্রবেদঃ উ.চ ৬.৯। °দ কি ১৩.৬২। °দ্যা ম ১৩২।

অস্ত্রবৃষ্টি স্ত্রী [ষ.ত] অবিরতশরপাত, বাণবর্ষণ। "রঘু ৩.৫৮। অস্ত্রবৃষ্টিময় ম ৮২৬।

অস্ত্রমন্ত্র পুং [ষ.ত] অস্ত্রের প্রয়োগসংহারমন্ত্র। "রঘু ৫.৫৯।

অস্ত্রমার্গ পুং [ষ.ত] অস্ত্রপ্রয়োগকৌশল। "মহা ১.১.১৮৮।

অস্ত্রমার্জ্জ, -মার্জ্জক পুং [অস্ত্র+ √মৃজ্+অ (অণ্)-ক; উ.ত; ষ.ত। অস্ত্রপরিষ্কারক, অসিধাবক, শাণকর (Furbisher)।

অস্ত্রলাঘব ক্লী [ষ.ত] অস্ত্রপ্রয়োগে ক্ষিপ্রতা বা লঘুহস্ততা।

অস্ত্রলেখা বি [ষ.ত] অস্ত্রচিহ্ন, অস্ত্রাঘাত। "পৃষ্ঠে নাহি অস্ত্রলেখা মে ১২।

অস্ত্রশস্ত্র ক্লী [স.দ্বন্দ্ব] অস্ত্রসমূহ ও শস্ত্রসমূহ; আয়ুধজাত। "অস্ত্রশস্ত্রাণি রা (S.W.)। জিতাস্ত্রশস্ত্র ভট্টি ১.২৫।

অস্ত্রশিক্ষা স্ত্রী [ষ.ত] অস্ত্রপ্রয়োগাভ্যাস। "°দর্শন মহা ১.১৩৪,১৩৫ (নীলকণ্ঠ)।

অস্ত্রসন্ধি বি [ষ.ত] অস্ত্রপ্রয়োগের সন্ধান বা কৌশল। "গন্ধর্ব্বঅস্ত্রসন্ধি কৃ.উ ২৩৫।

অস্ত্রহীন বিণ [তৃ.ত] ১ নিরস্ত্র। "মে ২০৩। ২ অস্ত্রব্যাপারহীন (বাগ্‌যুদ্ধাদি)।

অস্ত্রাগার ক্লী [ষ.ত] আয়ুধগৃহ, সেলাখানা (Arsenal)। "ছাড় দ্বার, যাব অস্ত্রাগারে মে ২০২।

অস্ত্রাঘাত পুং [তৃ.ত] ১ অস্ত্রপ্রহার। "ন ৪৯৭। ২ অস্ত্রকৃত ক্ষত (ব্রণ)।

অস্ত্রাবচারণীয় বিণ (তৃ.ত) অস্ত্রপ্রয়োগযোগ্য। দ্র 'অবচারণ'।

অস্ত্রী[1] **(-স্ত্রিন্)** বিণ [অস্ত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -স্ত্রিণী] ১ অস্ত্রবান্, আয়ুধীয়। "মাঘ ১৮.৭১। অস্ত্রিদল।—মে ১৩। ২ ধন্বী, ধনুর্দ্ধর। "কৃষ্ণোঽস্ত্রী ভ ১.৯.১৫।

অস্ত্রী[2] [ন.ত] ১ স্ত্রীভিন্ন জন; পুরুষ। "মহা ২.৪৭.৩৩। ২ (কোষে) স্ত্রীলিঙ্গভিন্ন লিঙ্গ; পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ। "অস্ত্রী পঙ্কম্ (অ.কো)।

অস্ত্রীক বিণ [ন স্ত্রী যাহার, ন.বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] স্ত্রীহীন, বিপত্নীক।

অস্থই বিং [দ্র 'অস্তাঘ'; প্রা অত্থাহ (ভবিষ্যদত্তকথা); হি অথাহ; ঠ অথাক, অথাংগ (পদ্মে); গু অথাক, -গ; মৈ অথাহ; অথ(থা)ই (পূর্ব্ববঙ্গ); আথই (যশোহর)] অতল, গভীর (জল; ২৪ পরগণা)।

অস্থান বিণ [ন.বহুব্রী] স্থিতিহীন, অতলস্পর্শ, গভীর। —ন ক্লী [ন.ত] ১ অপ্রশস্ত স্থান ; অযোগ্যস্থান। "অস্থানে পততামতীব-মহতামীদৃশী স্যাদ্ গতিঃ (শ.ক)। °হাসরুদিত সা.দ ৩.১৬০। ২ অপাত্র, অভাজন। "°বর্ষী (দশকুমার)। অস্থানেতে করে কৃপা স্বতন্ত্র ঈশ্বর চৈ.চ ১৬৮। ৩ বাস্তব, অপরাধাভাব। "°কুপিত রা ৪.৩২.৬। ৪ [বাঙলায় ; অস—অথান] শরীরের গুহ্যস্থান (Private parts)। "অস্থানে গন্তানগুলা শান্তি দিল বড়ি বি.সু ৯৫। ৫ অন্তরাল, নিভৃত। "হেন করে মোর হিয়া, কাজিরে অস্থানে নিয়া, বুড়া বয়সে করিয়া লই কাইল ম.ম ৬০। —নে ব্য ১ অযুক্ত। "অস্থানে সম্ভ্রমঃ রা ২.২৩.৫। ২ অযোগ্যস্থানে, অবিষয়ে, অপাত্রে। "অস্থানে মহানর্থোৎসর্গঃ ক্রিয়তে মু.৩২২। ৩ অযোগ্যকালে, অসময়ে। "অস্থানে যত্নঃ মু.২৩২।

অস্থাবর বিণ [ন.ত] ১ অস্থিতিশীল, গতিশীল, জঙ্গম, চর। ২ স্থাবরেতর (দ্রব্য)। "স্থাবরাস্থাবরধন। —র ক্লী স্থাবরেতর দ্রব্য—ধন তৈজসাদি (Movable property)।

অস্থায়ী (য়িন্) বিণ [ন.ত ; স্ত্রী -য়িনী] অস্থিত, চঞ্চল ; ক্ষণিক। "প্রায়েণ সাধুবৃত্তানামস্থায়িন্যো বিপত্তয়ঃ।—ভর্তৃহরি। অবস্থার অস্থায়িত্ব স.শ ৯২।

অস্থি ক্লী [√অস্+থি (ক্থিন্)-র্ম্ম, উ ৩.১৫৪ ; ছান্দস ; ফা অস্‌তহ্‌ ; Av. asta ; cf., Gr. osteon ; L. os, ossis] ১ শরীরস্থ সপ্তধাতুর একতম, হাড়। ২ বীজ, আটি। "কার্পাসাস্থি মনু ৪.৭৮। বিষ্ণু ৬৩.২৫। —স্থিক ক্লী [অস্থি+ক (কন্) স্বার্থে, পা ৫.৪.২৯] অস্থি। "গো.রা ৫.৩২.১১। নাসা ঘনাস্থিকা যাজ্ঞ ৩.৮৯।

অস্থিচর্ম্মশেষ, -চর্ম্মসার বিং অস্থিচর্ম্মাবশেষ, অতিশীর্ণ, হাড়-সার। "বল বীর্য্য হীন হইছে অস্থিচর্ম্মসার গো.বি ৪২। তনু অস্থিচর্ম্মসার ম ৪৭০। কৃ ৩৭৯। অস্থিচর্ম্মসার…জ্বররোগ মে ১৯৬। °সার সী ৯। [অস্থিচর্ম্মসার—অস্থিচর্ম্মমাত্র অবশেষ ; অতিকৃশ দেহ। "পুত্রশোকে কৌশল্যার অস্থিচর্ম্ম সার কৃ ৩৭৯।]

অস্থিচর্ম্মী (-র্ম্মিন্) বিং সর্থ 'অস্থিচর্ম্মশেষ'। "অনাহারী অস্থিচর্ম্মী পারি মোহিবারে ম ২৪৯।

অস্থিত বিণ [ন.ত] ১ অস্থির, চঞ্চল। ২ ক্ষণিক, নশ্বর। ৩ অব্যবস্থিত, পরিবর্ত্তনশীল। [ষোল দানের অস্থিত (অর্থাৎ অস্থিতি)—শ্রাদ্ধে ষোড়শে ষোড়শ দান পাদুকাছত্রাদির অভাব ; (গৌণার্থে) কোন কার্য্যে সকল উপকরণেরই অভাব।]

অস্থিতপঞ্চ, -পঞ্চক বি ১ যে অঙ্কে অস্থিত রাশির পঞ্চক, অর্থাৎ একাধিক রাশি থাকে ; এক বা ততোধিক অজ্ঞাত রাশির অঙ্কবিশেষ। [এই অঙ্কের সমাধানে অজ্ঞাত রাশিকে ক খ ইত্যাদি ধরিয়া প্রশ্নানুসারে অঙ্কপাত করিতে হয়।] ২ (গৌণার্থে) কিংকর্ত্তব্যবিমূঢ়তা, ইতিকর্ত্তব্যশূন্যতা, বিষমসমস্যা, উভয়সঙ্কট। "অস্থিতপঞ্চে পড়িছি, কিছুই স্থির কত্তে পাচ্চিনে লী ৮৫। —ক বি পাঁচবৎসরের নিমিত্ত অস্থিত (বেবন্দোবস্তী) জমিজমার বন্দোবস্ত (প্রজাবিলি) করা। [°কের ঘর —জমাওয়াশীলবাকির খাতায় অস্থিতপঞ্চকের খাজনার ঘর।]

অস্থিপঞ্জর পুং [ষ.ত] দেহাস্থিসমূহের পঞ্জর ; পঞ্জরাকার দেহাস্থি ; কঙ্কাল (Skeleton)।

অস্থিপ্রক্ষেপ পুং, **-সমর্পণ** ক্লী [ষ.ত] গঙ্গায় যথাবিধি মৃতের অস্থিদান।

অস্থিভঙ্গ, -ভেদ পুং [ষ.ত] অস্থিভঞ্জন, হাড়ভাঙ্গা।

অস্থিমাত্রসার বিণ [বহুব্রী] কেবল অস্থিশেষ বা অস্থিময়। "স.শ ১২৭।

অস্থিমান্ (-মৎ) বিণ [অস্থি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -মতী] অস্থিযুক্ত (প্রাণী)। "মনু ১১.১৪১ ; ১৪২। যাজ্ঞ ৩.২৬৯।

অস্থিমালা স্ত্রী [ষ.ত] ১ অস্থির মাল্য ; হাড়মালা। ২ অস্থিরাজি। —মালী (-লিন্) পুং [°লা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'অস্থিমালাবান্', শিব।

অস্থির বিণ [ন.ত ; বৈদিক] ১ অব্যবস্থিত, চল। "°বুদ্ধিত্ব মনু ৮.৭৭। ২ অনিশ্চিত (বাক্য)। "মনু ৮.৭১। ৩ চঞ্চল, ক্ষণিক। "°বিভূতি (শ.ক)। ৪ বৃদ্ধিরহিত। "বর্দ্ধন্তে পাণ্ডবা নিত্যং বয়ং ত্বস্থিরবৃদ্ধয়ঃ মহা ২.৫৫.২১। ৫ চলচিত্ত, অবিশ্বস্ত। ৬ চঞ্চলপ্রকৃতি, অশান্ত।

অস্থিশৃঙ্খলা স্ত্রী, **অস্থিসংহার, -হারক** পুং, **-হারিকা** স্ত্রী [ষ.ত ; উ.ত ; ষ.ত] গ্রন্থিমান্ বৃক্ষ ; হাড়জোড়া গাছ।

অস্থিসঞ্চয় পুং, **-সঞ্চয়ন** ক্লী [ষ.ত] ১ অস্থিস্তূপ। ২ শবদাহের চতুর্থ দিনে গঙ্গায় প্রক্ষেপার্থ অস্থিসংগ্রহ। "বিষ্ণু ১৯.১০। দক্ষ ৬.১৬। সংবর্ত্ত ৩৯।

অস্থিসঞ্চারিণী বি ভগ্নাস্থিসংযোজক ওষধিবিশেষ, হাড়জোড়া (?)। "কৃ ২৮৫। ক.চ ২০৩। [বাল্মীকি-রামায়ণে ইহার নাম 'সন্ধানী']

অস্থিসন্ধি পুং [ষ.ত] ১ অস্থির সংযোগ। "চৈ.চ ৩৪৫। ২ ভগ্নাস্থিসংযোজন।

অস্থিসম্ভব বিণ [বহুব্রী] অস্থিজাত (বজ্র)। "মহা ১.৩৩.২০। —সম্ভব পুং ১ বজ্র। ২ মজ্জাধাতু।

অস্থিসার বিং [বহুব্রী] অস্থিশেষ, অতিকৃশ। "কৃ ১২৬। —সার পুং [ষ.ত] অস্থির স্থিরাংশ, মজ্জা।

অস্থিস্থূণ বিণ [অস্থি স্থূণা যাহার, বহুব্রী] অস্থিরূপস্তম্ভযুত (দেহ)। "মনু ৬.৭৬।

অস্থূল বিণ [ন.ত ; বৈদিক] সূক্ষ্ম, তনু, কৃশ। —ল বি (বাঙলায় ; অপ্র) সূক্ষ্ম কারণ, পরমাপ্রকৃতি। "অস্থূলের পুত্র সেটা নির্ম্মূলের নাতি শি ১১। [অস্থূলের পুত্র—পরমা প্রকৃতির পুত্র। দ্র 'ভা.চ ৩৬।]

অস্নান ক্লী [ন.ত] ১ স্নানাভাব। ২ সমাবর্ত্তস্নানাভাব, নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য। "মহা ১৪.৪৯.৬।

অস্নেহ বিণ [ন.বহুব্রী] ১ স্নেহহীন, নির্দ্দয়। ২ [বৈদিক] তৈলনিরপেক্ষ, অতৈল। "°দীপিকা রঘু ৪.৭৫। ৩ ঘৃতাদিস্নেহদ্রব্যহীন, অস্নেহাক্ত। "যাজ্ঞ ১.১৬৯। —স্নেহ পুং [ন.ত] স্নেহাভাব, অপ্রণয়, অবাৎসল্য।

অস্পন্দ বিণ [ন.বহুব্রী] ১ স্পন্দনহীন, নিশ্চল। "সৈন্যমস্পন্দমাস্তে উ.চ ৫.১৩। কাষ্ঠের পুতলিপ্রায় অস্পন্দ হইল ভ.গ্র ৭৯। ২ স্থির, অবিকৃত। "°প্রণয়ানন্দ ভ ৭.৪ ৪১। ৩ স্থির, একাগ্র। "অস্পন্দ-অন্তরে যেন স্তব্ধ ধরাতল, শুনিছে ন ৪১২। ৪ রুদ্ধ (শ্বাস)। "অস্পন্দাসু ভ (M.W.)। —স্পন্দন ক্লী [ন.ত] স্পন্দনাভাব, অচলন। "গর্ভাস্পন্দন (সুশ্রুত)।

অস্‌পরা বি [সং অপ্সরাঃ ; অপ্র ; তু 'লি মকস (মশক) ; প্রা কণেরু ; বা পিচাশ] অপ্সরা। "°স্থান চৈ ১৮১।

অস্পর্শ বিণ [ন.বহুব্রী] ১ স্পর্শশূন্য, অসংলগ্ন, বিশ্লিষ্ট। ২ স্পর্শজ্ঞানের অবিষয়ীভূত ; অ-স্পর্শবেদ্য। "মহা ১৪.২০.১৩। ৩ যাহার স্পর্শ অপবিত্র ; অশুচি। "অস্পর্শজ (দোষ) (গীতামাহাত্ম্য)। আমি বেশ্যা…অতি-অস্পর্শ ভ.গ্র ১৯৮। —র্শ পুং [ন.ত] স্পর্শাভাব, অসম্পর্ক। —স্পর্শন ক্লী [ন.ত] স্পর্শনাভাব। "হি ১.১৯১। —স্পর্শনীয় বিণ [ন.ত] স্পর্শনাযোগ্য, অস্পৃশ্য। "অস্পর্শনীয়ঃ পাতকী উ.চ ১৪৬।

অস্পষ্ট বিণ [ন.ত] ১ অব্যক্ত, অপ্রকটিত। "°গুণ ভ ৪.১৫.২২। ২ অবিদিত, অপ্রথিত। "°কীর্ত্তি ভ ৪.২৩.৩৩। ৩ অবিশদ। "সী ১২। ৪ অস্ফুট, অর্দ্ধোচ্চারিত (ভাষা)। ৫ অপ্রকাশ, অপ্রত্যক্ষ। "অস্পষ্ট অতীত চ.কা ৪৭৩।

অস্পৃশ্য বিণ [ন ত ; স্ত্রী -শ্যা] ১ স্পর্শের অযোগ্য ; অশুচি। "°ত্ব মনু ৫.৬২, কুল্লূক। ২ স্পর্শজ্ঞানের অবিষয়ীভূত। "স্পর্শনেন তদস্পৃশ্যম্ মহা ১৪.২০.১২। —স্পৃশ্য ক্লী অস্পৃশ্যক্রীড়া, বালকের ক্রীড়াবিশেষ। "ভ ১০.১৮.১৪। [এই খেলায়, একটি বালক, 'আমাকে ছোঁও' বলিয়া আগে আগে আঁকিয়া-বাঁকিয়া দৌড়ায়, অন্য বালক ছুঁইবার নিমিত্ত তাহার অনুসরণ করে। ছুঁইলে স্পর্শকর্তার জয়, স্পৃষ্টের পরাজয় হয় (ভাগবত-টীকা)।]

অস্পৃষ্ট বিণ [ন.ত] ১ অকৃতস্পর্শ, অসম্পৃক্ত। "অস্পৃষ্টালকবেষ্টন রঘু ১.৪২। ২ অনভিহিত। "°পুরুষান্তম্ (শব্দম্) কু.স ৬.৭৫। ৩ পরিহৃত, পরিত্যক্ত। "°রজস্তমস্ক ভ ৬.৩.১৫। —স্পৃষ্টি স্ত্রী [ন.ত] স্পর্শাভাব, অস্পর্শ।

অস্পৃহ বিণ [ন স্পৃহা যাহার, ন.বহুব্রী ; স্ত্রী -হা] স্পৃহাহীন, নিস্পৃহ, উদাসীন। "মনু ৬.৯৬। —হা স্ত্রী [ন.ত] ১ স্পৃহাভাব, অনভিলাষ। ২ পরদারে নিস্পৃহতা। "অত্রি ৩৮।

অস্ফুট বিণ [ন.ত; স্ত্রী -টা] ১ অব্যক্ত, অস্পষ্ট, অর্দ্ধোচ্চারিত। "°বাক্ (অ.কো)। ২ অপ্রকাশ। "°স্মিত ভ ৮.১২.২২। ৩ অনভিব্যক্ত, অবিশদ। "অস্ফুটালঙ্কার সা.দ ১২৭। ৪ অপরিস্ফুট, দুর্ব্বোধ, (ভাব, অর্থ)। ৫ (বাঙলায়) অবিকসিত, অফুটন্ত। "অস্ফুটদল কলিকা।—বিজয়চন্দ্র মজুমদার। ৬ আবিল, দুর্জ্ঞেয়। "অস্ফুট সুদূর যুগান্তরে চ.কা ৪৭৩। ৭ সঙ্কুল, নানাধ্বনিমিশ্রিত। "অস্ফুট আরাব।—হেম ১২৭। —ট ক্লী অব্যক্ত বাক্য।

অস্ফুটবাচা বিং স্ত্রীলিঙ্গ [সং °বাক্, -বাচা (ভাগুরিমতে)] অস্পষ্টভাষিণী (যাহার কথা ভাল ফুটে না)। "একটি অস্ফুটবাচা বালিকা...গাইয়া দিল "তোলা দাস্নে দাস্নে দাস্নে দূতী!" —ব.ছি ১৫।

অস্মদ্ সর্ব্ব [√অস্+মদ্ (মদিক্) উ ১.১৩৬ ; ছান্দস ; অস্মদ্>মদ (একবচনে)—মদীয়, মদ্বচন ইত্যাদি] উত্তমপুরুষবাচক সর্ব্বনাম—আমি, আমরা ইত্যাদি। "অস্মদাশ্রিত, মদ্বিধ (হি)। তুমি কি সাহসে অপবাদের প্রতিবাদ করিতে উদ্যত, অস্মদের কিছুমাত্র বোধগম্য হয় না পো.ম ২৬। [অস্মদাদি (বিং)—আমি-প্রভৃতি, আমি ও আমার মত লোক, আমরা। "আপনার অনুজ্ঞা অস্মদাদির নিকটে অথণ্ড্য বলিয়া পরিগণিত য ১৭। মদ্য অস্মাদির পক্ষে অনিষ্টকর স.এ ১২। অস্মদীয় (বিণ)—অস্মৎসম্বন্ধী, আমার, আমাদের দুইজনের বা সকলের। "গী ১১.২৬। অস্মদ্দেশীয় (বিং)—আমাদের দেশের। "অস্মদ্দেশীয় কাব্য পা.প্র ১৫। অস্মদ্বিধ, অস্মাদৃশ (বিণ)—আমার বা আমাদের মত। "°বিধ।—কাদ ১০৭।

অস্মদাদি, অস্মদীয়, অস্মদ্বিধ, অস্মাদৃশ দ্র 'অস্মদ্'।

অস্মরণ ক্লী [ন.ত] স্মরণাভাব, বিস্মৃতি। "মহা ৩.১৩৮.২১।

অস্মি ব্য [√অস্+লট্-মি] আমি। "ত্বামস্মি বচ্মি সা.দ ৪৭। [°তা (স্ত্রী)—অস্মিভাব, অহম্ভাব, অহঙ্কার, আমিত্ব (পঞ্চক্লেশের একতম)। "পা.দ ২.৩ ; ৬।]

অস্মৃতি স্ত্রী [ন.ত] স্মরণাভাব, বিস্মরণ। "মহা ১৪.৩৬.১৩।

অস্য সর্ব্ব পুং [ইদম্+স্য (ঙস্) ষষ্ঠীর ১ব] ইহার, ইঁহার, এর, এঁর। "তাঁর শিষ্য মধ্ব, তস্য পদ্মনাভ, অস্য। নরহরি মহান্, শ্রীমাধব যাঁর শিষ্য।—ভ.গ্র ১৬৮। অস্যার্থঃ ভা.চ ৫৬৫। অস্যোত্তর বি.সু ৫৪; অস্যার্থঃ ৫৫।

অস্র পুং [√অস্+র (রন্)-র্ম] ১ কেশ। ২ কোণ। "চতুরস্রবেদী কু.স ৭.৮৮। —স্র ক্লী ১ নেত্রজল। "নয়নে সাস্রে গো.স্না ৩.২৭.৬ ; ২৯.১৫। উ.মে ১। অস্রোত্তর কু.স ৫.৬১। ২ শোণিত। [°প (পুং)—রাক্ষস।]

অস্রি স্ত্রী [√অস্+রি (ক্রি)-র্ধি ; তু 'অশ্রি'] কোণ। "অষ্টাস্রি রা ১.১৪.২৬। বজ্র...ষড়স্রি মহা ৩.১০০.১১। কু.স ১.৩২; কুট্টিতাস্রি ২.২০।

অস্রু ক্লী [√অস্+রু-র্ম ; তু 'অশ্রু'] নেত্রজল। "°ধারা (শ.ক)।

অস্ব, -স্বক বিণ [ন.ত ; স্ত্রী -স্বা, -কা, -স্বিকা, পা ৭.৩.৪৭] অস্বীয়, পরকীয়। —স্ব বিণ [ন.বহুব্রী] নির্ধন, নিঃস্ব।

অস্বজাতি বিণ [ন.ত ; স্ত্রী -তি] স্বজাতিভিন্ন, বিজাতীয়, অসবর্ণ। "মনু ৯.৮৬।

অস্বতন্ত্র বিণ [ন.ত] ১ অস্বাধীন, অনাত্মবশ। "অস্বতন্ত্রাঃ স্ত্রিয়ঃ কার্য্যাঃ পুরুষৈঃ স্বৈঃ মনু ৯.২। ২ পরাধীন। "শ্রী.ম ২৬২। ৩ আত্মসংযমে অশক্ত।

অস্বপন বিং [অ+স্বপন ; সং অস্বপ্ন ; পদ্যে] স্বপ্নহীন, নিদ্রারহিত। "জাগ্রত কি অস্বপন দৈত্যহারী দেব ?—হেম ১২৭। —স্বপন বি অস্বপ্ন, দেবতা। "নিদ্রাহীন অস্বপন।—হেম ৩৭।

অস্বপ্ন বিণ [ন.বহুব্রী ; ছান্দস] ১ স্বপ্নহীন, অনিদ্র। "দেবের কপালে ছাই, বিধি সৃজে অস্বপ্ন করিয়া।—হেম ১৩৭। ২ দিবানিদ্রাহীন। "অস্বপ্নশ্চ দিবাহস্বপন্ মহা ১২.২২১.১২। —প্ন পুং ১ দেবতা। [দেবতার স্বপ্নাবস্থা নাই। 'ন বৈ দেবাঃ স্বপন্তি।—শতপথব্রাহ্মণ।] ২ [ন.ত] স্বপ্নাভাব, অনিদ্রা।

অস্বর বিণ [ন.বহুব্রী] ১ অপ্রশস্তস্বরযুক্ত, মন্দস্বর। ২ শুদ্ধকণ্ঠধ্বনিরহিত, অস্ফুট। "বচনং দীনমস্বরম্ রা ২.৪২.২৬। ৩ স্বরবর্ণহীন। ৪ উদাত্তাদিস্বরহীন। —স্বর পুং [ন.ত] ১ মৃদু স্বর। ২ স্বরভিন্ন বর্ণ ; ব্যঞ্জনবর্ণ। ৩ উদাত্তাদিস্বরাভাব ; লৌকিকোচ্চারণ।

অস্বরস বি স্বরসের (স্বাভাবিকরসের) অভাব ; অপ্রণয়, মনোমালিন্য, অকৌশল। "স্নেহসহিত অস্বরস সব শান্ত হৈল চৈ.চ ২৮৯।

অস্বরূপ বিণ [ন.বহুব্রী] ১ স্বরূপহীন, সমানস্বভাবশূন্য। ২ রূপহীন, অমূর্ত্ত। "ভ ২.৬.৪৫।

অস্বর্গ্য বিণ [ন.ত] ১ স্বর্গহেতুধর্ম্মবিরোধী, অধর্ম্ম্য। "গো.রা ৫.৯১.১২। গী ২.২। অস্বর্গ্যঞ্চাতিভোজনম্।—মনু ২.৫৭। ২ স্বর্গলাভবিরোধী। "মনু ৫.১০৪।

.অস্বস্তি বি ['অস্বাস্থ্য'—মূল] ১ অশান্তি, উদ্বেগ, উৎকণ্ঠা। ২ পীড়া, ব্যাধি।

অস্বস্থ বিণ [ন.ত] ১ অপ্রকৃতিস্থ, অসুস্থ। "মহা ৩.৫৪.৫। °শরীরা শকুন্তলা শ ৩৪। ২ রোগাক্রান্ত, পীড়িত। "মনু ৭.২২৬। ৩ ব্যাকুল, বিপর্য্যস্ত। "রা ৭.২৮.১৬। ৪ অপ্রসন্ন। "°হৃদয় রা ১.১০.২৩। ৫ অবিদ্যমান (নীলকণ্ঠ), সত্তাহীন, নশ্বর। "অস্বস্থং সংসারং ত্যজতঃ সুখম্।—মহা ১২.৯.৩৩।

অস্বাতন্ত্র্য, অস্বাধীন বিণ [ন.বহুব্রী ; ন.ত] স্বাতন্ত্র্যহীন, পরতন্ত্র, পরাধীন। "অস্বাধীন রা ২.৩৩.৫।

অস্বাধ্যায় বিণ [ন.বহুব্রী] ১ স্বাধ্যায়হীন, বেদপাঠরহিত। ২ নিষিদ্ধবেদপাঠ (কাল)। —য় পুং [ন.ত] স্বাধ্যায়ের অভাব ; অনধ্যায়। "°পর মহা ১৩.৯৪.১৭।

অস্বামিক বিণ [ন স্বামী যাহার, ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্), পক্ষে 'অস্বামী' ; স্ত্রী -কা] স্বামিহীন, অধিকারিশূন্য, বেওয়ারিশ্ (দ্রব্য)। —স্বামিক ক্লী ১ স্বামিহীন দ্রব্য—বন পর্ব্বত পুণ্যনদী তীর্থ (যমস্মৃতি)। ২ অজ্ঞাতপিতৃক পুত্র। "মহা ১৩.৪৯.২১। —স্বামী (-মিন্) সর্ব 'অস্বামিক'। —স্বামী পুং [ন.ত] স্বামিভিন্ন জন ; অনধিকারী। [°অস্বামিবিক্রয় (পুং)—অস্বামিকৃত বিক্রয় ; অনধিকারীর দ্রব্যবিক্রয় ; ব্যবহারপদবিশেষ। "মনু ৮.৪। অস্বামিবিক্রয়প্রকরণ যাজ্ঞ ২.১৭১ ; ১৭৭।]

অস্বামিবিক্রয়, অস্বামী দ্র 'অস্বামিক'।

অস্বাম্য বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -ম্যা] ১ স্বাম্যহীন, স্বামিত্বরহিত। ২ অস্বামিক (দ্রব্য)। —স্বাম্য ক্লী [ন.ত] স্বত্বাভাব।

অস্বার্থ বিণ [ন.বহুব্রী] স্বার্থহীন, স্বার্থোপযোগশূন্য, নিষ্প্রয়োজন। "ভ ৬.১০.১০।

অস্বাস্থ্য ক্লী [ন.ত] ১ স্বাস্থ্যাভাব, অসুস্থতা, রোগিতা। ২ অপ্রকৃতিস্থতা, চিত্তবিকার। "°কারণ ক.সা ১৭.৭৪। ৩ উপদ্রব। "মাঘ ১.৫১। ৪ (বাঙ্লায় ; অপ্র) রোগ। "দৈবাত্ত শরীরে হৈল গৃহিণী অস্বাস্থ্য ভ.গ্র ২৬৩। [গৃহিণী—গ্রহণীরোগ]

অস্বীকার পুং [ন.ত.] ১ স্বীকারাভাব, অনঙ্গীকার, অপ্রতিগ্রহ। ২ অসম্মতি, মতবিরোধ। ৩ (বাঙলায়) না-মানা ; অপলাপ। —কৃত বিণ [ন.ত] ১ অনঙ্গীকৃত, অপ্রতিগৃহীত। ২ অসম্মত, অনভিমত। ৩ (বাঙ্লায়) যাহা মানা হয় নাই ; কৃতাপলাপ। ৪ গররাজী। "আমি কিসে অস্বীকৃত ?—ব.দ্বি ১৭২। ব.প্র ৭৮। [আমি ইহা অস্বীকৃত হইতেছি (অসাধু)—আমি ইহা অস্বীকার করিতেছি (সাধু)।]

অংহ্ (অহি) সক [ভ্বা, আ—অংহতে ; সেট্] গতি। "ভট্টি ৪.৪। —হ্ অক [চু, ঞ—অংহয়তি,-তে] দীপ্তি।

অহ[১] পুং, ক্লী [সং অহন্ > অহ (সমাসে উত্তরপদ)] ১ দিন। "উত্তমাহঃ, ত্র্যহঃ, পুণ্যাহম্ ইত্যাদি। ২ [সং অহন্ > লি অহ ; অপ্র] (বাঙ্লায়) দিন। "ব্যর্থ কাজে অহ জাএ ম.পা ১৭৫। অহ হল অতীত শ্রী.মা ১৬।

অহ[২] ব্য [ছান্দস] ১ প্রশংসা। "অহ বিপ্রো ভুঙ্ক্তে শোভনম্ পা ৮.১.৩৯। অহ, অহ…কি মহান্ সমারোহ!—সা.ম ৬১। অহ, সর্ব্বশরীরে কেমন শোভা পায়!—স.শ ৭৪। ২ [Cf., E. Ah! Oh!] ক্ষেপণ। ৩ নিয়োগ। "ত্বমহ গ্রামং গচ্ছ পা ৮.১.৬১। ৪ ধর্ম্ম-ব্যতিক্রম। "স্বয়মহ রথেন যাতি, উপাধ্যায়ং পদাতিং নয়তি পা ৮.১.৬১। ৫ নিগ্রহ। "অহ! অহ! আর বিরহ অনন্ত স.শ ৮০। ৬ বিয়োগ (ত.বা)। ৭ পূজা।

অহ[৩] সর্ব্ব [সং অদস্ > প্রা অহ ; অপ্র] ঐ, সেই। "অহ সমে কাদম্বিনী করিল তিমির ম.পা ১১০। [অহ সমে—ঐ (সেই) সময়ে।]

অহং সর্ব্ব [সং অহম্] আমি। "বলো, 'কৃষ্ণ! অহং পাপী!৹ কাতর অহং কুরু মোরে ত্রাণ!' দা ৭১৪। সমস্ত ব্রহ্মাণ্ডের কেন্দ্রস্থল অহং-বিন্দু: পা.প্র ৯ ; 'নাহং'-কে 'অহং' করা বই পৃথিবীতে আর কাজ নাই ৫০। —হং অব্য [সং অহম্] অহঙ্কার। "চলো অহং ছাড়ি অহং-আলাপি দা ৭১৪।

অহংবাদী (-দিন্) বিণ [অহম্ + √বদ্ + ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -দিনী] অহংবদনশীল ('কর্ত্তা আমি' যে বলে) ; অহঙ্কারোক্তিযুক্ত। "অনহংবাদী।—গী ১৮.২৬। মহা ১.১২০.২।

অহংবুদ্ধি বি ['অহম্বুদ্ধি' সাধু] 'আমি' এই বোধ; অহংজ্ঞান, অহঙ্কার। "যতদিন অহংবুদ্ধির লেশমাত্র থাকিবে, ততদিন ফরমাইস খাটান চাই পা.প্র ১৯।

অহঃ (-হন্) ক্লী [ন + √হা + অন্ (কনিন্) -ক -১ব, উ ১.১৫৫ ; ছান্দস ; অহন্ > অহর্ (সমাসে পূর্ব্বপদ), অহ, অহ্ন (সমাসে উত্তরপদ) ; যথা—অহরাগম, অহর্গণ, অহর্ম্মুখ ; একাহ, পূর্ব্বাহ্ণ ইত্যাদি] ১ যাহা কাল ত্যাগ করে না (অ.টী) ; দিন ও রাত্রি উভয়কাল ; অহোরাত্র। "অহনী উভে ভ ৩.১১.১০ ; অয়নে অহনী ১২। দশাহ, ত্র্যহ, একাহ।—মনু ৫.৫৯। অহন্যহনি মহা ৩.৩১২.১১৬। ম ৫০৮। ২ দিবস, দিবামান। "অহরহর্জায়তে মাসি মাসি।—ঋগ্বেদ ১০.৫২.২। যদহ্না পাপমকার্ষম্ (সন্ধ্যাপ্রয়োগ)। কুর্য্যাদহরহঃ শ্রাদ্ধম্ মনু ৩.৮২। উ.মে ২৭। ৩ দিবসাভিমানিনী দেবতা। "গী ৮.১৪। অহশ্চ (জানাতি নরস্য বৃত্তম্) হি ২.১১০। ৪ দৈনিক কার্য্য। ৫ ব্রহ্মার প্রবোধকাল বা দিন। "গী ৮.১৮ ; ১৯। ৬ রাত্রি। "অহশ্চ কৃষ্ণম্।—ঋগ্বেদ ৬.৯.২। ভ ৩.১১.১০। ৭ 'দিবসবৎ প্রকাশমান্', বিষ্ণু (মহা)। ৮ বসুবিশেষ। "মহা ১.৬৬.১৮।

অহঃক্ষপা বি [অহঃ + ক্ষপা ; অপ্র] দিন ও রাত্রি, অহোরাত্র, সর্ব্বদা। "ম.পা ৫ ; ১০ ; ১৪৭ ; ১৬৬।

অহঃপতি পুং [ষ.ত ; বিকল্পে 'অহর্পতি' পা ৮.২.৬৯, সি] দিনপতি, সূর্য্য। "রঘু ১০.৫৪।

অহঃশেষ পুং [ষ.ত] দিনান্ত, দিনশেষ। "মনু ১১.২০৫।

অহকান্ত বি [অপ্র] দিননাথ, সূর্য্য। "ম.পা ৬৩।

অহক্ষপা, অহযামিনী বি [অপ্র] সর্থ 'অহঃক্ষপা'। "°পা ম.পা ৫০ ; ৫৭ ; ১০৬ ; ১২৫ ; °নী ১৫০। ব.প ৩৭৪।

অহঙ্কার পুং [অহম্ কার, ষ.ত] ১ 'আমি'র করণ বা বোধ ; 'আমি' এই অভিমান (মনোবৃত্তিবিশেষ) ; 'আমি কর্ত্তা', 'আমার ইহা' ইত্যাদি অভিনিবেশ ; আত্মসম্ভাবনা। 'অভিমানাত্মিকান্তঃকরণবৃত্তিরহঙ্কারঃ (বেদান্তসার)। সাংখ্য ২৪, তত্ত্বকৌমুদী। "অহঙ্কারবিমূঢ়াত্মা গী ৩.২৭। মনু ১.১৪। আমাতে জন্মিয়া জীব করে অহঙ্কার ম ৭২২। তোর প্রসাদ দিয়ে তারে কিনিস৹ এ মোর অহঙ্কার গী.লি ১১। ব.প্র ৩৭৩। ২ আত্মোৎকর্ষ হেতু অভিমান ; গর্ব্ব। "আমা প্রবোধিব ; হেন দেখি শক্তি কার? এইমত ঈশ্বর ব্যঞ্জেন অহঙ্কার॥—চৈ.ভা ৯২। ৩ মহাজ্ঞান। 'মহাজ্ঞানমহঙ্কারঃ মহা ৩.৩১২.১০০। ৪ (সাংখ্য) মহত্তত্ত্বজন্য অভিমানবৃত্তিক তন্মাত্রাদির কারণ তত্ত্ববিশেষ। "সাংখ্য ২২। ব.প ১৫৩৫। মহতের পুত্র হৈল নাম 'অহঙ্কার' ক.চ ৯। প্রথমে প্রকৃতি স্থূলা অহঙ্কা'র লক্ষকোটি (রামপ্রসাদ)। —কারী (-রিন্) বিণ [অহম্ + √কৃ + ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] ১ অহঙ্করণ-শীল, অভিমানী। ২ গর্ব্বিত। —ঙ্কার্য্য ক্লী [অহম্ কার্য্য, ষ.ত] 'আমি' 'আমার' ইত্যাকার অভিমান (বেদান্তসার) ; অহম্ভাব। —ঙ্কৃত বিণ [অহঙ্কৃত (অহঙ্কার) + অ (অচ্) অস্ত্যর্থে] অহঙ্কারবান্, অহঙ্কারী, গর্ব্বিত। "অহঙ্কৃতো ভাবঃ গী ১৮.১৭। মহা ১.২২৭.২০। যাজ্ঞ ৩.১৫১। —ঙ্কৃতি, —ঙ্ক্রিয়া স্ত্রী [ষ.ত] অহঙ্কার, গর্ব্ব। "অহঙ্কৃতিত্যাগ ক.সা ৫.১৩৮। অহঙ্কৃতিং কৃত্বা।—পঞ্চ ৩.৪৩। নিরহঙ্কৃতি।—ভর্ত্তৃহরি। নিরহঙ্ক্রিয় ভ ৩.২৯.১৮।

অহঙ্কারী, -ঙ্কার্য্য, -ঙ্কৃত, -ঙ্কৃতি, অহঙ্ক্রিয়া দ্র 'অহঙ্কার'।

অহত বিণ [ন.ত] ১ অনাশিত। ২ কেবল (নীলকণ্ঠ), অর্থাৎ অকৃতোপভোগ। "সুবর্ণাহতস্য মহা ২.৬১.২৯। —হত ক্লী ঈষৎ ধৌত নব শ্বেত দশাযুক্ত বস্ত্র।

অহম্ সর্ব্ব [অস্মদ্ + ঃ (সু) প্রথমার একবচন ; cf., Av. azem ; Gr. ego ; L. ego ; Ger. ich ; Lith. asz ; S. az ; Goth. ik ; A.S. ic; E. I] আমি। "অহং, অহংবাদী, অহংবুদ্ধি। —হম্ অব্য ১ অহঙ্কার। ২ অস্মদর্থক, আমি। "অহংপূর্ব্বিকা, অহমহমিকা, অহমিকা। তু 'অহং'। ['অহম্' শব্দ বিভক্ত্যন্ত প্রতিরূপক (অ.টী)।]

অহমগ্রিকা স্ত্রী [অহম্ অগ্র যাহাতে, বহুব্রী] সর্থ 'অহম্পূর্ব্বিকা'।

অহমহমিকা স্ত্রী [অহম্ অহম্ + ইক (ঠন্) + স্ত্রী আ (টাপ্), বীপ্সার্থে দ্বিত্ব, ময়ূরব্যংসকাদি] 'আমি আমি' এইরূপ পরস্পরের যে অহঙ্কার বা অন্যোন্যোক্তি ; পরস্পরাহঙ্কার। "মাঘ ৩.৫৮, মল্লিনাথ। তাঃ কন্যকাঃ সানুরাগাস্তমৃষিমহমহমিকয়া বরয়াম্বভূবুঃ (বিষ্ণুপুরাণ)।

অহমিকা বি [সং অহমহমিকা ; 'অমিকে' (কথ্যভাষা)] অহঙ্কার, বড়াই। "ভাঙ্গ এ অহমিকা, মিথ্যা গৌরব।—রজনীকান্ত সেন।

অহম্পূর্ব্ব বিণ [অহম্ পূর্ব্ব যাহাদের, বহুব্রী, ; স্ত্রী -র্ব্বা ; ছান্দস] যে 'আমিই প্রথম' বলে ; অহম্প্রথম। "(সূদাঃ) অহম্পূর্ব্বাঃ পচন্তি

স্না ২.১২ ৯৬। —র্ব্বা, —র্ব্বিকা স্ত্রী [°র্ব্ব+স্ত্রী আ (টাপ্) ; বিকল্পে সমাসান্ত ক (কন্)+স্ত্রী আ] 'আমি পূর্ব্ব' পরস্পর এই বলিয়া যোধগণের ধাবনক্রিয়া (অ.টী) ; অহমহমিকা। "অহম্পূর্ব্বিকয়া যিযাসুভিঃ (গণৈঃ) কি ১৪.৩২।

অহম্বুদ্ধি স্ত্রী, **-ম্ভাব** পুং **-ম্মতি** স্ত্রী [ষ.ত] **১** অহংসম্বন্ধী বোধ; অহঙ্কার, গর্ব্ব। "অহম্ভাবাবৃত (ভামিনীবিলাস)। **২** অবিদ্যা, অজ্ঞান।

অহ(হো)যামিনী বি ['অহর্যামিনী' সাধু; অপ্র] অহোরাত্র ; সর্ব্বদা। "কলেবর দহে, কল্মষে অহোযামিনী ম.পা ১১৪ ; (প্রাণী) স্থির নহে অহযামিনী ১৫০।

অহরহ ক্রি. বিং [সং অহরহঃ (অহঃ+অহঃ)] অহর্নিশ, সর্ব্বক্ষণ, সর্ব্বদা। "মণরঅণ (মনোরত্ন) অহরহ সহজ ফরন্ত দো ১৬। (তিনি) অহরহ লাঠিমের ন্যায় ঘুরিয়া বেড়াইতেন।—টেকচাঁদ। অহরহ কলহ কোলাহল জা ৪৯।

অহরাগম পুং [অহের আগম, ষ.ত ; দ্র 'অহঃ'] **১** দিবসারম্ভ, দিন-প্রবৃত্তি। **২** ব্রহ্মার দিনারম্ভ। "অব্যক্তাদ্ ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্ত্যহরাগমে গী ৮.১৮ ; ১৯।

অহরাদি পুং [ষ.ত ; দ্র 'অহঃ'] দিনের আদি ; প্রভাত। "মাঘ ১১.৬২।

অহর্নিশ ক্লী [অহ ও নিশা, স.দ্ব] অহোরাত্র। "অহর্নিশস্যান্তে মনু ১.৭৪ ; ৪.৯৭। —র্নিশ ক্রি.বিং নিরন্তর, সর্ব্বদা। "ইচ্ছা হয়··· অম্বলে অহর্নিশ শ্রী.মা ৩৮। অহর্নিশ শঙ্খ বাজে ম ৩৪০। শ্রী.ম ১৩৬; ১৪০। অহর্নিশ বিমরিষ ভা.চ ৩৯২। —র্নিশি ক্রি.বিং [সং অহর্নিশ; মৈ অহোনিশি] নিরন্তর। "অহর্নিশি জ্বলে বহ্নি ম.পা ৬। অহর্নিশি পড়ে মহামার শি ২০। —র্নিশি বি. দিন ও রাত্রি। "সঙ্কীর্ত্তনে হরিনামে অহর্নিশি যায় চৈ.ম ১৬২।

অহর্পতি পুং [দ্র 'অহঃপতি'] **১** দিননাথ, সূর্য্য। "মাঘ ১৬.৫৭। **২** অর্কবৃক্ষ। **৩** শিব।

অহর্ম্মুখ ক্লী [অহের মুখ, ষ.ত, দ্র 'অহঃ'] দিনের প্রারম্ভ ; প্রভাত। "শ্রী.মা ৪১ ; ৭২ ; ৮৪।

অহল্য বিণ [ন.ত ; স্ত্রী -ল্যা] হলকর্ষণের অযোগ্য (ক্ষেত্র)। —ল্যা স্ত্রী **১** যাহার বিরূপজন্য নিন্দ্যত্ব নাই (রা ৭.৩০.২২) ; গৌতমপত্নী। [ইনি ব্রহ্মার মানসী কন্যা ও শতানন্দের জননী। গৌতমবেশধারী ইন্দ্র ইঁহার সতীত্ব নাশ করিলে, ইনি পতিশাপে নিরাহারা তপোনিরতা ভস্মশায়িনী ও অদৃশ্যা হইয়া সহস্র বর্ষ আশ্রমে অবস্থান করেন এবং রামচন্দ্রের দর্শনলাভে শাপমুক্ত হইয়া পতির সহিত মিলিত হন (রা ১.৪৮; ৪৯শ সর্গ)। পদ্মপুরাণে, ইঁহার শাপজন্য শিলামূর্ত্তির ও রামচরণস্পর্শে মুক্তির উল্লেখ আছে। শতপথব্রাহ্মণে (৩.৩.৪.১৮) অহল্যা ও জার ইন্দ্রের উল্লেখ আছে। কুমারিলভট্টের মতে ইন্দ্রকৃত অহল্যাধর্ষণ রূপকমাত্র। ইন্দ্র সূর্য্য, অহল্যা রাত্রি, সূর্য্যকৃত রাত্রির তমোনাশ অহল্যাধর্ষণ (A.)। অহল্যা পঞ্চ প্রাতঃস্মরণীয়া কন্যার একতমা।] **২** প্রাতঃস্মরণীয়া অহল্যাবাই। [ইনি মালবদেশের রাজ্ঞী, মলহর রাওএর পুত্রবধু এবং কুণ্ডজী রাওএর পত্নী।] [অহল্যাজার (পুং)—ইন্দ্র। "ম.চ ১ ২/২৬। অহল্যানন্দন (পুং)—শতানন্দ। অহল্যা-পতি (পুং)—গৌতম। অহল্যাহ্রদ (পুং)—তীর্থ হ্রদবিশেষ। "মহা ৩.৮৪.১০৯।]

অহল্যা, অহল্যাজার, -ল্যানন্দন, -ল্যাপতি, -ল্যাহ্রদ দ্র 'অহল্যা'।

অহশ্চর বিণ [অহন্+ √চর্+অ (ট) -ক ; উ.ত ; স্ত্রী -রী] দিবাচর।

অহস '-শ্' বি [সং অহন্ ; তু 'অহস্কর' ; অপ্র] দিবস, দিনমান। "অহস অতীত হল প্রায় শ্রী.মা ২৭।

অহস্ত বিণ [ন.বহুব্রী] হস্তহীন (মৎস্যাদি)। "মনু ৫.২৯।

অহহ ব্য [Cf., E. Ah! Aha!] **১** সম্বোধন। **২** আশ্চর্য্য, বিস্ময়, অদ্ভুত। "নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতম্ গী.গো ১.১৩। অহহ লোকের ভাগ্য, পৃথিবী সোহাগ রে, শ্রীপদ যাহার অলঙ্কার চৈ.ম ৫ ; ৫০। অহহ ! স্বভাব কিবা চারুশোভা ধরে !—স.শ ৩৪। **৩** পরিক্লেশ, কষ্ট। "অহহ তীব্রসংযোগো বাগ্‌বজ্রঃ উ.চ ১ ৩৯/৪০। হি ১ ১৫/১৬। **৪** খেদ। "অহহ কষ্টমপণ্ডিততা বিধেঃ।—ভর্ত্তৃহরি। অহহ ! কিসের তরে৹ অভাগা নরকে জরে সা.ম ২৫। **৫** প্রকর্ষ।

অহান্ত বি [অহ[১]+অন্ত; অপ্র] দিবাবসান, অপরাহ্ণ। "ম.পা ৪৬।

অহার্য্য বিণ [ন.ত] **১** অহরণীয়, অশক্যহরণ। "অহার্য্যত্ব হি ৪ (অবতরণিকা)। **২** অগ্রহণীয়, গ্রহণের অযোগ্য। "অহার্য্যং ব্রাহ্মণ-দ্রব্যম্ মনু ৯.১৮৯। **৩** অভেদ্য, অর্থাৎ অর্থাদি দ্বারা অবশীকরণীয়। "অহার্য্যৈঃ পরিচারকৈঃ মনু ৭.২১৭। **৪** অনিবার্য্য, দৃঢ। "°নিশ্চয়া কু.স ৫৮। **৫** স্বাভাবিক, সহজ। "°বৃত্ত মহা ৫.৩২.১৫। —হার্য্য পুং পর্ব্বত।

অহি[১] পুং [আ+ √হন্+ই (ডিণ্)-ক, উ ৪.১৩৭, স্ত্রী -হি, -হী ; ছান্দস ; cf., Av. azi ; Gr. ekhis, ophis ; Ger. unc ; Armenian—oz] **১** সর্প। "না জানি দংশিল কার অভিশাপ-অহি শ্রী ৮। জ্বলন্ত বিদ্যুৎ অহি,···অন্ধকারে করিছে দংশন।—ছবি ও গান (রবীন্দ্র)। **২** সবিষ সর্প। 'অহয়ঃ সবিষাঃ সর্ব্বে নির্ব্বিষা ডুণ্ডুভাঃ স্মৃতাঃ ক.সা ১৪.৮৪। **৩** (সাদৃশ্যে) খল, বঞ্চক। **৪** সর্পদেবতাক অশ্লেষানক্ষত্র। **৫** বৃত্রাসুর (অ.কো)। "°বিদ্বিট্ মাঘ ১.৪১, কি ৪.২৭। [ঋগ্বেদে (১.৩২.৩), 'অহি'র অর্থ 'মেঘ', মেঘ তরঙ্গাকার সর্পাকৃতি ; বোধ হয় 'সর্প' অর্থে 'অহি' শব্দের ইহাই মূল। ১.৫১.৪ ঋকে, "হে ইন্দ্র, তুমি 'বৃত্র' 'অহি'কে বধ করিয়াছ" আছে,—'বৃত্র' ও 'অহি' শব্দের এইরূপ একত্র প্রয়োগ হেতু 'অহি'র অর্থ 'বৃত্রাসুর' হইয়াছে, বোধ হয়।] **৬** সূর্য্য। **৭** রাহু। **৮** পথিক। **৯** পৃথিবী। **১০** সীসক। [ইহা বাসুকির বীর্য্যজাত ও ইহার নামান্তর 'নাগ' (ভাবপ্রকাশ)।] **১১** (সাদৃশ্যে) উদরাবর্ত্ত, নাভি। **১২** (নাগসংখ্যানুসারে) '৮' এই সংখ্যা। **১৩** বপ্র। **১৪** (বাঙ্লায়) শেষনাগ। "ধরণী ধরে অহি শ্রী ৮৬। পদভরে কাঁপে অহি চ.বি ২৩৫। অনন্তদেব অহির (ধৃত পাঠ 'অহীর') উপর দু ১১।

অহি[২] সর্ব্ব [দ্র 'অই', অপ্র] ঐ। "অহি রাঙ্গা চরণ চ.বি ৩৩৪।

অহিংসক বিণ [ন.ত; স্ত্রী -সিকা] **১** হিংসাহীন, অহিংস্র, অনুপঘাতক, শান্তস্বভাব। "অহিংসকানি ভূতানি মনু ৫.৪৫। নাস্তি কশ্চিদহিংসকঃ মহা ৩.২০৭ ৩৩। ম ৩৪২। অহিংসক জীব যত মে ১১৬। **২** বেদধর্ম্মে হিংসাহীন ; বেদমার্গানুসারী। "রা ২.১০৯.৩৬। —হিংসা স্ত্রী [ন.ত] **১** হিংসাভাব, কায়মনোবাক্যে পরপীড়াভাব, পরপীড়ানিবৃত্তি। "গী ১০.৫। মনু ১০.৬৩। অহিংসা পরমো ধর্ম্মঃ (হি ১উঁ/ড)। **২** নিষিদ্ধ-হিংসাবর্জ্জন। "মনু ৬.৭৫। **৩** অনতিহিংসা। "মনু ২.১৫৯। **৪** (হিংসা-জন্য অধর্ম্মাভাব হেতু) বেদবিহিত হিংসা। "মনু ৫.৪৪। —হিংস্য বিণ [ন ত] হিংসার অযোগ্য ; অবধ্য। "রঘু ২ ৫৭। —হিংস্র বিণ [ন.ত ; স্ত্রী -স্রা] অহিংসাশীল, পরহিংসানিবৃত্ত। "মনু ৪.২৪৬। —হিংস্র ক্লী অহিংস্রকর্ম্ম, অহিংসা। "মনু ১.২৯। —হিংস্রা স্ত্রী কুলিক-বৃক্ষ, কুলেখাড়া।

অহিংসা, -হিংস্য, -হিংস্র, -হিংস্রা দ্র 'অহিংসক'।

অহিকোষ পুং [ষ.ত] সর্পের ত্যক্ত চর্ম্মাবরণ ; নির্ম্মোক, সাপের খোলষ।

অহিচ্ছত্র পুং **১** দেশবিশেষ। "মহা ১.১৩৮.৭৬। **২** মেষশৃঙ্গীবৃক্ষ। —চ্ছত্রা স্ত্রী অহিচ্ছত্রপুরী (মহা)। —চ্ছত্রক ক্লী সর্পচ্ছত্রতুল্য ছত্রাক ; বেঙের ছাতা (Mushroom)।

অহিত বিণ [ন.ত ; ছান্দস] ১ অহিতকর, অশুভ। "ঋ ৩.২৪.২। ২ অধর্ম্মকর, অধর্ম্ম্য। "মনু ৩.২০। ৩ অপথ্য (খাদ্য)। ৪ প্রতিকূল শত্রুতাপন্ন। ৫ নাশক, ক্ষয়কর। "অহিতো দেহজো ব্যাধিঃ (সু.র)। ৬ অন্যস্ত, অস্থাপিত। ৭ অকৃত। "°নামা (শতপথব্রাহ্মণ)। —হিত পুং রিপু, শত্রু। "গী ২.৩৬। রঘু ৪.২৮; ৯.১৭। —হিত ক্লী ১ অপকার, অপায়। "গো.রা ৫.৯১.২। ২ রোগকর খাদ্য; কুপথ্য। —হিতা স্ত্রী নাড়ীবিশেষ। "যাজ্ঞ ৩.১০৮। [°কারী (-রিন্) বিণ—অপকারক, শত্রু। °মনাঃ (-নস্) বিণ অহিতচিন্তক, বৈরী। °হিত (ক্লী)—হিতাহিত, মঙ্গলামঙ্গল। "হি ২.৪২।]

অহিতকারী, -মনাঃ, -হিত, অহিতা দ্র 'অহিত'।

অহিতুণ্ডিক পুং [অহিতুণ্ড+ইক (ঠন্) অস্ত্যর্থে] যাহার ক্রীড়ার্থ সর্পমুখ আছে; সর্পখেলক, সাপুড়ে।

অহিদ্বিট্ (-দ্বিষ্) পুং [অহি+ √দ্বিষ্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত] ১ 'সর্পদ্বেষক', নকুল, বেজি। ২ ময়ূর। ৩ গরুড়। ৪ বৃত্রশত্রু ইন্দ্র। ৫ কালিয়শত্রু শ্রীকৃষ্ণ। "মাঘ ১.৪১। —বিদ্বিট্ পুং ১ ইন্দ্র। "কি ৪.২৭। ২ সর্ব 'অহিদ্বিট্'।

অহিনকুল ক্লী [স.দ্ব, পা ২.৪.৯, সি] সর্পনকুল, সাপ ও বেজি। —নকুলিকা স্ত্রী [°ল+অক (বুন্) বৈরার্থে+স্ত্রী আ (টাপ্)] সর্প-নকুলের স্বভাবসিদ্ধ বৈর। "পা ৪.৩.১২৫।

অহিপতি পুং [ষ.ত] ১ সর্পরাজ, বাসুকি। "কি ৫.৩০। ২ মহাসর্প।

অহিফেন পুং ক্লী [ষ.ত] ১ সর্পফেন, সর্পমালা। ২ [আ—অফইয়ন্; হি অফিম্; ঠ আফ্; cf., Gr. L. opion] (সাদৃশ্যে) খস-ফলক্ষীর, আফিঙ্। "ন ৫২১,-৪।

অহিভয় ক্লী [প.ত] ১ সর্পভয়। ২ অহিতুল্য আবৃতাকার স্বপক্ষ হইতে ভয়; রাজগণের স্বপক্ষজাত ভয় (অ.কো)।

অহিভুক্ (-ভুজ্) বিণ [অহি+ √ভুজ্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত; স্ত্রী -ক্] সর্পভোজী। "অহিভুক্ বিহঙ্গম প.তৃ ৭১। —ভুক্ পুং ১ গরুড়। ২ নকুল। ৩ ময়ূর।

অহিমকর, -কিরণ, -দীধিতি, -ময়ূখ, -রশ্মি পুং [বহুব্রী] উষ্ণরশ্মি, সূর্য্য। "°তি মাঘ ৬.৪১। "°শ্মি ১১.৬৪। অহিম-ময়ূখমণ্ডল কি ৭.৯।

অহিমার, -রিপু পুং [অহি+ √মারি+অ (অণ্)-ক; উ.ত; ষ.ত] ১ 'সর্পনাশক', গরুড়। ২ ময়ূর। ৩ নকুল। ৪ (কালিয়দমন) শ্রীকৃষ্ণ। ৫ (বৃত্রনাশক) ইন্দ্র।

অহিহন '-ন' বিং [অহি২+সম>অহিসম>অহিসন>অহিহন; অপ্র] ঐরূপ, ঐ। "মহাবল অনিল সলিলে সাত তাল। চক্রাবর্ত্তে ফিরে মহি অহিহন কাল॥—শ্রী.মা ১৭৮।

অহীন[১] বিণ [ন.ত] ১ অন্যূন, সমগ্র। "মাঘ ১৬.৭১। রঘু ৯.৫; °বাহুদ্রবিণ ১৮.১৪। ২ অত্যক্ত। "বেদযজ্ঞৈরহীনানাম্ (গৃহেভ্যঃ) মনু ২.১৮৩। ৩ অনীচ।

অহীন[২] পুং [অহির ইন (প্রভু), ষ.ত] ১ সর্পরাজ, বাসুকি। "মাঘ ১৬.৭১। ২ মহাসর্প।

অহীন[৩] পুং, ক্লী [অহন্+ঈন (খ), পা ৬.৪.১৪৪, কাশিকা] অহঃ-সমূহসাধ্য যাগবিশেষ। "মনু ১১.১৯৮।

অহীনবাদী (-দিন্) বিণ [ন.ত] (স্মৃতিতে) হীনবাদিভিন্ন, সাক্ষ্যদানে সমর্থ (সাক্ষী), অর্থাৎ যাহার সাক্ষ্য প্রমাণরূপে গ্রহণীয়।

অহীর পুং [তু 'অভীর', ভ>হ] গোপ, আহীর। "আন্তর ভেটল অহীর রে।—বি.সা ৪৭।

অহুত বিণ [ন.ত] ১ অকৃতহবন, যাহা মন্ত্রপূর্ব্বক অগ্নিতে প্রক্ষিপ্ত হয় নাই, তাদৃশ (হবিঃ)। "মনু ১২.৬৮। ২ [ন.বহুব্রী] অকৃতহোম (অগ্নি)। —হুত পুং যাহাতে হবন নাই। ব্রহ্মযজ্ঞনামক জপ; বেদাধ্যয়ন, বেদাধ্যাপন। "মনু ৩.৭৩; ৭৪।

অহূত বিণ [ন.ত; ছান্দস] অকৃতাহ্বান, অনাহূত।

অহৃত বিণ [ন.ত] ১ অনপহৃত। ২ অনাকৃষ্ট, অবশীকৃত। "অহৃতস্য বিলোভনান্তরৈঃ রঘু ৮.৬৯।

অহৃদয় বিণ [ন.বহুব্রী] ১ হৃদয়হীন, সমবেদনারহিত, নিষ্করুণ। ২ অমনস্ক, অন্যমনস্ক। "কি ১০.৪৭।

অহৃদ্য বিণ [ন.ত] ১ অপ্রীতিকর, অপ্রিয়। ২ অরুচিকর।

অহে ব্য ১ নিন্দা, ভর্ৎসনা। "বুঝিলাম অহে গুরু নিজ মনে বাসি। যোগের হইলা ঠগ কদলীতে আসি॥—গো.বি ১০৩। অহে ভীষ্ম কেমন তোমার অবিচার ম ৩২৮। ২ বিয়োগ। "অহে রাম ঘনশ্যাম চুম্বামি মুখপঙ্কজম্। যদি জীবামি শোকেন পুনঃ পশ্যামি তে মুখম্॥—ত.বা। ৩ অনুতাপ। "শুন শুন অহে প্রভু গৌর ভগবান্। এতদিনে হৈল মোর প্রসন্ন নয়ান॥—চৈ.ম ৯৪। ৪ (বাঙলায়) সম্বোধন। তু 'অয়ে'। "অহে কাক ঝাট বাটি আনহ এথন চৈ.ভা ২৪৩। ব্র.প ১৯৩। অহে জীব কর আকিঞ্চন।—হেম ২৪৭।

অহেতু, -হেতুক বিণ [ন.বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -তু, -কা] হেতুহীন, নিমিত্তরহিত, অকারণক, অনিদান। "অহেতুঃ পক্ষপাতঃ উ.চ ৫.১৭। ত্যাজ ভীতিমহেতুকাম্ নৈ ৪.১০৫। অহেতু গেল জাতি শ্রী.মা ১০০। অহেতুকী ভক্তির বিকাশ গি.দ্বি ১২১। অহেতুক কোন ইতরবিশেষ : অহেতুক বৈসাম্য পা.প্র ৮২।

অহেরা (প.ক) দ্র 'আহেরা'।

অহৈতুক বিণ [ন.ত; স্ত্রী -কী] ১ হেতু হইতে অনাগত বা অপ্রাপ্ত; হেতুবর্জ্জিত, নির্যুক্তিক, নিরুপপত্তিক। "গী ১৮.২২। ২ ফলাভি-সন্ধানরহিত, নিষ্কাম। "ভ ১.২.৬; অহৈতুকীং ভক্তিম্ ৭.১০। ভক্তি অহৈতুকী চৈ.চ ২৩৩; ২৩৮। চৈ ৪০। "°কী শ্রদ্ধা।—গল্পগুচ্ছ। ৩ শুষ্কতর্কাদির অগোচর; ঔপনিষদ। (ভক্তিযোগঃ) "জনয়ত্যাশু… জ্ঞানঞ্চ যদহৈতুকম্ ভ ১.২.৭।

অহো[১] ব্য [তু 'ফা আহ্, E. Ah! Oh!] ১ বিস্ময়। "অহো মধুরমাসাং দর্শনম্ শ ১২৬/২৬; অহো কামী স্বতাং পশ্যতি ২.২। অহো রূপ! অহো প্রেম! অহো অশ্রুধার!—চৈ.ভা ১২০। চৈ ১২৫। অহো কি বিমল সুখ উপজিল মনে!—স.শ ৮৪। ২ বিষাদ, খেদ। "অহো দুষ্যন্তস্য সংশয়মারূঢ়াঃ পিণ্ডভাজঃ শ ৬২৪/২৫। অহো দৈন্যমহো কষ্টম্ ভ ৬.১০.১০। অহো দুঃখমহো কষ্টমহো বৈরূপ্যমুত্তমম্ মহা ১২.৮.৩। হি ১.৫২। ৩ প্রশংসা। "অহো দেবদত্তঃ পচতি শোভনম্ পা ৮.১.৪০। ৪ ধিক্কার। "অহো বো ধিগ্ বলম্ ক্ষাত্রম্ মহা ১.১৩১.২৩। ৫ শোক। ৬ করুণা। ৭ সম্বোধন। "অহো হিরণ্যক শ্লাঘ্যোঽসি হি ১৫৫/৫৬। ৮ পাদপূরণ। ৯ অসূয়া। "কটমহো করিষ্যসি পা ৮.১.৪১। ১০ বিতর্ক। ১১ প্রীতি। ১২ সংশয়। ১৩ ক্লেশ। [অহোবত—১ খেদ। "গী ১.৪৪। ২ সম্বোধন। "কু.স ৩.২০। ৩ অনুকম্পা।]

অহো[২] সর্ব্ব [অহ৩+ও৩; অপ্র] ও ব্যক্তিও, ও-ও। "এহো বাড়ে অহো বাড়ে,…জিনে হারে নাহি কোন জন চৈ ১৪৩।

অহোপুরুষিকা; অহোবত; অহোযামিনী দ্র 'আহো-পুরুষিকা; অহো১; অহযামিনী'।

অহোরাত্র পুং [অহন্ ও রাত্রি, স.দ্ব, পুংস্ত্ব, সমাসান্ত 'অ' (অচ্), পা ২.৪.৬.২৯; ৫.৪.৮৭; বেদে—°ত্রাঃ (পুং) °ত্রে, °ত্রাণি (ক্লী); সংস্কৃতে °ত্রে (মনু ১.৬৫), °ত্রাণি (পঞ্চ ১.৩৫৯), °ত্রাণি (ভ ৫.২১.৩১), °রাত্রয়োঃ রঘু (১৭.৪৯, মল্লিনাথ); °ত্রয়ঃ (মহা ১.১.৩৭); সমাহারে একবদ্ভাবেও ক্লীবত্বাভাব (দ্র 'পা ৫.৪.৮৭, তত্ত্ববোধিনী)] সূর্য্যোদয়দ্বয়-মধ্যবর্ত্তী ষষ্টিদণ্ডাত্মক কাল; দিনরাত্রিকাল, দিনরাত। "মনু ৪.১১৯।

ত্রিংশৎ মুহূর্ত্তে হয় এক অহোরাত্র ম ৯৫০। [মনুষ্যের এক মাসে পিতৃগণের এক 'অহোরাত্র'—কৃষ্ণপক্ষ দিন, শুক্লপক্ষ রাত্রি ; পিতৃগণের দ্বাদশ দিনে (মনুষ্যের এক বর্ষে) দেবগণের এক 'অহোরাত্র'—উত্তরায়ণ দিন, দক্ষিণায়ন রাত্রি ; দেবগণের দুই সহস্র যুগে ব্রহ্মার এক 'অহোরাত্র' (মনু ১.৬৬-৭২)। দ্র 'ম ৫৯০।]

অহোরাত্রি বি [সং অহোরাত্র; অপ্র] দিন-রাত্রি, নিরন্তর। "কৃষ্ণযাত্রা অহোরাত্রি চৈ.ভা ৪৪০।

অহ্ন পুং [অহন্ > অহ্ন (সমাসে উত্তরপদ), পা ৫.৪.৮৮] দিবস। "পূর্ব্ব°, মধ্য°, সর্ব্ব° ইত্যাদি।

অহ্নায় ব্য ঝটিতি, শীঘ্র। "অহ্নায় নরকং গচ্ছেৎ মহা ৩.৩৫.১০। রঘু ৫.৭১। কু.স ৫.৮৬।

অহ্রী, -হ্রীক বিণ [ন.বহুব্রী ; স্ত্রী -হ্রী, -কা] লজ্জাহীন, নির্লজ্জ। —হ্রী স্ত্রী [ন.ত] লজ্জাভাব। "ক্রোধাদহ্রীঃ মহা ৩.৯৪.৮। —হ্রীক পুং ক্ষপণক।

আ

আ[১] দ্বিতীয় স্বরবর্ণ। উচ্চারণাদিবিষয়ে দ্রষ্টব্য 'অ'। [বাঙলার 'আ'-কার হ্রস্বমাত্রক, গান আহ্বান প্রভৃতিতে দুই বা ততোধিক মাত্রায় উচ্চারিত হয়। 'আনচান' 'আগর' 'আমল' প্রভৃতির 'আ'-কার একমাত্রক। গানে 'তারা···দিলে না দিলে না দিন' (দাশরথি) এবং 'ওরে গদা··· (মা ৩২৪) ইত্যাদিতে 'আ'-কার প্লুতমাত্রক। প্রাচীন বাঙলায়, উচ্চারণসাম্যে 'আ'-কারস্থানে 'য়া' দেখা যায়। 'য়াইলাম (আইলাম), য়াসিয়া, য়াইসে, য়াইলুম, য়াইল' ইত্যাদি (গো.বি ৯০-৯৩) ইহার উদাহরণ।]

আ[২] (আঙ্) ব্য [ছান্দস] উপসর্গবিশেষ। —**১** সমন্তাৎ, সর্ব্বতঃ, সর্ব্বত্র। "°কাশ, °কীর্ণ, °ক্ষেপ। **২** ক্রিয়াযোগ। "আলোকতে, আশঙ্কতে ইত্যাদি। **৩** ঈষৎ, অল্প। "°কম্পিত, °পিঙ্গল, °লোহিত। **৪** বিপর্য্যয়, অগ্রহণ, প্রত্যাবর্ত্তন। "°গমন, °দান, °মুক্ত, °য়াত। **৫** মর্য্যাদা, সীমা। "আ মুক্তেঃ সংসারঃ পা ২.৩.১০, সি। আ জন্মনঃ শাঠ্যমশিক্ষিতো যঃ শ ৫.২৪। এইমত যজ্ঞ রাজা করায় আজন্ম জ ৭০। **৬** অভিবিধি, অভিব্যাপ্তি। "আ সকলাদ্ ব্রহ্ম (সি)। শ ১.২ ; আ মূলাৎ শ্রোতুমিচ্ছামি ১২৪৩। আসিন্ধুনদীতীর আর হিমালয় চৈ.চ ৪৩। নিত্য আকল্প তুমি সেই ভগবান্ শ্রী.ম ৪৫। সমগ্র ভারত আহিমাদ্রিপারাবার ন ৮৬৫ ; ভারতভূমি আসিন্ধু-অচল ১০৪৩। আমূলশিরঃপর্য্যন্ত ব.প্র ১২ ; আজন্মমৃত্যুপর্য্যন্ত ২৪৮। আজন্মমরণপর্য্যন্ত সাধনা আ.দ্রু ১২। **৭** সম্যক্, বিশেষ। "আমর্দ্দক্লিষ্টকেশর শ ৭.১৪। ['মর্য্যাদা' ও 'অভিবিধি' অর্থে 'আ' উপসর্গের সহিত পঞ্চম্যন্তপদের সমাস হয়। যথা, আ মুক্তেঃ, আমুক্তি ; আবালম্ ইত্যাদি। বাঙলায়, 'আজীবন' 'আজানু' 'আবালবৃদ্ধবনিতা' ইত্যাদি। 'আব্রহ্মপর্য্যন্ত' (চৈ.ভা ৩৫১), 'আজন্মকালাবধি' (আ.দ্রু ৬৯), 'আপাদপর্য্যন্ত' (শ্রী.মা ১৩৯), 'আকণ্ঠপর্য্যন্ত' ইত্যাদি শব্দ অসাধু ; 'আব্রহ্ম বা ব্রহ্মপর্য্যন্ত' 'আজন্ম বা জন্মপর্য্যন্ত' 'আপাদ বা পাদপর্য্যন্ত' 'আকণ্ঠ বা কণ্ঠপর্য্যন্ত' ইত্যাদি সাধু। 'আসমুদ্রহিমাচল' 'আপাদমস্তক' ইহাদের পরিবর্ত্তে 'আসমুদ্রহিমাচলপর্য্যন্ত' 'আপাদমস্তকপর্য্যন্ত' (তু 'আব্রহ্মস্তম্ব-পর্য্যন্ত) সাধু। গীতাটীকায় (১৩.১) শঙ্করাচার্য্য 'আপাদতলমস্তক' শব্দ প্রয়োগ করিয়াছেন, ইহা বিবেচ্য। তু 'ঠ আজন্মপর্য্যন্ত, আজন্মমরণ, আজন্মান্ত।]

আ[৩] ব্য **১** বাক্য। "আ এবং তু মন্যসে (সি)। **২** স্মরণ। "আ এবং কিল তৎ (সি)। **৩** অনুকম্পা। "আ দেবদত্তো দরিদ্রঃ (শ.ক)। **৪** সমুচ্চয়ে। [প্রথম দুই অর্থে 'আ' প্রগৃহ্য, অর্থাৎ উহার সহিত সন্ধি হয় না (পা ১.১.১৪)।] **৫** [সং আঃ (আস্) > প্রা আ (প্রা.ম)— আ দাসীএ ধীএ (ক.ম ১২৬৬)] ক্রোধ। "আ মর! টগরে ছোঁড়া বলে বেড়ায় দাদা কুসঙ্গ ছাড়লে বড় সুখের বিষয় হবে !—আ.দ্রু ৯৬ ; আ! বেটা কি সাওখোড় ! ১৭৪। আ মর মিন্‌ষে ! আস্পর্দ্ধা কম নয় !— অ.গ্র ৭৪। **৬** খেদ, বিষাদ। "আ—এই হতভাগিনীর মৃত্যু নাই !— কাদ ৬৫। **৭** বিরক্তি। "কুটিলে বলে আ মর মাগি ! মিথ্যে বলব কিসের লাগি ?—দা ৫৩৩। আ মুয়ে আগুন ! তামাক দুছিলিম এনে রাখব, তা ভুলে গেছি !—গি.দ্বি ১১২। আ মলো ! মাগী বাড়ী ব'য়ে কোঁদল করতে এসেছে দেখি যে।—ব.প্র ৩৪২। **৮** সপ্রণয় গালি। "আ মলো ! কে কালামুখি। "জয় সুলোচনা জয়।"—তোর বুঝি কণ্ঠে নাহি সরে ?—ন ১০৮৯। আ মলো ! মেয়েমানুষে পুরুষমানুষে সমান !— ব.দ্বি ৪১০ ; ৪১৩। **৯** ক্লেশের বা দুঃখের শান্তি। "আ বাঁচলাম ! **১০** নৈরাশ্য। "আ ! এইবার মলাম ! আর রক্ষা নাই ! **১১** সহানুভূতি। "আ, বড় ক্ষিদে পেয়েছে !—খাও, খাও ! আ, মরে যাই ! বড় লেগেছে ! **১২** সুখানুভব। "আ, কি আরাম ! আ, বেড়ে লাগছে ! **১৩** উপকার-স্মরণপূর্ব্বক দুঃখপ্রকাশ। "আ ! আমার তুমি না থাকিলে, হৃদয় জুড়ায়ে না রাখিলে···ফুরাত সকল এ অখিলে ব.সু ১৩। **১৪** ঘৃণা। "আ, এ বড় কুস্থান ! **১৫** সখীত্ব, সখীভাব। "আ, মরণ আর কি ! **১৬** নিন্দা। "আ লক্ষ্মীছাড়া ছেলে !—সব নষ্ট কল্লি ! [আ মরি (প্রা হমারি)—সকটাক্ষ বিস্ময় (সংক্ষিপ্তসার, প্রাকৃতপাদ ৫.৯৯) > বা (অমারি) আ মরি, আ মরি মরি—**১** বিস্ময়। "বলে, আ ম'রে যাই, লইয়ে বালাই, কি রূপের মাধুরী দা ৫৫৭। আ মরি মরি, কি চমৎকার চিত্র করিয়াছে !—সী ৭। **২** (কাকু হেতু) সধিক্কার বা সরোষ উপহাস। "আ মরি, কি সতী !—শাশুড়ীর যোগ্য বধূ !— মা ১১৮। আ মরি, আ মরি, যমের ভুল !—ন.ত ৯। এদিকে বাবু আবার পরম বৈষ্ণব···আ মরি, কি নিষ্ঠে গা ! মা ৩২৮। আ মরি ! কিবা কবিতা সাক্ষাৎ সরস্বতী মূর্ত্তিমান্ আ.দ্রু ৮০।]

আ[৪] অব্য [অ৩ > আ, দ্র 'অ'[১]] **১** নিষেধ, অভাব। "°গণা, °ছোলা, °ঝালা, °তেলা, °দেগা ইত্যাদি। আনুচিত, আনুপম, আনুপমা (শ্রী.কী)। আরসা শূ ১০৮। **২** [অস আও—আওকথা (আকথা), আওকাঠ (আকাঠা) ইত্যাদি] অপ্রশস্ত, অসার, অকেজো, খারাপ। "°কাঠা, °গাছা। **৩** কটু, কর্কশ। "আকথা-কুকথা। **৪** অশুভ, মন্দ। "আদিবস (শ্রী.কী)। **৫** অবিদ্যমান, বিহীন। "°চোট, °ঝালা, °তেলা, °লুণী। **৬** তদ্‌ভিন্ন। "°ঘাট, -টা।

আ[৫] অর্ম্ম [সং আ + √যা ; প্রা √আর, √আ (√আ) ,—প্রা ম। হি, মৈ √আ ; তু 'আবই (চ ; দো)] আগমন করা ; আসা। [আই (সং আয়াহি)—আয়। "আই আই চাঁদ আই, আই আই আরে। —দ্বারকানাথ অধিকারী। আইছে, -ছে—আসিছে ; আইম— আসিব (গো.চ)। আইনু, আমু,—আইলু, আইলো, -লোঁ— আইলাম। "বি.প ১৯০। ম.ভা ২৯। আমু ফিরে ভা.চ ৫৩২ ; ৭০০। শ্রী.মা ১৭ ; ২৩। আলোঁ, আলোঁ (শ্রী.কী)। আলু ক.চ ৯৪। আইতে—আসিতে। "বি.প ১৫৮। আইবে—আসিবে। "ন.প ১৪০। আইল—আসিল ; আইলা—আসিলে (শ্রী.কী)। আইলাঙ— আইলাম। "ব.প ৩১০। আইলাহোঁ—আইলাম (শ্রী.কী)। আইলী (স্ত্রী)—আইল। "আইলী বড়ায়ি শ্রী.কী ২৯। আইলু, -লো, -লোঁ— দ্র 'আইলু'। আইলে—**১** আসিলে পরে। "আইলে হাসি কথা কয়ো শি ১০২। **২** আসিলে, এলে। আইলেন—আসিলেন। "কৃ ৫৭। আইলেসি—আইলে। "চ ৬৭। আও, আব (মৈ আএ, আব) —আসে। "বি.প ৫৫ ; ১৫৬। আতি—আসিতে। "তোর বিলম্ব

উচিত নহ আতি বি.সা ১৯২। আয়ব—দ্র 'অব[৪]। আলি, এলি (মৈ 'আইলি'—স্ত্রীলিঙ্গে)—আসিলি। "কৃ.উ ১১৫ ; ১৮৮। ভা.চ ৪০। বি.সু ৪৭। এলি দা ১০৯১। অ.গু ১০। আলু—আইলাম। "কৃ.উ ৯৪ ; ১০২। আল্য—আইল। "কৃ.উ ৮০ ; ৮১ ; ২১৬। ক.চ ১৮৫। আল্যা—আইলা কৃ.উ ১০৬ ; আল্যে—আইলে ১৫১ ; ১৭১। এন্থু—আইলাম। "হেম ১। এল, এলো—আইল। "কাল হ'য়ে কালধীবর এলো দা ২১৭৯। প.কা ৩। এল এল, এলো এলো—আগতপ্রায়। "সাহেব এলো এলো হইয়াছে আ.দু ১০৩। এলে—আইলে। "গী.লি ২৩। এলেম—আইলাম। "কৃ ৩২৩।]

আ[৬] ক্রি.প্র [সং আ—ঈহা (√ঈহ্+আ, পা ৩.৩.১০২ ; ১০৩)] বাঙ্লা দুই ব্যঞ্জনের অকারান্ত ধাতুর উত্তর বিহিত ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "√কর+আ—করা, চলা, ধরা, ফিরা, মরা ইত্যাদি। [তু 'হি মরা (G. H. § 386) ; ফিরার (ফিরা), লটকার (লটকান)।]

আ[৭] প্র [ইআ[২] > আ] সর্থ 'ইআ[২]। "পাআ (পাইয়া) কৃ.উ ২৬৪ ; ২৭৮ ; ২৮৫ ; লআ, দিআ ২৮৪। ফিরা (ফিরাইয়া) ভা.চ ২৮৬।

আ[৮] প্র [সং ই (ণিচ্) আপি (√গৈ+ ই—√গাপি ; > লি আপয় (√কর—√কারাপয়), প্রা আর (√করার) > বা (আঅ) আ ; হি আ, রা—√উঠ—√উঠা, -ঠরা, √সুনা, -নরা (G. H. § 421) ; ঠ অরি—√উঠরি, √কররি ; মৈ √উঠার, √করার] বাঙ্লা ধাতুর উত্তর প্রবর্ত্তনা-অর্থে বিহিত প্রত্যয়। "√কর—√করা, √উঠা ইত্যাদি।

আ[৯] প্র [সং আয় (আ+ক্যঙ—√শব্দায়) > বা আ] বাঙ্লা বিশেষ্য বা বিশেষণ শব্দের উত্তর বিহিত নামধাতুর প্রত্যয়। "হাত—√হাতা—হাতান, খিল—√খিলা, বাগ—√বাগা ; কাতর—√কাতরা—কাতরান, উঁচ—√উঁচা ইত্যাদি।

আ[১০] প্র [সং ঈয় (ছ) > বা ঈয়া—আ > যা > া—তৈলঙ্গীয়া, -ঙ্গ্যা, -ঙ্গা] **১** তদ্দেশীয়, তত্রত্য। "তৈলঙ্গা গাই চৈ.চ ২৯৭। তেলেঙ্গা ছাগল ম.ম ১০২। কাশ্মীরা ইত্যাদি। **২** তদ্যুক্ত। "জলা (জমি), একতলা (বাড়ী), একতারা (বাদ্য), আটচালা (ঘর), তেলা (মাথা)। **৩** তৎসদৃশ। "কোশা (পাত্রবিশেষ), তেলা (শিলাতল, জায়গা), হাঁসা (রঙ্)। **৪** তৎপ্রিয়। "কল্লা (কলহপ্রিয়া)। **৫** তৎসম্বন্ধী। "আঙুলহাড়া, আধপেটা, একটানা, একরঙা।

আ[১১] প্র [সং ক (কন্)—'কুৎসিত, হ্রস্ব' অর্থে > প্রা অ > বা আ [—অ+অ—যেমন, রাবণক > (রাবণ্-অ+অ ; রাবণা)] **১** কুৎসা, অনাদর, গালি। "নারদা অল্পেয়ে ভা.চ ৭৮ ; চারিমুখা রাঙ্গাটা (ব্রহ্মা) বরের ভাই হেন ৮০। মতিচ্ছন্ন হৈল ব্রাহ্মণার ম ১৯৫। গেলিরে রাবণা তুই ঃ বানরা ধিক্ জীবনে তোর কৃ ২৫১। ব.প ৫২৮ ; ৫৩৬। কেন রে পবনা, উড়ালি তাকে ব.প্র ১১৯। **২** ক্রোধ। "এতবড় অহঙ্কার হৈল পাণ্ডবার ম ১১৬১। কি কহিব নারদায় ব.প ৯৩৬। আরেরে বানরা ! চৈ.ভা ৬৪। কাঁহা রে রাবণা। চৈ.চ ১৬৫ ; কাল্‌কার বড়ুয়া জগা ঃ তোমারে উপদেশে বাল্‌কা ২৮১। **৩** হ্রস্বতা, অল্পতা। "চাল—চালা, সোত—সোতা। **৪** সখ্য, মিত্রতা। "ভুবনা কিরণা, দুহে হৈল কাণা, ক.চ ২১৪। দীনকে বুঝি ভুলে গেছ দিন পেয়ে রে রামা মিতে দা ১৩৮৩। **৫** বাৎসল্য, স্নেহ। "রামা শ্যামা গোপাল ইত্যাদি। [হ'রে (হরি > হরিআ, হর্য্যা, -রে)—'এ' বাৎসল্যসূচক। "কত বা বেড়াবে হরিশ্চন্দ্র নাম ধ'রে। কখন বলিও হরি কখন বা হ'রে॥—কৃ ১০।]

আ[১২] প্র [সং ইত (ইতচ্) > প্রা ইঅ > বা ইআ > আ—যেমন, 'ফলিত' > ফলিঅ (হে) > বা (ফলিআ) ফলা ; তু 'ফুল্লা' (পুষ্পিত—হে)] **১** 'জাত' 'যুক্ত' 'রঞ্জিত' অর্থে বাঙ্লা শব্দের উত্তর বিহিত প্রত্যয়। "ফুল—ফুলা, আফুলা, আফলা, রসা (কাঁটাল), রাঙা রবিছবি।—হেম। **২** [সং ই (ইট্) + ত (ক্ত)—ইত > আ (পূর্ব্ববৎ)] বাঙ্লা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে বা কর্ম্মবাচ্যে বিহিত বিশেষণের প্রত্যয়। "লিখা, লেখা (লিখিত), কহা (কথিত > কহিঅ—পৈ)। জোড়া (যোজিত > জোড়িঅ—হে), জ্বলা, পড়া (পতিত, পঠিত) পাড়া, ধরা ইত্যাদি। তু 'হি ডরা, বোলা মিলা (G. H. § 338)।]

আ[১৩] [অ > আ (বিবৃত উচ্চারণে)] 'অ'-স্থানে হ্রস্বমাত্রক 'আ'।—**১** আদ্য 'অ'-স্থানে 'আ'। "আগথ (অগস্ত্য), আগেয়ানী, আন্ধার, বালা (বলয়) ইত্যাদি (শ্রী.কী)। আকারণ, আধর, আমিআঁ ব.প ৯৬৫। **২** মধ্য 'অ'-স্থানে 'আ'-কার। "অজাগর, নয়ান, বয়ান। **৩** অন্ত্য 'অ'-স্থানে 'আ'-কার, অথবা স্বার্থে 'ক'-জন্য 'আ'-কার। "তলা (তল), কাণা, কায়া, দারা, পাতা, বালা। বলয়া, মলয়া শ্রী.ম ৯৯। ভ্রমরা চ.দা ৩ ; ১৬। (পদ্যে মিলের জন্য 'আ'-কার) হিমধামা, বি.প ৫ ; হারা ৬ ; মদনা, জনা, কামা, বামা ২২২ (মৈথিলীতে নাম সাধারণতঃ এইরূপ আকারান্ত উচ্চারিত হয়)। গেহা, দেহা ব ১২৭। ওলা (অবতরণ কর), ওলাহা (ওলাহ, নামাও)—শ্রী.কী। তু 'ঋগ্বেদে—অথা (অথ) ১.২.৯ ; অশ্বাবতী ১.৫৩.৫ ; সুনৃতাবান্ ১.৫৯.৭। সংস্কৃত—নরাভ্যাম্ (নর-ভ্যাম্), ভবামি (ভব-মি), দন্তাবল, বিশ্বামিত্র, শ্বাদন্ত, কেশাকেশি, অমরাবতী ইত্যাদি। পালি—গাবী (গবী), পায়াস (পায়স)। (গাথাকবিতায়) সিঙ্ঘাণককফা (°কফ)।—শিক্ষাসমুচ্চয় ৮১। প্রাকৃত—এক্কা (এক), ধণা, কাআ, থরা, সগ্‌গা (স্বর্গ), সগ্‌গামগ্‌গা (স্বর্গমার্গ), সত্তা (সপ্ত), সপ্‌পারাআ (সর্পরাজ)—পৈ। হিন্দী—কেকড়া (কর্কট), কবরা (কর্ব্বুর), বকরা (বর্কর), ভলা (ভদ্র) ইত্যাদি। (ক্রিয়াবাচক বিশেষ্য) জানা (যান, যাওয়া), বোলনা, চলনা, লড়না ইত্যাদি। মৈথিলী—পিআ (প্রিয়), মেহা (মেঘ), লোহা ইত্যাদি। গুজরাটী—আধীন, অধীনতা। [প্রাচীন বাঙ্লায় ও বৈষ্ণবসাহিত্যে এইরূপ আকারান্ত পুংলিঙ্গ শব্দ স্ত্রীলিঙ্গে ঈকারান্ত দেখা যায়। যথা, অজা—অজী (শ্রী ৯৯), কাকা (কাক)—কাকী (ম.ম ২১৯), কিশোরা—কিশোরী (চ.দা ১৫৪), কেকা—কেকী, কোকিলা—কোকিলী (রা.শে ১২৮), খঞ্জনা—খঞ্জনী (শূ ১০৫), হরিণা—হরিণী (ম.পা ৯), দেবা—দেবী (চৈ.ম ৮), বকরা—বকরী (ভা.চ ৪৫৫), ভেড়া—ভেড়ী ইত্যাদি। মৈ নেনা (বালক)—নেনী (বালিকা)। তু 'মামা—মামী ইত্যাদি। হাঁড়া (বড় হাঁড়ি), রসা (মোটা রসি) ইত্যাদির 'আ', 'বড়' ও 'মোটা' অর্থপ্রকাশ করে। দ্র 'ই[৯]।]

আঅতন বি [সং আয়তন, য় > অ ; অপ্র] স্থান, আধার। "দো ১১৬।—আতন বি [পূর্ব্ব 'আ' হেতু অ > আ ; অপ্র] গৃহ। "সুবর্ণের আআতন কৃ.উ ১১।

আঅর [সং অপর > প্রা অঅর > বা আঅর ; অপ্র] আর। "আঅর গাম্ভিআ নৈল মাহ্লী শ্রী.কী ১৫ ; ৪৭।

আই[১] বি [সং আর্য্যিকা > প্রা অজ্জিআ (প্রা.ম) > আজি, আই ; গু আঈ] **১** মাতামহী, দিদিমা। "°মা, °বুড়ী, °শাশ। মর লো নির্লজ্জ আই ! তুই ত মাশাশ ভা.চ ৩৫৬। আই শ্রী.মা ৯৪। আইবুড়তে যেন আই।—দা ৭২৮। **২** [তা আই, তাই—মাতা ; হি, ঠ, ড় মাঈ ; গু আঈ ; মৈ আই মাই—মাতা ও তৎসদৃশী ; অস আই] মাতা। "পাটেশ্বরী আই ব.প ৭০৭। শুন দেবী আই ম.পা ১৯ ; ৭৯। চৈ.চ ৮৭। চৈ.ম ১০৬, টীকা। আইর ভবন ন.প ৩৯৮। মৈনামতি আই ম.গা ৭। **৩** মাতৃতুল্যা, দেবী, মা। "বিষহরী আই ম.ম ৬২ ; ৬৩ ; চণ্ডী আই ১২৩। আজ্ঞা কর আই বি.পা ৩৭১। **৪** (অপ্র) মাতৃজাতি, স্ত্রীলোক, নারী। "কহে কোন আই, আমি যদি পাই, পলাইয়া যাই এদেশে থেকে বি.সু ২৩। [আইবুড়ী—দিদিমা-বুড়ী। "ভা.চ ৮৯। বি.সু ৬৬। আইভাই—মা-ভাই ; যন্ত্রণা হেতু কাতরোক্তিবিশেষ। "বাপ মায় ডাকে কেহ বলে আইভাই শ্রী.ম ২৮০।

আই[২] বি [সং আয়ুঃ > লি আয়ু, প্রা আউ > বা আই, আউ, আএউ (য়ু > ইউ > ই, উ, এউ) ; হি আই, -উ ; ঠ, গু আয়ু] জীবিতকাল। "অল্লাই, পরমাই, প্রমাই। হউক চিরাই ব প ৩০১।

আই[৩] বি [সং পতি (সমাসে পরপদ) > পা*অই > বা আই (পূর্ব্ব-পদের সহিত সন্ধিতে)—গণপতি > গণঅই > গণাই] ১ অধিপতি, প্রভু। "গণাই বি.পা ৮০ ; ৯১। ছিরাই (শ্রীপতি), রামাই (রমাপতি) ; উল্লুকাই (উলূকপতি) শূ ৫ ; দেশাই, সরদেশাই (উপাধি)। ২ স্বামী। "নন্দাই (ননান্দৃপতি), বোনাই। ৩ সম্ভ্রম-সূচক। "মীনাই মীঁ ৩ ; সির্দ্ধাই ৪ ; গোর্ক্ষাই ৯ ; যোগাই ১২। গোরগাই, জোগাই গো.বি ১০। সূর্য্যাই ব.প ১৬৪,-৫,-৬,-৭ ; সোমাই।

আই[৪] বি ['ভাই'—মূল (?)—কানভাই > কানহাই > কানাই (?), তু 'হি কন্‌হাঈ, কন্‌হৈয়া (কন্‌ভৈয়া ?) ; see C. G., § 202] ১ 'সখ্য' অর্থে। "কানাই, (অনুকরণে) গোবিন্দাই শ্রী.ম ৪৯। ম ৬৭০। বলাই, জগাই, মাধাই, নিতাই, দনাই, শিবাই ম.ম ৯ ; ১০। বি.পা ৬১। ২ স্নেহসূচক। "মৈনামতী বোলে বাপু রাজা গোবিন্দাই ম.গা ১ ; গুবিন্দাই ২ ; ৩ ; ৮। ভবাই (ভবানন্দ) ভা.চ ৪৫৪।

আই[৫] প্র [সং তা (তল্) > প্রা দা (প্রা.প্র ৪.২২) > (স্বার্থে 'ক'-যোগে) 'তিকা' > দিকা > প্রা ইআ > ই C. G. § 223) ; হি আঈ, ঈ (G. H. § 612) ; সং ঈয় (ছ) > (ঈঅ) ঈ (?)] ১ তদ্‌ভাব, তদ্ধর্ম্ম, তৎকর্ম্ম, তদ্‌গুণ। "বড়াই (বড়সম্বন্ধী ভাব বা কর্ম্ম)। ভালাই, সাচাই, বামনাই, সাফাই, পোষ্টাই। হাড়াই-ডোমাই (জা ১৪)। বড়্-আই (গো ২০৪)। তু 'ঠ—চতুরাঈ, বড়া(ঢা)ঈ, ভলাই, মিঠাঈ ইত্যাদি। মৈ—চতুরাঈ, ছোটাঈ, টিটাঈ, দিঢ়াঈ, পণ্ডিতাঈ ইত্যাদি। ২ তৎসম্বন্ধী ক্রিয়া। "খোদাই (খোদাসম্বন্ধী বা খোদার কাজ), ঢালাই, ঝালাই, বাঁধাই কাটাই, ফাড়াই, মাড়াই, চিরাই, ধুলাই ইত্যাদি। ৩ তৎকার্য্যার্থ পারিশ্রমিক বা ব্যয়। "খোদাই (খোদার ব্যয়), ঢালাই, ধোলাই (হি ধুলাঈ)।

আইঅত '-ত্' বি [আইহ+ত (সং 'ত্ব') ; অপ্র] অবিধবাত্ব, অবৈধব্য, এয়োত্ব। "যুগে যুগে আইঅত গোঙাইবে সর্ব্বদায় শ্রী.ম ১৮৮।

আইআই অব্য [আই[১] > °ই (বিস্ময়াদিহেতু দ্বিরুক্তি) ; অপ্র] ১ লজ্জায় (স্ত্রীভাষায়), মা-মা ! ওমা-ওমা ! "আইআই ! অভাগী মাগী কি করিল কাজ শ্রী ৯৮। নাকে হাত এয়োগণ বলে আইআই ভা চ ৭৭ ; আইআই কি লাজ ৭৮। লাজের কথা আইআই দা ৭২৮। ২ সকৌতুক পরিহাসে। "আইআই করি এয়ো হেসে পাক যায় শি ২৬। ৩ ঘৃণাসহিত লজ্জায়। "আই আই এয়োর উঠিল কলরোল। জামাই মাইলো ঠেলা বলি হৈল গণ্ডগোল॥—শি ২৬। ৪ সবিস্ময় নিন্দায়। "আইআই ওই বুড়া কি এই গৌরীর বর লো।—ভা.চ ৭৮। ৫ বিস্ময়ে। "রাই বলে, আইআই এ বড় অদ্ভুত শ্রী.ম ৬৩। ৬ ধিক্কার, ছি-ছি। "আইআই হরের মায়ের এ কি অপমান (শি)। ৭ বক্রোক্তি-মূলক পরিহাসে। "আইআই পড়েছে মুখে কাজরের শোভা চ.সা ১০৮। ৮ শপথে, দিব্যে। "কি বলিস মা, আইআই। দুটি চক্ষের মাথা খাই, দুই ভাই উঠেছে গিয়া রথে দা ৫৩৩।

আইউই অব্য [আই+'উই' (অনু.শব্দ) ; অস আই-ঔ—আকস্মিক ভয়ে ; অপ্র] ভয় হেতু ব্যাকুলতা। "আইউই খারাপে পাছে আসে অন্তঃপুরে। দেখত ভায়া গাজি মিঞা বাঘটা কত দূরে॥—শ্রী ৭৯।

আইও, আইয়ো, -য়্য, আইহ বি [সং অবিধবা > প্রা*অইহআ > বা (অইহা) আইহ > (আইহো) আইও, -য়ো, -য়্য] সধবা স্ত্রী ; এয়ো। "যতেক আইহ মেলি, করেন হুলাহুলি ক.চ ২৪ ; একপদে কোন আইও দিয়াছে নেপুর ঃ এক চক্ষে কোন আইও দিয়াছে অঞ্জন ২৫। আইয়োর সুতা ১২৪ ; আইয়্যগণ ১৭১। আইওগণ বা.ম ৩১। আইও আসিল ম.ম ১৭৬ ; আইওগণ ১৯৭। আইহগণে কৃ.উ ৫ ; চৈ.ম ৬৮ ; ৮৩। [আইওসুইও, আইয়োসুয়, আইয়্যসুইয়্য, আইহসুহ { সুয়া,-হা > (পূর্ব্বপদের অনুকরণে) সুয়,-হ, সুইও,-ইয়্য ; দ্র 'সুয়া' } —সধবা ও সুভগা ; স্বামিসৌভাগ্যবতী নারী ; পতিসোহাগিনী। "আইওসুইও লৈয়া শুভকর্ম্ম করে আই ন.প ১২৫ ; ১৪৫ ; ১৫৫। বর দেখি আইয়োসুয় করে কাণাকাণি ক.চ ২৫ ; পাটপড়শী আইয়্যসুইয়্য হয়া পরমাণ ২১৮। আইহসুহ পাশায় করিঞা হুড়াহুড়ি কৃ.উ ৮।]

আইওত, আইয়্যত '-ত্' বি [আইও, আইয়্য+ত (সং ত্ব)] অবিধবাত্ব, সধবার চিহ্ন শাঁখা শাড়ি সিন্দুর প্রভৃতি। "মায়ের আইয়্যত হাতে ক.চ ২২০। এই গো মানত করি, সুচির আইওত ধরি, পুত্র পৌত্র ল'য়ে কর সুখ বা.দ ১৬৪।

আইচ '-চ্' বি [আচি > আইচ] ১ পুষ্পবৃক্ষবিশেষ, আ'চফুলের গাছ। ২ [সং আদিত্য > প্রা আইচ্চ > বা আইচ] কায়স্থের উপাধিবিশেষ।

আইজ '-জ্' ক্রি.বিং [দ্র 'আজ'] অদ্য। "গো.চ ৫ ; ১০ (টীকা) ; ১৩ ; ১৪। ম.বি ১.১৮১। চ.বি ১৫১। [আইজকার—আজকার (গো.চ)।]

আইটোটা বি [আই[১] + টোটা[২]] পুরীধামে গুণ্ডিচার নিকটস্থ উদ্যান-বিশেষ। "চৈ.চ ১৫৯ ; ২৫৭।

আইড় বি [সং আলি √আইল, -ড়, আ'ল ; অপ্র] ১ জল রাখার নিমিত্ত মাটির বাঁধ ; সেতু আ'ল, ক্ষেত্রসীমা। "আইড়ের উপরে ঘাসে বসে মহেশ্বর শি ৮০। ব.প ১৩১। ২ [সং আটি, -ড়ি] মৎস্যবিশেষ, আ'ড়মাছ।

আইডাহি, আইঢাই বি ['আই[১] + ধাই'—মূল (?)] 'ওমা ! ও ধাইমা ! (গৌণার্থে) অতিযন্ত্রণা হেতু ব্যাকুলতা বা অস্থিরতা। "রামা করে আইডাহি, মরমে দংশিল কামঅহি বি.সু ৪৪। অতি গাঢ়তর বায়ু, আইঢাই করে আয়ু।—হেম ১৩৭। এ কি গ্রীষ্ম ভাই, প্রাণ আইঢাই (পদ্মমালা)।

আইডিয়া বি [E. Idea] মনোগত বিষয় ; ভাব, কল্পনা। "ওরা যে বাস্তব পৃথিবীর জীব, পুরুষদের মত ওরা ফাঁকা আইডিয়ার বেলুনে চ'ড়ে মেঘের মধ্যে উড়ে বেড়ায় না। ...এই আইডিয়াবিহারী সুক্ষ্ম প্রাণীদের জন্য মেয়েদের সৃষ্টি হয় নি।—ঘ ৪২।

আইত '-ত' বি [রাতি √রাইত √আইত, ('র-লোপ) ; অপ্র] রাত্রি। "আইতে দিনে গো.চ ৭৩ ; নও আইত ২৬৮।

আইদ বিং [সং আদি √আইদ, দ্র 'ই[১১] ; অপ্র] আদি, প্রথম। "আইদ ভূপতি ঃ আইদস্থান শূ ২৭ ; ৫৭।

আইদ্দি বি ['আয়ুবৃদ্ধি'—মূল ; কথ্যভাষা] দীর্ঘ আয়ু ; আয়ু। "আইদ্দি থাক্‌তে কেউ মরে না।

আইধ্য বিং [সং আদ্য ; অপ্র] আদি, প্রথম। "আর আছে আইধ্য মাটী তরপের দেশ ম.পা ১২।

আইন বি [ফা আইন্] ১ রাজপ্রবর্ত্তিত রাজ্যশাসনার্থ বিধান ; রাজবিধি (Law)। ২ রীতি, পদ্ধতি। "আইন আদালতে পরামর্শ হু ১৩১। [আইন কানুন—বিধিব্যবস্থা। আইনপেসা—ব্যবহারাজীব, উকিল। "আইনপেসার পেঙ্কারিতে মানটা গেল ঘেটে।—হেম ৩৮৫। আইনবাজ—আইনে নিপুণ ; আইনজ্ঞ। "অ্যাটর্ণীর বাড়ীর প্যায়দা মালী পর্য্যন্ত আইনবাজ হ'য়ে থাকে হু ১৩০। আইন মোতাবেক—আইন-অনুসারে, আইনমত। "আইন মোতাবেক চ'ল্লে মোকর্দ্দমা একরূপ দাঁড়ায়, টাকা মোতাবেক চল্লে আর একরকম দাঁড়ায় লী ১২৫।]

আইনকানুন, -পেসা, -বাজ, -মোতাবেক দ্র 'আইন'।

আই(এ)ন্দা, আয়(য়ে)ন্দা বিং [ফা আইন্দহ্ ; হি আইংদা, আয়ংদা] আগামী; পরবর্ত্তী। "জমা…সন আইন্দায় কমি হইবেক E.P. 178 [আইন্দা সন—পর বৎসর।]

আইবড়, -বুড় বিং [সং অব্যূঢ়] অবিবাহিত। "আইবড় এতবড় বেটা শি ১৭ ; ২৭। আইবড় মেয়ে ভা.চ ৩৭৬। আইবড়…দুহিতা মা ১০১। আইবুড়তে যেন আই দা ৭২৮। আমার ভাগ্নে সত্যি আইবুড় থাক্‌বে না।—লী ৯৭। [আইবড়পথ ভাঁড়ান—পাত্র যে পথ দিয়া বিবাহ করিতে যায়, বিবাহ করিয়া গ্রামের সে পথ বদলাইয়া অন্য পথ দিয়া বাড়ীতে আসে—এইরূপ আচারবিশেষ। (গৌণার্থে) এক পথ দিয়া যাওয়া ও অন্য পথ দিয়া আসা।] [আইব(বু)ড়ভাত—বিবাহে গাত্রহরিদ্রার পরে অনুষ্ঠেয় শুভ আচারবিশেষ। "গায়ে হলুদ, আইবুড়-ভাত…এ সব নিয়ে পঞ্চাশের কম আর হচ্ছে না অ.গ্র ৭৯।]

আইবড়া বি একপ্রকার বড় বড়া (?)। "আইবড়া চন্দ্রকাইত বি.পা ১৬৯ ; ২৯৬।

আইবুড়, -বুড়ভাত; আইবুড়ী, -ইভাই দ্র 'আইবড়'; 'আই১'।

আই-মা বি [আই১+মা] দিদি-মা। —মা অব্য [অপ্র] ১ ভয়ে। "দুহাতে দুগালে দুটা বসালে চাপড়। আই-মা বলিয়া বুড়ি উঠে দিল রড় ॥—শ্রী.ম ৯৪। ২ লজ্জাসহিত বিস্ময়ে। "হেঁসে হেঁসে ঘেঁসে ঘেঁসে ছুতে যান অঙ্গ। বাগদিনী বলে আই-মা এ আর কি রঙ্গ ॥—শি ৮৩। আই-মা! হলাম সতী হ'য়ে অসতী দা ৩৭৫। ৩ লজ্জায়। "আইমা কি লাজ! ঠাকুরাণী কন কি শ্রী ১৭৫। ৪ লজ্জাসহিত ধিক্কারে। "যেই মাত্র বুড় বর হইল লেঙ্গটা। আই-মা লো চেয়ে রৈল ফেলিয়া ঘোমটা ভা.চ ৮০। ৫ পরিহাসে। "আইমা কি আরে মোর নিকড়্যে নাগর শি ৮৬।

আইয়ত বি ['রাইয়ত'—মূল, 'র'-লোপ ; অপ্র] প্রজা। "গো.চ ১৯৮; ১৯৯।

আইয়াতি বিং [আইয়াত+ই ; অপ্র] আইয়াত-যুক্তা, অবৈধব্য-যুক্তা, অবিধবা। "(যশোদা) গোধন পালন, করুণ সঘন, জনম আইয়াতি হঞা রা.শে ৪৬।

আইয়ো, -য়োস্থয়, আইয়্য, -য়্যস্থইয়্য; আইয়্যত দ্র 'আইও ; আইওত'।

আইরিকাঠ বি [অরহর>আইরি (শান্তিপুর)] অরহরকাঠ। "ভজন-কুঠরী আইরি-কাঠের বেড়া দা ৯২৮।

আইল '-ল্‌' বি [দ্র 'আইড়'] সর্থ 'আইড়'। "আইল বান্ধিয়া কিবা ফল আগে জল গেলে মী ২০। ম.গা ২। আইলত বসিয়া গো.চ ২৩৮, টীকা। [আইল পাতার—আ'লপথ ও প্রান্তর (গো.চ)। আইল বান্ধা—আল বাঁধা ; বেষ্টন দেওয়া। "বি.পা ২৯৬।]

আইশাশ '-শ্‌' বি [দ্র 'শাশ' ; ঠ আজেসাসু] আইশাশুড়ী, দিদি-শাশুড়ী। "এ বড় আনন্দ মাসি! হবে আইশাশ ভা.চ ৩৫৭।

আইস অর্ম্ম [সং আ+ √বিশ্>প্রা*আ+ √ইস (তু 'প্র+ √বিশ্> পইস—প্রা.ম) —বা √আইস, √আস ; হি, মৈ √আ] ১ প্রবেশ করা; আগমন করা; আসা। "আইসে চক্রপাণি শ্রী.কী ৩০১। আইস আইস গোসাঞি আইস স্বর্গপুরে কৃ.উ ২৮৬। আইস আইস… মোর ঘরে কৃ ১৩০। ২ অভিসার করা। "তরুদল চলএ পবনে। কাহ্ন আইসে হেন তাক মানে ॥—শ্রী.কী ৩৪৮। তু 'বিচলতি পত্রে শঙ্কিত-ভবদুপযানম্ গী.গো ৫.১০। ৩ উপস্থিত হওয়া। "কর লইয়া রাজা সব আইসএ দুয়ারে ম.বি ২১৭। [আইস—১ এস। দ্র (১)। ২ আসিও, যাইও। "কেহ নিমন্ত্রণ করে আইস আইস কালি শি ৩০। আইসএ—আইসে। দ্র (৩)। আইসঁ, -সৌ—আসি। "জাবত না আইসঁ গো.চ ১২০, টীকা; মই আইসোঁ দেখিয়া ১৭২, টীকা। আইসছে—আসিয়াছে। "গো.চ ২৯২। আইসু, -সউক—আসুক। "°সু শ্রী.কী ১৯৬। °উক ম.পা ১৩৫। আইসে—অর্থাৎ মনে আইসে; মনে হয়; ন্যায্য বোধ হয়। "যাঁর বড়াই করে তাঁরে মারিতে আইসে কৃ ২১৫। আইস্তে—আসিতে, আস্‌তে। "দেশে যেন আইস্তে না পারে ব.প ১৪২৫। এস্থ—আইস। "সাজি এস্থ দু ১৬ ; এস্থ ত্বরা ২১। মুখে আইসে—মুখে উচ্চারিত হয়। "তবে বা পাপীর মুখে রামনাম আইসে কৃ ৪। আইসন (দ্র 'অন')—আগমন, আসা। "আইসনের আকিঞ্চন ব.প ১৬৯২। আইসনকালে—আসার সময়ে।]

আইহ, আইহগণ, -শু(সু)হ দ্র 'আইও'।

আইহন বি ['অভিমন্যু'—মূল] আয়ান গোপ (শ্রী.কী।)

আইহাড়ি বি [দ্র 'আই২', মঙ্গলী হাড়ি (চব্বিশপরগণা), চিত্রভাণ্ড (নদীয়া)] বিবাহে আবুবৃদ্ধিসূচক মৃন্ময় চিত্রহাঁড়ি। [ইহাকে 'মুঙ্গলীভাড়'ও বলে। ইহাতে হলুদমাখা সিদ্ধ চাউল, সুপারি কড়ি ইত্যাদি থাকে। আইহাঁড়ির সংখ্যা প্রায় চারিটিই দেখা যায়। অন্য মঙ্গলকার্য্যেও ইহার ব্যবহার হয়।]

আউ বি [দ্র 'আই' ; আউ (শ্রী.কী), অপ্র] ১ আয়ু। "তিন দিন আউ আছে মী ১৭ ; ৩০। অল্প আউ : পরমাউ : আউর সংখ্যা ম.প ৩৩। ২ প্রাণধারণ, বাঁচা। "আউ মিত্ত নহি ছিল শূ ২।

আউওল '-ল্‌' বিং [আ অর্‌রল] উৎকৃষ্ট, উত্তম। [°ল জমি—উৎকৃষ্ট জমি ; যে জমিতে সকল শস্য ষোল আনা হয়।]

আউগাও ক্রি [আগ>আউগ> √আউগা [দ্র 'আ৯') ; অপ্র] আউগ (অগ্রসর) হও ; এগোও। "গো চ ২৩৭।

আউচ '-চ' বি দ্র 'আইচ'। "শ্রী.মা ১৮৫।

আউট১ স. বিং [আট>আউট, তু 'আহুট' (শ্রী কী) ; অপ্র] আট। "আউট কোটি কৃ.উ ৬৫। আউট হাতের নৌকা গো.বি ১৪৪। আউট কোটী গ ৯৮। আউট যোজন চৈ.ম ১৭৮। [আউট হাত কেশ—সুদীর্ঘ কেশ। "গো.চ ৪২৫।]

আউট২, -টা, আওটা সর্ম্ম [সং আ+ √বৃৎ>প্রা √আউট্ট (প্রা.ম) >বা √আউট, -টা ; হি √আরট ; অস √আউট ; তু ' √আট৩] ১ জ্বাল দিয়া আবর্ত্তিত করিয়া (ঘুঁটিয়া) গাঢ় করা ; সিদ্ধ করা; আউটান। "দুগ্ধ আউটিতে গো.বি ১২০ ; ১৮৭। (দুগ্ধাদি) আউটিয়া ভ.গ্র ৩০৯। দুগ্ধ আউটে চৈ.চ ১৬৩। পায়স আউট শ্রী.ম ৭৪। অখণ্ড বিজুরিধারা, কেবা আউটিল গোরা প র ৭৯। ২ [অস √আউট] জ্বাল দিয়া শুদ্ধ (খাঁটি) করা। "জ্বালি হুতাশন, আউটে কাঞ্চন ক.চ ১৫১।] আউট(টা)ন, আওটান—সিদ্ধ-করা ; সিজান। আউ(ও)টা —সিদ্ধ-করা, জ্বাল দিয়া গাঢ়-করা। "আউটা দুগ্ধ ম.গা ১২, টীকা। ঘন আউটা দুধ মী ২৩। আওটাপুলি—দুধ ও গুড়ের সহিত সিদ্ধ-করা পুলি-পিঠা। আউটোঁ—সিদ্ধ করি ; সিজাই। "দুধ না আউটোঁ শ্রী.কী ২৪২। আউট্যা—আউটিয়া। "উদর পুরিয়া খেত আউট্যা জাউ শ্রী.মা ১৬৯।]

আউট(টা)ন, আউটা,-টোঁ, -ট্যা দ্র 'আউট২'।

আউটাক বিং ['আটু-তক'—মূল (?) ; অপ্র] আজানুলম্বিত, সুদীর্ঘ। "আউটাক মাথার কেস গো.চ ১৭৭।

আউড় বিং [আড়>আউড়] বক্র, আড়। "হাসিয়া চায় আউড় দৃষ্টি। ডাক বলে সেই সে নষ্টী ॥ [আউড়ে—কটাক্ষক্ষেপপূর্ব্বক, আড়ে। "পথিক দেখিয়ে আউড়ে চায় (ডাক)।

আউড়ি বি [সং আবৃত্ত>প্রা আউট্ট (প্রা.ম) >বা (আউট-ড়) °ড়+ই] ১ বাঁশের চাঁচ বা দরমা আবৃত্ত করিয়া (ঘুরাইয়া) করা ধান্যাদির আধারবিশেষ ; ডোলবিশেষ। ২ আগা বাঁকাইয়া চূড়ার মত করা খড়ের গুচ্ছ। "কাড়িয়া চালের খড় জ্বালিল আউড়ি ক.চ ২১১।

আউড়ে বিং [আউলিয়া>(°ল্যা) আউলে, -ড়ে] আকুলচিত্ত। যে আবোল-তাবোল বকে ; বাচাল। "চুপ কর আউড়ে মাগী, উনি ঘটক-ঠাকুর, ওঁর সঙ্গে কি বকচিস্?—অ.গ্র ৭৪।

আউঢাউ বি [আউ+'ঢাউ' (অনু.শব্দ)? ; অপ্র] জীবনধারণশক্তি। "আউঢাউ শুকাইল মুখে না আইসে আও ব.প ৬৬।

আউদড়, -দর, -দল বিং [সং আকুল>প্রা আউল>আউদল (?), তু 'আলুদল' (ব.প ২৫৭)] **১** আকুল, অবদ্ধ, মুক্ত, এলো। "পলাএ রাক্ষস সব আউদড় চুলে কৃ.উ ৩৫ ; ৪৫ ; ৫৭; °র চুলি ২২৯। °ড় শ্রী.মা ২১৯; ক.চ ২৮৭; ম ২০২, ২৪৮; কৃ ৩৬১ ; ব.প ৫৪৫ ; গো ৫০। আউদর চুলে বা.ম ৩৩৩ ; ম.ভা ২৩ ; কৃ ২০৫। আউদল চুল বি.পা ১৩৩ ; ৩৭১। [মনসার ভাসানে (২৩শ পৃষ্ঠে) আউদর চুল কুমারীর লক্ষণরূপে বর্ণিত হইয়াছে।]

আউনি দ্র বাউনি।

আউনিঞা বি [অগ্রানীক (?)] অগ্রগামী সৈন্য। "আউনিঞা পাইক কৃ.উ ৬৪।

আউন্স্ বি [E. Ounce] পরিমাণবিশেষ, প্রায় আধ ছটাক। "এক আউন্স শিশি।

আউমাউ, আঁউমাউ বি [সং মাতৃ>প্রা মাই, মাউ (প্রাম) ; আইমাই> °উ ('মাউ' এর অনুকরণে) ; মৈ আইমাই—মাতৃ-প্রভৃতি] অতিভয় হেতু রক্ষার্থ ব্যাকুল কোলাহল। [আঁউমাউ ক'রে উঠা—ভয়-ব্যাকুল হইয়া কোলাহল করা।]

আউ(ও)রা অর্ম্ম [সং আতুর>প্রা আউর>বা √আউ(ও)রা, দ্র 'আ[৯]] আতুর করা, অর্থাৎ পীড়াদায়ক হওয়া (চব্বিশপরগণা)। [আওরান—পীড়াদায়ক হওয়া ; টাটান (ফোড়া-ঘা-সম্বন্ধে)। আওরায় —পীড়াদায়ক হয় (ফোড়া, ঘা)। আওরাইয়া উঠা—প্রবল হইয়া পীড়াকর হওয়া।]

আউল[১] বিং [সং আকুল>প্রা আউল] **১** আকুল, বিহ্বল। "আউল নয়ন তরঙ্গে (বি.প)। **২** প্রেমোন্মত্ত। "বাউলকে কহিয়—লোকে হইল 'আউল' (পাঠান্তর?) চৈ.চ ৩৪৮। —ল বি **১** ধর্ম্মসম্প্রদায়বিশেষ। [ইহাদের অন্য নাম 'সহজকর্ত্তাভজা'। প্রকৃতি-সাধনে ইহারা সকল সম্প্রদায় অপেক্ষা উদার। ইহাদের পরমার্থসাধন দুই একটি নিজ প্রকৃতিসহবাসে পর্য্যাপ্ত হয় না, প্রকাশ্য ও অপ্রকাশ্য অনেক বারাঙ্গনা ও গৃহাঙ্গনা ইহাদিগের সাধনসম্পাদনে নিয়োজিত হইয়া থাকে। নিজ প্রকৃতিকে অন্য-সংসর্গে অনুরক্ত দেখিলেও ইহারা ঈর্ষ্যা বা অসন্তোষ প্রকাশ করে না। ইহারা বাউলাদির ন্যায় শ্মশ্রু ও ওষ্ঠলোমাদি রাখে না, ক্ষৌরী করিয়া থাকে (ভা.উ)।] **২** আউলসম্প্রদায়ের লোক। **৩** সিদ্ধপুরুষ ; সাধু। "মোক জ্ঞান সিখিবার কহ কোন আউলর ঠাই গো.চ ৬২। **৪** প্রেমোন্মত্ত (অদ্বৈতাচার্য্য)। "বাউলকে কহিয়—কাজে নাহিক আউল চৈ.চ ৩৪৮। **৫** (অপ্র) আকুলতাজনক বিষয় ; অশুভ, দুর্দ্দৈব, গোলমাল। "দক্ষিণে পড়িলে কাক কার্য্যে থাকে আউল ম.ম ২০৩। **৬** [সং অতুল> প্রা অউল>বা আউল ; অপ্র] অসাধারণ, বিপুল। "মহাদেবের আউল বিক্রম বি.পা ৫৪। —লা বিং [°ল> °লা, দ্র 'আ[১৩] ; অপ্র] **১** আকুল, এলো। "আউলা মাথার কেশ ম.গা ৩ ; বা.ম ১৮১। **২** প্রচণ্ড, প্রবল। "নঙ্গর ছিড়িল আউলা বায়ে বি.পা ২৩২ ; ব.প ২৪৭।

আউল[২] অর্ম্ম [আউল[১]> √আউল ; তু 'আউলা' (শ্রী.কী) ; অপ্র] স্খলিত হওয়া ; খসা। "হস্তর পাশা পড়িবে আউলিয়া ব.প ৬৫ ; ৭৪ ; ৭৫। গো.চ ২৬৪। —লা অর্ম্ম [আউল[১]+আ[৯] ; অপ্র] **১** আলুলায়িত হওয়া ; এলোন। "আউলাই কুন্তল ম.পা ৫৮ ; আউলাইছে কুন্তল ৮২। আউলাইল চৈ.ম ১৮৬। শ্রী.ম ২৩৪। **২** ব্যাকুল হওয়া ; অধীর হওয়া। "ভাগবত পড়িতে প্রেমে আউলায় তার মন চৈ.চ ৩২৭। দরশ পরশ লাগি আউলাইছে গা।—ব.প ১০৫৬। **৩** ভাবাবেশে শিথিল হওয়া। "গৌরাঙ্গ চান্দের চারু চরিত্র শুনিতে। আউলাইয়া পড়ে অঙ্গ লোটায় ভূমিতে॥—ন.বি ৬। ন.প ৪। আউলায় সর্ব্ব অঙ্গ চৈ.চ ৩৭। শ্রীপাদ-পদ্মগন্ধে, আউলায় শরীরবন্ধে চৈ.ম ২৫। —লা সর্ম্ম [°ল+আ[৮]] আলুলায়িত করা ; খোলা। "কুন্তল আউলাইয়া ম.পা ১৭ ; ২৩। খোপা আউলাইয়া ফ্যালায় গো চ ১০৪ ; ২৫৩। [আউলাঞা—খুলিয়া। "আউলাঞা কবরীভার গো ১৭২। আউল্লাইল—খুলিল। "পত্র আউল্লাইল ব.প ৮৬১। আউলান—খোলা।]

আউলঝাউল বিং [('আউল'এর অনুকরণে) ঝাকড়>ঝাউল ; অপ্র] **১** এলো ও ঝাঁকড়া ; মুক্ত ও সংস্কারহীন। "আউলঝাউল কেশ ব.প ৭০৯। **২** বিশৃঙ্খল, ব্যবস্থাহীন, এলোমেলো। "সেই ধান সেই চাউল। গিন্নী বিনে আউলঝাউল॥—প্রবচন।

আউলা, আউলান দ্র 'আউল[২]।

আউলিয়া বি [আ অউলিয়া (বহুবচনান্ত) ; তু 'সং—আকুলিত>প্রা আউলিয় (অ.রা) ; আউলে (কথ্যভাষা)] সিদ্ধপুরুষ, দৈবশক্তিসম্পন্ন সাধু। "আউলিয়া মনোহর দাস। [মনোহর দাস পদসংগ্রহ-কর্ত্তা। 'পদসমুদ্র' ইঁহার গ্রন্থ।] **২** কিয়ৎকালের জন্য দৈবশক্তিপ্রাপ্ত পুরুষ বা স্ত্রী। **৩** আউলসম্প্রদায়ের লোক।

আউলী বিং ['আউল'—মূল, '°লি' সাধু ; অপ্র] আকুল, বিপন্ন, বিনষ্ট। "নর বানর তোর করিবেক আউলী কৃ.উ ৩৮। —লী বি [°ল+ঈ[৮]] আকুলতা, বিহ্বলতা। "চণ্ডিকা হাসেন দেখি ঠাটের আকুলী ক.চ ২৬৭।

আউশ বি [সং আশু ; বর্ণবিপর্য্যয় ; আ'শ (কথ্যভাষা)] ধান্যের জাতিবিশেষ। আ'শধান। বিপ 'আমন' [ইহা শীঘ্র পাকে বলিয়া ইহার নাম 'আশু'। আউশ বেগুণ, আউশ ফসল, আউশ মূলা ইত্যাদি শব্দের 'আউশ' গৌণার্থক।]

আ-উ-হা-হু বি [ধ্বন্যাত্মক] রোগীর কাতরধ্বনি। "আ-উ-হা-হু শব্দ করি রোগী সব শয্যাময় ঘোরে স্ব.প্র ৯৭।

আউতিয়া ক্রি ['আহুত'—মূল ; অপ্র ; তু 'য়াহুতিয়া' (মী ৩২)] উচ্চারণ করিয়া। "নানা মন্ত্র আউতিয়া করিব পাগল মী ৩২। [আউতন—উচ্চারণ। "মন্ত্র আউতন মী ৪৭।]

আউলা অর্ম্ম ['আউলা[২]—মূল ; অপ্র] **১** খসিয়া পড়া। "কুসুমমালা আউলাইল চিকুরে শ্রী.কী ১৬৩। **২** শিথিল হওয়া ; খোলা। "আউ-লাইল কুন্তল মোর সত্বর গমনে শ্রী.কী ২৪৪। —লা সর্ম্ম বিপর্য্যস্ত করা; ভুল করা ; খারাপ করা। "বাঁশীর শবদেঁ মো আউলাইলোঁ রান্ধন শ্রী.কী ২৯৪ ; ৩০৬। [রান্ধন আউলাইলোঁ—রান্না ভুল করিলাম ; এক ব্যঞ্জন রাঁধিতে অন্য ব্যঞ্জন রাঁধিলাম। রান্ধন আউলাঞা—বিপরীত ব্যঞ্জন রাঁধিয়া ; রান্না খারাপ করিয়া।]

আএ, -য়ে, অব্য [সং অয়ে>প্রা অএ (প্রাম)>বা আএ, -য়ে ; তু 'য়াএ, য়এ (গো.বি ১১২ ; ১৩২)] সম্বোধনে। "আএ প্রভু ভগবান্ গ ১১৩। আএ গুরু গো.বি ১১৩ ; ১১৫ ; আএ বাপু ১৩২। আয়ে রাজা ব.প ৬৫৮।

আএউ বি [দ্র 'আই[২] ; অপ্র] আয়ু। "আএউ ধন টুটী যাএ ম.গা ৩ ; ৭। গো.চ ৩১৭ ; কথদিনের আএউ আছে ৩২৯।

আএদা বি [আ রুআ'দহ ; অপ্র] প্রতিজ্ঞা, করার, প্রতিজ্ঞাপূর্ব্বক কৃত সময় ; নির্দ্ধারিত কাল। "বার বৎসর গ্যাল সোআমি আএদা করিয়া গো.চ ২৬৪।

আএ(য়)মা বি [আ আইম্হ্] ধর্ম্মপ্রচারাদি সৎকার্য্যের নিমিত্ত মৌলবীদিগকে বৃত্তিরূপে প্রদত্ত নিষ্কর ভূমি ; পুরস্কারার্থ প্রদত্ত নিষ্কর ভূমি। "চাকরান ও আয়মা···জে আছে E.P. 95. [আএমাদার—যে আএমা

রাখে, অর্থাৎ ভোগ করে। "হু ২৩২। আএমাদারী—আএমাদারের স্বত্ব।]

আএল বিং [মৈ আএল, আয়ল ; সং আগত] আগত, অর্থাৎ আইল। "আএল পাউস নিবিড় বি.সা ১৭৮ ; আএল কন্ত ৩৪১ ; ৩৬৫ ; ৩৬৭।

আএশ '-শ্' বি [আ আ'ইশ্] সুখভোগ, আরাম, বিলাস। [°শী—বিলাসী, সুখপ্রিয়।]

আও[১] বি [সং রাব ; রাও>আও ('র'-লোপ) ; অপ্র] রব, কথা। "মুখে না আইসে আও ব.প ৬৬। গো.চ ১২০।

আও[২] ক্রি [মৈ √আ—আর] **১** আইসে। "নিতি নিতি নিয়র আও বিনু কাজ বি.প ৫৮। **২** [মৈ আরহ, হি আও] আইস, এস। "সখীগণ…কেন আও না ম.ম ১৯৭। সুন্দরী রাধা আওরে বনি গো ৯১। পিছে হোক আও বি.সু ৮৬। সজনি আও আও লোঃ বঁধুয়া হিয়া পর আও রে।—রবীন্দ্র।

আওআরি বি [সং আবারি—হট্টবেশ্ম, হাটচালা ; অপ্র] গৃহ, বাড়ী। "আওআরি আওআরি বোলে দিয়া ঘন ঢেড়ি শ্রী.ম ১১৪। বুলে আওআরি আওআরি কৃ.উ ১১৪ ; সোনার আওআরি ১৬৩।

আওআস, আওাস বি [সং আবাস, বা>উআ>ওআ, ওা ; অপ্র ; ড় 'আওয়াস'—প্রাসাদ] গৃহ, বাড়ী ; প্রাসাদ, অট্টালিকা। "আমার আওআস গো.বি ৬৪, টীকা। বিচিত্র আওআস কৃ.উ ৫২ ; ৮৫ ; একেলা আওআসে অঞ্জনা বানরী ১৩৬ ; ১৮৭। রাজার আওাসে ব.প ৪৯২ ; আওাস ভিতরে ১২৮৪। আওআস…বান্ধে জনে জনে শ্রী.ম ৩৫। পদ্মাবতীর আওাস ব.প ৪৯২, টীকা।

আওজন[১] বি [সং আয়োজন, য়ো>ও ; অপ্র] উপচারসংগ্রহ, যোগাড়। "পূজার আওজনে ব.প ৩৮০।

আওজন[২], **-জান** বি [সং 'আবর্জ্জন'—মূল] ঈষৎ বন্ধ করা ; ভেজান, আটকান। "দরজা আওজান।

আওটা, আওটান, আওটাপুলি দ্র 'আউট'[২]।

আওড় বি [সং আবর্ত্ত>প্রা*আঅট্ট,-ড্ড>বা আওড়] **১** নদী-প্রভৃতির আবর্ত্তিত জল ; পাক, ঘূর্ণি, ঘোল (Whirlpool)। **২** [আড়[৪]>আওড়] অন্তরাল, ব্যবধান, আড়াল। "গাছের আওড়ে কৃ ২১৭। দেবের আওড় ব.প ২১১। বি.পা ৮৮ ; ২৩৯। দুয়ারের আওড়ে থাকি ২৯৮।

আওড়া সর্ম্ম [সং আ+ √বর্ত্তি—আবর্ত্তি>প্রা √আঅট্ট, -ড (অ.রা) >বা √আউড়, -ড়া ; হি √আরট—গরম করা ; অস √আওরা] আবৃত্তি করা ; পুনঃ পুনঃ পড়া ; স্তবাদি পাঠ করা ; মুখস্থ বলা। "পয়ার মুখস্থ আওড়াতেন হু ৮২ ; মহিম্ন স্তব আওড়াতে আওড়াতে চলেচেন ১৫৫। বচন আওড়াইল ব.প্র ৪৪০। [আওড়ান—**১** আবৃত্তি করেন। "ন.ত ২৪। **২** আবৃত্তি করা। **৩** বংশতালিকার আবৃত্তি করা। "দা ১৫৭৯। আউড়ে—আওড়াইয়া। "মন্ত্র কানে আউড়ে আউড়ে…কান খারাপ ক'রে দিচ্চে ঘ ৫৯।]

আওত ক্রি [মৈ √আ—অরৈত (Present Participle) ; হি আতা] **১** যে আসিতেছে। "সুগন্ধি পরিমল, আওত শত শত রঙ্গে গ ৬২। আওত রে মধুমঙ্গল ভালি। হেরি সখাগণ দেই করতালি॥ —গো ৬৪। **২** আসিতেছে। "ব ৩৫। প.ক।

আওতা বি আ-উতা>আওতা (অনুত্তাপ) ; দ্র 'উতা'] উত্তাপের অভাব ; রৌদ্রহীন স্থান ; গাছের আড়াল ; ছায়া। "রৌদ্র চাই, আওতায় থাকিলে হইবে না অ.নী ১০। একটা ধর্ম্মবৃত্তির বনস্পতি বড় হ'য়ে উঠে, ওটাকে নিজের আওতায় মেরে ফেল্লে বলে' ঘ ১৫৫।

আওপাতালে বিং ['অপ্রতুলীয়া'—মূল (?) ; প্রাদেশিক] যে একটু ত্রুটিতেই অপ্রতুল করে বা বিপদ ঘটায় ; প্রচণ্ডা, ব্যাপিকা। [আওপাতালে দুর্গা—(গৌণার্থে) রণচণ্ডীর ন্যায় ব্যাপিকা স্ত্রীলোক ; দজ্জাল মেয়েমানুষ।]

আওব ক্রি [√আ[৫]+ওব ; বৈষ্ণবসাহিত্যে] আসিবে। "আওব সো বরকান বি.প ১৬৭ ; ২০৬ ; ২০৭। আওব তুরিতে ব.প ৯৮৮ ; ১১১১। প.ক ৭১। [আওব করি—আসিবে বলিয়া। "আওব করি মোর পিয়া চলি গেলা বি.প ১৭০।]

আওবাস বি [তু 'আওআস' ; অপ্র] আবাস, গৃহ। "উত্তর আওবাস খান ব.প ১৪০১।

আওভাও বি [হি আরভার] আদর-অভ্যর্থনা ; খাতিরতোয়াজ। [আওভাও করা—আদর-অভ্যর্থনা করা।]

আওয়াজ বি [ফা আরাজ] **১** কণ্ঠস্বর। "মাধবীনাথ তখন আওয়াজটা ছোট করিয়া বলিলেন ব.প্র ৩১৩। **২** মুক্তকণ্ঠে প্রচার। "ইয়ে হফীজকে কিয়ো আওয়াজ বি.সু ১৬। **৩** বন্দুক-প্রভৃতির শব্দ। "গোলার আওয়াজ।—রঙ্গ ৮৬। **৪** বাদ্যধ্বনি। "ভেরীর আওয়াজ।—রঙ্গ ১০৭। **৫** (সঙ্গীতে) সুর। **৬** প্রতিধ্বনি। **৭** উচ্চরব, মহাশব্দ। **৮** মৃদুরব, ফিস্‌ফিস্‌শব্দ। [°জ উঠা—সুর উচ্চ হওয়া। °জ উঠান—সুর চড়ান। °জ পড়া বা বসা—শ্লেষ্মাদি হেতু সুর বন্ধ হওয়া ; গলা ভাঙ্গা। °জ ফুটা—স্বর স্পষ্ট হওয়া। °জ ভার (ভারী) হওয়া—স্বর গম্ভীর (মোটা) হওয়া ; স্বরভঙ্গ হওয়া।]

আওয়ারি বি [দ্র 'আওআরি'] **১** গৃহ, প্রাসাদ, অট্টালিকা। "বিচিত্র আওয়ারি গ ৬১। ফিরে আওয়ারি আওয়ারি ক.চ ২৬। সোনার আওয়ারি কৃ ১১৮। [ধৃতপাঠ—'°রী']। মহল আওয়ারি ব.প ৩০৭। ম.বি ৫০ ; ইন্দ্রের আওয়ারি ২৫৮। **২** পাশার ছক ; সারিফলক। "সুবর্ণের ফল সারি, রত্নের আওয়ারি ম.বি ১৬৮।

আওয়াস বি [আওআস>°য়াস ; অপ্র] **১** আবাস, বাসস্থান। "তীর্থ দেবের আওয়াস গ ১৬৯। **২** গৃহ। "দুই কূলে দেবের আওয়াস শোভে সারি গ ৬১। **৩** প্রকোষ্ঠ, ঘর। "পাট পাট নির্ম্মাইল বিচিত্র আওয়াস কৃ.উ ১১ ; আওয়াসভিতর ১০৩। **৪** প্রাসাদ, অট্টালিকা। "রাজা সাম্ভায় আওয়াসে কৃ উ ৪৮। গ ৭। ধন রত্ন দ্রব্য আওয়াসে আওয়াসে চ.বি ১১। **৫** পুর, নগর। "অমরের আওয়াসে, আনন্দে অসুর বৈসে চ.বি ১৭১। [°ঘর—বাসগৃহ। "কৃ ২৩২। দেব আওয়াসে—মন্দিরে। "রা.শে ৬৭। ভিতর আওয়াস—অন্তঃপুর। "গেলা রাম ভিতর আওয়াস কৃ.উ ১৬৪।

আওর অব্য [সং অপর>অঅর (প্রা.ম) ; হি অউর, ঔর ; অপ্র] **১** আর, এবং। "রাধিকার রূপ, আওর নবযৌবনে শ্রী.কী ১৭ ; ২৭ ; দধি আওর ঘোল ৩৬। **২** অতঃপর, আর। "আওর কী কহব সিনেহ তোর বি.সা ৬৩।

আওরৎ ; আওরান দ্র 'ঔরৎ ; আউরান'।

আওরে ক্রি ['√আ-মরা'—মূল ; অপ্র] ঈষৎ ম্লান হয় বা শুখায় ; আমরায়। "মস্তকেতে পঞ্চ ফুল সেহ না আওরে কৃ ৩৬৯।

আওল ক্রি [সং আগত ; মৈ আয়ল, আএল (Participle) ; বৈষ্ণব-সাহিত্যে] **১** আগত, আসিল। "নাগর আওল তহি বি.প ১০৯ ; ১৩৪ ; ১৩৫। আওল রাইক পাশ জ্ঞা ২৫। ব ৭৫। আওল কানু ব.প ১০১৪। **২** আসিয়াছ। "কি করহ এ সখি, আওল কাহি বি.প ১০৯। **৩** আসিয়াছিল। "যোগাবেশ ধরি আওল আজ বি.প ১৩০ ; ২০৮। **৪** আবির্ভূত হইল ; প্রকাশ পাইল। "আওল ঋতুপতি বি.প ৯৫। বসন্ত আওল চ.দা ১৩৯। —লি [মৈ আইলি (স্ত্রীলিঙ্গ)] **১** আইল (স্ত্রীলিঙ্গে)। "(কমলমুখী) পালটি আওলি যমুনা ব্র.৭৬। **২** আসিলে, আসিয়াছ (স্ত্রীলিঙ্গে)। "ফেরি আউলি তুহু পুরবক পুণে বি.প ৬৬। (সুন্দরি) একলি আওলি এত দূর।—গো ১৩৭।

৩ আসিল (পুংলিঙ্গে)। "(শেখর) আওলি দেব আওয়াসে রা.শে ৬৭। —লু আসিলাম (স্ত্রীলিঙ্গে)। "বড় সুপুরুখ বলি আওলু ধাই বি.প ১৩৩।

আওলাত, -দ বি [আ অরলাদ্ (বহুবচন)] ১ পুত্র, বংশধর। "লিখিতং শ্রীগৌরগোপাল হাজরা আওলাদ শ্রীশম্ভুনাথ হাজরা E. P. 68। ২ (বাঙ্লায়, সাদৃশ্যে) অস্থাবর সম্পত্তি ; বাগান বাড়ী প্রভৃতি ; ফলকর মূল্যবান্ গাছগাছালি। "জমি মায় আওলাত (দলিলে)।

আওসা বি [পাউস > আউস > আওসা (?) ; খুরীয়া (বীরভূম), এঁশে (চব্বিশপরগণা), খুরী (ত্রিপুরা)] বর্ষাকালে গোরুর খুরের জোড়ের মধ্যে জাত ক্ষতবিশেষ।

আওহাল, আহওাল বি [আ অহরাল্ ; 'আহাল' (কথ্যভাষা) °ওাল (অপ)] ১ অবস্থা, দশা, দুরবস্থা, বেহাল। "আমি সকলকে ডেকে বলি যে, আমার এই আওহাল, তোমরা সব···বেচে কিনে নাও। —গিরিশচন্দ্র ঘোষ। সকল গ্রামেরও আহওাল সমান নহে E.P. 77 ; 78। ২ বিষয়, ব্যাপার, ঘটনা।

আংটা, আঙ্গটা বি [আংটি > আংটা (বড় আংটি)] ১ আংটির মত লোহা-প্রভৃতির বড় কড়া। "ঢোলের আংটা। ২ ধরিয়া তোলা বা রাখার নিমিত্ত কড়া-প্রভৃতি পাত্রের ধারে সংলগ্ন বৃত্তাকার হ্যাণ্ডেল।

আংটি, -ঠি বি ['অঙ্গুষ্ঠ'—মূল ; হি অঁগু(গূ)ঠী ; ঠ—অং (আং)গঠী ; গু অংগুঠী ; অস আঙ্গঠি, -ঠী] অঙ্গুরীয়।

আংরাখা, আঙ্গরাখা বি ['অঙ্গরক্ষক'—মূল ; হি—অঁগরখা, অংগা ; ঠ অংগরখা,-রাখা, মৈ আঁগী] হাঁটুর নিম্নপর্যন্ত লম্বা আঁটা চাপকানের মত জামাবিশেষ। "শাটিনের আংরাখা গায় দা ৫০০।

আঃ (-স্) ব্য [ফা আহ্ ; হি আহ ; E. Eh!] ১ স্মরণ। "আঃ, উপনয়তু ভবান্ ভূর্জ্জপত্রম্ (A.)। ২ কোপ। "আঃ কথমদ্যাপি রাক্ষসত্রাসঃ উ চ ১$\frac{৫}{৫}\frac{১}{২}$। আঃ পাপে দুর্ব্বিনীতে মহাশ্বেতে!—(কাদম্বরী)। আঃ পাপীয়সি দুর্ব্বিনীতে মহাশ্বেতে।—কাদ ৬২। আঃ মলো! বের বলিতেছি ব.প্র ২০২। আঃ! ড্যাকরা!—জা ১৬। ৩ কষ্ট, পীড়া। "আঃ কষ্টম্ (অ.টী)। আঃ কি শীত! ৪ অপাকরণ। "আঃ ক এষ ময়ি স্থিতে মু ১$\frac{৬}{৭}$। আঃ, কাজ কি গোলমালে, না হয় রাজাই সাজালে!—গান ১২। ৫ দুঃখ, তাপ (A.)। ৬ হর্ষ। "আঃ স্বয়ং মৃতোঽসি ; আঃ পুণ্যবানস্মি (হি)। ৭ (বাঙ্লায়) বিরক্তি। "আঃ বেলাটা কি আজ আর ফুরাবে না!—মা ৩৩০। আঃ নাও ; এই উঠিলাম!— ব প্র ২৭ ; আঃ মলো! ১৮০, ৬৪৫। ৮ উদ্বেগশান্তি, আরাম। "আঃ, বেঁচেছি এখন! শর্ম্মা ওদিকে আর নন!—গান ১। ৯ বিস্ময়। "আঃ, এখনও জীবিত আছি!—কাদ ৬৫। ১০ আতঙ্ক। "আঃ শব্দে কি হইল বলি চমকি উঠিল দু ৭৮। ১১ খেদ, অনুতাপ। "আঃ, অন্ন বিনা কি দশাই হয়েছে!

আঁ[১] অব্য [সং আম্, গু আংউ—স্বীকারে ; cf., E. Ay!] ১ স্বীকারে, হাঁ। ২ স্মরণে। ৩ ভয়বিহ্বলতায়। "সেও কাঁপিতে কাঁপিতে আঁ-আঁ-আঁ-আঁ—শব্দ করিতে করিতে বসিয়া পড়িল ব.প্র ৩৭৮। ৪ কোপে। "আঁ! ছোট মুখে বড় কথা! ৫ [হি আঁ] বিস্ময়ে। "আঁ! বল কি!—মিত্র হ'য়ে শত্রুর কাজ!

আঁ[২] প্র [ইআ > আঁ (উচ্চারণ হেতু সানুনাসিক) ; অপ্র] অনন্তরার্থে আকারান্ত বাঙ্লা ধাতুর উত্তর বিহিত অসমাপিকা ক্রিয়াসূচক প্রত্যয়। "মানাআঁ শ্রী.কী ১৩ ; ভরাআঁ ১৬ ; ধাআঁ ধাআঁ মথুরা পালাসি ৩৪ ; গীত গাআঁ গাআঁ ২১৫ ; লোটাআঁ ২৩৪ ; উথাআঁ পাথাআঁ ৩৪৯। [বুঝাঞা (আঁ > ঞা)—বুঝাইয়া। "শ্রী.কী ৩৮৬।]

আঁ-আঁ বি [ধ্বন্যাত্মক, পৌনঃপুন্যে দ্বিত্ব, হি আঁ] ১ বালকের ক্রন্দন-ধ্বনি। "মতিলাল আঁ-আঁ করিয়া কান্দিয়া তাহাকে আঁচড় ও কামড় দিত আ.দু ৩। ২ গোরুর ডাক।

আঁইষ, আঁ'ষ বিং [সং আমিষ, ম্ > ঁ] আমিষসংসৃষ্ট, মৎস্যাদি-সম্পৃক্ত। —ষ, —ষ বি ১ মাংস, মাছ ; (গৌণার্থে) কাঁকড়া, ডিম। "আঁইষ হাঁড়ির লোনে ক.চ ১৩৬। ২ [হি—চোয়া, ছিলকা ; ঠ খরল] মৎস্যের গাত্রস্থ কঠিন আবরণখণ্ড (Scale)। [আঁ'ষল—আঁ'ষযুক্ত, শল্কবিশিষ্ট। "আঁষল মাছ (রোহিতাদি)। °ষ তরকারি—মৎস্যাদি-সংসৃষ্ট ব্যঞ্জন। °ষ-বটী—মৎস্যাদি কাটার বটী। °ষ-হাঁড়ি—মৎস্যাদি পাক করার হাঁড়ি। °ষ-হাত—মৎস্যাদি-সংসৃষ্ট হস্ত। °ষ-হেঁশেল—পাকশালার যে অংশে মৎস্যাদির পাক হয়।]

আঁউমাউ ; আঁওত দ্র 'আউমাউ ; আওদ'।

আঁওলা বি [আমলা > °লা ; অপ্র] আমলকবৃক্ষ। "আঁওলা কমলা পাণিআল শ্রী.কী ২০৬।

আঁক[১] বি [সং অঙ্ক > প্রা অংক > বা আঁক ; হি আঁক ; ঠ আংক—সংখ্যা। গু আংক ; আক (গো চ)] ১ চিহ্ন, নিশান, দাগ। ২ রেখা, আঁচড়। "চাপড়ে উড়াতে পারে পাষাণের আঁক শ্রী মা ১৫৬। ৩ সংখ্যাসূচক চিহ্ন—১, ২ ইত্যাদি। "টাকার আঁক—১৲, ২৲ ইত্যাদি। পোনের বা আনার আঁক—/০, ৵০ ইত্যাদি। কাঠার আঁক —১/০, ২/০ ইত্যাদি। ৪ সংখ্যাবিষয়ক প্রশ্ন ; অঙ্ক (Sum)। "আঁক কষা ; জলের মত সোজা আঁক ; কঠিন আঁক ইত্যাদি। ৫ অঙ্কশাস্ত্র, গণিত। "তিনি আঁকে শুভঙ্কর। আঁকে ভাল বা কাঁচা। ৬ লিখিত হিসাব। ৭ নূতন কাপড়ে লিখিত মূল্যের অঙ্ক বা দাগ। ৮ অধিক আঁচে পাত্রের গায়ে পোড়াদুগ্ধাদির চিহ্ন। তু ' √আঁক। [আঁক কষা—গণিতপ্রশ্নের সমাধান। আঁক কাটা—কাটিয়া দাগ করা ; আঁচড় দেওয়া। আঁক-জোঁক কাটা—যথেচ্ছভাবে জড়িত করিয়া রেখাপাত করা ; ঘিচিমিচি লেখা। "পাঠশালে শিশুরা প্রথমে আঁক-জোঁক কাটিয়া হাত সরায়। আঁক দেওয়া বা পাড়া—অঙ্কপাত করা ; আঁক কাটা। আঁকে আমলে আনা বা আসা—হিসাবের অন্তর্গত করা বা হওয়া ; গণনীয় করা বা হওয়া। আঁকে মুখে ভুক্তন করা—লিখিত ও মৌখিক হিসাবে মিলান।]

আঁক[২] বি [ধ্বন্যাত্মক ; তু 'হাঁক'] ব্যাঘ্রাদির আক্রমণকালে কৃত সরোষ গর্জ্জন। "গুলি খেয়েই বাঘটা আঁক ক'রে এসে ঘাড়ে প'লো। [আঁক আঁক ক'রে আসা—সক্রোধে হুঙ্কার করিতে করিতে আসা। "চুপ কর, আর কাজ নেই, শুনলেই সে আঁক-আঁক ক'রে আসবে এখন। আকপাঁক—তর্জ্জনগর্জ্জন, গলাবাজী। "পয়জার চটচট কিল গুমগুম। আঁকপাঁক ঘুরাইল আর কোথা ধুম॥—বি.সু ১০২।]

আঁক[৩] সর্ম্ম [সং √অঙ্ক্ ; বা √আঁক ; হি √আঁক ; ঠ √অংক, √আংক] ১ অঙ্কিত (চিত্রগত) করা ; আঁকা। "সুসিন্দুরে আঁকি ও সুন্দর পদযুগ মে ৫৫। যার জন্যে বুক ফাটে। সে আমারে এঁকে (আঁকিয়া) কাটে॥—ন.ত ১০। ওই যা! আঁকিলাম কি আঁকিতে কি! —ন ১০৮০। আঁকিলা কোথাও কুম্ভীপাক।—হেম ২০৬। দাসত্বের ধূলি, আঁকে নাই কলঙ্ক-তিলক চ.কা ১৬৪। ২ রেখাপাতে অঙ্কিত করা (জ্যামিতিক ক্ষেত্র)। ৩ কাব্যাদিতে কোন বিষয় চিত্ররূপে বর্ণনা করা। ৪ স্পষ্টাক্ষরে লিখিত করা। "(মৃত্যুদূত) অভিশাপ আঁকি দিল তোমার জাতির অহঙ্কারে গী.লি ১২৫। ৫ রেখাকারে লেপন করা। "অঞ্জন আঁক নয়নে চ.কা ২৫১। ৬ রেখাপাতে প্রতিবিম্বিত বা মূর্ত্ত করা। "দূরদূরান্তের দৃশ্য আঁকিয়াছি মনে চ.কা ১৩৮। ৭ রেখাপাতে সন্নিবিষ্ট করা। "কাদাখোঁচা পায়ের চিহ্ন আঁকে পাঁকের পর।—শিশু ৪৭। ৮ হিসাব করিয়া স্থির করা ; ঠাহরান, আঁচা। "চন্দ্রভান দেখি তাহে (হার) আঁকে হর্ষমনেঃ আঁকিলেক মূল্য ব.প ১৪৮২। —ক অর্ম্ম [আঁক + √আঁক ; হি √আঁচ—তপ্ত করা] বেশী আঁচে দুগ্ধাদি পুড়িয়া যাওয়া ; আঁকা।

আঁকড় সর্ক [সং আ+ √কৃষ্‌>লি √আকড্ঢ ; প্রা— √আঅড (বি.মা ২৪৬৪৫)>বা (√আকাড়,-কড়) √আঁকাড়, -কড় (উচ্চারণে সানুনাসিক) ।] **১** আকর্ষণ করা ; টানিয়া ধরা ; আশ্লেষ (আলিঙ্গন) করা। "বহুবর্ষ ছিল না সে আমারে আঁকড়ি, দুই ক্ষুদ্র বাহুবৃন্ত দিয়ে ? —কা ১৪। সেই অবিশ্বাসে প্রাণ আঁকড়িয়া রব ?—স.স্ব ২৯। খণ্ড মেঘগণ,...পড়ে' আছে শিখর আঁকড়ি' চ.কা ১৩৮। **২** টানিয়া জড়াইয়া ধরা ; সাপটাইয়া বা বেড় দিয়া ধরা। "আঁকড়ে লাঙ্গুল পারবে না কেউ ধরতে দা ৮০৭। কণ্ঠ-পাকড়ি ধরিল আঁকড়ি দুই জনা দুই জনে।—কথা ৭৪। মাগিস কিবা মায়ের গ্রীবা, আঁকড়ি ঝুলিয়া! —শিশু ৪। —ড়া' সর্ক [°ড়>°ড়া] সর্থ 'আঁকড়'। —কাড় সর্ক, সর্থ 'আঁকড়'। "রথখান আঁকাড়িয়া ধরে ততক্ষণ ম ৮৮০। [°ড়দড়ি —লাঙ্গলের মুড়া ও আঁকড়ার মধ্যস্থ সংযোজক রজ্জু (টানা-দড়ি)। আঁকড়া-আঁকড়ি—টানাটানি, জড়াজড়ি। আঁকড়ান—জড়াইয়া ধরা।

আঁকড়ষি বি [সং আকর্ষণী, -র্ষিণী] ফলপুষ্পাদি পাড়ার নিমিত্ত বক্রাগ্র দণ্ড ; আঁকশি।

আঁকড়দড়ি, আঁকড়া[১] দ্র 'আঁকড়'।

আঁকড়া[২], **আঁকোড়** বি [সং অঙ্কোট, -ঠ >প্রা অংকোল্ল (হে)> বা (আঁকোল) আঁকোড়, আঁকড়া ; ড় ধলাক্কু] **১** বৃক্ষবিশেষ, শ্বেত আঁকড়া, বাঘ-আঁচড়া (Alangium Lamarekii)। "আকন্দ আঁকড়া কাটে শ্রী ৩৩। **২** [আঁকপারা (অঙ্কপ্রায়)>আঁকড়া ; হি আঁকড়া ; ঠ অং(আং) কডা] ফলাদি বাধাইয়া পাড়ার নিমিত্ত বক্রাগ্র বংশাদির দণ্ড। **৩** বক্রাগ্র বস্তুমাত্র (Hook)। **৪** আঁকড়ার বক্রাগ্রভাগ (বাঁকা ডগা)। [লাউএর আঁকড়া—লাউডাঁটার গাঁট হইতে নির্গত বক্রাগ্র তন্তুবিশেষ (Tendril)।]

আঁকড়া-আঁকড়ি, আঁকড়ান দ্র 'আঁকড়'।

আঁক(কো)ড়ি[১] বি [সং আকর্ষ>লি, প্রা আকড্ঢ>বা (আকাড়, -কড়) আকাড়ি, আঁকা(ক)ড়ি, 'ই' স্বার্থে] বাহুবেষ্টনপূর্ব্বক আকর্ষণ ; সমাশ্লেষ, বাহুবেষ্টন, হাতবেড়। "আঁকড়ি করিয়া ভৈমী ধরিল রাজারে ম ৪৪১। আঁকাড়ি করিয়া সে ধনুকখান ধরে কৃ ৬০। যে জনে আঁকড়ি ধরে, পড়য়ে ধরণীপরে ক.চ ৪৬।

আঁক(কু)ড়ি[২] বি [আকড়া[২]+ই হ্রস্বার্থে ; হি আংকড়ী ; ঠ অং(আং) কডী] **১** ছোট আঁকড়া বা আঁকশি ; তৎসদৃশ বস্তু। "গণেশের আঁকড়ি (দ্র 'গণেশ')। সাজি আঁকুড়ি হাতে ক.চ ৩৮। **২** 'ক'এর সম্মুখস্থ বক্রাগ্ররেখা। 'ক'এর আঁক(কু)ড়ি বাঁয়ে গেলে 'ধ' হয়। [আঁকুড়ীয়া, -ড়ে—আঁকুড়িযুক্ত। "আঁকুড়ে 'ক'।]

আঁকশলা, -শলী, -সলি বি [সং অক্ষ ; ঠ আংথ ; 'অক্ষশলাকা' —মূল ; '°শলি' সাধু ; অস আষল্‌শলাই ; তশিল (চব্বিশপরগণা) ; তরুশাল (খুলনা) ; আঁশলাই (মুরশিদাবাদ) ; আরশলি (আধার-শলাকা—নদীয়া) ; আরুশলে (যশোহর)] অক্ষরূপ শলা ; ঢেঁকির পার্শ্বচ্ছিদ্রগত কাষ্ঠদণ্ড (Lever)। "পুয়া হৈল পুরাতন আঁকসলি নড়ে শি ৭৬। আঁকশলী পোয়া মোনা গড়ে মেকামেকী ভা.চ ৭৯। —হুলি বি আঁকশলার মত স্ত্রীর বশীকরণদণ্ড। "গলায় যা তোমার আঁকহুলি পরেছি, তাই ভাল, আর হাঁসুলির দরকার নেই অ.গ্র ৪। ['হাঁসুলী'র অনুকরণে '°হুলি']

আঁকশি, আঁকুশি বি ['অঙ্কুশ'—মূল ; তু 'অঙ্কুশী'—অঙ্কুশবান্‌ (ঋগ্বেদ ১০.৩৪.৭) ; হি অঁকুসী ; ড় অঙ্কুশি] ফলপুষ্পাদি পাড়ার নিমিত্ত অঙ্কুশতুল্য বক্রাগ্র দণ্ড (লগী)। "আঁকশি সাজি ম ৫৬৩।

আঁকা বি [√আঁক[৩]+আ[১২] ; সং অঙ্কিত] **১** চিত্রগত, চিত্রিত। "শুদ্ধ যেন আছে আঁকা শিরে আকাশপট।—শিশু ১৪১। পরপারে দেখি আঁকা, তরুছায়ামসীমাখা (গ্রামখানি) চ.কা ৮০। **২** চিত্রযুক্ত, প্রতিরূপবিশিষ্ট। "চাঁদ-আঁকা পাখা দোলায় ময়ূর কু.কে ৫৮। **৩** রেখাযুক্ত, চিহ্নীকৃত। "কাজল-আঁকা...শয্যাপ্রান্তে চ.কা ৩২৯। **৪** লিখিত। "(পতাকা) শিবনাম আঁকা।—হেম ১৩৪। **৫** [√আঁক +আ[১২]] অধিক আঁচে দগ্ধ ; পোড়া, ধরা, চোঁয়া (দুধ, ক্ষীর, পায়স ইত্যাদি)। "আপনারা খান খাসা মোওা ক্ষীর দুধ, বাপকে খাওয়ান আঁকা খুদ দা ১২০১। —কা বি [√আঁক[৩]+আ[৬]] **১** অঙ্কিত করা ; চিত্রীকরণ, লেখা, গোদা। **২** বেশী আঁচে পুড়িয়া যাওয়া ; ধরা। [আঁকাগন্ধ—চোঁয়ার গন্ধ ; ধরাগন্ধ। আঁকা-জোঁকা—চিত্রিত, লিখিত, ঘিচিমিচি-কাটা।]

আঁকাগন্ধ, -জোঁকা ; আঁকাড় ; আঁকাড়ি[১] দ্র 'আঁকা ; আঁকড় ; আঁকড়ি[১]।

আঁকাড়ি[২] বিং ['অকণ্ডিত'—মূল ; 'আকাঁড়ি' সাধু ; অপ্র] কণ্ডন-হীন, কুঁড়াযুক্ত, আকাঁড়ান। "আঁকাড়ি চাউলের অন্ন চৈ.ম ১৩৪, টীকা।

আঁকাবাঁকা বিং [বাঁকা>আঁকা (অনু.শব্দ) ; একাবেঁকা (গ্রাম্য)] **১** অত্যন্ত বক্র ; বাঁকা-চুরা, তেড়ুড়-ভেড়ুড়। "দশ দিকেতে ছড়িয়ে শাখা, কঠিন বাহু আঁকাবাঁকা।—শিশু ১৪১। বিপুল তরঙ্গ চলে আঁকাবাঁকা। —হেম ৩১৬। **২** নানাস্থানে বক্র ; ফিরান-ঘুরান (পথ, আ'ল)। **৩** খল-কুটিল। "নহে তব আঁকা-বাঁকা সর্পের চরিত্র অ.গু ৫৯। **৪** বহুভঙ্গিযুক্ত। "আঁকাবাঁকা ঠাম।—অমৃতলাল বসু। [আঁকিয়া-বাঁকিয়া, একে-বেঁকে—বাঁকিয়া-চুরিয়া, ফিরিয়া-ঘুরিয়া। "সঙ্কীর্ণ নদীটি চলি আসে, কোনমতে আঁকিয়া বাঁকিয়া চ.কা ১৩৯। বিজুলি ধায় একেবেঁকে।—শিশু ৫০। জল ছুটে যায় একেবেঁকে।—গান ৯১। একেবেঁকে ভেঙ্গেচুরে—নানাস্থানে বাঁকিয়া ফিরিয়া-ঘুরিয়া। "হোথায় একেবেঁকে ভেঙ্গেচুরে, গ্রামের পথ গেছে বহু দূরে।—শিশু ৮০।]

আঁকুড়ি, -ড়ীয়া, -ড়ে দ্র 'আঁকড়ি[২]।

আঁকুপাঁকু, -বাঁকু বি [সং আকুতি>প্রা আকুই (অ.রা)>বা আঁকু+পাঁকু, বাঁকু (অনু.শব্দ) ; অথবা, 'আকুলব্যাকুল'—মূল (?)] **১** অতিশয় আগ্রহ ; অতিব্যাকুলতা, অত্যৌৎসুক্য। "পুনর্ব্বার কিছু কহিবারে মনে করি। নিজে মূর্খ নাহি জানি আঁকুপাঁকু করি॥ —ভ.প্র ১৪০ ; (পেটারি) আঁকুপাঁকু করি হৃদে ধরয়ে উঠিয়া ২১৯। শিশু ক্রোড়তরে, আঁকুপাঁকু করে স্ব.প্র ২৭। **২** ভয়ব্যাকুলতা। "নৌকা টলটল করিয়া ডুবুডুবু হইল, সকলেই আঁকুপাঁকু ও ত্রাহি ত্রাহি করিতে লাগিল আ.দু ৫৪। (মোগল) করে আঁকুপাঁকু...আর আল্লা আল্লা কয়।—রঙ্গ ৯। **৩** বাহ্য আকিঞ্চন, উদ্যোগ বা আড়ম্বর। "বাঙ্গারামেরই পহাবার—বক্রেশ্বরের কেবল আঁকুপাঁকু সার আ.দু ১৮৬।

আঁকুর বি [সং অঙ্কুর>প্রা অংকুর>বা আঁকুর ; হি অঁখুআ ; মৈ আঁকুর ; আকুর (বীরভূম)] অঙ্কুর, উদ্ভিৎপ্ররোহ, কলা, কোঁড় ; (সাদৃশ্যে) প্রথম সঞ্চার। "বিফল প্রেমক আঁকুর মোড়ি বি.প ১৮২। আঁকুরে ভাঙল বিনি অপরাধ বি.সা ৪০৫। ব.প ১০২০।

আঁকুশ, -স বি [সং অঙ্কুশ>প্রা অংকুস, -শ>বা আঁকুস, -শ ; হি অংকুস, অঁকুশা, আঁকুস ; মৈ আঁকুস ; আঁকুশ (দিনাজপুর)] অঙ্কুশ। "ধরিহিসি পিঅতম আঁকুস লাএ বি.সা ১৩৯।

আঁকুশি ; আঁকোড় দ্র 'আঁকশি ; আঁকড়া[২]।

আঁখ, আখ বি [সং অক্ষি>লি অক্খি ; প্রা অক্খি, *অংখি>বা আখি, -খ, আঁখি, -খ ; হি আঁখিয়া, আঁখ ; প অঁক্খ ; গু অংগ ; সি অখি ; মৈ আঁখি ; ড় আখি ; অস আখি ; আখি (চ) ; দ্র 'অক্ষি'] চক্ষু। "আঁখে ঝরে জল চ.দা ৮১। অনিমিখ আঁখে শোভা দেখে সর্ব্বজনে ন.প ১৪৭। আঁখের আড় ব ১৪৭। লঙ্কা দগ্ধ কর্‌য়া গেছে আখের নিমিখে ব.প ৫২৬। আখ উপর তুহু রচল হি আসন।—রবীন্দ্র।

আঁখর বি [সং অক্ষর > লি.প্রা অক্খর > বা আখর, আঁখর ; অক্খর (দো)] অক্ষর, স্বরসহিত ব্যঞ্জন, অক্ষরসমূহরূপ শব্দ। "প্রথম আখর : কালিয়া আখর শুনি চ.সা ২১০। এ তিন আখর (পি-রী-তি), কেবল দুখের খনি ব ১৪৯।

আঁখরিয়া বি [আঁখর+ইয়া[2] ; '°রীয়া'—মূল ; অপ্র] যাহার হস্তাক্ষর ভাল ; লিপিকর, লেখক। "নবদ্বীপে তেনমত নাহি আঁখরিয়া : আঁখরিয়া বিজয় চৈ.ভা ৩৫১ ; ৪৯১।

আঁখার বি ['খাঁথার'—মূল] কলঙ্ক, অখ্যাতি। "পঙ্কপতি হবে মোর কুলের আঁখার ম.বি ৩০।

আঁখি বি [দ্র 'আঁখ' ; অক্খি, অখি (দো) ; আখি (চ) ; অঙ্খি (গো.চ)] ১ চক্ষু। "আঁখি অছইতে কইসে খসব কূপ বি.সা ২৬৮। আঁখি কোণেঃ আঁখিপাখি ন.প ২৮৭। আঁখিপাখি জ.প ৪৯। আঁখির আড়ে শ্রী ৫০। আঁখির কাজলে ভা.চ ২৭৮। পদ্ম-আঁখি দা ৬২৫। স্থির-আঁখি তুমি মরমে সতত॰ জাগিছ শয়নে স্বপনে।—রবীন্দ্র। আঁখিহিল্লোলে।—গান ২০২। ২ (সাদৃশ্যে) নৌকার অগ্রভাগে সংলগ্ন পিত্তলের চক্ষুপ্রতিকৃতি। "ডিঙ্গার দিলেক আঁখি ব.প ২২০। ৩ জ্ঞানচক্ষু। "যে পেয়েছে আঁখি। [আঁখি চাপা—নিবারণার্থ চোখ টিপিয়া ইশারা করা। "নিবারিলা যুধিষ্ঠির আঁখি চাপিয়া ম.বি ১৭৮। আঁখিপাতা—চক্ষুর পাতা (আবরণ)। "অ.গু ১০৫। আঁখি পালটান —চোখ ফিরান। "আঁখি পালটিয়া ঘরে যাওয়া হৈল কাল ভা.চ ৩০৯। আঁখি-মটকান—চোখ ঘুরাইয়া ইঙ্গিত করা। "স্বাভিযোগ করে দুষ্ট আঁখি মটকিয়া ভ.গ্র ২৬০। আঁখি মুদা—চক্ষু মুদ্রিত করা (বুজান)। বিপ 'আঁখি মিলা বা মেলা'। "ভা.চ ২২। আঁখির ঠার—চক্ষুর দ্বারা কৃত সঙ্কেত। "বি.পা ৩৫৪। আঁখির নিমেষে—চক্ষুর নিমীলনকালের মধ্যে। "আঁখির নিমিষে মারীচ আপনা সম্বরে কৃ.উ ৩৫।]

আঁখি-আড় বিং চোখের আড়, অর্থাৎ অন্তরালগত ; অদৃশ্য। "দেখিতে দেখিতে আঁখি-আড় যদুচান্দ শ্রী.ম ৮৯।

আঁখিঠার বি চক্ষু দ্বারা কৃত সঙ্কেত। "মনেতে ভাবিয়া হর দিল আঁখিঠার ক.চ ২৭ ; ১০৯। দুর্গা আঁখিঠার দিল চ.বি ৩০৬। আনে আঁখিঠারে ভা.চ ৮০ ; ৩২৭ ; ৩৩৭। [আঁখি-ঠারাঠারি—পরস্পর চক্ষু দ্বারা কৃত সঙ্কেত। "ভ.গ্র ৪৩৩। আঁখিঠারে—চক্ষুর সঙ্কেতে ; চোখ ইশারায়। "ক.চ ২১৮।]

আঁখিমল বি [সং নেত্রমল] পিচুটি। "আঁখিতে জনম তার নহে আঁখিমল ক.চ ১৩০।

আঁগ বি [সং অঙ্গ ; অপ্র] দেহ। "গৌর-আঁগ (অর্থাৎ গৌরাঙ্গ) যব আঁগন আওব জ.প ৬।

আঁগন বি [সং অঙ্গন ; অপ্র] উঠান, আঙিনা। দ্র 'আঁগ'। ন— বিং [সং অগ্রিম ; বা আগাম] প্রথম, আগ। "সের প্রতি সর্ব্বকাল আছে এই রীতি। আঁগনমুঠি আর যেবা কোন ধুতি॥—শ্রী.ম ৬৩। [আঁগনমুঠি—প্রতিসেরে একমুষ্টি (তণ্ডুলাদি)।]

আঁগিনা বি ['আঙ্গিনা'—মূল ; অপ্র] অঙ্গন, উঠান। "ঘর হৈতে বারিয়া আঁগিনা নাই ঠাটে ব.প ১৩৬৩।

আঁগুলি বি [সং আঙ্গুলি ; অপ্র] আঙ্গুল। "আঁগুলি চালিতে স্নেহ উথলে হিয়ায় ন.প ৯৪।

আঁচ[1] বি [সং অর্চ্চিঃ > লি অচ্চি ; প্রা অচ্চি, * অংচি > বা (আচি > আচ) আঁচ ; হি, ঠ, গু, জাটু—আংচ] ১ জ্বালা, অগ্নিশিখা। ২ অগ্নির তেজ ; উত্তাপ। "আঁচ বাড়ান, কমান ইত্যাদি। নরম আঁচে সদ্য দুধের ফেনার রাশি ফুলিয়ে দে।—কু.কে ৬৬। ৩ আগুন। "উননে আঁচ দেওয়া। ৪ উষ্ণস্পর্শ, ভাপ, ঝাঁজ। "বোধ হয়, উননের তাপের আঁচ॰ মেয়েটীকে একবার লাগিয়াছিল ব.দ্বি ১০৭। ৫ তীব্রভাব, কঠোরতা। "কটুতার আঁচ পরাণে আছিল অগ্রে।—হেম ১৭৩। ৬ দুঃখের তাপ বা জ্বালা। ৭ মনের বেগ ; প্রবল ইচ্ছা। "ঠকের আঁচ, সময় পাইলেই বাবুরামের বিষয়ের উপর দুই এক ছোবল মারিবেন আ.দু ৯১। ৮ মনের ভাব ; অনুমান। ৯ আভাসমাত্র, ক্ষীণ প্রতিবিম্ব। "নয়নের কাছে কাছে, সতত বেড়ায় আঁচে, স্বরগের মনোহর কায়া।—হেম ১৩৭। ১০ ঈর্ষ্যাজন্য মানসিক তাপ। "বহুদিন হ'তে তার গর্ব্বের মহিমা॰ শুনিত ঐন্দ্রিলা পূর্ব্বে কখন কদাচ॰ আঁচে শুনা আঁচে জানা। —হেম ১৭৩। ১১ আনুমানিক সীমা। "বলছিলেম আর কি, সেই যতদূর গন্ধ যায় বা দৃষ্টি যায়, যাই বল—ততদূর চারিদিকের বাড়ীর আঁচে আঁচে নক্সা দিতে হবে অ.গ্র ১৫৭। [আঁচা[1]—তাপাধিক্য হেতু পুড়িয়া যাওয়া।]

আঁচ[2] সর্ম্ম [আঁচ[1] > √আঁচ] মনে ভাবা ; অনুমান করা। "আসার আশার ফল লাভ হ'লে বাঁচি। ইহার অধিক মিছে মনে মনে আঁচি॥ —রঙ্গ ৮৯। ইহাই এঁচে (আঁচিয়া) আছি বা.দ ২৩৫। নেহাৎ মন্দ আঁচেন নি, বয়সে আর আব্দারে তাই বটে—কিন্তু সম্পর্কে ভার্য্যা অ.গ্র ৩৪। [আঁচা[2]—অনুমান করা। আঁচাআঁচি—পরস্পর অনুমান করা। "কি করি দুজনে মনে করে আঁচাআঁচি ভা.চ ৩২২।]

আঁচড়[1] বি [সং √চট্ (ভেদ)—আ-চট্ (মূল ?)] ১ নখাঘাতজন্য ভেদ ; নখ দ্বারা বিদারণ। "আঁচড় কামড়ে তার রথ কৈল চূর কৃ ১৮৮ ; ২৯০। ২ নখাদির আঘাতচিহ্ন (দাগ)। "নখ আঁচড় লাগিল দেখ কুচে ভা.চ ৩৩২। ৩ রেখা। "কালির, পেন্‌সিলের আঁচড়। ৪ ঘর্ষণ। "আঁচড়ে কিরণ ধর 'সগের জ্বলন' (অর্থাৎ 'দেশলাই')।—হেম ৩৯১। [আঁচড় কাটা, দেওয়া—দাগ কাটা ; হিজিবিজি লেখা। আঁচড় কামড় —নখদন্তাঘাত। আঁচড়-পিঁচড় কাটা (অস আঁচোর-পিচোর) —বাঁকা-চূরা রেখাঙ্কন করা। এক আঁচড়ে পরিচয় পাওয়া বা বুঝা— কষ্টিপাথরে রেখা দ্বারা স্বর্ণাদির শুদ্ধিপরীক্ষার ন্যায়, দুই এক কথায় সারবত্তা জানা। "এক আঁচড়ে পেলেম প্রেমের পরিচয়।—রাম বসু।]

আঁচড়[2]**, -ড়া** সর্ম্ম [আঁচড় > √আঁচড়, -ড়া ; অস— √আঁচোর] ১ নখাঘাতে ছিন্ন করা ; চেরা। "দুই নখে আঁচড়ে সীতার দুই স্তন : গেল কাক আঁচড়িয়া গা।—কৃ ১০৭। কামড়ি আঁচড়ি মে ২৮০। ২ নখাদি দ্বারা দাগ কাটা। ৩ চিরুনি দ্বারা কেশসংস্কার করা। "আঁচড়িয়া যতনে বান্ধিল চারু কেশ ম.ম ১৭৯। ৪ কলমের আঁচড় দিয়া কাটা। "লেখনীতে আঁচড়িয়া পাঠান্তর স্থাপে : অক্ষরে আঁচড়িতে ভ.গ্র ১৯৪। [আঁচড়া-আঁচড়ি—পরস্পর আঁচড়ান। আঁচড়ান (অস আঁচোরণ)—নখাঘাতে ভেদ বা রেখাঙ্কন ; চিরুনি দ্বারা কেশবিন্যাস। আঁচড়ান-কামড়ান—নখদন্তাঘাত।]

আঁচড়া[1] বি [আঁচড়[1]—মূল ; বিদা (চব্বিশপরগণা) ; আচরা (যশোহর)] ১ ধান্যাদির ক্ষেত্র আঁচড়াইয়া ঘাস উঠানর কৃষিযন্ত্রবিশেষ। ২ ছুতারের কাঠে রেখা-কাটার যন্ত্রবিশেষ।

আঁচড়া[2]**, আঁচড়া-আঁচড়ি, আঁচড়ান, আঁচড়ান-কামড়ান** দ্র 'আঁচড়[2]।

আঁচতাকুড়, আঁস্তাকুড় বি ['আচান্তকুণ্ড'—মূল (?) ; আচনিশাল (ঢাকা) ; আষ্টল (মালদহ) ; আচিয়াল (ত্রিপুরা)] ১ ভোজনের পরে আচমন করিয়া জল-ফেলার কুণ্ডাকার পাত্র (তু 'পরিপূর্ণ ভোজন করিয়া সর্ব্বজন। পিত্তলের ডাবরে করিল আচমন॥—ম.ম ৯৬)। ২ (গৌণার্থে) আচমন, মূত্রাদি-ত্যাগ ও আবর্জ্জনা-ফেলার স্থান ; আদাড়। "আঁস্তাকুড়ের পাত কখন স্বর্গে যায়।—বি.বু ৫। ৩ (সাদৃশ্যে) অপরিষ্কৃত বা অপবিত্র স্থান।

আঁচপাঁচ বি [আঁচ+পাঁচ (পাঁচা) ; অপ্র] নানাপ্রকার আঁচ ;

বিবিধ অনুমান বা প্রবন্ধ। "ক'রে মনে আঁচপাঁচ, ইচ্ছামতে মারছে খাঁচ, ধরছে মাছ—পড়ছে যত গিয়ে দা ২০২১।

আঁচমন বি [সং আচমন ; হি অচবন ; ঠ অংচরণ] ১ সর্ব 'আচমন (১)। ২ ভোজনান্তে জল দ্বারা মুখের উচ্ছিষ্ট-প্রক্ষালন। "কৃ.উ ৫৩। —নী বি [°ন+ঈ°] আচমনীয় দ্রব্য ; ঘৃতপক্ব ও তৈলপক্ব খাদ্য এবং মুড়ি-প্রভৃতি ভাজা দ্রব্য।

আঁচর[১] বি [আঁচল > আঁচর ; হি, মৈ আঁচর ; বৈষ্ণবসাহিত্যে] স্ত্রীলোকের পরিধেয় বস্ত্রের প্রান্তভাগ। "বি.প ৩৫ ; বাহিরে রতন আঁচরে দেই গাঁঠি ৭৫ ; ৯২ ; মুখে আঁচর ঝাঁপই ১৩৩। আধ আঁচরে বসো ব.প্র ৬১৮। আঁচরে মুখশশি, গোই ঘন রোয়সি জ্ঞা ২২৭। আঁচর উড়িছে বায় শ্রী.ম ৬৭।

আঁচর[২] বি ['আঁচড়'—মূল ; অস আঁচোর ; অপ্র] কণ্টকাদির আঘাত হেতু ক্ষতরেখা ; ছড়। "চরণে কণ্টক ভুকে, আঁচর শতেক বুকে ক.চ ৪০।

আঁচল বি [সং অঞ্চল ; হি আঁচল] ১ শাটীর প্রান্তভাগ ; আঁচলা। "ক্রোধে রাণী ধায় রড়ে, আঁচল ধরায় পড়ে ভা.চ ৩৭৫। আলো ছায়ার আঁচলখানি।—গান ৯৬। আঁচলে চাবির থোবা।—হেম ৩৮০। ২ (অপ্র) ধুতির প্রান্ত ; কোঁচার কাপড়। "আঁচলে ধরিয়া কিছু জননী বুঝায় ক.চ ২২৪। ইন্দ্রের আঁচলে তথন ধরে ব্রাহ্মণ কৃ.উ ২০৮। ধরিলেক শিবের আঁচলে ম.ম ৬ ; আঁচলে আঁচলে বান্ধি শুইলাম এক-ঠাঁই ৯। তড়িত লুঠায় পায় ধড়ার আঁচলে ভা.চ ২৭৮। ৩ (অপ্র) কাছার কাপড়। "রেত বিন্দু খসি পড়ে ধড়ার আঁচলে কৃ.উ ১৩১। —লা বি [হি অঁচরা, -লা ; মৈ অঁচরা, -লা] ১ শাড়ী বা ওড়নীর যে প্রান্ত স্ত্রীলোকের মাথার উপর দিয়া বুকে পড়ে ; আঁচল। ২ জরি-প্রভৃতির কারুকার্যখচিত শাটীর প্রান্ত। ৩ দেবী-প্রতিমার অঞ্চলসদৃশ ডাকের সাজবিশেষ। "দুর্গার, লক্ষ্মীর, সরস্বতীর আঁচলা।

আঁচা[১] ; **আঁচা**[২], **আঁচাআঁচি** দ্র 'আঁচ'[১] ; আঁচ[২]।

আঁচা[৩] অর্ম্ম [সং আ+ √চম্ ; হি √আঁচর ; ঠ √আংচর] আচমন করা ; আঁচান। "মিছামিছা খেয়ে মিছামিছা আঁচাইলা শি ১৭ ; আঁচাইয়া আসি ৩৩। [আঁচান (সং আচমন ; হি অঁচরন)—আচমন। বিড়ালের আঁচান—বিড়ালের ডান পাএর থাবা দিয়া মুখমার্জ্জন (চব্বিশপরগণা)।]

আঁচি বি ['আচ্ছাদ, -দক'—মূল ; আচা (খুলনা, যশোহর) ; মালুই (পূর্ব্ববঙ্গ)] নারিকেলের কঠিন আবরণ ; মালা। [আঁচিঘর—প্রসব-গৃহ, আঁতুড়ঘর (নদীয়া)।]

আঁচিল বি ['অস্থি (তিলক) + তিল'—মূল (?) ; সং চর্ম্মকীল ; আচকীল, -লি (মুরশিদাবাদ) ; আঁকচুলি (বীরভূম) ; আঁচলি (পাবনা)] চর্ম্মোপরি জাত ক্ষুদ্র মাংসপিণ্ডবিশেষ। "বামনাসা-উপরে আঁচিল ক.চ ২৭৭।

আঁচীলপাঁচীল বি [পাঁচীল > আঁচীল (অনু.শব্দ) ; তু 'আচির'] প্রাচীর ও তৎসদৃশ বেষ্টন (বেড়া) ; প্রাচীরাদি।

আঁজন বি [সং অঞ্জন, হি আঁজন] কাজল।

আঁজনা, -নাই, -নে বি ['অঞ্জন'—মূল (?) ; ঠ আংজণী] চক্ষুর পাতার ধারে (অঞ্জন পরার স্থানে) জাত ব্রণ (Sty)। —নাই, -নিয়া বি [সং অঞ্জনিকা, আঞ্জিনেয়] পিঠে কাল-আঁজি-দেওয়া টিকটিকীর মত জন্তুবিশেষ ; আঞ্জিনি।

আঁজনাই, -নিয়া, -নে দ্র 'আঁজনা'।

আঁজরপাঁজর বি [পাঁজর > আঁজর (অনু.শব্দ) ; হি—অংজর পংজর] পঞ্জরাদি অস্থি ; হাড়-পাঁজড়। [°র ঢিল হওয়া (হি অংজর পংজর ঢীলা হোনা)—শরীরবন্ধ শিথিল হওয়া।]

আঁজলা বি [সং অঞ্জলি ; হি অংজল, -লা ; অঁজলী] ১ পাণিপুট, কোষ। "আঁজলা ভরা রাঙ্গা জবা ব.প ১৮৯৮। ২ অঞ্জলিপরিমাণ। "এক আঁজলা জল।

আঁজি বি [সং রাজি, -জী, 'র'-লোপ] ১ রেখা। সজল নয়ন কিয়ে কাজল-আঁজি রা.শে ১৪। কাজরে আঁজি কঞ্জনয়নে ন.প ১৪০। ২ কাপড়ে রঙ্গিল সূতার রেখা ; রঙ্গের রেখা। [আঁজি টানা—রেখা অঙ্কিত করা। আঁজি ধরা—ইষ্টকাদির সন্ধিস্থলে রেখাকারে বালিচুন লাগান (Pointing)।]

আঁজিলা, -লা বি সর্ব 'আঁজনিয়া'। "আঁজিলায় পেয়ে বিষ করিল ভক্ষণ বা.ম ৩০৬।

আঁজীর বি [সং অঞ্জীর] পেয়ারাগাছ ; পেয়ারা ফল।

আঁজুল বি [সং অঞ্জলি ; হি অঁজলী ; অপ্র] অঞ্জলিপরিমাণ ; (গৌণার্থে) অল্প, একটু। "আঁজুলত আঁজুলত চক্ষত আইল নিন ব.প ৬৬। —লি বি [অপ্র] অঞ্জলি, অর্থাৎ জলাঞ্জলি। "সহজ ভাঙর ভঙ্গিমা কাজে। পরাণে আঁজুলি কি আর লাজে॥—ন.প ২৮৭। [আঁজুলত আঁজুলত—অল্পে অল্পে ; ক্রমে ক্রমে। পরাণে আঁজুলি—প্রাণে জলাঞ্জলি, অর্থাৎ প্রাণের আশাত্যাগ।]

আঁট[১] 'আঁট্' বিং [সং আনদ্ধ ; হি আঁট] ১ দৃঢ়বদ্ধ, দৃঢ়, শক্ত। "নারকেল দড়ি দিয়ে পাকে পাকে আঁট ক'রে' বাঁধা এই পাতাকয়টির বাঁধন আল্‌গা হ'ল না ঘ ৮৯। ২ দৃঢ়সন্ধিযুক্ত, শক্ত করিয়া জোড়া। "সর্গের কপাট, অতিবড় আঁট ক.চ ১৫১। ৩ (মাপে ছোট হওয়ায়) কষা, টানটান। "দেখ্‌চ না কি যে-ছোট মাপ জামার,—পর্‌তে গেলে আঁট হবে যে আমার!—শিশু ৩৮। —ট বি ১ দৃঢ়তা, প্রবলতা। "আঁট করিয়া দ্বিগুণ টানিল আর বড়। পুতনা বিকল হ'য়ে বলে ছাড় ছাড়॥—শ্রী.মা ৩৪। ২ যুক্তিযুক্ততা, সুসঙ্গতি। "আঁট ক'রে পাঁচ কথা কটু যদি কয়। ভাঙ্গ খেলে ভেক্কা হ'লে ভালমন্দ সয়॥—শি ৩২। ৩ নির্ভীকভাব, সাহস, সাহসের কথা। "মনে ভয় মাথা হেট মুখে করে আঁট শ্রী.মা ১৪৪। ৪ আসক্তি, ভালবাসা, টান। "আপনাকে আঁট নাই পরের মাগ চাও শি ৮৩। —ট '-টো' দৃঢ়বদ্ধ, শক্ত ; কষা (জুতা-প্রভৃতি)। [আঁট-আঁট—একটু আঁট ; অল্প কষা। "জুতটা আঁট-আঁট বোধ হচ্ছে।]

আঁট[২] অর্ম্ম [আঁট[১] > √আঁট] ১ শক্ত বা দৃঢ় হওয়া ; আঁটা। "জল লাগিলে দড়ির গিরো আঁটে। ২ [সং √অট্ (?) ; হি √অঁট] সমান হওয়া ; পর্য্যাপ্ত হওয়া ; মাপসই হওয়া ; কুলান। "এত বস্ত্র আনে এক বেড়ে নাহি আঁটে কৃ ২১৬। বান্ধিতে না আঁটে ম ৭১৭। খাইতে নাহি আঁটে কৃ.উ ১৮৭। নাহি আঁটে কড়ি ক চ ১৫৫। নাহি আঁটে স্থল শ্রী ২৬০। না আঁটে সাহস ব.প ৫১৯। কহো যদি তাহা না আঁটে বেলি শ্রী.ম ২০৭। ৩ পূর্ণতা হেতু টান (টন্‌টনে) হওয়া ; পরিপূর্ণ হওয়া। "সমুদ্র সাত্তায় রাজা মোর এই পেটে। সুমেরু সমান মাংস খাইলে না আঁটে॥—ম ২৮৭। ৪ গণনায় মিলা বা ঠিক হওয়া। "উদ্দেশ বুলে আঁটে নাই দুটী শ্রী.মা ৯২। ৫ সমর্থ হওয়া ; পারা। "লাভ কে করিতে চায়, মূল রাখা হৈল দায়, এমন ব্যাপারে কেবা আঁটে ভা.চ ২৮৫। তাম্বুলের যত গুণ কহিতে না আঁটি বি.পা ২১০। তোমা সঙ্গে কথায় কেমনে বল আঁটি স্ব.প্র ৫৩। ৬ সমস্পর্দ্ধী হওয়া ; তুল্যবল হওয়া ; স্পর্দ্ধা করা। "কেন মাতা বিষহরি, আমারে আক্রোশ করি, কে আঁটে তোমার অনুরাগে ম.ভা ২৯। যম সনে আঁটে কোন জনা বা.ম ১৬৬। যুঝিবারে নাহি আঁটে ম.ম ১২৬। কে আঁটিবে তার সনে বীরপরাক্রমে ন ৪৩৮। —ট সর্ম্ম ১ শক্ত করা ; দৃঢ় করা ; কষা। "আঁটিয়া না বান্ধ মা বন্ধনে পাছে মরি ব.প ১১৩৪। কাপড় পরেছে এঁটে (আঁটিয়া) শি ১১০। ২ শক্ত করিয়া, কষিয়া বা টানিয়া বাঁধা।

"কাপড় আঁটিয়া যায় পালের ভিতর কৃ ১০০। কম্পি আঁটে কটিতটে দা ১৪৯। কটিদেশে যতনে আঁটিলা…সারসনে।—মে ৮৩। ৩ দৃঢ়ভাবে সংশ্লিষ্ট করা। "ব্যস্ত হ'য়ে বিধুমুখী হস্ত ল'ন টেনে। হাঁটু দুটি আঁটিয়া আটক করে বেগে॥—শি ১০৫। ৪ জোড়ের মুখ সুসংলগ্ন বা উত্তমরূপ মিলিত করা। "পিতা পুত্র দুহে আঁটি, গজালে গাঁথিল পাটা, গড়ে ডিঙ্গা দেখিতে স্বরূপস ক.চ ২২২। ৫ শাসন করা; পরাজয় বা দমন করা। "যুদ্ধে কেহ না আঁটিবে কুম্ভকর্ণবীরে কৃ ৪০২। ত্রিভুবনে কেবা আর আঁটে শ্রী.মা ৫১। এক বোলে দশ বলে নাহি আঁটে দেশ ভা.চ ২৪১; কেহ নাহি আঁটে তায় ২৬০; নষ্ট লোকে কাষ্ঠ বেচে তারে নাহি আঁটি ২৮৬; ৫২৮। কে তারে আঁটিবে বিগ্রহে মে ৭৮। মাগীদিগে কার সাধ্য আঁটে।—দা ৭২; ১৪৯। ৬ ভয় দেখান; শাসান। "তর্জ্জন করিয়া বলে অর্জ্জুনেরে আঁটি ম ৮৫৬। ৭ আকর্ষণ করা; টানা, কষা। "পেটি আঁটি বান্ধিল বত্রিশ বেড় পাগে শ্রী ১৯০। ৮ পীড়ন করা। "আঁটাআঁটি। ৯ (আধার-সম্বন্ধে) ধারণ করা; ধরা, তাওড়ান (To contain)। "অনেক জিনিশ, এ ছোট পাত্রে আঁটিবে না। ১০ বন্ধ করা; রোধ করা। "(দ্বার) আঁটিয়া বসিল আটাইশ জমাদার ভা.চ ৩৮৬। ১১ সংযুক্ত করা, লাগান। "দরজায়, জানলায় কপাট আঁটা। ১২ আটা দিয়া লাগান। "খামে টিকিট আঁটা, বইএর পাতা আঁটা ইত্যাদি। [আঁটিয়া উঠা—শাসনে বা বশে রাখা। "ও সব ছেলেকে আঁটিয়া উঠা ভার ব.প্র ২৪৩। আঁটিয়া (এঁটে) চাপড় মারা —জোরে চড় মারা। "শ্রী.মা ৮১। (মুখ) আঁটিয়া থাকা—চুপ করিয়া থাকা। "আঁটে থেকো আমি আইলে কহিবে যা কিছু শি ৭৮। আঁটিয়া ধরা—সংশ্লেষপূর্ব্বক বা সাপুটিয়া ধরা। "আঁটিয়া ধরিতে চাহে ঠেলে ফেলে পেটে ভা.চ ৪০৪।]

আঁট৩ বি [আঁত > আঁট; অপ্র] উদর, পেট। "সেটে ধরে আঁটে কিল মর্ম্মে পাই পীড়া বি.সু ৯৫।

আঁটকুড়১ '-ড়' বি ['অট্টকূট'—মূল (?)] 'উচ্ছিষ্টরাশি', ভুক্তাবশিষ্ট অন্নাদি ফেলার স্থান; আদাড়। [আঁটকুড় পাঁটকুড় { পাংশুকূট > পাঁশ-কুড়, (অনুকরণে) পাঁটকুড় }—এঁটো-আবর্জ্জনা ও ছাই-পাঁশ ফেলার স্থান; আদাড়-আঁস্তাকুড়।]

আঁটকুড়২, **-ড়া** '-ড়ো' বিং [ড় আঁঠ্‌কুড়া] ১ অজাতপুত্র, পুত্রহীন, নির্বংশ। "পুত্র না থাকিলে লোকে বলে আঁটকুড়া কৃ ১৬৭। আঁটকুড়া হৈলু শ্রী ১৭; ২৫; ১৭৪। (নন্দের) আঁটকুড়া নাম ঘুচলো বৃন্দাবনে দা ১৪৯। ২ পুত্র-কন্যাহীন। "মোরে আঁটকুড়া বলে তোরে বলে বন্ধ্যা শ্রী ২৩। ষষ্ঠীর দ্বেষ আঁটকুড়াকে দা ১৪১২। ৩ যাহার পুত্রকন্যা ছিল, এক্ষণে নাই, তাদৃশ পুত্রকন্যাহীন। ৪ গালিবিশেষ। "হেরে বেটা আঁটকুড়া শ্রী মা ১৮। আঁটকুড়া নারদ অল্পেয়ে বি.পা ৫০। আঁটকুড়া নারদা অল্পেয়ে ভা.চ ৭৮। —ড়ী বিং ['ড়+স্ত্রী ঈ'৬] ১ অজাতপুত্রা, বন্ধ্যা, পুত্রহীনা। "আঁটকুড়ী ঘুচুক নাম শ্রী ৩৪। রঞ্জাকে করিব আঁটকুড়ী শ্রী ১৭৩। রঞ্জাকে করি আঁটকুড়ী শ্রী.মা ৩৯; না হল আঁটকুড়ী ১৬১। ছটি পুত্র খেয়ে তোরে করিব আঁটকুড়ী ম.ভা ৩০। [শেষ তিন স্থলে ধৃত পাঠ—°ড়ি]। ২ পুত্রকন্যাহীনা। "আঁটকুড়ী মেয়েরা কখন ষষ্ঠীতলায় যায় না।—দা ২১১৯। ৩ গালিবিশেষ। "যে আমায় আঁটকুড়ী বলে, সেই আঁটকুড়ী ব.প্র ৩৬৬; ৩৬৭। আঁটকুড়ীর ব্যাটা স.এ ১৪। [আঁটকুড়া-হাপুতা লোক—নিঃসন্তান ব্যক্তি।]

আঁটন বি [√আঁট২+অন] ১ দৃঢ়বন্ধন; টানা, কষা। ২ চালের সাঁড়াক বা বাতা (বীরভূম, মুরশিদাবাদ)। 'বজ্জর আঁটন, ফসকা গিরো।—প্রবচন। —নি বি ['ন+ই'১১] ১ দৃঢ়বন্ধন। "প্রবাল মুকুতা৹ গাঁথনি আঁটনি কত চ.দা ৬৫। বীরধটী পরি কটী করিল আঁটনি শ্রী ২৩২। [ধৃতপাঠ—'°নী']। ২ দৃঢ়তা। "আঁটনি করিয়া বৈসে হাঁটু পাতি ভূমে শ্রী ১১৯; ১৬৫। ৩ ভয়প্রদর্শন, শাসান। "এত বলি ইন্দ্রজিত করিছে আঁটনি কৃ ৩১০।

আঁটরা বিং ['আঁটিপারা'—মূল] আঁটির মত; দৃঢ়, শক্ত। তু 'আঁড়রা'। "আঁটরা শরীর। [আঁটরা বাঁট—যে গোস্তন (গোরুর বাট) হইতে সহজে দুগ্ধ নিঃসৃত হয় না।]

আঁটসাঁট বিং ['আনদ্ধ সন্নদ্ধ'—মূল (?); হি আঁটসাঁট] দৃঢ়গ্রন্থিযুক্ত, দৃঢ়বদ্ধ, সুদৃঢ়।

আঁটা বি [√আঁট২+আ৬] ১ পর্য্যাপ্ত হওয়া; কুলান। ২ পরিমাণানুরূপ (মাপসই) হওয়া। ৩ শাসন করা; জয় করা। "গন্ধর্ব্ববাণেতে রণে নাহি যায় আঁটা কৃ ২৮। ৪ দৃঢ় বন্ধন করা। ৫ ভয়প্রদর্শন, শাসান। —টা বিং [+আং] ১ দৃঢ় বদ্ধ; ধৃত, পরিহিত। "পীতধটীকটি…আঁটা শ্রী ৬৬। নাগরী ঘাগরী-আঁটা দা ১৫৭৩। কটিতটে আঁটা পীতধড়া বা.দ ৯৯। ২ সুদৃঢ়, সুনির্ম্মিত। "গজাঙ্ক সন্ধান বাণ চারিদিকে আঁটা কৃ ২৫৩। [আঁটা বাড়ী—প্রাচীরবেষ্টিত বাড়ী। ফ্রেমে আঁটা ছবি—ফ্রেম দিয়া বাঁধা ছবি।]

আঁটাআঁটি বি [√আঁট২-আ+√আঁট২-ই] ১ টানাটানি, কষা-কষি। ২ পীড়াপীড়ি, অতিপীড়ন। "অষ্টপর অতি আঁটাআঁটি শ্রী ২২৮। যদি দেখে আঁটাআঁটি, কাঁদিয়া ভিজায় মাটি ভা.চ ২৮৪। ৩ দৃঢ়তা, নির্ব্বন্ধাতিশয়, অত্যাগ্রহ। "মিছে কেন কুল নিয়ে কর আঁটাআঁটি। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৪ অতিনিষ্ঠা, কড়াকড়ি। "আচারের আঁটা-আঁটি বাড়িয়া ধর্ম্মভাবের অন্তঃসারশূন্যতা জন্মিয়াছে পা.প্র ১৪৩। ৫ স্পর্দ্ধা-প্রকাশ, তর্জ্জন-গর্জ্জন। "অতি আঁটাআঁটি, করি কাটাকাটি, দুদলে দ্বন্দ্ব প্রদোষে শ্রী ১৬; ১৮০। ৬ স্পর্দ্ধাসূচক বাক্যপ্রয়োগ। "তখন লাগিল কথার আঁটা-আঁটি, প্রায় লক্ষণ চটাচটি দা ২০৫৩। —টি বিং সর্ব্বপ্রকারে সুরক্ষিত, প্রহরী কর্ত্তৃক রক্ষিত। "আঁটাআঁটি সেই গড়ে থাকে মালখানা ভা.চ ২৭০।

আঁটাসাঁটা বিং ['আঁটসাঁট'-এর অনুকরণে '°টা'] ১ সর্ব 'আঁটসাঁট'। ২ প্রাচীরাদিবেষ্টিত, সুরক্ষিত, ঘেরাঘোরা (বাড়ী)। ৩ অক্ষত-কুলগৌরব, নিষ্কলঙ্ক, নিখুঁত। "চন্দ্রবংশে কলঙ্ক গোঁটা, দিয়েছেন বুড়ো মুনি বেটা, সূর্য্যবংশ আঁটাসাঁটা, কুল ত কেমন আছে!—দা ১০৪৭।

আঁটি, -ঠি বি [সং অস্থি > লি, প্রা অট্‌ঠি > বা আঠি, -টি, আঁঠি, -টি; হি অঁঠী; ঠ অঠী; গু আংটী—সূত্রগ্রন্থি; তা অণ্‌টি] ১ ফলের বীজ; বিচি। "আঁটিসহিত গিলিল চৈ.চ ৩২৫। এ যে কুল, কুল নয়, সার মাত্র আঁটি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ [হি অঁটিয়া, আঁটী; মৈ আঁটী] আঁটিয়া-বাধা বা আঠির মত দৃঢ়বদ্ধ তৃণকাষ্ঠাদির গুচ্ছ; আটি (Bundle)। "কাঠ আট আঁটি ভা.চ ২৮৬। আঁঠি আঁঠি ধান চলে ভারে ভার স.স্ব ৪৮। [আঁঠিয়া কলা (অস আঠীয়া) বি—একপ্রকার আঁঠিযুক্ত কলার গাছ; ডয়রা কলাগাছ (?)। "আঁঠিয়া কলার ডোঙ্গা চৈ.চ ৮৪।]

আঁটিয়া বিং আট অর্থাৎ অনেক (?)। "দুর্গার আঁটিয়া হাত, কেমনে রাঙ্কিব ভাত, গলাএ মুণ্ডের মাল শূ ১৩৩।

আঁটিসাঁটি বি [আঁটসাঁট°+ই১১] বাঁধাবাঁধি, কড়াকড়ি, আপন-গণ্ডার জন্য বিশেষ চেষ্টা। "আপনার বেলায় আঁটিসাঁটি। অন্যের বেলায় দাঁতকপাটি॥—প্রবচন।

আঁটু, -ঠু, আটু, -ঠু বি [সং অষ্ঠীবৎ; ড় আণ্টু; অস আঁঠু; আণ্ডু, আড়ু (চট্টগ্রাম); আঠু (ঢাকা)] উরুপর্ব্ব, জানু, হাঁটু। "নাহি ডুবে আঁটু ক.চ ২৬৬। আঁটু নাহি তিতে শ্রী.ম ৬৮। এক আঁটু জল শ্রী.মা ১৬৫। আঁঠু পেড়ে রক্ত খায় শি ১৪; ৩১। আটু ধ'রে উঠে শ্রী.মা ১৩৯। আঠুভরা বস্ত্র দিবে ব.প ১৩৯৯। [আঠু পাড়িয়া—আঠু পাতিয়া; আঠুতে ভর দিয়া। আঠুভরা বস্ত্র—আঠু পর্য্যন্ত প্রসারিত বস্ত্র।]

আঁটুনি বি ['আঁটনি'—মূল] ১ দৃঢ়তা, নির্ব্বন্ধ, প্রাণপণ। "মহাকোপে যুঝে বীর করিয়া আঁটুনি ম ৯২৭। ২ প্রবন্ধ, কৌশল, বাঁধুনি। "নাইকো তার ঘর বাড়ী, কেবল কথার আঁটুনি বাড়াবাড়ি দা ১৯৭২। ৩ তর্জ্জনগর্জ্জন, গলাবাজী। "নির্ম্মল রাজার কুলে তুই দিলি কালী। আরো করো আঁটুনি কুটনী মাগী শালী॥—বি.সু ১০২। ৪ বন্ধন, আসক্তি। "মাগমরা পুরুষের কোথা ঘরে থাকে আঁটুনি দা ২১১৯। ৫ ভয়প্রদর্শন, শাসন, শাসান। [আঁটুনি কষুনি—টানিয়া দৃঢ়ভাবে বাঁধা, পীড়ন, শাসান।]

আঁটুন্যা বিং ['আঁটনীয়া'—মূল ; অপ্র] শক্ত, কড়া, আঁটরা। "এখন আঁটুন্যা হাত নাহি তিন লোকে শি ১০৫।

আঁটুবাঁটু বি [আঁটু+বাঁটু (অনু.শব্দ) ; ভাবাত্মক] বার্দ্ধক্যে শরীর শৈথিল্য ও দৌর্ব্বল্য হেতু গমনকালে আঁটুতে-আঁটুতে লাগার বা আঁটু লটপট করার ভাব। "পাকা গোঁপ পাকা দাড়ি,...চলনে কতেক আঁটু-বাঁটু ভা.৮ ১৫১।

আঁটুলবাঁটুল বি [বাঁটুল>আঁটুল (অনু.শব্দ)] শিশুদিগের খেলা-বিশেষ। 'আঁটুলবাঁটুল খেলে পসারিয়া পা।—শি ১৮। [এই খেলায় 'আঁটুলবাঁটুল শাঁমলা শাঁটুল' ইত্যাদি যে শ্লোক আছে, তাহারই প্রথম দুই শব্দ অনুসারে ইহার নামকরণ। শিশুরা খেলার সময়ে আঁটু প্রসারিত করিয়া বৃত্তাকারে বসে ও একটী শিশু ঐ শ্লোকের একএকটী শব্দ বলিয়া একএকটী আঁটু স্পর্শ করিয়া যায়। যে আঁটুতে শ্লোকের শেষ শব্দ উচ্চারিত হয়, সেই আঁটু উঠাইতে হয়। এইরূপে যাহার দুই আঁটু উঠে, তাহার খেলা শেষ হয়।]

আঁটুলি বি ['আটালি'—মূল ; তু 'হি অঁঠঈ' (অষ্টপদী)] কুকুর বিড়াল প্রভৃতির গায়ের ক্ষুদ্র চর্ম্মকীটবিশেষ। "সাপের আঁটুলি আনে ক.চ ১২৩।

আঁটো, -ঠ, -ঠ্য '-ঠো' বি [সং 'অষ্ট' (ভাত)—মূল ; অপ্র] ভুক্তা-বশিষ্ট অন্নব্যঞ্জনাদি ; উচ্ছিষ্ট, এঁটো। "তিন অংশ পাপ হয় আঁঠ্য ফেলিলে জ ৬৯। বলির দ্বারীর আঁঠ্য খাইল রাবণ কৃ.উ ৮৮।

আঁঠ, -ঠ্য ; আঁঠি, আঁঠিয়া কলা ; আঁঠু দ্র 'আঁটো ; আঁটি ; আঁটু'।

আঁড়রা বিং [আঁটরা>°রা] ১ শক্ত, কড়া। "ঝিয়ের আঁড়রা হাত শি ১০৫। ২ দুর্ব্বিনীতা, স্বতন্ত্রা, একগুঁয়ে। "বৃদ্ধ বলি স্বামী, শিবে ত্যজ তুমি, কেমন আঁড়রা মেয়ে শি ১০১।

আঁড়িয়া, -ড়ে, -ড়্যে দ্র 'এঁড়ে'।

আঁত '-ত্' বি [সং অন্ত্র>লি অন্ত, প্রা অংতবা আঁত ; হি আঁত ; ঠ আংত, অস আঁত] ১ নাড়ী। "গোধিকার আঁত ক.চ ১৩৭। দেখে উঠে আঁত শ্রী.মা ১০০, ১২৭। বারি হল আঁত ১৯৮, ২২২। শি ২৮। ভা.চ ৮১। শ্রী ৯০। চৈ.ম ১৩৫। ২ (লক্ষণায়) উদর, পেট। "সারিঙ্গা যন্ত্রের প্রায় ছিল তার আঁত ব.প ৪৩৪। আঁত আতি মরা শ্রী ৮ ; ১০২। অন্ন বিনা শুকায়েছে আঁত ভা.চ ২১১ ; লাগে হুক আঁতে ৩৯১। আঁত ধ'রে ঐমনি অবনী বুলে লুটে শি ৬৫। ৩ গর্ভ। "দশ মাস অভাগী ধ'রেছে যারে আঁতে শ্রী ৩০। ৪ [সং আত্মা ; অপ্র] আপনি। "আঁতে পুতে ভাল চাষ অভাবে সোদর শি ৭৩। ৫ [আঁতর>আঁত] অন্তর, হৃদয়, মর্ম্ম। "গরুবে সবার। আঁতে ঘা দিবার, মন্ত্র এক শেখ'সে শেখ'সে বাণমারা স্ব.প্র ২০৯। [আঁত উঠা—১ দুর্গন্ধে বমন হেতু নাড়ী বাহির হওয়া। ২ হিক্কা উঠা। আঁত পড়া—ক্ষুধায় পেট পড়া। আঁতমরা—১ বার্দ্ধক্য হেতু শুষ্কোদর। ২ পেটমরা, ভোজনশক্তিহীন। আঁতরসা—১ অন্ত্ররস, পেটের পীড়া। ২ আত্মরস, ফলাদির স্বাভাবিক রস। আঁতে ঘা দেওয়া—কটুবাক্যে মর্ম্মে আঘাত করা। আঁতের টান—নাড়ীর টান ; গর্ভধারণ হেতু স্নেহের আকর্ষণ।]

আঁতকা '-ত্' অর্ম্ম ['আতঙ্ক'—মূল] আতঙ্কিত হওয়া ; ভয় পাওয়া। "ছোট বড় অনেক মেয়ে ঝুম্নুর ঝুম্নুর করিয়া চারিদিকে আসিয়া বর দেখিয়া আঁতকে পড়িল আ.দু ১১৮। [আঁতকান—ভয় পাওয়া।]

আঁতড়ি, -ড়ী বি [সং অন্ত্র>প্রা অন্তড়ী অংতড়ী, হে ৪ ৪৪৫ ; বা আঁতড়ী, -ড়ি ; হি অঁতড়ী ; ঠ অংতড়ে, আংতড়ী, -ড়ে] নাড়ী। "মড়ার আঁতড়ি কেহ করিয়া উত্তরী ক.চ ১০৬। শ্রী.ম ১১।

আঁতর বি [সং অন্তর>প্রা অংতর>বা আঁতর ; হি, মৈ আঁতর] ১ অবকাশ, ব্যবধান, মধ্যবর্ত্তী স্থান। "সো অব নদী গিরি আঁতর ভেলা বি.প ১৭৫। আঁতর চান কুমুদ কত দূর বি.সা ৩১০। পাঁতর মা (সো?) ভেল আঁতর বারি গো ১৩৪। ২ [অস আঁতর] দূর। "কৃষাণ রাখাল কান্দে আঁতরে প্রান্তরে শ্রী.ম ১৭৭। বি.সা ২২। ৩ অন্তরাল, আড়াল। "পানি পলব ধান আঁতর দেলা বি.সা ১০২। ৪ [আঁতুলি (বীরভূম)] জমি চষার সময়ে লাঙ্গল এক পাক ঘুরাইয়া আনিলে উভয় হলপদ্ধতির (শিরালের) মধ্যে যে আচষা জমি থাকে (চব্বিশপরগণা)। "এক আঁতর জমি।

আঁত(দ)সা বি [সং অমৃতরস ; অন্তরসা (ত.বা) ; আঁদল্সা (নামান্তর?)] পিষ্টকবিশেষ, দুধফেনী পিঠে। [তিলবাটা নারিকেল-বাটা চালের গুড়ি দুধে গুলিয়া ঘৃতে বা তৈলে ভাজিয়া চিনির বা গুড়ের রসে ফেলিতে হয়।]

আঁতি বি ['আঁত'—মূল (বীরভূম) ; বুকি (মালদহ) ; বুক (ত্রিপুরা) ; বুকো (চব্বিশপরগণা)] শস্য-প্রভৃতির মধ্যস্থ সবীজ অংশ।

আঁতুআঁতু-পুঁতুপুঁতু বি [আঁত (আত্ম) >আঁতু ; পুত্র>পুঁতু ; আঁতুপুঁতু>°তু (দ্বিত্বে)] স্বীয় পুত্রের ন্যায় অতিপ্রিয় বস্তু। [°তু করা— অতিপ্রিয় বস্তু মনে করা। "যদি কর্ত্তার পঞ্চত্ব হইয়া থাকে, তবে ত একটা জাঁকাল শ্রাদ্ধ হইবে...মাগী টাকা লইয়া আঁতুআঁতু-পুঁতুপুঁতু করিলে দশ জন মুখে কালি চুন দিবে আ.দু ৫৬।

আঁতুড় বি ['আঁতড়ি'—মূল (?) ; সং অরিষ্ট ; ড় অন্তড়ি (অন্তকুটী ?)] যে ঘরে অন্ত্রসহিত শিশু ভূমিষ্ঠ হয় ; সূতিকাগার, আঁতুড়ঘর। —ড়ি, —ড়ী বি [°ড়+ই৯, ঈ৭] আঁতুড়ের অগ্নিকুণ্ড। "চালের ফাড়িয়া খড় জ্বালিল আঁতুড়ি ক.চ ১১৩। —ড়ীয়া,—ড়ে বিং [°ড়+ঈয়া, এ৮] আঁতুড়সম্বন্ধী। "আঁতুড়ে গন্ধ, কাপড় ইত্যাদি। [আঁতুড়ে ছেলে—যে শিশু আঁতুড় হইতে বাহির করার যোগ্য নয়।]

আঁতুড়ি, -ড়ী, -ড়ীয়া, -ড়ে ; আঁদল্সা ; আঁদসা, আঁদার দ্র 'আঁতুড় ; আঁতসা ; আঁধার'।

আঁদি১, -ধি১ বি [আঁধ+'ই১১>°ধি, °দি] ১ পালাপালি বা কানামাছি খেলায় চোখে কাপড় বা হাতচাপা দিয়া যে শিশুকে অন্ধবৎ করে। "গোবিন্দ কহয়ে আঁধি হইয়া পলাইল ভ.প্র ৩৩৭। ২ চালে উলুখড়ের পাতলা ছাউনী বা লেওয়া (A thin layer of straw)। [ইহাতে ঘর একটু আঁধার হয়]। ৩ [হি আঁধী] প্রবল বায়ু বা ঝড়, যাহাতে ধুলা উড়িয়া চারিদিক আঁধার করে। "নৌকা আঁদিতে এগিয়ে পড়ে, মাঝিরা কিছুই ঠাহর করিতে পারে নাই আ.দু ৫৯।

আঁদি২ -ধি২ বি ['আদি'—মূল ; কথ্যভাষা] মূল, গোড়া, সরদার (নিন্দায়)। "দুষ্টর, বজ্জাতের আঁদি ইত্যাদি। ঘুম ভাঙ্গাইবার আঁধি তুমি নিজে ব.প্র ৩৪৩।

আঁদিসাঁদি বি [অন্ধিসন্ধি>আঁধি(দি)সাঁধি(দি)] সন্ধিস্থল, জোড়ের মুখ, ফাঁক-ফোঁক। "ঝাঁকড়-মাকড় চুল নাহি আঁদিসাঁদি ভা.চ ২০৯।

আঁধ বিং [অন্ধ>প্রা অংধ>বা আঁধ, হি আঁধ (অন্ধকার) ; অপ্র] দৃষ্টিশক্তিহীন। "বিরহতিমিরে ব্রজবধূ সব আঁধ শ্রী.ম ৮৯। —ধ বি অন্ধজন। "যে নাচিতে নাচয়ে বধির জড় আঁধ গো ২৬।

আঁধ(ধি)য়ার বি [সং অন্ধকার>প্রা অন্ধয়ার (হে), অংধয়ার

(প্রা.ম)>বা °র (য়া>ইআ, -য়া); হি আধিয়ার, -য়া; বৈষ্ণব-সাহিত্যে] ১ অন্ধকার। "ঘন আঁধিয়ারে, রজনী জনি কাজর গো ১৩৬। মেঘযামিনী অতি ঘন আঁধিয়ার ব.প ১০৬১। নাশত যেয়ে কলুষ আঁধয়ার ন.প ১৮৯। ২ অজ্ঞানতিমির। "হৃদয় শুধি মোহে৹ ঐছে প্রবোধিব৹ যৈছে ঘুচয়ে আঁধিয়ার গো ৬০।

আঁধল বিং [সং অন্ধ>প্রা অংধল] (প্রা.ম)>বা আঁধল; হি অঁধর; ঠ অংধলা; বৈষ্ণবসাহিত্যে] ১ দৃষ্টিশক্তিহীন, অন্ধ। "আঁধলের নড়ি বাছা ক.চ ২১৭। ২ বিচারশক্তিহীন, বিচারমূঢ়। "গরব আঁধল৹ গরবিণীগণ জ.প ৪৫। ৩ তত্ত্বজ্ঞানহীন, মূঢ়। "জনম আঁধল, একনি বহু হাম জ.প ৬৬। ৪ দোষদৃষ্টিহীন, অ-দোষদর্শী। "আঁধল প্রেম৹ পহিলহি ন হেরিনু৹ সো বহুবল্লভ কান।—গো ২২৪। —লা বি [দ্র 'আ'১৩] অন্ধ। "ভরাপুরা যৌবন উদাসে বাসি শূন্য। আঁধলারে দেখাইলে নাহি পাপ পুণ্য॥—ভা চ ৪০৩।

আঁধা বি [সং অন্ধ, হি, ঠ অংধা; অন্ধা (চট্টগ্রাম)] অন্ধ। "আঁধা বাঁঝা রোগী কুড়ী চান করেন জলে শূ ১০৭। আঁধা বঁধু! অশ্রুনীরে এ তব কিঙ্করী মা ১০৭। নয়ন থাকিতে হই আঁধা স্ব.প্র ২১৭। বাইশ বছর রয়েছি সেই একচাকাতেই বাঁধা৹ পাকের ঘোরে আঁধা প,কা ১১। আঁধারে আঁধারে সব আঁধা।—রবীন্দ্র। [আঁধায়লু—অন্ধ করিলাম। "নয়ন আঁধায়লু পিয়া পথ পেখি (বি.প)]

আঁধার বিং [সং অন্ধকার>অংধার (পৈ; প্রা ম)>বা আঁধার; হি অঁধার; ঠ অংধার; মৈ অনহার; অন্ধার, -রি, -রী (দো; চ)] ১ অন্ধকারাচ্ছন্ন। "আঁধার দেউল মে ১৬০। আঁধার হ'ল মাদার গাছের তলা।—শিশু ২৬। রজনী আঁধার।—গান ১৫০; ১৯১। আঁধার খনি কু.কে ১৫৬। ২ দুঃখতমোময়, নিরানন্দ, অপ্রফুল্ল। "দেখিলে মলিন মুখ অখিল আঁধার।—দ্বারকানাথ অধিকারী। —র বি, অন্ধকার। বিপ 'আলো'। "আকাশ এল আঁধার করে'। —গান ১৯১। সুধীরে আঁধার টুটিবে।—রবীন্দ্র। [আঁদার (অপ্র)—আঁধার। "বাবা আঁদারে ঢিল মার লী ৬। আঁধারি (হি √অঁধের; ঠ √অংধার)—আঁধার করিয়া। "আঁধারি জলধিগৃহ মে ২২। আঁধারিল—আঁধার করিল। "ন ৪৯৮। আঁধারিলি—আঁধার করিলি। "কার ঘর আঁধারিলি মে ১৩০। আঁধারে ঢিল মারা বা ছোড়া—আঁধারে ঢিল ছোড়ার ফল সংশয়িত; সেইরূপ ঠিক না জানিয়া ফলে সংশয়াপন্ন হইয়া কাজ করা। আঁধারের বাতি বা মাণিক,—আঁধারে দীপের বা মাণিক্যের ন্যায় দুঃখের জীবনে সুখের বিষয়। আঁধারে সাপ ধরা—(গৌণার্থে) বিশেষ না জানিয়া বিপজ্জনক কার্য্যে হাত দেওয়া।]

আঁধারি বি [°র+ই১১] ১ অন্ধকার। "কৃষ্ণপক্ষে রাত্রির প্রথমে, শুক্লপক্ষে পরে আঁধারি। ২ ['আঁধারীয়া'—মূল] ঘরের মটকায় (মুধনিতে) যে খড় দিয়া ফাঁক মারিয়া ঘর আঁধার করা হয় (চব্বিশ-পরগণা)। ৩ অন্ধকারময় কৃষ্ণপক্ষ (গ্রাম্য)। ৪ ['আধারিকা'—মূল (?)] নৌকা-প্রভৃতির তথ্তার জোড় দৃঢ় করার নিমিত্ত সন্ধিস্থলে সংলগ্ন দুমুখসরু পাত প্রেকবিশেষ। [আঁধারি মারা—ঘরের মটকা খড় দিয়া ঢাকা।]

আঁধারীয়া, -রে বি [আঁধার+ঈয়া, এ৮] পুলিশপ্রহরীর ব্যবহার্য্য লণ্ঠনবিশেষ। [ইহার অন্য নাম 'আলো-আঁধারী'। ইহা ঘুরাইয়া ইচ্ছামত আলো ও আঁধার করা যায়।]

আঁধি১; আঁধি২; আঁধিয়ার; আঁধিসাঁধি দ্র 'আঁদি১; আঁদি২; আঁধয়ার; আঁদিসাঁদি।

আঁধুনি বি [আঁধল—আঁধলী (স্ত্রীলিঙ্গ)>আঁধুনী, -নি; অপ্র] অন্ধনারী। "আঁধুনির নড়ি শ্রী.মা ৫৯।

আঁধুয়া বিং [আঁধ+উয়া২; অপ্র] অন্ধকারময়, বৃক্ষলতাদির আবরণ হেতু আঁধার; এঁধো। "আঁধুয়া পুকুরে৹ যে মীন থাকয়ে৹ ঝাপয়ে ধীবর জালে চ.সা ১২৪।

আঁধুলী বি ['বাঁধুলী'—মূল(?)] পুষ্পবিশেষ। "কৃ ৩৪৯।

আঁধোল বি ['আঁধল'—মূল; অপ্র] অন্ধ। "আঁধোলের আঁখি চৈ.ম ১৩২।

আঁব বি [সং আম্র>লি, প্রা অম্ব>বা আম, আঁব; হি আঁব, আম; ঠ আংব, -বা; মৈ আম; গু আংব, আম; মৈ আম; ড় অম্ব; অস আম; আম্ব্ (শ্রী.কী)] আম্র (বৃক্ষ, ফল)। "নি-আঁশ ও-আঁব: মিটে আঁব।—দীনবন্ধু মিত্র। আমার অদৃষ্ট মাটীর আঁবের মত—তাকে তোলা থাকব, দেবতার ভোগে কখন লাগব না ব.প্র ৩৪৫। [°আদা, °হলদী (সং অম্লহরিদ্রা; হি আঁবা হলদী, আমা হলদী)—কাঁচা আঁবের গন্ধযুক্ত ও আদার বা হরিদ্রার মত মূলবিশেষ এবং তাহার গাছ (Curcuma amada)। আঁবদীর্ঘ মুখ—আঁবের মত লম্বা ও দাড়ির দিকে সরু মুখ। বিপ 'বাটা-জোড়া (গোল) মুখ'। °সন্দেশ—আম্রগন্ধী আম্রাকৃতি সন্দেশবিশেষ।]

আঁবর বি [সং অম্বর>প্রা অংবর>বা °র; অপ্র] আকাশ। "ন ছিল আঁবর শূ ১।

আঁব-আদা, আঁবসন্দেশ, আঁবহলদী দ্র 'আঁব।'

আঁবুই বি [সং অম্বা>প্রা আংবা>বা আঁবা+আই (একার্থক) >আঁবাই>আঁবুই (?)] মাতৃতুল্যা ভ্রাতা বা ভগিনীর শাশুড়ী; মাউই। [°মা—সর্থ 'আঁবুই, মাউই-মা'।]

আঁশ '-শ্' বি [সং অংশু>প্রা অংসু>বা আঁসু, -শু>আঁস, -শ; আঁসু (চ); হি আঁস, -শ] ১ সূর্য্যকর, তাপ। তু—'আঁশা'। ২ আম্রাদি ফলের সূত্রবৎ পদার্থ। "নি-আঁশ ও আঁব: দিতে পারি মনোমত কিন্তু তাহে (আঁবে) আঁশ।—দীনবন্ধু মিত্র। ৩ কাঠ পাট শণ বৃক্ষত্বক্ প্রভৃতির সূত্রবৎ পদার্থ। "কাঠের আঁশ বুঝিয়া কোপ দিলে, কাঠ শীঘ্র ফাড়ে। পাটের আঁশ অনুসারে মূল্য বাড়ে। বুড়ার চুল শণের আঁশ। ৪ কাপাস শিমুল আকন্দ প্রভৃতির তুলার সূক্ষ্ম রেখাবৎ অংশ। ৫ বাঁশ তাল প্রভৃতির চোঁচ। ৬ (গৌণার্থে) অত্যল্প পরিমাণ; একটু, অতিকম, একচুল। [আঁশাল (আঁশ+আল৮)—আঁশযুক্ত (আম্রাদি, কাষ্ঠ)। এক আঁশ কম বেশী না হওয়া—ওজনে বা ভাগে একটুও ন্যূনাধিক না হওয়া; ঠিক ওজন বা ভাগ হওয়া। যখন চরকায় সূতা কাটা হইত, তখন সূতার ব্যাপারীরা তুল দিয়া তুলা ওজন করিয়া দিত এবং ওজন করিয়া সূতা লইত। ইহাই ঐ বাক্যের মূল। এক আঁশ নুন—অত্যল্প লবণ। "আর এক আঁশ নুন কম হইলে তরকারীটা ভাল হইত।]

আঁশা সৰ্ম্ম [আঁশ+আ৯] শণ পাট প্রভৃতির আঁশ বিভক্ত করা বা ছাড়ান। "সরু দড়ি কাটিতে হইলে পাট ভাল করিয়া আঁশাইতে হয়। —শা অৰ্ম্ম, রৌদ্রে বা অগ্নির তাপে বস্ত্র ঈষৎ তপ্ত হওয়া বা শুখান। "কাপড় আঁশাইয়াছে, একটু থাকিলেই শুখাইয়া যাইবে। [আঁশান—১ আঁশ ছাড়ান; অল্প শুখান। "পাট, কাপড় আঁশান। ২ আঁশ-ছাড়ান, আঁশে আঁশে বিভক্ত। "আঁশান পাট, শণ।]

আঁশান; আঁশাল; আঁ'ষ; আঁষল—দ্র 'আঁশা; আঁশ, আঁইষ'।

আঁ'ষটীয়া, আঁ'ষটে বিং [আঁ'ষতা (আমিষতা)+ঈয়া, এ৮ (?)] আমিষতাসম্বন্ধী, মৎস্যসম্বন্ধী, মাছের। [আঁ'ষটে গন্ধ—১ মাছের গন্ধ। "সরষার তেলে আঁ'ষটে গন্ধ যায়। ২ মাছের মত গন্ধ। "সর্দিতে মুখে আঁ'ষটে গন্ধ হয়।]

আঁ'ষটে; আঁস্তাকুড় দ্র 'আঁষটীয়া; আঁচতাকুড়'।

আক১, -খ বি [সং ইক্ষু>লি উচ্ছু; প্রা ইক্খু, উচ্ছু; হি ঈখ, ঊখ; ঠ,

গু উস; ড় আখু; জাটু—ঈখ; উর্দ্দূ—আখ; সিংহলী—উক; আউখ (ঢাকা)] ইক্ষু (Saccharum Officinarum)। [আখের ভিন্ন ভিন্ন জাতি—দেশী আখ, পুঁড়ি (সং পুণ্ড্র), কান্তারী (সং কান্তার, -রী), খড়ী (খড়ীর মত শাদা), কাজলা (কাল রঙ), বোম্বাই, শামসাঁড়া, নাটা (লতার মত সরু। আখ মাড়া—আখ পিষিয়া রস বাহির করা। আখমাড়া কল—ইক্ষুপেষণার্থ লৌহযন্ত্রবিশেষ। দেশী কলের নাম—'আখমাড়া গুঁড়ী'। আখশাল—যেখানে আখ মাড়িয়া গুড় করে। একো, -খো (আখ+ও৬)—ইক্ষুজাত, ইক্ষুরস-জাত (রস, গুড়, পাটালি)।]

আক[২] বি [সং. অর্ক>প্রা অক্ক>বা আক; মৈ আক—সূর্য্য] বিবাহাদি কার্য্যে আভ্যুদয়িকে ব্যবহার্য্য শ্বেত পীত লোহিত ও হরিদ্বর্ণ পিটালি দিয়া রচিত গোল চূড়াকৃতি মাঙ্গলিক দ্রব্যবিশেষ (চব্বিশ-পরগণা); ছিরি। [ইহার গায়ে গোড়া হইতে চূড়াপর্য্যন্ত সর্পাকার নানারঙের পিটালির রেখা থাকে, ধারে-ধান-বসান পিটালির বড় চাকা চূড়ায় থাকে। তদ্ভিন্ন, গায়েও ঐরূপ ছোট ছোট চাকা লাগান থাকে। বোধ হয়, ইহা উদয়পর্ব্বত ও উদীয়মান সূর্য্যের প্রতীক। আভ্যুদয়িকে ঈদৃশ সূর্য্যের উপাসনা ইহার উদ্দেশ্য।]

আকঁদ বি ['আকন্দ'—মূল] আকন্দগাছ। "শ্রী ম ১৮৫।

আককাটা বিং ['আঁককাটা'—মূল (?)] যে কেবল আঁকই কাটে, অর্থাৎ হিজিবিজি লিখে, লিখিতে জানে না; মূর্খ, কাণ্ডজ্ঞানহীন। "আককাটা আঁকুরে বেটা কি যে আঁচড়েচে, মাথামুণ্ড কিছুই তার ঠিক কর্ত্তে পাচ্চিনে।—হেম ৪০৫।

আককু(খু)টে '-ক্' বিং ['আকুট'—মূল (?)] ১ যে কোন জিনিষই যত্ন করিয়া রাখে না, সবই নষ্ট করে; উড়নচ'ড়ে। "°টে ছেলে। ২ যে বেহিসাবী খরচ করে; অমিতব্যয়ী, লক্ষ্মীছাড়া। "°টে লোক।

আকক্ষ ক্রি.বিং ['আকুক্ষি' সাধু] কক্ষপর্য্যন্ত, উদরাবধি। "তাতে··· জপমালার থলি পিতলের কড়ায় আকক্ষ ঝুলচে হু ২১৫; আকক্ষ লম্বিত শ্বেতশ্মশ্রু ২৩২।

আকছার, সার '-ক্' ক্রি.বিং [আ অক্‌সর্] সদাসর্ব্বদা, প্রায়, সাধারণভাবে। "ভাইএ ভাইএ এরূপ প্রণয় আকছার দেখা যায় না।

আক(খ)জ, আখেজ '-জ্' বি [আ অখ্‌জ্; অস আখেজ] শত্রুতা, বিদ্বেষ, হিংসা। "ধর্ম্মের পর আখেজ ব.প ১৬৩৮।

আকট '-ট্' বি [আকোচ (আক্রোশ)—মূল (?)] ক্রোধ (?)। "আকটে পাপোস মারে হাড় করে গুঁড়া বি.সু ৭৯।

আকটবিকট্ বি ['আকৃতিবিকৃতি'—মূল] বিকটাকার, বিশ্রী চেহারা। "আকটবিকট্ করে পাইয়া তরাসে কৃ.উ ৭০।

আকড়[১] বি ['অকষ্ট'—মূল (?)] যে মুসলমান-জাতীয়া প্রসূতির প্রথম সন্তান জীবিত থাকে। "পা.প্র ৯৯।

আকড়[২] বি ['আঁকোড়'—মূল (?)] পুষ্পবিশেষ। "শূ ২৯।

আকড়ি বি ['আঁকড়ি'—মূল] ছোট আঁকশি। "অবশেষে শ্রীফলে আঁকড়ি ভেজাইল কৃ ১১।

আকড়ীয়া, -ক'ড়ে বিং ['অ-কড়ীয়া'—মূল] যাহার বিনিময়ে কড়ি লাগে না; বিনামূল্যে লভ্য বা লব্ধ।

আকণ্ঠ ব্য [অব্যয়ীভাব] কণ্ঠপর্য্যন্ত, কণ্ঠাবধি। "°তৃপ্ত মহা ৩.২৬২. ৩১। °মগ্ন।—ভ ৪.২৩.২৬। আকণ্ঠ পূরিয়া খায় কৃ ৩৭৬। চৈ.চ ১৪৩; আকণ্ঠ বপু জলে পৈশে ৩৪৭। রা.শে ২৮। আকণ্ঠ-নিমজ্জিত ব.দ্বি ৩। ['°পর্য্যন্ত' অসাধু, দ্র 'আ°]

আক(খ)তা বিং [ফা আখ্‌তহ্] মুষ্কহীন, খোজা, খাসি (Castrated)। "বিটী আক্‌তা ভাতারের মাগ, তা নইলে সে বেটা রেতে বেরুতে দেয় বি.বু ৪৫। [আখতা করা—মুষ্কহীন, অর্থাৎ খোজা করা।]

আকথা বি ['অকথা'—মূল; অস আওকথা] খারাপ কথা; নিন্দা, গালি। [আকথা কুকথা—গাল-গালাচ্।]

আক(খ)থু অব্য [হি আখ-থু—'ঘৃণাসূচক' অব্যয়] গলা টানিয়া থুথু ফেলার শব্দে; (গৌণার্থে) ঘৃণাসূচক, নিন্দার্থক (Tush!)। [মেয়েটি আখথুও নয়, আহা-মরিও নয়—মেয়েটি অতি কুৎসিতও নয়, অতি সুন্দরীও নয়, অর্থাৎ মাঝারিগোছের; চলনসই।]

আকত্থন বিণ [আ+কত্থ্+অন (ল্যুট্)-ভা; স্ত্রী -নী] আত্মশ্লাঘাপর, নিজপ্রশংসাকারক। "যুদ্ধেষাকত্থনো নিত্যম্ গো.রা ৬.৩.২৮।

আকনাদি বি [সং অবিদ্ধকর্ণী; হি °দি] গুড়্‌চীর মত লতাবিশেষ (Stephania hernandifolia)।

আকনি, -নী বি [ফা যখ্‌নী] পোলাও-প্রভৃতির পাকের নিমিত্ত মশলাসিদ্ধ জল।

আকন্দ বি [সং অর্ক, মন্দার; হি আক, মংদার;—এই শব্দদ্বয়ের মিশ্রণে 'আকন্দ' (?)] ১ অর্কবৃক্ষ (Calotropis Gigantea)। ২ অর্কপুষ্প, অর্কফল। "আকন্দ বদলে মাকন্দ পাব ক.চ ১৯১; ২৪৬।

আকপিল বিণ [ত.পু] ঈষৎ কপিল; আপিঙ্গল।

আকবর, আকব্বর বি [আ অক্‌বর্—মহত্তম; একব্বর (গ্রাম্য)] দিল্লীর প্রসিদ্ধ মহাত্মা মোগল সম্রাট্। "আকব্বর (পাঠান্তর 'একব্বর') পাৎসা: আকব্বর শাহা ভ.গ্র ৩১৮। [আকবরী মোহর—আকবরের নামাঙ্কিত বিশুদ্ধ স্বর্ণমুদ্রা। "আকবরী মোহর পোরা লক্ষ্মীর খুঁচী হু ২]।

আকম্প পুং [আ+√কম্প্+অ (ঘঞ্)-ভা] ১ ঈষৎ কম্প, ঈষচ্চলন। ২ কম্পন, চলন। "ভীষণৈশ্চরণাকম্পৈঃ কম্পয়ন্তীব মেদিনীম্ গো.রা ৩.৬২ ৩১। —কম্পন বিণ [+√কম্পি+অন (ল্যুট্) -ক; স্ত্রী -নী] ১ ঈষৎ কম্পয়িতা; ঈষচ্চালক। ২ [+অন (যুচ্) -ক; স্ত্রী -না] ঈষৎকম্পনশীল। —কম্পন ক্লী [+√কম্প্+অন (ল্যুট্)-ভা] ঈষৎ কম্পন; আচলন। —কম্পিত বিণ [+√কম্পি +ত (ক্ত)-র্ম্ম] ১ ঈষৎ কম্পিত; অল্পচলিত। ২ [+√কম্প্+ত -ক] ঈষৎ কম্পিত; আচলিত। "অনোকহাকম্পিতপুষ্পগন্ধী।—রঘু ২.১৩। —কম্পিত ক্লী [+ত-ভা] ঈষৎ কম্পন; আচলন। —কম্প্য বিণ [+√কম্পি+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -ম্প্যা] ঈষৎ কম্পনীয়। "ত্বয়্যনাকম্প্যধৈর্য্যে বিক্র ৫.২২। —ম্প্র বিণ [+র তাচ্ছীল্যে -ক; স্ত্রী -ম্প্রা] ঈষৎ কম্পনশীল।

আকম্পন, -কম্পিত, -কম্প্য, -কম্প্র দ্র 'আকম্প'।

আকর পুং [আ+√কৃ+অ (ঘ)-ধি, পা ৩.৪.৯৬, তত্ত্ববোধিনী; +√কৃ+অ (অপ্)-ধি (অ.টী)] ১ যে স্থানে লোকেরা আসিয়া ব্যবহার করে (তত্ত্ববোধিনী); যে স্থানে রত্নাদি আকীর্ণ থাকে; রত্নাদির উৎপত্তিস্থান; খনি। "ধাতুনামাকরো মহান্ রা ১.৩৫.১৩। মনু ৭.৬২। মহারাজ সকল রত্নের আকর।—কাদ ১। ২ উৎপত্তি-স্থানমাত্র। "কুসুম°, পদ্ম°, পুষ্প°, রত্ন°। অশেষগুণ° (ভর্তৃহরি)। আকরেভ্যো গজগ্রহণম্ রঘু ১৬.২, মল্লিনাথ। কমল° কৃ.স ২.২৯। রায় গুণাকর ভা.চ ৫০। ৩ সমূহ, রাশি (A.)। ৪ শ্রেষ্ঠ, প্রধান (মেদিনী)। ৫ মূলপুস্তক (Text)। "অন্যা ইষ্টয়ো বিস্তরভয়ান্নোক্তাঃ, আকরে দৃশ্যাঃ। [আকরস্থান—আদিস্থান।]

আকরকরা বি [আ আক্‌র্ ক্‌রহা; অকর, অকরকরব (ভাব-প্রকাশ); হি আকরকঢ়া, -করহা] ১ সোমরাজীর ন্যায় শাকবিশেষ (Anacyclus Pyrethrum)। ২ আকরকরার মূল (Pellitory)।

আকরজ বিণ [আকর+√জন্+অ (ড)-ক; উ.ত] আকরজাত, খনিজ। —জ ক্লী, রত্নাদি।

আকরবিক্রয় বি আকরে, অর্থাৎ করহীন লোকসান মহলে উৎপন্ন জিনিশপত্র-বিক্রয়।

আকরিক পুং [আকর+ইক (ঠক্) 'তত্র নিযুক্ত' অর্থে] আকরে নিযুক্ত; কার্য্যপর্য্যবেক্ষণার্থ আকরে নিযুক্ত রাজপুরুষ (Miner)। "পা ৪.৪.৬৯। —ক ক্লী [+ইক 'তাহা হইতে আগত' অর্থে] আকর হইতে আগত; খনি হইতে প্রাপ্ত স্বামিগ্রাহ্য ভাগ; খনির আয়। "পা ৪.৩.৭৫, কাশিকা।

আকরী (-রিন্) বিণ [আকর+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -রিণী] যাহার সম্বন্ধে আকর আছে; আকরবান্, আকরজ। "আকরিভিঃ করিভিঃ কি ৫.৭।

আকরোদ্ভব বিণ [বহুব্রী] আকর যাহার উৎপত্তিস্থান; আকরজাত। "মণিরাকরোদ্ভবঃ রঘু ৩.১৮।

আকর্ণ[১] ব্য [অব্যয়ীভাব] কর্ণপর্য্যন্ত, আশ্রবণ। "°মুক্তৈরিষুভিঃ গো.রা ৩.৬৯.১৬। চক্ষু আকর্ণপুরিত কৃ ৫২। আকর্ণ পুরিয়া, সন্ধান করিয়া ভা.চ ৬২। [°পর্য্যন্ত (অসাধু)—কর্ণপর্য্যন্ত (সাধু)। দ্র 'আ'৩। "আকর্ণপর্য্যন্ত নেত্র ন প ১৬; ৪৩।]

আকর্ণ[২] সক [চু.প—আকর্ণয়তি; সেট্] শ্রবণ। "সর্ব্বে সবিস্ময়মাকর্ণয়ন্তি শ (S.W.)। [আকর্ণিয়া—শুনিয়া। "আকর্ণিয়া…গীত স.শ ১৪০।]

আকর্ণন ক্লী [√আকর্ণি+অন (ল্যুট্)-ভা] শ্রবণ। "ক সা ১৬.৬৭। বিলাপবাক্য আকর্ণন করিয়া আমাদের হৃদয় বিদীর্ণ হইয়া গেল সী ৫০। —কর্ণিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] শ্রুত। "করুণাময়ী-আকর্ণিত দু ৬১।

আকর্ষ[১] পুং [আ+কৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ আকর্ষণ, টানা। ২ প্রত্যাহরণ, প্রত্যানয়ন। "উ.চ ৩.৪৬। ৩ ধনুরাকর্ষণ, ধনুরভ্যাস। ৪ প্রলোভন। ৫ আক্ষেপ, খেঁচা (Spasm)। ৬ [+অ-ণ] পাশকক্রীড়া, দ্যূত। "মহা ২.৬৩.৬। ৭ পাশক, পাশা। ৮ ইন্দ্রিয়। ৯ ধান্যাদির আকর্ষণার্থ বক্রাগ্র কাষ্ঠবিশেষ; আঁকড়া। "°শ্ব পা ৫.৪.৯৭। ১০ অয়স্কান্ত, চুম্বক। "যথা ভ্রাম্যত্যয়ঃ…আকর্ষসন্নিধৌ।—ভ ৭.৫.১৪। ১১ [+অ-ধি] শারিফলক, পাশার ছক্। ১২ নিকষ, কষ্টিপাথর। "পা ৪.৪.৯, কাশিকা। —র্ষক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -র্ষিকা] ১ আকর্ষণকারক। ২ প্রলোভয়িতা, মোহন। —র্ষক পুং অয়স্কান্ত, চুম্বক। —কর্ষণ বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] ১ আকর্ষক। ২ প্রলোভক। —কর্ষণ ক্লী [+অন-ভা] ১ বলপূর্ব্বক অন্যত্র নয়ন; স্থানান্তরপ্রাপণ, খসান। "পকেষ্টকাকর্ষণ মৃ ৩২১/২। ২ (তন্ত্রে) অভিচারকর্ম্ম দ্বারা যোষিদাদির আনয়ন। "যোষিদাকর্ষণে চৈব বিনিয়োগঃ (তন্ত্র)। ৩ (মল্লশাস্ত্রে) অর্ব্বাক্কর্ষণ; নিম্নাভিমুখে টানা। "মহা ১.১৯০.২৫। ৪ অভিমুখে আনয়ন; প্রত্যাহরণ। "(শচীকে) তুলিলা কেশে করি আকর্ষণ।—হেম ১৬৪। ৫ প্রলোভন। ৬ [+অন-ণ] (তন্ত্রে) মারণাদি ষট্‌কর্ম্মান্তর্গত বিধানবিশেষ। —কর্ষণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ ফলপুষ্পাদির আহরণার্থ বক্রাগ্র যষ্টিকাবিশেষ; আঁকশি। ২ আকর্ষণসাধন বস্তুমাত্র। ৩ মুদ্রাবিশেষ (ত.বা); দেহস্থচিহ্নবিশেষ (A.)। —কর্ষিত বিং ['আকৃষ্ট' সাধু] আকৃষ্ট, ধৃত। "শূন্যে আকর্ষিত কেশ।—হেম ১৬৫। —কর্ষিণী স্ত্রী [°র্ষিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] সর্থ 'আকর্ষণী'। —কর্ষী (-র্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্ষিণী] ১ আকর্ষক, প্রত্যাহারক (গন্ধ)। ২ (বাঙলায়) আঁকশি। "অন্য ফল আকর্ষী দিয়া পাড়া যায়, কিন্তু নারিকেল না উঠিলে পাড়া যায় না ব.প্র ৫৮২।

আকর্ষ[২] সর্ম্ম [সং আ+√কৃষ্—আকর্ষ্>বা √আকর্ষ; পদ্যে] ১ আকর্ষণ করা; ধরিয়া বা বাধাইয়া টানা; টানা। "হলে আকর্ষিয়া সূতে আনিল নিকটে ম ৯৪১। আকর্ষিয়া তার মাথে প্রভু ধরিল চরণ চৈ.চ ২৯০। ২ মন্ত্রশক্তিতে আকর্ষণ করা বা আনা। "ইন্দ্রে ছাড়ি তক্ষকে আকর্ষে আরবার ম ৪৫। ৩ মোহিত করিয়া আনয়ন করা। "ভুজযুগে বংশী ধরি, আকর্ষয়ে ব্রজনারী ব ৭। প্রভাবে আকর্ষিল সন্ন্যাসীর মন চৈ.চ ৩৩; অগ্নি যৈছে…পতঙ্গেরে আকর্ষিয়া মারে চৈ.চ ৭৯। (মো সভারে) বনে আকর্ষয় ভ.প্র ৪৭২। বংশীর স্বনে। আকর্ষিয়া আনি বনে (পদকল্পতরু)। ৪ অবলম্বন করা; ধরা। "ভূমি আকর্ষিয়া শিব পড়িল ভূমিতে ম.ম ২০; ভূমি আকর্ষিয়া চান্দ তখনি বসিল ১৪৩। ৫ আলিঙ্গন করা; জড়াইয়া ধরা। "সুমিত্রা ক্রন্দন করে আকর্ষিয়া গাও ম.ম ১৮৭। ৬ প্রাপ্ত হওয়া; লোটান। "ভূমি আকর্ষিয়া গাও, ধরিয়া যতীর পাও, তুমি যতী মোর ধর্ম্ম-মাতা ম.ম ১৪৪।

আকর্ষক, -র্ষণ, -র্ষিণী, -র্ষিত, -র্ষী দ্র 'আকর্ষ'।

আকল সর্ম্ম [সং আ+√কলি; অপ্র] ১ চিন্তা করা; ভাবা। "কানফাএ আকলিল তাহান অন্তর গো.বি ২০। ২ লাভ করা; পাওয়া। "আসনে বসিল মীন গ্যান (জ্ঞান) আকলিয়া গো.বি ১৯৭।

আকলন ক্লী [আ+√কলি+অন (ল্যুট্)-ভা] ১ গ্রহণ, ধারণ, পরিধান। "মেখলাকলন (কাদম্বরী)। ২ বন্ধন। "মাঘ ৫.৪২। ৩ সংগ্রহ। ৪ গণনা। ৫ আকাঙ্ক্ষা। ৬ অনুসন্ধান। —কলিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ গৃহীত, ধৃত, পরিহিত। ২ আক্রান্ত, আবিষ্ট। "কৌতুহলাকলিতহৃদয়া (কাদম্বরী)। ৩ বদ্ধ। "সুবর্ণসূত্রাকলিতাম্বরা মাঘ ১.৬। ৪ সংগৃহীত। ৫ গণিত। ৬ আকম্পিত, চলিত। "মারুতাকলিতাস্তত্র দ্রুমাঃ (মহা)।

আকল্প পুং [আ+√কৢপ্+অ (ঘঞ্)-ভা] ১ কল্পন (মেদিনী)। ২ [+অ-ণ] বেষ, ভূষণ, মণ্ডন। "°রচনা সা.দ ৩.১০০। রত্নাকল্পোজ্জ্বলাঙ্গ (শিবধ্যান)। °সাধন রঘু ১৭.১২।—কল্প ব্য [অব্যয়ীভাব] কল্পপর্য্যন্ত, আপ্রলয়। "আকল্পং নরকং ভুঙ্‌ক্তে (স্মৃতি)। [শব্দকল্পদ্রুমে 'রোগ' অর্থে 'আকল্প'-স্থলে 'আকল্য' হইবে, 'আকল্প' প্রামাদিক। দ্র 'অ.চি'।] —ল্পক পুং [°ল্প+ক (কন্) স্বার্থে] ১ তমঃ। ২ মোহ। ৩ গ্রন্থি। ৪ হর্ষ। ৫ উৎকণ্ঠা।

আকষ পুং [আ+√কষ্+অ (অপ্)-ধি] যাহাতে স্বর্ণাদি কষে; নিকষ, কষ্টিপাথর। "পা ৪.৪.৯; ৫.২.৬৪, সি।

আকস্মিক বিণ [অকস্মাৎ+ইক (ঠক্) স্বার্থে, টি-লোপ, পা ৫.৪.৩৪; 'ভব' অর্থে (শ.ক); স্ত্রী -কী] ১ অকস্মাৎ, অকস্মাদ্ভব, অতর্কিত। "°প্রত্যবভাস উ.চ ২৪/৫। ত্রাসস্ত্বাকস্মিকং ভয়ম্ (অ.চি)। ২ অকারণ, অহেতুক।

আকা[১] বি [দ্র 'আক'১; অপ্র] সূর্য্য। "লগ্নে আকা ব.প ১৫।

আকা[২], **-খা** বি [সং পক্ষ>প্রা পক্‌খ>বা পাখ, -ক>পাখা, -কা>আখা, -কা; অস আখা; পাথ্যা—উননের ঝিঁক; আহাল—চুল্লী (বরিশাল); পাখাল (সিলেট, ত্রিপুরা); আখাল (চাঁদপুর)] চুলা, উনান। "ঘরে আখা বাহিরে রান্ধে ব.প ৮। আখার আন্দন বারন গো.চ ১০২, টীকা। তিতা আখা বা.ম ১৪৯। আখার উপরে হাঁড়ী রাখিয়া চলিল বি.সু ১২১। আখা জ্বলে বিনা ফুঁয়ে।—হেম ৩৯১।

আকাঁড়া বিং [সং অকণ্ডিত>প্রা* অকংডিঅ>বা—(অকাঁড়িআ) আকাঁড়া] ১ যাহা কাঁড়ান নহে; সতুষ, কুঁড়াযুক্ত (চাউলাদি)। "আকাঁড়া চাল দিলে ভিক্ষা লন না।—দা ২০৪৭। ২ ব্যাধিহীন, হৃষ্টপুষ্টাঙ্গ সুস্থসবল দেহবান্। "আকাঁড়া জোয়ান। [ভিক্ষের চা'ল কাঁড়া আর আকাঁড়া (প্রবচন)—ভিক্ষায় লব্ধ তণ্ডুলের ভাল মন্দ বিচার কি? প্রার্থনালব্ধ দ্রব্যের গুণাগুণ অবিচার্য্য।]

আকাঙ্ক্ষা স্ত্রী [আ+√কাঙ্ক্ষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ ইচ্ছা, অভিলাষ। "ভক্ত° (সুশ্রুত); তৎসঙ্গমাকাঙ্ক্ষা (অমরু)। ২ বস্তুর রমণীয়তা হেতু স্পৃহা। 'সা.দ ৬.২০২। ৩ অপেক্ষা, জিজ্ঞাসা, অনুসন্ধান (শ.ক); জিজ্ঞাসা, অর্থাৎ পদসমূহের অর্থপ্রতীতির পর্য্যবসানের

অভাব। "সা.দ ২.১১, টীকা। ৪ (ন্যায়ে) যে পদ বিনা যে পদের অন্বয়বোধ হয় না, তাদৃশ পদদ্বয়ের সম্বন্ধ। যেমন ক্রিয়াপদের সহিত কারকপদের আকাঙ্ক্ষা (ভাষাপরিচ্ছেদ ৮৪)। —ঙ্ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ অভিলষিত, ইষ্ট। "ছুঁইনু ও দেব-আকাঙ্ক্ষিত, তনু মে ১১৩। ২ অপেক্ষিত, অন্বিত, সম্বন্ধযুক্ত। —ঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ঙ্ক্ষিণী] ১ অভিলাষী, ইচ্ছু। "প্রসবসময়° রঘু ১৯.৫৭। অফল° গী ১৭.১১। সীতাহিতাকাঙ্ক্ষী সী ৫৩। প্রেমাকাঙ্ক্ষী স.শ ৭। [সমাসে উত্তরপদ]। ২ অপেক্ষক, সম্বন্ধী, জিজ্ঞাসু। —ঙ্ক্ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম] বাঞ্ছনীয়, অভিলষণীয়।

আকাঙ্ক্ষিত, -কাঙ্ক্ষী, -কাঙ্ক্ষ্য দ্র 'আকাঙ্ক্ষা'।

আকাট বিং ['অ (সদৃশ) কাষ্ঠ'—মূল (?)] ১ কাষ্ঠবৎ নীরস, অর্থাৎ বিদ্যারসহীন; মূর্খ; কাণ্ডজ্ঞানহীন। ২ কাষ্ঠবৎ জড়; নিস্পন্দ, আড়ষ্ট (ভয়ে, বিস্ময়ে)। [আকাট বাঁঝা বা বাঁঝিয়া—কাষ্ঠে যেমন ফল হয় না, তদ্রূপ যে নারীর সন্তানসম্ভাবনা একান্ত অসম্ভব; নিরেট বাঁঝা। "আকাট বাঁঝিয়া প্রসব হইল, ছেলে চায় পায়রার দুধ ব.প ৪৮৪। আকাট মারা—কাষ্ঠের ন্যায় জলবিন্দুশূন্য হওয়া। "দেবতা আকাট মেরে র'য়েছে, এক ফোঁটাও জল নেই। আকাট মূর্খ—নিরেট মূর্খ; হস্তিমূর্খ। অসুখে আকাট মেরে থাকা—অসুখে নিরম্বু উপবাস করা।]

আকাটা বিং [আ৪+কাটা] অচ্ছিন্ন, অখণ্ডিত। [আকাটা-অকুট ('কাটাকুটা' হইতে নিষেধার্থে; অপ্র)—১ যাহা কাটাকুটা যায় না; অখণ্ডনীয়, বিনাশহীন, অমর। "মোর বরে হও পুত্র আকাটা-অকুট ম.ম ৮৩; কালিকার মন্ত্রে তুমি আকাটা-অকুট ২২০। ২ অনুল্লঙ্ঘনীয়, অব্যর্থ। "নেতা ধোপানীর আজ্ঞা আকাটা-অকুট ম.ম ৭৫।]

আকাঠা বি [আ৪+কাঠা; অস আওকাঠ] অসার কাঠ।

আকাড়ি১ বি [দ্র 'আঁকড়ি১'] সর্থ 'আঁকড়ি১'। "আকাড়ি করিয়া কেহ ধরে রথখান ম ১২৩৭। আকাড়ি করিয়া তোলে ক.চ ৫৩। [আকাড়ি করা—আঁকড়িয়া বা পাঁজা করিয়া ধরা।]

আকাড়ি২ বিং [আকাঁড়ি>°ড়ি; আকারি, -ড়া (গো.চ); অপ্র] সর্থ 'আকাঁড়া'। "আকাড়ি ধানের চাউল ব.প ৫৯।

আকামান বিং [আ৪+কামান] ১ যাহা কামান (কর্ম্ম দ্বারা লব্ধ) নহে; বিনা শ্রমে প্রাপ্ত। ২ ক্ষৌরকার্য্যহীন। ৩ যে সাপের বিষদাঁত ভাঙা হয় নাই।

আকার পুং [আ+√কৃ+অ (ঘঞ্)-ভা] ১ অবয়বসংস্থানবিশেষ; আকৃতি, মূর্ত্তি। "°সদৃশপ্রজ্ঞঃ রঘু ১.১৫। পর্ব্বত-আকার তাহে জলচরগণ ম ১৯। ২ অভিপ্রায়ানুরূপ চেষ্টাবিষ্করণ; ইঙ্গিত, সঙ্কেত, ঠার, ইশারা। ৩ শোকহর্ষাদিসূচক ভ্রূকুটিমুখরাগাদি (মল্লিনাথ); শৃঙ্গারাদি-জন্য রোমাঞ্চ-প্রসন্নমুখরাগাদি অঙ্গবিকার (অ.টী); দেহভব স্বেদরোমাঞ্চাদি (কুল্লূক); হৃদ্গতভাবজ্ঞাপক দেহচেষ্টা। "গূঢ়াকারেঙ্গিত রঘু ১.২০। মনু ৭.৬৩; ৮.২৫। অবহিত্থাকারগুপ্তিঃ (অ কো)। আকার ইঙ্গিতে তারে কহেন সংবাদ কৃ ২৪৮। ৪ হৃদ্গতভাবজ্ঞাপন (ত.বা)। ৫ অভেদোপগম (ত.বা)। ৬ তদাত্মতা, অভেদভাব। ৭ [আ কার, কর্ম্মধা] 'আ' এই বর্ণ; আবর্ণ। "আকার হকার বর্ণে আকার সংযুক্ত বি.সু ৬২। [°প্রকার (বি)—আকারবিশেষ, বিশিষ্ট বাহ্যভাব। "সী ১৯। °সদৃশ (বিণ)—আকারতুল্য। "রঘু ১.১৫। শ ৭১/২ৄ।

আকারগুপ্তি স্ত্রী [ষ.ত] ১ বাহ্যভাবের গোপন; লজ্জা হেতু রতিচিহ্নগোপন (অ.টী); ভয়গৌরবলজ্জাদি হেতু হর্ষাদিসূচক মুখরাগাদির সংবরণ (সা.দ); অবহিত্থা। ২ ব্যভিচারিভাববিশেষ। 'সা.দ ৩.১৫৮।

আকারণ ক্লী, -ণা স্ত্রী [আ+√কারি+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] আহ্বান। "মণিভদ্রাকারণায় কশ্চিৎ প্রেষিতঃ।—পঞ্চ (S.W.)। —কারিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ আহূত, কৃতাহ্বান। "শ ৬১/২২। ২ [আকার+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] সঞ্জাতাকার, আকারযুক্ত। "ঘটাকারাকারিতচিত্তবৃত্তি (বেদান্তসার)।

আকারপ্রকার, আকারসদৃশ; আকারিত দ্র 'আকার; আকারণ'।

আকারেঙ্গিত ক্লী, দ্বিব [আকার ও ইঙ্গিত, দ্বন্দ্ব] ভ্রূকুটিমুখরাগাদি অঙ্গবিকার ও হৃদয়গত বিকার। "রঘু ১.২০।

আকাল বি [তা, তেলেগু—আকালি (ক্ষুধা); গোণ্ডভাষা—আকাল (দুর্ভিক্ষ); হি অকাল] দুর্ভিক্ষ, অন্নাভাবকাল। "রাজার পাপেতে হৈল মুলুকে আকাল ব প ১৪১৪। আকাল সময়ে ভ.গ্র ৩৪২; আকাল বৎসর ৪১৪। আকাল এলো আবার ধ্বজা তুলে।—হেম ৩৮২। আকাল পড়েছে, চালের বস্তা, মনের মতন হয়নি সস্তা কা ১৪০। প.কা ১৮।

আকালি বি ['অকালি'—যাহা কাল নয়, অর্থাৎ লাল; অপ্র] লঙ্কামরিচ, ঝাল। "গো চ ১০১।

আকালিক বিণ [সমানকাল+ইক (ইকট্), আদ্যন্তবচনে, সমানকাল>আকাল (নিপাতিত), পা ৫.১.১১৪; অকাল+ইক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -কী] ১ যাহার আদি ও অন্ত সমানকাল (এক কালেই হয়); অকালভব, উৎপত্ত্যনন্তরবিনাশী, আশুবিনাশী, ক্ষণধ্বংসী। "আকালিকঃ স্তনয়িত্নুঃ; °কী বিদ্যুৎ। আকালিকীং বীক্ষ্য মধুপ্রবৃত্তিম্ ক.স ৩.৩৪। ২ পূর্ব্বদিবসে যে কালে উৎপত্তি, তৎকালপর্য্যন্ত। "আকালিকমধ্যায়নম্ মনু ৪.১০৩; ১০৫। —কালিকী স্ত্রী বিদ্যুৎ (অ.চি)।

আকাশ পুং, ক্লী [আ+কাশ্+অ (ঘঞ্)-ধি; ছান্দস; Av. Asha; ফা আস্‌মান্; প্রা আগাস, হি আগাস; মৈ আকাস; আগাশ (গ্রাম্য)] ১ যেখানে চারিদিকে সূর্য্যাদি প্রকাশ পায় (অ টী); অম্বর, গগন। "আকাশে থাকিয়া দেখে কৃ ২৫৭। নীল আকাশে কে ভাসালে সাদা মেঘের ভেলা।—রবীন্দ্র। ছত্র আকাশ কু.কে ৯৮। ২ (বৈশেষিকে) নববিধ দ্রব্যের একতম। "শ্রবণ আকাশ শ্রী ম ২৯৬। আগ্নেয় আকাশ সামান্য আকাশ হইতে সাতগুণ লঘু।—রামমোহন রায়। [ইহার আশ্রয়ে শব্দ তরঙ্গাকারে উৎপন্ন ও বাহিত হইয়া শ্রবণগোচর হয়। ইহা স্থূল আদিভূত (Ether)। শব্দ ইহার বিশেষ গুণ (দ্র 'শ ১.১; রঘু ১৩.১)। ইহা রূপাদিহীন। ঘনকঠিন (Solid), দ্রব (Liquid) ও বায়বীয় (Gaseous) ইহার এই তিন রূপ। বেদান্তমতে আকাশ জন্য। ইহা মহাকাশ ঘটাকাশ জলাকাশ ও অভ্রস্থ (মেঘাকাশ) এই চতুর্বিধ (পঞ্চদশী ৬.১৮)] ৩ আদিভূত ব্যোম (Ether)। "ক.চ ৯। ৪ ব্রহ্ম। "বেদান্তদর্শন। ৫ শূন্য স্থান; বিবিক্তদেশ। "°নীকাশতটা মহা ৩.১৮২.১৪। ৬ ছিদ্র, রন্ধ্র। ৭ (গণিতে) শূন্য (Zero)। ৮ অন্তরাল, অবকাশ। "সপর্ব্বতবনাকাশা (পৃথিবী) মহা ৩.২৫৩.৩১। ৯ অনাবৃত প্রদেশ। "°শয়ন, °শায়ী। [আকাশে (সংস্কৃতনাট্যে)—ইহার অর্থ, কোনও নট রঙ্গে প্রবেশপূর্ব্বক রঙ্গে অনুপস্থিত ব্যক্তিবিশেষের কার্য্যদর্শন বা শ্রবণের অভিনয় করিয়া আকাশাভিমুখে কিছু বলিতেছে। অথবা রঙ্গপ্রবিষ্ট অভিনেতৃগণের অদৃশ্য হইয়া আকাশ হইতে কেহ বলিতেছে। "শ ৩১/২; ৪.১১। আকাশে কহেন, সব শুনে ভক্তগণে চৈ.চ ৩৪৬। আকাশ ঘোর ঘটা করে আসা—আকাশ ঘনঘটায় আচ্ছন্ন ও অন্ধকারময় হইয়া পড়া। আকাশ থেকে পড়া—আকাশপতিত ব্যক্তি যেমন পৃথিবীর বিষয় কিছুই জানে না, তদ্রূপ জানিয়া শুনিয়াও অজানার ভান করা। আকাশ পাতাল বলা—বড় বড়, অর্থাৎ অসম্ভব কথা বলা; প্রলাপ বকা; আবোল-তাবোল বলা। "হুজ গন্ধ

রাখোআল, বোল আকাশ পাতাল, তা সুনি কে বা পাতিআএ শ্রী.কী ১০৭। আকাশ পাতাল ভাবা—অত্যন্ত চিন্তাকুল হওয়া। আকাশ পাতাল ভেদ—আকাশ পাতালের ন্যায় উচ্চনীচতার অত্যন্ত প্রভেদ। তু 'আসমান জমীন তফাৎ'। "আমি জানি যবনেরা ইংরাজের মত, ভিন্ন জাতি; তবু ভেদ আকাশ পাতাল ন ৪৩৬। আকাশ-ফোঁড়া কথা—ভিত্তিহীন বা অমূলক কথা; অসম্ভব বিষয়। আকাশ ভাঙ্গিয়া পড়া—প্রলয়ের আবির্ভাব হওয়া; মহাবিপৎপাতের ভয় হওয়া। "এই কথা সোনা রাণী শুনি সখীমুখে। আকাশ ভাঙ্গিয়া যেন পৈল রাণীর বুকে॥—ম.ম ১৯৭। ক.চ ২১৭। আকাশ হইতে পড়া—(সাদৃশ্যে) হঠাৎ অসম্ভাবিত বিষয়শ্রবণে অতিবিস্মিত হওয়া। "রাজচন্দ্র একটু কুণ্ঠিত হইল। বলিল, "হাঁ, তাই বটে। এই সম্বন্ধ করিতেই কর্ত্তা আমাকে ডাকাইয়াছিলেন" শুনিয়া আকাশ হইতে পড়িলাম। —ব.প্র ২২৮। ব.দ্বি ১৯৭। আকাশ হাতে পাওয়া—(সাদৃশ্যে) দুর্লভ প্রিয়-বস্তুর লাভে অত্যন্ত আনন্দিত হওয়া। "আকাশ-বাণীতে হাতে পাইল আকাশ ভা.চ ২৬৪। তু 'আহ্লাদে প্রসূতি পান স্বকরে আকাশ।—দ্বারকানাথ অধিকারী। আকাশে উঠা—অত্যুচ্চে উঠা। আকাশে ছেপ ফেলা—আকাশে ক্ষিপ্ত থুৎকার নিজের গায়েই পড়ে; (গৌণার্থে) নিজেই নিজের অনিষ্ট করা। "আকাশে ফেলিতে ছেপ এসে গায়ে পড়ে বি.সু ৭৭। আকাশের চাঁদ হাতে পাওয়া—(সাদৃশ্যে) অতিদুর্লভ প্রিয় বস্তু লাভ করা। "হস্তেতে পাইলা যেন আকাশের চাঁদ ভ.গ্র ২১।]

আকাশকক্ষা স্ত্রী [ষ.ত] লোকালোকপর্য্যন্ত সূর্য্যকিরণসঞ্চারাবধি বৃত্তাকার গগনস্থ গোলক্ষেত্র; দিক্‌চক্র।

আকাশকথা বি [উ.লো] আকাশবাণী। "চৈ.চ ১৭১।

আকাশকুসুম বি [উ.লো; সং খপুষ্প, গগনকুসুম; আকাশফুলিআ (চ)] আকাশজাত পুষ্প অসম্ভব বিষয়; মিথ্যাবস্তুমাত্র। "আকাশ-কুসুম করিনু চয়ন হতাশে।—রবীন্দ্র। সে আমার আকাশকুসুম বোধ হয় লী ১৮।

আকাশগ বিণ [°শ+√গম্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -গা] ১ আকাশগামী, ব্যোমচর। ২ আকাশপ্রবাহী। "আকাশগাং নদীম্ গো.রা ১.৪৫.৫। —গ পুং খগ, পক্ষী। —গা স্ত্রী আকাশগঙ্গা।

আকাশগঙ্গা স্ত্রী [উ.লো] আকাশবাহিনী গঙ্গা; মন্দাকিনী, স্বর্গ-গঙ্গা। "গো.রা ৪.৪৪.৬১। রঘু ১.৭৮। °জল শ্রীম ৭৯। শি ৩৪; আকাশগঙ্গামৃত ৬২। কু.উ ৯০।

আকাশচারী (-রিন্) বিণ [°শ+√চর্+ইন্ (ণিনি)-ক-১ব, উ.ত; স্ত্রী -রিণী] আকাশচরণশীল; ব্যোমচর। "ক.সা ২০.১৭৯। —রী পুং খেচর, পক্ষী। "মহা ১.২৩০.২১।

আকাশজননী স্ত্রী [বহুব্রী] আকাশ যাহার জননীতুল্যা; দুর্গের প্রাকারভিত্তিতে বাহ্যবস্তুদর্শনার্থ কৃত ক্ষুদ্র ছিদ্র (এই ছিদ্রপথে আগ্নেয়াস্ত্র-গুলিকা প্রক্ষিপ্ত হয়)। "মহা ১২.৬৯.৪৩।

আকাশদিউটী বি [দ্র 'দিউটী'] সর্থ 'আকাশদীপ'। "আকাশ-দিউটী বীরের দুটা চক্ষু জ্বলে ব.প ৫২৬।

আকাশদীপ, -প্রদীপ পুং [উ.লো] ১ আকাশে দত্ত দীপ; কার্ত্তিকমাসে সায়ংকালে উচ্চস্থানে বা দণ্ডাগ্রে প্রদত্ত তিলতৈলপ্রদীপ। ২ দণ্ডাগ্রস্থ প্রদীপমাত্র।

আকাশদুহিতা, -নন্দিনী বি [ষ.ত] (আকাশে জন্ম হেতু) আকাশের কন্যাতুল্যা; আকাশসুতা (প্রতিধ্বনি)। "আকাশদুহিতা ওগো শুন প্রতিধ্বনি মে ৪২। °তা মা ১২৬; কে তুমি ডাকিছ,—আকাশনন্দিনী! ১৫৮।

আকাশপথ, -বর্ত্ম (-র্ত্মন্) পুং ক্লী [আকাশ পন্থা বর্ত্ম, কর্ম্মধা, সমাসান্ত 'অ' আগমে 'পথ'] আকাশরূপ মার্গ; শূন্যপথ। "°থ ক.সা ২৫.২১৪। °র্ত্ম হি ৪$\frac{১}{১৩}$। °থ সী ১০।

আকাশবচন ক্লী, **-বাণী** স্ত্রী [উ.লো] আকাশসম্ভূত বাক্য; দৈববাণী, অশরীরিবাক্য। "°ন বা.দ ২৫৪। হইল আকাশবাণী অন্নদা আইল ভা.চ ২৫৮; ২৬৪।

আকাশবন্যা বি প্রচুর বারিবর্ষণে বন্যা; বৃষ্টিজন্য প্লাবন।

আকাশবর্ত্ম; আকাশবাণী দ্র 'আকাশপথ; আকাশবচন'।

আকাশভারতী বি [উ.লো; সং আকাশবাণী] দৈববাণী। "ম ৯৫২। ক.চ ৭৪। ভা.চ ৪৮৯।

আকাশভাষিত ক্লী [উ.লো] ১ সর্থ 'আকাশবচন'। ২ (নাট্যে) নট অনুক্তবাক্যশ্রবণের অভিনয় করিয়া 'কি বলিতেছ' এই প্রশ্নপূর্ব্বক শ্রোতা পাত্র বিনা যে বাক্য প্রয়োগ করে, তাদৃশভাষা (সা.দ ৬.১৪০)।

আকাশমণ্ডল ক্লী [ষ.ত] চতুর্দ্দিগ্‌বর্ত্তী বৃত্তাকার আকাশ; নভো-মণ্ডল। চা.তৃ ১২৪।

আকাশযান ক্লী [উ.লো] ১ আকাশগামী যান; বিমান; ২ ব্যোমযান। ৩ [ষ.ত] আকাশগমন।

আকাশরক্ষী (-ক্ষিন্) পুং [উ.লো] আকাশে (অত্যুচ্চদুর্গ-প্রাকারে) স্থিত রক্ষক; দূরে লোকের সঞ্চার দেখার জন্য দুর্গ-বহিঃ-প্রাকারের উপরিস্থ রক্ষক (মহা ১২.৬৯.৪২, নীলকণ্ঠ)।

আকাশশয়ন ক্লী [স.ত] অনাবৃতস্থানে নিদ্রা; ফাঁকায় শোওয়া। "নিবৃত্তাকাশশয়না (ত্রিযামা) রা ৩.১৬.১২।

আকাশশায়ী (-য়িন্) বিণ আকাশ+√শী+ইন্ (ণিনি) ব্রতে -ক-১ব, পা ৩.২৮০; উ.ত] ব্রতার্থ অনাবৃতস্থানে শয়নকারী। "প্রাবৃষ্যাকাশশায়ী স্যাৎ।—শঙ্খ ৬.৬।

আকাশসম্ভব বিং [বহুব্রী, স্ত্রী -বা] আকাশ যাহার উৎপত্তিস্থান; আকাশজাত। "আকাশসম্ভবা বাণী মে ১৬১। আকাশসম্ভবা প্রতি-ধ্বনি মা ১২৫; ১৫০।

আকাশসলিল ক্লী [উ.লো] আকাশপতিত জল। [ইহা চতুর্বিধ —মেঘনিঃসৃত, চন্দ্রকরজাত, তুষারজাত ও হিমখণ্ডনিঃসৃত জল (সুশ্রুত)।]

আকাশস্থ বি [আকাশ+√স্থা+অ (ক)-ক; উ.ত] শূন্যস্থিত, গগনাশ্রয়।

আকিঞ্চন[১] -ন্য ক্লী [অকিঞ্চন+অ (অণ্), -য (ষ্যঞ্), তদ্‌ভাবার্থে] অকিঞ্চনভাব, দরিদ্রতা, দীনতা। "আকিঞ্চন্যং সুসন্তোষঃ মহা ৩.২১২.৩৫; ১২.৮.১১, নীলকণ্ঠ।

আকিঞ্চন[২] বি ['আকিঞ্চন'—মূল (?)] ১ প্রয়াস, প্রযত্ন। "ত্রিভুবন মিলে যদি করে আকিঞ্চন। তবু না খসিবে নাগপাশের বন্ধন॥—কৃ ২৬০; ৩৫৫। শত্রুরে মারিব বলি, আকিঞ্চন করে বালি ম ১০২০। রঙ্গ ৮৫। অহে জীব কর আকিঞ্চন।—হেম ২৪৭। কর নাই, করীর বন্ধনে আকিঞ্চন স.শ ১। নিচে আইসনের আকিঞ্চন যথেষ্ট হইল ব.প ১৬৯২। ২ অভিলাষ, একান্ত ইচ্ছা। "অকিঞ্চনের আকিঞ্চন, গৃহাণ কমল কমলাকান্ত দা ৮২১। ৩ প্রার্থনা। "আমি করি নাই তোয় আকিঞ্চন, তুই জ্বালালি কি কারণ দা ৫২৬। তাই তো প্রভু! সবার আগে রূপের আকিঞ্চন কু.কে ৫। ৪ বিষয়বাসনা। "এই মহাজন, নাহি আকিঞ্চন—কৃষ্ণপদে অর্পিয়াছে প্রাণ গি.দ্বি ১২১। ৫ অভিলষিত বস্তু; অভীষ্ট দ্রব্য। "নিঃসঙ্গ এ অন্তরের চির আকিঞ্চন!—কু.কে ১৭।

আকীর্ণ বিণ [আ+কৄ+ত(ক্ত)-র্ণ] ১ ব্যাপ্ত, পূরিত। "রঘু ১.৫০। শ্বাপদে আকীর্ণ পথ শ্রী.মা ৫৮। ২ বিক্ষিপ্ত।

আকুঞ্চন ক্লী [আ+√কুঞ্চ্+অন (ল্যুট্)-ভা] ১ কুটিলীভাব, সঙ্কোচ, কোঁকড়ান। বিপ 'প্রসরণ'। "আকুঞ্চনবিস্ফারণপ্রবৃত্ত রন্ধ্রযুক্ত

সুগঠন নাসা ব.প্র ১৪১। ২ কুটিলীকরণ, বক্রীকরণ, আভোগ। বিপ 'প্রসারণ'। "পাদাঙ্গুলীনামাকুঞ্চনেন রঘু ৬.১৫, মল্লিনাথ। ৩ (দর্শনে) উৎক্ষেপণাদি পঞ্চ কর্ম্মের একতম। দ্র 'অবক্ষিপ্ত'। ৪ অল্পীভাব, অল্পীকরণ (ক.ক)। —কুঞ্চিত বিণ [+ত(ক্ত)-ক] ১ কুটিলীভূত, সঙ্কুচিত। "প.তৃ ৮। ২ কুটিলীকৃত, আভুগ্ন। "আকুঞ্চিতাগ্রাঙ্গুলি রঘু ৬.১৫। আকুঞ্চিতসব্যপাদ কু স ৩.৭০। ৩ অল্পীভূত, অল্পীকৃত।

আকু(কো)ট '-ট্' বি [অকোটি>আকো (কু)ট] অন্যায় কো'ট; অসঙ্গত জিদ্; অন্যায় বায়না। "মামা-মামী স্থানে কৃষ্ণ সোহাগভাবেতে। বস্ত্র ধরি আকুট করয়ে কত মতে॥—ভ.প্র ১৪২।

আকুড়সি, -ড়ি বি ['আঁকুড়সি, -ড়ি'—মূল] আঁকশি। "সুনার আকুড়ি শূ ২৮; রূপার আকুড়সি ২৯।

আকুড়া বি ['আকড়া'—মূল; হি অঁকুড়া—অঙ্কুর] বাহকের স্কন্ধস্থিত দোলার কাষ্ঠদণ্ডের আঁকড়ার মত বক্র অগ্রভাগ। "কনক-আকুড়া ক.চ ২২৩।

আকুত বি [সং আকূত] ১ আগ্রহ, ঐকান্তিকতা, অনুরাগ। "নাপিতিনী একে শ্যামা। ননীর পুতলী ঝামা। বুলাইছে মনের আকুতে চ.দা ৩৩। ২ অভিপ্রায়, উদ্দেশ্য, মনের ভাব। "কি হেন আকুতে। তার বাম ভিতে। লৈয়া বসায়ল মোরে জ্ঞা ৬০। —তি বি [সং আকূতি] ১ আগ্রহ, সমাদর। "ফুলঝাঁপা লৈয়া। আকুতি করিয়া। রাইর নিকটে আসি। ধনীর অঞ্চলে। দিলেন বিভোলে। ফুলের সহিতে বাঁশী॥—রা.শে ৬০। ২ অভিপ্রায়, অভিলাষ। "বিশ্বম্ভর-কেশ কেহ আউলাইয়া বান্ধে। হৃদয়-আকুতি ভিন্ন পরশের সাধে॥—চৈ.ম ৬০। ৩ চিত্তের আকুলতা; আবেগ। "পিরীতি বল। কত না ছল। সে কি নাশে আকুতি সাধে। মান নাশিয়া। মধুর ভাষিয়া। হাসিয়া পরাণ বাঁধে॥—গো ১৭৫। ৪ প্রযত্ন, চেষ্টা। "একদিন এ ভারতে বনে বনে হোমাগ্নি-আহুতি। ভাষাহারা মহাবার্ত্তা প্রকাশিতে ক'রেছে আকুতি স.স্ব ৯২।

আকুব '-ব্' বি [আ রকুফ্] জ্ঞান, বোধ, কাণ্ডজ্ঞান।

আকুমার ক্রি.বিং ['আকো° সাধু] কৌমারাবধি, কুমার বয়স হইতে। "আকুমার সন্ন্যাসীর প্রায় ব্রতধর চৈ ভা ৩১২।

আকুরে-হুকুরে ক্রি [অপ্র] আহা-উহু করিতে করিতে। "আকুরে-হুকুরে পুনঃ উপরে উঠিল। বাপু বাপু এখনি পরাণ গিয়াছিল॥—বি.সু ১০৩।

আকুল[১] বিণ [আ+ √কুল্+অ(ক)-ক; স্ত্রী -লা] ১ 'অনেকীভূত' (অ.টী); অপ্রগুণ, ব্যস্ত। ২ ব্যাসক্তচিত্ত, ব্যাপৃতমনাঃ। "কৃতোত্তস্থ প্রতিক্ষণমাকুলা শ ৪.১৯। ৩ পরিপূর্ণ, ব্যাপ্ত। "আজ্যধূম°, গোকুল°, জন°, মৃগপক্ষিগণ° (S.W.)। (তৈঃ) আকুলা সা সভা।—মহা ২.১১.৫৯। মুকুল-আকুল-বকুল-কুঞ্জভবনে স.স্ব ৮। কুঞ্জকুটীরে অয়ি ভাবাকুললোচনা।—রবীন্দ্র। ৪ সঙ্কীর্ণ। "কি ১০.৬১। ৫ অভিভূত, কাতর, বিক্লব, পরবশ। "কোপ°, পিপাসা°, ভয়° (S.W.)। ৬ বিহ্বল। "বিস্ময়°, স্নেহ°, হর্ষ°। ৭ ক্ষুভিত, অশান্ত, অধীর। "কি ২.৫৪। (শ্যাম নাম) আকুল করিল মোর প্রাণ চ.দা ১। তা দেখি আকুল বিকল প্রাণ ব.প ১০৩১,-৬,-৮,-৯৩। বলি বিলাসিনী আকুল কান বি.প ৬১। ভা.চ ৩৬৬। তার আকুল পরাণ, বিরহের গান, বাঁশী বুঝি গেল জানায়ে।—গান ১৪৮। তরঙ্গ-আকুলা ১৯৫। আকুল পরাণ আকাশে চাহিয়া। উল্লাসে কারে যাচে রে।—চ.কা ৩৫৩। ৮ সন্দিহান, কিংকর্ত্তব্যবিমূঢ়, হতবুদ্ধি। "কার্য্যদ্বয়াকুল মাঘ ২.১। ৯ দর্শনাক্ষম, কলুষিত। "অশ্রুপূর্ণাকুলেক্ষণ গী ২.১। ১০ ভয়াবহ, ভীষণ। "°প্রদেশ শ ২২৬। ১১ অসম্বদ্ধ, সঙ্গতিহীন, পূর্ব্বাপরবিরোধী। ১২ মুক্ত, অবদ্ধ, বিলুলিত, এলো। "°কেশপাশা কি ৮ ১৮। °কেশান্ত (S.W.)। শ্রী কী ১৪২। আকুল অলক বি.প ২১৫। আকুল কুন্তল ক.চ ১২৩। ভা.চ ৩৯৮। ব.প ৩১০। ব.সু ৫০। আকুল কুটিল অলকাকুল গো ১৬৯। আকুল কবরী।—গান ১৬৩। আকুল কেশভার স.স্ব ৮। ১৩ ব্যাপ্তক্ষিপ্তচিত্ত। ১৪ সঞ্চলিত, চঞ্চল। "আকুল-অঞ্চলা চ.কা ২০২। আঁচল আকাশে হ'তেছে আকুল ৩৫৬। ১৫ ব্যগ্র, উৎসুক। "আকুল হৃদয়ে তোমারেও তারা ডাকে না।—ব্রহ্মসঙ্গীত। ১৬ উদ্দাম, উচ্ছৃঙ্খল। "নানা সুরের আকুল ধারা গী.লি ১৬৮। বাতাস হ'য়েছে উতলা আকুল।—কথা ৩২। ১৭ অসংযম, অবশ। "বিললাপা-কুলেন্দ্রিয়ঃ।—রা ১ ১.৫৪। [আকুল বিকল (একার্থক)—দ্র (৭)। আকুলি (পদ্যে)—১ অশান্ত হইয়া। "অকূল সিন্ধু উঠিছে আকুলি।—রবীন্দ্র। ২ আকুল করিয়া। "গীত গুঞ্জন কূজন কাকলি। আকুলি উঠিছে শ্রবণে।—গান ৮৬। °লী (অপ্র)—ব্যাকুলা। "শ্রী কী।]

আকুল[২] বিং ['অকুল'—মূল; দ্র 'আ'[১৩], অপ্র] কুলহীন, অকুলীন। "দরিদ্র আকুল আমি চৈ ৮৯।

আকুলতা স্ত্রী [আকুল+তা (তল্) তদ্‌ভাবার্থে] ১ আকুলভাব, বিহ্বলতা, কাতরতা। "ধূমান্ধ্যাকুলতা সা.দ ৩.১৪৩। গাঢ়োৎকণ্ঠগ্রহপীড়না-কুলতা (অমরু)। ২ বিক্ষোভ, চাঞ্চল্য। "পঞ্চপর্ব্বতমধ্যাস্থা নদী-বাকুলতাং গতা মহা ৩ ১১.১৭। ৩ অধীরতা, ব্যগ্রতা। "এ কি আকুলতা ভুবনে।—গান ১৫৩। ৪ অধীরতা, ব্যস্ততা।

আকুলি বিং [আকুল>°লি; অপ্র] হতবুদ্ধি, কর্ত্তব্যমূঢ়, অবোধ। "তোমার পারা আকুলি নাহিক ত্রিভুবনে শ্রী.মা ১৫৬।

আকুলিত বিণ [আ+ √কুল্+ত (ক্ত)-ক] ১ ব্যাকুলীভূত (ত.বা)। ২ [√আকুলী+ত-র্ম্ম] সর্থ আকুলিকৃত (১), সম্ভ্রমিত, বিক্ষোভিত। "মার্গাচলব্যতিকরাকুলিতেব সিন্ধুঃ কু.স ৫৮৫। ৩ আন্দোলিত, সঞ্চলিত। "বৃষঃ পিবতি কেদারে নিঃশ্বাসাকুলিতং পয়ঃ গো.রা ৩ ২২.১৮। মন্দানিলাকুলিত···প্রবাল।—ঋতু ৬.১৭। ৪ অভিভূত, পরবশীকৃত, পীড়িত। "শোকাকুলিতেন্দ্রিয় রা ২.৯৭.১১। পিপাসা°, স্মর° (S.W.)। ৫ অযথাবিন্যস্ত, বিশৃঙ্খলস্থাপিত। "অম্ভোবিহারা-কুলিতোঽপি বেশঃ রঘু ১৬ ৬৭। ৬ অন্ধীকৃত, দর্শনাক্ষম। "ধূমাকুলিত-দৃষ্টি ৪৪।

আকুলিব্যাকুলি বি ['আকুলিত-ব্যাকুলিত'—মূল] অত্যন্ত আকুলতা; অতিবিহ্বলতা, নিরাকুলভাব। "অছি পছি আকুলিব্যাকুলি করে ছলে ব.প ১৩৬০। প্রাণ কবে আকুলিব্যাকুলি! কোথা যাব! কোথা দেখা পাব!—গি.দ্বি ১৩৫।

আকুলীকরণ ক্লী [আকুল+অভূততদ্‌ভাবে চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্)-ভা] বিমোহন। "পা ৭ ২.৫৪, কাশিকা। —কুলীকৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিহ্বলীকৃত, ব্যাক্ষিপ্ত, অভিভূত। "চিন্তাকুলীকৃত-মতি।—পঞ্চ ৫.২৭। ২ পরিপূরিত। "তরঙ্গৈরাকুলীকৃতম্ গো.রা ৪.৪১.২৯। ৩ বিমোহিত।

আকুসি বি ['আঁকুশি'—মূল] টিয়া-প্রভৃতির পায়ের শিকলের কড়া। "কাটিয়ে আকুসি। পলায়ে এসেছে পুরে চ.সা ৩০৮।

আকূত ক্লী [আ+ √কূ+ত (ক্ত)-ভা; ছান্দস] ১ আশয়, অভিলাষ, অভিপ্রায়। "ঈরিতাকূত কি ১৪.২৬। নেত্রার্পিতাকূতং লীলাপদ্মম্ সা.দ ২২৬। স্মরপরবশাকূত গী.গো ১২.১। উ.চ ৫.৩৬; ৬.৩৫। ২ ঔৎসুক্য। "সবাষ্পাকূতম্ উ.চ ৭২৬। ৩ কৌতূহল। "°কর উ.চ ৪২৩। —কূতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা; ছান্দস] ১ সর্থ 'আকূত (১)। "আকূতীনাম্···প্রবর্ত্তক মহা ৩.২৬২.১০। ২ মহর্ষি রুচির পত্নী। "ভ ৩.১২.৫৩।

আকৃতি স্ত্রী [আ+ √কৃ+তি (ক্তিন্)-ণ; ছান্দস] ১ যাহা দ্বারা জাতি প্রকাশ পায়; জাতিসূচক অবয়বসংস্থানবিশেষ; গঠন।

"গোবর্দ্ধনস্যাকৃতিরন্বকারি মাঘ ৩.৪। °গ্রহণা জাতিঃ (মহাভাষ্য)। ২ মূর্ত্তি, রূপ, দেহ। "কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাম্ শ ১.১৮। আকৃতিবিশেষে আদরঃ পদং করোতি মা.মি ১১৯। বিকৃত° মনু ১১.৫৩। দীর্ঘাকৃতি পুরুষ : সুগঠিত আকৃতি ব.প্র ৫৫০। ৩ সৌষ্ঠবসম্পন্ন সুন্দর দেহ। "যত্রাকৃতিস্তত্র গুণা বসন্তি (সু.র)। ৪ অবতাররূপ। "দশাকৃতিকৃতে কৃষ্ণায় তস্মৈ নমঃ গী গো ১.১৬। ৫ সর্থ 'আকার'। 'বহিরাকার আকৃতিঃ রঘু ১.২০, মল্লিনাথ। [°গণ (পুং)—আকৃতি-সিদ্ধ অর্থাৎ ব্যাকরণের সূত্রবিশেষের অন্তর্ভূর্ত কর্ম্মনিমিত্তক, শব্দসমূহ (এই গণপাঠ সম্পূর্ণ নহে, শব্দের আকৃতি দেখিয়া গণের অন্তর্গত করিতে হয়)। "°গোঽয়ম্ পা ৫.২.১২৭। আকৃতি প্রকৃতি—আকার ও স্বভাব। "আকৃতে প্রকৃতে তোমার ঈশ্বর-লক্ষণ চৈ.চ ১১৩। °মান্ (-মৎ) বিণ—মূর্ত্তিমান্, রূপী, শরীরী। "আকৃতিমতীং সাক্ষাদিব মধুশ্রিয়ম্ ক.সা ১০.৮৮।]

আকৃষ্ট বিণ [আ+ √কৃষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাকর্ষণ, আহৃত। "পাদাকৃষ্টব্রততি।—শ ১.৩০। নাকৃষ্টং ন টঙ্কিতম্ (ধনুঃ)।—মহানাটক। ২ বশীকৃত। "অনাকৃষ্টস্য বিষয়ৈঃ (তস্য) রঘু ১.২৩। লোভাকৃষ্ট হি ১৪/৫। ৩ আনীত। "দূরমমুনা সারঙ্গেণ বয়মাকৃষ্টাঃ শ ১২/৪। ৪ উদ্ধৃত, উৎপাটিত। "আকৃষ্টে চ কীলকে কাষ্ঠাভ্যাং চূর্ণিতাণ্ডদ্বয়ঃ পঞ্চত্বং গতঃ হি ২২/৮। ৫ নিঃসারিত, নিষ্কৃষ্ট। "°তৈলং তিলম্ মনু ১১.৯৩, কুল্লুক। —কৃষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ আকর্ষণ, বলপূর্ব্বক অভিমুখনয়ন। "জ্যাকৃষ্টি (অমরু)। ২ বশীকরণ, আয়ত্তীকরণ। [°ষ্টিমন্ত্র (পুং)—বশীকরণমন্ত্র। "°স্ত্রোপম হি ১.৯৮।]

আকেকর বিণ [আকে (অন্তিকে)+ √কৃ+অ (অপ্)-র্ম্ম] অপাঙ্গপ্রসারিত অর্দ্ধমীলিত ও ব্যাবৃত্ততারক (দৃষ্টি); তির্য্যক্, টেরা। "°লোলচক্ষুস্ কি ৮.৫৩ (দ্রষ্টব্য মল্লিনাথ)। অর্জ্জুন জিঘাংসাপরায়ণ হইয়া আকেকরনেত্রে তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিলেন (মহাভারত)।

আকোন '-ন্' বি [ফা আখুন্] মুসলমান শিক্ষক। "এ গান বুঝিতে গেলে আকোনের কাছে গিয়া ফার্শি পড়িতে হয় (আ.দু)।

আক্কারা বিং ['অক্রেয়'—মূল; হি আকরা (তুলসীদাস); ড় অকরা] ক্রয়ের অযোগ্য, অর্থাৎ মহার্ঘ, দুর্ম্মূল্য। "তিনি ঘোল আক্কারা বই দেন না।—দা ২০৪৮।

আক্কেল '-ল্' বি [আ অক্‌ল] ১ বুদ্ধি, জ্ঞান, বিবেচনা, ভালমন্দ-বোধ, কাণ্ডজ্ঞান। "আমার আক্কেল যেমন, কর্‌লাম তেমন, বুঝে শুঝে ব.প ১৮৪৪। মেয়ের আক্কেল দেখ তোর অ.গু ৪৪। আক্কেল নেই? সকাল বেলা গুরুশিষ্যে দেখা নাই; আর রাত দুপুরে "গুরবে নমঃ"!—গি.দ্বি ১১২। ক্ষেমারও আচ্ছা আক্কেল দেখচি ঘ ৮৬। ২ জ্ঞান, শিক্ষা। "মণিরামপুরের ব্যাপারেতে ভাল আক্কেল পাইয়াছি আ.দু ৮১; কর্ত্তার সঙ্গে গিয়া ভাল আক্কেল পাইয়াছি ১১৬। [আক্কেল আকুব—জ্ঞান-বুদ্ধি, বুঝ-সমুঝ, বুদ্ধিশুদ্ধি। আক্কেল গুড়ুম—বুদ্ধি যেন তোপে উড়িয়া গেল; একেবারে বুদ্ধিহত বা জ্ঞানলোপ। "কোলা-কুলি, গলাগলি, সেকেনের ধুম। মিউনিসিপেল মক্‌স দেখে, আক্কেল গুড়ুম॥—হেম ৩৮১। °দাঁত—আক্কেল (জ্ঞান) অর্থাৎ কিছু বয়োবৃদ্ধি হইলে, যে দাঁত উঠে (?)। মাড়ির মূল হইতে জাত অধিক দন্ত বা অধিদন্ত। °মন্ত বিং (আ, ফা আক্‌ল্ মন্দ্; তু 'মন্ত')—যাহার আক্কেল আছে; বিচারশক্তিবিশিষ্ট, বিবেচক। °মাড়ি বি—মাড়ির গোড়া; হনুমূল। আক্কেল সাবুদ হওয়া—বুদ্ধি পরিপক্ব হওয়া। "আমার আক্কেল সাবুদ হ'লে কাবু কর্ত্তে পারে কে!—ব.প ১৮৪৪। °সেলামী (বি)—বুদ্ধির দোষের জন্য দণ্ড; বুঝিবার চুকে (=ভুলে) ক্ষতি।

আক্ত বিং [সং অক্ত; অপ্র] মিশ্রিত, চর্চ্চিত, লিপ্ত। "চন্দনেতে আক্ত রক্ত জবাপুষ্প করে দু ৪১।

আক্রন্দ পুং [আ+ √ক্রন্দ্+অ (ঘঞ্)-ভা; ছান্দস] ১ উচ্চৈঃ ক্রন্দন; রুদিত, রোদন। "°শব্দ রা ২.৬৫.২১; তুমুল° ২৭। কিং ক্রন্দসি দুরাক্রন্দ।—পঞ্চ ৪.৩১। ২ উচ্চৈঃ শব্দ; আরাব। "আক্রন্দে চাপ্যপেহীতি ন দণ্ডম্ মনু ৮.২৯২। ৩ শব্দ, নাদ, বৃংহণ। "নাগা-নামাক্রন্দঃ (S.W.)। ৪ আহ্বান সম্বোধন। ৫ [+অ-র্ম্ম] যাহাকে (সাহায্যার্থে) আহ্বান করে; পার্ষ্ণিগ্রাহ রাজার পরবর্ত্তী নিয়ামক রাজা। "মনু ৭.২০৭। ৬ মিত্র। ৭ ভ্রাতা। ৮ ভ্রাতা, রক্ষক। "অনাক্রন্দে ভদ্রে মহা ১.১৭২.৯। ৯ নাথ (শ.ক)। —ক্রন্দ ক্লী [+অ-ধি] ১ 'ক্রন্দন-স্থান', দারুণ রণ, মহাযুদ্ধ। ২ দুঃখীদিগের ক্রন্দনস্থান। "পা ৪.৪.৩৮, সি। —ক্রন্দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উচ্চৈঃক্রন্দন; রোদন। ২ আহ্বান। —ক্রন্দিত বিণ [√ত (ক্ত)-ক] ১ কৃতক্রন্দন, উচ্চৈঃ-কৃত রোদন। ২ [+ত-র্ম্ম] আহূত, আকারিত। "মৃ ৫.২৩। —ত ক্লী ১ [+ত-ভা] উচ্চৈঃ রোদন, ক্রন্দন। ২ আর্ত্তঘোষ, কাতররব। "রঘু ২.২৮। —ক্রন্দী (-ন্দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ন্দিনী] ১ রোদনকারী। ২ আহ্বানকারী, আক্রোশী। "পরস্পরাক্রন্দী কু.স ৫.২৬।

আক্রম[১] পুং [আ+ √ক্রম্+অ (ঘঞ্)-ভা; ছান্দস] ১ সমীপ-গমন। ২ বলে অতিক্রমণ (ত.বা)। ৩ আক্রমণ। "দুরাক্রম (S.W.)। শার্দ্দূলাক্রমে আক্রমি নাশ তারে মে ১৬০। ব্যাঘ্রের আক্রমে৹ মৃগসম, মুহূর্ত্ত দাঁড়াতে নাহি পারে।—রবীন্দ্র। ৪ অভিভব, পরাভব। ৫ ব্যাপ্তি, আবরণ। ৬ প্রাপ্তি। ৭ আগ্রহ। ৮ [+অ-ণ] পরলোক-প্রাপ্তিসাধন বিদ্যাকর্ম্মাদি। ৯ বল, শক্তি। —ক্রমণ ক্লী [+অন (ল্যুট্)-ভা; ছান্দস] ১ আপাত, অবস্কন্দন, অভিপ্রয়াণ। "দেশাক্রমণ মনু ৭২০৭, কুল্লুক। ২ অভিভব। "মাঘ ১৬.৩৪। ৩ আরোহণ। "দেবলোকাক্রমণ রা ২.৩১.৫। ৪ ক্ষেপণ। "পর্ব্বতাক্রমণৈরপি (ন শশাক হন্তুম্) ভ ৭.৬.৪৪। ৫ দলন। "°পশু ভ ৫.২৩.৩। —ক্রমণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ আক্রমণযোগ্য। ২ অধ্যাসনীয়। "অস্মাভিরপি ইদমাসনমাক্রমণীয়ম্ (S.W.)। —ক্রান্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাক্রমণ, অবস্কন্ন, অভিপ্রয়াত। ২ প্রাপ্ত, অধিগত। "°বিমানমার্গ রঘু ১৩.৩৭। 'গুণাতিরেক মাঘ ৪.১৬। ৩ অধিষ্ঠিত, অধ্যুষিত। "রাষ্ট্রম্…নাস্তিকাক্রান্তম্ মনু ৮.২২। °মহীভৃৎ মাঘ ১.৭০। ৪ পাদাহত, পাদপীড়িত। "°পূর্ব্বমিব…ভুজঙ্গম্ রঘু ৯ ৭৯। ৫ ব্যাপ্ত, আকীর্ণ, আচিত। "বলিভির্মুখমাক্রান্তম্।—ভর্তৃহরি। ভারাক্রান্ত মৃ ৮.৬। বর্ণান্তর° রঘু ১৪.২৭। হি ১২৩। ৬ অভিভূত, পীড়িত, পরবশীকৃত। "ত্রাস°, ভয়°, মদন° (S.W.)। স্নেহেনাক্রান্তহৃদয়ঃ রা ২.৯৭.১১। ৭ অঙ্গীকৃত, অবলম্বিত। "উ.চ ৫.১৯। ৮ পরাভূত। "রক্ষসাক্রান্তাবনুভাবপরাক্রমৌ রঘু ১০.৩৮। ৯ অধ্যাসিত। "শকুন্তা-ক্রান্তবানীর ম.চ ৫.৪০। ১০ বশীকৃত। "পাষণ্ডিগণাক্রান্তে (দেশে) মনু ৪.৬১। প্রগল্‌ভাক্রান্তনায়কা সা দ ৩.৬০। ১১ অনুযাত, সমন্বিত। ১২ নিষ্পাদিতমৈথুন। "(সন্ধিনী) আক্রান্তা বৃষভেণ (অ.কো)। —ক্রান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ আক্রমণ। ২ উপরি স্থাপন; প্রাপণ, অর্পণ, আক্রমণ। "°সম্ভাবিতপাদপীঠ কু.স ৩.১১। ৩ আরোহণ। ৪ ব্যাপ্তি। ৫ অভিভব, বশীকরণ। ৬ [+তি-ণ] বল, শক্তি। "মাঘ ৫.৪১। —ক্রামক বিণ [+অক (ণুল্)-ক; স্ত্রী -মিকা] আক্রমণকারী।

আক্রম[২] সর্ম্ম [সং আ+ √ক্রম্] ১ আক্রমণ করা; উপরে আসিয়া পড়া; বিনাশার্থে ধরা। "কখন, কে জানে, আসি আক্রমিবে ভীমা৹ কোথায় কাহারে মে ১০০; শার্দ্দূলাক্রমে আক্রমি নাশ তারে ১৬০। ক্ষুব্ধ সিংহ প্রতিদ্বন্দ্বী যুথপতিবরে, আক্রমিবে কোনমতে, বসিয়া

বিবরে ন ৪৩৪। ২ অধিকার করা; আবিষ্ট করা; অভিভূত করা। "ব্রহ্মবধ আক্রমিল ওহে মহাশয় ম ৯৪১। বায়ুবলে কভু আক্রমিছে, অপহরি জ্ঞান তার মে ২৬৬। তৃষ্ণারূপে রিপু, আক্রমিছে মুহুর্মুহুঃ ২৬৮।

আক্রমণ, -ণীয়, -ক্রান্ত, ক্রান্তি দ্র 'আক্রম১'।

আক্রীড় বিণ [আ+√ক্রীড়্+অ (অচ্)-ক; স্ত্রী -ড়া] ক্রীড়াপর, কেলিপর, বিহারশীল। —ক্রীড় পুং, ক্লী [+অ (ঘঞ্)-ধি] ১ ক্রীড়াস্থান। "আক্রীড়ঃ রাজরাজস্য মহা ৩.১৫৩.৮। °পর্ব্বত কু.স ২.৪৩। আক্রীড়ে ক্রীড়তো বালান্…অমারয়ৎ ভ ৪.১৩.৪১। ২ রাজার সাধারণ (অর্থাৎ সকল লোকের উপভোগ্য) উপবন; উদ্যান। "আক্রীড়োঽয়ং কুবেরস্য দয়িতঃ মহা ৩.১৫৪.৪। ৩ [+অ -ভা] ক্রীড়া, কেলি। "°ভূমি। °গহ্বর ভ ১০.১২.৩৬। —ক্রীড়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ক্রীড়া, খেলা। [আক্রীড়ভূমি (স্ত্রী)—ক্রীড়াস্থান। "রা ৬.৯৩.৩৪। মহা ২.১২০.১১।]

আক্রীড়ন, আক্রীড়ভূমি দ্র 'আক্রীড়'।

আক্রুষ্ট বিণ [আ+ক্রুশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাক্রোশ, নিন্দিত, কুৎসিত। "আক্রুষ্টঃ কুশলং বদেৎ মনু ৬.৪৮। ২ বাক্য দ্বারা তাড়িত (নীলকণ্ঠ); কঠোর ভাষায় পীড়িত। "আক্রুষ্টঃ পুরুষঃ সর্ব্বং প্রত্যাক্রোশেৎ মহা ৩.২৯.২৭। ৩ ধ্বনিত। —ক্রুষ্ট ক্লী [+ত -ভা] ১ পরুষভাষণ, কর্কশবচন। "কাত্যায়ন ২.১৪। ২ আহ্বান। —ক্রোশ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ রোদন। ২ ভর্ৎসন। ৩ কুৎসন, নিন্দাকরণ (মিতাক্ষরা)। "আক্রোশং মম মাতুশ্চ প্রমৃজ্য রা ২.১০৬.৩০। °কারী যাজ্ঞ ২.৩০৫। ৪ শাপ, অভিশাপ। "°গর্ভমেবমুক্তম্ (কাদম্বরী)। ৫ বিরুদ্ধচিন্তন (ত.বা)। ৬ উচ্চৈঃ শব্দ; আহ্বান। ৭ অপবাদ, নিন্দা। "কুলাক্রোশকর (চারিত্র) গো.রা ৩.৫৯.৯। ৮ দূষণ, দোষারোপণ। "আক্ষারণা যঃ স্যাদাক্রোশো মৈথুনং প্রতি (অ.কো)। ৯ (বাঙলায়) রোষ, কোপ। "দূর কর মনের আক্রোশ ম ৫৫০। কেন মাতা বিষহরি, আমারে আক্রোশ করি ম.ভা ২৯। আক্রোশে অরুণ আঁখি শ্রী.মা ১৪৮; ৬৮। ১০ বিদ্বেষ, হিংসা। "দলাদলির আক্রোশে পা.প্র ২০৫। —ক্রোশক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -শিকা] ১ আক্রোশকারী, উচ্চৈঃশব্দকারক, আহ্বানকারক। ২ নিন্দক, কুৎসনকারী। ৩ গালয়িতা (যে গালি দেয়—নীলকণ্ঠ); পরুষভাষী। "মহা ৫.৩৭.৩৬। —ক্রোশন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'আক্রোশ'। —ক্রোষ্টা (-ষ্টৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ষ্ট্রী; 'ক্রোষ্টা' সাধু, পা ৩.২.১৪৭] নিন্দক, পরুষভাষী। "মহা ১.৮৭.৭।

আক্রেতি বি [সং আকৃতি, কৃ>ক্রি+ক্রে; অপ্র] আকার, সাদৃশ্য। "স্ফটিক-আক্রেতি জল চ.বি ২২০।

আক্রোশ, -শক, -শন, -ক্রোষ্টা দ্র 'আক্রুষ্ট'।

আক্লেদ পুং [আ+√ক্লিদ্+অ (ঘঞ্)-ভা] আর্দ্রীভাব।

আক্ষদ্যূতিক বিণ [অক্ষদ্যূত+ইক (ঠক্) 'নির্বৃত্ত' অর্থে; স্ত্রী -কী] অক্ষক্রীড়াজনিত, দ্যূতকৃত (বৈর)। "পা ৪.৪.১৯।

আক্ষপাটিক পুং [অক্ষপাট+ইক (ঠক্) 'তত্র নিযুক্ত' অর্থে] ১ অক্ষক্রীড়াস্থানে বিচারার্থ নিযুক্ত পুরুষ; অক্ষদর্শক, অক্ষাধ্যক্ষ। ২ ব্যবহারস্থানে নিযুক্ত পুরুষ; প্রাড্‌বিবাক, জজ্‌সাহেব।

আক্ষপাদ বিণ [অক্ষপাদ+অ (অণ্) 'তৎকর্ত্তৃক প্রোক্ত' অর্থে, পা ৪.৩.১০১; স্ত্রী -দী] ১ অক্ষপাদপ্রোক্ত (শাস্ত্র)। ২ অক্ষপাদসম্বন্ধী (ত.বা)। —পাদ পুং [+অ, পা ৪.২.৫৯; ৬৪] অক্ষপাদকৃতশাস্ত্রবেত্তা, ন্যায়াভিজ্ঞ, নৈয়ায়িক। —পাদ ক্লী অক্ষপাদশাস্ত্র, ন্যায়দর্শন।

আক্ষমা বি ['অক্ষমা'—মূল, দ্র 'আ১৩'; অপ্র] অসহিষ্ণুতা, অপমান সহিতে না পারায় আক্ষেপ। "আক্ষমা করেন সুমেরু আপনাকে নিন্দে। সুমেরু আক্ষমা দেখি সকল পর্ব্বত কান্দে॥ —কৃ.উ ১২।

আক্ষার পুং [আ+√ক্ষারি+অ (অচ্)-ভা] অগম্যাগমন হেতু পুরুষের প্রতি বা অগম্যগমন হেতু স্ত্রীর প্রতি দোষারোপ; ব্যভিচারাপবাদ। —ক্ষারণ ক্লী, —ক্ষারণা স্ত্রী [+অন (ল্যুট্, যুচ্)-ভা; স্ত্রী আ (টাপ্)] সর্থ 'আক্ষার'। —ক্ষারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অবৈধমৈথুনের অপবাদে দূষিত; পরস্ত্রীর বা পরপুরুষের মৈথুনে দূষিত (পুরুষ, স্ত্রী)। ২ মিথ্যাদূষিত; উপপন্নপাতক (অ.টী)।

আক্ষারণ, -ক্ষারণা, -ক্ষারিত দ্র 'আক্ষার'।

আক্ষি বি [সং অক্ষি, দ্র 'আ১৩'; অপ্র] চক্ষু। "ম.পা ৩।

আক্ষিক বিণ [অক্ষ+ইক (ঠক্), পা ৪.৪.২] ১ যে অক্ষক্রীড়া করে; অক্ষদেবক, দ্যূতকার। ২ অক্ষ দ্বারা জয়ী; অক্ষ দ্বারা জিত। ৩ [+ইক তৎসম্বন্ধার্থে] অক্ষসম্বন্ধী, দ্যূতনিমিত্তক। "°কং যৎ (ঋণম্)। মনু ৮.১৫৯। —ক পুং আচ্ছুক বৃক্ষ। —ক ক্লী ১ দ্যূতলব্ধ দ্রব্য। ২ দ্যূতজন্য ঋণ; জুয়ার দেনা।

আক্ষিপ্ত বিণ [আ+√ক্ষিপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাক্ষেপ, বিক্ষিপ্ত। ২ আকৃষ্ট, আহৃত। "রত্নাবলীনাটিকা ৪.১২। ফলং তরঙ্গাক্ষিপ্তম্।—পঞ্চ ৫ $\frac{৯}{৯}\frac{৪}{৫}$। ৩ আক্রান্ত, অভিভূত, বশীকৃত। "কুতূহলাক্ষিপ্তহৃদয় উ.চ ৪ $\frac{২}{৩}\frac{৯}{০}$। আক্ষিপ্তচেতঃ ভ ৮.৮.৯। ৪ বিহ্বল, বিধুর, ব্যাকুল। "আক্ষিপ্তমিব মে চেতঃ (বে)। ৫ আকৃষ্ট। "মনঃ কর্ম্মভিরাক্ষিপ্তম্ ভ ২.১.১৮; ২০। ৬ তিরস্কৃত, প্রত্যাদিষ্ট, নিরাকৃত। "তেজসা যময়োর্হি বঃ… প্যাক্ষিপ্ত তেজঃ ভ ৩.১৬.৩৪। ৭ ছিন্ন, লূন। "°সূত্রা মণয়ঃ মহা ৩.৮০.৫। ৮ নিন্দিত, অধিক্ষিপ্ত। —ক্ষেপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বিক্ষেপ। ২ বলপূর্ব্বক গ্রহণ; আহরণ, হরণ। "অংশুকাক্ষেপবিলজ্জিতা কু.স ১.১৪। ৩ পরীবাদ, অপবাদ। "°রূক্ষাক্ষরমুখরমুখান্ দুর্মুখান্ দূষয়ন্তঃ (নীতিশতক)। চৈ.ভা ৯৩। ৪ ভর্ৎসনা, কুৎসন, তিরস্কার। "°বচন কি ১৪.২৫। ৫ প্রত্যাদেশ। ৬ আকর্ষণ। "কু.স ৭.৯৫। ৭ বিন্যাস, ক্ষেপ। "গোরোচনা° কু.স ৭.১৭। ৮ ধনাধিন্যাস, নিক্ষেপ। ৯ উপস্থাপন, উপন্যাস, প্রত্যায়ন। "স্বসিদ্ধয়ে পরাক্ষেপঃ কা.প্র ২.১০। সা.দ ২.৬। ১০ অনুমান, বিতর্কণ, পরামর্শ। ১১ কটুবাক্যপ্রয়োগ, পরুষভাষণ, গালি। "বাঙ্‌তাযুক্তাক্ষেপে কার্ষাপণশতম্।—বিষ্ণু ৫.৩৩। ১২ আকুষ্টি, হাত-পা-খিচান (Convulsion)। ১৩ বিনোদন, বিমোহন। "কথারসস্যাক্ষেপসামর্থ্যম্ (কাদম্বরী)। ১৪ আকর্ষণ, প্রলোভন। "বিষয়াক্ষেপপর্য্যস্তবুদ্ধি।—ভর্ত্তৃহরি। ১৫ অর্থালঙ্কারবিশেষ। [বিবক্ষিত বিষয়ের বৈচিত্র্যসম্পাদনার্থ তদ্বিষয়ের নিষেধাভাস বা বিধিকে 'আক্ষেপ' কহে (সা.দ ১০.৬৫)। 'প্রতিষেধোক্তিরাক্ষেপঃ।—কাব্যাদর্শ ২.১২০।] ১৬ (বাঙলায়) অনুশোচন, পরিতাপ। "কি আক্ষেপের বিষয়! যিনি জন্ম পরিগ্রহ করাতে জগৎ পবিত্র হইয়াছে, তাঁহারেও আবার অন্য পাবন দ্বারা পূত করিতে হইয়াছিল!—সী ৬; ৪৫। —ক্ষেপক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -পিকা] ১ আকর্ষক। ২ নিন্দক, অপবাদক। —ক্ষেপক পুং ১ নিন্দক জন। ২ 'শরক্ষেপক', ব্যাধ। ৩ বাতব্যাধি। —ক্ষেপণ ক্লী। [+অন (ল্যুট্)-ভা] ১ নিক্ষেপ। ২ আক্ষেপ, হাত-পা-খিচান। ৩ অপবাদ, নিন্দা। "যার আক্ষেপণ বিনে, জায়া ফিরে বনে বনে, অবশ্য তাহার জাতি বাধ ক.চ ১৭৭। ক্ষেপী (-পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -পিণী] ১ আক্ষেপকারক, আকর্ষক। "ইমামাক্ষেপিণীং সিদ্ধিমাতনোতি শিবায় বঃ মা.মা ৯.৫০। ২ উপক্ষেপক, সূচক। ৩ [আক্ষেপ+ইন্ (ইনি)

অত্যর্থে-১ব] আক্ষেপবান্, পর্য্যালোচনপূর্ব্বক আকর্ষক। "বাহ্যাভ্যন্তর-বিষয়াক্ষেপী চতুর্থঃ পা.দ ২.৫১।

আক্ষেটি বি [সং আখেটিক] ব্যাধ। "জ ৩২।

আক্ষেপ, -ক্ষেপক, -ক্ষেপণ, -ক্ষেপী দ্র 'আক্ষিপ্ত'।

আক্ষোট, -ড় পুং শৈলপিলুবিশেষ, আখরোট গাছ (Walnut)। —ট, -ড় স্ত্রী আক্ষোটফল।

আক্‌সার ; আখ১ ; আখ২ ; আখজ দ্র 'আকছার ; আক, আঁখ ; আকজ'।

আখটি, আখুটি, -টী বি [অকোটি, -টী'—মূল ; অস আখটি] ১ অন্যায় কোট ; কো'ট, জেদ্। "কেন এতেক আখটি শ্রী.ম ২৬। ভাল বটে বিটী৹ করিয়া আখুটী৹ মানাইল নারায়ণ রাশে ৮৬। ২ অন্যায় আবদার ; আবদার, বায়না। "আখটি করিতে৹ একটি বোল যেন৹ অমিয়া অধিক লাগে চৈ.ম ৩৮ ; আখটি করিবে আর কাথে ৫৩। যে আখুটি করে তা ঈশান সমাধয় ন.প ১১। [আখুটীয়া, -টে—যে আখুটি করে ; আবদারে, জেদী।]

আখড়া বি [সং 'অক্ষবাট'—মূল ; প্রা* অক্‌খআড>বা (আখাড়, -ড়া) আখ(ক)ড়া ; হি আগাড়া ; অস আখরা—নৃত্যগীতাদির অভ্যাস (Rehearsal)] ১ যাত্রা-থিয়েটারসম্প্রদায়ের অভিনয়শিক্ষার স্থান। ২ মল্লবিদ্যাভ্যাসের স্থান ; মল্লরঙ্গ। "মহাবলী বীর হনু দুই শিষ্য সনে। আখড়া প্রবেশে দ্বিজ ঘনরাম ভণে॥—শ্রী ৫২। তুলিয়া আখড়াঘরে, মল্লযুদ্ধ কেহ করে, মালবিদ্যা গুলী চাপগারি ক চ ৮৭। ৩ ধনুর্ব্বিদ্যাদি-শিক্ষার রঙ্গভূমি। 'দ্র (২)। শ্রী.ম ২১৭। ৪ বৈষ্ণবদিগের আশ্রয় ও ভজন-সাধনের স্থান ; মঠবিশেষ, আড্ডা। "দেখে এলাম তায়।…চিত হ'য়ে রয়েছে প'ড়ে প্রেমদাস বাবাজীর আখড়ায় দা ২০৯০। ৫ সাম্প্রদায়িক সাধুগণের ভজনাদির স্থান। ৬ যেখানে গ্রামবাসীরা কর্ম্মাবসরে মিলিত হইয়া খেলা গান বাজনা ও আমোদ-আহ্লাদ করে। [আখ(ক)ড়া দেওয়া—যাত্রাসম্প্রদায়ের আখড়ায় নৃত্যগীত অভিনয় প্রভৃতি শিক্ষা করা ; ছায়াভিনয় করা। "কথন যাত্রার দলে আকড়া দিতে আসক্ত আ.দু ৬৬। আগড়াধারী—আখড়ার অধিকারী বা অধ্যক্ষ। "বসেছে প্রেমভক্তি খুলে, কেলিকদম্বতরুমূলে, প্রেমচাঁদ নামে হ'য়েছে আখড়াধারী দা ২০০০।]

আখড়াই বি [আখড়া+ই৮] ১ আখড়াসম্বন্ধী বিষয় ; আখড়ায় নৃত্যগীতাদির অভ্যাস। ২ যাত্রারম্ভের পূর্ব্বে আসরে করণীয় দেবতার বন্দনাগীতি ও বাদ্য। [আখড়াই দেওয়া—আখড়ায় গীতবাদ্যাদির অভ্যাস করা ; (গৌণার্থে) বিষয়মাত্রের আনুষঙ্গিক ক্রিয়াকলাপের অভ্যাস করা। "কাজের মধ্যে পাশা খেলা, আর রাণীগিরির আখড়াই দেন।]

আখণ্ড বিং [সং অখণ্ড ; দ্র 'আ১৩] ১ অখণ্ডিত, অবিভক্ত, অচ্ছিন্ন, গোটা। "ক.চ ৩৯। আখণ্ড কলার পাতে শ্রী.মা ১৯২। ২ অক্ষত, অভগ্ন, পূর্ণাবয়ব। "তবে ডিঙ্গা তুলিলেন নামে দুর্গাবর। আখণ্ড, চাপিয়া তাতে বসিল গাবর॥—ক.চ ১৯১।

আখণ্ডল পুং [আ+ √খণ্ডি+অল (কলচ্) ; তু 'আখণ্ডল'—শত্রু-গণের খণ্ডয়িতা (ইন্দ্র) ; "ঋগ্বেদ ৮.১৭.১২] যিনি পরবল খণ্ডিত করেন (অ.টী) ; যিনি পর্ব্বতের পক্ষ ছিন্ন করেন ; ইন্দ্র। "°বিক্রম রঘু ৪.৮৩। কু.স ৩.১১। কৃ ৩৪৫। [°চাপ (পুং, স্ত্রী), °ধনুঃ (-নুস্) স্ত্রী, °ধনু (বি)—ইন্দ্রধনুঃ, রামধনু। "°ধনুঃ-বিবিধরতন-কান্তি মে ৩৪। °ধনু মা ১৫৬।]

আখণ্ডলচাপ, -ধনু, -ধনুঃ দ্র 'আখণ্ডল'।

আখণ্ডিত বিং ['অখণ্ডিত'—মূল ; দ্র 'আ১৩ ; অপ্র] নির্দ্দোষ, অকলঙ্ক। "বদনপঙ্কজপূর্ণচন্দ্র আখণ্ডিত ম ৭৩৮।

আখনি, -নী বি [ফা এখ্‌.নী] পোলাও রাঁধার নিমিত্ত মশলার কাথ।

আখনিক পুং [আ+ √খন্+ইক (ইকন্)-ক, উ ২.৪৫] ১ সন্ধি-খনক, চৌর। ২ মূষিক। ৩ শূকর। ৪ খনক।

আখর বি [দ্র 'আখর'] ১ অক্ষর, বর্ণ। "ভূমিত আখর কিবা লিখিলোঁ জলে শ্রী.কী ২৮৫ ; ৩২১। ২ স্বরসহিত ব্যঞ্জন—কা, কি ইত্যাদি। "কাল আখরে তীন ভুবন বিচার শ্রী কী ৯৩। পিরীতি বলিয়া এ তিন আখর এত পরমাদ করে চ.দা ৮৬ ; ৯৬। ৩ কথা। "মাঅ বাপত বড় গুরুজন নাঁহী। একই আগরে মো বুঝিলোঁ তোর ঠাঁই॥—শ্রী.কী ২৬৪। [একই আখরে—এক কথায়, সংক্ষেপে।] ৪ কীর্ত্তনগানে মাধুর্য্য ও ভাব বৃদ্ধির জন্য যোজিত অধিক পদ। [আখর তেড়ে লেখা —অক্ষর তেড়া (তির্য্যক্) করিয়া লেখা ; টাকা-প্রভৃতির সংখ্যা অঙ্কে ও (হেলা) অক্ষরে বানান করিয়া লেখা। "৪৬৮২ 'ছ চল্লিশ বিঘা সতের কাঠার' কাত জমা ৪০।৶১ 'চল্লিশ টাকা সাত আনা এক গণ্ডা' E.P. 61 ; 68। আখর দেওয়া, বসান—কীর্ত্তনের গানে অতিরিক্ত পদ যোজনা করা। "আমি সুখ ব'লে দুখ চেয়েছিনু, তুমি দুখ ব'লে সুখ দিলে॥ (দয়া ক'রে), (দুখ দিলে আমায় দয়া ক'রে)।—রবীন্দ্র।

আখরিয়া বি [আখর+ইয়া] সর্ব 'আঁখরিয়া'। "শ্রীবিজয়দাস প্রভুর আখরিয়া (চৈ ভা)।

আখরোট বি [সং অক্ষোট ; আ অখ্‌.রোট্] পর্ব্বতজাত ফলবৃক্ষ-বিশেষ ও তাহার ফল।

আখাড় বি [হি আখাড়া ; অপ্র] বাসস্থান, আড্ডা। "প্রাচীন বিহঙ্গ সাত পাথর আখাড় কৃ.উ ১৭৪।

আখাত পুং, স্ত্রী [আ+ √খন্+ত (ক্ত)-র্ম্ম] অ-পুরুষখাত জলাশয় ; যে জলাশয় মনুষ্যকৃত নহে ; অগাত।

আখাতলি বি [কাখতলি>আগতলি>°তলি ; অপ্র] কক্ষতল, বগলদাবা। "আখাতলি মধ্যে লহ…লাউ গোটা বি.পা ১২৯।

আখাম্বা বি [আখামো (যশোহর)] যাহা খাম্বা নহে ; যাহা খুঁটির মত চাঁছা-ছোলা নহে ; অপরিষ্কৃত, আছোলা (বাঁশ, কাঠ)। [আখাম্বা মদ্দ—অসভ্য মূর্খ বিকটাকার পুরুষ।]

আখায়িল বিং ['আক্ষালিত'—মূল ; অপ্র] ধৌত। "আখায়িল ঘাঅত বিষ জালিল কাহ্নাঞিঁ শ্রী.কী ৩১৮।

আখি বি [দ্র 'আঁখ'] চক্ষু। "যোল বর্ণ আখি গো.বি ১০৯। আখি অন্ধ ম.পা ১০৭ ; আখি প্রকাশিয়া হেরি ১৩৬। আখিতে যে লোট গলে মী ২১। চ.বি ১৯৮। বাটুল দুই আখি শ্রী.কী ৭ ; দুই আখি খাউ ৫১ ; আখিবারী ১৮৫। আখির সলিল ব.প ১৫৪ ; ২৮৯ ; আখি কচালিঞা উঠে রজনী প্রভাতে ৫৩২ ; ১১১১ ; আখি পাখী ১১২৫ ; আখি-রবি প্রকাশিত, মুখকমল মুদিত ১৬২৭। আখি অঞ্জনে রঞ্জিত বি.সু ৪। আখির নিমিষে শ্রী.ম ৮৯।

আখির '-র্' বি [আ আখি.র্] অন্তিম, শেষস্থ। —র বি ১ অন্ত, শেষ, সমাপ্তি। ২ পরিণাম, ফল। দ্র 'আখের'। —রি বি [°র+ই১১ ; তু 'আ আখ্‌.রী—অন্তিম] সমাপ্তি, শেষ। "যৌবনের আখিরি করিয়া ফারখতি লইতে পারি নাই ব.প্র ৬৩৭। [গোঁয়ারা আখির—গোঁয়ারা উৎসবের সমাপ্তি।]

আখিল '-ল্' বিং [আ আকিল্] বুদ্ধিমান্, জ্ঞানী, বিবেচক। "মোল্লা মোকাদিমা কাজি, আখিল এন্‌সাফ রাজি বি.সু ১৬।

আখু পুং [আ+ √খন্+উ (ডু)-ক, উ ১.৩৩] ১ 'খনক', মূষিক। "কৃত্বাখুর্বিবরং স্বয়ং নিপততি নক্তং মুখে ভোগিনঃ (নীতিশতক)। আরোহণ আখুপৃষ্ঠ বি.সু ১। ২ চৌর। ৩ শূকর। ৪ (সাদৃশ্যে) কৃপণ। 'বিভবে সতি নৈবাত্তি ন দদাতি জুহোতি ন। তমাহুরাখুম্…॥ ৫ দেবতাড়বৃক্ষ। [°কর্ণী, °পর্ণিকা (স্ত্রী)—ইঁদুরকানী লতা।

°গ (পুং)—মূষিকবাহন, গণেশ। °ঘাত (পুং)—মূষিকঘাতক, শূদ্র। "পা ৩.২.৫৩, সি।]

আখুকর্ণী, আখুগ, -ঘাত, -পর্ণিকা দ্র 'আখু'।

আখুজী বি ['আখঞ্জ'—মূল ; অপ্র] প্রতিকূলতা, শত্রুতা, আড়ি। "পূর্ব্বেতে কলহ ছিল ধনপতি সনে। আখুজী করিল বেণে তাহার কারণে॥—কবিকঙ্কণ।

আখুটি, -টী, -টিয়া, -টে দ্র 'আখটি'।

আখুনজী '-ন্' বি [ফা আখু.ন+জী] পাঠশালের মুসলমান গুরুমহাশয়।

আখুবাহন, -রথ পুং [বহুব্রী] 'মূষিকযান', গণেশ।

আখুভুক্ (-ভুজ্), -ভুজ পুং [আখু+ √ভুজ্+ক্বিপ্ (০),+অ (ক), -ক ; উ.ত] 'মূষিকভোজী', বিড়াল।

আখেট, -টক পুং [আ+ √খিট্ ত্রাসে+অ (ঘঞ্)-ধি ; ক (কন্) স্বার্থে] যাহাতে মৃগ ত্রস্ত হয় ; মৃগয়া, শিকার। "°টভূমি ক.সা ১৫.১২০ ; ১২৪। °ক।—পঞ্চ ১.১৪০। হরিণাখেটক ক.সা ৯.৭৪। রঙ্গ ৭। —টক পুং [+অক (ণুল্)-ক] ১ ব্যাধ। "পঞ্চ ১.৪১৯। ২ মৃগয়াকুক্কুর (A.)।

আখেটি, -টী বি [সং আখেটিক ; হি আখেটী] ব্যাধ, শিকারী। "আখেটী হৈল কাল ক.চ ৫৩। আখেটী পাথায় দিল আটা (শ্রী)।

আখেটিক বিণ [আখেট+ইক (ঠক্) 'তত্র সাধু' অর্থে] ১ আখেটে সাধু ; মৃগয়াকুশল। ২ ত্রাসজননে সাধু ; ভয়ঙ্কর। —খেটিক পুং ১ মৃগয়াকুশল জন ; শিকারী। ২ ব্যাধ। "জরা নামে আখেটিক ম ১২৩০। ৩ মৃগয়ানিপুণ কুক্কুর।

আখেড়া বি আখড়া। [°ধারী—দ্র 'আখড়া'। "ব.প ১৫১৮।

আখের বি [দ্র 'আখির'] ১ শেষ, শেষকাল। "একা আমি কি করিব আখেরে অবলা শ্রী.মা ১৯৫। তোর দায় প্রাণ যায় আখেরে বা.দ ৫৮। হা আল্লা! বাপদাদার ভিটেটাও কি আখেরে ছাড়তে হলো! —মা ৩২৩। ২ শেষকাল, ভবিষ্যৎকাল। "মেরা বাত ন রখেগা মরেগা আখের রা.স ৩২। আখেরে আসিবে তোর বৌ-ঝিয়ের কাজে শ্রী ১০২। ৩ পরিণামচিন্তা, ভবিষ্যতের কথা বা ভাবনা। "আমি জানি, এ সমস্ত জরুর যখন তাগিদ করে, আখেরকে তখন ভাসিয়ে দিতে হয় ঘ ১৪৯। ৪ পরিণাম, ফল। "আখের ভেবে কর্ম্ম করে তাকেই বলি ধীর দা ১০৮৭। ৫ পরকাল, পারত্রিক জীবন। "দেবী বলি দেই গাছে ঘড়ার সিন্দূর। হায় হায আখেরে কি হইবে হিন্দুর॥—ভা.চ ৪৮০। ক্যা হোগা আখের মুঝে বি.সু ১৬। —রী বিং [আ আখ্‌রী] শেষ, সমাপ্ত। "ইতি সন ১১৮৩ সাল তাঃ—১৯ চৈত্র আখেরী E. P. 49।

আখোআল বি [হি রখরাল>বা রাখোআ(য়া)ল>°ল ; অপ্র] রাখাল। "আখোআলক নাগিয়াঃ আখোআল নন্দনঃ মুঞিঁ আখোআল থাকিম গো.চ ২৩৮, টীকা।

আখোট বি [সং অক্ষোট] সর্থ 'আখরোট'।

আখ্যা স্ত্রী [আ+ √খ্যা+অ (অঙ্)-ণ+স্ত্রী আ (টাপ্)] ১ যাহা দ্বারা খ্যাত হয় ; অভিধান, নাম। "উমাখ্যাং সুমুখী জগাম কু.স ১.২৬। শ ৭২/১০। ২ শোভা। "বৃসীষু রুচিরাখ্যাসু রা ৭.৬০.১২। ৩ [+অ-ভা] আখ্যান, কথন (মেধাতিথি)। "দশাব্দাখ্যং পৌরসখ্যম্ মনু ২.১৩৪। —খ্যাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উক্ত, কথিত, সংজ্ঞিত। "সেবা শ্ববৃত্তিরাখ্যাতা মনু ৪.৬। ২ প্রকটিত, সূচিত। "আখ্যাতমন্তে গুরু ভাবি দুঃখম্ রঘু ১৪.৪৯। ৩ ভাষিত, বিজ্ঞাপিত, কীর্ত্তিত। "ভবান্ সর্ব্বত্র কুশলঃ সর্ব্বভূতহিতে রতঃ। আখ্যাতং শরভঙ্গেণ…॥—রা ৩.৭.১৫। নামধেয়মাখ্যাতম্ উ.চ ৫২/৪। ৪ [আখ্যাত+অ (অচ্) অস্ত্যর্থে] আখ্যাতযুক্ত, তিঙ্প্রত্যয়ান্ত, তিঙন্ত। —খ্যাত ক্লী [+ত-ণ] ১ তিঙ্‌রূপ প্রত্যয় (ত.বা)। ২ তিঙন্তপদ, ক্রিয়াপদ। "আখ্যাতমাখ্যাতেন ক্রিয়াসাতত্যে পা ২.১.৭২, সি। —খ্যাতব্য বিণ [+তব্য-র্ম্ম] কথয়িতব্য, বক্তব্য। "মনু ১১.১৭। —খ্যাতা (-তৃ) পুং [+তৃ (তৃচ্) -ক -ঃব ; স্ত্রী -ত্রী] ১ বক্তা, কথয়িতা, বিজ্ঞাপক। ২ উপদেশক, শিক্ষয়িতা, অধ্যাপক। "আখ্যাতোপযোগে পা ১.৪.২৯। —খ্যাতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] কথন, ভাষণ, বিজ্ঞাপন। —খ্যান ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ কথন, উক্তি, বচন। "রামসন্দেশাখ্যান গো.রা ২.৫৮। প্রিয়° মহা ৩.২.২৪। ভাবার্থ করি সংক্ষেপে আখ্যান চৈ.চ ১৫৪। ২ বিজ্ঞাপন, নিবেদন। ৩ পূর্ব্বসংঘটিত বিষয়ের উক্তি বা বর্ণন। 'আখ্যানং পূর্ব্ববৃত্তোক্তিঃ সা.দ ৬.২১১। ৪ স্বয়ংদৃষ্ট বিষয়ের কথন। 'স্বয়ংদৃষ্টার্থকথনং প্রাহুরাখ্যানকং বুধাঃ।—বিষ্ণুপুরাণটীকা। ৫ প্রতিবচন। "°পরিপ্রশ্ন পা ৩.৩.১১০ ; প্রশ্ন° ৮.২.১০৫। ৬ [+অন-র্ম্ম] উপাখ্যান, ইতিহাস, বৃত্তান্ত। "°বরিষ্ঠ মহা ১.১.১৮ ; ২৩৭। মনু ৩.২৩২। ৭ [+অন-ধি] আর্ষমহাকাব্যান্তর্গত সর্গবিশেষ। 'অস্মিন্নার্ষে পুনঃ সর্গা ভবন্ত্যাখ্যানসংজ্ঞকাঃ সা.দ ৬.৩২৫। ৮ [+অন-ণ] ভেদক ধর্ম্ম ; বিশেষগুণ। "ইত্থম্ভূত° পা ১.৪.৩০। ৯ [আখ্যান+অ (অচ্) অস্ত্যর্থে] আখ্যানবান্, আর্ষমহাকাব্য ভারতাদি। 'দ্র (৭)। ১০ (বাঙ্‌লায় ; অপ্র) আখ্যা, নাম। "রঙ্গাবতী আখ্যান শ্রী.মা ১৩। সমাধি আখ্যান চ.বি ২০। শ্রী ২৬। ১১ কথা, ব্যাপার, ঘটনা। "গোপত আখ্যান,…কেহ সে নাহিক জানে চ.সা ২১। —খ্যানক ক্লী [°ন+ক (কন্) স্বার্থে] ১ দ্র 'আখ্যান (৪)। ২ সর্থ 'আখ্যান (৭)। ৩ আখ্যান, উপাখ্যান। "আখ্যানকাখ্যায়িকেতিহাসপুরাণাকর্ণন (কাদম্বরী)। —কী স্ত্রী ইন্দ্রবজ্রা ও উপেন্দ্রবজ্রার মিশ্ররূপ উপজাতিবৃত্তবিশেষ। —খ্যাপিত বিণ [+ √খ্যাপি+ত (ক্ত)-র্ম্ম] ১ বাদিত, বাচিত। ২ বিঘোষিত, প্রচারিত। "কীর্ত্তিশ্চাখ্যাপিতা নৃষু মহা ৩.১৫০.২০। —খ্যায়ক বিণ [+ √খ্যা + অক (ণুল্)-ক ; স্ত্রী -য়িকা] ১ কথক, বক্তা। ২ বিজ্ঞাপয়িতা। —খ্যায়ক পুং ১ অন্যকথিতবিষয়ের বক্তা ; দূত। "ভট্টি ২.৪৪। ২ যুদ্ধক্ষেত্রে উভয়পক্ষের প্রধানপুরুষগণের নামকীর্ত্তনে নিযুক্ত পুরুষ। "নামধেয়মাখ্যাতমাখ্যায়কৈঃ উ.চ ৫২/৪। —খ্যায়িকা স্ত্রী [°য়ক +স্ত্রী আ (টাপ্)] যে বিষয় কবি স্বয়ং অথবা অন্য কেহ অনুভব করিয়াছেন (অ.টী) ; উপলব্ধার্থা, ইতিহাস। 'আপনার কিম্বা অন্যের জ্ঞাত যে বিষয় তদর্থক যে গদ্যসমূহ সে আখ্যায়িকা হয়। বিশিষ্টার্থতাৎপর্য্যক স্বকপোলকল্পিত যে বিষয় তদর্থক যে গদ্যসমূহ সে কথা হয় ব.প ১৭০১ [আখ্যায়িকা ও কথা উভয়ই গদ্যগ্রন্থ, সুতরাং গদ্যহেতু একজাতি, নামমাত্রে ভিন্ন। আখ্যায়িকার বক্তা নায়ক, কথার বক্তা নায়ক বা অন্য ব্যক্তি (কাব্যাদর্শ ১.২৩-২৪ ; ২৮)। সাহিত্যদর্পণের মতে কিছু প্রভেদ আছে। কাদম্বরী-প্রভৃতি কথা, হর্ষচরিতাদি আখ্যায়িকা (দ্র 'সা.দ ৬.৩৩২-৩৩৫)।] —খ্যায়ী (-য়িন্) বিণ [+ √খ্যা+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -য়িনী] অভিধায়ী, বক্তা। "রহস্যাখ্যায়ী শ ১.২১। মনু ৭.২২৩। —খ্যেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ বাচ্য, কথনীয়। "শব্দাখ্যেয় উ.মে ৪২। কস্যচিন্ নাখ্যেয়ো বৃত্তান্তঃ।—পঞ্চ ৫২/২১। ২ বিজ্ঞাপনীয়। "আখ্যেয়া রাজমহিষী তেভ্যঃ রা ৪.৬২.১১। ৩ বর্ণনীয়, নির্ব্বচনীয়। "তদীয়ো নাখ্যেয়ঃ স্ফুরতি হৃদয়ে কোঽপি মহিমা (ভর্তৃহরি)।

আখ্যাত, -তব্য, -তা, -তি, -খ্যান, -খ্যানক, -খ্যাপিত, -খ্যায়ক, -য়িকা, -য়ী, -খ্যেয় দ্র 'আখ্যা'।

আগ[১] '-গ্' বি [সং অগ্নি>প্রা অগ্‌গি>বা আগি, -গ ; হি, ঠ, গু, মৈ আগ ; প আগ, -গন ; সি আগি ; সিংহলী -গিনি (তু 'লি অগ্‌গিনী, -গিনি) ; তা অক্কি (পদ্যে)] অগ্নি। "বিরহ বিয়োগে আগ দেই ঝাঁপে (বি.প)। [আগ-জ্বলন্ত ভাত—আগুনের মত উত্তপ্ত ভাত ; এইমাত্র রান্না ভাত ; এইরূপ 'আগ-জ্বলন্ত ডা'ল, তরকারি' ইত্যাদি।]

আগ২ '-গ্' বি [সং অগ্র > লি, প্রা অগ্গ > বা আগ, -গা ; হি আগা ; গু আগ ; সি অগ ; অস আগ] ১ অগ্রভাগ, আগা, ডগা। "রোহিত মৎস্য দিয়া রাঁধে পলতার আগ ম.ম ৯৫ । [ধৃত পাঠ—'কলতার']। বেনা গাছের আগ শ্রী.মা ১৭৩। ২ অন্ত, শেষভাগ। "কেশের আগ, চুম্বয়ে টাগ চ.দা ২১। ৩ বংশাদির শেষভাগ। "বেতাগ (বেত্রাগ্র)। বান্ধিয়া বাঁশের আগে পাটের পাছোড়া ক.চ ২২১। ৪ সূক্ষ্ম অগ্রভাগ। "ছিদ্র করে ছিচকার আগে শ্রী.ম ২৮। ৫ সমীপ, সম্মুখ। "রাজ-আগে কয় ম ২৯৬। মোর আগে কর সমাধান ক.চ ১৪৮। ক্রোধ কোন বরাক তাঁর আগে চৈ ১৩। ৬ দলের অগ্রভাগ। "শ্রী.কী ১৭৫ ; গোপীগণ সব গেল আগ ১৮৪। ৭ দেবতাদির উদ্দেশে রক্ষিত খাদ্যের অগ্রভাগ। [আগক—আগে, সমীপে। "শ্রী.কী ২। আগ ডাল—সর্ব্বোচ্চ শাখা। "কদম্বের আগ ডালে চড়ে নটবরে ব.প ৭৯২। আগত (সং অগ্রতঃ)—১ আগে, প্রথমে। "আগত মা দায় দিয়া পশ্চাৎ ভিক্ষা লমু ব.প ৬৪। ২ আগে, উপরে। "আমার আগত বীর নাহি কোন জন শ্রী.কী ১২৭। ৩ পুরোভাগে। "দুয়ারের আগত ব.প ৪২। আগ তোলা বা রাখা—দেবতাদির উদ্দেশ্যে কোন দ্রব্যের কিয়দংশ আগে পৃথক্ করিয়া রাখা। আগতোলা দ্রব্য—যে দ্রব্যের কিয়দংশ অগ্রে গৃহীত হইয়াছে ; উপহত বা উচ্ছিষ্ট দ্রব্য। "আগতোলা দ্রব্য দেবতার ভোগে লাগে না। আগ-তোলা সন্দেশ—দুর্গোৎসবের সময়ে প্রস্তুত চূড়াতোলা (চূড়াকৃতি) একপ্রকার মিষ্টান্ন। "ময়রারা দুর্গামণ্ডা ও আগ-তোলা সন্দেশের ওজন দিতে আরম্ভ কল্লে হু ১৮৭। আগদুয়ার—সিংহদ্বার, সদর দরজা। বিপ 'খিড়কির দুয়ার'। "ব.প ৩২। আগধড়—পূর্ব্বকায়, দেহাগ্রভাগ। বিপ 'পাছধড়'। "আগধড় দিল স্বর্গত উড়াইয়া ব.প ৭৯। আগ-না—মাঝির সম্মুখস্থ নৌকার অগ্রভাগ। "আগ-নায়ে পঞ্চ ঘর করিল নির্ম্মাণে বি.পা ১৬২। আগ-নাওলা, আগ-হালা—হলকর্ষণে অগ্রগামী কর্ষক। "আগ-হালা যে দিকে যায়, পাছ-হালাও সেই দিকে যায়।—প্রবচন। আগ-পাছ (হি আগ পীছা)—১ অগ্র ও পশ্চাদ্‌ভাগ। ২ (অস—আগ্ পাচ্)—কোন বিষয়ের পূর্ব্বাপর অবস্থা। আগ পাছ করিয়া কাজ করা—পূর্ব্বাপর ভাবিয়া কাজ করা। "আগ পাছ করি কাজ করে মহাজন।—শ্রী.কী ১২৮। আগ পাছ ভাবা (হি—আগা পীছা দেখনা)—কোন বিষয়ের পূর্ব্বাপর (বর্ত্তমান ও ভাবী, আদি ও অন্ত) চিন্তা করা। আগ পাছ হ'য়ে যাওয়া—শ্রেণীবদ্ধভাবে যাওয়া। আগ পায়ে নাচা—পদাগ্রে (পদাঙ্গুলিতে) ভর দিয়া নাচা। "এত শুনি কুশধ্বজ আগপায়ে নাচে শ্রী.মা ৫৬ ; ১৪৮। আগ বাড়াইয়া বা আগ বাড়ান লওয়া (অস—আগ বঢ়াই আন)—প্রত্যুদ্‌গমনপূর্ব্বক সঙ্গে করিয়া আনা। "আগ বাড়ি নিতে গেলা জনক রাজন্ ব.প ৫৬৫। মধুবাবু…বরযাত্রীদিগের আগবাড়ান লইতে আইলেন আ.দু ৭৪। আগ হ'য়ে কহা—অগ্রবর্ত্তী হইয়া বলা। "শ্রী.মা ৮৩। আগে ক'রে লওয়া—সম্মুখভাগে (সামনে) লওয়া। আগে পাছে—পূর্ব্বে ও পশ্চাৎ ; আরম্ভে ও শেষে। "যদি থাকে আগে পাছে (অর্থাৎ ভোজনের প্রথমে ঘৃত, পরে দুগ্ধ)। কি করে শাগে মাছে॥—প্রবচন। আগে ভাগে—সর্ব্বাগ্রে, প্রথমে, পূর্ব্বে। "আগে ভাগে উত্তরেন গিয়া ভা.চ ১৫২। যে কথা বলিবে, ভাবিয়া দেখিবে, আগে ভাগে দোষগুণাদি স.শ ১৪২। আগিয়া—অগ্রসর হইয়া। "সাক্ষী দিতে বাইতি আগিয়া আছে নাছে শ্রী ২৫৮ ; ব.প ৪৫০। এগোও—অগ্রসর হও। "শ্রী.মা ৮০। এগোই অগ্রসর হই। শ্রী.মা ৮০।]

আগ৩ '-গো' অব্য [সং অঘোঃ ; অপ্র] সম্বোধনে, ওগো, হে। "আগ হে বড়ায়ি শ্রী.কী ৮৬ ; ২৯৪। আগ নারী ম.ম ১২।

আগঃ (-গস্) ক্লী [√ই+অস্ (অসুন্), উ ৪.২১১ ; ছান্দস ; cf., Gr. agos] ১ পাপ। ২ অপরাধ, দোষ। "সহিষ্যে শতমাগাংসি সুনোস্তে মাঘ ২.১০৮। আগস্কৃৎ রঘু ২.৩২। দাসে কৃতাগসি সা.দ ১০উক্ত। ৩ দণ্ড।

আগআন বিং [সং অগ্রযান ; হি অগবান ; অপ্র] অগ্রসর, আগুয়ান। "দুই ভাই হৈল আগআন কৃ উ ২৩৫।

আগচ্ছ সং, ক্রি [আ+ √গম্+হি অনুজ্ঞা, মধ্যমপুরুষ-১ব] আইস, এস। "সুন্দরী আগচ্ছ মোর সনে ম.পা ৪৭ ; আগচ্ছ আগচ্ছ বীর ৬৩। আগচ্ছ মনসা দেবী ম.ম ২২।

আগড় বি [সং অর্গল > লি, প্রা অগ্গল > বা আগল, -ড় ; ঠ অর্গল] ১ কপাট। "সত্যের দ্বারে আগড় নাই, যথার্থ পরিচয় দিয়েছেন ন.ত ৯। ২ দরমা বাঁশের চাঁচ-প্রভৃতি দ্বারা নির্ম্মিত দ্বাররোধক আবরণ ; ঝাঁপ, টাটী। [লক্ষ্মী আসতে দোরে আগড়—ইষ্টাপত্তিতে বাধা।]

আগড়বাগড়, আগড়ম-বাগড়ম বি সর্থ 'অগড়বগড়'। "ধান চাল ময়দা ছোলা, আগড়বাগড় কতকগুলা, প'ড়ে বলে জীব জীব জীব দা ৮৯। [আগড়বাগড় খেয়ে পেট ভরান—(গৌণার্থে) অসার খাদ্যে উদর পূর্ণ করা।]

আগড়া বি [হি অগড়া ; অপ্র (?) ; পাতান (পাতধান ?) —দিনাজপুর)] শস্যহীন (বীজশূন্য) ধান্য কলায় প্রভৃতির খোসা ; চিটা, তুষ, ভুসি। দ্র 'আগা (৬)। "বৃথা পরিশ্রম হয় অর্থ না মিলয়। শস্যের আশায় যেন আগড়া কুটয়॥—ভ.গ্র ১৭৮।

আগডুম-বাগডুম, আগডোম-বাগডোম বি শিশুদিগের খেলাবিশেষ। "হঠাৎ মিনি আগডুম-বাগডুম খেলা রাখিয়া জানালার ধারে ছুটিয়া গেল।—রবীন্দ্র। আগডোম-বাগডোম ঘোড়াডোম সাজে লী ৭৫। [শ্লোকের প্রথম দুই শব্দানুসারে এই খেলার নামকরণ। বোধ হয়, মূল পাঠ—"অঘাডোম বাঘাডোম ঘোড়াডোম সাজে" ইত্যাদি। মনে হয়, ইহা বিবাহসজ্জার বর্ণনা। ধর্ম্মমঙ্গলে কানাড়ার বিবাহে কালু-প্রভৃতি ডোমের যে সজ্জার বর্ণনা আছে, বোধ হয়, তাহার সহিত ইহার সম্বন্ধ আছে।]

আগ'ড়ে বি [অপ্র] অগড়, অর্থাৎ অগভীর (স্বল্পজল) গর্ত্ত ; ডোবা (Puddle)। "চণ্ডালে আর ঠাকুরে, আগ'ড়ে আর পুকুড়ে দা ২০৫৮।

আগন১, -ন বি [সং অগ্রহায়ণ > প্রা অগ্গহাঅণ > বা আগন, -ণ, (অগ্‌ঘাণ) আঘান, -ণ ; তু 'অগ্রা(ভ্রা)ণ' ; হি অগহন] অগ্রহায়ণ মাস। "যদি বর্ষে আগণে (আগনে)। রাজা যান মাগনে॥—খনা। ব.প ১৪।

আগন২ সর্ম্ম [সং √গণি] গণনা করা। "আগণিয়া রাজা যাহ এই বনমাঝ : আগণি আগণি রাজা যখন বলে দশ। মাথার উপরে নাগ করিল পরশ॥—বি.ম ১১৩। [বোধ হয়, 'আগণিয়া' 'আগণি' স্থলে 'পা গণিয়া' 'পা গণি' হইবে।]

আগনা, -না বিং [আ+গণা, দ্র 'আ১২'] অগণিত, অর্থাৎ যাহা গণা হয় নাই। "আগনা করিয়া কড়ি দেয় অষ্ট ভার শ্রী.মা ১৯৪। [আগোনা খাওয়া—না গণিয়া, যত ইচ্ছা তত খাওয়া। "মণ্ডার ঘরে আগোনা খাই ন.ত ৬৬।]

আগণি বিং [সং অগ্রণী > লি, প্রা অগ্গণী > বা আগণী-ণি ; অপ্র] অগ্রগণ্য, নায়ক, শ্রেষ্ঠ। "চৈ.ভা (শব্দসূচী)।

আগত বিণ [আ+ √গম্+ত (ক্ত)-ক,-র্ম্ম ; ছান্দস] ১ আয়াত, উপস্থিত। "পা ৪.৩.৭৪। হি ১.৫৮। ২ প্রাপ্ত। "ধ্রুবমাগতাঃ প্রতিহতিং কঠিনে মদনেষবঃ কুচতটে মাঘ ৯.৪৯। আশ্রমাগত মনু ৬.৭। ৩ প্রবিষ্ট। "গৃহাগত রঘু ৩.১১। ৪ সঞ্জাত। "°মন্যু মনু ২.১৫২। ৫ জাত, উৎপন্ন। "অবশ্যযাতব্যং সর্ব্বৈর্দেহিভিরাগতৈঃ গো.রা ২.৮৫.১৯। —গত ক্লী [+ত-ভা] আগমন। "গতাগত গো.রা ২.৫৯.২৩। গী ৯.২১। মহা ৩.২৯৮.২৮। —গতি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা ; ছান্দস] ১ আগমন। "গতাগতি রা ২.১১০.১। প্রিয়তমাগতি

মাঘ ৯.৪৩। যাজ্ঞ ৩.১৭০। গতাগতি চৈ.চ ৭১। রঙ্গ ১১। ২ প্রাপ্তি, অধিগম। ৩ প্রত্যাবর্ত্তন।

আগতখামার বিং খাসখামার হইতে প্রজার লওয়া কোন জমি সেরেস্তায় প্রজার নামে দাখিল হইলে, সেই দাখিলকে 'আগত-খামার' কহে।

আগতরাইয়তী বিং কোন রাইয়তের জমা অন্য রাইয়ত লইলে এবং সেরেস্তায়, যে লয় তাহার নামে দাখিল হইলে, সেই দাখিলকে 'আগতরাইয়তী' কহে।

আগতোলা, আগ-না; আগনা, -গোনা দ্র 'আগ২; আগণা'।

আগনি বি [সং অগ্নি>প্রা অগণি>বা আগনি; অপ্র] অগ্নি। "নিভা কাষ্টতে জ্যামন জলাই আগনি গো.চ ৯৭।

আগন্তু বিণ [আ+ √গম্+তু (তুন্) -ক ; স্ত্রী -স্তু] ১ আগমনশীল। ২ অনিয়তস্থায়ী, অনিয়ত, কাদাচিৎক। "অ.কো ২.৭.৪৯। ৩ বহিঃ-কারণজাত, বাহ্য। ৪ আকস্মিক। —স্তু পুং ১ অতিথি। "রঘু ৫.৬২। আগন্তুনা সহ মৈত্রী হি ১২৬/১৮। ২ আকস্মিক রোগাদি (শ.ক)। —গন্তুক বিণ [°স্তু+ক (কন্) স্বার্থে; স্ত্রী -কা, -কী (?)] ১ আগমন-শীল, স্বয়ং আগত। "আগন্তুকা বয়ম্ (S.W.)। ২ অনিয়ত, অনিত্য। ৩ আহার্য্য (শ.ক)। ৪ প্রক্ষিপ্ত। "আগন্তুকঃ পাঠঃ কু স ৬.৪৬, মল্লিনাথ। ৫ হঠাৎ সংঘটিত; আকস্মিক, অতর্কিত। "°কা বিকারাঃ (S.W.)। —ক পুং ১ অতিথি। "কাদ ৭৭। ২ অপরিচিত (অজ্ঞাতকুলশীল) জন; নবাগত পুরুষ। "হি ২৯/৩৬। ৩ প্রক্ষিপ্ত পাঠ। ৪ যূথভ্রষ্ট ও দেশান্তরাগত পশু (মিতাক্ষরা); অজ্ঞাতস্বামিক পশ্বাদি (শ.ক)। "যাজ্ঞ ২.১৬৬। ৫ আকস্মিক ক্ষতাদি রোগ (শ.ক)। [°স্তুকজ্বর (বি)—আঘাতাদি-জন্য আকস্মিক জ্বর (Sympathetic fever)। °স্তুজ (বিণ)—আকস্মিককারণ-জাত (রোগাদি)।]

আগন্তুক, আগন্তুকজ্বর, আগন্তুজ দ্র 'আগন্তু'।

আগব '-ব্' বি [সং রাঘব, 'র'-লোপ; অপ্র] রাঘববোয়াল। "গো.চ ২৭৪।

আগম পুং [আ+ √গম্+অ (ঘঞর্থে ক)-ভা; ছান্দস] ১ আগমন, উপস্থিতি। "তদাগমপ্রীতি রঘু ১৪.৮০। হি ৪.৭৭। ২ উপক্রম, আরম্ভ। "অহরাগম, রাত্র্যাগম গী ৮.১৮। ৩ প্রাপ্তি, অধিগম, উপলব্ধি। "বিদ্যাগম। আগমস্ত ন মে ব্যক্ত রা ৪.৩৫.১৮। °হেতু যাজ্ঞ ২.৯৪। বেদানামাগমঃ (কাদম্বরী)। ৪ আয়। "ব্যয়াগম মহা ২.১৩.৩৪। অর্থাগম হি ১৯ (কথারম্ভ)। ৫ উদ্ভব, উৎপত্তি। "আগমাপায়ী গী ২.১৪। ফলাগম গো.রা ২.৬৫.৭। লতায়াং পূর্ব্বলূনায়াং প্রসূনস্যাগমঃ কুতঃ উ.চ ৫.২০। ৬ আবির্ভাব। "সময়ো জলদাগমঃ গো.রা ৪.২৭.২। ৭ পাত, বর্ষণ। "শ্রাবণঃ সলিলাগমঃ রা ৪.২৬.১৪; সময়োঽয়ং জলাগমঃ ২৮.২। ৮ প্রবাহ। "উদকস্যাগমেন মনু ৮.২৫২। ৯ পণ্যদ্রব্যের দেশান্তরে উপস্থিতি, অর্থাৎ অন্যদেশে লইয়া আসা; আমদানী। বিপ 'নির্গম'। "মনু ৮.৪০১। ১০ শাস্ত্রপরিশ্রম, শাস্ত্রজ্ঞান। "প্রজ্ঞয়া সদৃশাগমঃ রঘু ১.১৫। ১১ (ব্যাকরণে) অধিক-বর্ণের উপস্থিতি। "বর্ণাগম পা ৬.৩.১০৯, সি। ১২ [+অ-ণ] 'জ্ঞানলাভসাধন', তত্ত্বাবেদক গ্রন্থ; শাস্ত্র। "কি ২.২৮। জ্ঞানাগম মহা ৩.১৬৩.৭। ১৩ ত্রয়ী সাংখ্যাদি দর্শনশাস্ত্র। "রঘু ১০.২৬। ১৪ পুরাণ। "কি ৫.১৮। ১৫ মন্ত্র। "ভ ১২.১১.৩১। ১৬ (ন্যায়ে) শাব্দপ্রমাণ, আপ্তবচন। 'আগমো হ্যাপ্তবচনম্ সাংখ্য ৬। "গো.রা ৫.৮৭.২৩। বিবিধাগম মনু ১২.১০৫। ১৭ সামাদি উপায় (ত.বা)। ১৮ জনপ্রবাদ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.২১৫। ১৯ ক্রমপ্রতিগ্রহাদি সপ্ত বিত্তলাভের উপায়। "যাজ্ঞ ২.২৭। বিষ্ণু ৫.১৮০। মনু ৮.২০০; ১০.১১৫। ২০ (ব্যবহারে) প্রমাণসাধন সাক্ষী ও পত্রাদি (শ.ক)। ২১ মার্গ, বর্ত্ম। "আগমান্তে শিবাঃ সন্তু রা ২.২৫.২১। মনু ৯.২৮১। ২২ [+অ-র্ম] সিদ্ধান্ত। "সঙ্গীতাগমসাগরঃ (S.W.)। ২৩ [+অ (অচ্)-ক] (ব্যাকরণে) প্রকৃতি ও প্রত্যয়ের অনুপঘাতী অধিকবর্ণ অট্ ইট্ ইত্যাদি (Augment)। 'তৈ ১.২৩, টীকা। আগমোঽনুপ-ঘাতী যঃ প্রকৃতেঃ প্রত্যয়স্য চ (মুগ্ধবোধ)। ২৪ যাহা চারিদিকে যায় বা শাখা বিস্তার করে; বৃক্ষ। "কি ৫.১৮। —গম পুং, ক্লী 'যাহা শিব-মুখ হইতে আগত, গিরিজামুখে গত এবং বাসুদেবের অভিমত'; তন্ত্র-শাস্ত্র। 'আগতং পঞ্চবক্ত্রাৎ তু গতঞ্চ গিরিজাননে। মতঞ্চ বাসুদেবস্য তস্মাদ্ 'আগমঃ' কথ্যতে॥ "ভা.চ ২৫৩। মে ১১৯। [তন্ত্রশাস্ত্র, সৃষ্টি প্রলয় দেবতার্চ্চন সর্ব্বসাধন পুরশ্চরণ ষট্‌কর্ম্মসাধন চতুর্ব্বিধ ধ্যান এই সপ্তলক্ষণান্বিত।] —গমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আগতি, উপস্থিতি। "°কারণ মহা ৩.৭৩.২৬। ভরত° রঘু ১২.২৪। ম ৫১৫। কৃ ৬০। ২ প্রাপ্তি। ৩ প্রত্যাবর্ত্তন। "স্বীয়তামত্র যাবদাগমনং মম মহা ১৭০.৩৩। ৪ উৎপত্তি, উদ্ভব। "সর্ব্বমাথ্যাতং বৈরস্যাগমনং মহৎ গো.রা ৪ ৯.২৯। ৫ স্ত্রীসঙ্গম। "অন্ত্যা° (শ.ক)।

আগমনী বি [আগমন+ঈ৭] ১ 'আগমনসম্বন্ধী', উমার পতিগৃহ হইতে পিতৃগৃহে আগমনের বিষয়ে রচিত গীত। "অ্যাক আধটা আগমনী গাইবার ফরমাস হু ১৮৩; কোন বৈঠকখানায় আগমনী গাওনা হচ্ছে ১৮৮। [মেনকার উমাকে স্বপ্নে দেখা, উমাকে আনার নিমিত্ত গিরি-রাজের নিকটে মেনকার অনুরোধ, পুত্রসহ উমার আগমন, প্রতি-বেশিনীদের মেনকাকে উমার আগমনসংবাদদান ইত্যাদি আগমনীর বিষয়।] ২ আগমনবিষয়ক গীতমাত্র; আবাহনগান, অভ্যর্থনাগীতি। "আগমনী-পিকধ্বনি নিকুঞ্জঘরে স্ব.প্র ৩৯। আকাশবীণার তারে তারে জাগে তোমার আগমনী : সকল সুরে বেজেছে তার আগমনী গী.লি ৭৪।

আগমবাগীশ বি [স ত] ১ আগমে ব্রহ্মার তুল্য; তন্ত্রশাস্ত্রে পণ্ডিতের উপাধি। ২ নবদ্বীপবাসী তান্ত্রিক মহাপুরুষবিশেষ। [ইঁহার প্রকৃত নাম কৃষ্ণানন্দ। পিতার নাম মহেশ্বর গৌড়াচার্য্য। প্রসিদ্ধ 'তন্ত্রসার' ইঁহার সঙ্কলিত তন্ত্রগ্রন্থ (নদীয়াকাহিনী)।]

আগমবৃদ্ধ বিণ [স.ত] শাস্ত্রজ্ঞানে বৃদ্ধ (প্রবীণ); শ্রুতবৃদ্ধ, শাস্ত্র-প্রবীণ। "°সেবী রঘু ৬.৪১।

আগমবেদী (-দিন্) বিণ [ষ.ত; স্ত্রী -দিনী] ১ আগমের জ্ঞাতা; শাস্ত্রবিৎ। ২ বেদবিৎ। —দী পুং গৌড়পাদাচার্য্য।

আগমরহিত বিণ [তৃ.ত] ১ শাস্ত্রজ্ঞানহীন। ২ (ব্যবহারে) সাক্ষিলেখ্যাদিহীন।

আগমিত বিণ [আ+ √গমি+ত (ক্ত)-র্ম] ১ অভ্যাসিত, শিক্ষিত। "নিপুণাগমিতং স্ফুটনৃত্যলীলম্ মাঘ ৯.৭৯। ২ যাপিত। ৩ অধীত, পঠিত (শ.ক)।

আগয়ান বিং [তু 'অগেয়ান'; অপ্র] অজ্ঞান, অবোধ। "কেন হইলে আগয়ান (চ.দা)।

আগর১ বি [সং অগরু; অস অগরুকাঠ] ১ অগুরুচন্দন। "গন্ধ আগর ম.ম ১০২; ২৩৫; আগর চন্দন ১০৯। কৃ.উ ৬৫। ব.প ১৮২১। আগর চন্দন কাষ্ঠে ম.পা ২১। ২ অগুরু-চন্দন-পঙ্ক। "আগর চন্দনে বড়ায়ি শরীর লেপিআঁ শ্রী.কী ৩০৪; ৩৪৭। আগর লেপই অঙ্গে।—গো ২০৯। আগরেতে সুবাসিত করিয়াছে কেশ ম.ম ১৮০।

আগর২ বি [সং আকর; হি, মৈ আগর; বৈষ্ণবসাহিত্যে] আকর, নিধান। "তুহুঁ রস-আগর নাগর ঢীট ব্রি.প ৮২। গুণগণ-আগর। —গো ১৮৪। —র বিং [সং অগ্র > (স্বরাগমে) অগর>আগর;

পদ্যে] ১ শ্রেষ্ঠ, প্রধান, অগ্রগণ্য, চূড়ামণি। "সে নব নাগর, আগর সব গুণে জ্ঞা ১৬৬। আনন্দিরাম কুলের আগর ভা.চ ২৪; নাগর-আগর হে ৩৩২। ২ (অপ্র) উৎকৃষ্ট। "আগর ডাগর ঘণ্টা শ্রী.মা ১৫৬।

আগর[৩] বি [সং আগার; হি আগর; অপ্র] গৃহ, বাড়ী। "রামের সৃজিত হৈল বাইস আগর কৃ.উ ১৯৬।

আগর[৪] বি [E. Auger] কাষ্ঠাদিতে ছিদ্র করার সূত্রধারের যন্ত্র-বিশেষ; ভোমরযন্ত্র।

আগর[৫] সর্ম্ম [√আগল > √আগর; তু 'হি আগর; বৈষ্ণবসাহিত্যে] রোধ করা; পূর্ণ করা। "লোহে আগরল দুই আঁখি চ.সা ৩০৫। [আগরল—আগুলিল, প্লাবিত করিল।]

আগরি[১], **-রী** বিং [আগর[২] + স্ত্রী ই[১০]; ঈ[৫]] ১ শ্রেষ্ঠা, অগ্রগণ্যা। "সে হেন সুন্দরী, রূপে গুণে আগরি বি.প ১৭৭। আগরি সুবুধি সেয়ানি বি.সা ১৭৭। ২ প্রবীণা, পণ্ডিতা। "সব নব নাগরী, বর রসে আগরী জ্ঞা ১১৯। ৩ অতিমধুরা, পরমরসযুতা। "হেন কৃষ্ণরূপ-গুণলীলার মাধুরী। না জানি কি মধু সেই কি গুণে আগরি ॥ —ভ.গ্র ১২০। ৪ অধিকপতিসোহাগিনী। "বঞ্চিব সতিনীমাঝে হইয়া আগরি শ্রী.ম ১৮৮।

আগরি[২] বি [আগর[২] + স্ত্রী ই[১০]; বৈষ্ণবসাহিত্যে] আকরভূতা, নিধানরূপা। "হেদে লো সুন্দরি, প্রেমের আগরি চ.সা ৩৮; ৭৪; গুণের আগরি ১০৩। চ.দা ৭৭।

আগরি[৩], **-রী** বি [সং উগ্র; °রি (সাধু)] উগ্রক্ষত্রিয় হিন্দুবিশেষ। "°রি : শূদ্র আগরি হৈল ক্ষেত্রিতে কৃ.উ ১৯৬। আগরি প্রভৃতি ভা.চ ২৭৩। আগরী নিবসে পুরে ক.চ ৮৯।

আগরী বিং [অঘোর > অঘোরী (স্ত্রীলিঙ্গ) > আগরী ('নাগরী'র অনুকরণে); অপ্র] সংজ্ঞাহীনা, অচেতনা। "পরশে নাগরী, হইলা আগরী, পড়িলা বেণানী কোড়ে চ.সা ৪৭।

আগল[১] বি আকর, সাগর। "কর্ণধার আছিলেন বুদ্ধির আগলি ক.চ ২৩৬। —ল বিং [আগর[২] > °ল; অপ্র] ১ প্রধান, অগ্রগণ্য, অগ্রণী। "প্রতাপে আগল রাজা কৃ.উ ৪৪। বিক্রমে আগল ৮৬; ২৪৬; ২৫৫। ধনেতে আগল বা.ম ১৭৮। রূপে গুণে যৌবনে বড়ই আগল শ্রী.ম ১০৩। সভাতে আগল চৈ.চ ২৯। ২ দক্ষ, পটু, প্রবীণ। "বিরোধে আগল ম.ম ১৮; বুদ্ধিতে আগল ১৭৫; বিবাদে আগল ১৮৩। বি.পা ৩২২।

আগল[২] বি [দ্র 'আগড়'; পদ্যে] ১ দ্বাররোধক কাষ্ঠাদির দণ্ড; হুড়কা। "দ্বারে দ্বারে ভাঙল আগল।—গান ৯১। তোমার ঘরে নিশি ভোরে, আগল যদি গেল সরে', আমার ঘরে রইব তবে কিসের লাজে (গীতালি)। ২ প্রতিবন্ধক, বাধা। "যে দিন ভবের মেয়াদ ফুরাবে ভাই, আগল যাবে সরে'।—গান ১০৯। ৩ (অপ্র) অবরোধ, শত্রুকবল। "সব বীর জড় হঞা ছাড়ে সিংহনাদ। আগলে রাবণ পড়ি গণয়ে প্রমাদ॥—কৃ.উ ১৩৭। —ল বিং [অপ্র] ১ অর্গলিত, আবদ্ধ, আসক্ত, নিরত। "তপেতে আগল বড় রাজা বুঢ়া বয়েসে কৃ.উ ২৭২। তপেতে আগল মুনি বিবাহ না করে ম.ম ২৩। ২ পরি-পূর্ণ, ভরপুর। "উমাবড়ি ভাজি রান্ধে ঘৃতেতে আগল ব.প ৩৩৩।

আগল[৩] বিং [আগনি > আগল (?); অপ্র] ১ আগুনের মত; জ্বলিত। "কোপেতে আগল দেবী ম.ম ১৪। ২ [আগর[২] > °ল] শ্রেষ্ঠত্ব হেতু আদরের পাত্রী; আদরিণী। "সহজে আগল, পথ নাহি চলে, চলিয়া যাইতে নারি চ.সা ৫৮।

আগল[৪] সর্ম্ম [আগল[২] > √আগল; পদ্যে] ১ অর্গলরুদ্ধ করা; আটকান। "আগলিআ রাথ ঘোড়া আপন আওআসে কৃ.উ ১৪৭। ২ অবরোধ করা; ঘেরা। "দশ লক্ষ সৈন্য মেলি রাবণে আগলে কৃ.উ ৯৭; আগলিআ আন ঘোরা ১৪৭। ৩ 'নষ্ট না হয়' এই হেতু সাবধানে রক্ষা করা। "যা হারিয়ে যায়, তা আগলে বসে' রইব কত আর।—রবীন্দ্র।

আগলদিঘল '-স্-ল্' বিং [দিঘল > 'আগল' (অনু.শব্দ)] ১ প্রশস্ত ও দীর্ঘ; লম্বা-চওড়া। "গুরুর কাঁথা আগলদিঘল গো.চ ১৭৯। ২ (অপ্র) কোপ হেতু লম্বা-চওড়া, অর্থাৎ স্পর্দ্ধাপূর্ণ বাক্য; শাসান-কথা। "আগলদিঘল দেবী মনের এড়ে কোপ ম.ম ১০; ১৪।

আগলসুক্য বিং ['দুঃখ (প্রা দুক্খ)'এর অনুকরণে 'সুখ' > সুক্খ > সুক্য (?); অপ্র] যে আগে আপন সুখ খোঁজে; আত্মসুখী। "যে ঘরে থাকএ জান আগলসুক্য নারী। ভাগ্য বুদ্ধি নাহি তার পুরুষের নাহি ছিরি॥—ম.পা ৩।

আগলা[১] বিং ['অগ্র'—মূল; হি অগলা, আগলা; গু—আগল—পূর্ব্বে; অপ্র] অগ্রিম, আগোয়া। "অনেক আগলা কড়ি নিল সেই ক্ষেণে ব.প ৩৮০।

আগলা[২] বিং [আলগা > আগলা (বর্ণস্থানপরিবর্ত্তন); হি—অলগ] ১ অলগ্ন, অসংলগ্ন, বিযুক্ত। ২ অনাবৃত-মুখ, অনাবৃত, আঢাকা, খোলা (পাত্র, দ্রব্য)। ৩ অবগুণ্ঠনহীন (মুখ)। [আগলাইয়া দেখা —খুলিয়া দেখা। "গৃহমাঝে যায়্যা, দেখি আগলাইয়া, শ্যামের চূড়ার মালা ব.প ৯৭৫। আগলা মাটি—যে মাটির আঁট নাই; তোলা বা ভসকা মাটী। বিপ 'পাকা মাটী'। আগলা মেঘলা করা—ভাসা-ভাসা টুকরা মেঘ করা। "দেবতা আগলা মেঘলা কচ্ছে, বৃষ্টি হবে। আগলা শ্রী—যে সৌন্দর্য্য প্রত্যেক অবয়ব লইয়া নহে; উপরি-উপরি মোটামুটি শ্রী। মুখ-আগলা লোক—যাহার মুখ অসংযত; যে না বুঝিয়া হঠাৎ বলিয়া ফেলে; মুখ-ফটকা লোক। বিপ 'চাপালোক'।]

আগলি, -লী বিং [আগরি, -রী > °লি, -লী; বৈষ্ণবসাহিত্যে] ১ শ্রেষ্ঠ, অগ্রগণ্য। "আস্কে আইহন গোআলী, সব গুণে আগলী শ্রী.কী ৮২। ২ প্রিয়তমা। "সোহাগে আগলি কৃ.উ ২৭৪,-৫,-৭। সোহাগ আগলী বি.পা ৪৭; °লি ৮১। —লি বিং অগ্রগণ্য, প্রবীণ। "কর্ণধার আছিলেন বুদ্ধিতে আগলি ক.চ ১৯৯। —লি বি [আগরি[১] > °লি] আকর, সাগর। "কর্ণধার আছিলেন বুদ্ধির আগলি ক.চ ২৩৬।

আগলিত বিণ [আ + √গল্ + ত (ক্ত)-ক] ১ অবস্রস্ত, পতিত, স্খলিত। "পার্শ্বাগলিতহারা…যোষিতঃ গো.রা ৫.১৩.৩৪। ২ আমুক্ত, আকুল। "আগলিতকেশান্ত মহা ৭.১৩.৬১। ৩ আনত, অবনত। "পদ্মমাগলিতম্ মহা ১.৪১.৩৭।

আগস বি [সং আগস্; অপ্র] অপরাধ। "উচিত কব না লইবে আগস আমার শ্রী.মা ১৮।

আগস্ত্য বিণ [অগস্ত্য + অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -স্ত্যী] ১ অগস্ত্য-সম্বন্ধী (দিক্)। "মাঘ ৩.১। ২ অগস্ত্যবিষয়ক। "°স্ত্য (আখ্যান) মহা ১.২.১৬৭। ৩ অগস্ত্যবৃক্ষজাত (পুষ্পাদি)। —স্ত্য পুং অগস্ত্যের পৌত্রাদি। "মহা ৩.২৬.৮। —স্ত্যী স্ত্রী [+ য (যঞ্) + স্ত্রী ঈ (ঙীপ্)] ১ দক্ষিণ দিক্। ২ অগস্ত্যের পৌত্রী-প্রভৃতি। "পা ৬.৪.১৪৯ কাশিকা।

আগা বি [দ্র 'আগ'[২]] ১ বৃক্ষাদির অগ্রভাগ; ডগা। বিপ 'গোড়া'। ২ নৌকার অগ্র বা সম্মুখভাগ। বিপ 'পাছা'। "আগায় পাছায় বৈঠা সাজাইয়া নাও ম.ম ২০৭। ৩ কোন বিষয়ের শেষাংশ। "সকলি বিচিত্র স্বপনের কাণ্ড! গোড়া নাই আগা!—স্ব.প্র ২। নাই আগা মূল, কত বকে ভুল ব.সু ২৫। ৪ অস্ত্রাদির সূক্ষ্মাগ্র; হুল। "দাএর, ছুঁচের আগা। ৫ অগ্রভাগমাত্র। "ছাতার, জুতার আগা। ৬ তণ্ডুলাদি ঝাড়ার

সময়ে কুলার অগ্রে স্থিত তুষাদিমিশ্রিত খুদ-কণা। "চালের, ডালের আগা। [আগাইয়া—অগ্রসর হইয়া। "কেহ আগাইয়া বীরে, গুড়-চাউলী মারে ক.চ ৪৮। আগা গলই—নৌকার অগ্রভাগের গলদেশ, অর্থাৎ আগার পরবর্ত্তী স্থান। বিপ 'পাছা-গলই'। আগা-গোড়া—১ আপাদমস্তকপর্য্যন্ত, সর্ব্বাঙ্গ। "তাকে দেখলেই আমার আগাগোড়া জ্ব'লে ওঠে! ২ আরম্ভ হইতে শেষপর্য্যন্ত। "মঙ্গলিকা দুবেলা সব আগাগোড়া রাঁধে আপন হাতে প.কা ৪০। ৩ জন্মাবধি মরণপর্য্যন্ত; সারাজীবন। "কবিতার সঙ্গেই ত আপনাদের আগাগোড়া মিল ঘ ৫৭। ৪ আদ্যন্ত, অর্থাৎ সম্পূর্ণভাবে; সর্ব্বাঙ্গীণভাবে। "মনোজীবন আমাদের মধ্যে পরিণতি লাভ করে নাই—আগাগোড়া বাঁধিয়া যায় নাই চা.পূ ৭২। আগাগোড়া মুড়ি দেওয়া—১ পা হইতে মাথাপর্য্যন্ত ঢাকা। ২ আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত, অর্থাৎ সমস্তবেলাটাই ঢাকা। "মেঘে দুই প্রহর বেলাটাকে একেবারে আড়াগোড়ামুড়ি দিয়া রাখিয়াছে গ.স ৬১। আগা-তোলা মোণ্ডা—চূড়াতোলা সন্দেশ। "নৈবিদ্যির আগাতোলা মোণ্ডাটি ওজনে দেড়মণ হু ৪৫; আগাতোলা মোণ্ডাওয়ালা নৈবিদ্দ ১৯০। আগা পাছতলা—মাদুরের মাথার ও পায়ের দিকের অংশ; কোন বিষয়ের আদি ও শেষ ভাগ। আগা-লা—নৌকার অগ্রভাগ। বিপ 'পাছা লা'।]

আগাও বিং [হি অগাউ; আগোয়া (কথ্যভাষা); অপ্র] অগ্রিম, আগাম। "আগাও ঈপ্সিত তুমি ভুঞ্জিবে এখন। শেষকালে পাবে জগন্নাথের চরণ॥—চৈ.চ ১৯৬।

আগাছা বি [আ৪+গাছা] অসার বৃক্ষ; অকেজো গাছ।

আগাড় বি মরা নদীর আগা বা শেষভাগ (চব্বিশপরগণা)।

আগাড়ি বিং [সং অগ্র; হি অগাড়ী] ১ পূর্ব্ববর্ত্তী, আগের। ২ অগ্রিম। —ড়ি বিং ['আগদড়ি'—মূল] ঘোড়ার সম্মুখের পায়ে বদ্ধ দড়ি। বিপ 'পিছাড়ি'। "আগাড়ি পিছাড়ি দড়ি ঘুঁড়ীর এলায় শ্রী ২৪০।

আগাম বিং ['অগ্রিম'—মূল, হি অগাউ] অগ্রিম। "এই হাজার টাকা পুরস্কার আগাম নাও ব প্র ২৬১।

আগামিকা স্ত্রী [আগামিন্+ক (কন্) স্বার্থে; স্ত্রী আ (টাপ্)] আগামী, ভবিষ্যকালবৃত্ত। "মতিরাগামিকা জ্ঞেয়া, বুদ্ধিস্তৎকালদর্শিনী (S.W.)।

আগামী (-মিন্) বিণ [আ+ √গম্+ইন্ (ণিনি) ভবিষ্যদর্থে-ক, -১ব, বৃদ্ধি, উ ৪.৭; স্ত্রী -মিনী] ১ যাহা আসিবে; ভবিষ্যৎ। "কথয়-ত্যাগামিনমর্থম্ (কাদম্বরী)। ২ আগন্তুক (ত.বা)। ৩ ভবিষ্যৎকাল-বৃত্তি, ভাবী। "আগামিনি চতুর্থদিবসে শ ২১/২৪। মাঘ ৫.১৪। সঙ্কট আগামী দু ৫; ১৩। [আগামী কল্য—পরবর্ত্তী দিবস। দ্র 'কল্য'।]

আগামুক বিণ [আ+ √গম্+উক (উকঞ্) তাচ্ছীল্যে-ক; স্ত্রী -কা] আগমনশীল। "পা ৩.২.১৫৪, কাশিকা।

আগার ক্লী [অগার+অ (অণ্) স্বার্থে (অটী)] গৃহ, ভবন। "লুঠিলি আগার ভা চ ১৯৪। [°দাহ (পুং)—গৃহদাহ। °দাহী (-হিন্) পুং—গৃহদাহক, অগ্নিদ। "মনু ৩.১৫৮।]

আগারে ক্রি.বিং [অপ্র] অগ্রে, প্রথমে। "আগারে গাড়িব হাড়িক ঘোড়ার পৈঘর গো.চ ১৮৯।

আগালে বি ['আগা'—মূল; অস আগালি, -গলি; হি—অগার] ১ বংশাদির অগ্রভাগ (চব্বিশপরগণা)। "বাঁশের আগালে। ২ তণ্ডুলাদির ক্ষুদ্রাংশ; ক্ষুদ, কণা। "চ'ালের, ডা'লের আগালে।

আগি বি [দ্র 'আগ১'; মৈ আগি; বৈষ্ণবসাহিত্যে] ১ আগুন। "আগি-দহন বি.প ১৬৬; শশধর বরিখব আগি ১৭৪। বিরহ আগি চ.সা ৫২; ১৪৫। বজরকি আগি প.র ১২। বি.সা ২৬৯। আগি লাগু মোর মুখে চৈ.ম ৪৪। মোর মুখে আগি ভ.গ্র ৩৮৯। জ্ঞা ২০১। বিরহ আগী ব.প ৯৭৮। [মিলের জন্য ঈকারান্ত] ২ (সাদৃশ্যে) তীব্র জ্বালা; সন্তাপ। "ননদীর বচনে যেন বুকে উঠে আগি চ.লা ৯৪; হিয়ার ঘুচায় আগি ১০৭। কত চিতে নিবারিব আগি জ্ঞা ১৮৪। ৩ অতিকোপন; অগ্নিশর্ম্মা। "ঘরে দুরজন ননদিনী আগি চ.সা ১৫৬।

আগিনা বি [তু 'আঙ্গিনা'; অপ্র] অঙ্গন, উঠান। "আগিনাত বসিবার দিল গো.চ ৩২; ১৪২।

আগিলা বিং ['অগ্র'—মূল; হি অগলা; বৈষ্ণবসাহিত্যে] ১ অগ্রবর্ত্তী, ভাবী, আগের। "আগিলা বিষয় অধিক পরবন্ধ বি.সা ৩০৬। ২ আগের, অর্থাৎ প্রথমে জাত। "আগিলা কুসুম অধিক অভিলাষ বি.সা ৩০৬। [আগিলে ধড়—ধড়ের অগ্রভাগ; পূর্ব্বকায়। বিপ 'পাছিলা ধড়'। "গো চ ২৮৮।]

আগু বিং [দ্র 'আগ'; হি আগুআ—অগ্রসর, আগূ—অগ্রে; মৈ আগু, -গূ—আগে; প আগগু—অগ্রে; ড় আগু] ১ অগ্রবর্ত্তী, সম্মুখস্থ, পুরোবর্ত্তী। "সভাকার আগু হঞা কহে হনুমান কৃ.উ ২২৫। ২ অগ্রসর, দূরবর্ত্তী। "তবে একটু আস্তে হাঁট; তা'রা খুব আগু হইয়া থাক ব.প্র ৩২। ৩ সেনার অগ্রস্থিত; সেনামুখবর্ত্তী। "দক্ষের আগুদল ক.চ ১৫; আগুদলে কনক নিশানী ৯৫, ২৬৫। —গু ক্রি-বিং ১ অগ্রে, পুরোভাগে। বিপ 'পাছে'। "আগু যান শ্রী.মা ৯৭। পাঅ আগু নাহিঁ সরে শ্রী.ম ১৩২; আগু যায় বড়ায়ি ১৪৪। ২ অগ্রে (কালবাচক)। °আগু গেলি সত্বর গমনে শ্রী.কী ৯; ৩২২; ৩৫৪। ৩ প্রথমে, সর্ব্বাগ্রে, ক্রমানুসারে। "আগু ভগ্ন করিব (লঙ্কা) কৃ.উ ১৫; ১৬; আগু গণেশের পূজা ৬১। আগু বড়ায়ি কর পার শ্রী.কী ১৪৬; ১৪৭। [আগু করি—আগে লইয়া। "শ্রী কী ১৮৮। আগুছিআঁ, -য়া—আগু আসিয়া; অগ্রসর হইয়া। "আগুছিআঁ বাটে তবে কাহ্নাঞি রহাএ শ্রী.কী ১২৪। পথ আগুছিয়া রণ দেহ অষ্টবসু চ.বি ৪৪। আগুত, -তে (সং অগ্রতঃ)—১ সম্মুখে, আগে। বিপ 'পাছু'। "সব বীরগণ পাছু আগুতে কেশরী কৃ.উ ১৩৭। আগুত চলিলী শ্রী.কী ১১। ২ পূর্ব্বকালে, পিতৃপিতামহের আমলে। ৩ প্রথমে, সর্ব্বাগ্রে। ৪ সম্মুখে, কাছে। "আস্কার আগুত রাধা না বোল মিছাএ শ্রী.কী ১১৬। আগু পাছু, পিছু (মৈ আগু পাছু)—১ আগে ও পরে; আগে-পাছে; পরে পরে, ক্রমে। "আগু পাছু লাম্বাএ শ্রী.কী ৩৩৯। ২ কোন বিষয়ের পূর্ব্বাপর অবস্থা; আরম্ভ ও পরিণাম। "বুইল বারে বারে আগু পাছু বুঝাই শ্রী.কী ৩৮০। আগু পাছু না গণিয়া কর্ম্মেতে প্রবেশে ম ২৮৩; ১০০১। আগু পাছু হইয়া—অগ্র-পশ্চাৎ স্থিত (শ্রেণীবদ্ধ) হইয়া। "আগু পাছু হৈআ দোহে অরণ্যে চলিল জ ১৭। আগু বাড়িয়া লওয়া—আগে বাহির হইয়া, অর্থাৎ প্রত্যুদ্গমনপূর্ব্বক আনা। "আগু বাড়িয়া লইতে পাঠাইল নরপতিঃ আগু বাড়িয়া নিল ম.বি ৩৯। আগু বাড়ি নিলেক চান্দেরে বি.পা ২১৯। আগু বাড়াইতে যাওয়া—অভ্যর্থনার্থ প্রত্যুদ্গমন করা। "আগু বাড়াইতে যেন যায় পুরজনে শ্রী.ম ১২৮। আগু বাড়ি পাঠাইল—প্রত্যুদ্গমনপূর্ব্বক অভ্যর্থনার্থ পাঠাইল। "(নিজগণ) আগু বাড়ি পাঠাইল শচীর নন্দন চৈ.চ ১৭৪। আগুয়াও—আগু হও; এগোও। "চোর ধরিয়াছি সভে আগুয়াও আসি ভ.গ্র ৩২৬। আগুয়ে—আগু (অগ্রসর) হইয়া। "বড়ায়ি আগুয়ে এল সমাচার দিতে শ্রী.ম ৪৯। আগু সরা—আগে চলা; উঠা। "তাক দেখি মোর পাঅ আগু নাহি সরে শ্রী.কী ১৩২। আগু হউ—অগ্রসর হউক। "আগু হউ রাধা শ্রী.কী ১৮৩। আগ্বাই (আগু আই)—আগু যাই; অগ্রবর্ত্তী হই। "চৈ.ভা।]

আগুআন বিং [হি অগৱান (অগ্রবৎ?); তু 'আগুয়ান'; অপ্র] ১ অগ্রসর, সম্মুখবর্ত্তী। বিপ 'পাছুআন'। "মালী রাক্ষস রণে হইল

আগুআন কৃ.উ ২৫ ; পাইক চলিলা আগুআনে ১৮৩। ২ প্রথম। "আগুআন প্রবন্ধে ঘর উঠিল চউরি শ্রী.ম ৩৫। —আন ক্রি.বিং আগে, পুর্ব্বে। "আগুআন যমের ঠাক্রি গেল মুনিবর কৃ.উ ৭২। —আনী বিং অগ্রবর্ত্তিনী, পুরঃসরা। "বড়ায়ি হঞাঁ আগুআনী শ্রী.কী ১৪৪ ; ২৪৬। [এগুলা—আগু হইলা ; অগ্রসর হইলা। "শ্বশুর করিয়া পাছু এগুলা নয়ানী (শি)। এগোনে—আগুআনভাবে, আগে। "সাঁজে সকালে, ফেরে চালে চালে, আহা! পগারপারে বঁধু যেত এগোনে গি.স্বি ১০৫। এগোনো—আগুয়ান হওয়া ; অগ্রসর হওয়া। "কথা নাই, কেবলই মুখ চাওয়াচায়ি, এক-পা এগোনো দুই-পা পেছোনো।—রবীন্দ্র। এগোই—অগ্রসর হই। "আয় ভাই এগোই শ্রী.মা ৮০। এগোও—অগ্রসর হও। "আপনি এগোও আমি পাছু পাছু যাই শ্রী.মা ৮০।]

আগুড়ি বি ['আগুদড়ি'—মূল] সর্ব 'আগাড়ি'। "আগুড়ি পাছুড়ি দড়ি ঘুঁড়ীর এলায় শ্রী ১৭০।

আগুন, -নি, -নী, -ন, -নি বি [সং অগ্নি > প্রা আগগি > বা আগুনি -নী, -ণ, আগুনি, -ন ; হি অগনী ; প অগন ; দ্র 'আগ'] ১ অগ্নি। "খেড় আগুনী শ্রী.কী ১৩১ ; °নী ৩০০ ; ঘসির আগুণ ৩৪৯। ২ (সাদৃশ্যে) তীব্র জ্বালা ; সন্তাপ। "আগুণি জ্বালিল দেহে তখন দক্ষিণ পবনে শ্রী.কী ৩৭৪। —ন বি ১ অগ্নি। "আগুনের কপালে আগুন ভা.চ ৬৭ ; তার কপালে আগুন ২৫৫। ২ (সাদৃশ্যে) প্রচণ্ড তাপ। "প্রবল জ্বর, গায় আগুন উঠছে, ধান দিলে খই হয়। ৩ মানসিক জ্বালা ; সন্তাপ। "দ্বিগুণ আগুন সেই জ্বালি দেয় মোরে চ দা ১২১। গুনি ধ্বনি। দ্বিগুণ আগুন জ্বলে লো মনে মা ১৬০। ৪ ক্রোধে অগ্নিমূর্ত্তি ; অগ্নিশর্ম্মা। "আগুন হ'য়ে বাপ, বারে বারে দিলেন অভিশাপ প.কা ৪৬। রাগিয়া আগুন ছেলে।—শিশু ১১৬। ৫ অত্যন্ত চড়া (দর)। "অজন্মায় চালের বাজার আগুন হয়েছে। —নি বি [পদ্যে] ১ অগ্নি। "জ্বলন্ত আগুনি কৃ.উ ৬৩। আগুনি প্রবেশি শ্রী.ম ৩০৬। আগুনি জ্বালিয়া চ.সা ১২৫। ২ অগ্নিস্ফুলিঙ্গ। "দুই বাণে কাটাকাটি বাহির হয় আগুনি কৃ.উ ৬৩ ; ২৫১। বাণের আগুনি ম ৬০৯। ৩ জ্বালা, তেজ। "মুখ হৈতে ধিকি ধিকি জ্বলে বিষ আগুনি কৃ.উ ৬৩। ৪ অগ্নিতুল্য কোপপ্রজ্বলিত মূর্ত্তি ; অগ্নিশর্ম্মা। "গুনি ত্বষ্টা মুনি ক্রোধে আগুনি হইল ম ২১৮। ৫ মানসিক জ্বালা ; সন্তাপ। "মদন-আগুনি রা.প ২৯। [আগুনি-ঝলক—অগ্নিজ্বালা। "অস্ত্রে উঠে আগুনি-ঝলক শ্রী.ম ২০১। আগুনি—আগুন। "কোপেতে আগুনি ম.ম ১১। (পদ্যে মিলের জন্য ধৃত পাঠ 'আগুলি')। আগুণ হওয়া—অতিক্রুদ্ধ হওয়া। "আগুণ হইল ঘোড়া শ্রী.মা ২০৩।]

আগুদল বি আগের দল ; প্রথম ভাগ। "পিশাচ ভৈরব চলে, যক্ষ রক্ষ আগুদলে ভা.চ ৪৩৩। দ্র 'আগু (৩)।

আগুয়ান বিং [আগুআন > °য়ান ; পদ্যে] ১ অগ্রবর্ত্তী, অগ্রসর। বিপ 'পাছুয়ান'। "মহামহা মূর্ত্তি আগুয়ান কৃ.উ ৭৭ ; ৯৬ ; আল্যা আগুয়ান ১০৬। কালু আগুয়ান শ্রী.মা ১৫২। ধাএ আগুয়ান গ ১৭৭। ম ১৮৪। চলে আগুয়ান ম ম ১১২। আগে আগুয়ান ক.চ ৩০৯ ; চ.দা ১৪৩। ২ অগ্রগণ্য, প্রধান। "উত্তর দেশের জন,...শতেক জনের আগুয়ান ক চ ৭৬। —য়ান ক্রি.বিং অগ্রে, প্রথমে। "বরাহেরে অস্ত্র আমি মারি আগুয়ান ম ৪২৫ ; মহাযুদ্ধ হৈল আগুয়ান ৮৩১।

আগুর[১] বি [সং অগুরু, আগুরব ; অপ্র] অগুরু চন্দন। "ভস্ম এড়িয়া পাইলা আগুর চন্দন মী ২৪।

আগুর[২] সর্ম্ম [√আগুল > √°র ; অস √°র ; অপ্র] রোধ করা ; ঘেরা। "থাক মোর সামি আগুরিয়া গো.চ ২৪।

আগুরব বিণ [অগরু + অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -বী] অগুরু-সম্বন্ধী। "মাঘ ৪.৫২।

আগু(ঘু)রি বি দ্র 'আগরি'। "উগ্রধর্ম্মধারী, বসিল আগুরি শ্রী ১৩ ; বাইস আঘুরি ২১৫।

আগুল সর্ম্ম [√আগল > √আগুল ; অস √আগুর ; পদ্যে] ১ রোধ করা ; বন্ধ করা। "আগুলে সরণি শ্রী.মা ৭২ ; পথ আগুলে ৯৭। আগুলিআ আছে কৃ.উ ১৩৭ ; রাজা আগুলিল দুরে পথ আগুলিআ ১৮৭। আগুলায় সিংহের সরণি ক.চ ৫২। ২ রোধ করা ; রক্ষা করা। "আপনি আগুলে পাত্র দক্ষিণ দুয়ার ব.প ৪৭৬। ৩ আচ্ছাদন করা ; ঢাকা। "হট ক'রে হৈমবতী দিতে আনে ভাত। শার্দ্দূল-ঝম্পনে সবে আগুলিল পাত॥—শি ৩৩। —গুলা সর্ম্ম রোধ করা। "ললিতা সম্মুখ আগুলায় ভ.গ্র ৪৪৮।

আগুলি, -লী বিং ['আগরি, -লী'—মূল ; অপ্র] ১ সর্ব 'আগলি (১)। "রূপে গুণে যৌবনে ভুবনে আগুলি জ্ঞা ২২৪। মাতা ধর্ম্মেতে আগুলী ম.ম ২০০। ২ প্রিয়তমা। "সোহাগে আগুলি ঃ সোহাগে আগুলি··· ইন্দ্রাণী ম ২৪৫।

আগুসর বিং [সং অগ্রসর ; অগ্র > আগ, -গু ; পদ্যে] অগ্রগামী, পুরঃসর। —সার বিং [পদ্যে] ১ অগ্রগামী। "এই পথে পথে মাত হও আগুসারে গ ১৮২। ২ অগ্রে আগত ; সমীপাগত, উপস্থিত। "অন্তঃপুর হইতে রাম হৈলা আগুসার কৃ.উ ১৫৬ ; ২১৫। সকল মঙ্গল রাজা হইবে তোমার। তেকারণে গোবিন্দ আপনে আগুসার॥ —ম ৭০৯। ৩ অগ্রগামী, অর্থাৎ সত্বর। "পবনে আনিতে দুত গেলা আগুসার কৃ উ ১০৬। —সার বি ১ অগ্রে (সমীপে) গমন ; আগমন। "মুনির আগুসার ম ৫১৫ ; আপনে করিলে আগুসার ৫৩৫। কৃ.উ ১৬ ; ২১৪। গোসাঞির হৈল আগুসার চৈ ৪২। ২ প্রস্থান, প্রয়াণ। "যজ্ঞ দেখিবারে রাজা কৈল আগুসার কৃ.উ ১০০ ; ১৯৩। ৩ গৃহগমন। "ছাড়িব রাবণে তুমি কর আগুসার কৃ উ ৮৮। ৪ আগমন, অবতরণ। "তুমি জন্ম লভিলে, অবনি আগুসার শ্রী.মা ১১৩। [আগুসরি, অগুসরি—১ অগ্রসর হইয়া। "আগুসরি ফুকরই (বি সা)। অগুসরি সঙ্করি বি সা ২৫ ; কন্ত···অগুসরি সঙ্কেত কুঞ্জহি গেল ১৭৭। ২ প্রত্যুদ্গমন করিয়া। "আগুসরি কথো দূর গেলা পঞ্চজন ম ৫১৫ ; আগুসরি আনিল ৫১৭ ; ৫২১। আগুসরিআ, -রিএগ—অগ্রসর হইয়া। "°এগ যুঝে কৃ.উ ৩৫ ; °আ···নোঙাইল মাথা ২৬৮ ; °আ নিতে আল্যা ২৭০। আগুসরে—অগ্রসর হয়। "রথখান ঠেকিল গিএগ নাহি আগুসরে কৃ উ ৩৭। আগুসারি—১ অগ্রসর হইয়া। "আগুসারি গাইল গীত কৃ.উ ২৭০। ২ অভ্যর্থনার্থ প্রত্যুদ্গমন করিয়া। "আগুসারি কথো দূরে গেল সর্ব্বজন ম ৫১২। আগুসারি বোল—অগ্রসর হইয়া, অর্থাৎ সম্মুখে আসিয়া, বল। "কোন পথে জাইবে তুহ্মি বোল আগুসারি গ ১৩৯। আগুসারে—অগ্রে, প্রথমে। "এই কথা তাহার ঠাঁই কহিও আগুসারে ম.ম ১১২।]

আগে ক্রি বিং [আগ[২] + এ[৫] ; হি, মৈ আগে] ১ প্রথমে, কর্ম্মারম্ভে। "পূজা হোম যোগ যাগে, তোমার অর্চ্চনা আগে ভা.চ ১। ২ সম্মুখে, সামনে, কাছে। "না বোল সম্বন্ধ রাধা আহ্মার আগে শ্রী.কী ১৫১ ; ২১০ ; সত্য করোঁ তোর আগে ৩৯৬। শ্রী.মা ৯৯। মোর আগে কৃ ৪৯৮। ৩ পুরোভাগে। "সখি আগে জাএ শ্রী.কী ৩১৮। রথে চড়ি যায় আগে শঙ্খ বাজাইয়া কৃ ১৮। দ্রোণে আগে করি ম ৮২৩। আগে আগুয়ান ক.চ ৩০। ৪ পূর্ব্বে (কালবাচক)। "তোহ্মে গেলা আহ্মার আগে শ্রী.কী ১৩৬। পাছে বিয়া হবে আগে দেহ আলিঙ্গন কৃ ৭। ভা.চ ৬৬। ৫ সকল বিষয়ের প্রথমে। "আগে চিন্তি চিরকাল তোমার উন্নতি শ্রী ১৩০। ৬ অপেক্ষায়, তুলনায়। "যারে বিদগধনার, বলিয়া জগতে গায়, মোর আগে কিছুই না জানে ব ৯৪। ৭ প্রান্ত-ভাগে, ডগায়। "দান্তের আগে, তোলী ধরিলোঁ মহী শ্রী.কী ১০২ ;

১২৭। ৮ নিকটে, কাছে। "দেবগণের আগে পর্ব্বত মাগেন পরিহার কৃ.উ ১০; ৩। ৯ অধীনে। "পাতশাহা আগে আরিন্দাগিরী করে চৈ.চ ২৭৪। ১০ অপেক্ষাকৃত অন্তরতর বিষয়ে; গুরুতরতত্ত্বসম্বন্ধে। "প্রভু কহে, এহ বাহ্য, আগে কহ আর চৈ.চ ১১৩। ১১ (দলিলে) সমীপে। "শ্রীআনন্দীরাম চৌধুরী সিকদার সুচরিতেষু আগে E P.58; 60; বিক্রয়পত্রমিদং কার্য্যঞ্চ আগে 101। [আগে আগে—১ পূর্ব্বে পূর্ব্বে; পূর্ব্বকালে। ২ সামনে সামনে। "আগে আগে যাহ তুমি শঙ্খ বাজাইয়া কৃ ১৮। ভা.চ ২২৪। ৩ সর্ব্বাগ্রে। "আগে আগে খোজা ধায় ভা.চ ৩৭৯। আগে আসা—১ সামনে আসা। ২ অগ্রবর্ত্তী হওয়া। ৩ পূর্ব্বে পহুঁছান। আগে করি (সং অগ্রে কৃত্বা গো.রা ৫.৫৯৮) —১ অগ্রণী করিয়া। দ্র (৩)। ২ সম্মুখে লইয়া; সর্ব্বাগ্রে লইয়া। আগেতে (সং অগ্রতঃ)—১ সম্মুখে। "আগেতে যাহ তুমি কৃ ১৮। ২ প্রথমে, সর্ব্বাগ্রে। "আগেতে মারহ পুত্র পবননন্দনে কৃ ৩০৪। শ্রী.কী ৩৭৯। আগে···পরং (পত্রে)—প্রারম্ভে, অর্থাৎ পত্রের বিষয় লেখার পূর্ব্বে···পরে, অর্থাৎ কুশলজ্ঞাপন ও কুশলপ্রশ্নের পরে। "সস্নেহ লিখনং কার্য্যঞ্চ। আগে এথা কুশল। তোমার কুশল সততে চাহি। পরং সমাচার পত্র এহি।—Bengali Literature, 482। আগে পাছে (হি আগে পীছে)—১ সম্মুখে ও পশ্চাৎ। "পাত্র মিত্র আগে পিছে বি.পা ১৯৫। ২ কার্য্যারম্ভে ও কার্য্যশেষে। "ভাল মন্দ আগে পাছে না করে বিচার ম.ম ১৫৩। আগে ভাগে—প্রথম ভাগে; আগুদলে। "আগে ভাগে হরি, বিধি সঙ্গে করি ভা.চ ৭৩। আগে বাড়ি—আগ বাড়াইয়া; অগ্রসর হইয়া। "সিংহাসনে নৃপবর, আগে বাড়ি সদাগর, প্রণাম করিল করযোড়ে বি পা ১৯৫। আগে হঞা বা হয়্যা গেলা—আগে, অর্থাৎ আহ্বানব্যতিরেকে উপযাচক হইয়া গেল। "হিমালয়ের ঘরে গেলা নারদ আগে হঞাঃ আগে হয়্যা গেলা নারদ কৃ.উ ৪।]

আগেকার [আগে+কার] আগের, পূর্ব্বের। "আগেকারি মত যেন হেরি সব, আগেকারি মত পশুপক্ষিরব, আগেকারি মত করি শ্রবণ। —হেম ৩২০। [°র লোক—১ পূর্ব্বকালের (সে কালের) লোক। ২ শ্রেণীর পূর্ব্ববর্ত্তী লোক। আগেকারি—পূর্ব্বেরই।]

আগেয়ানি, -নী বিং [অগেয়ানি, -নী'—মূল, 'দ্র আ৫] জ্ঞানহীনা, অচতুরা, অরসিকা। "বিদ্যাপতি কহে তুহু আগেয়ানি। দুহু একযোগ ইহকো কহে সেয়ানী।—বি.প ৩৩; তুহু অগেয়ানী ১৪০।

আগো অব্য ['অগো'—মূল, 'দ্র আ৫] সর্ব 'অগো'। "আগো রাধার কি হলো অন্তরে ব্যথা চ.সা ৩০। আগো বনী ম.ম ৬০; আগো নেতা ১০১; আগো সুন্দরী ১৬৩; ১৮৭; ২১৮। আগো মণ্ডী শ্রী.মা ১৩৩। আগো মা গো বি.সু ১৪৪। শ্রী.ম ২৪৯। উমা আগো শি ৩৩। আগো আই ভা.চ ৩৩৭।

আগোর[১] বি [আগর১—মূল] অগুরুচন্দন, অগুরুপঙ্ক। "আগোর আনিয়া নানা গন্ধ মিশাইল চ.বি ৩৮৬। আগোরে লেপই অঙ্গ গো ১১৪। [আগোরি—অগুরুপঙ্কে। "কুচকলস জোর আগোরি সাজব রে।—জ.প ৫।

আগোর[২] বিং [আগর২—মূল] অগ্রগণ্য, শ্রেষ্ঠ। "আগোর সকল গুণে।—গো ১৭৫।

আগোর[৩] বিং ['অঘোর'—মূল] বাহ্যজ্ঞানহীন, তন্ময়, আত্মহারা। "তোর নটনাবেশে, কত শত ভকত আগোর জ.প ৬০। রসিক আগোর শ্রী.ম ১০০।

আগোর[৪] সর্ম্ম [√আগর৫ > √আগোর] ১ রোধ করা; আচ্ছাদন করা; ঢাকা। "হাসি দরশি মুখ আগোরলি গোরী ব.প ১০৩১। সকল তনু ঘন, পুলক মুকুলে আগোর জ.প ৫৯। ২ অধিকার করা। "দিনে দিনে অনঙ্গ আগোরল অঙ্গ বি.প ৩২। মরকত দরপণ বরণ উজোর। হেরইতে প্রতি অঙ্গে অনঙ্গ আগোর॥—গো ৯৯। ৩ রোধ করা; ধারণ করা; আটকান, লওয়া। "কোরে আগোরল নাহ বি.প ১২৫; শাশ ঘুমাওত কোরে আগোরি ১৪০। বিনোদিনী কোরে আগোরল কান ব.প ১০৪১। ৪ বেষ্টন করা; আগলান, ঘেরা। "ধরণী শয়ন করি, সঘন নয়ন বারি, সহচরী রহত আগোরি গো ২৪৯। ৫ আঘাত হইতে রক্ষার্থ আড়াল করা (আগলান)। "জগন্নাথ পাছে করি পুত্র আগোরিয়া। না মারিহ পুত্র মোর মৈল ডরাইয়া॥—চৈ.ম ৫৫। —র অর্থ ১ সমাচ্ছন্ন হওয়া; তদ্রূপময় হওয়া। "হেরইতে সো ধনি থোর। অব তিন ভুবন আগোর॥—বি.প ৩০। ২ রুদ্ধ থাকা; সঞ্চিত থাকা। অধরে অমিঞা রস তোর। যৌবনে বুঝি আগোর। —গো ৭০।

আগোরি, -রী বিং ['আগরি১, -রী—মূল] অগ্রগণ্যা, শ্রেষ্ঠা। "সৌরভে আগোরি রাই সুনাগরী।—গো ১৫৪। সব গুণে আগোরি ২২১।

আগোল সর্ম্ম [√আগল৪ > √আগোল; অপ্র] রোধ করা; আটকান। "মিছাই কানাঞি তোঁ আগোলসি বাটে শ্রী.কী ৪৩; ৫৬। [আগোলসি—রোধ করিতেছ।]

আগ্‌গা বি [সং আজ্ঞা; অপ্র] আদেশ। "তোমার আগ্‌গা পাইলে জাই গো চ ২১৭; ২৬৫।

আগ্নিক বিণ [অগ্নি+ইক (ঠক্); স্ত্রী -কী] অগ্নিসম্বন্ধী।

আগ্নিমারুত বিণ [অগ্নামরুৎ+অ (অণ্) 'দেবতা' অর্থে; স্ত্রী -তী] অগ্নি ও মরুৎ যাহার দেবতা; অগ্নামরুদ্দেবতাক (কর্ম্ম)।—কাশিকা।

আগ্নীধ্র ক্লী [অগ্নীধ্+র (রণ্) শরণ অর্থে, পা ৪.৩.১২০, সি] অগ্নিপ্রজ্বালয়িতার শরণ (গৃহ); হোতৃগৃহ, অগ্নীধ্র (শ.ক)। —ধ্র পুং ১ ধন দ্বারা বরণীয় ঋত্বিক্ (অ কো)। "°শালা ভ ৪.৫.১৪। ২ সাগ্নিক দ্বিজ; সাগ্নিক দ্বিজ-যজমান (ত.বা)।

আগ্নেয় বিণ [অগ্নি+এয় (ঢক্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -য়ী] ১ অগ্নি-সম্বন্ধী। "আগ্নেয়ং ব্রতম্ মনু ৯৩১০। ২ [+এয় 'দেবতা' অর্থে] অগ্নিদেবতাক, অগ্নিদৈবত্য। "যাজ্ঞ ৩.২৮৬। ৩ [+এয় 'হিত' অর্থে। অগ্নির হিতকর; অগ্ন্যুদ্দীপনসাধন (জতুঘৃতাদি)। ৪ জঠরানলবর্দ্ধক (বৈদ্যকোক্ত দ্রব্য)। ৫ অগ্নিপরিচালিত (অস্ত্র)। ৬ অগ্ন্যুদ্বমনকারক। "আগ্নেয়ো গ্রাবা উ.চ ৬.১৪। ৭ অগ্নিকথিত (পুরাণ)। 'অগ্নিনোক্তং পুরাণং যদাগ্নেয়ং বেদসম্মিতম্।' ৮ (বাঙলায়) অগ্নিসদৃশ, উজ্জ্বল, জ্বলন্ত। "আগ্নেয় অক্ষরে লেখা মে ২৬৬। ৯ উত্তপ্ত (Heated)। "পিতল থৈলী আগ্নেয় আকাশে পূর্ণ করিলে সে অবশ্য উপরে উঠিবে। —রামমোহন রায়। ১০ জ্বালাময়, দাহপ্রচুর। "অতি উচ্চ বেদনার আগ্নেয় চূড়ায় কা ৭৪। —য় পুং ১ কার্ত্তিকেয়। তু 'কু.স ৯.১৪। ২ আগ্নেয়গিরি। ৩ অগ্ন্যুপাসক। ৪ অগস্ত্যমুনি। ৫ অগ্ন্যধিষ্ঠিত মাহিষ্মতীপুরীবিশিষ্ট দক্ষিণাপথস্থিত দেশবিশেষ। দ্র 'মহা ২.৩১.২৭-৫৬। ৬ অগ্নিপ্রকৃতিক কীটবিশেষ—বরটী-প্রভৃতি। "সুশ্রুত ৫.৮.৪। ৭ স্বাহা-দেবতাক স্থালীপাক। ৮ অগ্ন্যুপাসনমন্ত্র। —য় ক্লী ১ অগ্নি-দেবতাক কৃত্তিকানক্ষত্র। ২ (অগ্নিবীর্য্যজাত) স্বর্ণ। ৩ ঘৃত। ৪ রক্ত। ৫ লাক্ষা। ৬ অগ্নিদেবতাক অস্ত্র; আগ্নেয়াস্ত্র। "হ ১৪.১০। ৭ ভস্ম-স্নান, অর্থাৎ ভস্মমর্দ্দনপূর্ব্বক স্নান। 'আগ্নেয়ং ভস্মনা স্নানম্। —পরাশর ১২.১০। ৮ অগ্নিপুরাণ। ৯ আগ্নেয় তীর্থ—অঙ্গুলিসমূহের মধ্যভাগ। 'আগ্নেয়ং মধ্যতঃ স্মৃতম্।—উশন ২.১৮। [°কীট (পুং)—বরটী-শতপদ-প্রভৃতি চতুর্বিংশতি কীটবিশেষ। "সুশ্রুত ৫.৮.৪। °গিরি (বি)—যে পর্ব্বত হইতে সময়ে সময়ে অগ্নি ধূম দ্রবধাতু কর্দ্দমাদি নির্গত হয় (Valcano)। °পুরাণ (ক্লী)—অগ্নিপুরাণ।]

আগ্নেয়কীট, -গিরি, -পুরাণ দ্র 'আগ্নেয়'।

আগ্নেয়াস্ত্র ক্লী [উ.লো] ১ অগ্নিচালিত অস্ত্র; নালিকাস্ত্র—কামান বন্দুক ইত্যাদি। ২ অগ্নিদেবতাক অস্ত্র; ব্রহ্মাস্ত্র, ব্রহ্মশিরঃ-পাশুপতাদি অস্ত্র। ৩ ঔর্ব্বমুনি কর্ত্তৃক সগররাজকে প্রদত্ত অস্ত্রবিশেষ। "সগর···আগ্নেয়াস্ত্র প্রাপ্ত হইয়া তদ্বলে মত্তহস্তীর ন্যায় বল ধারণ করিলেন।

আগ্রথন ক্লী [আ+√গ্রথ্+অন (ল্যুট্)-ভা] বন্ধ, বন্ধন। "°মোক্ষলোলুপ রঘু ১৯.৪১।

আগ্রন বি [অপ্র] অগ্রহায়ণ মাস। "গো.বি ১৪২।

আগ্রয়ণ ক্লী [অগ্রে অয়ন যাহাতে, বহুব্রী, পৃষো, হ্রস্বদীর্ঘব্যত্যয়; ছান্দস] যাহাতে অগ্রে নব শস্যাগম হয়; নব ধান্যাদি শস্যের উৎপত্তি হইলে, তদ্দ্বারা সাগ্নিকের কর্ত্তব্য যজ্ঞবিশেষ; নবশস্যেষ্টি, নবশস্যযাগ। "মনু ৬ ১০। আগ্রয়ণেষ্টি যাজ্ঞ ১.১২৫। মহা ৩.২২০.১৩। [বর্ষায় শ্যামাকশস্যে, শরতে ব্রীহিতে এবং বসন্তে যবে এই যজ্ঞ করিতে হয়। 'নবান্ন' শরতের ব্রীহিসাধ্য আগ্রয়ণ। 'আগ্রয়ণং ব্রীহিশ্যামাকযবানাম্ (আশ্বলায়ন)।] —ণ পুং অগ্নিবিশেষ। "মহা ৩.২২০.১৩।

আগ্রহ পুং [আ+গ্রহ্+অ (অপ্)-ভা] ১ গ্রহণ, ধারণ। ২ আসক্তি। ৩ অভিনিবেশ। "কু.স ৫.৭, মল্লিনাথ। ৪ অনুগ্রহ, প্রসাদ। ৫ আক্রমণ। ৬ আবেশ। ৭ স্নেহ; শক্তি (S.W.)।

আগ্রহায়ণ পুং [অগ্রহায়ণ+অ (অণ্) স্বার্থে] অগ্রহায়ণ মাস। —ণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অগ্রহায়ণমাস। "পা ১.৪.৩০, সি। ২ অগ্রহায়ণপৌর্ণমাসী। "পা ৪.২.২২, সি। ৩ (উপচারে) মৃগশীর্ষ নক্ষত্র (অ.টী)। —ণিক পুং অগ্রহায়ণী পৌর্ণমাসী যাহাতে; অগ্রহায়ণ মাস। "পা ৪.২.২২, সি।

আগ্রহারিক পুং [অগ্রহার+ইক (ঠঞ্), পা ৪.৪.৬৬] বিপ্রবিশেষ, অগ্রদানী।

আগ্রায়ণ পুং [অগ্রায়ণ+অ (অণ্) স্বার্থে] সর্থ 'আগ্রয়ণ'। "গো.রা ৩.২২.৬।

আঘট্টক বিণ [আ+√ঘট্টি+অক (ণ্বুল্)-ক: স্ত্রী -টিকা] চালক। —ক পুং [ঠ আঘাড়া] রক্ত অপামার্গ, লাল আপাঙ্গ। —ঘট্টনা স্ত্রী [+অন (যুচ্) স্ত্রী আ (টাপ্)] ১ চালনা। ২ আঘাত। "মাঘ ১.১০। ৩ সংঘর্ষ। —ট্টিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ চালিত। ২ আহত। ৩ [+√ঘট্ট্+ত-ক] চলিত।

আঘণ, -ন বি [সং অগ্রহায়ণ>প্রা *অগ্গহাঅণ >বা (হ-লোপে) আঘাণ, -ঘণ, -ঘন; অস আঘণ; আঘন (ময়মনসিং); আগন (চট্টগ্রাম); বৈষ্ণবসাহিত্যে] অগ্রহায়ণমাস। "আঘণে পৌটি ব.প ১১; °ন ১০৫০। আঘণ।—গো ২৩৭; ২৪০। আঘন জ্ঞা ২৪৪। আঘন ব ১৮২।

আঘর্ষ পুং [আ+√ঘৃষ্+অ (ঘঞ্)-ভা] মর্দ্দন, সংঘর্ষণ। "গণ্ডস্থলা-ঘর্ষ মাঘ ১২.৬৪। —ঘর্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'আঘর্ষ'।

আঘাট, -টা বি [আ+ঘাট, -টা; দ্র 'আ⁸] ১ ঘাট-ভিন্ন স্থান; যাহা ঘাট (জলে অবতরণের স্থান) নহে। "নিত্য নিতা আঘাটাতে নাই দা ৫১৬। ২ যাহা খেয়াঘাট নহে; খেয়াঘাটভিন্ন স্থান। "আঘাটে ব'সে রৈলে বেলা যাচ্ছে বয়ে।—রবীন্দ্র।

আঘাণ বি [সং আঘ্রাণ>প্রা* অগ্ঘাণ >বা আঘাণ; অপ্র] আঘ্রাণ। "চুঁএগা পড়া আঘাণ দেবী পাইল ব.প ১১৫।

আঘাত পুং [আ+√হন্+অ (ঘঞ্)-ভা; বৈদিক] ১ আহনন, তাড়ন, প্রহার। "কর°, পবন°, পাদ°, কঠিনকুচতটাঘাত। তীব্রাঘাত-প্রতিহততরু।—শ ১.৩০। ২ উৎখাত। "অভ্যস্তস্তি তটাঘাতং...গজাঃ কু.স ২.৫০। ৩ অস্ত্রাদিঘাত। "খুর°, নখর°, দন্ত°। আঘাতে আঘাতে পড়ে যবন ধরায় ন ৫০৭। ৪ বধ, বিনাশ। "সত্ত্বাঘাত যাজ্ঞ ৩.২৭৪। প্রাণাঘাত।—ভর্ত্তৃহরি। ৫ রোধ, স্তম্ভন। "মূত্রাঘাত।—সুশ্রুত ৬.৫৮.১। ৬ ভাগ্যবিপর্য্যয়। ৭ বেদনা, ব্যথা। "প্রভু, দণ্ডিতের সাথে॰ দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে॰ সর্ব্বশ্রেষ্ঠ সে বিচার।—কা ২১। ৮ [+অ-ধি] বধস্থান, বধ্যস্থান। "আঘাতং নীয়মানস্য বধ্যস্যেব পদে পদে হি ৪.৭০। ৯ (বাঙলায়) শস্যোৎপত্তির ব্যাঘাতকারক অনাবৃষ্টি-প্রভৃতি। [আঘাতিতে—আঘাত করিতে। "নিরস্ত্র যে অরি॰ নহে রথিকুলপ্রথা আঘাতিতে তারে মে ১৯৯। আঘাতিল—আঘাত করিল। "ডানি করে তবে বুকে আঘাতিল শূল। আঘাতসহ (বিং)—যে বস্তু আঘাত সহে, ভাঙ্গে না; ঘাতসহনশীল (স্বর্ণাদি)। আঘাতস্থান (ক্লী) —বধস্থান, সুনা।]

আঘাতিত বিং ['আহত' সাধু; অপ্র] আঘাতপ্রাপ্ত, আহত। "আঘাতিত ব্যক্তি আ.দু ১৭৮।

আঘাতী বিং ['আহত' সাধু; অপ্র] আঘাতযুক্ত, আহত, ঘায়েল। "ঐ মহাজন্তু আপনার শত্রুকে আঘাতী করিতে বৃথা চেষ্টাপূর্ব্বক আপন পুচ্ছ দ্বারা জলে আস্ফালন করে।—রামমোহন রায়।

আঘাবিঘা বি ['আঘাতবিঘাত'—মূল] ১ বাধাবিঘ্ন, আপদ্-বিপদ্। ২ অসুখবিসুখ, ব্যামোপীড়া, রোগ-বালাই।

আঘাসা, -সি বি ['আঘাস'—মূল; দ্র 'আ⁸] খারাপ ঘাস; গোরু ঘোড়া প্রভৃতির ভুক্তাবশিষ্ট পরিত্যক্ত ঘাস। "আঘাসি আখের গোড়া যোড়া হাতী নাদ। জলে ভাসে, দেখে লখে ভাবে পরমাদ॥ —শ্রী ২২১।

আঘূর্ণন ক্লী [আ+√ঘূর্ণ্+অন (ল্যুট্)-ভা] চক্রবৎ ভ্রমণ; আবর্ত্তন, ভ্রমণ, ঘুরা। —ঘূর্ণিত বিণ [+ত (ক্ত)-ক] ১ চক্রবৎ ভ্রান্ত; আবৃত্ত, উদ্ভ্রান্ত। "পুষ্পাসবাঘূর্ণিতনেত্রে কু.স ৩.৩৮। মদাঘূর্ণিতনেত্র ভ ৬.১.৫৯। ২ পরিক্রান্ত, পর্য্যটিত। "ষট্পদাঘূর্ণিতদল (বন) মহা ১.৭০.৬। ৩ আকম্পিত, আন্দোলিত। "পবনাঘূর্ণিতদ্রুম হ ৪৭.২২।

আঘোষ পুং, **-ঘোষণ** ক্লী [আ+√ঘুষ্+অ (ঘঞ্), +অন (ল্যুট্)-ভা; °ষ (ছান্দস)] শব্দে প্রকটীকরণ (প্রকাশন)। —ণা স্ত্রী [+√ঘোষি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'আঘোষ'। "তস্যামাঘোষণায়াং ক্রিয়মাণায়াম্।—পঞ্চ ৫$\frac{৯}{১৮}$। —ঘোষিত বিণ [+√ঘোষি+ত (ক্ত)-র্ম্ম] উচ্চশব্দ দ্বারা প্রকটীকৃত; প্রখ্যাপিত, উৎকীর্ত্তিত। "আঘোষিতঞ্চ নগরে ন পাতব্যা সুরেতি বৈ।— মহা ৩.১৫.১২। মৃ ৩$\frac{৯}{১০}$।

আঘ্রাণ[১] বিণ [আ+√ঘ্রা+ত (ক্ত)-র্ম্ম; পক্ষে °ঘ্রাত; স্ত্রী -ণা] ১ শিঙ্ঘিত, গৃহীতগন্ধ (পুষ্পাদি)। ২ তৃপ্ত। —ঘ্রাণ ক্লী [+অন-ভা] ১ গন্ধগ্রহণ, সোঁকা। "তদ্গন্ধ° ক.সা ১৩.৬৪। কোলে করি নিলা রাম মাথার আঘ্রাণ কৃ.উ ১৮৩। ২ তৃপ্তি। —ঘ্রাত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ গৃহীতগন্ধ, কৃতঘ্রাণ। "অনাঘ্রাতং পুষ্পম্ শ ২.১০। ২ তৃপ্ত। ৩ আক্রান্ত, আবিষ্ট। "কামাঘ্রাতয়া অনয়া (দশকুমার)। ৪ স্পৃষ্ট, সম্পৃক্ত। "যুগ্মাগ্যনাঘ্রাতথিথি (ত.বা)। —ঘ্রেয় বিণ [+য় (যৎ)-র্ম্ম] ঘ্রাণেন্দ্রিয়গ্রাহ্য, ঘ্রাণার্হ। "ঘ্রাণেন ন তদাঘ্রেয়ম্ মহা ১৪.২০.১২।

আঘ্রাণ[২] **-ন** বি [দ্র 'অঘ্রাণ', 'আ[১৩]; অপ্র] অগ্রহায়ণ মাস। "আঘ্রান ম.পা ৯৫; আঘ্রাণ ১৬২।

আঘ্রাত, -ঘ্রেয়; আঘ্রান দ্র 'আঘ্রাণ[১]; আঘ্রাণ[২]।

আঙ বিং [সং আম, দ্র 'ঙ⁸; তু 'ইতাঙ'; অপ্র] কাঁচা, আপোড়া। "আঙ হাঁড়ী অচাক নির্ম্মাণ: গ'লে গেল আঙ হাঁড়ী উনান সহিতে শ্রী.মা ৯৯।

আঙ(ঙ্গো)ট[১] বিং ['অঙট'—মূল] কাপড়ের পা'ড়ের মত ডাঁটাযুক্ত অর্থাৎ অখণ্ডিত (কলাপাত)। "ছেলে যদি একটু ভাল হয়, রম্ভগর্ভা

জননী আঙ্গোট পাত পেতে বসলেন জা ৫০। [আঙট পাত—অখণ্ডিত কদলীপত্র বা তাহার অগ্রভাগ।]

আঙট[২] বি [হি আঁঠ] কাপড়ের প্রান্ত বা পা'ড়।

আঙটা; আঙ(ঙ্গ)টি দ্র 'আংটা; আংটি'।

আঙদ '-দ্' বি [সং আবন্ধ; আঙত (বাঁকুড়া)] লাঙ্গলের ঈষের আগা জোয়ালের মধ্যস্থলে শিথিলভাবে আটকানর নিমিত্ত জোয়ালে বেড় দিয়া বাঁধা দড়ি। "আস জোতি পাস জোতি আঙদর বড় চিন্তা। —শূ ১০৯।

আঙ(ঙ্গ)ন বি [সং আঙ্গন; তু 'আঁগন'] আঙিনা, উঠান। "আঙ্গন ঘরপণ শুন ভো বিআতী চ ৫। আধেক ভগ্ন, ধুলায় মগ্ন, আঙনে মূরতিগুলা কৃ.কে ১২১।

আঙনা বি ['আয়না', 'ন' হেতু য়>অ>ঙ; অপ্র] দর্পণ আরশি। "বিচিত্র চিরণী তাহে আঙনার ঠুলি ব.প ২৭২।

আঙ(ঙ্গ)রা বি [সং অঙ্গার; হি অঁগরা] জ্বলন্ত কয়লা; কয়লা। "আঙ্গরার সমতে ময়ানক দেও ঘোল ভাসাইয়াঃ আঙ্গরার সামিল গো.চ ৪৫, টীকা।

আঙলা বি [সং আমলক>প্রা*আমলঅ>বা আমলা, আঙলা; হি আঁবলা; ঠ আরলা; গু আমল] ১ আমলা শিলারস চুয়া কর্পূর প্রভৃতি মিশ্রিত স্ত্রীলোকের কেশসংস্কারার্থ গন্ধদ্রব্যবিশেষ; মাথাঘসা। "আমলা বাটিয়া তার করতলে ঘাঁটা ক.চ ১৭৫; বেচিত 'আঙলা' (পাঠান্তর 'আঙল') ১৭৬। পিঠালি আঙলা শ্রী.ম ১৩৫। ২ আমলকীর ফুল। "কৃ.উ ১৬৩। [একপাত আঙলা—কাগজে বাঁধা মিশ্রিত আমলা প্রভৃতি কেশসংস্কার-দ্রব্য। "দুই দুই পণ বেচে আঙলা একপাত। তায় শিলারস চুয়া কর্পূর যাবত ॥--ক.চ ১৭৫।

আঙা[১], বিং [আমা>আঙা; অপ্র] আম, আপোড়া, কাঁচা। "আঙা সরায় আনে গর্দ্দভের দুগ্ধ দই (ক.চ)।

আঙা[২], **আঙাকড়ি** বি [হি অংগাকড়ী (সং অঙ্গার+হি করী>বা °ড়ি; °ড়ি>আঙা] অঙ্গারের (জ্বলন্ত কয়লার) উপরে দিয়া করী (কড়া করা); সেকা মোটা রুটিবিশেষ; লিট্টি। "রুথ আঙা খাইতে নারিল ঃ চুটকি মাঙ্গিয়া আনি আঙাকড়ি করি ভ.গ্র ২১।

আঙা(ঙ্গা)র বি [সং অঙ্গার, হি অঁগার; অস আঙ্গার] ১ কয়লা। "দুই চক্ষু জ্বলে যেন, জ্বলন্ত আঙ্গার হেন ভ.গ্র ১২২। আঙ্গাররাশি ব.প ৯৬৬। ২ জ্বলন্ত কয়লা (Live coal)। "সহস্র যোজন জুড়িয়া ইন্দ্র আঙ্গার বর্ষে কৃ.উ ২০৫। ৩ অঙ্গারসদৃশ কৃষ্ণবর্ণ পদার্থ। "ভাঙ্গি চাও কেদা ফল ভিতরে আঙ্গার ম.গা ২।

আঙি(ঙ্গি)না বি [সং অঙ্গন; হি, মৈ আঁগন; ঠ আংগণ; আঙ্গন (চ)] ১ অঙ্গন, উঠান। "আঙ্গিনা আওল সেহ বি.প ১৩৮। আঙ্গিনা-মাঝে চ.দা ১৩; ১০৪। আঙ্গিনাতে বান্ধা কৃ.উ ৫। ঘর হৈতে আঙ্গিনা বিদেশ জ্ঞা ১৫৫। আঙ্গিনা বেড়ায় চৈ.ম ৩৮। ভ.গ্র ১৫১। ব.প ১৩৬৩। আঙিনা-তলে।—শিশু ৪। আঙিনাতে খেলবে শিশু চ.কা ৪৪১। আঙিনা ও ঘর অ.গু ১১৩। ২ (সাদৃশ্যে) বিস্তৃত সমতল ভূমি। "বসন্তকাল···এসেছিল বনের আঙিনায় প.কা ১১।

আঙি(ঙ্গি)য়া বি [সং অঙ্গিকা>প্রা*অংগিআ, -য়া>বা (আঁগিয়া) আঙ্গি (ঙি) য়া; হি অংগিয়া, অঁগিয়া] স্ত্রীলোকের পরিধেয় ছোট জামা; চোলী, কাঁচুলি। "পিনহ নীল আঙিয়া।—গান ১০৫। রঙীন আঙিয়া।—শিশু ৩।

আঙু(ঙ্গু)টি, -টী; আঙ্গুঠী বি [হি অঁগুঠী] অঙ্গুরীয়, আংটি।"অঙ্গুলক আঙ্গুটি, সো ভেল বাহুটি বি.প ১৯৭। হাথের শিরি আঙ্গুঠী শ্রী.কী ৪০। ভাঙ্গাইয়া আঙ্গুটী কৃ.উ ২৬৭।

আঙু(ঙ্গু)র বি [ফা আঙ্গুর্; হি আংগূর; মৈ আঁগুর] দ্রাক্ষাফল। "বনের মধ্যে পেয়েছিলাম একটি আঙুর ফল।—রবীন্দ্র।

আঙু(ঙ্গু)ল বি [সং অঙ্গুলি; হি অংগুল; অস আঙ্গুল; আঁউল (চট্টগ্রাম)] ১ অঙ্গুলি। "আঙুল-কুল।—মা ৯৯। আঙ্গুলোপরে ব.প ৩৭৫। সত্য করিল রাজা আঙ্গুল কারণে কৃ.উ ২৮২। কেমুয়া আঙ্গুলে ম.ম ১৯৩। আঙ্গুলে কচালি স্তন পিয়ে ন.প ৯৭। ২ অঙ্গুলির বিস্তারপরিমাণ। —ঙুলি বি [তু 'আঙ্গুল'; অপ্র] অঙ্গুলি। "আঙ্গুলিত সাজে শ্রী.কী ৩৮১। শিশু আঙ্গুলি চুষিঞা কান্দে কৃ.উ ২২। [আঙুল ফুটান, মটকান—আঙুল টানিয়া বা মুড়িয়া 'মট' করিয়া শব্দ করান। আঙুল ফুলে কলা গাছ হওয়া—আঙুল ফুলিয়া অত্যন্ত মোটা হওয়া; (গৌণার্থে) অল্পদিনেই দরিদ্রের বিশেষ ধনবান্ হওয়া। আঙু(ঙ্গু)ল মটকাইয়া গা'ল দেওয়া বা বলা—মর্ম্মপীড়িত হইয়া আঙুল মুড়িয়া শাপ দেওয়া। "আঙ্গুল মটকাইয়া সর্ব্বদাই বলে 'তোরা ত্বরায় নিপাত হ!'—আ.দু ৬৭। আঙুলের ফাঁশা দিয়ে জল গলে না—এক কানা কড়িও হাত দিয়া সরে না (অত্যন্ত কৃপণের সম্বন্ধে)। আঙলান—আঙুল দিয়া ঘাঁটা।]

আঙু(ঙ্গু)লহাড়া বি [°হাড়+আ[১°]] আঙুলের হাড়ের সম্বন্ধে ব্রণ-বিশেষ; যে ব্রণ আঙুলের হাড় পর্যান্ত নষ্ট করে; অঙ্গুলিবিসর্প (Whitlow)।

আঙো(ঙ্গো)ট বি ['অঙ্গুষ্ঠীয়'—মূল; হি অঁগূঠী; আঙ্গুট (ঢাকা)] স্ত্রীলোকের পায়ের বুড়া আঙুলের রূপার আংটি।

আঙ্ক বি ['ঙ্ক' (ঙ্+ক) > আঙ্ক; 'আ' উচ্চারণে] প্রত্যেক বর্গের পঞ্চম বর্ণের সহিত 'ক'-প্রভৃতি বর্গের প্রথমাদি বর্ণের বানান—ঙ্ক ঙ্খ ঙ্গ ঙ্ঘ ইত্যাদি (প্রথম যুক্ত বর্ণানুসারে নামকরণ। গুরুমহাশয়ের পাঠশালে ইহার প্রচলন ছিল)। "আঙ্ক আস্ক ফলাদি বানান শ্রী ৫০। বানান আঙ্ক আস্ক ইত্যাদি শিক্ষা করণ ব.প ১৭৩৪। [আঙ্ক-ফলা—আঙ্ক ও ফলাবানান; ব্যঞ্জনদ্বয়ের বিশেষ বিশেষ বানান। "মিথ্যা বলা, আঙ্ক-ফলা তোমার পেটে নাই দা ৫৭৫; তাতে (বিদ্যায়) নবডঙ্ক, বক্কর পেটে আঙ্ক-ফলা নাই ৭২৪।]

আঙ্কুড়ী বি [হি অঁকুড়ী—বাঁকা কাঁটা, হুক; অপ্র] পুষ্পাদি চয়নার্থ বক্রাগ্র দণ্ড; আঁকশি। "সন্ধারে বুয়িলোঁ বড়ায়ি সজাইআঁ আঙ্কুড়ী শ্রী.কী ২২১।

আঙ্কুর বি [দ্র 'আঁকুর', 'আ[১৩]'; বৈষ্ণবসাহিত্যে] অঙ্কুর। "আঙ্কুরে ভাঙ্গল বিনি অপরাধ বি.প ১৮৪।

আঙ্কুশিক পুং [অঙ্কুশ+ইক (ঠক্) 'তাহা ইহার প্রহরণ' অর্থে] ১ অঙ্কুশ যাহার প্রহরণ; অঙ্কুশ-যোদ্ধা। ২ (বাঙলায়) পুষ্পাদি-চয়নার্থ অঙ্কুশবৎ বক্রাগ্র দণ্ড; আঁকশি। "পুষ্পকরণ্ডক ও আঙ্কুশিক লইয়া বনে বনে ভ্রমণ···করাতে বানরগণ কুপিত হইয়া তাঁহার নাসা কর্ণ ছিন্ন করিয়াছে।—কাদ ৯১।

আঙ্খি বি [অংখি>আঙ্খি, দ্র 'আঁখ'; অপ্র] চক্ষু। "গো.চ ১৮৮, টীকা।

আঙ্গ[১] বিণ [অঙ্গ+অ (অণ্) 'তৎসম্বন্ধ' অর্থে; স্ত্রী -ঙ্গী] ১ অঙ্গ-সম্বন্ধী, শারীরিক। ২ (ব্যাকরণে) অঙ্গাধিকারবিহিত। "বর্ণাদাঙ্গং বলীয়ঃ (পরিভাষা)। ৩ বেদাঙ্গসম্বন্ধী। ৪ (নাট্যে) অপ্রধান পাত্র-সম্বন্ধী (A.)। ৫ [+অ 'তত্র ভব' অর্থে] অঙ্গদেশভব, অঙ্গদেশ-জাত। —ঙ্গ পুং অঙ্গদেশরাজ। —ঙ্গ ক্লী [+অ স্বার্থে] অঙ্গ।

আঙ্গ[২] বি [সং অঙ্গ; দ্র 'আ[১৩]; অপ্র] অবয়ব, দেহ। "এক এক আঙ্গে। লক্ষ লক্ষ দান শ্রী.কী ৯১; ৩৩৮।

আঙ্গটিয়া বিং [আঙ্গট+ইয়া[২]; দ্র 'আঙট'] অচ্ছিন্ন, সম্পূর্ণ, গোটা। "বত্রিশা কলার এক আঙ্গটিয়া পাত চৈ.ম ১৭০।

আঙন ; আঙরা ; -রাখা দ্র 'আঙন ; আঙরা ; আংরাখা'।

আজ্ঞা বি [সং আজ্ঞা ; বা আগ্গা>আঙ্গা ; অপ্র] আদেশ। "করএ আঙ্গা ঃ আঙ্গা কৈল ঃ প্রভুর আঙ্গা গো বি ৯ ; ১৬ ; ১৭। আজ্ঞাক্তি (আজ্ঞা-উক্তি)...পালন করিমু E.P. 111.

আঙ্গারখি বি ['অঙ্গরক্ষী'—মূল ; সং অঙ্গরক্ষণ ; হি অঁগরখা] বর্ম্ম। "(কামার) গঢ়ে টাঙ্গি আঙ্গারখি শেল ক.চ ৮৮।

আঙ্গারি বি [হি অংগারী] কয়লা, টুকরা কয়লা।

আঙ্গি বি [হি অংগা ; আঁগী—চোলী] আঙ্গরাখা, চাপকান। "গাএ আঙ্গি মাথে টুপি ব প ২৫৩।

আঙ্গিক বিণ (অঙ্গ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] **১** অঙ্গ দ্বারা নির্বৃত্ত ; ভ্রূলতাদি অঙ্গ দ্বারা নিষ্পাদিত (ভ্রূবিক্ষেপাদি)। "সা.দ ৬.২। **২** অঙ্গ-সম্বন্ধী, দৈহিক। —ক পুং **১** অঙ্গভঙ্গি দ্বারা নিষ্পাদিত অভিনয়। **২** স্ত্রীলোকের যৌবনসুলভ অঙ্গজাত হাবভাবাদি (ত.বা)। 'সা.দ ৩.৮৯। **৩** অঙ্গ (মৃদঙ্গ)-বাদনশিল্পী, মার্দ্দঙ্গিক।

আঙ্গিনা ; আঙ্গিয়া দ্র 'আঙিনা ; আঙিয়া'।

আঙ্গিরস বিণ [অঙ্গিরস্+অ (অণ্) 'তৎসম্বন্ধ' অর্থে ; স্ত্রী -সী ; ছান্দস] **১** অঙ্গিরঃসম্বন্ধী, অঙ্গিরোবংশীয়। **২** অঙ্গিরা কর্তৃক কৃত ও ব্যাখ্যাত ; অঙ্গিরঃপ্রোক্ত। "পতিব্রতায়াশ্চাপ্যানং তথৈবাঙ্গিরসম্ মহা ১.২.১৯৪। —রস পুং [+অ (অণ্) তদপত্যার্থে] **১** অঙ্গিরার অপত্য—পুত্র-পৌত্রাদি। "গো.রা ১.৭.৪। **২** অঙ্গিরঃপুত্র বৃহস্পতি। "মহা ১.৬৬.৫। মনু ২.১৫১। **৩** বৃহস্পতিগ্রহ। **৪** অথর্ব্ববেদের সূক্তবিশেষ।

আঙুটি, -টী ; আঙুর ; আঙুল, -লি, আঙুলহাড়া দ্র 'আঙুটি ; আঙুর ; আঙুল'।

আঙুস্তানা বি [ফা অঙ্গুশ্তানহ্ (অঙ্গুষ্ঠত্রাণ) ; আঙুষ্ঠানা (Haughton) ; আঙস্তানা (কথ্য)] দরজির ব্যবহার্য মধ্যমাঙ্গুলিরক্ষক পিত্তলাদির কোশবিশেষ (Thimble)।

আঙ্গে বি [আকাঙ্ক্ষা>আক্তে (গ্রাম্য)>আঙ্গে (পদ্যে মিলের জন্য) ; অপ্র] আকাঙ্ক্ষা। "ভেরুয়া ধরিবে বলি মনে মনে আঙ্গে। জল খাইয়া দুই বেটা মরে মধ্যগাঙ্গে ॥—ম.ম ২০৭।

আঙ্গোছা বি [হি অঁগোছা (অঙ্গপ্রোক্ষক ?)] গাত্রমার্জ্জনার্থ বস্ত্রখণ্ড ; গামছা। "মনন-নীরে স্নান দয়া-আঙ্গোছা মোছন ভ.গ্র ৩।

আচ১, -চি, -চু, আছু বি [সং অক্ষিক>প্রা*অচ্ছিঅ>বা আছি, -ছ আচি, -চ, -চু, তু 'তা আচ্চা—শালবৃক্ষ] পুষ্পবৃক্ষবিশেষ ও তাহার পুষ্প (আচফুল)। "আচ চাঁপা ক.চ ৩৯। যাতি যূথী আচি কৃ ৩৪৯। আচু কুরচীর জালিকা ভা.চ ২৯৫।

আচ২ অর্ম্ম [√আছ> √আচ ; অপ্র] **১** বাঁচিয়া থাকা ; থাকা। **২** (অসমাপিকা ক্রিয়ার পরবর্ত্তী) অতীতকালসূচক। "পূর্ব্বে কয়াচি তোমাক ঃ গিয়াচি ব প ১০১। গ্রাম পত্তন হইয়াচে কু.চ ৮।

আচকা '-চ্-' ক্রি.বিং [হি অচকাঁ, আচনক ; আচকা (মালদহ)] অকস্মাৎ, হঠাৎ। "আজগুবি এক যোগী নাকি, আচকা রাজসভায় এসেছে।—গোপাল উড়ে।

আচকান বি [হি অচকান] একপ্রকার পাঁচকলির লম্বা আঙরাখা ; চাপকানবিশেষ।

আচট বিং [অচট>°ট, দ্র 'আ১৩] অকৃষ্ট, আচষা। "আচট ভূঁয়ে পড়িয়ে ম'ল ব.প ১১৪৪।

আচড় সর্ম্ম [দ্র 'আঁচড়২] নখাঘাতে ভেদ করা ; আঁচড়ান। "রৌদ্রে বাঁধে কাঠে খড়ে। বর্ষাকালে চাল আচড়ে॥—ব.প ৭। [চাল আচড়ে —চাল আঁচড়াইয়া খড় বাহির করে।]

আচণ্ডালাদি ক্রি.বিং চণ্ডালাদিজাতিপর্য্যন্ত। "আচণ্ডালাদি করিও কৃষ্ণভক্তি দান চৈ.চ ১৬৬।

আচন্ত বিং [সং আচান্ত ; অপ্র] কৃতাচমন। "দ্বু ১৫।

আচন্দ্রতারক ব্য [আ চন্দ্রতারকা, অব্যয়ীভাব] চন্দ্রতারকার স্থিতি-পর্য্যন্ত ; আপ্রলয় (M.W.)।

আচম পুং [আ+ √চম্+অ (ঘঞ্)-ভা] সর্থ 'আচাম'।

আচমকা ক্রি.বিং [হি আচনক ; ঠ অচংরা—বিস্ময়] পূর্ব্বসূচনা-ব্যতিরেকে, অকস্মাৎ, হঠাৎ, একেবারে। "পথে আচমকা ঝড় উঠলো হু ৭৮। ঘ ৬৪। [আচমকা ঘায়—অজ্ঞাতভাবে (হঠাৎ) আঘাতে।]

আচমন ক্লী [আ+ √চম্+অন (ল্যুট্)-ভা] **১** পূজাদির পূর্ব্বে বারত্রয় জলপানপূর্ব্বক এবং বারদ্বয় জলে সংবৃত ওষ্ঠাধর মার্জ্জনা-পূর্ব্বক মস্তকাদি ষড়ঙ্গ বা অষ্টাঙ্গ স্পর্শনরূপ শুদ্ধিজনক ক্রিয়াবিশেষ ; উপস্পর্শ। [মনুমতে—মুখ চক্ষু কর্ণ নাসিকা হৃদয় মস্তক এই ছয় অঙ্গ (২.৬০), মতান্তরে, নাভি বাহু এই অষ্টাঙ্গ (গরুড়পুরাণ, ২১৫তম অধ্যায়।] **২** ভোজনের পূর্ব্বে ও পরে জলপান ; আচমনীয় জলপান (ত বা)। **৩** (বাঙলায়) ভোজনান্তে হস্তমুখ-প্রক্ষালন। "পিতলের ডাবরে করিল আচমন ম.ম ৯৬। আচমন মুখশুদ্ধি সারি শি ৩৩। **৪** [+অন-ণ] দেবতার আচমনসাধন দেবার্চ্চনার উপচারবিশেষ ; জাতীফল-কঙ্কোল-লবঙ্গচূর্ণমিশ্রিত ষট্‌পলমিত জল (ত.বা) ; আচমনার্থ জল। "যাজ্ঞ ১.২৪২। আচমন দেন প্রভু দু ৩৮ ; ৪৫। আচমন দিয়া দিল বিড়ার সঞ্চয় চৈ.চ ৯১। —চমনক ক্লী [°ন+ক (কন্) স্বার্থে] **১** আচমনার্থ জল। **২** [+অন-থি] আচমনপাত্র, নিষ্ঠীবন-পাত্র, পিক্‌দান।

আচমনি, -নী বি [°মন+ঈ৭ ; সং আচমনীয় ; হি °নী] **১** আচমনার্থ জল ; মুখাদিপ্রক্ষালনার্থ জল। "পাদ্য অর্ঘ্য আচমনি দিলেক ত্বরিত ম.পা ১৬। পাদ্যার্ঘ্য আচমনী ধূপদীপ চ.বি ৬১। °নি বি.পা ৪০। আচমনী মধুপর্ক দান শ্রী.ম ১৬২। **২** ভোজনান্তে হস্তমুখ-প্রক্ষালনার্থ জল। "নিয়মিত দুই দণ্ড ভোজন করেন। তবে দ্বার খুলি গিয়া আচমনী দেন ॥—ভ.গ্র ৩০৩। **৩** [°ন+ই১১ ; অপ্র] আচমন, আঁচান। "ভোজন করিয়া সাধু কৈল আচমনি ম.পা ৭২ ; °নি-পাত্র ঃ আচমনি করি বনে ৮৯ ; ১৫৯। —নী বি আচমনসম্বন্ধী (যাহা খাইলে আঁচাইতে হয়, তাদৃশ) খাদ্য ; ঘৃততৈল-পক্ক খাদ্য ; ভাজাদ্রব্যমাত্র।

আচমনীয় বিণ [আ+ √চম্+অনীয় (অনীয়র্)-ণ] আচমন (মুখপ্রক্ষালন)-সাধন (জল)। —নীয় ক্লী **১** সর্থ 'আচমন (৪)। "আচমনীয়ং প্রতিগৃহ্যতাম্।—ভবদেব। পাদ্য অর্ঘ্য আচমনীয় চৈ.ম ১১২। **২** [+অনীয়-র্ম্ম] পেয় জল (ত.বা)। **৩** (বাঙলায়) আচমন-সম্বন্ধী খাদ্য ; দ্র 'আচমনী'। —নীয়ক ক্লী [°য়+ক (কন্) স্বার্থে] সর্থ 'আচমন (৪) ; পূজোপচারবিশেষ। "অর্ঘ্যমাচমনীয়কম্।

আচমান বি [ফা আস্‌মান্ ; অপ্র] আকাশ। "গো.বি ১৪২।

আচম্বিত ক্রি.বিং [হি অচংভিত ; তু 'সং অসম্ভব, হি অচংভা] অকস্মাৎ, হঠাৎ। "আচম্বিতাগ্নিএ দহে নগরে নগরে ম.পা ৭৪ ; ১০৯ ; নৌকা ভাসি উঠে আচম্বিত ১৬৭। [°তি, °তে (ক্রি.বিং) —অকস্মাৎ। "পরভুর বিষ্ণুকে জল হৈল আচম্বিতি শূ ৬। আচম্বিতে রাবণের সিংহাসন দোলে কৃ ৫৩। আচম্বিতে ক.চ ১৪৮ ; ম.ম ১১।]

আচয় পুং [আ+ √চি+অ (অচ্)-ভা] **১** আচয়ন, সংগ্রহ। "পা ৫.২.৬৪। **২** [+অ -র্ম্ম] সমূহ, রাশি।

আচর১ বি [আঁচর>°র] অঞ্চল। "অধর আচর ওর বি.প ১৩৮। আচরে কাঞ্চন ঝলকে মুখে জ্ঞা ৫।

আচর২ সর্ম্ম [সং আ+ √চর্ ; প্রা ১'চর] **১** অনুষ্ঠান করা। "স্নান আচরিল ব.প ৭৭০। **২** প্রদর্শন করা ; করা। "ধীরে ধীরে কহে তবে বিনয় আচরি ম ৪৭৭। **৩** কার্য্যে পরিণত করা। "ঘরে আসিতেঁহো প্রভুর শিক্ষা আচরিল চৈ.চ ১৭৯।

আচরণ ক্লী [আ+ √চর্+অন (ল্যুট্)-ভা] ১ আচার, অনুষ্ঠান, বিধান। "ধর্ম্ম°, মঙ্গল°। ব্যুত্থানম্···বিরোধাচরণে (অ.কো)। ২ কর্ম্মানুষ্ঠান। "নৈ ১.৪। ৩ বৃত্ত, চরিত, ব্যবহার। "স্বাচরণো বিপ্রঃ মহা ১৫.১০.১১। আমি···আচরণে চণ্ডাল অপেক্ষা সহস্রগুণে অধম সী ২২। ৪ (বাঙ্‌লায় ; অপ্র) ইতস্ততঃ চরণ ; বিচরণ। "প্রেত কাক কুক্কুরাদি করে আচরণ—রামরসায়ন। ৫ [+অন-ণ ; তু 'আচরণ'—আগমন (ঋগ্বেদ ১.৪৮.৩)] 'চরণসাধন', যান, শকট, রথ। —চরণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অনুষ্ঠেয়, বিধেয়, কার্য্য। "দ্রোহ-যুদ্ধেরপি ময়াস্ত ন বিরুদ্ধমাচরণীয়ম্।—পঞ্চ (S.W.)। —চরিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অনুষ্ঠিত ; বিহিত, কৃত। ২ অধিষ্ঠিত, অধ্যুষিত, সেবিত। "পরেতাচরিতাম্ (দিশম্) রা (S.W.)। কিন্নরাচরিত মহা ৩.১৪৩.৬। অগস্ত্য° রঘু ৪.৪৪। ৩ অবলম্বিত, আশ্রিত, সেবিত। "তস্করাচরিতো মার্গঃ রা ৩.৫১.২৯। সদ্ভিরাচরিতঃ পন্থাঃ ভ ৭.২.১০। —ত ক্লী [+ত (ক্ত)-ভা] ১ আচরণ, বৃত্ত। "প্রতিকূলাচরিতং ক্ষমস্ব মে।—রঘু ৮.৮১। বামনের আচরিত শ্রী.ম ২৬২। ২ ঋণীর ঋণশোধের পঞ্চ উপায়ের একতম। "মনু ৮.৪৯।

আচর্জ্জ বিং [সং আশ্চর্য্য > প্রা অচ্চরিয় ; অপ্র] অপূর্ব্ব, মনোমোহন। "আচর্জ্জ নাটোয়া হৈয়া চলে তিন জন মী ১৬।

আচর্য্য বিণ [আ+ √চর্+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্য্যা] ১ গন্তব্য। "আচর্য্যো দেশঃ পা ৩.১.১০০, সি। ২ আচরণীয়, অনুষ্ঠেয়। "আচর্য্যং কর্ম্ম শোভনম্ পা ৬.১.১৪৭, সি।

আচানক ক্রি.বিং [হি অচানক] হঠাৎ, অকস্মাৎ। "আচানক দেখা দিয়া হয় অদর্শন ভ.গ্র ৪.৮। আচানক মারি পড়নেতে অনেক২ মারা গেল ব.প ১৬৮৯।

আচান্ত বিণ [আ+ √চম্+ত (ক্ত)-ক] ১ কৃতাচমন। "মনু ৩.২৫১। সংবর্ত্ত ২১। দক্ষ ২.১৩। অচল আচান্ত হ'য়ে বসে বরাসনে শি ২৪। শ্রী.মা ৯৯। ২ [+ত-র্ম্ম] পীত, কৃতপান (জলাদি)। —ন্ত ক্লী [+ত-ভা] আচমন। "আচান্ত আসনশুদ্ধি শ্রী ২০৩ ; ২১২।

আচাবুআ, -য়া, আচাভুয়া বিং [সং অত্যদ্ভুত > প্রা অচ্চব্ভুয় (প্রা.স), অচ্চব্ভুদ (ক.ম ১২২২) > বা আচাভুয়া, -বুআ, -বুয়া ; আচার্ব্বুয়া—আশ্চর্য্যজনক (ময়মনসিং)] ১ অত্যদ্ভুত, অতিবিস্ময়-কর। "তা দেখিয়া রাজকন্যাএ বলে আচাভুয়া মী ৮ ; ইন্দ্রনালে তুলে গুরু আচাবুআ পানি ২৬। আচাভুআ বানি (পাঠান্তর 'আছাভুয়া পানী') গো বি ১৪৯। অনায়াসে ভ্রমে নেতা বড় আচাভুয়া ম.ম ১৩৭। শাঁখা শাড়ী সিন্দুর চন্দন পান গুয়া। নাহি দেখি, আয়তি কেবল আচাভুয়া॥—ভা.চ ১৩। ২ আশ্চর্য্যান্বিত, বিস্মিত। "দুগ্ধ খাইবারে চাহে কান্দে ওয়া ওয়া। তা দেখিয়া রাজকৈন্যা হইল আচাভুয়া॥—গো.বি ৩৬। চরিত্র দেখিয়া আচাভুয়া ম.ম ১২৫। ৩ অলৌকিকশক্তি-সম্পন্ন, বুজরুক। "ওঝা ধন্বন্তরি বেটা বড় আচাভুয়া। হুঙ্কারে জীয়াইল বেটা যত কাটা গুয়া॥—ম.ম ২১৭। ৪ বিকটাকৃতি, কিম্ভূতকিমাকার। "ঝাটা-কাটা মাথা আঙ্গুল দুই চারি চুল। চান্দর সম্মুখে দাঁড়ায় যেন আচাভুয়া ভূত॥—ম.ম ১৫১। ৫ বর্ব্বর, অসভ্য। "আইবড় বাছা মোর বেঁচে থাকু ঘরে। মোর বিভার দায় নাই আচাভুয়া বরে॥—শি ২৭।

আচাভো বি [আচাভুয়া > °ভো] কিম্ভূতকিমাকার একপ্রকার সং। "পর্ব্বে চুঁচড়ার মত বারোইয়ারি পুজো আর কোথাও হতো না, 'আচাভো' 'বোম্বাচাক' প্রভৃতি সং প্রস্তুত হতো হু ৩৩।

আচাম পুং [আ + √চম্ + অ (ঘঞ্)-ভা, বৃদ্ধি পা ৭.৩.৩৪] ১ আচমন। ২ ভক্ষণ, পান। "চকোর্য্য এব নিপুণাশ্চন্দ্রিকাচামকর্ম্মণি (শ.ক)। ৩ [+অ-র্ম্ম] ভক্ষ্য (ত.বা)। ৪ ভক্তজাত মণ্ড ; নিস্রাব, ভাতের মাড়। "যাজ্ঞ ৩.৩২১। —চামক বিণ (+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -মিকা] আচমনকারক। "পা ৭.৩.৩৪, কাশিকা। —চাম্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম ; স্ত্রী -ম্যা] আচমনীয়, পেয়। "পা ৩.১.১২৬। —চাম্য ক্লী আচমনীয় জল।

আচার[১] পুং [আ+ √চর্+অ (ঘঞ্)-ভা] ১ আচরণ, অনুষ্ঠান। "কল্যাণ°, দুর°, শিষ্ট°, শুক্র°, সদ°। সদা কদাচারময় ভা.চ ৩৮। ২ স্নান আচমন প্রভৃতির অনুষ্ঠান। "মনু ২.৬৯। ৩ [+অ-র্ম্ম] গুরু ও অতিথির প্রতি অভ্যুত্থান অভিবাদন প্রভৃতি কর্ত্তব্য। "মনু ৩.১৬৫। আচারং তাবৎ প্রতিপদ্যস্ব শ ৪৪। ৪ বর্ণাশ্রমধর্ম্ম। "বর্ণানামাচারঃ মনু ১০৭ ; ১০৯। গী ১৬.১৭। বেদাচার-বহিষ্কৃত ভা.চ ৩৮। ৫ পার-ম্পর্য্যক্রমাগত বিধি ; লোকপ্রতিষ্ঠিত নিয়ম ; পদ্ধতি, রীতি। "মনু ২.১৮। যাজ্ঞ ১.৩৪৩। আচারলাজ রঘু ২.১০ ; আচারধূম ৭.২৭। লোক°, জন° হি ১.২১৩। ৬ কর্ম্ম। "গৃহাচারব্যপদেশ উ.চ ৩৪। ৭ সদ্‌বৃত্ত, সাধুশীল। ৮ অধিকৃত পুরুষের অবশ্যপালনীয় অনুষ্ঠান। "শ ৫.৩। ৯ চরিত্র (শ.ক)। ১০ ব্যবহার, বিচার (শ.ক)। [আচারে লক্ষ্মী, বিচারে পণ্ডিত—আচারপালনে লক্ষ্মীর আগমন ও কর্ত্তব্যধারণে পণ্ডিত হয়। তু 'কিংপাণ্ডিত্যং ?—পরিচ্ছেদঃ।']

আচার[২] বি [ফা আচার্ ; P. achar] লবণ তৈল লঙ্কা বা মরিচচূর্ণ ইত্যাদির সংযোগে আম কুল লেবু প্রভৃতি দ্বারা প্রস্তুত অম্লরসযুক্ত খাদ্য-বিশেষ (Pickle)। "নেবু-কোলি আদি নানাপ্রকার আচার চৈ.চ ১৫৮। আম্রের আচার রা শে ২৩।

আচারদীপ পুং [উ.লো] ১ রাজা অশ্ব প্রভৃতির নীরাজনার্থ প্রদীপ। দ্র 'নীরাজন'। ২ আচারশাস্ত্রবিশেষ।

আচারপূত বিণ [তৃ.ত] বর্ণাশ্রমধর্ম্মপালনে শুদ্ধ। "রঘু ২.১৩।

আচারবর্জ্জিত, -হীন বিণ [তৃ.ত] ১ বর্ণাশ্রমধর্ম্মবিহীন। ২ কুলাচারহীন।

আচারবান্ (-বৎ) বিণ [আচার+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] শাস্ত্রোক্ত ধর্ম্মের অনুষ্ঠানবান্ ; বর্ণাশ্রমধর্ম্মপর। "মনু ১২.১২৬।

আচারব্যপেত, -ভ্রষ্ট বিণ [প.ত] আচার হইতে অপগত ; আচারচ্যুত, আচারবিরুদ্ধ। "যাজ্ঞ ২.৫।

আচারী (-রিন্) বিং [আ+ √চর্+ইন্ (ণিনি)-ক ; স্ত্রী -রিণী] শাস্ত্রোক্ত ধর্ম্মের অনুষ্ঠাতা ; শাস্ত্রানুষ্ঠানবান্। —রী স্ত্রী 'সর্ব্বত্র প্রসারিণী' ; হিলমোচিকা, হেলাঞ্চা।

আচার্য্য পুং [আ+ √চর্+য (ণ্যৎ)-র্ম্ম, পা ৩.১.১০০ ; আচারং গ্রাহয়ত্যাচিনোত্যর্থান্ (নিরুক্ত)] ১ বেদাভ্যাসার্থ যাঁহার নিকটে যায় ; যে দ্বিজ শিষ্যকে উপনীত করিয়া সকল্প ও সরহস্য বেদ পাঠ করান ; বেদাধ্যাপক। 'উপনীয় তু যঃ শিষ্যং বেদমধ্যাপয়েদ্ দ্বিজঃ। সকল্পং সরহস্যং চ তমাচার্য্যং প্রচক্ষতে॥—মনু ২.১৪০। বিষ্ণু ২৯.১। ব্যাস ৪.৪৩। বসিষ্ঠ ৩। ['আচার্য্য' ও 'গুরু' পারিভাষিকভাবে ভিন্নার্থক (মনু ২.১৪০ ; ১৪২) হইলেও, উভয়ের একপর্য্যায়ে প্রয়োগ দেখা যায়। "আচার্য্যো গুরুঃ পা ৩.১.১০০, সি। মনু ২.১৯১ ; ১৯২। যাজ্ঞ ১.১৫।] ২ শাস্ত্রবিশেষের অধ্যাপক। "দ্রোণাচার্য্য, স্মায়°, সাহিত্য°। গী ১.২৬। ৩ মতপ্রবর্ত্তক শঙ্করাদি। ৪ শিক্ষকমাত্র। ৫ পূজ্যমাত্র। "সুর°, দৈত্য° (ত.বা)। ৬ দ্রোণ। "গী ১.২। সাপটিয়া আচার্য্যের রথখান ধরে ম ৮৬৪। ৭ যজ্ঞাদিতে ধর্ম্মোপদেশক গুরু। ৮ ভক্তিশাস্ত্রের উপদেশক। 'আচার্য্যং ভক্তিশংসনাৎ (আশ্রয়ে) চৈ চ ২ ; ভক্তি-উপদেশ বিনু তাঁর নাহি কার্য্য। অতএব নাম তাঁর··· 'আচার্য্য' ॥—২৯।

আচার্য্যক ক্লী [আচার্য্য+অক (বুঞ্) 'তদ্‌ভাব, তৎকর্ম্ম' অর্থে,

পা ৫.১.১৩২] ১ আচার্য্যভাব, গুরুত্ব। ২ আচার্য্যকর্ম্ম, শিক্ষকতা। "বিলাপাচার্য্যক রঘু ১২.৭৮। নৈ ১৭.২৮।

আচার্য্যকরণ ক্লী [ষ.ত] আচার্য্যক্রিয়া। "পা ১.৩.৩৬, কাশিকা।

আচার্য্যদেব বিণ [বহুব্রী] যাহার আচার্য্য দেবতুল্য; আচার্য্যে দেববুদ্ধি। "আচার্য্যদেবো ভব।—তৈত্তিরীয়োপনিষৎ ১.১১.২। —দেব পুং [কর্ম্মধা] আচার্য্যরূপ দেব; গুরুদেব।

আচার্য্যমিশ্র বিণ [কর্ম্মধা] আচার্য্য ও পূজ্য; অতিপূজ্য আচার্য্য।

আচার্য্যা স্ত্রী [আচার্য্য+স্ত্রী আ (টাপ্)] স্বয়ং বেদমন্ত্রব্যাখ্যাকর্ত্রী; স্বয়ং ব্যাখ্যাত্রী; গুরু-মা। —র্য্যানী স্ত্রী [+ঈ (ঙীষ্) পত্ন্যর্থে, 'আন' (আনুক্) আগম, ণত্বাভাব, পা ৪.১.৪৯] আচার্য্যপত্নী। "ম.চ ৩.৬। চৈ.চ ৮৪।

আচি বি [আইচ>আচি] ১ কায়স্থের উপাধিবিশেষ। "ব.প ৩১৭। ২ দ্র 'আচ১'।

আচিত বিণ [আ+√চি+ত (ক্ত)-র্ম্ম; ছান্দস] ১ সংগৃহীত, রাশীকৃত। ২ ব্যাপ্ত, আকীর্ণ। "পুলক° (S.W.)। শৈলৈরাচিতান্ দেশান্ গো.রা ৩.৭৭.৩; রোমভিরাচিতৌ ৭৪.২২; পুষ্প° ৪ ৪৪.৫৫। মলাচিতাঙ্গ মহা ৩.১১৯.১৯; শরাচিতশরীর ১৩.১.৩। বনমালয়াচিতম্ (পুরুষম্) ভ ২.২.১০। ৩ গুম্ফিত, গ্রথিত। "অর্দ্ধাচিত রঘু ৭.১০। কু.স ৭.৬১। —ত পুং ১ শাকটভার, অর্থাৎ এক গাড়ীর বোঝা। ২ পলাযুতদ্বয়পরিমিত ভার (মেদিনী); (মতান্তরে) দ্বিসহস্রপল-পরিমিত ভার। 'তুলা পলশতং তাসাং বিংশত্যা ভার আচিতঃ। —ত ক্লী দশভারপরিমাণ, ২৫ মোন (শ.ক)।

আচির '-র্' বি [প্রাচীর>বা পাচীর>আচী(চি)র, অনু.শব্দ] প্রাচীর-তুল্য বেষ্টন (বেড়া)। "ফুলের আচির, ফুলের প্রাচীর, ফুলের হইল ঘর চ.সা ১০৪। [ইহা 'আচীর-পাচীর'এরই ব্যস্তপ্রয়োগ, সুতরাং ব্যস্তভাবে বিশেষ অর্থ নাই। গল্পে 'আচীল-পাচীল'এর ব্যস্তপ্রয়োগ শুনা যায়।]

আচূষণ ক্লী [আ+√চুষ্+অন (ল্যুট্)-ভা] ১ ওষ্ঠসংযোগপূর্ব্বক রসাকর্ষণব্যাপার; চোষা। ২ বিষাপকর্ষণার্থ চূষণরূপ চিকিৎসা। "সুশ্রুত ১.৭.১৩; ৫.৫.২। ৩ [+অন-ণ] 'চূষণসাধন', শৃঙ্গ, শিঙ্গা।

আচেষ্টিত বিণ [আ+√চেষ্ট্+ত (ক্ত)-র্ম্ম] কৃত, অনুষ্ঠিত। "পাণ্ডুপুত্রৈর্ন কিঞ্চিদত্যাহিতমাচেষ্টিতং ভবেৎ বে ২২১/৫।

আচোট বিং [দ্র 'অচট'] অকৃষ্ট, আচষা, পতিত (জমি)।

আচ্চরা বি ['রা'ত-চরা'—মূল; অপ্র] রাত্রিচর, নিশাচর। "আচ্চরা পথি স্থাথছে গো.চ ১০৭।

আচ্ছ ক্রি [দ্র 'আছ'; অপ্র] আছে। "সেটে আচ্ছ বনর বাঘ ব.প ৪৯।

আচ্ছন্ন বিণ [আ+√ছাদি+ত (ক্ত)-র্ম্ম, নিপাতিত; পক্ষে 'আচ্ছাদিত'] আবৃত, ব্যাপ্ত, সংবীত। "যদচ্যুতকথালাপরসপীযূষ-বর্জ্জিতম্। তদ্দিনং দুর্দ্দিনং মন্যে, মেঘাচ্ছন্নং ন দুর্দ্দিনম্॥ —চ্ছাদ২ পুং [+অ (অচ্)-ণ] ১ 'আচ্ছাদনসাধন', বস্ত্র। "মনু ৭.১২৬। ২ আবরণমাত্র। "তাপসাচ্ছাদমাত্মজম্ রা ২.৩৯.৬। —চ্ছাদক বিণ [+অক (ণুল্)-ক; স্ত্রী -দিকা] আবরক, ব্যাপক। —চ্ছাদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আবরণ। "ব্যাসের সূত্রের অর্থ সূর্য্যের কিরণ। স্বকল্পিত ভাষ্যমেঘে করে আচ্ছাদন॥—চৈ.চ ১০৩। ভা.চ ১৫২। ২ [+অন-ণ] আবরণ, ঢাকনী। "সবে দিল আঁখি দুটি, তাতে দিল নিমিষ-আচ্ছাদন চৈ.চ ২২০। ৩ বস্ত্র, পরিচ্ছদ। "তাপস° রা২.৩৭.৮। ভূষণ° মনু ৩.৫৯। ৪ আবরণ, কোষ, পিধান। ৫ গৃহের কাষ্ঠপঞ্জর; চাল। —চ্ছাদিত বিণ সর্থ 'আচ্ছন্ন'। "আচ্ছাদিতাস্তে বাসোভিঃ রা ১.১৪.২৭। অগ্নি-অংশু যেন পাংশু-আচ্ছাদিত ম ১৯১; ধূলি-আচ্ছাদিত ক.চ ৮২। —চ্ছাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] আচ্ছাদক, আবরক। "স্তনযুগপরিণাহাচ্ছাদিনা বল্কলেন শ ১.১৮, টীকা। সর্ব্বেন্দ্রিয়াচ্ছাদি…তমঃ নৈ ১৭.২২। মহামায়ারূপে ত্রিজগৎ-আচ্ছাদিনী কৃ ৩৫২।

আচ্ছাদ১ সর্ম্ম [সং আ+√ছাদি+অ (ঘঞ্)-ক] ১ আচ্ছাদন করা; ঢাকা। "শ্রবণে কর আচ্ছাদি ভা.চ ৪০; কক্ষলোমে আচ্ছাদয়ে হাঁটু ১৫১। দাড়ি আচ্ছাদয়ে নাভিদেশ (ক.চ)। ২ ব্যবহিত করা; আড়ালে ফেলা। ৩ অস্ফুট করা; দুর্ব্বোধ করা। "তুমি ভাষ্য কহ, সূত্রের অর্থ আচ্ছাদিয়া চৈ.চ ১০৩। ৪ উল্লেখ না করা; কথাপ্রসঙ্গে না আনা; ঢাকা দেওয়া। "কথা আচ্ছাদিয়া বলে কৌরবের পতি ম.বি ২৪৯।

আচ্ছাদ২, -চ্ছাদক, -দন, -দিত, -দী দ্র 'আচ্ছন্ন'।

আচ্ছিন্ন বিণ [আ+√ছিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক্ ছিন্ন, কৃত্ত, খণ্ডিত। ২ বলপূর্ব্বক গৃহীত। ৩ অপসারিত, নিরস্ত, দূরীকৃত। "যেনাচ্ছিন্নং তত্তমঃ মহা ১৩.১৫৮.৯। - চ্ছেদ পুং, —চ্ছেদন ক্লী [+অ (ঘঞ্), +অন (ল্যুট্)-ভা] ১ সম্যক্ ছেদন; কর্ত্তন। ২ ঈষচ্ছেদন, অল্পচ্ছেদ। ৩ বলপূর্ব্বক গ্রহণ; ছিনাইয়া লওয়া।

আচ্ছুরিত বিণ [আ+√ছুর্+ত (ক্ত)-র্ম্ম] ১ মিশ্রিত। ২ বিদারিত। —ত ক্লী ১ নখাঘাত। ২ নখবাদ্য। ৩ অট্টহাস। —চ্ছুরিতক ক্লী [°ত+ক (কন্) স্বার্থে] সোৎপ্রাস (উপহাসাদিযুক্ত) হাস্য (অ.টী)।

আচ্ছেদ, -দন দ্র 'আচ্ছিন্ন'।

আচ্ছোদন ক্লী [তু 'আক্ষোদন', ক্ষ>চ্ছ] সর্থ 'আক্ষোদন'।

আছ অর্ম্ম [সং √অস্>লি √আচ্ছ; প্রা> √অচ্ছ (প্রা.প্র ১২.১৯; প্রা.স ৭.১১৬; হে) >বা √আছ, -চ; সং √আস্ >প্রা √আছ—আছে (পৈ); সং তিষ্ঠতি >প্রা অচ্ছই> √আচ্ছ (প্রা ল ২১, টীকা)>বা √আছ; প্রা আছই (অস্তি—ভবিষ্যদত্তকথা); হি √অছ—তব মৈঁ অছলৌ মন বৈরাগী (কবীর); মৈ √অছ—অছি অছএ অছইত অছৈত (বিদ্যমান)। "অছইত বস্তু ন করিঅ নিরাস (বিদ্যাপতি); অছ—আছে। "উবরি অএলাহুঁ অছ ভাগে বি.সা ২০২; অছলি—ছিলি। "অছলি হে দুখ সুখেঃ অছলি সঙ্গে বি.সা ২০২। অছিয়ে—আছি। "অছিয়ে যৈছে বৈরাগী বি.প ২০৪। আচ্ছন্তে—আছে (চ)] ১ বিদ্যমান বা উপস্থিত থাকা; থাকা। "আহ্মে আছি এথাঁ শ্রী.কী ১৫৭। দেব দানব জত আছন্তি আকাশে কৃ.উ ৩৫। গৃহস্থ আছয়ে যত ভা চ ১০৫। আছ অন্তরে চিরদিন।—রবীন্দ্র। ২ কাল যাপন করা। "এতদিনে আনু৹ ভাগে হাম আছনু৹ অব বুঝনু অবগাহি বি.প ১৫৬। ৩ সম্ভব হওয়া। "পরলোক আছে কি না, সন্দেহ। ৪ সম্পূর্ণরূপে (অটুটভাবে) থাকা; অক্ষয় হইয়া থাকা। "হে পূর্ণ, তব চরণের কাছে, যাহা কিছু সব আছে আছে আছে। —রবীন্দ্র। ৫ আধেয়রূপে থাকা। "তোহ্মাত আছএ শ্রী.কী ৭৫; দুধ ঘৃত ভাণ্ডত আছএ ১৭৯। ৬ প্রাণধারণ করা; বাঁচিয়া থাকা। "সে কন দেশে পালাঞা গেল আছে কিবা নাই ব.প ৫৩১। কৃ ২৫০। ৭ জীবনযাত্রা নির্ব্বাহ করা। "কুশলে কি আছ নাতিনী শ্রী.কী ১৫। আছএ কল্যাণে ম.বি ৬৬। ৮ বাস করা। "কাম্যবনে যুধিষ্ঠির আছেন নরপতি ম.বি ৫৯। সিংহ ব্যাঘ্র আছে তথা কৃ ৯৮। ৯ অবস্থিতি করা; বসিয়া থাকা। "একদিন পাঁচ ভাই আছিল নির্জ্জনে ম.বি ৫৯। দুআরে আছএ শ্ ১২০। নিকুঞ্জে আছয়ে জ্ঞা ৯৫। ১০ সংঘটিত হওয়া; ঘটা। "দেবতার সঙ্গে যুদ্ধ আছিল ভয়ঙ্কর ম.বি ৪৩, আছিল বিমর্দ্দ ৫৮। ১১ দূরব্যাপী হওয়া। "সেই যজ্ঞে আছিল কোলাহল বিশাল ম.বি ৪৫। ১২ বক্তব্যবিষয়ীভূত না হওয়া; প্রসঙ্গ হইতে দূরে থাকা। "আছু নরলোক৹ দেবলোক তোষে৹ মুনিমন হএ ভোলা শ্রী.কী ৬০। আছু যুবজনের বৃদ্ধের জাএ মন ৬৫। আছুক অন্যের কায দিতে পারি প্রাণ

কৃ ৯২। **১৩** (কিছু) বক্তব্যরূপে থাকা। "কৃষ্ণ সঙ্গে আছিলেক বহুল কথন ম.বি ৫৯ ; অনেক আছিল কথা ৬৮। কথা না আছিলাহা শ্রী.কী ১৮৫। **১৪** আদেশপালনার্থ উপস্থিত (হাজির) থাকা। "আমি এই আছি রাম তোমার সেবক কৃ ৯৭। **১৫** (কিছু) লাভরূপে থাকা। "কি ফল আছয়ে ভেটব কান জ্ঞা ২০৪। **১৬** সহায়রূপে থাকা। "কে আছে সীতার আর এ অররুপুরে?—মে ১১৮। **১৭** প্রচলিত আছে। "এইরূপ জনশ্রুতি আছে (পদ্যপাঠ, ১ম ভাগ)। **১৮** অবৈধ প্রণয়ে আবদ্ধ থাকা। "ভাল ভাল ক'রে গ্যালাম কেলোর মার কাছে। কেলোর মা বলে আমার জামাইর সঙ্গে আছে॥—নী ২৬। [আছ—বিদ্যমান আছ। "জানি শুধু তুমি আছ, তাই আছি।—রবীন্দ্র। আছএ, -য়ে (আছে), আছন্ত (আছেন)—"অ.প ৭৮। আছন্তি (আছেন, আছে)—"কৃ.উ ৩৫। আছল (আছিল)—"আছল কত পুরবক ভাগি বি.প ৭১। শ্রী.কী—আছহ, আছিল, -লা, -লাহা (ছিল), আছিলন্ত, -লন্তি, -লান্ত, -লেন, -লেন্ত (ছিলেন), আছিলাহো, আছিলো, আছিলোঁ (ছিলাম), আছ (আছুক, থাকুক), আছো, -আচ্ছাঁ (আছি)। আছিনু (ছিলাম)—"সুখ্যাছিনু কৃ.উ ২৩০। আছিল (ছিলাম)—"ম.গা ২০। আছিলাম—"গো.চ ৭৭। আছিলেন—"কৃ ১৬। আছিলেক (ছিল)—"ম.বি ৫৯। আছু, -ক—"চৈ চ ৩১, ১৫৩। ক.চ ৩, ৮২, ১৯৪। আছেন, -ছেন্ত শূ ৭৬ ; ৭৭। প্রাচীন বাঙলায়, 'আছ, -ছি, -ছে' প্রভৃতি ক্রিয়ার সহকারিভাবে 'করিতে, করিয়া' প্রভৃতি অসমাপিকা ক্রিয়ার পৃথক্ প্রয়োগ।—"ডাকিতে যে আছয়ে (ডাকিতেছে) চৈ.ভা ২২৪ ; বহিতে, পূজিতে, করিতে, দেখিতে আছেন (বহিতেছেন ইত্যাদি) ৩৮৩, ৩৮৯, ৩৯৭ ; দেখিতে আমি আছি (দেখিতেছি) ৫০২ ; উঠিয়া আছে (উঠিয়াছে), দিয়া আছ, দেখি আছে, হই আছেন, আনিঞা আছেন, করাইয়া আছ চৈ.ভা ২১৫, ২১৬, ২৮৭, ৪২৮, ৪৮৯, ৫০০। খুই আছ শ্রী.ম ৬৭ ; আসিতে আছে ১৪১। করি আছম (করিয়াছি) অ.প ২১ ; হইয়া, করিয়া, আসিয়া আছে (হইয়াছে ইত্যাদি) ১২৩, ১৩৪, ১৩৮ ; নিয়াছোম (লইয়াছি) ১২৮। শোভিয়া আছে গ ২০ ; বুঝাইয়া আছে ৩৬ ; ধরিয়া আছন্ত ৭৮। বাড়িতে আছয়ে ম.বি ৩৭। র আছে (রহিয়াছে), বর্জ্জ্যাছ কৃ.উ ২৫৬। দিক্‌পাল আছে বয়া চ.বি ৫৩। ফুটিলছে (স্ফুটিত আছে, ফুটিয়াছে), রহিলছে (রহিত আছে, রহিয়াছে) —শ্রী.কী। "বর বসিয়াছে যাত্রা করি (শি ২৩)—'বসিয়াছে অর্থাৎ 'বসিয়া আছে', বর্ত্তমানকালসূচক। এইরূপ, "রথচূড়া পড়িয়াছে ঃ মণি-মুক্তা পড়িয়াছে কৃ ১৪৭। বর্ত্তমানকালে 'পড়ি আছে' এবং অতীতকালে 'পড়িয়াছে' সাধু ; 'আছে' বর্ত্তমানে প্রধান (Principal) ক্রিয়া, অতীতে সহকারী (Auxiliary) ক্রিয়া। আছিবারে আছি—থাকিতে হয়, তাই থাকি। "আছিবারে আছি গৃহে নাহিবারে নাহি ম ৭৪০।]

আছড়া[১] '-ছ্-' বি [সং আসার ; আছার (মালদহ, মুরশিদাবাদ)] বর্ষণ, ছিটা ; পশলা। "আর এক আছড়া জল হ'লে ধানের আর ভয় থাকে না। [জলের আছড়া—জলসেচন, জলের ছড়া।]

আছড়া[২] সর্ম্ম [আছাড় > √আছড়া] পাট (তক্তা) ইত্যাদির উপরে বেগে প্রতিহত করা। "কাপড় পাটে আছড়াইয়া ছিঁড়িয়াছে। [আছড়া-আছড়ি—পুনঃ পুনঃ আছাড় মারা। আছড়াইয়া মারা—আছাড় দিয়া মারা। আছড়ান—সর্থ 'আছড়া[২]। আছড়াপিছড়ি খাওয়া—শোকাদিতে কষ্ট হেতু হস্তপদাদি বিক্ষিপ্ত করা বা হাত-পা ছোড়া।

আছাটা বিং [আ+ছাটা] **১** যাহা ছাটা নহে ; খুদ-কুঁড়াযুক্ত (চাউল)। **২** যে গাছের ডাল ছাটা (Pruned) নহে।

আছাড়[১] বি [সং আ+ √ছর্দ্দ (?) ; হি পছাড়] **১** কোন বস্তু উচা করিয়া পাট-প্রভৃতিতে বেগে প্রতিহত করা। "পাথর উপরে তারে মারিল আছাড় কৃ ১৫৬ ; ৩২০ ; ৩৪০। **২** ঘাতপ্রতিঘাত। "ঘোর শব্দ উঠিছে আছাড়ে ভুজে ভুজে শ্রী ৬৮। **৩** [কাছাড় > °ড়] কাছার দিকে (পশ্চাদ্‌ভাগে) পতন ; উত্তানপতন, চিংপাত। "আছাড় খাইয়া পড়ে কৃ ৩১৩। আছাড়ের কালে ধরে নিত্যানন্দ রায় চৈ.চ ১৪৪। **৪** [?] দা ছুরী বটী ইত্যাদির কাষ্ঠময় দণ্ড (বাঁট)। [আছাড় খাওয়া, খাইয়া পড়া—চিংপাত হইয়া পড়া। "চ.দা ১৫১। পড়িনু. আছাড় খাইয়া মে ১৩১। আছাড় দেওয়া, মারা—আছড়ান। দ্র 'আছড়া[২]। "আছাড় মারি শ্রী ৬৬। আছাড় পড়েন—আছাড় খাইয়া পড়েন। "আছাড় পড়েন পৃথিবীতে চৈ.ভা ৪৮৪ ; ৪৮৮। আছাড়ে বিছাড়ে—ঘুবাইয়া ফিরাইয়া আছড়ানে। "আছাড়ে বিছাড়ে তার প্রাণমাত্র ছিল ম ৪৭১।]

আছাড়[২] সর্ম্ম [আছাড়[১] > √আছাড়] **১** সর্থ 'আছাড় (১)। "আছাড়ে ফেলে শ্রী ৬৮, ঐ পাথরে আছাড়ে ভাঙ্গিব তোর মাথা ৬৯। কে কারে আছাড়ে ভা.চ ৭৩। না থাকে যদ্যপি দোষ কারে তব ভয় ? আছাড়ে রজক ম্লান বসন-নিচয়।—স.শ ১৪৩। **২** প্রতিহত করা। "ভূতলে আছাড়ে গা।—বি.সু ১৪৩। [আছাড়ি পিছাড়ি—আছড়া-পিছড়ি খাইয়া (দ্র 'আছড়া[২])। "আছাড়ি পিছাড়ি মহী কেন্দে কয় হীরা বি.সু ২২২।]

আছিদর বিং [অচ্ছিদ্র'—মূল] ছিদ্রশূন্য, নির্দ্দোষ ; (কাকু হেতু বিপরীতার্থে) দোষযুক্ত, দুষ্ট, ধূর্ত্ত। "অতি বড় হৈলা আছিদর। আপণা চিহ্নিআঁ জাহ ঘর॥—শ্রী.কী ৫৪ ; ৭৫ ; তোহ্মাথো আধিক সে আছিদর ৮৯। —দরী বিং [°র+স্ত্রী ঈ৬] **১** অচ্ছিদ্রা, সতী। "অতি আছিদরী রাধা ল শ্রী.কী ২১ ; আইহনের রাণী রাধা বড় আছিদরী। বোলেঁ চালেঁ তোর থান আনিতেঁ না পারী॥—১৩৯। **২** সতী, (তাৎপর্য্যার্থে) অসতী। "পামরী ছেনারি নারী. হআঁ বড় আছিদরী. আসহন বোলহ সকলে শ্রী.কী ৮৩। —দরী বি **১** সতীত্ব, (তাৎপর্য্যার্থে) ধূর্ত্ততা, দুষ্টামি। "বোল চালেঁ হাট জাইতেঁ চাইসি সুন্দরী। এতেক বুঝিএ তোহ্মার বড় আছিদরী॥—শ্রী.কী ১১৪। **২** দুষ্টা, ধূর্ত্তা। "গোআলার ঝি তোহ্মে বড় আছিদরী। তেকারণে ভার বহায়িতেঁ চাহা হরী॥—শ্রী.কী ১৭৫ ; ২৭৬। **৩** গর্ব্বিতা, স্পর্দ্ধিতা। "আহ্মা না চিহ্নসি রাধা বড় আছিদরী শ্রী.কী ২৮০ ; (গরবেঁ) পাছু না গুণিলী আছিদরী ৩৭৪।

আছোলা বিং [আ+ছোলা] **১** যাহা ছোলা (ছোল-ছাড়ান) নহে ; ছোলযুক্ত, খোসাসহিত (নারিকেল)। **২** যাহা ছোলা (চাঁচা) নহে ; গ্রন্থিযুক্ত, কর্কশ, অপরিষ্কৃত (বাঁশ, চটা, বাতা)। [আছোলা হয়—আছোলা বাঁশ বাতা প্রভৃতির মত কষ্টদায়ক হয়। "অগ্নিবল না বুঝিয়া যে করে আহার। এ ছোলা আছোলা হয় পেটে ঢুকে তার॥—ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

আজ[১] বিণ [অজ+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -জী] অজসম্বন্ধী, ছাগীর। °রা ২.৯১.৬৭। আজম্...পয়ঃ (সুশ্রুত)। —জ ক্লী **১** পূর্ব্ব-ভাদ্রপদা নক্ষত্র। **২** ঘৃত।

আজ[২] '-জ্-' ক্রি.বিং [সং অদ্য > লি, প্রা অজ্জ > বা আজ ; হি, ঠ, গু, মৈ আজ ; প অজ্জ ; সি অজু ; ড়, অস—আজি ; অদঅ (সিংহলী)] **১** অদ্য, বর্ত্তমান দিনে। "আজ পেখল ধনি তোহর বড়াই বি.সা ৬৪। আজ আসবে শ্যাম।—গান ১৯৬। **২** বর্ত্তমান কালে ; এখন। "আজ মোঞে জানল হরি বড় মন্দ বি.সা ৪৪০। আজ মেঘের জটা উড়িয়ে দিয়ে নৃত্য কে করে গী.লি ৩৩। —জ বি বর্ত্তমান দিন। "আজ মহাষ্টমী। আজ বড়দিন। [আজকার দিন—আজ। আজ কাল করা—আজ বা কাল, এইরূপে অনিশ্চিতভাবে সময় নির্দ্ধারণ করা ; দীর্ঘ-সূত্রতা করা। "আজ কাল করিয়া মাস কাটিয়া গেল। আজ থেকে (লি অজ্জতপ্পেগ)—আজ হইতে। আজ বাদে—অর্থাৎ কাল, অতি

শীঘ্র। "এ পাত্র আজ বাদে ভাঙিয়া যাইতেও পারে চা.পু ১০০। আজ বাদে কাল—বর্ত্তমান দিন অতীত হইলে আগামী দিনে। "যাহা মৃত দেহ আজ বাদে কাল কীটের খাদ্য হইবে চা.পু ১০০। আজে—আজ। "আজে তিমির দহ দীন ছড়লা। আজে দিঘর ভঞ দিবস বড়লা॥ —বি.সা ৪৭৪।]

আজকাল বি [আজ২+কাল ; হি °ল ; ঠ °ল, -লী] বর্ত্তমান ও আগামী দিন। "আজকাল বাদে রমা আবার গঙ্গারামকে ডাকাইল ব.প্র ৪১৭। —কাল ক্রি.বিং ১ বর্ত্তমান যুগে ; ইদানীং, অধুনা। "রাম-লীলার রঙ্গভূমি···কুলপ্রদীপ কুমারদের কল্যাণে আজকাল প্রকৃত চিড়িয়াখানা হ'য়ে উঠেছে হু ২০৭। ২ দুই এক দিনের মধ্যে ; অবিলম্বে। "তিনি আজকালই আসবেন। [আজকাল বাদে—আজ ও কাল দুই দিন পরে। আজকালের মধ্যে—অনতিবিলম্বে, যথাসম্ভব শীঘ্র। আজকে —সর্থ 'আজিকে'। আজকের মত—বর্ত্তমান দিনের উপযোগী।]

আজগব ক্লী [অজগব+অ (অণ্) স্বার্থে] ১ অজগব, শিবচাপ, পিনাক। "আজগব ধনুক সদাই থাকে হাতে ঃ আজগব ধনুক দিলেন হাতে হাতে কৃ.উ ৬৭। [ইহা বৈষ্ণবচাপ, শিবচাপ নহে (দ্র 'রা ১.৭৫) ।] ২ অজগবতুল্য দৃঢ় ধনুঃ। "মহা ৩ ১২৬.৩৪ ; ৭.৬৭.১৩।

আজগবি, -গবী, -গুব, -গুবি বিং ['আজগব'—মূল (?) ; তু 'অজ্‌গৈ.ব্ (ফা অজ্+আ গৈ.ব্)—অদৃষ্ট স্থান, আ অজ্.নবী—নূতন ; °গইবী (Haughton)] অদ্ভুত, অপূর্ব্ব, বিস্ময়কর, অভাবনীয়। "আজগবি দুনিয়ার খেলা সর্ব্বের মধ্যি ত্যাল জা ৩৫। আজগবি সাধ স.এ ১৫। আজগবী কথা পা.ঝো ১২৮। সকলগুলিই সৃষ্টিছাড়া ও আজগুব ঃ আজগুব হুজুক হু ৭৯ ; আজগুবি কেতা ১৯২। আজগুবি প্ল্যান ঘ ১৮৩।

আজগর বিণ [অজগর+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -রী] অজগর-সম্বন্ধী। "°পর্ব্ব মহা ৩।

আজড়া সর্ম্ম [আঝাড়া> √আঝরা> √আজড়া (?) ; অস √আজরা] (দ্রব্য ঝাড়িয়া পাত্র) খালি করা। [আজড়ান—সর্থ 'আজড়া'।]

আজনন ক্লী [আ+ √জন্+অন (ল্যুট্)-ভা] বিখ্যাত জন্ম ; লোকবিদিত উৎপত্তি। "তেষামাজননং পুণ্যম্ মহা ১.৯৫.৩ ; ১১৮.৪। —জনন ব্য [অব্যয়ীভাব] জন্ম হইতে ; জন্মাবধি।

আজনম ক্রি.বিং [আ+জনম ; সং আজন্ম ; পদ্যে] ১ জন্মকাল হইতে ; জন্মাবধি। ২ যাবজ্জীবন, সমস্ত জীবিতকাল, জনমভ'র। "আজনম তুয়া গুণ করবহুঁ গান রা.শে ৮০।

আজনাই বি [অস আজিনাই] ১ সর্থ 'আঁজনা'। ২ সর্থ 'আঁজনিয়া'। "ছুঁচ! আজনাই ভা.চ ১২৮।

আজন্ম ব্য [আ জন্ম, অব্যয়ীভাব, বিকল্পে 'অ' (টচ), পক্ষে '°ন্মন্', পা ৫.৪.১০৯] ১ জন্ম হইতে ; জন্মাবধি। "°শুদ্ধ রঘু ১.৫। আজন্ম দুঃখেতে গেল ম ১০৫। আজন্ম-বর্দ্ধিত পাপে ন ৪২৭। আজন্মপরিচিত ব্যক্তি।—কাদ ৬৩। আজন্মমরণপর্য্যন্ত সাধনা আ.দ্রু ১২। প্রিয়জন-দর্শনসুখে সে যে আজন্মমৃত্যুপর্য্যন্ত বঞ্চিত ব.প্র ২৪৮। ২ (বাঙ্‌লায়) যাবজ্জীবন, মরণপর্য্যন্ত। "আজন্ম-যাজন কৈলে, পুন কত জন্ম গেলে, তবে হয় মুক্তির লক্ষণ দু ১৭। (বাপ মা) আজন্ম সেবিলে ধার শোধ না যায় বিশেষে শ্রী ম ১৪২। [°স্বভাব (বি)—জন্মকাল হইতে জাত প্রকৃতি। "তোমা দেখি গেল মোর আজন্মস্বভাব চৈ.চ ১২৩।]

আজপুরি বি [অপ্র] রাজপুরী। "গো.চ ১২।

আজব বিং [আ আ'জ.ব্ ; হি অজব] অদ্ভুত, অপূর্ব্ব, আশ্চর্য্য। "আজব কারিকুরি চ.সা ৩৪৬। আজব কথায় ভা.চ ৪৭৮। সাবাস হুজুক আজব সহরে।—হেম ৩৭৭। আজব সহর কলকেতা হু ৭৪। আজব জীবের মেলা অ.গ্র ১২০। —জব বি বিস্ময়।

আজবক বিং ['উজবক'—মূল] অসভ্য, বর্ব্বর ; নির্ব্বোধ।

আজবোজ বিং [অবুঝ> অবুজ > অজবুজ > আজবোজ (?) ; অস আজু (অজ্ঞ)—সরল] অবোধ, কাণ্ডজ্ঞানহীন। "টাকা পেয়ে মুটাভরা, হীরা পরধনহরা, বুঝিল এ মেনে আজবোজ ভা.চ ২৮৩।

আজমীঢ় বিণ [অজমীঢ়+অ (অণ্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -ঢ়ী] অজমীঢ়দেশভব, অজমীঢ়জাত। —ঢ় পুং ১ অজমীঢ়রাজ। ২ অজমীঢ়ের পুত্রপৌত্রাদি ; যুধিষ্ঠির। "মহা ২.৪৫.৪১। ৩ ধৃতরাষ্ট্র। "মহা ২.৫৫.১৮। ৪ যদুবংশীয়নৃপবিশেষ। "মহা ১ ৭৫.১।

আজর '-র্' বি [লিপিপ্রমাদ (?)] নৌকার দাঁড় ; দাঁড়ের দড়ি (?)। "আজর খিচিয়া ডিঙ্গা বাহ না রে।—ম.ম ১২০ ; আজর ছিঁড়িয়া ডিঙ্গা পাক যায় সোতে ১৪০।

আজল '-ল্' বিং [আদরী> আজলী> °ল (?) ; বৈষ্ণবসাহিত্যে] ১ আদরিণী, স্নেহপাত্রী। "রাজার কুমারী তুমি আজল কন্যাখানি। কেমনে সহিবা দুঃখ ত্যজি অন্ন পানি॥—বি পা ৩২৪। ২ [অস আজলা —মূঢ় ; আজলমঠ—জানিয়াও না জানার ভান করা] যে আদরে নেকা সাজে, অর্থাৎ জানিয়াও না জানার ভান করে। "যেহু তেহু লঞ নিজ কাজে। হেন সে আজল দেবরাজে॥—শ্রী.কী ২৪৭। —জলি, -জলী বিং, ১ আদরিণী, পাগলী ; অগেয়ানী। "দৈবকীনন্দনে বলে, শুন লো আজলি। তুমি কি না জানো গোরা নাগর বনমালী॥—ন.প ২৮৯। ২ যে নারী জানিয়াও, আদরে অবুঝের ভান করে ; নেকী। "দেখি তোহ্মাক আজলী। পর কাজে তোঁ বিকলী॥—শ্রী.কী ২১ ; আজলী রাধা, তোঁ আবালী বড়ী, হের পাঞ্জী পরমাণে ৩৭।

আজা[১] বি [সং আর্য্যক> প্রা অজ্জঅ, -য়> বা আজা ; হি—আজা—পিতামহ ; ঠ আজা—পিতামহ, মাতামহ ; গু আজে—মাতামহ] ১ মাতামহ, দাদামশায়। "চক্রবর্ত্তি-সম্বন্ধে হাম আজা করি মানে চৈ.চ ২৯৪। ২ পিতামহ, ঠাকুরদা। "ব্রহ্মার সম্বন্ধে বলে বর দিলে আজা শি ৭৩।

আজা[২] বি ['রাজা'—মূল ; অপ্র] রাজা। "আজার ছাওআল গো.চ ৫৫।

আজাড় বিং [√আজড়া—মূল] শূন্য, খালি ; অবসরপ্রাপ্ত। [আজাড় হওয়া—কর্ম্মাবসানে অবসর পাওয়া। (পাত্র) আজাড় করা—(পাত্র) খালি করা। (হাত) আজাড় হওয়া—হাতের কাজ সারা হইলে, হাত খালি হওয়া।]

আজান '-ন্' বি [আ অজ.ান্] নামাজ পড়ার সময়ে মসজিদে উপাসনার্থ উচ্চ রবে আহ্বান ; ডাকনামাজ।

আজানু ব্য [আ জানু, অব্যয়ীভাব] জানুপর্য্যন্ত লম্বিত ; সুদীর্ঘ। "°বাহু রা ১.১.১০। আজানু বাহুদণ্ড কৃ ৯৮। নাচয়ে আজানু বাহু তুলি ন.প ৩৮৩। [°চুম্বিত (বিং)—জানুপর্য্যন্তচুম্বনকারী, জানুপর্য্যন্ত দীর্ঘ, সুদীর্ঘ। "কেশভার আজানুচুম্বিত।—শিশু ৯৪। °বিলম্বী (-ম্বিন্) —জানুপর্য্যন্তবিলম্বিত, সুদীর্ঘ। "আজানুবিলম্বিনা···ভুজেন রঘু ১৬.৮৪ ; °ম্বিবাহু ১৮.২৬। °লম্বিত (বিং)—জানুপর্য্যন্তলম্বমান, সুদীর্ঘ। "°লম্বিত দীর্ঘ ভুজ কৃ ৫২। °ত নাসা ম ১ ; ভুজযুগে নিন্দে নাগে আজানুলম্বিত ১৯১ ; °ভুজ ২৭৯। °বাহু ন.প ২৮৭। ম.পা ৫ ; ১১৪। °ত মালা শ্রী.মা ৭৩। °ত জটা ঃ °ত কর ক.চ ১। °লম্বিনী (বিং) —আজানুলম্বিতা, সুদীর্ঘা। "মালা আজানুলম্বিনী ম.ম ৪৫।]

আজানুবিলম্বী, -লম্বিত, -লম্বিনী দ্র 'আজানু'।

আজানেয় বিণ যে অশ্ব যুদ্ধে শস্ত্রহত হইয়াও স্বামীকে ত্যাগ করে না ; প্রশস্তজাতিভব, কুলীন (অ.টী)। "আজানেয়া বহন্ত্যশ্বাঃ মহা ২.৪৯.৯ ; ৫১ ১৫। —য় পুং কুলীন অশ্ব ; শ্রেষ্ঠ ঘোটক। "মহা ৩.২৬৯.১০।

আজার '-র্' বি [ফা আজা.র্ ; গু আজর] ব্যাধি, রোগ। "ক্লান

আজার। [আজারে (ফা আজ়ারী ; ঠ, গু আজরী)—রোগী, ব্যাধিগ্রস্ত ; অকর্ম্মণ্য, কুঁড়ে (গালি) ।]

আজি[১] স্ত্রী [√অজ্‌+ই (ইণ্‌)-র্ম্ম, পা ৩.৩.১০৮, সি ; ছান্দস] ১ যুদ্ধস্থল, রণভূমি। "শস্ত্রাণ্যাজৌ…মুমোচ বে ৩.৯। ২ সংগ্রাম, যুদ্ধ। "রঘু ১২.৪৫।

আজি[২] ক্রি.বিং [আজ + ই[১১] ; আজি (চ) ; পদ্যে] ১ অদ্য, বর্ত্তমান দিনে। "আজি তোর পাইলোঁ দরশন শ্রী.কী ১৬। আজি আমি রাজা হব কৃ ৯৬। অরাবণ অরাম বা হবে ভব আজি মে ২৩। ২ এক্ষণে, এখন। "রক্ষিত রাবণ আজি হরবরাঙ্গনে কৃ ৩৪৮। তোমারে সিক্ষিবে আজি বিপ্র চারিবেদী ম ৭২০। নিমকহারাম বেটা, আজি বাঁচাইবে কেটা ভা.চ ৩৭৮। ৩ অধুনা, ইদানীং, এখন, এ যুগে। "মোরা আজি হয়েছি গুর্ব্বিণী ক.চ ১৬১। সে জাতি কোথায় আজি ঃ আজি এ ভারতে, হায়, কেন হাহাধ্বনি ?—হেম ২৪৮। আজি এ ভারত লজ্জিত হে !—রবীন্দ্র। ৪ অনতিপরবর্ত্তী কাল। "কালি তোর মুখে দিল যশোদাএঁ তনে। আজি দানী হঁআ মোর মাঙ্গ মাহাদাণে॥—শ্রী.কী ৭০। [আজিকার (আজি+কার)—আজিসম্বন্ধী, এই (বর্ত্তমান) দিনের। "আজিকার রাত্রি কৃ ৩৩২। আজিকার ভোজনে ম ৫১৮ ; আজিকার নিশি ৫২১। আজিকার দিন—আজি। "আজিকার দিন মোর রক্ষা কর সীতা কৃ ১৪৫।]

আজিকালি ক্রি.বি° [অস আজি-কালি ; পদ্যে] ১ আজি বা কালি ; বর্ত্তমান ও আগামী দিনদ্বয়ের অন্যতর দিনে। "আজিকালি বলে নিত্য, নৃপতি সহিত প্রীত, পায় ধনপতি সদাগর ক.চ ১৩২। ২ ইদানীং, অধুনা, এ যুগে। "কিন্তু আজিকালি দেখি দেশের গতি৹ মদ্যপানে কাহার না জন্মিয়াছে মতি ?—পদ্যপাঠ, ১ম ভাগ। ৩ দুই একদিনের মধ্যে ; অনতিবিলম্বে। [আজিকালি করা—আজি বা কালি করিব, এইরূপ মনে করা ; দীর্ঘসূত্রতা করা। "পুরাব নরককুণ্ড নিত্য ভাবি মনে। আজিকালি করিয়া রহিল বহুদিনে॥ —কৃ ৩৫৯।]

আজিকে ক্রি.বিং [আজি+ক স্বার্থে+এ[৫] ; গু আজকু ; অস আজিয়েই (আজিকেই)] ১ আজি, অদ্য। "আজিকে সকালে কেন ঘরে আগমন কৃ ৬৮। ২ অদ্য, অর্থাৎ এখন, বর্ত্তমানে। "আজিকে বিফল হ'ল হ'তে পারে কাল ন.ত ৩৮। [আজিকেই—আজই। আজিগা—আজিকে, আজ। "আজিগা না বুঝি ভাও গো.বি ৯২।]

আজিহীর্ষা স্ত্রী [আ+ √হৃ+স (সন্‌) ইচ্ছার্থে+অ-ভা+স্ত্রী আ (টাপ্‌)] আহরণেচ্ছা, সংগ্রহেচ্ছা।

আজী বি [আজা+স্ত্রী ঈ৬ ; ঠ আজী] আজার স্ত্রী, মাতামহী, আই। [আজী-মা—মাতৃতুল্যা আজী ; দিদিমা। "আজীমা, আরে বোজ বোজ, তোমার বরই বিরহ অইচে (অ.গ্র)।]

আজীব পুং [আ+ √জীব্‌+অ (ঘঞ্‌)-ণ] ১ 'জীবনসাধন', প্রাণধারণসাধন দ্রব্য ; জীবনোপায়, জীবিকা। "অজ°, রূপ°, শস্ত্র°, স্ত্রী°। স্বাজীব রা ২ ৫৬.১৪। জীবের আজীব শস্য প.তৃ ৮। ২ বৃত্তি, পেশা। "বিশুদ্ধ ইদানীম্‌ আজীবঃ শ ৬৮৬। ৩ উপায় (ত.বা)। —জীবক পুং [+অক (ণ্বুল্‌)-ক] ভিক্ষুক। —জীবন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ প্রাণধারণ, জীবন। ২ [+অন-ণ] সর্থ 'আজীব'। "মনু ৭.৬৯, কুল্লূক ; ১০.৭৯। —জীবন অব্য [অব্যয়ীভাব] জীবন-পর্য্যন্ত, যাবজ্জীবন। "আজীবনে কোনদিন, না করিলে কার্য্য হেন, এবে কেন হইলে নিদয় ম.ম ৮৪। যাব আজীবনকাল পাষাণকঠিন সরণে স.স্ব ১১। ['আমরণ' সাধু]। —জীব্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] উপজীব্য, জীবিকার্থে আশ্রয়ণীয় (নৃপাদি)। "আজীব্যঃ সর্ব্বভূতানাং ব্রহ্মবৃক্ষঃ মহা ১৪.৪৭.১৪। আজীব্যম্‌…দেশমাবসেৎ যাজ্ঞ ১.৩২১। —জীব্য ক্লী [+য-ণ] ১ জীবনধারণোপায়, বৃত্তি, কৃষিবাণিজ্যাদি। "মনু ৭.৬৯। ২ জীবিকামাত্র।

আজীবক, -জীবন, -জীব্য দ্র 'আজীব'।

আজীর বি [আ আজীর] ক্রীতদাস, গোলাম। [এক পয়সার আজীর—এক পয়সার ক্রীতদাস ; অত্যল্প অর্থের জন্য আত্মবিক্রয়-কারী ; অতিদীন। আজীরি—ক্রীতদাসসম্বন্ধী, মনুষ্যবিক্রয়সম্বন্ধী। "কস্য মুনিস্য আজীরি পাট্টাপত্রমিদম্‌ E.P. 86 ; এতদর্থে আজীরি পাট্টা লেখিয়া দিলাম 87.]

আজু ক্রি.বিং [আজ[২]+উ[৭] স্বার্থে ; তু 'প্রা অজ্জু (পৈ ; ভবিষ্যদত্ত-কথা) ; হি আজু ; মৈ অজু, দ্র 'আজ[২] ; পদ্যে] ১ আজ, বর্ত্তমান দিন। "বড় অপরূপ আজু পেখনু রাই বি.প ৩৮ ; আজু রজনী ২০৮। গো ৯২। চ.সা ৬৯। আজু রসে বাদর নিশি প.র ৪৫। আজু সাফল ভেল তোমা দরশন।—গ ১৭২। ম.পা ২০। আজু নিশি অবসানে ম.ম ৩। ২ এক্ষণে, এখন। "আজু যশোদা, পুত্র প্রসবিল শ্রী.ম ১৮। —জু বি বর্ত্তমান দিন। "আজু মঝু শুভদিন বি.সা ২৪। আজু শুভদিন চ.সা ৬৯ ; ২৩২। আজু হোন্তে ম.পা ৩২। [আজুকাইল—আজিকালি, দুই এক দিনের মধ্যে ; শীঘ্র। "মরিবে আজুকাইল ন.গা ৩। আজুকার—আজকার। "আজুকার নাট গো.বি ৮৬। আজুকার নিশি চ.দা ৭৭। ম.ম ১১৩।]

আজুক [আজু+ক সম্বন্ধার্থে ; হি আজ কো ; মৈ আজুক—আজুক বৈনি (আজিকার রজনী) ; বৈষ্ণবসাহিত্যে ; গু আজুকু] আজি-কার, বর্ত্তমান দিবসের। "আজুক বাত বি.প ১৩২ ; আজুক রঙ্গ ১৩৩ ; ১৩৪ ; ১৪০। আজুক লাজ বি.সা ৩৪১। —ক ক্রি.বিং [+ক স্বার্থে] আজ। "আজুক শয়নে৹ ননদিনী সনে৹ সুতি আছিনু সই চ.সা ৯৬। —কা ক্রি.বিং [দ্র 'আ[১৩] ; গু আজুকু ; অপ্র] আজ। "আজুকা কাটিব তারে ম.পা ৬৪। কালুকা থাইছি অদ্য আজুকা মনে নাই ম.গা ১৫ ; ১৭ ; আজুকা মরিব আমি ১৮। [আজুগা ('°কা'—মূল)—আজ। "আজুগা দেখিমু গো.বি ১৮২।]

আজুকা ; আজুকাইল, -কার দ্র 'আজুক ; আজু'।

আজুরা বি [আ অজ্‌.রহ্‌. ; আজরো (কথ্যভাষা)] বেতন, ভাড়া, মজুরী।

আজুলি, -লী বিং [আদুরী > আজুরী, -লী (?), তু 'আজল, -লী ; বৈষ্ণবসাহিত্যে] ১ সর্থ 'আজলি (১)। "এ যদুনন্দন৹ ভণয়ে আজুলি৹ ওই না গোকুল পিয়া ন.প ২৯৩। ২ সর্থ 'আজলি (২)। "কুটিলা কহেন—"সত্য কহিছ ললিতা। বড়ই আজুলি তুমি সতী পতিব্রতা॥ —চ চ ৬।

আজে ক্রি [বৈষ্ণবসাহিত্যে] আওয়াজ করে ; কূজন করে ; ডাকে। "শুকসারিক…নিধুবন ভরু আজে।—জ.প ৩৬ ; পিক আজে ৪১।

আজোগ বিং ['আযোগ'—মূল ; অপ্র] উপস্থিত। "এত শুনে আত্মাভূ আজোগ রণস্থলে শ্রী.মা ১৭১।

আজ্জা সর্ম্ম [সং √অর্জ্জ্‌—মূল ; অস √আর্জ্জ—উৎপাদন করা ; কথ্যভাষা] বপন করা ; রোপণ করা ; পোতা। "ক্ষেতে আজ্জায়, কপালে ফলে।—প্রবচন। [আজ্জান—রোপণ ; রোপিত (গাছ)। আজ্জিত—রোপিত, পোতা। "আমার আজ্জিত তরু চৈ.ম ৯৭।]

আজ্জান, আজ্জিত দ্র 'আজ্জা'।

আজ্ঞপ্ত বিণ [আ+ √জ্ঞপি+ত (ক্ত)-র্ম্ম, নিপাতিত, পক্ষে 'আজ্ঞপিত'] আদিষ্ট, কৃতাদেশ। "গো.রা ৫.৫৬.১৩৪। গুরুণাজ্ঞপ্তঃ মনু ২.২৪৫। —জ্ঞপ্তি স্ত্রী [+তি (ক্তিন্‌)-ভা, তু 'পা ৭.২.২৭] আদেশ, আজ্ঞা। "°হর শ ২১৭।

আজ্ঞা স্ত্রী [আ+ √জ্ঞা+অ-ভা+স্ত্রী আ (টাপ্‌)] ১ নিয়োগ, আদেশ,

শাসন। "রা ১.১০.৮। কু.স ৩.৩। ২ বিধি, বিধান। "শাস্ত্র-আজ্ঞা চৈ.চ ৬৫। ৩ (জ্যোতিষে) লগ্ন হইতে দশম স্থান। ৪ (তন্ত্রে) ষট্‌চক্রান্তর্গত ষষ্ঠ চক্র; আজ্ঞাচক্র। দ্র 'ষট্‌চক্র'। "আজ্ঞা কিন্তু আজ্ঞাপেক্ষা এ শাস্ত্রসিদ্ধান্ত বি.সু ১৩৬। ৫ (বাঙ্‌লায়) আদেশস্বীকারে। "কর্পূর বলেন 'আজ্ঞা', করি যোড় হাত শ্রী ১৮৪। [আজ্ঞা বন্দি—আজ্ঞা শিরে ধারণ করিয়া, অর্থাৎ অবনতমস্তকে গ্রহণ করিয়া। "আজ্ঞা বন্দি আড়ুলি খুলিতে সবে যান শ্রী ১৮৬। আজ্ঞা হউক—অর্থাৎ আজ্ঞা দেন (তৃতীয় পুরুষ, সম্ভ্রমসূচক)। দৃষ্টি করিতে আজ্ঞা হউক—অনুগ্রহপূর্ব্বক, অর্থাৎ প্রসন্নভাবে দৃষ্টিপাত করুন (তু 'দৃষ্টিপ্রসাদং কুরু')। "ভেটের কিঞ্চিৎ দ্রব্য পাঠাইয়াছেন, দৃষ্টি করিতে আজ্ঞা হউক কৃ.চ ৩৯। এইরূপ, (বাদীর আরজিতে) "ডিক্রি দিতে আজ্ঞা হউক। (দরখাস্তে) "মহালে বহাল করিতে আজ্ঞা হউক। আজ্ঞা হাঁ—সবিনয় আজ্ঞাস্বীকারে; সম্মতিসূচক উত্তরদানে। "আমি কেবল মোসাহেবদের মত 'আজ্ঞা হাঁ, আজ্ঞা হাঁ' বলে যাই ন.ত ৭।]

আজ্ঞাকর, -কারী (-রিন্) বিণ [আজ্ঞা + √কৃ+অ (ট), +ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -রী,-রিণী] আজ্ঞাকরণশীল, বচনকর। "আজ্ঞাকরা বয়ম্ গো.রা ৪.৯.৪। —কর, —কারী পুং আদেশপালক, ভৃত্য।

আজ্ঞাকরণ -পালন ক্লী [ষ.ত] কার্য্যতঃ আজ্ঞার (আদিষ্ট বিষয়ের) অনুষ্ঠান; আদেশপালন।

আজ্ঞাচক্র ক্লী [কর্ম্মধা] ষট্‌চক্রান্তর্গত ষষ্ঠ চক্র। দ্র 'ষট্‌চক্র'।

আজ্ঞাদান ক্লী [ষ.ত] আদেশপ্রদান, হুকুম দেওয়া।

আজ্ঞাধীন বিণ [আজ্ঞায় অধি (আধেয়প্রধান), স.ত; °ধি+ঈন (খ) স্বার্থে; স্ত্রী -না] আদেশবর্ত্তী।

আজ্ঞানুবর্ত্তী (-র্ত্তিন্), -নুযায়ী (-যায়িন্), -নুসারী (-সারিন্) বিণ [আজ্ঞা+অনু+ √বৃৎ,+ √যা,+ √সৃ,+ইন্ (ণিনি),-ক-১ব; উ.ত; স্ত্রী -বর্ত্তিনী, -যায়িনী, -সারিণী] বচনকর, আজ্ঞাবহ।

আজ্ঞাপক বিণ [আ+ √জ্ঞাপি+অক (ণুল্)-ক, স্ত্রী -পিকা] আজ্ঞাকারক (স্বামি-প্রভৃতি)। —জ্ঞাপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিজ্ঞাপন, নিবেদন। ২ আজ্ঞা। —জ্ঞাপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আদিষ্ট, আজ্ঞপ্ত। "সুতপুত্রো ভরতেন···আজ্ঞাপিতঃ রা ২.৮২.৩১। —জ্ঞাপ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] আদেষ্টব্য, আদেশার্হ। "আজ্ঞাপ্যো ভবতাহহম্ রা ১.৬৬.৩।

আজ্ঞাপত্র ক্লী [উ.লো] আদেশজ্ঞাপক পত্র; অনুশাসনলেখ, হুকুমনামা। 'সামন্তেষ্বথ ভৃত্যেষু রাষ্ট্রপালাদিকেষু যৎ। কার্য্যমাদিশ্যতে যেন তদাজ্ঞাপত্রমুচ্যতে॥—শু ২.৩০০।

আজ্ঞাপান বি [অপ্র] ১ আদেশসূচক তাম্বূল; কার্য্যবিশেষে বরণের চিহ্নস্বরূপ রাজাদিপ্রদত্ত তাম্বূল। তু 'পুজাপান'। [দ্র 'শঙ্খ চন্দনের তরে···পাণ দিয়া॥ বুঝিয়া কার্য্যের গতি···করিয়া মাথে পাণ॥ ক.চ ১৮৮।] ২ (গৌণার্থে) আজ্ঞা। "সাজনি করিল দাসী পেয়ে আজ্ঞাপান শ্রী ২৪০।

আজ্ঞাপিত, আজ্ঞাপ্য দ্র 'আজ্ঞাপক'।

আজ্ঞাবন্দী বিং [অপ্র] আজ্ঞাপালনে বন্দিতুল্য; আজ্ঞাধীন। "আজ্ঞাবন্দী এল বীর: আজ্ঞাবন্দী বীর হনু শ্রী ৬২।

আজ্ঞাবহ বিণ [ষ.ত; স্ত্রী -হা] আজ্ঞার বাহক; বচনকর। "আর্য্যের আজ্ঞাবহ সী ৩৯; ৪৮।

আজ্ঞাভঙ্গ পুং [ষ.ত] আদেশের অপালন; আজ্ঞাপ্রতিঘাত, আজ্ঞা না মানা। "মু ৩.২২।

আজ্ঞামালা বি আজ্ঞাসূচক মালা; দেবদর্শনের পরে গৃহে আগমনের আদেশসূচক দেবতার প্রসাদমাল্য। "আজ্ঞামালা পাই সবে· সত্বরে সার্ব্বভৌমের ভবনে চৈ.ভা ৩৯৮।

আজ্ঞে অব্য ১ সবিনয় আদেশস্বীকারে। "গোপী।—যাও-যাও-দাওগে। চিনিবাস।—আজ্ঞে! গোপী।—আবার আজ্ঞে কি? যাও-যাও। —অ.গ্র ৭৫। ২ গুরুজনের ডাকে বিনীতভাবে উত্তরদানে। "ক্ষীরো। —মালতী! মালতী।—আজ্ঞে!—কা ১০৭। [আজ্ঞে, যাই!—ভৃত্যাদির উত্তরদানপূর্ব্বক গমনে। "প্রভু।—কে আছিস্ রে? ভৃত্য। —আজ্ঞে যাই।]

আজ্য[১] ক্লী [আ+ √অনজ্+য (ক্যপ্)-ণ, পা ৬.১.৭১, সি; ছান্দস] ১ যাহা দ্বারা হবনীয় দ্রব্য মিশ্রিত হয়; বিলীন সর্পিঃ; গলিত ঘৃত। 'সর্পির্বিলীনমাজ্যং স্যাদ্ ঘনীভূতং ঘৃতং ভবেৎ। "রঘু ৭.২০। °ধূমোদ্গাম শ ১.১৪, টীকা। °সংযোগ ম পা ৩২। ২ ঘৃত। ৩ ঘৃতবৎ তৈলাদি যাগসাধনদ্রব্য। 'ঘৃতং বা যদি বা তৈলং পয়ো বা যদি যাবকম্। আজ্যস্থানে নিযুক্তানামাজ্যশব্দো বিধীয়তে॥—গৃহ্যসংগ্রহ। ৪ শ্রীবাস, টার্পিন্।

আজ্য[২] বি ['রাজ্য'—মূল; অপ্র] রাজ্য। "আজ্যের ঠাকুর গো.চ ১০৭; ২৯৫, টীকা।

আজ্যধানী স্ত্রী, **-পাত্র** ক্লী [ষ.ত] ঘৃতস্থালী, ঘৃতাধার।

আজ্যপ বিণ [আজ্য+ √পা+অ (ক)-ক; উ.ত; স্ত্রী -পা] ঘৃতপায়ী। —প পুং, বহুব পিতৃগণবিশেষ। [ইঁহারা পুলস্ত্যের পুত্র, বৈশ্যের পিতৃগণ (মনু ৩ ১৯৭,-৮)।]

আজ্যভুক্ (-জ্) পুং [আজ্য+ √ভুজ্+কিপ্ (০)-ক-১ব, উ.ত] ১ ঘৃতভোজী, হবির্ভুক্, বহ্নি। ২ অগ্নিমুখ হবির্ভোক্তা দেব।

আঝর বিং [অঝর[২] > °র, দ্র 'আ[১৩]'; অপ্র] ১ নিরন্তর, সতত। "আঝর ঝরএ···নয়নের পাণি শ্রী.কৃ ২৯৪। ২ সততগলদশ্রুধার, নিরন্তর অশ্রুধারাযুক্ত। "আঝরনয়নে কান্দে কৃ উ ৫৯।

আঝাড়া বিং [আ[৪] +ঝাড়া] যাহা ঝাড়া নহে; ধূলি-প্রভৃতিমিশ্রিত, অপরিষ্কৃত, আবর্জ্জনাযুক্ত (শস্য, মশলা)।

আঝালা বিং [আ[৪] +ঝালা] যাহাতে ঝাল নাই; লঙ্কারহিত (ব্যঞ্জন)। [আঝালা আতেলা—ঝাল-তেল-রহিত (ব্যঞ্জন)]

আঞান বি ['আয়ান'—মূল, ('ন' হেতু) য়া > ঞা; অপ্র] রাধিকার স্বামী অভিমন্যু। "আমি আঞানের রাণী শ্রী.ম ৬৪।

আঞি বি [আই > আইঁ > আঞি (অনুনাসিক উচ্চারণমূলক); অপ্র] মাতা। "মনামতী আঞি ম.গা ২; ৩।

আঞ্জন বিণ [অঞ্জন+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -নী] ১ অঞ্জনসম্বন্ধী। ২ অঞ্জনসদৃশ, কৃষ্ণ। "ধাতুবিচ্ছেদৈঃ কাঞ্চনাঞ্জনরাজতৈঃ মহা ৩.১৪৭.২২। —ন পুং [°না+অ] অঞ্জনাপুত্র, হনুমান্। "দাশরথিবলৈরিবাঞ্জননলনীলপরিগতপ্রান্তৈঃ (কাদম্বরী)। —ন ক্লী অঞ্জন। —নী স্ত্রী ১ অঞ্জন। ২ অঞ্জনপাত্রী, অঞ্জনকরণ্ডিকা, কাজললতা। "রা ২.৯১.৭৭। ৩ (বাঙ্‌লায়) আঞ্জিনেয়। ৪ চক্ষুর পাতার ব্রণবিশেষ।

আঞ্জনেয় পুং [অঞ্জনা+এয় (ঢক্) তদপত্যার্থে; স্ত্রী -য়ী] অঞ্জনাসুত হনুমান্।

আঞ্জল, -লী বি [সং অঞ্জলি; হি অংজল, -লী; অস—আঁজলি; অপ্র] ১ অঞ্জলিপরিমিত দ্রব্য। "দুই আঞ্জল মরিচের রস গো.চ ১০১। ২ অঞ্জলি, করপুট। "অঞ্জলী বান্ধিআ···বুইল বিনয় বচনে শ্রী.কী ১৬৫।

আঞ্জলী; আঞ্জাম দ্র 'আঞ্জল; অঞ্জাম'।

আঞ্জি [আঁজি (?)] ডোরা বা রেখারমত কাটিয়া। "বড় বড় কৈ মৎস্য ঘন ঘন আঞ্জি। জিরামরিচ মাখি তৈলে তোলে ভাজি॥—বি.পা ১৬৭।

আঞ্জিনে বি [সং আঞ্জিনেয়] আঁজনাই। "বি.পা ৩৫৪।

আঞ্জিনেয় পুং অঞ্জনসদৃশ কৃষ্ণরেখাযুক্ত টিকটিকীবিশেষ, আঁজনাই।

আঞ্জীর বি [ফা অন্‌জীর্; সং অঞ্জীর; হি অংজীর] ডুমুরজাতীয় ফলবিশেষ। "রঙ্গ ৯।

আঞ্জুমান বি [ফা অন্‌জুমন্] সভা, সমাজ।

আট[১], -ঠ স.বিং [সং অষ্ট>লি, প্রা অট্‌ঠ>বা আঠ, -ট; হি, ঠ, গু, মৈ আঠ; সি অঠ; প অট্‌ঠ; অস আঠ; cf., Gr. okto; L. octo; E. Eight] **১** অষ্টসংখ্যক। "আট আটে চৌষট্টি। আঠ লাখ শ্রী.কী ৫৫, ৯৩। **২** বহু, অনেক। "আটখান ক'রে লাগান (অর্থাৎ অনেকপ্রকারে অতিরঞ্জিত করিয়া বিরুদ্ধে বলা)। —ট, —ঠ বি আট (৮) এই সংখ্যা। "আটের পিঠে আট আটাশী। [আট-আনা —ষোল আনার (পূর্ণের) অর্দ্ধাংশ। "আট-আনা রকম (অর্দ্ধ অংশ)। আট-আনি—আধুলি। আটটা—আট (অসম্ভ্রমে)। "পেটটা ভাঙ্গা, আটটা বেঁক, ঠিক যেন গাঙ্গের টেঁক দা ৫১৪।]

আট[২] সর্ম্ম [√আঁট>√আট; অস √আট] **১** আনদ্ধ করা; আঁটিয়া বাঁধা। "কটি আটি পরিপাটি পরে নীল ধটিয়া ন.প ৩৮৫। কটিতে আটিয়া চীর শ্রী.ম ২২৮। **২** (অপ্র) মনে দৃঢ়ভাবে, অর্থাৎ সঙ্গত বলিয়া, গ্রহণ করা। "বিদেশে যাইবা তাহে ন্যায় নহে আটি ম.ম ১১৭। **৩** ভয় দেখান; শাসান। "যোএ পেয়ে মহামদা সেনে কয় আট্যে শ্রী.মা ১৮। —ট অর্ম্ম সমস্পর্দ্ধী হওয়া; তুল্য হওয়া। "ত্রিভুবনে নাহি আটে আমার সমরে চ.বি ৩০৪।

আট[৩] সর্ম্ম [সং √কথ্>প্রা √অট্ট>বা √আট; তু 'অট্টই' (দেশী—অ.রা), সং √অট্—হিংসা; ঠ √অট; বা √আউট] ক্বথিত কর: জ্বাল দেওয়া, আউটান (দুগ্ধাদি)। "ধীরু জ্বাল ঘন কাটি। তারে বলে দুধ আটি॥—প্রবচন।

আটই বি [আট+ই; সং অষ্টমী>লি, প্রা অট্‌ঠমী>বা (আটঁঈ) আটই; হি আঠঈঁ; এইরূপ, 'পাঁচই' 'ছঁই' 'সাতই', (অনুকরণে) 'সতরই' 'আঠারই' ইত্যাদি (দ্র 'C.G. Sec. 264); হি অটমী—মাসের অষ্টম দিন (চান্দ্র মাসের তিথি-অনুসারে তারিখ)] সৌরমাসের অষ্টম দিন (তারিখ)।

আটক[১] বিং [হি, ঠ, গু অটক (বি); অস আটক (বি)] বদ্ধ, রুদ্ধ। "নদীর ঘাটে আটক তরণী ম ৪০৩। ফাটকে আটক ভা.চ ২৭১। আট জনেতে আটক রাখি দা ৫০২। ফাটকে আটক রব না অ.গ্র ৫৭। —ক বি **১** বিঘ্ন, বাধা, প্রতিবন্ধক। "আটক কি আছে ব.প ৯৩২। কিসের আটক শ্রী ১০৯। আর কি আছে আটক ভা.চ ৭৮। তার আটক কি, এও ঘর সেও ঘর আ.দু ১৬। তার আটক কি? সেও এই বাড়ীতেই থাইয়া মানুষ ব.প্র ২৩৫। **২** বন্ধ, অবরোধ। "এতো ভাবি সব গুড় আটক করিয়া। যতন করিয়া নিল দুনা দাম দিয়া॥—ভ.গ্র ৩৬১। ফাটকে আটক আটাআটি বি.সু ১৫। [আটক করা (অস আটক কর্)—**১** রোধ করা; না ছাড়া। "ফসল জায়মত ছাড়িয়া দীবে আটক না করিবে E.P. 50. **২** বদ্ধ করা। "হাঁটু দুটি আঁটিয়া আটক করে বেণে শি ১০৫। **৩** অধিকার করিতে না দেওয়া। "তাহা…সাবেক ভোগ মাফিক ভোগ দিবা আটক না করিবা E.P. 58. আটক পড়া —বদ্ধ হওয়া। আটক রহা—অবরুদ্ধ থাকা।]

আটক[২] অর্ম্ম [আটক[১]>√আটক; হি, ঠ, মৈ √অটক; গু √অটকা; অস √আটক (সর্ম্ম)] বাধাপ্রাপ্ত হওয়া, বদ্ধ হওয়া; আটকান। "জাহাজ…চরে লাগি আটকিল পুন ভ.গ্র ৫১; কিসে আটকিল ১৩২। —ক সর্ম্ম, নিরুদ্ধ বা সমাহিত করা। "কৃষ্ণেতে আটকি চিত্ত সর্ব্বারম্ভ ত্যাগি। সদাই বিরলে থাকে প্রেমরসরাগী॥—ভ.গ্র ৩১৪।

আটকড়াইয়া, -ড়ায়ে বি [আটকড়াই+ইয়া[২], এ[৮]] সর্থ 'অষ্টকলাই'।

আটকপালীয়া, -লে, -আঠকপালী বিং ['আর্ত্তকপালীয়া'—মূল; সং আর্ত্ত>লি, প্রা অট্ট>বা আট, -ঠ; তু 'অট্ট'—দুর্ব্বল (দেশী ১.৫০)] যাহার কপাল মন্দ; হতভাগ্য, পোড়াকপালে। "যারে, আটকপালে আয় ব'লে ডাকলে দেখা পাই ব.প ১৮৩৯। না জানি কি দেন গোপাল, আটকপালের যেমন কপাল দা ৯৭৫; ৯৮৩। —কপালী বিং হতভাগিনী, খণ্ডকপালিনী। "আচ্ছে…নারী আঠকপালী শ্রী.কী ৯৬।]

আটকা[১] বি [আটক[২]>°কা] আটক, বাধা, আড়াল। "কদম গাছের ডালে, পূর্ণিমা-চাঁদ আটকা পড়ে যখন সন্ধ্যাকালে।—শিশু ৫৯। [আটকা পড়া—আড়ালে পড়া।]

আটকা[২] অর্ম্ম [আটক[২]>√আটকা, হি, ঠ √অটক; গু √অটকা] **১** বদ্ধ হওয়া; বাধা। "গাড়ুর নালে কি একটা আটকাইয়াছে, জল পড়িতেছে না। **২** বাধাপ্রাপ্ত হওয়া; বদ্ধ হওয়া। "কাজ আটকাইলে বুদ্ধি যোগায় (কথামালা)। **৩** বাহির, অর্থাৎ উচ্চারিত, না হওয়া। "বল্‌তে বল্‌তে তার কথা আটকায়। —কা সর্ম্ম [হি √অটকা; ঠ, গু √অটকার] **১** অবরোধ করা; বাঁধা। "(প'ড়ো) ফাটকে আটকায় ভা চ ৩৮৭। আর মিছে কাঁদো, আটকে বাঁধো, আটকে রাখিলে থাকি দা ২৫৭। **২** আসক্ত বা অনুরক্ত করা। "ভাগবত শ্রুতমাত্র কৃষ্ণে আটকায় ভ.গ্র ১৩৬। [আটকান—বদ্ধ হওয়া ইত্যাদি। আটকে বাঁধো—আঁট (শক্ত) করিয়া বাঁধো।]

আটকিয়া, আটকে বি [সং অট্ট>অট্টক—মূল] **১** জগন্নাথের প্রসাদ। **২** (সাদৃশ্যে) পিণ্ডতুল্য গলাভাত। [আটকে বাঁধা—টাকা দিয়া জগন্নাথের আটকে-ভোগের ব্যবস্থা করা।]

আটকুড়া বিং [দ্র 'আঁটকুড়[২]'] অপুত্রক। "দুষ্ট পুত্রের কার্য্য নাই আটকুড়াক আপন ভালা গো.চ ৬৬। তাহার পুত্র না হইল আটকুড়া বলি ম.ম ১৪১।

আটকৌড়ীয়া, -কৌড়ে বি [°কৌড়ি+ঈয়া, এ[৮]] সর্থ 'অষ্টকলাই'। "ক্রমে মহা আনন্দে আটকৌড়ে সারা হলো হু ১৩৯। আমার ছেলের আটকৌড়ের দিন আসিস নী ৮৪। [অষ্টকলাইএর সঙ্গে শিশুর ভবিষ্যৎ-সৌভাগ্যসূচনার্থ আটটি কড়ি দেওয়ারও প্রথা আছে। তদনুসারে ইহা 'অষ্টকলাই'এর নামান্তর। তু "ঘেটেরা ষষ্ঠীর পূজা, আটকৌড়ে করে রাজা, খই কড়ি মোহর ছড়ায় (কৌতুকবিলাস)।]

আটখান, -খানা বি **১** আটভাগে বিভক্ত; বহুধা খণ্ডিত; টুকরা-টুকরা। "পাথরখানা প'ড়ে আটখানা হয়ে গেল। **২** নানাপ্রকারে অতিরঞ্জিত বা বাড়ান (কথা)। **৩** আহ্লাদে বা হাস্যে অঙ্গভঙ্গি হেতু বিকৃতাঙ্গ। "বলিয়াছি গুণধাম, হেসে হন আটখান।—ন ৯৬৭। ছেলেরা মণিগোঁসাএর রসিকতায় আহ্লাদে আটখানা হচ্চে হু ১৯৬। কেউ বাড়ী বেড়াতে এলে, বাছা আহ্লাদে আটখানা হন ন.ত ১৪। **৪** (অপ্র) আট জনের মত বীর্য্যবান্‌। "একা কালু সমরে হইল আটখান শ্রী.মা ২০০। [আটখান (আটখানা) ক'রে লাগান—অতিরঞ্জিত ক'রে বিরুদ্ধে কিছু বলা।]

আটঘাট বি [আট+ঘাট; তবলার গুঁটির উপরে চামড়ার যে দুটি তার থাকে, ঐ দুটি তারের মধ্যস্থ চাকের অংশকে 'ঘাট' বলে। ঘাট আটটি। বাজানর পূর্ব্বে গুঁটি ঠুকিয়া ঘাট বাঁধিতে হয়, যেন কোন ঘাট বেসুরা না বলে।] (গৌণার্থে) অনিষ্টসংঘটনের সম্ভব কারণমাত্র; অনিষ্টাশঙ্কার সকল পথ। "প্রচুর প্রহরিচয় বাঁধে আটঘাট।—রঙ্গ ২২২। আমি আটঘাট বন্ধ করব, সে দিকে কারো যেতে দেব না।—ন.ত ১১। [আটঘাট বাঁধা—তবলার বেসুরা বন্ধ করার ন্যায়, অনিষ্টাপাতের সকল পথ রোধ করা।]

আটচল্লিশ স.বিং [সং (অষ্ট(ষ্টা)চত্বারিংশৎ>লি অট্‌ঠচত্তালীসতি;

প্রা অট্‌ঠতালীস (প্রা.ম), অঠতালিস (পৈ) > বা °শ, হি অড়তালীস; ঠ অঠ্‌ঠেচা(তা)ল‍ীস; অস আঠ্‌চল্লিশ] অষ্টচত্বারিংশৎসংখ্যক। —চল্লিশ বি আটচল্লিশ (৪৮) এই সংখ্যা। "চারের পিঠে আট 'আটচল্লিশ'।

আট(ভ)চাল '-ট্‌-ল্‌' বি [সং অড্ডচাল (কৃ.স); ইহা অর্ব্বাচীন সংস্কৃত, বোধ হয় 'আড়চালা'—মূল] লাঙ্গলের মুড়ার ছিদ্রগত ঈষের মূলভাগ আঁটার নিমিত্ত আড়-করিয়া-দেওয়া চালা (চেপ্‌টা কাষ্ঠখণ্ড)।

আটচালা বি আটখান চালা দিয়া ঢাকা গৃহবিশেষ (ইহার উপরে ও নীচে চারিদিকে চারখানা করিয়া আটখান চাল থাকে)। "মাঝে আটচালা ক.চ ৭৯। সেই আটচালা নীচেই অঙ্গন।—হেম ৩১৯। আটচালার পশ্চিম পার্শ্বের কামরায় ষ ৩।

আটত্রিশ স.বিং [সং অষ্টাত্রিংশৎ; লি অট্‌ঠতিংসতি; প্রা অট্‌ঠতীস (প্রা.ম) > বা °শ; হি অড়তীস; ঠ অডতীস; গু অডত্রীস; অস আঠ্‌ত্রিশ] অষ্টাত্রিংশৎসংখ্যক। —ত্রিশ বি আটত্রিশ (৩৮) এই সংখ্যা।

আটদিক্‌, -গ বি [অস আঠ্‌দিশ] চারি দিক্‌ ও চারি কোণ; উত্তরাদি দিক্‌ ও ঈশানাদি কোণ। "নদ নদী একাকার আটদিকে জল ব.প ৩৩৯; জলধারা বরিষায় আটদিগে ধায় ৩৬৬।

আটনি বি [আঁটনি > °নি; অপ্র] ১ যাহা দিয়া আঁটিয়া বাঁধে; দৃঢ়-বন্ধনার্থ রজ্জু-প্রভৃতি। "কটিতটে ফণীন্দ্র আটনি বাঘছাল ম ৫৩২। ২ চালের সাড়ক বা বাতা। "সোনার আটনি ম.ভা ৭০। জৈতার আটনি ম.গা ২১। ৩ আঁটিয়া বাঁধা; দৃঢ়বন্ধন, আট-বাঁধন। "প্রবীণে প্রবীণে প্রেম ঘটেরে এমনি। প্রস্তর গাথনী যেন হয়রে আটনি॥—ব.প ১৫৩। ৪ ভয়প্রদর্শন, শাসান। "ধারাধর গুরু গর্জ্জে,···আটনি দামনি বাহুনাড়া বি.সু ১৫৩। —টুনি বি ১ বাঁধনি, গাঁথনি। "বিনোদ মালে ছড়ার আটুনি ব.প ৫৬৩। ২ বন্ধন-সূত্র। "কটিতে কিঙ্কিণী সাজে কনক আটুনি ব.প ৫৬৬। ৩ আসক্তি, মমতা। "দিনে দিনে আটুনি বাড়িছে ঘরে।—দা ১৩৪৭।

আটপ বি [সং আটোপ—মূল; অপ্র] ১ প্রভাব, প্রতাপ, আড়ম্বর। "সেই বটগাছে দেবী মারিলেক ছোপ। প্রলয় অগ্নি যেন করেছে আটপ॥—ম.ম ১৭০। ২ ভাব, লক্ষণ। "শিব ঘরে আসিলা চণ্ডী জানিল আটপে ম.ম ১৬।

আটপরীয়া, -পৌরে বিং [আটপর + ঈয়া; পহরীয়া > পরীয়া, পহুরে > (পউরে) পৌরে; '°প'রে' কথ্য ভাষা] অষ্টপ্রহরব্যবহার্য্য, সর্ব্বদা পরিধেয়; বাড়ীতে পরার (বস্ত্রাদি)। বিপ 'তোলা', 'পোষাকে'। "আটপৌরে শাড়ী অ.গু ৮। ধর্ম্মনীতিতে যাঁরা শিক্ষা পান নাই, তাঁরা মিথ্যার যথার্থ অর্থ জানেন না, সুতরাং অক্লেশে আটপৌরে ধুতির মত ব্যবহার কত্তে লজ্জিত বা সঙ্কুচিত হন না।—হু ৭১। আটপৌরে মোটাগোছের একটা সাড়ি পরি ঘ ২১।

আটপল্লীয়া, -প'লে বিং [আটপল + ঈয়া, + এ৮; হি অঠপহ্লা] অষ্টপার্শ্বযুক্ত, আটশিরা, আটকোণা (Octagonal)।

আটপিঠে বিং [°পিঠ + এ৮] ১ অষ্টপৃষ্ঠযুক্ত, অষ্টতলযুক্ত, আটপ'লে। "চিকণমালা তেনরি আটপিঠে।—দা ১৬৩৩। ২ যাহার আট পিঠ, অর্থাৎ যে সকল দিকেরই (বিষয়েরই) ভারবহনে সমর্থ; সকলবিষয়ে নিপুণ; চৌকস (লোক)।

আটব বি ['আটপ'—মূল; অপ্র] বাহ্যাড়ম্বর, বাহ্যভাবভঙ্গি। "সে সব আটব, দেখিতে···, রাধিকা ডরলি ডরে রা.শে ৬১।

আটবাহু বিং [অপ্র] অষ্টভুজবিশিষ্ট, মহাবলসম্পন্ন। "এত শুনি কানড়া আনন্দে আটবাহু শ্রী.মা ২০৪০।

আটবিক বিং [অটবী + ইক (ঠক্‌) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -কী] ১ অটবীভব, বনজাত। ২ বনস্থিত, বনচর, আরণ্য। ৩ বনবাসী। —ক পুং ১ বনাশ্রয় চৌরবিশেষ; প্রচ্ছন্নবঞ্চক। "মনু ৯.২৫৭। ২ মৌল ভৃত্য প্রভৃতি ষড়্‌বিধ সৈন্যের একতম; বনবিষয়ে অভিজ্ঞ বলবিশেষ। 'রঘু ৪.২৬, মল্লিনাথ। ৩ বনচর, অরণ্যবাসী। "মহা ২.৩১.১৫।

আটবী স্ত্রী দাক্ষিণাত্যস্থিত যবনপুরীবিশেষ। "মহা ৩.৩১.৭২। আটবীর রাজা ম ২৯৯।

আটভাজা বি আটপ্রকার ভাজা দ্রব্য—ভাজা চাল চিঁড়ে তিল ছোলা মটর ও সাদাবুট, খই মুড়ি।

আটলা '-ট্‌-' বি ['আটপারা'—মূল (?); বিড়া (বরিশাল)] খড় (বিচালি) উলু প্রভৃতি দ্বারা নির্ম্মিত মস্তকে ভারবহনার্থ বিড়াবিশেষ; আলটা।

আটশিরা, -শিরে বিং আটশিরাবিশিষ্ট, অষ্টতলযুক্ত, আটপ'লে। "আটশিরে গদাখান ম ৮৬৫; °শিরা গদা ৮৬৭।

আটষট্টি স.বিং [সং অষ্ট(ষ্টা)ষষ্টি > লি অট্‌ঠসট্‌ঠি; প্রা—অট্‌ঠাসট্‌ঠি (পৈ) > বা °ট্টি; হি অঠ(ড়)সঠ, ঠ অডসট, -ষ্ট; অস—আঠ্‌ষষ্ঠি] অষ্ট-ষষ্টিসংখ্যক। —ট্টি বি আটষট্টি (৬৮) এই সংখ্যা।

আটসটা বি [হি, ঠ অডসট্টা] হিসাব, আনুমানিক হিসাব (Rough estimate)।

আটা[১] বি [হি আটা; মৈ আঁটা; ড় অটা; অস আটা] ১ মোটা গোধূমচূর্ণবিশেষ। ২ শস্যচূর্ণমাত্র। [আটা-পেষা করা—আটার মত পেষণ করা; চূর্ণবিচূর্ণ করা; গুঁড়া করা। "জুতিয়ে তাকে আটা-পেষা করেছে।]

আটা[২] বিং [√আট[৩] + আ[১২]; অস আঠা] কথিত, সিদ্ধ-করা, জ্বাল-দেওয়া (দুগ্ধাদি)। —টা বিং [+ আ[৬]] ১ সিদ্ধ করা; সিজান। ২ সিদ্ধ ময়দার কাই; লেই। ৩ লেইএর মত জোড়ার দ্রব্যমাত্র; চিট গঁদ ইত্যাদি। ৪ বৃক্ষক্ষীর। "অঙ্গছটা আটা তার জ.প ৪৯। ৫ আটার মত আকর্ষক। "পীরিতি আটা চ.সা ১২২। ৬ কার্য্যে একান্ত অভিনিবেশ; আগ্রহ, আত্তি। "নতুন নতুন দিন কতক সকলেরই কাজে বেশ আটা থাকে। —ঠা বি বৃক্ষক্ষীর। "আম্র আঠা চৈ.চ ৩৪৯। [আটা পেটা—আটার মত চটচটে হওয়া।]

আটা[৩] বি [আট[১] + আ[১২]; ঠ অঠ্‌ঠয়া, -ঠা] আটফোঁটার তাস।

আটা[৪] বিং [√আট[২] + আ[১২]] বাঁধা, হিসাববন্দী, ধার্য্য, স্থির। "লালবন্দি বত্রিশ কাহন কর আটা। হাতে হাতে কর্ণসেনে দিল পান পাটা॥—শ্রী ২০।

আটা-আটি বি [আট[২] -আ + আট[২] -ই] বাঁধাবাঁধি, কড়াক্কড়, কড়াহুকুম-মত। "ফাটকে আটক আটা-আটি বি.সু ১৫।

আটাইশ, আটাশ স.বিং [সং অষ্টাবিংশতি > লি—অট্‌ঠবীসতি; প্রা অট্‌ঠাইশ, অঠাইস (পৈ), অট্‌ঠবীস (প্রা.ম) > বা °ইশ, °শ; হি অট্‌ঠাইস, -ঈস; ঠ অঠ্‌ঠাবীস; মৈ অঠাইস] অষ্টাবিংশতিসংখ্যক। "আটাইশ জমাদার ভা.চ ৩৮৬। সাবাস সাবাস বলি সাবাস আঠাশ অ.গ্র ১৭৯। —ইশ, —শ বি আটাশ (২৮) এই সংখ্যা। [আটাশে —মাসের অষ্টাবিংশ দিন (তারিখ)।]

আটাকাটী, -ঠী, আঠাকাটি বি ['°ঠি' সাধু] আটামাখান কাঠি; সাতনলার আগায় লাগান আটামাখান শলা; আটাফাঁদ (ইহা স্পর্শ মাত্রেই পাখীর পাখা জড়ায়)। "আটাকাটী দিয়ে আঁটি লাগিল গলায় দা ১১৬৬। মিছে আটাকাঠী করা তাতে দেয় না সে ধরা অ.গ্র ১১৬। আঠাকাটি সাতনলা ন.ভা ১৪।

আটাত্তর স.বিং [সং অষ্ট(ষ্টা)সপ্ততি > লি অট্‌ঠসত্ততি; প্রা অঠহত্তর (পৈ), অট্‌ঠহত্তরি (প্রা.ম) > বা °র; হি অঠহত্তর; ঠ অঠ্‌ঠেহত্তর; অস অঠ্‌সত্তর] অষ্টসপ্ততিসংখ্যক। —ত্তর বি আটাত্তর (৭৮) এই সংখ্যা।

আটানই, -নব্বুই স.বিং [সং অষ্ট(ষ্টা)নবতি > লি অট্‌ঠনবতি, প্রা অট্‌ঠাণউই (প্রা.ম) > বা °ই ; হি অঠানবে ; ঠ অঠ্‌ঠযান্নব ; গু অঠ্‌ঠাণু] অষ্টনবতিসংখ্যক। —নই, —নব্বুই বি আটানই (৯৮) এই সংখ্যা।

আটা-নেবড়ান বি [অপ্র] আটার একপ্রকার রুটি। "দোয়ারেরা এক পেট···আটানেবড়ান লুসে ফরসা ধুতি চাদরে ফিট হ'য়ে বসে আছেন হু ৩৮।

আটান্ন স.বিং [সং অষ্ট(ষ্টা)পঞ্চাশৎ > লি অট্‌ঠপঞ্ঞাশ ; প্রা অট্‌ঠাবন্ন, -ন্ন (প্রা ম) > বা °ন্ন ; হি অঠাবন ; ঠ অট্‌ঠাবন, -ন্ন ; অস আঠাবন] অষ্টপঞ্চাশৎসংখ্যক। —ন্ন বি আটান্ন (৫৮) এই সংখ্যা।

আটাফান্দ, আঠাজাল বি সর্থ 'আটাকাটী'। "সাতনল জাল আটাফান্দে ক.চ ১২৫ ; আটাফান্দ দিয়া ত চালায় সাতনলা ১২৬ ; সাতনলা আঠাজাল ৪৮।

আটাল১, আঠাল '-লো' বিং [আটা২ + আল৮] আটাযুক্ত, চটচ'টে (মাটি-প্রভৃতি)।

আটাল২ '-ল্' বি ['অট্টাল'—মূল ; অস আটাল্] ঘরের কড়িতে বা আড়ায় ঝুলান কাঠের বা বাঁশের চালি।

আটালি, -লু, আটুল, -লি, আঠুলি বি ['আটা+লিখ' —মূল] গোরু কুকুর বিড়াল প্রভৃতির গায়ে আটার মত দৃঢ়লগ্ন লিখের ন্যায় কীটবিশেষ। "আঠুলি কীট ক.চ ১৩৬। [আটুলের মত লাগা —তদ্বৎ দৃঢ়লগ্ন হওয়া।]

আটাশী, আঠাশি, -শী স বিং [সং অষ্টাশীতি > লি অট্‌ঠাসীতি ; প্রা অট্‌ঠাসি, -সীই (প্রা.ম) > বা °শী ; হি অঠাসী ; ঠ অঠ্‌ঠযাশী, অঠ্‌ঠযাশী] অষ্টাশীতিসংখ্যক। "আটআশী সহস্র রাজা ম.বি ৪৬। আটাশী কোটি কৃ ৪৭। আঠাশি ইন্দ্রক্ষয় দু ২৭। —শী বি আটাশী (৮৮) এই সংখ্যা।

আটাশে, -সে বিং [আটমাস + এ৮ > আটমাসে > আটাসে] গর্ভের অষ্টমমাসে ভূমিষ্ঠ (শিশু) ; ভীরু। [আটাসে ছেলে ভীরু হয়।] "মা, আমি কি আটাসে ছেলে। আমি ভয় করি না চোখ রাঙালে।— রামপ্রসাদ। আমি আটাশে খুকী নই ন.ত ৫৮।

আটি১ পুং [আ + √অট্ + ই (ইন্)-ক] ১ শরারী পক্ষী ; শরাল। "পরাশর ৬.৩। ২ আড় মাছ।

আটি২, -ঠি বি [দ্র 'আঁটি'] ফলের বীজ। "চোকা আঠি পেলেন চৈ.চ ৩৩৬। [আঠিয়া—আঠিযুক্ত, সবীজ ; সর্থ 'আঠিয়াকলা'।]

আটি৩ বি ['আঁটি'—মূল ; ড় অটা] ১ সর্থ 'আঁটি (২)। "খড়ের, শাকের, ডাঁটার আটি। ঘর ভাঙ্গিয়া চান্দ বান্ধে আটি আটি ম.ম ১২২। ২ পাকাইয়া বাঁধা কাগজের তাড়া (Roll)। "আরজীর আটি ভা.চ ৪০৬।

আটিয়া বিং ['বাটিয়া' (বেঁটে)—মূল (?) ; অপ্র] ১ হ্রস্বকায়, খর্ব্বাকৃতি (?)। "গোদা যম আটিয়া বজ্জর গো.চ ৩৩, টীকা। ২ [সং অতীব (?)] অতিশয় (?)। "একনা পরামানিকের চ্যাংরা আছে আটিয়া খাচর গো.চ ১৯৮ ; জম আটিয়া খাচর ২০৩, টীকা। আটিয়া গোয়ার বি.পা ৩২২।

আটু ; আটুনি দ্র 'আঁটু ; আঁটুনি'।

আটুপাটু বি [সং আর্ত্ত > প্রা অট্ট > বা আট, -টু + পাটু (অনু. শব্দ) ? ; অপ্র] আর্ত্তভাব, কাতরতা, ব্যাকুলতা। "স্নান কৈলে অগ্নিকুণ্ডে ফেলিবে আমায়॥ আটুপাটু করে মন কেমন কেমন। ব.প ৭৪৮।

আটুল, আটুলি দ্র 'আটালি'।

আটেকাটে, -পীঠে বি ['অষ্টকাষ্ঠা' (আটদিক্)—মূল (?) ; আটপীঠে > আটেপীঠে ; তু 'ঠ অটোকাট—Extreme, superlative] আট, অর্থাৎ সকল দিকে ; সব বিষয়ে ; সবকাজে। "আমি আটেকাটে দড় বড় ব.প ১৪৩৪। আটেপীঠে দড় যেই সেই দড় হবে ভা.চ ৫৩৫। আটেকাটে দড় ত ঘোড়ার উপর চড়।—প্রবচন।

আটোপ পুং [আ + √তুপ + অ (ঘঞ্)-ভা, পৃষো ; তু 'তা ই-টম্‌পন্ (H.B. 247)] ১ গর্ব্ব, দর্প। "অনুপাল উদ্দেশিয়া মারিল আটোপ অ.প ৩৭। আটোপমাত্র সার ব.প ৮৪২। ২ সংরম্ভ, ক্রোধ। "ভুবনে কেবা সহে তোহ্মার আটোপ অ.প ৫৭। ৩ আড়ম্বর, সম্ভ্রম। "সাটোপ মাঘ ৩.৭৪। বিবং ভবতু মা ভূয়াং ফটাটোপো ভয়ঙ্করঃ।—পঞ্চ ১.২২৫। ঘনঘটা° (কাদম্বরী)। মত্তবর্হিনট° ভ ১২.৮১৯। বাণের আটোপ ম.বি ২০৩। কীর্ত্তন-আটোপ চৈ চ ৩১৩। ৪ বাতগ্রস্ত উদরের শব্দবিশেষ (Flatulence)। ৫ (বাঙলায় ; অপ্র) শব্দ, ধ্বনি। "শকট-আটোপে, গোপকুল ধায় রে।—শ্রী ম ১১৯। ৬ ['টোপ' হইতে ভ্রমে 'আটোপ' ; অপ্র] শিরস্ত্রাণ, টুপি, পাগড়ি। "কঙ্কট আটোপ সব করিয়া সাজন শ্রী.ম ১১৪ ; নেতফালি মুণ্ডের আটোপ ১২৮। [°টঙ্কার —গর্ব্বিত ধ্বনি ; গর্ব্বোক্তি, আস্ফালন বাক্য। "চৈ ভা ৭২।]

আট্টার '-রো' স.বিং [দ্র 'আঠার' ; অপ্র] অষ্টাদশসংখ্যক। "আট্টার উজীর ম.গা ৬।

আঠ ; আঠকপালী ; আঠা ; আঠাকাটি ; আঠাজাল দ্র 'আট ; আটকপালীয়া ; আটা২ ; আটাকাটী ; আটাফান্দ'।

আঠার স বিং [সং অষ্টাদশ > লি অট্‌ঠাদ(র)স ; প্রা অট্‌ঠারস, -রহ (পৈ ; প্রা.ম ; প্রা.স ২.৪৫) > বা °র ; হি. মৈ অঠারহ, ঠ অঠরা, গু অঢার] ১ অষ্টাদশসংখ্যক। "°নালা চৈ.ভা ৩৯৬। চৈ চ ১৭৪। ২ নানা, অনেক। "তোমাদের যে কত ছলা, এর কথাটি ওকে বলা, বিশেষ আবার আঠার কলা, নষ্ট নারী যারা দা ২০৫৩। —র বি আঠার (১৮) এই সংখ্যা। [আঠারই (দ্র 'আটই')—মাসের অষ্টাদশ দিন (তারিখ)। আঠারনালা—শ্রীক্ষেত্রের নিকটস্থ স্থানবিশেষ। ইহা একটি ক্ষুদ্র নদী বা বিল। আঠারখিলানের সাঁকো হেতু ঐরূপ নাম (চৈ.ভা)। আঠারপর্ব্ব মহাভারত—(গৌণার্থে) সুদীর্ঘ আখ্যান : বিস্তর কথা। আঠার মাসে বছর—দেড় বছরে এক বছর ; (গৌণার্থে) অনুচিত কালক্ষেপ হেতু কার্য্যে দীর্ঘসূত্রতা। "যার আঠার মাসে বছর, সে কোন কাজেই লাগে না। কুকুরে ছুঁলে আঠার ঘা—কুকুরের স্পর্শেই নানা বিপদ্।]

আঠারই, আঠারনালা ; আঠীয়া ; আঠুভরা দ্র 'আঠার ; আটি২, আঁটু।

আড়১ বি [সং আলি > বা আল, -ড় ; হি আড় ; মৈ আড়, -রি ; ঠ অড—Hindrance ; গু আড—A line of separation ; obstruction ; জাটু—আড়—Barrier ; অস আঁর্] ১ ক্ষেত্রের সীমাস্বরূপ জলরক্ষার্থ দীর্ঘ উচ্চ মৃত্তিকাস্তূপ ; জাঙ্গাল, আল্। "গাছি মার হুড়া ঝাড় আড়ে ফেল তুলে শি ৭৫। ২ (সাদৃশ্যে) উচ্চস্থান। "উঠিয়া পর্ব্বত-আড়ে, নিহালয়ে ঝোপঝাড়ে ক.চ ১৪৬। ৩ [হি আর] তীর, ধার, পাড়। "পুখুর আড়র উপর শূ ৫৭। সমুদ্রের আড়ে আইল চৈ.চ ৩৩১। ৪ প্রতিবন্ধক, নিবারক। "তাদের কোন দায়দফা পড়লে বাবু আড় হয়ে পড়ে, আফোতের তামাম করেন হু ৪০। ৫ অন্তরাল, আড়াল। "মেঘের আড়ে কৃ ২৫৯ ; ২৬১ ; ৩৭৯। হিমাংশুমণ্ডল-আড়ে ম ১৮৩। ফলা-আড়ে শ্রী ৮৭। কপাটের আড়ে ক.চ ১১৮ ; পক্ষের আড়ে ১২৭। ৬ উচ্চস্থানের পার্শ্বস্থ দেশ ; নিভৃত আশ্রয় ; লুকানর জায়গা। "উকটিয়া ঝোপ ঝাড়, নেহালি পর্ব্বত-আড় ক.চ ৭৬। ৭ [হি আড়] আবরণ, পরদা। "তার চোখের আড় নেই, দোষ দেখলে স্পষ্টই বলে। ৮ [হি আড়] অন্তর, ব্যবধান। "এক দিন আড়ে

আসা। —ড় বিং অন্তরালস্থিত, ব্যবহিত, অন্তরিত। "চক্ষের আড় হৈয়ে ছাখ তোর ঐ বধুর থ্যাকার গো.চ ৭১। হৈল গিএগ দ্বারপালের আড় কৃ.উ ৩৫। ডালের আড় হয়্যা এড়াইল ঘায় শ্রী.ম ২১২। আড় হই সঙ্গোপে থাকিলা চৈ.ভা ৩২০। আঁখির আড় হোত না লু র ১১৯। আঁখির আড় নাহি কর ব.প ৯৮৬। ব ১৪৭। চক্ষুর আড় হইলে পা.প্র ১৬। [আড়ে (ঠ আড—In the state of intervention, between)—ব্যবহিতভাবে। একদিন আড়ে (সং একান্তর; ঠ দিবস আড দিবস)—একদিন অন্তর বা পরে। দ্র (৮)। আড়ে আড়ে (অস আঁরে আঁরে)—আড়ালে আড়ালে। "আমি বেড়াই আড়ে আড়ে ম.ম ১১৭। আড়ে ওড়ে (ঠ—আড উড—গুপ্তস্থানে বা গর্ত্তে) —আড়ালে ও নিম্নস্থানে (গুহাদিতে)। "আড়ে ওড়ে থাকিয়া রাক্ষস দেয় উকি কৃ ২৩৩। আড়ে ওড়ে…পশিয়া ম ২০৩। থাকে আড়ে ওড়ে শ্রী ৭৬; ২০২। আড়ে হাতে লাগা—আড়ালে (পরোক্ষে) অন্য দ্বারা এবং প্রত্যক্ষে নিজ হস্তে (নিজে) শত্রুতা করা; স্বতঃ পরতঃ অনিষ্ট করা। "আমি তার কি করেছি জানি না; কিন্তু সে আমার পাছ আড়ে হাতে লেগেছে। আড়ে হাতে লওয়া—পরোক্ষে ও প্রত্যক্ষে আত্মসাৎ করা।]

আড়[২] বি [আড়া[১] > আড] ১ হাঁড়ী-ইত্যাদি রাখার নিমিত্ত ঘরের মধ্যে আড়ার মত আড়ভাবে স্থাপিত পাশের দেয়ালে সংলগ্ন সমান্তরাল-স্থিত দুই খণ্ড বাঁশের বা কাঠের উচ্চ আধার; তাক। ২ পক্ষীর উপবেশনার্থ কাঠাদির দণ্ড; দাঁড়। "পক্ষী বসিবার আড় ক.চ ১৫১। ৩ বস্ত্রাদি রাখার বংশাদির দণ্ড; আল্‌না। ৪ (আড়া-অনুসারে) গৃহের প্রস্থ; ক্ষেত্র নদীর ইত্যাদির প্রস্থ; বিস্তারমাত্র। "সহস্র যোজন আড়ে…মকর কুম্ভীর ঘর তাহে গ ১০০। আড়ে দীর্ঘে দশ ক্রোশ ম ৪০৮। কৃ ২। শ্রী ১৫৬। ৫ পার্শ্ব, চারিদিক্। "এল এল শব্দ হৈল অধ উর্দ্ধ আড়ে শি ১২। —ড় বিং [ঠ আড—Across; গু আড়ী (বি), আডু (বিং)] ১ প্রস্থানুসারে আড়ার মত লম্বা হইয়া অবস্থিত বা পতিত। "দ্বারের মধ্যেতে হস্তী আড় হ'য়ে রয় ব.প ৭৭০। আড় হয়ে পশুপতি পড়িলেন পথে শি ৯০। ফকির আড় হইয়া একেবারে পথ বন্ধ করিয়া শুইয়া আছে ব.প্র ৪৩৯। ২ লম্বালম্বিভাবে পতিত (বংশখণ্ডাদি)। বিপ 'খাড়া'। ৩ লম্বা, সটান। "আড় হইয়া বোড়া ক্ষেত্রমধ্যে পড়ে ম.ম ১৯০। আড়পার (হি আরপার)—নদী-প্রভৃতির প্রস্থানুসারে ঠিক সম্মুখস্থ অন্য পার বা পর পার। আড়পার করা বা হওয়া—আড়পারে উঠাইয়া দেওয়া বা উঠা। (বিছানায়) আড় হওয়া —কষ্টে সটান শুইয়া পড়া। "অধ্যক্ষরা অতিকষ্টে বাড়ি গিয়ে বিছানায় আড় হলেন হু ৪১। আড়ে দীর্ঘে—প্রস্থে ও দৈর্ঘ্যে। "বৈতরণি আড়ে দীঘে উবু সোল কোস শূ ৫৫। আড়ে পড়া—পাশাপাশিভাবে, অর্থাৎ কাত হইয়া, পড়া। "আড়ে আলি হেস্তে পড়ে এ উহার গায় বি.সু ৬২। আড়ে ভাঙ্গা—১ আড়াআড়ি যাওয়া। ২ বিশৃঙ্খলভাবে পলায়ন করা। "লণ্ডভণ্ড হয়্যা আড়ে সকলি ভাঙ্গিল ম ৭৮১।

আড়[৩] বিং [সং অর্দ্ধ > ল, প্রা অড্‌ঢ, অদ্ধ > বা আড়, -ঢ়; আদ, -ধ; হি আধ, ধা; ঠ অড, 'আধা' (পদ্যে); অস আধা] ১ অর্দ্ধ, আধ। দ্র 'আড়াই'। ২ অসম্পূর্ণ, অর্দ্ধ-চর্ব্বিত। "আড়গেলা। [আড়গেলা করা, আড়ে গেলা—(খাদ্য) অর্দ্ধ-চর্ব্বিত করিয়া গলাধঃকরণ। "দালালেরা শিকার ধরিয়া আনে, বাবু আড়ে গেলেন হু ১১। আড়বাঁকা —অর্দ্ধবক্র, ঈষৎ বাঁকা।]

আড়[৪] বিং [হি আড়া—Bent; অস আঁর] ১ বক্র, কুটিল, কটাক্ষ (Side long)। "চাহ মোরে আড় করী দীঠে শ্রী.কী ৮৫। ভীমভঙ্গিতে আড় আঁখি ম ৩৫৯। শ্রী.ম ৬৯। ম.ম ৩৩; আড় আঁখি চাহে চান্দ ১৫০। আড় নয়ানে ভ.গ্র ৪৩১। ২ বক্র, আবর্ত্তিত। "আড় বদন তঁহি ফেরি বি.প ২৩। ৩ বক্র, বিকল, বাঁকা-চুরা। "কটকের হস্ত পদ জাড়ে হৈল আড়।—কৃ ৪২৫। ৪ নিস্পন্দ, আড়ষ্ট। "আড় হয়ে যায় পদ্মা মূহুশ্চিত কাজে (লাজে ?) বা.ম ২৩৫। [আড়চোখ, -নয়ন —তির্য্যগ্‌দৃষ্টি, কটাক্ষপাত। "আড়নয়নে…চায় দা ২০৪৭। (জিবের) আড় ভাঙা—১ জিহ্বার বক্রতা (আড়ষ্টভাব) দূর হওয়া। "এখনো তার জিবের আড় ভাঙেনি, সব কথা স্পষ্ট বেরোয় না (সুভাষিত)। ২ দণ্ডাদির বক্রতা দূর করা; সোজা করা। আড়ে আড়ে চাওয়া—আড় চোখে দেখা; ফিরিয়া দেখা। "ম.ম ১৫০। আড়েত—আড়ে, কটাক্ষ-ক্ষেপে। "আড়েত নিহারত গোরী ব.প ১০৪৩। আড়ে আড়ে ঢাকা—বক্রভাবে (কোণাকোণিভাবে অর্দ্ধেক) ঢাকা। "(নারী) চলে যেতে পড়ে ট'লে আড়ে আড়ে আধখানি মুখ ঢেকে দা ২০৪৬।

আ'ড় '-ড়্' বি [সং আটি > প্রা আড়ি (প্রা.ম) > বা আ'ড়; তু 'আড' —মৎস্যবিশেষ (দেশী ৮,২৪)] আড়মাছ।

আড়ং, -ড়ঙ্গ বি [হি অড়ংগ] ১ গঞ্জ, গোলা, বাজার। ২ প্রতিমা-বিসর্জ্জনোপলক্ষে নদী-প্রভৃতির তীরে সাময়িক বাজার। ৩ কারখানা। [আড়ঙ্গ-ছাটা চাল—বাজারে বিক্রয়ের যোগ্য, অর্থাৎ সাধারণের খাওয়ার মত তুষকুঁড়া-হীন চাউল। বিপ 'ঢেঁকিছাটা'। আড়ঙ্গধোপ—বাজারে বিক্রয়ের জন্য নূতন কাপড়ের ধোপ।]

আড়কাঁথি, -কাতী বি [আড়[১] + কাঁথি, কাতী] শত্রুপ্রতিরোধার্থ কৃত দেয়ালসদৃশ মৃত্তিকার উচ্চ আলি (বাঁধ)। "আগে আগে বেলদার বান্ধিল আড়কাতী শ্রী ১৫৬; বান্ধিল আড়কাঁথি ২১৮।

আড়কাট '-ড়-ট্' বি [আর্কট (Arcot in Madras)—মূল] আলমগীরের রাজত্বের বিংশবর্ষে আর্কট দেশে মুদ্রিত রৌপ্যমুদ্রাবিশেষ। [ইহার দুই পিঠেই চারিটি বিন্দু এবং উল্‌টা পিঠে (Reverse) পদ্ম বা কুমুদের চিত্র আছে।] "ভাঙ্গাইয়া আড়কাট, এমনি লাগায় ঠাট ভা.চ ২৮৪। বাটাবাদে পাইলাম আড়কাট নয় বি.সু ৩৬।

আড়কাটি, -কাঠি, -ঠী বি [ঠ আড়কাঠী—বিঘ্ন, বাধা] ১ অন্যদেশে পাঠাইবার নিমিত্ত অর্থাদির লোভ দেখাইয়া যে কুলি সংগ্রহ করে (Recruiter)। ২ [হি আড়া] বস্ত্রবয়নার্থ উপকরণবিশেষ—বাঁশের শলা। "আড়কাঠী দিয়া জোলা উলটিয়া চায় ম.ম ৫৯। ৩ নদী-প্রভৃতিতে জাহাজের পথপ্রদর্শক (?)।

আড়কাঠ বি [আড়[২] + কাঠ] ১ আড়ের বাঁশ, আড়। ২ ঘরের আড়া; কড়িকাঠ।

আড়কোল, -কোলা বি [আড়[২] + কোল] মা যেরূপ কোলে সন্তানকে শোওয়াইয়া দুধ খাওয়ান; যোগাসনের কোল। [আড়কোলে বা আড়কোলায় দুধ খাওয়া—(গৌণার্থে) শিশুতুল্য হওয়া; বুঝিয়াও অবুঝের ভান করা (ব্যঙ্গোক্তিতে)। "তুমি কিছুই জান না, আড়-কোলে দুধ খাও কি না!]

আড়খে(খ্যা)মটা বি [হি আড়া খেমটা] (সঙ্গীতে) তালবিশেষ। "আড়খ্যামটা নাচে মএনা গো.চ ৯৫। [এই তালটি স্থূল কথায় খেমটার আড়; অতএব ইহারও মাত্রাসমষ্টি বার এবং তালি ও পদবিভাগ সকলই খেমটার ন্যায়; কিন্তু খেমটা অপেক্ষা ইহার গতি ধীরতর (গী.সা ১৭৮)।]

আড়গড়া বি [?] ঘোড়ার আড্ডা; অশ্বশালা, আস্তাবল। "তখন কুক্‌সাহেবের আড়গড়া হয় নি।—জা ৩২।

আড়ঘোমটা বি [আড়[৩] + ঘোমটা] অর্দ্ধাবগুণ্ঠন। "আড়ঘোমটা টানি ঈষৎ ভ্রুকুটি করিয়া। চাহয়ে প্রিয়ের পানে ঈষত হাসিয়া॥ —ভ.গ্র ৩৯৮; সুবদনে দিল আড়ঘোমটা টানিঞা ৪৩১; ৪৩৭। সেও সুন্দরী—মুখে আড়ঘোমটা ব.প্র ৩৪২।

আড়ঙ্গ, আড়ঙ্গছাটা, আড়ঙ্গধোপ দ্র 'আড়ং।'

আড়চা বি [হি অড়ৈংচ] আড়ভাব, কুটিলতা, শত্রুতা।

আড়চাল ; আড়চোখ, -নয়ন দ্র 'আটচাল ; আড়⁴।

আড়ত বি [হি,মৈ আড়ত ; ঠ অডত ; গু, সি আড়ত] দস্তরী বা কমিশন লইয়া বিক্রয় করিয়া দেওয়ার নিমিত্ত যে স্থানে অন্যের মাল মজুত থাকে (Agency)। [°দার—আড়তের মালিক (Agent)। °দারী—১ আড়তদারের প্রাপ্য দস্তরী। ২ আড়তদারের পদ বা ব্যবসায়।]

আড়ন¹ বি [হি আডণ ; ঠ ওডণ (পদ্যে), ওঢণ] ফলক, ঢাল। "রাধার নিতম্ব-মণ্ডল আড়ন৹ রোমাবলী কিরিপান শ্রী কা ৭৩। —নিঞা বি [আড়ন+ইঞা, (অনুনাসিকহেতু) 'ইআ' > ইঞা] আড়নধারী, ঢালী। "আড়নিঞা পাইক চলে কৃ.উ ২১৯।

আড়ন² বি [আঢ়ক>আঢন, আড়ন (মিলের জন্য ?)] আড়ি-পরিমাণ (?)। "গুয়া দিব আড়নে আড়ন কৃ ২৪৮।

আড়নিঞা দ্র 'আড়ন¹।

আড়পাগলা বিং [আড়³+পাগলা] আধপাগলা, ক্ষেপাটে।

আড়পার ; আড়বাঁকা দ্র 'আড়² ; আড়³।

আড়বাঁকী বি [আড়²+বাঁকী] পার্শ্বে বাঁকা পাদাভরণবিশেষ ; বাঁকমল। "আড়বাঁকী গ্রন্থির উপরে সুবেষ্টিত দু ৮।

আড়বাঁশী বি [আড়²+বাঁশী] আড়ভাবে (লম্বালম্বিভাবে) ধরিয়া বাদনীয় বংশীবিশেষ। "কাহ্ন আড়বাঁশী বায় শ্রী কী ৩০৬ ; আড়বাঁশী বাএ মধুরে ৩৩৪।

আড়মাদলা বিং [আড়²+মাদল (?)] যাহা দৈর্ঘ্যে ও আড়ে প্রায় সমান ; যতটা লম্বা প্রায় ততটা চওড়া। ৫ হাত লম্বা ৪ হাত চওড়া মশারি আড়মাদলা হয়।

আড়ম্বর পুং [আ+ √ডম্ব্‌ +অর (অরন্‌)-ণ ; ছান্দস] ১ তূর্যধ্বনি। ২ মহারব, রব। "অসারস্য পদার্থস্য প্রায়েণাড়ম্বরো মহান্‌। ন হি তাদৃগ্‌ ধ্বনিঃ স্বর্ণে যথা কাংস্যে প্রজায়তে (সুভাষিত)॥ আড়ম্বর করি উঠে ফুলাইয়া অঙ্গ শি ১০। ৩ হস্তিগর্জ্জন, বৃংহণ। ৪ মেঘগর্জ্জন। ৫ আরম্ভ। ৬ একত্র সন্নিবেশ ; আয়োজন। "ধারাধর° (ভামিনীবিলাস)। ৭ সংরম্ভ, ক্রোধ। ৮ হর্ষ। ৯ দর্প। ১০ প্রপঞ্চ, সমূহ। "স্তম্ব° উ.চ ২.২৮। ১১ পটহ ; যুদ্ধ (শ ক)। ১২ বাহ্য দৃশ্য ; সমারোহ, জাঁকজমক। "নরসিংহরূপ° (কাদম্বরী)। ১৩ বাদ্যবিশেষ, পটহ (?)। "রা ৫ ১০.৪৫। ১৪ দর্পযুক্ত বাক্য, দৃপ্তবচন, আস্ফালনোক্তি। ১৫ পদ্ম। —ম্বরী (-রিন্‌) বিণ [°র+ইন্‌ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -রিণী] আড়ম্বরযুক্ত, গর্ব্বিত ; দাম্ভিক।

আড়ম্বরি বি [°র+ই¹¹ ; অপ্র] আড়ম্বর, গর্জ্জন। "আড়ম্বরি করি উঠে দেয় লম্ফঝম্প শ্রী মা ৭৩।

আড়রি বি [আড়¹+ল (র)+ই¹¹] উচ্চতীরভূমি ; উঁচুপাড়। "এখন জলোচ্ছাস আরম্ভ হইয়াছিল, কপালকুণ্ডলা একটা আড়রির উপর দাঁড়াইয়াছিলেন ব ঙ্কি ২০৫।

আড়ষ্ট বিং [ঠ অডস ; হি আড়া—বক্র] স্থির, শুষ্ক, নিস্পন্দ। "আতঙ্কে আড়ষ্ট হেন সা ম ৫৯। হেম ২৯। আড়ষ্ট হইয়া, রহিল চাহিয়া স্ব.প্র ৮২ ; ১০৪ ; আড়ষ্ট পুথলী ১৩৭। সন্ন্যাসী বসি আড়ষ্ট শির। —কথা ৩৪ ; ৪২।

আড়া¹ বিং [সং অর ; বা 'আরা¹ > °ড়া] ১ ঘরের দেয়ালের মাথায় আরার ন্যায় স্থাপিত স্থূল কাষ্ঠখণ্ড বা বংশখণ্ড ; ঘরের কড়িকাঠ। "শুনার আড়া শূ ৫৯। ২ সর্থ 'আড়কাঠ (১)। ৩ আলনা (ঢাকা)। ৪ বস্ত্রাদির আড় বা বিস্তার।

আড়া² বি [আড়¹ > °ড়া] ১ উচ্চতীর ; পাড়, ধার। "আড়াজ বাঘর ভয় জলত কুম্ভীর ; বৈতরনী আড়া শূ ৫৫। আশ্রম পুখরি-আড়া ক.চ ৬ ; শরের আড়াতে রামা চরায়েন ছাগী ১৪৩। আড়ায় ডাকে বাঘ শি ৯৪। আড়ায় উঠে ফেন শ্রী ২১ ; ৩৪ ; ৪৭ ; ৯০ ; ১৩৩। ২ (সাদৃশ্যে) উচ্চস্থান ; ডাঙ্গা। ৩ রাস্তার ধারের নয়নজুলি (যশোহর)। ৪ মাছ ধরার নিমিত্ত দামদলের আল বা বাঁশের পাটা (বেড়)।

আড়া³ বি [সং আঢ়ক > প্রা *আঢঅ > বা আঢ়া, -ড়া ; হি আঢ়] ১ ধান্যাদি শস্যের পরিমাপ পাত্রবিশেষ বা পরিমাণবিশেষ ; আড়ি। "পাঁচ আড়া মাপি দিল ধান ক.চ ৭। বিশ আড়া ধান কৃ.কে ১৪৪। ২ বৃষ্টিজলের পরিমাণবিশেষ। দ্র 'আঢ়ক'। ৩ নৌকার জলসেচনপাত্র ; সেঁউতি। "আড়া ভরি ভরি সেচহ জল শ্রী.ম ৬৭।

আড়া⁴ বি ['আকার'—মূল (?)] ১ আকার, গড়ন, ডৌল। "হাসি হাসি মুখখানি অপরূপ আড়া।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ আকার বা গড়ন। "এক আড়া ; বড় আড়া ইত্যাদি।

আড়া⁵ বি [আড়⁴ > °ড়া] আড়ভাব, বক্রতা, টেরচাভাব। "তূণ হৈতে বাহির করিল অস্ত্রগণে॥ আড়া ভাঙ্গি তূণমধ্যে রাখে পুনর্ব্বার। ম ৫০১। —ড়া বিং বক্র, বিকল (যন্ত্র ; Out of order)। "আড়া টেকো।

আড়া⁶ বি ['আগা'—মূল (?), অপ্র] শীষ, ডগা। "ডগী ডগী তোলে যত সরিষার আড়া ক চ ২১০।

আড়া⁷ বিং [আড়াই > °ড়া ; হি আড়া ; ঠ অঢা—অঢা চৌতাল] যে তালে আড়াই মাত্রার পরে প্রস্বন ও তালি পড়ে। "°চৌতাল ; °ঠেকা। [আড় ছন্দ—অর্থাৎ আড়া ছন্দ ; গানের যে ছন্দে চারি মাত্রার মধ্যে সমের মাত্রা ব্যতীত অন্যান্য তালির মাত্রার উপর কোন বর্ণ উচ্চারিত হয় না,...তাহা আড় ছন্দ (গী.সা)। আড়ে গাওয়া—অর্থাৎ আড়ায় গাওয়া ; গানের ছন্দে আড়াই মাত্রার পরে প্রথম বর্ণ উচ্চারণ করাকে আড়ে গাওয়া বলে (গী.সা)।]

আড়া⁸ অর্ম্ম [আড়⁴+আ> √আড়া] বাঁকিয়া যাওয়া ; বিকৃত হওয়া ; আড়ান (যন্ত্রাদি)।

আড়া-আড়ি বি [আড়⁴-আ+আড়⁴-ই] ১ পরস্পর বক্রভাব ; দ্বেষাদ্বেষি। "দুজনে দ্বন্দ্ব করে, দাসী আনন্দে চরে, ভারত কহে আড়া-আড়ি ভা চ ৫৩৩। ২ [আড়¹-আ+আড়¹-ই] পরস্পর ব্যবধান বা অন্তরকাল ; আগু-পিছু ভাব। "দু তিন দিনের আড়া-আড়ি। —ড়ি বিং [আড়²-আ+আড়²-ই ; হি আড়া—Diagonal] আড়-অনুযায়ী, প্রস্থানুসারে, সোজা-সুজি ; কোণাকুণি। "°ড়ি পথ ; °ড়ি যাওয়া।

আড়া(ঢ়া)ই, -ইয়া স.বিং [অর্দ্ধতৃতীয়>প্রা অড্ঢাইয় (প্রা.ম)> বা °ইয়া, °ই ; হি অঢাঈ, অঢৈয়া ; প ঢাঈ, -ঈআ ; গু অঢী ; সি অঢাঈ ; মৈ অঢৈআ ; অস আঢ়ৈ] ১ অর্দ্ধতৃতীয়সংখ্যক, সার্দ্ধ-দ্বিসংখ্যক, দুই ও আধ। "আড়াই হালা শি ১১২। আড়াই প্রহর চৈ.ভা ৩৪৮। আড়াই প্রহর চৈ.ম ১৮৬। আড়াই মুড়া ম.ভা ২৭। ২ আড়াই-গুণ। "চার আড়াইয়া দশ (৪ × ২॥ = ১০)। —ইয়া বি ১ আড়াইগুণের নামতাবিশেষ। ২ আড়াইসের ওজনের বাঁটকারা। —ড়ায়ে বি সর্থ 'আড়াইয়া'।

আড়াইরাজ বি সর্পবিশেষ। "ম.ম ১৮১।

আড়াকুশি ; আড়াঙ্গি দ্র 'আরাকর ; আড়ানী।

আড়াঠেকা বি [আড়া⁷+ঠেকা] (সঙ্গীতে) তালবিশেষ। [কাওআলীর গান আড় করিয়া গাওয়াতেই আড়াঠেকার উদ্ভব হইয়াছে। অতএব আড়ারও মাত্রাসমষ্টি ও তালাঙ্ক কাওআলীর ন্যায় (গী.সা)।]

আড়ানা বি রাগবিশেষ। [ইহা শুদ্ধ কানড়াবিশেষ। ইহার সময় রাত্রি দ্বিতীয় প্রহর, ঠাটে কোমল গ ও নি, জাতি সম্পূর্ণ (গী সা)।]

আড়ানি বি স্ত্রীলোকের ভূষণবিশেষ। "আড়ানি মীনের ছুল দা ১৪৮১।

আড়ানী বি [হি অড়ানী (হিন্দীশব্দসাগর) ; ড় আড়ণি ; 'আড়াঙ্গি' (বি.পা ২৭৮)] ১ বড় পাখা। "আড়ানী শোভিত ব.প ৪১৩ ; ছত্র দণ্ড আড়ানী ১৩৫৬। ছত্র দণ্ড চামর আড়ানী মোরছাল ভা চ ২৬ ; ৪১১। ২ বৃহৎ ছত্র। "তপনের আতপে আড়ানী ধরে মাথে ব.প ১৩৬৩। ময়ূরপুচ্ছের আড়ানী (শিরোপরে ধরে) চৈ.চ ১৬৮। ময়ূরে আড়ানী ধরে ম.ম ১২৪। ৩ ছত্রধর। "শিশিরেতে…আড়ানী ধরে ছাতা ব.প ১৩৬৩। ভাড়ানীর বেটার আড়ানী সঙ্গে যায় দা ২১১৩।

আড়ামোড়া বি অবয়বের আড়াভাব (আড়ষ্টভাব) ভাঙ্গার নিমিত্ত গামোড়া-দেওয়া। "কুকুর চাহিয়া চাহিয়া, দাঁড়াইয়া দাঁড়াইয়া, একবার আড়ামোড়া ভাঙ্গিয়া হাই তুলিল ব.প্র ৬৩৩। কুড়রাম আড়ামোড়া ভাঙ্গিয়া…উঠিয়া বসিলেন য ৫।

আড়াল বি [আড়+আল (আড়ি[৩]+আলি)] ১ অন্তরাল, ব্যবহিত স্থান, গোপনস্থান। "আড়ালে আসিয়া আলি আড়ি পাতি রহে বি.সু ৫৮। ভ.গ্র ২৫৯। বিষাদের যবনিকার আড়ালে ব সু ৪৮। কে জানিত কি ছিল এ প্রাণের আড়ালে চ কা ৫৯। কপাটের আড়াল হইতে একটি চতুর্দ্দশবর্ষীয়া বালিকা…প্রফুল্লকে হাতছানি দিয়া ডাকিল ব.প্র ৩৪২। ২ আবরণ, পর্দ্দা। "অজ্ঞানের অন্ধকারে, আড়ালে ঢাকিছ যারে গী.লি ১২৫। সেই খাওয়ানো কর্ম্মটার আড়ালে প্রথম দেখার সঙ্কোচ অনেকটা কেটে যাবে ঘ ২২। [আড়ালে আবডালে (একার্থক) —"নিবিড় ঘন পরিবারের আড়ালে আবডালে, মোদের হ'ত দেখা শুনা ভাঙা লয়ের তালে প.কা ১৫। আড়াল দেওয়া—আবরণরূপে স্থাপন করা।]

আড়ি[১] পুং [তু 'সং আটি>প্রা আডি (প্রা.ম) ; অস আরি] ১ মৎস্যবিশেষ, আড়মাছ। "শি ৮৫। ২ শরারিপক্ষী।

আড়ি[২] বি [আড়া[৩]>°ড়ি] ১ সর্থ 'আড়া[৩]'। "ধান্য ধারি দুই আড়ি (ক.চ)। ছালায় ভরিল সবে উমারিয়া আড়ি ক.চ ৭৫। সোম শুক্রে পরে শাড়ী। ধন হয় আড়ি আড়ি।—প্রবচন। এক আড়ি খই, দুই আড়ি চিড়ে ইত্যাদি। ২ বেতের বড় খুঁচিবিশেষ। "ডালা কাঠা আড়ি খুচি বি.পা ২২০। [আড়ি পাতা—লক্ষ্মীপূজার দিনে নূতন শ্বেত ধান্যে আড়ি পূরিয়া স্থাপিত করা।]

আড়ি[৩] বি [সং আলি ; মৈ আড়ি, আরি, -রী] ১ সর্থ 'আড়[১]'। "লোকালোকপর্ব্বত-প্রমাণ কৈল আড়ি শি ৭৪। ২ তীর, পার। "পুষ্করিণীর আড়ির উপর শূ ১৩২। [আড়ি তোলা—উঁচা করিয়া আল বাধা। "আড়ি তুলি…ধরাইল ধান শি ৮৪।]

আড়ি[৪] বি [আড়[১]+ই[১১]] অন্তরাল, আড়াল। [আড়ি পাতা—দম্পতির হাবভাব ও রসালাপ দেখা ও শুনার কৌতূহলহেতু আড়ালে লুকাইয়া থাকা। "দুয়ারের ফাঁকে আড়ি পাতিয়া রহয়। যুগলকিশোর কিবা সুখে বিহারয়॥—ভ.গ্র ৪১১। আড়ালে আসিয়া আলি আড়ি পাতি রহে বি.সু ৫৮। যদি তারা…আড়ি পেতে ছেলের কাণ্ড দেখত, তবে একদিন রোগের প্রতিকার করিলে করিতে পারিত ব.প্র ২৪৩। তিনি ফিস্ ফিস্ করে উত্তর করলেন, আড়ি পাতছিলুম ঘ ২৬।]

আড়ি[৫] বি [আড়[৪]+ই ; অস আরি] ১ আড়ভাব, কুটিলতা, অসদ্ভাব, মনোমালিন্য। ২ দ্বেষ, হিংসা, শত্রুতা। "সাত নাই পাঁচ নাই আড়ির কেহ নাই গো.চ ৭০। তারিণী গো মা কেন হাতীর উপর এত আড়ি হু ৫১। ৩ ক্রোধ। "কহিতে না পারি ফুটে যোষে রহে আড়ি শ্রী ১১ ; ইছাই উপরে বড় ভূপতির আড়ি ১৫ ; দোহে দেখি বাড়ে আড়ি ১১৫ ; আড়ি হৈল বাইতি উপর ২৫৮। ৪ [হি আরি ; ঠ আড ; গু আড, -ডাই] প্রতীজ্ঞা, পণ। "মিছে আড়ি রাখিতে মজায় পরকাল শ্রী ২৫৬। ৫ পাশাখেলায় বিপক্ষের গুটি মারার জিদ। "খেলোয়াড়ের আহ্লাদ যেমন, পাশাতে পড়িলে আড়ি দা ৫৩১। ৬ জুয়াখেলায় বাজি। ৭ যন্ত্রাদির বিকলতা। [আড়ি করা—জিদ করা ; গোঁ ধরা। আড়ি তোলা—১ শত্রুতাসাধন, বৈরশোধন। ২ পণ রক্ষা করা ; জিদ তোলা। আড়ি পড়া—পাশাখেলায় বিপক্ষের গুটি মারার সম্ভাবনা হওয়া। আড়ি বাঁধা (অস আরি বান্ধ)—আড়িতে জিতিলে পণ দিবার নিয়ম করা। আড়ি ভাঙা—১ প্রতিজ্ঞা ভঙ্গ করা ; জিদ ছাড়া। ২ যন্ত্রাদির বিকলতা দূর করা। আড়ি মারা (অস আরি মার্)—পাশাখেলায় আড়িতে বিপক্ষের গুটি মারা বা কাঁচাইয়া দেওয়া।]

আড়ি[৬] বি ['রাড়ী'—মূল ; অপ্র] বিধবা। "আড়ির পুত্র গো.চ ৫৯ ; বধূ হবে আড়ি ৭৩।

আড়িউড়ি বি [আড়ি[৪]+'উড়ি' (অনু.শব্দ) ; ঠ আডউড—Under the cover of ; অপ্র] অন্তরাল, আড়াল-আবডাল। "আড়িউড়ি চায় শ্রী ৮৫ ; দেখে আড়িউড়ি : আড়িউড়ি রয় ১৬৯। [আড়ি দিয়া—আড়ালে থাকিয়া উঁকিঝুঁকি দিয়া। "বাঘা যেন নাহি দেখে আড়িউড়ি দিয়া শ্রী ৮১।]

আড়ুবাড়ু বি ['আঁতবাঁত'—মূল (?)] বমনেচ্ছা হেতু আঁত পাক দিয়া উঠার (গা বমি-বমি করার) ভাব। "গা আড়ুবাড়ু কচ্ছে।

আড়লি বি ['আড়রি'—মূল] সর্থ 'আড়রি'। "পেরুতে আড়লি ভাঙ্গি পড়ে যেন জলে : আড়্লি খুলিতে…যায় শ্রী ১৮৬।

আড্ডা বি [হি অড্ডা ; তু 'সং অট্ট ; তা আডর্—সমবেত হওয়া, একসঙ্গে মেলা ; মৈ অড়ী] ১ থাকার নির্দ্দিষ্ট স্থান ; বাসস্থান, ঠিকানা, বাসা। "হলধর…বৈদ্যবাটীতে আসিয়া আড্ডা গাড়িল আ.দু ৬৪। একটা আড্ডা ত আছে ?—ব.প্র ৬৪৬। ২ ঠিকা গাড়ী পাল্কী প্রভৃতি যানের থাকার নির্দ্দিষ্ট স্থান। ৩ কার্য্যবিশেষের নিমিত্ত তৎসংক্রান্ত লোকদিগের সম্মিলনস্থান। ৪ একব্যবসায়ী বা একদেশবাসী লোকদিগের বাসস্থান। ৫ সম্প্রদায়বিশেষের বাসস্থান ; আখড়া। ৬ পথিকের বিশ্রামস্থান ; সরাই, চটি। ৭ যানের আরোহীদের উঠা-নামার বিশেষ বিশেষ স্থান (Station)। ৮ দুর্বৃত্তলোকের মিলনস্থান। ৯ মিলনস্থানমাত্র, প্রধানস্থান, বিশেষ জায়গা। "ঠাকুরবাড়ী শোন, আর সেনেদের বাড়ী বসবার আড্ডা হু ৪৩। ১০ পায়রার বসিবার উচ্চস্থান বা ছতরী। [আড্ডা গাড়া—বাসস্থান করা। "যেথানেতে বাস করি নিজ আড্ডা গেড়ে। লজ্জাভয়ে লজ্জা যায় সেই দেশ ছেড়ে॥—ঈশ্বরচন্দ্র গুপ্ত। আড্ডা জমান—সরস গল্প-গুজবে আড্ডায় লোক জমা করা। আড্ডা দেওয়া—অনর্থক গল্প-গুজবে সময় কাটান। আড্ডাধারী—সম্প্রদায়বিশেষের আড্ডার কর্ত্তা ; আখড়াধারী। "(ত্রস্তভাবে গহনা লওন) যদি বেচতে না পারি, একটা আড্ডাধারী টাড্ডাধারী হ'য়ে বস্ব গি.দ্বি ১২০। আড্ডা-মারার দল—অকর্ম্মণ্য বকাটের দল।]

আঢ়ক পুং, ক্লী [আ + √ঢৌক্ + অ (ঘঞ্), পৃষো (ত.বা)] ১ ধান্যাদি শস্যের পরিমাণবিশেষ ; চতুঃপ্রস্থপরিমাণ, আড়ি। 'চতুঃপ্রস্থমথাঢ়কম্ (অ.টী)। ২ দ্রোণচতুর্থভাগ (শ.ক)। ৩ ষট্পঞ্চাশদধিক দ্বিশত (২৫৬) মুষ্টি (আট মুষ্টিতে 'কুঞ্চি', আট কুঞ্চিতে 'পুষ্কল', চার পুষ্কলে 'আঢ়ক')। ৪ পঞ্চপ্রস্থপরিমাণ। 'পঞ্চপ্রস্থস্তু চাঢ়কাঃ।—শু ৩৮৫। ৫ (বৈদ্যকে) অষ্টশরাবপরিমাণ ; পাত্র, ভাজন। ৬ শস্য-পরিমাপের পাত্রবিশেষ। "°ধারী। —ক ক্লী (জ্যোতিষে) বৃষ্টিপাতের পরিমাণবিশেষ ; আঢ়া। 'ত্রিংশদ্যোজনবিস্তীর্ণং শতযোজনমায়তম্। বিংশযোজনগম্ভীরমাঢ়কং পরিকীর্ত্তিতম্॥' —কী (স্ত্রী)—শমীধান্য-বিশেষ, অরহর। [°কিক (বিণ)—আঢ়কপরিমিত ধান্যের ধারক (পাত্র)।]

আঢ়া, -ঢ়ি বি সর্থ 'আড়া[৩] (১)। "আঢ়ায় করিয়া ধন লইল মাপিয়া ক.চ ১৯১। ২ বৃষ্টিজলের পরিমাণবিশেষ।

আঢ্য বিণ [আ+ √ধ্যৈ+অ (ক)-ক, পৃষো (অ.টী) ; স্ত্রী -ঢ্যা] ১ 'ধনচিন্তক', ধনবান্। "গী ১৬.১৫। ২ বিশিষ্ট, সম্পন্ন। "গুণ°, ধন°। রত্নাঢ্য রা ১.৩৮। অধিকার° হি ২.৯৮। গন্ধ° মহা ৩.৫৭. ৩৮। ৩ সমাচিত, সমাকীর্ণ। "পুষ্পাঢ্যা রাজমার্গাঃ মহা ৩.৭৭.৭। ৪ মিশ্রিত, সুষিক্ত। "মূত্রাঢ্যৈঃ করঞ্জফলসর্ষপৈঃ (সুশ্রুত)। ৫ প্রভূত, প্রচুর (A.)। —ঢ্য পুং ১ ধনিক, ধনী। "মাঘ ৪.১১। ২ উত্তমর্ণ। "মনু ৮.১৬৯। ৩ (বাঙলায়) সুবর্ণবণিকের উপাধিবিশেষ; আড়্‌চি। [°কুলীন (বিং)—ধনিকুলজাত। °বাত (পুং)—উরুস্তম্ভরোগ (সুশ্রুত)।]

আণ১ সর্ব্ব [দ্র 'আন' ; অপ্র] অন্য। "অণ চাহন্তে আণ বিণঠা চ ৬৭।

আণ২ সর্ম্ম [সং আ+ √নী > লি √আ -নে (আনেতি), প্রা √আ -ণে (প্রা.ম), √আণ (আণহু—পৈ) > বা √আণ, -ন ; হি, মৈ, অস √আন ; ঠ, গু √আণ ; অপ্র] আনয়ন করা; আনা। "এথা আণ সন্ধে আন্ধে দেখী শ্রী.কী ১৯৯। —ণা সর্ম্ম [সং আ+ √নায়ি (নিজন্ত √নী) > লি √আনাপে ; প্রা √আণাএ (হে) √আণার (প্রা.ম) > বা √আণা, -না] আনয়ন করান; আনান। "এথাক্রিঁ আণাঅ মোর নান্দের নন্দন শ্রী কী ২৮১। [আণ; আণি,-ণী, আনিআঁ, -এঁা ; আণিআর (আনয়ন কর); আণিতেঁ ; আণিল, -লে ; আণিলেহেঁ, -লেঁ ; আণিলোঁ (আনিলাম); আণিবার, -রে, -রেঁ ; আণিবোঁ (আনিব)। (ণিজন্ত) আণাঅ (আনাহ); আণায়িবোঁ (আনাইব); আণায়িল (সং আনায়িত > প্রা আণাইঅ); আণাহ (আনাও)। —শ্রী কী।]

আণব বিণ [অণু+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -বী] অণুসম্বন্ধী। —ব ক্লী [+অ তদ্‌ভাবার্থে] অণুভাব, অণিমা, অতিক্ষুদ্রতা।

আণবিক বিং অণুসম্বন্ধী। [আণবিক আকর্ষণ—অণুসমূহের পরস্পর আকর্ষণশক্তি (Molecular attraction)। আণবিক বিকর্ষণ—অণুসমূহের পরস্পর বিয়োজনশক্তি (Molecular repulsion)।]

আণা সর্ম্ম [সং √জ্ঞা > প্রা √জাণ, √আণ (প্রা.ম) > বা √আণ, (ণিজন্ত) √আণা (দ্র 'আ'৮) ; অপ্র] অবগত করান; জানান। "ঝাট গিআঁ আণাওঁ আইহন কংসং রাএ শ্রী.কী ১০৫। [আণাওঁ—জানাই।]

আণ্ডা বি [সং অণ্ড ; হি অংডা] ডিম্ব। [আণ্ডা-বাচ্ছা—ডিম ও ছানা; ভ্রূণ ও শিশু; অতিছোট ছেলেপিলে। "ফলারে বামনের আণ্ডা-বাচ্ছা-পর্য্যন্ত নেমন্তন্নের নামে নেচে উঠে।]

আণ্ডিয়া বিং [আণ্ড+ইয়া ; হি অঁড়্‌আ ; অপ্র] অণ্ডযুক্ত, এঁড়ে ; (গৌণার্থে) নির্ব্বন্ধশীল, একগুঁয়ে, জিদী। "পুরুষে অধিক তিরী আণ্ডিয়া শ্রী কী ৯০।

আণ্ডির বিং [সং অণ্ডীর, আণ্ডীর—মূল ; ঠ অংডীল, অংডেল—মুষ্কযুক্ত, বলবান্] বলবান্। "আণ্ডির পাথর বাজি শ্রী ২৬৪ ; ২৬৫। [মাণিক গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গলে (১১৩ পৃষ্ঠে) এই অশ্বের উৎপত্তি এইরূপ আছে—উচ্চৈঃশ্রবার বীর্য্য গঙ্গাজলে চ্যুত ও দৈববলে অণ্ডাকৃতি হইলে, গৌড়েশ্বরের 'ভদ্রা' অশ্বা ইহা জলের সহিত পান করে এবং সেই অণ্ড হইতে ইহার জন্ম হয়। ইহাতে বোধ হয়, 'আণ্ডির' শব্দের মূল 'অণ্ড' এবং তদনুসারে উহার অর্থ 'অণ্ডজাত' হইতে পারে। অশ্বের সপ্ত উৎপত্তিস্থানের মধ্যে 'অণ্ড'ও একতম (দ্র 'অশ্ব')।]

আণ্ডি(ণ্ডী)ল বিং [সং আণ্ডীর—মূল ; হি অংডৈল—অণ্ডযুক্ত] (গৌণার্থে) প্রচুরধনবান্, মহাধনী। "টাকার আণ্ডিল উটি কণ্ডের ভাঁড়ার।—হেম ৩৭৯। কত্তবেটা…কারবারের হেপায় আণ্ডিল হইয়া গেল আ.দু ১৪০। চোরেরা আণ্ডীল হয়ে গিয়েছিলো হু ৭৩। [টাকার আণ্ডিল—যাহার টাকার ডিম (আকর) আছে; যে প্রচুর টাকার অধিকারী ; মহাধনী। "টাকার আণ্ডিল উটি…ঈশপের উপন্যাসে ঐ সে "গোল্‌ড়্‌ গুজ্‌" ।—হেম ৩৭৯। বোধ হয়, স্বর্ণডিম্বপ্রসূ হংসী "আণ্ডিল" শব্দের মূল।]

আণ্ডীর বিং [অণ্ড+ঈর (ঈরচ্) অস্ত্যর্থে+অ (অণ্) স্বার্থে ; স্ত্রী -রা] ১ অণ্ডযুক্ত, সডিম্ব। ২ বৃষণযুক্ত, সমুষ্ক (বৃষাদি)।

আত১ বিং ['আতপ'—মূল] আতপতপ্ত, রোদপোড়া। "প্রেমক অঙ্কুর্‌জাত আত ভেল্‌ন ভেল যুগলপলাশা বি.সা ৪০২।

আত২ প্র [ফা আত্ (আরবী স্ত্রীলিঙ্গ শব্দের বহুবচনের প্রত্যয়)] বহুবচনসূচক প্রত্যয়—সকল, গুলি। "কাগজাত।

আতইচ, -ইষ, অতৈচ, -তৈষ বি [সং অতিবিষা] বিষাক্তবৃক্ষ-বিশেষ।

আতঙ্ক পুং [আ+ √তঙ্ক্+অ (ঘঞ্)-ভা] ১ ভয়, ত্রাস। "নষ্টাতঙ্ক, মুক্তাতঙ্ক। নিরাতঙ্ক।—রঘু ১.৬৩। মে ১৪৩। ২ তাপ, সন্তাপ। ৩ উদ্বেগ। "°স্ফুরিতকঠোরগর্ভ উচ ১৪৯। ৪ সন্দেহ। ৫ পীড়া, ক্লেশ। "দত্ত°।—রত্নাবলীনাটিকা ২.২। ৬ [+অ -ণ] রোগ, জ্বর। "°সমুৎপত্তি (সুশ্রুত)। নিরাতঙ্ক যাজ্ঞ ৩.২৪৪। ৭ মুরজধ্বনি, মৃদঙ্গশব্দ।

আতঙ্গ বি [সং আতঙ্ক] ভয়, শঙ্কা। "মনের আতঙ্গ গো বি ১৫১ ; মনে ত আতঙ্গ ১৫১, টীকা। বা.দ ৯০। কুল ত্যজি এলাম কেন মরিতে আতঙ্গে ব.প্র ১৬২।

আতঞ্চন ক্লী [আ+তন্চ্+অন (ল্যুট্)-ভা] ১ সঙ্কোচন, জমান ; দুগ্ধে অম্লনিক্ষেপ, দুধে দম্বল (সাজা) দেওয়া। গী ২.২৫ শঙ্কর। ২ [+অন-র্ম্ম] দধি। ৩ [+অন-ণ ; ছান্দস] দধিসাধনদ্রব্য, দই পাতার টক, দম্বল বা সাজা (শতপথব্রাহ্মণ)।

আতত১ বিণ [আ+ √তন্+ত(ক্ত) -র্ম্ম ; ছান্দস] ১ বিস্তৃত, প্রসারিত। "ছিন্নতে হ্যাততং সর্ব্বম্।—মহা ৫.১২৪.৪৩। ২ আরোপিত। "মৌর্ব্বী ধনুষি চাততা রঘু ১.১৯। ৩ [+ত-ক] সমন্তাৎ প্রসৃত ; সর্ব্বত্র গত, ব্যাপ্ত। "দিবীব চক্ষুরাততম্ ; ধুম আততঃ (ঋগ্বেদ)। [°জ্য (বিণ) —আরোপিতগুণ, অধিজ্য। "রঘু ১১.৪৫। বা.ভা ১.৭৬।]

আতত২ বিং ['অতথ্য'—মূল ; অপ্র] অসত্য, মিথ্যা। "তোহ্মার বচন রাধা সবই আতত শ্রী.কী ৬৬।

আততাই বি [সং আততায়ী (য়ী > ঈ > ই) ; হি আততাঈ ; অপ্র] শত্রু। "অঙ্গ আততাই ম.পা ১০৮।

আততায়ী (-য়িন্) বিণ [আতত+ √অয়্+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত] ১ যে সন্নদ্ধ হইয়া, অর্থাৎ বর্ম্মধারণপূর্ব্বক বধে উদ্যত (অ.টী) ; সন্নদ্ধ বধোদ্যত। "গী ১.৩৬। ২ বধোদ্যত (অ.চি)। "মনু ৮.৩৫০ ; ৩৫১। —তায়ী পুং গৃহে অগ্নিদাতা ; বিষদাতা, শস্ত্রপাণি, ধনাপহারক, ক্ষেত্রাপহারী, ভার্য্যাপহারক—এই ষড়্‌বিধ জন ; (মতান্তরে) খড়্গাঘাতে বিষপ্রয়োগে ও অগ্নিদানে উদ্যত, শাপদানার্থ উদ্যতহস্ত, অভিচার দ্বারা বধকারক, রাজসমীপে কুৎসাকারী এবং ভার্য্যাপহারী—এই সপ্ত জন। 'অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারহরশ্চৈব ষড়েতে আততায়িনঃ॥—বসিষ্ঠ ৩। শু ৩.৪১। বিষ্ণু ৫.১৮৭,-৮। "মহা ৩.৩৬.১০। শিষ্য হৈয়া কৈলে গুরু-আততায়ী কর্ম্ম ম.পা ২ ; ১০১। শি ৫৫। ন ৪৭৯।

আতপ পুং [আ+ √তপ্+অ (অচ্)-ক] ১ 'তাপয়িতা', সূর্য্য-কিরণ, রৌদ্র। "বালাতপ।—গো.রা ৩.৫৮.২২। °কর্ষিতাঙ্গ মহা ৩.১১৯.১১। °ক্লান্ত রঘু ২.১৩। °বং কু.স ১.৫। সূর্য্য° ঋতু ১.১০ ; ১১। আতপে মিলায় যেন ননীর পুতলী কৃ ১০৭। ২ উষ্ণ, তাপ। "শীতাতপ মনু ১২.৭৭। গ্রীষ্মকালে তপ করে রৌদ্রের আতপে কৃ ১৮। ৩ (বাঙলায়) আতপতণ্ডুল। [°চাউল, °তণ্ডুল

(বি)—রৌদ্রে শুষ্ক ধান্যের চাউল ; আলোচাল। আলো-আতপ (একার্থক)—আতপ চাউল। আতপাভাব (পুং)—অনাতপ, ছায়া।]

আতপতাঁড়ুল বি [তণ্ডুল > তাঁড়ুল ; অপ্র] আতপ চাউল। "শূ ১২০।

আতপত্র, -ত্রক ক্লী [আতপ + √ত্রৈ + অ (ক)-ক ; ক (কন্) স্বার্থে, উ.ত] 'সূর্য্যকর হইতে ত্রাতা', ছত্র, রাজচ্ছত্র। "পাণ্ডুরস্যাতপত্রস্য ছায়ায়াম্ রা ২.২.৭। রঘু ২.১৩; পদ্মাতপত্র ৪.৫। শ ৫.৬। ক.চ ২০৪।

আতপবারণ ক্লী [ষ.ত] সূর্য্যকরনিবারক, ছত্র। "সিতাতপবারণ রঘু ৩.৭০ ; ৯.১৫।

আতপলঙ্ঘন ক্লী [তৃ.ত] আতপকর্ত্তৃক আক্রমণ ; আতপাভিঘাত, সরদিগরমি (Sun-stroke)। "আতপলঙ্ঘনাদ্ বলবদস্বস্থা শকুন্তলা শ ৩১। মাঘ ৭.৬৩, মল্লিনাথ।

আতপাত্যয় পুং [আতপের অত্যয়, ষ.ত] কিরণাপগম, রোদপড়া। "°সংক্ষিপ্তনীবার রঘু ১.৫২।

আতবচিঁড়া বি [আতপ > °ব] রৌদ্রে শুষ্ক ধান্যের চিড়া ; আলোচিঁড়া। "চৈ.চ ৩১২।

আতবতণ্ডুল বি [আতপ > °ব ; তু 'প্রা অতব (অতপঃ)—প্রা.ম] রৌদ্রে শুষ্ক ধান্যের চাউল। "শ্রী ৩৩।

আতযাত বি [আত (আয়াত) + যাত ; তু 'যাতায়াত' ; অপ্র] আগমন ও গমন ; যাওয়া-আসা। "দুআর বাহির ঘর আতযাত করি শ্রী ম ২৯৪।

আত(তা)র[১] পুং [আ + √তৃ + অ (অপ্, ঘঞ্)-ণ] নদী-প্রভৃতির তরণসাধন শুল্ক ; তরপণ্য, পারানী, খেয়ার কড়ি। "মনু ৮.৪০৫, কুল্লুক। আতর সঞ্চিত নাই বঞ্চিত সাঁতারে। মানসে মনন যেতে পয়োনিধিপারে॥—স.শ ১।

আতর[২] বি [সং অস্ত্র ; বা অস্তর (কথ্যভাষা) ; অপ্র] যুদ্ধাস্ত্র—খড়্গ বাণ ইত্যাদি। "শ্রী.মা ১৫৪ ; অসি ইষু আদি করি আতর ছত্রিশ ১৫৬। ডাবুষ পট্টিশ টাঙ্গি ছত্রিশ আতর শি ১৪ ; ৫৭।

আতর[৩] বি [আঁতর > °র] ১ অন্তর, অবকাশ, মধ্যভাগ। "তড়িতলতাজালে। তিমির সন্তায়ল। আতরে সুরধুনি ধারা বি প ১৪৬। ২ অন্তরায়, বিঘ্ন। "অতি ভয়াউনি আতর জউনি বি.সা ১৪৩।

আতর[৪] বি [আ ইত্‌র্ ; cf., E. Attar, Ottar, Otto] সারভাগ (Essence), পুষ্পের সারাংশ সুরভি দ্রবদ্রব্যবিশেষ। [আতরদান (বি)—আতরের আধারবিশেষ। "হু ১৯২। সোনার আতরদান ব.প্র ৩৮৫।]

আতর্পণ বিণ [আ + √তর্পি + অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] তৃপ্তিজনক, প্রীতিকর। —ণ ক্লী [+ অন-ভা] ১ তৃপ্তিজনন, প্রীণন, তোষণ। ২ মঙ্গলালেপন, আলিপনা। ৩ [+ √তৃপ্ + অন-ভা] তৃপ্তি, প্রীতি।

আতশ, -স বি [ফা আতশ্ ; Av. ātar ; Pahlavi—ht-as (তু 'সং হুতাশ) ; ফা আতশ] ১ অগ্নি। "°বাজী। ২ উত্তাপ, আতপ। "ননীর পুত্তলী সীতা আতসে মিলায় কৃ ৩০৭।

আতশবাজ বি [°শ + বাজ ; হি °জ] যে আতশবাজী প্রস্তুত করে ; হাওয়াইকর।

আতশ(স)বাজি, -জী বি [ফা, হি °বাজী] আগুনের বাজী ; বারুদ গন্ধক প্রভৃতি দ্বারা প্রস্তুত ও অগ্নিসংযোগে দাহ্য হাউই তুবড়ি ইত্যাদি বাজী (Fire-works)। "আতসবাজী করে যত ভূত শি ২৪। বায়ু করি বল, আপনি অনল, হইল আতসবাজি ভা.চ ৭১। করহ আতসবাজী।—রঙ্গ ৯৯।

আতশী(সী)কাচ বি [ফা আতশী + সং কাচ] যে কাচ (সূর্য্যকরস্পর্শে) অগ্নি উদ্গিরণ করে ; সূর্য্যকান্ত (Sun-stone)।

আতা[১] বি [সং আত্মা > লি, প্রা অত্তা > বা আতা ; অপ্র] ১ আত্মা। "জগৎ জনক তুহুঁ আতা শ্রী.ম ১৩৩। ২ [কং আতা—পিতা ; ঠ আত —পিতৃষসা ; অন আতা—পিতা, গুরু] মাতা। "আছিল আমার আতা কিছুই না জানি (পদ্মাপুরাণ)।

আতা[২] বি [P. Ata, সং আতৃপ্য ; হি, ঠ আত] আতাগাছ, আতাফল। [আতার ক্ষীর—পাকা আতার মধ্যস্থ ক্ষীরবৎ শাঁস। "তাজা আতার ক্ষীরের মত পুবে বাতাস লাগছে শীতল কু কে ৬৮।]

আতাই[১] বি [আততাই > °ই ; অপ্র] আততায়ী, শত্রু। "দেখ চেয়ে আতাই শাবকে লয়ে যায় ; আসিয়া আতাই এক অন্তরীক্ষে তুলে শ্রী.মা ৪১।

আতাই[২] বি [আতা[২] > °ই ; অপ্র] আতাফল। "শতমূখী শতমূলী আতাই তৈলঙ্গা॥…আপন ইচ্ছাতে ফল খায় হনুমান॥—কৃ উ ১৩২।

আতাই[৩] বি [ফা আতাই] যিনি বিনা বেতনে গীত বাদ্য করেন ; সখের গায়ক বা বাদক। "কত কত কলায়ত—ধাড়ি ও আতাই… তানপুরা লইয়া ধ্রুপদ…নক্সাগুলে মশগুল হইয়া আছে আ.দু ২০৭।

আতাপি, -পী পুং অসুরবিশেষ। [বোধ হয় 'বাতাপি' ইহার মূল। দ্র 'অগস্ত্য'।]

আতাম্র বিণ [ত.পু ; স্ত্রী -ম্রা] ঈষৎ তাম্রবর্ণ ; আলোহিত, আরক্ত। "আতাম্রোজ্জ্বলহ্রস্ববপুঃ (বিষ্ণুপুরাণ)।

আতারিকাতারি বি [কাতর > কাতারি > আতারি (অনু.শব্দ)।] অতিকাতরতা, অতিব্যথিতভাব। "ছেলেটা জ্বরে আতারিকাতারি কচ্ছে।

আতালিপাতালি বিং [পাতাল > পাতালি > আতালি (অনু.শব্দ) ; অপ্র] পাতালপর্য্যন্ত, অতিগভীর। "আতালিপাতালি চৌকা নামান খুড়িয়া গো.চ ৮৭।

আতি বিং [সং অতি ; দ্র 'আ[১৩] ; অপ্র] ১ অতিশয়, অত্যন্ত। "চন্দন তিলকেঁ আতি শোভিত কপালে শ্রী.কী ৫ ; আতি মহাবীর ৬ ; ১২। ২ প্রগাঢ়, নিবিড়। "আতি নেহেঁ করিআঁ চুম্বনে শ্রী কী ১৫। [আতি বড়—অত্যধিক, পরম। "আতি বড় দুখে শ্রী.কী ২৬ ; আতি বড় ঝাঁটে ২৯।

আতিথেয় বিণ [অতিথি + এয় (ঢঞ্) 'তত্র সাধু' অর্থে ; স্ত্রী -য়ী] ১ অতিথিসেবাকুশল, আতিথ্যনিষ্ঠ। "প্রত্যুজ্জগামাতিথিমাতিথেয়ঃ রঘু ৫.২। তমাতিথেয়ী…প্রত্যুদিয়ায় পার্ব্বতী কু স ৫.৩১। আতিথেয়ী কুন্তী…তাঁহার সেবাবিধি নির্ব্বাহ করিলে, মহর্ষি পরিতুষ্ট হইয়া তাঁহাকে মহামন্ত্র প্রদান করিলেন।—কালীপ্রসন্ন সিংহ। ২ অতিথিসম্বন্ধী, অতিথিবিষয়ক। "আতিথেয় সেবা, তিষ্ঠি লহ, শূরশ্রেষ্ঠ, প্রথমে এ ধামে।—মে ১৯৯। —য় ক্লী ১ অতিথিসংকার, অতিথিসেবন। "মাঘ ১৪.৩৮। ২ অতিথিভোজনাদি। "মনু ৩.১৮। —য়ী বিণ [স্ত্রী ঈ (ঙীপ্)] অতিথিবিষয়ে সাধ্বী ; অতিথিসেবাপরায়ণা। দ্র 'আতিথেয় (১)। তোমার নন্দিনী রাণী ! আতিথেয়ী বোলে জানি।—বিহারিলাল চক্রবর্ত্তী। —য়ী স্ত্রী অতিথিসংকার। "ভামিনীবিলাস ১.৮৩।

আতিথ্য বিণ [অতিথি + য (ঞ্য) তাদর্থ্যে, পা ৫.৪.২৬ ; স্ত্রী -থ্যা, বৈদিক] অতিথিনিমিত্তক, অতিথ্যর্থ (অন্নাদি—অ.টী)। "আতিথ্য সংকারের প্রথা পা.প্র ৫৫। —থ্য পুং [+ য স্বার্থে] অতিথি। 'আতিথ্যম্…অতিথৌ পুমান্ (মেদিনী)। —থ্য ক্লী অতিথিনিমিত্তক কার্য্য ; অতিথিপরিচর্য্যা, অ.তথিসংকার। "°ক্রিয়া রঘু ১.৫৮। অরাবপুচিতং কার্য্যমাতিথ্যং গৃহমাগতে হি ১.৬০। ম ১৭০। °ধর্ম্মের হ্রাস পা.প্র ৫৬ ; °সম্পাদন ৫৭।

আতিথ্যসংকার পুং, **-সৎক্রিয়া** স্ত্রী [ষ.ত] অতিথিনিমিত্তক সংকার্য্য ; অতিথিপরিচর্য্যা। "°র গো.রা ৩.২.৬। °য়া ক.সা ২.৫০।

আতিবাহিক বিণ [অতিবাহ+ইক (ঠক্) 'তত্র নিযুক্ত' 'তৎসম্বন্ধ' অর্থে ; স্ত্রী -কী] ১ অতিবাহে নিযুক্ত ; ইহলোক হইতে পরলোকে লইয়া যাওয়ার নিমিত্ত ঈশ্বর কর্তৃক নিযুক্ত (অর্চ্চিরাদ্যভিমানী ও ধূমাদ্যভিমানী দেবগণ—ছান্দোগ্যোপনিষৎ)। ২ অতিবাহসম্বন্ধী, পরলোকপ্রাপণসম্বন্ধী (দেহ)। "আতিবাহিক একোঽস্তি দেহোঽন্যস্ত্বাধিভৌতিকঃ।—সাংখ্যপ্রবচনভাষ্য ৩.১১। —ক ক্লী সূক্ষ্মশরীর, লিঙ্গদেহ।

আতিবিতি ক্রি.বিং ['অতিব্যস্ত'—মূল ; দ্র 'আতি' ; সং ব্যস্ত> প্রা বথ>বা বিতি, -থি ('আতি'র অনুকরণে) ; °তি, আথিবিথি ; পদ্যে] ১ অতিব্যস্তভাবে, অতিচঞ্চলভাবে, অতিদ্রুত। "আতিবিতি ঘরে যায়, সুন্দরে দেখিতে পায় ভা.চ ৩৫৮। ২ অতিবিশৃঙ্খলভাবে, ব্যাকুলভাবে। "আতিবিতি বাহিরে পড়িয়া গড়াগড়ি। গোপ দুটা পোড়া যায় জ্বালা ধরে বড়ি ব.প ১৩৭১। [°তে, °ভিতি—অতিব্যস্তভাবে। "আতিভিতি ঘরে আইলা ভাই দুইজন কৃ.উ ২৬৬।]

আতিরেক্য ক্লী [অতিরেক+য (ষ্যঞ্) স্বার্থে] অতিরেক, আধিক্য ; অতিরিক্তাঙ্গত্ব। "মনু ১১.৫০।

আতিশয্য ক্লী [অতিশয়+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] অতিশয়ভাব, আধিক্য, প্রাচুর্য্য।

আতু বি ['আয় কুতু' (কুত্তা) ; হাতু, তু (ময়মনসিংহ)] কুকুরকে ডাকার শব্দ।

আতুআতু বি ['আত্ম-আত্ম'—মূল ; 'উ' স্নেহে] 'আমার-আমার', পুত্রাদির প্রতি অতিমমতা বা অতিস্নেহ। [আতুআতু পুতুপুতু করা—'আমার পুত, আমার পুত' বলিয়া অতিস্নেহ প্রকাশ করা।]

আতুর[১] বিণ [আ+ √তুর্+অ (ক)-ক (অ.টী) ; স্ত্রী -রা, ছান্দস] ১ রোগযুক্ত, ব্যাধিত, রোগী। "মনু ৪.১২৯। অনাতুর রঘু ১.২১। ২ পীড়িত, অভিভূত, বিহ্বল, কাতর। "কাম°, ভয়°, শর°, শোক°। মদন° রঘু ১২.৩২। জরা° নৈ ১.১৩৫। ৩ ক্ষুৎ-পিপাসাশীতোষ্ণাদি-কাতর। "মনু ৬.৭৭। ৪ কার্য্যাক্ষম। ৫ ব্যথিত, সংসারতাপতপ্ত। "শুনেছে তোমার নাম অনাথ আতুর জন।—রবীন্দ্র। ৬ (বাঙ্লায় ; অপ্র) ব্যগ্র, ব্যস্ত। "মেনকা শুনিল মোর ঘরে এল তারা। বাহির অঙ্গনে এল হইয়া আতুরা॥—দু ৯৮। —র পুং রোগী। "মনু ৪.১৮৪। [°শালা (স্ত্রী)—রোগিগৃহ, হাসপাতাল।]

আতুর[২] বি [আঁতুড়> °র (পূর্ব্ববঙ্গ)] সূতিকাগৃহ। "ম.ম ৮।

আতৃপ্য পুং [আ+ √তৃপ্+য (ক্যপ্)-ণ ; অর্ব্বাচীন সংস্কৃত] আতাগাছ। —প্য ক্লী আতাফল।

আতেলা বিং [আ+তেলা ; সং অতৈল] তৈলহীন, তেল-না-দেওয়া (ব্যঞ্জন)। [আতেলা মাথা—তৈলশূন্য মস্তক ; রুক্ষ মাথা। আতেলা আঝালা—তেল-ঝাল-না-দেওয়া (ব্যঞ্জন)।

আতোদ্য ক্লী [আ+ √তুদ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ যাহা আহত হয় ; বাদ্য। [আতোদ্য চতুর্ব্বিধ ;—১ 'তত'—বীণাদিবাদ্য। ২ 'আনদ্ধ'—মুরজাদিবাদ্য। ৩ 'শুষির'—বংশী প্রভৃতি বাদ্য। ৪ 'ঘন'—কাংস্য-তালাদিবাদ্য (অ.কো)। 'ঘন তত আনদ্ধ শুষির। বাদ্য চতুর্ব্বিধ সুরুচির ন.প ১৫১।] ২ বীণা। "°শিরঃ রঘু ৮.৩৪ ; ১৫.৮৮। —দ্যক ক্লী [°দ্য+ক (কন্) স্বার্থে] বাদ্য। "উ.চ ৭২৫/১৬।

আত্ত[১] বিং [আ+ √দা+ত (ক্ত)-র্ম্ম ; পক্ষে 'আদত্ত' ; বৈদিক] ১ গৃহীত। "গামাত্তসারাম্ রঘু ৫.২৬। ২ প্রাপ্ত, অনুভূত। "°রতি রঘু ১১.৭৬ ; মা.মি ৫.১। ৩ গৃহীত, ধৃত। "°আয়ুধ, °শস্ত্র। ৪ হৃত। "°বল রঘু ১১.৭৬। ৫ গৃহীত, উপভুক্ত। "আত্তং রাজ্যমিদম্···ভ্রাত্রা গো.রা ২.৬২.২৭। ৬ বদ্ধ, জাত। "ব্রাহ্মণেষ্বাত্তবৈরঃ মহা ১৩.৭৩.৬৪। [°গর্ব্ব (বিণ)—হৃতগর্ব্ব, বিজিত। °রাজ্য (বিণ)—গৃহীতরাজ্য, প্রাপ্তরাজপদ। "মহা ৩.১১৯.৭।]

আত্ত[২] বি [সং আপ্ত >প্রা অত্ত >বা আত্ত (কথ্যভাষা)] আত্মীয়, স্বজন, জ্ঞাতি ; বন্ধু। [আত্ততা—আত্মীয়তা, বন্ধুত্ব। আত্ত-পর-জ্ঞান—আত্মীয়-অনাত্মীয়-বোধ ; নিজ-পর-জ্ঞান।]

আত্ত[৩] বিং [সং আয়ত্ত ; য় >অ ; অপ্র] অধীন, বশীভূত। "গোবিন্দ বলেন দেরি মোর আত্ত নয়। কর গিয়া যেমতে সঙ্কট নাহি হয়॥—ম ২৩৫।

আত্ত[৪] সর্ব্ব [সং আত্ম (সমাসে পূর্ব্বপদ) >প্রা অত্ত—অত্তলাভ (প্রা.ম) >বা আত্ত (কথ্যভাষা)] স্বীয়, নিজ। [°গরুজে (বিং)—যে কেবল নিজ প্রয়োজনই বুঝে। °সুখী (বিং)—যে স্বীয় সুখই চায়, অন্যের সুখে উদাসীন।]

আত্তগন্ধ বিণ [বহুব্রী ; স্ত্রী -ন্ধা] ১ গৃহীতগর্ব্ব ; অভিভূত, পীড়িত। "কেন আত্তগন্ধো মাণবকঃ শ ৬২৫/১৬। রঘু ১৩.৭। ২ গৃহীতসৌরভ আঘ্রাত। "মাঘ ১৪.৮৪।

আত্ততোত্র বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্রা] গৃহীততোত্র (পাচনি), গৃহীত-প্রতোদ। "ভ ১.৯.৩৯।

আত্তদণ্ড বিণ [বহুব্রী] ১ ধৃতরাজদণ্ড, স্বীকৃতদুষ্টদমনব্যাপার। "শ ৫.৮। ২ গৃহীতলগুড।

আত্তমা বি [সং আত্মা> (স্বরাগমে) আতমা> আত্তমা ; অপ্র] আত্মা।। "আত্তমা পরিচয় দিয়া চল গুরুর সাত গো.চ ৭০। গো.বি ১৩৯।

আত্তি বি [সং আর্ত্তি >প্রা অত্তি (প্রা.ম) >বা °ত্তি] ১ মনের দুঃখ ; ক্ষোভ, অতৃপ্তি। "(খায়) রুচিপূর্ব্বক পুরি কচুরি, ধরে না, তবু পোরে না আত্তি মন দা ৭৪২। ২ ঔৎসুক্য, আগ্রহ। "ঝগড়া করিতে সদাই আত্তি দা ৭৫৪। ৩ অনুরাগ। "লেখাপড়ায় আত্তি।

আত্তিসো বিং ['আপ্তসৌভাগ্য'—মূল ; কথ্যভাষা] যে সকলের সোহাগ পাইয়াছে ; সংস্বভাবহেতু সকলের প্রিয়। "ছেলেটি বেশ আত্তিসো, যে যা বলছে, তাই কচ্ছে।

আত্ম সর্ব্ব [সং আত্মন্—আত্ম (সমাসে পূর্ব্বপদ), অস আত্ম ; অপ্র] ১ নিজ, আপন। "আত্মবাপের বাথান কৃ.উ ২৪৬। আত্ম-আত্ম-সৈন্যেতে হইল মারামারি ম ৬৪০। আত্মবড়াই শি ৬৮। ২ স্বজন, জ্ঞাতি, বন্ধু। "আত্মে আত্মে হিংসি সবে হইবে সংহার ম ১২২ ; সহজে পশুর জাতি নাহি আত্ম পর ৭২৮। আত্মবন্ধুগণ দু ৪৮। আত্মপর কৃ.উ ২৪৫। না চিনিস আত্ম পর কৃ ২৫৪। শ্রী মা ১২৮। ৩ নিজপ্রাণ, স্বীয় বিষয়মাত্র। "পলাইতে উচিত যে বাঁচাইতে আত্ম ভ.গ্র ৩৭৩। আত্ম রেখে ধর্ম্ম। প্রতিলোকের কর্ম্ম॥—প্রবচন। [°ছিদ্র (বি)—নিজদোষ। °ধন (বি)—নিজধন। শ্রী.মা ১১৩।]

আত্মক বিণ [আত্মন্+ক (কপ্), বহুব্রীহিসমাসান্ত ; স্ত্রী -ত্মিকা] ১ আত্মভূত, স্বরূপ। "বিকল্প°, সংকল্প°। সদসদাত্মক মনু ১.১১ ; ১৪। গুণাত্মক ঃ প্রণবাত্মক মন্ত্র দু ১৯। ২ তৎপ্রকৃতিক, তৎস্বভাব। "ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ গী ২.৪১। হিংসা° ১৮.২৭। দাহ° শ ২.৭। মার° হি ১/৪। স্যাৎ কল্যা তু শুভাত্মিকা (অ.কো)। ৩ তন্ময়, তৎপ্রচুর, তদবয়ব। "সোমো ভূত্বা রসাত্মকঃ গী ১৫.১৩। সংশয়° ।—পঞ্চ ১.১২।

আত্মকর্ম্ম (-র্ম্মন্), -কার্য্য ক্লী [ষ.ত] স্বব্যাপার। "আত্মকর্ম্মক্ষম রঘু ১.১৩।

আত্মকাম বিণ [আত্মন্+ √কম্+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -মী] ১ আত্মমাত্রাভিলাষী, স্বপ্রয়োজনকাম। "রা ২.৭০.১০। ২ আত্ম-জ্ঞানেচ্ছু।

আত্মকীয় বিণ [আত্মক+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -য়া ; তু 'স্বকীয়'] আত্মসম্বন্ধী, স্বীয়। "মহা ১.১২১.৩৪।

আত্মকুল বি [অপ্র] প্রেতাত্মগণ। "কি দশায় আত্মকুল থাকে আত্ম-দেশে মে ২৭০।

আত্মকৃত বিণ [তৃ.ত] আপনার করা ; স্বকৃত।

আত্মগত বিণ [দ্বি.ত] ১ আত্মাকে প্রাপ্ত ; স্বসম্বন্ধী, স্বীয়। ২ (নাট্যে) মনোগত, স্বগত। "(আত্মগত) বলবান্ খলু মে অভিনিবেশঃ শ ৩৺।

আত্মগতি স্ত্রী [ষ.ত] ১ আত্মার প্রাপ্তিসাধন ; তত্ত্বজ্ঞান। "রা ১.৭৬.২৪। আত্মগতি জানি : সেই আত্মগতি ব্যাসে নারদ কহিল শ্রী.ম ২৬৪। ২ স্বমার্গ, স্বকর্মার্জ্জিতপথ।

আত্মগুণ পুং [ষ.ত] স্বীয় গুণ ; আত্মোৎকর্ষ। "আত্মগুণাবমানিনী শ ৩৺। [বিপ 'আত্মগুণাভিমানিনী']

আত্মগ্রাহী (-হিন্) বিণ [আত্মন্+ √গ্রহ্+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -হিণী] আত্মার্থ গ্রাহক ; উদরম্ভরি, স্বার্থপর।

আত্মঘাই বি ['°ঘাত'—মূল ; অপ্র] আত্মঘাত, স্বীয় শরীরতাড়ন। "কান্দিতে কান্দিতে রাত্রি জায় করি আত্মঘাই কৃ.উ ৯৮।

আত্মঘাত পুং [ষ.ত] ১ আত্মার হনন ; আত্মহত্যা। "ক.চ ১৭৯। চৈ.চ ২৬৮। ২ [স.ত] স্বদেহে আঘাত ; স্বশরীরতাড়ন। "নিত্যানন্দ-অঙ্গে মুঞি কৈলুঁ রক্তপাত। ইহা বলি নিরন্তর করে আত্মঘাত॥—চৈ.ভা ২৬৮। —ঘাতক পুং [ষ.ত] আত্মহত্যাকারী। —ঘাতী (-তিন্) বিণ [ষ.ত ; স্ত্রী -তিনী] ১ আত্মহত্যাকারক। "যাজ্ঞ ৩.২১। সী ৬০। ২ নাস্তিক। ৩ যে আত্মভিন্নের উপাসনায় আত্মাকে নষ্ট করে ; অসতের উপাসক। "অসদুপাসনা করি আত্মঘাতী হয় শ্রী.ম ২৬৪।

আত্মঘোষ পুং [আত্মন্+ √ঘুষ্+অ (অণ্)-ক ; উ.ত] ১ কাক। ২ কুক্কুট।

আত্মজ বিণ [আত্মন্+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] ১ আপনাতে জাত ; আত্মসম্ভূত, স্বভব। "সমুদ্রঃ শঙ্খমাত্মজম্ (জহার) ভ ৪.১৫.১৯। ২ স্বদেহজাত। "আত্মজা কন্যাকে দেখি পরমেষ্ঠী যিনি। মনোহর রূপেতে মগন হন তিনি॥—ভা.চ ৬৫২। —জ পুং ১ পুত্র। 'আত্মা বৈ জায়তে পুত্রঃ (শ্রুতি)। "রা ২.৩৯.৬। মনু ৭.১৪। অচ্যুত-আত্মজাত্মজ অনিরুদ্ধ সনে শ্রী.মা ৩৯ ; আত্মভূ-আত্মজ ৫২। রাবণ-আত্মজ মে ২০৪। ২ মনোজ, কামদেব। —জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ কন্যা। "জনকাত্মজা রা ১.১.৭১। রঘু ১৩.৭৮। রম্ভাত্মজা ম.পা ৮১। ২ 'মনোজন্মা', বুদ্ধি।

আত্মজন্মা (-ন্মন্) পুং [বহুব্রী] আত্মা হইতে যাহার জন্ম ; পুত্র। "°ন্মসমুৎসুক রঘু ১.৩৩ ; ৫.৩৬। কু.স ৬.২৮। [আত্মজন্ম (-ন্মন্) ক্লী —আপনার পুত্ররূপে উৎপত্তি (রঘু ১.৩৩, মল্লিনাথ)।]

আত্মজয় পুং [ষ.ত] ১ নিজবিজয়। ২ আত্মসংযম, ইন্দ্রিয়নিগ্রহ, ইন্দ্রিয়-বশীকরণ।

আত্মজাত বিণ [প.ত] আত্মা হইতে উৎপন্ন ; স্বভব। —জাত পুং পুত্র। —জাতা স্ত্রী আত্মজা, কন্যা।

আত্মজ্ঞ বিণ [আত্মন্+ √জ্ঞা+অ (ক)-ক ; উ.ত] ১ যিনি আত্মাকে জানেন ; আত্মতত্ত্ববিৎ। ২ স্ব-স্বভাববিৎ। —জ্ঞ পুং আত্মবিৎ, ঋষি।

আত্মজ্ঞান ক্লী [ষ.ত] ১ আত্মস্বরূপবোধ, আত্মতত্ত্ববোধ, পরমাত্মজ্ঞান। "°বিহীনা মূঢ়াঃ (মোহমুদ্গর)। মনু ১২.৮৫। ২ শাস্ত্রানুসারে স্বীয়-দোষগুণ-বোধ। "মহা ৫.৩৩.২০ ; ৩৪.৭৩। ৩ ব্রহ্মধ্যান। "মনু ১২.৯২।

আত্মতত্ত্ব ক্লী [ষ.ত] ১ আত্মার যথার্থস্বরূপ। "°জ্ঞ। ২ চৈতন্যস্বরূপ। ৩ (মতভেদে) কর্ত্তৃত্বাদিরূপ। ৪ [কর্ম্মধা] আত্মরূপ পরমপদার্থ (ত.বা)।

আত্মতন্ত্র বিণ [বহুব্রী ; স্ত্রী -ন্ত্রা] আত্মায় (আপনাতে) যাহার তন্ত্র (আয়ত্ততা) ; স্বতন্ত্র, স্বাধীন।

আত্মতা স্ত্রী [আত্মন্+তা (তল্) তদ্ভাবার্থে] ১ আত্মভাব, স্ব-রূপতা, একতা, অভেদ। "তাঁহা সহ আত্মতা একরূপ হঞা চৈ.চ ২৮৮। ২ (বাঙলায়) আত্মীয়তা, বন্ধুত্ব, সখ্য। "দয়া করে সয়া বলে যদি হৈলে সই। অনেক আত্মতা হৈল অতএব কই॥—শি ১০০।

আত্মতুষ্টি স্ত্রী [ষ.ত] নিজ সন্তোষ ; আত্মপ্রীতি।

আত্মতৃপ্ত বিণ [তৃ.ত] আত্মা (আত্মজ্ঞান দ্বারা) তৃপ্ত (অন্নরসাদিতে নহে) ; স্বানন্দানুভবে নিবৃত্ত ; আত্মসন্তুষ্ট। "আত্মতৃপ্তশ্চ মানবঃ গী ৩.১৭।

আত্মত্যাগ পুং [ষ.ত] ১ আত্মোৎসর্গ, স্বার্থত্যাগ। ২ প্রাণত্যাগ, আত্মদান। ৩ আত্মবিস্মৃতি (M.W.)। —ত্যাগী (-গিন্) বিণ [ষ.ত, তু 'আত্মনস্ত্যাগিনাম্ (মনু ৫.৮৯)] ১ আত্মসম্বন্ধে ত্যাগী ; বিষাদিদ্বারা জীবনত্যাগী ; আত্মঘাতী। "যাজ্ঞ ৩.৬। ২ নাস্তিক। ৩ (বাঙলায়) স্বার্থত্যাগী, স্বার্থহীন।

আত্মত্রাণ ক্লী [ষ.ত] ১ আত্মরক্ষা। ২ আত্মরক্ষণসাধন, স্বরক্ষণোপায়। ৩ দেহরক্ষী। "রামো নাশয়িতুং শক্তঃ সাত্মত্রাণপরিগ্রহঃ গো.রা ৫.৪৭.২৭।

আত্মদর্শ পুং [ষ.ত] ১ আত্মদর্শন, আত্মসাক্ষাৎকার। ২ আত্মার (দেহের) দর্শনসাধন ; আদর্শ, দর্পণ। রঘু ৭.৬৮।

আত্মদর্শন ক্লী [ষ.ত] ১ সমত্বদর্শন, আত্মবুদ্ধি। "যাজ্ঞ ৩.১৫৭। ২ আত্মসাক্ষাৎকার, তৎসাধন—শ্রবণমননিদিধ্যাসন।

আত্মদান ক্লী [ষ.ত] আত্মোৎসর্গ, দেহত্যাগ। "ক.সা ২২.২১৯। আত্মদান দিয়া আমি তুষি ভক্তজন ম ৬৮১।

আত্মদেবতা স্ত্রী [ষ.ত] স্বীয় দেবতা, অভীষ্টদেবতা।

আত্মদেশ বি [অপ্র] প্রেতাত্মার স্থান ; যমপুরী। "কি দশায় আত্মকুল থাকে আত্মদেশে মে ২৭০।

আত্মদ্রোহী (-হিন্) বিণ [আত্মন্+ √দ্রুহ্+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -হিণী] ১ আত্মার প্রতি দ্রোহশীল ; আত্মত্যাগী। ২ [ষ.ত] আত্মজিঘাংসু, আত্মঘাতী।

আত্মনিত্য বিণ [স.ত] স্ববশ। "মহা ১.১৫৫.৩৯।

আত্মনিন্দা স্ত্রী [ষ.ত] আত্মাবমাননা, আত্মকুৎসন, আত্মভর্ৎসন। "মহা ২.৪৪.২৪। আত্মনিন্দা ও আত্মপূজা…সাধুদিগের অকর্ত্তব্য। —কালীপ্রসন্ন সিংহ।

আত্মনিবেদন ক্লী [ষ.ত] ১ দেহসমর্পণ, বলিরূপে ইষ্টদেবতাকে স্বদেহার্পণ। "চৈ.চ ২২৬। [যেমন স্বামীর বিক্রীত গবাশ্বপ্রভৃতির ভরণপোষণচিন্তা থাকে না, সেইরূপ ইষ্টদেবকে স্বীয় দেহ সমর্পণ করিয়া তচ্চিন্তা বর্জ্জন করা—আত্মনিবেদন। ইহা ভক্তিলক্ষণবিশেষ (ভ ৭.৫.২৩)। 'গৃহ সহিত আত্মা তাঁরে কৈল নিবেদন চৈ.চ ১৩৩।] ২ (বাঙলায়) স্বীয়বিষয়বিজ্ঞাপন। "সংক্ষেপে কহিল কথা আত্মনিবেদন শ্রী.ম ১৪৪।

আত্মনিষ্ঠ বিণ [স.ত] আত্মজ্ঞাননিরত, ব্রহ্মনিষ্ঠ, মুমুক্ষু।

আত্মনীন বিণ [আত্মন্+ঈন (খ) ; স্ত্রী -না] ১ আপনার পক্ষে হিতকর ; আত্মহিত। "ভজ নির্ব্বৃতিমাত্মনীনাম্ (প্রবোধচন্দ্রোদয়)। অনাত্মনীন কি ৩.১৬। মা.মি ৪৺। ২ প্রাণার্থে হিতকর ; প্রাণকর (খাদ্যাদি)। —ন পুং পুত্র।

আত্মনেপদ ক্লী [অলুক্] (ব্যাকরণে) কর্ত্তৃগামি-ক্রিয়াফলবোধক বিভক্তিবিশেষ (তিঙ্)। 'পা ১.৪.১০০।

আত্মপক্ষ পুং [ষ.ত] স্বপক্ষ, নিজগণ। "হি ৩.৬০।

আত্মপরিত্যাগ পুং [ষ.ত] আত্মদান, প্রাণত্যাগ। "আত্মপরিত্যাগেন যদাশ্রিতানাং পরিরক্ষণম্ হি ১৺।

আত্মপূজা স্ত্রী [ষ.ত] আত্মপ্রশংসা, আত্মশ্লাঘা। দ্র 'আত্মনিন্দা'।

আত্মপ্রতিকৃতি স্ত্রী [ষ.ত] নিজপ্রতিমূর্ত্তি, স্বপ্রতিরূপ। "মহা ৫.৫৬.৯। হনুমান্…সেই ধ্বজে আত্মপ্রতিকৃতি আরোপিত করিবেন। —কালীপ্রসন্ন সিংহ।

আত্মপ্রভ বিণ [উ.বহুব্রী ; স্ত্রী -ভা] যাহার প্রভা আত্মপ্রভার তুল্য, আত্মসদৃশ দীপ্তিমান্। "লোকানাত্মপ্রভান্ মহা ৩.৫৭.৩৭।

আত্মপ্রশংসক বিণ [ষ.ত ; স্ত্রী -সিকা] স্বপ্রশংসাকারক, আত্মশ্লাঘী। —প্রশংসা স্ত্রী [ষ.ত] স্বীয় স্তুতিবাদ ; আত্মশ্লাঘা। "°বাদশ্রবণ সী ৮। —প্রশংসী (-সিন্) বিণ [আত্মন্+প্র+ √শংস্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত স্ত্রী -সিনী] আত্মপ্রশংসাশীল, আত্মশ্লাঘী। "গো.রা ৫.৯৩.৬।

আত্মবঞ্চক বিণ [ষ.ত] স্বপ্রতারক, আত্মাভিমানী।

আত্মবৎ ব্য [আত্মন্+বৎ (বতি) তৎসাদৃশ্যার্থে] আত্মসদৃশ, আপনার মত। "আত্মবৎ সর্ব্বভূতেষু যঃ পশ্যতি স পশ্যতি।—চাণক্য। [আত্মবৎ মন্যতে জগৎ (সম্পূর্ণ শ্লোক—"আশ্রমমাগতা বেশ্যা ঋষ্যশৃঙ্গ ঋষেঃ সুতঃ। তপস্বিনস্ত তা মেনে আত্মবৎ মন্যতে জগৎ॥)—সকলেই জগৎকে আপনার মত মনে করে ; যাহার যেমন মন, সে সকলকে তেমনই ভাবে ; যেমন, ঋষ্যশৃঙ্গ বেশ্যাগণকেও তপস্বী ভাবিয়াছিলেন।]

আত্মবত্তা স্ত্রী [আত্মবৎ+তা (তল্) তদ্ভাবার্থে] ১ আত্মবানের ভাব ; সত্ত্ববত্তা, নির্ব্বিকারচিত্ততা। "রঘু ৮.১০। ২ আত্মজ্ঞানতা (মেধাতিথি), প্রশস্তার্থতা (কুল্লূক)। "মনু ১১.৮৭।

আত্মবধ পুং [ষ.ত] আত্মহত্যা। "মহা ১.১৬১.৬ ; ৭।

আত্মবধী বিং [তু 'আত্মঘাতী' ; অপ্র] আত্মঘাতী। "শুনি মাত্র এ বৃত্তান্ত আত্মবধী হৈব ম.পা ১৪৪।

আত্মবধ্যা স্ত্রী [তু 'আত্মহত্যা'] আত্মবধ। "মহা ১.১৬১.৬।

আত্মবন্ধু পুং [ষ.ত] ১ স্বীয় বন্ধু ; স্বমিত্র। ২ আত্মা। তু 'আত্মৈব হ্যাত্মনো বন্ধুঃ গী ৬.৫। "(তুমি) আত্মবন্ধু প্রিয় তুল্য স্বাধীন আছয় শ্রী.ম ২৬৪। ৩ সর্ব 'আত্মবান্ধব'।

আত্মবর্গ বি [ষ.ত] আপনার গণ ; স্বগণ, স্বপক্ষ। "আত্মবর্গ যত আইল রাজরাজেশ্বরে ম ৭২৪।

আত্মবশ বিণ [ষ.ত] আপনার আয়ত্ত ; আত্মাধীন। বিপ 'পরবশ'। "সর্ব্বমাত্মবশং সুখম্ মনু ৪.১৬০। —বশ পুং ১ আত্মনিগ্রহ, আত্মসংযম। ২ আপনার আয়ত্ততা ; স্ববশ। —বশ্য বিণ [ষ.ত] আপনার বশীভূত; মনোধীন, মনোবশীভূত। "গী ২.৬৪।

আত্মবান্ (-বৎ) বিণ [আত্মন্+বৎ (বতুপ্) প্রশংসার্থে -১ব ; স্ত্রী -বতী] ১ প্রশস্তমনাঃ, মনস্বী। "কি ৬.১৯। ২ প্রশান্তাত্মা, 'শাস্ত্রার্থে কৃতাভিনিবেশ' (মনু ১১.৮৭, মেধাতিথি)। "মনু ৫.৪৩ ; ৭.৫১। ৩ অপ্রমত্ত, জিতচিত্ত, শমদমাদিপর। "গী ২.৪৫ ; ৪.৪১। ৪ আত্মহিতেচ্ছু। "মনু ১.১০৮। ৫ সত্ত্ববান্, অবিকৃতচিত্ত। "রঘু ৮.১০, মল্লিনাথ। ৬ অধ্যাত্মপ্রচুর, আত্মতত্ত্বময়। "রঘু ৮.৮৪। ৭ ধীর, প্রাজ্ঞ। "আত্মবতাং বরম্ ভ ১.৩.৪১।

আত্মবান্ধব পুং [ষ.ত] আপনার বন্ধু ; আপনার মাতৃষসার ও পিতৃষসার পুত্র এবং মাতুলপুত্র। 'আত্মমাতৃষসুঃ পুত্রা আত্মপিতৃষসুঃ সুতাঃ। আত্মমাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া আত্মবান্ধবাঃ॥—মিতাক্ষরা।

আত্মবিক্রয় পুং [ষ.ত] আপনাকে বেচা ; বিক্রীত গো-প্রভৃতির ন্যায় অন্নধনাদিহেতু সর্ব্বতোভাবে আত্মপরবশীকরণ ; উপপাতকবিশেষ। 'মনু ১১.৬০।

আত্মবিচ্ছেদ বি আত্মীয়ের সহিত অসদ্ভাব ; গৃহবিচ্ছেদ।

আত্মবিৎ (-বিদ্) বিণ [আত্মন্+ √বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ৎ] ১ যিনি আত্মাকে জানেন ; আত্মতত্ত্বজ্ঞ, ব্রহ্মজ্ঞানসম্পন্ন, যোগী। "°বিদ্‌বিভা ভট্টি ৫.৬৩। ২ মুক্ত। "আত্মবিৎসম্মত ভ ২.১.১। ৩ স্বাভিজনবেদী, নিজগোত্রবিৎ। ৪ আত্মরূপবেদী, স্ব-স্বরূপবিৎ। "মাঘ ৪.১১৬। —বিৎ পুং ১ আত্মজ্ঞ, প্রাজ্ঞ। ২ শিব।

আত্মবিদ্যা স্ত্রী [ষ.ত] আত্মসম্বন্ধী জ্ঞান ; ব্রহ্মবিদ্যা, ব্রহ্মজ্ঞান। "মনু ৭.৪৩।

আত্মবিধিৎসা স্ত্রী [ষ.ত] আত্মপোষণেচ্ছা, শিশ্নোদরপরতা। "মহা ৫.৩৭.১০।

আত্মবিনিগ্রহ পুং [ষ.ত] দেহেন্দ্রিয়ের মোক্ষসাধনে ব্যবস্থাপন ; শরীরসংযম। "গী ১৩.৭।

আত্মবিশুদ্ধি স্ত্রী [ষ.ত] ১ অন্তঃকরণের বিশুদ্ধি ; মনের উপশান্তি ; চিত্তশুদ্ধি। "গী ৬.১২। ২ প্রায়শ্চিত্ত দ্বারা চিত্তের পাপক্ষয় ; প্রায়শ্চিত্তহেতু চিত্তশুদ্ধি। ৩ নিজদোষনিরাকরণ, স্বদোষক্ষালন।

আত্মবিসর্জ্জন বি [ষ.ত] আপনার (স্বার্থের) ত্যাগ ; স্বার্থপরিহার। "আমরা আত্মম্ভরি—আমাদিগকে আত্মবিসর্জ্জন দিতে শিখাও চা.পৃ ৭০।

আত্মবিস্মরণ বি [ষ.ত] আপনার স্বরূপ ভুলিয়া যাওয়া ; আত্মগুণবিস্মৃতি। —বিস্মরিত, বিং [অপ্র] আত্মবিস্মৃত, আত্মহারা ; তন্ময়। "ভক্তে সুখ দিতে মহা-ঐশ্বর্য্য প্রকাশ। দেখি আত্মবিস্মরিত হৈলা সূর্য্যদাস॥—ন.প ৪০৬। —বিস্মৃত বিং [আত্মবিস্মৃতি > °ত (অসাধু)] ১ যে আত্মস্বরূপ (আপনার বল বুদ্ধি প্রভাব ইত্যাদি) ভুলিয়াছে ; স্ব-স্বরূপজ্ঞানহীন। "ব্রাহ্মণের অভিশাপ বৃথা নহে কভু। এই হেতু আত্মবিস্মৃত হৈল প্রভু॥—ম ৫৪৮। ২ সর্ব 'আত্মবিস্মরিত'। —বিস্মৃতি বি [ষ.ত] ১ আপনার স্বরূপ ভুলিয়া যাওয়া ; আপনগুণবিষয়ে বিস্মরণ। ২ আপনার মতিভ্রম। "আত্মবিস্মৃতিতে হায়, অকস্মাৎ সতী, মুছিলা সিন্দুরবিন্দু .ম ২০৭।

আত্মবিস্মরিত, -বিস্মৃত, -তি দ্র 'আত্মবিস্মরণ'।

আত্মবিহারী (-রিন্) বিং যিনি আত্মায় বিহার করেন ; আত্মকেলিপর, আত্মারাম। "আত্মবিহারী তিনি হৃদয়ে উদয় তাঁর।—রবীন্দ্র।

আত্মবুদ্ধি স্ত্রী [ষ.ত] ১ স্বীয় জ্ঞান। ২ আত্মতত্ত্ববোধ।

আত্মবৃত্ত ক্লী [ষ.ত] স্বচরিত, স্বীয়জীবনচরিত (Autobiography)। —বৃত্তি বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্তি] যাহার আত্মায় স্থিতি ; আত্মস্থ। —ত্তি স্ত্রী [ষ.ত] ১ অন্তঃকরণবৃত্তি, মনোবৃত্তি। "কু.স ৫.৭৬। ২ আত্মব্যাপার, স্ববৃত্ত। "রঘু ২.৩৩। ৩ স্বীয় শাস্ত্রবিহিতজীবিকা। "আত্মবৃত্তি করি করে কুটুম্বভরণ চৈ.চ ৪২।

আত্মবোধ পুং [ষ.ত] ১ আত্মতত্ত্বজ্ঞান। ২ স্বীয় জ্ঞান।

আত্মভব বিণ [বহুব্রী ; স্ত্রী -বা] আত্মা হইতে যাহার জন্ম ; আত্মজন্মা, স্বজাত। "আত্মভবঃ শোকঃ রা ২.৬৪.৭৪। —ভব পুং ১ 'মনোজাত', মনোজ, কাম। ২ [ষ.ত] স্বীয় আবির্ভাব। "অগ্নিরাত্মভবং প্রাদাৎ মহা ৩.৫৭.৩৬।

আত্মভর্ৎসন বি [ষ.ত] আপনার সম্বন্ধে ধিক্কার ; আত্মনিন্দা, স্বদোষকীর্ত্তন। "সী ৫৯।

আত্মভাব পুং [ষ.ত] ১ আত্মার সত্তা। ২ স্বীয় ভাব ; স্বভাব। ৩ বুদ্ধিবৃত্তি। "°স্থ গী ১০.১১। ৪ [বহুব্রী] যাহাতে আত্মার সত্তা ; দেহ। "আত্মভাব-জ্ঞান শ্রী.ম ১৪৪।

আত্মভূ বিণ [আত্মন্+ √ভূ+ক্বিপ্ (০)-ক ; উ.ত ; স্ত্রী -ভূ] ১ আত্মা হইতে জাত ; আত্মজন্মা। ২ স্বয়ংজাত, স্বয়ম্ভূ, অনাদি। "ত্বমাত্মভূঃ রঘু ১০.২০। —ভূ পুং ১ মনসিজ, কামদেব। ২ 'দেহজাত', আত্মজ, পুত্র। ৩ 'স্বয়ংজাত', ঈশ্বর, আদিপুরুষ। "রঘু ১০.২০। ৪ বিষ্ণু। ৫ শিব। "শ ৭.৩৫। ৬ পরমাত্মা হইতে জাত ; হিরণ্যগর্ভ, ব্রহ্মা। "কু.স ২.৫৩ ; ৩.১৩। আত্মভূ-আত্মজ-মুখে এতেক কথন শ্রী.মা ৫২। —ভূ স্ত্রী ১ 'দেহজাত', আত্মজা, কন্যা। ২ 'মনোজাত', আত্মজা, বুদ্ধি।

আত্মভূত বিণ [সুপ্‌সুপা] ১ স্বয়ংজাত। ২ [নি.স] আপনার সদৃশ; আত্মতুল্য। "মনু ৭.২১৭। —ভূত পুং [প.ত] ১ 'দেহজাত', আত্মজ, পুত্র। ২ মনোজ, কাম। —ভূতা স্ত্রী সর্ব 'আত্মভূ' (স্ত্রী)।

আত্মমতি বিং [অপ্র] আত্মানুযায়ী বুদ্ধি; স্বতন্ত্র, স্বাধীন। "মেয়েমুখো যার পতি, মাগ হয় তার আত্মমতি দা ২০০।

আত্মময় বি [আত্মন্+ময় (ময়ট্) স্বরূপার্থে; স্ত্রী -য়ী] ১ আত্মস্বরূপ, ব্রহ্মময়। "সর্ব্বমাত্মময়ং জগৎ (ত.বা) ২ (বাঙ্‌লায়; অপ্র) প্রেতাত্মায় পূর্ণ; প্রেতময়। "কি বলে৹ সশরীরে, হে সাহসি, পশিলা এ দেশে৹ আত্মময়?—মে ২৬৫।

আত্মমানী (-নিন্) বিণ [আত্মন্+মন্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -নিনী] ১ যে আপনাকে ভাল মনে করে; আত্মগুণাভিমানী, গর্ব্বিত। ২ সর্ব্বভূতে আত্মবৎ জ্ঞানবান্।

আত্মমূর্ত্তি পুং [উ.বহুব্রী] যাহার স্বীয়মূর্ত্তিতুল্য মূর্ত্তি; সহোদর, ভ্রাতা। "ভ্রাতা স্বো মূর্ত্তিরাত্মনঃ (ত.বা)। —মূর্ত্তি স্ত্রী [ষ.ত] ১ আত্মার স্বরূপ; পরমাত্মা, চৈতন্যাদি। ২ (ন্যায়ে) দেহাত্মবোধে কর্ত্তৃত্বাদি।

আত্মম্ভরি বিণ [আত্মন্+√ভৃ+ই (খি)-ক, ম্ (মুম্) আগম, নিপাতিত উ.ত; স্ত্রী -রি] ১ যে আত্মাকে (স্বীয় উদরকে) ভরণ করে; স্বোদরপূরক, কুক্ষিম্ভরি। "আত্মম্ভরিস্ত্বং পিশিতৈর্নরাণাম্ ভট্টি ২.৩৩। ২ স্বার্থসাধনপর, স্বার্থপর। "হি ৩.১৩১। ভজন্ত্যাত্মম্ভরিত্বং হি দুর্লভেঽপি ন সাধবঃ ক.সা ২৬.২২৮। কে জানে ইংরাজজাতি …এত আত্মম্ভরি?—ন ৪৮০। দ্র 'আত্মবিসর্জ্জন'।

আত্মযাজী (-জিন্) বিণ [আত্মন্+√যজ্+ইন্ (ণিনি) -ক -১ব; উ.ত] সর্ব্বভূতে আমিই আত্মরূপে আছি, এবং পরমাত্ম-পরিণাম সর্ব্বভূত পরমাত্মরূপ আমাতেই আছে,—এইরূপ সাম্যজ্ঞানবান্। "মনু ১২.৯১।

আত্মযোনি পুং [বহুব্রী] ১ মন যাহার যোনি; মনোজ, কাম। "কু.স ৩.৭০। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব। তু 'আত্মভূ'।

আত্মরক্ষক পুং [ষ.ত] দেহরক্ষক, দেহরক্ষী পুরুষ (Body-guard)। —রক্ষা স্ত্রী [ষ.ত] আত্মত্রাণ। "শ্রী.মা ১২৪।

আত্মরতি বিণ [বহুব্রী; স্ত্রী -তি] যাহার আত্মায় রতি (বিষয়ে নহে); আত্মপ্রীতি। "গী ৩.১৭। —রতি স্ত্রী [স.ত] আত্মায় প্রীতি, আত্মারামভাব।

আত্মরূপ বি [ষ.ত] আপনার রূপ; স্বরূপ। —রূপা বি [বহুব্রী] আত্মা যাঁহার রূপ; আত্মস্বরূপা, ব্রহ্মময়ী। "আত্মরূপা আশা পুরাহ ভা.চ ৪২৭।

আত্মলাভ পুং [ষ.ত] ১ আত্মস্বরূপপ্রাপ্তি, আত্মজ্ঞানলাভ। ২ স্বীয় ধনাগম। ৩ দেহপ্রাপ্তি, জন্ম। "কি ৩.৩২; ১৭.১৯। মু ৩.১।

আত্মশক্তি স্ত্রী [ষ.ত] স্বীয় বল; স্বসামর্থ্য। "দৈবং নিহত্য কুরু পৌরুষমাত্মশক্ত্যা।—হি ৩১ (কথারম্ভ)।

আত্মশুদ্ধি স্ত্রী [ষ.ত] ১ কর্ম্মফলত্যাগহেতু চিত্তশুদ্ধি। "গী ৫.১১। ২ প্রায়শ্চিত্ত দ্বারা পাপক্ষয়হেতু চিত্তশোধন। "মনু ১১.১৬৫।

আত্মশ্লাঘা স্ত্রী [ষ.ত] আপনার মিথ্যাগুণাবিষ্কারপূর্ব্বক গর্ব্ব; বৃথা আত্মপ্রশংসা; আত্মবিকত্থন।

আত্মসংযম পুং [ষ.ত] চিত্তের ধ্যানৈকাগ্রতা; মনোনিগ্রহ, চিত্তবশীকরণ। "গী ৪.২৭।

আত্মসংস্তুতি স্ত্রী [ষ.ত] আত্মপ্রশংসা, স্বীয়গুণবর্ণন। "তুল্যনিন্দাত্মসংস্তুতি গী ১৪.২৪।

আত্মসংস্থ বিণ [স.ত; স্ত্রী -স্থা] আত্মায় একাগ্রভাবে স্থিত; আত্মনিশ্চল, আত্মৈকাকার। "আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ গী ৬.২৫।

আত্মসন্তুষ্ট বিণ [স.ত] ১ আত্মাতে সন্তুষ্ট (অন্যত্র বীতস্পৃহ); আত্মারাম। তু 'আত্মন্যেব চ সন্তুষ্টঃ গী ৩.১৭। ২ [তৃ.ত] আপনার যাহা কিছু, তাহাতেই তৃপ্ত।

আত্মসন্দেহ পুং [ষ.ত] ১ স্বীয় সংশয়। ২ প্রাণসংশয়, জীবিতসঙ্কট। "হি ১৪।

আত্মসম বিণ [তৃ.ত] ১ আপনার সদৃশ; স্বতুল্য। "রঘু ১৮.১২। ২ মৎসদৃশ, মত্তুল্য। "কু.স ৩.১৩।

আত্মসমর্পণ ক্লী [ষ.ত] সর্ব 'আত্মনিবেদন'। "দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ চৈ.চ ২৮২।

আত্মসম্পন্ন বিণ [তৃ.ত] ১ আত্মসংযমবিশিষ্ট, সংযতাত্মা। ২ বুদ্ধিসম্পন্ন, বিশালবুদ্ধি। "রঘু ১৮.১৮।

আত্মসম্ভব পুং [আত্মা সম্ভব যাহার, বহুব্রী] ১ আত্মা হইতে জাত; আত্মজ, পুত্র। "গো.রা ৩.২০.২২। রঘু ৩.২১। ২ মনোজ, কাম। ৩ ব্রহ্মা। ৪ [সুপ্‌সুপা] 'স্বয়ংজাত', পরমাত্মা। ৫ বিষ্ণু। ৬ শিব। —সম্ভবা স্ত্রী ১ আত্মজা, কন্যা। ২ বুদ্ধি।

আত্মসম্ভাবনা স্ত্রী [ষ.ত] আত্মসম্মান, স্বগৌরব, স্বাভিমান। —সম্ভাবিত বিণ [তৃ.ত] আপনা কর্ত্তৃক পূজিত; যে আপনাকে গুণবত্তাহেতু পূজ্য মনে করে; বৃথা আত্মগুণাভিমানী। "গী ১৬.১৭।

আত্মসম্মিত বিণ [তৃ.ত; বৈদিক] ১ আত্মার তুল্য; আত্মসদৃশ। ২ আপনার মত; স্বসদৃশ। ৩ স্বীয়পরিমাণতুল্য। "আপনি অনেক উপায়ে এই সমস্ত বস্তু আত্মসম্মিত করিয়া তপোনুষ্ঠান দ্বারা মরীচিপ্রভৃতি বেধাদিগকে পরাজিত করিয়াছেন।—কালীপ্রসন্ন সিংহ।

আত্মসহায়তা বি [ষ.ত] আপনার সাহায্য; আত্মনির্ভরতা। "ভিক্ষা পা বল…ক্ষুধা বল সবই সহ্য হয়, কিন্তু ভিক্ষা নহে; ভিক্ষা আমরা সহ্য করিতে পারি না। এখানে কেবল রূঢ় সুদৃঢ় আত্মসহায়তা।—চা.পু ৬৮।

আত্মসাৎ ব্য [আত্মন্+সাৎ (সাতি) 'তদধীনবচন' অর্থে] ১ আপনার অধীন; স্বাধীন, স্বায়ত্ত। "দুরিতৈরপি কর্ত্তুমাত্মসাৎ প্রযতন্তে নৃপসূনবো হি যৎ রঘু ৮.২। জাতং জাতং…মৃত্যুঃ করোত্যাত্মসাৎ।—ভর্ত্তৃহরি। ২ আপনাতে সমারোপিত। "অগ্নীন্ বাপ্যাত্মসাৎ কৃত্বা যাজ্ঞ ৩.৫৪। ৩ আত্মমাত্র (নীলকণ্ঠ)। "মহা ৩ ১২.৩৫; ৩৭। ৪ (বাঙ্‌লায়) আপনার অধীন; স্বীয় আশ্রিত বা ভক্ত। "আত্মসাৎ করি তারে কৈল আলিঙ্গন চৈ.চ ১৩৩। ভক্তি দিয়া জীবে প্রভু কর আত্মসাৎ (চৈ.ভা)। বিষ্ণুদাস উড়িয়াকে কৈল 'আত্মসাথ' চৈ.ম ১৭৬। মোহেন পতিতে কি করিবে 'আত্মসাথ' ন.বি ২১। [আত্মসাথ— পদ্যে মিলের জন্য 'ৎ' স্থানে 'থ'। (ধনাদি) আত্মসাৎ করা—(ধনাদি) হস্তগত করা বা হাতান।]

আত্মসাৎকৃত বিণ [°সাৎ+অভূততদ্ভাবে চ্বি (০)+√কৃ+ত (ক্ত) -র্ম্ম] ১ স্বায়ত্তীকৃত, আত্মাধীনীকৃত। "কৌলী শ্রীরাত্মসাৎকৃতা গো.রা ৪.২৮.৯। হি ৪.৪১। ২ (বাঙ্‌লায়) অসদুপায়ে হস্তগত-করা (ধনাদি)।

আত্মসুখ বিণ [বহুব্রী; স্ত্রী -খা] ১ আত্মাই যাহার সুখকর; আত্মজ্ঞানলাভমাত্রে সুখী। ২ [ষ.ত] আত্মসম্বন্ধী সুখ; আত্মজ্ঞানজন্য সুখ। ৩ আপনার সুখ। [আত্মসুখী—যে আপনারই সুখ চায় (অন্যের সুখ চায় না)।]

আত্মস্তব পুং [ষ.ত] আত্মপ্রশংসা, আত্মশ্লাঘা। "কোঽভিধাস্যতি আত্মসংস্তবে কথাম্ গো.রা ৩.৩৫.২২।

আত্মস্থ বিণ [আত্মন্+√স্থা+অ (ক)-ক] ১ আত্মায় স্থিত; আত্মতত্ত্বগত, আত্মারাম। ২ হৃদয়ে স্থিত, হৃদিস্থ। "আত্মস্থমাত্মানম্… অচিন্তয়ম্ ভ ১.৬.১৬।

আত্মস্বরূপ বি [ষ.ত] আপনার যথার্থ পরিচয় ; স্বীয় পরিচয়। "°জ্ঞান সী ৬৩।

আত্মহত্যা স্ত্রী, **-হনন** ক্লী [আত্মন্+ √হন্+য (ক্যপ্)-ভা+স্ত্রী আ (টাপ্) ; +অন (ল্যুট)-ভা ; উ.ত ; ষ.ত] আত্মাকে (দেহকে) হনন করা ; উদ্বন্ধনাদিতে দেহনাশে প্রাণত্যাগ ; আত্মঘাত।

আত্মহন বি [সং আত্মহন্] (বাঙলায়) যে আত্মভিন্নের (অবস্তুর) উপাসনা বা অসদুপাসনা দ্বারা আত্মাকে অধোগামী করে ; অসতের উপাসক। "আত্মাকে নরকে সেই করে বিক্ষেপণ। তেকারণে নাম তার কহি আত্মহন॥—শ্রী.ম ২৬৪।

আত্মহা (-হন্) বিণ [আত্মন্+ √হন্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ঘ্নী] **১** যে আত্মাকে (দেহকে) হনন করে, দেহনাশে প্রাণনাশক ; আত্মঘাতী। "মহা ১.১৭৯.২০। কাঁদিছে আত্মহা পাপী মে ২৭২। **২** যে আত্মাকে কর্ত্তা ভোক্তা মনে করে ; আত্মতত্ত্বহীন ; দেহাত্মভিমানী। তু 'ময়ানুকূলেন নভস্বতেরিতং পুমান্ ভবাব্ধিং ন তরেৎ স আত্মহা (ভ)। —হা পুং **১** আত্মঘাতী জন। **২** নাস্তিক (A.)। **৩** দেবোদ্দেশে দত্ত দ্রব্য আত্মসাৎ করিয়া যে আত্মাকে হত করে ; দেবাজীব, দেবল।

আত্মহারা বিং যে আপন অস্তিত্ব হারায় ; আত্মবিষয়ে জ্ঞানশূন্য ; বাহ্যজ্ঞানহীন, তদ্গতচিত্ত, তন্ময়, আপন-হারা।

আত্মহিত বিং [চ.ত] আপনার পক্ষে শুভকর ; নিজহিতজনক। —হিত ক্লী নিজ মঙ্গল।

আত্মা (-ত্মন্) পুং [√অত্+মন্ (মনিন্)-ক-১ব, উ ৪.১৫২ ; ছান্দস ; Gr. atmos, aitmen, autos ; Ger. átum, Athem, odem ; A.S. aedhm ; সমাসে পূর্ব্বপদ 'আত্মা'>'আত্ম—আত্মশ্লাঘা ইত্যাদি। বহুব্রীহিতে উত্তরপদ 'আত্মা'—মহাত্মা (পুরুষ, স্ত্রী) ; 'আত্মক' (পুং) 'আত্মিকা' (স্ত্রী)—মারাত্মক (পশু), ব্যবসায়াত্মিকা (বুদ্ধি)।] **১** যাহা ব্যাপ্ত করে বা সঞ্চরণ করে (অ.টী) ; শরীরাধিদৈবত, ক্ষেত্রজ্ঞ, পুরুষ। "আত্মা বৈ জায়তে পুত্রঃ (শ্রুতি)। আত্মানং রথিনং বিদ্ধি।—কঠোপনিষৎ। প্রথমা গতিরাত্মৈব গো.রা ২.৬২.৩৮। **২** স্ব, আপনি (Oneself)। "আত্মানং পুনীমহে শ ১$\frac{১}{৪}$; সর্ব্বঃ কান্তমাত্মানং পশ্যতি ২$\frac{৮}{}$। আত্মকর্ম্মক্ষম রঘু ১.১৩। আসনমাত্মনঃ গী ৬.১১। আত্মা রাখি পর মারে কু.উ ৯১। আত্মা রাখিবারে চাহে ম.পা ১৪১। আছুক অন্যের কার্য্য আত্মা হয় বৈরী ম ৪১৭। আত্মা তাঁরে কৈল নিবেদনে চৈ.চ ১৩৩ ; ১৩৪। আত্ম-অধিকার স.শ ৭০ ; ধিক্ রে আত্মন্! ১৩৮। **৩** প্রযত্ন, চেষ্টা। 'আত্মা শব্দে যত্ন কহে চৈ.চ ২৩৮। **৪** কর্ম্ম। "ত এবাত্মবিনাশায় কল্পন্তে ভ ১.৫.৩৪। **৫** ধৃতি, ধৈর্য্য। 'আত্মা শব্দে ধৃতি কহে, ধৈর্য্যে যেই রমে চৈ.চ ২৩৯। **৬** বুদ্ধি, মতি, প্রজ্ঞা। 'বুদ্ধিরাত্মা (বেদান্তসার)। "গী ৩.৪৩। কিমাত্মনা যো ন জিতেন্দ্রিয়ো ভবেৎ (পঞ্চ)। 'আত্মা শব্দে বুদ্ধি কহে চৈ.চ ২০৯। **৭** বোধশক্তি। **৮** স্বভাব, প্রকৃতি। "মারাত্মক হি ১$\frac{১}{৪}$। 'আত্মা শব্দে স্বভাব কহে চৈ.চ ২৪০। **৯** নিজস্বরূপ, স্বীয়রূপ। "কু.স ৩.২৪। **১০** পরমাত্মা, ব্রহ্ম। "আত্মযোগ। উ.চ ১.১। গী ১৩.২৪। সুহৃৎ প্রিয় আত্মা তুমি শ্রী.ম ২৬৪। 'আত্মা শব্দে ব্রহ্ম দেহ মন চৈ.চ ২৩৭। **১১** দেহ, শরীর। 'স্থূলশরীর আত্মা (বেদান্তসার)। "গী ১৩.২৪। রঘু ১.১৪। মোর আত্মা নিত্যধাম দু ৬০। 'আত্মা শব্দে দেহ কহে চৈ.চ ২৪১। দ্র (১৬)। **১২** মহত্তত্ত্ব, বুদ্ধিতত্ত্ব। "মনু ১.১৫ ; ১২.২৪। **১৩** অহঙ্কার। "ভ ১০.১০.৩০। **১৪** মনঃ, চিত্ত। 'মন আত্মা (বেদান্তসার)। "নষ্ট°, মন্দ°, মহাত্মা। গী ৬.১০, 'বিশুদ্ধি ১২, প্রশান্ত° ১৪ ; অকৃত° ১৫.১১। ধর্ম্ম-আত্মা যুধিষ্ঠির ম ১০০৭। **১৫** ইন্দ্রিয়। 'ইন্দ্রিয়াণ্যাত্মা (বেদান্তসার)। "জিত° গী ৬.৭। বড়াত্মা শি ৪। **১৬** প্রাণ। 'প্রাণ আত্মেতি (বেদান্তসার)। "আত্মজ বিহীনে আত্মা (অর্থাৎ 'প্রাণ' বা 'দেহ') অকারণে রাখি শ্রী.মা ১৯। **১৭** অজ্ঞান। 'অজ্ঞানমাত্মেতি (বেদান্তসার)। **১৮** চৈতন্য। 'চৈতন্যমাত্মা (বেদান্তসার)। "গী ১৩.২৪। **১৯** শূন্য। 'শূন্যমাত্মা (বেদান্তসার)। **২০** হৃদয়, বক্ষঃ। "ন হসন্ নৈব সংজল্পন্ নাত্মানক্ষৈব বীক্ষয়ন্ (আচমেৎ)।—দেবল। "স্ব ভ ১.৬.১৬। **২১** পুত্র। 'আত্মা বৈ পুত্রনামাসি (শ্রুতি)। পুত্র আত্মা (বেদান্তসার)। "আত্মনঃ প্রসবস্যার্থে মহা ৩.৯৬.১৯ ; ১১৫.৩৪। কু.স ২.৬১। **২২** জীব, জীবাত্মা। "ভ ১৪৩০ ; আত্মতত্ত্ববিশুদ্ধ্যর্থ ২.৯.৪। তুমি…আত্মারূপে সর্ব্বত্র বিহারী ম ৭১১। **২৩** জীবনাধায়ক, উপাদেয়তাপ্রযোজক। "বাক্যং রসাত্মকং কাব্যম্ সা.দ ১.৩। কাব্যস্যাত্মা ধ্বনিঃ (ধ্বনিকারিকা)। **২৪** সূর্য্য। **২৫** বায়ু। **২৬** অগ্নি। **২৭** ভার্য্যা (কুল্লুক)। "আত্মোপজীবী মনু ৮.৩৬২। **২৮** (বাঙলায় ; অপ্র) আত্মসম্বন্ধী (আপনার) বস্তুমাত্র ; আমার বলিতে যা-কিছু আছে, তৎসর্ব্বস্ব। "সর্ব্ব আত্মা দানে রাজা না হইএ কাতর গ ৪৮ ; সব-আত্মা কৈলা দান ৭০।

আত্মাধিক বিণ [আত্মা হইতে অধিক, সুপ্সুপা ; স্ত্রী -কা] আপনা হইতে প্রিয়তর। "আত্মাধিকা সুতা ক.সা ১৫.২৩।

আত্মাধীন বিণ [স.ত] **১** আপনার অধীন ; স্বাধীন। **২** প্রাণবান্, বলান্বিত। —ন পুং পুত্র।

আত্মানন্দ বিণ [বহুব্রী] আত্মায় যাহার আনন্দ ; আত্মপ্রীতিমান্, আত্মারাম।

আত্মানুগমন ক্লী (ষ.ত) আপনার পশ্চাদ্‌গমন ; স্বীয় অনুসরণ। "রঘু ১.৮৮।

আত্মানুরূপ বিণ [ষ.ত ; স্ত্রী -পা] আপনার যোগ্য ; স্বসদৃশ। "°রূপা রঘু ১.৩৩। কু.স ১.১৮।

আত্মানুশাসন বি [ষ.ত] আত্মার বিশেষ উপদেশ ; আত্মতত্ত্বোপদেশ। "শ্রী.ম ২৬৪।

আত্মাপরাধ পুং [ষ.ত] **১** আত্মদোষ, স্বীয়ব্যতিক্রম। "°জ (দুঃখ) গো.রা ৫ ৭৯.৫। **২** স্বীয় কুকর্ম্ম ; আত্মদুষ্কৃত। "আত্মাপরাধবৃক্ষ হি ১.৪২।

আত্মাপহার পুং [আত্মার অপহার, ষ.ত] অন্যের নিকটে নিজবংশাদিপরিচয়-গোপন ; স্ব-স্বরূপাপলাপ। "°রং করোমি শ ১$\frac{১}{৬}$। —হারক বিণ [ষ.ত ; স্ত্রী -রিকা] যে বংশাদিতে একপ্রকার হইয়া, ভদ্রসমাজে অন্য প্রকার বলে ; স্বীয়পরিচয়-গোপনকারক। "মনু ৪.২৫৫। —হারী (-রিন্) বিণ [আত্মন্+অপ+ √হৃ+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] সর্থ 'আত্মাপহারক'। 'মহা ১.৪৭.২৭ ; ৫.৪২.৩৭। যে ব্যক্তি মনে একপ্রকার জানিয়া মুখে অন্য প্রকার বলে, সেই আত্মাপহারী।—কালীপ্রসন্ন সিংহ।

আত্মাপুরুষ বি পুরুষনামী দেহস্থ আত্মা ; জীবাত্মা, জীব, প্রাণ। "আত্মারামের সেই কথায়, আত্মাপুরুষ শুকিয়ে যায় দা ৪৯১। [°ষ খাঁচা ছাড়ে—(ভয়াদিতে) জীবাত্মা দেহ-ছাড়-ছাড় হয় ; প্রাণ বহির্গতপ্রায় হয়। °ষ শুকিয়ে যায়—(ভয়াদিতে) প্রাণ নীরস হইয়া যায়-যায় হয়।]

আত্মাভিমানী (-নিন্) বিণ [আত্মন্+অভি+ √মন্+ইন্ (ণিনি)-ক ১ব ; উ.ত ; স্ত্রী -নিনী] আপনার বিষয়ে অভিমানযুক্ত ; অত্যধিক আত্মসম্মানী। "আত্মাভিমানিতা।—মহা ৩.৩১২.৯৪।

আত্মাভূ বি [সং আত্মভূ ; অপ্র] ব্রহ্মা। "শ্রী.মা ১৭১।

আত্মারাম বিণ [আত্মায় আরাম যাঁহার, বহুব্রী ; স্ত্রী -মা] **১** আত্মা যাঁহার আনন্দস্থান ; যাঁহার ব্রহ্মে সুখানুভব ; ব্রহ্মানন্দভোগী। "আত্মা-

রামান্ত মুনয়ঃ ভ ১.৭.১০। বে ১.২৩। আত্মারাম সুখধাম সদানন্দময় শি ১১। ২ জ্ঞানার্থ বতমান যোগী (ত.বা)। ৩ যিনি, ব্রহ্ম দেহ মন বস্তু ধৃতি বুদ্ধি স্বভাব—এই সাতটিতে আরাম (সুখ) অনুভব করেন। "°গণ চৈ.চ ২৩৩। —রাম পুং ১ যোগীন্দ্রবিশেষ (ত.বা)। ২ (বাঙলায়) শিব। "আত্মারাম আদি রামরসে…ভোর শি ৩৩। ৩ দেহ যাহার রমণস্থান, জীবাত্মা, জীব। "সকল শরীরে আছি নাম আত্মারাম দু ৬০। ৪ আত্মনিরত ভক্ত বা সাধক। "আত্মারামের আত্মা কালী, প্রমাণ প্রণবের মতন।—রামপ্রসাদ। ৫ টিয়া ময়না শালিক ইত্যাদি কৃষ্ণরামনামাদি-পড়ার পাখী; পড়াপাখী; (গৌণার্থে) মনপাখী। "কালী কালী কালী পড় মন, কালীপদে রাখ প্রীতি। ওরে পড় বাবা আত্মারাম, আত্মজনের কর গতি॥ —রামপ্রসাদ। পড় বাবা আত্মারাম! দা ৪৯১।

আত্মার্থ বিণ [নি.স; স্ত্রী -র্থা] আপনার নিমিত্ত; আত্মনিমিত্তক। "মহা ৩.৭১.১৮। —র্থে বা [ষ.ত] সর্থ 'আত্মার্থ'। "আত্মার্থে পৃথিবীং ত্যজেৎ (সু.র)।

আত্মাশ্রয় বিণ [বহুব্রী] ১ আত্মাই যাহার আশ্রয়; স্বাবলম্বী। ২ চিত্তাশ্রিত। —য় পুং ১ আপনার আশ্রয়; স্বাবলম্বন। ২ (ন্যায়ে) একাদশ তর্কদোষের একতম। যেমন, 'মনুষ্যই মনুষ্য'—বলিলে, মনুষ্য-লক্ষণ বলা হয় না। ইহা 'আত্মাশ্রয়' দোষ।

আত্মীয় বিণ [আত্মন্+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে] ১ আত্মসম্বন্ধী, স্বীয়, নিজ। "রঘু ৭.৬৮। দ্যুতিমাত্মীয়াম্ কু.স ২.১৯। ২ আত্মাধীন, স্ববশ। "এনং প্রজ্ঞাবলেনাত্মীয়ং করিষ্যামি হি ২৪৪/৮। —য় বি (বাঙলায়) স্বজন, জ্ঞাতি, অন্তরঙ্গ, বন্ধু।

আত্মেশ্বর পুং [আত্মার ঈশ্বর, ষ.ত] মনের নিয়ন্তা; সংযতমনাঃ, বশী। "°শ্বরাণাং ন হি জাতু বিঘ্নাঃ কু.স ৩.৪০।

আত্মোৎসর্গ বি [ষ.ত] আত্মবিসর্জন, দেহত্যাগ।

আত্মোদয় পুং [আত্মার উদয়, ষ.ত] স্বীয় উন্নতি; স্বাভ্যুদয়। "মাঘ ২.৩০।

আত্মোদ্ভব বিণ [আত্মা উদ্ভব যাহার, বহুব্রী] ১ যাহার আত্মা জন্ম-স্থান; আত্মজাত। ২ মনোজাত। —ব পুং ১ আত্মজ, পুত্র। ২ মনোজ, কাম। ৩ চিত্তজাত শোকদুঃখাদি। —বা স্ত্রী ১ আত্মজা, কন্যা। ২ বুদ্ধি।

আত্মোপজীবী (-বিন্) পুং [আত্মন্+উপ-√জীব্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] ১ দেহ (কায়ক্লেশ) দ্বারা জীবনধারক; শ্রমজীবী, ভারিকাদি। "মনু ৭.১৩৮। ২ স্ত্রী-বিনিময়ধনে প্রাণধারক; ভার্য্যোপজীবী। "মনু ৮.৩৬২।

আত্মোপম বিণ [আত্মার সহিত উপমা যাহার, বহুব্রী; অথবা, আত্মার সদৃশ, নি.স ('উপম' সদৃশার্থ); স্ত্রী -মা] আত্মসদৃশ, স্বতুল্য। —পম পুং পুত্র।

আত্মোপম্য ক্লী [আত্মনঃ ঔপম্য, ষ.ত] আপনার উপমা; স্বসাদৃশ্য। "গী ৬.৩২। হি ৪.৫৭।

আত্যন্তিক বিণ [অত্যন্ত+ইক (ঠক্) স্বার্থে, অত্যন্তমেব ভবতি (শঙ্কর); স্ত্রী -কী] ১ অত্যন্ত, অনন্ত, নিত্য। "সুখমাত্যন্তিকম্ গী ৬.২১। আত্যন্তিক শ্রেয় ভ.গ্র ২৬৭। আত্যন্তিক দুঃখনাশ চৈ.ভ. ৮৩। ২ যাবজ্জীবিক, মরণপর্য্যন্ত। "মনু ২.২৪২; ২৪৩। ৩ অত্যন্ত, অতিশয়িত। "কঃ করিষ্যতি রামস্য প্রিয়মাত্যন্তিকং হরিঃ গো.রা ৫.১.৩০। ৪ সমগ্র, সম্পূর্ণ, অখিল (M.W.)। "°প্রলয়। [°দুঃখ-নিবৃত্তি (স্ত্রী)— যাদৃশী দুঃখনিবৃত্তির পর আর দুঃখ হয় না (সাংখ্যতত্ত্ব-কৌমুদী)।]

আত্যয়িক বিণ [অত্যয় + ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] ১ অত্যয়সম্বন্ধী, ব্যসনকর, নাশজনক (কার্য্য)। "মনু ৭.১৬৫। ২ অশুভ, অকল্যাণ। "মহা ২.৫.৮৪। ভক্তি ৩.২৫। ৩ দুর্নিমিত্তসূচক।

আত্রি বি [সং রাত্রি; অপ্র] রাত্রি। "গো.চ ৬; ৮০।

আত্রেয় পুং [অত্রি+এয় (ঢক্) তদপত্যার্থে, পা ৪.১.১২২; স্ত্রী -য়ী] ১ অত্রির অপত্য (পুত্র); দত্ত, দত্তাত্রেয়। 'ভ ২.৭.৪। ২ চন্দ্র। 'ভ ৪.১.১৫; ৩২। হ ২৫.৬-৮। রঘু ২.৭৫। ৩ দুর্ব্বাসা। 'ভ ৪.১.৫; ২। ৪ (দুর্ব্বাসার রূপে?) শিব। ৫ দেহস্থ রসবিশেষ, রসধাতু (Chyle)। ৬ অত্রির পৌত্রাদি। —য়ী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অত্রিকন্যা-প্রভৃতি, অত্রিগোত্রা নারী। "যাজ্ঞ ৩.২৫০, মিতাক্ষরা। ২ অত্রিসম্বন্ধিনী নারী (?); অত্রিপত্নী তাপসী অনসূয়া। ৩ ব্রাহ্মণী। "মনু ১১.৮৮; °ঘ্ন (কুল্লুক)। ৪ ঋতুমতী, ঋতুস্নাতা। "মনু ১১.৮৮, কুল্লুক। যাজ্ঞ ৩.২৫০, মিতাক্ষরা।

আথ বি [সং অস্ত >প্রা অত্থ >বা আথ; অপ্র] অস্ত। "সুরুজ পশ্চিমে আথ জাএল শ্রী.কী ৭৮; ২৮৩।

আথরপাথর বি [পাথর >আথর (অনুশব্দ); মৈ অথল পথল —প্রস্তর, 'অথল'—A jingling word of no meaning.] প্রস্তরাদি কঠিন পদার্থ; পাথর কাঁকর ইত্যাদি। "আথরপাথর কাট কেটে ফেল হাড় ভা.চ ৩১৫।

আথর্ব্বণ বিণ [অথর্ব্বন্ + অ (অণ্) তৎসম্বন্ধার্থে, স্ত্রী -ণী] ১ অথর্ব্বসম্বন্ধী, অথর্ব্ববেদবিহিত। "আথর্ব্বণ (অভিচার) ম.চ ১.৬২। ২ অথর্ব্বপাঠক বা অথর্ব্ববেত্তা ব্রাহ্মণ। ৩ অথর্ব্বকল্পজ্ঞ পুরোহিত। ৪ পুরোহিত। ৫ [+অ তদপত্যার্থে] অথর্ব্বার অপত্য বা সন্তান। —ণ ক্লী ১ অথর্ব্বমন্ত্রসমূহ। ২ অথর্ব্ববিহিত অভিচারাদি-কর্ম্ম বা কর্ম্মমাত্র। ৩ শান্তিগৃহ। —ণি পুং পুরোহিত (মেদিনী), অথর্ব্ববিৎ ব্রাহ্মণ।

আথান্তর বিং [দ্র 'অথান্তর'] অবস্থান্তরপ্রাপ্ত, দুর্দ্দশাপন্ন, বিপন্ন। "শশব্যস্ত আথান্তর…পালায় পাপাত্মাগণ।—হেম ১০১। —ন্তর বি ১ বিপদ্, দুর্দৈব। "আক্ষা…লঅঁ ভৈল আথান্তর শ্রী কী ৯৬। এতেক আথান্তর কৃ উ ১৬৯। পড়িল আথান্তর ১৯৯। এ সব আথান্তর ম.ম ৮৫। পড়িলেন…শৈব্যা আথান্তরে কৃ ১২। পড়ে আথান্তর ব.প ৮২২। পড়িল মোর কোন আথান্তর ম.বি ২১২। ২ দুরবস্থা, দুর্দ্দশা। "তোহ্মা দেখী রাধার না করে আথান্তর শ্রী.কী ২১৯। গলে লেজ রাবণেরে পেলায় সাগরে। তরাতরি রাবণ সাঁতারে আথান্তরে॥—কৃ.উ ৬৮। ৩ দশান্তর, মৃত্যুদশা। "অজর অমর মুনি, তাহে কেন এত আথান্তর ম.ম ২৮। ৪ অশান্তি, ঝগড়া, গণ্ডগোল। "শূন্য ঘরে চণ্ডী হেথা পাতে আথান্তর ম.ম ১৭; পদ্মাসনে আথান্তর ৯৯। ৫ অপবাদ, কলঙ্ক। "স্বতন্তর হইলে নারী ফলে আথান্তর ম.ম ২৩০। [°র পড়া—বিপদ্ ঘটা। °র পাড়া—বিপদ্ ঘটান। °র পাতা—অশান্তি ঘটান। °রে পড়া—বিপদে পড়া। °রে ফেলা—বিপদে ফেলা।]

আথালি বি ['অস্থল'—মূল; অপ্র] অপকৃষ্ট স্থান; নোংরা জায়গা। "সকলেই কহে, বহু এতো শোকাকুলি। হইয়া কান্দয়ে কেনে পড়িয়া আথালি॥—ভ.গ্র ২১৯।

আথালিপাথালি ক্রি.বিং ['অস্থল-প্রস্থল'—মূল; অপ্র] ১ অস্থানে-সুস্থানে; স্থানে-অস্থানে, যেখানে-সেখানে, ইতস্ততঃ, সর্ব্বত্র। "°লি লোক ঘুমে অচেতন ব.প ৪৭৪; °লি, পড়িছে গাদালি, বন উপবন তরু ১৩৬২। °লি পড়ে একশত ঠাট ম.ম ৭৫; ৯৮। কৃ.উ ৪৫। ম ২০৩; পড়িল…আথালিপাথালি ৭৬১; ৭৬৮। ২ যেখানে-সেখানে, নির্ব্বিচারে, নির্ব্বিশেষে। "অগ্নিমধ্যে ফেলাইল আথালিপাথালি ম.ম ১০৯; (রামকলা) °লি কাটি দিল মুণ্ডমালা ১৯৯। °লি মারে রাবণের মাথে কৃ.উ ৮৭। ৩ (শরীরসম্বন্ধে) স্থানে-অস্থানে, যেখানে

সেখানে, সকল গায়ে, চারিদিকে। "°লি মারে দুহাতিয়া বাড়ি দু ২১২। °লি মারে বন্দুকের ছড়া শ্রী.মা ২২০। শর শেল শুলি, আথালি-পাথালি, সামালি চলিছে ঢাল শ্রী ১৬; শর শুলি আথালিপাথালি তালি খায় ১৬৫; ২২৪; ২৩২। [আথালীপাথালী—সর্থ 'আথালিপাথালি'। "°লী পড়ে চতুরঙ্গসেনা ম ৬৫১। °লী ব্যাঘ্র মারে লেজবাড়ি বা.ম ৩৫।]

আথিবিথি ক্রি.বিং সর্থ 'আতিবিতি'। "আথিবিথি সুন্দরে দেখিতে ধনী ধায় ভা.চ ৩০৮।

আথেব্যথে, -ব্যাথে ক্রি.বিং অতিব্যস্তে > আথেব্য(ব্যা)থে, তু 'আথিবিথি'; অস আথেবেথে—অতিসমাদরে; অপ্র] ১ অতিব্যস্ত-ভাবে, সত্বর, তাড়াতাড়ি (কোপে, সম্ভ্রমে, প্রসাদনে, ভয়ে)। "আথে-ব্যথে বৃষরথ সাজাইল নন্দী ম.ম ৬; (অতিকোপে দেবী) আথেব্যাথে ফেলাইল ফুলের ঢাকনি ১৭; আথেব্যাথে ধাইয়া আসিল দেবগণ ২০; পদ্মার সাক্ষাতে নাগ আসে আথেব্যাথে ৫৯; আথেব্যাথে শিষ্যগণ তুলিলেক গাও ৮৫; ১০৯; ১২৮। সেনা লয়্যা আথেব্যাথে (পুরের বাহির হৈল) শ্রী.ম ২০৯। আথেব্যথে…ধায় চৈ.ভা ২৫১; আথেব্যথে চক্র আসি উপসন্ন হৈল: আথেব্যথে নিত্যানন্দ (পড়িল চরণ ধরি) ২৫৫; আথেব্যথে উঠি ৩০১। ২ লঘুহস্তে। "আথেব্যথে গড়িয়াছে ম.ম ১৭১; আথেব্যথে খাড়ে বুনাইয়া করিল সারা ২৩০; ২৩১। ৩ (পাছে কেহ দেখে, এই ভয়ে) শীঘ্রহস্তে। "লক্ষ্মীন্দরের মরণপথ থুইল ভালমতে। তুলা দিয়া কর্ম্মকার ঢাকে আথেব্যথে॥—ম.ম ১৭১। ৪ (সংবাদ দেওয়ার নিমিত্ত বা বিলম্ব হেতু) শীঘ্রগতি। "আথেব্যথে কাক পত্র লইয়া ছুটে ম.ম ২০৩; আথেব্যথে গেল ২২৮। ৫ (উদ্বেগ-নিরাকরণার্থ বা আনন্দ হেতু) অবিলম্বে, তৎকালে, তৎক্ষণাৎ। "আথেব্যথে নারীগণ জয়কার পুরে চৈ.ভা ২৫; প্রমাদ গণিলা সব ভাগবতগণ। আথেব্যথে নিত্যানন্দ করে নিবেদন॥—২৫৫। আথেব্যথে ঝাঁপ দিয়া জলে করে স্নান ম.ম ২৩১। [আথ্যেব্যথ্যে—সর্থ 'আথে-ব্যথে'। "চৈ.ভা ২৫, টীকা।]

আ'দ '-দ্' বিং [সং আদি; হি আদ; গু আদ (আদ-অন্ত), আধ—প্রথম] ১ প্রথম, সব আগের। "গ্রামের আ'দ বাসিন্দা। ২ পুরাণ, সাবেক, পূর্ব্বপুরুষের। "আ'দ ভিটে, বাড়ী। —দ বি মূল, গোড়া।

আদ, -ধ বিং [সং অর্দ্ধ>লি, প্রা অদ্ধ>বা আধ, -দ; হি আদ, অধ, আধা; ঠ আধা (পদ্যে); গু অধ; অস আদ, -ধা] ১ সমাংশক, ঠিক অর্দ্ধেক। "আধ গলে: আধ ভাল: আধ পট্টাম্বর ভা.চ ৯৪; ৯৫। ২ সমাংশ-আচ্ছাদক। "আধ বাঘছাল ভা.চ ৯৪। ৩ অল্প, ঈষৎ। "আধ বদনে হসি বি.প ১৭। আধ মধুর হাস ব ১৫২। ৪ অসম্পূর্ণ, আংশিক। "আধ সীমন্তে সিন্দুর ক.চ ২৪। ৫ অপূর্ণ, কলামাত্র। "আধ বিধুবর ভালে বি.প ৮৬। ৬ অর্দ্ধ-অনাবৃত, আধখোলা। "আধ উরজ হেরি বি.প ১৭। আধ বদনে হেরি লোচন আধ। দেখব কিয়ে অরু পুন ভেল সাধ॥—বি.সা ২৯। ৭ অর্দ্ধ, কিয়দংশ। "আধ আঁচর খসি: আধ আঁচর ভরি বি.প ১৭। আধ মুখ ঢাকিলেঁ শ্রী.কী ২৪৩। ৮ অস্পষ্ট, ঈষৎ। "আধ হি নয়ান তরঙ্গ বি.প ১৭। ৯ অর্দ্ধোচ্চারিত, অস্ফুট, ভাঙা-ভাঙা। "(ধনীর গৌরী) কহইতে কহ পদ°-পদ পদ আধ। —গো ১৫২। ১০ অস্পষ্ট, অপরিস্ফুট, মৃদু। "তখন ঊষার আধ আলো, পড়েছিল মুখে দুজনার চ.কা ৪৭। ১১ মৃদু, মন্থর, ধীর। "আধ চরণে। আধ চলনি ব ১৫২। ১২ কতিপয়, কয়েক, এক-আধ। "অকল পরশিতে চঞ্চল কান। রাই করল আধ পদ পয়ান॥—গো ১৫১। —ধ ক্রি.বিং ১ অল্প, ঈষৎ। "আধ মুদিত…লোচন বি.সা ২০৯। চৈ.ম ২৮। ২ প্রায়, ঈষৎ, অসমাপ্ত। "°পাকা, °বুড়া, °সিদ্ধ ইত্যাদি। ৩ প্রায়। "অন্ত উদাস আধ দেখি চৈ.ম ২৮। ৪ অল্প, একটুও, কিছুই।

"নয়নক সাধ, আধ না পূরল।—গো ১০৪। ৫ আড়ভাবে, আড়চোখে। "আধ নেহারবি বঙ্কিম গীম বি.প ৫২। [আধ-আনা (হি অধন্না)—দু পয়সা। আধখান—অর্দ্ধখণ্ড, কিয়দংশ (দ্রব্য); (রোগাদিতে) অর্দ্ধাবশিষ্ট দেহ। আধ তিল—অত্যল্প কাল। "দিবস তিন আধ রাখবি যৌবন বি.সা ২৭২। দ্র ২২১। আধপাই (হি—অধপাঈ)—আধপোয়া। আধপাকা—প্রায় পাকা (ফল)। আধপাগলা—আধক্ষেপা, ক্ষেপাটে। আধ-পেটা খাওয়া—অর্দ্ধাশন করা। আধমরা—১ প্রায় মৃত। ২ প্রায় মরা বা মজা (নদী)।]

আদত '-ত্' বিং [আ আদত্—অভ্যাস, রীতি; হি আদত—স্বভাব, প্রকৃতি] ১ স্বাভাবিক, বিশুদ্ধ, খাঁটি। "আদত সোনা, জিনিস। ২ প্রকৃতিস্থ, সুস্থ, নীরোগ। "রামসদয় মিত্রের…দেড়খানা গৃহিণী। এক জন আদত—একজন চিররুগ্ন ব.প্র ১৯৬। ৩ উৎকৃষ্ট-জাতি, ভাল-জা'ত। "রামসদয় মিত্রের সাড়ে চারটা ঘোড়া ছিল—নাতিদের একটা পনি, আর আদত চারিটা ব.প্র ১৯৬। ৪ মূল, অর্থাৎ সুদ বা লাভ ছাড়া। ৫ বর্ণজ্ঞানহীন, নিরেট। "আদত মূর্খ, বোকা। ৬ প্রকৃত, বাস্তবিক, খাঁটি (Veritable, pure)। "আদত গাধা, গোরু, চাষা, জিনিস। ৭ মূলীভূত, আদি, প্রকৃত, ঠিক। "আদত কথা, ঘটনা, জায়গা। [আদতে—১ প্রকৃতি-অনুসারে, স্বভাবে, বস্তুতঃ। "আদতে সে ভাল ছেলে, সঙ্গদোষে খারাপ হ'য়েছে। ২ মূলধনে। "সুদ খাও, আদতে হাত দিও না। ৩ মূলে, আদৌ, গোড়ায়। "আদতে একথাই নয়, এ সর্ব্বৈব মিথ্যা। ৪ সর্ব্বসুদ্ধ, একেবারে। "অপারগে, ঋণ যথা-শক্তি দেও, আদতে ন স্যাৎ ক'রো না।

আদন্ত দ্র 'আন্ত'।

আদব -ব্ বি [প্রা আদব্ (১ব), আদাব্ (বহুব)] শিষ্টাচার, ভদ্রতা, নীতি, বিনয়। "গরীব নেওয়াজ বলি আদবে সেলাম বি.সু ১২৩; কুরনিস করে তারা, আদবেতে লোটাইয়া শির ১৪৮। রাণীর বোনঝি হয়েছ ভাগ্যে, জান না আদব!—কা ১০৭। [°কায়দা—শিষ্টাচার ও নিয়ম, রীতিনীতি, আচার-পদ্ধতি। "তার বেলা ল্যাঙ্গা তরওয়ালের পাহারা, আদবকায়দা! হু ৬৮। তাঁহার বিপুল বিস্তীর্ণ হৃদয় সমস্ত আদব-কায়দাকে বিদীর্ণ করিয়া কেমন অসামান্য আকারে ব্যক্ত হইত চা.পু ৬৬।]

আদবইসি, -সী বিং ['আদবয়সীয়া'—মূল] পূর্ণ যুবা; তরুণ-বয়স্ক। "ঘুসকী ও খানকী…আদবইসি ছোড়া সঙ্গে…প্রতিমে দেখ্‌তে আস্‌তে লাগ্‌লো হু ১৯২।

আদবে; আদপে ক্রি.বিং [আদৌ+এ° (?)] আদিতে, মূলে, গোড়ায়, একেবারে। "ঐ সকল কষ্টকর ব্যাপার যাহাতে আদবেই না হইতে পায়…তাহার জন্যও সতর্ক হওয়া আবশ্যক পা.প্র ১৫০।

আদম '-ম্' বি [আ আদম; E. Adam; তু 'আদিম, আত্মমনু, 'আদম্ফ' (শূ ১৪১)] ১ মানবজাতির আদিপুরুষ। ২ মানুষ। [°শুমারী—মানুষগণনা (Census)।]

আদমি, -মী বি [ফা আদমী] ১ আদমের সন্তান; মানুষ। "আদমির হুরমত ও কুদরৎ আ.দু ১৩১। ২ নিযুক্ত পুরুষ; বিভাগীয় লোক। "লস্করে দু তিন লাখ আদমী তোমার ভা.চ ৪৭৮। ৩ সাধারণ লোক (The public)। ৪ লোক (Individual)। "বহ আদমি তোমারা ভাই নেহি, কোই বড়ে আদমী হোগা ব.প্র ৪৭৮। ৫ বীরপুরুষ। ৬ পতি, স্বামী। "মোর আদমী এ কথা মালুম কর্ত্তি পাল্লি, মোরে আর আস্তো রাখপে না।—মা ৩৩৩।

আদম্ফ বি ['আদম'—মূল; অপ্র] আদম। "আদম্ফ হইল মুলপানি শূ ১৪১।

আদয় বি [সং আদি>আদয়ঃ (১মা-বহুব), অপ্র] আদি, প্রভৃতি। "শিলজী মঞ্জুলা পূজী বহুলা-আদয় ভ.প্র ১৭৫।

আদর১ পুং [আ+ √দৃ+অ (অপ্)-ভা] ১ প্রীত্যতিশয় (কাশিকা), অতিপ্রীতি। "অলৌকিক চেষ্টা যেবা কিছু দেখ তান। তাহাতেও আদর করিলে পাই ত্রাণ ॥—চৈ.ভা ৪৮২। সাদর ও সস্নেহ সম্ভাষণ সী ৪। ২ সৎকার, পূজা, সম্মান। "পা ১.৪.৬৩। প্রায়ঃ প্রত্যয়মাধত্তে স্বগুণেষূত্তমাদরঃ কু.স ৬.২০। ৩ আসক্তি, একাগ্রতা। "প্রণামাদর কু.স ৬.৯১। কৃতভূষণাদর কি ৮.৪১। সেই বিধে দিনে দিনে আদর বাড়ায় শ্রী.ম ২৯৪। ৪ যত্ন, প্রয়াস। "মন্দাদর। অভূৎ…দারার্থমাদরঃ কু.স ৬.১৩; অপৌরাদর ৪১। হি ১.১৫৫। ৫ প্রণয়, অনুরাগ। "এত সব আদর গেও দরশাই বি.প ৪০। ৬ বাৎসল্য, স্নেহ। "মাতা সাদরাবদৎ ক.সা ২.৬৭। জননীর আদরের কন্যা শূর্পণখা কৃ ২৭৮। ৭ গৌরব; গোমর। "নেংটা মেয়ের এত আদর, জ'টে বেটা ত বাড়ালে।—রামপ্রসাদ। ৮ আরম্ভ (?)। [আদরের নাম—আদর করিয়া রাখা নাম; ডাকনাম (Pet name)। " 'উমাশশী' নাম তার, 'রাণী' তার আদরের নাম অ.গু ৪০।]

আদর২ সর্ম্ম [সং আ+ √দৃ>প্রা √আদর (হে ৪.৮৩) > বা √আদর; হি, ঠ, গু √আদর; অপ্র] ১ আদর করা; সম্মান বা অভ্যর্থনা করা। "ভার্গবেরে আদরি আনিল চ.বি ১১৮। আদরিয়া পুছিলেন ম.বি ১৭১; কৃষ্ণ…দোঁহা আদরিল ২৫৯। ২ স্নেহ প্রদর্শন করা; ভালবাসা। "মোঙ্গলা কমলা হোতে তোহ্মারে আদরি গো.বি ৯৭। ৩ (অপ্র) আদর করা; আলিঙ্গন করা। "যখন জঠরে ছিলে, তব তাত সেইকালে, আদরিল কাল দণ্ডধরে চ.বি ১১৮। —র অর্থ, যত্ন করা; আগ্রহ করা। "শাক রথহিতে তোহ্মে আদরাহ কেহ্নে শ্রী.কা ৩৯৭। [°অপে(বে)ক্ষা, °গৌরব (একার্থক) বি—আদরযত্ন, যত্ন-খাতির। "শ্বশুরের ঘরে, যদি জামাতারে, আদর-গৌরব হয় (দুর্গাভক্তিতরঙ্গিণী)। °গৌরব ম.ভা ৬।]

আদরক '-ক্' বি [সং আর্দ্রক; হি আদরক] আদা। আদরক মরিচ হিং।—ভ.গ্র ২১৬।

আদরণীয়, আদর্ত্তব্য বিণ [আ+ √দৃ+অনীয় (অনীয়র্), +তব্য, -র্ম্ম] ১ আদরযোগ্য, মান্য, পূজ্য; স্নেহার্হ। ২ গ্রহণীয়, শ্রদ্ধার্হ, গ্রাহ্য।

আদরবাদর বি [বৈষ্ণবসাহিত্যে] আদরের বাদর অর্থাৎ প্রাচুর্য্য; আদরাতিশয়। "আদরবাদরে, বিনয় বেভারে, দেওল কর্পূর পান রা.শে ৮৬।

আদরসিংহাসন বি মেয়েলি ব্রতবিশেষ। [ইহাতে সধবা ব্রাহ্মণীকে আসনে বসাইয়া বেশবিন্যাসপূর্ব্বক সিঁদুর আলতা পরাইয়া খাওয়াইতে হয়। ফল স্বামীর আদর।]

আদরা, -ল ['আদর্শ'—মূল] ১ ঈষৎ সাদৃশ্য। "এর মুখে এর ভাইএর মুখের একটু আদরা আসে। ২ প্রতিবিম্ব। "ঢুলু ঢুলু সেই নেশার নয়নে, যেমতি মূরতি স্ফুরতি পাবে, আপনা-আপনি হৃদি-দরপণে, তেমতি আদরা পড়িয়া যাবে: টানিব…আদরা মাফিক ছু চারি রেখা ব.সু ৩০।

আদরিণী বিং [আদরিন্+স্ত্রী ঈপ্; প্রায় পদ্যে] ১ আদরের পাত্রী; পূজনীয়া, গৌরবিণী। "সর্ব্বমতে আদরিণী হবে মম বরে কৃ ৩৯৯। এস আদরিণী বাণী সা.ম ১১। রাজলক্ষ্মীমধ্যে আমি শ্রেষ্ঠ আদরিণী বিধাতার ম ৪৫৭। ২ ভক্তি দ্বারা পূজ্যা; ভক্তির পাত্রীভূতা। "আদর ক'রে হৃদে রাখ আদরিণী শ্যামা মাকে।—কমলাকান্ত। ৩ স্নেহের পাত্রীভূতা; স্নেহাস্পদ। "বল, মা হ'তে প্রাণ-উমা! কার কাছে এত মা! হ'য়েছে আদরিণী দা ১৬৫৬। ৪ যত্নবিষয়ীভূতা, সাবধানে রক্ষণীয়া। "চির আদরিণী বীণা…ঘুমারে পায়ের কাছে পড়ে আছে অচেতনে সা.ম ২৯। ৫ পতিসৌভাগ্যবতী, পতিসোহাগিনী। "সহকারে বেড়ি ধরে হরষিতচিতে ॥…মাধবিকা লতা প্রেমে অতি আদরিণী বি.পা ১০। যে শ্যামচাঁদের সোহাগে তোমায় আদরিণী বলে ব্রজেতে লু.র ১৮৩।

আদর্শ পুং [আ+ √দৃশ্+অ (ঘঞ্)-খি; বৈদিক] ১ যাহাতে বিম্বিত দেহাদি দৃষ্ট হয়; দর্পণ, আরশি। "গো.রা ৩.২২.১৩। মহা ১.১.২৬০। আদর্শে হিরণ্ময়ে রঘু ১৭.২৬। গী ৩.৩৮। ২ (সাদৃশ্যে) 'গ্রন্থার্থপ্রদর্শক', টীকা। ৩ [+অ-র্ম্ম] যে পুস্তকে পাঠাদি দেখিয়া অন্য পুস্তক লিখিত হয়; মূলগ্রন্থ। ৪ নিদর্শন, প্রতিরূপ। "আদর্শঃ শিক্ষিতানাম্ মৃ ১.৪৮। ৫ যাহার অনুকরণ করা যায়; অনুকরণীয় বস্তুমাত্র; নমুনা। ৬ জনপদসীমাভেদ (ত.বা)। —র্শক পুং [+ক (কন্) স্বার্থে] আদর্শ। "গো.রা ৫.১৩.৪২। —র্দর্শন ক্লী [+অন (ল্যুট্) -খি] দর্পণ। [°চরিত্র (বি)—অনুকরণীয় স্বভাব; উদার-চরিত। °পুরুষ (বি)—যাঁহার চরিত অনুকরণীয়; মহাপুরুষ। °পুস্তক (বি)—মূলগ্রন্থ। °বিদ্যালয় (বি)—অধ্যাপনাপ্রণালী শিখাইবার নিমিত্ত পাঠশালা (Model school)।]

আদর্শক, আদর্শচরিত্র, আদর্শন, আদর্শপুরুষ, -পুস্তক, -বিদ্যালয় দ্র 'আদর্শ'।

আদর্শবিম্ব, -মণ্ডল ক্লী [ষ.ত] দর্পণের প্রতিবিম্ব; দর্পণমণ্ডল। "আদর্শবিম্বে স্তিমিতায়তাক্ষী কু.স ৭.২২।

আদল দ্র 'আদরা'।

আদলি বি [সং অদলা; বা °লী, -লি] ঘৃতকুমারী। "আদলি উপর, কেবা কদলি রোপল রে, ঐছন দেখি উরুযুগ চ.দা ৫। ['আদলি'র অর্থ-সম্বন্ধে নানামত আছে]

আদহন ক্লী [আ+ √দহ্+অন (ল্যুট্)-ভা] ১ দাহ। ২ হিংসা; কুৎসন। ৩ [+অন-খি; তু (ছান্দস) °ন—দহনস্থানমাত্র] শ্মশান।

আদা১ বি [সং আর্দ্রক>লি অদ্দঅ >বা (অদ্দা) আদা; হি, প আদা; ঠ অলে, গু আদু; অস আদা; তু 'আদার—Name of a plant (শতপথব্রাহ্মণ ৪.৫.১০.৪; ৫)] হরিদ্রাজাতীয় একপ্রকার গাছ ও তাহার মূল। [আদা আর কাঁচকলা, আদা কাঁচকলা—আদা অগ্নিবর্দ্ধক, কাঁচকলা উদরের গুরুত্বজনক, সুতরাং, পরস্পরবিরোধী; (গৌণার্থে) সতত বিরুদ্ধভাবাপন্ন দুই জন। "আমাদের ভাব কেমন জামাই শ্বশুরে,…যেমন আদা আর কাঁচকলা দা ১৪৭৫। আদায় কাঁচকলায়—দ্র 'আদা আর কাঁচকলা'। দুইজনে কেমন ভাব?—যেমন আদায় কাঁচকলায়। আদা জল খেয়ে লাগা—আদা-জল অগ্নিবর্দ্ধক, সুতরাং, আহারে বিশেষ রুচিকর; (গৌণার্থে) বিশেষ আগ্রহের সহিত আসমাপ্তি কার্য্যে লাগিয়া থাকা; প্রাণপণচেষ্টায় কার্য্য করা; উঠে-প'ড়ে লাগা। আদা জল খাইয়া পড়িয়া থাকা—অভিষ্টসিদ্ধির নিমিত্ত আগ্রহের সহিত ধর্ণা দেওয়া। "কপাল মন্দ, পড়া-শুনার দরুণ কিছুই লাভ-ভাব হয় না, কেবল আদা জল খাইয়া মহাশয়ের নিকট পড়িয়া আছি আ.হু ৪। আদার ব্যাপারী জাহাজে কাজ কি? বা জাহাজের খবরে কাজ কি?—অল্প পুঁজির ব্যবসাদারের পোতবণিকের সন্ধান করা কেন? (গৌণার্থে) ছোটর মুখে বড়র কথা সাজে কি? অনধিকার-চর্চ্চার আবশ্যক কি? "আদার ব্যাপারী হ'য়ে, জাহাজে কি কাজ গো! —দা ১৭১০। বা.দ ১১। আমরা আদার পচা ব্যাপারী, জাহাজের খবরে কাজ কি?—ব.প্র ৫৪২। আদা ঝালের গাদা—নির্গুণ পুরুষের রাগ-ঝাল বেশী।]

আদা২ বিং [দ্র 'আধা'] অর্দ্ধ। "আদা বয (অর্দ্ধ বয়স) ম.গা ১৫; ১৬।

আদাকাসুন্দী বি আদার আচারবিশেষ। "চৈ.চ ৩১১।

আদাগা বিং [দ্র 'দাগা'] ১ যাহা দাগা নহে; অচিহ্নিত। ২ তপ্ত-লৌহের ত্রিশূলাদিচিহ্নহীন (শ্রাদ্ধের ষাঁড়)।

আদাছেঁচা বি ছেঁচা (থেঁতো-করা) আদা। "(বাথুয়া শাক) রান্ধে দিয়া আদাছেঁচা ম.ম ১৪৫।

আদাড় বি ['আধার'—মূল] ১ (অপ্র) আধার, স্থান। "আওয়াস সুন্দর কৈল কাঁটার আদাড় কৃ.উ ১৭৪। ২ আবর্জ্জনাদি ফেলার স্থান; আঁস্তাকুড়। [আদাড় আঁস্তাকুড়—(একার্থক)—আদাড়। আদাড়-পাঁদাড়—১ আদাড় ও ঘরের কানাচ। ২ এদিক-ওদিক। "মনটি করে আদাড়-পাঁদাড়, ভোলাই তারে কি ছলে গি.ছি ৯৯। আদাড়ে-পাঁদাড়ে—(গৌণার্থে) অস্থানে, অপাত্রে। "মুরারি অবতার হ'য়ে এসেছেন, আদাড়ে-পাঁদাড়ে কৃপা ছড়াচ্ছেন গি.তৃ ৬৫। আদাড়মালী (বি)—বৃক্ষবিশেষ, 'আদাড়বাগ' (?)। "ক.চ ৭৭।]

আদাড়ীয়া, -ড়ে বিং [আদাড়+ঈয়া, -এ] ১ যাহা আদাড়ে ফেলা হইয়াছে; আদাড়ে স্থিত; আদাড়ের (দ্রব্য)। ২ অপরিষ্কৃত, অপবিত্র, নোংরা; জঘন্য, বদ (স্বভাব)। ৩ দুষ্ট, নষ্ট, বদ (ছেলে, মেয়ে)। [যেমন আদাড়ে (বুনো) ওল, তেমনি বাঘা তেঁতুল—বুনো ওলের গাল-ধরা যেমত তীব্র, তীব্র অম্লরসযুক্ত তেঁতুল তাহার তুল্য প্রতিষেধক; যেমন দুর্দ্দান্ত লোক, তেমনি বিশ্ববিজয়ী শাসনকর্ত্তা; যেমন কুকুর তেমনি মুগুর।]

আদাতব্য বিণ [আ+ √দা+তব্য-র্ম্ম] গ্রহণীয়, প্রতিগ্রাহ্য। —দাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ গ্রহীতা, গ্রাহক। ২ প্রতিগ্রহীতা। "মনু ৪.১৯৩; অনাদাতা ৬.৮। যাজ্ঞ ৩.২৫০। —দান ক্লী [+অন (ল্যুট্)-ভা; বৈদিক] ১ গ্রহণ, প্রতিগ্রহ। বিপ 'দান, প্রদান'। "মনু ৭.২০৪। দ্রবিণাদান যাজ্ঞ ১.৬'। কখন আদান কর, কখন সন্ধান। লখিতে না পারি তুমি কারে ছাড় বাণ (দ্র 'মহা ৪.৬৪.৪০)॥ ম ৬৪৬। ২ অর্জ্জন। "আদানং হি বিসর্গায় সতাম্ রঘু ৪.৮৬। ৩ লবন, ছেদন। "কুশাঙ্কুরাদান কু.স ৫.১১। ৪ [+অন-র্ম্ম] উপাদান (মিতাক্ষরা)। "যাজ্ঞ ৩.১৭৫। ৫ অশ্বালঙ্কার, ঘোড়ার সাজ (মেদিনী)। ৬ [+অন-ণ] রোগলক্ষণ। ৭ (বাঙ্‌লায়) বিবাহার্থ কন্যাগ্রহণ। "কন্যাদানাদান। —দানী স্ত্রী হস্তিঘোষা বৃক্ষ। —দায় পুং [+অ (ঘঞ্)-ভা] গ্রহণ (ত বা)। [আদানপ্রদান (বি) ১ গ্রহণ ও দান; দেওয়া-নেওয়া। ২ বিবাহে কন্যাগ্রহণ ও কন্যাসম্প্রদান। "শ্রীগোপাল ছোট সবে ফুলের মুকুটি। আদানপ্রদানে খ্যাত ত্রিকুলে পালটি॥—ভা.চ ২৩।]

আদাতা, -দান, আদানপ্রদান দ্র 'আদাতব্য'।

আদাব '-ব্' বি [আ আদাব্] নমস্কার, সেলাম। "কেউ 'আদাব' কেউ 'বন্দীগি' প্রভৃতি সেলামাক্কির সঙ্গে পানের দোনা উপহার দিয়ে বাবুর অভ্যর্থনা কত্তে লাগলো হু ২১০।

আদামাগুরী বি আদার সহিত পাক-করা মাগুর মাছের ব্যঞ্জন-বিশেষ। "ম.ম ১৪৫।

আদায় বি [আ, হি অদা] ১ পরিশোধ। "তুমি···মোকররি জমা ৩০০৲ টাকা সনং আদায় করিব বলিয়া কবুলতি লিখিয়া দিয়াছ E.P. 44. ২ (বাঙ্‌লায়) গ্রহণ। "পাণ্ডা মজকুরেরা···বক্রেশ্বরে যে বাজার হয়, তাহাতে খাজনা আদায় করিয়া দখলিকার আছে E.P. 48 ৩ শিক্ষা, অভ্যাস। "গান, গৎ আদায় করা। —য়ী বিং ১ যাহা প্রজা দিয়াছে; আদায়-করা (খাজনা, টাকা)। ২ যাহাতে আদায়ের হিসাব লেখা থাকে (কাগজ, ফর্দ, সেহা)। [আদায় ওসুল করা—প্রাপ্য গ্রহণ করা ও হিসাবে প্রাপ্য হইতে বাদ দেওয়া। "আমার কিছু লহনা প'ড়ে রয়েছে, সেগুলা যতদূর হয়, আদায়-ওসুল ক'রে নিয়ে যাই ব.প্র ৫২৩। আদায় তহশীল করা—প্রজার খাজনা শোধ ও কর্ম্মচারীর তাহা গ্রহণ করা। আদায়-তহশীল হওয়া—প্রজার খাজনা দেওয়া ও তাহা গৃহীত হওয়া। "কেন, আদায়-তহশীল হইতেছে না?—ব.প্র ৫১৯।]

আদায়ী (-য়িন্) বিণ [আ+ √দা+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] গ্রহণশীল, গ্রাহী। "পরস্বাদায়ী মনু ৭.১২৩; অদত্তাদায়ী ৮.৩৪০।

আদার বি [আধার২ > 'র] ১ খাদ্য, পাখীর ছানার খাদ্য। ২ [অপ্র] বহ্নিভোজ্যদ্রব্য, দাহ্যবস্তু। "শণ পাট ঘৃত তৈল আনিল আদার ব.প ৫১০। [পাখীর আদার—(সাদৃশ্যে) শিশুর খাদ্য।]

আদালত বি [আ আদালত্] বিচারালয়, কোর্ট।

আদাশ বি [হি অরদাস (ফা আ'র্‌জ্-দাশ্‌ত্)] কৃপাপ্রার্থনা, নিবেদন। "রত্নদীপ সারি সারি, আদাশ করিল চ.বি ৩৮৭।

আদি১ বিণ [আ+ √দা+ই (কি)-র্ম্ম; বৈদিক; 'আদি' অজহল্লিঙ্গ; "আদিঃ কলত্রম্ (অ.টী)] ১ 'প্রথম-গৃহীত', প্রথম, পূর্ব্ব, আদ্য। "°কবি, °কারণ, °রাজ। °পুরুষ রঘু ১০.৬। আদি ক্ষত্রি তুমি বাস ক.চ ৫৫। আদি গৌড়ব্রাহ্মণ পা.প্র ৯১। আদি বাড়ী ওদের আমাদেরই দেশে অ.গ্র ৭২। ২ শ্রেষ্ঠ, প্রধান। "আত্মারাম আদি রামরসে···ভোর শি ৩৩। —দি পুং ১ পূর্ব্ব, প্রথম। "জগদাদিরনাদি-স্ত্বম্ কু.স ২.৯। গী ৪.৪। অনাদি কারণ তুমি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ প্রাথম্য। "পা ২.৪.২১, সি। ৩ গণের প্রথম; প্রভৃতি; ইত্যাদি। "মরীচ্যাদি মনু ১.৫৮। কাদি ('ক'-আদি বর্ণ) জ.প ৭২। শি ২৯। ত্রিলোচন-আদি ভা.চ ১৬। বিশ্বামিত্র।—তোমার স্নানাদি হয়েছে? কামন্দক।—স্নান হ'য়েছে, কিন্তু আদি-টাদি···হয় নি।—অ.গ্র ২৪। ৪ কার্য্যের প্রথম; আরম্ভ। "অপ এব সসর্জ্জাদৌ মনু ১.৮। ৫ নিয়তপূর্ব্ববর্ত্তি-কারণ, মূলকারণ। "ভূতাদি গী ৯.১৩; অহমাদির্হি দেবানাম্ ১০.২। তুমি আদি ম ৮১৮। ৬ প্রাক্‌সত্তা। ৭ জন্ম, জন্মকারণ। "আদ্যন্তবন্তঃ গী ৫.২২; ১০.২০; অনাদিমধ্যান্ত ১১.১৯। ন তুয়া আদি অবসানা বি.প ২১৯। ৮ উপক্রম, আরম্ভ। "অনাদি কাল (রবীন্দ্র)। অনাদি সিন্ধু।—গান ১৭৪। ৯ অবয়ব। ১০ নৈকট্য, সামীপ্য। ১১ ব্যবস্থা। "ভূবাদি পা ১.৩.১; শ্রেণ্যাদি ২.১.৫৯। ১২ প্রকার। "কৃতাদি পা ২.১.৫৯। ১৩ প্রকৃতি। "(নমঃ) পুরুষয়াদিবীজায় ভ ৮.৩.২। [আদি-উপান্ত—আদ্যোপান্ত, প্রথমে ও শেষে। "আদি-উপান্ত পাই তোমার দর্শন কৃ.উ ২৭১। আদি করি—আদি বলিয়া ধরিয়া। "ভগবতী আদি করি দেবী কৃ ৮৮।]

আদি২ বিণ ['অ' অথবা 'আ' আদি যাহার, বহুব্রী] ১ অকারাদি, অবর্ণ-প্রভৃতি। "আদি বরণাবলী জ.প ৭২। ২ আকারাদি (M.W.)।

আদিক বিণ [আদি১+ক (কপ্) সমাসান্ত; স্ত্রী -কা] প্রভৃতি (সমাসে উত্তরপদ)। "অগ্নিষ্টোমাদিক মনু ২.১৪৩; ৮.২৬। ক্রিয়া বৃষোৎসর্গাদিকা।—পঞ্চ ১২৳। ইত্যাদিক।—ভর্ত্তৃহরি। রামচন্দ্রাদিক না আইল ন.বি ৯৯; ছাগাদিক ১২৯; খড়্গাদিক ১৪৪।

আদিকচ্ছপ পুং [কর্ম্মধা] প্রথম কচ্ছপ; কূর্ম্মাবতার। "বিভ্রৎ তদাবর্ত্তনমাদিকচ্ছপঃ ভ ৮.৭.১০।

আদিকর্ত্তা (-র্ত্তৃ) পুং [কর্ম্মধা] ১ আদিকারণ, জনক। "ব্রহ্মণোঽপ্যাদিকর্ত্রে গী ১১.৩৭। ২ ঈশ্বর (ত.বা)। ৩ (বাঙ্‌লায়) বংশপ্রবর্ত্তক প্রথম পুরুষ। "আদিকর্ত্তা আপন বংশের দিবাকর কৃ ৩১৯।

আদিকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [কর্ম্মধা] আদিভূত ক্রিয়াক্ষণ; ক্রিয়ারম্ভ, প্রবৃত্তি (দ্র 'মাঘ ৪.৫৭, মল্লিনাথ)। "পা ৩.৪.৭১।

আদিকবি পুং [কর্ম্মধা] ১ প্রথম কবি; ব্রহ্মা। "ভ ১.১.১। আদি-কবি বিধি বা.দ ১২। ২ বাল্মীকি। "গদগদ আদিকবি সা.ম ১০। ৩ (বাঙ্‌লায়) প্রথমকাব্যকার। তুমি আদিকবি, কবিগুরু তুমি হে।—রবীন্দ্র।

আদিকাণ্ড ক্লী [কর্ম্মধা] রামায়ণের সপ্তকাণ্ডের প্রথম কাণ্ড; বালকাণ্ড।

আদিকারণ ক্লী [কর্ম্মধা] ১ মূলকারণ। ২ (সাংখ্যে) প্রধান, প্রকৃতি। ৩ পরমেশ্বর। ৪ পরমাণু। ৫ বীজগণিত।

আদিকাল পুং [কর্ম্মধা] ১ প্রথম কাল; পূর্ব্বকাল। "গো.রা ৩.২০.৬। ২ (বাঙলায়) সত্যযুগ, অতিপূর্ব্বকাল, মান্ধাতার আমল। "মাথায় পিঙ্গল জটা আদিকালের বুড়া বি.পা ৪৯। ৩ সৃষ্টির প্রারম্ভকাল। "জানি জানি কোন্ আদিকাল হ'তে, ভাসালে আমারে জীবনের স্রোতে।—রবীন্দ্র।

আদিকাব্য ক্লী [কর্ম্মধা] প্রথম কাব্য, রামায়ণ। "বাল্মীকীয় আদিকাব্যে বালকাণ্ডে প্রথমঃ সর্গঃ। [বাল্মীকি প্রথমে সমাক্ষর (যথাবিধি গুরুলঘুবর্ণযুক্ত অষ্টাক্ষরপাদ-বদ্ধ) অনুষ্টুপ্‌ছন্দে রামায়ণ রচনা করেন। এই হেতু রামায়ণ আদিকাব্য। তু 'রামস্ত চকার…সমাক্ষরৈঃ শ্লোকশতৈঃ…কাব্যমুদারদর্শনঃ রা ১.২.৪২।]

আদিজননী বি [কর্ম্মধা] প্রথম জননীসদৃশ উৎপত্তিস্থান; আদিযোনি। "হে আদিজননী সিন্ধু, বসুন্ধরা সন্তান তোমার চ.কা ১১১। তু 'অপ এব সসর্জ্জাদৌ মনু ১.৮।

আদিতঃ (-তস্) বা [আদি+তঃ (তসি) তৃতীয়াদিস্থানে] ১ আদি দ্বারা বা হেতু। "রামসন্দর্শনাদিতঃ রা ১.৫১.৭। ২ আদি হইতে; প্রথম বা পূর্ব্ব হইতে। "রা ১.৫.৪। ৩ আদিতে, প্রথমতঃ, প্রথমে। "মনু ১.৩৪; ৫৮।

আদিতাল পুং [কর্ম্মধা] একলঘুমাত্রক তালবিশেষ (সঙ্গীতদামোদর)।

আদিতেয় পুং [অদিতি+এয় (ঢক্) তদপত্যার্থে; ছান্দস] ১ অদিতির পুত্র; দেব। ২ সূর্য্য। ৩ ইন্দ্র। "মে ১৪৭।

আদিত্য বিণ [°ত্য+অ (অণ্) তৎসম্বন্ধাদি অর্থে; স্ত্রী -ত্যা; ছান্দস] ১ আদিত্যসম্বন্ধী, দেবসম্বন্ধী। ২ সূর্য্যবংশজাত। "°ত্যৈঃ… নৃপতিভিঃ উ.চ ৬.১৮। ৩ সূর্যদেবতাক (চরুমন্ত্রাদি)। ৪ সূর্য্যোপাসক। ৫ [অদিতি+য (ণ্য)] অদিতিসম্বন্ধী। —ত্য পুং [+য অপত্যার্থে (অ.টী)] ১ অদিতির পুত্র; দেব। "আদিত্যা ইন্দ্র আদি গ ১৯। ২ সূর্য্য। "°দর্শন, °মণ্ডল। °বর্ণ গী ৮.৯। মনু ৩.৭৬। [ত্বষ্টার কন্যা সংজ্ঞা সূর্য্যতেজ সহ করিতে অসমর্থ হইলে, ত্বষ্টা সূর্য্যকে দ্বাদশ খণ্ডে বিভক্ত করেন। দ্বাদশ মাসে এই দ্বাদশ আদিত্যের উদয় হয় (শ.ক)।—মাঘে অরুণ, ফাল্গুনে সূর্য্য, চৈত্রে বেদজ্ঞ, বৈশাখে তপন, জ্যৈষ্ঠে ইন্দ্র, আষাঢ়ে রবি, শ্রাবণে গভস্তি, ভাদ্রে যম, আশ্বিনে হিরণ্যরেতাঃ, কার্ত্তিকে দিবাকর, অগ্রহায়ণে চিত্র (মিত্র?) ও পৌষে বিষ্ণু। হরিবংশমতে দ্বাদশ নাম—ধাতা অর্য্যমা মিত্র বরুণ অংশ ভগ বিবস্বান্ ইন্দ্র পূষা পর্জ্জন্য ত্বষ্টা ও বিষ্ণু (৯.৫০-৫৪)। দ্র 'বিষ্ণুপুরাণ ১.১৫.১৩০-১৩২ শ্লোক। প্রলয়ে এই দ্বাদশ আদিত্য উদিত হইয়া প্রলয়পয়োধি শোষণ করে (মহা ৩.৩.৫৯)।] ৩ অর্কবৃক্ষ। ৪ (বাঙলায়) শ্রেষ্ঠার্থ। "ধাতা বিন্দু সাগরেন্দু শকাদিত্যসনে ম.পা ৩; ১৮১। [শকাদিত্য—শকরাজ শালিবাহন।] ৫ কায়স্থের উপাধিবিশেষ তু 'আইচ'। "ব.প ৩১৭। —ত্য পুং ১ (দ্বিব) অদিতিদেবতাক পুনর্ব্বসুনক্ষত্র। ২ (বহুব) ইন্দ্রাদি দ্বাদশ দেবতাগণ—ইন্দ্র ধাতা মিত্র অর্য্যমা বরুণ অংশ ভগ বিবস্বান্ পূষা সবিতা ত্বষ্টা ও বিষ্ণু (মহা ১.৬৫.১৫-১৬)। "আদিত্যানামহং বিষ্ণুঃ গী ১০.২১; ১১.৬। [ঋগ্বেদে (২.২৭.১) মিত্র অর্য্যমা ভগ বরুণ মিত্র অংশ—এই ছয়টি এবং স্থানান্তরে (৯.১১৪.৩) ও শতপথব্রাহ্মণে (৩.১.৩.৩) সবিতা (?) লইয়া সাতটি আদিত্যগণ। তৈত্তিরীয়ে মিত্র-প্রভৃতি চারিটি এবং ধাতা অংশু ইন্দ্র বিবস্বান্—এই আটটি। মহাভারতে (১.১২৩.৬৬,-৭) 'অংশ'-স্থানে 'পর্জ্জন্য' ও হরিবংশে (৩.৬১,-২) 'ইন্দ্র'-স্থানে 'শক্র' আছে। গরুড় অরুণ এবং বৃহস্পতিও আদিত্যগণের অন্তর্ভূত (মহা ১.৬৬.৩৯)।]

আদিত্যদর্শন ক্লী [ষ.ত] ১ সূর্য্যদর্শন। ২ জন্মের চতুর্থ মাসে অনুষ্ঠেয় সংস্কারবিশেষ; নিষ্ক্রমণ। 'বিষ্ণু ২৭.১০।

আদিত্যপাক পুং [তৃ.ত] সূর্য্যকিরণে পাক, আতপপাক।

আদিত্যবর্ণ বিণ [উ.বহুব্রী] ১ সূর্য্য-বর্ণের তুল্য বর্ণ যাহার; লোহিত ২ সূর্য্যবৎ যাহার জগদবভাসক প্রকাশ; সর্ব্বজগৎপ্রকাশক। "গী ৮.৯

আদিত্যসুনু পুং [ষ.ত] ১ সূর্য্যপুত্র, সুগ্রীব। ২ যম। ৩ শনৈশ্চর। ৪ সাবর্ণিমনু। ৫ কর্ণ। ৬ বৈবস্বতমনু।

আদিৎসা স্ত্রী [আ+√দা+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] আদানের ইচ্ছা; গ্রহণেচ্ছা, জিঘৃক্ষা। —সু বিণ [+উ-ক; স্ত্রী -সু] ১ গ্রহণেচ্ছু, জিঘৃক্ষু। "হি ২.১০৯। ২ শিক্ষাভিলাষী। "কু.স ১.৩৪।

আদিদেব পুং [কর্ম্মধা] ১ আদিকারণ, পরমাত্মা (ত.বা)। ২ নারায়ণ, বিষ্ণু। "গী ১১.১২। মাঘ ১৮.৪০। ক.চ ৮। চ.বি ১৪৬। ৩ মহাদেব। ৪ ব্রহ্মা। "কু.উ ২১৭। ৫ সূর্য্য। "মহা ৩.৩.২৫।

আদিদৈত্য পুং [কর্ম্মধা] হিরণ্যকশিপু। "মহা ৩.১০২.২২।

আদিপর্ব্ব (-র্ব্বন্) ক্লী [উ.লো] আদি (জন্ম)-প্রধান পর্ব্ব; মহাভারতের প্রথম পর্ব্ব। "ম ২৮।

আদিপুরাণ ক্লী [কর্ম্মধা] প্রথম পুরাণ; ব্রহ্মপুরাণ (বায়ুপুরাণ ১৬শ অধ্যায়)।

আদিপু(পূ)রুষ পুং [কর্ম্মধা] ১ প্রথম পুরুষ; বিষ্ণু। "বুবুধে চাদিপূরুষঃ রঘু ১০.৬। আদিপুরুষের আদি মেয়েটি।—রামপ্রসাদ। ২ ব্রহ্মা। ৩ বংশের প্রথম পুরুষ; বংশপ্রবর্ত্তক মূলপুরুষ। "দৈত্যানামাদিপুরুষঃ মহা ৩.২৭১.৫৭। ৪ পূর্ব্বপুরুষ। ("শতানীকঃ) অভিমন্যুপ্রপৌত্রশ্চ যস্তাদিপুরুষোঽর্জ্জুনঃ ক.সা ৯.৭।

আদিবংশ পুং [ষ.ত] ব্রহ্মার বংশ, ভৃগুবংশ, মরীচিবংশ বা সূর্য্যবংশ, অত্রিবংশ বা চন্দ্রবংশ ইত্যাদি। "°বিশুদ্ধ র। ১.৭০.৪৪। মহা ১.৫.২। °বৃত্তান্ত।—কালীপ্রসন্ন সিংহ।

আদিবরাহ, -শূকর পুং [কর্ম্মধা] প্রথম বরাহ; বিষ্ণুর বরাহাবতার; আদিশূকর। "°র ভ ৪.১৭.৩৪। নমো আদিবরাহ ধরণী-উদ্ধারী শ্রী.ম ১২১। °হ বি.পা ৫।

আদিবল ক্লী [ষ.ত] উৎপাদনের শক্তি; অপত্যোৎপাদনশক্তি (সুশ্রুত)।

আদিবশ্যা, -স্যা বি [পাঠান্তর—'°বৈশ্য (চৈ.চ)] আদত চাষা; অতিনির্ব্বোধ, বোকা (সস্নেহগালি)। "আদিবশ্যা দুঃখ কাহে মানে? চৈ.চ ৩১৪; ৩২৮।

আদিবস বি ['অদিবস'—মূল, দ্র 'আ[৪]; অপ্র] অশুভ দিন; অদিন "কেহ্নে হেন কৈলে কাহ্নাঞি মোর আদিবসে শ্রী কী ২৪০; ৩৯০।

আদিবৃক্ষ বি [কর্ম্মধা] শ্রেষ্ঠ বৃক্ষ; অশ্বত্থ, সংসারবৃক্ষ (রূপক)। "আদিবৃক্ষ বন্দিব: স্থিথগ আদিবৃক্ষ শি ৮। তু 'এষোঽশ্বত্থঃ সনাতনঃ (কঠোপনিষৎ ৬.১)। গী ১৫.১।

আদিভব বিণ [স.ত; স্ত্রী -বা] আদিতে জাত; পূর্ব্বজ, অগ্রজ। —ব পুং [কর্ম্মধা] ১ আদি কারণ; বিষ্ণু। "রঘু ১৩.৮। ২ ব্রহ্মা। "আদিভবো দেবঃ ভ ৭.৩.২২।

আদিভূত বিণ [স.ত] ১ অগ্রজাত, প্রথমজাত। ২ আদিস্বরূপ, মূলীভূত, কারণরূপ। "আদিভূতা সনাতনী…শশীভালী।—কমলাকান্ত। —ভূত পুং ১ বিষ্ণু। ২ ব্রহ্মা। ৩ অগ্রজভ্রাতা।

আদিম বিণ [আদি+ইম (ডিমচ্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী মা; 'আদিমৎ'—মূল (?)] আদিভব, পূর্ব্বস্থ, প্রথম, আদ্য।

আদিমান্ (-মৎ) বিণ [আদি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে; স্ত্রী -মতী; বৈদিক] কারণবান্, প্রারম্ভবান্, জন্মী। "অনাদিমৎ পরং ব্রহ্ম গী ১৩.১২। "যাজ্ঞ ৩.১৮৩।

আদিরস পুং [কর্ম্মধা] প্রথম রস; শৃঙ্গাররস।

আদিরাজ পুং [আদি রাজা, কর্ম্মধা, সমাসান্ত অ (টচ্)] ১ প্রথম রাজা; মনু। তু 'রা ১.৬৪। রঘু ১.১১। ২ পৃথু। "ভ ৪.২০.২১। ৩ কুরুরাজের পৌত্র। "মহা ১.৯৪.৫২।

আদিশক্তি স্ত্রী [কর্ম্মধা] ১ আদ্যা শক্তি; মায়া শক্তি। ২ দেবীমূর্ত্তি-বিশেষ, দুর্গা।

আদিশরীর ক্লী [কর্ম্মধা] ১ লিঙ্গদেহ, সূক্ষ্মশরীর। "মহা ৩.১৮৩.৭৬। ২ অবিদ্যারূপ কারণশরীর (ত.বা)। তু 'সা কারণশরীরং স্যাৎ (পঞ্চদশী)।

আদিশূর পুং বঙ্গের বিখ্যাত হিন্দুরাজবিশেষ। [বৌদ্ধধর্ম্মপ্রভাবে ব্রাহ্মণেরা বৈদিক ক্রিয়াকলাপে অজ্ঞ ও অসমর্থ হইলে, ইনি কান্যকুব্জ-রাজ বীরসিংহের (জয়াদিত্যের) নিকটে সচ্চরিত্র সাগ্নিক বেদজ্ঞ যজ্ঞনিপুণ ও বিদ্বান্ পঞ্চ ব্রাহ্মণ প্রার্থনা করেন এবং বীরসিংহও গোত্রে অগ্রগণ্য সুকবি ক্রিয়াশালী পঞ্চ ব্রাহ্মণ বঙ্গদেশে প্রেরণ করেন। বর্ত্তমান রাঢ়ীয় ও বারেন্দ্র ব্রাহ্মণগণ ইঁহাদেরই সন্তান।]

আদিষ্ট বিণ [আ+ √দিশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাদেশ, আজ্ঞপ্ত, অনুজ্ঞাত। "যাজ্ঞ ২.২৬২। ২ উপদিষ্ট, অনুশিষ্ট। ৩ (ব্যাকরণে) স্থানিজাত (বর্ণ)। —ষ্ট পুং রাজ্যের কিয়দংশ দানপূর্ব্বক কৃত সন্ধি। "হি ৪.১২৪। —ষ্ট ক্লী [+ত-ভা] ১ আদেশ, আজ্ঞা। দ্র 'মনু ৫ ৮৮, কুল্লুক। ২ উপদেশ, অনুশাসন। —ষ্টী (-ষ্টিন্) পুং [°ষ্ট+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ব্রতাদেশবান্, ব্রহ্মচারী। "মনু ৫.৮৮।

আদিসর্গ পুং [কর্ম্মধা] প্রলয়ের পরে প্রথম সৃষ্টি। "মহা ১৪.৪০.১২.

আদীনব পুং [তু 'আদিনব', অথর্ব্ব ৭.১০৯.৪—(M.W.)] ১ ক্লেশ। ২ দোষ। "মাঘ ২.২২।

আদীপক বিণ [আ+ √দীপি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -পিকা] ১ উদ্দীপক, উত্তেজক। ২ গৃহাদিদাহক। "মহা ১২.৮৫.২২। —দীপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উদ্দীপন, উত্তেজন। ২ প্রজ্বালন। "আদীপনং কাষ্ঠাদীনাম্।—একাদশীতত্ত্ব। ৩ [+অন-ণ] তণ্ডুল-চূর্ণ-মিশ্র জলে গৃহের তলপ্রভৃতিতে চিত্রাকাররেখাপাত; আলপনা। —দীপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উদ্দীপিত। ২ প্রজ্বালিত। "রা ১.৬৫.৯ (পাঠান্তর)। ৩ আদীপন (আলপনা) দ্বারা উজ্জ্বলীকৃত (গৃহ, অঙ্গন)। —দীপ্ত বিণ [+ √দীপ্+ত-ক] প্রজ্বলিত। "মুনিমাদীপ্ততেজসম্ গো.রা ৩.১৬.৩৪। রা ২.৫৬.৬।

আদীর্ঘ বিণ [আ (ঈষৎ) দীর্ঘ, ত.পু] ঈষৎ দীর্ঘ; পদ্মপত্রাকৃতি। "আদীর্ঘেণ চক্ষুষা।—ভর্তৃহরি।

আদুড়, -ল বিং ['আউদড়, -দল'—মূল (?); তু 'উদ্যা (চট্টগ্রাম)—অনাবৃত; "উদ্যা মাথা] ১ মুক্ত, এলো। "আদুড়চুলী শ্রী ২৯; ৪৮। ২ অনাবৃত, বস্ত্রহীন, খোলা। "মেনকা আদুড় করি মাথা (জামাই সহিত কহে কথা) শি ৯৯। ৩ গাত্রবস্ত্রহীন, আলগা। "আদুল গায়ে, যাচ্ছে কারা, রৌদ্রে সারা কু.কে ২৮। বাবু…আদুড় গায়ে… দাঁড়িয়েচেন হু ১৯০। [আদুড় ঘর—মুক্তদ্বার গৃহ; খোলা ঘর। "সবাই আদুড় ঘরে ঘুমে হয়েছে মাটী শ্রী ২২৩। °চুলী—মুক্তকেশী।]

আদুরী বি [আদরীয়া>আদুরে, -রী (স্ত্রীলিঙ্গে)] আদরের পাত্রী বা মেয়ে; আদরিণী। —দুরে বি আদরের ছেলে বা মেয়ে। "আদুরে ছেলে, মেয়ে। বাপ মায়ের আদুরে পা.প্র ৮২। [আদুরে মাগ—অতিসোহাগিনী স্ত্রী।]

আদৃত বিণ [আ+ √দৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ সংকৃত, পূজিত, সম্মানিত। "যস্যৈতে ত্রয়ঃ (মাতাপিত্রাচার্য্যাঃ) আদৃতাঃ মনু ২.২৩৪। ২ আদর-যুক্ত, ফলদ (কুল্লুক)। "সর্ব্বে তস্যাদৃতা ধর্ম্মাঃ মনু ২.২৩৪। —দৃত্য [+য (ক্যপ্)-র্ম্ম] আদরণীয়। "আদৃত্যাস্তেন বৃত্তেন…সঙ্গতঃ ভট্টি ৬.৫৫।

আদৃষ্টি স্ত্রী [আ+ √দৃশ্+তি (ক্তিন্)-ভা] ঈষদ্দর্শন, অপাঙ্গদর্শন, কটাক্ষ।

আদেখ বিং [হি অদেখ; অপ্র] আদেখা, অগোচর, অদৃশ্য। "বড়ায়ি হয়িল আদেখ শ্রী.কী ২৫৬; আদেখ বাণের ঘাঅ ২৮১। —দেখা বিং [দ্র 'আ⁸] যাহা দেখা নহে; অদৃষ্ট (দ্রব্য)। —দেখা ক্রি.বিং অলক্ষিতভাবে, পরোক্ষে, আড়ালে। "কতক দেখা নিই, কতক আদেখা নিই ন.ত ৬৬। [আদেখে (অপ্র)—দেখা না দিয়া; আড়ালে থাকিয়া। "আদেখে মারিল আমি বালি বানররাজে ব.প ৪৯৬।]

আদেখলে বিং [আ⁸+দেখিল; চব্বিশপরগণা] যে কিছু দেখে নাই, যাহা দেখে, তাহাতেই অবাক্ হইয়া থাকে। [°পনা—আদেখলের ভাব।]

আদেবক পুং [আ+ √দিব্+অক (ণ্বুল্)-ক] দ্যূতকারক, জুয়ারী(-ড়ী) ক্রীড়াকারক। —দেবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ দ্যূতক্রীড়া, দেবন; ক্রীড়া। ২ [+অন-ণ] দ্যূতসাধন পাশকাদি। ৩ [+অন-ধি] দ্যূতফলক, ছক্।

আদেয় বিণ [আ+ √দা+য (যৎ)-র্ম্ম, বিপ 'প্রদেয়'] আদানের যোগ্য; গ্রহণীয়। "হি ৪.৯৮।

আদেশ বিণ [আ+ √দিশ্+অ (ঘঞ্)-র্ম্ম, স্ত্রী -শা] আদিষ্ট, আজ্ঞপ্ত; কথিত, উপদিষ্ট। —দেশ পুং [+অ-ভা; বৈদিক] ১ আজ্ঞা, অনুমতি। "পিতুরাদেশাৎ রা ১.১.৩৭। রঘু ১.৯২। সী ৫। ২ উপদেশ, অনুশাসন। ৩ কথন। "মঙ্গলাদেশবৃত্ত মনু ৯.২৫৮। ৪ সিদ্ধগণ কর্ত্তৃক অনাগত বিষয়ের কথন; ভবিষ্যদ্বাদ। "মৃ ২২২ৡ। ৫ (ব্যাকরণে) কোন বর্ণাদির স্থানে অন্য বর্ণাদির উৎপত্তি; উপদিষ্ট বর্ণাদিস্থানে জাত বর্ণাদি; শব্দান্তরস্থানে বিধীয়মান শব্দান্তর (মল্লিনাথ)। 'মুগ্ধবোধ ২১, টীকা। "ধাতোঃ স্থানে ইবাদেশঃ রঘু ১২.৫৮। শক্তি কথাটা গোলের বটে। তৎপরিবর্ত্তে অন্য শব্দের আদেশ করার প্রতি আমার কোন আপত্তি নাই অ.শী ৭। ৬ (জ্যোতিষে) জ্যোতিষশাস্ত্রফল; জ্যোতিষিক শুভাশুভফল। —দেশক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -শিকা] আজ্ঞাকারক; উপদেশক। —দেশন ক্লী [+অন (ল্যুট্) -ভা] আদেশ, বিধান; অনুশাসন, উপদেশ। "ব্রতাদেশ মনু ২.১৭৩। ব্রহ্মপুত্র আপনি করিল আদেশন। দিবানিশি রামনাম করহ স্মরণ॥—কৃ ১৯০। —দেশী (-শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক; স্ত্রী -শিনী] ১ আদেশ-কারক। ২ উপদেশক। "কপোলপাটলাদেশি বভূব রঘুচেষ্টিতম্ রঘু ৪.৬৮। —দেশী পুং দৈবজ্ঞ, গণক। —দেষ্টা(-ষ্টৃ) বিণ [+তৃ (তৃচ্) -ক-১ব; স্ত্রী -ষ্ট্রী] সর্থ 'আদেশক'। —দেষ্টা পুং ১ আদেশকর্ত্তা। ২ যাগার্থ ঋত্বিগগণের আদেশক; যজমান, যাজক। [°কর, °কারী (-রিন্) বিং—আদেশপালক (ভৃত্যাদি)। °প্রতিপালন (বি)—আজ্ঞানুবর্ত্তন। "সী ৪৫। °শানুযায়ী (-য়িন্) বিং—আজ্ঞানুবর্ত্তী। "সী ৩১। আদেশিব—আদেশ করিব। "মে ৭১। আদেশিবে—আদেশ করিবে। "মে ২৬১।]

আদেশক, -শকর, -শকারী, -শন, -শপ্রতিপালন, -শানুযায়ী, -শী, -দেষ্টা দ্র 'আদেশ'।

আদেস বি [সং আদেশ>লি, প্রা, হি, °স; অপ্র] আদেশ। "মুনি করিল আদেসে গ ৪।

আদৌ ক্রি.বিং [সং আদি+ই (ঙি—সপ্তমীর ১ব); সংস্কৃত পদ] ১ আদিতে, প্রথমে, আগে। "আদৌ ঘটেতে দিয়া…মৃন্ময়ে দেন অনু-লীপ্তে দু ১৫। আদৌ মালা…পরাইল চৈ.চ ১৪০; ২৮৬। ভালবাসাটি প্রস্ফুটিত হৃদয়পদ্ম। আদৌ নাল, পরে বৃন্ত…পরিশেষে প্রস্ফুটিত হয় পা.প্র ৮। ২ অপেক্ষাকৃত পূর্ব্বে; কিছু পূর্ব্বে। "মুকুন্দ আদৌ পাইল তোমার সঙ্গ চৈ.চ ১৪২। ৩ উপক্রমে, কার্য্যারম্ভে। "সর্ব্বাবরণ লিপি

আদৌ গুরু-আশ্রয়ণ চৈ.চ ২৪৪। ৪ মূলে, তাত্ত্বিকভাবে, তত্ত্বতঃ। "আদৌ ইহা (রাসলীলা) ঈশ্বরোপাসনামাত্র, অনন্ত সুন্দরের সৌন্দর্য্যের বিকাশ এবং উপাসনামাত্র অ.নী ৯৩। ৫ মূলে, গোড়ায়। "আদৌ যে কথা নয়, তা নিয়ে গোল কর কেন? [আদৌ…পরং—প্রথমে… অতঃপর (পত্রলেখায়)। "নিবেদনঞ্চাদৌ মহাশয়ের শ্রীপদসরোরুহ-স্মরণমাত্র অত্র শুভম্বিশেষ। পরং মহাশয় ধনাভিলাষে পরদেশে চিরকাল যাপন করিতেছেন (বঙ্গভাষা ও সাহিত্য)।]

আন্দাশ, -স বি [ফা অরজ়্‌দাশ্‌ত; হি অরদাস] ১ অভিযোগ, নালিশ। "আন্দাসে চলিল সবে যথা পঞ্চানন ক.চ ৪৯; আন্দাস করয়ে আসি চমরীর ঘটা ৫০; হাট্যা চলিলা আন্দাসে ৯০। ২ আবেদন, প্রার্থনা। "ফুল্লরার শুনহ আন্দাস ক.চ ৯৮; ওঝা আন্দাসে অবগতি কর ২১৭। রাজারে আন্দাশ করি শ্রী ৯৭। না লাগিল আন্দাশ ব.প ৭৭৮।

আন্ধা[১] বি [সং অন্ধ, 'অন্ধা' সাধু; লিপিপ্রমাদ; হি অংধা; অপ্র] অন্ধ। "আন্ধাএ দোকান দে রে খরিদ করে কালে গো.বি ১৩৮।

আন্ধা[২] বি [সং অর্দ্ধ>লি, প্রা অদ্ধ>বা আদ্ধা; হি অদ্ধা] চার মাত্রার তালবিশেষ। [ইহা কাওয়ালীর অর্দ্ধ; ইহাতে তিন আঘাত, এক তালি।]

আদ্ধি, -দ্ধী বি ['অদ্ধ'—মূল, দ্র 'আদ্ধা[২]'; হি আদ্ধী] এক প্রকার সূক্ষ্মবস্ত্র। [ইহা নয়নসুখের মত সূক্ষ্ম ও মসৃণ এবং দৈর্ঘ্যে সাধারণ নয়নসুখের থানের অর্দ্ধেক।]

আদ্য[১] বিণ [আদি+য (যৎ) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -দ্যা; ছান্দস] ১ আদিভব, আদিভূত, প্রথম, প্রমুখ। "মহীক্ষিতামাদ্যঃ রঘু ১.১১। স্বায়ম্ভুবাদ্যাঃ…মনবঃ মনু ১.৬৩। প্রলয়ের তুমি আদ্য মূল ম ৮৫৩। শ্রবণাদ্যে রুচি উপজয় চৈ.চ ২২৮। জ্ঞানাদ্য চৈ ১৯। জগদাদ্য দা ৭৭৩। ২ মূলভূত। "গী ৮.২৮। ৩ প্রধান, শ্রেষ্ঠ। "আদ্য কথা গো.বি ১২৯। তোমা গণি আদ্যে ম ৩৬০। অনাদ্যের আদ্যে আমিনী শ্রী.মা ১৯। ৪ প্রথমপঠিত, প্রথম। "মনু ৩.২৪; তাসামাদ্যাশ্চতস্রঃ ৪৭। অজাত-মৃতমূর্খাণাং বরমাদ্যৌ ন চান্তিমঃ হি ১৩ (কথারম্ভ)। ৫ অব্যবহিত পূর্ব্ব, ঠিকপূর্ব্ব। "একাদশাদ্য (M.W.)—অর্থাৎ দশ (১০)। ৬ পুরাণ। "উ.চ ১.১০। —দ্য ক্লী ১ আদিকারণ, সর্ব্বকারণ। "গী ১১.৩১। ২ আদ্যশ্রাদ্ধ। ৩ কারণ, ব্রহ্ম। "গী ৮.২৮। ৪ (বাঙলায়) আদিদেব, নারায়ণ। "গো.বি ২; ৩; আদ্য আদ্যা সনে শ্রী.মা ১০। আদ্যের তুলসী কৃ.অ ৩২; ৩৩। ৫ ধর্ম্ম, নিরঞ্জন। "আদ্যের দেহারা শ্রী ২১১; ২১২। [আদ্য করি (অপ্র)—আদ্য বলিয়া ধরিয়া। "সাম আদ্য করি চারি বেদের বাখান চ.বি ১১১।]

আদ্য[২] বিণ [√অদ্+য (ণ্যৎ)-র্ম্ম; স্ত্রী -দ্যা] অদনীয়, ভক্ষণীয়। "পাঠীনরোহিতাবাদ্যৌ মনু ৫.১৬; ২৪; ২৫; ৩০। পঞ্চ ৪.৭৪। —দ্য ক্লী ১ ভক্ষ্যদ্রব্য, খাদ্য। "অনাদ্যাদন মনু ১১.১৬২। ২ ধান্য।

আদ্যকবি পুং [কর্ম্মধা] ১ প্রথম কবি; ব্রহ্মা। ২ বাল্মীকি।

আদ্যকাণ্ড বি [কর্ম্মধা] সর্থ 'আদিকাণ্ড'। "কৃ ১৯১; ২৩৬।

আদ্যকাল বি [কর্ম্মধা] ধর্ম্মপূজার প্রচারারম্ভকাল। "আদ্যকালের আমিনি শ্রী.ম ৫৭।

আদ্যকৃত্য বি আদ্যশ্রাদ্ধ। "মাতাঠাকুরাণীর গঙ্গালাভ হইয়াছে, তদাদ্য-কৃত্যের দিন সংক্ষেপ নী ৪৫।

আদ্যগঙ্গা স্ত্রী [কর্ম্মধা] পুরাতন গঙ্গানদী; আদিগঙ্গা।

আদ্যন্ত[১] পুং [আদি ও অন্ত, দ্বন্দ্ব] ১ আরম্ভ ও অবসান; উপ-ক্রমাবসান। "দৈবাদ্যন্ত; পিত্র্যাদ্যন্ত মনু ৩.২০৫। ২ সংযোগবিয়োগ (শঙ্কর)। "°বন্তঃ গী ৫.২২।

আদ্যন্ত[২] বিং আদ্যবধি শেষপর্যান্ত; আগাগোড়া। "আদ্যন্ত সকল কথা কহিল চৈ ১২। শুন প্রস্তাব আদ্যন্ত ম.পা ২২। রা.প ২৪। আদ্যন্ত কথা দা ১৭৩০।

আদ্যবীজ ক্লী [কর্ম্মধা] ১ আদিকারণ, মূলকারণ, মূল। ২ ঈশ্বর। ৩ প্রধান, প্রকৃতি।

আদ্যরস বি [কর্ম্মধা] ১ প্রথম রস; আদিরস, শৃঙ্গার। "আদ্যরস তোমার বিশেষ আছে জানা শ্রী.মা ১৯০। আদ্যরস সকল রসের মধ্যে সার ভা.চ ৬৬৬। ২ যে দ্বিতীয়বার-বিবাহের আদ্য (প্রথম) বিবাহে রস (অর্থাৎ সঘরে ক্রিয়া হেতু কুলরক্ষা) হয়; দক্ষিণরাঢ়ীয় কুলীন কায়স্থের জ্যেষ্ঠপুত্র প্রথমে কুলরক্ষার্থ কুলীনকন্যা বিবাহ করিয়া পরে মৌলিকগৃহে যে দ্বিতীয়বার বিবাহ করেন, তাহার নাম 'আদ্যরস' (সম্বন্ধনির্ণয়, ১৫৩)। "কুলেতে পবিত্র, ঘোষ বসু মিত্র, মেলি আদ্যরস মূল ব.প ৩১৭। যে কাল পড়েচে, আদ্যরস প্রায় উঠে গেল জা ১।

আদ্যশ্রাদ্ধ বি মৃতের প্রথম শ্রাদ্ধ; মৃতাশৌচান্তের দ্বিতীয় দিনে করণীয় শ্রাদ্ধ; আদ্যকৃত্য। "আদ্যশ্রাদ্ধ করে নরে, কেহ করে দানসাগরে, কেহ সারে তিলকাঞ্চনে দা ৯৩৬।

আদ্যা স্ত্রী [আদ্য+স্ত্রী আ (টাপ্‌)] ১ 'আদিভবা', দুর্গা। ২ প্রধান শক্তি; মহাবিদ্যা—কালী তারা প্রভৃতি। "আদ্যা আদ্যরূপা আশা পুরাহ ভা.চ ৪২৭। ৩ আদিদেবের শক্তি; নারায়ণী, মহামায়া। "আদ্য আদ্যা সনে, তিরোধান মনে শ্রী.মা ১০। আদ্যা দেবী মহামায়া ক.চ ৯। ৪ আদ্যশক্তি গৌরী; পার্ব্বতী (শূ ১৪; ১৫; ১৭)। [°কালী (স্ত্রী)—যিনি আদ্যা ও কালী; পরমপ্রকৃতি।]

আদ্যিকাল বি আদ্যকাল, সেকাল, মান্ধাতার আমল, অতিপূর্ব্বকাল। [আদ্যিকালের (আদ্যিকেলে) বোদ্যিবুড়ো—অতিপ্রাচীন বৈদ্যবুড়া; (গৌণার্থে) অতিপ্রাচীন লোক।]

আদ্যিরস বি সর্থ 'আদ্যরস (২)। "আমি আদ্যিরস কত্তে চাই জা ১; ২।

আদ্যোপান্ত বিং [আদ্য+উপান্ত] আদ্যবধি অন্তপর্য্যন্ত; প্রথমাবধি শেষপর্য্যন্ত; আদ্যন্ত, আগাগোড়া। "সকল—কহিল আদ্যোপান্তে ম.বি ৪৮। আদ্যোপান্ত যত কথা চৈ.ম ১৭৭। °ন্ত সমুদায় বৃত্তান্ত কাদ ৪; ৫৬। —পান্ত ক্রি.বিং ১ সম্পূর্ণরূপে, নিঃশেষে, আগাগোড়া। "যে সকল হইল কহিল আদ্যোপান্ত ব.প ৮৮৪। ২ (অপ্র) আরম্ভ কাল হইতে আবহমানকাল; ইস্তক-লাগাৎ; বরাবর। "আদ্যোপান্ত যে হইয়া আসিতেছে এখন তাহাতে ব্যতিক্রম করা ভাল নহে কৃ.চ ৫১। —পান্ত বি প্রথমাবধি শেষপর্য্যন্ত বিষয়। "তোর আমি আদ্যোপান্ত জানি শ্রী.ম ১৬০। [শব্দকল্পদ্রুমে ও বাচস্পত্যে এই শব্দ সংস্কৃত বলিয়া ধৃত হইয়াছে, প্রয়োগ নাই, ইহা বিবেচ্য।]

আধ-আধ বিং [দ্র 'আদ'; পৌনঃপুন্যে দ্বিত্ব] ১ অর্দ্ধ-উচ্চারিত; অর্দ্ধ-স্ফুট, অস্পষ্ট, ভাঙা-ভাঙা (শিশুর ভাষা)। "বচন বোলত আধ-আধে বি.সং ২০৯। বোলে আধ-আধ বাণী ন.প ১০২। আধ-আধ রা।—ভ.গ্র ৪৩০। বামাচরণের আধ-আধ কথা ফুটিয়াছিল ব.প্র ২১০। ২ (ক্ষীণস্বর হেতু) অর্দ্ধস্ফুট। "অনুখন রাধা, রাধা রটত হি, আধ-আধ কহ বাণী বি.প ১৫৯। ৩ ঈষৎ প্রকাশিত, অর্দ্ধোদিত। "চরণ-কমলে লেখা, আধ-আধ রবি রেখা সা.ম ৪। ৪ (হর্ষাদি হেতু) গদগদ, অস্পষ্ট (ভাষা)। —ধ ক্রি.বিং ১ অস্ফুটভাবে, অস্পষ্ট। "বদনে না আইসে কথা আধ-আধ বোলে কৃ ৫৬। ২ অল্প-অল্প, একটু-একটু। "কোলে শুয়ে শিশু ঘুমায়ে ঘুমায়ে, আধ-আধ কিরে মধুর হাসে ব.সু ২১।

আধই বিং [আধ+ই[৫]; পদ্যে] অর্দ্ধেকে, অর্দ্ধাংশে। "আধই হৃদয়ে হাড়ের মালা,…আধই সুধামাধুরী রে ভা.চ ৯৪; ৯৫। [আধই-আধে—অর্দ্ধাংশে-অর্দ্ধাংশে। "কপাললোচন আধই-আধে, মিলন হইল বড়ই সাধে ভা.চ ৯৫।]

আধক বিং [আধ+ক ; সং অৰ্দ্ধক] অৰ্দ্ধ, অসম্পূর্ণ। "আধকে জতনে বচন বোলব বি.সা ২৭৬।

আধকড়ীয়া, -ক'ড়ে বিং [আধকড়ি+ঈয়া+এ৮] অৰ্দ্ধমূল্যসম্বন্ধী, ন্যূনমূল্য, কমদামী। [আধক'ড়ে ক'রে বেচা—অল্পমূল্যে বিক্রয় করা। "ড্যামেজ্ মাল, আধক'ড়ে ক'রে বেচতে হবে।]

আধকপালীয়া, -কপালে বি [আধকপাল+ঈয়া, +এ৮ ; হি অধকপারী] অৰ্দ্ধকপালের (কপালের এক পার্শ্বের) বেদনা ; শিরোবেদনাবিশেষ (Hemicrania)। [এই বেদনা সূর্য্যোদয় হইতে আরম্ভ হয় এবং মধ্যাহ্নপর্য্যন্ত বাড়িয়া ক্রমে কমিতে কমিতে সূর্য্যাস্তের সঙ্গে ছাড়ে। ইহার সংস্কৃত নাম 'সূর্য্যাবর্ত্ত'।]

আধখেঁচড়া বিং [হি অধকচরা—অৰ্দ্ধপিষ্ট, আধকোটা] (গৌণার্থে) অৰ্দ্ধকৃত, অসম্পূর্ণ (কার্য্য)।

আধদিঠি বি [আধ+দিঠি ; পদ্যে] অৰ্দ্ধদৃষ্টি, কটাক্ষ। "অলখিত যত, যুবতী অথির, সাধে আধদিঠি সে অঙ্গে দিয়া ন.প ২৩৯।

আধন বি ['আধখন'—মূল ; অপ্র] অৰ্দ্ধক্ষণস্থায়ী, ক্ষণিক, নশ্বর। "নারীর যৌবন, কেবল আধন, যেমন জলের ফোঁটা ক.চ ১৩৫।

আধপাই, আধপাকা, আধপাগলা দ্র 'আদ'।

আধপেটা বিং [আধপেট+আ১°] আধপেট-সম্বন্ধী, যে খাদ্যে পেটের কিয়দংশ পূর্ণ হয় ; উদরের আংশিক পূরক। "আধমুঠা চাউল আছে মাত্র—তাহা একজনেরও আধপেটা হইবে না ব.প্র ৩৩৯। [আধপেটা-খাওয়া—দ্র 'আদ'।]

আধবুড়া, -ড়ো বিং [হি অধেড় ; গু অধেড, আধেড] আধবয়সী, প্রৌঢ়। "আধবুড়া হৈলি তবু ঠাট ঘাটে নাই ভা চ ৩৫৬ ; বুড়া আধবুড়া যুবা ৫৪৫। আধবুড়ো বেতোরা মর্নিংওয়াকে বেরুচ্চেন হু ১০।

আধমন ক্লী [আ+√ধা+অমন (কমনম্)-ভা] বন্ধক দেওয়া; আধীকরণ, বন্ধক। "মনু ৮.১৬৫।

আধমর্ণ্য ক্লী [অধমর্ণ+য (ষ্যঞ্) 'তৎকর্ম্ম' অর্থে] অধমর্ণের কর্ম্ম, খাতকের কাজ। "পা ২.৩.৭০ ; ৮.২.৬০।

আধমুচকি বিং [অপ্র] ঈষৎ মুচকান(স্মিত)-যুক্ত ; ওষ্ঠপুটে ঈষৎপ্রকাশিত (হাসি)। "আবেশে অধরে আধমুচকি হাসিতে। অমিয়ার সায়র যেন হিল্লোলসহিতে॥—চৈ.ম ৩৭।

আধর্য্য ক্লী [অধর+য (ষ্যঞ্), তদ্ভাবার্থে] (ব্যবহারে) অধরভাব, অর্থাৎ অসাধ্যতা হেতু অভিযোগবিষয়ে কোন পক্ষের হীনতা। "বিষ্ণু ৮.১১।

আধর্ষ পুং [আ+√ধৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ আক্রমণ, হিংসা। ২ তিরস্কার। ৩ বলপূর্ব্বক পীড়ন। —ধর্ষণ ক্লী [+অন-ভা] ১ সর্থ 'আধর্ষ'। ২ নিরাকরণ, প্রত্যাদেশ। ৩ [+√ধর্ষি+অন-ভা] অভিভব ; নিঃশক্তীকরণ (বোপদেব)। —ধর্ষিত বিণ [+√ধৃষ্+ত-র্ম্ম, ই (ইট্) আগম, পা ৭.২.১৯] ১ আক্রান্ত, হিংসিত। ২ তিরস্কৃত। ৩ অভিভূত। "যাজ্ঞ ২.৫। ৪ অবমানিত। "রা ৩.২২.১। —ধর্ষ্য বিণ [+√ধর্ষি+য (যৎ)-র্ম্ম] ১ ধর্ষণীয় ; আক্রমণীয়। ২ অবমাননীয়। ৩ তিরস্করণীয়। ৪ পীড়নীয় ; দুর্ব্বল। —ধৃষ্য বিণ [+য (ক্যপ্)-র্ম্ম] ধর্ষণীয়, পীড়নীয়। —ধৃষ্ট বিণ [+ত-র্ম্ম] পরিভূত, পরাজিত ; নিগৃহীত। —ধৃষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ আক্রমণ। ২ পরিভব ; নিগ্রহ, পীড়ন।

আধল বিং [আঁধল>°ল ; অপ্র] অন্ধ। "আধল হইল এ না আঁখি ন.বি ১৫৬।

আধলা বিং [আধ+লা স্বার্থে ; হি অধেলা ; গু অধেল] আধপয়সা। [আধলা ইট—অৰ্দ্ধেক ইট।]

আধশশী বি অৰ্দ্ধচন্দ্র, চন্দ্রাংশ, চন্দ্রকলা। "আনত কপাল তার আধশশী [পাঠ '°শি'] জিনি শ্রী.কী ৩১। [আধ আধ আধশশী—শশিকলার দুই আধখান বা অংশদ্বয়। "দোঁহার আধ আধ আধশশী, শোভা দিল বড় মিলিয়া বসি ভা.চ ৯৫।]

আধা১ বিং [দ্র 'আদ'] ১ সমাংশযুক্ত, ঠিক অৰ্দ্ধেক। "আধা মূল্য ভাও করি দিব হে তোমারে বি.পা ২১৫। বা.দ ৯৮, ৯৯। আধা হামকো দে দেও ব.প্র ৪৭৮। ২ কিঞ্চিৎ, কিছু, একটু। "কিছু কিছু সুধা, বিষগুণা আধা, চিরঞ্জীবী দেহ কৈল চ.দা ৫৯। ৩ একটু, স্বল্প, একটি। "স্বজনি বচন না বোলসি আধা জ্ঞা ২১২। —ধা বি ১ সমাংশ, ঠিক অৰ্দ্ধাংশ। "ঘোলে আধা উন শ্রী.ম ৬৩। (রাধা) সুতনু তনুর আধা ভা.চ ৪২০। ২ কিয়দংশ, অংশ। "(শৈল) আমার প্রাণের আধা ন ১৩৫৫। আধা শাদা হ'য়ে গেল শঙ্কায়, বিকচ নীপের মাথা কু.কে ৫৮। [আধা…আধা—কিছু…কিছু। "আধা হাসি—আধা অশ্রুজল অ গু ৫৩। আধা-আধি (বিং)—অৰ্দ্ধেক-অৰ্দ্ধেক, সমান-সমান (ভাগ)। আধা-খেঁচড়া (বিং)—সর্থ 'আধখেঁচড়া'। আধাঙ্গা] সং অৰ্দ্ধাঙ্গ>প্রা অধংগ (পৈ) ; হি আধংগা, অধাংগা] বিং—অৰ্দ্ধেক, আধা (ইট)। আধা বয়স—অৰ্দ্ধেক বয়স ; প্রৌঢ়ত্ব। আধাবয়সী (হি আধাবৈস ; অস আধাবয়সীয়া) বিং—প্রৌঢ়। আধাভাগ (বি) —অৰ্দ্ধাংশ, সমাংশ। আধাভাগী (বিং)—অৰ্দ্ধেকের অংশীদার। আধা সারিয়া লওয়া—১ কার্য্যের প্রায় অৰ্দ্ধেক করিয়া ফেলা। ২ প্রায় অৰ্দ্ধেক খাইয়া ফেলা। "(পসরা) দেখিতে দেখিতে চিলে লয় আধা সারি ক.চ ৬৮।]

আধা২ বিং [সং অধিক ; তু 'আধিক' (শ্রী.কী) ; অপ্র] অধিক। "বাপ হৈতে তোমার আধা বাখান কৃ উ ২৮২।

আধা-আধি, আধাখেঁচড়া, আধাঙ্গা দ্র 'আধা১'।

আধাতা (-তৃ) বিণ [আ+√ধা+তৃ (তৃচ্) -ক -১ব ; স্ত্রী -ত্রী] আধানকারী, স্থাপয়িতা, শিক্ষয়িতা। "পাত্রবিশেষে ন্যস্তং গুণান্তরং ব্রজতি শিল্পমাধাতুঃ মা.মি ১.৬। —ধান ক্লী [+অন (ল্যুট্)-ভা ; বৈদিক] ১ স্থাপন। "সমিদাধান মনু ২.১৭৬। (সুত) গৌরীকোলে করিল আধান ক.চ ২৯ ; ১৩৭। ২ গর্ভাধান, নিষেক। "প্রকৃতিতে তেজ প্রভু করিল আধান ক.চ ৯। চৈ.চ ২৩। ৩ করণ, সাধন। "বিনয়াধান রঘু ১.২৪। ৪ উৎপাদন, জনন। "কৌতুকাধান পু মে ৩ ; গর্ভাধান ৯। ৫ গ্রহণ, ধারণ। "গীতে সমাধিতমন, ধ্রুব হৈল নারায়ণ, বিধি কৈল করঙ্গ আধানে ক চ ২২৮। ৬ শ্রৌত বা স্মার্ত্ত অগ্নির স্থাপন ; অগ্ন্যাধান। "মনু ৫.১৬৮। ৭ ব্রাহ্মণের প্রতিদিনকর্ত্তব্য হোমাদিক্রিয়া ; যজন, হোম। ৮ সন্নিবেশ, অভিনিবেশ। ৯ বন্ধক দেওয়া ; ন্যাস, নিক্ষেপ। "যাজ্ঞ ২.২৪১ ; ২৫০। ১০ [+অন-র্ম্ম] স্থাপিত দ্রব্য ; আধি, বন্ধক (শ.ক)। ১১ [+অন-ধি] আধার, আশ্রয়, স্থান। "অখিল-আধান শ্রী ১ ; ত্রিগুণ-আধান : সবার আধান ৫ , ২৫০। —ধায়ক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -য়িকা] ১ স্থাপয়িতা। ২ জনক, উৎপাদক। "ব্যুৎপত্ত্যাধায়ক সা.দ ১১। ৩ প্রযোজক। "জীবনাধায়ক সা দ ১১।

আধান, -ধায়ক ; আধাবয়সী, আধাভাগ, -ভাগী দ্র 'আধাতা ; আধা১'।

আধার১ পুং [আ+√ধৃ+অ (ঘঞ্)-ধি, পা ৩.৩.১২২] ১ 'ধারণস্থান', পাত্র, ভাজন। ২ আশ্রয়, অধিকরণ, স্থান। "কুক্ষিরাধারতাং গতঃ কু.স ৬.৬৭। জলাধার যাজ্ঞ ৩.১৪৪। সর্ব্বগুণাধার স.শ ৮৭। সোনার আধার আঁধার খনি কু.কে ১৫৬। ৩ জলাশয় হ্রদাদি। "অপামিবাধারম্ কু.স ৩.৪৮। পঞ্চ ১.৭৩। ৪ আলবাল। "আধারবন্ধ রঘু ৫.৬। আধাররূপ মহা ৩.১১২.৩। ৫ শস্যাদিসেচনার্থ সেতুবন্ধ দ্বারা যে স্থানে জল নিরুদ্ধ থাকে (অ.টী) ; শস্যার্থ জলধারণস্থান

(শ.ক) ; অবধারণ, বাঁধ। ৬ (ব্যাকরণে) অধিকরণকারক। [ঔপশ্লেষিক বৈষয়িক অভিব্যাপক ও (মতান্তরে) সামীপিক ভেদে আধার চতুর্বিধ (পা ২.৩.৩৬)। "কটে আস্তে। মোক্ষে ইচ্ছাস্তি। সর্ব্বস্মিন্নাত্মাস্তি। নদ্যামাস্তে।] ৭ (তন্ত্রে) মূলাধার চক্র। দ্র 'ষট্‌চক্র'। —ধার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ধারণীয়, পরিগ্রহণীয়।

আধার[২] বি [সং আহার ; হি আধার—খাদ্য ; অস আধার—খাদ্য, মাতৃস্তন্য ; তু 'য়াধার'—য়াধারের লোভে বগুলা (বক) বিমতি হ। —মী ৪১।] পক্ষীর খাদ্য। "(পাখী) ত্বরা ক'রে ধর লো সখি দিয়ে পীড়িতের আধার হু ১৭০। ধাড়ীতে আধার এনে দিতেছে আ দু ১৪৫।

আধারশক্তি স্ত্রী [ষ.ত] ১ সর্ব্বাধারশক্তিরূপা পরমেশ্বরশক্তি মহামায়া। ২ প্রকৃতি। ৩ মূলাধারস্থ কুণ্ডলিনী শক্তি। ৪ পীঠপূজনীয় দেবতাবিশেষ। "°কমলাসনায় নমঃ। আধারশক্তির পূজা দু ৪২।

আধারাধেয়ভাব পুং [দ্বন্দ্ব ; ষ ত] আধার ও আধেয়ের ভাব ; ভূমিঘটবৎ আশ্রয়াশ্রিতভাব।

আধারি বি [আন্ধারি (পাঠান্তর)—অন্ধকারগৃহ (?) ; অস আধারি —মাটির কলসীর আধার বেত্রাদির বিড়া] অন্ধকারগৃহ (?)। "আধারি এড়িয়া পাইলা উঝারি নেহারি গো.বি ১২৬।

আধি পুং [আ+ √ধা+ই (কি)-ণ ; ছান্দস] ১ যাহা দ্বারা চিন্তা আহিত হয় (অ টী) ; মানসী ব্যথা ; মনঃপীড়া। "শমিতাধি রঘু ৮.২৭। °ব্যাধিপরীত হি ৪.১৩২। মহা ৩ ৭০.১১। আর নাহি আধি বি.প ২১১। শ্রীমা ১৯। ব্যাধির চেয়ে আধি হ'ল বড় প.কা ১৫। ২ ব্যসন, অশুভ, বিপদ্। "(নরর্ষভাঃ) আধিভির্ন প্রকম্পন্তে গো রা ৩.৭২.৮। শ্রী.মা ১৩। ৩ যাতনা, কষ্ট। "যুবতয়ো বামাঃ কুলস্যাধয়ঃ শ ৪.১৮। ৪ [+ই-র্ম্ম] ঋণশোধনার্থ উত্তমর্ণগৃহে ন্যস্ত দ্রব্য ; বন্ধক, ন্যাস, বাঁধা। "মনু ৮ ১৪৩। আধ্যুপভোগে বৃদ্ধ্যভাবঃ।— বিষ্ণু ৬.৫। যাজ্ঞ ২.২৩। ৫ প্রত্যাশা। ৬ অহঙ্কার। "ভ ১০.১৩.৩৩। ৭ বিশেষণ (S.W.)। তু 'উপাধি'। ৮ কুটুম্বব্যাপৃত (পরিবার-পালনার্থ উৎসুক) জন (S W.)। ৯ [+ই-ভা] অধিষ্ঠান, আক্রমণ (অ টী)। ১০ বন্ধন, বাঁধা দেওয়া (অ.টী)। ১১ ধর্ম্মচিন্তা (S W.)। তু 'সমাধি'। [°ক্ষীণ (বিণ)—মনঃপীড়া হেতু কাতর। "আধিক্ষীণা দুঃখিনী ব.প্র ১০২। °জ (বিং)—আধিজাত, মনঃপীড়াজন্য। °জ্ঞ (বিণ)—আধিবিৎ, ব্যথিত।]

আধিকরণিক পুং [অধিকরণ+ইক (ঠক্) 'তত্র নিযুক্ত' অর্থে] 'অধিকরণে নিযুক্ত' ; প্রাড়্‌বিবাকাদি, ধর্ম্মাধিকরণিক, বিচারক।

আধিক্য ক্লী [অধিক+য (ষ্যঞ্) তদ্‌ভাবার্থে] ১ অধিকভাব, আতিশয্য। "ঋদ্ধেরাধিক্যং সমৃদ্ধিঃ পা ৬.৩.৮১, সি। শুক্রাধিক্যে পুমান্ ভবেৎ (জ্যোতিস্তত্ত্ব)। ২ প্রাবল্য। "মনু ৭.১৬৯। ৩ উৎকর্ষ, শ্রেষ্ঠতা। "গো রা ৫.৯০.২৪। সা.দ ১০.৫২।

আধিক্ষীণ, আধিজ, আধিজ্ঞ দ্র 'আধি'।

আধিদৈবিক বিণ [অধিদেব+ইক (ঠঞ্) তদ্‌ভাবার্থে ; স্ত্রী -কী] ১ 'অধিদেবভব', দেবযোনি-প্রভৃতি হইতে সংঘটিত ; যক্ষাদির আবেশ-নিবন্ধন অর্থাৎ (আবেশ হেতু) প্রবৃত্ত (দুঃখ)। 'যক্ষরাক্ষসবিনায়ক-গ্রহাদ্যাবেশনিবন্ধনং দুঃখম্।—সাংখ্য ১, তত্ত্বকৌমুদী। ২ দেবতা অধিকার করিয়া প্রবৃত্ত ; দেবপ্রতিপাদক। "মনু ৬.৮৩। ৩ অতিবাত-বৃষ্ট্যাদিজনিত, দাহশীতাদিহেতুক (দুঃখ)।

আধিপত্য ক্লী [অধিপতি+য (ষ্যঞ্) 'তদ্‌ভাবকর্ম্ম' অর্থে] ১ অধি-পতিভাব, প্রভুত্ব, ঐশ্বর্য্য। "সর্ব্বলোকাধিপত্য মনু ১২ ১০০। গী ২.৮। ২ অধিপতিকার্য্য, রাজকার্য্য। "মহা ৩ ৪.১৪। ৩ প্রাধান্য, কর্ত্তৃত্ব।

আধিবন্ধ পুং [কর্ম্মধা] মনঃপীড়ারূপ বন্ধন। "কথং রাজা প্রজা রক্ষন্নাধিবন্ধেন যুজ্যতে মহা ১২ ৭১.১।

আধিবেদনিক ক্লী [অধিবেদন+ইক (ঠক্) 'তদর্থে হিত' অর্থে ; স্ত্রী -কী] অধিবেদননিমিত্ত ধন ; দ্বিতীয়বার বিবাহার্থ তৎকালে পতি কর্ত্তৃক স্ত্রীকে দত্ত ধন (মিতাক্ষরা)। দ্বিতীয়দারগ্রহণকালে স্বামী কর্ত্তৃক পূর্ব্ব স্ত্রীকে সন্তোষার্থ দত্ত ধন (দায়ভাগ)। "যাজ্ঞ ২ ১৪৬ ; ১৪৮।

আধিব্যক্তি বি [ষ.ত] মনঃপীড়ার প্রকাশ ; পরিস্ফুট মনোব্যথা। "হেমচন্দ্রের কণ্ঠস্বর করুণাময়—নিতান্ত আধিব্যক্তি-পরিপূর্ণ ব.প্র ১৫৫।

আধিব্যাধি পুং [দ্বন্দ্ব] মনঃপীড়া ও রোগ ; রোগ-শোকাদি-পীড়া। "°প্রশমন মহা ৩.২২৩। °পরীতাপ হি ৪.১৩২। ক.চ ৩০৭। °দানব সাক্ষাৎ যেন কাল স্ব.প্র ৯৬।

আধিভোগ পুং [ষ.ত] ১ মনোব্যথাভোগ, মনঃপীড়ানুভব। ২ বন্ধকের ভোগ ; বস্ত্রভূষণাদি বন্ধকী দ্রব্যের উপভোগ। "গোপ্যাধিভোগে নো বৃদ্ধিঃ যাজ্ঞ ২.৬০।

আধিভৌতিক বিণ [অধিভূত+ইক (ঠঞ্) তদ্‌ভবার্থে ; স্ত্রী -কী] ১ 'অধিভূতভব' ; ভূত হইতে জাত ; মনুষ্য পশু পক্ষী সরীসৃপ হইতে জাত (দুঃখ)। 'সাংখ্য ১, তত্ত্বকৌমুদী। ২ ক্ষিতিপ্রভৃতি-পঞ্চভূত-জনিত ; স্থাবরনিমিত্তক (দুঃখ)। 'তত্ত্বকৌমুদী।

আধিরথি পুং [অধিরথ+ই (ইঞ্) তৎসম্বন্ধার্থে] অধিরথপালিত কর্ণ। "মহা ৩.৩০৯.২।

আধিরাজ্য ক্লী [অধিরাজ+য (ষ্যঞ্) 'তদ্‌ভাবকর্ম্ম' অর্থে] ১ অধি-রাজভাব, আধিপত্য। "রঘু ১৭.৩০। ২ অধিরাজকার্য্য।

আধীকরণ ক্লী [আধি+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্) -ভা] আধি করা, বন্ধক দেওয়া ; বন্ধকীকরণ। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] বন্ধকীকৃত।

আধু(ধূ)ত বিণ [আ+ √ধু, √ধূ+ত (ক্ত)-র্ম্ম] ১ আকম্পিত, ঈষৎকম্পিত। "°বনরাজি রঘু ১.৩৮ ; পবনাধুতলতা ৮.৫৯ ; °ধ্বজপট ১২.৮৫ ; °বালব্যজন ১৪.১১। ২ বিক্ষিপ্ত, পরিচালিত। "আধুতান্ বায়ুনা পশ্য সন্ততান্ পুষ্পসঞ্চয়ান্ গো.রা ২.১০৪.৮।

আধুনিক বিণ [অধুনা+ইক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -কী] ১ অধুনাভব, ইদানীন্তন, অধুনাতন, সাম্প্রতিক। ২ অর্ব্বাচীন, নব্য "ও সব বিচার ল'য়ে থাক আধুনিকে, প্রাচীন হিন্দুর দৃষ্টি শুধু পারত্রিকে প.তৃ ৬৬।

আধুলি বি ['আধ্-লি'—মূল ; গু আধালী ; অস আধলি] রূপকার্দ্ধ, আট আনি। [°ভ'র—আধুলিপরিমিত, আধভরি।]

আধূত ; আধৃষ্য, -ধৃষ্ট, -ধৃষ্টি দ্র 'আধুত ; আধর্ষ'।

আধেক বিং [আধ+এক ; 'অর্দ্ধেক'—মূল ; পদ্যে] ১ কিঞ্চিদূন অর্দ্ধ ; প্রায় আধা। "অরুণ রথচূড়া আধেক যায় দেখা।—রবীন্দ্র। ২ ঈষৎ, কিঞ্চিৎ। "মঞ্জুভাষা কহে "না, না আজ ?—আজ থাক।" আধেক বিস্ময়ে কু.কে ১২। ৩ অর্দ্ধোচ্চারিত, অস্ফুট। "বলিতে না পারে মুখে আধেক বাণী ন.প ৩১২। —ধেক ক্রি.বিং প্রায়, বহুল। "আধেক ভগ্ন, ধূলায় মগ্ন, আগুনে মূরতিগুলা কু কে ১২১।

আধেয় বিণ [আ+ √ধা+য (যৎ)-র্ম্ম] ১ আধানার্হ, স্থাপনীয়। "পা ২.৩.৬৯, কাশিকা। ২ বন্ধকরূপে স্থাপনীয় ; আধীকরণীয়। "যাজ্ঞ ২.৬১। ৩ উৎপাদ্য। —ধেয় পুং যথাবিধিস্থাপনীয় বহ্নি। —ধেয় ক্লী ১ আধারে স্থাপনীয় (নিবেশনীয়) দ্রব্য। "অধিকং পৃথুলাধারাদাধেয়া-ধিক্যবর্ণনম্ (চন্দ্রালোক)। আধার বা আধেয়ের আধিক্য বুঝাইলে অধিক অলঙ্কার হয় (কাব্যনির্ণয়)। ২ [+য-ভা] আধান, স্থাপন।

আধো-আধো বিং ['আধ-আধ'—মূল] ১ সর্ব 'আধ-আধ'। "এই বচন শুনিছি আধো-আধো ব প ৮২৫। আধো-আধো…স্বর ব.প্র ২৮৩। ২ অর্দ্ধপ্রকার, ঈষৎ-ঈষৎ, অল্প-অল্প। "করে পদ্মফুল,… অলসিত আঁখিসম আধো-আধো ফুটি স্ব.প্র ১।

আধোরণ পুং [আ+ √ধোরি+অন (ল্যুট্)-ক] **১** যে (হস্তীকে) চতুর গতি করায় (অ.টী) ; হস্তিপক, হস্তিপালক, মাহুত। "আধোরণতীব্রযত্ন রঘু ৫.৪৮। **২** হস্ত্যারোহ, নিষাদী, হস্তিযোদ্ধা। "রঘু ৭.৪৬।

আধ্মাত বিণ [আ+ √ধ্মা+ত (ক্ত)-র্ম্ম ; বৈদিক] **১** ধ্বনিত। **২** দগ্ধ। **৩** উত্তাপিত, জ্বলিত। "উ.চ ১২৯। ক্রোধাধ্মাত (হি)। **৪** পরিপূরিত। "উ.চ ১.২৯ ; অমৃতাধ্মাতজীমূত ৬২১। **৫** প্রবলীকৃত, বিবর্দ্ধিত। "উ.চ ৫.৬। **৬** [+ত-ক] উদ্ধত। "দর্পাধ্মাত। মানাধ্মাত হি ২.১৪০। **৭** স্ফীত। "আধ্মাতকুক্ষি (ভুজঙ্গপতি—SW.)। পাপাত্মা ব্যক্তি আধ্মাত ভস্ত্রার ন্যায় বৃথা নিশ্বাসপ্রশ্বাস পরিত্যাগ করিতেছে।—কালীপ্রসন্ন সিংহ। **৮** বাতদোষজন্য স্ফীত ; বাতরোগ-বিশেষসংযুক্ত (উদর)। —ধ্মাত ক্লী [+ত -ভা] **১** আধ্মান, ধ্বনি। **২** উদরস্ফীতি। —ধ্মান ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** শব্দ, ধ্বনি। **২** অগ্নিসংযোগ, দাহ। **৩** উদরস্ফীতি, স্ফীতি। "উদর-আধ্মান ঘন উঠিছে উদ্গার ম ৫১৯। **৪** সগর্ব্বোক্তি, বিকত্থন। **৫** [+অন-ণ] বাতব্যাধি বিশেষ, পেটফাঁপা। **৬** [+অন-ক] ভস্ত্রা, জাঁতা। —ধ্মানী স্ত্রী নালিকানামক গন্ধদ্রব্য।

আধ্যাত্মিক বিণ [অধ্যাত্ম+ইক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে, পা ৪.৩৬০ ; স্ত্রী -কী] **১** অধ্যাত্মভব, অর্থাৎ আত্মাকে অধিকার করিয়া জাত ; ইন্দ্রিয়মনোদেহাদিজন্য (দুঃখ)। "আধ্যাত্মিকাদি তাপত্রয় চৈ চ ২২২। [এই দুঃখ শরীর ও মন ভেদে দুই প্রকার। বাতাদির বৈষম্যে শারীর দুঃখ এবং কামাদি রিপু ও ঈর্ষ্যাভয়াদি হইতে মানসিক দুঃখ উৎপন্ন হয় (সাংখ্য ১, তত্ত্বকৌমুদী)।] **২** আত্মতত্ত্বসম্বন্ধী, আত্মবিষয়ক, ব্রহ্মসম্বন্ধী (জ্ঞান, বিদ্যা)। "মনু ২ ১১৭। যাজ্ঞ ১ ১০১। **৩** মানস, মানসোপচারকৃত। "পিতৃদেব,…দেবাদিদেবের আধ্যাত্মিক পূজা…মুক্তকণ্ঠে ঘোষণা করিলেন চা পূ ৮৪। **৪** জীবাত্মবোধক (বেদ)। "মনু ৬ ৮৩। **৫** চক্ষুরাদিকরণাভিমানী পুরুষ। "ভ ২ ১০.৮।

আধ্যান ক্লী [আ+ √ধ্যৈ+অন (ল্যুট্)-ভা] **১** চিন্তা, ধ্যান। **২** উৎকণ্ঠাপূর্ব্বক স্মরণ। "পা ১.৩.৪৬।

আন১ সর্ব্ব, বিং [সং অন্য >প্রা অন্ন (হে), অন্ন (পৈ) >বা আন ; হি আন ; গু আণ, -ন , মৈ, অস আন ; অণ, -ণ্ন, -ন্ন (চ)] **১** অন্য, অপর, ভিন্ন। "বড়ায়ি চলিলী আন পথে শ্রী কী ৯ , আন নারী ৬০ ; ৯১। আন বাড়ী চ.দা ১০৪। আন বেরি বি সা ৫৪। আন ঠাই শ্রী ম ২০১। **২** অন্য, পরবর্ত্তী। "(এ হরি) আন দিবস লাগি রাখহ পরাণ বি.প ৯৭। **৩** অন্যপ্রকার, ভিন্নগুণযুক্ত। "গগনে উদয় কত তারা। চান্দ আন হি অবতারা॥—বি.প ১১৪। **৪** ভিন্ন, নূতন-নূতন, এক-এক। "হিমালয়ে বাঢ়েন চণ্ডিকা। আন বেশ দিনে দিনে।—ক.চ ১৯; আনরূপ ব্যাধসুত দিবসে দিবসে ৪৫। **৫** অন্য, অযথার্থ, কপট। "কি গাওসি ষট্পদ তুআ যদুনাথ। চিরদিন তনু মেরি, ভেল আন বাত॥—শ্রী.ম ১৪২। **৬** অন্যপ্রকার, বিকৃত, খারাপ। "সেই দিন হৈতে তোর বুদ্ধি হৈল আন। কুরু হৈতে যে দিন গোধন কৈলে ত্রাণ॥—ম ৬৫৮। **৭** মিথ্যা, অপ্রমাণ। "যতেক দেখিলু আমি এক নহে আন ক চ ২০৭। কহিল সকল সখি এক নহে আন শ্রী.ম ৯৪। **৮** অন্যসম্বন্ধী, নায়িকান্তর-বিষয়ক। "আন অনুরাগে পিয়া আন দেশে গেলা বি.প ১৭৩। **৯** অন্য, দূর। "দ্র (৮)। **১০** অন্য, বিপরীত, ব্যর্থ। "পাছে এ সব হবে আন চ.সা ১০৪। মুনিবাক্য না হইবে আন : (বচন) নহে আন কৃ ৩৭। **১১** তদিতর, তদ্ভিন্ন। "আন নাহি পড়িহাসে শ্রী.কী ৫৩। আন কথা নাহি শুনে কাণ চৈ.চ ২২১। **১২** অন্য, কোন এক, সামান্য কিছু। "আন ছলে কতয়ে কহয়ে পরিহাস জ্ঞা ৯২ ; আন ছলে এত কথা কি কয় ৯৯। **১৩** অন্যপ্রকার, কুটিল, বক্র। "হাসির মিশালে চাহনি আন। তা দেখি কাহার না হয় ভান॥—জ্ঞা ৯৯। **১৪** অনবহিত, বিষয়ান্তরাসক্ত। "সাবধানে শুন সবে ছাড়ি আন মন চৈ.ম ৯৯। **১৫** আর, অধিক, এ-ছাড়া। "আন কি কহব বিশেখি বি.প ১১৪ ; কি কহব আন ২১৫। **১৬** অধিকতর। "না কর সুন্দরি রাধা আন জঞ্জাল শ্রী কী ৭৯। —ন সর্ব্ব **১** অন্যজন ; কেহ। "আনে বলে অশ্বিনী-আত্মজ দুটি আল শ্রী মা ৯৫। **২** দ্বিতীয় জন। "তোঁ ছাড়ি না জাণো আন শ্রী কী ১০৮। **৩** মদ্ভিন্ন জন ; আর কেহ। "আনে সুর্ধা ধরে, মোরে করে তিরস্কার কৃ উ ১২৯। **৪** অন্য বিষয়। "আছুক আনের কথা, মুক্তি নাহি বাসে শ্রী ম ২৫৩। **৫** মতান্তর, দ্বৈধ, সংশয়। "না কর মনে আন ভানে শ্রী কী ৩৪ ; ৪৯। এই শূল শিবতুল্য, ইথে নাহি আন শি ৬৯। ইথে নাহি আন ম ২৬৩ ; ক চ ১৪৭। কৃ উ ২৩২। **৬** তদ্ভিন্ন জন, আত্মীয়। "কালা হৈল ঘর। আন কৈল পর॥—চ সা ১৯৪। —ন ক্রি.বিং অন্যপ্রকার, অন্যথা। "তোহ্মার বোলত আহ্মে না করিব আন : আন করোঁ শ্রী কী ১১; ১১৪। মোর শাসন না করি আন কৃ.উ ২৭৮। [আন আন—অন্য অন্য, পরস্পর। "যব মম বাঁধল, ইন্দ্রিয় ফাঁফর, তঁহি মিলল আন-আন গো ১০৪ ; আন আন মনে মনসিজ উনমাদ ১৫২। চ.দা ১০৫। আন·· আন—**১** এক প্রকার…অন্য প্রকার। "আন ভাবিতে বিহি আন ফল দেল বি.প ১১১। আন বুলিতে আন পাতসি কথা শ্রী.কী ৭৬। **২** একজন…অন্যজন। "আন সঙ্কেতে আন সঞে মিলন প.র ৫৬। আন…আন, আনে—একবিষয়…বিষয়ান্তর। "আন কহিতে কহ আন প.র ৫৬। আন বুলিতে বোলায় আন : আন কহতে কহি আনে চৈ.চ ২২১। আনক—অন্যের। "বি.সা ৩৯৫। আন কথা…অন্য কথা ; বিষয়ান্তর। "ভ.গ্র ৪৪৩। আন না করিল—অন্যথা করিল না। "রাম ৩৫৫। আনহু—অপরকেও। "আনহু তোরহি নামে বজাব বি.সা ৬৭। আনে—অন্য, অপর (কর্ত্তা)। "শ্রী কী ৯২। এহন জগৎ নহি আনে বি.প ২৮। আনের—অন্যের। "আনের কথা শ্রী.ম ২৫৩। আনের… আন—একের…অন্য, অর্থাৎ তৃতীয় জন। "আনের সনে রণ করি আনে আসিয়া মারে : আনের সনে রণ করি আনে দেই হানা ব.প ৪৯৬। আনেরে—অন্য বিষয়ে। "ভোগ আশা নাহিক আনেরে শ্রী.ম ২৫৩। আনের…আনের—অন্যের, আর জনের…অন্যের অর্থাৎ তাহারই। "আনের পরাণ, আনের অন্তরে, আমার পরাণ তুমি ব.প ৯৯৩।]

আন২ বি [সং অন্ন>প্রা অণ্ণ, -ন্ন>বা আন , অপ্র] অন্ন, ভাত। "আন পাণী নাহি খাওঁ শ্রী.কী ৮৩।

আন৩ সর্ম্ম [সং আ- √নী>প্রা √আণ (প্রা.ম)>বা √আন ; হি, মৈ √আন ; ঠ √আণ ; অস √আন্] **১** আনয়ন করা ; আনা। "আন গিআঁ চন্দ্রাবলী শ্রী.কী ১৮ ; আন ডাক দিআঁ ৮৮। আন্থা দিব কৃ.উ ২২৮। অন্ন-আদি যে কেহ আনয় ভ.গ্র ৭৭। শীঘ্র ডাকি আন্ হেথা তোর সীতানাথে, বর্ব্বর! মে ৮৬। **২** মন্ত্রণার্থ সমবেত করা। "পো বর্জ্জিতে তোমার বাপ কাহি নাহি আনে। ভাই বর্জ্জিতে তুমি আনিলে সর্ব্বজনে॥—কৃ উ ২৮২। [আন—**১** আনিয়া। "মিলায়ব আন বি.প ৩৭। **২** আনয়ন কর (অনুজ্ঞা, নিত্য-প্রবৃত্ত বর্ত্তমান)। "আন শিঙ্গা : আন রে ত্রিশূল ভা.চ ১০৩। (উমা) তুমি…নিত্য তার প্রাণনাথে আন সাথে করি ; আন মন্দ সমীরণে…রাধাবিনোদনে কেন আন না রঙ্গিণি ?—মা ১৫৯। আনন—আনয়ন, আনা। "উঠাঞা ঘরে আনন না যায় চৈ.চ ৩৪৬। আনল—আনিল। "কত পরবোধে আনল বি.প ৭৯। আনলি—আনিল। "কত সঞে রূপ ধনী আনলি চোরি বি.প ১৮। আনহ—আন। "আনহ কেতকিকের পাত বি.সা ৪১১। শ্রী.কী ১৪৯। আনা—আনীত। "আর এক ফল আছে, নাম আনারস। নন্দন-কানন থেকে বুঝি আনা রস॥

—রঙ্গ ১১। আনি—আনয়ন করি (আমি); আনিয়া। আন্যা—আনিয়া। "কৃ.উ ২২৮।

আনক পুং [√অন্+ই (ণিচ্)+অক (ণুল্)-ক] ১ যাহা জীবিত (উৎসাহিত) করে; পটহ। "গী ১.১৩। ২ ভেরী। ৩ মৃদঙ্গ। ৪ (সাদৃশ্যে) সশব্দ মেঘ।

আনকদুন্দুভি পুং যাঁহার জন্মকালে আকাশে আনক ও দুন্দুভি বাজিয়াছিল; বসুদেব। 'হ ৩.১৮-১৯। "শ্রী.মা ৪২। °সুনো বা.দ ১০২। —ভি পুং, স্ত্রী বৃহৎ ঢক্কা; জয়ঢাক।

আনকোরা বিং [হি কোরা; ঠ কোররাণ—কোরা+রাণ (বর্ণ), কোরা; তেলেগু—'করা'; কোরবাণ>আনকোরা (শব্দবিপর্যয়ে)?] ১ নূতন, তাঁত-কাটা (কাপড়)। "(পরিধেয়গুলি) আনকোরা নূতন রং-করা।—হেম। ২ বিশুদ্ধ, খাঁটি। "আহেলী বেলাতি বোল, আনকোরা ঢাকাই।—হেম ৩৮০।

আনখা বিং ['আনদেখা'—মূল; হি অনোখা; ঠ নৌখা] ১ অনীক্ষিত, আদেখা, অজানা (দেশ, জায়গা)। ২ অপরিচিত, অজ্ঞাত (লোক)। ৩ অদ্ভুত, বিচিত্র (কথা)। ৪ নূতন (জিনিশ)।

আনচান, -ছান বিং [হি অনচৈন (অন+চৈন—আরাম, সুখ) —ব্যাকুলতা; শয়ন>চৈন (হিন্দীশব্দসাগর)] ১ ব্যাকুল, অশান্ত, অস্থির। "হারে সই শুনি যবে বাঁশীর নিশান। গৃহ কাজ ভুলি প্রাণ করে আনচান॥—চ.দা ৯০। তৈখনে মঝু মন, ভেলই আনছান গো ৬৭। দেখিয়া তখনি প্রাণ, সদা করে আনচান ব.প ১০৯৪; ১১৪৬। উড়ু পড়ু আনছান, ধক ধক করে প্রাণ ব ১৫৩। ২ [আন[১]+ছান (ছন্দ)] বিশৃঙ্খল, অপরিপাটি, এলোমেলো। "আনছান বেশ ভ.গ্র ৩৯৫। —ন বি ১ পূর্ব্বাপরসঙ্গতিহীন কথা; অসম্বদ্ধ বাক্য; প্রলাপ। "সব বোলে আনচান শ্রী.কী ২; ৩৫। ২ অসম্বদ্ধ, এলোমেলো। "তারে বুলিলি বচন আনচানে শ্রী.কী ৩৭২।

আনট '-ট্' বি [আণ্ডট>°ট; ঠ অনরট, অপ্র] সর্প 'আণ্ডট'। "আনট বৃদ্ধাঙ্গুলে ব.প ১৩৬০; ১৫২০। বা.প্র ১৯১।

আনডুহ বিণ [অনডুহ্+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -হী; বৈদিক] বৃষসম্বন্ধী। "চর্ম্মণ্যানডুহে যাজ্ঞ ১.২৮০।

আনত[১] বিণ [আ+ √নম্+ত (ক্ত)-ক] ১ সম্যক্ নত; অবনত, প্রণত, নম্র। "প্রণয়ানত মহা ৫.১৯৪.২৩। রঘু ৪.৬৯। পাদানত ক.সা ৮.৩১। ২ নিম্নাগ্র, অধোমুখ। "ফলভার° গো.রা ২.৫৬.৯। তরবঃ কুসুমানতাঃ কি ৫.২৫। ৩ বিনয়নম্র। "রঘু ১.৯২। প্রশ্রয়ানত (S.W.)। ৪ প্রণত, অনুরক্ত। "°সামন্ত মনু ৭.৬৯। ৫ প্রণত, কৃতপ্রণাম। "মুনিমানতোঽস্মি।—ভ ১.২.২। ৬ নিম্নাভিমুখ। "°বদন। ৭ ঈষৎ নত, আভুগ্ন, অতীক্ষ্ণ। "বাণেনানতপর্ব্বণা মহা ১.৪০.১৩। একদা তিনি স্বকীয় আনতপর্ব্ব শর দ্বারা এক মৃগকে বিদ্ধ করিয়া··· অরণ্যানীমধ্যে প্রবিষ্ট হইলেন।—কালীপ্রসন্ন সিংহ। —নতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ নমন, নম্রীভাব। "ক্রমানতি (S.W.)। ২ প্রণতি, নমস্কার। "কৃতানতি, চরণানতি, রচিতানতি (S.W)। বিহিতানতি কি ৬.৩০; ১৩.৩৬। ৩ অধোভাব, অধোমুখীভাব। ৪ নম্রতা, বিনীতভাব।

আনত[২] ক্রি.বিং [দ্র 'অনত'] ১ অন্যস্থানে, অন্যদিকে। "কেলি রভস যব শুনে। আনত হেরি ততহি দেই কাণে॥—বি.প ৩৯। হাম রহু সঙ্কেত। আনত রহু কান।—গো ১৯৩। ২ অন্যবিষয়ে, বিষয়ান্তরে। "ভাব অন্তরে যব, হোয়ত অঙ্কুর, আনত দেয়বি চিত গো ১৫০।

আনদ্ধ বিণ [আ+ √নহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বদ্ধ, অমুক্ত, নিয়ন্ত্রিত (কেশাদি)। ২ ধৃত, পরিহিত। "আনদ্ধাভরণ মহা ৬.১১৮.১১। ৩ আবৃত, ব্যাপ্ত। "হিমানদ্ধা জলাশয়াঃ (সুশ্রুত)। ৪ গ্রথিত। ৫ চর্ম্মাবৃতমুখ, চামড়ায় ছাওয়া (বাদ্য)। ৬ বদ্ধকোষ্ঠ, অবরুদ্ধমল (Costive)। "°বস্তিতা (সুশ্রুত)। —দ্ধ ক্লী চর্ম্মাচ্ছাদিতমুখ বাদ্য—পটহ-প্রভৃতি। ঘন তত আনদ্ধ শুষির, বাদ্য চতুর্ব্বিধ সুরুচির ন.প ১৫১। আনদ্ধ শুষির তত ঘন।—রঙ্গ ২১৭। [পটহ মর্দ্দল হুড়ুক করট অথট রঞ্জা ডমরু ঢক্কা টুক্করী ত্রিবলী দুন্দুভি ভেরী নিঃস্বান তুম্বকী কম্বুজ পণব কুণ্ডলি শর্কর টমকি মণ্ড মট্ট ডিণ্ডিম মৃদঙ্গ উপাঙ্গ ও দরী—এই কয়েকটি প্রাচীন শাস্ত্রোক্ত আনদ্ধযন্ত্র। অধুনা তবলা-আদি আরও অনেকগুলি আনদ্ধযন্ত্র নির্ম্মিত হইয়াছে (সঙ্গীতশাস্ত্রপ্রবেশিকা)। সভ্য (সভায় বাদনীয়), বহির্দ্বারিক (শোভাযাত্রাদিতে বাদনীয়), গ্রাম্য, সামরিক ও মাঙ্গল্য ভেদে আনদ্ধযন্ত্র পাঁচপ্রকার।—১ সভ্য—মৃদঙ্গ তবলা ঢোলক। ২ বহির্দ্বারিক—ঢাক ঢোল নহবৎ নাগারা। ৩ গ্রাম্য—মাদল জোড়খাই ডুবডুবি (ডুগডুগি?) ডমরু খঞ্জনী খোর্দ্দক হুড়কা ঘুটক। ৪ সামরিক—জগঝম্প দামামা কাড়া ঢক্কা তাসা। ৫ মাঙ্গল্য—টিকারা কাড়া নাগারা ডম্ফ গোল (যন্ত্রকোষ)।]

আনন ক্লী [আ+ √অন্+অন (ল্যুট্)-ণ; তু '(ছান্দস) আন—আনন (ঋগ্বেদ ১.৫২.১৫)] ১ যাহা দ্বারা (পানাহার করিয়া) বাঁচে; বক্ত্র, তুণ্ড, মুখ (Mouth)। "আননং মৃৎসুরভি রঘু ৩৩। বিদারিতানন ঋতু ১.১৪। ব্যাত্ত° গী ১১.২৪। পীলেন আনল হরি নিজ চন্দ্রাননে শ্রী.ম ৫৬। ২ মুখমণ্ডল (Face)। "বিমলানন গো.রা ৩.৫.৪। সমগ্রেন্দুনিভানন।—মহা ১.১৫৩.১৩। উন্নমিতানন রঘু ১.৪১; পিবতঃ সুতাননম্ ৩.১৭। অধানন ম.পা ২০। ইন্দুনিভাননে মে ২২। ৩ অপ্র। "কি ১৫.৪২। [°চন্দ্রিকা (বি)—সাত পাক ফিরার পরে বর ও কন্যার পরস্পর মুখদর্শনরূপ স্ত্রী-আচারবিশেষ; মুখচন্দ্রিকা, শুভদৃষ্টি। "আননচন্দ্রিকা করি বৈসে সন্নিহিত ম.পা ২০; ৩৮; ১৬১।]

আনন্তর্য্য বিণ [অনন্তর+য (ষ্যঞ্) স্বার্থে, পা ৭.৩.৩১, সি] অনন্তর, অব্যবহিত। —র্য্য ক্লী ১ অনন্তরকর্ত্তব্য। "°র্য্যমভিপ্রেপ্সুঃ রা ৬.৪১.৫৯। ২ অনন্তরকর্ত্তব্যতা। "গো.রা ৪.২৩.৬। ৩ [+য তদ্ভাবার্থে] অনন্তরভাব, অব্যবধান, পূর্ব্ববর্ত্তিতা বা পরবর্ত্তিতা। "মনু ১০.২৮।

আনন্ত্য বিণ [অনন্ত+য (ষ্যঞ্) স্বার্থে, পা ৫.৪.২৩] অনন্ত, অসীম, অক্ষয়। "সুখমানন্ত্যমশ্নুতে মহা ৩.১১২.২৫। —ন্ত্য ক্লী ১ অনন্তফল। "যাজ্ঞ ১.২৬১। ২ অনন্ততৃপ্তি, চিরকালতৃপ্তি। "মনু ৩.২৬৬; ২৭২। ৩ [+য তদ্ভাবার্থে] অনন্তভাব, অন্তহীনতা, অসীমতা। ৪ অবিচ্ছেদ। "লোকানন্ত্য যাজ্ঞ ১.৭৮। ৫ নাশহীনতা, অনশ্বরত্ব, নিত্যতা। ৬ অমৃতত্ব, অমরতা। "মনু ৯.১০৭। ৭ অপবর্গ, মুক্তি। "মনু ৬.৮৪। ৮ ব্রহ্মভাব। "মহা ৩.৩১.২০। ৯ শাশ্বত প্রতিষ্ঠা (ত বা)।

আনন্দ বিণ [আ+ √নন্দি+অ (অচ্)-ক; স্ত্রী -ন্দা; ছান্দস] ১ যে আনন্দিত করে; আনন্দজনক, আনন্দন। "দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে (গীতামঙ্গলাচরণ)। জগৎ-আনন্দ তুমি মে ১২০; অংশুমালী জগতনয়নানন্দ ২১০; রঘুকুলানন্দ রাঘবনন্দনে ২৮০। ২ [°ন্দ +অ (অচ্) অস্ত্যর্থে] আনন্দবান্, হর্ষিত, সুখী। "এত শুনি অনাদি আনন্দ হ'য়ে বড় (বর দিলা) শ্রী.মা ২০। —ন্দ পুং ১ বিষ্ণু। "মহা ১৩.১৪৯.৬৯। ২ শিব। ৩ বাসুদেবের বলবিশেষ (অ চি); বিষ্ণুগণভেদ (ত.বা)। ৪ বৃহস্পতির সংবৎসরের ৪৮শ বর্ষ। ৫ দণ্ডকচ্ছন্দোবিশেষ। ৬ [+অ-ভা] প্রীতি, হর্ষ, সুখ, প্রমোদ। "কৌসল্যানন্দবর্দ্ধন রা ১.১.১৭। আনন্দেরি সাগর থেকে এসেছে আজ বান গী.লি ১০। তাহে তরঙ্গ উঠে সঘন আনন্দ নন্দ নন্দ রে।—রবীন্দ্র। ৭ আনন্দস্বরূপ, ব্রহ্ম। 'স তপস্তপ্ত্বা আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ।

—তৈত্তিরীয়োপনিষৎ ৩.৬। ৮ ব্রহ্মজ্ঞানজন্য পরম সুখ। "আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন।—তৈত্তিরীয়োপনিষৎ ২.৯। —নন্দ ক্লী ১ মদ্য। "শুনহ শ্রীপাদ! কিছু আনন্দ আনিব: প্রভু বোলে, কি আনন্দ বোলয়ে সন্ন্যাসী? নিত্যানন্দ বোলয়ে, মদিরা হেন বাসি॥—চৈ.ভা ২৯৫। ২ গৃহবিশেষ (ত বা)। [বোধ হয়, ইহা 'আক্রন্দ' হইবে। বাচস্পত্যে 'গৃহ' শব্দে গৃহের ষোড়শ নাম দ্রষ্টব্য।] ৩ (বাঙলায়) আনন্দস্বরূপ, মূর্ত্তিমতী প্রীতি। "উঠ, প্রাণেশ্বরি!…রঘুরাজগৃহ-আনন্দ! মে ১২২। ৪ আনন্দজনক বস্তু। "প্রিয়ে,…উঠ, চিরানন্দ মোর মে ১৬২; ২৫৮। —নন্দা স্ত্রী বিজয়া, সিদ্ধি। [আনন্দে অবশ—আনন্দে বিহ্বল; হর্ষজড়, অতিহৃষ্ট। "ভা.চ ১৪৪। আনন্দে সানন্দে—আমোদে সামোদে; পরমানন্দে। "আনন্দে সানন্দে দিন গেলা চৈ.ম ৫৫।]

আনন্দক বিণ [আ+√নন্দি+অক (ণুল্)-ক; স্ত্রী -ন্দিকা] আনন্দজনক, প্রীতিকর। "মিত্রম্ আনন্দকং চেতসঃ (পাঠান্তর) হি ১.২২৪।

আনন্দকন্দ পুং [য ত] আনন্দের মূল, প্রীতির আকর। "তম তাপ বিমোচন৹ উদয়তি আনন্দ-কন্দ বি.সা ২৫৬। অদ্বৈত আনন্দ৹-কন্দ নিত্যানন্দ৹ চৈতন্য রসের ভূপ ন.প ৩৭০।

আনন্দকানন, -বন ক্লী [উ.লো] মরণে ব্রহ্মানন্দপ্রাপ্তিহেতুক কানন; কাশীক্ষেত্র (কাশীখণ্ড, ২৬শ অধ্যায়)। "আনন্দকানন কাশী ভা.চ ১৩৬; ১৩৭।

আনন্দগিরি পুং [°ন্দ+গিরি, দ্র 'অরণ্য'] পুং শাঙ্করভাষ্য-টীকাকার শঙ্করশিষ্য।

আনন্দঘন বিং [বহুব্রী] আনন্দ যাহার মূর্ত্তি; আনন্দরূপ। "আনন্দঘন বিভু।—রবীন্দ্র।

আনন্দজ বিণ [°ন্দ+√জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] আনন্দজাত, হর্ষজন্য। আনন্দজাশ্রু নৈ ১.১৪৪।

আনন্দধাম বি সুখের আলয়; আনন্দময়নিকেতন। "হেথা চির-আনন্দ-ধাম।—রবীন্দ্র।

আনন্দধারা বি হর্ষপ্রবাহ, প্রীতিরসপ্রবাহ। "°আনন্দধারা বহিছে ভুবনে: বহে নিরন্তর অনন্ত আনন্দধারা।—রবীন্দ্র।

আনন্দন বিণ [আ+√নন্দি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] আনন্দজনক, প্রীতিকর, হর্ষজনক। "মিত্রং প্রীতিরসায়নম্…আনন্দনং চেতসঃ হি ১.২২৪। মা মা ৬.৭। সো ব্রজনন্দন৹ হৃদয়-আনন্দন বি.প ১৭৪। নন্দ-নন্দন৹ ভুবন-আনন্দন।—গো ৮৮। অনিরুদ্ধ-আনন্দন শ্রী.ম ১২১। —ন ক্লী [+অন-ভা] ১ আনন্দোৎপাদন, প্রীতিজনন। "আনন্দনেন জড়তাং পুনরাতনোতি উ.চ ৩.১২। ২ বান্ধবাদির গমনাগমনকালে আলিঙ্গন ও স্বাগতকুশলপ্রশ্নাদি দ্বারা আনন্দজনন; সভাজন, আমন্ত্রণ।

আনন্দপট পুং [উ.লো] নবোঢ়ার বস্ত্র; বিয়ের ক'নের কাপড়।

আনন্দবর্দ্ধন বিণ [ষ.ত] প্রীতিবর্দ্ধক, হর্ষজনক। "কৌসল্যানন্দবর্দ্ধন রা ১.১.১৭; কৈকেয্যানন্দবর্দ্ধন ২.৪৫.৭।

আনন্দবিধান বি আনন্দকরণ, হর্ষপ্রকাশ। [আনন্দবিধানে—হর্ষপ্রকাশপূর্ব্বক, সুখে। "আনন্দবিধানে রাজা যান নিজদেশ ম ৫৪৮; ৫৬৬।]

আনন্দমই বিং ['°ময়'—মূল, য়>ইঅ>ই, তু 'মৈ নিশ্চৈ, সমৈ (নিশ্চয়, সময়); অপ্র] আনন্দময়। "আনন্দমই দেব মহাযোগী গ ১২৫।

আনন্দময় বিণ [আনন্দ+ময় (ময়ট্) 'তৎপ্রকৃতবচন, তদ্‌বিকার' অর্থে; স্ত্রী -য়ী] ১ যাহাতে প্রচুর আনন্দ; আনন্দপ্রচুর, সুখময়। "আনন্দময় তোমার বিশ্ব শোভাসুখপূর্ণ (রবীন্দ্র)। ২ আনন্দবিকার (পা ৪.৩.১৪৪, তত্ত্ববোধিনী)। "°কোষ। অন্যোঽন্তর আত্মানন্দময়ঃ।—তৈত্তিরীয়োপনিষৎ ২.৬। —ময় পুং আনন্দস্বরূপ, পরমাত্মা, ব্রহ্ম। "আনন্দময়ের আনন্দ আলয়: এস হে আনন্দময়।—রবীন্দ্র। [°কোষ (পুং)—পঞ্চ কোষের অন্তর্গত পঞ্চম কোষ; স্থূলসূক্ষ্মশরীরের লয়স্থান; কারণশরীর (বেদান্তসার), জীবাত্মকোষ।]

আনন্দমূর্চ্ছা বি আনন্দজন্য মূর্চ্ছা; হর্ষাতিশয় হেতু জড়ভাব; হর্ষজড়ত্ব। "প্রভুর আনন্দমূর্চ্ছা হইল চৈ ভা ৩৯৮।

আনন্দয়িতা (-তৃ) বিণ [আ+√নন্দি+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] প্রীণয়িতা, হর্ষজনক। "আনন্দয়িত্রী পরিণেতুরাসীৎ রঘু ১৪.২৬।]

আনন্দরস বি [কর্ম্মধা] ১ আনন্দসলিল, প্রীতিরস। "আমার… অন্তরাত্মা অনির্ব্বচনীয় আনন্দরসে আপ্লুত হয় সী ১৬। ২ ব্রহ্মসাক্ষাৎকারজন্য দিব্য সুখামৃত; ব্রহ্মানন্দসুধা। "পাপ তাপ সব দূরে গেল, আনন্দরস উথলিল (ব্রহ্মসঙ্গীত)।

আনন্দলহরি, -রী স্ত্রী [ষ.ত] ১ আনন্দের তরঙ্গস্বরূপ শঙ্করকৃত পার্ব্বতীর স্তববিশেষ। ২ (বাঙলায়) আনন্দতরঙ্গ। ৩ একতন্ত্রী বাদ্যবিশেষ; গুপীযন্ত্র। [ইহা একটি শূন্যগর্ভ কাঠের খোল। ইহার এক প্রান্ত চামড়ায় ছাওয়া। চামড়ার ঠিক মধ্যস্থলে ছিদ্রে তাঁতের এক প্রান্ত বদ্ধ থাকে, অন্য প্রান্ত কাঠের ক্ষুদ্র ভাণ্ডের মুখের চর্ম্মাবরণে সংলগ্ন থাকে। বাজাইলে 'গুপ্‌গুপ্' শব্দ হয় বলিয়া নাম 'গুপীযন্ত্র'।]

আনন্দলাড়ু বি বিবাহাদি আনন্দের সংস্কারে গুড়ে মাখা পিষ্ট তিল তণ্ডুল ও নারিকেলের তৈলপক্ক লাড়ু।

আনন্দসাগর বি [কর্ম্মধা] আনন্দরূপ সাগর; বিপুল আনন্দরস। "আনন্দসাগরে সবে মগন ভা.চ ১৪৪।

আনন্দাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী; বৈদিক] আনন্দঘন, আনন্দরূপ।

আনন্দাশ্রু ক্লী [উ লো] আনন্দজন্য নেত্রনীর; হর্ষাশ্রু। "আনন্দাশ্রুবিন্দু রঘু ১২.৬২। স.শ ৮৪।

আনন্দিত বিণ [আ+√নন্দ্+ত (ক্ত)-ক] ১ প্রীত, হৃষ্ট, সুখী। ২ [+√নন্দি+ত-র্ম্ম] প্রীণিত, হর্ষিত।

আনন্দী (-ন্দিন্) বিণ [আনন্দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ন্দিনী; বৈদিক] ১ আনন্দযুক্ত, হর্ষিত। "আনন্দিনো দ্বিজাঃ গো.রা ৬.১১.৪৫। মহা ২.১৪.৪৫। মহাকাল নন্দী, সদত আনন্দী দু ৯০। সে আনন্দে আনন্দিনী, উথলিয়ে মন্দাকিনী (বহে) সাম ৪০। ২ [+√নন্দি+ইন্-ক] আনন্দজনক, প্রীতিকর। "গোবিন্দানন্দিনী রাধা চৈ.চ ১৫।

আনবেশ বিং [আন১+বেশ; অপ্র] অন্যবেশ, নূতন-শ্রীযুক্ত। "আনবেশ দিনে দিনে সাধুর নন্দন ক.চ ২১২।

আনমন১ ক্লী [আ+√নম্+অন (ল্যুট্)-ভা] ১ সম্যক্ বা ঈষৎ নতি। ২ সন্তোষার্থ আনতি; নমস্করণ। ৩ [+√নমি+অন-ভা] নম্রতাপাদক ব্যাপার; আনতীকরণ, নোঙান। —নমনীয় বিণ [√নমি+অনীয় (অনীয়র্)-র্ম্ম] নমনযোগ্য, বক্রীকরণীয়। —নমিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আনতীকৃত, আবর্জ্জিত। ২ অনুকূলীকৃত; বক্রীকৃত। —নম্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সর্ব 'আনমনীয়'।

আনমন২ '-ন্-ন্' বিং [আন১+মন; সং অন্যমনাঃ] ১ অন্যমনস্ক, অনবহিত। "প্রসাদ দিতে হৈলা আনমন চৈ.চ ১৭১। ২ [অপ্র] আশ্বস্ত, সান্ত্বনাপ্রাপ্ত। "দেখ্যা শুন্যা ব্রাহ্মণী আনমন হইল কথ ব.প ৭৪৬। —মনস্ক বিং ['অন্যমনস্ক'—মূল; অপ্র] দুঃখিত, উৎকণ্ঠিত। "ঈশ্বর এতেক বাণী, হনুর বদনে শুনি, চিত্তে হৈল আনমনস্ক অতি শ্রী.মা ৪১। —মনা বিং [সং অন্যমনাঃ] ১ অন্যমনস্ক, অনবহিতচিত্ত। "আনমনা হইয়া বসিলা সভে নায় ভ.গ্র ৪৪৩। তাড়াবার বেলা হ'য়ে আনমনা৹ বালাটা সুদ্ধ যেন তাড়িয়ো না।—কা ১১৮। ২ উৎকণ্ঠিত-

চিত্ত, উদ্বিগ্নমনাঃ। "ঘাটে ব'সে আছি আনমনা, যেতেছে বহিয়া সুসময়।—রবীন্দ্র।

আনমনস্ক, আনমনা ; আনমনীয়, -নমিত, -নম্য দ্র 'আনমন২ ; আনমন১।

আনম্র বিণ [আ নম্র, ত.পু] ঈষৎ নমনশীল ; অল্পনম্র।

আনয়ন ক্লী [আ+√নী+অন (ল্যুট্)-ভা] ১ স্থানান্তরপ্রাপণ, সমীপনয়ন, আনা। "রাজ্ঞামানয়নে রা ১.১৩.৩০। নলস্থানয়নে যত মহা ৩.৬৯.২৯। ২ প্রাপণ। "প্রাণসন্দেশহানয়ন।—পঞ্চ (S.W.)। ৩ বহন। "তদানয়নমাদিশং ক.সা ৪.৭৬। —নয়নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] প্রাপণীয়, বহনীয়, স্থানান্তরনেয়।

আনয়ার বি ['আনার'—মূল] দাড়িম্ববৃক্ষ। "বি.পা ১০২।

আনয়িতব্য বিণ ['আনেতব্য' সাধু] আনয়নীয়। "অয়ং ত্বানয়িতব্যস্তে মহা ১.১৫৫.১৮।

আনর্ত্ত পুং [আ+√নৃৎ+অ (ঘঞ্)-ধি] ১ নৃত্যস্থান, নৃত্যশালা। ২ রঙ্গালয়, থিয়েটার। ৩ বীরের নৃত্যবিশেষ, যুদ্ধ। ৪ দ্বারকাপুরী। "হ ১০.৩১। ৫ আনর্ত্তরাজ ; আনর্ত্তদেশবাসিগণ (বহুব)। "মহা ৩.১৪.৯ ; ১৮। ৬ [+অ-ভা] নৃত্য। —নর্ত্তন ক্লী [+অন (ল্যুট্)-ভা] নৃত্য। —নর্ত্তিত বিণ [+√নর্ত্তি+ত (ক্ত)-র্ম্ম] ১ আকম্পিত, ঈষচ্চালিত। "মরুদ্ভিরানর্ত্তিতনক্তমালে রঘু ৫.৪২। ২ কারিতনৃত্য।

আনর্ত্তন, আনর্ত্তিত দ্র 'আনর্ত্ত'।

আনল বি [সং অনল, দ্র 'আ১৩ ; অপ্র] ১ অগ্নি। "প্রজল আনল শ্রী.কী ১২৮ ; ২৬৯। আনলে পুড়িলে পুন আনলে কাজ প.ক ২৫৪। শাপ আনল কৃ.উ ৯৪। আনলমুখ বি.প ১২৯ ; বিরহ-আনল ১৬১। বাড়ব-আনল ম.পা ৬। জ্বলন্ত আনল চ.বি ৪৪। ভ.গ্র ১১৪ ; ৩৯১। ক.চ ২২। ম ২৭৯। শ্রী.ম ২১০। ২ অগ্নিদেবতা। "বায়ু বরুণ যম না ছিল আনলে চ.বি ২৮। ৩ অগ্নিকুণ্ড। "সাজাইয়া আনল আজি করিমু প্রবেশ গ ১৫৪। ৪ জঠরাগ্নি। "উদরে আনল জ্বলে গ ২০৪। ৫ (সাদৃশ্যে) কামাগ্নি, মদনসন্তাপ। "টুটুক কাম আনল দেহ চুম কোল শ্রী.কী ৭২ ; আনঙ্গ আনল জ্বলে ৭৪।

আনলা বি ['আগনলা'—মূল ; অপ্র] বাধের সাতনলার আগায় লাগান আটামাথান শলা ; আটাকাঠি। "আনলা হইল বাঁশীঃ তার পানে চায়৹ আনলা চালায় চ.সা ১২২।

আনহি ক্রি.বিং [আন+হি২ ; অপ্র] অন্যত্র, অন্যস্থানে, একস্থানে। "আনহি বসতি আনহি গোয়ালি ব.প ৬। —নহি বিং [+হি১] ১ অন্য এক। "আনহি কান্ধ আনহি শির ক.চ ১০৭। ২ অন্যই, নানাপ্রকারই। "চাঁচর কুন্তল৹ তাহে কুসুমদল৹ লোলত আনহি ভাঁতি বি.সা ১৬১।

আনা১ বি ['আণ(ন)ক' (অর্ব্বাচীন সংস্কৃত) ; হি আনা] ১ টাকার ষোল ভাগের একভাগ। "মনেতে আড়াই সের আনার হিসাব।—শুভঙ্কর। আনা বুড়ি শ্রী.মা ৩৯। ২ সম্পূর্ণদ্রব্যের বা সম্পত্তির ষোড়শাংশ। ৩ ভরির ষোড়শাংশ ; ছয় রতি। [আনাভর—এক আনা পরিমিত (দ্রব্য)।]

আনা২ বি [সং আগমন, আয়ান ; হি আনা, আরন] আগমন, আসা। "°গোনা। এ মোকামে কোই কামে আনা ঝকমারি। আ.দ্রু ৭৮।

আনা৩ সর্ম্ম [√আন৩+আ৮] আনয়ন করান ; আনান। "নারদে আনাহ শূ ৭৭। লোমপাদ আনাইল কিসের কারণ কৃ ৪২। [আনান —আনয়ন করান।]

আঁনা,৪ -য়ানা প্র [আ আনা—ফকীর্ আনা] ১ সদৃশ, মত। "ঠাকরুণের বিবিয়ানা মুখ হু ৪৫। ২ ভাব, চালচলন। "গরীব°, বাবু°, মুরুব্বী°, সাহেবি° ইত্যাদি।

আনাগনা, আনাগোনা বি [আনা২+গনা (গমন) ; হি আরাগমন, অরাগৌন ; অমণাগমণ (দো) ; অরণাগমণ (চ)] ১ আগমন ও গমন ; গমনাগমন, যাওয়া-আসা। "সাগর লজ্ঘি করে আনাগোনা কৃ.উ ১২৬। সেইদিন হ'তে৹ সেই ত পথেতে৹ করে নাকি আনাগোনা চ.দা ৭২। অলিকুল করে আসি আনাগোনা চ.সা ৩৩। আনপথে আনাগোনা ব প ৯৭৫। দুয়ারে দুয়ারে আনাগোনা স্ব.প্র ৬৮। মেঘের রন্ধ্রে করে আনাগোনা কৃ.কে ৪৯। ২ আবির্ভাব ও তিরোভাব ; জননমরণ, জন্মমৃত্যু। "ভবে আনাগোনা বা দ ২৫১। এত ভাঙা, এত গড়া, আনাগোনা জীবন্ত নিখিলে চ.কা ২৭। ৩ যাতায়াত, পরিচয়। "হৃদয়ের কাছাকাছি সেই, প্রেমের প্রথম আনাগোনা চ.কা ৫০।

আনাচকানাচ বি [কানাচ>আনাচ (অনু শব্দ)] কানাচ ও তৎসদৃশ স্থান ; গৃহের পশ্চাদ্ভাগ ও পার্শ্ববর্ত্তী গোপনস্থান। "ভাল মোদেব কাল, মন্দ মোদের ভাল,—আদাড়-পাঁদাড় আনাচকানাচ ঘুরে বেড়াই চল।—গিরিশচন্দ্র ঘোষ।

আনাজ বি [হি অনাজ—ধান্য, শস্য, অন্ন] উদ্ভিজ্জখাদ্য, পত্র ফল মূল প্রভৃতি তরকারি, শাকখাদ্য। "কচু আনাজ কাঁটাল বি.পা ১৬৭।

আনাড় বিং [আ১৩+নাড়] যাহা নাড়া (স্থানান্তরিত করা) হয় না ; একস্থানে স্থাপিত ; নিভৃতে রক্ষিত (দ্রব্য)। —নাড়া বিং ১ যাহা নাড়া (স্থানান্তরে লওয়া) হয় নাই ; এক স্থানে স্থিত। ২ যে গাছ তুলিয়া পোতা (Transplanted) নহে। [আনাড় ক'রে রাখা—নাড়িতে না হয়, এমন জায়গায় রাখা ; নিভৃতে রাখা। আনাড় জায়গা—নিভৃত স্থান।]

আনাড়ি, -ড়ী বিং [সং জ্ঞানী>প্রা ণাণি (প্রা.ম)>বা নাড়ি ; 'আনাড়ি' (বিপরীত) (?) ; সং অনেড়, হি অনাড়ী ; ঠ অড়াণী] অজ্ঞানী, অনভিজ্ঞ, অজ্ঞ, মূর্খ। "একে মন-মাঝি আনাড়ী, তাতে ছজন গোঁয়ার দাঁড়ী, কুবাতাসে দিয়ে পাড়ী, হাবুডুবু খেয়ে মরি।—গান। নূতন আনাড়ি, গেলে রাজবাড়ি, তরাসে হইয়া রহে আড়ষ্ট পুথলী স্ব প্র ১৩৭। আনাড়ির ঘোড়া নিয়ে অপরেতে চড়ে স এ ৬৯।

আনাম বি [আ আলাম, ফা আলম—পতাকা] পতাকা, নিশান। "চারিদিকে আনাম দেখ ভয়ঙ্কর শূ ৫৬ ; সুশীতল আনামাত জাহাব ধ্বজা উড়েঃ ধর্ম্মের আনাম ভাল বল্লুকাত সাজে ৬৭।

আনায় পুং [আ+√নী+অ (ঘঞ্)-ণ, পা ৩.৩.১২৪] যাহা দ্বারা মৎস্যাদি আনীত হয় ; জাল, পাশ, ফাঁস। "সিংহ যেন আনায়-মাঝারে মে ১৪৭ ; আনায়মাঝারে বাঘে পাইলে কি কভু৹ ছাড়ে রে কিরাত তারে? ২০০। —নায়ী (-য়িন্) পুং [°য়+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'আনায়বান্', জালিক, ধীবর। "রঘু ১৬.৫৫ ; ৭৫।

আনার বি [ফা অনার্] ১ দাড়িম্ববৃক্ষ, দাড়িম্বফল। "অ.গু ৮৭। ২ তুবড়িবাজি।

আনারস বি [P. Ananās ; L. Ananas sativus ; F., Spanish, Italian—ananas ; E. Ananas ; Malay—Nanaz, ananas ; Brazil—Ananas, Nanas ; তেলেগু—অনাস ; হি আনানাস ; ঠ অননস, -নাস] ক্ষুপজাতীয় বৃক্ষবিশেষ ও তাহার ফল (Pineapple)। [আনারসী (বিং)—আনারসের গন্ধ-বিশিষ্ট ; আনারসের মত অম্লমধুর স্বাদযুক্ত (আম্রাদি)।]

আনাহ পুং [আ+√নহ্+অ (ঘঞ্)-ভা] ১ বন্ধ, বা নিরোধ। ২ মলাবরোধ, বিষ্টম্ভ। "°দুঃখিত মহা ৩.১২২.১৫ ; আনাহার্ত্ত ১৯। ৩ মলমূত্ররোধক রোগবিশেষ (সুশ্রুত)।

আনি১, -নী বি ['আনা১—মূল ; হি অন্নী—চৌ অন্নী ; গু—আনী]

১ আনা মূল্যের মুদ্রা। "এক°, দু°, আট°। ২ [হি অন্নী] এক আনা মূল্যের মুদ্রাবিশেষ। ৩ আনির আকারের চিহ্ন বা দাগ। "সিকি-আনি দুআনি দাগিল অঙ্গময় শি ৭৮।

আনি২ প্র ['আনা৪+ই ; সি আনি (C.G. § 226)] ভাব, ধর্ম্ম, আচার, অনুষ্ঠান ; চাল-চলন। "বাবু°, হিঁদু°, হিন্দু°।

আনি৩, **-নী** প্র [সং আনী (আনুক্+ঙীষ্) ; লি আনী—গহপতানী ; হি আনী—পংডিতানী (G.H. § 149) ; প আনী—ক্ষত্রানী] বাঙলার স্ত্রীলিঙ্গের প্রত্যয় ('পত্নী, তজ্জাতি-স্ত্রী' অর্থে)। "ধোপানী, নাপিতানী, মেতরানী, চাকরানী ইত্যাদি। ঋত্ানি (ঋত্বিক্ত্রী—অপ্র) শূ ৬৭ ; ঋসানি ৬৮। উপেন্দ্রাণী ম ২৪০। বারীন্দ্রাণী মে ২৯১ ; রাজেন্দ্রাণী ১৬০ ; রাক্ষসেন্দ্রাণী ২০৮।

আনীত বিণ [আ+√নী+ত (ক্ত)-র্ম্ম] ১ স্থানান্তরপ্রাপিত, কৃতানয়ন। "রা ১.৯.১৮। কাদ ২৫। ২ কৃতবহন, ঊঢ়। —নীতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] আনয়ন। "রা (S.W.)।

আনীল বিণ [ত.পু] ঈষৎ নীল ; নীলাভ। —ল পুং নীলঘোটক।

আনু বিং ['আন১—মূল ; বৈষ্ণবসাহিত্যে] অন্য। "এতাদনে আনু৹ ভাণে হাম আছনু৹ অব বুঝনু অবগাহি বি.প ১৫৬।

আনুকল্পিক বিণ [অনুকল্প+ইক (ঠক্)] ১ অনুকল্পবেত্তা, অনুকল্পপাঠক। "পা ৪.২.৬০। ২ অনুকল্প দ্বারা প্রাপ্ত।

আনুকূল্য ক্লী [অনুকূল+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ অনুকূলভাব, সহায়তা, অনুকূলাচরণ। "রমতশ্চানুকূল্যেন যযুঃ সংবৎসরা দশ রা ৩.১১.২৭। ২ প্রসাদ, অনুগ্রহ। ৩ অনুগুণতা, ঐক্য। "যত্রানুকূল্যং দম্পত্যোস্ত্রিবর্গস্তত্র বর্দ্ধতে যাজ্ঞ ১.৭৪।

আনুখর বি ['অনক্ষর'—মূল ; অপ্র] দুরক্ষর বাক্য ; দুর্ব্বাক্য, কটুকথা। "বোলে রাধা মোরে আনুখর শ্রী.কী ২২০ ; ৩৯১ ; ৩৯৫।

আনুগত্য ক্লী [অনুগত+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ অনুগতের ভাব বা কর্ম্ম ; ছন্দানুবর্ত্তন, চিত্তানুবৃত্তি। ২ অনুসরণ (M.W.)। ৩ (বাঙলায়) বশবর্ত্তিতা, বশ্যতা, বাধ্যতা।

আনুগুণ্য ক্লী [অনুগুণ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ অনুগুণভাব, অনুকূলতা, অনুকূলাচরণ। ২ অনুরূপতা, যোগ্যতা।

আনুপাম বিং ['অনুপম'—মূল, দ্র 'আ'১৩ ; অপ্র] ১ অতুলন, নিরুপম। "রমণী আনুপামা শ্রী.কী ১২ ; নাসা…আনুপামা ৬৮। ২ বিপুল, প্রচুর। "আনুপাম বল শ্রী.কী ৪১। ৩ সুন্দর, শোভন, সুগঠিত। "সাত গুটি বিন্ধ…আনুপাম শ্রী.কী ২৯৩।

আনুপূর্ব্ব, -র্ব্ব্য ক্লী [অনুপূর্ব্ব+অ (অণ্),+য (ষ্যঞ্), তদ্ভাবার্থে] অনুপূর্ব্বভাব, পর্য্যায়, ক্রম। "জ্ঞাতুমিচ্ছামি তৎসর্ব্বমানুপূর্ব্ব্যেণ গো.রা ৫.৭৩.২। মনু ২.৪১। °পূর্ব্ব্য মহা ৩.১১৪.১। আনুপূর্ব্ব কহিলেন সব বিবরণ চৈ.ভা ১৭৫। —পূর্ব্বী স্ত্রী [°র্ব্ব, °র্ব্ব্য+স্ত্রী ঈ (ঙীষ্)] আনুপূর্ব্ব, ক্রম। "ষড়ানুপূর্ব্ব্যা বিপ্রস্য (বিদ্যাৎ) মনু ৩.২৩।

আনুপূর্ব্বক, -পূর্ব্বি, -পূর্ব্বিক ক্রি.বিং [সং অনুপূর্ব্ব ; অপ্র] যথাক্রমে, পর-পর। "রাজপাত্র…আনুপূর্ব্বক সমস্ত নিবেদন করিলেন কৃ.চ ৬৯ ; ৭০। অনেকে মহারাজার উপাখ্যান আনুপূর্ব্বক জানিতে আকিঞ্চন করিলেন ব.প ১৬৮২। আনুপূর্ব্বি কহিলেন চৈ.ভা ১৪৩। —পূর্ব্বিক বিং পর-পর, ক্রমিক। "কৃষ্ণকান্ত আবার আনুপূর্ব্বিক গতরাত্রের বৃত্তান্ত গোবিন্দলালকে শুনাইলেন ব.প্র ২৭৬। —পূর্ব্বিক ক্রি.বিং যথাক্রমে। "সকল কথা আনুপূর্ব্বিক বলিয়াছেন ব.প্র ২৭৬।

আনুপূর্ব্বি, -পূর্ব্বিক ; আনুপূর্ব্বী, -পূর্ব্ব্য দ্র 'আনুপূর্ব্বক ; আনুপূর্ব্ব'।

আনুবেশ্য পুং [অনুবেশ+য (ঞ্য) 'তত্র ভব' অর্থে, পা ৪.৩.৫৯] অনুবেশভব, নিরন্তরগৃহবাসীর (প্রতিবেশীর) অনন্তরবর্ত্তী (সন্নিকৃষ্ট) গৃহবাসী ; প্রতিবেশীর নিকটবর্ত্তী গৃহবাসী। বিপ 'প্রতিবেশ্য'। "মনু ৮.৩৯২।

আনুমানিক বিণ [অনুমান+ইক (ঠক্) 'তাহা হইতে আগত' অর্থে ; স্ত্রী -কী] ১ অনুমান হইতে প্রাপ্ত ; যুক্তিসিদ্ধ। "পা ১.১.৫৬, কাশিকা। ২ [+ইক তৎসম্বন্ধার্থে] অনুমানসম্বন্ধী। ৩ (সাংখ্যে) ব্যাপ্তিবিশিষ্টলিঙ্গজ্ঞান দ্বারা অবগত (বহ্নিপ্রভৃতি)। —ক ক্লী (সাংখ্যে) প্রধান, প্রকৃতি।

আনুযাত্রিক পুং [অনুযাত্রিক+অ (অণ্) স্বার্থে] অনুযাত্রিক, অনুচর। "উ.চ ৪২৮।

আনুরক্তি স্ত্রী [আ-অনু+√রন্জ্+তি (ক্তিন্)-ভা] অনুরক্তি, অনুরাগ ; আনুগত্য।

আনুরূপ্য ক্লী [অনুরূপ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] অনুরূপভাব, সৌসাদৃশ্য। "উ চ ৬২৬। ২ যোগ্যতা।

আনুলোমিক বিণ [অনুলোম+ইক (ঠক্) 'তথা বর্ত্তমান' অর্থে, পা ৪.৪.২৮ ; স্ত্রী -কী] ১ অনুলোমভাবে বর্ত্তমান ; অনুকূল। ২ যথাক্রমানুযায়ী, ক্রমিক। —লোম্য ক্লী [°ম+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ অনুলোমভাব, স্বাভাবিকক্রম, অনুক্রম। বিপ 'প্রাতিলোম্য'। "মনু ১০.৫ ; ১৩। যাজ্ঞ ২.২৮৯। ২ আনুকূল্য, সহায়তা। "ক্রিয়াণামানুলোম্যং চ করোত্যকুপিতোঽনিলঃ (সুশ্রুত)। ৩ আরাধ্যচিত্তানুবর্ত্তন ; অনুকূলতা। "পা ৩.২.২০।

আনুশাসনিক বিণ [অনুশাসন+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] ১ অনুশাসনসম্বন্ধী, ধর্ম্মাধর্ম্মোপদেশসম্বন্ধী (পর্ব্ব)। "মহা ১.২.৭৮। ২ উপদেশসম্বন্ধী (নীতিবাক্যাদি)।

আনুশ্রবিক বি [অনুশ্রব+ইক (ঠক্) 'তত্র ভব' অর্থে (সাংখ্যতত্ত্বকৌমুদী) ; স্ত্রী -কী] বেদে প্রাপ্ত ; বেদবিহিত, বেদবোধিত (কর্ম্ম)। "পা.দ ১.১৫। —শ্রবিক পুং বেদে জ্ঞাত কর্ম্মকলাপ, বেদবিহিত যাগাদি। "সাংখ্য ২।

আনুষঙ্গ, -ষঙ্গ্য বিং [সং °ঙ্গিক] অনুষঙ্গসম্বন্ধী, আনুষঙ্গিক, গৌণ, অপ্রধান। "আনুষঙ্গ কর্ম্ম এই অসুর-মারণ চৈ.চ ১২ ; ১৩। আনুষঙ্গ্য পাপ ভ.গ্র ৩৬৫। [°ঙ্গে—গৌণভাবে। "আনুষঙ্গে প্রেমময় কৈলে ত্রিভুবন চৈ চ ২২৪। আনুষঙ্গ্য—গৌণভাবে, সঙ্গে-সঙ্গে। "ভাবুক ব্রাহ্মণ-সাধুচরিত্র বর্ণিল। আনুষঙ্গ্য রতি স্থূল কিঞ্চিৎ কহিল॥—ভ.গ্র ২০৫ ; ৪৮১।]

আনুষঙ্গিক বিণ [অনুষঙ্গ+ইক (ঠক্) 'তাহা হইতে আগত' অর্থে ; স্ত্রী -কী] ১ অনুষঙ্গ হইতে প্রাপ্ত ; প্রাসঙ্গিক, অনুদ্দেশ্য। "পা ২.২.২৯, সি। তোমাদের যজ্ঞদর্শন ও আনুষঙ্গিক রাজদর্শন সম্পন্ন হইবে সী ৭১। বয়সের পরিণামের সঙ্গে ক্রমশঃ কতকগুলি আনুষঙ্গিক উপসর্গ উপস্থিত হয় দু ২০২। ২ গৌণ, অপ্রধান। ৩ সমন্বিত, সম্পৃক্ত, সহবর্ত্তী। ৪ (ব্যাকরণে) অধ্যাহার্য্য, উহ্য (পদ)। ৫ কৃতাশ্রয়, আশ্রিত। "আনুষঙ্গিকং বানরযূথম্ আগতম্।—পঞ্চ ১২২। ৬ অবশ্যম্ভাবী, অপরিহার্য্য (পরিণাম)।

আনুসূয় বিণ [অনুসূয়া+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -য়ী] অত্রিপত্নী অনুসূয়া কর্ত্তৃক দত্ত। "আনুসূয়ং সা বিত্রতী…অঙ্গরাগম্ রঘু ১৪.১৪।

আনুপ বিণ [অনূপ+অ (অণ্) 'তত্র ভব বা জাত' অর্থে ; স্ত্রী -পী] অনূপদেশে ভব ; জলপ্রায়দেশে স্থিত বা জাত (প্রাণী)। "সুশ্রুত ১.৪৬.৫৩। —প পুং জলপ্রায়দেশে স্থিত বা জাত প্রাণী ; গণ্ডারমহিষ-শূকরাদি। [ইহারা পঞ্চবিধ—১ কূলচর—গজমহিষাদি। ২ প্লব—হংস-সারসাদি। ৩ কোশস্থ—শঙ্খশুক্তিশম্বুকাদি। ৪ পাদী—কুম্ভীরকূর্ম্ম-কর্কটাদি। ৫ মৎস্য—রোহিতাদি (নদীজাত), তিমি-প্রভৃতি (সামুদ্র)। দ্র 'সুশ্রুত ১.৪৬.৯৫-১২০।]

আনৃণ্য ক্লী [অনৃণ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ অনৃণভাব, ঋণশূন্যতা, ঋণশোধন। ২ প্রত্যুপকার দ্বারা উপকারের পরিশোধ; ভর্ত্তৃপিণ্ডশোধন, নিমকের কাজ করা। "মা মি ৫.১১। গতং চানৃণ্যং ভর্ত্তৃপিণ্ডস্য।—পঞ্চ ১৩১২৮।

আনৃশংস, -শংস্য বিণ [অনৃশংস+অ(অণ্), +য (ষ্যঞ্), স্বার্থে] অনৃশংস, করুণ, সদয়। "°স্যা হি মে মতিঃ মহা ১৭.৩.১৭। —শংস, -স্য ক্লী [+অ,+য তদ্ভাবার্থে] ১ অনৃশংসভাব, অহিংসকত্ব, অহিংস্রতা। "রা ২.৩৩.১২। মনু ৩.৫৪। ২ পরদুঃখে দুঃখিত্ব (নীলকণ্ঠ), অনুকম্পা। "মহা ১৩.৫.১০। মনু ৩.১১২। ৩ দয়া, কারুণ্য। "মনু ১.১০১।

আনেতব্য, -নেয় বিণ [আ+√নী+তব্য, +য (যৎ), -র্ম্ম] আনয়নের যোগ্য; আনয়নীয়। "আনেয় পা ৩.১.১২৭, সি। —নেয় পুং বৈশ্যকুল হইতে আনীত দক্ষিণাগ্নি (সি)। —নেতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী; ছান্দস] আনয়নকর্ত্তা।

আন্তঃপুরিক পুং [অন্তঃপুর+ইক (ঠক্) 'তত্র নিযুক্ত' অর্থে] অন্তঃপুরে নিযুক্ত পুরুষ; অন্তঃপুরাধ্যক্ষ (অ.চি)।

আন্তর[১] বিণ [অন্তর, 'অন্তর' (নৈ.টীকা)+অ (অণ্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -রী] ১ অন্তর্ভব, অন্তর্বর্ত্তী, আভ্যন্তর, মধ্যস্থ। "আন্তরঃ কোঽপি হেতুঃ উ.চ ৬.১২। নৈ ১৮.১১১। সা.দ ৩.১৩৪। দেহ ও মনকে বিভিন্ন পদার্থ না ভাবিয়া বাহ্য ও আন্তর এই বিভিন্ন প্রত্যক্ষের বিষয়ীভূত বলিয়া উহারা একই পদার্থের দ্বিবিধ আভাসমাত্র, ইহাই মনে করা ভাল পা.প্র ১৩৭। ২ নিগূঢ়, প্রচ্ছন্ন। —র পুং প্রিয়সুহৃৎ (M.W.)। —র ক্লী ১ আভ্যন্তর বিষয়; মনোগত, চিত্তবৃত্তি। "আন্তরজ্ঞেন চক্ষুষা মা.মা ১.৭। ২ অন্তঃকরণ (M.W.)।

আন্তর[২] বি [সং অন্তর; অপ্র] ১ চিত্ত, মন। "বেধিল আন্তর শ্রী.কী ১১৭; ৩৮৯। ২ দূর, দূরস্থান। "তুমি আস্য আমি জাব, নহিব আন্তর কৃ.উ ১৯১; এক যোজন আন্তরে ১৯৪। —রে ক্রি.বিং নিমিত্তে। "তোহ্মার আন্তরে তাক করিবোঁ শকতী শ্রী.কী ১৩; দানের আন্তরে ৫২। [°রের বৈরী—যে মনে মনে শত্রুতা করে; গূঢ় শত্রু। "শ্রী.কী ৩৭।]

আন্তরতম্য ক্লী [অন্তরতম+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] অন্তরতমভাব, সদৃশতমত্ব। "°পরীক্ষা পা ৮.২.১, সি।

আন্তরিক বিং [সং আন্তর] ১ অন্তরসম্বন্ধী, মানসিক, মনোগত। বিপ 'মৌখিক'। "আন্তরিক ভাব, ভালবাসা। ২ মানসিক (সুখ, দুঃখ)। বিপ 'দৈহিক'।

আন্তরি(রী)ক্ষ বিণ [অন্তরি(রী)ক্ষ+অ (অণ্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -ক্ষী] আন্তরীক্ষভব, আকাশস্থ। "আন্তরিক্ষেভ্যঃ...দেবেভ্যঃ রা ২.২৫.২২। আন্তরীক্ষ (উৎপাত)।—মহা ২.৪৬.৯। —রিক্ষ ক্লী ১ বৃষ্টিজল (M.W.)। ২ আকাশপৃথিবীমধ্যস্থ শূন্যস্থান।

আন্ত্র বিণ [অন্ত্র+অ (অণ্) 'তদবয়ব' অর্থে; স্ত্রী -ন্ত্রী] অন্ত্রাবয়ব, অন্ত্রনির্ম্মিত, নাড়ীময়। "আন্ত্রস্রক্ ভ ৭.৯.১৫। ড—ন্ত্র ক্লী বায়ুবাহক নাড়ীবিশেষ।

আন্ত্রিক[১] বিণ [অন্ত্র+ইক্ (ঠক্) 'তত্র তব' অর্থে; স্ত্রী -কী] অন্ত্রভব, নাড়ীস্থ।

আন্ত্রিক[২] বিং ['আন্তরিক'—মূল; অপ্র] মনোগত, বাস্তবিক। বিপ 'মৌখিক'। "ভাইকে ভাল বাসি ভাল, আন্ত্রিকে নয়—কথায় বল দা ১০৮৬। বা.দ ২৩৫।

আন্দ সর্ম্ম ['রান্ধ' > °ন্দ; অপ্র] রন্ধন করা। "পিঠে আন্দে গো.চ ৬০; আন্দিয়া দিব ভাত ১৭৫।

আন্দাজ বি [ফা অন্দাজ্] ১ অনুমান; আঁচ। "অমনি আন্দাজ করি অমৃতে ডুবিয়া। কুম্ভীরে ধরিল সেন ফিকির করিয়া॥—শ্রী.মা ৮২। আন্দাজ করুন হ ২০৭। আন্দাজ করিতে পারিতেছি না, এখনও বনের আড়াল হইতে (অশ্বারোহী ও পদাতি) বাহির হইতেছে ব.ম্বি ১৩৫। ২ পরিমাণ; পরিমাপ; প্রকার, ভাব; ঢব, ঢঙ্গ। —জী বিং আনুমানিক। [এক সের আন্দাজ—অনুমান (প্রায়) এক সের। আন্দাজে—অনুমানপূর্ব্বক।]

আন্দারিয়া বিং ['আন্ধারীয়া'—মূল; অপ্র] অন্ধকারময়, আঁধার। "আন্দারিয়া ঘর ম.গা ১০; ২৫।

আন্দু, -ন্দু বি [সং অন্দু, -ন্দূ; অপ্র] হস্তীর পদবন্ধনার্থ শৃঙ্খল। "হাতীর আন্দুতে তার বান্ধে দশ গলে কৃ.উ ১১৪।

আন্দোল[১] সক [অদন্ত-চু—°লয়তি; সেট্; প্রা √অংদোল] ১ দোলন, মুহুশ্চালন। "মৃণালভুজ আনন্দে আন্দোলি° চন্দ্রাননা মে ৫। আন্দোলি পাতালপুরী।—হেম ১২৭। ২ আলোচনা। "নান্দোলয়ন্তি পরচ্ছিদ্রং সাধবঃ (ক.ক)। আন্দোলিয়া নানা কথা যুদ্ধের বিষয়।—হেম ১৩৭।

আন্দোল[২] পুং [√আন্দোলি+অ (অচ্)-ভা] ১ পুনঃ পুনঃ দোলান; আন্দোলন, মুহুশ্চালন। "মন্দরের আন্দোলন ক্ষীরোদসিন্ধুমাঝ ম ৯। ২ কম্পন। ৩ আলোচনা। "মনে এই আন্দোল কন্দল হয় পাছে ভা.চ ৫২৪। —লন ক্লী [+অন (ল্যুট্)-ভা; cf., E. Undulation] সর্থ 'আন্দোল (১)। "চামর°। °শ্রমজল ভা.চ ৫৮৮। —লিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পুনঃ পুনঃ দোলিত; মুহুশ্চালিত, কম্পিত। "কমল সকল মন্দমারুতভরে ঈষৎ আন্দোলিত সী ১২। ২ আলোচিত। ৩ (বাঙলায়; অপ্র) দোলিত, লম্বিত। "বেণীতে কনকঝাঁপা আন্দোলিত কৈল দ্রু ১০।

আন্দোলায়মান বিং ['দোলায়মান' এর অনুকরণে; অপ্র] ১ যাহা ইতস্ততঃ দুলিতেছে; ইতস্ততঃ দোলায়মান। "পীন বক্ষে মণিহার আন্দোলায়মান ভ.গ্র ১২১; ১৬৫। ২ সঞ্চলিত। "টীকা আন্দোলায়মান সুচিক্কণ ভালে ভ.গ্র ৪৩১।

আন্ধ বিং ['অন্ধ'—মূল, দ্র 'আ'[১৩]; অপ্র] দৃষ্টিশক্তিহীন। "নয়নের তারা মোর কে বা কৈল আন্ধ চৈ.ম ১১০। —ন্ধ বি অন্ধকার, অর্থাৎ অজ্ঞান। "এমন কে তারে ভবব্যাধি মহাআন্ধ চৈ.ম ১২১। [আন্ধায়ল —অন্ধ হইল। "পন্থ নেহারিতে, নয়ান আন্ধায়ল ব ১৯২।]

আন্ধল বিং [সং অন্ধ >প্রা অন্ধল (হে) >বা °ল, দ্র 'আ'[১৩]; হি আঁধর; ঠ অংধলা] ১ অন্ধ, ক্ষীণদৃষ্টি। "আন্ধল নয়ন না সুজে মোরে রা.শে ১০১। ২ প্রিয়জনবিরহে দুঃখতিমিরময়। "তুহু ধনী গুণমণি করলি পয়ান। আন্ধল ভৈগেলি হামারি নয়ান॥—রা.শে ৪৩। ৩ অজ্ঞান, বিচারমূঢ়। "কামে আন্ধল শ্রী.কী ৯৪। গরব-আন্ধল জ.প ৫৮; ৫৯। —ল বি অন্ধজন। "আন্ধলে দোকান দিয়া পরিদ করে কাল গো.বি ১৩৮। তুমি আন্ধলের লড়ি ক.চ ২২৪। ম ২০৮; ৮১৮। চৈ.ম ১১০।

আন্ধার বিং [সং অন্ধকার >প্রা অংধার (প্রা.ম) >বা °র, দ্র 'আ'[১৩]; অপ্র] তমোময়, আঁধার। "তুমি (সূর্য্য) না উদ্ধার কৈলে সকল আন্ধার ক.চ ২৫১। আন্ধার আকাশ ম ৭৭০। আন্ধার রাতি গো.চ ১৮১। প.র ৫৫। আন্ধার ঘরেতে ভা.চ ৩১০। —র বি ১ তিমির। "আন্ধারের বাতি ক চ ১১৪। অঙ্গ-আভা উদয়ে আন্ধার করে আলো শ্রী ৫৭। বিষাদ-আন্ধারে বা.দ ১৪৮। ২ অজ্ঞানতিমির। "ঘুচিল বিকার, মনের আন্ধার দা ২০৪। ৩ বিষাদতিমির। "খুড়া দেখি ঘুচিল আন্ধার ক.চ ১০৮। [°মাণিক (বি)—অন্ধকারে মাণিক্যতুল্য দুঃখময় জীবনে আনন্দজনক পুত্রাদি। "আন্ধারমাণিক অই শ্রী ৬৭।]

আন্ধারি -রী বি [°র+ই[৮], ঈ[৭]; অপ্র] যাহা আঁধার করে; চালের

উপরে উলুর পাতলা ছাউনি, দরমা বা চাঁচের আবরণ। "আন্ধারি পাড়িয়া নেতে ছাইছে চামরে চ.বি ৩৭ ; ১৩৮ ; ২০১। —রী বিং [অপ্র] অন্ধকারময়। "মেঘ আন্ধারী আতি ভয়ঙ্কর নিশী শ্রী.কী ৩৫০। [মেঘ আন্ধারী নিশী—মেঘআঁধারী রাত্রি।]

আন্ধারি(রী)য়া, -রিঞা বিং ['°রীয়া'—মূল ; অপ্র] অন্ধকারময়, আঁধার। "°য়া ঘরে ক.চ ১০২। °ঞা কোণে ব প ১৩৮১। —রিয়া বিং যাহা আঁধার করে ; অন্ধকারজনক। "তথা আন্ধারিয়া বট লুক-লুকনি খেলা ভ.গ্র ৪৬৮। —রীয়া বি এক প্রকার লণ্ঠন ; আঁধারে।

আন্ধিআরী বিং [সং অন্ধকার >প্রা অংধয়ার। (প্রা.ম) >বা অন্ধিআর (য় >ইঅ) >°র+ঈ৭ ; অপ্র] অন্ধকারময়। "নিশি আন্ধিআরী শ্রী.কী ৩৭২। —য়ার বিং [অন্ধিআর >°র] ১ তমোময়। "যামিনী ঘোর আন্ধিয়ার বি.প ৯০। নিশি আন্ধিয়ার জ্ঞা ২৩৮। দশ দিশ…আন্ধিয়ার ব ৮৭। ২ বিষাদতিমিরময়। "তোমা না দেখিলে, সব বাসি আন্ধিয়ারা জ্ঞা ২২১। ৩ অজ্ঞানতিমিরাবৃত। "পাপময় ঘোর আন্ধিয়ার হৈল কলি চৈ.ম ৭। —য়ার বি অন্ধকার। "ঘন আন্ধিয়ার ব.প ১০৭৭। জনু রবিশশী, সঙ্গহি উয়ল, পিছে করি আন্ধিয়ার বি.প ১২ ; ১২৭। ধটি অঞ্চল, বিজুরী ঘন আন্ধিয়ারে জ্ঞা ১৮।

আন্ধুয়া বিং [আন্ধ+উয়া] সর্থ 'আঁধুয়া'। "আন্ধুয়া পুখুরে ব.প ৯৭৯।

আন্ধ্র বিং [অন্ধ্র+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -ন্ধ্রী] অন্ধ্রদেশসম্বন্ধী। —ন্ধ্র পুং ১ অন্ধ্ররাজগণ। "মহা ৩.১৮৮.৩৫। ২ (বহুব) অন্ধ্রবাসিগণ।

আন্বয়িক বিণ [অন্বয়+ইক (ঠঞ্) 'তত্র জাত' অর্থে ; স্ত্রী -কী] ১ অন্বয়ে জাত ; সৎকুলজাত, কুলীন। ২ অন্বয়সম্বন্ধী (শ.ক) : ৩ দিব্যভাবরত, কুলাচারী, সাধক (শ.ক)। ৪ ক্রমিক।

আন্বাহিক বিণ [অন্বহ+ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] অন্বহ-সম্বন্ধী, প্রতিদিনসম্পাদ্য, প্রাত্যহিক। "মনু ৩.৬৭।

আন্বীক্ষিকী স্ত্রী [অন্বীক্ষা+ইক (ঠঞ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অন্বীক্ষা (শ্রবণের পরে ঈক্ষা বা পর্য্যালোচনা) ইহার প্রয়োজন ; তর্কবিদ্যা, ন্যায়শাস্ত্র, বেদান্তাদি তর্কশাস্ত্র। 'আন্বীক্ষিক্যাং তর্কশাস্ত্রং .বেদান্তাদ্যং প্রতিষ্ঠিতম্ শু ১.১৫৩। "মনু ৭.৪৩। ২ আত্মবিদ্যা, জ্ঞানকাণ্ড (নীলকণ্ঠ)। 'আন্বীক্ষিক্যাত্মবিদ্যা স্যাদীক্ষণাৎ সুখদুঃখয়োঃ। --কামন্দক। "মহা ১২.৫৯.৩৩। ৩ প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে দৃষ্ট বিষয়ের পশ্চাৎ আলোচনা যাহার প্রয়োজন ; ন্যায়বৈশেষিকাদি অনুমান-বিদ্যা (শ.ক)। ৪ অন্বীক্ষণপরা, অর্থাৎ আত্মবেদনশীলা (দেবী-ভাগবত) ; দুর্গা।

আপ্ সক [স্বা,প—আপ্নোতি ; অনিট্] ১ প্রাপ্তি, লাভ। "পুত্রম্… আপ্নুহি।—শ ১.১২। ২ ব্যাপ্তি। "আপ্নোতি কীর্ত্তির্ব্রহ্মাণ্ডম্ (ক.ক)। ৩ উপাগম, পহুঁছান। [অনু—পশ্চাৎ প্রাপ্ত। অব—প্রাপ্তি। "অনবাপ্যৈব রোষস্য পারম্ গো.রা ২.৭২.১। পরি—পর্য্যাপ্তি। বি—ব্যাপ্তি। সম্—১ সমাপ্তি। ২ প্রাপ্তি। "সিদ্ধিং সমাপ্নুয়াৎ মহা ৩.২১০.২১।]

আপ[১] ক্লী [অপ্+অ (অণ্) তৎসমূহার্থে] অপ্‌সমূহ, জলরাশি। "°গা। —প পুং অষ্টবসুর চতুর্থ বসু।

আপ[২] বি [সং অপ্, আপ ; অপ্র] জল। "শোণিত হউক সদা তব সব আপ ম ৯৪৩। বায়ু বহ্নি আপ ক.চ ৯। শ্রী.ম ১৮৮। জাহ্নবীর আপ ম.পা ২২ ; ঘটের আপ ৩২ ; আপরূপী গঙ্গা ৪৪ ; ৬৩।

আপ[৩] সর্ব্ব [সং আত্মা>প্রা অপ্প (প্রা.ম) >বা আপ ; হি, মৈ, গু আপ ; অপ্য, -প্যা (দো) ; তু 'অপ্প'—অপ্পবস (আত্মবশ ; দেশী ১.১৪)] আপনি, নিজে। "আপ হি গুরু হোব শিথায়ব কাম বি.প ৫৩ ; আপন শাল হাম, আপহি চাঁচনু ১৫৬। আপনক বাত, আপ নহি সমুঝসি গো ২২১। [আপ সে আপ—আপনা-আপনি ; স্বেচ্ছায়। আপহি—আপনিই। "আপহি ভোরি ভুবন করু ভোর গো ৩৫। আপে—আপনি, নিজে। আপে সিধা রহ কান বি.প ১১৭। প্রভু আপে কণ্ঠ করে চৈ.ম ১৯ ; আপনা বিলায় আপে ৫৮। আপে সে প্রমাণ জ ৬০। আপে নাচে আপে গায় ন.প ৩৮৮। শ্রী.মা ৫। আপে আপ —আপনা-আপনি। বুঝ আপে আপ গো.বি ১৪১।]

আপ[৪] সর্ম্ম [সং √অর্পি>প্রা √অপ্প (পৈ, প্রা.ম) >বা √আপ ; অপ্র] ১ অর্পণ করা ; স্থাপন করা। "যব হাম দৌপব করে কর আপি বি.সা ৮৪। যব দুহুঁ দৌপল করে কর আপি গো ১৫৫। জঘন পর নাগর, ডাহিন চরণ আপি ব ১২৬। সখী করে কর আপিয়া।—গান ১০৮। ২ ব্যাপ্ত করা। "ঝলকত দামিনী দশ দিশ আপি জ্ঞা ১৯৩।

আপঃ (-পস্) ক্লী [√আপ্+অস্ (অসুন্)-র্ম্ম] জল। "আপো-যোনিঃ সমুদ্রঃ।—সাহসাঙ্ক। সর্ব্বমাপোময়ং জগৎ (চণ্ডী—অ.টী)। আপোভির্মার্জ্জনং কুর্য্যাৎ (স্মৃতি)।

আপক্ব বিণ [আ পক্ব, ত.পু] ১ ঈষৎ পক্ব ; অল্প সিদ্ধ বা পাকা। ২ [সুপ্‌সুপা] সম্যক্ পক্ব (পরিণত) ; পরিপক্ব। "আপক্বশালিরুচিরা (প্রাপ্তা শরৎ)।—ঋতু ৩.১। ঈষৎপক্ব কলায়াদি ; ভৃষ্ট যবাদি (ত.বা)।

আপগা স্ত্রী [আপ+ √গম্+অ (ড)-ক+স্ত্রী আ (টাপ্) ; উ.ত দ্র 'রঘু ৯.১৭, মল্লিনাথ] 'জলপ্রবাহিণী', নদী। তু 'অপগা' (অ.টী)। "আপগাঃ…উদ্ধতপন্নগা রা ২.৪৭.৭ ; ৪৮.৯। °রয় কি ২.৫৩ ; ১৩.২৪। [°পতি (পুং)—নদীপতি, সমুদ্র। "কি ১৪.৩৭।]

আপগেয় পুং [°গা+এয় (ঢক্) তদপত্যার্থে] ১ আপগার অপত্য ; গঙ্গাপুত্র। "মহা ৫.১৭৭.৩। ২ ভীষ্ম। "আপগেয়েন সংখ্যে স্বয়ং মৃত্যুং বিহিতম্ (অশ্রৌষম্) মহা ১.১.১৮৩।

আপজ বিং [অপ+জ] জলজ, জলচর। "ম.পা ১১১ ; ১৩২।

আপণ পুং [আ+ √পণ্+অ (ঘ)-ধি, পা ৩.৩.১১৯] ১ 'ক্রয়-বিক্রয়স্থান', পণ্যস্থান, পণ্যশালা, বিপণি, দোকান। "মাল্যাপণেষু… রাজন্তে পণ্যানি রা ২.৭১.৪১ ; অন্তরাপণ ৫.৭.১৫। আপন আপণে পণে করে ব্যবসায় বা.দ ১৮৭। ২ পণ্যপ্রসারণস্থান, হট্ট, হাট। "নীত্বা কাষ্ঠানি চাপণে ক.সা ৬.৪৩। মাঘ ৫.২৪। [আপণি (মুদ্রাপ্রমাদ?) —"°সমাকুলা নগরী ব.প্র ৬৩৯]

আপণিক বিণ [°ণ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ আপন হইতে আগত বা প্রাপ্ত (করাদি)। ২ আপণসম্বন্ধী, ব্যবহারিক। —ক পুং [আ+ √পণ্+ইক (ইকন্)-ক, উ ২.৪৫] ১ বণিক্, ব্যবসায়ী, দোকানদার। "সুগন্ধ আপণিকঃ পা ৫.৪.১৩৫, সি। ২ [+ইক তদবক্রয়ার্থে, পা ৪.৪.৫০] আপণের অবক্রয় (রাজগ্রাহ্য দ্রব্য) ; হট্টাদির রাজকর দ্রব্য ; হাটের বা বাজারের তোলা।

আপৎ (-দ্) স্ত্রী [আ+ √পদ্+ক্বিপ্ (০)-ণ ; তু 'আ আফত্'] যাহা দ্বারা দুর্দ্দশাপন্ন হয় ; ধনাদ্যপকর্ষ (অ.টী) ; বিপত্তি, দুর্গতি। "রঘু ১.৬০। অবিবেকঃ পরমাপদাং পদম্ কি ২.৩০। সম্পদঃ পদমা-পদাম্ হি ১.২২২। [আপৎকল্প (পুং)—আপদ্‌বিহিত বিধি। "মনু ১১.২৮। আপৎকাল (পুং)—বিপত্তিসময়, দুঃসময়। "হি ১.২২।]

আপতন ক্লী [আ+ √পত্+অন (ল্যুট্)-ভা] ১ আগমন ; প্রাপ্তি। ২ অবগতি, বোধ। "অপ্রাকরণিকার্থস্যাপতনম্ (সা.দ)। ৩ সংঘটন। ৪ অবতরণ। ৫ আক্রমণ। —পতিত বিণ [+ত (ক্ত) -ক] ১ আগত, প্রাপ্ত। "এতৎ প্রারেণ শ্রুতিবিষয়মাপতিতম্ (কাদম্বরী)। ২ সংঘটিত ; অতর্কিতভাবে উপস্থিত। "সুখমাপতিতং সেব্যং দুঃখমাপতিতং তথা। চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ॥ —হি ১.১৮২। আপতিত অনিষ্টনিবারণের একমাত্র উপায় আছে সী ২৬। ৩ অবতীর্ণ।

আপৎকল্প, আপৎকাল দ্র 'আপৎ'।

আপত্তি স্ত্রী [আ+পদ্+তি (ক্তিন্)-ভা] ১ প্রাপ্তি, লাভ। "ইষ্টাপত্তি। সর্ব্বথা শরণাপত্তি চৈ চ ২২৬। ২ [+তি-ণ] আপদ্, দুর্দৈব ; রোগাদি কর্তৃক অভিভূত অবস্থা ; বিহিত জীবিকাভাব। "নাপত্তৌ স্বামিনং ত্যজেৎ শু ৫৫১। সেবা...ভৈক্ষ্যমাপত্তৌ জীবনানি যাজ্ঞ ৩.৪২। ৩ দোষ। ৪ (দর্শনে) অনিষ্টপ্রসঙ্গ (A.)। ৫ নিবর্ত্তন-বাক্য, প্রত্যাদেশ (A.)। ৬ [হি আপত্তি—দোষারোপণ ; অস আপত্তি—বাধা, বিরুদ্ধকথা] (বাঙলায়) অসম্মতি, অমত, ওজর।

আপত্য বি ['আপত্তি'—মূল ; ত্তি > ত্ত > ত্য (উচ্চারণসাম্যে) ; অপ্র] দোষারোপ, আপত্তি। "এ শুনি সুগ্রীব রাজা করিল আপত্য দু ৪৭।

আপথ বি [সং অপথ ; অপ্র] পথভিন্ন স্থান, পথছাড়া জায়গা। "আপথে বিপথে, বেড়া ভাঙ্গি অকস্মাতে, ডালে মূলে খাইল উপাড়ি বি.পা ১৫০।

আপদ্ স্ত্রী [সং 'আপৎ' (প্রথমান্ত)] বিপত্তি, দুর্দ্দশা। "কি আপদ! তবু ভূত সঙ্গে সঙ্গে আসে (পদ্যপাঠ, ১ম ভাগ)। [আপদে বিপদে—বিপৎকালে (একার্থক)।]

আপদর্থে ব্য [ষ.ত] আপদের নিমিত্তে ; বিপদুদ্ধারার্থ। "আপদর্থে ধনং রক্ষেৎ হি ১.৪৩।

আপদুদ্ধরণ ক্লী [প.ত] আপদ্ হইতে উদ্ধার ; বিপত্তিনিরাকরণ। "°ক্ষম হি ১.১৯৯।

আপদগত, -গ্রস্ত বিণ [দ্বি ত ; তৃ ত] আপৎপতিত, বিপন্ন।

আপদ্ধর্ম্ম পুং [ষ.ত] আপৎকালের ধর্ম্ম, আপৎকালে ব্রাহ্মণাদির জীবিকার্থ শাস্ত্রবিহিত ধর্ম্ম ; আপদে জীবিকোপদেশ। "মনু ১.১১৬ ; ১০.১৩০। যাজ্ঞ ৩.৪২। [°পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—মহাভারতের শান্তি-পর্ব্বান্তর্গতপর্ব্ববিশেষ। "°র্ব্বাধ্যায়।]

আপদ্ভঞ্জন বিং আপদের বিনাশক, বিপত্তিনাশন। "(ওহে প্রভু) অখিলের আপদ্ভঞ্জন ম ৩৫৫।

আপন বিং [সং আত্মীয় > প্রা অপ্পণ (প্রা.ম), -ণয় (হে ২.১৫৩) > বা আপন ; হি অপনা ; প আপণ, -ণা ; ঠ, গু আপণ ; সি পাণ—Oneself ; মৈ অপ্পন, অপণ ; অস—আপোন ; তু 'আপণ' (শ্রী.কী)] ১ স্বকীয়, নিজ। "রাখহ আপন মাণে শ্রী কী ৩৭। আপন শির হাম, আপন হাতে কাটিনু চ.সা ১১৩। খাইনু আপন মূড় চ.দা ১০৮। আপন বিরহে, আপন তনু জর জর বি.প ১৫৯। আপনি আপন, এ পণ-স্বপন (ছাড়রে) দা ২১৬৫। ২ স্বপক্ষীয়, আত্মীয়, আত্মতুল্য। "পরকে আপন, করিতে পারিলে, পিরীতি মিলয়ে তারে চ.সা ১২৮। সকল ফুলে, ভ্রমরা বুলে, কে তার আপন পর জ্ঞা ১৫৭। ৩ সহোদর, পিতামাতার সম্বন্ধে শোণিতসম্পর্ক-বিশিষ্ট। "ইনি আপন ভাই, ইনি মাসতুত ভাই। আপন খুড়া, জ্যেঠা ইত্যাদি। —ন বি ১ আত্মীয় জন ; স্বজন। "পরের লাগিয়া কি আপন পর হয়?—চ.দা ৮২। পিরীতি লাগিয়া, মরে সে ঝুরিয়া, কি তার আপন পর ১০১। ২ দরদী। "এতদিনে বুঝিলাম মনেতে ভাবিয়া। এ তিন ভুবনে নাহি আপন বলিয়া॥—চ.দা ১২১। ৩ (আত্মতত্ত্ব-বিচারে) আত্মসম্বন্ধী, স্বকীয়, বস্তুতঃ স্বজন। "তুমি কার, কে তোমার, কারে বল রে আপন। —রামমোহন রায়। ৪ [সং আত্মন্ > অপ্পণ (প্রা.ম) > বা আপন] আত্মা, স্ব। "আপনি আপনসমা ভা.চ ২৮। ৫ আত্মা, আত্মতত্ত্ব। "এহি সব ছাড়ি যাবে আপনে জানিয়া ম.গা ৬। ৬ আত্মমান। "আপণ চিহ্নিআঁ, দিআঁ যাহ দাণ, রাখহ আপন মাণে শ্রী.কী ৩৭। [আপন আপন—নিজ নিজ। তু 'অপন অপন হিত বি.সা ৫৫। আপনক—আপনার। "আপনক বাত গো ২২১। আপন কথা পাঁচ কাহন—নিজ বিষয়েরই বর্ণনাবাহুল্য। আপন করা (হি আপনা করনা)—স্বপক্ষীয় বা আত্মতুল্য করা। 'দ্র (২)। আপন পর (প্রা অপ্প-পর—পৈ)—আত্মীয় অনাত্মীয় ; মিত্রামিত্র। আপন স্বেচ্ছা-পূর্ব্বক (অসাধু)—আপন ইচ্ছায় ; স্বেচ্ছায় (সাধু)।]

আপন-ওয়ালী বি [অস আপোন্ পেটালি ; অপ্র] আপন-ওয়ালার কর্ম্ম ; স্বার্থপরতা। "তবে যদি কেহ করে আপন-ওয়ালি। তার রক্তে পুজিব রঙ্কিণী ভদ্রকালী ॥—শ্রী ২২৭।

আপনকার [আপন+কার২ ; অপ্র] আপনার। "আপনকার আজ্ঞাপ্রতিরোধে প্রবৃত্ত নহি সী ২৮ ; ৩৬। [আপনকারদিগের—আপনাদিগের। "কৃ.চ ৪৪। আপনকারকে—আপনাকে। "আপন-কারকে ডাকাইব কৃ.চ ৪৪। আপনকারা—আপনারা। "আপনকারা ...অনুমতি করিতেছেন কৃ.চ ৪৫।]

আপনঘাতী বি [তু 'আত্মঘাতী' ; অপ্র] আত্মহত্যা। "শোকে করে লোক আপনঘাতী দু ৫১।

আপন(না)-হারা বিং [তু 'আত্মহারা'] আত্মজ্ঞানশূন্য, বাহ্যজ্ঞান-হীন, তন্ময়। "সদানন্দময় আপনহারা। কভু হাসে কাঁদে নয়নে ধারা॥ —দু ৫২। আমি দেখলে তারে আপনহারা হই।—গান। গদ গদ কণ্ঠে, কহিলা অর্জ্জুন, উচ্ছ্বাসে আপনাহারা ন ১১১৭।

আপনা বিং [আপন > °না ; মৈ অপনা (ষষ্ঠ্যন্ত)—অপনা কাজ : অপনা মন (বি.সা ৫৫) ; তু 'আপণা (শ্রী.কী)] স্বীয়, নিজ। "আপনা গৃহেতে ম.গা ৬ ; আপনা হস্তে ২৭। আপনা গুরুর লেখা গো.বি ৪৭। আপনা আসনে মী ৯। আপনা ভাবে গ ১২ ; ২১২। আপনা সংহার অ প ১৩৩ ; ১৩৮। —না ক্রি-বিং [সং আত্মনা, স্বয়ম্ > প্রা অপ্পণা (পৈ, প্রা.ম) > °না ; তু 'আপণে—°ণে চিন্ত উপাএ (শ্রী.কী ১৭)] স্বয়ং (Reflexive)। "আপনা বুঝিয়া, সুজন দেখিয়া, পীরিতি করিব তায় চ সা ৩৩৬। কলিযুগে গৌরদেহ প্রকাশে আপনা চৈ ম ৫৮। —না বি ১ আত্মীয়, স্বজন, স্বপক্ষ। "এক তিল জ্ঞান নাহি আপনা কি পর বা.ম ১৩৩। ২ দরদী, মরমী। "আপনা বলিতে বুঝি নাহিক সংসারে চ.দা ১২১। ৩ আত্মা, আত্মতত্ত্ব। "আপনাকে যেবা চিনে সে আমারে জানে : আপনা না জানি মোরে জানিবারে চায় দু ৬০। না চিন আপনা গো.বি ৪৬। ম ৭২২। আপনাকে এ জানা আমার ফুরাবে না।—রবীন্দ্র। ৪ স্ব, আপনি। "আপনা বিনু অন্য মাধুর্য্য করায় বিস্মরণ চৈ.চ ৩৩৮। ৫ আত্মত্ব, নিজব্যক্তিত্ব। "যে মন্দ, তাকে যে আপনা ভুলিয়া ভাল বাসে, আমি তাকে বড় ভালবাসি ব.প্র ১৫৬। [আপনা (আপণা —শ্রী.কী) —১ আপনাকে। "আপনা খাইনু চ.সা ১৫১। ক.চ ২১৭। আপনা পাসরে কৃ.উ ১১৩ ; ১৮৭। ম.ম ১২। আপনা না জান ম ৬০। আপনা জানাইতে চৈ.চ ৩০২। আপনা রাখিলে জ্ঞা ১৫৭। আপনা খেতে বি.স্থ ২৪। ২ আপনার। "আপনা গোচরে : আপনা প্রশংসা ম.পা ৩৭। আপনা-আপনি (প্রা অপ্পা অপ্পী —পৈ ; অস আপোনা-আপুনি)—১ নিজে-নিজে, আপন মনে। "আপনা-আপনি, দিবস রজনী, ভাবিয়ে কতেক দুখ চ.সা ১৪০। মর! আপনা-আপনি হেসে মরিস কেন?—ব.প্র ২০। ২ আত্মীয়ের বা স্বপক্ষের সহিত। "আপনা-আপনি যুদ্ধ করিল বিস্তর গ ২৯। ৩ স্বেচ্ছায়, স্বতঃপ্রবৃত্তভাবে। আপনা-আপনির ঘর—পরস্পর আত্মীয়ের বাড়ী। আপনাত—আত্মাতে। "আপনাত দেখি পুনি আপনে পাইল গো.বি ২। আপনারা—নিজেরা ; মহাশয়েরা। "আপনারা কে? আপনাহারা—দ্র 'আপনহারা'। আপণা, -ক (শ্রী.কী)।]

আপনাপন বিং [অপ্র] স্ব-স্ব, নিজ-নিজ, ব্যক্তিগত। "আপনাপন বিশ্বাসের বিপরীতাচরণ পা.প্র ১৪২। আপনাপন অদৃষ্ট দু ২৩০। ব.প্র ৬১২।

আপনা-বিস্মৃত বিং [তু 'আত্মবিস্মৃত' ; পদ্যে] আপনহারা, তন্ময়। "তারি স্নেহবশে, রাত্রিদিন আছিলাম আপনা-বিস্মৃত কা ৬৫।

আপনার [°না+র ; °ণার (স্ত্রী.কী)] ১ নিজের। "আপনার ঘর আর শ্বশুরের ঘর ভা.চ ৪৪৯। তোমার এ ঘরে, আপনারই করে, গৃহদীপখানি জ্বাল।—রবীন্দ্র। ২ নিজের, অর্থাৎ জীবাত্মার। "অতএব আদি অন্ত, আপনার সদা চিন্ত।—রামমোহন রায়। ৩ মহাশয়ের। "E.P. 121. আপনার কথা শুনিয়া আপনার নিকটে অনুশীলনতত্ত্ব কিছু শুনিতে ইচ্ছা করিতেছি অ.শী ৪। ৪ স্বপক্ষের। "আপনার লোক। মায়াএ না চিনে কেহো পর আপনার গ ২৯। [আপনার ভাই—সহোদর ভাই। আপনার ননদ—স্বামীর সহোদরা। এইরূপ 'আপনার কাকা মামা' ইত্যাদি। আপনার মত—১ ভবৎসদৃশ (আকৃতিতে, মনের ভাবে)। ২ আপনার ইচ্ছানুরূপ। "আপনার মত পাই, তবে গ্রাস কত খাই, পোড়া মাছ জামীরের রস ক.চ ৪৪। আপনারই, -নারি—নিজেরই। "°রি দা ২১৫২। আপনারে—১ নিজেকে, নিজ ব্যক্তিত্বকে। "আমারে কে নিবি ভাই, সঁপিতে চাই আপনারে।—রবীন্দ্র। ২ আত্মাকে, জীবাত্মতত্ত্বকে। "এই সে জানিবে নিত্য, চিন্তা কর আপনারে।—রামমোহন রায়। ৩ মহাশয়কে।]

আপনারই, -নারি, -নারে; আপনাহারা—দ্র 'আপনার ; আপনহারা'।

আপনি বি [°ন+ই[৪] ; মৈ °নি ; অস আপুনি] ১ নিজেই। আপনি না বুঝে, পরকে মজায় চ.দা ১২১। আপনি আপনসমা ভা.চ ২৮। ২ [+ই[১১]] মহাশয়। "আপনি বলিলেন, বৃত্তির অনুশীলন সুখ অ.শী ৭। ৩ তুমি। "আপনি আপন, এ পণস্বপন, বৃথা আলাপন ছাড় দা ২১৬৫। —নি ক্রি.বিং স্বয়ংই (Reflexive)। "যাইব আপনি কৃ ৩৪১। ম ৬৯৮ ; ৬৯৯। আপনি করিয়ে নাশ পালিয়ে আপনি চু ৬০। তুমি গেলে সে আপনি কৃ.উ ২৬০ ; আপনি সরস্বতী ২৮৫। [আপনিই—স্বভাবতঃই, স্বভাবেই। "শিশুর এই ক্ষুদ্র দুর্ব্বল বাহু বয়োগুণে আপনিই বর্দ্ধিত ও বলশালী হইবে অ.শী ১১। আপনি বাহাদুর—স্বয়ংই (অর্থাৎ অন্যকৃত নহে, নিজেরই মন-গড়া) বাহাদুর। "সবাই লীডার—কর্ত্তা স্বয়ং, আপনি বাহাদুর। —হেম ৩৮২। আপনি-রাজা—আত্মকৃত রাজা, অর্থাৎ যে আপনি আপনাকে রাজা করিয়াছে। "আরাজকের আপনি-রাজা রাখবে হৃদয় মন বেঁধে কৃ.কে ৬৬।]

আপনে বি [°ন+এ[৩] ; তু °°ণে (স্ত্রী.কী) ; অপ্র] ১ আপনি, নিজে। "আপনা ভাবে আপনে বিভোল গ ১২। ২ আপনি, মহাশয়। "আপনে আমার ঘরে যাবা, যোগ্য নহে ভ.গ্র ২৫০। —নে ক্রি.বিং স্বয়ং, খোদ (Reflexive)। "আপনে জমরাজা আসি লেখি দিলা খত ম.গা ২৭। জম উঠিল আপনে গো.বি ৪৫; আপনে ডুপালা নৌকা ১২০। মী ৯। আমি আপনে মনসা ম.ম ২০২। আপনে জিজ্ঞাসে তারে ঃ আপনে যে মৈল তারে মারিয়া কি ধর্ম্ম চৈ ভা ১২০। [আপনে আপনা (তু °°ণে °ণা—স্ত্রী.কী)—নিজে নিজেকে। "আপনা আপনে চাহে করিতে আলিঙ্গন চৈ.চ ১১৭। আপনেই (তু 'আপণেই, -ণেঞি, -ণেয়ি —স্ত্রী.কী)—নিজেই। "আপনেই গিয়া হয় ইচ্ছায় যবন চৈ.ভা ১২০। আপনেতে—আপনি, নিজেই। "ভৃত্য জানি আপনেতে করিলা স্মরণে ব.প ৬৭২।]

আপনেয় বিং [আ-অপ+ √নী+য (যৎ)-র্ম্ম] সম্যক্ অপনেয় ; নিঃশেষে দূরীকরণীয়। "নৈবা তর্কেণ মতিরাপনেয়া (কঠোপনিষৎ)।

আপন্ন বিণ [আ+ √পদ্+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ গত, প্রাপ্ত, লব্ধ। "°জীবিক, জীবিকাপন্ন পা ২.২.৪। শরণাপন্ন। সত্তে বীর্য্যাপন্ন স্ত্রী.ম ১৬৩। ২ আপদ্গ্রস্ত, বিপন্ন। "আপন্নাভয়সত্রেষু দীক্ষিতাঃ খলু পৌরবাঃ শ ২.১৬। আপন্নঃ সন্ধিমন্বিচ্ছেৎ হি ৪.১১০। ৩ আপতিত সংঘটিত। "পরিচ্ছেদো হি পাণ্ডিত্যং যদাপন্না বিপদ্দশা হি ১.১৫৭।

আপন্নসত্ত্বা স্ত্রী [আপন্ন সত্ত্বকে, ত.পু ; পক্ষে 'সত্ত্বাপন্না', পা ২.২.৪] আপন্নগর্ভা, গর্ভিণী। "রঘু ১০.৫৯। শ ৫ $\frac{১৬}{৬}$।

আপরাহ্ণিক বিণ [অপরাহ্ণ+ইক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -কী] ১ অপরাহ্ণভব, অপরাহ্ণতন। ২ অপরাহ্ণ-সম্বন্ধী, বৈকালিক। "তখন কর্ত্তা…আপরাহ্ণিক নিদ্রার সুখে অভিভূত ব.প্র ৩৪১।

আপরুচি '-প্' বিং আপনরুচিমত ; স্বেচ্ছানুরূপ। "মোসাহেব…মধ্যে মধ্যে আপরুচি খানা…নজির কচ্চেন হু ২০৫।

আপ(ফ)শোষ, -সোস বি [ফা অফ্‌সোস্] ১ মনস্তাপ, মনঃকষ্ট। "আপশোষে আকুল দ্বিজ, বলে, আহা মরে যাই। কপালের ফাঁকটা বোজে, ইহার একটা যদি পাই॥—দা ৭৪৬। ২ অনুতাপ, আক্ষেপ। [আপ(ফ)সান—আপসোস করা।]

আপ(পো)স বি [হি আপস (আপ-সে)] ভ্রাতৃভাব, সদ্ভাব। "পরিবর্ত্ত হৈল আপসেতে দোঁহাকার ভ.গ্র ৩৬। [আপোসে—সদ্ভাবে। "যে লোকটার নৌকো ডোবানো গেচে, আপোসে তা'রও ক্ষতিপূরণ করতে হবে ঘ ১৪৭। আপোস করা—সদ্ভাবে (বিবাদাদি) মিটান।]

আপাক পুং [আ+ √পচ্+অ (ঘঞ্)-ধি] ১ 'বেষ্টনপূর্ব্বক পাক-স্থান', কুম্ভকারের মৃৎপাত্রদহনস্থান ; পোয়ান। ২ পুটপাক। ৩ [+অ -ভা] ঈষৎ বা সম্যক্ পাক।

আপাখালা বিং [আ+পাখালা] অপ্রক্ষালিত, অধৌত। "আপা-খালা বিবসন পশ্চিমাস্য হৈয়া বা.ম ৩৮ ; আপাখালা…দেবের বসন ৩৫২।

আপাঙ, -ঙ্গ বি [সং অপাঙ্গ] শিষ-আকন্দ গাছ ; অপামার্গ।

আপাটল বিণ [আ পাটল, ত.পু] ঈষৎ পাটল ; আলোহিত।

আপাণ্ডু, -পাণ্ডুর বিণ [ত.পু ; স্ত্রী -ণ্ডু, ণ্ড্বী ; -রা] ঈষৎ পাণ্ডু বা বিবর্ণ ; আম্লান।

আপাত পুং [আ+ √পত্+অ (ঘঞ্)-ভা] ১ সমাপত্তি, অতর্কিত আগমন বা উপস্থিতি। "তদাপাতভয়াৎ কু.স ২.৪৫। ২ অবপাত, অবতরণ। "গরুড়াপাত রঘু ১২.৭৬। ৩ পতন, প্রবেশ। "অনলাপাত যাজ্ঞ ৩.১৫৪। কামশরাপাত ক.সা ৪.৮ ; জল° ১৯.৫০। ৪ আপতন, সংঘটন। "দোষাপাত সা.দ ২$\frac{৪}{৫}$। ৫ উপক্রম, আরম্ভ। "মধ্বাপাত মনু ১১.৯। ৬ [+অ-ধি] আপতনকাল, সংঘটনসময়, তৎকাল। "°মধুর, °রমণীয়। °রম্যা বিষয়াঃ কি ১১.১২। ৭ [+ √পাতি+অ (অচ্)-ভা] পাতন, বর্ষণ। "°ধারাপাত পু.মে ৪৯।

আপাতক '-ক্' ক্রি.বিং [সং °ততঃ] সম্প্রতি, এখন। "আপাতক তো তোমার হাতে কর্ম্ম কার্য্য নাই দা ৬৫৯।

আপাততঃ (-তস্) ব্য [°ত+তঃ (তসি) সপ্তমীস্থানে] ১ অকস্মাৎ, অকারণ (ত.বা)। ২ তৎকালে, দৃষ্টিমাত্রে, তৎক্ষণাৎ। ৩ সম্যক্ অবধারণ বিনা ; স্থূলভাবে। "আপাততোঽধিগতাখিলবেদার্থঃ। —বেদান্তসার। ৪ সম্প্রতি, এক্ষণে। " 'মরিবার ইচ্ছা নাই!' বল কি প্রেয়সী? আপাততঃ, ইচ্ছা নাই বটে!—মন্দ্র ৯৯। আপাততঃ তাঁহার অনুগমনে…পাঠকমহাশয়দিগের কৌতূহল নিবারণ করিতে পারিলাম না ব.প্র ৮।

আপাতদুঃসহ বিণ [স.ত ; স্ত্রী -হা] উপক্রমে বা প্রথমে অসহ্য। "আপাতদুঃসহঃ শোকাবেগোঽপত্যস্য উ.চ ৭$\frac{৮}{৯}$।

আপাতমধুর বিং [স.ত] প্রথমে মনোহর ; [illegible] সুখকর। "আপাতমধুর মাত্র দেখি এ অরণ্য ম.বি ১৪৮।

আপাতরমণীয়, -রম্য বিণ [স.ত] তৎকালে প্রীতিকর ; প্রথমে সুখজনক। "°রমণীয়ানাং সংযোগানাং প্রিয়ৈঃ সহ।—হি (শ.ক)। আপাতরম্যা বিষয়াঃ কি ১১.১২।

আপাতস্বরস বিণ [স.ত] উপক্রমে স্বাদু ; আপাতমধুর। "°সে ভোগে নিমগ্নাঃ কিং ন কুর্ব্বতে সা.দ ৭১/২।

আপাতী (-তিন্) বিণ [আ+ √পত্+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -তিনী] ১ যাহা ঘটে ; সংবর্ত্তী। ২ আক্রমণকারী। —পাত্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ আক্রমণীয়। ২ [+য-ক, পা ৩.৪.৬৮] আক্রমণকারী।

আপাদ পুং [আ+ √পদ্+অ (ঘঞ্) -ভা] আগমন ; প্রাপ্তি। —পাদ বা [অব্যয়ীভাব] পাদপর্য্যন্ত। "আলোল তুলসীমালা আপাদ-লম্বিত শ্রী ম ৯১।

আপাদন ক্লী [আ+ √পাদি+অন (ল্যুট্)-ভা] সম্পাদন। "দ্রব্যস্য সংখ্যান্তরাপাদনে পা ৫.৩.৪৩, সি। —পাদিত বিণ+ত (ক্ত)-র্ম্ম] সম্পাদিত, অনুষ্ঠিত। "°বংশকৃত্য রঘু ২.১২।

আপাদপর্য্যন্ত ক্রি.বিং ['আপাদ' বা 'পাদপর্য্যন্ত' সাধু] পাদপর্য্যন্ত, পা-অবধি। "আপাদপর্য্যন্ত তার করে নিরীক্ষণ শ্রী.মা ১০৯। আপাদ-পর্য্যন্ত অগ্নিশিখা যেন দহে বি.সু ৭৮।

আপাদমস্তক ক্রি.বিং ['°কপর্য্যন্ত' সাধু, দ্র 'আ২'] পাদাবধি মস্তক-পর্য্যন্ত ; পা হইতে মাথাপর্য্যন্ত। "আপাদমস্তক (জাহ্নবীর) ধারা কি পড়ে দু ৩২। আপাদমস্তক সব বসনে বেয়াপি ব ১০৫। আপাদমস্তক-পরা…পরিচ্ছদ।—রঙ্গ ৭। আপাদমস্তক শয্যোত্তরচ্ছদে আবৃত ব.প্র ৮০। নিজের প্রতাপ প্রেষ্টিজ সম্বন্ধে যে ব্যক্তি হঠাৎ-নবাবের মত সর্ব্বদাই আপাদমস্তক সচেতন, সে ব্যক্তির পক্ষে এই (প্রেমের) নম্রতা দুঃসাধ্য।—রবীন্দ্র। —মস্তক বি পাদাবধিমস্তকপর্য্যন্ত দেহ ; সর্ব্বাঙ্গ। "আপাদমস্তকে লোম উঠে এক চাপ শ্রী.ম ২২৪। আপাদমস্তক। নাহি পরকাশ। কে দিল চন্দন চুয়া জ্ঞা ৮৫। [°চুল (বি)—পা হইতে মাথার চুল পর্য্যন্ত দেহ ; সর্ব্বাঙ্গ। "ননদী বচনে। জ্বলিছে পরাণে। আপাদমস্তকচুল চ.দা ৯৫।]

আপান ক্লী [আ+ √পা+অন (ল্যুট্)-ভা] ১ পান, সুরাপান। "°ভূমি রা ১.৩.২৯ ; ৫.১১.৪৮। রঘু ৪.৪২। ২ [+অন-ধি] সুরাপান-স্থান, পানভূমি। "মহা ১২.৩৫৫ ; ৩৫৮। ৩ পানার্থসভা, পানগোষ্ঠী, মাতালের চক্র। —পানক ক্লী [°ন+ক (কন্) স্বার্থে] সুরাপান। "আপানকমুৎসবঃ (কাদম্বরী)। [°ভূমি, °শালা (স্ত্রী)—সুরাপান-যোগ্য প্রদেশ ; পানগৃহ। 'দ্র (১)। °লা রা (S.W.)।]

আপানল বি [আপ+অনল ; অপ্র] জলে স্থিত অগ্নি। "আপানল-কুণ্ডোপরে পাষাণের মন্দির ম পা ৬।

আপাবন বিং সুপবিত্র। "টীকাপাবন আপাবন পাবন কৈল সার শূ ২৮।

আপামরজন, -পামরসাধারণ বি পামর হইতে সর্ব্বজন বা সাধারণ লোক, নীচ মূর্খ হইতে সাধারণলোকপর্য্যন্ত সকলই। "আপামরজনে আমি কহাইব আজ। "দুর্য্যোধন রাজা!" কা ৬। রাজা, কড়াংকেতে আপামরসাধারণ পারদর্শী, তাই নিজে জিজ্ঞাসা করবেন জা ৩২।

আপায় বি [সং অপায়, দ্র 'আ১৩'] ১ অপগম, সমাপ্তি। "মধুমাস-আপায় ক.চ ১৭৪। ২ বিপদ্, দুর্গতি। "যেইমতে তোমা সবার খণ্ডএ আপায় কৃ.উ ২০৭।

আপার বিং [সং অপার ; দ্র 'আ১৩ ; অপ্র] ১ অপার, অসংখ্য। "কটক…আপার কৃ.উ ২৭৮। ২ প্রচুর, অনেক, বহু। "দ্রাক্ষা আপার শ্রী.কী ২০৭। রত্ন পাটা রত্ন সব দেখিতে আপার কৃ.উ ২৭৮। ৩ প্রচুর। পুষ্পবৃষ্টি…আপার কৃ.উ ১৯৪। ৪ সমধিক, অতিরিক্ত। "বেলা আপার শ্রী.কী ১৪৫ ; বিলম্ব আপার ১৭৭। —পার ক্রি.বিং অত্যন্ত, অতিশয়। "বিস্ময় বাড়ে আপার কৃ.উ ২০২ ; রুষিল আপার ২৩১।

আপিঙ্গ, -ঙ্গল বিণ [ত পু ; স্ত্রী -ঙ্গা, -লা] ১ ঈষৎ পিঙ্গল ; আপীত। "আপিঙ্গল জটা প.তৃ ১৭। ২ সম্পূর্ণ পিঙ্গল (কেশ)। "ভট্টি ১.৫৭।

আপিঞ্জর বিণ [ত.পু ; স্ত্রী -রা] ১ ঈষৎ পিঞ্জর ; আপীত। "রঘু ১৬.৫১। —র ক্লী স্বর্ণ। —র পুং স্বর্ণবর্ণ।

আপি(পী)ল্ বি [E. Appeal] নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে পুনর্বিচারের প্রার্থনা। [আপীলাণ্ট (E. Appellant) —যে আপীল করে।]

আপি(ফি)স্ বি [E. Office] যে স্থানে কর্ম্মচারীরা কোন বিষয়-সংক্রান্ত কার্য্য করেন ; কর্ম্মস্থান, দপ্তর। "বিষম রাক্ষস ওটা, মেলিয়া আপিস কোটা।—রবীন্দ্র। তোমরা ভাব, ও ব্যাটা কেবল সকালে উদয় হ'য়ে সমস্ত দিন আফিসের কাজ চালিয়ে সন্ধ্যার সময় বাড়ী যায়, তা নয় জা ৩২। [°ওয়ালা—আফিসের কর্ম্মচারী।]

আপীড় বিণ [আ+ √পীড়ি+অ (অচ্)-ক ; স্ত্রী -ড়া] নিপীড়ক, ক্লেশকর। —ড় পুং [+অ-ভা] ১ নিপীড়ন, সংক্লেশন, বিবাধন। "অনঙ্গাপীড় (S.W.)। ২ বিমর্দ্দন, নিষ্পেষণ। ৩ 'শিখাপীড়ক', শিখামাল্য। "চূড়াপীড় মা.ম ১.২। ৪ শিরোভূষণ, শেখর। "কুসুমাপীড় (নগ) রা ২.৪৮.১২। কাঞ্চনাপীড় (হয়) গো.রা ৬.১৮.২। মহা ৩.৬৪.১০৩। কুলাপীড় রঘু ১৮.২৯। পুষ্প° কি ৫.২৩। ৫ মাল্যমাত্র (A.)। —পীড়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ নিপীড়ন, নির্ব্যথন। ২ বিমর্দ্দন, নিষ্পেষণ। ৩ গাঢ় আলিঙ্গন ; সমাশ্লেষ। ৪ দৃঢ়বন্ধন। —পীড়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ নিপীড়িত, বিব্যথিত। "পয়োধর-ভারেণাপীড়িতঃ।—গী.গো ১২.১১। ২ বিমর্দ্দিত, নিষ্পিষ্ট। ৩ সমাশ্লিষ্ট, নিবিড়ালিঙ্গিত। ৪ দৃঢ়বদ্ধ। ৫ অলঙ্কৃত, ভূষিত। "পল্লবাপীড়িত মহা ৩.৬৪.১০২।

আপীত[1] বিণ [ত.পু] ঈষৎপীত; আপিঙ্গল। "°বর্ণবদনং প্রসুপ্তমিব ভূমিপম্ রা (শ.ক)। —পীত ক্লী মাক্ষিকধাতু।

আপীত[2] বিণ [আ+ √পা+ত (ক্ত)-র্ম্ম] ঈষৎ কৃতপান ; অল্পপীত। ২ নিঃশেষে পীত। "°মধুকা ভট্টি ৫.৭০।

আপীন বিণ [আ+ √প্যায়্+ত (ক্ত)-ক ; স্ত্রী -না] ১ সম্যক্ বৃদ্ধিপ্রাপ্ত ; অতিস্থূল, সুপীবর। "মহা ১.৯৯.১৫। ২ স্থূল, বলবান্ (A.)। —পীন পুং কূপ। "পা ৬.১.২৮, সি।—পীন ক্লী উধঃ, পালান, ওলান, মোড়। 'আপীনমূধঃ (সি)। "আপীনভারোদ্বহন রঘু ২.১৮।

আপুনি বি [আপনি > °নি, দ্র 'উ৭' ; হি আপুন, -নো (হিন্দীশব্দ-সাগর ; G. H. § 381)) ; °নী (শ্রী.কী) ; অপ্র] আপনি, নিজে। "আপনার কলেবর আপুনি সে দেখি শূ ৩। —নি ক্রি.বিং স্বয়ং (Reflexive)। "রমাই পণ্ডিত টীকা সারিল আপুনি শূ ২৭। জন্মিলা যাহার ঘরে ভবানী আপুনি ক.চ ১০।

আপূপিক বিণ [অপূপ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ অপূপ যাহার ভক্তি (সেবা) ; অপূপভক্ষক। "পা ৪.৩.৯৬। ২ অপূপ যাহার পণ্য ; পিষ্টকবিক্রেতা। "পা ৪.৪.৫১। ৩ অপূপ যাহার শিল্প ; পিষ্টককারক। ৪ অপূপে সাধু ; অপূপভক্ষণনিপুণ। অপূপভক্ষণার্থ সাধু (গুড়াদি)। ৫ অপূপের পক্ষে হিত ; অপূপযোগ্য (গুড়পিষ্টকাদি)। —ক পুং অপূপকারক, মোদক, ময়রা।

আপুর পুং [আ+ √পূরি+অ (অচ্)-ভা] ১ ঈষৎ বা সম্পূর্ণ পূরণ ; আপূরণ। ২ অভিব্যাপ্তি। ৩ [+অ-ণ] 'পূরণসাধন', প্রবাহ, ধারা। "স্বেদাপুর মাঘ ৭.৭৪। ৪ অশ্রুধারা। "হর্ষভরাপুরপীড়নোৎফুল্লয়া দৃশা

ক.সা ২৩.৭১। —পূরণ বিণ [+অন (ল্যুট্) -ক ; স্ত্রী -ণী] আপূরক। —পূরণ ক্লী [+অন -ভা] সম্পূর্ণপূরণ। "গর্ত্তাপূরণ।—পঞ্চ ১ ৪৩৪/৪৩৫। —পূরণ পুং নাগবিশেষ। "মহা ১.৩৫.৬। —পূরিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম বিকল্পে 'আপূর্ণ', পা ৭.২.২৭] ১ সম্যক্ পূর্ণ ; সম্পূর্ণ। "জলাপূরিত রঘু ১৬.৬৫। ২ অভিব্যাপ্ত। —পূর্ণ বিণ সর্থ 'আপূরিত'।

আপূর্ত্ত ক্লী [আ+ √পৃ+ত (ক্ত) -ভা] ১ আপূরণ। ২ সৎকার্য্য, বাপীকূপখননাদি কার্য্য। "রা ১.২২.৮। ইষ্টাপূর্ত্ত মহা ১.১৯৫.৬ ; ৩.৩২.৩০। —পূর্ত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ আপূরণ। ২ সৌহিত্য, তৃপ্তি।

আপূর্য্যমাণ বিণ [আ+ √পূরি+মান (শানচ্)-র্ম্ম] যাহা নিঃশেষে পূর্ণ হইতেছে ; সম্পূর্য্যমাণ। "গী ২.৭০।

আপৃচ্ছা স্ত্রী [আ+ √প্রচ্ছ্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ প্রশ্ন, জিজ্ঞাসা। ২ আলাপ, আভাষণ। ৩ গমনাগমনকালে শুভাশংসা। ৪ সর্থ 'আনন্দন (২)।

আপেক্ষিক বিণ [অপেক্ষা+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] অপেক্ষাসম্বন্ধী, তুলনাজন্য, অন্যসাপেক্ষ। [°গুরুত্ব (বি)—অপেক্ষাজন্য গুরুত্ব ; (বিজ্ঞানে) প্রমাণরূপে গৃহীত কোন বস্তুর (ঘন ও তরল বস্তুর সম্বন্ধে জলের, বায়বীয় সম্বন্ধে বায়ুর) আয়তনবিশেষের পরিমাণের সহিত তৎসমায়তন অন্য বস্তুর পরিমাণের অনুপাত (Specific Gravity)। একঘনফুট জলের ওজন ৩০ সের ; ইহা দ্বারা ঐরূপ-আয়তন অন্য দ্রব্যের ওজন ভাগ করিলে যে ভাগফল হয়, তাহাই শেষোক্ত দ্রব্যের 'আপেক্ষিকগুরুত্ব'।]

আপেল্ বি [Cf., E. Apple] পর্ব্বতীয় ফলবিশেষ, সেওফল।

আপোক্লিম ক্লী [Gr. apoklima] (জ্যোতিষে) লগ্ন হইতে তৃতীয় ষষ্ঠ নবম ও দ্বাদশ স্থান।

আপোড়া বিং [আ+পোড়া] ১ পোড়াভিন্ন, আদগ্ধ, কাঁচা (ইষ্টকাদি)। ২ অর্দ্ধদগ্ধ, আমাপোড়। ৩ শবদাহহীন, অদাহন (স্থান)। "আপোড়া পৃথিবী যদি তুমি কোথা পাহ ঃ আপোড়া কোথাও নাহি ম ১১০৮।

আপ্ত বিণ [√আপ্+ত (ক্ত)-ক, -র্ম্ম ; বৈদিক] ১ প্রাপ্ত, লব্ধ, অধিগত। "°কাম। নিয়মৈর্বিবিধৈরাপ্তম্ (বলম্) গো.রা ৩.৩.১৫। °শাপ ক.সা ২১.২৬। ২ উৎপাদিত (কুল্লুক)। "পুত্রিণ্যাপ্তশ্চ (সুতঃ) দেবরাৎ মনু ৯.১৪৩। ৩ প্রাপ্ত, গত। "অসৌ অত্যন্তনাশমাপ্তো ভবিষ্যতি (বিষ্ণুপুরাণ)। ৪ বিশ্বস্ত, প্রত্যয়িত, হিত। "ভিষগ্ভিরাপ্তৈঃ রঘু ৩.১২ ; আপ্ত (দূত) ৫.৩৯। শূরৈরাপ্তৈঃ।—পঞ্চ ৩.৩৮। ৫ অবিসংবাদক, যথাদৃষ্টার্থবাদী (মেধাতিথি)। "মনু ৮.৬৩। ৬ কুশল, নিপুণ, যোগ্য। "প্রাজকঃ…আপ্তঃ ; প্রাজকেঽনাপ্তে মনু ৮.২৯৪। ৭ যথার্থজ্ঞানযুক্ত, ভ্রমপ্রমাদাদিরহিত। ৮ ক্ষীণদোষ, অর্থাৎ রাগদ্বেষাদি-দোষরহিত। "আপ্তঃ দোষক্ষয়াদ্ বিদুঃ সাংখ্য ৪, টীকা। ৯ প্রচুর, ভূরি, প্রভূত, সম্পূর্ণ। "°দক্ষিণ (যজ্ঞ) রা ২.৩০.৩৫। মনু ৭.৭৯। ১০ সত্য, যথার্থ। "°বচন সাংখ্য ৫। ১১ স্বীয়, আত্মীয়। "জামাতুরাপ্তং জনম্ উ.চ ৪.১৭। বড় আপ্ত ইনি বি.সু ৯৪। ১২ সন্নিকৃষ্ট (সহোদর-ভ্রাতৃভগিনী-প্রভৃতি)। "আপ্ত (বান্ধব) মনু ৫.১০১। ১৩ যুক্ত, সকলদোষাশঙ্কানির্ম্মুক্ত (ত.বা)। "°শ্রুতি সাংখ্য ৫। ১৪ সম্বন্ধ (ত.বা)। ১৫ অভিযুক্ত। ১৬ নিযুক্ত। ১৭ প্রামাণিক। ১৮ ন্যায্য। ১৯ (বাঙ্লায়) নিজ, আপন। "আপ্ত কথা ম.গা ২৫। আপ্ত ছিদ্র না জানিস পরকে দিস খোঁটা কৃ ২৫২। ম ১১৭৪। আপ্ত সহোদর অ.প ৭ ; আপ্ত মুখে ১০। —প্ত পুং ১ আত্মীয় জন ; বান্ধব, মাতাপিতৃ-ভার্য্যাদি (কুল্লুক), পৌত্রভার্য্যাদি (মেধাতিথি)। "মনু ২.১০৯ ; ৯.২৯০। রঘু ১২.৫২। দুর্য্যোধন আপ্ত বন্ধু হইল এক্ষণ ম ২৫৭ ; ৭০৫। নাহি তার আপ্ত পর শ্রী.ম ১৪১। °গণ চৈ.ভা ১০৭। শি ৮৮। ২ শক্ত (কুল্লুক), উপধাশুদ্ধ (যে ঘুষ খায় না—মেধাতিথি)। "মনু ৭.৮০। ৩ বিশ্বস্ত জন। "বিষ্ণু ৩.৯। ৪ ভ্রম প্রমাদ বিপ্রলিপ্সা করণাপাটব (ইন্দ্রিয়ের অপটুতা)—এই দোষচতুষ্টয়হীন পুরুষ ; ঋষি-প্রভৃতি। 'স্বকর্ম্মণ্যভিযুক্তো যো রাগদ্বেষবিবর্জ্জিতঃ। জ্ঞানবান্ শীলসম্পন্ন আপ্তো জ্ঞেয়ঃ স এব হি॥ "আপ্তোপদেশ, °বচন, °বাক্য (S.W.)। ৫ অর্হৎ, জিন (অ.চি)। —প্ত ক্লী (গণিতে) ভাগফল। [আপ্ত ছিদ্র—নিজ দোষ। আপ্ততা (বি)—আত্মীয়তা। "চৈ.ভা ২০৪। আপ্ত রাঢ়ী দেখিয়া—আপনাকে বিধবা দেখিয়া। "ব.প ৫২।]

আপ্তকাম বিণ [বহুব্রী ; স্ত্রী -মা] ১ লব্ধকাম, পূর্ণমনোরথ, চরিতার্থ। ২ যে কাম (ব্রহ্মাত্মার অভেদ) লাভ করিয়াছে ; ব্রহ্ম ও আত্মার অভেদজ্ঞানবান্। ৩ সংসারাসক্তিশূন্য, উদাসীন। —কাম পুং পরমাত্মা ; ঈশ্বর (ত.বা)।

আপ্তকারী (-রিন্) বিণ [কর্ম্মধা] যে আপ্ত ও আদেশপালক ; আপ্ত (আত্মীয়) ও আজ্ঞাকারী (কুল্লুক)। "পুরুষৈরাপ্তকারিভিঃ মহা ৩.৬০.১১। মনু ৯ ১২। —কারী পুং বিশ্বস্ত ও বচনকর ভৃত্য।

আপ্তকার্য্য বি নিজকার্য্য, স্বপ্রয়োজন। "আপ্তকার্য্য সাধি পরদুঃখে উদাসীন ব.প ৬৫১।

আপ্তখুদী বিং [আপ্ত+ফা খুদী] আত্মাভিমানী, আত্মশ্লাঘী, হাম-বড়া। "মানা করি ওলো খুদি, ক্ষিপ্ত হ'য়ে আপ্তখুদী, গিয়ে ছিছি! মজাবি কেন জাতি লো।—দা ১৫৮১।

আপ্তগণ বি স্বীয় গণ ; নিজ সহচর ; স্বদল। "আপ্তগণ সাম্ভাইল প্রভুর সহিতে চৈ.ভা ২৫৭। ন.প ১২৪।

আপ্তগরজী, আপ্তগ্রাসী বিং [°জ, °স+ঈ৭] যে আপনারই গরজ বা গ্রাস বুঝে ; স্বার্থপর, আত্মম্ভরি।

আপ্ততা বি আপ্তভাব, আত্মীয়তা, বন্ধুত্ব। "চৈ.ভা ২০৪।

আপ্তদক্ষিণ বিণ [আপ্তা দক্ষিণা যাহার, বহুব্রী ; স্ত্রী -ণা] ভূরিদক্ষিণ। দ্র 'আপ্ত (৯)।

আপ্তদূতী স্ত্রী [কর্ম্মধা] যে দূতী প্রিয়ংবদা চতুরা অন্তরঙ্গা এবং প্রাণ গেলেও বিশ্বাসভঙ্গ করে না ও মন বুঝিয়া কার্য্য করে। 'ভ.গ্র ৩৯১।

আপ্তবচন ক্লী [ষ.ত] ১ আপ্তপুরুষের বাক্য ; মুনিবাক্য। "রঘু ১১.৪২। ২ [কর্ম্মধা] যুক্তিযুক্ত বাক্য ; ভ্রমপ্রমাদাদিশূন্য বাক্য ; শাস্ত্রীয় প্রামাণিক বাক্য ; সত্যবচন। "সাংখ্য ৫। ৩ অশরীরা বাণী ; দৈববাণী। "রঘু ১৫.৪৮।

আপ্তবধী বিং [তু 'আত্মঘাতী' ; অপ্র] আত্মহত্যাকারী। "আপ্তবধী হব আমি চণ্ডীর লাগি বি.পা ৭৯।

আপ্তবাক্, -বাক্য বিণ [বহুব্রী ; স্ত্রী -ক্, -ক্যা] যাঁহার বাক্য প্রামাণিক ; বিশ্বস্তবাক্, সত্যবাদী। "শ ৫.২৪। —বাক্ স্ত্রী, —বাক্য ক্লী ১ ভ্রমাদিদোষহীন বাক্য ; যুক্তবাক্য। ২ বেদ। "রঘু ১০.২৮। ৩ বেদমূলক স্মৃতি ইতিহাস পুরাণ প্রভৃতি শাস্ত্র। ৪ সজ্জনের উপদেশ ; বন্ধূপদেশ।

আপ্তবিক্রয়পত্র বি [অপ্র] দাসত্বের নিমিত্ত দেহবিক্রয়ের দলিল ; দাস-খত, আজীরি-পাট্টা। "E. P. 88 ; 89.

আপ্তব্য বিণ [√আপ্+তব্য-র্ম্ম] প্রাপ্য, লব্ধব্য, অধিগম্য।

আপ্তভাব পুং [কর্ম্মধা] বিশ্বস্ত ভাব ; বিশ্বস্ততা। "মহা (M.W.)। [°বে—মিত্রভাবে। "সে দেশে কামিনা নাই, পাঠালেন তব ঠাঁই, আপ্তভাবে নৃপতিনন্দন ক.চ ১৩২, টীকা।]

আপ্তমা বি [আত্মা (আত্মা) > °মা ; অপ্র] আত্মা। "আপ্তমা পরিচয় করি রাখ নিজ কায়া গো.বি ১৪২, টীকা।

আপ্তশ্রুতি স্ত্রী [কর্ম্মধা] ১ যুক্ত বেদবচন ; বেদ। "সাংখ্য ৫। ২ স্মৃতি। ৩ বিশ্বস্ত কিংবদন্তী (M.W.)।

আপ্তসার বি নিজ সারদ্রব্য; স্বীয় একমাত্রধন। "কালীনাম যার আপ্তসার, কালের ভয় কি আছে তার?—গান।

আপ্তসুখী বিং যে আপনারই সুখ বুঝে; আত্মসুখী।

আপ্তি স্ত্রী [√আপ্+তি (ক্তিন্)-ভা; ছান্দস] ১ প্রাপ্তি, লাভ। "মালাপ্তি গো.রা ৪.২১.৩০। বাজিমেধাপ্তি মহা ১৪.৮৮.১৭। মিত্র°।—পঞ্চ ২.৪৭। ২ সংযোগ; সম্বন্ধ। ৩ স্ত্রীসংযোগ। ৪ সমাপ্তি। ৫ [+তি-র্ম্ম] আয়তি, উত্তরকাল।

আপ্নবান পুং [অপ্নবান+অ (অণ্) তদপত্যার্থে] অপ্নবানের অপত্য, বাৎস্য ও সাবর্ণগোত্রের প্রবর ঋষি। "ঔর্ব্বচ্যাবনভার্গবজামদগ্ন্যাপ্নবান-প্রবর।

আপ্য বিণ [√আপ্+য (ণ্যৎ)-র্ম্ম; ছান্দস] প্রাপ্য, লভ্য। "রা ২.১০৮.৩। —প্য পুং দেবগণবিশেষ। 'হ ৭.৩১।

আপ্যায় পুং [আ+√প্যায়্+অ (ঘঞ্)-ভা] বৃদ্ধি, উপচয়। "অর্কাংশুরচিতাপ্যায়ঃ প্রতিপচ্চন্দ্রমা ইব ক.সা ১৯.৮। —প্যায়ন বিণ [+√প্যায়ি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী; ছান্দস] ১ বিবর্দ্ধন, বৃদ্ধিকর। ২ প্রীণন, প্রীতিকর। ৩ পরিপুরক। "মনু ৩.২০৩। ৪ পূর্ণতাজনক, পরিপোষক। ৫ অভ্যুদয়কর। ৬ স্থূলতাজনক। —ন পুং 'জগদানন্দকর', বিষ্ণু। "বিষ্ণু ১.৫৩। —ন ক্লী [+অন-ভা] ১ বর্দ্ধন, বৃদ্ধিজনন। ২ প্রীণন, সন্তোষণ। "মনু ৩.২১১। ৩ পরিপূরণ। ৪ [+অন-ক] স্থূলতাজনক বা বলবর্দ্ধক ঔষধ। ৫ [+√প্যায়্+অন-ভা] বৃদ্ধি, উপচয়। "তপ-আপ্যায়ন মহা ৩৮৩৩২। ৬ অভ্যুদয়, বৃদ্ধি। "লোকস্যাপ্যায়নে মনু ৩.২১৩। ৭ স্থূলতা। ৮ প্রীতি। —না স্ত্রী [+√প্যায়ি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'আপ্যায়ন ক্লী (১-৩)। —প্যায়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বর্দ্ধিত। "এষা সূর্য্যস্য বীর্য্যেণ সোমস্যাপ্যায়িতা তনুঃ (কূর্ম্মপুরাণ)। ২ প্রীণিত, তোষিত, তর্পিত। "°তোঽহং…বচনামৃতেন হি ১২৯। আপ্যায়িত অনঙ্গ দরশনে অঙ্গছটা শ্রী.মা ১৩৩। ৩ পূরিত। ৪ [স্বার্থে ণিচ্] প্রীত, তুষ্ট। "কৃ.উ ১৬১; কটক আপ্যায়িত ২৭৯। আপ্যায়িত হৈল পুরন্দর ম.ম ৪২। শ্রী.মা ১২৪, ১৬১। চৈ.চ ২০। তাহার নৈপুণ্যে আমার পিতৃঠাকুর বড় আপ্যায়িত হইলেন ব.প্র ৪৫২। ৫ (বাঙলায়; অপ্র) দানভোজনদক্ষিণাদি-বিষয়ে সর্ব্বথা প্রীতিকর। "শ্রীরাম বলেন তুমি সুন মুনিরাজ। আপ্যায়িত যজ্ঞ করি সেই আমার কাজ॥—কৃ.উ ২৬৪। [আপ্যায়িত করা—১ প্রীত করা; সংবর্দ্ধন করা। ২ অনুগৃহীত করা। "অনেক উমেদারের অনিয়ত হাজরের পর বাবু কাকেও 'আজ যাও' 'কাল এসো'…প্রভৃতি অনুজ্ঞায় আপ্যায়িত কচ্চেন হু ১৮৭।

আপ্যায়ন, -প্যায়না, -প্যায়িত দ্র 'আপ্যায়'।

আপ্রচ্ছন ক্লী [আ+√প্রচ্ছ্+অন (ল্যুট্)-ভা] সভাজন, আমন্ত্রণ। দ্র 'আনন্দন'।

আপ্রচ্ছন্ন বিণ [আ-প্র+√ছাদি+ত (ক্ত)-র্ম্ম] অতিগূঢ়; ঈষদ্গূঢ়।

আপ্রপদ ব্য [অব্যয়ীভাব] প্রপদ (পদাগ্র)-পর্য্যন্ত। —প্রপদীন বিণ [°দ+ঈন (খ)] পদাগ্রপর্য্যন্তব্যাপী, আপদাগ্রলম্বমান (বস্ত্রাদি)। "আপ্রপদীনঃ পটঃ পা ৫.২.৮, সি।

আপ্লব পুং [আ+√প্লু+অ (অপ্)-ভা, পা ৩.৩.৫০] ১ অভিষেক, স্নান, অবগাহন। "সুখাপ্লব রা ২.৯১.৭৮। কৌতুকাপ্লব ভ ১০.৭.৪। ২ জলাদির উচ্ছলন। ৩ আসেচন। ৪ উল্লম্ফন, প্লুতগতি। —প্লবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অভিষেক, স্নান। "তীর্থেষ্বাপ্লবনং কৃত্বা…বিচচার মহা ১.৪৫.২। ২ সর্থ 'আপ্লব'। —প্লাব পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সর্থ 'আপ্লব'। ২ [+অ-ণ] বন্যা, জলপ্লাবন, বান। —প্লাবিত বিণ [+√প্লাবি+ত (ক্ত)-র্ম্ম] ১ জলপ্রবাহে অভিব্যাপ্ত। "অশ্রু হল আপ্লাবিত নয়নের লোহে শ্রী.মা ১৩১; ২০৪। ২ আর্দ্রীকৃত, সিক্ত। —প্লুত বিণ [+√প্লু+ত-ক] স্নাত, কৃতস্নান। "মহা ৩.১১০.১৯। অবভৃথাপ্লুত রঘু ১১.৩১। কু.স ৬.৫। পদারবিন্দরজসাপ্লুতদেহিনাম্ ভ ৭.৬.২৭। ২ [+ত-র্ম্ম] সিক্ত, আর্দ্রীকৃত। "সলিলাপ্লুতবল্কল রা ২.১১৯.৫। মহা ১৩.১৬২.৫৮। অন্তরাত্মা…আনন্দরসে আপ্লুত হয় সী ১৬। ৩ প্লাবিত, অভিব্যাপ্ত। "শ্রাবণঃ সলিলাপ্লুতঃ গো.রা ৪.২৫.১২। রুধিরাপ্লুত (পঞ্চ)। ৪ অভিষিক্ত। আপ্লুতঃ সাধিবাসেন জলেন মহা ৭.৮০.১০। ৫ নিমজ্জিত, অভিভূত। "বাসনাপ্লুত মহা ৩.৭০.১২; ৭৪.২৯। —প্লুত পুং কৃতসমাবর্ত্ত দ্বিজ; স্নাতকগৃহস্থ। —প্লুত ক্লী [+ত-ভা] ১ স্নান। "সর্ব্বতীর্থেষু বাপ্লুতম্ মহা ১৩.১১৬.৪০। ২ উৎপ্লবন, উল্লম্ফন। —প্লুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] স্নান, অভিষেক। [আপ্লবব্রতী, আপ্লুতব্রতী (-ব্রতিন্) পুং—দারগ্রহণার্থ কৃতসমাবর্ত্ত দ্বিজ, স্নাতকব্রাহ্মণ।]

আপ্লবন, -বব্রতী, -প্লাব, -প্লাবিত, -প্লুত, -প্লুতব্রতী, -প্লুতি দ্র 'আপ্লব'।

আপ্লুষ্ট বিণ [আ+√প্লুষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যক্ দগ্ধ; ঈষৎ দগ্ধ; আপোড়া। ২ দগ্ধ, শ্যামীকৃত, বিবর্ণীকৃত। "আপ্লুষ্টবিভূষণাস্পদ কু.স ৫.৪৮।

আপ্সরস বিণ [অপ্সরস্+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী-সী] অপ্সরঃসম্বন্ধী; অপ্সরোজাত। "কন্যামাপ্সরসীম্ (রাজা যযৌ দত্ত্বা) ভ ৬.৪.১৬।

আফগান বি [ফা আফ্গান্] আফগানিস্থানের অধিবাসী। "পরে আফগান…দলে দলে দেশ জুড়িল।—দ্বিজেন্দ্রলাল রায়।

আফছোচ বি [দ্র 'আপশোষ'; অপ্র] অনুতাপ, আক্ষেপ। "বহু আফছোচ করি রহে সর্ব্বজন ব.প ১৮৫৬।

আফদ, -ফোত বি [আ আফত্; তু 'সং আপদ্—আপৎ] বিপদ্, দুর্দ্দশা, দুর্গতি, দুঃখ। "মকদ্দমা জিত হলে আফদ দফা হবে আ.দু ১০৯; আফদ বেলকুল মুই কেটিয়ে দেব ১১০। আফোতের তামাম হু ৪০।

আফলন্ত, -ফলা বিং [অফলবন্ত, -লিত—মূল] যে গাছ ফলে না বা এখনও ফলে নাই; বন্ধ্য, রাড়া; চারা, ছোট (গাছ)।

আফলোদয় ব্য [আ ফলোদয়, অব্যয়ীভাব] ফলোদয়পর্য্যন্ত, আফলসিদ্ধি, ফললাভপর্য্যন্ত। "°কর্ম্মণাম্ রঘু ১.৫। [°কর্ম্মা (র্ম্মন্) বিণ—প্রারব্ধান্তগামী।]

আফশোষ, -সোস, আফসান দ্র 'আপশোষ'।

আফালি বি [সং আস্ফাল>প্রা* অপ্ফাল>বা (আফাল)>°লি; অস আফাল] ১ আস্ফালন, স্পর্দ্ধাপ্রকাশ। ২ মৎস্যের জলমধ্যে দ্রুত সঞ্চরণ (ফেরাঘোরা)।

আফিং, -ফিঙ্গ, -ফিন, -ফিম বি [সং অহিফেন; হি—অফীম; আ অফ্যুন্; মৈ হফীম; অস আফু তু; হি, ঠ অফু; cf., Gr. opion; E. opium] পোস্তবীজের কোষ ঢেঁড়ি হইতে নিষ্কাশিত নির্য্যাস; ঢেঁড়ির আটা মাদকদ্রব্যবিশেষ। "ভাঙ্গ পোস্ত আফিঙ্গ ভা.চ ১১১; আফিং গাজা ভাং ৩৫৫। আফিঙ্গ বি.সু ১৫। আফিম খাইতে আরম্ভ করিলে ক্রমে ক্রমে মাত্রা অবশ্যই অধিক হইয়া উঠে আ.দু ৬৬। আফিংখোর ব.প্র ৬০৩। [আফিনখোর, -নচি (হি অফীমচী)—যে আফিন খায়।]

আফুলা বিং যাহাতে ফুল হয় নাই: ফুলশূন্য (ধান্যাদি)। "কার্ত্তিকের সোলুণ্ডেতে নাহিক আফুলা শূ ১১০। ব.প ১১৪।

আব[১] বি [সং অর্ব্বুদ>প্রা* অর্‌বুঅ>বা (আবু) আব] শরীরের মাংসপিণ্ডাকার রোগবিশেষ। "গলে গণ্ড, গালে আব দা ৫১৪। [এবো—আবুয়া, আবরোগী।]

আব[২] বি [সং অভ্র>প্রা অব্‌ভ>বা আভ, -ব ; হি, ঠ, গু—আভ (আকাশ) ; আফ (পাবনা)] অভ্রধাতু (Mica)। "আবের কঙ্কই ম.গা ৯ ; আবের কাঙ্গলি ১০।

আব[৩] বি [সং অপ্‌, আপ ; ফা আব্‌] ১ জল। "পঞ্জাব, দোয়াব। ২ [তু 'সং আভা ; হি আভ] (জলের 'চাকচিক্য' হইতে) উজ্জ্বলতা, দীপ্তি, চমক, ঝলক (রত্নসম্বন্ধে)। "মোতির আব (হি মোতী কী আব্‌), চুনীর আব ইত্যাদি। Cf. E. water—Transparency. "Diamonds of a most praised water (Shakespeare). ৩ তীক্ষ্ণতা, ধার। "তলোয়ারের আব।

আব[৪] ক্রি.বিং [হি অব ; মৈ আব] এখন, এখনই। "আব যদি যাই সম্বাদহ কান বি.প ১৭০। আব নই বজাউ বি.সা ৪৯৫। [আবে—এক্ষণে। "বি.সা ১১০ ; আবে ভেলি তাল ফল তুলে ২৪৮ ; ২৭৩।]

আব[৫] ক্রি [দ্র 'আ'[৫]] আইসে, আসে। দ্র 'আ'[৫]। [আব আব—এস এস। "সজনি আব আব লো।—রবীন্দ্র।]

আবওয়াব '-ব্‌-ব্‌' বি [আ বাব্‌—অব্‌রাব্‌ (বহুবচনে)] নানাপ্রকার কর ; রাজস্বব্যতীত নানাপ্রকারে গৃহীত কর।

আবক বি [সং অভ্রক ; হি অবরক ; আ অব্‌রক্‌ ; আবক (নাটোর)] অভ্রধাতু। "আবকর খেড় মন্দির আবকর নাটসাল শূ ৫২। [আবকর ('আবক-র', অথবা 'আব-কর')—আবের, অভ্রের।]

আবকসী বি [ফা আব্‌-কশ্‌+ঈ[৭]] 'জল-তোলার কার্য্য' ; (গৌণার্থে) ভৃত্যকার্য্যমাত্র, দাসত্ব। "গেদমত আবকসী ত্তমাহর করিব E. P. 87.

আবকারী, -গারী বি [ফা আব্‌কারী] ১ মদ-চোয়ানর জায়গা ; সুরাসন্ধানস্থান, মদখোলা। ২ মদের দোকান। "আবকারী আর উইলসনের খানা ভিন্ন খায় না।—দা ২০৪৯। [°রীমহল—মাদকদ্রব্য প্রস্তুত করা ও তাহার ব্যবসায়ের ছাড় ও শুল্কাদি নির্দ্ধারণ করার নিমিত্ত সরকারী কর্ম্মবিভাগ (Excise Department)। °রীর দারোগা—১ মদখোলার অধ্যক্ষ। ২ আবকারীমহলের তত্ত্বাবধায়ক (Excise Inspector)।]

আবখোরা বি [ফা আব্‌খোরা ; অস আবখোরা] ১ গলাসরু জলপাত্র। ২ জলপানপাত্র, গেলাস, ঘটী ; পাথরের জলপানপাত্র।

আবছায়া বি [দ্র 'অবছায়া'] ১ অস্পষ্ট আকৃতি। "বাঞ্ছারাম বেচারাদের আবছায়া দেখিবামাত্রই ঘোড়াকে সপাসপ চাবুক কসিয়া দিলেন আ.দু ১৬০। ২ [হি আভ (আভা)+ছায়া] মিশ্রিত আলো-ছায়া ; অস্পষ্ট আলোক, আলো-আঁধার, আলছায়া। "নীল আলোকের আবছায়াতে নিলীন তরুচয় কু.কে ১১২। কে যেন রে বলে, জ্যোৎস্নার আবছায়ে, মধুর সম্ভাষে অ.গু ১০৮। ৩ আলো-আঁধার, সুখ-দুঃখ। শৈশবের আবছায়ে শিশুর দেয়ালা অ.গু ১৪৪।

আবজুশ বি [ফা আব্‌জোশ্‌] মশলার কাথ (Broth)।

আবডাল বি [?] অন্তরাল, আড়াল। "রাজার ছেলের আবডালেতে উঁকি মারবো ভাই।—হেম ৩৮৬। বন-আবডালে স্ব.প্র ৯৬। নিবিড়ঘন পরিবারের আড়ালে আবডালে প.কা ১৫।

আবড়োখাবড়ো, আবুড়াখাবুড়া বিং [সং 'অর্ব্বুদ খর্ব্বট'—মূল ; হি উবড় খাবড় ; খুবড় খাবড় ; ঠ কুবড়া, -ড্যা—কুব্জপৃষ্ঠ ; খেবড়া—কুৎসিত] অর্ব্বুদ-খর্ব্বট-তুল্য ; বন্ধুর, অসমতল, উঁচু-নীচু। "আবুড়া-খাবুড়া ভূমি স্ব.প্র ৯৮।

আবতলক 'ব্‌-ক্‌' ক্রি.বিং [হি অব+তলক] এখনপর্য্যন্ত। "বদজাত! আবতলক শোয়া হেয়—উঠ আ.দু ১৬৯।

আবথা বি [সং অবস্থা>প্রা অব্‌থা>বা আবথা ; অপ্র] দশা, স্মরদশা। "কৃষ্ণের পাঁচ আবথা শ্রী.কী ১৯ ; ১৩১।

আবথু ক্রি [দ্র '√আ'[৫] ; মৈ আবধি (বর্ত্তমানকাল, প্রথম পুরুষ)] আসিতেছে। "ভিন ভিন অনুভবি আবথু, জনি পাথখু খেদ বি.প ১২৪।

আবদার বি [?] ১ পিতামাতা-প্রভৃতির নিকটে পুত্রাদির কোন বিষয়ের নিমিত্ত সনির্ব্বন্ধ আগ্রহ ; বায়না। "আত্মজ আবদার করে আঁচলে ধরিয়া শ্রী.মা ৮৬। ঘরে মাত্র একটী ছেলে লয়েছে আবদার দা ২১৫। সে (ছোট) আবদার করিলে তাহাকে আগে ভুলাইয়া শান্ত করিতে হইবে পা.প্র ৮১ ; ১৩০। ২ স্বামীর নিকটে স্ত্রীর সপ্রণয় অনুরোধ। "পিটে করেচেন, যেন কুকুরে উজড়ে রেখেচে। তাই কম ক'রে খেলেম ব'লে কত আবদার !—জা ১৮। ৩ সনির্ব্বন্ধ আগ্রহমাত্র। "আবদারের প্রাবল্যকে প্রামাণ্য মনে করার বিপদ আছে (প্রবাসী)।—রবীন্দ্র। [আবদারে—যে আবদার করে ; আহ্লাদে। "রাজার বেটা বড় আবদারে শ্রী মা ৫৫।]

আবদ্ধ বিণ [আ+√বন্ধ্‌+ত (ক্ত)-র্ম্ম] ১ নিয়ন্ত্রিত, কৃতবন্ধন। ২ আসঞ্জিত, সংযুক্ত। "স্পন্দনাবদ্ধদৃষ্টি রঘু ১.৪১। ৩ রচিত, কল্পিত, কৃত। "আবদ্ধাঞ্জলি, °মণ্ডল। °মালাঃ (বলাকাঃ) পূ মে ৯। °ভীমভ্রুকুটীবিভঙ্গ ভট্টি ৩.৩০। ৪ প্রাপ্ত। "°বেপথু কি ৫.৩৩। ৫ প্রতিরুদ্ধ। "°চলজ্জল মাঘ ১.৬৮। ৬ (বাঙ্‌লায়) আধীকৃত, বন্ধক-রাখা। —দ্ধ পুং, ক্লী ভূষণ, বস্ত্র (M.W.)। —দ্ধ ক্লী [+ত -ভা] ১ আবন্ধন, দৃঢ়বন্ধ। ২ [+ত-ণ, বাহুলকে] যোক্ত্র, জোতদড়ি, আণ্ডদ। [°মণ্ডল (বিণ)—রচিতবৃত্ত, বৃত্তাকার। "°লা তাপসপরিষৎ (কাদম্বরী)। °মাল (বিণ)—বদ্ধপঙ্‌ক্তি। 'দ্র (৩)। °দ্ধাঞ্জলি (বিণ)—কৃতাঞ্জলি।]

আবন্ত্য বিণ [অবন্তি+য (ঞ্যঙ্‌)] অবন্তিভব, অবন্তিদেশস্থ। —ন্ত্য পুং [+য 'তদ্‌রাজ' অর্থে] ১ অবন্তিরাজ। "পা ৪.১.২৭১। ২ ব্রাত্য ব্রাহ্মণ হইতে ব্রাহ্মণীর গর্ভে জাত সন্তান। 'মনু ১০.২১।

আবন্ধ পুং [আ+√বন্ধ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ দৃঢ়বন্ধন, বন্ধ ; সম্বন্ধ। "প্রেমাবন্ধবিবর্দ্ধিতাধিকরসা প্রীতিঃ।—রত্নাবলী, ৩.১৮। ২ [+অ-র্ম্ম] ভূষণ। ৩ [+অ-ণ] বন্ধন, গ্রন্থি। ৪ যোক্ত্র, জোতদাড়ি, আণ্ডদ্‌ (অ.কো)। ৫ প্রেম, প্রণয়। —বন্ধন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] সর্থ 'আবন্ধ (১)।

আবপন ক্লী [আ+√বপ্‌+অন (ল্যুট্‌)-ভা ; ছান্দস] ১ ভূমিতে বীজনিধান ; বীজবিকিরণ, বোনা। ২ কেশচ্ছেদন, মুণ্ডন, ক্ষৌরকার্য্য। ৩ আধান। ৪ সংগ্রহ (নীলকণ্ঠ), ধারণ। "ভূমিরাবপনে প্রভুঃ মহা ১.৮৮ ১৩। ৫ [+অন-ধি] ধান্যস্থাপনপাত্র, গোণী, গুন্‌, থলিয়া। "পা ৪.১.৪২, কাশিকা। ৬ বস্তুস্থাপনপাত্রমাত্র (অ.টী) ; ভাণ্ড, ভাজন।

আবর[১] বিং [অস আবর—একগুঁয়ে ; তু 'সং অবর] নির্ব্বন্ধশীল, একরোকা ; মূর্খ, গোঁয়ার।

আবর[২] সর্ম্ম [সং আ+√বৃ>প্রা √আবর (প্রা.ম)> বা √আবর ; অস √আবর] ১ আবরণ করা ; ঢাকা। "ম ৭৭২। মেঘদল আসি যেন আবরিলা রুষি, গগনে মে ১০ ; কবচে ধর্ম্ম আবরেন তারে ২৭৩। আবরিয়া শিলাখণ্ড…কেশরাশি পড়ি ভিজিতেছে ন ১৪২৮। আমি এ আকুল কবরী আবরি, কেমনে যাইব কাজে।—গান ১৬৩। ২ অবরোধ করা ; বন্ধ করা। "চাঁদ বলে কিসে জানি আবরিল পথ বা.ম ১৮৩। [আবর—আবরণ কর। আবরিতে—ঢাকিতে। "মে ৭১।]

আবরক বিণ [আ+√বৃ+অ (অপ্‌)-ণ+ক (কন্‌) স্বার্থে ; স্ত্রী -রিকা] আবরণসাধন (বস্ত্রাদি)। —বরক ক্লী ১ আচ্ছাদন, বস্ত্রাদি ; আবরণ, ঢাকনা। —বরণ বিণ [+অন (ল্যুট্‌)-ক ; স্ত্রী -ণী] আচ্ছাদক, প্রতিবন্ধক। "অভ্রং নেত্রাবরণম্‌ রঘু ১৪.৭১। —বরণ ক্লী

[+অন -ভা] ১ আচ্ছাদন, ঢাকা। ২ প্রতিবন্ধ, অবরোধ। "আবরণায় দৃষ্টেঃ রঘু ৫.১৩। মনু ৩.১৬৩। ৩ পরিবেষ্টন, পরিবৃতি, ঘেরা। ৪ ছাদন, গোপন, অপ্রকাশন। "গুরোর্দোষাণামাবরণং ছত্রম্ (সি); তচ্ছিদ্রাবরণপ্রবৃত্তঃ···ছাত্রঃ (কাশিকা) পা ৪.৪.৬২। ৫ [+অন-ণ] আচ্ছাদনসাধন, আচ্ছাদন, ঢাকনা। "মোহাবরণ মহা ১.১.৮৭। সাবরণদৃষ্টসন্ধি রঘু ১৯.১৬। আবরণাত্যয় উ.চ ১.৩৯। স্তনাবরণ শ ৩.১৯। লাজ-আবরণ চ.কা ৫৯। ৬ জবনিকা (নীলকণ্ঠ)। "মহা ১.১.১৩৩। ৭ অর্গল। ৮ বেষ্টন। "সমুদ্রাবরণা ভূমিঃ।—চাণক্য। ৯ রক্ষণসাধন। "নরেন্দ্রাবরণো দেশঃ।—চাণক্য। ১০ বর্ম্ম, কবচ, ফলক। "শীলমাবরণং স্ত্রিয়াঃ গো.রা ৬.৯৯.৩৩। চরিত্রাবরণাঃ স্ত্রিয়ঃ।—চাণক্য। ১১ প্রাকার, ভিত্তি। "লঙ্কান্তরা সাবরণেঽপি গেহে রঘু ১৬.৭। ১২ (বেদান্তে) চৈতন্যাবরক অজ্ঞান। "°শক্তি। তাঁহার আবরণ কিছু শিথিল হইল চৈ.চ ১৭৯। ১৩ কৃষ্ণের স্বয়ংরূপ ভক্তগণ। "ভক্তিসহিতে হয় তাঁহার আবরণ চৈ.চ ৯। ১৪ দেবতার অঙ্গীভূত দেবগণ। "দ্র ৩৯; আবরণ পূজা ৪৩। °গণ ভা চ ১৪৬। [°শক্তি (স্ত্রী)—চৈতন্যের আবরক অজ্ঞানের শক্তিবিশেষ; মেঘ কর্তৃক সূর্য্যাচ্ছাদনের ন্যায় অজ্ঞানের আত্মাবরণের শক্তি (বেদান্তসার)।]

আবরা বি [আবর¹—মূল, হি অবরী; প্রাদেশিক] ১ নদীতীরের যে অংশ জোয়ারে বা বর্ষায় জলমগ্ন হয়। "নদীর, গঙ্গার, যমুনার আবরা। ২ ওয়াড় (দিনাজপুর)। "বালিশের আবরা। ৩ দোপাল্লা গাত্রবস্ত্রাদির উপরের পাল্লা (Outer fold)।

আবরিত বিং [সং আবৃত>প্রা আবরিঅ (হে), -রিয় (প্রা.ম); অসাধু] আবৃত, আচ্ছন্ন। "ধূমে আবরিত-দেহ ন ৪৯৯; ১৪২৭। বর্ম্ম-আবরিত দ্বারী।—কথা ২৩।

আবরি(রী)তা (-তৃ) বিণ [আ+√বৃ+তৃ (তৃচ্)-ক -১ব, বৈকল্পিক 'ইট্'-দীর্ঘ, পা ৭.২.৩৮; স্ত্রী -ত্রী] আচ্ছাদয়িতা। "যঃ সর্ব্বেষামাবরীতা কি ১৮.৪০।

আবরু বি [ফা আব্রু] ১ মর্য্যাদা, গৌরব, মান, ইজ্জৎ। ২ সুশীলতা, সাধুতা। ৩ অখ্যাতি, সুনাম। ৪ স্ত্রীজাতির সম্ভ্রম; লজ্জা, পর্দ্দা। [আবরু রক্ষা করা—মান বাঁচান ইত্যাদি। বে-আবরু—মর্য্যাদাহীন।]

আবরোঁয়া বি [ফা আব্-ই-রর্ঁ; তু 'অব্রয়'—জলপ্রবাহ] এক-প্রকার সূক্ষ্ম মসলিন কাপড়।

আবর্জ্জন ক্লী [আ+√বর্জ্জি+অন (ল্যুট্)-ভা] ১ আনমন, নম্রীকরণ। ২ ত্যাগ, দান। ৩ ক্ষেপণ। ৪ বশীকরণ। —বর্জ্জনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'আবর্জ্জন'। ২ (বাঙলায়) পরিত্যাজ্য অসার দ্রব্য; ধুলা খড় কুটা প্রভৃতি ঝাঁটাইয়া ফেলার মত দ্রব্য; জঞ্জাল। "পাড়ার আবর্জ্জনা যত ঐখানেতে উঠ্চে জমে প কা ৭৪। —বর্জ্জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আনমিত, নিম্নীকৃত। "ফলাবর্জ্জিতপূগমাল রঘু ১৩.১৭। °তাম্রাপদকুম্ভ কু.স ১১০; ৫৪। ২ দত্ত, ত্যক্ত। "তনয়াবর্জ্জিতপিণ্ড রঘু ৮.২৬। ৩ বশীকৃত, আকৃষ্ট। "আবর্জ্জিতানি মনাংসি।—নাগানন্দ ১৩। ৪ আহৃত, সমানীত। "চতুর্দ্দিগাবর্জ্জিত (বিভূতি) রঘু ৬৭৬। ৫ সিক্ত, কৃতসেচন। "°বারিসম্ভৃতং প্রবালম্ কু.স ৫.৩৪। ৬ ক্ষিপ্ত। ৭ [+ত-ক] অবনম্র, অবনত। "°জটামৌলি কু.স ২.২৬।

আবর্ত্ত পুং [আ+√বৃৎ অ (ঘঞ্)-ভা] ১ চক্রাকারে ভ্রমণ; পরিভ্রমণ, আবর্ত্তন, ঘূর্ণন। "প্রদক্ষিণাবর্ত্তশিখঃ (পাবকঃ) গো.রা ৬.১৯. ৪৬। দক্ষিণাবর্ত্তশঙ্খ (সা.দ)। ম ৪৬৪; বামাবর্ত্তে ৯৬৪। চক্রাবর্ত্তে ম.ভা ১০। ২ জলভ্রমি, ঘূর্ণি। "মমতাবর্ত্ত (চণ্ডী)। °মনোজ্ঞনাভি রঘু ৬.৫২। আবর্ত্তনাভি পূ.মে ২৯। আবর্ত্তঃ সংশয়ানাম্ (স্ত্রীযন্ত্রম্)।—পঞ্চ ১.২০১। ৩ [+অ (অচ্)-ক] শরীরস্থ রোমাবর্ত্ত। ৪ ঘোটকের ধ্রুবনামক রোমাবর্ত্ত। ৫ মেঘাধিপতিবিশেষ। "কু.উ ১১। ক.চ ৮২। ৬ রাজাবর্ত্তমণি। ৭ আবর্ত্তাকার নাড়ীসংস্থান (সুশ্রুত)। ৮ অনেককোটিস্পর্শী (নানাপক্ষান্বিত) সংশয়। "মহা ১২.২৭৩.৭। ৯ সংসার। ১০ (দ্বিব) ভ্রূর উপরিস্থ ললাটের নিম্নস্থলদ্বয় (সুশ্রুত)। ১১ [+√বর্ত্তি+অ-ভা] আবর্ত্তন, পুনঃ পুনঃ চালন। ১২ পরিঘট্টন, আলোড়ন, আওটন। ১৩ ধাতুদ্রাবণ, ধাতুগলান। ১৪ [+অ-ক] 'মনের আবর্ত্তক'; চিন্তা। ১৫ [+√বৃৎ+অ (ঘঞ্)-ধি] 'লোকের আবর্ত্তনস্থান', বাসভূমি, আবাস। "আর্য্যা°, ব্রহ্ম°। —র্ত্ত ক্লী মাক্ষিক ধাতু। —বর্ত্তক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -র্ত্তিকা] ১ আবর্ত্তনকারক, পরিভ্রমণকারক। ২ [+√বর্ত্তি+অক-ক] আবর্ত্তয়িতা, পরিঘট্টক। —ক পুং [°র্ত্ত+ক (কন্) স্বার্থে] ১ আবর্ত্তন, ঘূর্ণন। ২ আবর্ত্তমেঘ। "পুষ্করাবর্ত্ত কু.স ২.৫০। পূ.মে ৬। ৩ সর্থ 'আবর্ত্ত (২-১০)। ৪ 'অপবারক স্থান'; নিভৃতস্থান। "বাতায়ন° উ.চ ১৩১। ৫ বিষাক্তকীটবিশেষ (সুশ্রুত)। —কী স্ত্রী লতাবিশেষ, ভগতবল্লী (কোকণ দেশে)। —বর্ত্তন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ সর্থ 'আবর্ত্ত (১)। ২ অভিমুখীভাব। ৩ [+√বর্ত্তি+অন-ভা] সর্থ 'আবর্ত্ত (১২)। "দুগ্ধ-আবর্ত্তনে চ.দা ৬৬। চ.সা ১৭২। ব.প ২২১। ৪ সর্থ 'আবর্ত্ত (১৩)। ৫ অভ্যাবৃত্তি, অভ্যাস। ৬ পুনঃ পুন পাঠ; আবৃত্তি। "গীতা-আবর্ত্তন চৈ চ ১২৪। ৭ গুণন, পূরণ। ৮ [+√বৃৎ+অন-ক] 'সর্ব্বত্র বর্ত্তমান'; বিষ্ণু (মহা)। ৯ বেষ্টন, প্রাচীরাদি। ১০ [+অন-ধি] যখন সূর্য্যচ্ছায়া পূর্ব্বে আবৃত্ত হয়; মধ্যাহ্ন। —বর্ত্তনী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ যাহাতে ধাতু গলায়; মূষা, মুছি। ২ [+অন-ণ] দর্ব্বী, হাথা, তাড়। —বর্ত্তনীয় বিণ [+√বর্ত্তি+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ আলোড়নীয় (দুগ্ধাদি)। ২ দ্রাবণীয় (ধাতু-প্রভৃতি)। ৩ পুনঃ পুনঃ পাঠ্য; অভ্যসনীয় (পদাদি)। "লিঙ্গি পদমাবর্ত্তনীয়ম্ (সাংখ্য)। ৪ গুণনীয়, পূরণীয় (অঙ্ক)। —বর্ত্তমান বিণ [+√বৃৎ+মান (শানচ্)-ক] ঘূর্ণমান, প্রত্যাবর্ত্তমান। "নিয়ত আবর্ত্তমান, ভ্রমিতেছে জীবপ্রাণ, জন্ম-জন্মান্তর ধরি ভাসে অশ্রুজলে। —বর্ত্তিত বিণ [+√বর্ত্তি+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিঘট্টিত, আলোড়িত (দুগ্ধাদি)। ২ দ্রবিত, দ্রবীকৃত (ধাতু-প্রভৃতি)। ৩ গুণিত (অঙ্ক)। ৪ ঘূর্ণিত। ৫ বারংবার উচ্চারিত; অভ্যস্ত। ৬ পুনঃ পুনঃ সৃষ্ট। "স্বমায়য়াবর্ত্তিতলোকতন্ত্র ভ ২.২১.২১। ৭ [°র্ত্ত+ইত (ইতচ্)] সঞ্জাতাবর্ত্ত, আবর্ত্তযুক্ত (জলাদি)। —বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [+√বৃৎ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্ত্তিনী] ১ আবর্ত্তনশীল, আবৃত্তিস্বভাব। "গী ৮.১৬। কালান্তরাবর্ত্তিশুভাশুভ (পাঠান্তর) হি ১.২২১। ২ [+√বর্ত্তি+ইন্-ক-১ব] দ্রাবক, দ্রবীকারক। ৩ দুগ্ধাদির আবর্ত্তনকারী। ৪ [°র্ত্ত+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] আবর্ত্তবান্, শুভধ্রুবচিহ্নযুক্ত (অশ্ব)। ৫ জলাবর্ত্তযুক্ত। "দুর্য্যোধনাবর্ত্তিনী (রণনদী)।—গীতামঙ্গলাচরণ। [°র্ত্তমণি (পুং)—রাজাবর্ত্তমণি। আবর্ত্তিনী (স্ত্রী)—অজশৃঙ্গী। আবর্ত্ত করি—আউটাইয়া। দুগ্ধ আবর্ত্ত করি বি.পা ১৬৬। আবর্ত্তিয়া—আবর্ত্তিত করিয়া; পড়িয়া। "আবর্ত্তিয়া মুখে নব ছন্দ কা ৪২।]

আবর্ত্তক, -বর্ত্তন, -বর্ত্তনী, -বর্ত্তনীয়, -বর্ত্তমণি, -বর্ত্তমান, -বর্ত্তিত, -বর্ত্তী দ্র 'আবর্ত্ত'।

আবর্হ পুং, **-র্হণ** ক্লী [আ+√বর্হ্+অ (ঘঞ্),+অন (ল্যুট্), -ভা] ১ হিংসন। ২ উৎপাটন, উন্মূলন।

আবলি, -লী স্ত্রী [আ+√বল্+ই (ইন্)-ধি; বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] ১ যাহাতে সংবৃত হয়; সজাতীয়বস্তুর ক্রমবিন্যাস; রাজি, পঙ্‌ক্তি, শ্রেণী। "অলক°, ধূম°, হংস°, হার°। মুক্ত° হি ১.৯৮; রত্ন° ১২২। মুক্তাবলী: চন্দ্রাবলী ঝলকে বি.প ১৭৭। দন্তাবলী বি.সু ৪৮।

২ পরম্পরা, ক্রম। ৩ রাশি, সমূহ। "দ্বিজাবলি মাঘ ১.২৫। ঈর্ষ্যা-জ্বালাবলীজুষ্টা বি.মা ৫১/২; শঙ্কাপঙ্কাবলীসংক্ষাল ৭১/২। তরঙ্গ-আবলী মে ৭২। দৈত্যবলাবলি বা.দ ৬। ৪ সন্তানপরম্পরা, বংশক্রম।

আবলুস '-ব্-স্' বি [ফা আব্নুস্; হি, ঠ °নুস; অস °লখ্; cf., Gr. ebenos; L. hebenus, ebenus; Hib.—eben >hobnim—a stone; E. Ebony] প্রস্তরবৎ কৃষ্ণবর্ণ কঠিন কাষ্ঠবিশেষ।

আবল্লিত বিণ [আ+√বল্লি+ত (ক্ত)-ক] ঈষচ্চল, আকম্পিত। "মন্থরাবল্লিতপীবরস্তনী কি ৪.১৭।

আবশ্যক বিণ [অবশ্যম্+অক (বুঞ্) 'ভব' অর্থে (ত.বা); °ক+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -কী] অবশ্যম্ভব, আবশ্যকবান্, অবশ্যকর্ত্তব্য, নিয়ম হেতু কর্ত্তব্য। "নৈষাং গুণবদাবশ্যকী স্থিতিঃ সা.দ ১০১, টীকা। ভাষাপরিচ্ছেদ ২০; ২২। আবশ্যক রল্লাকে করিব আঁটকুড়ি শ্রী.মা ৩৯। এক্ষণে উঁহার বিশ্রামসুখসেবা আবশ্যক সী ১৩। —ক ক্লী [+অক তদ্‌ভাবার্থে, পা ৫.১.১৩৩; অবশ্যম্+অ (ষ্ণ)+ক স্বার্থে (মুগ্ধবোধ, ৯৭০)] ১ অবশ্যম্ভাব, অবশ্যকর্ত্তব্যতা। "পা ৩.১.১২৫; ৩.১৭০; ৭.৩.৬৫। ২ অবশ্যকরণীয় কার্য্য; নিয়মিত কর্ম্ম। "মনু ৪.৯৩। [আবশ্যকতা (স্ত্রী)—১ আবশ্যকভাব, অবশ্যকর্ত্তব্যতা। "সী ৪৫। ২ প্রয়োজনীয়তা, দরকার। আবশ্যকীয় (বিং)—প্রয়োজনীয়, দরকারী।]

আবসথ পুং [আ+√বস্+অথ (অথচ্)-ধি, উ ৩.১১৬; ছান্দস] ১ বসতি, বাসভূমি। "পবিত্র সে তপস্বীর আবসথ স্ব.প্র ১৮৯। ২ স্থান। "নিবসন্নাবসথে পুরাদ্ বহিঃ রঘু ৮.১৪। ৩ গৃহ। "পরাব-সথশায়ী হি ১.১৪৮। ৪ বিশ্রামস্থান। "মনু ৩.১০৭। ৫ অগ্নিগৃহ। "মনু ৪.১৫১। ৬ কুটীর, পর্ণশালা। "রা ১.১.৩১। ৭ গ্রাম। ৮ ব্রহ্ম-চারীর তপস্বীর বা পরিব্রাজকের বাসস্থান। "পরিব্রাজকাবসথ হি ১১/২১/২১/২। ৯ ব্রতবিশেষ। —বসথিক বিণ [°থ+ইক (ঠন্) 'তত্র বাসী' অর্থে; স্ত্রী -কী] আবসথবাসী, গৃহবাসী, গৃহস্থ। "পা ৪.৪.৭৪। —বসথ্য বিণ [°থ+য (ঞ্য) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -থ্যা] আবসথসম্বন্ধী, গৃহস্থিত। —বসথ্য পুং ১ গৃহস্থিত লৌকিক অগ্নি; গৃহাগ্নি। "মনু ৬.৪, কুল্লুক। দ্র 'পঞ্চাগ্নি'। 'আবসথ্যং দ্বিজাঃ প্রাদুর্দীপ্তমগ্নিং মহাপ্রভম্ মহা ৩.২২০.৫। দ্বিজগণ প্রদীপ্ত মহাপ্রভ অগ্নিকে আবসথ্য বলিয়া নির্দ্দেশ করেন।—কালীপ্রসন্ন সিংহ। ২ অগ্ন্যাধানকর্ম্মাঙ্গভূত বহ্নি (ত.বা)। —বসথ্য ক্লী [+য স্বার্থে, পা ৫.৪.২৩] ১ আবসথ, বাসস্থান ইত্যাদি। ২ অগ্ন্যাধান (M.W.)। —বসথ্য পুং, ক্লী ব্রহ্মচারীর বা তপস্বীর গৃহ (A.)।

আবসানিক বিণ [অবসান+ইক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -কী] অবসানস্থিত, অন্তিম।

আবস্থা বি [সং অবস্থা, দ্র 'আ'১৩; অপ্র] ১ দশা। "এই বাণিঞা করে মোর পঞ্চনি (পঞ্চমী?) আবস্থা কৃ.উ ২৬৮। ২ দুর্দ্দশা, দুর্গতি, অপমান। "ভালরূপে ভাগিনার করিব আবস্থা শ্রী.মা ১০৯।

আবস্থিক বিণ [অবস্থা+ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] অবস্থা-সম্বন্ধী, অবস্থোচিত। "আবস্থিকং ক্রমং চাপি মত্বা কার্য্যং নিরূহণম্। —সুশ্রুত।

আবহ বিণ [আ+√বহ্+অ (অচ্)-ক; স্ত্রী -হা; বৈদিক] অভিমুখভাবে বাহক; প্রাপক, জনক, কারক। "গন্ধাবহ, ভয়°, শুভ°, হিত°, হাস্য° (S.W.)। সুখ° গো.রা ৩.১৭.১৭। ভয়° মনু ৮.৪৭। গী ৩.৩৫। ক্লেশ° রঘু ১৪.৫। [সমাসে উত্তরপদ] —বহ পুং ১ সপ্তস্কন্ধ বায়ুর প্রথমস্কন্ধ ভূবায়ু। 'হ ২৩৫.৫-৬। শ ৭.৬, টীকা। ২ অগ্নির সপ্ত জিহ্বার একতম। —বহন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রাপণ, আনয়ন। ২ জনন, উৎপাদন। —বহমান বিণ [। মান (শানচ্)-ক; স্ত্রী -না] ১ নিকটে বাহক; প্রাপক। ২ ক্রমাগত।

আবহন, আবহমান দ্র 'আবহ'।

আবহমানকাল ক্রি.বিং [আ+বহমানকাল] বহমানকালপর্য্যন্ত, বর্ত্তমানকালাবধি, অদ্যাবধি, এইকাল-পর্য্যন্ত। "বিশ্বপতির বিশ্বমধ্যে সর্ব্ব-স্থানেই যে আবহমানকাল তদনুরূপ ঘটনা ঘটিয়া আসিতেছে, ইহা অত্যন্ত আশ্চর্য্যের বিষয় চা.তৃ ১৬। নবদ্বীপ আবহমানকাল জ্ঞানগৌরবে গৌরবান্বিত (নবদ্বীপকাহিনী)। ['°ন কাল', '°ন-কাল' (অসাধু) —'আ-বহমানকাল', '°নকাল' (সাধু)। "এই ধারণা 'আবহমান কাল' বা 'আবহমান-কাল' হইতে সমাজে বদ্ধমূল হইয়াছে" (অসাধু)—এই ধারণা 'আ-বহমানকাল' বা 'আবহমানকাল' সমাজে বদ্ধমূল হইয়া আছে (সাধু)।]

আবহাওয়া বি [ফা আব্-ও-হবা] জল-বায়ু, দেশের জল বায়ু ও প্রাকৃতিক অবস্থা (Climate)।

আবা-আবা বি পুনঃপুনঃ 'আবা-আবা' শব্দে করণীয় শিশুদিগের খেলাবিশেষ। "আনন্দে ঐছনে করে আবা-আবা ধ্বনি শ্রী.মা ৪৯। নবীন রাগাল সব, আবা-আবা কলরব প.র ১১। যতেক রাগালগণ, আবা-আবা ঘনে ঘন ব ৫৬। [মুখে 'আ-আ' করিতে করিতে ক্রমাগত থাবা দিলে, যে বিকৃত শব্দ হয়, তাহা 'আবা-আবা'।]

আবাগি, -গী বিং ['অভাগী'—মূল] অভাগ্যবতী, হতভাগিনী। "বল রাণি! কোন সে আবাগি মাগি, জোড় হাত দিল শিখাইয়া অ.গু ৪৬। —গী বি ১ অভাগ্যবতী নারী; দুর্ভগা। "আবাগীর মেয়ে, খাবি কি? —ব.প্র ৩৩৯। ২ সপ্রণয় গালি। "ডান দিকটে বড় আবাগীর, বাঁ দিকটে ছোট আবাগীর জা ১৫; বড় আবাগীর কীল, ছোট আবাগীর চড় ১৬। ৩ আদরসূচক বা বাৎসল্যসূচক গালি। "তুই আবাগী কোন দিন মজাবি দেক্‌চি নী ২৩। ৪ সকোপ গালি। "কোন আবাগী গতরখাগী গরব ক'রে যায়?—ঈশ্বরচন্দ্র গুপ্ত। আংটি বগী আবাগীর মত নাফাতে শিখেচে। —জা ১৮। আবাগী—পোড়ারমুখী—বাঁদরী মরুক!—ব.প্র ২৮৩।

আবাগে বি ['অভাগীয়া'—মূল] অভাগ্যবান্, হতভাগা। "আরে আবাগের বেটা! কুটুম্ব ভদ্র কি অভদ্র তা আগে দেখ আ.দ্রু ৭২; আরে আবাগের বেটা ভূত! কেবল টাকাই চিনেছিস্ ১১৪। আবাগের বেটা ভূত লী ৯৯।

আবাজ বি [ফা আবাজ্] শব্দ, ধ্বনি। [আবাজে—শব্দ করে। "গম গম তোপ আবাজে ভা.চ ৪৯১।]

আবাটা বিং ১ যাহা বাটা নহে; অপিষ্ট, গোটা। ২ সর্ষ 'উদ্বর্ত্তন (৮)। "হরিদ্রা আবাটা শি ৩১।

আবাতি বিং [হি আরাতি—পণ্যের আমদানীর সময়; ইহা হইতে 'আ (নঞর্থক)-বাতি', অর্থাৎ 'অসময়' (?); তু 'আবাতি কালে (অসময়ে, অপরিণতবয়সে) অনন্তের ব্রত (চট্টগ্রাম-প্রবচন); আবাথি (ঢাকা)] যে ফলের পাকার সময় হয় নাই. অপরিণত। "আবাতি আম, কাঁটাল, কলা ইত্যাদি।

আবাথাবা বি [যা-তা-বা >যা-বা+তা-বা >আ-বা+থা-বা (?)] যে-সে-প্রকার, যে-কোন-রকম। "হর বলে তোমা হ'তে বিদগধ কে! আবা-থাবা ক'রে বাবা তুক্রি সেরা দে॥—শি ২৪।

আবাদ বিং [ফা আবাদ্] চাষকারকিত দ্বারা ফসলের যোগ্য; উঠিত। বিপ 'পতিত'। "মাট পতিত সামীল আছে আবাদ করিবার পারে না E. P. 49. অমন মানব জমিন রৈল পতিত আবাদ ক'ল্লে ফল্‌ত সোনা।—রামপ্রসাদ। —দ বি ১ উঠিত জমি। ২ বাসস্থান, নগর, সমৃদ্ধ-স্থান। "মুরশিদাবাদ, জাহানাবাদ, ফৈজাবাদ ইত্যাদি। ওয়াজীদ আলী সাহ জঙ্গল কাটিয়া লক্ষ্ণৌ সহর আবাদ করিয়াছিলেন। ৩ চাষকারকিত।

"ধানের আবাদ উঠিয়ে দিয়ে ফসল হ'লো গঞ্জিকা ?—কু.কে ১৫৪। [আবাদী (আ আবাদ্ই—কৃষি ; হি আবাদী—যে জমিতে শস্য হয়) —আবাদের যোগ্য ; চাষের যোগ্য।]

আবাধ পুং [আ+ √বাধ্+অ (ঘঞ্)-ভা] ১ পীড়া, ক্লেশ। "°কর, °জনন, বীতশোকভয়° (S. W.)। পা ৮.১.১০। ২ প্রতিবন্ধ। ৩ পীড়াকর কর্ম্ম। "প্রাণ° মনু ৪.৫৪। —বাধা স্ত্রী [+অ -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'আবাধ'। "নিরাবাধা মহা ৩.২৮২.২১। ২ মনঃপীড়া, তাপত্রয়। ৩ ত্রিভুজের ভূমির 'খণ্ডিত অংশ' (Segment)।

আবানে [হি অবান—শস্তরহিত ; অভানে, আভানে (মালদহ) ; গ্রাম্য] বিনা, অভাবে। "তেল নুন্ আবানে খাতি পাচ্ছিনে বি বু ২৭। মা আবানে বাপ তালুই। ভাই চন বনের বালুই॥—প্রবচন।

আবান্তর বি [সং অবান্তর, দ্র 'আ'^১৩ ; অপ্র] প্রসঙ্গাগত বিবরণ ; আনুষঙ্গিক বৃত্তান্ত। "কামরূপী হৈল পক্ষ মহাবলধব। কি হেতু ইহার কহ পূর্ব্ব আবান্তর॥—ম ২৪।

আবাপ পুং [আ+ √বপ্+অ (ঘঞ্)-ভা] ১ বীজবিকিরণ, বোনা। "শস্যাবাপ (S.W.)। ২ অন্বয়। "°পোদ্বাপ সাদ ২৩। ৩ পররাষ্ট্রচিন্তন, পরচিন্তন। "মাঘ ২৮৮। ৪ ধান্যাদিস্থাপন। ৫ [+অ-ধি] ধান্যাদির পাত্রভেদ ; গোণী, গুন্। ৬ ভাণ্ড, পাত্র। ৭ আলবাল। ৮ নিম্নোন্নতভূমি। ৯ [+অ -র্ম্ম] প্রকোষ্ঠাভরণ, বলয়াদি। —বাপক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -পিকা] বন্ধনকারক। —ক পুং বলয়াদি ভূষণ। —বাপন ক্লী [+ √বাপি+অন (ল্যুট্)-ভা] ১ মুণ্ডন, মাথামুড়ান। ২ [+অন-ণ] 'সূত্রবপনসাধন', সূত্রযন্ত্র, তাঁত।

আবার ক্রি·বিং ['আরবার'—মূল] ১ অন্য বার ; পুনর্ব্বার। "আবার গগনে কেন সুধাংশু উদয় রে।—হেম ২৬৭। ২ দ্বিতীয়তঃ, পক্ষান্তরে। "তোমাদের যে কত ছলা, এর কথাটি ওকে বলা, বিশেষ আবার, আঠার কলা নষ্ট-নারী যারা দা ২০৫৩। একে নাম আনন্দ, তাতে আবার ফলারের গন্ধ।—প্রবচন। [আবার আবার—পুনঃ পুনঃ। "ন ৪৯৮। আবার···আবার—"আবার যাব, আবার আসব ?]

আবাল^১ ক্লী [আ+ √বল্+অ (ঘঞ্)-ধি, 'আলবাল' —মূল (?)] আলবাল।

আবাল^২ বি [অপ্র] ১ বালক। "আবাল কাহ্নাঞি শ্রী.কী ৮১। আবাল হরি শ্রী.ম ১৪০। রক্ষঃপুরবাসী রক্ষঃ—আবাল, বনিতা, বৃদ্ধ মে ৩১৩। ২ অবোধ, অবুঝ। "না কান্দ না কান্দ পুত্র আবাল গোবিন্দ শ্রী.ম ২৭ ; ১১৬। ৩ [সং আবাল্য > বা আবালি, -ল (ল্য >লিয়, -অ >লি, ল) ; অপ্র] বাল্যাবধিকাল, আশৈশবকাল। "আবালের প্রিয়সখী ম ৫১৬। —বালি অব্য বাল্যকাল হইতে ; আশৈশব। "তবে নাম পড়ায়িলেঁ আহ্মে আবালি সতী শ্রী কী ৩৫৭। ['বৃদ্ধ (বি)—বালক হইতে বৃদ্ধপর্য্যন্ত সকল লোক। "আবালবৃদ্ধ মোরে বলে ননীচোরা ব.প ১১৩৪। °বৃদ্ধবনিতা (বি)—বালক বৃদ্ধ ও বনিতা পর্য্যন্ত সকল লোক। "আবালবৃদ্ধবনিতা সকলেরই উৎসাহস্থল ভা.উ ১৫৪ (উপক্রমণিকা)। তাঁহার দয়া···তাঁহাকে বাংলাদেশের আবালবৃদ্ধবনিতার হৃদয়ে প্রতিষ্ঠিত করিয়াছে চা.পু ১৫।

আবাল্য ব্য [অব্যয়ীভাব] বাল্য হইতে ; আশৈশব। "রা (M.W)।

আবাস পুং [আ+ √বস্+অ (ঘঞ্)-ভা] ১ বাস, বসতি। ২ [+অ-ধি] বাসস্থান, বাসভূমি। "°বৃক্ষ রঘু ২.১৭। °তরুতলে কা ৬। ৩ ভবন, গৃহ, বাড়ী। "বাহিরে আবাস করি দেহ ত ভদ্রার। —ম ৪০৯। ম.ম ১১৪। চৈ.চ ২৫। ৪ আশ্রয়স্থান। ৫ (বাঙলায় ; অপ্র) অন্তঃপুর। "চট পরিয়া রাজা, ডাক দিয়া আনে খোজা, আবাসে পাঠাইল কত থান ম.ম ১৩০। ৬ সহবাস, সঙ্গ। "উত্তপ্ত জীবন মোর চিন্তার হুতাশে। শীতল হউক দেব তোমার আবাসে॥—ম ৫৬৫। [°তরু (বি)—বাসবৃক্ষ। "°তলে।—কাদ ৬।]

আবাহন ক্লী [আ+ √বাহি+অন (ল্যুট্)-ভা : তু 'লি—আর্হান (সং আহ্বান)] ১ আহ্বান। "যাজ্ঞ ১.২৫১। বিনা আবাহন ম ১৩৮; দূতে ···করে আবাহন ৩৪৩,-৪। লু.র ৮৯। ২ নিমন্ত্রণ। "ম ৩১৭। ৩ ঘটাদিতে আবির্ভাবার্থ দেবতার প্রতি আহ্বান। বিপ 'বিসর্জ্জন'। "(হেমঘটে) গণেশে কৈল আবাহন শ্রী.মা ১৩০ ; ক.চ ২৪ ; ২৯০। শুভ কাজে আগে যারে করি আবাহন গ ১। ব.প ৫৮৬। —নী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] দেবতার আহ্বানসাধন মুদ্রাবিশেষ। [উত্তান (চিত) হস্তের অঞ্জলিদ্বয় সংযুক্ত ও উভয় অঙ্গুষ্ঠ অনামিকাদ্বয়ের মূলে সম্মিলিত করিলে, 'আবাহনী' মুদ্রা হয়। 'হস্তাভ্যামঞ্জলিং বদ্ধ্বাঽনামিকামূলপর্ব্বণোঃ। অঙ্গুষ্ঠৌ নিঃক্ষিপেৎ সেযং মুদ্রা ত্বাবাহনী স্মৃতা॥] —বাহিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আহূত, কৃতাহ্বান।]

আবিঃ (-বিস্) ব্য [ছান্দস] প্রকাশ্য, প্রস্ফুটতা, দৃষ্টিগোচরতা। "আবির্ভাব, আবিষ্করণ, -ষ্কার, -ষ্কৃত।

আবিক বিণ [অবি+ইক (ঠক্) 'তৎসম্বন্ধ, তদ্বিকার' অর্থে ; স্ত্রী -কী] ১ অবিসম্বন্ধী, মেষসম্বন্ধী। "আবিকাজিন গো রা ৫.১৪.২। ২ মেষভব। "আবিক (ক্ষীর) মনু ৫.৮। যাজ্ঞ ১.১৭০। ৩ মেষলোমজাত। —ক পুং ছাগ যাহার জীবিকা ; অজাজীব। "অত্রি ৩৭৮। —ক ক্লী ১ মেষলোমজ বস্ত্র ; কম্বল। "মনু ২.৪১ ; ৫.১২০। ২ মেষদুগ্ধ। "আবিকং লবণং স্বাদু (শ.ক)।

আবিদ্ধ বিণ [আ+ √ব্যধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সচ্ছিদ্রীকৃত, কৃতবেধ। "অনাবিদ্ধং রত্নম্ শ ২.১০। ২ তাড়িত। ৩ ভগ্ন, চূর্ণীকৃত। "পাদপাবিদ্ধপরিঘ রঘু ১২.৭৩। ৪ ক্ষিপ্ত। "মনু ৯.৪৩। বৃকোদরাবিদ্ধগদাভিমর্ষ ভ ১.৭.১৩। ৫ বক্র, কুটিল। "বিক্র ৪.২৮। ৬ নির্ব্বোধ (M.W.)।

আবিধ পুং [আ+ √ বিধ্+অ (ঘঞর্থে ক)-ণ] কাষ্ঠাদি বিদ্ধ করার অস্ত্র ; তুরপুন, তোমর। —বেধ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] বেধনীয়, ছিদ্রীকরণীয় (মুক্তাদি)।

আবি(বী)র বি ['অভ্র'—মূল ; হি অবীর ; প অমবীর ; উর্দু—আবরক ; তু 'আ আ'বির—ভক্ত, পূজক] ১ অভ্রচূর্ণমিশ্রিত লোহিত চূর্ণবিশেষ ; গুলাল, ফাগ। "আবির কুঙ্কুম বি.প ৫১। আবির খেলায়ে ম.পা ৪৬। আবীর কুঙ্কুম জ.প ৪০। খেলিছে আবির-উড়া ভা.চ ৪৯৩। ২ আবিরতুল্য লোহিত সূর্য্যকিরণ। "সন্ধ্যা প্রভাত অঙ্গে তাহার আবীর ঢেলে যায় কু.কে ১১৩। ৩ অভ্রচূর্ণ। "ঘন উড়ায়ত আবির-গুলাল ন.প ৩৪০। [আবির গুলাল—অভ্রচূর্ণ ও ফাগ।]

আবির্ভবন ক্লী [আবিস্+ √ভূ+অন (ল্যুট্)-ভা] আবির্ভাব, প্রকাশ, দৃষ্টিগোচরতা। —র্ভাব পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সর্থ 'আবির্ভবন'। বিপ 'তিরোভাব'। ২ দেবাদির নরাদিরূপে প্রকাশ ; অবতার। ৩ (বাঙলায় ; অপ্র) আবির্ভূত, উপস্থিত। "(শ্রীগৌরসুন্দর) আসি আবির্ভাব হৈলা অদ্বৈতভবনে চৈ.ভা ৪৩০। —র্ভূত বিণ [+ত (ক্ত)-ক] ১ প্রকাশিত, প্রকটিত, অভিব্যক্ত। বিপ 'তিরোভূত'। ২ উৎপন্ন, উদ্ভূত। "°প্রথমমুকুল পু মে ২১। ৩ অবতীর্ণ।

আবিল বিণ [আ+ √বিল্ আচ্ছাদন+অ (ক)-ক ; স্ত্রী -লা] ১ 'দৃষ্টির আচ্ছাদক' ; অনচ্ছ ; কলুষ, অস্বচ্ছ। "আবিল কুজ্ঝটিকা কু.কে ১৮৭। ২ কলুষিত, পঙ্কিল। "আবিলান্তঃপরিশুদ্ধি রঘু ১৩.৩৬। ৩ দূষিত, 'মুদিত' (মল্লিনাথ)। "কি ৮.৩৭। ৪ কলুষিত, অপবিত্র, পাপ। "চরিতৈরনাবিলৈঃ কু.স ৫.৩৭। ৫ বুদ্ধির অবিষয় ; দুর্ব্বোধ, দুরধিগম। "দশা কৃতান্তোপহতেয়মাবিলা গো.রা ২.৬১.৩৪। ৬ নিষ্প্রভ, বিচ্ছায়। "বিভ্রদাবিলাং মৃগলেখামুষসীব চন্দ্রমাঃ রঘু ৮.৪২। ৭ আকুল, আপ্লুত। "প্রজাঃ···আনন্দজলাবিলাক্ষ্যঃ রঘু ১৮.২৯।

আবিষ্করণ ক্লী [আবিস্ + √কৃ+অন (ল্যুট্)-ভা] ১ প্রকাশন, প্রকটন। "অসূয়া গুণেষু দোষাবিষ্করণম্।—পা ১.৪.৩৭, সি। ২ গোচরীকরণ, প্রদর্শন। ৩ [+অন-ণ] প্রকাশসাধন (ত.বা)। —ষ্কর্তা (-র্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -র্ত্রী] প্রকাশক, আবিষ্কারক। —ষ্কার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সর্থ 'আবিষ্করণ (১)। "অদ্বৈতের প্রতি হৈল ক্রোধ-আবিষ্কার চৈ ২১১। কত পুলক অশ্রু করি গো আবিষ্কার কু.কে ২২। ২ [+অ-ণ] প্রকাশসাধন (ত.বা)। —ষ্কারক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] সর্থ 'আবিষ্কর্তা'। —ষ্কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রকাশিত, প্রকটিত, ব্যক্ত। "রূপমাবিষ্কৃতম্ মহা ১.১৭১.৩২। রঘু ১০.৫২। °জিজ্ঞবৃত্তি কি ২.১৬ ; °পৌরুষ ১৭। °বিক্রয় মাঘ ২.৮২। °মূর্ত্তি হও বিশ্বপতে শ্রী.ম ২৬৪। ২ প্রখ্যাত (নীলকণ্ঠ)। "ত্বম্...আবিষ্কৃতঃ ক্ষিতৌ মহা ১.১৭২.৫। ৩ [+ত-ক, আদিকর্ম্মে] আরব্ধপ্রকাশ, আবির্ভূত। "আবিষ্কৃতোঽরুণপুরঃসর একতোঽর্কঃ শ ৪২। —ষ্কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] প্রকাশন, অভিব্যক্তি। "শাস্ত্রকারেরা...পশুধর্ম্মের অন্তর্গূঢ় ব্রহ্মভাবের আবিষ্কৃতি করিয়া পাশব কার্য্যগুলির পাশবত্ব মোচন করিয়া গিয়াছেন পা.প্র ৩০। —ষ্ক্রিয়া স্ত্রী [+অ (শ)+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'আবিষ্করণ (১)।

আবিষ্কর্তা, -ষ্কার, -ষ্কারক, -ষ্কৃত, -ষ্কৃতি, -ষ্ক্রিয়া দ্র 'আবিষ্করণ'।

আবিষ্ট বিণ [আ+ √বিশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রবিষ্ট। ২ ভূতাদি কর্ত্তৃক অধিকৃত ; উপসৃষ্ট, গ্রস্ত। "সত্ত্বেনাবিষ্টচেতসঃ গো.রা ৩.৩৩.১১। ৩ বিপ্রকৃত, উপপ্লুত, উৎপীড়িত। "দুরাত্মভিরাবিষ্টাশ্রমান্ রা ২.১১৬. ১৮। ৪ মোহিত, অধিগত। "আবিষ্টঃ কলিনা রাজা মহা ৩.৫৯.১৭। ৫ উপহত, পরীত, অভিভূত। "করুণাবিষ্ট. কোপ°, ক্ষুধা°, ত্বরা°, বিস্ময়°, রোষ°, শোকাবিষ্ট (S.W.)। "মন্মথশরাবিষ্ট রা ৩.৪৮.১৭। হৃচ্ছয়° মহা ৩.৫৪.৩। ধায় আই আবিষ্ট হইয়া চৈ.ভা ৪৩২। ৬ সংবদ্ধ। "অভ্রমিবাবিষ্টম্ রা ৭.৩১.১৪। ৭ ব্যাপ্ত, আচ্ছাদিত। "কঞ্চুকাবিষ্ট—পঞ্চ ১ ৬৯। ৮ ব্যাপ্ত, যুক্ত। "কৃপয়া পরয়াবিষ্টঃ গী ১.২৭ ; ২.১। ৯ [+ত-ক] প্রবিষ্ট। "কর্ণাবিষ্ট ভ ১১.৩০.৩। ১০ নিবিষ্ট, অবস্থিত, তৎপর। "ভগবতি...আবিষ্টাত্মা ভ ৪.৩১.৮। পা.প্র ৮২। ১১ নিয়ত। "পুংস্ত্বমাবিষ্টলিঙ্গত্বাৎ ভ ৪.৭.৩৭, শ্রীধর। ১২ আবেশযুক্ত, তদ্গত, তন্ময়। "আবিষ্ট হইয়া কৈল গোপাল-স্তবন চৈ.চ ৯৫। ১৩ প্রেমাবেশযুক্ত, ভাবগদ্গদ। "(নৃসিংহের নাম) শুনিয়া আবিষ্ট হৈল প্রভু গৌরধাম চৈ.চ ৬৩। বাসুকি আবিষ্ট কণ্ঠে কহে—"দেখ কি সুন্দর !—ন ১৪৮১।

আবীত বিণ [আ+ √ব্যে+ত (ক্ত)-র্ম্ম] ১ সমাচ্ছাদিত, আবৃত। ২ পরিহিত, ধৃত। —বীতী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] সর্থ 'প্রাচীনাবীতী'।

আবুক পুং [তু 'আ আবু—পিতা] (নাট্যে) পিতা।

আবুজা বি ['অবুঝ'—মূল ; অপ্র] অবোধ, মূর্খ। "আবুজারে ধন দিলা করিলা না বুজ মী ২৩।

আবুত্ত পুং [তু 'আমু—ভগিনীপতি ; আবো—ঠাকুর-মা (কোচভাষা)] (নাট্যে) ভগিনীপতি। "শ ৬২২। উ.চ ১৪।

আবুরালি বি ['গাবুরালি'—মূল ; মুদ্রাপ্রমাদ ; অপ্র] যৌবন। "তিলেক না টুটিব তোমার আবুরালি মী ২৭।

আবৃৎ স্ত্রী [আ+ √বৃৎ+ক্বিপ্ (০)-ভা ; ছান্দস] ১ আবর্ত্তন, ঘূর্ণন ; প্রত্যাবর্ত্তন। ২ পুনঃ পুনঃ একক্রিয়াকরণ ; অভ্যাবৃত্তি, অভ্যাস। ৩ অনুক্রম, পর্য্যায়। ৪ [+ক্বিপ্-ধি] ইতিকর্ত্তব্যতা, বিধি। "মনু ৩.২৪৮। ৫ জাতকর্ম্মাদি ক্রিয়াকলাপ। "মনু ২.৬৬। ৬ পথের বক্রস্থান (বাঁক বা মোড়)। —বৃত্ত বিণ [+ত (ক্ত)-ক] ১ আবর্ত্তযুক্ত, ঘূর্ণিত। ২ প্রত্যাগত, প্রতিনিবৃত্ত। "আবৃত্তানাং গুরুকুলাদ্ বিপ্রাণাম্ মনু ৭.৮২। ৩ পুনঃ পুনঃ সংঘটিত। ৪ পরাবৃত্ত। ৫ অভ্যাবৃত্তিপ্রাপ্ত, গুণিত। "দ্বিরাবৃত্তা দশ দ্বিদশাঃ পা ৬.৪.১৪২, সি। ৬ পুনঃ পুনঃ পঠিত ; অভ্যস্ত। "সঃ...সন্দর্ভোঽস্মাভিরাবৃত্তঃ উ চ ৬ ৩২। ৭ প্রস্থিত, পলায়িত (শ.ক)। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ আবর্ত্তন, ঘূর্ণন। ২ প্রত্যাবর্ত্তন, প্রতিনিবৃত্তি। "তপোবনাবৃত্তিপথ রঘু ২.১৮। প্রযযৌ শীঘ্রমাবৃত্তিম্ ক সা ১৪.৬৪। ৩ পুনর্জ্জন্মাবৃত্তি (শঙ্কর), পুনরাগতি, পুনর্জ্জন্মগ্রহণ। "গী ৮২৩। °ভয় কু.স ৬.৭৭। ৪ পুনঃ পুনঃ একক্রিয়াকরণ ; ক্রিয়াভ্যাবৃত্তি। "উদয়াবৃত্তিপথ রঘু ৮.৩৩। ৫ পুনঃ পুনঃ পাঠ ; অভ্যাস। "আবৃত্তিঃ সর্ব্বশাস্ত্রাণাং বোধাদপি গরীয়সী। ৬ পথের দিক্‌পরিবর্ত্তন ; বিভিন্নমুখীভাব। ৭ পুস্তকের সংস্করণ (আধুনিক প্রয়োগ)। "পঞ্চমীয়মাবৃত্তিঃ। ৮ পুনঃ সংঘটন। ৯ পৌনঃপুন্য, পুনরুক্তি। ১০ পলায়ন (M.W.)। [°দীপক (ক্লী)—দীপকের আবৃত্তিরূপ অর্থালঙ্কারবিশেষ। শব্দের, অর্থের ও শব্দার্থের আবৃত্তি হেতু ইহা ত্রিবিধ। "বর্ষত্যম্বুদমালেয়ং বর্ষত্যেষা চ শর্ব্বরী (শব্দাবৃত্তি)। উন্মীলন্তি কদম্বানি স্ফুটন্তি কুটজোদ্গমাঃ (অর্থাবৃত্তি)। মাদ্যন্তি চাতকাস্তৃপ্তা মাদ্যন্তি চ শিখাবলাঃ (শব্দার্থাবৃত্তি)।—কুবলয়ানন্দ ১৬।]

আবৃত বিণ [আ+ √বৃ+ত (ক্ত)-র্ম্ম ; ছান্দস] ১ আচ্ছাদিত, সংবীত। "উল্বাবৃতো গর্ভঃ।—ছান্দোগ্য ৫ ৯.১। উল্বেনাবৃতো গর্ভঃ গী ৩.৩৮ ; ৩৯। চর্ম্মাবৃতেব ভূঃ হি ১.১৫১। ২ বেষ্টিত, পরিবৃত। "অধার্ম্মিকজন° মনু ৪.৬১। তারাভিরাবৃতঃ...উড়ুপতিঃ ভ ৩.২৩.৩৮। ৩ প্রাচীরাদিবেষ্টিত। "গ্রামং বা বেশ্ম বাবৃতম্ মনু ৪.৭৩। ৪ নিভৃত, নিরুদ্ধ। "দ্বারসংবৃতত্বাৎ।—পঞ্চ (S.W.)। ৫ রক্ষিত, পালিত। "অনাবৃতপুরদ্বারাং রাজধানীম্ রা ২.৮৮.২৪। ৬ আকীর্ণ, পরিব্যাপ্ত। "জলধরপটলৈরাবৃতে নভস্তলে হি ৩৫। ৭ (বাঙলায় ; অপ্র) অভিভূত। "ভয়েতে আবৃত কেন দেখি সৈন্যগণ ম ৬৩১ ; ৬৩৬। —ত ক্লী ব্রাহ্মণ হইতে উগ্রকন্যায় জাত সঙ্কীর্ণবর্ণবিশেষ। 'মনু ১০.১৫। —বৃতি স্ত্রী ১ আবরণ, আচ্ছাদন। ২ বেষ্টন। ৩ [+তি-ণ] 'আবরণসাধন', বেষ্টন ; বৃতি, প্রাচীর।

আবৃতি ; আবৃত্ত, -বৃত্তি, -বৃত্তিদীপক দ্র 'আবৃত ; আবৃৎ'।

আবৃষ্টি স্ত্রী [আ+ √বৃষ্+তি (ক্তিন্)-ভা] সম্যক্ বর্ষণ, প্রচুর-বৃষ্টিপাত। তু 'অনাবৃষ্টি'।

আবেগ পুং [আ+ √বিজ্+অ (ঘঞ্)-ভা] ১ অনর্থাতিশয়জনিত চিত্তবৃত্তি ; বিক্ষিপ্তচিত্ততা, সম্ভ্রম, মনঃক্ষোভ। "অলমাবেগেন শ ৩২। শোকাবেগ ক.সা ৫.১০১। উচ্ছলিতশোকাবেগসংবরণ সী ৪৫। ২ ব্যভিচারিভাববিশেষ। 'সা.দ ৩.১৪৩-৫। —গী স্ত্রী বৃদ্ধদারক (বীরতাড়ক) বৃক্ষ (অ.কো)।

আবেদক বিণ [আ+ √বেদি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -দিকা] ১ আবেদনকারক ; বিজ্ঞাপয়িতা ; প্রতিবেদক (Reporter)। ২ অভিযোগকারক, ব্যবহারোত্থাপক। —ক পুং ১ (ব্যবহারে) বাদী, অর্থী। ২ (বাঙলায়) যে কোন বিষয়ের জন্য প্রার্থনা করে ; প্রার্থী, দরখাস্তকারী। —বেদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিজ্ঞাপন, নিবেদন ; প্রতিবেদন। ২ ব্যবহারোত্থাপন, অভিযোগ, নালিশ করা। "রাজ্ঞে কুর্য্যাৎ পূর্ব্বমাবেদনং যঃ।—নারদ। ৩ বিবাহ (কুল্লুক), গমন (মেধাতিথি)। "বিধবা° মনু ৯.৬৫। ৪ [+অন-র্ম্ম] রাজার নিকটে বাদীর কথিত বিষয়। 'অর্থিনা কথিতং রাজ্ঞে তদাবেদনসংজ্ঞকম্।—শু ৪.৫.৯০। ৫ [+অন-ণ] বাদীর ভাষাপত্র ; আরজি। ৬ (বাঙলায়)

বিজ্ঞাপনপূর্ব্বক প্রার্থনা। —বেদনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ বিজ্ঞাপনীয় (জন, বিষয়)। ২ (ব্যবহারে) অভিযোগার্হ (ঋণদানাদি)। —বেদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিজ্ঞাপিত, নিবেদিত (জন, বিষয়)। ২ (ব্যবহার) অভিযোগকালে নিবেদিত। "যথাবেদিতমর্থিনা যাজ্ঞ ২ ৬। —বেদিত ক্লী বিজ্ঞাপিত বিষয়। —বেদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -দিনী] ১ বিজ্ঞাপক, সূচক। "অনিষ্টাবেদিনং স্বপ্নং দৃষ্ট্বা রা (S.W.)। ২ (ব্যবহারে) অভিযোগকারক। —বেদ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সর্থ 'আবেদনীয়'।

আবেদন, -বেদনীয়, -বেদিত, -বেদী, -বেদ্য ; আবেধ্য দ্র 'আবেদক ; আবিধ'।

আবেশ পুং [আ+ √বিশ্+অ (ঘঞ্)-ভা] ১ প্রবেশ। ২ অহঙ্কার, গর্ব্ব। ৩ সংরম্ভ, কোপ। ৪ অভিনিবেশ। "স্মরাবেশবিবর্জ্জিত রঘু ৫.১৯। ৫ আসঙ্গ, আসক্তি। "শিশুকাল হৈতে তার কন্দলে আবেশ ভা.চ ২৪১। সুকুমার দেহগন্ধ নিঃশ্বাসে নিঃশেষে। লইল শোষণ করি অতৃপ্ত আবেশে॥—কথা ৪৬। ৬ একাগ্রতা, সমবধান, একান্তভাব। "আবেশে অজয় নদী কান পেতে শুনে শ্রী ১৮৬। ৭ অনুপ্রবেশ, পরিগ্রহ। "ভূতাবেশ। ৮ ভূতভ্রান্তি, ভূতসঞ্চার, ভূতে পাওয়া। ৯ ভূতাদির আবেশজন্য রোগ ; গ্রগাময়। ১০ আগম (নীলকণ্ঠ), সঞ্চার। "ক্রোধ° মহা ১২.৩১৭ ; শোক° ৩.১১.১৪। রসের আবেশে চ.দা ৭৪। জ্ঞা ৭৬। ক্রোধের আবেশ ক.চ ১৬৯। শক্ত্যাবেশ চৈ.চ ৩ ; বাৎসল্য-আবেশে ১৫। রস°, নিদ্রা°, মোহ° সী ১৫। ১১ প্রভাব, সামর্থ্য। "যদি হয় রাগ-দ্বেষ, তাঁহা হয় আবেশ চৈ.চ ৮২। ১২ অপস্মাররোগ। ১৩ (বৈষ্ণবসাহিত্যে) ভাবের সঞ্চার। "নৃসিংহ-আবেশ ঃ মহেশ-আবেশ চৈ.চ ৬৩। ১৪ [+অ-র্ম্ম] ভগবানের জ্ঞানশক্তি-প্রভৃতি কলা দ্বারা আবিষ্ট মহাপুরুষ। 'জ্ঞানশক্ত্যাদিকলয়া যত্রাবিষ্টো জনার্দ্দনঃ। ত আবেশা নিগদ্যন্তে জীবা এব মহত্তমাঃ॥—লঘুভাগবত। —বেশন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রবেশ। ২ ক্রোধ। ৩ সর্থ 'আবেশ (৭)। "গ্রহাদ্যাবেশন সা দ ৩.১৫৩। ৪ সর্থ 'আবেশ (৯)। ৫ [+অন-র্ম্ম] বেশ্ম, গৃহ। "কারুক° মনু ৯.২৬৫। ৬ চন্দ্রার্কপরিধি, পরিবেষ। ৭ [+ √বেশি+অন-ভা] প্রবেশন, ঢুকান। —বেশিক পুং [আবেশ +ইক (ঠঞ্) 'তদর্হ' অর্থে] ১ 'গৃহপ্রবেশনার্হ', আগন্তুক, অতিথি। ২ বান্ধবাদি। —ক ক্লী আতিথ্য। —বেশিত বিণ [+ √বেশি+ত (ক্ত)-র্ম্ম] প্রবেশিত, অভিনিবেশিত, সমাহিত। "ময্যাবেশিতচেতসাম্ গী ১২ ৭। °চিত্ত রঘু ১০.২৭। °ধী ভ ৯.১৬.১১ ; ১০ ২২.২৬। [আবেশময় (বিং)—আবেশপূর্ণ, রসাবেশময়। "কি চক্ষু ! সুদীর্ঘ ; চঞ্চল ; আবেশময় ব.প্র ২১। °রস (বি)—কামাবেশজন্য বিকৃতভাব। "উরু গুরুগুরু, হিয়া দুরুদুরু, কাঁপয়ে আবেশরসে ভা.চ ৩১৬।

আবেশন, -বেশময়, -বেশরস, -বেশিক, -বেশিত দ্র 'আবেশ'।

আবেশিনী বিং আবেশযুক্তা। "(রাধা) রস-আবেশিনী তরঙ্গিণী রে ঃ °না ভঙ্গিনী রে।—গো ৯১। [রস-আবেশিনী—রসাবেশময়ী, বিদগ্ধা, রসিকা।]

আবেষ্ট পুং [আ+ √বেষ্ট্+অ (ঘঞ্)-ভা] আবেষ্টন, বেড়। "অংশুকাবেষ্ট° যাজ্ঞ ২.২২০। —বেষ্টক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ষ্টিকা] 'আবেষ্টনকারক', প্রাচীর, বৃতি (বেড়া), প্রাকার। —বেষ্টন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সম্যক্ বেষ্টন ; পরিবেষ্টন। ২ [+অন-ণ] পরিবেষ্টনসাধন, আবরণ, ঢাকনা। ৩ প্রাচীরাদি।

আবোড় 'ড়' বিং [তু (অপভ্রংশ) বঢ—মূর্খ (হে ৪.৪২২ ; ব) ; সং অবোধ (ধ > ঢ)] মূর্খ, কাণ্ডজ্ঞানহীন।

আবোল-তাবোল বি [যা-তা-বোল > যা বোল তা বোল > আবোল-তাবোল] ১ যা-তা-কথা, অযৌক্তিক অসঙ্গত বাক্য, নিরর্থক কথা। "বুকের উপর ঝাপিয়ে প'ড়ে গলা ধ'রে আবোল-তাবোল কথা প.কা ৭৯। বেটী পাগলের মত আবোল-তাবোল বক্‌তে লাগলো বি.বু ১০। ২ প্রলাপ। "রোগী বিকারে আবোল-তাবোল বকে।

আব্দিক বিণ [অব্দ+ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] অব্দসম্বন্ধী বার্ষিক। "আব্দিকঃ করঃ মনু ৭.১২৯।

আব্যন্তর বি [সং আভ্যন্তর ; অপ্র] মনোগত ভাব ; ভিতরের কথা। "আপনার আব্যন্তর কহে শুদ্ধমতি চ বি ১৬।

আব্রহ্ম অব্য [আ ব্রহ্মা, অব্যয়ীভাব] ব্রহ্মাপর্য্যন্ত, ব্রহ্মাবধি। "আব্রহ্ম সকল সে প্রপঞ্চমাত্র মিথ্যা দু ৪৬। ভুলাইলা আব্রহ্ম যে সবাকার মন ভ গ্র ২৬২।

আব্রহ্মভুবন বি [সং "আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ"—মূল ;—তর্পণ-মন্ত্র ; অপ্র] ব্রহ্ম হইতে ভূলোকপর্য্যন্ত। "আব্রহ্মভুবন এই মন্ত্র পাঠ করি। …দিল সাধু নীর তিলাঞ্জলি॥—ম.পা ১৪৬।

আব্রহ্মস্তম্ভ বিং [দ্র 'আব্রহ্মভুবন' ; অপ্র] ব্রহ্ম হইতে তৃণগুচ্ছপর্য্যন্ত স্থাবরজঙ্গমাত্মক (জগৎ)। "আব্রহ্মস্তম্ভ সব অধীন তোমার দু ৫৫ ; আব্রহ্মস্তম্ভ যে শুন ভাই। এক অধিকার…॥—৬৯।

আব্রু বি [দ্র 'আবরু'] ১ মর্য্যাদা, গৌরব, মানসম্ভ্রম, ইজ্জৎ। "সে গামছা নিজেই কিনে উনি ওঁর বসবার ঘরের পর্দ্দা খাটাবেন, সে পর্দ্দায় ওঁর ঘরের আব্রু থাকবে না ঘ ১২০ ; ১৯৪। ২ আবরণ, পর্দ্দা। "তখন আমার চারিদিকে একটা ভাবের আব্রু ছিল ঘ ৭৭ ; যে আব্রুর আড়ালে প্রকৃতি আপনার সংশোধনের কাজ নিঃশব্দে করে, সেই আব্রু যে একেবারে ছিন্ন হ'য়ে গেল ২৮৫। [আব্রুপরদা—স্ত্রীজাতির মানসম্ভ্রম ও লজ্জা। "লাঠি ! তুমি বাঙ্গালায় আব্রু পরদা রাখিতে, মান রাখিতে ব.প্র ৪০৩ ; ব্রাহ্মণঠাকুরের আব্রু পরদার উপর তত শ্রদ্ধা হইল না ৪৯৫।]

আভ '-ভ্' বি [দ্র 'আব২'] মেঘ। "আভের ছায়া ম.ম ১৯৮।

আভনক বি [সং আভাণক ; অপ্র] সর্থ 'আভাণক'। "আভনক যাহাকে কহে তাহার উদাহরণ যেমন, আকন্দে যদি পাই, তবে কেন পর্ব্বতে যাই ব.প ১৭০২।

আভর বিং [হি আভ—আভা, 'র' অস্ত্যর্থে (?), তু 'মধুর' ; অপ্র] আভাযুক্ত, উজ্জ্বল। "আগুনে অঙ্গের শোভা আভর হইল ব প ৫১৫।

আভরণ ক্লী [আ+ √ভৃ+অন (ল্যুট্)-ভা] ১ সম্যক্ ধারণ বা পোষণ। ২ [+অন-র্ম্ম] ভূষণ, অলঙ্কার। "দিব্য° রা ১.১৬.১৩। প্রশমাভরণং পরাক্রমঃ কি ২.৩২। কু.স ৫.৪৪। °ভারিণী গো ৯১। [আবেধ্য (কুণ্ডলাদি), বন্ধনীয় (কুসুমাদি), ক্ষেপ্য (নূপুরাদি) ও আরোপ্য (হারাদি) ভেদে আভরণ চতুর্ব্বিধ। 'আবেধ্যং বন্ধনীয়ঞ্চ ক্ষেপ্যমারোপ্যমেব তৎ (আভরণম্)।—শ.ক।] ৩ (বাঙ্‌লায়) ভূষণবৎ প্রিয়বস্তু (অপ্রিয়বিষয়সম্বন্ধে)। "কুবচন আমার অঙ্গের আভরণ লী ৪০।

আভরণপেড়ি, -ড়ী বি ['°পেটী'—মূল ; অপ্র] গহনার বাক্স। "মাণিকভাণ্ডারে আনে আভরণপেড়ি ক.চ ১৫৩ ; ১৫৪।

আভরিত বিণ ['আভৃত' সাধু ; তু 'আহরিত'] অলঙ্কৃত, ভূষিত। "হস্তেন…কেয়ূরাভরিতেন ১৬.২০।

আভা স্ত্রী [আ+ √ভা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ দীপ্তি, প্রকাশ। "রৌপ্যকাঞ্চনবর্ণাভ রা ৩.৪৬.১৬। দিবাকরাভাণি ভূষণানি। (S.W.)। শুদ্ধাভং সত্ত্বম্ মনু ১২.২৭ ; রুক্মাভ ১২২। দীপাভ।—পঞ্চ ৪.৫৪। প্রভা আভাময়ী মে ১১২। ২ সাদৃশ্য। "মরুৎসখাভ রঘু ২.১০। লোকপালাভ ভ ১.১৩.১৬। যমদূতাভ।—পঞ্চ ১.৫৭। মহেন্দ্রাভ (S.W.)। [সমাসে উত্তরপদ] ৩ [+অ-ণ] প্রতিবিম্ব, ছায়া। ৪ বাতরোগ-বিশেষ।

আভাগিনী, -গী বিং ['অভাগিনী, -গী'—মূল ; দ্র 'আ[১৫]' ; অপ্র] সর্থ 'অভাগিনী'। "শ্রী.কী ৩৪৪ ; আভাগিনী রাহী ৩৪৬ ; মোঞেঁত বড় আভাগী ল ৩৬০।

আভাঙা, -ঙ্গা বিং ['অভঙ্গ'—মূল ; প্রাদেশিক] ভঙ্গ (তরঙ্গ)-রহিত ; অস্পৃষ্ট। [আভাঙা জল—ঘাটের যে জল প্রাতঃকালে কেহ স্পর্শ করে নাই (বিবাহাদিতে এইরূপ জলের প্রয়োজন হয়)। আভাঙা জমি—পতিত জমি।]

আভাতি স্ত্রী [আ+ √ভা+তি (ক্তিন্)-ভা] সর্থ 'আভা (১ ; ৩)।

আভাণক পুং, ক্লী [আ+ √ভণ্+অ (ঘঞ্)-ভা+ক (কন্) স্বার্থে] লোকপরম্পরায় প্রচলিত ন্যায় ; যুক্তিযুক্ত বাক্য ; লোকপ্রবাদ। "লৌকিকানামাভাণকম্।—সাংখ্য ১, তত্ত্বকৌমুদী। সত্যং কৃতং ত্বয়াভাণকম্। তটং গতায়া অপি নৌকায়া ন বিশ্বসিতব্যম্ ক.ম ৪$\frac{২}{২}\frac{৬}{৯}$।

আভাষ পুং [আ+ √ভাষ্+অ (ঘঞ্)-ভা] ১ সম্ভাষা, আলাপ, কথোপকথন। "মধুরাভাষ রা ৩.২০.২২। ২ [+অ-ধি] গ্রন্থের ভূমিকা ; মুখবন্ধ, পূর্ব্বভাষ। —ভাষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'আভাষ (১)। "সম্বন্ধমাভাষণপূর্ব্বমাহুঃ রঘু ২.৫৮। ২ অভি-ভাষণ, সম্বোধন। —ভাষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আলপিত, কৃতসম্ভাষণ। ২ উক্ত, কথিত। —ভাষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ আভাষণযোগ্য, সম্ভাষ্য, আলাপ্য। "জনমাভাষ্যমিমং ন মন্যসে রঘু ৮.৪৮। ২ অভিভাষণীয়, সম্বোধনীয়, আমন্ত্রণীয়।

আভাষণ, -ভাষিত, -ভাষ্য দ্র 'আভাষ'।

আভাস পুং [আ+ √ভাস্+অ (ঘঞ্)-ভা] ১ তুল্যপ্রকাশ। "গী ১৩.১৪। ২ দীপ্তি, প্রকাশ, প্রভা। "গদাম্…ভাস্করাভাসাম্ (S.W.)। পাপরাশি দহে নামাভাসেতে তোমার চৈ.চ ৭৫। ৩ বোধ, প্রতীতি। "পুনরুক্তবদাভাস সা.দ ১০.১, টীকা। ৪ [+অ (অচ্)-ক] যাহা তুল্যরূপে প্রতীত হয় ; (উপাধিসদৃশ প্রতীয়মান) প্রতিবিম্ব। "চিদাভাস। তত্রাজ্ঞানং ধিয়া নশ্যেদাভাসস্ত ঘটে স্ফুরেৎ (বেদান্ত-কারিকা)। ৫ সাদৃশ্য, সমরূপতা। "নভশ্চ রুধিরাভাসম্ রা (S.W.)। ৬ মিথ্যাবুদ্ধি, অবাস্তবজ্ঞান। 'আভাসস্তু মৃষাবুদ্ধিঃ।—অধ্যাত্মরামায়ণ (শ.ক)। ৭ অভিপ্রায়, আশয়। "কালি শ্রীরামের হইয়াছে অধিবাস। আজি কেন বিলম্ব না জানি সে আভাস॥—কৃ ৯৪। ৮ অবাস্তব স্বরূপ। ৯ সোপাধিকভাব। "হেত্বাভাস। ১০ [+অ-ধি] গ্রন্থের বিষয়-প্রকাশপ্রবন্ধ ; অবতরণিকা। ১১ (বাঙলায়) ঈষৎপ্রকাশ। "(বটু) সম্বোধিয়া হাস্যাভাসে কৈল সম্ভাষণ শি ৬১। ১২ সঙ্কেত, ইঙ্গিত, ইশারা। "চতুরে কথার আভাসেই সব বুঝে ফেলে। —ভাসন ক্লী [+ √ভাসি+অন (ল্যুট্)-ভা] ১ দীপন, দ্যোতন, প্রকাশন। ২ বিশদীকরণ, ব্যাখ্যান। —ভাসুর বিণ [+উর (ঘুরচ্)-ক তাচ্ছীল্যে ; স্ত্রী -রা] অতিদীপ্তিশীল, সমুজ্জ্বল। —ভাস্বর বিণ [+বর (বরচ্)-ক তাচ্ছীল্যে ; স্ত্রী -রা] সর্থ 'আভাসুর'। —ভাস্বর পুং ১ চতুঃষষ্টি দেবগণবিশেষ (অ.টী) ; (মতান্তরে) আত্মা জ্ঞাতা দম দান্ত শান্তি জ্ঞান শম তপঃ কাম ক্রোধ মদ মোহ—এই দ্বাদশ দেবগণ।

আভাসন, -ভাসুর, -ভাস্বর দ্র 'আভাস'।

আভিচরনিক, -চারিক বিণ [অভিচরণ, -চার+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] ১ যাহার অভিচার প্রয়োজন ; মারণ-প্রভৃতি-ফলক (মন্ত্র, বিধান)। ২ হিংসাফল। "কি ৩.৫৬। ভ ১২.৬.২৭। —নিক, —রিক ক্লী অভিচারমন্ত্র।

আভিজন, -জনন বিণ [অভিজন, -জনন+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -নী] ১ অভিজনসম্বন্ধী, সৎকুলোচিত, কৌল। "°নন ম.চ ৫.১৮। ২ অভিজন হইতে আগত ; পিতৃ-প্রভৃতি পূর্ব্বপুরুষের উপাধি হইতে প্রাপ্ত ; কুলক্রমাগত। "°জনেন নাম্না কু স ১.২৬। —জন, —জনন ক্লী আভিজাত্য, কৌলীন্য।

আভিজাতিক বিণ [অভিজাতি+ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] অভিজাতিসম্বন্ধী, সদ্বংশীয়, কৌলিক।

আভিজাত্য ক্লী [অভিজাত+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ অভিজাত-ভাব, সৎকুলে জন্ম, কৌলীন্য। "°নিভৃত ম.চ ২.১৮। চৈ.ভা ১৫৮। ২ প্রশান্তমাতাপিতৃজনোচিত ব্যবহার (রা-টীকা) ; সৎকুলোচিত আচরণ। "রা ২.৩৫.১৭। ৩ পাণ্ডিত্য। ৪ সৌন্দর্য্য।

আভিজিত বিণ [অভিজিৎ+অ (অণ্) ; স্ত্রী -তী] অভিজিৎ নক্ষত্রে জাত ; অভিজিৎসম্বন্ধী।

আভিধানিক বিণ [অভিধান+ইক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -কী] অভিধানভব, কোষস্থ (শব্দাদি)। —ক পুং অভিধানবিৎ, কোষকার। "মনু ৮.২৭৫, কুল্লুক।

আভিন '-ন' বি [?] কষ্ট (?) "সেন কন শুন দাদা আভিন অসীম। রাজার হুকুম যেতে ঢেকুর মহিম॥—শ্রী.মা ১৫৫।

আভিমুখ্য ক্লী [অভিমুখ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ অভিমুখভাব, সম্মুখীনতা। "°খ্যং শশাঙ্কস্য।—পঞ্চ ১.৩৫৫। কেন্দ্রাভিমুখ্য মণির কেন্দ্রাভিমুখ্য স্বভাব।—রামমোহন রায়। ২ আনুকূল্য। "প্রাপ্তাভিমুখ্যঃ পুরুষঃ ক্রিয়াসু বিনিযুজ্যতে (বাক্যপদীয়)। ৩ আনুগুণ্য, অনুকূল-ধর্ম্মতা। "বিশেষাদাভিমুখ্যেন চরণাদ্ ব্যভিচারিণঃ সা.দ ৩.১৪০।

আভিরূপ্য ক্লী [অভিরূপ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] অভিরূপভাব, সৌন্দর্য্য। "মাণবক রিক্তং তে আভিরূপ্যম্ পা ৮.১.৮, কাশিকা।

আভিষেচনিক বিণ [অভিষেচন+ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] অভিষেচনসম্বন্ধী, অভিষেকবিষয়ক। "°কং পর্ব্ব মহা ২.৭৫। °কাঃ সম্ভারাঃ ম.চ ৪$\frac{৪}{৪}\frac{৭}{৮}$। —ক ক্লী অভিষেকসাধন, অভিষেকদ্রব্য। "ভ ৪.১৫.১১।

আভিহারিক ক্লী [অভিহার+ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে] 'অভিহার-সম্বন্ধী', উপহারদ্রব্য, ভেট ; প্রাতঃকালে মঙ্গলার্থ রাজসমীপে আনয়নীয় দ্রব্য। "রা ২.৬৫.১০।

আভীক্ষ্ণ্য ক্লী [অভীক্ষ্ণ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] অভীক্ষ্ণভাব, পৌনঃ-পুন্য, নিত্যতা। "পা ৩.৪.২২ ; ৮.১.৪, সি।

আভীর পুং [আভিয়ং রাতি (অ টী) ; আ+ভী+ √রা+অ (ক) -ক (ত.বা) ; তু 'আভীল'] ১ যে ভয় দেয় (জন্মায়) ; গোপ, আহীর। "°দেশ।—পঞ্চ ১.৮৪। শ্রী.ম ৪০। °নারী (ক.চ)। °বালা প.তৃ ৫১। [আভীর ব্রাহ্মণ হইতে বৈশ্যাগর্ভে জাত সঙ্কীর্ণ বর্ণ (মনু ১০.১৫)।] ২ (বহুব) দেশবিশেষ (শক্তিসঙ্গমতন্ত্র)। ৩ আভীর-বাসিগণ। ৪ আভীররাজগণ। [আভীর বৈদেশিক জাতি। ভারতবর্ষে আসিয়া ইহারা হিন্দুধর্ম্ম ও হিন্দুনাম গ্রহণ করে। পূর্ব্বরাজপুতানা ও মালব ইহাদের আদিম বাসস্থান (pp. 225, 302, *The Early History of India* by V. A. Smith)।] —রী স্ত্রী [আভীর +স্ত্রী ঈ (ঙীপ্)] ১ আভীরপত্নী, গোপী। ২ গোপজাতি-স্ত্রী, গোয়ালার মেয়ে। "শ্রী.ম ৬৭ ; °নাগর ১০০ ; ১৩৯। ৩ আভীরভাষা। "সা.দ ৬.১৬৩।

আভীরা, -রিণী বি [আভীর+স্ত্রী আ, ইনী ; সং °রী] গোপপত্নী, গোপজাতি-স্ত্রী। "°রা শ্রী.ম ৫০। "°রিণী ভ.গ্র ১৫৫।

আভীল বিণ [আ+ভী+ √লা+অ (ক)-ক] অতিভয়দ, ভয়ঙ্কর, ভীষণ। "নিশীথে ত্বাভীলে মহা ৩.১১.৪। আভীল (আনন) মাঘ ১৮.৭৮। —ল ক্লী কৃচ্ছ্র, কষ্ট।

আভুগ্ন বিণ [আ+ভুজ্+ত (ক্ত) কর্ম্মকর্ত্তৃবাচ্যে] আকুঞ্চিত ; ঈষদ্বক্র, আকুটিল। "°শীর্ষ (লাঙ্গুল) মহা ৩.১৪৬.৭৭।

আভূতসংপ্লব ব্য [অব্যয়ীভাব] ভূতসংপ্লবপর্য্যন্ত, সর্ব্বভূতের প্রলয়পর্য্যন্ত, আপ্রলয়। "°বং স্থানমমৃতত্বং হি ভাষ্যতে।—সাংখ্য ২, তত্ত্বকৌমুদী। —ব পুং [সুপ্সুপা ; দ্র 'নীলকণ্ঠটীকা'] যাবৎ চতুর্ব্বিধভূতগ্রাম তাবৎ জলে অভিপ্লাবন বা অতিজলপ্লাবন। "মহাঘনাঃ …কুর্ব্বন্ত্যাভূতসংপ্লবম্ মহা ৩.৩.৫৮। [°ব>আহূতসংপ্লব (?), তু 'সং আভূত (জাত)>প্রা আহূঅ (প্রা.ম)।]

আভূমি বি ['অভূমি'—মূল ; অপ্র] অপবিত্র স্থান। "আভূমি জন্মিও তুমি কৃ অ ৩৩।

আভূত বিণ [আ+ √ভৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ ধৃত। "আভৃতাত্মা ভ ৪.৮.৫৬। ২ সম্পাদিত। "°পরিচর্য্যোপকরণ ভ ৫.২.২। ৩ পরিপূর্ণ। "কলসং চামৃতাভৃতম্ ভ ৮.৮.৩৫। ৪ দত্ত, জনিত। কদপত্যাভৃতং দুঃখম্ ভ ৪.১৩.৪৩। ৫ [+ত-ক] জাত। "তাভ্যঃ (নাড়ীভ্যঃ) লোহিতমাভৃতম্ ভ ৩২৬৫৯। —ভৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ধারণ। "ভোগিভরাভৃতিগুষ্ঠিত বা.দ ৬।

আভোগ পুং [আ+ √ভুজ্+অ (ঘঞ্)-ভা] ১ কৌটিল্য, বক্রীকরণ। ২ বক্রগতি। "°কুটিলা (গঙ্গা) মহা ৩.১০৯,১১। ৩ উপভোগ। "বিষয়াভোগেষু তৃষ্ণা।—শান্তিশতক ৪.২০। ৪ [+অ-ণ] যাহা দ্বারা অনুভূত হয় (অ টী) ; পরিপূর্ণতা। ৫ পূর্ণতার্থ অপেক্ষিত অংশ ; পরিপূরক ভাগ ; প্রান্তভূমি। "অয়মাভোগস্তপোবনস্য (পাঠান্তর) শ ১ৼ। ৬ বিস্তার, পরিণাহ। "জঘনাভোগ, পীনস্তন°, স্তনজঘন° (S.W.)। পর্ব্বত° মহা ৩.১৭৮.২৫। গণ্ডাভোগ উ.মে ৩১। নিতম্ব° মাঘ ১১.৫ ; কুচ° ১৬৮৪। ৭ কবিনামযুক্ত সঙ্গীতের শেষভাগ ; ভণিতাভাগ। দ্র 'আস্থায়ী'। 'যত্রৈব কবিনাম স্যাৎ স আভোগ ইতীরিতঃ (সঙ্গীতদামোদর)। আভোগস্তস্তিমো ভাগো গীতপূর্ত্তি-সূচকঃ (সঙ্গীতদর্পণ)। ৮ যত্ন। ৯ মধ্য (রা.টীকা)। "প্রসাদাভোগবিস্তীর্ণঃ স্তুতিশব্দঃ রা ২.৬৫.৩। ১০ সর্পফণা, ফটা। তু 'ভোগ'। ১১ (সর্পফণারূপ) বরুণচ্ছত্র। ১২ রূপ। উ.চ ২.১৪।

আভ্যন্তর বিণ [অভ্যন্তর+অ (অণ্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -রী] ১ অভ্যন্তরভব, মধ্যস্থ (প্রযত্ন)। বিপ 'বাহ্য'। "পা ১.১.৯, সি। ২ অন্তর্বর্ত্তী, পরিজনমধ্যগত (পাচকাদি)। "কচ্চিদাভ্যন্তরেভ্যশ্চ বাহ্যেভ্যশ্চ (রক্ষস্যাত্মানম্) মহা ২.৫.৬৮। —ন্তরিক বিণ [°র+ইক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -কী] সর্ব 'অভ্যন্তর'।

আভ্যন্তরীণ বিং [সং °রিক ; তু 'সার্ব্বজনীন'] আভ্যন্তর, অন্তর্গত। "°প্রকৃতি চৈ.ভা ২ (সম্পাদকীয় মন্তব্য)। নিজের আভ্যন্তরীণ কঠিনশক্তি চা.পূ ৫১।

আভ্যাসিক বিণ [অভ্যাস+ইক (ঠক্) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -কী] অভ্যাসস্থিত, নিকটস্থ, সন্নিহিত। "তৈশ্চাভ্যাসিকৈঃ মহা ১.২০৭.৩৪।

আভ্যুদয়িক বিণ [অভ্যুদয়+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ অভ্যুদয় যাহার প্রয়োজন ; বৃদ্ধিফলক, হিতকর। "অনাভ্যুদয়িকং শ্রমণকদর্শনম্ মৃ ৮। ২ অভ্যুদয়নিমিত্ত, বৃদ্ধিনিমিত্ত (শ্রাদ্ধ)। ৩ অভ্যুদয়কর, প্রাপ্তিকর। "সুখাভ্যুদয়িক মনু ১২.৮৮। —ক ক্লী বিবাহাদি মঙ্গলকার্য্যে অভ্যুদয়ফল শ্রাদ্ধবিশেষ ; বৃদ্ধিশ্রাদ্ধ, আভ্যুদিক।

আভ্যুদিক বি [সং আভ্যুদয়িক] বৃদ্ধিশ্রাদ্ধ। "উকীল।—তোমার বাপের নাম কি ? কমলাকান্ত।—জোবানবন্দীর আভ্যুদিক আছে না কি ?—ব.প্র ৬৪৫।

আম্ ব্য [লি আম—সম্মতি ; তা আম—সম্মতি (H. L. 62) ; Gr. Wmos ; L. amarus ; Hebrew—amh ; Ger, ampher, ampfer] ১ অঙ্গীকার, সম্মতি, হাঁ। "আং সখি, স এবৈষঃ বা.ভা ১ৼ। ২ নিশ্চয়জ্ঞান। ৩ স্মরণ। "আং জ্ঞাতম্ বি.মা ৭ৼ। ৪ প্রতিবচন, উত্তর হাঁ। "আং কুশলং কুমারস্য উ.চ ৩ৼ। মা.মি ১ৼ।

আম[১] বিণ [আ+ √অম্ গতি+অ (ঘঞ্)-র্ম্ম ; ছান্দস] ১ ঈষৎ অগ্নিপ্রাপ্ত বা পক্ব ; অপক্ব, অসিদ্ধ, কাঁচা। বিপ 'পক্ব'। "°মীনাশন রা ৪.৪০.২৮। মনু ৪.২২৩। অর্দ্ধেক রন্ধনে ভুঞ্জে অর্দ্ধেক আমান্ন ম ৩১৮। ২ অপক্ব, অপরিণত (ফল)। "আমান্ন পক্বান্ন স্বাদু বিশেষেতে যথা ভ.গ্র ৪৬০। ৩ অদগ্ধ (ঘটাদি)। "আমেষ্টকা, °পাত্র মনু ৩.১৭৯। °কুম্ভ হি ৪.৬৯। ৪ অজীর্ণ (খাদ্য)। ৫ কোমল। "তুদন্ত্যামত্বচং দংশাঃ ভ ৩৩১.২৭। —ম পুং [+ √অমি রোগ+অ (অচ্)-ক] ১ যাহা পীড়িত করে ; অজীর্ণরোগ। ২ রোগমাত্র। ৩ মলবৈষম্যরোগ, বদ্ধকোষ্ঠতা। —ম ক্লী ১ আমভাব, অজীর্ণ। "গুরু ভোজনে উদরে কভু আম হঞা যায় চৈ.চ ৩১২। ২ তুষহীন ধান্যাদি ; বিতুষ শস্য। "(শস্যম্) আমং বিতুষং (শ.ক)। ৩ অজীর্ণরোগবিশেষ (শ.ক)। [°পাত্র (ক্লী)—অপক্ব মৃন্ময় শরাবাদি ; °ভৃষ্ট (বিণ)—ঈষদ্‌ভৃষ্ট, আধভাজা।]

আম[২] বি [দ্র 'আঁব'] ১ আম্রবৃক্ষ। "আম জাম নারিকেল স শ ৮৩। ২ আম্রফল। "হায় বিধি পাকা আম দাঁড়কাকে খায় ভা চ ৩৫৫। [°আদা—দ্র 'আঁব'। °চূর (প অম্বচুর)—ক্ষুদ্র শুষ্ক আম্রখণ্ড ; আমশী। °শুঠ—শুষ্ক কচি আম।]

আম[৩] বি [বা কাম (কর্ম্ম)>আম (?)] কর্ম্ম, বৃত্তি, ধর্ম্ম। "ভাঁড়াম (ভাঁড়+কাম), বোকাম, মালাম (মালের কাজ), লোচ্চাম।

আম[৪] ক্রি-ক্তি [সং অস্মি (√অস্-মি)>পা অম্হি, প্রা ম্হি>বা (আমি, মি) আম, ম ; তু 'ইলাম'] কর্ত্তৃবাচ্যে অতীতকালে উত্তমপুরুষের ক্রিয়ার বিভক্তি। "চলিলাম (চলিল+আম), করিলাম ইত্যাদি।

আম[৫] বিং [আ আ'ম] সাধারণ। বিপ 'খাস'। "°দরবার, °মহল।

আমগন্ধি, -গন্ধী (-ন্ধিন্) বিণ [আমের ন্যায় গন্ধ যাহার, বহুব্রী, সমাসান্ত 'ই' (ইৎ) ; আমগন্ধ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব (অ.টী) ; স্ত্রী -ন্ধি, -ন্ধিনী] অপক্ব মলের ন্যায় গন্ধযুক্ত (অ চি) ; অপক্ব খাদ্যের গন্ধযুক্ত। —ন্ধি ক্লী চিতাধূমাদিগন্ধ (অ টী) ; আমমাংসাদিগন্ধ।

আমগর্ভ পুং [কর্ম্মধা] অপরিণত গর্ভ ; ভ্রূণ (ভাবপ্রকাশ)।

আমজ্বর পুং [কর্ম্মধা] অপক্ব জ্বর ; নবজ্বর। "মাঘ ২.৫৪।

আমট '-ট্' বি [সং আম্রাবর্ত্ত>প্রা *অম্বাঅট্ট+বা (অম্বট্ট)>আমট ; হি অমারট ; ঠ সাট (সত্ব ?) ; অস আমতা ; আমাট (দিনাজপুর)] আমসত্ব।

আমড়া, আম্বড়া বি [সং আম্রাতক>প্রা অংবাডর (প্রা.ম)>বা (অম্বাড়া) আম্বড়া, আমড়া ; হি অঁবাড়া ; ঠ আংবাডা ; অস আমরা] আম্রাতক বৃক্ষ ও তাহার ফল। "আমড়া নোয়াড়ি ক.চ ৪৪ ; ২০৮। জাম্বীর আম্বড়া শ্রী.কী ২০৬। —মড়া বি [আমলা>°ড়া ; অপ্র] আমলকীবৃক্ষ। "আমড়া বহেড়া হরিড়া ধব ক.চ ৭৭। [অনুপ্রাস হেতু ল>ড়]

আমতা বি [সং আম্রাতক ; দ্র 'আমট' ; অপ্র] আমসত্ব। "তৈলাম্র আমতা চৈ চ ৩১১।

আমতা-আমতা বি [সং আম্ (স্বীকারে)+তা (?)] স্বীকারের ভাব ; যাহা স্পষ্ট স্বীকার করার ইচ্ছা নাই, অথচ অস্বীকারেরও উপায় নাই, তাদৃশ উভয়সঙ্কটে অস্পষ্ট স্বীকারের ভাব। "(ছোটবাবু) জিজ্ঞাসা কল্লেন, কেমন প্রভু ভাগবতের মতে লীলা দেখানো হলো ? প্রভু ভয়ে আমতা-আমতা-গোছের 'আজ্ঞা হাঁ' ক'রে সেরে দিলেন হু ৭৫। [আমতা-আমতা-রকমে চলা—উভয় সঙ্কটে দুই দিক রক্ষা করিয়া কাজ করা। "নায়েব ফাঁপরে পড়িয়া গয়ংগচ্ছ-রূপে আমতা-আমতা-রকমে চলিতে লাগিল আ.দু ১৬২।]

আমতেল, -তৈল বি সর্ষপতৈলে মশলার সহিত সূর্য্যতাপে পক্ক আম্রখণ্ড; তৈলাম্র।

আমদরবার বি [আম^৫+দরবার] সাধারণ দরবার; সাধারণ লোকের বিচারার্থ রাজসভা। "সীতারাম ঘোষণা করিলেন যে, আমদরবারে গঙ্গারামের বিচার হইবে ব.প্র ৪৯৫।

আমদানি, -নী বি [ফা আম্‌দনী] ১ দেশান্তর হইতে পণ্যাদির আনয়ন বা আনীত পণ্যাদি। বিপ 'রপ্তানী'। "আর তেমন আমদানী এখানেতে না লো।—দা ২৪৭। ২ আগমন, উপস্থিতি। "কাঙ্গালির আমদানি ঃ কুটুম্বের কুটুম্ব, তস্য কুটুম্ব, তস্য কুটুম্বের আমদানি ব.প্র ৩০১। ৩ আয়োজন, যোগাড়। 'সন্দেশ-মিঠাইএর আমদানি ব.প্র ৩০১। ৪ সমবায়। "টিকী নামাবলীর আমদানি ব.প্র ৩০১। ৫ অবতারণা, উদ্ধার (Quotation)। "তা'রই ভিতরে-ভিতরে ইংরিজি কবিতা বৈষ্ণব কবিতার আমদানি ঘ ৭৭। [আমদানী স্থমার—আয়ের সংখ্যা।]

আমন বিং [সং হৈমন; হি আমন—একফসলী ভূমি] যাহা হেমন্তে জন্মে; হেমন্তে জাত; হৈমন্তিক (ধান্য, ফসল)। —ন বি ১ আমন ধান্য। বিপ 'আ'শ'। ২ আমনধান্যের তণ্ডুল। "আমন রান্ধিলা ভা.চ ৫৪৯।

আমনস্য ক্লী [অমনস্‌+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] আমনার ভাব; দুঃখ, বিষাদ।

আমনি ক্রি.বিং [অমনি>°নি; দ্র 'আ'^১৩; অপ্র] তৎক্ষণাৎ, অবিলম্বে। "দুগা আমনি পরভুর অঙ্গমার্জ্জনা কৈল শূ ২৫। —নি বি আমিনী। "বসুআ আমনি শূ ৭৪, ৭৭।

আমন্ত্র্, সক [চু, আ—আমন্ত্রয়তে; সেট্] ১ আমন্ত্রণ, প্রস্থানানুমতি-প্রার্থনা, বিদায় লওয়া। "তমামন্ত্র্য জগাম (মহা)। ২ সম্বোধন। "ভট্টি ৯.৯৮। ৩ কথন। ৪ নিমন্ত্রণ। ৫ অভিনন্দন, সম্ভাষণ।

আমন্ত্র^১ সর্ম্ম [সং √আমন্ত্র্>প্রা √আমংত] ১ আহ্বান, নিমন্ত্রণ করা। "আমন্ত্রিলা বিভীষণ কৃ.উ ২১৩। আমন্ত্রিয় বসুদেব ঃ আমন্ত্রিয় জনে জন অ.প ২৫। সভাকারে আমন্ত্রিল ম ৪০৩। যজ্ঞে আমন্ত্রিল ম.বি ৪৫। বিদ্ধ্য-আদি বান্ধবে আনিল আমন্ত্রিয়া শি ২৪। ২ [সং অভি √মন্ত্র্; অপ্র] অভিমন্ত্রিত বা মন্ত্রপূত করা। "অগ্নিবাণ এড়িলেক মন্ত্রে আমন্ত্রিয়া অ.প ১৯।

আমন্ত্র^২ পুং [আ+ √মন্ত্র্+অ (অচ্)-ভা] ১ আমন্ত্রণ। ২ এরণ্ড-বৃক্ষ। —মন্ত্রণ ক্লী [+অন (ল্যুট্)-ভা, বৈদিক] ১ সম্বোধন। "অগ্নেতি বৈ যোষায়া আমন্ত্রণম্।—শতপথব্রাহ্মণ ৬.৬.২.৫। °পদ উ.চ ৩২৬। কন্যা মোরে কৈল আমন্ত্রণ কৃ ৯। ম ৯৪২। শ্রী মা ১২৫। কথা ৩৬। ২ গুহ্যভাষণ, রহঃকথন। "অন্যোন্যামন্ত্রণম্···জনান্তিকম্ সা দ ৬.১৩৯। ৩ আপ্রচ্ছন, বিদায় লওয়া। ৪ অভিনন্দন, স্বাগত-কুশলাদিপ্রশ্ন। ৫ কামচারানুজ্ঞারূপ প্রবর্ত্তনব্যাপার, অর্থাৎ যেরূপ আজ্ঞাপালন ইচ্ছানুযায়ী, অপালনেও প্রত্যবায় নাই, তাদৃশ নিয়োগ-বিশেষ। "পা ৩.৩.১৬১। কেহ আমন্ত্রণ করে আইস আইস কালি শি ৩০। ৬ উৎসবাদিতে ভোজনাদির নিমিত্ত আহ্বান; নিমন্ত্রণ। "পরপাকরুচির্ন স্যাদনিন্দ্যামন্ত্রণাদৃতে যাজ্ঞ ১.১১২। পর্ব্বতকে দিলা আমন্ত্রণ কৃ.উ ৫; ১৪৬; ২১২; যজ্ঞ-আমন্ত্রণ ২১৩; ২১৫। °লিপি ম.পা ৯৮; ৯৯। ভিক্ষা-আমন্ত্রণ চৈ চ ১৬৬। ৭ (অপ্র) অভিমন্ত্রণ, মন্ত্রপূতীকরণ। "আগলিআ আন ঘোড়া করি আমন্ত্রণ কৃ.উ ১৪৭। —ন্ত্রণা স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'আমন্ত্রণ'। —ন্ত্রয়িতা (-তৃ) বিণ [+(তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] আমন্ত্রণকারক, সম্বোধনকারক। —ন্ত্রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আহূত, কৃতাহ্বান। ২ অনাবশ্যক কর্ম্মে নিয়োজিত। —মন্ত্রিত ক্লী [+ত-ভা] ১ সম্বোধন, আহ্বান। ২ সম্ভাষা, অন্যোন্যাভাষণ। ৩ সম্বোধন প্রথমান্ত শব্দরূপ। "সামন্ত্রিতম্ পা ২.৩.৪৮। —মন্ত্র্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ সম্বোধনীয়, আকারণীয়। ২ অনাবশ্যক কর্ম্মে নিয়োজ্য।

আমন্ত্রণ, -ন্ত্রণা, -ন্ত্রয়িতা, -ন্ত্রিত, -মন্ত্র্য দ্র 'আমন্ত্র'^২।

আমন্দ্র বিণ [আ মন্দ্র, ত.পু] ঈষৎ গম্ভীর; আগম্ভীর। "আমন্দ্র (গর্জ্জিত) পু.মে ৩৫। °মন্দ্রধ্বনি ভট্টি ২.১৬।

আমবাত পুং [উলো] অপাকজন্য বাত; অজীর্ণ ভুক্তদ্রব্যের রসে জাত বাতব্যাধিবিশেষ। "যে ঔষধ আমবাতে, তাই দেন সন্নিপাতে দা ৩৬০।

আমমহল বি [আম^৫+মহল] সাধারণ মহল; বহির্ভাগ। "এই আমমহল ও খাসমহলের দুই কর্ত্তা—স্বার্থ ও পরমার্থ চা পু ৫৯।

আমমোক্তার বি [আ মুখ্তার্-ই-আ'ম্] সমুদায় বিষয়কর্ম্ম-সম্পাদনার্থ নিযুক্ত ভারপ্রাপ্ত কর্ম্মচারী (General Agent)। [°নামা (বি)—আমমোক্তারের নিয়োগপত্র।]

আময় পুং [আ+ √মী হিংসা+অ (অচ্)-ক; বৈদিক] 'হিংসা-কারক', রোগ, ব্যাধি, পীড়া। "অনাময়, নিরাময়, শীর্ষাময়, হৃদয়াময়। অক্ষ্যাময় (শতপথব্রাহ্মণ)। দুঃখশোকাময় গী ১৭.৯। আময়স্তু রতি-রাগসম্ভবঃ রঘু ১৯.৪৮। দর্পাময় ম চ ৪২২। বিষ্ণুভক্ত জনে কভু নাহিক আময় ম ৫৪১।

আময়দা বিং [ফা আমদহ্—প্রস্তুত] (বাঙলায়) প্রচুর, অনেক। "গঙ্গার আময়দা জল আছে, একটা ডুব দিয়ে নিয়েছি অ.গ ২৪। [আময়দা গতর—প্রচুর শারীরিক বল। আময়দা টাকা—রাশীকৃত অর্থ।]

আময়াবী (-বিন্) বিণ [আময়+বিন্ (বিনি) অস্ত্যর্থে-১ব, দীর্ঘ, পা ৫.২.১২২, বার্ত্তিক, স্ত্রী -বিনী] ১ আময়বান্, ব্যাধিত, রোগী। ২ অজীর্ণান্ন (মিতাক্ষরা), অজীর্ণরোগী (Dyspeptic)। "অন্নহর্ত্তা-ময়াবী মনু ১১.৫১। যাজ্ঞ ৩.২১০।

আমরক্ত ক্লী [কর্ম্মধা] 'অপক্করক্ত', রোগবিশেষ, রক্তাতিসার (Dysentery)।

আমরণ বা [আ মরণ, অব্যয়ীভাব] মরণপর্য্যন্ত, আমৃত্যুকাল। "আমরণান্তাঃ প্রণয়াঃ হি ১.১৯৮। আমি আমরণ তব দাসী ন ১১৩৫। জ্বলিয়াছি আমরণ কা ৭১। ফল তার?···বুঝি আমরণ কৃকে ১১। [°ণান্ত (বিণ)—মরণকালাবসায়ী। °ণান্তিক (বিণ)—আমরণান্তভব, মরণকালপর্য্যন্ত। "অব্যভিচারো ভবেদামরণান্তিকঃ মনু ৯.১০১।]

আমরণান্ত, -ণান্তিক দ্র 'আমরণ'।

আমরস পুং [কর্ম্মধা] অপক্ক (অপরিণত) রসধাতু (Chyme)।

আমরা^১, **আমারা** সর্ব্ব [সং অস্মাকম্>প্রা অম্হাণ, (অপভ্রংশ) অম্হার (মম—হে ৪.৩৪৫) >বা আহ্মার, >আহ্মারা, আহ্মরা (বহুব) >আমারা (অপ্র), আমরা; তু 'হি হমারা; ঠ আমচা; ড় আস্তর; মৈ 'হমরা' (সভকে) (G.H.); E Our] মৎসম্বন্ধী গণ; আমার সব; আমি-আদি সব। "অবৈশ্বে মরিবা তুমি আমারার বাসরে ম.গা ১৬। আমারা চলিব সব্বজন।—ম ১২৫১। আমারার সমাচার অ.প ৬৯। আমরার বস্ত্র ব.প ২৪৪। [আমরার, আমারার (অপ্র)—আমাদিগের। আমরা সভার—আমাদের। "চৈ.ভা ৫১১।]

আমরা^২ অর্ম্ম [সং আ+ √ম্লা>বা (√আমলা)> √আমরা] আম্লান হওয়া; তাপে ঈষৎ ম্লান হওয়া; আমরান। "রৌদ্রে কচি পাতা আমরায়। [আমরিয়ে (আমরাইয়া) গিয়েছে, আমরিয়েছে—আম্লান হইয়াছে।]

আমর্দ্দ পুং [আ+ √মৃদ্+অ (ঘঞ্)-ভা] বিমর্দ্দন, নিষ্পীড়ন। "°কালে মহা ১৫.৭.৩। °ক্লিষ্টকেশর শ ৭.১৪। —মর্দ্দন ক্লী [+অন

(ল্যুট্)-ভা] সর্থ 'আমর্দ্দ'। —মর্দ্দী (-দ্দিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী-র্দ্দিনী] আমর্দ্দনশীল, নিপীড়ক। "রামঃ পরবলামর্দ্দী রা ৪.১৫.১৯। [সমাসে উত্তরপদ]

আমর্ণ পুং [আ+ √মৃশ্+অ (ঘঞ্)-ভা] ১ সমাক্ স্পর্শ ; সংস্পর্শ। ২ মন্ত্রণা, পরামর্শ। ৩ প্রণিধান, বিচারণা। ৪ পরিমার্জ্জন। —মর্শন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'আমর্শ'।

আমর্ষ পুং [আ+ √মৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ অসহন, অক্ষমা, ক্রোধ। তু 'অমর্ষ'। ২ সম্যক্ বিবেক (ত.বা)।

আমল '-ল্' বি [আ আ'মল্; হি আমাল; অস আমোল] ১ অধিকারকাল, শাসনসময়, রাজত্বকাল। "মান্ধাতার আমল। নবাবী আমল। ২ অধিকার, দখল। "পবন আমল কর গো.বি ১৭৮, টীকা। কটকে হইল আলিবর্দ্দির আমল ভা.চ ১৭। আমল করেন ঘরকন্না দা ৪৬১। তাহাকে কদাপি আমল দিও না পা.প্র ২৬। ৩ কার্য্যে পরিণতি ; কার্য্যতঃ করা। "বেগম মানা করিল। দাউদের আসন্ন-কালক্রমে তাহা আমলে আনিল না ব.প ১৬৯২। [আমল দেওয়া—দখল দেওয়া। আমলে আনা—তদনুসারে কার্য্য করা। "E.P. 66. আমলে গমন করে (নাথসম্প্রদায়ে)—আত্মায় লয়প্রাপ্ত হয় (?)। "কোন ক্ষেণে করে মন আমলে গমন গো.বি ১৮৮। আমলে বসি—আত্মস্থ হইয়া (?)। "স্থাপন করহ মন আমলে বসি গো.বি ১৪৯।]

আমলক পুং [আ+ √মল্ ধারণ অক (ক্বুন্)-র্ম ; ছান্দস—'আমলা' ; আম্রক >(স্বরাগমে) 'আমরক'-মূল (?)] ১ যাহা ভৈষজ্যার্থ ধৃত হয় (অ.টী) ; ধাত্রীবৃক্ষ। "রা ২.৯৪.৯। ২ বাসকবৃক্ষ। —ক ক্লী [°কী+ময় (ময়ট্) তদ্বিকারে, প্রত্যয়লোপ, পা ৪.৩.১৬৩ ; ১.২.৪৯] আমলকীবিকার ; আমলকীফল। "করামলকবদ্ বিশ্বম্ ভ ২.৫.৩। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ্), গৌর্য্যাদি ; অস °খী] ধাত্রীবৃক্ষ। "রা ২.৯১.৩০। [°কীবর্ত্তন (বি)—কেশাদি-সংস্কারার্থ বাটা আমলকীর গুলি। "আমলকীবর্ত্তন (পাঠান্তর) চ.দা ৪৩।]

আমলনামা বি [আমল+নামা ; হি আমালনামা] ১ অধিকারের প্রমাণপত্র ; জমিজমাপ্রভৃতিতে অধিকারার্থ জমিদারের প্রদত্ত আজ্ঞা-পত্র। "উক্ত জমা…আমার সহিত চিরস্থায়ী বন্দোবস্ত করিয়া আমাকে আমলনামা দিলেন E.P. 80. ২ কর্ম্মচারীর নিয়োগপত্র।

আমলা[১] বি [সং আমলক >প্রা আমলঅ >বা আমলা ; হি আঁওলা, আমলা ; ঠ অরল.া, -লী, আংরল.া, -লী ; প আংরল.া, -লা, আমলা ; সি আংউরো ; গু আমল. ; ড় আংঅলা] আমলকী গাছ ও তাহার ফল। "শূ ৩১।

আমলা[২] বি [আ আ'মলহ্ ; অস আমোলা] কর্ম্মচারী, মুহুরী, উচ্চ-কর্ম্মচারীর অধীন কর্ম্মচারী—কেরানী-প্রভৃতি। "আসামি ফৈরাদি… উকিল ও আমলা সকলই উপস্থিত আছে আ.দু ১০২। হে ইংরাজ!… তুমিই যম, বিশেষ আমলাবর্গের ব.বি ৬১১। [°তন্ত্র—আমলা দ্বারা রাজশাসন (Bureaucracy)।]

আমলাফয়লা বি [আ আ'মলহ্ ফ.এল] কর্ম্মচারিসমূহ, কেরানীরা ; (বাঙলায়) কর্ম্মচারী, কেরানী। "একজন আমলাফয়লা…চুক্তির কথা কহিতেছে আ.দু ১০২ ; আমলাফয়লারা স্বস্ব স্থানে দাঁড়াইল ১০৫। পশ্চাৎ আমলাফয়লা…মোসাহেব ও বাজেদল হু ১৮৯।

আমলি বি [সং আম্লিকা ; হি ইমলী ; গু আংবলী, আমলী ; অপ্র] ১ তেঁতুলগাছ। "°তলায় চৈ.চ ১৯০। ২ তেঁতুলফল। "আমলির বৃক্ষ ভ.গ্র ৪৬৮।

আমলেট '-ম্-ট্' বি ক্ষুদ্র মৎস্যবিশেষ।

আমশী, -সী বি [সং আম্রপেশী, -বী] শুষ্ক আম্রখণ্ড। "আমশী খাবে আম ফুরালে।—রামপ্রসাদ। প্রাণ পাই পাইলে আমসী ক.চ ৪৪ ; ২০৮। আমসী চৈ.চ ৩১১।

আমশূল পুং [উ.লো] অজীর্ণজন্য তীব্রবেদনা (Colic ; ভাবপ্রকাশ)।

আমশ্রাদ্ধ ক্লী [উ.লো] ১ আম অন্ন দ্বারা শূদ্রের করণীয় শ্রাদ্ধ। ২ তীর্থাদিতে বিত্তহীন অপক্ব অন্ন দ্বারা দ্বিজের কর্ত্তব্য শ্রাদ্ধ। 'আপদ্যনগ্নৌ তীর্থে চ চন্দ্রসূর্য্যগ্রহে তথা। আমশ্রাদ্ধং দ্বিজৈঃ কার্য্যং শূদ্রেণ চ সদৈব তু॥

আমসত্ত্ব বি [আম+সত্ত্ব ; দ্র 'আমট'] 'আমের রস' ; রৌদ্রে শুষ্ক আমের রসের পাত।

আমহলদী বি দ্র 'আঁবহলদী'।

আমা[১] [বিং সং আম, আমক >প্রা আম, আমঅ >বা আমা] ১ অদগ্ধ, আপোড়া, কাঁচা। "আমা সরা ক.চ ১২৩। আমা হাঁড়ি শ্রী ২০৬। ম.ভা ২৬। ২ অর্দ্ধদগ্ধ, আধপোড়া (ইট)। [°পোড়—আধ-পোড়া, কমপোড়।]

আমা[২] সর্ব্ব [অস্মহার >বা (অহ্মা) আমা ; দ্র 'আমরা'[১]] আমি। "আমা সব গো.বি ১৬৭। আমা-আদি করি ম ৪২১ ; ৭০১। আমা তুলা কৃ ৩৬৯। তোমার এমন আজ্ঞা আমা অভাগায় (শ্রী)। আমা-দত্ত প্রসাদ চৈ.চ ৩১৪। আমা-সম পাতকী ভ.গ্র ২৬৬। [আমা-আদি—আমি-প্রভৃতি। "আমা-আদি…যদুগণ ম ৭০১। আমাক, -গ (দ্র 'আমাগো')—আমাকে। "আমাগ আনিয়া দেইস গো.চ ১৬৫ ; আমাগ না করিও বাধা ১৭৬। আমাকে—দেহে আত্মবুদ্ধিজন্য 'আমি'-কে। "এই সামান্য আমাকে নিয়ে তোমার সন্তোষ নেই ঘ ৮৯। আমাগত—আমাবিষয়ক, মদ্বিষয়ক। "আমাগত বিহার শ্রী.ম ১৩৯। আমাগো (সং অস্মাকম্ >লি অহ্মাকং >বা আমাক, -গ, -গো)—আমাদের। "আমাগোর অন্তঃপুরবাসী, তাগোর হাত রার করছি অ.গ্র (তাজ্জব ব্যাপার ৬৭)। আমাতে—১ আমার দেহে। "আমাতে আমি নাই দা ১৪৬৬। ২ আমার বিসয়ে ; আমাকে। "আমাতে অর্পিয়া মন সেবা পূজা করে ব.প ১৩৩৪। ৩ বিশ্বরূপ আমার বিরাড়্-দেহে। "আমাতে জন্মিয়া সুখে আমাতে বিহরে। আমাতে জন্মিয়া জীব আমাতেই মরে ম ১২২। ৪ আমা হইতে। "আমাতে অধিকরূপ আছে কোন জন মী ২৮। আমাতে আমি নাই—আমি কর্তৃত্বাদি-বুদ্ধিহীন বা আত্মহারা হইয়াছি। আমা-দত্ত—আমার দেওয়া। "চৈ.চ ৩১৪। আমা-পরায়ণ—মদৈকনিষ্ঠ, মদাশ্রয়। "ব.প ১৩৩৪। আমা লাগি—আমাতে আসক্ত হইয়া। "ব.প ১৩৩৪। আমা সব, আমা সভা—আমাদিগকে। "গো.বি ১৬৭। আমা সভা রক্ষা কর ম ৭। চৈ.চ ১০০। আমা সভাকার, আমা সভার—আমাদের। "আমা সভার উৎপত্তি ম ৬ ; আমা সভাকার প্রভু ৭০৩ ; ৭০৮। ভ.গ্র ২৬৬। আমা সভা সঙ্গে—আমাদের সঙ্গে। "ম ৭০৮। আমা সম—মৎসদৃশ। "ভ.গ্র ২৬৬। আমা হেন—মৎসদৃশ। "চৈ.ম ১৩৯। আমা হৈতে—আমা দ্বারা। "আমা হৈতে যাহা হয় করিব নিশ্চয় ম ৭০০।]

আমাতি(তী)সার পুং [উ.লো] আমজাত অতিসার ; অতিসার-বিশেষ, আমাসা। 'সুশ্রুত ৬.৪০.৩। [°রী (-রিন্) বিণ—আমাতি-সাররোগী। "সুশ্রুত ৬.৪০.১০।]

আমানত বি [আ অমানত্] বিশ্বাসপূর্ব্বক ন্যস্ত অর্থ ; গচ্ছিত টাকা বা দ্রব্য। [আমানত রাখা—গচ্ছিত রাখা। °তদার—যে আমানত রাখে। °তী—আমানতসম্বন্ধী (টাকা)।]

আমানি, -নী বি ['আমপানীয়'—মূল] ভাত ভিজাইয়া রাখার কাঁচা জল ; পান্তাভাতের জল। "পাথরে আমানী ভরি ক.চ ৪৮ ; °নি ৫০ ; আমানি খাবার গর্ত্ত ৬৯। ইচ্ছা হয় আমানি অম্বলে শ্রী.মা ৩৮ ; আমানি খেতিস গর্ত্তে না ছিল আধার ১৬৮। পান্তা যে আমানি ম.ভা ১৮।

আমান্ন ক্লী [আম অন্ন, কর্ম্মধা] ১ অসিদ্ধ তণ্ডুল ; কাঁচা চাউল। বিপ 'সিদ্ধান্ন'। ২ অসিদ্ধ খাদ্য ; কাঁচা চাউল তরকারি প্রভৃতি। "অর্দ্ধেক রন্ধনে ভুঞ্জে অর্দ্ধেক আমান্ন ম ৩১৮ ; আনিলাম আমান্ন সকল ৬২৪।

আমাবস্য, -বাস্য বিণ [অমাব(বা)স্যা+অ (অণ্) 'তৎসম্বন্ধ, তত্র জাত' অর্থে ; স্ত্রী -স্যী] ১ অমাবস্যাসম্বন্ধী (যাগ)। ২ অমাবস্যায় জাত। "পা ৪.৩.৩১, কাশিকা। —স্য ক্লী অমাবস্যায় করণীয় যাগ ; দর্শযাগ।

আমামা বি [আ ই'মামহ্ ; হি অম্‌মামা] মাথায় বেড় দিয়া বাঁধার পাগড়ীবিশেষ। "ব.প ১৭৩৮।

আমার সর্ব্ব [অম্হার >আমার ; দ্র 'আমরা'১ ; হি হমার ; মৈ হম(মা)র] ১ মৎসম্বন্ধী, মদীয়, মামক, আপনার, নিজের। "আমার আমার করি মরে অজ্ঞ জনে ম ৭২২। ২ আত্মসম্বন্ধী, আত্মার বিষয়ের। "বিনাশ অজ্ঞান-রিপু প্রবোধ আমার। জ্ঞানোদয়ে সুখোদয় হইবে অপার ॥—রামমোহন রায়। ৩ মৎসম্বন্ধী (অনুরাগে, সানুকম্প বা সপ্রণয় উপহাসে, সান্ত্বনায়, স্নেহে, মমতায়, ভক্তিপ্রবণতায়, সানুযোগ বা সানুরাগ আক্ষেপে)। "আমার বঁধুয়া চ.দা ১০৪। আমার সোনার বাংলা।—গান ২২৭। বলি আমার সোনার চাঁদ দিগ্‌গজকে তোমার সঙ্গে পাঠাইলে কি হয় ?—ব.প্র ২৩। বিমল হেসে বল্লে, তুমি দেখছি আমার রাজপুত্র সিদ্ধার্থ ঘ ১০২। জন্মের সাফল্য কর ওরে আমার মন।—রামমোহন রায়। উদাসিনী সুভদ্রা আমার ন ১০৩৯। তুমি… আমার সাধের সাধনা।—গান ১১৬ ; সারা বরষ দেখিনে মা তুই আমার কেমন ধারা ১৭৮। ছিল না এমন কেহ যে 'আমার' বলে স.শ ১৩৭। সেই অভিমানে প্রাণেশ্বরী আমার বিরাগিনী হলেন ন.ত ৮২। ৪ মৎকর্ত্তৃক (কর্ত্তায় ষষ্ঠী)। "আমার যাবার সময় হ'ল।—গান ১৭৯। ৫ মৎকর্ম্মক (কর্ম্মে ষষ্ঠী)। ৬ মৎসম্বন্ধে (তুলনায়)। "আমার সমান রাজা নাহি গুণবতী কৃ ৯২। [আমার আমার করা বা বলা—বিষয়মাত্রে মমতা প্রকাশ করা। "ম'লে সঙ্গে যাবে না কেহ, পড়ে থাকবে আপনার দেহ, মিথ্যা স্নেহে আমার আমার করা দা ৬১। আমার করা—আত্মীয় (আপনার) করা। আমার হইয়া—আমার প্রতিনিধি বা পক্ষাবলম্বী হইয়া। "(সে) আছে স্বর্গে আমার হইয়া ম ২৪৭। তুমি আমার হইয়া অকপটে তোমার সখীকে মিনতি করিও ব.প্র ৩৭। আমারা—দ্র 'আমরা'। আমারি—নিশ্চিত বা কেবল আমার (অন্যের না)। "আমারি জানিবে সর্ব্বাঙ্গসুন্দর দা ৩৬৪। তুমি আমারি যে তুমি আমারি। —গান ১১৬। আমারে—১ আমার বিষয়ে। "আমারে সঙ্কোচ কিছু আছয়ে ইহার ম ৬৯৯। ২ আমাকে। "আমারে কর তোমার বীণা।—গান ১১৪।]

আমার-করণ বি মৎসম্বন্ধী করা ; মম-ভাব, মমত্ব, মামকতা। "সর্ব্বজীবে সমভাব আমার-করণ ম ৭৪১।

আমারি, -রী বি [আ আমারী] হস্তীর বা উষ্ট্রের পৃষ্ঠস্থ আচ্ছাদনযুক্ত আসন বা হাওদা ; ছই-দেওয়া হাওদা। "করিপৃষ্ঠে কনকের বাঁধিল আমারি দ্রু ১৮। হাতীর আমারি পিঠে বাঘাই কোটাল বি.সু ১৯। হাতীর আমারী-ঘরে বসিয়া আমীর ভা.চ ৪৫৯ ; ৪৬১।

আমাশয় পুং [ব.ত] নাভির ঊর্দ্ধস্থানে ভুক্ত অপক্ব অন্নাদির আধার ; অপক্বান্নস্থান (Stomach)। 'নাভিস্তনান্তরং জন্তোরাহুরামাশয়ং বুধাঃ (সুশ্রুত)। মহা ৩.২১২.১৫।

আমাশা, -সা বি [সং আমাতিসার >প্রা আমাইসা (অ.য়া) >বা আমাসা, -শা] সর্থ 'আমাতিসার'।

আমি১ সর্ব্ব [সং অহম্ >প্রা অম্মি, অম্হি (হে) >বা আমি ; তু'লি অহং ; হি, প, নেপালী—মৈং ; মৈ, ভোজপুরী, মাগধী—হম্, ঠ—মী (তু 'প্রা ম্মি—হে) ; গু—হুং ; ড় আম্ভ ; cf, Av. ajem ; L. Ego ; F. je ; Ger. Ich ; E. I] ১ অহঙ্কারের বা কর্ত্তৃত্বাদির আধার ভৌতিক দেহ ; অহংবোধের আশয়। "আমি তুমি ব'লিয়া সবাই সবে কয়। কে আমি কে তুমি কিছু না জানে নির্ণয় ॥—দ্রু ৬০। ২ আত্মা, জীব। "অন্তরে যে রহিয়াছে অনির্ব্বাণ আমি প.স ২৮ ; আমি নিত্য যে তোমার ২৯। বন্দী আমি অনন্তকাল তোমাদের এই ঘরে প.কা ১৩। ৩ অহংজ্ঞান, অহঙ্কার। "আমি বল্লুম…তোমার আবার ঈর্ষ্যা কাকে ? স্বামী বল্লেন, ঐ মিথ্যে আমিটাকে।—ঘ ৮৯। ৪ পরমপ্রকৃতি। "পরমপ্রকৃতি আমি দ্রু ৫৯। ৫ পরব্রহ্ম, পরমাত্মা। "অন্তর বাহেতে আমি আছি একাকার। আমি ভিন্ন অন্য খুঁজি না পাইবে আর ॥—দ্রু ৬০। [আমি-আদি—আমি-প্রভৃতি। "আমি-আদি সভাকার কৃ.উ ১২৬। আমিত্ব—অহম্ভাব, অহঙ্কার। আমি দুই (জন) —আমরা দুই জন। "আমি দুই…পাটেশ্বরী মী ২৮। গো.বি ১৬৬, টীকা। পাপী আমি দুই জন চৈ.চ ৭৫। আমি সব—১ আমরা। "আমি সব গোবৃত্তি-প্রধান শ্রী.ম ৭৪। চৈ.ভা ২২। চৈ.চ ১০০। ২ আমাদিগকে। "আমি সব পাইলে দেবতা মোহ জাএ গো.বি ১৬৭।]

আমি২ বি [আম৩+ই স্বার্থে] সর্থ 'আম৩'। "ঢিলামি, নষ্টামি, বিটলামি, ভাঁড়ামি, লোচ্চামি।

আমিআঁ বি [আমিআঁ > *আঁ, দ্র 'অমিঞা' ; আ'১৩ ; অপ্র] অমৃত, সুধা। "আধর আমিআঁলোভে ব.প ৯৬৫।

আমি(মী)ক্ষা স্ত্রী [আ+ √মিহ্+স (সক্)-র্ম (অ.টা)+স্ত্রী আ (টাপ্), ছান্দস] দধিকূর্চ্চিকা, ছানা। "ভট্টি ৫.১২, টীকা। [*ক্ষীয় (বিণ)—আমিক্ষার উপযোগী। "ভট্টি ৫.১২।]

আমিন১ অব্য [Hebrew—Āmen ; Gr. Āmen ; P., E. Amen] ইহা এইরূপই হউক ; প্রার্থনা সত্য হউক। [সত্যনারায়ণের পুঁথি পড়ার পরে শ্রোতারা 'আমিন' 'আমিন' বলে ; উহারও এই অর্থ।]

আমি(মী)ন২ বি [আ অম্ইন্] ১ জমি জরিপের নিমিত্ত নিযুক্ত গবর্ণমেণ্টের বা জমিদারের কর্ম্মচারী। "শ্রীমহামদ তোরাব আমিন E.P. 75. আমীন…নীলকণ্ঠ রায় ভা.চ ২৫। ২ নাএবের অধীন করসংগ্রাহক ও হিসাবপত্ররক্ষক জমিদারের কর্ম্মচারিবিশেষ। ৩ অধ্যক্ষ, তত্ত্বাবধায়ক, ইন্‌স্পেক্‌টার। [*নী (আ, ফা অম্ইনী)—আমিনের পদ বা কর্ম্ম ; অভিভাবকের কার্য্য (Guardianship)।]

আমিনি, -নী বি [আমিন২+স্ত্রী ঈ] দেবসেবাকারিণী, দেবদাসী, দেয়াসিনী। "সোল-স আমিনী শূ ২৬ ; *নি ৮৭ ; ৯৪। আদ্যের আমিনী শ্রী ২১২। *নী শ্রী মা ১৯, সত্যের আমিনি ১৮৩ ; *ন ১৮৫। *নি ব.প ৪৬৮।

আমি(মী)র বি [আ অম্ইর্] ১ শাসনকর্ত্তা, রাজা। "আমীর আসামুল্লা ভা.চ ৫০১। ২ উচ্চপদস্থ বা সদ্বংশজাত ব্যক্তি ; ভদ্র। "বসি আমারী-ঘর-পর, আমীর বহুতর, হুলায় গজবররাজে ভা চ ৪৬১। ৩ ধনবান্ ব্যক্তি ; ধনী। "আমীর উজীর ওরা কেহ বা মনিব।—হেম ৩৭৮। ৪ দাতা, মহাত্মা। [*র-উমরা—বড়লোক ও দরবারের কর্ম্মচারিগণ। "মারা গেল কত শত আমীর-উমরা ভা.চ ৫০০। —রী বিং [আ, ফা—অম্ইরী] আমিরসম্বন্ধী, আমিরের যোগ্য ; রাজোচিত, ধনীর মত, বড়মানষী। "মেয়েরা এখনো শেখেনি আমিরী দস্তুর কোনো কা ১২১। —রী বি ১ আমিরের কার্য্য বা পদ ; রাজপদ। ২ প্রভাব, তেজ। ৩ মহত্ত্ব, ঔদার্য্য। ৪ আমিরের চাল-চলন ; ধনীর ভাব ; বড় চাল।

আমিষ ক্লী [√অম্+ইষ (টিষচ্)-র্ম, উ ১.৪৬ ; তু 'আমিদ্'— অপক্বমাংস (ঋগ্বেদ ৬.৪৬.১৪)] ১ পিশিত, মাংস। "মনু ৩.১২৩।

রঘু ২ ৫৯। যথামিষং জলে মৎস্যৈর্ভক্ষ্যতে শ্বাপদৈর্ভুবি। আকাশে পক্ষিভিশ্চৈব তথা সর্ব্বত্র বিত্তবান্ ॥—পঞ্চ ১.৪৩৪। ব্যাঘ্রমুখে আমিষ শৃগাল কোথা ধরে ম ১৯৭। আমিষলোভে তোমাকে জালবদ্ধ করি নাই।—কাদ ১৪০। **২** ভোগ্যবস্তু, উপভোগদ্রব্য। "প্রমদা° রঘু ৭.৩১ ; দ্বিষামামিষতাং যযৌ ১২.১১। **৩** মৎস্যাদির খাদ্য মাংসখণ্ডাদি ; চার্। "বড়িশামিষ গো.রা ৩ ৫৭.৭। **৪** উৎকোচ, উপঢৌকন। **৫** ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু ; বিষয়, বিষয়াভিলাষ, কামগুণ। "নিরামিষঃ (সুখার্থী বিচরেৎ) মনু ৬.৪৯। **৬** সুন্দর আকৃতি রূপ প্রভৃতি। **৭** লোভনীয় বিষয়। **৮** লাভ। **৯** ভোজন। **১০** জম্বীরফল। [°ভুক্ (-ভুজ্), °াশী (-শিন্) বিণ—মাংসভোজী। °ী (স্ত্রী)—জটামাংসী।]

আমিষ্য বি [তু 'হবিষ্য'] **১** আমিষযুক্ত, মৎস্যমাংসযুক্ত, সামিষ। "আমিষ্য আহার গ ২০৪। আমিষ্য অন্ন ক.চ ১৮০। **২** আমিষসম্পর্কী, মৎস্যমাংসসংসৃষ্ট। "আমিষ্য মীনসংস্পৃষ্ট যে সলিল সেও পেয় হইতে পারে না ব.প ১৭১৬। —ষ্য বি সামিষ ব্যঞ্জন ; মাছ-মাংসের তরকারি। "আমিষ্য রান্ধিতে লংনায় দিল চিত্ত ব প ৩৩৩ ; °ভোজন ৩৮৯। [তু 'আমিস্য'— সামিষ ব্যঞ্জন। "না খাব আমিস্য শূ ৪২।]

আমীর, আমীর-উমরা, আমীরী দ্র 'আমির'।

আমীলন ক্লী [আ+ √মীল্+অন (ল্যুট্)-ভা] নিমীলন, নিমেষণ। বিপ 'উন্মীলন'। "নয়নয়োরভাস্তমামীলনম্ (অমরু)।

আমুক্ত বিণ [আ+মুচ্+ত (ক্ত)-র্ম্ম] **১** সম্যক্ মুক্ত, পরিত্যক্ত। **২** পরিহিত, পিনদ্ধ, ধৃত, বদ্ধ। "°কবচ মভা ১৯৭.১৪৮। আমুক্তাভরণ রঘু ১৭.২৫। °বিবাহকৌতুক (কর) কু.স ৫.৬৬। **৩** বিসৃষ্ট, ক্ষিপ্ত, প্রেরিত (শরাদি)। —মুক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** পরিত্যাগ। **২** পরিধান, ধারণ। **৩** ক্ষেপণ, নিপাতন, প্রেরণ। —মুক্তি বা [অব্যয়ীভাব] মুক্তিপর্য্যন্ত, আনির্ব্বাণ।

আমুখ ক্লী [মুখকে আগত (প্রাপ্ত), প্রা.স] **১** 'মুখপ্রাপ্ত, আরম্ভের আসন্ন', (নাটকে) প্রস্তাবনা (Prologue)। "রায় কহে কোন আমুখে পাত্রসন্নিধান ?—চৈ.চ ২৫৯। [নাটকের প্রারম্ভে, যেস্থানে নটী বিদূষক বা পারিপার্শ্বিক সূত্রধারের সহিত মিলিত হইয়া, পাত্রপ্রবেশোপযোগী প্রস্তুতবিষয়সূচক বাক্যের বিন্যাস করিয়া কথোপকথন করেন, তাহা 'আমুখ'। ইহার পরেই নাটক আরব্ধ হয় (সা.দ ৬.৩১-৩২)।] **২** আরম্ভ, উপক্রম। —মুখ বা [অব্যয়ীভাব] মুখপর্য্যন্ত।

আমুদে বিং [আমোদ+এ[৮]] আমোদপ্রিয়, কৌতুকরসিক, রঙ্গরসপ্রিয়। "মল্লিকে ছোট বেলা হ'তে এমনি আমুদে ন.ত ১৫।

আমুষ্মিক বিণ [অমুষ্মিন্+ইক (ঠক্) 'তত্র ভব' অর্থে ; টি-লোপ ; স্ত্রী -কী] অমুষ্মিন্ (পরলোকে) ভব ; পারলৌকিক, পারত্রিক। বিপ 'ঐহিক'। "কার্য্যামামুষ্মিকং শ্রেয়ঃ (মনু)।

আমুষ্যায়ণ বিণ [অমুষ্য+আয়ন (ফক) তদপত্যার্থে, পা ৪.১.৯৯ ; স্ত্রী -ণী ; ছান্দস] অমুষ্য (খ্যাতবংশের) অপত্য, প্রখ্যাতবংশজাত। "°ণো বৈ ত্বম স (শতপথব্রাহ্মণ)। ম.চ ১$\frac{৪}{৫}$। মা.মা ১$\frac{৪}{৫}$। —ণ পুং খ্যাতবংশজ পুত্র।

আমূল বা [আ মূল, অব্যয়ীভাব] মূল হইতে ; প্রথমাবধি, গোড়া থেকে। "আমূল হইতে পত্র শুনাইল স্বপ (সব ?) শ্রী.মা ৩৯। [আমূল হইতে (অসাধু)—আমূল (সাধু)। দ্র 'আ[২]'।]

আমূলক অব্য [°ল+ক ; অপ্র] সর্থ 'আমূল'। "আমূলক অবান্তর কাহল সকল শ্রী.মা ২৫ ; আমূলক পড়ে অভিধান ৪৩।

আমূলশিরঃপর্য্যন্ত বিং মূল হইতে মস্তকপর্যান্ত ; ভিত্তিমূল হইতে অগ্রভাগপর্য্যন্ত। "অট্টালিকা আমূলশিরঃপর্য্যন্ত কৃষ্ণপ্রস্তরনির্ম্মিত ব.প্র ১২।

আমৃষ্ট বিণ [আ+ √মৃশ্+ত (ক্ত)-র্ম্ম] **১** সংস্পৃষ্ট, কৃতসংস্পর্শ। **২** মর্দ্দিত, বিধৌত। "আমৃষ্টাস্তিলকরুচঃ (জলৈঃ) মাঘ ৮.৬১। **৩** পরিলুপ্ত। "°বক্ষোহরিচন্দনাঙ্কা মন্দারমালা শ ৭.২। **৪** আক্ষিপ্ত, হৃত। "আমৃষ্টং নঃ পরৈঃ পদম্ কু.স ২.৩১। **৫** [+ √মৃজ্+ত-র্ম্ম] পরিষ্কৃত, পরিমার্জ্জিত, বিশোধিত।

আমেজ বি [ফা আম্এজ্.] মিশ্রণ, অত্যল্প যোগ, ঈষৎ মিশ্রণ, একটু ভাব। "এখনকার মত রসের পেয়ালার এই উপরকার আমেজ পর্য্যন্তই থাক, তলানিপর্য্যন্ত গেলে গোলমাল বাধবে য ১৫০।

আমোক্ষণ ক্লী [আ+ √মোক্ষি+অন (ল্যুট্)-ভা] আমোচন, পরিধান, ধারণ। "কেয়ূরামোক্ষণ গো.রা ২ ২৩ ৩৮।

আমোচন ক্লী [আ+ √মুচ্+অন (ল্যুট্)-ভা] **১** সম্যক্ মোচন ; বন্ধনমুক্তি। **২** ক্ষেপণ, ত্যাগ, পাতন (শরাদির)। **৩** পরিধান, ধারণ। "কেয়ূরামোচন গো.রা ২ ২০ ৪৩।

আমোট পুং, **-মোটন** ক্লী [আ+ √মুট্+অ (ঘঞ্), +অন (ল্যুট্), -ভা] ঈষৎ মর্দ্দন ; আমর্দ্দন। "স্তনামোটং নাটয়ন্তী বা.ভা ১$\frac{৩৭}{৩৮}$।

আমোদ[১] বিণ [আ+ √মোদি+অ (অচ্)-ক ; স্ত্রী -দা] **১** আমোদজনক, হর্ষোৎপাদক (বাক্যাদি)। **২** (বাঙলায়) আমোদযুক্ত, আমোদিত। "সৌরভে আমোদ দশ দিগ গ ৮০। **৩** (অপ্র) সুরভি। "তাহার আমোদ গন্ধে পূরিল আকাশ অ.প ৬০। —মোদ পুং [+ √মুদ্+অ (ঘঞ্)-ণ (অ.টী)] **১** 'হর্ষসাধন', অতিদূরপাতী পরিমল (অ.টী), সুদূরগামী সৌরভ। "আমোদমুপজিঘ্রন্তৌ রঘু ১.৪৩। কমল° পু.মে ৩২। আমোদে মত্ত মধুপ শ্রী.ম ৯১ ; অগৌর-আমোদ ১৯২ ; কুচ-কুঙ্কুম-আমোদ ১৫৩। মালতীর আমোদ গ ৮০। তাহার আমোদে আমোদিত সেই বন ব.প ৭৮৫। আমোদে লুবধ ব ৬৫। মে ২৮ ; গন্ধামোদে সহসা পূরিল পুরী ৫৫। **২** মুখগন্ধবিশেষ। "মুখামোদ মাঘ ২.২০। **৩** [+অ-ভা] হর্ষ, আনন্দ, প্রীতি। "আমোদং পরমং জগ্মুঃ রা (S.W)। আমোদে ও পদে দিয়ে মোরে কর প্রীত দু ৩৮। —মোদন বিণ [+ √মোদি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] আমোদকর, হর্ষজনক। "অভুক্তামোদনমোদনং জনাঃ (নৈ)। —মোদন ক্লী [+অন-ভা] **১** প্রীণন, হর্ষজনন। **২** সুরভীকরণ। —মোদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** প্রীণিত, হর্ষিত। **২** [°দ+ইত (ইতচ্)] সঞ্জাতামোদ, বাসিত, সুরভি। "গন্ধামোদিতদিঙ্মুখে (শিবরাত্রিব্রতকথা)। মন্দার-গন্ধে আমোদিত আশা শ্রী ৭। ভা.চ ২৫৮। লবঙ্গলতার কুসুমগন্ধে দিক্ আমোদিত হইতেছে।—কাদ ১১। —মোদী (-দিন্) বিণ [°দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -দিনী] **১** আমোদবান্, মুখবাসন (কর্পূরাদি)। **২** দূরগামিপরিমলযুক্ত, সুরভি। "নবকুটজকদম্বামোদিনো গন্ধবাহাঃ।—ভর্তৃহরি। **৩** হর্ষিত, প্রীত। —মোদী পুং মুখবাসন কর্পূরাদি বটিকা বা কর্পূরাদি। [আমোদআহ্লাদ, °প্রমোদ, °সামোদ (সং সম্মদ)—(একার্থক শব্দ) রস-রঙ্গ, ক্রীড়া-কৌতুক, হাসি-তামাসা। আহ্লাদ-আমোদ (অপ্র)—"সমবয়সীদের সঙ্গে…আহ্লাদ-আমোদ করিব আ.দু ২২। আমোদিয়া—আমোদশীল, রঙ্গরসপ্রিয়। "মহা-আমোদিয়া নাথ করেন ভোজন (চৈ.ভা)। গন্ধামোদ—আমোদ (সাধু)।]

আমোদ[২] সর্ম্ম [আমোদন[১] > √আমোদ ; পদ্যে] আমোদিত করা ; সৌরভযুক্ত করা। "গন্ধামোদে আমোদি দেউলে মে ২৮। গন্ধামোদে আমোদিছে মা ১২৮ ; ১৬৫।

আমোদন, -দিত, -দী, আমোদিয়া দ্র 'আমোদ[১]'।

আম্নাত বিণ [আ+ √ম্না+ত (ক্ত)-র্ম্ম] **১** সম্যক্ অভ্যস্ত ; কৃতাভ্যাস। **২** যথাবিধিপঠিত (বেদাদি)। **৩** আখ্যাত, কথিত। "মাঘ ২.১০। —ত ক্লী [+ত-ভা] অভ্যাস, আবৃত্তি। —ম্নায় পুং

[+অ (ঘঞ্)-ভা] ১ যথাবিধি গুরুমুখে শ্রবণপূর্ব্বক বেদাদির অভ্যাস। "স্বাধ্যায়াম্নায়বর্জিত মহা ৩.৮১.২২। ২ আম্রেড়ন, পুনঃপুনঃ কথন। ৩ উপদেশ। ৪ গুরুপরম্পরাপ্রাপ্ত সদুপদেশ; সম্প্রদায়, গুরুক্রম। "উচ ৬১২। ৫ [+অ-র্ম্ম] বেদ, শ্রুতি। "°বচনং সত্যম্ মহা ১২.২৫৯.৯। ৬ তন্ত্রশাস্ত্র, আগম। ৭ ধর্ম্মশাস্ত্র, শাস্ত্র। "°পর মনু ৭.৮০। ৮ ব্রাহ্মণ উপনিষৎ ও আরণ্যকের সহিত বেদ। "অধীতী চতুর্ষ্বাম্নায়েষু (দশকুমার)। ৯ কুলক্রম।

আম্পা বি [আম্বা > °ম্পা] অহঙ্কার। "ধুয়ামুলা কুলীনগুলা আম্পা বড়াই (বড়ই ?) ব.প ১৪৩৩।

আম্ব বি [দ্র 'আঁব'; অপ্র] আমগাছ। "শূ ৪১।

আম্বড়া; আম্ববতী দ্র 'আমড়া; অম্বুবাচী'।

আম্বল বিং [দ্র 'অম্বল'] অম্লরসযুক্ত, টক। "হএ আম্বল দধী শ্রীকী ১৭৫; আম্বল ব্যঞ্জনে ৩০৬। —ল বি অম্লব্যঞ্জনবিশেষ, টক। "শ্রী.কী ৩০৭। তেন্তুলি আম্বল দিল শি ১৭।

আম্বা বি [সং অহম্ভাব > প্রা * °ম্ভাঅ > বা °ম্ভা > আম্ভা, -ম্বা, -ম্পা] ১ অহঙ্কার, স্পর্দ্ধা। "বনজন্তু যুদ্ধে কিন্তু আম্বা দেখি বাড়া কৃ ৩০১, বেটার আম্বা দেখি অতি ৩৩৯। ২ কর্ত্তৃত্বাভিমান, কর্ত্তৃত্বের বড়াই। "মানুষ করে আম্বা। কিন্তু ঘটায় জগদম্বা॥—প্রবচন। সেই অবধি মায়ের আম্বা বড়ই বাড়িয়া গেল পা.প্র ১৫৫। ৩ মমতা, আসক্তি। "এত যদি আম্বা আছে ঘরে কেন্ না যাও শি ৮৩। ৪ ইচ্ছা, আগ্রহ। "সুবাসিত জল আর মর্ত্তমান রম্ভা। তাহি খাওয়াইতে মনে হইল অতি আম্বা॥—ভ.গ্র ৫৮। [আম্বা করা—স্পর্দ্ধা করা, আগ্রহ করা।]

আম্বিকেয় পুং [অম্বিকা+এয় (ঢক্) তদপত্যার্থে] ১ অম্বিকার পুত্র; ধৃতরাষ্ট্র। "মহা ৩.৫.১৪। ২ কার্ত্তিকেয়।

আম্বুয়ানগর, -মুলুক বি [সং অম্বিকা > প্রা অংবিআ > বা আম্বুয়া] অম্বিকানগর বা অম্বিকাকালনা। "°ক কচ ১৯৬; ২২৮। °র চৈ ১৬০। °ক চৈ.ভা ৪৬৩। °ক চৈচ ২৬৪। [১৭৭৪ খৃষ্টাব্দে রেনেল সাহেবের মানচিত্রে 'আম্বুয়া' নাম দৃষ্ট হয়। স্থানটি কাল্নার সংলগ্ন ও বর্দ্ধমানজেলায় অবস্থিত।]

আম্র পুং [√অম্+র (ক্রণ্)-র্ম্ম (অ.টী) ; উ ২ ১৬; বৈদিক; তু 'অম্বির'—আম্রফল, (দেশী ১.১৫; হে ২.৪৫); ঠ আংবা; 'অম্ব' —মূল (?)] আম্রবৃক্ষ, চূত। "°বণ রা ১৫.১২। —ম্র ক্লী আম্রফল। "শকুৎপিণ্ডকানাম্রমাত্রান্ উ.চ ৪ ২১। [°কাসুন্দী (বি)—সর্ষপচূর্ণাদি-মিশ্রিত পিষ্ট আম্রের আচারবিশেষ। "চৈ.চ ৩১১। °কূট (পুং) পর্ব্বত-বিশেষ। "পূমে ১৭। °খণ্ড (বি)—আমশী (?)। "চৈ.চ ৩১১। °পেশী (স্ত্রী)—শুষ্ক-আম্রখণ্ড; আমশী।]

আম্রকাসুন্দী, -কূট, -খণ্ড, -পেশী দ্র 'আম্র'।

আম্রবণ ক্লী [ষ.ত; ণত্ব] আমবাগান। "রা ২ ৬৩.১০।

আম্রসার বি [সং সহকার > প্রা * সহআর > বা (সহার) সার (?)] অতিসুরভি আম্রের পল্লব (মাঙ্গলা-দ্রব্য)। "পূর্ণ স্বর্ণকুম্ভোপরি শোভে আম্রসার কৃ ৮৯। ধান্য দধি আম্রসার চৈ.ভা ১১১, ৩২৬। শ্রী.মা ১৬৪। হ ১৮৭।

আম্রাত, -তক পুং [আম্র+ √অত্+অ (অণ্)-ক; ক (কন্) স্বার্থে] যাহা আম্র অনুকরণ করে (অ.টী); আমড়াগাছ। "আম্রাতক ম ৪৪৩। —ত, -তক ক্লী আম্রাতকফল, আমড়া। —তক পুং আমসত্ত্ব (ভাবপ্রকাশ)। [°তকী (অসাধু)—আম্রাতক। "আম্রাতকীবন বা.দ ২৪১।]

আম্রাবর্ত্ত পুং [ষ.ত] ১ রৌদ্রে শুষ্ক আম্ররসের পাত; আমসত্ত্ব (ভাবপ্রকাশ)। ২ আম্রাতকবৃক্ষ। —বর্ত্ত ক্লী আম্রাতকফল, আমড়া।

আম্রেড়ন ক্লী [আ+ √ম্রেড়ি+অন (ল্যুট্)-ভা] পুনঃপুনঃ কথন; অভ্যাবৃত্তি। —ম্রেড়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পুনঃপুনঃ কথিত, দ্বিস্ত্রিরুক্ত, অভ্যাবৃত্ত। "পা ৮.২.২৫। সদা কর আম্রেড়িত চৈ ২৪১। —ম্রেড়িত ক্লী ১ (ব্যাকরণে) দ্বিরুক্ত শব্দের পররূপ (পরভাগ)। "পা ৮.১.২। ২ [+ত-ভা] পুনঃপুনঃ কথন; অভ্যাবৃত্তি।

আম্ল পুং, **আম্লা-ম্লী** স্ত্রী তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুলগাছ। —ম্ল ক্লী অম্লরস। —ম্লিকা স্ত্রী ১ তিন্তিড়ীবৃক্ষ। ২ অম্লরস। ৩ অম্লোদ্গার, টক ঢেকুর।

আয়[১] পুং [আ+ √ই+অ (অচ)-ভা, অথবা √অয়্+অ (ঘঞ্) -ভা; ছান্দস] ১ আগমন, প্রাপ্তি। "অনন্তায়ে।—ছান্দোগ্য ৭ ৯ ১। ২ লাভ, ধনাগম। বিপ 'ব্যয়'। "আয়ে দুঃখং ব্যয়ে দুঃখং ধিগর্থাঃ কষ্ট-সংশ্রয়াঃ।—পঞ্চ ১.১৭৮। ৩ [+অ-ক, -র্ম্ম] যাহা স্বামীকে প্রাপ্ত হয়; স্বামী যাহা পান (তত্ত্ববোধিনী), গ্রামাদি হইতে স্বামিগ্রাহ্য লাভ; কর, লাভ। "পা ৪.৩ ৭৫, ৫ ১.৪৭। °কর্ম্ম বা ২ ১.২৬। °ব্যয় মনু ৮ ৪১৯। ৪ স্বায়ত্ত হিরণ্য পশু ধান্য প্রভৃতি। "শু ২ ৩২১। ৫ (জ্যোতিষে) লগ্ন হইতে একাদশ স্থান; আয়স্থান। ৬ অন্তঃপুর-রক্ষক। [°কর (বি)—আয়ের উপরে নির্দ্ধারিত কর (Income-tax)। "আয়কর শুনে গায়ে আসে জ্বর।—মনোমোহন বসু। °ব্যয় (পুং)—ধনাগম ও ধনবিনিয়োগ।]

আয়[২] অব্য [সং আয়; তু 'য়াএ', অপ্র] অয়ে, ওহে। "আয়ে বাপু চিননি আমারে গো বি ৮৮।

আয়ড়, -র[১] বিং [আড়[১]—মূল; তু 'আহড'; অপ্র] ১ অন্তরালে স্থিত; গুপ্ত, লুক্কায়িত। "আয়র হইতে চাহে মোহিত হইয়া লাজে বি.পা ২৪৫; ক্ষণে দেখা দেয় ক্ষণে আয়ড় হৈয়া ২৮৬। ২ চক্ষুর অগোচর বা অন্তরালে স্থিত। "চক্ষের আয়ড তিলি না করেন যার শ্রী.মা ৫৮; চিত্রসেনে না করিবে চক্ষের আয়ড় ১৮৩। —ড বি অন্তরাল, আড়াল। "ওষধির আয়ড়ে আছিল চূড়াধীর শ্রী মা ১৯৮।

আয়ত[১] বিণ [আ+ √যম্+ত (ক্ত)-র্ম্ম] ১ দীর্ঘীকৃত, প্রসারিত। ২ আকৃষ্ট। "আরক্ষিতানায়তবল্গবন্ধৈঃ মাঘ (ত বা)। ৩ দূরে আকৃষ্ট। "প্রজবিভিরায়তস্বরঙ্গৈঃ।—কি (ত.বা)। ৪ নিয়মিত, নিয়ন্ত্রিত। "নির্জপে-দায়তপ্রাণঃ (ত বা)। ৫ [+ত-ক] অতিদীর্ঘীভূত, দীর্ঘ। "রা ১ ৫ ৭। নিরায়তপূর্ব্বকায় শ ১.৮। °পঙ্‌ক্তি রঘু ৯.৩০; ৫৯। কলপদায়ত-মূর্চ্ছিত (গীত)। ৬ বিস্তৃত। "°পোত্রমণ্ডলৈঃ।—ঋতু ১.১৭। পাদোন-বিটপায়ত ভ ৪.৬.৩২। ফুল্লারবিন্দায়তপত্রনেত্র (গীতামঙ্গলাচরণ)। ৭ দীর্ঘ, আজানুলম্বিত। "°পীনভুজ মহা ৩.১১৮ ১০। ৮ বিশাল, বৃহৎ। "আবর্ত্ত আয়ত শতে শতে গ ২০০। ৯ প্রবৃদ্ধ, বৃদ্ধিপ্রাপ্ত। "আয়তাচ্চ মদনাৎ রঘু ১৯.২০। ১০ বিশাল, আকর্ণবিশ্রান্ত। "°লোচন মহা ৩.৫৭.২৭। খরতর আয়তলোচনে শর যে ৩৬। ১১ দীর্ঘকাল-স্থায়ী। "°ক্লেশ (S W)। ১২ বহু, প্রচুর। "আয়তায়তি মাঘ ১৪ ৫। —ত পুং (জ্যামিতিতে) সমচতুষ্কোণ দীর্ঘ ক্ষেত্রবিশেষ (Oblong)। —যমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ নিয়ন্ত্রণ, নিগ্রহ। ২ আয়াম, দৈর্ঘ্য। ৩ প্রসারণ, দীর্ঘীকরণ।

আয়ত[২] বি ['আইঅত'—মূল; অপ্র] ১ সধবাত্ব, এয়োত্ব, এয়োৎ। "বাড়ুক আয়ত শ্রী মা ১৫০। শ্রী ১৭৫; জন্ম থাক আয়তে ১৮৪। শি ৮৪। আয়তের চিহ্ন ভা.চ ২২৬। ২ এয়োত্বের চিহ্ন লোহা শঙ্খ ইত্যাদি। "কার বোলে ঘুচাইলি হাতের আয়ত শ্রী ১৮৫।

আয়ত[৩] বিং [সং আয়াত, আগত; বৈষ্ণবসাহিত্যে] আগত, উপস্থিত। "আয়ত রে নব নাগর কাম।—গো ৮৪; আয়ত আষাঢ় ২৩৯। ব.প ১০৮৯। শ্রীম ১৫৫। —ত ক্রি [সং আয়াতি] আসিতেছে। "মিশ্রভবন শোভা শুভ সম্পদ সুখ বাঢ়ি। আয়ত বহু

লোক কৌ ন যাত ভবন ছাড়ি ॥—ন.প ৯০। শিশু পশু সঙ্গত, করি হরি আয়ত. গোখুর ধুলি উছলাই রা.শে ৮৯।

আয়তন ক্লী [আ+ √যত্+অন (ল্যুট্)-ধি; বৈদিক] ১ দেবস্থান, মন্দির। "পুরুষোত্তম°, শিব° (S W.)। সর্ব্বমঙ্গলা° (হি)। ২ যজ্ঞগৃহ, চৈত্য (অ টী), যজ্ঞস্থান। "কোন রাজা যজ্ঞ কৈল কার আয়তন কৃ.উ ১৮৩। কৃ ৪৬৮। ৩ আশ্রয়, স্থান। "ধর্ম্মস্যায়তনম্ রা ১.৪৪.১৩। রোগ° মনু ৬.৭৭। মূল° রঘু ৩.৩৬। তদেকায়তন কু স ৭.৫। ৪ বিশ্রামস্থান। ৫ আগার, গৃহ। "যজ্ঞস্যায়তনম্ রা ১ ১৩.৩৭। মন্মথ° মহা ৩.৪৬.১০। দেব° মনু ৪.৪৬; দেবতা° ৮.২৪৮। মঠ° (S W)। পঞ্চ ২ঙুঁহ্ব। কৃ উ ২১৩। ৬ পলালকূটাদির নিমিত্ত বিভক্ত ভূপ্রদেশ (মিতাক্ষরা); খামার। "যাজ্ঞ ২.১৫৭। ৭ বাস্তুভূমি, ভিটা। "ক.চ ৮৭। ৮ ব্যাবিনিদান (শ.ক)। ৯ (বৌদ্ধমতে) পঞ্চ ইন্দ্রিয় ও মন। ১০ (বাঙ্লায়) দৈর্ঘ্য ও প্রস্থের গুণফল; কালি (Area)। ১১ বিস্তার, প্রসার। "ললাটের আয়তন।—হেম ১।

আয়তলোচন বিণ [বহুব্রী; স্ত্রী -না] বিশালাক্ষ, দীর্ঘনেত্র। —ন বি [কর্ম্মধা] বিশাল নেত্র। "মে ৩৬।

আয়তি[১] স্ত্রী [আ+ √যম্+তি (ক্তিন্)-ভা; ছান্দস] ১ আয়াম, দৈর্ঘ্য। ২ প্রাপ্তি, প্রাপণ। "ক সা ২৪.১১৯। ৩ সঙ্গ; সঙ্গম। ৪ সংযম। "কেশনখানামায়তিভঙ্গঃ।—কাদম্বরী (ত বা)। ৫ হস্ত-প্রসারণ; বিস্তার। ৬ [+ √যা+অতি (ডতি) ভবিষ্যদর্থে-ক (অ টী); বিকল্পে '°তী'] যাহা আসিবে; আগামী কাল; উত্তর কাল। "°ক্ষম গো.রা ৪.১৪.৩২। আয়ত্যামসুখোদয়ম্ (কর্ম্ম) মনু ৪.৭০; °সংযুক্ত ৭ ১৬৩। স্থিরায়তি কি ১.২৩। ৭ কোষদণ্ডজ তেজঃ; প্রভাব। ৮ ফলদানকাল। ৯ সন্তান, পুত্রপৌত্র প্রভৃতি। ১০ [+অতি-ভা] আগমন (S.W.); সংযোগ, সংশ্লেষ। "তদায়তিঃ (দশকুমার)। [আয়তিক্ষম (বিণ)—আগামিকালে বৃদ্ধিযুত (কুলুক)। "মনু ৭.২০৮। আয়তিস্থ (বিণ)—উত্তরবয়ঃপ্রাপ্য (রা টীকা)। "রা ২.১০৬ ২০।]

আয়তি,[২] -তী বি [আয়ত+ঈ৮; অস আয়তী] আয়তযুক্তা, সধবা। "জন্ম-আয়তি শি ২০। —তি বি ১ সধবার চিহ্ন—শাঁখা শাড়ী সিঁদুর ইত্যাদি। "মায়ের আয়তি হাতে ক চ ২১৬। শাখা শাড়ী সিন্দুর চন্দন পান গুয়া। নাহি দেখি আয়তি কেবল আচাভূয়া॥—ভা.চ ১০৩; জীব বুঝাবার তরে, আপন আয়তি ধরে ৩৬১। ২ সধবাত্ব, এয়োত্ব। "পতির আয়তিচিহ্ন সোহাগ যাহাতে বা.প্র ১৯১। ৩ করতলস্থ পতির আয়ুসূচক রেখা।

আয়তীগব ব্য [অব্যয়ীভাব, নিপাতিত, পা ১.১.১৭, সি] যে সময়ে গোসমূহ গোচর হইতে গোষ্ঠে আসে, সেই সময়; গোসমূহের গোষ্ঠে আগমনকাল। "ভট্টি ৪ ১৪।

আয়ত্ত[১] বিণ [আ+ √যত্+ত (ক্ত)-ক; তু 'সং আদত্ত>প্রা *আয়ত্ত] ১ যে বশ হয় (অ.টী), বশীভূত, অধীন। "রা ১.৫৩.১৪। মনু ৭.৬৫। ভাগ্য° শ ৪.১৭। পু মে ১৬। দৈবায়ত্তং কুলে জন্ম মদায়ত্তং তু পৌরুষম্ বে ৩.৩৫। ২ কৃতপ্রযত্ন। "পরমায়ত্ত (পাঠান্তর) ভ ৮.৭.৫। ৩ বশ্য, বিনেয়। ৪ সাবধান। "দীয়তে দ্বন্দ্বযুদ্ধং তে…। সংতিষ্ঠ ক্ষিপ্রমায়ত্তো ভব রা ৭.১৯.১০। ৫ খিন্ন। "পরমায়ত্ত রা ২.৩৭ ১৬।

আয়ত্ত[২], আয়ত্ব বি [আইহ+ত্ব—মূল; অপ্র] এয়োত্ব। "আয়ত্তের সিন্দুর ম.ম ১৭৩। স্বামী এই হত, আমার আয়ত্ব, কিরূপে কর বিধান : আয়ত্ব-স্বভাবে, সর্ব্বকাল রবে কৃ ৩৬২।

আয়ত্তাধীন বি [আয়ত্ত+অধীন (একার্থক শব্দদ্বয়); 'আয়ত্ত' সাধু] অধীন। "পুত্র বিবাহিত হইলেও তাহার সুখ দুঃখ কতকটা পিতামাতারই আয়ত্তাধীন থাকে পা.প্র ৯৫।

আয়ত্তি স্ত্রী [আ+ √যত্+তি (ক্তিন্)-ভা] ১ অধীনতা, বশিত্ব। ২ সামর্থ্য। ৩ সীমা। ৪ দৈর্ঘ্য। তু 'আয়তি'। ৫ উত্তর কাল। তু 'আয়তি'। ৬ [+তি-ণ] উপায়। "অনায়ত্ত্যা তৎকল্পনম্।—শান্তিপর্ব্ব (ত.বা)। ৭ কোষদণ্ডজ তেজঃ; প্রভাব।

আযথাতথ্য ক্লী অযথাতথ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে; তু 'অযাথা-তথ্য'] অযথাতথভাব, অযথাযোগাত্ব। "মাঘ ২.৫৬।

আয়না বি [ফা আইনহ্; হি আই(ঈ)না, ঐনা; ঠ আইনা, আয়না, ঐনা; গু আইন; মৈ আয়না, ঐনা; আনা (চট্টগ্রাম)] ১ দর্পণ, আরশি। "তুমি আয়না, আমি পারা দা ২১২৩। কত জন্মে কত আয়নায় ক্ষণে ক্ষণে তার ছবি দেখলুম্—কত ভাঙা আয়না, বাঁকা আয়না, ধুলায় অস্পষ্ট আয়না ঘ ৭৩। ২ কাচ। "আয়না-বসান চুড়ি (গ্রাম্য)। [আয়নার বা আরশির মুখ, যেমন দেখাও, তেমনি দেখায়—ক্রিয়া-প্রতিক্রিয়ার সুসদৃশ অনুকরণের উদাহরণ।]

আয়ন্দা; আয়ব; আয়ব্যয়; আযমন; আয়মা, -মাদার, -মাদারী; আয়র[১] দ্র 'আইন্দা; অব৪; আয়১; আয়ত১; আএমা; আয়ড়'।

আয়র[২] ক্রি.বিঃ [দ্র 'আর২; অপ্র] আর, পক্ষান্তরে। "তোহ্মার অন্তরে তাক করিব শকতী। আয়র মানায়িবোঁ করী আশেষ যুগতী॥—শ্রী.কী ১৩; ১৫৯।

আয়ল ক্রি ['আগত'—মূল] ১ আগত, আইল। "আয়ল পিয়া মঝু লাগি বি.প ১২৭; আয়ল হরি ১৮৮। ২ আইলাম। "আয়ল-দূর পুর বণিজ সাধে। একলি বলি করহ জনি বাদে॥—গো ১২১। [আয়লু, আয়লু, -লুঁ—আসিলাম। "অনুসরি মুরলি. আয়লু এই ঠাম গো ১২১। কামে নাহি আয়ল—কাজে আসিল না; কার্য্যকর হইল না। "পিতল কাটারি, কামে নাহি আয়ল, উপরহি ঝকমকি সার বি.প ১১৭।]

আয়স বিণ [অয়স্+অ (অণ্) তদ্বিকারার্থে; স্ত্রী -সী; ছান্দস] ১ 'অয়োবিকার', লৌহরচিত, লোহময়। "আয়সং হৃদয়ম্ রা (S.W)। শয়নে তপ্ত আয়সে মনু ৮ ৩৭২। ২ ধাতুময়। ৩ [+অ তৎসম্বন্ধার্থে] লৌহসম্বন্ধী, লৌহবর্ণ। "মহা ৫ ৪৪.২৬। —স ক্লী ১ লৌহময় দ্রব্য; লৌহবিকার। "স চকর্ষ পরস্তাৎ তদ্ অয়স্কান্ত ইবায়সম্ রঘু ১৭ ৬৩। কু স ৬ ৫৫। ২ লৌহময় অস্ত্র; অস্ত্র। ৩ লৌহময় সচ্ছিদ্র বাদ্যবিশেষ। "আয়সেষু বাদ্যমানেষু।—কাত্যায়নশ্রৌতসূত্র (S.W)। ৪ লৌহময় কবচ; বর্ম্ম। ৫ [+অ স্বার্থে] অয়ঃ, লৌহ। ৬ (বাঙ্লায়; অপ্র) লোহার প্রেক; জলুই। "জীরণ শীরণ. আয়স ভিন্ন. অতি পুরাতন না।—জ্ঞা ১৩৬। —সী স্ত্রী [°স+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অঙ্গরক্ষিণী, জালিকা (অ চি)। ২ কবচ, বর্ম্ম। "আয়সী-আবৃত দেহ মে ২৪; আয়সী-সদৃশ দেবকুল-আম্বুকুল্য ১৫২; ১৯৩।

আয়স্ত বিণ [আ+ √যস্+ত (ক্ত)-ক] ১ আয়াসপ্রাপ্ত, খিন্ন, ক্লান্ত। "রামস্তু ভৃশমায়স্তঃ রা ২.২০৮; ৩০.২২। ২ চেষ্টিত, কৃতযত্ন। ৩ কুপিত। ৪ মৃত (নীলকণ্ঠ)। "নিত্যায়স্ত মহা ১৩ ১.২৬। ৫ [+ত-র্ম্ম] পীড়িত। ৬ উদ্দীপিত। "অনলঃ পবনায়স্তঃ হ ৯৯.৫৫। ৭ তীক্ষীকৃত। ৮ ক্রোধপ্রসারিত। "°নেত্র হ ৮৭.৭০। ৯ আয়াস দ্বারা প্রাপ্ত; কষ্টলব্ধ। "পথ্যাং পুতমনায়স্তমাহার্য্যম্ ভ ১১.২৫.২৮। ১০ আয়াসকর, কর্কশ (নীলকণ্ঠ)। "হ ৩২৩.২১। ১১ প্রতিহত (ত বা)।

আয়স্ত্রী বি [আইও>আয়ো, -য়; অপ্র] সধবা স্ত্রী। "মম সনে এলে হবে আয়স্ত্রী নিশ্চয় বা ম ৩৩৮।

আয়স্থান ক্লী [ষ.ত] ১ লাভস্থান, ধনাগমস্থান। ২ রাজার শুল্কশালা,

মণি-প্রভৃতির আকরস্থান। "পা ৬.৩.৭৫। ৩ (জ্যোতিষে) লগ্ন হইতে একাদশ স্থান [আয়স্থানে শনি—অর্থাৎ একাদশে স্থিত শনির দৃষ্টিতে যেমন আয় হয়, তেমনি ব্যয় হয়, কিছুই থাকে না।]

আয়া বি [P. Aia ; Spanish—aya (governess) ; E. Ayah ; অস আয়া ; তু 'আই'] শিশুর পরিচারিকাবিশেষ (Waiting maid)।

আয়াত¹ বিণ [আ+ √যা+ত (ক্ত)-ক] ১ আগত, স্থানান্তরপ্রাপ্ত। ২ প্রাপ্ত, গত। "কর্ণপথং নায়াতং শকুন্তলাপ্রত্যাদেশকৌলীনম্ শ ৬৪/৫। ৩ প্রাপ্ত, সমাগত, উপস্থিত। "আয়াতা মধুযামিনী যদি পুনর্নায়াত এব প্রভুঃ শৃ ২। —ত ক্লী [+ত-ভা] ১ উদ্রেক, আতিশয্য। "রাগায়াতে কি ৫.২৩। ২ (বাঙ্‌লায়) আগমন। "যাতায়াত। লোক-গতায়াত ন.প ১৬৬। —য়ান ক্লী [+অন (ল্যুট্)-ভা; ছান্দস] আগমন, উপস্থিতি। "আয়ানে বাসি বিদিতো রামস্ত বিদিতাত্মনঃ মহা (শ.ক)।

আয়াত² বি [আয়ত² > °ত; অপ্র] এয়োত্ব, এয়োর চিহ্ন শাঁখা ইত্যাদি। "চারি ছুঁড়ী বধুর আয়াত ঘুচে কার শ্রী ১৭৩। —য়াতি বি [আয়তি² > °তি; অপ্র] এয়োত্ব। "আয়াতি-বল দ্রু ২৫।

আয়াত³ বি [আঘাত > °ত (ঘা > হা > আ, য়া); অপ্র] ১ আঘাত। "অতিবেগে বহে ঝড়···ঘন ঘন আবর্ত্ত আয়াতা: আবর্ত্ত আয়াত ঘনে ঘন গ ১৬১; ভাঙ্গিয়া পাষাণ পড়ে আবর্ত্ত আয়াতে ১৬৪। ২ আঘাতজন্য শব্দ। "ঝপঝপ···জলের আয়াতা গ ১৫০।

আয়ান বি [সং অভিমন্যু > প্রা অহিমন্নু (য; প্রা.ম) > বা আয়িহন (শ্রী কী), আয়ান; সং অজ্ঞান > প্রা অয়াণ (প্রা.ম) > বা আয়ান (কৃষ্ণতত্ত্বে অজ্ঞান)?] রাধিকার স্বামী গোপবিশেষ। "আয়ানের নারী ব ১৪১। ঐ দেখ আসছে আয়ান, বংশীবয়ান বনমাঝে দা ২০১। [ইহার প্রকৃত নাম অভিমন্যু। ইহার পিতা গোল, মাতা জটিলা। গোল কৃষ্ণের মাতামহীর ভ্রাতা, সুতরাং আয়ান কৃষ্ণের মাতুল (ভ.গ্র ১৪২)। ইহার নামান্তর 'রায়াণ'—রায়াণকামিনী (ব্রহ্মবৈবর্ত্ত, শ্রীকৃষ্ণ-জন্মখণ্ড, ১১০ অধ্যায়)।]

আয়ানী বিং [আগেয়ানী > আয়ানী; তু 'সং অজ্ঞায়ক > প্রা অয়াণঅ (প্রা.ম)] জ্ঞানহীনা, মূঢ়া। "তোহে কহোঁ গোয়ালিনী আয়ানের রাণী। কেমনে জানিবা দান তুঁ বড় আয়ানী॥—পদকল্পতরু। [আয়ানী—আয়ানের রাণী (শ্লিষ্টশব্দ)।]

আয়াপান বি [Eupatorium Aya-Pana—Haughton] সোমরাজী-জাতীয় ওষধিবিশেষ।

আয়াম পুং [আ+ √যম্+অ (ঘঞ্)-ভা] ১ দীর্ঘীকরণ, প্রসারণ। ২ নিয়মন, নিয়ন্ত্রণ, সংযম। "প্রাণ° গী ৪.২৯। ৩ দৈর্ঘ্য। "পা ২.১.১। তির্য্যগায়ামশোভী পু.মে ৫৮। °বান্ মাঘ ১২.৬৫। আয়াম বিস্তার হয় দুইএক সম চৈ.চ ২৪। —য়ামিত বিণ [+ √যামি+ত (ক্ত)-র্ম্ম] ১ দীর্ঘীকৃত, প্রসারিত। ২ প্রদর্শিত (?—M.W.)। "আয়ামিত মন্ত্রবীর্য্য মহা ১২ (S.W)। —য়ামী (-মিন্) বিণ [+যম্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -মিনী] ১ আযমনকারক, নিগ্রহীতা। ২ [°ম +ইন (ইনি) অস্ত্যর্থে-১ব] আয়ামবান্, আয়ত, দীর্ঘ। "আয়ামি-যামাসু যামিনীষু কি ১১.৪৮।

আয়াস¹ পুং [আ+ √যস্+অ (ঘঞ্)-ভা] ১ অতিযত্ন, প্রচেষ্টা। ২ শ্রম, ক্লেশ। "বহুলায়াস (কর্ম্ম) গী ১৮.২৪। দ্রু ৫; আয়াস প্রয়াস-শূন্য ১৭। ঘর্ম্মবিন্দু খেলার আয়াস চৈ.ম ৪৯। না জানিল আয়াস ম.বি ১৯২। —য়াসক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -সিকা] ১ আয়াস-কারক, শ্রমকারী। ২ [+ √যাসি+অক-ক] আয়াসকর, শ্রমজনক। —য়াসিত বিণ [+ √যাসি+ত (ক্ত)-র্ম্ম] ১ পীড়িত, ক্লেশিত। ২ আরোপিতজ্য (চাপ)। "ভৃত্যোরায়াসিতকার্ম্মুকৈঃ।—পঞ্চ ১.৪১৬। [আয়াসে—প্রান্তি হেতু। "শ্রী.কী ৩৮৯।]

আয়াস² বি [আ আইআশ্—বিলাসী; আ'ইআশী—বিলাস] বিলাস, আরাম, সুখ। [°সী—বিলাসী, আরামপ্রিয়।]

আয়াস³ বি [আওআস > °স; অপ্র] ভবন, গৃহ। একো গোটা আয়াস ভুবনে অনুপাম ব.প ১২৮৪।

আয়াস⁴ সর্ম্ম [সং আ+ √যাসি > প্রা √আয়াস (প্রা.ম); অপ্র] ক্লিষ্ট করা; পীড়িত করা। "না চাহে পরাণ মোর আর আয়াসিতে, তোমায়!—মে ১৫২; আয়াসে আজি কে বৎসে! তোমারে ২৩৬।

আয়াসঘর বি [আয়াস²+ঘর, অপ্র] বিলাসভবন, শয়নগৃহ। "দুর্ব্বলা আয়াসঘরে বিছায় শয়ন ক.চ ১৫৯।

আয়াসী (-সিন্) বিণ [আ+ √যস্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -সিনী] ১ আয়াসকারী, যত্নশীল। "মনস্তু তদ্ভাবদর্শনায়াসি শ ২.১। ২ [+ √যাসি+ইন্-ক-১ব] আয়াসজনক, ক্লেশকর, পীড়ক। "কেন ভাই তুমি মোর সতত আয়াসী ম ৮১৭। ৩ [°স+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -সিনী] ক্লেশযুক্ত, শ্রান্ত (M.W.)। "আয়াসিনী ভৈলা আজি তোহ্মে কি কারণে শ্রী কী ১৩৫।

আয়ি, -য়ী বি [আই¹—মূল, ই > য়ি, য়ী] ১ মাতামহী। "এক বুড়ী মাত্র। তাহাকে আয়ি বলি ব.প্র ১২৫। হীরার আয়ী ব.স্বি ৩৪। ২ মাতা। "বাসলী আয়ী শ্রী.কী ৬৯। [আয়িবুড়ী—দিদিমাবুড়ী। "হীরার আয়িবুড়ী ব.স্বি ৬৮।]

আয়িল, -লা ক্রি [√আ⁶+ইল > আইল > আয়িল; অপ্র] ১ আগমন করিল। "আয়িলা···নারদ মুনী শ্রী কী ২। ২ পূর্ব্বভাব (সহজ ভাব) পাইল। "কৃষ্ণ পরশিল করে শরীর রাধার। বিহ্বলি আষ্টধাতু আয়িল তাহার॥—শ্রী.কী ২৮৯। আয়িলাহোঁ, -লোঁ—আসিলাম। "শ্রী.কী ২২০। আয়িলী (স্ত্রীলিঙ্গে)—আসিল। "জল লঞা ঘর আয়িলী আয়ানের রাণী শ্রী কী ২৯৩; বড়ায়ি আয়িলী ৩৮৯।]

আয়ু পুং, ক্লী [√ই+উ (উণ্)-ক, উ ১.২; ছান্দস—তু 'সং আয়ুঃ > লি আয়ু, প্রা আউ] ১ জীবিতকাল। "দীর্ঘায়ুত্ব।—ঋগ্বেদ থৈলিক সূক্ত ১.১-২৯। এইমত শতবর্ষ আয়ুদ্ধার তার দ্রু ২৭। °হীন মে ১৯৮। দিন দিন আয়ুহীন।—মাইকেল। ২ প্রাণ, জীবন। "বায়ুনা জগদায়ুনা। মহা ৩.১৪৭.২৭। ৩ পুরুরবার জ্যেষ্ঠপুত্র।

আয়ুঃ (-য়ুস্) ক্লী [√ই+উস্ (উসি)-ক, বৃদ্ধি, উ ২.১১৭; ছান্দস] ১ জীবিতকাল। "শতায়ুর্বৈ পুরুষঃ।—ঐতরেয়ব্রাহ্মণ। মনু ৪২৭। রঘু ৯.৬২। শত° হি ১২/১৩। লোকঃ পৃচ্ছতি সদ্বার্ত্তাং শরীরে কুশলং তব। কুতঃ কুশলমস্মাকম্ আয়ুর্যাতি দিনে দিনে॥ লোকে জিজ্ঞাসিলে বল, আছি ভাল প্রাণে প্রাণে। কোথায় কুশল তোমার আয়ুর্যাতি দিনে দিনে॥ —রামমোহন রায়। দীর্ঘায়ুরস্তু সী ২। ২ প্রাণ, প্রাণশক্তি। ৩ খাদ্য, অন্ন। ৪ ঘৃত। 'আয়ুর্বৈ ঘৃতম্। ৫ আয়ুষ্টোম যজ্ঞ। ৬ পুষ্যনক্ষত্র (M.W.)। —য়ুঃ পুং পুরুরবার পুত্র। [°শেষ (পুং)—১ আয়ুর অবশিষ্টাংশ। "হি ৩২/৫। আয়ুঃ-শেষতা॥—পঞ্চ ১২/২। ২ আয়ুঃসমাপ্তি।]

আয়ুকার '-জু-' ['আজুকার'—মূল, জু > য়ু (উচ্চারণসাম্যে; অপ্র)] আজকার। "আজুকার নাট গীতে মী ১৭।

আয়ুক্ত বিণ [আ+ √যুজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ ব্যাপারিত, নিয়োজিত। "পা ২.৩.৪০। আযুক্তো দূতকর্ম্মণি ভট্টি ৮.১১৫। ২ ঈষদ্যুক্ত। "আযুক্তো গৌঃ শকটে (সি)। ৩ সংযুক্ত, সংশ্লিষ্ট। —যুক্ত পুং নিযুক্ত পুরুষ; সচিব, মন্ত্রি-প্রভৃতি। "আযুক্তকর্ম্ম।—পঞ্চ ৩৬/৮।

আয়ুত বিণ [আ+ √যু+ত (ক্ত)-র্ম্ম] ১ মিশ্রিত। ২ অন্বিত, যুক্ত। "নানা দ্বিজগণায়ুত রা ২.৯৪.৪। নানারত্নাকরায়ুত মহা ৩.১৪৫.১৩। —য়ুত ক্লী ঈষদ্গলিত নবনীত।

আয়ুধ পুং, ক্লী [আ+ √যুধ+অ (ঘঞর্থে ক)-ণ ; ছান্দস] ১ 'যুদ্ধসাধন', অস্ত্রমাত্র। "উদ্যতায়ুধ। নিরায়ুধ মনু ৭.৯২। রঘু ৩.৬৩। মুক্তামুক্তৈরায়ুধৈঃ মাঘ ১৮.১১। °বৃষ্টি ম ১৯৭; °মন্দির ২২৯। [প্রহরণ (খড়্গাদি), পাণিমুক্ত (চক্রাদি) ও যন্ত্রযুক্ত (শরাদি) ভেদে আয়ুধ ত্রিবিধ।] ২ (বাংলায় ; অপ্র) লাঙ্গল। "আয়ুধের কড়কড়ি জুয়ালের মাঝে শি ৭৫।

আয়ুধজীবী (-বিন্), -আয়ুধিক, -ধীয় বিণ [আয়ুধ+ √জীব্+ইন্ (ণিনি)-ক-১ব, আয়ুধ+ইক (ঠঞ্),+ঈয়(ছ), 'তদাজীব' অর্থে] অস্ত্রাজীব। —বী, —ক, —য় পুং যোদ্ধ, সৈনিক। "°বী পা ৪.৩.৯১, °ক, °য় ৪.৪ ১৪। °ক মহা ১৬.৭.৩৬। °য় মনু ৭.২২২ ; মাঘ ১৮.১১।

আয়ুধপাল পুং [°ধ+ √পালি+অ (অণ)-ক, উ.ত] আয়ুধরক্ষক, অস্ত্রশালাধ্যক্ষ।

আয়ুধপিশাচিকা স্ত্রী [ষ.ত] অস্ত্রসম্বন্ধী দুষ্টবুদ্ধি, অস্ত্রধারণদুষ্পবৃত্তি, গর্হিতসমরবৃত্তি। "কিমনয়া···"কয়া ম চ ৩৯/৪।

আয়ুধব্যসন ক্লী [ষ ত] অস্ত্রসম্বন্ধী বিপদ্, অস্ত্রকৃচ্ছ্র ; আয়ুধভঙ্গ, খড়্গের কুণ্ডলাকার, জ্যাচ্ছেদ ইত্যাদি (মেধাতিথি)। "আয়ুধব্যসনপ্রাপ্ত মনু ৭.৯৩।

আয়ুধশালা স্ত্রী, **আয়ুধাগার** ক্লী [ষ ত] অস্ত্রগৃহ, সেলাখানা (Arsenal)। "°র ২ ৩.৪৪। °র মনু ৯.২৮০।

আয়ুর্দ্রব্য ক্লী [উ.লো] ১ আয়ুবর্দ্ধক দ্রব্য, ঔষধ। ২ ঘৃত। তু 'আয়ুর্ঘৃতম্ সা দ ২৯/৪।

আয়ুর্বল বি ['আয়ুব্বল'—মূল, অপ্র] আয়ুর বৃদ্ধি ; আয়ুপরিমাণ। "গো.চ ৫৯ ; ৬৮।

আয়ুর্বৃদ্ধি স্ত্রী [ষ.ত] জীবিতকালবৃদ্ধি, দীর্ঘজীবন।

আয়ুর্ব্বেদ পুং [ষ.ত] আয়ুর বেদ, অর্থাৎ লাভসাধন বা জ্ঞানসাধন শাস্ত্র ; চিকিৎসাশাস্ত্র। 'অনেন পুরুষো যস্মাদ্ আয়ুর্বিন্দতি বেত্তি চ। তস্মাদ্ মুনিবরৈরেষ আয়ুর্ব্বেদ ইতি স্মৃতঃ॥—ভাবপ্রকাশ। সুশ্রুত ১.১ ১৩। [ইহা অথর্ব্ববেদের অন্তর্গত। চরণব্যূহমতে, ইহা ঋগ্বেদের এবং শস্ত্রশাস্ত্র অথর্ব্ববেদের উপবেদ। প্রজাপতি চারি বেদ হইতে পঞ্চম বেদ আয়ুর্ব্বেদ প্রণয়ন করিয়া সূর্য্যকে প্রদান করেন। সূর্য্য তাহা হইতে স্বতন্ত্র সংহিতা করিয়া ধন্বন্তরি-প্রভৃতি ষোড়শ শিষ্যকে অধ্যয়ন করান। ইঁহারা প্রত্যেকে আবার এক এক খানি চিকিৎসাশাস্ত্র রচনা করেন। পরবর্ত্তী পণ্ডিতেরা এই তন্ত্রসিন্ধু মন্থন করিয়া নানা জ্ঞানরত্ন উদ্ধার করেন (ব্রহ্মবৈবর্ত্ত, ব্রহ্মখণ্ড, ১৬শ অধ্যায়)। শল্য শালাক্য কায়চিকিৎসা ভূতবিদ্যা কৌমারভৃত্য অগদতন্ত্র রসায়নতন্ত্র বাজীকরণতন্ত্র—এই আট ভাগে আয়ুর্ব্বেদ বিভক্ত (সুশ্রুত ১.১.৩)।]

আয়ুর্ব্বেদিক বিণ [°দ+ইক (ঠক্) 'তৎসম্বন্ধ' 'তদ্‌বেত্তা' অর্থে, স্ত্রী -কী] আয়ুর্ব্বেদসম্বন্ধী, আয়ুর্ব্বেদবেত্তা। —ক পুং বৈদ্য, চিকিৎসক। —র্ব্বেদী (-দিন্) বিণ [+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -দিনী] আয়ুর্ব্বেদবিৎ (বৈদ্য)।

আয়ুষ্কর, -স্কৃৎ বিণ [আয়ুস্+ √কৃ+অ (ট),+ক্বিপ্ (০), -ক ; উ.ত ; স্ত্রী -রী ; -কৃৎ] আয়ুর্বর্দ্ধনশীল, দীর্ঘায়ুঃপ্রদ।

আয়ুষ্কাম বিণ [আয়ুস্+ √কম্+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -মী] আয়ুঃপ্রার্থী, দীর্ঘজীবনার্থী।

আয়ুষ্কারণ ক্লী [ষ.ত] দীর্ঘায়ুর হেতু। "সা.দ ২৯/৪।

আয়ুষ্কাল পুং [কর্ম্মধা] আয়ুই কাল ; জীবিতকাল। "আয়ুষ্কাল খর্ব্ব হইয়া পড়িতেছে পা.প্র ১৪৬ ; ২০২।

আয়ুষ্টোম পুং [আয়ুষ্কর স্তোম, উ লো ; যস্ত] আয়ুর্বর্দ্ধক যজ্ঞবিশেষ।

আয়ুষ্মত্তা স্ত্রী [আয়ুষ্মৎ+তা (তল্) তদ্‌ভাবার্থে] আয়ুষ্মদ্ভাব, দীর্ঘজীবিতা। "আয়ুষ্মত্তার খর্ব্বতা পা.প্র ৭০

আয়ুষ্মান্ (-ষ্মৎ) বিণ [আয়ুস্+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ষ্মতী ; ছান্দস] ১ প্রশস্তায়ুর্যুক্ত ; চিরজীবী, দীর্ঘায়ু। "আয়ুষ্মন্তং সুতং সুতে মনু ৩.২৬৩। তুমি চিরায়ুষ্মতী হও ব.প্র ১২৫। ২ অভিবাদনে অভিবাদ্য কর্ত্তৃক অভিবাদক ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের প্রতি প্রযোজ্য বাক্যাংশ। "আয়ুষ্মান্ ভব সৌম্য মনু ২ ১২৫। ৩ (নাট্যে) রথীর প্রতি সূতের প্রযোজ্য শব্দ (সা.দ ৬.১৫০)। "যদাজ্ঞাপয়ত্যায়ুষ্মন্ শ ১৯/৪। ৪ পুত্রাদির প্রতি প্রযোজ্য সস্নেহ সম্বোধনশব্দ। "আয়ুষ্মন্ এহ্যেহি উ.চ ৬২/৩। —ন্ পুং ১ (জ্যোতিষে) বিষ্কম্ভাদির মধ্যে তৃতীয় যোগ। "ক চ ৭৯। ম.ম ১৬১। ২ আয়ুষ্মান্ যোগের নক্ষত্র কৃত্তিকা।

আয়ুষ্য বিণ [আয়ুস্+য (যৎ), পা ৫.১.১১১, বার্ত্তিক ; স্ত্রী -ষ্যা] ১ আয়ুঃপ্রয়োজন, আয়ুর্ব্বৃদ্ধিফল, আয়ুষ্কর। "রা ১.৪.২৮। ইদম্··· আয়ুষ্যম্ মনু ১.১০৬। ২ আয়ুর্বিষয়ক। "আয়ুষ্যবেদ ভ ২.৭.২১। —ষ্য ক্লী ১ আয়ুর্হিতকর অন্ন। "আয়ুষ্যং প্রাঙ্মুখো ভুঙ্‌ক্তে মনু ২.৫২। ২ 'স্বস্তি' ইত্যাদি আশীর্ব্বাদ। "আয়ুষ্যমপরে প্রাহুঃ রা ১.৪.২৫। ৩ দীর্ঘায়ুঃ, চিরজীবিত। "আয়ুষ্যং দেবদত্তায় ভূয়াৎ পা ২.৩.৭৩। পঞ্চ ২.৪৩। ৪ শিশুর আয়ুর্ব্বৃদ্ধিকর জাতকর্ম্মবিশেষ (পারস্করগৃহ্যসূত্র)।

আয়ুদ্ধার বি [অপ্র] আয়ুর উদ্ধার ; আয়ুনিরূপণ। "শতবর্ষ আয়ুদ্ধার দু ২৭।

আয়ে, আয়েন্দা দ্র 'আএ ; আইন্দা'।

আয়েব '-ব্' বি [আ অ'ইব্] দোষ, ত্রুটি, সংস্পর্শদোষ। "ভাতের কি কব পান পানীর আয়েব ভা.চ ৪৭৯ ; খানা পিনা আয়েব ৪৮০। পান পানীর আয়েব আ.দু ৫২।

আয়েস হি [দ্র 'আএশ ; আয়াস২'] ১ আরাম, সুখভোগ। "তিনি সন্ধ্যার পর দুই দণ্ড আয়েস করে থাকেন হু ৬। ২ রঙ্গরস-ভোগ, আমোদ-উপভোগ। "বেলেল্লা ছোঁড়াদের আয়েসে আশ মেটে না, প্রতিদিন তাদের নূতন নূতন টাটকা টাটকা রং চাই আ.দু ৯৪। ৩ বিলাসিতা, সৌখীনতা। "আয়েস খালি খোপা বাঁধা, নয় বিননো ঝারা।—হেম ৩৯০। [আয়েসী—আরামপ্রিয়, সুখাভিলাষী।]

আয়ো বি ['আইও'—মূল ; আইয়া (দিনাজপুর) ; অপ্র] সধবা স্ত্রী, এয়ো। "ক.চ ১১৯। আয়ো আসবে মঙ্গল গাইতেঃ আয়ো ভাণ্ডিতে··· জানি ঃ আয়োর উড়িবে প্রাণ ম.ম. ২৪। আয়োর উঠিল কলরোল শি ২৬।

আযোড় বি [অ+যোড়, অপ্র] যাহা যোড় খায় না বা মিলে না, তাদৃশ বিষয় ; অযুক্ত অসম্ভব বা অঘটন বিষয়। "আযোড় যোড়ন আঙ্কে করিবারে পারী শ্রী কী ১৪। [আযোড় যোড়ন—অযুক্ত বিষয়ের যোগ ; অঘটন-ঘটনা।]

আযোগ পুং [আ+ √যুজ্+অ (ঘঞ্)-ভা] ১ সম্যক্ যোগ ; সংযোগ। "ভ্রমরাযোগ গো.রা ৫.১৭.১৫। ২ ব্যাপার, ব্যাপৃতি। ৩ রোধ। ৪ নিয়োগ। ৫ [+অ-স্ম] গন্ধমাল্যাদির উপহার। ৬ [+অ-ধি] বেলা, কূল ; উত্তরণস্থান, তীর্থ, ঘাট।

আয়োগব পুং সর্থ 'অয়োগব'। "মনু ১০ ১২ ; ৪৮। —বী স্ত্রী সর্থ 'অয়োগবী'। "মনু ১০.১৫ ; ৩৫, ৩৬।

আয়োজন ক্লী [আ+ √যুজ্+অন (ল্যুট্)-ভা] ১ যোগ, সংযোজন, সংশ্লেষ। ২ উদ্যোগ, উদ্যম। "পুষ্পবিহীন পূজা-আয়োজন। —রবীন্দ্র। ৩ আহরণ, সংগ্রহ। "চারি যুগে আমার আয়োজন হয়, একত্রেতে করি চূর্ণ সমুদয় দা ৩৬৪। গৃহী ভাবে মিছা তুচ্ছ আয়োজন। —কথা ৪। ৪ (বাংলায়) আহৃত দ্রব্য বা দ্রব্যসম্ভার। "নিদয়াসাধের হেতু ঘরে ঘরে ধর্ম্মকেতু, চাহিয়া আনিল আয়োজন ক.চ ৪৪ ; জ্ঞাতিবন্ধুগণ আসে, বোঝাভার লয়ে আয়োজন ১২৩। —য়োজিত বিণ

[+ √যোজি+ত (ক্ত)-র্ম্ম] ১ আহৃত সংগৃহীত। ২ সম্যক্ সম্পাদিত; আরচিত। "কুসুমায়োজিতকার্ম্মুকো মধুঃ কু.স ৪.২৪। ৩ নিবেশিত, নিহিত। "আয়োজিতস্তপস্থাত্মা (কাদম্বরী)।

আয়োত, আয়্য(য়্যা)ত বি ['আয়ত্ব'—মূল; দ্র 'আয়ত্ত²; অপ্র] সধবাত্ব, এয়োত্ব। "অয়োতে যাউক কাল ক.চ ১৩; রাথ দাসীর আয়্যাত ১৯৪। তোমার আয়োত হ'তে নিতে নারে যম শি ৯৩। —য়্য(য়্যা)ত বি সধবার চিহ্ন—লোহা শাঁখা ইত্যাদি। "লোহামাত্র রাখিল আয়্যাত ক.চ ১৪০; পর্য়্যাছ আয়্যত ২২০।

আযোধন ক্লী [আ+ √যুধ্+অন (ল্যুট্)-ভা] ১ যুদ্ধক্রিয়া, যুদ্ধ। "কৌরবাযোধন মহা ১.২.৩১৬। রঘু ৫.৭১; ৬.৪২। শ্রী.মা ১৬। ২ [+অন-ধি] যুদ্ধস্থল। "শূন্যং ত্বাযোধনম্ গো রা ৩.৩২.৩২। আযোধনে উর উগ্রচণ্ডা শ্রী মা ১৫।

আয়োস্থয়ো, আয়্যোস্থয়্যো বি ['আইও-সুইও'—মূল] স্বামিসৌভাগ্যবতী নারী; পতিসোহাগিনী স্ত্রী। "আয়োস্থয়ো আনিতে বিজয়া দাসী চলে ক চ (অক্ষয়কুমার সরকার)। আয়্যোস্থয়ো আনিতে নিদয়া দাসী যায় ক.চ ১১৯।

আয়্য, -য়্যা, -য়্যো বি ['আইও'—মূল] সধবা স্ত্রী, এয়ো। "আয়্য দেয় জয় ক.চ ৪৭; আয়্যোর মিশালে: আয়্যোগণ ১১৯। শতেক আয়্যা রামা: শতেক আয়্যা ব.প ৪১৯।

আয়্য(য়্যা)ত; আয়্যা, -য়্যো; আয়্যোস্থয়্যো দ্র 'আয়োত; আয়্য; আয়োস্থয়ো'।

আর¹ পুং [আ+ √ঋ+অ (অচ্)-ক] ১ যে প্রতিকূল যায়; মঙ্গলগ্রহ। Cf., Gr. Ares। ২ 'মন্দগামী', শনৈশ্চর, শনিগ্রহ। ৩ [+অ-র্ম্ম; ছান্দস] দূর। তু 'আরাৎ'। ৪ মধুরাম্লফল বৃক্ষভেদ। —র পুং, ক্লী পিত্তল। "তাম্রারকোষ্ঠ ভ ১০.৪১.২০। —র ক্লী ১ প্রান্তভাগ। ২ মুণ্ডলোহ (Oxide of iron)। ৩ কোণ। "দ্বাদশ°, ষোড়শ°, সহস্র°। ৪ চক্রাঙ্গকাষ্ঠবিশেষ, আরা (Spoke)। তু 'অর'। —কূট উ.চ ৫.১৪।

আর² বিং [সং অপর >প্রা অবর, 'অরু' (পৈ) >বা আর; হি ঔর; প অর; ঠ আণি; মৈ আওর; ড় আবর; অস আরু] ১ অপর, অন্য। "আর যত রাজগণ ম ৩৩৬। আর কিছু হউক না হউক, ইহার মনের সুখ চিরকালের জন্য নষ্ট হইবে ব.প্র ৬; আর এক দারুণ উপদ্রব ৯, আর একখান পুস্তক ১৭; আর যেখানে যাই ৩৬১। আর কি পান জান না?—ব.দ্বি ২৬; আর বলতে লোক পেলেন না ৩৬। ২ ভিন্ন, পৃথক্, অন্যপ্রকার। "বিশ্বাসহানি এক কথা—আর এ আর এক কথা ব প্র ৩২০। যত্ন এক, ভালবাসা আর ব.দ্বি ২০। ৩ অন্যজাতীয়, অন্যপ্রকার। "আর বিষ খেলে, তখনি মরণ, এ বিষে জীবন শেষ চ.দা ১১৫। ৪ এতদ্ভিন্ন, ইহা ছাড়া। "বঁধু কি আর বলিব আমি চ.সা ৩২০। তৎসম্বন্ধে আর কিছু বলিলেন না ব.প্র ৩৬; আর একটু মাত্র ২১০; অনন্তের আর সব আমাদের কাছে নূতন ৪৫৮। আর দুই একবার সাক্ষাৎ হইয়াছিল ব.দ্বি ১৯০। ৫ দ্বিতীয়। "আর বার ম ৪৫; আর অস্ত্র মারি পদে করিবা বন্দনা ১৯১; ১৯২। এক মা বিরাটে, ওই মাতা আর ন ১১২৪। তাহার তুল্য আর এক জন পাওয়া ভার আ.দু ২৮। তাঁহার মত দুষ্ট লোক আর নাই ব.প্র ৩০৯। ৬ দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ইত্যাদিভাবে ক্রমিক। "এক কাল হৈল মোর নয়লি যৌবন। আর কাল হৈল মোর বাস বৃন্দাবন॥ আর কাল হৈল মোর কদম্বের তল। আর কাল হৈল মোর যমুনার জল॥—চ দা ১১৮। ৭ কোন-এক, এক। "আর দিনে মুনির পাইল দরশন ম ৩৫। আর দিন শিবভক্ত শিবগুণ গায়: আর দিন এক ভিক্ষু আইলা মাগিতে চৈ.চ ৬৩। ৮ পরবর্ত্তী। "আর দিনে প্রভুরে কহে চৈ.চ ৬২; ৯৭। ভ.গ্র ২১। অ.প ১২৬। ৯ অন্য, অর্থাৎ বিপরীত (তুলাদণ্ডসম্বন্ধে)। "আর দিগে স্বর্ণ দিলা রতি দুই মাত্র ভ.গ্র ১৮৩। ১০ অধিক, বেশী। "ভারত কহিছে মা গো কত বল আর। শিবের যে তিরস্কার সেই পুরস্কার॥—ভা চ ১০৩। বুঝেছি, আর বলিতে হবে না ব.প্র ৩৪৪। ১১ অধিকতর। "ইহাতে আরও ক্ষতি ব.প্র ৭। ১২ ইহার অধিক। "আমার আর বিদ্যা নাই যে তোমাকে দান করিব ব প্র ২৪। ১৩ অবশিষ্ট। "সে সব ফুরাঞা গেল দিন দুই তিন আর ব.প ৫৩২। ১৪ পূর্ব্ব, গত; পরবর্ত্তী, আগামী। "আর মাসে যখন এসেছিলাম, তখন বাড়ী ছিলে না। এ মাসে কিছু, আর মাসে কিছু দিয়ে ঋণ শোধ করব। ১৫ অব্যবহিতের পূর্ব্ব বা পর (কাল)। "আমি আর শনিবারে বাড়ী গিয়াছিলাম বা যাব। ১৬ ভিন্নপ্রকৃতি, অন্যভাবাপন্ন, অন্যরূপ। "তুমি রাগ করবে বলেই জগতে এক জিনিষ আর হবে না ঘ ৭১। —র বি ১ অন্য ভাব। "মুখে এক মনে আর ভা চ ৩১১। ২ অন্য একটা কথা। "আর শুন্যাছ ছোট মা সাধু আইল পুরে ক.চ ১৫২; আর শুন্যাছ খুল্লনা আছেন ভাল নাটে ২১৮। ৩ অন্য বা দ্বিতীয় একটি। "এমন না দেখি আর চাহিয়া ভারত ভা.চ ২৮৭। ৪ অন্য কিছু। "এই মোর মনে, হয় রাতি দিনে, ইহা বই নাহি আর চ দা ১২৭। ৫ অতর্কিত বিষয়, অভাবনীয় ঘটনা। "এক ভাবি, আর হয়। —র অব্য ১ এবং, ও। "মদিরা জন্মিলা আর হয় উচ্চৈঃশ্রবা ম ৯। বালী আর সুগ্রীব দুই বীর অবতার কৃ ২৪৯। দ্বারের দিকে চাহেন আর পাঠ করেন, পুনর্ব্বার চাহেন আর পাঠ করেন ব.প্র ১৭। এ বৈষ্ণবীই বা কে, আর বাড়ীই বা কোথায়, আর কুন্দের সঙ্গে এত ভাবই বা কেন?—ব.দ্বি ২৭। ধরে বেঁধে পীরিত আর ঘসে মেজে রূপ কখনই হয় না স.- ১৩। ২ পক্ষান্তরে, অপর দিকে, আবার। "বাগদিনী বলে আই মা এ আর কি রঙ্গ শি ৮৩। তাহে আর তুমি সে হইলে নিদারুণ জ্ঞা ১৫৯। আর যদি স্ত্রীলোক হও, তবে নিশ্চিন্ত হইয়া নিদ্রা যাও ব.প্র ৪; ১৩৯; বিশ্বাসহানি এক কথা—আর এ আর এক কথা ৩২০, আমার আর লজ্জা কি?—৩৫২। ধ ১৫২। ৩ পুনর্ব্বার; আবার। "নারীর যৌবন, গেলে না ফিরিবে আর চ.দা ১৪১। স্বর্গের দিকেও কভু চাহিবে না আর।—হেম ১৩৬। এই দেখি এই আছে এই নাই আর স.শ ৩০। আর দৃষ্টি ফিরিল না ব.প্র ৬; ৭; সুন্দরি! আর কথা কহ না যে?—৩১; ১৭০; যা ভাঙ্গে, আর তা গড়ে না ২৯৫; এ শরীর কি আর সারিবে?—৩০৯। ৪ অতঃপর, ইহার পরে। "আর না করিও দেরি চ দা ১৪১। তাঁহার সহিত কক্ষা আর রক্ষা নাই ব.প ৫৩২। তুই আর কেন যাতনা দিস?—কাদ ৬৫। আর এখানে দাঁড়াইব না ব.প্র ৮; এ বিষয় আর মনে স্থান দিও না ১৮, দিগ্গজের আর পান হইল না ৩০; দিন ফুরাল ত আর বিলম্ব করিব কেন? ৩০৯; আর কি জন্য থাকিব? ৩৪৫। ৫ অতঃপর, অর্থাৎ ভবিষ্যতে। "তাদৃশ অলৌকিক রূপরাশি আর কখন দেখিতে পাইবেন না ব প্র ৬। আর আমি এখানে থাকিব না ব.দ্বি ১১০। ৬ ইহ জীবনে, এ জন্মে। "চণ্ডীদাস বলে, বিলম্ব হইলে, আর না দেখিবে রাই চ দা ১৪২। ৭ এখন, এখনও। "কে আমারে আর পারে আর কারে ভয়?—ভা চ ৩৯০। রাজ্যে আর তাঁর বিচার নেই কু কে ৫৬। এ দগ্ধ হৃদয়কে আর কেন প্রবঞ্চনা কর ব.প্র ৬৮-; মথুরায় আমার আর স্থান নাই ১২; সে গায়কেরা আর নাই ৫৭৯। ৮ তাহার পরে; তখন। "বৃক্ষমূলে যে ধবল পদার্থ দেখিয়াছিলেন, তাহা আর তথায় নাই ব.প্র ৩৩; তিলোত্তমার আর ভ্রম রহিল না ৮৫। ৯ দ্বিতীয়তঃ। "আর আমি তোমার প্রভুকন্যার যে পরিচয় পাইলাম না, এই কথাই আমার হৃদয়ে স্মরণার্থ চিহ্নস্বরূপ রহিল ব.প্র ৮। ১০ তৃতীয়তঃ।

"মূর্খ তিন জন। যে আত্মরক্ষায় যত্নহীন, যে সেই যত্নহীনতার প্রতিপোষক, আর যে আত্মবুদ্ধির অতীত বিষয়ে বাক্যব্যয় করে ব.প্র ১২৮। **১১** তাহার পরে (বক্তব্য বিষয়সমূহের ক্রমান্বয়ে)। "আর বিলিতি গরম কাপড়? যত অসুবিধেই হোক, ও কিছুতেই চলবে না ঘ ১৩৯। **১২** তাহার উপরে; তাহাতে আবার (উদ্দীপনার ক্রমোৎকর্ষে)। "একে সে মোহন যমুনার কূল, আর সে কেলি কদম্বের মূল, আর সে বিবিধ ফুটল ফুল, আর সে শারদ যামিনী জ্ঞা ১২৫। একে মরি মনোদুখে আর গুরুর গঞ্জনা ব.প ১১০৮। একে ত বাদুয়া ভীমরুল আর আজ্ঞা পায়। লক্ষ লক্ষ ভীমরুল কাজির পেয়াদা খায়॥ —ম.ম ৫৮। **১৩** কস্মিন্ কালে, কখনও (অতীতে, ভবিষ্যতে)। "পাষাণে যে মূর্ত্তি অঙ্কিত হয়, পাষাণ নষ্ট না হইলে তাহা আর মিলায় না: দ্বিতীয়বার আর এ ভিক্ষা করিব না ব.প্র ৩৫; তাহার ন্যায় বালিকা আর দেখি নাই ১২০; আর আমি এমন করিব না ১৪৪। **১৪** অথবা, কিংবা, বা। "খাবে আর না খাবে বাঘে ফেলাইবে মারিয়া ব.প ৪৯। এ কথাতেই হউক, আর অগত্যাই হউক, আমি নিস্তব্ধ হইলাম ব.প্র ১১৫। সে বৈষ্ণবীই সাজুক, আর বাসুদেবই সাজুক সে বাড়ীর ভিতর দন্তস্ফুট হইবে না ব.দ্বি ৩৬; সূর্য্যমুখী দূরীকৃতই করুক, আর যাই করুক, যাওয়াই স্থির ৪১। **১৫** পুনঃ। "কখন পড়েন, কখন ভাবেন, আর বার পড়ে' আর বার ভাবেন ব.প্র ১৭। মরিবার এমন সময় আর পাইব?—কাদ ১১৭। **১৬** তাহার পরে আনুষঙ্গিকভাবে। "তুমি আমার সকল কথা তোমার সখীর সাক্ষাতে কহিও; আর কহিও যে, আমি কেবল একবারমাত্র তাঁহার দর্শনের ভিখারী ব.প্র ৩৫। **১৭** বিশেষতঃ, বিশেষভাবে। "এতদ্দেশীয় রাজকার্য্যসম্পাদনে এতদ্দেশীয় লোকই বিশেষ পটু, বিদেশীয়েরা তাদৃশ নহে; আর যুদ্ধে বা রাজ্যশাসনে রাজপুতগণ দক্ষাগ্রগণ্য ব.প্র ৯। **১৮** বাক্যদ্বয়ের পরস্পর বিরুদ্ধার্থস্থলে (বাক্যের প্রারম্ভে)। "আজ্ঞার লঙ্ঘন করিল একে, আর শাস্তি ভুঞ্জান্ দুজনকেই কৃ.কে ৫৬। আমার অন্নে উদর পূরাবি, আর আমাকে দুর্ব্বাক্য বলিবি?—ব.প্র ১২৪। **১৯** পূর্ব্বকথিতবিষয়ের স্বীকারে; ভাল, বেশ। "আর যদিই আমার অপ্রত্যয় জন্মিত, তবে আমি জনার্দ্দন শর্ম্মাকে জিজ্ঞাসা করিতে পারিতাম ব.প্র ১৬৯। **২০** পূর্ব্ব বিষয়ের প্রসঙ্গত্যাগপূর্ব্বক বিষয়ান্তরের আরম্ভে (বাক্যের প্রারম্ভে)। "আর নগেন্দ্র! এই কি তোমার এত কালের সুচরিত্র?: আর ছি! ছি! কুন্দনন্দিনী! তুমি চোরের স্পর্শে কাঁপিলে কেন? —ব.দ্বি ২৯। **২১** পূর্ব্বকথিত বিষয়ের কাকুমূলক অস্বীকারে। "ভোমরা ঘোরতর কোপবিষ্ট হইয়া বলিল,…আমি ছাড়া পৃথিবীতে তোমার অন্য চিন্তা আছে? গোবিন্দলাল।—আছে না ত কি? সর্ব্বে-সর্ব্বময়ী আর কি। আমি অন্য মানুষ ভাবিতেছি।—ব.প্র ২৮৩। **২২** কিন্তু। হীরা…জিজ্ঞাসা করিল,—হাঁ গা, কে গা? কৌশল্যা কহিল,… আমাদের ঘরের লক্ষ্মী, আর তোমার যম!—ব.দ্বি ৭৮। **২৩** অধিকন্তু, বেশীর ভাগে। "ভিক্ষা নাহি দিল আর ছোবাল কুকুর শ্রী ৩৬। তাহা হইল বিপরীত, আর কহ অনুচিত ভা চ ১৯৩। **২৪** তদবধি, সেই দিন হইতে। "মর্ম্মপীড়িতা প্রেমলতা আর কক্ষের বাহির হন না (প্রেমলতা)। **২৫** কোনপ্রকারেই, কোনরূপেই। "বড় বউমা ত আর মন্দ কথা বলেন নি (প্রেমলতা)। **২৬** তজ্জন্য এক্ষণে; তার ফলে এখন। "গরুর হাড় উঠেছে, আর দুধ দেয় না।—বঙ্কিমচন্দ্র। **২৭** পর পর ক্রিয়াদ্বয়ের 'অবিলম্ব' অর্থে; এবং তৎক্ষণাৎ। "গাছ থেকে প'ল, আর ম'ল। যাবে, আর আসবে। গালে ফেল, আর গেল লী ৩। **২৮** পূর্ব্বের ন্যায়; আগের মত। "বিশেষ এক্ষণে (তিলোত্তমা) চলিতেও আর পারেন না, জগৎসিংহের নিকট বসিয়াও থাকিতে পারেন না, সুতরাং স্বীকৃতা হইলেন ব.প্র ৮৭। **২৯** বাক্যালঙ্কার। "কুন্দের সে দিন আর মরা হলো না ব.দ্বি ২৯। ঝাঁটার বেগ আর থামে না ব.প্র ১৮১; মরণ আর কি—আমি কি তার চেয়েও কাল?—৩৪৬। কত যে হাব ভাব তার আর অন্ত নেই ঘ ১৩৫। **৩০** পূর্ব্ব বা পর শব্দের সহিত একার্থের প্রকাশে ব্যবহৃত (ভাষার রীতিবিশেষ)। "ক্ষণপরেই ঘরের ভিতর একটা বড় ঝড় উঠিল, 'তার পর, আর' (উভয়ই একার্থক) কেহ কোথাও নাই ব.প্র ৩৬১; উহা ভাল লাগিয়াছিল বটে, কিন্তু 'আর দ্বিতীয়বার' (উভয়ই একার্থক) শুনিতে চাহি না ৫৭৯। [আর আর—অন্যান্য। "আর আর গৃহীর গৃহিণী আছে যারা ভা চ ১০০। বিবাহের আর আর উদ্যোগ ব.দ্বি ৯। আর অমনি—এবং তৎক্ষণাৎ। "উঠ্‌ছি আর অমনি পেছু ডাক্‌ছ আ.দু ১৪৩। মৃণালিনী।—আমি স্পর্শেই বুঝিলাম যে, এ ব্যক্তি হেমচন্দ্র নহে। মণিমালিনী।—আর অমনি তুমি চীৎকার করিলে?—ব.প্র ১১৪। আর এক—তদ্‌ভিন্ন (অন্য) এক। "এ আর এক কথা ব.প্র ৩২০। আর একবার—আবার একবার। "আমি আর একবার তোমাকে দেখা দিব ব.দ্বি ৬। আরও, আরো—**১** অধিকতর, তীব্রতর। "আরো আঘাত সইবে আমার গী.লি ১০৩। **২** অধিকতর। "আরো দীনহীন চ.কা ৯৪। আরো কঠিন সুরে গী.লি ১০৩। লাবণ্য আরও প্রদীপ্ত হইল ব.প্র ৪৪; সে…বিমলার আরও নিকটে আসিয়া বসিল ৪৫। **৩** এতদ্‌ভিন্নও, এ-ছাড়াও। "যাক কতকাল আরো ঘুচুক সে দুখ।—হেম ১৩৫। আরও, পার যদি, উহার নিকটে একটি রাজহাঁস আঁকিয়া দাও ব.প্র ১১৩। **৪** এ-ছাড়া অন্যও। "শুধু কি তা—আরও আছে ব.প্র ৩০৩। **৫** তদপেক্ষা। "রজনী…আরও গুরুতর পীড়িত হইয়াছে ব.প্র ২৪৮। **৬** এবং নিশ্চিত। "আপনি মজিবে আরো মোরে মজাইবে ভা.চ ৩৩৯। **৭** এখনও। "আরো আরো প্রভু আরো আরো। এমনি ক'রে আমায় মারো মারো।—রবীন্দ্র। **৮** আবার, তাহার উপরে। "ঘরে পোষে চোর, আরো করে জোর ভা চ ৩৯৫; আরো যদি বাণী হয় সেই ৫২৮। **৯** দ্বিতীয়তঃ। "একে বুড়ী আরো কালা ভা.চ ২১৩। আর কখন—পূর্ব্বে কোন সময়। "তাহাদের আর কখন দেখি নাই ব.দ্বি ৭। আর কি—**১** আবার কি? "আর কি ছেলে হব! পথে ব'সে মুড়ি-মুড়কি চিঁড়ে ভাজা খাব!—প্রবচন। **২** অন্য কোনপ্রকার। "আর কি আছে আটক?—ভা চ ৭৮। **৩** অন্য কি, অর্থাৎ তদ্বিষয়ই। "হইল বই আর কি? (অর্থাৎ হইলই) ব.প্র ৪৫; পোড়া কপাল আর কি (অর্থাৎ পোড়া কপালই)—আমি কেন সে হ'তে গেলাম? —৩৪৩। অশ্রুজলের বাঁধ ভাঙে আর কি দ ১৩৪। **৪** অন্য কি? অর্থাৎ অন্য কিছু নয়। "আর কি? তুমি যাহা কর ব.প্র ৬৭। আরটী—দ্বিতীয়টি। "ম.গা ২। আর ত—নিশ্চিতই পুনর্ব্বার। "আর ত ব্রজে যাব না ভাই, যেতে মন নাহি চায় (গান)। আর নয় ত কি?—অর্থাৎ আরও। আর না—অতঃপর থাকা নহে। "আর না আর না এখানে আর না, আয়রে সবাই চলিয়া যাই!—গান ২০। আরু—আর। "কবহুঁ মুকতি নহে আরু শ্রী.ম ৭২। আরেক—অন্য এক; দ্বিতীয়। "আরেক কেন্দ্রে ঘ ১৮; আরেক দিন ৪৪। আরের—অন্যের, দ্বিতীয় ব্যক্তির। "একের দোষে মরে চণ্ডী আরের কি বা কথা ম.ম ১৯। একের কপালে রহে, আরের কপালে দহে ভা.চ ১৭। আরেরে[১]—অন্যকে। "সেও কি আরেরে বলে মন্দ ম.ম ১৮। আর্য্য—আরও, অধিকতর। "সবে আর্য্য কষ্টে মরে ব.প ২৯১।]

আরক বি [আ আ'রক্; P. Arraca; E. Arrack] **১** নির্য্যাস, রস, সত্ত্ব। **২** তরল ঔষধ; বোতলের পেটেন্ট্ ঔষধ (গ্রাম্য)। "ডি গুপ্তের আরক্।

আরক্ত বিণ [ত.পু] **১** ঈষৎ রক্ত; আলোহিত। "দেবতাবৃন্দের

রক্ত ও আরক্তবর্ণ ছত্র…দৃষ্টিগোচর হইতে লাগিল।—মহাভারত। ২ অতিলোহিত। "এ কথা শুনিয়া স্বর্ণ আরক্তলোচন।—পদ্যপাঠ, ১ম ভাগ। —ক্লী রক্তচন্দন (M.W.)।

আরক্তিম বিং [আ+রক্তিম; '°ক্ত' সাধু] ঈষৎ লোহিত; আলোহিত। "কিবা আরক্তিম বিভা৹ বিকাশে কপোলযুগ্ম ন ৯২৪। —মা বি [অপ্র] ঈষৎ লোহিতবর্ণ; আরক্ত। "বসন্তরায়…শোকেতে তাপিত হইয়া দুই চক্ষু আরক্তিমাতে রুদ্ধমান হইয়া কৃতাঞ্জলিরূপেতে নিবেদন করিতেছেন ব.প ১৬৯৭।

আরক্ষ বিণ [আ√রক্ষ্+অ (অচ্)-ক; স্ত্রী -ক্ষা] ১ সম্যক্ রক্ষাকারক; গোপক, রক্ষক। "শতসহস্রমারক্ষম্ ভট্টি ৮.৩৭। ২ [+অ (ঘঞ্)-র্ম্ম] রক্ষণীয় (শ.ক)। —ক্ষ পুং ১ গজকুম্ভ-সন্ধি। ২ গজকুম্ভের অধঃপ্রদেশ। "মাঘ ৫.৫। ৩ হস্তিমস্তক-চর্ম্ম। ৪ [+অ-ভা] রক্ষা, ত্রাণ। "°গত গো.রা ৫.৭৫.২। আরক্ষভূত মনু ৩.২০৪। —রক্ষক পুং [+ণুল্ (অক)-ক] রক্ষাকারক, রক্ষাপুরুষ, রক্ষী। —রক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] আরক্ষণ, ত্রাণ, রক্ষা। —রক্ষিক পুং [°ক্ষ+ইক (ঠক্)] রক্ষণে নিযুক্ত পুরুষ; রক্ষী। —রক্ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] আরক্ষণীয়, রক্ষিতব্য। "রাজ্যং হি দুরারক্ষ্যতমং মতম্ (পাঠান্তর) রা ২.৫২.৭২।

আরক্ষক, -রক্ষা, -রক্ষিক, -রক্ষ্য দ্র 'আরক্ষ'।

আরগিণ, -ন্ বি [E. Organ; শু আরগন] হারমনিয়মের মত শুষির বাদ্যবিশেষ। "আরগিণেতে মন ভুল্লো না, মন ভুলেছে চরকা দা ৭৫৮।

আরগ্বধ পুং [ঠ বাহরা] সোনালিগাছ (Cassia Fistula)।

আরঙ্গি বিং ['আরঙ্গী'—মূল; অপ্র] রঙ্গযুক্ত, রঙ্গিন। "আরঙ্গি ছত্র ম.গা ৪; ১২।

আরচিত বিণ [আ+√রচি+ত (ক্ত)-র্ম্ম] সম্যক্ রচিত; নির্ম্মিত, গ্রথিত।

আরজ '-জ্' বি [আ আ'র্জ্] ১ আবেদন, প্রার্থনা, আবেদনপত্র। "আরজ আমার রাখ শ্রী.মা ৪৪; আরজ এক লেখি ৫৯; ৬২। ২ অভিযোগ, নালিশ। "রাজারে আরজ করি রাখিব ধরিয়া শ্রী.মা ৯৬। আরজ করেঁাগে বি.সু ৮। তাহারে জিজ্ঞাস জাতি যে করে আরজ ভা.চ ৪১৬। ৩ অনুনয়, বিনয়।

আরজদাস্ত বি [আ আ'র্জ্. দশ্ত্] লিখিত প্রার্থনা, দরখাস্ত। "পুত্রেরদের আরজদাস্ত আনুযায়ি…মুহরিগিরিতে পদার্পণ হইলেন ব.প ১৬৮৪; ১৬৮৮।

আরজবেগী বি [আ আ'র্জ্.বেগী] যে রাজার বাদশাহের বা বিচারকের নিকটে দরখাস্ত-প্রভৃতি উপস্থাপিত (পেশ) করে, অথবা প্রভুকে অর্থীর কোন বিষয় নিবেদন করে; পেশকার। "ভা.চ ৪০৬; আরজবেগীরে কহে লহ পরিচয় ৪১৫; ৪১৬। সমুখে আরজবেগী ব.প ১৪৮৭। (আরজবেগী) নিবেদিল কোটাল আইল চোর ধরি ১৪৮৮।

আরজি, -জী বি [আ আ'র্জী] ১ আবেদনপত্র, দরখাস্ত। "E.P. 56. ২ নিবেদনপত্র, প্রতিবেদনপত্র (Report)। ৩ বাদীর অভিযোগের বর্ণনাপত্র। "আরজীর আর্টি ফরিয়াদীগণ সঙ্গে ভা.চ ৪০৬। ৪ অভিযোগ, নালিশ। "রাজার হুজুরে৹ আরজি করিয়া৹ ইহারে করিব ভোরা চ.সা ৬০।

আরট পুং [আ+√রট্+অ (অচ্)-ক] নট। —রটি স্ত্রী [+ই (ইন্)-ভা] আরাব, গর্জ্জন, মহাশব্দ। "মুক্তারটির্হস্তী পপাত ক.সা ৫.১২৩। —রটিত ক্লী [+ত (ক্ত)-ভা] আরাব।

আরট্ট, -ট্টক পুং, বহুব ১ পঞ্চনদের অন্তর্গত দেশবিশেষ। 'মহা ৮.৪৪.৩১; ৪০। মাঘ ৫.১০, মল্লিনাথ। ২ আরট্টবাসিগণ, বাহীক। "মহা ৮.৪৪.৪৪; ৪৫.২৯। [°ট্টজ (বিণ)—আরট্টজাত (অশ্ব)। "গো.রা ৫.১২ ৩৬। মাঘ ৫.১০।]

আরণেয় বিণ [অরণী+এয় (ঢক্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -য়ী] অরণীভব, অরণীস্থ, অরণীসম্বন্ধী। "°পর্ব্ব। —য় পুং অরণীজাত শুকদেব। 'অরণীং মমন্থ ব্রহ্মর্ষিস্তস্যাং জজ্ঞে শুকো নৃপ মহা ১২.৩২৪.৯। —য় ক্লী ১ অরণীহরণসম্বন্ধী পর্ব্ব; মহাভারতের বনপর্ব্বের শেষ পঞ্চ পর্ব্ব (৩১০-১৪)। "মহা ১২.৫৭। ২ অরণীসম্পুট, অর্থাৎ অরণীদ্বয় ও নির্ম্মন্থনদণ্ড। "মহা ৩৩১৩.২৭।

আরণ্য বিণ [অরণ্য+অ (ণ) 'তত্র ভব' অর্থে, পা ৮.৩.১০১, সি; স্ত্রী -ণ্যা] ১ অরণ্যভব, বনজাত, বন্য। বিপ 'গ্রাম্য'। "আরণ্যাঃ সুমনসঃ (সি)। °পশু মনু ১০.৪৮। ২ [+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -ণী] অরণ্যসম্বন্ধী, বনবাস সম্বন্ধী। "°কাণ্ড °পর্ব্ব। —ণ্য পুং ১ অকৃষ্টপচ্য ধান্যবিশেষ। ২ (জ্যোতিষে) সিংহ মেষ ও বৃষ রাশি; মকরের আদিম অর্দ্ধ। ৩ রামায়ণের অরণ্যকাণ্ড। ৪ মহাভারতের বন-পর্ব্ব। ৫ বন্য পশু; মহিষ বানর ঋক্ষ সরীসৃপ রুরু পৃষৎ মৃগ—এই সপ্ত পশু। "পা ৪.২.১২৯, কাশিকা। —ণ্য ক্লী সর্গ (১; ৫; ৬)। [°কাণ্ড (ক্লী)—রামায়ণের তৃতীয় কাণ্ড। "কৃ ১৯১; ২৩৬। °কুক্কুট (পুং)—বন্যকুক্কুট। °গান (ক্লী)—সামবেদের গানগ্রন্থবিশেষ। °পশু (পুং)—দ্র 'আরণ্য (৫)। °ব্রত (বি)—মুনিব্রত। "সী ৯। °মুদ্গা (পুং)—বনমুদ্গা, মুগানী। °রাশি (পুং)—দ্র 'আরণ্য (২)।]

আরণ্যক বিণ [অরণ্য+অক (বুঞ্) 'তত্র ভব' অর্থে, পা ৪.২.১২৯; স্ত্রী -ণিকা] ১ অরণ্যভব, বনস্থিত, বন্য (মনুষ্য পথ অধ্যয়ন ন্যায় বিহার মনুষ্য ও হস্তী)। ২ [°ণ্য+ক (কন্) স্বার্থে] আরণ্য, বন্য। "আরণ্যকং মধু রা ২.৩৬.৬। ৩ আরণ্যবাস-সম্বন্ধী। "°কাণ্ড রা (S.W.)। মহা ১৫.১৯.১৩। —ক পুং ১ অরণ্যভব মনুষ্য; মুনি-প্রভৃতি। "আরণ্যকোপাত্ত রঘু ৫.১৫। ২ তপস্বী, বানপ্রস্থ। "শ ২.১৩। উচ ২.১১। —ক ক্লী ১ অরণ্যে পাঠ্য ব্রাহ্মণের অংশবিশেষ। 'সেয়ং ষড়ধ্যায়ারণ্যেঽনূচ্যমানত্বাদারণ্যম্ (বৃহদারণ্যক)। "ঐতরেয়ারণ্যক, তৈত্তিরীয়ারণ্যক, বৃহদারণ্যক। ২ উপনিষৎ। "মহা ১.১.২৬৫; আরণ্যকে গুরুঃ ৫.১৭৫.১৩।

আরত[১] বিণ [আ+√রম্+ত (ক্ত)-ক] ১ প্রশান্ত। "°নিঃস্বন কি ৫.৬। ২ উপরত, বিরত, নিবৃত্ত। তু 'অনারত'। —রতি[১] স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ উপরম, নিবৃত্তি, বিরতি। ২ (বাঙ্লায় পদ্যে) অত্যন্ত রতি; অত্যনুরাগ, প্রেম। "আরতি ওর বি.প ৪৭। আরতি সমাধান বি.সা ১৯১। পতির আরতি জ্ঞা ১৭১। আরতি বাণী ব ১৯৪। আরতি-ইন্ধন জ্বালে বিরহ-অনলে ব.প ৮৩৮। বাঢ়ায় আরতি চৈ.ম ৮; অতি-আরতি-বিভোলা ৯। ৩ আসক্তি, তদ্গতচিত্ততা, তন্ময়তা। "আরতি দেই কামবাণে ক.চ ২০। আরতি কহনে না যায় জ্ঞা ১২; আরতি অমূল ৭৬। আরতি বিথার ব ৭৫; জানলু আরতি রাই ৭৭। ৪ আগ্রহপ্রকাশ, অনুরাগপ্রদর্শন। "আরতি না কর কানু বি.প ৮৩; ১৮০। ৫ একান্ত ইচ্ছা; অভিলাষ। "পুত্রের আরতি বি.পা ৫৫; মনের আরতি ৩১৭। আমার আরতি এক শুন তপোধন ম ৪৩১। ৬ দর্শনলালসা। "নয়ান আরতি নাহি ভজে রতিরসে ক.চ ১৬২। চাহিতে চাহিতে মনে না পুরে আরতি ব.প ৬৪৪। ৭ অভিরুচি। "সাজায় বিবিধ বেশ মনের আরতি।—প.র ৬। ৮ একান্ত অনুরাগ বা ভক্তি। "শ্রীকৃষ্ণে আরতি করে ভব তরিবারে চৈ.ম ১৩৮। ৯ মনোযোগ, অবধান। "আমার বচনে কর লক্ষ্মণ আরতি কৃ ১৬৭। ১০ রতি, সহবাস। "আমার বাপকে গোচরিআ নেই সম্মতি। তবে তুমি আমার ঠাঁই করহ আরতি॥—কৃ.উ ২০৪। ১১ কার্য্যে নিয়োগ; আদেশ। "কন্দর্পেরে পাণ দিয়া দিলেন আরতি ক.চ ২১; আরতি

পাইলু ১৮৯। করিব আরতি তোমার ম বি ৭২ ; ১৮০। বিষম আরতি ম.ভা ৩৮। গুরুর আরতি গো.চ ১৭৬। শ্রী ম ২১। কৃষ্ণের আরতি ভ.গ্র ১৬৫। [আরতি কুলান—আদেশ পালন করা। "আজিকার যুদ্ধে তুমি কুলাবে আরতি কৃ ২৬৫।]

আরত[২] বিং [আর্ত্ত > (স্বরাগমে) আরত ; হি, মৈ আরত ; পদ্যে] ১ আর্ত্ত, পীড়িত, কাতর। "কশ্যপ বলেন প্রার্থী আরত হইয়া। মহাতাপে সভামধ্যে পড়য়ে আসিয়া॥—ম. ৩৫৭। ২ আকুল, কামাতুর। "মুঞি অতি বালী সো আবত নাহ বি.প ৭৩। —ত বি আর্ত্তি, পীড়া, ক্লেশ। "°ভঞ্জন ম ২৮৯ ; ২৯২। কৌণ্ডের আরত জানি আরতভঞ্জন জ ৭৮। ভকত-আরত-খণ্ড ব প ৮৯৫। —তি[২] বি [সং আর্ত্তি > (স্বরাগমে) আরতি ; হি, মৈ আরতি ; পদ্যে] ১ আর্ত্তি, পীড়া, বেদনা, দুঃখ। "আরতি রতি দুহু নহ সমতুল বি.সা ১৯২। নিগূঢ় পিরীতি খানি আরতির ঘর চ.দা ১১৮। ২ ব্যাকুলতা, বিহ্বলতা, কাতরভাব। "আরতি না কর শ্রী.কী ৩৯১। না কর আরতি হর গ ১৪৮। ম. ৪৩৯। ৩ বিপদের আশঙ্কা। "গোকুলে বসতি॰ ইথে কি আরতি॰ কংসের যোগানী মোরা চ সা ৬০। [আরতগণ্ড, আবতভঞ্জন—আর্ত্তিহর, ক্লেশনাশক।]

আরতি[১] ; **আরতি**[২], **-আরতভঞ্জন** দ্র 'আরত[১]' ; আরত[২]।

আরতি[৩] বি [সং আরাত্রিক > প্রা আরত্তিঅ, -য (প্রা.ম) > বা আরতি ; হি °তী ; ঠ °ত, -তী ; ড °তি] দেবপ্রতিমার সম্মুখে প্রজ্বলিত-দীপাবলী ধৌতবস্ত্র প্রভৃতির যথাবিধি আবর্ত্তন ; নীরাজন (শ.ক)। "পঞ্চদীপ জ্বালি তেঁহ আরতি করিলা গো ৪৩। জয় জয় আরতি গৌরকিশোর ন.প ২০৪। প্রদোষ-আরতি-দরশনে ভ.গ্র ১৮৪। (তাহারে) আরতি করে চন্দ্র তপন।—রবীন্দ্র।

আরতিল বিং [আরতি[২]+ইল ; অপ্র] আর্ত্তিযুক্ত, দুঃখিত। "দেখিল পাকিল বেল গাছের উপরে। আরতিল কাক তাক ভখিতেঁ না পারে॥—শ্রী.কী ৪৫ ; তোহ্মার কারণে আরতিল জগন্নাথ ৯৯।

আরতী বি [আরতি[১] > °তী ; অপ্র] ১ আদেশ। "রাধার আরতী শ্রী.কী ৩৮৯। ২ [আরতি[২] > °তী ; অপ্র] ব্যাকুলতা। "আরতী কিছু নাহি ফল শ্রী কী ১৩০ ; ১৯২।

আরদালি, -লী বি [E. Orderly] আদেশপালক ভৃত্য ; রাজপুরুষের আজ্ঞাকারী ভৃত্য ; চাপরাসী। "°লি হু ২০৪। আরদালী স.এ ৩৬, ৫৫।

আরদ্র বি ['আর্দ্রক'—মূল ; অপ্র] হরিদ্রা (এই অর্থ ভ্রমাত্মক)। "আরদ্র মাখিয়া কেবা॰ সারদ্র বনাইল রে॰ ঐছন দেখি পীতাম্বর চ.দা ৪।

আরনাল, -নালক ক্লী [?] কাঞ্জিক। "অত্রি ২৪৬।

আরন্দ, আরান্দো বি ['অরন্ধন'—মূল] ভাদ্র মাসে অনুষ্ঠেয় মনসা-পূজার পর্ব্ববিশেষ (এই দিনে রন্ধন নিষিদ্ধ, পূর্ব্বদিনের পর্য্যুষিত অন্নাদি ভক্ষণ করিতে হয়)। "ভাদ্দর মাসের আরন্দটি বড় ধূমে গ্যাচে হু ২৬১। তোর বাবুর বাড়ী আমি কি আরান্দো খেতে এইচি? —স এ ২৩।

আর(রা)ব[১] পুং [আ+ √রু+অ (অপ্, ঘঞ্)-ভা] ১ রব, ধ্বনি, শব্দ। "কলকলারব (S.W.)। শকুনৈর্দারুণারবৈঃ র৷ (S.W.)। অপূর্ব্ব আবব শ্রী.মা ৩০। ভৈরব আরবে সহসা পূরিল বিশ্ব মে ২০৭। অস্ফুট আরাব।—হেম ১২৭। ২ উচ্চৈঃ রব ; ভীষণ শব্দ ; মহাধ্বনি। "জলদরারাবরৌদ্র মহা ১.২১.৯। আগুণ হইল ঘোড়া অরুসে আরব শ্রী মা ২০৩। পশিল সে স্থলে আরাব মে ২৬ ; দেশ পূরিল আরবে ১৩২। ৩ গর্জ্জন, গর্জ্জিত। "বারিধরারবভীরু মাঘ ৬.৩৮। ৪ (বাঙলায় ; অপ্র) মিষ্টরব, সুস্বর। "বিদ্যাধরী…আরবে করয়ে গান শ্রী.মা ৫২। —রাবী (-বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -বিণী] আরাবকারক, উচ্চৈঃশব্দকারক, নিনাদী। "মেঘগম্ভীর-আরাবী (বৃষভ) প.তৃ ১৫। [সমাসে উত্তরপদ]।

আরব[২] '-ব্' বি [আ আ'রব্] ১ দেশবিশেষ (Arabia)। ২ [E. Arab] আরববাসী। "আরব বেদুয়িন চ.কা ৭৫। উষ্ট্র আরবদিগের যার পর নাই উপকারী (শিশুশিক্ষা, ৩য় ভাগ)।

আরবার ক্রি বিং [আর[২]+বার ; অস আরুবার] অন্যবার, পুনর্ব্বার, আবার, দ্বিতীয়বার। "যদি আসি আরবার গ ১০৬ ; ভগীরথ গেল আরবার ১৫৮। মুনি কহে আরবার অ.প ৬। কৈল আরবার ম ৬৩। আরবার আন চৈ.ভা ২১৬। আরবার শ্রীযুক্ত হইল সুরপতি ম.ম ৪৫ ; ১৩২ ; ১৩৩। দিন যায়, রাত্রি যায়, আবার দিন আসে ; আরবার দিন যায়, রাত্রি আসে।—ব.প্র ১০১।

আরবেলা বি [দ্র 'আলবলা'] দীর্ঘনলযুক্ত হুকা ; গড়গড়া। "চৌদ্দশত দরবেশ চলে আরবেলা হাতে ব.প ২৫৪।

আরব্ধ বিণ [আ+ √রভ্+ত (ক্ত)-র্ম্ম] কৃতারম্ভ, প্রক্রান্ত। 'সী ৪। —ব্ধ ক্লী [+ত-ভা] আরম্ভ, উপক্রম। —রভ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] আরম্ভণীয়। —রম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা, ন্ (নুম্) আগম] ১ প্রথমকৃতি, উপক্রম। "নৃত্যারম্ভ পু মে ৩৭। ২ উপোদ্ঘাত, প্রস্তাব। ৩ উদ্যম, উদ্যোগ। "চিত্রার্পিত° রঘু ২.৩১। ৪ গৃহাদিনির্ম্মাণোদ্যম। "গী ১৪.১২। ৫ বধ, বিনাশ। তু 'আলম্ভ'। ৬ ত্বরা, বেগ। "চণ্ডারম্ভঃ সমীরঃ বে ২.১৯। ৭ উৎপাদনব্যাপার। "দ্রব্যারম্ভ।—ভাষাপরিচ্ছেদ ২৭। ৮ অনুষ্ঠান। "°রমণীয়তা উচ ৪$\frac{০}{১}$। ৯ [+অ-র্ম্ম] কর্ম্ম, কার্য্য। "আগমৈঃ সদৃশারম্ভ আরম্ভসদৃশোদয়ঃ রঘু ১.১৫ ; °সিদ্ধি ৭.৩১। সর্ব্বারম্ভপরিত্যাগী গী ১২.১৬ ; ১৮.৪৮। কৃষ্ণেতে আটকি চিত্ত সর্ব্বারম্ভ ত্যাগি ভ.গ্র ৩১৪। ১০ উপায়। "কু.স ৭৭১। ১১ আরব্ধবিষয়। ১২ [+অ-ধি] প্রস্তাবনা। —রম্ভক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ম্ভিকা] আরম্ভকারক। "পা ৭.১.৬৩, কাশিকা। —রম্ভণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আরম্ভ। "ম ৭০৫। কু ২৪। যজ্ঞ-আরম্ভণ দু ৯৭। ২ [+অন -র্ম্ম] আরব্ধ বিষয়। ৩ [+অন-ণ] উপাদানকারণ। —রম্ভণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] আরম্ভযোগ্য। —রম্ভী (-ম্ভিন্) বিণ [+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব. স্ত্রী ম্ভিণী] আরম্ভযুক্ত, সদা কার্য্যে ব্যাপৃত। "যাজ্ঞ ৩.১৩৮।

আরভট পুং [কর্ম্মধা] ১ শীঘ্রগামী ভট, বীর, শূর। ২ বীরত্ব, শৌর্য্য (A.)। —টী স্ত্রী [আরভট+অ (অণ্) তৎসম্বন্ধার্থে+স্ত্রী ঈ (ঙীস্)] ১ আঙ্গিকাভিনয়প্রাধান্য হেতু যাহা অরভটসম্বন্ধী বা অনলসসম্বন্ধী (অ.চি) ; (নাট্যে) অর্থবিশেষযুক্ত রচনাভেদ ; বৃত্তি (Style)-বিশেষ। "সা.দ ৬.১২২ ; ১৩২, -৩। ২ (বাঙলায় ; অপ্র) সুকৌশল বিচিত্র বাক্যবিন্যাস। "কথা কহে পরিপাটী, নারদের আরভটী, স্ফুরিত অধর দোলে অঙ্গ চৈ.ম ১৬।

আরমণ ক্লী [আ+ √রম্+অন (ল্যুট্)-ভা ; ছান্দস] ১ আরাম, বিশ্রাম। ২ আনন্দলাভ। ৩ [+অন-ধি] বিশ্রামস্থান।

আরমানি, -নী বি [E. Armenian] আরমিনিয়া-(Armenia)-দেশবাসী জাতিবিশেষ। "আরমানি গির্জ্জা। [°নী খোপা—আরমানী স্ত্রীলোকের খোপার মত খোপা। "দা ৩৭৩। °নি ঝুঁটি—আরমানি মেয়েদের ঝুঁটির মত ঝুঁটি। "আরমানি হয়েছে ঝুঁটি দা ২০৯৪। °নি বিবি—আরমানী ভদ্রমহিলা। "রাজকন্যা আরমানি বিবি লী ৫।]

আরম্ভ[১] সর্ম্ম [সং আ+ √রভ্ > প্রা √আরম্ভ (হে ৪ ১৫৫) ; হি, ঠ √আরংভ ; অস √আরম্ভ] আরম্ভ করা। "আরম্ভিলা মদনের যাগ ভা চ ৩৫৮ ; আরম্ভিতে ; আরম্ভিয়া ৪০৪। আরম্ভিল শ্রী ম ২৬৩। আরম্ভিলা মা ১০১।

আরম্ভ, -ম্ভক, -ম্ভণ, -ম্ভণীয়, -রম্ভী দ্র 'আরব্ধ'।

আরশি, -শী, -সি, -সী বি [সং আদর্শ>প্রা আয়রিস (হে ২.১০৫), আদরিস (অ রা) >বা (আরিশ, -স) আরশি,-শী, -সি, -সী ; হি আরস, -সী ; ঠ অরশী, -সা, সী. আরসা, -সী] দর্পণ, আয়না। "অবশে আরশি করে পসল হামারি গো ৪৯। আরসিতে মুখ হেরি ভা.চ ৭৩৯। সরসী আরসী মোর মে ১১৬। শোভিতেছে যেন বন প্রকৃতির, পুষ্পিত কাঠামে আরশীবর ন ৯০২। মানসসরসী, তেমনি আরসী স্ব.প্র ১৪। ধরিল সমুখে আরশি।—রবীন্দ্র। হে সরসী! তুমি তারার আরসী কু.কে ৫০। গৃহের আরসী অ.গু ১০। [আরসীর মুখ দেখা—(সাদৃশ্যে) অনুকরণে উভয়ের অনুরূপ কার্য্য করা। "আরসীর মুখ দেখা ; তুমি ভেংচোও, ভেংচোবে হাস হাসবে গি.দ্বি ১১৮।]

আরস(সু)লা, -সুল্লা বি [আর (?)+সলা (শলভ)] তৈলপায়িকা, তেলাপোকা। "আরসুল্লা···একখান কাণফোঁড়া থাতা কাটিয়া ফেলে য ৫। [আরসলা আবার পাখী—(সাদৃশ্যে) অযোগ্যকে অনুরূপ নামাদিতে অভিহিত করার জন্য উপহাসপ্রকাশে।]

আরসা বিং ['অরস'—মূল ; দ্র 'আ'৩, অপ্র] রসহীন, জলশূন্য, শুষ্ক। "পুথুবী কাঁদাএ লইব ভূমখানি। আরসা হইলে জেন ছিচএ দিব পানি॥—শূ ১০৮।

আরসি, -সী ; আরসুলা, -সুল্লা দ্র 'আরশি ; আরসলা'।

আরা১ স্ত্রী [আর১+স্ত্রী আ (টাপ্), ছান্দস] ১ চর্ম্মকারের অস্ত্রবিশেষ (Awl) ; চর্ম্মপ্রভেদিকা, ফোঁড়। ২ প্রতোদ, অঙ্কুশ। "মাঘ ১৮.৭। ৩ তর্কু, টেকো (ত.বা)। ৪ [ঠ—আর, -রা] চক্রাবয়ববিশেষ (Spoke—A.)।

আরা২ বি [আর২>আরা ; বৈষ্ণবসাহিত্যে] অন্য। "তুয়া বিনা গতি নাহি আরা বি.প ২১৯। —রা ক্রি.বিং পুনর্ব্বার, আবার। "ঐ সন রস নহি পাওব আরা বি.সা ২৫।

আরা৩ বি [সং অর, আর ; ঠ আর, -রা ;] সর্থ 'আরা১ (৪)।

আরাকর বি [ফা অর্‌রহ্ কশ্ ; আড়াকুশি (চব্বিশপরগণা) ; ঢাকুইদার (যশোহর)] যাহারা করাত করে, অর্থাৎ করাত দিয়া কাঠ ফাড়ে ও তক্তা করে ; করাতী (Sawyer)।

আরাৎ ব্য [আর১+আৎ (পঞ্চম্যন্ত)] ১ দূর, দূর হইতে। "উ.চ ২.২৩। মাঘ ৮.২৯। ২ সমীপ, সমীপে। "আরাদভিবর্ত্তমান রঘু ২.১০। ভট্টি ২.১৭। মাঘ ৩.৩১।

আরাত্রিক ক্লী [অরাত্রি+ইক (ঠঞ্) 'তত্র নির্বৃত্ত' অর্থে] ১ যাহা অরাত্রিতেও, অর্থাৎ রাত্রিতে এবং দিবসেও, নির্বৃত্ত হয় ; নীরাজনকর্ম্ম, আরতি। "°মহোৎসব ভ.গ্র ২৯১। আরাত্রিকসুখ ন.প ২০৪। ২ নীরাজনার্থ দীপ ; পঞ্চপ্রদীপ। "প্রজ্বালয়েৎ···আরাত্রিকং বিষমানেকবর্ত্তিকম্ (হরিভক্তিবিলাস)। ৩ নীরাজনপাত্র (শ.ক)।

আরাধ সর্ম্ম [সং আ+√রাধি>প্রা √আরাহ (প্রা.ম)>বা √°ধ ; হি, ঠ √°ধ] ১ আরাধনা করা ; সেবা বা ভজনা করা। "আরাধ শঙ্কর ঃ আরাধ পশুপতি কৃ.উ ২১২। আরাধিয়া পশুপতি ক.চ ১৪। ২ সেবা দ্বারা সন্তুষ্ট করা। "সর্ব্বচিত্ত নারি আরাধিতে চৈ.চ ৮২। ৩ কাতরভাবে নিবেদন করা। "আরাধিনু বসুধারে,—···তব বক্ষঃস্থলে, লহ অভাগীরে, সাধিব !—মে ১৩৯।

আরাধক বিণ [আ+√রাধি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ধিকা] আরাধয়িতা, সেবক, পূজক। —রাধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সেবন, পূজন, উপাসনা। "কু.স ১.৫৮। সমস্তমারাধনমচ্যুতস্য (বিষ্ণুপুরাণ)। গী ৭.১২। রূপ ধরিয়ে বিকসিবে প্রাণের আরাধন।—রবীন্দ্র। ২ প্রীণন, তোষণ, অনুরঞ্জন। "আরাধনায় লোকস্য উ.চ ১.১২। ৩ সৎকার, সম্মাননা, সমাদর "উ.চ ৪.১৭। ৪ সংসিদ্ধি। "মন্ত্রারাধনতৎপর।—ভর্ত্তৃহরি। ৫ নিষ্পাদন, সাধন ; ওদনাদিপচন। ৬ [+অন -ণ] আরাধনসাধন, পূজাসাধক। "সতামারাধনং বপুঃ কু.স ৬.৭৩। —রাধনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] উপাসনা, সেবা, সাধনা, পরিচর্য্যা, উপচার, প্রসাদনা (অ.চি)। —রাধনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] উপাস্য, প্রসাদনীয়, সেব্য। "রঘু ১৬.৮২। —রাধয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] ১ সর্থ 'আরাধক'। ২ শুশ্রূষাকারক, পরিচারক। "নম্বয়মারাধয়িতা জনস্তব সমীপে বর্ত্ততে শ ৩।১৬। —রাধয়িষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক, দ্র 'পা ৩.২.১৩৬ ; স্ত্রী -ষ্ণু] আরাধনশীল। "মুনিমারাধয়িষ্ণবঃ গো.রা ৩.১৭.৩০। —রাধিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উপাসিত, সেবিত, পূজিত। "আরাধিতো যদি হরিস্তপসা ততঃ কিং, নারাধিতো যদি হরিস্তপসা ততঃ কিম্।—নারদপঞ্চরাত্র। চৈ.ম ৯৪। ২ তোষিত, প্রসাদিত, প্রীণিত। —রাধ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ সর্থ 'আরাধনীয়'। "আরাধ্যঃ স শিবঃ ক.সা ২১.১৪০। ভবারাধ্যা ভবোপরি শোভে ভবভামিনী।—শ্যামাসঙ্গীত। কৃ.কে ৪৯। ২ প্রসাদনীয়, তোষণীয়। "দুরারাধ্যা হি রাজানঃ।—পঞ্চ ১৬৮।

আরান্দো ; আরাব, -রাবী দ্র 'আরন্দ ; আরব১'।

আরাম১ পুং [আ+√রম্+অ (ঘঞ্)-ভা ; বৈদিক] ১ আরতি, সুখানুভব। "আত্মারাম বে ১.২৩। ২ আরমণ, আক্রীড়া (শঙ্কর), সেবন। "ইন্দ্রিয়ারাম গী ৩.১৬। ৩ আনন্দ। ৪ [+অ-ধি] কৃত্রিম বন ; উদ্যান। "ক্ষেত্রারামবিবর্জ্জিত রা ২.৫২.৯৮। মনু ৮.২৬২ ; ২৬৪। চৈ.চ ১৫৭ ; পুষ্পারাম ১৬০। তুলসী-আরাম ম ১০৮৩। ৫ অকৃত্রিম বন (শ্রীধর)। "ভ ৭.২.১৪। শ্রী.মা ৭৫। ৬ ক্রীড়ার্থ বন (শ্রীধর) ; প্রমোদবন। "ভ ১.১১.১৩। চৈ.চ ২৫। ৭ পুষ্পফলোপচয়হেতু ভূভাগ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.১৫৪। ৮ বিশ্রামভবন। "আরামের বাহিরে বানর সারি সারি কৃ ৩৭১। ৯ আশ্রয়, আধার, ভাজন। "গুণারাম ম.চ ৭.৪০। ১০ ষোড়শ-'র'-গণযুক্ত দণ্ডকচ্ছন্দোবিশেষ। [°শীতলা (স্ত্রী)—সুরভিপত্রযুক্ত বৃক্ষবিশেষ ; রামশালীগাছ।]

আরাম২ বি [ফা আরাম্ ; Av. Rāma—ease] ১ বিশ্রাম, কার্য্যবিরতি। "শুন হে ভ্রমর ভাই, কেন খাট একজাই ? শরীরে আরাম চাই (পদ্যপাঠ, ১ম ভাগ)। ২ কষ্টের উপশম ; ক্লেশনিবৃত্তি। ৩ সুখ। "স্বচ্ছ অগাধ আরামে ভরা কু.কে ৫০। ৪ রোগোপশম, সুস্থতা। [আরাম-আসন, °কেদারা, °চৌকি—অর্দ্ধশয়িতভাবে ঠেস দিয়া বসার নিমিত্ত সুখকর কেদারাবিশেষ (Easy chair)। "আরাম-আসনে বসি'···ভাবিতেছি মনে।—মন্দ্র ৩৯। কি করব তাই—ভাবচি বসে আরাম-কেদারাতে প.কা ৬৪। °বাগান—প্রমোদবন। "শ্রী.মা ১৪৯। °শয়ন—সুখকর শয্যা ; সুকোমল শয্যা। "ঘরে আমার আরাম শয়ন প্রতিদিন স্তরে স্তরে রাশীকৃত হইয়া উঠিতেছে চা.পু ৮২।]

আরাম-আসন, -কেদারা, -চৌকি, -বাগান, -শয়ন ; আরামশীতলা দ্র 'আরাম২, আরাম১'।

আরামী বিং [ফা আরামি] আরামপ্রিয়, সুখী ; অলস।

আরি১ বি [অপ্র] দ্র 'আড়ি১'। "ভা.চ ৫৪৭।

আরি২ বি [দ্র 'আড়ি৩ ; অপ্র] ১ তীর, পাড়। "শ্রী.কী ১৫১। ২ আ'ল, বাঁধ। "চৌদিশ বাঁধ লবি শীল কি আরি (বি.প)।

আরি(রী)জা বিং [সং আর্য্যা>প্রা °রিযা ; বৈষ্ণবসাহিত্যে] পূজনীয়া। "আরীজা মা রা.শে ১০। আরিজা (পদকল্পতরু)।

আরিন্দা বি [ফা অরিন্দহ্] বাহক, চিঠি-পত্র খাজনা ইত্যাদির বাহক ; পেয়াদা, তৈনিতি। "আরিন্দা-প্রধান চৈ.চ ২৭৪। [°গিরী (দ্র 'গিরী২)—আরিন্দার কার্য্য, পেয়াদাগিরী। "চৈ.চ ২৭৪।]

আরিব্বল '-ল্' বি ['আয়ুর্ব্বল'—মূল ; হি আরবল, -লা ; অপ্র]

আয়ুর পরিমাণ। "যত গুটি সাগরের বালা এত আরিব্বল গো.চ ৪; ১১৬।

আরুণি পুং [অরুণ+ই (ইঞ্) তদপত্যার্থে] **১** অরুণের অপত্য; সূর্য্যপুত্র, যম। **২** শনি। **৩** কর্ণ। "ম ২০১। **৪** বিনতাসুত অরুণের পুত্র। **৫** বিনতাপুত্র। "মহা ১.৭৪.৪০। হ ২৬১.৩। **৬** উদ্দালক মুনি। "মহা১.৩.২৫। ম ৩৮। **৭** (বাঙলায়) মুনিসম্প্রদায়বিশেষ। "°নামক সম্প্রদায়ে শ্রী.ম ২১৩।

আরুণ্য ক্লী [অরুণ+য (ষ্যঞ্) তদ্‌ভাবার্থে] অরুণভাব, রক্তিমা, অরুণিমা।

আরুত বিণ [আ+√রু+ত (ক্ত)-ক] রুতরব, ধ্বনিত। —রুত ক্লী [+ত-ভা] আরব, ধ্বনি। "বায়সারুত (শকুনশাস্ত্র)। পক্ষি-মৃগারুত গো.রা ২.৬২.১৪।

আরুরুক্ষা স্ত্রী [আ+√রুহ্+স (সন্) ইচ্ছার্থে+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] আরোহণেচ্ছা, প্রাপ্তীচ্ছা। "°কারণ গী ৬.৩, নীলকণ্ঠ। —রুরুক্ষু বিণ [+উ-ক; স্ত্রী -ক্ষু] **১** আরোহণেচ্ছু। "রঘু ২.৩৫। **২** লাভেচ্ছু, প্রেপ্সু। "গী ৬.৩।

আরুহ বিণ [আ+√রুহ্+অ (ক)-ক; স্ত্রী -হা] আরোহণকারী, আরোহক। —রুহ পুং [+অ (ঘঞর্থে)-ভা] আরোহণ। —রূঢ় বিণ [+ত (ক্ত) -ক, -র্ম্ম] **১** কৃতারোহণ। "অশ্বারূঢ়, বৃক্ষারূঢ়, রথারূঢ়। আরূঢ়ো বৃক্ষো ভবতা পা ৩.৪.৭২, কাশিকা। **২** অধ্যাসীন। "রাম রামেতি রামেতি কূজন্তং মধুরাক্ষরম্। আরূঢ়ং কবিতাশাখং বন্দে বাল্মীকি-কোকিলম্॥ মনোরথ° ক.সা ১০.২০২। চিন্তাচক্র° ।— পঞ্চ ৫২১২। **৩** প্রাপ্ত, আশ্রিত। "মানারূঢ়, যৌবনারূঢ় (S.W.)। যোগারূঢ় গী ৬.৩। যুগান্তরমারূঢ়ঃ সবিতা শ ৩২১১। °সমাধিযোগ ভ ৩.৮.২১; ৩২.২৫। **৪** উচ্চ (তত্ত্ববোধিনী)। "আরূঢ়ং স্থলমধিত্যকা পা ৫.২.৩৪। **৫** অতীত, বিলগ্ন। "দিবারূঢ়ম্ (বেলাতীতেত্যর্থঃ) ভ ১০.১৩.৬। —রূঢ় ক্লী [+ত-ভা] আরোহণ। "অত্যারূঢ় রঘু ১০.৪২। —রূঢ়ি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] আরোহণ, পদপ্রাপ্তি। "অত্যারূঢ়ির্ভবতি মহতামপ্যপভ্রংশনিষ্ঠা (পাঠান্তর) শ ৪। —রোঢ়া (-ঢ়্) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ঢ়্রী] আরোহক। "রাজযানাসনারোঢ়া যাজ্ঞ ২.৩০৬। —রোঢ়ব্য বিণ [+তব্য-র্ম্ম] আরোহণীয়। "মহা ৩.৪১.৪৪।

আরূঢ়, আরূঢ়ি দ্র 'আরুহ'।

আরে[১] অব্য [সং অরে; আরে (চ)] **১** সম্বোধনে, হে। "আরে লখাই কত নিদ্রা যাও ম.ম ২২০। **২** সস্নেহ সম্বোধনে। "আরে ভগীরথ, আর বর মাগ গ ১১৫। আরে মোর বাছনি কানাই চ.সা ২৪৫; ২৯৪। আরে বলরাম ব ৪৮। **৩** সরোষ সম্বোধনে। "আরে পার্থ মতিচ্ছন্ন হইল তোহোর ম ২৫৮; ৫৪৮। আরে কানু কি কারণে মৃত্তিকা খাইলে শ্রী.ম ২৮। আরে মাগী শি ৮১। আরে আবাগের বেটা ভূত! আ.দু ১১৪। **৪** সধিক্কার সম্বোধনে। "কেন ধনঞ্জয় আরে কি তোর বেভার। অবিভাতি কন্যা মোরে কর বলাৎকার॥—ম ২৫০। **৫** বিরক্তির সহিত সম্বোধনে। "আরে ভৈরব পতনে গাঅ গড়াহলি গিআঁ শ্রী.কী ৭৬; কি আরে কাহ্নু ৭৮। **৬** সবিষাদ সম্বোধনে। "আরে দারুণ কানু মুঞি তোর বাপ। কেন বা জন্মিয়া মোরে দিলা এত তাপ॥—শ্রী.ম ৫১। **৭** সবিষাদ আত্মসম্বোধনে। "আরে আমি বড়ই পতিত, পাব আমি পতিতপাবন!—গি.দ্বি ১৩৬। **৮** কাতর সম্বোধনে। "আরে আরে আরে, ও বাপ মালীরে ম.ম ২০০। কোঁথায়ে কোঁথায়ে কহে আরে বাপু মরি বি.সু ৯৫। **৯** সসম্ভ্রম সম্বোধনে। "আরে আরে জোলা, উঠি দেখ মাউগ পোলা, আচম্বিতে তোমারে হইল কি ম.ম ৫৯। **১০** সানুতাপ সম্বোধনে। "আরে মোর বিনোদ রায়। ভাল হৈল ঘুচাইলে পীরিতের দায়॥—চ.সা ১১৯। **১১** ধিক্কারগর্ভ সোপহাস সম্বোধনে। "ভাল হৈল আরে বঁধু আসিলে সকালে। প্রভাতে দেখিলাম মুখ দিন যাবে ভালে॥—চ.সা ১০৮; আরে মোর আরে মোর সোনার বঁধুর। অধরে কাজর দিল কপালে সিন্দুর॥ ১১০। ভা.চ ৭৩৫। **১২** সরোষ উপহাসে। "আরে বাপ রে! কি পুরুষসিংহ! তবে ভ্রমরের সঙ্গে মোকদ্দমা করিয়া ডিক্রী করিয়া লও না—তোমার পৈতৃক বিষয় ত বটে!—ব.প্র ৩০৪। **১৩** বিস্ময়ে। "আরে মোর আরে মোর নিত্যানন্দ রায়॥...হরি নাম মহামন্ত্র, করে ধরি জীবেরে বুঝায়॥ —ব ৩৩। আরে আরে কি শুনি কি শুনি, গৌর গুণমণি, ছেড়ে যাবে মো সভারে!—গি.দ্বি ৯১। **১৪** ঘৃণায়। "আরে রাম! সে তুচ্ছ কথা আবার কেন! **১৫** লজ্জায়। "আরে ছি ছি! সে অপমানের কথা বলবার নয়! **১৬** সবিস্ময় কাতর সম্বোধনে। "আরে আরে কেন বধ জননীরে!—গি.দ্বি ৯০। **১৭** গালিতে। "আরে মর! এ কোথার পাপ। [আরেরে[২]—**১** সরোষ সম্বোধনে। "দধি নঠ কৈলি আরেরে কহ্নাঞি শ্রী.কী ৭৮। আরেরে পাণ্ডব ম ২৫৮। আরেরে বানরা চৈ.ভা ৬৪। চৈ.ম ৯০। ভা.চ ২০১। **২** ভগবানের প্রতি ভক্তের স্পর্দ্ধাপূর্ব্বক সভক্তি সম্বোধনে। "আরেরে গোপাল! দেছ প্রেম বড় কাঁদাইয়ে;... পার যদি হৃদয় হইতে পলাইতে, তবে ত তোমারে গণি!—গি.দ্বি ১৩৮। **৩** সস্নেহ কাতর সম্বোধনে। "আরেরে নিমাই! কি নিয়ে সংসারে রব বল! গি.দ্বি ৯১।]

আরে[২] সর্ব্ব [আর[২]+এ[৫]] অন্যে, অন্যদিকে, অপরপক্ষে। "একে আরম্ভিতে হয় আরে অবসর ভা.চ ৪০৪। —রে ক্রি-বিং **১** অন্য হেতু। "এক বরে ভরতে করিবে দণ্ডধর। আরে, বনে রব আমি দ্বিসপ্ত বৎসর।—পদ্যপাঠ, ২য় ভাগ। **২** তাহাতে আবার; তাহাতে, দ্বিতীয়তঃ। "একে দহদহ, ঘসির আগুন, আরে কে না জালে ফুকে শ্রী.কী ৩৪৯। একে চায় আরে পায় বলে হীরাবতী ক.চ ৪৭। বৃদ্ধা তপস্বিনী আরে পরম বৈষ্ণবী চৈ.চ ২৬৬। একে মরি মনোদুখে আরে নানা কথা চ.সা ১১৯। একে চায় আরে পায় প্রভু-আজ্ঞাবাণী চৈ.ম ১১১।

আরে[৩] সুরের নিমিত্ত ধুয়ায় ব্যবহার্য্য শব্দ। "অকি আরে অকি আরে হয় চৈ.ম ৯; ২৩। কি ভাই আরে গ ৫০।

আরেক, আরের, আরেরে,[১] আরো; আরেরে[২] দ্র 'আর[২]; আরে[১]'।

আরেচিত বিণ [আ+√রিচ্+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম্ম] **১** বিবর্ত্তিত, আকুঞ্চিত। "°ভ্রূ কু.স ৩.৫। **২** শূন্যীকৃত।

আরোগ্য ক্লী [অরোগ+য (ষ্যঞ্) তদ্‌ভাবার্থে] অরোগভাব, রোগমুক্তি, স্বাস্থ্য। "ধর্ম্মার্থকামমোক্ষাণামারোগ্যং মূলমুত্তমম্।—চরক। চৈ.ভা ৪৩৫। [°তা (স্ত্রী)—আরোগ্যভাব, স্বাস্থ্য। "কচ্চিদারোগ্যতা রামে রা ২.৭০.৭। °ব্রত (ক্লী)—মাঘী শুক্লা সপ্তমীতে গ্রহণীয় আরোগ্যার্থ বর্ষব্যাপী সূর্য্যব্রতবিশেষ (বরাহপুরাণ)। °শালা (স্ত্রী)—চিকিৎসালয়, হাঁসপাতাল (বৈদ্যক)। °স্নান (ক্লী)—রোগপ্রতীকারের পরে করণীয় স্নান (ত.বা)। আরোগ্য করা (অসাধু)—অরোগ করা (সাধু)। "এ জন্মের মত করি তায় আরোগ্য দা ৩৬৫। আরোগ্য হওয়া (অসাধু)—অরোগ হওয়া বা আরোগ্য লাভ করা (সাধু)।]

আরোগ্যতা, -ব্রত, -শালা, -স্নান; আরোঢ়া, -ঢ়ব্য দ্র 'আরোগ্য; আরুহ'।

আরোপ[১] পুং [আ+√রুহ্+ই (ণিচ্)+অ (অচ্)-ভা] **১** এক বস্তুতে অন্যবস্তুর ধর্ম্মের অবভাসরূপ মিথ্যাজ্ঞান; মিথ্যাজ্ঞান। **২** মিথ্যাবিষ্কার। "অসূয়া তু গুণেষ্বপি দোষারোপঃ (অ.কো)।

৩ অভেদকথন, একত্বপ্রতিপাদন। "রূপকরূপিতারোপাৎ সা.দ ১০.২৮। ৪ আধান, স্থাপন। "দোষ°। ৫ নিবেশন। —রোপক বিণ [+অক (ণুল্)-ক ; স্ত্রী -পিকা] ১ আরোপণকারক, রোপয়িতা। "বৃক্ষা-রোপক মনু ৩.১৬৩। ২ স্থাপয়িতা। —রোপণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ সর্থ 'আরোপ (১)। ২ স্থাপন, ন্যাস। "আর্দ্রাক্ষত° রঘু ৭.২৮। কু.স ৭.৮৮। হেমঘটে গণাধিপ কৈল আরোপণ ক.চ ১২৩ ; রাজহংস…মৃণাল তুলি, প্রিয়ামুখে করে আরোপণ ২০১ ; ২৪০। ৩ জ্যা-সংযোজন, আসঞ্জন। "ধনুষঃ…আরোপণম্ রা ১.৬৬.২৬। ৪ বৃক্ষাদিরোপণ, রোয়া। ৫ সাদৃশ্যপরিকল্পন, সমত্বপ্রতিপাদন। ৬ অধিষ্ঠাপন। "শূলারোপণ, শয্যা° (S.W.)। ৭ আরোহণসম্পাদন (ত.বা), চড়ান। —রোপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রাপিত। "কু.স ৬.১৭। ২ কৃতগুণারোপণ। "°পুষ্পচাপে কু.স ৩.৩৫। ৩ অধিষ্ঠাপিত ৪। অভিষিক্ত, রাজপদে প্রতিষ্ঠাপিত। "রঘু ১৫.৯১। ৫ কল্পিত। "রঘু ১৪.৪০। ৬ জনিত, উৎপাদিত। "°প্রণয়, °প্রীতি (কাদম্বরী)। ৭ উন্নীত। ৮ ন্যস্ত, নিবেশিত। ৯ নিয়োজিত, নিযুক্ত। "আমাতাপদে আরোপিতঃ।—পঞ্চ ১ (A.)। ১০ আ.থিত। "পত্রে আরোপিতং কুরু শ ৬ (A.)। —রোপ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ আরোপণীয়, কল্পনীয়, উদ্ভাবনীয়। ২ অধ্যাসার্হ।

আরোপ[২] সর্ম্ম [সং আ+√রোপি >প্রা√আরোর (প্রা.ম) >বা√°প ; হি, ঠ√ আরোপ] ১ স্থাপন করা ; প্রতিষ্ঠিত করা ; বসান। "আরোপি হেমঘটে শ্রী.মা ১৩০। পূজা কর আরোপিয়া ঘট ম.ম ৫৩। আরোপি হেমকুম্ভ, করিল কার্য্যারম্ভ ক.চ ২৮৩। আরোপিল শুম্ভ কত শ্রী ২০২। ২ ধারণ করা। "মুণ্ডে আরোপিয়া গিরি আনে হনুমান (ক.চ)। দ্র (৯)। ৩ অর্পণ করা, স্থাপন করা। "চরণ-পল্লব, আরোপ রাধা, মোর মাথার উপরে শ্রী কী ২১৮ ; ৩১৭। ব.প ৯৬৬। ৪ রোপণ করা ; রোয়া। "নানা ফুল আরোপিল শ্রী.কী ৩০৫। শর আরোপিয়া পগারের চারি পাশে শি ৭৪। ৫ নিখাত করা, পোতা। "আম্রবীজ আরোপিল আনি চৈ.ম ৯৭। ৬ নিবিষ্ট করা ; অবহিত করা। "কলহে আরোপি মন, রামদত্ত রামায়ণ, শুনে ধনপতি বিড়ম্বিতে ক.চ ১৭৭। ৭ উৎপাদন করা। "আরোপিব রঘুবংশে কলঙ্ক কেমনে ক.চ ১৭৭। ৮ যোজনা করা ; লাগান। "ধনুকে আরোপি চড়া, ধানুকী ধাইল বেড়াজালে ক.চ ২৬৫। ৯ লেপন করা। "সুরভি চন্দন মাল্য আরোপিল গায় কৃ.উ ১৫৬। ১০ পাতিত করা ; ধারণ করা। "সৈরিন্ধ্রী জোগাইল বাটা তাহে (রুধির) আরোপিল ম.বি ২১৫। ১১ আধান করা ; নিবেশিত করা। "আপনে বৈষ্ণবী তেজ বাণে ত আরোপিল অ প ৭৮। ১২ পাতিত করা ; ভূমিনিহিত করা। "হাটু আরোপিয়া বসি বলে নৃপবর ম ৯৬৭। ১৩ প্রয়োগ করা। "উনমতি শকতি, আরোপয়ে নিতি নিতি, মনমথ সাধন লাগি জ্ঞা ২৩৮।

আরোপক, -পণ, -পিত, -রোপ্য দ্র 'আরোপ[১]'।

আরোয়াচিড়া বি [আলো >আরো, -রোয়া (?)] আলোচিড়া, আতপচিড়া। "চৈ.চ ২৯১।

আরোহ[১] পুং [আ+√রুহ্+অ (ঘঞ্)-ভা] ১ আরোহণ, নিম্ন হইতে উচ্চে গমন। বিপ 'অবরোহ'। ২ (সঙ্গীতে) স্বরের নিম্নগ্রাম হইতে উচ্চগ্রামে গতি। "স্বরারোহাবরোহক্রম মাঘ ১.১০, মল্লিনাথ। ৩ অবরোহ (মেদিনী)। ৪ সমুচ্ছ্রয়, উচ্চতা। "(লঙ্কা) সারোহা পর্ব্বতে গো.রা ৫.৭৩.৬। ৫ দীর্ঘত্ব (অ.টী), সমুচ্ছ্রয় (মেদিনী)। "নগাদ্যারোহ উচ্ছ্রায়ঃ (অ.কো)। ৬ আরোহণ। "রা ২.১.২৮। রথারোহ শ (S.W.)। চিতারোহ ক.সা ২৫.১৪২। ৭ অঙ্কুরাদির প্রাদুর্ভাব। ৮ আক্রমণ (ত.বা)। ৯ গর্ব্ব। "অত্যারোহ ক.সা ১.৩০। ১০ বৃদ্ধি (M.W.)। ১১ [+অ (অচ্)-ক] আরোহক। "কুঞ্জরা-রোহ, গজ°, হয়° রা (S.W.)। হস্ত্যারোহ, স্যন্দনারোহ (অ.কো) হস্ত্যশ্ব° রা ২.৯১.৬০। ১২ বরস্ত্রীর নিতম্ব (অ.টী) ; বরারোহার কটি (মেদিনী) ; নিতম্ব (অ.চি)। "বরারোহা রা ২.৯৫.২। মহা ৩.৬২.২২। ১৩ রাশি, স্তূপ, পর্ব্বত। ১৪ পরিমাণবিশেষ। ১৫ [+অ (ঘঞ্)-র্ম্ম] উৎসঙ্গ, অঙ্ক। "আরোহমারূঢ়ম্…সুতম্ ভ ১০.৭.১৮। ১৬ [+অ-ধি] আকর, খনি (A.)। —রোহক বিণ [+অক (ণুল্)-ক ; স্ত্রী -হিকা] আরোহণকারী, আরোহী। "হস্ত্যারোহক।—পঞ্চ (S. W.)। —রোহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'আরোহ[১] (১)। "কু.স ১.৩৯। ২ অশ্বাদির পৃষ্ঠে গমন ; উপরি গমন ; উঠা, চড়া। "পর্ব্বত° রা ১.৩.২৭। মণিতটারোহণ পূ.মে ৬১। হস্তিস্কন্ধাশ্বপৃষ্ঠপর্ব্বতক্রমারোহণ (সুশ্রুত)। আরোহণং দিবি মহা ১.২.৯৭। ক.চ ১৪। ৩ সর্থ 'আরোহ[১] (৭) ৪ প্রবেশ। "অবহসনং প্রাপ্য সভারোহণদর্শনে মহা ১.১.১৪৬ ৫ [+অন-র্ম্ম] নৃত্যগীতার্থ উচ্চরঙ্গভূমি। "কুরুতারোহণানি…। যত্র নৃত্যেরন্নপ্সরসঃ সমন্ততঃ…।—মহা ১৪.১০.২৭। ৬ [+অন-ণ] 'আরোহসাধন', সোপান। "রা ৫.১০.১৩। ৭ (বাঙ্লায় ; অপ্র বাহন। "ঐরাবত সম যার আরোহণ হাথী ম ৩২২। [তু 'আরোহণ'—শকট (তৈত্তিরীয়সংহিতা ৫.৬.২১.১)]। ৮ গমন। "পথ আরোহণে নৃপ চলে বা না চলে চ.বি ১২। ৯ আরূঢ়। "বাহনেত হৈল আরোহণ চ.বি ৫৭ ; ১৪১। —রোহণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] আরোহণযোগ্য (অশ্বাদি)। —রোহী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -হিণী] আরোহক। "নমো হরবক্ষে আরোহিণি ত্রাহি কালি ম.পা ৪৯।

আরোহ[২] সর্ম্ম [সং আ+√রুহ্ >প্রা√আরোহ (প্রা.ম)] আরোহণ করা ; চড়া। "আরোহিআ বায়ুবেগ রথ অ.প ২৮। আরোহিয়া বৃষবর ভা চ ১০৪। —রোহ অর্ম্ম উত্থিত হওয়া ; উঠা। "চিতায় আরোহি সতী…বসিলা মে ৩১৬।

আরোহক, -হণ, -হণীয়, -রোহী দ্র 'আরোহ[১]'।

আর্ক বি [ক (র্+ক)>আর্ক ; 'আ' উচ্চারণে] ১ রেফফলা (´) -যুক্ত 'ক' ; 'ক'-প্রভৃতি বর্ণের সহিত রেফফলার যোগে বানান—র্ক র্খ র্গ ইত্যাদি। "কিরি কিলি আর্ক আঙ্ক (বঙ্গভাষা ও সাহিত্য)। ২ আর্কফলা (´)। "ত-বর্গের তৃতীয়াক্ষরে দেহি কেবল হ্রস্বোকার। ক-বর্গের ত্রয়াক্ষরে আর্ক মাত্রাকার সার (অর্থাৎ 'দুর্গা')॥ "ম.পা ৭৫।

আর্কফলা বি [আর্ক+ফলা] ১ রেফফলা, রেফ (´)। ২ রেফফলার বানান—র্ক র্খ র্গ ইত্যাদি। ৩ রেফের (´) সাদৃশ্যে স্থূলমূল সূক্ষ্মাগ্র শিখা ; চৈতন। "কিম্বা যথা আর্কফলা নেড়াশীর্ষে নড়ে বা.প্র ২৬৮। আর্কফলার ঘটাটা জাঁকাল রকম ব.প্র ২৪। মাথায় আর্কফলা নড়িতেছে ব.দ্বি ১১। আর্কফলা মাথায় দিয়ে সংক্রান্তিপুরুষেরা নস্য গ্রহণ কচ্চেন ন.ত ২২।

আর্জনিয়া বি ['অর্জ্জনীয়া' (অর্জ্জন+ঈয়া)—মূল ; অপ্র] অর্জ্জন-সম্বন্ধী, ধনোপার্জ্জনে সমর্থ। "আর্জনিয়া পুত্র মোর কে নিল হরিয়া ম.গা ৭ ; ১০।

আর্জ্জব ক্লী [ঋজু+অ (অণ্) তদ্ভাবার্থে] ১ ঋজুভাব, অবক্রতা। "রোমলতিকা নেত্রার্জ্জবং ধাবতি সা.দ ৩৫/৬। ২ সরলতা, পর-প্রতারণারাহিত্য, অকপটতা। "গী ১৮.৪২। ৩ বিধেয়ত্ব, বিনয়গ্রাহিতা, বিনীতভাব। "কি ৪.১৩।

আর্জ্জুনি পুং [অর্জ্জুন+ই (ইঞ্) তদপত্যার্থে] অর্জ্জুনপুত্র, অভিমন্যু। "ম ৮৩৬।

আর্ত্ত বিণ [আ+√ঋ+ত (ক্ত)-ক ; ছান্দস] ১ পীড়িত, কাতর। "উষ্ণার্ত্ত, ক্ষুধার্ত্ত, প্রহার°, রোগ°, শূল° (S.W.)। শোকার্ত্ত

রা ১.২.১৬ ; ১৮। শ্রোণিপয়োধরার্ত্তা কু.স ১.১১। কামার্ত্ত পু.মে ৫। ঘর্ম্মার্ত্ত হি ১.৯৮। নিদাঘার্ত্ত মে ২৫৯। **২** দুঃখিত। "তদ্বিয়োগার্ত্ত রঘু ১২.১০। **৩** রোগী, পীড়িত। "আর্ত্তস্য যথৌষধম্ রঘু ১.২৮। **৪** আপন্ন ; আপৎপ্রাপ্ত, বিপন্ন। "°ভয়োপশান্তি রঘু ৮.৩১। °ত্রাণ শ ১.১১। **৫** কাতর, করুণ। "°নাদ, °রব, °শব্দ, °স্বর (S.W.)। [°বন্ধু, °সাধু—বিপন্নের হিতকারী। "আর্ত্তসাধু রঘু ২ ২৮।]

আর্ত্তব বিণ [ঋতু+অ (অণ্), পা ৫.১.১০৫ ; স্ত্রী -বী] **১** যাহার সম্বন্ধে ঋতু প্রাপ্ত ; ঋতুসম্বন্ধী, ঋতুজাত (পুষ্পাদি)। "আর্ত্তবানি… পুষ্পাণি চ ফলানি রা ২.৩০.১৬। রঘু ৮.৩৬, °ব (কুসুম) ৯.২৮। °গুণ কি ৬.২৫। **২** বসন্তসম্বন্ধী, বাসন্ত। "আর্ত্তবমুৎসবম্ রঘু ৯.৪৮। আর্ত্তবম্ (কুসুমপ্রসাধনম্) কু.স ৪.১৮। **৩** স্ত্রীর ঋতুসম্বন্ধী (রজঃ)। —ব ক্লী **১** স্ত্রীরজঃ, পুষ্প। "°দর্শন মনু ৪ ৪০। °বাহুল্য।—সুশ্রুত ৩.৩.৪। **২** ঋতুকাল, গর্ভাধানকাল। "যুগ্মাসু (রাত্রিষু) পুত্রার্থী সংবিশেদার্ত্তবে স্ত্রিয়ম্ মনু ৩.৪৮। **৩** পুষ্প, কুসুম।

আর্ত্তি স্ত্রী [আ+√ঋ+তি (ক্তিন্)-ক ; ছান্দস] **১** মনোব্যথা, মনঃপীড়া, আধি। "অন্ধো বা বধিরো বা ভবিষ্যতীত্যেতা বৈ মৃত্যা আর্ত্তয়ঃ (শতপথব্রাহ্মণ)। মনু ৮.১১৫। আঁখি পালটিতে নারে বাড়ে মহা আর্ত্তি ন.প ৪০৬। সর্ব্বজন-আর্ত্তি চৈ.ম ১১০। **২** আপদ্, বিপত্তি। "আজগ্মুঃ পরমার্ত্তিং ত্রিদশাঃ মহা ৩.১০২.১৭। আপন্নার্ত্তি-প্রশমন পু.মে ৫৪। **৩** ধনাদিরাহিত্য। "মনু ৪.১৫। **৪** পীড়া, রোগ। "মূর্চ্ছামদ্যবিষার্ত্তিষু।—সুশ্রুত। **৫** ধনুষ্কোটি, চাপপ্রান্ত (শ.ক)। **৬** (বাঙলায়) বিহ্বলতা, ব্যাকুলতা, ব্যগ্রতা। "দৈত্যের আর্ত্তি দেখি, বলে হংসী সূচীমুখী শ্রী.ম ২৭২। কিবা আর্ত্তি শ্রীকৃষ্ণেতে ভ গ্র ১৫৮ ; ৩০৭ ; এত আর্ত্তি যদি তব ঈশ্বরে হইত ৩৬৩। প্রেম-আর্ত্তি চৈ.চ ১৩৮ ; ৩২৮। **৭** প্রেমোন্মাদ, দিব্যোন্মাদ। "দেখিতে বাঢ়িল আর্ত্তি বিষ্ণুর চরণে চৈ.ম ৮৭। **৮** কাতরতা। "অম্বিকার আর্ত্তি শ্রী.মা ৪৭। **৯** একান্ত আগ্রহ ; অবহিতচিত্ততা। "এই কথা আর্ত্তি করি যে জন শুনেন শ্রী.ম ৪৯। **১০** ঔৎসুক্য, আগ্রহ। "কাজিয়ে বাধায় বাজিয়ে লাঠি, লাঠালাঠি দেখতে বড় আর্ত্তি দা ১৪৩২।

আর্ত্তিকা বিং [আর্ত্তক>আর্ত্তিকা ; অপ্র] আর্ত্তা, কাতরা। "এত শুনে কানাড়া আর্ত্তিকা শোক মনে শ্রী মা ১৪৯।

আর্ত্তিপ্রশমন ক্লী [ষত] আপন্নিবারণ, বিপদ্‌বারণ। "আর্ত্তি-প্রশমনফল পু.মে ৫৪।

আর্ত্তিহর বিণ [আর্ত্তি+√হৃ+অ (অচ্)-ক ; উ.ত ; স্ত্রী -রা] বিপত্তিহারক, দুঃখনাশক। "প্রপন্নার্ত্তিহর।

আর্ত্তিহা (-হন্) বিণ [আর্ত্তি+√হন্+ক্বিপ্ (০)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -ঘ্নী] সর্ব 'আর্ত্তিহর'। "দিষ্ট্যা তে পুত্র আর্ত্তিহা ভ ৪.৯.৫১।

আর্ত্বিজীন বিণ [ঋত্বিজ্+ঈন (খঞ্), পা ৫.১.৭১ ; বৈদিক] ঋত্বিক্‌কর্ম্মের যোগ্য ; ঋত্বিক্‌কর্ম্মার্হ। "আর্ত্বিজীনং ব্রাহ্মণকুলম্ (কাশিকা)। ভট্টি ২.২৯।

আর্থ বিণ [অর্থ+অ (অণ্) ; স্ত্রী -র্থী] **১** অর্থ হইতে আগত (প্রাপ্ত) ; ধনসম্বন্ধী, বস্তুসম্বন্ধী। **২** বাক্যার্থ হইতে আগত ; অভিধেয়-সম্বন্ধী। "আর্থী ব্যঞ্জনা ; আর্থী উপমা (সা.দ)। —র্থী স্ত্রী **১** অর্থ-সম্ভবা ব্যঞ্জনা। 'সা দ ২২১৬। **২** অর্থসম্বন্ধিনী উপমা। 'সা দ ১০.১৬।

আর্থিক বিণ [অর্থ+ইক (ঠক্), পা ৪ ৪.৪০ ; স্ত্রী -কী] **১** অর্থ-গ্রাহক, ধনগ্রাহী। **২** সর্ব 'আর্থ (২)। **৩** (বাঙলায়) অর্থসম্বন্ধী, ধন দ্বারা কৃত। "আর্থিক অভাব, সাহায্য।

আর্দ্র বিণ [√অর্দ্+র (রক্)-র্ম্ম, দীর্ঘ, উ ২ ১৮ ; ছান্দস] **১** ক্লিন্ন, সিক্ত, ভিজা। "রুধিরার্দ্র, হিম° রা (S.W.)। °বাসাঃ মনু ৬.২৩। আর্দ্রাক্ষত রঘু ৭.২৮। তন্ত্রীমার্দ্রাম্ উ.মে ২৫। **২** সরস (বাস্তুক-সর্ষপশাকাদি) ; নীরস, অর্থাৎ সদ্যস্ক ও গুপ্তরস (বট অশ্বত্থ ডুম্বিকা ইত্যাদি)। 'আর্দ্রং দ্রব্যং দ্বিধা প্রোক্তং সরসং নীরসং তথা। সদ্যস্কং গুপ্তরসকং দ্বিধা নীরসমুচ্যতে॥ **৩** সরস, নূতন। "°ব্রণ মহা ১৪.৩.১৩। শস্ত্রমার্গানার্দ্রান্ রঘু ১৪.৪ ; °নখক্ষতক ১৬ ৪৮। **৪** সরস, অশুষ্ক। "°লক্তক (সুশ্রুত)। মা.মি ৩.১৩। **৫** সজল। "°নয়ন। **৬** দ্রব। "হরিতালমার্দ্রম্ কু.স ৭.২৩। **৭** নব। "কান্তমার্দ্রাপরাধম্ মা.মি ৩.১২। কামীবার্দ্রাপরাধঃ।—অমরু ২। °শোকা ক.সা ২১.১১৩। **৮** অপক্ব, আম। "°মাংস।—অত্রি ২৪৭। **৯** সরস, নব, সদ্যঃ, তাজা, টাটকা। "আর্দ্রং শুষ্কং তথা মাংসম্ রা ২ ৮৪.১৭। **১০** সরস, জীবিত, কাঁচা। "আর্দ্রান্ দ্রুমান্ মনু ১২.১০১। আর্দ্রৌষধি যাজ্ঞ ৩.৩৮। **১১** দ্রবীভূত, বিগলিত, স্নিগ্ধ, কোমল। "প্রেম°, ভাব°, স্নেহ°, °হৃদয় (S.W.)। দয়ার্দ্রভাব রঘু ২ ১১। **১২** (বাঙলায়) প্রেমবিগলিত। "কোন মহাজন রাধামাধবে হেরিয়া। আর্দ্র হইয়া দিল মন্দির বানাইয়া॥—ভ গ্র ১৯৩। —র্দ্রা স্ত্রী [স্ত্রী আ (টাপ্) ; cf , Gr Ardo] (জ্যোতিষে) সপ্ত-বিংশতি নক্ষত্রের ষষ্ঠ নক্ষত্র। [ইহা পদ্মাকৃতি একতারাযুক্তা। ইহার দেবতা শিব।] [আর্দ্রিল—আর্দ্র করিল। 'মে ২০৯।]

আর্দ্রক ক্লী [আর্দ্র+ক (কন্)—আর্দ্রমিবার্দ্রকম্ (অ টী)] সরস-কটুমূলবিশেষ, আদা।

আর্দ্রপাদ বিণ [বহুব্রী ; স্ত্রী -দা, -দী] সিক্তপদ। "আর্দ্রপাদস্তু ভুঞ্জীত মনু ৪.৭৬।

আর্দ্রপৃষ্ঠ বিণ [বহুব্রী ; স্ত্রী -ষ্ঠা] সিক্তপৃষ্ঠ, অপনীতশ্রম (অশ্বাদি)। "আর্দ্রপৃষ্ঠাঃ ক্রিয়ন্তাং বাজিনঃ শ ১২৮।

আর্দ্রভাব পুং [ষ.ত] **১** সিক্তভাব, আর্দ্রতা। "কু.স ৭.১৪। **২** স্নিগ্ধ-ভাব, কোমলাভিপ্রায়। "দয়া° রঘু ২.১১।

আর্দ্রমাংস ক্লী [কর্ম্মধা] অপক্বমাংস। "অত্রি ২৪৭।

আর্দ্রমূর্ত্তি বিণ [বহুব্রী ; স্ত্রী -র্ত্তি] সিক্তদেহ, স্নাত। "অবভৃথার্দ্র-মূর্ত্তি রঘু ৬ ৬১।

আর্য্য পুং [√ঋ+য (ণ্যৎ)-র্ম্ম ; স্ত্রী -র্য্যা ; আর্য্য—বিদ্বান্, অনুষ্ঠাতা (ঋগ্বেদ ১ ৫১ ৮) ; Av. Airya ; Gr Areia, Aria ; L. Arianus ; Ger. ēra, Ehre ; Irish—Erin] **১** উপজীব্যতা হেতু উপগম্য (অ.টী) ; মহাকুল, কুলীন, সদ্‌বংশজ, সভ্য। **২** মান্য, পূজ্য। "আর্য্যেণ…ভ্রাত্রা জ্যেষ্ঠেন রা ৪.১৮.৯। মরু ২ ২০৭। ইয়মার্য্যা মাণ্ডবী উ.চ ১২১৯ ; অয়মার্য্যো হনুমান্ ৬২১। তেঁহো জগতের আর্য্য চৈ.চ ২৯। আর্য্যা শান্তা সী ৩ ; এই আর্য্যা মাণ্ডবী ৭ ; ৩৩। এই আর্য্য হনুমান্।—জ্যোতিরিন্দ্রিনাথ ঠাকুর। **৩** সাধু। "আর্য্যাং মতিম্ গো.রা ৬.১৬ ৭২। °তা মনু ৭.২১১। আর্য্য সরল তুমি চৈ.চ ১৮৫। **৪** শ্রেষ্ঠ। "মার্গমার্য্যং প্রপন্নস্য রা ২ ১১৫.৬। **৫** সাধু, উৎপথধাবন-বিমুখ "আর্য্যমস্যামভিলাষি মে মনঃ শ ১.২০। **৬** কর্ত্তব্যাচারী, অকর্ত্তব্যত্যাগী ও আচারবান্। 'কর্ত্তব্যমাচরন্ কামমকর্ত্তব্যমনাচরন্। তিষ্ঠতি প্রকৃতাচারে স বৈ আর্য্য ইতি স্মৃতঃ॥ **৭** প্রাপ্তব্য। "আর্য্যো ব্রাহ্মণঃ পা ৩.১.১০৩, সি। **৮** শান্তচিত্ত। **৯** উদার-চরিত। **১০** সঙ্গত, উচিত (শ.ক)। **১১** কুলশীলাদিসম্পন্ন। 'কুলং শীলং দয়া দানং ধর্ম্মঃ সত্যং কৃতজ্ঞতা। অদ্রোহ ইতি যেষ্বেতৎ তানার্য্যান্ সম্প্রচক্ষতে॥ **১২** তত্ত্বাবলম্বী, তত্ত্বদর্শী। "°মতি সাংখ্য ৭১। **১৩** বুদ্ধ (শ.ক), জ্ঞানী। —র্য্য পুং **১** আর্য্যা-বর্ত্তবাসী বেদোক্ত প্রাচীন জাতিবিশেষ। [ইঁহারা মধ্য এশিয়া (মতান্তরে, কাশ্‌পিয়ান-হ্রদের নিকটবর্ত্তী প্রদেশ) হইতে ভারতবর্ষে প্রবেশ করেন। ইঁহারাই ভারতবর্ষে 'আর্য্য' নাম ধারণ করেন এবং ভারতের আদিম নিবাসী দাস দস্যু বা শূদ্র নামে পরিচিত হন। ইঁহাদের বাসস্থান 'আর্য্যাবর্ত্ত'। এতদ্ভিন্ন ইরানের (প্রাচীন পারস্যের)

অধিবাসীরাও আপনাদিগকে 'আর্য্য' (Av. Airya) নামে অভিহিত করিতেন; ইঁহাদের বাসস্থান 'ইরান'ই (Av. Airyana) তাহার পরিচায়ক। আর্য্যগণের মধ্যে প্রথম বর্ণবিভাগ ছিল না, পরে ব্রাহ্মণাদি বর্ণত্রয়ে তাঁহারা বিভক্ত হন এবং শূদ্র চতুর্থ বর্ণ হয় (শূদ্রশ্চতুর্থো বর্ণঃ আর্যস্ত্রৈবর্ণিকঃ।—কাত্যায়নসূত্র-ভাষ্য)।] **২** ব্রাহ্মণাদি বর্ণত্রয়; দ্বিজাতি। "মনু ১০.৫৭; ৬৯; ৭৩। **৩** ব্রাহ্মণ। "মনু ১০.৬৭। **৪** ক্ষত্রিয়। "আর্য্যাশ্চ পৃথিবীপালাঃ মহা ১৪.৭৩.২৬। **৫** কর্ত্তব্যাচারী আচারনিষ্ঠ জন। দ্র (৬)। **৬** সদ্বৃত্ত জন; সাধু, সৎ, সজ্জন। 'বৃত্তেন হি ভবত্যার্য্যো ন ধনেন ন বিদ্যয়া মহা ৫.৯০.৫৩। "°গৃহ্য রঘু ২.৩৩। °সঙ্গ ভ ৪.২০.২৬। কি ১৩.৬৯। আর্য্যপথ চৈ.চ ৩৪২। **৭** ধার্ম্মিক। "আর্য্যপ্রায় (দেশ) মনু ৭.৬৯। **৮** সুহৃৎ। **৯** গুরু, আচার্য্য। **১০** শ্বশুর। "°পুত্র। **১১** স্বামী, প্রভু। **১২** জ্যেষ্ঠভ্রাতা। "আর্য্যস্ত্বম্…ভার্য্যা ভব রা ৩.১৮.১০। উ.চ ১২৭। সী ১১। **১৩** (নাট্যে) বিপ্র সূত্রধার অগ্রজ ও অমাত্যের প্রতি প্রযোজ্য সম্মানসূচক শব্দ (সা.দ ৬.১৪৬-১৫১)। "মৃ ২২৩; ৩২৩। শ ১৩। উ.চ ১২৯। আর্য্য! এই মন্থরা সী ৮। **১৪** পিতামহ। "আর্য্য এস পিতা তস্য পিতুস্তব মহা ১.১৭৮.৮। **১৫** বুদ্ধদেব।

আর্য্যক পুং [আর্য্য+ক (কন্) স্বার্থে; স্ত্রী -র্য্যকা, -র্য্যিকা] **১** পূজ্য, গুরুজন। **২** পিতামহ। "মহা ৫.৯০.৬৩। **৩** মাতামহ, আজা। "আর্য্যকস্তে কুশলী রা ২.৭২.৬; °বেশ্ম ৮। আর্য্যকেণ হি দৃষ্টঃ স পৃথায়া আর্য্যকেণ চ মহা ১.১২৮.৬৪। **৪** নাগরাজবিশেষ। "মহা ১.১২৮.৬৪। —ক ক্লী [আর্য্য+ক (বুঞ্)] পিতৃগণসম্বন্ধী, পিতৃকার্য্য; পিণ্ড-পাত্রাদি। —র্য্যকা,—র্য্যিকা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] **১** আর্য্যা, পূজ্যা স্ত্রী। **২** শ্রেষ্ঠা স্ত্রী (বোপদেব)।

আর্য্যগৃহ্য বিণ [ষ.ত; স্ত্রী -হ্যা] সতের পক্ষ্য; আর্য্যপক্ষস্থিত, সৎপক্ষাশ্রিত। "রঘু ২.৩৩।

আর্য্যচেতাঃ (-তস্) বিণ [বহুব্রী; স্ত্রী -তাঃ] সাধুচিত্ত, সুমনাঃ, মহাত্মা। "মাঘ ১৬.৩০।

আর্য্যপথ পুং [আর্য্যের পন্থা, ষ.ত, সমাসান্ত 'অ'] **১** আর্য্যসেবিত ধর্ম্মমার্গ; সদাচার, সন্মার্গ। **২** [উলো] আর্য্যবিহিত সতীমার্গ; সতীধর্ম্ম। "হতা ভবেদার্য্যপথে পরে স্থিতা রা ৫.১২.৩।

আর্য্যপুত্র পুং [ষ.ত] **১** পূজ্যজনের পুত্র। **২** গুরুপুত্র। **৩** জ্যেষ্ঠভ্রাতার পুত্র। "রা ২.২৩২৫। **৪** শ্বশুরের পুত্র; স্বামী (প্রায়ই নাট্যে সম্বোধনপদ)। "রা ২.২৭.৪। হা আর্য্যপুত্র এতাবদেব দর্শনম্ উ.চ ১২৮। আর্য্যপুত্র কি জিজ্ঞাস চৈ ৮২। বলি, আর্য্যপুত্র ভাল আছেন ত?—সী ৩৭। **৫** (নাট্যে) সূত্রধারের প্রতি নটীর প্রযোজ্য সম্মানসূচক শব্দ। "আর্য্যপুত্র ইয়মস্মি শ ১২।

আর্য্যপ্রায় বিণ [বহুব্রী; স্ত্রী -য়া] যেখানে আর্য্যের বাহুল্য; আর্য্য-ভূয়িষ্ঠ, প্রচুরধার্ম্মিকজন (দেশ)। "মনু ৭.৬৯।

আর্য্যবাক্ (-চ্) বিণ [উ.বহুব্রী; স্ত্রী -ক্] যাহার ভাষা আর্য্যের ন্যায়; আর্য্যভাষাভাষী। "মনু ১০.৪৫।

আর্য্যবৃত্ত বিণ [বহুব্রী] সাধুচরিত, সদ্বৃত্ত। "রক্ষণাদার্য্যবৃত্তানাম্ মনু ৯.২৫৩। রঘু ১৪.৫৫। —বৃত্ত ক্লী [কর্ম্মধা] সাধু চরিত; সদ্বৃত্তি। "মনু ৪.১৭৫।

আর্য্যব্রত বিণ [বহুব্রী] সাধুব্রত, সৎকার্য্য। "মহা ১.২.২০৯। —ত ক্লী [ষ.ত] সাধুর পালনীয় নিয়ম।

আর্য্যভট্ট পুং বিখ্যাত ভারতীয় জ্যোতির্বিৎ পণ্ডিত। [ইনি খৃষ্টীয় পঞ্চম শতাব্দীর পূর্ব্বে বর্ত্তমান ছিলেন। ইনি বীজগণিতের আবিষ্কারক এবং 'পৃথিবী সূর্য্যের চতুর্দ্দিকে পরিভ্রমণ করে'—এই মতের প্রকাশক।]

আর্য্যভাব পুং [কর্ম্মধা] সাধুভাব, বিনীতবেশ। "রা ১.১.৩৫।

আর্য্যমিশ্র পুং, বহুব [কর্ম্মধা] **১** ত্রৈবর্ণিকপূজ্য, পূজ্যদ্বিজাতি। "রা ২.৮২.১৯। **২** কুলশীলাদিসম্পন্ন পূজ্য জন; মাননীয়। "শ ১২। আর্য্যমিশ্রাঃ প্রমাণম্ মা.মি ১৩। উ.চ ১২।

আর্য্যরূপ বিণ [উ.বহুব্রী] যাহার রূপ আর্য্যের সদৃশ; আর্য্যসদৃশ বস্তুতঃ অনার্য্য। "মনু ১০.৫৭।

আর্য্যলিঙ্গী (-ঙ্গিন্) বিণ [°ঙ্গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ঙ্গিনী] আর্য্যবেষযুক্ত, ব্রাহ্মণাদিবেষধারী। "মনু ৯.২৬০।

আর্য্যশীল বিণ [বহুব্রী] সাধুবৃত্ত, সুচরিত, সুশীল।

আর্য্যা স্ত্রী [আর্য্য+স্ত্রী আ (টাপ্)] **১** শ্রেষ্ঠা স্ত্রী; পূজ্যা। "যাবদার্য্যায়া হুতাশনে বিশুদ্ধিঃ উ.চ ১২৩। আর্য্যা জানকীর অগ্নি-পরিশুদ্ধিকাণ্ডপর্য্যন্ত সী ৬। **২** সম্মানসূচক শব্দ—'ভবতী, আপনি'। "ইয়মার্য্যা উ.চ ১২৮। এই আর্য্যা সী ৭। **৩** শ্বশ্রূ, শাশুড়ী। "কৈকেয়ী নাম ভর্ত্তারং মমার্য্যা যাচতে বরম্ রা ৩.৪৭.৬। **৪** ব্রাহ্মণী। "মনু ১০.৬৭। **৫** (নাট্যে) নটীর প্রতি সূত্রধারের প্রযোজ্য সম্মানসূচক শব্দ। "আর্য্যে অভিরূপভূয়িষ্ঠা পরিষৎ শ ১২। **৬** পার্ব্বতী। "°শতক। **৭** (ছন্দঃশাস্ত্রে) মাত্রাবৃত্তবিশেষ। [ইহার প্রথম ও তৃতীয় পাদে দ্বাদশ, দ্বিতীয়ে অষ্টাদশ এবং চতুর্থে পঞ্চদশ মাত্রা।—যস্যাঃ পাদে প্রথমে দ্বাদশমাত্রাস্তথা তৃতীয়েঽপি। অষ্টাদশ দ্বিতীয়ে, চতুর্থকে পঞ্চদশ সার্য্যা॥ —শ্রুতবোধ।] **৮** আর্য্যাচ্ছন্দে রচিত শ্লোক। সাংখ্য ৭১। **৯** (বাঙলায়) মাতামহী, আই। "চৈ ৫০। **১০** কবিতা, ছড়া, হেঁয়ালি। "আর্য্যা তর্জ্জা পড়ে সব বৈষ্ণব দেখিয়া চৈ.ভা ৪৭; ১৭৭। **১১** পয়ার-প্রভৃতি ছন্দে রচিত শুভঙ্করের অঙ্ক কষার নিয়ম। [আর্য্যা তর্জ্জা—আর্য্যা সংস্কৃত ছন্দ। চৈতন্যমঙ্গলে ৫ ও ১৩১ পৃষ্ঠে যে তর্জ্জা ছন্দ দেখা যায়, তাহা লঘুত্রিপদী ও দীর্ঘত্রিপদী ছন্দ। কিন্তু চৈতন্য-ভাগবতে ৪৭ পৃষ্ঠে 'আর্য্যা তর্জ্জা' পয়ার ছন্দ। শুভঙ্করের 'আর্য্যা' পয়ার ও অন্য ছন্দে দেখা যায়। তর্জ্জা-গানের ছড়ার ছন্দ প্রায় পয়ারের মত। ইহাতে বোধ হয়, 'আর্য্যা তর্জ্জা' মূলতঃ দুইটি ছন্দ হইলেও, গৌণার্থে যে কোন ছন্দে রচিত কবিতা-প্রবন্ধ বুঝায়। প্রাচীনেরা বলেন, ভাষায় 'আর্য্যা তর্জ্জা' বলিতে 'ছড়া' ও 'হেঁয়ালি' বুঝায়।]

আর্য্যাগম পুং [আর্য্যায় গম (গমন), স.ত] উৎকৃষ্টজাতিস্ত্রী-সম্ভোগ। "যাজ্ঞ ২.২৯৭।

আর্য্যাবর্ত্ত পুং [ষ.ত] আর্য্যগণের আবর্ত্ত, অর্থাৎ পুনঃ পুনঃ উদ্ভবের স্থান (কুল্লূক); পূর্ব্বসমুদ্র, পশ্চিমসমুদ্র, হিমালয় ও বিন্ধ্য এই চতুঃ-সীমার মধ্যবর্ত্তী ভূভাগ (মনু ২.২২); উত্তরাপথ, পুণ্যভূমি। "°নিবাসী মনু ১০.৩৪। °জয়ী।—হেম ২৭২; °ভূমে ২৭৩।

আর্ষ বিণ [ঋষি+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -র্ষী] **১** ঋষিসম্বন্ধী। "আর্ষেণ বিধিনা রা ২.২৮.১৬। আর্ষো ধর্ম্মঃ মনু ৩.২৯। আর্ষ-বিজ্ঞ-বাক্যে নাহি এই সব দোষ চৈ চ ৭। **২** ঋষিকৃত, ঋষিরচিত। "ইত্যার্ষে রামায়ণে…সর্গঃ (সর্গসমাপ্তিবাক্যে)। **৩** বেদোক্ত, বৈদিক, বেদে পরিনিষ্ঠিত। বিপ 'লৌকিক'। "সন্ধিরার্ষঃ। আর্ষঃ প্রয়োগঃ। অনার্ষে পা ১.১.১৬। **৪** ঋষিসম্বন্ধী, প্রাকৃতজনে অলক্ষিত। "অব্যাহতজ্যোতি-রার্ষং তে প্রাতিভং চক্ষুঃ উ চ ২৫। **৫** ঋষিজুষ্ট, ঋষিসেবিত (বেদ)। **৬** ঋষ্যভিধায়ী, ঋষিবাচক। "পা ২.৪.৫৮, সি। **৭** পূত, দৈব, অলৌকিক (A.)। —র্ষ পুং **১** অষ্টপ্রকার বিবাহের একতম। "আর্ষে গোমিথুনং শুল্কম্ মনু ৩.৫৩ [এই বিবাহে বরের নিকট হইতে যাগাদির নিমিত্ত এক বা দুই গোমিথুন লইয়া কন্যা দান করিতে হয় (মনু ৩.২৯; যাজ্ঞ ১.৫৯)।] **২** (ঋষিসেবিত) বেদ। "মনু ১২.১০৬। **৩** ঋষিপ্রযুক্ত ব্যাকরণদূষিত শব্দ। —র্ষ ক্লী **১** ঋষিবাক্য, বেদবচন। **২** ঋষিকৃত কাব্য। **৩** [+অ সমূহার্থে] গোত্রপ্রবর ঋষির নামচয় বা ঋষিসমূহ।

"যাজ্ঞ ১.৫৩। ৪ মন্ত্রসমূহ, মন্ত্রজাত, মন্ত্রাদিবাক্য। "মহা ৩.২১.৮। ৫ আর্ষতীর্থ—অঙ্গুলিসমূহের মূলদেশ। 'আর্ষং প্রকীর্ত্তিতঃ (মূলে)। —উশন ২.১৭। [°তীর্থ (ক্লী)—দ্র 'আর্ষ (৪)। °ধর্ম্ম (পুং)—মন্ত্রাদি ঋষিগণের প্রোক্ত ধর্ম্ম।]

আর্ষভ বিণ [ঋষভ+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -ভী] ঋষভসম্বন্ধী, বৃষভকৃত। "মোঘং স্কন্দিতমার্ষভম্ মনু ৯.৫০। —ভী স্ত্রী 'বৃষভপ্রিয়া, কপিকচ্ছু।

আর্ষেয় ক্লী [ঋষি+এয় (ঢক্) তৎসম্বন্ধার্থে] ১ ঋষিসম্বন্ধী গোত্র; ঋষিগোত্র। "নানার্ষেয়প্রবর ভ ১.১৯.১১। ২ গোত্রপ্রবর ঋষিসমূহ। "অসমানার্ষেয়াং কন্যাং বরয়েৎ বিষ্ণু (ত.বা)।

আর্সি বি দ্র 'আরশি'। "বিববার আর্সিখানি পড়ে আছে একপাশে অ গু ৩৬।

আর্হত বিণ [অর্হৎ+অ (অণ্) তৎসম্বন্ধার্থে, স্ত্রী -তী] অর্হৎসম্বন্ধী, জিনসম্বন্ধী। —ত পুং স্যাদ্বাদবাদী, অনেকান্তবাদী জৈন (অ চি)। —ত ক্লী অর্হন্মত, জৈনমত।

আল[১] ক্লী [আ+√অস্ অলঙ্করণ+অ (অচ্)-ক; তু 'সং হরিতাল >প্রা হরিআল (হে) >আল (শব্দাংশ)] ১ হরিতাল। "চূর্ণৈঃ সমনঃশিলালৈঃ।—সুশ্রুত (ত বা)। ২ [তু 'আল'—বিষ (ঋগ্বেদ ৬৭৫.১৫)] বিষধর জন্তুর গাত্রনিঃসৃত বিষাক্ত পদার্থ। "সুশ্রুত (S.W.)। ৩ কপটতা, চাতুরী। "আলজালানি চিন্তয়ন্তী (কাদম্বরী)।

আল[২] '-ল্' বি [দ্র 'আইড়'] ১ সর্ব 'আইড় (১)। ২ তীর, পাড়। "নদী আল শ্রী.মা ৫৮।

আল[৩] '-ল্' বি [কেরুআ(য়া)ল >আল (শব্দাংশ); অপ্র] হাল, দাঁড়। "নায়ের আগে বৈসে চণ্ডী হাতে করি আল বি.পা ৫৯।

আল[৪] '-ল্' বি [সং অল; অস আল; দ্র 'আল[১] (২)] ১ বৃশ্চিকাদির বিষাক্ত সূক্ষ্ম পুচ্ছাদির অগ্রভাগ; হুল। ২ জোলুই প্রেক ইত্যাদির তীক্ষ্ণ অগ্র। "জোলুয়ে নেজনা যুড়ি মুড়ে রাখে আল শি ৭২। ৩ সর্পাদির দন্তাগ্রভাগ; দাড়া। ৪ গাড়ির ধুরার (অক্ষের) অগ্রভাগ। ৫ সূক্ষ্ম অগ্রমাত্র।

আল[৫] '-লো' বং [সং আলোক >প্রা আলোঅ >বা আলো -ল] ১ আলোকিত, দীপ্ত, শোভিত। "মদনমোহন বরের রূপে ঘর করয়াছে আল ক.চ ২৬। ২ সূর্য্যালোকে (রৌদ্রে) শুষ্ক; আতপশুষ্ক। বিপ 'সিদ্ধ'। "°চাল, °ধান। —ল বি ১ আলোক, কিরণ। ২ প্রদীপাদির শিখার প্রভা; দীপ্তি। বিপ 'আঁধার'। "সহিতে না পারে আল ভা চ ৭২; আন্ধার ঘরেতে কর আল ৩১০; ৩৯৩। কৃষ্ণপ্রেম…নিত্য করে আল ভ গ্র ৪১১। ৩ আতপতণ্ডুল।

আল[৬] '-লো' অব্য [অলা >আল] ১ সম্বোধনে (স্ত্রীভাষা)। "আল রাধা শ্রী কী ৪৩; ৫৮; ৭০। ২ সখীর বা সমবয়স্কার সম্বোধনে। "আল হের প্রতিজ্ঞা করিলোঁ শ্রী কী ২০। ৩ মাতামহী-প্রভৃতির সম্বোধনে। "আল বড়ায়ি শ্রী.কী ৪৬। ৪ (অপ্র) মাতৃবৎ দেবীর সম্বোধনে; মাত। "আল রাধা পৃথিবীত কর অবতার শ্রী কী ৬। ৫ পুরুষ কর্ত্তৃক স্ত্রী-সম্বোধনে। "শ্রী কী ২২২।

আল[৭] সর্ম্ম [এল[২] >আল; অপ্র] অবহেলা করা; অবজ্ঞাপূর্ব্বক ত্যাগ করা। "কাজ নাই গোঁসাই বিষয় আমি আলি: যাচিলে যৌবন আল ঐ তাপেতে মরি শ্রী ৫৮; কেন হেন রতন যৌবন তুমি আল ৫৯। [আল—অবজ্ঞাপূর্ব্বক ত্যাগ কর।]

আল[৮] '-লো' প্র [সং মৎ >প্রা আল (প্রা.প্র ৪২৫); তু 'সং রল (অস্ত্যর্থে)—দন্তা'রল', অর্থাৎ দাঁতাল; আল (দ্রবিড়ীয়)—To possess.] ১ যাহাতে বা যাহার আছে; তদ্যুক্ত, তদ্বিশিষ্ট। "আটাল, গোলাল, ঝাঁকাল, ঝাঁকাল, তেজাল, তেলাল, দাঁতাল, ধারাল, রসাল, শাঁসাল। [সং আর্দ্র >লি, প্রা অল্ল >বা আল; হি আলা; 'তৈলার্দ্র', 'রসার্দ্র', হইতে 'তেলাল' 'রসাল' হইতে পারে।] ২ [আল[৪] >°ল] সর্ব 'আলি[৪]। "গাবুয়াল, ঠাকুরাল।

আলক '-ক্' বিং [সং অলক্ষ্য >লি, প্রা অলক্খ >বা অলক, আলক; অপ্র] অদৃশ্য, লোকচক্ষুর অগোচর। "আলক রত চড় আইল গোরক্ষের বিদ্যাধর গো.চ ১৬২।

আলকাতরা বি [P. Alcatrão; E. Tar; আ ক ত্‌রান্—Tar] পাথুরিয়া কয়লা প্রভৃতি হইতে চোয়ান ঘন আটাল কৃষ্ণবর্ণ পদার্থবিশেষ; তার।

আলকুশি, আলকুশী বি [আল[৪] >কচ্ছু (?)] শূকশিম্বী লতা ও তাহার শিম্বাকৃতি লোমশ ফল। "আলকুশী গুঁড়া মামী উড়াও মন্ত্র প'ড়ে শি ৭৭। [আলকুশীগুঁড়া—শূকশিম্বীফলের গুঁড়া; দয়ার গুঁড়া।]

আলক্ষিত বিণ [আ+√লক্ষি+ত (ক্ত)-র্ম্ম] ১ অসম্যক্ লক্ষিত; ঈষৎ দৃষ্ট। "মহা ৭.১৪৪.১০১। ২ সম্যগ্‌জ্ঞাত। "ভ ১৪.৬। ৩ লক্ষণ দ্বারা জ্ঞাত। ৪ নিশ্চিত। "রা ৭.৩৫.৪৩। —লক্ষ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ঈষদ্দৃশ্য। "°পারপ্লবসারসানি রঘু ১৩ ৩০। °দন্তমুকুল শ ৭.১৭।

আলখ সর্ম্ম [সং আ+√লক্ষি >প্রা √আলক্খ (প্রা.ম) >বা √আলখ; হি √লখ; অপ্র] দর্শন করা; দেখা। "আলখিয়া সভাকার আনন্দ অন্তর শ্রী মা ১০১।

আলখাল্লা, আলখেল্লা বি [র্ক অল্‌খালিক্] ঢিলা হাঁটুপর্য্যন্তঝুল একপ্রকার জামা; বোতাম-দেওয়া কাবা-বিশেষ।

আলগ বিং [সং অলগ্ন >লি, প্রা অলগ্‌গ >বা আলগ; হি, ঠ অলগ; অস আলগ] ১ নিরালম্ব, নিরাশ্রয়, শূন্যস্থিত। "মাথাএ আলগ ছাতি গো.বি ৫১; পদ আলগ উপর ৯৪; আলগ আসনে নাট কর ১০৪। মী ১৮; ২০। ২ উর্দ্ধগত, মাটিছাড়া। "পৃথিবীর আলগ হইয়া ক্ষণে যায় চৈ.ভা ২১১। ৩ ভিন্ন, পৃথক্। "বিশ্বম্ভর অগ্রে নিল আলগ করিয়া (চৈ.ভা)। ৪ অস্পৃষ্ট, আলগোছে। "আলগ করিয়া তুমি করিহ রন্ধনে চৈ.ভা ৩৫০। ৫ বিষয়সম্বন্ধরহিত, আনন্দে আত্মহারা। "সংসারের তাপ হরে শ্রীমুখ দেখিয়া। সর্ব্বলোক 'হরি' বোলে আলগ হইয়া॥ —চৈ ভা ৩২৬। ৬ পরস্পর-সংলগ্ন হস্তের উপরে শায়িত। "শেষে অতি মূর্চ্ছা দেখি মিলি সর্ব্ব দাসে। আলগ করিয়া নিঞা চলিলেন বাসে॥ —চৈ.ভা ৩৪২। [°চিত—শূন্যে উল্লম্ফনপূর্ব্বক চীৎকার। "জমের মধ্যত পৈল জাইয়া আলগচিত দিয়া গো চ ১৯. টীকা।]

আলগলতা, আলোকলতা বি মাটিতে অলগ্নমূল একপ্রকার পরগাছা (Parasiti.) লতা। [স্বর্ণবর্ণ হেতু ইহার অন্য নাম 'স্বর্ণলতা'। গাছ আলো ক'রে ব'লেয়া কি নাম 'আলোকলতা'?]

আলগা বিং [আলগ >°গা; অস আলগা] ১ অসংলগ্ন, বিযুক্ত, ফাঁক। "কাঠের জোড়ের বা নৌকার বাঁধের মুখ আলগা হওয়া। ২ অনাবৃত, ঢাকনীশূন্য, আঢাকা (ভাঁড়ের মুখ; খাদ্যদ্রব্য)। ৩ আচ্ছাদনবস্ত্রহীন, অনাবৃত, আদুড় (গা)। ৪ অবগুণ্ঠনহীন, ঘোমটা-শূন্য, খোলা (মুখ)। ৫ অসংযত, বাধাবাঁধনরহিত। "হাঁ গ্যাথ মাসী, মাসী হও, আর যা হও, তোমার বড় আলগা মুখ গি.হি ১০৬। ৬ শিথিল, এলো, ঢিলা (গিরো)। ৭ অসংলগ্ন, সঙ্গতিহীন, খাপছাড়া (কথা)। ৮ যাহা মনোগত নহে; মৌখিক, মুখস্থ, লোক-দেখান। "শত্রুলোকের বিপদ দেখে, মনে সুখী হয় সর্ব্বলোকে, কিন্তু মুখে দুটো আলগা কথা বলে দা ৫৩৫; এখন আলগা সোহাগ আর কি চলে?—২০৩৫। [আলগা আলগা রকম—বিশেষ শ্রদ্ধাহীন বা নিষ্ঠা-শূন্য। "ছোট পুত্রটি হিন্দুয়ানি বিষয়ে আলগা আলগা রকম আ.হু ৯০। আলগা আলগা রকমে—অল্পস্বল্পভাবে, মাঝারি-গোছ। "কন্তাকর্ত্তার

লোকেরা তাকে আচ্ছা ক'রে আলগা আলগা রকমে সেখানে শুনিয়ে দেয় আ.হু ১১৮। আলগা আলগা রকমে থাকা—নির্লিপ্তভাবে, অর্থাৎ বড় মেলামিশি না করিয়া থাকা। "বুদ্ধিমান্ লোক তাঁহার নিগূঢ় তত্ত্ব জানিয়া আলগা আলগা রকমে থাকিত আ.হু ১৪৯। আলগা দেওয়া—১ শাসনে শৈথিল্য করা; প্রশ্রয় দেওয়া। "ছেলের স্বভাব বুঝে আলগা দিতে হয়। ২ ভারলাঘব করা; চাপ না দেওয়া। "দিও না চাপন আর জিয়াদা, তনু গেল গো হনুমান দাদা, মাঝে মাঝে আলগা দিও ভাই রে।—দা ৮১৪। আলগা মুখ—অসংযত মুখ। দ্র 'আলগা (৫)।]

আলগুছি, -গোছি বি [আলগোছ > °গোছি, °গুছি] আলগোছে (নিরালম্বভাবে) দাঁড়াইবার নিমিত্ত শিশুর প্রথম চেষ্টা। "আল-গোছি দেয় দশ মাসে (ক চ)। —গোছ [°'গোছে'—মূল] বিং ১ নিরবলম্ব, নিরাশ্রয়, শূন্যস্থ। ২ নিরবলম্বভাবে দণ্ডায়মান (শিশু)। —গোছা বিং ভূমিতে অসংলগ্ন; শূন্যস্থিত, অর্থাৎ উঁচু। "আলগোছা টাঙ্গা বান্ধ নেতের উয়াড়ে। পুরনারী দেখে যেন থাকি তার আড়ে॥—কৃ ৩৭৯। —গছে, —গোছে ক্রি.বিং [হি অলগ+সে > অলগসে, -ছে] ১ অলগ্নভাবে, অস্পৃষ্টভাবে, স্পর্শব্যতীত। "তণ্ডুলসহিত তবে দিব্যগর্ভগোড়। আল-গোছে দিয়া বিপ্র কৈলা কর জোড়॥—চৈ.ভা ৩৫০; আলগোছে এমত বা রান্ধিলা কেমতে ৩৫১। ২ স্পর্শব্যতীত, অর্থাৎ বিনা চুমুকে। "রুবিরের পানা, আলগছে দানা, চাতকেরা পিয়ে যেন জল ক চ ২৬৮। [আলগুছি দেওয়া—শিশুর আলগোছে দাঁড়ানর চেষ্টা করা।]

আলগোছ, -ছা, -ছি, -ছে দ্র 'আলগুছি'।

আলঙ্কারিক পুং [অলঙ্কার+ইক (ঠক্)] অলঙ্কারশাস্ত্রবেত্তা, অলঙ্কারশাস্ত্রপণ্ডিত। "কাব্যাদর্শ ১১০, টীকা।

আলচা'ল '-লো-ল্' বি আতপশুষ্ক ধান্যের চাউল; আতপতণ্ডুল। বিপ 'উষ্ণচা'ল, সিদ্ধচা'ল'। "আলচাল দালবড়ি ক.চ ১৭৪। আলচাল আর পাকা কলা, কাজ কি রে তোর আয়োজনে।—রামপ্রসাদ। [আলচা'ল দেখলে ভেড়ার মুখ চুলকায়—(গৌণার্থে) রুচিকর খাদ্য দেখিলে ভোজনের প্রবল ইচ্ছায় মুখকণ্ডূতি হয়, অর্থাৎ মুখ শুড়শুড় করে।]

আলচিরা [?] "ছোট বড় গিরির বেটা বুদ্ধি আলচিরা। দশ গিরস্তে বলবে এটা বৈরা গ নারিচোরা॥—গো চ ১৭৬।

আলছায়া বি [আল৫+ছায়া] ১ আলোক ও ছায়া; পাশাপাশি আলোছায়া। ২ (গৌণার্থে) অস্পষ্টভাবে দৃষ্ট আকৃতি।

আলজি, -জিব বি [সং অলি জিহ্বা] গলনালীর মুখের উপরস্থিত ক্ষুদ্র জিহ্বা (Uvula)। "আলজিবও খারাপ হ'য়ে যাওয়ায় সর্ব্বদাই ভেটকী মাছের মত হাঁ ক'রে থাকতেন হু ২১৬।

আলটকা, -টপকা ক্রি.বিং ['অতর্কিত'—মূল (?); হি টপকা—Windfall.] অতর্কিতভাবে, হঠাৎ, বিনা চেষ্টায়। "আলটপকা কিছু টাকা পাওয়া গেল।

আলটা সর্ব 'আটলা'।

আলটাকরা বি [আল+টাকরা] গলনালীর উপরে টাকরার আগে আলজিবের স্থান (Soft-palate)।

আলটি, -টী বি [আড়৪+তা—আড়তা > আলটা, -টি; অপ্র] আড়ভাব, কুটিলতা, আড়ি। "পূর্ব্বের কতেক ছিল ধনপতি সনে। আলটী করিল বেণে তথির কারণে॥—ক.চ ১৮০।

আলতপালত বিং [ফালত > পালত; আলত (অনু শব্দ)] ফালতু, অনাবশ্যক, অকেজো, বাজিল। "অমুক বাবুর মার শ্রাদ্ধে ক্রোর টাকা ব্যয়"...প্রভৃতি আলত-পালত কথাতেই পত্র পুরাতেন হু ৮৭।

আলতা বি [সং অলক্তক > প্রা অলত্তঅ, -য় > বা (অলত্তা) আলতা; ঠ অল.(লি.)তা] ১ লাক্ষারস, যাবক (Red lac or sap)। "পদ্ম-পঙ্কজপাশে শোভে আলতা গো ৯৫। ভা.চ ২৫৬; আলতার দাগ ৬৭৫। ২ লাক্ষারসময় তুলার পাত। [আলতা পরা—আলতায় পা রঞ্জিত করা। আলতা-পরা—অলক্তকরঞ্জিত (পা)] "ব প্র ৩৮৭।]

আলতারাপ্ বি [আ অল্‌তরঙ্ক্] বাক্সের ডালায় লাগানর নিমিত্ত লোহার কব্জাবিশেষ।

আলনা বি ['আড়২—মূল; হি অলগনী (অলগ্ন); ঠ অডণা, আডণা—A door-bar; ড় অলগুনি] বস্ত্রাদি রাখার নিমিত্ত আড়ার মত আড়ভাবে ঝুলান বাঁশের বা কাঠের দণ্ড।

আলপনা, আলিপন, -না বি [সং আলীপন, আলিম্পন, আলেপন 'আইপ্পন (দেশী ১.৭৮)] উৎসবে বা মঙ্গলকার্য্যে গৃহদ্বারে, অঙ্গনে, ঘরের দেয়ালে ও তলে পিটালির বা খড়ি-প্রভৃত রঙের চিত্রাঙ্কন বা অঙ্কিত চিত্র। "আলিপন দেয়ব মোতিম হার বি.প ২০৫। আলিপন চিত্র সিঁড়ি বি.পা ৩; পঞ্চবর্ণের গুরি দিয়া বিচিত্র আলিপন ১০৬। আলি-পন পরিপাটী ক.চ ৪৭। আলিপনা...দুআরে দুআরে শ্রী ম ১৮। দ্বার-দেশে আলিপনা দিয়া বুল নারী শি ৯৬। মুছে ফেল আলপনা অ গু ১২০।

আলপাকা বি [E. Alpaca (Peruvian name); হি আলপাক] ১ দীর্ঘ রেশমতুল্য লোমবিশিষ্ট পেরুদেশীয় মেষবৎ পশু-বিশেষ। ২ রেশমে বা তুলায় মিশ্রিত আলপাকার লোমে নির্ম্মিত সূক্ষ্ম কাপড়। "আলপাকার জামা।

আলপিত বিণ [আ+√লপ্+ত (ক্ত)-র্ম্ম] আভাষিত। "বিক্র ২২।

আলপিন বি [P Alfinete; E. Pin; হি আলপীন] গোড়ায় টোপ-বসান সূক্ষ্মাগ্র ছিদ্রহীন ছুঁচ; পিন্।

আলপো, আল্‌পা, -ফা বিং [আ অ'লফ.হ—বৃত্তি; উলফা (চট্টগ্রাম)—বাজে; আলফা (মালদহ); অলপা (নাটোর)] বৃত্তির মত বিনা কষ্টে বা ব্যয়ে প্রাপ্ত, অনায়াসলব্ধ, আকড়ীয়া, অমনি-পাওয়া (দ্রব্যাদি)।

আলবৎ ক্রি বিং [আ অল্‌বত্তহ্; হি অলবত্তা] নিশ্চিত, নিঃসংশয়, বাস্তবিক, ঠিক। "আলবৎ যাবেঙ্গা স.এ ৪১।

আলবলা, -বোলা বি [ফা আল্‌বলা (?); হি আলবেলা—বিলাসী] দীর্ঘনলযুক্ত হুঁকাবিশেষ। "আলবোলা।—দা ২০২০। অশীতিহস্তপরিমাণ আশীবিষসদৃশবক্রনলসঙ্কুল আলবলা য ১। তোমার জন্য এই সব আলবোলা শট্‌কা প্রভৃতি সাজাইয়া রাখিয়াছি ব.প্র ৩৮৯; ৩৯০। বিশ্ববিমোহিনি! তোমার বাহন আলবলা ব.ঝি ১৮; কেহ আল-বোলাতে তামাকু টানিতেছে ২৮৭।

আলবাটি, -টী বি ['লাল (লালা)-বাটি, -টী'—মূল (?); অপ্র] পিকদানী। "দুই দিগে আলবাটী ক চ ১৫৯। দিবা আলবাটি দুই শোভে দুই পাশে (চৈ.ভা)। গোপীর মুখ করে আলবাটী চৈ.চ ৩৪০।

আলবার্টফেসান্ বি প্রিন্স্ আলবার্টের কেশবিন্যাসের মত কেশ-সংস্কার বিশেষ। "আলবার্টফেসানের বাঁকা সিঁতে হু ১০; খরকামান চৈতন্যফক্কার জায়গায় আলবার্টফেসান ভর্ত্তি হলেন ২১। [এই ফেসানের সিঁতে ডানদিকে কাটা। সিঁতের মুখে দুই পাশের চুল একটু ফাঁপা। মেয়েদেরও সোজা সিঁতের মুখের চুল ফাঁপা থাকিলে, তাহাকেও 'আলবার্ট কাটা' বলে।]

আলবাল ক্লী [আলি+√বল্ ধারণ+অ (অণ্)-ক; নিপাতিত (অ.টী); আর্দ্রবাট (লি * অল্লবাল.)—মূল (?)] সেকার্থ বৃক্ষমূলে মৃত্তিকাদিকৃত গোল জলাধার; আবাল। "আলবালাম্বুপায়ী রঘু ১.৫১। °পূরণ শ ১২৬৪। হৃদি আলবালে ভ.গ্র ৪। মে ২৩৩। নীলকান্ত-আলবালে অ.গু ১০।

আলবেলিয়া বিং [হি আলবেলা ; অপ্র] অকপট, সরল। "(জরদগব) অতিবলবান্ আলবেলিয়া অন্তর ভ.গ্র ১৫১।

আলব্ধ বিণ [আ+ √লভ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সংস্পৃষ্ট। ২ উক্ত। "ভ ১০.৫৭.৪০। ৩ হিংসিত। "ভ ১১.২১.৩০।

আলভন ক্লী [আ+ √লভ্+অন (ল্যুট্)-ভা ; মুম্-পক্ষে 'আলম্ভন', পা ৭.১.৬৪] ১ হিংসা, বধ। ২ স্পর্শন। ৩ মর্দ্দন। "তিলা ভক্ষয়িতব্যাশ্চ সদা ত্বালম্ভনং চ তৈঃ মহা (ত.বা)। —লভনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম, মুম্-পক্ষে 'আলম্ভনীয়'] ১ হিংসনীয়, বধ্য। "যাগাদৌ আলম্ভনীয়ঃ পশুঃ (ত.বা)। ২ স্পৃশ্য, স্পর্শনার্হ। °ভনীয় গো.রা ১.৭৮. ১০ ; °ম্ভনীয় ২.৬৭.৭। রা ২.৬৫.৯। ৩ মর্দ্দনীয়। —লম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা, মুম্-আগম পা ৭.১.৬৭] ১ হিংসা, বধ। "সুরভিতনয়ালম্ভঃ পূ.মে ৪৬। ২ ছেদন, কর্ত্তন। "বৃথালম্ভে মনু ১১.১৪৫। ৩ আলিঙ্গন, আশ্লেষ। "স্ত্রীণাং প্রেক্ষণালম্ভম্ মনু ২.১৭৯। ৪ সংস্পর্শ। "অধোক্ষজালম্ভ ভ ৭.৭.৩৭। —লম্ভ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম ; পা ৭.১. ৬৫] সর্থ 'আলম্ভনীয়'।

আলমারি বি [P. Armário ; F. Armoire ; E. Almyrah ; Anglo-Indian colloquialism—Almyra] পুস্তকাদি রাখার কাষ্ঠাদিরচিত কোষ্ঠসমূহে বিভক্ত বাক্সবিশেষ। "অ.গু ৪৩।

আলম্‌পনা বি [আ আ'লম্+ফা পনাহ্—পৃথিবীর আশ্রয়] পৃথিবীর পালক ; ভূপাল, পাতশাহ। "উজির কহিছে আলম্‌পনা সেলামত ভা.চ ৪৯৯।

আলম্ব বিণ [আ+ √লম্ব্+অ (অচ্)-ক ; স্ত্রী -ম্বা] ১ আলম্বমান, নম্র। "আলম্বাঃ শালয়ঃ রা ৩.১৬.১৭। ২ লম্ব (Perpendicular)। —লম্ব পুং [+ √অ (ঘঞ্)-ভা] ১ আলম্বন, আশ্রয়ণ। ২ [+অ -র্ম্ম] আলম্বনীয়, আশ্রয়, শরণ। "নিরালম্ব। (সীতাম্) হরিষ্যামি নিরালম্বাম্ গো.রা ৩.৪০.২৮। মায়াগুণালম্ব কার্য্য-কারণে দু ১৯। ৩ আশ্রয়, আধার। "বায়ুমার্গে নিরালম্বে গো.রা ৫.৭.৫৮। ৪ দুর্জ্জয়, দুরভিভব। "লঙ্কা পুনর্দুরালম্বা গো.রা ৫.৭৩.৬। —লম্বন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আশ্রয়ণ, অবলম্বন। "পা ৮.৩.৬৮, কাশিকা। ২ ধারণ। "দয়িতাজীবিতালম্বন পূ মে ৪। ৩ [+অন-র্ম্ম] আশ্রয়ণীয়, আশ্রয়, অবলম্বন। ৪ সহকারী, সহায়। "কি ২.১৩। ৫ আশ্রয়, আধার। "নিরালম্বনমম্বরম্ গো.রা ৫.৩.৬৪। ৬ আয়তন, শরণ। "উচ ৬.১০। ৭ হেতু, কারণ (M.W.)। ৮ মূল, ভূমি, ভিত্তি। ৯ বৌদ্ধমতপ্রসিদ্ধ প্রত্যয়বিশেষ (ত বা)। ১০ (অলঙ্কারে) যাহা অবলম্বন করিয়া রসের আবির্ভাব হয় ; রসালম্বন নায়কাদি। 'আলম্বনং নায়কাদিস্তমালম্ব্য রসোদ্গমাৎ সা.দ ৩.২৯। "না দেখি সে চাঁদমুখ, যদ্যপি সে নাহি আলম্বন চৈ.চ ৮০ ; কৃষ্ণাদি আলম্বন ২৩০। [আলম্বন দ্বিবিধ বিভাবের একতর। শৃঙ্গারে নায়কনায়িকা আলম্বনবিভাব (সা.দ ৩.১৮৪)। 'দ্বিবিধ বিভাব—আলম্বন উদ্দীপন চৈ.চ ২৩০ ; নায়ক নায়িকা দুই—রসের আলম্বন ২৩১।] —লম্বিত বিণ [+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ ধৃত, গৃহীত। "°কর (S.W.)। °অগ্রাবেশ রঘু ১৮.৩৯। মৃণালম্বিতহেমসূত্র বিক্র ৫.২। ২ আশ্রিত। "স্থৈর্য্যং ময়ালম্বিতম্ (S.W.)। গগনালম্বিত মেঘবিম্ব চা.তৃ ২। ৩ লম্বমান। —লম্বী (-ম্বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ম্বিনী] ১ ধারী, আশ্রিত। "দেবসূতভুজ° রঘু ১২৮৫। দশা° ।—পঞ্চ ১.১৫৫। ২ ধারী, পরিধায়ী। "গজাজিন° কু.স ৫.৭৮। ৩ আশ্রিত, আস্থিত। "পবনালম্বিভির্মেঘৈঃ মহা ৩.১০৮.৫। ৪ রক্ষক, ধারক, স্থিতিকারক। "বরমেকঃ কুলালম্বী যত্র বিশ্রায়তে পিতা হি ২০ (কথারম্ভ)। [সমাসে উত্তরপদ]।

আলম্বন, -লম্বিত, -লম্বী ; আলম্ভ, -লম্ভন, -লম্ভনীয়, -লম্ভ্য দ্র 'আলম্ব ; আলভন'।

আলয় পুং, ক্লী [আ+ √লী+অ (অচ্)-ধি ; তু 'অরলয়'—গৃহ (দেশী ১.২৩)] ১ গৃহ, নিকেতন, ভবন। "শিবালয়, সুর° (S.W.)। গো.রা ৫.২৩৩১। ২ স্থান, বাসস্থান। "ত্রিদশ° (অ.কো)। অমর° (নৈষধ)। দানব°, বরুণ°, মকর° (S.W.)। ক্রম° হি ১.১৬০। ৩ আধার। "শিবিকালয়শায়ী গো.রা ৪.২৪.৩২। হিম° কু.স ১.১। ৪ আশ্রয়। "দুঃখ° গী ৮.১৫। কমল-আলয় সরঃ মে ১৩। ৫ সংশ্লেষ, সংস্পর্শ। —য় ব্য [আ লয়, অব্যয়ীভাব] লয়পর্য্যন্ত, আপ্রলয়। "ভ ১.১.৩।

আলয়ান বিং ['আলোকবান্'—মূল ; অপ্র] অলোকযুক্ত, প্রদীপ্ত। "অরিষ্ঠ আলয়ান কৈল অঙ্গচ্ছবি শ্রী.মা ২২।

আলর্ক বিণ [অলর্ক+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -র্কী] অলর্ক-সম্বন্ধী, ক্ষিপ্তকুক্কুরসম্বন্ধী। "আলর্কং বিষম্ উ.চ ১৪০।

আলস বিণ [অলস+অ (অণ্) স্বার্থে ; স্ত্রী -সী ; ঠ আলশী, -সী] ১ অলস। ২ (বাঙ্লায়) জড়তাযুক্ত, নিমেষমন্থর, ঢুলুঢুলু। "চলিতে না পারে রসের ভরে। আলস নয়নে অলস (?) ঝরে॥—জ্ঞা ৪। আলস লোচন দেখি কাজলে উজল। জলে পসি তপ করে নীল উতপল॥—শ্রী.কী ১২। —স ক্লী [+অ তদ্ভাবার্থে ; হি, মৈ আলস ; ঠ আল.স] ১ অলসভাব, আলস্য, জড়তা। "নিরালস।—শু ২.৯। আলস হি পুবল সকল হি গা বি.প ৬৯। আলসে অবশপ্রায় চ.দা ৩৩। °ভরে প.র ৪৪। আলসে উঠিছে হাই সা ম ৩৯। আলসভরে, মেঘ ভেসে যায় আকাশপরে।—রবীন্দ্র। আলসে হেলায়, গেল বেলা।—গান ১১৩। ২ (বাঙ্লায়) ঔদাস্য। "সই কিবা সে পিরীতি তার। আলস করিয়া, নারে পাসরিতে জ্ঞা ৬৫। [আলস হি—আলস্যে। আলসীয়া, -সে—অলস, কুঁড়ে।]

আলস্য ক্লী [অলস+য (ষ্যঞ্)। তদ্ভাবার্থে] ১ অলসভাব, শক্তব্যক্তির কর্ম্মে অনুৎসাহ (সুশ্রুত) ; অবশ্যকর্ত্তব্যকরণে অনুৎসাহ (কুল্লুক) ; ক্রিয়ামান্দ্য, অনুদ্যম। "মনু ৫.৪। গী ১৪.৮। ২ শ্রমগর্ভপ্রভৃতি হেতু জড়তারূপ ব্যভিচারিভাব। 'সা দ ৩.১৫৫।

আলা[1] বিং ['আল[৫]—মূল ; পদ্যে] আলোকিত, দীপ্ত, আলোকময়। "মন্দির হইল আলা চ.সা ১০৪। তেজে আলা করে গিরি ম ১৬৭। রত্নমণিদীপিকা রজনী করে আলা শ্রী.মা ১৪৫। বা.দ ৯৯। —লা বি ১ আলোক, দীপ্তি, প্রভা, আলো। "আলা করি জায় কন্যা যেন চন্দ্রকলা কৃ উ ৯৪। কালা করে আলা চ সা ৬৪। আঁধার হইবে আলা।—গান ৯৫। তিলক-আলোকে তিন লোকে করে আলা বা.দ ৯৯। ২ সূর্য্যকিরণ, রৌদ্র। "রাজা বলে আলা বটে দেখেছি নয়নে শ্রী ২৫৬। ৩অগ্নিশিখা। "পর্ব্বতের আলা শ্রী ২৫৬।

আলা[2] বিং [√আল[৭]+আ[১২]] ১ অবহেলিত, পরিত্যক্ত, এড়া "অসম্পূর্ণ মালা, উরুদেশ-পরে, চারিদিকে আলা ফুল।—হেম ১৫৩। ২ পরিত্যক্ত, অর্থাৎ জাল, মেকী। "বলে শ্যালা 'আলা' (পাঠান্তর) টাকা মোর ভা.চ ২৮৪। ৩ বীতরাগ, বিরক্ত। "ভাল বেসে বেসে হয়েছি আলা।—হেম ১৩২। —লা বি [+আ[৬]] অবহেলা, ছাড়া, এলা। [আলা ভাত—এড়া (পর্য্যুষিত) ভাত ; অম্লরসযুক্ত (টক্) ভাত। আলান[১]—টক্ (Fermented)। "আলান ভাত, ব্যঞ্জন।]

আলা[3] বি [সং আলয় >প্রা আলঅ >বা আলা ; হি, মৈ আলা] আলয়, মন্দির, বিচারালয়। "দেবালা, নিরালা, শিবালা (হি শিরালা, মৈ সিরালা)। হাকিম সদর-আলা-আলা দা ২০৮৭।

আলা[4] বি [হি রালা (পুংলিঙ্গ), -লী (স্ত্রীলিঙ্গ)] ১ কারক। "পিরীত-আলা দা ২০৮৭। ২ স্বামী, প্রভু, অধিকারী। "বাড়ী-আলা। সদর-আলা দা ২০৮৭। ৩ পণ্যস্বামী, পণ্যবিক্রেতা। "ঘড়ী-আলা ; বাসন-আলা।

আলা৫ সর্ম্ম [√আউলা > √আলা ; অপ্র] ১ আকুল করা ; শিথিল-বন্ধ করা ; খসান। "আলাঞা দিয়াছে বেণী চ দা ২৪। আলাঞা বান্ধয়ে কেশ।—ব ৯৩। গিরা তবে আলাইয়া লও শ্রী ৮৮। ২ অপাবৃত করা ; (বইএর পাতা) খোলা। "সাধুর নিকটে তার আলাইও পাঁজি (ক.চ)। —লা অর্ম্ম ১ শিথিলবন্ধ হওয়া ; খুলিয়া যাওয়া ; খসা। "আলাইল কেশ শি ৩২ ; ৬২। ২ শিথিলগাত্রবন্ধ হওয়া ; ঢিলা হওয়া। "আলাইয়া পড়ে সকল গা ক চ ৪৪। চলিতে অবশ অঙ্গ পড়ে আলাইয়া ন.বি ৩৫। [আলাঞা, আল্যাইয়া—আলাইয়া। আল্যাইল—আলাইল, খসাইল। "আল্যাইল দৃঢ়বন্ধন-দড়ি ক.চ ১৫৩। আলান২—খসান। আল্যায়—খসে। "বেহুলার মান্দাস আল্যায় ব.প ২৬৭। আল্যালে—খুলিলে, খসিলে। "আল্যালে মাথার চুলি ব.প ১৩৬৪।]

আলাইদা, -লাদা, -লাহিদা বিং [আ আ'লইহ্‌দহ্‌—ভিন্ন, অলগ্ন] ১ পৃথক্, ভিন্ন। "শরিকে আলাহিদা ২ মফস্বলে উশুল তহসিল করিতেছে E.F. 77 ; 81 ; 120. ওদের পূজা আলাহিদা হ'য়েছে কি না ? (নী)। ২ সম্পর্কশূন্য, বহির্ভূত। [আলাদা করে' দেখা—ভিন্ন ভাবা। "অমূল্যকে আমার থেকে আলাদা করে' দেখ না কি ? ঘ ২০৬। আলাদা হওয়া—পৃথক্-অন্ন হওয়া।]

আলাত ক্লী [অলাত+অ (অণ্) স্বার্থে] সর্থ 'অলাত'। "চক্রভ্রমি ভ্রমে যেছে আলাত-আকার চৈ.চ ১৫৩। [°চক্র (বি)—সর্থ 'অলাত-চক্র (১)। "আলাতচক্রের ন্যায় নাচয়ে ভ্রমিয়া ভ.গ্র ৪৬৪।]

আলাতপালাত বিং সর্থ 'আলতপালত'।

আলাদ '-দ্' বি [সং অলগর্দ্দ > প্রা * অলঅদ্দ > বা আলাদ (নদীয়া—কুমারখালি)] জলব্যাল, আলাধসাপ, কেউটিয়া (অ.টী)। [আলাদ দুই জাতি : মেছো আলাদ (জলকেউটে), আলাদ (স্থলকেউটে, কৃষ্ণসর্প)।]

আলাদা ; আলান১ ; আলান২ দ্র 'আলাইদা ; আলা২ ; আলা৫।

আলান৩ ক্লী [আ+ √লা+অন (ল্যুট্)-ধি] ১ যাহাতে বন্ধন করে (অ টী) ; গজবন্ধনস্তম্ভ, গজবন্ধ। "ভগ্ন° রা (S W.)। রঘু ১.৭১ ; গজালানতা ৪.৮১। কালীপদ-মরকত-আলানে, মন-কুঞ্জরে বাঁধ এঁটে। —রামপ্রসাদ। ২ [+অন -ণ] গজবন্ধন-রজ্জু, নিগড়, পাশ। ৩ [অন-ভা] বন্ধন, নিয়ন্ত্রণ। "গজালানপরিক্লিষ্ট রঘু ৪.৬৯। ৪ (বাঙলায় ; অপ্র) বন্ধনস্তম্ভমাত্র, থাম্বা, খোঁটা। "শুন রে সকল নায়্যা, রাথ ডিঙ্গা পুতিয়া আলান ক.চ ২৪০। [আলানিক (ক্লী)—'বন্ধনপ্রয়োজনক, বন্ধনার্থ' ; আলান৩। "রঘু ১৪.৩৮।]

আলান্দ, -ন্ধ বি [সং অলন্ধুম ; অস আলান্ধু, -ন্ধ্ ; অপ্র] ১ ধুম-শিখাজাত মসী (Soot)। ২ লিখিবার কালি (Ink)। [আলান্ধিয়া (বি)—কৃষ্ণবর্ণ সর্পবিশেষ। "কৃ উ ৮০। স্বামি-প্রভৃতির নাম 'কালী' হওয়ায়, প্রাচীনাদের মুখে 'কালীঘাটে'র পরিবর্তে 'আলান্দঘাট' শুনিয়াছি।]

আলাপ১ পুং [আ+ √লপ্+অ (ঘঞ্)-ভা] ১ গমনাগমনকালে প্রিয়বচন (অ.টী) ; আভাষণ, সম্ভাষণ, পরস্পরকথন। "দক্ষিণেন বৃক্ষবাটিকাম্ আলাপ ইব শ্রূয়তে শ ১২৮। চিত্রকথালাপসুখ হি ১৩৩ ; বিশ্রব্ধালাপ ১৮৯। ২ ভাষা, কথা। "মাঘ ৮.১২। ললিত° ।—শ্রুতবোধ ৩৬। ভোলেতে পড়িল মীন কৈফ্যার আলাপে গো.বি ১৭২। ৩ পক্ষিরব, কূজন। "কোকিল° ।—ব্রহ্মপুরাণ (S.W.)। ৪ বর্ণন, আখ্যান। "সরস আলাপ কৃ.উ ৬৮। ৫ [+অ-ণ] (সঙ্গীতে) স্বরসাধন অক্ষর—সা রি গ ম ইত্যাদি। ৬ রাগের স্বর-বিন্যাসের পৃথক্ আলোচনা। "ওঙ্কার পুরিয়া শিব করিলা আলাপ গ ১০। আলাপ-কলাপ বা.দ ১২৫। উঠিছে আলাপ…বেহাগ তানে। —গান ১৭৬। [হিন্দুসঙ্গীতে যে সকল সুরে গান হয়, তাহার বিন্যাস প্রাচীন কাল হইতে নির্দ্দিষ্টভাবে চলিয়া আসিতেছে ; সেই নির্দ্দিষ্ট স্বরবিন্যাসসমূহের পারিভাষিক নাম 'রাগ' বা 'রাগিণী' ; রাগের সেই স্বরবিন্যাসের পৃথক্ আলোচনাকে 'আলাপ' বলে (গী সা)।] —লাপন ক্লী [+ √লাপি+অন-ভা] ১ বাচন, আভাষণ। ২ সম্ভাষণ, আলাপ, অন্যোন্যকথন, কথোপকথন। "অগস্ত্যের সহিত করেন আলাপন কৃ ১২৯। নিবারে সতত সতী প্রেম-আলাপনে, এ কালাগ্নি মে ৯৮। ৩ আশীর্ব্বাদ। "মঙ্গলালাপনৈঃ রা ১.৭৭.১২। ৪ (বাঙলায়) মধুরাস্ফুটরব, কূজন, গুঞ্জন। "শুক শারী পিক ভৃঙ্গ করে আলাপন চৈ.চ ৩৫১। —লাপনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] সম্ভাষণীয়, কথনীয়। —লাপিনী স্ত্রী [দ্র 'আলাপী'] বীণাবিশেষ। —লাপী (-পিন্) বি [+ √লপ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -পিনী] ১ ভাষী, বাদী। "প্রিয়° ।—ভর্ত্তৃহরি (S W.)। [সমাসে উত্তরপদ] ২ (বাঙলায়) যে আলাপ করিতে ভালবাসে ; আলাপেচ্ছু, আলাপ-প্রিয়, সম্ভাষণকুশল। "আলাপী চাঁদনি কোথা গোলাপী উনায় ?—অ গু ২৩। ৩ সামাজিক। ৪ যাহার সঙ্গে আলাপ আছে ; পরিচিত, জানা-শুনা, জানিত। "বড়মানুষ কুটুম্ব ও আলাপী অনেক আছে আদু ৪০ ; ঠকচাচা…একজন আলাপীও দেখিতে পান না ১৭৩। —লাপী বি ১ পরিচিত ব্যক্তি ; জানা লোক। "অদ্ভুত আলাপী ! বুঝি যাদুমন্ত্র জানে !—অ.গু ১৪। ২ আলাপকুশল ব্যক্তি। "আমাদের নবপরিচিত আলাপীটি হাসিয়া কহিলেন।—রবীন্দ্র। —লাপ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] সম্ভাষণীয় ; কথনীয়। [আলাপপরিচয় (বি)—কথা-বার্ত্তা ও কুলশীলাদির পরিচয়। °সালাপ (সং সংলাপ > লি সল্লাপ > বা সালাপ ; একার্থক শব্দ)—কথাবার্ত্তা, কথোপকথন। আলাপ করা—কথাবার্ত্তা কহা ; সুর-ভাঁজা। আলাপ বন্ধ করা—মনোমালিন্য হেতু কথাবার্ত্তা না কহা।]

আলাপ২ সর্ম্ম [আলাপ১ > √আলাপ ; হি, ঠ √আলাপ] আলাপ করা ; রাগরাগিণী স্বরবিন্যাসের সহিত আলোচনা করা ; সুর-ভাঁজা। "কেহ আলাপয়ে গীত বিপা ২৯৭। গ ১০। মেঘমল্লার আলাপই গো ১১৮। ভা চ ৪৫৯। রাগ আলাপন্তি রসাল (দুর্গামঙ্গল)। [মুরলী-আলাপি—মুরলীতে স্বরসাধনা করিয়া। "মুরলী আলাপি গান রি। —ব প ১১৪৩।]

আলাপচারী বি ['°চর্য্যা'—মূল ; হি °রী ; ঠ অ(আ)লাপ(ফ)চারী] ১ স্বরের সাধনক্রিয়া ; সা রি গ ম ইত্যাদি সুরে স্বরসাধন ; সুরভাঁজা। "রাজনীতিজ্ঞ…বহুবিধ রাগরাগিণী আলাপচারী করিতে করিতে দ্রুতবেগে পলায়ন করিল ব প্র ৬৩৪। ২ আলাপ-ক্রিয়া, কথাবার্ত্তা, কথোপকথন। "গোকুল তুই আলাপচারী কর, আমি ও ঘর থেকে কাপড় ছেড়ে আসি বাবা স এ ৭১।

আলাপন, -পনীয়, আলাপপরিচয়, -সালাপ, আলাপিনী, -লাপী, -লাপ্য দ্র 'আলাপ১'।

আলাভোলা বিং [হি বালা ভোলা, আলবোলা—সরল] যে বালক-তুল্য ও অল্পেই ভুলে ; সরল, সাদাসিধা ; কাণ্ডজ্ঞানহীন, বিষয়জ্ঞানশূন্য। "আলাভোলা-প্রায় বা.দ ৭।

আলাম '-ম্' বি ['আলম্ব'—মূল ; অপ্র] দণ্ড, ধ্বজ (Flagstaff)। "চারি দুআরে আলাম পুতিআ দুআরে দুআরি আগে শূ ৬০। ধবল আলাম, উড়ে তায় ধবল বর্ণের পাট শ্রী মা ৫৫।

আলাল বিং [হি অলাল—অকর্ম্মণ্য] ১ হিসাবের বহির্ভূত, উপরি, বাজে। "এখন আমাদের তপ্ত খোলা বড় থাই—একটা ছোবল মেরে আলাল হিসাবে কিছু আনতে হইবে আ.দু ৫৫। ২ [আ৪+হি লাল] অপুত্রক, অনপত্য, আঁটকুড়া। [আলালের ঘরের দুলাল—আঁটকুড়ার ঘরের আদুরে-আবদারে ছেলে।]

আলাহিয়া, আলিয়া বি [হি অলহিয়া] রাগিণীবিশেষ। [ইহার সময় দিবা দ্বিতীয় প্রহর, ঠাট স্বাভাবিক, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

আলি১ বিণ [(?) ; তু 'আ অ'লী] বিশালাশয়, মহাশয়। —লি পুং [আ+ √অল্ সামর্থ্য+ই (ইন্)-ক ; তু 'অলি'] ১ 'দংশনে সমর্থ' ; ভ্রমর। ২ বৃশ্চিক। —লি, -লী১ স্ত্রী [স্ত্রী-বিকল্পে ঈ (ঙীপ্) ; হি সহেলী ; তু 'অলিআ—সখী (দেশী ১১৬)] ১ বয়স্যা, সখী। "নিবার্যতামালি কুস ৫.৮৩। আলি (পাঠান্তর 'আলী') আলিঙ্গন চাহে বি.প ২০২। জ.প ৪ ; ৫ ; ৬। এই বটে আলি বি.মু ৪৭ ; আলি আড়ি পাতি রহে ৫৮ ; ৬২ ; আলো আলি ৬৩। °কুল রা.শে ১১৭, °পীঠ ১১৮। গো ১৫২। নৃত্য সহ আলি ভ.গ্র ১৫০। ২ [সং আবলি, -লী > প্রা • আঅলি, -লী > আলি, -লী (?)] পঙ্‌ক্তি, শ্রেণী। "বন°, বুদবুদ°, রথ্যা° (S.W.)। ভাস্কর° কু.স ৬.৪৯। খদ্যোতালী উমে ২০। বাণালী ক ম ২.১১। কুসুমালি ন.প ৮৯। ৩ রেখা। "বিষমহ.রচন্দনালি মাঘ (ত বা)। ৪ সন্তান-পরম্পরা, বংশ। ৫ [তু 'সং পালি ; 'অলি' (দ্রবিড়ীয়)—A deep place] জলবারণার্থ ক্ষেত্রসীমায় মাটির বাঁধ ; ক্ষেত্রসীমা, সেতু, আল। "জল রাখিবারে আলি বান্ধে ত কৃষাণ শ্রী.ম ৫৭। আগে বেঁধে দিবে আলি। তাতে রুইয়ে দিবে শালি॥—খনা। ৬ (বাংলায়) সীমা। "চারি আলি হইয়া চৌঘাট করে বন্দি শ্রী মা ১৪৭। ৭ সেতু, সাঁকো। "আলি জাঙ্গাল দিল উত্তম সরোবর কৃ.উ ১৯৭। আল জাঙ্গাল গ ৯৯। ৮ জাঙ্গাল, রাস্তা। "মনঃকথায় বান্ধি আলি চৈম ১৭৬ ; স্বর্ণ-মণি-মাণিকে দিব আলি ১৭৭। ৯ (সাদৃশ্যে) মৃত্যু-ভয়বারণ সাধনভজন। "এই সময়ে জাদু রে নরলে বান্দ আল গো.চ ৭০।

আলি২ বি [সং 'অল্লা'—মূল (?)] মাতা। "লখিমি কন্যায়,…দিব্য সিংহাসনে, বসাইয়া সুখে ভাসয়ে আলি ন.প ১২৫।

আলি৩, -লী২ বিং [আ অ'লী] ১ উচ্চ, উদার, বড়। "(মন) যেমনি গেলি তেমনি গেলাম, ক'রে দিলি মেজাজ আলী।—রামপ্রসাদ। ২ অবাধ, খোলা। "এত আলি হুকুম উচিত আজি নয়। বুঝে দেখ কত নিত্য নৈমিত্তিক ব্যয়॥—শ্রী ২০২।

আলি৪, -লী৩ প্র [পন > অন > অনি, -আনি > আলি, -লী (?) ; তু 'গাবুরালী' ; অন আলি—কিপিণালি ; দ্র 'পণা'] ভাব, কর্ম্ম, ধর্ম্ম। "ওস্তালি, চতুরালি, ঠাকুর°, নাগর°, মিতা°, সাঙ্গা°।

আলিকায় ক্রি [(?)] ভেঙচায়। "বানরের মুখ করি তারে আলিকায় ব.প ৮৪০।

আলিখিত বিণ [আ+ √লিখ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতলেখন, লিখিত। ২ বর্ণিত। ৩ চিত্রন্যস্ত, চিত্রার্পিত। "অহো রাগবদ্ধচিত্তবৃত্তিরালিখিত ইব সর্ব্বতো রঙ্গঃ শ ১২। ৪ অঙ্কিত।

আলিঙ্গ১ পুং [আ+ √লিঙ্গ্+অ (ঘঞ্)-ভা] ১ আলিঙ্গন, আশ্লেষ। ২ [+অ-র্ম্ম] বাদ্যবিশেষ, মৃদঙ্গ (?)। তু 'আলিঙ্গ্য'। —ঙ্গন ক্লী [+অন (ল্যুট্)-ভা] আশ্লেষণ, পরিষ্বঙ্গ, কোলাকুলি। "প্রিয়ালিঙ্গননির্বৃতি রঘু ১২.৬৫। উচ্ছ্বাসিত° উমে ৯। গাঢ়° হি ২.১৬৩। আলি আলিঙ্গন চাহে বি.প ২০২। বদনে বদনে আলিঙ্গন ক চ ২৪০। °দান ভা.চ ৩৫৮। [আলিঙ্গন সপ্তবিধ—আমোদ°, মুদিত°, প্রেম°, মানস°, রুচ্যালিঙ্গন, মদন°, বিনোদ° ।] —লিঙ্গিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আশ্লিষ্ট, পরিষ্বক্ত। "তনু তনু পৈঠত, সঘনে আলিঙ্গিত গো ১০৮। —লিঙ্গিত পুং (তন্ত্রে) বিংশত্যক্ষরাবধি ত্রিংশদক্ষরক মন্ত্রবিশেষ। —লিঙ্গিত ক্লী [+ত-ভা] আলিঙ্গন। —লিঙ্গী (-ঙ্গিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ঙ্গিনী] আলিঙ্গনকারী। —লিঙ্গ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] আলিঙ্গনীয়, পরিষ্বজনীয় (প্রিয়াদি)। —লিঙ্গ্য পুং আলিঙ্গনপূর্ব্বক বাদনীয় যবাকৃতি মৃদঙ্গবিশেষ ; মাদল (শ.ক)। 'যবাকৃতিঃ স আলিঙ্গ্যঃ, আলিঙ্গ্য স হি বাদ্যতে (শব্দার্ণব)।

আলিঙ্গ২ সর্ম্ম [সং আ+ √লিঙ্গ্, ; হি, ঠ √আলিংগ] আলিঙ্গন করা। "কাহ্ন আলিঙ্গিআঁ সকল দেহ জুড়ায়িবোঁ শ্রী.কী ৩০০। চন্দন-ভ্রমে, শিঙলি আলিঙ্গিনু বি.প ১১৮। ম ২৭৬। আলিঙ্গিলা কলেবর অ.প ১২২। চৈ.চ ১১০। আলিঙ্গয়া শিলাখণ্ড ন ১৪২৮।

আলিঙ্গন, -লিঙ্গিত, -লিঙ্গী, -লিঙ্গ্য; আলিপন, -লিপনা দ্র 'আলিঙ্গ১' ; আলপনা।

আলিপ্ত বিণ [আ+ √লিপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্যগ্‌লিপ্ত, দিগ্ধ, চর্চ্চিত। "ভ ১০.৮৪৪৫। হারচন্দনচূর্ণেনাপ্যালিপ্তম্ (অঙ্গম্) ক.সা ৫৬.৩২২। ২ কৃতালেপন, আলপনা-দেওয়া।

আলিম '-ম্' বিং [আ আ'লীম্ ; অপ্র] বিদ্বান্, পণ্ডিত। "ব্রাহ্মণ আলিম দেখে মাগু না করব ম.গা ৫।

আলিম্পন ক্লী [আ+ লিপ্+অন (ল্যুট্)-ভা, মুম্ আগম, দ্র 'পা ৭.১.৫৯ ; তু 'সং√লিপ্>প্রা লিম্প (হে)] আদীপন, আলপনা।

আলিস '-স্' বি [সং আলস্য > বা (কথ্য) আলিস্য, -স্থি > 'স ; প.স্থ] আলস্য, জড়তা। "আলিসের পরসাদে শ্রী.কী ৩৯৫। গো.চ ২৫২, টীকা। পিরীতি বালিসে° আলস ত্যজিব চ.দা ১২৮। বালস রাখে আলিস-বিনাশা শ্রী ৪০। তনু আলিস-বিকল শ্রী.ম ২০৭। বালিসে আলিস রাখ নৃপ ভাসি যায় ম ৪০৬। আলিস বালিশ করে চৈ.ম ২৮। বালিশ আলিস ভা.চ ৩৩৪।

আলিশা, -সা বি ['আলিন্দগৃ'—মূল] ১ ছাদের চারিধারে গাঁথা আলের মত প্রাচীরবিশেষ ; আল্‌সা। "বসি আলিশার আড়ে, ভিজে কাক ডাক ছাড়ে।—রবীন্দ্র। এককোণে আলিশায়, একটুকু সবুজের খেলা।—সোনার তরী ৩১। বিমলা…ছাদের আলসার নিকটে গেলেন ব.প্র ৪০। ২ সেতুর পার্শ্বস্থ বেষ্টন (রেলিং)। "আলিসা দুধারি তার (সেতুর) ভ.গ্র ৪৪০।

আলী১ ; আলী২ ; আলী৩ দ্র 'আলি১' ; আলি৩ ; আলি৪।

আলীঢ় বিণ [আ+ √লিহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ আস্বাদিত, ভুক্ত। ২ ক্ষত। "সেনাঙ্গমালীঢ়মিবাসুরাস্ত্রৈঃ রঘু ২.৩৭। —লীঢ় ক্লী ডান পা আগে বাড়াইয়া ও বাঁ পা পশ্চাতে গুটাইয়া দণ্ডায়মান ধনুর্যোদ্ধার স্থিতিবিশেষ ; ধন্বীর পঞ্চ অবস্থানের একতম। 'আলীঢ়ং পদমগ্রতঃ। দক্ষিণং বামমাকুঞ্চ্য প্রত্যালীঢ়ং বিপর্যয়ে॥—কু স ৩.৭০, মল্লিনাথ। "°বিশেষশোভী রঘু ৩.৫২। আলীঢ়স্থা মহিষমর্দ্দনে সবে স্পৃহা দু ১০। —লীঢ়ক ক্লী বৎসের (বাছুরের) স্থলক্রীড়াবিশেষ।

আলীন বিণ [আ+ √লী+ত (ক্ত)-ক] ১ সম্যক্ লয়প্রাপ্ত ; সংমিলিত, সংমিশ্র। ২ ব্যাপ্ত। "°চন্দন (স্তন) রঘু ৪.৫১। ৩ বিগলিত। —লীন ক্লী ১ রঙ্গ, রাঙ। ২ সীসক। ৩ [+ত-ভা] সংশ্লেষ, সংস্পর্শ।

আলু১ পুং ১ পেচক। [Cf., E. Owl ; হি উলু।] ২ কাসালু (শ.ক)। —লু স্ত্রী স্বল্পবারিধানিকা, ঝারী (অ টী)। —লু ক্লী ১ ভেলক, ভেলা। ২ [তু 'ফা আলু—Plum] কন্দবিশেষ। দ্র 'আলুক'। "শ্রী ১৬২। ৩ (বাংলায়) গোলআলু (Potato)। [কথাগুলা আলু—আলুর মত সরস কথা। "শ্রী ১৪০।]

আলু২ বিং [আউল > আলু ; অপ্র] আকুল, এলো। "আলু করি কাল চুল।—বিহারিলাল চক্রবর্ত্তী। [আলুআইয়া—এলো করিয়া ; খুলিয়া। দ্র 'আলুয়া'। "আলুআইয়া বান্ধে কেশ।—পদামৃতসমুদ্র। আলুইলে—এলো হইলে ; খুলিলে। "আলুইলে কেশ নাহি বাঁধি

ব.প্র ৬১৮। আন্বাইল—আলুথাইল। আলুয়ে দিল—খুলিয়া দিল। "দুর্ব্বলা আলুয়ে দিল…দড়ি (ক চ)।]

আলুই বি [আলু[2]—মূল (?)] স্তন্যপায়ী শিশুর ঔষধ—কালমেঘের পাতা, জোয়ান, রাঁধুনি, লবঙ্গপোড়া ইত্যাদি একত্র বাটিয়া করা বড়ী।

আলুক পুং ১ শেষনাগ। ২ কাসালু। ৩ কন্দবিশেষ। "মূলকালুক-পালঙ্কী।—কামসূত্র ৪ ১.২৯। [আলুকভেদ—কাষ্ঠালুক (কাঠ-আলু, মেটে-আলু ?), শঙ্খালুক (শাখ-আলু), হস্ত্যালুক (চুপড়ী-আলু), পিণ্ডালুক (সুথনী), মধ্বালুক (মউগা-আলু), শর্কবালুক (শাকরকন্দ), রক্তালুক (রতালু, আলতাপাত-আলু ?)। —ভাবপ্রকাশ।]

আলুঞ্চন ক্লী [আ+ √লুঞ্চ্+অন (লাট)-ভা] ১ অপনয়ন। ২ উৎপাটন। ৩ ছেদন। "মৃ ৩.২০। —লুঞ্চিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অপনীত। ২ উৎপাটিত। ৩ পর্য্যাকুল, মুক্ত (কেশাদি)। "°মূর্দ্ধজা (ত.বা)।

আলুণি, -নি বিং [সং অলবণিক > প্রা আলোণিয (পা.ম), -ণিঅ > বা (অলোণি) আলুণি, -নি] লবণশূন্য, অল্পলবণযুক্ত, নুন-কম (ব্যঞ্জনাদি)।

আলুথালু বিং [আউল > আলু+ 'থালু' (অনু.শব্দ)] ১ আকুল, মুক্ত, এলো। "আলুথালু চুলে ধায় ম.ম ১৯৭। আলুথালু কেশ বাস ভা.চ ৬৫ ; আলুথালু কেশপাশ সা.ম ৬২ ; ৬৫। ২ শিথিলবন্ধন, ঢিলা। "আলুথালু কবরীবন্ধন ভা চ ৩৭৫। আলুথালু, হায়, এবে করবীবন্ধন মে ১৯। ৩ অবস্রস্ত, স্খলিত, বিশৃঙ্খল, অসামাল। "আলু-থালু বেশ কৃ ২৬০। আলুথালু অম্বর শ্রী.মা ৮৫। আলুথালু থলি চালু শি ৩১। আলুথালু বেশ সা.ম ৫৬। ৪ সিদ্ধ, গলিত। "(সরু চালু) আপনি আলুথালু ভা.চ ৫৫০। [°থাল—আলুথালু, বিশৃঙ্খল। "সেই ধান সেই চাল। গিন্নী বিনে আলুথাল॥—প্রবচন।]

আলুদল '-ল্' বিং ['আউদড়'—মূল ; অপ্র] মুক্ত, এলো। "আলুদল চুলি ব প ২৫৭।

আলুনি ; আলুপা, -ফা দ্র 'আলুণি, আলপো'।

আলুবোখারা বি [ফা আলুবুখারা] বুখারা-প্রভৃতি স্থানে জাত শুষ্ক কুলজাতীয় ফলবিশেষ।

আলুয়া সর্ম্ম [আলু[2] +আ[৯] + √°লুআ > √°য়া] ১ শিথিল করা ; খোলা, খসান। "আলুয়ায় দৃঢবন্ধন দড়ি ক চ ১৫২ ; ১৫৪। ২ শিথিলবন্ধ করা ; এলাইয়া দেওয়া। "মায়ের আদরে কৃষ্ণ আলুয়াইয়া গা। নাচায় দুখানি পদ আধ আধ রা॥—ভ.গ্র ৪৩০। —য়া অর্ম্ম শিথিলবন্ধন হওয়া ; অবশ হওয়া ; তন্ময় হওয়া। "কহিতে আকৃতি আলুয়ায়ে গাত রা শে ১০৩। প্রেমাবেশে প্রভুর দেহ-মন 'আলুয়াইলা' (ধৃত পাঠ—'আন্বাইল') চৈ চ ১২৭।

আলুয়িত বিং ['আলুলায়িত'—মূল ; অপ্র] ১ অসংযত, মুক্ত, এলো। "আলুয়িত কেশ কৃ ১৬৩ ; ২৬০। ২ শিথিল, ঢিলা। "আলুয়িত চারু বেণী কবরী-বন্ধন।—রঙ্গ ৯৫।

আলুল বিণ [আ+ √লুল্+অ (ক)-ক ; স্ত্রী -লা] ১ আলোড়িত, চলিত। ২ উন্মুক্ত, অবদ্ধ।

আলুলায়িত বিং [আলুল> √আলুলায়+ত (ক্ত)-ক, পা ৩.১.১২ (ত বা) ; ইহা কেবল বাচস্পত্যে আছে ; সংস্কৃতে ইহার প্রয়োগ নাই ; সুতরাং ব্যুৎপত্তি বিবেচ্য। বোধ হয়, 'লালায়িত'এর অনুকরণে 'আলুল' হইতে '°ত'।] উন্মুক্ত, এলো। "বামে লক্ষ্মী আলুলায়িত-কুন্তলা ব.দ্বি ৯৯।

আলূন বিণ [আ+ √লূ+ত (ক্ত)-র্ম্ম] ঈষৎ ছিন্ন ; সম্যক্ ছিন্ন ; ছিন্ন। "সদ্যালূনপল্লব কু.স ২.৪১।

আলে [কালে > °লে, 'ক'-লোপ ; অপ্র] সময়ে। "ঔষধ করিবার আলে গো চ ২৭ ; এই আলে ৭৫।

আলেখ পুং [আ+ √লিখ্+অ (ঘঞ্)-ভা] ১ লেখন, বর্ণবিন্যাস, লেখা। ২ [+অ-ধি] লেখপত্র, চিঠির কাগজ (ত.বা)। ৩ [+অ-র্ম্ম] লিপি, পত্র ; লেখ্য, দলিল। —লেখন ক্লী [+অন-ভা] ১ সর্থ 'আলেখ'। ২ খনন। "পা ৬.১.১৪২। ৩ চিত্রীকরণ, চিত্রণ। —লেখনী স্ত্রী [স্ত্রী—ঈ (ঙীপ্)] 'লেখনসাধনী', তুলিকা, বর্ত্তিকা।

আলেখা বিং [আ[8] +লেখা] ১ অলিখিত, বর্ণবিন্যাসহীন, সাদা (কাগজ-প্রভৃতি)। ২ লেখনে অপ্রকাশিত (বিষয়)। —লেখা বি [সং আলেখ্য ; অপ্র] চিত্র, ছবি। "উচ্চ সব শাখা, বিস্তারে আলেখা ম ৪৭৯।

আলেখিয়া বি ['অলখীয়া'—মূল ; হি অলখনামী—অলখিয়া (হিন্দীশব্দসাগর)] সাধুসম্প্রদায়বিশেষ। [ইহারা 'অলখ' নাম উচ্চারণপূর্ব্বক ভিক্ষা করিয়া অন্যান্য সন্ন্যাসীকে ভোজন করায়, এই নিমিত্ত ইহাদের নাম 'আলেখিয়া'।— ভা.উ (দ্বিতীয় ভাগ)।]

আলেখ্য বিণ [আ+ √লিখ্+য (ণ্যৎ)-র্ম্ম] লেখনীয়, চিত্রে অঙ্কনীয় (মূর্ত্তি)। —লেখ্য ক্লী চিত্র, চিত্রপট, সচ্চিত্র (মল্লিনাথ)। "গো.রা ১.৮০.২৯। উ.মে ৬। উ চ ১$\frac{১}{১}\frac{৪}{৫}$। সী ৬ ; ১০। [°পুরুষ (পুং)—চিত্রগত পুরুষমূর্ত্তি। °লেখা (স্ত্রী)—চিত্রক্রিয়া, চিত্রাঙ্কণ। °শেষ (বিণ)—চিত্রমাত্রশেষ, মৃত। "রঘু ১৪.১৫। °সমর্পিত (বিণ) —চিত্রার্পিত, চিত্রন্যস্ত। "রঘু ৩.১৫।]

আলেখ্যপুরুষ, আলেখ্যলেখা, -শেষ, -সমর্পিত দ্র 'আলেখ্য'।

আলেপ বিণ [আ+ √লিপ্+অ (ঘঞ্)-র্ম্ম] আলেপনীয় (চন্দনাদি)। —প পুং [+অ-ভা] ১ আলেপন, উপলেপ। ২ আদীপন, আলপনা। "°মণ্ডন বি.মা ৩$\frac{৪}{৫}\frac{৯}{৩}$। ৩ লেপনীয় দ্রব্য ; অভ্যঞ্জন। —লেপন ক্লী [+অন-ভা] সর্থ 'আলেপ'।

আলেপনা বি [সং °ন] আলপনা। "কোন চিত্রকুশলা…পিঁড়িতে আলেপনা দিতেছিলেন ব.দ্বি ১৪।

আলেয়া বি ['আলোক'—মূল ; আলে (যশোহর) ; এলে (চব্বিশ-পরগণা)] সঞ্চরণশীল দীপ্তিমান্ বাষ্পবিশেষ (Will-o-the-wisp ; Jack-o-lantern)। "চিনি দূর হতে, ফিরি আসি ঘরে, না ভুলে আলেয়া-ছলনে স স ৫২। [ইহা জলাভূমি ও সমাধিক্ষেত্রে সচরাচর দৃষ্ট হয়। ইহা অতি চঞ্চল। ইহা কখন মশালের ন্যায় জ্বলিয়া উঠে, আবার দীপশিখার ন্যায় সঙ্কুচিত হইয়া দীপ্তি পায়। পদসঞ্চারে বায়ু-কম্পনে ইহা বিচলিত হয় ; এইজন্য অশিক্ষিতে ইহাকে 'ভূতযোনি' বলে। ইহা প্রান্তরে বা নির্জ্জনস্থানে থাকে ও রাত্রিতে পথিকের পথভ্রম জন্মায়। বস্তুতঃ, ইহা ফস্ফরস্ ও হাইড্রোজেন্ হইতে জাত বাষ্পবিশেষ। জন্তুর শরীর ও বৃক্ষাদি পচিলে এই বাষ্প উৎপন্ন হয়।] ২ ভূতযোনিবিশেষ, অপদেবতা।

আলো[1] বিং [দ্র 'আল[৫]'] আলোকিত, দীপ্ত, সুশোভিত। "আলো কৈল অঙ্গরুচি অরিষ্ট-আলয় শ্রী মা ৩৯ ; রূপে গোলাহাট আলো ৯৫। অনেক সুন্দরী রূপে দশদিক্ আলো করে। অনেকের পুত্রবধূ ঘর আলো করিয়া থাকেন ব.প্র ৫২। —লো বি ১ আলোক, দীপ্তি, প্রভা। "শিবভালে চাঁদ অগ্নি আলো করে তায় শি ৭৭। আলোয় আলোকময় ক'রে হে, এলে আলোর আলো গী.লি ৫৪। দিনের আলো।—শিশু ৮৪। আলোঝলমল।—গান ৯৪। রূপের আলো : বিমলা রূপে আলো করিতেন, কিন্তু সে প্রদীপের আলোর মত : নিশুম্ভের যুদ্ধে কালরূপেও আলো হইয়াছিল ব প্র ৫২। ২ শোভা, সৌন্দর্য্য। ৩ দীপ। "আলো নিবাইনু সবে দারুণ লজ্জায় ভা.চ ৮২। কোথায় আলো কোথায়

ওরে আলো!—গী.লি ২১। ৪ অগ্নি। "কোন আলোতে প্রাণের প্রদীপ, জ্বালিয়ে তুমি ধরায় আস গী.লি ৬৩। ৫ ধর্ম্মবিশেষের জ্ঞানালোক (উপহাসে)। "পাদরি সাহেব এয়েছেন, আমাকে খৃষ্টান কচ্চেন—আমাকে আলোয় নিয়ে চল্লেন লী ১০। ৬ [অস আরৈ] আতপতণ্ডুল, আলোচা'ল। [আলো আলু নি খাওয়া—আতপের অন্ন ও অলবণ ব্যঞ্জন খাওয়া। আলোয় আলোময়—আলোকে আলোকিত। আলোয় আলোয়—১ আলো থা.কতে থা.কিতে; দিনে দিনে। ২ সুখের দিন থাকিতে থাকিতে। ৩ (তদ্বার্থে) মতিগতি ইষ্টদেবতার পদে থাকিতে থাকিতে। "ভালোয় ভালোয় বিদায় দে মা, আলোয় আলোয় চ'লে যাই।—গান।

আলো² বিং [আউল¹—মূল (?)] অসংহত, অ-জমাট, ছাড়া-ছাড়া। [আলো খই—ছাড়াছাড়া, অর্থাৎ গুড়-না-মাখা খই; সাদা খই। আলো গুড়—গুড়ের বীজ-না-দেওয়া অ-জমাট গুড়; পাতলা গুড়। আলো তামাক—গুড়-না-মাখা, অর্থাৎ খরশান তামাক। আলো বাঁশ—যে বাঁশ জলে পচান নহে।]

আলো³ অব্য [আল⁶ > °লো; আলো, হালো (চ)] ১ সখীর বা সমবয়স্কার সম্বোধনে। "আলো সখি শ্রী.ম ৬৯। আলো সই প.র ২৯। জ্ঞা ৮। দেখ সখি আলো বি.সু ২৩; আলো আলি ৬৩। ভা.চ ৩৬৬; ৩৭২। আলো আলি।—রঙ্গ ১৯। ২ কন্যার বা তৎসদৃশ-স্নেহপাত্রীর সম্বোধনে। "আলো অভাগিনী ম.ভা ৪২। আলো··· পাপিনি ঝি বি.সু ৭৪; ৭৫; কি ভেবেছ আলো ৭৭। ৩ স্ত্রী-লোকের প্রতি সকোপ সম্বোধনে। "বুড়ী বলে আলো তুই গেলি ছারখারে ম.ভা ২৬। ৪ স্ত্রীর প্রতি সম্বোধনে (শুকশারী-ছড়ায়)। "আলো সারি! দূর দূর ভা.চ ৪২৪। আলো কে আলোকে লোকে বাঁচাবে বা.দ ১০৯।

আলো-আঁধারি বি [°র+ই স্বার্থে] আলোক ও অন্ধকারের মিশ্রণে অনুভূত অন্ধকার; আলোক হইতে অন্ধকারে বা রৌদ্র হইতে ঘরে আসিলেই অনুভূত অন্ধকার; বিদ্যুৎপ্রকাশের পরক্ষণেই অনুভূত অন্ধকার; ধাঁধা। [আলো-আঁধারি লাগা—আলো ও আঁধারের মিশ্রণে ধাঁধা লাগা। "আমাকে খৃষ্টান কচ্চেন, আমাকে আলোয় নিয়ে চল্লেন।—দেখো যেন আলো-আঁধারি লাগে না লী ১০।

আলো-আঁধারিয়া বি [°ধার+ইয়া] ১ আলো-আঁধার-সম্বন্ধী-ধাঁধা; আলো-আঁধারি। ২ বিশ্বতত্ত্ববিচারে কতক-বোঝা-কতক-না বোঝার ধাঁধা। "মাটির শিকলে কেন আত্মা মন বাঁধা। আলো-আঁধারিয়া করি কেন দেন ধাঁধা॥—হেম ৩।

আলোক¹ পুং [আ+ √লোক্+অ (ঘঞ্)-ভা] ১ দর্শন, অব-লোকন। "মেঘ° পু.মে ৩। স্ত্রীণাং প্রিয়ালোকফলো হি বেশঃ কু.স ৭.২২। শুন্দনালোকভীত শ ১.৩০। বৎসালোকপ্রবর্ত্তী রঘু ১.৮৪। পাবন° ক.সা ১০.২০৪। পুরিখান আলোক করন্ত বৃকোদর অ.প ১২; আলোক করউক ৩২। ২ জয়শব্দ। "রঘু ২.৯; উদীরিতালোক ১৭.২৭। ৩ [+অ-র্ম্ম] দৃষ্টিগোচরস্থান, দৃষ্টিপথ। "উ.মে ২৪। ৪ [+অ-ণ] 'দর্শনসাধন', দ্যোত, দীপ্ত, জ্যোতিঃ। "অগ্নিকৃত°, °মার্গ, লব্ধ° মহা (S.W.)। °ধারা: °সম গী লি ১১৫। ৫ দর্শনসাধন (দ্রব্য)। "আলোকমপি রামস্য ন পশ্যন্তি স্ম (পৌরাঃ) রা ২.৪৭.২। ৬ উদ্দ্যোত, দীপাদি (অ.টী), বাতি। ৭ অধ্যায়, পরিচ্ছেদ। ৮ (বাঙলায়) আলোকিত, উদ্ভাসিত। "পৃথিবী আলোক করে রাম বিষ্ণু-অবতার কৃ.উ ২০১। ৯ জ্যোতির্ম্ময় লোক। "জনম মোরে দিয়েছ তুমি আলোক হ'তে আলোকে।—রবীন্দ্র। —লোকন ক্লী [+অন (ল্যুট্)-ভা] দর্শন। "তদালোকন রঘু ৭৫। অ.প ১৫; ১১৫। ব.প ৬৪৪। —লোকনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] দর্শনীয়, দৃশ্য। "গো রা ৪.৪৪.৩৬। °তা কু.স ২.২৪। —লোকিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ দৃষ্ট, অবলোকিত। "মৃগ আলোকিত হি ১:৮১। —লোকিত ক্লী [+ত-ভা] ১ আলোকন, দর্শন। "মা.মা ১.২৬। ২ (বাঙলায়) আলোকযুক্ত, আলোকময়। "চন্দ্র করে আলোকিত বেলা ন ১৪১৪। —লোকী (-কিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -কিনী] আলোকয়িতা, দর্শক। —লোক্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] দর্শনীয়। [°কমার্গ (পুং)—আলোকপথ, গবাক্ষ। "রঘু ৭৬। °রশ্মি (বি)—জ্যোতিঃসূচিকা (Pencil of rays)। "গল্পগুচ্ছ, ২য় ভাগ। °কাগার (অপ্র)—আকাশ; চক্ষুঃ। "আলোকাগারে কেন লো উদিছে, পয়োবহ?—মে ১৭০।]

আলোক² সর্ম্ম [আ+ √লোক্ > প্রা √আলোঅ (প্রা.ম)] দর্শন করা; দেখা। "মুনিগণ···অর্জ্জুন প্রসাদে আলোকন্ত অ.প ২৯; (ব্রহ্মা) যাহাকে···আলোকিল ১৩৬।

আলোক³ সর্ম্ম [আলোক¹ > √আলোক] ১ আলোকিত করা; দীপ্ত করা। "না আলোকে যদি শশী তিমিরা রজনী ন ৪৪৮; আলোকিয়া অন্ধকার ১৪৪১। ২ জ্ঞানালোকে দীপ্ত করা। "আলোকি জগত, দর্শনের বিজ্ঞানের নক্ষত্র—অমর ন ১৪৯৪।

আলোকচিয়া বিং ['অ-লোকোচিত'—মূল (?); অপ্র] সংসারের অযোগ্য; অ-সাংসারিক। "ভাল্ ভাল্ গিরস্ত রানি বুদ্ধি আলোকচিয়া গো.চ ১৮১।

আলোকন, -কনীয়, -কমার্গ, -কাগার, -কিত, -লোকী, -লোক্য দ্র 'আলোক¹'।

আলোচ সর্ম্ম [সং আ+ √লোচি > প্রা √আলোচ; হি √আলোচ] আলোচনা করা; বিচার করা। "আলোচিআঁ কাজে (বাঁশী নির্ম্মিল আন্ধে) শ্রী.কী ৩১২।

আলোচক বিণ [আ+লোচি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -চিকা] ১ দর্শক। ২ (ণিজন্তপক্ষে) দর্শয়িতা। ৩ আলোচনাকারক। —লোচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিশেষধর্ম্মাদিবিবেচন। ২ চক্ষু-র্বিজ্ঞান দর্শনক্রিয়া (কাশিকা)। "পা ৩.২.৬০; ৮.১.২৫। ৩ বিমর্শন, বিচিন্তন। —লোচনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] আলোচন। —লোচনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] বিচারণীয়, বিবেচ্য। —লোচিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অবলোকিত, দৃষ্ট। ২ বিবেচিত, বিমৃষ্ট। —লোচ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] আলোচনীয়।

আলোচাল, -চালী বি [দ্র 'আল⁶'; অস আরৈ চাউল্] আতপ-তণ্ডুল। "খাবে কি আর আলোচালী ক'টা: আলোচালী খাবা খাবা দা ১৩০৯। "আলোচা'ল-হরীতকী-খেগো বামুন অ.গ্র ১৯।

আলোড় সর্ম্ম [সং আ+ √লোড়ি > লি √°লোল; প্রা √°ড (প্রা.ম) > বা √°ড়; হি √°ড়; ঠ √°ড] আলোড়ন করা; সঞ্চলিত বা ক্ষুব্ধ করা। "রাধিকা চাহিল কাহ্ন আলোড়িআঁ জলে শ্রী.কী ২৫৯। বায়ুর উচ্ছ্বাস, বহে ঘুড়ি চারিদিক্ আলোড়ি সাগর।—হেম ১২৭।

আলোড়ন ক্লী [আ+ √লোড়ি+অন (ল্যুট্)-ভা] ১ আন্দোলন, আবর্ত্তন, সঞ্চালন। ২ মর্দ্দন। ৩ মন্থন। —লোড়িত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ আন্দোলিত, আবর্ত্তিত। ২ মর্দ্দিত। ৩ মথিত।

আলোণা, -না বিং [আ+লোণা, -না] লবণহীন, আলুনি। আলোণা ব্যঞ্জন চৈ.ম ১৩৪।

আলোপ বিং [অপ্র] বিলুপ্ত, অপ্রকাশিত। "কুহু রাহু করে চন্দ্রে আলোপ গরাস: ক্ষণেক আলোপ চন্দ্র ক্ষণেক বিদিত ব.প ১৩১৫।

আলোয়ান বি [আ অল্বান্] লোমজাত শীতবস্ত্রবিশেষ; পা'ড়হীন শাল; শালের চাদর।

¹ বিণ [আ লোল, ত.পু; স্ত্রী -লা] ১ ঈষৎ লোল

আকম্পিত, আচঞ্চল। "°পুষ্কর মাঘ ৫.৩০। আলোলামলকাবলীম্। —অমরু ৩। আলোল কুন্তল হার গ ৭। আলোলতুলসীমালা শ্রী.ম ৯১। লহ লহ আলোল রসনা শি ১০৭। ২ আসক্ত। "ক্রীড়া-লোলা পু.মে ৬২। —লোল পুং [আ+ √লুল্+অ (ঘঞ্)-ভা] ঈষৎ চলন; আকম্পন।

আলোল[২] [আলোল[১]—মূল] শিশু কাঁদিয়া অস্থির হইলে তাহাকে কোলে বসাইয়া ধীরে ধীরে দোলাইয়া শান্ত করার গান। "আলোল আলোল আলোল আয়-আয় আয়। কি লাগিয়া কান্দে মোর যাদব-রায় ॥—শ্রী.ম ২৭।

আলোলিত বিণ [আলোল+ইত (ইতচ্) সঞ্জাতার্থে] সঞ্জাতা-লোল, আকম্পিত, চলিত। "আলোলিত বাস রা.প ৩৯।

আলোহিত বিণ [আ লোহিত, ত.পু] ঈষৎলোহিত, আরক্ত।

আল্য[১] বিং [আউল>আল>আল্য (উচ্চারণানুসারে)] এলো। "আল্য করি ধায় কেহ নাহি বান্ধে কেশ ক.চ ২৫।

আল্য[২], **আল্যা**[১] দ্র 'আ[৫]'।

আল্যা[২] বি [সং আহ্লাদ>প্রা অলহাঅ>বা অলহা>আলা, -ল্যা] আহ্লাদ, আনন্দ। "আল্যা করি কোলে বসি ছেঁদে ধরে গলে ভা.চ ৫৯।

আল্যাইল, আল্যায়, আল্যালে; আল্যে দ্র 'আলা[৫]'; আ[৫]।

আল্লা বি [আ অল্‌লাহ্; তু 'অল্ল, -ল্লা—পরমেশ্বর (অথর্ব্ববেদ)] এক অদ্বিতীয় ঈশ্বর; খোদা। "জা ৩৪। [আল্লার কুদরতী—ঐশী শক্তি। আল্লার মরজি—ঈশ্বরেচ্ছা।]

আশ[১] বিণ [অশ্+অ (অণ্)-ক; স্ত্রী -শী] ভক্ষক, নাশক। "আশ্রয়°, উচ্ছিষ্ট°, হুত° (S.W.)। পল°, মাংস°, হবিষ্য° (ত.বা)। পবনাশনাশ (পবনাশন+আশ) ভা.চ ৩২৪। [সমাসে উত্তরপদ] —শ পুং [+অ (ঘঞ্)-ভা; তু 'ফা আশ্—খাদ্য] অশন, ভোজন। "প্রাতরাশ, সায়মাশ।

আশ[২] বি [সং আশা>প্রা আস (ভবিষ্যদ্বক্তকথা); হি, ঠ, মৈ আস; অস আশ; আস (চ); পদ্যে] ১ আশা। "পুর মোর আশ শ্রী.কী ১৩; ১৭। আশ নিগড় করি, জীউ কত রাখব বি.প ১৬৭। আশক লতা বি.সা ৪১০। ২ ইচ্ছা, আকাঙ্ক্ষা, অভিলাষ। "থোরি দরশনে আশ না পূরল বি.প ১৪। চিরদিন আছে আশ, যাইতে বাপের বাস ক.চ ১২। বেলেল্লা ছোঁড়াদের আয়সে আশ মেটে না আ.দু ৯৪। ৩ আশয়, অভিপ্রায়। "আধ লুকায়লি আধ উদাস। কুচ কুম্ভ কহি গেও আপন কি আশ ॥ —বি.প ২৫। ৪ উৎসাহ, স্পর্দ্ধা। "কেহ বলে দৈত্যে মারি পাইয়াছে আশ চ.বি ২২৫।

আশ[৩] বি ['আশ্বন'—মূল] (সঙ্গীতে) গানের কথার একটি অক্ষরে দুই বা ততোধিক সুর উচ্চারণ। [সার্গম স্বরলিপিতে সুরসমূহের নিম্নে একটি সরলরেখা আশের সঙ্কেত। যথা, স.র:গ.গ, (গানের কথা) রা……ম—এস্থলে রা-বর্ণ সা-এ উচ্চারিত হইয়া, ঐ রা-এর আ-যোগে রি-গ উচ্চারণ হইবে (গী.সা)।]

আশ[৪], **আস** বি [ফা আসা—সদৃশ] ১ সদৃশ বস্তু; একজাতীয় বা একধর্ম্মাক্রান্ত দ্রব্য বা বিষয়। দ্র 'আসটা'। ২ সমবয়স্ক বা স্বপক্ষীয় লোক; প্রভৃতি। "রাম আস, অর্থাৎ রাম ও তাহার সমবয়স্ক বা স্বপক্ষীয় লোক; রাম-প্রভৃতি। [আসটা—সর্থ 'আশ[৪] (১)। "কখন কখন লুকিয়ে চুরিয়ে…সিদ্ধিটে আস্‌টা চল্‌তো হু ৫৭; ছুটাটা আসটা ২১৩। আমি টিকীটা আস্‌টা দেখলে একটা গড় ক'রে চলে যাই অ.গ্র ২৪; মেয়েটা আসটার বিয়েও আছে ১০৫।]

আশআর, আশোআর, -য়ার বি [দ্র 'অশবার'] অশ্বারোহী যোদ্ধা। "মনোহর তুরঙ্গম আশোআর ভালি ম ৫০২। আশোয়ারে আশোয়ারে…যুঝে ৬০৯; কোটি আশোয়ার ৭৪৭; শত শত আশো-আর ৭৭৫। আশআরে আশআরে…যুঝে ৯২৩।

আশংস সর্ম্ম [সং আ+ √শংস্>প্রা * √আসংস] ১ উচ্চারণ করা; আশীর্ব্বাদরূপে বলা। "চিরঞ্জীব চিরঞ্জীব সঘনে আশংসে শ্রী.ম ৭৭। ২ অভ্যর্থনা করা; সাদরে বলা। "ফল মূল দিয়া হনুমানেরে আশংসে চৈ.ভা ৬৫। ৩ প্রশংসা করা। "কলিযুগে আশংসিল শ্রীভাগবত (চৈ.ভা)।

আশংসন ক্লী [আ+ √শংস্+অন (ল্যুট্)-ভা] ১ কথন, উক্তি। ২ ইচ্ছা, আকাঙ্ক্ষা। "ইষ্টাশংসনমাশীঃ পা ৮.২.১০৪, তত্ত্ববোধিনী। ৩ আশা। ৪ হিতেচ্ছা, হিতৈষণা। ৫ প্রার্থনা। ৬ [+অন-ধি] প্রশংসাস্থান। "বীরাশংসন। —শংসা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ কথন। ২ অপ্রাপ্ত বিষয়ের প্রাপ্তীচ্ছা। "পা ৩.৩.১৩২। ৩ ইচ্ছা, প্রার্থনা। "পা ৩.৩.১৩৪। ৪ আশা। "বিজয়° রঘু ১২.৪৪। সাশংস মা.মা ৫.৭। —শংসিত বিণ [+ √শংস+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত, উক্ত। ২ [+ √শংস্ (শংসি)+ত-র্ম্ম] অভিলষিত, ইষ্ট। ৩ অপেক্ষিত। "আশংসিতাপচিতিচারু কি ৬.৪৬। —শংসিতৃ (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ কথয়িতা, বাচক। ২ কাময়িতা, ইচ্ছু। ৩ ভাবিশুভেচ্ছাবান্ (ত.বা)। —শংসী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -সিনী] সর্থ 'আশংসিতা'। —শংসু বিণ [+উ-ক; স্ত্রী -সু] ১ আশংসাশীল, ইচ্ছু, অভিলাষী। "ভট্টি ৫.১৭। ২ অপেক্ষিতা, আশাকারক।

আশংসা, -শংসিত, -শংসিতা, -শংসী, -শংসু দ্র 'আশংসন'।

আশ(স)কারা বিং [ফা আশ্‌কার, -কারা] ১ অনুসন্ধান বা তদারক করিয়া প্রকাশিত (চুরি ডাকাতি হত্যা ইত্যাদির তথ্যবিষয়)। ২ সপ্রমাণ, প্রমাণসিদ্ধ। —কারা বি প্রশ্রয়, আদর। "বালকটী পিতা মাতার নিকট আসকারা পাইয়া পাঠশালায় যাইবার নামও করিত না আ.দু ৩। তাতেই ত তোমার দাসী আসকারা পেলে স.এ ৫৫। [খুন আসকারা করা—অনুসন্ধানপূর্ব্বক খুনের আসামী-প্রভৃতি প্রকাশ করা বা ধরা।]

আশঙ্কনীয় বিণ [আ+শঙ্ক্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ আশঙ্কার যোগ্য; সংশয়ার্হ, সন্দেহযোগ্য। ২ [+অনীয়-ভা] শঙ্কনীয়, ভেতব্য। —শঙ্কা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সংশয়, সন্দেহ। "শু ৪. ৫.১০০। গোস্বামী—আচার্য্য ইহা আশঙ্কা করিল ভ.গ্র ৯৭। ২ অনিষ্টতা হেতু চিন্তা। ৩ ভয়, ত্রাস। "গতাশঙ্ক (রা)। নষ্টাশঙ্ক, বদ্ধ°, বিগত° (S.W.)। —শঙ্কিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সংশয়িত, সন্দিগ্ধ। ২ অনিষ্টতা হেতু চিন্তিত। "যদেব ভগবত্যা লোপামুদ্রয়া স্নেহাদাশঙ্কিতম্ উ.চ ৩৯। ৩ [+ত-ক] ভীত, ত্রস্ত। —ত ক্লী [+ত-ভা] ১ সংশয়, সন্দেহ। ২ ভয়, ত্রাস। —শঙ্কী (ঙ্কিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ঙ্কিনী] ১ সংশয়কারক। "অশুভাশঙ্কি হৃদয়ম্ রা ২.৭১.৩৫। অভিভবাশঙ্কি (মনঃ) রঘু ৪.২১। ২ আশঙ্কাকারক, ভীরু। [সমাসে উপপদ]।

আশ(স)ড়া বি [সং আশ্রয়; হি, ঠ, গু, মৈ আসরা; সি আসর; জাটু—'আস্রা'] ১ আশ্রয়, বাসস্থান, বাসা; আড্ডা। "জঞ্জাল আবর্জ্জনা জমলেই সেখানে সাপ খোপের আশড়া হয়। ২ গৃহের যে স্থান আনাড় থাকে; গৃহের নিভৃত স্থান।

আশনাই বি [ফা আশ্‌নাঈ—বন্ধুত্ব] স্ত্রী-পুরুষের অবৈধ প্রণয় বা আসক্তি।

আশপাশি বি ['আশ'পাশ>আশ; 'পড়শী'—মূল; অপ্র] পার্শ্ববর্ত্তী প্রতিবেশী; পাড়াপড়শী। "আশপাশি কান্দে তোর যদি শুন থাকে গো.চ ৭২।

আশপাশ, আসপাশ, -স '-শ্‌-শ্‌' বি [সং পার্শ্ব > প্রা পস্‌স, পাস (প্রা.ম), পশ্‌শ (মাগধী) > বা পাশ-স ; 'আশ-স' (অনু-শব্দ) ; হি, ঠ আসপাস ; তু 'আসজোতি পাস জোতি (শূ ১০৯)] পার্শ্বদেশ ও তৎসন্নিহিত স্থান; চারিধার ও চারিদিক্‌। "আশপাশ ব্রজভূমের যত গ্রাম সব চৈ.চ ৯২। যত পাইল আশপাশ, ধরি কৈল জাতিনাশ বি.পা ৭৫। হুপ্‌ হাপ্‌ দুপ্‌ দাপ্‌ আশপাশ ঝাঁকিছে ভা.চ ৪৫। দেবগণ খোঁজে আসপাশ জ ২০। আসপাস চাহে মীনে গো.বি ৭৫। আশপাস ভাসি গেল লোহের হিল্লোলে ব.প ৮৩৭। [আশপাশ গ্রাম—পার্শ্ববর্তী ও পার্শ্বের সন্নিহিত গ্রাম। "আশপাশ গ্রামের লোক চৈ.চ ৯১। আশে পাশে, আসে পাশে, আসে পাসে—পার্শ্বে ও পার্শ্বসন্নিহিত স্থানে। "তিন ভোগের আশে পাশে চৈ.চ ৮৪। আশেপাশে…বেত্রের প্রহার চৈ.ভা ১২৬। আসে পাশে ডাকিয়া আইস পুত্রগণ ম ২১০। আসে পাসে ফিরে কানু শ্রী.ম ১৩১। আসজোতি পাস জোতি—আসপাসের জোতদড়ি। "শূ ১০৯। আসপাস-কথা—অপ্রাসঙ্গিক কথা; ফাজিল কথা; আগড়-বাগড়। "আসপাস-কথা ছাড়, যদি মনের কথা বলিতে পার, তবে বিশ্বাস হয় বড় দা ৮৯।]

আশবার বি দ্র 'অশবার'। "ম ১৩৪।

আশ(স)মান বি [ফা আস্‌মান; Av. Asman] আকাশ। "আসমানে উঠছে শ্যামার গায়ের আলো ফুটে ব.প ১৮৯৪। আসমানেতে ম্যাগের খেলা ছাড়ে সিংহলাদ জা ৩৫। সে সকল কথা আসমানে উড়ে উড়ে বেড়ায় আ.দু ১২৮। সুমুন্দির চাবালিডে আসমানে উড়িয়ে দেই নী ২৫। [আসমান জমিন ফারাক—স্বর্গ মর্ত্ত প্রভেদ; অত্যন্ত পার্থক্য।]

আশ(স)মানী বিং [°ন+ঈ; হি আসমানী] ১ আকাশসম্বন্ধী; আকাশফোঁড়া, আজগুবী, গাঁজাখুরী, অত্যদ্ভুত (গল্প-প্রভৃতি)। ২ আশমানের মত নীল; নীলাভ, ফিকে নীল। "নারাঙ্গি গোলাবী সোহা কেহ আসমানী ব.প ১৫২১।

আশয় পুং [আ+ √শী+অ (অচ্‌)-ভা] ১ শয়ন। ২ [+অ-ক] ফলবিপাকপর্য্যন্ত চিত্তে শায়ী; কর্ম্মজন্য বাসনারূপসংস্কার। ৩ অদৃষ্ট, দৈব। ৪ [+অ-ধি] শয়নস্থান, শয্যাগৃহ। ৫ আশ্রয়। "আশয়াশ। শ্রোত্রাশয়সুখং গেয়ম্‌ রা ১.৪.৩৪। ৬ আধার। "জল°। পয়সামিবাশয়ঃ কি ২.৩। ৭ স্থান। "বায়ুর্গন্ধানিবাশয়াৎ গী ১৫.৮। ৮ আশ্রম, আবাস, বাসস্থান, বাস। "অপৃথগাশয় উ.চ ১.৪৫। ৯ শরীরস্থ সপ্ত আধার—বাতাশয় পিত্তাশয় শ্লেষ্মাশয় রক্তাশয় আমাশয় পক্কাশয় (মলাশয়), মূত্রাশয় (বস্তি); (স্ত্রীলোকের অধিক) গর্ভাশয়, স্তন্যাশয় (স্তনদ্বয়)। ১০ কোষ্ঠাগার, ধান্যাদিধনাগার, ভাঁড়ার। ১১ অভ্যন্তর, মধ্যভাগ। ১২ অন্তঃকরণ, চিত্ত। "অবদাত°, দুষ্ট°, দুরাশয়, বিশদ° (S.W.)। অহম্‌…সর্ব্বভূতাশয়স্থিতঃ গী ১০.২০। °শুদ্ধি যাজ্ঞ ৩.৬২। বিরুদ্ধকরণ° ভ ১.১৩.৫৬। হরিদাস গম্ভীর-আশয় চৈ.চ ২৭৬। ১৩ জঠর, উদর। "আশয়াগ্নিদীপ্তি (দশকুমার)। ১৪ চিত্তবৃত্তি, ভাব, স্বভাব। "ম.চ ২.৩৭। আমি কি সকল জানি কৃষ্ণের আশয় চৈ.ম ৫৯। ১৫ পশুধারণার্থ খাত; স্বস্তান (নীলকণ্ঠ)। "মহা ৩.৩৫.১২। ১৬ অভিপ্রায়, বিবক্ষিতার্থ, তাৎপর্য্য, ভাব, মর্ম্ম। "ইত্যাশয়েনাহ কু.স ৫.৭৮, মল্লিনাথ। 'ভক্তিপদ' কেন পড়, কি তোমার আশয় চৈ.চ ১০৭। ১৭ বিভব, ধনসম্পত্তি। ১৮ অজীর্ণরোগ। [আশয়াগ্নি (পুং)—জঠরানল। "°দীপ্তি (দশকুমার)। আশয়াশ (পুং)—আশ্রয়ভক্ষক, অগ্নি।]

আশ(স)রফি, -ফী বি [ফা অশ্‌রফি] স্বর্ণমুদ্রাবিশেষ, মোহর। "আসরফী বস্ত্র অলঙ্কার-আদি যত ভা.চ ৪৫৭। হাজার আসরফি জরিমানা দিবে ব.প্র ৪৪৭। আশরফি দিয়া বলিল ব.ছি ২৯০। [ইহা আশরফি বাদশাহের প্রচলিত মুদ্রা।]

আশ(স)শাওড়া বি [সং আস্তশাখোট (বৈদ্যক), অশ্বশাখোট (M.W.) +প্রা *অস্‌স(শ্‌শ)সা(শা) হোড > বা °ড়া; কায়ফলা (নদীয়া)] বন্য ক্ষুপবিশেষ (Glycosmispentaphylla)।

আশা[১] স্ত্রী [আ+ √অশ্‌+অ (অচ্‌)-ক+স্ত্রী আ (টাপ্‌); ছান্দস] ১ যাহা সমন্তাৎ ব্যাপ্ত করে; আয়ত্তা তৃষ্ণা; দীর্ঘাকাঙ্ক্ষা (অ.টী), অতিতৃষ্ণা। "দুরাশ, নিরাশ, নিশ্চিতাশ, পুরিতাশ, ভগ্নাশ, মোঘাশ, হতাশ (S.W.)। আশা বলবতী রাজন্‌ নৈরাশ্যং পরমং সুখম্‌ মহা ১২.১৭৮.৮। রঘু ১২.৯৬। ধনাশা জীবিতাশা হি ১.১১৮। আশা নাম নদী (শান্তিশতক)। আশাবৃক্ষ মা ১০২। আশাবৃক্ষে বাসা আর কেন নিয়ত দা ২১৮১। ২ অপ্রাপ্ত-প্রাপ্তীচ্ছা, অলব্ধলিপ্সা "রা ২.৬৩.৪১। ৩ দিক্‌। "অগস্ত্যসেবিতামাশাম্‌ গো.রা ৩.২২.৮। অগস্ত্যাচরিতামাশাম্‌ রঘু ৪.৪৪। বাসবাশা সা.দ ৭৪। পশ্চিম আশার কূলে গেল নিশানাথ ক.চ ১২১; ১৬৮; বহ্নি জুড়্যা লয় আশা ১৮৫; ৩০১। গন্ধে আমোদিত আশা শ্রী ৭। পূর্ব্বাশার হৈমদ্বারে মে ৭০।

আশা[২], -সা বি [আ আ'সা] ১ দণ্ড, যষ্টি। "আজানুলম্বিত, বাহু সুবলিত, কামের কনক-আশা ভা.চ ৩০৪। আসার বাড়ি বি.পা ৭৫। শিঙ্গা আসা নন্দী নিল শ্রী.মা ৫২। ২ রাজদণ্ড। "স্বর্ণ-আশা ভ.গ্র ৫১। ৩ যোগী সন্ন্যাসী ও ফকিরের দণ্ড; বিপ্রবেশী দেবতার বা ফকিরবেশী পীরের যষ্টি। "°বাড়ি। ডাইন হস্তের আসা মএনা বাম হস্তে নিয়া গো.চ ৫৯। হাতে আশা হিঙ্গুলবরণ ভা.চ ১৫২। [°নড়ি, °বাড়ি—আশাদণ্ড। "আশানড়ি মারিল ব.প ৭৮। আশাবাড়ি শ্রী.মা ৮। ভা.চ ৭২৯। °বরদার—আসাবাহক, চোবদার।]

আশাওল বি [আশা[২]+ওল (ওয়ালা); অপ্র] আশাধারী, যাষ্টিক, লাঠিয়াল। "আশাওল মল্ল ঢালী ভা.চ ৪১২।

আশাগজ [পুং উ.লো] আশাস্থিত হস্তী; দিগ্‌গজ।

আশাচক্রবাল ক্লী [ষ.ত] দিক্‌চক্র, দিঙ্মণ্ডল।

আশাজনক, -জনন বিণ [ষ.ত; স্ত্রী -নিকা, -নী] আশার উৎপাদক; আশাপ্রদ। "বচোভিরাশাজননৈঃ বিক্র ৩.৯।

আশাতন্তু পুং [কর্ম্মধা] আশাসূত্র, আশাবন্ধ। "মা.মা ৪.৩।

আশাপতি পুং [ষ.ত] দিক্‌সমূহের পতি; ইন্দ্রাদি দিক্‌পাল। "পূজিলেন…'বিধি আশাপতি গ্রহগণে' (পাঠান্তর) ক.চ ১২৩।

আশাপাল পুং [আশা+ √পালি+অ (অণ্‌)-ক; উ.ত; ছান্দস] ১ 'দিগ্‌রক্ষক', দিক্‌পাল, ইন্দ্রাদি। ২ (সাদৃশ্যে) অযুত গ্রামের রাজস্বগ্রাহক রাজপুরুষ; স্বরাট্‌। 'শু ১.১৯২।

আশাপাশ পুং [কর্ম্মধা] আশারূপ রজ্জু; আশাবন্ধন। "°শতৈর্বদ্ধাঃ গী ১৬.১২। আশাপাশ, গলে লেই বৈঠল, প্রেমকল্পতরুমূলে গো ১৮৮।

আশাপিশাচিকা স্ত্রী [কর্ম্মধা] আশারূপা পিশাচী; মোহিনী আশা। "সর্ব্বেঽপি…আশাপিশাচিকাং প্রাপ্য হাস্যপদবীং যান্তি। —পঞ্চ (S.W.)।

আশাবন্ধ পুং [কর্ম্মধা] ১ আশারূপ বন্ধন; অতিতৃষ্ণাবন্ধন। "গুর্ব্বপি বিরহদুঃখমাশাবন্ধঃ সাহয়তি শ ৪.১৬। পু মে ১০। সকল কেবল ধন্ধ, দূর কর আশাবন্ধ (পাঠান্তর) ক.চ ২২৬। ২ সমাশ্বাসরূপ বন্ধন। "বে ৬.২৩। ৩ [ষ.ত] আশার (দিকের) বন্ধনতুল্য; মর্কটজাল, মাকড়সার জাল।

আশাবান্‌ (-বৎ) বিণ [আশা+বৎ (বতুপ্‌) অস্ত্যর্থে -১ব; স্ত্রী -বতী] আশাযুক্ত, আশান্বিত। "আশাবতী বালা মহা ৩.২৭৯.৭৩। হি ১.৭৯।

আশাবাসাঃ (-সস্‌) বিণ [আশা বাসঃ যাহার, বহুব্রী; স্ত্রী -সাঃ] দিক্‌ যাহার বস্ত্র; দিগম্বর, নগ্ন।

আশাবিচ্ছিন্ন বিণ [তৃ.ত] আশাবিচ্ছিন্ন, আশারহিত, নিরাশ। "হি ১.২০১।

আশাসোঁটা বি [আশা২+সোঁটা (একার্থক শব্দদ্বয়)] দণ্ড, রাজদণ্ড (Sceptre)। "আ.দু ১৮১।

আশাস্য বিণ [আ+ √শাস্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ আশীর্ব্বাদসাধ্য, আশংসনীয়। "আশাস্যমন্যৎ পুনরুক্তভূতম্ রঘু ৫.৩৪। ২ প্রার্থনীয়। "অনাশাস্যজয় রঘু ৪.৪৪। —শাস্য ক্লী আকাঙ্ক্ষা, প্রার্থনীয় বিষয়। "°চিন্তাস্তিমিত কু স ৭.৮৭।

আশিত বিণ [আ+ √অশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ ভক্ষিত, ভুক্ত। "আশিতমন্নম্ পা ৬ ১.২০৭, কাশিকা। ২ [+ত-ক, অবিবক্ষিতে কর্ম্মণি (কাশিকা)] কৃতাশন, ভুক্ত। "আশিতো দেবদত্তঃ (কাশিকা)। ৩ ভোজনে তৃপ্ত; অতিতৃপ্ত। "(প্লবঙ্গমাঃ) অত্যর্থমাশিতাঃ গো.রা ৫.৬০.১১। মনু ৪.৬২। ৪ [√আশি+ত-র্ম্ম] ভোজিত। "অনাশিতকুটুম্ব রা ২.৭১.৩৮।

আশিতঙ্গবীন বিণ [আশিত গো যেখানে (বহুব্রী)—আশিতঙ্গু (নিপাতিত)+ঈন (খ) স্বার্থে, পা ৫ ৪.৭] প্রভূতযবস, প্রচুরঘাস (অরণ্য)। "আশিতঙ্গবীনমরণ্যম্ (সি)। —ন ক্লী প্রচুরঘাস বনাদি। "ভট্টি ৪.১১।

আশি(সি)ন '-ন্' বি [সং আশ্বিন>প্রা*অস্সিস (শ্শি) -ণ>বা আসি(শি)ন; হি, মৈ আসিন; অস আহিন; আশিন (ময়মনসিংহ); পদ্যে] আশ্বিনমাস। "শ্রী কী ৩৯৩। আসিন শূ ১১০। ব ১৮৭। শিশু ৮।

আশিব্বাদ বি [সং আশীর্ব্বাদ>প্রা আসীব্বায় (প্রা.ম); কথ্যভাষা] আশীর্ব্বাদ। "গো চ ২৯।

আশিষ, -স, আশীষ, -স বি [সং আশীঃ (আশিস্)>লি আসি, প্রা আসিসা, আসী, -সীসা (প্রা.ম), আসিসা (শ ৪$\frac{1}{6}$), আসীস (অ.রা); হি আসীস; মৈ অসীস; আশীখ, -ষ] ১ আশীর্ব্বাদ, শুভবাক্যপ্রয়োগ। "আশিস করেন রাণী কৃ.অ ৯; ২৯। আশীষে কৃ.উ ২৩৩। তোমার আশিষে শ্রী মা ১১৯; ১৫০। আশিষ করি ভ.গ্র ৭২; আশিস করিয়া ৩৪৩। সবে দিল আশীষ শ্রী ২১। আশীষ করিয়া ম ১১। শুভাশীষ দু ১০৪। আশীষ করিল ক.চ ১৩; ৮৬। আশীস করিল জ্ঞা ২৪৮। আশিষ-চুম্বন কা ১৪৮। আশীষ-করুণা।—শিশু ১১২। ২ আশীর্ব্বাদ, বর। "দেখিয়া দেবের মুখ, বাঢ়ল সভার সুখ, আশীষ মাগয়ে জনে জনে রা.শে ৭১। ধরণী চাহিছে ঊর্দ্ধগগনে, দেবতা-আশিস মাগি চ কা ২৬৫। [আশীষবচন (সং আশীর্ব্বচন) —আশীর্ব্বাদ। "দিল সবে আশীষবচন ম ১০২৭। আশীষবচন বলে প.র ১। আশীষমন্ত্র—আশীর্ব্বাদমন্ত্র। "আন দ্বিজকুল পড়ু আশীষমন্ত্র বি.প ৯৬। আশীষ—আশীর্ব্বাদ কর। "আশীষ দাসে মে ৬৮। আশীষি, আশীষিয়া—আশীর্ব্বাদ করিয়া। "মে ৪৫; ৫৮; আশীষি সুধিলা দেবী ৬৮। আশীষিল, -লা—আশীর্ব্বাদ করিল। "আশীষিল হাত দিয়া মাথে ম.ম ১৬৬। আশীষিলা দশরথ মে ২৯৬। যে তোমারে··· আশীষিল কা ১৪৮।

আশী১ স্ত্রী [তু 'সং আশীঃ (আশিস্)>প্রা আসী; আশীবিষ (বিসর্গলোপ)] ১ সর্পদংষ্ট্রা, সাপের বিষদাঁত। 'আশী উরগদংষ্ট্রায়াম্ (বৈদ্যক)। "°বিষ। ফণীন্দ্রা বিষমাশীভিরনারতং বমন্তঃ মাঘ ২০.৪২। ২ সর্পবিষ। ৩ বৃদ্ধিনামক ওষধি। ৪ হিতাশংসন, আশীর্ব্বচন।

আশী২ (-শিন্) বিণ [√অশ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -শিনী; বৈদিক] ভোজী, ভক্ষক। "নিরামিষাশী, পথ্যাশী, বহ্বাশী, মাংস°। সায়ংপ্রাতরাশী (শতপথব্রাহ্মণ)। সর্ব্ব° মনু ২.১১৮; বায়ু° ৩.১০৯, কুণ্ড° ১৫৮; ভৈক্ষ্য° ১১.৭৩, হবিষ্য°২১৯। যজ্ঞশিষ্ট° গী ৩.১৩। ভিক্ষা° হি ১.১৪৪।

আশী৩ স.বিং [সং অশীতি>লি 'অসীতি, প্রা অসী (পৈ), অসীই (প্রা.ম)>বা আশী; হি অস্সী] অশীতিসংখ্যক। "আশী লক্ষ মণ কৃ ৩২৫। —শী বি আশী (৮০) এই সংখ্যা। "আটে শূন্য আশী। [আশী সিক্কা ওজন—আশী টাকা পরিমাণ, পাকি এক সের। আশী সিক্কা ওজনের চড়—প্রচণ্ড চপেটাঘাত।]

আশীঃ (-শিস্) স্ত্রী [আ+ √শাস্+ক্বিপ্ (০)-ভা-১ব; ছান্দস] ১ ইষ্টাবিষ্করণ, হিতাশংসা, হিতবচন। ২ ইষ্টজনের শুভাশংসন; প্রিয়ের মঙ্গলকামনা (মহাকাব্যের মুখবিশেষ)। "কাব্যাদর্শ ১.১৪। ৩ কামনা, ফলাভিসন্ধি, আকাঙ্ক্ষা, অভিলাষ। "নিরাশীঃ গী ৩.৩০; ৬.১০। কু স ৭.৭৬। ৪ [+ক্বিপ্ -র্ম্ম] বাৎসল্য হেতু কনিষ্ঠের প্রতি প্রযোজ্য ইষ্টাবধারক বাক্য; 'জয়োঽস্তু' ইত্যাদি গুরুজনবাক্য; শুভবাক্য। 'বাৎসল্যাদ্ যত্র মান্যেন কনিষ্ঠস্যাভিধীয়তে। ইষ্টাবধারকং বাক্যমাশীঃ সা পরিকীর্ত্তিতা॥ "আশিষঃ শিবাঃ রা ২.৩২ ১৬। রঘু ১ ৪৪। জয়াশীঃ কু.স ৭.৪৭। বরঃ খল্বেষ নাশীঃ শ ৪$\frac{1}{6}$; ৭২৮। আশিষো গুরুজনবিতীর্ণা বরতামাপন্নস্তে (কাদম্বরী)। শ্রী ২১। ['আশীঃ'—হিতাশংসামাত্র; 'বর'—অমোঘ হিতাশংসা।] ৫ [+ক্বিপ্-ণ] সর্পদংষ্ট্রা, সাপের বিষদাঁত। তু 'আশী'। ৬ বৃদ্ধিনামক ওষধি।

আশীবিষ বিণ [বহুব্রী] আশীতে বিষ যাহার; বিষধর। "সর্পমাশীবিষম্ গো.রা ৩ ৫৬.২৬। —বিষ পুং ১ যাহার আশীতে (দাড়ায়) বিষ; সর্প। "রা ৩.৪৭.৩৯। কি যাতনা বিষে, জানিবে সে কিসে, কভু আশীবিষে দংশে নি যারে স শ ২৭। আশীবিষবিষের ন্যায় বিষম কুসুমশর কাদ ৫৭। ২ দর্ব্বীকর-সর্পবিশেষ। "মহা ৩.১২.৮৪; ৮৪.১০৭।

চন ক্লী [ষ.ত] ১ শুভবাক্যের কথন; মঙ্গলকামনা, । "°সংযুক্ত সা.দ ৬.২৪। ২ প্রিয়ার্থপ্রাপ্তীচ্ছার প্রকাশন। "আশীর্ব্বচনাক্ষেপ।—কাব্যাদর্শ ২.১৪২।

আশীর্ব্বাচক বিণ [ষ.ত; স্ত্রী -চিকা] আশীঃসূচক, আশীর্ব্বাদপ্রকাশক। "মনু ২.৩৩, কুল্লুক।

আশীর্ব্বাদ বিণ [আশিস্+ √বদ্+অ (অণ্)-ক; স্ত্রী -দী; উ.ত] আশীর্ব্বাচক, আশীঃসূচক। "°দাভিধানবৎ (স্ত্রীণাং নাম) মনু ২.৩৩। —দ পুং [ষ.ত] ১ সর্থ 'আশীর্ব্বচন'। "পরমশুভাশীর্ব্বাদ শিবঞ্চ বিশেষঃ E.P. 117; 119. ফলুক সুন্দর ফল সুন্দর কুসুমে, আশীর্ব্বাদ কর মা গ্রহণ।—শিশু ১৫৪। ২ (বাংলায়; অপ্র) অনুগ্রহ, কৃপা। "ভগবানের আশীর্ব্বাদে বইতে পারে সকল ভারে কু.কে ১৫৫।

আশীর্ব্বাদক বিং [ষ.ত; স্ত্রী -দিকা] শুভবাক্যের কথয়িতা; আশীর্ব্বাদকারক। "ভ.গ্র ১৪৩।

আশীর্ব্বাদী বিং [°দ+ঈ৭; অস °দীয়া] আশীর্ব্বাদসম্বন্ধী, আশীর্ব্বাদকালে দেয় (পুষ্পাদি)। "কামার···কাণে আশীর্ব্বাদী ফুল গুঁজে হাড়কাটের কাছে উপস্থিত হলো হু ১৯০। —দী বি আশীর্ব্বাদে দেয় দ্রব্যধনাদি। "প্রণামী দিলে, আশীর্ব্বাদী কিছু কিছু দিতে হয়: পাঠাও কন্যা-আশীর্ব্বাদী দা ১৫৬৯।

আশীর্বিষ পুং [আশীঃ+বিষ; বহুব্রী] সর্থ 'আশীবিষ'।

আশীষ, -স, -ষবচন, -ষমন্ত্র দ্র 'আশিষ'।

আশু বিণ [√অশ্ ব্যাপ্তি+উ (উণ্)-ক, উ ১.১; স্ত্রী -শু; ছান্দস; cf., Gr. Okos; L. 'acu' in 'acupedius')] ক্ষিপ্র, লঘু, শীঘ্র, দ্রুত। "গতমাশু ব্যবস্যেৎ পু.মে ২৩। আশু বদ বাণী ম.পা ৫২। শ্রী.মা ২৪। আশু অগ্রসরি সুগ্রীব বন্দিলা মে ১৫৩। —শু পুং ধান্যবিশেষ, আউশ ধান। [°ক্রমে (অপ্র)—দ্রুতগতি। "আশুক্রমে, জগোত্তমে, করিলেন গতি ম.পা ২৯; ৩৪। আশুতরে—দ্রুততর। "পবন অমনি চালাইল আশুতরে, সে শকবাহকে (মে)।]

আশুকারী (-রিন্) বিণ [আশু+ √কৃ+ইন (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -রিণী] ১ শীঘ্রকারী, চটপটে। "আশুকারী তথাশুত্বাদ্ ধাবত্যন্তসি তৈলবৎ (সুশ্রুত)। ২ শীঘ্রফলপ্রদ (ঔষধাদি)।

আশুগ বিণ [আশু+ √গম্+অ (ড)-ক; উ.ত] শীঘ্রগামী, দ্রুতগতি। "মনু ৪.৬৮। আশুগ স্বান্ত স শ ১২; আশুগ পবন ২৪। —গ পুং ১ বায়ু। ২ সূর্য্য। ৩ বাণ। "রঘু ৩.৫৪; ১২.৯১। শৈলজনাশুগ কি ১৪.১০। খুরপ আশুগ ক্ষুরধার কৃ ২৫৩। শ্রুতিযুগ স্মরাশুগ-তূণ বা.দ ১৫১। [°জ (বি)—'বায়ুজাত', হনুমান্। "শ্রী.মা ৪৪।]

আশুগতি বিং [বহুব্রী; স্ত্রী -তি] যাহার গমন শীঘ্র; লঘুগতি, ক্ষিপ্রগামী। "উচ্চৈঃশ্রবা।...আশুগতি যথা আশুগতি মা ১২২। —গতি বি বায়ু। "তুরঙ্গম বেগে। আশুগতি মে ৩৮; °পুত্র হনু ২৯৫। মা ১২২। [°গতি (বিং) বায়ুগতিসদৃশ দ্রুতগামী; অতিলঘুগামী। "হনু, আশুগতিগতি মে ২৯৫।

আশুগামী (-মিন্) বিণ [আশু+ √গম্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -মিনী] শীঘ্রগামী। —গামী পুং সূর্য্য। "মহা ৩.৩.৬৩।

আশুতোষ বিণ [বহুব্রী; স্ত্রী -ষা] যাহার শীঘ্র সন্তোষ; স্বল্পসন্তুষ্ট। "আশুতোষ হন সে ভবানী ভূত-পতি দ্রু ৬। আশুতোষ বলরাম ন ৯৪৭। —তোষ পুং শিব। "আশুতোষ! আশু আশা পূরাও আমার বা.দ ৭।

আশুশুক্ষণি পুং [আ+ √শুষ্ (অন্তর্ভূতণ্যর্থসনন্ত)+অনি-ক (অ.টী); আশু-শু (ক্ষিপ্রার্থক শব্দদ্বয়)+ √ক্ষণ (যাস্ক)] ১ যাহা আশোষণ করিতে ইচ্ছা করে (অ.টী); যাহা আশু হিংসা করে (যাস্ক); অগ্নি। "হবীংষি প্রতিগৃহ্ণাত্যেতৎপ্রীত্যাশুশুক্ষণিঃ (কাদম্বরী)। দক্ষিণে আশুশুক্ষণি, দধি দধি ডাকে গোয়ালিনী (ক.চ)। ২ বায়ু।

আশৈশব ক্রি.বিণ [আ শৈশব, অব্যয়ীভাব] শৈশব হইতে; শিশুকালাবধি। "আমি...মালা গাঁথি—আশৈশব মালাই গাঁথিয়াছি ব.প্র ১৯৫।

আশোআর, আশোয়ার দ্র 'আশআর'।

আশোআশ, -আস, -য়াস বি [সং আশ্বাস; (উচ্চারণানুসারে) শ্ব>শুআ>শোআ,-য়া; অপ্র] সান্ত্বনা, প্রবোধ। "এতদিন গেল বড়ায়ি তোর আশোআশে শ্রী.কী ৩০; °আস ৩৪৮; °আশ ৩৯৪। °আস কৃ.উ ৫২। যব ধনী পাওল ইহ আশোয়াস বি.প ১৫৩। লাখ আশোয়াসে গো ১৮৯। করই আশোআস ব ১০৯; তুয়া আশোয়াস ১৯২। °য়াস জ্ঞা ৯৫; ২৪০। [°য়াশলু, °য়াসলু—আশ্বাস দিলাম। "বহু আশোয়াশলু বি.প ১৭৭। মিছই আশোয়াসলু গো ৯৭। °য়াসল —আশ্বাস দিল। মিছই আশোয়াসল গো ২০৩। °য়াশলি—আশ্বাস দিলে। "মাধব কাহে আশোয়াসলি রামা গো ১৮৯। °আশে, °আর্শে, °আসে—আশ্বাসে। "শ্রী.কী ৩০; ২০২; ৩৪৮।]

আশৌচ ক্লী [দ্র 'অশৌচ'] অশৌচ। "শাবমাশৌচম্ মনু ৫.৫৯; ৬১; ৬২; ৮০। যাজ্ঞ ৩.১৮।

আশ্চর্য্য বিণ [আ+ √চর্+য (যৎ), 'অনিত্য' অর্থে 'স্' (সুট্) আগম, পা ৬.১.১৪৭; স্ত্রী -র্য্যা; বৈদিক] অনিত্য, অদ্ভুত, বিস্ময়কর, অপূর্ব্ব। "আশ্চর্য্যো গবাং দোহোঽগোপেন পা ২.৩.৬৬, সি। °তম রা ২.৩৪.২৮। °মেঘ রঘু ১৬.৮৭। °দর্শন শ ৭১/৩। —র্য্য ক্লী ১ অদ্ভুত, চিত্র, বিস্ময়। "কিমাশ্চর্য্যমতঃপরম্ মহা ৩.৩১২.১১৬। সর্ব্বাশ্চর্য্যময় গী ১১.১১। কর্ম্মাশ্চর্য্য উ.চ ১/২৩। ইহা হৈতে কি আশ্চর্য্য আছে মহাশয় ম ৫৮০। মরে লোক প্রতিক্ষণে, দেখে তবু নাহি জানে, না মরিব এই মনে, কি আশ্চর্য্য হায়।—রামমোহন রায়। ২ অদৃষ্টপূর্ব্ব, অকস্মাৎ দৃশ্যমান। "আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেনম্ গী ২.২৯। ৩ অদ্ভুত দৃশ্য; অপূর্ব্ব বস্তু। [°ভূত (বিণ)—আশ্চর্য্যসদৃশ, অদ্ভুত।]

আশ্ম, -শ্মন বিণ [অশ্মন্+অ (অণ্) তদ্বিকারার্থে, বিকল্পে 'অন্'-লোপ (সি, কাশিকা); স্ত্রী -শ্মী, -শ্মনী] অশ্মবিকার, প্রস্তরময়, শিলারচিত। —ন পুং পাষাণময় দ্রব্য। "যশ্চাপমাশ্মনপ্রণ্যং সেধুং ধত্তে ভট্টি ৪.২৬।

আশ্যান বিণ [আ+ √শ্যৈ+ত (ক্ত)-ক, পা ৮.২.৪৭; স্ত্রী -না] ১ ঈষৎশুষ্ক, শুষ্কপ্রায়। "কু.স ৭.৯। পঙ্কৈরাশ্যানঘনৈঃ কি ১৬.১০। ২ সম্যক্ শুষ্ক; পরিশুষ্ক)। "পথশ্চাশ্যানকর্দ্দমান্ রঘু ৪.২৪। ৩ (অন্তর্ভাবিতণ্যর্থে) শোষিত (মল্লিনাথ)। "তং ধূপাশ্যানকেশান্তম্ রঘু ১৭.২২।

আশ্রব বিণ [আ+ √শ্রু+অ (অচ্)-ক; স্ত্রী -বা] ১ যে কথা শুনে; বচনে স্থিত; বচনকর, বিধেয়। "রঘু ১৯.৪৯। নৈ ৩.৮৪। ২ প্রতিশ্রুতকারী। "নৈ ৩.৮৪, টীকা। —শ্রব পুং [+অ (অপ্)-ভা] অঙ্গীকার।

আশ্রম পুং, ক্লী [আ+ √শ্রম্+অ (ঘঞ্)-ধি, বৃদ্ধ্যভাব] ১ যাহাতে ব্রতার্থ শ্রম করে; ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য বানপ্রস্থ সন্ন্যাস—এই চতুর্বিধ (শ.ক)। "জ্যেষ্ঠাশ্রমী গৃহী মনু ৩.৭৮; ৬.৩৪। ২ ব্রহ্মচারী, গৃহী, বানপ্রস্থ, ভিক্ষু—এই চতুষ্টয় (অ.কো)। "মনু ৬.৮৭। [ব্রাহ্মণের চারিটি, ক্ষত্রিয়ের তিনটি, বৈশ্যের দুইটি এবং শূদ্রের একটি আশ্রম বিহিত (কূর্ম্মপুরাণ)। এ বিষয়ে মতভেদ আছে। দ্রষ্টব্য 'রঘু ৮.১৪, মল্লিনাথ'।] ৩ মুনিগণের বাসস্থান; তপোবন, ধর্ম্মারণ্য, মুনিবন। "রঘু ১.৪৮; রাজ্যাশ্রমমুনি ৫৮। এই সেই বাল্মীকির আশ্রম সী ৪২। ৪ (আশ্রম-স্থিতি হেতু) বন। "আশ্রমালয় রঘু ১২.১৪। ৫ চতুষ্পাঠী, মঠ। ৬ (সর্ব্ববিশ্রামস্থান) বিষ্ণু (মহা)। ৭ (বাঙলায়; অপ্র) আশ্রয়, স্থান। "আশ্রম পুখরি-আড়া ক.চ ৬। ৮ গৃহ, বাড়ী। ৯ ধর্ম্মসম্প্রদায়বিশেষের ভজনসাধনের স্থান; আখড়া। ১০ জাতিবিভাগ, জাতি। "ছত্রিশ আশ্রম খ্যাতি, গন্ধবণিক জাতি ক.চ ১৩৩।

আশ্রমধর্ম্ম পুং [ষ.ত] ১ তপোবনের ধর্ম্ম; তাপসব্রত। "শ ১/২৬। ২ ব্রহ্মচর্য্যাদি আশ্রমে করণীয় স্বাধ্যায়, দানযজ্ঞাদি, তপস্যা, অভয় ইত্যাদি (দ্র 'ত.বা')।

আশ্রমপদ, -স্থান ক্লী [কর্ম্মধা] আশ্রমরূপ স্থান, তপোবন। "°স্থান গো.রা ৩.১.২৮। °পদ শ ১.১৫। সী ৩১।

আশ্রমবাসিক বিণ [°স+ইক (ঠন্) অস্ত্যর্থে] ধৃতরাষ্ট্রাদির আশ্রমবাসসম্বন্ধী (মহাভারতের পঞ্চদশ পর্ব্ব)। "°পর্ব্ব।

আশ্রমবাসী (-সিন্) পুং [আশ্রম+ √বস্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] তপোবনবাসী, তাপস। "শ ১/৪।

আশ্রমমণ্ডল ক্লী [ষ.ত] আশ্রমস্থান, তপোবন। "তাপসাশ্রমমণ্ডল রা (S.W.)। মহা ৩.৬৪.৬৪।

আশ্রমালয় পুং [বহুব্রী] ১ আশ্রমবাসী, মুনি। ২ বনবাসী। "রঘু ১২.১৪।

আশ্রমী (-মিন্) বিণ [°ম+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -মিণী] ১ তপোবনবাসী। ২ ব্রহ্মচারি-প্রভৃতি আশ্রমবাসী। "মনু ৬.৯১। —মী পুং আশ্রমবাসী ব্রহ্মচারি-প্রভৃতি। "মনু ৬.৯০; ১২.১১১।

আশ্রয় পুং [আ+ √শ্রি+অ (অচ্)-ভা] ১ অবলম্বন, আশ্রয়ণ। "হেতুশাস্ত্রাশ্রয় মনু ২.১১। ২ গ্রহণ, স্বীকরণ। "(বিনশ্যতি) স্নেহঃ প্রবাসাশ্রয়াৎ।—পঞ্চ ১.১৮০। ৩ সন্ধি-প্রভৃতি ষড়্‌গুণের একতম; বলবদাশ্রয়ণ, সংশ্রয় (অ.কো)। ৪ পক্ষাবলম্বন। ৫ সম্বন্ধ, সম্পর্ক, সঙ্গ। ৬ [+অ-র্ম্ম] আশ্রয়ণীয়, অবলম্বন। "তাং রামচাপাশ্রয়াম্ রা ৩.৩৭.১৮। কথাশ্রয় মহা ৩.২৯৭.৭। নিরাশ্রয় গী ৪.২০। রামাশ্রয়া রঘু ১২.৩৫। ৭ অনন্যশরণ, একশরণ। "মদাশ্রয় গী ৭.১। ৮ বাসস্থান। "গর্ত্ত° মনু ৭.৭২। ক ত আশ্রয়ঃ; কথয় স্বাশ্রয়ম্।—পঞ্চ ৪/২৬। ৯ গৃহ। ১০ আশ্রম। ১১ শরণ, রক্ষিতা। "আশ্রয়োন্মূলন

মূ ২। ভর্ত্তা বৈ হ্যাশ্রয়ঃ স্ত্রীণাম্।—বেতালপঞ্চবিংশতি। **১২** বিষয়। "প্রেম পরম্পরাশ্রয়ম্ রঘু ৩.২৪। **১৩** অবষ্টম্ভ। "বৃক্ষেষু...জঘনাশ্রয়েষু রঘু ৯.৭০। **১৪** আধার, ভাজন, পাত্র। "আশ্রয়ং দুষ্প্রসহস্য তেজসঃ রঘু ৩.৫৮; °মৃগ ১১.২৬। ভাব° হি ২.১৫৯। সেই প্রেমার শ্রীরাধিকা পরম আশ্রয় চৈ.চ ১৬। **১৫** অবলম্বনীয় স্থান। "রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থ আশ্রয়ী মে ২০৪। **১৬** সহায়, সহায়তা। **১৭** কার্য্যমূল, কারণ। **১৮** অধীন, নিবন্ধন। "সর্ব্বে বিষয়াস্তদাশ্রয়াঃ রঘু ৮.৬৯। বৃত্তিস্তদাশ্রয়া যাজ্ঞ ২.৪৯। **১৯** প্রমাণ, প্রমাতা। **২০** স্কন্ধ (ত্রিকাণ্ডশেষ)। **২১** (ব্যাকরণে) কর্ত্তা (A.)। **২২** (বৌদ্ধমতে) পঞ্চ ইন্দ্রিয় ও মন।

আশ্রয়ণ বিণ [আ+√শ্রি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] আশ্রয়িতা, অবলম্বী। অস্কাশ্রয়ণী ভবামি তে কু.স ৪.২০। —য়ণ ক্লী [√অন-ভা] **১** আশ্রয়, অবলম্বন। "দুর্গ° হি ৩২৮। গুরু-আশ্রয়ণ চৈ.চ ২৪৪। **২** আসেবন। **৩** গ্রহণ, স্বীকরণ। "ব্যবস্থিতবিভাষাশ্রয়ণাৎ পা ৬.১.১২৩ (S.W.)। **৪** [+অন-র্ম্ম] বিষয়। "তদাশ্রয়ণী কথা বিক্র (S.W.)। —য়ণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অবলম্বনীয়। "রঘু ১৭.৬০।

আশ্রয়ভূত বিণ [নি.স] আশ্রয়সদৃশ, আলম্বন। "হি ১.৬৬।

আশ্রয়াশ পুং [আশ্রয়+√অশ্+অ (অণ্)-ক; উ.ত] 'আশ্রয়-ভক্ষক', অগ্নি। "হি ২.১৭৪।

আশ্রয়াসিদ্ধ পুং [বহুব্রী] যাহার (যে হেতুর) আশ্রয় অসিদ্ধ (অপ্রসিদ্ধ); (ন্যায়ে) হেত্বাভাসবিশেষ। "পদ্মত্ব হেতু সরোজপদ্মবৎ গগনপদ্ম সুরভি। 'গগনপদ্ম' অসিদ্ধ, অতএব হেতু 'পদ্মত্ব' দুষ্ট।

আশ্রয়ী (-য়িন্) বিণ [আ+√শ্রি+ইন্ (ইনি)-ক-১ব; স্ত্রী -য়িণী] **১** আশ্রয়িতা, অধিষ্ঠাতা। "ময়ূরপৃষ্ঠাশ্রয়িণা গুহেন রঘু ৬.৪। **২** আশ্রিত। "রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থ আশ্রয়ী, তেঁই আমি মে ২০৪। **৩** অবলম্বী, সম্বন্ধী। "তদাশ্রয়িণী কথা বিক্র ৩.১০।

আশ্রা বিণ [দ্র 'আসরা'; অপ্র] **১** আশ্রয়, বাসা। "নবদ্বার ঘরে আশ্রা বান্ধিয়া মায়ায় শ্রী.ম ২৯৬। **২** [হি আসরা; অপ্র] আশা। "আ'জ মরে কা'ল মরে বাঁচবার আশ্রা নাই গো চ ২৬৩।

আশ্রিত বিণ [আ+√শ্রি+ত (ক্ত)-ক] **১** আশ্রয়প্রাপ্ত, প্রপন্ন, শরণাগত। "কৃষ্ণপদাশ্রিত আমি দা ৫৩৮। **২** গত, প্রাপ্ত। "দৈন্যমাশ্রিতঃ কু.স ২.২১। রঘু ১.১৩; ছায়ামাশ্রিতা ৭৫; আশ্রমমস্তামাশ্রিতঃ ৮.১৪। মানুষীং তনুমাশ্রিতঃ গী ৯.১১। দুর্গাশ্রিত মনু ৭.৭৩। **৩** আস্থিত। "ক্ষত্রধর্মাশ্রিতাং মতিম্ রা (S.W.)। দ্রব্যাশ্রিতো গুণঃ (অ.কো)। কু.স ৬৬। গহ্বর-আশ্রিত ফণী, পাপ-আশ্রিত শনি দা ৫৩৭। **৪** ব্যাপ্ত। "সর্ব্বভূতাশ্রিতং বপুঃ মনু ১২.২৬। **৫** আশ্রয়রূপে প্রাপ্ত; অধ্যাসীন। "শিলাতলমথাশ্রিতা মহা ৩.৬৪.১২। আশ্রিতঃ স বনস্পতিম্ রঘু ১২.২১। **৬** অভিগত, অভিদ্রুত। "নদীং পশ্চান্মুখাশ্রিতাম্ রা ২.৫৫.৪। **৭** অপেক্ষমাণ, অপেক্ষী। "অনাশ্রিতঃ কর্ম্মফলম্ গী ৬.১। চন্দ্র-আশ্রিত চকোরিণী দা ৫৩৭। **৮** বিষয়রূপে প্রাপ্ত; সম্বন্ধী। "ভীষ্মাশ্রিতাঃ কথা মহা (S.W.)। **৯** অধিশয়িত। "শয়নে ত্বয়াশ্রিতে ক.সা ১৮.২৭৮; শয়নীয়াশ্রিতঃ ২৮.১৪২। **১০** আরূঢ়। "আশ্রিতৌ তং রথশ্রেষ্ঠম্ মহা ১.২২৫.১৪। গজপৃষ্ঠম্ (আশ্রিতঃ)।—S.W.। **১১** অধ্যাষিত। "শাখাং চটকাশ্রিতাম্। —পঞ্চ ১৩২৮। **১২** আশ্রয়রূপে প্রাপ্ত। "রাষ্ট্রং বাহুবলাশ্রিতম্ মনু ৯.২৫৫। **১৩** স্বীকৃতা-শ্রমবিশেষ, আশ্রমী। "যাজ্ঞ ৩.৬। **১৪** [+ত-র্ম্ম] অনুপ্রবিষ্ট। "সুরেন্দ্রমাত্রাশ্রিতগর্ভ রঘু ৩.১১। **১৫** গত, প্রাপ্ত। "°দৈন্যা ক.সা ২৩.১৭। **১৬** অধিষ্ঠিত। "দক্ষিণাপথকাশ্রিতা ক.সা ১৮.৫৪। পাদাঙ্গুষ্ঠাশ্রিতাবনি ভ ৭.৩.২। —ত পুং **১** শরণাগত জন; প্রপন্ন। **২** অনুচর, সহচর; পরিবার। "আশ্রিতানাং পরিরক্ষণম্ হি ১৪৩; মমাশ্রিত ১.৪৭; °বাৎসল্য ৫৩। **৩** সেবক, ভৃত্য। "কু.স ৩.১। —ত ক্লী ইন্দ্রিয়গোচর বস্তুমাত্র। —শ্রেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] আশ্রয়ণীয়।

আশ্রুত বিণ [আ+√শ্রু+ত (ক্ত)-র্ম্ম; ছান্দস] **১** আকর্ণিত, শ্রুত। **২** অঙ্গীকৃত, প্রতিশ্রুত। **৩** পরিভাষিত (মিতাক্ষরা)। "সাধ্যে কুর্য্যাদ্ যথাশ্রুতম্ যাজ্ঞ ২.১৯৬। —তি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা; ছান্দস] **১** আকর্ণন, শ্রবণ। **২** অঙ্গীকার, প্রতিশ্রুতি।

আশ্লিষ্ট বিণ [আ+√শ্লিষ্+ত (ক্ত)-ক] **১** আলিঙ্গন করিয়াছিল যে। "লক্ষ্মীমাশ্লিষ্টো হরিঃ পা ৩৪৭২, সি। **২** [+ত-র্ম্ম] পরিষ্বক্ত, আলিঙ্গিত। "ভ ১০.৮১১৩। °ভূমি মাঘ ৩.৭২। **৩** সংগ্রথিত, সমন্বিত। "পরস্পরাশ্লিষ্টশাখৈঃ পাদপৈঃ মহা ১.৭০.১৪। **৪** আনদ্ধ, নদ্ধ। "অঙ্গদাশ্লিষ্টভুজ রঘু ৬৫৩। **৫** আক্রান্ত, অধিরূঢ়। "মেঘমাশ্লিষ্টসানুম্ পূ.মে ২। **৬** পরিব্যাপ্ত, আচিত। "নবীনশাদ্বলাশ্লিষ্টা...বসুন্ধরা ক.সা ১১১.৪। **৭** সম্বন্ধ, সম্পৃক্ত। —শ্লেষ পুং [+অ (ঘঞ্)-ভা] **১** পরিষ্বঙ্গ, আলিঙ্গন। "নিবিড়°, রভস° (S.W.)। কণ্ঠাশ্লেষপ্রণয়িনি জনে পূ.মে ৩। নির্দ্দয়° উ.মে ৪৫। কণ্ঠাশ্লেষপরিগ্রহে। —পঞ্চ ৪.৭। °লোলুপ মাঘ ২১৭। **২** (ব্যাকরণে) একদেশসম্বন্ধ, উপশ্লেষ (আধারবিশেষ)। "মুগ্ধবোধ, ৩০৯ সূত্র। **৩** সম্বন্ধ, সম্পর্ক, অন্বয়। **৪** ঈষৎ সম্বন্ধ। —ষা স্ত্রী অশ্লেষা নক্ষত্র।

আশ্ব বিণ [অশ্ব+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -শ্বী; বৈদিক] **১** অশ্বসম্বন্ধী। "আশ্বং কফহরং মূত্রম্ (সুশ্রুত)। **২** অশ্ববাহ্য (শকটাদি)। —শ্ব ক্লী **১** অশ্ববাহ্যশকট। **২** [+ অ তৎসমূহার্থে] অশ্বসমূহ।

আশ্বত্থ বিণ [অশ্বত্থ+অ (অণ্) 'তৎসম্বন্ধ, তদ্বিকার' অর্থে; স্ত্রী -ত্থী] **১** অশ্বত্থসম্বন্ধী। **২** অশ্বত্থকাষ্ঠময়। —ত্থ ক্লী অশ্বত্থফল।

আশ্বমেধিক বিণ [অশ্বমেধ+ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] **১** অশ্বমেধসম্বন্ধী; অশ্বমেধসাধন (দ্রব্যাদি)। "আশ্বমেধিকোঽয়মশ্বঃ উ.চ ৪২৪। **২** অশ্বমেধবিষয়ক (গ্রন্থ)। —ক ক্লী মহাভারতীয় চতুর্দ্দশ পর্ব্ব। "মহা ১.২.৩৪৩।

আশ্বযুজ বিণ [অশ্বযুজ্+অ (অণ্) 'তদ্যুক্ত কাল' অর্থে; স্ত্রী -জী] অশ্বযুগ্‌যুক্ত, অশ্বিনীনক্ষত্রযুক্ত (কাল)। —জ পুং [°জী+অ] যে মাসে আশ্বযুজী পৌর্ণমাসী; আশ্বিনমাস। "মনু ৬.১৫। যাজ্ঞ ৩.৪৭। —জী স্ত্রী আশ্বিনপূর্ণিমা। "পা ৪.৩.৪৫।

আশ্বলায়ন পুং [অশ্বল+আয়ন (ফক্) গোত্রাপত্যার্থে] অশ্বলের গোত্রাপত্য ঋষিবিশেষ। [ইনি শৌনকশিষ্য, শ্রৌতসূত্র-গৃহ্যসূত্র-প্রণেতা এবং আশ্বলায়ন বৈদিকশাখার প্রবর্ত্তক।]

আশ্বস্ত বিণ [আ+√শ্বস্+ত (ক্ত)-ক; °স্ত, °সিত (কলাপ, মুগ্ধবোধ)] আশ্বাসপ্রাপ্ত, সান্ত্বনাপ্রাপ্ত। —শ্বাস[২] পুং [+√শ্বাসি+অ (অচ্)-ভা] **১** আশ্বাসন, ভয়বারণার্থ ব্যাপার, অভয়দান। "উ.চ ৬.১০। **২** সান্ত্বনা। **৩** আশ্রয়দান। —শ্বাসক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -সিকা] আশ্বাসয়িতা, সান্ত্বয়িতা। —শ্বাসন ক্লী [+অন (ল্যুট্) -ভা] সান্ত্বনা, দুঃখপ্রশমন। "আশ্বাসনঞ্চ কৃষ্ণেন দুঃখার্ত্তায়াঃ মহা ১.২.১৫২। ম ৬০৪। তবে প্রভু মাতাপিতার কৈল আশ্বাসন চৈ.চ ৫৬। —শ্বাসনী বিং, যাহা আশ্বাস প্রদান করে; সান্ত্বনাদায়িকা। "আশার আশ্বাসনী শক্তির ইয়ত্তা নাই সী ৯৬। —শ্বাসিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সান্ত্বিত। —শ্বাসী (-সিন্) বিণ [+√শ্বস্ +ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -সিনী] আশ্বাসযুক্ত, আশান্বিত। "মনস্তু তদ্ভাববর্ণনাশ্বাসি (পাঠান্তর) শ ২.১।

আশ্বাস[১] সর্ম্ম [সং আ+√শ্বাসি>√অস্সাস>ষা√°স] **১** আশ্বাস (সান্ত্বনা) দেওয়া; শান্ত করা; বুঝান। "গালি দেয় ব্রাহ্মণ যতেক

মুখে আইসে। সঙ্কোচ হইয়া পার্থ ব্রাহ্মণে আশ্বাসে॥ —ম ২২৯। ২ অভয় দেওয়া। "দেবতার স্তবে তুষ্ট হৈল খগেশ্বর। আশ্বাসিয়া সম্বরিল নিজ কলেবর॥ —ম ২০; আশ্বাসয়ে সর্ব্বসৈন্য ৭৪৭। আশ্বাসিয়া রাখিল...বিভীষণ কৃ ২৭৭।

আশ্বাস², **-শ্বাসক, -শ্বাসন, -শ্বাসনী, -শ্বাসিত, -শ্বাসী** দ্র 'আশ্বস্ত'।

আশ্বিন পুং [°নী+অ (অণ্)] যে মাসে আশ্বিনী পূর্ণিমা, চান্দ্র আশ্বিনমাস। —নী স্ত্রী [অশ্বিনী+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] অশ্বিনীনক্ষত্রযুক্তা পৌর্ণমাসী; আশ্বিন-পূর্ণিমা।

আশ্বিনেয় পুং [অশ্বিনী+এয় (ঢক্) তদপত্যার্থে] ১ (দ্বিব) অশ্বিনীর অপত্যদ্বয়; অশ্বিনীকুমারযুগল। ২ নকুল, সহদেব। "মহা ২.৩১.১০।

আষাঢ় পুং [°ঢী+অ (অণ্); অস আহার্] ১ আষাঢ়ী পৌর্ণমাসী যে মাসে; চান্দ্র আষাঢ়মাস। "আষাঢ়স্য প্রথমদিবসে পূ.মে ২। *শ্রাবণৌ প্রাবৃট্ (সুশ্রুত)। আষাঢ়ে পূরিল মহী নব মেঘে জল ক.চ ৬৯। ২ [°ঢ়+অ 'দণ্ড' অর্থে, পা ৫.১.১১০, দ্র 'তত্ত্ববোধিনী'] ব্রতীর ধারণীয় পালাশদণ্ড। "*ধর (জটিল) কু.স ৫.৩০। আষাঢ়দণ্ড কাদ ১০। লী ৭৯। ৩ মলয়পর্ব্বত। —ঢা স্ত্রী (জ্যোতিষে) সপ্তবিংশতি নক্ষত্রের বিংশ ও একবিংশ নক্ষত্র—পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া। —ঢ়ী স্ত্রী [°ঢ়া+অ+স্ত্রী ঈ (ঙীপ্)] আষাঢ়ানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী; আষাঢ়ী-পূর্ণিমা। [আষাঢ়াস্তবেলা—আষাঢ়ের শেষ বেলা, অর্থাৎ দিনের শেষভাগ। "আষাঢ়াস্তবেলার সন্ধ্যার মত...১৫ই কার্ত্তিক নবাবি-চালে এসে পড়লেন হু ৯৬। আষাঢ় উত্তরায়ণের শেষ, দিনমান দীর্ঘতম, শেষ হইয়াও হয় না, ধীরে ধীরে সন্ধ্যা হয়। ইহা নবাবী চালের সাদৃশ্য।]

আষাঢ়িয়া বিং [°ঢ়+ইয়া; সং °ঢ়ীয়; আসাঢ়িআ (শ্রী.কী)] ১ আষাঢ়সম্বন্ধী, আষাঢ়ে জাত। "আষাঢ়িয়া যেন জলবুণ্ডা ক.চ ২৬১। ২ আষাঢ়ে উদিত। "আষাঢ়িয়া মেঘমাঝে, যেমন বিদ্যুৎ সাজে ক.চ ৯; ১৯। [আষাঢ়ে গল্প—আষাঢ়ে বাদলের দিনে ঘরে আবদ্ধ ছেলেপিলেদের কাছে বৃদ্ধ-বৃদ্ধাদের উপকথা; (গৌণার্থে) কাল্পনিক অদ্ভুত গল্প (Careless chat)। "ফুলমণি তপন এক আষাঢ়ে গল্প ফাঁদিল ব.প্র ৩৬১। আষাঢ্যা গর্জ্জন—আষাঢে মেঘের ডাক। "আষাঢ্যা গর্জ্জন ক.চ ১৮৫।]

আষাঢ়ীয় বিণ [°ঢ়া+ঈয় (ছণ্) 'তত্র জাত' অর্থে] ১ আষাঢ়া নক্ষত্রে জাত। "পা ৪.৩.৩৪, কাশিকা। ২ [°ঢ়+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে] আষাঢ়সম্বন্ধী।

আষ্ট স.বিং [সং অষ্ট, দ্র 'আ¹৩; অপ্র] অষ্টসংখ্যক, আট। "আষ্ট ধাতু শ্রী.কী ২৮৯। আষ্ট কাহনে ক.চ ১৫৬। [আষ্টে—আট দ্বারা গুণিত। "তিন আষ্টে চব্বিশ (হি তীন আট্টে চৌবীস)। আষ্টেক (সং অষ্টক)—প্রায় আট; সাত আট বা আট নয়। "দিন আষ্টেক দা ৫৫৪। আজ বছর আষ্টেক হ'লো, সেটি মরেছে হু ৯৭।]

আষ্ঠানি বি ['আঁষ্টিয়া+পানি'—মূল; অপ্র] আমিষগন্ধী জল। "এক শত রাণীর হস্তের জলে আষ্ঠানি গোন্দায় ব.প ৩৩।

আস্ অক [অদা, আ—আস্তে; সেট্, ছান্দস] ১ উপবেশন। "আসনে ভগবানাস্তাম্ রা ১ ৫০.১১। মনু ২.২০৩। ২ স্থিতি, সত্তা। "মনু ৩.১৪১। ৩ বাস। "তাবন্তি বর্ষাণ্যাসতে দেবলোকে মহা ২.১৮৬.৯। ৪ সত্তা, সম্পন্নমানতা। "আস্তাং মানসতুষ্টয়ে সুকৃতিনাং নীতিঃ হি ১.২২৬। [অধি—অধ্যারোহণ। "গগনমধ্যমধ্যাস্তে দিনকরঃ (কাদম্বরী)। অনু—পশ্চাৎ উপবেশন। "রঘু ১.৫৬। উদ্—উদাস্ত, উপেক্ষা। "মাঘ ২.৪২। উপ—১ সেবন, উপাসনা। ২ অনুষ্ঠান। "গোপায়ন্ত পশ্চিমাম্ মনু ২.১০৩। ৩ সমীপে উপবেশন। "আসীনানুপাসতে মনু ৩.১৮৯; ৪.১৫৪। সম্—সম্যক্ উপবেশন। "সমাসীন।]

আস¹ পুং, ক্লী [√অস্+অ (ঘঞ্)-ণ] 'শরক্ষেপসাধন', ধনুঃ। "সাস কি ১৫.৫। —স পুং [+অ-ভা] নিক্ষেপ।

আস² অর্দ্ধ [দ্র 'আইস'; অস √আহ্] ১ আগমন করা; আসা। "নিয়ড়ে আসিয়া কান বি.প ১৮৭। ধাইয়া আসে লড়ে ম.ম ২৩৩। আসে লক্ষ্মী বেড় বান্ধে নাই ভা.চ ১০৫। ২ উপস্থিত হওয়া; পহুঁছান। "বাসে আসি বসিল পূজায় ভা.চ ২৮২। ৩ আয় হওয়া; লাভ হওয়া। "এটুক শেখনি, কিসে কড়ি আসে দুটো।—রবীন্দ্র। চোটায় বিলক্ষণ দশ টাকা আসতো হু ৩২। ৪ যাওয়া (প্রস্থানকালে)। "জটায়ু বলেন রাম আসি হে এখন কৃ ১৩০। কহিলাম ধীরে, 'তবে আসি' চ.কা ১০৪। আসি এখন তবে।—শিশু ৩৬। ৫ প্রত্যাগমন করা; ফিরা। "রাজা আসে নিজ দেশ কৃ ৩০। লইয়া আস হেথা ম.ম ৮০; বাসরেতে আস ছিদ্র করি ১৭০। ৬ সাধ্যায়ত্ত থাকা; যোগাড় থাকা। "ছিটা ফোঁটা তন্ত্র মন্ত্র আসে কতগুলি। চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠেলি॥ —ভা.চ ২৭৯। ৭ উদিত হওয়া। "কেন মেঘ আসে, হৃদয়-আকাশে, তোমারে দেখিতে দেয় না।—রবীন্দ্র। ৮ যোগ্য হওয়া, সমর্থ হওয়া। "গৃহস্থের সবই কাজে আসে, কিছুই ফেলা যায় না। কুঁড়ে কোন কাজেই আসে না। ৯ প্রকাশ পাওয়া; অনুভূত হওয়া। "তার নামেই গায় জ্বর আসে, আর দেখে কাজ কি! ১০ আরব্ধ হওয়া। "এখন নদীতে জোয়ার আসছে, জল বেড়েছে। ১১ বোধগত হওয়া; অভ্যস্ত (সড়গড়) হওয়া। "আমার গানটা সহজেই আসে, বাজনার হাতটা তেমন আসে না। ১২ উচ্চারিত হওয়া। "কথাটা পেটে আসছে, মুখে আসছে না। ১৩ উদিত হওয়া। "আমাকে দিবেক গালি যত মনে আসে ম.ভা ১৬। ১৪ আবির্ভূত হওয়া; রূপ ধরিয়া প্রকাশিত হওয়া। "যজ্ঞস্থলে আসি দেখা দিলেন শ্রীধর: এইরূপে আসি দেখা দিল নারায়ণ কৃ ৫০। ১৫ জন্মগ্রহণ করা। "কর্ম্মক্ষয় না হইলে, যাওয়া আসা ঘুচে না। ১৬ সমবেত হওয়া; সমাগত হওয়া। "রাজগণ আসিয়াছে তথায় প্রচুর কৃ ৩০। ১৭ উদ্‌গত হওয়া; বাহির হওয়া। "চোখে জল আসা; জিবে জল আসা। ১৮ সঙ্ঘটিত হওয়া; ঘটা। "কর্ত্তব্যকার্য্যে বিপদ্ আসে, আসুক, কর্ত্তব্য করাই ধর্ম্ম। ১৯ আমদানী হওয়া। "বিদেশ হইতে ভারতে নানা পণ্যদ্রব্য আসে। ২০ প্রবিষ্ট হওয়া; ঢোকা। "ঘরমধ্যে আস ম.ম ১৮৮। বাসরে আসিয়াছিল তোমারে খাইতে ম.ভা ৩৭। কোন আলোতে প্রাণের প্রদীপ জ্বালিয়ে তুমি ধরায় আস।—রবীন্দ্র। ২১ জন্মান, হওয়া। "কাতরভাবে সকলেরই দয়া মায়া আসে। ২২ উপচিয়া উঠা। "বর্ষায় বাড়ী পর্য্যন্ত নদীর জল আসে। [আইচ্ছে (আসিয়াছে), আইসছেন (আসিয়াছেন)—"গো.চ ১৫; আইম (আসিবে)—"২২৬। আঁই (আসি)—"কৃ.উ ১৩৬। আস (আইস)—"আস আস বলি সীতা ধরিলেক হাথে কৃ.উ ২৭৩। শ্রী.মা ১৭; আস আস বল্যা ১৮; ২৬। আস লক্ষ্মী ভা.চ ১১২। আসছে (যাহা আসিতেছে, আগামী)—"আসছে হাটে কিনো এক-যোড়া দা ৯৮০। আসবার (আসা-সম্বন্ধে)—"লোক আসবার মানা গো.চ ১৯৫। শ্রী.কী—আসি, আসিআঁ, আসী (আসিয়া), আসী (আসিয়া থাকি), আসিবেঁ, আসিবোঁ (আসিব), আসু, আস (আইস)। আসি আসি (এখনি বা শীঘ্র আসিব)—"আসি আসি বলি, পুন না আসিল, কুলিশ-পাষাণ হিয়া চৈ.দা ১০৮। আসি গিয়া—(ফিরিয়া আসি)—"আসি গিয়া গয়া হৈতে চ.ভা ১৩১। আসিছি (আসিয়াছি)—"ম.পা ১১২। আসিএা—"কৃ.উ ৬২। আসিতে আছে (আসিতেছে)—"ম.পা ১৭। আসিবামাত্র (যেই আসিবে সেই)—"আসিবামাত্র খুলে দিও তোড়া দা ৯৮০। 'আসিয়া'—দেখসিয়া (দেখ+আসিয়া)

—"প.র ৪ ; করসিয়া—"ম ২০১, ৩৯৩ ; করসিঞা—"চৈ.চ ৩৬৯ ; গাওসিয়া, খাওসিয়া, হৈলসিয়া—"চৈ.ভা ৫০, ৩১৭, ৪৩২ ; চড়সিয়া—"রা.প ২৩ ; ভজসিয়া, পাইলসিয়া—"শ্রী.ম ২০৯, ২৪১ ; দেখহসিয়া—"চ.সা ৫৪ ; দেখসিয়ে—"ভা.চ ৭৪০। তাহা'সিয়া দেখ, দেখিলসিয়া, বুঝসিয়া—"ম.বি ১০৪, ১৩১, ১৩৩ ; পঢ়ি চাহসিয়া (আসিয়া পড়িয়া দেখ)—"অ.প ১১৫ ; খাওসে—"গো.চ ৫৬। আসিয়া গেল না—লাভ বা ক্ষতি হইল না ; ভাল বা মন্দ হইল না। "পরকাল মানা না মানাতে বড় আসিয়া গেল না অ.শী ২৪। আসে যাবে কি—কি লাভ বা ক্ষতি হইবে, কি ভাল বা মন্দ হবে, অর্থাৎ কিছুই হবে না। "শ্রাবণে বরিষণে, একদা গৃহকোণে, দু কথা বলি যদি কাছে তার, তাহাতে আসে যাবে কিবা কার।—গান ৮৮। আসে যায়—১ যাতায়াত করে। ভা.চ ২৯২। ২ লাভ বা ক্ষতি হয়। "স্বর্ণ বিনা সংসারের কিবা আসে যায়? বড় আসে যায় না—বিশেষ লাভ বা ক্ষতি হয় না ; কোন ফলই হয় না। "আমার পলিত কেশ, চলিত কলম, এ সব স্থানে তোমার (কোকিলের) ডাকাডাকিতে বড় আসে যায় না ব.প্র ২৬৫। আস্তে (আসিতে)—"আস্তে আজ্ঞা হউক আ.দু ৭০। আস্ত (আইস)—"ফিরা আস্ত রাক্ষসের নাথ কৃ.উ ৯১ ; আস্ত আস্ত ৯৪ ; ১৫১। আস্তাছ—আসিয়াছ। আস্তাছিনু—আসিয়াছিলাম। "কৃ.উ ১৬৪। আস্তাছিল-লা—"কৃ.উ ১০৪ ; ১৫৮। আস্তে—আসে। "জটাগাছ আস্তে কৃ.উ ৮৯ ; টুট্যা আস্তে ঃ খাঞা দাঞা আস্তে ১৩৬ ; ২২৯। উড়ে আসা—১ আকাশপথে আসা ; (গৌণার্থে) অতিক্রত আসা। ২ হেতু বা মূল বিনা (কিছু) ঘটা। কাজে আসা—কার্য্যকর হওয়া। কানে আসা—কর্ণগোচর হওয়া। নিবে-আসা—নির্ব্বাণোন্মুখ। "নিবে-আসা দিবসের দগ্ধ রাঙা আলো।—রবীন্দ্র। পেটে আসা—১ গর্ভে জন্মগ্রহণ করা। ২ অল্প অল্প মনে হওয়া। "কথা পেটে আসছে, মুখে আসছে না। ভেসে আসা—ভাসিয়া আসার ন্যায় নিঃসম্পর্কে আসা। "নাচব না ত কি, আমি কি ভেসে এসেচি?—জা ১১। মনে আসা—স্মৃতিগত হওয়া। মাথায় আসা—বুদ্ধিতে আসা ; বোধগম্য হওয়া। "এ কথাটা তখন মাথায় আসে নি। বুদ্ধির আঁক তার মাথায় আসে না। মুখে আসা—উচ্চারিত হওয়া। হ'য়ে আসা—প্রায় শেষ হওয়া (কার্য্য, জীবন)। হ'য়ে-আসা—ঈষদসমাপ্ত (কার্য্য)। হাতে আসা—হস্তগত বা বশগত হওয়া (ধন, লোক)।]

আসংসার, -সংসৃতি ব্য [অব্যয়ীভাব] সংসারপর্য্যন্ত, আপ্রলয়। "আসংসারং জগত্যস্মিন্নেকো নিত্যো হ্যনিত্যতা ক.সা ৫.১০৩। আসংসৃতি কি ৩.৬।

আসক¹ বিং ['আসক্ত'—মূল ; অপ্র] আসক্ত। "পাশায় আসক হইয়া বসিলা যতনে রা.শে ৭২। —ক বি আসক্তি, অনুরাগ। "পিরীতি আসকে সদাই থাকিব চ.দা ১৩৬।

আসক² বি [আ ইশ্‌ক্ ; ঠ আশক] প্রেম, পিরীতি। "দ্বিতীয় দুয়ারে আসক স্থিতি ঃ আসকরূপেতে শ্রীরাধা কই চ.সা ৩৩১ ; ৩৪১।

আসকিয়া, -কে, আস্কে বি [সং আসেকিম (অ.চি)] পিষ্টকবিশেষ। "ফস্কে গেল আস্কে খাওয়া, ছেলের পানে যায় না চাওয়া।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [আসকের ফোঁড়—আসকের উপরের ছিদ্র (ফোঁট)। আসকে খাও, তার ফোঁড় গোণ না—(গৌণার্থে) কর্ম্ম কর মাত্র, কিন্তু তাহার পরিণাম ভাব না।]

আসক্ত বিণ [আ+সন্‌জ্+ত (ক্ত)-ক] ১ বিষয়বিশেষে তদেকান্তভাবে অভিনিবিষ্ট ; তৎপর, প্রসিত। "°চিত্ত, °মতি, °হৃদয় (S.W.)। নীচাসক্ত…মন স.প ৭০। ২ সংলগ্ন। "বৃক্ষাগ্র°, সব্যাংস°, স্কন্ধ° (S.W.)। শিখরাসক্তমেঘ কু.স ৬.৪০। ৩ [+ত-র্ম্ম] সংশ্লিষ্ট, সমন্বিত। "(আয়ুধে) মালাদামভিরাসক্তে র্ঘ্ব ২.৩৩.২। ৪ স্তস্ত, স্থাপিত। "উত্তরীয়মিহাসক্তং শুবাক্তং সীতয়া তদা রা ২.৮৮.১৫। ৫ সংশ্লিষ্ট, যুক্ত, ব্যাপ্ত। "মধুকরাসক্তপদ্ম ; কস্তুরীকুসুমাসক্ত (S.W.)। —সক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা ; ছান্দস] ১ অভিনিবেশ, তৎপরতা। ২ আসঙ্গ, অনুরক্তি। "বিষয়°। —সঙ্গ পুং [+অ (ঘঞ্)-ভা ; বৈদিক] ১ আসক্তি, তৎপরতা। "চিত্ত°। ২ কর্ত্তৃত্বাভিমান, ভোগাভিলাষ (মধুসূদন)। "বিষয়°। কর্ম্মফল° গী ৪.২০। ৩ সংযোগ, সংসর্গ। "সশৈবলাসঙ্গ (পদ্ম) কু.স ৫.৯। ব্রততিবলয়াসঙ্গ শ ১৩.০। ৪ সংশ্লেষ, আলেপন। "মৃগমদঘনসারাসঙ্গসৌরভ্যভব্য (পাণি)।—S.W.। ৫ আশ্লেষ। [+অ-র্ম্ম] আসঞ্জনীয় বস্ত্রাদি। "উত্তরাসঙ্গ। —সঙ্গ ক্লী সৌরাষ্ট্রমৃত্তিকা। —সঞ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা ; বৈদিক] ১ আসক্তি, আসঙ্গ। ২ সংযোগ, সংশ্লেষ। "ব্রততিবলয়াসঞ্জন (পাঠান্তর) শ ১.৩০। ৩ [+ √সঞ্জি+অন-ভা] বিন্যাস, যোজন। —সঞ্জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সংযোজিত। [°ক্তমনাঃ (-নস্) বিণ—অভিনিবিষ্টচিত্ত, একান্তমনাঃ। "গী ৭.১।]

আসক্তি, -সঙ্গ, -সঞ্জন, -সঞ্জিত দ্র 'আসক্ত'।

আসত্তি স্ত্রী [আ+ √সদ্+তি (ক্তিন্)-ভা] ১ সংযোগ, সঙ্গম। ২ প্রাপ্তি। ৩ সান্নিধ্য, সন্নিকর্ষ। "°যোগ উ.চ ১.২৭। ৪ নৈকট্যসম্বন্ধ। ৫ অবিচ্ছেদ, নিরন্তরভাব। ৬ (ন্যায়ে) পদদ্বয়ের সন্নিধান ; অপেক্ষিত-পদদ্বয়ের অব্যবধান। 'সন্নিধানং তু পদস্যাসত্তিরুচ্যতে। ভাষাপরিচ্ছেদ ৮৩। "°যুক্ত সা.দ ২.১। ৭ প্রত্যক্ষজনক সন্নিকর্ষ (ত.বা)। —সদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'আসত্তি (১-৩)। ২ উপবেশন। ৩ [+অন-ধি] উপবেশনস্থান, আসন।

আসন¹ ক্লী [√আস্+অন (ল্যুট্)-ভা] ১ উপবেশন। "বিবিক্ত° মনু ২.২১৫। স্থানাসনবিহার যাজ্ঞ ৩.৫১। শয্যাসনভোজন গী ১১.৪২। ২ স্থিতি, অবস্থান। "রহঃস্থানাসন মনু ৬.৫৯। কড়মড়ি দশন আসন করে ঝোড়ে শ্রী ৭৬। ৩ 'আমি এক্ষণে যুদ্ধ করিতে অসমর্থ' এই বলিয়া কালাদিপ্রতীক্ষায় বিজিগীষুর স্থিতি ; বিগ্রহাদিনিবৃত্তি (অ.টী) ; যেরূপ অবস্থানে স্বপক্ষরক্ষণ ও পরপক্ষনাশ হয়, তাদৃশ স্থিতি (শু ৪.৭. ২৩৭ ; ২৮৫) ; যাত্রা-নিবর্ত্তন (মেদিনী) ; উপেক্ষণ (কুল্লুক)। বিপ 'যান'। "মনু ৭.১৬০। [ইহা সন্ধি-প্রভৃতি ষাড়্‌গুণ্যের একতম।] ৪ [+অন-ধি] উপবেশনাধার—কম্বলাদি, পীঠাদি, সিংহাসনাদি। "আসনসন্নিকৃষ্ট কু.স ৩.২। প্রযত্নমুক্তাসনা রঘু ৩.১১। গী ৬.১১। কুশাসন ভা.চ ১৫২। ৫ দেবপূজার ষোড়শোপচারের প্রথম উপচার। ৬ (যোগশাস্ত্রে) যমাদি অষ্টাঙ্গের তৃতীয় অঙ্গ ; যোগাসন। "পা.দ ২.২৯ ; ৪৬। আসন করিয়া বসে আচান্ত হইয়া শ্রী.ম ৯৯। [পদ্মাসন বীরাসন ভদ্রাসন পর্য্যঙ্কাসন ইত্যাদি, বহুবিধ আসন আছে। দ্র 'পা.দ ২.৪৬, ভাষ্য।] ৭ রতিকালে নানাবিধ রতিবন্ধ। ৮ মহামাত্রের (মাহুতের) উপবেশনস্থান—হস্তীর স্কন্ধদেশ। ৯ (বাঙলায়) সাধু-সন্ন্যাসীর বাসস্থান ; আস্তানা। "(শুনহ গোঁসাই) আসন কোন ঠাঁই ভা.চ ৩৪৯। ১০ [হি আসন] মল্লের ব্যায়ামবিশেষ ; বৈঠক। —ন পুং ১ অসনবৃক্ষ। ২ পীতশাল, পিয়াল। [আসন ক'রে বসা—যোগাসনে বসা। "ঈশ্বরী আসন করি বসিলেন লায় শি ৯৫। ইহা হইতে 'আসন গুড়ে বা গেড়ে বসা' হইয়াছে।] আসনপিঁড়ি হইয়া বসা—দুই পা মুড়িয়া হাঁটু পাতিয়া চৌচাপটে বসা ; পা মুড়িয়া বাঁ পাএর উপরে ডান পা রাখিয়া বাবু হইয়া বসা। "বিনি তখন আসনপিঁড়ি হইয়া বসিয়া মেয়েকে কোলে শোয়াইয়া দুধ খাওয়াইতে লাগিল ব.প্র ১০৮।]

আসন² বি [√আস²+অন ; মৈ আওন ; অপ্র] আগমন, আসা। (গোঁসাই) কোথা হইতে আসন ভা.চ ৩৪৯।

আসন-অঙ্গুরী বি আসন ও অঙ্গুরীয় ; পূজায় উপচারবিশেষ।

"আসন-অঙ্গুরী অলঙ্কার থাল গাড়্‌ শ্রী ৩৩। [সাধারণতঃ ইহা এক-খণ্ড চতুষ্কোণ রূপার পাত ও তাহাতে সংলগ্ন রৌপ্যাঙ্গুরীয়।]

আসনবন্ধ পুং [কর্ম্মধা] আসনরূপ বন্ধ বা স্থিতিবিশেষ; উপবেশন। "°ধীর রঘু ২.৬।

আসনমন্ত্র পুং [উ.লো] ১ আসনশুদ্ধ্যর্থ মন্ত্রবিশেষ—আধারশক্তি-কমলাসনায় নমঃ। ২ দেবতাকে আসনদানার্থ মন্ত্রবিশেষ। ৩ আসনোপ-বেশনার্থ মন্ত্র—আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষিঃ ইত্যাদি।

আসনা স্ত্রী [√আস্‌+অন (যুচ্‌)-ভা+স্ত্রী আ (টাপ্‌)] ১ স্থিতি; উপবেশন। ২ [+অন-ধি] আসন, পীঠাদি। —নী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্‌)] সর্থ 'আসনা'।

আসন্দী স্ত্রী [আসন>°ন্দী (নিপাতিত, পা ৮২.১২, কাশিকা), আসন্ন>°ন্দী (সি); তু 'ইয়ং বা আসন্দ্যাস্যাং হীদং সর্ব্বমাসন্নম্‌ (শতপথব্রাহ্মণ); ছান্দস] ১ আসন, পীঠাদি। ২ ক্ষুদ্রখট্বা, কৌচ-প্রভৃতি।

আসন্ন বিণ [আ+√সদ্‌+ত (ক্ত)-ক] ১ নিকটস্থ, সন্নিকৃষ্ট, সন্নিহিত। "রঘু ১০.১৯; °দেশ ১২.২৪। পূমে ২৪। °চর কু.স ৩.৫৬। ২ উপস্থিত। "°শরীরপাত কু.স ৩.৪৪। °পতনে কূলে (শান্তিপব্ব)। ৩ প্রায়তৎসংখ্যক, কিঞ্চিদূন। "°দশ, °বিংশ পা ৬.৪.১৪২। ৪ আশ্রিত। "ভ ৩.২.২৭। ৫ প্রাপ্ত। "°শৌণ্ডীর ভ ৩.১৮.২০। ৬ শব্দবোধসাধক আসত্তিযুক্ত। দ্র 'আসত্তি' (৬)। ৭ মুমূর্ষু। —সন্ন পুং অস্তোন্মুখ সূর্য্য। —সন্ন ক্লী ১ সান্নিধ্য, সন্নিহিত স্থানাদি। "যথাসন্নং প্রধাবিতাঃ গো.রা ২.১১১.৪২। রাজ-গৃহাসন্নে ক.সা ৫৬.৩৮৯। ২ মৃত্যু, নাশ (M.W.)। "°কাল।

আসন্নকাল পুং [ষ.ত] ১ মৃত্যুকাল। "কাহার আসন্নকাল করিল বিধাতা ম ১১৭০। ভ.প্র ২৬৩। ২ [বহুব্রী] আসন্নমৃত্যুজন [আসন্ন-কালে বিপরীত বুদ্ধি হয়—মৃত্যু নিকট হইলে বুদ্ধিশুদ্ধি থাকে না।]

আসন্নপরিচারক পুং [কর্ম্মধা] সতত সমীপবর্ত্তী ভৃত্য (Personal attendant)। ""কো দুর্ম্মুখো দেবস্য উ.চ ১৩½। —চারিকা স্ত্রী সতত সমীপস্থিতা পরিচারিণী। "আসন্নপরিচারিকা চতুরিকা শ ৬½।

আসন্নপ্রসবা বিণ, স্ত্রী [বহুব্রী; স্ত্রী আ (টাপ্‌)] যে নারীর প্রসবের কাল নিকট; সন্নিহিতপ্রসবকালা। "আসন্নপ্রসবা টিট্টিভী' (হি)। সী ৫১।

আসন্নমৃত্যু বিণ [বহুব্রী; স্ত্রী -ত্যু] মৃত্যুগৃহীত। "কু.স ৩.৪৪, মল্লিনাথ।

আসন্নসখী স্ত্রী [কর্ম্মধা] সন্নিহিত সহচরী; আপ্তসখী। "°মুখ "কু.স ৫.৬।

আসপাশ, -স, আসপাসকথা দ্র 'আশপাশ'।

আসব পুং [আ+√সু+অ (অপ্‌)-র্ম্ম] ১ যাহা আসুত (চোয়ান) হয়; অভিষবণীয় মদ্য; চোয়ান মদ (ত.বা)। 'যচ্চ পক্বৌষধাম্বুভ্যাং সিদ্ধং মদ্যং স আসবঃ।—ভাবপ্রকাশ। ২ মদ্যবিশেষ, মৈরেয়, শীধু (অ.কো)। ৩ অপক্ব ইক্ষুরসজাত মদ্য। 'শীধুরিক্ষুরসৈঃ পক্বৈরপক্বৈ-রাসবো ভবেৎ।—মাধব। ৪ মদ্যমাত্র (মিতাক্ষরা)। "কন্দমূল-ফলাসব, মদিরা°, শর্করা° (S.W.)। যাজ্ঞ ৩.৩৭। কু.স ১.৩১। ফলাসব গো.রা ৪.১৪.৪৪। °সেবনপ্রফুল্লচিত্ত ব.দ্বি ২৯৯। ৫ সদ্যঃকৃত সঞ্জাতমদ্যভাব মদ্যের অবস্থাবিশেষ (কুল্লুক)। "মনু ১১.৯৬। সুরাসব মহা ১৬.১.৩০। ৬ মকরন্দ, মধু। "মুখাম্বুরুহাসব ভ ২.৪.২৪। পুষ্পাসব গো.রা ৪.১৪.৪৪। ৭ তালীমদ্য, তাড়ী। "°দ্রু। ৮ মাদক-দ্রব্যমাত্র। "আস্ত°, বক্র° (S.W.)। বকুলপুষ্পরস° মাঘ ৬.৭। ৯ [+অ-ভা] মদ্যাদির অভিষব; মদ চোয়ান। ১০ [+অ-ধি] অভিষবপাত্র। [°দ্রু (পুং)—তালবৃক্ষ।]

আসবাব বি [আ আস্‌বাব্‌] ১ গৃহের সাজসজ্জা। ২ বিষয়বিশেষের প্রয়োজনীয় দ্রব্যমাত্র। "খেলার আসবাব, যুদ্ধের আসবাব ইত্যাদি। ৩ দ্রব্যজাত, জিনিসপত্র। [°পত্র—সকল আসবাব।]

আসবার, আসমান; আসমানী দ্র 'অশবার; আশমান; আশমানী'।

আসমুদ্র ব্য [আ সমুদ্র, অব্যয়ীভাব] সমুদ্রপর্য্যন্ত, সাগরাবধি। "°ক্ষিতীশ রঘু ১.৫। আসমুদ্র হিমাচল প.তৃ ৭২।

আসম্বাধ বিণ [°ধ+অ (অচ্‌) অস্ত্যর্থে] সম্বাধযুক্ত, অবরুদ্ধ। "গো.রা ৫.২৩.২১।

আস(সো)র বি [হি 'আসরা'—মূল] ১ সভা, মজলিস। "বাসরে, আসরে,...করি জয় স্বর্গে মর্ত্ত্যে পাতালে আমরা।—মা ১২৪। নামিয়া আসরে দিলেন বার ন ১০৮১। (ঘোড়া) বাতকর্ম্ম করে আসোর জমকিয়ে দিলে হু ২১৭। ২ পালাগান-গায়কের বা যাত্রা-সম্প্রদায়ের সভা; আখড়া। "উর দেবি আসরে ক.চ ২। আসরে সজ্জন-সভা শ্রী ২; ৩। বা.ম ৩। আসরে বস শ্রী.মা ২। বি.সু ১। ৩ সভাস্থ শ্রোতৃবর্গ। "আসর সহিত প্রভু হবে বরদায় শ্রী ১৫৯। শি ১১৪। [আসর গরম করা—সভাস্থ সভ্যগণকে সরস কথায় বিষয়ে উন্মুখ করা। আসর-গরম-করা কথা—সভ্যগণের মোহজনক ও প্রীতিকর সরস বাক্য। "গুরুপুত্র...আসর-গরম-করা গোটাকতক কথা শিখে আসেন, তাই আওড়ান।—ন.ত ২৪। আসর জমকান—বিচিত্র কথাদিতে সভ্যগণকে মোহিত করা। আসর জমা—বহুসভ্য-সমাগমে সভা ভরপুর হওয়া। আসরে ঘা করা—আভিচারিক কার্য্য দ্বারা গীতাদিতে ব্যাঘাত করা। "মোর আসরে করে ঘা ক.চ ৬।]

আসল বিং [আ অস্‌ল্‌] ১ মৌলিক (Fundamental)। ২ প্রধান, আদি, মূলভূত (Original)। ৩ সত্য, বাস্তবিক, ঠিক "আসল কথা কি, ভাল নয় থাকা, মেয়ে মানষের এতগুলো টাকা কা ৮৬। আসল কথা ব.প্র ২১১। ৪ ন্যায্য, ধর্ম্মসঙ্গত, আইনসঙ্গত (উত্তরাধিকারী ইত্যাদি)। ৫ প্রয়োজনীয়, আবশ্যকীয়; কাজের মত। "আসল কথা কোন রকমেই কমপোক্ত হইল না আ.দু ৫১। ৬ কুল-ক্রিয়াদোষহীন, নিকষ (কুলীন)। ৭ বিশুদ্ধ, খাঁটি। "ঠাকরুণের...রং ও গড়ন আসল ইহুদি ও আরমানি কেতা হু ৪৫। ৮ যাহা দো-আঁশড়া নয়; অসঙ্কীর্ণ (জা'ত)। —ল বি ১ মূল, কারণ। ২ সারভাগ। ৩ মূল, আদি। বিপ 'নকল'। "লিখাইয়া পাঞ্জা ফরমানের নকল। নানামতে সাবধানে রাখিল আসল॥ —ভা.চ ৫২৩। ৪ মূলধন। বিপ 'সুদ'। "আসল পতিত হৈল ব.প ২৯১। আসলের চেয়ে সুদের মায়া বড়...আসল ছাড়া যায়, সুদ ছাড়া যায় না পা.প্র ৭১। [আসলে ('আঘলে'—মী ১৩)—মূলে, স্বভাবে, বাস্তবিক, ঠিক। "আসলে, বিমল স্বভাবত, যাকে বলে, মহিলা ঘ ১০২।]

আসশাওড়া; আসা[১] দ্র 'আশশাওড়া; আশা[২]'।

আসা[২] বি [সং আশা>প্রা আসা; হি আসা; অপ্র] দিক্‌। "কম্পিত ত্রয়োদশ আসা গ ৪৯।

আসা[৩] বি [√আস[২]+আ[৬]] আগমন। "কেবল আসার (আসা+আর) আসা, ভবে আসা, আসামাত্র সার হলো।—রামপ্রসাদ। আসার আশা (দা)। [আসা-যাওয়া—১ আনাগোনা। "চোরে চোরে কুটুম্বিতে, আসাযাওয়া রেতে রেতে।—গোপাল উড়ে। ২ জন্ম-গ্রহণ ও মরণ। "মোদের আসা-যাওয়া শূন্য হাওয়া, নাইকো ফলাফল। —গান ১২৭।

আসাদন ক্লী [আ+√সাদি+অন (ল্যুট্‌)-ভা] ১ গমন। ২ প্রাপ্তি ৩ সন্নিকর্ষ। ৪ আক্রমণ। "আসাদনে তস্য দর্পমস্য হরেম মহা ২.২১.১২। —সাদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ গত, প্রাপ্ত। "°প্রকটনির্ম্মল-

চন্দ্রহাস সা.দ ৬২১। ২ সন্নিকৃষ্ট। ৩ আক্রান্ত। "মহা ২.২০.৪। —সাদ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] অবাপ্য, লব্ধব্য। "অনাসাদ্য রঘু ৩.৬।

আসান বি [ফা আসান্ (বিং), °নি (বি)] ১ সুখ, শান্তি, সুস্থতা। "আয়ান আসান পাইল মনে রা.শে ৭২। ২ [আ ইহ্সান্] সুবিধা। "কাজের আসান; দু পয়সার আসান। ৩ দয়া, শিষ্টাচার, সুকার্য্য। "(প্রজা) সেনের আসানে কত আসিছে ময়না: আসান করিয়া কত ভুলায়ে প্রজায়। নিজদেশে লয়ে যায় লাউসেন রায়॥—শ্রী ১২৮। শ্রী.মা ১০৭। —ন বিং সহজসাধ্য, সহজ।

আসানড়ি, -বরদার, -বাড়ি দ্র 'আশা২'।

আসাবরী বি রাগিণীবিশেষ। [ইহার সময় দিবা দ্বিতীয় প্রহর, ঠাট কোমল রি গ ধ নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

আসাম বি ['অসম'—মূল] বঙ্গদেশের উত্তরপূর্ব্বস্থ দেশবিশেষ; প্রাগ্-জ্যোতিষপুর। [এই দেশের রাজা আহমজাতির 'অসম' প্রতাপ হেতু, 'অসম' নাম ছিল; 'অসম' হইতে 'আসাম' (হেমকোষ)। আসামী (অস অসমীয়া)—আসামদেশীয়, আসামজাত, আসামের ভাষা ও অধিবাসী।]

আসামী বি ১ দ্র 'আসাম'। ২ [আ অসামি] নামসমূহ। ৩ প্রজা, রায়ত। ৪ ঋণকারী, দেনদার। ৫ (ব্যবহারে) অপরাধী, দোষী (Criminal)। বিপ 'ফরিয়াদী'। ৬ প্রতিবাদী। বিপ 'বাদী'।

আসার[1] পুং [আ+√সৃ+অ (ঘঞ্)-ভা; তু 'ফা আব্শার—জলপ্রপাত] ১ ধারাসম্পাত, মুষলধারে বৃষ্টি। "মহা ১.২৬.৫। °সিক্তক্ষিতি রঘু ১৩.২৯। °প্রশমিতবনোপপ্লব পু.মে ১৭। অশ্রু-বারিধারা আসার মে ১৯। নয়ন-আসার প.তৃ ৩৮। ২ সম্পাত, অবিরলপাত। "পুষ্পাসার পু.মে ৪৪। তুহিন-কণাসার।—অমরু ৫৪। রুধির° ক.সা ২২.২২৬। ধারাসার (হি)। কুসুম-আসার মে ৩২; শিশির-আসার ১৮৮; ২৫৮। ৩ প্রসরণ, সৈন্যগণের সর্ব্বত্র ব্যাপ্তি। "পঞ্চ ৩.৩৯; সুভট° ৪৯। ৪ [+অ-ণ] সুহৃদ্বল।

আসার[2] বি দ্র 'আশড়া'। "আরাম আসার আদি অনেক খুঁজিল শ্রী.মা ৭৫।

আসাসোটা বি [আসা২+সোটা; হি আসা সোংটা (একার্থক শব্দদ্বয়)] সোনার বা রূপার দণ্ড; রাজদণ্ড। "সে কালের সব জিনিষ-পত্র, আসাসোটাগুলো চামর ছত্র,...গেছে বুঝি সব? কা—১৩৪। [রাজা-মহারাজের আগে চোবদার ইহা হাতে খাড়া করিয়া লইয়া যায়।]

আসিক পুং [অসি+ইক (ঠক্)] অসি যাহার প্রহরণ; অসিযোদ্ধা। "পা ৪.৪.৫৭, কাশিকা। আসিক সহ আসিকে লড়াই।—রঙ্গ ২২; ২৩।

আসিকা, -খা বি দ্র 'আসকিয়া'। "শ্রী.ম ৭৪। ভা.চ ৫৪৮।

আসিত[1] বিণ [√আস্+ত (ক্ত)-ক] উপবিষ্ট, নিষণ্ণ। "আসিতো মুকুন্দঃ পা ৩.৪.৭৬, সি। —ত ক্লী [+ত-ভা] ১ উপবেশন। ২ [+ত-ধি] উপবেশনস্থান, আসন (সি)।

আসিত[2] পুং [অসিত+অ (অণ্) তদপত্যার্থে] অসিতের অপত্য; শাণ্ডিল্যগোত্রের প্রবর। দ্র 'শাণ্ডিল্য'।

আসিত[3] ক্রি [সং 'আসীৎ'—মূল; অপ্র] আছিল, ছিলেন। "শ্রীবাস পণ্ডিত ধীমান্ নারদ আসিত ভ গ্র ৩৭।

আসিদ্ধ পুং রাজাজ্ঞায় বাদী কর্ত্তৃক অবরুদ্ধ প্রতিবাদী (যাজ্ঞ ২.৫, মিতাক্ষরা)।

আসিধার ক্লী [অসিধারা+অ (অণ্) স্বার্থে] সর্থ 'অসিধারাব্রত'। "রঘু ১৩.৬৭। ক.সা ১৭.৯১।

আসীন বিণ [√আস্+ঈন (শানচ্)-ক, পা ৭.২.৮২] ১ উপবিষ্ট। "আসীনাসু (গোষু) তথাসীনঃ মনু ১১.১১২। যথাযোগ্য আসনে আসীন সী ৮৬। ২ স্বস্তিকাদিযোগাসননিষ্ঠ। "মনু ৬.৪৯। [°প্রচলায়িত (ক্লী)—আসীনের প্রচলিতবৎ কার্য্য; উপবিষ্টের নিদ্রাবেশে দোলন; বসিয়া ঘুমে ঢোলা।]

আসুর বিণ [অসুর+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -রী] ১ অসুর-সম্বন্ধী, আসুরিক। বিপ 'দৈব'। "গী ১৬.৪। ২ অপদেবতাসম্বন্ধী, বেতালাদিসম্বন্ধী। "আসুরী রাত্রিঃ (স্মৃতি)। আসুরী বেলায় ম ৬৬৬। শ্রী.ম ৭৯। আসুর কালেতে পূজা ভ.গ্র ২৮৯। ৩ অসুরোচিত, হিংসানৃতাদিলক্ষণ, অসুরভাবাপন্ন। "গী ৭.১৫; ১৬.৭। অন্তর আসুর জীবের ফেলিব কাটিয়া চৈ.ম ২৭। ['আসুরাচার' গীতায় ষোড়শাধ্যায়ে দ্রষ্টব্য।] ৪ ক্রূরকর্ম্মপ্রায়, অধম, নারক। "আসুরীং যোনিমাপন্নাঃ গী ১৬.২০। —র পুং [+অ (অণ্) স্বার্থে] ১ অসুর। ২ অসুরসম্বন্ধী বিবাহবিশেষ; কন্যার পিতৃ-প্রভৃতিকে বা কন্যাকে যথাশক্তি ধন দিয়া স্বেচ্ছানুসারে কন্যাগ্রহণরূপ বিবাহ। 'মনু ৩.৩১। আসুরো দ্রবিণাদানাৎ যাজ্ঞ ১.৬১। —র ক্লী বিড়লবণ। —রী স্ত্রী [°র+ঈ (ঙীপ্)] ১ অসুরস্ত্রী। "বে ১.৩। ২ অসুরসম্বন্ধিনী ছেদভেদাত্মিকা চিকিৎসা; শস্ত্রাবচারণচিকিৎসা (Surgery)। ৩ রাজিকা, রাই সরিষা।

আসুরিক বিং [সং আসুর] অসুরসম্বন্ধী, অসুরোচিত। "আসুরিক ধর্ম্ম সেই তামসের মধ্যে ভ.গ্র ২৬৭।

আসেক পুং [আ+√সিচ্+অ (ঘঞ্)-ভা] সম্যক্ বা ঈষৎ সেচন; আর্দ্রীকরণ। —সেচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'আসেক'। —সেচনী স্ত্রী [+শা-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ক্ষুদ্র সেচনপাত্র।

আসেচন[1], -সেচনক বিণ [অসেচন, -নক+অ (অণ্) স্বার্থে] সর্থ 'অসেচন'।

আসেচন[2], আসেচনী; আসেচনক—দ্র 'আসেক; আসেচন'।

আসেদ্ধা (-দ্ধৃ) বিণ [আ+√সিধ্+তৃ (তৃচ্)-ক-১ব] (ব্যবহারে) রাজাদেশে প্রতিবাদীর গমনাদিরোধকারক বাদী। "যাজ্ঞ ২.৫, মিতাক্ষরা। —সেধ পুং [+অ (ঘঞ্)-ভা] (ব্যবহারে) রাজাজ্ঞায় বাদিকৃত প্রতিবাদীর গমনাদিরোধ; রাজাদেশে অবরোধ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.১৬, মিতাক্ষরা।

আসেবন ক্লী, **-সেবা** স্ত্রী [আ+√সেব্+অন (ল্যুট্), +অ, -ভা, স্ত্রী আ (টাপ্)] ১ সতত সেবন; সম্যক্ সেবা। ২ ক্রিয়ায় পৌনঃপুন্য (পুনঃ পুনঃ অনুষ্ঠান)। "পা ৩.৪.৫৬, সি।

আসোবার, -য়ার বি দ্র 'অশবার'। "যবন আসোবার ক.চ ২৬৪। আসোয়ার দশ চৈ.চ ১৯২। নবাব-আসোয়ার ভ.গ্র ২৬৫। —য়ারী বি [°য়ার+ঈ; হি অসরারী; ঠ স্বারী] আসোয়ারের কার্য্য; অশ্বারোহী সৈন্যের কার্য্য। "ব.প ১৫১৪।

আসোয়াথ বি [সং অস্বাস্থ্য; বৈষ্ণবসাহিত্যে] অস্বস্থতা, অশান্তি, অসুখ। "বৃন্দাবন দেখিবারে গেল জগন্নাথ। শুনি লক্ষ্মীদেবীমনে হৈল আসোয়াথ॥—চৈ চ ১৬৩।

আস্ক বি [স্ক (স+ক)>আস্ক; 'আ' উচ্চারণে] ব্যঞ্জনবর্ণদ্বয়ের বানানবিশেষ—স্ক স্থ, দগ দঘ ইত্যাদি (দ্র 'আঙ্ক')। [আস্কফলা—'আস্ক'রূপ ফলা; আস্ক।]

আস্কন্দ পুং [আ+স্কন্দ্+অ (ঘঞ্)-ভা] ১ উৎপ্লবন, উল্লম্ফন। ২ উৎপতন, উড্ডয়ন। "দন্তাস্কন্দ (পক্ষী) ক.সা ২৬.৩৬। ৩ অশ্বের গতিবিশেষ (দ্র 'আস্কন্দিত')। ৪ ধাবন। ৫ অভিগমন। ৬ পীড়ন। ৭ আক্রমণ। —স্কন্দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আক্রমণ, আধর্ষণ। "পরবনিতাস্কন্দন (বে)। ২ অশ্বগতিবিশেষ। ৩ ধাবন। ৪ বিষ্টম্ভ,

বিন্যাস, অর্পণ। "চরণাস্কন্দন কি ১৩.১৮। ৫ [+অন-ধি] যুদ্ধ, রণ। —স্কন্দিত বিণ [আস্কন্দ+ইত (ইতচ্)] আস্কন্দযুক্ত (অশ্বগতি)। 'আকুঞ্চিতাগ্রপাদাভ্যামুৎপ্লুত্যোৎপ্লুত্য যা গতিঃ। আস্কন্দিতা সা জ্ঞেয়া... ॥—শু ৪.৭.১৪৬। —স্কন্দিত ক্লী [+ √স্কন্দি+ত (ক্ত)-ভা] অশ্বের পঞ্চবিধ গতির একতম ; লাফাইয়া লাফাইয়া যাওয়া ; কদমে যাওয়া। '(আস্কন্দিতকম্) উৎপ্লুত্যোৎপ্লুত্য গমনং কোপাদিবাথিলৈঃ পদৈঃ (অ.চি)। "আস্কন্দিতে নাচে বাজি-রাজি মে ৯৫ ; তুরঙ্গম-আস্কন্দিতে উঠিছে পড়িছে গৌরাঙ্গী ১০৬। —স্কন্দী (-ন্দিন্) বিণ [+ √স্কন্দ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ন্দিনী] ঘাতী, বিনাশী। "সিংহো গজাস্কন্দী রঘু ১৭.৫২। [সমাসে উত্তরপদ]।

আস্ত, -স্তো বিং [?] ১ অখণ্ডিত, সমস্ত, গোটা। ("এরা) ধ'রে ধ'রে দিচ্ছে পেটে, আস্ত ভগবতীর ছানা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। একটা আস্ত কুমীরের মত জিব ব.প্র ৫২৪। ২ সম্পূর্ণাঙ্গ, অক্ষতদেহ। "মোর আদমি এ কথা মালুম কত্তি পাল্লি, মোরে আর আস্তো রাখপে না মা ৩৩৩। ৩ পুরা অর্থাৎ কোন অংশে হীন নহে, আদত। "আস্ত সঙ অ.গু ৪৭। মামা একটা আস্ত পাগল অ.গ্র ১০৭। ৪ অভগ্ন, ব্যাধিহীন (Sound)। "ভগ্ন স্বাস্থ্য কর্ত্তে আস্ত পড়ছে ভেঙে মন কু.কে ১১৫। ৫ সম্পূর্ণ, অটুট, সমভাব। "সব দিন ছিল মাগীর ঐ মতিটা আস্ত। পরপুরুষে পীরিতরসে পরকিতাটা খাস্ত॥ —শ্রী ৯৮। [আস্ত কেউটে—আভাঙা-বিষদাত (আকামান) কেউটে ; (গৌণার্থে) সদ্যঃপ্রাণনাশক ব্যক্তি। "তুই আস্ত কেউটে।—গিরিশচন্দ্র ঘোষ। আস্ত না রাখা—প্রহারে অঙ্গ চূর্ণ-বিচূর্ণ করা ; ভাঙিয়া গুঁড়া করা; খণ্ড খণ্ড করা।]

আস্তবল, -বিলা, আস্তাবল, -বিলা বি [আ ইস্-ত্-বল্ ; Old F. estable, F. étable ; Spanish—establo ; P. estabulo ; Italian—stabbio ; E. stable. প্রাচীন ফরাসী-ভাষা হইতে ইহার উৎপত্তি। ইহা প্রথমে, 'অশ্বগো-প্রভৃতি গৃহ-পালিত পশুর গৃহ' অর্থে, পরে 'অশ্বগো-গৃহ' অর্থে এবং এক্ষণে কেবল 'অশ্বগৃহ' অর্থে ব্যবহৃত হয় (The Century Dictionary)।] অশ্বশালা। "আস্তবিলাএ গো.চ ৩২৪ ; °লাঘরে ৩৬০ ; ৩৬২। আস্তা-বিলা ঘরে ম.গা ১৮। আস্তবল পা.প্র ১৮৮।

আস্তব্যস্ত বিং [অস্তব্যস্ত>আ°] সত্বর, ত্বরান্বিত। "আস্তব্যস্ত হইয়া রাজা ঝোলায় হাত দিল গো চ ২২৮। উঠিলেন রঘুনাথ আস্তব্যস্ত হয়্যে। ব.প ৫১৫। [আস্তব্যস্ত করি—শীঘ্র করি। "গো.চ ২৮৭।]

আস্তর১ পুং [আ+স্তৃ+অ (অপ্)-ভা] ১ প্রসার। ২ [+অ-র্ম্ম] হস্তিপৃষ্ঠস্থ কম্বল ; করিকম্বল, আস্তরণ। ৩ কট, শয্যা, মাদুর, চাদর। "আস্তরঃ কিসলয়ানি (শান্তিশতক)। ৪ পাতনপূর্ব্বক কৃত আধার। "কুশাস্তর ক.সা ২২.১৯৬। ৫ [+অ-ণ] আবরণ, আচ্ছাদন। ৬ বস্ত্রাদি (শ.ক)। —স্তরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিস্তার, প্রসারণ। "লেপনাস্তরণোপস্তরণৈঃ।—আশ্বলায়ন গৃহ্যসূত্রে ২.৩। ২ [+অন-র্ম্ম] সর্থ 'আস্তর (২)। ৩ শয়ন, শয়নাধার, কটাদি। "তমালপত্রাস্তরণ রঘু ৬.৬৪। কুসুম° কু.স ৪.৩৫। সুকুসুম° শ ৩৬। ৪ আসন। "দর্ভ° মহা ৩.২৫০.১৯। ৫ [+অন-ণ] আচ্ছাদনার্থ বস্ত্র ; আবরণ, আচ্ছাদন, কম্বল, কার্পেট। "পর্য্যঙ্কমগ্র্যা-স্তরণম্ রা ২.৩২.৯। ব্যাঘ্রচর্ম্মাস্তরণ (ঐতরেয়ব্রাহ্মণ)। রাঙ্কব° মহা ১.১.১৩৩। চিত্রাস্তরণবৎ (শয়ন)।— S.W.।—স্তরণিক ক্লী [°রণ+ইক (ঠক্) 'তৎসমূহ' অর্থে] আস্তরণসমূহ। "°ণিকং সর্ব্বং স্বৃতাক্তং সমবেশয়ন্ গো.রা ৬.৯৬.১৫। —স্তরণীয় ক্লী [+অনীয় (অনীয়র্)-ণ] সর্থ 'আস্তরণ (৫)। "°পূর্ণ গো.রা ৫.১১.১৯।

আস্তর২ ; **আস্তরণ, -ণিক, -ণীয়** দ্র 'অন্তর ; আস্তর১'।

আস্তা১ বিং ['আস্ত'—মূল (?)] যাহা মেকি নহে, ষোলআনা, ভাল। "বলে শ্যালা আস্তা টাকা মোর ভা.চ ২৮৪। [পাঠান্তর 'আলা'—মেকি বলিয়া পরিত্যক্ত বা কালা, অর্থাৎ মেকি (?)।]

আস্তা২ বি ['আস্থা' (?) ; অপ্র] আদর। "আস্তা করি লব কুশে ডাকি ততক্ষণে কৃ উ ২৬৯।

আস্তা৩ বি [রাস্তা'—মূল, 'র' লোপ ; অপ্র] রাস্তা। "মএনা আস্তাএ পাও দিল গো.চ ২২।

আস্তাড় সর্ম্ম [সং আ+তাড়ি ; অপ্র] আতাড়িত করা ; পীড়িত বা লাঞ্ছিত করা। "কুলজ্ঞরা শ্রীকৃষ্ণভাদুড়ীকে দর্পনারায়ণী (দর্পনারায়ণ ঠাকুরের সম্বন্ধে কুলগত দোষ) দিয়া আস্তাড়িলেন। ...তোমাকেও দর্পনারায়ণী দিয়া আস্তাড়িব ব.প ১৬৭৬। [আস্তাড়ে—লাঞ্ছিত করিয়া। "আস্তাড়ে গেলেন মুকুন্দ ভাদুড়ীর নিকট ব.প ১৬৭৬। কথ্যভাষায় 'উস্তেড়ে করা, অর্থাৎ তাড়াইয়া অস্থির করা', শুনিয়াছি।]

আস্তান, -না বি [ফা আস্তান্,-তানহ্ ; তু 'সং, হি আস্থান] ফকীরের বা সাধুসন্ন্যাসীর বাসের স্থান ; আশ্রম, আড্ডা। "সম্মুখে একটি পিরের আস্তানা আ.দু ১০৮। এখন কোথায় আস্তানা করবে? গি.দ্বি ১০৮। ২ আড্ডামাত্র।

আস্তানা ; আস্তাবল, -বিলা দ্র 'আস্তান ; আস্তবল'।

আস্তিক বিণ [অস্তি+ইক (ঠক্), পা ৪.৪.৬০] ১ অস্তি, অর্থাৎ পরলোক আছে, ইহা যাহার মতি ; পরলোকের অস্তিত্বে বিশ্বাসী ; পরলোকাস্তিত্ববাদী। ২ ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাসী, বেদপ্রামাণ্যবাদী, শ্রদ্ধালু। ৩ বিশ্বাসবান্, শ্রদ্ধাবান্ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১.২৬৮। —ক পুং মুনিবিশেষ। দ্র 'আস্তীক'। "আস্তিকস্য মুনের্মাতা (মনসা-প্রণামমন্ত্র)। আস্তিক মুনির মাই ম.ভা ৮২। —ক্য ক্লী [°ক+য (যক্) 'তদ্ভাব, তৎকর্ম্ম' অর্থে, পা ৫.১.১২৮] ১ আস্তিকভাব, অর্থাৎ পরলোক আছে,—এই নিশ্চয় ; আগমার্থে শ্রদ্ধাবত্তা ; শ্রদ্ধা। "গী ১৮.৪২। ২ আস্তিকের কর্ম্ম ; শ্রদ্ধাপূর্ব্বক ক্রিয়ানুষ্ঠান। ৩ পর-লোকে বা ঈশ্বরে বিশ্বাস। "°শুদ্ধ কি ১৮.৪৩।

আস্তীক পুং [তু 'আস্তিক', 'ই' দীর্ঘ] বাসুকিভগিনী জরৎকারুর গর্ভজাত জরৎকারুমুনির পুত্র। [জরৎকারু মুনি পত্নীকে ত্যাগ করিয়া যাওয়ার সময়ে "অস্ত্যয়ং সুভগে গর্ভস্তব" ইত্যাদি 'অস্তি'-পদাদি বাক্য উচ্চারণ করিয়াছিলেন ; তজ্জন্য নাম 'আস্তীক' (মহা ১.৪৭.৪২ ; ৪৮ ২০)। ইনি জনমেজয়ের যজ্ঞে মাতৃশাপে বিধ্বস্তপ্রায় নাগবংশ রক্ষা করেন (মহা ১.৫৬-৫৮শ অধ্যায়)।] [°জননী (স্ত্রী)—আস্তীকমাতা জরৎকারু।]

আস্তী(স্তে)ন বি [ফা আস্তীন্] ১ কোরতা জামা ইত্যাদির হাতা (Sleeve)। ২ জামার হাতার কাফ্ (Cuff of a sleeve)।

আস্তীর্ণ বিণ [আ+স্তৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ বিস্তারিত, প্রসারিত। "°অজিনরত্ন রঘু ৪.৬৫ ; °করপল্লব ১০.৮ ; °মেধ্যাজিন ১৪.৮১। ২ আচ্ছাদিত, আবৃত, ব্যাপ্ত। "কুথয়াস্তীর্ণা গো.রা ৫.১৩.১৪। আস্তীর্ণা বসুধা ভাতি শিরোভিঃ মহা ৪.৩২.১৫।

আস্তৃত বিণ [আ+ √স্তৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ সর্থ 'আস্তীর্ণ (১)। ২ আচ্ছাদিত, আবৃত। "পর্য্যঙ্কে রাঙ্কবাস্তৃতে গো.রা ২.১৩.৬ ; নব-পর্ণতৃণাস্তৃতা (শয্যা) ৩০.১৪। ৩ [+ত-ক] বিস্তৃত। "আস্তৃতায়াম-মার্গ ভ ১০.১২.২২।

আস্তে ক্রি.বিং [ফা আহিস্তহ্] ১ ধীরে, মন্দগমনে। "আস্তে চলে প.কা ২৪। ২ মৃদুস্বরে। "আস্তে বলে প.কা ২৪। ৩ মৃদুভাবে, সন্তর্পণে। ৪ নিঃশব্দে, অজ্ঞাতসারে। [আস্তে আস্তে—ক্রমে ক্রমে। "ব.প ১৬৮৪।

আস্তেব্যস্তে, -ব্যস্তে ক্রি.বিং ['অস্তব্যস্ত'—মূল] বিপর্য্যস্তভাবে,

অতিক্রতভাবে, সসম্ভ্রমে, সত্বর। "অস্তেব্যস্তে পালাইলা গুরুজনা বাসেন লাজ কৃ উ ১০; ১৪৮; আস্তেবেস্তে আল্য মুনি ২৫১। আস্তে-বেস্তে উঠি গো.বি ৩১। °ব্যস্তে অ.প ২২; শ্রী.ম ১১৩; ম ৫৭; কৃ ১৮; রা.শে ৯৯।

আস্থা স্ত্রী [আ+স্থা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ আলম্বন, আশ্রয়। ২ অপেক্ষা। "অনাস্থা রঘু ২.৫৭। স্ত্রীপুমানিত্যনাস্থৈষা কু.স ৬.১২। মরিল রাক্ষস বহু তাহাতে কি আস্থা কৃ ১৩৭। ৩ যত্ন, চেষ্টা। "বিনশ্বরে বিহায়াস্থাং যশঃ পালয় হি ১.৪৮। ৪ আদর। "মর্ত্যেষ্বাস্থাপরাঙ্মুখ রঘু ১০.৪৩। কাস্থাহর্ভকে...রামে ভট্টি ২.৫২। ঘরের সেবক বলি না করিল আস্থা কৃ ২৩৬। ৫ শ্রদ্ধা। "হেন কর্ম্ম কর যেন লোকে করে আস্থা বা.ম ৮৯। ৬ প্রত্যয়, বিশ্বাস। "বনলক্ষ্ম্যাং ববন্ধাস্থাম্ (রাজতরঙ্গিণী)। জাতাস্থ ক.সা ২৫.২৫। রূপ দেখে রাজার হবেক বড় আস্থা শ্রী.মা ১০৯; অজ্ঞান যে আস্থা করে এমন কথায় ১১০। সী ২ঃ। ৭ স্থিতি, প্রতিষ্ঠা। ৮ [+অ-ধি] সভা। ৯ আস্থান, বিশ্রামস্থান। —স্থান ক্লী [+অন (ল্যুট্)-ভা; ছান্দস] ১ সর্ব 'আস্থা (১)। "মুমুক্ষু যে জ্ঞানযোগ করয়ে আস্থান ভ.প্র ৩৬৮। ২ অপেক্ষা। ৩ শ্রদ্ধা। ৪ [+অন-ধি] স্থান, ভূমি। ৫ প্রতিষ্ঠা, ভিত্তি। ৬ সভা। "°মণ্ডপগত (কাদম্বরী)। °গত ক.সা ২১.১৭। ৭ বিশ্রামস্থান। —নী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] সভা। "°ধূর্ত্তক প্রবোধচন্দ্রোদয়)। —স্থাপন ক্লী [+√স্থাপি+অন (ল্যুট্)-ক] ১ বয়স ও আয়ুর স্থাপক; বস্তিবিশেষ (An enema)। "সুশ্রুত ৪.৩৫.১০। ২ [+অন-ভা] সম্যক্ স্থাপন। —স্থায়িকা স্ত্রী [+অক (ণ্বুল্)+ধি+স্ত্রী আ (টাপ্), পা ৩.৩.১০৯] আসন (শঙ্কর), সিংহাসনাদি (আনন্দগিরি)। "গী ১১.৪২, টীকা। —স্থায়ী (-য়িন্) পুং [+√স্থা+ইন্ (ণিনি) ক-১ব] যাহা গানের প্রথমে থাকে; গানের প্রথম কলি। 'যত্রোপবেশ্যতে রাগ আস্থায়ীত্যুচ্যতে হি সঃ (সঙ্গীতদর্পণ)। দ্র 'অন্তরা'। [গানের কলি প্রধানতঃ চারিপ্রকার; —আস্থায়ী, সঞ্চারী, অন্তরা, আভোগ। গানের যে স্থানে রাগ উপবেশন করে, তাহাকে আস্থায়ী বলে; গানের শেষ ভাগ, অর্থাৎ যথায় গীত সমাপ্ত হয়, তাহাকে আভোগ বলে; ইহাদের মধ্যে যে সুর উচ্চারিত হয়, তাহাকে অন্তরা বলে; এই তিনের মিশ্রিত যে সুর, তাহার নাম সঞ্চারী (গী.সা)।] —স্থিত বিণ [+ত (ক্ত)-ক] ১ প্রাপ্ত, গত। "পিতুরানৃণ্যমাস্থিতঃ রা ১.৭৬.২। গী ৩.২০। মাঘ ১.৮০; ১০.৮৪। ২ আশ্রিত। "নিয়মমাস্থিত মনু ৯.৭৫। গী ৫.৪; ৭.১৮। ৩ আরূঢ়। "স্যন্দনমাস্থিতৌ রঘু ১.৩৬। রথমাস্থিতা ভ ১.৮.৮। ৪ অবস্থিত। "ভ ৫.১৩.১৮। যথাসুখমাস্থিতাঃ (হি)। ৫ অধ্যাসীন। "আসনমাস্থিতম্ ভ ২.৯.১৬। ৬ [+ত-র্ম্ম] আক্রান্ত, অধিষ্ঠিত। "দানবাস্থিতঃ শৈলঃ রা (S.W.)। ৭ আক্রান্ত, ব্যাপ্ত। "কি ৯.৯। ৮ আশ্রিত। "ভ ৪.৪.২১। ৯ অনুষ্ঠিত, কৃত। "ভবদ্-ভ্যামাস্থিতং তপঃ মহা ১.২০৯.২৩। —স্থেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] আশ্রয়ণীয়, কর্ত্তব্য। "নহ্যেষা বুদ্ধিরাস্থেয়া রা (S.W.)। যত্নান্তরমাস্থেয়ম্ পা ৬.১.২৬, কাশিকা।

আস্থানগৃহ, -নিকেতন, -মণ্ডপ ক্লী [কর্ম্মধা] সভাগৃহ। "আস্থাননিকেতনাজির কি ১.১৬।

আস্থানী, আস্থাপন, -স্থায়িকা, -স্থায়ী, -স্থিত, -স্থেয় দ্র 'আস্থা'।

আস্পদ ক্লী [আ+পদ, প্রতিষ্ঠার্থে 'স' (সুট্) নিপাতিত, পা ৬.১.১৪৬; আ সমন্তাৎ পদ্যন্তে গচ্ছন্ত্যীদম্ (রায়); আপদ্যতেঽস্মিন্ (রামাশ্রমী); আত্মনঃ পদং স্থানম্ (রঘু ৩.৩৬, মল্লিনাথ)] ১ আত্মস্থাপনার্থ (কালক্ষেপার্থ বা শরীরক্ষেপণার্থ) স্থান (তত্ত্ববোধিনী)। ২ প্রতিষ্ঠা, স্থানমাত্র (অ.টী)। "ধ্যান° কু.স ৩.৪৩; বিভূষণ° ৫.৪৮। তদাস্পদ রঘু ৩.৩৬। ৩ প্রতিষ্ঠা, প্রভুত্ব (অ.টী), প্রতিপত্তি। "লঙ্কাস্পদোঽস্মি মা.মি ১.১৭। ৪ ভাজন, পাত্র। "গৌরবাস্পদ, বিশ্রম্ভাস্পদ (S.W.)। আস্পদং ত্বমসি সর্ব্বসম্পদাম্ কি ১৩.৩৯। ৫ পদ (Position)। ৬ আশ্রয়, বিষয়। "নির্ধনতা সর্ব্বাপদামাস্পদম্ মৃ ১.১৪। হি ১.১৪৩। রাজত্ব কি বিষম অসুখ ও বিপদের আস্পদ সী ৫৮। ৭ কৃত্য, কর্ম্ম (অ টী)। ৮ অবস্থানের উপায়। "মনু ৭.১৮৪। ৯ (জ্যোতিষে) লগ্ন হইতে দশম স্থান।

আস্পদ্দা বি [সং আস্পর্দ্ধা; কথ্যভাষা] আস্পর্দ্ধা। "এমনি আস্পদ্দা তার! ঠাকুমার করে সে গো, পদে পদে শত অপমান অ.গু ৪০; ৪২।

আস্পর্দ্ধা স্ত্রী [আ+√স্পর্দ্ধ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] পরিভবেচ্ছা, স্পর্দ্ধা (A)। "গান ১৩। —স্পর্দ্ধী (-র্দ্ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী র্দ্ধিনী] পরিভবেচ্ছু (A.)।

আস্ফাল[১] পুং [আ+√স্ফালি+অ (অচ্)-ভা] ১ তাড়ন, আঘাত। "দোঁহাকার আস্ফালে ভাঙ্গিল বৃক্ষগণ ম ১৫৬। যোধের আস্ফাল নাহি ম বি ২০১। ২ চালন। "খড়্গ-আস্ফালন করে ম.বি ১৮৪ (দ্রোণপর্ব্ব)। ৩ হস্তীর কর্ণচালন। —স্ফালন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'আস্ফাল (১)। "পাদাস্ফালন (হি)। ২ প্রোৎসাহনার্থ তাড়ন। "সুরদ্বিপ° রঘু ৩.৫৫; ঐরাবত° ৬৭৩। কু.স ৩.২২। ৩ সঞ্চালন। "জল° রঘু ১৬.৬২। ৪ আকর্ষণ। "ধনুর্জ্যা° শ ২.৪। ৫ পাণিতলে অঙ্গসঙ্ঘট্টন (গাত্রমর্দ্দন)। "°লালিত মাঘ ১২.৬। ৬ গর্ব্ব, অহঙ্কার। "অন্তরে আতঙ্ক অতি মুখে আস্ফালন কৃ ৬০। —স্ফালিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ তাড়িত, আহত, পরিচালিত, আলোড়িত। "রঘু ১৬.১৩। কিন্নরবধূত্তুঙ্গস্তনাস্ফালিত (বারি)।—গঙ্গাষ্টক। প্রলয়পবন° উ.চ ৫.৯। ২ আঘট্টিত, সমাহত, আক্ষিপ্ত। "শিলায়ামাস্ফালিতঃ (S.W.)। ৩ তাড়িত, বাদিত, ধ্বনিত। "আস্ফালিতবল্লকীগুণ মাঘ ১.৯।

আস্ফাল[২] সর্ম্ম [সং আ+স্ফালি; পদ্যে] ১ সগর্ব্বে বা সরোষে বেগে সঞ্চালিত করা বা ঘুরান। "ঘন গদা আস্ফালে ম ৩৬৪। আস্ফালিলা শূলে কেহ মে ৯৬; কুন্তে আস্ফালিল ১০১; (আইল ধাই) হর্য্যক্ষ আস্ফালি পুচ্ছ ১৫৫; আস্ফালি ভীষণ মুদ্গর ২২২। ২ আনন্দে উৎক্ষিপ্ত করা বা উত্তোলন করা। "দুই ভুজ আস্ফালিয়া বোলে 'হরি হরি' চৈ.ভা ১৬২। —ল অর্ম্ম আস্ফালন করা; স্পর্দ্ধা করা। "আস্ফালি উঠিলা ম.বি ৩৩। আস্ফালিয়া মারে বাণ চ বি ১৬৭।

আস্ফোট পুং [আ+√স্ফোটি+অ (অচ্)-ভা] ১ আস্ফালন, তাড়ন। "লাঙ্গলাস্ফোটশব্দ মহা ৩.১৪৬.৭১। পুচ্ছ° ম.চ ৫.৬৩। ২ শূরাদির বাহুতাড়নশব্দ; তালঠোকার শব্দ। "মহা ২.২৩.১১। চটাচট্ পটাপট্ বাহুর আস্ফোটে।—রঙ্গ ২৩। সহস্র আস্ফোটে বজ্র-নিনাদ হইতে লাগিল (আনন্দমঠ)। ৩ সজ্বর্ষণশব্দমাত্র। ৪ [+√স্ফুট্+অ (অচ)-ক] অর্কবৃক্ষ, আকন্দগাছ। —স্ফোটা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] নবমল্লিকা; বনমল্লী (শ.ক)। —স্ফোটক বিণ [+√স্ফোটি+অক (ণ্বুল্)-ক] বাহুতাড়নশব্দকারক (মল্ল)। —স্ফোটক পুং আখরোটগাছ (শ.ক)। —স্ফোটন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বাহুতাড়ন, বাহুতাড়নশব্দ। "°নিনাদ গো.রা ৫.১০.১৩। নরক হইতে উঠি আস্ফোটন করে ভ.প্র ১০৩। ২ বিকাসন, প্রস্ফোটন। ৩ নিস্তুষীকরণ (Winnowing)। ৪ সঙ্কোচন, মুদ্রণ। ৫ প্রসারণ। বিপ 'কুঞ্চন'। "কুঞ্চনাস্ফোটনাধ্মানবেপথু (সুশ্রুত)। —স্ফোটনী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] বেধনাস্ত্র, বেধনিকা, তুরপুন, ইত্যাদি।

—স্ফোটিত বিণ [+ত (ক্ত)-ক] বিদলিত। —ত ক্লী [+ত-ভা] বাহুতাড়ন।

আস্ফোটক, -স্ফোটন, -স্ফোটিত দ্র 'আস্ফোট'।

আস্মাক, -কীন বিণ [অস্মদ্+অ (অণ্),+ঈন (খঞ্), তৎসম্বন্ধার্থে; পা ৪.৩.১; ২; স্ত্রী -কী, -না] অস্মৎসম্বন্ধী। "°ক।—মাঘ ২.৬৩; ৮৫০।

আস্য বিণ [আস্য+য (যৎ) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -স্যা; ছান্দস] আস্যভব, মুখস্থিত। "তুলাস্যপ্রযত্ন পা ১ ১.৯। —স্য ক্লী [√অস্+য (ণ্যৎ)-ধি] ১ যাহাতে গ্রাস ক্ষিপ্ত হয়; মুখবিবর, মুখ (Mouth)। "যস্যাস্যেন সমশ্নন্তি…ত্রিদিবৌকসঃ মনু ১.৯৫; নিত্যমাস্যং শুচি স্ত্রীণাম্ ৫.১৩০। সংবৃত° যাজ্ঞ ৩.১৯৯। ঝঞ্ঝা তড়িৎ-শিখায় মেলিল বিপুল আস্য।—কথা ৩২। ২ মুখমণ্ডল (Face)। "°কমল শৃ ১। ৩ আস্যস্থিত কণ্ঠ তালু মূর্দ্ধা দন্ত ওষ্ঠ নাসিকা—এই ছয় স্থান। 'আস্যং তাল্বাদিস্থানম্ (তত্ত্ববোধিনী)। ষড়াস্যানি।—পঞ্চ ৫.৫৩। ৪ কপাল। "স্রগ্ আস্যপঙ্‌ক্তিঃ কি ১৮.৩২। ৫ ব্রণাদির মুখ। "ব্রণাস্য, অশ্বাস্য (A.)। —স্যা স্ত্রী [+য-ভা+স্ত্রী আ (টাপ্)] আসন, উপবেশন। "°সুখ (শ ক)। [°লোম (-মন্) ক্লী—শ্মশ্রু, দাড়ি। আস্যাসব (পুং)—মুখের আসবতুলা; মুখামৃত।]

আস্র ক্লী [অস্র+অ (অণ্) স্বার্থে] অস্র, রক্ত। "°প। [°প (পুং)—১ রক্তপায়ী, রাক্ষস। ২ রাক্ষসদেবতাক মূলনক্ষত্র।]

আস্রব পুং [আ+√স্রু+অ (অপ্)-ভা] ১ রক্ষণ, প্রবাহ। ২ [+অ (অচ্)-ক] অন্নের মণ্ড বা ফেন। ৩ [+অ-ণ] ক্লেশ। —স্রাব পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সর্থ 'আস্রব'। ২ [+অ-ণ] ক্লেশ। ৩ [+অ-অপা] যাহা হইতে রক্তাদি ক্ষরে; ক্ষত। "জাত এব তবাস্রাবঃ মহা ৫.৫৮.৫। ৪ [+ণ (অ)-ক] লালা (ত.বা)। —স্রাবী (-বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -বিণী] ১ মদক্ষরণকারী, মদস্রাবী, মত্ত। "মহাগজ ইবাস্রাবী মহা ৩.১৪৬.৫২। ২ প্রবাহী, ক্ষরণকারী। "দুষ্টশোণিত° (সুশ্রুত)।

আস্বাদ১ পুং [আ+স্বদ্+অ (ঘঞ্)-ভা] ১ রসগ্রহণ, রসানুভব। "অমৃতাস্বাদ গো.রা ৪.৬১.২৮। বিষাস্বাদ মনু ১১.৯। চূতাঙ্কুরাস্বাদকষায়কণ্ঠ কু.স ৩.৩২। নিজপ্রেমাস্বাদ : রাধাপ্রেমাস্বাদ : আস্বাদউপায় চৈ.চ ১৬। ২ উপভোগ, অনুভব। "কাব্যামৃতরস° হি ১.১৬১। ৩ সেবন, পান। "রজস্বলামুখ° যাজ্ঞ ৩.২২৯। ৪ মাধুর্য্যাদিরসানুভবহেতু ব্যাপারবিশেষ—চর্ব্বণাদি (ত বা)। ৫ [+অ-র্ম্ম] মাধুর্য্যাদি রস; রস, স্বাদ। "°বদ্‌ভিঃ কবলৈস্তৃণানাম্ রঘু ২.৫। জ্ঞাতাস্বাদ পু.মে ৪২। সুখাস্বাদপরঃ…সংসমাগমঃ হি ৪৮০। চিত্রাস্বাদকথ—পঞ্চ ১.৪১৬। ৬ শৃঙ্গারাদি রস। ৭ আস্বাদনীয় বস্তু। "বিষয়জাতীয় সুখ আমার আস্বাদ চৈ চ ১৬। —স্বাদক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -দিকা] আস্বাদয়িতা, উপভোক্তা। "(কৃষ্ণ) রস-আস্বাদক চৈ চ ১৬১। —স্বাদন ক্লী [+√স্বাদি+অন (ল্যুট্)-ভা] ১ অনুভব, স্বাদগ্রহণ। "প্রেম-আস্বাদন চৈ.চ ১২১। ২ উপভোগ। "পরধনাস্বাদনসুখ হি ১ ১৪৪। প্রেম-নির্য্যাস করিতে আস্বাদন চৈ চ ১২। ৩ ভক্ষণ, পান। "রক্তাস্বাদন।—পঞ্চ (S.W.)। —স্বাদনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] উপভোগ্য, অনুভবনীয়। —স্বাদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অনুভূত। ২ ভক্ষিত। "°তার্দ্রক্রমুক মাঘ ৩.৮১। —স্বাদ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ আস্বাদনযোগ্য, স্বাদার্হ। "তৎ…নাস্বাদ্যং চৈব জিহ্বয়া মহা ১৪.২০.১২। ২ উপভোগ্য, অনুভবনীয়। "অনিমেষেক্ষণাস্বাদ্যশোভা ক.সা ২৪.৭২। ৩ পেয়, পানার্হ। "°তোয়াঃ প্রবর্ত্তিনদ্যঃ হি ৪৭ (কথারম্ভ)।

আস্বাদ২ সর্ম্ম [সং আ+√স্বাদি>লি, প্রা √অস্সাদ; ঠ √আস্বাদ] ১ উপভোগ বা অনুভব করা। "স্ব স্ব প্রেম-অনুরূপ ভক্তে আস্বাদয় চৈ.চ ১৬; ১৮; শেষ ভক্ত আস্বাদয় ১৭১। ২ পান করা। "চক্রবাকে পদ্ম আস্বাদয় চৈ.চ ৩৪৭।

আস্বাদক, -স্বাদন, -স্বাদনীয়, -স্বাদিত, -স্বাদ্য দ্র 'আস্বাদ১'।

আহড় বি [আড়১>°ড় ('হ' আগম); তু 'আওড়'] অন্তরাল, আড়াল। "আহড়ে থাকিয়া…মারে ডেলা ক.চ ৯০; ১১৯; আহড়ে আহড়ে লড় ২৬৩। কোথায় লুকায় হেন না দেখে আহড় ম ২১৮। [আহড়ে-বিহড়ে—আড়ে-আবডালে, আড়ে-ওড়ে। "আহড়ে বিহড়ে থাকি মারয়ে ভাবকি ক.চ ৫৩।]

আহত বিণ [আ+√হন্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাঘাত, প্রহৃত। "বজ্র° (S.W.)। গজদন্তাহত (বৃক্ষ) গো.রা ২.১০৫.১০। ২ তাড়িত, আন্দোলিত, কম্পিত। "কদলীবানিলাহতা গো.রা ৫.২১.১। দীপ ইবানিলাহতঃ কু.স ৪.৩০। সমীরণ° মাঘ ১২.৬৬। ৩ নিরস্ত, নিরাকৃত। "লোকে তেনাহতালোকে ভ ৩.১৫.২; ২৮.২১। ৪ বিনাশিত, অপনীত। "বসন্তবাতাহতেব শিশিরশ্রীঃ।—পঞ্চ ৫.৪। ৫ অভিভূত। "প্রসবৈঃ সপ্তপর্ণানাং মদগন্ধিভিরাহতাঃ (নাগাঃ) রঘু ৪ ২৩। ৬ মর্দ্দিত, বিদলিত। "পাদাহতং (রজঃ) মাঘ ২.৪৬। ৭ আক্রান্ত। "যক্ষ্মাহত (পাঠান্তর) মহা ১৩.২৩.১৩। ৮ তাড়ননিষ্পন্ন (রূপ)। "পা ৫.২.১২০, তত্ত্ববোধিনী। ৯ নিহত, বিনাশিত। "দ্ব্যূনা বিংশতিরাহতাক্ষৌহিণীনাম্ মহা (শ.ক)। ১০ প্রতিহত; বিফলীকৃত। "দৈবাহতং…রাজ্যাভিষেচনম্ রা ২.২৩.১৯। দৈবাহতার্থরচনাঃ (ঋষয়ঃ) ভ ৩.৯.১০। ১১ অভিভূত, মলিনীকৃত। "অগ্নিধূমাহতবর্চ্চসোঽসুরাঃ ভ ৮.৭ ১৪। ১২ দগ্ধ। "জ্যোতিষ্কণাহতশ্মশ্রু (বক্ত্রম্) রঘু ১৫ ৫২। ১৩ বিদ্ধ। "দিগ্ধশরৈরিবাহতঃ কু.স ৪.২৫। ১৪ কৃষ্ট, কৃতকর্ষণ। "ফালাহতম্ (ক্ষেত্রম্)। —যাজ্ঞ ২.১৬১। ১৫ পীড়িত, ব্যথিত। "গ্রাহাহত…যথেভঃ।—ভ ৩ ১৮.৬। ১৬ বাদিত, নাদিত, ধ্বনিত। "অনাহতো দুন্দুভয়ো বিনেদুঃ মহা ৫.১৮৪.২৪। ১৭ হতভিন্ন, অপরিহিত, নবীন। "আহতাংশুকযুগ্ম ভ ১০ ৫৩ ১১। শুক্লমাহতং বাসো ব্রাহ্মণস্য।—বসিষ্ঠ ১১। ১৮ (গণিতে) গুণিত। "সূর্য্যাব্ধিসংখ্যায়া দ্বিত্রিসাগরৈরযুতাহতৈঃ (সূর্য্যসিদ্ধান্ত)। ১৯ মিথ্যা কথিত। ২০ (ব্যাকরণে) ওকারত্বপ্রাপ্ত (বিসর্গ)। "লুপ্তাহতবিসর্গতে সা.দ ৭.৫। ২১ আঘূর্ণিত (ত.বা)। ২২ পুনঃ পুনঃ উচ্চারিত; অভ্যস্ত। "°লক্ষণ। —হত ক্লী ১ নূতন বস্ত্র। 'ঈষদ্ধৌতং নবং শ্বেতং সদশং যন্ন ধারিতম্। আহতং তদ্ বিজানীয়াৎ…॥—বসিষ্ঠ। ২ পুরাতনবস্ত্র। ৩ নিরর্থক বাক্য; অসম্ভব কথা—যেমন, এই বন্ধ্যার পুত্র যাইতেছে। ৪ [+ত-ভা] আহনন, তাড়ন (তত্ত্ববোধিনী)। "পা ৫.২.১২০। —হতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ আঘাত, প্রহার। "পাদাহতি ক.সা ২০.১৫। ২ তাড়ন। "প্রভাতবাতাহতিকম্পিত ভট্টি ২.৬। ৩ বিনাশ, বধ। ৪ মর্দ্দন, দলন। ৫ গুণন। "অংশাহতি (লীলাবতী)। ৬ আগমন। —হনন ক্লী [+অন (ল্যুট্)-ভা; ছান্দস] ১ সর্থ 'আহতি'। ২ [+অন-ণ] তাড়নসাধন দণ্ডাদি।

আহব১ পুং [আ+√হ্বে+অ (অপ্)-ধি, 'যুদ্ধ' অর্থে সম্প্রসারণ, পা ৩.৩.৭৩; ছান্দস] যাহাতে শত্রু আহূত হয়; যুদ্ধ। "ডিম্বাহব মনু ৫.৯৫। রঘু ৭.৬৪। °ক্ষিতি ভট্টি ১৪.৭৪। আহবের শ্রম শ্রী.মা ২০০। মহাহব মে ১৯৯। প.তৃ ৫৭। [আহবি—(অপ্র) আহ্বান করিয়া। "বশিষ্ঠে সকল লোক আহবি আনিল চ.খি ১৪৭।]

আহব২ পুং [আ+√হু+অ (অপ্)-ধি] যজ্ঞ। "মহাহব মাঘ ১৪.৪৪। —হবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আহুতি, হোম। ২ (+অন-ধি] যজ্ঞ। "মাঘ ১৪.৩৮। —হবনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম]

হবনযোগ্য, হোমার্হ (হবিঃ-প্রভৃতি)। —হবনীয় পুং [+অনীয়-ধি] অগ্নিত্রয়ের একতম। [গার্হপত্য দক্ষিণাগ্নি ও আহবনীয়—এই তিন অগ্নি। বেদীর পূর্ব্বে আহবনীয় অগ্নির, দক্ষিণে দক্ষিণাগ্নির এবং উত্তরে গার্হপত্য অগ্নির স্থান। প্রজ্বলিত গার্হপত্য অগ্নি হইতে আহবনীয় উদ্ধার করিতে হয়। এই অগ্নিতে যজ্ঞাদির হোম হয়।]

আহবন, -বনীয় ; আহবি দ্র 'আহব[২] ; আহব[১]।

আহর[১] বিণ [আ+ √হৃ+অ (অচ্), তাচ্ছীল্যে, -ক, পা ৩.২.১১ ; স্ত্রী -রা] ১ আহরণশীল। "পুষ্প°" (সি)। সমিৎকুশফল° রঘু ১.৪৯। [সমাসে উত্তরপদ]। ২ [+অ-ক] আহর্ত্তা, সংগ্রাহক। ৩ [+অ (অপ্)-র্ম্ম] অন্তর্ম্মুখ শ্বাস ; উচ্ছ্বাস। —হরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আনয়ন, সংগ্রহ। "অমৃত°, মৃদাহরণ। সমিদাহরণ শ ১২৩। মধু-আহরণ স.শ ১৫৫। ২ অপহরণ। "কো লম্বয়েদাহরণায় হস্তম্ রঘু ৬.৭৫। ৩ অনুষ্ঠান, করণ। "অশ্বমেধস্য···চকারাহরণে মতিম্ মহা ১৪.৭১.৩৭। ৪ অপসারণ, অপনয়ন নিঃসারণ। "রঘু ১৫.২৯ মল্লিনাথ। ৫ যন্ত্রকর্ম্মবিশেষ, উদ্ধরণ। "সুশ্রুত ১.৭.১৩। ৬ [+অন -র্ম্ম] আহৃত ধন ; বিবাহাদিতে দেয় উপঢৌকনদ্রব্য (ত.বা) ; বিবাহে দেয় ধন ; যৌতুক। "সম্বান্ধুরূপাহরণীকৃতশ্রীঃ রঘু ৭৩২। [দ্র 'মল্লিনাথ-টীকা]। ৭ (বাঙলায় ; অপ্র) আহ্বান। "না পেলিলে ধর্ম্ম নষ্ট আহরণ কৈলে ম ৩৫৩ ; একে আহরণ আর গুরুর আদেশ ৩৬৬। [প্রাকৃতে 'আহ্বান' অর্থে 'আহরণ' শব্দের প্রয়োগ আছে (দ্র 'প্রা.ম'), সংস্কৃতে ঐরূপ অর্থ নাই।] —হরণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ আনয়নীয়, আহার্য্য। ২ উপঢৌকনীয়। ৩ অনুষ্ঠেয়। —হরিত বিণ [সং 'আহৃত' ; তু 'প্রা √আহর > °ত] আনীত, সংগৃহীত। "কোনটি সুপক্ক হইয়া, আহরিত হইলে, গঙ্গাজলে ধৌত হইয়া দেবসেবায় বা ব্রাহ্মণভোজনে লাগে ব.প্র ৫৮০। —হর্ত্তা (-র্ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -র্ত্রী] ১ সংগ্রাহক, সঙ্কলয়িতা। "আহর্ত্তা সর্ব্বরত্না-নাম্ মহা ৩.১৪১.১৬। ২ অনুষ্ঠাতা, কর্ত্তা। "আহর্ত্তা সত্রস্য মহা ১.৫১.৭। আহর্ত্তৈবোঽশ্বমেধানাম্ ভ ১.১২.২৫। আহর্ত্তা ক্রতুনাম্ (কাদম্বরী)। ৩ আনেতা। ৪ [+তৃ (তৃন্) শীলার্থে-১ব] আহরণ-শীল, সজ্বটয়িতা, কর্ত্তা। "আত্মনো বধমাহর্ত্তা ক্বাসৌ বিহগতস্করঃ বিক্র ৫.১। —হৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাহরণ, আনীত। "মনু ৪.২৪৮। যদেব বব্রে তদপশ্যদাহৃতম্ রঘু ৩.৬। অযাচিতাহৃত যাজ্ঞ ১.২১৫। ২ সম্ভৃত, সংগৃহীত। ৩ আকৃষ্ট। "আহৃতং সুপ্রভয়া চিত্তং যস্য ক.সা ৪৬.১৮৪। ৪ অপহৃত, অপনীত। "রূপলাবণ্যবিনয়াহৃত-চেতন ক.সা ৩৮.৩০। ৫ ব্যাহৃত, কথিত, অভিহিত। "স্বপ্নে বাক্য-মিবাহৃতম্ গো.রা ৩.৫৬.২। ভ ৪.২৯.৩ ; হরিরিত্যাহৃতঃ ৮.১.৩০। ৬ ভুক্ত, খাদিত। "ন পরেণাহৃতং ভক্ষ্যং ব্যাঘ্রঃ খাদিতুমিচ্ছতি (S.W.)। ৭ অপনীত, দূরীকৃত, নিরাকৃত। "নূপুররবাহৃতরাজহংসা (S.W.)। ৮ অনুষ্ঠিত, কৃত। ৯ গৃহীত। "কুসীদবৃদ্ধিঃ···সকৃদাহৃতা মনু ৮.১৫১।

আহর[২] সর্ম্ম [সং আ+ √হৃ >লি, প্রা √আহর ; দ্র 'আহরণ (৭) ; অপ্র] ১ আহ্বান করা ; ডাকা। "ক্ষত্রনীতি আছে হেন যদি আহরয়। কিবা দূতে কিবা যুদ্ধে বিমুখ না হয়॥—ম ৩৩৯ ; ৩৬৬। আহরিয়া বর আনি,···পণ বিনা করে সমর্পণ (ক.চ)। ২ আনয়ন করা। "যজ্ঞ করে ব্রাহ্মণের গণকে আহরি চৈ.ম ৪০।

আহরণ, -হরণীয়, -হরিত, -হর্ত্তা, দ্র 'আহর[১]।

আহল-বাহল 'ল্-ল্' বি [আড়বাড় >আহড়বাহড় ('হ'-আগম) >°ল ; অপ্র] আশপাশ, এদিক্-ওদিক, আড়-ওড়। "আহল-বাহল চাহে আজ্ঞারিয়া কোণে। কিচিমিচ করে কত ছুঁচা পণে পণে॥ —ক.চ ২৭৭।

আহা অব্য [সং অহহ, অহো ; ফা আহ্ ; হি আহা ; ঠ—আহা,-হাহা ; অস আহা ; cf . Gr. a' ; L. ah ; Old F. a ; F. ah , E. Ah, Aha] ১ আশ্চর্য্যে, বিস্ময়ে। "কি দেখিনু আহা আহা ভা.চ ৩৪১। আহা, কি আশ্চর্য্য মায়া মায়ের অন্তরে।—দ্বারকানাথ অধিকারী। আহা কি দেখিলাম!—চা.তু ৪১। ২ অনুকম্পায়, সহানুভূতি-প্রকাশে। "আহা, (উটি) ওইখানে থাক, দিও নাক ব্যথা!—হেম ২৪৬। আহা, জাগি পোহাল বিভাবরী।—গান ১২৫। ৩ প্রেমজন্য আনন্দপ্রকাশে। "রাণীর শুনিয়া তাহা হৃদয় দ্রবিল। কহে পুনঃ পুনঃ কহ আহা বল বল॥ —ভ.গ্র ৪১১। আহা, তোমার সঙ্গে প্রাণের খেলা, প্রিয় আমার ওগো প্রিয়!—গান ৭৩। ৪ অতর্কিত প্রিয়সমাগমে আনন্দপ্রকাশে। "আহা, এস এস, এই তোমার কথাই বলছিলাম। ৫ খেদে, পরিতাপে। "আহা মরে যাই লইয়া বালাই ভা.চ ২৭৬ ; আহা মরি, চোরের বালাই লয়ে মরি ৪০২। আহা! নীলের কি করাল কর!—নী ৯৮। ৬ শোকে, দুঃখে। "আহা আহা হরি হরি,···হায় হায় গোঁসাই গোঁসাই!—ঈশ্বরচন্দ্র গুপ্ত। আহা! আহা! মরি মরি বুক ফেটে যায় নী ৯৮। ৭ সৌন্দর্য্যানুভূতিজন্য মুগ্ধভাবে। "আহা কি সুন্দর নিশি, চন্দ্রমা উদয়।—হেম ২৫৫। আহা, দেখ দেখ, কেমন সুন্দর ছেলেটি!—গি.দ্বি ১৩২। ৮ বেদনাপ্রকাশে। "বাহে আহা উহু করে বেদনার স্থায় ভ.গ্র ৩৯৭। আহা আহা···ছাড় শি ১৫। [আহা করা—সহানুভূতি প্রকাশ করা। আহা উহু কহা বা করা—'আহা-উহু' শব্দ করা। "(বুড়ী) আহা উহু কয়ে (বসিলা) ভা.চ ২১০। (কবিবর) আহা উহু করিয়া অমনি চুপ করে স্ব.প্র ১১১। আহা-মরি!—সৌন্দর্য্যবর্ণনায়। দ্র 'মরি'। "মেয়েটি আহা-মরিও নয়, হ্যাক্-থুও নয়, মাঝারি-গোছের।]

আহাব পুং [আ+ √হ্বে+অ (অপ্)-ধি, সম্প্রসারণ, বৃদ্ধি, পা ৩.৩.৭৪] ১ যে স্থানে জলপানার্থ পশুগণ আহূত হয় ; কূপসমীপে রচিত জলাশয় ; নিপান, চৌবাচ্চা (Trough)। ২ যাহাতে শত্রু আহূত হয় ; যুদ্ধ (ত.বা)। দ্র 'পা ৩.৩.৭৪। ৩ [+ √হু+অ (ঘঞ্)-ধি] আহুতির আধার ; অগ্নি।

আহাম্মক, -ম্মুক বিং [আ অহ্মক্] অতিমূর্খ, নির্ব্বোধ, বোকা। "কাজি বলে আহাম্মক জবাব দেও কেনে ম.ম ৫৮ ; ৬১। রাজপুত্রগুলা দেখি আহাম্মক অতি।—দ্বিজেন্দ্রলাল রায়। [°ম্মকী, °ম্মুকী (আ অহ্মকী)—নির্ব্বুদ্ধিতা, বোকামি।]

আহার বিণ [আ+ √হৃ+অ (অণ্)-ক ; স্ত্রী -রী] ১ আহর্ত্তা, সংগ্রাহক। "পুষ্পাহারম্ (মাম্) মহা ৩.১৫৪.৩ ; ফলাহার ২৯৫.২৩ ; রাজপুত্রীঃ···সুরাহারীম্ ৪.১৬৪। [সমাসে উত্তরপদ]। ২ [+অ (ঘঞ্)-র্ম্ম] আহারযোগ্য। "বন্যানি চ তথান্যানি স্বাহারাণি (পাঠান্তর) রা ২.৩১.২৬। —হার পুং [+অ-ভা] ১ আহরণ, আনয়ন। ২ ভোজন। "°বৃত্তি (পক্ষ)। °নিদ্রাভয় (হি)। ৩ পান। "(বিবজল) করিনু আহার চ.দা ১০৯। ৪ ইন্দ্রিয় দ্বারা বিষয়গ্রহণ (শ্রীধর)। "নিরাহারস্য দেহিনঃ গী ২.৫৯। নিবর্ত্তিতাখিলাহার ভ ১.১৩.৫৬। ৫ [+অ-অপা] যাহা হইতে রস আহৃত হয় (পা ৩.৩.১৯, কাশিকা) ; খাদ্য, ভক্ষ্যদ্রব্য, অন্ন। "°শুদ্ধি, নিরাহার, সংযত°, যব°, লঘ্বাহার (S.W.)। ত্যক্ত° গো.রা ৫.২১.২১। ভৈক্ষ্য° মনু ১১.২৫৮। যুক্ত° গী ৬.১৭। আহারঃ···পুষ্কলঃ হি ১.৮৫। না খায় আহার চ.দা ২৭। আহারমাত্র খায় চৈ.চ ৩০৬। হায় বিধি চাঁদে কৈল রাহুর আহার ভা.চ ৪০২। —হারক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] ১ আহর্ত্তা, সংগ্রহীতা। ২ ভবিষ্যতে আহর্ত্তা। "পা ২.২.১৯, কাশিকা। [°বিরহ (পুং)—খাদ্যাভাব, অনাহার। °বিহার (পুং)—অন্ন বা ভোজন ও ভ্রমণ। "গী ৬.১৭। °বৃত্তি (স্ত্রী) ভোজনক্রিয়া, ভক্ষণ। °ব্যবহার (বি)—একপঙ্ক্তিতে ভোজন ও সামাজিক ক্রিয়া। আহারব্যবহার না থাকা—কোন সামাজিক ক্রিয়া না থাকা। °লাঘব (স্ত্রী)—ভোজন-

সম্বন্ধে লঘুতা ; অল্পাহার, লঘুভোজন। °শুদ্ধি (স্ত্রী)—খাদ্যসম্বন্ধে পবিত্রতা ; অভক্ষ্যবর্জ্জন ও ভক্ষ্যভোজন।]

আহারার্থী (-র্থিন্) বিণ [আহার+ √অর্থি+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -র্থিনী] উদরপূরণার্থী, জীবিকার্থী।

আহারীয় বিং [অস °রীয়] ভোজনসম্বন্ধী, আহার্য্য। "আহারীয় দ্রব্য ব.প্র ২০। —রীয় বি খাদ্য। "°বিক্রেতা ব.প্র ৭৯।

আহার্য্য বিণ [আ+ √হৃ+য (ণ্যৎ)-র্ম্ম] ১ আহরণীয়, আনয়নীয়। "মনু ৮.২৩২। ২ কৃতক, কৃত্রিম, আগন্তুক। "°শোভা ভট্টি ২.১৪। °র্য্যাক কু.স ৭.২০ ; ২১, মল্লিনাথ। ৩ বেশরচনাদি দ্বারা নিষ্পাদ্য (অভিনয়)। "সা.দ ৬.২। ৪ অপসারণীয়, অপনেয়। ৫ ব্যাপ্য। "সাংখ্য ৩২। ৬ অভেদভাবে আরোপ্য (জ্ঞান) ; যেমন, 'মুখচন্দ্র' এই রূপকে মুখে চন্দ্রাভেদজ্ঞান আহার্য্য। ৭ আহারযোগ্য, ভক্ষণীয়। ৮ আহরণীয়, আকর্ষণীয় (শস্ত্রকর্ম্মসাধ্য রোগবিশেষ—যেমন, দন্ত ও কর্ণের মল ইত্যাদি)। "সুশ্রুত ১.২৫.৭। —হার্য্য ক্লী ১ ভোজ্য, খাদ্য। "আহার্য্যং ষড় বিধম্ (ভাবপ্রকাশ)। ২ আকর্ষণরূপ শস্ত্রকর্ম্ম দ্বারা প্রতিবিধেয় রোগ। দ্র (৮)। ৩ অভিনয়ে বেশভূষাদি। ৪ (বাঙলায় ; অপ্র) কৃত্রিমভাব, শঠতা, ভণ্ডামি। "তাহা দেখি ও ব্রাহ্মণ আহার্য্য করিয়া। পড়িলা মাৎসর্য্যবুদ্ধ্যে আছাড় খাইয়া॥—চৈ.ভা ১২৬। [°শোভা (স্ত্রী)—কৃত্রিমসৌন্দর্য্য। "আহার্য্যশোভারহিত ভট্টি ২.১৪।]

আহাহা অব্য [সং অহহ, -হা] দুঃখে, পরিতাপে, অনুকম্পায়।

আহিড়ি, -ড়ী বি ['আখেটি, -টী' বা 'আহিণ্ডিক'—মূল ; অপ্র] ব্যাধ, শিকারী। "আহিড়ি বলিআ গাভী ডাকে ঘন ঘন কৃ.উ ১৫১। আহিড়ী ঘণ্টার রব যেমন করিয়া। কাছে মৃগী আইসে—তারে মারয়ে ধরিয়া॥ —চৈ.ম ১৫৬।

আহিণ্ডিক পুং বৈদেহীর গর্ভে নিষাদ হইতে জাত সঙ্কীর্ণজাতিবিশেষ। "মনু ১০.৩৭। [বন্ধনস্থানের (কারাগার-প্রভৃতির) বাহ্যসংরক্ষণ ইহাদের বৃত্তি (কুল্লুক)।]

আহিত বিণ [আ+ √ধা+ত (ক্ত)-র্ম্ম] ১ স্থাপিত, আরোপিত। "মনস্যাহিতকর্ত্তব্যাঃ কু স ২.৬২। °ভর।—মাঘ ২.৬৯। পঞ্চ ১.১০২। কমলাকরকমলাহিত বেশ বা.দ ১০১। ২ নিহিত। "দুষ্যন্তেনাহিতং তেজঃ শ ৪.৪। কু.স ৫.৭৪। ৩ সম্পাদিত, কৃত। "ব্যাবর্ত্তনৈরহিপতেরয়মাহিতাঙ্কাঃ কি ৫.৩০। মাঘ ১৮.৫৪। ৪ কৃতাধানসংস্কার, প্রণীত (অগ্নি)। "মনু ৭.৩১৭, কুল্লুক। ৫ জনিত। "°ক্লম। আহিতৌৎসুক্য রঘু ২.৭৩। ৬ প্রখ্যাত, কৃত। "°লক্ষণ রঘু ৬.৭১। —হিত ক্লী বাহনে আরোপণপূর্ব্বক বহনীয় দ্রব্য। "পা ৮.৪.৮, কাশিকা।

আহিতলক্ষণ বিণ [বহুব্রী] ১ কৃতলক্ষণ, প্রখ্যাতগুণ। "রঘু ৬.৭১। ২ ন্যস্তচিহ্ন।

আহিতাগ্নি বিণ [আহিত অগ্নি যাহা কর্ত্তৃক, বহুব্রী, পক্ষে 'অগ্ন্যাহিত', পা ২ ২.৩৭] যিনি বেদমন্ত্রাদি দ্বারা যথাবিধি অগ্নি স্থাপন বা প্রণয়ন করিয়াছেন ; কৃতাগ্ন্যাধান। —গ্নি পুং অগ্নিহোত্রী, সাগ্নিক। "রঘু ২.৪৪। উ.চ ১.৮।

আহিতাঙ্ক বিণ [আহিত অঙ্ক যাহা কর্ত্তৃক, বহুব্রী] কৃতচিহ্ন। "কি ৫.৩০।

আহিতুণ্ডিক পুং [অহিতুণ্ড+ইক (ঠক্), পা ৪.৪.২] যে অহিতুণ্ড (সর্পমুখ) দ্বারা খেলা করে ; ব্যালগ্রাহী, সাপুড়ে।

আহীর বি [সং আভীর>প্রা আহীর (প্রা.ম ; অ.রা), অহীর (পৈ) ; হি, ঠ অহীর] গোপ, গোয়ালা। "°রমণী চ.সা ২৪৭। °নারী জ্ঞা ১৪০। ব.প ৯৩৭ ; °নগরী ১০৫৮। —রিণী,—রী বি [আহীর+স্ত্রী ইনী, ঈ ; সং আভীরী>প্রা আহীরী (প্রা.ম) ; হি অহীরিন্] ১ আহীর-স্ত্রী, গোয়ালিনী। "°নী বি.প ১১৮। °রী শ্রী.ম ৮৯। ২ গোপজাতি-স্ত্রী ; গোয়ালার মেয়ে। "সকল আহীরী বালা রা.শে ৫৯।

আহুড় সর্ম্ম [√আহুত > √°ড় ; অপ্র] আহ্বান করা। "খেলিব দেবন বলি নলে আহুড়িল ম ৪৩৯।

আহুত[১] বিণ [আ+ √হু+ত (ক্ত)-র্ম্ম] অভিমুখভাবে হুত ; দত্তাহুতি (দেবাদি)। —হুত ক্লী ১ পঞ্চযজ্ঞের অন্যতম মনুষ্যযজ্ঞ ; নৃযজ্ঞ, অতিথিপূজন। ২ ভূতযজ্ঞ (ত.বা)। —হুতি[১] স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ মন্ত্রোচ্চারণপূর্ব্বক দেবোদ্দেশে ঘৃতাদিহবিঃক্ষেপ ; হোম, হবন। "বরমেকাহুতিঃ কালে ভা.চ ৪০৫। ২ [+তি-র্ম্ম] হবনীয় দ্রব্য ; ঘৃতাদি। "প্রাস্তাহুতি মনু ৩.৭৬ ; ৫.১০৪। °গন্ধী রঘু ১.৫৩ ; °সাধন ৮২। দক্ষ দেয় আহুতি ভা.চ ৪৪ ; প্রভুরে আহুতি লয়ে ৬৭ ; হুতদমুজাহুতিমুগ্ধশিখিকুণ্ডে ৩১৪। এ আগুনে কেন আহুতিদান ?—মা ১৬০। [আহুতে—আহুতিতে (?)। "প্রেমরস করিয়া আহুতে হৈল ধুয়া গো.বি ২।]

আহুত[২], **-হুত**[১] সর্ম্ম [আহূত > √আহু(হূ)ত ; তু 'আহুড়' ; অপ্র] আহ্বান করা। "বব্রুবাহা…পার্থ আহুতিল অ.প ৯৯। আহুতিলে দূতকর্ম্ম,…বিনি খেড়ি যাইতে না পারে ম.বি ৫৪। [আহুতিল—আহ্বান করিল ; উচ্চারণ করিল। "গোর্থনাথ মন্ত্র আহুতিল গো.বি ৩৯। আহুতি[২]—১ আহ্বান করিয়া। "নানা ভেসে রহে সবে মীনেরে আহুতি গো বি ১৫৪। এখানে 'বেড়িয়া' অর্থ সঙ্গত। ২ আহ্বান, ডাক। "ত্রিদশের দেবগণ দিলেন আহুতি বা.ম ৩৮। 'ত্রিদশের' অর্থাৎ ত্রিদশালযের।]

আহুতি[১] ; **আহুতি**[২], **আহুত**[১] দ্র 'আহুত[১] ; আহুত[২]।

আহূত[২] বিণ [আ+ √হ্বে+ত (ক্ত)-র্ম্ম, সম্প্রসারণ] ১ আকারিত, কৃতাহ্বান। "যিযক্ষমাণেনাহূতঃ পার্থেনাথ দ্বিষন্ মুরম্ মাঘ ২.১। ভ ১.৬.৩৪। আহূত অতিথি ভা চ ৩২০। ২ অভিহিত, সংজ্ঞিত। ৩ উৎসবাদিতে কৃতাহ্বান ; নিমন্ত্রিত। "আমাদের যে উৎসবসমারোহ, তাহা আহূত-অনাহূত-রবাহূতের আনন্দসমাগম।—রবীন্দ্র। —হূত ক্লী [+ত-ভা] আহ্বান। —হূতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] আহ্বান।

আভূতসংপ্লব ; আহূতি ; আহৃত দ্র 'আভূতসংপ্লব ; আহৃত[২] ; আহর[১]।

আহে অব্য [আ°+হে ; অপ্র] ১ সখেদ সম্বোধনে। "আহে প্রভু গুণনিধি কি বলিলা বাণী ম.গা ৯ ; আহে গো শাশুরী ১৯। ২ সশোক সম্বোধনে। "কান্দে মইনামতী সতী,…আহে পুত্র গেলা কোন দেশ ম গা ১২৮।

আহেয় বিণ [অহি+এয় (ঢক্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -য়ী] অহিসম্বন্ধী (বিষচর্ম্মাদি) "°য়ং…বিষম্ পা ৪.৩.৫৬, কাশিকা। প্রবিশেন্ মুখমাহেয়ম্।—পঞ্চ ১.১২০।

আহেরা ক্রি.বিং ['অহোরাত্র' > °রা (পদ্যে মিলের জন্য) ; বৈষ্ণবসাহিত্যে অপ্র ; হি অহেরী] দিন ও রাত্রি ; সর্ব্বদা। "মাধব মনমথ ফিরত আহেরা। একলি নিকুঞ্জে ধনি৷ ফুলশরে জরজর৷ পন্থ নেহারই তেরা॥—গো ১৮৭।

আহেল-বিলাত, আহেলিবিলাত বি [আ অহ্‌ল্-ই-ৱিলায়ত] বিদেশীয় লোক, অর্থাৎ অন্তদেশসম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ ব্যক্তি। "আহেল-বিলাত নরিস সাহেব ধর্ম্ম-অবতার। দেশের ছেলে খেপিয়ে দিয়ে কল্লে একাকার !—হেম ৩৮২। —লাবিলাতী বিং [আ ৱিলায়তী—বিদেশীয়] আসল বিলাতী, সম্পূর্ণ বিদেশীয়, অর্থাৎ অন্তদেশ সম্বন্ধে অত্যন্ত অনভিজ্ঞ। "ম্যাজিস্ট্রেট সাহেব আহেলাবিলাতী—

…তিনি এই প্রমাণের উপর নির্ভর করিয়া গোবিন্দলালকে সেশনের বিচারে অর্পণ করিলেন ব.প্র ৩২৬। —লীবিলাতি, -তী বিং সম্পূর্ণ বিদেশীয়, অর্থাৎ দুর্বোধ, দুরূহার্থক (ভাষা)। "আহেলীবিলাতি বোল, আনকোরা ঢাকাই।—হেম ৩৮০।

আহো ব্য [ছান্দস] ১ প্রশ্ন। ২ বিকল্প, বিতর্ক, কিংবা, অথবা। "গী ১৭.১। শ ১.২৪।

আহোপুরুষিকা স্ত্রী [আহোপুরুষ (অহং পুরুষঃ)+অক (বুঞ্)+স্ত্রী আ (টাপ্), পা ৫.১.১৩৩; ময়ূরব্যংসকাদি] আমিই পুরুষ,—এইরূপ আত্মবিষয়ে সম্ভাবনা; অহঙ্কারবান্ পুরুষের ভাব (অ.টী); দর্প হেতু আত্মবিষয়ক কার্য্যসিদ্ধিকর শক্তিপ্রকাশ; বাহাদুরী। "আহোপুরুষিকাং পশ্য মম ভট্টি ৫.২৭।

আহোস্বিৎ ব্য [মতান্তরে 'আহো স্বিৎ'] ১ প্রশ্ন। "রা ২.৭২.১৩। ২ বিকল্প, বিতর্ক। "শ ৫.৯। ৩ আশ্চর্য্য। "মহা ৩.৭৩.৩৫।

আহ্নিক বিণ [অহন্+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ দিনে ভব; দিবসস্থিত। ২ দিবসে নির্বৃত্ত (সম্পাদিত); প্রত্যহ কর্ত্তব্য; দৈনিক। "কৃতাহ্নিকক্রিয় রা (S.W.)। —ক ক্লী ১ দিবসসাধ্য ধর্ম্মকর্ম্ম—সন্ধ্যাজপাদি; নৈয়মিক জপ (নীলকণ্ঠ)। "প্রভাতে…কৃতাহ্নিকম্ রা ১.২৪.১। কৃত্বা স্বাধ্যায়মাহ্নিকম্ মহা ৩.১৩৭.১; আহ্নিকং…জপতে ১৪২.৭। কর সবে আহ্নিক তর্পণ ম ১১০৪। ২ দিবসসাধ্য কার্য্যমাত্র—স্নানভোজনাদি। "সমুদ্রে কৃতাহ্নিকঃ (A.)। ৩ দৈনিক খাদ্য (M.W.)। ৪ দৈনিক পাঠ্য বিষয় (M.W.); মহাভাষ্যের বিভাগ-বিশেষ। ["আহ্নিকাচার (পুং)—দৈনিক অনুষ্ঠান। "°তত্ত্ব।]

আহ্মা সর্ব্ব [সং অস্মাকম্ > প্রা অম্হ > বা (অহ্ম) আহ্মা (১ব); অপ্র] ১ আমার। "আহ্মা সম শ্রী.কী ৪৩। আহ্মা স্থানে ম.পা ১১৩। আহ্মা সঙ্গে ১৬২। ব.প ৫৭৬। ২ [ছান্দস —অস্মে (অস্মান্), সং অস্মান্>প্রা অম্হে (হে), অহ্মে (প্রা.প্র), অম্হ (য)>বা আহ্মা (১ব)] আমাকে, আমা। "আহ্মা না কর নিরাসে শ্রী.কী ৫৩; আহ্মা ছাড়ী ২০৯। আহ্মা ক্লেশ দেয় ম.পা ৫৯; ১১০। [·আহ্মা—আমাকে। "ম.পা ৯৩। আহ্মাক,-কে, আহ্মাত, -তে, আহ্মার,-রা, -রে, আহ্মেত, আহ্মে সহ্মে (আমি সবে), আহ্মেহো (শ্রী.কী)। আহ্মাকে—আমাকে। "ম.গা ১২। ম.পা ৭৪। আহ্মাতে—আমাতে। "গ ৪৭। আহ্মার (দ্র 'আমরা'[১])—আমার। "ম.পা ১১৭। আহ্ম(হ্মা)রা (দ্র 'আমরা'[১])—আমরা। "আহ্মারা সভার ম.পা ২১; আহ্মরা সভাকে ১১৬। আহ্ম(হ্মা)রারে—আমাকে। "কেহ্নে সুত জ্ঞান নাহি কর আহ্মরারে ম.পা ৪০; বলিল আহ্মারারে ১১৭। আহ্মারে—১ আমারে। "সমর্পি আহ্মারে ম.পা ৫৩। ২ আমার। "আহ্মারে অগ্রত অ.প ৩৭। আহ্মারোত—আমাকেও ত। "ম.পা ৫৩। আহ্মা হৈতে (তু 'প্রা অহ্মাহিংতো বহুব)—আমা হইতে; আমা অপেক্ষা। "আহ্মা হৈতে কোন জন আছয়ে ডাঙ্গর ম.গা ৬। আহ্মে (তু 'ছান্দস—অস্মে (বয়ম্)>প্রা অহ্মে (প্রা.প্র), অম্হে—(হ; য)—১ আমি। "আহ্মে না করিব আন শ্রী.কী ১১। ২ আমাকে। "চ ২২।]

আহ্মি সর্ব্ব [ছান্দস—অস্মে (বয়ম্); সং অহম্>প্রা অহম্মি (প্রা.প্র), অম্মি, অম্হি (হে, ব)>বা আহ্মি; দ্র 'আমি'[১]; ড় আস্তে; আহ্মী (শ্রী.কী); আহ্মে (আমাকে—চ); অপ্র] ১ আমি। "আহ্মি বুঢ়ী গোআলিনী শ্রী.কী ১১। আহ্মি বাড়ী বান্দিয়াছি ম.গা ৬। আহ্মি মূঢ় ম.পা ৬। ২ আমরা। "ষোড়শ সহস্র নারী আহ্মি একত্রিত অ.প ৩২। [আহ্মি চাতকিনী নারীর—চাতকীসদৃশী নারী আমার। "আহ্মি চাতকিনী…নারীর জন্মিছে পিপাসা ম.পা ১৬২। আহ্মি তিনজন—আমরা তিনজন। "অ.প ৯। আহ্মি দুঃখিতের—দুঃখিত আমার। "আহ্মি দুঃখিতের পুত্র ম.পা ১৫৮। আহ্মি পুত্র আগে—পুত্র আমার সম্মুখে। "অ.প ৩৮। আহ্মি বহি—আহ্মি বিনা। "ম.পা ১৬২। আহ্মি ভিক্ষুকেরে—ভিক্ষুক আমাকে। "ম.পা ১৫। আহ্মি শিশুর—শিশু আমার। "অ.প ৩৯। আহ্মি শিয়ে—শিষ্য আমাকে। "আহ্মি শিয়ে ডাকি ম.পা ১৪৫। আহ্মি সব—১ আমরা। আহ্মি সব নিয়োজিল অ.প ৯৪। গো.বি ২৬। ২ আমাদিগকে (স্ত্রীলিঙ্গে)। "আহ্মি সব কর পরিণয় গো.বি ২৭। ৩ আমাদের সবার। "আহ্মি সব একত্রে মিলন ব.প ৬১৪। আহ্মি সবে—আমরা সকলে। "আহ্মি সবে যদি তারে পাই গো.বি ২৪। অ.প ৯৪। আহ্মি হেন—আমি (যেমন) এমন, আমার মত। "আহ্মি হেন নরপতি অ.প ৯৬। আহ্মি হেন লাক—আমার মত লক্ষ (রাজা)। "ঘরেতে আছএ তার আহ্মি হেন লাক অ.প ৯৬। আহ্মি…তুহ্মি—"আহ্মি নব নারী, তুহ্মি যুবক নাগর ম.পা ১৬২। আহ্মিহ, আহ্মেহো—আমিও। "আহ্মিহ বলিব তাকে ম.পা ৯০। আহ্মেহো ভাল গাবড়ী শ্রী.কী ৯৮। আহ্মে…তোহ্মে—আমি…তুমি। "আহ্মে সে কাহ্নাঞিঁ, তোহ্মে চন্দ্রাবলী শ্রী.কী ৯৮।]

আহ্লাদ পুং [আ+ √হ্লাদ্+অ (ঘঞ্)-ভা] আনন্দ, সুখ। "সাহ্লাদং বচনম্।—পঞ্চ ৪.৭; ৫.৫৫। কোথা থেকে আহ্লাদ জুটিল, আহ্লাদে পেট ফেটে উঠিল, আহ্লাদ যে ধরে না মা! আর ঘরে! —দা ৫৩২। —হ্লাদক বিণ [+ √হ্লাদি+অক (ণুল্)-ক; স্ত্রী -দিকা] আহ্লাদয়িতা, আনন্দয়িতা। —হ্লাদন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ আনন্দন, সুখকর। ২ [+অন-ণ] আহ্লাদসাধন, সুখ-জনন। —ন ক্লী [+ √হ্লাদ্+অন-ভা] আহ্লাদ, সুখ। "রাঘবাহ্লাদন-করমভিজ্ঞানম্ গো.রা ৫.৫৬.১০৬। —হ্লাদিত বি [+ত (ক্ত)-ক] ১ আনন্দিত। ২ [+ √হ্লাদি+ত-র্ম্ম] আনন্দিত, প্রীণিত। —হ্লাদী[১] (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] ১ আহ্লাদক, প্রীণয়িতা, সুখকর। "°দিকহ্লারসমীরণ।—মাঘ ১২.৬৬। ২ [+ √হ্লাদ্+ইন্-ক] যে আহ্লাদ করে, আনন্দকারী। ৩ (বাঙ্লায়) যাহার স্বভাব আনন্দসুলভ; যে সহজেই আহ্লাদিত হয়; আহ্লাদপ্রবণচিত্ত। "ঘিরেছে আহ্লাদ গাটাময়, এত আহ্লাদ ভাল ত নয়! সামালিতে না পারলে পরে, আহ্লাদী লোক মরে দা ৫৩২। [°কর (বিণ)—সুখকর। আহ্লাদিয়া—আহ্লাদিত করিয়া। "অ.প ২৯। আহ্লাদিতে—আহ্লাদিত করিতে। "চৈ.চ ২০। আহ্লাদে আটখানা—আনন্দের মাত্রা এত অধিক, যেন তাহা দেহে ধরিল না, দেহ ফাটিয়া আটখানা হইয়া আটদিকে পড়িল; আনন্দাতিশয়ে তৎসূচক নেত্রমুখাদি অতি-বিস্ফারিত, যেন ফাট-ফাট। তু "তনৌ মমুস্তত্র ন কৈটভদ্বিষস্তপোধনা-ভ্যাগমসম্ভবা মুদঃ মাঘ ১.২৩।]

আহ্লাদক, -হ্লাদকর, -হ্লাদন, -হ্লাদিত, -হ্লাদী[১] দ্র 'আহ্লাদ'।

আহ্লাদী[২] বিং যে মেয়ে বাপ-মায়ের অনুচিত প্রশ্রয় ও আদর পাইয়া বিগড়ায়; আদুরী (মেয়ে)।

আহ্লাদে বিং [আহ্লাদ+এ[৮]] ১ যে ছেলে বা মেয়ে বাপমায়ের অনুচিত প্রশ্রয় আদর পাইয়া বিগড়ায়; আদুরে (মেয়ে, ছেলে)। "আহ্লাদে কন্যা তব কামিনী রতন। তাই বুঝি তারে এত কর হে যতন॥—বা.দ ১২১। ২ অতি-স্বামি-সোহাগিনী। "কোন গবাক্ষের কাছে রমণী আহ্লাদে। লক্ষ্য করি অন্য জনে কথা কহে ছাঁদে॥—হেম ৩৮০। [আহ্লাদে গোপাল—যশোদার আদুরে ছেলে কৃষ্ণ; (গৌণার্থে) অনুচিত আদরে বিগড়ান ছেলে। "আমার আহ্লাদে গোপাল গি.ছি ১১২। আহ্লাদে পুতুল—১ শিশুর খেলনা হাসিহাসি-মুখ স্থূলোদর রঙ-করা মাটির পুতুল। ২ যে ছেলে বা মেয়ে অন্যায় আদর-আব্দার করে। "তীর্থস্থানে পা পড়িলে আহ্লাদে পুতুল। হাট-বাজারে

লজ্জাহীনা, ঘরে কুঁড়িফুল ॥—হেম ৩৯০। আহ্লাদে মেয়ে—যে মেয়ে বাপ-মার বা কাহারও কথা সহিতে পারে না, অল্পেই অভিমানিনী হয় ও কাঁদে। "দেখ আমার মা আমাকে গালি দিল, আমিতো তোমার মত কাঁদিলাম না। তুমি যেমন আহ্লাদে মেয়ে হইয়াছ।—ব.প ১৭৬৭।]

আহ্বয় পুং [আ+ √হ্বে+অ (শ)-ণ (ত.বা)] **১** 'আহ্বান-সাধন', সংজ্ঞা, নাম। "শতাহ্বয়া, ষষ্ট্যাহ্বয়া, বৎসাহ্বয়া, গজসাহ্বয়, চক্রসাহ্বয়, নাগসাহ্বয় (S.W.)। কাব্যং রামায়ণাহ্বয়ম্ রা (S.W.)। শ্যামা তু মহিলাহ্বয়া (অ.কো)। নদীং…বধূসরকৃতাহ্বয়াম্ মহা ৩.৯৯.৬৮। **২** [+অ-ধি] পণপূর্ব্বক পক্ষিমেষাদি প্রাণী দ্বারা যুদ্ধপ্রবর্ত্তনরূপ দ্যূতবিশেষ। [ইহা অষ্টাদশ ব্যবহারপদের একতম (মনু ৮.৭)।] —**হ্বয়ন** ক্লী [ণিজন্ত √আহ্বয়ি+অন (ল্যুট্)-ণ] নাম। "রথাঙ্গাহ্বয়না দ্বিজাঃ রা ২.৯৫.১১। —**হ্বয়িতব্য** বিণ [+তব্য-র্ম্ম; আর্ষ; 'আহ্বায়য়িতব্য' সাধু] আহ্বয়নীয়। "নেয়মাহ্বয়িতব্যা তে শয়নে বার্ষপর্ব্বণী মহা ১.৮২.১৫। —**হ্বা** স্ত্রী [+ √হ্বে+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] **১** আহ্বান। **২** [+অ-ণ] সংজ্ঞা, নাম। "রাহ্বাহ্বমহর্পতিং তমঃ (গ্রসতে) মাঘ ১৬.৫৭। —**হ্বান** ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** আকারণ, সম্বোধন। "দূরাহ্বানে গানে চ… প্লুতো মতঃ। সুহৃদাহ্বান।—পঞ্চ ৩.৪৫। **২** দেবাদির আবাহন। "মনু ৯.১২৬। **৩** রাজকৃত আকারণ; তলব করা। **৪** নিমন্ত্রণ। "রাজ্ঞঃ পার্ব্বণশ্রাদ্ধং দাতুমাহ্বানমাগতম্ হি ৪$\frac{9}{8}$$\frac{7}{8}$। **৫** স্পর্দ্ধা, যুদ্ধে ডাকা। **৬** [+অন-ণ] নাম। **৭** আহ্বানসাধন রাজকীয়পত্র; তলব-নামা, সমন (Summons)। —**হ্বায়** পুং [+অ (ঘঞ্)-ভা] **১** আহ্বান। "পা ৩.৩.৭৩। **২** [+অ-ণ] নাম, সংজ্ঞা। —**হ্বায়ক** পুং [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -য়িকা] আহ্বানকারক, দূত। "ভট্টি ২.৪৩। —**হ্বায়য়িতব্য** বিণ [+ √হ্বে+ই (ণিচ্)+তব্য-র্ম্ম] আহ্বান করাইবার (ডাকাইবার) যোগ্য। "কথমার্য্যচারুদত্তোঽপ্যস্মাভিরাহ্বায়য়িতব্যঃ মৃ (S.W.)। [আহ্বানি—স্পর্দ্ধাপূর্ব্বক আহ্বান করি; যুদ্ধে ডাকি। "দেবোদ্দেশে রণে আমি আহ্বানি রে তোরে মে ১৯৯। আহ্বানিলা—আহ্বান করিল; প্রত্যুদ্গমনপূর্ব্বক আনিল। "আহ্বানিলা হিমালয় করিয়া গৌরব বি.পা ৪০।]

আহ্বয়ন, -হ্বয়িতব্য, -হ্বা, -হ্বান, -হ্বায়, -হ্বায়ক, -হ্বায়য়িতব্য দ্র 'আহ্বয়'।

ই

ই[1] তৃতীয় স্বরবর্ণ। [ইহার উচ্চারণস্থান তালু—জিহ্বার অধস্তন প্রদেশ এবং করণ জিহ্বার মধ্যভাগ; অর্থাৎ 'ই'-কার উচ্চারণ করার সময়ে তালুতে জিহ্বার মধ্যভাগ সংশ্লিষ্ট করিলে, যে ধ্বনি হয়, তাহাই 'ই'-কার। সুতরাং 'ই'-কার তালুজাত বা তালব্য বর্ণ (তৈ ২.২২; ৩১; ৩২)। 'ই'-কার দীর্ঘ (দ্বিমাত্রাবিশিষ্ট) হইলে দীর্ঘ 'ঈ'-কার, এবং ত্রিমাত্রাযুক্ত হইলে প্লুত ই৩-কার হয়; অর্থাৎ এক 'ই'-কারই কেবল মাত্রাভেদে তিন নাম ধারণ করে এবং তদনুসারে সংস্কৃতে 'ই' 'ঈ' 'ই৩' এই তিন আকারে লিখিত হয়। এইরূপ মাত্রাভেদ থাকিলেও, এই ত্রিবিধ 'ই'-কার সবর্ণ। সংস্কৃতে এই 'ই'-ত্রয় হ্রস্ব দীর্ঘ প্লুত এবং সানুনাসিক নিরনুনাসিক ভেদে ষড়্বিধ। বাঙলায়ও 'ই'-কার ষড়্বিধ হইলেও, হ্রস্ব ও প্লুত 'ই'-কার উচ্চারণে সংস্কৃতেরই তুল্য, দীর্ঘ 'ঈ'-কার কেবল নামে ও লেখনে দীর্ঘ, উচ্চারণে হ্রস্ব; 'ঈশ' 'ঈশান' প্রভৃতির 'ঈ'-কার, 'ইষু' 'ইষুধি' প্রভৃতির 'ই'-কারের ন্যায় হ্রস্বই উচ্চারিত হয়। ই-কারের প্লুত উচ্চারণবিষয়ে নিয়ম প্লুত 'অ'-কারের ন্যায় (দ্র 'অ[1]')।]

ই[2] সক [ভ্বা, প (ইণ)—অয়তি; অদা, প—এতি; অনিট্; ছান্দস; Av. √i; cf., Gr. i-men; L. i-mus, i-ter, e-o; Gothic—i-ddja; Slav. i-dū] **১** গতি। "সভামীয়ুর্দ্বিজাতয়ঃ রা ২.৬৭.২। অলিরেতি বনাৎ কমলম্ হি ১.২০০। **২** প্রাপ্তি। "শশিনং পুনরেতি শর্ব্বরী রঘু ৮.৫৬। পুনর্জন্ম নৈতি মামেতি সঃ গী ৪.৯। **৩** উপশ্লেষ, উপস্থান। "মনু ৩.১২৭। **৪** প্রত্যাগমন (M.W.)। —সক [অদা, প (ইক্, অধিপূর্ব্ব)—অধ্যেতি; অনিট্] স্মরণ। —সক [অদা, আ (ইঙ্, অধিপূর্ব্ব)—অধীতে; অনিট্] অধ্যয়ন। [অতি—অত্যয়, অবসান। "অত্যেতি রজনী রা (S.W.)। ব্যতি—ব্যত্যয়, ব্যতিক্রম। অনু—অনুগমন। "সীতা চান্বেতু মাং বনম্ রা (S.W.)। অভি—অভিমুখগতি। অভি-প্র—অভিপ্রায়, অভিলাষ। অপ—অপায়, অপসরণ। উদ্—উদয়, উদ্গমন। "মাঘ ৪.২০। উদয়তি আনন্দ কন্দে বি.সা ২৫৬। উপ—**১** প্রাপ্তি, সমীপগমন। "উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ (হি)। **২** স্ত্রীসম্ভোগ। মনু ৯.৪। নির্—নির্গমন। প্র—পরলোকগতি। "প্রেত। প্রতি—প্রতীতি, বিশ্বাস। বি—**১** ব্যয়। **২** অপচয়। **৩** বিকারপ্রাপ্তি। "যন্ন ব্যেতি তদব্যয়ম্ (সি)। **৪** বিগম। "বীতরাগ। ব্যপ—ব্যপায়, অপগম, পৃথগ্ভাব। "ব্যপেত রা ২.১০৫.২৬। হি ৪.৭৩। সম্—সঙ্গম। সম্-প্রতি—সম্প্রত্যয়, সম্যগ্জ্ঞান; নিশ্চয়; সম্যগ্বিশ্বাস।

ই[3] সর্ব্ব [সং এষঃ > প্রা এহো > বা এহো, এহ, এ, ইহো, ইহ, ই; তু 'ই-হ (ইদম্+হ); তা "ই"; প্রা ঈ (এতে)—পৈ; Av. I—this that; হি ঈ; মৈ ই, ঈ; অস ই; cf., L. id; Old Ger. iz; Gothic—iba; E. it; অপ্র] **১** ইহা, এ। "ই বড় বিষম গণ্ডগোল শূ ১৪২। যা হয়েচে ই দেখে কত আমোদ করেচেন লী ১১২। **২** ইহা, এই কথা বিষয় কার্য্য বা ব্যাপার। "ই বলিয়া ব.প ২০৮; ই তব উচিত নয় ২১৬; ই দেখি ২১৭। ই বুলিয়া মী ২। ই লাগি বি.প ২২৫। —সর্ব্ব, বিং **১** এই, এ। "ই ভুবনে ব.প ২১৩। ই রস বি.সা ৬৭; ৭৪; ই মধুযামিনি ২৫১; ই ধন মাগঞো ২৬৭; ই নব যৌবন ৪২৭। **২** এইপ্রকার, এরূপ। "ই কামড় খ্যায়া ব.প ২৪৪। **৩** এই বর্ত্তমান। "ইক্ষণে ছেদিব ম.পা ১৪৯; ইক্ষণে ত্যাগিব ১৫৮। ই জন্মে ব.প ১৩০৪। [ই কি—এ কি। "ই কি বিপরীত ব.প ৬১৩; ই কি ঝকমারি ১৮৪৬। ই কি অলক্ষণ বি.সু ৭২। ইকুল উকুল—এদিক্ ওদিক্; এপক্ষ ওপক্ষ। "ইকুল উকুল আহ্মি কিছু না পাইমু গো.বি ১১৬। ইগ্লা—এ গুলা, এ সকল। "ইগ্লা কথা মিথ্যা গো.চ ৬২। ইটা—এটা, এ লোকটা। "বাপ রে ইটা আল্য কে ব.প ৫২৭। ইটি—এইটি (আদরে)। ই তিন—এই তিন। "ই তিন ভুবননাথে চ.বি ৩; ২০৫। গো.বি ৪৭। ইবা—এ বা; বস্তুতঃ ইহা। "ইবা কোন আসন লইব অহঙ্করী ব.প ৬১৪। ই সকল, ই সব (মৈ ঈসভ)—এই সব। "ই সব বচন মী ১২; ২৬; ই সকল এড়িয়া ২৮। ই সব বেসাত ব.প ২৪৫; ই সব পদাতি ৫৩২; ৫৮২।]

ই[4] অব্য [সং হি > বা ই (হ-লোপ); হি ঈ; ই (চ ৬০); তু 'সেহি থানে শূ ৫৬] **১** অবধারণে, নিশ্চয়ে; বাস্তবিক, বস্তুতঃ। "নিবাসে বাস পুন দেয়ল সোই ঃ সোই রসিকবর বি.প ১৪৫। সে-ই ভাগ্যবান ঃ সে-ই তাহা পায় ঃ সে-ই ধন্য চৈ.চ ৩৩৮। ফতে হইল উহারি কারণ ভা.চ ৪৭৭। অসৎ কর্ম্মই করিয়াছি সী ৪৫। **২** ঠিক। "উচ নীচ না বুঝি পড় সেই ঠাম বি.প ১৪৫। আমার যেমন অদৃষ্ট, তেমনই ঘটিয়াছে সী ৪৭। **৩** একমাত্র, কেবল। "সেই মাতা সেই পিতা সেই বন্ধুজন। সেই হর্ত্তা সেই কর্ত্তা সেই মাত্র ধন ॥—চৈ.ম ১৩৭। **৪** অভিন্নতা, অনন্যতা (Self-sameness), স্বয়ং, নিজে। "সেই আসি দেখে গেল অশোকবনে সীতা। সেই করাল রামের সনে সুগ্রীবের মিতা ॥ সেই ভুলালে বিভীষণে…। সেই সাগর বেঁধে দিল…॥—কৃ ২৪৮। সেই বুক

সেই মুখ সেই নাক কাণ (ভা.চ)। ৫ একেবারে, আদৌ। "তাঁহারা …কিছুই অনুধাবন করিতে না পারিয়া…তদীয় বদন নিরীক্ষণ করিতে লাগিলেন সী ২৬। ৬ পাদপূরণে। "আধই হৃদয়ে হাড়ের মালা ভা.চ ৯৪ ; ৯৫। ৭ ক্রিয়ার পরবর্ত্তী কালের অবধারণে। "ও পাপ মলেই বাঁচি।—বঙ্কিম। এক বাজি উঠিলেই বামাও উঠিয়া গেল ব.প্র ৪৭০। ৮ ক্রিয়ার আনুষঙ্গিক ক্রিয়ান্তরের অবশ্যম্ভাবিতা। "জন্মিলেই ম'রতে হবে, ম'লেই জন্মাতে হবে। ৯ কেবল, মাত্র। "কথা ব'লেই হয় না, ক'লেই হয়। ছেলে হ'লেই সুখ না, মানুষ হ'লেই সুখ। [সবাই—সকলই, অর্থাৎ একটিও বাদ নাই। "সবাই ছেড়েছে নাহি যার কেহ, তুমি আছ তার, আছে তব স্নেহ।—রবীন্দ্র।]

ই[৫] কা.ক্তি [সং ই (ঙি) > প্রা ই (হে ৪.৩৩৪) ; সং স্মি, ঙি > প্রা. ই (প্রা.স ১৫.৩ ; ৬)] ১ কর্তৃকারকের একবচনের বিভক্তি। "বউ মানসি ঘোড়া চাপে।—নী ২৩। ২ অধিকরণকারকের বিভক্তি। "মাঘ মাসি গো.চ ১৭৫। গুরুজন সমুখই বি.প ৪৬। মিহিরজা-মৃদুমন্দ মারুত৹ মনই মনসিজ সাতি গো ২৪৮। প.ক ১৭২২। তুরিতে লুকায়লী দেহই গাঁথা রা.শে ১৩। [তু 'সং অস্তি (অন্তে) ভ ১০.১২.৩৫। গাথায়—কালি (কালে), বনি (বনে), অভ্যন্তরি (অভ্যন্তরে)।—শিক্ষাসমুচ্চয় ১০০, ১৯৫, ২৪০। কায়ি (কায়ে)।—ললিতবিস্তর।]

ই[৬] ক্রি.ক্তি [সং তি (তিপ্), তে > প্রা ই (প্রা.প্র ৭.১) > বা ই ; তু 'জাণই (জানন্তি), মাণই (চ ৬৯)] ১ কর্তৃবাচ্যে বর্ত্তমানকালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "দো ১১২ ; গমই ১২৭। ঘুমই চ ৫৫ ; দিশই, দিসই, দিস্‌সই (দৃশ্যতে) ৬০ ; ৭১। আনি (আনই) বি.প ৬৩ ; অবগাই, রটই, নটই ৯৯ ; গাওই, আওই, উত্তাপই ১৬৯ ; করই, হেরই ১৮৮। শুভই, রথই, দণ্ডই, হুঅই (প্রা হরই) ব.প ৮৯। বিলাসই চৈ.ম ৬ ; পিবই ৮ ; দেই (লি দেতি, প্রা দেই) ১৩ ; ৪৩। বিভূতিভূষণ দেই অঙ্গে ক.চ ১৪ ; জগজনে তোমা জানি ১৬৩ ; জয় জয় দেই রামাগণ ২২৫। দেহি (দেয়) ম.পা ৭৯ ; ১৭৯। দেই, নেই শ্রী.মা ১২০। পলাই ১৯৪। যোগাই, হোই (প্রা হোই) ব ১২৯। লেই (লি নেতি) শ্রী.ম ৬৫ ; ধবই ৬৯ ; গুঞ্জই ৮৬ ; হই ১০২ ; মারি ১৭৪ ; করই ২৩৩। গায়ই চৈ.ভা ২১১। গণই, দহই গো ২৪৮। বেদধ্বনি… হৃদি মোদই ভরই ন.প ১১৪। হেরই, বিহরই প.র ১১ ; বহই, লেই, বীজই ১২। জিনি (জিনই) জ ২৭। চাঁদমুখা টাকা দেই ভা.চ ৪০৭। (ণিজন্ত) ধেনু চরাবই, বেণু বাজাবই (তু 'প্রা হসাবই, করাবই—হে ৩.১৪৯) শ্রী.ম ১৩৩। ঐ রাগরাগিণী বাজাই চ.সা ২১০। তৎক্ষণেত তাহা অভ্যাস হই কৃ.চ ৬। [বৈষ্ণবসাহিত্যে এইরূপ ক্রিয়ার ভূরি-প্রয়োগ]। ২ [সং (আগমসহিত) আ-মি (মিপ) > প্রা অমি, আমি (হে ৩.১৫৪) > বা (অঁই) ই ;—যেমন, সং পঠামি > প্রা পঢমি > ড় পঢইঁ > বা পড়ি (C.G. § 497) ; তু 'বিরহুঁঈ (বিহরণং করোমি—চ ৬০)] কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "আহ্মি বেড়াই গো.বি ৬৮। আমি কেন জী : পানী আন পী ম.ম ১১১। মোরা বটি ডোম ব.প ২৮১। বটি নিজ দাসী বি.সু ৩৯। সদা কই উমা কই লু.র ৯৪। ধরিব তোমায় ; দেখি পারি কিবা হারি হরি!—গি.দ্বি ১৩৮॥ [তু 'এতকালে শুণী (শুনিতেছি) শ্রী.কী ৩৭ ; আহ্মে অসুর সংহারী ১৯১।] ৩ [সং সি (সিপ্) > প্রা হি (হে ৪.৩৮৩) > বা ই] 'করিল, করিব' ইত্যাদি 'ইল, ইব' প্রত্যয়ান্ত ক্রিয়ার অন্তস্থিত অসম্ভ্রমসূচক মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। দ্র 'ইবি'। "ভারতে পাবি (পাইবি) না স্থান : মরিবি, ওরে যবন সন্তান! ন ৫০০ ; কেমনে শত্রুরে পৃষ্ঠ করালি (করাইলি) দর্শন ? ৫০৪।

ই[৭] প্র [সং ক্ত্বা > প্রা ই (ষ ৩.৩.১৮) > বা ই ;—যেমন, সং কৃত্বা > প্রা করই, করি (পৈ) > বা করি] অনন্তরার্থক অসমাপিকা ক্রিয়ার প্রত্যয়। তু 'ইয়া'। "গই (গিয়া) চ ১৪ ; থোই (থুইয়া) ১৬। ণিসরি (নিঃসৃত্য) জাই দো ১১৮। কহসি হসি বি.প ১৬ ; নিরথই, বহই ১০৪ ; নাহই উঠনু ১৩৯ ; নয়ন কাজর দেই৹ লিখই বিধুন্তুদ ১৯৫ ; জনম গোঙায়লি রোই ১৯৭। দেই, লয়ি, থাকি (শ্রী.কী)। ধাই ম.পা ১১৬ ; (ণিজন্ত) বাজাই ১৩৪ ; করাই ১৭৫। গোঞাই গো.বি ১৯ ; ধ্যায়াই ৪২ ; পাই ৪৪ ; চেয়াই, বুঝাই ৪৯ ; ভোলাই ১০৩। কই ম.ম ১৩। দেই আছি (দিয়াছি) ব.প ৮৯ ; জীয়াই ১৮৪ ; রোই ১০১৫। বিলাপই ব ২২ ; আই (আসিয়া) ১০৬ ; বনায়ই, ঠাড়ি, নাই ১০৮ ; হোই ১২৯। মহী মাহা গড়ি যাতি গো ২৪৮। অনুসরি, উঠি, জানি, জিনি, ঠেলি, তেজি, পরিহরি, ফেলি, সাজি (প্রা অণুসরি—পৈ ১.২০৫, উট্‌ঠি, জাণি, জিণি, ঠেল্লি, তেজ্জি, পরিহরি, পেল্লি, সাজ্জি—পৈ)। [তু 'শুণী (শ্রী.কী)। প্রা অণুসর (অণুসরি—পৈ)। হি কর—জাকর ইত্যাদি।] ২ [ইতে > ই] সমর্থার্থক ক্রিয়ার যোগে অসমাপিকা ক্রিয়ার প্রত্যয়। "কহই না পারিয়ে বি.প ১৪৫ ; সহই (সহিতে) না পারিয়ে : চলই (চলিতে) না পারি ২০০। পন্থ বিপন্থ কছু৹ লখই না পারিয়ে : পথ লখই না পারই গো ২০৬। রহই ন পারি ব ৭৫ ; চলই না পারই ৮৩ ; উঠই না পারই ১১৪ ; সম্বরি নাহি পারই ১২৮।

ই[৮] প্র [সং ঈয় (ছ) > বা ঈ, ই] ১ তৎসম্বন্ধী, তদ্‌যুক্ত, তন্মিশ্র, তৎকারক। "আন্ধারি (অন্ধকারজনক দ্রব্য) চ.বি ৩৭। পাঁচ ওয়াক্তি নামাজ।—আনন্দমঠ। গুড়চাউলি।—শ্রী ১৯। ২ তত্র জাত ; তত্রত্য। "আগরাই, খাগড়াই, ঢাকাই, পাটনাই, বসরাই। ৩ তৎ-সম্বন্ধী কার্য্য বা ব্যয়। "চেরাই, ধোলাই, ফাড়াই, বাঁধাই। [তু 'হি ধুলাঈ ইত্যাদি, G.H. § 612 (5)] ৪ তদ্‌বোদনে কুশল। "এস্রাজি, -জী, খুলি, -লী, ঢাকি, -কী, ঢুলি, -লী, মৃদঙ্গি, -ঙ্গী (সং মার্দ্দঙ্গিক), সেতারি, -রী (দ্র 'ঈ[৭]')।

ই[৯] প্র ১ শব্দের উত্তর বিহিত হ্রস্বার্থক প্রত্যয়। "কাঠ (বড়)—কাঠি (ছোট), কুটা—কুটি, থাল—থালি (হাঁসথালি), গোছ, -ছা—গুছি, চাল—চালি, ঝোড়া—ঝুড়ি, পোঁটলা—পুঁটলি, বাটা—বাটি, মালসা—মালসি, হাঁড়া—হাঁড়ি। করড়া করড়ি বাজে কৃ উ ২১৯। দ্র 'ঈ[৯]'। ২ 'অস্থূল, সরু, সৌষ্ঠববিশিষ্ট (finely-made)' অর্থে। "রসা—রসি, দড়া—দড়ি ইত্যাদি। [হিন্দীতে—ওঢ়নী (ওঢনা), গাড়ী (গাড়া), ছুরী (ছুরা), থালী (থালা), পোথী (পোথা), রস্‌সী (রস্‌সা), রোটী (রোটা) প্রভৃতি শব্দ এইরূপ হ্রস্ব-প্রভৃতি অর্থে ব্যবহৃত হয় ও ইহারা স্ত্রীলিঙ্গ। স্ত্রীজাতির হ্রস্বতা তনুতা প্রভৃতি স্বাভাবিক ; ইহাতে বোধ হয়, স্ত্রীপ্রত্যয়ের সহিত ঈ-কার ও ই-কারের সম্বন্ধ আছে। সংস্কৃতে—'কৃপী কৃপাণী শূর্পী' শব্দ, মৈথিলীতে—'ভাট্টি'—ভট্টা (অর্থাৎ ভাঁটি, ভাঁটা) শব্দ, ফারসীতে—'পিয়ালী'—প্যালা (অর্থাৎ পিয়ালী, পিয়ালা) শব্দ এইরূপ।] ৩ আদরে, বাৎসল্যে। "ছেলেটা (অনাদরে)—ছেলেটি (আদরে), মেয়েটা—মেয়েটি ; থানা—থানি।

ই[১০] প্র [সং ঈ (ঙীপ্) ; মৈ ঈ, ই] বাঙ্‌লার স্ত্রীপ্রত্যয়। দ্র 'ঈ[৬]'। "বিকলি, মুগধি (শ্রী.কী)। অগেয়ানি বি.প ৩৩ ; বেলি ৫৪ ; ১২৭ ; বালি বিলাসিনী ৬১ ; গোঙারিণি ১১৮ ; অবগাঢ়ি (নিমগ্না) ১৪২, আগরি ১৭৭ ; হাসিনি দেই (হাসিনী দেবী) ২২৩। যামিনি বি.সা ২৫০, তরঙ্গিনি ৫২৭। গোঙারি গো ১৯৫। আগরি চ.দা ৭৭। শ্রী.ম ১৮৮। ব্রাহ্মনি জোগিনি হই গো.বি ৬৪। উনমতি জ্ঞা ২০৮ ; গো ৩৮। খোজতি ফিরতি, জননী যশোমতী, আওল কুঞ্জকুটীর ব ১২৪। [বোধ হয়, গানের সুরের জন্য পদাবলীর দীর্ঘ স্বর হ্রস্ব হইয়াছে। 'পাঁচই, ছঁই' প্রভৃতির 'ই' মূলতঃ স্ত্রীলিঙ্গসূচক। দ্র 'আটই'।]

ই[১১] ১ য-র-ব-ফলা-যুক্ত বর্ণের ব্যঞ্জন ও ফলার মধ্যে আগম 'ই'। "বরিষণ (বর্ষণ; র্ষ >রিষ) বরিহা (সং বর্হ), বিয়াকুল (ব্যাকুল; ব্যা>বিয়া), বিয়াজ (ব্যাজ), বিয়াপি (ব্যাপি, অর্থাৎ ব্যাপিয়া), হরিষ (হর্ষ), সরিষা (সর্ষপ)। বনি (বণ্য >বনিঅ >বনি), ধনি (ধন্য) গো ৮৩; লাবণি (লাবণ্য) ২৭০। [তু 'ছান্দস—যদ্রাত্রিয়া পাপমকারিষম্ (যদ্ রাত্র্যা পাপমকার্ষম্)। সং ত্রিয়ম্বক (ত্র্যম্বক), বৈয়াকরণ ইত্যাদি। লি—বদানিয় (বদান্য), রাজিয় (রাজ্য), সকিয় (শক্য) ইত্যাদি।] ২ শব্দের শেষে স্বার্থে 'ই'। "গাঁথনি, চাহনি, দোলনি, হেরনি। মুকুলি (মুকুল) বি.প ৩৫; বারিজি ১২১; শপথি ১২২। সাজনি, বাজনি গো ৮২। দুবরি (দুর্ব্বল) ব ১২৭। দ্র 'অনি'[২]। [তু 'সং বিরঞ্চ, -ঞ্চি, বিরিঞ্চ, -ঞ্চি। হি কহনী, সুননী, করনী, রহনী (C.G. § 319)।] ৩ উষ্মবর্ণাদি শব্দের প্রথমে আগম 'ই'। "ইষ্টাকিন্, ইষ্টিমার, ইষ্টিশান, ইষ্টেট্, ইস্কুল্ ইত্যাদি। [তু 'লি, প্রা ইথী; গাথায়—ইস্ত্রি (স্ত্রী:—শিক্ষাসমুচ্চয়); হি ইস্তিরি ইস্ত্রী, ইস্তুতি, ইস্পংজ্. (Sponge), ইস্পাত, ইস্পিরিট্, ইস্পেশাল্ ইত্যাদি; মৈ. সি, সিংহলী, জাটু—ইস্ত্রী; গু ইষ্টাকীংগ্, ইষ্টেট্, ইস্কুরু, ইস্ত্রী (ধোপার); মৈ ইষ্টাকীন; E. especial, espouse।] ৪ শব্দের মধ্যে আগম 'ই'। "মাইজ (মধ্য, মাঝ) শূ ৫৮, সাইল (সালবৃক্ষ) ৪৯। ছাইল, ছেইলা গো.চ ৪৮। শুইনে (শুনিয়া >শুন্যা >শুনে, শুইনে) ম.গা ২৬। কৈরে (করিয়া) ব.প ৩২। কৈরাছে চ.দা ২৪। Cf. Av. aiti (ati), aipi (api), paiti (pati, prati)। ৫ বর্ণস্থান-পরিবর্ত্তনজন্য 'ই'। "আইদ (আদি) শূ ৫৭। আইজ (আজি), আইর্ড়, -ল (আলি), আইত (রাতি)। বুইলা, জইলা (বুলিআ, জলিআ) গো.চ ৯৫। ধইরা (ধরিআ) ব.প ১১৪৩; তুইলা (তুলিআ) ১৪২৫। কৈরে (করিএ) গো.চ ১৪; সইরে (সরিএ) ২৫৮। ৬ সম্প্রসারণ অর্থাৎ সন্ধিজাত য-স্থানে 'ই'। "বিণিঞ (ব্যজনী—শ্রী.কী), বিয়নী। [তু 'লি ত্রীহ (ত্র্যহ), বীতিক্রম (ব্যতিক্রম), নিক্কু (ন্যুক্কু), নিগ্রোধ (ন্যগ্রোধ)। প্রা বিঅণ (ব্যজন)।] ৭ পরস্পর একরূপ কার্য্য করা অর্থে একাকৃতি শব্দদ্বয়ের অন্তস্থিত 'ই'। "আড়াআড়ি, কাটাকাটি, মারামারি, লাঠালাঠি, হাতাহাতি ইত্যাদি। তু 'সং কেশাকেশি, দণ্ডাদণ্ডি, হস্তাহস্তি ইত্যাদি (পা ৫.৪.১২৭)।]

ইঅ ক্রি.বি [সং য (কর্ম্মবাচ্যে যক্) + ত (লোট্) প্রা ঈঅ (প্রা.প্র ৭.৮) + হ >বা (ঈঅহ) ইহ >ইঅ, -য়, ইও; অপ্র] কর্ত্তৃবাচ্যে অনুজ্ঞায় মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "হইঅ দীর্ঘাই গো.বি ৫১; সারিঅ জানিঅ গুরু না করিঅ ভুয় ১৪৯; না বুলিঅ আর ১৬৬। হইঅ গ ১৪৭; জাইঅ ১৭৬। হইঅ ম বি ২৬১। সভে হয়্য (হইঅ) সাক্ষী ক.চ ২০২। রঅ্য (রহিঅ) কৃ.অ ১১; (ভবিষ্যতে করণীয় অনুজ্ঞায়) দিঅ, কহিঅ, কয়্য, জানায়্য, কর্য্য ১৫; মর্য্য ১৯। মান্য ব.প ৪৩১; আস্য ৪৮০; হয়্য ৫১১; দিয়াস্য (দিয়া আসিঅ) ৫৩৪; ভাণ্ডায়্য ১৩৫৫। কাইন্দ (কান্দিঅ >কান্দ্য, কাইন্দ) ব.প ৫৭; রাইখ ৬১; জান (জানিঅ >জান্য, জাইন >জান) ১৮২। কয়্য দু ২৫।

ইআ[১] প্র [দ্র 'ইয়া'[২]; অপ্র] সর্থ 'ইয়া'[২]। "আসাড়িআ, ভূমিচম্পক চম্পক শ্রী.কী ২০৬।

ইআ[২] প্র [সং ত্বা (ক্ত্বা) >প্রা ইঅ (প্রা.স ১৫.১০), ইয় (হে ৪.২৭১) >বা ইআ, -আঁ, -য়া;—কৃত্বা >করিঅ (নাগানন্দ ৫২১১), করিয় (হে) > বা করিআ, -য়া; অপ্র; তু 'করিঅ, পুচ্ছিঅ (চ)] 'অনন্তর' অর্থে অসমাপিকা ক্রিয়ার প্রত্যয়। "পাঠাইআ কৃ.অ ১; লইআ, বলিআ, হরিআ ১২; সাজাইআ, গিআ ১৫। থুইআ, দেখিআ, বাড়িআ, ভরমিআ।—শূ ১২। লইআ অ.প ১২১। বুঝাইআ, লোটাইআ কৃ.উ ২৮৩। হৈআ গ ৪৯। লৈ (লইআ) ম.পা ৪৮। শুয়্যা ব.প ২৯৬; হয়্যা, কর্য্যা ৬৭৬; পায়্যা ৬৭৭ সাধ্যা, সয়্যা, কয়্যা ৬৭৮, ছাড়্যা ৭০০; মেটায়্যা ১৩৫৬। মাগ্যা জ ২৮; খায়্যা ৭২। ঘনায়্যা শ্রী.ম ১১। [তু 'বুইলা (বুলিআ >বুইলা), জইলা গো.চ ৯৫। ধইরা (ধরিআ) ব.প ১১৪৩; তুইলা (তুলিআ) ১৪২৫।]

ইআঁ প্র [ইআ[২] >°আঁ, উচ্চারণ বা অনুনাসিক হেতু সানুনাসিক; অপ্র] সর্থ 'ইআ'[২]। তু 'ইঞা'[২]। (উচ্চারণ হেতু সানুনাসিক) "খাইআঁ, চড়সিআঁ, করিআঁ, গিআঁ, ডুবিআঁ, দিআঁ, লইআঁ, লিখিআঁ, হইআঁ, হআঁ (শ্রী.কী)। করিআঁ ব.প ৯৬৮। (অনুনাসিক হেতু সানুনাসিক) "গান্ধাআঁ (গান্ধাইআঁ), নিআঁ, নিআঁছিস, মাগি(নি)আঁ, মারিআঁ, মিলিআঁ, মুছিআঁ, মুণ্ডিআঁ, শুণিআঁ, শম্বিআঁ (শ্রী.কী)। জন্মাআঁ (জন্মাইআঁ) কৃ.উ ১২৮। [তু 'করাআঁ (করাইআঁ), গাআঁ (গাইআঁ)।]

ইআছ ক্রি.বি [ইআ[১] + √আছ >ইআছ + অ[৭] (২); অপ্র] ১ কর্ত্তৃবাচ্যে অতীত মধ্যমপুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "শূকরের হাতে তুমি সপিআছ গেজা। মান কচু সপিআছ যত সব সেজা॥ রাখিয়াছ (টীকা) গো-বি ১২২; করিআছ ১২৩। শুনিআছ অ.প ৬০; করিআছ ৭৯; জিনিআছ ৯০। ইন্দ্র হইআছ তুঙ্গি গ ৪৭। পায়্যাছ ব.প ৫২৩; ধর্য্যাছ, রয়্যাছ ১৩৫৫। দেখ্যাছ কৃ.অ ২৫। শুন্যাছ ক.চ ১৫২; কর্য্যাছ ২১৮। বর্জ্জ্যাছ কৃ.উ ২৫৬। বনায়্যাছ ভা.চ ৬৭৪। হয়্যেছ দু ২৪। ২ [ইআছ + ও[৫] >ইআছো >°ছ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "যত ধর্ম্ম করিআছ (অর্থাৎ করিয়াছি) জন্ম জন্মান্তরে অ.প ৭৯। —ছি [ইআছ <ই[৬] (২), অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "দেখিআছি গো.বি ৮২। করিআছি অ.প ৭৭। আসিআছি ব.প ৬৯২। রাখিআছি কৃ.অ ৩২। হৈআছি গ ৩৩। রাখ্যাছি কৃ.উ ২৪০। কর্য্যাছি ম ৭৫৯। শুন্যাছি ব.প ৪২৭; ধর্য্যাছি ৫২২; বুলিছি ৫৩১; আণ্যাছি ৫৩৪; এন্যাছি ৮৭৫; পায়্যাছি, জান্যাছি ৯২০। [তু 'থুঞাছি]। —ছিস [ইআছ + ইস[৩]] কর্ত্তৃবাচ্যে অতীত মধ্যম পুরুষের অসম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "তোঁ মোর নিআঁছিস বাঁশী শ্রী.কী ৩২৫। —ছে [ইআছ + এ[৬]; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "মিলিআছে অ.প ৬৪; পড়িআছে ১২৪। আসিআছে কৃ.অ ২৫। ব্যাপিআছে ম.পা ৭৪। রহিআছে গ ৮৫। রৈছে ম.পা ২; দিছে ৬; বস্যাছে ২৪; শোভ্যাছে ৪২। বেড়্যাছে ব.প ৩৮৩; বধ্যাছে, কাট্যাছে, জীয়ায়্যাছে ৪২৭; ধর্য্যাছে ৫২৫; ঠেক্যাছে ৫২৭; উপড়্যাছে ৫৩০; কয়্যাছে ৮৮২; তেজ্যাছে ১৩৬১। [তু 'বাজ্যাছে (বাজিছে), সাজ্যাছে, ইত্যাদি ম.পা ২৪।] —ছেন [ইআছ + এন; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "রহিআছেন গ ১২৮। হইআছেন কৃ.অ ১৫; বস্যাছেন, আস্যাছেন ২৭। কর্য্যাছেন ব.প ৮৬০।

ইআছি, -ছিস, -ছে, -ছেন দ্র 'ইআছ'।

ইউঁ, ইউ ক্রি.বি [ইবুঁ >ইউঁ, -উ; অপ্র] কর্ত্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "বিস্তারিয়া কহ মুনি শুনিউঁ কথন কৃ.উ ২৮। জাইউঁ, -উ, পুছিউ, লইউ, লড়িউ, সাজিউ, করায়িউ (শ্রী.কী)।

ইউরোপ বি [E. Europe] ১ ইংরাজ ফরাসী প্রভৃতির বাসস্থান প্রতীচ্য মহাদেশ। "চলেছে ইউরোপবাসী উপহাসি অচলে।—হেম ৩৭৪। ২ ইউরোপবাসী। "ইউরোপ আসিয়া আসি, এ রণতরঙ্গে ভাসি, কৈল শক্তি তুলনা —হেম ৩৭৪; ইউরোপ ব্রহ্মাণ্ডজয়ী ৩৭৫। [°পীয়—ইউরোপসম্বন্ধী, ইউরোপবাসী, ইউরোপে স্থিত, জাত, কথিত বা প্রচলিত (দেশ, দ্রব্য, ভাষা, প্রথা)।]

ইএ[1] ক্রি.ক্তি [সং য (যক্—কর্ম্মবাচ্যে) + তে > প্রা ঈঅ (প্রা.প্র ৭.৮) + এ > বা (ঈঅএ > ঈএ) ইএ ; অপ্র ; তু 'কি(কী)অই (ক্রিয়তে) —দো ; করিঅই, মরিআই, পাবিঅই (ক্রিয়তে, ম্রিয়তে, প্রাপ্যতে) —চ] ১ কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "দেখিএ শ্রী.কী ৪৫ ; হইএ ১০৬। আমি…চামর করিএ বায়ে মী ৫ ; কহিএ ১৩। করিএ গ ৪৬। নিবেদিএ শ্রী.মা ৬২। বলিএ কৃ.অ ৪ ; কহিএ ২৭। চাহিএ ব.প ৪৬২ ; দিএ ৬২২ ; ভাবিএ ৯৯৫। করিএ মধুপান চ.বি ১০৪। বুলিএ অ.প ১২৪। মাগিএ ম.পা ১ ; বলিএ ৫১ ; ডাকিএ ৫৩ ; ভক্ষিএ ৯৫। কল্পিএ ম.বি ২৪৯ ; দেখিএ ২৬৮। দিএ আমি জ ৮৪। শুনিএ চৈ.ম ৭২। ২ কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "সোনা ভাঙ্গিলে আছে উপাএ৹ জুড়িএ আগুন তাপে। পুরুষ তেহা ভাঙ্গিলেঁ৹ জুড়িএ কাহার বাপে॥—শ্রী.কী ৩৬৭। না মরিএ ননদিনী ব.প ১৩২৫। সর্ব্ব আত্মা দানে রাজা না হইএ কাতর ণ ৪৮। [তু 'নাহি' নীএ—লই নাই ; শুণীএ—শুনিবে ; পাইএ—পাইবে ; পোড়াইএ—পোড়াইবে (শ্রী.কী)। 'ইএ' প্রাকৃতে কর্ম্মবাচ্য ও ভাববাচ্যের ক্রিয়ার বিভক্তি, বাঙলায় কর্ত্তা-অনুসারে কর্ত্তৃবাচ্যে ব্যবহৃত হইয়াছে। প্রাকৃতেও এরূপ প্রয়োগ আছে। যেমন, "কিং করিএ মণিমংত (কি করে মণিমন্ত্র) পৈ ১.৬।]

ইএ[2] প্র [ইআ[2] > ইএ (আ > য়া > ই(এ) আ > এ)] সর্থ 'ইআ[2]। "মাগিয়া খাইএ আক্ষি বেড়াই গো.বি ৬৮। বসিএ ম.পা ১১৬। সইরে (সরিএ) ব.প ৭৩ ; ঘুচাএ ১৪৬ ; বৃষভে চাপিএঃ গৌরীরে কহিএ ১৪৭ ; হএ, বলিএ ১৪৮ ; করিএ, ভর্ৎসিএ ১৪৯ ; লোটাইএ, ভাবিএ ১৫৩ ; বাঁকাএ ২৯৭ ; হৈএ ৭৩৬ ; নোয়াএ ৯৩৬। শুনিএ অ.প ১২৭। গে (গিয়ে) কৃ অ ২৫। কৈরে (করিএ) গো.চ ১৪ ; সইরে (সরিএ) ২৫৮।

ইও ক্রি.ক্তি দ্র 'ইঅ'। "রোইও কলা ব.প ১১২। করিও ম.বি ১৫৮। জানিও ম.ম ৮২ ; থুইও ১০৪। কহিও কৃ ২৪৭ ; হইও ৩২১। হৈও চৈ চ ৯৭। দিও শি ৭৬। জিজ্ঞাসিও মে ৪৯ ; বক্ষো না ৯৭।. আস্থা থাক্যো ব.প ১৩৫৫ ; থাক্যো, বান্ধ্যো, কর‍্যো ১৩৫৬।

ইং, ইঃ 'ইস্তক' শব্দের সংক্ষেপাক্ষর। "ইং ১লা, লাং (ইস্তক পহিলা লাগাৎ) ৩০শে বৈশাখ।

ইংল্লণ্ড, ইংলণ্ড বি [E. England] ইংরাজের বাসস্থান ইউরোপীয় দেশবিশেষ। "সে কালীন বেকেট্ ইংল্লণ্ডে…অনেক অনেক অনাচার করিল ব.প ১৭২৬।

ইংরা(রে)জ বি [P. Inglēz ; F. Anglais ; A.S. Englisc ; E. English] ইংলণ্ড-দেশের অধিবাসী। "উড়িল পাঠানরাজ্য ইংরাজের ফুৎকারে।—হেম ৩৭৪। 'হুর্‌রে! হুর্‌রে!' করি গর্জ্জিল ইংরাজ ন ৪৯৯। ১১৭৬ সালে বাঙ্গালা প্রদেশ ইংরেজের শাসনাধীন হয় নাই ব.দ্বি ৯৩। [ইংরাজলোক—ইংরাজজাতি। "রেগেছে ইংরাজ-লোক রণরসরঙ্গে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

ইংরা(রে)জী, ইংরিজি বিং [°রাজ + ঈ] ১ ইংরাজসম্বন্ধী, ইংরাজের পঞ্জিকানুযায়ী। "ইংরাজী নববর্ষ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ ইংরাজের দেশের ইংরাজমিস্ত্রীর প্রস্তুত ; বিলাতী। "পায়…ইংরাজী জুতা আ.দু ৬৬। —জী, —জি বি ইংরাজের ভাষা। "তুমি ইংরিজিতে ফয়শালা লেখ না বাঙ্গলায় লেখ ?—স.এ ৩৫। [ইংরাজী কেতা—ইংরাজের পদ্ধতি ; সাহেবী কায়দা। ইংরেজী ধরণে—সাহেবী কায়দায়। "ইংরেজীধরণে গতি।—হেম ৩৭৮। ইংরাজী বাজনা—গোরার বাজনা।]

ইংলিশ্, -স্ বি [E. English] ১ ইংলণ্ডের অধিবাসী ; ইংরাজ। "এ বিল ইংলিস যত, ডেবিল করিয়া হত, টেবিল পাতিয়া খাবে খানা। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ পাইকার (Pica) চেয়ে বড় এবং গ্রেট্ প্রাইমারের (Great Primer) চেয়ে ছোট ইংরাজী অক্ষরবিশেষ।

ইঃ অব্য [সং 'ই'] ১ সক্রোধ তর্জ্জনে। "ইঃ! ছোট মুখে বড় কথা! ২ বীভৎসব্যাপারদর্শনে চিত্তবিকারে। "ইঃ! কি ভীষণ হত্যা! ইঃ! অনেকটা কেটে গেছে যে! ৩ ভীষণ বর্ণনাশ্রবণে চিত্তবিকারে। "শ্যাম। —সেই দেবী…একদিন ভৈরবীবেশে ত্রিশূল ধারণ ক'রে তাকে বধ করতে গেলেন। রাম।—ইঃ! তার পর?—ব.প্র ৫২৪। ৪ ঔৎসুক্যে, ব্যগ্রতায়। "ইঃ! এখনও না হবে তো প্রায় দুই তিন দণ্ড বেলা! কি উৎপাত!—মা ৩৩০। ৫ স্পর্দ্ধাপ্রকাশে সাহঙ্কার কথনে। "চঞ্চল। —যেখানে নিজের বুদ্ধিতে কুলাইবে না, সেখানে স্বামীর বুদ্ধি হইতে কিছু ধার লইও। নির্ম্মল।—ইঃ! আমি যাই মেয়ে, তাই তার সংসার চলে।—ব.দ্বি ৩৪২। ৬ সর্থ 'ইশ[2] (২ ; ৩)।

ইঁচ(চো)ড় বি [?] তরকারির উপযুক্ত ছোট কাঁটাল ; কাঁটালের প্রথম অবস্থা। "কতকগুলি (কাঁটাল) ইঁচোড়ে পাকে, কতকগুলো—কেবল ইঁচোড়ই থাকে, পাকে না।—ব.প্র ৫৮০। [ইঁচড়ে পাকা—ছেলে-বয়সে বুড়ার মত পাকা ; ছেলে হইলেও, যাহার মুখে বুড়ার কথা ; অকালপক্ক (Precocious)।]

ইঁট বি [সং ইষ্টকা > লি ইট্ঠকা, প্রা ইট্টা (প্রা.ম) > বা ইটা, ইট, ইঁট ; হি ঈঁট, -টা ; ঠ ঈট ; মৈ ঈঁটা ; অস ইটা] ইষ্টক, ইষ্টকখণ্ড, টুকরা-ইট। [°খোলা—ইঁট প্রস্তুত করার মাঠ (Brickfield)। ইঁট পাটকেল—ইষ্টক, ইষ্টকখণ্ড ঢিল ইত্যাদি। ইঁটটি মাল্লেই পাটকেলটি পড়ে—হিংসা করিলেই অন্যে প্রতিহিংসা করিবে।]

ইঁদ, ইঁদকাঠ বি [সং ইন্দ্র > প্রা ইংদ (প্রা.ম) > বা ইঁদ] ভাদ্র-মাসে ইন্দ্রের পূজাথ চতুষ্কোণ ধ্বজাকৃতি কাষ্ঠবিশেষ। দ্র 'শক্রোৎসব'। [ইঁদ উঠা—ইন্দ্রের পূজার্থ ইঁদকাঠ উঠাইয়া পোতা।]

ইঁদারা বি ['ইন্দ্র'—মূল, তু 'মৈ ইংদর (ইন্দ্র) ; সং অন্ধু ; হি ইঁদা(না)রা ; মৈ ইনার] ইঁট দিয়া বাঁধান সুগভীর বড় কুয়া ; কূপ। "বলি মাগী, তুই সব কাজ কর্ম্ম পারবি তো?—গোয়াল দেখতে, ইঁদারা থেকে জল টানতে?—অ.গ্র ২৭।

ইঁদুর বি [সং উন্দুর > প্রা ইংদুর (প্রা.ম) > বা °র] স্বনামখ্যাত জন্তু-বিশেষ। [ইঁদুরে দাঁত—ইঁদুরের মত ক্ষুদ্র তীক্ষ্ণ দন্ত।]

ইঁহ, -হো, ইহেঁা সর্ব্ব [সং এষঃ > প্রা এহো, এহ (ম) ; হি যহ, এহ, -হি ; মৈ ইন্‌হ (বহুব—G.H.) ; 'ইঁহ' সাধু ; তু 'ঞিহ, -হো, -হোঁ ; অপ্র] ইনি। "ইঁহো লঙ্কার ঈশ্বর ম ৩১৯ ; ইঁহ ধর্ম্ম ৬৫৯। তাঁর ইঁহো পুত্র চৈ.চ ১০০ ; °হোঁ ১০৫ ; ১৬৮। —হোঁ [ইঁহ + ও[4]] ইনিও। "রুক্মিণী কৃষ্ণের পরস্পর ভাগ্য থাকে। তবে ইহঁা তিনি পাউন ইহোঁ পাউন তাঁকে॥—শি ৪৯। [ইঁহো…তিঁহো—ইনি…তিনি। "ইঁহো ত দ্বিভুজ, তিঁহো ধরে চারি হাত। ইঁহো বেণু ধরে। তিঁহো চক্রাদিক সাথ॥—চৈ.চ ৬।]

ইঁহা[1] সর্ব্ব [ইঁহ > °হা ; ইনি (কর্ত্তা-১ব), °রা (বহুব) ; কর্ম্ম-প্রভৃতি কারকে—ইঁহাকে, ইঁহা দ্বারা ইত্যাদি] ইনি। "শিব পতি ইঁহার, ইঁহার নাম শিবা ভা.চ ৬০।

ইঁহা[2], **ইহাঁ** অব্য [সং ইহ ; হি যহাং ; Old Baiswari—ইহাং, ঈহাং ; 'ইহাঁ' সাধু ; অপ্র] ১ এই স্থানে ; এখানে। "কোন ধনী ইঁহা আসি কৈল রত্নাগার ভ.গ্র ৬০। ইঁহা না পাই সোয়াথ চৈ.চ ৩০৮। ২ ইহ লোকে ; এ জগতে। "সেই ব্রজেশ্বর ইহাঁ—জগন্নাথ পিতা। সেই ব্রজেশ্বরী ইহাঁ—শচীদেবী মাতা॥—চৈ.চ ৬৮।

ইকড়, -ড়ি বি [সং ইৎকট > প্রা ইক্কড > বা ইকড়, -ড়ি] ওকড়া গাছ। "ক.চ ৭৭।

ইকার পুং [ই কার, কর্ম্মধা] ইবর্ণ, হ্রস্ব 'ই'।

ইকিড়িমিকিড়ি বি শিশুদিগের খেলাবিশেষ। [দুই বা ততোধিক শিশুতে বসিয়া এই খেলা করে। খেলার সঙ্গে সঙ্গে যে শ্লোক বলিতে হয়, তাহার প্রথম শব্দানুসারে খেলার নাম।]

ইক্‌তের্‌ বি [আ ইফ্‌ত়ার্‌] ব্রতোপবাসের পরে ভোজন; ব্রতান্ত-ভোজন, পারণা। [ইক্‌তের্‌ খোলা—পারণা করা।]

ইক্ষু পুং [√ইষ্‌+সু (ক্সু)-র্ম্ম উ ৩.১৫৭; ছান্দস; লি, প্রা উচ্ছু; হি, জাটু—ঈখ; ঠ উংস, উস; গু উস; মৈ—উখি] ১ মিষ্টরস শরজাতি তৃণবিশেষ; আকগাছ। "°চ্ছায়, -য়া। ইক্ষূন্‌…ভোজয়ন্তি স্ম বাহনান্‌ রা ২.৯১.৫৬। মনু ৯.৩৯। [ইক্ষু বহুবিধ—সুশ্রুত ১.৪৫.১৩৮।] ২ ইক্ষুদণ্ড, আক। "মনু ৮.৩৪১। ৩ কোকিলাক্ষবৃক্ষ (শ.ক)। [°কুট্টক (পুং)—গুড়কারকশিল্পী, গৌড়িক (উ ২.৩২)। °মতী (স্ত্রী)—নদীবিশেষ। °মূল (ক্লী)—ইক্ষুগ্রন্থি; বংশ, বাঁশ। °মেহ (পুং)—প্রমেহবিশেষ (Diabetes Mellitus)। °যন্ত্র (ক্লী)—আক-মাড়া কল।]

ইক্ষুকাণ্ড পুং [ষ.ত] ১ ইক্ষুদণ্ড। "°রসোপম রা ২.৯১.১৫। ২ [উ. বহুব্রী] যাহার কাণ্ড ইক্ষুর মত; মুঞ্জতৃণ; কাশতৃণ।

ইক্ষুচ্ছায় ক্লী [ইক্ষুসমূহের ছায়া, ষ.ত, বাহুল্যে ক্লীবলিঙ্গ; একত্বে °য় (ক্লী), °য়া (স্ত্রী)] ইক্ষুসমূহের ছায়া। "°নিষাদিন্যঃ (শালিগোপ্যঃ) রঘু ৪.২০।

ইক্ষুদণ্ড পুং, ক্লী [কর্ম্মধা] ইক্ষুই দণ্ড; দণ্ডাকার ইক্ষু। "বালকেতে যেমন কাটয়ে ইক্ষুদণ্ড ক.চ ৫২।

ইক্ষুনেত্র ক্লী [ষ.ত] ইক্ষুর নেত্রাকার গ্রন্থি; আখের চোখ।

ইক্ষুপাক, -সার পুং [ষ.ত] ইক্ষুর পক্ক রস; গুড়।

ইক্ষুবণ ক্লী [ষ.ত; ণত্ব] আকের বন; ইক্ষুক্ষেত্র।

ইক্ষুবাটিকা, -বাটী স্ত্রী [ষ.ত; তু ঠ উসল (উস+আলয়)] ১ ইক্ষুর বাটীতুল্য; পুণ্ড্র.ক, পুঁড়িআক। ২ ইক্ষুক্ষেত্র।

ইক্ষুবারি, -সমুদ্র পুং [বহুব্রী; ষ.ত] যাহার জল ইক্ষুরসবৎ মিষ্ট; সপ্ত সাগরের একতম।

ইক্ষুবিকার পুং [ষ.ত] ১ ইক্ষুরসের বিকার; গুড়। ২ শর্করা। ৩ গুড়জাতমিষ্টান্নমাত্র। "সুশ্রুত ১ ৪২.১৫।

ইক্ষুমতী, -মূল, -মেহ, -যন্ত্র দ্র 'ইক্ষু'।

ইক্ষ্বাকু পুং [ইক্ষু+ √অক ব্যাপ্তি+উ (উণ্‌) সংজ্ঞার্থে (অ টী)] ১ বৈবস্বত মনুর পুত্র সূর্য্যবংশীয় আদি রাজা। 'ইক্ষ্বাকুশ্চ মনোঃ সুতঃ রা ১.৭০.২১। ক্ষুবতশ্চ মনোর্জজ্ঞে ইক্ষ্বাকুর্ঘ্রাণতঃ সুতঃ।—ভ ৯.৬.৪। ২ [°কু+অ (অণ্‌) তদপত্যার্থে, বহুবচনে প্রত্যয়লোপ] ইক্ষ্বাকুর অপত্যগণ; ইক্ষ্বাকুবংশীয়গণ। "ইক্ষ্বাকূণাময়ং বংশঃ গো রা ২.৬১.১৮। রঘু ১.৭২।

ইখ, ইঙ্খ্‌ (ইখি) সক [ভ্বা, প—এখতি, ইঙ্খতি; সেট্‌] গমন। [উদ্‌-প্র+ √ইঙ্খ্‌—উৎপ্রেঙ্খণ, উপরে ভাসা। "ত্বদ্‌বীচিমুৎপ্রেঙ্খতঃ (মে)।—গঙ্গাষ্টক।]

ইখু বি [সং ইক্ষু > প্রা ইক্‌খু > বা ইখু; দ্র 'ইক্ষু'; অপ্র] ইক্ষু। "চষিহ ইখু চাষ ব.প ১১২।

ইঙ্গ্‌ (ইগি) সক [ভ্বা, প—ইঙ্গতি; সেট্‌] ১ গমন। "যচ্চেঙ্গং যচ্চ নেঙ্গতি মহা ৩.১০২.২০। ২ চলন, কম্পন। "দীপো নিবাতস্থো নেঙ্গতে গী ৬.১৯। [উদ্‌—প্রেরণ।]

ইঙ্গন ক্লী [√ইঙ্গ্‌ >অন (ল্যুট্‌)-ভা] ১ গমন; চলন, কম্পন। ২ ইঙ্গিত; জ্ঞান। —না স্ত্রী সর্থ 'ইঙ্গন'।

ইঙ্গলা বি [পিঙ্গলা > °লা (অনু.শব্দ); হি ইংগলা; অপ্র] ইড়া নাড়ী। "ইঙ্গলা পিঙ্গলা গো.বি ১৩৮। বি.পা ৩৫৯।

ইঙ্গিত ক্লী [√ইঙ্গ্‌>ত (ক্ত)-র্ম্ম] ১ হৃদ্গতভাববোধক চেষ্টাবিশেষ; মনোভাবপ্রকাশার্থ তদনুকূল হস্তাদিসঞ্চালন; অভিপ্রায়ানুরূপ চেষ্টা-বিষ্করণ; অভিপ্রায়সূচক বচনস্বরাদি; অধোনিরীক্ষণাদি কার্য্য (কুল্লুক)। "মনু ৭.৬৩; ৮.২৫; ২৬। ইঙ্গিত করিয়া ওঝা চলি গেলা ঝাট ক.চ ৪৬। হস্তীর ইঙ্গিত অ.প ১১৬। ব.প ৩৬৭। ২ হৃদ্গতভাব, হৃদয়গত বিকার (মল্লিনাথ)। "ইঙ্গিতাধ্যাসিত মহা ৩ ২৩২.২১। গূঢ়াকারেঙ্গিত রঘু ১.২০। রাজার ইঙ্গিত জানি কহে সেনাপতি অ.প ১২১; ১২২। ৩ ভয়াদির লক্ষণভূত চেষ্টা। "ভয়রুমোশ্চ তদিঙ্গিতবোধনম্‌ রঘু ৯.৪৯। ৪ সংজ্ঞা, সঙ্কেত, ইশারা। "এখনি ইঙ্গিতে তোরে ওপারে যাওয়াব। কুম্ভীর মকরে তোর শরীর খাওয়াব॥—শ্রী ১৮৬। ৫ [+ত-ভা] গমন, চলন, কম্পন। ৬ [+ত-ক] গত, চলিত। ৭ (বাঙলায়) উপহাস-সূচক ভাবপ্রকাশ; উপহাস, ব্যঙ্গ। "আকার ইঙ্গিতে তারে কহেন সংবাদ কৃ ২৪৯। এত কেন আমারে ইঙ্গিত শ্রী ১৮৬; বড় না ইঙ্গিত দেখি তোরা ২২৩। চ.বি ১৯৬। আমারে ইঙ্গিত কর কোন দোষ পাই চৈ ৮৯।

ইঙ্গিতকোবিদ, -জ্ঞ বিণ [স.ত; °ত+ √জ্ঞা+অ (ক)-ক; উ.ত; স্ত্রী -দা, -জ্ঞা] ইঙ্গিতে পণ্ডিত; হৃদ্গতভাবজ্ঞ, পরাভি-প্রায়জ্ঞ। "রা ১.৭.১। মহারথ পাণ্ডবগণের ইঙ্গিতজ্ঞ হইয়া সতত সেবা করি।—কালীপ্রসন্ন সিংহ।

ইঙ্গিতাকার পুং [দ্বন্দ্ব] হৃদ্গতভাব ও বাহ্য আকৃতি। "°তত্ত্বজ্ঞ (প্রতীহার)।—চাণক্য।

ইঙ্গিতাধ্যাসিত বিণ [ইঙ্গিত অধ্যাসিত যাহাতে, (নীলকণ্ঠ), বহুব্রী, আহিতাগ্ন্যাদি] যাহাতে অভিপ্রায় ক্ষিপ্ত হয়; কটাক্ষ। "মহা ৩ ২৩২.২৬।

ইঙ্গুদ, -ল পুং, **ইঙ্গুদী, -লী** স্ত্রী [√ইঙ্গ্‌+উদ (উদট্‌)-র্ম্ম+স্ত্রী ঈ (ঙীষ্‌)—অ.টী; দ>ল, তু 'লি, প্রা দোহল (দোহদ)] মুনিরা ফলার্থ যাহার নিকটে যান; তাপসতরু (Terminalia Catappa)। "°দীস্নেহ রঘু ১৪.৮১। °দীফলভিদ্‌ শ ১.১৪।

ইচলা, -লি, ইচিলা '-চ্‌' বি [সং ইশ্বাক; ইচা (পূর্ব্ববঙ্গ)] চিঙ্গড়ি মাছ। "ইচলা গো.চ ৩২। ইচলি ক.চ ৪৪। ইচিলা মাছ ব প ৪। —চা বি [দ্র 'ইচলা'] চিঙ্গড়ি মাছ; মোচা চিঙ্গড়ি, গল্দা চিঙ্গড়ি। "ইচা মৎস্য ডিম্ব পাড়ে তার দাড়ি মুছে বি পা ২৩৯। বা.ম ২৩০। খোড় দিয়া ইচার মুণ্ড ম.ম ৯৬। ইচামৎস্যছুরী বা ম ৩৪৯। [ইচামৎস্য-ছুরী—গল্দা চিঙ্গড়ির ছুরীর মত সূক্ষ্মাগ্র দাড়াযুক্ত হুমা।]

ইচে ক্রি.ক্তি [ইছে>°চে] সর্থ 'ইছে'। "কহিচে কৃ.অ ১৭। —চেন [ইছেন>°ন] সর্থ 'ইছেন'। "আসিচেন কৃ.অ ১৭।

ইচ্ছ, ইছ সর্ম্ম [সং, ইষ্‌ (ইচ্ছ্‌)>লি, প্রা √ইচ্ছ>বা √ইচ্ছ, √ইছ (বৈষ্ণবসাহিত্যে); হি √ইচ্ছ; পদ্যে] ১ ইচ্ছা করা; চাহা। "মরণ ইছসি শ্রী.কী ১৫০; ইছসি ১৭২। মরণ ইচ্ছিলা গো.বি ১১৮। সো পুনঃ ইছিয়া৹ নিছিয়া লইনু চ.দা ৯২; গমন ইচ্ছিল ১৪৩। মরণ ইচ্ছিয়া কৃ ৩৩৭। ইচ্ছহ ম ১৯১; মৃত্যু ইচ্ছিল ৮১১। ক.চ ২৮২। ইচ্ছ রণ।—মে ১৫৪; ইচ্ছি মরিবারে ২০২; ইচ্ছেন ৩০০। ২ [সং √ঈপ্‌স>প্রা √ইচ্ছ (প্রা.ম)>বা √ইচ্ছ] পাইতে অভিলাষ করা। "পুত্র ইচ্ছ কৃ.উ ২৭। ইচ্ছিলে বুড়া জটাধরে; ইচ্ছিলে হেন বরে ক.চ ২৩।

ইচ্ছা স্ত্রী [√ইষ্‌+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্‌), পা ৩.৩.১০১; তু 'সং ঈপ্সা>লি ইচ্ছা] ১ কামনা, অভিলাষ, মনোরথ। "আত্মেচ্ছা, উত্তরণেচ্ছা রা (S.W.)। গী ৫.২৮। °রূপা ভা.চ ৪২৭। তোমার ইচ্ছা হোক পূর্ণ, করুণাময় স্বামী।—রবীন্দ্র। ২ পীঠশক্তিবিশেষ (ত.বা)। [°কার (বি)—ইচ্ছানুরূপ কার্য্য। "বিলম্ব না সহে তাঁর করে ইচ্ছাকার কৃ ৩১। °কৃত (বিণ)—কামকৃত। °দান (ক্লী)—অভীষ্টদ্রব্যদান।]

ইচ্ছাবান্ (-বৎ) বিণ [ইচ্ছা+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] অভিলাষী, কামী, ইচ্ছু। "রুক্মিণী হলেন ইচ্ছাবতী শ্রী.মা ১৩৮।

ইচ্ছাময় বিং [স্ত্রী -য়ী] ইচ্ছাশক্তি-প্রচুর, ইচ্ছামাত্রে কর্ম্মকারক। "সকলই তোমারই ইচ্ছা, ইচ্ছাময়ী তারা তুমি।—শ্যামাসঙ্গীত। ইচ্ছাময়, তব ইচ্ছা হোক সম্পাদন।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

ইচ্ছামৃত্যু বিং যাহার মৃত্যু ইচ্ছানুসারী ; যথেচ্ছমরণ। "ইচ্ছামৃত্যু হও তুমি মোর বরদানে ম ৯৪। —ত্যু বি ইচ্ছানুসারে মরণ। "ইচ্ছামৃত্যু ধর তুমি, আজি তোমা বধি আমি ম ৮১১।

ইচ্ছাশক্তি স্ত্রী [কর্ম্মধা] ইচ্ছারূপা শক্তি ; অভীষ্টসাধনী শক্তি। [ইহা মনোময় কোষের শক্তি এবং কার্য্যের (সৃষ্টির) করণস্বরূপ (বেদান্তসার)। বৈষ্ণবশাস্ত্রে, কৃষ্ণের অনন্তশক্তির মধ্যে প্রধান শক্তি-ত্রয়ের (ইচ্ছা-জ্ঞান-ক্রিয়াশক্তির) একতমা। এই শক্তিতে তিনি সর্ব্ব-কর্ত্তা বা স্রষ্টা। 'ইচ্ছাশক্তিপ্রধান কৃষ্ণ ইচ্ছায় সর্ব্বকর্ত্তা চৈ.চ ২১০।]

ইচ্ছাসম্পৎ (-দ্) স্ত্রী [সুপ্‌সুপা] ইচ্ছানুসারে বিত্ত ; যথেচ্ছ ধন-সম্পত্তি। "হি ১.১৯৪।

ইচ্ছাসুখে ক্রি.বিং ইচ্ছাপূর্ব্বক সুখের সহিত। "রমণীবচনে সুধা, সুধা নয় সে বিষের বাটী। আগে ইচ্ছাসুখে পান ক'রে বিষের জ্বালায় ছটফটী॥—ব.প ১৫৩৬ ; আমার ইচ্ছাসুখে, কোন লোকে, দিতে ইচ্ছা নাই ১৮৩৯।

ইচ্ছিত বিণ [ইচ্ছা+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে ;] জাতেচ্ছ, সঞ্জাত-কাম। —ত বিং [সং ঈপ্সিত>লি, প্রা ইচ্ছিত ; তু 'প্রার্থিত', ইচ্ছিতঃ, মগা ৩.২৯২.৩৩, নীলকণ্ঠ ; তি '°ত'] অভীষ্ট, বাঞ্ছিত।

ইচ্ছু বিণ [√ইষ্+উ-ক, নিপাতিত, পা ৩.২.১৬৯ ; সং—ঈপ্স্ > *লি, প্রা ইচ্ছু (?) ; স্ত্রী -চ্ছু] ইচ্ছাশীল, অভিলাষী, কামী। "শরণেচ্ছু গো.রা ৪.৩.৮। পাপেচ্ছু ক.সা ১৪.৬। পুষ্টীচ্ছু, উভয়েচ্ছু (ত.বা)।

ইচ্ছুক বি [ইচ্ছু>ক স্বার্থে ; হি '°ক'] ইচ্ছু। "ব.প্র ৩১৬।

ইছ ক্রি.ক্তি [ইতেছ>ইছ] ১ কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে মধ্যম পুরুষের অবিরাম (Progressive) ক্রিয়ার বিভক্তি। "দেখিছ না সর্ব্বনাশ সম্মুখে তোমার?—ন ৫০১। ২ [ইয়াছ>ইছ ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "পড়িছ (পড়িয়াছ) গো.বি ১০৭। লৈছ ম.পা ৪৮ ; হৈছ ৫২ ; দিছ ৬১। দেখিছ ম.ম ১০ ; দিছ ১২। মুরাইছ (মুড়াইয়াছ) বি.পা ২৪২। —ইছি [ইআছি>ইছি] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "এরূপ নাটোয়া আমি না দেখিছি আর গো.বি ৮২ ; মারিছি ১৮৫। হৈছি ম.পা ৪৮ ; জন্মিছি ৬১ ; করিছি ৬৪। খাইছি, পাইছি বি.পা ২২৩। রাখিছি ম.ম ১৭৪। [তু 'থুচি—থুইয়াছি। "ব প ৮০।] —ইছিল [ইআ২+ছিল>ইছিল] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "ডুবিছিল ম.পা ১৭৪। হইছিল গ ২১৪। —ইছে ১ [ইতেছে >ইছে] কর্ত্তৃবাচ্যে কর্ত্তমান কালে প্রথম পুরুষের অবিরাম ক্রিয়ার বিভক্তি। "নিন্দিছে ম.পা ১৬। উলুতিছে দু ১৯ ; হছো (হইছে) ২২। চলিছে গ ৪৩। চমকিছে রূপজ্যোতিঃ ন ৪১১ ; নাচিছে অদৃষ্টদেবী ৫০৬। পিছনে ঝরিছে ঝর ঝর জল।—গান ৯৬। ২ [ইআছে> ইছে ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "হইছে (হইয়াছে) গো.বি ৪২ ; রহিছে ৪৬। রৈছে (রইছে) ম.পা ১৬ ; বেচিছে, জন্মিছে ৫৫ ; দাণ্ডাইছে ১৩৫। দিছে বি.পা ৬০ ; হৈছে ২৬১। —ছেন [ইআছেন>ইছেন ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "দিছেন, নিছেন বি.পা ২২৭। পূর্ব্বে নগেন্দ্রেরে বর দিছেন মহেশ্বরে ম.পা ১৬।

ইছন্ত ক্রি.ক্তি [ইছ+অন্ত৪] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "ব্রহ্মার চারিপাশে, ব্রহ্মরূপবেশে, করিছন্ত বেদ বাখান গ ১৮।

ইছম ক্রি.ক্তি [ইআ২+√আছ+অম৩>ইআছম>°ম ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "ধানিআ ধরিছম তুআ পাএ (সাহিত্যপরিষৎ-পত্রিকা, ৪র্থ সংখ্যা, ১৩১৬)।

ইছা বি [সং ইচ্ছা ; হি ঈছা ; অপ্র] ইচ্ছা। "আপন ইছাএ শ্রী.কী ৪১ ; ৯১। [ইছে—ইচ্ছানুসারে। "ইছে পাও বধু সকল পিছে ঘুম জাও গো.চ ১০২।]

ইছা(চ্ছা)মতী বি নদীবিশেষ। "তথা হ'তে ইচ্ছামতী চলে গেল বামে॥—সুরধুনীকাব্য ৮৮।

ইছি, ইছিল দ্র 'ইছ'।

ইছিলু ক্রি.ক্তি [ইআ২+√আছ+ইলু>ইআছিলু>°লু ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "শুনিছিলু কীর্ত্তি জগ ম.পা ১৩৬। —ছু [ইআ২+√আছ+উ৬>ইআছু> ইছু ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "যতেক সুকৃত মুই করিছু নিশ্চিতে অ.প ৭৭।

ইছু ; ইছে, ইছেন ; ইজলাস ; ইজমালী দ্র 'ইছিলু ; ইছ৩ ; এজলাস ; এজমালী'।

ইজা বি [ফা অইজ.া] হিসাবে আগের পাতের জমার বা খরচের সমষ্টি পরের পাতে মাথায় টানিয়া আনিলে (লিখিলে), 'ইজা' (Carried over) হয়।

ইজাফা বিং [ফা ইজ.াফ. (বি)] অধিক, বেশী (Excess) "বিটল নাবড় কেন কন মন্ত্রিবর। তিন সন ইজাফা দিয়াছি রাজকর —শ্রী.কী ১২৮।

ইজার১, ইজের বি [ফা ইজ.ার্] পাজামা (Trouser)। "শৃ ১৪১। ইজার পরয়ে দঢ় করি ক.চ ৮৬। ম.ম ৫৫। বা.ম ১৫৭। ভা.চ ৪৯৫। [ইজার উজার ('উজার' অনু.শব্দ)—ইজার-প্রভৃতি পরিচ্ছদ। "অধোবস্ত্র ইজার উজার অধোদেশে শ্রী ২৪১। [°বন্দ (ফা °বন্দ্)—ইজার কোমরে বাঁধিয়া রাখার দড়ি বা ফিতা ; কোমরবন্দ।]

ইজার২, -রা বি [আ ইজ.ারহ্ ; হি ইজারা] হস্তবুদ শোধ খাজনা দেওয়ার অঙ্গীকারে জমিদারের নিকট হইতে নির্দ্দিষ্ট কালের জন্য বন্দোবস্ত করিয়া লওয়া মৌজাগ্রামাদি (Lease)। [ইজারা দেওয়া—ঐরূপে মৌজাদি বন্দোবস্ত করিয়া দেওয়া।]

ইজার(রা)দার বি [আ ইজ.ারহ্ দার্ ; হি ইজারদার] যে ইজারা রাখে ; ইজারার অধিকারী। "পুরন্দরপুরের ইজারদার E.P. 63. —রী বি [[আ ইজারহ্‌দারী] ইজারাদারের স্বত্ব ; ইজারা জমিতে চাস-আবাদের (Farming) ক্ষমতা।

ইজারামহল বি ইজারা-লওয়া মৌজা গ্রাম প্রভৃতি, ইজারা ভূসম্পত্তি ; (গৌণার্থে) অন্যস্বত্বরহিত ও নিজস্বত্ববিশিষ্ট বিষয়মাত্র। "তিনি জানিতেন যে, মুখচুম্বন তাঁহার ইজারামহল ব.দ্বি ২৩।

ইজ্জৎ বি [আ ই'জ্.জ.ত্] ১ মান, সম্ভ্রম, গৌরব। "হা আল্লা! এ কাফের শালা কি মুসলমানের ইজ্জৎ মাস্তি চায়?—মা ৩২৮। তোমাদের…দৌলত ও ইজ্জৎ সব বজায় আছে ব.প্র ৩৮৩। ২ উদারতা, উচ্চভাব। "মনের ইজ্জৎ চ'লে গেলে মানুষের জা'ত মারা যায় ঘ ১১৬। [ইজ্জৎ খোয়ান—ইজ্জৎ নষ্ট করা।]

ইজ্জত-আসার, -তাসার, ইজ্যতাসার বিং [আ আসর্— প্রভাব] সম্ভ্রান্ত ও প্রভাবান্বিত ; পূজ্য ও প্রতাপশালী। "ইজ্জত-আসার শ্রীযুত বলরাম নাথ E. P. 64 ; ইজ্জতাসার রাজা নরেন্দ্রসিংহ 44. ইজ্যতাসার শ্রীবমালয়াধিপতি কৃতান্ত মালম করিবা য ৭।

ইজ্য পুং [√যজ্+য (ক্যপ্)-র্ম] ১ পূজ্য, গুরু। "সুরেজ্য।

২ বৃহস্পতি ; বৃহস্পতিগ্রহ ; তদ্দেবতাক পুষ্যনক্ষত্র। ২ দেবতা ; বিষ্ণু। —জ্যা স্ত্রী [+স্ত্রী আ (টাপ্)] ১ প্রতিমা। ২ ধেনু। ৩ [>য-জ্যা] যাগ। "ঝা ২.৩৩.২০। মনু ১.৮৯। °বিশুদ্ধাত্মা রঘু ১.৬৮। হি ১.৭। ৪ পূজা। "ভূতেজ্যা গী ৯.২৫।

ইজ্যতাসার ; ইজ্যা দ্র 'ইজ্জত-আসার ; ইজ্যা'।

ইজ্যাদি বি (?)। "জীবের নিমিত্ত শিবে করিবেন চাষা। এইরূপে ঈশ্বরকে ইজ্যাদির ভাষা॥—শি ৬৮। [ইজ্যাদির ভাষা—ইজ্জতের ভাষা (?)।]

ইঞা ক্রি.প্র [ইআঁ >ইঞা ; অপ্র] সর্থ 'ইআঁ'। "হৈঞা, করিঞা কৃ.উ ৩ ; বরিঞা, লইঞা ৮ ; আনিঞা, ছাড়িঞা, দিঞা, থাকিঞা ৯ ; গেদাড়িঞা, সম্বোধিঞা, ধাঞা ১২ ; গিঞা, সহিঞা ২৬ ; শুনিঞা ৩১ ; খাঞা, দাঞা ১৩৬ ; হঞা, পাঞা ১৩৭ ; খঞা ১৭৩ ; ভ্রমিঞা ২১০। নিঞা, ব.প ৫৩০ ; নিমাঞা (নির্ম্মাইঞা) ৫৩১। লঞা, গাঞা চৈ.চ ৭৭ ; হঞা, ধাঞা ২৪২। আলাঞা (আলাইঞা) চ.দা ২৪ ; লৈঞা, ফেলাঞা ২৮ ; লঞা ৩২। [তু 'চাহিঞাঁ, দিঞা, পাইঞাঁ, পাঞাঁ ভাঙ্গিঞাঁ, ভুঞ্জিঞা, মারিঞা (শ্রী.কী)।]

ইঞাছ ক্রি ক্তি [ইঞা+ √আছ+অ[৭] >°ছ ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "মহাপ্রেমাবেশে তুমি পাঞাছ (পাইঞাছ) দর্শন চৈ.চ ১৭২। —ছেন্ত [ইঞা+ √আছ+এন্ত ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "তোমার তরে পুলস্ত মুনি করিঞাছেন্ত স্থল কৃ.উ ৩১।

ইঞ্চাক পুং [?] জলবৃশ্চিক, চিঙ্গড়ি মাছ।

ইঞ্চি বি [E. Inch ; হি ইংচ] রৈখিক পরিমাণবিশেষ ; দৈর্ঘ্যে তিন যবের পরিমাণ ; বৃদ্ধাঙ্গুলির পর্ব্বপরিমাণ।

ইট, -টা বি [দ্র 'ইঁট'] ইষ্টক, ইষ্টকখণ্ড। "ইটার ঘর কৃ.উ ১১ ; ৭৩। সুবর্ণের তিন ইটা বা.ম ৩২। চৈ.ম ১৮০। মুখে মারে ইটা ম.ম ১৯০। ইটা দিয়া…পাটকেলায় খুব।—ব.প ১৪১৮। ইট ভা.চ ৪৯৭। ইট আহু ১৩। [ইটান—ইট ছুড়িয়া মারা। ইটা ভিটা, ইটে ভিটে—ঘরবাড়ী ও বাস্তু। ইটার পাহাড়—ইষ্টকস্তূপ। "দেবী সিংহের বাড়ী হৈল ইটার পাহাড় ব.প ১৪১৮।]

ইটলি, ইটাল বি [সং ইষ্টাল >প্রা ইট্টাল (অ.রা ; প্রা.ম) >বা °ল, °লি ; অপ্র] ইষ্টকখণ্ড। "ইটলি পাকাল (পাটকাল) মারে কৃ ২১৬। ২ ইষ্টকখণ্ড বা তৎসদৃশ শুষ্ক মৃত্তিকাখণ্ড ; ঢিল। "গোহাড় ইটাল ইট শূন্য হ'তে পড়ে ভা.চ ৪৯৭ [ইটালবন—ইটপাটকেলময় স্থান ; ডেলাখেত। "ইটালবনে-হাঁট। কই মাছ কোট॥ খাট নোড়ায় বাট। এই তিন নট॥—প্রবচন।]

ইড়কি, ইড়িক বি [তু 'সং √ঈর্—প্রেরণ] ঘোড়া চালানর নিমিত্ত ঘোড়ার পেটে পায়ের বা জুতার গোড়ালির আঘাত ; গুতা, ঘা। "চরণে ইড়িক দিতে চলে ইসারাতে শ্রী ১২৫ ; °কি ১৩৭।

ইড়া, -লা স্ত্রী [√ইল্+অ (ক)-ক+স্ত্রী আ (টাপ্), ল+ড়] ১ 'গতিশীলা', পৃথিবী। "ইড়াতলস্থ মহা ৩.২৩৫.১০। ২ সৌরভেয়ী, ধেনু, গাভী (মেদিনী)। ৩ দেবীবিশেষ। "হ ২৫৬.১৬। ৪ মনুর কন্যা, বুধের ভার্য্যা ও পুরূরবার জননী (হ ১০ম অধ্যায়)। দ্র 'ইলা'। ৫ দক্ষকন্যা ও কশ্যপপত্নী (হ ৩.৫৫)। ৬ মেরুদণ্ডের বামভাগস্থিত নাড়ীবিশেষ। 'ইড়া বামে স্থিতা নাড়ী (শারদাতিলক)।

ইত[১] বিণ [√ই+ত (ক্ত)-ক] ১ গত। ২ প্রাপ্ত। "মাঘ ৬.৭১। ৩ প্রত্যাগত। ৪ অম্বিত।

ইত[২] প্র [সং ই (ইট্)+ত (ক্ত)] কর্ত্তৃবাচ্যে বা কর্ম্মবাচ্যে অতীত কালের ক্রিয়াবাচকবিশেষণের প্রত্যয়। "অবিয়ত (অবিবাহিত), আহরিত, আলুম্বিত, ইঙ্গিত, উচ্ছসিত, উঠিত, এলায়িত, কম্পিতকম্পিত, খনিত, জন্মি(ম্মি)ত, জানিত, স্খলিত। তুমি যখন বিদ্যাধরী শাসিতং, তখন তোমার বুদ্ধি নাশিতং, আমি তবে আসিতং,—মা ডাকিতং ব.ষি ৪২৬। —ত ক্রি.প্র কর্ত্তৃবাচ্যে অতীত কালে ক্রিয়াবাচক প্রত্যয়। "সে ইহা জানিত না, জানিলে বলিত, গোপন করিত না। —ত প্র [সং ইত (ইতচ্)] তদ্‌যুক্ত। "সুবাসিত ; হিল্লোলিত।

ইত[৩], -তা[১] ক্রি.ক্তি [জই জাণংতোহসি ন কুণংতো—ঠ জর্ জানতাস্ ন করতাস্ ; East Hindi—জো জানতেস্ ন করতেস (C.G. § 507)—(বাঙলায়) যদি জানিতা, জানিতে বা জানতিস (তাহা হইলে) করিতা, করিতে বা করতিস না। মধ্যম পুরুষে—ইতা, -তে, -তিস, ইথা ; প্রথম পুরুষ—ইত, -তা, -তেন, -থেন ; উত্তম পুরুষ—ইতাম, -তাঙ, -থাঙ, -তাহো, ইতোঁ, -ত (Expressing 'habit' and 'condition')] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "(ইনি) দুষ্ট মারি শিষ্ট জনের করিতা পালন শ্রী ম ২৬। প্রতিদিন ক্ষিতিনাথ, অঙ্গে বুলাইত হাথ ক.চ ১২৮। সে যে কখন আসত (আসিত) যেত জান্‌তে পেতেম না যে প.কা ৯২। শুনিত ঐন্দ্রিলা ; শুনিত ভুলিত।—হেম ১৭৩। দুর্মুখ অন্যান্য দিবস স্তুতিবাদ-মাত্র শ্রবণ করিয়া আসিত, সুতরাং যাহা শুনিত, তাহাই…জানাইত সী ১৮। —ত, -তাঙ, -তাম, -তোঁ, -থাঙ [ইত+ওঁ[৩] >ইতোঁ, -ত ; ইত+আম[৪] >ইতাম, -ঙ, -থাঙ] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "যদি মণি মুক্তা হৈত, হার গাথি গলে দিত ম.পা ২০। করিতাঙ, দিতাঙ, হৈতাঙ ব.প ৪৯৭ ; মরিতাঙ ৫১৪ ; নিতাঙ ৬৯৬ ; জানিতাঙ, থাকিতাঙ, ভরিতাঙ, রহিতাঙ ৮৫৪ ; গাথিতাঙ, দিতাঙ ৮৫৫। লইতাঙ চ.বি ১৯৬। থাকিতাঙ কৃ.অ ২৬ ; জাইতাঙ, দেখিতাঙ কৃ.উ ১৫৮। লৈতাঙ ম ২১৪। যাইতাঙ জ্ঞা ৮। চৈ.চ ২৭২। আর দেবের কন্যা হইলে কহিতে থুইতাম কথা। দণ্ডের বাড়ি দিয়া তোর মুই ভাঙ্গিতাম মাথা॥—ম.ম ২৭। মুড়িতাম মাথা ব.প ২১৯। শুনিতাম বনবীণা ঃ বসিতাম ঃ নাচিতাম মে ১১৮ ; ১১৯। হেম ২৯২। মো যবে জাণিতোঁ…তবেঁ নাসিতোঁ এ বাটে। নাহিঁ যাইতোঁ…মথুরার হাটে॥—শ্রী.কী ২২৩ ; কহিতোঁ ৩৬৯। দিথাঙ ব.প ৮৫৬। [তু 'ক্ষেমিওঁ'—ক্ষেমিতোঁ, ক্ষমা করিতাম। "চ.বি ৩০৪।] —তা[২], -থা, -তিস, -তে[১] [ইত+অ[৭] >ইতা >°থা ; ইত+ইস[৩] ; ইত+এ[৬]] কর্ত্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "সেথানে কি আমা সভা করিতা স্মরণ শ্রী.ম ২০৬। যমুনাতীরে চরাইথা গাই চৈ.ম ১০৭, টীকা। কুড়াতিস (কুড়াইতিস), বেড়াতিস শ্রী.মা ১৬০। সমদুঃখে সদা তুমি কাঁদিতে হোরলে, অশ্রুময় এ নয়ন ; মুছিতে যতনে, অশ্রুধারা মে ২০৮। —তেন, -থেন [ইত+এন[২] >ইতেন, -থেন] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "সুবর্ণপিঞ্জর পর, পুষিতেন নৃপবর ক.চ ১২৮। আপনি গোপীর মুখে দিথেন সকল ব.প ৮৫৬।

ইতঃ (-তস্) ব্য [ইদম্+তস্ (তসিল্), তৃতীয়া-পঞ্চমী-সপ্তমী-স্থানে, ইদম্ >ই ছান্দস] ১ ইহা দ্বারা ; এই পথ দিয়া। "ইত ইতঃ সখ্যো শ ১২৬। ২ ইহা হইতে ; এই স্থান, জন বা পৃথিবী হইতে। "স্বস্তি ব্রহ্মবিদঃ স্বর্গং লোকমিত উর্দ্ধং বিমুক্তাঃ (শতপথব্রাহ্মণ)। ইতো গন্তা পর্ব্বতং হি মহোদয়ম্ রা ৬.১০১.২৯। কু.স ২.৫৫ ইতোভ্রষ্ট ততো নষ্ট ভা.চ ৪০৪। বা.দ ২৩২। ৩ এই হেতু বা কারণে। ৪ এই সময় বা দিন হইতে। "ইতশ্চতুর্দ্দশে বর্ষে।—মহা ৩.৩.৭৪। ইতঃ সপ্তমে দিনে ক.সা ১৬.৬৩। ৫ (ব্যাকরণে) এই সূত্র হইতে। "ইত উর্দ্ধমনুক্রমিষ্যামঃ পা ১.৪.১, কাশিকা। ৬ এইস্থানে ; ইহাতে, এদিকে। "ইতো নিষীদ কু.স ৩.২। ইত এহি রা (S.W.)। ইতশ্চেতশ্চ ধাবতাম্ হি ১.১৫২। ৭ ইহাতে, এবিষয়ে। "রঘু ২.৩৪।

ইতঃপর ক্রি.বিং [সং ইতঃ পরম্] অতঃপর, ইহার পরে। "ইতঃপর লিখিব বৈষ্ণব-সেনা-কথা ব.প ১৫১৮। শুন ইতঃপর ভা.চ ৭০; ইতঃপর ভেদদ্বন্দ্ব ছাড়হ সকল ২১৬; ৩২৮।

ইতঃপূর্ব্বে ক্রি.বিং [ইতঃ পূর্ব্বম্ (বৃহদারণ্যক)] ইহার পূর্ব্বে; ইহার আগে।

ইতবার 'ত্-র্' বি ['আদিত্যবার' বা 'মিত্রবার'—মূল (?); হি ইতবার] রবিবার। "E.P. 86.

ইতর সর্ব্ব, বিণ [√ই+তর (তরক্)-ক (অ.টী); ছান্দস; cf., L. iterum; Hebrew—iter] ১ ভেদাশ্রয়, অন্য, অপর। "মনু ১.৭০। রঘু ১২.৮২। ইতর চেড়ী কৃ ৮৯; ইতর পুরুষ ১৮৬। ইতর পথে হেসে চ'লে যান শ্রী.মা ৭৪। ইতর লোকের শক্তি নহে এই কাজ ম ২৮৩। ইতর রসের করে বাদ ভ.গ্র ১১০। ইতর লোকের কথায় এখন প্রয়োজন কি? আপনার কথা বলুন ব.প্র ৫৬৬। ২ অন্যতর, একতর, (অ.কো)। "ইতরো দহনে স্বকর্ম্মণাং ববৃতে রঘু ৮.২০। নিষেধ যে হয় তত্র বৈষ্ণব ইতব ভ.গ্র ৯৭। ৩ [ইত+ √রা গ্রহণ+অ (ক)-ক (অ.টী)] যে প্রাপ্ত গ্রহণ করে; নীচ, পামর বর্ব্বর। "যদ্ যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ গী ৩.২১। ইতর অসুরগুলা, দূর হৈতে মারে ঢেলা ভ.গ্র ১২৬। ৪ কাতর। 'ইতরঃ কাতরেঽপি চ (অ.টী)। ৫ অবশিষ্ট (A.)। ৬ ত্যক্ত, বর্জ্জিত (M.W.)। ৭ তদ্ভিন্ন, তদ্বিপরীত। "ঘনেতর, জঙ্গম°, নব°, সিত°। সব্যেতর (অ.কো)। জঙ্গমানীতরাণি চ।—রা (S.W.)। বিজয়েনেতরেণ বা; সমাসেনেতরেণ বা মহা (S W.)। ৮ সামান্য, সাধারণ, হেয়। "ইতর তোমার শত্রু পাণ্ডুপুত্র নহে ম ৬০৭। —র পুং ১ তদ্ভিন্ন জন; অন্যতর জন; অন্য। "মনু ১২.১০৬। মিত্রগণ আসিয়া আলাপ করে কত। ইতরে সন্তোষ করে ব্যবহারমত॥—কৃ ১১০। (মহিমা) চারিবেদে অবিদিত, ইতরে কে জানিবে নিগূঢ় দু ১৮। (বৈষ্ণব) শালগ্রামে অধিকারী, ইতরে দুর্লভ ভ.গ্র ৯৭। ২ প্রাকৃত, অবিবেকী, নীচজন। "ইতর ইব পরিভূয় জ্ঞানম্…মন্মথেন জড়ীকৃতঃ (কাদম্বরী)। পথপ্রদর্শক হ'য়েছে ইতরমনা যত কুলাঙ্গার ন ৪২৭। ৩ অনুলোমপ্রতিলোমজাত জাতি। "বর্ণাশ্রমেতরাণাং নো ব্রূহি ধর্ম্মানশেষতঃ যাজ্ঞ ১.১। ৪ (বাঙলায়) ভদ্রেতরজাতি, নীচজাতি, ছোটলোক। ৫ হিতাহিত-জ্ঞানহীন জন; অশিক্ষিত, সাধারণলোক, মূঢ়। "গ্রন্থ হৈল শ্লোকময়ে, ইতরজন নারিবে বুঝিতে চৈ.চ ৮২। মোহ নইলে ইতর লোকের চলে না; আর পৃথিবীর বারো-আনাভাগ ইতর ঘ ১৫২। [°ত্র (ব্য) —অন্যতর স্থানে বা পক্ষে। °থা (ব্য)—অন্যতর প্রকারে।]

ইতরতঃ (-তস্) ব্য [ইতর+তস্ (তসিল্) তৃতীয়াদিস্থানে] অন্যতরপ্রকারে, অন্যভাবে; অন্যতর হইতে, পরদেহ বা পরলোক হইতে; অন্যতরস্থানে। "ইতশ্চেতরতশ্চৈনং কৃতান্তঃ পরিকর্ষতি রা ২.১০৫.১৫।

ইতরবিশেষ বি অন্য হইতে পার্থক্য; বৈলক্ষণ্য, প্রভেদ, গুণ-তারতম্য, বিশেষধর্ম্ম। "এক অন্তরায় কন্যাপুত্রের ইতরবিশেষ পা.প্র ৮০; ১১৯। বায়ুপ্রবাহের ইতরবিশেষ দ্বারা বৃষ্টিপাতেরও অনেক ইতরবিশেষ হইয়া থাকে চা.তৃ ৩৩।

ইতরাম, -মি বি [ইতর+আম৩, আমি২] ইতরের কর্ম্ম; নীচের ধর্ম্ম; নীচতা।

ইতরেতর সর্ব্ব [ইতর ইতর, কর্ম্মব্যতীহারে দ্বিত্ব, সমাসবদ্ভাব পা ৮.১.১২, সি] অন্যোন্য, পরস্পর। "°যোগ। °কাম্যা মনু ৩.৩৫। রঘু ৭.৫৪। °রানভিভব কি ৬.৩৪। [°যোগ (পুং)—পরস্পরসম্বন্ধ, অন্যোন্যান্বয়; (ব্যাকরণে) সমর্থ পদসমূহের প্রত্যেকের একজাতীয় ক্রিয়ার সহিত প্রধানভাবে অন্বয়। °রাশ্রয় (পুং)—সর্ব 'অন্যোন্যাশ্রয়'।]

ইতলা বি [আ ইত্তি.ইলা] প্রতিবেদন, রিপোর্ট। "জদি কোন দফা ছাট ও তকরর করিয়াছি এমত প্রমান হয় তবে সদর ইতলাতে আমার জে জরিমানা হইবেক তাহা দিব E.P. 94.

ইতস্তত অব্য [সং ইতস্ততঃ] কর্ত্তব্যাকর্ত্তব্যে বিচারণা; সংকল্প-বিকল্প-ভাব, দ্বৈধ। "দেবতা হবেক তারা ইতস্তত নয় শ্রী.মা ৯৬। অনেক রকম ক'রে ইতস্তত. পত্র দিয়ে পূর্ণকে তাই পাঠিয়ে দিলেন কাশী প.কা ৩১। আমরা দুজনেই স্তব্ধ হ'য়ে রইলুম দেখে, আমার স্বামী একটু ইতস্তত ক'রে চৌকিতে ব'সলেন ঘ ২৪৭। [ইতস্তত করা—দ্বৈধ করা।]

ইতস্ততঃ (-তস্) ব্য [ইতঃ+ততঃ] ১ এদিকে সেদিকে; সকল দিকে। সর্ব্বত্র, সকলস্থানে। "কু.স ১.১৩। ২ (বাঙলায়) সর্ব 'ইতস্তত'। "ইতস্ততঃ করবে না ফুল. থাকতে একা শবের বুকে কু.কে ৭৮। চাকরেরা সংবাদ দিতে অনিচ্ছুক ছিল না। সোণা ইতস্ততঃ করিতে লাগিল ব.প্র ৩১৬। [°তঃ করা—দ্বৈধ করা।]

ইতা১, ইতা২, ইতাঙ, ইতাম দ্র 'ইত৩'।

ইতাহো ক্রি-ক্তি [ইতাঙ>°ঙো>°হোঁ, অপ্র] সর্ব 'ইতাঙ'। "ভাগে পুণী জিলাহোঁ এখুনী মরিতাহোঁ শ্রী.কী ২৬৫। যদি নিমন্ত্রণে না যাই (অর্থাৎ যাইতাম) হিমালয়ের ঘর। থেঁথল করিতাহোঁ পবন পুরন্দর॥—কৃ.উ ১৫।

ইতি ব্য ১ 'হেতু' অর্থে, এই হেতু। "সপর্য্যাং প্রত্যগ্রহীৎ সেতি ননন্দতুস্তৌ রঘু ২.২২। বৈদেশিকোঽস্মীতি পৃচ্ছামি উচ (A.)। ভৃগুপতি গুরু ইতি চরণ বন্দিয়া। ধনুকে টঙ্কার দিল আকর্ণ পূরিয়া॥ —ম ৭৪২। ২ শব্দস্বরূপ-দ্যোতকতা, অর্থাৎ 'পূর্ব্বস্থ শব্দ' অর্থে। "কূজন্তং রামরামেতি (রা.টীকা)। দুর্গা দুর্গেতি বাণী ম.পা ৫৪। ৩ বাক্যার্থ-দ্যোতকতা, বাক্যার্থপ্রকাশ। "অশ্বত্থামা হত ইতি শব্দমুচ্চৈশ্চকার হ। —মহা ৭.১৮৯.১৬। জ্ঞাস্যসি কিয়দ্ভুজো মে রক্ষতি মৌর্ব্বীকিণাঙ্ক ইতি শ ১.১৩। দেখি সব সেনাপতি, মনে যুক্তি করে ইতি, আমাদের রক্ষা নাহি আর কৃ ২৫৪। কারাগৃহে একাকী পড়িয়া দিবারাত্র সম্মুখেই মৃত্যুদণ্ড, ইতি ভাবনা করার অপেক্ষা গুরুতর দণ্ড আর কিছুই নাই ব.প্র ৫০৫। ৪ প্রকাশ, প্রসিদ্ধি। "ইতিহরি পা ২.৪.১৮। অশ্বত্থামেতি হি গজ…গতঃ মহা ৭.১৮৯.১৭। অশ্বত্থামা হত…ইতি গজ ম ৮৯৪। ৫ নিদর্শন (Illustration)। "ইন্দুরিন্দুরিব শ্রীমানিত্যাদৌ তদনন্বয়ঃ।—কুবলয়ানন্দ ১০। ৬ প্রকার, এই প্রকারে। "ইত্যুক্তবন্তং পরিরভ্য দোর্ভ্যাম্।—কি ১১.৮০। মাঘ ১০.৯১। ৭ প্রকরণ, প্রস্তাব। "গৌরশ্বো হস্তীতি জাতিঃ (অ.টী)। ৮ আদি, প্রভৃতি, ইত্যাদি। "হেলালীলেত্যমী হাবাঃ (অ.টী)। বাগর্থাবিতি (মল্লিনাথ)। যত ইতি দেবগণ বি.পা ৪৩; ব্রহ্মা বিষ্ণু বসিয়াছে শুক্র বৃহস্পতি। ইন্দ্র যম বরুণ কুবের যত ইতি॥—৩৫০। ধন জন যত ইতি অ.প ২১। ষট্ নিষট্ জায় সৈন্য যত ইতি ৮১; আছে যত পুণ্য ইতি ৯২। বা.ম ২১; বহরী মদনা আর যত পক্ষী ইতি ১১৮; যত ইতি মহাপাপ ২২২; যত ইতি সুখ ব্যবহার: যত ইতি ধন-জন-শোভা ৩৭৩। দেব যত ইতি চ.বি ৬৮; আর দেব ইতি ৬৯। [যত ইতি—ইতি যত; ইত্যাদি যত।] ৯ বক্ষ্যমাণপ্রকারে (As follows)। "রামাভিধানো হরিরিত্যুবাচ রঘু ১৩.১। পাত্র স্থানে স্বপ্নের কথা কহে যত ইতি বি.পা ২০৯। ১০ স্বরূপ (Identity)। "দিলীপ ইতি রাজেন্দুঃ রঘু ১.১২। অমুং নারদ ইত্যবোধি সঃ মাঘ ১.৩। ১১ ব্যবস্থা। "ইতীয়ং বৈদিকী শ্রুতিঃ মনু ২.১৫। ১২ অনুকর্ষ, তাৎপর্য্য। "ইতি ভাবঃ; ইতি নিষ্কর্ষঃ; ইত্যর্থঃ; ইত্যাশয়ঃ। ১৩ সমাপ্তি। "ইতি প্রথমোঽঙ্কঃ। করিলেন ইতি ক.চ ১৬৮; ১৬৪। কিমধিকমিতি শ্রী ১৪; ১৩০। ইতি শ্রীমেঘনাদবধকাব্যে…প্রথমঃ

সর্গঃ। নিবেদনমিতি বা.দ ১৭৩। **১৪** পরামর্শ। "চতুর্থী সম্প্রদানে। অনভিহিত ইত্যেব পা ২.৩.১৩, সি। **১৫** মত (প্রমাণগ্রন্থাদির পূর্ব্বে)। "ইত্যমরঃ। ইতি শ্রুতিঃ। **১৬** এবম, এবংবিধ। "পুত্রাঃ···ইতিনামানো বভূবুঃ।—পঞ্চ ১ (কথামুখ)। **১৭** অবধারণ। **১৮** প্রত্যক্ষ। **১৯** প্রকর্ষ। **২০** উপক্রম। **২১** মান, পরিমাণ (?)। 'ইতি স্বরূপে সান্নিধ্যে বিবক্ষানিয়মে মতে। হেতৌ প্রকারপ্রত্যক্ষপ্রকাশেঽপ্যবধারণে। এবমর্থে সমাপ্তৌ চ।—হেমচন্দ্র (S.W.)। **২২** (বাঙ্‌লায়; অপ্র) এই। "যত ইতি চরাচর সবার জননী বি.পা ৪০। **২৩** সমাপ্ত। "স্বস্ত্যয়ন হৈল ইতি দা ১৬২১। **২৪** নিরর্থক প্রয়োগ। "শুনে যত লোক ইতি বা.ম ২১৭; মঙ্গল সভাতে লোক যত আছে ইতি ৪১২। [ইতি করা—শেষ করা, ক্ষান্ত হওয়া। "ইতি কর না বাবা, যথেষ্ট প্রহার হ'য়েছে!—স.এ ৭৩। ইতিয়ে দেওয়া—শেষ করা; নগণ্যবোধে ছাড়িয়া দেওয়া।]

ইতিউতি অব্য [ইত (ইতঃ)-উত > °তি ('ই'সপ্তম্যর্থে); হি ইত উত; ঠ ইত্তল উত্তল; গু ইধর তিধর; সি ইতিউতি (C.G. § 468); অপ্র] **১** এদিকে ওদিকে; চারিদিকে, ইতস্ততঃ; এস্থানে-সেস্থানে। "ইতিউতি ধায় চৈ.চ ৩৪; পথে পিপীলিকা ইতিউতি ধরে পায় ২৪২; ইতিউতি অন্বেষিয়া ৩৪১, ৩৪৪। ইতিউতি পড়ু নিতি পায় জ.প ২৯; ইতিউতি চায় ৫৬। **২** এদেশে-সেদেশে। "কভু ইতিউতি গতি কভু ক্ষেত্রে বাস চৈ.চ ৭৭।

ইতিকথ বিণ [ইতি কথা যাহার, বহুব্রী; স্ত্রী -থা] এইপ্রকার যাহার কথা; অশ্রদ্ধেয়কথ, অপার্থবাচী, অশ্রদ্ধেয়। —থা স্ত্রী [কর্ম্মধা] **১** অর্থশূন্য বাক্য। **২** (বাঙ্‌লায়; অপ্র) পূর্ব্বকথা, পূর্ব্ববৃত্তান্ত। "যোড় হাত করি কহে যত ইতিকথা ম.ম ২২১। তিনি জানেন পূর্ব্বাপর যত ইতিকথা বি.পা ৩৫৪।

ইতিকরণীয়, -কর্ত্তব্য, -কার্য্য, -কৃত্য বিণ [সুপ্‌সুপা; স্ত্রী -য়া, -ব্যা, -র্য্যা, -ত্যা] এইপ্রকারে করণীয়; যথাবিধি অনুষ্ঠেয়। —করণীয়, —কর্ত্তব্য স্ত্রী যথাবিধি অনুষ্ঠেয় কার্য্য; কার্য্যজাত, কর্ম্মসমূহ। "শ্রূয়তামিতিকর্ত্তব্যম্‌ রা ২.৬৮.৫। কথয়স্বিতিকর্ত্তব্যম্‌ মহা ১.১৯৫.৩২। °ব্য মনু ৭.১৪২। °য়।—কি ৭.১৭। —কর্ত্তব্যতা, -কার্য্যতা, -কৃত্যতা স্ত্রী [°ব্য, °র্য্য, °ত্য+তা (তল্‌) তৎসমূহার্থে] ইতিকর্ত্তব্যসমূহ, অনুষ্ঠেয় কার্য্যসমূহ; কর্ম্মজাত। "°তামূঢ় (S.W.)। তস্য···ইতিকর্ত্তব্যতাম্‌ (স্থবেদয়ৎ) মহা ৩.২৯৫.৭; °র্য্যতা ১১১.৫; °ত্যতা ১.২১৯.২৪, ২২০.২; ৩.৩৬.৪।

ইতিকর্ত্তব্য, -ব্যতা, ইতিকার্য্য, -কার্য্যতা, -ইতিকৃত্য, -কৃত্যতা দ্র 'ইতিকরণীয়'।

ইতিবৃত্ত ক্লী [সুপ্‌সুপা] **১** প্রত্যক্ষ সংঘটিত বিষয়; দৃষ্টঘটনাবলী, চরিত, বৃত্তান্ত, বিবরণ। "মমেতিবৃত্তং···মহর্ষিবাল্মীকিকৃতম্‌ রা (S.W.)। **২** ইতিবৃত্তবিষয়ক পুরাণাদি; ইতিহাস। —বৃত্তি বি [অপ্র; পদ্যে মিলের জন্য 'ই'] ইতিবৃত্ত। "আমি নাহি জানি ইতিবৃত্তি ম.ম ২১৫। [°বিৎ (বিণ)—চরিতবেত্তা, ইতিহাসবিৎ। "চা.তৃ ৯৯।]

ইতিমধ্যে ক্রি.বিং **১** ইহার মধ্যে; এই সময়ে। "ইতিমধ্যে কি দুঃখ উঠিল তব মনে কৃ ২৯৩। ইতিমধ্যে···যাউক নিজ দেশ ম ৩২৭। ইতিমধ্যে চোর দিবে ধরি বি.সু ৮১। ইতিমধ্যে পুলিসের একজন সারজন···তাহার হাত ধরিল আ.দু ২৪। **২** ইত্যবসরে, এই সুযোগে বা ফাঁকে। **৩** (অপ্র) ইহাদের মধ্যে। "না জানহ ইতিমধ্যে আছে কর্ণ বীর।—কাব্যনির্ণয়। ইতিমধ্যে সকলে বিশেষ দুই প্রতি চৈ.ভা ৪৮৭। রঘুবর হলধর, পুরন্দর সুধাকর, পঞ্চশর ইতিমধ্যে কেহ বি.সু ১১৮।

ইতিমাত্র বিণ [ইতি মাত্রা যাহার, বহুব্রী; স্ত্রী -ত্রা] এতৎপরিমাণ, এতাবৎ।

ইতিহ ব্য [ইতি+হ; ইতি+√হন্‌ গতি+অ (ড)-ক (অ.টী)] এবং কিল, অর্থাৎ এইরূপ বার্ত্তা; পরম্পরাগত লোকপ্রবাদ; যাহা এইরূপে যায় (ভরত), অর্থাৎ লোকপরম্পরায় চলে; উপদেশপরম্পরা, প্রবাদপরম্পরা, ঐতিহ্য। 'যচ্চানির্দ্দিষ্টপ্রবক্তৃকং প্রবাদপারম্পর্য্যম্‌ "ইতি হোচুর্বৃদ্ধাঃ" (সাংখ্য ৫)—"এই বটবৃক্ষে যক্ষ বাস করে"—ইহার কেহ নির্দ্দিষ্ট বক্তা নাই, বৃদ্ধেরা ইহা বলিয়াছেন ও লোকপরম্পরায় এই প্রবাদ চলিয়া আসিতেছে; ইহা 'ইতিহ' বা 'ঐতিহ্য'।

ইতিহাস পুং [ইতিহ+আস; ষ.ত; ইতি হ (এবং কিল) আস্তে ইতিহাসঃ (অ.টী)] **১** উপদেশপরম্পরার আধার; যাহা উপদেশপরম্পরারূপে আছে; লোকক্রমাগত কথা; পূর্ব্ববৃত্তান্ত, প্রাচীন কথা (শ.ক), পৌরাণিক বিষয় বা উপাখ্যান (দেবাসুরের যুদ্ধবর্ণনাদি)। 'দেবাসুরাঃ সংযত্তা আসন্নিত্যাদয় ইতিহাসঃ (ঋগ্বেদোপোদ্ঘাত)। "°নিবন্ধ শ ৩৬। **২** পুরাবৃত্তোপনিবন্ধপ্রায় গ্রন্থ; পুরাবৃত্ত, মহাভারতাদি। 'মহাভারতস্যেতিহাসস্য মহা ১.১.১৯; ২৬। ধর্ম্মার্থকামমোক্ষাণামুপদেশসমন্বিতম্‌। পূর্ব্ববৃত্তকথাযুক্তমিতিহাসং প্রচক্ষতে॥—মনু ৩.২৩২। **৩** (বাঙ্‌লায়) বৃত্তান্ত, বিবরণ। "প্রবৃত্তিকে কত বঞ্চিত করেচি···সেই অন্তরের ইতিহাস অন্তর্যামীই জানেন ঘ ২৮৩। [°নিবন্ধ (পুং), —°নিবন্ধন (ক্লী)—উপাখ্যানগ্রন্থ, পৌরাণিকসন্দর্ভ। °বাদ (পুং) —ইতিহাসকথা, পুরাবৃত্ত। "মা.মা ৩.৩।]

ইতু[১] বি [সং মিত্র > লি, প্রা মিত্ত > বা (মিতু > ইঁতু) ইতু; তু 'হি ইতবার'—রবিবার] সূর্য্য। [°পূজা—ঘটে সূর্য্যদেবের পূজা। অগ্রহায়ণ মাসে প্রতি রবিবারে শস্যসম্পত্তিকামনায় ক্ষুদ্র মৃন্ময় ঘটে এই পূজা করিতে হয়। ইহার নাম 'ইতুর ঘট বা ইতু'। ঘটের মধ্যে মাটি ধান্য ছোলা মটর প্রভৃতি রবিশস্য থাকে। সংক্রান্তিতে ঘটবিসর্জ্জন হয়। 'মিত্র' অগ্রহায়ণের আদিত্য (দ্র 'আদিত্য'); এই হেতু ঐ মাসে ইতুপূজা হয়। মার্গশীর্ষে তপেন্‌ মিত্রঃ।—আদিত্যহৃদয়। "ঘণ্টা নেড়ে দুর্গোৎসব, ইতুপূজাতে ঢাক দা ৭৫৮।]

ইতু[২], **ইতুঁ, ইতুম** ক্রি-বি [ইত[৩]+ওম[৩] > ইতোম > ইতুম, -তুঁ, -তু (Expressing 'habit' and 'condition')] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "মুই যদি জানিতু ম.পা ৬৩; করিতু ৮০। আসিতু গ ১৪৩। তখন জানিতু যদি মরিতু পরাণে ম ২২১; কাটিতু ২৪৯। দেখিতে পাইতুঁ। শিরোপা করিতুঁ চ.দা ১৩; জানিতু, থাকিতুঁ, করিতুঁ ১০৫। বাপের বাড়ী যাইতুম অবসরায় ম.গা ১২; পুষ্প নহে কেশেতে রাখিতুম ২০।

ইতুঁ, ইতুম; ইতে[১] দ্র 'ইতু[২]; ইত[৩]'।

ইতে[২] প্র [ছান্দস—তবে; সং তুম্‌ > লি তবে > বা (তএ) তে; ই (ইট্‌)+তে > ইতে] নিমিত্তার্থে বা ইচ্ছার্থক প্রভৃতি ক্রিয়ার যোগে ভবিষ্যৎ কালের অসমাপিকা ক্রিয়ার প্রত্যয়। "চলইতে চাহি বি.প ১১; পিবইতে চাহে মধু ২৬; মন্দির বাহির করইতে সংশয় ১৯৩। পীবইতে চাহ গো ১০৮; হানইতে (হানিতে) ১৮৭; অবইতে (যাইতে) ১৮৮। কহিতে লাগিল গো.বি ১৫। বাহির হইল রাণী শ্রীরামে দেখিতে কৃ ৫৭। মোরে বল দাও···সরল সুপথে ভ্রমিতে, সব অপরাধ ক্ষমিতে, সকল গর্ব্ব দমিতে, খর্ব্ব করিতে কুমতি।—রবীন্দ্র। [তু—যাইতেঁ, ঘোড়াইতেঁ, রাখিতেঁ, রথহিতে (শ্রী.কী)। খাত্যে ম ২১। যাত্যে ব.প ৫৪০; বুঝাত্যে, ৫৯২। জাত্যে কৃ.অ ৩; ২২। হত্যে দু ২২; বুঝাত্যে ২৪। গাইলাইতে (গালাইতে, গাল দিতে) লাগিল গো.চ ২৭৭। ভাইসিতে লাগিল শূ ১৯।]

ইতে[৩] প্র [সং অৎ (শতৃ), 'ইতে[২]'র অনুকরণে অৎ > অতে > ইতে?] **১** অবিরাম (Progressive) ক্রিয়াবাচক বিশেষণ শব্দের উত্তর প্রত্যয়। "মরকত দরপণ হেরইতে হাম। উচ নীচ না বুঝি পড়লু

সেই ঠাম ॥—বি.প ১৪৫; শুনইতে নিকসউ কঠিন পরাণ ১৮৫। (রাম) নাচিতে হাসিতে যান লক্ষ্মণের সাথে : শুনিতে শুনিতে (বাহির হইল রাণী) কৃ ৫৭; কহিতে কহিতে (চ.লনেন) ১৪৬। দেখিতে দেখিতে লোক অনিমেখ আখি গ ৪৩। উঠিতে কিশোরী, বসিতে কিশোরী চ.সা ৩২৮। দেখিতে দেখিতে চুরী ক.চ ২৮২। দেখিতে দেখিতে বৃক্ষ হইল ফলিত চৈ.চ ৬৩; ভ্রমিতে ভ্রমিতে…গেল ৬৪; খাইতে শুইতে …নাম লয় ৩৫৩। দেখিতে সভার চিত্ত হরে চৈ.ভা ৪০৮। মৃদঙ্গ বাজে শুনিতে রসাল ম.ম ২১২। [তু 'জাইতেঁ, চলিতেঁ চলিতেঁ, সোঁঅরিতেঁ শ্রী.কী ১১; ১৫; ২৭। ভাইসিতে ভাইসিতে (ভাসিতে ভাসিতে) শূ ১৯। খেত্যে শুত্যে দু ৩০।] ২ [ইত২+এ৫ (১১), Locative Absolute, তু 'চাহন্তে (চ)—চাহিতে, দেখিতে] অবিরাম (Progressive) ক্রিয়াবাচক বিশেষণ শব্দের উত্তর ভাবে সপ্তম্যন্ত প্রত্যয়। "কহিতে বচন মুই হুঙ্কারিল কোনে গো.বি ১৩। আন ভাবিতে বিহি আন ফল দেল বি.প ১১১; সো অব কহইতে লাজ ১৪৪; মৃদু বীজইতে ঘুমলু হাম ১৪৫। ৩ [ইত২+এ৫ (১১)] অতীত ক্রিয়াবাচক ও বিশেষণ শব্দের উত্তর অনন্তরার্থে (ভাবে) সপ্তম্যন্ত প্রত্যয়। "শুনইতে (অর্থাৎ শুনিতে, শুনিত হইলে, শুনিলে) মানবি স্বপন স্বরূপ বি.প ৪৪; করে ধরইতে কত না করু কোটী ৬০; হেরইতে মাধব পড়লহি ধন্দ। পরশিতে ভাঙ্গল হৃদয়ক দ্বন্দ্ব ॥—৯৪; সখীগণ গণইতে তুহু সে সেয়ানী ১০৮। পুছইতে ধনী৹ ধরণী হেরসি জ্ঞা ৯৪। মাথায় মারিতে চোট কাণ হৈল বোঁচা শ্রী ৮৮। [তু 'জাঅন্তে—যাইলে; বুড়ন্তে—(মগ্নে সতি) বুড়িলে; বিআরন্তে—(বিচার্য্যমাণে) বিচারিলে; সুনন্তে —(শ্রুতে) শুনিলে (চ)।]

ইতে৪ প্র [সং ইত্বা (ইট্+ক্ত্বা); তু 'মৈ সুতৈত—Sleeping] অনন্তরার্থে অসমাপিকা ক্রিয়ার প্রত্যয়। "শুনইতে (পাঠান্তর) ঐসন রাহিক বানি : হেরইতে নাগর আওল তাহি বি.সা ২৮৭। লজ্জায় বিকল পদ্মা শুনিতে কুৎসিত ম.ম ৮। শুনইতে চমকই গৃহপতি রাব গো ১৩৯।

ইতেছ ক্রি.ক্তি [ইতে৩+√আছ+অ৭] সম্ভ্রমে কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে মধ্যম পুরুষের অবিরাম (Progressive) ক্রিয়ার বিভক্তি। "বাপু কি বুঝিছ (বুঝিতেছ) মনে ম.গা ৭। বুঝিলাম এতক্ষণে কে তুমি ডাকিছ৹—আকাশনন্দিনী! মা ১৫৮। লক্ষ্মণ!…ঐ অংশ লইয়া আন্দোলন করিতেছ কেন?—সী ৮। —তেছি [°ছ+ই৬(২)] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের অবিরাম ক্রিয়ার বিভক্তি। "হেরিতেছি সুখমেলা, ঘরে ঘরে কত খেলা, শুনিতেছি সারা বেলা, সুমধুর বাঁশি।—গান ১৩৭। [তু 'করচি—করিতেছি। "আমরা… সদা করচি টলমল।—গান ১২৬। দেখচি—দেখিতেছি। "লী ৯৭।] —তেছিল [°ছ+ইল২; তু 'মৈ দেখৈত ছল—দেখিতেছিল] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের অবিরাম ক্রিয়ার বিভক্তি। "করিতেছিল, বলিতেছিল ইত্যাদি। —তেছিলা, -ছিলে [°ছ+ইলা,+ইলে; তু 'মৈ দেখৈত ছলাহ—দেখিতেছিলা।] কর্ত্তৃবাচ্যে অতীতকালে মধ্যম পুরুষের অবিরাম ক্রিয়ার বিভক্তি। "করিতেছিলা, -লে ইত্যাদি। —তেছিলাম [°ছ+ইলাম; তু 'মৈ দেখৈত ছলহুঁ—দেখিতেছিলাম।] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের অবিরাম ক্রিয়ার বিভক্তি। —তেছিলেন [°ছ+ইলেন] সর্থ 'ইতেছিল' (সম্ভ্রমে)। —তেছিস [°ছ+ইস] সর্থ 'ইতেছ' (অসম্ভ্রমে)। "করিতেছিস ইত্যাদি। —তেছে [°ছ+এ৬] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের অবিরাম ক্রিয়ার বিভক্তি। "প্রেমতত্ত্ব…নাচিছে, গাইছে৹ কভু, বিবাদিছে কভু, কাঁদিছে কভু বা মে ২৬৭। গীত শেষ অপরাহ্ণে, সন্ধ্যা আসিতেছে ধীরে! —ন ১৫০৮। [তু 'জাএছে—যাইতেছে। "গো.চ ১৪। বাজাচ্ছে, শুকুচ্ছে হু ২০১; আস্চে ২০২; মানাচ্ছে ২০৫; ঘুচ্চে ২০৯।] —তেছেন [ইতেছ+এন (সম্ভ্রমে)] সর্থ 'ইতেছে'। "রাজা বীরসিংহ সাক্ষাৎ করিতে আসিতেছেন কৃ.চ ৯। [তু 'তাড়াচ্চেন হু ২০১; কচ্চেন ২০৯।]

ইতেছি, -ছিল, -ছিলা, -ছিলে, -ছিলেন, -ছে, -ছেন; ইতেন দ্র 'ইতেছ; ইত৩।

ইতো অব্য [সং ইতঃ; (সন্ধিতে) °তো, যেমন, 'ইতোমধ্যে'; অপ্র] ১ ইহাতে। "এই শরীরেতে আছে সমস্ত জগত। ইতো বলবীর্য্য প্রভাবর নাহি অন্ত ॥ —ব.প ১৩৩০। ২ এইপ্রকার। "ইতো বিসদৃশ রূপ চাহন না যায় ব.প ১৩৩০। [°মধ্যে (তু 'ইতঃপূর্ব্ব')—ইহার মধ্যে; এই সময়ে; এই অবকাশে। "ইতোমধ্যে এক দিবস…মহাধর্ম্মাচার্য্য…ধর্ম্মশালায় যাইতেছিলেন ব.প ১৭২৭। °ধ্যে বেলুনের আস্ফালন পলে পলে বাড়িতে লাগিল।—রামমোহন রায়।]

ইতোঁ দ্র 'ইত৩।

ইত্থম্ ব্য [ইদম, এতদ্+থম্ (থম্) প্রকারবচনে, পা ৫.৩.২৪] ১ এই প্রকারে; এইরূপে। "ইত্থং ব্রতং ধারয়তঃ (তস্য) রঘু ২.২৫। ২ এই প্রকার, ঈদৃশ। "ইত্থম্ভাব। [ইত্থঙ্কারম্ (ব্য)—এই প্রকারে; এই ভাবে, এমন ক'রে। "ইত্থঙ্কারং ভুঙ্ক্তে। ইত্থম্ভাব (পুং)—এই প্রকার। ইত্থম্ভূত (বিণ)—এই প্রকার-প্রাপ্ত; এতদবস্থ। "°তাখ্যান পা ১.৪. ৯০; °লক্ষণ ২.৩.২১। কু.স ৬.২৬। °গুণ ভ ১.৭.১০। উমে ৩৩।]

ইত্যবকাশে, -বসরে ক্রি.বিং এই অবকাশে; এই কার্য্যবিরামকালে; এই ফাঁকে; এই সুযোগে। "°শে ব.প ১৭২৭। বেণীবাবু অধ্যয়নানন্তর …উঠিয়া তামাক খাইতেছেন—ইত্যবসরে একটা গোল উপস্থিত হইল আ.দু ১৩। (হরলাল) তখন উইলখানি পকেটে রাখিলেন, আর একখানি কাগজ হাতে লইয়া তাহাতে লিখিবার উপক্রম করিলেন। ইত্যবসরে হাতের কাগজ পকেটে, পকেটের কাগজ হাতে কিপ্রকারে আসিল, ব্রহ্মানন্দ তাহা কিছুই লক্ষিত করিতে পারিলেন না ব.প্র ২৫৯।

ইত্যাকার, -কারক বিং [ইতি আকার যাহার, বহুব্রী; স্ত্রী -রা] এতদাকৃতি, এইরূপ, ঈদৃশ, এইরকম। "(সন্ন্যাসিনীরা) জয় জয় হরিহর!…ইত্যাকার জয়ধ্বনি করিতে করিতে অগ্রে অগ্রে চলিল ব.প্র ৫৩৯। কুবকুব ইত্যাকারক অব্যক্ত শব্দ ব প ১৭০২।

ইত্যাদি বিণ [ইতি আদি যাহার, বহুব্রী; স্ত্রী -দি] ১ এবমাদি, এতৎপ্রভৃতি, এবংবিধ, পূর্ব্বোক্তরূপ। "ইত্যাদি কহিয়া ব্যাস গেলেন স্বস্থান ম ৯৪১। ২ ইতিনামক, পূর্ব্বোক্তনামা। "ইত্যাদি করিয়া যত রাজা পৃথিবীতে ম ৪২৩।

ইত্বর বিণ [√ই+বর (ক্বরপ্) তাচ্ছীল্যে-ক; স্ত্রী -রী] ১ গমনশীল। ২ পথিগমনকুশল। —রী স্ত্রী অভিসারিকা, অসতী।

ইৎসা বি [সং ইচ্ছা; অপ্র; তু 'সং গুচ্ছ, গুৎস; লি, প্রা—বচ্ছ, বচ্ছল (বৎস, বৎসল)] ইচ্ছা। "যুদ্ধ ইৎসা করি ব.প ৫৫২; আপন ইৎসাএ ১১৬৬; ১২০২। ইৎসা থাকে চৈ.ম ৪৯, টীকা। জ ৮৭। সেৎসাপূর্ব্বক E.P. 45.

ইথা, ইথাও দ্র 'ইত৩।

ইথি অব্য [সং অত্র > লি অথ, প্রা ইথ (প্রা.ম), ইথি (পৈ) > বা ইথি; অপ্র; হি, মৈ ইত; গু আহীঁ, হিয়াঁ; সি ইতি; নেপালী—হ্যাঁ, যহাঁ (C.G. § 468)] ১ এই স্থানে। "আজ ভিক্ষা ইথি চৈ.ভা ৪৮৯। ২ এ বিষয়ে। "অবশেষ কিছু সাধ্য কর্ম্ম আছে ইথি চৈ ৭৪। ৩ ইহাতে। "সর্ব্ব শুভ লগ্ন অধিষ্ঠান হয় ইথি চৈ ভা ২৭। করহ ইথি স্নান ম ৫৬৮। কোন বা আদর ইথি চৈ ২৪১। ৪ ইহা। "ইথি লাগি আগে করি তার বিবরণ চৈ.চ ১৪। এইমাত্র ব্যাখ্যা ইথি নহে অপ্রমাণ চৈ.ম ২০। [তু 'ইথী—ইহাতে, এমন কর্ম্মে। "ইথী নহী মুখলাজ বি.সা ৭৬।]

ইথিউথি ক্রি.বিং ['ইথি'র অনুকরণে 'উথি' ; দ্র 'ইতিউতি'] এদিকে ওদিকে ; চারিদিকে, সর্ব্বত্র, চতুস্পার্শ্বে। "ভ.গ্র ২৬ ; ইন্দ্রিয়সুখের হেতু ইথিউথি ধায় ১০৭ ; ইথিউথি চাহে ৩৯১।

ইথিমধ্যে ক্রি.বিং ['ইতিমধ্যে'র অনুকরণ °'ধ্যে' ; অপ্র] ১ ইহার মধ্যে ; এই সময়ের মধ্যে ; এই সময়ে। "ইথিমধ্যে দেখা তারা দিবে কি কারণ ম ৬৩১। ইথিমধ্যে চন্দ্রশেখর মিশ্রতপন। দুঃখী হঞা প্রভুপায় কৈল নিবেদন॥ —চৈ.চ ৩৩। ২ ইহাদের মধ্যে ; এই সমবেত লোকের মধ্যে। "যে বলিলে ইথিমধ্যে নাহি কোন ব্যক্তি। এই লক্ষ্য বিন্ধিবারে আছে কার শক্তি॥—ম ১৮৭ ; নাহি জান ইথিমধ্যে কিবা ভাল মন্দ ৩২১।

ইথে অব্য [প্রা ইত্থ > ইথ+এ৬ (১০), দ্র 'ইথি'] ১ ইহাতে। "ইথে স্নান কৈলে নাহি যমের অধিকার ম ৫৬৮। ২ এই বিষয়ে ; এই কথায়। "ইথে কিছু নাহিক সন্দেহ শ্রী.কী ৭০। ইথে কাহে ধনি তুহ মোড়সি মুখ বি.প ৬৪। হারাণ ছাগল পাবে ইথে নাহি আন ক.চ ১৪৭। যেন কৃষ্ণ তেন তুমি ইথে নাহি আন ম ২৬৩। আছে কে পাগল ইথে যাবেক প্রত্যয় শ্রী.মা ২১৭। ৩ এই স্থানে ; এই আধারে। "আগচ্ছ অম্বিকা বিল্বে তিষ্ঠ তিষ্ঠ ইথে দু ১৩। ৪ এই ব্যাপারে ; এই ঘটনায়। "(বেড়িলেক রাজগণ সমুদ্রের প্রায়) ইথে কি করিবে মোর পিতার শকতি ম ১৯৫। (ভৃগুর যজ্ঞের স্থানে, দেবগণ বিদ্যমানে, আমারে না করে নমস্কার)…ইথে যদি শিবে আনি, অবশ্য হইবে যজ্ঞনাশ ক.চ ১৪। ৫ এই বিষয়, ইহা। "ঐছে ফেরি রস না পাওব আর। ইথে লাগি রোই গলয়ে জলধার॥ —বি.প ২০ ; ইথে যদি কোই করয়ে পরচারি ৩৯ ; ইথে লাগি ধনী কাহে হোয়বি বিমুখ ৮১। ইথে শুনি জানিল আছয়ে জীব এথা ব্র.প ১৯১। ৬ ইহাতে, অর্থাৎ এরূপ ঘটিলে। "(জিনি রাজচক্র) হরিয়া লইবে আমা রাক্ষসবিভায়। সভে বীর্য্যাপন্ন ইথে গণিবে ইহায়॥ —শ্রী.ম ১৬০।

ইথেন দ্র 'ইত৩'।

ইদ 'দ্‌' বি [আ ঈ'দ্‌] ১ মুসলমানদিগের পর্ব্বদিন। ২ [ঈ'দ্‌-উল্‌-ফিত্‌-র্‌] রমজানের উপবাসের পরে মুসলমানদিগের পর্ব্ববিশেষ। "রমজান-ইদ-সোবেরাত আমার করা সার্থক আ.দু ২৯। ৩ [ঈ'দ্‌-উজ্‌.-জু হা] জিলহিজ্জ মাসের দশম দিনে অনুষ্ঠেয় পর্ব্ববিশেষ ; বলিদানপর্ব্ব, বকরীদ্‌। [আব্রাহাম ঈশ্বরের প্রীতির জন্য এই পর্ব্বে যজ্ঞে পুত্রকে বলিরূপে উৎসর্গ করিয়াছিলেন।] [ইদগা (আ ঈ'দ্‌.-গহ্‌)—পর্ব্বাহে, বিশেষতঃ ইদের দিনে মুসলমানদিগের সমবেত উপাসনার (একত্র নামাজ-পড়ার) গৃহ ; ইদ্‌ঘর।]

ইদং সর্ব্ব [সং ইদম্‌ (ক্লী-১ব)] এই, পুরোবর্ত্তী। "দানত্তর পত্রমিদং E.P. 45 ; একরার পত্রমিদং 66.

ইদম্‌ সর্ব্ব বিণ [উ ৪.১৫৬ ; ফা ইম্‌—ইম্‌সাল ; Av. Im-a ; L. id, idem ; Gothic—ita ; E. it] ১ সন্নিকৃষ্ট, পুরোবর্ত্তী, এই (দ্রব্যাদি)। 'ইদমস্তু সন্নিকৃষ্টম্‌। "ইদমদ্য ময়া লব্ধম্‌ গী ১৬.১৩। ইদমর্থ্যং দা ১৩০৮। ২ বুদ্ধিস্থ (বিষয়)। "ইমং প্রাপ্স্যে মনোরথম্‌ গী ১৬.১৩। ৩ বক্ষ্যমাণরূপ। "ইদমূচুঃ মনু ৫.১। নিবেদনমিদম্‌ ; নিবেদনমেতৎ ; বিজ্ঞপ্তিরিয়ম্‌ (পত্রাদিতে)।

ইদানীং অব্য [সং ইদানীম্‌] এক্ষণে, এখন। "ভাগিনা ইদানীং বড় হয়্যাছে সেয়ান ব.প ৪৬০ ; ১৫১৮।

ইদানীন্তন বিণ [ইদানীম্‌+তন (ট্যুল্‌, তুট্‌) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -নী] ইদানীং ভব ; অধুনাতন, সাম্প্রতিক। [ইদন্তন (নিপাতিত) —ইদানীন্তন। "(ঋষিভিঃ) ন শক্যান্তেঽধুনা কর্ত্তুং শক্তিহীনৈরিদন্তনৈঃ মনু ৯.৬৮, কুল্লুক।]

ইদানীম্‌ ব্য [ইদম্‌+দানীম্‌, সপ্তমীস্থানে, কালার্থে ; ছান্দস] সম্প্রতি, অধুনা। "রঘু ১.৮০।

ইদ্ধ বিণ [√ইন্ধ্‌+ত (ক্ত)-র্ম্ম ; ছান্দস] ১ দীপ্ত, উজ্জ্বল। "যমিদ্ধো ন দহত্যগ্নিঃ মনু ৮.১১৫। °রাগ শ ৭.১৬। ২ দীপ্ত, প্রচণ্ড, উগ্র। "ইদ্ধম্‌…অংশুজালম্‌ কি ২.৫৯। মাঘ ১.৬৩ ; °দীধিতি ১৬.৩৫। ৩ অকুণ্ঠিত, অপ্রতিবদ্ধ, অব্যাহত। "°বোধ ভট্টি ১.৫। ৪ অপ্রতিহত, অব্যাহত। "°শাসন কি ১.২২। ৫ নির্ম্মল (A.)। —দ্ধ ক্লী [+ত -ত্ব] দীপ্তি। [°দীধিতি (পুং)—অগ্নি।]

ইধ্ম ক্লী [√ইন্ধ্‌+ম (মক্‌)-ণ ; ছান্দস] ১ অগ্নিদীপনসাধন কাষ্ঠ ; ইন্ধন, জ্বালানী কাঠ। "মহা ৩.৯৯.২৭। কুশেধ্মহরণ রঘু ১৪.৭০। ২ যজ্ঞিয় সমিদ্‌বিশেষ। [°বাহ (বিণ)—ইন্ধনবাহক। "মহা ৩.৯৯.২৭। °ব্রশ্চন (বিণ)—১ ইন্ধনচ্ছেদক। "ম.চ ৩.১৪। ২ কুঠারাদি।

ইন১ পুং [√ই+ন (নক্‌)-ক, উ ৩.২] ১ সূর্য্য। "তপস্বিনঃ মাঘ ১.৬৫। ২ নৃপ। "°সভ পা ২.৪.২৩, সি। ৩ স্বামী, প্রভু। "ঋগ্বেদ ৩.৫৩.২। রঘু ৯.৫। ৪ হস্তানক্ষত্র। [°সভা (ক্লী)—রাজসভা।]

ইন২ ক্রি.ক্তি [ইনু > ইন ; অপ্র] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের সমাপিকা ক্রিয়ার বিভক্তি। "দিন (দিনু), কহিন, করিন চ.বি ২৭৪ ; খেমিন, পাঠিন (পাঠাইনু) ২৭৫, ২৯৭ ; আমি হৈন শেষ ২৯৮ ; বন্দিন ভগবতী ঃ শুনিন ২৯৯ ; ক্ষেমিন ৩০২ ; নারিন ৩১৬ ; দিব্য দিন আমি ৪০৮।

ইনাম '-ম্‌' বি [আ ই'ন্‌আম্‌] ১ পুরস্কার, পারিতোষিক। "ধন দিবা নটীরে ইনাম ম.ম ৯২ ; খাসা ইনাম ১৯২। ভা.চ ৪৭৫। ২ পুরস্কার-স্বরূপ দান—গ্রামাদি। "গ্রাম-ভূমি-আদি বহু ইনাম করিল ভ.গ্র ৪২৩। ৩ কোন কার্য্যের বেতনরূপে রাজাদি কর্ত্তৃক প্রদত্ত নিষ্করভূমি। "বৈদ্য নকুল তুমি, পাইবে ইনাম ভূমি, চিকিৎসা করিবে রাজপুরে ক.চ ৩৬। ৪ নির্দ্দিষ্টকালের জন্য ভোগার্থ প্রদত্ত নিষ্করভূমি। "তেসনী ইনাম পাব গুজরাট যাই ক.চ ৮৩। [ইনামভূমি—পুরস্কারস্বরূপ ভূমি ; নিষ্করভূমি। তেসনী ইনাম—তিন সনের ইনাম। ইনাম বাড়ী (অপ্র)—ইমাম-বারা ; ধর্ম্মানুষ্ঠানার্থ গৃহ। "ইনামবাড়ী তোলা ঘরে তুঞি করিস ঘর ক.চ ১০৯।]

ইনি সর্ব্ব [সং ইদম্‌ > প্রা ইম (পুং), ইণ (ক্লী) > বা ইনি ; বহুবচনে—হি ইন, ইন্‌হ, মৈ ইন, ইন্‌হ, ইন্‌হি, ইনি ; সি—ইর্নি, হিনি ; নেপালী—ইন (C.G. § 437)] এই ব্যক্তি ; সন্নিহিত জন (সম্ভ্রমে)। "ইনি গৃহের লক্ষ্মীস্বরূপা সী ১৬। [ইঁহারা, এঁরা (কর্ত্তা, বহুব) ; ইনি উনি তিনি—নিকটস্থ, দূরস্থ, অপ্রত্যক্ষ ব্যক্তি (সম্ভ্রমে)।]

ইনী প্র [সং ইনী—কামিনী ; লি ইনী ; প্রা ইণী (লজ্জালুইণী, প্রা.স ৪.৪৫) ; খত্তিণী, সুদ্দিণী পৈ ১.৬৪ ; হি ইন, নী (সুনার—সুনারিন, -রনী) ; ঠ ঈণ (সোনার—সোনারীণ, পাপী—পাপীণ) ; মৈ নি (কুম্‌হার—কুম্‌হৈনি ; তু ইনি—আহীরিণি (বি.প ১১৮)] বাঙ্গলা-স্ত্রীপ্রত্যয়। "আমিনী শূ ২৬। কুম্ভীরিণী কৃ ৩২০। ম ২৩১। শুন রজকিনী রামি ঃ রজকিনীরূপ চ.সা ৩৩২। নাপতিনী বেশ চ.দা ৩২ ; দেয়াসিনী ৪০ ; বণিকিনী ৪৩। ডোমিনী বা.ম ৫০। অলসিনী রা.শে ২।

ইনু ক্রি.ক্তি [ইলু > ইনু] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "চলিনু, আছিনু বি.প ১৩৮ ; করিনু ১৫২। নাইতে দেখিনু চ.দা ২৪ ; খাইনু ৪৯ ; চাকিনু, খাইনু, আসিনু, চড়ানু, বিছুরিনু, বুঝিনু ১০৮। করিনু ম.বি ৫২। চড়াইনু ব্‌ ১৪৭। কৈনু প.র ৩৭। গাঁথিনু মে ৮০ ; কাঁদিনু ১২১। [তু 'দিনু বি.পা ৮৪ ; চিহ্নু ১২৪ ; পারলু, সোঁপলু, বিচারলু আছলু, চাঁচলু ১৫৬ ; খোয়ায়লু ১৬৭। মনু, গেনু চ.দা ৪৯, ১১১,১১২ ; দিনু ১১৩।]

ইন্‌কম্‌টেক্‌স বি [E. Income-tax] প্রজার আয়ের উপরে নির্দ্দিষ্ট হারে নিরূপিত রাজকর ; আয়কর। "হে ইংরাজ ! তুমি চন্দ্র, ইন্‌কম্‌টেক্‌স তোমার কলঙ্ক ব.বি ৬১১।

ই(এ)ন্‌জিন্ বি [E. Engine] বাষ্পাদিচালিত মূল যন্ত্র বা কল।

ই(এ)ন্‌জিনিয়ার বি [E. Engineer] যন্ত্রশাস্ত্রে পণ্ডিত; যন্ত্রকলাবিৎ, শিল্পকর্ম্মে বা পূর্ত্তস্থপতিকার্য্যে কুশল ব্যক্তি।

ইন্তিকাল্, এন্তাকাল্ বি [ফা ইন্‌তিকা.ল্] হস্তান্তর-করণ।

ইন্তিজার, এন্তাজার, -রী বি [আ ইন্‌ত.জার্; ফা ইন্‌ত.জারী] ১ অপেক্ষা, প্রত্যাশা (Expectation)। ২ প্রত্যাশা হেতু অধীনতা। [এন্তাজারে থাকা—প্রত্যাশায় বা প্রত্যাশাজন্য অধীনতায় থাকা।]

ইন্দ্‌ (ইদি) অক [ভ্বা, প—ইন্দতি; সেট্] ঐশ্বর্য্য, প্রভুত্ব করা। তু 'ইন্দ্র'।

ইন্দি(ন্দী)বর ক্লী [ইন্দি(ন্দী)র বর, ষ.ত] ১ লক্ষ্মীর ইষ্ট (অ.টী); নীলপদ্ম, নীলোৎপল। 'নীলমিন্দীবরং স্মৃতম্ (ভাবপ্রকাশ)। "°শ্যাম রঘু ৬.৬৫। শৃ ৩; বালে তব মুখাম্ভোজে কথমিন্দীবরদ্বয়ম্ ২০। নিন্দি ইন্দীবর মুখ ক.চ ৪৬; লোচনযুগল ইন্দীবর ২১২। নিন্দি ইন্দিবর নেত্রে রঞ্জিত কজ্জল দু ১০; ফুল্ল-ইন্দিবরবরণনয়নী ৬১। °নয়নী ভা.চ ৪২৭। ফুল্ল-ইন্দীবর-নিকরময় স.শ ৯৪। ২ নীলোৎপল, নীলকুমুদ। "একযোগ দিবাকর নিশাকর দেখি। পদ্মিনী হাসিল ইন্দীবর মেলে আঁখি॥ ফুটিলেক রবি শশী দেখি একত্তর। নয়নেতে-ইন্দীবর বদনে পুষ্কর॥ —ব.প১৫০৪। ৩ উৎপল, কুবলয়। "নীলেন্দীবরনয়না (তন্ত্রসার—ত.বা)। ৪ পদ্ম। "ইন্দীবরং গোময়াৎ।—পঞ্চ ১.১০৩। —বরী স্ত্রী 'ইন্দীবরবর্ণা', শতমূলী।

ইন্দিরা স্ত্রী [√ইন্দ্‌+ইর (কিরচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] লক্ষ্মী, শ্রী। "ভা.চ ৪২৭। ইন্দুবদনা ইন্দিরা মে ২৯। পদ্মালয়া ইন্দিরা মা ১১৮; কমলবাসিনী ইন্দিরা ১২৮। [°মন্দির (ক্লী)—লক্ষ্মীর আবাস; বিষ্ণু। ইন্দিরালয় (ক্লী)—লক্ষ্মীর গৃহ; পদ্ম।]

ইন্দু পুং [√ইন্দ্‌+উ-ক, উ ১.১২; তু 'ইন্দু'—সোমলতা (ঋগ্বেদ ১.১৪.৪; ৫৩.৪), চন্দ্র (ঋগ্বেদ ১.৪৩.৭; ৮); ইহাতে বোধ হয়, 'ইন্দু' শব্দের অর্থ 'সোমলতা', পরে সোমের অধিপতি বা ওষধিপতি 'চন্দ্র'।] ১ যে (সুধায়) সিক্ত করে, চন্দ্র। "গো.রা ১.১.৬। মনু ৩.৮৭। রঘু ১.১২। মুখেন্দু।—রত্নাবলীনাটিকা ৩.১৪। ইন্দুর্ব্বিলক্ষং কুমুদস্য বন্ধুর্যো যস্য মিত্রং ন হি তস্য দূরম্ (সু.র)। রাজা বলে দূর নহে যেবা যার বন্ধু। দুই লক্ষ যোজন অন্তর দেখ ইন্দু॥ কেমনে কুমুদ ফুটে চন্দ্র দরশনে। —শ্রী ২০। পিরীতের গুণ শুন হে রাজন! প্রকাশিত আছে ভুবনে, —কুমুদ-বন্ধু ইন্দু,—কিন্তু দুলক্ষ যোজনে দুজনে॥—দা ২০৯২। ইন্দুকুন্দ-সোমবর্ণ অ.প ৭। ইন্দুকুন্দ নিন্দিয়া উজ্জ্বল দু ১৬। মনচকোরেন্দু ম ৩০২। রাইমুখ-ইন্দু চ.দা ১৪২। ভা.চ ১৫৭। ২ (বহুব) ক্ষয়বৃদ্ধি-যুক্ত চন্দ্র। ৩ (চন্দ্রসংখ্যানুসারে) এক (১) এই সংখ্যা। "সাগরেন্দু ম.পা ৩; ২৮১। ইন্দুবিন্দুবাণ শ্রী ৫২। ৪ চন্দ্রদেবতাক মৃগশিরাঃ নক্ষত্র। ৫ শ্রেষ্ঠ, প্রধান। "রাজেন্দু রঘু ১.১২। অচল°-কুল-ইন্দু হিমাচলে মা ১৩৮। [সমাসে উত্তরপদ] ৬ (সাদৃশ্যে) কর্পূর। [°রত্ন (ক্লী)—ইন্দুবৎ শুভ্র রত্ন; মুক্তা। °লোক (পুং)—চন্দ্রলোক। °লোহক, °লৌহ (ক্লী)—ইন্দুবৎ শুভ্র ধাতু; রৌপ্য।]

ইন্দুকক্ষা স্ত্রী [ষ.ত] চন্দ্রের রাশিচক্রস্থ পরিধি।

ইন্দুকলা, -কলিকা স্ত্রী [ষ.ত] চন্দ্রকলা। —কলা গুড়ূচী। —কলিকা স্ত্রী কেতকী।

ইন্দুকান্ত পুং [বহুব্রী] চন্দ্র যাহার কান্তবৎ প্রিয়; চন্দ্রকান্তমণি। "°মণিপর্য্যায়।—রবীন্দ্র। —কান্তা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ নিশা। ২ অশ্বিন্যাদি তারা। ৩ কেতকী।

ইন্দুকিরীট পুং [বহুব্রী] যাঁহার চন্দ্র কিরীটতুল্য; শিব।

ইন্দুকুন্দসোমবর্ণ বিং [উ.বহুব্রী; স্ত্রী -র্ণা] চন্দ্র কুন্দপুষ্প ও কর্পূরের বর্ণতুল্য যাহার বর্ণ; অতিধবল। "অ.প ৭।

ইন্দুক্ষয় পুং [ষ.ত] ১ চন্দ্রের হ্রাস। ২ চন্দ্রের ক্ষয়কাল; অমাবস্যা। "শতমিন্দুক্ষয়ে পুণ্যম্ (মলমাসতত্ত্ব)।

ইন্দুজ পুং [ইন্দু+√জন্‌+অ (ড)-ক; উ.ত] 'চন্দ্রজাত', চন্দ্রসুত, বুধগ্রহ। —জা স্ত্রী [°জ+স্ত্রী আ (টাপ্)] চন্দ্রসুতা, নর্ম্মদানদী। [ইনি মুনিশাপে নদীত্ব-প্রাপ্ত হইয়াছিলেন।]

ইন্দুজনক পুং [ষ.ত] ১ চন্দ্রপিতা, অত্রি। ২ সমুদ্র। "মহা ১.১৮.৩৪।

ইন্দুদল ক্লী [ষ.ত] চন্দ্রের খণ্ড, চন্দ্রাংশ, চন্দ্রকলা।

ইন্দুনিভ বিং [নিত্যসমাস; স্ত্রী -ভা] চন্দ্রোপম। [°ভাননা (বিং) —চন্দ্রমুখী। "তবে কেন তুমি কাঁদ ইন্দুনিভাননে মে ২২।]

ইন্দুবদন বিণ [বহুব্রী; স্ত্রী -না] যাহার মুখ ইন্দুতুল্য; চন্দ্রানন। "ইন্দুবদনা ইন্দিরা মে ২৯। —না স্ত্রী ছন্দোবিশেষ।

ইন্দুবাসর পুং [উ.লো] চন্দ্রের প্রিয় দিন সোমবার।

ইন্দুবিন্দুবাণ বিং [অপ্র] ইন্দুবিন্দু, অর্থাৎ দশগুণ যাহার বর্ণ; দশগুণবর্ণযুক্ত, অতিবিশুদ্ধ। তু 'দশবাণ'। "ইন্দুবিন্দুবাণ দিল দ্বাদশ কাঞ্চন শ্রী ৫২। [ইন্দু—১; বিন্দু—০; বাণ—বর্ণ।]

ইন্দুবিম্ব, -মণ্ডল ক্লী [ষ.ত] চন্দ্রমণ্ডল। "°ল কি ১১.৬৪।

ইন্দুব্রত ক্লী [উ.লো] চন্দ্রলোকপ্রাপক ব্রত, চান্দ্রায়ণব্রত।

ইন্দুভৃৎ পুং [ইন্দু+√ভৃ+ক্বিপ্ (০)-ক; উ.ত] 'ইন্দুধারক', চন্দ্রমৌলি, শিব।

ইন্দুমণি পুং [উ.লো] 'ইন্দুপ্রিয় মণি'; চন্দ্রকান্তমণি।

ইন্দুমতী স্ত্রী [ইন্দু+মৎ (মতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'পূর্ণেন্দু-যুক্তা', পৌর্ণমাসী, পূর্ণিমা। ২ ভোজরাজভগিনী অজরাজপত্নী ও দশরথজননী। "রঘু ৫.৩৯। [ইনি তৃণবিন্দুশাপে ভ্রষ্টা হরিণীনামা সুরাঙ্গনা (রঘু ৮.৭৯-৮২)।]

ইন্দুমুখ বিণ [বহুব্রী; স্ত্রী -খা; -খী] যাহার চন্দ্রবৎ মুখ; চন্দ্রানন। "হাসে রামা ইন্দুমুখী ম.পা ৯৬। ভা.চ ৪২৭। —মুখ বি [উ.লো] চন্দ্রতুল্য মুখ; চাঁদমুখ। "ইন্দুমুখে মন্দ মন্দ ঘর্ম্মবিন্দু সাজে শি ৩২।

ইন্দুমৌলি পুং [বহুব্রী] যাঁহার মস্তকে চন্দ্র; শশিশেখর, শিব।

ইন্দুর বি [সং ইন্দুর; হি, ড়, অস ইন্দুর; ঠ উংদীর] মূষিক। "আসন ইন্দুর ম ১। ম.ভা ১৩। [তু 'এন্দুর' (অপ্র)—ইন্দুর। "গো.চ ১৭৯।]

ইন্দুরে(লে)খা স্ত্রী [ষ.ত] ১ চন্দ্রের রেখাতুল্যা; চন্দ্রকলা। "ইন্দুলেখা কু.কে ১৭। ২ (চন্দ্রকলাজাতা) সোমলতা। ৩ অমৃতা। ৪ যমানিকা।

ইন্দুলেখা; ইন্দুলোক, -লোহক, -লৌহ দ্র 'ইন্দুরেখা; ইন্দু'।

ইন্দুশেখর পুং [বহুব্রী] যাঁহার চন্দ্র চূড়ামণি; চন্দ্রচূড়, শিব।

ইন্দুসুত, -সূনু পুং [ষ.ত] চন্দ্রের পুত্র; বুধগ্রহ।

ইন্দূর পুং [উন্দুর>°র, পূর্ব্বো] মূষিক। "ইন্দুরে পোষে বিড়াল ভা.চ ৯৭।

ইন্দ্র পুং [√ইন্দ্‌+র (রন্)-ক] ১ যিনি প্রভুত্ব করেন; দেবরাজ। "ইন্দ্র হইআছ তুমি এ তিন ভুবন গ ৪৭। [পুরাণে, ইন্দ্র একতম 'আদিত্য'। ইঁহার মাতা অদিতি, পিতা কশ্যপ, কনিষ্ঠ ভ্রাতা উপেন্দ্র (বামন)। 'বুদ্ধ' 'জিন' ইত্যাদির ন্যায় 'ইন্দ্র' উপাধিবাচক। স্বর্গের অধিপতিমাত্রই 'ইন্দ্র'। চতুর্দ্দশ মন্বন্তরে চতুর্দ্দশ ইন্দ্র (ভ ৮.১ম, ৫ম, ১৩শ অধ্যায়)। বর্ত্তমান মন্বন্তরে 'ইন্দ্র'—পুরন্দর। ইনি পূর্ব্বদিক্‌পাল। ইঁহার পত্নী শচী, পুত্র জয়ন্ত, পুরী অমরাবতী, প্রাসাদ বৈজয়ন্ত, হস্তী ঐরাবত, অশ্ব উচ্চৈঃশ্রবাঃ, সারথি মাতলি, প্রমোদবন নন্দন, অস্ত্র বজ্র। ইনি বৃত্র বল পাক প্রভৃতির নিহন্তা এবং 'বৃত্রহা'-প্রভৃতি নামে খ্যাত।

ইনি, দেবরাজ হইলেও, ব্রহ্মাদির উচ্চে আসনপ্রাপ্ত হন নাই; এই-জন্য, ইঁহাকে ব্রহ্মাদির শরণাপন্ন হইতে দেখা যায়। ইন্দ্রপদ শত অশ্বমেধের ফল; এই হেতু ইনি দিলীপাদি রাজগণের শততম অশ্বমেধের অশ্বাপহারক। ইনি সংবর্ত্তাদি মেঘের অধীশ্বর। রাজগণ শস্যার্থ ইঁহার পূজা করিতেন। রামায়ণে, গৌতমশাপে ইঁহার সহস্রযোনিত্বের ও পরে সহস্রাক্ষিলাভের বিবরণ আছে। ইঁহাকে বন্দি করিয়া, মেঘনাদ 'ইন্দ্রজিৎ' নামে খ্যাত। মহাভারতে, ইনি অর্জ্জুনের পিতা; বনবাস-কালে অর্জ্জুন ইঁহারই প্রসাদে নৃত্যাদিশিক্ষা ও নানাস্ত্রপ্রয়োগসংহারে কুশলতা লাভ করেন। হরিবংশে, পারিজাতহরণ ও গিরিযজ্ঞ উপাখ্যানে কৃষ্ণের সহিত প্রতিদ্বন্দ্বিতায় ইনি পরাজিত হন। ইনি পর্ব্বতের পক্ষচ্ছেদনে (দ্র 'ঋগ্বেদ ১.৬১.১৪) 'গোত্রভিদ্' ও শত যজ্ঞের অনুষ্ঠানে 'শতক্রতু' নামে খ্যাত। বেদে, ইন্দ্র শ্রেষ্ঠ দেবতা। কার্য্যভেদে এক দেবতাই ইন্দ্র মিত্র বরুণ বায়ু ইত্যাদি নামে অভিহিত হইয়াছেন। দ্যৌ (Gr. Zeus) বৈদিক ইন্দ্রের জনক এবং দ্যৌষ্পিতৃ (L. Jupiter) ইন্দ্রের নাম। ইনি বজ্রধর ও শত্রুনাশক। ইন্দ্রস্তবে ইনি কামবর্ষী বীর্য্যবান্ জলদাতা বজ্রধারী ইত্যাদি বিশেষণে বিশিষ্টভাবে বর্ণিত হইয়াছেন। সোমপ্রিয় বলিয়া ঋষিরা সোমপানার্থ ইঁহাকে আহ্বান করিতেন।] **২** ঈশ্বর, অধিপতি, রাজা। "পক্ষীন্দ্র, ভুজগেন্দ্র, রাক্ষসেন্দ্র শৈলেন্দ্র (S.W.) মহীমহেন্দ্রে নৈ ১.১১৯। অস্মাকমিন্দ্রঃ প্রহ্লাদঃ (বিষ্ণুপুরাণ)। **৩** শ্রেষ্ঠ, প্রধান। "কবীন্দ্র, গজেন্দ্র, নরেন্দ্র, বিপ্রেন্দ্র, মনুজেন্দ্র, যোগীন্দ্র, রাজেন্দ্র, শুকেন্দ্র (S.W.)। সুরেন্দ্র মনু ৭.৫। দ্বিপেন্দ্র রঘু ২.৭। সন্ন্যাসীর ইন্দ্র কৃষ্ণচৈতন্য চৈ ১৫৮। মহারথী-কুল-ইন্দ্র মে ৩২; বীর-ইন্দ্র-কুলে ৩০৫। [সমাসে উত্তরপদ]। **৪** অন্তরাত্মা, আত্মা। "ইন্দ্রিয়মিন্দ্রলিঙ্গম্ পা ৫.২.৯৩। **৫** আদিত্যবিশেষ। **৬** প্রতি-মন্বন্তরে দেবরাজ। দ্র 'ইন্দ্র (১)। **৭** কুটজবৃক্ষ। "°বীজ, °যব, ইন্দ্রাহ্ব। **৮** ভারতীয় দ্বীপবিশেষ। দ্র 'নবখণ্ড'। **৯** (বেদান্তে) পরমেশ্বর। "°জাল। **১০** ইন্দ্রিয়। "নিগ্রহ করিল ছয় ইন্দ্র শ্রী.মা ১৯২। **১১** (জ্যোতিষে) ষড়্‌বিংশ যোগ; ইন্দ্রযোগ। **১২** ইন্দ্রদেবতাক জ্যেষ্ঠা-নক্ষত্র। **১৩** দক্ষিণ চক্ষুর তারা (Pupil)। **১৪** (ইন্দ্রের সংখ্যানুসারে) চৌদ্দ (১৪) এই সংখ্যা। **১৫** উদ্ভিজ্জ বিষ (M.W.)। —ন্দ্রা স্ত্রী **১** ইন্দ্রাণী। **২** ইন্দ্রবারুণী। **৩** ফণিজ্ঝবৃক্ষ, কাঁটাজামীর। [°দারু (পুং)—দেবদারু। °দ্রু, °দ্রুম (পুং)—দেবদারু, কুটজবৃক্ষ; অর্জ্জুনবৃক্ষ।]

ইন্দ্রকর্ম্মা (-র্ম্মন্) পুং [উ.বহুব্রী] ইন্দ্রের ন্যায় যাহার কর্ম্ম; বিষ্ণু। "গো.রা ৬.১০২.১৬।

ইন্দ্রকীল পুং [ষ.ত] ইন্দ্রের (দ্বীপবিশেষের) কীলতুল্য; মন্দরপর্ব্বত। "মহা ৩.৩৭.৪২। ম ৪২৪। [অর্জ্জুন এই পর্ব্বতে পাশুপত অস্ত্র লাভ করেন।]

ইন্দ্রকৃষ্ট বিণ [তৃ.ত] ইন্দ্রকর্ত্তৃক কৃষ্ট; মনুষ্যকৃত কর্ষণাদিযত্নের অপেক্ষা-রহিত; স্বয়ংজাত (ধান্য)। "মহা ২.৫১.১১। —কৃষ্ট ক্লী বন্য ধান্য-বিশেষ।

ইন্দ্রকোশ, -ষ পুং [ষ.ত] **১** রাজার কোষতুল্য; মঞ্চ। **২** খট্টা, খাট, পালঙ্ক, কৌচ। **৩** দেয়ালে লগ্নকীলক (গোঁজ); নাগদন্ত, দাঁতনে, ব্রাকেট্। "গো.রা ৫.৯.১৭। **৪** ভিত্তির বহির্ভূত গৃহের ছাদ।

ইন্দ্রগোপ, -পক পুং [বহুব্রী; (ছান্দস) ইন্দ্রগোপ—ইন্দ্র যাহার গোপয়িতা; ইন্দ্র কর্ত্তৃক রক্ষিত] বর্ষাকালে জাত লোহিত কীট-বিশেষ। "°গোপকবর্ণাভ (অশ্ব) মহা ২.৫১.২১। °গোপমণ্ডুক-প্রভৃতয় উদ্ভিজ্জাঃ।—সুশ্রুত ১.১.২৩; (শোণিতম্) °প্রতীকাশম্ ১৪.১৮। ইন্দ্রগোপৈশ্চ লোহিতা (ভূঃ) ভ ১০.২০.১১।

ইন্দ্রচাপ ক্লী [ষ.ত] **১** ইন্দ্রের শরাসন। **২** ইন্দ্রধনুঃ, রামধনু। "সেন্দ্রচাপে ঘনে মহা ৩.২৩০.৩২। উ.মে ১। ধ্বজ ইন্দ্রচাপরূপী মে ৩৮; কাদম্বিনীশিরে ইন্দ্রচাপ ৮৩।

ইন্দ্রজাল ক্লী [ষ.ত; (ছান্দস) ইন্দ্রজাল—ইন্দ্রের জাল (অথর্ব্ববেদ)] **১** ইন্দ্রিয়ের জালবৎ আবরক; পরমেশ্বরের জাল, মায়াতুল্য (ত.বা); কুহক, মায়া, বাজি, ভেল্‌কি। "স্বপ্নেন্দ্রজালসদৃশঃ খলু জীবলোকঃ (শান্তিশতক)। ক.সা ২৬৩২। (নিদ্রিত কুমার) ললিত লাবণ্য দিয়া, ইন্দ্রজাল বিস্তারিয়া, বিমোহিত করিতেছে মানস আমার। —রাজকৃষ্ণ মুখোপাধ্যায়। প.তৃ ১৬। **২** মায়ারূপ জাল। **৩** প্রতারণা, বঞ্চনা। **৪** অর্জ্জুনের অস্ত্রবিশেষ। "মহা ৩.২৪৪.১৭।

ইন্দ্রজালিক, -জালী (-লিন্) বিণ [ইন্দ্রজাল+ইক (ঠন্), +ইন্ (ইনি), অস্ত্যর্থে,-১ব; স্ত্রী -কা, -লিনী] ইন্দ্রজালবান্, কুহকী, মায়াবী। —জালিক, -লী পুং ঐন্দ্রজালিক, বাজিকর। "সন্ন্যাসী নাম-মাত্র মহা-ইন্দ্রজালী চৈ.চ ১৮৪।

ইন্দ্রজিৎ পুং [ইন্দ্র+√জি+ক্বিপ্ (০)-ক; উ.ত] **১** 'ইন্দ্রজয়ী', মেঘনাদ। "মে ১। [ইঁহার পিতা রাবণ, মাতা মন্দোদরী। ইনি মায়াযুদ্ধে পণ্ডিত ছিলেন। ইন্দ্রকে বন্দি করিয়া ইনি 'ইন্দ্রজিৎ' নামে অভিহিত হন। রাম ও লক্ষ্মণ ইঁহার নাগপাশবন্ধনে মৃতপ্রায় এবং মায়াসীতাবধে বিশেষ মুগ্ধ হইয়াছিলেন। লক্ষ্মণ, বিভীষণের সহিত নিকুম্ভিলা গুহায় যজ্ঞগৃহে প্রবেশ ও যজ্ঞধ্বংস করিয়া ইঁহাকে নিহত করেন (রা ৬.৮৬; ৭.২৯, ৩০)।] **২** দনুপুত্র অসুরবিশেষ। "হ ৩.৮৪।

ইন্দ্রজিত '-ত্' বি [সং ইন্দ্রজিৎ; অপ্র] ইন্দ্রজিৎ। "কৃ.উ ১১৮; ১১৯। কৃ ৩১৪; ৩১৫।

ইন্দ্রতুল, -তুলক ক্লী [ষ.ত] আকাশে উড্ডীয়মান সূত্রবৎ পদার্থ; আকাশে বায়ুচালিত কার্পাসসূত্র (ত্রিকাণ্ডশেষ); বুড়ীর সুতা।

ইন্দ্রত্ব ক্লী [ইন্দ্র+ত্ব তদ্‌ভাবার্থে] **১** ইন্দ্রভাব, ইন্দ্রপদ। **২** রাজত্ব, রাজপদ, আধিপত্য। "পতত্রীণাং চ গরুড়মিন্দ্রত্বেনাভ্যষিঞ্চত মহা ১.৩১.৩৫।

ইন্দ্রদারু, -দ্রু, -দ্রুম দ্র 'ইন্দ্র'।

ইন্দ্রদ্যুম্ন পুং [উ.বহুব্রী] **১** যাঁহার ইন্দ্রের ন্যায় ধন; অসুরাবতার রাজবিশেষ। "মহা ৩.১২.৩২। **২** সূর্য্যবংশীয় রাজবিশেষ। [ইনি উৎকলে নাগপর্ব্বতে নারদের সহিত নীলমাধব দর্শন করেন। জগন্নাথের মূর্ত্তি ও মন্দির ইঁহারই উদ্যোগে বিশ্বকর্ম্মা নির্ম্মাণ করেন (জ ১০ম, ২৬শ, ২৭শ পরিচ্ছেদ। ভা.চ ৪৭১-৪৭৩)।]

ইন্দ্রধনু, -ধনুক বি [তু 'সং ইন্দ্রধনুঃ>প্রা ইংদধণু (প্রা.ম); হি ইন্দ্রধনুষ; ঠ ইন্দ্রধনু] রামধনু। "ভুরুর বলনী।...ইন্দ্রধনুকের আভা চ ৭। °সুচ্ছটা চ.কা ৪৬১। সম্মুখে বাহির দ্বার...ইন্দ্রধনু যেন শোভা পায়।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

ইন্দ্রধনুঃ (-নুস্) ক্লী [ষ.ত; ছান্দস] ইন্দ্রের, অর্থাৎ ইন্দ্রস্বামিক-মেঘসম্বন্ধী ধনুঃ; ইন্দ্রচাপ। "মনু ১.৩৮।

ইন্দ্রধ্বজ পুং [ষ.ত] ইন্দ্রের, অর্থাৎ ইন্দ্রের প্রীত্যর্থ ধ্বজাকৃতি কাষ্ঠ-খণ্ড; ভাদ্র শুক্লদ্বাদশীতে বৃষ্টি ও শস্যবৃদ্ধির নিমিত্ত ইন্দ্রের প্রীত্যর্থ রাজা কর্ত্তৃক অনুষ্ঠেয় উৎসববিশেষ। দ্র 'শক্রধ্বজ'। "গ্রামে গ্রামে ইন্দ্রধ্বজ উঠিল অপার শ্রী.ম ৫৭। ইন্দ্রধ্বজ পড়িল যেন ইন্দ্রের নন্দন ব.প ৪৯৫; গ্রামে উঠে ইন্দ্রধ্বজ ৮১৯। [ইন্দ্রাদি দেবগণ অসুরযুদ্ধে পরাজিত হইয়া বিষ্ণুর স্তব করিলে, বিষ্ণু শত্রুনাশার্থ ইন্দ্রকে ধ্বজ প্রদান করেন। ইন্দ্র সেই ধ্বজপ্রভাবে অরিসৈন্য বিনাশ করেন। পরে, ইন্দ্র চেদিরাজ উপরিচরকে প্রজাপালনার্থ বেণুময়ী যষ্টি প্রদান করেন। রাজা এই যষ্টি যথাবিধি পূজা করিয়া, ইন্দ্রের প্রসাদে নির্ব্বিঘ্নে পরমসুখে রাজত্ব করেন (বৃহৎসংহিতা, ৪৩শ অধ্যায়)। মহাভারতমতে, উপরিচর

বেণুযষ্টি ভূমিতে নিখাত করিয়া তাহার পূজা ও উৎসব করেন (মহা ১.৬৩তম অধ্যায়)। এইরূপে ইন্দ্রধ্বজপূজা বা শক্রোৎসব রাজগণের মধ্যে প্রচলিত হয়।]

ইন্দ্রনীল পুং [ইন্দ্র (শ্রেষ্ঠ) ও নীল, কর্ম্মধা] ১ যাহা মণিশ্রেষ্ঠ ও নীল; নীলমণি, নীলোপল (Sapphire)। "রঘু ১৩.৫৪। স্থূলমধ্যেন্দ্র-নীল পূ মে ৪৭। °বরণ চৈ.ম ৯২। °মণি জ ৬। গ ১০১। জ্ঞা ১৮। ২ মরকতমণি? (শ.ক)।

ইন্দ্রপর্ব্বত, -শৈল পুং [উ.লো] মহেন্দ্রপর্ব্বত।

ইন্দ্রপাত বি [ষ.ত] ১ ইন্দ্রের নাশ; ইন্দ্রের তিরোভাব। "লক্ষ লক্ষ ইন্দ্রপাত কালে হইতেছে ভ.গ্র ৩৬৯। ২ ইন্দ্রসদৃশ প্রভাবান্বিত পুরুষের বিনাশ; মহাপুরুষের নিধন।

ইন্দ্রপুষ্পা, -পুষ্পিকা, -পুষ্পী স্ত্রী 'ইন্দ্রনীলতুল্য পুষ্পযুক্তা', বিষ-লাঙ্গলা। "সুশ্রুত ১.৩৮.৮।

ইন্দ্রপ্রস্থ পুং [ষ.ত] ইন্দ্রের (পর্ব্বতরাজ মন্দরের) প্রস্থতুল্য; যুধিষ্ঠিরের নির্ম্মিত নগরবিশেষ; দিল্লী। "দ্বিতীয় ইন্দ্রের পুর দেখি সুশোভন। ইন্দ্রপ্রস্থ বলি নাম থুইলা নারায়ণ॥—ম ২২৬। [ধৃতরাষ্ট্র পাণ্ডবদিগকে অর্দ্ধরাজ্যপ্রদানপূর্ব্বক খাণ্ডবপ্রস্থে বাস করিতে অনুমতি দিলে, পাণ্ডবেরা তথায় গমন করিয়া এই নগর প্রতিষ্ঠিত করেন (মহা ১.২০৭.২৪-৩৬)।]

ইন্দ্রবজ্রা স্ত্রী একাদশাক্ষরপাদ বর্ণবৃত্তবিশেষ। [ইহার গণ—ত, ত, জ, গ, গ। স্যাদিন্দ্রবজ্রা যদি তৌ জগৌ গঃ।]

ইন্দ্রবল্লরী, -বল্লী স্ত্রী [উ.লো] ১ ইন্দ্রপ্রিয়া লতা; পারিজাতলতা (ত বা)। ২ ইন্দ্রবারুণী, রাখালশশা (Cucumis Colocynthis)।

ইন্দ্রবস্তি পুং [ষ.ত] ইন্দ্রের (আত্মার) বস্তিতুল্য; জঙ্ঘার পশ্চাদ্বর্ত্তী মধ্যভাগ; পায়ের ডিম (The calf of the leg)। 'পার্ষ্ণিং প্রতি জঙ্ঘামধ্য ইন্দ্রবস্তির্নাম (সুশ্রুত)। ["তত্র শোণিতক্ষয়ে মরণম্"—অর্থাৎ ইন্দ্রবস্তিতে শোণিতক্ষয় হইলে মৃত্যু হয়; সুতরাং ইহা জীবাত্মার বসতিতুল্য।]

ইন্দ্রবারুণিকা, -বারুণী স্ত্রী সর্ব 'ইন্দ্রবল্লরী'।

ইন্দ্রবীজ ক্লী, **-যব** পুং, ক্লী [ষ.ত] কুটজের বীজ বা যবাকৃতি বীজ; কুরচির ফল।

ইন্দ্রব্রত ক্লী [ষ.ত] ইন্দ্রের শস্যাদিজননার্থ বর্ষণের ন্যায়, রাজার স্বদেশাগত সাধুগণের অভিলষিতার্থপূরণব্রত। "মনু ৯.৩০৪।

ইন্দ্রমখ,-মহ পুং [ষ.ত; তু 'সং মখ > প্রা মহ] বর্ষাকালে ইন্দ্রের প্রীত্যর্থ যজ্ঞ; ইন্দ্রযাগ। [এই যজ্ঞ নন্দ-প্রভৃতি গোপগণ কর্ত্তৃক প্রবর্ত্তিত এবং কৃষ্ণ কর্ত্তৃক নিবর্ত্তিত হয় (ভ ১০.২৪শ অধ্যায়; হ ৭৩তম অধ্যায়)।]

ইন্দ্রমিঠা বি 'ইন্দ্রপ্রিয় মিষ্টান্ন'; উৎকৃষ্ট মিষ্টান্নবিশেষ। "গো.চ ১৭৫, টীকা।

ইন্দ্ররাজ বি ইন্দ্র এবং রাজা; দেবরাজ ইন্দ্র। "কৃ.উ ১৮।

ইন্দ্রলুপ্ত পুং, ক্লী, **-লুপ্তক** ক্লী [বহুব্রী] যাহা দ্বারা ইন্দ্রের (কৃষ্ণবর্ণ কেশের) লোপ হয়; কেশনাশক রোগবিশেষ; খালত্য, টাকরোগ। "ইন্দ্রলুপ্তকীট-ক্ষত মৌলি বা.প্র ২৬৮।

ইন্দ্রলোক পুং [ষ.ত] ইন্দ্রভুবন, স্বর্গলোক। [°লোকাভিগমনপর্ব্ব (-র্ব্বন্) ক্লী—মহাভারতে বনপর্ব্বান্তর্গত পর্ব্ববিশেষ।]

ইন্দ্রশত্রু পুং [বহুব্রী] ১ ইন্দ্র যাহার শত্রু। বৃত্রাসুর। ২ [ষ.ত] ইন্দ্রের শত্রু। [বেদে বহুব্রীহিতে ও তৎপুরুষে স্বরভেদ হেতু ভিন্ন অর্থ হয়। ইহা স্বরনিয়ন্ত্রিত অভিধামূলা ব্যঞ্জনা। 'ইন্দ্রশত্রু' বহুব্রীহিতে আদ্যুদাত্তে 'ইন্দ্রের শাতনকর্ত্তৃত্ব অর্থাৎ ইন্দ্র হিংসাকারক' এবং তৎ-পুরুষে অন্তোদাত্তে 'ইন্দ্রের শাতনকর্ম্মত্ব, অর্থাৎ ইন্দ্রকে হিংসা করা' বুঝায়। ত্বষ্টা আহুতিকালে 'ইন্দ্রশত্রুঃ' বা 'ইন্দ্রশত্রো' পদ আদ্যুদাত্ত উচ্চারণ করেন এবং অগ্ন্যুত্থিত পুরুষ 'বৃত্র', ইন্দ্র কর্ত্তৃক নিহত হয়। মন্ত্রো হীনঃ স্বরতো বর্ণতো বা মিথ্যা প্রযুক্তো ন তমর্থমাহ। স বাগ্‌বজ্রো যজমানং হিনস্তি যথেন্দ্রশত্রুঃ স্বরতোঽপরাধাৎ॥ শতপথব্রাহ্মণের আখ্যান ইহার মূল। দ্র 'ভ ৬.৯.১২। সা.দ ২.১৪, টীকা।]

ইন্দ্রসাবর্ণি পুং চতুর্দ্দশ বা শেষ মনু (ভ ৮.১৩.৩৩-৩৫)।

ইন্দ্রসুত, -সুনু পুং [ষ.ত] ১ ইন্দ্রপুত্র, জয়ন্ত। ২ বালী। ৩ অর্জ্জুন। ৪ অর্জ্জুনবৃক্ষ।

ইন্দ্রাণী স্ত্রী [ইন্দ্র+স্ত্রী ঈ (ঙীপ্), 'পত্নী' অর্থে আন্ (আনুক্) আগম, (ছান্দস) 'ইন্দ্রাণী'—ইন্দ্রশক্তি (শ.ক)] ১ ইন্দ্রশক্তি, শচী। "ইন্দ্রাণী অমরাবত্যাম্ (আত্মতত্ত্ব)। ইন্দ্রের ইন্দ্রাণী ম.পা ১০। মা ১২৯। ২ দুর্গাশক্তিবিশেষ; শিবা। 'ঐশ্বর্য্যং পরমং যস্যাঃ বশে যস্যাঃ সুরাসুরাঃ। ইতি চ পরমৈশ্বর্য্যে ইন্দ্রাণী তেন সা শিবা॥—দেবীপুরাণ। "কৃ ৩৫১। ভা.চ ৪২৭। ৩ সিন্ধুবারবৃক্ষ, নীলসিন্ধুবার। ৪ স্থূলৈলা, বড় এলাচ। ৫ স্ত্রীকরণ; রতিবন্ধ (M.W)। ৬ (বাঙলায়) ইন্দ্রাণী-সদৃশী; প্রধানা রাণী। "ফুল-কুল-ইন্দ্রাণী যেমতি৹ নলিনী মা ১৫০।

ইন্দ্রানুজ, ইন্দ্রাবরজ পুং [ইন্দ্রের অনুজ অবরজ, ষ.ত] ইন্দ্রের কনিষ্ঠ; উপেন্দ্র, বামন।

ইন্দ্রায়ুধ ক্লী [ইন্দ্রের আয়ুধ, ষ.ত] ১ ইন্দ্রধনুঃ, ইন্দ্রচাপ। "মনু ৪.৫৯। রঘু ৭.৪; ১২.৭৯। ২ বজ্র (ত.বা)। —যুধ পুং ১ চক্ষুর চারিদিকে কৃষ্ণচিহ্নযুক্ত অশ্ববিশেষ (M.W.)। ২ চন্দ্রাপীড়ের অশ্ব। "কাদ ২৬। —যুধা স্ত্রী বিচিত্রবর্ণ জলৌকবিশেষ। "সুশ্রুত ১.১৩.৯।

ইন্দ্রারি পুং [ইন্দ্রের অরি, ষ.ত] ইন্দ্রশত্রু, অসুর। "°ব্যাকুলং লোকম্। ভ ১.৩.৩৮। চৈ.চ ৭।

ইন্দ্রাসন ক্লী [ইন্দ্রের আসন, ষ.ত] ১ ইন্দ্রের সিংহাসন। ২ নৃপাসন, সিংহাসন। ৩ 'আত্মার বিক্ষেপসাধন'; ভঙ্গা, ভাঙ।

ইন্দ্রি বি [সং ইন্দ্রিয়; অপ্র; তু 'অধ্যা'] ইন্দ্রিয়। "°গণ জ ৯; ওষধিতে ধান্য যেমন ইন্দ্রিমধ্যে মন ৪৬।

ইন্দ্রিয় ক্লী [ইন্দ্র+ঈয় (ঘ), 'তাহার লিঙ্গ' অর্থে, পা ৫.২.৯৩; ছান্দস] ১ আত্মার লিঙ্গ (অর্থাৎ ইন্দ্রিয় করণ, দর্শনাদি কর্ম্ম, আত্মা কর্ত্তা—এইরূপে অনুমাপক); জ্ঞান ও কর্ম্মের সাধন চক্ষুরাদি ও হস্ত-প্রভৃতি; করণ, অক্ষ। "অবশ°, আকুল° ক্ষুভিত°, চলিত°, জরাক্ষীণ°, দুর্ব্বল°, নিয়ত°, বিকল°, ব্যাকুল°, সংযত°। পুরুষঃ... শতেন্দ্রিয় (শতপথব্রাহ্মণ)। বিজিত° রা ১.৬.৩। গুপ্ততম° রঘু ১.৫৫। ইন্দ্রিয় জ্ঞানের দ্বারস্বরূপ (বোধোদয়)। [পঞ্চ জ্ঞানেন্দ্রিয়—চক্ষুঃ কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্; পঞ্চ কর্ম্মেন্দ্রিয়—বাক্ পাণি পাদ পায়ু উপস্থ; চারিটী অন্তরিন্দ্রিয়—মনঃ বুদ্ধি অহঙ্কার চিত্ত (সুশ্রুত—শ.ক)। বেদান্তসারে মনঃ-প্রভৃতি অন্তঃকরণবৃত্তিবিশেষ। সূর্য্য দিক্ অশ্বিনীকুমার বরুণ বায়ু; বহ্নি ইন্দ্র বিষ্ণু মিত্র প্রজাপতি, চন্দ্র চতুর্মুখ শঙ্কর অচ্যুত—যথাক্রমে চক্ষুরাদির অধিদেবতা। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও উভয়াত্মক মনঃ—এই একাদশ ইন্দ্রিয় (মনু ২.৮৯-৯২। সাংখ্য ২৬; ২৭)। চক্ষুঃ-প্রভৃতি, রূপ শব্দ গন্ধ রস স্পর্শ—এই পঞ্চ তন্মাত্রের করণ বা ইন্দ্রিয় (সাংখ্য ২৬)। উচ্ছৃঙ্খল অশ্বের সহিত অসংযত ইন্দ্রিয়ের উপমা শাস্ত্র ও কাব্যে প্রসিদ্ধ। যথা, ইন্দ্রিয়াণি হয়ানাহুঃ। —কঠোপ-নিষৎ ১.৩.৪। মনু ২.৮৮। ইন্দ্রিয়াশ্বাঃ কি ৫.৫০।] ২ 'ইন্দ্রদেবতাক' (অ.টী); বীর্য্য, শুক্র। ৩ (ইন্দ্রিয়সংখ্যানুসারে) পাঁচ (৫) এই সংখ্যা। [°জ (বিণ)—ইন্দ্রিয়সন্নিকর্ষজন্য, প্রত্যক্ষ (জ্ঞান)। °জয় (বি)—ইন্দ্রিয়নিগ্রহ। °জ্ঞান ক্লী—প্রত্যক্ষ জ্ঞান।]

ইন্দ্রিয়গোচর বিণ [ষ.ত; স্ত্রী -রা] ইন্দ্রিয়ের বিষয়ীভূত। —গোচর পুং ইন্দ্রিয়ের বিষয় (ত.বা)।

ইন্দ্রিয়গ্রাম পুং [ষ.ত] ইন্দ্রিয়সমূহ, বহিরিন্দ্রিয়গণ। "মনু ২.১০০ ; ১৭৫ ; বলবানিন্দ্রিয়গ্রামো বিদ্বাংসমপি কর্ষতি ২১৫।

ইন্দ্রিয়ঘাত, -বধ পুং [ষ.ত] চক্ষুরাদির স্ব স্ব কার্য্যে শক্তিনাশ ; ইন্দ্রিয়ের অসামর্থ্য ; ইন্দ্রিয়শক্তিবিগম, অন্ধত্ববধিরত্বাদি। "সাংখ্য ৭।

ইন্দ্রিয়দোষ বি [ষ.ত] ১ ইন্দ্রিয়ের অসংযম ; সুরাপানাদি দোষ। ২ ব্যভিচার, লাম্পট্য।

ইন্দ্রিয়নিগ্রহ পুং [ষ.ত] ১ ইন্দ্রিয়ের স্ববিষয়ে প্রসঙ্গনিবারণ ; ইন্দ্রিয়নিরোধ, ইন্দ্রিয়সংযম। ২ (যোগে) ইন্দ্রিয়ের বিষয়ে অনিয়োজনরূপ রোধ।

ইন্দ্রিয়পরতন্ত্র, -পরবশ বিং [ষ.ত] ইন্দ্রিয়াধীন।

ইন্দ্রিয়পরায়ণ বিণ [বহুব্রী] ইন্দ্রিয় যাহার প্রধান বিষয় ; ইন্দ্রিয়াসক্ত, ইন্দ্রিয়পর।

ইন্দ্রিয়বর্গ পুং [ষ.ত] ১ চক্ষুরাদিপঞ্চক। "মাঘ ১০.৩। ২ ইন্দ্রিয়সমূহ।

ইন্দ্রিয়বিপ্রতিপত্তি স্ত্রী [ষ.ত] ইন্দ্রিয়ের বিপরীতকার্য্য-প্রতিপাদন, ইন্দ্রিয়বিকৃতি, ইন্দ্রিয়দোষ।

ইন্দ্রিয়বিষয় পুং [ষ.ত] ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু।

ইন্দ্রিয়বৃত্তি স্ত্রী [ষ.ত] ইন্দ্রিয়ের স্ববিষয়ে ব্যাপার ; চক্ষুরাদির দর্শনাদি ক্রিয়া ও বাক্ প্রভৃতির বচনাদি ব্যাপার।

ইন্দ্রিয়বোধন বিণ [ষ.ত ; স্ত্রী -নী] ইন্দ্রিয়ের স্বকার্য্যে উদ্বোধক ; চক্ষুরাদির দর্শনাদিকার্য্যে সামর্থ্যজনক। "(সর্ব্বং মদ্যম্) ইন্দ্রিয়বোধনম্। —সুশ্রুত ১৪৫.১৫৫ ; (খার্জ্জূরম্)…ইন্দ্রিয়বোধনম্ ১৫৭ ; ১৬৮। —বোধন ক্লী ইন্দ্রিয়োদ্বোধক দ্রব্য ; উত্তেজক মদ্যাদি।

ইন্দ্রিয়রাজ বি [অপ্র] ইন্দ্রিয়ের রাজা ; মন। "ম.পা ৫।

ইন্দ্রিয়সংযম পুং [ষ.ত] ইন্দ্রিয়বশীকরণ, চক্ষুরাদিনিগ্রহ।

ইন্দ্রিয়সন্নিকর্ষ পুং [ষ.ত] ইন্দ্রিয়ের স্ববিষয়ের সহিত নিরন্তর সংযোগ ; ইন্দ্রিয়ের প্রত্যক্ষজনক ব্যাপার।

ইন্দ্রিয়সুখ ক্লী [ষ.ত] ইন্দ্রিয়ের সুখকর শব্দাদিবিষয়। "ইন্দ্রিয়সুখানি নির্বিশন্ (পার্থিবঃ) রঘু ১৯.৪৭।

ইন্দ্রিয়সেবন, -সেবা বি [ষ.ত] ইন্দ্রিয়বিষয়ের সেবা ; বিষয়সম্ভোগ।

ইন্দ্রিয়স্বাপ পুং [বহুব্রী] ১ যাহাতে ইন্দ্রিয়ের নিদ্রা (স্ববিষয়ে অপ্রবৃত্তি) ; সুষুপ্ত্যবস্থা। ২ ইন্দ্রিয়ের স্বকারণে লয়ের কাল ; প্রলয়। ৩ মূর্চ্ছা (M.W.)।

ইন্দ্রিয়াদি পুং [ষ.ত] ইন্দ্রিয়গণের আদি (কারণ) ; সাত্ত্বিক অহঙ্কার। "সাংখ্য ২৫।

ইন্দ্রিয়াধিষ্ঠাতা (-তৃ) পুং [ষ.ত] অচেতন ইন্দ্রিয়ের স্বব্যাপারে প্রবর্ত্তক সূর্য্যাদি দেবতা। দ্র 'ইন্দ্রিয় (১)।

ইন্দ্রিয়ায়তন ক্লী [ষ.ত] ১ ইন্দ্রিয়াধার ; দেহ। ২ আত্মা।

ইন্দ্রিয়ারাম বিণ [ইন্দ্রিয় দ্বারা আরাম যাহার, বহুব্রী] ইন্দ্রিয় দ্বারা বিষয়সেবী ; ইন্দ্রিয়ার্থ ভোগপ্রসক্ত। "গী ৩.১৬।

ইন্দ্রিয়ার্থ পুং [ইন্দ্রিয়ের অর্থ, ষ.ত] ইন্দ্রিয়ের ভোগসাধন স্রক্চন্দনাদি; ইন্দ্রিয়বিষয়—রূপরসাদি। "ইন্দ্রিয়ার্থৈঃ নরচিত্তপ্রমাথিভিঃ রা ১.১০.৪। রঘু ১৪.৩৫। পঞ্চ ১/১৬ (কথামুখ)।

ইন্দ্রিয়াসঙ্গ পুং [ইন্দ্রিয়ের অসঙ্গ, ষ.ত] ইন্দ্রিয়ের বিষয়ে অনাসক্তি ; বিষয়সঙ্গপরিহার, বিষয়ভোগত্যাগ। "মনু ৬.৭৫।

ইন্দ্রিয়েশ পুং [ইন্দ্রিয়ের ঈশ, ষ.ত] ১ ইন্দ্রিয়াধিপতি, জীবাত্মা। ২ ইন্দ্রিয়দেবতা সূর্য্যাদি। দ্র 'ইন্দ্রিয় (১)।

ইন্দ্রিয়েশ্বর বি [অপ্র] ইন্দ্রিয়রাজ ; কাম। "ম.পা ৯৩।

ইন্দ্রেন্দ্রাণী বি [অপ্র] ইন্দ্রের ইন্দ্রাণী ; শচী। "ম.পা ৪৪।

ইন্দ্রেশ্বর পুং [উ.লো] বৃত্রবধজন্য ব্রহ্মহত্যা হইতে নিষ্কৃতিলাভার্থ মহেন্দ্রপর্ব্বতে ইন্দ্রস্থাপিত শিবলিঙ্গ।

ইন্দ্রোৎসব পুং [ষ.ত] ইন্দ্রের প্রীত্যর্থ উৎসব ; ইন্দ্রপূজাদি। "ক.সা ১১.৭৫।

ইন্ধ্ অক [রুধা, আ—ইন্ধে ; সেট্ ; ছান্দস] দীপ্তি, দ্যুতি।

ইন্ধন বিণ [√ইন্ধি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] দ্যোতক, দীপয়িতা। —ন ক্লী [+অন-ভা] ১ দ্যোতন, দীপন। ২ [√ইন্ধ্+অন-ণ] 'দীপ্তিসাধন', অগ্নিদীপন কাষ্ঠ ; দাহ্য, জ্বালানী কাঠ। "হুতাশস্যেন্ধনম্ গো.রা ৩.১৩.১৩। জ্যোতিরিন্ধননিপাতি রঘু ১১.২১ ; অবিন্ধনং বহ্নিম্ ১৩.৪। মনু ৭.১১৮। বস্ত্রেন্ধনচিন্তা।—পঞ্চ ৫.৫। আরতি ইন্ধন জ্বাল বিরহ অনলে ব.প ৮৩৮। রন্ধনে ইন্ধন চাই জলের শেয়ালা শ্রী ১০৬। চৈ.চ ৩০৯। জড় অঙ্গ-চয়, হইল চিন্ময়, ইন্ধন যেমন হয় অনলে অনল স্ব.প্র ২২৩। ইন্ধনবাহিনী ইন্দুমুখীর সঙ্গীত। —ন ৮৪৭। প্রণমামি দেশলাই দেবের ইন্ধন।—হেম ৩৯১। ৩ [+অন-ভা] দ্যুতি, দীপ্তি। ৪ (বাঙলায় ; অপ্র) দ্রব্যের নির্ম্মাণোপকরণ কাষ্ঠ। "ইন্ধন অভেদযোড় যুড়িল যতনে শ্রী ৬২।

ইন্‌ভইস্ বি [E Invoice] জাহাজে বা অন্য কোন উপায়ে যে মাল পাঠান যায়, তাহার মূল্য ও ব্যয়ের তালিকা ; মালের সঙ্গে প্রেরিত চালান।

ইন্‌সাফ্, এনছা(সা)ফ্ বি [আ ইন্‌স.াফ্] ন্যায্য বা অপক্ষপাত বিচার ; সুবিচার। "বি.সু ১৬। অনেক…ইরানী চাপদাড়ি বাবুর… অনিয়ম এনসাফ্ করে থাকেন হু ৪০। দেখি, কুম্পানির মুলুকে এনছাফ্ আছে কি না।—মা ৩২৭।

ইপিকা বি [E Ipecac] দক্ষিণ আমেরিকার ওষধিবিশেষের মূলের নির্য্যাস। "তিনি (গৃহিণী) রামসদয়ের… কাসিতে ইপিকা, বাতে ফ্লানেল ব.প্র ১৯৭।

ইব[১] বা [ছান্দস] ১ সাদৃশ্য, উপমা, যথা। "উদ্বাহুরিব বামনঃ রঘু ১.৩। 'লক্ষ্মীরিব' অর্থালঙ্কার 'উপমা'-প্রকাশ চৈ.চ ৫৯। রামরম্ভা ইব অতি সুগঠন উরু শ্রী.মা ১৩। বিম্বফলমিব বন্ধুরাধর ন.প ২৯৮। ২ উৎপ্রেক্ষা, যেন। "(হিমালয়ঃ) স্থিতঃ পৃথিব্যা ইব মানদণ্ডঃ কু.স ১.১। গুণাঃ…সপ্রসবা ইব।—রঘু ১.২২। ৩ ঈষৎ। "কড়ার ইবায়ম্ (গণরত্নমহোদধি)। ৪ বাক্যালঙ্কার। "কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাম্ শ ১.১৮। কি ১৩৬৬। মাঘ ৮.১২। ৫ অবধারণ। "কিঞ্চিদিব, ঈষদিব (A.)। ৬ সম্ভাবনা, যেন। "আবর্জ্জিতা কিঞ্চিদিব স্তনাভ্যাম্ কু.স ৩.৫৪। ৭ বস্তুতঃ, যথার্থ, বাস্তবিক (Indeed)। "বিনা সীতাদেব্যা কিমিব হি ন দুঃখং রঘুপতেঃ উ.চ ৬.৩০। ৮ প্রতীয়মানতা, বোধ হওয়া। "ব্যামিশ্রেণৈব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে গী ৩.২ ; বলাদিব নিয়োজিতঃ ৩৬। অতএব বিশন্নিব কহিলাম সভে শ্রী.ম ২৬৩।

ইব[২] প্র [সং ই (ইট্)+তব্য >ইতব্য >প্রা ই অব্ব (হসিতব্য >হসিঅব্ব—হে ৩.১৫৭) >বা (ইব্ব) ইব ; তু 'অব'] ১ (অপ্র) কর্ত্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে প্রথম পুরুষের ক্রিয়ার প্রত্যয়। "লোক করিব উপহাস শ্রী.কী ২৫ ; কংসে…আসিব ৪২ ; সবে কহিব ১৯২। জাইব গ ৩৮ ; গো বি ৬৭। হৈব গ ১৭৬। ডুবিব নৌকা ম গা ২ ; গোঁ-আইব বঞ্চিব ৩। হৈব (হইবে) ম.পা ১৫। যৌবন থাকিব, জরা নহিব শ্রী.ম ১৮৮। (সে) অস্ত্র সব জানিব জিনিব ত্রিভুবন ম.বি ৬২। (ব্রাহ্মণ) করিব স্তবন : মূরতি তুলিব জ ৫৮ ; যে দেখিব : যাইব ৭২। যাইব, ভ্রমিব, লিখিব, বান্ধিব অ.প ৭। হইব সংবিত চৈ.চ ১৯২। তৈর্থিক হইব সর্ব্বজন চৈ ২০৮। সেই জানিব চৈ.ম ১৯। মাতিব ত্রিভুবন ম.প ৫৩। ২ কর্ত্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে মধ্যম পুরুষের ক্রিয়ার

প্রত্যয়। "ঝিঅর! করিব হবিস্ত : না খাব আমিস্ত : আসিব ধরম দেউলে শূ ৪৪। তুমি কেন জে জাইব : আমরার সমাচার লইব অ.প ৬৯। ৩ কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে উত্তম পুরুষের ক্রিয়ার প্রত্যয়। "তোহ্মার করিব আহ্মে উচিত সমান শ্রী.কী ১১৪ ; ২৭২। দিইব পিণ্ড কৃ.অ ৩২। কৈব ম.পা ৭২। লাজ ভয় তেয়াগিব, এ সাধ মোর পুরাইব, সাগর ছেঁচে রতন দিব, কণ্ঠে রাখব নিশিদিনে ব.প্র ১৫২। পা.ঝো ২৫২। [তু 'লাইগাব (লাগাইব) গো চ ২৬'।] ৪ কর্তৃবাচ্যে ভবিষ্যদর্থে প্রথম ও মধ্যম পুরুষের আদেশ-বিধি-সূচক ক্রিয়ার প্রত্যয়। "বেদমন্ত্রে আলিপ লিখিব (লিখিবে) : আনল জ্বালিব : নিত্য সে পূজিব জ ৮৫। আরম্ভ করিব এ বিধানে দু ১। উঠিব, এড়িব, প্রশংসিব ম.বি ১৮ ; বিচারিব, উদ্ধারিব ১৯। [সংস্কৃতে 'তব্য' কর্ম্মবাচ্যের ও ভাববাচ্যের প্রত্যয়, সুতরাং সকল পুরুষই ইহার কর্ত্তা হয়। সেইরূপ প্রাচীন বাঙলায় সকল পুরুষেরই কর্ত্তায় 'ইব' প্রত্যয় হইত ; এক্ষণে, 'ইব' উত্তম পুরুষে এবং 'ইবে' অন্য পুরুষে ব্যবহৃত হয়।]

ইবনে, এবনে [আ ইব্ন্-ই] অমুকের পুত্র। "অপরাজীত শর্ম্মা মজুমদার ইবনে বাবুরাম শর্ম্ম মজুমদার E P. 68 ; শ্রীকৃষ্ণরাম বসু এবনে ৺দয়ারাম বসু 94 ; 97 ; 98.

ইবম, ইবাঙ, -বাম, -বামি ক্রি.ক্তি [ইব২+মি (লট্-মিপ্) >বা (ইবমি) ইবম, ইবামি, -ম, -ঙ (তু 'ভবামি—ভব-মি')] কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "বান্দিবাম (বাঁধিব) ম.গা ১৮। রহিবাম মী ৫ ; আসিবাম ১১ ; বুলিবাম ১২ ; সেবিবাম ১৩। দিবাম গ ৪৮ ; আসিবাম ৪৯ ; সহিবাম ১৩৩ ; পাম (পাইবাম, পাব) ১৭৫ ; এড়িবাম ২০৬। আনিবাম গো.বি ৪৯ ; দিবাম ৮৫ ; দেখমো (দেখিবম) ১৮৪। আনিবাম অ.প ৬ ; দিবাম ১২ ; দেম (দিব) ১৭ ; থাকিবাম, বন্দিবাম, শুনিবম, আইসম (আসিব) ৫০ ; করিবম, জাইবম ১১১। করম (করিবম) ম.পা ১ ; বর্ণিবামি ২২ ; দিবাম, করিবাম ৩০, ৩৪ ; ত্যাগিবাম ৩৫, ৪৮ ; বন্দিবাম ৪১ ; জাইবাম ১০৭ ; ভরাম (ভরাইবাম, ভরাব) ১৫১। থুইবাঙ চৈ.ভা ৪৪ ; চলিবাঙ ৪৭ ; জন্মিবাঙ ৬৩ ; পঢ়িবাঙ ৭১ ; বুঝিবাঙ ৮২ ; কহিবাঙ ৯৮ ; নাচিবাঙ ২৮৩ ; শিখিবাঙ ৪৩৩। খেলা খেলম (খেলিবম, খেলিব), চলম ইত্যাদি ব প ১৯৬।

ইবা১ ক্রি ক্তি [ইব২+অ৭] ১ কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "কথাএ যাইবা : কেমতে খাইবা : কথাতে পাইবা : কাহাতে মাগিবা ম.গা ২৬। পাইবা গ ৮৮। বুনিবা ধুতি : পাইবা কৌড়ি গো বি ৬৬ ; জাইবা, পাইবা, কহিবা ৬৭ ; ছাড়িবা ১১৭। কেমনে বুড়াবা (বুড়াইবা) নৌকা ম.ম ১৩৪ ; এখন হারাবা প্রাণ ১৪৩। পাইবা কৃ ১৭৫। ২ কর্তৃবাচ্যে ভবিষ্যদর্থে মধ্যম পুরুষের আদেশ-বিধি-সূচক ক্রিয়ার বিভক্তি। "তানে কহিবা বুঝাই গো.বি ১১৬। সেবিবা একচিতে গ ৮৯। নাহি দিবা কর ম.পা ৫৩। আর অস্ত্র মারি পদে করিবা বন্দনা ম ১৯১। এই অশ্বে যাইবা না গণিবা সংশয়। ম.বি ১২৫।

ইবা২ প্র [ইব২+আ১৩] ১ ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "জীবার উপায় নাহি শ্রী.কী ৫০ ; জীবারে ১০৬ ; নাহিবার কাল ২৪৯। শুনিবামাত্রেতে শ্রী.মা ৩৮। কহিবামাত্রেতে ভ.গ্র ২৫৫ ; লবা (লইবা) মাত্র ৩০৬। যাবামাত্র জ ৭৩। ভ্রমণ করিবাতে ব.প ৯৪৮ ; কথা কহিবাতে ৯৪৯ ; হইবাতে, করিবাতে ১৭৫৪। ২ ভবিষ্যদর্থক ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "করিবাক পারী শ্রী.কী ১৪ ; এড়ায়িবারে···কৈল পরকার ১২১ ; নাহিবারেঁ চাহে ২৫৪ ; চাহিবারেঁ ২৬১। শম্ভুনাথ অচ্চিবারে ম.পা ৯। কাটিবারে যাএন্ত ম.গা ১৯। পারে জাইবার গো.বি ৬৯। আনিবার না পারিল অ.প ৮৭। লক্ষ্য বিন্ধিবারে ম ২০৪। [তু 'কৈরবার—করিবার। "গো.চ ৯। জীবার—প্রাণ-ধারণের। শুনিবা—শুনা। করিবাতে—করায়। করিবাক—করিতে। এড়ায়িবারে—এড়াইতে। জাইবার—যাইতে।]

ইবাঙ, ইবাম, -ইবামি দ্র 'ইবম'।

ইবি ক্রি.ক্তি [ইব২+ই৬] ১ কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে মধ্যম পুরুষের অসম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "জাইবি কোন পথে শ্রী কী ৩৪ ; মরিআঁ জাইবি ১০২ ; করিবি বল ১১৩ ; খাইবি দুষ্ট আপী ৩২২। কবে বলবি কৃ ২৫০ ; মজিবি সবংশে : হিতোপদেশ কি বুঝিবি ২৫১। যে যাবি সে যাবি তোরা, গিরিজায়া যায় রে।— ব.প্র ১২৬। মরিবি, মরিবি ওরে যবন-সন্তান!—ন ৫০০ দিবা নিশি ভাবি, আর কি করিবি, দিবি দিবি পুন জঠরযন্ত্রণা।—রামপ্রসাদ। ২ কর্তৃবাচ্যে ভবিষ্যদর্থে আদেশ-প্রার্থনাদিসূচক মধ্যম পুরুষের কিয়ার বিভক্তি। "আন না বুঝিবি চিতে চ.দা ২৭। যাইবি দক্ষিণে থাকিবি পশ্চিমে, বলিবি পুরবমুখে। গোপন পীরিতি, গোপনে রাখিবি, থাকিবি মনের সুখে॥ —চ সা ৩৪১।

ইবু, ইবুঁ [ইবোঁ >ইবুঁ, -বু ক্রি ক্তি] কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "কহিব সকল কথা না করিবু মায়া মী ৮। কুবের জিনিঞা নিবুঁ লঙ্কার ঠাকুরাল কৃ.উ ২৮ ; না করিবুঁ আন ২৯। [তু 'জাবু (জাইবু)—যাইবে ; পাবু—পাইবে ; মরবু—মরিবে (মধ্যম পুরুষে—গো চ ১৭৮)।]

ইবে১ অব্য [এবে >ইবে ; অপ্র] ১ এক্ষণে, এখন। "ইবে কর অবধান কৃ উ ১০১ ; ইবে বনবাস ২৩৮। ইবে শরণ লইনু তোমা শ্রী.মা ১২ ; ২১৮। ইবে কেনে হেন ম ৪৭। ইবে সে শীতল হৈল ক.চ ২২৪। ব.প ৭৫৩। ইবে পাইলেন চৈ.ভা ১০৪। জ ৪২। ২ এই সময়ে ; এই বারে। "যুগে যুগে অবতার, অংশরূপে কৃপা সার, ইবে তুমি আপনি নিশ্চয় ব.প ৭৮১। ৩ এত দিনে ; এতদিন পরে। "ইবে সে জানিল তুমি যত বড় জ্ঞানী ব.প ৪৯৬ ; ইবে দেখি তোমার চরণ ৭৮২। ইবে যত সঙ্গী হৈল কৃ.উ ২১৭। ইবে পূর্ণ অভিলাষ শ্রী.মা ১৮৯।

ইবে২, ইবেক ক্রি.ক্তি [ইব+এ৬ ; 'ক' স্বার্থে] ১ কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে প্রথম ও মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "আসিবেক পাশে শ্রী.কী ৩৪০। কান্দিয়া গোঞাবে ম গা ২৬। করিবেক, ভাঙ্গিবেক কৃ.উ ১৭। ক্ষেপিবেক অন্ধকূপে ম.পা ১৪৪। হেন নহিবেক ম ৩৮৫। ঈষৎ হাসিবে, শুনে না শুনিবে, বুঝে না বুঝিবে যাতনা মম স.শ ২৭। ২ কর্তৃবাচ্যে ভবিষ্যদর্থে বিধি আদেশ আশীর্ব্বাদ অর্থে বিহিত প্রথম ও মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "কুম্ভকর্ণের মাথাটা আনিবে নখে ছিড়ে। সাগরের জলে লঙ্কা ফেলিবে উপাড়ে॥—কৃ ২৫০। জল সাইবারে আইবে ন.প ১৪০। গর্ত্ত খুনিবে গভীর ম ১৪৭। রাখিবে গারিয়া ম.গা ১৯। বেছে লবে (লইবে)···আমিনী শ্রী.মা ২৯। সে রাগিণী তোর কণ্ঠে বাজিবে রে অনুক্ষণ : অধীর হইয়া সিন্ধু কাঁদিবে চরণতলে।—গান ২৭। [আহ্মি এড়িবে —আমি এড়িব। "ম.গা ২০। তু 'হি এঁ (ভবিষ্যৎ, উত্তম পুরুষ, বহুব)। আসিবেঁ, পাইবেঁ —আসিবে, পাইবে (প্রথম পুরুষ—শ্রী.কী)। তু 'হি এঁ (ভবিষ্যৎ প্রথম পুরুষ, বহুব)।]

ইবেন, -ন্ত ক্রি.ক্তি [ইব২+এন, এন্ত] কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "কেমতে পাবেন (পাইবেন) মুক্তি কৃ ১৫ ; খণ্ড খণ্ড করিবেন ২৪৭। গদাধর কাচিবেন রুক্মিণীর কাচ চৈ.ভা ২৮৩। করিবেন্ত অ.প ২৮ ; কাটিবেন্ত ১২৪ ; আজ্ঞা পালিবেন্ত পবননন্দ ১২৮।

ইবোঁ ক্রি.ক্তি [ইব২+ওঁ৩] কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে উত্তম পুরুষের

ক্রিয়ার বিভক্তি। "জাগবোঁ (জাগিবোঁ), আণিবোঁ শ্রী.কী ২১; সাজাইবোঁ, আপায়িবোঁ, করিবোঁ ২৮০। সাজিবোঁ কৃ.উ ২৫; থুইবোঁ ৩৪; মারিবোঁ ৪২।

ইভ পুং [√ই+ভ (ভন্)-ক, গুণাভাব, উ ৩.১৫১; (ছান্দস) 'ইভ'—গতভয় হস্তী (নিরুক্ত ৬.১২.১); স্ত্রী -ভী; cf., L. ebur, Gr. elephas] ১ হস্তী। "মনু ৮.৩৪। মাঘ ১৮.৩২। ২ (দিগ্‌গজের সংখ্যানুসারে) আট (৮) এই সংখ্যা। ৩ শ্রেষ্ঠ, প্রধান (সমাসে উত্তরপদ)। [°কেশর (পুং)—নাগকেশর (সুশ্রুত)। °গন্ধা, °দন্তা (স্ত্রী)—নাগদন্তী বৃক্ষ। °পালক (পুং)—হস্তিপালক, মাহুত। °পোত (পুং)—করিশাবক। °যুবতি (স্ত্রী)—যুবতী হস্তিনী। "পা ২.১.৬৫, সি।]

ইভাবলি স্ত্রী [ইভের আবলি, ষ.ত] গজসমূহ। "উ.চ ৫.৭।

ইভেন্দ্র পুং [ইভ ইন্দ্রতুল্য, উপ.স] শ্রেষ্ঠ ইভ; মহাগজ, দ্বিপেন্দ্র। "ভ ৪.৮.৭৯।

ইভ্য বিণ [ইভ+য (যৎ), 'তদর্হ' অর্থে, পা ৫.১.৬৬] 'ইভযোগ্য', ধনাঢ্য, প্রচুরধনবান্। "°কুমার (দশকুমার)। —ভ্য পুং ১ নৃপ। ২ হস্তিপক। —ভ্যা স্ত্রী হস্তিনী।

ইম, -মু, -মো ক্রি.ক্তি [সং স্যামঃ>প্রা হিম, -মু, -মো (হে ৩.১৬৭) >বা ইম, -মু, -মো] কর্তৃবাচ্যে ভবিষ্যৎ কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "বান্ধিমু, দিমু ম.গা ৭; খণ্ডাইমু, লইমু ৮; হৈমু ১১; পুছিমু ১২। নিমু (লইব), করিমু, পালিমু, কাটিমু, খাইমু, মী ১৩। দিমু গো.বি ৬৩; দেখাইমু ১৮২; জীয়ামু ১২৫। যামু, যাতিমু, ভুঞ্জাইমু ব.প ৪৮; লমু ৬৪; থামু ৭৭; জীমু ১৮৪; সাপ খাম বিষ পিম (পিইম), চারি যুগ মুক্তি জীম (জীইম) ১৯৫। থুইমু গ ৩৩; লইমু ৬৬; ভুঞ্জিমু ৬৭। বলিম কৃ.উ ১২৭; দিমু, করিমু ২৮১। আনিমু অ.প ৯; লুকাইমু ৩৩; থুইমু ১১১। পাম (পাইম) ম.পা ১২৬; দেম ১৬৪। পাম গ ১৪২। হৈমু, যামু শ্রী.ম ১১৮। পাঠাইমু ম.বি ৩৪; পাঠামু ৬৭; মারিমু ২২৫; পিমু ২৭৭। করিম চ.বি ৩০৪। ভজিমু, সেবিমু ম ১৬; লমু, উড়িমু, যামু ১৫৫। কান্দাইমু চৈ.ভা ১৭০। প্রবর্ত্তাইমু, নাচাইমু, শিখাইমু চৈ.চ ৯; পামু ৮৫; যাইমু ৯৮। তারিমু চৈ.ম ১০৫; ভুঞ্জিমু, ভুঞ্জাইমু ১১২। বঞ্চিমো মোক্রে শ্রী.কী ৩৮৭।

ইমন বি রাগবিশেষ। [ইহার সময় রাত্রি প্রথম প্রহর, ঠাট কড়ি ম, জাতি সম্পূর্ণ (গী.সা)। °কল্যাণ—মিশ্ররাগবিশেষ। ইহার সময়-প্রভৃতি 'ইমনে'র মত।]

ইমসন বি [ফা ইম্+সন, তু 'ফা ইমসাল্] এই সন; বর্ত্তমান বৎসর। "E.P. 65.

ইমান্ বি [ফা ঈমান্] ঈশ্বরে বিশ্বাস; আস্তিক্যবুদ্ধি, ধর্ম্ম। "আপন ইমান ছাড়ি লৈলি হিন্দুধর্ম্ম ভ.গ্র ২৪৪। সবি ইমানছুটা রা.স ১০। [°দার—ধর্ম্মপরায়ণ, ধার্ম্মিক।]

ইমাম্ বি [আ ইমাম্] ১ দীক্ষাগুরু, গুরু। ২ মুসলমানধর্ম্মে অধিনায়ক; ঈশ্বরের অগ্রদূত—হজরৎ আলী-প্রভৃতি।

ইমামবাড়ী বি [আ ইমাম্ বাড়া] ১ যে স্থানে মহরমপর্ব্বে তাজিয়া রক্ষিত হয়। ২ যে বাড়ীতে মহরমপর্ব্ব, অর্থাৎ কারবালার যুদ্ধ এবং হাসন ও হোসেনের দেহাবসানের উৎসব, অনুষ্ঠিত হয়। "হুগলীর ইমামবাড়ী।

ই(এ)মারৎ বি [আ ই'মারত্] অট্টালিকা, কোটাবাড়ী, দালান। "সমাজের পাকা ইমারতের সন্ধি পা.খো ১২৮।

ইয় ক্রি.ক্তি [অপ্র] দ্র 'ইঅ'। "যাইয় দেশান্তর ম.গা ২৬। বলিয় মী ৩; হৈয় (হইয়) ১০। দেয় গো.বি ১১৬; পালিয়, শোয়াইয় ১৮৬। হঠ করিয় হরি (বি.প)। চিন্তিয় অ.প ৫; বলিয় ৬; হইয় ৭। কহিয় হ্ব ৭; কয় ২৫; জাগু ২৮; রেখ্য ৩২। জিজ্ঞাসিয়, যোগাইয় ম.পা ৩৩; সেবিয় ৭২; বধিয় ১১০; বুঝাইয় ১৭৪। কহিয় ম ৯২৯। বলিয় ব.প ৫৮১; শুনিয় ৭০০; পুরিয় ১১১০। করিয়, কহিয় ম.বি ১২৭। ধাইয়, খাইয় প.র ৯; লইয়, থুইয় ১০।

ইয়ত্তা স্ত্রী [ইয়ৎ+তা (তল্) তদভাবার্থে] ১ ইয়দ্ভাব, এতাবন্মাত্রতা, এতৎপরিমাণতা। "গুণানামিয়ত্তয়া রঘু ১০.৩২; ১৩.৫। ২ দেশকালানুসারে মান; সীমা। "(ন) যশঃ পরিচ্ছেত্তুমিয়ত্তয়ালম্ রঘু ৬.৭৭। তোমার মহিমা কোটি সমুদ্র অগাধ। তাহার ইয়ত্তা কহি, এ বড় অপরাধ॥—চৈ.চ ৩১। আশার আশ্বাসনী শক্তির ইয়ত্তা নাই সী ৯৬। ৩ এতৎসংখ্যকতা, কোন সংখ্যা।

ইয়া[১] সর্ব্ব [ইহা>ইআ, -য়া; অপ্র] ইহা। "ইয়াও ক্যামন মাছি গো.চ ৩৯; ইয়ার মুণ্ড ১৯১ (টীকা), ইয়ার বাপ মায় ২৪০। কি করিব ইয়া ম.ম ১২৪।

ইয়া[২] প্র [সং ঈয় (ছ)>বা ঈয়া, ইয়া, -আ; হি ইয়া—দুধিয়া; মৈ ইআ, হিআ—পহড়িআ, দখিনহিআ] ১ তৎসম্বন্ধী, তত্র স্থিত, জাত বা নিবাসী। "পাহাড়িয়া। নগরিয়া ক.চ ৮৭; ১০৯। নগরিয়াগণ ব.প ৩২০। শ্রীহট্টিয়া চৈ.ভা ১০৯। ২ তৎকালে জাত বা উদিত। আষাঢ়িয়া মেঘ চ.ক ৯; আষাঢ়িয়া ভ্রূকুণ্ডা ২৬১। ৩ তৎকার্য্যে কুশল। "মদন মোহনিয়াঃ নয়ন নাচনিয়া গো ৮৩। রায়বাঁশিয়া ম.ম ১৭২। সহচরগণ মনমোহনিয়া ন.প ৩১৫। ৪ তৎপ্রিয়। "গোরা মোর বড়ই রঙ্গিয়া। সুরধুনিতীরে নাচে রঙ্গিয়া সঙ্গিয়া ন.প ৩১৫। কন্দলিয়া ভা.চ ২৪১। ৫ তদ্‌যুক্ত, তদ্‌ব্যাপ্ত। "আঁঠিয়া কলা চৈ.চ ৮৪। ৬ তদ্‌বর্ণযুক্ত। "ছাইয়া, বেগুনিয়া, মাটিয়া, হলদিয়া। কালিয় বরণ চ.সা ৩১; কালিয় হইব। সোণার বরণ। তোমার কালিয়া রঙ্গঃ কালিয়া সায়রে। সিনান করিয়া। কালিয়া হ'য়েছি সাধে ৬৪। কালিয়া কুকুর ব.প ২৬৯; সিন্দুরিয়া নাগ ২৯৮। ৭ তদ্‌বান, তদ্‌যুক্ত। "অবুদ্ধিয়া, অবু(বো)ধিয়া, আঁড়িয়া। ৮ তদধিপতি। "মণ্ডলিয়া ব.প ২৯২। ৯ তৎকালভব। "বাপকালিয়া সোণার নিত্তি গো.চ ১২৯। ১০ তদ্‌বিকার, তন্নির্ম্মিত। "পাথরিয়া, মাটিয়া। ১১ তদ্দিকে স্থিত, জাত, নিবাসী; তদ্দিক্ হইতে প্রবাহিত (বায়ু)। "উত্তরিয়া, দখিনিয়া, পশ্চিমিয়া, পুবিয়া। ১২ তৎপ্রবণ, তৎস্বভাবাপন্ন। "কাঁদনিয়া, খুঁতখুঁতিয়া, হাসকুটিয়া। ১৩ তৎকারক, তৎকারু। "লবণিয়া ক.চ ৩০। ১৪ তদ্‌বিক্রয়ী। "তাম্বুলিয়া ক.চ ৩০। ১৫ তচ্চিহ্নবান্। "অভয়বর কুরঙ্গিয়া (হর) ভা.চ ৮৭৪। ১৬ তৎপরিমিত। "পাঁচ হাতিয়া ধুতি গো.চ ১৫৭।

ইয়া[৩] প্র সর্ব 'ইআ[২]। "বিচারিয়া চাহ মী ১। লৈয়া ম.গা ৬; হৈয়া ৮। আলিঙ্গিয়া অ.প ৬৮; আরোপিয়া ৭৮। দিইয়া ম.বি ২১৬। মুড়িয়া (মুড়াইয়া) বি.পা ৩৫৫। তাওইয়া (তাওয়াইয়া, তাপ দিয়া) বি.মু ৮৮; দাবায় (দাবাইয়া) ১০১।

ইয়াছ ক্রি.ক্তি [ইআছ>°ছ] সর্ব 'ইআছ'। "কম্পিত হইয়াছ ম.পা ২৪। দেখিয়াছ কৃ ১৪৭। [তু 'পায়্যাছ' ব.প ৫২৩। হয়োছ হ্ব ২৪। দেখ্যাচ কৃ.অ ৩৩। শুইনাছ (শুনিয়াছ) গো.চ ২৪৬। বলেচ, গিয়েচ লী ৯৭।] —ছি [ইআছি>°ছি] সর্ব 'ইআছি'। "খাইয়াছি গো.চ ১৬৮। হ'য়েছি কৃ ১৪৭। [তু 'বুলিছি (বুলিয়াছি) ব.প ৫৩১; আস্যাছি ৫৩৪। দেখ্যাচি কৃ.অ ৩৩। পুইসাছি (পুষিয়াছি) গো.চ ২৭০। খেইচি লী ৯৭।] —ছিস [ইআছিস>°স] সর্ব 'ইআছিস'। —ছে [ইআছে>°ছে] সর্ব 'ইআছে'। "হইয়াছে কৃ ১৪৭। পাইছে গো.চ ১২৯; ঘটাইছে (ঘটাইয়াছে) দিছে, রাখিছে ২৪০। [তু 'লেইখাছে (লেখিয়াছে) গো.চ ১৭৬; কইয়াছে ৩১১, টীকা। পাঞাছে চ.লা ২০; কৈরাছে ২৪। খুলেচে হ্ব ২০৫।] —ছেন [ইআছেন>°ন]

সর্থ 'ইআছেন'। "শাস্তা ভূয়োভূয়ঃ কহিয়াছেন সী ৪। [তু 'বসেচেন, হয়েচেন হু ২০৩ ; চলেচেন ২০৭ ; করেচেন ২০৮।] —ছোম [°ছ+ ওম৩] কর্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "ঘোড়া তোর নিয়াছোম (লইয়াছোম) বলে ধরিয়া অ.প ১২৮।

ইয়াছিল ক্রি.ক্তি [ইয়া৩+ছিল, আছিল] কর্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "গিয়াছিল কৃ ২৪৭ ; এসেছিল ২৫৪ ; ধরেছিল ২৫৫। আস্যাছিল ব.প ৫৩১। গিল্যাছিল ম.পা ১২০। [তু 'মারিছিল (মারিয়াছিল) ব.প ৪৯৬। —ছিলাঙ, -লাম [°ল+ আম৪, ম>ঙ] কর্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "পাড়্যাছিলাঙ (পাড়িয়াছিলাম) ভূক্রে ব.প ৫৩৭; ঠেকেছিলাঙ ৯১৪। রাখিয়াছিলাম কৃ ১৪৮; পাঠাইয়াছিলাম ২৫৩। —ছিলি [°ল+ইস৩> °লিস> °লিহ্> °লি] কর্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের অসম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "গিয়াছিলি কৃ ২৫২। —ছিলুম [°ল+উম (৩)] কর্তৃবাচ্যে অতীতকালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "তবপঙ্কজাঙ্ঘ্রিদ্বয়, মনে হৈয়াছিলুম বিস্মরণ ম.পা ১৪৬। —ছিলে [°ল+এ৬] কর্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি।

ইয়াছিলাঙ, -ম, ছিলি, -ছিলুম, -ছিলে; ইয়াছিস, -ছে, -ছেন, -ছোম দ্র 'ইয়াছিল ; ইয়াছ'।

ইয়াদ বি [ফা যাদ্ ; 'এয়াদ' (গ্রাম্য)] স্মরণশক্তি, স্মরণ, ধারণা। "মৌলবী বলেন আমি মুসলমানদের চাঁই। হুজুর যেন ইয়াদ থাকে, বান্দার দোহাই॥—হেম ৩৮০। যা ক'য়ে দিছি, যেন ইয়াদ থাকে মা ৩২৮। ব.দ্বি ৩৫০। [°দাস্ত (ফা যাদ্ দশ্‌ত্) —স্মরণার্থ যে কাগজে কিছু লেখা থাকে (Memorandum) ; স্মরণার্থ লিপি। "এ বিষয়ে যে যে প্রমাণ সংগৃহীত হইয়াছে, তাহা উহাতে ইয়াদ্দাস্ত করিয়া রাখিয়াছি ব.প্র ২২৬।]

ইয়ান্ (-য়ৎ) বিণ [ইদম্+বৎ (বতুপ্) তৎপরিমাণার্থে, -১ব, পা ৫.২.৪০, তত্ত্ববোধিনী ; স্ত্রী -য়তী ; ছান্দস ; ই৩+বৎ>ইবৎ> ইয়ৎ (?)] ১ এতৎপরিমাণ, এতাবৎ, এত। "ইয়ত্যুচ্যমানে পা.১.১.৮, মহাভাষ্য। দ্বয়ং নীতিরিয়তীয়তী মাঘ ২.৩০। ইয়ৎ কাঞ্চনম্ ক.সা ৪.৯৫ ; ইয়চ্চিরম্ ৬.১৪৬ ; ইয়তা বয়সা ২৫.৩০। ইয়তী বেলা। —পঞ্চ ৪২২। ২ এতৎসংখ্যক। "ইয়ন্তি বর্ষাণি রঘু ১৩.৬৭। ইয়তো দিবসান্মুৎসব আসীৎ উ.চ ১৩।

ইয়ার বি [ফা যার্, 'এয়ার' (গ্রাম্য)] ১ বন্ধু, বয়স্য। "কুন্দনন্দিনীর সৌন্দর্য্যের খ্যাতি ইয়ার মহলে প্রচারিত হইল ব.দ্বি ১২। ২ পানাদি-দোষাসক্ত সঙ্গী ; দুশ্চরিত্র বা লম্পট বয়স্য। "কত শত বাবুমিয়ার ইয়ার হ'য়ে থাকবে।—দা ১৯১৯ ; ব্রাণ্ডি রেণ্ডী গাঁজা গুলি, ইয়ার জুটে কতকগুলি ১৯৯৪। পাঁচ ইয়ারের পরামর্শে সকল রকম জিনিষের আয়োজন হতে লাগলো হু ১৬১ ; ২০৯। বা ইয়ার, বেশ বলেচ লী ৯৭। °মণ্ডলি।—গল্পগুচ্ছ। ৩ যৌবনসুলভরসিকতাপ্রিয়, রসিক। "ইয়ারের প্রাণ হু ৩৯ ; বাবাজি! আমরা ইয়ার লোক, প্রাণ গড়ের মাঠের মত খোলা ২২৬। ৪ রসিক। "ডিয়ার'টাও একটু ইয়ার-ঘেঁষা কু.কে ৭২। [ইয়ারগোচের—রসিক স্বভাবের। "ইয়ারগোচের ব্রাহ্মণেরা সহর-ঘেঁষা—বাবুদের মন যোগাইয়া কথাবার্ত্তা কহেন আ.দু ১৩৫।]

ইয়ারকি বি [ফা যারঈ—বন্ধুত্ব ; 'এয়ারকি' (গ্রাম্য)] বয়স্যের সহিত হাস্য-পরিহাস ; যৌবনসুলভ কৌতুকপরিহাস ; রঙ্গ-রস, রসিকতা, রঙ-তামাশা, ঠাট্টা তামাশা।

ইয়ারবক্‌সি, -বক্স, -বস্‌কি বি [ফা যার্ বশ্‌ ; 'এয়ারবক্‌সি' (গ্রাম্য)] কৌতুকপরিহাসপ্রিয় বয়স্য ; রঙ্গরসিক সহচর। "এর পেছনে…বরের ইয়ারবস্‌ক্ হু ১৫২। বরের সব ইয়ার-বক্‌সি চলিয়াছে আ.দু ৭৪।

ইয়ারিং দ্র 'এয়ারিং'।

ইয়ে১ সর্ব্ব [ইয়া১>ইয়ে] এই, এ। "ইয়ে হকীজকে কিয়ো আওয়াজ বি.সু ১৬।

ইয়ে২ ক্রি.ক্তি [ইএ১>ইয়ে] ১ কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের বিভক্তি। "বুঝিয়ে বি.প ৮২ ; পারিয়ে ২০০। দিয়ে ম ১৯২ ; ডুবিয়ে ২৬৫ ; গণিয়ে ৬৭২ ; মাগিয়ে ৭২৫ ; কহিয়ে, চাহিয়ে ১১১৪ ; জিজ্ঞাসিয়ে ১১৬৭। প্রদক্ষিণে প্রণমিয়ে দু ৩ ; মোদক 'দিয়ে' (সং দীয়তে), নিবেদিয়ে ৩৯ ; মানিয়ে, করিয়ে ৪৫ ; রাখিয়ে ৪৯ ; মাগিয়ে ৫৪ ; বাঁটিয়ে ৫৬ ; সেবিয়ে, ডরাইয়ে ৫৭ ; ত্যজিয়ে ৭৭ ; বলিয়ে ৭৯ ; বলাইয়ে ৯৬। হেরিয়ে ব ১৭৬। গণিয়ে জ ১। দিয়ে হাম ঝাঁপ চ.দা ১১৯। দেখিয়ে চৈ.ভা ২১৩। চাহিয়ে, করিয়ে চৈ.চ ১০৮। বোলিয়ে, জানিয়ে চৈ.ম ৫৭। খাইতে খাইয়ে, শুইতে শুইয়ে, আছিতে আছিয়ে, ঘরে জ্ঞা ১৬৯ ; সমুঝিয়ে ২১২। ২ কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "আপনি করিয়ে নাশ পালিয়ে আপনি দু ৬০। নিকটে আনি, বাত দুই পুছিয়ে, বুঝিয়ে, গুণ কিয়ে দোষ গো ২২১।

ইয়ে৩ প্র [ইয়া২>ইয়ে ; হি 'ঐয়া'—গরৈয়া (গর-অইয়া)] তৎকার্য্য-সম্বন্ধী, তৎকর্ম্মকুশল। "খাইয়ে (হি খরৈয়া), গেলিয়ে, গাইয়ে, নাচিয়ে, বাজিয়ে, বলিয়ে-কহিয়ে।

ইয়ে৪ প্র [ইএ২>ইয়ে] সর্থ 'ইআ২'। "আশে পাশে ধেয়ে ধেয়ে (ধাইয়ে), সুন্দর সৌরভ পেয়ে, অলি উড়ি পড়ে লাখে লাখে চ.দা ৮। দাড়ি হয়েছে কামিয়ে (কামাইয়ে) দেও মোরে ম.ম ১৬৯। প্রকাশিয়ে পূজা দু ৩৯।

ইয়্যা প্র [ইয়া৩>ইয়্যা (উচ্চারণমূলক)] সর্থ 'ইয়া৩'। "প্রেম অধিক বাড়ায়্যা (বাড়াইয়া) : ছাড়িয়্যা ব.প ৮৫৮ ; চায়্যা, ভরিয়্যা ৮৫৯ ; বয়্যা, করিয়্যা ৮৮৩ ; দাণ্ডাইয়্যা, যাইয়্যা ৯০৬। দিয়্যা, হয়্যা কৃ.উ ৪ ; ধেয়্যা, পেলাইয়্যা ৫।

ইরফে বি [ওরফে> °ফে ; অপ্র] নামান্তর, ডাকনাম। "শ্রীসাছু রাম শূদ্র ইরফে দেবাই শূদ্র E.P. 88.

ইরম্মদ পুং [ইরা+ √মদ্+অ (খশ)-ক নিপাতিত, পা ৩.২.৩৭ ; উ.ত ; অপ্র] যাহা জল দ্বারা দীপ্ত হয় ; মেঘজ্যোতিঃ, মেঘাগ্নি, বজ্রাগ্নি। "ইরম্মদমিব মেঘমালাঽসৃত (কাদম্বরী)। উড়্‌পতি গেল যেন ইরম্মদে ঢাকা শ্রী.মা ১২১। দেগেছি দ্রুত ইরম্মদে মে ১০ ; ইরম্মদাকৃতি ১২৭। ইরম্মদগতি।—হেম ১৮৮ ; ২১৩। ইরম্মদবেগে ন ৪৩১ ; ১২৭৭।

ইরশা(সা)ল বি [আ ইর্‌সাল্] ১ চিঠিপত্রাদি পাঠান। (Despatch)। ২ প্রতিমাসে বা নির্দ্দিষ্ট কালে নায়েব প্রভৃতির সদর কাছারিতে খাজনা পাঠান ; সদরে প্রেরিত খাজনা। "মাসে মাসে বেবাক পাঠাবে ইরসাল শ্রী ১১। আর যে মাহিনা পাব নগদ, ইরশাল। দেশে আসি দিব তায় দেউল জাঙ্গাল॥—শ্রী.মা ৪৬। কারবার যে হাল সাল, প্রায় বন্ধ ইরসাল, পুণ্যের বিলেতে পলাতকা দা ২১৩২। ৩ নগদ টাকা (Cash)। "কাজ নাই ইনাম বসকিস্ ইরসাল শ্রী.মা ১৮৮। [ইরসাল করা—সদরে খাজনা-চালান।]

ইরা স্ত্রী [√ই+র (রন্)-ক+স্ত্রী আ (টাপ্), গুণাভাব, উ ২.২৮ ; ছান্দস] ১ যাহা যায় ; পৃথিবী। ২ বাক্য। ৩ বাগ্‌দেবী, সরস্বতী। "ভা.চ ৪২৭। ৪ সুরা। ৫ জল। ৬ কশ্যপপত্নী ও বৃক্ষলতাদির জননী (গরুড়পুরাণ, ষষ্ঠ অধ্যায়)।

ইরাকী বিং [আ ই'রাকী] ইরাকসম্বন্ধী, ইরাকে (পারস্য ও আরবের মধ্যস্থ দেশে) জাত (অশ্বাদি)। —কী বি ইরাক-দেশজাত অশ্ব। "ইরাকী তুরকী তাজী ভা.চ ২৭২।

ইরাণ্‌, -ন্‌ বি [ফা ঈ'রান্‌] পারস্য দেশ। "ইরাণ তুরাণ আদি কতশত স্থান।—রঙ্গ ৮৪। আমরা ইরাণ দেশের কাজী।—দ্বিজেন্দ্রলাল রায়।

ইরাণি, -ণী, -নী বিং [ফা ঈ'রানী; ঠ ॰ণী, -নী] ইরানসম্বন্ধী, ইরানজাত, পারস্যদেশীয়। —ণি, —ণী বি ১ পারস্যদেশীয় অশ্ব। "ইরাণী তুরঙ্গ শ্রী ১২৪। ইরাণী টাঙ্গন তাজী ব.প ৩২৬। ইরাণি তুরকী বি.সু ১৫। ২ ইরানবাসী। "হাবসী কালো লোকমানেরে মানে আরব আর ইরাণী কৃ কে ১৫৭।

ইরাবতী স্ত্রী [ইরাবৎ+স্ত্রী ঈ (ঙীপ্‌)] 'জলবতী', পঞ্জাবের নদীবিশেষ (Ravi)। "মহা ২.৯.১৯। —বান্‌ (বৎ) পুং [ইরা+বৎ (বতুপ্‌) অস্ত্যর্থে-২ব; ছান্দস] ১ 'জলযুক্ত', সমুদ্র। ২ মেঘ। ৩ 'ভূমিমান্‌', রাজা। ৪ উলুপীর গর্ভজাত অর্জ্জুনপুত্র।

ইরিণ ক্লী [√ঋ+ইন (ইনন্‌), গুণাভাব, উ ২.৫১] ১ উষরভূমি, ক্ষারমৃত্তিকা উষরদেশ। "মনু ৩.১৪২; ৪.১২০। ২ অপাত্র। "মনু ২.১১৩। ৩ শূন্য।

ইল১ প্র [সং ইত (ইতচ্‌)>প্রা * ইদ>বা (ইড); >ইল তু 'সং ইল—পঙ্কিল, ফেনিল; অপ্র] তদ্‌যুক্ত, তদ্‌বিশিষ্ট। "কোপিল কাহ্নাঞি রহিলছে পাশে শ্রী কী ১৯০; অসুখিল ২৭৪। ভুখিল (বুভুক্ষিত) ব ৬২।

ইল২ প্র [সং ই (ইট্‌)+ত (ক্ত)>ইত>বা ইল (C.G § 306, Note); দ্র 'ইল১'] ১ (অপ্র) অতীত কালের বিশেষণার্থক প্রত্যয়। "দুহিল (দুহিত, দুগ্ধ) দুধ্‌ চ ৫১। পাকিল (পক্ব) দাটী শ্রী কী ২; ভাঙ্গিল ৭; পাকিল বেল ৪৫; বেঢ়িল (বেষ্টিত) ১৬০; ডরায়িলী রাহী ১৭০; ভরিল যমুনাত ১৭১; বিহড়িল (বিঘটিত) ২৮৯; আখায়িল (প্রক্ষালিত) ঘাঅত ৩১৮। জাণিল (জানিত) ভৈল ৩৫৭; বিষাইল (বিষায়িত) ঘাএ ৩৯২। তিতিল বসন বি.প ২১। ভরিল সভাতল কৃ.উ ৪২; হারাইল ধন ৪৪। কুপিল (কুপিত) কুঞ্জর শ্রী.ম ১২৮। মরিল (মরিত, মৃত) শরীর ম ৬৮৬। মইল শরীরঃ অমিয়া-সিঞ্চিল মুখ চৈ.ম ১৫৪। [তু 'ভাওয়িলি (প্রতারিতা) শ্রী.কী] ২ কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের ক্রিয়ার প্রত্যয়। "জুড়িল (শ্রী.কী)। এল্যা (আইল) দু ১৬; মণ্ডিল, হল্যা ১৮। জর্ম্মিল গো.বি ২; কইল (করিল) ৭৮। কৈল ম.পা ৭২। কোপিল কৃ উ ৩৭; আল্যা ১৫৩; বসাল্যা, থুল্যা ১৮৯। নামাল ম.ম ১৪; মইল ৯১। আল শ্রী মা ১৪। পালাাল ব.প ৪০৬; সাজাল্যা ৭৩৭; মাইল ৭৭১; কল্য ১৩০৮। পাল্য ক.চ ১। পাঠাইল্য কৃ.অ ১; আইল্য ২২। পরিহরিল ম.বি ৩। আওলাইল শ্রী ম ১৮৬। রৈল্য (রহিল) গ ২৯। ঘাটিল ম ৬৮৬। ৩ (অপ্র) কর্ত্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের ক্রিয়ার প্রত্যয়। "নৈল (লইলে) চ.বি ১৮২। ৪ (অপ্র) কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার প্রত্যয়। "করিল আহ্মো শ্রী.কী ২৭৩; তার বহিল আহ্মো ২৭৪। পাইল, কহিল মী ৮; হারাইল ২৫। থাইল ব.প ৭৭৮। কহিল ম ৫। জিজ্ঞাসিল চৈ.ভা ১৭৭; দেখিল ১৮১। নারিল চৈ.চ ২৭৬; পরীক্ষিল ২৭৮। শুনিল চৈ.ম ২৬। —লা [ইল>ইলা; পদ্যে] সর্ব 'ইল২ (২)। "গাম্বিলা দামোদর শ্রী.কী ২৬০। রামচন্দ্র কান্দিলা কৃ.উ ২৩২; সাজিলা শ্রীরাম ২৩৩। কৈলা ক চ ৩; জম্মিলা, বাঢ়িলা ৫। হল্যা, এল্যা দু ১৯; থৈলা, করাল্যা, থুল্যা ২০; কৈল্যা ২২। আল্যা কৃ.অ ২; পালাল্যা ১৪। ভঞ্জিল্যা ব.প ৯০৭। [তু 'হি, ঠ চলল, চলিলা; ড়—চলিলা (C.G. § 306)।] —লা [পদ্যে] কর্ত্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের ক্রিয়ার প্রত্যয়। "পাইলা, পাসরিলা মী ২৪; হারাইলা, নাসিলা, গেলা ২৫। হৈলা, কৈলা গো.বি ১০৮। এল্যা দু ১৯। বর্জ্জিলা কৃ.উ ২৩২। করিলাহু ব.প ৯০। [সংস্কৃতে কর্ত্তৃবাচ্যে 'ত' (ক্ত)-প্রত্যয়ান্ত ক্রিয়ার কর্ত্তা সকল পুরুষই হয়; তদনুসারে প্রাচীন বাঙলায় 'ইল' প্রত্যয় সকল পুরুষেই ব্যবহৃত হইত। শ্রীকৃষ্ণকীর্ত্তনে, 'করিল, তেজিল, সুতিলী, রহিলা' (১৯২), 'গেলা, গেলী, তুলিলী, আয়িলী' (২৯৩), 'হাসিলী' (৩১৩) ইত্যাদি ক্রিয়া স্ত্রীলিঙ্গ কর্ত্তৃপদের সহিত ব্যবহৃত হইয়াছে; পরবর্ত্তী বাঙলায় ঐরূপ ঈকারান্ত ক্রিয়ার প্রয়োগ নাই। ভারতচন্দ্রে, 'অন্নদার ভবানন্দভবনে যাত্রা'য় স্ত্রীলিঙ্গ কর্ত্তৃপদের সহিত অন্বিত অনেক আকারান্ত ক্রিয়া আছে। ইহাতে বোধ হয়, ঐরূপ আকারান্ত ও ঈকারান্ত ক্রিয়ার প্রয়োগের মূল স্ত্রীলিঙ্গ কর্ত্তৃপদ; পরে কবিগণ লিঙ্গনির্বিশেষে যথেচ্ছ প্রয়োগ করিয়াছেন।] —লি ক্রি.ক্তি [ইল+হি (সং লট্‌-সি, হে ৪.৩৮৩) >বা (ইলহি) ইলি; অথবা, ইল-সি>ইলহি>ইলি (?); তু 'আইলিস'—আইলি। "অর্জ্জুন ঠাই আইলিস মরিবার তরে কৃ উ ৪৭; লুকাইলিস—লুকাইলি। "তুমি লুকাইলিস ডরে ৬২।] কর্ত্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের অসম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "পাঠাইলি (শ্রী.কী)। আলি (আইলি) কৃ.উ ১৮৮। বলিলি, বল্লি কৃ ২৫০; ডুবালি (ডুবাইলি), হারালি, হলি, শুনিলি, মজ্জিলি, বাড়াইলি, আনলি, গেলি, গেলি, কৈলি (করিলি>কইলি), বিলাইলি ২৫১; কহিলি, হইলি, পাইলি, আইলি, দিলি ২৫২। কি কহিলি বাসন্তী?—মে ৮১। আসিলি ন ৫০০। [তু 'করায়িলি, ভরায়িলি, মায়িলি' (শ্রী.কী)।] —লে [ইল+সে (সং লট্‌-সে) >ইলসে>ইলহে>ইলে (?)] কর্ত্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "জিনিলে, নিলে, লইলে, নৈলে (লইলে) চ.বি ১৮২। শুস্তিলে, জীয়াইলে চৈ চ ৩৫৪। আইল্যে কৃ.অ ২৪। পাল্যে আল্যে, ব প ১৩৪৫। এল্যে।—দু ১৬। [তু 'কইলেঁ, পাঠায়িলেঁ, ভাওয়িলেঁ' (শ্রী.কী)] —লে, —লেন [ইল+এন>ইলেন, -লে] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "কুড়িলেন শূ ১০০৩। রহিলেন কৃ.অ ৪। নিলেন চ.বি ১৮৩। মতা বোইলে (মাতা বলিলেন) ব.প ৯০; বৈলে ৯১; ৯২; ৯৪। রায়ত সকল আইলেন গো.চ ৪; ৫ (টীকা)।

ইলঁ, -লুঁ, -লোঁ ক্রি. ক্তি [ইল২+অঁ; ইল+ওঁ৩>ইলোঁ, -লু; তু 'অলু'] কর্ত্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "কহিলোঁ, পাইলোঁ, গেলোঁ, আছিলোঁ (শ্রী কী)। করিলঁ চ বি ১৫; কহিলোঁ ১৭; আরাধিলোঁ ৬৫; হৈলোঁ ১২৩। ঠেকিলুঁ, দঢ়াইলুঁ, মলুঁ (মইলুঁ<মরিলুঁ), আলুঁ, দিলুঁ ব ৭০। করিলুঁ, কৈলুঁ, বন্দিলুঁ ক.চ ৫; হৈলুঁ ১৭; নিলুঁ ১৫৬; দিলুঁ, পঢ়াইলুঁ ২৮৪। দেখিলুঁ, পাইলুঁ চৈ.ভা ৩২১। পাইলুঁ চৈ.চ ১৫৪; গেলুঁ ১৫৫; ছুটিলুঁ ২০৩। লইলুঁ, সপিলুঁ হইলুঁ ব.প ৮৫৮; ভেলোঁ ৯৬৫। [তু 'পাঠায়িলোঁ (শ্রী.কী)।]

ইলন্তি, ইলান্ত, ইলেন্ত ক্রি.ক্তি [ইল২+অন্তি৩>ইলন্তি, ইলান্ত; ইল২+এন্ত; অপ্র] ১ কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের বহুবচনের ক্রিয়ার বিভক্তি। "দুহেত পড়িলন্তি জলে শূ ৬। গেলেন্ত গ ২৮; আইলেন্ত ১৫১। ২ কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের ক্রিয়ার সম্ভ্রমসূচক বিভক্তি। "কহিলান্ত, -লেন্ত, গাম্বিলান্ত, দিলান্ত, বসিলান্ত (শ্রী.কী)। শুনিলেন্ত ম.গা ২০। পুরিলেন্ত গ ১১; বোলিলেন্ত ১৫৩। ডাকিলেন্ত শূ ৮; গেলেন্ত ১৭। কহিলেন্ত গো.বি ৮০; অ.প ২৮। পাইলেন্ত ম.পা ১২; মিলিলেন্ত ১৬।

ইলবিলা স্ত্রী তৃণবিন্দু-দুহিতা, বিশ্রবার পত্নী ও কুবের-জননী (ভ ৯.১.৩১; ৩২)।

ইলা১ দ্র 'ইল২'।

ইলা২ স্ত্রী ১ ভূমি। তু 'ইরা'। "॰ধর মাঘ ২০.৫৪। ২ মনুর কন্যা,

বুধের পত্নী ও পুরূরবার জননী। [ইনি বিষ্ণুর বরে পুরুষত্ব ও পরে শঙ্কর-শাপে স্ত্রীত্ব প্রাপ্ত হন। এই সময়ে বুধের সহিত ইঁহার বিবাহে পুরূরবার জন্ম হয় (ভ ৯.১ম অধ্যায়)।]

ইলাঁই ক্রি.বি [ইল২+আঁই (সং অস্তি >আণ্ড >আনি >আঁই ?)] কর্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "পুলস্ত্য কহিলাঁই (কহিলেন) ; কহিলাঁই মেনকাসুন্দরী ; ব্রহ্মা চলি আইলাঁই ; ধরিলাঁই, দিলাঁই, ভাবিলাঁই বি.পা—(*Origin and Development of the Bengali Language*, p. 987.)।

ইলাকা বি [আ ই'লাক়া] সর্থ 'এলাকা'।

ইলাঙ, -ম১ ক্রি.বি [ইল২+আম৪ >ইলাম, -ঙ] কর্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "আইলাঙ ব.প ৩১০ ; ছিলাঙ ৪০৬ ; দিলাঙ ৪৬৫ ; হল্যাঙ ৫১৬ ; হারালাঙ ৫৭৩। সান্তাইলাঙ কৃ.উ ৫ ; হারিলাঙ ২৩২ ; হৈলাঙ ২৪৬। এড়াইলাঙ ২৫৪। বুঝিলাঙ কৃ.অ ৭ ; দিলাঙ, দিল্যাঙ, হরিল্যাঙ ১৯ ; জানিলাঙ, গেলাঙ ২২। বুঝিলাঙ চ.দা ২৬। জানাইলাম মী ২৪ ; পাখালিলাম ৩২। ছারিলাম ম.গা ৩। জীয়াইলাম ম.ম ২২২। গেলাম চৈ.ভা ২৮৩ ; ম.বি ২২০।

ইলাস্ত দ্র 'ইলস্তি'।

ইলাবৃত ক্লী জম্বুদ্বীপের নববর্ষের একতম। "ক.চ ২২৮। [মেরু ইহার নাভিদেশ। ইহার উত্তরে নীলপর্ব্বত, দক্ষিণে নিষধ পর্ব্বত, পশ্চিমে মাল্যবান্‌ এবং পূর্ব্বে গন্ধমাদন (ভ ৫.১৬.৭-১০)।]

ইলাম১ দ্র 'ইলাঙ'।

ইলাম২ বি [ইনাম >°ম] **১** পুরস্কার, পারিতোষিক। "ইলাম মাহিন। দিব শ্রী ১২৭, ক্ষিতি করিব ইলাম ঃ ইলামে নাই ফল ২১৬। **২** [আ ই'ল্‌ম্‌] জ্ঞান, বিদ্যা।

ই(এ)লাহী বি [আ ইলাহী] ঈশ্বর, পরমেশ। "ইলাহী ভরসা। [ইলাহী কাণ্ড বা কাণ্ড-কারখানা (কার্‌খ়ানহ্‌-ই-ইলাহী—ঈশ্বরের কারখানা)—দিব্য (অলৌকিক) ব্যাপার ; বিরাট্‌ আয়োজন ; মহাসমারোহ কাণ্ড ; মহাধুমধাম। ইলাহী খরচ—বেহিসাব্‌ খরচ। ইলাহী গজ—আকবর কর্তৃক প্রবর্ত্তিত ৪১ অঙ্গুলি (৩৩⅓ ইঞ্চি)-পরিমিত গজ। ইলাহী রাত—মহরমের জাগরণরাত্রি। ইলাহী সন—রাজত্বের চতুর্বিংশ বৎসরে আকবর কর্তৃক প্রবর্ত্তিত বর্ষগণনাবিশেষ।]

ইলাহোঁ, ইলোহোঁ ক্রি.বি [ইলাঙ >ইলাঙো> ইলাহোঁ ; ইল২ +ওহোঁ, দ্র 'ওঁ৩'] কর্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "গেলাহোঁ (গেলাম) কৃ.উ ১৫ ; হইলাহোঁ ২৬ ; নহিলাহোঁ ২৯ ; আইলাহোঁ ২০০। বাঢ়িলোহোঁ শ্রী.কী ৫০ ; হৈলাহোঁ ২০২ ; জিলাহোঁ ২৬৫ ; আয়িলাহোঁ ২৬৬ ; হয়িলাহোঁ ৩২৪ ; আছিলাহোঁ ৩৫৪।

ইলি দ্র 'ইল২'।

ইলিবিলি বি ['কিলবিল'—মূল ; তু 'সং √ইল্‌—গতি] রাশীকৃত উকুন-প্রভৃতি কীটের ইতস্ততঃ সঞ্চার ; হিলবিল। "ডেঙ্গর উকুন নিকি করে ইলিবিলি ভা.চ ২১০।

ইলিমিলি, -লিলি বি [আ 'ইলাহ্‌,—ঈশ্বর (মূল)] অস্পষ্টভাবে ঈশ্বরের নামজপের মন্ত্র। "ইলিলিলি জপে সদা ছিলিমিলি মালে ভা.চ ২৭০ ; মিছা জপে ইলিমিলি ৪৯০।

ইলিশ, -শা, ইল্‌শা বি [সং ইলীশ ; হি ইলিশ, হিলসা ; অস ইলীহ্‌] সুস্বাদু লোনা মৎস্যবিশেষ (Clupea ilisha)। "পাঙ্গাস ইলিশা ভা.চ ১২৬। [ইল্‌শা(শে)-খয়রা—ইলিশজাতীয় বড় খয়রা মাছ। ইল্‌শা(শে) জাল—ইলিশমাছ ধরার সাদা সুতার জাল ; কোণাজাল।]

ইলীশ পুং সুস্বাদু লোণা মৎস্যবিশেষ (Clupea ilisha)। "ইলীশো জিতপীযূষো বাচা বাচামগোচরা। রোহিতো নো হিতঃ প্রোক্তো মদ্গুরো মদ্গুরোঃ প্রিয়ঃ॥

ইলু, ইলুম ক্রি.বি [ইল২+ওম৩ >ইলোম >ইলুম ; ইলুঁ >ইলু] কর্তৃবাচ্যে অতীত কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "পাইলুম ম.গা ১২। জন্মিলু, লইলু গ ৬৬ ; গেলু, কৈলু, আরাধিলু, দেখিলু, মাগিলু, করিলু, পাইলুম ১৯৬। কহিলুম অ.প ৬ ; আইলু ১৭ ; দেখিলুম ৪৪ ; মারিলুম ৫০ ; করিলুম, পাইলুম ৭৯ ; গণিলুম ১০৭। জানাইলুম গো.বি ৮৩। ছিলুম, দিলুম ম.পা ৪৯। জিজ্ঞাসিলু, আইলু ম ৪৯৪ ; হরিলু ৭৪৯ ; গণিলু, প্রবেশিলু ৭৫৮ ; তুষিলু, নিপাতিলু ১১৮৭। [তু 'উদ্ধাটলু, ডারলু, সোপলু' (গো ১৩২)।]

ইলুঁ ; ইলুম ; ইলে দ্র 'ইল' ; ইলু ; ইল২।

ই(এ)লেক্‌ বি ['ঈষৎ লেগা'—মূল (?)] শুভঙ্করীগণিতে টাকা-প্রভৃতির অঙ্কে সংলগ্ন চিহ্নবিশেষ। "ইলেক দিয়ে বাম দিকে হারক লিখিবে। যতেক তঙ্কার কড়ি বামে ইলেক দিবে॥—শুভঙ্করী আর্য্যা। [টাকা, কাহন, মণ, ধানের বিশ, ও বিঘার অঙ্কের ডাহিনে এবং সের পোয়া ছটাক কাঁচ্চা, পয়সা গণ্ডা কাঠা ও কড়ার অঙ্কের বামে ইলেক দিতে হয়। যেমন, ১৲ (এক টাকা, কাহন), ১৴ (এক মণ, বিশ, বিঘা) ৴১ (এক সের, কাঠা), ৴০ (এক পোয়া), ৻৫ (এক পয়সা, কাঁচ্চা), ৻১ (এক গণ্ডা), ৻৵০ (এক ছটাক), ৻১০ (এক কড়া)।]

ইলেন ; ইলেন্ত ; ইলোঁ ; ইলোহোঁ দ্র 'ইল২ ; ইলন্তি, ইল ; ইলাহোঁ'।

ইল্লত বি [আ ই'ল্লত্‌—দোষ] মলা, অপরিচ্ছন্নতা, নোঙরাম। "স্বভাব যায় না ম'লে। ইল্লত যায় না ধুলে॥—প্রবচন।

ইল্লিশ, -ষ পুং ইলিশ মাছ। "ইল্লিশো মধুরো স্নিগ্ধো রোচনো বহ্নিবর্দ্ধনঃ (ভাবপ্রকাশ)।

ইল্বল পুং **১** সিংহিকার গর্ভজাত বিপ্রচিত্তির পুত্র ও বাতাপির জ্যেষ্ঠ ভ্রাতা (হ ৩.৯৯)। **২** প্রহ্লাদের গোত্রজাত অসুরবিশেষ (মহা ৩.৯৯. ৩০)। **৩** হ্রাদের পত্নী ধমনীর পুত্র (ভাগবত ৬.১৮.১৫)। [ইল্বল (১) কোন ব্রাহ্মণের নিকটে ইন্দ্রতুল্য একটী পুত্র প্রার্থনা করে। ব্রাহ্মণ প্রার্থনা পূর্ণ না করায়, ইল্বল তদবধি ব্রহ্মঘাতক হয়। মায়াকৃত মেষরূপী বাতাপির মাংস ব্রাহ্মণকে খাওয়াইয়া ইল্বল পরক্ষণেই বাতাপির নাম ধরিয়া ডাকিত ও বাতাপি উদর বিদীর্ণ করিয়া নির্গত হইত। এইরূপে অনেক ব্রাহ্মণ নিহত হইলে, মহর্ষি অগস্ত্য মেষরূপী বাতাপিকে উদরস্থ ও জীর্ণ করিয়া ব্রহ্মকণ্টক দূর করেন (মহা ৩.৯৯তম অধ্যায় ; কৃ ১২৮)।] **৪** মৎস্যবিশেষ। **৫** (বহুব) মৃগশিরার উপরিস্থ পঞ্চ তারা।

ইল্‌শা, ইল্‌শা(শে)-খয়রা দ্র 'ইলিশ'।

ইল্‌শা(শে)গুড়ি, -গুড়ুনি বি ইলিশমাছ ধরার পক্ষে অনুকূল গুড়িগুড়িবৃষ্টি ; বৃষ্টিজলকণা, গুণগুড়ুনি। "কেয়াফুলের রেণুর মাথে ইল্‌শেগুড়ির কোলাকুলি কু.কে ৬৮। কখনও ইল্‌শেগুড়ুনি, কখনও কালবৈশাখী ব.প্র ৪৫৮।

ঈশ১ বি [সং ঈষা ; তু 'ঈস'—কীলক (দেশী ১.৮৪)] লাঙ্গলের দণ্ড। [ইহার এক প্রান্ত মুড়ার ছিদ্রে প্রবিষ্ট এবং অন্য প্রান্ত (অগ্রভাগ) জোয়ালে বদ্ধ থাকে।]

ঈশ২, **ঈশ** '-শ্‌' অব্য [ধ্বন্যাত্মক] **১** বিস্ময়ে, আশ্চর্য্যবোধে। "ঈশ ! মহাশয় যে সত্যযুগের মানুষ—বোধ হয় রাজা যুধিষ্ঠির মরিয়া জন্মিয়াছেন —না ?—আ.চু ১০৩। **২** দণ্ডশোকদুঃখাদির আঘাতজন্য বেদনাবোধে। "ঈশ ! বড্ড লেগেছে ! **৩** অগ্নি বা তপ্তবস্তুর সংস্পর্শে পীড়াবোধে।

ঈশরমূল বি ['বিষহরমূল'—মূল (?) ; সং অর্কমূলা, বিষাপহা ; ভিন্ন ভিন্ন বানান—ঈশরমূল (ব.প ২১৩), ঈষরের মূল (শি ২৬), ঈষার মূল (ক.চ ২৩৬), ঈষেরমূল (দা ১৪১৩), ঈসরমূল (ক.চ ২৫), ঈস্বরমূল (বি.পা ১০৩), ঈশর মূল (ক.চ ২৯৩), ঈশ্বার মূল (ভা.চ ৩৮৫), ঈশ্বর মূল (বা.ম ১৩৪), ঈষর মূল (ক.চ ৭২—'কলিকাতা-বিশ্ববিদ্যালয়'-

প্রকাশিত), ইষুমূল (নদীয়া) ; ঈশান মূল (চব্বিশপরগণা)। 'র' ষষ্ঠী বিভক্তি হইলে, 'ইষ' 'ইষা' প্রভৃতির মূলশব্দ সংস্কৃত 'বিষাপহা' এবং 'র' শব্দাংশ হইলে মূলশব্দ 'বিষহর' হইতে পারে, বোধ হয়।] বিষহর লতাবিশেষের মূল (Aristolochia Indica)।

ইশা, ইশু, ঈশা বি [E. Jesus ; আ ঈ'সা] জিশু খৃষ্ট। "রণজিৎ-সিংহের পুত্র দলিপ ইশুমন্ত্রে দীক্ষিত হয়েছেন হু ৮৭।

ইশাদ, ইসাদ, -দী বি [আ ইশ্‌হাদ্ (বহুব), শাহিদ (১ব)—সাক্ষী ; তু 'সাইদ'—আপন আপন সাইদ লেখহ E.P. 71] সাক্ষিগণ, সাক্ষী। "ইহার ইসাদ ধর্ম্ম শ্রী.মা ১৬৫। ইসাদী করিব কারে বা.ম ৮৩। ইসাদ রাখিয়া গেল ঘরে রা.স ৩০। ইশাদ থাকিও ধর্ম্ম ভা.চ ৬৭৯। ইসাদী শ্রীরামহরি রায় E.P. 70 ; ইসাদ শ্রীহৃদয় সর্ম্মা 71.

ইশা(সা)রা বি [আ ইশারা] ১ সঙ্কেত। [চরণে ইড়িক দিতে চলে ইসারাতে শ্রী ১২৫। ২ চক্ষু দ্বারা কৃত সঙ্কেত ; চোখ ঠারা। "ইসারা করিয়া লোক পাঠায় পশ্চাতে ভ.গ্র ১৮২। পদ্মমুখী তুষ্ট হৈলা ইসারা পাইঁয়া ভা.চ ৫৩৪। তখন হ'লেন পূর্ব্বাস্য, ইসারা করেন যখন হরি দা ১৫৭৯। ৩ অঙ্গভঙ্গি, হস্তমুখাদির বিকার, বাহ্য আকার। "ইংরাজ-দিগের সহিত কথাবার্ত্তা ইশারা দ্বারা হইত ; ইশারা দ্বারাই···ইংরাজী কথা শিক্ষা হইতে আরম্ভ হইল আ.দু ১৭ ; সাকুব হইলে ইশারায় কর্ম্ম বুঝে ১৭২। ৪ বাক্যের ভঙ্গি দ্বারা কৃত সঙ্কেত। "বোঝ নাই হে রসরায়, যেতে বলেছি ইশারায় দা ৪০৯।

ইশ্‌কাবন্, ইস্‌কাপোন্ বি [Schopen (Dutch word)] খেলার তাসে পানের মত কাল রঙের ফোটা। "বা! ইস্‌কাপোনের টেক্কায় হরতনের বিবি !—লী ৪৬।

ইশ্চা বি [সং ইচ্ছা > প্রা॰ ইশ্চা (হে ৪.২৯৫) ; তু 'গু ইসছা , অপ্র] ইচ্ছা। "স ইশ্চাএ না গেলে খাইবা দড় বাড়ি মী ১৭।

ইশ্(স্)তাহার, এস্তা(স্তে)হার বি [আ ইশ্‌তিহার] বিজ্ঞাপন, ঘোষণাপত্র, নোটিস্। "নীলাম ইস্তাহার ; ক্রোকী ইস্তাহার। রাস্তার মোড়ে মোড়ে···ইংরাজী বাঙ্গালায় এস্তেহার মারা গেছে হু ২১৪। [ইস্তাহারনামা (আ ইশ্‌তিহার্ নামা) —বিজ্ঞাপন। "E.P. 78.]

ইশপিশ্ বি [সং ৴পিষ্—মূল ; 'ইষ' (অনু.শব্দ)—'ইষপিষ্ > °শ্] কোন কারণে ক্রোধ হেতু শরীরের মধ্যে নিপীড়নভাব। "ছোট মুখে বড় কথা শুনলে, রাগে গা ইশপিশ্ করে।

ইষ্ সক [দি, প—ইষ্যতি ; সেট্ ; ছান্দস] গতি। তু 'ইষ'। [অনু—অন্বেষণ, গবেষণা। "অন্বিষ্যন্তস্ততঃ সীতাং সর্ব্বে তে।—রা (S.W.)। ন রত্নমন্বিষ্যতি মৃগ্যতে হি তৎ কু.স ৫.৪৫। প্র—প্রেষণ, প্রেরণ। প্র-এষি—প্রেষণ। "ত্বাং প্রেষয়ামি রা ২.৫২.৬০। অনু.প্র—অনুপ্রেরণ। "ক.সা ১৯.৬৯। পরি-প্র—বিসর্জ্জন। "ভট্টি ৭.১০৮। সম্-প্র—সম্প্রেষণ। "রা ৪.৩৭.১০।] —ষ্ সক [তুদা, প—ইচ্ছতি ; সেট্] ১ ইচ্ছা। "মনু ২.১৬৯। ২ প্রাপ্তি। "মনু ৮.৩৮৪। [অনু—১ অন্বেষণ। "পিতৃণাং গতিমন্বিচ্ছ রা ১.৪১.২। ২ অভিলাষ। "রাজতো ধনমন্বিচ্ছেৎ মনু ৪.৩৩। ৩ নিরূপণ। "মনু ৮.১৯০। ৪ প্রার্থনা। "বুদ্ধৌ শরণমন্বিচ্ছ গী ২.৪৯। পরি-অনু—ইতস্ততঃ অন্বেষণ। "মহা ১.৪০.১৪। সম্-অনু—চতুর্দ্দিকে অন্বেষণ। "আশ্রমং সমন্বিষ্য রা (S.W.)। প্রতি—প্রতিগ্রহ। "প্রতীচ্ছ চৈনাম্ রা ১.৭৩.২৭। সম্-প্রতি—অঙ্গীকার। "(আতিথ্যম্) সম্প্রতীচ্ছ মে রা ১.৫২.১৩। অভি—সম্যগ্ ইচ্ছা। "অভীষ্ট হি ১.১০। —ষ্ সক [ভ্বা, এ—এষতি, -তে ; সেট্] গতি। [অনু—১ অনুগমন। ২ অন্বেষণ। "অন্বেষমাণ রা ৪.৪৮.৪। যমন্বেষসি মহা ৩.৬৪.৩০ ; ৩৪। ৩ উদ্যোগ। "রা ১.৩.১। ৪ অতিযত্নে দর্শন। "রা ১.৩.২। —ষ্ সক [তুদা, প—ইষতি ; সেট্] গতি। [অনু—১ অন্বেষণ। "তমেবান্বিষ মহা ২.২৭০.৩৮। ২ অনু-ধাবন। "মূষিকং খাদিতুং যত্নাদন্বিষন্ বিড়ালো মুনিনা দৃষ্টঃ।—হি (S.W.)। —ষ সক [ক্র্যা, প—ইষ্ণাতি ; সেট্] পুনঃ পুনঃ করণ।

ইষ পুং [ইষ্+অ (অচ্) অস্ত্যর্থে] যাহাতে ইট্ (জিগীষুর যাত্রা) আছে (অ.টী) ; আশ্বিনমাস। "মাঘ ৬.৪৯। সুশ্রুত ১.৬.৫।

ইষরের মূল, ইষার মূল দ্র 'ইশরমূল'।

ইষি(ষী)কা স্ত্রী [৴ইষ্+অক (ক্বুন্), +ঈক (কীকন্—অ.টী), +স্ত্রী আ (টাপ্) ; ই(ঈ)ষীকা (দ্বিরূপকোষ) ; 'ইশীকা' (ত.বা] ১ হস্তীর অক্ষিগোলক, গজাক্ষিকূটক। ২ কাশতৃণ, কাশদণ্ড। "এষা মুষ্টিরিষীকাণাং মহা ১.১৩.১২৭। ইষীকাস্ত্র রঘু ১২.২৩। ৩ শরতৃণের শলাকা ; শরের ডাটা। "কুশকাশশরেষীকা।—রা ২.৩০.১২ ; ৯৫.৪৪ (প্রক্ষিপ্তসর্গ)। মহা ১০.১৬.১৯। ৪ মুঞ্জতৃণ, মুঞ্জমধ্যস্থ কাষ্ঠিকা (কাঠি)। ৫ বীরণকাষ্ঠিকা, বেণার ডাটা (ত.বা)। ৬ (ইষিকাদণ্ডকৃত বলিয়া) শর, বাণ। ৭ তূলিকা, তুলি। ৮ (সাদৃশ্যে) ইক্ষুবিশেষ (Saccharum Spontaneum)। ৯ সোনা গলিয়াছে কি না, ইহা পরীক্ষার্থ স্বর্ণকারের কাষ্ঠের বা লৌহের ক্ষুদ্রযষ্টি। [°তূল (ক্লী)—মুঞ্জমধ্যবর্ত্তী কেশবৎ পদার্থের তূল (অগ্র) ; মুঞ্জের তুলা। "ছান্দোগ্য ৫.২৪.৩।]

ইষু পুং, স্ত্রী [৴ইষ্+উ (কু)-ক (অ.টী) , ছান্দস ; Av. Ishu] ১ যাহা শত্রু হননার্থ যায় ; বাণ, শর। "°প্রয়োগ রঘু ২.৪২। অসুর-নাশিনী ইষু ক.চ ৪ ; ৭২। শি ৫৮। কুসুমেষু মে ৬৫। ২ (কাম-শরের সংখ্যানুসারে) পাঁচ (৫) এই সংখ্যা। "সমাপ্ত করি গজ ইষু রস সোমে (১৬৫৮)।—গিরিধরের গীতগোবিন্দ। ৩ সামবেদবিহিত যজ্ঞবিশেষ। "পা ২.৪.৪, সি। ৪ (গণিতে) বৃত্তক্ষেত্রান্তর্গত সরলরেখা-বিশেষ (লীলাবতী)। [°কার, °কৃৎ (ছান্দস) পুং—বাণকারক, শিল্পী। "ইষুকার মহা ১২.১৭৮.৭। °ধর, °ভৃৎ (পুং)—ইষুধারক, ধানুষ্ক, ধন্বী। °পথ (পুং)—শরক্ষেপবিষয়ীভূত স্থান ; শরগোচর। °প্রয়োগ (পুং)—শরত্যাগ। "রঘু ২৪২। °মান্ (-মৎ) বিণ—প্রশস্তবাণধর। °মার্গ (পুং)—আকাশ।]

ইষুধি পুং, স্ত্রী [ইষু+ ৴ধা+ই (কি) উ.ত ; ছান্দস] যাহাতে ইষু নিহিত হয় ; বাণাধার, তূণ, তূণীর। "রা ২.৮৬.২৫। মহা ৩.৩৭.১৮।

ইষুপ্রয়োগ, -মান্, -মার্গ ; ইষেরমূল দ্র 'ইষু ; ইশরমূল'।

ইষ্ট বিণ [৴ইষ্+ত (ক্ত) -র্ম্ম ; ছান্দস] ১ অভিলষিত, অভীপ্সিত, বাঞ্ছিত, অভিপ্রেত। "উপপন্নো গুণৈরিষ্টৈঃ।—মহা ৩.৫৩.১। কু.স ৬৮৬। ২ প্রিয়, অনুকূল। "ইষ্টাত্মক মু ২.৮। অভিমন্যু সভাকার ইষ্ট ব.প ৭৩০। ৩ ইচ্ছাপূর্ব্বক কল্পিত (লীলাবতী)। ৪ [৴যজ্ +ত-র্ম্ম] পূজিত, অর্চ্চিত। "জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যাম্ গী ১৮.৭০। শিষ্টেষ্ট মহা ১৩.১৪৯.৪৭। ৫ সম্মানিত, সৎকৃত। ৬ যজ্ঞে তর্পিত ; যজ্ঞপূজিত। ৭ কৃত। "ইষ্টং ক্রতুশতম্ বিক্র (ত.বা)। —ষ্ট পুং ১ প্রিয়, আপ্ত, বন্ধু, মিত্র। "ইষ্টোঽসি মে।—গী ১৮.৬৪। ইষ্টানামিষ্ট-কর্ম্মকৃৎ।—পঞ্চ ১.৬০। ইষ্ট কুটুম্ব কান্দে ম.গা ৮। কৃ.উ ৭৪। ইষ্ট মিত্র কুটুম্বের লাগে মায়া মো ক.চ ২৪৯। ২ প্রিয়, দয়িত, পতি। "°প্রবাসজনিত (দুঃখ) শ ৪.২। ৩ বিষ্ণু (মহা)। ৪ যজ্ঞ। ৫ এরণ্ডবৃক্ষ। —ষ্ট ক্লী ১ শ্রৌতকর্ম্ম, যজ্ঞাদি। ২ সংস্কার, বৈধানুষ্ঠান। ৩ ধর্ম্মকর্ম্ম, অগ্নিহোত্রতপস্যাদি। তু 'ইষ্টাপূর্ত্ত'। 'অগ্নিহোত্রং তপঃ সত্যং বেদানাঞ্চৈব পালনম্। আতিথ্যং বৈশ্বদেবঞ্চ ইষ্টমিত্যভিধীয়তে॥ —অত্রি ৪৩। ৪ প্রিয়বস্তু, অভিমত বিষয়। "ইষ্টানিষ্টোপপত্তি গী ১৩.৯। °লাভ হি ১.৫। নারীপানে দৃষ্টি বই, ইষ্ট-পূজায় ইষ্ট কই দা ২০৪১। ৫ ইষ্টকা, ইট। "পক্কেষ্টরচিত।—বিষ্ণু ২৩.৪১ (ত.বা)। ৬ [+ত -ভা] ইচ্ছা, অভিলাষ। "ইষ্টমত ইষ্টপূজা বা.দ ৬২। ৭ (বাঙলায়) ইষ্টদেবতা, মন্ত্রদেবতা। ৮ গুরুঠাকুর, ইষ্টঠাকুর। —ষ্টা স্ত্রী শমীবৃক্ষ। [°ব্রত (বি)—প্রিয়কার্য্য। °সাধন (ক্লী)—অভীষ্টসম্পাদন।

ইষ্টক বি [সং ইষ্টকা ; তু 'ইষ্টক'-চিত ; 'ইষ্টকেন' (মনু ৭.৭০, কুলূক)] ইঁট।

ইষ্টকচিত বিণ [ইষ্টকা দ্বারা চিত, তৃ.ত ; হ্রস্ব, পা ৬.৩.৬৫] ইষ্টকা-ব্যাপ্ত, ইষ্টকাময়। "পক্কেষ্টকচিত যাজ্ঞ ১.৯৭।

ইষ্টকা স্ত্রী [√ইষ্‌+তক (তকন্‌)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্‌), উ ৩.১৪৮ ; ছান্দস ; Av. Ishtya, Ishtva] ১ ইষ্টক ইট। "পক্কেষ্টকা (শত-পথব্রাহ্মণ ৬ ১.২.২২), পা ৬.৩.৬৫। রা ১ ৪.২৮। মহা ১৪.৮৯.২৫। ইষ্টকাগৃহ হি ১.২০৪। পক্কেষ্টকা, আম° ৩২৮। °রচিত শ্রী ম ২১৭; ২৬৩। ন.প ১০৪। ২ (উপচারে) ইষ্টকাসদৃশ সুবর্ণবিকার। "নবহাট-কেষ্টকাচিত।—মাঘ ১৩.৬৩। [°চয় (স্ত্রী)—ইষ্টকা দ্বারা অগ্নিচয়ন। °গৃহ (স্ত্রী)—অট্টালিকা ; কোঠা। ন্যাস (পুং)—গৃহভিত্তির নিমিত্ত ইষ্টকাস্থাপন। °পথ (পুং)—ইষ্টকানির্ম্মিত পথ ; পাকা রাস্তা।]

ইষ্টকামধুক্ (-দুহ্) বিণ [°ম+ √দুহ্‌+ক্বিপ্‌ (০)-ক-১ব, উ.ত; স্ত্রী -ক্‌] যে অভিপ্রেত ফল দোহন করে ; অভীষ্টভোগপ্রদ। "গী ৩.১০।

ইষ্টকিং, ইষ্টাকিন্ বি [E. Stocking, দ্র 'ই'[১১]] সূতা রেশম বা লোম দিয়া বোনা পাদকোশবিশেষ ; মোজা। "ইষ্টকিং আঁটা পা। —দা ৫৬৯।

ইষ্টগন্ধ বিণ [বহুব্রী] যাহার গন্ধ প্রীতিকর ; সুরভি, সুগন্ধি। —গন্ধ পুং [কর্ম্মধা] সুগন্ধ, সৌরভ। —গন্ধ ক্লী বালুকা।

ইষ্টগোষ্ঠী বি ১ অভীষ্ট বিষয়ের সম্ভাষা ; ইষ্টকথালাপ। "ইষ্টগোষ্ঠী কৃষ্ণকথা চৈ.চ ১২০। ২ বন্ধুগণের পরস্পর আলাপ ; মিত্রোচিত সম্ভাষা। "ইষ্টগোষ্ঠী বিচার করি, না করিহ রোষ চৈ.চ ১০২ ; দুইজনে মিলি তথা ইষ্টগোষ্ঠী কৈল ২০৩।

ইষ্টজন পুং [কর্ম্মধা] প্রিয়জন (পুরুষ, স্ত্রী)। "ইষ্টজনকষ্টবিনিপাত উ.চ ৩২।

ইষ্টদেব পুং, **-দেবতা** স্ত্রী [কর্ম্মধা] ১ অভীষ্টদেব ; পূজ্য দেব। ২ মন্ত্রোপাস্য দেবতা ; মন্ত্রস্তত্যদেবতা। ৩ (বাঙলায়) দীক্ষাগুরু, ইষ্টঠাকুর।

ইষ্টনিষ্ঠা বি [স.ত] যাগাদি ধর্ম্মকর্ম্মে শ্রদ্ধা বা আস্তিক্যবুদ্ধি। "দোল-দুর্গোৎসব ব্রাহ্মণভোজন ও ইষ্টনিষ্ঠাও আছে আ.দু ১৭২।

ইষ্টপ্রয়োগ পুং [কর্ম্মধা] ব্যাকরণানুযায়ী প্রয়োগ ; শিষ্টপ্রয়োগ।

ইষ্টানিষ্ট ক্লী [দ্বন্দ্ব] প্রিয়াপ্রিয় বিষয়। "°স্টোপপত্তি গী ১৩.৯।

ইষ্টাপত্তি স্ত্রী [ষ.ত] অভীষ্ট বিষয়ের প্রাপ্তি ; ইষ্টসংঘটন, ইষ্টসিদ্ধি ; বাদী কর্ত্তৃক প্রতিবাদীর অনুকূল বাক্যোপন্যাস। "ইষ্টাপত্তৌ দোষান্তর-মাহ।—জগদীশ (ত বা)।

ইষ্টাপূর্ত্ত ক্লী [ইষ্ট ও পূর্ত্ত, আপূর্ত্ত, স দ্ব ; পূর্ব্বপদদীর্ঘ ; তু '(ছান্দস) ইষ্টা-পূর্ত্তে'] যাগাদি ও বাপী-প্রভৃতি (বাপীকূপতড়াগাদি)। দ্র 'ইষ্ট ; পূর্ত্ত'। 'ইষ্টমশ্বমেধাদ্যযাগঃ, আপূর্ত্তং বাপীকূপাদিনির্ম্মাণম্ রা ১.২১.৮, টীকা। ইষ্টং যাগাদি, আপূর্ত্তং বাপ্যাদি মহা ১.১৯৫.৬ ; ৩.৩২.৩০, নীলকণ্ঠ। [°বধ (পুং)—ইষ্টাপূর্ত্তফলনাশ, ইষ্টাপূর্ত্তজন্যপুণ্যক্ষয়। "রা ১.২১ ৮।]

ইষ্টার্থ পুং [কর্ম্মধা] অভিপ্রেত প্রয়োজন ; ইষ্টকার্য্য। "ইষ্টার্থোদ্যুক্ত (অ.কো)।

ইষ্টা(ষ্ট্যা)ম্প বি [E. Stamp ; দ্র 'ই'[১৩]] ১ মুদ্রাঙ্কনার্থ যন্ত্র। "রবার-ইষ্ট্যাম্প। ২ গবর্নমেন্টের মুদ্রাচিহ্নিত দলিলের কাগজ। ৩ ডাকের মাশুলপত্রিকা ; ডাকটিকিট। "রসিদ ইষ্ট্যাম্প। ৪ মুদ্রার ছাপ ; মোহর ; ছাপ। ৫ শিলমোহর (Seal)।

ইষ্টি[১] স্ত্রী [√ইষ্‌+তি (ক্তিন্‌)-ভা ছান্দস] ১ ইচ্ছা, অভিলাষ। ২ [+তি-র্ম্ম] ইষ্ট বস্তু। ৩ [+তি-ণ, পা ৩.৩.৯৪, সি] মত (মেদিনী), অভিমতবিধি। "ভাষ্যকারেষ্টি পা ৬.৩.৩৫, সি। ৪ [√যজ্‌+তি-ভা] যজন, যাগ। ৫ [+তি-ণ, পা ৩.৩.৩৫, সি] 'যজনসাধন', যজ্ঞ। "মনু ১১.২৭। যাজ্ঞ ১.১২৬। °বিঘ্ন শ ২১৬। পুত্রীয়ামিষ্টিম্ রঘু ১০.৪। [°পশু (পুং)—যজ্ঞীয় পশু।]

ইষ্টি[২] বি ['ইষ্ট'—মূল] ১ ইষ্টদেব, মন্ত্রদেবতা। "মনে জপ করে নিজ নারায়ণ ইষ্টি ম ৫৩৯। ২ দীক্ষাদাতা, গুরু। "ও ব্যাটারা চোরের ইষ্টি গি.স্থি ৮৩। ৩ ইষ্টদেবতুল্য আরাধ্য জন। "আমার অনন্যভাবে তুমি হও ইষ্টি শ্রী.মা ১৯২।

ইষ্টিক্ বি [E. stick, দ্র 'ই'[১১]] ছড়ি। "হাতে এক এক গাছি ইষ্টিক্ হু ১৫৩ ; ২০৫।

ইষ্টিকবচ বি ইষ্টদেবতার নামাঙ্কিত শরীররক্ষক স্বর্ণাদি ধাতুর পাতে ঢাকা বা মাদুলিতে পোরা ভূর্জ্জপত্রাদি। "তাদের মত চ্যাটালো সোণার ইষ্টিকবচ হু ২৫ ; হাতে ইষ্টিকবচ ২০৪।

ইষ্টিকা স্ত্রী [ইষ্ট+ক (কন্‌) স্বার্থে+স্ত্রী আ (টাপ্‌)] ইষ্টকা, ইঁট। "ইষ্টিকা কাঞ্চনী (পাঠান্তর) মহা ১৪ ৮৮.৩১। উদ্বর্ষণং স্থিষ্টিকয়া। —সুশ্রুত (ত বা)। মৃ ৩.৩০।

ইষ্টিঠাকুর, -দেবতা বি দীক্ষাগুরু, গুরুঠাকুর। "আমি ইষ্টিঠাকুরের পায়ে হাত দিয়ে দিব্বি কর্ত্তে পারি লী ৪।

ইষ্টিম্ বি [E. Steam ; দ্র 'ই'[১১]] ১ বাষ্প। "সে দিন বাংলা দেশে সময়ের কলে পুরো ইষ্টিম্ দেওয়া হয়েছিল ঘ ১০৫। ২ (অপ্র) ইষ্টিমার। "প্রেমানন্দ…ইষ্টিম খুল্লো, ইষ্টিম্ চল্লো ব'লে চীৎকার কর্ত্তে লাগলেন হু ২২৯।

ইষ্টিমার্ বি [E. Steamer ; দ্র 'ই'[১১]] বাষ্পচালিত নৌকা ; আগুনেবোট্‌। "গহনার ইষ্টিমার হু ২৩০।

ইষ্টি(ষ্টী)ল্ বি [E. Steel ; দ্র 'ই'[১১]] ইস্পাত। [°পেন্—লোহার কলম।]

ইষ্টী (-ষ্টিন্) বিণ [ইষ্ট+ইন্‌ (ইনি) কর্ত্তরি, -১ব] যে ইষ্টি করিয়াছে ; কৃতযাগ। "অধ্বরেষ্বিষ্টিনাং পাতা ভট্টি ৫.৭৯।

ইষ্ট্রীট্ বি [E. Street ; দ্র 'ই'[১১]] উভয় পার্শ্বে গৃহশ্রেণীবিশিষ্ট বড় রাস্তা।

ইষ্টেশন্, এষ্টেসন্ বি [E. Station ; দ্র 'ই'[১১]] রেলগাড়ি থামার স্থান। "বিলাসপুর ইষ্টেশনে বদল হবে গাড়ি প.কা ১৬। এষ্টেসন-মাষ্টার নিশেনটা তুল্লেন হু ২৩২।

ইম্বসন ক্লী [ইষুর অসন, ষ.ত] 'বাণের ক্ষেপক' ; ধনুঃ। "°দর্শনোৎসুক রঘু ১১.৩৭।

ইম্বস্ত্র ক্লী [ইষু ও অস্ত্র, তাহাদের সমাহার, স.দ্ব] ১ মন্ত্রহীন ও সমন্ত্রক বাণসমূহ (ইষবো মন্ত্রহীনাঃ, সমন্ত্রাস্ত্বস্ত্রাণি।—রা.টীকা)। "বা ২.১.২০। °কর্ম্ম মহা ৩৩০৮.১৭। ২ [ষ.ত] 'বাণের ক্ষেপণসাধন' ; ধনুঃ।

ইম্বাস পুং [ইষু+ √অস্‌+অ (অণ্‌)-ক, স্ত্রী -সী] ১ 'শরক্ষেপক', ধনুর্ধোধ, ধন্বী। ২ [ষ.ত] 'ইষুর আস (ক্ষেপণসাধন)' ; ধনুঃ, চাপ। "মহেম্বাস রা ১.১ ১০। গী ১.৪, পরমেম্বাস ১৭। মহা ৩.৩০৮.১৮। শুন মহেম্বাস অ.প ৭ ; যুধিষ্ঠির রাজা মহেম্বাসে ৯। মে ১৪৬।

ইস[১] '-স্' অব্য [সং ইস্—সন্তাপ, কোপ, দুঃখানুভব ; ধ্বন্যাত্মক ; তু 'ইশ'[২]] ১ বিস্ময়ে। "ইস! আজ সকালে কার মুখ দেখে উঠেছিলুম, নাপতে বৌয়ের দেখা পেলুম অ.গ্র ১০৯। ইস! পিরীতের বেজায় দৌড়, ওঠ-বোস করাচ্চে গি স্থি ১০৩। ২ ভয়ে। "ইস, এই সারলে! পশ্চিমে মেঘখানা বড় উঠেছে—উঃ! বেজায় ঝড়!—গি.স্থি ১০৯। ৩ সরোষ উপহাসে। "ইস! দাতা হরিশ্চন্দ্রের জয়! অ.গ্র ২১ ; ইস! কাজ করতে বলতে হ'লে তোমায় বুঝি আমার মিনতি করতে হবে? —৩৫। ৪ সর্থ 'ইশ'[২]।

ইস[২] '-স্' ক্রি-বি [সং অসি (আগম 'অ'+সি—লট্-সি) > এস >

ইস—সং পঠসি > প্রা পঢসি > O. Hindi—পঢসি, পঢেস (পঢ-ইস), ঠ পঢ(ঢে)স ; বা পঢ়িস (C. G. § 497) ; তু '(অতীত কালে) অছিলেস (অছিলে) চ ৩৭ ; নিলেসি (নিলে), গিলেসি (গিলিলে) ৩৯। আইলিস, লুকাইলিস (কৃ.উ ৪৭ ; ৭২)] **১** কর্তৃবাচ্যে বর্তমান কালে মধ্যম পুরুষের অসম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "বাঞ্ছিস, কহাস (কহাইস), বলাইস ম ৫৭১। শুরু লঘু বা মানিস : ইন্দ্র বেঁধে আনিস কৃ ২৪৯ ; শুনিস, ভজিস ২৫১ ; জানিস, কহিস, করিস ২৫২। পলাইয়া যাইস ম.বি ১৯১ ; নিন্দিস ২৬৪। **২** [সং য (কর্ম্মবাচ্যে যক্) + সি (লট্-সিপ্) > প্রা ঈঅ সি > বা ইস] কর্তৃবাচ্যে ভবিষ্যদর্থে অসম্ভ্রমে আদেশাদিসূচক মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "তাকে বলিস, কাল যাব।

ইসত অব্য [সং ঈষৎ > প্রা ঈসি ; অপ ; তু 'ইসিদে'—ঈষৎ ; "ইসিদে হাসিল মী ৮] ঈষৎ, অল্প, একটু। "ব্রহ্মাণ্ড ধরিতে পারেন ইসত লীলাএ গ ১৩৪ ; ইসত হাসিয়া ১৪০।

ইসদন্ত বি ['পিষদন্ত' (পেষণদন্ত)—মূল (?)] খাদ্যপেষণার্থ দন্ত ; কষের দাঁত, মাড়ির দাঁত। "(আর বাঙ্গাল বলে) ইসদন্ত গেল মোর জীবনে কি কাজ ক.চ ২৪৯।

ইসপ্(ব্)গুল হি [ফা ইস্প্ গরল্, অস্প্ গরল—অস্প্ (অশ্ব), গরল্ (কর্ণ)—অশ্বকর্ণতুল্য ; হি ইসবগোল] পারস্যদেশীয় শাকবিশেষের (Plantago Ovata) অশ্বকর্ণাকৃতি বা নৌকার মত বীজ।

ইসরমুল ; ইসাদ, -দী ; ইসারা দ্র 'ইশরমুল ; ইশাদ ; ইশারা'।

ইস্যু বি [E. Issue] মোকদ্দমায় বাদী ও প্রতিবাদীর আর্জি ও জবাবে যে যে বিষয়ে মতদ্বৈধ হয়, মীমাংসার্থ সেই সকল বিচার্য্য বিষয় (points of fact)। "ডিক্রীডিসমিসের মুনসফ বাবুর মত অনেক ইস্যু ধার্য্য করিয়াছে পা.ঝো ১২২। [ইস্যু ধার্য্য করা বা হওয়া—ইস্যু স্থির করা বা হওয়া।]

ইস্কাতর্ বি [F. Escritoire ; গু ঈসকোতরিয়ে] লিখিবার ডেক্স ; টানাবাক্সযুক্ত লিখিবার টেবিল [সাধারণে 'বাক্স' অর্থে ইহা প্রয়োগ করে।]

ইস্কুল, স্কুল বি [E. School ; দ্র 'ই'[১১]] **১** বিদ্যালয়, পাঠশালা। "স্কুলে পড়া শেষ হইলে লেখা পড়া শেষ হইল আদু ১২। আমি বলি কি তুমি ছাই, ইস্কুলে যে পড় !—শিশু ৬০। ইস্কুলেতে প্রাইজ পেল এরা প.কা ২৬। একদিন আমরা স্কুলে…যোড়া-যোড়া খেলচি হু ৮১ ; ইস্কুলের বই ২০৯। **২** বিদ্যালয়ের কার্য্য—অধ্যাপনাদি। "ঘরে তিনি একলা, তাঁর আবার সমস্ত দিন ইস্কুল ঘ ১১৫। [ইস্কুল-পালান-ছেলে—যে ছাত্র ইস্কুল যাওয়ার কথা বলিয়া ফাঁকি দিয়া অন্যত্র যায়।]

ইস্ক্রু, -ক্রুপ্ বি [E. Screw ; Dutch—Schroef] গায়ে লতার মত পেঁচ-দেওয়া লোহাদির গোল দণ্ড বা প্রেক্। "গহনার ইষ্টিমারে…বাবাজীরা লোকের চপটানে…ইস্ক্রু কলের গাঁটের মত জাঁত সহ্য ক'রে পারে প'ড়ে কথঞ্চিৎ আরাম পেলেন হু ২৩০। [ইস্ক্রুপের পাক বা পেঁচ—(সাদৃশ্যে) কুটিল মনের উপমান।]

ই(এ)স্তক্ [হি ইস্ + তক্] **১** এই পর্য্যন্ত ; এই অবধি ; এই হইতে ; হইতে। "ইস্তক্ সন্ধ্যা লাগাদ ভোর দা ২০৫৪। **২** পর্য্যন্ত। "ইস্তক্ সে লাট্ টম্সন্—বেরাল ইন্দুর যত।—হেম ৩৮১। **৩** [?] (তাস-খেলায়) একসঙ্গে রঙের সাহেব বিবি। [ইস্তক জুতা-সেলাই লাগাৎ চণ্ডীপাঠ সব কাজ—হেয় কার্য্য হইতে উৎকৃষ্ট কার্য্যপর্য্যন্ত সকল কর্ম্ম ; সংসারের ভাল মন্দ সকল কাজ। ইস্তকপকাশ—(তাসখেলায়) ইস্তক ও পঞ্জাশ ; রঙ্গের দশ গোলাম বিবি সাহেব, অথবা গোলাম বিবি সাহেব টেক্কা। ইস্তক পুণ্যাহ লাগাৎ আখেরী—জমিদারের নূতন বৎসরের আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত ; (গৌণার্থে) বিষয়মাত্রের প্রথম হইতে সমাপ্তি পর্য্যন্ত। ইস্তক বিস্তি—ইস্তক ও বিস্তি ; রঙের গোলাম বিবি সাহেব, অথবা, বিবি সাহেব টেক্কা। ইস্তক…লাগাৎ বা লাগায়েৎ —অবধি…পর্য্যন্ত। "ইস্তক আড়া বাঁকারি খুঁটি খোটা, লাগায়েৎ শ্রীনন্দনন্দনের মোহন বংশী, সকলেরই গুণ বুঝি ব.প্র ৪০৪।]

ই(এ)স্তফা বি [আ ইস্ত্ অফ়া ইস্ত্ ই'ফ়া] **১** ক্ষমাপ্রার্থনা, মাপ চাওয়া। "এখানে ইস্তফা তবে, যা হবার তা হ'য়ে গেল।—দ্বিজেন্দ্রলাল রায়। **২** অধিকারত্যাগ, কর্ম্মত্যাগ, চাকরী ছাড়া। "ইস্তফা পত্রমিদং ব.প ১৬৩৮।

ইস্তমাল্ বি [আ ইস্ত্ অ'মাল্, ইসত্ ই'মাল্] **১** পুনঃ পুনঃ করণ ; অভ্যাস, অনুশীলন। **২** প্রয়োগ, ব্যবহার (Application)। [ইস্তমাল করা—অভ্যাস করা।]

ইস্ত(স্তি)মুরারী বিং [আ ইস্ত্ ইম্‌রারী] চিরস্থায়ী, চিরকালের জন্য। [°রী জমা—চিরস্থায়ী (হ্রাসবৃদ্ধিহীন) করের জমা। °রী পাট্টা—চিরস্থায়ী করের জমীর পাট্টা। °রী বন্দোবস্ত—চিরস্থায়ী বন্দোবস্ত (Permanent Settlement)। °রী মোকররী জমা—চিরস্থায়ী ও করবৃদ্ধিহীন জমা।]

ইস্তিরি, ইস্ত্রি বি [P. Estirar ; হি ইস্তিরী ; গু, অস—ইস্ত্রী] ধোয়া কাপড় জামা প্রভৃতি চাপ দিয়া সমান করার পিত্তলের বা লোহার যন্ত্রবিশেষ। "বিবিরাও…বাসন মাজেন—কাপড় কাচেন—কাচিয়া ইস্তিরি করেন পা.প্র ১৫৯। [ইস্তিরি করা—আগুন-পোরা ইস্তিরি দিয়া চাপে জামা-প্রভৃতি সমান করা।]

ইস্ত্রী বি [সং স্ত্রী > লি, প্রা ইৎথী ; দ্র 'ই'[১৩] ; হি, মৈ—ইস্ত্রী ; গ্রাম্য] স্ত্রী, স্ত্রীলোক।

ইস্পাত বি [P. Espada ; হি ইস্পাত] অস্ত্রাদির ধারে ব্যবহার্য্য কার্ব্বন-মিশ্রিত লৌহবিশেষ।

ইস্প্রিং বি [E. Spring] স্থিতিস্থাপক বস্তুমাত্র—যেমন, ঘড়ির জড়িত পাত, গদির নীচের ইস্ক্রুর মত জড়ান তার, যোড়ার গাড়ির ধুরায় সংলগ্ন নেত্রাকার লৌহপট্ট, জুতার রবারের সূতা ইত্যাদি। [হেয়ার ইস্প্রিং—ঘড়ির চুলের মত সরু ইস্প্রিং।]

ইস্লাম্ বি [আ ইস্লাম্] মহম্মদের প্রবর্ত্তিত ধর্ম্ম।

ইহ[১] ব্য [ইদম্ + হ সপ্তমীস্থানে, পা ৫.৩.৩,১১ ; ছান্দস ; Av. idha ; তু 'সং অত্র > প্রা ইত্র > ইত, -থ > ইধ > ইহ (প্রা.ল ২.১ টীকা)] **১** অত্র, এইস্থানে বা দেশে, এখানে। "কথমাগমনমিহ মহা (S.W.)। ইহানেতুম্ গো.রা ১৮.১৭। আওত ইহ মধু কান্ত ব ১৭৫। ইহাগচ্ছ ম.পা ১২১। **২** এই কালে ; এখন। "হরিমিহ…স্মরতি মনো মম গী.গো ২.২। **৩** এই বিষয়ে বা ব্যাপারে। "নান্যদস্তীহ কারণম্ মহা ৩.২৯৮.৩২। ইহহি আন না হোয়ে কোই গো ১৪১। **৪** এই জন্মে। "ইহৈব দৃষ্টানি ময়ৈব তানি জন্মান্তরাণীব দশান্তরাণি হি ১.২২১। **৫** এই সকল বস্তুতে বা বিষয়ে। "ইহ খলু নিসর্গের শোভা অনুপম। —রঙ্গ ৮২। **৬** এই দিকে বা দিগ্‌ভাগে। **৭** এই জগতে ; এই লোকে। বিপ 'অমুত্র, পরত্র'। "অনুবর্ত্তয়তীহ যঃ গী ৩.১৬ ; ১৮। কথমিহ মানব তব সন্তোষঃ (মোহমুদ্গর)। মনু ৯.৮। **৮** এই (সপ্তম্যন্ত পদের সহিত)। "ইহ লোকেষু (পাঠান্তর) মহা ১৩.২২.৭। ইহ লোকে মনু ৩.১৪১। বরমিহ গঙ্গাতীরে শরটঃ করটঃ (গঙ্গাষ্টক)। বরমিহ গঙ্গাতীরে শরট করট ভা.চ ৪৪১। ইহ সুখ সময়ে বি.প ১৭০। ইহ রসে বঞ্চিত নরহরিদাস ন.প ৩৩৯। ইহ জনে কুরু মতি বা.দ ১৪৪। ইহ মর্ত্ত্যলোকে প.ভূ ৩৭। **৯** এই। "ইহ পরলোকের মঙ্গল ভা.চ ৪৩৮। [ইহাগচ্ছ—ইহাতে আসুন বা অবস্থিত হউন

(দেবতার আবাহনে)। "যে বিভু সর্ব্বত্র থাকে, ইহাগচ্ছ বল তাকে, তুমি কে বা আন কাকে, এ কি চমৎকার।—রামমোহন রায়।]

ইহ২ সর্ব্ব, বিং [দ্র 'ই'৩ ; অথবা "ইহ—তু 'ইহলোক' ; হি—যহ ; কনৌজ—ইহ ; Baiswari—ইহ, ঈহ ; মৈ ই, ঈ] এই, এ। "ইহ রস ভাণ ঃ ইহ দুঃখ ওর বি.প ৪৫ ; ইহ শ্যাম রসবন্ত ঃ ইহ সরস বসন্ত ১০২ ; ইহ সুখময় রাতি ১০৩ ; ইহ এক অঙ্ক ১৪২ ; ইহ সব শবদ ১৫৩। ইহ সব ঃ ইহ তনু রা.শে ৮০। ইহ কাজ ব ১৭৫। বরিব না ইহ নরে বা.দ ১৪৩। —হ সর্ব্ব ১ এই (জন) ; ইনি, এ। "ইহ বকের অন্তক ম ১৬৩ ; ইহ যে কহিবে তাহা না হয় খণ্ডন ৭৮২। ইহ নয় শাঁখারী।—শি ১০৫। ইহ রসিক শিরোমণি জ্ঞা ১২৯ ; নাহি জানে ইহ দিন রাতি ২৩৯। ২ ইহা। "ইহ কবি শেখর গায় বি.সা ২৬৭।

ইহ৩ ক্রি.ক্তি দ্র 'ইঅ'। "করিহ, কহিহ, ছাড়িহ (শ্রী.কী)। মর্য্যাদা না ভাঙ্গিহ কৃ.অ ৩০। আসিহ ব.প ৫১২ ; পালিহ ৯১৫ ; দিহ ১৩৫৬। না যাইহ কানু প.র ৯। করিহ চৈ.চ ৯৭।

ইহকাল পুং [কর্ম্মধা] এইকাল, এই জন্ম, এই জন্মের কর্ম্মফল। "কৃতঘ্ন বিশ্বাসঘাতকের ইহকালও নাই, পরকালও নাই।

ইহজীবন বি এই জীবন ; এই জন্ম। "ইহজীবনই যদি সব হইল… তাহা হইলে যে সুখ সেই অন্তকাল পর্য্যন্ত থাকিবে, তাহাই স্থায়ী সুখ। যদি পরকাল না থাকে, তবে ইহজীবনে যাহা চিরকাল থাকে, তাহা স্থায়ী সুখ।—অ.শী ২৫।

ইহলোক পুং [কর্ম্মধা] এই লোক ; এই সংসার , এই জগৎ। বিপ 'পরলোক'। [°স্থ (বিণ)—ইহলোকে স্থিত। "ইহলোকস্থ এবৈষ ব্রহ্মভূয়ায় কল্পতে মহা ১৪.৩৫.১৮।]

ইহলৌকিক বিং [সং ঐহলৌকিক , অপ্র] ইহলোকসম্বন্ধী, ঐহিক, পার্থিব। "ক্ষণস্থায়ী ইহলৌকিক সুখ অপেক্ষা পারলৌকিক সুখের প্রতি অধিকতর লালসা পা.প্র ১০৬।

ইহা সর্ব্ব, বিং [এই > এহা, ইহা ; ড় এহা ; ইঅ (দো) ; দ্র 'ই'৩] এই, এ। "ইহা ধন বসিঞা খাব কৃ.উ ৫৩। ইহা ছারকে (দূর ক'রে দে) শ্রী.মা ১৮। —হা সর্ব্ব ১ এই (দ্রব্য)। "ইহাতে অধিক মিঠা বি.পা ২১২। ২ এই (জন)। "দেখি ইহা, ধৈর্য্য হিয়া, নহিব কামিনী ম ১৮১ ; তেঁই পার্থ বলি ইহা লয় মোর মনে ১৯২। ইহাক করাহ নিধন চ.বি ৩৩। ৩ এই (বিষয়)। "মোর শিষ্য বিনা ইহা অন্যে নাহি জানে ঃ কেহ পাছে শুনে ইহা ম ১৯২। ৪ এক (বহুর মধ্যে অবিশেষ নির্দ্দেশে)। "ইহার হইয়া কহে উহার মকর ভা.চ ৮০। [ইহাক—ইহাকে। ইহাতে—ইহা হইতে (দ্র ১) ; ইহা দ্বারা ; এ বিষয়ে ; এই স্থানে বা পাত্রে ; এই হেতু ; এই নিমিত্ত। ইহায়—ইহাকে। "ম ৩১৮। ইহার হইয়া কহে—একের পক্ষ অবলম্বন করিয়া (অন্যে) কহে। ইহার…উহার—একের…অন্যের। "দ্র (৫)।]

ইহাঁ ; ইহাগচ্ছ দ্র 'ইহঁ'২ ; ইহ১।

ইহাঞি অব্য [ইহাঁ + ই৪ > ইহাই > °ঞি, ৺ > ঞ ; তু গোসাঁই > গোসাঞি , অপ্র] এই স্থানেই ; এখানেই। "ইহাঞি রহিব আমি চৈ.চ ৯৮।

ইহান সর্ব্ব [সং এতেষাম্ > প্রা এআণ (হে) > বা ('হ' আগমে—'এহাণ') > ইহান ; অপ্র] ইঁহার, এঁর। "কীর্ত্তি পাইব ইহান ঃ ইহান শরীর চৈ.ভা ২৬ ; ইহান ব্যভার ২৪৬ ; ইহান চরণ ঃ ইহান বাতাস ২৪৭। [ইহানে—১ { °ন + এ৫ (১০) } ইহাতে, এঁতে। "সর্ব্ব জগতের প্রীত হইব ইহানে চৈ.ভা ২৬। ২ { °ন + এ৫ (২) } ইঁহাকে, এঁকে। "ইহানে সেবিলে কৃষ্ণে প্রেম ভক্তি হয় চৈ.ভা ২৪৬।]

ইহামুত্র ব্য [ইহ১ + অমুত্র] ইহলোকে ও পরলোকে ; এ জীবনে ও পরজীবনে। "ইহামুত্র ফলভোগবিরাগঃ (বেদান্তসার)।

ইহুদি, -দী বি [Hebrew—yehudah ; Armaic or Syriac—y'hudai > y'hudah—Judah ; Gr. Ioudaios ; L. Judaeus ; আ য়হূদী ; ফা জহূদী] হিব্রুজাতি (Jew) ; হিব্রুজাতীয় পুরুষ বা স্ত্রী।

ইহো সর্ব্ব [দ্র 'ই'৩ ; অপ্র] ১ ইহা, এ বিষয় বা সিদ্ধান্ত। "হইবে রামের পুত্র ইহো নাহি আন কৃ.উ ২৩২। ২ এই জন ; এ। "গোবিন্দ বলিল ইহো না রাখ দুয়ারে ব.প ৬৭৭। ৩ [ইহ২ + ও] এজনও, এও। "ইহো ত না জানে তত্ত্ব অদ্বৈতাদি বলে চৈ ৬০। [ইহো—ইহাকে।]

ইহোঁ দ্র 'ইহঁ'।

ঈ

ঈ১ চতুর্থ স্বরবর্ণ। দ্র 'ই'১।

ঈ২ স্ত্রী [অ (বিষ্ণু) + স্ত্রী ঈ (ঙীপ্) ; 'পত্নী' অর্থে] বিষ্ণুপত্নী, লক্ষ্মী। "লক্ষ্মীরীকার উচ্যতে (দ্বিরূপকোষ)। —পুং কামদেব। "ঈপতিজায়া ভা.চ ৪২৭।

ঈ৩ সক [অদা, প—এতি, ঈতঃ, ইয়ন্তি ; অনিট্ ; আত্মনেপদী—ন চি তরণিব্দীতে দিক্পরাধীনবৃত্তিঃ (ক.ক)] ১ কান্তি, ইচ্ছা। ২ গতি। ৩ ব্যাপ্তি। ৪ ক্ষেপণ। ৫ ভোজন। ৬ প্রজন, গর্ভগ্রহণ। "এতি গৌর্গর্ভং, গৃহ্লাতীত্যর্থঃ (ক.ক)। —সক [দি, আ—ঈয়তে ; 'উদ্'-পূর্ব্বক—উদীয়তে ; শানচ্—উদীয়মান ; অনিট্] গতি। [অনু—অনুগমন, প্রাপ্তি। "মাঘ ১২.৬১। উদ্—উদ্গমন, উদয়। "উদীয়মানং দিনাদৌ।—কি ১.৪৬। নোদীয়ন্তে বিদ্বিষঃ (ক.ক)।

ঈ৪ সর্ব্ব [ই৩ > ঈ (দীর্ঘ উচ্চারণে) ; অপ্র] ১ ইহা, পূর্ব্বোক্ত বাক্য বা বিষয়। 'ঈ সব কহিকহু কহিহহ সেবা বি.সা ২৬৬ ; ঈ নহি যুগ অবসানে ৩৫৫। ২ এই, বর্ত্তমান, উপস্থিত। "ঈ ভর বাদর, মাহ ভাদর বি.সা ৪২৬ ; ঈ সুখ সময় ৪৩৪।

ঈ৫ ক্রি.ক্তি [ই৬ > ঈ] সর্থ 'ই৬ (গানে দীর্ঘ উচ্চারণে দীর্ঘ 'ঈ')। "সুধা যমু ঝরঈ ঃ অরুণকিরণভর হরঈ ন.প ১৮৮ ; উজরঈ, ডরঈ, করঈ, ধরঈ, পড়ঈ, বিতরঈ ২৫৭।

ঈ৬ প্র [সং—স্ত্রী 'ঈ' (ঙীপ্, ঙীষ্) ; লি, প্রা, হি, ঠ, প, মৈ—ঈ ; Av. ɪ—daevɪ ; ফা ঈ—শাহজাদী ; গাথাপ্রাকৃত—ঈ ; "ঈসালুঈ (ঈর্ষ্যালু)—গাথাসপ্তশতী ৭.৩৪] বাঙলার স্ত্রীপ্রত্যয়। "বে-আকুলী, বিকলী, ভালী, মুগধী, আয়িলী (রাণী), (গোপী) থাকিলী (শ্রী.কী)। সেয়ানী বি.প ৩৩। আমিনী শূ ২৬। শোকাকুলী চৈ.ভা ২৪৩। রামী চ.দা ১৫৪। আসুরী, উচকপালী, এলোকেশী, কালামুখী, পোড়ারমুখী ; খুকী, ছুঁড়ী, বিটী ; কাকী, জ্যেঠী, পিসী, মামী, মাসী ; চাচী, দাদী, নানী ; ঘুড়ী, ভেড়ী, বাঁদরী, বেঙ্গমী ; রাঁধুনী, গিন্নীবাড়নী। কিশোরী ইত্যাদি (দ্র 'আ'১৩)। [তু 'হি ঘোড়ী, অচ্ছী, গঈ ; ঠ ঘোড়ী, গাড়ী, ভিংতী (দেয়াল), কালী (কৃষ্ণা)। মৈ নেনী (বালিকা), সয়ানী।]

ঈ৭ প্র [দ্র 'ই৮ ; ফা, হি, প—ঈ] ১ তৎসম্বন্ধী—তত্র প্রচলিত (ভাষা), তত্র জাত (দ্রব্য), তত্র নিবাসী (লোক)। "আসামী, কটকী, গুজরাটী, দেশী, দেশীনামমালা, বৃন্দাবনী, বেনারসী, মরাঠী, হিন্দী, হিন্দুস্থানী। ২ তৎসম্বন্ধী, তন্মিশ্র, তৎকৃত, তদীয়, তদ্বিষয়ক। "আচমনী, আমানতী, আসমানী, দরকারী, সরকারী, হিসাবী। গুড়চাউলী ক.চ ৪৮। হুকুম শাহানশাহী ভা.চ ৪৭৬। ৩ তদ্বিষয়ে কুশল বা পণ্ডিত। "আলাপী, করাতী, খেয়ালী, ধ্রুপদী, শিকারী, সদালাপী। ৪ তাহার প্রাপ্য অর্থাদি। "আড়তদারী, কয়ালী, দালালী, রাখালী। ৫ তদ্দেশে জাত ; তদ্দেশীয়। "ইরাকী তুরকী…আরবী (বাজী) ভা.চ ২৭২। ৬ তদ্বাদনে কুশল। "এসরাজী, খুলী (খোলবাদনে কুশল), ঢাকী,

ঢুলী, পাখোয়াজী, মৃদঙ্গী, সেতারী (দ্র 'ই৮')। ৭ তদ্দৈর্ঘ্যযুক্ত, তৎপ্রমাণক ; তাদৃশভারযুক্ত। "পাঁচহাতী বা পাঁচী ধুতি ; দশহাতী শাড়ী; চারগজী ধুতি ; দুমনী বস্তা ; আধমনী বা দশসেরী হন্দর। ৮ তদ্বর্ণরঞ্জিত। "গোলাপী, বসন্তী, বেগুনী ; ৯ তদ্‌গন্ধবিশিষ্ট। "আনারসী আম, কাঁটালী চাঁপা। ১০ তদ্দ্বারা আনীত। "জাহাজী (বাজী) ভা.চ ২৭২। জাহাজী সুপারি। ১১ তৎকৃত, তদ্‌রচিত। "কৃত্তিবাসী রামায়ণ ; কাশীদাসী মহাভারত ; তুলসীদাসী রামায়ণ ; রামেশ্বরী সত্যনারায়ণ। ১২ তৎসদৃশ। "খুনখারাবী (রক্তবৎ) রঙ। ১৩ [সং ইন্ > ঈ—গুণিন্ > গুণী] অস্ত্যর্থক, তদ্‌যুক্ত, তৎপ্রবণ। "এনী (পাপী), কুলপী, খেয়ালী, গেঅানী, তেজী, দরদী, দাগী। দামী, বেথী, ভারী, ভোথী, মরমী। হরি বড় গরবী বি.প ১০৭। ১৪ তদ্দ্রব্যমিশ্রিত। "অম্বুরী (তামাক)।

ঈ৮ প্র [ফা, হি, মৈ—ঈ] তাহার ভাব, ধর্ম্ম বা কর্ম্ম। "ওকালতী, গলাবাজী, গোলামী, চাকরী, চৌকিদারী, জমিদারী, ডাক্তারী, দমবাজী, দোকানদারী, ধড়িবাজী, নবাবী, পণ্ডিতী, মাষ্টারী, মোক্তারী, হাকিমী, হিন্দুয়ানী। [তু 'ফা আশনাঈ, বদজাতী, বদনামী, বদমিজাজী। হি অধিকাঈ, উচাঈ, সাবধানী সাহুকারী। মৈ উংচাঈ, নোকরী।]

ঈ৯ প্র [দ্র 'ই৯'] সর্ব 'ই৯' (১ ; ২)। "চালী, ঝুড়ী, পুঁটলী, মালসী, হাঁড়ী ; দড়ী, রসী। করড়া করড়ী বাজে কুণ্ডলা কুণ্ডলী কৃ.উ ৪৫।

ঈকার পুং [ঈ কার, কর্ম্মধা] 'ঈ' এই ধ্বনি ; 'ঈ'বর্ণ।

ঈক্ষ্ সক [ভা, আ—ঈক্ষতে ; সেট্ ; বৈদিক] ১ দর্শন। "মৈত্রেণেক্ষস্ব চক্ষুষা রা ১.৫২.১৭। ২ বিচারণা, বিগণনা। "ন কামবৃত্তির্বচনীয়মীক্ষতে কু.স ৫.৮২। ৩ বিমর্শন, বিচিন্তন। "তত্তেজ ঐক্ষত বহু স্যাং প্রজায়েয় (ছান্দোগ্য)। ঈক্ষামহে…তবেপ্সিতম্ মহা ৩.৭.১২। গী ৬.২৯। [অধি—বিবেচন। "হি ৪.১০৬। অনু—১ অন্বীক্ষা, অনুচিন্তন। ২ পশ্চাদ্ভাগে দর্শন। "রা ২.৪০০.৩৯। অপ—১ অপেক্ষা, আকাঙ্ক্ষা। "কু.স ৩.২৬। ২ অনুরোধ, অনুবর্ত্তন। "ভাষাপরিচ্ছেদ ৬৪। ৩ অবধি, নিয়ম। বি.অপ—১ ব্যপেক্ষা, অপেক্ষণ। রঘু ১৯.৬। ২ বিশেষভাবে দর্শন। "রা ২.৮৬.২৫। অব—১ অবেক্ষা, দর্শন। "তামবেক্ষ্য পুরীম্ রা ২.৪২.২৪। ২ পর্য্যালোচন। "মনু ৭.১০। অনু-অব—১ অন্ববেক্ষা, পর্য্যালোচন। "রা ১.৭৭.২৩। ২ অনুচিন্তন। "মনু ৬.৬৫। সম্-অব—সম্যগ্‌দর্শন, বিচার। "সমবেক্ষ্য নয়ানয়ৌ রা ২.৭৮.৪। উদ্—১ উর্দ্ধদর্শন। "শিংশপা তামুদৈক্ষত রা (S.W.)। ২ দর্শন। "কু.স ৭.৬৭। উপ—উপেক্ষা, হেয়তাজ্ঞান। নির্—নিরীক্ষণ, বিশেষ দর্শন। পরি—পরীক্ষা, তত্ত্বানুসন্ধান। প্র—প্রেক্ষণ, বিশেষদর্শন। উদ্-প্র—উৎপ্রেক্ষণ, সাদৃশ্য হেতু অন্যরূপত্বকল্পনা। প্রতি—প্রতীক্ষা ; অনুরোধ, পূজন। বি—বিশেষ দর্শন। "গী ১১.২২। উদ্-বি—উর্দ্ধবীক্ষণ। "রা ২.৫৮.৩৬। সম্—সম্যগ্-দর্শন, বিচারণা। "রা ২.৬১.১২। মনু ৬.৬৮। তেজসাং ন বয়ঃ সমীক্ষ্যতে রঘু ১১.১। কু.স ৫.১৬।

ঈক্ষ সর্ম [সং √ঈক্ষ্] দর্শন। "ঈক্ষিলেক ধর্ম্মকেতু ম.পা ৩৭ ; কৃপামান ঈক্ষ ৬০।

ঈক্ষক বিণ [√ঈক্ষ্+অক (ণুল্)-ক ; স্ত্রী -ক্ষিকা] দর্শক, দ্রষ্টা। —ক্ষণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ দর্শন, অবলোকন। "ঈষৎ ঈক্ষণ কর দু ৪৩ ; ৬১। ভ.গ্র ২১২। মায়ার ঈক্ষণ চৈ.চ ২৩। ঈক্ষণে ঈহা বা.দ ৮২ ; তোমা যুগল ঈক্ষণ ২২০। স.শ ৩১ ; ৭৫ ; কটাক্ষ-ঈক্ষণ ১৫৬। ২ দর্শন, নিরূপণ, পর্য্যবেক্ষণ। "পিঙ্গঃ কার্য্যেক্ষণে মনু ৭.১৪১। ৩ [+অন-র্ম্ম] দৃশ্য (A.)। ৪ [+অন-ণ] 'দর্শনসাধন', নেত্র। "মদিরেক্ষণ শ ৩.১৬। প্রহিত° রঘু ২.২৭। অশ্রুপূর্ণাকুলেক্ষণ গী ২.১। তব শশী বামেক্ষণ ব.প ১১০০। —ক্ষা স্ত্রী [+অ-ভা +স্ত্রী আ (টাপ্) ; বৈদিক] ১ দর্শন, দৃষ্টি। ২ পর্য্যালোচনা, বিচারণা। "শ্রবণাদনু ঈক্ষা অন্বীক্ষা (ন্যায়সূত্রবৃত্তি)। ৩ [+অ-ণ] দৃষ্টি, নেত্র। "ঈক্ষাপথ ভ ২.৫.১৩। —ক্ষিকা স্ত্রী [ঈক্ষা+ক (কন্) +স্ত্রী আ (টাপ্)] দর্শন ; পর্য্যালোচন। "সূক্ষ্মেক্ষিকা। —পক্ষ ৪৯২। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ দৃষ্ট ; রক্ষিত। "জীবত্যনাথোঽপি তদীক্ষিতো বনে ভ ৭.২.৪০। ২ পর্য্যালোচিত, বিচারিত। —ক্ষিত ক্লী [+ত-ভা] ঈক্ষণ, দর্শন। "বিলোলমীক্ষিতম্ রঘু ৮.৫৯। [°ত—চক্ষুঃ (A.)] —ক্ষিতব্য বিণ [+তব্য-র্ম্ম] দ্রষ্টব্য ; বিচারণীয়। —ক্ষিতৃ (-তৃ) বিণ [+তৃ (তৃন্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] দ্রষ্টা, দর্শক ; বিচারক। "পুণ্যাপাপেক্ষিতা মুনিঃ মনু ৮.৯১। [ঈক্ষাপথ (পুং)—দৃষ্টিপথ।]

ঈক্ষণিক পুং [ঈক্ষণ+ইক (ঠক্) অস্ত্যর্থে] যাহার হস্তরেখাদিদর্শন আছে ; সামুদ্রিক, দৈবজ্ঞ। "মনু ৯.২৫৮।

ঈখ্, ঈঙ্খ্ (ঈখি) সক [ভ্বা, প—ঈখতি, ঈঙ্খতি ; সেট্] গমন। [প্র—চলন। "ভট্টি ১৭.১০৮। উদ্-প্র—উৎপ্রেঙ্খণ, উপরে ভাসা। "ত্বদ্বীচিমুৎপ্রেঙ্খতঃ (মে)।—গঙ্গাষ্টক। প্র-ইঙ্খি—প্রেঙ্খণ, চালনা। "তাঃ…দোলয়া প্রেঙ্খয়ন্ রঘু ১৯.৪৪।

ঈড়্ সক [অদা, আ—ঈট্টে, ঈড়াতে, ঈড়তে ; সেট্ ; ছান্দস] স্তুতি। "অগ্নিমীলে পুরোহিতম্।—ঋগ্বেদ ১.১,১। ভট্টি ৯.৫৭। —ড্ সক [চু, প—ঈড়য়তি ; সেট্] স্তুতি। "(মহর্ষয়ঃ) বাগ্‌ভিরগ্র্যাভিরৈড়য়ন্ রা ৩ ৫.১১।

ঈড়া স্ত্রী [√ঈড়্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] স্তুতি, স্তব। —ড়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] স্তুত। —ড্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] স্তবনীয়, স্তুত্য। "গী ১১.৪৪। °কর্ম্মণঃ ভ ১.১.১৬।

ঈতি স্ত্রী [√ঈ+তি (ক্তিন্)-ভা] ১ গতি। ২ প্রবাস। ৩ [+তি -ণ] কৃষির উপদ্রব ; অতিবৃষ্টি-প্রভৃতি। 'অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ শলভা মূষিকাঃ খগাঃ। প্রত্যাসন্নাশ্চ রাজানঃ ষড়েতে ঈতয়ঃ স্মৃতাঃ॥—অ.টী। "নিরীতিকা দিশঃ রা (S.W.)। প্রজাঃ…নিরীতয়ঃ রঘু ১.৬৩। ম.চ ৭.৪২। ৪ উপপ্লব, উপদ্রব। ৫ কলহভেদ ; নৃপরহিত যুদ্ধ (শ.ক)।

ঈদৃক্ (-দৃশ্), -দৃক্ষ, -দৃশ বিণ [ইদম্+ √দৃশ্+ক্বিন্ (০), +স (ক্স), +অ (কঞ্), -কর্ম্মকর্তৃবাচ্যে (মহাভাষ্য), -র্ম্ম (মুগ্ধবোধ ১০৪৭) ; ইদম্ > ঈ ; উ ত ; স্ত্রী—ক্, -ক্ষা, -শী ; ছান্দস '°ক্ষ' ; বৈদিক '°শ'] ইহার মত যে দেখায়, অর্থাৎ জ্ঞানবিষয় হয় ; এবংরূপ, এবংবিধ। "ঈদৃগ্ বিনোদঃ কুতঃ শ ২.৫। °শ রা ১.২.৪১। ঈদৃক্ষরাজকার্য্য ক.সা ১৫.১০৩। ঈদৃশী তাদৃশী নহ ঈশান-ঈহিনী ভা.চ ৪২৭। [°শক (বিণ)—ঈদৃশ। "মহা ২.৪৬.১৬ ; ৩.৯৯.৭১।]

ঈপতি বি [ষ.ত] কন্দর্পের পতি ; কামদমন শিব। "ঈশ্বরী ঈপতি-জায়া ভা.চ ৪২৭।

ঈপ্সা স্ত্রী [√আপ্+স (সন্) ইচ্ছার্থে— √ঈপ্স+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ পাওয়ার ইচ্ছা ; প্রাপ্তীচ্ছা, লিপ্সা। "ধর্ম্মেপ্সা মহা ৩.২৯২.১৪। ২ ইচ্ছা। "যথেপ্সয়া মহা ৩.২.৭০। —প্সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পাওয়ার নিমিত্ত কৃতাভিলাষ ; ইষ্ট। "ঈপ্সিতার্থস্থিরনিশ্চয় কু.স ৫.৫। ২ প্রিয়। "ঈপ্সিতোঽসি মম মহা ৩.৬৪.২২। শ ৩.১১। —প্সিত ক্লী ইষ্টবস্তু, অভীষ্টবিষয়, মনোরথ। "ঈপ্সিতম্… সার্গলম্ রঘু ১.৭৯। ঈপ্সিত তুমি ভুঞ্জিবে এখন চৈ.ম ১৯৬। —প্সু বিণ [+উ-ক ; স্ত্রী -প্সু] পাওয়ার নিমিত্ত ইচ্ছু ; অভিলাষী, অর্থী। "পুত্রেপ্সু রা ১.৭০.৩৪। কামেপ্সু।—গী ১৮.২৪। সর্ব্বলোকহিতেপ্সু মহা ১.১৮০.১৬। সৌরভামীপ্সুঃ রঘু ৪.৬৯।

ঈয়া প্র [দ্র 'ইয়া১'] ১ তৎসম্বন্ধী, তৎকার্য্যে কুশল, তাদৃশশিল্পে নিপুণ। "নাচনীয়া পাখী কৃ ২৭২। ২ তদ্বর্ণযুক্ত। "কালীয়া মেঘের আড়ে

ব.প ২৮৭। ৩ তদ্‌যুক্ত। "দরদীয়া, কুলুপীয়া। ৪ তৎপ্রিয়। "কন্দলীয়া বি.পা ৭৯। ৫ তৎপীড়িত, তদ্‌গ্রস্ত। "কুষ্টী(ঠী)য়া (কুষ্ঠগ্রস্ত)।

ঈর্ সক [অদা, আ—ঈর্ত্তে, ঈরাতে, ঈরতে; সেট্; ছান্দস] ১ গতি। ২ কম্পন। —র্ অক কম্প। —র্ সক [চু, প—ঈরয়তি; সেট্; ছান্দস] ১ গতি (ত.বা)। ২ ক্ষেপ, প্রেরণ। "ভট্টি ১৫.৫২। ৩ প্রবর্ত্তনা, নিয়োজন। "ভট্টি ১২.৬। ৪ কথন, উচ্চারণ। "ঈরয়িত্বা গিরম্ কি ১.২৬। ৫ কথন, প্রকাশন। "নৈ ১৪.২৩। ৬ কম্পন, চালন। "বাতেরিতপল্লব শ ১২১/২। ৭ আকর্ষণ। "মাঘ ১০.৩২। ৮ কথন, উপদেশ। "হিতং ন গৃহ্ণন্তি সুহৃদ্‌ভিরীরিতম্ রা (S.W.)। ৯ উজ্জীবন, উৎপাদন (A.)। [উদ্—১ কথন, উচ্চারণ। "রঘু ২.৯। ২ উৎক্ষেপণ। "উদীরয়ামাস…অক্ষান্ রঘু ৬.১৮। ৩ প্রসব, প্রকাশন। "কুসুমম্…অশোকোঽয়মুদীরয়িষ্যতি রঘু ৮.৬২। প্র—প্রেরণ, প্রবর্ত্তন। সম্—১ সমীরণ, ক্ষেপণ, বিক্ষেপ। "সমীরয়াঞ্চকার…কপিঃ শিলাম্ ভট্টি ১৪.১১১। ২ কথন। "রঘুণা সমীরিতং বচঃ রঘু ৩.৪৭।]

ঈরণ ক্লী [√ঈর্+অন (ল্যুট্)-ভা] ১ গতি, কম্পন, সঞ্চালন। ২ প্রেরণ (ত.বা)। —রণ পুং সমীরণ (A.)। —রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কম্পিত, সঞ্চালিত। "বাতেরিতপল্লবাঙ্গুলি শ ১২১/২। ২ কথিত, উচ্চারিত। "রঘু ৯.৮। মাঘ ২ ২২। কি ১৪.২৬। ৩ প্রেরিত। "মাঘ ৮.২০। ৪ আকৃষ্ট। "মাঘ ১০.৩২। —রী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] ১ গামী। তু 'স্বৈরী, স্বৈরিণী'। ২ ভাষমাণ। "নৈ ১২.৬০।

ঈর্ম্ম ক্লী [√ঈর্+ম (মক্)-ক, উ ১.১৪২; বৈদিক] যাহা সুখ প্রেরণ (নাশ) করে; ব্রণ। "দক্ষিণের্ম্মা ভট্টি ৪.৪৪।

ঈর্ষা, -র্ষ্যা স্ত্রী [√ঈর্ষ্য্+অ-ভা+স্ত্রী আ (টাপ্), 'য'-লোপ (মুগ্ধবোধ ৭৭৫); তু 'প্রা ঈসা (ঈর্ষ্যা); °র্ষা (ছান্দস)] ১ অক্ষমা, পরসম্পত্ত্যসহন, পরশ্রীকাতরতা; অন্যগুণাসহিষ্ণুতা (কুল্লুক)। "ঈর্ষাং ন কুরুষে গো.রা ৪.২৪.৩৭। ত্যক্তের্ষ মহা ১৩.২.৬৮। সের্ষ্য ক.সা ৬.১৪৫। ঈর্ষা উৎকণ্ঠা চৈচ ৩৫৭। ঈর্ষানলজ্বলিত.কটাক্ষ ব.দ্বি ৫৬। [ইহা ক্রোধজ ব্যসনবিশেষ (মনু ৭.৪৮)।] ২ পতির অন্যপ্রিয়াসঙ্গাদি হেতু পত্নীর মানবিশেষ (শ.ক)। "ঈর্ষ্যাকলহ (শৃঙ্গারশতক)।

ঈর্ষাদ, ইর্ষাদ '-দ্' বি [আ ইর্‌শাদ্] দানের আদেশ; প্রসাদ। "ষাইট খানি গ্রাম দিব ঈর্ষাদ তোহ্মারে ম.গা ১৫। সাইটখানি গ্রাম দিব ইর্ষাদ তোমারে গো.চ৩৫১।

ঈর্ষা(র্ষ্যা)লু বিণ [ঈর্ষা, -র্ষ্যা+√লা+উ (কু)-ক, পা ৩.২.১৫৮, তত্ত্ববোধিনী; উ.ত; স্ত্রী -লু] 'ঈর্ষ্যাগ্রাহক', ঈর্ষ্যাবিশিষ্ট (হলায়ুধ); পরশ্রীকাতর।

ঈর্ষি(র্ষ্যি)ত ক্লী [√ঈর্ষ্য+ত (ক্ত)-ভা] ঈর্ষ্যা, অসহিষ্ণুতা। "পত্যুর্বার্দ্ধকমীর্ষিতং (পাঠান্তর—ঈর্ষ্যিতম্) প্রবসনং নাশস্ত হেতুঃ স্ত্রিয়াঃ হি ১.১২০।

ঈর্ষ্য্ অক [ভ্বা, প—ঈর্ষ্যতি; সেট্] ঈর্ষ্যা, পরসম্পত্ত্যসহন (সি)। "ঈর্ষ্যতি খলঃ সাধবে (ক.ক)। —র্ষ্য্ সক অসহন। "ভার্য্যামীর্ষ্যতি, পরেণ দৃশ্যমানাং তাং ন সহতে (বালমনোরমা)।

ঈর্ষ্যী (-র্ষ্যিন্) বিণ [√ঈর্ষ্য্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্ষ্যিণী] ঈর্ষ্যাকারক, পরশ্রীকাতর। "হি ১.২৪। —র্ষ্যু বিণ [+উ (উণ্) -ক; স্ত্রী -র্ষ্যু] সর্থ 'ঈর্ষ্যী'। "ঈর্ষ্যুর্গন্ধর্ব্বরাজঃ মহা ১.১৭০.৫, ১৩; ৩.২৭৯.২৫।

ঈশ্ সক [অদা, আ—ঈষ্টে; সেট্; ছান্দস] অধীনীকরণ, জয়। "বিষয়াণাঞ্চ নেশিষে ভট্টি ১৮.১৫। —শ্ অক ১ ঐশ্বর্য্য, প্রভুত্ব করা। "ঈষ্টে ধনী (ক.ক)। ২ শক্তি, সমর্থ হওয়া। "মাধুর্য্যমীষ্টে হরিণান্ গ্রহীতুম্ রঘু ১৮.১৩। ৩ প্রভুত্ব, স্বামিত্বলাভ। "ধনানামীশতে যক্ষাঃ ভট্টি ১৮.২০।

ঈশ[১] বিণ [√ঈশ্+অ (ক)-ক; স্ত্রী -শা; বৈদিক] ১ প্রভু, সমর্থ, শক্ত। "আজ্ঞাপয়িতুমীশোঽহম্ গো.রা ৫.৬৪.১৭। মহা৩.৯৭.২১। ২ নিয়ন্তা, নিয়ন্ত্রয়িতা, বশীকারক। "ন চাহমীশা দেহস্য মহা ১.১৭২.২২। কু.স ৩.৩৪। ৩ শ্রেষ্ঠ, প্রধান। "স সিংহোঽভবদারণ্যানাং পশূনামীশঃ (শতপথব্রাহ্মণ)। —শ পুং ১ স্বামী, প্রভু, অধিপতি, রাজা। "নরেশ, ভবনেশ, সুরেশ (S.W.)। ত্বমীশশ্চ বনস্যাস্য রা ৫.৬৪.৭। বিংশতীশ; শতেশ মনু ৭.১১৫। ক্ষিতীশ রঘু ২.৬৭। মৃগ-ঈশ ম ১৮৩। পুনীহি ভারতমহীশ ভা.চ ১৫৮। ২ পতি, ভর্ত্তা। "রমেশ, লক্ষ্মীশ। উমেশ ভা.চ ১৫৮। ৩ শ্রেষ্ঠ। "মুনীশ রা (S.W.)। ৪ অধিষ্ঠাতা, দেবতা। "বাগীশ কু.স ২.৩। ৫ ঈশান, শিব। "শ ১.১। ইছাএর ইষু দেখি ঈশ ইন্দ্র কাঁপে ব.প ৪৩৫। বিরূপাক্ষ ঈশ বি.সু ১৫২। ৬ ঈশানকোণাধিপতি দিক্‌পালবিশেষ। "ধ্যানে ধ্যায় অজ ঈশ ম ৩০২। ৭ রুদ্র। ৮ ঈশ্বর, পরমেশ। ৯ (রুদ্রসংখ্যানুসারে) এগার (১১) এই সংখ্যা। ১০ আর্দ্রানক্ষত্র। ১১ (বাংলায়; অপ্র) স্রষ্টা, বিধাতা। "নাসাতুল, তিলফুল, চিন্তাকুল ঈশ বি.সু ৪৮। —শা স্ত্রী ১ 'সমর্থা', দুর্গা। ২ ঐশ্বর্য্যান্বিতা নারী। ৩ ঐশ্বর্য্য, প্রভুত্ব। [°কোণ (পুং)—ঈশানকোণ। "ব.প ১৫১৭। °পুরী (স্ত্রী)—কাশী। °বল (ক্লী)—পশুপাত অস্ত্র।]

ঈশ[২] পুং, **-শা** স্ত্রী [√ঈশ্+অ (ঘঞর্থে ক)-ণ, স্ত্রী আ (টাপ্); তু 'ঈস—কীলক (দেশী ১.৮৪)] যাহা দ্বারা প্রভুত্ব করে (অ.টী); লাঙ্গলদণ্ড, ঈষা। 'ঈশঃ স্ত্রিয়াং লাঙ্গলদণ্ডকে (রভস—অ.টী)। "পঞ্চ-হস্তো ভবেদীশঃ কৃ.স ১১১। ঈশ সম তার দশন-পাঁতি দ্বু ৮৬। ঈশা দন্ত সমসর ব.প ৭১১। [ঈশাদণ্ড (পুং)—ঈশারূপ দণ্ড; লাঙ্গলদণ্ড। ঈশাদন্ত (বিণ)—যাহার ঈশাসদৃশ দন্ত; দীর্ঘদন্ত। "°দন্ত (গজ) গো.রা ৫.১২.৩১।]

ঈশর বি [সং ঈশ্বর >প্রা ঈসর (হে) >বা °র; অপ্র] শিব। "ব.প ১১২।

ঈশসখ,-সখা (-সখি) পুং [ঈশের সখা, ষ.ত; ঈশ সখা যাহার, বহুব্রী; তৎপুরুষে সমাসান্ত 'অ' (টচ্)] শিবের সখা; শিব যাঁহার সখা; কুবের। তু 'ঈশানেন তথা সখ্যম্ মহা ৩.২৭৩.১৬।

ঈশসখা; ঈশা, ঈশাদণ্ড, -দন্ত দ্র 'ঈশসখ; ঈশ[২]।

ঈশান বিণ [√ঈশ্+আন (চানশ্) তাচ্ছীল্যে -ক; স্ত্রী -না; 'ঈশান'—ঈশ্বর, ঐশ্বর্য্যবান্ (ঋগ্বেদ ১.৬১.৬; ১২; ১৫)] ১ ঐশ্বর্য্যশীল, প্রভুত্বশীল। ২ নিয়ন্তা। "মন্যে ত্বাং কালমীশানম্ ভ ১.৮.২৮। ৩ ধন-বান্ (A.)। —ন পুং ১ শিব। "ঈশানসন্দর্শনলালস কু.স ৭.৫৬। ঈশান-ঈহিনী ভা.চ ৪২৭। মে ৬৪। ২ শিবের অষ্ট মূর্ত্তির একতম—সূর্য্যমূর্ত্তি। 'ঈশানায় সূর্যমূর্ত্তয়ে নমঃ। ৩ রুদ্রবিশেষ। ৪ রুদ্রদেবতাক আর্দ্রানক্ষত্র। ৫ (রুদ্রসংখ্যানুসারে) এগার (১১) এই সংখ্যা। ৬ ঈশ্বর, মহেশ্বর। "মহা ১.১.২২; ৩.৩৩.২২। ৭ শমীবৃক্ষ (শ.ক)। ৮ (বাংলায়) ঈশানাধিষ্ঠিত ঈশানকোণ। "ঈশানে ঈশান যায় ক.চ ১৬; ঈশানে উরিল মেঘ ৮৮; ২২৯। শি ৯১। —নী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীপ্) 'পত্নী' অর্থে] ১ ঈশানপত্নী, দুর্গা, পার্ব্বতী। "মে ৬৪। ঐ এল পাষাণী তোর ঈশানী দা ১৬৪১। ২ শমীবৃক্ষ। ৩ শাল্মলী (A.)। [°কোণ (বি)—ঈশানাধিষ্ঠিত উত্তরপূর্ব্বকোণ।]

ঈশান মুল, ঈশার মুল দ্র 'ইশরমূল'।

ঈশিতা[১] **(-তৃ)** বিণ [√ঈশ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] প্রভুত্বকারক, প্রভু। —তা পুং ১ ঈশ্বর, পরমাত্মা। "মাঘ ১৪.৩। ২ অধিপতি, স্বামী। "মাঘ ২.৯৫।

ঈশিতা[২] স্ত্রী, -ত্ব ক্লী [ঈশিন্+তা (তল্), +ত্ব, তদ্ভাবার্থে, স্ত্রী আ (টাপ্)] **১** ঈশিভাব, প্রভুত্ব, ঐশ্বর্য্য। "ঈশিত্বম্…মনসশ্চ তে মহা ১৪.৩৮.১২। **২** (যোগশাস্ত্রে) অণিমাদি ঐশ্বর্য্যের একতম স্বামিত্বরূপ ঐশ্বর্য্য। [ঈশিত্বং প্রভুতা, যেন চরস্থাবরভূতান্যাদেশকরাণি ভবন্তি (অ.টী)—ঈশিত্ব দ্বারা স্থাবর জঙ্গম সকল ভূত আদেশকারী হয়। ইহা দ্বারা ভূতভৌতিকগণের উৎপত্তি বিনাশ ও অবয়বসংস্থান অনায়াসেই করা যায় (পা দ ৩.৬৪, ব্যাসভাষ্য)।]

ঈশী (-শিন্) বিণ [√ঈশ্ + ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -শিনী ; বৈদিক] প্রভুত্বকারক, ঈশিতা। —শী পুং **১** ঈশ্বর, পরমেশ। **২** প্রভু, স্বামী, অধিপতি। "বিংশতীশী মনু ৭.১১৬। **৩** পতি।

ঈশ্বর বিণ [√ঈশ্+বর (বরচ্)-ক ; √অশ্ (ব্যাপ্তি) বর (বরট্) -ক, উ ৫.৫৭ ; স্ত্রী -রা, -রী ; ছান্দস] **১** প্রভু, সমর্থ, স্বকার্য্যকরণক্ষম। "রাজ্যে বাপি মহারাজো মাং বাসয়িতুমীশ্বরঃ রা ১.১০১.২০ ; ৯৯। মনু ১.১৪। কালেনেশ্বরমূর্ত্তিনা ভ ৭.৭.১৮। **২** আঢ্য, ধনী। **৩** প্রভু, স্বতন্ত্র। "অনীশ্বরং হীশ্বরদেশিতং জগৎ গো রা ২.৬১.৩৪। শকুনিস্তন্তু-বদ্ধো বা নিয়তোঽয়মনীশ্বরঃ মহা ৩.৩০.২৫। **৪** ঈশনশীল, কর্ম্মপার-তন্ত্র্যরহিত। "ভূতানামীশ্বরঃ গী ৪.৬। **৫** নিয়ন্তা, নিয়ন্ত্রয়িতা। "তন্ মহাভূতম্…ঈশ্বরম্ ভ ১.৬ ২৬। মন প্রাণ সবার ঈশ্বর প্রভু তুমি চৈ.ভা ৪৮৫। —র পুং **১** স্বামী, অধিপতি, প্রভু। "কোটি°, ধন°। ঈশ্বরম্… অর্থতঃ সেবতে মৃ ১.১৪। রঘু ৩.৩০। করীশ্বর।—পঞ্চ ২.৭৭। ধনের ঈশ্বর কৃ উ ৩১। জগত-ঈশ্বরে ব.প ৮৯০। **২** রাজা। "কচ্ছপ°, সর্প°। হরীশ্বর।—রা ১.১.৬৮। মনু ৪ ১৫৩। রাজামস্তমিতেশ্বরম্ রঘু ১২.১১। ঈশ্বর মিনাই মী ১৮। পৃথিবী-ঈশ্বর কৃ.উ ১৫৬ ; রঘুবংশের ঈশ্বর ১৭২। কলিঙ্গ-ঈশ্বর ম ১২২৩। শ্রী.ম ২২০। ভঞ্জভূমীশ্বর শি ১১৪। ধরণী-ঈশ্বর ভা.চ ৫০। রাক্ষস-ঈশ্বর।—মে ১৭ ; রাজকুলেশ্বর ২০। বট বিটপী-ঈশ্বর ন ৭৬৯। **৩** শিব। "কু.স ৭.৩১। ব প ১২৭। শ্রী.মা ৫২। বৃষধ্বজেশ্বর ভা.চ ১৫৭। **৪** রুদ্রবিশেষ। "মহা ১.৬৬.৩। **৫** কন্দর্প। **৬** পতি, ভর্ত্তা। "নেশ্বরে পরুষতা সখি সাধ্বী কি ৯ ৩৯। ঈশ্বরী-ঈশ্বর তুমি আমার ঈশ্বর ম ৬৯ ; ৪০৯ ; ৫৬৩। সতী-সদীশ্বর ভা.চ ১৫৮। **৭** ধনী, আঢ্য। "মা প্রযচ্ছেশ্বরে ধনম্ হি ১.১৪ ; °দ্বার ১৫৪ ; পরম° ২.২৬। পঞ্চ ২.৭৪। **৮** চক্রবর্ত্তী। "ভ ৪.৯.৩৫। **৯** বিশুদ্ধসত্ত্বপ্রধান অজ্ঞানোপহিত চৈতন্য (বেদান্ত) ; ঈশনশীল নারায়ণ (শঙ্কর) ; অন্তর্যামী। "ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি গী ১৮.৬১। পঞ্চদশী ১.১৬। **১০** অবিদ্যাদি কর্ত্তৃক অসম্বদ্ধ পুরুষবিশেষ। 'পা দ ১.২৪। **১১** পরমেশ্বর। 'ঈশ এবাহমত্যর্থং ন চ মামীশতে পরে। দদামি চ সদৈশ্বর্য্যমীশ্বরস্তেন কীর্ত্ত্যতে॥—ত.বা। তিন গুণে তুমি সে ঈশ্বর গ ১৪। ঈশ্বর-ইচ্ছায় কি না হয়।—দু ৬৮। **১২** দেহাদিসঙ্ঘাতস্বামী জীব ; জীবাত্মা, দেহী। "গী ১৫.৮। **১৩** শ্রীহরি। "হরে কথয়…ঈশ্বর (শ.ক)। এইমতে অধিষ্ঠান হইলা ঈশ্বর গ ৩৭। **১৪** মহাপুরুষ। "°ব্যাহৃতি কু.স ৩.৬৩। **১৫** (জ্যোতিষে) বৎসরবিশেষ, সংবৎসর। **১৬** (বাঙ্লায়) প্রধান, প্রকৃতি। "পুরুষ 'ঈশ্বর' (পাঠান্তর 'প্রকৃতি') ঐছে দ্বিমূর্ত্তি করিয়া চৈ চ ২৯। —রা, -রী স্ত্রী [°র+স্ত্রী আ (টাপ্), +ঈ (ঙীষ্) ; দ্র 'কি ৫.৩৩, মল্লিনাথ] **১** ঈশ্বরপত্নী, দুর্গা, গৌরী। 'ঈশ্বরঃ শঙ্করেঽধীশে তৎপত্ন্যামীশ্বরীশ্বরা (উ ৫.৫৭, টীকা)। "ঈশ্বরা কি ৫.৩৩। °রী শ্রী মা ৫২। ম পা ৯৯। ব.প ৪৩৫। ঈশ্বরীরে পরিচয় কহেন ঈশ্বরী ভা.চ ২৫৪ ; ৪২৭। **২** অধীশ্বর-পত্নী, রাজ্ঞী। "মহা ৩.২৭৯.৩৯। **৩** লক্ষ্মী সরস্বতী প্রভৃতি শক্তি (শ.ক)। "প্রসীদ অধম-সুতে কবির ঈশ্বরী স.শ ১১৮। **৪** বৃক্ষবিশেষ—নাকুলীকন্দ, রুদ্রজটা, লিঙ্গিনী। **৫** (বাঙ্লায়) প্রভুপত্নী, কর্ত্রী ঠাকুরাণী। "সবার ঈশ্বরী প্রায় ম ৩৮ ; একে সখী দেবযানী দ্বিতীয়ে ঈশ্বরী ৬৯। **৬** শ্রেষ্ঠা, প্রধানা। "তুমি কমলিনীশ্বরী ভা.চ ৩৪২। মধুকরীশ্বরী মা ১২৪।

ঈশ্বরনিষ্ঠ বিণ [স.ত] ঈশ্বরে শ্রদ্ধালু ; আস্তিক।

ঈশ্বরপ্রণিধান ক্লী [স.ত] **১** ঈশ্বরোপাসনা, ঈশ্বরভক্তি। "পা.দ ১.২৩। **২** পঞ্চ নিয়মের একতম ঈশ্বরভক্তি (বেদান্তসার)।

ঈশ্বরপ্রাপ্তি বি ঈশ্বরকে পাওয়া ; ঈশ্বরলাভ, মৃত্যু। "কৃষ্ণচন্দ্ররায়ের ঈশ্বরপ্রাপ্তি হইল কৃ.চ ৭৮।

ঈশ্বরবাদ পুং [ষ.ত] ঈশ্বরসম্বন্ধী বাদ ; তত্ত্বনির্ণয়াভিপ্রায়ে প্রমাণবিন্যাস ও প্রমাণখণ্ডন—এইরূপ কথাপ্রসঙ্গ। —বাদী (-দিন্) বিণ [°র+ √বদ্+ইন্ (ণিনি)-ক-১ব] ঈশ্বরে বিশ্বাসী ; আস্তিক।

ঈশ্বরবিভূতি স্ত্রী [ষ.ত] সংসারে অসামান্য তেজোবলশ্রীসম্পন্ন ভগবানের অংশ। দ্র 'গী ১০.২০-৪১।

ঈশ্বরবৃত্তি বি **১** দেবতার পূজাভোগাদির ব্যয়নির্ব্বাহার্থ গোলা-গঞ্জের মহাজন ব্যবসাদার প্রভৃতির নিকট হইতে সংগৃহীত অর্থ। **২** দেবসেবার্থ হাটে বা বাজারে বিক্রেতার নিকটে গৃহীত ফলমূলাদি দ্রব্য।

ঈশ্বরভাব পুং [ষ.ত] **১** ঈশ্বরত্ব, প্রভুত্ব, রাজকীয়ধর্ম্ম, আধিপত্য। **২** প্রভুশক্তিপ্রকাশন, নিয়মনশক্তি। "গী ১৮ ৪৩।

ঈশ্বরসাক্ষী (-ক্ষিন্) পুং [কর্ম্মধা] ঈশ্বরই সাক্ষাৎ দ্রষ্টা ; (বেদান্তিমতে) মায়োপহিত চৈতন্য (ত.বা)।

ঈশ্বরসাযুজ্য বি ঈশ্বরসম্বন্ধী সাযুজ্য ; ঈশ্বরে লীনভাব ; মুক্তিবিশেষ। "ব্রহ্মসাযুজ্য হৈতে ঈশ্বরসাযুজ্য ধিক্কার চৈ.চ ১০৭।

ঈশ্বরাধীন বিণ [ঈশ্বরে অধি (স ত)—ঈশ্বরাধি+ঈন (খ) স্বার্থে ; স্ত্রী -না] **১** দৈবাধীন, দৈবায়ত্ত। "ইহা ঈশ্বরাধীন কর্ম্ম ব.প ১৭৭৮। **২** নৃপায়ত্ত, রাজবশগত, রাজাধীন।

ঈষ[১] 'ষ্' বি [সং ঈষা ; অস ঈহ ; দ্র 'ঈশ[২] ; গু ঈস—খাটের বাজু (Side rafter)] লাঙ্গলদণ্ড। "লাঙ্গলের ঈষ যেন দন্ত দুই সারি শ্রী.ম ২২। শি ৭২।

ঈষ[২] '-ষ্' অব্য [ধ্বন্যাত্মক ; অস ঈস্, ঈহ] বিস্ময়ে। "মুখে মুখে ফুস-ফাস এ কি প্রেম ঈষ বি সু ৬৩।

ঈষৎ অব্য [√ঈষ্+অৎ (অতি)] **১** অল্প, কিঞ্চিৎ, কিছু, একটু। "ঈষদুষ্ণ, °কৃষ্ণ, °দর্শন, °পাণ্ডু, °পিঙ্গল, °প্রস্ফুরিতাধর, °হাস, °হাস্য। (সালম্) সুপুষ্পমীষৎ রা ৪.৮.১২। ঈষদবলোকনে৽ ছল ছল লোচন গো ১৫৬। ঈষদ্ হাসিনী ভা.চ ৪২৭। **২** অকৃচ্ছ্র, অল্পায়াস, সুখ। "°কর। ঈষৎপানঃ সোমো ভবতা (সি)। [ঈষৎ ঈষৎ—অল্প অল্প, মৃদু মৃদু। "ঈষদীষচ্চুম্বিতানি (শিরীষকুসুমানি) শ ১.৪। ন ৮২৯। °কর (বিণ) —অল্পায়াসসাধ্য, সুকর। "প্রতীকারহেতুরীষৎ-করঃ সাংখ্য ১। °পান (বিণ)—সুখপেয়। দ্র 'ঈষৎ (২)। °স্পৃষ্ট (বিণ)—অল্পস্পর্শযুক্ত। বর্গোচ্চারণে জিহ্বাগ্রাদি দ্বারা তালু-প্রভৃতির ঈষৎস্পর্শাত্মক (প্রযত্ন)। "পা ১.১.৯, সি। ঈষতে—অল্পে, অনায়াসে। "ঈষতে হরের ধনু, ভাঙ্গিলেন কৃ.উ ২৪১।]

ঈষ(স)ত, ঈষদ্ অব্য [সং ঈষৎ >প্রা ইসি ; হি ঈষদ্ ; অপ্র] অল্প, কিঞ্চিৎ। "ঠাকুর বোলে ঈষত হাসিয়া চৈ.ভা ১৭৮। ঈসত লীলাএ গ ১৯১। ঈসত কুঞ্চিত ভ.গ্র ৪৩৮। ঈষদ হাসিয়া ম ৫৭১। ঈষদ্ গোঁপের রেখা ভা.চ ৩৩৪।

ঈষদন্ত বিং [ঈষ[১]+দন্ত] সর্থ 'ঈষাদন্ত'। ম ৩৪৪।

ঈষদসমাপ্ত বিণ [ঈষৎ অসমাপ্ত, সুপ্সুপা] কিঞ্চিৎ অপূর্ণ, ঈষদূন। —সমাপ্তি স্ত্রী [কর্ম্মধা] কিঞ্চিৎ অপূর্ণতা ; ঈষদূনতা। "পা ৫.৩.৬৭।

ঈষদুষ্ণ বিণ [ঈষৎ উষ্ণ, সুপ্‌সুপা] অল্প উষ্ণ ; আতপ্ত, কদুষ্ণ, কুসুম-কুসুম। "ঈষদুষ্ণ সুপ দিল শি ৩২।

ঈষদূন বিণ [ঈষৎ উন, সুপ্‌সুপা] কিঞ্চিদূনান ; ঈষদসমাপ্ত, কিছুকম। "পা ৫.৩.৬৭, সি।

ঈষদ্‌বিবৃত বিণ [সুপ্‌সুপা] (ব্যাকরণে) বর্ণোচ্চারণে গলনালীর অল্পবিকাসাত্মক (প্রযত্ন)।

ঈষদ্রক্ত বিণ [ত পু] অল্প রক্ত ; আলোহিত, ফিকে লাল। —রক্ত পুং [কর্ম্মধা] অল্প রক্তবর্ণ ; অব্যক্তরাগ, ফিকে লাল রঙ।

ঈষা স্ত্রী [দ্র 'ঈশা' ; চন্দ্রগোমিমতে মূর্দ্ধন্যান্ত (অ টী) , ছান্দস] ১ সর্থ 'ঈশা'। ২ শকটের দীর্ঘ কাষ্ঠখণ্ড, গাড়ীর ফড়কাঠ (Pole of a carriage)। ৩ রথের অবয়ববিশেষ। "ঈষামন্তে…ন্যপাতয়ন্ মহা ৩.২৪০.৩০।

ঈষাদণ্ড পুং [কর্ম্মধা] ঈষারূপ দণ্ড , লাঙ্গলদণ্ড। "দন্তৌ দন্তিন…ঈষা-দণ্ডৌ মাঘ ১৮.৪৩।

ঈষাদন্ত বিণ [বহুব্রী, স্ত্রী -ন্তা, -ন্তী] যাহার দন্ত লাঙ্গলদণ্ডতুল্য ; মহাদন্ত, দীর্ঘদন্ত (গজ)। —দন্ত পুং মহাদন্ত গজ। "উৎক্ষিপ্যোচ্চৈঃ ঈষাদন্তঃ কুঞ্জরঃ শাত্রবীয়ম্ মাঘ ১৮.৩৮।

ঈষি(ষী)কা স্ত্রী [ঈষা+ক (কন্) সাদৃশ্যার্থে+স্ত্রী আ (টাপ্) ; √ঈষ্ উঞ্ছে+ঈক (কীকন্)+স্ত্রী আ (অ.টী)] ১ কাশদণ্ড, কাশের ডাঁটা ; কাশতৃণ। "মুষ্টি করি লইল ঈষিকা সবা করে ম ৯৮৪। ঈষীকামুঞ্জাটবী দেখ চৈ.ম ১৮২। ২ বীরণ (বেনা), শর-প্রভৃতির দণ্ড (ডাটা) ; বীরণাদিব শলাকা (শ.ক)। "শরেষীকা। দ্র 'ইষিকা (৩)। "ঈষীকায় তাহার গুহ্যেতে শূল দিল ম ১০২, ঈষীকা ঈষীকা জুড়ি হৈল দীর্ঘাকার ১৩০। ৩ শর, বাণ। ৪ অস্ত্রবিশেষ। ৫ তূলিকা, তুলী। ৬ হস্তীর অক্ষিগোলক। —ষিকা স্ত্রী [+ক স্বার্থে+স্ত্রী আ] ঈষা, লাঙ্গলদণ্ড। "ধবিয়া ঈষিকাবাড়ি প্রহারিল ভালে ম ৭২৭।

ঈহ সক [ভা. আ—ঈহতে ; সেট্] ১ ইচ্ছা, লিপ্সা। "সঃ…তস্যারাধন-মীহতে গী ৭২২ ; ১৬.১২। ঈহমান যাজ্ঞ ২.১১৬। ২ অর্জ্জন। "নেহেতার্থান্ প্রসঙ্গেন মনু ৪.১৫। ৩ করণ, ক্রিয়া। "তস্মান্ নেহেত বিস্তরম্ মনু ৩.১২৬। —হ অক, চেষ্টা। "ভট্টি ১.১১।

ঈহা স্ত্রী [√ঈহ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ চেষ্টা, উদ্যম। "ঈহয়ার্থো বিবর্দ্ধতে গো.রা ৩ ৪৩ ৩৮। ঈহার্থী মনু ২.৩৭ , ৯ ২০৫। মৃগথগেহা ভ ১০.১৮.১৪। ২ ইচ্ছা, লিপ্সা, অর্জ্জনেচ্ছা ; ক্রিয়া। "ধর্ম্মার্থং যস্য বিত্তেহা বরং তস্য নিরীহতা মহা ৩.২.৪৯ ; হি ১.১৯১। সদাপ্রোতীহয়া দুঃখম্ ভ ৭ ৭ ৪২। [ঈহয়া ইচ্ছয়া ক্রিয়য়া বা (টীকা)] ঈষৎ ঈক্ষণে ঈহা পুরাও আমার বা.দ ৮২। ৩ উৎসাহ। "মাঘ ২৮১। —হিত বিণ [+ত (ক্ত)-ক] ১ চেষ্টিত, কৃতোদ্যম। ২ [+ত-র্ম্ম] ইষ্ট, বাঞ্ছিত। —ত ক্লী [+ত -ভা] ১ চেষ্টা, উদ্যম, উদ্যোগ। "°লব্ধ মনু ৯.২০৮। কি ১.২০। ২ ইচ্ছা। ৩ চেষ্টিত, চরিত, কার্য্য। "স্মরন্তি …তবেহিতং জনাঃ ভ ১ ৮.৩৬। দুর্ব্বোধমিদং তবেহিতম্।—কি ১৮.৩১। ৪ অভীষ্টকার্য্য। "সাধয়েহিতমাত্মনঃ মহা ১.২৯.৩১।

ঈহাবৃক পুং [উ.লো] সর্থ 'ঈহামৃগ (১)।

ঈহামৃগ পুং [উ.লো] ১ ঈহাপ্রধান মৃগ ; কুক্কুর-প্রমাণ কপিলবর্ণ ব্যাঘ্রবিশেষ ; বৃক, কোক, ঘোগ বা নেকড়েবাঘ। ২ 'চেষ্টাকৃত মৃগ' ; কৃত্রিমমৃগ। ৩ মিশ্রবৃত্ত চতুরঙ্ক নাটকবিশেষ। 'সা.দ ৬.২৪৫ -২৪৯।

ঈহিনী বিং [ঈহা+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] যাহাতে ঈহা (ইচ্ছা) আছে ; অভিলাষের পাত্রী ; ইষ্টা, প্রিয়া। "ঈদৃশী তাদৃশী নহ ঈশান-ঈহিনী ভা.চ ৪২৭।

উ

উ১ পঞ্চম স্বরবর্ণ। [ইহার উচ্চারণস্থান উত্তরোষ্ঠ (উপরের ঠোঁট) এবং করণ অধরোষ্ঠ (নীচের ঠোঁট), অর্থাৎ 'উ'-কার উচ্চারণ করার সময়ে উত্তরোষ্ঠে অধরোষ্ঠের উপসংহার, অর্থাৎ ওষ্ঠদ্বয়ের সন্নিকর্ষ করিলে, যে ধ্বনি নির্গত হয়, তাহাই 'উ'-কার (তৈ ২.২৪ ; ৩১ ; ৬২)। 'উ'-কার দীর্ঘ (দ্বিমাত্রাবিশিষ্ট) হইলে, দীর্ঘ 'ঊ'-কার এবং ত্রিমাত্রাযুক্ত হইলে, প্লুত 'উ৩'-কার হয়, অর্থাৎ এক 'উ'-কারই মাত্রাভেদে তিনপ্রকার হয় এবং তদনুসারে সংস্কৃতে 'উ' 'ঊ' 'উ৩' এই তিন রূপে লিখিত হয়। এইরূপ মাত্রাভেদ থাকিলেও, এই ত্রিবিধ 'উ'-কার সবর্ণ। সংস্কৃতে হ্রস্ব দীর্ঘ প্লুত এবং সানুনাসিক নিরনুনাসিক ভেদে 'উ'-কার ষড়্‌বিধ। বাঙলায়ও 'উ'-কার ষড়্‌বিধ হইলেও, হ্রস্ব ও প্লুত 'উ'-কার উচ্চারণে সংস্কৃতেরই তুল্য, দীর্ঘ 'ঊ'-কার কেবল নামে ও লেখনে দীর্ঘ, উচ্চারণে হ্রস্ব ; সুতরাং 'মধু' 'বধূ' শব্দের 'উ'-কার ও 'ঊ'কার বাঙলায় উচ্চারণে হ্রস্ব। 'উ'-কারের প্লুত উচ্চারণ-বিষয়ে নিয়ম প্লুত অ-কারের ন্যায় (দ্র 'অ'১)।

উ২ পুং [√অত্+উ (ডু)-ক ; ছান্দস] ১ 'সর্ব্বত্রগামী', শিব। "উকারস্তু মহেশ্বরঃ (দ্র 'ওম্')। 'উ' শব্দে বুঝহ শিব ভা.চ ৫৭। ২ ব্রহ্মা। ৩ চন্দ্রমণ্ডল।

উ৩ ব্য ১ সম্বোধন। "উমেতি (উ+মা+ইতি) মাত্রা তপসো নিবিদ্ধা (সুমুগী) কু স ১.২৬। ২ কোপবচন। ৩ অনুকম্পা। ৪ অবধারণ। ৫ বিতর্ক। ৬ পাদপূরণ। ৭ প্রশ্ন। ৮ অঙ্গীকার। ৯ বিস্ময়। "ভ ১.১৫.৮। ১০ শ্রেষ্ঠতা। "ভ ২.২.২৬।

উ৪ সর্ব্ব, বিং [সং সঃ >লি, সো, প্রা 'ও' (ও বকুল ; ও পদু ; ও পাসাণ—পৈ), ওই (অমী—হে) >বা উ (হ্রস্ব) ; ফা—উ ; হি উং ; মৈ ও (Grierson), উ উঅ উ (G.H.) ; নেপালী—উ, ঊ ; মাগধী—উ (G.H.) ; প উহ, ওহ ; উ (দো) ; অপ্র] ও, ঐ, সে। "উ ভয় তোর মনে শ্রী.কী ২১১। উ-ও ছেলেক নৈল ময়না গো.চ ৪৯, টীকা। উ সব জ্ঞান শ্রী.মা ৭১। উ সব আচার চ.সা ২৫৪ ; উ মুখ, উ ধনী, উ গুণ ২৫৫। —সর্ব্ব উহা, ও। "উটি লজ্জাবতী লতা। —হেম ২৪৬। উটী কথার কথামাত্র পা.প্র ৩। [উ বেলি—অন্য বেলা ; বিকাল বেলা। "উ বেলি না জাইহ মথুরার হাটে ল। —শ্রী কী ৯২।]

উ৫ অব্য [সং অপি >প্রা লি, 'উ' (তু 'সোউ'—"সোঽপি, পৈ) ; হি ভী, উ, উ—নট নাগর মনি নংদললা উ (তুলসীদাস) ; প ও ; উ (সমুচ্চয়ার্থ)—তরু ছেব ভেবউ (তরু ছেদ ভেদ উ) ।—চ ৬৯] ১ সমুচ্চয়ার্থে, ও, এবং। "কেউ বা যোগায় জুতা শ্রীচরণে দুটী শ্রী.মা ৯৭। কেহ অম্বর ধরু, কেহু ধরু হার গো ৭৮। ২ সম্ভাবনা। "কাহারু দ্বারায় ব.প ১৬৮৯। ৩ নিশ্চয়ার্থে, ও। "শ্যামের মোহন, গুণের কারণ, লখিতে নারিবে কেহু চ.দা ৬৭। এত তেজ গোবিন্দ বিনু আর কারু নয় চৈ ম ৫৬। না শুনে কাহারু কথা প.র ১৮। তোমার কন্যার যোগ্য পাত্র কথু নাই ন.প ৪০৩। কাহারু পার হওনের সাহস হইল না ব.প ১৬৮৮। [কথু—কোথাও। কারু, কাহারু—কাহারও।]

উ৬ ক্রি-ক্তি [সং তু (লোট্) >প্রা উ (হে ৩.১৭৩)] ১ কর্ত্তৃবাচ্যে আদেশ-সূচক প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "পিঅউ (পিবতু), বসউ দো ১১৮। আইসু, এড়, করউ, থওউ, দেউ, ভুঞ্জু, হউ (শ্রী.কী)। ডাকউ : উদয় করু : হউ বি.প ২০৯। রহু ব্রাহ্মণ বচন ম ৩৪ ; দূত যাউ ৩০৩। খাউ ভ.গ্র ৪৮২। যে বলু সেবলু লোকে।—ব ১৯৯। হৈউ (হউক) ব.প ৯১ ; নিকশউ ১০২০ ; বহু (বহুক), চাষ চষু ১১৬৬।

হউ (প্রা হোউ) চৈ.ভা ৮২ ; যাউ ১৫৯। করু, ধরু নপ ৩৫৪ ; ঝরু, ভরু ৩৫৫। করু (করুন) চৈ.ম ৪২। [তু 'চলউ অ.প ২৭। দেউ (শ্রী.কী)]। ২ [মৈ 'উ'—করু, অর্থাৎ করে] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "কুচভয়ে কমল কোরক জলে মুদি রহু : শ্রীফল গগনে বাস করু বি.প ৮ ; মৃণাল পঙ্কে রহু ৯ ; ক্ষণে চলু মন্দ ৩৫। রহু, কহু চৈ.ম ৯। ভরু ব ২৪ ; ধরু ২৫ ; রহু ৩৬ ; সঞ্চরু ৩৭ ; করু ১২৯। যাউ, পাউ ব.প ৬৫০ ; ধরু, পড়ু ১০১৮ ; নখে লিখু ধরণী ১০৩০। ৩ [দ্র 'ও'৩] সর্ব 'ইহু'।

উ৭ [অপভ্রংশ প্রা উ (হে ৪ ৩২৯) ; তু 'সং রাক্, তা রাকু] ১ আদেশ-স্বর। "দাড়িম্ববীজু বি.প ২৭ ; আজুক ১৩৫। আজু শ্রী.ম ১২৫। দিসু, নিসু শ্রী.মা ১১০। তাকু, পিশুকু ব.প ৯০। (পূর্ব্ব 'উ'-অনুসারে 'উ') ভুরু, শুকুনা, উখুড়া, মুকুতা, উঁচু, কুচু (কুচ) গো.চ ৪৮১। (ওষ্ঠবর্ণের পরে 'উ') আপুনি, বাপু, বাবু, বিম্বু (বিম্ব)। ২ আদর-বাৎসল্য-সূচক আদেশ-স্বর। "জাদু, খুকু, কালু, নীলু, জগু, শিবু ইত্যাদি। ৩ অল্পার্থে আদেশ-স্বর। "একটু কাঠ, ঘা, জল, ঠাঁই ইত্যাদি। একটু থাকা, বকা ইত্যাদি। কচকচ—কুচকুচ ; খশখশ—খুশখুশ।

উঅল ক্রি [উদিল > উদ্দল > °ল, উয়ল ; দ্র 'অল' ; অপ্র] উদিত হইল। "শ্রীনবদ্বীপ নগরে। গিরি-কন্দরে। উঅল কেশরীরাজ' (পাঠান্তর) ব ১৭।

উআ১ সর্ব্ব [উহা > °আ ; অপ্র] ১ উহা, ও, সে (ব্যক্তি)। "উআক মাএর নাম গো.চ ২২৫ ; উআর মাথার উপর ২৬৯ ; উআরে ২৯৯। ২ উহা, তাহা (দ্রব্য)। "উআত পড়ি মইলে পুণ্য হয় বিস্তর গো.চ ২৬৭।

উআ২ প্র [দ্র 'উয়া'] তদ্‌যুক্ত, তদ্‌বিশিষ্ট। "জরুআ দেখিআ যেহ্ন রুচক আম্বল শ্রী কী ৪৯।

উই, উঁই বি [সং উপদীকা ; অস উঁই ; গু উধ(ধা)ঈ] কাষ্ঠাদিভক্ষক পিপীলিকাজাতীয় কীটবিশেষ। "ধরাতলে নরাধম খল আছে যারা। উই আর ইঁদুরের মত হয় তারা॥—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [উই-ধরা, উই-লাগা—উইএ-খাওয়া (দ্রব্য)।]

উইচারা বি [উই + চারা ; হি, ঠ চারা—পশুপক্ষীর খাদ্য কীটাদি ; অস উঁইচিলা—উঁইচিপি] উইখাদ্য, উইরূপ চার (Bait)। "উইচারা খাই পশু নামেতে ভালুক ক.চ ৫৪।

উইচিংড়া, -ড়ি, উচ্চিঙ্গড়া বি [সং উচ্চিঙ্গট ; হি উচরংগ ; অস উচুঙ্গা] ষট্‌পদী পতঙ্গবিশেষ ; উড়চুঙ্গা (Grasshopper)। "ঝিঁঝি-পোকা ও উইচিংড়িরা প্রাণপণে ডাকচে হু ১০ ; ২১২।

উইঢিপি, -ঢিবি বি উইপোকার কৃত মৃত্তিকাস্তূপ ; বল্মীক (Ant-hill)।

উইল১ ক্রি [উদিল > °ল ; অপ্র] উদিত হইল ; উঠিল। "উইল সুরুজমণ্ডলে শ্রী.কী ৬০।

উইল২ 'ল্' বি [E. Will] মৃত্যুর পরে কোন ব্যক্তির স্থাবর ও অস্থাবর সম্পত্তি কিরূপে বিভক্ত বা ব্যয়িত হইবে, তদ্বিষয়ে তাঁহার লিখিত ইচ্ছাপত্র। "তিনি···উইল করিয়া,···সম্পত্তির যে অর্দ্ধাংশ··· তাহা গোবিন্দলালকে দিয়া যাইবার ইচ্ছা করিলেন ব.প্র ২৫৫।

উঃ অব্য [ধ্বন্যাত্মক] ১ বেদনামাত্রবোধে, যন্ত্রণাবোধে। "অধিক অবুঝা, পিটভরা কুঁজা, শুতে গেলে করে উঃ!—শ্রী ৯২। উঃ, বড় লেগেছে! উঃ, বড় ব্যথা! ইত্যাদি। ২ ভয়ে। "উঃ! কি ভয়ঙ্কর তুফান, কি ভয়ঙ্কর গর্জ্জন!—গি.দ্বি ১১০। ৩ [হি উফ] বিস্ময়ে। "উঃ! এত কষ্টেও ধার্ম্মিকের ধর্ম্ম বিচলিত হয় না!—অ.প্র ২৩। ৪ বিষাদে, শোকে, দুঃখে। "মা বল্লেন, 'উঃ, কি পাষাণ প্রাণ, স্নেহ মায়া কিছু কি নেই ঘটে?—প.কা ৩৮। ৫ উৎকণ্ঠায়। "উঃ! কি করি? তারও প্রাণ এমনি হচ্চে, স্ত্রীলোক কি করবে? গি.দ্বি—১১০। ৬ সরোষ উপহাসে। "হেম।—নোট দিয়ে যাও!—কার্ নোট? শারদা।—আমার নোট! হেম।—উঃ, নবাবপুত্তুর!—লী ৪১।

উঁ১ অব্য [সং উম্ > প্রা উং (প্রা.স ৮.৬) > বা উঁ ; হি উঁ] ১ রোষে। "উঁ! বটে, ছোট মুখে বড় কথা! ২ স্বীকারে, হুঁ। ৩ বেদনাবোধে, যন্ত্রণাবোধে। "এখন কেন করছ বাপু উঁ উঁ উঁ,—কোনখানে লেগেছে বাবা, দিই একটু ফুঁ!—গান ১৮। ৪ ক্ষীণক্রন্দনস্বরে। ৫ [ড় 'অঁ'] ক্ষীণস্বরে উত্তরদানে (Response to a call)। ৬ অগ্রাহ্যবোধে, অবজ্ঞায়। ৭ বিস্ময়ে। "উঁ! সে জেনে শুনে মিছে কথা ব'ল্লে!

উঁ২ ক্রি.বি [সং মি (লট্-মিপ্) > অপভ্রংশ প্রা উং (হে ৪ ৩৩৮) > বা উ ; দ্র 'ও'৩ ; হি উঁ—করউঁ (C. G. § 503) ; অপ্র] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "তার এক কথা পাউঁ মনের বাসনা ভ.গ্র ৭৮। [তু 'করিউ, -উ (করি) শ্রী.কী।]

উঁআ, উঙা১ সর্ব্ব [উহা > উঁআ, -ঙা ; অপ্র] উনি, ওঁ। "উঁআর কোন জন : উঁআর হুকুমে গেনু গো.চ ২২২ ; উঙার দ্যাশে (দেশে) ১৫৪।

উঁই ; উঁইঢিবি দ্র 'উই ; উইঢিপি'।

উঁকি, -কী, উকি৩ বি [উগি > উকি, উঁকি ; হি ঝাক] আড়ালে থাকিয়া দেখার নিমিত্ত মুখ বাড়ান বা মুখ বাহির করা। "ঝরকাতে উকি মারি লাগিল দেখিতে ভ.গ্র ২৪০। কপাটের আড়ে থাকি উকি দিয়া চায় ম.ভা ৩৫ ; ৩৬। দীন চক্ষে আহা উঁকি মারে ওই অ.গু ৮৩। রাজার ছেলের আবডালেতে উকি মারবো ভাই।—হেম ৩৮৬। গার্ড গাড়ীর কাছে এসে উঁকী মাচ্চেন হু ২৩১। [উকি দেওয়া, মারা—আড়ালে থাকিয়া দেখার নিমিত্ত মুখ বাড়ান।]

উঁকিঝুঁকি, উকিঝুকি বি [উকি > ঝুকি (অনু.শব্দ) ; হি ঝাঁকাঝুঁকি] আড়ালে থাকিয়া এদিকে ওদিকে মুখ বাড়ান। "আড়ালে থাকিয়া কপি উকিঝুকি মারে (ক.চ)। কে যায় কে যায় অই উঁকিঝুঁকি চেয়ে।—হেম ৩৮৯।

উঁচ, -চু 'চো' বিং [সং উচ্চ > প্রা উংচ > বা উঁচ, উঁচু (দ্র 'উ'৭) ; হি উঁচ ; ঠ উংচ ; গু উংচ,-চু ; মৈ উংচ] ১ উন্নত। "উঁচ হ'য়ে রহিল কঠিন কুচ দুটি শি ১০৯। আমাদের দারিদ্র্যই অন্য লোকের ধনের চেয়ে মানে উঁচু করিয়াছে গ.স ৯০। ২ উদ্ধত, কড়া, চড়া (কথা)। "নীচু বিনা উঁচু দিকে জল কভু যায় না। সেরূপ স্বভাব তার, বিনয় আছয়ে যার, হেটমুখে চলে পথে উঁচু কথা কয় না।—মনোমোহন বসু। ববং দুকথা শুনো, তবু কারুকে উঁচু কথা বোলো না।—গিরিশচন্দ্র ঘোষ। ৩ উদার, উন্নত (মন)। ৪ অসঙ্কীর্ণ, প্রশস্ত, বড় (নজর)। [উঁচু নজর—উচ্চ দৃষ্টি ; প্রশস্ত মন। উঁচু নজরে চাওয়া—মুখ তুলিয়া দেখা। উঁচুনীচু (মৈ উংচ নীচ)—১ উন্নত ও নিম্ন ; অসমান। "বক্রেশ্বর জল উঁচুনীচু বলনের শিরোমণি আ.দু ৪১। ২ ছোট বড় ; ইতর ভদ্র। উঁচু মুখ নীচু হওয়া—গৌরবে উচ্চ মাথা কুকার্য্যে নীচ হওয়া ; নামের গৌরব নষ্ট হওয়া। উঁচু পীঁড়ি—উচ্চাসন ; (গৌণার্থে) অতিগৌরব, মহাসমাদর। শত্তুরকে উঁচু পীঁড়ি দেওয়া—শত্রুকে উচ্চাসনে বসান, অর্থাৎ অতিগৌরবান্বিত করা।]

উঁ(উ)চকপালী বিং, স্ত্রীলিঙ্গ [উঁচকপাল + স্ত্রী ঈ৬ ; সং উচ্চললাটা, -টিকা] যে নারীর কপাল উচ্চ ; ঢিব-কপালী। "উচকপালী মেয়ে··· হইলে পতির অমঙ্গল ঘটে দা ৯১৭।

উঁচলা, ওঁচলা সর্ব্ব [সং উৎ + √চালি—উচ্চালি ; হি √উচাড়, -ল (সং উৎ + √চাটি)] উচ্চালিত করা ; পৃথক্ করা ; চাউল কলায়

প্রভৃতি তুষ ভুষি হইতে ঝাড়া ; পাছড়ান। [উঁ(ওঁ)-চলান—ঝাড়িয়া পৃথক্ করা ; ঝাড়া।]

উঁচা[1], **উচা** বিং [উঁচ>উচা; প্রা উচ্চা (প্রাম)>বা উচা; হি উংচা; উঁচা(চ)] উচ্চ, উন্নত। "বুক উচা ব.প ২৪৯ ; কোন দিকে উচা জল নীচ কোন দিগে ১৮৫৫। চৌদিকে প্রাচীর উচা ভা.চ ২৮১। শিখী যথা কেকাভাষী, সন্ধ্যাকালে বসে আসি, আনন্দেতে উঁচা করি ঘাড়।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

উঁচা[2] সর্ম্ম [উঁচা[1]> √উঁচা, দ্র 'আ'; হি √উঁচা ; ঠ—উংচারি ; গু উংচল] ১ উচ্চ করা ; আঘাত করিবার নিমিত্ত অস্ত্রদণ্ডাদি উত্তোলিত বা উদ্যত করা ; উঁচান। ২ উচ্চে যাওয়া ; অতিক্রম বা অগ্রাহ্য করা। "বাপ মাকে উঁচাইয়া কাজ করা ছেলের উচিত নয়।

উঁধা বিং [সং ঊর্দ্ধ>প্রা উদ্ধ, * উংধ>বা উঁধা] উচ্চ, উঁচা, আলগ। [উঁধা করিয়া লওয়া—মাটিতে না লাগে এরূপভাবে লওয়া।]

উঁধিপোকা বি 'ঊর্দ্ধগামী পোকা', পক্ষযুক্ত পিপীলিকা বা উঁইপোকা, উড়ুক্ক পিঁপড়ে বা উঁই।

উঁহা সর্ব্ব [সং অসৌ>প্রা অই ; হি রহ ; ভোজপুরী—উহাং, উন্‌হাং] উনি। "উহায় আমায় শিব কিসের সম্বন্ধ ম ২৪৩। উইঁার (অসাধু)—উঁহার (সাধু)। "উইঁার নাম চ.সা ১১৩ ; ১২২।]

উঁহু, -হুঁ, উহুঁ অব্য [ধ্বন্যাত্মক ; প্রা হুং (নিবারণে—হে) ; হি উঁহ, উঁহুঁ, উঁহূঁ ; মৈ হোঁ—Stop] ১ নিষেধে, নিবারণে। "রাণী বলে উঁহু না না কি কর হে নাথ শ্রী ৪১। বেণীবাবু উহুঁ উহুঁ করত চোক টিপিতে লাগিলেন আ.দু ১৬। ২ অস্বীকারে, অসম্মতিতে। "পুচ্ছস্পর্শী কহিল উহুঁ, এমন নয়, গোলাঙ্গুলাকার হস্তী ব প ১৭০৭। বিমলা কহিলেন, উঁহু, ইহার এক গোপন কথা আছে ব.প্র ৪৫। ৩ বেদনাবোধ হেতু নিবারণে।

উক[1], **-কা** '-কো' বি [সং উল্কা>লি, প্রা উক্কা>বা উক, -কা ; হি উক, লূকা ; মৈ উক্কা, উক—মশাল ; সি লূক] ১ স্ফুলিঙ্গ, অগ্নিকণা, চুল্লী প্রভৃতি হইতে উদ্গত অগ্নিকণা। ২ জ্বলন্ত অঙ্গার ; আগুন। "উকা তুলে দিল হস্তের উপর।—ব.প ৪২। ৩ অস্ত্রাদি ঘষার জন্য ইস্পাতের খাদ-কাটা যন্ত্রবিশেষ (Rasp)। [ঘষার সময়ে উকা উড়ার জন্য ঐরূপ নামকরণ।] [উকান—অস্ত্রাদি উকা দিয়া ঘষা বা ঘষিয়া ধার করা।]

উক[2] বি [সং ইক্ষু>লি, প্রা উচ্ছু ; হি উখা ; মৈ উখি ; অপ্র] ইক্ষুখণ্ড। "ঘট ভাঙ্গি ফুল ছিটে উক কলা খায় বা.ম ৮৫।

উক[3] প্র [সং উক (উকঞ্)—ঘাতুক, কামুক ; মৈ মারুক—কলহপ্রিয়] কর্ত্তৃবাচ্যে তাচ্ছীল্যার্থক প্রত্যয়। "নিন্দুক। মিশুক, লাজুক, (অনুকরণে) মিথ্যুক।

উক[4] ক্রি.ক্তি [উঙ+স্বার্থে] কর্ত্তৃবাচ্যে অনুজ্ঞায় প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "আছউক মনুষ্য দেবে রাখিতে নারন্ত অ.প ৮ ; চাহউক ১৪ ; উঠ উক ২১ ; থাউক, সম্ভাসউক ২২ ; নিস্বরউক (নিঃসরউক) ৩১ ; ধরউক ৪৫। করুক (করুন) চ.বি ১৯৩। জীবুক কৃ.উ ১৯৪। হউক (হউন) কৃ ২৪৯। জাউক ম.পা ২৪ ; বঞ্চউক ১৬৪। করউক গ ২৬ ; ঘুচউক ৭৮। বাড়উক গো.বি ৫১। থাউক, লাগুক নিউক, ভাঙ্গুক ম.ম ১০। শুনাউক ব.প ৩৩ ; জানাউক ৫৮১। করিউক ম.বি ৩৭ ; বুঝাউক ২২৪। —কেন [উক+এন] কর্ত্তৃবাচ্যে অনুজ্ঞায় প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "থাউকেন (থাকুন) অ.প ১৪। [তু 'উকা'—তিনি দেউকা মন বি.পা ৩৫৫ ; কল্যাণ করুকা চক্রপাণি ৩৬১। 'উক'—"নিস্বরউক, করউক, আইসউক অ.প ৩১ ; শরণে পৈসউক ৪৫। দেউক (শ্রী.কী)। 'ওক' (অ+উক)—"নিস্বরৌক (নিঃসর-উক), নিস্বরৌক অ.প ৩১ ; করৌক ৪৫, টীকা। 'উগ'—"আসুগ ভরত ভাই কৃ.অ ২৭। 'কু'—"ককু (কহুক) শ্রী.ম্য ৩৮। দেকু (দেউক) ক.চ ২৮১।]

উকট, -ড়, উটক, -কা সর্ম্ম [সং উৎ- √কৃষ্>লি, প্রা √উক্কড্ঢ>বা √উকড়, -ট ; (অপ্র) ; √উটক (বর্ণ-বিপর্য্যয়) ; হি √উকট, -টা—To draw out ; ঠ √উকট—To turn (a cake on the frying pan)] ১ উৎকর্ষণ করা ; টানিয়া বাহির করা। "এক পাঁজা এলুয়া খড় আনিল উকড়িয়া গো.চ ৩৬। ২ অন্বেষণার্থ নীচের জিনিশ উপরে টানা। উলট পালট করা ; ঘাঁটিয়া ঘুঁটিয়া দেখা ; তন্ন তন্ন করিয়া খোঁজা, উটকান। "ভস্ম উকটিয়া সভে দেখিল সকল ম ১৫১। বন ডাল উটকিল করি পাতি পাতি কৃ ১৮২। ঝোপঝাড়, 'উকটে' (পাঠান্তর 'উটকে') গহন ক.চ ৫৭, উকটিয়া ঝোপঝাড়··· পাইল বাঘের দরশন ৭৬ ; উকটে মূষিক ধুলি : উকটিল ধুলি ২৭৭। ঘরে ঘরে উটকিল ব.প ১১০৯। বনে উকটিয়া ম ৪৪২। বনে বনে উকটিয়া জ্ঞা ৩৮। দেশে দেশে উকটিয়া চৈ.ম ১৬৫, টীকা। মাগয়ে মুরলী, উকটে কাঁচলি রা.শে ৬২। [উটক(কা)ন—তন্ন তন্ন করিয়া খোঁজা।]

উক(খ)ড়া, উখুড়া বি [হি উখড়া, ড় উখুড়া ; তু 'হি উখ (ইক্ষু) ; ঠ উকড—পুলি-প্রভৃতির নিমিত্ত সিদ্ধ তণ্ডুলচূর্ণ ; উখড়া (দিনাজপুর, নাটোর) ; উফরা (ঢাকা)] ঘৃতে ভাজা, চিনির রসে পাক-করা ও কর্পূরাদিবাসিত শালিধান্যের খৈএর শুকনা মুড়কি। 'শালিধান্যের খৈ পুন ঘৃতেতে ভাজিয়া। চিনিপাকে উখড়া কৈল কর্পূরাদি দিয়া॥—চৈ.চ ৩১২। রাজা···উখুড়া আনাইল ব.প ১২০১।

উক(খ)ড়ি বি ['উক(খ)লি'—মূল : উড় (মালদহ)] ছোট ওকড়া ; তৈলাদি তোলার নিমিত্ত সচ্ছিদ্র তালের বা নারিকেলের মালায় বাঁশের ডাণ্ডা-দেওয়া ছোট হাতাবিশেষ। তু 'উড়কি'। "তেলের দুধের উকড়ি।

উকশা, উশকা সর্ম্ম [সং উৎ+ √কাশি ; হি √উকসা>উসকা] ১ উৎকাশিত করা ; প্রদীপের পলিতা মুখের দিকে বাড়াইয়া দেওয়া। ২ বিবাদাদিতে উত্তেজিত বা উৎসাহিত করা। ৩ অগ্নি উদ্দীপিত বা খুঁচাইয়া উজ্জ্বল করা। [উশকান—সর্থ 'উকশা'।]

উকস অর্ম্ম [সং উৎ+ √কাশ্ ; হি √উকস ; অপ্র] উৎকাশিত বা উদ্গত হওয়া ; খাড়া হওয়া, উঠা। "অঙ্গে রোমাবলি, উকসি উঠিছে ভ.গ্র ৩৯৫।

উকা, উকান দ্র 'উক[1]'।

উকাড় সর্ম্ম [√উকড় > √°ড় ; অপ্র] উৎকর্ষণ বা উৎপাটন করা ; উপড়ান। "আর কত ফুলের গাছ নিলে উকাড়িয়া গো.চ ২২০।

উকার পুং [উ কার, কর্ম্মধা] 'উ' এই বর্ণ ; উবর্ণ।

উ(ও)কালতী বি [আ রকালত,] উকীলের কার্য্য বা ব্যবসায় ; ব্যবহারে পক্ষাবলম্বনপূর্ব্বক তদনুকূল যুক্তিপ্রদর্শন।

উ(ও)কালৎনামা বি [আ রকালত্+নামা] ব্যবহারে (অভিযোগে) বাদীর বা প্রতিবাদীর প্রতিনিধিরূপে পক্ষাবলম্বনপূর্ব্বক কার্য্য করার নিয়োগপত্র। "যখন তুমি তাহার ওকালৎনামায় স্বাক্ষর করিয়াছ, তখন সে কর্ম্ম পাইয়া ব.সিয়া রহিয়াছ য ১৩।

উকি[1], **-কী, উক্কি** [বি ধ্বন্যাত্মক ; সং হিক্কা ; হি উচকী] ১ হিক্কা, হেচকি। "উঠে উক্কি উপাড়িয়ে নাড়ী সমুদায়।—সুরধুনীকাব্য। উকী।—হু ১২৯। ২ [হি ওকাঈ] বমনেচ্ছা হেতু 'উক' এই ধ্বনি ; ওক-তোলা। "মাথা ঘোরে উকি তোলে ই কি অলক্ষণ বি সু ৭২। [উকি উঠা—হিক্কা উঠা। উকি তোলা—বমনেচ্ছায় 'ওয়াক ওয়াক' করা।]

উকি[2] বি [উক-কা+ই[১১]] ১ অগ্নিকণা, স্ফুলিঙ্গ। ২ আগুন। "আসিয়া মদন, দেয় কদর্থন, অন্তরে উঠয়ে উকি চ.সা ১৫২। [উকি উঠা—হাপর চুল্লী প্রভৃতি হইতে অগ্নিকণা উঠা।]

উকি³ ; উকিঝুঁকি দ্র 'উঁকি ; উঁকিঝুঁকি'।

উকি(কী)ল বি [আ রকীল্ ; E. Vakil] ১ মুসলমানদিগের বিবাহে সামাজিক কার্য্যনির্ব্বাহার্থ ক্ষমতাপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তি। ২ রাজকার্য্যার্থে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (Agent)। "ঢাকার নবাব তথা পাঠায়ে উকীল। ডঙ্কা দিয়া বাগোয়ানে হইলা দাখিল॥—ভা.চ ৫২৩। ৩ প্রতিনিধি, মুখপাত্র (Spokesman)। "সভার উকীল হ'য়ে বলে রামকুণ্ড।—ক.চ ১৮০। ৪ আদালতে বাদীর বা প্রতিবাদীর প্রতিনিধিরূপে ব্যবহারকার্য্য-নির্ব্বাহক। "আমার কর্ত্তাটি দেখ সরকারি উকীল। মুখুয্যের সিনিয়র্ উকীল সিবিল॥—হেম ৩৮৭। শুষ্ক—যেন উকিলের চিঠি।—মন্দ্র ৩৪। ৫ দূত। "উকীলকে কহিল, সৈন্য সাজ্যা কেন আইল, এই কথা বল যাইয়া তারে ব.প ১৪২৩,-৪ ; উকিল মুখে ১৬৪৪,-৫। [উকীলখরচা—উকীলের ফি।]

উকুণ, -ন বি [সং উৎকুণ > প্রা* উক্কুণ > বা উকুণ, -ন ; হি উড়্স ; ঠ ঢেংকূণ—ছারপোকা] কেশকীটবিশেষ। "উকুন ডালি ডালি গো.চ ১৮০। উকুন নিকি করে ইলিবিলি।—ভা.চ ২১০। শকুন, শিয়রে বসি, বাছিবে উকুন স্ব.প্র ১৩৯। [সংস্কৃত কোষে 'উকুণ' সংস্কৃত বলিয়া ধৃত হইয়াছে (দ্র 'M.W.')।] [উকুনে মাথা—উকুনভরা মাথা। °চাঁদা—ক্ষুদ্র চাঁদা মৎস্যবিশেষ।]

উক্ত বিণ [√বচ্+ত (ক্ত)-ম্ম ; Av. ukhta] ১ কথিত ভাষিত, অভিহিত। ২ উচ্চারিত। বিপ 'অনুমিত'। "অর্দ্ধোক্ত উ.চ ১৪/৫। আম্রেড়িতং দ্বিস্ত্রিরুক্তম্ (অ.কো)। ৩ প্রেরিত, প্রবর্ত্তিত। "অসাবস্মুক্তোঽপি সহায় এব কু.স ৩.২১। —ক্ত ক্লী ১ কথিত কর্ম্ম। "গী ১৬.২৪। ২ কথিত বাক্যাদি। ৩ একাক্ষরপাদ ছন্দোবিশেষ। ৪ [+ত-ভা] বচন, কথন।

উক্তপুংস্ক বিণ দ্র 'ভাষিতপুংস্ক'।

উক্তপূর্ব্ব বিণ [সুপ্সুপা, পূর্ব্বনিপাত] পূর্ব্বে কথিত ; প্রাগুক্ত। "অনৃতং নোক্তপূর্ব্বং মে।—রা ১.৫৮.১৯।

উক্তপ্রত্যুক্ত ক্লী [স.দ্ব ; বৈদিক] বচন ও প্রতিবচন ; সংবাদ, সম্ভাষা, কথোপকথন।

উক্তি স্ত্রী [√বচ্+তি (ক্তিন্)-ভা] ১ কথন, বচন, ভাষণ। "ঋতোক্তি মনু ৮.১০৪। পাটবং সংস্কৃতোক্তিষু।—হি ২ (কথারম্ভ)। ২ [+তি-র্ম্ম] বাক্য, বচন। "চাটূক্তি, বক্রোক্তি, সমাপ্তোক্তি (S.W.)। কপ্রীতিঃ ক চ তে উক্তিঃ গো.রা ৩.১৯.৪৮। আর এক উক্তি কই অর্থ করি ধর।—শ্রী.মা ১২। মুক্তিলাভ উক্তি উক্ত বেদে বি.সু ১৫৩। ৩ শব্দ। "কি ৩.৪৮। ৪ ভাষা। "নাটোক্তৌ গণিকাজ্জুকা (অ.কো)।

উক্থ ক্লী [√বচ্+থ (থক্)-র্ম্ম, উ ২.৭ ; ছান্দস] ১ স্তোত্র, স্তব। ২ সামবিশেষ ; (লক্ষণায়) সামলক্ষণগ্রন্থবিশেষ, সামবেদ। "পা ৪.২.৬০, সি। ৩ উক্থসাধ্য যাগ। ৪ [+থ-ণ] প্রাণ। "ভ ১.১৫.৬। —থ পুং অগ্নিবিশেষ। 'মহা ৩.২১৮.২৫। —থা স্ত্রী একাক্ষরপাদ ছন্দোবিশেষ।

উক্ষ্ সক [ভ্বা, প—উক্ষতি ; সেট্ ; Av. ukhsh] সেচন, বর্ষণ, আর্দ্রীকরণ। "উক্ষতি বৃক্ষং মেঘঃ (ক.ক)। [অভি—অভ্যুক্ষণ, সেচন। "শিরসি শকুন্তলামভ্যুক্ষ্য শ ৩২/২২। নিস্—নিঃশেষে সেচন। প্র—প্রোক্ষণে, উত্তান হস্তে সেচন।]

উক্ষ বিণ [√উক্ষ্+অ (অচ্)-ক ; স্ত্রী -ক্ষা] ১ উক্ষক, সেচক। ২ [উক্ষা+অ (অচ্) অস্ত্যর্থে] উক্ষাযুক্ত, সেকবান্, সিক্ত। "উক্ষান্ প্রচক্রুর্নগরস্য মার্গান্ ভট্টি ৩.৫। —ক্ষণ ক্লী [+অন (ল্যুট্) -ভা] সেচন, প্রোক্ষণ। "মন্ত্রোক্ষণজ রঘু ৫.২৭। —ক্ষা (-ক্ষন্) পুং [+অন্ (কনি)-ক-১ব, উ ১.১৫৬ ; ছান্দস ; Av. ukhshan ; Goth—auhsa ; T. oxa ; Dutch—os ; Ger. ochse ; Armenian—esn ; E. ox, oxen (plural)] ১ 'সেচক, বর্ষক', তরুণ বৃষ ; বৃষ। "উক্ষাণসন্নিধি রা ২.৩২.৩৮। কু.স ৭.৭০। ২ (নামসাম্যে) ঋষভনামক ওষধি। [সমাসে 'উক্ষন্' > উক্ষ—জাতোক্ষ, বৃদ্ধোক্ষ, মহোক্ষ (পা ৫.৪.৭৭)।] —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম ; ছান্দস] সিক্ত, আর্দ্রীকৃত। "শোণিত° রা ২.৯৬.২৯। °শিখণ্ডক রঘু ১১.৫ ; চন্দন° ২০। বারিকণ° ক.ম ৪.৭।

উক্ষতর পুং [উক্ষন্+তর (ষ্টরচ্) 'তনুত্ব' অর্থে, পা ৫.৩.৯১] ১ তনুত্বপ্রাপ্ত উক্ষা ; তৃতীয়বয়ঃপ্রাপ্ত বৃষভ (তনুত্বং তৃতীয়বয়ঃপ্রাপ্তিঃ—কাশিকা) ; মহাবৃষ, মহোক্ষ (অ.চি)। "মাঘ ১২.১০। ২ অপ্রাপ্তবাহনাবস্থ বৃষ (ত.বা)।

উখড় অর্ম্ম [সং উৎ+ √স্খল্ > প্রা* √উক্খল (উৎ-খল) > বা √উখল, -ড় ; হি, মৈ √উখড় ; ঠ √উখড (সর্ম্ম) ; অপ্র] ১ উৎস্খলিত হওয়া ; ভ্রষ্ট হওয়া ; খুলিয়া পড়া। "মণি উখড়িল হের ব.প ৭৯৩ ; ৮০০। ২ প্রতিহত হওয়া ; স্খলিত হওয়া ; ছিটকাইয়া বা ঠিকরাইয়া পড়া। "ক্রুদ্ধ হ'য়ে পাষ্টি রাজা ফেলে রাজপাটে। উখড়িয়া পড়ে পাষ্টি কঙ্কের ললাটে॥—ম.বি ২১৪। ঠেকি দানাগায়, উখড়িয়া যায়, পুষ্পের যেমত মালা (ক.চ)। বাণ উখড়িয়া পড়ে কৃ ৪৭৫। ৩ স্খলিত হওয়া ; সরিয়া যাওয়া। "পদ উখড়িয়া পড়ে কৃ ৩৭৯।

উখড়া ; উখড়ি দ্র 'উকড়া ; উকড়ি'।

উখর¹ বিং [অস ওখ ; অপ্র] উচ্চ। "উখর দন্ত বি.পা ২৫৬।

উখর² সর্ম্ম [সং উৎ- √খণ্ড্ > প্রা √উক্খণ্ড (প্রা.ম) > বা উখড়, -র ; হি, মৈ √উখাড় ; অপ্র] উৎখণ্ডিত করা ; উপড়ান। "একটা বিন্নার খোপ আনেন উখরিয়া গো.চ ৭।

উখলি বি [সং উলূখল > প্রা ওক্খল (হে) > বা (ওখল, —লি) উখলি ; হি উ(ও)খলী ; ঠ উখল., -লী ; জাটু—উখলী ; মৈ উখর, -রি ; অস উখলী ; নাটোর—উখোল] ধান্যাদি নিস্তুষ করার নিমিত্ত গর্ত্ত-কাটা বা গড়-করা কাষ্ঠখণ্ড ; উদূখল।

উখা স্ত্রী [উখ্ গতি+অ (ঘঞর্থে ক)-ধি+স্ত্রী আ (টাপ্) ; ছান্দস] 'পাকদ্রব্য যেখানে যায়' (অ টী) ; পাকপাত্র, স্থালী, হাঁড়ি। ২ যজ্ঞীয় অগ্নিকুণ্ড (A.)। —খ্য বিণ উখায় সংস্কৃত ; স্থালীপক্ক (মাংসাদি)। "পা ৪.২.১৭। ভট্টি ৪.৯।

উখাড়¹ সর্ম্ম [সং উৎ+ √খন্, √খালি (চালন) > প্রা √উক্খাল (প্রা.ম) > বা (√উখাল) > √উখাড় ; হি, মৈ √উখাড় ; ঠ √উকড ; ড় √উকার ; অপ্র] ১ উচ্চালিত করা ; কম্পিত করা। "তরু উপাড়িয়া, গিরি উখাড়িয়া, কৈল প্রলয়ের ঝড় ভা.চ ৭৩। ২ উৎখাত করা, খনন করা। "(দিয়াছ তুমি) অন্ধ খনিগর্ভ উখাড়িয়া৹ সমুজ্জ্বল হীরা। —মন্দ্র ৫০। ৩ উচ্চালিত বা লক্ষ্যভ্রষ্ট করা ; ব্যাহত বা প্রতিহত করা। "যমের দোসর শেল বাণেতে (বাণে না ?) উখাড়ে কৃ ২৭৩।

উখাড়² অর্ম্ম [√উখড় > °ড় ; অপ্র] উৎস্খলিত হওয়া ; প্রতিঘাতে স্খলিতপদ হওয়া। "পাইয়া ঘা, উখাড়িয়া পড়ে ভূমিতলে শ্রী.ম ২৫২। উখাড়িয়া পড়ে ঘোড়া (কৃ)।

উখুড় অর্ম্ম [√উখড় > °ড় ; অপ্র] উঠিয়া যাওয়া ; ভাঙ্গিয়া যাওয়া। "হাট উখুড়িবে প্রচুর ভৈল বেলা শ্রী কী ১৫৬।

উখুন বি ['উৎক্ষেপণী'—মূল ; অস ওখোন ; গ্রাম্য 'উকুনে'] ধান্যাদি শস্য হইতে পল খড় প্রভৃতি উৎক্ষেপণের (তুলিয়া ফেলার) নিমিত্ত বক্রাগ্র লোহার শিক্ বা তাদৃশ শিক্-বাঁধা বংশদণ্ড। "দা উখুন পাশী : অষ্ট মোণের উখুন শি ৭১। [°দাঁড়া, °বাড়ি—উখুনদণ্ড।]

উগ¹ বিং [সং উগ্র > প্রা উগ্গ > বা উগ ; বৈষ্ণবসাহিত্যে] প্রচণ্ড, প্রখর। "হিমকর উগ হতে দিনকরতেজ জ্ঞা ২৭৫।

উগ[২] অর্ম্ম [সং উৎ+ √গম্ >প্রা √উগ্‌গ, √উগ (প্রা.ম) >বা √উগ ; হি √উগ, √উগা (প্রকট করা), √উগ ; মৈ √উগ, √উগ—উ(উ)গল, উ(উ)গি] ১ উদ্গত হওয়া ; উদিত হওয়া ; উঠা। "দমনা মাঝ উগল জনি চন্দা বি.সা ১১ ; একসর উগ চন্দা ২৬৯ ; অরুন…উগি গেলা ২৮০। ২ উড্ডীন হওয়া ; উড়া। "উগল দউ সারঙ্গ কেলি করলি মধুপানে (বি.প)। ৩ উপস্থিত হওয়া। "ছায়া সম তা দেখিল, বাহির হইয়া গেল, বৃকভানু মহলেতে উগি চ.সা ১। ৪ মনে উদিত হওয়া ; বুদ্ধিতে আসা : বুদ্ধিস্ফূর্ত্তি হওয়া : উগান। "ব্যগ্র হৈল উগ্র আর উগে নাই কিছু শি ১০ ; সরে নাই বুদ্ধি বাপু উগে নাই কিছু ৭৭। [উগ—উদিত হয়। উগও—উদিত হউক। "উগও সহস দস দারুন চন্দ বি.সা ৩৯০। উগত—উদ্গত হইবে। "বি.সা ১৩৭। উগল—উদিত হইল। উগি—উদিত হইয়া। উগি গেলা—উদিত হইল। উগে নাই—বুদ্ধিতে আসে নাই। উগ(গা)ন—উদিত হওয়া ; বুদ্ধিতে আসা।]

উগর সর্ম্ম [সং উৎ+ √গৃ >প্রা* √উগ্‌গর (উদ্-গর, হে ৪.২৩৪) >বা √উগর ; হি √উগল, -লা ; ঠ √উগল ; মৈ √উগল] ১ উদ্গিরণ করা ; বমন করা। "ভোজনদ্রব্য উগরি দুর্ম্মতি।…তুলিয়া গিলিছে ঃ শোণিত উগরে মে ২৬৭। ২ নিঃসারিত করা ; বেগে বাহির করা। "ঘর্ঘরিল রথচক্র নির্ঘোষে, উগরি। বিস্ফুলিঙ্গ মে ২৪২ ; মেঘাবলী উগরিছে রোষে। কালাগ্নি ২৭০। (কামান) উগরিল ধূমরাশি ন ৪৯৮। ৩ উদ্গত করা ; প্রকাশ করা। "হাসিতে উগরে শশী ব.প ৯৭০। ৪ আত্মসাৎ-কৃত অর্থাদি বাধ্য হইয়া বাহির করা। "সেরেস্তাদার ভজকট দেখিয়া ভাবিতেছে, পাছে টাকা উগরিয়া দিতে হয় আ.দু ১০৭। [উগর(রা)ন—উদ্গিরণ।]

উগাড়, -র সর্ম্ম [সং উদ্গার >লি উগ্‌গার, প্রা উগার, -ল (প্রা.ম) >বা (উগার, -ল) √উগার, -ড় ; °ড় (অপ্র)] ১ উদ্গিরণ করা ; উগরান। "(মহারস) ফেলিলেক উগাড়িয়া ম.ম ৭ ; ৫৯ ; বিষ উগাড়িয়া নাগ উভালড়ে ধায় ৮৪। উগাড়িয়া এড়ে বি.পা ৬৫। উগারহ হলাহল ক.চ ১৪৫ ; উগারি গিলয়ে করিবরে ২০১ ; উগারয়ে ২৪০ ; ২৪১। চন্দ্র কেন অঙ্গার উগারে দু ৫৫। গিলেছিল অজগর উগারিয়া ফেলে কৃ ২৬৩। ২ নির্গত করা ; বর্ষণ করা। "মধুস্বরে দিবানিশি, নিত্য উগারহ বিষ ক.চ ১৪৪। কোকিল উগারে মধু শ্রী ৫৫। ৩ উদ্গত করা ; উৎপাদন করা ; উঠান। "সকল মধুরে এক ঠাঞি নাহি সিধি। অমৃত উগারি বিষ উগারে পয়োধি॥—ব.প ৮৪৩। ৪ নিঃসারিত করা, বাহির করা। "জহ্নু মুনি পিয়াছিল, কাণে উগারিয়া দিল ভা.চ ৫১১। ঝলকে ঝলকে উল্কা উগারি।—কথা ৫১। ৫ উদিত করা ; প্রকাশ করা। "হাস উগারয়ে শশী চ.দা ২১। [নিগাড়িয়া—নির্গত করিয়া ; বাহির করিয়া। 'উগাড়িয়া'র অনুকরণে 'নির্গত' হইতে 'নিগাড়িয়া'। "নিগাড়িয়া বিষ থুইল ঘা-মুখে ম.ম ২০। উগারহ—উগরাও। উগারা—উদ্গীর্ণ। "রাহু বদন উগারা বি.প ১২১।]

উগালা বিং ['উগারা'—মূল ; 'উগাল' (ধর্ম্মপূজাবিধান° ২৩০)] লাঙ্গলে উদ্গীর্ণ অর্থাৎ খোড়া ; চষা। "আরম্ভে উগালা গেলা এক শত কুড়া শি ৭৪। [উগালা গেলা—চষা হইল। উগাল শামাল (বীরভূম)—প্রথম ও দ্বিতীয় ভূমিকর্ষণ (চাষ)। তু 'সং শব্দ—দ্বিতীয় প্রতিলোম কর্ষণ ; শামাল।]

উগি বি [√উগ >উগি ; অপ্র] সর্ব 'উকি'। "রাজার অনুচর কুড়িআতে দিল উগি কৃ.উ ৫৪। উগি দিয়া দেখে চেয়ে শ্রী.মা ২৮। [°নাগি (উগি+'নাগি', অনু.শব্দ)—উকিঝুঁকি। "বুড়ী বলে, ঘন ঘন দিয়া উগিনাগি ম.ম ১৭৮।]

উগিলল ক্রি [সং উদ্গিরণ >উদ্গির > √উগিল+অল২] উদ্গীর্ণ করিল ; উগরিল। "খঞ্জনে মিলি উগিলিল মোতি হার বি.সা ৪১৬।

উগ্র বিণ [√উচ্ (সঙ্গম)+র (রন্)-ক, উ ২.২৮ ; ছান্দস ; Av. ughra] ১ উৎকট, ক্রূর, রৌদ্র। "°দর্শন গো.রা ৩.২৮.২৩। °রূপ গী ১১.৩১। ২ ভয়ঙ্কর, ভীষণ, ঘোর। "°দন্ত, °বন (S.W.)। সিংহ-নিপাতমুগ্রম্ রঘু ২.৬০। ৩ অশক্যস্পর্শ, তীব্র, দুঃসহ, প্রচণ্ড। "ভাসন্ত-যোগ্রাঃ গী ১১.৩০। উগ্রাতপবেলা শ ৩৪। ৪ দুষ্কর, কৃচ্ছ্র, কঠোর, উপবাসকৃচ্ছ্র। "তপোভিরুগ্রৈঃ গী ১১.৪৮। তপঃ…উগ্রম্।—মনু ৬.২৪। উগ্রতপা নিরাহারী কৃ.উ ২৪৫। ৫ কটু, তীক্ষ্ণ, কড়া। "°গন্ধ। ৬ দীর্ঘ, উন্নত। "°নাসিক। ৭ দুঃসহ, দুর্ভর, দারুণ, অতিশয়। "°বীর্য্য, °জব (রা), °বেগ, °শোক (S.W.)। ৮ কোপন, রোষণ। "°চণ্ডা। অত্যুগ্র (উলূক)।—পঞ্চ ৩.৭৭। ৯ কুপিত, রুষ্ট। "উগ্র হয়্যা উগ্রদেবে বলেন পার্ব্বতী দু ২৩। ১০ কঠোর, পরুষ। "উগ্রদণ্ডস্য রাজ্ঞঃ।—পঞ্চ ৩.৩০। ১১ হিংস্র, মারাত্মক, ক্রূর, দারুণ। "°প্রকৃতি ; °কর্ম্মা। ১২ অবশ্যপালনীয়, অনুল্লঙ্ঘ্য, অমোঘ। "°শাসন রা ৪.৪৫.২। ১৩ দারুণকর্ম্মা। "উগ্রান্নম্ (ন ভুঞ্জীত) মনু ৪.২১২। ১৪ তীক্ষ্ণবীর্য্য (খাদ্য)। ১৫ সর্ব্বকার্য্যে উদ্যত। ১৬ উৎকৃষ্ট। "°শ্রবাঃ। ১৭ বৃহৎ, বিশাল। "°কর্ণিকা। ১৮ মহাবেগ, প্রবল। "বসে সে রোগের পাশে, উন্মত্ততা—উগ্র কভু মে ২৬৮। ১৯ অতিশয়িত, প্রবল, অত্যধিক। "পতঙ্গ যেমন বেগে অগ্নি দেখে ধায়, উগ্র আগ্রহের ভরে।—কথা ৪৬। ২০ প্রচণ্ড, উদ্দীপ্ত। "আহুতি পাইলে, উগ্র অগ্নিশিখা যথা মে ২৬৮। ২১ (বাঙলায় ; অপ্র) দারুণ, অনুচিত, অযোগ্য। "মুনি বলেন পুত্র ইচ্ছ অতি উগ্রবেশে কৃ.উ ২৭। —গ্র পুং ১ অষ্টমূর্ত্তির অন্যতম বায়ুমূর্ত্তি শিব। "উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ (ভবিষ্যপুরাণ)। ২ মহাদেব। "ব্যগ্র হৈলা উগ্র শি ১০ ; ৮৭। ম.পা ৩। ৩ রুদ্র। ৪ বিষ্ণু (মহা)। ৫ বায়ু। দ্র (১)। ৬ ধৃতরাষ্ট্র—পুত্রবিশেষ। ৭ ক্ষত্রিয় হইতে পরিণীতা শূদ্রকন্যার গর্ভজাত সঙ্কীর্ণ জাতিবিশেষ ; উগ্রক্ষত্রিয়, আগুরি। 'মনু ১০.৯। যাজ্ঞ ১.৯২। [গর্ত্তবাসী গোধাদির বধ ও বন্ধন ইহাদের বৃত্তি (মনু ১০.৪৯)।] ৮ শূদ্র হইতে বিপ্রকন্যায় জাত বর্ণসঙ্কর-জাতি। 'শূদ্রস্য বিপ্রকন্যায়াং জাত উগ্র ইতি স্মৃতঃ।—উশনা (ত.বা)। ৯ (উগ্রফল হেতু) পূর্ব্বফাল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা, ভরণী—এই পঞ্চনক্ষত্রগণ। ১০ (উগ্রগুণ হেতু) শোভাঞ্জন, শজিনাগাছ। ১১ কেরলদেশ (Malabar)। ১২ হিংস্রজন্তু, শ্বাপদ "°সেবিত গো.রা ৩.২০.৩৮। —গ্র ক্লী ১ বৎসনাভ বিষ (The root of Aconitum Ferox)। ২ কোপ, রোষ। —গ্রা স্ত্রী [উগ্র+স্ত্রী আ (টাপ্)] ১ উগ্রজাতি স্ত্রী। ২ কোপনা নারী। ৩ উগ্রতারা-যোগিনী-বিশেষ। ৪ বচা, বচ ; যবানী ; ধন্যাক, ধনিয়া। ৫ (বাঙলায় ; অপ্র) উগ্রচণ্ডা, চণ্ডী। "উগ্রা বিনা উগ্রমূর্ত্তি আগে কেবা স্থির শি ১০৭।

উগ্রকণ্ঠ বি [বহুব্রী ; অপ্র] যাহার স্বর ভীষণ ; শিব। "ম.পা ২০। উগ্রকণ্ঠ পিতামহ শি ২৯।

উগ্রকর্ম্মা (-র্ম্মন্) বিণ [বহুব্রী ; স্ত্রী -র্ম্মা] ক্রূরকর্ম্মা, হিংস্র, মারাত্মক। "গী ১৬.৯।

উগ্রক্ষত্রিয় বি [সং উগ্র ; 'ক্ষত্রিয়' পিতা বলিয়া 'উগ্রক্ষত্রিয়'] দ্র 'উগ্র পুং (৭)।

উগ্রগন্ধ পুং [বহুব্রী] ১ 'তীব্রগন্ধযুক্ত', চম্পকবৃক্ষ। ২ কটফল। ৩ লশুন। ৪ অর্জ্জুনবৃক্ষ। —ন্ধ ক্লী হিঙ্গু, হিঙ। —ন্ধা স্ত্রী যবানী ; বচা ; অজমোদা। —ন্ধী (-ন্ধিন্) বিণ [°ন্ধ+ইন্ (ইনি) অস্ত্যর্থে ১ব ; স্ত্রী -ন্ধিনী] তীক্ষ্ণগন্ধ।

উগ্রচণ্ড বিং [দ্বন্দ্ব] অতি ভীষণ ও অতিকোপন। "রক্ষঃ অনীকিনী উগ্রচণ্ডা রণে মে ২১০। —ণ্ডী স্ত্রী [কর্ম্মধা] ১ ভীষণা কোপনস্ত্রী ; অষ্টাদশভুজা দুর্গামূর্ত্তিবিশেষ। "দু ২৩। [এই মূর্ত্তিতে মহিষাসুর নিহত

ও দক্ষযজ্ঞ বিনাশিত হয়।] ২ দুর্গার আবরণশক্তিবিশেষ। ৩ (বাঙ্লায়) অতিকোপনা স্ত্রী।

উগ্রজাতি বিণ [বহুব্রী] ১ যাহার জাতি ভীষণা বা আসুরী ; আসুর-জাতি। "ভ ৭.৯.৮। ২ নীচজাতি (M.W.)।

উগ্রতপ, -তপা বিং [সং উগ্রতপাঃ] কঠোরতপস্যানিরত ; মহাতপাঃ। "°প চু ২৩। °পা কু.উ ২৪৫।

উগ্রতা স্ত্রী [উগ্র+তা (তল্) তদ্ভাবার্থে] ১ উগ্রভাব, তীক্ষ্ণতা। ২ হিংস্রভাব, ক্রূরতা। ৩ (অলঙ্কারে) ব্যভিচারিগুণবিশেষ। 'সা.দ ৩.১৪৯।

উগ্রতারা স্ত্রী [প.ত] উগ্র আপদ্ হইতে তারয়িত্রী ; তারারূপা দেবী। 'উগ্রাপত্তারিণী যস্মাদ্ উগ্রতারা প্রকীর্ত্তিতা।

উগ্রদেব বি [কর্ম্মধা] শিব। "দু ২৩।

উগ্রধন্বা (-ন্বন্) বিণ [উগ্র ধনুঃ যাহার, বহুব্রী, সমাসান্ত 'অন্' (অনঙ্)-১ব ; স্ত্রী -ন্বা (-ন্বন্)] যাহার ধনুঃ শত্রুর অসহ্য ; মহা-ধনুর্দ্ধর, মহাধানুষ্ক। "ভ ১.৭.১৭। —ন্বা পুং ১ শিব। ২ ইন্দ্র।

উগ্রবীর্য্য বিণ [বহুব্রী] ১ অতিশয়বলবান্, মহাশক্তি। "মহা ১.১. ১৮০। ২ (বাঙ্লায়) তীক্ষ্ণগুণ, উত্তেজক, কড়া।

উগ্রম্পশ্য বিণ [উগ্র+ √দৃশ্ +অ (খশ্)-ক, 'ম্' (মুম্) আগম ; উ.ত ; স্ত্রী -শ্যা] পাপাশয় হেতু ক্রূরদৃষ্টি ; রূক্ষদর্শন (ব্যাঘ্রাদি)। "উগ্র-ম্পশ্যাকুলেঽরণ্যে ভট্টি ৪.২৩।

উগ্রশেখরা স্ত্রী [ষ.ত] শিবের শেখরভূতা ; গঙ্গা।

উগ্রশ্রবাঃ (-বস্) পুং [উগ্র শ্রবঃ যাহার, বহুব্রী] ১ যাহার উৎকৃষ্ট (শ্রুতিধর) কর্ণ (ত.বা) ; লোমহর্ষণপুত্র, সৌতি। [বাস্তবিক ইহা নাম নহে, বিশেষণশব্দ, ইহার অর্থ 'অধিগতোপনিষদ্রহস্য (নীলকণ্ঠ)।] ২ ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ।

উগ্রসেন পুং [উগ্রা সেনা যাহার, বহুব্রী] ১ কংসের পিতা ভোজবংশীয় রাজবিশেষ (হ ৩৭তম অধ্যায়)। [কংসকে নিহত করিয়া কৃষ্ণ ইঁহাকে রাজা করেন।] ২ ধৃতরাষ্ট্রপুত্র। ৩ জনমেজয়-পুত্র (হ ৩২তম অধ্যায়)। —না স্ত্রী অক্রূরপত্নী। [°জ—উগ্রসেনসুত কংস।]

উগ্রসেবিত বিণ [তৃ.ত] শ্বাপদসঙ্কুল। "গো.রা ৩.২০.৩৮।

উগ্রায়ুধ বিণ [বহুব্রী ; ছান্দস] ভীষণাস্ত্রধর।

উগ্রেশ পুং [কর্ম্মধা] রুদ্রদেব, শিব। "মহা ৩.১০৬.১২।

উঘাড়১, -র সর্ম্ম [সং উদ্+ √ঘাট >প্রা √উগ্ঘড (প্রাম) >বা √উঘাড়, -র ; হি √উঘাড়, -র ; ঠ √উঘড ; গু— √উঘাড ; মৈ √উঘার] ১ উদ্ঘাটন করা ; অনাবৃত করা ; আলগা করা। "কবহু ঝাঁপয়ে অঙ্গ কবহু উঘারি বি.প ৩৭। ২ উত্তোলন করা ; খুলা। "বাস উঘারিয়া। সে ধন আমারে দেহ চ.দা ৪৬। বসন উঘাড়ল ব ১১৪। ৩ উন্মুদ্রিত করা ; চাবি খুলা। "পূর্ব্ব প্রেমভাণ্ডারের মুদ্রা উঘাড়িয়া চৈ.চ ৩২। ৪ অপাবৃত করা ; খুলা (দ্বারাদি)। "উঘাড়িয়া দুঃখের কবাট চৈ.চ ৭৯। ৫ প্রকাশ করা ; ব্যক্ত করা। "ভাব কহেন উঘাড়ি চৈ.চ ১৫ ; উঘাড়িয়া হৃদয়ের শোক ৭৯। ৬ উন্মোচন করা ; অবতারণ করা ; খুলা। "হার উঘারল ব ৭৮ ; নীলমণি লেই উঘারি ৭৯। ৭ কলসাদির মুখ খুলিয়া ঢালা। "কলসে কলসে জনু অমিয়া উঘারি জ্ঞা ২৯। ৮ উন্মীলিত করা ; চোখ খুলা। "গর্ব্ব চূর্ণ হৈলে পাছে উঘাড়ে নয়ানে চৈ.চ ৩০২। অ.গু ৪৮। ৯ কোষমুক্ত করা ; খাপ হইতে বাহির করা। "খুরধার খরশ। উঘারি ঝাকত। বীররসভরে মাতিয়া ব.প ১০৮৪। ১০ পরিহিত বস্ত্র উদ্ঘাটন করা ; নগ্ন করা। "হে দ্রৌপদি! যত তোমা উঘারি উঘারি। নগ্ন করা দূরে থাক, শাটী বেড়ে যায়।—অ.গু ৯৫। ১১ পাত্রের মুখ অনাবৃত করা ; শূন্য বা উজাড় করা। "মদ খেয়ে উঘাড়িল সাত শত হাঁড়ি কু ২৭৭। ১২ [উধার >উঘার] উদ্ধৃত করা ; চয়ন করা ; তোলা। "তোড়ল কানড় কুসুম উঘারি জ্ঞা ৮৯। [উঘাড়(র)ল—তুলিল, খুলিল। উঘাড়ে—খুলে।]

উঘাড়২ বিং [সং উদ্ঘাটিত >প্রা উগ্ঘাডিঅ >বা উঘাড় ; হি, জাটু—উঘাড়া ; ঠ উঘড ; গু উঘাড ; অপ্র] অপাবৃত, নগ্ন, আদুড়। "উঘাড় অঙ্গে পড়িয়া শঙ্কর নিদ্রা যায় চৈ.চ ৩৫১।

উঘার, উঙা১ দ্র 'উঘাড়১' ; উঁআ'।

উঙা২ বি [ধ্বন্যাত্মক ; গু উংআং] সদ্যোজাত শিশুর বা কচিছেলের ক্রন্দনশব্দ। "(যোনিপথে) বাহির হইয়া উঙা বলি ডাক ছাড়ে জ ৯। [উঙা উঙা—পুনঃ পুনঃ উঙা শব্দ। "উঙা উঙা করি কান্দে কু ৫০ ; ম ২৮৬।]

উঙা(য়া)নি, উয়ানকি বি [ধ্বন্যাত্মক] ক্ষুদ্র মাছিবিশেষ ; মাছির ছানা (?)। "উয়ানি হইয়া ক্ষেতে খায় যেন ছড়ে শি ৭৭ ; উঙানির রেলা ঃ উঙানির উপদ্রব ৭৮। [ইহারা উড়িলে যে শব্দ হয়, তদনুসারে নামকরণ।]

উঙার সর্ম্ম [সং অঙ্গুলি ; হি উংগল >(উঙ্গলা, -রা) >বা √উঙার ; অপ্র] স্ত্রীলোকের চুলের মধ্যে আঙুল ঢুকাইয়া জট ছাড়ান ; চিরুনি দিয়া কেশ সংস্কার করা। "সুবর্ণ চিরুণি লইল হস্তেত করিয়া। একে একে কেশ সব লইল উঙারিয়া॥—ব.প ২৮৬।

উঙ্গি বি [√উগ্ গ >উগ্ গ >উঙ্গি, দ্র 'উগ২' ; অপ্র] সর্থ 'উকি'। "উঙ্গি দিয়া কেহ কেহ চাহে ম.ম ২১৯ ; ২৩৩ ; ২৩৪।

উচ্ অক [দি, প—উচ্যতি ; সেট্ ; ছান্দস] ১ সমবায়, সঙ্গম, মিশ্রণ। "উচ্যতি কেশঃ স্নানাৎ (ক.ক)। ২ যোগ্যতা, উচিত বা যোগ্য হওয়া (To suit)।

উচ বিং [সং উচ্চ ; পদ্যে] ১ উচ্চ, উন্নত। "উচকুচমূলে চ.সা ২৪। উচ-কুচগিরি ক.চ ৪। শ্রী মা ১৩৬। শি ১১০। করিসুতকুম্ভ উচ (কুচ) ভা চ ৯ ; ১১। উচ কটোর৹ কুচক জোয় ব ৬৫। ২ উন্নত, স্থূল। "ক্ষীণ মাজা দিন পেয়ে দিন দিন উচ ভা চ ৩৬৭। —চ বি উন্নত স্থান। "উচ নীচ না বুঝি পড়লু সেই ঠাম বি প ১৪৫। উচে চল ধাএ বি.সা ৪৪৩। উচ নাচ শ্রী.ম ২৪৪। [°কপালী—দ্র 'উঁচকপালী'। উচ খোচ—উচ্চ ও নিম্ন স্থান। "মৎস্যচিনে উচ খোচ গো.চ ৩৩০।]

উচক অর্ম্ম [সং উদ্+ √চক্ >বা (√উচ্চক্) √উচক ; বৈষ্ণবসাহিত্যে] উচ্চকিত হওয়া ; ভয় পাওয়া, ভয়ে দিশেহারা হওয়া। "দশ দিশ দামিনী দহই বিথার। হেরইতে উচকই লোচন তার ব প ১০৩৭ ; গো ১৩১।

উচক্ক -ক্কা বি ['উচ্চক্ষুঃ—মূল (?) ; হি, মৈ উচক্কা ; ঠ উচক্যা ; গু উচক্ক] ১ অন্যের দ্রব্যে যাহার দৃষ্টি, চোর, ঠগ, বদমাশ। ২ অন্যের স্ত্রীতে যাহার চোখ ; লম্পট, লুচ্চা। [উচক্কা বয়েস—লম্পটের বয়স ; যৌবন। উচক্ক সময়—বিরক্তির সময় ; অযোগ্য কাল ; অসময়। "স্নান করি থাই দাই লেপা দিব শেষে। উচক্ক সময় এত মনে নাহি আসে॥—বি.সু ৩৭।]

উচঙ্গ বি [উদ্+চঙ্গ (?)] বাদ্যযন্ত্রবিশেষ। "ন.প ১৫১।

উচল বিং [উচ+ল স্বার্থে ; চট্টগ্রাম—ওচল (উচ্চস্থল ?), ঠ উংচাড, -ট ; অস উচলা] ১ উচ্চ, উন্নত। "উচল দেখিয়া অচলে চঢ়িনু৹ পড়িনু অগাধ জলে চ.দা ১০৯ ; জ্ঞা ১৭৯। উচলপীঠি শ্রী.ম ২৮। ২ উচ্চতা-যুক্ত, খাড়ামাপসই, খাড়া। "(পথ) এ বুক উচল (অর্থাৎ একবুক উচ্চ) গো.চ ২১৭। ৩ উন্নত, খাড়া। "(কাম হৃদয়ে) রোয়ল ঘট উচল করি ঠাম বি.প ৪০। ৪ স্থূল, পুরু। "টাটির উপর পাটি বিছাও এক বুক উচল গো.চ ২৫১ ; ২৫২।

উচা, -চ্ছা সর্ম্ম [উচা > √উচা, দ্র 'আ৯' ; হি √উচা ; ঠ √উংচাবি ; গু √উচন] উচ্চ (উদ্যত) করা ; আঘাতার্থ উঠান (দণ্ডাদি)। "দানবদলনী মাতা উচাইল চড় শি ৮২। খাণ্ডা উচ্ছাইল…কাটিবারে শ্রী.ম ১০৮ [উচান—সর্থ 'উচা'।]

উচাট[১] বিং [সং উচ্চাটন ; হি, ঠ উচ (চ্যা)ট ; গু উচা(চ্যা)ট (বি), উচাটিয়ু (বিং) ; অপ্র] অধীর, ব্যাকুল। "গোরা গোরা বলি কান্দে উচাট অন্তর চৈ.ম ১২।

উচা(চো)ট[২], **উছা(ছ,ছো)ট** বি ['উচ্চচোট' বা 'উচ্চবাট'—মূল (?); সং উদ্ধতি ; মৈ উছট—লাফ দেওয়া ; অস উজাটি (উদ্ধতি?) ; তু 'উঞ্ছটিয়া (উছট খাইয়া) পড়ে (বি.পা ৩২৮)] উচ্চে (অসমতল স্থানে) লাগা চোট ; চলিতে চলিতে পথের উচ্চস্থানে (উচ্চ ইষ্টকাদিতে) প্রতিঘাত ; টক্কর, ঠোকর, হুঁচোট। "ঘর হইতে বারি হইতে লাগিল উচোট (ক.চ)। পথেতে উছট খেয়ে দু ৫৬। উছট খাইয়া পড়ে ব.প ৬৫৩। উছটে ছিড়িল মাংস ক.চ ১৪৬ ; গমনে উছট বাজে নখে ২৪৬ ; উছোটের ঘায়ে ২৫৯। উছট লাগিয়া পদ টলে ভা.চ ২০৭। [উছট খাওয়া (অস উজটি খা)—উছট হেতু কষ্ট ভোগ করা। উছট বাজে—উছট লাগে।]

উচাট[৩] ক্রি [সং উদ্+ √চাটি ; হি √উচ(চা)ট ; অপ্র] মনকে বিষয় হইতে অপসারিত কর ; বিষয়ে বীতরাগ হও ; বিষয় ছাড়। "উচাট উচাট করি বোলে কর্ণে লাগী মী ২৭।

উচাটন বিং [সং 'উচ্চাটন'—মূল ; পদ্যে] অপ্রকৃতিস্থ অশান্ত, অধীর, ব্যাকুল। "পথ নিরখিতে৹ চিত উচাটন বি.প ১৮৭। উচাটন চিত ক.চ ১৫৯। দেখে উচাটন চিত শ্রী.মা ৪০। আজি মোর চিত কেন করে উচাটন ব.প ৭২৯। সদা উচাটন মন সদা উচাটন স.শ ৩১। উচাটন কবি কহিল অমন যেয়ো না হৃদয় দলি।—রবীন্দ্র। —টিত বিং [সং 'উচ্চাটিত'—মূল] সর্থ 'উচাটন'। "দেখি বিপরীত, চিত্ত উচাটিত ম ৩৬০। উচাটিত চিত শ্রী ১৯৯। উচাটিত মন।—হেম ২১ ; ৩৪২। [উচাটন বেলা—যে সময়ে মন অস্থির হয়, অবেলা, অসময়। ক্ষুধায় জঠর জ্বলে, উচাটন বেলা শ্রী ২৮ ; ১৯৫।]

উচিত বিণ [√উচ্ +ত (ক্ত)-ক] ১ যুক্ত, ন্যায্য, ঠিক। "অরাবপ্যুচিতং কার্য্যমাতিথ্যং গৃহমাগতে হি ১.৬০। উচিতস্তত্রুপালম্ভঃ উ.চ ৩২২⁄৪। উচিত কি তব এ শয়ন ?—মে ২৫৭। সকলের উপর কৃপাবলোকন করিয়া পালন করিতে উচিত হয় কৃ.চ ৫৫। ২ যোগ্য, অনুরূপ।·"পার্থিবোচিত (বস্ত্র) ; দেশকালপাত্রোচিত (S.W.)। উচিতমেবৈতৎ মমাসমীক্ষ্যকারিণঃ হি ১২২⁄৫। তাহার উচিত ফল দিলে হে আমারে কৃ ১৪৭। ৩ পরিচিত, অভ্যস্ত। 'উচিতোঽয়ং জনঃ সর্ব্বঃ ক্লেশানাং ত্বং সুখোচিতঃ রা ২.৫১.৩। রাঙ্কবাস্তরণোচিত গো.রা ২.৬২.১৯। স্বাস্তীর্ণশয়ন° মহা ৩.১৪৪.১০। দীনোদ্ধরণোচিত রঘু ২.২৫ ; ৩.৬০। মাঘ ৫.৪৮। ৪ পরিচিত রসজ্ঞ। "সোচিতা নলসিদ্ধস্য মাংসস্য মহা ৩.৭৫.২৩। শোণিত° রঘু ৩.৫৪। ৫ অবশ্যকর্ত্তব্য। "শ ৭.১২। ৬ প্রশস্ত (ত.বা)। ৭ গ্রাহ্য। ৮ সমঞ্জস। ৯ বিদিত ; ন্যস্ত ; পরিমিত (A.)। [°বক্তা (বি)—যে উচিত বলে ; ন্যায়বাদী, স্পষ্টবক্তা। উচিতাধিক (বিং)—উচিত হইতে অধিক ; প্রয়োজনাধিক, সুপ্রচুর। "সকল বিষয়েরই উচিতাধিক আয়োজন হইবে সী ৬৭।]

উচু বিং [উচ+উ[১] ; পদ্যে] উচ্চ, উন্নত। "উচু কুচযুগ চ.দা ২২। উচু নীচু কুপথ সুপথ করে যায় শ্রী ১৫। [উচুর—অধিক। "বেলা হৈলা উচুর প্রচুর ভয় মনে ভা.চ ২৯৭। অনুপ্রাসে 'উচু'স্থানে 'উচুর'।]

উচুর ; উচোট দ্র 'উচু; উচাট।

উচ্চ বিণ [উদ্+ √চি+অ (ড)-র্ম (অ.টী) ; ছান্দস ; Av ussa ; Hebrew—uchdan (a hillock) ; তা কুচ্চি—Highest point, summit] ১ ঊর্দ্ধগত, উচ্ছ্রিত, উন্নত। "উচ্চাট্টাল রা ১.৫.১১। ক্ষিতিধারণোচ্চ কু.স ৭.৬৮। উচ্চবৃক্ষচূড়ে মে ১১৫ ; উচ্চ কুচে ১৪৯। ২ উন্নত, সৎ, মহান্ (কুল)। ৩ মহান্, তার (স্বর)। "°ভাষণ, °ভাষী। °বচস্ (ভর্ত্তৃহরি)। উচ্চস্বরে কান্দে কৃ.উ ৫৯ ; ২৬৬। °রোল শ্রী.মা ২০০। কান্দে উচ্চরোলে কৃ ৪৫৮। উচ্চে উচ্চারিল৹ বেদ বেদী মে ৩১৬। উদয়গিরি হ'তে উচ্চে কহ মোরে।—রবীন্দ্র। ৪ উৎসর্পী, অতট, খাড়া। "দধানমুচ্চাঃ···তটীঃ মাঘ ৪.১৮। ৫ প্রাংশু, লম্বা। ৬ অট্ট, সশব্দ। "উচ্চ হাস হাসে নাকো রসিক যুবক প.তৃ ১৫। ৭ অত্যন্ত, গাঢ়, পরম। "°সংরাগঃ···বিভীষণঃ গো.রা ৫.৮৭.৯। ৮ উদার, প্রশস্ত (মনঃ)। ৯ বিশিষ্ট, উৎকৃষ্ট। "উচ্চপদ-অভিমানি ! সবে তুচ্ছজ্ঞান প.তৃ ৫৬। ১০ (বাঙ্লায়) কটু, কর্কশ, সগর্ব্ব। "নীচ লোকে উচ্চ ভাষে সহিতে না পারি ভা.চ ৯৯। ১১ উন্নত, গৌরবান্বিত। "উচ্চ মাথা হৈল হেট ভা.চ ৩৭৬। —চ্চ পুং (জ্যোতিষে) তুঙ্গ, উচ্চস্থান। "স্বোচ্চসংস্থেষু পঞ্চসু রা ১.১৮.৯। °সংশ্রয় রঘু ৩.১৩। উচ্চলগ্নে জন্মিল কুমার গি.ছি ৬১। [°কপালিনী (বিং)—সর্থ 'উচকপালী' দ্র 'উচ'। "ম.ভা ৪২। °রোলে—উচ্চস্বরে, মুক্তকণ্ঠে।]

উচ্চৈঃ (-চৈস্) ব্য [উচ্চৈস্+অক (অকচ্) স্বার্থে, পা ৫.৩.৭১] ১ উন্নত। "উচ্চৈকৈরাসনতঃ কি ২.৫৭। মাঘ ১.১৬ ; ১২.২। ২ উচ্চ, তার, মহাশব্দ। "স্তবস্ত্যস্তত্যমুচ্চকৈঃ।—পঞ্চ ২.১৬৪। মাঘ ১৪.২০ দুন্দুভিনাদ উচ্চকৈঃ (S.W.)। ৩ সবিশেষ, সাতিশয়। "মাঘ ১.৭০। ৪ অধিক। "কি ১.৪০।

উচ্চক্ষুঃ (-ক্ষুস্) বিণ [উদ্ চক্ষুঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -ক্ষুঃ] ১ উৎক্ষিপ্তনেত্র, ঊর্দ্ধদত্তদৃষ্টি, উন্নেত্র। "পা ৫.৪.৫১, সি। "সর্ব্বা উচ্চক্ষুষো বিলোকয়ন্তি বিক্র ১৫⁄৮। ২ উৎপাটিতনেত্র।

উচ্চটিত বিং [তু 'সং উচ্চাটিত' ; অপ্র] অস্থির, ব্যাকুল, উদ্বিগ্ন। "ঘন উচ্চটিত মতি কানুর ভাবনা শ্রী.ম ৬২।

উচ্চণ্ড বিণ [উদ্+ √চণ্ড্+অ (অচ্)-ক] ১ অত্যুগ্র, অতিতীব্র। ২ অতিকোপন, প্রচণ্ড। ৩ অতিভীষণ, ভয়ঙ্কর। "°বজ্রথণ্ডবিস্ফোট উ.চ ৬⁄৫। ৪ অবিলম্বিত, সত্বর। ৫ অত্যুচ্চৈঃ, তার (A.)। ৬ (বাঙ্লায় অপ্র) অত্যধিক, অতিরিক্ত। "উচ্চণ্ড দেখিয়া বেলা, ডাকিতে আইসু মোরা জ্ঞা ৩২।

উচ্চতর বিণ [উচ্চ+তর (তরপ্) দুইএর মধ্যে একাতিশয্যে] ১ অধিক উচ্চ ; উন্নততর। "থাৎ পিতোচ্চতরঃ মহা ৩.৩১২.৬০। ২ (বাঙ্লায় ; অপ্র) অধিকতর, অতিক্রান্ত। "রাই বলে বিকির বেলা হৈল উচ্চতর শ্রী.ম ৬৩।

উচ্চনীচ বিণ [ময়ূরব্যংসকাদি] ১ উন্নতাবনত, উচ্চাবচ (প্রদেশ)। ২ প্রধান ও অপ্রধান ; শ্রেষ্ঠ ও হীন ; উত্তমাধম। "দ্রষ্টারমুচ্চনীচানাং কর্ম্মভির্দ্দেহিনাং গতিম্ মহা ১৪.১৬.২১। ৩ বহুবিধ, বিবিধ। —নীচ ক্লী। ১ গ্রহগণের উচ্চ ও নীচ স্থান। ২ উদাত্তাদিস্বরভেদ (M.W.)।

উচ্চবাচ্য বি [বাচ্য >(অনু.শব্দ) উচ্য > উচ্চ (?)] ১ বক্তব্য বিষয় ; কোন বিষয়ে স্পষ্ট মতামতপ্রকাশপূর্ব্বক আলোচনা। "ব্রজেশ্বর কেবল বলিল, 'বাপ মা যে আজ্ঞা করবেন, আমি তাই পালন করিব (বঙ্কিম)। কথাটার আর বড় উচ্চবাচ্য হইল না ব.প্র ৪০২। [ধৃত পাঠ 'উচ্যবাচ্য'] ২ কোন বিষয়ে বিরুদ্ধমতপ্রকাশ বা অসম্মতি। "পূর্ব্বকালের গোষ্ঠীপতিরা কন্যাজামাতাকে ভূসম্পত্তি দান করিতেন, এই জন্য তাঁহারা কুলীন সন্তানদিগকে জোর করিয়া আনিলেও বরকর্তৃপক্ষীয়েরা উচ্চবাচ্য করিতে পারিতেন না পা.প্র ৯৫। [উচ্চবাচ্য করা—স্পষ্ট মতামত প্রকাশ করা।]

উচ্চয় পুং [উদ্+ √চি+অ (অচ্)-ভা] ১ পুষ্পফলাদির সংগ্রহ ; চয়ন। "পুষ্পোচ্চয়ং নাটয়তি (শ)। কুসুমোচ্চয় (দশকুমার)। ২ অভ্যুদয়, সম্পদ্। বিপ 'অপচয়'। "উচ্চয়াপচয় হি ৩.১৩৭। ৩ [+অ-র্ম] প্রকর, স্তূপ, রাশি, সমুদয়, সমষ্টি। "কুসুম°, মনঃশিলোচ্চয়, সলিল° রা (S.W.)। শিলা° রঘু ২.৩৪ ; কমলোচ্চয় ১০.৪৪। পুষ্পোচ্চয় কু.স ৩.৬১। রূপ° শ ২.৯। পদ°, বাক্য° সা.দ

২.১। ৪ নারীকটিবস্ত্রগ্রন্থি, কাপড়ের খোঁট। "শিথিলাকুল° কি ৮.১৫। ৫ সংগৃহীত (খুঁটিয়া-তোলা) নীবার। —চ্চিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সংগৃহীত, রাশীকৃত।

উচ্চরণ ক্লী [উদ্+√চর্+অন (ল্যুট্)-ভা] ১ উদ্‌গমন, ঊর্দ্ধগতি। ২ উচ্চারণ, কথন। —চ্চরিত বিণ [+ত (ক্ত)-ক] ১ ঊর্দ্ধগত, উদ্গত। ২ [+ত-র্ম্ম] ব্যাহৃত, উচ্চারিত। "শব্দ উচ্চরিত এব মামগাৎ রঘু ১১.৭৩। ৩ (বাঙ্‌লায়; অপ্র) উচ্চ, তুমুল, মহান্। "উচ্চরিত শব্দ হয় সৈন্যের গমনে অ.প ৫৯। —চ্চরিত ক্লী পুরীষ, মল।

উচ্চরায় ক্রি.বিং [উচ্চ+রায় (রাব); পদ্যে] উচ্চরবে, মুক্তকণ্ঠে, চীৎকারপূর্ব্বক। "ডাকিছে উচ্চরায় কৃ ৩৭। হরিণী কান্দয়ে উচ্চরায় ক.চ ৫০। কান্দে উচ্চরায় চৈ.ম ৯১।

উচ্চল বিণ [উদ্+√চল্+অ (অচ্)-ক; স্ত্রী -লা] অত্যন্ত-চল, চলস্বভাব, চলনশীল। —চ্চল ক্লী মানস, চিত্ত। তু 'মনো দুর্নিগ্রহং চলম্ গী ৬.৩৫। -চ্চলন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিচলন, অপসরণ। ২ প্রয়াণ, প্রস্থান, নির্যাণ। —চ্চলিত বিণ [+ত (ক্ত)-ক] ১ উদ্গত, ঊর্দ্ধগত। ২ প্রয়াত, প্রস্থিত। "রঘু ২.৬। ৩ নির্গত, অপগত। "(কাননম্) পুষ্পোচ্চলিতষট্‌পদম্ রঘু ১২.২৭।

উচ্চললাটা, -টিকা স্ত্রী [উচ্চ ললাট যাহার বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)+স্ত্রী আ (টাপ্)] যে নারীর উচ্চললাট; উচ্চললাট-রূপদুর্ল্লক্ষণান্বিতা নারী; উচকপালী।

উচ্চাট পুং [উদ্+√চাটি+অ (অচ্)-ভা] সর্থ 'উচ্চাটন (১; ২)। —চ্চাটন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ স্বস্থান হইতে অপসারণ; স্বদেশভ্রংশন। 'উচ্চাটনং স্বদেশভ্রংশনম্ (শারদাতিলক)। ২ উৎপাটন, উন্মূলন। ৩ বিশ্লেষণ, পৃথক্‌করণ। ৪ মারণাদিষট্‌কর্ম্মান্তর্গত অভিচার-বিশেষ। ৫ উড্ডায়ন, উৎপাতন (উড়াইয়া দেওয়া)। "নৈ ৩.৭, নারায়ণী টীকা। ৬ [+অন-ণ] স্বদেশভ্রংশনসাধন ষড়ভিচারকর্ম্মের একতম। দ্র 'অভিচার'। [ইহার দেবতা দুর্গা, তিথি কৃষ্ণচতুর্দ্দশী ও কৃষ্ণাষ্টমী, বার শনিবার, জপমালা সাধ্যের (শত্রুর) কেশগ্রথিত অশ্বদন্তের মালা, ফল স্বদেশভ্রংশন।] —চ্চাটন বিং (বাঙ্‌লায়) অস্থির, অশান্ত, উদ্বিগ্ন। "উচ্চাটন মন।—ম ২০৭; ৫১৭। —চ্চাটনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ স্বস্থান হইতে ভ্রংশনীয়; অপসারণীয়। ২ উড্ডায়নীয় (যাহাকে উড়ান যায়)। "নৈ ৩.৭। —চ্চাটিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ স্বস্থান হইতে ভ্রংশিত; অপসারিত। ২ দূরীকৃত, নিরস্ত। "যেনাঙ্গুষ্ঠেন পদা দশকন্ধরঃ···উচ্চাটিতঃ ভ ৫.২৪.২৭। ৩ (বাঙ্‌লায়) অশান্ত, অধীর। "রাজা উচ্চাটিত-মন ম ১১৪৪।

উচ্চাবচ বিণ [উদক্ ও অবাক্, ময়ূরব্যংসকাদি; স্ত্রী -চা] ১ উন্নতাবনত, উদ্ঘাতী, বন্ধুর, বিষম। "°চাকার (দেশ) মহা ৩.১৪৩.৫। ২ নৈকভেদ, অনেকবিধ, নানাপ্রকার। "ভক্ষ্যাংশ্চোচ্চাবচান্ রা ১.৫৩.২। শস্ত্রৈরুচ্চাবচৈঃ ৫৫.২০। ভাণ্ডমুচ্চাবচম্ মহা ২.৫৩.৪। জ্যোতীংষ্যুচ্চাবচানি মনু ১.৩৮। মাঘ ৪.৪৬। ৩ উৎকৃষ্টাপকৃষ্ট, উত্তমাধম। "উচ্চাবচানুপগ্রাহান্ মহা ২.৫২.৪০। উচ্চাবচেষু ভূতেষু মনু ৬.৭৩; ১২.১৪। ভ ২.৯.৩৪। সমাজের অন্তর্ভূত উচ্চাবচভাব পা.প্র ৬৪। ৪ কৃশ-স্থূল, কাণ-বধির ইত্যাদিরূপ নানাভেদ। "দেহানুচ্চাবচান্ বিভুঃ (ভজতি) ভ ৭.২.৪৬। ৫ ক্ষুদ্র-বৃহৎ, ভিন্নজাতি, বিজাতীয়।

উচ্চার¹ পুং [উদ্+√চারি+অ-ভা] ১ উচ্চারণ, কথন। "গীতেত্যুচ্চারসংযুক্তঃ (গীতামাহাত্ম্য)। অনুচ্চার।—মুগ্ধবোধ, ৪। নামের উচ্চার চৈ.চ ১৮৪; ২৪৩; বর্ণের উচ্চার ৩৩০। মঙ্গল উচ্চার চৈ.ম ৭১। গানের উচ্চার চ.চ ১৭। মকার উচ্চার কৈলে কপাট লাগিব চু ৩০। ২ অপসারণ, উৎসর্জ্জন। ৩ গ্রহাদির রাশিনক্ষত্রান্তরে সঞ্চার। ৪ [+অ-র্ম্ম] পুরীষ, মল। "মূত্রোচ্চারসমুৎসর্গ মনু ৪.৫০। মাতুরুচ্চার এব স হি ১৬ (কথারম্ভ)। —চ্চারক বিণ [+অক (ণ্বুল্)-ক] উচ্চারয়িতা, উচ্চারণকারক। —চ্চারণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ কণ্ঠাদিস্থানে জিহ্বাগ্রাদির অভিঘাত হেতু শব্দজনক ব্যাপার; বাঙ্‌নিষ্পত্তিকরণ, উক্তি। "রেফ°, হুঙ্কার° (S.W.)। বেদোচ্চারণ মহা ৩.২১৪.৮। °জ্ঞ মাঘ ৪.১৮। ২ বিঘোষণ। —চ্চারণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] উচ্চারণার্হ, উচ্চার্য্য, কথনীয়। —চ্চারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতোচ্চারণ; কথিত, উক্ত। ২ কৃতমলত্যাগ। —চ্চার্য্য বিণ [+য (যৎ)-র্ম্ম] উচ্চারণীয়। [উচ্চারণজ্ঞ (বিণ)—উক্তিকুশল, প্রয়োগপণ্ডিত। "মাঘ ৪.১৮। °স্থান (ক্লী)—বর্ণের উচ্চারণে জিহ্বাগ্রাদিস্পৃষ্ট কণ্ঠ তালু ইত্যাদি অবয়ব।]

উচ্চার² সর্ম্ম [সং উদ্+√চারি>প্রা √উচ্চার (প্রা.ম); অস √উচা-(চ্চা)র্] ১ উচ্চারণ করা; বলা। "ভক্তি করি মনে, উচ্চার বদনে ম.পা ১২৭। ২ পাঠ করা; পড়া। "কেহো মঙ্গল উচ্চারে কৃ.উ ২১৮; কেহো বেদ উচ্চারে ২৭০। শ্লোক উচ্চারিল চৈ.চ ৩৫৪। উচ্চে উচ্চারিল৹ বেদ বেদী মে ৩১৬।

উচ্চারক, -চ্চারণ, -রণীয়, -চ্চারিত, -চ্চার্য্য; উচ্চিঙ্গট, -ড়া; উচ্চিত দ্র 'উচ্চার¹'; উইচিংড়া; উচ্চয়'।

উচ্চিত্র বিণ [উদ্ (উদ্গত) চিত্র যাহার, বহুব্রী] যাহার উপরিভাগ আলিখিতচিত্র। "উচ্চিত্রচীনাংশুক মা.মা ৬৪।

উচ্চূড়, -ল পুং [উদ্ (উন্নত) চূড়া, -লা যাহার, বহুব্রী] ধ্বজের ঊর্দ্ধমুখ বস্ত্রখণ্ড; ধ্বজোর্দ্ধকূর্চ্চক (অ.চি)। বিপ 'অবচুল'।

উচ্চৈ অব্য [সং উচ্চৈস্>লি উচ্চম্, প্রা উচ্চ, -উচ্চঅ, -চ্চা (প্রা.ম)] ১ উন্নত, উচ্চ। "°শ্রবা। ২ উচ্চ, তার। "°স্বরে। —চ্চৈ ক্রি.বিং উচ্চৈঃস্বরে। "উচ্চৈ অবরোধে৹ কাঁদিলা ঊর্ম্মিলা বধূ মে ১৮০। [°শ্রবা (সং উচ্চৈঃশ্রবাঃ; অস উচ্চৈশ্রবা)—ইন্দ্রের অশ্ব। "বা ম ১১। °স্বরে (অস উচ্চৈস্বরে)—মহাশব্দে, চীৎকারপূর্ব্বক। "শ্রী.মা ১৩১; ১৭১। উচ্চৈস্বনে—মুক্তকণ্ঠে, চীৎকারপূর্ব্বক। "কৃ.উ ২৪০। ম.ম ১৪; ১৭।]

উচ্চৈঃ (-চ্চৈস্) ব্য [উ ৫.১২; ছান্দস] ১ উচ্চ, উন্নত। বিপ 'নীচৈঃ'। "উচ্চৈর্জয়স্তম্ভ রঘু ৪.৫৯। উচ্চৈর্হিরণ্ময়ং শৃঙ্গম্ কু.স ৬.৭২। উচ্চৈর্ভুজতরুবন পূ.মে ৩৭। ২ প্রথিত, প্রখ্যাত, শ্রেষ্ঠ। "উচ্চৈরুচ্চৈঃশ্রবাঃ কু.স ২.৪৭। ৩ উন্নত, সৎ, মহান্। "উচ্চৈঃ কুলমাত্মনঃ শ ৪.১৭। ৪ শ্রেষ্ঠ, বিশিষ্ট, উৎকৃষ্ট। "প্রভবস্তমুচ্চৈঃ মা.মি ৫.১৬। ৫ মহান্, শ্লাঘাকর। "কোঽয়মুচ্চৈর্বাদঃ উ.চ ৫৩৩। ৬ উচ্চারণস্থানের ঊর্দ্ধভাগ-নিষ্পন্ন বা ঊর্দ্ধদেশজাত (অচ্)। "উচ্চৈরুদাত্তঃ পা ১.২.২৯। ৭ মহান্, ভীষণ। "সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ গী ১.১২। ৮ অত্যর্থ, অত্যন্ত, অতিমাত্র। "বিদধতি ভয়মুচ্চৈঃ।—ঋতু ১.২২। ৯ উন্নত, উদার। "পূ মে ১৭। ১০ গাঢ়, নিবিড়, নির্ভর। "আশ্লেষমর্পয় মদর্পিতপূর্ব্বমুচ্চৈঃ।—অমরু ৯৪। ১১ তার, মহাশব্দ। "ক্ষিতিপালমুচ্চৈ··· অভাষত রঘু ২.৫১। উচ্চৈর্ভাষ্য, উচ্চৈর্ঘুষ্ট (S.W.)। ১২ বিশিষ্ট, উৎকৃষ্ট। "উচ্চৈঃপদ কু.স ৫.৬৪। ১৩ পৃথু, বিপুল, মহান্। "যশঃ স্বমুচ্চৈঃ রঘু ২.১২। ১৪ সবহুমান, সসম্মান। "শত্রুং প্রণম্যোচ্চৈঃ রক্ষেৎ প্রাণধনানি।—পঞ্চ ৪.২২। ১৫ অনাকুল, ধীর, শান্ত। "বিপদ্যুচ্চৈঃ স্থেয়ম্।—ভর্ত্তৃহরি। ১৬ ঊর্দ্ধ। "উচ্চৈর্মুখ পা ৬.২.১৬৮। ১৭ উন্নত, প্রবল। "উচ্চৈর্দ্বিষ্ কু.স ৩.১৪। ১৮ উৎসর্পী, দুরারোহ। "উচ্চৈস্তট।

উচ্চৈঃপদ ক্লী [কর্ম্মধা] উন্নত স্থান; বিশিষ্টপদ। "উচ্চৈঃপদলঙ্ঘনাৎসুক কু.স ৫.৬৪।

উচ্চৈঃশিরাঃ (-রস্) বিণ [বহুব্রী; স্ত্রী -রাঃ] যাঁহার মস্তক উচ্চ; উন্নত, মহাত্মা। "কু.স ১.১২।

উচ্চৈঃশ্রবা বিং [সং °বাঃ ; হি °বা] দীর্ঘকর্ণ। "উচ্চৈঃশ্রবা উচ্চৈঃ-শ্রবা অশ্বের লেখায় ভা.চ ২৬। —বা বি ইন্দ্রের অশ্ব। "ম ১৮ ; ১৯। ভা.চ ২৬।

উচ্চৈঃশ্রবাঃ (-বস্) বিণ [বহুব্রী ; স্ত্রী -বাঃ] ১ যাহার কীর্ত্তি বিপুল ; মহাযশাঃ। "মাঘ ৫.৫৭। ২ যাহার উন্নত কর্ণ ; দীর্ঘকর্ণ। —শ্রবাঃ পুং ইন্দ্রের অশ্ব। "গী ১০.২৭। কু.স ২.৪৭। [ইহা সমুদ্র-মন্থনজাত চতুর্দ্দশ রত্নের অন্যতম।]

উচ্চৈঃস্থান বিণ [বহুব্রী] যাহার স্থান উন্নত ; কুলাদি হেতু মহান্ ; আভিজাত্যাদিসম্পন্ন প্রধান। "মনু ৭.১২১। —স্থান ক্লী [কর্ম্মধা] উচ্চ পদ।

উচ্ছন্ন বিণ [উদ্+ছাদি+ত (ক্ত)-র্ম্ম] ১ আচ্ছন্ন (ত.বা) ; অনাবৃত (M.W.)। ২ [তু 'সং উৎসন্ন>প্রা উচ্ছন্ন (প্রা.ম)] বিনষ্ট, নাশ-প্রাপ্ত, নষ্টপ্রায়। "উচ্ছন্নাশ্রয়কাতরা মৃ ৬.৫। উচ্ছন্ন হইল যত বেদ অধ্যয়ন ম ৪৬৭ ; উচ্ছন্ন করিল আজি মোর সেনাগণ ৮৪৫। উচ্ছন্ন করিল সর্ব্বদেশ জ ৩৩। ৩ (বাঙ্‌লায় ; অপ্র) নাশপ্রাপ্ত, অর্থাৎ শীর্ণকায়, বিবর্ণ, বিশ্রী। "দরিদ্রদশায় উচ্ছন্ন, বিষয় হলেই পরিচ্ছন্ন, গায়ে ভ'রে উঠবে খেতে মাথ্‌তে দা ৯৮১। [উচ্ছন্ন যাওয়া—বিনষ্ট হওয়া ; চরিত্রহীন (Spoiled) হওয়া। "তবে, উচ্ছন্ন ! উচ্ছন্ন যাও ! —রবীন্দ্র।]

উচ্ছব বি [সং উৎসব>প্রা উচ্ছব (হে), -র (পৈ) ; হি—°ব] উৎসব। "দুগ্গোচ্ছব, মোচ্ছব (গ্রাম্য)।

উচ্ছর্গন বি [তু 'সং উৎসর্গ, -সর্জ্জন ; অস উর্চর্গ ; অপ্র] ত্যাগ, বন্ধন-মোচন, ছাড়া। "কৃষ্ণসার ঘোড়া আমি কৈল উচ্ছর্গন কৃ.উ ২৩৬।

উচ্ছল বিণ [উদ্+ √শল্+অ (অচ্) -ক] আধার অতিক্রমপূর্ব্বক সর্ব্বত্র প্লুত বা ব্যাপ্ত ; উচ্ছলিত। "অঙ্গে অঙ্গে যৌবনের তরঙ্গ উচ্ছল চ.কা ২১৫। উচ্ছল জল স.স্ব ১৮। লীলায় উচ্ছল, প্রভাসের সিন্ধু উঠিল ভাসি ন ১৩৮৩। উচ্ছল যার হাস কু.কে ১১৬। —চ্ছলন ক্লী [+অন (ল্যুট্)-ভা] উর্দ্ধগমন, সর্ব্বত্র প্লবন, উছলন, উপ্‌চান। —চ্ছলিত বিণ [+ত (ক্ত)-ক] ১ উদ্গত, বৃদ্ধিপ্রাপ্ত। "°শোকাবেগ-সংবরণ সী ২৫ ; ৪৫ ; ৯৮। ২ [+ত-র্ম্ম] প্লাবিত। "আসারোচ্ছ-লিতশৈলতটস্থলী (পাঠান্তর) বিক্র ৪$\frac{৭}{৮}$। আনন্দপ্রবাহে হৃদয়কন্দর উচ্ছলিত হইয়া উঠিল সী ৯৬।

উচ্ছাদন ক্লী [উদ্+ √ছাদি+অন (ল্যুট্)-ভা] ১ আচ্ছাদন, আবরণ। ২ [তু 'সং উৎসাদন>লি উচ্ছাদন] তিলপিষ্টাদি দ্বারা গাত্র-উদ্বর্ত্তন বা গাত্রমার্জ্জন ; মলা তুলিয়া ফেলার নিমিত্ত গা-ঘষা "রা ২.১১১.১০।

উচ্ছাল বি [সং উচ্ছলন ; হি উছাল ; অপ্র] ১ উচ্ছলন, উৎপ্লবন, উচ্ছলন। "হাথে হাথ প্রসারিল লাগিল কান্ধে। দুই কূল বাহিঞা জল উচ্ছাল বান্ধে॥—কৃ উ ৪৫। ২ [দ্র—' √উথাল] বর্ষণ, বৃষ্টি। "দুই জনে বাণ বর্ষে অগ্নির উচ্ছাল কৃ.উ ৬৪।

উচ্ছাস্ত্রবর্ত্তী (-র্ত্তিন্) বিণ [উচ্ছাস্ত্র+ √বৃৎ+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব ; উ.ত ; স্ত্রী -র্ত্তিনী] যে শাস্ত্র অতিক্রমপূর্ব্বক চলে ; শাস্ত্রলঙ্ঘনপূর্ব্বক যথেচ্ছচারী ; শাস্ত্রবিরুদ্ধাচারী। "মনু ৪.৮৭। যাজ্ঞ ১.১৪০।

উচ্ছিখ বিণ [উদ্গতা শিখা যাহার, বহুব্রী ; স্ত্রী -খা] ১ উন্নতশিখ, উচ্চূড়। "উচ্ছিখঃ…শিখণ্ডী উ.চ ৩.১৮। ২ উদ্গতজ্বাল, উদর্চ্চিঃ, উদ্দীপ্ত। "পাবকস্যোচ্ছিখস্য।—রঘু ১৬.৮৭। অগ্নিরুচ্ছিখঃ কি ১.৩২। ৩ নাগবিশেষ।

উচ্ছিঙ্ঘন ক্লী [উদ্+ √শিঙ্ঘ্+অন (ল্যুট্)-ভা] নাসাবায়ু দ্বারা অন্তঃস্থিত কফাদিনিঃসারণ ; নাকঝাড়া (সুশ্রুত)।

উচ্ছিত্তি স্ত্রী [উদ্+ √ছিদ্+তি (ক্তিন্) ; বৈদিক] ১ উচ্ছেদন, সমূলোৎপাটন। ২ বিধ্বংস, বিনাশ। "রাবণোচ্ছিত্তি।—ক.সা ১৫.৮২। কোসলোচ্ছিত্তি।—রত্নাবলীনাটিকা ১$\frac{৪}{৮}$। —চ্ছিন্ন বিণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ উৎপাটিত, উন্মূলিত। ২ বিধ্বস্ত, বিনাশিত। "উচ্ছিন্নাশ্রয়-কাতরা…শ্রীঃ (পাঠান্তর) মৃ ৬.৫। ৩ বিদলিত। ৪ অপকৃষ্ট, অধম (M.W.)। —চ্ছিন্ন পুং ষোড়শবিধ সন্ধির (Peace) একতম। 'ভুবাং সারবতীনাং তু দানাদুচ্ছিন্ন উচ্যতে।—হি ৪.১২৭।

উচ্ছিরাঃ (-রস্) বিণ [উন্নত শিরঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -রাঃ] ১ উন্নতমস্তক, উদগ্র। ২ মহান্, মহিমান্বিত। "পিতুরুচ্ছিরসঃ কু স ৩.৭৫।

উচ্ছিলীন্ধ্র বিণ [উদ্গতা শিলীন্ধ্রা যাহাতে, বহুব্রী ; স্ত্রী -ন্ধ্রা] যাহাতে শিলীন্ধ্রা (বেঙের ছাতা) বাহির হইয়াছে ; উদ্ভূতকন্দলিক, নির্গত-ছত্রাক। "মহীমুচ্ছিলীন্ধ্রাম্ পূ.মে ১১। —চ্ছিলীন্ধ্র ক্লী [প্রা.স] ১ উচ্ছ্রিতশিলীন্ধ্র ; উন্নতছত্রাক। "ভ ২.৭৩২ ; ১০.২০.১১।

উচ্ছিষ্ট বিণ [উদ্+ √শিষ্+ত (ক্ত) -ক, -র্ম্ম ; ছান্দস] ১ ত্যক্ত। ২ ভোজনের পরে উদ্বৃত্ত বা পরিত্যক্ত ; ভুক্তাবশিষ্ট, ভুক্তশিষ্ট। "উচ্ছিষ্টান্ন মনু ৪.১৫১ ; ১০.১২৫। গী ১৭.১০। কাকমাংসং শুনোচ্ছিষ্টম্।—পঞ্চ ১.৩১৭। কাক উচ্ছিষ্ট রস পানি বি.প ১২২। ৩ দত্তাবশিষ্ট (ত.বা)। "প্রেতশ্রাদ্ধে যদুচ্ছিষ্টম্ (ন ভুঞ্জীত)।—শ্রাদ্ধ-তত্ত্ব। ৪ অনুভূতশিষ্ট। "অননুচ্ছিষ্টসম্পদা রঘু ১২.১৫। ৫ আস্বাদিত, ভুক্ত। "তান্যর্দ্ধোচ্ছিষ্টানি (আমলকানি) ক.সা ৬১.২৯৮। ৬ [উচ্ছিষ্ট +অ (অচ্) অস্ত্যর্থে] উচ্ছিষ্টযুক্ত, ভুক্তশিষ্টভক্তাদিযুক্ত, এঁটো। "মনু ৫.১৪১। ৭ ভোজনের পরে অকৃতাচমন ; এঁটোমুখ। "ন চোচ্ছিষ্টঃ কচিদ্ ব্রজেৎ মনু ২.৫৬। ৮ অশুচি, অপবিত্র। "গো.রা ৩.৪২.৮। গোব্রাহ্মণানলান্নানি নোচ্ছিষ্টো ন পদা স্পৃশেৎ যাজ্ঞ ১.১৫৫। —ষ্ট পুং ১ গ্রস্ত বা অপরিশুদ্ধ জন। "ভ ৩.২০.৪১। ২ উচ্ছিষ্টমুখ জন। "উচ্ছিষ্টেন তু সংস্পৃষ্টঃ মনু ৫.১৪৩। —ষ্ট ক্লী ১ ভুক্তাবশিষ্ট অন্নাদি ; ভুক্তশেষ। "মনু ২ ৫৬ ; ৪.২১১ ; °ভোজী ২১২। °ভক্ষণ দু ৫। ম ৫৯৩। ২ অবশিষ্ট দ্রব্য। "অগ্নিহোত্র°, হুত°। হবিরুচ্ছিষ্টাশ।—শতপথব্রাহ্মণ (S.W.)। ৩ (মক্ষিকোচ্ছিষ্ট) মধু। ৪ মুখসংস্পৃষ্ট বা মুখগলিত অন্নাদি। "সঃ…গৃধ্রোচ্ছিষ্টেন জীবতি মনু ১১.২৬। কুকুল করিয়া পুষ্প ভরিল উচ্ছিষ্টে বি.পা ২৩৯। মুখ হৈতে বাহির করিলে গঙ্গাজল। উচ্ছিষ্ট বলিয়া তবে ঘুষিবে সকল॥—কৃ ২১। ক.চ ২৩৩। [°কল্পনা (স্ত্রী)—অন্যকৃত কল্পনা। °গণপতি, °গণেশ (পুং)—উচ্ছিষ্টের পূজ্য তন্ত্রোক্ত গণেশবিশেষ। °গর্ত্ত (বি)—এঁটো পাতা-প্রভৃতি ফেলার গর্ত্ত ; আঁস্তাকুড়। "চৈ.চ ৫৫। °ভাজন (বি)—উচ্ছিষ্টের পাত্র ; এঁটো পাত। "চৈ.চ ৩১৫।]

উচ্ছিষ্টভোজন বিণ [বহুব্রী] ১ উচ্ছিষ্ট যাহার ভক্ষ্য ; পঞ্চযজ্ঞাব-শিষ্ট অন্নাদির ভক্ষক। ২ দেবনৈবেদ্য-ভক্ষক। —ভোজন ক্লী [ষ.ত] ভুক্তশেষ-ভক্ষণ। "মনু ২.২০৯।

উচ্ছিষ্টভোজী (-জিন্) বিণ [উচ্ছিষ্ট+ √ভুজ্+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত ; স্ত্রী -জিনী] ভুক্তাবশেষ ভোক্তা ; নিষিদ্ধোচ্ছিষ্টভোক্তা। "মনু ৪.২১২।

উচ্ছিষ্টলেপ পুং [ষ.ত] ভিক্ষাপাত্রলগ্ন ভুক্তশেষ অন্নাদি। "ভ ১.৫.২৫।

উচ্ছিষ্টিত বিণ [উচ্ছিষ্ট+ই (ণিচ্)— √উচ্ছিষ্ট+ত (ক্ত)-র্ম্ম] উচ্ছিষ্টীকৃত, মুখসম্পর্কে অশুচীকৃত। "পরাশর ১১.৬।

উচ্ছীর্ষক বিণ [উদ্গত শীর্ষ যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -র্ষিকা] উন্নতশিরাঃ, উর্দ্ধমস্তক (ধান্যাদি)। —র্ষক ক্লী ১ যাহাতে শীর্ষ উদ্গত হয় ; বাস্তুপুরুষের শিরঃপ্রদেশ (কুল্লূক)। "মনু ৩.৮৯।

২ শীর্ষোপধান, মাথার বালিশ; উপধান, বালিশ। "ভ ৪.২৭.৪, শ্রীধর।

উচ্ছুর বিং [উৎসুর > প্রা° উচ্ছুর ; অপ্র] ১ যখন সূর্য্য উপরে উঠে; অতিরিক্ত, অধিক (বেলা)। "বেলা হইল উচ্ছুর করহ স্নান পান কৃ.উ ১২৩। ২ অতিক্রান্ত, অতীত। "দেবার্চ্চনার বেলা হইল উচ্ছুর কৃ.উ ১৭৭। [দিবস উচ্ছুর—অতিরিক্ত বেলা। "তপ করি ঘরে আসি দিবস উচ্ছুর কৃ.উ ১৭৯।]

উচ্ছূন বিণ [উদ্+ √শ্বি+ত (ক্ত) -ক, সম্প্রসারণ, দীর্ঘ ; স্ত্রী -না] ১ ঊর্দ্ধগত, উন্নত। "কামিন্যাঃ কিয়দুচ্ছূনমূরঃ (শ.ক)। ২ স্ফুটিতপুট, স্ফীত। "প্রবলরুদিতোচ্ছূননেত্রে উ.মে ২৩। রুদিতোচ্ছূনতাম্রদৃষ্টি (দশকুমার)। ৩ স্ফীত, উদ্রিক্তবিক্রম। "তৃণোচ্ছূনৈঃ কিমেভির্ভু জৈঃ সা.দ ১৩/২। —না স্ত্রী স্ফীতি।

উচ্ছৃঙ্খল বিণ [প্রা.স ; স্ত্রী -লা] ১ শৃঙ্খল হইতে উদ্গত; বন্ধনরহিত, উদ্দাম। "উচ্ছৃঙ্খল হস্তী সচ্ছন্দে গমন করে।—পুরুষপরীক্ষা। ২ অপ্রতিবন্ধ, অনর্গল। "মাঘ ২.৬২। হি ৩.১০০। ৩ অনর্গল, সর্ব্বব্যাপী। "°শব্দনিঃস্বন মাঘ ১২.১৩। ৪ নিয়ন্তৃরহিত। ৫ সঙ্গতিরহিত, অসম্বদ্ধ, অযুক্ত। "°বচনৈর্জ্জল্পন্তম্।—পঞ্চ ৩২/১৩। ৬ শৃঙ্খলারহিত, পরিপাটিহীন, ক্রমশূন্য, এলোমেলো। "আছে বিশ্বে নব শৈশবের মত্ত। উচ্ছৃঙ্খল ক্রীড়া।—মন্ত্র ৯। ৭ স্বেচ্ছাচারী, কামকার। ৮ উন্মার্গগামী, উৎপথপ্রস্থিত, কুপথগামী। "উচ্ছৃঙ্খল লোক-সঙ্গে দুই লোকনাশ চৈ.চ ১৮৪।

উচ্ছে বি ['উচ্চত্বক'—মূল (?) ; উস্ত (যশোহর) ; উদিশা (ময়মনসিংহ) ; উদিসা (ব.প ২২২)] তিক্তরস লতাবিশেষ ও তাহার তিক্ত শাকফল (Memordica charantia)।

উচ্ছেত্তা (-ত্তৃ) বিণ [উদ্+ √ছিদ্+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ উচ্ছেদক। ২ সমূলোৎপাটক, উন্মূলয়িতা। ৩ বিনাশক, লোপকারক। "রা ৩.৩২.১২। —চ্ছেদ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ছেদন, কর্ত্তন। "চরণোচ্ছেদ ক.সা ১৮.২৯। ২ উন্মূলন, উৎপাটন। ৩ বিনাশ, ক্ষয়। "কুলোচ্ছেদ। কৌশিকোচ্ছেদ মহা ১.১৭৬.৪৪। ভবোচ্ছেদকর রঘু ১৪.৭৪। —চ্ছেদক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -দিকা] সর্থ 'উচ্ছেত্তা'। —চ্ছেদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'উচ্ছেদ'। —চ্ছেদনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ উচ্ছেদার্হ, উৎপাটনীয়। ২ উৎসাদনীয়, বিনাশ্য। —চ্ছেদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -দিনী] ১ সর্থ 'উচ্ছেত্তা'। ২ নিরাসক, অপনেতা। "অনেকসংশয়োচ্ছেদী হি ১০ (কথারম্ভ)। —চ্ছেদ্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম] ১ উৎপাটনীয়। ২ সর্থ 'উচ্ছেদনীয় (২)। "সুখোচ্ছেদ্য।—পঞ্চ ৩.২৫।

উচ্ছেষ পুং [উদ্+ √শিষ্+অ (ঘঞ্)-র্ম্ম] ভুক্তাবশিষ্ট অন্নাদি। "মহা ১৩.২৩.৫০। —চ্ছেষণ ক্লী [+অন (ল্যুট্)-র্ম্ম] ১ উচ্ছিষ্ট, ভুক্তশেষ। "মনু ৩.২৪৬ ; ২৬৫। —চ্ছেষিত বিণ [+ √শেষি+ত (ক্ত) -র্ম্ম] উচ্ছিষ্টীকৃত, চুম্বিত। "বক্ত্রমুচ্ছেষিতং ভগবতা ভ ৩.১৫.২২।

উচ্ছোষণ বিণ [উদ্+ √শুষ্+ই (ণিচ্)+অন (ল্যুট্) -ক ; স্ত্রী -ণী] ১ ঊর্দ্ধশোষক। ২ অতিশোষকর, সন্তাপকর। "শোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্ গী ২.৮। —ণ ক্লী [+অন-ভা] ঊর্দ্ধশোষণ, পরিশোষণ।

উচ্ছ্রয়, -চ্ছ্রায় পুং [উদ্+ √শ্রি+অ (অচ্),+অ (ঘঞ্),-ভা, পা ৪.৩.৪৯, স্রি] ১ উদ্গমন, উত্থান। "শক্রপাতে তথোচ্ছ্রয়ে যাজ্ঞ ১. ১৪৭। ২ অভ্যুদয়। বিপ 'পতন'। "গ্রহাধীনা নরেন্দ্রাণামুচ্ছ্রয়াঃ পতনানি চ যাজ্ঞ ১.৩০৮। 'পাতপর্য্যায় ক.সা ২৫.৪৪। ৩ বৃদ্ধি। "কি ১৬.১০। ৪ বিস্তার। "দোষোচ্ছ্রায়, রজোচ্ছ্রায় (S.W.)। ৫ উৎক্ষেপণ, উত্তোলন। "প্রাগ্বংশে যূপোচ্ছ্রয়ে রা ১.১৪.২২। ৬ [+অ-ণ] ঔন্নত্য, উচ্চতা। "মহোচ্ছ্রয়, শিখরোচ্ছ্রয়, সোচ্ছ্রয় (S.W.)। বহুতালোচ্ছ্রয়ং শৃঙ্গম্ মহা ৩.১৬০.৩৫। শৃঙ্গোচ্ছ্রায় পূ.মে ৫৯। ৭ উৎকর্ষ। "গুণোচ্ছ্রায় কি ৮.২১ ; ১৪.২১। ৮ গর্ব্ব (A.)। ৯ ত্রিভুজের উন্নত ভুজ (লীলাবতী)। —চ্ছ্রয়ণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] উন্নমন, উত্থাপন। —চ্ছ্রায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক ১ব ; স্ত্রী -য়িনী] ঊর্দ্ধগামী, উন্নত। "মাঘ ৫.২১। —চ্ছ্রিত বিণ [+ত (ক্ত) -ক] ১ উন্নত, উচ্চ। "নাত্যুচ্ছ্রিত (আসন) গী ৬.১১। ২ উন্নত, তুঙ্গ, প্রাংশু। "হিমাচলমুচ্ছ্রিতম্ কি ৫.১। ৩ প্রবৃদ্ধ। "শাস্ত্রেতিহাসাদিভিরুচ্ছ্রিত শ্রী (S.W.)। ৪ উদ্গত, উত্থিত। "উচ্ছ্রিতধূম, °পাণি, °ভুজ (S.W.)। উচ্ছ্রিতধ্বজ রা ২.৪৩.১০। ৫ উপচিত, সমৃদ্ধিমান্। "মনু ৭.১৭০। ৬ দৃপ্ত, গর্ব্বিত। "উচ্ছ্রিতঃ…শক্রঃ গো.রা ৭.৯৫.২১। উচ্ছ্রিতানাং নিহন্তা হ ২৬৩.৮৭। ৭ অতিশয়িত, সর্ব্বাতিরিক্ত। "স্বভুজবীর্য্যামগাপয়দুচ্ছ্রিতম্ রঘু ৯.১৯। ৮ [+ত-র্ম্ম] উন্নমিত। "উচ্ছ্রিতং ছত্রম্ রঘু ১৭.৩৩। উচ্ছ্রিতনৈকমস্তক ভ ১০.১৭.৬। ৯ উৎক্ষিপ্ত, উত্থাপিত। "°উচ্ছ্রিতসিতাংশুকরাবলম্ব মাঘ ৪.২৫। ১০ ত্যক্ত (ত.বা)। ১১ সমুন্নদ্ধ। —চ্ছ্রিতি [+তি (ক্তিন্)-ভা] ১ উন্নমন, উন্নতি। ২ উৎকর্ষ। "মনু ৫.৪০। ৩ উচ্চ সংখ্যা (লীলাবতী)।

উচ্ছ্রায়, উচ্ছ্রিত,-তি দ্র 'উচ্ছ্রয়'।

উচ্ছ্বস অর্ম্ম [সং উদ্+ √শ্বস্ (উচ্ছ্বস্) > প্রা √উসস] ১ পুলকিত হওয়া। "হঠাৎ উঠে উচ্ছ্বসিয়া। কহে আমার গান। সেইখানে মোর স্থান চ.কা ৩৩০। ২ উচ্ছলিত (স্ফীত) হওয়া। "(তরঙ্গরাশি) উচ্ছ্বসি পড়িবে আসি উরসে গলে চ.কা ১৩৪।

উচ্ছ্বসন ক্লী [উদ্+ √শ্বস্+অন (ল্যুট্) -ভা] ১ উচ্ছ্বাস, শ্বাসগ্রহণ। ২ দীর্ঘশ্বাস। ৩ শ্লথীভাব, শিথিলতা। "নীবীবন্ধোচ্ছ্বসন স্বা.মা ২.৫। —চ্ছ্বসিত বিণ [+ত (ক্ত)-ক] ১ উজ্জীবিত, জীবিত। "হৃদয়মুচ্ছ্বসিতং মম বিক্লবম্ মা.মি ৩.৬। ২ ত্যক্তোচ্ছ্বাস। "দিশ উচ্ছ্বসিতা ইব রঘু ১০. ৭৩। ৩ বিকসিত, স্ফুটিত (অ.চি)। ৪ বিকসিত, প্রফুল্ল। "°হৃদয়া উ.মে ৩৯। ৫ উপবৃংহিত, সজীবতাপ্রাপ্ত। "ত্বন্নিষ্যন্দোচ্ছ্বসিতবসুধা পূ.মে ৪৩। ৬ আশ্বাসযুক্ত সপ্রত্যাশ। "কামস্তোচ্ছ্বসিতং মনঃ কু.স ৬.১৪। ৭ স্ফুরিত, চলিত। "উচ্ছ্বসিতালকং মুখম্ রঘু ৮.৫৫। ৮ উজ্জৃম্ভিত, বিস্ফারিত। "উচ্ছ্বসিতোগ্রলোচন ভ ১০.১৭.৬। ৯ (বাঙলায়) উচ্ছলিত। "দূরে কল্লোলিয়া ধায়। উচ্ছ্বসিত স্বচ্ছ নীল জলধি।—মন্ত্র ৮। —ত ক্লী [+ত-ভা] ১ উচ্ছ্বাস। ২ জীবিত, প্রাণ। "সা…কথমস্ত কুলপতেরুচ্ছ্বসিতম্ শ ৩২/১। কু.স ৭.৪। ৩ উদ্বৃংহণ, স্ফীতি। "রঘু ৮.৩। ৪ স্ফুরণ, চলন, স্পন্দন। "কেয়ূরবন্ধোচ্ছ্বসিত রঘু ৬.৬৮। ৫ ত্রুটিত, ছেদন। "নীবীবন্ধোচ্ছ্বসিতশিথিলম্ (ক্ষৌমম্)।—উ.মে ৭। ৬ শিথিলীভাব (A.)। ৭ নিঃশ্বাস, দীর্ঘশ্বাস (M.W.)। ৮ প্রাণবায়ু (A.)। —চ্ছ্বাস২ পুং [+অ (ঘঞ্)-ভা; তু 'উচ্ছ্বাস'—ফেন। "সিন্ধোরুচ্ছ্বাসে (ঋগ্বেদ ৯.৮৬.৪৩)।] ১ উদ্গত বা বহির্মুখ শ্বাস ; নিঃশ্বাস। "উচ্ছ্বাসবাতেন মাল্যম্ (নাত্যর্থং স্পন্দতে) গো.রা ৫.১৩.৬৩। উষ্ণোচ্ছ্বাস উ.মে ৪১। দীর্ঘোচ্ছ্বাস—অমরু ১১। ২ নিঃশ্বাসবায়ু। "প্রিয়ামুখোচ্ছ্বাসবিকম্পিতং মধু।—ঋতু ১.৩। ৩ অন্তর্মুখশ্বাস। বিপ 'নিঃশ্বাস'। 'শ্বাসস্তু শ্বসিতং সোঽন্তর্মুখ উচ্ছ্বাসঃ (অ.চি)। ৪ দীর্ঘশ্বাস। ৫ আশ্বাস। "সবে দিল আশীস উচ্ছ্বাস বেদধ্বনি শ্রী ২১। ৬ প্রাণন, জীবিতধারণ। "উ.চ ৩.৩০। ৭ নিবৃতি (S.W.)। ৮ উপচয়, স্ফীতি, বৃদ্ধি (M.W.)। ৯ আখ্যায়িকার পরিচ্ছেদ। "প্রথমোচ্ছ্বাস (দশকুমার)। ১০ (বাঙলায়) প্রবল বায়ুপ্রবাহ বা বায়ুসঞ্চার। "ঝটিকার পূর্ব্বে যেন বায়ুর উচ্ছ্বাস।—হেম ১২৭। ১১ হর্ষজন্য উদ্গত ধ্বনি ; আনন্দকোলাহল। "উৎসব-উচ্ছ্বাসে স.ম্ব ৬১। ১২ উচ্চশব্দ, মহারব। "হাসির উচ্ছ্বাস, আকাশ উঠিল

আকুলি।—কথা ৪৯। ১৩ ভাবপ্রবণতাজন্য হৃদয়ের বেগ। "নিমেষ তরে, ইচ্ছা করে, বিকট উচ্ছ্বাসে৹ সকল টুটে, যাইতে ছুটে, জীবন-উল্লাসে চ.কা ৭৬। —চ্ছ্বাসিত বিণ [+ √শ্বস্+ই (ণিচ্)+ত (ক্ত) -র্ম] ১ উজ্জীবিত, সমাশ্বাসিত। "ধনদোচ্ছ্বাসিতস্তৈ রা ৭.১৫.৩৪। [ধনদঃ+উচ্ছ্বাসিতঃ, সন্ধিরার্ষঃ] ২ বিশ্লেষিত, বিচ্ছিন্ন। "ভুজোচ্ছ্বাসিত-প্রস্থসন্ধেঃ পূ.মে ৫৯। ৩ মুক্ত। ৪ অতিশয়িত, বিবর্দ্ধিত, সমধিক। "এত ভাবে উচ্ছ্বাসিত প্রীতি চ.কা ৯৩। —চ্ছ্বাসী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] ১ নিঃশ্বাসী। "সমধিকতরোচ্ছ্বাসী উ.মে ৪১। ২ উদ্গাত। "উচ্ছ্বাসিকালাগুরুরাগ কু.স ৭.৮২। ৩ কম্পমান, স্পন্দিত। "হরিচন্দনেন স্তনমধ্যোচ্ছ্বাসিনা বিক্র ১.৬। ৪ ঊর্দ্ধশ্বাসযুক্ত, মুমূর্ষু। ৫ (বাঙলায়) উচ্ছ্বাসযুক্ত, ভাবপ্রবণহৃদয়।

উচ্ছ্বাস[১] অর্ম্ম [উচ্ছ্বাস[২] > √উচ্ছ্বাস ; পদ্যে] ১ দীর্ঘ শ্বাস ত্যাগ করা। "উচ্ছ্বাসে বিলাপী যথা মে ১১২ ; উচ্ছ্বাসিলা বীরবৃন্দ বিষাদে ২৫৯। ২ বায়ুপ্রবাহে শ্বাসবৎ সন্‌সন্ শব্দ করা। "মহীরুহব্যূহ যথা উচ্ছ্বাসে নিশীথে মে ২৫৯। —চ্ছ্বাস সর্ম্ম উদ্গাত (উদ্গীর্ণ) করা ; নিঃসারিত করা। "উথলে যথা তপ্ত পাত্রে পয়ঃ৹ উচ্ছ্বাসিয়া ধূমপুঞ্জ মে ২৬৩।

উচ্ছ্বাস[২] ; **-চ্ছ্বাসিত, -চ্ছ্বাসী** দ্র 'উচ্ছ্বসন'।

উচ্‌পিচা বিং [সং উদ্+ √বিজ্ (?) ; অস √উচ্‌পিচা—অস্থির হওয়া ; তু 'উচপিৰ্চ্চ জন্ময়ে' 'উৎপিচ্ছ জন্ময়ে' (টীকা) চৈ.ভা ২৬৪।] উদ্বিগ্ন, অস্থির, ব্যস্ত। [উচ্‌পিচা করা—অস্থির করা (চব্বিশপরগণা)। "পাখীটাকে খুঁচিয়ে উচ্‌পিচা ক'চ্ছে।]

উছ্, সক [তুদা, প—উচ্ছতি ; সেট্] ১ বন্ধন। ২ ত্যাগ। —ছ্ অক সমাপ্তি। "উচ্ছতি রাত্রিঃ (ক.ক)। [বি—সমাপ্তি, অবসান। "ব্যুষ্টায়াং রজন্যাম্ রা ৭.৯৬.১।]

উছগগ বি [সং উৎসর্গ >প্রা* উচ্ছগ্‌গ্ >°গ্‌গ ; অপ্র] উৎসর্গ, মন্ত্রোচ্চারণপূর্ব্বক দেবোদ্দেশে দান। "চিতা উছগগ তোমরা এই সময় করি দ্যাও গো.চ ৪৬। [উছরগিয়া—উৎসর্গ করিয়া। "গো.চ ৫ ; ৬। ব.প ৩১।]

উছট বি দ্র 'উচাট'।—টি [দ্র 'উঙ্কট'] স্ত্রীলোকের পাদভূষণবিশেষ। "চুলটী উছটি যত,...পায়ে শোভে সুবর্ণপাসলি গো.চ ৪৫৬।

উছর বিং [উচ্ছুর >°র ; অপ্র ; তু 'উছারা—উচ্চ, অতিরিক্ত (চ)] অধিক, অতিরিক্ত। "উছর হয়েছে বেলা খেলা কর পাছু শ্রী.মা ২৪। বেলি উছর হৈল রে শ্রী.ম ৬৬। উছর বেলা রা.শে ৩৪ ; ৫১।

উছল[১] বিং [উচল >°ল ; অপ্র] ১ উচ্চ। "চালিত আছে উছল পিড়া এইঠে আসিয়া বস গো.চ ৩০১। ২ উচ্চ, পুরু। "মাটীর উপর পাটী বিছায় এক বুক উছল ব.প ৭২।

উছল[২] বিং [সং উচ্ছল >°ল ; হি উছাল (বি)] উচ্ছলিত, উত্থিত। "উছল ঢেউএর পিছলা পিঠে, হবেরে আজ দুলতে কু.কে ১৭২।

উছল[৩] অর্ম্ম [সং উদ্+শল্ >প্রা √উচ্ছল (প্রা.ম ; পৈ), √উচ্ছল্ল (হে) >বা √উছল ; হি √উচ্ছর, -ল, √উছর, -ল ; ঠ √উসল.] ১ আধার অতিক্রম করিয়া উঠা ; ছাপাইয়া উঠা ; উথলান। "(রস) খরচ করিলে৹ দ্বিগুণ বাড়য়ে৹ উছলিয়ে বহি যায় চ.দা ১৫০। উছলি তরঙ্গ বহে ভ.গ্র ৮৩ ; উছলে তরঙ্গ ৪৪৩। উছলই কালিন্দী হিল্লোলে গো ১০৩। উছলিয়া গঙ্গাজল ঝরে ঝরঝর ভা.চ ১৮১। মাধুরী-লহরী, অঙ্গেতে যেমন, উছলি উছলি চলে।—হেম ১৫০। পুলকে উছলি ঢেউ ছলছলে।—কথা ৪৯। চ.কা ৪। ২ প্রকাশ পাওয়া ; ফুটিয়া বাহির হওয়া। "মনের মধুর জ্যোতি উছলে নয়নে সা.ম ৯। অলকে ঝলকে উছলিছে আভা।—হেম ১১৭। ৩ উত্থিত হওয়া ; উঠা। "গোকুলে উছলল করুণার রোল বি.প ১৬৩। ৪ স্ফীত হওয়া ; কাঁপিয়া উঠা। "উছলল মনোহি মনোভব-সিন্ধু ব.প ১৩৩৫। —লা সর্ম্ম [উছল[৩]। আ[৮] ; হি √উছলা] উদ্গাত করা ; উড্ডীন করা ; উড়ান। "শিশু পশু সঙ্গত৹ করি, হরি আয়ত৹ গোখুর ধূলি উছলাই রা.শে ৮৯। উছলল (দ্র 'অল[২]')—উঠিল, উছলিল।] উছল(লা)ন—সর্থ 'উছল[৩]'।]

উছলপাছল বিং ['উচ্ছলপ্রোচ্ছল'—মূল ; দ্র 'উথলপাথল' ; হি উথলপুথল ; তু 'উঙ্কল পাঙ্কল' (চ ৩৭)] তরঙ্গের উত্থান-পতনে উত্থিত-পতিত ; ঢেউএ উঠা-নামা ; উলট-পালট। "উছল-পাছল হয় নৌকা না ঠাহরে। গোপীগণ স্থির হইয়া বসিতে না পারে॥—ভ.গ্র ৪৪৩।

উছলিত বিং [সং উচ্ছলিত ; উছলিআ (চ) ; পদ্যে] ১ আধার অতিক্রমপূর্ব্বক উত্থিত ; উদ্গাত, উথলিত। "জাহ্নবী জল ভেল উছলিত ন.প ১৩০। চৈ.চ ১৫৯ ; উছলিত তরঙ্গ ৩৪৪। ২ উদ্গাত, উড্ডীন। "উছলিত অলিক৹ সকম্পিত চুম্বনে৹ কম্পই লম্বিত মাল জ.প ১২। ৩ আনন্দনির্ভর, হর্ষে ভরপুর। "কানুবদন হেরি৹ উছলিত অন্তর গো ১৫৬।

উছস অর্ম্ম [সং উদ্+শ্বস্ >উচ্ছ্বস্ >প্রা √উসস (হে) >বা °স ; হি 'উসাস'—উচ্ছ্বাস ; পদ্যে] উচ্ছ্বসিত হওয়া ; বিষাদভরে পরিপূর্ণ হইয়া ফাঁপিয়া উঠা। "তখনি এ হিয়া৹ উঠে উছসিয়া ঃ উছসি উঠিয়া৹ বিরহী এ হিয়া৹ নয়ন-সলিলে ভরে কু.কে ২৬।

উছাট দ্র 'উচাট[২]'।

উছাটিণ বি ['উচ্চাটন'—মূল ; অপ্র] যাহা মন অধীর করে ; কামের 'উন্মাদন' বাণ। "উছাটিণ বাণে শ্রী.কী ২৬৮।

উছাহ বি [সং উৎসাহ >লি, প্রা উচ্ছাহ >বা উছাহ ; হি উছাহ ; বৈষ্ণবসাহিত্যে] উৎসাহ, আনন্দ, হর্ষ। "করই স্তুতি নতি, দেবগণ ঘন, ভবনে ভরই উছাহ ন.প ৮৯ ; ধরণী অধিক উছাহে প্রফুল্লিত ১৩০ ; অনুপ উছাহ ১৪২।

উছুরা [?] উছুর=অতিক্রান্ত। "আরজন দেগিবা কেবল উছুরা বি.পা ৩৩৪।

উজএ ক্রি [√উগ[২] > √উজ+এ[৬]] উদিত হয়। "সর্ব্বকাল সুপূর্ণ উজএ শশধরে ব.প ৮৪৫।

উজড় সর্ম্ম [সং উদ্+ √ছর্দ্ (উচ্ছর্দ্দ্) >প্রা* √উচ্ছড্ড >বা (√উছড়) √উজড়] বমন করা। "কুকুরে উজড়ে রেগেচে জা ১৮।

উজব(বু)ক্ বি [র্ক উজ্‌বক্ ; E. uzbeg, usbeg (Century Dictionary) ; uzbeg—a member of the Turkish family of Tartars in Turkistan &—*Davidson.*] ১ তাতারের জাতিবিশেষ ; তজ্জাতীয় সৈন্য। "যবন কিরাত শক, আগুদলে উজবক ক.চ ২০৬। ২ (সাদৃশ্যে) অসভ্য, মূর্খ, আনাড়ী, উজবুক।

উজর[১] বিং [সং উজ্জ্বল ; >লি, প্রা উজ্জল ; উজ্জর, -ল (পৈ ১.১৮৫) >বা উজর, -ল, হি উজ্জর, -ল, উজরা, -লা, উজার, -রা ; ঠ উজল., -ল.; গু উজলু., উজার ; জাটু—উজলা ; মৈ উজ্জর ; পদ্যে] ১ উজ্জ্বল, দীপ্ত। "উজর দীপ ব.প ১০৮২। দীপ শত শত উজর ন.প ১৩০। ২ দীপ্ত, দিব্য। "নখর উজর শোভা গো ৩৩। ৩ আলোকিত। "শারদ পার্ব্বণ...উজল সকল বন চ.দা ৬৫। হাতে বিরাজিত তাড় ভুবন উজর (শ্রী)। ৪ সুস্পষ্ট, পরিস্ফুট। "নয়নে কাজর, সুরেখা উজর চৈ.ম ৪৬। ৫ সুপ্রকাশিত। "উজর শশধর।—গো ১৮৭। ৬ মার্জ্জিত, নির্ম্মল। "উজর হার উর ব.প ১০৭৫। —ল[১] বিং ১ উজ্জ্বল, দীপ্ত। "বরণে উজলী, কনক বউলী, শোভিছে তোর কুণ্ডলে ক.চ ৬৪। কর্ণের কুণ্ডল৹ রতনে উজল শ্রী.কী ৯০। ২ দীপ্ত, শোভিত। "আলস লোচন দেখি কাজলে উজল শ্রী.কী ১২। ৩ আভাময়, ভাস্বর। "মহীমণ্ডলে উজলা মেঘে যেহ্ন বিজুলী শ্রী.কী ১৩২। ৪ অতিশুভ্র, অমলধবল। "মাণিক জিণিআঁ তোর দশন উজলা শ্রী.কী ৬৮। [উজলী—আভাময়ী।]

উজর² অর্ম্ম [সং উদ্+ √জ্বল্ >প্রা √উজ্জল (প্রা.ম) >বা √উজল, -র ; পদ্যে] উজ্জ্বল হওয়া ; প্রকাশ পাওয়া। "ত্রিযাম যামিনী, শুক উজরল, দেখিয়া আকুল ধনী ব ১৬২। —ল অর্ম্ম **১** দীপ্তি পাওয়া ; শোভা পাওয়া। "কর্ণের কুণ্ডলে তোর মাণিক উজলে শ্রী.কী ১২৩ ; দশন উজলে ২৬৯। **২** কিরণ বিস্তার করা ; আলো করা। "উপরে উজলে ভানু, ভূতলে যামিনী সা.ম ৫৭। —ল² সর্ম্ম উজ্জ্বল করা ; আলোকিত করা। "(দেউটী) জ্বলিল উজলি দশ দিশ মে ১১৪। আলো …উজলে ভুবন সা.ম ৩৭। (নারদ ঋষি) আইলা একদা উজলি দিশি।—হেম ২৪১। তারকা নিজ হিয়া৹ তুলিছে উজলিয়া চ.কা ৬৫। [উজোলি—উজ্জ্বল করে। "গঅণহ জিম উজোলি চান্দে চ ৪৭।]

উজল¹, **-লী ; উজল**² দ্র 'উজর¹ ; উজর²।

উজা¹, **-জু** বিং [সং ঋজু, -ক > লি, প্রা উজু, -জ্জু ; প্রা উজ্জুঅ (হে), উজ্জু(য) ; > বা উজু, (উজ্জুআ) উজা ; ঠ উজ্ ; উজু-জ্ (চ) ; তু 'উজ্জা আঁউলে ধি, না উড়ে (চট্টগ্রাম) ; 'উজো' (গ্রাম্য)] **১** সরল, সোজা। "গাঙ্গের দুই কূল ভাঙ্গিয়া বেঁকা করে উজু ম ম ১২০ ; ১৪১। **২** অকপট, সাদাসিদা (লোক)। —জা ক্রি.বিং অকপটে, সরলমনে। "বলিলা উজা, চাহি না পূজা, বাঁচুক রাবণধন দু ২৪ ; ব.প ৫৯২। [উজাসুজা, উজুসুজু, উজোসুজো—সাদাসিদা।]

উজা² অর্ম্ম [উজান > √উজা ; অস √উজা] **১** নদীর উর্দ্ধদিকে (উৎপত্তিস্থানের) অভিমুখে যাওয়া। "কুল লই থরে সোন্তে উজাঅ চ ৫৯। **২** নদীর উর্দ্ধাভিমুখে প্রতিকূল (অর্থাৎ জোয়ারের) স্রোতে যাওয়া ; উজান। "উজাইয়া ধায় ভুরা বি.প ৩২৮। ভেলা আপনে উজায় বা.ম ৩৩৩। যখন জোয়ার আসবে, উজায়ে যাবে, ভাটিয়া যাবে ভাটার বেলা।—রামপ্রসাদ। আঁধারে আঁধারে নিঃশব্দে উজাইয়া যাও ব.প্র ৩৮০। **৩** উপর দিকে প্রবাহিত হওয়া ; উজান বহা। "নদী মৈদ্ধেতে উজাএ গো.বি ১৪৪ ; উজাউক মহারস ১৪৫। **৪** হাতের উপরদিকে উঠা ; উঠা। "গুছাইয়া রাখিলে উজায়ে থাকে বাই শি ১০৫। **৫** স্রোতের প্রতিকূলে উঠা। "সমুদ্রমাঝারে গুরু কৈ মৎস্য উজাএ রে গো.বি ১৮৭। —জা সর্ম্ম **১** স্রোতের প্রতিকূলে লইয়া যাওয়া বা বাহা। "ভেলাখান উজাইয়া আনি ঘাট পারে বা.ম ৩০২। **২** হাতের উপরিভাগে উঠান বা তুলিয়া দেওয়া। "সকল পরায়ে শেষে উজাইল বাই শি ১০৪। [উজাঅ, -এ—উজান যায়। উজাই—স্রোতের প্রতিকূলে উঠিয়া। "আষাঢ় মাসের ভর বরিষা উজাই লাগিল মাচ (জাগের গান)। উজাউক—উজান যাউক। উজান—সর্থ 'উজা'।]

উজাগর, -গার বিং [সং উজ্জাগর > লি, প্রা উজ্জাগর > বা °র ; অস উজাগর ; পদ্যে] **১** জাগরিত। "সারা রাত্রি থাকিত উজাগর ম.ম ৬২। সঙ্গে জ্ঞাতি পুত্র নাতি, উজাগর দিবা রাতি ক.চ ৭৯। **২** [হি, ঠ, গু উজাগর ; মৈ উজাগর, -রি (স্ত্রী)] দীপ্তিমান্, উজ্জ্বল, আলোকময় ; (গৌণার্থে) আনন্দময়। "জঁহা চন্দা নিরমল ভমর কার। রয়নি উজাগরি দিন অন্ধার॥—বি.সা ৩৬৫। মনমথ সাগর৹ রজনী উজাগর গো ১১০ ; রজনী উজাগরি ১৬৫। —গর বি [ঠ, গু উজাগর] জাগরণ। "উপবাসে উজাগরে শরীরের বল টোটে ম.ম ৩১।

উজাড়¹ বি [সং √উচ্চাট ; হি উজাড়, উজড় ; ঠ উজাড ; জাটু—উজাড় ; গু উজ(জা)ড, উজ্জড ; অস উজার্] **১** যে স্থান হইতে বৃক্ষাদি উৎপাটিত হইয়াছে ; শূন্য, বিধ্বস্ত। "দেখিলেই মনে হয় দেশটি উজার স্ব.প্র ৯৮। **২** শূন্য, খালি। "থলি ঝলি উজাড় ক'রে ফেলে।—রবীন্দ্র। উজাড় ক'রে দিয়ে থলি চ.কা ৪৪০। ধনী আসবে তা'র ভাণ্ডার তোমার কাছে উজাড় করে' দেওয়ার জন্য ঘ ১৫৮। **৩** জনশূন্য। "মহামারিতে গ্রামকে গ্রাম উজাড় হ'য়ে যায়।

উজাড়² সর্ম্ম [উজাড়¹ > √উজাড় ; হি, মৈ √উজাড় ; ঠ √উজাড ; গু √উজাঠ] উন্মূলিত করা ; ধ্বংস করা। "(হিমানীস্তূপ) ধায় যবে ধরাতলে অরণ্য উজাড়ি৹ কে নিবারে তার গতি ?—হেম ১৭৮। **২** শূন্য করা ; খালি করা। "এক শ্বাসে তিন হাঁড়ি আমানি উজাড়ে ক.চ ৫০। লুটিয়া খাইয়া দিয়া ভাণ্ডার উজাড়ে চৈ.চ ৩২। কলম্বীর শাক খেয়ে উজাড়িল গেড়ে শি ৭৫। ঘর উজাড়িয়া যাব ভা.চ ১০৪।

উজান বিং [সং উদ্+জবন ; লি উজ্জরনিকা (চুল্লবগ্‌গ ১১.১.১২) > প্রা * উজ্জঅণিআ > বা (উজ্জানি) উজানি, -ন ; হি উজান (বি)] **১** উর্দ্ধগামী, উচ্চদিগ্‌গামী। "তাহা বহি হইবা উজান গ ১৩২ ; পর্ব্বতে ঠেকিয়া জল হইল উজান ১৫৫। **২** স্রোতের প্রতিকূলগামী। "উলটা বাতাস উজান নায়।—দা ৯৫২। **৩** যেখানে উজাইয়া যাইতে হয় ; নদীর উপরদিকে স্থিত। "বৃন্দ পর্ব্বত বাহে তাহার উজান গ ১৫০ ; ফিরিয়া উজান বঙ্কে ১৫২। —ন, —নে ক্রি বিং **১** স্রোতের প্রতিকূলে। "উজান বহিয়া গো.বি ১৩৮। আপনে উজান ভেলা চল দেবপুরী বা ম ৩৩৩। কোশা চড়ি বেড়াব উজান আর ভাটি ভা.চ ৪৪৮। **২** উপরদিকে, বিপরীত, উলটা। "সে জল উজান বহে ঃ ভাটা জল উজান বয় কৃ ৪১১। উজানে সরিত বহে ম ৭৩৩। (যমুনা) বহএ উজান ব্র.প ১৬৭। লী ৯৯। **৩** বিপরীতদিকে, পশ্চাদ্‌ভাগে। "কুঁজের ভরে উজান চলে শ্রী ১০২। —ন বি **১** উর্দ্ধাভিমুখ (বিপরীত) স্রোত ; জোয়ার। বিপ 'ভাটি'। "পদ্মনার কান্দনে সমুদ্র উজান ধরে ম.গা ৮। উজানের পথে চলে দাড়ি গোঁপ নেড়ে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। **২** [অস উজান] বর্ষায় পুষ্করিণী-প্রভৃতিতে পতিত বৃষ্টিজলের স্রোতের বিপরীত দিক্। "কৃষাণে যেমন ধরে উজানের মাছ ক.চ ২৬৭। **৩** ['উজবক'—মূল ; অপ্র] ম্লেচ্ছজাতিবিশেষ। "উদরে হৈতে বাহির হৈল জাতি উজান কৃ.উ ৫৫। [উজান আর ভাটি—নদীর প্রতিকূল ও অনুকূল স্রোতে ; জোয়ারে ও ভাটায়। উজা(জো)ন ঠেলা—বিপরীত দিকে কষ্টে যাওয়া। "উজোন আদ ক্রোশ পথ ঠেলে তাকে…রেখে তবে বাড়ি যাই হু ১৩৫। উজান বহা—প্রতিকূলে প্রবাহিত হওয়া। "সে জল উজান বহে কৃ ৪১১। উজান ভাটি—**১** জোয়ার ও ভাটা। "না মানে উজান ভাটি নাহি কোন দায়।—পদ্যপাঠ, ১ম ভাগ। **২** [অস উজান—দেশের উপর দিক্] গ্রামের উপর ও নীচের দিক্, অর্থাৎ গ্রামের সকল দিক্। "ভ্রমেন উজান ভাটি, চৌদিকে কোচের পাটী ক.চ ৩০। উজানের মাছ (উজুশে মাছ—চব্বিশপরগণা)—বর্ষায় বৃষ্টির স্রোতে উপরদিকে যে মাছ উঠে ; উজুশে বা পাউসে মাছ।]

উজানি বি [দ্র 'উজান ; অপ্র] উজানস্রোত, জোয়ার ; উচ্চভূমি, উচ্চ দেশ। "মহাবেগে চলেন ভাটি নাহিক উজানি। হেট উপর করি উঠি জাএ পানি॥—গ ১৭৯। —নি ক্রি.বিং প্রতিকূল স্রোতে। "ধর্ম্মে নৌকা বাহে উজানি ভাটালি।—শূ ৫৬। [উজানি প্রহর—যে প্রহরে সূর্য্য উর্দ্ধগত ; দ্বিপ্রহর বেলা। "কি গিয়ান দেখুলু উজানি প্রহরে। আরও এলায় তোক গিয়ান দ্যাখাওছোঁ তৃতিয়া প্রহরে॥—গো.চ ৮৪। উজানি ভাটালি—অনুকূল ও প্রতিকূল স্রোতে।]

উজানী বি **১** গৌড়স্থিত অজয়ের তীরবর্ত্তী ধনপতি সদাগরের বাসস্থান। "ক.চ ২০৪। [কবিকঙ্কণে 'উজ্জয়িনী' (১৩২ পৃষ্ঠ), 'উজাবনী' (২৪৫ পৃষ্ঠ), 'উজানী' (১১৩, ১৩৩, ২০৪ পৃষ্ঠ) এই তিন পাঠ আছে। তিনটিই দেশের নাম, বোধ হয়, 'উজ্জয়িনী' মূল। "মনসার ভাসানে" 'উজানি' (৩০ পৃষ্ঠ) পাঠ আছে।] **২** [উজান+ঈ⁷] যমুনার উজান প্রবাহ হেতু ব্রজনিকটবর্ত্তী গ্রামবিশেষ। 'দেখহ উজানী-গ্রাম, যমুনা এখানে। বহএ উজান শ্রীকৃষ্ণের বংশীগানে॥—ব্র.প ১৬৭।

উজার¹ বিং [উজর¹ > °র ; হি উজারা ; বৈষ্ণবসাহিত্যে] **১** উজ্জ্বল, আলোকিত, জ্যোৎস্নাময়। "রজনী উজার গো ১৯০। **২** [উজাড় > °র ; হি উজার ; অপ্র] জনশূন্য। "উজার কৈল কাজীর ভুবন বি.পা ৭৬।

উজার² সর্ম [উজার¹ > √উজার ; হি √উজাল ; বৈষ্ণবসাহিত্যে] ১ উজ্জ্বল করা ; প্রদীপ্ত করা। "দীপ উজারিমু চ.সা ১০৪। উজর দীপ উজারই পুন পুন, কহত তরমময় ভাষ ব.প ১০৮২। সজনি অব উজার মন্দির, কনক দীপ জ্বালিয়া।—গান ১০৬। ২ আলোকিত (জ্যোৎস্নাময়) করা। "রজনী উজারল হিমকর।—গো ১৪৬।

উজালা বিং [সং উজ্জ্বল; হি উজালা ; ঠ উজল.া ; অপ্র] উজ্জ্বল, দীপ্তিমান্, ভাস্বর। "আধ মণিময় হার উজালা ভা.চ ৯৪। —লা বি [সং উজ্জ্বলা ; অপ্র] দীপ্তি, আলোক। "পুত্র মুখ দেখি মুনি আনন্দ হইল। শরদ পূর্ণিমা যেন উজালা করিল।—গো.চ ৩৯৮।

উজিয়ার, -য়ারা বিং [সং উজ্জ্বল > প্রা উজ্জর (পৈ ১.১৮৫) ; হি উজিয়র, -যার, -য়ারা ; বৈষ্ণবসাহিত্যে] ১ উজ্জ্বল, দীপ্ত, ভাস্বর। "কোটি রবিকিরণ বরণ উজিয়ার চৈ.ম ১১৯। ২ আলোকময়। "যামিনী ঘন আন্ধিয়ার। মনমথে হেরি উজিয়ার॥—বি.প ৯০। ৩ আলোকিত, জ্যোৎস্নাময়। "পূর্ণচন্দ্র কিরণে রজনী উজিয়ার ব্র.প ১৬৯। ৪ উজ্জ্বল, অকলঙ্ক, নির্দোষ। "বিরহ হুতাশন৹ বারিজি নাশন৹ শীলগুণে শশী উজিয়ারা বি.প ১২১। ৫ রুচির, শোভমান। "গোরা গায় অরুণ বসন উজিয়ার (চৈ.ম)। ৬ উজ্জ্বল, নিবিড় (Deep)। "অধর রাগ সঞ্চে৹ বুঝি অনুমানয়ে৹ কেন অধিক উজিয়ার ব.প ১০৮৮।—রি বিং [°র+ই¹° ; হি °রী] আলোকিতা, জ্যোৎস্নাময়ী। "কেমনে মিলিব সখি নিশি উজিয়ারি জ্ঞা ১৮১।

উজি(জী)র বি [আ রজ.ীর্] মন্ত্রী, সচিব। "উজীর আছিলা দোঁহে গৌড়ীয়া পাতসার ভ.গ্র ১৩। উজির নাজির ভা.চ ৪৯৭। আমার উজীর ওরা।—হেম ৩৭৮। —রী বি [আ রজ.ীরী] উজীরের পদ বা কার্য্য ; মন্ত্রিত্ব।

উজু¹ বি দ্র 'অজু'। "(ঠকচাচা) একটা বদনা লইয়া উজু করিতেছিলেন আ.দু ২৯।

উজু², **উজুসুজু** দ্র 'উজা¹'।

উজু(জো)ড় বিং ['উজাড়'—মূল] জনশূন্য, খালি। "ঠক্ বাচ্‌তে গাঁ উজুড় স.এ ২। ঠক্ বাচতে গাঁ উজোড় নী ৬৪।

উজোর¹ বিং [উজর¹ > °র ; হি উজেরা; বৈষ্ণবসাহিত্যে] ১ উজ্জ্বল, আলোকিত। "জন্মি কৈল জগৎ উজোর চৈ.চ ৩৪৯। চাঁদ উজোর যামিনী ব.প ১০৫৩। ২ দীপ্তিমান্, ভাস্বর, আভাময়। "উজোর ডোর শ্রী ১২৫। কুণ্ডল শ্রবণ উজোর ব্র.প ১৭০। উজোর বিজুরী ব ৬৪। ৩ উজ্জ্বল, বিমল। "উজোর হিমকর।—ব ১৮৭। নব ছত্র উজোর ন.প ২০৫। ৪ উজ্জ্বলবর্ণ, বিশুদ্ধ, কষিত। "গোরি কলেবর নুনা। জনু আঁচরে উজোর সোণা॥—বি.প ১৪। ৫ আলোকিত, জ্যোৎস্নাময়। "উজোর রাতি গো ১৮৭। ৬ কৌমুদীধবল, ফুটফুটে। "চাঁদনি রজনী উজোর ব ১৮৭। ৭ প্রফুল্ল, বিকসিত। "জনি কহ গরবে৹ পাণিতলে বারব৹ ও থলকমল উজোর গো ১০৯। —রি বিং [°র+ই¹° ; হি উজেলী] উজ্জ্বলা, আলোকিতা। "জনু রজনী ভেল চান্দ উজোরি বি.প ২৪।

উজোর² সর্ম [উজর¹ > √উজোর] ১ উজ্জ্বল করা। "মণিময় দীপ উজোরল গেহ জ্ঞা ৭০ ; রজনী উজোরল গগনহি চন্দ ১১১। মধু ঋতু রজনী উজোরল চন্দ ব ৮৪। ২ দীপ্ত করা; রঞ্জিত করা। "কাজরে উজোরহ লোচনভ্রমরী।—গো ১৬৯। [উজোরলি—উজ্জ্বল করিল ; পরিস্ফুট (ফুটফুটে)। "চাঁদিনী রজনী উজোরলি গোরী ব.প ১০৩৫।]

উজ্জয়(য়ি)নী স্ত্রী [উদ্+ √জি+অন (ল্যুট্)-ক (অ.টী)+স্ত্রী ঈ (ঙীপ) ; উদ্ (অতিশয়িত) জয়িনী, প্রা.স] বিক্রমাদিত্যের রাজধানী ; বিশালা, অবন্তী। "পু.মে ২৮। কাদ ১৬। [ইহা সপ্ত মোক্ষদায়িকা পুরীর একতমা।]

উজ্জাগর বিণ [উদ্+ √জাগ্+অ (অচ্)-ক ; স্ত্রী -রা] ১ সংরব্ধ, উত্তেজিত (M.W.)। ২ (বাঙ্‌লায়) জাগরিত। "শোকে দুঃখে সে রজনী বঞ্চে উজ্জাগর ম ৪৩০।

উজ্জাপন বি [সং উদ্‌যাপন > লি উজ্জাপন ; প্রা উজ্জারণ (প্রা.ম)] ব্রতসমাপ্তিকার্য্য, ব্রতপ্রতিষ্ঠা।

উজ্জীবন ক্লী [উদ্+ √জীব্+অন (ল্যুট্)-ভা] সংজ্ঞালাভ, চেতনাপ্রাপ্তি। —জ্জীবিত বিণ [+ত (ক্ত)-ক] লব্ধসংজ্ঞ ; চেতনাপ্রাপ্ত। "তস্মিন্ হৃস্তে মর্ণো বীরো জিষ্ণুরুজ্জীবিতঃ প্রভুঃ মহা ১৪.৮০.৫২।

উজ্জু(য়্যু)গ বি [সং উদ্যোগ > লি উয়েযাগ > বা°গ] উদ্যোগ, চেষ্টা, আয়োজন। "কাকগুলো—উড়বার উজ্জুগ কল্লে ; দোকানিরা…তামাক খাবার উজ্জুগ কচ্চে হু ৯। নিজের জন্মতিথিতে নিজেকেই খাওয়াবার উজ্জুগ হ'চ্চে বুঝি ?—ঘ ১৫২। বিছানায় শোবার উয্যুগ জা ১৩।

উজ্জৃম্ভ বিণ [উদ্+ √জৃম্ভ্+অ (অচ্)-ক ; স্ত্রী -ম্ভা] ১ প্রকাশবান্, বিকসিত, প্রফুল্ল। "°বদনাম্ভোজা সা.দ ৩/১০৬। ২ জৃম্ভণযুক্ত, মুখব্যাদানকারী। —জ্জৃম্ভ পুং [+অ-ভা] ১ বিকাস, প্রস্ফুটন। ২ মুখবিকাশ, মুখব্যাদান। —জ্জৃম্ভণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উজ্জৃম্ভ (১ ; ২)'। ২ আবেগ। "ক্ষুভিতকরণ° উ.চ ৩.৩৬। ৩ আধিক্য। "বিষজ্যোতিরুজ্জৃম্ভণ মা.মা ৫/২৩। —জ্জৃম্ভা স্ত্রী [+অ-ভা+স্ত্রী (টাপ্)] সর্থ 'উজ্জৃম্ভণ'। —জ্জৃম্ভিত বিণ [+ত (ক্ত)-ক] বিকসিত, প্রফুল্ল।—জ্জৃম্ভিত ক্লী [+ত-ভা] সর্থ 'উজ্জৃম্ভ'।

উজ্জ্বল বিণ [উদ্+ √জ্বল্+অ (অচ্)-ক ; স্ত্রী -লা] ১ দীপ্ত, ভাস্বর, আভাযুক্ত। "°স্কন্ধ রা ২.৯৬.১৮। °কপোল মাঘ ৯.৪৮। বেশর চাই উজ্জ্বলা দা ৯৮১। উজ্জ্বলপ্রজ্বলিত নক্ষত্রলোক ব.দ্বি ৬। ২ প্রচণ্ড, প্রখর। ৩ অমল, নির্ম্মল। "উজ্জ্বলাধর মাঘ ৯.৪৭। গ্রৈবেয়কং নোজ্জ্বলম্ সা.দ ৩/৬৭। ৪ শুদ্ধ, অমিশ্র। "°কাঞ্চন মাঘ ৬.৫। ৫ সুন্দর, মনোহর। "সর্গো নিসর্গোজ্জ্বলঃ নৈ ২.১১০। ৬ মিশ্র। "হিঙ্গুজ্জ্বল।—মৃ ৮.১৩ ; ১৪। ৭ বিশদ, ধবল। "যশশ্চ কুমুদোজ্জ্বলম্ ক.সা ১৯.৫৫। শঙ্খেন্দুকুন্দোজ্জ্বলম্ (জলম্)।—গঙ্গাষ্টক। শর্করা উজ্জ্বলা কৃ ৭৭। বেহুলার বস্ত্রখানি উজ্জ্বল হইল ম.ভা ৫৬। ৮ শোভন, কমনীয়। "পীনস্তনোজ্জ্বলা ক.সা ৪.৬। ৯ রঞ্জিত। "রাগোজ্জ্বলং মধু ক.সা ২১.৭। ১০ বিকসিত, প্রস্ফুটিত। ১১ নানাবর্ণ, বিচিত্র, চিত্রিত। "নৃপে ভেটিবারে যায়, উজ্জ্বল বসন দিয়া গায় বা.ম ১৯১। ১২ উচ্ছৃঙ্খল। "স্বাতন্ত্র্যমুজ্জ্বলমবাপ করেণুরাজঃ মাঘ ৫.৪৮। ১৩ মনোহর, সুরভি, মধুর। "মাল্যানি…চিত্রোজ্জ্বলগন্ধবন্তি মহা ৩.১১৩.৪। ১৪ (বাঙ্‌লায়) তেজস্বী, বীর্য্যসম্পন্ন। "উজ্জ্বল কজ্জলবাস হাবসী জল্লাদ ভা.চ ৪১২ ; ৪৮৭। ১৫ শোভাকর, কুলগৌরবাদিতে শোভাবর্দ্ধক। "কুটুম্ব সভা-উজ্জ্বল হইলেই মুখ উজ্জ্বল হইল পা.প্র ৪০। ১৬ আনন্দে বিকসিত ; প্রফুল্ল। দ্র (১৫)। —ল পুং শৃঙ্গাররস। —ল ক্লী স্বর্ণ। —জ্জ্বলন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অতিজ্বলন, অতিদীপ্তি। ২ বৈশদ্য (ত.বা)। ৩ [+অন-ক] জ্বলন, অগ্নি। "°সঙ্কাশ রা ২.৪০.১৬। —জ্জ্বলা স্ত্রী [স্ত্রী আ(টাপ্)] ১ দীপ্তি, প্রভা। ২ বৈশদ্য, বিমলতা। ৩ জগতীচ্ছন্দোবিশেষ। —জ্জ্বলিত বিণ [+ত (ক্ত)-ক] ১ উদ্দীপ্ত, উজ্জ্বল। ২ [+ √জ্বলি+ত-র্ম্ম] উদ্দীপিত, আলোকিত। "অগ্নিতেজে উজ্জ্বলিত হইল কানন চ.বি ১২১। তাহে উজ্জ্বলিত তনু।—দু ৮। উজ্জ্বলিত-নাট্যশালাসম (সুন্দরীপুরী) মে ৭। [উজ্জ্বল শ্যামবর্ণ—ফুটন্ত, অর্থাৎ গৌরবর্ণের আভাযুক্ত শ্যামবর্ণ।]

উজ্ঝ্ সক [তু' √উদ্ঝ্ (ক.ক) ; তুদা, প—উজ্ঝতি ; সেট্] ১ ত্যাগ। "ন শ্বেতভাবমুজ্ঝতি শঙ্খঃ।—পঞ্চ ৪.৭২। ২ বমন, উদ্গিরণ। "উজ্ঝতি…বিষাণি নাগঃ।—মাঘ ৪.৬৩। ৩ বর্ষণ। "উজ্ঝিতবারি-

বিপাণ্ডু (অম্বুদ) কি ৫.৬। [প্র—প্রকৃষ্টভাবে ত্যাগ। "হি ১.১৫। প্রোজ্‌ঝিতকৈতব ভ ১.১.২। সম্—সম্যক্‌ত্যাগ। "পঞ্চ ১.৩৩২।]

উজ্ঝ বিণ [√উজ্‌ঝ্+অ (অচ্)-ক; স্ত্রী—ঝা] ত্যাগী। "ব্রহ্মোজ্ঝতা মনু ১১.৫৭। —ঝন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ত্যাগ। "উচ্ছিষ্টবিণ্-মূত্রগ্রহণোজ্ঝন (S.W.)। —ঝিত বিণ [+ত (ক্ত)-র্ম।] ১ পরিত্যক্ত। "(ত্বম্) নির্মাল্যমিব চোজ্ঝিতা মহা ১.৭৪.৭৪। চিরোজ্ঝিত কু.স ৫.৩৪। °বর্ত্ম রঘু ১.৪০; °বৃক্ষক ৫১। ২ বৃষ্ট, কৃতবর্ষণ। "°বারিবিপাণ্ডু (অম্বুদ) কি ৫.৬। ৩ বিহীন। "প্রাণৈর্নোজ্ঝিতৌ। —পঞ্চ (S.W.)। ৪ পুনস্ত্যক্ত, উদ্গীর্ণ। "নিঃশেষপীতোজ্ঝিতসিন্ধুরাজ রঘু ৬.৬১।

উজ্ঝটিকা বি [?] সর্থ 'উঞ্ছট'। "পায়ের অঙ্গুলে রত্ন-উজ্ঝটিকা দিল ব.প ১২৯৫। উজ্ঝটিকা ভরির সাজ পুরণিকলীয়া রীতি -গো.বি।

উঝট, -টা, -টি বি [সং উদ্ঘতি>বা উঝটি, -ট, -টা; অস উজ(জু)টি; অপ্র] ১ সর্থ 'উচাট'। "চরণে উঝট খাই দু ৭২; ৭৭; খাইয়া উঝট ৮২। উঝটার ঘায় মরে অসুর বিস্তর চ.বি ৮৯; উঝটে মরয়ে ১৬৭; গমনে উঝট্ বাজে নখে ১৭৭। ২ পদাঘাত, লাথি। 'উঝটি মারিয়া ত্যাগ করিয়া অন্তরে। লহনা বসিলা গিয়া দিব্যাসনোপরে॥—ম.পা ৮১।

উঝল, -লা, উঝ্‌ঝল বিং [উজল; উজ্জ্বল>উঝল, -লা; উঝ্‌ঝল; অপ্র] ১ উজ্জ্বল; দিব্যরূপ। "বিষ্ণুর দ্রবরূপ৹...পরসিলে হোন্ত উঝল গ ১৯। ২ উজ্জ্বল, দীপ্তিমান্। "ঝলমল করে যেন জলদ উঝলা গো.বি ১২। ৩ শোভিত, শোভমান্। "রত্নহার৹ স্তনপরি অধিক উঝ্‌ঝল।—গ ২৫, টীকা। —লা বি দীপ্তি, প্রভা। "নাগলোকে মণির উঝল গ ৭২।

উঝার, -ল[২] সর্ম [সং উদ্ধার>প্রা* উজ্‌ঝার>বা (উঝার) √উঝার, -ল; অপ্র] ১ উত্তোলন করা; উঠান, তোলা। "যেন মত্ত হস্তী শুণ্ডে জল উঝারিয়া। অঞ্জবন সিঞ্চি উঠে উপরে আসিয়া।—ব.প ১২৯৭। শৃঙ্গ উঝালিয়া গিরি ফেলি ফেলি মারে চ.বি ১০৩। ২ উৎক্ষেপণ করা; উঁচু করিয়া ছড়ান। "এত বলি এক গ্রাস ভাত হাথে লঞা। উঝালি ফেলিল আগে যেন ক্রুদ্ধ হঞা॥—চৈ.চ ৮৬।

উঝাল[১] বি [উজ্জ্বালা>উজাল>°ল; বৈষ্ণবসাহিত্যে] উদ্গাত শিখা; উত্তাপ, জ্বালা। "পরাণ পিয়ারে না দেখি বনে। আনল উঝাল উঠিছে মনে॥—রা.শে ১১০।

উঝাল[২]**; উঝ্‌ঝল** দ্র 'উঝার; উঝল'।

উঞা সর্ব [উঁহা>উঞা; অপ্র] উনি। "উঞার ছাশে গো.চ ১৫৪; উঞার গুরুর কাঁথা ১৬১।

উঞি সর্ব [উনি>উঞি; অপ্র] উনি। "উঞি সে নিরপরাধ বিষ্ণু বৈষ্ণবেতে চৈ.ভা ১২৬।

উঞ্ছ্ (উঞ্ছি) সক [ভ্বা, তুদা, প—উঞ্ছতি; সেট্] ১ উঞ্ছ, অর্থাৎ উদ্ধৃত শস্যের শেষাহরণ (খুঁটিয়া লওয়া); কণিশাদ্যর্জ্জন। "বদরাণ্যুঞ্ছতি পা ৪.৪.৩২। ২ ফোটন, অর্থাৎ ফুটান (ক.ক)। [প্র—প্রোঞ্ছন, মার্জ্জন, পোঁছা।]

উঞ্ছ পুং [√উঞ্ছ্+অ (ঘঞ্)-ভা] ক্ষেত্রাদিতে পতিত ধান্যাদির কণশঃ আদান, অর্থাৎ ধান্যাদি একটি একটি করিয়া খুঁটিয়া লওয়া; ক্ষেত্রপতিত-ধান্যাদিগ্রহণ; উদ্ধৃত শস্যের শেষাহরণ। 'একৈকধান্যাদিগুড়কোচ্চয়নমুঞ্ছঃ (কুল্লুক)। উঞ্ছো ধান্যাং শকাদানম্ (যাদব)। "উঞ্ছেন বর্ত্তয়েৎ রা ২.৩৪.২। মনু ১০.১১২। যাজ্ঞ ১.১২৮। —ঞ্ছ ক্লী [+অ-র্ম] ১ প্রকীর্ণোদ্ধৃত ধান্য, অর্থাৎ ক্ষেত্রে বিক্ষিপ্ত ও পশ্চাৎ খুঁটিয়া-লওয়া ধান্যাদি। "স উঞ্ছমর্জ্জয়তে মহা ৩.২৫৯.১৯। উঞ্ছষষ্ঠাঙ্কিতসৈকত- রঘু ৫.৮। পরের উঞ্ছ অঞ্চলে লয়ে৹ ঢালিনু জঠর-হুতাশে স.স্ব ৫২। উঞ্ছলোভী মূষিক কু.কে ১১৮। ২ (বাঙলায়) উঞ্ছসদৃশ হেয় বস্তু। "উঞ্ছ কটাক্ষের ভিক্ষা হ'য়ে গেছে সারা কু.কে ১৮। —ঞ্ছন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'উঞ্ছ (পুং)।

উঞ্ছট, -টা বি [অস উঝটি (অসমীয়া সাহিত্যর চানেকি); অপ্র] পাদাভরণবিশেষ। "উঞ্ছট পরিল রত্নময় ব.প ২১০; উঞ্ছটা পরিল ২২৭। [পাঠান্তর—'উঞ্ছটা, -টি, -টী'। "উঞ্ছটা পরিল বি.পা ১৭৭; উঞ্ছটি পরিল ২৯০; উঞ্ছটী পরিল ৮৭।]

উঞ্ছধর্ম্মা (-র্ম্মন্) বিণ [উঞ্ছ ধর্ম যাহার, বহুব্রী, সমাসান্ত 'অন্' (অনিচ্), -১ব; স্ত্রী -র্ম্মা (-র্ম্মন্), -র্ম্মা] উঞ্ছজীবী, উঞ্ছবৃত্তি। "মহা ৩.২৫৯.২১।

উঞ্ছবৃত্তি বিণ [বহুব্রী; স্ত্রী -ত্তি] উঞ্ছ যাহার জীবনোপায়; উঞ্ছাজীব। "মহা ১৪.৯০.৭; ২১; ৪১। মনু ৮.২৬০। উঞ্ছবৃত্তি তিনি সোণা পাইবেন কোথা কু ২৭। উঞ্ছবৃত্তি দরিদ্রের ভিক্ষালব্ধ পূজা।—রবীন্দ্র। —বৃত্তি বি উঞ্ছরূপ জীবিকা; (গৌণার্থে) হেয় জীবনোপায়; জঘন্য কার্য্য; নীচবৃত্তি।

উঞ্ছশিল ক্লী [উঞ্ছ ও শিল, স.দ্ব] ১ উঞ্ছ, অর্থাৎ ক্ষেত্রে পতিত ধান্যাদি এক একটি করিয়া গ্রহণ এবং শিল, অর্থাৎ ধান্যাদির মঞ্জরীসংগ্রহ (অ.টী; কুল্লুক)। "ঋতমুঞ্ছশিলং জ্ঞেয়ম্ মনু ৪.৫। ২ গৃহীতশস্য ক্ষেত্র হইতে ধান্যাদিচয়ন (ত.বা)।

উঞ্ছোপজীবী (-বিন্) বিণ [উঞ্ছ+উপ-√জীব্+ইন্ (ণিনি) -ক -১ব; উ.ত; স্ত্রী -বিনী] যে উঞ্ছশিল দ্বারা প্রাণ ধারণ করে; উঞ্ছশিলাজীব। "মহা ৩.২৫৯.১৮।

উট '-ট্' বি [সং উষ্ট্র>লি, প্রা উট্ট (প্রা.ম; ষ)>বা উট; হি, মৈ উঁট; ঠ উংট; অস উট] জন্তুবিশেষ। "সারি সারি উট।—রঙ্গ ২১। [উটনী (হি উঁটনী; ঠ উংটীণ—উষ্ট্রী।]

উটক, -কা, উটকন, -কান দ্র 'উকট'।

উটজ পুং, ক্লী [উট+ √জন্+অ (ড)-ক; উ.ত] ১ পর্ণাদিরচিত মুনিগৃহ (অ.টী); পর্ণশালা, পাতার কুঁড়ে। "রা ১.৪৮.২২। °দ্বার রঘু ১.৫০; °অঙ্গন ৫২। কু.স ৫.১৭। স.শ ৪৩; পর্ণবিরচিত, উটজ নিশ্চিত, সৌধসম শোভা ধার ৬১। ২ গৃহ, ভবন। 'নিশান্তভবনোটজম্ (অমরমালা—অ.টী)।

উট্র বি [দ্র 'উট'; অপ্র] উষ্ট্র। "মহিষ মানুষ ভট্ট, বৃষ ঘুড়ী গাধা উট্র শ্রী.ম ২২৩। [পদ্যে মিলের নিমিত্ত 'উট্র'।]

উট্‌না, -নো, উঠনা, -নো বি [হি উঠা রখনা—বাকি রাখা; উঠৌনী—ধারে লেনা-দেনা; উঠানা—বাকি রাখিয়া দ্রব্য কেনা; বোধ হয়, প্রাপ্য মূল্য হিসাবে 'উঠাইয়া রাখা' হইতে এই শব্দ আসিয়াছে।] ধারে ক্রয়বিক্রয় বা লেনা-দেনা; মূল্য বাকি রাখিয়া জিনিশ বেচা বা কেনা। "উট্‌নোওয়ালারা উট্‌নো বন্ধ করিয়াছে আ.দু ১৪০; উঠনাওয়ালাদিগের ১৫১। উঠ্‌নোওয়ালা মুদী মাগী দু ২০৬; বাড়ী উঠ্‌নো বরাদ্দ করা আছে ২২২। [উঁঠনোওয়ালা —যে দোকানদার ধারে জিনিশ দেয়। উঠনো খদ্দের—যে ধারে দোকানে জিনিশ খরিদ করে। উঠনো খাওয়া—দোকানে ধারে জিনিশ লইয়া খাওয়া। উট্‌না দেওয়া—দোকানীর ধারে জিনিশ বেচা। "দা ১১৭। উঠ্‌না লওয়া—দোকান হইতে ধারে জিনিশ কেনা। "আ.দু ১৫১।]

উট্‌পঁখুখী, -পঙ্খী বি ['উটপক্ষী'—মূল] বিবাহোৎসবের সজ্জা-বিশেষ—কাষ্ঠাদি দ্বারা রচিত উটপাখীর আকারে নৌকাবিশেষ। "পেছনে...উট্‌পঙ্খী ও ময়ূরপঙ্খীগুলির ওপরে বারো জন ক'রে দাঁড়ি দু ১৫১।

উটপাখী বি [E. Ostrich] উটের মত দীর্ঘপদ ও লম্বগ্রীব

আফ্রিকার ও আরবের পক্ষিবিশেষ। [ইহাদের পক্ষদ্বয় হ্রস্ব, গায় ক্ষুদ্র পালক। ইহারা উড়িতে পারে না, বেগে দৌড়িতে পারে।]

উঠ অর্ম্ম [সং উদ্+ √স্থা > প্রা √উট্‌ঠ (হে) > (√উঠ) √উঠ; হি, ঠ, মৈ, গু, অস— √উঠ; তু 'উঠ, উঠিআঁ, উঠিলী (শ্রী.কী); উথল (উঠল) সো সব বোল বি.প ১৮৭।] **১** উত্থিত হওয়া; দাঁড়ান। "উঠিআঁ বড়ায়ি৹ রাধাক বুইল শ্রী.কী ১৯। উঠই ধরণী ধরি বি.প ১৯২; ১৯৭। উঠিয়া বলিছে জাম্বুবান্ কৃ ২৪৭। যে মাটীতে পড়ে লোক উঠে তাই ধ'রে ন.ত ৩৮। **২** উদিত হওয়া; প্রকাশিত হওয়া (সূর্য্যাদি)। "গগনে উঠিল রবি।—মদনমোহন তর্কালঙ্কার। কাল মেঘ উঠিল আকাশে ব.প্র ১১৭। উঠেছে সন্ধ্যাতারা।—গান ৬৮। **৩** শয্যা ত্যাগ করা। "উঠ উঠ মাধব কি সুতসি মন্দ বি.সা ১৪০। বীর উঠে বৈসে থাটে : কুম্ভকর্ণ উঠে কৃ ২৭৬। কুলবধূ গৃহকার্য্য উঠিলা সাধিতে মে ৫০। **৪** গাত্রোত্থান করা। "উঠ দধি বিচ নিআঁ শ্রী.কী ২৮৭। উঠে দিল কোল শ্রী ১২৭। উঠ্যা রড় দিল কৃ.উ ১০৮। উঠ রে লক্ষ্মণ ভাই রক্তে ডুবে পাশ কৃ ৩১৮। **৫** জাগিয়া বসা। "দুঃস্বপ্ন দেখিয়া বুড়ী উঠিল সত্বরে কৃ ২০৮। **৬** উচ্চস্থানগত হওয়া। "গঅণে উঠি চ ৩৬। ঘাটত উঠিআঁ শ্রী.কী ২৪৯; তড়াত উঠিআঁ ২৬০। নাহই উঠনু হাম কালিন্দী-তীর বি.প ১৩৯। উঠে আকাশের পথে শ্রী ১৩৭। **৭** আরোহণ করা; চড়া। "উঠিলা গিআঁ কদম্ব তরুর উপর শ্রী.কী ২৬০। উঠে…চালে ম.ম ৫৯। উঠিয়া৹ পর্ব্বত-উপরে মে ১১৯। **৮** উন্নত হওয়া; উঁচা হওয়া। "উরজ উঠল জনু বদরী জ্ঞা ৯৭। রোম উঠিল সকল চৈ.চ ৩৪৫। তুরঙ্গম আস্কান্দতে উঠিছে পড়িছে৹ গৌরাঙ্গী মে ১০৬। **৯** উঁচা হইয়া সংলগ্ন হওয়া। "গোঁপ উঠে শির-তাজে ভা.চ ৪৯১। **১০** উপর দিকে আসা। "উদরস্থ না হইতে আঘ্রাণে উঠে আঁত শ্রী.মা ১২৭। **১১** বৃদ্ধি পাওয়া; বাড়া। "বাম্য স্বভাবে মান উঠে নিরন্তর চৈ.চ ১৬১। উঠিতেছে বেলা ন ৭৬৮। জ্বর, তাপ, বন্যার জল উঠা ইত্যাদি। **১২** উচ্ছলিত হওয়া; উথলান। "তাঁর বাম্যে উঠে কৃষ্ণের আনন্দসাগর চৈ.চ ১৬১। **১৩** বাহির হওয়া। "ভীমরুল বরুলী উঠিবে, ধন না পাইবে চৈ.চ ২০৬। **১৪** উড্ডীন হওয়া; উড়া। "যে গাছে উঠিয়া পড়ে গৃধিনী শঙ্খিনী গো.চ ৩২০। **১৫** নির্গত হওয়া। "সর্ব্বদা…মুখে উঠে জল ভা.চ ৩৬৮। **১৬** নিঃস্রুত (ঝরিয়া বাহির) হওয়া (To ooze)। "পুকুরে জল উঠা। বর্ষায় মেজেয় জল উঠে। **১৭** উদ্যোগী হওয়া; সচেষ্ট হওয়া; সাজা। "শ্রীরাম করাছেন আজ্ঞা উঠ ব ত উঠ ব.প ৫৩৫। উঠে যুঝিবার অ.প ১৫। যে শুনে কালের ডাক—'উঠরে উঠরে!' স.শ ৫। এখনও জাগিয়া উঠরে সবে।—হেম ২৭৩। উঠ রে মলিনমুখ, চল এই-বার।—গান ১৫০। **১৮** আক্রমণার্থ উদ্যোগ করা। "পরচ্ছিদ্র দেখিয়া উঠিব মহাবীর ম.বি ১৮। **১৯** খেলার বাজি শেষ হওয়া। "এক বাজি উঠিলেই রমাও উঠিয়া গেল ব.প্র ৪৭০। **২০** খেলা ছাড়িয়া যাওয়া। দ্র (১৯)। **২১** বাজারে আমদানী হওয়া। "ইলিশ মাছ ওট্‌বার (উঠবার) পূর্ব্বে হু ১৬০। **২২** সংগৃহীত হওয়া। "চাঁদা, টাকা উঠা। [তু 'গ্রামাচ্ছত-মুত্তিষ্ঠতি (মহাভাষ্য)। যদুত্তিষ্ঠতি বর্ণেভ্যঃ।—শ ২.১৩।] **২৩** উদ্গীর্ণ হওয়া; বমি হওয়া। "জ্বরের উপর যা খাওয়া যায় তাই উঠে। **২৪** বন্ধ হওয়া; কাজ না চলা (To be abolished)। "দোকানে…দেনা পড়িল; দোকান উঠিয়া গেল ব.প্র ২০৪। ইস্কুল, কারখানা উঠা ইত্যাদি। **২৫** ছাপায় (দাগ) স্পষ্ট হওয়া বা ফুটিয়া উঠা। "অক্ষর, ছবি উঠা। **২৬** ম্লান (ফিকে) হওয়া; ক্ষয়প্রাপ্ত হওয়া। "কাঁচা রঙ্ ধুলেই উঠে, পাকা রঙ্ উঠে না। পাষাণের দাগ উঠে না। অম্লে তামার কলঙ্ক উঠে। **২৭** স্থানান্তরে যাওয়া। "বসতে জানলে উঠতে হয় না। **২৮** বিক্রীত হওয়া। "তাজ-ওয়ালা পাগড়ী অগুন্‌তি উঠচে হু ১৮৫। **২৯** আরম্ভ হওয়া। "আঁধি, ঝড় উঠা। রস পরসাঙ্গ উঠয়ে মধু কাপ বি.প ৮২। **৩০** সম্পূর্ণ বাহির হওয়া; বসিয়া না যাওয়া। "হাম, বসন্ত উঠা। **৩১** উচ্ছলিত হওয়া। "লোকে লোকে উঠে প্রাণতরঙ্গ।—রবীন্দ্র। **৩২** উচ্চারিত হওয়া। "এত আনন্দ ধ্বনি উঠিল কোথায়।—রবীন্দ্র। **৩৩** উদ্ভূত হওয়া; জন্মান। "বিন্দুকী বিন্দুকী রক্ত বাক্সিয়া উঠে ফেনা কৃ.উ ১০৮। (কৃষ্ণ-আলিঙ্গনে) লোম উঠে একচাপ শ্রী.ম ২২৪। **৩৪** বাহির হওয়া। "গোঁপ, দাঁত, শিঙ্ উঠা। **৩৫** শিথিলমূল হইয়া স্খলিত হওয়া। "রোগে মাথার চুল উঠে। **৩৬** উপস্থিত হওয়া। "প্রথমে গিয়া নাগ জেলাহাটী উঠে ম.ম ৫৯। উঠে এক গৃহস্থের বাড়ী বা.ম ২৩৭। **৩৭** অবস্থা উন্নত করা। **৩৮** উদ্গত হইয়া পরিব্যাপ্ত হওয়া। "সিংহনাদ উঠিল গগনে মে ১২২। **৩৯** অসমাপিকা ক্রিয়ার পরবর্ত্তী হইলে ঐ ক্রিয়ার আকস্মিক ভাব, আধিক্য, সমাপ্তি ইত্যাদি সূচনা করে। "উঠল কাঁপি বি.প ৭০। পিক উঠিছে গাহিয়া।—গান ৬১; রাগিণী উঠে বাজি ৭১; পাগল নদী উঠে জেগে ৮১; ধনে পুত্রে উঠুন ফুলি ১২৭; কে উঠে ডাকি৹ মম বক্ষোনীড়ে থাকি ১৪৯; পিক মুহু মুহু উঠে ডাকি ১৫৯। কেঁদে উঠে বন (চিত্রা)। [উঠই—**১** উঠে। "বি.প ১৯২। **২** উঠিতে। "উঠই ন পারই বি.প ১৯৭। উঠতি—উঠে। "উঠতি হাঁই রা.শে ১৩। উঠনু—উঠিলাম। "নাহই উঠনু হাম বি.প ১৩৯। উঠ ব'স বা বৈস করা—(হি উঠা বৈঠী)—উঠা ও বসা। "রাত্রিতে না আসে নিদ্রা উঠ বৈস কর ব.প ২১৯। উঠ ব'স করান—**১** উঠান ও বসান; দণ্ডবিশেষ। **২** কথায় উঠান ও বসান, অর্থাৎ কথানুসারে কাজ করান। "ততদিন আমি বসে বসে কুন্দকে উঠ বস করান মক্‌শ করাই ব.দ্বি ৩৭। উঠি বসি—উঠিয়া বসিয়া, অর্থাৎ উৎকণ্ঠা হেতু অস্থির হইয়া। "উঠি বসি দিবস বাঞ্চল কথঞ্চিৎ ম.বি ১৮২। উঠয়ে—উঠে। "বি.প ৮২। উঠল—উঠিল। "বি.প ৭০। উঠা—উত্থান ইত্যাদি। দ্র '√উঠ'। উঠা নামা—উত্থান ও পতন। উঠা বসা—**১** গাত্রোত্থান ও উপবেশন। **২** আজ্ঞানুসারে কার্য্য করা। "উঠে বসে বচন বলিতে নারে কিছু শ্রী.মা ৯২। **৩** ব্যায়ামার্থ বৈঠক করা। "কসরত করে কত উঠে বসে ঠায় শ্রী.মা ৪৫। (একত্র) উঠা বসা—সামাজিকভাবে এক বিছানায় আসিয়া বসা বা এক সঙ্গে বসা। "কায়স্থ ব্রাহ্মণ…কৈবর্ত্ত সোণারবেণে কপালি তাঁতি জোলা তেলি কলু সকলই নাকি একত্রে উঠে বসে?—মা ৩৩০। উঠি, উঠিআ, -আঁ, উঠী, উঠ্যা (তু 'উট্‌ঠি—পৈ)—উঠিয়া। "উঠ্যা রড় দিল : উঠিআ কৃ.উ ১০৮। উঠিআঁ, উঠিবেহেঁ, উঠী (শ্রী.কী)। উঠিত পড়ি করিয়া দৌড়ান—প্রাণপণে দৌড়ান। উঠিয়া পড়িয়া লাগা—হারিয়াও পুনর্ব্বার উঠিয়া কার্য্যে লাগা; অধ্যবসায়ের সহিত কার্যসিদ্ধ্যর্থ সচেষ্ট হওয়া। "সাহেব দিন রাত্রি উঠিয়া পড়িয়া লাগিয়াছিলেন আ.দু ১৭। রমা উঠিয়া পড়িয়া সীতারামের পিছনে লা গল ব.প্র ৪৫৮। তু 'জুঝ্‌ঝ ভট ভূমি পড উট্‌ঠি পুণু লগ্‌গিআ—(সংস্কৃত) যুদ্ধে ভটা ভূমৌ পতিতাঃ পুনরুত্থায় লগ্নাঃ (পৈ ২.১৬১)—(বাঙ্‌লা) যুদ্ধে ভটেরা ভূমিতে পতিত (হইয়া) পুনঃ উঠিয়া লগ্ন (হইল), অর্থাৎ লাগিল। এইরূপ যুদ্ধব্যাপার হইতে গৌণার্থে 'উঠিয়া পড়িয়া' গৃহীত হইয়াছে, বোধ হয়। অন্ন উঠা—**১** জীবিকার্জ্জনের পথ বন্ধ হওয়া; চাকরী যাওয়া। **২** ঐহিক ভোগ ফুরান; আয়ুঃশেষ হওয়া। কথা উঠা—আপত্তি হওয়া; কোন বিষয়ের উল্লেখ হওয়া। (কথা) কানে উঠা—(কথা) কর্ণগোচর হওয়া। ক্লাসে উঠা—নিম্ন শ্রেণী হইতে উচ্চে যাওয়া। খড়ি উঠা—দ্র 'খড়ি[২]'। গরম হ'য়ে উঠা—তাতিয়া যাওয়া; হঠাৎ ক্রুদ্ধ হওয়া। গলা উঠা—স্বর উচ্চ হওয়া। চোখ উঠা—চক্ষুরোগ-বিশেষ হওয়া। জমি উঠা বা উঠিত হওয়া—জমিতে চাষ-কারকিত হওয়া। নাম উঠা—**১** নামোল্লেখ হওয়া। **২** বংশলোপ হেতু নামলোপ হওয়া। পাপ বা পাখা উঠা—দ্র 'পাখা'। পাঠ উঠা—পুস্তকের পঙ্‌ক্তি

লুপ্ত হওয়া। ফেঁপে উঠা—১ স্ফীত হওয়া। ২ সমৃদ্ধ হওয়া। "হু ১৮৫। বরাত উঠা—দ্র 'বরাত[১]'। বাজার বা দর উঠা—পণ্যের মূল্যবৃদ্ধি হওয়া। বিপ 'বাজার পড়া'। ভোগ উঠা—বিষয়ভোগ ফুরান; মৃত্যু আসন্ন হওয়া। ভা সয়া উঠা—ভাসা। মন উঠা, মনে উঠা—দ্র 'মন'। রব উঠা—দ্র 'রব'। রোম উঠা—রোমাঞ্চ হওয়া। "চৈ.চ ৩৪৫।]

উঠতি বিং [√উঠ্+অৎ (দ্র 'অত[২]) + ই[১০]] যাহা উঠিতেছে, অর্থাৎ বৃদ্ধির দিকে (যৌবনের অভিমুখে) যাইতেছে; যৌবনাভিমুখী (বয়স)। —তি বি [তু 'সং উর্থিতি'] ১ উত্থান, উন্নতি, অভ্যুদয়। ২ বিক্রয়, কাটতি। [উঠতি পড়তি—উত্থান ও পতন, উন্নতি-অবনতি। উঠতি বয়েস—যৌবনাভিমুখ বয়স; যৌবনের প্রারম্ভ। উঠ্‌তি মুখ—উন্নতির প্রারম্ভকাল; পণ্যের প্রথম আমদানীর সময়। উঠতির সময়—১ উন্নতির সময়। ২ মাল কাটতির মরশুম্‌ (Season)।]

উঠনা, -নো দ্র 'উটনা'।

উঠন্ত বিং [√উঠ্+অন্ত[৩]] যাহা উঠিতেছে, উত্থানোন্মুখ, উঠতি। [উঠন্ত বয়েস—সর্থ 'উঠতি বয়েস' (দ্র 'উঠতি')। উঠন্ত রোদ—মধ্যাহ্নোন্মুখ সূর্য্যের কিরণ। বিপ 'পড়ন্ত রোদ'।]

উঠা সর্ম্ম [√উঠ্+আ[৮]; সং উদ্ √স্থাপি > লি √উট্ঠাপে; প্রা √উট্‌ঠার (প্রা.ম) > বা √উঠা; হি √উঠা; ঠ √উঠার] ১ উত্থাপিত করা; উঠান, তোলা। ২ উত্তোলন করা; উচ্ছ্রুত করা (To hoist)। "ধ্বজা উঠান। ৩ প্রতিষ্ঠাপিত করা; খাড়া করা (To erect)। "ইঁদকাঠ উঠান। ৪ উত্তোলন (জমিছাড়া) করা (ভার, গুরুদ্রব্য)। ৫ জাগরিত করা, জাগান। "এখনই ডাকিয়া গৃহস্থ সকলকে উঠাইব ব.প্র ১২৩। ৬ শয্যাত্যাগ করান; বিছানা ছাড়ান। ৭ বিলুপ্ত করা; তুলিয়া ফেলা (To efface)। "দাগ উঠান। ৮ বন্ধ করা, না চালান (To abolish)। "কারবার উঠান। ৯ তুলিয়া লওয়া (To withdraw)। "ব্যাঙ্ক হইতে টাকা উঠান। ১০ উল্লেখ করা; প্রস্তাব করা (বিষয়, কথা)। ১১ উৎপাটিত করা; তুলিয়া ফেলা। "দাঁত উঠান। গাছ উঠান। ১২ উদ্যত করা; উঁচান (অস্ত্রদণ্ডাদি; To lift)। "লাঠি উঠান। ১৩ সংগৃহীত করা; তোলা (To collect)। "চাঁদা উঠান। ১৪ বমি করান। ১৫ বিশ্লিষ্ট করা; তুলিয়া ফেলা। "গায়ের মলা উঠান। ১৬ অপনীত করা; দূর করা। "ময়লা, এঁটো উঠান। ১৭ আরোপণ করা; চড়ান। "গাছে, ঘোড়ায়, দোলায় উঠান। ১৮ দণ্ডায়মান করা; দাঁড় করান। ১৯ আদায় করা। "খরচ খরচা বাদে খাজনা উঠান ভার হইল আ.দ্রু ১৬২। ২০ কার্যার্থ উদ্যোগী করা। [উঠান—উত্থাপন ইত্যাদি। দ্র '√উঠা'। উঠান-ঘাটা—নৌকা হইতে আরোহীকে উঠানের ঘাট (Landing place)। উঠান-বৈঠান—(হি উঠবৈঠ, উঠবৈঠী—হৈরানী)—উঠান ও বসান; উঠ ব'স করান, দণ্ডবিশেষ। "হাসন হোসেনে কৈল উঠান-বৈঠান বি.পা ৭৫।]

উঠাউঠি বি [উঠা-আ+উঠা ই] পরস্পর উঠা; বারংবার উঠা। —উঠি বিং [তু 'প্রা ওথা ওত্থী (উত্থায় উত্থায়—পৈ ২.১৭৫) ঠ উঠা উঠী—Promptly] উঠিয়া উঠিয়া, অর্থাৎ পরপর, ক্রমাগত, ক্রমিক। "এত খেও উঠাউঠি, না বাজিল মৎস্য এক গুটি: আর খেও উঠাউঠ, বাজিল সুবর্ণ ঘট ম.ম ১০২।]

উঠান[১] '-ন্' বি [সং উত্থান > লি উট্‌ঠান; প্রা উট্‌ঠাণ > বা উঠান; হি উঠান উঠাগন (উঠ+আঁগন); ঠ উডাম; উঠন (কথ্য); তু 'উঠাঅণ—"উচ্চ উঠাঅণ বিমল ঘরা, তরুণী ঘরিণী বিণঅপরা।"—উচ্চ উঠান বিমল ঘর, তরুণীঘরণী ঘিনয়পর।—পৈ ১.১৭৪।] অঙ্গন, আঙিনা। "অন্দরেতে চুল ধরি পাড়ে উঠানেতে ম.প ২০০। [উঠান বাঁধা—উঠান খুঁড়িয়া ছাই মিশাইয়া গোরু দিয়া কুটাইয়া শক্ত করা। খেদাই না, তোর উঠান চষি—তোরে খেদাইতেছি না (ভিটাচ্যুত করিতেছি না), তোর উঠান চষিতেছি, অর্থাৎ, প্রকারান্তরে তোরে তাড়াইতেছি; (গৌণার্থে) প্রকারান্তরে কুকার্যসিদ্ধি করি।

উঠান[২] '-ন্' বি [দ্র 'উঠান[১]'; হি উঠান—উত্থান, বৃদ্ধি] আক্রমণ, চড়াই। "আজি সে হিন্দুর পুরী করিব উঠান বি.পা ৭৫।

উঠানি[১] বি [উঠান[১]+ই[১০]; অপ্র] ১ উত্থান, ঊর্দ্ধগতি। "পর্ব্বত লইয়া বীর করিল উঠানি কৃ ৩২৭। ২ উদ্যোগ, সজ্জা। "মহাপরাক্রমে গঙ্গা করিল উঠানি গ ১৩৬; ১৬০। চৌদিকে হাটে বাটে, নাগরীর ঠাটে, দেখিতে করল উঠানি চৈ.ম ৬৮। ৩ যুদ্ধোদ্যোগ, রণসজ্জা। "কাঁউর জিনিতে তুমি করহ উঠানি ব.প ৪১৭। ৪ প্রহারার্থ উদ্যম; আক্রমণ। "বাণ সঞ্জা দৈত্যসেনা করিল উঠানি কৃ উ ৯৭; ১০৭; ১১২। মার মার করি সবে করিল উঠানি চ.বি ২০৬। ৫ বিক্রমপ্রকাশ, বীরত্বপ্রদর্শন। "যে করে বড়াই তার উপরে উঠানি কৃ ২৪০; পশিব রাক্ষসমধ্যে করিব উঠানি ২৪১। ৬ [উঠুনি (কথ্যভাষা)] উচ্ছ্রায়, উচ্চতা।

উঠানি[২] -নী বি [উঠান[১]+ই[৮], ঈ[৭]] 'উত্থানসম্বন্ধী', শিশুর জন্মের সপ্তম দিনে প্রসূতির আঁতুর ঘর হইতে বাসগৃহে উঠার (যাওয়ার) অনুষ্ঠানবিশেষ। "সাত দিনে নাগগণে করিল উঠানি ম.ম ৮; সপ্তমে উঠানী করে শাস্ত্রব্যবহার ১৪৬।

উঠিত বি [√উঠ্+ইত[২]] 'যাহা উঠিয়াছে'; যে জমিতে চাষ-আবাদ হইয়াছে বা হয়; চাষ-আবাদী (জমি)। বিপ 'পতিত'। [উঠিত পতিত—যে জমি কোন বৎসর উঠে, কোন বৎসর পতিত থাকে; যে জমিতে নিয়মিত চাষ-আবাদ হয় না।]

উঠুডুবু বি ['উঠাডুবা'—মূল; দ্র 'উ[৭]'; অপ্র] ভাসা-ডুবা, উন্মজ্জন-নিমজ্জন। "উঠুডুবু করে ঘোড়া আগাধ সলিলে শ্রী মা ১৬৪। উঠুডুবু করে হাতী বলে মরি মরি শ্রী ১৫৪। নরকে নারকী সব উঠুডুবু করে শি ৬৭।

উঠোধান (?)। আকাঁড়া আতপ চাউল—(বর্ধমান)। [উঠোধানের পত্তি—অতি দুর্ব্বলতাসম্বন্ধে ইহার প্রয়োগ হয়। "যে আছে বঞ্চিত তায় (অর্থাৎ শক্তিতে), তার বড় বিপত্তি।...সাধ্য কি যে নড়ে করে, উঠোধানের পত্তি॥—দা ৩৩।

উ(ও)ঠ্‌সারকিস্তি বি দাবাখেলায় ব'ড়ে উঠাইয়া সরাইলেই যে কিস্তি পড়ে। "উঠ° আ.দ্রু ২৭। ওঠ° হু ১৬। [উ(ও)ঠ্‌সারকিস্তিতে মাত—উঠ্‌সারকিস্তিতে খেলায় পরাজয়।]

উড়[১] অর্ম্ম [সং উদ্+ √ডী > প্রা √উড্ড—উড্ডন্তি (হে) > বা √উড়; হি, মৈ √উড়; ঠ, গু, √উড; অস √উড়; উড়ী—উড়িয়া (দো)] ১ পক্ষীর আকাশে গমন; আকাশে গমনমাত্র; উড়া। "পাখী জাতি যদি হও, পিয়াপাশ উড়ি যাও বি.প ১৬৫। যেন মেরুগিরি পক্ষ ধরি উড়য়ে অম্বরে কৃ ১৯৮। ঘুঁড়ি আশাবায়ু ভরে উড়ে, বাঁধা তাহে মায়া-দড়ি।—রামপ্রসাদ। উড়িল মরালরাজ বপ্র ১২০। ২ উড়ার মত দ্রুত যাওয়া। "অতি তেজবান্ ঘোড়া চাহে উড়িবার চ.বি ২৬৩। ৩ উড়ার মত বায়ুবেগে চালিত হওয়া। "কুম্ভকর্ণ মহাকায় নাহি উড়ে ঝড়ে কৃ উ ১০৯। আর কত হাতী...উড়িয়া চলিল কৃ ১৯৮। ৪ বিচ্ছিন্ন হইয়া উঠা; ছিঁড়িয়া উঠা। "চর্ম্ম উড়ে চর্ম্মপাদুকার চটচটি ভা.চ ২৭১। ৫ আঘাতে দ্রুত খুলিয়া যাওয়া। "জামাজোড়া পটুকা পাগড়ি গেল উড়ে শ্রী.মা ১০৯। ৬ ফাঁকি দেওয়া; চালাকি করা। "(বলে) উড়িবারে চাও তুমি আমার নিকটে!—স্ব.প্র ১০৭। ৭ ভয়ে প্রাণবায়ু ঊর্দ্ধগত অর্থাৎ বাহির হওয়া। "ভয় পায়া বিধাতার উড়িল পরাণ চ.বি ২৮। উড়িল...প্রাণী বা.ম ১২১। যাহারে দেখিয়া উড়ে তক্ষকের প্রাণ ম.ম ৫৯। ৮ ভোজনে শীঘ্র নিঃশেষ হওয়া বা ফুরান। "অসংখ্য মেলানীভার নকুলে উড়িল ভা.চ ৮৯। ৯ হঠাৎ অদৃশ্য হওয়া। "অন্ন উড়ি যায় তুমি বাহ যেই পাড়া ভা.চ ১৭১। ১০ অন্তর্হিত হওয়া;

ঘুচিয়া যাওয়া। "ভূতগণে দেখিয়া উড়িল ভূতশুদ্ধি ভা.চ ৭৫। **১১** অগ্রাহ্য হওয়া ; উপেক্ষিত হওয়া। "কাজি ফকিরের মুখপানে চাহিল, ফকির নিষেধ করিল, সে কথাও উড়িয়া গেল ব.প্র ৪৪৬। **১২** বৃথা ব্যয়িত বা নষ্ট হওয়া। "বড় লোকের খেয়ালে কত টাকাই উড়ে যায়। **১৩** শীঘ্র ব্যয়িত (খরচ) হওয়া। [উড়ই—উড়িতে। "মধু মাতল কিয়ে উড়ই না পার বি.প ৩৮। উড়উড় করা—**১** উড়ার নিমিত্ত উদ্যোগ করা (পাখী)। **২** অভিনিবেশশূন্য বা অনাবিষ্ট-হওয়া (মন)। উড়উড় শোনা—লোকপরম্পরায় শ্রুত (খবর)। উড়িল—উদিত হইল। তু 'উরিল'। "ঈশানে উড়িল মেঘ ক.চ ৮২। উড়ে আসা—দ্রুত আসা ; অতর্কিতভাবে আসা। উড়ে এসে জুড়ে নেওয়া—অনাহূত-ভাবে আসিয়া অধিকার করা। "উড়ে এসে চিল। জুড়ে নিল বিল॥ —প্রবচন। উড়ে পড়া—**১** উড়িয়া মাটিতে বসা। "উড়ে পড়ে যায় না। তখন কেন যায় না॥—খনা। **২** উড়িতে উড়িতে ছোঁ মারা। **৩** আকাশে লাফাইয়া উঠিয়া পড়া। "টাল মুড়ে উড়ে পড়ে গোয়ালার কায় শ্রী ১৯৮। উড়ে যাওয়া—(গৌণার্থে) অতিদ্রুত যাওয়া ; শীঘ্র ব্যয়িত হওয়া ; ফাঁকি দেওয়া। খড়ি উড়া—দ্র 'খড়ি উঠা'। তোপের মুখে উড়া—দ্র 'তোপ'। ওড়ে—উড়ে। "মধুকর ওড়ে ভা চ ১৩৭।]

উড়[2] সর্ম্ম [সং অবগুণ্ঠন > প্রা ওঢণ (প্রা.স ৪.৬৪) > বা √ওঢ -ড়, √উঢ়, -ড় ; হি √ওঢ ; ঠ, গু √ওঢ ; অস √উব্ ; তু—'ওড্ঢ।—উত্তরীয় (দেশী ১.১৫৫)] **১** গাত্রে ধারণ করা ; গায় দেওয়া। "উড়িতে সকল অঙ্গে বরিষয়ে ধূলা ক.চ ৬৯ ; দিবে...উড়িতে খোসলা ১৩৮ ; ১৬৪। কম্বল উড়িয়া ভ.গ্র ২৫৬ ; ৪৩৮। **২** আবরণরূপে ধারণ করা ; ঢাকা দেওয়া। "উভ উভ উড়ি ফলা অধ অধ অসি শ্রী ৮৮।

উড়[3] অর্ম্ম [√উর > √উড় ; অপ্র] অবতীর্ণ হওয়া ; অধিষ্ঠিত হওয়া। "আসনে উড় ম.ম ১৫৬। অম্বিকা উড়িলা আম্বা ঘটে ব.প ৩৮০। উড়িলা বাসুলী ৩৮১ ; কবিকণ্ঠে উড় মাতা ১৩৮৩।

উড়[4] -ড়া '-ড়ো' বিং [√উড়[1] + আ[12] > উড়া, -ড়] **১** যে উড়ে বা উড়িতে শিখিয়াছে ; উড্ডীন ; যে উড়িতেছে, উড্ডীয়মান (পাখী)। **২** লোকপরম্পরায় শ্রুত ; ভিত্তিহীন (খবর)। [উড় পাখী—**১** উড্ডীয়মান পাখী। "উড় পাখী গুলি ক'রে মারা বিশেষ অভ্যাসের কাজ। **২** বুনো পাখী। উড় খবর—লোকের মুখামুখি শোনা খবর ; জনশ্রুতি। উড় খই—দ্র 'ওড়া'। উড়জাহাজ—Aeroplane]

উড়কি বি [সং ওড়িকা] **১** উড়ধান। "উড়কিধানের মুড়কি দেব পথে জল খেতে।—ঘুমপাড়ানী গান। [মিলের নিমিত্ত 'উড়ি'স্থানে 'উড়কি']। **২** [উকড়ি > °কি] সর্থ 'উকড়ি'। "দুধের উড়কি এনেচিস্ ?—জা ৩৭।

উড়কুড় বি ['ওর + কূল'—মূল] সীমা-সংখ্যা, আদি-অন্ত।

উড়তি বিং [√উড়[1] + অং (দ্র 'অত[2]') + ই[11] ; হি উড়তী] **১** যাহা উড়িতেছে ; উড্ডীয়মান (পাখী)। **২** লোকের মুখে-মুখে প্রচারিত ; লোকপরম্পরায় শ্রুত (খবর)। [উড়তি খবর (হি উড়তী খবর)—লোকের মুখে-মুখে শুনা সংবাদ।]

উড়ন বি [√উড়[1] + অন ; সং উড্ডয়ন > প্রা উড্ডাণ (প্রা.ম) ; হি উড়না ; অস উড়ন] **১** উৎপতন, উড়া। **২** [√উড়[2] + অন ; হি ওড়ন ; অস উড়ন—খুঁটির যে অংশ মাটির উপরে থাকে, অর্থাৎ পোতা থাকে না ; অপ্র] অঙ্গুরীয়ের উপরিভাগ বা আবরণভাগ। "তামার উড়ন তামার পাড়ন শূ ১৩৭। **৩** উত্তরীয়, ওড়না। "নীল পট উড়ন, কুচযুগ কনয় কটোর গো ১০৪। **৪** আচ্ছাদন, চাদর ("স্বামী বিন, নাই নারীর শীতের উড়ন গো.চ ৪৫৯। [উড়ন ঘাই (হি উড়ন ঝাঁইং)—ধূর্ত্ততা, ঠকামি। উড়ন পাড়ন—আবরণ ও আধারভাগ। তু 'ওড়ন পাড়ন'। উড়নীয়া—**১** উড়নচড়ে। **২** [গু উড়প ; অস °য়া] যে পাখী উড়িতে পারে।]

উড়নচ'ড়ে, -চণ্ডী, উড়ুনচ'ড়ে বিং [উড়ন + চ'ড়ে (চণ্ড ?), চণ্ডী, হি উড়াউ ; ঠ উড়াউ ; গু উড়াউ] **১** যে টাকাকড়ি অপব্যয় করিয়া উড়ায় বা আসবাবপত্র নষ্ট করে ; অমিতব্যয়ী, লক্ষ্মীছাড়া। "সোনা থাক্‌লে কি আর দুদিন থাকবে। তুমি যে উড়নচ'ড়ে অ.গ্র ৪। পুরুষেরা কি মেয়ে মানুষের মত ? ওরা যে উড়নচণ্ডী। ওরা ওড়াতেই জানে ঘ ১২। **২** যে কার্য্যে অর্থব্যয় অন্যায় ; অপকৃষ্ট কার্য্য ; গর্হিত কর্ম্ম। "উড়নচড়ে কাজে সমাজের নাম দিতে নেই লী ৩৯। ['উড়নচণ্ডী' শব্দ হইতে মনে হয়, 'উড়নচণ্ড' শব্দ 'উড়নচ'ড়ে'র মূল। তদনুসারে 'উড়নচ'ড়ে পুরুষ' এবং 'উড়নচণ্ডী স্ত্রী' ঠিক।]

উড়ন-পেকে, উড়পেকে বিং [উড়ন পাক + এ[8]] **১** উড়ন-পাক-যুক্ত ; যে টাকা-কড়ি উড়নের পাকেই থাকে, লক্ষ্মীছাড়া, গালিবিশেষ। "রাগে শরীর যায় পেকে, বাঙ্গ করে উড়ন-পেকে দা ৮০৮।

উড়নি, -নী, উড়ানি, -নী, উড়ুনি, -নী বি [উড়ন + ই[8], ঈ[7] ; হি ওঢনা, -নী, ঠ ওঢনী ; তু 'ওঢানি -নী' ; ওড্ঢণ, ওহাডণী—পিধানী (দেশী ১.১৫৫ ; ১৬১)] **১** উড়িবার বস্ত্র ; উত্তরীয়, চাদর। "উত্তরীর বস্ত্র উড়নি লইয়া ঃ রাজার উড়নি ভ গ্র ৪২৫। বি পা ২২১। কুড়ুনীর বেটার উড়ুনী গায়।—দা ২১১৩। **২** স্ত্রীলোকের গাত্রাবরণ ; ওড়না। "নীল বস্ত্র অঙ্গে উড়ুনি শোভয় ভ গ্র ৪৩০ ; দিনু উড়ানি আনিঞা ৪৩৮ ; উড়ানি খসি কোথায় পড়িল ৪৪৩। শ্যাম বরণ মোর অঙ্গের উড়নী জ্ঞা ১০০। নীল উড়নি।—ব ১৩৮। কাঁচুলি শাড়ী উড়ানী ভা চ ১০৯।

উড়নী ; উড়নীয়া দ্র 'উড়নি ; উড়ন'।

উড়শী, -রসী বি [?] কাল কলায় (?)। "শিব উড়শী দাল বাটি ঃ উরসী ব.প ২২২। °সী বি.পা ১৬৭।

উড়স, -ড়ুষ, উরু(লু)স '-স্' বি [সং উদ্দংশ ; তু 'উড্ডস'—ছারপোকা (দেশী ১.৯৬) ; হি উড়(ড়ু)স ; ঠ (ঢে(ঢ)কুণ, ড় ওড়স ; অস উরহ্ ; উরস (ময়মনসিং) ; উড়ুস (মালদহ) ; উরাস (বরিশাল) ; উরুস (ঢাকা), উলুস (ত্রিপুরা) ; অপ্র] মৎকুণ, ছারপোকা। "খাইব উলুসে মী ২৯। উড়সে কামড়াইতে বি.পা ২২১। উড়ুষ কচ্ছপগুলা ক.চ ১৮৯ ; ২২০ ; উরুসে কামড়ি ২৪৭।

উড়া[1] বিং দ্র 'উড়[4]'। —ড়া বি [√উড়[1] + আ[6] ; তু 'উরা'—"উরা কৈল বি.পা ৩২৪ ; ৩২৮ ; অপ্র] **১** পক্ষীর আকাশগমন। "মৎস্য খাইয়া করিলেক উড়া ম.ম ৩৩ ; আকাশে করে উড়া ১৪৭। উড়া দিয়া পড়িলেক বা.ম ১৪০ ; শূন্যে করি উড়া ৩০৪। **২** আকাশে লম্ফ ; উড়ালাফ। "উড়া দিয়া, পড়ে নাগ মাজুস নিকটে বা.ম ৩১০। **৩** অতি-দ্রুত গতি ; দ্রুতধাবন। "আসোয়ার লইয়া করে উড়া বি পা ২৭৫। **৪** [√উড়[2] + আ[6]] গায় দেওয়া ইত্যাদি। [উড়া করা—উড়া। উড়া দেওয়া—উড়া ; ঊর্দ্ধে লম্ফ দেওয়া। উড়া ভাষা শুনা—লোকের মুখে-মুখে শুনা।]

উড়া[2] সর্ম্ম [√উড়[1] + আ[8], সং উদ্- + √ডায়ি > প্রা √উড্ডার > বা (√উড্ডা, √উডা) √উড়া ; হি √উড়া ; ঠ, গু—√উডার ; মৈ √উড়ার ; তু 'উর্য্যা—উড়াইয়া, বেগে চালিত করিয়া। "তরোয়ার উর্য্যা (কেটে চলে) শ্রী.মা ১৬] **১** উড্ডয়নে প্রবর্ত্তিত করা, উড়ান। "পায়রা উড়ায় সদাগর ক.চ ১১৫। উড়াল...মশা শি ৭৮। শ্যামা মা উড়াচ্ছেন ঘুড়ী (সংসার-বাজারের মাঝে)।—রামপ্রসাদ। **২** আকাশে উত্থাপিত করা ; উঠান। "উরুবেগে বায়ু করি রথ উড়াইল অ.প ৩৮। (গাভী) ধাইতেছে ঘরমুখে উড়াইয়া ধূলি।—হেম ১। চিতাভস্ম পবন উড়ায় পি.ম ১১৫। **৩** মন্ত্রবলে সঞ্চালিত করা। "আলকুশী গুঁড়া মামী উড়াও মন্ত্র প'ড়ে শি ৭৭ ; ৭৮। **৪** বেগে হটাইয়া দেওয়া বা তাড়ান। "উরুবেগে উড়াইল মহামত্ত গজ

অ.প ২০; বহুতর সৈন্য উড়াইল ৩৮, টীকা। **৫** অগ্রাহ্য করা; তাচ্ছিল্য করা। "ইহা কহি ভট্টাচার্য্য উড়াইয়া দিল ভ.প্র ৩৩৩। সকলে তারে দিব উড়াইয়া চৈ ৯০। ব.প ১১৫৭। বৃকের বচন বটু উড়াইল হাসি শি ৬১। নীচ যদি উচ্চ ভাষে। সুবুদ্ধি উড়ায় হাসে (হেসে) —ভা.চ ২৬৭। ব্রজ হাসিয়া উড়াইয়া দিল ব.প্র ৩৬৮। **৬** (অপ্র) বেগে চালিত করা; জোড়ে চালান। "উড়ায়ে লাঙ্গল যেন উড়ু যায় খসি শি ৭৫। **৭** (অপ্র) দ্রুত ঘূর্ণিত করা বা ঘূরান। "দুটা চক্ষু উড়ায় যেন কুমারের চাক শ্রী.ম ৪৫। **৮** কৌশলে বা কুহকে হঠাৎ অদৃশ্য করা। "বাজিকর তাসখানা দেখ্‌তে দেখ্‌তে উড়াইয়া দিল। **৯** অপব্যয় করিয়া শীঘ্র নিঃশেষ করা (টাকা)। **১০** অপরিমিত খরচ করিয়া শীঘ্র ফুরাইয়া দেওয়া (খাদ্য)। "কালিকার কিছু নাহি উড়াইলে সব শি ৩৪। **১১** আঘাতের বেগে উৎপাটিত করা। "চড়ে চক্ষু উড়ি (উড়াইয়া) দিল শি ১৪; চড়ায়ে উড়াল দাঁত ১৫। **১২** ক্ষয় করা; উঠাইয়া দেওয়া। "চাপড়ে উড়াইতে পারে পাষাণের আঁক শ্রী.মা ১৫৬। [উড়াইল—উড়িল (অণিজন্ত—অপ্র)। "চ.বি ২৩।]

উড়া৩ সর্ম্ম [১ উড়২+আ৮; হি ✓ওঢ়া; অপ্র] গাত্রে ধারণ করান; পরান। "দেহে মোর উড়াইলি কাহার উড়ানি ভ.প্র ৪৩৮।

উড়াও বি [মৈ উড়ব; অস উড়া(রা)ও; হি উড়াউ—যে উড়ে; অপ্র] উড্ডয়ন, উড়া। "(খেত মা ছ) উড়াও দিয়া পইল…দুই চক্‌খে গো.চ ১০০; ২৬৮; ২৬৯; উড়াও করিল ২৯০। পাখী গেল উড়াও দিয়া ব.প ৭৬। [উড়াও করা, দেওয়া—উড়া।]

উড়াগত বিং [উড়্যা (উড়িয়া)+আগত>°ত; অপ্র] উড়িয়া আগত। "উড়াগত হংস যেন মজি গেল নীরে। তেনমত বাণ মারে শরীর উপরে॥—ম ৮০৫।

উড়াত '-ত্‌' বি [উরত>°ত; অপ্র] উরুদেশ। "বাঁও উড়াত ফাড়িল ব.প ৭৬।

উড়াতাড়া বি [উড়া+তাড়া] উড়ার নিমিত্ত তাড়া; শত্রুকে হটানর উদ্দেশ্যে কৃত্রিম কোপ প্রকাশপূর্ব্বক তাড়া; ফাঁকা ধমক। "মার মার করিয়া উঠে মারে উড়াতাড়া শ্রী.মা ১২৭। ধর ধর করিয়া পিছে মারে উড়াতাড়া শি ৮২। [পদ্যে মিলের নিমিত্ত ধৃতপাট 'উড়াতাড়'।]

উড়ান বি [উড়ন>°ন; তু 'সং উড্ডয়ন>প্রা উড্ডাণ (প্রা.ম) গু উড়াণ, -ন] **১** নভোগতি, উড়ন। "মায়ের আগ্‌গা নিয়া পঙ্খি উড়ান করাইল গো.চ ২৬৫। **২** বায়ুতে সঞ্চলন। "শিম্পিঙ্কের উড়ান চৈ.চ ৩৪৯। **৩** [✓উড়া২+অন; তু 'সং উড্ডায়ন>প্রা উড্ডারণ (প্রা.ম)>বা উড়ান; অপ্র] অনাদর, অবজ্ঞা। "ভাল থাকে, হীন তাকে ধন দেয় ডাকি। উত্তমে উড়ান করে অকিঞ্চন দেখি॥—শি ৭২। **৪** নভোগতি করান। "ঘুঁড়ী, পাখী উড়ান। **৫** অপব্যয়ে অর্থ নিঃশেষ করা। [উড়ানিয়া (অপ্র)—যাহা উড়ানের যোগ্য, অর্থাৎ হাল্‌কা, অসার, কাঁচা। "উড়ানিয়া লোহাখান কাটিয়া কর দূর ম.ম ১৭১।]

উড়ানি; উড়ানিয়া দ্র 'উড়নি; উড়ান'।

উড়াপাক বি [উড়া+পাক] শূন্যে উড়িয়া (লাফাইয়া উঠিয়া) ঘুরিয়া পড়া; আকাশে ডিগবাজি খাওয়া; উল্লম্ফন। "পতঙ্গ সমান শূন্যে দেয় উড়াপাক শ্রী.মা ৪৫; লাখ লাখ উড়াপাক, ঐচ্ছনে লক্ষ ৬০; উড়াপাক খায় ১৩৯; উড়াপাক সঘনে অনিলগতি জায় ১৯৩। পাইক দেয় উড়াপাক ক.চ ৯৭; ২০৩। উড়াপাক দিয়া ধায় শি ৫৬। ঢালী খেলে উড়াপাকে ভা.চ ২৬৬।

উড়ামালা বি শালিধান্যবিশেষ, উড়িধান (?)। "শূ ১১৪।

উড়ি, -ড়ী বি [সং ওড়িকা, -ড়ী; অস উড়ীধান; উড়েধান (মালদহ); উড়িধান (চব্বিশপরগণা); তু 'উড়িদ—ধান্যবিশেষ (দেশী ১.১৮)] **১** ধান্যবিশেষ, নীবার। "উড়ির তণ্ডুল কৃ.উ ৬৬; শ্রী.ম ২৯; ৩০। উড়ি চেল শ্রী ১০৭। **২** উড়িধান্যের তণ্ডুল। "উড়িচূর্ণ শ্রী ৩১; উড়ির অন্ন ১০৭। [এই ধান বিলে বা জলায় আপনিই হয়। ধান পাকিলে অল্প বাতাসে উড়িয়া বা ঝরিয়া পড়ে; এই হেতু নাম 'উড়ি' বা "ঝোরা' ধান।]

উড়িয়া, উড়ে বি [সং ঔড্র, ওড্রীয়>প্রা উড্ডিঅ (প্রা ম), ওড্ডিঅ (পৈ)>বা উড়িয়া, -ড়ে, ওড়িয়া] উড্রদেশবাসী। "উড়িয়ালোক চৈ.চ ১৪৪। চৈ.ম১৭৬। [°লোক—উড্রবাসিগণ। উড়েমেড়া—নির্ব্বোধ উড়িয়া। "কা ৮৬।]

উড়িল বিং [✓উড়+ইল২] উড্ডীন, উড়া। "মেনকা উড়িল বস্ত্র ধরে ম ৫৭।

উ(ও)ড়িষ্যা [সং উ(ও)ড্র, ওড্রবিষয়>প্রা* ওড্ডইশঅ>(ওড্ডিশা) ওড়িশা, -ষ্যা, উড়িষ্যা (উড়িষ্যা উচ্চারণে 'শ'>ষ্য); তু 'ওড্রবিষয়'— উড়িষ্যা (গৌড়রাজমালা, ৪০ পৃষ্ঠা)] উড্রদেশ, উৎকল। "ওড়িষ্যায় বন্দিব ঠাকুর জগন্নাথ ক.চ ৫। ম.পা ১১।

উড়ু স্ত্রী, ক্লী [উদ্‌+✓ডী+উ (ড়ু)-ক, নিপাতিত (অ.টী)] যাহা আকাশে যায়; নক্ষত্র। "রঘু ১৬.৬৫। °গণ শি ১৬; ৭৫। উড়ুগণ-মাঝে ন.প ৩৪৮। শ্রী ৮১। উড়ুকুল শ্রী.মা ৪৯; ১৫৬। উড়ুক পাতি ব ৬১; অলক নিকর উড়ু, ভাল গগন পর ১৭৬। °গণ গো ৭৭; উড়ুর গণে ২৭০। —ড়ু ক্লী জল। তু 'উদ'। [°গ্রহপতি (বি)— নক্ষত্র ও গ্রহের পতি; সূর্য্য। "শ্রী মা ২১৪। °চক্র (ক্লী)—নক্ষত্র-মণ্ডল। °পথ (পুং)—আকাশ। °রাট্‌ (-জ্‌) পুং—নক্ষত্রপতি, চন্দ্র। "গো.রা ৪.৫.১৪।]

উড়ুউড়ু বিং [উড়ু+উড়ু (সাদৃশ্যে দ্বিত্ব)] **১** উড়ার মত; উড্ডয়নোন্মুখ (পাখী)। **২** নির্গমনোন্মুখ, প্রায়নির্গত, যায়-যায়। "উড়ুউড়ু প্রাণ মম পতির লাগিয়া বা.ম ৩৭২। **২** অস্থির, চঞ্চল। "সর্ব্বদা মন উড়ুউড়ু। কতক্ষণ সমবয়সীদের সঙ্গে ধুমধাম ও আহ্লাদ আমোদ করিব আ.দু ২২। —ড়ু বি **১** বাহির হওয়ার উপক্রম; প্রয়াণোন্মুখ, যায়-যায়-ভাব। উড়ুউড়ু করে প্রাণ ব.প ৫৭২। প্রাণ উড়ুউড়ু বি.সু ৭১। বা.দ ২১৮। **২** চঞ্চলভাব, অস্থিরতা। উড়ুউড়ু করে প্রাণ রণে নাহি ভর ম ৮৪৯। উড়ুউড়ু করে মন…র'য়ে র'য়ে মনে পড়ে তায়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। উড়ুউড়ু করে প্রাণের ভিতর ব.সু ৪৮। উড়ুউড়ু করে মন ভা.চ ৩৩৩।

উড়ুক বি [সং উরুবুক] বৃক্ষবিশেষ ও তৎপুষ্প। "শূ ৩০।

উড়ুক্কু বিং [হি উড়ংকূ, উড়াক; মৈ উড়া(ড়া)ক] যে উড়িতে পারে; উৎপতনসমর্থ (পক্ষিশাবক)। [উড়ুক্কু মৎস্য—পক্ষযুক্ত মৎস্যবিশেষ (Flying fish)।

উড়ুডুবু বি ['উঠ্‌ডুবু' সাধু; অপ্র] উঠা ও ডুবা; উন্মজ্জন ও নিমজ্জন। "।বষ্টাতে…উড়ুডুবু করে কৃ.উ ৭৪।

উড়ুনচ'ড়ে; উড়ুনি, -নী দ্র 'উড়নচ'ড়ে; উড়নি'।

উড়ুপ পুং, ক্লী [উড়ু+✓পা+অ (ড)-ক; উ.ত; তা ওড] **১** উড়ুতে (জলে) যাহা রক্ষা করে (অ.টী); প্লব, ভেলা। "রঘু ১.২। কেনোড়ুপেন পরলোকনদীং তরিষ্যে মৃ ৮.২৩। **২** (বাঙ্গালায়; অসাধু) নৌকা, অর্ণবপোত। "উড়ুপযোগে, দুদিন আগে, হিন্দু যেত সিন্ধুপার কু.কে ১৫৩। —প পুং [+অ (ক)-ক] নক্ষত্রপতি, চন্দ্র। "মহা. ৩.১৪৬.৭৮। ভা ১.১২.৩১।

উড়ুপতি পুং [ষ.ত] নক্ষত্রপতি, চন্দ্র। "কু.স ৫.২২। উড়ুপতি গেল যেন ইন্দ্রসদে ঢাকা শ্রী.মা ১২১; ১৫৬।

উড়ুপুড়ু বি [>উড়ু১>উড়ু ✓পড়>পুড় (অনুকরণে); অপ্র]

উঠা-পড়া, অস্থিরতা, উড়্‌উড়্‌। "উড়্‌পুড়্‌ আনছান, ধকধক করে প্রাণ ব ১৫৩।

উড়ুম্বর পুং [উদুম্বর > °র, পৃষো; তু 'সং কদন > প্রা কডণ (হে ১.২১৭)] যজ্ঞাঙ্গবৃক্ষ, যজ্ঞডুমুর গাছ। "°বৃক্ষ চৈ.চ ৪০; ১৬৯। শ্রীম ১২১। ন ১৩৪৬। ২ (উড়ুম্বরকাষ্ঠে নির্ম্মাণ হেতু?) দেহলী (চৌকাঠের নীচের কাঠ—Threshold)।) ৩ নপুংসক। ৪ কুষ্ঠজনক কীটবিশেষ। —র স্ত্রী ১ উড়ুম্বরফল। "°মশক। উড়াল উৎপাত মশা উড়ুম্বর আনি শি ৭৮। ২ (পক্বফলসাদৃশ্যে?) তাম্র। ৩ কর্ষ, দুই তোলা। —র পুং, স্ত্রী (তাম্রবর্ণ হেতু) কুষ্ঠবিশেষ। [°মশক (পুং)—উড়ুম্বরফলে স্থিত মশকতুল্য; স্বল্পজ্ঞানযুক্ত, কূপ-মণ্ডুক। "পা ২ ১.৪৮। ব.প ১৭১৭। তু 'উড়ুম্বরফলে যেন মশকনিবাস শ্রী মা ১২১।]

উড়ুষ, -স; উড়ে দ্র 'উড়স; উড়িয়া'।

উড়োনচণ্ডী বি সর্থ 'উড়নচণ্ডী'। "জলও…উড়োনচণ্ডীর টাকার মত জায়গা খালি হ'য়ে হ'টে যেতে লাগলো হু ১৭১।

উড়্‌চুণ্ড, -ঙ্গা দ্র 'উইচিংড়া'।

উড্ডম্বর বিণ [উদ্ (অধিক) ডম্বর, প্রা.স] অধিক খ্যাত, প্রখ্যাত, উচ্চবংশজাত। "ম চ ১$\frac{8}{5}$।

উড্ডয়ন স্ত্রী (উদ্+ √ডী+অন (ল্যুট্)-ভা] নভোগমন, উৎপতন, উড়া। "নৈ ১.১২৫। কেহ বোতলের জোরে…ব্যোমে উড্ডয়ন করত ভবনদী পার হইতেছে।—টেকচাঁদ গ্রন্থাবলী। বায়ুমণ্ডল অতিক্রম করিয়া যেমন উড্ডয়ন হয় না—…তেমনি জাতীয় ভাবপরিশূন্য হইয়া কোন ব্যাপারের অনুষ্ঠানও মনুষ্য কর্ত্তৃক হইতে পারে না পা.প্র ১১৩। —ড্ডীন বিণ [+ত (ক্ত)-ক] ১ নভোগত, উৎপতিত। "উড্ডীন পিঙ্গল জটাজাল চ.কা ২৯৩। —ন স্ত্রী [+ত-ভা] সর্থ 'উড্ডয়ন'। "উড্ডীনানাং নামানি।—পঞ্চ ২$\frac{6}{8}$। ২ পক্ষীর গতিবিশেষ। বিপ 'অবডীন' (দ্র 'মহা ৮ ৪১.২৭-২৯)। "ব.প্র ৬৩৫। —ড্ডীয়ন স্ত্রী [ছন্দোনুরোধে 'ঈ' (?)] উড্ডয়ন। "উড্ডীয়নেঽশক্তান্‌…মমাত্মজান্‌ মহা ১.২৩৩.৫। —ড্ডীয়মান বিণ [+মান (শানচ)-ক] যাহা উড়িতেছে, উড্ডয়নযুক্ত, উড়ন্ত। "(বেলুন) লোকেরদের দৃষ্টিগোচরে উড্ডীয়মান হইয়া তেইশ পল থাকিল।—রামমোহন রায়।

উড্ডামর বিণ [?] ১ উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। ২ ভয়ঙ্কর, বিষম। "°বাস্ত-বিস্তারিদোঃখণ্ড মা.মা ৫$\frac{2}{3}$। ৩ তন্ত্রবিশেষ।

উড়্‌পড়া বিং [?] বিনষ্ট, বিধ্বস্ত; জনশূন্য। [°ঝাড়—নষ্টপ্রায় বাঁশের বা কলার ঝাড়। °ভিটা—জনশূন্য, অর্থাৎ নির্ব্বংশ লোকের বাস্তু। 'ভিটে ঘুঘু চরা'—ইহা নির্ব্বংশ হওয়ার গালি; ইহা হইতে 'যে ভিটে ঘুঘু চরে, 'উড়িয়া পড়ে', তাহা 'উড়্‌পড়া ভিটে'। বোধ হয়, ইহা 'উড়্‌পড়ার' মূল।]

উড্র পুং [√উন্দ্‌+র (রক্‌)-ক (অ.টী); তু 'উণ্ড্র' (মহা ২.৩১.৭১); 'উণ্ড্র' (কেরলপর্য্যায়—অ.চি); 'উদ্র' (সংক্ষিপ্তসার, প্রাকৃতপাদ, ৫.৯৯) ওড্ড (দ্রবিড়জাতিবিশেষ) > সং ওড্র (*The Origin and Development of the Bengali Language*)] (বহুব) দেশ-বিশেষ, উড়িষ্যা। "চৈ.ম ১৭৬।

উঢ় সর্ম্ম দ্র 'উড়'। "কটির ঘাঘরা বস্ত্র মস্তকে উঢ়িলা ভ.প্র ৪৫৯। চিন্তা কান্থা উঢ়ি গায় চৈ.চ ৩২৮।

উণাদি পুং [উণ্‌ আদি যাহাদের, বহুব্রী] (ব্যাকরণে) শাকটায়নোক্ত উণ্‌-প্রভৃতি প্রত্যয়সমূহ। "পা ৩.৩.১; ৩.৪.৭৫।

উৎ বা ১ প্রশ্ন, বিতর্ক, সংশয়, অত্যর্থ, ঊর্দ্ধ। ২ দ্র 'উদ্‌'।

উত¹ বিণ [√বে+ত (ক্ত)-র্ম্ম] স্যূত, তন্তুগ্রথিত, গ্রথিত। দ্র 'ওতপ্রোত'।

উত² বা [ছান্দস] ১ সংশয়, বিতর্ক। "স্থাণুরুত পুরুষঃ। শ ৩$\frac{6}{8}$। কু.স ৬.২০। ২ অত্যর্থ, অতিশয়। ৩ সমুচ্চয়। "গী ১.৩৯; ১৪.৯। ৪ বিকল্প, বা, অথবা। "উতাবলং বলীয়াংসং ধাতা প্রকুরুতে বশে। —মহা ৫.৩১.১। ৫ প্রশ্ন। "জায়ামদোষামুত সন্ত্যজামি রঘু ১৪.৩৪। ৬ পাদপূরণ (A.)। ৭ অবধারণ, নিশ্চয়। "সর্ব্বভূতানি তং পার্থ সদা পরিভবন্ত্যুত মহা ৩.২৭.৩৮।

উতঙ্ক¹ পুং ১ আয়োদধৌম্যের শিষ্য (মহা ১.৩.৮৩)। ২ গৌতমশিষ্য (মহা ১৪.৫৬.৪)। [°মেঘ (পুং)—মেঘবিশেষ। "মহা ১৪.৫৫.৩৭।]

উতঙ্ক² বিং [সং উত্তুঙ্গ, বৈষ্ণবসাহিত্যে] অত্যুচ্চ। "উরজ উতঙ্ক কুম্ভ বি.সা ৩৫৭।

উতথ্য পুং অঙ্গিরার পুত্র, বৃহস্পতির জ্যেষ্ঠভ্রাতা (ভ ৪.১.৩৪)। [°তনয় (পুং)—গৌতম। উতথ্যানুজ (পুং)—বৃহস্পতি।]

উতপত বিং [সং উত্তপ্ত (স্বরাগমে) > °ত বৈষ্ণবসাহিত্যে] উত্তপ্ত। "ঘন ঘন উতপত শ্বাস বি.সা ৪৬৯।

উতপতি বি [সং উৎপত্তি; পদ্যে] উদ্ভব, জন্ম। "কিছু কিছু উতপতি অঙ্কুর ভেল বি.প ৪০। উতপতি ভেল তোর উত্তম কুলে শ্রী.কী ৩৫৭। [তু 'উতপতী' (শ্রী.কী; 'উৎপতি' (ম.পা ১, ৪)।]

উত (তো)র¹ বি [সং উত্তর; হি, মৈ, অস উত্তর] উত্তর, প্রতিবচন। "অবনতবয়নী উতর না দেল বি.প ১১২। যব কছু পুছয়ে, উতর ন পাব জ্ঞা ২৮। উত্তর না নিকসই ব ৭২। উপেন্দ্র বাবু এবার একটা উতোর মারিলেন ব.দ্বি ৪২৫। উতর হ'ক্‌, না হ'ক, গলা-বাজীতে মাত করি ন.ত ৫৮। ডাক্‌ ডাক্‌, ভুলে গেলুম, উতোর দেব লী ৬। [উতোর কাটা —উত্তর দেওয়া। উতোর কাটাকাটি—পরস্পর উত্তর-প্রত্যুত্তর করা; কথা-কাটাকাটি।]

উতর² অর্ম্ম [দ্র 'উত্তর²', পদ্যে] ১ অবতরণ করা; নামা। "চট্টগ্রাম নগরের নিকট উতরে অ.প ৩। উতরিয়া অশ্বরাজে, লাউসেন সভামাঝে, উপনীত হৈল হেনকালে শ্রী.মা ১২১। (সুরগণ) ক্ষিতি উতরত ন.প ১৩০। ২ আবির্ভূত হওয়া; উপস্থিত হওয়া। "কোন ছলে গোপাল আসি উতরে আপনে চৈ.চ ১৮৯। হেনকালে তথা, দ্রুতগতি উতরিলা মেঘনাদ রথী মে ৪০; ৪৪; ৪৫, ৬২; ৮৫। ৩ [দ্র 'উত্তর² (২)] উত্তীর্ণ হওয়া; পরীক্ষায় সফলকাম হওয়া। "যে ছেলে খাটে, সেই পরীক্ষায় উতরিয়ে যায়। —র সর্ম্ম অতিক্রম করা; ছাড়ান। "মেয়েটি তের উতরে চৌদ্দয় পড়েছে বি বৃ ৯। —রা অর্ম্ম ১ পরীক্ষায় সর্ব্বাঙ্গ-সুন্দর বা নিখুঁত বলিয়া বিবেচিত হওয়া। "কবির সব কাব্য সমান উতরায় না। এ ছবিখানি বেশ উতরাইয়াছে। ২ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। "প্রশ্ন কঠিন হইয়াছে, এবার অনেক ছেলেই পরীক্ষায় উতরাইবে না। [সং উদ্‌+ √তারি > √উত্তার (প্রা.ম) > বা, উতার; অপ্র] উত্তারিত করা; দূর করা; উন্মোচন করা; উঠান, তোলা। "জোয়ের মোহর তার ছাব উতারিয়া। আদায় করিয়া ধন লইল মাপিয়া॥ —ক.চ ১৯১। [ছাব উঁতারিয়া—মুদ্রাঙ্কন (সিলমোহর) উঠাইয়া। উতর—উতরণ, পরপারে গমন।]

উতরল বিং ['উত্তরল'—মূল; তু 'উত্তরলী'; পদ্যে] অতিচঞ্চল, অত্যন্ত অধীর। "রাধাক দেখিএা কাহ্নে, উতরল ভৈলা মনে শ্রী.কী ৩৮২। —লী বিং [°ল+ঈ৬] অত্যন্ত অধীরা। "উতরলী নহ রাধা মন কর থীর শ্রী কী ৩৯১।

উতরালি বিং [উতরল > °লি; অপ্র] অতিপ্রবল, প্রবল-প্রবাহিত। "ভাদ্র মাসেতে হল উতরালি বাও ম.ম ১২৮।

উতরোল¹ বিং [উতরল > °ল; পদ্যে] ১ অত্যন্ত অস্থির; অশান্ত, ব্যাকুল। "চিত্ত উতরোল হৈল তোমার কারণে ম ৯৭০। হংসশব্দ শুনি, পিয়া জীউ অতি উতরোল ব ১৮৭। ক্ষুধায়…হৈলা উতরোল ভা.চ ১৭১।

২ বিহ্বল, অধীর। "উতরোল তরাস কৌতুকে ক.চ ১৬৭। ৩ ভয়-বিহ্বল, ভয়ার্ত্ত। "বর্গ্ম বলে উতরোল না হও রাজন্। তোমারে আমার ক্রোধ নাহি কদাচন ॥—ম ৬৫৫। ৪ ভাববিহ্বল, ভাবাবেশে আত্মহারা। "কৃষ্ণদাস বোলে—গোসাঞি শুন মোর বোল। দেখিবে ত সব স্থান—নহ উতরোল ॥ চৈ.ম ১৮৩। ৫ প্রবল, বেগবান্। "আজি উতরোল উত্তর বায়ে, উতলা হ'য়েছে তটিনী।—কথা ৪৯। ৬ ব্যস্ত। —ল বি ১ উত্তরলভাব, ব্যাকুলতা, আগ্রহাতিশয়। "নয়নচকোর মোর, পিতে করে উতরোল চ দা ৩। ২ হর্ষাতিশয়বেগ। "অঙ্গ ঠেলি পড়ে কেহো হিয়া উতরোলে চৈ.ম ৬৯। ৩ আস্ফালন, স্পর্দ্ধাপ্রকাশ। "শিব বোলেন গঙ্গা শুন এক বোল। এই বল ধরিয়া কর স উতরোল ॥—গ ৩৯। —লী বিং [উতরোল+ঈ৬] চঞ্চলা, অস্থিরা, বিহ্বলা, ব্যাকুলা। "গোঠে হইতে আইল বনমালী। শুনিয়া গোপিনী উতরোলী ॥—ব.প ৭৮৭। কেঁদে হই উতরোলী, চাহ পুত্র চক্ষু মেলি বা ম ৩২৬। তাহা না শুনেন সীতা হ'য়ে উতরোলী কৃ ১৪০।

উতরোল২ বি [উৎ+রোল; অপ্র] ১ উচ্চ রব; উচ্চৈঃস্বর। "আকুল অতি উতরোল। হা ধিক্ হা ধিক্ বোল ॥—বি.প ৫১। ২ উচ্চ শব্দ; মহাধ্বনি। "নানা বাদ্য উতরোল বাজএ শুভবেলা শূ ১০৫। বাদ্য উতরোল চ বি ৫৭। ৩ কোলাহল, কলরব। "আনন্দ উতরোল গ ৬। হো হো হুরি তুমুল উতরোল গো ৭৯। ৪ আনন্দকোলাহল। "রাজপুরীত হৈল বড় উতরোল। দেখিয়া সকল লোক আনন্দে বিভোল ॥ —গ ৪৩। ৫ ভয় হেতু কোলাহল। "বলরাম বলে, আকুল হইয়া, সব রাখালের মাঝে উতরোল ব ৪৩। ৬ সক্রোধ চীৎকার। "আপনা আপনি তা'রা করে উতরোল গ ২৯। ৭ উচ্চ ঝঙ্কার বা গুঞ্জন। "অধিক উতাপই, উপবনে অলি উতরোল বি.প ১৬৯। —লি বি [°ল+ই১১] কোলাহল, মহাশব্দ। "নানা বাদ্যশব্দে হইল মহা উতরোলি চ.বি ৮১।

উতল১ বিং [উত্তরল১ >°ল] ১ চঞ্চল, লক্ষ্যহীন। "তাই যে কালো চোখের কোণে, চাহনি তাহার উতল হ'ল অকারণে প.কা ২। ২ প্রবল, বেগবান্। "উতল ধারা বাদল ঝরে।—গান ৮১।

উতল২ অর্ম [√উথল> √উতল] ১ উচ্ছলিত হওয়া; শ্রীবৃদ্ধি হওয়া। "বল যে আমার সংসার উতলে পড়চে দেখছি হু ১৫৫। ২ [উতল১ > √উতল; পদ্যে] অধীর হওয়া। 'কে গায়' বলিয়া, চায় উতলিয়া স্ব.প্র ২৮। [সংসার উতলে পড়া—সংসারের শ্রীবৃদ্ধি হওয়া।]

উতলপাতল সর্ম 'উথলপাথল'।

উতলা বি° [উতল >°লা; হি উ(উ)তলা] ১ চঞ্চল, তরঙ্গাকুল, ক্ষুভিত। "আজি উতরোল উত্তর বায়ে, উতলা হ'য়েছে তটিনী।—কথা ৪৯। ২ আনন্দবিহ্বল, হর্ষাকুল। "গুরু গর্জ্জনে নীল অরণ্য শিহরে, উতলা কলাপী কেকাকলরবে বিহরে চ.কা ২৫০। ৩ বেগবান্, প্রবল, অধীর। "বিজন বিরাট শূন্য সে মাঠ, কাঁদিছে উতলা বাতাসে স.স্ব ৫২। বাতাস হ'য়েছে উতলা আকুল।—কথা ৩২। উতলা বাতাস অলকে তোমার, কি জানি কি করিয়াছে চ কা ২৬৫। ৪ ক্ষোভকর, ভাবাঢ্য, মদির। "স্ফুরিত ফুলে উতল গন্ধে, অন্তর গাহে কত না ছন্দে কু.কে ৪। ৫ অধীর, উৎকণ্ঠিত, উদ্বিগ্ন। "নারায়ণ অবশ্য রক্ষা করিবেন। আমার সে ভরসা আছে। তুমি উতলা হইও না ব.প্র ৪৪৫। ৬ অস্থির, ব্যগ্র, ব্যস্ত। "খাবার লাগি এত উতলা, স্থির নাহি এক দণ্ড দা ১৫৩। ৭ অধীর, অশান্ত, বিচারমূঢ়। "খুড়া মহাশয়, এখন উতলা হওনের সময় নয় বি বু ৩১। ৮ সঞ্চলিত, দোলায়মান। "তোমার অলকগুচ্ছ হ'য়েছে উতলা অ.গু ২৮।

উতা বি [সং উত্তাপ>প্রা*উত্তাঅ >বা উতা (চব্বিশপরগণা); উতো (গ্রাম্য)] অগ্নির উত্তাপ। [(কাঠ) উতা দেওয়া—বর্ষায় ভিজা কাঠ শুখানর নিমিত্ত রান্নার পরে চুলার উপরে রাখিয়া অগ্নির তাপ দেওয়া (চব্বিশপরগণা)।]

উতাপ সর্ম [সং উদ্+ √তাপি; বৈষ্ণবসাহিত্যে] উত্তাপিত করা। "চান্দ চন্দন তনু, অধিক উতাপই বি.প ১৬৯।

উতার সর্ম [সং অব+ √তারি; হি উতার; পদ্যে] ১ অবতারণ করা; খুলা। "মো.তমহার উতারি বি.প ১২৮; (হার) যতনে উতারল ১৩৪। ২ নামাইয়া ঢালা। "খণ্ডে মুগের সুপ 'উতারে' (পাঠান্তর) ডাবরে ক চ ১৫০। ৩ নামান অর্থাৎ অপনয়ন করা; উঠান। "সেই আবরণ দেখ্‌রে উতারিয়া, মুগ্ধ সে মুখখানি চ কা ৪৭৪। ৪ (অপ্র) বিচ্ছিন্ন করা; ছাড়ান, খুলা। "ছাল উতারিয়া প্রিয়ে কর শিক-পোড়া (পাঠান্তর) ক চ ৬১। —র অর্ম [ং উত্তর২ >উতার (মিলের নিমিত্ত)] অবতীর্ণ হওয়া; নামা। "অঙ্গমার্জ্জনাদি কৈল সে ঘাটে উতারি (অর্থাৎ 'উতরি') ভ.গ্র ৪৬৮।

উতাল বি [উথাল >°ল; অপ্র] অগ্নির তাপে অন্নাদি ফুটিয়া উঠা বা উথলান। "গরগর করে কলাই না লয় উতাল: কলাই ধরে উতাল ম.ম ১৬২। [উতাল ধরা—উথলিয়া উঠা।]

উতালি বিং [উতল >°লি; অপ্র] উতলা, আকুল। "হেরি চিত্ত উতালি (উতলি?) ম ম ১৯৩।

উতাহো, -হোস্বিৎ ব্য [উত২+আহো, আহোস্বিৎ] ১ পরিপ্রশ্ন। ২ বিচার। ৩ বিকল্প। "যক্ষী বা রাক্ষসী বা ত্বমুতাহোস্বিৎ বরাঙ্গনা মহা ৩.৬৪ ১২০; উতাহোস্বিদ্ ভবেদ্ রাজা নলঃ ৭১.২৮।

উৎক বিণ [উদ্+ক (কন্) স্বার্থে, পা ৫.২.৮০; স্ত্রী -কা] ১ উদ্ অর্থাৎ উদ্‌গতমনস্ক (সি); উন্মনাঃ, উৎসুক। "অদ্রিসুতাসমাগমোৎক কু.স ৬.৯৫। মানসোৎক পু.মে ১১। উৎকং ধরং দ্রষ্টুম্ মাঘ ৪.১৮। তেনাৎমুৎকা ক.সা ১৩.১২১। ২ অন্যমনস্ক। ৩ অভিলাষী (M.W.)। —ক পুং, স্ত্রী ১ ঔৎসুক্য, উন্মনস্কতা, চিত্তচাঞ্চল্য। "সোৎকঃ (স বণিক্) ক.সা ২১.৬২। ২ অভিলাষ, স্পৃহা। "চিরদর্শনসোৎকয়া দৃষ্ট্বা ক সা ২৬.২৭৩।

উৎকচ বিণ [বহুব্রী; স্ত্রী -চা, -চী] ১ যাহার কচ উদ্গাত; বিকেশ (নীলকণ্ঠ), কেশহীন। "ঘটো হাস্যোৎকচ ইতি মাতা তং প্রত্যভাষত মহা ১১৫৫ ৩৮। ২ উন্নতকেশ। ৩ 'উদ্বন্ধন', বিকশিত, বিকচ। "°কুমুদ্গণবান্ ভ ৩.২৩.৩৮।

উৎকঞ্চুক বিণ [উদ্গাত কঞ্চুক যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -কা] কঞ্চুক-শূন্য, কাঁচুলিরহিত। "বক্ষঃসুৎকঞ্চুকেষু।—ভর্তৃহরি]

উৎকট বিণ [উদ্+কট (কটচ্) স্বার্থে পা ৫ ২ ২৯; 'উৎকৃত'—মূল (?)] ১ অতিশয়িত, অত্যধিক, উন্নত, অধিক (বালমনোরমা)। "অত্যুৎকটৈঃ পাপপুণ্যৈঃ।—হি ১.৮৪। বলোৎকট।—পঞ্চ ২ ৬৪। °লোহিত।—হেম ১০৬। ২ তীব্র, দারুণ, সাজ্বাতিক। "তা সবার বিষ বড়ই উৎকট ম ম ৭৪। ৩ প্রবল, ভীষণ। "উৎকটো মত্ত…রাক্ষসঃ গো রা ৬৩৭ ১০১। অত্যুৎকট (শত্রু)।—পঞ্চ ১১:২। ৪ দুর্দ্ধর্ষ, দুর্জ্জয়। "বলোৎকট গো রা ৩১১৯। সিংহাবিব বলোৎকটৌ মহা ১.১৫৪ ১৪। ৫ মত্ত, ক্ষিপ্ত, উচ্ছৃঙ্খল। "মধুপ্রপাণ°, মদিরা°, মদ° রা (S W.)। উৎকটান্ (কলাপিনঃ) মহা ৩.১৫৮ ৬৩। উৎকট হইল হস্তী বাগ নাহি মানে শ্রী মা ১০৭। ৬ প্রচণ্ড, সবেগ। "ম.চ ৫.৩৩। ৭ নিশিত, তীক্ষ্ণ। "°কঙ্কপত্র ম চ ১.৩৯। ৮ বিশাল, বৃহৎ। "উৎকটাস্থি (বক্ষঃস্থলম্—S W.)। ৯ সুব্যক্ত, প্রকট, সুস্পষ্ট। "চন্দ্রস্তোৎকটলাঞ্ছনস্য উ চ ৫.৩৬। ১০ বিষম, বন্ধুর। "(দেশে) বিষমোৎকটে মহা ৩.১৭৯.৫৪। ১১ আঢ্য, পরিপূর্ণ, সম্পন্ন। "পাদপান্ কুসুমোৎকটান্ রা (S W.)। বচঃসরোজমমলং গীতার্থগন্ধোৎকটম্ (গীতামঙ্গলাচরণ)। ১২ দুঃসাধ্য, দুষ্কর। ১৩ দৃপ্ত, গর্ব্বিত (M.W.)।

১৪ অধিক, শ্রেষ্ঠ, বিশিষ্ট ; প্রধান। "বেউলা তপেতে উৎকট ম ম ১৮৩। **১৫** উদ্ধৃত। "পা ৫.২ ২৯, তত্ত্ববোধিনী। **১৬** উদ্গত, বিপরীতস্থিত। "হারাঃ কাসাঞ্চিদ্ উৎকটাঃ গো.রা ৫.১৩.৩৭। **১৭** প্রবল, বিষম। "উৎকটচিন্তায় রাজপুত্রের বুদ্ধিরও অপভ্রংশ হইতে লাগিল ব.প্র ৭৪ ; উৎকট মানসিক যন্ত্রণা ৭৫। **১৮** (বাঙ্লায় ; অপ্র) অধিক, অতিরিক্ত। "উৎকট হইল বেলা ম ম ১৭৪। **১৯** অতীত। "উৎকট হইল কাল : ওঠ রঞ্জা পূজ নিরঞ্জন শ্রী.ম ৩১। **২০** অত্যন্ত, অতিশয়। "কুজ্ঞান উৎকট কর পড়িয়া লোভেতে ম.ম ৭২। —**ট** পুং **১** মদবারি ; সঞ্জাতমদ হস্তী ; মত্তগজ। **২** মদ, উন্মত্ততা (M.W.)। "উৎকটের উপরে ওর অন্তরের ভালবাসা ঘ ৩৩। **৩** রক্তেক্ষু ; শরতৃণ। —**ট** ক্লী **১** গুড়ত্বক্, দারুচিনি ; তেজপত্র। **২** (বাঙ্লায় ; অপ্র) কষ্ট, যন্ত্রণা। "গর্ভের বাহির হৈতে যে রকম উৎকট ম ম ৩১ ; ১০৮। —**টা** স্ত্রী সৈংহীলতা (Laurus Cassia)।

উৎকণ্ঠ বিণ [উদ্গত কণ্ঠ যাহার, বহুব্রী ; স্ত্রী ণ্ঠা, -ণ্ঠী] **১** উন্নতকণ্ঠ, উদ্গ্রীব। "রথস্বনোৎকণ্ঠ রঘু ১৫ ১১। কেকোৎকণ্ঠ উ.মে ৩। **২** আজ্ঞাপ্রদানার্থ উদ্গ্রীব। "আজ্ঞাবচনোৎকণ্ঠ শ ২৩/৪। **৩** উৎকণ্ঠিত, উদ্বিগ্ন। —**ণ্ঠ** পুং রতিবন্ধবিশেষ।

উৎকণ্ঠা স্ত্রী [উদ্+কণ্ঠ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] **১** প্রিয়াভিলাষ হেতু উন্মনস্কতা (শ ক) ; ইষ্টার্থ চিত্তচাঞ্চল্য ; প্রিয়াদির অভিলাষ হেতু উন্মনস্কতা (অ টী) ; উৎকলিকা। "বৃন্দাবন দেখিবারে উৎকণ্ঠা অপার চৈ চ ১৬০। উৎকণ্ঠা বাঢ়িল বিষ্ণুপদ দেখিবারে চৈ ম ৮৭। **২** ইষ্টলাভে কালক্ষেপাসহিষ্ণুতা (শ ক) ; অভীষ্টবস্তুলাভে বিলম্ব হেতু অধীরতা। **৩** উৎসুকভাবে দয়িতস্মরণ (সুভূতি)। **৪** কামাদিজাতস্মৃতি (ভরত)। **৫** ঔৎসুক্য, উন্মনস্কতা, উদ্বেগ। "হৃদয়ং সংস্পৃষ্টমুৎকণ্ঠ।—শ ৪.৬। °ণ্ঠোচ্ছ্বসিতহৃদয়া উ.মে ৩৯। আপনার উৎকণ্ঠা দেখিয়া আমিও উৎকণ্ঠিত হইয়াছিলাম সী ৩৭। **৬** বেদনা, বিরহবেদনা। "গাঢ়োৎকণ্ঠা (বালা) উ মে ২২ ; অবিরতোৎকণ্ঠ ৪১ ; °বিরচিতপদ ৪২। —**ণ্ঠিত** বিণ [+ত (ক্ত)-ক ; অথবা উৎকণ্ঠা+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] **১** জাতোৎকণ্ঠ, উৎকণ্ঠাযুক্ত, সঞ্জাতবেদন। "উ মে ৪১। **২** প্রিয়াভিলাষ হেতু উন্মনস্ক ; উৎসুক, উন্মনাঃ। "উৎকণ্ঠিতাসি তরলে, ন হি ন হি সখি পিচ্ছিলঃ পন্থাঃ সা.দ ১০৩/৪। তাহা দেখিবারে উৎকণ্ঠিত হয় মন চৈ.চ ৬০। দ্র 'উৎকণ্ঠা (৫)। —**উৎকণ্ঠিতা** স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] বিরহোৎকণ্ঠিতা নায়িকাবিশেষ। 'সা দ ৩.৮৬। ভ গ্র ৩৮৬। স্বামীর বিলম্ব যেই ভাবে অনুক্ষণ। উৎকণ্ঠিতা তাহারে বলয়ে কবিগণ॥ —ভা.চ ৬৮৯।

উৎকন্ধর বিণ [উদ্ (উন্নত) কন্ধর যাহার, বহুব্রী ; স্ত্রী -রা] উন্নমিত-গ্রীব। "মাঘ ৪ ১৮।

উৎকম্প বিণ [উদ্+√কম্প্+অ (অচ্)-ক ; স্ত্রী -ম্পা] অতি-কম্পিত, উচ্চলিত। "শ্বাসোৎকম্প (S.W.)। বিস্ময়োৎকম্পহৃদয়া মহা ১.৩০.৬। —**কম্প** পুং [+অ (ঘঞ্)-ভা] **১** অতিকম্পন, পরি-চলন, উচ্চলন। "দ্বিপগণ্ডপিণ্ডোৎকষণোৎকম্পেন উ.চ ২.৯। **২** ভয়-জনিত কম্প। "সোৎকম্পানি·· আলিঙ্গিতানি পূ.মে ২২। —**কম্পন** ক্লী [+অন-ভা] সর্থ 'উৎকম্প' (পুং)। —**কম্পিত** বিণ [+ত (ক্ত) -ক] উচ্চলিত, চলিত। "হৃদয় তরঙ্গান্দোলিত নিবিড়-শৈবালজলবৎ উৎকম্পিত হইতে লাগিল ব.প্র ৯০। —**কম্পী** (-ম্পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ম্পিনী] **১** উৎকম্পনযুক্ত, উৎকম্পিত। **২** [+√কম্পি+ইন্-ক-১ব] উৎকম্পয়িতা। "কিমিদং হৃদয়োৎকম্পি মনো মম বিষীদতি রা ১.৭৪.১১।

উৎকর পুং [উদ্+√কৃ+অ (অপ্)-ভা ; বৈদিক] **১** উৎক্ষেপণ, ঊর্দ্ধক্ষেপণ। **২** ধান্যাদির রাশীকরণ। **৩** প্রসারণ। **৪** তৃণাপসারণ। **৫** হস্তপদাদিবিক্ষেপ। **৬** [+অ-র্ম্ম] উৎকীর্ণ বা উৎক্ষিপ্ত বস্তু—ধূলি-প্রভৃতি। "মূষিকোৎকর মৃ ৩১/৩। **৭** অসার দ্রব্য (Rubbish)। **৮** স্তূপ, রাশি, সমূহ। "ভৈক্ষোৎকর পা ৩.৩.৩০। রা ২.৭৭.৭। কেশরোৎকরসম্মিশ্রমশোকানামিবোৎকরম্ মহা ৩.১৪৬.৭৯। শরোৎকর, পাংশু° (রা)। অর্ককর° (ক.সা)। কুসুম° ভ ৭.১০.৬৮। **৯** ধান্যাদি-রাশি। —**কার** পুং [+অ (ঘঞ্)-ভা] **১** ধান্যের বিক্ষেপ (সি) ; ধান্যোৎক্ষেপণ ; ধান সারা। **২** ধান্যরাশীকরণ (শ.ক)। —**কারিকা** স্ত্রী [+অক (ণ্বুল্)-ক+স্ত্রী আ (টাপ্)] **১** শোথাদিনিবারক পাচনবিশেষ (সুশ্রুত)। **২** উপনাহ (Poultice ; সুশ্রুত)।

উৎকর্ণ বিণ [উদ্গত কর্ণ যাহার, বহুব্রী ; স্ত্রী -র্ণা, -র্ণী] **১** উদ্গতকর্ণ, উন্নতকর্ণ। "রথস্বন° (পাঠান্তর) রঘু ১৫.১১। °তাল ক.সা ১২.১৯। **২** (বাঙ্লায়) কিছু শোনার নিমিত্ত তদভিমুখকর্ণ, অর্থাৎ যে শোনার নিমিত্ত কান খাড়া করিয়া থাকে।

উৎকর্ত্তন ক্লী [উদ্+√কৃৎ+অন (ল্যুট্)-ভা] **১** ছেদন, কর্ত্তন। "দংশস্যোৎকর্ত্তনং কুর্য্যাৎ (সুশ্রুত)। **২** উৎপাটন, উন্মূলন। **৩** অবাঙ্মুখ গর্ভের উত্তানীকরণ, মূঢ়গর্ভচিকিৎসাবিশেষ। "সুশ্রুত ৪.১৫.২।

উৎকর্ষ বিণ [°র্ষ+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -র্ষা] **১** উৎকর্ষযুক্ত, উৎকৃষ্ট। **২** শ্রেষ্ঠ, প্রধান। **৩** অতিশয়, প্রচুর। **৪** উৎকর্ষনিমিত্ত, উৎকর্ষপ্রতিপাদনার্থ। "উৎকর্ষঞ্চ বচোঽনৃতম্।—যাজ্ঞ ৩.২২৯। **৫** [উদ্+√কৃষ্+অ (অচ্) -ক ; স্ত্রী -র্ষা] আকর্ষক, মনোহারী। —**কর্ষ** পুং [+অ (ঘঞ্)-ভা] **১** ঊর্দ্ধকর্ষণ, উদ্ধরণ, উত্তোলন। "কি ১৬.২০। **২** অতিশয়, আতিশয্য। "গুণোৎকর্ষ রা (S.W.)। উৎকর্ষং পুপুষুর্গুণাঃ রঘু ৪ ১১। **৩** উৎকৃষ্টতা, গুণবত্তা, গুণাধান। বিপ 'অপকর্ষ'। "নিনীষুঃ কুলমুৎকর্ষম্ মনু ৪.২৪৪ ; উৎকর্ষং যোষিতঃ প্রাপ্তাঃ ৯.২৪। **৪** শ্রেষ্ঠতা, উচ্চতা। "জাত্যুৎকর্ষ যাজ্ঞ ১.৯৬। **৫** আধিক্য, পূজ্যতা। "পা ৪.১ ১৬৫, সি। **৬** প্রশংসা, খ্যাতি। "শ ২.৫। **৭** আত্মশ্লাঘা (M.W.)। **৮** উপাদেয়তা। "কাব্যে উৎ-কর্ষমাত্রাধায়কত্বাৎ।—সা.দ ১৩/৩। **৯** (স্মৃতিতে) স্বকালের পরবর্ত্তী কালে কর্ত্তব্যতা, অর্থাৎ একোদ্দিষ্টাদির স্বকালে অসম্ভব হইলে, পরতিথিতে অনুষ্ঠান। —**কর্ষক** বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -র্ষিকা] **১** উৎকর্ষণকারক, উদ্ধর্ত্তা, উত্তোলয়িতা। **২** উৎকর্ষাধায়ক, গুণাধান-কারক। "গুণাঃ···কাব্যস্যোৎকর্ষকাঃ সা.দ ১৩/৪। **৩** উৎপাটয়িতা। —**কর্ষণ** (ক্লী) [+অন (ল্যুট্)-ভা] **১** উন্নয়ন, উদ্ধরণ, উত্তোলন। **২** আকর্ষণ, অপনয়ন। —**কর্ষী** (-র্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্ষিণী] **১** উৎকর্ষণকারক, উদ্ধারক। "অয়ং স রসনোৎকর্ষী (করঃ) সা.দ ৪১/৫ ৪/৫। **২** [°র্ষ+(ইন্) অস্ত্যর্থে-১ব] উৎকর্ষবান্, উৎকর্ষাপন্ন, গুণাপন্ন। "ম চ ১ ৪৬। [উৎকর্ষরেখা (স্ত্রী)—আতিশয্যের সীমাঙ্ক ; উৎকর্ষাবধি। "প্রেমশৃঙ্খলবন্ধস্য পরমোৎকর্ষরেখায়াং দৃষ্টান্তঃ কিল রাধা-মাধবয়োর্ভাবামৃতভূমা বি.মা ৫৪/৫।]

উৎকল পুং [উৎকলিঙ্গ>উৎকল ; ডাঃ রাজেন্দ্রলাল মিত্র 'ত্রিকলিঙ্গ' অর্থে তিনটি কলিঙ্গ নির্ণয় করিয়াছেন। যথা—কলিঙ্গ, মধ্যকলিঙ্গ ও উৎকলিঙ্গ। উৎকলিঙ্গের অপভ্রংশ 'উৎকল' (অশোক-অনুশাসন ১০৭)। এই দেশ (কলিঙ্গ) তিন ভাগে বিভক্ত বিধায় ত্রিকলিঙ্গ বলিয়া উল্লিখিত হইত, উত্তর বা উৎকলিঙ্গ উক্ত দেশের উত্তর ভাগের নাম ছিল। 'উৎকল' শব্দ 'উৎকলিঙ্গ' শব্দের অপভ্রংশ, এমত সম্ভব (রঙ্গ ১৮৯, টীকা)। The word is interpreted to mean 'the glorious country' (Hunter) ; or 'lying beyond, the outlying strip of land' (Beames) ; according to others, it merely means 'the country of the bird-catchers (M.W.).] **১** (বহুব) দেশবিশেষ, উড়িষ্যাদেশ।

'জগন্নাথপ্রান্তদেশ উৎকলঃ পরিকীর্তিতঃ (ত.বা)। "রা ৪.৪১.৯। ২ [°ল+অ (অণ্) 'তদ্রাজ' অর্থে, প্রত্যয়লোপ] (বহুব) উৎকল-রাজগণ। "উৎকলাদর্শিতপথ রঘু ৪.৩৮। ৩ উৎকলবাসিগণ। "মহা ৭.৪.৮। ৪ ধ্রুবের জ্যেষ্ঠপুত্র (ভ ৪.১৩.৬)। ৫ পঞ্চগৌড়-ব্রাহ্মণের একতম। 'সারস্বতাঃ কান্যকুব্জা গৌড়মৈথিলকোৎকলাঃ।

উৎকলাপ বিণ [উদ্গত কলাপ যাহার, বহুব্রী] উদ্গতপুচ্ছ, উচ্চবর্হ। "বর্হিভিরুৎকলাপৈঃ রঘু ১৬.৬৪। উৎকলাপ শিখিকুলের শিখিকলাপ কাদ ১০৯।

উৎকলিক বিণ [বহুব্রী] উদ্গতকোরক, জাতকলিক। "উৎকলিকা (উদ্যানলতা)।—রত্নাবলীনাটিকা ২.৪।

উৎকলিকা স্ত্রী [উদ্+√কল গতি+অক (ণ্বুল্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ 'উদ্গামী', ঊর্মি। "মাঘ ৩.৭০। ২ কলিকা, কোরক, কুঁড়ি। ৩ প্রিয়াভিলাষে উন্মনস্কতা (অ.টী); উৎকণ্ঠা, উদ্বেগ। "°বিপাণ্ডুর।—রত্নাবলীনাটিকা ২.৪। সা.দ ৬৪২৮৮। তত্তদুৎকলিকা-ভূতা (মনসা) ক.সা ২২.১০৫। ৪ হেলা (অ টী)। ৫ [প্রা.স] উদ্গতা কলিকা; জাতকোরক। [°তরল (বিণ)—উৎকণ্ঠা হেতু চঞ্চল; উৎকণ্ঠাধীর। "°তরল (মনঃ) মা.মা ৩.৯। °প্রায় (ক্লী)—সমাসযুক্ত গুরুবর্ণ গদ্যবিশেষ (ছন্দোমঞ্জরী)।]

উৎকলিকাকুল বিণ [সুপ্সুপা] উৎকণ্ঠা হেতু চঞ্চল; চিন্তাকুল, সমুদ্বিগ্ন। "দুর্যোধন সাতিশয় উৎকলিকাকুল হইয়া গৃহ হইতে বহির্গত হইলেন।—কালীপ্রসন্ন সিংহ। যমরাজ দরখাস্ত দেখিয়া উৎকলিকাকুল হইলেন য ৩; °চিত্তে ৬।

উৎকলিত বিণ [উদ্+√কল+ত (ক্ত)-ক] ১ উদগত, বৃদ্ধিপ্রাপ্ত। ২ নিঃসৃত। "ভ ৭.৮.২৬। ৩ বিকসিত, প্রফুল্ল। "প্রহর্ষবেগোৎ-কলিতাননাঃ (সুরস্ত্রিয়ঃ) ভ ৭.৮.৩৫। ৪ উৎকণ্ঠিত, উৎসুক। "ভক্ত্যুৎকলিতামলাত্মনা ভ ১.১০.২৩।

উৎকষণ ক্লী [উদ্+√কষ্+অন (ল্যুট্)-ভা] ১ কর্ষণ। "সীরোৎ-কষণসুরভি ক্ষেত্রম্ পূ.মে ১৬। ২ উৎপাটন (A.)।

উৎকার, -কারিকা দ্র 'উৎকর'।

উৎকাস পুং, **-কাসন** ক্লী [উদ্+√কাস্+অ (ঘঞ্),+অন (ল্যুট্) -ভা] ১ শ্লেষ্মোৎক্ষেপণে ব্যাপার; কাসা। ২ শ্লেষ্মোৎক্ষেপক রোগ-বিশেষ (ত.বা)। —কাসি বি সর্থ 'উৎকাসিকা'। —কাসিকা স্ত্রী [+অক (ণ্বুল্)-ক+স্ত্রী আ (টাপ্), পা ৩.৩.১০৮] শ্লেষ্মোৎক্ষেপক রোগবিশেষ; উৎকাসি।

উৎকির বিণ [উদ্+√কৄ+অ (ক)-ক; স্ত্রী রা] উৎক্ষেপক, বিক্ষেপক। "পুষ্পরেণূৎকিরৈর্বাতৈঃ।—রঘু ১.৩৮। হিমোৎকিরানিল ক.সা ৫.২৬; কুসুমোৎকিরবীচি ৬.৫। শাখাভিঃ কুসুমোৎকিরৈঃ (ভট্টি)। —কীর্ণ বিণ [+ত (ক্ত)-র্ম] ১ উর্দ্ধক্ষিপ্ত; উৎক্ষিপ্ত; উদ্ধত। "রজোভিস্তুরগোৎকীর্ণৈঃ রঘু ১.৪২। ২ উল্লিখিত, খোদিত। "°নামধেয় শ ৬৫১। উৎকীর্ণা ইব বাসযষ্টিষু নিশানিদ্রালসা বর্হিণঃ বিক্র ৩.২। •রূপা মা.মা ৫.১০। ৩ কৃতবেধ, বিদ্ধ। "মণৌ বজ্রসমুৎকীর্ণে। —রঘু ১.৪। ৪ লিখিত। "উৎকীর্ণাপি বিপ্রলভতে (কাদম্বরী)। ৫ রন্ধ্রীকৃত, দষ্ট। "ঘুণোকীর্ণ।—পঞ্চ (A.)। —র্ণ ক্লী [+ত.ভা] ক্ষত, আঘাত। "মত্তেভরদনোৎকীর্ণ রঘু ৪.৫৯।

উৎকীর্তন ক্লী (উদ্+√কৄৎ+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] ১ উচ্চৈঃ কীর্তন; উদ্ঘোষণ। ২ দেবনামাদির উচ্চৈঃ কথন। ৩ প্রশংসন, বর্ণন। —কীর্তিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ উচ্চৈঃ কথিত; উদ্ঘোষিত। ২ বর্ণিত।

উৎকুণ পুং ১ কেশকীট, উকুন। ২ তল্পকীট, ছারপোকা।

উৎকুল বিণ [কুলকে উৎক্রান্ত প্রা.স] উৎক্রান্তকুলমর্যাদ, স্বচ্ছন্দচারী। "কিং পিতুরুৎকুলয়া ত্বয়া শ ৫.২৬।

উৎকূজ পুং [উদ্+√কূজ্+অ (ঘঞ্)-ভা] উচ্চকূজন, উচ্চপক্ষিরব। "কোকিলোৎকূজনাদিত (বন) গো.রা ৫.১৭.৮। —কূজিত বিণ [+ত (ক্ত)-ভা] উৎকূজন, উচ্চপক্ষিরব।

উৎকূর্দন ক্লী [উদ্+√কূর্দ্+অন (ল্যুট্)-ভা] উর্দ্ধ কূর্দন; উৎপতন, উৎপ্লবন। "°শক্তি।—পঞ্চ ২৪২১। —কূর্দিত বিণ [+ত (ক্ত)-ক] উৎপতিত, উৎপ্লুত। "পঞ্চ ২৫১৮।

উৎকূল বিণ [কূলকে উৎক্রান্ত, প্রা.স; স্ত্রী -লা; ছান্দস] ১ যাহা কূলের উপরিগত; উৎক্রান্ততীর (নদী-প্রভৃত)। ২ উদ্গতকূল, কূলপ্রাপ্ত। —কূলিত বিণ [°ল+ই (ণিচ)—√উৎকূলি+ত (ক্ত)-র্ম] উৎকূলীকৃত, কূলে উন্নীত। °শৈবল মাঘ ৩.৭০।

উৎকৃত্ত বিণ [উদ্+√কৃৎ+ত (ক্ত) -র্ম] ছিন্ন। "মাংসানি গাত্রেভ্য উৎকৃত্তানি মহা ৩.১৩১.৩০। °শিরঃফলাঢ্য (রণক্ষিতিঃ) রঘু ৭.৪৯; রামশর° ১২.৪৯। —কৃত্য বিণ [+য (ক্যপ্)-র্ম, পা ৩.১.১১০; স্ত্রী -ত্যা] উৎকর্তনীয়, ছেদনীয়।

উৎকৃষ্ট বিণ [উদ্+√কৃষ্+ত (ক্ত)-র্ম] ১ উর্দ্ধে আকৃষ্ট; উদ্ধৃত, উন্নীত। "উৎকৃষ্টা গৌঃ কর্দমাৎ পা ২.১.৬১, কাশিকা। ২ উদ্ধৃত, গৃহীত। "জিতধনাদুৎকৃষ্টধনম্ মনু ৭.৯৭, কুল্লুক। ৩ উৎকর্ষযুক্ত, গুণবান্, উত্তম, বিশিষ্ট। বিপ 'অপকৃষ্ট, নিকৃষ্ট'। "উৎকৃষ্টমধ্যমনিকৃষ্ট-জনেষু মৈত্রী যদ্বচ্ছিলাসু সিকতাসু জলেষু রেখা (উদ্ভট)। ৪ উচ্চবর্ণ, উচ্চজাতীয়। "মনু ৫.১৬৩; ৮.৩৬৫। ৫ উচ্চপদারূঢ় (ভৃত্য)। "মনু ৭.১২৬। ৬ কুলাচারাদিসম্পন্ন। "উৎকৃষ্টায়...বরায় (কন্যাং দদ্যাৎ) মনু ৯৮৮। ৭ প্রধান। "মনু ৯৩৫। ৮ উচ্চতর (জাতি)। "মনু ৯.৩৩৫। ৯ উচ্চৈঃ, মহান্। "°তল-নাদিতৈঃ মহা ১.২০৯.৩২; ২২১.৬০। ১০ প্রশস্ত। ১১ বরিষ্ঠ, শ্রেষ্ঠ। "জ্ঞান° মনু ৩.১৩২; গুণ° ৮.৭৩। ১২ অতিশয়িত, অতিরিক্ত। "°বলপৌরুষ গো রা ৩৪১.৫। °বীর্য্য।—পঞ্চ ৩.৩৬। ১৩ তিরস্কৃত। "রা ২৬০১৯। ১৪ কৃতকর্ষণ, কৃষ্ট, চষা (ক্ষেত্রাদি)। [°ভূম (বিণ)—উৎকৃষ্টভূমিযুক্ত দেশ। "পা ৫.৪.৭৫, সি। °বেদন (ক্লী)—উৎকৃষ্ট ব্রাহ্মণাদির শূদ্রার পাণিগ্রহণ। "মনু ৩৪৪।]

উৎকোচ পুং [উদ্গত কোচ যাহা দ্বারা, বহুব্রী] যাহা দ্বারা কৌটিল্য যায়; কার্য্যপ্রতিবন্ধদূরীকরণার্থে অধিকৃত পুরুষকে বাদী বা প্রতিবাদী কর্তৃক দত্ত ধন; ঢৌকন, অপপ্রদান, ঘুস্। "°জীবী যাজ্ঞ ১৩৩৯। —কোচক পুং [উদ্+√কুচ্+অক (ণ্বুল)-ক] ১ যে ধনার্থ কুটিল হয়; উৎকোচগ্রাহী, ঘুস্খোর। "মনু ৯.২৫৮। ২ তীর্থবিশেষ। "মহা ১.১৮৩.২। ম ১৭৯। [°গ্রাহী (বিং)—ঘুস্খোর। °জীবী (-বিন্) —উৎকোচাজীব, ঘুস্খোর।]

উৎক্রম পুং [উদ্+√ক্রম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব, ছান্দস] ১ উর্দ্ধ-গতি, উদ্গমন। ২ বিপরীত ক্রম; ব্যতিক্রম, ক্রমবিপর্যয় (ত.বা)। ৩ ব্যভিচার, ব্যত্যয়, অতিবর্তন। —ক্রমণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উর্দ্ধগমন। ২ অপসরণ। ৩ দেহ হইতে জীবাত্মার প্রয়াণ। "দেহাদুৎ-ক্রমণকাম্যাৎ মনু ৬.৬৩। —ক্রমণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] অতিক্রমণীয়, অতিবর্তনীয়। "মহা ৩.৮৫.৮৩। —ক্রান্ত বিণ [+ত (ক্ত) -ক, -র্ম] ১ অতিক্রান্ত, অতীত। "°শৈশব রঘু ১৫.৩৩। ২ উদ্গত, নির্গত, প্রয়াত। "°বায়ু রঘু ৭.৫৩। ৩ মৃত। "মাঘ ১৮.৭৩। ৪ বিশীর্ণ, বিলুপ্তপ্রায়। "°বর্ণক্রমধূসর রঘু ১৬.১৭। ৫ উল্লঙ্ঘিত, উত্তীর্ণ। "°সমুদ্র শ ৭.৩৩, টীকা। ৬ উপেক্ষিত, অতিক্রান্ত। —ক্রান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা; ছান্দস] ১ উদ্গমন, অপসরণ। ২ দেহ হইতে জীবাত্মার প্রয়াণ; মৃত্যু। "ম্রিয়মাণস্যোৎক্রান্তিপ্রকারঃ।

উৎক্রান্তিদা বি উৎক্রান্তি (মৃত্যু)-দায়িকা; যমের শক্তি অস্ত্র; যমদণ্ড। "ম ৯৪৫।

উৎক্রামণ বি [সং উৎক্রমণ] সর্থ 'উৎক্রমণ (৩)। "নামের সহিত প্রাণ কৈল উৎক্রামণ চৈ.চ ৩১৭।

উৎক্রুষ্ট বি [উদ্+ √ক্রুশ্+ত (ক্ত)-ক] আক্রন্দিত, কৃতচিৎকার। —ক্রুষ্ট ক্লী [+ত-ভা] চিৎকার, আক্রন্দন। —ক্রোশ পুং [+ √ক্রুশ্ +অ (ঘঞ্)-ভা] ১ উচ্চৈঃ ক্রন্দন; আক্রন্দন। ২ চিৎকার, মহারব। ৩ [+অ (অচ)-ক] উচ্চরবকারী, কুরর পক্ষী।

উৎক্লেদ পুং [উদ্+ √ক্লিদ্+অ (ঘঞ্)-ভা] আর্দ্রীভাব, সিক্ত হওয়া। —ক্লেদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক ১ব ; স্ত্রী -দিনী] ১ আর্দ্রীভাবান্বিত। ২ [+ √ক্লেদি+ইন্-১ব] আর্দ্রীকারক, নিষেচক। "লঘু তীক্ষ্ণোষ্ণমুৎক্লেদি (সুশ্রুত)।

উৎক্লেশ পুং [উদ্+ √ক্লিশ্+অ (ঘঞ্)-ভা] ১ উর্দ্ধগ-বায়ু কৃত ক্লেশ; বায়ুদোষজন্য পীড়াবিশেষ। "সুশ্রুত ৩.৪.৪৮; স্নেহাদগ্নিবধোৎক্লেশৌ ৪.৩৭.২৬। ২ দোষ, শরীরস্থবাতাদিকোপ। "কফ°, °ছর্দিশ্বাস-নিবারণ (সুশ্রুত)। ৩ ক্লেশ, পীড়া। —ক্লেশক বিণ [+অক (ণ্বুল) -ক; স্ত্রী -শিকা] ১ উৎক্লেশকারক, পীড়াজনক। "কৃমিঃ শরারী যশ্চাপ্যুৎক্লেশকঃ স্মৃতঃ (সুশ্রুত)। ২ শরীরস্থ বাতাদির দোষজনক। —ক পুং অগ্নিপ্রকৃতিক কীটবিশেষ। —ক্লেশন বিণ [+অন (ল্যুট্) -ক; স্ত্রী -নী] 'উৎক্লেশকর', ত্রিদোষজনক, দোষকর। "দদ্যাদুৎক্লেশনং পূর্ব্বং মধ্যে দোষহরম্ (বস্তিম্)।—সুশ্রুত (S.W.)। —ক্লেশী (-শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -শিনী] দোষজনক, কোপন। "কফোৎক্লেশী (সুশ্রুত)।

উৎক্ষিপ্ত বিণ [উদ্+ √ক্ষিপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ উর্দ্ধক্ষিপ্ত, উদ্যমনপূর্ব্বক ধৃত, উদ্ধৃত। "নাগফণোৎক্ষিপ্তসিংহাসন রঘু ১৫.৮৩। মাঘ ৪.২৫; °কাণ্ডপটক ৫.২২; ৮.১৪। ২ উন্নমিত। "°গাত্র মাঘ ১২.৫। ৩ উর্দ্ধক্ষিপ্ত, উৎপাতিত। "পবনবেগোৎক্ষিপ্ত-সংশুষ্কপর্ণ।—ঋতু ১.২২। ৪ উর্দ্ধপ্রেরিত, শূন্যক্ষিপ্ত। "যন্ত্রোৎক্ষিপ্তোপল গো.রা ৫.৬৪.২৪। ৫ সঞ্চারিত, সঞ্চালিত। "গন্ধোঽয়ং পবনোৎক্ষিপ্তঃ রা ৩ ১১ ৪৯। ৬ উচ্চাটিত, উৎপাটিত। "°গুল্ম মহা ৩.১৫.১১। ৭ উত্তোলিত, উন্নীত। "°ভ্রূ মহা ৩.১৪৭.২১। ৮ আকুলীকৃত, অভিভূত। "অনুরাগ°, বিস্ময়° লোভ° (A)। —ক্ষিপ্ত পুং (মত্ততাজনকত্ব হেতু) ধুস্তূরবৃক্ষ। —ক্ষেপ বিণ [+অ (অচ্)-ক; স্ত্রী -পা] উৎক্ষেপকারক। —ক্ষেপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ উর্দ্ধে ক্ষেপণ; উৎপ্রেরণ। ২ উন্নমন, উন্নয়ন। "পক্ষ্ম° পু.মে ৪৮। ৩ উর্দ্ধচালন। "বাহূৎক্ষেপ শ ৫.২৯। ৪ উৎসারণ, নিস্তুষীকরণ। "ধান্যোৎক্ষেপে নিকারঃ (ত্রিকাণ্ডশেষ)। ৫ বমন। ৬ নিক্ষেপ। —ক্ষেপক বিণ [+অক (ণ্বুল্) -ক; স্ত্রী -পিকা] উর্দ্ধে ক্ষেপণকারক; উত্তোলয়িতা, উদ্ধারক। —ক্ষেপক পুং বস্ত্রাদ্যপহারক, ছিচকে চোর। "যাজ্ঞ ২.২৭৪। —ক্ষেপণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উর্দ্ধে ক্ষেপণ; উত্তোলন, উন্নয়ন। "ঘট° শ ১.২৭। ২ নিস্তুষীকরণ। "ধান্য° অ কো ৩.৩.৩৬। ৩ বমন। ৪ [+অন-ণ] ধান্যমর্দ্দনবস্ত্র (?)। ৫ নিস্তুষীকরণার্থ শূর্পাদি। ৬ ব্যজন। ৭ ষোড়শপণ (অ.চি)। —ক্ষেপী (-পিন্) বিং [+ইন্ (-ণিনি)-ক-১ব; স্ত্রী -পিণী] উৎক্ষেপক। "বাত্যাসন্তাড়িত তরঙ্গোৎক্ষেপী সাগর ব.প্র ১৭৪।

উৎক্ষেপ, -ক্ষেপক, -ক্ষেপণ, -ক্ষেপী দ্র 'উৎক্ষিপ্ত'।

উৎক্ষোভিত বিং অতিক্ষোভযুক্ত, সমাকুল। "পশিল কুমার কুরুসৈন্যের সাগরে, উৎক্ষোভিত ন ১২৭৮।

উৎখচিত বিণ [উদ্+ √খচ্+ত (ক্ত)-র্ম্ম] উৎকৃষ্টভাবে খচিত; উদ্-গ্রথিত। "কুসুম° (অলক) রঘু ৮.৫৩।

উৎখাত বিণ [উদ্+ √খন্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতোৎখনন, অবদারিত। "ত্রিনয়নবৃষোৎখাতকূট উ.মে ৫২। উৎখাতং নিধিশঙ্কয়া ক্ষিতিতলম্। —ভর্তৃহরি। ২ উৎপাটিত, উন্মূলিত। "°ত (পাদপ) রঘু ৪.৩৩। °মৃণালকাণ্ড উ.চ ৩.১৬। তেঁহো কৃষ্ণকণ্ঠ ধরি, ভাসে জলের উপরি, গজোৎখাতে যৈছে কমলিনী চৈ.চ ৩৪৬। গজোৎখাতে যেমন কমল-কানন ব.প ১৬১০। ৩ ত্যাজিত, ভ্রংশিত; উৎপাটিত। "রঘু ৪.৩৩; ৩৭। ৪ উদ্ধৃত। "°লোকত্রয়কণ্টক রঘু ১০.৭৩। ৫ নিহত, বিনাশিত। "°লবণ উ.চ ৭২ৄ৳। ৬ কোষনিঃসারিত, নিষ্কোষিত। "°খড়্গ (অশ্বত্থামা) বে ৩ৄ৳। —খাত ক্লী [+ত (ক্ত)-ভা] ১ উৎখনন, খুঁড়িয়া তোলা। "°কেলি। ২ [+ত-র্ম্ম] উৎখাত স্থান। "বৃষভৈশ্চ তথোৎখাতে (মৃত্তিকা ন গ্রাহ্যা)।—অত্রি ৩১৪। ৩ গর্ত, খাত। "অনুৎখাত সমিতগ তনা (পাঠান্তর) শ ৭.৩৩। [উৎপাতিল (.অপ্র)—উৎখাত করিল; খুঁড়িয়া ফেলিল। "উৎপাতিল ভূমি যথা বসেছিল মান (মানসিংহ)।—রঙ্গ ৫২।]

উৎখাতকেলি পুং, স্ত্রী [কর্ম্মধা] উৎখননরূপ ক্রীড়া; বৃষগজাদির শৃঙ্গদন্তাদি দ্বারা মৃত্তিকাখননরূপ ক্রীড়াবিশেষ; বপ্রক্রীড়া (পূ.মে ২, মল্লিনাথ)।

উৎখ্যাত বিণ ['উৎখাত'—মূল; অপ্র] কর্ম্ম হইতে অপসারিত। "তাহার সহিত শিবানন্দের অপ্রণয় হইয়া সে হইতে উৎখ্যাত হইয়া গৌড়ে গমন করিলেন ব.প ১৬৮৩।

উত্তংস পুং [উদ্+ √তংসি+অ (অচ্)-ণ] ১ অলঙ্করণসাধন, কর্ণভূষণ। "নোত্তংসং ক্ষিপতি ক্ষিতৌ শ্রবণতঃ সা.দ ৩ৄ৳। ২ শিরোভূষণ, শেখর। "উত্তংসানহরত বারি মূর্দ্ধজেভ্যঃ মাঘ ৮.৫৭। লীলোত্তংসঃ শিরীষম্ ক.ম ৪.৬।

উত্তট বিণ [তটকে উৎক্রান্ত. প্রা স . স্ত্রী -টা] উৎক্রান্ততট, তটপ্লাবক, উচ্ছলিত। "উত্তটা ইব নদীরয়াঃ রঘু ১১ ৫৮।

উত্তপ্ত বিণ [উদ্+ √তপ্+ত (ক্ত)-ক, -র্ম্ম] ১ অতিতপ্ত, সন্তপ্ত। "উত্তপ্তকনক (কাদম্বরী)। ২ অগ্নিতাপে দ্রুত বা দ্রবীভূত। "°স্ফুরদারকূট উ চ ৫ ১৪। ৩ ক্রোধাধ্মাত, কোপজ্বলিত। —প্ত ক্লী ১ শুষ্কমাংস। ২ [+ত-ভা] উত্তাপ।

উত্তম বিণ [উদ্+তম (তমপ্), বহুর মধ্যে একাতিশয্যে; স্ত্রী -মা, ছান্দস] ১ উৎকৃষ্ট, প্রধান, প্রমুখ, মুখ্য, শ্রেষ্ঠ, সত্তম। বিপ 'অধম'। "দ্বিজ°, নর°, সুর° (S.W.)। নারীণামুত্তমা বধূঃ রা ১.১.২৭। কু স ৩.১৮। কর্ব্বুরোত্তম বিভীষণ রথী মে ২৫৭। ২ বিদ্যাচারজন্মাদি হেতু উৎকৃষ্ট; গুণসম্পন্ন, বিশিষ্ট। "উত্তমৈরুত্তমৈর্নিত্যং সম্বন্ধান্ আচরেৎ সহ মনু ৪.২৪৪; ২৪৫। উত্তমে উত্তমে মিলে অধমে অধমে ভা.চ ৩২২। ৩ ইতরেতরাপেক্ষায় উৎকৃষ্ট; অপেক্ষাকৃত ভাল। বিপ 'হীন'। "উত্তমেষূত্তমং কুর্য্যাদ্ধীনে হীনম্ সমে সমম্ মনু ৩ ১০৭। ৪ স্বর্গাদ্যাপ-ভোগযোগ্য (গতি)। "গময়ত্যুত্তমাং গতিম্ মনু ৫.৪২। ৫ উচ্চতম, শ্রেষ্ঠ। "ভৃত্যানুত্তমপদযোগ্যান্।—পঞ্চ (S.W.)। ৬ উৎকৃষ্টজাতীয়। "মনু ৮.৩৬৬। চণ্ডালশ্চোত্তমান্ স্পৃশন্ যাজ্ঞ ২.২৩৪। ৭ উচ্চ। বিপ 'নীচ'। "উত্তমস্যাপি বর্ণস্য নীচোঽপি গৃহমাগতঃ।—হি ১.৬৫। ৮ বংশপরম্পরাগত। "মাগধাশ্চোত্তমশ্রুতাঃ।—রা ২.৬৫.২। ৯ বিচিত্র, মনোহর, সুন্দর। "°দর্শন (বস্ত্র, মাল্য) মহা ২.২৩৩২। ১০ অন্ত্য, চরম। বিপ 'পূর্ব্ব, প্রথম'। "°চরিত, °সাহস। উত্তমে বয়সি; প্রথমোত্তমে অক্ষরে (বৃহদারণ্যক)। পা ৫.৪.৯০, কাশিকা। ১১ উৎকৃষ্টতম, পরম। "উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ গী ১৫ ১৭। ১২ অতিমাত্র, অত্যন্ত। "°সংবিগ্না রা ২.৩০.২। দুঃখমুত্তমমাসাদ্য গো.রা ৫.৩৩.৩৫। উচ্চৈঃশ্রবা ঘোড়া হয় উত্তম ধবল বা.ম ১১। ১৩ স্পর্শাদিব্যাপারে প্রশস্ত; প্রশস্ত। "সুমন্ত্রং স্পৃশন্ করেণোত্তমদক্ষিণেন রা ২.৫২.১৩। ১৪ উদাত্ত, উচ্চৈঃ। "°স্বরেণ (আশ্বলায়নশ্রৌতসূত্র)। —ত্তম পুং ১ বিষ্ণু (মহা)। ২ (ব্যাকরণে) পুরুষবিশেষ। "পা ১.৪.১০১। ৩ উত্তানপাদের পুত্র, ধ্রুবের বৈমাত্রেয় ভ্রাতা। ৪ প্রিয়ব্রতরাজের পুত্র তৃতীয় মনু। ৫ ['উত্তমর্ণ'—মূল; বাঙ্গলায়; অপ্র] উত্তমর্ণ, মহাজন।

"উত্তমে উড়ান করে অকিঞ্চন দেখি শি ৭২। —ত্তমা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ যোষিদ্বিশেষা, সুন্দরী স্ত্রী, বরবর্ণিনী। ২ নায়িকাবিশেষ। 'অহিতকারিণ্যপি প্রিয়ে হিতকারিণী উত্তমা (রসমঞ্জরী—শ.ক)। অহিত করিলে পতি যেবা করে হিত। উত্তমা তাহার নাম বলয়ে পণ্ডিত॥—ভা.চ ৬৯৫। ৩ দুদ্ধিকাবৃক্ষ।

উত্তমঃশ্লোক পুং [বহুব্রী] যাহার কীর্ত্তি তমোরহিত; ভগবান্। "°বিক্রম ভ ১.১.১৯; "°গুণানুবাদ ১০.১.৪।

উত্তমপুরুষ পুং [কর্ম্মধা] ১ উৎকৃষ্টতম পুরুষ; পরমাত্মা, পুরুষোত্তম (দ্র 'গী ১৫.১৭)। ২ উত্তম জন। ৩ (ব্যাকরণে) 'আমি' এই শব্দের বাচ্য পুরুষবিশেষ।

উত্তমমধ্যম বিং 'অত্যন্ত ও মাঝারি'; কড়া ও একটু নরম; নরমগরম; মিঠে-কড়া। "মন্ত্রী বলে, উত্তমমধ্যমরূপে হোক্ স্ব.প্র ১০৪। [উত্তমমধ্যম রকমের ভর্ৎসনা—মিঠে-কড়া তিরস্কার। "সকলে আসিলে নন্দা অন্তরালে থাকিয়া তাহাদিগকে উত্তমমধ্যম রকমের ভর্ৎসনা করিল ব প্র ৫১৪। উত্তমমধ্যম ভোজন করা—মিঠে-কড়া ভর্ৎসনা বা অল্পাধিক মার খাওয়া। "সকালবেলা উত্তমমধ্যম ভোজন করিয়া ক্ষীরোদা …রাগে গরগর করিতে করিতে চলিয়া গেল ব.প্র ২৯০। উত্তমমধ্যম হওয়া—অল্পাধিক প্রহার হওয়া। "বাঞ্ছারাম বাবু তেরিয়া হইয়া উঠেন —তাঁরও উত্তমমধ্যম হয় আ.দু ১১৮। উত্তমমধ্যমাধম—ভাল মাঝারি ও মন্দ। "(এই গীতে) উত্তমমধ্যমাধম সর্ব্ব মনোহর। অক্ষরে অক্ষরে মধু ক্ষরে নিরন্তর॥—শি ১১৩।]

উত্তমর্ণ পুং [উত্তম ঋণ যাহার, বহুব্রী] যাহার ঋণ বৃদ্ধিজনক; ধনস্বামী, ঋণদাতা, মহাজন। বিপ 'অধমর্ণ'। "পা ১.৪.৩৫। মনু ৮.৪৭; ৫০।

উত্তমর্ণিক পুং [উত্তমর্ণ+ইক (ঠন্) অস্ত্যর্থে] 'উত্তম ঋণবান্', উত্তমর্ণ। বিপ 'অবমর্ণিক'। "মনু ৮ ৪৮। যাজ্ঞ ২.৪২।

উত্তমশ্লোক বিণ [বহুব্রী; স্ত্রী -কা] যাহার উত্তম যশঃ; পুণ্যকীর্ত্তি, পুণ্যশ্লোক। —শ্লোক পুং ১ ভগবান্ (জীবগোস্বামী)। °গুণানুবাদ ভ ১০.১৪। ২ [কর্ম্মধা] উত্তমকাব্য, ধ্বনিকাব্য।

উত্তমসাহস পুং, ক্লী [কর্ম্মধা] উচ্চতম দণ্ড। [মনুর ও বিষ্ণুর মতে, 'সহস্র পণ' (মনু ৯.১৩৮; বিষ্ণু ৪.১৪) এবং যাজ্ঞবল্ক্যমতে সাশীতি পণসাহস্রী, অর্থাৎ এক হাজার আশী পণ (১.৩৬৬) উত্তমসাহস।]

উত্তমাঃ (-মস্) বিণ [উদ্গত তমঃ যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -মাঃ] তমোরহিত, তমোহীন।

উত্তমাঙ্গ ক্লী [উত্তম অঙ্গ, কর্ম্মধা] ১ শ্রেষ্ঠ অবয়ব; মস্তক। "মনু ৮.৩০০। খড়্গাহৃতোত্তমাঙ্গ রঘু ৭.৫১। কু স ৭৪১। চূর্ণিতৈরুত্তমাঙ্গৈঃ গী ১১ ২৭। ম.পা ২৯। শি ৯৮। ২ মৃগ। "উত্তমাঙ্গোদ্ভব মনু ১.৯৩। ম.পা ৩২।

উত্তমাধমমধ্যম বিণ [দ্বন্দ্ব] উৎকৃষ্ট অপকৃষ্ট ও মধ্যম। "মৎস্যানুত্তমাধমমধ্যমান্।—পঞ্চ ১.২৩২।

উত্তমান্তঃ (-ন্তস্) ক্লী [উত্তম অন্তঃ, কর্ম্মধা] (সাংখ্যে) নববিধ তুষ্টির অন্যতম। 'সাংখ্য ৫০, তত্ত্বকৌমুদী।

উত্তমার্দ্ধ পুং [কর্ম্মধা] উৎকৃষ্ট বা শেষ অর্দ্ধাংশ। —র্দ্ধ্য বিণ [°র্দ্ধ+য (যৎ); স্ত্রী -র্দ্ধ্যা] উত্তমার্দ্ধস্থিত। "পা ৪.৩.৫।

উত্তমাশা বি আফ্রিকার দক্ষিণদিক্স্থিত অন্তরীপ (Cape of Good Hope)। "রসশৃঙ্গ তপোবনে ফিরে না যেতে যেতে মহারাজের চার কুমার উত্তমাশা অন্তরীপের ন্যায় বিহার কত্তে লাগল।—জা ৩২।

উত্তমাহ পুং [উত্তম অহ, কর্ম্মধা, সমাসান্ত 'অ' (টচ্)] উত্তমদিন, সুদিবস, শুভদিন। "পা ৬৪।১৪৫, সি।

উত্তমৌজাঃ (-জস্) বিণ [উত্তম ওজঃ যাহার, বহুব্রী; স্ত্রী -জাঃ] মহাবীর্য্য, মহাবল। —জাঃ পুং যুধামন্যুর ভ্রাতা পাণ্ডবপক্ষীয় বীরবিশেষ। "মহা ১৮.২.১। গী ১.৬। তু 'উত্তমৌজাগৃহে গেল দ্রোণের নন্দন ম ৯৭৬।

উত্তম্ভ পুং, -ম্ভন ক্লী [উদ্+ √স্তন্ভ্+অ (ঘঞ্),+অন (ল্যুট্), -ভা; °ন (ছান্দস)] ১ ঊর্দ্ধে স্তম্ভন বা ধারণ; উদ্ধারণ। "ভুবনোত্তম্ভস্তম্ভান্ (কাদম্বরী)। ২ নিরোধ, নিবর্ত্তন। ৩ [+অ, +অন, -ণ] উদ্ধারণসাধন, অবলম্বন, আশ্রয়। "দন্তয়োর্যুগ্মম্…প্রাপদুত্তম্ভনতম্ মাঘ ১৮.৪৬। —স্তিত বিণ [+ √স্তম্ভি+ত (ক্ত)-র্ম্ম] ১ ঊর্দ্ধে নিরুদ্ধ বা অবষ্টব্ধ। "মাঘ ৪.২৫। ২ জড়ীকৃত। "উ.চ ৩.১৩।

উত্তর[1] বিণ [উদ্+তর (তরপ্) দুই এর মধ্যে একাতিশয্যে; স্ত্রী -রা; (ছান্দস) 'উত্তর'—উৎকৃষ্টতর (ঋগ্বেদ ১.৫০.১১)] ১ ঊর্দ্ধতর, ঊর্দ্ধ, উপরি। বিপ 'অধর'। "অধরে…উত্তরে দন্তাঃ (শতপথব্রাহ্মণ)। °দন্তাগ্র তৈ ২.৪৩। °কায় পা ২.২.১। °ওষ্ঠ।—ভ ২১.৩২। ২ উত্তরদিগ্বর্ত্তী, উদীচ্য। বিপ 'দক্ষিণ'। "দ্বে বেদী ভবতঃ উত্তরান্যা ভবতি দক্ষিণান্যা (শতপথব্রাহ্মণ)। উত্তরে জাহ্নবীতীরে (রা)। উত্তরাঃ কুরবঃ পা ১.১.৩৪, সি। °পূর্ব্ব (দ্বার) মনু ৫.৯২। ৩ শ্রেষ্ঠ, প্রধান। "ধর্ম্মোত্তরং মধ্যমমাশ্রয়ন্তে রঘু ১৩.৭; কম্পোত্তর ২৮; বেপথূত্তর ১৯.২৩। অশ্রু° কু স ৫.৬১। ৪ অনন্তর, পরবর্ত্তী। "উত্তরার্দ্ধ, °নৈষধচরিত, °ফল্গুনী, °মেঘ, °মীমাংসা, °সূত্র। উত্তরং কালম্ রা ২৮৮২৭। গরীয়ো যদ্যদুত্তরম্ মনু ২১৩৬। রঘু ১৯.৫। উত্তরস্তু চতুর্ব্বর্গঃ।—হি ১.৮। উত্তরং রামচরিতম্ উ চ ১.২। ৫ পরবর্ত্তী, ভবিষ্যৎ, ভাবী, আগামী। "উত্তরঃ কাল আয়তিঃ উদর্কঃ ফলমুত্তরম্ (অ.কো)। ৬ উপরিতন, উপরি প্রস্তারিত। "চৈলাজিনকুশোত্তরম্ (আসনম্) গী ৬.১১। প্রবালোত্তরপুষ্পশয্যে।—রঘু ৬.৫০। ৭ বিশিষ্ট, সর্ব্বোত্তম। "তচ্চকারোত্তরে কাব্যে রা ১.৩.৩৯। ৮ অন্তিম। "°ক্রিয়া। ৯ বাম। "উত্তরঃ কর্ণঃ, উত্তর উরুঃ, উত্তরো বাহুঃ (শতপথব্রাহ্মণ)। ১০ [+ √তৃ+অ (অপ্)-র্ম্ম] উত্তরণীয়, উল্লঙ্ঘনীয়। ১১ প্রবণ (SW)। —ত্তর পুং ১ বিষ্ণু (মহা)। ২ শিব। ৩ বিরাটরাজপুত্র। [ইহার অন্য নাম ভূমিঞ্জয়। ইনি উত্তরগোগৃহে কুরুযুদ্ধে অর্জ্জুনের সারথ্য করিয়াছিলেন।] ৪ অনন্তর কাল; ভবিষ্যৎকাল। ৫ অনন্তর দেশ (ত বা); অব্যবহিত স্থান। ৬ [+অ -ভা] উত্তরণ, উল্লঙ্ঘন। —ত্তর ক্লী [+অ-ণ] ১ যাহা দ্বারা প্রকৃত অভিযোগ উত্তীর্ণ হয় (অ.টী); জিজ্ঞাসিতবিষয়-জ্ঞাপক বাক্য; প্রতিবচন, জবাব। "°খণ্ডন। উত্তরৈর্ব্বাক্যৈঃ রা ২.১১৬.২৩। শ্রুতম্… অধরোত্তরম্ শ ৫.২৪। রঘু ৩.৪৭। °দায়ক (চাণক্য)। বড়ায়ি কহ তোঁ উত্তর শ্রী কী ১৬; না সরে উত্তর ২৮৭। [তু 'উত্তর' (শ্রী.কী)] ২ (ন্যায়ে) পূর্ব্বপক্ষপ্রতিষেধ, পূর্ব্বপক্ষখণ্ডন। ৩ (ব্যবহারে) রাজসমীপে বাদিকৃত অভিযোগের অপনোদনকারক বাক্য; প্রশ্নখণ্ডন (Rejoinder)। 'প্রশ্নশ্চোত্তরবিয়া পৃচ্ছা তস্য খণ্ডনমুত্তরম্ (ত.বা)। ৪ (মীমাংসায়) পঞ্চাঙ্গ অধিকরণের অন্যতম পূর্ব্বপক্ষের প্রতিবাদ। 'বিষয়ো বিশয়শ্চৈব পূর্ব্বপক্ষস্তথোত্তরম্। নির্ণয়শ্চেতি পঞ্চাঙ্গং শাস্ত্রেঽধিকরণং মতম্॥ ৫ দোষনিরাকরণার্থ বাক্য। ৬ উত্তরচ্ছদ, উপরিতন আবরণ। "অজিনোত্তরসংস্তীর্ণে (পর্য্যঙ্কে)।—রা ২.৮৮.৪। আসনে বিষ্টরোত্তরে মহা ৩.৪৭.৩। ৭ প্রধান। "রঘু ১৭.১২। ৮ (বাক্যে) পরপদ। "বৈশ্যস্য ভবদুত্তরম্ (চরেদ্ ভৈক্ষম্) মনু ২ ৪৯। ৯ সমাসে উত্তরপদ। "(ঋষভঃ) উত্তরস্থঃ স্মৃতঃ শ্রেষ্ঠে (মেদিনী)। ১০ সিদ্ধান্ত। ১১ বাক্যশেষনির্দ্দেশ, বাক্যের শেষাংশ-কথন। "উ.চ ৩.২৬। ১২ পরিণাম, ফল। "স্বাস্থ্যং বা ভয়োত্তরম্ হি ১.১৫৯। ১৩ আধিক্য, অতিরেক। "দশোত্তর, ষষ্ট্যুত্তর (S.W.)। সপ্তোত্তরং শতম্ যাজ্ঞ ৩.১০২। অষ্টোত্তরশত নীলোৎপল কৃ ৩৫০। ১৪ ভূয়িষ্ঠ, প্রাচুর্য্য। "রাজ্ঞাং তু চরিতার্থতা দুঃখোত্তরৈরেব শ ৫৬। স্ফুরিতোত্তরাধর কু.স ৫.৮৩। রঘু ৭.৪৯। ১৫ পূর্ব্বভাগ, উপরিভাগ। "উত্তরাংস, °কায়। ১৬ বামভাগ। "পিতৃপাত্রে নিধায়ার্দ্ধং ন্যুব্জমুত্তরতো ন্যসেৎ (মৎস্য-

পুরাণ)। **১৭** (গণিতে) শেষ, বিয়োগফল। **১৮** লৌকিক গীতবিশেষ। "যাজ্ঞ ৩.১১৩। **১৯** (অলঙ্কারে) অর্থালঙ্কারবিশেষ। [প্রশ্ন না থাকিলেও, উত্তর হইতে প্রশ্নের অনুমানকে উত্তরালঙ্কার কহে (সা.দ ১০.৮২)।] **২০** (বাঙ্লায়; অপ্র) কথা। "বার বার না বুলিহ হেনক উত্তর শ্রী.কী ২৪। **২১** কথা, অভিপ্রায়। "যবেঁ দান দিতেঁ না পারহ রাধা শুন আহ্মার উত্তরে শ্রী.কী ৯১। **২২** নিষেধবাক্য, বাধা। "দধি বিকে জাইএ বড়ায়ি বারহ বৎসর। কোণোহো দানীর পোএঁ না দিল উত্তর॥—শ্রী.কী ৯৬। [°খণ্ড (ক্লী)—গ্রন্থের শেষভাগ। °খণ্ডন (ক্লী)—উত্তরনিরাকরণ। °গ্রন্থ (পুং)—শেষসন্দর্ভ, পরিশিষ্ট। উত্তরাহ (পুং)—পরদিন। "পা ৪.২.১০৪, কাশিকা। উত্তরাহি (ব্য)—উত্তরদিকে। "ভট্টি ৮.১০৭। উত্তর উত্তর—পর পর; ক্রমে ক্রমে। "যে বুঝি বাড়িবে দর উত্তর উত্তর ভা.চ ২৮৭।]

উত্তর২ অর্ম্ম [সং অব+ √তৃ> লি √ওতর; প্রা √উত্তর (প্রা.ম)> বা √উত্ত(ত)র; হি, ঠ √উতর] **১** অবতরণ করা, নামা। "উত্তরিলা আসি সভে নরেন্দ্রের জলে চৈ ভা ৪৯৪। ঘোড়া হইতে উত্তরিল' চৈ.চ ১৯২। **২** [সং উদ্+তৃ> লি, প্রা √উত্তর> বা √উত্ত(ত)র] উত্তীর্ণ হওয়া; নদী পার হইয়া উঠা; উঠা। "হেম কূচগিরি উত্তরি পৈঠত এহিঁ লোমাবলী সাপি ব ৬৭। উত্তরল তীরে রা.শে ৬৫। তীরে …তারা উত্তরিলা ভা.চ ২৫৬। উত্তরিয়া…তটে স্ব.প্র ৫৩। **৩** সংলগ্ন হওয়া; লাগা। "ঘাটে তবে নৌকা উত্তরিল চৈ.চ ১৯৭। তীরে উত্তরিল তরি ভা চ ২৫৬। **৪** প্রবিষ্ট হওয়া; উপস্থিত হওয়া; পঁহুছান। "হারিফার সাক্ষাতে রাজা উত্তরিল গিয়া ম.গা ২৪। বাগিচায়…বৈষ্ণব উত্তরিল ভ.গ্র ৩১১। মিথিলানগরে উত্তরিল ম ৫৪৮, ৬৮৪। কৃ.অ ২১। ক.চ ১৬। উত্তরিল গিয়া ব.প ৩২। উজানিতে উত্তরিয়া বি.পা ২৮০। কুঞ্জে উত্তরিয়ে দা ৪৭০। ব্রহ্মলোক উত্তরিলা ব্রহ্মময়ী।—হেম ২১৩। উত্তরিব.. দুঃগহীন নিকেতনে স.স্ব ১৮। **৫** পরীক্ষায় উত্তীর্ণ হওয়া বা নির্দ্দোষ বলিয়া নির্ণীত হওয়া। "ও পরিক্‌থাত বুড়ি মএনা আসিল উত্তরিয়া গো.চ ১২৯। স্বরূপঠাক্রি উত্তরে যদি, লঞা তার মন।' তবে মহাপ্রভুস্থানে করায় শ্রবণ॥—চৈ.চ ২৮৬। —র সর্ম্ম **১** উত্তরণ করা; অতিক্রম করা; তরা। "তুলসির পত্রের পরিক্‌থা জদি আমি না নেই উত্তরিয়া গো.চ ১৩০। [না নেই উত্তরিয়া—অর্থাৎ না তরি।] নায়ে তবে উত্তরিল নদী মুক্তাম্বর বি.পা ২৮০। **২** [উত্তর[১]> √উত্তর] উত্তরস্বরূপে বলা; উত্তর করা। "উত্তরিলা কাত্যায়নী মে ৫২; ৬৮; ১১৭। [উত্তরল—উত্তীর্ণ হইল; উঠিল।]

উত্তরকাণ্ড ক্লী [কর্ম্মধা] রামায়ণের শেষ বা সপ্তম কাণ্ড।

উত্তরকায় পুং [এক.স] কায়ের উত্তরভাগ; পূর্ব্বকায়। "পা ২.২.১, কাশিকা। রঘু ৯ ৬০।

উত্তরকাল পুং [কর্ম্মধা] **১** পরবর্ত্তী কাল; ভবিষ্যৎ কাল। **২** গৌণকাল (শ.ক)। **৩** (বাঙ্লায়; অপ্র) বৃদ্ধকাল, বার্দ্ধক্য। "উত্তরকালে পুত্র বিনে কি গতি হইবে দা ৬০।

উত্তরকালীন বিং [অসাধু; দ্র 'পা ৪.৩.১১, সি] উত্তরকালসম্বন্ধী, ভবিষ্যৎকালীয়। "উত্তরকালীন লোকেরা আমাকে নৃশংস রাক্ষস… বলিয়া গণনা করিবে সী ৫৮।

উত্তরকুরু পুং [কর্ম্মধা] (বহুব) জম্বুদ্বীপের অন্তর্গত নববর্ষের একতম। [ইহা মেরুর উপরে হিরণ্ময় বর্ষের উত্তরপ্রান্তে অবস্থিত (দ্র 'ভ ৫.১৬.৭-৮; ১৭.৮; ১৮.৩৪)।]

উত্তরকোশ(স)ল পুং [কর্ম্মধা] (বহুব) উত্তরদিক্‌স্থিত কোশল জনপদ। "°লেন্দ্র রঘু ৬.৭১; ৯.১। —লা স্ত্রী অযোধ্যানগরী। "যদুপতেঃ ক গতা মথুরাপুরী, রঘুপতেঃ ক গতোত্তরকোশলা। ইতি বিচিন্ত্য কুরুষ মনঃ স্থিরং, ন সদিদং জগদিত্যবধারয়॥—উদ্ভট।

উত্তরক্রিয়া স্ত্রী [কর্ম্মধা] **১** অন্তিম কার্য্য। **২** বার্ষিক পিতৃকৃত্য; শ্রাদ্ধাদি পিতৃকার্য্য। 'প্রেতে পিতৃত্বমাপন্নে সপিণ্ডীকরণাদনু। ক্রিয়ন্তে যাঃ ক্রিয়াঃ পিত্র্যাঃ প্রোচ্যন্তে তা নৃপোত্তরাঃ॥—বিষ্ণুপুরাণ। **৩** উত্তরকালে কর্ত্তব্য কর্ম্ম (ত.বা); উত্তরকার্য্য (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.২৩।

উত্তরঙ্গ[১] বিণ [উদ্গত তরঙ্গ যাহাতে, বহুব্রী] **১** উদ্গতোর্ম্মি, তরঙ্গসঙ্কুল, ক্ষুভিত। "উত্তরঙ্গ (শোণ) রঘু ৭.৩৬। অনুত্তরঙ্গ কু.স ৩.৪৮। **২** অশান্ত।

উত্তরঙ্গ[২] ক্লী [উত্তর অঙ্গ, কর্ম্মধা, শকন্ধ্বাদি] দ্বারের উপরি তির্য্যগবস্থিত দারু; কাদাপাটা, সরদাল।

উত্তরচ্ছদ পুং [উত্তর ছদ, কর্ম্মধা] শয্যাদির উপরিস্থিত আস্তরণবস্ত্র; উপর্য্যাস্তরণ, বিছানার চাদর। "ভূর্জ্জপত্র°।—রা ২.৯৪.২৪। নাগচর্ম্ম° মহা ১৩.১৪.১৫৫। শয্যা° রঘু ৫.৬৫; ১৭.২১। আপাদমস্তক শয্যোত্তরচ্ছদে আবৃত: শয্যোত্তরচ্ছদ ত্যাগ করিয়া…বসিল ব.প্র ৮০।

উত্তরণ বিণ [উদ্+ √তৃ+অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণী, ছান্দস] উত্তরিতা, উল্লঙ্ঘয়িতা। —ণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** উল্লঙ্ঘন, অতিক্রম। "গঙ্গোত্তরণ (মহা)। সংসারসমুদ্রোত্তরণ।—পঞ্চ ১১৭৮/১৯২। **২** তীরে উত্থান; পাড়ে উঠা। **৩** পোতাবতরণ, নৌকাবরোহণ। **৪** (বাঙ্লায়; অপ্র) অবস্থিতি, বিশ্রাম। "অতীত অভ্যাগত লোকেরদেরও উত্তরণের স্থান ব.প ১৬৯৫।

উত্তরতঃ (-তস্) ব্য [উত্তর+তস্ (তসিল্) প্রথমাদিস্থানে] **১** উত্তরদিক্, উত্তর হইতে, উত্তরে। **২** উর্দ্ধে। **৩** পরে; পশ্চাৎ। **৪** বামে। বিপ 'দক্ষিণতঃ'।

উত্তরত্র ব্য [উত্তর+ত্র (ত্রল্) সপ্তমীস্থানে] **১** পরবর্ত্তী কালে; পরে। **২** গ্রন্থের পরভাগে। বিপ 'পূর্ব্বত্র'। "পা ৩.১.৯, কাশিকা। **৩** উত্তরদিকে, উত্তরদেশে।

উত্তরদায়ক বিণ [ষ ত; স্ত্রী -য়িকা] উত্তরকারক; প্রতিবচনদাতা; দুঃশীল, ধৃষ্ট। "ভৃত্যশ্চোত্তরদায়কঃ হি ২ ১১৯।

উত্তরদিক্‌পাল, -দিগীশ পুং [উ.ত; ষ.ত] উত্তর দিকের পালক বা পতি; কুবের। —দিগীশ পুং বুধগ্রহ।

উত্তরপক্ষ পুং [কর্ম্মধা] **১** বাদে পূর্ব্বপক্ষের মর্দ্দনক্ষম সিদ্ধান্তপক্ষ; সিদ্ধান্তপক্ষ। "°তা মাঘ ২ ১৫। **২** সিদ্ধান্ত, সমাধান। **৩** সিদ্ধান্তানুকূল তর্কোপন্যাস। **৪** উত্তরবিকল্প (ত.বা)। **৫** (মীমাংসায়) পঞ্চাঙ্গ অধিকরণের একতম অঙ্গ—নির্ণয়। দ্র 'উত্তর' (ক্লী)। **৬** চান্দ্রমাসের শেষপক্ষ; কৃষ্ণপক্ষ। **৭** উত্তরপার্শ্ব, উদীচ্যভাগ।

উত্তরপট পুং [কর্ম্মধা] **১** উত্তরচ্ছদ। **২** উত্তরীয়। "স্রস্তোত্তরপট মহা ১.১৩৭.১।

উত্তরপথ পুং [উত্তর পন্থা, কর্ম্মধা; সমাসান্ত 'অ'] **১** উত্তরস্থ মার্গ। "পা ৫.১.৭৭। **২** পরবর্ত্তী পথ। **৩** উত্তরায়ণচিহ্নিত পথ; দেবযান, ব্রহ্মলোকপথ।

উত্তরপদ ক্লী [কর্ম্মধা] **১** সমাসে শেষপদ। বিপ 'পূর্ব্বপদ'। "পা ৭.৩ ১০। **২** পরবর্ত্তী পদ।

উত্তরপশ্চিম বিণ [°ম+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -মা] উত্তরপশ্চিমদিগ্‌বান্, বায়ুকোণস্থিত। —ম পুং বায়ুকোণস্থ দেশ। —মা স্ত্রী [বহুব্রী] উত্তর ও পশ্চিম দিকের যে অন্তরাল (দিক্); বায়ুকোণ। "পা ২.২ ২৬।

উত্তরপাদ পুং [কর্ম্মধা] ব্যবহারে চতুষ্পাদের অন্তর্গত দ্বিতীয় পাদ; প্রত্যর্থীর উত্তর। [পূর্ব্বপক্ষঃ স্মৃতঃ পাদো দ্বিতীয়শ্চোত্তরঃ স্মৃতঃ। ক্রিয়াপাদস্তৃতীয়ঃ স্যাচ্চতুর্থো নির্ণয়ঃ স্মৃতঃ॥—বৃহস্পতি। অর্থী যাহা নিবেদন করিয়াছে, প্রত্যর্থীর সমক্ষে ঠিক তাহাই লিখিতে হইবে;—ইহা পূর্ব্বপক্ষ, ভাষাপাদ বা প্রথমপাদ। ভাষার্থ শুনিয়া প্রতিবাদী যাহা

বলিবে, বাদীর সম্মুখে তাহাই লিখিতে হইবে ;—ইহা উত্তরপাদ বা দ্বিতীয়পাদ। বাদীর আত্মপক্ষের প্রমাণ লিখান ;—ইহা ক্রিয়াপাদ বা তৃতীয়পাদ। প্রমাণ ঠিক হইলে জয়লাভ, অন্যথা বিপরীত ফল ;—ইহা সাধ্যসিদ্ধিপাদ, নির্ণয়পাদ বা চতুর্থপাদ (যাজ্ঞ ২.৮, মিতাক্ষরা, শুক্র ৪ ৫ ১৫৩)।]

উত্তরপুরুষ পুং [কর্ম্মধা] প্রথম পুরুষ।

উত্তরপূর্ব্ব বিণ [°র্ব্বা+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -র্ব্বা] উত্তরপূর্ব্বদিগবান, ঈশানকোণস্থ। —র্ব্বা স্ত্রী [বহুব্রী] উত্তর ও পূর্ব্ব দিকের যে অন্তরাল (দিক্) ; ঈশানকোণ।

উত্তরপ্রচ্ছদ পুং [কর্ম্মধা] তূলী, তোষক, লেপ।

উত্তরপ্রত্যুত্তর স্ত্রী [সদ্ব] ১ বিবাদ, বিতর্ক। ২ (ব্যবহারে) বাদি-প্রতিবাদীর পক্ষীয় হেতুবাদ।

উত্তরফ(ফা)ল্গুনী স্ত্রী [কর্ম্মধা] (জ্যোতিষে) অশ্বিন্যাদির অন্তর্গত দ্বাদশ নক্ষত্র। [ইহা তারকাদ্বয়বিশিষ্ট। ইহার দেবতা অর্যমা।]

উত্তরবয়ঃ (-য়স্) ক্লী [কর্ম্মধা; তু °°স (ক্লী)—শতপথব্রাহ্মণ] পশ্চিমবয়ঃ, বার্দ্ধক্য।

উত্তরবস্তি পুং [কর্ম্মধা] চিকিৎসাঙ্গভূত যন্ত্রবিশেষ (Syringe)। "সুশ্রুত ৪.৩৭ ৩৬।

উত্তরবস্ত্র, -বাসঃ (-সস্) ক্লী [কর্ম্মধা] উত্তরীয়, উড়নী, ওড়না। বিপ 'অধরবাস'।

উত্তরবাদী (-দিন্) পুং [ষ ত] (ব্যবহারে) উত্তরদাতা, প্রতিবাদী, আসামী। বিপ 'পূর্ব্ববাদী'। "যাজ্ঞ ২ ১৭।

উত্তরবাহিনী বিং উত্তর দিকে প্রবহণশীলা ; উত্তরাভিমুখী (নদী)। "গ ১৬৯। কৃ ২১।

উত্তরবেদি স্ত্রী [কর্ম্মধা] ১ যজ্ঞাগ্নিস্থাপনার্থ বেদিবিশেষ (দ্র 'আহবনীয়')। ২ সমন্তপঞ্চকতীর্থ। "মহা ৩ ৮৩ ২০৮।

উত্তরভাদ্রপৎ (-পদ্), -পদা স্ত্রী [কর্ম্মধা] (জ্যোতিষে) অশ্বিন্যাদির অন্তর্গত ষড়্‌বিংশ নক্ষত্র। [ইহা অষ্টতারকাযুক্ত ও পর্য্যঙ্কসদৃশী।]

উত্তরভারতী বি উত্তররূপ বাক্য, প্রতিবচন। "অ প ৬।

উত্তরমীমাংসা স্ত্রী [ষ ত] উত্তরের (বেদের শেষ উপনিষদ্‌ভাগের) মীমাংসা, অর্থাৎ পঞ্চাঙ্গ ন্যায়ের বিচার ; বেদব্যাসরচিত বেদান্তদর্শন।

উত্তরমেরু বি উত্তরদিকস্থিত মেরু ; পৃথিবীর উত্তরপ্রান্ত (North Pole)। [°বৃত্ত (বি)—উত্তরমেরুর দক্ষিণসীমাসূচক ২৩° ডিগ্রি অন্তরে কল্পিত বৃত্তরেখা ; উদীচ্যবৃত্ত (Arctic Circle)।]

উত্তররাঢ়ি, -ঢ়ী, উত্তরাঢ়ি বিং ['উত্তররাঢ়ীয়'—মূল] উত্তর-রা বাসী, রাঢ়দেশের উত্তরাংশনিবাসী (কায়স্থ)। "সিংহ দাস দত্ত··· উত্তররাঢ়ি শ্রী ১২। উত্তরাড়ি (পাঠান্তর—'উত্তররাঢ়ি') কায়েতদের মত (দর্শনমাত্র) সেতল খেলেন হু ১২৪। পথিক হিন্দু। জাতিতে উত্তররাঢ়ী কায়স্থ ব.প্র ৪৩৯।

উত্তররামচরিত ক্লী [কর্ম্মধা] পর রামচরিত ; রামচরিতের উত্তরভাগ ; (অভেদোপচারে) তদ্বিষয়ক ভবভূতিকৃত নাটকবিশেষ।

উত্তরলী বিং [অপ্র] অতিতরলা, অতি চঞ্চলা বা অধীরা। "উত্তরলী হয়িলী রাহী বাঁশীর নাদে শ্রী কী ৩০৯।

উত্তরশিয়র, -রী বিং [শির > শিয়র ; শিয়র+ঈপ্] শয়নে বা পতনে যাহার শির উত্তর দিকে ; উত্তর দিকে মাথা করিয়া শয়িত বা পতিত। "চলিয়া পড়িল ওঝা উত্তর শিয়রী ম.ম ৮৬ ; মাজুষে শোয়াইল লখাই উত্তরশিয়রী ২০০। [উত্তরশিয়রে থাকা বা শোওয়া—উত্তর দিকে মাথা করিয়া থাকা বা শয়ন করা। "মুণ্ড কাটি আন যেবা উত্তরশিয়রে : (ঐরাবত) উত্তরশিয়রে শুয়ে ছিল কৃ ৩৪।]

উত্তরসাক্ষী (-ক্ষিন্) পুং [ষ.ত] ১ উত্তরের, অর্থাৎ প্রতিবাদীর সাক্ষী। ২ [কর্ম্মধা] পরবর্ত্তী বা গৌণ সাক্ষী ; যে সাক্ষাৎ (স্বয়ং) ঘটনা দেখে নাই, অন্যে তাহাকে শুনাইয়াছে, এইপ্রকার সাক্ষী ; শোনাসাক্ষী (Ear-witness)। 'সাক্ষিণামপি যঃ সাক্ষ্যং স্বপক্ষং পরিভাষতাম্। শ্রবণাচ্ছ্রাবণাদ্ বাপি স সাক্ষ্যুত্তরসংজ্ঞকা॥—নারদ।

উত্তরসাধক বিণ [কর্ম্মধা] ১ যে উত্তরবর্ত্তী হইয়া কার্য্যসাধন করে ; সহকারী, সহায়। "ইহার সূত্র তোলে—উত্তরসাধক লোক একটী নাই দা ৭৪৬। ২ [ষ.ত] যাহা উত্তরের কার্য্য করে বা উত্তরস্বরূপ। ৩ (বাঙলায়) শব-সাধনায় যে শবারূঢ় সাধকের পশ্চাৎ সহায়রূপে থাকিয়া উপদেশ ও সাহস দেয় (বেতালপঞ্চবিংশতি।)

উত্তরা স্ত্রী (°র+স্ত্রী আ (টাপ্)] ১ উত্তর দিক্। "বিজিগ্যে দিশমুত্তরাম্ মহা ২.২৮.১৭। কু.স ১.১। ২ বিরাটরাজকন্যা অভিমন্যুপত্নী ও পরীক্ষিতের জননী। ৩ সপিণ্ডীকরণোত্তর বার্ষিকশ্রাদ্ধক্রিয়া। —রা ব্য] [উত্তর+আ (আচ্) প্রথমাসপ্তম্যর্থে, পা ৫.৩.৩৮] ১ উত্তর দিক্, দেশ বা কাল। ২ উত্তর দিকে, দেশে বা কালে। "প্রযযাবুত্তরামুখঃ মহা ২.৩০.১০।

উত্তরাংস পুং [কর্ম্মধা] পরবর্ত্তী অংস ; জত্রু (নীলকণ্ঠ)। "গূঢ়োত্তরাংস মহা ১.১৯৪.১০ ; ব্যূঢ়° ৩.১১৯.১৩।

উত্তরাকাণ্ড বি [সং উত্তর° ; অ > আ, তু 'অযোধ্যাকাণ্ড] রামায়ণের সপ্তম কাণ্ড। "কৃ ২৩৬।

উত্তরাধর পুং [কর্ম্মধা ; দ্বন্দ্ব] ওষ্ঠ (মল্লিনাথ) ; উপরিতন ওষ্ঠ (ত.বা) ; উপরিতন ও অধস্তন ওষ্ঠ (A.)। স্ফুরিতোত্তরাধর কু.স ৫.৮৩।

উত্তরাধিকার পুং [কর্ম্মধা] 'পর অধিকার' ; পিত্রাদির মরণে তদ্ধনে পুত্রাদির অনন্তর-স্বামিত্ব ; পূর্ব্বপুরুষের ধনাদিতে পরপুরুষের স্বত্ব (Heirship)। [°রসূত্রে—উত্তরাধিকারসম্বন্ধে। °রী (-রিন্) বিণ—যে উত্তরে (পূর্ব্বস্বামীর মৃত্যুর পরে) তদ্ধনাদি অধিকার করে ; দায়াদ, ওয়ারিস্।]

উত্তরাপথ পুং (উত্তরা পন্থা, অলুক্ ; সমাসান্ত 'অ'] 'উত্তরদিকে স্থিত পথ' ; ভারতবর্ষের উত্তরভাগ ; আর্য্যাবর্ত্ত। "ক.সা ১৩.৯৩। হি ২৮⅓।

উত্তরাভাস পুং [উত্তরের আভাস যাহাতে, বহুব্রী] যাহা উত্তরবৎ প্রতীয়মান হয় ; অত্যল্প বা অতি দীর্ঘ প্রস্তুত বিষয়ের সহিত সম্যক্ সম্বন্ধহীন এবং পক্ষের একদেশব্যাপী উত্তর ; দুষ্ট উত্তর।

উত্তরায়ণ ক্লী [উত্তরায় অয়ন, স.ত, সংজ্ঞার্থে ণত্ব, পা ৮ ৪.৩] ১ সূর্য্যের বিষুবরেখার উত্তরে গমন। "(সবিতা) গন্তোত্তরায়ণম্ মহা ৩৩৬। ২ (অভেদোপচারে) সূর্য্যের বিষুবরেখার উত্তর দিকে গমন-কাল ; মাঘাদি ষণ্মাস-কাল। 'ভানোর্মকরসংক্রান্তেঃ ষণ্মাসা উত্তরায়ণম্। "গী ৮ ২৪। উত্তরায়ণের সূর্য্য অপেক্ষণ করি ম ৮১২। [দেবগণের উত্তরায়ণ দিন ও দক্ষিণায়ন রাত্রি। (মনু ১.৬৭। বিষ্ণু ১ ২০ ; ২১)।] ৩ মকরসংক্রান্তি (শ.ক)। ৪ যাগবিশেষ। "মনু ৬.১০। [উত্তরায়ণান্তবৃত্ত (বি)—উত্তরায়ণের অন্তবৃত্ত ; বিষুবরেখার উত্তরে প্রায় ২৩½ ডিগ্রি অন্তরে কল্পিত উত্তরায়ণের সীমারেখা ; কর্কটক্রান্তি (Tropic of Cancer)।]

উত্তরারণি, -ণী স্ত্রী [কর্ম্মধা] অগ্নিমন্থনযন্ত্রের উত্তর অরণি ; অর্থাৎ উপরিস্থ মন্থনকাষ্ঠদণ্ড। "শাতাতপ ৭.১৭।

উত্তরার্দ্ধ ক্লী [কর্ম্মধা] ১ উৎকৃষ্ট অর্দ্ধ (ত বা)। ২ দেহের পূর্ব্বার্দ্ধ ; পূর্ব্বকায়। ৩ উত্তরদিগ্‌বর্ত্তী অর্দ্ধ। ৪ শেষার্দ্ধ।

উত্তরাশা স্ত্রী [উত্তরা আশা, কর্ম্মধা] উত্তর দিক্ [°পতি (পুং)—কুবের।]

উত্তরাষাঢ়া স্ত্রী [উত্তরা আষাঢ়া, কর্ম্মধা] (জ্যোতিষে) অশ্বিন্যাদির অন্তর্গত একবিংশ নক্ষত্র। [ইহা তারকাচতুষ্টয়যুক্ত ও শূর্পাকৃতি। ইহার দেবতা বিশ্ব।]

উত্তরাসঙ্গ পুং [কর্ম্মধা] ১ উত্তরবস্ত্র, উত্তরীয়। "ত্বগুত্তরাসঙ্গবতী কু.স ৫.১৬। কৃষ্ণোত্তরাসঙ্গ মাঘ ২.১৯। ২ [স.ত] উত্তর দিকে আসঙ্গ; উত্তর দিকে গমন। "শিশিরসময়সূর্য্যমিব কৃতোত্তরাসঙ্গম্ (কাদম্বরী)।

উত্তরাস্য বিং [বহুব্রী] উত্তর দিকে যার মুখ; উত্তরমুখ, উদঙ্মুখ। [°স্তে —উত্তরমুখে। "উত্তরাস্তে চলিলেন ম ১২৭১। দ্র ১। উত্তরাস্তে রাখিয়াছে বরের আসন ভা.চ ৭৫।]

উত্তরাহ, উত্তরাহি দ্র 'উত্তর[১]'।

উত্তরী বি [সং উত্তরীয়; অস উত্তরী—পৈতা] ১ উত্তরীয়, উড়নী। "উত্তরী-বাস ব.প ৫৪৪। নৃপতির পড়িল উত্তরী ম ৪৫২। বিষধর উত্তরী বসন ক.চ ১১। দ্র ১৫। গন্ধে উদাস হাওয়ার মত, উড়ে তোমার উত্তরী।—রবীন্দ্র। মেঘ উত্তরী কৃ কে ৯৮। ২ উপবীত। "মেঘেতে চপলা যেন গলায় উত্তরী কৃ ২৬৯; ধবল উত্তরী ৩৪০। ৩ উপবীতের ন্যায় ধৃত উত্তরীয়।

উত্তরীয় ক্লী [উত্তর+ঈয় (ছ) 'তত্র ভব' অর্থে] ১ উত্তরদেহভাগে স্থিত বস্ত্র; দেহের উপরিভাগে ধারণীয় বস্ত্র; উড়নী। "রা ২.৮৮.১৫। হিমোত্তরীয় মহা ৩.১৭৭.১৬। রত্নগ্রথিত° রঘু ১৬.৪৩। ২ আচ্ছাদনবস্ত্র। "স্তন° রঘু ১৬.১৭। —রীয়ক ক্লী [°য়+ক (কন্) স্বার্থে] সর্থ 'উত্তরীয়'। "ক সা ২০.১৫৬।

উত্তরেণ বা [উত্তর+এন (এনপ্) 'অদূর' অর্থে, পা ৫.৩.৩৫] অবধির (সীমার) অদূরে উত্তর দিকে; উত্তরগায় (To the North)। "উত্তরেণ গার্হপত্যাম (শতপথব্রাহ্মণ)। উত্তরেণ বসতি (কাশিকা)। গন্তব্যং কৃষ্ণামুত্তরেণ গো.রা ৪.৪৪.১২১। উত্তরেণ কৈলাসাং মহা ২.৩.৯; দৃষদ্বতী° ৩.৮৩.৪। ধনপতিগৃহানুত্তরেণ উ.মে ১৪।

উত্তরোত্তর বিণ [উত্তর হইতে উত্তর, সুপ্সুপা; স্ত্রী -রা] ১ পর-পর; পরে পরে উল্লিখিত। "এবামভাবে পূর্ব্বস্য ধনভাগুত্তরোত্তরঃ যাজ্ঞ ২.১৩৬। ২ অধিক হইতে অধিকতর; ক্রমশঃ বৃদ্ধিপ্রাপ্ত। "°স্নেহেন দৃষ্টঃ। পঞ্চ (S.W.)। ৩ [ষ.ত] উত্তরের উত্তর (স্থাপক); স্বোক্তনির্ব্বাহক (রা.টীকা)। "°যুক্তীনাং বক্তা রা ২.১.১৭। —ত্তর ক্লী [ষ.ত] ১ উত্তরের উত্তর, অর্থাৎ প্রত্যুত্তর; উত্তরোত্তরবাকপ্রপঞ্চ। "°বক্তা মহা ২.৫.৫। আর্য্যা কৃতমুত্তরোত্তরেণ উ চ ৫‌৩/২৮। অলম্ উত্তরোত্তরেণ মু ৩/২৬। ২ পরপরক্রম, পরম্পরা। "উত্তরোত্তরেণেলাবৃতং নীলঃ শ্বেতঃ শৃঙ্গবানিতি…মর্য্যাদাগিরয়ঃ ভ ৫.১৬.৭। —ত্তর ক্রি বিণ পরপরভাবে, ক্রমিক, ক্রমশঃ, ক্রমে। "উত্তরোত্তরমুৎকর্ষো ভবেৎ সারঃ পরাবধিঃ কা.প্র ১০.১২৩। সা দ ১০.৭৯। উত্তরোত্তরং বর্দ্ধতে হি ১/২২। করুণ কটাক্ষচয় (বাড়ে) উত্তর-উত্তর ভা চ ২৫৯।

উত্তরোল বিং [উত্তরল > °ল; তু 'উতরোল'; অপ্র] ১ অধীর, অশান্ত, ব্যাকুল, বিহ্বল। "রাজা কান্দিঞা উত্তরোল কৃ.উ ২১১। রাম হৈল উত্তরোল ২৫৬; ২৬৮; কান্দে উত্তরোল ২৭২। কান্দিছেন উত্তরোল ম ১২৭১। শুনিয়া ভাঁড়ুর বোল, কালকেতু উত্তরোল ক.চ ১০৯। ২ অতিহৃষ্ট; হর্ষবিহ্বল। "ছাগল দেখিয়া রামা চিত্তে উত্তরোল ক.চ ১৪৮। ৩ ['উচ্চরোল' স্থলে '°ল'; লিপিপ্রমাদ (?)] মহাশব্দ, মহাকোলাহল। "হেনকালে উত্তরোল হৈল কুরুদলে ম ৯১১। —লী বিং [°ল+ঈ৬] ১ চঞ্চলা, অশান্তা, অধীরা। "ব্রাহ্মণের ডাক শুনি গাভী উত্তরোলী কৃ উ ১৭৪। ২ উৎসুকা, ব্যগ্রা। "শ্রীরামে দেখিতে যায় হ'য়ে উত্তরোল কৃ ৩৬১। ৩ হর্ষবিহ্বলা, আনন্দে আত্মহারা। "মুনির ঘরে স্ত্রীলোক হইল উত্তরোলী কৃ.উ ১৮৪।

উত্তরো(রৌ)ষ্ঠ পুং [উত্তর ওষ্ঠ, কর্ম্মধা; সমাসে বিকল্পে পররূপ, পা ৬.১.৯৪, বার্ত্তিক; তু 'প্রা উত্তরোট্‌ঠ (প্রা.ম)'] উপরিস্থ ওষ্ঠ। বিপ 'অধরোষ্ঠ, অধর'। "উত্তরোষ্ঠসম্প্রধানমধরোষ্ঠঃ করণম্ তৈ ২.২৪। ব্রীড়োত্তরৌষ্ঠোঽধর এব লোভঃ ভ ২.১.৩২।

উত্তর্জ্জন ক্লী [উদ্+√তর্জ্জ্+অন (ল্যুট্)-ভা] উচ্চৈর্ভর্ৎসন, অতি-তর্জ্জন। "সা.দ ৩.১৫৬।

উত্তান বিন [উদ্গত তান (বিস্তার) যাহার (অ.টী), বহুব্রী; স্ত্রী -না; ছান্দস] ১ যাহার বিস্তার উপরদিকে; ভূমিলগ্নপৃষ্ঠ ঊর্দ্ধমুখে স্থিত; ঊর্দ্ধমুখ, চিত্। "°শয় পা ৩.২.১৫, সি। উত্তানঃ সর্ব্বদা শেতে যঃ [সুশ্রুত—S.W.]। যাজ্ঞ ১.২৪৮; °চরণ ৩.১৯৮। ২ ঊর্দ্ধতল, চিত্ (হস্ত)। "°নাঙ্গুলি (S.W.)। উত্তানপাণিদ্বয়সন্নিবেশ কু.স ৩.৪৫। ৩ ঊর্দ্ধাভিমুখ, উন্নমিত। "°চঞ্চুপুট (চাতকাষ্টক)। ৪ অনিম্ন, অগভীর (অ.টী)। ৫ অতিবিস্তার, বিস্ফারিত, বায়ত। "তৃষ্ণয়োত্তান-দীর্ঘা (দৃষ্টিঃ) উ চ ৩.২৩। °তারকস্য লোচনযুগলস্য (কাদম্বরী)। ৬ অগম্ভীর, সরল, অকপট। "স্বভাবোত্তানহৃদয় শ ৫/২২। ৭ [বাঙলায়; অপ্র] উন্মীলিত। "মুখে ফেন লালা প্রভুর উত্তান নয়ন চৈ চ ৩২৯; ৩৪৫। [°শয়ন (বি)—চিৎ হইয়া শোওয়া। "বাল্যলীলায় আগে প্রভুর উত্তানশয়ন চৈ.চ ৫৪।]

উত্তানপাণি, -হস্ত পুং [কর্ম্মধা] ঊর্দ্ধতল পাণি; চিৎ হাত। "°পি কু.স ৩.৪৫।

উত্তানপাদ বিণ [বহুব্রী] ১ ঊর্দ্ধচরণ (ভ্রূণ)। ২ প্রসৃতচরণ (A.)। —পাদ পুং ১ নৃপবিশেষ। [ইঁহার পিতা স্বায়ম্ভুব মনু, মাতা শতরূপা, পত্নী সুরুচি ও সুনীতি, পুত্র উত্তম ও ধ্রুব [ভ ৪.৮.৬-৮]। ২ পরমেশ্বর। [°জ (পুং)—ধ্রুব।]

উত্তানশয় বিণ [উত্তান+√শী+অ (অচ্) -ক; উ.ত; স্ত্রী -য়া] যে চিৎ হইয়া শয়ন করে; ঊর্দ্ধমুখশায়ী। —য় পুং অত্যন্ত শিশু; ডিম্ব। —য়া স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্)] স্তনন্ধয়ী, শিশুকন্যা।

উত্তানিত বিণ [উত্তান > √উত্তানি+ত (ক্ত)-র্ম] ১ উত্তানীকৃত, ঊর্দ্ধমুখীকৃত। "উত্তানিতে করতলে কু.স ৩.৪৫, মল্লিনাথ। ২ উত্তান, উদ্ধীকৃত। "মামাদায় উত্তানিতমুখম্ (কাদম্বরী)। ৩ বিস্ফারিত, বিতত, বিকসিত (নেত্র)।

উত্তাপ পুং [উদ্+√তপ্+অ (ঘঞ্)-ভা] ১ দীপ্তি। ২ [+অ -ণ] অধিকতাপ, উষ্মা। "দিবাকর-কিরণ-উত্তাপ-উত্তাপিতা কৃ ১০৭। ৩ তেজঃ। ৪ সন্তাপ, মনস্তাপ। "প্রত্যূহঃ সর্ব্ব সত্ত্বানামুত্তাপঃ প্রথমঃ কিল।—হি ৩.৪৮। —ত্তাপিত বিণ [+√তাপি+ত (ক্ত)-র্ম] ১ যাহা উত্তপ্ত করা হইয়াছে; উত্তপ্তীকৃত। ২ সন্তাপিত, জনিতসন্তাপ। ৩ ক্লিশিত, নিপীড়িত। "দ্র 'উত্তাপ (২)। ৪ (বাঙলায়; অপ্র) উষ্মা-যুক্ত, অসন্তুষ্ট, বিরক্ত। "এ দুইর পাপ নিরন্তর দূতে কহে। লিখিতে কায়স্থ সব উত্তাপিত হয়ে॥—চৈ.ভা ২৬৪।

উত্তার[১] বিণ [তারকে উদ্গত, প্রা.স; স্ত্রী -রা] ১ অতিক্রান্ততার, অতিতার, অত্যুচ্চ (শব্দ)। ২ [উদ্গতা তারা যাহার, বহুব্রী] যে চক্ষুর তারা ঊর্দ্ধগত; উৎক্ষিপ্ততার, উদ্গততারক। "°লোচন ভ ৬.১৪.৪৬।

উত্তার[২] বিণ [উদ্+√তৃ+ই (ণিচ্)+অ (অচ্)-ক; স্ত্রী -রা] অতিশায়ী, উদ্ভট, উদার, উত্তম (শ.ক)। —র পুং [+অ-ভা] ১ উত্তারণ, উদ্ধরণ। ২ উদ্বমন। ৩ পারে নয়ন; পারপ্রাপণ। "সংসারসাগরোত্তারতরণি (প্রবোধচন্দ্রোদয়)। ৪ (স্বার্থে ণিচ্) উত্তরণ, অতিক্রম। "অঘোরামাপদং প্রাপ্য নোত্তারমধিগচ্ছতি মহা (S.W.)। —ত্তারক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -রিকা] ১ উদ্ধারক, ত্রাতা। ২ পারপ্রাপক। —ক পুং শিব। —ত্তারণ বিণ

[+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] ১ উত্তারয়িতা, উদ্ধারক। ২ পার-প্রাপয়িতা। —ত্তারণ পুং বিষ্ণু (মহা)। —ত্তারণ ক্লী [+অন-ভা] ১ উদ্ধরণ। ২ পারে নয়ন (লওয়া); পারপ্রাপণ। ৩ উন্নয়ন, উত্তোলন। "বিলাদুত্তারণেচ্ছয়া।—গো রা ৪.৫২.১৮। —ত্তারী (-রিন্) বিণ উত্তারয়িতা, উদ্ধারক। —ত্তার্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ উত্তারণীয়, উদ্ধার্য। ২ পারে নেতব্য বা উত্তারণীয়। ৩ উদ্বমনীয়, বমিতব্য। "(অভোজ্যান্নম্) অজ্ঞানভুক্তং তূত্তার্যাম্ মনু ১১.১৬১। ৪ [+√ত +য (ণ্যৎ)-র্ম্ম] উত্তরণীয়, তরণযোগ্য।

উত্তাল বিণ [তালকে উৎক্রান্ত, প্রা স; স্ত্রী -লা] ১ তাল হইতে অধিক; উত্তুঙ্গ, অত্যুচ্চ। "°তালীবন মাঘ ৩৮০। উত্তাল ন পাবই (দো)। উত্তালতরঙ্গময় সাগরসমান।—স.শ ৮২। ২ উন্নত। "উত্তালতুমুল.. জ্বালাসন্তার উ.চ ৬৫। ৩ বিকরাল, বিভীষণ, অতি-ভয়ঙ্কর। "উত্তালাঃ কটপূতনাপ্রভৃতয়ঃ মা.মা ৫.১১। ৪ দুর্দ্ধর্ষ। "উত্তালাস্ত ইমে সরিৎসঙ্গমাঃ উ চ ২.২৯। ৫ প্রচণ্ড, প্রবল। "অনুত্তাল-তালবৃন্তবাতঃ (কাদম্বরী)। ৬ উদ্ধত। "°তড়িচ্ছটাট্টহাস মাঘ ২০.৬৮। ৭ উচ্চ, তার। "°খুরারাব মাঘ ১২.৩১। কলোত্তালাঃ পিকানাং গিরঃ।—গী গো ১৩৭। ৮ প্রস্ফুট, সুস্পষ্ট। "তূর্যারাবৈরাহিতোত্তাল-তালৈঃ মাঘ ১৮.৫৪। ৯ বিশাল, বিপুলদেহ। "°তাটকোৎপাত ম চ ১.৩৭। ১০ রাশীকৃত, প্রচুর, সমধিক। ১১ মহান্। —ত্তাল ক্লী (বৌদ্ধশাস্ত্রে) সংখ্যাবিশেষ।

উত্তিষ্ঠ সং, ক্রি [উদ্+√স্থা+হি (অনুজ্ঞায়, মধ্যম পুরুষের ১ব] ১ উঠ, গাত্রোত্থান কর। "উত্তিষ্ঠ উত্তিষ্ঠ পুত্র ম.পা ৫২; ১২৮, ১৩৬। ২ উঠ, অর্থাৎ দাঁড়াও (পতনে)। "ক্ষুৎ পতন জন্তু সব, জীবো ত্বষ্টাঙ্গুলিরব, ব্রহ্মবধপাপ না বলিলে ভা.চ ৫৮৫। ৩ উঠ, অর্থাৎ অগ্নি হইতে উঠিয়া আইস; বাহির হও। "উত্তিষ্ঠ উত্তিষ্ঠ প্রিয়া ম.পা ১০১। [উত্তিষ্ঠ (অপ্র)—উত্থিত। "তটেতে উত্তিষ্ঠ হইয়া অর্চ্চিয়া শঙ্কর ম.পা ১০৯। উত্তিষ্ঠ করা—তিষ্ঠিতে না দেওয়া; বিরক্ত বা অস্থির করা। উত্তিষ্ঠত সং, ক্রি (উদ্+স্থা+ত, অনুজ্ঞা—মধ্যম পুরুষের বহুব) উত্থিত হও; প্রচেষ্টা কর; উদ্যোগী হও। "হে তপস্বী! ডাক তুমি সামমন্ত্রে জলদগর্জ্জনে. 'উত্তিষ্ঠত! নিবোধত!' ডাক শাস্ত্র-অভিমানী জনে। স.স্ব ৬৮। ইহার মূল শ্লোকাংশ—"উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত (কঠোপনিষৎ ৩.১৪)। [উত্তিষ্টমনা (অপ্র) —অশান্তচিত্ত, ক্ষুব্ধমনাঃ। "অট্টহাসে মহাস্বনা, হইয়া উত্তিষ্টমনা, দাণ্ডাইলা শিবের সম্মুখে (দুর্গাভক্তিতরঙ্গিণী)। উত্তিষ্ঠিতে (অপ্র)—উঠিতে। "নরককুণ্ডেরোপরে, উত্তিষ্ঠিতে নাহি পারে ম.পা ৪৭; ৯৯; ১১৬।]

উত্তিষ্ঠমান বিণ [উদ্+√স্থা+আন (শানচ্)] ১ বর্দ্ধমান। "মাঘ ২.১০। ২ যতমান, চেষ্টমান। "ভট্টি ৮.১২।

উত্তীর্ণ বিণ [উদ্+√তৄ+ত (ক্ত)-ক] ১ নির্গত, নিষ্ক্রান্ত। "পঙ্কালোত্তীর্ণবরাহযূথ রঘু ২.১৭। নরকবিবরাদুত্তীর্ণ (SW.)। ২ প্রতিনিবৃত্ত। "অভিষেকোত্তীর্ণ (কশ্যপ); স্নানোত্তীর্ণ শ ৪৬। ৩ মুক্ত। "বন্ধোত্তীর্ণ, বিরহোত্তীর্ণ, রোগোত্তীর্ণ (S.W.)। মহা ৪.৪৫.১৫। ৪ উত্থিত। "ব্যসনমহার্ণবাৎ...উত্তীর্ণম্।—মৃ ১০.৪৯। ৫ সংক্রান্ত। "তুলোত্তীর্ণস্যাপি...রবেস্তাদৃক্ তেজো ন ভবতি কন্যাং গতবতঃ (শ ক)। ৬ উপস্থিত। "তদ্‌গৃহ উত্তীর্ণো (বেতালপঞ্চবিংশতিকা)। ৭ উথিত। "কিয়ৎক্ষণ মধ্যেই সীতাকে ভাগীরথীর অপর পারে উত্তীর্ণ করিলেন সী ৩৯। ৮ অতিক্রান্ত। "অজ্ঞাতচর্যামুত্তীর্ণান্ মহা ৩.৫২.৩০। ৯ অতীত। "এইমাত্র সায়াহ্নকাল উত্তীর্ণ হইয়াছে ব.প্র ৭৯। ১০ [+ত -র্ম্ম] অতিক্রান্ত, উল্লঙ্ঘিত। "°জলধি (S.W.)। সোত্তীর্ণা খলু পাণ্ডবৈ রণনদী কৈবর্ত্তকঃ কেশবঃ (গীতামঙ্গলাচরণ)। ১১ মুক্ত। "°রোগবিপদ্ ক.সা ১৭.৪৩। ১২ (বাঙ্‌লায়) পারগ, পারগত। "সীতা অলৌকিক পরীক্ষায় উত্তীর্ণা সী ৩০।

উত্তুঙ্গ বিণ [উদ্ (অতিশয়) তুঙ্গ, প্রা.স; স্ত্রী -ঙ্গা] অতিতুঙ্গ, অত্যুন্নত, মহোচ্চ। "স্বর্গাদুত্তুঙ্গম্...বিষাণম্ মহা ৩.৮৮.৮। °হেমপীঠ মাঘ ২.৫; উত্তুঙ্গঃ (উৎসাহপাদপঃ) ৮৯। °পয়োধরা (ভর্তৃহরি)। উত্তুঙ্গ শিখর স.শ ৮৮।

উত্তেজক বিণ [উদ্+√তিজ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -জিকা] ১ উত্তেজনাকারক, উদ্দীপক। ২ বিবর্দ্ধক। ৩ তীক্ষ্ণীকারক। ৪ প্রবর্ত্তক, প্রেরক। "(এরূপ স্ত্রী হইলে) মনোমত অনুষ্ঠানের উত্তেজিকা...হইয়া প্রকৃত সহধর্ম্মিণীপদবাচ্য হইবেন পা.প্র ১৩। —ত্তেজন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উদ্দীপন। "ঈর্ষার উত্তেজন পা.প্র ৮২। ২ নিশান, তীক্ষ্ণীকরণ। ৩ প্রবর্ত্তনা, প্রেরণ, ব্যগ্রীকরণ। "সুন্দরকাণ্ডে হনুমদুত্তেজনং নাম দ্বিতীয়ঃ সর্গঃ (গো.রা)। —ত্তেজনা স্ত্রী [+√তেজি+অন (যুচ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ শাণোল্লেখনা, তীক্ষ্ণীকরণ, শানান। "ব্যাঘট্টনোত্তেজনা মাঘ ৩৬। ২ সর্ব 'উত্তেজন'। —ত্তেজিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উদ্দীপিত। ২ নিশিত, তীক্ষ্ণী-কৃত। ৩ প্রেরিত, প্রবর্ত্তিত। ৪ ব্যগ্রীকৃত। "হীন মন্ত্রে উত্তেজিত ন ৪৩৩। ৫ ক্রোধোদ্দীপিত। "শাবকহিংসাশঙ্কায় উত্তেজিতা হংসী ব.প্র ১৪১। —জিত ক্লী [+ত-ভা] ১ সর্ব 'উত্তেজন'। ২ অশ্বের মধ্যবেগে গতি; রেচিত। 'উত্তেজিতং রেচিতং স্যাদ্ মধ্যবেগেন যা গতিঃ (অ.চি)।

উত্তোরণ বিণ [উন্নত তোরণ যাহার, বহুব্রী; স্ত্রী -ণা] উচ্ছ্রিততোরণ, উচ্চপুরদ্বারবিশিষ্ট (নগরাদি)। "উত্তোরণামন্বয়রাজধানীম্ রঘু ১৪.১০। উত্তোরণং রাজপথম্ কু স ৭.৬৩। °পতাকা (কৌশাম্বী) ক.সা ১০.২১০। —ত্তোরণ ক্লী [প্রা স] উন্নত তোরণ।

উত্তোলন ক্লী [উদ্+√তোলি+অন (ল্যুট্)-ভা] ১ তুলায় প্রতি-কূল ভার দ্বারা উন্নয়ন; উন্মান। ২ উর্দ্ধনয়ন, উদ্ধরণ, উঠান, তোলা। —ত্তোলিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উন্মিত। ২ উন্নীত, উদ্ধৃত। ৩ উৎক্ষিপ্ত।

উত্ত্যক্ত বিণ [উদ্+√ত্যজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিত্যক্ত। ২ উর্দ্ধ-ক্ষিপ্ত, উৎক্ষিপ্ত। ৩ বীতরাগ, বিরক্ত, ত্যক্তাসঙ্গ। —ত্যাগ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পরিত্যাগ। ২ উৎক্ষেপ।

উত্ত্রস্ত বিণ [উদ্+√ত্রস্+ত (ক্ত)-ক] অতিত্রস্ত, অতিভীত। —ত্রাস পুং [+অ (ঘঞ্) -ভা] অতিভয়, মহাশঙ্কা।

উত্থ[১] বিণ [উদ্+√স্থা+অ (ক)-ক; স্ত্রী -ত্থা] ১ উত্থিত, উদ্গত। "পরিমলো বিমর্দ্দোত্থে গন্ধে (অকো)। ২ উদ্ভূত, জাত। "প্রমাদ° গী ১৮.৩৯। কফ°, পঙ্ককষায়° (সুশ্রুত)। দরীমুখ° কু.স ১৮। কল্পদ্রুম° রঘু ৫.১২। সমীরণ° ৬২৬; পিতৃকানন° ১১.১৬। তেন লজ্জাপি তস্যোত্থা।—পঞ্চ ১৩৮৫। ভূমি° হি ৪.১২৭। শক্র° সা.দ ৪.৬; ৯। ৩ জন্য। "ভবৎসম্ভাবনোত্থায় পরিতোষায় কু স ৬.৫৯। ৪ উৎপতিত, উড্ডীন। পুলিনোত্থা (সিকতা) মহা ১৩.২৬.৫৪। রজাংসি সমরোত্থানি রঘু ১২.৮২। ৫ আগত। "তৈলাদিবিক্রয়োত্থ (দ্রবিণ)।—রাজতরঙ্গিণী। —ত্থ পুং [+অ -ভা] উত্থান। "পা ৩.২.৪, সি। —ত্থান বিণ [+অন-অপা] যাহা হইতে উত্থিত হয়; উৎপত্তি-মূলীভূত। "উত্থানঃ সর্ব্বকর্ম্মণাম্ মহা ১৩.১৭.১২৯। —ত্থান ক্লী [+অন-ভা] ১ সন্নিবিষ্টের উদ্গম, অর্থাৎ আসীনের উর্দ্ধীভাব (অটী); দাঁড়ান। ২ উদ্গম, উর্দ্ধীভাব, উঠা। "শনৈঃস্থানম্। —ভর্তৃহরি। ৩ শয্যাত্যাগ। "প্রাতরুত্থান।—চাণক্য ৭২। ৪ উদয়, প্রকাশ। "ইন্দুং নবোত্থানম্ রঘু ৬.৩১। ৫ উদ্গমন, উচ্চীভাব। "তুঙ্গ তরঙ্গের উত্থান পতন প.তৃ ৬৯। ৬ অভ্যুদয়, শ্রীবৃদ্ধি। "উত্থান পতনে,

মান্থুষ হইতে দাও তোমার সন্তানে স.স্ব ৫৬। ৭ পুনর্জ্জীবনলাভ। "পিতুরুত্থানমাত্মনঃ মহা ৩.১৩৮.২১ ; ২২। ৮ উদ্ভব। ৯ যুদ্ধানুকূল-ব্যাপার, প্রতিকূল উদ্যোগ, বিদ্রোহাচরণ। "শু ১.৩২৫। ১০ উদ্যোগ, উদ্যম। "°শীল, °শীলিন্ (S.W.)। উত্থানং রাবণস্থ।—রা ১ ৩.২০। ধর্ম্মার্থমুত্থানম্ গো রা ৫.৮৭.১৩। °যোগাং বপুঃ শ ২.৫। মন্থু ৯.২১৫। দেখিলেক ভীমসেন সৈন্থের উত্থান অ.প ১৩। ১১ প্রবোধ, জাগরণ। "°নৈকাদশী ; মচ্ছয়নে মদুত্থানে (তিথিতত্ত্ব)। ১২ রাজ্যচিন্তন (ত.বা)। ১৩ অভ্যর্থনার্থ গাত্রোত্থান। "রাজা দেখি কালকেতু করিল উত্থান। ক.চ ১০৬। ১৪ [+অন-ণ] উৎসাহ (ত.বা)। ১৫ হর্ষ। ১৬ মনোবেগ (মেদিনী)। ১৭ মলরোগ (S W.)। ১৮ তন্ত্র, প্রধান (অ টী) ; তন্ত্র, অর্থাৎ স্বমণ্ডল ; সৈন্থ ; চিন্তা (শ.ক)। ১৯ পৌরুষ (মেদিনী)। ২০ [+অন-ধি] রণ, যুদ্ধ। ২১ চৈত্য। ২২ অঙ্গন, উঠান ; বাস্তুসীমা (শ.ক)। ২৩ যজ্ঞগৃহ। ২৪ পুস্তক (মেদিনী)। ২৫ (বাঙলায়) উত্থানৈকাদশী। "শয়ন উত্থান পাশমোড়া। তার মধ্যে ভীমে চোঁড়া॥ —খনা। শ্রীউত্থান শয়নে ন প ৯২। উত্থানে ও শয়নে নির্জ্জলা (উপোষ) ক'রে থাকেন হু ৩৯। [°কৌড়ি (বি)—বাসরে বরকন্থার উত্থানের পরে শয্যাতোলার জন্য বরপক্ষের দেয় অর্থ ; শেজতোলানী। "শয্যার উত্থানকৌড়ি দিলেন বিস্তর কৃ ৩১। °দ্বাদশী (বি)—উত্থানৈকাদশীর পরবর্ত্তী দ্বাদশী। "উত্থানদ্বাদশীযাত্রা চৈ.চ ১৬৬। °পর্ব্ব (বি) —উত্থানৈকাদশীর উৎসব। "ন.প ৯২। °বান্ (বৎ), °শীল, °শীলী (-লিন্) বিণ—উদ্যমশীল, উদ্যোগী। °ন্ মহা ২.৫৪ ৮ ; °লী ৩.২০৬ ৪০।]

উত্থ[2] সর্ম্ম [√উরথ > √উর্থ > °থ ; অপ্র] উলুধ্বনি সহ বরণ করা। "লইয়া উত্থানথালা একভাবে উথে শ্রী.মা ১৩৩। কন্থারে উথিতে তবে আইলা সব সখী কৃ উ ৫। [উথিতে—উলুধ্বনি সহ বরণ করিতে। উত্থানথালা (√উথ[2] হইতে সংস্কৃতের অনুকরণে 'উত্থান' > √উত্থান, উত্থানিল)—উলুধ্বনি সহ বরণ করার দ্রব্যের থালা ; বরণথালা ; বরণডালা। "লইয়া উত্থানথালা উত্থানিল বরে শ্রী.মা ১৩০ ; ১৩৩। উত্থানিল—উলুধ্বনি দিয়া বরণ করিল। "শ্রী.মা ১৩০ ; উত্থানিল পুত্রবধূ ১৩৪ ; ১৫২। উত্থানেরো থালা—সর্থ 'উত্থানথালা'। উত্থানেরো থালা হাতে মরালগামিনী ব.প ৪২০।]

উত্থান ; উত্থানথালা দ্র 'উথ[1] ; উথ[2]।

উত্থানৈকাদশী স্ত্রী [ষ.ত] শ্রীহরির শয়ন হইতে উত্থানের একাদশী ; চান্দ্রকার্ত্তিকের শুক্লা একাদশী। [এই তিথিতে নারায়ণ যোগনিদ্রা ত্যাগ করিয়া উত্থিত হন।]

উত্থাপক বিণ [উদ্+ √স্থা+ই (ণিচ্)+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -পিকা] ১ উত্থানকারক, উত্তোলয়িতা। ২ প্রবোধক, জাগরয়িতা। ৩ উদ্দীপক। ৪ প্রস্তাবকারক, প্রসঙ্গকারী। —থাপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উত্তোলন, উন্নয়ন, উঠান। ২ প্রবোধন, জাগরণ। "ভর্ত্তুরুত্থাপনম্ মহা ১.৪৭.১৭। ৩ উদ্দীপন। ৪ প্রস্তাব, উপস্থিতীকরণ। ৫ স্থানভ্রংশন, চালন। ৬ উদ্বমন। ৭ জানুদ্বয় ও পাদদ্বয় পিণ্ডীকৃত করিয়া পতিত মল্লের উচ্চাটন, অর্থাৎ স্থানভ্রংশ-করণ (ভ ১০.৪৪.৫, শ্রীধর)। ৮ (গণিতে) প্রশ্নের উত্তর (M.W.)। —থাপনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ উত্তোলনীয়, উন্নেয়। ২ প্রবোধনীয়। ৩ উদ্দীপনীয়। ৪ প্রস্তাবার্হ। ৫ চালনীয়। —থাপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উত্তোলিত, উন্নীত। ২ প্রবোধিত, জাগরিত। ৩ উদ্দীপিত। ৪ উপস্থাপিত, প্রস্তুত। ৫ চালিত, ভ্রংশিত। ৬ উদ্বমিত, উদ্গীর্ণ। ৭ সমর্থিত। "অত্র পরিকরোত্থাপিতোঽর্থান্তরন্থাসঃ কি ৮.৪, মল্লিনাথ। ৮ উৎপাদিত, জনিত। "মায়াদ্যুত্থাপিতং বস্তু (S.W.)। —থাপ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সর্থ 'উত্থাপনীয়'।

উত্থায়ী (-য়িন্) বিণ [উদ্+ √স্থা + ইন্ (ণিনি)-ক ১ব ; স্ত্রী -য়িনী] ১ উত্থানকারী, উদ্যোগী। "সদোত্থায়ী কৃষ্ণদ্বৈপায়নঃ।—মহা ১.৫৩.৫২। ২ প্রবোধনশীল। "পূর্ব্বোত্থায়ী চরমকোপশায়ী মহা ১.৯১.২।

উত্থাল বি [সং উদ্ √শল্ (উচ্ছল্) > প্রা √উত্থল্ল (প্রা.ম) > বা উত্থাল, উথাল ; অপ্র] উচ্ছলন, আপ্লাবন, উথলান। "মহাবেগে জল করিল উত্থাল গ ১৩৭ ; ১৬০। [অগ্নির উত্থাল—অগ্নির উদ্গারণ ; উদ্গীর্ণ অগ্নিরাশি। "শ্রীরাম এড়িল বাণ অগ্নির উত্থাল কৃ.উ ১৫১ ; ১৫২।

উত্থিত বিণ [উদ্+ √স্থা + ত (ক্ত)-ক ; ছান্দস] ১ উত্থানক্রিয়াবিশিষ্ট, কৃতোত্থান, দণ্ডায়মান। "রঘু ২.৬১ ; সহোত্থিতঃ সৈনিকহর্ষনিঃস্বনৈঃ ৩.৬১ ; ১২.৪৯। ২ উর্দ্ধগত, উদ্গত। "°রোমাঞ্চ (S.W.)। রা ২.৪১.১২। তোয়োত্থিতং তৎ পুলিনম্ (অ.কো)। উত্থিতকৃপাণকর ন ৫০৬। ৩ উৎপন্ন, উচ্চারিত। "বচো নিশম্যোত্থিতম্ রঘু ২.৩১। তন্ত্রীকণ্ঠোত্থিতাঃ স্বরাঃ (অ কো)। ৪ উৎপন্ন, জাত। "অশ্মনো লোহমুত্থিতম্ মন্থু ৯.৩২১। ৫ প্রজ্বলিত। "পূর্ব্বং প্রধূমিতো রাজ্ঞাং হৃদয়েঽগ্নিরিবোত্থিতঃ রঘু ৪.২। ৬ পুনরুৎপন্ন, পুনর্জীবিত। "মৃতোত্থিতা কু স ৭.৪। ৭ উদ্যুক্ত, সোদ্যোগ। "সতত°, সদা°, লঘু°। রা ৬.৩.১৯। কি ২.১১। ৮ প্রবুদ্ধ, জাগরিত। "ভুজগশয়নাদুত্থিতে শার্ঙ্গপাণৌ উ.মে ৪৯। সুপ্তোত্থিত শার্দ্দূল ন ৪৯৭। ৯ ক্ষুভিত। "আশীবিষমুত্থিতম্।—ভ ৩.১৮.২২। ১০ নিঃসৃত, নির্গত। "(সলিলে) আত্মানং মজ্জয়ন্ শ্রীমান্ বিপাশঃ পুনরুত্থিতঃ মহা ১৩.৩.১২। ১১ উত্তীর্ণ, প্রতিনিবৃত্ত। "স্নানোত্থিত ক.সা ২৪ ৯৫। ১২ আবির্ভূত, প্রকাশিত। "গী ১১.১২। করতলৈরাপর্ব্বভাগোত্থিতৈঃ।—শ ৪.৫। ১৩ উদ্গত, উড্ডীন। "উত্থিতানি (রজাংসি) রঘু ৬ ৩৩। মাঘ ৫.১১। ১৪ উর্দ্ধনির্গত। মাঘ ৪.১। ১৫ উপস্থিত, আগত। "উত্থিতাং মহতীং বুদ্ধিং মরণে সংহরামাহম্ গো.রা ৪ ৬১ ২২। ১৬ বৃদ্ধিমান্, বৃদ্ধিযুক্ত। ১৭ প্রসৃত। "উত্থিতাঙ্গুল। ১৮ উৎপতিত, উৎপ্লুত (কন্দুকাদি)। ১৯ আপতিত, সংঘটিত (M W.)। —ত্থিতি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] উত্থান, উদ্গমন। [উত্থিতাঙ্গুলি (পুং)—বিস্তৃতাঙ্গুলি করতল ; চপেট।]

উৎপক্ষ্ম (-ক্ষ্মন্) ক্লী [প্রা.স] উন্নত পক্ষ্ম বা নেত্রলোম। "°রাজি ক.সা ১০.২১১। —পক্ষ্মল বিণ [উৎপক্ষ্মন্+ল (লচ) অস্ত্যর্থে ; স্ত্রী -লা] উন্নতপক্ষ্মযুক্ত (আনন)। —পক্ষ্মা (-ক্ষ্মন্) বিণ [উদ্গত পক্ষ্ম যাহার, বহুব্রী ; স্ত্রী -ক্ষ্মা] উন্নতনেত্রলোমা (নয়ন)। "শ ৪.১৫। উৎপক্ষ্মলোচনা ক.সা ২২.১৩।

উৎপচিষ্ণু বিণ [উদ্+ √পচ্+ইষ্ণু (ইষ্ণুচ্) তাচ্ছীল্যে-ক ; স্ত্রী -ষ্ণু] উর্দ্ধ হইতে পচনশীল বা পাকশীল (তৃণাদি)।

উৎপতন ক্লী [উদ্+ √পত্+অন (ল্যুট্)-ভা] ১ উর্দ্ধগতি, উদ্গমন। ২ নভোগতি। "°মগ্ন ক.সা ২০.১৪০ ; উৎপতনে ব্যোম্নি ১৫৮। ৩ উৎপ্লবন, উল্লম্ফন। "°সম্ভ্রান্ত গো রা ৫.৬৮ ৩৯। ৪ উড্ডয়ন, উড়া। ৫ উৎপত্তি (মেদিনী)। ৬ [+অন-ণ ; স্ত্রী -নী] উদ্গমনসাধন, আকাশগমনসাধন। "বিদ্যা…উৎপতনী ক সা ৮৬.১৫৮। —পতিত বিণ [+ত (ক্ত)-ক] ১ উর্দ্ধগত, উদ্গত, উত্থিত। "স্বর্গায়োৎপতিতা ভবেৎ।—বিক্র ৪.২। ২ উড্ডীন। "চক্রবাকমিথুন ভিন্ন ভিন্ন দিকে উৎপতিত হওয়াতে।—কাদ ৩১। ৩ উত্থিত, উৎপন্ন। "নিষ্পেষোৎপতিতানল রঘু ৪.৭৭। ৪ উৎপ্লুত। ৫ নিঃসৃত, নিষ্ক্রান্ত। "গর্ভাদুৎপতিতে জন্তৌ মাতুঃ প্রস্রবতঃ স্তনৌ হি ১.১৮৮। —পতিতা (-তৃ) বিণ [+তৃ (তৃন্) তাচ্ছীল্যে ১ব ; স্ত্রী -ত্রী] উৎপতনশীল, উর্দ্ধগামী, উৎপতিষ্ণু। —পতিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্) তাচ্ছীল্যে-ক ; স্ত্রী -ষ্ণু] ১ সর্থ 'উৎপতিতা'। "উৎপতিষ্ণবঃ (রজরেণবঃ) রঘু ৪.৪৭।

২ আকাশে উৎপতনশীল ; উৎপ্লবনশীল। "মৃগপতিরপি কোপাৎ সংকুচত্যুৎপতিষ্ণুঃ।—পঞ্চ ৩.৪১। ভট্টি ৫.১।

উৎপতাক বিণ [উদ্গতা পতাকা যাহাতে, বহুব্রী ; স্ত্রী -কা] উচ্ছ্রিত-ধ্বজ, উন্নতপতাক (পুরাদি)। "পুরমুৎপতাকম্ রঘু ২.৭৪। —কা স্ত্রী [প্রা.স] উদগতা পতাকা ; উচ্ছ্রিত ধ্বজ। "(নগরীম্) উৎপতাকা-ভুজলতাম্ ক.সা ২০.২২২।

উৎপতি বি [সং উৎপত্তি ; পদ্যে ; অপ্র] উৎপত্তি, উদ্ভব, জন্ম। "কায়ার উৎপতি গো.বি ৩। গঙ্গা হৈলা উৎপতি গ ৩। আমার উৎপতি কৃ.উ ৩৮ ; ১৮৩ ; ২৫৬। ভক্তের উৎপ.ত দু ৫২। যাদব-উৎপতি ম ৮০ ; ৮১ ; ৮৩। ম.পা ৯।

উৎপত্তি স্ত্রী [উদ্+ ৲পদ্+তি (-ক্তিন্)-ভা] ১ উদ্ভব, সম্ভব, জন্ম। "°মৎ। ২ উপনয়নহেতুক ব্রাহ্মণাদির দ্বিতীয় জন্ম। "(দ্বিজাতীনাম্) উৎপত্তিব্যঞ্জকঃ মনু ২.৬৮। ৩ আবির্ভাব, প্রকাশ। "জ্ঞান° যাজ্ঞ ৩.৬২। উৎপত্ত্যনন্তরং বিনাশিনী বিদ্যুৎ পা ৫.১.১১৪ (S.W.)। ৪ উদ্গম। "কুসুমে কুসুমোৎপত্তিঃ শ্রূয়তে ন চ দৃশ্যতে শৃ ২০। ৫ জন্ম-রূপ পরিণাম। ৬ উৎপন্ন দ্রব্য—শস্যাদি। "স্বল্পোৎপত্তিঃ (দেশঃ—রাজতরঙ্গিণী)। ৭ [+তি-অপা] উদ্ভবস্থান, প্রভব। "উৎপত্তিঃ সাধুতায়াঃ (কাদম্বরী)। [°কালীন (বিণ)—জন্মকালসম্বন্ধী। °ব্যঞ্জক (বিণ)—জন্মসূচক। °মান্ (-মৎ) বিণ—জন্মবান্, জন্মী। "আপদ্ উৎপত্তিমতামুপস্থিতা রঘু ৮.৮৩।]

উৎপত্তিক্রম পুং [ষ.ত] জগতের উৎপত্তিসম্বন্ধী ক্রম ; যেমন, প্রত্যগ্-রূপ ব্রহ্ম হইতে আত্মা, আত্মা হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, জল হইতে পৃথিবী, পৃথিবী হইতে ওষধি, ওষধি হইতে অন্ন, অন্ন হইতে রেতঃ, রেতঃ হইতে পুরুষ সম্ভূত (তৈত্তিরীয়োপনিষৎ, ব্রহ্মবল্লী)।

উৎপত্তিবাক্য ক্লী, **-বিধি** পুং [উ.লো] কর্ম্মস্বরূপবোধক বিধি-বাক্য—"স্বর্গকামোঽশ্বমেধেন যজেত" ইত্যাদি।

উৎপত্তিব্যুৎক্রম পুং [ষ.ত] উৎপত্তিক্রমের বিপরীত ক্রম—প্রলয়ে পৃথিবী জলে, জল তেজে, তেজ বায়ুতে ইত্যাদিক্রমে উৎপত্তিক্রমের বিপরীত প্রলয়ক্রম।

উৎপৎস্যমান বিণ [উদ্+ ৲পদ্+স্যমান, ভবিষ্যৎ কালে ; স্ত্রী -না] যাহা উৎপন্ন হইবে ; ভাবী। "যাহাতে অশেষরূপ অমৃতস্বাদ ফলরাশি উৎপৎস্যমান হইয়াছিল, সেই অলোকসামান্য বৃক্ষমূলে সাজ্বাতিক কুঠারপ্রহার করিয়াছ ভা.উ. ২য় ভাগ, উপক্রমণিকা ৩৭।

উৎপথ পুং [উৎক্রান্ত পন্থা, প্রা.স, সমাসান্ত 'অ'] ১ গম্যপথবহির্ভূত পথ ; অন্যায়মার্গ, অশাস্ত্রবিহিত পথ। উন্মার্গ, কুপথ। "উৎপথং যঃ সমারূঢ়ঃ রা ২.৭৮.৪। মনু ২.২১৪। মাঘ ১২.২৪। ২ বিপরীত পথ। "উৎপথৈর্মম মনঃ পারিপ্লবং ধাবতি উ.চ ৪.২২।

উৎপথগামী (-মিন্) বিণ [°থ+ ৲গম্+ইন (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব ; উ.ত ; স্ত্রী -মিনী] কুপথগমনশীল, উন্মার্গগামী, দুর্বৃত্ত। "শাস্তা চোৎপথগামিনাম্ ভ ১.১২.২৬।

উৎপথপ্রতিপন্ন বিণ [দ্বি.ত] উন্মার্গগত, কুপথপ্রস্থিত, দুরাচার। "উৎপথপ্রতিপন্নানাং ন্যায্যং ভবতি শাসনম্ মহা ১.১৩০.৫৪। পঞ্চ ১.৩৩০।

উৎপথস্থ বিণ [উৎপথ+ √স্থা+অ (ক)-ক ; উ.ত] উন্মার্গস্থিত, দুর্বৃত্ত। "কিমুৎপথস্থঃ কুশলায় কল্পতে ভ ৭.৮.৫০।

উৎপন্ন বিং [সং উৎপন্ন ; অপ্র] জাত। "গো.বি ৩।

উৎপন্ন বিণ [উদ্+ √পদ্+ত (ক্ত)-ক] উদ্ভূত, জাত। "মনু ৫.১৬২। যাজ্ঞ ২.১৫৭। °দিবাচক্ষুস্, °প্রত্যয়, শ্রীতিরুৎপন্না (S.W.)। ২ উপস্থিত। "উৎপন্নাবসর (S.W.)। উৎপন্নে কালে যথাকার্য্য-মনুষ্ঠেয়ম্ হি ৪১। ৩ উদিত, জাত। "বুদ্ধিরুৎপন্না গো.রা ১.৮.২। ৪ উদ্গত (M.W.)। [°বুদ্ধি (বিণ) জাতবোধ, জ্ঞানবান্। °ভক্ষী (-ক্ষিন্) বিণ—যে উৎপন্ন (প্রতিদিন অর্জিত খাদ্য) ভক্ষণ করে ; যে দিন আনে, দিন খায় (Living from hand to mouth)।]

উৎপবন ক্লী [উদ্+ √পূ+অন (ল্যুট্)-ভা] ১ প্রাদেশপ্রমাণ কুশ-পত্রদ্বয় দ্বারা বিলোড়নপূর্ব্বক ঘৃতাদি দ্রবদ্রব্যের শুদ্ধি। 'দ্রবাণাং চৈব সর্ব্বেষাং শুদ্ধিরুৎপবনং মতম্ মনু ৫.১১৫। ২ যজ্ঞিয় পাত্রাদির সংস্কার-বিশেষ (ত.বা)। ৩ [+অন-ণ] 'শুদ্ধিসাধন', কুশণ্ডিকায় পবিত্রমধ্য দ্বারা শুদ্ধিসাধন জলাদির উৎক্ষেপণ (শ.ক)। ৪ প্রাদেশমাত্র কুশদ্বয় দ্বারা দ্রবদ্রব্যের কিঞ্চিৎ উদ্ধৃত করিয়া যথাস্থানে স্থাপনরূপ সংস্কার। "উৎপবনেন দ্রব্যাণাম্ বিষ্ণু ২৩.৩০। —পাব পুং [+অ (ঘঞ্)-ভা, পা ৩.৩ ৪৯] যজ্ঞিয়পাত্রাদির সংস্কারবিশেষ।

উৎপল বিণ [উদ্গত পল যাহা হইতে, বহুব্রী] বিগতমাংস, মাংসশূন্য। —ল ক্লী [উদ্+ √পল্ গ ত+অ (অচ্)-ক ; তু 'উপল-বা—ভাস-মান ফুল (মুণ্ডারি ভাষা)] ১ যাহা জলের উপরে যায় ; কুমুদমাত্র, কুবলয়, নীল (Water-lily) ; (অ.কো)। "ফুল্লপদ্মোৎপলবতী (পম্পা) রা ৪.১.৩। নলিনীঃ...কমলোৎপলমালিনীম্ মহা ৩.১৫৮.৮১ ; প্রভূতকমলোৎপল ২৭৯ ১। পদ্ম-উৎপলমালা ব প ৮৫৬। কৃ ৩০৬। সনাল কমল, সনাল উৎপল, দুখানি করে শোভিত ভা.চ ১০। ২ পদ্ম। "রঘু ৩.৩৬ ; উৎপলদলক্লৈব্য ১২.৮৬। নীলোৎপলপত্র শ ১ ১৭। ৩ নীলকমল (বিশ্ব)। ৪ জলজপুষ্পমাত্র, পদ্মকুমুদাদি (শ.ক)। ৫ পুষ্প (মেদিনী)। ৬ কুষ্ঠনামক ওষধি ; কুড়। ৭ [সং উলূপী ; তু 'সং উৎপল >প্রা উপ্পল >বা উপল > উৎপল (সাধুভাষা) ; দ্র 'উপল[২]। (বাঙ্লায়) মৎস্যবিশেষ, উল্কা মাছ। "ম.ম ১৪৭। [°গন্ধিক (ক্লী)—'উৎপলতুল্যগন্ধযুক্ত', চন্দনবিশেষ, গোশীর্ষ। °পত্র (ক্লী) —পদ্মপত্র ; (সাদৃশ্যে) স্ত্রীনখক্ষত ; তিলক ; বিস্তৃতফলক ছুরিকা। °পত্রক (ক্লী)—কানের একপ্রকার ব্যাণ্ডেজ্ (Bandage)। "সুশ্রুত ১.১৬.৭। °শারিবা (স্ত্রী)—শ্যামালতা।]

উৎপলাক্ষ বিণ [উৎপলতুল্য অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্) স্ত্রী -ক্ষী] 'পদ্মপত্রতুল্য-নেত্র', কমললোচন। "দেখ সখে উৎপলাক্ষী, সরোবরে নিজ অক্ষি, প্রতিবিম্ব করি দরশন। জলে কুবলয়ভ্রমে, বার বার পরিশ্রমে, ধরিবারে করয়ে যতন॥—কাব্যনির্ণয়।

উৎপলিনী স্ত্রী [উৎপল+ইন্ (ইনি) 'তদ্দেশ', 'তৎসমূহ' অর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ উৎপলের দেশ ; উৎপলপূর্ণ স্থান ; উৎপললতা, পদ্মিনী, পদ্মঝাড়। "(সা ববৃধে) অপ্স্বিবোৎপলিনী মহা ৩ ৯৬.২৫। ২ উৎপল-সমূহ। ৩ অতিজগতীচ্ছন্দোবিশেষ। —লী (-লিন্) বিণ [+ইন্ অস্ত্যর্থে-১ব] উৎপলবান্, পদ্মযুক্ত। "কুমুদোৎপলিনী গো.রা ৩ ৭৮.২৬।

উৎপাট পুং [উদ্+ √পট্+ই (ণিচ্)-অ (অচ্)-ভা] ১ উৎ-পাটন, উন্মূলন, বিধ্বংস। ২ কর্ণপালির রোগবিশেষ (সুশ্রুত)। —পাটক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -টিকা] উন্মূলয়িতা। —ক পুং সর্থ 'উৎপাট (২)। —পাটিকা স্ত্রী বৃক্ষের বহিঃস্থ নীরসত্বক্ (The external bark of a tree)। "শতপথব্রাহ্মণ ১৪.৬.৯.৩০। বৃহদারণ্যক ৩.৯.২৮। —পাটন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উন্মূলন, উপড়ান। "মূল° পা ৪.৪.৮৮, কাশিকা। পর্ব্বত° গো.রা ৬.৮৩.৩৪। ২ স্বস্থান-ভ্রংশন, অবস্রংসন। "গর্ভস্রোৎপাটনে ক.সা ২৬.২৯১। ৩ দূরীকরণ নিঃসারণ (M.W.)। —পাটিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সমূল উত্তোলিত ; উন্মূলিত। ২ অবস্রংসিত, ভ্রংশিত। ৩ দূরীকৃত (M.W.)—পাটী (-টিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -টিনী] ১ উন্মূলয়িতা। ২ উৎপাটক, উদ্ধারক, নিঃসারক। "কীলোৎপাটী হি ২.২৮।

উৎপাত পুং [উদ্+ √পত্+অ (ঘঞ্)-ভা ; ছান্দস] **১** উৎপতন, ঊর্দ্ধগমন। "করনিহিতকন্দুকসমাঃ পাতোৎপাতা মনুষ্যাণাম্ হি ১.১৮৬। **২** উৎপ্লব, উল্লম্ফন। "একোৎপাতেন তে লঙ্কামেষ্যন্তি হরিপুঙ্গবাঃ। —গো রা ৫.৫৩.২৫ ; ৬৯.২২। **৩** অভ্যুদয়, উন্নতি। "পাতোৎপাতা মনুষ্যাণাম্ হি ১.১৮৬। **৪** [+অ(ণ)-ক] যাহা অকস্মাৎ আসে ; প্রাণিগণের শুভাশুভসূচক মহাভূতবিকার (অ টী) ; মহাভূতপরিণাম (পা ৫.১.৩৮) ; অজন্য, উপসর্গ। "অগ্ন্যুৎপাত, বহ্ন্যুৎপাত (SW.)। প্রাবর্ত্তন্তাথ দেবানামুৎপাতাঃ মহা ১.৩০.৩২। চৈ.ভা ৬৩। [উৎপাত ত্রিবিধ ;—১ দিব্য—অশনিপাতাদি ; অপর্ব্বে চন্দ্রসূর্য্যগ্রহণাদি। ২ আন্তরীক্ষ—ধূমকেতু-প্রভৃতি ; উল্কাপাতনির্ঘাত-প্রভৃতি। ৩ পার্থিব বা ভৌম—ভূকম্পাদি (মহা ২.৪৬৮)।] **৫** অশুভ নিমিত্তমাত্র ; দুর্নিমিত্ত, দুর্লক্ষণ। "মহোৎপাত রা ৩.২৩.৬৮ ; ২৪.৩। তাটকোৎপাতদর্শনে ম.চ ১.৩৭। উৎপাত ধূমলেখা মা.মা ৯.৪৭। উৎপাত অনল ম ৮৪৪, টীকা, ৮৪৯। **৬** দুর্নিমিত্তসূচক বিহগাদিরব। ("বিহগাঃ) উৎপাতান্ ব্যাহরন্তি গো.রা ৬.১১.৪১। **৭** উৎক্রান্ত্যাদি (নীলকণ্ঠ) ; মরণাদি। "মহা ৩.১৮১.২৫। **৮** উপদ্রব, অত্যাচার। "কুরুকুলনিধনোৎপাত বে ১.২২। উৎপাত-পতঙ্গ পুড়ে হবে ছারখার প.তৃ ৭৮। **৯** বিরক্তিকর বিষয়মাত্র ; বিপদ্, ঝঞ্ঝাট। "দূরে চল বেহুলা তুমি না কর উৎপাত ম.ম ১৮২। খুজরার লেখাজোখা বড়ই উৎপাত বি.সু ৩৬। কেন মাসী বাড়াও উৎপাত ভা.চ ২৯২। —পাতক বিণ [+অক (ণ্বুল্) -ক ; স্ত্রী -তিকা] **১** উৎপতনকারক, ঊর্দ্ধগামী। **২** [+ √পাতি+অক-ক] যাহা অকস্মাৎ অশুভ পাতিত করে (ঘটায়) ; উৎপাতজনক। —ক পুং প্রাণিবিশেষ, তু 'উৎপাদক (২)'। "মহা ১৮.২.১৮। [°পবন, °বাত (পুং)—উপসর্গরূপ বায়ু ; বাত্যা। "°ন রঘু ১৫.২৩। °ত ম চ ১$\frac{৩৮}{৩৯}$।

উৎপাদ বিণ [বহুব্রী ; স্ত্রী -দা, -দী] উন্নতচরণ। "°শয়ন। —পাদ পুং [উদ্ + √পদ্ + অ (ঘঞ্)-ভা] **১** উৎপত্তি, জন্ম, উদ্ভব। "সঙ্কল্পাভ্যাসপাটব° উ.চ ৩$\frac{২}{১৫}$। **২** [+ √পাদি+অ (অচ্)-ভা] উৎপাদন। **৩** স্রাবণ, নিঃসারণ। "শোণিত° যাজ্ঞ ২.২২৫। —পাদক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -দিকা] **১** উৎপাদয়িতা, জনক। "লোকস্য কৌতুকোৎপাদকং বচঃ ক.সা ২০.৪১। **২** অর্জ্জক, সাধক। "অর্থস্যোৎপাদকম্ (মন্ত্রিণম্) হি ৩.১৮। **৩** জন্মদাতা। "মনু ৯.৩২ ; ৪৮। —ক পুং **১** জনক, পিতা। "মনু ২.১৪৬। **২** [উৎপাদ+সমাসান্ত 'ক' (কন্)] যাহার পাদ ঊর্দ্ধ (পৃষ্ঠে স্থিত) ; হস্তিশত্রু কল্পিত পশুবিশেষ ; শরভ (অ.চি)। —ক ক্লী কারণ। —পাদন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] উৎপাদক, জনয়িতা। "কন্যেয়ং কুলস্যোৎপাদনী মহা ১.২১৫.২৩। —ন ক্লী [+অন-ভা] **১** জনন, উৎপত্তিকরণ। "ভয়° পা ৮.১.৮। প্রত্যয়° রা ১.৩.২৩ ; অমৃত° ২.২৫.৩৪। সুখদুঃখ° (সুশ্রুত)। **২** রেতোনিষেকপূর্ব্বক জনন। "উৎপাদনমপত্যস্য মনু ৯.২৭। পুত্রস্যোৎপাদনে হি ২.৩১। **৩** অর্জ্জন, লাভ। "অর্থস্যোৎপাদনে মহা ৩.২.৪৩। —পাদয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] উৎপাদক, জনক। —পাদিকা স্ত্রী [উৎপাদক+স্ত্রী আ (টাপ্)] **১** জননী। **২** হিলমোচিকা, হেলাঞ্চা। **৩** পূতিকা, পুঁই। **৪** দেহিকা কীট ; উই বা ডেই পিঁপড়ে (?)। —পাদিত বিণ [+ √পাদি+ত (ক্ত)-র্ম্ম] **১** জনিত, ভাবিত। "উদকোৎপাদিতকর্দ্দম।—পঙ্ক (S.W.) **২** সম্পাদিত। "মাঘ ২.৯১। **৩** নির্ম্মিত, কৃত। "অমুনোৎপাদিতে গৃহে।—ভ ৪.২০.৬। —পাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -দিনী] **১** উৎপাদক, জনক। "দুঃখোৎপাদি দ্রব্যম্ যাজ্ঞ ২.২২৭। শুষ্কভূমিতে বৃষ্টি পড়িলে কেন না সে উৎপাদিনী হইবে ? ব.প্র ২০০। **২** [+ √পদ্+ইন্-ক-১ব] যাহা উৎপন্ন হয় ; জন্য, উৎপত্তিমান্। "সর্ব্বমুৎপাদিভঙ্গুরম্।—হি ১.২২২। —পাদ্য বিণ [+ √পাদি+য (যৎ)-র্ম্ম] **১** উৎপাদনীয়, জননীয়। **২** উদ্ভাবনীয়, কল্পনীয়। [উৎপাদশয়, -শয়ন (পুং)—শিশু, টিট্টিভ পক্ষী।]

উৎপিঞ্জর, -ল বিণ [উদ্+ √পিঞ্জি+অল (কলন্)-ক (অ.চি), ল>র, স্ত্রী, -রা, -লা] **১** পর্য্যাকুল, উচ্ছৃঙ্খল। **২** সঙ্কুল, সমাকুল। "°লকং যুদ্ধমাসীৎ মহা (মহা)। **৩** [প্রা.স] পিঞ্জর হইতে উৎক্রান্ত ; অবদ্ধ, মুক্ত। **৪** বিতত, বিকসিত। "উৎপিঞ্জলজাতপত্রৈঃ…মাঘ ৪.৬।

উৎপিৎসু বিণ [উদ্+ √পত্+স (সন্) ইচ্ছার্থে+উ-ক ; স্ত্রী -সু] উৎপতনেচ্ছু, উর্দ্ধগমনেচ্ছু। "মাঘ ৩.৭৭।

উৎপিষ্ট বিণ [উদ্+ √পিষ্+ত (ক্ত)-র্ম্ম] অতিপিষ্ট, সঞ্চূর্ণিত। "°বাহুবল মহা ৩.১১.৭২। —পিষ্ট ক্লী ষড়্‌বিধ সন্ধিমুক্তির অন্তর্গত অস্থিভঙ্গবিশেষ (সুশ্রুত)।

উৎপীড় বিণ [উদ্+ √পীড়ি+অ (অচ্)-ক ; স্ত্রী -ড়া] সমাক্ পীড়ক ; সংবাধক, সংঘর্ষণজনক। —পীড় পুং **১** পুঞ্জ, রাশি। উৎপীড় ইব ধূমস্য উ.চ ৩.৯। **২** ফেন। "পাণ্ডুরৈঃ সলিলোৎপীড়ৈঃ রা ১.৪৩.২২। **৩** উৎস, নির্ঝর। "অভবচ্ছোণিতোদ্গারাৎ সোৎপীড় ইব পর্ব্বতঃ গো রা ৪.১৫.২৩। **৪** [+অ-ভা] উৎপীড়ন, উন্মথন। **৫** আঘাত, আহত স্থান, 'ক্ষতস্থান' (নীলকণ্ঠ)। "বাণবরোৎপীড়াৎ বিস্রবত্যসৃক্।—মহা ৩.২১.৮। **৬** উপদ্রব। "পূরোৎপীড়ে তড়াগস্য পরীবাহঃ প্রতিক্রিয়া উ চ ৩.২৯। **৭** প্রবৃত্তি, প্রবাহ। "ক্ষুভিতবাষ্পোৎপীড়নির্ভর উ.চ ৭$\frac{৩}{৪}$। নয়নসলিলোৎপীড়রুদ্ধাবকাশ উ.মে ৩০। —পীড়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** অতিপীড়ন, উন্মথন। **২** সংক্লেশন, সংমর্দ্দন। "পরস্পরোৎপীড়নসংহতৈর্গজৈঃ।—ঋতু ১.১৯। —পীড়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** উন্মথিত, অতিপীড়িত, সংক্লেশিত। **২** ক্ষুন্ন, চালিত। "তদুৎপীড়িতবারিরাশি রঘু ৫.৪৬। **৩** উৎসারিত, উৎক্ষিপ্ত। "করোৎপীড়িতবারিধারা রঘু ১৬.৬৬।

উৎপুচ্ছ বিণ [বহুব্রী ; স্ত্রী -চ্ছা, -চ্ছী] উদ্গতপুচ্ছ, ঊর্দ্ধলাঙ্গুল (পশু)।

উৎপুট বিণ [বহুব্রী] উদ্ভিন্নপুট, ভিন্নসংশ্লেষ, প্রফুল্ল। —পুটক পুং কর্ণপালীর উপদ্রববিশেষ (সুশ্রুত)।

উৎপুলক বিণ [উদ্গত পুলক যাহার, বহুব্রী ; স্ত্রী -কা] **১** জাতরোমাঞ্চ, পুলকিত। "অঙ্গসঙ্গাদুৎপুলকৌ।—ভ ৪.৯.৪৮ ; ৭.৪.৪৬। **২** হৃষ্ট, আনন্দিত।

উৎপেতে বিং [উৎপাত+এ৮] যে উৎপাত করে ; অত্যাচারী, দুর্বৃত্ত। "পথ যুড়েছিস লেঙ্গুড় পেতে, আরে ম'লো, কি উৎপেতে, পাইনে যেতে মাথায় উঠল ভানু দা ৮০২।

উৎপ্রবন্ধ বিণ [প্রবন্ধ হইতে উদ্গত, প্রা স, স্ত্রী -ন্ধা] প্রবন্ধরহিত, বিচ্ছেদহীন, সতত। "স্তনমুকুলয়োরুৎপ্রবন্ধপ্রকম্পঃ মা মা ২.৫।

উৎপ্রাস পুং [উৎ-প্র+ √অস্+অ (ঘঞ্)-ভা] **১** ঊর্দ্ধক্ষেপণ, উৎক্ষেপ। **২** উপহাস। "সোৎপ্রাসবক্রোক্তি সা.দ ৩.৬১। **৩** অট্টহাস। "সোৎপ্রাস ম চ ৬$\frac{২০}{১১}$। —প্রাসন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'উৎপ্রাস (১;২)।

উৎপ্রেক্ষণ [উদ্-প্র+ √ঈক্ষ্+অন (ল্যুট্)-ভা] **১** ঊর্দ্ধদর্শন, উদীক্ষণ। **২** সম্ভাবনা, বিতর্ক, সংশয়। **৩** উদ্ভাবন। **৪** পরীক্ষণ। **৫** শঙ্কা। "অনিষ্ট° (S.W.)। —প্রেক্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] **১** সম্ভাবনীয়, বিতর্ক্য। **২** উদ্ভাবনীয় ; —প্রেক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] **১** সর্থ 'উৎপ্রেক্ষণ (১-৪)। **২** অর্থালঙ্কারবিশেষ। [প্রস্তুতবিষয়ের (উপমেয়ের) স্বাভাবিকভাবে স্থিত গুণক্রিয়াদি ও তৎস্বরূপ প্রকারান্তরে (অপ্রস্তুতস্বরূপে বা উপমানরূপে) সম্ভাবিত হইলে, 'উৎপ্রেক্ষা' হয়। 'ভবেৎ সম্ভাবনোৎপ্রেক্ষা প্রকৃতস্য

পরাঙ্মনা সা দ ১০৪০।] —প্রেক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ উদ্ভাবিত। ২ সম্ভাবিত, বিতর্কিত। "°বিকার ম চ ৪৯/২। ৩ পরীক্ষিত। —প্রেক্ষ্য বিণ [+য় (ণ্যৎ)-র্ম] ১ উদ্ভাবনীয়। ২ সম্ভাবনীয়, বিতর্ক্য। "সা দ ১০৪১। ৩ পরীক্ষণীয়।

উৎপ্লব পুং [উদ্‌+ √প্লু+অ (অপ্)-ভা] ১ উল্লঙ্ঘন, উল্লম্ফ। ২ অনিমজ্জন, ভাসা। —প্লবা স্ত্রী [+অ-ণ+স্ত্রী আ (টাপ্)] 'উৎপ্লবসাধন', নৌকা। —প্লবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্ব 'উৎপ্লব'।

উৎফাল পুং [উদ্‌+ √ফল্+অ (ঘঞ্)-ভা] ১ উদ্গমন। ২ উৎপ্লবন, উল্লম্ফ, লাফ। "কৃতোৎফাল ক সা ২৬.২০।

উৎফুল্ল বিণ [উদ্‌+ √ফল্+ত (ক্ত)-ক, নিপাতিত, পা ৮ ২.৫৫, বার্ত্তিক, কাশিকা, অথবা, উদ্‌+ √ফুল্ল্+অ (অচ্)-ক] ১ বিকসিত, প্রস্ফুটিত। "°পুষ্পোপহার মাঘ ১১.৩৬। °হেমাম্বুরুহ ক সা ১৪.২৯। ব.প্র ১০২। ২ স্ফীত, বৃদ্ধিপ্রাপ্ত। "হর্ষোৎফুল্লকপোল (শ ক)। বিদীর্ণোৎফুল্লপাদুকা ক সা ২০.১০৯। ৩ বিস্ফারিত, বিস্তৃত, বিকসিত। "ত্রাসাদুৎফুল্ললোচন গো রা ৩.৫০ ১৫। হর্ষোৎফুল্লনয়ন হি ১৮/৪। প্রহর্ষোৎফুল্ললোচনা ক.সা ১৪ ২৩। বিস্ময়োৎফুল্ললোচনা।—পঞ্চ ১৮/৪। উল্লাসে উৎফুল্ল-আঁখি প ভৃ ১৮। ৪ উত্তান। ৫ স্ত্রীকরণ, যোনি।

উত্যাক্ত বিং ['উত্তাক্ত'—মূল; অপ্র] বিরক্ত, অপ্রসন্ন। "ভক্তে না দেখিয়া রাজার অন্তর উত্যাক্ত ভ গ্র ২৪২।

উত্র বিং [সং উত্তর > উত্র; অপ্র] উত্তরাভিমুখ। [°শির (বিং) —উত্তরশিয়রী।] "সমরে পড়িল উত্রশির হৈয়া ম ৮১১। বৈস হৈয়া উত্রানন ম পা ১৭৩।

উত্রী বি [উত্তরী > উত্রী; অপ্র] উত্তরীয়। "বরণ করায়ে দেল ভক্তগণে উত্রী শ্রী মা ৩০।

উৎস পুং [উন্দ্‌+স-ক, 'ন্' লোপ, উ ৩ ৬৮; ছান্দস] যে স্থান ক্ষরিত জলে সিক্ত হয়; যেখানে জল ক্ষরিত হইয়া প্রবাহিত হয় বা হয় না (অ টী); নির্ঝর, উনই। "উৎস রজঃছটা মে ১৩; উথলিল উৎস ১০৪। সুখ-উৎস।—হেম ৩০৩। বিচিত্র, সুখের উৎস চ.কা ১৪৯। শক্তির উৎস ঘ ৩৬।

উৎসঙ্গ পুং [উদ্‌+ √সঞ্জ্+অ (ঘঞ্)-ধি] ১ অঙ্ক, ক্রোড়। "দ্বিজ° রা (S W.)। নোৎসঙ্গে ভক্ষয়েদ্ ভক্ষ্যান্ মনু ৪.৬৩। পুত্রপূর্ণোৎসঙ্গ উ চ ১৯/২। উৎসঙ্গ-প্রদেশে মে ২৫৯। ২ উরুদেশ। "উমে ২৫। ৩ উপরিভাগ। "সৌধোৎসঙ্গ পু.মে ২৮। ৪ তল, পৃষ্ঠদেশ। "দৃষদো বাসিতোৎসঙ্গাঃ রঘু ৪ ৭৪; সৈকত° ১৪ ৭৬। শয্যা° উমে ৩২। ক ম ৩.২৭। ৫ অগ্রভাগ, মূর্দ্ধা, শিখর। "উৎসঙ্গে মহাদ্রেঃ কি ৭.২১। নগোৎসঙ্গ রঘু ৬৩। ৬ অভ্যন্তর, মধ্য। "দরীগৃহ° কু স ১.১০। ৭ নালীব্রণের তলদেশ। "সুশ্রুত ২.১৭ ১২। ৮ আভোগ, মধ্য। "দর্পাদপহিতগগনোৎসঙ্গম্ ম চ ৫.৫৩। ৯ [প্রা স] 'উৎক্রান্তসঙ্গ', সন্ন্যাসী। ১০ [+অ-ভা] আলিঙ্গন। "মা.মা ৮.৬। ১১ আসঙ্গ, আসক্তি। "মতিঃ পুত্রোৎসঙ্গা মহা ১৪ ৬৮ ১৯।

উৎসঙ্গিত বিণ [উৎসঙ্গিন্+ই (ণিচ্) 'তৎকরণ' অর্থে — √উৎসঙ্গি +ত (ক্ত)-র্ম] ১ সংসগিত। "উৎসঙ্গিতাস্তঃকণক (নভস্বান্) মাঘ ৩.৭৯। ২ উৎসঙ্গে কৃত; ক্রোড়ে ধৃত। "উৎসঙ্গিতৈকৈকদারকাভ্যাং পৃথিবীজাহ্নবীভ্যাম্ উ.চ ৭/৬।

উৎসঙ্গী (-ঙ্গিন্) বিণ [উৎসঙ্গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-২ব; স্ত্রী -ঙ্গিনী] ১ উৎসঙ্গযুক্ত, সংসর্গী। "মাঘ ৩ ৭৯, মল্লিনাথ। ২ নালযুক্ত (ব্রণ)। ৩ সহচর, সঙ্গী। ৪ গভীর। "উৎসঙ্গিনী নাভিঃ গো.রা ৬ ২৩ ১৩। —সঙ্গী পুং নালীব্রণ।

উৎসঞ্জন ক্লী [উদ্‌+ √সঞ্জি+অন (ল্যুট্)-ভা] ঊর্দ্ধে সংযোজন; উৎক্ষেপণ। "পা ১.৩.৩৬।

উৎসন্ন বিণ [উদ্‌+ √সদ্+ত (ক্ত)-ক] ১ উৎসাদপ্রাপ্ত, বিনষ্ট। "উৎসন্নকুলধর্ম্ম গী ১ ৪৩। মকরধ্বজ ইব উৎসন্নবিগ্রহঃ (কাদম্বরী)। উৎসন্নঃ সানুজো যুধিষ্ঠিরঃ বে ২৩/৬। ২ সমুলোচ্ছিন্ন, উন্মূলিত। ৩ নিবৃত্ত। "উৎসন্নোৎসবযজ্ঞা বসুধা।—মহা ১ ২১০.২২। °জনবাসগেহ মনু ৪.৫৭, কুল্লুক। ৪ বিগত। "উৎসন্নভয়।—ভ ৪.৯.১।

উৎসব পুং [উদ্‌+ √সু+অ (অপ্)-ক] ১ যাহা সুখ প্রসব করে; আনন্দজনক ব্যাপার; বিবাহাদি; ক্ষণ। "মনু ৩.৫৯। রত° শ ৬.২০। তাণ্ডব° উ চ ৩.১৮। ২ আনন্দ, প্রীতি। "বিরত° রঘু ৪ ৭৮। নয়ন° উ চ ৩২। হি ১.৭৫। কিবা মনোনেত্রোৎসব চৈ চ ৮২। ৩ [+অ -ভা] উৎসেক, উদ্রেক (অ টী)। ৪ ইচ্ছার উৎপত্তি; ইচ্ছাপ্রসব (অ টী)। ৫ হর্ষণ, উদ্গম। "রোমোৎসব ভ ১.১৬.৩৬।

উৎসবসঙ্কেত পুং, বহুব [বহুব্রী] উৎসবার্থ (রত্যর্থ) যাহাদের সঙ্কেত, হিমালয়বাসী জাতিবিশেষ। "মহা ২.২৭.১৬। রঘু ৪.৭৮। [ইহা সপ্তগণে বিভক্ত। ইহাদের মধ্যে বিবাহ-প্রথা নাই; সুতরাং, দাম্পত্য-ব্যবস্থার অভাব হেতু স্ত্রীপুরুষের প্রণয় ও রতি পশুদিগেরই তুল্য (দ্র 'নীলকণ্ঠ')।]

উৎসর্গ[১] পুং [উদ্‌+ √সৃজ্+অ (ঘঞ্)-ভা] ১ ত্যাগ, পরিহার। "প্রাণোৎসর্গ মহা ১৩.১.২৩, নীলকণ্ঠ। স্ত্রীলক্ষণ° কু.স ৭.৪৫। ২ দান, বিতরণ। "ধনোৎসর্গ মহা ৩ ২৯২.৪১। মনু ১১ ১৯৪। ৩ মোচন, বর্ষণ। "তোয়োৎসর্গ পূ মে ১৯। ৪ দান। "শাপোৎসর্গ মহা ১.২.১৪৯। ৫ বন্ধনমোচন, ছাড়িয়া দেওয়া। "বৃষোৎসর্গ। ৬ বায়। "অর্গোৎসর্গ। ৭ অপানব্যাপার, মলাদিত্যাগ। "বিণ্মূত্রোৎসর্গ মনু ৫ ১৩৮। মূত্রপুরীষশুক্র° (SW.)। পুরীষ° হি ৩১/৪। ৮ সমাপ্তি। "ব্রত°। ৯ বার্ষিকবেদপাঠ-সমাপ্তি (ত বা)। "মনু ৪.৯৭, ১১৯। যাজ্ঞ ১ ১৪৩। ১০ দেবতা ও ব্রাহ্মণকে প্রতিশ্রুত বস্তুর দান। "দক্ষিণা উৎসর্গ কৈল কৃ উ ১৫৩। ১১ [+অ-র্ম] (ব্যাকরণে) সামান্যশাস্ত্র; সাধারণবিধি। বিপ 'অপবাদ'। "পা ৩.১ ৯৪, কাশিকা। কু স ২২৭। ১২ [+অ -ণ] পায়ু ইন্দ্রিয়; গুহ্যদেশ। "মনু ১২ ১২১। ১৩ দেবোদ্দেশে নৈবেদ্যাদি-নিবেদন। ১৪ (বাঙ্গলায়; অপ্র) ক্ষরণ। "রুধিরোৎসর্গে ক্রমে দেহ ক্ষীণ হইয়া আসিতেছে ব.প্র ৪৯। ১৫ ব্যক্তিবিশেষের উদ্দেশে গ্রন্থাদি-দান।

উৎসর্গ[২] সর্ম [উৎসর্গ[১] > √°র্গ; অপ্র] ১ দেবোদ্দেশে দান বা নিবেদন করা। "বলি উৎসর্গিতে বোলে ম.পা ১৭৮। বলি উৎসর্গে বা ম ৩৯৯। উৎসর্গিয়া কৈল অগ্নিপূজা ব.প ৭৫১। ছাগ…উৎসর্গি দিল বলিদান ক চ ৩৪। শ্রী ম ১৮। ২ সম্প্রদান করা। "কন্যা দিল উৎসর্গিয়া ম.পা ৩৮; কন্যা উৎসর্গিতে ১৭২। শ্রী ম ১৭০। কন্যা উৎসর্গিব বি.পা ২৮১। ম ম ২৭। ৩ দান করা; দেওয়া। "(রথ) উৎসর্গিল মহাদেব পদ্মার কারণ।—বি.পা ৮৯। বৈতরণী উৎসর্গিল এক লক্ষ গাই ১৩৪।

উৎসর্গন বি ['উৎসর্জ্জন'এর অনুকরণে 'উৎসর্গ' > °ন; অপ্র] ১ উৎসর্গ, দান। "কৌৎস বলেন বাক্য বল কি উৎসর্গন কৃ.উ ১৫৩। ২ দেবতার উদ্দেশে দান বা নিবেদন। "ঘোড়া করিতে উৎসর্গন কৃ.উ ২১৩; ২১৮; ২১৯।

উৎসর্জ্জন ক্লী [উদ্‌+ √সৃজ্+অন (ল্যুট্)-ভা] ১ ত্যাগ, বিসর্জ্জন। ২ দান। ৩ বন্ধনমোচন, খুলিয়া দেওয়া। "কৃষ্ণসাররূপ ঘোড়া কৈল উৎসর্জ্জন কৃ.উ ১৪৩। ৪ গৃহ্যানুসারে উৎসর্গনামক কর্ম্ম (কুল্লুক); বেদোৎসর্গরূপ ষণ্মাসকর্ত্তব্য বৈদিকের ক্রিয়াবিশেষ (ত.বা); সাগ্নিককর্ত্তব্যক্রিয়াবিশেষ (শ.ক)। "মনু ৪.৯৬। ৫ দেবোদ্দেশে দান; উৎসর্গ।

উৎসর্প পুং [উদ্‌+ √সৃপ্+অ (ঘঞ্)-ভা] ১ ঊর্দ্ধগতি, উত্থান।

২ স্ফীতি (M.W.)। —সর্পণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উৎসর্গ'। ২ উল্লঙ্ঘন। ৩ (মল্লশাস্ত্রে) পুরোভাগে গমন। বিপ 'অবসর্পণ'। "ভ ১০.৪৪.৪। —সর্পী (-র্পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -র্পিণী] ১ উৎসর্পণকারী, উৎপাত। "শীকরেষু পয়োধরোৎসর্পিষু।—রঘু ১৬.৬২। ২ ঊর্দ্ধগামী, অত্যুন্নত। "উৎসর্পিণী খলু মহতাং প্রার্থনা।—শ ৭২২৩। ৩ সর্ব্বাতিশায়ী, সর্ব্বাতিরিক্ত। ৪ ঊর্দ্ধপ্রসারী। "উৎসর্পিভিঃ...অংশুমালৈঃ।—কি ৩১। —সর্পিণী স্ত্রী [উৎসর্পিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] (জৈনমতে) দশকোটী কোটিসাগর-সংখ্যক বর্ষ (অ চি)।

উৎসাদ পুং [উদ্+ √সদ্+অ (ঘঞ্)-ভা] বিনাশ, ক্ষয়, ধ্বংস। "নোৎসাদমগমচ্চেদং...কুলম্।—মহা ১.১১০ ২। গ্রামের উৎসাদ চৈ ভা ১৯ ; হৈল দেশের উৎসাদ ১৬৬। —সাদক বিণ [+ √সদ্+ই (ণিচ্) +অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -দিকা] বিনাশক, ক্ষয়কারক। "পা ২.২.৯। —সাদন ক্লী [+অন (ল্যুট্)-ভা ; বৈদিক] ১ বিনাশন, ধ্বংসন, ক্ষয়। "ক্ষত্রস্যোৎসাদনম্ রা ১.৭৪.২২। পরস্যোৎসাদনম্।—গী ১৭.১৯। মহা ৩.১০৩.৯। ২ উৎসারণ। ৩ কষায় দ্রব্যে স্নেহাদির অপসারণ ; তৈলহরিদ্রা বা সুগন্ধিদ্রব্যের সহিত মর্দ্দনপূর্ব্বক গাত্র-পরিষ্করণ ; উদ্বর্ত্তন। "উৎসাদনং চ গাত্রাণাম্ মনু ২ ২০৯, গাত্র° ২১১। সুশ্রুত ৪.২৪.২৯। ৪ উচ্ছেদ, উন্মূলন। ৫ ব্রণশোধন, ক্ষতবিরোপণ। ৬ উন্নয়ন, উত্তোলন। ৭ ভূমিকর্ষণ। ৮ [+অন-ণ] ব্রণশোধক ঔষধাদি। —সাদনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ বিনাশনীয়, ক্ষয়ার্হ। ২ উচ্ছেদ্য, উন্মূলনীয়। ৩ উদ্বর্ত্তনীয়। —য় ক্লী [+অনীয়-ণ] উদ্বর্ত্তনীয় কষায়াদ। —সাদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিনাশিত, বিধ্বংসিত। "(দেশম্) উৎসাদিতম্ রা ২ ২৪.৩১ ; ৩২। মহা ১৩ ৩০. ৫১। ২ উচ্ছিন্ন, উন্মূলিত। "°দ্রুম হ ৬৫.১৪। ৩ তৈলহরিদ্রাদিমর্দ্দনে পরিষ্কৃত ; উদ্বর্ত্তিত। "উৎসাদিতঃ কষায়েণ মহা ৭.৮০.১০। যাজ্ঞ ১.২৭৭। ৪ উন্নীত, উৎসারিত। —সাদ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সর্থ 'উৎসাদনীয়'।

উৎসারক বিণ [উদ্+ √সৃ+ই (ণিচ্)-অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] অপসারক, অপনেতা, দূরীকারক। —ক পুং ১ দ্বারপাল (অ.চি)। ২ রক্ষপুরুষ, নগরপাল, পুলিসের লোক। —সারণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অপসারণ, অপনয়ন, দূরীকরণ, চালন। "গো রা ৬.৩৩ ১৩। °বেত্রলতা (কাদম্বরী)। ২ উন্নয়ন, উত্তোলন। —সারিত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ অপসারিত, অপনীত, চালিত। "রামাস্ত্র° রঘু ৪ ৫০। দূরোৎসারিতমৎসর (S.W.)। উৎসারিতাঃ শুচঃ ক সা ১৮ ১২১। ২ উৎক্ষিপ্ত। "বধূৎসারিতহেমলাজ ক সা ৩.২৫৭। ৩ উন্নীত। ৪ (বাঙ্গলায় ; অপ্র) উদার, অকৃত্রিম। "আছে চিরপবিত্র মাতার ভালবাসা...অবারিত উৎসারিত।—মন্দ্র ৯।

উৎসাহ পুং [উদ্+ √সহ্+অ (ঘঞ্)-ভা] ১ উদ্যম, উদ্যোগ। "ভগ্ন°, মহোৎসাহ, সোৎসাহ (S.W.)। বনবাসকৃতোৎসাহা রা ১.২৯.৯। গমনে চ কৃতোৎসাহা মহা ৩ ২৯৫ ২১। °সমন্বিত গী ১৮.২৬। °রহিত।—হি ১২৩২। দৃষ্টোৎসাহ পু.মে ১৪। মন্দ° শ ২৪৫। উৎসাহে বসিল রোগী শয্যার উপরে ন ৪৯৫। ২ পুরুষার্থসাধন-কর্ম্মারম্ভে অধ্যবসায় (মিতাক্ষরা) ; কর্ত্তব্যে স্থির প্রযত্ন ; অধ্যবসায়। "গমনোৎসাহ।—মহা ৩ ২৯৫.২২। মহোৎসাহ যাজ্ঞ ১.৩০৯। ৩ বলবতী বিক্রমচেষ্টা ; বিক্রমবল (অ টী) ; রাজগুণবিশেষ। "°গুণ কু.স ১.২২। [ইহা রাজশক্তিত্রয়ের অন্যতম (অ কো)।] ৪ সামর্থ্য, শক্তি। "যথোৎসাহ মনু ৫ ৮৬। ৫ (অলঙ্কারে) বীররসের স্থায়িভাব-বিশেষ (সা.দ ৩.২৩২) ; কার্য্যারম্ভে উৎকট আবেশ বা সহর্ষপ্রবৃত্তি (সা.দ ৩.১৭৮)। ৬ কল্যাণ (ত.বা)। ৭ সুখ (M.W.)। —সাহক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -হিকা] উৎসাহকারক, উদ্যোগী। —সাহন ক্লী [+ √সহ্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] ১ উৎসাহজনন, উদ্‌যোজন। "অ কো ৩.৪ ১১৭। ২ [ণিচ স্বার্থে] উৎসাহ, অধ্যবসায় (A)। —সাহিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] জনিতোৎসাহ, কৃতোৎসাহন। —সাহী (-হিন্) বিণ [+ √সহ্ +ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -হিনী] ১ উদ্যোগী, উৎসাহযুক্ত। "উৎসাহী সদা মর্ত্ত্যঃ।—পঞ্চ ২৮৯। ২ [উৎসাহ +ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] উৎসাহবান্ উদ্যোগী। "রূপযৌবনোৎসাহী সা দ ৩.৩০। [°গুণ (পুং), °শক্তি স্ত্রী —উৎসাহরূপ রাজগুণবিশেষ। দ্র 'উৎসাহ (৩)। উৎসাহসম্পন্ন (বিণ)—উদ্যোগী। "হি ১.১৮৪।]

উৎসিক্ত বিণ [উদ্+ √সিচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ আর্দ্রীকৃত। ২ [+ত -ক] উদ্রিক্ত, অতিবৃদ্ধিপ্রাপ্ত। ৩ উদ্ধত, গর্ব্বিত। "বীর্য্যোৎসিক্তা হি রাক্ষসাঃ রা ১.২০ ১৫। ভ ৪.১৪.৫। ৪ উপপ্লুত, অনবস্থিত, চল। "°মনসাম্ মনু ৮.৭১। [°মনাঃ (-নস্) বিণ— মত্ত, উন্মত্ত, চলচিত্ত।]

উৎসুক বিণ [উদ্ (উদ্যোগ) সু (শোভন) যাহার (অ.টী), সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -কা] ১ ইষ্টার্থে (অভিমত প্রয়োজনে) উদ্যুক্ত ; উন্মনাঃ। "উৎসুকা ভরতঃ রা ২.৯৯.১। °হংসনাদ ভট্টি ২.৭। তপোবন-দর্শনে যাইবার নিমিত্ত উৎসুক সী ৩৪, °চিত্ত ৮৭। ২ ইষ্টলাভে কালবিলম্ব হেতু অসহিষ্ণু। ৩ উৎকণ্ঠিত, সোৎকণ্ঠ। "সোৎসুকাহভূঃ রা ২.৮৬.৫। বৎসোৎসুকা রঘু ২ ২২ ; ৫ ১১, °সাবঙ্গা ১২ ২৪। ৪ ব্যগ্রহৃদয়। "গমন°, জয়°, রণ° রা (S.W.)। সঙ্গম° রঘু ২২.৬৬। শ ৩ ১১। —ক ক্লী ১ উদ্যম, উৎসাহ। "মৃগয়াং প্রতি নিরুৎসুকং চেতঃ (পাঠান্তর) শ ২২৩, ২ উৎকণ্ঠা। "প্রকুর্ব্বতে কস্য মনো ন সোৎসুকম্। —ঋতু ১.৬।

উৎসূত্র বিণ [সূত্র হইতে উৎক্রান্ত, প্রা স ; স্ত্রী -ত্রা] ১ উৎক্রান্তসূত্র, গ্রন্থনসূত্রচ্যুত। "মণিভিঃ...উৎসূত্রৈঃ মাঘ ৮.৫৩। ২ উৎসৃষ্টসূত্রাক্ষর, পাণিনিসূত্রবিরুদ্ধ ; উচ্ছাস্ত্র, নীতিশাস্ত্রবিরুদ্ধ। "অনুৎসূত্রপদন্যাস মাঘ ২.১১২।

উৎসূর, -সূর্য্য পুং [প্রা স ; ছান্দস 'উৎসূর্য্য'] সূর্য্যোৎক্রান্তকাল ; দিনাত্যয়, দিবাবসান। "°র্য্যশায়ী মহা ১২ ২২৮.৬৪।

উৎসৃজ্য বিণ [উদ্+ √সৃজ্+য (ক্যপ্)-র্ম্ম] উৎসর্জ্জনীয়, ত্যক্তব্য, দেয়। —সৃষ্ট বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিত্যক্ত। "মাতাপিতৃভ্যামুৎসৃষ্টম্ (পুত্রম্) মনু ৯.১৭১। যাজ্ঞ ২.১৩২। ২ দত্ত, বিতীর্ণ। ৩ যথা-বিধি দেবোদ্দেশে ত্যক্ত। "°পশু যাজ্ঞ ২.১৬৩। ৪ প্রসারিত। "°দীর্ঘোন্মিভুজ ভ ৩.১৩.২৯। অনিলস্পর্শোৎসৃষ্টধ্বজপটা চমূঃ (S.W.)। ৫ সৃষ্ট, উৎপাদিত। "হুঙ্কারবোৎসৃষ্টাঃ পহ্লবাঃ।—রা ১.৫৪.১৮। ৬ মুক্ত। "তুরঙ্গমুৎসৃষ্টম্ রঘু ৩.৩৯। ভ ৯.৮.৮। ৭ উপেক্ষিত। "মনু ৬.১৬। যে দিন তুমি আমাকে উৎসৃষ্ট করিয়া লাথি মারিয়া তাড়াইলে, সেই দিন হইতেই আমি পাগল হইয়াছি ব.বি ৮০। ৮ বৃষ্ট, কৃতবর্ষণ। "খ উৎসৃষ্টাম্ভঃ (S.W.)। ৯ উচ্ছিষ্ট। "রাহূৎসৃষ্ট। উৎসৃষ্ট অন্ন ব.প্র ২৭, উৎসৃষ্টাবশেষ ২৮ ; কোন শঙ্কা নাই—ঐ আলবোলা উৎসৃষ্ট নয় ৩৯০। —সৃষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ত্যাগ, দান।

উৎসেক পুং [উদ্+ √সিচ্+অ (ঘঞ্)-ভা] ১ উৎসেচন, উন্নয়ন-পূর্ব্বক সেচন বা উপরি সেচন। ২ আধারাতিক্রমপূর্ব্বক প্লবন ; উপচান। ৩ উদ্রেক, বৃদ্ধি, আধিক্য। "দর্পোৎসেক, বলোৎসেক, বীর্য্য° রা (S.W.)। অন্তোৎসেক মহা ১৪.১২.৫। শ্লেষ্ম° (সুশ্রুত)। ৪ গর্ব্ব। "রঘু ৪.৭০। নোৎসেকাৎ প্রবদাম রা (S.W.)। নোৎসেকো লক্ষ্ম্যাম্ (ভর্ত্তৃহরি)। —সেকী (-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -কিনী] ১ উৎসেকযুক্ত, আতপয়িত।

২ গর্ব্বিত। "ভাগোধনুৎসেকিনী শ ৪.১৮। —সেচন ক্লী [+অন-ভা] সর্ব 'উৎসেক (১; ২)।

উৎসেধ পুং [উদ্+ √সিধ্+অ (ঘঞ্)-ভা] ১ উন্নতি, উচ্ছ্রায়, উচ্চতা। "(বেদীম্) নবোৎসেধাম্ মহা ৩.১১৭.১২। পয়োধর° কু.স ৫.৮। ২ বৃক্ষ-পর্ব্বতের আরোহ বা দীর্ঘতা। ৩ উপরিভাগ। "পয়োধরোৎসেধনিপাতচূর্ণিতাঃ (বা.রা.বিন্দবঃ) কু.স ৫.২৪। ৪ গৌরব, প্রতিপত্তি। "মহীয়াংস মহোৎসেধাৎ গো.রা ৬.৮২.৪৪। ৫ [+অ (অচ্)-ক] দেহ। "পা ৫.২.২১, কাশিকা। [উৎসেধজীবী (-বিন্) —যে উৎসেধ, অর্থাৎ শরীরায়াস দ্বারা জীবন ধারণ করে; যে খেটে-খুটে খায়, কায়ক্লেশাজীব, ভ্রাতীন।]

উৎস্নাত বিণ [উদ্+ √স্না+ত (ক্ত)-ক] স্নান হইতে উত্থিত; স্নানোত্তীর্ণ, স্নানপ্রতিনিবৃত্ত। "পা ৮ ৪.৬১, কাশিকা।

উৎস্ময় পুং [উদ্+স্মি+অ (অচ্)-ক; স্ত্রী -য়া] বিকসিত, প্রফুল্ল (পুষ্প)। —স্মর পুং [+অ-ভা], স্মিত, অল্পহাস্য। —স্মিত ক্লী [+ত (ক্ত)-ভা] ১ স্মিত, অল্পহাস্য। "বীক্ষণ ভ ৮.৯.১৮; ১১.৬.৪৯। ২ অহঙ্করণ। "ভ ৩.১৫.৪২।

উৎস্বন বিণ [বহুব্রী; স্ত্রী -না] উচ্চশব্দ, মহারবযুক্ত। "কলহংস উৎস্বনঃ ভ ১.১১.২। —স্বন পুং [প্রা.স] উচ্চশব্দ; মহাধ্বনি। "অট্টহাসং খরমুৎস্বনোঞ্চম্ ভ ৭.৮.২৮।

উৎস্বপ্ন বিণ [স্বপ্ন হইতে উৎক্রান্ত, প্রা স; স্ত্রী -প্না] অতিক্রান্তস্বপ্নাবস্থ, নিদ্রায় জাগ্রদ্বৎ স্পষ্টবচনাদি-ব্যবহারক। —স্বপ্ন পুং স্বপ্নাবস্থায় বিলাপাদি। "উ.চ ১৬ট্টি, টীকা।

উৎস্বপ্নায়িত ক্লী [√উৎস্বপ্নায়+ত (ক্ত)-ভা] উৎকটনিদ্রাপ্রাপ্তি, গাঢ়নিদ্রাবির্ভাব। "সা.দ ৩.২০০।

উথ অর্ম্ম [সং উদ্+ √স্থা (উত্থা)>বা (√উথা) √উথ; তু '√উঠ'; অপ্র] উত্থিত হওয়া; আবির্ভূত হওয়া। "রসাতল হৈতে উথি, উদ্ধার করিলে শ্রী.মা ৫। উথল সো সব বোল বি.প ১৮৭।

উথল অর্ম্ম [সং উদ্+ √শল—উচ্ছল>প্রা √উত্থল্ল (হে ৪.১৭৪), √উত্থল (সংক্ষিপ্তসার)>বা √উথল, হি, গু √উথল] ১ উচ্ছলিত হওয়া; ফাঁপিয়া উঠা; উথলান। "বুদ্বুকে উথলে জল শ্রী.কী ১৫৬। প্রলয় সময়ে যেন উথলে অর্ণব ম ৪৬৬। উথলিল গঙ্গা দেবী : নীর উথলিল চৈ.ম ৭২। হৃদয়-পয়োনিধি উথলই জ্ঞ.প ১৩। উথলিল…সুখ-পারাবার ভা.চ ২৬৩। উথলিল উৎস মে ১০৪। ২ অগ্নিতাপে স্ফীত হওয়া। "দুগ্ধ উথলিলে তুমি নাহি দেও পানি (ক.চ)। গোরস উথলি গেল।—ব ৪২। উথলে যথা তপ্ত পাত্রে পয়ঃ মে ২৬৩। ৩ প্লাবিত হওয়া, ভাসিয়া যাওয়া (অসাধু)। আনন্দে অবনীগান উথলিয়া যায় দু ৩৮। তরল তরঙ্গ বেজে দুকূল উথলে শ্রী ১৭৯। ৪ হর্ষে স্ফীত হওয়া। "তুচ্ছ কর স্বর্গসুখ, উথলি উঠিছে বুক।—বিহারিলাল চক্রবর্ত্তী। ৫ প্রবলভাবে উত্থিত হওয়া। "কুরুক্ষেত্রে উথলিল ক্রন্দনের রোল ম ১০০৮। ৬ ভাবাবেগে উচ্ছ্বসিত বা বিকসিত হওয়া। "রাই তোমার বৈদগ্ধতা…কহিতে উথলে হিয়া মোর জ্ঞা ২৫২। ৭ বৃদ্ধি পাওয়া; প্রবল হওয়া। "(অনঙ্গ-তরঙ্গ) মহিষের ক্রীড়া দেখি অধিক উথলে দু ৬৭। —লা অর্ম্ম সর্ব 'উথল'। —লা সর্ম্ম ['ল+আ'] উচ্ছলিত করা, শ্রীসম্পন্ন বা লক্ষ্মীমন্ত করা। "পুণ্যবান লোক পান লক্ষ্মীরূপা নারী। উত্তম উদ্যোগ করি উথলায় গারী শি ৬৮। [উথল(লা)ন—সর্ব 'উথল; উথলা'। উথলায় গারী—গৃহকে (গৃহস্থকে) লক্ষ্মীমন্ত করে। উথলিয়া পড়া—উপচান।]

উথলপাথল বিং [উথলপথল্লা—পার্শ্বদ্বয়পরিবর্তন (দেশী ১.১২২; প্রা ম); হি 'উথলপুথল, উথলপাথল' (প্রা.ম); গু 'ল; তু 'উছল-পাছল'] উলটপালট, বিপর্য্যস্ত। "উথলপাথল হয় সপ্তসিন্ধু জল দু ৬৭।

উথলিত বিং [√উথল+ইত ; পদ্যে] উচ্ছলিত, উপচিত, স্ফীত। "উথলিত আনন্দের কূপ।—রঙ্গ ২৮।

উথাওঁ-পাথাওঁ ক্রি [, পাতা> √পাথা+আঁ>পাথাওঁ; উথাওঁ (অনু.শব্দ); অপ্র] প্রত্যয় করাইয়া, বুঝাইয়া-সুঝাইয়া। "উথাওঁ-পাথাওঁ, আন্ধা আণিল, নিফলে পোহাইল রাতী শ্রী কী ৩৪৯।

উথাল বি [দ্র 'উথাল'; তু 'উতাল'; অপ্র] ১ উচ্ছলন, উৎপ্লবন, উপচান। "কটকে কটকে যেন সমুদ্র-উথাল বা ম ৪২। দুই সমুদ্রের জল যেন হইল উথাল ম ম ১৭৫। ২ উপচয়, আতিশয্য, উচ্ছ্বাস। "সাধু কহে, এতো তব আনন্দের কাল। নহে, যে তথাপি দেখি আনন্দ-উথাল॥—ভ.প্র ২২১। ৩ ভাতের ফেনের স্ফীতি; উথলন। "আপনে আপনে চাউল লইল উথাল ম.ম ৮২। ৪ উচ্ছলিত তেজোরাশি; শিখা, ঝলক, হলকা। "বৈতরণী নদী বহে অগ্নির উথাল ঃ তপ্ত তৈলকুণ্ডে উঠে অগ্নির উথাল কু উ ৭৪; বাণ অগ্নির উথাল ১০৯। কু ২৭৩।

উথুল অর্ম্ম [√উথল> √উথুল; অপ] ১ সর্ব 'উথল'। "যেন তপ্ত তৈলে জল দিলে অধিক উথুলে ব.প ৫৩৫; ৫৩৬। ২ ভাবাবেগে উচ্ছ্বসিত বা বিকসিত হওয়া। "উথুলে উথুলে প্রাণ, উঠিছে ললিত তান সা.ম ৩৯।

উদ্ ব্য ['উৎ', 'উদ্' এই উপসর্গেরই সন্ধিগত আকৃতি, ভিন্ন উপসর্গ নহে (দ্র 'পা ১.৩২৪, কাশিকা; মুগ্ধবোধ ৪০৩, ৯০৬, ৯১২ সূত্র)। পাণিনীয় সূত্রে, অসন্ধিস্থলে, 'উদ্' উপসর্গের ভূরি প্রয়োগ আছে। ফলতঃ 'উৎ' ভিন্ন অব্যয় নহে, 'উদ্' উপসর্গেরই সন্ধিগত আকৃতি।] উপসর্গবিশেষ;—১ প্রাকট্য, প্রকাশ। "°ঘোষণ, °ক্রোশ। ২ বিভাগ। ৩ লাভ। "গ্রামাৎ শতমুৎপন্নম্। ৪ উর্দ্ধ, উচ্চ। "°কণ্ঠ, °কূট, °গ্রীব। ৫ উর্দ্ধকর্ম্ম, উর্দ্ধচেষ্টা। "°ক্ষেপণ, °ডীন, °তোলন, °সারণ। ৬ উৎকর্ষ, আধিক্য। "°তপ্ত, °তুঙ্গ, °ত্রাস। ৭ নৈকট্য, সামীপ্য। ৮ মোক্ষণ, ত্যাগ। "°সর্গ, °সৃষ্ট। ৯ প্রাবল্য। ১০ অস্বাস্থ্য। ১১ প্রাধান্য। "উদ্দিষ্ট। ১২ বন্ধন। ১৩ শক্তি। "°সাহ। ১৪ ভেদ। ১৫ অভাব। ১৬ আশ্চর্য্য। ১৭ অকস্মাৎ। "°পাত। ১৮ অতিক্রম। "উদ্বেল। ১৯ বিয়োগ। "°গচ্ছতি। ২০ উৎক্রমণ। "°সূত্র। উৎ প্রাবল্যবিয়োগোর্দ্ধকর্ম্মলাভপ্রকাশাশ্চর্য্যমোক্ষণাভাবদলপ্রাধান্যশক্তিষু (গণরত্নমহোদধি)।

উদ[1] ক্লী [তু 'উদক>উদ (সমাসে, পা ৬ ৩.৫৭-৬০); (ছান্দস) 'উদ'—উদক (ঋগ্বেদ ১.৩৮.৯); তা 'উত্'—নির্ঝর; 'অপ্রসন্নোদম্', 'প্রসন্নোদম্' ইতি প্রয়োগাৎ 'উদ' শব্দোঽপ্যস্তীতি সুভূঃ (অ.টী)] উদক, জল। "জগত্ত্রয়ান্তোদধিসংপ্লবোদে ভ ১০.১৪ ১৩।

উদ[2] বি [সং উদ্র>প্রা* উদ্দ>বা (উদ) উদ, হি, মৈ উদ; অস উদ; উদ (মালদহ, নাটোর); তু 'উদ্দ'—জলমানুষ (দেশী ১.১২৩)] বিড়ালতুল্য মৎস্যপ্রিয় জন্তুবিশেষ; উদ্বিড়াল, ধেড়ে, ভোঁদড় (Otter)। "মাছের প্রহরী দারুণ জে উদ মী ২৩। পুকরির মৎস্য সব সপিআছ উদে গো.বি ১২১, টীকা। গো.চ ৩৪১। ম.গা ১১।

উদক্ (-দচ্) বিণ [উদ্+ √অনচ্+ক্বিন্ (০)-ক-১ব; উ.ত; °ক্ (পুং), উদীচী (স্ত্রী); সমাসে পূর্ব্বপদ—'উদক্'; যথা—উদক্-প্রবণ, উদগদ্রি ইত্যাদি; ছান্দস] ১ উর্দ্ধগত, উর্দ্ধগামী। ২ উত্তর, উত্তরাভিমুখ। "অয়নে দ্বে গতিরুদগ্দক্ষিণার্কস্য বৎসরঃ (অ.কো)। রবেরুদগাবৃত্তিপথেন (S.W.)। তেনোদীচীং দিশমনুসরেঃ পূ.মে ৫৮। ৩ উত্তর (দেশ, কাল)। ৪ উত্তরদিক্সম্বন্ধী। ৫ অনন্তর, পরবর্ত্তী (কালাদি)। —ক্ ব্য [উদীচী+অস্তাৎ (অস্তাতি) প্রথমাদিস্থানে, প্রত্যয়-স্ত্রীপ্রত্যয়লোপ, পা ৫.৩.৩০] ১ উত্তর দিক্, দেশ, কাল। ২ উত্তর দিক্প্রভৃতি হইতে, উত্তর দিক্প্রভৃতিতে। "উদগ্ গত্বা ভূপাবৃত্তে (রবৌ) গো.রা ২.৬৫.১৩। উদক্ পরাবৃত্য মনু ৩.২১৭।

উদক ক্লী [√উন্দ্ + অক (কুন্)-ক, সংজ্ঞার্থে, উ ২.৩৯ ; ছান্দস ; তু 'তা 'উত্ত্'—নির্ঝর ; cf. Gr. hudor ; L. unda ; Ger. wasser ; R. voda ; Lith. wand-u´ ; E. water] **১** জল। "নদীস্তীর্ত্বা বহূদকাঃ রা ১.১.৩০। অনীত্বা পঙ্কতাং ধূলিমুদকং নাবতিষ্ঠতে মাঘ ২.৩৪। মৈৎস্য পশারি যেন উদকে রাখিল ম.গা ১১। ক.চ ৯। ম.পা ১১০। **২** উদকসাধ্য তর্পণাদি ; পূরকপিণ্ডাদি প্রেত-কৃত্য। "মনু ৫.৮৮। যাজ্ঞ ৩.১ ; ৫। **৩** উদকদান, তর্পণ। "কৃতোদকৌ তৌ রা ৩.৬৮.৩৮ ; ৬৯ ১। মনু ৯.১৮৬। **৪** ছন্দোবিশেষ (M.W.)। [°কর্ম্ম (-র্ম্মন্), ক্লী—উদকসাধ্য কার্য্য ; তর্পণ। °কার্য্য (ক্লী)—**১** তর্পণ। "গো.রা ৩.৭৩.৩৮। **২** স্নান। "মহা ১.৩.১২৮। °কৃচ্ছ্র (পুং)—কৃচ্ছ্রব্রতবিশেষ। "বিষ্ণু ৪৬.১৪। °ক্রিয়া (স্ত্রী)—তর্পণ। "মনু ৫.৬৯। যাজ্ঞ ৩ ৪। °ক্রীড়ন (ক্লী)—অর্দ্ধেক জলে অর্দ্ধেক স্থলে স্থিত ক্রীড়াগারবিশেষ। "মহা ১ ১২৮.৩৩। °গ্রহণ (ক্লী)—জলপান। °ঘাত (পুং)—উদকবাদ্য (কলাবিশেষ)। "ভ ১০.৪৫.৩৫।]

উদকদ, -দাতা (-তৃ), -দায়ী (-য়িন্) বিণ [উদক + √দা + অ (ক), + ইন্ (ণিন্),-ক-১ব ; উ ত ; ষ ত] প্রেতের উদ্দেশে জলদাতা ; তর্পণকারক, সমানোদক। "উদকদায়ী মনু ৫.৬৪। —দ পুং উত্তরাধিকারী, দায়াদ।

উদকদান ক্লী [ষ.ত] পিতৃগণের উদ্দেশে জলদান ; তর্পণ। "মহা ১.২.৩২১।

উদকপরীক্ষা স্ত্রী [তৃ.ত] (ব্যবহারে) বিবাদে লৌকিক প্রমাণা-ভাবে অনুষ্ঠেয় দিব্যবিশেষ। "যাজ্ঞ ২ ১০২। বিষ্ণু ১২।

উদকবাদ্য ক্লী [উ লো] জলসাধ্য বাদ্যবিশেষ ; জলতরঙ্গরূপ কলা-বিশেষ। "ভ ১০.৪৫ ৩৫, শ্রীধর।

উদকমেহ পুং [উ.লো] জলসদৃশ মেহবিশেষ। [°মেহী (হিন্) —পুং উদকমেহরোগী। "সুশ্রুত ৪.১১.৬।]

উদকশান্তি স্ত্রী [তৃ.ত] জল দ্বারা পীড়াশান্তি ; জলপড়া দ্বারা চিকিৎসা।

উদকহার বিণ [উদক + √হৃ + অ (অণ্)-ক ; বিকল্পে 'উদহার' উ.ত] উদকহারক, জলবাহক। "উদ(ক)হারোঽহমাগতঃ গো রা ২.৬৫.২৫।

উদকান্ত ক্রি বিণ [বহুব্রী] উদকাবধি ; জল-পর্য্যন্ত, আজলাশয়। "উদকান্তং স্নিগ্ধো জনোঽনুগন্তব্যঃ শ ৪$\frac{২৫}{১৬}$।

উদকার্থী (-র্থিন্) বিণ [উদকার্থ + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্থিনী] 'উদকপ্রয়োজনবান্', জলপানার্থী। "হি ২$\frac{৭৮}{৭৯}$।

উদকুম্ভ পুং [উদকের কুম্ভ, ষ.ত ; বিকল্পে 'উদককুম্ভ', পা ৬.৩.৫৯] জলাধার কলস ; জলের কলসী। "মনু ৩ ৬৮। পরাশর ২.১১। শান্তাদকুম্ভহস্ত ভট্টি ২.২০।

উদক্য বিণ [উদক + য (যৎ) তদর্হার্থে ; স্ত্রী -ক্যা] **১** জলার্হ (ব্রীহি-প্রভৃতি)। **২** স্নানার্হ, অশুচি। —ক্যা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] অশুচি স্ত্রী ; ঋতুমতী। "নোদক্যয়াভিভাষেত মনু ৪.৫৭। °স্পৃষ্ট যাজ্ঞ ১.১৬৭।

উদগ, উদগত বিণ [সং উদ্গত ; অপ্র] উৎসুক, উৎকণ্ঠিত। "রাধার কারণে ভৈলোঁ উদগমতী শ্রী.কী ১৪। পরদারে উদগত মতী ৪১।

উদগয়ন ক্লী [উদক্ অয়ন, কর্ম্মধা] সূর্য্যের উত্তরাভিমুখ গমন ; উত্তরায়ণ, মাঘাদি ছয় মাস। "মনু ১.৬৭। ৬৫.২৩.৬।

উদগাবৃত্তি স্ত্রী [কর্ম্মধা] উত্তরাভিমুখ আবর্ত্তন ; উত্তরায়ণ। "উদগা-বৃত্তিপথ (S W.)।

উদগ্দিক্ বিণ [অপ্র] উত্তর দিক্। "ব.প ১৫৬৫।

উদগ্র বিণ [উদ্ (উন্নত) অগ্র যাহার, বহুব্রী ; স্ত্রী -গ্রা] **১** উন্নতাগ্র। "°দন্ (উন্নতদন্ত) পা ৫.৪.১৪৫, কাশিকা। **২** উচ্চ, উন্নত। "(ভূমিধরঃ) সবৃক্ষশিখরোদগ্রঃ গো.রা ৫.৫৪.১৯। বিক্রমোদগ্রম্ (শিরঃ) রঘু ১৫.২৭। **৩** উচ্ছ্রিত, উদ্গত। "উদগ্রদশনাংশু মাঘ ২.২১। **৪** দীর্ঘ। "উদগ্রবাহু রঘু ৬.৩২। **৫** উন্নত, গৌরবান্বিত। "উদগ্রঃ ক্ষত্রস্য শব্দঃ রঘু ২.৫৩। **৬** উর্দ্ধোৎক্ষিপ্ত, উন্নমিত। "ওষ্ট্রকমুদগ্রমুখম্ মাঘ ৫ ৬৫। **৭** বিশাল, বৃহৎ। "পরশুভিরুদগ্রৈঃ।—মু ৬.১২। **৮** উদ্দীপ্ত, প্রজ্বলিত। "দৃশমুদগ্রতারকাম্ রঘু ১১.৬৯। **৯** মহান্, মহাসত্ত্ব। "উদগ্র ইব দ্বিরদে।—কি ১৮.১। **১০** উদার, প্রভাবান্বিত। "°বিগ্রহ (পুরুষ) কি ১৪.৪১। **১১** মহান্, বৃদ্ধিপ্রাপ্ত, উপচিত। "উদগ্রতরপ্রভাব রঘু ২ ৭১ ; ১৩ ৫০। **১২** উন্নত, অধিক। "বীর্য্যোদগ্রে রাজশব্দে রঘু ৯.৬৪। **১৩** উদ্ধত, উন্মত্ত। "দর্পিতোদগ্রাঃ সাঙ্গদাঃ কাননৌকসঃ গো.রা ৫.৬৫.৭। মদোদগ্রা ককুদ্মন্তঃ রঘু ৪.২২। **১৪** উৎকট, আঢ্য। "গন্ধোদগ্রম্…পুষ্পম্ রঘু ১৬.৮৭। **১৫** দীর্ঘ, আয়ত। "°প্লুতত্বাৎ শ ১ ৭। **১৬** পরিণত, পশ্চিম, বৃদ্ধ (বয়ঃ)। "°বয়সঃ (সুশ্রুত)। **১৭** উগ্র, তীব্র, প্রচণ্ড। "বেগোদগ্রং ভুজঙ্গ-শিশোর্বিষম্।—বিক্র ৫ ১৮। **১৮** অত্যধিক, অতিশায়ী। "জব° (বানর) গো.রা ৬.১৪.১৫। **১৯** অত্যন্ত, পরম। "°রমণীয়া পৃথ্বী (পাঠান্তর) শ ৭$\frac{১}{২}$ (S.W.)। **২০** প্রচণ্ড, দুঃসহ। "°তাপং রবিম্ মাঘ ৪.১২।

উদঙ্ক পুং [উদ্ + √অন্চ্ + অ (ঘঞ্)-ধি ; নিপাতিত, পা ৩.৩.১২৩] **১** চর্ম্মময় ঘৃতাদির পাত্র ; কুপা। "ঘৃত°, তৈল° (কাশিকা)। **২** [+ অ-ণ] 'আকর্ষণসাধন', সন্দংশ, সাঁড়াশি। "হৃদয়োদঙ্কসংস্থান ভট্টি ৭.৮৩।

উদঙ্মুখ বিণ [উদক্ মুখ যাহার, বহুব্রী ; স্ত্রী -খা, -খী] উত্তরমুখ, উত্তরাস্য। "উদঙ্মুখঃ প্রযাহি রা ২.৪৬.৩০। মনু ২.৫২। উৎপতোদঙ্মুখঃ খম্ পূ.মে ১৪। রঘু ৫.৫৯। উদঙ্মুখ বাটী সর্ব্ব পাষাণে রচিত ব.প ১৫১৭।

উদজ ক্লী [উদ + √জন্ + অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] 'উদকজাত', জলজ, পদ্ম। "ভ ১০.১৪.৩৩।

উদঞ্চন ক্লী [উদ্ + √অন্চ্ + অন (ল্যুট্)-ভা] **১** ঊর্দ্ধগমন। **২** [+ √অন্চ্ + ই (ণিচ্) + অন-ভা] উৎক্ষেপণ। **৩** [+ অন-ণ ; বৈদিক] আবরণসাধন পাত্র ; পিধান, ঢাকনা (অ.চি)। **৪** [ছান্দস] কূপ হইতে জলোত্তোলনার্থ পাত্র। "উদক° পা ৩ ৩.১২৩। উদঞ্চনং সরজ্জুং পুরঃ চিক্ষেপ (দশকুমার)। —ঞ্চিত বিণ [+ ত (ক্ত) -র্ম্ম] **১** পূজিত। **২** [+ √অন্চ্ + ই (ণিচ্) + ত-র্ম্ম] ঊর্দ্ধপ্রেরিত, উৎ-ক্ষিপ্ত। "উদঞ্চিতাক্ষ ভট্টি ২.৩১। **৩** ঊর্দ্ধে নীত ; উচ্চৈর্গীত। "গোপবধূরনুগায়তি কাচিদুদঞ্চিতপঞ্চমরাগম্ গী গো ১.৪১।

উদধি পুং [উদক + √ধা + ই(কি)-ধি, উদক > উদ, পা ৬.৩.৫৭ ; ছান্দস] **১** 'উদকধান', সমুদ্র। "মহোদধি রা ১.১.৭৯। মনু ৯.৩১৪। মহোদধেঃ পুর ইবেন্দুদর্শনাৎ রঘু ৩ ১৭। উদধি উদক শ্রী.মা ৫। **২** ঘট। "পা ৬.৩.৫৮, সি। **৩** মেঘ। **৪** জলাশয়—নদীহ্রদাদি (A.)। "°রাজ। **৫** সমুদ্রের সংখ্যানুসারে চার (৪) এই সংখ্যা। [°কন্যা, °তনয়া, °সুতা (স্ত্রী)—'সমুদ্রসুতা', লক্ষ্মী। °বস্ত্রা, °মেখলা, °রশনা (স্ত্রী) —সমুদ্র যাহার বস্ত্র বা কটিভূষণ ; পৃথিবী। °মল (ক্লী)—সমুদ্রের মলতুল্য ; সমুদ্রফেন (Cuttle-fish-bone) ; সাগরফেন (foam)। °রাজ (পুং)—'জলাশয়পতি', সমুদ্র। "(ত্বম্) ভার্য্যা চোদধিরাজস্য রা ২.৫২.৮৬।]

উদন্ত পুং [উদ্গত অন্ত যাহাতে (অ.টী), বহুব্রী] **১** যাহাতে অন্ত (অবধি) যায় ; বার্ত্তা, প্রবৃত্তি, বৃত্তান্ত, কুশলাদিকথন। "প্রিয়° রঘু ১২.৬৬। কান্ত° উ.মে ৩৯। **২** সাধু ; বৃত্তিযাজন।

উদন্যা স্ত্রী [√উদন্য+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] 'উদকেচ্ছা', পিপাসা। "ভট্টি ৩.৪০। বিপ্র করঙ্গপানীয়েতে…উদন্যানিবৃত্ত করিয়া সুস্থ হইল ব.প ১৭১৭।

উদন্বান্ (-ন্বৎ) পুং [উদক+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব, উদক > উদন্, পা ৮ ২.১৩] 'প্রচুরজলবান্', সমুদ্র। "রঘু ৪.৫২। কু.স ৭.৭৩। উদন্বদন্তঃপরিবীতমূর্ত্তি মাঘ ৩.৩৪।

উদপাত্র ক্লী [উদকের পাত্র, ষ ত, বিকল্পে 'উদকপাত্র', পা ৬.৩.৫৯] ১ জলাধার; কলসাদি। "মহা ১৪ ৯১.৩২। রিক্তোদপাত্র মাঘ ৫.৩৩। ২ [উ লো] জলপূর্ণ পাত্র। "মনু ৩.৯৬।

উদপান পুং, ক্লী [ষ ত ; সংজ্ঞায় 'উদক' > উদ] ১ 'জলের পানস্থান'; কূপ (অ কো); বাপীকূপতড়াগাদি। "°মণ্ডূক। রা ২.৮০.১২। গী ২.৪৬। ২ কূপসমীপস্থ খাত বা ক্ষুদ্রজলাশয়; নিপান। "তড়াগা উদপানানি বাপ্যঃ প্রস্রবণাদি চ।—রা (ত বা)।

উদবাস পুং [উদকে বাস, স ত, উদক > উদ, পা ৬ ৩ ৬০] জলে বাস বা স্থিতি। "°তৎপর। কু স ৫.২৬।

উদবাহ পুং, **-বাহন** ক্লী [উদ+ √বহ+অ (অণ্)-ক, অন (ল্যুট্); উ.ত; উদকের বাহন, ষ ত, উদক > উদ] 'জলবাহক', মেঘ।

উদমাদা বিং [সং উন্মাদ (উদ্-মাদ)—মূল; হি উদমাদ—উন্মত্ততা], উন্মত্ত, আধপাগলা, বিষয়বুদ্ধিহীন, বোকা। "কোনো আমোদপ্রিয় লোক যমকে উদমাদ রকম দেখিয়া যমের সহিত কৌতুক করিয়াছে য ১৮।

উদয় পুং [উদ্+ √ই+অ (অচ্)-ভা; বৈদিক] ১ ঊর্দ্ধগমন, পূর্ব্বাচল-সংযোগ (অ.টী); সূর্য্যাদির দৃষ্টিগোচরীভাব বা প্রকাশ। বিপ 'অস্তময়'। "অরুণোদয় রা ২.৭১ ১৭। অগস্ত্যস্তময়ান্তানি উদয়ান্তা চ শর্ব্বরী।—মহা ১৪ ৪৪ ১৮। নবোদয় রঘু ২.৭৩। খদ্যোত-উদয়ে যদি চন্দ্র হয় পাত কৃ ২৫০। অঙ্গ-আভা-উদয়ে আন্ধার করে আল।—শ্রী ৫৭। ভূমিতে চাঁদ-উদয় ভা.চ ৩১৮; উদর-আকাশে সুত-চন্দ্রের উদয় ৩৬৭। ২ আবির্ভাব, প্রকাশ। "শ ৪.২; ঘন° ৭.৩০। অপমেঘোদয়ং বর্ষম্ কু স ৬.৫৪। ললাট° রঘু ১.৮৩। শেষ হইল সময় উদয়কাল হৈল ম ৬০৭। কৃষ্ণকৃপাদি হেতু হৈতে স্বভাব-উদয় চৈ চ ২৪০; ৩৫৪। প্রথম প্রভাত-উদয় তব গগনে।—গান ২২১। রজনীর উদয়ে নীড়ান্বেষণে ব্যস্ত বিহঙ্গম ব.প্র ১৬। ৩ উৎপত্তি, উদ্ভব, উদ্গম। "কু স ৩.১৮। হসিতমত্ত্বনিমিত্তকৃতোদয়ম্।—শ ২.১১। সা.দ ৩.২৬৭। ৪ সিদ্ধি। "মনু ৩ ১৬৯। ফল° রঘু ১ ৫। আরম্ভসদৃশোদয় ১৫। ৫ সর্গ, সৃষ্টি। "ভূতানাং প্রলয়োদয়ৌ কু.স ২.৮। ব্রহ্ম হৈতে জগতের হয় উদয় অস্ত শ্রী ম ২৬২। বিলোক-নোদয়-চরাচর ভা চ ১৫৮। ৬ উৎকর্ষ, আধিক্য। "গুণবদাশ্রয়লব্ধ-গুণোদয়ে মাঘ ৬৪। ৭ উদ্রেক। "উন্মাদরোগ° মা.মা ৫৭। ৮ ফল, পরিণাম। "ন কুর্য্যাৎ…কর্ম্ম অসুখোদয়ম্ মনু ৪.৭০; রাজ্যং মহোদয়ম্ ৭৫৫। ৯ অভ্যুদয়, সমৃদ্ধি, সমুন্নতি। "লোকা মহোদয়াঃ রা ২.১১৭.২৩। রঘু ৮ ৮৪; উদয়মস্তময়ঞ্চ রঘূদ্বহাৎ (আনন্দিরে) ৯ ৯; °য়োন্মুখ ১১.৭৩। আত্মোদয় মাঘ ২.৩০। ১০ সম্ভব। "যথোদয় যাজ্ঞ ২.৪৪। ১১ প্রসারণ। "পিহিতাপণোদয়া (অযোধ্যা) রা ২.৪৮ ৩৭। ১২ [+অ-ক] বৃদ্ধি, কুসীদ। "দাপ্যস্তং চাপি সোদয়ম্ যাজ্ঞ ২.৬৭; ব্যয়ং দদ্যাচ্চ সোদয়ম্ ১৪৬। ১৩ [+অ-৭] দীপ্তি (শ.ক)। ১৪ মহিমা। "পরিণুতা খলোদয় ভ ১৮.৪৪। ১৫ [+অ -ধি] উদয়কাল। রাশীনামুদয়ো লগ্নম্ (অ.কো)। উপস্থিতোদয়।—রঘু ৩.১। ১৬ পূর্ব্বপর্ব্বত, উদয়াচল। ১৭ [বাঙলায়; পদ্যে] উদিত, প্রকাশিত। "সাঁঝেতে উদয়, সুধু সুধাময় চ দা ২৫। উদয় হইতে যাই কৃ ৩২৩; উদয় হইল ৩৪৯। [°প্রস্থ (পুং)—উদয়গিরির প্রস্থ বা সানু। উদয়েতে—উদিত হইতে। "সাধে কি উদয়গিরি যাই উদয়েতে কৃ ৩২৩।]

উদয়কাল বি ১ সূর্য্যাদির প্রকাশকাল। ২ নাগবিশেষ। "কৃ.উ ৮০। বা.ম ১৩২। ভা.চ ১২৯।

উদয়গিরি, -পর্ব্বত, -শিখরী (-রিন্), -শৈল, -য়াচল, -য়াদ্রি পুং [ষ.ত] প্রকাশের গিরিতুল্য উচ্চস্থান, ভূবৃত্তাংশ, চন্দ্র-সূর্য্যের উদয়াচল। "°রি হি ৪৬ (কথারম্ভ)। °ত ক.সা ৯৫৫; °শৈল ৯০; °চল ৬৪; °দ্রি ৮৬, ৮৮। উদয়গিরিশৃঙ্গপ্রাঙ্গণ মাঘ ১১. ৪৭; °দ্রি ১৩ ৬৪। °ত কৃ ৩২৩। উদয়গিরি হ'তে উচ্চে কহ মোরে।—রবীন্দ্র। হাসিছে উদয়াচলে ঊষা-বিনোদিনী।—রাজকৃষ্ণ মুখোপাধ্যায়।

উদয়ন ক্লী [উদ্+ √ই+অন (ল্যুট্)-ভা, ছান্দস] ১ উদয়, প্রকাশ। বিপ 'অস্তয়ন'। "সূর্যাস্তোদয়নাদধি (ঋগ্বেদ)। সূর্য্যাস্তোদয়নম্ রা ৪ ৪০ ৪২। আদিত্য°, ভাস্কর°, চন্দ্রস্তোদয়নম্।—মহা (ত.বা)। ২ পরিণাম।—ন পুং ১ অগস্ত্যমুনি। ২ কুসুমাঞ্জলি-প্রভৃতিগ্রন্থপ্রণেতা উদয়নাচার্য্য। ৩ বৎসরাজ। "°কথাকোবিদ পূ.মে ৩১। [কৌশাম্বী ইঁহার রাজধানী। অবন্তীরাজকন্যা বাসবদত্তা ও রত্নাবলী ইঁহার পত্নী। ইনি বাসবদত্তাকে হরণ করিয়া কৌশাম্বীতে আনয়ন করেন। রত্নাবলী-নাটিকার ইনি নায়ক। [°কথা—বৎসরাজোপাখ্যান।]

উদয়পুর ক্লী [উ.লো] উদয়সিংহ কর্তৃক স্থাপিত মিবারের নগরবিশেষ। "উদয় উদয়পুরে।—বঙ্গ ৮২।

উদয়বান্ (-বৎ) বিণ [উদয়+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] প্রকাশযুক্ত, উদিত।

উদয়বেলা স্ত্রী [ষ ত] সূর্য্যোদয়কাল: অরুণোদয়কাল।

উদয়মান বিং [সং উদয়বান্; তু 'উদীয়মান'; অপ্র] উদিত, ভূত। "দ্বিতীয় প্রহর বেলা উদয়মান ম.ম ৭৪।

উদয়রাশি পুং [ষ ত] গ্রহের উদয়ের রাশি মেষাদি।

উদয়শিখরী, -শৈল, -য়াচল, -য়াদ্রি দ্র 'উদয়গিরি'।

উদয়ান বিং [সং উদয়ন্; অপ্র] অভ্যুদয়যুক্ত, উন্নতিশীল, বর্দ্ধমান। "উদয়ন শ্রী তোমার হউক ম.ম ৪৬।

উদয়াস্তগিরি বি উদয়গিরি ও অস্তগিরি; গিরিদ্বয়ের মধ্যস্থ দেশ। "উদয়াস্তগিরিতে যতেক রাজা বৈসে কৃ ৪৭।

উদয়ী (-য়িন্) বিণ [উদয+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -য়িনী] ১ উদয়বান্, উদিত, উত্থিত। ২ অভ্যুদয়যুক্ত, সমৃদ্ধ।

উদয়োন্মুখ বিণ [স.ত; স্ত্রী -খা, -খী] ১ প্রকাশপ্রায়। ২ অভ্যুদয়োন্মুখ।

উদর ক্লী [উদ্+ √দৄ+অ (অন্)-অপা (অ.টী); উ ৫.১৯; ছান্দস; Av. udara] ১ যাহা হইতে বায়ু উদ্গত হয়; জঠর, কুক্ষি, পেট। "নির্ণতোদর, মহা° রা (SW)। বৃক°, ঘট°, সুন্দর পা ৬ ২.১০৮, কাশিকা। বাগ্বাহূদরসংযত মনু ৪ ১৭৫। সমুদ্র উদর শ্রী মা ২৯৬। সে রোগের পাশে বিশাল-উদর বসে উদরপরতা।—মে ২৬৬। ২ অন্না-শয়, পক্বাশয় (stomach)। "দগ্ধ° হি ১.৭০; °পূরণ ২.৩৫; °ভরণ ৪২। কালি মরিব উদর ফেঁপে।—দা ৭৪০। ৩ [cf., L. uterus] গর্ভাশয়, গর্ভ। "গর্ভশ্চ যুবনাশ্বোদরেঽভবৎ (বিষ্ণুপুরাণ)। জনম ভৈল মোর দৈবকী-উদরে শ্রী কী ১১৫। উদর-আকাশে সুত-চাঁদের উদয় ভা.চ ৩৬৭; উদর ডাগর ৩৭০। ৪ দেহমধ্যভাগ, কটিদেশ। "কৃশ° (S.W.)। নৈ ৭৮১। ৫ মধ্য, অভ্যন্তর, গর্ভ। "তাম্রোদর (তরুপল্লব) রঘু ৫.৭০। জলদ°।—ঋতু ২.১২। কমল° শ ৬ ২০; বারিগর্ভ° ৭৭। তামরস°, পুণ্ডরীকোদর (SW)। লতাদিপিহিতোদর (অ.কো)। প্রদর° উচ ২.১৬; পাতাল° ৫ ১৪। ভবন° মাঘ ৯.৩৯। তড়াগ° হি ১.১৬৪। কুঞ্জগৃহোদর শ্রী ম ৯৮। আম্বর হাস্যোদর বি.সু ৪৭। ৬ দ্রব্যের মধ্যভাগমাত্র। "অঙ্গুষ্ঠোদর (S.W.)। যব°। ৭ অষ্টবিধ

উদররোগ—বাতোদর পিত্তোদর কফোদর ইত্যাদি ; উদরী (Dropsy) "উদরাণাং নিদানম্।—সুশ্রুত ২.৭.১। ৮ গর্ভস্থ শিশু ; ভ্রূণ। দ্র 'উদরিণী'। দশ মাস দশ দিন, আচম্বিতে উদর-চলন ম.ম ৩২। ৯ (বাঙ্লায়) জীবিকা, বৃত্তি। "প্রতিগ্রহ করিলেক উদর-কারণ কৃ ২৩০। ১০ (অপ্র) গর্ত্ত। "পুনরপি ব্রাহ্মণীর উদর : ব্রাহ্মণীর উদর হৈল বি.পা ৩১২। [উদরে ভাত দেওয়া—পেটে অন্ন দেওয়া ; ভাত খাওয়া। "কেমতে উদরে দেহ ভাত ক চ ২২০। °কৃমি (পুং)—উদরস্থ কীটবিশেষ (worm)। °গ্রন্থি (পুং)—উদরের গ্রন্থিতুল্য ; গুল্মরোগ। °ত্রাণ (ক্লী)—১ 'উদররক্ষাসাধন', উদরবন্ধনবস্ত্র, কোমরবন্ধ। ২ উদর-রক্ষার্থ কবচবিশেষ ; উরস্ত্রাণ (cuirass)। °পর (বিং)—উদরপূরণ যাহার প্রধান কার্য্য, উদরপরায়ণ, ঔদরিক। "মে ২৬৬। °পিশাচ (পুং) —উদরপূরণে পিশাচতুল্য ; সর্ব্বান্নভক্ষক (অ.চি), ঔদরিক, পেটুক। °পোষণ, °ভরণ (ক্লী)—উদরপূরণ, জীবিকার্জ্জন, পেটপোষা।]

উদরমরা বিং (অপ্র) যাহা উদরকে (পরিপাক-শক্তিকে) মারে ; অগ্নিমান্দ্যকর, গুরুপাক। "আপনি আদর করেন কি উদরমরা তৈল-পক্ক তিলের বড়া দা ৭৪০।

উদরম্ভরি বিণ [উদর+ √ভৃ+ই (ইন্)-ক, 'ম' (মুম্) আগম, নিপাতিত, পা ৩.২ ২৬, সি ; মুগ্ধবোধ, ১০১৩ সূত্র ; উ ত ; স্ত্রী -রি] ১ যে আপনার উদর ভরণ করে, স্বোদরপূরক, স্বার্থপর। ২ ঔদরিক। "জ্যোৎস্নাকরস্তুমুদরম্ভরয়শ্চকোরাঃ।—মুরারি (সি)।

উদরশয় বিণ [উদর+ √শী+অ (অচ্)-ক ; উ ত ; স্ত্রী -য়া] যে উদরে ভর দিয়া (উবুড় হইয়া) শয়ন করে ; অবমূর্দ্ধশয়। —শয় পুং গর্ভশয়, ভ্রূণ।

উদরসর্ব্বস্ব বিণ [বহুব্রী ; স্ত্রী -স্বা] উদরভরণই যাহার সর্ব্ববিষয় ; উদরপরায়ণ, পেটুক।

উদরসাৎ অব্য [উদর+সাৎ] উদরের অধীন ; উদরগত, ভক্ষিত। "অমনি উদরসাৎ করিস তাহায় প.তৃ ৩৬।

উদরাধ্মান ক্লী [উদরের আধ্মান, ষ.ত] উদরস্ফীতি, পেটফাঁপা-রোগ (সুশ্রুত)।

উদরাময় পুং [উদরের আময়, ষ.ত] উদরপীড়া, অতিসার।

উদরাবর্ত্ত পুং [উদরের আবর্ত্ততুল্য, ষ.ত] নাভি।

উদরিক, -রী (-রিন্) বিণ [উদর+ইক (ঠন্), +ইন্ (ইনি), অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -কা, -রিণী] বিশালোদরবান্ ; তুন্দিল, ভুঁড়ে। "পা ৫.২ ১১৭ কাশিকা। লম্বস্তনীমুদরিণীম্ ক সা ২০ ১০৯। —রিণী স্ত্রী গর্ভবতী, গর্ভিণী। —রী বি [উদর+ঈপ] উদরসম্বন্ধী রোগবিশেষ [দ্র 'উদর (৭)']।

উদর্ক পুং [উদ্+ √অর্চ্চ্+অ (ঘঞ্)-র্ম (অ টী), (ছান্দস) 'উদর্কা'—সমাপ্তি (ঋগ্বেদ ১ ১১৩ ১৮)] ১ সমাপ্তি, অন্ত। "উদর্ক-স্বাত্বনঃ কর্ম্মণঃ (দশকুমার)। ২ ভাবী ফল ; ফল, পরিণাম। "এতৎ সুখোদর্কম্ রা ২ ৯২.৩০। অসুখোদর্ক মনু ১১ ১০ ; ১২.১৮। পঞ্চ ৫. ৬৯। কল্যাণোদর্ক উ.চ ৪১/২৮। ৩ ভাবিফলক শুভাশুভকর্ম্ম (ত বা)। ৪ উত্তরকাল। "ধর্ম্মকাপাসুখোদর্কম্ (পরিত্যজেৎ) মনু ৪.১৭৬। মহা ৩.৬৪.৯২। শুভোদর্ক ক সা ৯.৫৮। ৫ অট্টালক, উপরিগৃহ (?)। "ভবনৈঃ···সোদর্কৈঃ মহা ২.৩৫.১৩। ৬ মদনকণ্টক, 'ময়নাকাঁটা-গাছ' (?)।

উদর্চ্চিঃ (-র্চ্চিস্) বিণ [উদ্গত অর্চ্চিঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -র্চ্চিঃ] ১ উদ্গতজ্বালাযুক্ত, উন্নতজ্বাল, উদ্গতশিখ। "কৃশানোরুদর্চ্চিষঃ রঘু ৭ ২৪ ; উদর্চ্চির্ম্মণি ১০.৭। কু.স ৩.৭১। —র্চ্চিঃ পুং ১ অধিকজ্বালাযুক্ত অগ্নি। "মাঘ ২.৪২। ২ শিব। ৩ কন্দর্প। ৪ হরি (শ ক)। —র্চ্চিঃ ক্লী [প্রা.স] উদ্গত জ্বালা।

উদলা বিং [আউদল > উদলা ; অস উদং, উদি (উদিত)] অনাবৃত, নগ্ন, খোলা। "উদলা মাথা : উদলা গা (ম ম)। তোমার কেবল ঘোমটা খুলে উদলা করে ফেলা (কস্তুরী)।

উদশ্রু, উদস্র বিণ [উদ্গত অশ্রু অস্র যাহার, বহুব্রী ; স্ত্রী -শ্রু, -স্রা] উদ্গতনেত্রজল, গলদশ্রু। "রঘু ১২.১৪। সা দ ৪১/২৫। হঠশ্রীহরণাদুদস্র নৈ ৮ ৩৪।

উদশ্বিৎ ক্লী [উদক+ √শ্বি+ক্বিপ্ (০)-ক ; উদক > উদ, সংজ্ঞার্থে] যাহা জল দ্বারা বৃদ্ধি পায় ; অর্দ্ধাম্বু (অর্দ্ধজলমিশ্র) ঘোল। "উদশ্বিদ্বান্ ঘোষঃ পা ১.৪ ১৯, কাশিকা। মর্দ্দনং দধ্যুদশ্বিদ্‌ভ্যাম্ (সুশ্রুত)।

উদসন ক্লী [উদ্+ √অস্+অন (ল্যুট্) -ভা] ১ উৎক্ষেপণ, উদ্ধ্বপ্রেরণ। "পা ৩ ১.২০, সি। ২ নিরসন, দূরীকরণ।

উদস অর্ম্ম [উদাস[৪] > √উদস] বস্ত্রহীন হওয়া ; অনাবৃত হওয়া। "তেঁই উদসল কুচ-জোরা বি.সা ২৪। [উদসল (বিং)—শিথিল, এলো। "উদসল কুন্তলভারা বি.সা ৩৫৫। সঘন নিশাস, উদসল কুন্তল জ্ঞা ২১০।

উদস্ত বিণ [উদ্+ √অস্+ত (ক্ত)-র্ম] ১ উৎক্ষিপ্ত। "মাঘ ১৫.৮১। দংষ্ট্রাভিরুদস্তভাগণঃ ভ ৪ ৫.১১। ২ নিরস্ত, দূরীকৃত।

উদস্র ; উদহার দ্র 'উদশ্রু, উদকহার'।

উদাঁও বিং [উদাম > উদাঁও > উদাওঁ ; উদাও (কামতা বিহারী ভাষা), অপ্র] ১ বন্ধনহীন, মুক্ত, ছাড়া। "খন্ধ নঠ করে যেহু উদাওঁ সাঙে শ্রী কী ১৪২। ২ উচ্ছৃঙ্খল, আকুল, উন্মত্ত। "সব খন গোঠ৹ উদাওঁ বুলে৹ তোর কাহ্নাঞি শ্রী কী ৮১।

উদাত্ত বিণ [উদ্-আ+ √দা+ত (ক্ত)-র্ম ; স্ত্রী -ত্তা] ১ 'উচ্চৈর্গৃহীত', মহান্, দয়াত্যাগাদিসম্পন্ন, দাতা। ২ বিপুলচিত্ত, মহাত্মা, উদার। "মাঘ ৩ (কবিবংশবর্ণন)। অত্যুদাত্তসুজনশ্চন্দ্রকেতুঃ উ.চ ৬১/২৯। ৩ মহান্, বিশাল, দীর্ঘ। "°দন্ত (কুঞ্জর) রা ২.৯৯.১১। ৪ উচ্চ, গুণসম্পন্ন, মহান্। "°বংশপ্রভব।—রত্নাবলীনাটিকা ৪১/২৮। °উদাত্তান্বয় (A.)। ৫ অতিশয়িত, বিপুল, মহান্। "ললিতোদাত্তমহিমা।—ভামিনীবিলাস ১.৭৭। ৬ সমর্থ (ত.বা)। ৭ [উদাত্ত+অ (অচ্) অস্ত্যর্থে] উদাত্ত-স্বরযুক্ত, তালু-প্রভৃতিস্থানে ঊর্দ্ধভাগনিষ্পন্ন (স্বরবর্ণ) ; উচ্চৈঃ উচ্চারিত (অ.টী)। "পা ১ ২.২৯, সি। ৮ (বাঙ্লায়) উচ্চ, তার। "সে পূর্ণ উদাত্তধ্বনি বেদগাথা সামমন্ত্রসম৹ সরল গম্ভীর চ কা ২৮৮। স ম ৮৮। —দাত্ত পুং ১ স্বরবিশেষ, উচ্চৈঃস্বর। "মাঘ ২.৯৫। ২ উদাত্তস্বরনিষ্পন্ন স্বরবর্ণ। ৩ ধীরোদাত্ত নায়কবিশেষ। "সা দ ৩ ৩২। ৪ বাদ্যবিশেষ। ৫ কৃত্য (মেদিনী)। —দাত্ত পুং, ক্লী অর্থালঙ্কারবিশেষ। [লোকাতিশয় ধনসমৃদ্ধির বর্ণনা বা উপক্রান্ত বিষয়ের অঙ্গভূত মহত্তের চরিতবর্ণনা-বৈচিত্র্যকে উদাত্তালঙ্কার কহে। (সা দ ১০.৯৪)।] [°বান্ (-বৎ) বিণ—উদাত্তস্বরযুক্ত। °শ্রুতি (স্ত্রী)—উদাত্তস্বরযুক্ত উচ্চারণ।]

উদান পুং [উদ্+ √অন্+অ (ঘঞ্)-ণ ; ছান্দস] ১ (কথনাদিতে সামর্থ্য-জনন হেতু) যাহা দ্বারা ঊর্দ্ধভাগে লোক বাঁচে (অ.টী) ; কণ্ঠ-দেশস্থ ঊর্দ্ধগামী প্রাণবৃত্তিবিশেষ বায়ু ; প্রাণাদি বায়ুর একতম। 'উদানঃ কণ্ঠস্থানীয় ঊর্দ্ধগমনবানুৎক্রমণবায়ুঃ (বেদান্তসার)। উদানো নাম যদূর্দ্ধমুপৈতি পবনোত্তমঃ (সুশ্রুত)। "মহা ৩.২১২.৮। উদান সমান ব্যান ঐক্য হবে সংযমনে (গান)। ২ ঊর্দ্ধাভিমুখ শ্বাস (M.W.)। ৩ পক্ষ। ৪ নাভি। ৫ সর্পবিশেষ।

উদাপ্লুত বিণ [উদ কর্তৃক আপ্লুত, তৃ.ত] জলে আপ্লাবিত ; প্রলয়-সলিলনিমগ্ন। "উদাপ্লুতং বিশ্বম্ ভ ৩৮ ১০।

উদাবর্ত্ত পুং [উদ্-আ+ √বৃৎ+অ (ঘঞ্)-ধি (অ চি)] ১ নিঃসরণে ব্যাঘাতপ্রাপ্ত বাতবিষ্ঠাদিজনিত অবস্থাবিশেষরূপ রোগ ; গুদগ্রহ। 'সুশ্রুত ৬.৫৫.৩। ২ [উদের আবর্ত্ত, ষ.ত] জলাবর্ত্ত, জলগ্রন্থি।

—র্ত্তা স্ত্রী যোনিরোগবিশেষ। 'সুশ্রুত ৬.৩৮.৩। [°র্ত্তী (-র্ত্তিন্) বিণ—উদাবর্ত্তরোগী। "সুশ্রুত ৬.৫৫.১৬।]

উদাম, উদোম বিং [সং উদ্দাম>বা উদাম ; উদ(দো)ম (কথ্যভাষা) ; হি উদাম ; 'উদাম°—উলঙ্গ (মালদহ) ; উদলা (পূর্ব্ববঙ্গ)] **১** দাম-মুক্ত, বন্ধনহীন, ছাড়া। "বুড়ার বলদ বুলে হইয়া উদাম জ ২৭। **২** (অপ্র) মুক্ত, এলো। "উদাম মাথার কেশ ক.চ ২১৮। **৩** (অপ্র) বাধাবাঁধন-হীন, স্বেচ্ছাচারী। "উদাম বনেতে যেন ময়মত্ত বাঘ ম ১৯৭। [উদামে —স্বেচ্ছানুসারে, যথেচ্ছভাবে। "উদামে চলিয়া বুলে যত্তেক গোপাল শ্রী.ম ১৮। উদোম-এলো—**১** অত্যন্ত বিশৃঙ্খল ভাব ; বড় গোলমাল। "যেখানে দলাদলির অধিক ঘোঁট…প্রায় সেই খানেই ভেতরবাগে উদোম-এলো হু ১৪৮। **২** একেবারে খোলা বা হাট-আলগা। "বড় মানুষের বাড়ি বাবুদের সাক্ষাতে বড় আঁটা-আঁটী থাকে, কিন্তু তাঁদের অসাক্ষাতে বাড়ির অনেক ভাগ উদোম-এলো হয়ে পড়ে হু ২০৬।]

উদায়ুধ বিণ [উদ্যত আয়ুধ যাহার, বহুব্রী] উদ্যতায়ুধ, সশস্ত্র। "রা ১.৭৬.২৩। মহা ১ ১০২.২৫। রঘু ১২.৪৪।

উদার[1] বিণ [উদ্-আ+ √রা+অ (ক)-ক ; স্ত্রী -রা, -রী] **১** 'উৎ-কৃষ্ট দানকারক' ; দাতা। "রা ৩.৭৩.৩২। কেশিমথনমুদারম্ গী.গো ২.১১। **২** মহান্, প্রশস্ত। "°বৃত্ত রা ১.২.৪২। °মতি রঘু ৮.৯১। **৩** মহাত্মা, মহামতি। "উদারাচারসম্পন্ন গো রা ১ ১.৩। মহা ৩.৫৩.৮। **৪** বিশাল, বিপুল, মহান্। "উপবনমুদারম্।—রঘু ১৩.৭৯। উদার আকাশ মা ম ২২। উদার সিন্ধু ঃ উদার বুকের কাছে। খেলা করে সমুদ্র বাতাস।—ছবি ও গান। গগনের উদার ললাট। —রবীন্দ্র। **৫** সারবান্, হিতগর্ভ। "উদারার্থং বাক্যম্ গো রা ৫ ১ ৫৯। **৬** দাক্ষিণ্যযুক্ত, সরল, কাপট্যহীন। "উদারামপি গাং নিশম্য রঘু ৫ ১২। উদার বৈষ্ণব তাহা সত্য করি মানে ভ গ্র ৩৪৯। **৭** প্রগল্ভ, প্রতিভান্বিত। "°বাচঃ রঘু ৫.৬৫ ; ১৪ ৭৭। **৮** মহান্, মহনীয়, বিপুল। "°কীর্ত্তি কি ১.১৮। **৯** উৎকৃষ্ট, উত্তম। "উদারাগুরু গো রা ৬.৯৬.৮। গী ৭ ১৮। °সৎকার ক.সা ১৬ ২৬। **১০** রম্য, অতিরমণীয়। "°বন্ধ কু স ৭.১৪। °গৃহ রঘু ১৬.২৬। বসন্তোদারসময়ে।—শ ১ $\frac{১}{৬}$ $\frac{১}{৩}$। অধিক উদার দেখিয়ে পরিণাম বি.প ৪৭। উদার সুষমা ব স ২৪। **১১** সুলক্ষণসম্পন্ন ; বাঞ্ছিতফলপ্রদ, সুন্দর। "দেহি পদপল্লবমুদারম্ গী গো ১০.৮। **১২** আয়ত, বিশাল। "°দর্শন কু স ৫ ৩৬। মেলিয়া উদার আঁখি রহিলা নীরবে।—রবীন্দ্র। **১৩** দ্রাঘীয়ান্, দীর্ঘ। "মঞ্জর্য্যুদারা…অর্জ্জুনস্য রঘু ১৬.৫১। **১৪** শুদ্ধ, সার, উৎকৃষ্ট। "°তারা-বলীবিরচন মাঘ ৫.২১। **১৫** দক্ষিণ, অনুকূল (অ টী), প্রিয়। "°দর্শন গো রা ৩.৭৪.৩২। **১৬** শ্লক্ষ্ণ, স্নিগ্ধ, মধুর। "পরমোদারং বাক্যম্।—রা ১.৩১.৩। **১৭** ন্যায্য, প্রশস্ত। "উদারঃ কল্পঃ শ ৫ $\frac{২}{২}$ $\frac{০}{১}$। **১৮** ঈশ্বরভাব। "উদারমেব বিদ্বাংসো ধর্ম্মং প্রাহুর্ম্মনীষিণঃ মহা ৩.৩৩.৫৩। **১৯** উজ্জ্বল, অতিশোভন। "°নেপথ্যভৃৎ রঘু ৬.৬। **২০** উচ্চৈঃ, তার। "প্রগীয়তে…উদারম্ মাঘ ৪.৩৩। উঠিতেছে চরাচরে, অনাদি অনন্তস্বরে, উদার সঙ্গীত।—রবীন্দ্র। উদার উদাস কণ্ঠ চ.কা ২৯৪। **২১** যুক্তিযুক্ত, ন্যায়ানুগত। "কি ১২.৪০। **২২** অসাধারণ, অসামান্য। **২৩** মহান্, প্রচুর, সমধিক। "মু ৩.৮। **২৪** (বাঙলায়) গভীর, অতল, অগাধ। "কবির মুখের সিন্ধু অনন্ত উদার সা.ম ৬৩। **২৫** সর্ব্বত্র প্রসারী ; সর্ব্বব্যাপী। "উদার লাবণ্য তব, ভরিয়া রয়েছে ভব।—বিহারিলাল চক্রবর্ত্তী। **২৬** উজ্জ্বল, দীপ্ত, আভাময়। "অন্ধ এ মন্দিরে তুমি উদার জোছনা কু.কে ১৭। কখনো উদার গিরির শিখরে, কভু বেদনার তমোগহ্বরে,…চলেছি পাগল-বেশে।—চিত্রা। —র পুং দীর্ঘশীর্ষ শস্তবিশেষ। [°কীর্ত্তি (বিণ)—মহাযশাঃ। "কি ১ ১৮। °চরিত (বিণ)—উদারস্বভাব, মহাত্মা। "হি ১.১৭২। °চিত্ত, °চেতাঃ (-তস্) বিণ—মহাত্মা।]

উদার[2] বি [উধার>°র ; অপ্র] ঋণ, ধার। "কাহার বাটীতে কেহ উদার না চাইত ম.গা ৪।

উদারতা স্ত্রী [উদার+তা (তল্) তদ্ভাবার্থে] **১** উদারভাব, মাহাত্ম্য, ঔদার্য্য, সাধুতা। "ক.সা ২১ ১০৩। **২** দাতৃত্ব, বদান্যতা। **৩** বাক্যের উৎকর্ষজনকগুণব্যঞ্জকত্ব (কাব্যাদর্শ ১.৭৬, টীকা)। **৪** অগ্রাম্যত্ব, গুণবিশেষ। "সা দ ৮.১৪, টীকা।

উদারদর্শন বিণ [বহুব্রী] **১** রম্যাকৃতি, গম্ভীরমূর্ত্তি, পুণ্যদর্শন। "রা ১২.৪২। **২** বিশালাক্ষ, সুরূপ। "কু.স ৫ ৩৬।

উদারধী, -মতি বিণ [বহুব্রী ; স্ত্রী -ধী, -তি] উদারচিত্ত, উৎকৃষ্টবুদ্ধি, মহাপ্রাজ্ঞ। "(চকার) কাব্যমুদারধীঃ গো.রা ১.২ ৪৬। মহা ৩ ১০০.৭। রঘু ৩.৩০। —ধী পুং বিষ্ণু (মহা)। —ধী স্ত্রী [কর্ম্মধা] উৎকৃষ্ট বুদ্ধি ; মহাপ্রজ্ঞা।

উদারমনাঃ (-নস্) বিণ [উদার মনঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -নাঃ] উদার চিত্ত, মহাত্মা।

উদাররমণীয় বিণ [সুপ্সুপা] অতিসুন্দর, পরমরমণীয়। "অহো উদাররমণীয়া পৃথিবী শ ৭$\frac{১}{৯}$।

উদারসত্ত্ব বিণ [বহুব্রী] উদারস্বভাব, মহামনাঃ।

উদারা বি [মুদারা>°রা (?)] (সঙ্গীতে) সপ্তক-ত্রয়ের অন্তর্গত নিম্নতম সপ্তক। "ন ৮৯৩। [সা রি প্রভৃতি সাত সুরের সমষ্টির নাম 'সপ্তক'। কণ্ঠ মার্জ্জিত হইলে, তিনসপ্তকপরিমিত পর পর উচ্চ ২১টী সুর নির্গত হইতে পারে। ঐ তিন সপ্তককে 'মন্দ্র', 'মধ্য' ও 'তার' এই তিন নামে কহা যায় (দ্র 'স্থান ৩২) ; উহাদিগকে ভাষা-কথায় 'উদারা', 'মুদারা' ও 'তারা' বলে (গী সা)।]

উদাস[1] বিণ [উদ্+ √আস্+অ (অচ্)-ক , স্ত্রী -সা] **১** উদাসীন, বিষয়বিতৃষ্ণ, বিরক্ত, বিরাগী। "শ্মশান বাস, সদা উদাস দু ২৪। ভগবান্ অই বিপ্রবালক-অন্তরে। প্রকাশ হৈয়া কৈলা উদাস তাহারে॥ —ভ.গ্র ৩৩৮। কেন রে কেন হৃদয় শ্মশান উদাস সা.ম ২২। **২** (বাঙলায়) গৃহত্যাগী, সন্ন্যাসী। "হইব উদাস আমি তোমার লাগিয়া গ ১৪৭। ক.চ ১৭। মরা সতী-অঙ্গ লৈয়া হৈয়াছিল উদাস বি.পা ৪৭। **৩** আসক্তিহীন, অনুরাগরহিত, আদর-অপেক্ষাহীন। "আওল তোহে মিলব করি আশ। কপটপ্রেম তুহুঁ ভেলি উদাস॥—ব ১৭০। তুহুঁ কাহে মাধব ভেলি উদাস জ্ঞা ১৫৪। **৪** উদাসীন, গৃহশূন্য, যত্রসায়ং-গৃহ। "অযাচিতবৃত্তি পুরী বিরক্ত উদাস চৈ.চ ৯২। **৫** লক্ষ্মীছাড়া, ভবঘুরে, বেটো। "সর্ব্বনাশ হয় তার জুয়ার কারণ। সর্ব্বলোকে বলে বেটা উদাস টেটন॥ নাম মোর উদাস টেটন বা.ম ৩৪০। **৬** সম্বন্ধ-রহিত, সম্পর্কশূন্য, বিচ্ছিন্ন। "ভক্ত যদি নাহি থাকে, মোরে কেহ নাহি ডাকে, ত্রিভুবন সকলি উদাস দু ৭৭। **৭** নিরাশ, হতাশ। "কৃষ্ণ বান্ধিয়া রাখিলে পাণ্ডব উদাস ম.বি ২৬৬। **৮** আত্মহারা, বিহ্বল, বিভোল। "হরিণ যে কার উদাস-করা বাণী, হঠাৎ কখন শুনতে পেলে আমরা কি তা জানি!—প.কা ৩। **৯** সংসারাসক্তিহীন, সংসারবিরাগী। "ভার্য্যাহীন লোকে কেহ না করে বিশ্বাস। সর্ব্বদা দুঃখিত সেই সর্ব্বদা উদাস॥—ম ৫৯। **১০** বান্ধবহীন, অসহায়। "কোথা গেল চারি পুত্র করিয়া উদাস।—কৃ ২৮৩। **১১** দৃক্‌পাতহীন, সম্পর্করহিত, নিরপেক্ষ। "দিগঙ্গনাগণ যেন, আতঙ্কে আড়ষ্ট হেন, অটল প্রশান্ত চারি বিভ্রান্ত উদাস সা.ম ৫৯। **১২** রিক্ত, অবধান-হীন, ফাঁকা। "গঙ্গার তরঙ্গমালা, সম্মুখে করিছে খেলা, চাহিয়ে তাদের পানে উদাস নয়নে সা.ম ৪১। **১৩** অনভিজ্ঞ, অজ্ঞ। "অন্তরে সব জানে প্রভু বাহিরে উদাস চৈ.চ ১৫৮। **১৪** ভাববিশেষের

অভিব্যক্তিহীন ; ভাবব্যক্তিরহিত, শূন্য, ফাঁকা। "আজ ন বছরে একদিনও স্বামীর চোখে এমন উদাস দৃষ্টি দেখিনি ঘ ১৮০। **১৫** [শু উদাস] আনন্দরসহীন, নিরানন্দ, নীরস, শুষ্ক, ফাঁকা। "মহাসমারোহের পর আজ সহরটা খাঁ খাঁ কর্ত্তে লাগ্‌লো—পৌত্তলিকের মন বড়ই উদাস হলো হু ২০০। **১৬** স্খলিত, স্রস্ত, শিথিল। "ইহা সুনি কৈল তার বন্ধন উদাস কৃ উ ২৩৯। নীবিবন্ধ করল উদেস বি.প ২২ ; ব.প ১০০৯। [মিলের জন্য 'উদাস'>উদেস] **১৭** নৈরাশ্যময়, হতাশ। "কেঁদে ওঠে উদাস হৃদয়।—রবীন্দ্র। ওগো কে তুমি বসিয়া উদাস-মূরতি, বিষাদ-শান্ত-শোভাতে।—রবীন্দ্র। **১৮** শিথিল, দুর্ব্বল। "ভুজপাশ উদাস পা ভাঙ্গে হাই তোলে বি.সু ৩২। **১৯** নিরাকুল, অশান্ত। "কুসুম সুবাস উদাস ভইল, সখি, উদাস হৃদয় হমারি।—রবীন্দ্র। **২০** চিন্তামগ্ন, প্রিয়চিন্তাপহৃত, প্রিয়ে একাগ্র। "উড়িতেছে কেশ, উড়িতেছে বেশ, উদাস পরাণ কোথা নিরুদ্দেশ।—রবীন্দ্র। **২১** সঞ্চরিত, সর্ব্বত্র প্রসারিত। দ্র 'উদাস (১৯)। **২২** উচ্ছৃঙ্খল, আকুল, এলোমেলো। "নিরাশ্বাস উদাস বাতাসে, নিঃশ্বসিয়া কেঁদে উঠে মন।—রবীন্দ্র। **২৩** বৈরাগ্যজনক, ঔদাসীন্যকর। "হে বৈরাগ্য, কর শান্তিপাঠ। উদার উদাস কণ্ঠ যাক ছুটে দক্ষিণে ও বামে, ...পূর্ণ করি মাঠ চ কা ২৯৪। —স পুং **১** উদাসীন বা বিষয়বিতৃষ্ণ জন ; বিরাগী। **২** [+অ-ভা] বিষয়বিতৃষ্ণা, বৈরাগ্য, নিস্পৃহতা। **৩** সুখদুঃখে সমতা।

উদাস[২] পুং [উদ্+অস্+অ (ঘঞ্)-ভা] **১** উৎক্ষেপণ। **২** নিরসন, অপনয়ন। **৩** উপেক্ষা।

উদাস[৩] বিং [দ্র 'উদাস[১] (৪)] **১** (অপ্র) বাসশূন্য, নির্ব্বাসিত। "অজয় পাণ্ডব সব গেল বনবাস। কোন দোষে তারে মুঞি করিনু উদাস॥—ম বি ২৬৪। **২** [উদাস[২]—মূল (?)] বস্ত্রহীন, অনাবৃত, আল্‌গা। "আধ লুকায়লি আধ উদাস বি.প ২৫ ; এ দিকে ঝাঁপিতে তনু ও দিকে উদাস ১৩৮। অঙ্গ উদাস জ্ঞা ৯২। নীল বসন ভিগি, অঙ্গে লাগিয়াছে, শ্রীঅঙ্গ দেখিতে উদাস গো ১৬৫। সর্ব্বাঙ্গ উদাস হৈল ভ.গ্র ৪৪৪। গুমানে গুহ্যক গুহ্য করিল উদাস শি ৩৬। **৩** উন্মীলিত। "আধ উদাস দুই আঁখি (পাঠান্তর) চৈ.ম ২৮। **৪** উৎক্ষিপ্ত, উদ্‌ঘাটিত। "খেনে কুচযুগ চীর করবি উদাস রা.শে ১১৬।

উদাস[৪] অর্ম্ম [উদাস[৩]—মূল ; বৈষ্ণবসাহিত্যে] **১** বস্ত্রহীন হওয়া ; অনাবৃত হওয়া। "তেঞি উদাসল কুচজোরা বি.প ২২। পাশ উদাসল জ্ঞা ২৭। **২** [উদাস[১]—মূল] উদাস হওয়া ; আকুল হওয়া। "পরাণ কেন কে জানে উদাসে।—রবীন্দ্র। —স সর্ম্ম উৎক্ষিপ্ত করা ; উদ্‌ঘাটিত করা। "তহি ছলে ভুজমূল, বসন উদাসল, পিয়া হিয়া মদন জাগায় রা শে ১১৭। [উদাসল (তু 'উদসল')—অনাবৃত হইল। উদাসি, -সিয়া—আকুল হইয়া। "হুহু করি নিশ্বাসিয়া, চ'লে যাবে উদাসিয়া, কেশপাশ আকাশে ছড়ায়ে।—রবীন্দ্র।]

উদাসিতা (-তৃ) বিণ [উদ্+ √আস্+তৃ (তৃচ)-ক-১ব ; স্ত্রী -ত্রী] উদাসীন, নির্লিপ্ত, অস্পৃষ্ট। "মাঘ ১.৩৩।

উদাসিনী বিণ [উদাসিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** উদাসীনা, নিস্পৃহা, বিরাগিণী। **২** (বাঙ্‌লায়) অনাসক্তা, নির্লিপ্তা, সম্পর্কহীনা। "জন্ম মৃত্যু দুঃখ সুখ অস্ত অভ্যুদয়, তরঙ্গিত চারিদিকে চরাচরময়, তুমি উদাসিনী!—রবীন্দ্র। **৩** গৃহহীনা, নিরাশ্রয়া, অনাথা। "মহাদেবের কন্যা আমি উদাসিনী নই।—ম.ম ১৭। **৪** বিরাগিণী, সন্ন্যাসিনী। "হায় ফের বিষাদিনী! কে সাজালে উদাসিনী?—সা.ম ৪২। **৫** নিরাশ্রয়া, আশ্রয়রূপশ্রোতহীনা। "বিফল কাকলী, কাঁদিয়া ফিরিতেছিল বনান্তর ঘুরে, উদাসিনী প্রতিধ্বনি।—রবীন্দ্র। **৬** আশ্রয়হীনা, অচরিতার্থা। "উদাসিনী স্মৃতি কাঁদিছে কি বসি, আশার সমাধি পরে?—রবীন্দ্র। সন্ধ্যা আসি দিবা-অবসানে, নির্জ্জন প্রান্তরপারে দিগন্তের পানে, চ'লে যেত উদাসিনী চ.কা ২০৬।

উদাসী (-সিন্) বিণ [উদ্+ √আস্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] **১** উদাসীন, বিষয়বিতৃষ্ণ, বিরক্ত। "আমি উন্মনা হে, হে সুদূর, আমি উদাসী!—চ কা ৩৮২। **২** (বাঙ্‌লায়) গৃহশূন্য, কুলত্যাগী, ঘরছাড়া। "কালশশী বাজায়ে বাঁশী, (আমি) ছিলাম গৃহবাসী, আমায় কল্লে উদাসী (গান)। **৩** নিরাকুল, অধীর। "ওই তনুখানি তব আমি ভালবাসি। এ প্রাণ তোমার দেহে হয়েছে উদাসী॥—চ.কা ২৩। —সী পুং [হি উদাসী] **১** বিষয়তৃষ্ণাহীন ; বিষয়বিরাগী, সন্ন্যাসী। "প্রমুদিত তীরথরাজ নিবাসী। বৈখানস বটু গৃহী উদাসী।—তুলসীদাস। **২** (বাঙ্‌লায়) প্রণয়বিধুর, বিরহাকুল। "কোন্ ছায়াতে কোন্ উদাসী, দূরে বাজায় অলস বাঁশি, মনে হয় কার মনের বেদন, কেঁদে বেড়ায় বাঁশির গানে।—গান ১৪৫।

উদাসীন বিণ [উদ্+ √আস্+আন (শানচ্)-ক, স্ত্রী -না] **১** বিবদমান পক্ষদ্বয়ের কোন পক্ষই যে আশ্রয় করে না ; পক্ষপাতশূন্য। "গী ৬.৯, উদাসীনবদাসীনঃ ১৪.২৩। **২** উপেক্ষক, নির্লিপ্ত। "গী ৯.৯। কৃষ্ণ উদাসীন হৈল করিতে পরীক্ষণ চৈ.চ ৩৫৪। তরুশ্রেণী উদাসীন, চেয়ে আছে সারাদিন, আপন ছায়ার পানে চ.কা ১০৬ ; উদাসীন আর সবা পরে ২৩৫। **৩** মানাপমানে সমবৃত্তি। "গী ১২.১৬। **৪** কূটস্থ। "তন্দর্শিনমুদাসীনং ত্বামেব পুরুষং বিদুঃ কু স ২.১৩। **৫** পর-তর, অর্থাৎ যে রাজা, মিত্র রাজার পরবর্ত্তী এবং উপকারী বা অপকারী নহে (অ.কো) ; যে রাজা, অরি বিজিগীষু ও মধ্যম রাজার প্রত্যেকের নিগ্রহে সমর্থ (মেধাতিথি)। "মনু ৭.১৫৫। **৬** বিষয়বিতৃষ্ণ, বিরাগী, নিস্পৃহ। "রামনামে উদাসীন ধনে নাই কাজ শ্রী মা ৪৫। **৭** (বাঙ্‌লায়) গৃহত্যাগী, সন্ন্যাসী। "তাহারা...ভিক্ষুক উদাসীন ব্রাহ্মণ বৈষ্ণাদির বেশে নানা স্থানে ভ্রমণ করিয়া পাঠান-সেনার গতিবিধির সংবাদ আনিয়া দিত ব.প্র ১৯। **৮** গৃহশূন্য, নিরাশ্রয়। "পাণ্ডব পাইল রাজ্য তুমি উদাসীন ম.বি ১৮। **৯** নিঃসম্পর্ক, পর। "কার্য্যকরণের বেলা আমি উদাসীন। বিধিব্যবস্থার বেলা আমি প্রতিদিন॥—ক.চ ২৪৬। **১০** উন্মুক্ত, অবাধ, খোলা। "আমি তাহে ডুবে যাব, সাথে সাথে ব'হে যাব, উদাসীন বসন্তের বায়—রবীন্দ্র। **১১** ব্যাকুল, অধীর। "মণিহারা যেন ফণী, তেন হইলি ঠাকুরাণী, ভক্ত বিনা এত উদাসীন দু ৫৮। —ন পুং **১** পক্ষপাতশূন্য জন। **২** মিত্র রাজার পরবর্ত্তী রাজা। দ্র 'উদাসীন (৫)। "উদাসীনপ্রচার মনু ৭.১৫৫। অরিমিত্রোদাসীন-ব্যবস্থা।—মু ৫৭/৮। **৩** (বাঙ্‌লায়) সন্ন্যাসী। "হাটে ফিরে অনুদিন, সেখ ফকীর উদাসীন ক.চ ১৫৭। উদাসীন বেপারী বিদেশী যারে পায়। লুঠে লয়ে বেড়ি দিয়ে ফাটকে ফেলায়॥—ভা চ ৩৮৭।

উদাসীনী বিং [°ন+স্ত্রী ঈ[৩] ; সং উদাসিনী] সংসার-সম্পর্ক-হীনা, নিঃসম্পর্কা, পর। "সে (বধবা) একেবারেই উদাসীনী...হইয়া পড়ে পা.প্র ১৩০। —নী বি কর্ম্মফলে আকাঙ্ক্ষাহীনা নারী ; সন্ন্যাসিনী। "দয়াবতী উদাসীনীগণ মুখ্যতঃ উহাদিগের রোগের সেবা করিয়া থাকে পা.প্র ১৮৮।

উদাহরণ ক্লী [উদ্-আ+ √হৃ+অন (ল্যুট্)-ভা] **১** উক্তি, কথন ; অবস্থানুরূপ বিবরণ, বর্ণনা। "পত্রে নিবেশিতমুদাহরণং প্রিয়ায়াঃ।—বিক্র ২.১৪। **২** উল্লেখ। "চরিত্রবিক্রমোদাহরণ উ চ ১৩৭/৬১। **৩** কথা-প্রসঙ্গ, সংবাদোপক্রম। "অঙ্গিরসমগ্রণ্যমুদাহরণবস্তুষু কু স ৬.৬৫। **৪** [+অন-র্ম্ম] কথিত বিষয় ; আখ্যান। "অদ্ভুতোদাহরণানি শ্রূয়ন্তে চ.ম ৫৩০/৬১। **৫** প্রবন্ধবিশেষ, স্তুতিগাথা। 'যেন কেনাপি তালেন পদ্যগদ্যসমন্বিতম্। জয়ত্যুপক্রমং মালিন্যাদিপ্রাসবিচিত্রিতম্। তদুদাহরণং নাম বিভক্ত্যষ্টাঙ্গসংযুতম্॥—প্রতাপরুদ্র (A.)। "জয়োদাহরণম্

রঘু ৪.৭৮। ৬ (নাট্যে) উৎকর্ষযুক্তবচনরূপ গর্ভাঙ্গবিশেষ। 'সা.দ ৬.৯৪ ; ৯৭। ৭ যে বাক্যে তুল্যার্থযুক্ত বাক্য দ্বারা বক্তার অভিমত অর্থ বিজ্ঞাপিত হয়; দৃষ্টান্ত। [ইহা ষট্‌ত্রিংশৎ ভাষালক্ষণের একতম (সা.দ ৬ ১৭০; ১৭৭)।] "পা ১.১.৫৬, কাশিকা। মাঘ ২.৩৩। ৮ [+অন-ণ] (ন্যায়ে) যাহা দ্বারা ব্যাপ্তি ও পক্ষধর্ম্ম উদাহৃত হয়; প্রতিজ্ঞাদি পঞ্চাবয়বের অন্তর্গত ব্যাপ্তিপক্ষধর্ম্মতা-প্রদর্শক বাক্য-বিশেষ। 'সাধ্যসাধর্ম্ম্যাৎ তদ্ধর্ম্মভাবী দৃষ্টান্ত উদাহরণং তথা বৈধর্ম্ম্যাৎ। ৯ অর্থান্তরন্যাসসদৃশ অর্থালঙ্কারবিশেষ (রসগঙ্গাধর)। —হার পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বক্তব্য বিষয়ের আরম্ভ; বাঙ্মুখ। ২ [+অ -র্ম্ম] উদাহরণ, দৃষ্টান্ত। —হারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -রিণী] বক্তা, বর্ণয়িতা (M.W.)। —হার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] উদাহরণযোগ্য; দৃষ্টান্তরূপে কথনীয় বা গ্রহণীয়। "পা ৩.৪ ৭৮, কাশিকা। —হৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত, উক্ত, অভিহিত। "গী ১৮.২২; ৩৯। স বৈধীর উদাহৃতঃ।—ভ ১.১৩.২৬। দশরথ ইত্যুদাহৃতঃ।—ভট্টি ১.১। ২ উদাহরণরূপে উপন্যস্ত। ৩ উপ-ন্যস্ত। ৪ উচ্চৈঃ কথিত; উদ্‌ঘুষিত। —হৃত ক্লী [+ত-ভা] উদাহরণ। "উন্নেয়ং তদুদাহৃতম্ (উন্নেয়া তদুদাহৃতিঃ—পাঠান্তর) অ.কো ৩.৬ ৮.৪৪। —হৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] উদাহরণ। দ্র 'উদাহৃত'।

উদি অর্ম্ম [সং উদ্+ √ই > প্রা √উদ (প্রা.ম)] ১ উদিত হওয়া; প্রকাশিত হওয়া। "উদইছে যেন শশী রবি চ দা ৫। ছন্দে কনক রবি উদিছে।—গান ২৬। ২ আবির্ভূত হওয়া; দেখা দেওয়া। "স্বপনেতে প্রতিনিশি, হৃদয়ে উদিবে আসি।—রবীন্দ্র। লক্ষ্মী দেবী. উদিলা জগৎমাঝে চ.কা ৯৬। ৩ (অপ্র) উৎপন্ন হওয়া; হওয়া। "গায়েতে উদিল দুঃখ দেখে অনুচিত বি.পা ৬৮। [উদইছে (উদিয়াছে) > উদিছে > °ছে) —উদিত হইয়াছে। উদিছে (উদিতেছে > °ছে)—উদিত হইতেছে। উদিবে—উদিত হইবে। উদিযা—উদিত হইয়া। উদিল, -লা—উদিত হইল। উদে—উদিত হয়। "মে ১৭০। উদেন—উদিত হন। "উদেন আদিত্য মে ২৪২।]

উদিআন বি [সং উদ্যান >(স্বরাগমে) উদিয়ান >°ন; অপ্র] উদ্যান। "করিল উদিআন, বেড়িয়া ত সরোবর শূ ১০৫।

উদিত বিণ [উদ্+ √ই+ত (ক্ত)-ক; ছান্দস] ১ ঊর্দ্ধগত, উদ্গত। "সুশ্রুত ৬.৫৫.৩। ২ উদ্গত, জাত। "°পরিশ্রম।—কি ১০ ৬০। ৩ উত্থিত। "স্বয়মুদিতং নবনীতম্।—শতপথব্রাহ্মণ। ৪ উদয়াচলারূঢ়, প্রকাশিত। "অর্দ্ধ°। °ভূয়িষ্ঠঃ···তপনঃ মা মা ১২৳। ৫ উন্নত, উচ্চ। "°পাষাণস্খলন কি ৬.৪। ৬ পরিস্ফুট, বিশদ। "°শ্রিয়ম্ রঘু ১.৯৩। ৭ বিকশিত, প্রফুল্ল। "প্রহর্ষোদিত চেতসঃ রা ১.১৬৩০। ৮ আবি-র্ভূত, সঞ্জাত। "°দয় (A.)। ৯ একত্র কৃত; সমাহৃত। "ত্রিলোক-সৌন্দর্য্যমিবোদিতং বপুঃ কু.স ৫.৪১। ১০ উন্নত, 'উন্নমিত' (শ্রীধর)। "উদিতাস্ত্রদোধর্বজ ভ ৪.৫.১০। ১১ সমৃদ্ধ, সম্পন্ন। "পুরোহিতং প্রকুর্ব্বীত দৈবজ্ঞমুদিতোদিতম্ যাজ্ঞ ১.৩১৩। ১২ শ্রেষ্ঠ। "রাজানোঽ-ভ্যুদিতোদিতাঃ মহা ৩.২৫৩.২৭। ১৩ [√বদ্+ত-র্ম্ম] কথিত, উক্ত, উচ্চারিত। "দামোদর-সংবাদ মুরারিমুখোদিত চৈ.ম ৩; তোর মুখোদিত বাণী ১৬। ১৪ উপদিষ্ট, শিক্ষিত। "উবাচ ধাত্র্যা প্রথমো-দিতং বচঃ রঘু ৩.২৫। —ত ক্লী ১ বাক্য। "বিষ্ণুঃ সপত্ন্যুদিতপত্রিভিঃ ভ ২.৭.৮। ২ শাস্ত্রবচন, শাস্ত্রজ্ঞান। দ্র 'উদিত (১১)। ৩ [+ত-ভা] উদয়, প্রকাশ। "প্রভাতসময়ে যেন ভানুর উদিত বা.ম ৭০। ৪ উদয়-কাল। "উদিতেঽনুদিতে (সর্ব্বথা বর্ত্ততে যজ্ঞঃ) মনু ২.১৫। ৫ রাশির উদয়; লগ্ন। ৬ গন্ধদ্রব্যবিশেষ, বালা। —ত পুং উদয়প্রাপ্ত রাশি (ত.বা)। —দিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা; ছান্দস] সূর্য্যোদয়। [উদিতানুদিত (বিণ)—অৰ্দ্ধোদিত। উদিতোদিত—শাস্ত্রজ্ঞানসম্পন্ন। "যাজ্ঞ ১.৩১৩।]

উদীক্ষণ ক্লী **-দীক্ষা** স্ত্রী [উদ্+ √ঈক্ষ্+অন (ল্যুট্), +অ, -ভা, স্ত্রী আ (টাপ্)] ১ ঊর্দ্ধদর্শন, ঊর্দ্ধদৃষ্টি। ২ প্রতীক্ষা। —দীক্ষিত-বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ঊর্দ্ধমুখে অবলোকিত। "কু.স ৬.৭। ২ উৎসুকভাবে দৃষ্ট। "রমণপদবী সারঙ্গাক্ষ্যা সসম্ভ্রমমুদীক্ষিতা।—অমরু ৭১। —দীক্ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ঊর্দ্ধে দর্শনীয়; উদীক্ষণীয়।

উদীচী স্ত্রী [উদচ্+স্ত্রী ঈ (ঙীপ্) উত্তরদিক্ (অ.কো)। "মহা ১৪.৪৩.১০। দক্ষিণ উদীচী, পুরব প্রতীচী, কারে সামালিবে অরি নাহি পায় ঠিক স্ব.প্র ১৭৫। —দীচীন বিণ [+ঈন (খ) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -না; বৈদিক] 'উদগ্‌ভব', উত্তরস্থিত। —দীচ্য বিণ [+য (যৎ) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -চ্যা] 'উদগ্‌ভব', উত্তরস্থিত। —দীচ্য পুং ১ শরাবতীনদীর পশ্চিমোত্তর দেশ (অ.টী); সরস্বতী নদীর উত্তরে ও পশ্চিমে স্থিত দেশ; উত্তর দেশ (M.W.)। "উদীচ্যবাসী মহা ৩.২৩৬.৩। [দ্র 'মৎস্যপুরাণ; বৃহৎসংহিতা, কূর্ম্মবিভাগ'।] ২ (বহুব) উদীচ্যদেশবাসিগণ। "মহা ৮.৭০.৩৪। ৩ উদীচ্যদেশাধিপতিগণ। "রা ২.৮২.৮। রঘু ৪.৬৬। —দীচ্য ক্লী ১ কর্ম্মসমাপ্তিতে করণীয় দক্ষিণাদিদানরূপ কর্ম্ম। "°কর্ম্ম। ২ বালনামক গন্ধদ্রব্য; বালা। (সুশ্রুত)। [উদীচ্যবৃত্ত (বি) —উত্তরমেরু হইতে ২৩½ ডিগ্রি দক্ষিণে কল্পিত বৃত্ত-রেখা (Artic Circle)।]

উদীয়মান বিণ [উদ্+ √ই+আন (শানচ্)-ক; স্ত্রী -না] ১ যাহা উদিত হইতেছে; প্রকাশমান। "°ন (দিনকৃৎ) কি ১.৪৬। ২ (বাঙ্‌লায়) অভ্যুদয়োন্মুখ (rising)।

উদীরণ ক্লী [উদ্+ √ঈরি+অন (ল্যুট্)-ভা] ১ কথন। ২ উচ্চারণ। "কু.স ২ ১২। ৩ উৎক্ষেপণ। "ব্রহ্মাস্ত্র° মহা ৩.২৮৯.২৭। ৪ প্রকাশন। —দীরিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত; উচ্চারিত। "উদী-রিতোঽর্থঃ পশুনাপি গৃহ্যতে।—হি ২.৪৬। ২ উৎক্ষিপ্ত, উৎকীর্ণ, উত্থাপিত। "খুরৈরুদীরিতো রেণুঃ।—রা ২.৯৩.১৫। °ত (রজঃ)। —মাঘ ১২.৫৮। ৩ প্রকাশিত। ৪ প্রেরিত, উত্তেজিত। "উদীরিতেন্দ্রিয় কু.স ৪.৪১। ৫ উৎপাদিত। "উদীরিতো মঙ্গলতূর্য্যঘোষঃ কু.স ৭.৪০।

উদীর্ণ বিণ [উদ্+ √ঋ+ত (ক্ত)-ক; স্ত্রী -র্ণা] ১ উদ্গত, উদিত। ২ উৎপন্ন, জাত। "তারোদীর্ণগ্রৈবনাদ মাঘ ১৮.৩৭। ৩ প্রধান, শ্রেষ্ঠ, মহান্। "রাজ্ঞামুদীর্ণানাম্ মহা ১.১৩১.৫। ৪ উদার। ৫ উদ্রিক্ত, বৃদ্ধিপ্রাপ্ত। "রাগবৃত্তি (দশকুমার)। °রাগপ্রতিরোধক মাঘ ২.৩২। ৬ উদ্ধত, দৃপ্ত। "বরোদীর্ণঃ···মহাসুরঃ কু.স ২.৩২। ৭ উদ্গত, প্রচণ্ড, প্রবল। "ন ধারয়ে কোপমুদীর্ণবেগম্।—রা ৪.৩১.৪। ৮ উদ্দীপ্ত, প্রজ্বলিত। "(ক্ষত্রক্ষ ব্রহ্মণা সহ) উদীর্ণে দহতঃ শত্রূন্ মহা ৩.২৬ ১০। ৯ [+ত-র্ম্ম] উচ্চারিত। "অনুদীর্ণবর্ণ মাঘ ১৩.৪২। ১০ উদ্যত। "উদীর্ণধন্বা উ.চ ৫.১১। —র্ণ পুং বিষ্ণু (মহা)।

উদুখল বি [অপ্র] সর্থ 'উদূখল'। "দা ২১২৩।

উদুম্বর পুং [অম্বরে উদ্গত, প্রা.স, পৃষো (অ.টী); (ছান্দস) 'উদুম্বর, -ল'] ১ সর্থ 'উডুম্বর (১)। ২ কুষ্ঠবিশেষ। ৩ অশীতি-রক্তিপরিমিত কর্ষ। ৩ স্থূলমশক। তু '°মশক'। [°কৃমি, °মশক (পুং)—সর্থ 'উডুম্বরমশক'।]

উন্দুর বি [সং উন্দুর, -রু] ইঁদুর। "গো.বি ১৪৪।

উদুখল ক্লী [ঊর্দ্ধে খ যাহার, পৃষো (অ.টী); তু 'উলূখল'] ১ তণ্ডুলাদি-কণ্ডনার্থ কাষ্ঠাদিরচিত যন্ত্রবিশেষ; উখলি। "শ্রী.ম ১৯। উদুখলে বান্ধে চৈ.চ ১২৬। শি ৩৬। ২ গুগ্‌গুলু। —খল পুং শরীরের অষ্টবিধ সন্ধির একতম (ball and socket joints)। "সুশ্রুত ৩.৫.২৮।

উদূঢ় বিণ [উদ্+ √বহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ উঢ়, পরিণীত। ২ ধৃত, কৃতবহন। "উদূঢ়লোকত্রিতয়েন (ত্বয়া) মাঘ ১.৩৬। ৩ স্থূল, পীবর।

৪ উন্নত। "উদূঢবক্ষঃ কি ১৪.৩১। ৫ ধৃত, প্রাপ্ত। "°দ্রঢ়িম মাঘ ১.৭৪। —ঢ়া স্ত্রী পরিণীতা স্ত্রী।

উদেজয় বিণ [উদ্+ √এজ্+ই (ণিচ্)+অ (শ)-ক ; স্ত্রী -য়া] উৎকম্পক, উদ্বেগকারক। "উদেজয়ান্ ভূতগণান্ ন্যষেধীৎ ভট্টি ১.১৫।

উদেশ বি [সং উদ্দেশ ; মৈ °দেস ; বৈষ্ণবসাহিত্যে] ১ উদ্দেশ, অনুসন্ধান। "আর নাহি করল উদেশ (জ্ঞা)। ২ লক্ষ্যীকরণ, অনুধ্যান, অনুচিন্তন। "নিচয় মরিব আমি সে কানু উদেশে বি.প ১৬২।

উদো দ্র 'উধো'।

উদ্গত বিণ [উদ্+ √গম্+ত (ক্ত)-ক] ১ ঊর্দ্ধগত, উত্থিত। ২ প্রাংশু, দীর্ঘ। "শালপোতমিবোদ্গতম্ ।—মহা ১.১৫২.১৭ ; ৩.১৬.২৯। ৩ উদিত। ৪ উৎপন্ন, জাত। "°শৃঙ্গ ; উদ্গতো রোমাঞ্চঃ (S.W.)। পক্ষৈরুদ্গতৈঃ রা ৪.৬৩.৯। ৫ উৎপন্ন, উচ্চরিত। "উদ্গতাঃ পৌরবধূমুখেভ্যঃ কথাঃ।—রঘু ৭.১৬। ৬ উড্ডীন, উৎপতিত। "বাতোদ্গতরেণুমণ্ডলা (মহী) (পাঠান্তর)।—ঋতু ১.১০। ৭ আবির্ভূত, বিনির্গত। "অচিরোদ্গতপল্লব।—বিক্র ৪২২। ঋতু ৬৮। ৮ উৎক্রান্ত, প্রয়াত। "উদ্গতানীব সত্ত্বানি।—রা২.৪৮.২। উদ্গতপ্রাণ ভ ৪.২২৩। ৯ প্রসিদ্ধ, খ্যাত। "উন্নাভ ইত্যুদ্গতনামধেয়ঃ রঘু ১৮২০। ১০ কৃতবমন, কৃতোদ্গিরণ। —তা স্ত্রী ছন্দোবিশেষ। —দ্গতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ঊর্দ্ধগতি, উত্থান। ২ উদয়, প্রকাশ। "দেখে রাত্রি পোহাইল সূর্য্যের উদ্গতি চৈ ২২২। ৩ উৎপত্তি, আবির্ভাব, প্রকাশ। "পুষ্পোদ্গতি ক সা ১৩.১১৭। কুসুমোদ্গতি (কাদম্বরী)। ৪ উদ্গমন, উদ্গিরণ। —দ্গম পুং [+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ ঊর্দ্ধগমন, উৎক্রমণ, উত্থান। "আজ্যধূমোদ্গম শ ১.১৪, টীকা। বিমল-সলিলা, সরসী সমলা যথা কর্দ্দম-উদ্গমে মে ৪৪। চক্রবাকমণ্ডল,...জল হৈতে করিল উদ্গম চৈ.চ ৩৪৭। ২ উদয়, আবির্ভাব, উৎপত্তি, উদ্ভব। "দোষোদ্গম, পীড়ক°, ফলোদ্গম, মাংস° (S.W.)। পুষ্পোদ্গম রঘু ৪৯ ; কুসুম° ৯৩০। উ.চ ৩.২০। কীটপঙ্কোদ্গম হি ৩.৫০। তারুণ্যামৃত পারাবার,... তাতে সে আবর্ত্ত ভাবোদ্গম চৈ.চ ২১৯। ৩ প্রকাশ, উত্থান। "বংশীধ্বনি চক্রবাত, নারীর মন তৃণপাত, তাহা ডুবায়, না হয় উদ্গম চৈ.চ ২১৯। ৪ উত্থান, হর্ষণ। "রোমরাজি° (সুশ্রুত)। রোমোদ্গম কু স ৭.৭৭। ৫ নির্গম, নিঃসরণ। "স্বেদোদ্গম।—ঋতু ৬.৭। ৬ উৎক্রমণ, প্রয়াণ, নির্গমন। "প্রাণোদ্গম রা (S.W.)। প্রাণ° ক সা ৪.১২৮। ৭ উৎসেধ, উচ্ছ্রায়, উন্নতি। "পয়োধরোদ্গম মা.ম ৭২/১। ৮ উদ্‌বমন। ৯ [+অ (অচ্)-ক] অঙ্কুর, প্ররোহ। "হরিততৃণ°। —কি ৫.৩৮। পুলক°।—ভর্ত্তৃহরি। —দ্গমন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ ঊর্দ্ধগতি। ২ আক্রমণ, উত্থান, উঠা। "জ্যোতিরুদ্গমনে পা ১.৩.৪০, বার্ত্তিক। ৩ উৎপত্তি, আবির্ভাব, উদ্ভব। "কণিকা°। পক্ষ° রা (S.W.)। —দ্গমনীয় বিণ [+অনীয় (অনীয়র)-র্ম্ম] ১ উদ্গমনযোগ্য, আরোহণীয় (M.W.)। ২ ধৌত, শুদ্ধ। "গৃহীতপত্যুদ্গমনীয়বস্ত্রা কু.স ৭.১১। —য় ক্লী ধৌতবস্ত্রযুগল।

উদ্গন্ধি বিণ [উদ্গত গন্ধ যাহার, বহুব্রী, সমাসান্ত 'ই' (ইৎ) ; স্ত্রী -ন্ধি] ১ উদ্গতগন্ধ, উত্থিতসৌরভ। "পা ৫.৪.১৩৫। কুসুমবিমর্দ্দোদ্গন্ধিবেশ্মান্তর মাঘ ১১.২৮। ২ উৎকটসৌরভ, অতিসুরভি। "উদ্গন্ধিষু কুট্যলেষু রঘু ১৬.৪৭।

উদ্গম, -মন, -মনীয় দ্র 'উদ্গত'।

উদ্গলিত বিণ [উদ্+ √গল্+ত (ক্ত)-ক] নিঃসৃত, নির্গত। "°দর্ভকবল শ ৪.১২।

উদ্গাঢ় বিণ [উদ্+ √গাহ্+ত (ক্ত)-ক] ১ অতিগাঢ়, নিবিড়। "প্রেমোদ্গাঢ়রসাদলসা।—ভর্ত্তৃহরি। ২ অতিশয়, উৎকট, নির্ভর। "°রাগোদয়।—মা.মা ৫.৭। সা.দ ৩২/৪। ৩ প্রবল, দুর্ব্বিবহ। "উদ্গাঢ়ঃ চ বানন্তি মনোরুজম্ মা.মা ৬.৫।

উদ্গাতা (-তৃ) পুং [উদ্+ √গৈ+তৃ (তৃচ্)-ক-১ব] ১ যজ্ঞের ষোড়শ ঋত্বিকের একতম (দ্র 'অগ্নিষ্টোম')। [ইনি সামবেদজ্ঞ এবং সাম গান করেন। নারায়ণের মুখ হইতে ইঁহার উৎপত্তি। ব্রহ্মা হোতা ও অধ্বর্য্যুরও উৎপত্তি এইরূপ (হ ২০০.৬)।] "মনু ৮.২০৯। ২ সামগায়ক, সামগ।

উদ্গার বিণ [উদ্+গৄ+অ (অন্)-ক ; স্ত্রী -রী] স্রাবী, আবর্ষী। "সলিলোদ্গার (অভ্রবৃন্দ) পু.মে ৬৪। [সমাসে উত্তরপদ] —র পুং [+অ (ঘঞ্)-ভা] ১ উদ্বমন, উদ্গিরণ, বমন। বিপ 'নিগার'। "শোণিত° গো.রা ৪.১৫.২৩। ২ ক্ষরণ, মোচন, স্রাব। "মদোদ্গারসুগন্ধি (কট) রঘু ৪.৫৭। ৩ প্রবাহস্যন্দন, জলক্ষরণ। "সনির্ঝরোদ্গার ইবাদ্রিরাজঃ।—রঘু ৬.৬০। ৪ নির্গম, নিঃসরণ। "ধূম° উ.মে ৮। ৫ আবিষ্করণ, প্রকাশ। "অতিগম্ভীরঃ সৌজন্যোদ্গারঃ ম.চ ৪২/৫। ৬ কণ্ঠগর্জ্জন, ঢেকুর। [ইহা নাগবায়ুর কার্য্য।] "ম ৫১৯। শি ৩৩। ৭ আখ্যান, বর্ণন, কথন। "পুরাবৃত্তকথোদ্গার হি ৩.১০৯। পুরাবৃত্ত° মা.মা ২.১২। দোষোদ্গার চৈ.চ ৬৭। ৮ আবৃত্তি, গান। "সামোদ্গার (A.)। ৯ [+অ-র্ম্ম] উদ্গীর্ণ দ্রব্য ; উদ্বান্ত খাদ্য—অন্নাদি। "উদ্গারান্ সান্নবসান্ মহা ৩২৬২.২৯। ১০ লালা (saliva)। ১১ কথিত বাক্য বা উপদেশ। "বাক্ত্যোদ্গার।—শান্তিশতক ১.২১। ১২ প্রতিশব্দ, প্রতিধ্বনি। "মহা ৩১৪৬.৭০। গম্ভীরগহ্বর° মা.মা ৯২/৫। —দ্গারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -রিণী] ১ নিঃসারী। "স্বনোদ্গারিদরীমুখ।—রঘু ১৩.৪৭। ২ নিঃস্রাবী, উদ্বমিতা। "শোণিত° রা ৪.১৬.২২। ৩ বর্ষী। "ধারাশত° মৃ ৫.২৭। ৪ উচ্চৈর্গর্জ্জনকারী। "°ঘোরঘনঘর্ঘরঘোষ ম.চ ৩.২৯ ; উ.চ ৪.৩০। —দ্গিরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা, ঋ>ই, নিপাতিত, অন্যথা 'উদ্গরণ' সাধু, পা ৭.৪.১৯ ; তু 'পা ৭.১.১০০] ১ উদ্গমন। ২ উদ্গার, ঢেকুর। "নাগ উদ্গিরণকরঃ (বেদান্তসার)। সুশ্রুত (S.W.)। ৩ নিঃসারণ। "ধূম-অগ্নি-উদ্গিরণ।—ন ৫০৬। [উদ্গারি, -রিয়া (পদ্যে)—উদ্গীর্ণ করিয়া। "করী উদ্গারি পেলাএ ম.পা ১১১ ; ১৩২ ; গজ উদ্গারিয়া পেলে ১৩৮।]

উদ্‌গিরিত বিং [সং উদ্গীর্ণ] উদ্বমিত, নিঃসারিত। "সংঘর্ষণে ফেনপুঞ্জ উদ্গিরিত ন ১৪৪৭।

উদ্গীত বিণ [উদ্+ √গৈ+ত (ক্ত)-র্ম্ম] ১ উচ্চৈর্গীত। ২ নিনাদিত, প্রতিধ্বনিত, সংঘুষিত। "হংসকারণ্ডব° (নদী) মহা ৩.৩৮.২০। —দ্গীত ক্লী [+ত-ভা] উচ্চৈর্গান, উদ্গীতি। "কিন্নরোদ্গীতভাষিণি মহা ১.১৭২.১০। —দ্গীতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ উচ্চৈর্গান ; সামগান। ২ [+তি-র্ম্ম] আর্য্যাচ্ছন্দোবিশেষ। —দ্গীথ পুং [+থ (থক্)-ভা, উ ২.১০] ১ সামবেদধ্বনি (শ.ক), সামবেদগান। ২ [+থ-র্ম্ম] সামবেদের ভাগবিশেষ ; সামাংশভেদ। "°বিদ্ উ.চ ২.৩। ৩ সামবেদের দ্বিতীয়াধ্যায়। ৪ প্রণব।

উদ্গীর বিং [সং উদ্গীর্ণ ; অপ্র] উদ্বমিত, নিঃসারিত। "রাশি রাশি অসি শোভে, দিনকরকরে, উদ্গীর পাবক যেন মা ১৪৯।

উদ্‌গীরণ বি [উদ্গীর্ণ>°ণ ; সং 'উদ্গিরণ'] ১ উদ্বমন, বমন। "অপাক দ্রব্যজাত-উদ্গীরণপূর্ব্বক মে ২৬৭, টীকা। ২ নিঃসারণ। "অস্ত্রের নিস্বন ঊর্দ্ধে, ঘাত প্রতিঘাত, কালানল উদ্গীরণ ন ১০৬২। দহ্নগিরিস্রাব-উদ্গীরণ।—হেম ১২৮। হৃদয়ভেদী আর্ত্তনাদের উদ্গীরণ ভা.উ, ২য় ভাগ, উপক্রমণিকা ১৬৪।

উদ্গীরিত বিং [উদ্গীরণ>°ত ; সং উদ্গীর্ণ ; অসাধু] নিঃসারিত। "আকস্মিক উপদ্রবের মত একদিন একটা মহাসমারোহের আগ্নেয় উচ্ছ্বাস উদ্গীরিত হইয়া উঠিল।—রবীন্দ্র।

উদ্গীর্ণ বিণ [উদ্+ √গৃ+ত (ক্ত)-র্ম; স্ত্রী -র্ণা] ১ উদ্বমিত। "উদ্গীর্ণস্যাবগীর্ণস্য বা মন্থো রোমন্থঃ পা ৩.১.১৫, মহাভাষ্য। ২ উৎপাদিত, জনিত। "কলকলৈরুদ্গীর্ণকর্ণজ্বরাঃ গী.গো ১ ৩৮। ৩ উৎসৃষ্ট, ত্যক্ত। "উদ্ঘট্টনোদ্গীর্ণতোয় পু.মে ৬২। ৪ উচ্চারিত, উপদিষ্ট। "শাস্ত্রং গুরুমুখোদ্গীর্ণম্।—সুশ্রুত (S.W.)। ৫ উদ্গমিত। ৬ [+ত -ক] উদিত (মল্লিনাথ)। "অনুদ্গীর্ণসুরায়ুধম্ (কুলিশম্) কু.স ২.২০। ৭ নির্গত, নিঃসৃত। "আলোদ্গীর্ণৈঃ কেশসংস্কারধূপৈঃ পু.মে ৩৩।

উদ্গূর্ণ বিণ [উদ্+গুর্+ত (ক্ত)-র্ম; স্ত্রী -র্ণা] ১ উদ্যত, উত্তোলিত। "°লোষ্টলগুড় মাঘ ৫.২৫। উদ্গূর্ণবাণ ভট্টি ৮.৮৯। যাজ্ঞ ২.২১৮; উদ্গূর্ণে হস্তপাদে ২১৯। ২ উত্তোলনপূর্ব্বক ধৃত (বস্ত্রাদি; শ ক)।

উদ্গ্রথিত বিণ [উদ্+ √গ্রন্থ্+ত (ক্ত)-র্ম] ১ উন্নমনপূর্ব্বক গ্রথিত; উত্তোলনপূর্ব্বক (উঁচা করিয়া) বদ্ধ; বদ্ধ। "লতাপ্রতানোদ্গ্রথিত (কেশ) রঘু ২.৮। মাল্যানি তন্তোদ্গ্রথিতানি পটেঃ মহা ৩ ১১২.১৬। ২ উন্মুক্ত, মুক্ত। —গ্রন্থ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ উন্মোচন। ২ [+অ -ধি] অধ্যায়, পরিচ্ছেদ। —গ্রন্থ বিণ [গ্রন্থ হইতে উদ্গত, প্রা স] গ্রন্থরহিত, বন্ধনহীন। —গ্রন্থি বিণ [প্রা স; স্ত্রী -ন্থি] ১ সর্ব 'উদ্গ্রন্থ'। ২ সংসারবন্ধনহীন, নির্গ্রন্থ, বিরক্ত। —গ্রন্থিত বিণ [+ √গ্রন্থ্ +ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম] বিস্রংসিত, বিমোচিত (দ্র 'মাঘ ১০.৬৩, মল্লিনাথ)।

উদ্গ্রহণ ক্লী [উদ্+গ্রহ্+অন (ল্যুট্)-ভা] ১ ঊর্দ্ধে গ্রহণ; উত্তোলন, উদ্যমন। ২ পরিশোধন। "ঋণ°। —গ্রাহ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ঊর্দ্ধ করিয়া ধারণ (অ.টী); উত্তোলন, উদ্যমন। ২ বিদ্যাবিচার। "নিজ নিজ শাস্ত্রে সভে উদ্গ্রহে পণ্ডিতঃ প্রভু-আগে উদ্গ্রাহ করি লাগিল কহিতে চৈ.চ ১২৩। উদ্গ্রাহ করিতে চৈতন্যগোসাঞি জান (চৈ.ম)। ৩ প্রতিবচন, উত্তর। ৪ (প্রাতিশাখ্যে) স্বরসন্ধিনিয়মবিশেষ—স্বরের পূর্ব্ববর্ত্তী 'অঃ' 'এ' 'ও' স্থানে 'অ'-কার। —গ্রাহিত বিণ [+ √গ্রহ্+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম] ১ গ্রাহিত। ২ প্রত্যায়িত। ৩ উপন্যস্ত (দ্র 'মাঘ ২.৭৫, মল্লিনাথ)। ৪ উত্তোলিত।

উদ্গ্রীব বিণ [উদ্গতা গ্রীবা যাহার, বহুব্রী; স্ত্রী -বা] ১ ঊর্দ্ধগতগ্রীব, উৎকন্ধর, উৎকণ্ঠ। "চাতকযুবা উদ্গ্রীবঃ কুরুতে ধারাধরালোকনম্। —চাতকাষ্টক। ২ উৎসুক, উন্মনাঃ, উৎকণ্ঠিত। "উদ্গ্রীবঃ…পথিকস্তথাপি কিমপি ধ্যায়ন্ মুহুঃ শ্বায়তে।—অমরু ৯৩।

উদ্ঘটিত বিণ [উদ্+ √ঘট্+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম] অপনীত, উদ্ঘাটিত। "°পিধান কু.স ৭.৫৩।

উদ্ঘট্টন ক্লী [উদ্+ √ঘট্ট্+অন (ল্যুট্)-ভা] ১ প্রহার, অভিঘাত। "বলয়কুলিশ° পু.মে ৬২। ২ উদ্ঘর্ষণ দ্বারা চালন (ত.বা)। ৩ উদ্ভেদ, আবির্ভাব। "ক.সা (S.W.)। ৪ উদ্ঘাটন (M.W.)। —ট্টিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ বিঘটিত, বিশ্লিষ্ট। "মাঘ ১১.৪২। ২ উদ্ঘাটিত।

উদ্ঘন পুং [উদ্+ √হন্+অ (অপ্)-ধি, নিপাতিত, পা ৩.৩.৮০] যে কাষ্ঠে অন্য কাষ্ঠ স্থাপিত করিয়া চাঁচে; কাষ্ঠাদিতক্ষণে আধারভূত অধঃস্থিত কাষ্ঠ। "লোহোদ্ঘন-ঘনস্কন্ধাঃ ভট্টি ৭.৬২।

উদ্ঘর্ষণ ক্লী [উদ্+ √ঘৃষ্+অন (ল্যুট্)-ভা] ১ ইষ্টকাদি কঠিন দ্রব্যে গাত্রাদিমার্জ্জন। "সুশ্রুত ৪.২৪.২৯। ২ [+অন-ণ] ঘর্ষণসাধন দ্রব্য লোষ্টাদি। "°লোষ্টক মৃ ২ ১২।

উদ্ঘাট পুং [উদ্+ √ঘাটি+অ (অচ্)-ধি] ১ প্রচ্ছাদিত পণ্যাদিদর্শনার্থ উদ্ঘাটনাগার; রাজস্থাপিত গৃহবিশেষ; যে গৃহে রাজপুরুষকে আবৃত পণ্যাদি খুলিয়া দেখাইতে হয়; চৌকীর ঘাট বা থানা। ২ [+অ-ভা] উদ্ঘাটন। —টক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -টিকা] উদ্ঘাটয়িতা, অর্গলাপনেতা। —ক পুং উদ্ঘাটনকারক দ্রব্য; কুঞ্চিকাদি। "উদ্ঘাটকো ভবতি যন্ত্রদৃঢ়ে কপাটে মৃ ৩.১৬। —টক পুং, ক্লী কূপ হইতে জলোত্তোলন-যন্ত্র; ঘটীযন্ত্র। —টন বিণ [+অন (ল্যুট্) -ক; স্ত্রী -নী] উদ্ঘাটক। "ধর্ম্মম্…স্বর্গার্গলোদ্ঘাটনম্ হি ১ ১৬৩। —টন ক্লী [+অন-ভা] ১ অর্গলাপনয়ন, নিরর্গলীকরণ, হুড়কা খোলা। ২ প্রতিবন্ধদূরীকরণ, বন্ধাপনয়ন। ৩ ব্যক্তীকরণ, প্রকাশন। "দ্যূতসভাদ্যপকারস্থানোদ্ঘাটনম্ বে ১$\frac{১৮}{২}$। ৪ [+অন-ণ] উদ্ঘাটনসাধনমাত্র, খুলিবার উপায় চাবি ইত্যাদি। ৫ উদ্ঘাটক, ঘটীযন্ত্র। —টিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ নিরর্গলীকৃত, কৃতোদ্ঘাটন। "°দ্বার ক.সা ২৬৭৭। ২ অপাবৃত, অনাচ্ছাদিত। "°তাঙ্গ। ৩ প্রকাশিত। "তরুণাস্থিমর্ম্মণ্যুদ্ঘাটিতে (সুশ্রুত)। ৪ আরব্ধ। "কার্য্যমুদ্ঘাটিতং কাপি মধ্যে বিঘটতে যতঃ (পাঠান্তর) হি ৪.২। ৫ উত্তোলিত, উদ্ধৃত। [°তজ্ঞ (বিণ)—প্রাজ্ঞ, পণ্ডিত। °তাঙ্গ (বিণ)—নগ্ন, বিবস্ত্র।]

উদ্ঘাত পুং [উদ্+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ উচ্চপাষাণাদিপ্রতিঘাত; ঠোকর লাগা। "অনুদ্ঘাতসুখ রঘু ২.৭২। শ ৭.৩৩। মাঘ ১২.২। °ক্বণিত বে ২ ২৯। ২ পাদস্খলন (মেদিনী)। ৩ আরম্ভ, উপক্রম। "আকুমারকথোদ্ঘাতম্ (যশঃ) রঘু ৪.২০। কু.স ২.১২। ৪ উল্লেখ। "হৃদয়মর্ম্মচ্ছেদঃ খল্বমী কথোদ্ঘাতাঃ উ চ ৩$\frac{৪}{৫}$। ৫ উত্থান। "পৃথুতুঙ্গশিলোদ্ঘাতঃ…মহাগিরিঃ গো.রা ৫ ৪.১২। ৬ প্রাণবায়ুকৃত অপানাভিঘাত (সুশ্রুত)। ৭ [+অ-ণ] শস্ত্র। ৮ মুদগর। ৯ প্রাণায়ামাঙ্গ কুম্ভকাদিত্রয়। ১০ [+অ -ধি] গ্রন্থপরিচ্ছেদ। —তক পুং [+অক (ণ্বুল্)-ক] (নাট্যে) পঞ্চবিধ প্রস্তাবনার একতম; আমুখবিশেষ। [অপ্রসিদ্ধিহেতু পদসমূহের অভিপ্রেতার্থের প্রতীতি না হইলে, তদর্থবোধের নিমিত্ত, অভিপ্রেতার্থপ্রতিপাদক অন্য পদের যোজনাপূর্ব্বক পাত্র প্রবেশ করিলে, 'উদ্ঘাত(ত্যা)ক' হয় (সা.দ ৬.৩৪)।] —ত্যক পুং [+ √হন্+ই (ণিচ্)+য (যৎ)-ধি+ক (কন্) স্বার্থে] সর্ব 'উদ্ঘাতক'। "'উদ্ঘাত্যক' নাম এই মুখ বীথীঅঙ্গ চৈ চ ২৬২। —ঘাতী (-তিন্) বিণ [+ √হন্+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -তিনী] উদ্ঘাতকারী, গতিপ্রতিঘাতী, উন্নতাবনত। "উদ্ঘাতিনী ভূমিঃ শ ১$\frac{৭}{৮}$।

উদ্ঘুষিত বিণ [উদ্+ √ঘুষ্+ত(ক্ত) -র্ম, সেট্; অনিট্ পক্ষে 'উদ্ঘুষ্ট', পা ৭.২.২৩] শব্দ দ্বারা প্রকটিতাভিপ্রায় (বাক্য); বিশব্দিত, প্রতিজ্ঞাত। —ঘুষ্ট বিণ [দ্র 'উদ্ঘুষিত'] ১ নিনাদিত; প্রতিধ্বনিত, বিরাবিত। "বিহগোদ্ঘুষ্ট…কাননোত্তমে গো.রা ৩.৭৯.৪৫। ২ উচ্চৈঃ উচ্চারিত। "°জয়শব্দবিরাবিতাশা (S.W.)। —ঘুষ্ট ক্লী [+ত-ভা] উচ্চঘোষ, ঘোষ। "তূর্য্যোদ্ঘুষ্টনিনাদিতে রা ১.৭৩.৩৯; ৭৭.৬। —ঘোষ পুং [+অ(ঘঞ্)-ভা] উচ্চৈর্ঘোষণা, কীর্ত্তন, সংশব্দন। "দোষ° সা.দ ৩.১৬৬।

উদ্ঘূর্ণ বিণ [উদ্+ √ঘূর্ণ্+অ (অচ্)-ক; স্ত্রী -র্ণা] ১ ঊর্দ্ধে ঘূর্ণমান। "ক্রোধোদ্ঘূর্ণগদ বে ৬.১২। ২ ঘূর্ণিত। —ঘূর্ণা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] (বৈষ্ণবসাহিত্যে) মহাভাববিশেষ বা দশাবিশেষ। "উদ্ঘূর্ণা প্রলাপ তৈছে প্রভুর রাত্রি-দিনে চৈ.চ ৭২। [ইহা অধিরূঢ় মহাভাব মোহনের ভেদবিশেষ। এই মহাভাবে বিরহে কৃষ্ণস্ফূর্ত্তি (আপনাকে কৃষ্ণ বলিয়া জ্ঞান) হয়। ইহার অন্য নাম 'দিব্যোন্মাদ'। 'উদ্ঘূর্ণা'—বিবশচেষ্টা 'দিব্যোন্মাদ' নাম। বিরহে কৃষ্ণস্ফূর্ত্তি—আপনাকে 'কৃষ্ণ'-জ্ঞান। —চৈ.চ ২৩০; উদ্ঘূর্ণাদশা হৈল উন্মাদলক্ষণ ৩৪৯।]

উদ্দংশ পুং [উদ্+ √দংশ্+অ (অচ্)-ক; দ্র 'উড়স] ১ 'অতিদংশক', শয্যাকীট, ছারপোকা। ২ উৎকুণ; উকুন। ৩ দংশ, ডাঁশ।

উদ্দণ্ড বিণ [প্রা.স; স্ত্রী -ণ্ডা] ১ দণ্ডকে উৎক্রান্ত; দণ্ডাতীত, ভীষণ। ২ [বহুব্রী] যাহার দণ্ড উন্নত, অর্থাৎ জল হইতে উত্থিত; জলনির্গতনাল, উন্নতনাল। "°পদ্ম রঘু ১৬.৪৬। °দীপ্তহেমসরোরুহ ক.সা

২৫.২৪৮। ৩ উন্নতদণ্ডযুক্ত। ৪ (বাঙলায়) উদ্যতদণ্ড, প্রহারার্থ উত্থাপিত-যষ্টি। "হস্তেতে করিয়া দণ্ড, উদ্দণ্ড বধিতে রাণীরে দা ৩৫২। ৫ খড়্গ-হস্ত, মারমূর্ত্তি, প্রচণ্ড। "কি বলিব আর নারীর কাণ্ড,...বললে হন উদ্দণ্ড দা ৫৫। ৬ ঐকান্তিক, প্রগাঢ়। "প্রেমোদ্দণ্ড ভক্তি চৈ.চ ৪৬। —ণ্ড পুং [প্রা স] ১ উন্নত দণ্ড। ২ উন্নত রাজদণ্ড। "°ধবলচ্ছত্র হি ২.২৭। [°নৃত্য (বি)—যে নৃত্যে শরীর ও হস্ত দণ্ডবৎ থাকে; দণ্ডবৎ শরীর সরল ও হস্তদ্বয় ঊর্দ্ধ করিয়া লাফাইয়া লাফাইয়া নৃত্য; থাড়ানৃত্য। "উদ্দণ্ডনৃত্যে প্রভুর হৈল পরিশ্রম চৈ চ ৮৭। হুঙ্কার উদ্দণ্ড নৃত্য ভ.গ্র ৩১৫। [°পাল (পুং)—সর্পবিশেষ; মৎস্যবিশেষ; উৎকটদণ্ডকারক রাজা। উদ্দণ্ড নাচয়ে—হস্ত দণ্ডবৎ উচ্চ করিয়া নাচে। "ভ.গ্র ৮২।]

উদ্দান ক্লী [উদ্+ √দো+অন (ল্যুট্)-ভা] ১ বন্ধন। "উদ্দানে (পাঠান্তর 'উদ্যানে') ক্রিয়মাণে তু মৎস্যানাং তত্র রজ্জুভিঃ মহা ১২. ১৩৭.১৪। ২ [+অ-ক] 'উচ্ছেদকারক, বাড়বানল। তু 'ব এষ মনুজস্তেঽগ্নির্লোকানাদাতুমিচ্ছতি মহা ১.১৮০.১৭। [আদাতুম্ উচ্ছেত্তুম্ (টীকা)] ৩ চুল্লী। তু 'উদ্ধান'। ৪ [+অন-ধি] বস্ত্রবন্ধনস্থান; কটিদেশ। ৫ [+অন-র্ম্ম] শুল্ক, কর। তু 'দান'। ৬ [+অন-ধি] সূর্য্যের রাশিসংক্রমণকাল।

উদ্দাম বিণ [উৎকৃষ্ট (উদ্ধত) বা উদ্গত দাম যাহা হইতে, বহুব্রী, সমাসান্ত 'অ' (অচ্); সমাসান্তপ্রত্যয়াভাবে '°মা'; স্ত্রী-মা] ১ উৎকৃষ্টদাম, নিঃশৃঙ্খল (রা. টীকা), দামমুক্ত, বন্ধনহীন, অনিয়ন্ত্রিত। "উদ্দামং গজম্ রা ২.২৩.২০। মহা ৩.১৪৬.১৯। ২ স্বতন্ত্র, কামচারী। ৩ উদ্ভট, প্রবল, প্রচণ্ড। "°দেহপরিদাহ মা.মা ৬.১২। অগ্নেরুদ্দামং জ্বলিষ্যতঃ উ.চ ৩.৯। ৪ অত্যুগ্র, উদ্রিক্ত। "মেঘতূর্য্যরবোদ্দামমদনাকুলিত (ময়ূর) মহা ৩.১৫৮.৬০। ৫ উন্মদ, উন্মত্ত। "°রামা মাঘ ১১. ১৯। সহজেই নিত্যানন্দ কৃষ্ণপ্রেমোদ্দাম চৈ চ ৭১। কবি ফিরে লুব্ধ-চিত্তে। উদ্দাম সঙ্গীতে চ.কা ২০২। ৬ অপ্রতিবন্ধ, অবাধ। "°প্রসর-রস।—শান্তিশতক ১.২২। ৭ প্রভূত, ভূরি। "উর্ব্বীমুদ্দামসস্যাম্। —রত্নাবলীনাটিকা ২.৪। ৮ বন্ধনরহিত, পরিপূর্ণ, সম্পূর্ণ। "°মোৎ-কলিকা।—রত্নাবলীনাটিকা ২.৪। ৯ প্রগল্‌ভ, অপ্রতিবন্ধ। "°গিরাং কবীনাম্ মাঘ ৪.১০। ১০ উৎকট, পূর্ণ। "উদ্দামানি...যৌবনানি পু.মে ২৬। ১১ আঢ্য, পরিপূরিত। "গন্ধোদ্দাম মৃ ৫.২২। ১২ সমুদ্ধত, উৎসিক্ত, দৃপ্ত। "পৌলস্ত্যবিজয়োদ্দামকার্ত্তবীর্য্যার্জ্জুন ম চ ৩.৪৫। ১৩ মহাবল ও মহাকায়। "উদ্দামেন দ্বিরদপতিনা উ.চ ৩৬। ১৪ গম্ভীর। "°ভাবপিশুন ভ ১.১১.৬৭। —দ্দাম পুং [বহুব্রী] ১ যাহার দাম (পাশাস্ত্র) উৎকৃষ্ট; পাশী, বরুণ। ২ যম। —দ্দামা (-মন্) বিণ [দ্র 'উদ্দাম'; স্ত্রী-মা (-মন্),-মা] সর্থ 'উদ্দাম (১)। "°দিগ্‌গজ রঘু ১৭৮। [দ্র 'মল্লিনাথটীকা']। [উদ্দামিয়া ('উত্তমিয়া' > °য়া, লিপিপ্রমাদ; অপ্র)—উদ্যত করিয়া; উঠাইয়া। "পদাঙ্গুলী চাপিয়া যে বাহু উদ্দামিয়া। শ্রীপতির অঙ্গেতে কোপ মারিল হানিয়া॥—ম.পা ১৫২।]

উদ্দাল, -লক পুং [উদ্+ √দৄ+ই (ণিচ্)— √দারি+অক (ণ্বুল্) -ক, র > ল (নীলকণ্ঠ); ক (কন্) স্বার্থে] ১ অয়োদধৌম্যের শিষ্য আরুণি। [ইনি উপাধ্যায়ের ক্ষেত্রের জলরক্ষার্থ ভগ্নস্থানে শয়ন করিয়াছিলেন। পরে, উপাধ্যায়ের আহ্বানে উত্থিত হইয়া তৎসমীপে আসিয়া সকল বিষয় নিবেদন করিলে, তিনি 'কেদারখণ্ড বিদারণপূর্ব্বক উত্থান হেতু', আরুণিকে 'উদ্দালক' নামে অভিহিত করিলেন (মহা ১.৩.২১-৩১)।] ২ শ্বেতকেতুর পিতা মুনিবিশেষ (মহা ১.১২২.৯)। ৩ বহু-বারকবৃক্ষ (অ.কো)। ৪ বনকোদ্রববৃক্ষ। "রা ৪.১৮১। —লক ক্লী মধুবিশেষ (উদ্দালকপুষ্পমধু?)। [°কপুষ্পভঞ্জিকা (স্ত্রী)—ক্রীড়া-বিশেষ (পা ২.২.১৭; ৩.৩.১০৯)। °ব্রত (ক্লী)—পতিতসাবিত্রীকের অনুষ্ঠেয় ব্রত (বসিষ্ঠ, ১১শ অধ্যায়)।]

উদ্দিষ্ট বিণ [উদ্+ √দিশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রাক্‌কথিত, পূর্ব্বোক্ত। "সা.দ ১০.৭৯। ২ উপদিষ্ট, বিজ্ঞাপিত। "পশ্চানমৃষিণোদ্দিষ্টম্ রা (S.W.)। ত্বং সাধুভিরুদ্দিষ্টঃ প্রথমমেব চক্রবর্ত্তিনং পুত্রং জনয়িষ্যসি শ ৫২২০। ৩ অভিপ্রেত। ৪ কথিত, উক্ত, কীর্ত্তিত। "যথোদ্দিষ্ট মনু ৩.১৮২। যথোদ্দিষ্টব্যাপারা শ ৪১৫। পূর্ব্ব° পু.মে ৩১। ৫ বাক্য দ্বারা প্রতিজ্ঞাত; সঙ্কল্পিত। "উদ্দিষ্টাম্...ভক্তস্ব পূজাম্ মামা ৫.২৪। ৬ সঙ্কেতিত। "কু.স ৬.৩৫। ৭ লক্ষীকৃত। —ষ্ট ক্লী উপায়বিশেষ (ত.বা)।

উদ্দীপ পুং [উদ্+ √দীপ্+ই (ণিচ্)+অ (অচ্)-ভা] ১ উদ্দীপন, উজ্জ্বলন, উত্তেজন। ২ প্রোৎসাহন। —প ক্লী [+অ-ক] 'উদ্দীপক,' গুগ্‌গুলু। —পক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী-পিকা] ১ অতি-দীপয়িতা, উদ্ভাসক, অতিদীপক। ২ উগ্র, তীব্র। "গরলস্যোদ্দীপকতয়া (দশকুমার)। ৩ প্রকাশক। ৪ উত্তেজক, উদ্রেককর। —পক পুং পিপীলিকাবিশেষ। —পন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী-নী] উদ্ভাসক; উত্তেজক, বিবর্দ্ধক। "অগ্ন্যুদ্দীপন, ক্রোধোদ্দীপন। —পন ক্লী (অলঙ্কারে) রসের উদ্বোধক বা পরিপোষক বিভাববিশেষ—আলম্বনের চেষ্টাদি (সা দ ৩.১৩১; ১৮৫)। "পীতাম্বর ধরে, অঙ্গে রত্ন-আভরণ। কৃষ্ণ-স্মরণের তেঁহো হৈলা উদ্দীপন চৈ.চ ১৪৩; বংশীস্বরাদি—উদ্দীপন ২৩০। প্রভুকে প্রণাম করে পায় উদ্দীপন শ্রী মা ২১৫। [শৃঙ্গারে চন্দ্রচন্দনাদি, হাস্যে বিকৃতাকারাদি, রৌদ্রে শত্রুচেষ্টা, বীরে বিজেতব্যাদিচেষ্টা, ভয়ানকে ভীষণচেষ্টা, বীভৎসে জুগুপ্সাকর দুর্গন্ধমাংসাদি, অদ্ভুতে অলৌকিক গুণমহিমা, শান্তে পুণ্যাশ্রম-তীর্থাদি উদ্দীপনবিভাব (সা.দ)।—পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উদ্ভাসিত, উজ্জ্বলিত, প্রকাশিত। "দীপ-প্রভয়োদ্দীপিতম্ (S.W.)। ২ প্রজ্বলিত, উত্তেজিত। "পুত্রবধামর্ষে-গোদ্দীপিতেন বে ২২২৪। ৩ অতিজ্বলিত, সংধুক্ষিত। "বায়ুদ্দীপিতো বহ্নিঃ হ ৯৯.৫৪। °কোপানল বে ২২২৩।

উদ্দীপ্ত বিণ [উদ্+ √দীপ্+ত (ক্ত)-ক] ১ প্রজ্বলিত, অতিদীপ্ত। ২ দীপ্তিমান্, শুভ্র (অ.কো)। ৩ প্রকাশিত। ৪ উদ্রিক্ত, বৃদ্ধিপ্রাপ্ত। —দ্দীপ্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অতিদীপ্তি, প্রজ্বলন। —দ্দীপ্র বিণ [+র তাচ্ছীল্যে-ক; স্ত্রী-প্রা] অতিদীপ্তিশীল, বিভাস্বর। —দ্দীপ্র পুং, ক্লী গুগ্‌গুলু।

উদ্দেশ পুং [উদ্+ √দিশ্+অ (ঘঞ্)-ভা] ১ লক্ষ্যীকরণ, অনুধ্যান। "সূর্য্যোদ্দেশেন তিলা দাতব্যাঃ।—পঞ্চ (S.W.)। সাগর-উদ্দেশে গ ১৭৮। মহামায়া-উদ্দেশে বিস্তর কৈলা স্তব (ভা চ)। বাহিরায় যবে নদী সিন্ধুর উদ্দেশে।—মে ৮১। ২ অন্বেষণ। "সীতার উদ্দেশে কৃ ১৭৯; দানব চলিল সেই হেমার উদ্দেশে ১৮৩। ৩ অনুসন্ধান, সন্ধান। "রাধার উদ্দেশ বোলো শ্রী.কী ১৪। পশিল শিবের মাথে, উদ্দেশ না ছিল তাতে গ ১৯৬। গুরুর উদ্দেশ গোবি ৪৪। দু ৪। কৃ ১৭৬; ১৭৮। ৪ উপদেশ। "ধর্ম্মকৃতোদ্দেশাৎ গো.রা ৪ ১৭.১২। ৫ নিরূপণ। "গাছ পাথরে পথ নাহিক উদ্দেশ গ ১৫৬। ৬ (ন্যায়ে) নাম দ্বারা নির্দ্দেশ; অভিধান (শ ক)। "পদার্থ°। কৌশল্যাপ্রভৃতিকে উদ্দেশে সম্বোধন করিয়া কাতরবাক্যে কহিতে লাগিলেন সী ২২। ৭ নির্দ্দেশ, বিশেষ-কথা। "অনুসন্দর্শয়থোদ্দেশম্ মহা ৩.১৫৮.৩৩। সার্দ্ধপ্রহরদ্বয়োদ্দেশে। —পঞ্চ। পথের উদ্দেশ কহিবা ম.ম ১৪৪। ৮ সমাসকথন, সংক্ষেপোক্তি, সংক্ষেপ, একদেশ। 'সমাসকথনমুদ্দেশঃ (সুশ্রুত—S.W.)। "উদ্দেশতঃ প্রোক্তঃ গী ১০.১৪। গ্রহ° মহা ৩.২২৯.৫৯। ৯ [+অ-র্ম্ম] লেশ। "গুণ° মহা ৩.৪৫.১৫। নাহি রাগোদ্দেশ ভ.গ্র ২৪১। ১০ দেশভাগ, একদেশ, প্রদেশ, স্থান, স্থল, ভূমি। "ক্রীড়া°, ভবন°, রণ°, সমর° রা (S.W.)। রা ২.৮০.৪। সত্তোদ্দেশ মহা ৬.৬২.১৮; পর্ব্বতবন° ১১৪.১৮। প্রবাতমুত্তমোহয়মুদ্দেশঃ শ ৩১৬। গোবর্দ্ধনাথ চলি গেল গুরুর

উদ্দেশ গো.বি ৪৫। উদ্দেশ পাইল গন্ধমাদন পর্ব্বতে ম ৪৮২। **১১** উদ্দেশ্য, অভিপ্রেত বিষয়। "ভাবে মুনি কি তার উদ্দেশ কা ৪২। **১২** সময়, নিয়ম। **১৩** [+অ-ধি] উপদেশদেশ, উপদেশস্থান (ত.বা)। —শক বিণ [+অক (ণুল্)-ক ; স্ত্রী -শিকা] **১** উদ্দেশকারক, অন্বেষক। **২** দার্ষ্টান্তিক, প্রবেশক। —শক পুং **১** উপদেশক। **২** উদাহরণ। **৩** (গণিতে) প্রচ্ছন্ন, প্রশ্ন (problem ; লীলাবতী)। —শিত বিং [সং উদ্দিষ্ট ; অপ্র] অভিপ্রেত, লক্ষীকৃত। "উদ্দেশিত দেশে উতরি নাবিক, তরালু করিল স্থির।—হেম ১১৮। —দ্দেশ্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম; স্ত্রী -শ্যা] অনুসন্ধেয়, অন্বেষণীয়, লক্ষ্যীকরণীয়। —দ্দেশ্য ক্লী **১** অনুসন্ধেয় বিষয়; প্রয়োজন, অর্থ, নিমিত্ত। **২** অভিপ্রেতবিষয়, লক্ষ্য। "ত্যজ্যমানদ্রব্যে উদ্দেশ্যবিশেষো দেবতা পা ৪.২.২৪, সি। **৩** স্থল, প্রদেশ। "উদ্দেশ্যজ্ঞঃ কুবেরস্য নলিন্যাঃ মহা ৩.১৫৫.২১। **৪** (ব্যাকরণে) যাহাকে উদ্দেশ করিয়া বিষয়ের প্রবৃত্তি হয়; কোন বাক্যের কর্তৃপদ, যাহার বিষয় পরবর্ত্তী বাক্যাংশে (বিধেয়ে) বিশেষ করিয়া বলা যায়; অনুবাদ্য। [°শ্যজ্ঞ (বিণ)—স্থলজ্ঞ, দেশতত্ত্ববিৎ। উদ্দেশিল—নির্দ্দেশ করিল; বিশেষ বর্ণনা করিল। "বহুবিধ মন্ত্রভেদ উপায় উদ্দেশিল ম.বি ১৮। উদ্দেশিয়া—লক্ষ্য করিয়া; ধ্যান করিয়া। "ত্যাগিল প্রাণ ধর্ম্ম উদ্দেশিয়া ম.পা ৪৭; ধাএ গৃহ উদ্দেশিয়া ১২১। উদ্দেশে—**১** লক্ষ্য-পূর্ব্বক, স্মরণপূর্ব্বক। **২** নির্দ্দেশানুসারে। "হেন নেহ বড়ায়ির উদ্দেশে শ্রী কী ৩৪৮।

উদ্দ্যোত বিণ [উদ্+ √দ্যুৎ+অ (অচ্)-ক ; স্ত্রী -তা ; একদকার 'উদ্যোত' অসাধু ; তু 'খদ্যোত'] **১** অতিদ্যোতমান, দীপ্তিমান্, প্রকাশমান। "হর্ষরশ্মিভিরুদ্দ্যোতং তস্যান্তঃপুরমাবভৌ রা ১.১৬২৫। [ধৃত-পাঠ 'উদ্যোত']। **২** [+ √দ্যুৎ+ই (ণিচ্)+অক-ক] উদ্দ্যোতয়িতা উদ্দীপক, প্রকাশয়িতা। —ত পুং **১** আলোক, রশ্মি, কর। "চন্দ্রো-দ্দ্যোত ক.ম ৩.২৫। **২** মহাভাষ্যপ্রদীপব্যাখ্যানগ্রন্থ। **৩** নাগেশকৃত কাব্যপ্রদীপব্যাখ্যান। **৪** গ্রন্থপরিচ্ছেদ। **৫** [+ √দ্যুৎ+অ (ঘঞ্) -ভা] অতিদ্যুতি, সুপ্রকাশ, দীপ্তি। "কুলোদ্দ্যোতকরী রা (S.W.)। নেত্রৈঃ কৃতোদ্দ্যোতম্ মহা ১৩.১৪.২৫৩। —তক বিণ [+ √দ্যুৎ+ই (ণিচ্)+অক (ণুল্)-ক ; স্ত্রী -তিকা] উদ্দীপক, উদ্ভাসক, প্রকাশক। —তন ক্লী [+অন (ল্যুট্)-ভা] উদ্দীপন, প্রকাশন, দীপ্তীকরণ। —তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] উদ্দীপিত, প্রকাশিত, উদ্ভাসিত। "কুণ্ডলোদ্দ্যোতিতানন মহা ১.৬৩.৯৮। °ক্ষাত্রলক্ষ্মীক উচ ৬২/৫। [°তকর (বিণ)—প্রকাশকারক, প্রকাশক।]

উদ্দ্রাব পুং [উদ্+ √দ্রু+অ (ঘঞ্)-ভা] দ্রুতগতি, পলায়ন। —দ্রুত বিণ [+ত (ক্ত)-ক] পলায়িত। "মাঘ ৫.২৫।

উদ্ধত বিণ [উদ্+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] **১** উৎকীর্ণ, উৎক্ষিপ্ত, উত্থাপিত। "মহামেঘঃ শ্বসনেনোদ্ধতঃ।—গো.রা ৬.১০৮.১। আত্মোদ্ধতৈরপি রজোভিঃ শ ১.৮। বাতোদ্ধতরেণু।—ঋতু ১.১০। খুর° রঘু ৯.৫০। ভট্টি ৯.৭। **২** অত্যন্তহত, অত্যন্তনাশিত। "মূলৈরুদ্ধতবেগিনঃ (পাদপাঃ) রা ২.৪৫.৩০। **৩** [+ত-ক] দৃপ্ত, গর্ব্বিত। "অশ্ববধ" রঘু ১২.৬৩। কাঞ্চি উদ্ধতললাট স.স্ব ৬৯। **৪** উদ্গত, উত্থিত। "উজ্জ্বলদুদ্ধতবালধি (ভট্টি)। **৫** উন্মত্ত, উচ্ছৃঙ্খল। "ধনমদ°, যৌবনমদ°। মদজল° রা ২.২৩.২০। মদ° (মৃগ) কু.স ৩.৩১। **৬** উৎকট, প্রচণ্ড। "উদ্ধত-দ্যুতি।—ঋতু ২.১। ভ ৩.১৭.১৯। **৭** সমুদিত। "ঋতু ২.১। **৮** বিবৃদ্ধ, অতিশয়িত। "মন্মথরুদ্ধতঃ গো.রা ৪.৩৬.২১। স্মরণোদ্ধতস্মিতাবলোক ভ ৪.২৫.৪২। °মনোভবরাগা কি ৯.৬৮। উদ্ধতানন্দে, বেড়িয়া গোবিন্দে, গোকুলে গোপিনী যেন শ্রী মা ১২০। **৯** পূরিত, পূর্য্যমাণ। "কীচকাঃ...শ্বনন্তানিলোদ্ধতাঃ (অ.কো)। **১০** অতিনির্হারী, দূরসঞ্চারী। "গন্ধমুদ্ধতম্ মহা ৩.১৪৬.১৯। **১১** উগ্র, দারুণ, প্রচণ্ড। "ক্রোধবিষ° (পাঠান্তর) মহা ৪.২২.৫৬। **১২** প্রগল্ভ। **১৩** দুঃসহ, অসহনীয়। "তুষারবর্ষোদ্ধতপ্রবর্ষণ—পঞ্চ (শ.ক)। **১৪** নিষ্ঠুর, কঠোর। "বচনৈঃ ...উদ্ধতৈঃ মাঘ ১৬.২৭। **১৫** উৎপতিত, উদ্গত। "শ্বসিতেনোদ্ধতস্তন কি ৮.৫৩। **১৬** আত্মশ্লাঘাদিযুক্ত (নায়ক)। "ধীর° সা.দ ৩.৩৩। **১৭** উজ্জ্বল, উদ্দীপ্ত। "বাতোদ্ধতো বহ্নিঃ (S.W.)। **১৮** দুর্দ্ধর্ষ, দুর্জ্জয়। "যাদবকুলং শৌর্য্যবীর্য্যশ্রিয়োদ্ধতম্।—ভ ১১.৬.২৯। **১৯** অশান্ত, ক্ষোভিত, সমাকুল। "উদ্ধতার্ণবনিস্বন (M.W.)। —ত পুং রাজমল্ল। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** উদ্ধতভাব, অবিনয়, ঔদ্ধত্য। "°শ্রিত মাঘ ১৬.৭২। **২** উত্থান, উদ্গমন; দর্প। "মাঘ ৩.২৮। **৩** পাষাণাদিতে আঘাত; উদ্ঘাত, ঠোকর লাগা। "নিরুদ্ধতঃ...রথঃ (পাঠান্তর) শ ৭১/৮। [°তমনস্ক, °তমনাঃ (-নস্) বিণ—গর্ব্বিত-চিত্ত, অভিমানী। "°নাঃ রা ২.৬.২৩।]

উদ্ধব পুং [উদ্+ √ধু+অ (অপ্)-ক] **১** যাহা দুঃখ উদ্ধৃত করে; উৎসব (অ.কো)। **২** [+ √হু+অ-ধি] যজ্ঞাগ্নি। **৩** বৃষ্ণিবংশীয় যাদববিশেষ। [ইনি কৃষ্ণের প্রিয় সখা, ভক্ত ও মন্ত্রী ছিলেন। বৃহস্পতি ইঁহার আচার্য্য। কৃষ্ণের আদেশে গোকুলে গিয়া ইনি নন্দ যশোদা ও গোপীগণকে কৃষ্ণের সংবাদ-দানে প্রীত ও তত্ত্বজ্ঞানে উদ্বোধিত করেন এবং কৃষ্ণাদেশে শেষ জীবন বদরিকাশ্রমে অতিবাহিত করেন (ভ ১০.৪৬.৪৭ ; ১১.২৯)। 'উদ্ধবদূত' 'উদ্ধবসন্দেশ' কাব্য ইঁহারই বিষয় লইয়া বিরচিত।]

উদ্ধম বিণ [উদ্+ √ধ্মা+অ (শ)-ক ; স্ত্রী -মা] অতিশব্দকারক। "ধ্বনীনামুদ্ধমৈঃ (পতগৈঃ) ভট্টি ৬.৭৭।

উদ্ধয় বিণ [উদ্+ √ধে+অ (শ)-ক ; স্ত্রী -য়া] পানকারক, পায়ী। "মধুনামুদ্ধয়ৈঃ (পতগৈঃ) ভট্টি ৬.৭৭।

উদ্ধরণ ক্লী [উদ্+ √হৃ+অন (ল্যুট্)-ভা] **১** উন্নয়ন, উত্তোলন। "মন্দরোদ্ধরণ মহা ১.১৮.৫ ; লাঙ্গুল° ৩.১৪৭.২২। **২** অপনয়ন, অপকর্ষণ, নিঃসারণ। "শল্য°।—সুশ্রুত ১.২৭.২। **৩** নিরাকরণ; দূরীকরণ, নিবারণ। "কণ্টকোদ্ধরণ মনু ৯.২৫২। **৪** উন্মূলন; উৎ-পাটন। **৫** ঋণশোধন। **৬** মুক্তি, মোচন। **৭** তারণ। "দীনোদ্ধরণো-চিত রঘু ২.২৫। **৮** উদ্ধার, ত্রাণ। "আপদুদ্ধরণক্ষম হি ১১.১৯। **৯** উদ্গিরণ, বমন। "ভ ৪.৪.১৮, শ্রীধর। **১০** নিষ্কর্ষণ, নিষ্কোষণ। °চক্ষুষোরুদ্ধরণম্ (S.W.)। **১১** উত্থাপন। "°পূর্ব্বক পা ৪.২.২৪, সি। **১২** পরিবেষণ। **১৩** বহির্নিষ্কাশন। **১৪** উৎপাদন। "আহবনীয়° (ত.বা)। **১৫** [+অন-র্ম্ম] উদ্ধৃত (উদ্বান্ত) অন্নাদি, উদ্গীর্ণ ভুক্ত-দ্রব্য। —রণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] **১** উত্তোলনীয়, উত্থা-পনীয়। **২** উন্মূলনীয়। **৩** অপনেয়। —রিত বিণ [সং উদ্ধৃত ; তু 'সং প্রসৃত, বৃত, ভৃত, হৃত > প্রা পসরিঅ (পসরিত), বরিঅ, ভরিঅ, হরিঅ (হরিত)।—হে] উন্নীত, উত্থাপিত, উত্তোলিত। "(বসুমতী) পুনরুদ্ধরিতা মহা ৩.১৪২.২৮। —দ্ধর্ত্তা (-র্ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী -র্ত্রী] **১** উত্তোলয়িতা, উত্থাপক। **২** উন্মূলয়িতা। **৩** উদ্ধারক, ত্রাতা। "উদ্ধর্ত্তা চ মমাপদঃ ক সা ৫.৪০। **৪** নিরাকর্ত্তা, নিবারয়িতা। "চৌর° যাজ্ঞ ২.২৭৪। **৫** রিক্থহারক, অংশহর।

উদ্ধর্ষ বিণ [উদ্ভূত হর্ষ যাহার, বহুব্রী ; স্ত্রী -র্ষা] জাতহর্ষ। "ভ (M.W.)। —র্ষ পুং **১** যাহাতে হর্ষ উদ্গত হয়; উৎসব (অ.কো)। **২** [প্রা.স] উদ্ভূত হর্ষ। —র্ষণ, -র্ষী (র্ষিন্) বিণ [উদ্+ √হৃষ্+ই (ণিচ্)+অন (ল্যুট্), +ইন্ (ণিনি), -ক, -১ব ; স্ত্রী -ণী ; র্ষিণী] উৎকৃষ্ট হর্ষজনক (রা.টীকা), অতিপ্রীতিকর। "হিতমুদ্ধর্ষণম্...বচঃ রা. ২.২.১। —র্ষণ ক্লী [+অন-ভা] **১** হর্ষোৎপাদন, প্রোৎসাহন। "কৃতমুদ্ধর্ষণং পূর্ব্বম্।—মহা ১৫.১৭.১। **২** রোমাঞ্চ (অ.চি)। —র্ষিণী স্ত্রী বসন্ততিলকা বৃত্ত।

উদ্ধান ক্লী [উদ্‌+ √ধা+অন (ল্যুট্)-ধি; তু 'সং উদ্ধ্মান>লি উদ্ধান] যাহাতে পাকপাত্র স্থাপিত হয়; চুল্লী, উনান।

উদ্ধার[১] পুং [উদ্‌+হৃ+অ (ঘঞ্)-ভা; বৈদিক] ১ উন্নয়ন, উত্তোলন। "নিমগ্নস্য পুনরুদ্ধার এব দুর্লভঃ (বৃহদারণ্যকে শঙ্কর)। উদ্ধার করি প্রাণ রাখ রায় ম ৬৫; ঈষীকার তেজে করিব উদ্ধার: ভাঁটা করিতে উদ্ধার ১৩০। ২ অপনয়ন, অপকর্ষণ, নিঃসারণ। ৩ মুক্তি, মোচন। "অহল্যাশাপোদ্ধারঃ রা (S.W.)। উদ্ধার পাইএ শ্রী.কী ১২০; ১২১। সীতার উদ্ধার ২৯২। আর্য্যার উদ্ধারসাধন সী ৪৫। পুরুষদের দাবী মেটানোই হচ্চে ধরণীর আনন্দ। …নইলে তার শুক্তির মুক্তো আলোতে উদ্ধার পেত না ঘ ১৪৩। ৪ মোক্ষ, নির্ব্বাণ; তারণ, ত্রাণ। "লোকোদ্ধারঃ তীর্থম্ মহা ৩.৮৩.৪৫। বংশের উদ্ধার কর কৃ ১৮। গোত্রের উদ্ধার শ্রী ৯৮। অজামিল-উদ্ধার চৈ.ভা ২৫৮। সী ৩৮। ৫ সংগ্রহ, সঙ্কলন। "অথর্ব্বণস্তু মন্ত্রোদ্ধারো বসিষ্ঠকৃতঃ কি ১০.১০, মল্লিনাথ। ৬ ঋণশোধন; ঋণশোধনপূর্ব্বক সম্পত্তি-প্রভৃতির পুনর্গ্রহণ। ৭ পরিত্যাগ, বর্জ্জন (ত.বা)। ৮ [+অ -র্ম্ম] উদ্ধার্য্য দ্রব্য; বর্জ্জনীয় বা নিষিদ্ধবিক্রয় পণ্য। "বিট্‌পণ্যম্ উদ্ধতোদ্ধারম্ মনু ১০.৮৫। ৯ অবিভক্ত সাধারণ ধন হইতে উদ্ধৃত জ্যেষ্ঠাদির বিংশাদিভাগ। "মনু ৯.১১২; ১১৫; ১১৬। ১০ যুদ্ধে জিত ধন হইতে উদ্ধৃত রাজাকে দেয় স্বর্ণরৌপ্যভূম্যাদি উৎকৃষ্টধন। "মনু ৭.৯৭। ১১ যাহা গৃহীত হয় (অ.টী); ঋণ। তু 'উধার'। ১২ উদ্ধৃত বা সঙ্কলিত শ্লোকাদি। ১৩ (বাঙ্‌লায়; অপ্র) শোধন, প্রতিশোধ। "এখনে বধিব মুই চান্দর ছয় কুমার। তবে সে হয় চান্দর বাদের উদ্ধার॥ —ম.ম ৮৮, ৯৪; ২১৮। —রক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -রিকা] সর্থ 'উদ্ধর্ত্তা'। —রণ ক্লী [+ √হৃ+ই (ণিচ্) স্বার্থে+অন (ল্যুট্) -ভা] ১ উন্নয়ন, উত্তোলন, উত্থাপন। "লাঙ্গুলোদ্ধারণ (পাঠান্তর) মহা ৩.১৪৭.২২। ২ উদ্ধার, রক্ষণ, ত্রাণ। "বেদ-উদ্ধারণ শ্রী.মা ৭৫। বেদ-উদ্ধারণ-রূপ চৈ.ম ৯২। ৩ নিষ্কর্ষণ, অপনয়ন। "ভ (M.W.)। —রী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] ১ উদ্ধারক। "নমো আদিবরাহ ধরণী-উদ্ধারী শ্রী.ম ১২১। ২ ত্রাতা। "ত্রিভুবন-উদ্ধারিণী বা.ম ৩।

উদ্ধার[২] সর্ম্ম ['উদ্ধার'> √°র; পদ্যে] ১ উত্তোলন করা; তোলা। "কূপ বইতে ভাঁটা যদি দিয়ে উদ্ধারিয়া।—ম ১৩০; ধরণী উদ্ধারি ৭২৩। ২ পাপমুক্ত করা; ত্রাণ করা। "পূর্ব্বপুরুষ মোর উদ্ধার দেবরাজ। —গ ১৫৪। মরিলে স্বামীরে উদ্ধারিয়া লয় স্বর্গে ম ৫৯। উদ্ধারিল দিয়া হরিনাম ব ৩। পাপী উদ্ধারিলে চৈ.ভা ২৫৭। ৩ রক্ষা করা। "বেদ উদ্ধারিলোঁ শ্রী.কী ১০১। ম ৭২৩। ৪ (অপ্র) বন্ধনাদি হইতে মুক্ত করা; ছাড়ান। "আনিমু যজ্ঞের ঘোড়া তাহাত উদ্ধারি অ.প ৩৫। বানর সহায় ক'রে উদ্ধারিবে সীতা কৃ ২৫০। ৫ ত্রাণ করা; রক্ষা করা। "উদ্ধারিতে বিষম সঙ্কটে, দাসীরে মে ১৩১। ৬ (অপ্র) ঋণশোধপূর্ব্বক বন্ধকীদ্রব্য ছাড়ান। "জাবার বেলাতে ঘরেতে (কুণ্ডল) নিহ উদ্ধারিয়া: ঝিয়ে নিব উদ্ধারিয়া কৃ.উ ২৬৭। ৭ (অপ্র) সংগ্রহ করা; লওয়া। "বার্ত্তা উদ্ধারিএগ আইল: বার্ত্তা উদ্ধারিএগ…কহে কৃ.উ ৪৬। তোক্ষে পাঠাইল রাজা বার্ত্তা উদ্ধারিতে চ.বি ১৯৫। ৮ (অপ্র) মনের ভাব জানা বা বুঝা। "সাবধানে শত্রুর মন উদ্ধারিব ম.বি ১৯। [উদ্ধার—উদ্ধার কর। উদ্ধারি উদ্ধারিআ, -এগ, -য়া—উদ্ধার করিয়া। "°রি ম ১৩০। মে ২৫৭। উদ্ধারিতে —উদ্ধার করিতে। "ম ১৩০। উদ্ধারিবে—উদ্ধার করিবে; বুঝিবে। উদ্ধারিলো—উদ্ধার করিলাম। উদ্ধারিলা—উদ্ধার করিল বা করিলে। "উদ্ধারিলা পশুভূমি ন ১৫০৫। উদ্ধারে—উদ্ধার করে।]

উদ্ধুর বিণ [উদ্‌গত ধুর্ যাহা হইতে বহুব্রী, সমাসান্ত 'অ'; স্ত্রী -রা] ১ উদ্‌গতভার, ভারশূন্য। ২ নির্ভর, দৃঢ়। "কুচবন্ধুরোদ্ধুরোরঃ।—মাঘ ৭.৩৪। ৩ অধিকভারাক্রান্ত, অসমর্থ। "লাঙ্গুলোদ্ধরণোদ্ধুর মহা ৩.১৪৭.২২। ৪ নির্ভর, দৃঢ়। "জয়োদ্ধুরবিশালবিষাণ মাঘ ৫.৬৪। ৫ সমর্থ, ক্ষম। "মদপরীহার° ।—ভামিনীবিলাস ৪.৪১। ৬ উদ্ধত, উদ্ব্যক্ত। "অভিযোগ° ম.চ ৬৩১১। ৭ উচ্চ, তার। "°ধ্বনিমহাজনানুযাত (দশকুমার)। ৮ ধুরন্ধর, শ্রেষ্ঠ। "বিদ্যাধর° ক.সা ২২.১৭৫। ৯ উল্লসিত, প্রহৃষ্ট। "বৈষ্ণববর° ক.সা ২২.১৯৩। ১০ তুঙ্গ, উন্নত, প্রাংশু (অ.চি)।

উদ্ধূত বিণ [উদ্‌+ √ধু+ত (ক্ত)-র্ম্ম] ১ উৎকম্পিত, সঞ্চালিত। "মারুতোদ্ধূতশিখর (পাদপ) রা ২.৯৫.৮। মন্দানিলোদ্ধূতকমলাকর ক.সা ২.২৯। ভট্টি ৮.৬। ২ উৎক্ষিপ্ত, উৎকীর্ণ। "রজঃকণৈঃ খুরোদ্ধূতৈঃ রঘু ১.৮৫; ৯.৫০। উদ্ধূত (পরাগ) কি ৫.৩৯। সটাশিগোদ্ধূতশিবাম্বু। —ভ ৩.১৩.৪৪। ৩ উত্থাপিত। "ভুজাভ্যামুদ্ধূতঃ (পর্ব্বতঃ) গো.রা ৩.৪৭.১০। পবনোদ্ধূত (ধূম) রঘু ১.৫৩। পবন° (মহোর্ম্মি) হ (S.W.)। ৪ নিরস্ত, অপাকৃত। "°পাপ পু.মে ৫৬। ৫ আন্দোলিত, বিলোড়িত। ৬ উৎপাটিত, স্বস্থানভ্রংশিত। "কৃষ্ণভুজোদ্ধূতাঃ কেশিনো দশনাঃ হ (S.W.)। ৭ উন্মাদিত, উন্মত্তীকৃত। "মদোদ্ধূতাংশ্চ কুঞ্জরান্ (পশ্যন্তৌ তৌ) গো.রা ৩.১৫.৪। ৮ সঞ্চালিত, ক্ষোভিত। "উদ্ধূতার্ণবনিস্বন মহা ৭.১৫.১৭। ৯ উৎপতিত (শ্রীধর)। "°কিরীট-কুণ্ডল (শিরঃ) ভ ৮.১০.৩৯। —ত ক্লী [+ত-ভা] উৎকম্পন, সঞ্চালন, ব্যজন। "চামর° হি ২.২৭। —ধূনন ক্লী [+ √ধু+ই (ণিচ্) +অন (ল্যুট্)-ভা] উৎকম্পন; উৎক্ষেপণ, উত্থাপন।

উদ্ধূপন ক্লী [উদ্‌+ √ধূপ্+অন (ল্যুট্)-ভা] ১ ঊর্দ্ধসন্তাপনব্যাপার, ভাব্‌রা দেওয়া (fumigating; সুশ্রুত)। ২ [+অন-ণ] উদ্ধূপন-সাধন দ্রব্য। "এতদুদ্ধূপনং শিশোঃ (সুশ্রুত)।

উদ্ধূলন ক্লী [উদ্‌+ √ধূলি+অন (ল্যুট্)-ভা] ১ অতিধূলীকরণ, চূর্ণীকরণ, চূর্ণন। "ভস্ম° কা.প্র ১০ (A.)। ২ পাকার্থ চূর্ণ উপকরণ-বিশেষ; মশলার গুড়া—এলাচ লবঙ্গ কর্পূর মরিচ ও দারুচিনির মিশ্রচূর্ণ।

উদ্ধৃত বিণ [উদ্‌+ √হৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ ঊর্দ্ধে হৃত (নীত); উন্নীত, উত্তোলিত। "উদ্ধৃতং মে স্বয়ং তোয়ম্।—রা ২.২২.২৮; জল° (অম্বুজ) ৩০.২৫; °পন্নগ ৪৭.১৭; ৫৩.৩১। ২ উৎক্ষিপ্ত। "পদ-মুদ্ধৃতমুদ্বহস্তি কু.স ৫.৮৫। ৩ উৎপাটিত, উন্মূলিত। ৪ সমূলংহত, নিঃশেষিত। "প্রসভোদ্ধৃতারি রঘু ২.৩০। ৫ নিষ্কৃষ্ট, গৃহীত। "ন ভুঞ্জীতোদ্ধৃতস্নেহম্ মনু ৪.৬২। ৬ পৃথক্কৃত (শ্রীধর), বিভক্ত। "বেদাশ্চ-ত্বার উদ্ধৃতাঃ ভ ১.৪.২০। মনু ৯.১১৬। ৭ উন্নমিত, ঊর্দ্ধীকৃত। "°কন্ধর, °পিচ্ছভার (S.W.)। ৮ উদ্‌গৃহীত। "স্তনোত্তরীয়েণ করোদ্ধৃতেন (S.W.)] ৯ সঙ্কলিত, সংগৃহীত, সমাহৃত। "নানাশাস্ত্রোদ্ধৃতং বক্ষ্যে রাজনীতিসমুচ্চয়ম্।—চাণক্য। ১০ বর্জ্জিত। "বিট্‌পণ্যামুদ্ধৃতো-দ্ধারম্ মনু ১০.৮৫। ১১ প্রতিশোধিত। "অপমানশ্চ শত্রুশ্চ ময়া যুগপদুদ্ধৃতৌ রা (S.W.। ১২ তারিত, ত্রাত, বিমোচিত। "লোকা যত্রোদ্ধৃতাঃ পূর্ব্বং বিষ্ণুনা মহা ৩.৮৩.৪৪। ১৩ উৎক্ষিপ্ত, উত্থাপিত। "বাহৈঃ…পয়োধিরোধক্ষমমুদ্ধৃতং রজঃ।—নৈ (ত.বা)। ১৪ উদ্বান্ত, উদ্গীর্ণ। ১৫ ঊর্দ্ধীকৃত, ঊর্দ্ধ। "°সটা রঘু ৯.৬০। ১৬ গৃহীত। "বিষাদ্‌ বিষমিবোদ্ধৃতৌ রা ৭.৯৪.১৩। ১৭ ভুক্তোচ্ছিষ্ট, ভুক্তা-বশিষ্ট। 'ভুক্তোচ্ছিষ্টমুদ্ধৃতম্ পা ৪.২.১৪, কাশিকা। ১৮ উদ্ধরণপূর্ব্বক নিহিত। "শরাবে উদ্ধৃতঃ, উদ্ধৃত্য নিহিত ইত্যর্থঃ পা ৪.২.২৪, সি। —দ্ধৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ উদ্ধার, উত্তোলন, অপনয়ন, নিষ্কর্ষণ, বহিষ্করণ। "শল্য° (সুশ্রুত)। ২ উৎক্ষেপণ। ৩ উদ্ধার, ত্রাণ, মুক্তি, মোক্ষ। "ত্রপন্তে তীর্থানি…যদুদ্ধৃতিবিধৌ (A.)। ৪ উন্মূলন। ৫ [+তি-র্ম্ম] উদ্ধৃত গ্রন্থাংশ শ্লোকাদি।

উদ্ধ্মান ক্লী [উদ্+ √ধ্মা+অন (লুট্)-ধি] চুল্লী, উনান। তু 'উদ্ধান'।

উদ্বদ্ধ বিণ [উদ্+ √বন্ধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ উন্নমনপূর্ব্বক বদ্ধ; উন্নদ্ধ। "°মুকুট মহা ১৩.১৪.৩০৭। ভুজঙ্গমোদ্বদ্ধজটাকলাপ (পাঠান্তর) ক.সা ৩.৪৬। ২ উর্দ্ধে বদ্ধ। "অস্মিন্ বৃক্ষে কিলোদ্বদ্ধশরীরম্ মহা ৪ ৪১ ১। ৩ উচ্চ। "বিকটোদ্বদ্ধপিণ্ডিক।—মহা ১.১৫৫.৩৩। ৪ দৃঢ়মূল, উৎকট। "°বৈর ভ ১০.৮৫ ৪৩।

উদ্বন্ধ বিণ [বহুব্রী; স্ত্রী -ন্ধা] ১ যাহা হইতে বন্ধন উদ্গত; বন্ধনহীন, মুক্ত। ২ উদ্‌ভ্রষ্ট, পর্য্যাকুল। "°কেশ রঘু ১৬.৬৭। —ন্ধ পুং [উদ্+ √বন্ধ্+অ (ঘঞ্)-ভা] সর্থ 'উদ্বন্ধন'। "ক্রিয়তে কথমুদ্বন্ধঃ ক.সা ১৩.১০০। —ন্ধক পুং বর্ণসঙ্করজাতিবিশেষ; ধোপা (ত.বা)। —ন্ধন বিণ [+অন (লুট্)-ণ; স্ত্রী -নী] বন্ধনসাধন (রজ্জু-প্রভৃতি)। "রজ্জুরুদ্বন্ধনী রা ২.১২.৮০। —ন ক্লী [+অন-ভা] উর্দ্ধ হইতে গলে রজ্জুবন্ধন; গলায় দড়ি দেওয়া। "মহা ৩.৭.৬; ১৪.১৭.১৩।

উদ্বপন ক্লী [উদ্+ √বপ্+অন (লুট্)-ভা] উত্তোলন, উৎপাটন।

উদ্বমন ক্লী [উদ্+ √বম্+অন (লুট্)-ভা] উদ্গিরণ, উদ্গার, বমন। "পা ৩.১.১৬। —মিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] উদ্গীর্ণ, উদ্বান্ত।

উদ্বর্ত্ত বিণ [উদ্+ √বৃৎ+অ (ঘঞ্)-ক; স্ত্রী -র্ত্তা] অতিরিক্ত, অধিক (শ.ক)। —র্ত্ত পুং [+অ-ভা] ১ অতিরেক, আধিক্য, উবরান। ২ [+ √বৃৎ+ই (ণিচ্)+অ (অচ্)-ভা] সর্থ 'উদ্বর্ত্তন (৫)। —র্ত্তক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -র্ত্তিকা] ১ আধিক্যজনক, বর্দ্ধক। ২ চূর্ণাদি দ্বারা গাত্রসংস্কারক; উদ্বর্ত্তনকারক। "পা ২.২.৯। —র্ত্তন ক্লী [+অন (লুট)-ভা] ১ (অণিজন্তপক্ষে) উদ্গমন, উৎপতন; উল্লুণ্ঠিত, উল্লুণ্ঠন (উলটপালট খাওয়া)। "চটুলশফর° পূ মে ৪১। ২ অতিরেক, উদবৃত্ত হওয়া, উবরান। ৩ বৃক্ষাদির বৃদ্ধি (growth); গাছপালার বাড়। ৪ স্ফীতি, ফাঁপা। ৫ (ণিজন্তপক্ষে) ঘর্ষণ, কুঙ্কুমাদি বা অভ্যঙ্গ দ্বারা স্নেহাদিদূরীকরণার্থ বা মলশোধনার্থ গাত্রঘর্ষণ; উৎসাদন, গা-ডলা। "উদ্বর্ত্তনং বাতহরম্।—সুশ্রুত ৪.২৪.২৮। কৃ.উ ১৬৩। হরিদ্রা পিঠালি গন্ধ কৈল উদ্বর্ত্তনে।—ম ২২০; ২৫৮। ব.প ১১৬৭। অভ্যঙ্গ-উদ্বর্ত্তন শ্রী.ম ১৯১। কর্ম্মজ্ঞানমলা ছুটাও শ্রবণ উদ্বর্ত্তনে ভ গ্র ৩। ৬ উৎপথস্থিতি, দুষ্টাচরণ, দুর্ব্বৃত্ততা। ৭ বিলেপন। "করোদ্বর্ত্তনার্থে চন্দনং সমর্পয়ামি (A.)। ৮ [+অন -ণ] উদ্বর্ত্তনসাধন দ্রব্য; অভ্যঙ্গ-মলাপকর্ষণপিষ্টকাদি (কুল্লুক); ঘর্ষণ দ্বারা গাত্রমলশোধক হরিদ্রা তৈল পিষ্টক (পিঠালি) কুঙ্কুম ইত্যাদি অভ্যঞ্জনদ্রব্য। "মনু ৪.১৩২। যাজ্ঞ ১.১৫২। কেহ রহে উদ্বর্ত্তন শ্রীঅঙ্গে লেপিয়া চৈ.ম ৬৫। রাধা প্রতি কৃষ্ণস্নেহ সুগন্ধি উদ্বর্ত্তন।—চৈ চ ১১৭। —র্ত্তনীয় বিণ [+ √বৃৎ+ই (ণিচ্) অনীয় (অনীয়র্)-ণ] উদ্বর্ত্তনসাধন (দ্রব্য —হরিদ্রাদি)। —র্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ গন্ধাদি দ্বারা কৃতোদ্বর্ত্তন বা মর্দ্দিত (দেহ)। "ঘনমুদ্বর্ত্তিতমঙ্গম্ ক.ম ২.১২। ২ অপনীত, দূরীকৃত, বিনাশিত। "উদ্বর্ত্তিতম্...রসান্তরেণ লজ্জালুত্বম্ (পাঠান্তর)।—ম.চ ২$\frac{২}{২}\frac{২}{২}$। ৩ আবর্ত্তিত, ঘূর্ণিত। "°তেক্ষণা ক.সা ২৯.৮০। উদ্বর্ত্তিত চিন্তাপুঞ্জ লইয়া পৃথিবীতে বিপদাকীর্ণ বিদেশীর মত ফিরিতেছেন চা.পূ ৬৭। ৪ উৎক্ষিপ্ত, উত্থাপিত। "পত্ত্যামুদ্বর্ত্তিতঃ (সুশ্রুত—S.W)।

উদ্বস্তি বি [তু 'উদ্বাস্তু'; অপ্র] বাসগৃহ, বসতবাটী। "আজ তোর উদ্বস্তিতে আগুণ জ্বেলে দিব শ্রী.মা ৮৯।

উদ্বহ বিণ [উদ্+ √বহ্+অ (অচ্)-ক; স্ত্রী -হা; ছান্দস] ১ উদ্বাহক, সন্তানক, বর্দ্ধন। "সুতাঃ কুলোদ্বহাঃ রা ১.১৪.৫৯। ২ বংশকর্ত্তা, নায়ক, ধুরন্ধর, শ্রেষ্ঠ। "রঘু° গো.রা ৩.৪.৫০। রঘু ৯.৯, ১১.৫৪। উ.চ ৪.২২। কুরূদ্বহ মহা ৩.১০.৭; বৃষ্ণিকুল° ১৬.১৮। —হ পুং ১ পুত্র, অপত্য। ২ সপ্তবায়ুর অন্তর্গত তৃতীয় স্কন্ধস্থ বায়ু। দ্র 'আবহ'। ৩ অগ্নির সপ্ত জিহ্বার একতমা। ৪ [+অ (অপ্)-ভা, বাহুলকে] উদ্বাহ, বিবাহ। "চূড়োপনয়নোদ্বহান্ (ত.বা)। —বহন ক্লী [+অন (লুট্)-ভা] ১ উত্তোলনপূর্ব্বক বা স্কন্ধাদি দ্বারা বহন; বহন। "দেহ° কু.স ৩.১৩। আপীনভারোদ্বহন রঘু ২.১৮; কৈলাসনাথ° ১৪.২০। ২ উদ্ধরণ, উত্তোলন। "°ক্রিয়া রঘু ১৩.৮। ৩ স্থানান্তরপ্রাপণ; বহন। "ভারোদ্বহনস্বিন্ন।—গো.রা ৬.৮৯.১৫। খরেণোদ্বহনম্।—মনু ৮.৩৭০। ভারোদ্বহনকষ্ট।—পঞ্চ ১$\frac{৩}{৩}\frac{২}{৩}$। ৪ ধারণ। "কুটুম্বভার° ক.সা ২১.১৬০। ৫ বিবাহ। "রঘু ১৩.৮। —হা স্ত্রী কন্যা।

উদ্বান্ত বিণ [উদ্+ √বম্+ত (ক্ত)-র্ম্ম] ১ উদ্গীর্ণ, কৃতোদ্বমন। ২ নির্ম্মদ, গলিতমদ (হস্তী)। ৩ নিঃসারিত। "শিথিলকেশবন্ধোদ্বান্তকুসুমেন কেশান্তেন শ ৬$\frac{১}{১}\frac{৪}{৫}$। —ন্ত পুং নির্ম্মদহস্তী (মেদিনী)। —ন্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] উদ্বমন, উদ্গিরণ।

উদ্বাপ পুং [উদ্+ √বপ্+অ (ঘঞ্)-ভা] ১ উন্মূলন। ২ ব্যতিরেক। "সা.দ ২$\frac{৩}{৪}$। ৩ [+ √বপ্+ই (ণিচ্)+অ (অচ্)-ভা] মুণ্ডন, মূড়ান।

উদ্বাষ্প বিণ [উদ্গত বাষ্প যাহা হইতে, বহুব্রী] উদ্গতনেত্রনীর, গলদশ্রু, রোরুদ্যমান। "উদ্বাষ্পৈরনুযাতো মৃগৈঃ ক.সা ১০.২০৮। নয়নয়োরুদ্বাষ্পত্বম্।—বিক্র (S.W.)।

উদ্বাস পুং, **-সন** ক্লী [উদ্+ √বস্+ই (ণিচ্)+অ (অচ্).+অন (লুট্)-ভা] ১ নির্ব্বাসন। ২ বিসর্জ্জন। —সন ক্লী সংস্কারবিশেষ। "কাত্যায়ন শ্রৌতসূত্র ৯.১.২। —স্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ বিসর্জ্জনীয়; স্থাপনীয়। "উদ্বাস্যং জ্যোতির্জ্যোতিষি তৎ ভ ১১.২৭.৪৭। ২ উত্তোলনীয়, উদ্ধরণীয় (ত.বা)।

উদ্বাস্তু বিং বাস্তুহীন, ভিটাচ্যুত। "ইচ্ছা করলে যদি না রেয়েতকে উদ্বাস্তু করতে পারা যায়, তবে আর রাজা প্রজা সম্পর্কটা রইল কি?—অ.গ্র ১০২। —দ্বাস্তু বি বাস্তুর (গৃহভূমির) সম্মুখস্থ বা পার্শ্বস্থ ভূমি। "বাস্তু ও উদ্বাস্তুর এইরূপ অপরিষ্কৃত অবস্থা রোগোৎপত্তির প্রধান কারণ চা.তৃ ৭৭।

উদ্বাহ পুং [উদ্+ √বহ্+অ (ঘঞ্)-ভা] ১ উদ্বহন, উদ্ধরণ। ২ বিবাহ, পরিণয়। "কৃত° রা (S.W.)। মহা ৩.১৯২.১২। °কর্ম্ম মনু ৩.৪৩। °প্রণালী পা.প্র ১; °সংস্কার ৯। —হন বিণ [+ √বহ্ +ই (ণিচ্)+অন (লুট্)-ভা, স্ত্রী -নী] উদ্বহনসাধন, উত্তোলনসাধন (যন্ত্র)। "সলিল° অ.কো ২.১০.২৮। —হন ক্লী [+অন (লুট্)-ভা] ১ উত্তোলন, উদ্ধরণ। ২ পুনর্ব্বার হলচালন; দ্বিতীয়বার ভূমিকর্ষণ। ৩ উৎসাদন (মেদিনী)। ৪ বিবাহ। ৫ [+অন-র্ম্ম] দ্বিনীত্য (মেদিনী), দ্বিহল্য ক্ষেত্র। —হনী স্ত্রী [স্ত্রী-ঈ (ঙীপ্)] ১ 'উদ্বহনসাধন', রজ্জু। ২ বরাটিকা, কৌড়ি। —হিক বিণ [°হ+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] উদ্বাহবিষয়ক, বিবাহসম্বন্ধী (মন্ত্র)। "মনু ৯.৬৫। —হিত বিণ [+ √বাহি+ত (ক্ত)-র্ম্ম] ১ উন্নীত, উত্থাপিত। ২ উন্মূলিত। ৩ পরিণীত। "স.স্ম ৯২। —হী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -হিনী] ১ উদ্বাহক, উত্থাপয়িতা, উত্তোলক। ২ পরিণেতা, বিবাহকারী। —হিনী স্ত্রী [স্ত্রী-ঈ (ঙীপ্)] রজ্জু (মেদিনী)। [উদ্বাহকর্ম্ম (-র্ম্মন্) ক্লী—বিবাহসংস্কার। উদ্বাহর্ক্ষ (°হ+ঋক্ষ) ক্লী—বিবাহে শুভ নক্ষত্র। "ভ ১০.৫৩.৪। উদ্বাহসংস্কার (বি)—বিবাহরূপ সংস্কারবিশেষ। "উদ্বাহসংস্কার কি জন্য সংস্কার অর্থাৎ পবিত্রতাসম্পাদক হইল?—পা.প্র ৯। উদ্বাহসূত্র (বি)—বিবাহরূপ সূত্র; বিবাহবন্ধন। "সকল ছেলেকে এবং সকল মেয়েকেই যে উদ্বাহসূত্রে সম্বদ্ধ হইতে হয়, এটী একটী মহদ্দোষ পা.প্র ১৩৮।]

উদ্বাহু বিণ [উদ্গত বাহু যাহার, বহুব্রী; স্ত্রী -হু] ঊর্দ্ধবাহু, উচ্ছ্রিতহস্ত। "উদ্বাহূন্ পুরুষান্।—শতপথব্রাহ্মণ ১০.২.৬.১০। উদ্বাহুরিব বামনঃ রঘু ১.৩।

উদ্বিগ্ন বিণ [উদ্‌+ √বিজ্‌+ত (ক্ত)-ক] ১ উদ্বেগযুক্ত, ভীত। "°হংসা সরিৎ রঘু ১৬.৫৬। ২ প্রচলিত, চঞ্চল। "°দৃশ্‌ ভ ৪.৫.১২ ; °মীনযুগল ৫.২.১৩ ; °লোচন ৮.৮.৪৩। ৩ অধীর, অশান্ত। "সঙ্গাচ্চ ভৃশমুদ্বিগ্নঃ ভ ৫.৮.৩১। ৪ কম্পিত। "°হৃদয় ভ ১.১৪.২৪ ; ৯.৬.৩৩। স্পর্শাদুদ্বিগ্নৌ পাদৌ (সুশ্রুত)। ৫ উৎকণ্ঠিত, ব্যাকুলচিত্ত, অস্বস্থ। "°চিত্ত, °চেতস্‌, °মনস্‌। উদ্বিগ্নোদ্বিগ্ন গো.রা ১.৪২.১। °মানস ভ ১.১৩.৩২। °শঙ্কিত ক.সা ৪৫.২৬২। ৬ ক্ষুভিত। "দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ গী ২.৫৬। অপরজাতীয়দিগের প্রতিযোগিতায় একান্ত উদ্বিগ্ন পা.প্র ৫৬। ৭ ম্লান, মলিন। "°উদ্বিগ্নবর্ণং তাপসম্‌ (দশকুমার)।

উদ্বিড়াল বি [উদ২+বিড়াল] বিড়ালসদৃশ উদ (জন্তুবিশেষ)। দ্র 'উদ২'।

উদ্বিদ্ধ বিণ [উদ্‌+ √ব্যধ্‌+ত (ক্ত)-ক (রা.টীকা)] বেধক, অভ্রংলিহ। "শিখরৈঃ খমিবোদ্বিদ্ধৈঃ রা ২.৯৪.৪। মহা ১.১৭.৯।

উদ্বিল বিণ [উত্তিন্ন বিল যাহা কর্তৃক, বহুব্রী] উত্তিন্নবিবর, কৃতবিল। "মূষকৈঃ···উদ্বিলৈঃ রা ২.৩৩.১৯।

উদ্বীক্ষণ ক্লী [উদ্‌-বি+ √ঈক্ষ্‌+অন (ল্যুট্‌)-ভা] ১ ঊর্দ্ধনিরীক্ষণ, ঊর্দ্ধদর্শন। ২ পরিদর্শন, পর্য্যবেক্ষণ। "ভবদুদ্বীক্ষণাচ্চৈব পাণ্ডুনা পৃথিবী ক্ষিতা মহা ১৫.১০.২০। ৩ [+অন-ণ] 'দর্শনসাধন', নেত্র। "°কৌমুদী-মুখ রঘু ৩.১। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ঊর্দ্ধাবলোকিত। "রঘু ১৩.৬৮। ক.সা ২০.১৭৩।

উদ্বুদ্ধ বিণ [উদ্‌+ √বুধ্‌+ত (ক্ত)-ক] ১ বিকসিত, প্রস্ফুটিত। "°মুগ্ধকাননাম্ভ মা.মা ১.৪০। ২ জাগরিত, প্রবুদ্ধ। "উদ্বুদ্ধাং চ জগদ্ধাত্রীং পূজয়েদ্‌ দীপমালয়া (ত.বা)। ৩ অস্ফুট-প্রতীয়মান, উন্মেষপ্রাপ্ত। "মনসি উদ্বুদ্ধমাত্রো বিকারো ভাবঃ সা.দ ৩.৯৩ ; ১৩২। ৪ প্রবুদ্ধ, পাকাভিমুখ, ফলোন্মুখ। "সুপ্তজীবে পুনঃ কর্ম্ম উদ্বুদ্ধ করিবে চৈ.চ ২৭১। ৫ [+ত-র্ম্ম] স্মৃত। ৬ জ্ঞাতবস্তুর সম্বন্ধী জ্ঞান কর্তৃক কৃতোদ্দীপন বা উদ্বোধিত (সংস্কার)। যেমন, হস্তিদর্শনে হস্তিপকের সংস্কারের উদ্বোধ।

উদ্বৃত্ত বিণ [উদ্‌+ √বৃৎ+ত (ক্ত)-ক] ১ অধিক ; অবশিষ্ট, ব্যয়িতশেষ, শেষ। "যজ্ঞশেষ দ্রব্য যত উদ্বৃত্ত হইবে।—ম ৯৪৪। ২ প্রবৃদ্ধ, উদ্বেল, উচ্ছলিত। "°ঊর্ম্মি মহা ১.২১.১১। কল্পক্ষয়োদ্বৃত্ত-মিবার্ণবাম্ভঃ রঘু ৭.৫৬। মৃ ৩.৮। ৩ অপরিমিত, বিপুল। "°বিস্ময়া-নন্দসুন্দর মা.মা ৪২। ৪ ক্ষুভিত। "°নক্র (সমুদ্র) রঘু ১৬.৭৯। অতিকুতুক° ভ ১০.১৩.৫৬। ৫ উদ্গত। ৬ উন্নত, উত্থিত (দন্ত, মেঘ, স্তন—S.W.)। ৭ উন্নত ও বৃত্তাকার (কুচ)। "উদ্বৃত্তঃ ক ইব সুখাবহঃ পরেষাম্‌ মাঘ ৮.১৮। ৮ [প্রা.স] বৃত্ত হইতে উদ্গত ; উন্মার্গবর্ত্তী, দুর্বৃত্ত। "উদ্বৃত্তঃ সততং লোকং রাজা দণ্ডেন শাস্তি বৈ মহা ১.৪১.২৭। মাঘ ৮.১৮। ভ ১০.৪১.৩৫। ৯ মত্ত, উন্মত্ত। "°মৃগপতি (কাদম্বরী)। ১০ অতিশয়িত, অতিরিক্ত। "অদ্য তে বলমুদ্বৃত্তং শময়েহগ্নিমিবাম্ভসা গো.রা ৪.৯.৭৮। ১১ বিঘূর্ণিত। "°অক্ষি, °নয়ন। ক্রোধাদুদ্বৃত্তলোচনঃ (পাঠান্তর) মহা ৭.১২৯.৫২।

উদ্বৃদ্ধ বিণ [উদ্‌+ √বৃধ্‌+ত (ক্ত)-ক] অতিবৃদ্ধিপ্রাপ্ত। "উদ্বৃদ্ধ সলিল যদি গেল নিজ স্থানে ম.পা ১৮০।

উদ্বেগ বিণ [উদ্গত বেগ যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -গা] ১ বেগহীন, স্তিমিত, স্থির, শান্ত। ২ অতিশয়বেগবান্‌। —গ পুং [উদ্‌+ √বিজ্‌ +অ (ঘঞ্‌)-ভা] ১ ভয়, ত্রাস। "অনুদ্বেগকর মনু ২.৪৭। শান্ত° পু.মে ৩৭। রঘু ৮.৭। ২ দুঃখ, ক্লেশ। "অনুদ্বেগকরং বাক্যম্‌ গী ১৭.১৫। তৃষ্ণা হি···নিত্যোদ্বেগকরী মহা ৩.২.৩৫ ; ভয়মুদ্বেগ এব চ ৪২। ৩ বিরহজন্য দুঃখ। "উদ্বেগে দিবস যায়, ক্ষণ হৈল যুগসম চৈ.চ ৩৫৪। ৪ ভয়াদিজন্যচিত্তক্ষোভ, ব্যাকুলচিত্ততা। "ভয়োদ্বেগৈর্মুক্তঃ গী ১২.১৫। উদ্বেগভরে সঙ্গীহীন ভ্রমিছেন ফিরে, মহর্ষি বাল্মীকি কবি কা ৪২। উদর অথবা স্বাচ্ছন্দ্যচিন্তার উদ্বেগ।—পা.প্র ৫৬। ৫ উদ্গমন (মেদিনী), ঊর্দ্ধবেগ। "ক্ষোভোদ্বেগসমুচ্ছ্রিতম্‌ (সমুদ্রম্‌) মহা ১২১.১০। ৬ চলন, কম্পন। ৭ উদ্‌ভ্রম (শ.ক)। —গী (-গিন্‌) বিণ [°গ+ইন্‌ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -গিনী] উদ্বেগবান্‌, উদ্বিগ্ন, দুঃখিত। "পঞ্চ ৩.২২৬।

উদ্বেজক বিণ [উদ্‌+ √বিজ্‌+ই (ণিচ্‌)+অক (ণ্বুল্‌)-ক ; স্ত্রী -জিকা] ১ উদ্বেগকর, ভয়জনক, দুঃখকর। ২ ব্যাকুলতাজনক। —জন বিণ [+অন (ল্যুট্‌)-ক ; স্ত্রী -নী] সর্থ 'উদ্বেজক'। "(কুলকন্যকা) উদ্বেজনী (পাঠান্তর) ক.সা ২৪.২৫। —জন ক্লী [+অন (ল্যুট্‌) -ভা] ১ উদ্বেগ, ভয়। "°করৈর্দণ্ডৈঃ মনু ৮.৩৫২ ; ৯.৩৪৮। ২ দুঃখ। ৩ ব্যাকুলভাব, উৎকণ্ঠা। —জনা বি (বাঙলায়) উদ্বেগ। "কৃ.কে ১৮০। —জনীয় বিণ [+অনীয় (অনীয়র্‌)-ক, বাহুলকে] ১ উদ্বেগকর, দুঃখজনক, দারুণ, নিষ্ঠুর। "বাগ্‌ভিরুদ্বেজনীয়াভিঃ গো.রা ২.৬১.২৯। ২ ভীতিজনক, ভয়োৎপাদক। "°নীয়ো ভূতানাং নৃশংসঃ গো.রা ৩.৩৫.৩ ; মহা ১.১৭৬.৩৬ ; পঞ্চ ৩.১৩৪। —জয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্‌)-ক-১ব, স্ত্রী -ত্রী] ভীষয়িতা, ত্রাসক। "°তা পরেষাম্‌ মাঘ ৩.১৯। —জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ক্লেশিত, পীড়িত। "°তা বৃষ্টিভিঃ কু.স ১.৫। ২ ভীষিত, ত্রাসিত। "°তাঃ কূজিতৈঃ··· কুন্তীনসাঃ উ.চ ২.২৮। ৩ ব্যাকুলিত, ক্ষোভিত। "যতদিন···চিন্তার উদ্বেগে এদেশের লোকেরাও ইউরোপীয়দিগের ন্যায় উদ্বেজিত হইয়া না উঠিবে পা.প্র ৫৬। ৪ (বাঙলায় ; অপ্র) উদ্বিগ্ন, ব্যাকুল। "সেই ভারবহনে পুত্রেরা অনেকস্থলেই উদ্বেজিত হইয়া···ধর্ম্মাপথ দেখিতে পায়েন না।—পা.প্র ২১৩। —জী (-জিন্‌) বিণ [+ইন্‌ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -জিনী] উদ্বেজয়িতা, ত্রাসক, ক্লেশয়িতা। "ক.সা ২৪.২৫।

উদ্বেদি বিণ [উন্নত বেদি যাহাতে, বহুব্রী, স্ত্রী -দি] উন্নতবেদিক, উচ্চ-বেদিযুক্ত। "বিমানং নবমুদ্বেদি রঘু ১৭.৯।

উদ্বেল বি [বেলাকে উৎক্রান্ত, প্রা.স ; স্ত্রী -লা] ১ উৎক্রান্তবেল, তীরাতিক্রান্ত, উন্মর্য্যাদ, উচ্ছলিত। "প্রলয়োদ্বেলাৎ···নৈশ্চ্যৈতোদধেঃ রঘু ১০.৩৪ ; উদ্বেলজলরাশিজল।—ক.সা ১৮.২। উদ্বেল···প্রবাহে চ.কা ১৩৭। উদ্বেল ইন্দ্রিয়-স্রোত কা ৫৭। কিন্তু সে সকল বাধায় স্রোতকে রুদ্ধ না করিতে পারিয়া দ্বিগুণ বেগে উদ্বেল করিয়া তুলিল (চা.পু)। ২ সীমাতিক্রান্ত। ৩ বিপুল, অতিমাত্র। "উদ্বেল আনন্দে ···প্রভাসের সিন্ধু উঠিল ভাসি ন ১০৮৩। ৪ (বাঙলায়) উল্লঙ্ঘিত, অতিক্রান্ত। "যাঁহার হৃদয়বৃত্তি চিরাভ্যস্ত শিষ্টপ্রথার বাঁধা-খাল উদ্বেল করিয়া উঠিতে পারে চা.পু ৬৬। ৫ আনন্দে পরিপূর্ণ বা ভরপুর ; হর্ষোচ্ছল। "উদ্বেল তাই হৃদয়পরাণ, নাচিছে রাত্রি দিন।—কৃ.কে ২৩। —লিত বিণ [উদ্বেল+ই (ণিচ্‌) 'তৎকরণ' অর্থে — √উদ্বেলি+ত (ক্ত)-র্ম্ম] ১ উদ্বেলীকৃত। ২ (বাঙলায়) উদ্বেল, উচ্ছলিত। "রণ-রঙ্গে ভীম উদ্বেলিত, গর্জ্জিতেছে রক্তসিন্ধু মহাভারতের ন ১০৬১ ; কি আনন্দে শৈলজার, করিল হৃদয়···উদ্বেলিত!—১৫০৬। উদ্বেলিত সঙ্গীত তরল অ.গু ৫৪। বিদ্যাসাগর বীর! উদ্বেলিত দয়ার সাগর কৃ.কে ১৩৭। যে সকল উৎসব বাদসাহ-নবাবদের ঔদার্য্যের উদ্বেলিত প্রবাহ-স্বরূপ ছিল।—রবীন্দ্র। ৩ অতিক্রান্ত। "সমুদ্রবৎ সে হৃদয়, তাহা উদ্বেলিত করিয়া দয়ার উচ্ছ্বাস উঠিল ব.প্র ২৭৯। [উদ্বেলিয়া (পদ্যে) —উদ্বেল হইয়া ; উচ্ছলিত হইয়া। "অশ্রুপারাবার, উদ্বেলিয়া উঠিয়াছে হৃদয় আমার চ.কা ১৩২।]

উদ্বেষ্ট পুং [উদ্‌+ √বেষ্ট+অ (ঘঞ্‌)-ভা] বেষ্টন, অবরোধ। —ষ্টন বিণ [উদ্গত বেষ্টন যাহা হইতে, বহুব্রী] উদ্গতবেষ্টন, উন্মুক্তবন্ধন, বন্ধনহীন। "°বান্তমাল্য রঘু ৭.৬। কু.স ৭.৫৭। —ষ্টন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ পরিবেষ্টন, পরিবৃতি। ২ হস্তপাদের বন্ধন। ৩ উপশ্লেষ।

৪ [+অন-ণ] 'বেষ্টনসাধন', বৃতি, বেড়া। —ষ্টনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] উদ্বেষ্টনার্হ, মোচনীয়। "উ.মে ৩১। —ষ্টিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পরিবৃত, অবরুদ্ধ।

উদ্বোঢ়া (-ঢৃ) পুং [উদ্+√বহ্+তৃ (তৃচ্)-ক-১ব] উদ্বাহকারক, পরিণেতা, স্বামী। "উদ্বোঢ়াপি ভবেৎ পাপী (মহানির্ব্বাণতন্ত্র)।

উদ্বোধ পুং [উদ্+√বুধ্+অ (ঘঞ্)-ভা] ১ কিঞ্চিৎ বোধ; ঈষৎ জ্ঞান। "ইতিপূর্ব্বে এ বিষয়ে আমার উদ্বোধমাত্র হয় নাই সী ৬৭। ২ অস্ফুট প্রতীতি। "রসোদ্বোধ সা.দ ৩.১৪; °কারণ, রত্যাদি° ৩টু। ৩ বিস্মৃত বিষয়ের স্মরণ। ৪ জাগরণ। ৫ [+√বুধ্+ই (ণিচ্)+অ (অচ্)-ভা] স্মৃতিজননার্থ সংস্কারোদ্দীপন (ত.বা)। —ধক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ধিকা] ১ উদ্বোধনকারক, উদ্দীপক। "রত্যাদ্যুদ্বোধক সা.দ ৩.৯১। ২ জাগরয়িতা। ৩ স্মারক, স্মৃতিজনক। —ধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উদ্দীপন। ২ জাগরণ, জাগান। ৩ স্মৃতিজনন।

উদ্ভট বিণ [উদ্+√ভট্+অ (অচ্)-ক; উদ্ভটতি উদ্ধরতি (অ.চি), স্ত্রী -টা] ১ মহাশয়, মহাত্মা, উদার (অ.চি)। ২ দুর্মদ, দুর্দ্ধর্ষ। "পদে পদে সন্তি ভটা রণোদ্ভটাঃ নৈ ১.১৩২। ৩ শ্রেষ্ঠ, অনুত্তম, উৎকৃষ্ট। "দুর্ব্বার উদ্ভট প্রেম নহে সংবরণ চৈ.চ ১৯৭। ৪ (বাঙ্‌লায়) অদ্ভুত, অসম্ভব, বিস্ময়কর। "এ ভিন্ন বারোইয়ারি চাঁদা সাধার বিষয় নানা উদ্ভট কথা আছে।—হু ৩৩। ৫ উৎকট, অতিপ্রবল। "রাধিকার প্রেম-গুরু, আমি শিষ্য নট। সদা আমা নানা নৃত্যে নাচায় উদ্ভট॥—চৈ.চ ১৬। —ট পুং [+অ (অপ্)-ণ] ১ শূর্প। ২ (সাদৃশ্যে) কচ্ছপ। ৩ গ্রন্থবহির্ভূত লোকপ্রসিদ্ধ অজ্ঞাত কবিকর্তৃক শ্লোক (ত.বা)। [বোধ হয়, 'উদ্ভৃত' >উদ্ভট অর্থাৎ 'ঊর্দ্ধে ধৃত', 'উৎকৃষ্ট' বা 'উদ্ধত' এইরূপ অর্থ উহার মূল।] [উদভট (উদ্ভট >°ট, স্বরাগম)—শ্রেষ্ঠ। "উদভট প্রেমে করসি অনুরাগ বি.প ২০০। উদ্ভট তাল—অদ্ভুত তাল। "উদ্ভট তালে যদি হার বনমালী। চূড়া বাঁশী কেড়ে লব দিব করতালী॥—ব.প ১১১৭।]

উদ্ভট্ট বিং [সং উদ্ভট; 'উদ্ভট্টি' (কথ্য ভাষা)—অদ্ভুত] উৎকট, শ্রেষ্ঠ, মহাভাবজনক। "উদ্ভট্ট প্রেমা চৈ.ম ১৬৫।

উদ্ভব বি [উদ্+√ভূ+অ (অচ্)-ক; স্ত্রী -বা] উৎপন্ন, জাত। "উত্তমাঙ্গ° মনু ১.৯৩; বৃক্ষোদ্ভব ৬.১৩। ব্যজনোদ্ভবানিল।—ঋতু ১.৮। উদ্ভব অনল আর বড়বা-অনল কু.উ ১৩১। —ভব পুং [+অ (অপ্)-ভা] ১ উৎপত্তি, জন্ম। "নেত্র° মহা ৩.১১৮.২৩। মণিরাকরোদ্ভবঃ রঘু ৩.১৮। তস্য…উদ্ভবঃ ক.সা ২০.৬৬। বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গা (পুরাণ)। বিষ্ণুপদে তোমার উদ্ভব প.তূ ৬৫। ২ উৎকর্ষ, অভ্যুদয় (শঙ্কর)। উদ্ভবশ্চ ভবিষ্যতাম্ গী ১০.৩৪। ৩ উৎকৃষ্টভাবে ভবন (শ্রীধর); উৎপত্তি, বৃদ্ধি। "ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ গী ৮.৩। ৪ [+অ-অপা] যাহা হইতে উদ্ভূত; উৎপত্তিস্থান, কারণ, মূল, আদি, যোনি। "কর্ম্ম ব্রহ্মোদ্ভবম্ গী ৩.১৫। সোম° রঘু ৫.৫৯। ৫ কারণভূত বিষ্ণু (মহা)। —ভাব পুং [প্রা.স] ১ উৎকৃষ্ট ভাব (উৎপত্তি)। ২ ঔদার্য্য, মহত্ত্ব। "পা ৫.২.১৩৬, কাশিকা। —ভাবন ক্লী [+√ভূ+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] ১ উৎপাদন, জনন। "উদ্ভাবনার্থং ভবতো বংশস্য।—মহা ১৩.৫৬.১০। ২ সৃষ্টি। ৩ কল্পন। ৪ [+√ভাবি চুরাদি)+অন-ভা] চিন্তন, ভাবনা। ৫ উৎপ্রেক্ষণ, বিতর্ক। "মহা ১.১৪১.২২। —ভাবয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ উৎপাদক, জনয়িতা। ২ উন্নয়নকারক, উৎকর্ষপ্রাপক, উচ্চপদে আরোপয়িতা। "উদ্ভাবয়িতা বন্ধূন্ স্বগুণভাবয়িতা শত্রূন্ (দশকুমার)। —ভাবিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উৎপাদিত। ২ সৃষ্ট। ৩ কল্পিত। [°কর (বিণ) —বৃদ্ধিকর। "গী ৮.৩। °ক্ষেত্র (ক্লী) —উৎপত্তিস্থান।]

উদ্ভাস পুং [উদ্+√ভাস্+অ (ঘঞ্)-ভা] অতিদীপ্তি, মহাজ্যোতিঃ। "পা ৫.২.১৩৬। —সিত বিণ [+ত (ক্ত)-ক] ১ উদ্দীপ্ত, উজ্জ্বল। ২ আবির্ভূত, প্রকাশিত। ৩ [+ভাস্+ই (ণিচ্) +ত-র্ম্ম] উদ্দীপিত, উজ্জ্বলিত। ৪ শোভিত, অলঙ্কৃত। "উদ্ভাসিতং মঙ্গলসংবিধাভিঃ রঘু ৭.১৬। —সী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -সিনী] উদ্ভাসযুক্ত, সমুজ্জ্বল। "বিভূষণোদ্ভাসী কু.স ৫.৭৮। ক্রীড়ারস° মৃ ৮.৩৮। বক্ত্রাম্বুজ° (ভর্ত্তৃহরি)। —স্বর বিণ [+√ভাস্+উর (ঘুরচ্) তাচ্ছীল্যে-ক, স্ত্রী -রা] অতিদীপ্তিশীল, সমুজ্জ্বল, সুপ্রকট। "দহনোদ্ভাসুরশিখাঃ (অঙ্গারাঃ)।—অমরু। —স্বর বিণ [+√বর (বরচ্) তাচ্ছীল্যে-ক; স্ত্রী -রা] সর্থ 'উদ্ভাসুর'। —স্বর পুং 'ভাববিশিষ্ট জনে প্রকাশশীল'; অনুভাববিশেষ—নীবী উত্তরীয় কেশ প্রভৃতির ভ্রংশ, গাত্রমোটন জৃম্ভা প্রভৃতি (উজ্জ্বলনীলমণি)। "অনুভাব—স্মিতনৃত্যগীতাদি উদ্ভাস্বর চৈ.চ ২৩০। ভ.গ্র ৩৯৮।

উদ্ভিজ্জ বিণ [উদ্ভিদ্+√জন্+অ (ড)-ক; উ.ত, স্ত্রী -জ্জা; বৈদিক] 'উদ্ভেদজাত', ভূমিভেদপূর্ব্বক উৎপন্ন; ভূমিভিৎ, বীজকাণ্ড-প্ররোহী (বৃক্ষলতাদি)। 'ভিত্ত্বা তু পৃথিবীং যানি জায়ন্তে (উদ্ভিজ্জানি তান্যাহুঃ) মহা ১৪.৪২.৩৬। [উদ্ভিজ্জ দ্বিবিধ—১ স্থাবর—বীজশাখাদিজাত বৃক্ষলতাদি (মনু ১.৪৬)। ২ জঙ্গম—ইন্দ্রগোপমণ্ডূক-প্রভৃতি (সুশ্রুত ১.১.২৩)।] —জ্জ পুং বৃক্ষগুল্মাদি। "মনু ১.৪৬।

উদ্ভিৎ (-দ্) বিণ [উদ্+√ভিদ্+ক্বিপ্ (০)-ক-১ব; স্ত্রী -ৎ] উদ্ভেদক, ভূমিভেদক (বৃক্ষাদি)। "মহা ১.৮৯.১১। উদ্ভিদস্তরুগুল্মাদ্যাঃ (অ.কো)। উদ্ভিত্তত্ত্ববিৎ অ.শী ১০। —ৎ পুং ১ তরুগুল্মাদি। [বৃক্ষ গুল্ম লতা বল্লী তৃণ—এই পঞ্চ উদ্ভিদ্।] ২ নির্ঝর, প্রস্রবণ। —ৎ স্ত্রী (?) [+ক্বিপ্ -ভা] উদ্ভেদন। "মনু ১.৪৬, কুল্লূক। —ভিদ বিণ [+অ (ক)-ক; স্ত্রী -দা] সর্থ 'উদ্ভিৎ'। "উদ্ভিদানি (ভূতানি) মহা ১৪.৮৫.৩৪। —ভিদ পুং বৃক্ষ গুল্ম তৃণ বল্লী লতা—এই পঞ্চ স্থাবর উদ্ভিজ্জ। —ভিদ ক্লী পাংশুলবণ, পাঙা লুণ। —ভিন্ন বিণ [+ত (ক্ত)-ক] ১ উদ্ভেদনপূর্ব্বক নির্গত; কৃতোদ্ভেদ, উন্নত, প্রস্ফুরিত। "°বিদ্যুদ্বলয়ো ঘনঃ রঘু ১৩.২১। কু.স ১.২৪। °কিরণকেশর মা মি ১৫/৪। ২ নির্গত, জাত। "সুনীতিপাদপস্য পুষ্পমুদ্ভিন্নম্ মা.মি ১১/৩০। ৩ প্রতিফলিত, উজ্জ্বলিত। "রবিপ্রভোদ্ভিন্নশিরোমণিপ্রভঃ (ফণী)।—ঋতু ১.২০। ৪ প্রক্রত, ক্ষরিত। "°রুধির মহা ৭.৯৯.২৫। °স্বেদবিন্দু শ ৬২/৫। ৫ উদ্গাত, আবির্ভূত। "°রোমপুলক।—চৌরপঞ্চাশিকা ৩৪। ভা চ ৬৩৬। ৬ [+ত-র্ম্ম] খণ্ডিত। ৭ বিদলিত। "যৌবনোদ্ভিন্নশৈশবা (ত.বা)। ৮ পরিব্যাপ্ত। "যৌবনোদ্ভিন্নদেহা (পঞ্চরাত্র)।

উদ্ভিত্ত্ব ক্লী [উদ্ভিদ্+ত্ব, তদ্ভাবার্থে] উদ্ভিদ্‌ভাব, বৃক্ষধর্ম্ম, বৃক্ষত্ব। "ঘাসের যেমন উদ্ভিত্ত্ব আছে, একজন হটেণ্ট-ট বা চিপেবারও সেরূপ মনুষ্যত্ব আছে অ.শী ৯।

উদ্ভূত বিণ [উদ্+√ভূ+ত (ক্ত)-ক] ১ উৎপন্ন, জাত। "মন্যুরুদ্ভূতঃ মহা ১.২.১৩৭। পবনবেগোদ্ভূতবেগ।—ঋতু ১.২৪। সহসা উদ্ভূত রোষাবেশ সী ৮৪। ২ উৎপন্ন, উচ্চরিত। "উদ্ভূতামন্তরিক্ষাৎ সরস্বতীম্ ক.সা ৪২.১৭১। ৩ প্রত্যক্ষ, ইন্দ্রিয়গোচর। "উদ্ভূতরূপং নয়নস্য গোচরঃ। —ভাষাপরিচ্ছেদ ৫৪। ৪ উদ্গাত, উন্নত, ঊর্দ্ধ। "(গগনং) বিনতং কচিদুদ্ভূতং কচিদ্ যাতি রা ১.৪৩.২৪। —ভূতি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ উৎপত্তি, সম্ভব। ২ আবির্ভাব। ৩ [প্রা.স] উৎকৃষ্টভূতি; উত্তমসম্পদ্। ৪ উচ্ছ্রায়, ঔন্নত্য, উৎকর্ষ। "এষ ত্বৎকুলোদ্ভূতয়ে বিধিঃ কু.স ৬.৮২।

উদ্ভেদ বিণ [উদ্+√ভিদ্+অ (অচ্)-ক; স্ত্রী -দা] উদ্ভেদক, ভূমিভেদপূর্ব্বক নির্গত। "উদ্ভেদৈর্নিষ্যন্দৈঃ (ভাত্যয়ং শৈলঃ) রা ২.৯৪. ১৩। —ভেদ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ঊর্দ্ধভেদন, উদ্বেধন।

"লক্ষ্যোদ্ভেদ মৃ ৫.৩। **২** আবির্ভাব, প্রকাশ। "যৌবন° রঘু ৫.৩৮। **৩** উদয়। "স্তন° কু.স ৭.২৪। **৪** নির্গম, প্ররোহ। "কিশলয়° (শ—S.W.)। **৫** নির্গমন, নিঃসরণ। "বাষ্প° ।—অমরু ৬৫। **৬** উদ্‌গম। "রোম° (S.W.)। পুলক° ভ ৭.৩.২৫। **৭** ব্যাদান, বিস্তার। "ব্রণ° যাজ্ঞ ২.২২২। **৮** দ্রব। "প্রস্তরোদ্ভেদযোগ্য উ.চ ৩.২৫। **৯** উদ্বোধ। "শৃঙ্গং হি মন্মথোদ্ভেদঃ সা.দ ৩.১৮৩। **১০** প্রকাশ, বিশ্বাসভঙ্গ। "করোম্যত্র নোদ্ভেদম্ ক.সা ৩.৪২। **১১** [+অ (অচ্)-ক] অঙ্কুর (M.W.)। **১২** [+অ (ঘঞ্)-ধি] আবির্ভাবস্থান, উৎপত্তি-স্থান। "গঙ্গোদ্ভেদং সমাসাদ্য ।—মহা ৩.৮৪ ৬৫। —দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] আবির্ভাব, প্রকাশ। "চমস° মহা ৩.৮৮.২০।

উদ্‌ভ্রম পুং [উদ্‌+ √ভ্রম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] **১** উদ্বেগ ; ভয়, উৎকণ্ঠা (অ.কো)। **২** সমন্তাৎ ভ্রমণ ; পর্য্যটন। **৩** আবর্ত্তন। **৪** শিব-গণবিশেষ। —ভ্রান্ত বিণ [+ত (ক্ত)-ক] **১** পরিভ্রান্ত, পর্য্যটিত। "প্রডীনোদ্‌ভ্রান্তবিহগ গো.রা ৬.৮৩.২৬। মহা ১৩.১২.১৯ ; °স্তো গহনে বনে ৩৫। মারীচোদ্‌ভ্রান্তহারীতা···উপত্যকা রঘু ৪.৪৬। **২** বিগত। "°চেতনা রঘু ১২.৭৪। **৩** বিমূঢ়। "বিস্ময়° গো.রা ৫.৫১. ২৪। অদ্ভুতোদ্‌ভ্রান্তদেবাসুর ।—উ চ ৬৫। **৪** অতিভ্রমযুক্ত, বিভ্রমযুত। **৫** অবিবেক, বিচারবিমূঢ়। "উদ্‌ভ্রান্তং (নৃপতিং ঘ্নন্তি বৈরিণঃ) গো.রা ২.৩৭.১৬। **৬** উন্মত্ত, স্থানাস্থানবিচারহীন। "উদ্‌ভ্রান্তচরণক্ষেপে। —মন্দ্র ২৪। **৭** অস্বস্থ, ব্যাকুল, উদ্বিগ্ন। "°চিত্ত, °চেতস্। মারীপাত-ভয়° কসা ১২.১৮৪। **৮** বিকল, বিহ্বল। "উদ্‌ভ্রান্তহৃদয় রা (শ.ক)। °রথযূথপ (সৈন্য) ।—মহা ৬.৫৯ ৪০। **৯** উদ্গত, উৎস্খলিত। "কাশ্চিদ্বুদ্‌ভ্রান্তনূপুরাঃ গো.রা ৫.১৩.৩৪। **১০** উচ্চ, উন্নত। "উদ্‌ভ্রান্তং স্থানমাসাদ্য তস্থৌ মহা ৬.২৭০.১৯। **১১** উদ্দাম, উচ্ছৃঙ্খল, অবশ। "দুষ্টাশ্বৈরুদ্‌ভ্রান্তৈঃ মহা ৩.২.৬৬। **১২** উদ্‌ঘূর্ণিত, আবৃত্ত। "°নেত্র মহা ৪.২২.৮০ ; °নয়ন ৭.২৭.৭। **১৩** (অন্তর্ভাবিতণ্যর্থ) উর্দ্ধে ভ্রামিত ; উদ্‌ঘূর্ণিত (খড়্গাদি)। —ভ্রান্ত ক্লী [+ত-ভা] **১** উর্দ্ধে ভ্রমণ ; উদ্‌ভ্রমণ। **২** ঘূর্ণিতগতি, উদ্‌ঘূর্ণন। "পক্ষনিপাতেন পবনোদ্‌ভ্রান্ত-কারিণা ।—হ ১০৫.৫। **৩** খড়্গাদির উর্দ্ধে ভ্রামণ (ঘুরান), হস্তোত্তোলন-পূর্ব্বক মণ্ডলাকার খড়্গভ্রামণ (শ.ক) ; উদ্‌ঘূর্ণন।

উদ্যত বিণ [উদ্‌+ √যম্+ত (ক্ত)-ক] **১** উদ্যমযুক্ত, কৃতোদ্যম, উদ্যুক্ত। "হন্তুং স্বজনমুদ্যতঃ ।—গী ১.৪৪। নলঃ প্রাতিষ্ঠদ্ উদ্যতঃ মহা ৩.৬২.২৫। পক্ষচ্ছেদ° রঘু ৪.৪০ ; ১৭.৬১। আততায়ী বধোদ্যতঃ (অ.কো)। **২** হস্ত্যশ্বাদিযুদ্ধাদিশিক্ষাভ্যাস (কুল্লুক), সব্যাপার (মেধাতিথি)। "নিত্যমুদ্যতদণ্ডঃ স্যাৎ মনু ৭.১০২। **৩** স্বতঃ প্রাপ্ত ; স্বয়ং আগত। "উদ্যতাং ভার্য্যাং গৃহ্ণামি মহা ১.১৪.৪। ভ ৩.২২.১২ ; ১৩। **৪** [+ত-র্ম্ম] উন্নীত, উন্নমিত, উত্তোলিত। "°তায়ুধ, °তেষু, °গদ, পদ্মোদ্যতকর (S.W.)। বজ্রমুদ্যতম্ ।—কঠোপনিষৎ ৬.৩। অস্ত্রাদ্যত পা ২.২.৩৭। ব্রহ্মদণ্ডঃ···করোদ্যতঃ রা ১.৫৬.১৯। °তাস্ত্র মহা ৩.৯৯.৪৫। °কার্ম্মুক রঘু ৪.১৬ ; °তৈকভুজমূষ্টি ১১.১৭। উদ্যতং ধনুঃ ।—কি ১.২১। °তাসি ভ ১.১৭.৩৫ ; °তাঞ্জলি ৩.১৪.১। তোমারই বজ্র উদ্যত হ'ল ঘ ২৫১। **৫** (বাঙ্‌লায় ; অপ্র) উন্নত। "আচম্বিতে তুষার গিরি উদ্যত জাগে কু.কে ১১২। —ত পুং **১** (সঙ্গীতে) কালপরিমাণবিশেষ। **২** গ্রন্থবিভাগ, অধ্যায়। —ত ক্লী [+ত-ভা] **১** উদ্যম, উদ্যোগ। **২** [সং উদ্দ্যোত ; অসাধু] সর্থ 'উদ্দ্যোত'। "পড়িয়া উদ্যতবৃত্তি ব.প ৩৬৫। —দ্যতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা ; ছান্দস] উদ্যম। "অশ্বমেধস্যোদ্যত্যৈ ।—শতপথব্রাহ্মণ ১৩.১.৮.১। ভট্টি ৮.৬৯। —দ্যম পুং [+অ (ঘঞ্), বৃদ্ধ্যভাব] **১** উদ্যোগ। "কৃত° কু.স ৫.২ ; ৫। হতবিক্রম° ।—ঋতু ১.১৪। ভগ্নোদ্যম রক্ষঃ-চমূ মে ১৯৮। বাহু নাড়ি ঝাড়ি, তোলে পাড়ে বাড়ি, কেবল উদ্যম সারে ব.প ৭৮০। **২** প্রয়াস, প্রযত্ন, প্রচেষ্টা। "নিরুদ্যম রা (S.W.)। (ভোজনম্) হস্তোদ্যমং বিনা বক্ত্রে প্রবিশেন্ন কথঞ্চন ।—পঞ্চ ২.১৩৬ ; উদ্যমেন হি সিধ্যন্তি কার্য্যাণি ন মনোরথৈঃ ১৩৮ ; ১৩৯। উদ্যম বিহনে কার পুরে মনোরথ স.শ ৮৮। **৩** উদ্যমন, উত্তোলন, উন্নয়ন, উন্নমন। "বাহুদণ্ড° গো.রা ৫.২৪.৩৪। দণ্ড° যাজ্ঞ ৩.২৯২। —দ্যমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** উন্নয়ন, উত্তোলন। বিপ 'নিপাতন'। "পা ৩.২.৯ ; °নার্থ ১০ ; স্রুগুদ্যমননিপাতন ৩৩৫। কবচ° (তত্ত্ববোধিনী)। দণ্ডস্যোদ্যমনেন রা ৫.২২.৩৮। দণ্ডাদ্যুদ্যমন মনু ৪.১৬৯, কুল্লুক। **২** উৎ-ক্ষেপণ। —দ্যমিত বিণ [+ √যম্+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম্ম] **১** উন্নমিত, উন্নীত, উত্তোলিত। **২** প্রেরিত। "মধুমদ° কি ৯.৬৬। —দ্যমী (-মিন্) বিণ [উদ্যম+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -মিনী] উদ্যমবান্, প্রযত্নবান্, উদ্যুক্ত। "যাজ্ঞ ৩.১৫৪। জন্তবো ধাবন্ত্যাদ্যমিনঃ। —বৈরাগ্যশতক ৪১। [°তপাণি (বিণ)—উদ্বাহু। °তায়ুধ (বিণ) —উন্নমিতাস্ত্র। উদ্যমভৃৎ (বিণ)—উদ্যোগী। উদ্যমিয়া—উদ্যত করিয়া ; তুলিয়া। "শাখাবাহু উদ্যমিয়া খেদায় আলোক স্ব.প্র ৯০।]

উদ্যাত বিণ [উদ্‌+ √যা+ত (ক্ত)-ক] উদ্গত, উত্থিত। "মাঘ ৫.২৫। —দ্যান ক্লী [+অন (ল্যুট্)-ভা ; ছান্দস] **১** উদ্গতি, উদয়। **২** নিঃসরণ, নির্গম। **৩** গ্রহণ। "মহা ১২.১৩৭.১৪। **৪** [+অন-র্ম্ম] প্রয়োজন (অ.কো)]। **৫** [+অন-ণ] গ্রথনসূত্র (নীলকণ্ঠ)। "মহা ১২.১৩৭.১৫। —দ্যান পুং, ক্লী [+অন-ধি ; অর্দ্ধর্চ্চাদি] **১** রাজার সর্ব্বজনোপভোগ্য উপবন (অ টী) ; আক্রীড়। **২** উপবন (অ.টী), আরাম। "°বন, দেব° (S.W.)। বাহ্য° পূ.মে ৭ ; ২৭ ; ধৃত° ৩৪। স্বগৃহ° ।—পঞ্চ ২.১৭৬। **৩** ফলপ্রধানবন (শ্রীধর)। "মনু ৪.২০২। যাজ্ঞ ২.১৫৪। °নোপবনারাম ভ ১.১১.১৩। **৪** ক্রীড়ার্থ পুষ্পবাটিকা (রা. টীকা) ; কেলিবন। "উদ্যানাম্রবণোপেতা রা ১.৫.১২। কমল-উদ্যান ক.চ ২৪০। **৫** রাজকীয় উপবন ; প্রমদবন। "°লতা শ ১.১৬। মে ১৯১। **৬** বাটিকা (কুল্লুক)। "মনু ৯.২৬৫। **৭** আর্য্যাবর্ত্তস্থিত দেশবিশেষ। **৮** (?)। "অস্ত্র মুষলি উপরে উদ্যান দিয়া ঝাঁপে শ্রী.মা ১৯৩। [°পাল, °পালক, °রক্ষক (পুং)—উদ্যানরক্ষকপুরুষ, উদ্যানাধিকৃত। "°ল কু.স ২.৩৬। ক.সা ৬.৭৩। °পালিকা, °পালী (স্ত্রী)—উদ্যানরক্ষিকা। "°কা ক.সা ২৬.৪১। °লতা (স্ত্রী)—উদ্যান-পালিতা লতা। বিপ 'বনলতা'। "শ ১.১৬। উদ্যানে ('উদ্দামে' স্থলে লিপিপ্রমাদ ?) উদ্দামভাবে, মুক্তভাবে। "পুজিয়া যজ্ঞের ঘোড়া উদ্যানে এড়িল অ.প ৪৫ ; ৫৩।

উদ্যাপন ক্লী [উদ্‌+ √যা+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] **১** ব্রত-সমাপন, ব্রতপ্রতিষ্ঠা। "ব্রত°। উদ্যাপনং প্রবক্ষ্যামি (ত.বা)। কৃষ্ণ-প্রেমের ব্রত-উদ্যাপন দা ৩৯৮। ব্রত হলো উদ্যাপন।—হেম ২০। ব্রতাদির উদ্যাপন-উপলক্ষে পা.প্র ১৩৩। **২** (বাঙ্‌লায়) সমাপ্তি, শেষ। "মায়া মোহ পরিণয়, উদ্যাপন সমুদয় ।—হেম ১৯।

উদ্যুক্ত বিণ [উদ্‌+ √যুজ্+ত (ক্ত)-ক] **১** কৃতোদ্যোগ, উদ্যমযুক্ত। "ইষ্টার্থোদ্যুক্ত উৎসুকঃ (অ.কো)। ভ.গ্র ৪২৩। অভিলষিত বিষয়ের অনুষ্ঠানে উদ্যুক্ত মী ৬৬। **২** যুদ্ধার্থ সন্নদ্ধ (সজ্জ)। "রা ১.১.৪৭। **৩** উৎসাহবান্। "ভট্টি ৫.১৬। উদ্যুক্তো বিদ্যান্তমধিগচ্ছতি (S.W.)। **৪** প্রযত্নবান্, চেষ্টিত। —দ্যোগ পুং, ক্লী [+অ (ঘঞ্)-ভা ; অর্দ্ধর্চ্চাদি] **১** কর্ম্মকরণার্থ প্রয়াস ; উদ্যম, প্রযত্ন, চেষ্টা। "উদ্যোগেন হি সিধ্যন্তি কার্য্যাণি ।—শু ৪.৭.২৯৩। তদ্দৈবমিতি সঞ্চিন্ত্য ত্যজেন্ নোদ্যোগ-মাত্মনঃ ।—পঞ্চ ২.১৪৭। শব্দাদিবিষয়° যাজ্ঞ ৩.১৫১। হি ১.১৮৩। উত্তম উদ্যোগ করি উথলায় গারি শি ৬৮। **২** আরম্ভ, উপক্রম। "তুল্য°। —বিক্র ২.১। **৩** উৎসাহ। **৪** মহাভারতের উদ্যোগপর্ব্ব। "মহা ১.১.৮৯ ; ২.৬৩। ম ৭৩১। **৫** (বাঙ্‌লায় ; অপ্র) আয়োজন, সংগ্রহ। "উদ্যোগ

করিল দ্রব্য যত : উদ্যোগ করিল ফল ফুল কৃ ৩৪৯। —দ্যোগী (-গিন্) বিণ [+ই (ঘিনুণ্)-ক-১ব ; স্ত্রী -গিনী] ১ উদ্যোগশীল, উদ্যমী। "উদ্যোগিনম্...সমেতি লক্ষ্মীঃ।—পঞ্চ ১.২১৭। হি ৩১ (কথারম্ভ)। ২ উৎসাহশীল। ৩ প্রযত্নশীল। —দ্যোজক বিণ [+ √যুজ্+ই (ণিচ্) +অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -জিকা] উদ্যোজনকারক, প্রবর্ত্তক। [°গপর্ব্ব (-র্ব্বন্) ক্লী—মহাভারতের কুরুপাণ্ডবযুদ্ধের উদ্যোগবিষয়ক পঞ্চম পর্ব্ব, অর্থাৎ গ্রন্থবিভাগ। উদ্যোগি (অপ্র)—উদ্যোগ করিয়া। "ভ গ্র ৩৪৪।]

উদ্র, উর্দ্র পুং [√উন্দ, √উর্দ্+র (রক্)-ক, উ ২.১৩] জলমার্জ্জার, উদ্বিড়াল। দ্র 'উদ'২।

উদ্রশ্মি বিণ [উদ্গত রশ্মি যাহা হইতে, বহুব্রী ; স্ত্রী -শ্মি] উদ্গতকিরণ, ঊর্দ্ধকর। "°রত্নাঙ্কুর মাঘ ৩.৬২।

উদ্রিক্ত বিণ [উদ্+ √রিচ্+ত (ক্ত)-ক] ১ বৃদ্ধিপ্রাপ্ত, অতিশয়িত। "তদ্ধ্যানেনোদ্রিক্তয়া ভক্ত্যা ভ ১.১৫.৪৭। °রস মনু ২.১৭৭, কুল্লুক। ২ অধিক। ৩ স্ফুট, ব্যক্ত। "°মন্মথা ক.সা ৯৪.৫২। ৪ উদ্গত। "শিখরৈঃ খমিবোদ্রিক্তৈঃ গো.রা ২.১৩৩.৪। ৫ কার্য্যোন্মুখ। "অনুদ্রিক্তং (ত্রিগুণং বিদ্যাৎ) মহা ১৪.৩৬.১। ৬ উচ্ছৃঙ্খল, অসংযত। "°চিত্ত ক.সা ৯১.৫৫। ৭ মদমত্ত, গর্ব্বিত। "হনিষ্যাম্যেনমুদ্রিক্তম্ মহা ৫.১৭৮.১৮। ৮ উদার, মহান্। "°চেতস্ ক.সা ৩২.৭২। সত্ত্বোদ্রিক্তচিত্ত (পঞ্চরাত্র)। ৯ উদিত, উদ্ভূত। "আপনাদিগের সন্তানসন্ততির মধ্যে পরস্পর সাম্যভাব উদ্রিক্ত করাই তাঁহাদের পক্ষে উচিত হয় পা.প্র ৮০। —দ্রেক পুং [+অ (ঘঞ্)-ভা] ১ বৃদ্ধি ; আধিক্য, আতিশয্য, প্রকর্ষ। "ধন° মহা ৩.১৯২.২৮। জ্ঞান° বে ১.২৩। ভক্ত্যুদ্রেক।—মহিম্নস্তবঃ ১৯। ভয়-বিস্ময়-উদ্রেকে প.তৃ ১৮। ২ উদ্গম, উদ্ভব। "মাঘ ৭.৭৩; স্বেদ° (মল্লিনাথ)। ৩ আবির্ভাব, প্রকাশ। "সত্ত্ব° মহা ৩.২৭১.৪১ ; তেষাম্...উদ্রেকং বক্ষ্যামি ১৪.৩৬.২৬। ৪ উপক্রম, আরম্ভ। ৫ অভ্যুদয়, সমৃদ্ধি। "অন্যোদ্রেকে কুটিলমনসঃ (ভবতি মরণম্)।—উদ্ভট। —দ্রেকী (-কিন্) বিণ [উদ্রেক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -কিণী] উদ্রেকযুক্ত, অতিশয়িত, অধিক।

উধঃ (-ধস্) ক্লী সর্থ 'ওধঃ'।

উধসল, উধস্থ বিং [দ্র 'উদস' ; 'উদ্ধংস'—মূল ? ; তু 'মৈ √ধস—ধ্বংস ; বৈষ্ণবসাহিত্যে] পর্য্যাকুল, এলো। "উধস্থ কেস : উধসল কেস বি.সা ১৬২ ; °ল ১৬৩ ; ২০১।

উধা বিণ [সং ঊর্দ্ধ>প্রা উদ্ধ (পৈ)>বা উধা ; সং উদ্+ √ধাব্>√উদ্ধাঅ, উদ্ধা : অপ্র] উদ্ধাবন, ঊর্দ্ধগতি, উড্ডয়ন। "উধা করি পক্ষিরাজ আকাশে উঠিল ম ১১৫৭।

উধাউ, -ধাও বিং [সং উদ্+ √ধাব্>উদ্ধাব>প্রা উদ্ধাঅ (প্রা.ম) >বা °ও, °উ] ১ উদ্ধাবিত, ঊর্দ্ধগত, উড্ডীন। "(কে তুমি) গগনে উধাও হয়ে...সুধামাখা সঙ্গীত শুনাও ?—হেম ৩০১। ২ বেগে ধাবিত ; অতিদ্রুত। "পলায় জীবাত্মাবৃন্দ উধাও হইয়া।—হেম ১০৪। উধাও অস্থির তব নারীমূর্ত্তি রাজে অ.গু ১৬। —ধাউ, -ও বি ১ উদ্ধাবন, বেগে দৌড়ান। "অমনি আক্রোশে বাঘ উধাউ করিল শ্রী মা ৬৮। ২ ঊর্দ্ধে ধাবন ; বেগে ঊর্দ্ধগতি। "উধাও করিল ঘোড়া অন্তরীক্ষে বাটে শ্রী.মা ১২১। ৩ বেগে নভোগতি ; বেগে উড়া। "পক্ষী বড় চতুর চিন্তিল আগে দিশা। উধাও করিল বেগে ময়নার শিষা॥—শ্রী ২৪৬। [উধাও করা—উদ্ধাবন করা ; বেগে যাওয়া। উধাও ধাওয়া—ঊর্দ্ধাভিমুখে ধাবন। "তবু উধাও-ধাওয়ার হঠাৎ পাওয়ার. চকিত চাওয়ার তুলনা নাই কু.কে ৫০। উধাও হওয়া—ঊর্দ্ধগত হওয়া।]

উধার১ বি [সং উদ্ধার>প্রা উদ্ধার>বা উধার ; অপ্র ; হি, ঠ উধার] ধার, কর্জ্জ। "উধার সুধিলুঁ : উধার করিতে নাহি স্থান ক.চ ৩১ ; ৪৯ ; ৫৯।

উধার২ সর্থ [উদ্ধার২> √°র ; অপ্র ; হি √উধার] ১ উদ্ধার করা ; মুক্ত করা। "উধারল সরসিজ পাওল প্রাণ বি.প ৯৬। ২ উত্তোলন করা ; উঠান। "বিরহসিন্ধু মাহা. ডুবইতে আছয়ে....তুহু ধনী গুণবতী. উধার গোকুলপতি বি.প ১০৫। ৩ বাছিয়া লওয়া। "একে একে জব কাগজ চাহে বিচারিয়া। আপনা গুরুর লেখা নেয়ন্ত উধারিয়া॥ —গো.বি ৪৭।

উধিয়া বি ['উদিসা'—মূল ; অপ্র] উচ্ছে। "ঘৃতে ভাজে নিমপাত, উধিয়া পুলতা তাত বি.পা ১৬৬।

উধে বি [সং ঊর্দ্ধ>প্রা উদ্ধ (পৈ)>বা উধ>উধে (সপ্তম্যন্ত) ; অপ্র] ঊর্দ্ধভাগে ; ঊর্দ্ধে। "যাদ্ধে উধে এড়ি গেল চন্দ্র সুরুজ গো.বি ১২০।

উধো বি 'উৎসাহ মুখোপাধ্যায়'এর সংক্ষিপ্তনাম (সম্বন্ধনির্ণয়)। [উধোর পিণ্ডী বুধোর ঘাড়ে পড়ে—উৎসাহের পত্নী যোগেশ্বর পণ্ডিতের উপজায়া। উৎসাহের পুত্র দৈবকীনন্দন পিতার উদ্দেশে পিণ্ডদান করিলে, ক্ষেত্রী উধোর পিণ্ডী বীজী বুধোরও (যোগেশ্বরেরও) প্রাপ্য হইল। 'যোগেশের উপজায়া, প্রসবিল যোগ-ছায়া, দৈবকীনন্দন উধোর পত্নী।...দৈবদত্ত পিণ্ডচয়, ক্ষেত্রী বীজী কেহ নাহি ছাড়ে। পণ্ডিতের বুধ খ্যাতি, নহ্যমূলা জনশ্রুতি, উধোর পিণ্ডী পড়ে বুধোর ঘাড়ে॥—সম্বন্ধনির্ণয়। (গৌণার্থে) একের প্রাপ্য বিষয় অন্যের হয়। উধোর পিণ্ডী বুধোকে চাপান ; উদোর পিণ্ড বুধোর ঘাড়ে দেওয়া—একের দোষ অন্যের উপরে ন্যস্ত করা। "উধোর পিণ্ডী বুধোকে চাপিয়ে কিছু নিয়ে সরে পড়ি।—রজনীকান্ত সেন। সেফায়ে অবাধ্য হ'য়ে, যুদ্ধ করে বাহুবলে। দিয়ে উদোব পিণ্ড বুধোর ঘাড়ে, বাঙালীকে কাটতে বলে॥ —ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

উন১, **-না**১, **-নু** বিং [সং ঊন >প্রা উণ,—উণবিস (পৈ)>বা উন, -না, -নু ; হি উন—উনতীস ; ঠ উণা ; গু উণু] ১ একোন, এক-কম। "°ত্রিশ, °চল্লিশ। উনকুটী কৃ.উ ২৩৭। উনপাঁজুরে হু ১৩। ২ অল্প-অল্প, গুঁড়ি-গুঁড়ি। "কার্ত্তিকের উন জলে। দুন ধান খনা বলে॥—খনা। ৩ হীন, অপারক। "বালীর তনয় অঙ্গদ কোন অর্থে উন। অঙ্গদকে পাঠিয়ে দেও, বল্‌বে চতুর্গুণ॥—অঙ্গদরায়বার। ৪ অপূর্ণমাত্রক (যাহা পূর্ণমাত্রায় নহে) ; পুরার কিছু-কম। "উন (উনু) ভাতে দুন (দুনু) বল। ভরা ভাতে রসাতল॥—প্রবচন। ৫ অসম্পূর্ণ, কম। "উনা বর্ষা দুনা শীত।—প্রবচন। ৬ হীন, দরিদ্র। "কদাচিত না জানিও ধনে আমি উনা।—বি পা ৩৩৩। [উন ভাতে—কিছু কম করিয়া খাওয়া ভাতে · একটু খালি পেটে।]

উন২ বি [সং ঊর্ণ >লি উন্ন ; প্রা উন্ন, -ন্ন (প্রা.ম) >বা উন ; হি উন ; E. wool] মেষাদির লোম। "উনের কাপড়।

উন৩ ক্রি.ক্তি [সং অস্তু (লোট্) >প্রা স্তু (হে ৩.১৭৬)>বা (উন্ত্) >উন্ ; ঠ উত ; ড় উত ; —সং পঠন্তু >প্রা পঢন্তু >বা পঢ়ুন, পড়ুন ; ঠ পঢ়ত ; ড় পঢ়ত ; নেপালী—পঢ়ুন (C.G. § 497) অথবা, উং+এন >(উএন) উন (?)] কর্ত্তৃবাচ্যে অনুজ্ঞায় প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "শ্রবণ করুন কা ৪৫। গৃহান্তরে চলুন সী ১৯।

উনকুটী, -কোটি বিং [উন+কোটি, -টী ; অপ্র ; 'উন্‌কুটি' (কথ্যভাষা)] কিছু-কম (প্রায়) কোটি ; অসংখ্য, বহু। "পদতলে খাটে রামের উনকুটী রাজা কৃ.উ ২৩৭। [উনকুটি চৌষট্টি দেবতা—তেত্রিশ কোটি দেবতা ; সব দেবতা। উনকুটি চৌষট্টি ভাগ—বহু অংশ। উনকুটি চৌষট্টি ভাগে রান্না—ব্যঞ্জনের নানা ভাগে (পদে) রান্না।]

উনম, উনাম১, **উনু(নো)ন** বি [সং উদ্ধান, উদ্ধ্মান>লি উদ্ধান ; প্রা * উংধাণ >বা (উন্‌হান) উনা(ন)ন, উনু(নো)ন ; তু 'ঠ উমুন,

উনহ(হু)ন, উনউন, উনহ উনহ—burning hot ; অস উধান] চুলী, চুলা। "সত্ত্ব উনান করিল ঃ গলে গেল আওহাঁড়ী উনান সহিতে শ্রী.মা ৯৯ ; উননের উপরে ১৯৫। নাই উনুন জ্বালা, এ কি জ্বালা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ব্রহ্মত্তর জমির খাজানা সাদার মত উনোনে পা দিয়ে টাকা আদায় কত্তেন হু ৩১। উনানের হাঁড়ি উনানেই রহিয়াছে নী ৪৬। উননের তাপের আঁচ মেয়েটাকে একবার লাগিয়াছিল ব.ন্বি ১৩৭।

উননমুখী বিং যে স্ত্রীলোকের মুখ উননের মত পোড়া ; পোড়ামুখী, গালিবিশেষ। "পেত্নী উননমুখী বেরাল-খাগী লী ৭। —মুখো বিং পোড়ামুখো, গালিবিশেষ ; ঘৃণাসূচক শব্দ। "উননমুখো দেবতার, ঘুঁটের পাঁস নৈবেদ্য দা ১৯৬৭।

উনপাঁজুরে বিং [উনপাঁজর+এ৭] উনপঞ্জরবিশিষ্ট, অর্থাৎ যাহার পাঁজরের হাড় কম বা খাট ; (গৌণার্থে) অলক্ষণীয়, উড়নচ'ড়ে, লক্ষ্মীছাড়া (গালিতে)। "পাড়াগেঁয়ে হলেই যে এইরকম উনপাঁজুরে হবে, এমন কোন কথা নাই হু ১৩। (মুখ্যার্থে, গোরুর সম্বন্ধেই ইহার প্রয়োগ হয়। যে গোরুর পাঁজরের হাড় কম থাকে, সে গোরু দুর্দান্ত হিংস্র ও ক্ষতিকারক হয়। লোকের সম্বন্ধে ইহার প্রয়োগ গৌণ। 'বরাখুরে' শব্দও এইরূপ।]

উনমত বিং [সং উন্মত্ত> °ত (স্বরাগম) ; পদ্যে] ১ উন্মত্ত, জ্ঞানহীন, পাগল। "তো বিনে উনমত কান বি.প ৫১। চীর না সম্বরি॰ ধায় উনমতবেশা চৈ.ম ৬৮। ২ অধীর, ব্যাকুল। "তখনে ভগীরথ॰ হইয়া উনমত॰ ডাকিআ বোলেন গঙ্গার পাএ গ ১৭৮। অঙ্গের সৌরভে কত, মনমথ উনমত ব.প ২৮৮। ৩ আনন্দবিহ্বল, আনন্দে আত্মহারা। "নাচত উনমত ভকত ময়ূর ব ১১। —তা বিং [°ত+স্ত্রী আ ; পদ্যে] উন্মত্তা, জ্ঞানহারা। "উনমতা রণে চ.বি ২৩৬ ; সমর করয়ে কালী হয়া উনমতা ২৪০। —তি বিং [°ত+স্ত্রী ই১০ , পদ্যে] ১ উন্মত্তা, বিবেকহীনা, বিচারবিমূঢ়া। "উনমতি শকতি॰ আরোপয়ে নিতি নিতি॰ মনমথ সাধন লাগি জ্ঞা ২৩৮। কুলবতী উনমতি কৈল দুটি আঁখি। —গো ৩৮ , তুয়া মঞ্জীররবে উনমতি ধাব ১০৯। ২ আনন্দবিহ্বলা, আনন্দে আত্মহারা। "ঘন গরজনে, উনমতি দাদুরী বোল ব.প ১০৫১। [উনমতাঅই (°তা+অই২)—উন্মত্ত করে ; মাতায়। "ঘনশ্যাম হিয় উনমতাঅই ন.প ১৫১। উনমাতই (°ত+ই৫)—উন্মত্ত হইতেছে। "নবযুবতীগণ॰ চিত উনমাতই বি.প ৯৭।]

উনমাদ বিং [সং উন্মাদ >বা °দ (স্বরাগম) ; হি উনম(মা)দ ; পদ্যে] ১ উন্মত্ত, উদ্রিক্ত। "আন আন মনে মনসিজ উনমাদ গো ১৫২। ২ উচ্ছলিত, তরঙ্গিত। "অই মম তপ, অই মম জপ, অই চাঁদে উনমাদ বাসনা-জলধি স্ব.প্র ৬।

উনা১ অর্ম্ম [সং √উন্দ্—উন্ন> √উনা] ১ আর্দ্রীভূত হওয়া ; স্যাঁতসেঁতে হওয়া। "বর্ষায় ঘরের মেঝে উনাইয়া উঠে। জল পেলে গাএর জমাট মলা উনায়। ২ গলিত হওয়া ; গলা। "গিহ (ঘৃত) উনাই পরে ম.গা ২ ; উনাইয়া পড়ে রাজা অগ্নির ভিতর ১৫। গো.চ ৩১৬। ৩ (অপ্র) ক্ষয়িত হওয়া ; ঝরা। "উনাইয়া পড়ে ঘর্ম্ম বিন্দু বিন্দু ম.পা ১০৪। —না সর্ম্ম, দ্রব করা ; গলান। "ক্ষেপণ করিল পিষ্টক উনাইয়া ঘৃতে ম.পা ৭২ ; ৮৯। [উনান২—আর্দ্রীভূত হওয়া ইত্যাদি। দ্র 'উনা১'। উনুই—যেখানে জল ঝরে ; নির্ঝর।]

উনা২ ; **উনান**১ ; **উনান**২ দ্র 'উন১ ; উনন ; উনা১'।

উনি সর্ব্ব [সং অদস্>প্রা অহ ; হি রহ ; মৈ উন্‌হ, উন্, হন্‌হি, হনি (বহুবচনে)—তু 'উনহিক সুখ' গো ৬৬ ; নেপালী—উন্, উন্‌হ (G.H.) ; প উনাঁ, উন্‌হাঁ, উনী, উন্‌হী ; সি উনি, হুনি (G.G. § 437—2) ; কারকবিভক্তিতে—কর্ত্তা—উনি (১ব), উনারা, ওনারা, ওঁরা (বহুব) ; কর্ম্ম—ওনাকে, ওঁকে ; ওনা দ্বারা, ওঁদ্বারা ; ওঁ হ'তে ; ওনার (হু ২২৫ ; নী ৮৫) ওঁয়ার (লী ৪১), ওঁর (দা ৬৬৫), ওনাদের, ওঁয়াদের, ওঁদের (বহুব) ; ওনাতে, ওঁতে] ১ সম্মুখস্থ ব্যক্তি—পুরুষ, স্ত্রী (সম্ভ্রমে)। তু 'উঞি, উঁআ'। "উনি যে ব্রাহ্মণী কৃ ৬৯। উনি স্বামী, উনি মামী, ইনি মাতামহী।—মন্দ্র ৪। ২ দূরবর্ত্তী উদ্দিষ্ট ব্যক্তি। "উনিই সার, উনিই অসার, উনিই সারাৎসার দা ৬৯৫। ৩ স্বামীর বা স্ত্রীর পরিবর্ত্তে। তু 'তিনি'। "উনি হ'লেন আমার পতিদেবতা ব.ন্বি ৪২৫। সর্ব্বস্ব দেব ওঁকে, উনি দেবেন বাপের বাড়ী পাঠিয়ে অ.গ্র ৩৪। ৪ নায়কের পরিবর্ত্তে। "উনি নাটের গুরু সই উনি নাটের গুরু চ.সা ১১৩।

উনিপুক বি [উনি (ধ্বন্যাত্মক)+পুক (পোকা) ; তু 'উঁডানি'] উঁডানি পোকা। "উনিপুকে কামড়ায় চক্ষে বি.পা ২৩৯।

উনিশ বিং [সং একোনবিংশতি>লি একুনবীসতি ; প্রা এউণবিংসা (পৈ), এগূণবীস (প্রা.ম)>বা উনিশ ; হি উন্নীস ; ঠ একুণ্‌বীস, -ণীস, -কোণীস , গু ওগণীস] এক-কম কুড়ি ; একোনবিংশতিসংখ্যক। —শা, —শে বি মাসের একোনবিংশ দিন (তারিখ)। [উনিশ বিশ, উনিশ কি বিশ—১৯ ও ২০ এর অনুপাতে যে প্রভেদ, তাদৃশভেদযুক্ত ; অত্যল্পপ্রভেদ, প্রায় সমান (গুণ-দোষাদির বিচারে)।

উনু ; উনুই ; উনু(নো)ন দ্র 'উন১ ; উনা১ ; উনন'।

উন্দ্ অক [রুধা, প—উনত্তি ; সেট্] ক্লেদন, আর্দ্রীভাব। "উনত্তি বস্ত্রং পয়সা (ক.ক)। —ন্দ্ সক আর্দ্রীকরণ। "উনত্তি স্বেদঃ শরীরম্ (ক.ক)।

উন্দরু, উন্দুর, -রু, উন্দুরু পুং [√উন্দ্+উর, -রু, উরু, -ক] মূষিক, ইঁদুর। "ধান্যের ভাণ্ডারে যেন উন্দুর পসরি (পহরি ?) মী ২৩। মৈশেচর গোরেত দিলা পহুরি উন্দুর গো.বি ১২১।

উন্ন বিণ [√উন্দ্+ত (ক্ত)-ক, পা ৮.২.৫৬] ১ ক্লিন্ন, আর্দ্রীভূত। ২ দয়াপর, সদয়।

উন্নত বিণ [উদ্+ √নম্+ত (ক্ত)-ক] ১ উচ্চ। বিপ 'অবনত, নত'। "সিংহোন্নতাংস (মহা)। নতোন্নতভূবিভাগে শ ৪.১৫। অংস উন্নতে ভ ৪.২০.২২। ২ উদ্গত, ঊর্দ্ধ। "°চরণ হি ১.১৭.২২। স মে নিম্নোন্নতানি (চিত্রাণি) ২.১২১। ৩ উচ্চলিত। "মধুরোন্নতভ্রূ...স্ফুটনৃত্যলীলম্ মাঘ ৯.৭৯। ৪ মহান্, মহাত্মা। "উন্নতানামনুগমনে মাঘ ৭.২৭। কি ২৪.২৩। ৫ মহান্, উদার। "°তাত্মন্ (S.W.)। "°তেচ্ছাঃ রঘু ৬.৭১। °চেতস্।—পঞ্চ ১.১৩৩। উন্নতদর্শন।—কথা ৩৬। ৬ প্রাংশু, দীর্ঘ। "সর্ব্বোন্নতেন...আত্মনা রঘু ১.১৪ , °হ ৫৩৭। ৭ মহান্, বিপুল, অতিশয়িত। "°বিক্রম রা (S.W.)। ৮ বৃদ্ধিপ্রাপ্ত, সমৃদ্ধ। "°শ্রী ক.সা ২.৮৩। ৯ অহঙ্কৃত, গর্ব্বিত। "প্রজ্ঞাভিমানোন্নত।—ভর্ত্তৃহরি (S.W.)। ১০ উচ্চ, তুঙ্গ। "°স্তনা।—ঋতু ১৭। নিবিড়োন্নতস্তনমুরঃ মা.মা ২.৩। —ত পুং চাক্ষুস মন্বন্তরে ঋষিবিশেষ। —তা স্ত্রী [+ত-ভা] উন্নতি, উচ্চতা। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ উন্নতভাব, উচ্চতা, উচ্ছ্রায়। "বক্ষোজৌ...উন্নতিং গচ্ছতঃ সা দ ৩৫৩। "°মৎ পয়োধরযুগলম্।—অমরু ৩০। °মতা...কুচয়োর্যুগেন মাঘ ৯.৭২। ২ উৎকর্ষ, অভ্যুদয়, সমৃদ্ধি। "মাঘ ১৬.১২ ; ৭২। °মতঃ (রাজ্ঞঃ) ক.সা ২৪.২০। ৩ ঊর্দ্ধগতি, উত্থান। "স্তোকেনোন্নতিমায়াতি (চেষ্টা তুলাযষ্টেঃ খলস্য চ)।—পঞ্চ ১.১৬১। মাঘ ১৬.৭২। ৪ বৃদ্ধি। "মানোন্নতি।—ভর্ত্তৃহরি। হি ১.১৮৫। ৫ উদয়, প্রকাশ। ৬ উৎকর্ষ। "কার্য্যাণাং নয়সাহসোন্নতিমতাম্।—পঞ্চ ৩.২৪৭। ৭ উন্নতভাব, মহত্ত্ব। ৮ গরুড়ভার্য্যা। ৯ দক্ষকন্যা ও ধর্ম্মপত্নী। [উন্নতানত (বিণ)—বন্ধুর, বিষম, অসমতল। উন্নতিমান্ (-মৎ) বিণ—১ উচ্চ, তুঙ্গ। "মাঘ ৯.৭২। ২ উদার। ৩ সমৃদ্ধ।]

উন্নদ্ধ বিণ [উদ্+নহ্+ত (ক্ত)-র্ম] ১ উদ্বদ্ধ, উদ্গ্রথিত। "মুক্তাগুণ°

রঘু ১৭.২৩ ; °চূড় ১৮.৫১। ভুজঙ্গমোন্নদ্ধজটাকলাপ কু.স ৩.৪৬। ২ উচ্ছ্রিত (অ.কো)। "°ফণা ইবাহয়ঃ ভ ৪.১১.৪। ৩ স্ফীতীকৃত, উন্নমিত। "শ্বাসোন্নদ্ধপয়োধর গী.গো ১২.১৩। ৪ উৎকট, প্রচণ্ড। "অস্ত্রতেজ উন্নদ্ধম্ ভ ১.৭.২৮। ৫ অনিয়ন্ত্রিত, উচ্ছৃঙ্খল। "ভ ৪.১৪.৪; °চেতস্ ৬.১৮.২৬। ৬ উদ্ধত, উৎসিক্ত। "বীর্য্য° মহা (S.W.)। °মদ ভ ৪.২৭.৪ ; তপোযোগবল° ৭.১০.২৬।

উন্নমন ক্লী [উদ্+ √নম্+অন (ল্যুট্)-ভা] ১ উন্নতি, উচ্চীভাব। ২ অভ্যুদয়, সমৃদ্ধি। ৩ [+নম্+ই (ণিচ্)+অন-ভা] উত্তোলন, উত্থাপন, উন্নয়ন। "কা ২৭। ৪ যন্ত্রকর্ম্মবিশেষ। "সুশ্রুত ১.৭.১৩। —মিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উত্তোলিত, উর্দ্ধীকৃত, উন্নীত। "°তৈকভ্রূলত শ ৩.১১। °তানন রঘু ১.৪১। °ভ্রু বীক্ষিতম্ কি ১০ ৬১। ২ প্রাপিতোৎকর্ষ, আহিতগুণ। "উন্নমিত উপদেশো গণদাসস্য মা.মি ৩২/১। —ম্র বিণ [+ √নম্+র, তাচ্ছীল্যে-ক; স্ত্রী -ম্রা] ১ উন্নমনশীল, উন্নত। "°তাম্রপটমণ্ডপ মাঘ ৫.৬৮। ২ দণ্ডবৎ ঋজু; সরল। —ন্নাম পুং [+ √নম্+ই (ণিচ্)+অ (অচ্)-ভা] উন্নমন, উত্তোলন। "শতবৃদ্ধিঃ কৃতোন্নামঃ (পাঠান্তর)।—পঞ্চ ৫.৪৩।

উন্নয় পুং [উদ্+ √নী+অ (অচ্) বাহুলকে, -ভা] উৎপ্রেক্ষা, সম্ভাবনা (সি), অনুমান, বিতর্ক। "উন্নয় পদার্থানাম্ পা ৩.৩.২৬, কাশিকা। —ন্নয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উর্দ্ধনয়ন, উত্তোলন। "সীমন্তোন্নয়ন। ২ (মল্লযুদ্ধে) হস্ত দ্বারা উত্তোলনপূর্ব্বক নয়ন (অপনয়ন?)। 'উন্নয়নং হস্তাভ্যামুন্নত্য নয়নম্ (শ্রীধর) ভ ১০.৪৪.৫। ৩ বিতর্ক, অনুমান। ৪ আকর্ষণ, নিঃসারণ। —ন্নায় পুং [+অ (ঘঞ্)-ভা] ১ উর্দ্ধনয়ন, উত্তোলন। "পা ৩.৩.২৬, সি। ২ বিতর্ক, অনুমান। ৩ উচ্চয়, উচ্চতা। "ভট্টি ৭.৩৭।

উন্নয়নপঙ্‌ক্তি বিণ [উদ্গত নয়নপঙ্‌ক্তি যাহার, বহুব্রী; স্ত্রী -ক্তি] উর্দ্ধপ্রস্থিতনেত্ররাজি; উল্লসিতনেত্র। "রঘু ৪.৩।

উন্নয়নপাত বি উদ্গতনয়নের পাত; উর্দ্ধনেত্রপাত, উর্দ্ধদৃষ্টি। "পুরা যবে রাত্রি, দুইজন যাত্রী, তপোগিরি নিরখিল উন্নয়নপাতে স্ব.প্র ১০৬।

উন্নস বিণ [উদ্গতা নাসিকা যাহার বা যাহাতে, বহুব্রী; নাসিকা>নস্ সমাসান্ত 'অ' (অচ্), স্ত্রী -সা] উন্নতনাসিকা। "ভ ১.১৯.২৬। উন্নসং দধতী বক্তম্ ভট্টি ৪.১৮।

উন্নহন বিণ [উদ্গত নহন যাহার, বহুব্রী] উন্নতবন্ধন, উচ্ছৃঙ্খল, উদ্দাম। "বিভবোন্নহনম্ (যদুকুলম্) ভ ১১.১.৪।

উন্নাদ পুং [উদ্+ √নদ্+অ (ঘঞ্)-ভা] উচ্চ নাদ; মহারাব। "শরভোন্নাদসংঘুষ্ট মহা ৩.১৫৮.৪০। —ন্নাদ বিং উচ্চনাদযুক্ত, গম্ভীরধ্বনি। "উন্নাদ শঙ্খের গর্জ্জে স.শ ৬৯।

উন্নাহ পুং [উদ্+ √নহ্+অ (ঘঞ্)-ভা] ১ উত্তোলনপূর্ব্বক বন্ধন; উদ্‌গ্রন্থন। ২ উৎসেধ, উচ্ছ্রায়। "স্তনোন্নাহ মা মা ৯২/২। ৩ উদ্রেক। "তমউন্নাহ ভ ১১.১৯.৪৩। ৪ গর্ব্ব (M.W.)। —হ ক্লী কাঞ্জিক (অ.চি)।

উন্নিদ্র বিণ [উৎসৃষ্টা নিদ্রা যাহা কর্ত্তৃক, বহুব্রী; স্ত্রী -দ্রা] ১ উৎসৃষ্টনিদ্র, ত্যক্তনিদ্র, নিদ্রারহিত। "পশ্য...তামুন্নিদ্রাম্ উ.মে ২৭। বিগময়ত্যুন্নিদ্র এব ক্ষপাম্।— শ ৬.৫। ২ উদ্‌বুদ্ধ, জাতপ্রবোধ। "ভ ১.৪.৪। ৩ বিগতমুকুলভাব, বিকসিত, প্রফুল্ল। "°পুষ্প মাঘ ৪.৩১; °প্রিয়ক ৮.২৮। °হৃৎপঙ্কজ।—ভ ২.২.১০। ৪ সুব্যক্ত, সুপ্রকাশিত। "°চন্দ্রাঃ ক্ষপাঃ।—প্রবোধচন্দ্রোদয়। —ন্নিদ্রা বি [উন্নিদ্র>°দ্রা; অসাধু] নিদ্রাভঙ্গ, জাগরণ। "উন্নিদ্রায় বহুক্ষণাবধি উৎকট মানসিক যন্ত্রণাসহনে অবসন্ন হইয়াছিলেন ব.প্র ৭৫।

উন্নীত বিণ [উদ্+ √নী+ত (ক্ত)-র্ম্ম; ছান্দস] ১ উর্দ্ধে নীত, উত্তোলিত, উদ্ধৃত। "ভ ৩.১৩.৪৭; স্বদংষ্ট্রোন্নীতধরো বরাহঃ ৬.৮.১৫। ২ বিয়োজিত। "(ভূতানাম্) উন্নীতানাং স্বকর্ম্মভিঃ ভ ৭.২.২১। ৩ বিতর্কিত, অনুমিত। —ন্নেতব্য বিণ [+তব্য-র্ম্ম] ১ উদ্ধরণীয়, উত্তোলনীয়। ২ অনুমেয়। "উ.চ ৩.২২। —ন্নেতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ উন্নায়ক, উদ্ধারক। ২ উদ্ভাবক। —তা পুং ষোড়শ ঋত্বিকের অন্যতম। দ্র 'অগ্নিষ্টোম'। —ন্নেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ সর্থ 'উন্নেতব্য'। ২ অনুমেয়। "উ.চ ১.২৯।

উন্মগ্ন বিণ [উদ্+ √মস্জ্+ত (ক্ত)-ক] ১ উত্থিত, উদ্‌গত। "রসাতলাদিবোন্মগ্নং শেষম্ রঘু ১২.৭০। সমুদ্রাদুন্মগ্ন ভ ৬ ৪.৪। ২ প্রাদুর্ভূত, প্রকট। বিপ 'নির্ম্মগ্ন'। "সা.দ ৩.১৪৩। —ন্মজ্জক বিণ [+অক (ণুল্)-ক; স্ত্রী -জ্জিকা] উন্মজ্জনকারক, জলোপরি উৎপ্লবনকারী। —ক পুং তাপসবিশেষ। 'কণ্ঠদঘ্নে জলে স্থিত্বা তপঃ কুর্ব্বন্ প্রবর্ত্ততে। উন্মজ্জকঃ স বিজ্ঞেয়স্তাপসঃ লোকপূজিতঃ॥ —ন্মজ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] প্লবন, ভাসা। বিপ 'নিমজ্জন'।

উন্মতি বিঃ ['উন্মনাঃ'র অনুকরণে 'তি'; অপ্র] উন্মনাঃ, ব্যাকুলচিত্ত। "উন্মতি পাগলী শচী চৈ.ম ১১০; ১৫১।

উন্মত্ত বিণ [উদ্+ √মদ্+ত (ক্ত)-ক, ছান্দস] ১ বায়ুজন্যচিত্তবিভ্রমযুক্ত, বাতুল, ক্ষিপ্ত। "মনু ৩ ১৬১। উন্মত্তাস্মি সংবৃত্তা উ.চ ৩৪/৪। ২ অতিমত্ত, বিচারবিমূঢ়, অবিবেক। "বলোন্মত্তঃ রা ১.৫৪.১০। মদোন্মত্ত।—হি ২.২২০। ৩ ভূতাবেশাদি হেতু বিভ্রান্তচিত্ত; গ্রহাবিষ্ট। "মনু ৮.৬৭। যাজ্ঞ ২.৩২। ৪ উগ্র, হিংস্র, মারাত্মক। "উন্মত্তচণ্ডশ্বাপদকুল উ.চ ২২/৬। ৫ সুরাপানাদি হেতু বিকৃতবুদ্ধি। "মদিরোন্মত্ত; মোহমদিরোন্মত্ত (S.W.)। ৬ ব্যাক্ষিপ্তচিত্ত, নিরাকুল। "উন্মত্তাং বিলপন্তীং মাম্ মহা ৩.৬৪.২২। ৭ ক্ষুভিত, তরঙ্গাকুল। "°গঙ্গং নাম দেশঃ (সি)।—ত্ত পুং ধুস্তূর; মুচুকুন্দবৃক্ষ। [°ক (পুং)—উন্মত্ত জন। "যাজ্ঞ ২.১৪৩। °তা (স্ত্রী)—ক্ষিপ্ততা, পাগলামি। "মে ২৬৮। °দর্শন, °রূপ (বিণ)—উন্মত্তসদৃশ। °প্রলপিত (ক্লী)—উন্মত্তের প্রলাপ; পাগলের কথা। "পা ৬.২.১৪৯। °বেশ (পুং)—শিব। °ভৈরব (পুং)—ভৈরববিশেষ। "ভা.চ ৫১।]

উন্মথন বিণ [উদ্+ √মথ্+অন (ল্যুট)-ক; স্ত্রী -নী] উন্মথনকারক, ব্যথয়িতা। "বিপক্ষচিত্তোন্মথনা নখব্রণাঃ।—কি ৮.৩৪। —থন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উন্মর্দ্দন, ব্যথন; পীড়ন। ২ মথনপূর্ব্বক উৎপাদন। "অমৃতোন্মথনে ভ ১১.৪.১৮। ৩ নিধন, বিনাশ। "অন্যোন্যসূত° রঘু ৭.৫২। বিরাধহতক° ম.চ ৪৬/৩। ৪ ধ্বংস, ছেদন। "ধ্বজস্তোন্মথনম্ গো.রা ৬.৯১.১৩। ৫ যন্ত্রকর্ম্মবিশেষ। "সুশ্রুত ১.৭.১৩। —থিত বিণ [+ √মথ্, √মন্থ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিলোড়িত, উন্মর্দ্দিত। ২ ব্যথিত, নিপীড়িত। "প্রহরণোন্মথিতনিতম্ব ভ ৫.২০.১৯। অশরীরনিশাতশরোন্মথিতপ্রমদা (পঞ্চরাত্র)। ৩ অভিভূত, পরীত, বিবশীকৃত; ব্যাকুল। "শোকোন্মথিতচিত্ত।—মহা ৩.৬২.৮; হর্ষোন্মথিতচিত্ত ৪.২২.৪৩। মন্মথোন্মথিতেন্দ্রিয় ভ ৩.১৪.৩০; সঙ্গোন্মথিতজ্ঞান ৪.২৬.১৮। ৪ মত্তীকৃত, ব্যাক্ষিপ্ত। "মদোন্মথিতচেতস্ ভ ১.১৫.২৩। ৫ ঘর্ষণপূর্ব্বক উৎপাটিত; উদ্‌ঘৃষ্ট। "বন্যদ্বিপেনোন্মথিতা ত্বগস্য রঘু ২.৩৭ ৬ উন্মর্দ্দিত, বিলোড়িত। "বাতেনেবোন্মথিতঃ কর্ণিকারঃ মহা ৫.২২.২৯। ৭ হত, বিনাশিত। "ভ ৩.৩.৬। ৮ মিশ্রিত। "পুষ্করধিরোন্মথিত (সুশ্রুত); শর্করা° (S.W.)। ৯ উৎসাদিত, নাশিত। "স্বং চৈবোন্মথিতং যশঃ গো.রা ২.৬১.১৮। —ন্মন্থন ক্লী [+ √মন্থ্ +অন-ভা] সর্থ 'উন্মথন' (ক্লী)।

উন্মদ বিণ [উদ্গত মদ যাহার, বহুব্রী; উদ্+ √মদ্+অ (অচ্)-ক (ক্ষীরস্বামী); স্ত্রী -দা] ১ উদ্গতমদ, উৎকটমদ, উন্মত্ত। "জলদপঙ্‌ক্তিরনর্ত্তয়দুন্মদম্...কলাপিকদম্বকম্।—মাঘ ৬.৩১। °রাজহংস রঘু ১৬.৫৪। উন্মদ বীরমদে।—মে ৮৩; উন্মদা যৌবনমদে ২৭৬। উন্মদ

মদনশরে মা ১৪৯। দুই মহানদ.…উন্মদ।—হেম ২০৭; রণরঙ্গরসে …উন্মদ ২৭৪। ২ উন্মাদশীল, উন্মদিষ্ণু। "উন্মদানাম্…বয়সাম্ রঘু ২.৯। ৩ মত্ত, ক্ষিপ্ত। "কভু গায় গীত করতালি দিয়া. উন্মদা মে ২৬৮। ৪ সুরাদিপানহেতু মত্ত। ৫ উদ্ভট, উদ্রিক্ত। "°মদনমনোরথ।—গী.গো ১.২৯। ৬ [+ √মদ্+ই (ণিচ্)+অ (অচ্)-ক] মদকর, হর্ষজনক। "°ধ্বনিভৃৎ (মধুকরাঙ্গনা) মাঘ ৬.২০। —ন্মদ পুং [প্রা.স] অতিশয়-মদ, অতিমত্ততা। —ন্মদন বিণ [উদ্ভূত মদন যাহার, বহুব্রী; স্ত্রী -না] উদ্ভূতকাম, উৎকটমন্মথ, উদ্রিক্তকামাবিষ্ট। "কু.স ৫.৫৫। —ন্মদিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্) তাচ্ছীল্যে-ক; স্ত্রী -ষ্ণু] উন্মাদশীল, অত্যন্তমদ-শীল। "পা ৩.২.১৩৬। ব্যালম্বিপাঃ…উন্মদিষ্ণবঃ মাঘ ১২.২৮।

উন্মনা বিং [সং উন্মনাঃ; হি উন্মনা] ১ উৎকণ্ঠিত, উদ্বিগ্ন, ব্যাকুল, অধীর। "সে কথা শুনিয়া আমি হইনু উন্মনা ম ১০০১; পুত্রশোকে… হয়্যাছি উন্মনা ১০০৭। দ্রু ৪৮। উন্মনা হইয়া ভাবেন ব্যাস ভা.চ ১৯৯; ৫৩০। উন্মনা উৎসুকচিত্তে ফিরে ফিরে আসি।—রবীন্দ্র। ২ অন্যমনস্ক, অনবহিত। "দিলেন তাহারে বর উন্মনা হইয়া শ্রী ম ২৬৫। ৩ চলচিত্ত, অসুখী। "মহাভারতের এই কথা শুনিয়া অবধি রাজ্ঞী অতিশয় উন্মনা ও উৎকণ্ঠিতা হইলেন।—কাদ ১৮। ৪ উৎসুক, ব্যগ্র। "আমি উন্মনা হে, হে সুদূর, আমি উদাসী।—রবীন্দ্র।

উন্মনাঃ (-নস্) বিণ [উদ্গত (উদ্ভ্রান্ত) মনঃ যাহার (কাশিকা), বহুব্রী; বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)—'উন্মনস্ক'; স্ত্রী -নাঃ, -স্কা] ১ উদ্ভ্রান্ত-চিত্ত, উৎকণ্ঠিত। "ক.সা ৭.৮। ২ উৎসুক, ইষ্টার্থ উদ্যুক্ত। "পা ৫.২ ৮০। রঘু ১১ ২২। মাঘ ১৬.৩। কি ১৪.৪৫। ৩ অন্যমনস্ক, অনবহিত। ৪ উন্নতমনাঃ, মনস্বী। "মাঘ ১৬.৩, মল্লিনাথ।

উন্মন্থ পুং [উদ্+ √মন্থ্+অ (ঘঞ্)-ভা] ১ বিলোড়ন। ২ আঘাত; বধ, মারণ। ৩ [+অ (অচ্)-ক] কর্ণরোগবিশেষ (সুশ্রুত)। —ন্থক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ন্থিকা] বিলোড়ক, বিক্ষোভক। —ন্থক পুং কর্ণরোগবিশেষ (সুশ্রুত)। —ন্থন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উন্মন্থ' (১; ২)। ২ [+অন-ণ] মন্থনদণ্ড।

উন্ময়ূখ বিণ [উদ্গত ময়ূখ যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -খা] উদ্গতকিরণ, ভাস্বর, দীপ্তিশীল। "ইন্দ্রনীলম্…উন্ময়ূখম্ রঘু ১৬.৬৯।

উন্মর্দ্দন ক্লী [উদ্+ √মৃদ্+অন (ল্যুট্)-ভা বৈদিক] ১ উদ্বর্ষণ। ২ বায়ুপ্রসাদনার্থ বা শূলোপদ্রববারণার্থ ব্যাপারবিশেষ (সুশ্রুত)। ৩ [+অন-ণ] উন্মর্দ্দনসাধন দ্রব্য।

উন্মাথ পুং [উদ্+ √মথ্+অ (ঘঞ্)-ভা] ১ বিলোড়ন, উন্মথন। ২ বধ, মারণ। ৩ বাধা, পীড়া। "মন্মথ° মা.মা ৯.৪৪। ৪ [+অ-ণ] মাংসাদিদানে পক্ষিবন্ধনার্থ অলক্ষ্য যন্ত্রবিশেষ (অ.টী); কূটযন্ত্র, ফাঁদ। "প্রযোজয়তি চোন্মাথং নিত্যম্ মহা ১২.১৩৮.২৩।—ন্মাথী (-থিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী-থিনী] ১ উন্মথনকারক, বিলোড়ক। ২ মর্ম্মব্যথাকর, মর্ম্মপীড়ক। "অনঙ্গমহাজ্বরঃ…উন্মাথী মা.মা ৯.১০।

উন্মাদ বিণ [°দ+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -দা] ১ উন্মাদরোগযুক্ত, উন্মত্ত। ২ মত্ত, ব্যাক্ষিপ্ত। "কেহ বা নাদিলা…কামমদে উন্মাদ ভৈরবী মে ৯৬। ৩ হতজ্ঞান, ভ্রষ্টবুদ্ধি, হিতাহিতজ্ঞানহীন। "উন্মাদ পাগল গি.দ্বি ১২২; কি উন্মাদ দশা তোর গি.দ্বি ১২৭।—দ পুং [উদ্+ √মদ্+অ (ঘঞ্)-ভা] ১ চিত্তসম্মোহ, চিত্তবিভ্রম, মতিভ্রংশ। "উদ্যানপুষ্পের সৌরভে আকাশ উন্মাদকর হইয়াছিল ব.দ্বি ৫৬। ২ (অলঙ্কারে) সঞ্চারি-ভাববিশেষ। 'সা.দ ৩.১৬০। ভ.গ্র ৩৯৯। ৩ উন্মত্ততা, ক্ষিপ্ততা। "উন্মাদো মাতৃদোষেণ।—চাণক্যনীতি ৪৮। ৪ অবিবেকতা, বিচার-মূঢ়তা। "মানোন্মাদ (পাঠান্তর)।—পঞ্চ ১.১৫৯। হৃদয়োন্মাদকারিণী ক.সা ১৫.৪৪। ৫ ভূতাদির আবেশজন্য অস্বস্থাভাব (অ.টী); চিত্তবিভ্রম। "ভূত°, দেব° (S.W.)। গ্রহাবেশলক্ষণৈরুন্মাদৈরভিভূতঃ (মিতাক্ষরা)। ৬ কামাবেশ। "উন্মাদতরলৈঃ কটাক্ষৈঃ মা.মা ২.১০। ৭ উৎসাহবিশেষ। "বীররভস° ম.চ ২.২২। ৮ বিকাশ। "উন্মাদং বীক্ষ্য পদ্মানাম্ সা.দ ২ (A.)। ৯ কামাবেশ হেতু লিঙ্গোত্থান। "মেঢ্র-শেচান্মাদশুক্রাভ্যাং হীনঃ ক্লীবঃ স উচ্যতে (উদ্বাহতত্ত্ব)। ১০ [+ √মাদি +অ (অচ্)-ক] 'উন্মাদক', মানসব্যাধিবিশেষ। 'মানসোঽয়মতো ব্যাধিরুন্মাদঃ।—সুশ্রুত ৬.৬২.২। ১১ মহাদেব (মহা)। —দক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -দিকা] উন্মাদজনক, মত্ততাকর। —দক পুং ধুস্তূরবৃক্ষ। —দন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] উন্মাদকারক, চিত্তবিকারজনক। —দন পুং কামের পঞ্চ বাণের একতম। দ্র 'পঞ্চবাণ'। —দয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] সর্থ 'উন্মাদন'। —দী (-দিন্) বিণ [+ √মদ্+ইন্ (ঘিণুন্)-ক-১ব; স্ত্রী -দিনী] ১ উন্মাদশীল, উন্মদিষ্ণু। ২ [°দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] উন্মাদবান্, উন্মত্ত। "রক্ষেদুন্মাদিনং যত্নাৎ (সুশ্রুত)। উন্মাদিনী সৌদামিনী রঙ্গভরে নৃত্য করে অম্বরতলে।—গান ১৭৬। [উন্মাদবান্ (-বৎ)—বিণ উন্মাদযুক্ত, উন্মত্ত (অ.কো)।]

উন্মান পুং [উদ্+ √মা+অন (ল্যুট্)-ণ] যাহা দ্বারা উন্মিত হয়, সুবর্ণাদির গুরুত্বনির্ণয়ে পলাদিশব্দবাচ্য পাষাণাদি। "পা ৫.১.১৯, তত্ত্ব-বোধিনী। —ন পুং, ক্লী দ্রোণপরিমাণ (বৈদ্যক)। 'উন্মানঃ…দ্রোণ-পর্য্যায়সংজ্ঞিতঃ।—শার্ঙ্গধর। ঘটস্তূন্মানম্।—চরক। —ন ক্লী ১ তুলা। 'উন্মানং তু তুলা স্মৃতা শু ২.৩৫২। ২ [+অন-ভা] ঊর্দ্ধ মান; ওজন করা। —ন্মিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] কৃতোন্মান, ওজন-করা। —ন্মিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] উন্মান, ওজন করা।

উন্মার্গ বিণ [মার্গকে উৎক্রান্ত, প্রা.স; স্ত্রী -র্গা] যে মার্গ (সৎপথ বা রীতি) অতিক্রম করিয়াছে, মার্গাতিক্রান্ত, উৎপথগত। —র্গ পুং [প্রা.স] ১ উৎসৃষ্ট (পরিত্যক্ত) মার্গ; বিরুদ্ধপথ, কুপথ, অবৈধাচার। "মদোন্মত্তস্য ভূপস্য কুঞ্জরস্য চ গচ্ছতঃ। উন্মার্গং বাচ্যতাং যান্তি মহামাত্রাঃ সমীপগাঃ॥—পঞ্চ ১.১৭২। ২ অস্বাভাবিক গতি; বক্রপথ। "সুশ্রুত ৬.৬২.২। —র্গী (র্গিন্) বিণ [°র্গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -র্গিণী] উন্মার্গবান্, কুপথগত। [°গত, °প্রস্থিত, °যাত (বিণ) —কুপথগত, উৎপথপ্রস্থিত। "°যাত হি ৪.২০। °স্থিত কাদ ৫৭। °গমন (ক্লী)—কুপথগমন, অসৎপথাশ্রয়। "শু ২.২২১। হি ২ ১২২। °গামী (-মিন্) বিণ—কুপথগমনশীল, অসৎপথাশ্রয়ী। "হি ২.২ (কথারম্ভ)। মূর্খের ন্যায় উন্মার্গগামী কাদ ১০৪। °বর্ত্তী (-র্ত্তিন্), °বৃত্তি (বিণ) —কুপথস্থিত, দুর্ব্বৃত্ত।]

উন্মার্জ্জন ক্লী [উদ্+ √মৃজ্+অন (ল্যুট্)-ভা, বৃদ্ধি] ১ পরিশোধন, প্রক্ষালন, পরিষ্করণ। ২ অপনয়ন, দূরীকরণ। "মনঃশল্যোন্মার্জ্জন (দশকুমার)।

উন্মিশ্র বিণ [উদ্+ √মিশ্র+অ (অচ্)-র্ম্ম; স্ত্রী -শ্রা] সংমিশ্রিত, সংযুক্ত। "কলকলোন্মিশ্র গো.রা ৩.৩৪.৩৪; পুষ্পরজোন্মিশ্রঃ (বায়ু) ৭৯.২৯। পুংস্কোকিলস্বন° মহা ৩.১০০.১৪।

উন্মিষ বিণ [উদ্+মিষ্+অ (ক)-ক; স্ত্রী -ষা] প্রফুল্ল, বিকসিত; কিঞ্চিৎপ্রকাশযুক্ত (ত.বা)। —ষ পুং [+অ (ঘঞর্থে 'ক')-ভা] উন্মেষ, চক্ষুরুন্মীলন। —ষিত বিণ [+ত (ক্ত)-ক] ১ প্রফুল্ল, বিকসিত; কিঞ্চিৎপ্রকাশিত। ২ প্রফুল্ল, সস্মিত। "মন্দমুন্মিষিতাননঃ হ ৩০৮.১২। ৩ উন্মীলিত (চক্ষুঃ)। "প্রলয়ান্তোন্মিষিতে বিলোচনে কু.স ৪.২। —ষিত ক্লী [+ত-ভা] ১ উন্মেষ, বিকাশ, উন্মীলন। "যুগপদুন্মিষিতেন …পরস্পরতুলামধিরোহতাং দ্বে (চক্ষুঃ পদ্মং চ) রঘু ৫.৬৮। ২ অব-লোকন। "ব্যালোকয়ন্নুন্মিষিতৈস্তড়িন্ময়ৈঃ কু.স ৫.২৫।

উন্মীল[১] পুং [উদ্+ √মীল্+অ (ঘঞ্)-ভা] ১ উন্মীলন, উন্মেষ। ২ বিকাস। "বন্দী নিরখিল. সেই শুভ্র সুকোমল কমল-উন্মীল

অপরূপ মুখ।—কথা ৩৮। —লন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিকসন, প্রস্ফুটন। ২ নেত্রপুটভেদন, উন্মেষণ, চোখ মেলা। বিপ 'নিমীলন'। "কর চক্ষু উন্মীলন দা ৫৯৮। ৩ উদ্ভাসন। "জ্ঞানাঞ্জনশলাকাভির্নেত্রোন্মীলনকারকম্ মহা ১.১৮৪। ৪ প্রকাশ, উদয়। "প্রিয়াগুণসহস্রাণামেকোন্মীলনপেশলঃ উ.চ ৬.৩৪। ৫ রঞ্জনদ্রব্যে উদ্ভাসন; আলেখন। "আলেখ্য° (কাদম্বরী—A.)। —লিত বিণ [+ত (ক্ত)-ক] ১ বিকসিত, প্রস্ফুটিত। "°মালতীসুরভি (কদম্বানিল) সা.দ ১২৮। ২ প্রকাশপ্রাপ্ত, উদ্ভাসিত। "ঝটীত্যুন্মীলিতপ্রজ্ঞ ম.চ ১.৪৮। ৩ উন্মিষিত অমুদ্রিত, অসঙ্কুচিত। "মৃ ১.৩৩। ৪ [+ত-র্ম্ম] উদ্ভাসিত। "অজ্ঞানান্ধস্য লোকস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ পাণিনয়ে নমঃ॥ ৫ রঞ্জনদ্রব্যে উদ্ভাসিত। "উন্মীলিতং তূলিকয়ৈব চিত্রম্ কু.স ১.৩২। —লিত ক্লী অর্থালঙ্কারবিশেষ। [কোন কারণে ভেদ লক্ষিত হইলে 'উন্মীলিত' অলঙ্কার হয়।—কুবলয়ানন্দ ১৪৭।]

উন্মুক্ত বিণ [উদ্+√মুচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ অবদ্ধ, বন্ধনহীন, অবাধ। "উন্মুক্ত ধারা স.স্ব ৯২। ২ কৃত। "আর্ত্তনাদো হি যঃ পৌরৈরুন্মুক্তঃ রা ২.৫.৪৪। ৩ বিরহিত, বিহীন। "মান°। প্রভঞ্জনোন্মুক্তা সন্ধ্যা।—বৃহৎসংহিতা (S.W.)। ৪ পরিত্যক্ত, উৎসৃষ্ট। "কিময়মুন্মুক্তচাপো মনোভবঃ ক.সা ৫২.২০১। ৫ [+ত-ক] উচ্চরিত, নিঃসৃত। "সিদ্ধানাং বদনোন্মুক্তাঃ (স্তবয়ঃ) হ ২১৬২২। ৬ (বাংলায়) অবাধ, খোলা (প্রান্তর)।

উন্মুখ বিণ [উদ্গত মুখ যাহার, বহুব্রী; স্ত্রী -খা, -খী] ১ উদ্গতমুখ, ঊর্দ্ধমুখ, উন্নমিতানন। "রথনেমিস্বন° (শিখণ্ডী) রঘু ১.৩৯; দর্শনোন্মুখমৃগ ১১.২৩। °পৌরদৃষ্ট কু.স ৭.৫১। °খী (সিদ্ধাঙ্গনা) পূ.মে ১৪। মাঘ ১২.৪৭। উন্মুখী বগলা ভা.চ ৩০। আমি উন্মুখী হইয়া দেখিতে লাগিলাম কাদ ৬৭। ২ উৎসুক, ব্যগ্র। "শরণ° রঘু ৬.২১; গুণ° ১২.১৬; স্বপদ° ১৬.৯। পরিণয়° কু.স ৬.৩৪। তাহা আস্বাদিতে আমি সদাই উন্মুখ চৈ.চ ২০। শ্রবণে উন্মুখ স.শ ১১২। রূপগুণ-দর্শনে উন্মুখ পা.প্র ৮। ৩ অভ্যাবৃত্তমুখ, অভিমুখ। "(দ্রক্ষ্যসি) পাদপাংশ্চ তদুন্মুখান্ রা ২.২৭.৩৩; ৪০.২১। অতিথীনাশ্রমোন্মুখান্° রঘু ১.৫৩। ৪ কৃতোদ্যোগ, উদ্যুক্ত। "অরণ্যসমাশ্রয়° রঘু ৮.১২। ভেদ° বিক্র ২.৭। কহিতে উন্মুখ সভে না কহে বচনে চৈ.চ ১৪৫। ৫ প্রাপ্তকাল। "প্রসবোন্মুখীং প্রিয়াম্ রঘু ৩.১২। উদয়োন্মুখচন্দ্রিকা মা.মি ৫.৭। ৬ সম্মুখ। বিপ 'বিমুখ'। "যদুন্মুখে বিমুখতাং যাতাসি তস্মিন্ প্রিয়ে গী.গো ৯.১০। ৭ [উদ্ভূত মুখ যাহার, বহুব্রী] জাতাভিভাষণব্যাপার, মুখর। "চূতযষ্টি…পরভৃতোন্মুখী কু.স ৬.২।

উন্মুগ্ধ বিণ [উদ্+মুহ্+ত (ক্ত)-ক] ১ অতিমুগ্ধ, বিচারমূঢ়। "যোত্তরা সা পূর্ব্বা যস্যা উন্মুগ্ধায়াস্তস্ৈ উত্তরপূর্ব্বায়ৈ পা ১.১.২৮, সি। ২ বিমূঢ়, মূর্খ।

উন্মুদিত বি [উদ্+√মুদ্+ত (ক্ত)-ক] অতিহৃষ্ট। "ভ ৪.২৬.২৪।

উন্মুদ্র বিণ [উদ্গতা মুদ্রা যাহা হইতে, বহুব্রী; স্ত্রী -দ্রা] ১ উদ্গতমুদ্র, মুদ্রাহীন (unsealed)। ২ বিকসিত (পুষ্প)।

উন্মূর্দ্ধা (-র্দ্ধন্) বিণ [উন্নত মূর্দ্ধা যাহার, বহুব্রী; স্ত্রী -র্দ্ধা (-র্দ্ধন্), -র্দ্ধনী] উন্নতমস্তক, ঊর্দ্ধশীর্ষ। "মাঘ ১৮.৩২।

উন্মূল বিণ [উদ্গত মূল যাহার, বহুব্রী; স্ত্রী -লা] ১ উদ্গতমূল, উন্মূলিত। "কৃতা তারাহমুন্মূলা তব মূলবিনাশনাৎ গো.রা ৪.১৯.১১। দুঃসহ অন্তরবেগে তীরতরু করিয়া উন্মূল কা ৪২। ২ সমূলোৎপাটন। "সংসারতরোঃ…ন্মোন্মূলবিনাশায়।— প্রবোধচন্দ্রোদয় (S.W.)। —লন বিণ [উন্মূল+ই (ণিচ্) 'করণ' অর্থে+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] উন্মূলয়িতা, উৎপাটক। "তরুণীহৃদয়াকাণ্ডসমূলোন্মূলনঃ শরঃ ক.সা ৬৭.১৪। —লন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সমূলোত্তোলন, উৎপাটন। "পাদপোন্মূলন রঘু ২.৩৪। মূল°।—পক্ষ ৩.১৩৬। অঙ্কুরের উন্মূলন স.শ ১২৯। তরু-উন্মূলন ন ৫০৭। ২ উচ্ছেদ, বিনাশন। "(দুরাত্মনঃ) সমূলোন্মূলনং করিষ্যামি।—প্রবোধচন্দ্রোদয় (S.W.)। —লিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সমূলোদ্ধৃত, উৎপাটিত। "দূরে সন্তু ফলানি হন্ত ভবতা তন্মূলমুন্মূলিতম্।—উদ্ধবদূত। উন্মূলিত তরু সী ৩০। ২ সমূলবিনাশিত, উচ্ছিন্ন, উৎসাদিত। "লঙ্কামুন্মূলিতাং কৃত্বা কদা দ্রক্ষ্যতি মাং পতিঃ গো.রা ৫.৩৫.৬।

উন্মৃষ্ট বিণ [উদ্+√মৃজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতমার্জ্জন, পরিষ্কৃত, প্রক্ষালিত। ২ নিরাকৃত, অপনীত। "কুশ°, লব° (মল্লিনাথ)। কুশলবোন্মৃষ্টগর্ভক্লেদ রঘু ১৫.৩২। ৩ মৃদিতলিপ্যক্ষর, বিলুপ্তাক্ষর। "যাজ্ঞ ২.৯১।

উন্মেয় বিণ [উদ্+√মা+য (যৎ)-র্ম্ম] ১ উন্মানার্হ, উন্মানমেয়, ওজনের যোগ্য (সুবর্ণাদি)। ২ পরিমেয়। "আচিতঃ শকটোন্মেয়ঃ (ত্রিকাণ্ডশেষ)।

উন্মেষ পুং [উদ্+√মিষ্+অ (ঘঞ্)-ভা] ১ চক্ষুরুন্মীলন, উন্মেষণ। বিপ 'নিমি(মে)ষ'। "নিমিষন্তে স্মৃতা রাত্রিরুন্মেষো দিবসস্তথা গো.রা ৬.১০২.২৫। নিমেষোন্মেষবিহ্বল মহা ১৪.৪৫.৪। ২ প্রকাশ, স্ফুরণ। "বিদ্যুদুন্মেষদৃষ্টি পূ.মে ২০। ৩ বিকাস, প্রস্ফুটন। "কমল° কু.স ২.৩৩। ৪ উদয়, প্রকাশ, আবির্ভাব। "জ্ঞান°, তত্ত্ব°, প্রজ্ঞা° (S.W.)। ধর্ম্মভাবের উন্মেষ পা.প্র ১৬৯। ৫ উপবৃংহণ, বহুলীকরণ। "ইতিহাসপুরাণানামুন্মেষম্ মহা ১.১.৬৩। —ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রকাশ, আবির্ভাব। "মন্মথ° সা.দ ৩.৯৬। ২ সর্ব 'উন্মেষ'। —ষী (-ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ষিণী] উড্ডীন, উৎপতিত। "উন্মেষিচাষচ্ছদচ্ছায়াসংবলিত মা.মা ৬.৪।

উন্মোচন ক্লী [উদ্+√মুচ্+অন (ল্যুট্)-ভা] ১ বন্ধনবিশ্লেষণ। বন্ধনরহিতীকরণ, ছাড়িয়া দেওয়া। ২ ত্যাগ।

উন্ষল বিং ['শীতল'এর অনুকরণে 'উষ্ণ'>°ল (বৈপরীত্যে); প্রাদেশিক] উষ্ণতাযুক্ত, ঈষদুষ্ণ। [উন্ষল-উন্ষল—একটু গরম।]

উপ[১] ব্য Cf., Av. upa, Gr. hupo; L. sub; Ger. oba, ob; Goth. uf] উপসর্গবিশেষ;—১ সামীপ্য, সান্নিধ্য। "°কূপ, °কূল, °বাস। সঃ উপোবিবেশ।—ছান্দোগ্য ৪.১.৮। °দশ পা ২.২.২৫। উপোপবিষ্ট।—রা ১.৪.৩১; মহা ৩.১২৪.৩। ভূপ-উপে উপনীত বি.সু ৭৮। ২ আধিক্য। "°তাপ, °তাপক। উপ পরার্দ্ধে হরেগুর্ণাঃ পা ২.৩.৯। ৩ হীনতা। "উপ হরিং সুরাঃ পা ১.৪.৮৭। ৪ অনুগতি। ৫ পশ্চাত্তাব। "উপেন্দ্র। ৬ প্রাথম্য। "°জ্ঞা। ৭ অনুকম্পা। ৮ উদ্যোগ। ৯ পূজা। "উপচরিতঃ পিতা পুত্রেণ। শক্রমুপস্থায় রঘু ১.৭৫। ১০ গৌণভাব, ন্যূনতা। "°অধ্যক্ষ, °গুরু, °দেবতা, °ধর্ম্ম, °পুরাণ। ১১ দান। "°হরতি। ১২ ব্যাপ্তি। "°কীর্ণ, °স্তরণ। ১৩ আরম্ভ। "°ক্রম। ১৪ উপালম্ভন। "°ক্রোশ। ১৫ মৃত্যু। "°রত, °রমতে। ১৬ সামর্থ্য। "°করোতি। ১৭ দাক্ষিণ্য। ১৮ আচার্য্যকরণ। "°দিশতি। ১৯ ভূষণ। "°স্কার। ২০ অত্যয়। ২১ দোষাখ্যান। "°ঘাত। ২২ নিদর্শন। ২৩ সাদৃশ্য। "°দেব, °ধাতু, °পাতক, °বিষ, °মাতা। ২৪ বীপ্সা। "দেবং দেবমুপচরতি। ২৫ প্রতিযত্ন, সংস্কার, গুণান্তরাধান। "উপস্কুরুতে পা ১.৩.৩২। ২৬ লিপ্সা। "ভিক্ষুকঃ প্রভুমুপতিষ্ঠতে পা ১.৩.২৫, সি। ২৭ উপরি। "°লেপ, উপ সানুষু। ২৮ যোগ। ২৯ ক্রিয়াভেদ। "°চরতি। উপ সামীপ্যসামর্থ্যব্যাপ্ত্যাচার্য্যকৃতিমৃতিদোষদানক্রিয়াবীপ্সারম্ভাধ্যয়নপূজনেষু (গণরত্নমহোদধি)। অনুগতিপশ্চাত্তাবানুকম্পাধিক্যহীনসামীপ্যপ্রাথম্যেষু (দুর্গাদাস)। উপাসন্নে হীনেঽধিকে সাদৃশ্যপ্রতিযত্নয়োঃ। তদ্যোগ উদ্যোগ(?) ব্যাপ্তিপূজাসু শক্তারম্ভদানয়োঃ। দক্ষিণাচার্য্যকরণদোষাখ্যানাত্যয়েষু চ॥—(S.W.)।

[উপ উপনহ (অপ্র)—উপানহের সমীপে ; জুতার উপরে। "হেম হীরা সহ, উপ উপনহ, অতি অনুপাম পায় শ্রী.মা ১৩৭।]

উপ² বি [সং রূপ ; অপ্র] সৌন্দর্য্য, শোভা। "ও খোপা বান্ধে নটি উপ নেহালায় গো.চ ২৫৪, টীকা ; ২৫৫।

উপ³ বি [ধ্বন্যাত্মক] হনুমানের ডাক। "প্রাণের ভয়ে করে উপ, চুপ বললেই অমনি চুপ দা ১৪৫৫।

উপকণ্ঠ বিণ [কণ্ঠকে উপগত, প্রা.স ; স্ত্রী -ঠা, ঠী] ১ কণ্ঠোপগত, কণ্ঠাসন্ন। ২ অন্তিক, নিকট। —ঠ পুং, ক্লী ১ সমীপ, সান্নিধ্য, অন্তিক। "প্রাপ…উপকণ্ঠং মহোদধেঃ রঘু ৪.৩৪ ; নগর° ৫.৬১ ; পুর° ১৪.৩১। তস্যোপকণ্ঠে কু.স ৭.৫১। মিথিলা° ম.চ ৪¾। রম্যোঽয়ং সমুদ্রোপকণ্ঠঃ।—পঞ্চ (S.W.)। উপকণ্ঠনিবেশী ক.সা ২৫.৩৫। এ তো আশ্রমের উপকণ্ঠ অ.গ্র ১১। ২ গ্রামান্ত, গ্রামসীমা। ৩ অশ্বের গতিবিশেষ ; আস্কন্দিত (gallop)। —ঠ বা ['সামীপ্য' 'বিভক্তি' অর্থে অব্যয়ীভাব] কণ্ঠসমীপ, অন্তিক ; কণ্ঠে। "মাঘ ৩.৩৬।

উপকথা স্ত্রী [কথাকে উপগতা, প্রা.স] ১ কথার অন্তর্গত কথা ; সংক্ষিপ্ত কথা। ২ কল্পিত আখ্যান ; উপন্যাস, গল্প। "কথোপকথায় শ্রী.ম ২২০। শি ৩৩। উপকথামাত্র ভূত।—পদ্যপাঠ, ১ম ভাগ। একটি উপকথা বলি, শুন ব.প্র ২৮ ; ব্রহ্মঠাকুরাণী…বিবাহপ্রয়াসী রাজপুত্রের উপকথা ব্রজকে শুনাইলেন ৪০২।

উপকনিষ্ঠিকা স্ত্রী [কনিষ্ঠাকে উপগতা, প্রা.স] কনিষ্ঠাঙ্গুলির নিকটস্থ অঙ্গুলি ; অনামিকা। "যাজ্ঞ ৩.২৭৮, মিতাক্ষরা।

উপকরণ ক্লী [উপ+√কৃ+অন (ল্যুট্)-ভা] ১ সাহায্যকরণ, ইষ্টসাধন, উপকার। "সর্ব্বোঽপি জনো বিরূপকরণে সমর্থো ভবতি নোপকরণে।—পঞ্চ (S.W.)। ২ [+অন-ণ] প্রধান অঙ্গীভূত উপকারসাধনদ্রব্য ; কার্য্যসাধনে অনুকূল বস্তু ; কার্য্যসাধনবস্তুমাত্র—যেমন, অন্নভোজনে ব্যঞ্জনাদি, পূজায় পুষ্পাদি। "মহা ৩.২৮.১০। স্নান°।—পঞ্চ ১⁸⁸⁸; পটকর্ম্ম° ৫⁵⁄₉। আত্মা…পরোপকরণীকৃতঃ।—হি ২.২২। ৩ নৃপাদির ছত্রচামরাদি ; পরিচ্ছদ। ৪ নির্ম্মাণসামগ্রী, উপাদান। "গৃহ° ক.সা ২০.১৫০। ৫ অঙ্গ। "বেদ° মনু ২.১০৫। ৬ কার্য্যসাধন অস্ত্রযন্ত্রাদি। "বীতংসস্তূপকরণং বন্ধনে মৃগপক্ষিণাম্ (অ.কো)। (চৌরম্) সোপকরণম্।—মনু ৯.২৭০। যাজ্ঞ ২.৭৯। ৭ গৌণ বা অপ্রধান অঙ্গ। "তত্র পুরুষঃ প্রধানং, তস্যোপকরণমন্যৎ।—সুশ্রুত ১.১.১৯। ৮ জীবনের উপকারসাধন—জীবিকা, বৃত্তি। ৯ উপায়মাত্র। ১০ [+অন-ক] উপকারক, সহায়ক। "কর্ম্মোপকরণাঃ শূদ্রাঃ মনু ১০.১২০। —কর্ত্তা (-র্ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -র্ত্রী] ১ উপকারক, সাহায্যকারক। "মহা ৩.২৮.২১। অনুপকর্ত্তা।—রঘু ১৭.৫৮। উপকর্ত্রারিণা মাঘ ২.৩৭। হি ২.৯৮। বেদান্ত পড়াও—সন্ন্যাসীর উপকর্ত্তা চৈ.চ ১০১। ২ অনুগুণ্যকর ; হিতকর।

উপকল্প পুং [উপ+√কল্পি+অ (অচ্)-র্ম্ম] উপবিধি, অনুকল্প। —কল্পন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ আয়োজন। ২ সম্পাদন। —কল্পনা স্ত্রী [+অন (যুট্)+স্ত্রী আ (টাপ্)] পাত্রের উপস্থাপন ; পরিবেশন। "বক্ষ্যাম্যতঃ পরং কৃৎস্নমাহারস্যোপকল্পনাম্।—সুশ্রুত ১.৪৬.৫০৪ ; ৫০৫। —কল্পয়িতব্য বিণ [+তব্য-র্ম্ম] বিধাতব্য, অনুষ্ঠেয় ; আহরণীয়। —কল্পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সম্ভৃত, সমাহৃত, সংগৃহীত। "যজ্ঞে যদুপকল্পিতম্।— রা ১.১৩.৩২। আভিষেচনিকম্…উপকল্পিতম্ মহা ৩.২৭৬.২৬। ২ সম্পাদিত, অনুষ্ঠিত। ৩ বিহিত, কৃত। "অন্নম্…মদর্থমুপকল্পিতম্ মহা ১.১৬৩.১০ ; তাঃ পশুত্বেনোপকল্পিতাঃ ১৩.৬৬.৪২ ; ৪৩। ৪ সমর্পিত। "মতিরূপকল্পিতা বিতৃষ্ণা ভগবতি ভ ১.৯.৩২। ৫ উপহাররূপে দত্ত ; উপহৃত। "পশুমুপকল্পিতং ভক্ষয়ন্নাস্তে হি ২⅓⅓। ৬ সজ্জীকৃত। "সদশ্বৈরুপকল্পিতান্ (রথান্) মহা ১.১০২.২৪।

উপকান্তা বি কান্তাসদৃশী, উপপত্নী, উপজায়া। "উপকান্তা-অনুগামী লী ৩২।

উপকার পুং [উপ+√কৃ+অ (ঘঞ্)-ভা] ১ আনুগুণ্যসাধন, আনুকূল্যকরণ, উপকৃতি। বিপ 'অপকার'। "শাম্যেৎ…নোপকারেণ দুর্জ্জনঃ কু.স ২.৪০ ; কৃত° ৩.৭৩। °রাপকার মাঘ ২.৩৭। ২ হিতসাধন। "উপকারে চ বর্ত্ততাম্ গো.রা ৩.৭৫ ৪০। মনু ৮.২৬৫। হি ২.৯৮। ৩ ভোগ, উপভোগ। "আধৌ সোপকারে মনু ৮.১৪৩। যাজ্ঞ ২.৫৯। ৪ প্রসাধন, মণ্ডন, অলঙ্করণ। "পুংনাগনাগকরবীরকৃতোপকারে (গৃহে)।—সুশ্রুত (S.W.)। ৫ মহাদেব (মহা)। —কারক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] ১ উপকার-কারী, উপকর্ত্তা, আনুকূল্যকারক। বিপ 'অপকারক'। ২ হিতকারক, হিত। "কি ২.৪৩। উপকারক এবায়ম্ হি ৪⅓⅙। ৩ সাধক, কার্য্যকারক। "সাধকতমম্—প্রকৃষ্টোপকারকম্ পা ১.৪.৪২, সি। ৪ কারণ। "স্পর্শঃ…ত্বচঃ স্যাদুপকারকঃ।—ভাষাপরিচ্ছেদ ১০৩। —কারিকা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ উপকর্ত্রী, হিতকরী। ২ রাজসদন, নৃপালয়, প্রাসাদ (অ.টী)। ৩ কার্য্যবশে মূলস্থান হইতে অন্যত্র রাজার অবস্থানার্থ পটভবনাদি গৃহ ; রাজগৃহসামান্য ; পান্থশালা, সরাই (অ.টী)। ৪ কুশূল, মরাই (শ.ক)। ৫ পিষ্টবিশেষ। ৬ (বাঙলায় ; অপ্র) অট্টালিকা। "অট্টালীর নাম উপকারিকা বলি আর। প্রভুকে দেখাইয়া কৈল লোক-উপকার॥—চৈ ৭৮। —কারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -রিণী] ১ উপকারক, হিতকর। বিপ 'অপকারী'। "গৃধ্রোঽয়মুপকারী রা ৩.৬৮.২২। হি ১.৮০। পঞ্চ ১.২৭০। ২ সাহায্যকারী, সহায়। "পরমোপকারিন্ সখে সুগ্রীব সী ২২। ৩ প্রত্যুপকারে সমর্থ। "যদ্দানং দীয়তেঽনুপকারিণে গী ১৭.২০। —কার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] উপকারযোগ্য, উপকারোচিত। —র্য্য ক্লী শিবির। "উপকার্য্যং জগ্মুস্তে রা ১.৭৩.৪০। —র্য্যা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ রাজযোগ্যপটভবনাদি। দ্র 'উপকারিকা (৩)। "°রচিতোপচার রঘু ৫.৪১ ; রম্যা° ১১.৯৩ ; ১৩.৭৯ ; ১৬.৫৫, ৭৩। ২ সর্ব 'উপকারিকা (২)। "রঘু ৫.৬৩। —ক্রিয়া স্ত্রী [+অ (শ)-ভা +স্ত্রী আ (টাপ্)] উপকার। বিপ 'অপক্রিয়া'। "মনু ২.১৪৯।

উপকীচক পুং, বহুব 'কীচকসদৃশ', কীচকের পঞ্চাধিক শত ভ্রাতা। "মহা ৪.২৩.২৫। [ইহারা সূতপুত্র এবং ভীম কর্ত্তৃক নিহত হয় (মহা ৪.২৩.১৬ ; ১৯, ৩২, ৩৩)।]

উপকুর্ব্বাণ, -ণক পুং [উপ+√কৃ+আন (শানচ্)-র্ম্ম ; ক (কন্) স্বার্থে] যিনি দক্ষিণাদি দ্বারা গুরুর উপকার করেন ; সমাবর্ত্তনযোগ্য ব্রহ্মচারী, অর্থাৎ যিনি ব্রহ্মচর্য্যানন্তর গৃহস্থ হন। বিপ 'নৈষ্ঠিক'। 'দ্বিবিধো ব্রহ্মচারী…। উপকুর্ব্বাণকস্ত্বাদ্যো দ্বিতীয়ো নৈষ্ঠিকঃ স্মৃতঃ॥ —দক্ষ ১.৮। মনু ৯.৯৪, কুল্লুক।

উপকুশ পুং দন্তমূলগত পিত্তরক্তকৃত রোগ (Gum-boil)। "সুশ্রুত ২.১৬.১৩।

উপকূজিত বিণ [উপ+√কূজ্+ত (ক্ত)-র্ম্ম] উদ্ঘুষ্ট, নিনাদিত, প্রতিধ্বনিত। "চক্রবাক" মহা ৩.৬৪.১১৩। ভ ৫.২.৪।

উপকূপ বিণ [কূপকে উপগত, প্রা.স] কূপোপগত, কূপসমীপগত। —প পুং ক্ষুদ্র কূপ। —প ব্য [অব্যয়ীভাব] কূপসমীপ। [°জলাশয় (পুং) —কূপসমীপস্থ জলাধার, নিপান (অ.কো)।]

উপকূল বিণ [কূলকে উপগত, প্রা.স] কূলোপগত, কূলস্থিত (M.W.)। —কূল ব্য [অব্যয়ীভাব] ১ কূলসমীপ, তীরসন্নিধান। "(ব্রহ্মপুত্র)

মাতিয়া খুঁজিয়া ফিরে আপনার কূল-উপকূল কা ৪২। ২ কূলে। "উপকূলং স কালিন্দ্যাঃ পুরীম্ (নির্মমে) রঘু ১৫.২৮।

উপকৃত বিণ [উপ+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] কৃতোপকার, উপকার-প্রাপ্ত। বিপ 'অপকৃত'। "ডাকাতের কাছে এত উপকৃত হওয়ার চেয়ে আমার অনুপকৃত থাকাই ভাল ব.ঘি ৯৬। —ত ক্লী [+ত-ভা] উপকার। "প্রথমোপকৃতং মরুত্বতঃ শ ৭.১। ম ৫.২৫। —কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] উপকার, ইষ্টসাধন, আনুগুণ্যকরণ। "ক.সা ১৭.৪৮ ; পর° ২২.২৭।

উপক্লৃপ্ত বিণ [উপ+ √কৢপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ নিয়ত। ২ বিন্যস্ত, পাতিত। "আসনেষূপক্লৃপ্তেষু মনু ৩.২০৮। ৩ উপভোগার্থ কৃতসংস্কার (পরিষ্কৃত)। "°প্তানি দ্রব্যাণি মনু ৮.৩৩৩। ৪ সজ্জীকৃত। "সুত° (রথ) মহা ১.১০২.২৪। ৫ সম্ভৃত, সমানীত। "উপক্লৃপ্তং যদেতন্ মে অভিষেকার্থম্ রা ২.২২.৪। ৬ উৎপাদিত, কৃত। "রথচরণপরিখাতৈঃ ...সিন্ধব উপক্লৃপ্তাঃ ভ ৫.১৬.২।

উপকোণ পুং [প্রা.স] কোণের উপক্রান্ত (অন্তর্গত) কোণ (M.W.)।

উপক্রন্তা (-ন্তৃ) বিণ [উপ+ √ক্রম্+তৃ (তৃচ্)-ক-১ব ; °ক্রমিতা (অসাধু) পা ৩.১.১৩৩, সি ; স্ত্রী -ন্ত্রী] আরম্ভক, উপক্রম-কারক। —ক্রম পুং [+অ (ঘঞ্)-র্ম্ম] ১ প্রথমে উপক্রান্ত (আরব্ধ) বিষয়। "নন্দস্তোপক্রমং দ্রোণঃ পা ২.৪.২১। রাম° রঘু ১২.৪১। [দ্র 'মল্লিনাথ']। ২ [+অ-ভা] প্রথমারম্ভ, প্রক্রম, আরম্ভ। "পূর্ব্বরঙ্গ উপক্রমঃ (নাট্যস্য—S.W.)। মহা ৩.২১৫.২০। যোষিতঃ সুকুমারোপক্রমাঃ মা.মা ৭১/২। সী ৩৯। ৩ ধর্ম্ম অর্থ কাম ভয় দ্বারা রাজা কর্ত্তৃক অমাত্যাদির পরীক্ষা বা ভাবতত্ত্বনিরূপণ (শ.ক); উপধা। ৪ অভিমুখগমন। "সাহসোপক্রম মা.মা ৭ (A.)। ৫ সমীপাগমন, আগমন। "পপ্রচ্ছ প্রয়োজনমুপক্রমে মহা ৩.৯৮.৮ ; ১৪। ৬ পলায়ন, অপক্রম (শ.ক)। ৭ [+অ-ণ] সামাদি উপায়—সাম দান ভেদ দণ্ড। "সামাদিভিরুপক্রমৈঃ।—মনু ৭.১০৭ ; ১৫৯। যাজ্ঞ ১.৩৪৫। উপক্রমৈঃ...চতুর্ভিঃ রঘু ১৮.১৫। ৮ উপায়। "গুরুদোষচ্ছেদি-নোপক্রমেণ মাঘ ২০.৭৬। ৯ চিকিৎসা। "বিরুদ্ধ° (সুশ্রুত)। ১০ বিক্রম, পরাক্রম ; সামর্থ্য, শক্তি। "ঔষধোপক্রমাসাধ্যো ব্যাধিঃ ক.সা ১৭.৩৭। ১১ (বেদান্তমতে) তাৎপর্য্যনির্ণায়ক হেতুবিশেষ (ত.বা)। ১২ বেদারম্ভের পূর্ব্বে অনুষ্ঠেয় বিধিবিশেষ (Wilson)। —ক্রমণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আরম্ভ, প্রক্রম। ২ অভিগমন, আগমন। ৩ [+অন -ণ] চিকিৎসা। "আতুরোপক্রমণীয়মধ্যায়ম্। —সুশ্রুত ১.৩৫.১। —ক্রমণিকা, —ক্রমণী স্ত্রী [+অন-ধি+স্ত্রী ঈ (ঙীপ্); °ণী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ গ্রন্থারম্ভে তদ্বিষয়ক প্রস্তাব ; প্রস্তাবনা, ভূমিকা, মুখবন্ধ, অবতরণিকা। ২ (বাঙলায় ; গৌণার্থে) বিষয়মাত্রের ভূমিকা ; প্রারম্ভভাগ। "ক্রমে বুজরুকীর উপক্রমণিকা হু ১৩৪ ; কেউ খোস গল্প...করে বাবুর মনোরঞ্জনের উপক্রমণিকা কচ্চেন ১৮৬। —ক্রমণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ আরম্ভণীয়, উপক্রমার্হ। ২ অভিগম্য, উপগন্তব্য। ৩ চিকিৎসনীয়। —ক্রমিতব্য বিণ [+তব্য-র্ম্ম, পা ৩.১.১৩৩, সি] আরম্ভণীয়। "রা ২.৪০.১২। —মিতা (-তৃ) বিণ [দ্র 'উপক্রন্তা'] আরম্ভক (A.)। —ক্রম্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ আরম্ভণীয়। ২ চিকিৎসনীয়, প্রতিবিধেয়। "অনুপক্রম্য আতঙ্ক বিক্র (A.)। —ক্রান্ত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আরব্ধ, প্রক্রান্ত। "যুদ্ধমুপক্রান্তম্ মহা ৩.২৪৩.১০। ২ চিকিৎসিত। "উপক্রান্তব্রণা।—দশকুমার (S.W.)।

উপক্রম, -মণ, -মণিকা, -মণী, -মণীয়, -মিতব্য, -মিতা, -ক্রম্য, -ক্রান্ত ; উপক্রিয়া দ্র 'উপক্রন্তা', উপকার'।

উপক্রীড়া স্ত্রী [উপ+ √ক্রীড়্+অ -ভা+স্ত্রী আ (টাপ্) উপভোগক্রীড়া,কেলি। "চক্রবাকোপক্রীড়া (পম্পা) গো.রা ৩.৭৮.২৭।

উপক্রুষ্ট বিণ [উপ+ √ক্রুশ্+ত (ক্ত)-র্ম্ম] নিন্দিত, গর্হিত। —ক্রোশ পুং, —ক্রোশন ক্লী [+অ (ঘঞ্),+অন (ল্যুট্),-ভা] নিন্দা, অপবাদ, কুৎসা। "গো.রা ৩.৬২.২৬। নায়ং বিভেত্যুপক্রোশাৎ মহা ১.১৪৬.২৩। প্রাণৈরুপক্রোশমলীমসৈঃ রঘু ২.৫৩। —ক্রোষ্টা (-ষ্টৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ষ্ট্রী] নিন্দক, অপবাদক। —ষ্টা পুং 'চিৎকারকারক', গর্দ্দভ (শ.ক)।

উপক্লেশ পুং [উপ+ √ক্লিশ্+অ (ঘঞ্)-ণ] 'ক্লেশসাধন', মদ-প্রভৃতি।

উপক্বণ, -ক্বাণ পুং [উপ+ √ক্বণ্+অ (অপ্, ঘঞ্)-ভা] বীণাধ্বনি।

উপক্ষয় পুং [উপ+ √ক্ষি+অ (অচ্)-ভা] ১ অপক্ষয়, হানি। ২ ব্যয়। "ধন° হি ২৮১/২। ৩ [বহুব্রী] 'অপগতক্ষয়', শিব (M.W.)। —ক্ষীণ বিণ [+ত(ক্ত)-ক, পা ৮.২.৪৬ ; স্ত্রী -ণা] ১ উপক্ষয়প্রাপ্ত, ক্ষয়প্রাপ্ত। "যদি দৈবাৎ...কিছু পাওয়া যায়, তাহাও নিত্যাগ্নিহোত্রহোমার্থ হবিতে উপক্ষীণ হয় ব.প ১৭১৮। ২ কার্য্যে অসমর্থ। ৩ অন্তর্হিত (M.W.)।

উপক্ষেপ পুং [উপ+ √ক্ষিপ্+অ (ঘঞ্)-ভা] ১ সমীপে ক্ষেপণ। ২ আক্ষেপ, সূচনা। "কর্ণনাসাচ্ছেদোপক্ষেপভীষিতাভ্যাম্।—দশকুমার (S.W.)। কার্য্য° মৃ ৪.৩। ৩ তর্জ্জন, ভর্ৎসনা। "দারুণঃ খলু উপক্ষেপঃ পাপস্য বে ৫২১/২। ৪ (নাট্যে) কাব্যার্থের সমুৎপত্তি বা সংক্ষেপে উপক্ষেপণ। 'কাব্যার্থস্য সমুৎপত্তিরুপক্ষেপঃ সা.দ ৬.৮৩। [ইহা মুখসন্ধির অঙ্গবিশেষ (সা.দ ৬.৮১) ।] ৫ প্রয়োগ। "উপায়° মা.মি ৩১/২। —ক্ষেপণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উপক্ষেপ (১)। ২ সূচনা। "সা.দ ৬.৮৩, টীকা। ৩ শূদ্রস্বামিক অন্নের পাকার্থ বিপ্রগৃহে সমর্পণ। ৪ সমর্পণমাত্র।

উপখ সর্ম্ম [√উপেখ > √°খ ; অপ্র] উপেক্ষা করা। "উপখিয়া ভোগ গো.বি ১৬৮ ; এ সব উপখি ১৬৯।

উপগ বিণ [উপ+ √গম্+অ (ড)-ক ; স্ত্রী -গা] ১ উপগত, সমীপ-গত। "বেহদ্ বৃষোপগা (S.W.)। ২ গত। "চরণোপগং শিরঃ মাঘ ১৬.৬৮। ৩ সহিত, অন্বিত। "বৃক্ষঃ পুষ্পফলোপগঃ রা ২.৩৩.১৪। পুষ্পফল° মহা ৩.১৪৫.১৯। মনু ১.১৬। ৪ যোগ্য, সমুচিত। "যজ্ঞ° (দ্রব্য) মহা ১৩.১৪.৩৯৮ [সমাসে উত্তরপদ]। —গত বিণ [+ত(ক্ত) -ক] ১ সমীপগত। "দৈবাদুপগতং তৃণম্।—পঞ্চ (A.)। এড়িবেক সর্ব্ব ভোগ নিজ উপগত অ.প ৭। ২ গত, প্রাপ্ত। "অন্তোপগ রা (S.W.)। কৃষ্ণে স্বধামোপগতে ভ ১.৩.৪৫। মেনকা দাক্ষায়ণীমুপগতা শ ৭১/২। মাঘ ৯.৬। ৩ প্রবিষ্ট। "নিবাস° মহা ৩.২৪.২৬। জালক-মুখোপগত মাঘ ৯.৩৯। ৪ প্রাপ্ত, অধিগত। "উপগতমবধীরয়ন্ত্যভব্যাঃ কি ১০.৫১। ৫ সমাগত, সঙ্গত। "শশিনমুপগতেয়ং কৌমুদী মেঘ-মুক্তম্।—রঘু ৬.৮৫। ৬ অবগত। "বেদান্তোপগতং ফলম্ মনু ২.১৬০। ৭ আপতিত, সংঘটিত। "কন্যাত্বাত্ত্বং সুখমুপগতম্ (পাঠান্তর) উ.মে ৪৮। ৮ অন্বিত, উপেত। "সংস্কার° মহা ১.১.১৯। মর্য্যাদা ছাড়িয়া হইলা দোষে উপগত ম.বি ২৬০। ৯ উপস্থিত। ১০ প্রয়াত, মৃত (M.W.)। ১১ [+ত-র্ম্ম] জ্ঞাত (নীলকণ্ঠ)। "দৃষ্টান্তোপ-গতোহস্যো মহা ১৩.১৯.১৭। ১২ প্রাপ্ত, লব্ধ। "উপগত বল শান্তি নহে বিনি বলে ম.বি ২৫০। ১৩ অনুবিদ্ধ, সংশ্লিষ্ট, সঙ্গত। "হেমোবোপগতং মণিম্ মহা (S.W.)। ১৪ অঙ্গীকৃত, প্রতিজ্ঞাত (অ.কো)। ১৫ অভিগত, কৃতমৈথুন (শ.ক)। —গত ক্লী ১ প্রাপ্ত বিষয়। ২ প্রবেশপত্র (মিতাক্ষরা), প্রাপ্তিসূচকপত্র, রসিদ। "যাজ্ঞ ২.৯৫।

৩ [+ত-ভা] প্রাপ্তি, উপগম। —গতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ গমন, আগমন। "দয়িত° মাঘ ৯.৭৫। ২ প্রাপ্তি, অধিগম। ৩ জ্ঞান। ৪ অঙ্গীকার, প্রতিশ্রুতি। —গন্তা (-ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -স্ত্রী] ১ প্রাপক, লব্ধা। ২ জ্ঞাতা। ৩ অঙ্গীকারক। —গম পুং [+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ অন্তিকসর্পণ, সমীপগমন। "ব্যাবর্ত্ততান্যোপগমাৎ কুমারী রঘু ৬.৬৯। ২ প্রাপ্তি, গমন্। "মৃগবনোপগমক্ষমবেষভৃৎ রঘু ৯.৫০। ৩ আগম, উপস্থিতি। "ত্বদুপগমজম্…নীপম্ উ.মে ২। ৪ লাভ। "বিশ্বাস° শ ১.১৪। ৫ অঙ্গীকার, স্বীকার। "অভ্যুপগমেঽস্তু (অ.কো)। ৬ জ্ঞান, পরিচয়। ৭ সমীপগমন, সেবা, উপাসনা। "বরং প্রাণত্যাগো ন পুনরধমানামুপগমঃ হি ১.১৪৫। ৮ অধিগম, প্রাপ্তি। ৯ স্ত্রীসম্ভোগ। ১০ অনুভব, ভোগ। —গমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উপসর্পণ, সমীপগমন। ২ প্রাপ্তি, গমন, লাভ। "স্বর্গ° মহা ১.১০৩.৪। ৩ অনুষ্ঠান, আচরণ। "শ্রেয়ঃ প্রায়োপগমনম্ গো.রা ৪.৫৩.২০। ৪ জ্ঞান। —গম্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ উপসর্পণীয়, অভিগম্য। ২ প্রাপ্য, লভ্য। —গামী (-মিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -মিনী] ১ উপসর্পী, সমীপগামী। ২ জ্ঞাতা। ৩ অঙ্গীকারক।

উপগা, -গাতা (-তৃ) পুং [উপ+ √গৈ+ক্বিপ্ (০),+তৃ (তৃচ্), -ক-১ব] উদ্গাতার সমীপে গানকর্ত্তা ঋত্বিগ্‌বিশেষ। দ্র 'অগ্নিষ্টোম'। —গান ক্লী [+অন (ল্যুট্)-ভা] সঙ্গীতের পূর্ব্বে রাগ-সংলাপন; রাগভাঁজা। "মা.মি ২৪। —গীত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সমীপে কৃতগান; উপবর্ণিতগুণ, অভিষ্টুত। "(জম্বুঃ) উপগীতা…অপ্সরসাং গণৈঃ গো.রা ৪.৪৪.৫৭। মহা ৫.১২৩.৪। সপ্তসাম° রঘু ১০.২১। ২ [+ত -ক, আদিকর্ম্মে] সমীপে গান করিতে প্রবৃত্ত। "মাঘ ৪.৫৭। —গীতি স্ত্রী আর্য্যাচ্ছন্দোবিশেষ। [ইহার প্রথম ও চতুর্থ পাদে আর্য্যার ন্যায় যথাক্রমে দ্বাদশ ও পঞ্চদশ মাত্রা থাকে (শ্রুতবোধ ৬)।]

উপগার '-প্-' বি [সং উপকার; °র (কথ্যভাষা); গু °গার] উপকার। "উপগারে শত্রু হইল কৃ.উ ৫৪। —গারী বিং [সং উপকারী; গু উপগারী; কথ্যভাষা] উপকারক।

উপগির, -রি ব্য [অব্যয়ীভাব, বিকল্পে সমাসান্ত 'অ' (অচ্)] ১ গিরিসমীপ। ২ গিরিতে। —র পুং [প্রা.স] উত্তরদিক্‌স্থিত গিরিসন্নিহিত দেশবিশেষ। 'মহা ২.২৭.৩।

উপগীত, -গীতি দ্র 'উপগা'।

উপগুপ্ত বিণ [উপ+ √গুপ্+ত (ক্ত)-র্ম্ম] উপগূঢ়, সুরক্ষিত। "°বিত্ত ভ ৪.১৬.১০।

উপগুরু পুং [গুরুকে উপগত প্রা.স] গুরুসদৃশ, উপদেশাদিকারক। —গুরু ব্য [অব্যয়ীভাব] গুরুসন্নিধান।

উপগুহ্য বিণ [উপ+ √গুহ্+য (ক্যপ্)-র্ম্ম] ১ আশ্লেষ্য, আলিঙ্গনীয়। ২ আচ্ছাদনীয়, গোপনীয়। —গূঢ় বিণ [+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -ঢ়া] ১ আচ্ছন্ন, আবৃত। "বানীরবন° রঘু ১৩.৩০। বনমালা°। —কাদম্বরী (A.)। ভ ৮.১২.২৯। ২ আলিঙ্গিত, পরিরব্ধ, আশ্লিষ্ট। "ত্বয়োপগূঢ়স্য মহা ৩.২৯৬.৭১। ভ ৪.২৭.৩; ৮.১২.২৯। °বেলমলঘূর্ম্মিভুজৈঃ মাঘ ৯.৩৮। ৩ গৃহীত, ধৃত। "°নাল (নীলারবিন্দ) রঘু ৬.১৩। —গূঢ় ক্লী [+ত-ভা] পরিরম্ভণ, আলিঙ্গন। "উপগূঢানি সবেপথূনি কু.স ৪.১৭। গাঢ়° উ.মে ৩৬। —গূহন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ পরিরম্ভ, আশ্লেষ, আলিঙ্গন। "মুকুন্দগুহ্যুপগূহন ভ ১.৫.১৯। ২ আচ্ছাদন, আবরণ, গোপন। ৩ অদ্ভুত বিষয়ের সংঘটন। [ইহা নির্ব্বহণসন্ধির অঙ্গবিশেষ। (সা.দ ৬.১১২)।] —গোহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] সর্থ 'উপগুহ্য'।

উপগৃহীত বিণ [উপ+ √গ্রহ্+ত (ক্ত)-র্ম্ম] অনুগৃহীত, অনুকম্পিত। "মু ৫.২৬। —গ্রহ পুং [+অ (অপ্)-ভা] ১ বন্দীকরণ, অবরোধ, কারাবন্ধন। ২ উপযোগ, উপকার। "বিহতে তৎকৃত্যানাং নিষ্কামমুপগ্রহে।—মু ৪.২। ৩ অনুকূলন, অনুকূলীকরণ; আনুকূল্য (ত.বা)। ৪ অনুকম্পা, অনুগ্রহ। "সোপগ্রহ (কাদম্বরী—A.)। ৫ গ্রহণ, স্বীকার। ৬ প্রাণরক্ষার্থ শত্রুকে সর্ব্বস্বদানপূর্ব্বক কৃত সন্ধিবিশেষ। 'হি ৪.১২৫। ৭ [+অ-র্ম্ম] কুশমুষ্টি (M.W.)। ৮ [প্রা.স] গ্রহসদৃশ জ্যোতিষ্ক; রাহুকেতুপ্রভৃতি। "মহা ৩.২২৬.১। —গ্রহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সমীপভাবে গ্রহণ; গ্রহণ। ২ সংস্কারপূর্ব্বক শ্রুতিগ্রহণ; উপাকরণ (শ.ক)। "বেদ° রা (শ.ক)। ৩ বন্ধন, কারাবন্ধন, বন্দীকরণ। —গ্রাহ পুং [+অ (ঘঞ্)-র্ম্ম] 'সমীপে গ্রহণীয়'; উপহার, ভেট। "উচ্চাবচানুপগ্রাহান্ মহা ২.৫২.৪০। —গ্রাহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] অনুকম্পনীয়, অনুগ্রাহ্য। —গ্রাহ্য ক্লী সর্থ 'উপগ্রাহ'।

উপঘাত পুং [উপ+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ উপহনন, নাশন। "পুংস্ত্ব°।—সুশ্রুত (S.W.)। ২ উপদ্রব। "রাজদৈবিক° যাজ্ঞ ২. ২৫৯। ৩ পীড়ন। "তস্যোপঘাতেন রা ২.৩৩.১৩; ১৪। ৪ উপকার। "উপঘাতং পরস্য মনু ২.১৭৯। ৫ নাশ, স্বস্বকার্য্যকরণে অসামর্থ্য। "ইন্দ্রিয়াণামুপঘাতে কথং স্মৃতিঃ।—ভাষাপরিচ্ছেদ ৪৮। চক্ষুষোরুপঘাতকৃৎ (সুশ্রুত)। ৬ বৈরূপ্য, বিকলতা। "গাত্রোপঘাত শ ২৪। ৭ [+অ-ণ] রোগ। ৮ পাপ। ৯ হোমবিশেষ। —ঘাতক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -তিকা] ১ নাশক, ক্ষয়কারক। "ধর্ম্মোপঘাতক মহা ১.৭৩.২৬; ১৪.৯০.৭৩। ২ পীড়ক, তাপজনক। —ঘাতী (-তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -তিনী] উপঘাতক, নাশক, পীড়ক। "শস্ত্রং পাতয়েৎ…সন্ধীনাং চানুপঘাতি (সুশ্রুত)। —ঘ্ন পুং [+অ (অপ্)-র্ম্ম, নিপাতিত, পা ৩.৩.৮৫] আশ্রয়। "°তরু রঘু ১৪.১। অদ্রিগুহোপঘ্ন ভট্টি ৭.৬৪।

উপঘুষ্ট বিণ [উপ+ √ঘুষ+ত (ক্ত)-র্ম্ম] নাদিত, প্রতিধ্বনিত। "মহাবনং তদ্ বিহগোপঘুষ্টম্ মহা (S.W.)। ভ ৩.২৮.২৮। —ঘোষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] শব্দ দ্বারা প্রকটীকরণ; উদ্‌ঘোষণ।

উপঘ্রাত বিণ [উপ+ √ঘ্রা+ত (ক্ত)-র্ম্ম] ঘ্রাত, কৃতঘ্রাণ। "গবা চান্নমুপঘ্রাতম্ (ন ভুঞ্জীত) মনু ৪.২০৯।

উপচ, -ছ '-প্-' অর্ম্ম [সং উপ+ √চি—উপচয়> √উপচ, -ছ; অস √উপচ্] উপচিত হওয়া; বাড়িয়া আধার অতিক্রম করা; ছাপাইয়া উঠা। "বুঝি প্রেমরস, হইয়া সরস, উপছি বহিয়া যায় ভ.গ্র ১১। ও তনুপাত্রে অতনু-সুষমা, উপচি উঠিল কিসে কৃ.কে ৪৭। তাহাদিগের …হাসি উপচিয়া পড়ে না—মুখের হাসি মুখেই মিলাইয়া থাকে পা.প্র ১৬; সুখসরোবর পূর্ণ হইয়া আশে পাশে উপচিয়া পড়িতে লাগিল ৩৮। [উপচ(চা)ন—ছাপাইয়া উঠা।]

উপচক্র পুং চক্রবাকসদৃশ পক্ষিবিশেষ। "মহা ৩.১৫৮.৯০।

উপচক্ষুঃ (-ক্ষুস্) ক্লী [প্রা.স] ১ চক্ষুঃসদৃশ, দিব্যচক্ষুঃ (M.W.)। ২ উপনেত্র, চশ্‌মা (ত.বা)।

উপচঙ্ক বি ['চঙ্ক'—মূল; বৈষ্ণবসাহিত্যে] আতঙ্ক, ভয়। "যো পদতল থল,-কমল সুকোমল, ধরণীপরশে উপচঙ্ক।—গো ১৩৭। —চঙ্ক বিং ভীত। "ধরি সখী আঁচর ভই উপচঙ্ক। বৈঠি না বৈঠয়ে হরি পরিয়ঙ্ক॥—গো ১৫২।

উপচতুর বিণ [প্রা.স; সমাসান্ত 'অ' (অচ্), পা ৫.৪.৭৭; স্ত্রী -রা] চতুর্ (চারের) সমীপগত; চতুঃসমীপবর্ত্তী, প্রায় চার।

উপচয় পুং [উপ+ √চি+অ (অচ্)-ভা] ১ বৃদ্ধি। বিপ 'অপচয়'। "পীড়ক°, মাংস°, শরীর° (সুশ্রুত)। ভাগ্য° ।—রত্নাবলীনাটিকা ১.৫। ধর্ম্ম-কর্ম্মে ধনব্যয়, কর নিত্য উপচয় ম ২৭৯। গর্ব্বের উপচয় কা ২১;

২৩। **২** অতিরেক, আতিশয্য। "স্বশক্ত্যুপচয় মাঘ ২.৫৭। **৩** উন্নতি, উচ্ছ্রায়। **৪** অভ্যুদয়, সমৃদ্ধি। "ন ত্বহং তব ধর্মজ্ঞ পশ্যাম্যুপচয়ং ক্বচিৎ। —মহা ২.৪০.২৬। **৫** [+অ-ধি] রাশি, পুঞ্জ। **৬** (জ্যোতিষে) লগ্ন হইতে তৃতীয় ষষ্ঠ দশম একাদশ স্থান। —চিত বিণ [+ত (ক্ত) -ক] **১** বৃদ্ধিপ্রাপ্ত, প্রবৃদ্ধ। "রঘু ১৭.৫৪। অবৈরেতাবন্ মুহুরুপচিতৈঃ উ.মে ৪৪; °রস ৫১। উ.চ ৬.২৮। °মহামোহ মা.মা ১.২৯। **২** পরিপুষ্ট। "সমবৃত্তলম্ববাহু, °দেহ (S.W.)। (পয়োধরৌ) উপচিতৌ গো.রা ৩.৫২.২৫। °বপুঃ পু.মে ৩৩। উপচিতাবয়ব।—রঘু ৯.৪৪। **৩** সমৃদ্ধ। "মৃগবয়োগবয়োপচিতং বনম্ (বিবেশ) রঘু ৯.৫৩। **৪** [+ত-র্ম্ম] উপবৃংহিত, বর্দ্ধিত। "নয়গুণোপচিতাম্…শ্রিয়ম্ রঘু ৯.২৭। ভ ৯.৪.২২। মা মা ১.২১। **৫** বিতত, বিস্তারিত। "উপচিতা কীর্ত্তিঃ কৃষ্ণেন।—ভ ৭.১০.৫২। **৬** রচিত। "°বলি পু.মে ৫৬। **৭** যুক্ত, অন্বিত, উপেত। "গুণৈরুপচিতঃ গো রা ৩.৪১.১৯। পবিত্রোপচিত মনু ৬.৪১।, শ্মশ্রুনখরোম°।—পঞ্চ (S.W.)। ভ ৫.৪ ১৭। **৮** লেপাদি-বর্দ্ধিত, নিদিগ্ধ (অকো), দিগ্ধ। **৯** ব্যাপ্ত, আচিত, আবৃত। "মলোপচিতসর্বাঙ্গ।—মহা ১.২০৯.৯। বিয়দুপচিতমেঘম্, —ভর্তৃহরি। ঘর্ম্মপয়সোপচিতা।—মাঘ ৯.৩৫। **১০** পরিবৃত, পরিবেষ্টিত। "বল্মীক ইব রাজেন্দ্র পর্ব্বতোপচিতোঽভবৎ মহা ৩.২২.১১। **১১** আবৃত, আচ্ছাদিত। "শাদ্বলোপচিতাং ভূমিম্ মহা ১৩.৫৪ ৩। **১২** অনুবিদ্ধ, খচিত, অলঙ্কৃত। "হেমপত্রৈরুপচিতম্; বৈদূর্য্যহেমোপচিত (স্যন্দন—S.W.)। **১৩** সমাহিত (অটী)। **১৪** সঞ্চিত। "ময়াপ্যুপচিতো ধর্ম্মঃ।—মহা ৩.১১৮.২০; ৫.১২১.২৫। **১৫** উদ্রিক্ত। "উপচিতনবশক্তি ভ ১২.১২.৬৮। —চিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** বৃদ্ধি, উপচয়। বিপ 'ক্ষতি'। "নাস্তি ক্ষতির্নোপচিতিঃ (চাতকাষ্টক)। **২** উন্নতি, উচ্ছ্রায়। **৩** সমীপে দাহার্থ কাষ্ঠসঞ্চয় (নীলকণ্ঠ)। "মহা ৩.২৫০.২১। —চায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] বর্দ্ধক। বিপ 'অপচায়ী'। "বুদ্ধির্ধর্ম্মোপচায়িনী মহা ১৩.১৩৭.৩১। —চায্য পুং [+য (ণ্যৎ)-ধি, নিপাতিত, পা ৩.১.১৩১] অগ্নিধারণার্থ স্থলবিশেষ। "°বান্ ভট্টি ৬.৬৭।

উপচরিত বিণ [উপ+√চর্+ত (ক্ত)-র্ম্ম] **১** উপাসিত, অর্চ্চিত, নমস্কৃত (অ.কো)। **২** লক্ষণা দ্বারা বোধিত (ত বা)। **৩** সেবিত, সৎকৃত। "মিত্রত্বেনোপচরিতস্ত (দশকুমার)। —চরিতব্য বিণ [+তব্য -র্ম্ম] **১** উপাস্য, অর্চ্চনীয়। **২** সেবনীয়, শুশ্রূষণীয়। **৩** চিকিৎসনীয়। —চর্য্য বিণ [+য (যৎ)-র্ম্ম] **১** উপচরণীয়, সেব্য, উপাসনীয়, অর্চ্চ্য। "(ভর্ত্তা) অদ্বৈতেনোপচর্য্যঃ গো.রা ৩.৩.৩। অগ্নিবচ্চোপচর্য্যা বৈ ব্রাহ্মণাঃ মহা ১৩.৮.২৩। মনু ৩.১৯৩; ৫.১৫৪। **২** চিকিৎসনীয়। —র্য্যা স্ত্রী [+য-ভা] **১** পরিচর্য্যা, সেবা। **২** চিকিৎসা। —চর্য্যা স্ত্রী [+স্ত্রী আ (টাপ্)] **১** সেবা, পরিচর্য্যা। **২** চিকিৎসা (হলায়ুধ)।

উপচার পুং [উপ+√চর্+অ (ঘঞ্)-ভা; বৈদিক] **১** সেবা, উপচর্য্যা। "অস্খলিত° রঘু ৫.২০। **২** অভ্যুত্থানাদি কার্য্য; গুরু-প্রভৃতির অভিবাদনোপাসনাদি; শিষ্টাচার। "মনু ১.১১১। °রাঞ্জলি রঘু ৩.১১। ন তে গাত্রাণ্যুপচারমর্হন্তি শ ৩.১৫। °পরিভ্রষ্ট হি ১.১৪২। °বিধি মাঘ ৯.৭৮। **৩** অন্যের মনোরঞ্জনার্থ অসত্যভাষণ; মনোরঞ্জনমাত্র। "°পদ কু.স ৪.৯। °বিধি মা.মি ৩.৩। **৪** ধর্ম্মানুষ্ঠান; যজ্ঞাদির অনুষ্ঠান। বৈশ্যশূদ্রোপচার মনু ১.১১৬। ম.চ ১.২৪। **৫** প্রার্থনা। "সোপচার।—মাঘ ১০.২। **৬** ব্যবহার। "প্রণয়° মৃ ৮.২৩। আশীবিষ ইব দুরুপচারা।—পঞ্চ (S.W.)। **৭** লক্ষণা দ্বারা শক্যার্থত্যাগপূর্ব্বক অন্যার্থবোধন (ত.বা); সাদৃশ্যাতিশয়বোধে ভেদপ্রতীতিস্থগন (সা.দ)। "অচেতনেষ্বপি চেতনবদুপচারা দৃশ্যন্তে পা ৪.৩.৮৭, সি। **৮** সম্মাননা, সংবর্দ্ধনা। "আর্য্য নমু রামভদ্র ইত্যেব মাং প্রতি উপচারঃ শোভতে তাতপরিজনস্য উ.চ ১ম্ব্ব। **৯** চিকিৎসা। "শিশির° (S.W.)। শীত° (সুশ্রুত)। কি যে উপচার বুঝই ন পারই বি.প ১৯২; বিরহক ইহ উপচারি ১৯৬। **১০** [+অ-র্ম্ম] বিধি, বিধান। "প্রসাধন° মনু ১০.৩২। **১১** জীবনোপায়, বৃত্তি। "শিল্পোপচারযুক্ত মনু ৯.২৫৯। **১২** ইতিকর্ত্তব্যতা (নীলকণ্ঠ)। "(অন্নম্) সমন্ত্রং সোপচারঞ্চ মহা ৩.৪১.২৬। **১৩** ধর্ম্মকর্ম্ম, বিবাহাদিসংস্কার, বিধি। "পাণিগ্রহণ° কু.স ৭.৮৬। **১৪** [+অ-ণ] রাজনীতিযুক্ত মার্গ (রা.টীকা)। "উপচারেণ বক্তব্যাঃ …বসুধাধিপঃ রা ৩.৪০.১০। **১৫** পূজাসাধনদ্রব্যবিশেষ—আসনাদি। "পঞ্চ ষোড়শ পঞ্চাশৎ উপচারে অর্চ্চন চৈ.চ ২৪৪। [উপচার প্রধানতঃ তিনপ্রকার—পঞ্চোপচার, দশোপচার, ষোড়শোপচার। এতদ্ভিন্ন অষ্টাদশবিধ ও চতুঃষষ্টিপ্রকার উপচার আছে।] **১৬** পূজাসাধন দ্রব্যমাত্র—পুষ্পবর্ষণ, মাল্যবন্ধন ইত্যাদি। "প্রকীর্ণাভিনবোপচার (রাজমার্গ) রঘু ৭.৪। **১৭** মণ্ডনসাধনদ্রব্য—পুষ্পরচনাদি, ভূষণাদি। "কৢপ্তোপচারাং চতুরস্রবেদীম্ কু স ৭.৮৮। ভূষণাদ্যুপচারেণ মৃ ৩.২৩। **১৮** রাজোপকরণ—ছত্রচামরব্যজনাদি। "মঞ্চেষু…উপচারবৎসু রঘু ৬.১। রাজোপচার বিক্র ৪র্থ। **১৯** গৃহসজ্জা—শয্যাদি। "উপকার্য্যারচিতোপচার (নিবাস) রঘু ৫.৪১। **২০** উপকরণ—জলস্থলাদি। "শুচ্যুপচারোঽসৌ মত্ত ৩.৭৫ ৮। **২১** উৎকোচ, ঘুশ। **২২** (ব্যাকরণে) সন্ধিবিশেষ—বিসর্গস্থানে 'স'। "অবিহিতলক্ষণ উপচারঃ কস্কাদিষু দ্রষ্টব্যঃ পা ৮ ৩ ৪৮, কাশিকা। **২৩** সজ্জা। "জ্ঞান কহয়ে তোয় সার। করহ গমন উপচার॥—জ্ঞা ৩১। —চারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব; স্ত্রী -রিণী] উপচারক, পরিচারক, সেবী। "শূদ্রাঃ…ত্রীন্ বর্ণানুপচারিণঃ বা ১.৬.১৯। —চার্য্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] **১** উপচারণীয়, সেব্য। **২** চিকিৎসনীয়। —র্য্যা স্ত্রী [+য-ভা] **১** উপচার, সেবা। **২** চিকিৎসা। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী, °ক্রিয়া (স্ত্রী)—**১** শিষ্টাচাররূপ কার্য্য; শিষ্টাচার। **২** মাল্যগন্ধাদিপ্রেরণরূপ উপচারকর্ম্ম। "°য়া মনু ৮৩৫৭। °পদ (ক্লী)—উপচারস্থান, কৈতবস্থান। দ্র 'উপচার (৩)। °পরীত (বিণ)—শিষ্টাচারযুক্ত।]

উপচারচ্ছল ক্লী [ম.ত] (ন্যায়ে) উপচারসম্বন্ধী ছলবিশেষ। বাদিকথিত বাক্যের তাৎপর্য্যত্যাগপূর্ব্বক অর্থান্তরকল্পন দ্বারা ছলাত্মক উত্তররূপ দূষণবিশেষ। যেমন, 'আমি নিত্য'—এই বাক্যে, 'অমুক হইতে উৎপন্ন তুমি, কিরূপে নিত্য?'—এই উত্তরে 'আমি' অর্থাৎ 'আত্মা, এই তাৎপর্য্যত্যাগপূর্ব্বক, উহার অর্থান্তর কল্পিত হইয়াছে। এইরূপ 'মঞ্চ শব্দ করিতেছে'—এস্থলে, 'মঞ্চস্থ জন' এই লক্ষ্যার্থ ত্যাগপূর্ব্বক শক্যার্থ গ্রহণ ছল।

উপচিকীর্ষা স্ত্রী [উপ+√কৃ+স (সন্) ইচ্ছার্থে+অ -ভা+স্ত্রী আ (টাপ্)] উপকারেচ্ছা, হিতসাধনেচ্ছা। —র্ষু বিণ [+উ-ক; স্ত্রী-র্ষু] উপকারেচ্ছু, হিতচিকীর্ষু, হিতৈষী।

উপচিত, উপচিতি দ্র 'উপচয়'।

উপচিত্রা স্ত্রী সমবৃত্ত বর্ণবৃত্তবিশেষ। —ত্রা স্ত্রী [প্রা.স] **১** চিত্রার সমীপগত স্বাতিনক্ষত্র। **২** হস্তানক্ষত্র। **৩** দন্তীবৃক্ষ। **৪** ষোড়শমাত্রক মাত্রাবৃত্তবিশেষ।

উপচীর্ণ বিণ [উপ+√চর+ত (ক্ত)-র্ম্ম, পৃষো] উপচরিত, সেবিত, শুশ্রূষিত। "বিদ্যাধরীভিরুপচীর্ণবপুঃ ভ ৩.২৩.৩৮।

উপচুলন ক্লী [পাঠান্তর 'উপচূডন'; 'উপচুল্লন'—মূল (?)] চুল্লীতে স্থাপন; তপ্তীকরণ, দহন। "অগ্নিনা উপচুলনম্ পরাশর ৫.৬।

উপচেয় বিণ [উপ+√চি+য (যৎ)-র্ম্ম] নমনপূর্ব্বক চয়নীয় (পুষ্পাদি)। "পা ৩.১.১৩১, কাশিকা।

উপচ্ছদ পুং [উপ+√ছাদি+অ (ঘ)-ণ, পা ৬.৪.৯৬] আচ্ছাদনসাধন, আবরণ, ঢাক্‌নী।

উপচ্ছন্দ পুং [উপ + √ছন্দি+অ (অচ্)-র্ম্ম] আবশ্যকদ্রব্য, উপকরণ। "সোপচ্ছন্দশ্চ জায়তে।—মহা ১৩.৬৫.১২। —চ্ছন্দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উপমন্ত্রণ, প্রার্থন। "পা ১.৩.৪৭। ২ সান্ত্বনা-পূর্ব্বক প্রার্থন; সান্ত্বনাপূর্ব্বক প্রবর্ত্তন, ফুসলান। "নরপতিঃ…উপচ্ছন্দ-নৈরেব স্বং তে দাপয়িতুং প্রযতিষ্যতে (দশকুমার)।

উপচ্ছন্ন বিণ [উপ+ √ছাদি+ত (ক্ত)-র্ম্ম] ১ সংচ্ছন্ন, অবাকীর্ণ, আস্তৃত। "উপচ্ছন্না বসুমতী তথা পুষ্পৈর্যথর্তুকৈঃ মহা ১.১২৮.৪২। ২ গূঢ়, অপ্রকাশ। "উপচ্ছন্নানি…সীমালিঙ্গানি মনু ৮.২৪৯। ৩ উপা-গত (নীলকণ্ঠ)। "উপচ্ছন্নান্ বহূন্ কামাংস্তে ভুঞ্জন্তি মহা ১.১২৮.৪৩।

উপচ্ছায়া বি [উপ+ছায়া] 'ছায়াসদৃশী', অস্পষ্ট অপরিস্ফুটাবয়ব আকৃতি। "বালুতটে ঘনকৃষ্ণ বনের ভিতরে, কার মূর্ত্তি দেখা দিল উপচ্ছায়াসম,—"এস এস প্রিয়া !"—কথা ৪৭।

উপজ অর্ম্ম [সং উদ্ √পদ্ (উৎপদ্য) + > লি, প্রা √উপ্পজ্জ (হে ৩.১৪২) > বা √উপজ; হি, মৈ, গু √ উপজ; ঠ √উপজ, √পজ; সি √পজ; অস √ওপজ, তু 'উবজ্জই (দো)] ১ উৎপন্ন হওয়া; জন্মান। "তাপর উপজল তরুণ তমাল বি.প ৪৪। সব উপজিল মী ১। উপজিয়া বাঢ়ে লতা চৈ চ ১৯৯; ঘৃণা নাহি উপজয় ২৮২। উপজে নারিকেল ম.ম ১২৮। উপজে নানা ধন কৃ.উ ১৭৯। ২ ভূমিষ্ঠ হওয়া। "জ্যেষ্ঠ পুত্র উপজিল কৃ.উ ২৭; ১৪০। ৩ সৃষ্ট হওয়া। "বাম পার্শ্বে উপজিল দেবী নামে ছায়া বা.ম ৭। উপজিল শক্তিগণ দু ৮০। বি.পা ১৫। উমার উষ্মায় উপজিল মশাগণ শি ৭৮; ৭৯। ৪ জন্মগ্রহণ করা। "উপজিবে দেবী মহামায়া ক.চ ১৭। সেই কন্যাতে উপজিল অতিকা কুণ্ডর কৃ.উ ৩৭। ৫ প্রকাশ পাওয়া; দেখা দেওয়া। "হাস গোপত ভেল উপজল লাজ বি.প ৪১। উপজিল হাস কৃ.উ ২৬৯; ২৭০। উপজে…হাস শ্রী ৯৭। ৬ যোগবিদ্যাবলে সঞ্চারিত হওয়া। "গায়ে উপজিল মাংস পড়িল লোমাঞ্চ ক.চ ১৮। ৭ উদ্রিক্ত হওয়া। "দশভুজে, মহাকোপ উপজিল দু ৮২। ব্যাসদেবে উপজিল ক্রোধ (ভা চ)। ৮ নির্ম্মিত হওয়া। "এত কালে উপজিল এক জুড়ি শঙ্খ শি ১০০। ৯ নিঃসৃত হওয়া; উঠা। "ধূম উপজিল তাহে ঃ রত্নগণ উপজিল ম ৯। লাঙ্গলে উপজিল কন্যা কৃ.উ ৩৯; ২৭২। চন্দ্র উপজিল বি.পা ২৩। ম.ভা ৮২। সমুদ্রমন্থনে নিধি, উপজিল বি.সু ২৭। ১০ বোধ হওয়া। "রাহু ভয়ে শশী, ভূমে পড়ু খসি, ঐছে উপজল মোহে বি.প ১৯০। ১১ আবির্ভূত হওয়া; উপস্থিত হওয়া। "দারুণ বঙ্ক বিলোকন থোর। কাল হোই কিয়ে উপজল মোর॥—বি.প ১১। ১২ আরব্ধ হওয়া। "শৈশব যৌবনে উপজল বাদ বি.প ৪০। উপজিলে মহারণ মনসাধে দেখে কৃ.উ ৭২। ১৩ সংঘটিত হওয়া; ঘটা। "বলে ডাক শুন সার। পরের ঘরে উপজে জার॥—ব.প ৮। [উপজএ, -জয়, -জয়ে—উৎপন্ন হয়; হয়। "উপজএ রোষে শ্রী.কী ৩৯৫ উপজয়ে লাজ বি.প ৯১। উপজল, -জিল, -জিলা—উৎপন্ন হইল। "°জিল শ্রী কী ২; °জিলা ৬। তু 'উপজিল' (শ্রী.কী)। উপজে—উৎপন্ন হয়। "শ্রী.কী ১৭৫। উপজে আনন্দ সিন্ধু—অপার আনন্দ হয়। "শ্রী.মা ২০৭।]

উপজন পুং [উপ+ √জন্+অ (ঘঞ্)-ভা; বৃদ্ধ্যভাব] উৎপত্তি। —জন ক্লী [+অ (অচ্)-ক] দেহ। —জনন ক্লী [+অন (ল্যুট্) -ভা] উৎপত্তি, সম্ভব।

উপজপ্য বিণ [উপ+ √জপ্+য (যৎ)-র্ম্ম] উপজপার্হ, ভেদনীয় (রিপুবংশ্য)। "উপজপ্যানুপজপেৎ মনু ৭.১৯৭।

উপজল্পিত বিণ [উপ+ √জল্প্+ত (ক্ত)-র্ম্ম] উক্ত, কথিত। "রা ২.৬০.১৪। —জল্পী (-ল্পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ল্পিনী] উপজল্পকারক, উপদেশক। "অনাহূতোপজল্পক মহা ১.১৩৬.১৮।

উপজা অর্ম্ম [√উপজ > √°জা; তু 'উপজাত'] ১ উপস্থিত হওয়া। "রসে রসে দারুণ, দ্বন্দ্ব 'উপজায়ল' ('উপজল'—বি.সা) বি.প ১৩১। ২ উৎপন্ন হওয়া; হওয়া। "সে মাধুরী আস্বাদিতে উপজায় লোভ চৈ.চ ২০৮; উপজায় প্রীতি ২২৮; প্রেম উপজায় ৩০২। —জা সর্ম্ম [√উপজ +আ[৮]; হি √উপজা] ১ উৎপন্ন করা; পয়দা করা। "(এ) কারণে ব্যাস মুনিবংশ উপজাইল ম বি ৭। ২ উৎপাদন করা; উদ্ভূত করা। "কোন জনে উপজাএ ডর কৃ.উ ১৮০। কৃষ্ণের মাধুরী কৃষ্ণে উপজায়, লোভ চৈ.চ ১৭; কণ্ড্ উপজাঞা : কণ্ড্ উপজাইলা ২৮২। ৩ (অপ্র) সঞ্চিত করা; জমান। "নানা বস্তু উপজায়ে শিবের ভাণ্ডারে কৃ.উ ১৭৯।

উপজাত[১] বিণ [উপ+ √জন্+ত (ক্ত)-ক] ১ উৎপন্ন, জাত। "°সাধ্বস।—ঋতু ২.৯। ভ ৫.১৫.৩। তৎক্ষণোপজাতয়া প্রতিভয়া (দশকুমার)। ২ উদ্দীপ্ত, উদ্রিক্ত। "°ক্রোধ (S.W)। °কোপ (M.W.)। ৩ সংঘটিত, সংবৃত্ত। "তদুপজাতমেব উ.চ ৪$\frac{২}{১}\frac{৭}{৮}$। ৪ উত্থিত। "কিঙ্কিণী রণ রণি রণি রব উপজাত ব্র.প ১৭৫।

উপজাত[২] '-ত্' বি ['উপজাতি'—মূল] নীচজাতি। "কেমনে করিব বধ নয় উপজাত শ্রী মা ১০৭।

উপজাতি স্ত্রী [জাতিকে উপগতা, প্রা.স] মিশ্রচ্ছন্দোবিশেষ। [সমাক্ষর-চরণ ও সমজাতি ছন্দের মিশ্রণে 'উপজাতি' হয়। বিষমাক্ষরচরণ ও বিষমজাতি ছন্দে হয় না। (বিষমাক্ষরচরণজাতীয়ৈর্বৃত্তৈর্নোপজাতিঃ। —পৈ ২.১১৮, টীকা)। সুতরাং, ইন্দ্রবজ্রা ও উপেন্দ্রবজ্রায়, বাতোর্ম্মী ও শালিনীতে এবং ইন্দ্রবংশা ও বংশস্থবিলে 'উপজাতি' হয়, মালিনী ও শালিনীতে হয় না (পৈ. টীকা)। কিন্তু মহানাটকে, 'রামং লক্ষ্মণ-পূর্ব্বজম্' ইত্যাদি শোক পূর্ব্বার্দ্ধে শার্দ্দূলবিক্রীড়িত এবং উত্তরার্দ্ধে স্রগ্ধরা বৃত্তে উপজাতি বৃত্ত। "অনন্তরোদীরিতলক্ষ্মভাজৌ, পাদৌ যদীয়াবুপজাতীয়াস্তাঃ। ইত্থং কিলান্যাস্বপি মিশ্রিতাসু, বদন্তি জাতিষ্বিদ-মেব নাম।" —বৃত্তরত্নাকর।]

উপজাপ পুং [উপ+ √জপ্+অ (ঘঞ্) -ভা]। ১ ভেদ, অনৈক্য-সাধনব্যাপার। "উপজাপঃ কৃতস্তেন।—মাঘ ২.৯৯। হি ৩.১৪১। °বিদ্। —পঞ্চ ১.৩২৬। পরকৃত্য° মু ২$\frac{৭}{৮}$। ২ উপাংশু জপ; নিভৃতে জপ। ৩ নিভৃতে কানে কানে বলা; কর্ণেজাপ, ফুসলান (A.)। —জাপক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -পিকা] ১ ভেদক, অনৈক্য-জনক। ২ বৈরবৃদ্ধিকারী। "অরীণাঞ্চোপজাপকান্ (ঘাতয়েৎ) মনু ৯.২৭৫। [°সহ (বিণ) —ভেদসহ, ভেদ্য। "কি ২.৪৭।]

উপজায়া বি 'হীনজায়া', উপপত্নী। "রঙ্গ ১৯৬। দ্র 'উধো'।

উপজিগমিষু বিণ [উপ+ √গম্+স (সন্) ইচ্ছার্থে+উ -ক; স্ত্রী -ষু] সমীপে গমনেচ্ছু। "পু.মে ৪৩।

উপজিত বিং [√উপজ+ইত; অপ্র; সং উপজাত] উৎপন্ন। "(স্রোতস্বতী) ঘূর্ণাবর্ত্ত করে উপজিত ন ১১৬১।

উপজিহীর্ষা স্ত্রী [উপ+হৃ+স (সন্) ইচ্ছার্থে+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] উপহরণেচ্ছা, আহরণেচ্ছা। "কুণ্ডলোপজিহীর্ষা মহা ৩.২৯৯.১১।

উপজিহ্বা, -জিহ্বিকা স্ত্রী [জিহ্বাকে উপগতা, প্রা.স; স্বার্থে ক (কন্)+স্ত্রী আ (টাপ্); (ছান্দস) °কা—কীটবিশেষ] ১ জিহ্বার সমীপস্থ (উপরিস্থ) জিহ্বা; আলজিভ। "°হ্বা যাজ্ঞ ৩.৯৭। ২ জিহ্বার নিম্নে জাত শোথরোগবিশেষ। "°হ্বা সুশ্রুত ৪.২২.৩১। °কা ২.১৬.৩৭। ৩ কীটবিশেষ, উপদেহিকা (অ.চি)।

উপজীবক বিণ [উপ+ √জীব্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -বিকা] ১ জীবনধারক, উপজীবী। "পরস্ব° রা (S.W.)। পরবৃত্ত্যুপজীবক মহা ১৩.২৩.৬৬। গুরুধনেনোপজীবক।—মনু ২.২০১, কুল্লূক। দাস° ক.সা ২৪.১৩৯। ২ অবলম্বক, আশ্রিত। ৩ প্রযোজ্য। "উপজীব্যোপ-

জীবকভাব (ত.বা)। —ক পুং সেবক। "চিন্তানুবর্ত্তনং যৎ তদুপ-জীবকলক্ষণম্ ক.সা ১৭.৪৬। —জীবক ক্লী [+অ (ঘঞ্)-ণ+ক (কন্) স্বার্থে] বৃত্তি, জীবিকা। —জীবন ক্লী [+অন (ল্যুট্)-ভা ; বৈদিক] ১ বৃত্ত্যর্থ আশ্রয় ; প্রাণধারণ। "নিন্দিতার্থোপজীবনম্ যাজ্ঞ ৩.২৩৬। বরং ভারোপজীবনম্।—পঞ্চ ১.৩০৩। ২ [+অন-ণ] জীবিকা, বৃত্তি, জীবনসাধন (রা.টীকা)। "বহুদ্রব্যমেকৈকস্তোপ-জীবনম্ রা ২.৩২.২৪। ৩ ধন। "মনু ৯.২০৭। ৪ জীবনহেতুত্ব (নীলকণ্ঠ)। "অন্তাশ্চৈবোপজীবনম্ মহা ২.৭৮.১৯। —জীবনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] বৃত্ত্যর্থ আশ্রয়ণীয় ; উপজীব্য। —জীবিকা স্ত্রী [দ্র 'উপজীবক' ক্লী ; স্ত্রী আ (টাপ্)] আজীব, বৃত্তি। "বলে, আমার ঐ উপজীবিকামাত্র, আর অন্য নাহি যোত্র দা ৯। —জীবী (-বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -বিনী] ১ প্রাণধারণার্থ অবলম্বী ; উপজীবক, বিক্রয়ী। "শস্ত্র° রা ২.৮৩.১২ ; গন্ধ° ১৩। পণ্য° মনু ৯.২৫৭। পরভাগ্য° হি ১.২৪। মায়া° ।—পঞ্চ ১.৩১১। শিল্পোপজীবী লোকেরা ...বিশ্বকর্ম্মাকে পূজা করিয়া থাকে।—কালীপ্রসন্ন সিংহ। ২ ধারী। "জাতিমাত্র° মনু ৮.২০ ; ১২.১১৪। ৩ আশ্রিত। "সচিবৈরুপজীবিভিঃ রা (S.W)। ৪ জীবনধারক। "পিণ্ডমাত্র° যাজ্ঞ ১.৭০। [সমাসে উত্তরপদ]। —জীবী পুং আশ্রিত জন ; রাজপুরুষ, ভৃত্যাদি। "রা ২.৩১.২২ ; ৩২.২৪। রঘু ১.১৬। —জীব্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ জীবনার্থ আশ্রয়ণীয়। "দ্রুম° যাজ্ঞ ২.২৩০। ২ জ্ঞানার্থ অবলম্বনীয়। "(ভারত-দ্রুমঃ) কবিমুখ্যানামুপজীব্যো ভবিষ্যতি মহা ১.১.৯২। চরণম্ ...চরাচরোপজীব্যম্।—মল্লিনাথ। ৩ প্রযোজক। 'দ্র 'উপজীবক (৩)। ৪ [+য-ণ] জীবনসাধন (ধনাদি)। —জীব্য পুং ১ আশ্রয়, শরণ, পালক। "(দোঁহে) নদীয়াবাসী ব্রাহ্মণের উপজীব্যপ্রায় চৈ.চ ১৭৯। ২ প্রমাণ, জ্ঞানপ্রযোজক। "অলমুপজীব্যানাং...ব্যাখ্যানেষু কটাক্ষ-নিক্ষেপেণ সা.দ ২৭/৮। প্রত্যক্ষের কন্যা স্মৃতি, এবং স্মৃতিই কল্পনার একমাত্র উপজীব্য পা.প্র ১৪। —জীব্য ক্লী ১ জীবনসাধন ধন। "সহোপজীব্যং রাষ্ট্রম্ রা ২.৩৭.২৬। ২ জীবনোপায়, বৃত্তি, জীবিকা। "ভিক্ষা উপজীব্যমাত্র ভ.গ্র ১৯৪। উপজীব্য ছাড়া হয়্যা অন্ন নাঞি ঘরে ব.প ৪৭৮। ইঁহার (বিশ্বকর্ম্মার) শিল্পকার্য্য উপজীব্য করিয়া মনুষ্যেরা জীবিকানির্ব্বাহ করে।—কালীপ্রসন্ন সিংহ।

উপজুষ্ট বিণ [উপ+ √জুষ্+ত (ক্ত) -র্ম্ম] ১ সেবিত, উপচরিত। "ময়া প্রশ্রয়েণোপজুষ্টঃ ম.চ ৩.২৬। ২ সেবিত, আশ্রিত। "মুনিভিরু-পজুষ্টতীর্থম্ (চিত্রকূটম্) ম.চ ৪৬/৮। —জোষ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সেবন, আশ্রয়। ২ প্রীতি, হর্ষ। —জোষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'উপজোষ'। —জোষম্ ব্য ১ সুখ। "রা ২.৮৯.২২। মহা ১.১৯৮.৪। ২ মৌন, তূষ্ণীম্। "কিমিদমুপজোষমাস্যতে শ (S.W.)। ৩ যথাকর্ম্ম-ভোগ।

উপজ্ঞা স্ত্রী [উপ+ √জ্ঞা+অ (অচ্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্)] উপদেশ বিনা নিজ প্রথম জ্ঞান ; আদ্য জ্ঞান। যেমন, বাল্মীকির "মা নিষাদ" ইত্যাদি শ্লোকনির্ম্মাণজ্ঞান (অ.টী)। "প্রাচেতসোপজ্ঞং রামায়ণম্ রঘু ১৫.৬৩। ভট্টি ৩.৩১। [তৎপুরুষে উত্তরপদ 'উপজ্ঞা' নপুংসক। যথা, পাণিনেরুপজ্ঞা পাণিন্যুপজ্ঞং গ্রন্থঃ (পা ২.৪.২১)।] —জ্ঞাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] উপদেশ বিনা প্রথমে জ্ঞাত (বিষয়)।

উপড়[১] অর্ম্ম [√উপুড়> √°ড় ; অপ্র] অধোমুখ হওয়া ; উবুড় হওয়া ; "উপড়িয়া পড়ি সবে ছাড়এ পরাণ ম.বি ২০৭।

উপড়[২] অর্ম্ম [√উপাড়> √°ড় ; শু √উপড়] উৎপাটিত হওয়া। "উপড়িয়া বৃক্ষ যেন ঝড়েতে পড়িল ম.বি ১৭৮।

উপড়া সর্ম্ম [√উপাড়> √°ড়া ; শু √উপড়া] সর্থ 'উপাড়'। [উপড়ান—উৎপাটন]

উপডাল বি [অপ্র] ডাল হইতে নির্গত ডাল ; প্রশাখা। "তার শিষ্য উপশিষ্য —তার উপডাল চৈ.চ ৪৫।

উপঢৌকন ক্লী [উপ+ √ঢৌকি+অন (ল্যুট্) -ভা] ১ উপহার-প্রেরণ, ভেট দেওয়া। ২ [+অন-র্ম্ম] উপঢৌকিত দ্রব্য ; উপহার, উপায়ন, নজর, ডালি।

উপতন্ত্র ক্লী [প্রা.স] 'গৌণতন্ত্র', শিবোক্ত তন্ত্রসদৃশ সিদ্ধ ঋষি জৈমিনি বসিষ্ঠ কপিল নারদ প্রভৃতি কৃত তন্ত্র (বারাহীতন্ত্র)।

উপতপন বিণ [উপ+ √তপ্+অন (ল্যুট্) -ক ; স্ত্রী -নী] সন্তাপকর। "বপুরিন্দ্রিয়° কি ১২.৩। —তপ্ত বিণ [+ত (ক্ত) -ক] ১ অতিতাপ-যুক্ত, অত্যুষ্ণ। "উপতপ্তোদকা নদ্যঃ রা (S.W.)। ২ সন্তপ্ত, ব্যথিত, পীড়িত। —তপ্তা (-প্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -প্ত্রী] উপতাপকর, দাহক। —তপ্তা পুং ১ উপতাপকমাত্র, স্পর্শ (অ.কো)। ২ রোগ। —তাপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ সন্তাপ, পীড়া, ব্যথা। "বিবক্ষিতং হি অনুক্তমুপতাপং (পাঠান্তর) জনয়তি শ ৩২/৬। ২ কৃচ্ছ্রোপবাসাদিজন্য তাপ বা ক্লেশ। "শরীর° মহা ৩.১৯৮.৩। ৩ [+ √তাপি+অ (অচ্)-ক] 'উপতাপয়িতা', অশুভ, দুর্দ্দৈব। ৪ রোগ। "মানসাগন্তুভিরুপতাপৈঃ।—সুশ্রুত (S.W.)। ৫ [+অ (অচ্)-ভা] পীড়ন। —তাপক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী-পিকা।] সন্তাপকর, পীড়ক। —তাপন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] সন্তাপক। —ন ক্লী [+অন-ভা] সন্তাপন, পীড়ন, বাধন। —তাপী (-পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -পিনী] ১ উপতাপক, পীড়য়িতা। "পর° মহা ১.৯১.৪। ২ অতিতাপকর, দাহক। ৩ [°প+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; বৈদিক] উপতাপযুক্ত, রোগী। "মনু ১১.১।

উপতীর্থ ক্লী [প্রা.স] তীর্থের (ঘাটের) সমীপস্থ স্থান ; তীর। "সুপতীর্থ মহা ৩.১৫৩.৩।

উপত্যকা স্ত্রী [উপ+ত্যক (ত্যকন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্), পা ৫.২.৩৪] ১ পর্ব্বতের আসন্নভূমি বা সমীপস্থ দেশ। "মলয়াদ্রেরুপত্যকাঃ (অধ্যুষিতাঃ) রঘু ৪.৪৬। শ ৫/৬। ২ আসন্ন ভূমি, সন্নিহিত ভূমি। "সমুদ্রোপত্যকা (লঙ্কা) ভট্টি ৫.৮৯।

উপদংশ পুং [উপ+ √দংশ্+অ (ঘঞ্)-ভা] ১ সন্দংশন, কামড়ান। "দ্বিদংষ্ট্রো উপদংশেচ্ছাবতি (মাঘটীকা, মল্লিনাথ)। ২ [+অ-র্ম্ম] মদ্যপানরোচক ভক্ষ্যদ্রব্য ; অবদংশ, চাটনি, চাট। "মাংসোপদংশ।—সুশ্রুত (S.W.)। ৩ ভক্ষ্যদ্রব্যের উপকরণমাত্র। "দ্বিত্রানুপদংশানুপপাদ্য (দশকুমার)। ৪ [+অ (অচ্)-ক] 'অতি-দংশকারক', মেঢ্ররোগবিশেষ, গরমি। "সুশ্রুত ২.১২.৭ ; ৪.১৯.১। ৫ শিগ্রু বৃক্ষ ; সমষ্ঠিলবৃক্ষ। —দংশী (-শিন্) বিণ [°শ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -শিনী] উপদংশরোগযুক্ত।

উপদর্শক বিণ [উপ+ √দৃশ্+ই (ণিচ্)+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -শিকা] দর্শয়িতা, প্রদর্শক। —ক পুং ১ পথপ্রদর্শক। ২ দ্বারপাল। ৩ [+দৃশ্+অক-ক] সাক্ষাদ্‌দ্রষ্টা, সাক্ষী (eye-witness)। —দর্শন ক্লী [+ √দর্শি+অন-ভা] ১ প্রদর্শন, আবিষ্করণ। ২ [+অন-ক] 'শ্লোকার্থদর্শয়িতা', টীকা, বৃত্তি। —দর্শিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রদর্শিত। "°কুচ। শরনিকরধারাসম্পাতোপদর্শিতদুর্দ্দিন (প্রবোধ-চন্দ্রোদয়)। ২ প্রদর্শিত, নিবেদিত। "রঘু ৪.১০। ৩ বর্ণিত, কথিত। "চতুষ্পাদ্ ব্যবহারোঽয়ং বিবাদেষূপদর্শিতঃ যাজ্ঞ ২.৮।

উপদা স্ত্রী [উপ+ √দা+অ (অঙ্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্)] ১ 'রাজ-সমীপে দেয়' ; উপায়ন, উপহার, ভেট। "রঘু ৪.৭০ ; জানপদ° ৫.৪১ ; °চঞ্চল ৭.৩০। ২ উৎকোচ, ঘুস। "পা ৫.১.৪৭। —দান ক্লী [+অন (ল্যুট্)-র্ম্ম] সর্থ 'উপদা'।

উপদিক্ (-দিশ্) স্ত্রী [দিক্‌কে উপগতা, প্রা.স] 'দুই দিক্ প্রাপ্ত

দিক্'; দুই দিকের মধ্যস্থ দিক্; বিদিক্, কোণ। "সর্ব্বা দিশশ্চোপদিশঃ রা ১.৭৬.২৩। মহা ৩.১৭১.৫। —দিশা স্ত্রী [°দিশ্+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'উপদিক্'।

উপদিগ্ধ বিণ [উপ+√দিহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ উপলিপ্ত, ম্রক্ষিত। "মলপঙ্ক°(কামন্দক)। ২ আচ্ছন্ন, রুদ্ধ। "শিরোগলং কফোপদিগ্ধম্। —সুশ্রুত (S.W.)।

উপদিষ্ট বিণ [উপ+√দিশ্ √ত (ক্ত)-র্ম্ম] ১ অনুশিষ্ট, কৃতোপদেশ। "ব্রতং যথোপদিষ্টং তু তথা তৎ পারিতং ত্বয়া মহা ৩.২৯৫.১৬। ২ উপদেশ দ্বারা জ্ঞাপিত। "উপদিষ্টাপদিষ্টগোত্রস্থৈব নিষেধঃ।—রঘুনন্দন। ৩ বিহিত, কৃতবিধান। "দিগুপদিষ্ট সমাসে পা ১.১.২৮, কাশিকা। মনু ২.১৯০। ৪ উচ্চারিত, প্রযুক্ত (কাশিকা)। "পৃষোদরাদীনি যথোপদিষ্টম্ পা ৬.৩.১০৯। ৫ কথিত, বর্ণিত, নিবেদিত। "কিং কুলেনোপদিষ্টেন, শীলমেবাত্র কারণম্ মৃ ৯.৭। ৬ প্রদর্শিত। "(শৈলাঃ) পৃথৃপদিষ্টাং দুরুহর্ষরিত্রীম্ কু.স ১.২। ৭ অভিহিত (named)। ৮ অধ্যাপিত, শিক্ষিত। "উপদিষ্টম্…শাস্ত্রম্ রা ২.৭৫.২৮। (ইষ্বস্ত্রম্) উপদিষ্টম্ মহা ৫.৭৯.১৬। —দিষ্ট ক্লী ১ (নাট্যে) শাস্ত্রানুসারী মনোহর বাক্য। "সা.দ ৬.১৮৪। ২ [+ত-ভা] উপদেশ, অনুশাসন।

উপদীকা স্ত্রী কীটবিশেষ, উই (?)। "ইমা বৈ বাম্রা যদুপদীকা।—শতপথব্রাহ্মণ ১৪.১.১.৮। তৈত্তিরীয় আরণ্যক ৮.১.৪।

উপদীকৃত বিণ [উপদা+অভূততদ্ভাবে চ্বি (০)+√কৃ+ত (ক্ত)-র্ম্ম] উপদা (উপহার)-রূপে বিহিত; উপায়নীকৃত। "রত্নমুপদীকৃতম্ মাঘ ১৪.৩৯।

উপদেব পুং, **-দেবতা** স্ত্রী [প্রা.স] 'গুণীভূত দেব'; দেবযোনি, অপদেবতা, বিদ্যাধর কিন্নর পিশাচ প্রভৃতি। "ষষ্ঠী মহাকাল আদি ক্ষেত্রপাল যত। উপদেববৃন্দকে বন্দনা শত শত॥—রা.স ৫। দেব উপদেব নহি দেখ আমি নর ভা.চ ৩২০। পতি যদি দেবতা, তবে এতদিন ত তোমার কাছে উনি উপদেবতাই ছিলেন ব.দ্বি' ৪২৫। —দেবী স্ত্রী [প্রা.স] ১ 'গুণীভূতা (অপকৃষ্টা) দেবী'; বিদ্যাধরী কিন্নরী পিশাচী প্রভৃতি। "দেবী উপদেবী কিবা অপ্সরী কিন্নরী।—হেম ২৯। জয়সিংহে চাহিস কাড়িতে৹ দেবীর নিকট হ'তে ওরে উপদেবী।—রবীন্দ্র। ২ বসুদেবের পত্নীবিশেষ।

উপদেশ পুং [উপ+√দিশ্+অ (ঘঞ্)-ভা] ১ অনুশাসন, শিক্ষণ। "কর্ত্তব্যতা°, নীতিশাস্ত্র°, বিলোকিত°। ধর্ম্ম° মনু ৮.২৭২। (তাম্) স্থিরোপদেশামুপদেশকালে, প্রপেদিরে প্রাক্তনজন্মবিদ্যাঃ কু.স ১.৩০। রঘু ১২.৫৭। তাঁহার…উপদেশ সর্ব্বদা আমার শিরোধার্য্য। —সী ৫। ২ হিতকথন। "উপদেশো হি মূর্খাণাং প্রকোপায় ন শান্তয়ে।—হি ৩.৪। ৩ মন্ত্রমাত্রকথন। 'চন্দ্রসূর্য্যগ্রহে তীর্থে সিদ্ধক্ষেত্রে শিবালয়ে। মন্ত্রমাত্রপ্রকথনমুপদেশঃ স উচ্যতে॥ ৪ (ব্যাকরণে) পরার্থ প্রয়োগ (কাশিকা)। "পা ১.৪.৭০। ৫ আদ্যোচ্চারণ (সি); শাস্ত্রবাক্য সূত্রপাঠ ও খিলপাঠ (কাশিকা); প্রত্যক্ষ আখ্যান (ভাষ্য)। 'ধাতুসূত্রগণোণাদিবাক্যলিঙ্গানুশাসনম্। আগমপ্রত্যয়াদেশা উপদেশাঃ প্রকীর্ত্তিতাঃ॥ পা ১.৩.২; ১.৩.৩; ৭.২.৬২। ৬ [+অ-র্ম্ম] প্রবর্ত্তনবাক্য, উপদিষ্টবিষয়। ৭ (বাঙ্‌লায়; অপ্র) বিবরণ, বিষয়। "কহিব গঙ্গার উপদেশ ক.চ ২২৭। —দেশক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -শিকা] উপদেশকারক, অনুশাসক। —ক পুং ১ শিক্ষক। ২ দীক্ষাদাতা, গুরু। —দেশন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উপদেশ (১)। ২ (নাট্যে) নাট্যালঙ্কারবিশেষ। "শিক্ষা স্যাদুপদেশনম্ ৬.২১২। —দেশনা স্ত্রী উপদেশ। "ইমাং ধর্ম্মোপদেশনামকরোৎ। —পঞ্চ (S.W.)। —দেশী (শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -শিনী] উপদেশক, হিতভাষী; শিক্ষয়িতা। "কুট্টনীমুপদেশিনীম্ (প্রমাণয়তি নো ধর্ম্মে) হি ১.৯। —দেশী পুং ১ উপদেষ্টা, শিক্ষক। ২ [°শ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'উপদেশযুক্ত', সানুবন্ধ আদেশ আগম প্রত্যয় প্রভৃতি। (দ্র 'উপদেশ (৬)। "পা ৬.৩.৫২, বার্ত্তিক। —দেশ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম; ছান্দস] অনুশাসনীয়, শিক্ষণীয়। —দেষ্টব্য বিণ [+তব্য-র্ম্ম] সর্থ 'উপদেশ্য'। "বিদ্বানেবোপদেষ্টব্যঃ হি ৫। —দেষ্টা (-ষ্টৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী ষ্ট্রী] ১ উপদেশক, অনুশাসিতা, শিক্ষক। "চৈ.চ ২৮১। ২ কার্য্যকর্ত্তা, মুখ্য (নীলকণ্ঠ)। "উপদেষ্টা পরাক্রমঃ মহা ৩.৩২.৫৪। —দেষ্টা পুং ১ শিক্ষক, উপদেশদাতা। "কর্ম্ম° বে ১.২৫। কাদ ১৬। ২ দীক্ষাদাতা।

উপদেহ পুং [উপ+√দিহ্+অ (ঘঞ্)-ভা] ১ বৃদ্ধি; লেপন, উপচয়। ২ দেহাদিবৃদ্ধি, শ্লীপদাদিজন্য স্ফীততা। "কণ্ড্‌পদেহ, গুদ°, দৌর্গন্ধ্য° (সুশ্রুত)। ৩ [+অ-র্ম্ম] লেপ (ointment)।

উপদোহ পুং, **-দোহন** ক্লী [উপ+√দুহ্+অ (ঘঞ্), +অন (ল্যুট্), -ধি] দোহনপাত্র। "কাংস্যোপদোহ।—মহা ৩.১৮৬.১১; ১২; ১৮.৬.১৩। —দোহ পুং [+অ-র্ম্ম] গোস্তনাগ্র, গোরুর বাঁটের আগা (A.)।

উপদ্রব পুং [উপ+√দ্রু+অ (অপ্)-ভা; বৈদিক] ১ আকস্মিক দুর্দৈব; উৎপাত—দুর্ভিক্ষ মারি গ্রহণ ইত্যাদি দৈববিপদ্। ২ ধাতুবৈষম্যজন্য বিকার; উপসর্গ। "সুশ্রুত ১.৩৫.১৪। ৩ বিকার, বৈরূপ্য, অবসাদ। "উত্থিতং লক্ষ্মণং দৃষ্ট্বা বিশল্যং নিরুপদ্রবম্ গো.রা ৬.৮৪.১। ৪ অত্যাচার, দস্যুচৌরাদি-ভয়, বিপত্তি। "নির্ধনঃ…সর্ব্বত্র নিরুপদ্রবঃ। —পঞ্চ ২.১২৩। নিরুপদ্রবোঽয়ং মার্গঃ।—হি ৪.৬৯। ৫ ক্লেশ, পীড়া। "ন হি সকয়বান্ কশ্চিদ্ দৃশ্যতে নিরুপদ্রবঃ মনু ৩.২.৪৮। পঞ্চ ১.৩৫৩। ৬ রাষ্ট্রবিপ্লব, বিদ্রোহ। ৭ দুর্জাত, অনিষ্টাপাত, অশুভ।

উপদ্রষ্টা (-ষ্টৃ) বিণ [উপ+√দৃশ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ষ্ট্রী] সমীপস্থ সংদ্রষ্টা; পৃথগ্‌ভূত সমীপস্থ দ্রষ্টা; উপদর্শক, সাক্ষী। "গী ১৩.২২।

উপদ্রুত বিণ [উপ+√দ্রু+ত (ক্ত)-র্ম্ম] ১ উপদ্রবযুক্ত, উৎপাতবিশিষ্ট, বিপন্ন। "রা ২.৪৮.২৫। ২ বিকারযুক্ত। "পুনশ্চৈত উপদ্রুতাঃ (সুশ্রুত)। ৩ পীড়িত, ব্যথিত। "ভ ১.১.১০, মশকৈরুপদ্রুতঃ ৫.১৩.৩। ৪ বিপ্রকৃত, উপপ্লুত, উৎপীড়িত। "তারকোপদ্রুতে শক্রে ক.সা ২০.৬০। ৫ (জ্যোতিষে) উপরক্ত, গ্রহণযুক্ত। ৬ অশুভ, দুর্নিমিত্তসূচক।

উপদ্বার ক্লী [প্রা.স] সমীপস্থ দ্বার; গৃহসম্মুখবর্ত্তী দ্বার। "সুপদ্বারং সুসংমৃষ্টম্ (আশ্রমম্) গো. ২.৯৯.৩।

উপদ্বীপ পুং [প্রা.স] ১ ক্ষুদ্রদ্বীপ (M.W.)। ২ (বাঙ্‌লায়) প্রায় চারিদিকে জলবেষ্টিত ভূভাগ (Peninsula)।

উপধর্ম্ম পুং [প্রা.স] ধর্ম্মোপম (শ্রীধর), অপকৃষ্ট ধর্ম্ম, জঘন্য ধর্ম্ম —অগ্নিহোত্রাদি (কুল্লুক)। "মনু ২.২৩৬; ৪.১৪৭। ভ ৪.১৯.২৫। আমাদের দেশে একটা উপধর্ম্মমূলক বৈসাম্য আছে পা.প্র ৮২।

উপধা স্ত্রী [উপ+√ধা+অ (অঙ্),-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ উপধান, স্থাপন। ২ [+অ-ণ] যাহা দ্বারা কর্ম্মে নিযুক্ত হয়; ধর্ম্ম অর্থ কাম ভয় দ্বারা রাজা কর্ত্তৃক অমাত্যাদি-পরীক্ষণ (অ.টী)। 'ধর্ম্মার্থকামমোক্ষৈশ্চ প্রত্যেকং পরিশোধনে। উপেত্য ধীয়তে যস্মাদুপধা তেন কীর্ত্তিতা॥ "°শুচি হি ৩.১৭। ৩ [+অ-র্ম্ম] ছল, ছদ্ম। "ধর্ম্মোপধাসক্ত রা ২.২৩.৮। মনু ৮.১৯৩। ৪ উপায়। "মাঘ ১৯.৫৮। ৫ উপাধি। ৬ (ব্যাকরণে) শব্দের অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণ; উপান্ত্য বর্ণ। [°ভৃত (পুং) শব্দের ত্রিভাগ দ্বারা পালিত ভৃত্য (বৃহস্পতি —S.W.)।]

উপধাতু পুং [প্রা.স] ১ 'হীন ধাতু', স্বর্ণাদি প্রধান ধাতুর সদৃশ স্বর্ণমাক্ষিক তারমাক্ষিক তুথ কাংস্য রীতি সিন্দুর শিলাজতু—এই সপ্ত দ্রব্য (ভাবপ্রকাশ)। ২ শরীরস্থ রসাদি সপ্ত ধাতু হইতে যথাক্রমে জাত স্তন্যাদি ; —যথা রস হইতে স্তন্য, রক্ত হইতে স্ত্রীরজঃ, মাংস হইতে বসা, মেদঃ হইতে স্বর্ম, অস্থি হইতে দন্ত, মজ্জা হইতে কেশ, ও শুক্র হইতে ওজঃ।

উপধান ক্লী [উপ+ √ধা+অন (ল্যুট্)-ভা] ১ সমীপে স্থাপন। ২ [+অন-ধি ; ছান্দস] যাহাতে মস্তক স্থাপিত হয় ; শিরোধান, বালিশ। "চরণোপধান, পাদ° (মহা), গণ্ড° (সুশ্রুত)। মাঘ ২.৭৭। পাদোপধান চৈ.চ ৪১। °কার্য্য, °স্থানীয় সী ১৬ (২৬শ সংস্করণ)। ৩ [+অন-র্ম] ব্রতবিশেষ। ৪ ধর্মানুষ্ঠান। ৫ প্রণয়, স্নেহ। ৬ বিশেষ। "সোপধানাং ধিয়ং ধীরাঃ···থট্বয়ন্তি মাঘ ২.৭৭। ৭ বিষ (মেদিনী)। ৮ [+অন-ণ] ইষ্টকারচনসাধন মন্ত্র। "পা ৪.৪.১২৫। —ধানী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] শিরোধান। "পাদ° মহা ১.১৯২.১০। —ধানীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] সমীপে স্থাপনীয়। —ধানীয় ক্লী [+অনীয় -ধি] উপধান, বালিশ। "গল্প° ।—পঙ্ক (S.W.)। —ধায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিন্)-ক-১ব ; স্ত্রী -য়িনী] যে উপধান করে ; উপধানরূপে ব্যবহারী ; উপধানকারী। "অংশেত মা বহুলতোপধায়িনী কু.স ৫.১২। [সমাসে উত্তরপদ]

উপধাবন ক্লী [উপ+ √ধাব্+অন (ল্যুট্)-ভা] ১ উপসরণ ; অভিগমন। ২ অনুচিন্তন। ৩ ভজন। "ভ ৭.২.৬।

উপধি পুং [উপ+ √ধা+ই (কি)-র্ম] ১ ছদ্ম, ছল, কপট। "উপধিনা হৃতা গো.রা ৫.৬৯.১২। মনু ৮.১৬৫। কি ১.৪৫। ২ ভয়াদি। "যাজ্ঞ ২.৩২। ৩ [+ই-ধি] রথচক্র। ৪ [ছান্দস] চক্রের নাভি ও নেমির মধ্যস্থ অংশ (M.W.)। ৫ উপধান, বালিশ। "মহিষীভুজোপধি ভ ৪.২৭.৪। [°দেবী (-বিন্) বিণ যে উপধি (ছল) পূর্বক জুয়া খেলা করে ; কপটদ্যূতকার। "বিষ্ণু ৫.১৩৪।]

উপধূপিত বিণ [উপ+ √ধূপ্+ত (ক্ত)-ক] ১ উত্তপ্ত, সন্তাপযুক্ত। ২ [+ √ধূপি+ত-র্ম] সন্তপ্তীকৃত, ধূমব্যাপ্ত। "নাগলোক উপধূপিতে মহা ১.৩.১৫৩। ৩ ধূপধূমব্যাপ্ত। "বরধূপোপধূপিত গো.রা ৫.১৪.৭।

উপধ্মান ক্লী [উপ+ √ধ্মা+অন (ল্যুট্)-ভা] মুখমারুত দ্বারা পরিপূরণ ; ফু দেওয়া। —ন পুং [+অন-ণ] ওষ্ঠ। "উপধ্মানেন জন্তত্বাৎ তৈ ১.১৪, টীকা। —ধ্মানীয় পুং [°ন+ঈয় (ছ) 'তত্র ভব' অর্থে] উপধ্মানে (ওষ্ঠে) জাত বর্ণবিশেষ ; প ফ পরে থাকিলে, বিসর্গস্থানে গজকুম্ভাকৃতি আদেশবর্ণ। [ইহার উচ্চারণস্থান ওষ্ঠ এবং উচ্চারণ সর্পশ্বাসবৎ।] "তৈ ১.১৮। পা ১.৩.২, সি ; ৮.৩.৩৭, কাশিকা।

উপনক্ষত্র ক্লী [প্রা.স] অশ্বিন্যাদি নক্ষত্রের অনুগামী নক্ষত্র। [ইহাদের সংখ্যা (২৭×২৭) ৭২৯।]

উপনখ ক্লী [প্রা.স] নখগত ক্ষতরোগ বা চিপ্প। "সুশ্রুত ২.১৩.২ ; ১৬।

উপনগর ক্লী [প্রা.স] নগরের সমীপস্থ স্থান ; নগরোপকণ্ঠ (suburb)। "°প্রান্তে ব.প্র ১২৮।

উপনত বিণ [উপ+ √নম্+ত (ক্ত)-ক] ১ উপস্থিত, সমীপস্থ। "শ ৫.১৮। ২ উপগত, প্রাপ্ত। "প্রভাব° রঘু ৫.৫২ ; অচির° ৮.৭। ৩ প্রাপ্ত, সংঘটিত। "কন্যাতাম্ভং সুখমুপনতম্ উ.মে ৪৮। ৪ আসন্ন। "°মণিবন্ধ রঘু ১২.১০২। ৫ প্রাপ্ত, সফল। "অনুপনতমনোরথ। —বিক্র ৩.২২। ৬ আগত। "অকামেনোপনতেন রঘু ১০.৩৯। পঞ্চ ১.১৬২। উপনত পাহুন রিতুপতি সাহ রে।—বি.সা ৪৮৮। ৭ প্রাপ্ত, গত। "পরলোক° রঘু ৮.৬৮। ৮ নম্র, বিধেয়। "প্রভাব° মাঘ ১২.৩৩। ৯ শরণাগত। "রঘু ৮.৮১ ; ১৭.৮১। —নতি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ নমন, নতি। ২ উপগমন, সমীপগমন। ৩ উপস্থিতি।

উপনদ, -দি ব্য [অব্যয়ীভাব, বিকল্পে সমাসান্ত অ (টচ্)] নদীর সমীপ। —দী বি নদীতে উপগতা নদী ; নদীমিলিতা নদী (Affluent)।

উপ(পা)নন্দ পুং [প্রা.স] গোপরাজ নন্দের জ্যেষ্ঠভ্রাতা। "উপনন্দ ভ.গ্র ১৪১।

উপনয় পুং [উপ+ ৲নী+অ (অচ্)-ভা] ১ সমীপে নয়ন (আনয়ন)। ২ সমর্পণ। "সম্ভোগ° মহা ৩.২.২৪। ৩ [+অ+ণ] যাহা দ্বারা বালক বেদাধ্যয়নার্থ গুরুসমীপে নীত হয় ; উপনয়ন। 'গৃহোক্তকর্ম্মণা যেন সমীপং নীয়তে গুরোঃ। বালো বেদায়, তদ্‌যোগাদ্ বালস্যোপনয়ং বিদুঃ॥ ৪ (ন্যায়ে) উদাহরণসাপেক্ষ ব্যাপ্তির অনুযায়ী (অর্থাৎ ইহাও সেইরূপ বা সেইরূপ নহে—তথা বা ন তথা, এইরূপ বাক্যপ্রয়োগপূর্বক) সাধ্যবিষয়ের উপসংহার। 'উদাহরণসাপেক্ষস্তথেত্যুপসংহারো ন তথেতি বা সাধ্যস্যোপনয়ঃ। "উপনয়—বহ্নিব্যাপ্যো ধূমবান ব.প্র ১৫১। [ইহা অনুমানসাধক পঞ্চ অবয়বের চতুর্থ অবয়ব।] —নয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সমীপে নয়ন ; আনয়ন। "বস্ত্রালঙ্কার° গো.রা ৪.৫ (সর্গশেষে)। ধারাসার° বিক্র ৪.৪। ২ [+ অন-ণ] সর্থ 'উপনয় (৩)। "কৃত° মনু ২.১০৮। (ইহাদের) একাদশবর্ষে উপনয়নসংস্কার সম্পন্ন হইয়াছে সী ৮৩। [ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের গর্ভ হইতে যথাক্রমে অষ্টম একাদশ ও দ্বাদশ বর্ষ উপনয়নের মুখ্যকাল, অভাবে, অষ্টম হইতে ষোড়শ, একাদশ হইতে দ্বাবিংশ এবং দ্বাদশ হইতে চতুর্বিংশ বর্ষ পর্য্যন্ত উপনয়নকাল শাস্ত্রসম্মত। ইহার পরে ব্রাহ্মণাদি সাবিত্রীপতিত 'ব্রাত্য' নামে অভিহিত হয়। এই সংস্কার দ্বিতীয় জন্ম এবং তজ্জন্য ব্রাহ্মণাদি 'দ্বিজ' 'দ্বিজাতি' (সংস্কারৈর্দ্বিজ উচ্যতে) নামে পরিচিত (মনু ২.৩৬, ৩৮ ; ৩৯ ; যাজ্ঞ ১.১৪ ; বিষ্ণু ২.১)।] —নায় পুং [+ √নী+ই (স্বার্থে ণিচ্)+অ (অচ্)-ণ] সর্থ 'উপনয়ন (২)। —নায়ক বিণ [+ √নী+অক (ণ্বুল্)-ক, স্ত্রী -য়িকা] সমীপে নেতা ; সমীপপ্রাপক। —ক পুং [প্রা.স] ১ নায়কের গুণোৎকর্ষকথক বা সহায়ভূত নায়ক ; গৌণ নায়ক —যেমন রামের লক্ষ্মণ। 'নায়কস্য গুণোৎকর্ষকথকা উপনায়কাঃ (সঙ্গীতদামোদর)। ২ উপপতি। —নায়ন ক্লী [+অন (ল্যুট্)-ণ] উপনয়ন। "মনু ২.৩৬। যাজ্ঞ ১.১৪।

উপনহ বি [সং উপানহ্ ; অপ্র] জুতা। "হেম-হীরা সহ, উপ উপনহ, অতি অনুপাম পায় শ্রী.মা ১৩৭।

উপনহন ক্লী [উপ+ √নহ্+অন (ল্যুট্)-ভা] ১ বন্ধন। ২ [+ অন-ণ] বন্ধনসাধন বস্ত্রাদি। —নাহ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ লেপন। "°স্বেদ।—সুশ্রুত ৪.৩২.২ ; ৮ ; ১০। ২ ব্রণোপশমনার্থ লেপনদ্রব্য ; ব্রণালেপপিণ্ড, প্রলেপ, পুল্‌টিশ্। "সুশ্রুত ১.১৭.২০। ৩ [+অন-ধি] বীণার তন্ত্রীবন্ধনস্থান ; নিবন্ধন। —নাহন ক্লী [+ √নহ্+ই (ণিচ্)+অন-ভা] লেপন, প্রলেপ। "স্নেহস্বেদোপনাহন (সুশ্রুত)।

উপনিক্ষেপ পুং [উপ -নি+ √ক্ষিপ্+অ (ঘঞ্)-ভা] ১ ন্যাসরূপে অর্পণ ; ন্যাস, গচ্ছিত রাখা। ২ [+অ-র্ম] আকৃতি ও সংখ্যা দেখাইয়া রক্ষণার্থ পরহস্তে নিহিত দ্রব্য (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.২৫।

উপনিধাতা (-তৃ) বিণ [উপ -নি+ ৲ধা+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ সমীপে (নিকটে) স্থাপয়িতা। ২ ন্যাসরূপে অন্যস্থানে দ্রব্যস্থাপক (দ্রব্য যে গচ্ছিত রাখে)। —নিধান ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ সমীপে স্থাপন। ২ উপনিধিরূপে স্থাপন, গচ্ছিত রাখা। ৩ [+অন-র্ম] উপনিধিরূপে স্থাপিত দ্রব্য ; ন্যাস। —নিধি পুং [+ ই (কি)-ভা] ১ উপনিধান, ন্যাসরূপে স্থাপন। ২ [+ই-র্ম] ন্যস্ত দ্রব্য ; ন্যাস, স্থাপ্যধন। ৩ প্রণয়হেতু ভোগার্থ (ব্যবহারার্থ) অর্পিত

দ্রব্য (কুল্লুক); অপ্রদর্শিতরূপ মুদ্রাযুক্ত বস্ত্রাচ্ছাদিত ন্যস্ত দ্রব্য (মেধাতিথি)। "মনু ৮.১৪৫; ১৪৯। ৩ রক্ষার্থ পরহস্তে ন্যস্ত পুত্র-দারাদি। মহা ১.১২৬.৩।

উপনিপাত পুং [উপ-নি+√পত্+অ (ঘঞ্)-ভা] ১ সমীপে নিপতন; সমীপাগমন। ২ সংঘটন, আকস্মিক ঘটনা। ৩ আকস্মিক উপস্থিতি; অতর্কিত আক্রমণ। "দস্যু° (কৈয়ট)। দস্যুনা চোপনিপাতঃ পা ৪.৩.১০৬, কাশিকা। —নিপাতী (-তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -তিনী] উপনিপাতশীল, হঠাৎ সংঘটনশীল। "রন্ধ্রোপনিপাতিনোঽনর্থাঃ শ ৬ ১/৭।

উপনিবদ্ধ বিণ [উপ-নি+√বন্ধ্+ত (ক্ত)-র্ম] গ্রথিত, রচিত, প্রণীত। "করুণাদ্ভুতরসঞ্চ কিঞ্চিদুপনিবদ্ধম্ উ.চ ১ ২/২। মনু ১.৪, কুল্লুক। —নিবন্ধন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] সম্পাদনসাধন। "প্রত্যয়োপনিবন্ধন (ত.বা)। —নিবন্ধন ক্লী [+অন-ভা] গ্রন্থন, রচনা, প্রণয়ন।

উপনিবিষ্ট বিণ [উপ-নি+√বিশ্+ত (ক্ত)-ক]। ১ প্রতিষ্ঠিত, স্থিত। "ভূতান্যুপনিবিষ্টানি।—মহা ৬.৬.৫৪। ২ অধিষ্ঠিত। "লঙ্কামুপনিবিষ্টে চ রামে গো রা ৬.১৬.২৬। —নিবেশ পুং [+√বিশ্+ই (ণিচ)+অ (অচ্)-ভা] ১ স্থাপন, প্রতিষ্ঠাপন। ২ [+অধি] উপনগর। "দ্বিগুণোপনিবেশাং চ দদর্শ দ্বারকাং পুরীম্।—হ ১৫৭.২৭। ৩ (বাঙলায়) কৃষি-প্রভৃতির নিমিত্ত দেশান্তর হইতে লোক আনাইয়া যে স্থানে স্থাপিত করা যায়; বিশেষ কোন সুবিধার নিমিত্ত যে স্থানে লোকসমূহ স্বদেশ ছাড়িয়া আসিয়া বাস করে (colony)। —নিবেশিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ উপস্থাপিত। "(যা) স্বর্গাভিষ্যন্দ-বমনং কৃত্বেবোপনিবেশিতা রঘু ১৫.২৯। কু.স ৬.৩৭। ২ নিবেশিত, স্থাপিত। ৩ নিবাসিত।

উপনিষৎ (-দ্) স্ত্রী [উপ-নি+√সদ্+ক্বিপ্ (০)-ক-১ব] ১ যাহা সহেতুক সংসারের অত্যন্ত অবসাদন করে বা সংসারকারণের সমূল বিনাশ করে; ব্রহ্মবিদ্যা। 'সেয়ং ব্রহ্মবিদ্যোপনিষচ্ছব্দবাচ্যা, তৎপরাণাং সহেতোঃ সংসারস্যাত্যন্তাবসাদনাৎ (শঙ্কর)। তদ্বিদ্যা সহেতুং সংসারং সাদয়তীত্যুপনিষদুচ্যতে (আনন্দগিরি)। "গৃহীতোপনিষদ্ ময়া।—মহা ৩৩৭.১০। ২ (উপচারে) ব্রহ্মবিদ্যাবিষয়ক গ্রন্থ। 'তাদর্থ্যাদ্ গ্রন্থোঽপ্যুপনিষদুচ্যতে (শঙ্কর)। [উপনিষৎ বেদের শিরোভাগ। চারিবেদের সর্ব্বসুদ্ধ ১১৮০ খানি উপনিষৎ আছে। তন্মধ্যে ঋগ্বেদের ২১, যজুর্ব্বেদের ১০৯, সামবেদের ১০০০ এবং অথর্ব্ববেদের ৫০ খানি উপনিষৎ। মুক্তিকোপনিষদে ঈশ কঠ কেন প্রভৃতি ১০৮ খানি উপনিষদের নাম আছে (শ.ক)।] ৩ বেদান্তশাস্ত্র। ৪ ধর্ম্মগ্রন্থ। ৫ গুহ্যবিদ্যা। "মন্ত্র-পারায়ণোপনিষদম্…প্রোবাচ উ.চ ৬ ২/২ ৬/৬। অস্ত্র° ম.চ ২.২। ৬ ধর্ম্ম। ৭ যোগ (ত.বা)। ৮ তত্ত্ব। ৯ মন্ত্র, বীজ। ১০ দ্বিজাতির কর্ত্তব্য বেদব্রতবিশেষ। ১১ [+ক্বিপ্-ধি] নিভৃত স্থান। —নিষদ ক্লী [উপনিষদ্ > °দ, ছন্দোঽনুরোধে অকারান্ত (শ্রীধর)] উপনিষৎ। "সাঙ্গোপনিষদান্ বেদান্ মহা ১.৬৪.১৯; ৩.৯৯.২৬, ২০৫.১। সাঙ্গপদ-ক্রমোপনিষদৈঃ ভ ১২.১৩.১। —নিষাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব; স্ত্রী -দিনী; বৈদিক] সমীপে স্থায়ী।

উপনিষদ, উপনিষাদী দ্র 'উপনিষৎ'।

উপনিষ্ক্রমণ ক্লী [উপ-নিস্+√ক্রম্+অন (ল্যুট্)-ভা] ১ সমীপে নির্গমন; উপনির্যাণ। ২ সংস্কারবিশেষ, নিষ্ক্রমণ। ৩ [+অন-ণ] রাজপথ। —নিষ্ক্রান্ত বিণ [+ত (ক্ত)-ক] সমীপে নির্গত; উপ-নির্যাত। "আশ্রমাদুপনিষ্ক্রান্তমৃষিম্ রা ২.৯২.৪।

উপনিহিত বিণ [উপ-নি+√ধা+ত (ক্ত)-র্ম] ১ উপস্থাপিত, স্থাপিত। ২ উপনিধিরূপে স্থাপিত; ন্যস্ত (দ্রব্য)।

উপনীত বিণ [উপ+√নী+ত(ক্ত)-র্ম] ১ সমীপে নীত, আনীত। "সমীপং তাবুপনীতৌ গো.রা ৩.৭৪.২৩। গোষ্পনীতাসু মহা ১৩.৭৬.৪। রঘু ১০.৫২। নগ° কু.স ৭.৭২। ভ ৮.১৮.১৭। নবশতঘট জল কৈল উপনীত চৈ.চ ৯১। ঋষিকুমারেরা (দ্বারবান্ কর্ত্তৃক) রাজ-সমীপে উপনীত হইয়া…আশীর্ব্বাদ করিলেন।—শকুন্তলা (বিদ্যা-সাগরকৃত)। ২ প্রাপিত। "তপোবনপরিশ্রমস্য আত্মা পদম্ উপনীতঃ —শ ১ ২/২ ২/৩। ৩ উপস্থাপিত। "পীন উর উপনীত কুম্ভ উপনীত, সীতিম রঙ্গ জ প ৩। ৪ কৃতোপনয়নসংস্কার (যাহার উপনয়ন হইয়াছে)। "মনু ২.৪৯। রঘু ৩ ২৯। ইহারা অল্পদিনমাত্র উপনীত হইয়াছে সী ৮৩। ৫ জ্ঞানলক্ষণাসন্নিকর্ষ হেতু জ্ঞাত (ত.বা)। ৬ (বাঙলায়) উপস্থিত। "উপনীত হইলেন খেতে শূ ১১১। সব হইল উপনীত কৃ.উ ৩১। নদীতীরে উপনীত কৃ ১২১; ১৪৬। উপনীত হইয়াছি।—ম ৩। বা.ম ২১; ২৩। ক.চ ৩; ২০৫। ম.পা ৩৩। চৈ ম ১১২। গ্রীষ্ম উপনীত ভা.চ ২৪৯। অবশেষে উপনীত রাজপুতানায়।—রঙ্গ ৮২। [এই অর্থে প্রাচীন ও আধুনিক বাঙলায় 'উপনীত' শব্দের ভূরি প্রয়োগ আছে।] ৭ (অপ্র) গ্রথিত, খচিত। "(আতপত্র) শিখিপুচ্ছ-বিরচিত, মণিমুক্তায় উপনীত ক.চ ২০৪। —নীতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সমীপপ্রাপণ, আনয়ন। "গৌরীতীর্থে রাধিকোপনীতিঃ কল্যাণী মে ন প্রতিভাতি বি.মা ৭ ৬/৪। ২ [+তি-ণ] উপনয়ন (M.W)। —নেতব্য বিণ [+তব্য-র্ম] সমীপে প্রাপণীয়; প্রাপয়িতব্য, বিজ্ঞাপনীয়। "প্রবৃত্তি-রূপনেতব্যা কিং করোতীতি তত্ত্বতঃ গো.রা ৩.৬০.৩৬। —নেতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ সমীপে প্রাপয়িতা, আনেতা, আহর্ত্তা। "বর্হিষাঙ্কোপনেত্রী কু.স ১ ৬০। ২ উপঢৌকয়িতা, উপহারদাতা। —নেতা পুং উপনয়নকর্ত্তা, আচার্য্য। [ইনি পঞ্চ পিতার একতম (দ্র 'পঞ্চপিতা')।] [উপনীতি (অপ্র) —উপনীত (পদ্যে মিলের জন্য 'ই')। "মণ্ডপে হইল উপনীতি শূ ৬১। কৃ.উ ৮৩। শ্রী.মা ১৯; ৩২; ৮৯। ব.প ৭১৯। উপবনে উপনীতি শ্রী.ম ২১৩।

উপনৃত্ত বিণ [উপ+√নৃৎ+ত(ক্ত)-র্ম] সমীপে কৃতনর্ত্তন (রা.টীকা)। "পূজিতং চোপনৃত্তং চ নিত্যমপ্সরসাং গণৈঃ রা ৩.১.৪।

উপনেতব্য, উপনেতা দ্র 'উপনীত'।

উপন্যস্ত বিণ [উপ-নি+√অস্+ত(ক্ত)-র্ম] ১ সমীপে ন্যস্ত; উপ-স্থাপিত। "কিমিদমুপন্যস্তম্ শ ৫ ১/২ ২/৪। ২ (গৌণার্থে) অভিহিত, কথিত। "যাজ্ঞ ২.১৯। উপন্যস্তেষ্বপি মন্ত্রেষু হি ৩ ২/২ ২/২ ৯/৩। ৩ উদাহরণরূপে কথিত; উদাহৃত। —ন্যাস পুং [+অ (ঘঞ্)-ভা] ১ উপস্থাপন, উপনিধান। ২ বিশ্বাসপূর্ব্বক অন্যের নিকটে স্বদ্রব্যস্থাপন। ৩ প্রয়োগ। "পাবকঃ খলু বচনোপন্যাসঃ শ ৫ ১/১ ২/৪। অলীকবচনোপন্যাস।—অমরু ২৩। ৪ বাঙ্মুখ, বাক্যপ্রক্রম, বচনারম্ভ (অ.কো); বাক্যপ্রয়োগ। "ব্রহ্মজিজ্ঞাসোপন্যাসমুখেন বেদান্তবাক্যমীমাংসা (শারীরকভাষ্য)। ৫ [+অ-র্ম] বিচার। "মনু ৯ ৩১। ৬ অভিপ্রায়। "আত্মন উপন্যাস-পূর্ব্বম্ চিন্তয়…ললিতপদবন্ধনম্ শ ২ ৯/১০। ৭ অন্যসমীপে ন্যস্ত দ্রব্য; উপনিধি, গচ্ছিত দ্রব্য। ৮ আত্মকার্য্যসিদ্ধির উদ্দেশে করণীয় সন্ধি-বিশেষ। 'হি ৪.১১৮। ৯ (বাঙলায়) অস্বাভাবিক কল্পিত উপাখ্যান; উপকথা, গল্প। "কত তিনি শুনাতেন উপন্যাস! স্ব.প্র ৩২। °লেখক ব.প্র ৪৯৩। ১০ চমৎকারজনক সাংসারিকঘটনামূলক পদ্যগ্রন্থ; নভেল্।

উপপতি পুং [প্রা.স; ছান্দস] 'উৎকৃষ্ট বা অসাক্ষাদ্ভূত পতি (অ.টী); গৌণপতি, জার, ঢেমনা। "মনু ৩.১৫৫। মাঘ ১১.৬৫। উপপতি সেই যার পিরীতে বসতি ভা.চ ৬৯৮।

উপপত্তি স্ত্রী [উপ+√পদ্+তি (ক্তিন্)-ভা] ১ আবির্ভাব, উৎপত্তি, জন্ম। "তনয়° রঘু ১৪.৭৮। মাঘ ১.৬৯। ২ প্রাপ্তি। "ইষ্টানিষ্ট°

গী ১৩.৯। বিপ্রয়োগ° উ.মে ৪। প্রিয়° হি ৩.১২১। ৩ সিদ্ধি। "স্বার্থ° রঘু ৫.১২। ৪ সমাপ্তি। ৫ [+তি-ণ] যুক্তি। "°মৎ··· বচনম্ কি ২.১; ২৮। ৬ হেতু, কারণ। "কি ৩.৫২। ৭ অবষ্টম্ভ, আশ্রয়। "অন্যোন্যবল° কি ১৪.৪৪। ৮ সমাধান, সিদ্ধান্ত। "উপপত্তিং তু বক্ষ্যামি গর্ভস্য।—মহা ১৪.১৭.৪২। ৯ প্রমাণ। ১০ সঙ্গতি। "ভাষাপরিচ্ছেদ ৮২। ১১ উপায়। ১২ যোগ্যতা, উপযোগিতা।

উপপত্নী বি [উপপতি>°ত্নী (স্ত্রীলিঙ্গে)] গৌণপত্নী, অবৈধপ্রণয়াসক্তা নারী; ঢেমনী।

উপপথ ব্য [অব্যয়ীভাব, সমাসান্ত 'অ'] পথের সমীপ। "মুগ্ধবোধ ৩৮৫। —পথ বি অপ্রসিদ্ধ পথ, অপথ, পথভিন্ন স্থান। "প্রসিদ্ধ পথ ছাড়ি প্রভু উপপথে চলিলা চৈ.চ ১৮১, পথ ছাড়ি উপপথে যায়েন ধাইয়া ২৯৩।

উপপদ ক্লী [প্রা.স] ১ উপোচ্চারিত পদ; পরে প্রযুক্ত পদ। "ক্রিয়ার্থোপপদ পা ২.৩.১৪; °বিভক্তি ২.৩.১৬, সি। ২ পূর্ব্বোচ্চারিত (পূর্ব্বপ্রযুক্ত) পদ; ব্যাবর্ত্তক পদ। "রঘু ১৬.৪০। ধনুরুপপদম্···বেদম্ (অর্থাৎ ধনুর্ব্বেদম্) কি ১৮.৪৪। বৃক্ষাঃ···কল্পোপপদাঃ (অর্থাৎ কল্পবৃক্ষাঃ) মাঘ ৩.৫৯। ৩ নামের পূর্ব্বে বা পরে প্রযোজ্য জাতিসম্মানাদিসূচক আর্য্য শর্ম্মা প্রভৃতি পদ, উপাধি। "বিষ্ণুশর্ম্মা, ভীষ্মবর্ম্মা। কথং নিরুপপদ এব চাণক্যো ন আর্য্যচাণক্য ইতি।—মু ৩$\frac{৩}{৩}$। ৪ (ব্যাকরণে) প্রত্যয়বিধায়ক সূত্রে সপ্তম্যন্ত পদ। "পা ৩.১.৯২; ৩.২.১; ৭৮। [°দবিভক্তি (স্ত্রী)—উপপদজন্য বিভক্তি। নমঃপ্রভৃতির যোগে বিভক্তি। "পা ২.৩.১৬, সি।]

উপপন্ন বিণ [উপ+√পদ্+ত(ক্ত)-ক] ১ যুক্তিযুক্ত, যুক্ত। "উপপন্নার্থ মহা ৩.৩৬.২৮। উপপন্নমেতৎ···রাজনি শ ২$\frac{৩}{৩}$। রঘু ১.৬০। বিক্র ২$\frac{৩}{৪}$। ২ অবিরুদ্ধ, বিরোধহীন। "উপপন্নং যুক্তং···বচনম্ গো.রা ৪.৩৬.১৩। উপপন্না হি দারেষু প্রভুতা সর্ব্বতোমুখী শ ৫২৫। ৩ সিদ্ধ, সফল। "সর্ব্বং সখে ত্বয্যুপপন্নমেতৎ কু.স ৩.১২। ৪ উৎপন্ন, জাত। ৫ উপস্থিত প্রাপ্ত। "উপপন্নান্ ভোগানুপাশ্নাতি মহা ১৩ ১৪৪ ৫৭। ভগবন্তমুপপন্নাঃ স্মঃ।—সুশ্রুত ১.২.২। যদৃচ্ছয়োপপন্নেন কল্পয়ন্ বৃত্তিমাত্মনঃ ভ ৯.২.১২। ৬ ঘটিত, সংবৃত্ত। "ভ ৫.১৪.৫। ৭ সপ্রমাণ। "উপপন্নমিদং সুভ্রু জাতায়াঃ কুশিকান্বয়ে ভ ৯.২০.১৫। ৮ সন্নিহিত। "যাজ্ঞ ১.২৩৬। ৯ [+ক্ত-র্ম্ম] সম্পন্ন, সংপ্রাপ্ত, লব্ধ। "অতীন্দ্রিয়েষ্বপ্যুপপন্নদর্শনঃ রঘু ৩.৪১। ১০ যুক্ত, অন্বিত, উপেত। "উপপন্নো গুণৈরিষ্টৈঃ মহা ৩.৫.১। মনু ৯.১৪১। শ্রুতবৃত্ত° শ ৫$\frac{২}{১৮}$। শ্রদ্ধা···বিধিনোপপন্না রঘু ২.১৬।

উপপর্ব্বত বি পর্ব্বতোপমিত স্তূপ; অত্যুচ্চ রাশি। "তার পাশে রুটীরাশি উপপর্ব্বত হৈল চৈ.চ ৯১।

উপপাত পুং [উপ+√পত্+অ (ঘঞ্)-ভা] ১ হঠাৎ আগমন, আকস্মিক সংঘটন। ২ ফলদানোন্মুখত্ব। ৩ নাশ। "কর্ম্মোপপাতে প্রায়শ্চিত্তং তৎকালম্।—কাত্যায়ন।

উপপাতক ক্লী [প্রা.স] অল্প বা গৌণ পাতক; গোবধাদি পাপ। "মনু ১১.৬০-৬৭। যাজ্ঞ ৩.২২৮-২৪১। বিষ্ণু ৩৭.১-৩৩। —পাতকী (-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -কিনী] উপপাতকবান্, গোবধাদিপাপকারী। "মনু ১১.১০৮, ১১৮। বিষ্ণু ৩৭.৩৫।

উপপাদ পুং [উপ+√পদ্+অ (ঘঞ্)-ভা] ১ উপপত্তি, আবির্ভাব, সংঘটন। ২ প্রাপ্তি, সঙ্গতি। ৩ [+√পদ্+ই (ণিচ্)+অ (অচ্) -ভা] সম্পাদন, সাধন। —পাদক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -দিকা; ১ উপপত্তিকারক। ২ (অণিজন্ত) উপপত্তিযুক্ত, যুক্তিযুক্ত। —পাদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ যুক্তি দ্বারা সমর্থন। ২ সম্যক্ প্রতিপাদন বা সপ্রমাণীকরণ। ৩ অভিব্যক্তি (নীলকণ্ঠ)। "মহা ১৪.১৮.১০। ৪ সমীপপ্রাপণ, সন্নিধাপন। ৫ সম্পাদন, সাধন। ৬ স্ফুটীকরণ, স্পষ্টীকরণ। —পাদনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ যুক্তি দ্বারা সমর্থনীয়। ২ প্রতিপাদ্য, প্রমাণার্হ। —পাদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ যুক্তি দ্বারা সমর্থিত। ২ উপনীত, আনীত। "রক্ষঃকপীন্দ্রৈরুপপাদিতানি (জলানি) রঘু ১৪.৮। ৩ কল্পিত, বিহিত। "রঘু ১৫.১৮। ৪ সমর্পিত। "যাজ্ঞ ১.৩১৫। উপায়নানি···পুলিন্দৈরুপপাদিতানি রঘু ১৬.৩২। ৫ কর্ষণাদি-সংস্কৃত। "ক্ষেত্রে কালোপপাদিতে মনু ৯.৩৬। ৬ সম্যক্ সপ্রমাণীকৃত। ৭ সম্পাদিত, কৃত। ৮ প্রাপিত। "মৃগশাবাক্ষী বিশ্বাসমুপপাদিতা গো.রা ৫.৫৭.১২। ৯ যুক্ত। "যথান্যায়ং বেতনেনোপপাদিতম্ মহা ৬.৭৬.৯, ৭.১১২.৬। ১০ যুক্ত, উপযোগীকৃত। "সুযেণমতং কার্য্যং দেশকালোপপাদিতম্ গো.রা ৪.৪৩.৬৬। ১১ চিকিৎসিত। —পাদুক বিণ [+উক (উকঞ্)-ক; স্ত্রী -কা] উৎপত্তিশীল, দৃষ্টকারণ মাতাপিত্রাদি বিনা উৎপন্ন। "দিব্যোপপাদুকা দেবাঃ (অ.কো)। —পাদ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ সর্ব 'উপপাদনীয়'। ২ উৎপাদনীয়। —পাদ্য বি (বাঙ্লায়) জ্যামিতির প্রমাণার্হ সাধ্য বিষয়, প্রতিজ্ঞা (Theorem)।

উপপাপ ক্লী [প্রা.স] অল্প বা গৌণ পাপ; উপপাতক। "উপপাপোদ্ভবা।—শাতাতপ ১৯। °চয় শি ৬৭।

উপপার্শ্ব পুং, ক্লী [প্রা.স] ১ 'পার্শ্বোপগত', স্কন্ধ। ২ বিপরীত পার্শ্ব। "পার্শ্বোপপার্শ্ব মহা ৩.৭১.১৬। ৩ ক্ষুদ্রতর পঞ্জরাস্থি।

উপপীড়ন ক্লী [উপ+√পীড্+অন (ল্যুট্)-ভা] ১ অতিপীড়ন, ক্লেশন, সম্বাধা। "ব্যাধিভিশ্চোপপীড়নম্ মনু ৬.৬২; ১২ ৮০। ২ পীড়া, ব্যথা। —পীড়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অতিপীড়িত, পরীত, পরিক্লিষ্ট। "ক্ষুত্তৃষ্ণোপপীড়িত।—মনু ৮.৬৭। ২ ব্যথিত।

উপপুর ক্লী [প্রা.স] পুরোপগতস্থান, শাখানগর (অ.চি)। —পুরী স্ত্রী পুরীসমীপস্থ পুরী। "ভ ৪.২৫.২৬। [°পৌর (বিণ)—উপপুরস্থ, শাখানগরীয় (suburban)।

উপপুরাণ ক্লী [প্রা.স] অষ্টাদশ গৌণপুরাণ—সানৎকুমার, নারসিংহ, স্কান্দ (বায়বীয়), শিবধর্ম্ম, দৌর্ব্বাসস, নারদীয়, নন্দিকেশ্বর, ঔশনস, কাপিল, বারুণ, শাম্ব, কালিকা, মাহেশ্বর, কল্কী, দৈব (দেবীপুরাণ), পারাশর, মারীচ, ভাস্কর (সৌর)-পুরাণ (কূর্ম্মপুরাণ)। [মতান্তরে—মানব, ব্রহ্মাণ্ড ও ভাগবত পুরাণ।]

উপপ্রদান ক্লী [উপ-প্র+√দা+অন (ল্যুট্)-ভা] ১ সমীপদান, সমর্পণ। ২ সামাদি উপায়ের একতম। "সাম চোপপ্রদানং চ ভেদো দণ্ডশ্চ সর্ব্বশঃ গো.রা ৫.৮১.৩৭। উপপ্রদানৈঃ সন্ধিরেব কার্য্যং।—পঞ্চ (S.W.)। ৩ [+অন-র্ম্ম] সমীপে দেয় বস্তু মাত্র, ভক্ষ্যাদি। "উপপ্রদানৈর্ম্মার্জ্জারো হিতকৃৎ প্রার্থ্যতে জনৈঃ।—পঞ্চ ১.১০৪। ৪ উপহার ৫ উৎকোচ, ঘুশ। "উপপ্রদানং লিপ্সু নামেকং হ্যাকর্ষণৌষধম্ ক.সা ২৪ ১১৯।

উপপ্রলোভন ক্লী [উপ-প্র+√লুভ্+ই (ণিচ্)+অন (ল্যুট্) -ভা] ১ সম্যক্ প্রলোভন; লোভোৎপাদন। "অমুষ্য চোপপ্রলোভনায় (দশকুমার)। ২ [+অন-ণ] প্রলোভনসাধন বস্তু; উৎকোচাদি। উচ্চাবচান্যুপপ্রলোভনানি (দশকুমার)।

উপপ্রাপ্ত বিণ [উপ-প্র+√আপ্+ত (ক্ত)-র্ম্ম] সমীপপ্রাপ্ত, সমীপাগত। "গো.রা ৩.৭৫.১৭।

উপপ্রেক্ষণ ক্লী [উপ-প্র+√ঈক্ষ্+অন (ল্যুট্)-ভা] উপেক্ষা, অবহেলন। "উপপ্রেক্ষণজো ধর্ম্মঃ মহা ১.২১৩.১৬।

উপপ্লব পুং [উপ+√প্লু+অ (অপ্)-ভা] ১ সমীপে প্লবন বা লম্ফ। ২ সমীপাগমন। ৩ উপরোধ, বেষ্টন, আবরণ। "অমেধোপপ্লব (সুশ্রুত)। ৪ গ্রহণ, উপরাগ। "°গতং সূর্য্যম্ গো.রা ২.৬৫.২

°বিনির্মুক্ত ক.সা ১৬.১০৫। বিক্র ১.১০। ৫ উল্কাপাতাদিরূপ উৎপাত ; উপদ্রব। "উপপ্লবায় লোকানাম্ কু.স ২.৩২। ৬ বায়ুদাবানলাদি বাধক (পীড়াকর) বিষয়। "বায়্বাদিরুপপ্লবঃ রঘু ৫.৬। বন° পু.মে ১৭। ৭ বিঘ্ন, বাধ। "নিরুপপ্লবঃ শমসুখানুভবঃ কি ৬.২১। রঘু ২.২৮। গলিতবিবিধ° (S.W.)। ৮ বিপদ্। "উপপ্লবাস্ত কু.স ৪.৪৬। ৯ অন্তক, অন্তকর। "তত্ত্বাববোধস্য...উপপ্লবৌ।—কি ১০২০। ১০ রাষ্ট্রবিপ্লব, অরাজকতা। "দুর্ভিক্ষে চাপ্যুপপ্লবে (কূর্ম্মপুরাণ)। ১১ দুর্নিমিত্ত, দুর্লক্ষণ। ১২ রাহু। —প্লবী (-বিন্) বিণ [°প্লব+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -বিনী] ১ উপপ্লবযুক্ত, ভয়ান্বিত। "নৃপা ইবোপপ্লবিনঃ পরেভ্যঃ রঘু ১৩.৭। ২ গ্রহণযুক্ত, উপরক্ত। ৩ ক্লেশযুক্ত, বাধিত, প্লাবনপীড়িত। —প্লুত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ উপদ্রুত, বিপ্রকৃত, উৎপীড়িত। "চৌরৈরুপপ্লুতে গ্রামে মনু ৪ ১১৮। রঘু ১০.৫। ২ পীড়িত। "উপপ্লুতমযোঘেন রা ২.৭.১৪। হি ৪ ৯১। ৩ ব্যাপ্ত। "ভ ৫.৬ ১২। ৪ পীড়িত, গ্রস্ত। "শশী...গ্রহেণোপপ্লুতঃ রা ২ ৪০.৩০। ৫ রাহুগ্রস্ত। "উপপ্লুতমিবাদিত্যম্ রা ২.১৮.৬। ৬ ক্ষুভিত। "কামাম্বুজেন ...ত উপপ্লুতাক্ষাঃ ভ ৩.১৫.৩১। ৭ প্লাবিত। ৮ [+ত-ক] বিপৎপ্রাপ্ত, বিপন্ন, দুর্গত। "ভবতো দ্যূতদোষেণ সর্ব্বে বয়মুপপ্লুতাঃ মহা ৩.৫২.১৩। ৯ নিমগ্ন (শ্রীধর)। "সমুদ্রোপপ্লুতাস্তত্র লোকাঃ ভ ৮.২৪.৭।

উপবক্তা (-ক্তৃ) পুং [উপ+√বচ্+তৃ (তৃচ্)-ক-১ব] ১ যজ্ঞে ঋত্বিগ্বিশেষ ; ব্রহ্মা। ২ সদস্য।

উপবঞ্চিত বিণ [উপ+√বন্চ্+ত (ক্ত)-র্ম্ম] প্রতারিত, ত্যক্ত। "বয়ম্...ত্বয়াহ্যুপবঞ্চিতাঃ রা ২.৫২.১৯।

উপবন ক্লী [বনকে উপগত (অ.টী), প্রা.স] ১ বনসদৃশ রোপিতবৃক্ষ-যুক্ত কৃত্রিম বন ; আরাম, কৃত্রিমোদ্যান। "মনু ৯.২৬৫। "°বৃত্তি পূ মে ২৪। সাকেত° রঘু ১৩.৭৯ ; ১৬.২৬। চৈ.চ ১৫৭। বনে উপবনে। —গান ১৭৫। ২ রোপিতবৃক্ষসমূহ। "ভ ১.৬.১১। ৩ পুষ্পপ্রধান বন। "ভ ১.১১.১৩। ৪ উদ্ভিজ্জসমূহমাত্র। "নলিন্যুপবনে গো রা ৩.৭৯.৪৫।

উপবন্ধ পুং [উপ+√বন্ধ্+অ (ঘঞ্)-ভা] ১ বন্ধনদৃঢ়ীকরণার্থ তৎসমীপে অন্যবস্তুবন্ধন (ত.বা)। ২ রতিবন্ধবিশেষ। "চৌরপঞ্চাশিকা ৪৪। ভা.চ ৬৫৩। ৩ [+অ-র্ম্ম] প্রত্যয়।

উপবর্ণ বি অপ্রধান বর্ণ, ব্রাহ্মণাদিভিন্ন বর্ণ ; উপজাতি। "অ.প ১৪০।

উপবর্ণন ক্লী [উপ+√বর্ণ+অন (ল্যুট্)-ভা] সবিস্তর বর্ণন ; সবিশেষ কথন। "দানচ্ছেদ° যাজ্ঞ ১.৩২০। অতিক্রান্ত° হি ১২৭৮/১২৯। —বর্ণিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সবিস্তর কীর্ত্তিত ; বিবৃত। "গো.রা ১.৭৪.১১। মাহাত্ম্যম্...উপবর্ণিতম্ মহা ১.২.৮৯। ভ ১.১৮.৯।

উপবর্ত্তন ক্লী [উপ+√বৃৎ+অন (ল্যুট্)-ধি] ১ জনপদ, জন-পদের একাংশ। ২ রাজ্য। ৩ ব্যায়ামস্থান। ৪ (ণিজন্ত) উপস্থাপন।

উপবর্হ পুং, **-বর্হণ** ক্লী [উপ+বৃহ্+অ (ঘঞ্), +অন (ল্যুট্), -ণ] উপধান, বালিশ্। "বাহৌ স্বসিদ্ধে হ্যুপবর্হণৈঃ কিম্ ভ ২.২.৪। সোপবর্হ মাঘ ২.৭৭, মল্লিনাথ।

উপবসথ পুং [উপ+√বস্+অথ-ধি, উ ৩.১১৬] ১ বাসস্থান, গ্রাম। ২ [বৈদিক] যাগের পূর্ব্বদিন। "ঐতরেয় ব্রাহ্মণ ৭.৫.৬। —বসন, —বস্ত ক্লী [+অন (ল্যুট্)-ভা ; √বস্ (স্তম্ভে)+ত (ক্ত)-ভা] উপবাস, অনশন। "°ন পা ৬.৩.১০৯, কাশিকা। "°স্ত (অ.কো)। —বস্তা (-স্তৃ) পুং [+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী -স্ত্রী] উপবাসকারক। —বাস পুং, ক্লী [+অ (ঘঞ্)-ভা ; অর্দ্ধর্চাদি] ১ অহোরাত্র ভোজনা-ভাব ; অনশন, উপাস। "ব্রতোপবাসনিরতা রা ২.২৪.২৫। মনু ২.১৮৮। যাজ্ঞ ৩.১৯০। ২ প্রায়শ্চিত্তার্থ বিহিত দ্রব্যমাত্রভোজন ও ইতর-ভোজননিবৃত্তি। "°কৃশ মনু ১১.১৯৬। ৩ [+√বস্+ই (ণিচ্)+অ (অচ্)-ভা] অগ্ন্যাধান, বিধিপূর্ব্বক অগ্নিস্থাপন। ৪ (বাঙ্লায় ; অপ্র) প্রাণধারণযোগ্য অন্নাদিভোজনত্যাগ। "বেঙচের ফল খায়্যা করি উপবাস ক.চ ৬৮। ['উপবাস' শব্দের অক্ষরার্থ 'নিকটে বাস' ; প্রাচীন শাস্ত্রে 'উপবাস' শব্দের এই অর্থ। "এতৎ কৃত্বোপবসতি" (আপস্তম্ব-গৃহ্যসূত্র ১.১৪.১৬)—শ্বো যাগার্থোঽগ্নিসমীপে নিয়মবিশিষ্টো বাস উপবাসঃ (ভাষ্যকার), অর্থাৎ আগামিদিনে যাগার্থ অগ্নিসমীপে নিয়ম-পালনপূর্ব্বক বাস 'উপবাস'। শতপথব্রাহ্মণে, ঐতরেয়ব্রাহ্মণে, শ্রৌত-সূত্রে 'উপবাস' শব্দের এই অর্থ, 'অনশন' নহে। কারণ, ব্রতোপযোগী আহারের ব্যবস্থা সর্ব্বত্রই আছে (পত্নীযজমানৌ ব্রত্যমশ্নীয়াতাম্—কাত্যায়ন)। তু "উপাবৃত্তস্য পাপেভ্যো যস্তু বাসো গুণৈঃ সহ। উপবাসঃ স বিজ্ঞেয়ো ন শরীরবিশোষণম্ (গোভিলগৃহ্যসূত্রভাষ্য)॥" শব্দকল্পদ্রুমে, চতুর্থ পাদ—"সর্ব্বভোগবিবর্জ্জিতঃ"। বোধ হয়, ইহা হইতে ক্রমে 'অনশন' অর্থ আসিয়াছে। দ্র 'বিধুশেখর ভট্টাচার্য্য কর্ত্তৃক বাঙ্লায় অনূদিত "শতপথব্রাহ্মণ", ১৭৬ পৃষ্ঠ, ৩৩ টীকা।] —বাসক পুং [°স+ক (কন্) স্বার্থে] উপবাস। "মহা ৩.২০৪.২০। যাজ্ঞ ৩.৩১৫। —বাসী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -সিনী] উপবাস-কারী, অনাহারী। "দিবোপবাসী নিশামিষাশী, জটাধরঃ সন্ কুলটাভি-লাষী। অয়ং কষায়ারুণচারুদণ্ডঃ শঠাগ্রণীঃ সর্পতি বিশ্বভাণ্ডঃ॥ —হাস্যার্ণব। ম ২১০।

উপবাহী (-হিন্) বিণ [উপ+√বহ্+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -হিনী] সমীপে প্রবহমাণ (নদী)। "মহা ১.৬৩.৩৫। —বাহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] সমীপে বহনীয় বা প্রাপণীয়। বিপ 'অপবাহ্য'। "উপবাহ্যস্তু বো ভর্ত্তা নাপবাহ্যঃ পুরাদ্ বনম্ রা ২.৪৫.১৬।

উপবিদ্যা স্ত্রী [প্রা.স] হীনবিদ্যা, ভূতঝাড়ান হাতচালা ইত্যাদি।

উপবিষ পুং [প্রা স] 'বিষসদৃশ', ক্ষীর, স্নুহীক্ষীর, কলিহারিকা, করবীর ও ধুস্তূর এই পঞ্চ গৌণ বিষ। —বিষ ক্লী কৃত্রিমবিষ। —বিষা স্ত্রী অতিবিষা, আতৈচ্।

উপবিষ্ট বিণ [উপ+√বিশ্+ত (ক্ত)] ১ কৃতোপবেশন, আসীন। "জনমধ্য°, সূপবিষ্ট, হর্ম্ম্যতল°। সুখ° রা ১.৫২.৬। হি $\frac{৪৭}{৪৮}$ (কথা-রম্ভ)। সী ৩। ২ স্থিত, অবস্থিত। "প্রায়°।—মহা ৩.২৫০.১ ; ২৭। ৩ সমীপে আসীন। ৪ অধ্যাসীন, গত। "উপবিষ্টাঃ...প্রায়ম্ রা ৪.৫৬.১ ; ৫৭.২। ৫ শায়িত (মিতাক্ষরা), নিবৃত্ত, বিরত। "যাজ্ঞ ২.১৬৩। বিষ্ণু ৫.১৪৪।

উপবীত ক্লী [উপ+√বী+ত (ক্ত)-ক (অ টী) ; উপ+√ব্যে+ত —শ্রুতৌ উপব্যয়তে ইতি শ্রবণাৎ (ত.বা) ; ছান্দস] ১ বাম স্কন্ধে স্থাপিত ও দক্ষিণ কক্ষে অবলম্বিত সূত্র ; যজ্ঞসূত্র, পৈতা। "মনু ২.৪৪। রঘু ১১.৬৪। কৃত° মাঘ ১.৭। উপবীত, সীতিম রঙ্গ জ.প ৩। উপবীতাকারে ব প্র ১৪৯। [উপবীত—বাসবিন্যাসবিশেষ, (তদ্ধর্ম্মতা হেতু) যজ্ঞসূত্র (মেধাতিথি)। শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্মে দুই গ্রন্থি উপবীত এবং উত্তরীয়াভাবে এক গ্রন্থিধারণের বিধি আছে। বিপ্রের কার্পাস-সূত্রের, ক্ষত্রিয়ের শণসূত্রের ও বৈশ্যের মেষলোমের উপবীত বিহিত (মনু ২.৪৪)। উপবীত গ্রন্থিত্রয়যুক্ত। 'যজ্ঞোপবীতে দ্বে ধার্য্যে শ্রৌতে স্মার্ত্তে চ কর্ম্মণি। তৃতীয়মুত্তরীয়ার্থং বস্ত্রালাভেঽতিদিশ্যতে॥—আহ্নিকতত্ত্ব।] ২ উপবীতসদৃশ নিবেশিত বস্ত্র। 'ন কেবলং যজ্ঞসূত্রস্যৈব তথাত্বং (উপবীতত্বম্) তথানিবেশিতস্য বস্ত্রস্যাপি তথাত্বম্ (ত.বা)। ৩ উপবীতরূপে ধৃত বস্তুমাত্র (মুক্তা, সর্প)। "ব্যালযজ্ঞ° মহা ১৩.১৪.৩৮৭। মুক্তাযজ্ঞ° কু.স ৬.৬। —বীতী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -তিনী ; ছান্দস] ১ উপবীতবান্, যে দ্বিজ বাম স্কন্ধে ন্যস্ত ও দক্ষিণ কক্ষে অবলম্বিত উপবীত ধারণ করেন।

'উদ্ধৃতে দক্ষিণে পাণাবুপবীত্যুচ্যতে দ্বিজঃ মনু ২.৬৩। ২ উপবীতবৎ উত্তরীয়াদিধারী। "নাগযজ্ঞ° মহা ১৩.১৪.১৫৫। মনু ২.৬৩, কুল্লুক।

উপবৃংহণ ক্লী [উপ+ √বৃংহ্+অন (ল্যুট্)-ভা] ১ বৃদ্ধি, উপচয়। ২ তত্ত্বার্থতাৎপর্য্যগ্রহণ। "বেদোপবৃংহণ রা ১.৪.৬। —বৃংহিত বিণ [+ √বৃংহ্+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম্ম] ১ বর্দ্ধিত। "রজঃসত্ত্ব° (মহৎ)। —ভ ২.৫.২৩; শক্তি° ৯.২৬। ২ বহুলীকৃত, বিস্তারিত। "নানাখ্যান° (ঈশকথা) ভ ২.১০.৫। ৩ সংবর্দ্ধিত, শ্লাঘিত। "সাধুবাদ° ভ ৩ ১.৪। ৪ সহিত। "সর্ব্বসত্ত্ব° ভ ৩.৬.৬। ৫ দৃঢ়ীকৃত। "সত্য° (বচন) রা ২.৩০.৩১।

উপবৃক্ষ বি বৃক্ষে উপজাত বৃক্ষ; পরগাছা (parasite)। "অশ্বত্থ-পাদপজাত উপবৃক্ষ মত ন ৪৩৬।

উপবেদ পুং [প্রা.স] গৌণবেদ; আয়ুর্ব্বেদ ধনুর্ব্বেদ গান্ধর্ব্ববেদ ও তন্ত্র (শু ৪.৩.২৭); (মতান্তরে) চতুর্থ বেদ—শস্ত্রশাস্ত্র (ত.বা), স্থাপত্যবেদ বা বিশ্বকর্ম্মশাস্ত্র (ভ ৩.১২.৩৮)।

উপবেশ পুং [উপ+ √বিশ্+অ (ঘঞ্)-ভা; ছান্দস] ১ আসন-গ্রহণ; উপবেশন, বসা। ২ স্থিতি, অবস্থান। "প্রায়° গো.রা ৫.৩২.২৫। ৩ সমীপে স্থিতি বা বাস। "সমুদ্র° গো.রা ৫.৯২ (সর্গশেষে)। —বেশন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'উপবেশ (১)। ২ স্থিতি, অবস্থান। "প্রায়° মহা ৩.২৫০.১৫। রঘু ৮.৯৪। ৩ সর্ব 'উপবেশ (৩)। "প্রায়° রা ১.৩.২৬। ৪ [+ √বিশ্+ই (ণিচ্)+অন-ভা] নিবেশন, নিধান, উপস্থাপন। —বেশিকা স্ত্রী [+ √বিশ্+অক (ণুল্)-ভা+স্ত্রী আ (টাপ্)] উপবেশন। "প্রায়° ভট্টি ৭.৭৬। —বেশিত বিণ [+ √বেশি+ত (ক্ত)-র্ম্ম] ১ আসিত, কারিতোপবেশন। "অর্দ্ধাসন° শ ৭২ৃ। ২ নিবেশিত, নিহিত, উপস্থাপিত। —বেশী (-শিন্) বিণ [+ √বিশ্+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -শিনী] ১ উপবেশক। ২ অবস্থিত। "প্রায়োপবেশিনঃ (S.W.)। ৩ উপবেশ (মলত্যাগবেগ)-যুক্ত (চরক—M.W.)।

উপব্রাহ্মণ বি [অপ্র] পতিত ব্রাহ্মণ, বর্ণের ব্রাহ্মণ (?)। "উপ-ব্রাহ্মণের তরে দিয়া বহু তঙ্কা (আনন্দে বঞ্চয়ে সাধু) ম.পা ১৭৯।

উপভাষা স্ত্রী [প্রা.স] অপ্রধান (কথ্য) ভাষা, বিভাষা।

উপভুক্ত বিণ [উপ+ √ভুজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতোপভোগ। "°নবযৌবন (S.W.)। ভুমিরুপভুক্তা ক.সা ১৮.৭। ২ ভক্ষিত, আস্বাদিত। "অর্দ্ধোপভুক্তেন বিসেন কু.স ৩ ৩৭। ৩ পরিহিত, ধৃত (বস্ত্রমাল্যাদি)। "উপভুক্তম্···বাসঃ গো রা ৩৩৭.১৯। ৪ সেবিত। ৫ ব্যবহৃত। —ভুক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] উপভোগ, ভক্ষণ, সেবন। —ভুজ্যমান বিণ [+মান (শানচ্)-র্ম্ম] যাহা উপভোগ করা যাইতেছে, তাদৃশ (অর্থাদি)। "অনুপভুজ্যমানশ্চ (অর্থঃ) নিষ্প্রয়োজন এব হি ২৬ৢ। —ভোক্তা (-ক্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব, স্ত্রী -ক্ত্রী; ছান্দস] উপভোগকারক, ভোক্তা। —ভোগ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ মাল্যচন্দনাদি-বিষয়ভোগ; নির্ব্বেশ। "সুরত° (S.W.)। কামানামুপভোগেন মহা ১.৮৫.১২; মনু ২.৯৪। কাম° গী ১৬.১১। উপভোগ দূর কৈলে রূপ নাশ যার ক.চ ১৩৮। ২ বৃক্ষের ফলপুষ্পপত্রাদির ভোগ। ৩ ভোজন, ভক্ষণ। "শুষ্কমাংস° ক.সা ৮.২৩। ৪ ভোগ, ফলপ্রাপ্তি। "কর্ম্ম° যাজ্ঞ ৩.১৬৯। ৫ অর্থাদির স্বকার্য্যে বিনিয়োগ বা ব্যবহার। "যাজ্ঞ ২.১৭৪। °বিহীনেন ধনেন হি ১.১৬৭। ৬ আত্মসাৎকরণ। "পা ১.৩.৬৬, তত্ত্ববোধিনী। ৭ সম্ভোগ, সুরতভোগ। "প্রিয়োপভোগচিহ্ন।—রঘু ১২.২২; °উৎসুকা ১৪.২৪। ৮ সংযোগ, বিন্যাস, অর্পণ। "চরণোপভোগসুভগো লাক্ষারসঃ (পাঠান্তর) শ ৪.৫। ৯ বিষয়ভোগ। "কামরসে হইলা ভোল, মরণ করিলা উপভোগ গো.বি ১২২। ১০ বিষয়সেবাজন্য সুখ (ত.বা)। "°ক্ষমং গ্রীষ্মসময়ম্ শ ১ৡ। ১১ [+অ-র্ম্ম] ভোগ্য বস্তু; মাল্যচন্দনাদি, বিষয়মাত্র। "°সম্পন্ন, নিরুপভোগ (S.W.)। বনং দিব্যোপভোগবৎ।—রা ২.৯১.৩১। —ভোগী (-গিন্) বিণ [°গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -গিনী] উপভোগবান্, ভোগকারী। "ব্রাহ্মণস্বোপভোগী মহা ৩.১৯০.৫৮। —ভোগ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ উপভোগার্হ, ভোগযোগ্য। "দৈব° মহা ১.৬৩.১৩। নাগবধূ° কু.স ১.২০। কিঞ্চিৎ কাল° (যৌবন, ধন)।—পঞ্চ ২.১২০। ২ ভক্ষ্য, খাদ্য। "সঞ্জীবকোঽস্মাকমুপভোগ্যো ভবিষ্যতি (পঞ্চ)। ৩ পেয়, পানযোগ্য। "জলান্যুপভোগ্যানি রা ৩.১৬.৫। —ভোগ্য ক্লী ১ উপ-ভোগার্হ দ্রব্যমাত্র। "উপভোগ্যানি স্ত্রিয়ো রত্নধনাদি চ মহা ১.২০৪.২০। ২ ভোজ্য, খাদ্য (A.)। —ভোজী (-জিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -জিনী] উপভোগকারী, উপভোক্তা। —ভোজ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ভোজনার্হ দ্রব্য; ভোজ্য। "নৃপোপভোজ্য মহা ১৪.৮৫ ৪২।

উপভূষণ ক্লী [প্রা.স] অপ্রধান (গৌণ) ভূষণ; (কালিকার) ঘণ্টা-চামরাদি। "ঘণ্টাচামরকুম্ভাদি পাত্রোপকরণাদিকম্। তদ্ ভূষণান্তরে দদ্যাদ্ যস্মাৎ তদুপভূষণম্॥—কালিকাপুরাণ।

উপভৃত বিণ [উপ+ √ভৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ সমীপে ধৃত; সমর্পিত (শ্রীধর)। "ভ ২ ৭ ২২। ২ সংবর্দ্ধিত। ৩ সঞ্চিত (শ্রীধর)। "উপ-ভৃতঃ তেজঃ ভ ৮.১৫.২৮।

উপম বিণ [উপ+ √মা+অ (ক)-ক; 'উপম'—উপমেয় (ঋগ্বেদ)] সদৃশ, সম। "বাসব°, স্বর্গ°। [সমাসে উত্তরপদ]। ["প্রতীকাশো-পমাদয়ঃ" (অ কো)—সন্ধিচ্ছেদে, 'উপম' 'উপমা' দুইই সম্ভব হইলেও, বাচ্যলিঙ্গতা হেতু 'উপম' শব্দই সুসঙ্গত, এবং 'বাসবোপম' নিত্যসমাস-সিদ্ধ; 'উপমা' ধরিলে, বহুব্রীহি সমাস করিতে হয়। দ্র 'উপমা (৪)।]

উপমন্ত্রণ ক্লী [উপ+মন্ত্র্+ √অন (ল্যুট্)-ভা] ১ কর্ত্তব্যকরণার্থ প্রার্থনাপূর্ব্বক প্রবর্ত্তনা; কর্ত্তব্য কর্ম্মে নিয়োগ। ২ উপচ্ছন্দন, খোসামুদী। "পা ১.৩.৪৭। ৩ আহ্বান। —মন্ত্রিত বিণ [ত+(ক্ত) -র্ম্ম]। ১ আহূত, কৃতাহ্বান। "মৈথুনায়োপমন্ত্রিতা ভ ১০.১৬। ২ প্রার্থিত। "দেবী কীচকেনোপমন্ত্রিতা।—মহা ৪ ১৫.৯। ৩ প্রসাদিত। "প্রতিজ্ঞায়াভিষেক্তাস্মি ত্বত্বামিত্যুপমন্ত্রিতম্ গো.রা ২.৬১.৬।

উপমন্ত্রী (-ন্ত্রিন্) পুং [প্রা.স] অপ্রধান বা সহকারী মন্ত্রী।

উপমন্যু পুং আয়োদধৌম্যের শিষ্য ঋষিবিশেষ। "মহা ১.৩.২২।

উপমর্দ্দ পুং [উপ+ √মৃদ্+অ (ঘঞ্)-ভা] ১ আলোড়ন, বিঘট্টন, মর্দ্দন। ২ নিষ্পীড়ন, ডলন-মলন। "°সহাসু···সুমনোলতাসু সা.দ ৩২ৢ৬ৡ। ৩ হিংসন, বিনাশ। ৪ ধান্যাদিনিষ্ফলীকরণ, ধানমলা। ৫ নিস্তুষীকরণ, ধান ভানা (A)। ৬ (ব্যাকরণে) পূর্ব্বধর্ম্মবিনাশ-পূর্ব্বক ধর্ম্মান্তরোৎপাদন (ত.বা)। যথা 'অস্'-স্থানে 'ভূ' ইত্যাদি। ৭ সম্ভোগকালীন চুম্বনালিঙ্গনাদি। "ক.সা ২০.৭৩। ৮ নিন্দা, অপবাদ। "লোকোপমর্দ্দভীত ক.সা ১২.১৪৩। —মর্দ্দক বিণ [+অক (ণুল্)-ক; স্ত্রী -র্দ্দিকা] ১ বিলোড়ক, অতিমর্দ্দক, নিপীড়ক। ২ হিংসক, নাশক। ৩ উপঘাতক, বিলোপক। "ক.সা ৭.১২। —মর্দ্দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্ব 'উপমর্দ্দ (১-৩)।

উপমা স্ত্রী [উপ+ √মা +অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্); বৈদিক] ১ উপমান, তুলনা, সদৃশীকরণ। "°দ্রব্য কু.স ১.৪৯। স্ফুটোপম মাঘ ১.৪। ২ (অলঙ্কারশাস্ত্রে) অর্থালঙ্কারবিশেষ। [একধর্ম্মবিশিষ্ট (একরূপগুণক্রিয়াদিযুক্ত) ভিন্নজাতীয় বস্তুদ্বয়ের (উপমান ও উপমেয়ের) সাধর্ম্ম্যকথন বা সাদৃশ্যবর্ণনকে 'উপমা' (Simile) অলঙ্কার কহে। 'সাধর্ম্ম্যমুপমা ভেদে কা.প্র ১০.৮৭। সা.দ ১০.১৪।] ৩ গবাদিসাদৃশ্য-

জ্ঞানরূপ অনুভববিশেষ (ত.বা)। **৪** [+অ-ণ] যাহা দ্বারা উপমিত হয় ; উপমান। "বুধোপম রঘু ১৪৭। বাসবোপম কি ১.৩৫। **৫** দৃষ্টান্ত। "যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপমা স্মৃতা গী ৬.১৯। —মাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] **১** উপমান-কারক (যে তুলনা করে)। **২** প্রতিমাকারক, চিত্রকর। —মান ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** সাধর্ম্ম্যকথন, তুলনা, উপমা। "°বাহু কু.স ১.৩৬। কণ্ঠে কনকহার, হীরার গাঁথনি তার, কার সঙ্গে দিব উপমান ক.চ ৫৮। তার উপমান দিতে স্থান তবে বুঝি হয়। যদি এককক্ষণে কোটি ঘনে গভীর গর্জ্জয় ॥—ব.প ৬০০। **২** (ন্যায়ে) প্রসিদ্ধ বস্তুর সাদৃশ্য হেতু সাধ্য বস্তুর সিদ্ধি (জ্ঞানরূপ সাধন) ; সাদৃশ্যজ্ঞান। যেমন, প্রসিদ্ধ 'গোরু'র সাদৃশ্যে অপ্রসিদ্ধ সাধ্যবস্তু 'গবয়ে'র জ্ঞান। **৩** [+অন-ণ] যাহা দ্বারা অন্য বস্তুর (উপমেয়ের) সাধর্ম্ম্যবিষয়ে জ্ঞান হয় ; সামান্যজ্ঞানসাধন, সাধারণধর্ম্ম, সাদৃশ্যানুযোগী বস্তু—যেমন, মুখ-সাদৃশ্যে চন্দ্রপদ্মাদি। "পা ২.১.৫৫। তার উপমান মরুত্বান্ পবনেরে দেখি কৃ ১৯৮। জিনি উপমানগণ...কৃষ্ণকান্তি পরম প্রবল চৈ চ ৩৩৩। **৪** নিদর্শন, দৃষ্টান্ত। "এতাবদেব পর্য্যাপ্তমুপমানম্।—মহা ৩.৩১.৩৩। —মিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** সাদৃশ্য হেতু পরিচ্ছিন্ন ; তুলিত। যেমন, 'চন্দ্রমুখ' শব্দের 'মুখ' উপমিত। **২** সদৃশ, সম। —মিত ক্লী উপমেয়। "পা ২.১.৫৬। —মিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** সাদৃশ্যকথন, উপমান, তুলনা। "তদাননস্যোপমিতৌ দরিদ্রতা নৈ ১.২৪। পল্লবোপমিতিসাম্য (সা.দ)। **২** (ন্যায়ে) সাদৃশ্যজ্ঞানজন্য (সাদৃশ্যজ্ঞান দ্বারা লব্ধ) বোধবিশেষ (যেমন, গোসাদৃশ্যজ্ঞানে গবয়ের বোধ) ; সাদৃশ্যজ্ঞানকরণক জ্ঞান (ভাষাপরিচ্ছেদ ৫২)। **৩** সাদৃশ্য, সমতা। **৪** উপমালঙ্কার। —মেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] যাহাকে উপমা দেওয়া যায় ; সাদৃশ্যহেতু পরিচ্ছেদ্য ; তুলনীয়, উপমার্হ। "°কান্তি রঘু ৬.৪ ; ১৮.৩৭। কু.স ৭.২। —মেয় ক্লী উপমার্হ বস্তু, তুলনীয় দ্রব্য। যেমন 'মুখচন্দ্র' শব্দে 'মুখ' উপমেয়। বিপ 'উপমান' [উপমাদ্রব্য (ক্লী)—সাদৃশ্যকথনের দ্রব্য—চন্দ্রপদ্মাদি ; উপমানবস্তু। "কু.স ১.৪৯।]

উপমাতা (-তৃ) স্ত্রী [প্রা.স] **১** অপ্রধানমাতা, ধাত্রী। "হৈল ছয় উপমাতা, ছয়মুখে দিল স্তনপান ক.চ ২৮। **২** মাতৃতুল্যা মাতৃস্বস্রাদি। "মাতৃষ্বসা মাতুলানী পিতৃব্যস্ত্রী পিতৃষ্বসা। শ্বশ্রূঃ পূর্ব্বজপত্নী চ মাতৃতুল্যা প্রকীর্ত্তিতাঃ ॥"—বৃহস্পতি।

উপমিঅ বি [সং উপমিত > প্রা উবমিঅ, -য় (প্রা.ম) ; বৈষ্ণবসাহিত্যে] সদৃশ। "উপমিঅ আনন নীরজ পঙ্কজ বি.সা ২২০।

উপযন্তা (-ন্তৃ) পুং [উপ+ √যম্+তৃ (তৃচ্) -ক -১ব] বিবাহ-কর্ত্তা, পতি। "রঘু ৭১। কু.স ৫.৪৫। —যম পুং [+অ (অপ্) -ভা] **১** স্বকরণ, স্বীকার। "পা ১.৩.৫৬। **২** ভার্য্যাস্বীকার, বিবাহ। "কন্যা ত্বজাতোপযমা (সা.দ)। **৩** সংযম, নিগ্রহ। —যমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** সর্থ 'উপযম'। **২** বহ্নির অধঃস্থাপন। **৩** [+অন-ণ] বন্ধনসাধন কুশাদি। —যাম পুং [+অ (ঘঞ্)-ভা] সর্থ 'উপযম'।

উপযন্ত্রিত বিণ [উপ+ √যন্ত্র্+ত (ক্ত)-র্ম্ম] অভ্যর্থিত, প্রার্থিত। "মনু ১১.১৭৮।

উপযাচক বিণ [উপ+ √যাচ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -চিকা] **১** সমীপে আগমনপূর্ব্বক যাচ্ঞাকারক ; প্রার্থী। **২** (বাঙ্‌লায়) যে বিনা আহ্বানে বা অজিজ্ঞাসিতভাবে কিছু করে ; স্বতঃপ্রবৃত্ত, উপর-পড়া। "গোবিন্দলাল আপনি উপযাচক হইয়া, উইলখানি লইয়া তাহাতে সাক্ষীস্বরূপ স্বাক্ষর করিলেন ব.প্র ২৯৯। —যাচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] 'সমীপে যাচন ; যাচ্ঞা', প্রার্থনা। "সত্যোপযাচন। —রা ২.৬৮.১৬। —যাচিকা বিং **১** (বাঙ্‌লায়) স্বতঃপ্রবৃত্তা, উপর-পড়া। "মনোরমা কখনও তাঁহার সহিত উপযাচিকা হইয়া কথা কহিতেন না ব.প্র ১৩২। **২** যে নারী স্বতঃপ্রবৃত্তা হইয়া পরপুরুষের প্রণয় প্রার্থনা করে। —যাচিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] প্রার্থিত, অভ্যর্থিত। "রঘু ১৩.৫২। —ত ক্লী [+ত-ভা] **১** ইষ্ট-সিদ্ধার্থ দেবতার নিকটে প্রার্থনা ; মানসিক করা। "তস্যোপযাচিতান্যেতা তত্রত্যাঃ কুর্ব্বতে জনাঃ ক.সা ১৩.১৬৬। **২** উপযাচন। **৩** ইষ্টসিদ্ধার্থ দেবতাকে দেয় বলি—পশু-প্রভৃতি, দিব্যদোহদ। "উপযাচিতং ' স্ত্রীরত্নমুপহর্ত্তব্যম্ মা.মা ৫$\frac{৪}{৫}$। পঞ্চ ১ ১৪, উপযাচিতদানেন যতো দেবা অভীষ্টদাঃ ২.৫১। —যাচিতক ক্লী [°ত+ক (কন্) স্বার্থে] **১** সর্থ 'উপযাচিত (১)। "কাদ ১২৮। **২** সর্থ 'উপযাচিত (৩)। "সিদ্ধায়তনানি কৃতবিবিধদেব-তোপযাচিতকানি (কাদম্বরী)।

উপযাত বিণ [উপ+ √যা+ত (ক্ত)-ক] **১** উপেত, সমীপগত। **২** আগত, প্রাপ্ত। "তদর্থমুপযাতোঽহমযোধ্যাম্ রা ১.৭৩.৪ ; ২.৯১.৫। **৩** প্রয়াত, প্রস্থিত। "মিথিলোপযাতান্ (আত্মজান্) রা ১.৭৩.৫। **৪** গত, প্রাপ্ত। "ভবন° (S.W.)। **৫** সমাগত, উপস্থিত। "শরণ্যপো-পযাতায়াম্ রা (S.W.)। **৬** শরণাগত। "ভ ১.১৯.১৫। **৭** [+ত -র্ম্ম] লব্ধ, প্রাপ্ত। **৮** উপগত, কৃতমৈথুন। —যাত ক্লী [+ত-ভা] উপগমন, প্রাপ্তি, উপস্থিতি। —যান ক্লী [+অন (ল্যুট্)-ভা] সমীপ-গমন, উপসর্পণ, সমাগম। বিপ 'অপযান'। "গো.রা ৬ ৮৯.১৯। ° হর° কু.স ৭ ২২। শঙ্কিতভবদুপযানম্ গী.গো ৫.১০। —যায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -য়িনী] সমীপগামী, উপসর্পী। "ভরতস্যোপযায়িনঃ রা ২.৯৬.৩।

উপযুক্ত বিণ [উপ+ √যুজ্+ত (ক্ত)-ক] **১** উচিত, ন্যায্য। **২** উপযোগী, আবশ্যক। "যদ্ যদ্ বস্তূপযুক্তং চ তস্যাঃ ক.সা ৩৬.৬৫। **৩** অনুরূপ, যোগ্য। "উপযুক্তং তদা বরম্ (প্রদাস্যসি) ক.সা ৩৮.৭১। **৪** যোগ্য, ক্ষম, কুশল। "উপযুক্তোঽয়মেতাবদ্ বেতনং গৃহ্লাত্যনুপযুক্তো বা হি ৩$\frac{২}{১}\frac{০}{৩}$। **৫** সৌষ্ঠবসম্পন্ন, যথাযথ। "সর্ব্বাঙ্গ অস্থিমাংসের উপযুক্ত সংযোগে সুন্দর ব.প্র ১৩৬। **৬** [+ত-র্ম্ম] ভুক্ত, খাদিত। "(হবিঃ) উপযুক্তম্ মহা ১.২২৩.৭৩, ময়োপযুক্তানি ফলানি ৩.১১২.১৪। **৭** দক্ষ। "বিরহজাগ্ন্যুপযুক্তদেহা ভ ১০.২৯.৩৫। **৮** পীত। "উপযুক্তোদকা প্রপা।—গো.রা ২.১২৫.১২। **৯** রচিত (ত.বা)। **১০** (বাঙ্‌লায়) উপার্জ্জনক্ষম। "উপযুক্ত পুত্র গেছে আঁধারি ভুবন প.তৃ ৩৭। —যোক্তব্য বিণ [+তব্য-র্ম্ম] **১** উপযোগার্হ, প্রযোজ্য। **২** ভোক্তব্য। —যোগ পুং [+অ (ঘঞ্)-ভা] **১** উপযুক্ততা, যোগ্যতা, উপযোগিতা। "ধন্যোঽহমেবম্ভূতঃ স্বামিরাজ্যরক্ষার্থং যস্যোপযোগঃ হি ৩$\frac{২}{১}\frac{০}{৩}$। **২** বিনিয়োগ। "পা ১.৩.৩২। **৩** উপকার। "মমো-পযোগং ন জানাতি হি ২$\frac{২}{৩}\frac{৯}{০}$। **৪** আচরণ, অনুষ্ঠান। **৫** ব্যয় (নীলকণ্ঠ), ক্ষয়। "মৃগাণামুপযোগঃ মহা ৩.৩৬.৩৭। **৬** কৃতার্থতা। "মহা ৩.৩৩.৩২। **৭** সঙ্গতি, যোগ্যতা, আনুরূপ্য। **৮** ইষ্টসিদ্ধার্থ ব্যাপার। "ইন্দ্রের বঞ্চনা হেতু উপযোগ করি। গোবিন্দ ধরিলা করে গোবর্দ্ধন গিরি ॥—শ্রী.মা ১৮৪। **৯** নিয়মপূর্ব্বক বিদ্যাগ্রহণ। "পা ১.৪.২৯। **১০** ভোজন, পান। "গর°, মদ্য° (S.W.)। ঔষধান্নবিহারাণা-মুপযোগম্।—বাভট (শ.ক)। নৃসিংহের ভোগ কেন কর উপযোগ চৈ.চ ২৫৬ ; ৩১১ ; ৩১৫। **১১** উপভোগ। "দ্র (১০)। **১২** আনুকূল্য। "ঐরিভাব নাই তায় উপযোগ পর শ্রী.মা ১৮৪। **১৩** সম্পর্ক, সান্নিধ্য। **১৪** (বাঙ্‌লায় ; অপ্র) উপযুক্ত, যোগ্য। "মোর সমে সমবেত হইছে উপযোগ অ.প ৯১।

উপযোগিতা স্ত্রী [°যোগিন্+তা (তল্), 'তদ্ভাব' অর্থে] **১** উপ-যোগিভাব, যোগ্যতা, উপযুক্ততা। **২** উপকারিতা, কার্য্যকারিতা। **৩** আনুকূল্য। **৪** প্রয়োজনীয়তা। **৫** কুশলতা। **৬** ফলসাধকতা।

—যোগী (-গিন্) বিণ [°যোগ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -গিনী] ১ উপযোগবান্, যোগ্য, উপযুক্ত। "অস্তি কন্থারত্নং মে গৃহ্যতাম্ উপযোগি চেৎ ক.সা ১৫.৬৭। গমনোপযোগী আয়োজন সী ১৪। ২ অনুকূল। "তদুপযোগানি শারীরকসূত্রাদীনি।—বেদান্তসার। মোক্ষোপযোগিবাক্যে ব্যুৎপত্ত্যাধায়কত্বাৎ সা.দ ১ঠ্ঠ। ৩ যোগবান্, সংস্পৃষ্ট। ৪ ক্রিয়াসাধক। ৫ সুসংশ্লিষ্ট, সুসঙ্গত, যোগ্য।

উপর অব্য [সং উপরি > প্রা উব্বরিং (হে), উপ্পর (পৈ ১.১০৬),-রি (পৈ) > বা উপর ; (ছান্দস) 'উপর'—মেঘ ; উপরিস্থ (ঋগ্বেদ ১.২.৭) Av. upairi—above ; হি উপর ; ঠ, গু, মৈ উপর ; অস ওপর ; Ger. uber ; L. super ; E. over] ১ যান-বাহনের উচ্চভাগ —পৃষ্ঠ, তল। "আইল সবে অশ্বের উপর কৃ ১৯৭। ২ অবয়বের উচ্চতর ভাগ। "°কান, °হাত। উপর হাতেতে দিল তাড় স্বর্ণময় কৃ ৮০। ৩ ঊর্দ্ধভাগে, তদবস্তুতে, তদাধারে। "°উরজ উপর মম দেয়ল দীঠ বি.প ১৩৯। পায়ের উপর থুয়ে পা চ.দা ৮। ৪ পর, অধিক। "ত্রৈলোক্য উপর ভজ শ্রীকৃষ্ণচরণ ম ১০৩৪। ৫ অধিকতর (পরিমাণ সংখ্যা কাল প্রভৃতিতে)। "মণের উপর, শএর উপর ; এক ঘণ্টার উপর ইত্যাদি। ৬ সম্বন্ধে, বিষয়ে, প্রতি। "রাগের উপর রাগ কর, রাগ আর আসবে না। ৭ বহির্ভাগ, বাহ্যদৃশ্য, বাহ্যকার্য্য। "উপর কাল, ভিতর ভাল। ৮ উপরিভাগে। "মেঘের উপর মেঘ করেছে।—শিশু ৮৪। ৯ অধিক (নিন্দনীয় বিষয়ে)। "বাবা ত দারুণ কৃপণ। ছেলেটি বাবার উপর। [উপর আকাশ—আকাশের অত্যূর্দ্ধভাগ। "নারদ চলিয়া যান উপর আকাশে কৃ ২৮। উপর উপর (হি উপর উপর) —আল্‌গা-আল্‌গাভাবে, বাহিরে-বাহিরে, ছালে-ছালে, অসম্পৃক্তভাবে। উপর-ওয়ালা (হি উপররালা)—১ ঈশ্বর। ২ উপরিতন কর্ম্মচারী ; প্রভু। "উপর-ওয়ালার আজ্ঞা পালন করিবে, তাঁহাকে সম্মান করিবে, পরে ভক্তি করিবে, কিন্তু কদাচ অকারণে ভয় করিবে না।—অ.শী ৪১। উপরকান—কানের উপরিভাগ বা উপরপাতা। "উপরকানে চাকি গো.চ ২৫৫। উপর-চড়া—বিনা সংস্রবে যে চড়িয়া (চটিয়া) ঝগড়া করিতে যায়। উপরচাপ—ইষ্টসিদ্ধ্যর্থ মিছা দণ্ডপীড়নাদির ভয় দেখান। "সে বড় ভীতু, একটু উপরচাপ দিলেই সব ব'লে ফেলবে। উপর-চাল—বাহ্য ভাব-ভঙ্গি, লোক-দেখান আচার-ব্যবহার। উপর-টপকা—সর্থ 'উপর-উপর। উপরডাল—উচ্চশাখা। "গাছের উপরডালে চড়ে চৈ.ভা ১৬০। উপর নীচে করা—উপরতলা হইতে নীচের তলায় আসা এবং নীচে হইতে উপরে যাওয়া। উপর-পড়া হওয়া—স্বতঃপ্রবৃত্ত হওয়া। উপরহি—উপরে। "উপরহি ঝকমকি সার বি.প ১১৭। উপরিয়া—উপর দিয়া, উপচিয়া। "সমুদ্রে বাধায় জল জায় উপরিয়া গো.চ ৮২, টীকা।]

উপরক্ত বিণ [উপ+ √রনজ্+ত (ক্ত)-র্ম্ম ; বৈদিক] ১ রঞ্জনদ্রব্য দ্বারা বর্ণান্তরপ্রাপিত ; রঙ্-করা। ২ রক্ত, লোহিত। "কোপ° (মুখ)। —সা.দ (S.W.)। স্বেদোপরক্তাঙ্গ মাঘ ২.১৮। ৩ রাহুগ্রস্ত। "উপরক্ত ইবাদিত্যঃ রা ১.৫৫.৯। ৪ ব্যসনপীড়িত, দৈবী বা মানুষী বিপদে আক্রান্ত। ৫ উপাধিসান্নিধ্য হেতু তত্তদ্গুণবত্তাযুক্ত। ৬ যুক্ত। "রজসোপরক্ত ভ ৩.৮.৩৩। —রক্ত পুং রাহুগ্রস্ত সূর্য্য বা চন্দ্র। —রঞ্জক বিণ [+রনজ্+ই (গিচ্)+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ঞ্জিকা] বর্ণান্তরপ্রাপক।

উপরক্ষণ ক্লী [উপ+ √রক্ষ্+অন (ল্যুট্)-ভা] সৈন্যরক্ষার্থ নিযুক্ত প্রহরিকাদিবিন্যাস ; সৈন্যরক্ষণ, পাহারা (অ.টী) ; রক্ষার্থ সৈন্যস্থাপন (শ.ক)।

উপরচিত বিণ [উপ+ √রচ্+ত(ক্ত)-র্ম্ম] সৃষ্ট, নির্ম্মিত, কৃত। "মনোরথোপরচিতপ্রাসাদবাপীতট (S.W.)। °স্থিরজঙ্গমালয় ভ ১২.১২.৬৮।

উপরত বিণ [উপ+ √রম্+ত (ক্ত)-ক ; বৈদিক] ১ নিবৃত্ত, বিরত। "নির্ঘোষ° রা ২.৫১.১৩ ; ৫৩.২৮। উপরতে শব্দে মহা ৩.১৪৩.২২। রণাদুপরতম্ গী ২.৩৫। রজস্যুপরতে মনু ৫.৬৬। °ক্রিয়ার্থ।—ভ ৩.২১.২১ ; °তাখিলবুদ্ধি ৪.৭.২৬। ২ মৃত। "অদ্য দশমো মাসস্তাতস্যোপরতস্য মু ৪ঠ্ঠ। উপরত প্রিয়জন প.তৃ ৬৯। ভর্ত্তা উপরত হইলে, তাঁহার অনুগমন করা মূর্খতা প্রকাশ করা মাত্র কাদ ৭০। ৩ সংসারাসক্তিরহিত, বিরক্ত। —রতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ নিবৃত্তি, বিরতি। ২ মৃত্যু। ৩ বিহিত কর্ম্মের বিধিপূর্ব্বক ত্যাগ বা সন্ন্যাস-গ্রহণ (বেদান্তসার)। ৪ বিষয় হইতে ইন্দ্রিয়গণের নিবৃত্তি। ৫ লভ্য-প্রাপ্তিতে ঔদাসীন্য বা নিরীহতা। ৬ বুদ্ধি। [ইহা চতুর্বিধ ব্রহ্মবিচারাঙ্গ সাধনের একতম।] [উপরতশোণিতা (স্ত্রী)—নিবৃত্তরজস্কা স্ত্রী। °স্পৃহ (বিণ) বিগতস্পৃহ বীতরাগ।]

উপরত্ন ক্লী [প্রা.স] অপ্রধান রত্ন ; হীনগুণ-মণি, অপরত্ন, কাচ কর্পূর প্রস্তর মুক্তা শুক্তি শঙ্খ ইত্যাদি।

উপরন্ত বিণ [হি, ঠ উপরান্ত—অনন্তর ; অপ্র] পরবর্ত্তী, শেষ। "আদ্য উপরন্ত কথা সকল কহিল ম ৪৯৪। [উপরান্তে—পরে। "বার্ত্তা উপরান্তে ম ২২১ ; বনবাস উপরান্তে যদি যুদ্ধ হয় ৪৭৮।]

উপরন্তু অব্য ['অধিকন্তু'র অনুকরণে '°ন্তু'; হি উপরাংত—অনন্তর : গু উপরাংত—তা-ছাড়া] অধিকন্তু, বাড়ার ভাগে, বেশীর ভাগে। "উপরন্তু এ ব্যবস্থা, সতীর বদনে শুনি,—পতির কপালে সম্মার্জ্জনী। —মন্দ্র ৯৯।

উপরম পুং [উপ+ √রম্+অ (ঘঞ্)-ভা, নিপাতনে বৃদ্ধ্যভাব, পা ৭.৩.৩৪, কাশিকা] ১ নিবৃত্তি, বিরতি, উপরতি। "যোগঃ প্রবাহোপরমঃ ধিয়ঃ ভ ৭.৭.২৮। ২ মৃত্যু। "পাণ্ডোরুপরমং দৃষ্ট্বা মহা ১.১২৬.১। ৩ নাশ, অভাব। "সংসারহেতূপরম।—ভ ২.২.৬। ৪ সমাপ্তি, অত্যয়, অপগম। "হিমাসোপরমে কালে ব্যতীতে মহা ৩.২৮১.২৬। ৫ উপশম, শান্তি। সর্ব্বেন্দ্রিয়ার্থোপরম।—সুশ্রুত (S.W.)। ৬ বিষয়বৈরাগ্য, বিরক্তি। —রমণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উপরম (১)। "বিষয়েভ্য উপরমণম্ উপরতিঃ (বেদান্তসার)। ২ সর্থ 'উপরম (৬)। —রাম পুং [+অ-ভা] ১ সর্থ 'উপরম (১ ; ২)। ২ সন্ন্যাস, কাম্য-কর্ম্ম-ত্যাগ।

উপরস পুং [প্রা.স] গৌণ পারদ, পারদতুল্য উপধাতু—গন্ধক হিঙ্গুল অভ্র হরিতাল মনঃশিলা টঙ্কণ (সোহাগা) চুম্বক স্ফটিকারি শঙ্খ খটী গৈরিক কাসীস (হীরাকস) বোল ইত্যাদি।

উপরাগ পুং [উপ+ √রনজ্+অ (ঘঞ্)-ভা] ১ উপরঞ্জন। "চরণোপরাগসুভগো লাক্ষারসঃ শ ৪.৫। ২ নিকটে স্থিতি হেতু স্বনিষ্ঠ গুণাদির অন্যত্র আরোপণ। যেমন, জবার সান্নিধ্য হেতু স্ফটিকে রক্তিমারোপণ। ৩ গ্রহণ, রাহুগ্রাস। "শ ৭.২২। চাঁদ-উপরাগ জ্ঞা ৮৬। চৈ ৯। চৈ.চ ৫২। সূর্য্যের উপরাগ শ্রী.ম ২৪৬। চ.বি ৬। ৪ বিগান, নিন্দা। ৫ [+অ-ণ] গুণান্তরাধানরূপ বাসনাখ্য সংস্কার। ৬ দুর্নয়, দুষ্টনীতি। ৭ উপদ্রব। "রঘু ১৬.৭। ৮ ব্যসন, অশুভ। ৯ রক্তিমা, রক্তবর্ণ। "কি দিব উপমা তার উপরাগ-প্রভা শ্রী.মা ১২৫। ১০ রাহু। "(আতাম্রতাম্) কোপোপরাগজনিতাং তু মুখেন্দুবিম্বে।—রত্নাবলীনাটিকা ৩.২৪।

উপরাজ পুং [প্রা.স, সমাসান্ত অ (টচ্)] রাজসদৃশ, রাজপ্রতিনিধি (viceroy)। "পা ৪.২.১১৬।

উপরাণী বি অপ্রধানা রাণী ; রাজার অপরিণীতা রাণী (উপপত্নী)। "বলাবাহুল্য যে, রাজাদিগের উপরাণীরাও ভৃত্যদিগের নিকট রাণী নাম পাইয়া থাকে ব.প্র ৫২১।

উপরি[১] বা [ঊর্দ্ধ+রি (রিল্) প্রথমাদি-অর্থে, নিপাতিত, পা ৫.৩.৫১। তু 'উৎপরি'—উপরি (ঋগ্বেদ ১.৫০.১০) ; প্রা—উপ্পরিং, উবরি, -রিং ; Av. upairi ; ফা বর্ ; পহ্লবী—অপর ; হি উপরি, উপর, -রী ;

ঠউপর,-রি ; মৈ, গু উপর ; অস ওপর ; Gr. huper ; L. Super ; Ger. obar (old), über ; Gothic—ufar ; Danish, E. over.] ১ ঊর্দ্ধ ; ঊর্দ্ধ ভাগ, দেশ বা দিক্‌। "উপরি রমণীয় পা ৫.৩.৩১, সি। ২ ঊর্দ্ধ ভাগ, দেশ বা দিক্‌ হইতে। "উপরি আগতঃ (সি)। ৩ ঊর্দ্ধ ভাগে দেশে বা দিকে। বিপ 'অধঃ'। "উপর্য্যুক্ত, তদ্°, তব°, মম°, °স্থিত। উপরি বসতি (সি)। রঘু ২.৬০। গিরিরাজ উপরি কৃ ১৯৮। রতিকামোপরি ভা.চ ৩৩। ৪ পরে। "উপরি মুহূর্ত্তস্য (কাশিকা)। ৫ প্রতি। "পরস্পরস্যোপরি পর্য্যচীয়ত রঘু ৩.২৪। ৬ বিষয়ে, সম্বন্ধে। "পুত্রস্যোপরি ক্রুদ্ধঃ।—হি (S.W.)। দেশানামুপরি ক্ষ্মাভৃৎ (সামাদিভিঃ তিষ্ঠতি)।—পঞ্চ ১.১৬৬। ৭ (ব্যবহারে) পণ্যের মূল্য সহ। "পণ্যস্যোপরি সংস্থাপ্য ব্যয়ম্‌ যাজ্ঞ ২.২৫৩। [°গত (বিণ)—ঊর্দ্ধগত। °চিহ্নিত (বিণ)—উপরি মুদ্রাচিহ্নযুক্ত (sealed)। "স্বমুদ্রোপরিচিহ্নিত যাজ্ঞ ১.৩১৯। °তল (ক্লী)—উপরিভাগ ; পৃষ্ঠদেশ। °ভক্ত (বিণ)—ভোজনান্তে সেবিত (চরক)। °যান (ক্লী)—উপরি গমন ; অধিরোহণ। °স্থ, °স্থিত (বিণ)—ঊর্দ্ধস্থিত। "°স্থ পা ৬.২.১৮৮। নাসা দারুপরিস্থিতম্‌ (অ.কো)। °স্পন্দী (-ন্দিন্‌) বিণ—ঊর্দ্ধভাগে স্ফুরিত। "নয়নমুপরিস্পন্দি উ.মে ৩৪।]

উপরি[২] '-প্‌-' বিং [উপরি[১]—মূল ; হি উপরী] ১ অনিমন্ত্রিত, অনাহূত। "উপরি লোক অনেক হয়েছে। ২ নির্দ্দিষ্টের অতিরিক্ত, বাড়তি, গরমামুলী (আয়, ব্যয় ইত্যাদি)। —রি বি ১ নির্দ্দিষ্টের বা বেতনের অতিরিক্ত উপার্জ্জন। "বাজীব। —উপরি কি আছে? সুশীল।—যারা সত্যের মাহাত্ম্য জানে, তারা উপরি কাকে বলে জানে না।—বি.বু ২৮। ২ ভূতাদি উপরিচর অপদেবতা। "°দিষ্টি। [উপরি আয়, পয়সা, পাওনা—বেতনের অতিরিক্ত প্রাপ্য অর্থ—ঘুশ্‌, বক্‌শিশ্‌, ইত্যাদি। "(বুকিং ক্লার্ক) সিস দিচ্চেন ও উপরিপয়সা পকেটে ফেলচেন হু ২২৮। উপরি-উপরি (উপরুপরি—অ.রা)—পরপর, ক্রমাগত। "উপরি-উপরি সাজান। উপরি খরচ—বাড়তি ব্যয়। উপরিদিষ্টি, উপরিভাব—ভূতাদির আবেশ। উপরি দেবতা—অপদেবতা ভূতাদি। "°পল্লব ব.প্র ৫২।

উপরিচর বিণ [উপরি+ √চর্‌+অ (ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী] ঊর্দ্ধচর, আকাশচর (বিহঙ্গাদি)। —র পুং চেদিরাজ্যের রাজা বসু। দ্র 'ইন্দ্রধ্বজ' 'বসুধারা'। [ইঁহার বীর্য্যে ব্রহ্মশাপভ্রষ্টা মৎস্যরূপা অদ্রিকা অপ্সরার গর্ভে ব্যাসমাতা সত্যবতীর জন্ম হয় (মহা ১.৬৩.৫৮-৬৮)।]

উপরিতন বিণ [উপরি+তন (ট্যুল্‌, তুট্‌), 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -নী] ১ উপরিভব, ঊর্দ্ধস্থিত। বিপ 'অধস্তন'। ২ পর, পরস্থিত (গ্রন্থের বিষয়)। ৩ (বাঙলায়) উচ্চপদস্থ (কর্ম্মচারী)। "উপরিতন অধ্যক্ষ চা.তৃ ৮৪। ৪ পূর্ব্ববর্ত্তী, ঊর্দ্ধতন (বংশের পুরুষগণনায়)। "উপরিতন সপ্তম পুরুষ (generation)।

উপরিভাগ বি ১ ঊর্দ্ধভাগ, উপরিতল, উপরপিঠ। বিপ 'অধোভাগ'। ২ স্তম্ভাদির ঊর্দ্ধাংশ (মাথার দিক্‌)। ৩ পৃষ্ঠদেশ, পিঠ। ৪ ঊর্দ্ধদেশ। "তাহার উপরিভাগে কৃষ্ণলোক চৈ.চ ২২।

উপরিয়া ক্রি ['উপরত'—মূল, অপ্র] উপরত (মৃত) করিয়া; মারিয়া। "বৃদ্ধ শরীর আমি জরায় পীড়িত। আমারে উপরিয়া তোমার এ কোন পীরিত॥—ম.বি ১৪৮।

উপরিষ্টাৎ ব্য [ঊর্দ্ধ+রিষ্টাৎ (রিষ্টাতিল্‌) প্রথমাদি অর্থে, নিপাতিত, পা ৫.৩.৩১ ; ছান্দস] ১ সর্ব 'উপরি[১]'। "তস্যোপরিষ্টান্‌ স্তপতৎ রা (S.W.)। ২ প্রারম্ভে। বিপ 'অধস্তাৎ'। "যাজ্ঞ ১.১০৬।

উপরুদ্ধ বিণ [উপ+ √রুধ্‌+ত (ক্ত)-র্ম] ১ প্রতিবদ্ধ, নিরুদ্ধ, বদ্ধ। "°বৃত্তি।—শ ৪.১৫। রঘু ১৮.১৮। ২ উপহত। "বাষ্পোপরুদ্ধয়া বাচা।—গো.রা ২.৬০.৪। ৩ তিরোহিত। "রা ২.৬৯.১১। ৪ অবরুদ্ধ। "যবনোপরুদ্ধায়তন ভ ৪.২৮.১৩। মৃ ২২৬। ৫ মূত্রাদিবেগযুক্ত (ত.বা)। ৬ (বাঙলায়) কৃতোপরোধ, অনুরুদ্ধ।

উপরূঢ় বিণ [উপ+ √রুহ্‌+ত (ক্ত)-ক] ১ সঞ্জাত। "°সাধ্বস মৃ ২২১। ২ প্রাপ্ত, গত। "পূর্ব্বস্মাদবস্থান্তরমুপরূঢ়া তত্রভবতী (S.W.)।

উপরূপক ক্লী [প্রা.স] গৌণরূপক ; রূপকসদৃশ নাটিকা—ত্রোটকাদি অষ্টাদশ গৌণরূপক। 'সা.দ ৬.৪-৬।

উপরে অব্য [উপর+এ° ; সং উপরি] ১ ঊর্দ্ধদেশে, ঊর্দ্ধে ; দেবলোকে। "মাথার উপরে রয়েছেন কালী।—গান ৪। ২ তলদেশে, পৃষ্ঠে। "পড়ে পৃথিবী···উপরে কৃ ১৯। ৩ গাত্রে, গায়। "এক ঢেউ মারিলেন ঐরাবত 'পরে কৃ ১৯। মড়ার পরে খাঁড়ার ঘা।—প্রবচন। ৪ তদাধারে, উপরিভাগে। "আর ঢেউ রাখিলেন পর্ব্বত উপরে কৃ ১৯। ঝরকা-উপরে, কৃত্তিকাসুন্দরী চ.সা ২০। ৫ উপরিভাগে, আধারের উপর পিঠে। "বৈস বাসার উপরে কৃ ৩২। পায়ের উপরে পা চ.সা ৯। "হনুমান চাপুক উহার বোঝার উপরে ম.ভা ১৬। ৬ প্রতি, সম্বন্ধে, বিষয়ে। "ঘটিল তপস্বী-হত্যা আমার উপরে কৃ ৩৬। ৭ পর্ব্বতস্তম্ভাদির অগ্রভাগে। "লম্ফ দিব থাকি ওই গিরির উপরে কৃ ১৯৬। ৮ বহির্ভাগে, বাহিরে। বিপ 'ভিতরে'। "কাঠ কঠিন, কয়ল মোদক, উপরে মাখিয়া গুড়। কনয়া কলস, বিখে পুরাইয়া, উপরে দুধক পুর॥—বি.প ১০৬। ৯ সর্ব্বোচ্চস্থানে, শ্রেষ্ঠ স্থানে। "বাপ মা সকলেরই উপরে।

উপরোক্ত বিং [উপর+উক্ত ; 'উপর্য্যুক্ত' সাধু ; হি উপরোক্ত, উপর্য্যুক্ত] উপরি কথিত ; পূর্ব্বোক্ত, পূর্ব্বলিখিত।

উপরোধ পুং [উপ+ √রুধ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ প্রতিবন্ধ। "বৃত্ত্যুপরোধ মহা ১.৩.৪২ ; ৪৯। ২ নিরোধ, বন্ধ। "গল°, মার্গ° (সুশ্রুত—S.W.)। ৩ পীড়ন, পীড়া। "মনু ১১.১০। তপোবনবাসিনামুপরোধঃ শ ১২৪। ৪ হিংসন। "স্বাম্যুপরোধ মৃ ২.২১। ৫ অবরোধ। "°বৈশস মৃ ২২৫। ৬ অনুরোধ, অনুবৃত্তি। "সেবকের উপরোধে সর্ব্ব কর্ম্ম হয় দু ৫। ৭ [+অ-ণ] আবরণ, আচ্ছাদন। "শরৎপ্রমৃষ্টাম্বুধরোপরোধ রঘু ৬.৪৪। ৮ (বাঙলায়) ইতিকর্ত্তব্যতাবোধ, কর্ত্তব্যাকর্ত্তব্যবিচার। "জাতিয়ে ব্রাহ্মণ আমি ক্ষণমাত্র ক্রোধ। বিশেষ বালক-সখা চিত্তে উপরোধ॥—ম ১৪১ ; ব্রাহ্মণ বলিয়া চিত্তে উপরোধ করি ১৯৪ ; ৭৩৪। আরম্ভিয়া ছিলা ক্রোধ, না করিলা উপরোধ। ভা.চ ৬৭৮। ৯ অনুকম্পা, অনুগ্রহ। "ম ৪৯৪ ; উপরোধে না মারহ পাণ্ডুপুত্রগণ ৭৯২ ; উপরোধে না বুঝিল ভীষ্ম মহারথী ৮২১। ১০ অনুনয়, কাতরতা-প্রকাশ। "যদি করে উপরোধ, করিতে নারিব রোধ কৃ.উ ২৫৪। স্ত্রীর বুঝি ধীর ক্রোধ, দূরে গেল শোধবোধ, বন্ধু ক'রে উপরোধ, ধীরে ধীরে কহিছে ভা.চ ৬৭৭। —রোধক বিণ [+অক (ণুল্‌)-ক ; স্ত্রী -ধিকা] ১ উপরোধকারক, প্রতিবন্ধক। ২ আবরক। ৩ পীড়ক। ৪ অনুরোধ-কারক। ৫ গর্ভাগার, বাসগৃহ (শ.ক)। —রোধন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ উপরোধ, প্রতিবন্ধ। "গো.রা ৫.৮১.১৭। ২ অবরোধ, নিরোধ। [উপরোধে ঢেঁকি গেলা—উপরোধে দুঃসাধ্য কার্য্য করা।]

উপর্য্যধো ক্রি.বিং [সং উপরি+অধঃ ; হি অধো] উপরিভাগে ও অধোভাগে ; উপরে ও নীচে। "সর্ব্বগ অনন্ত বিভু কৃষ্ণ তনু-সম। উপর্য্যধো ব্যাপি আছে—নাহিক নিয়ম॥—চৈ.চ ২২।

উপর্য্যুপরি ব্য [উপরি+উপরি, সামীপ্যে দ্বিত্ব, পা ৮.১.৭] ১ উপরে-উপরে, প্রত্যাসন্ন, নিকটবর্ত্তী, ক্রমাগত। "উপর্য্যুপরি দুঃখম্‌। উপর্য্যুপরি গ্রামম্‌ (কাশিকা)। ২ ক্রমশঃ উপরে-উপরে ; ঊর্দ্ধে পর-পর। "উপর্য্যুপরি শৈলাগ্রমারুরুক্ষুঃ।—মহা ৩.৪৬.৩৯। উপর্য্যুপরি পশ্যতঃ সর্ব্ব এব দরিদ্রতি হি ২.২। ৩ উপরে উপরে, ঊর্দ্ধ হইতে ঊর্দ্ধে ;

অত্যূর্দ্ধে। "(সঃ) উপর্য্যুপরি সর্ব্বেষাম্ (অতিষ্ঠৎ) মহা ৩.৫৩.২। ৪ উপরে-উপরে, প্রত্যেকের উপরে। "(অংশুকান্তাঃ) উপর্য্যুপরি বক্ত্রাণাং ব্যাধুয়ন্তে রা ৫.৯.৫৩। ৫ ক্রমান্বয়ে, পরপর, ক্রমশঃ।

উপল[১] পুং [উপ+ √লা+অ (ক)-ক ; (ছান্দস) 'উপল' —বালুকা ; মেঘ (নিরুক্ত), cf., Gr oplos ; L. opalus ?] ১ পাষাণ, প্রস্তর। "°বিষমে বিন্ধ্যপাদে পু.মে ১৯। °শকল।—মৃ ৩.১৫। আমি বেলাভূমিতে উপলখণ্ড সংগ্রহ করিতেছি, সম্মুখে জ্ঞান-সমুদ্র অক্ষুণ্ণ রহিয়াছে (নীতিবোধ)। ২ মণি, রত্ন। "মধ্যম° কি ৯.২। মাঘ ৪.৪০। ৩ প্রক্ষেপ্য গোলক (যুদ্ধোপকরণবিশেষ)। "মহা ৩. ২৮৩.৪ ; ৩১। ৪ (বাঙ্‌লায়) জগন্নাথের উপলভোগ। "উপল লাগিলে, করে বাহিরে বিজয় চৈ.চ ১৬৫। —লা স্ত্রী ১ পেষণযন্ত্রের (জাঁতার) দৃষদের উপরিস্থ ক্ষুদ্রতর প্রস্তরখণ্ড। "যাজ্ঞ ১.৮৩, মিতাক্ষরা। ২ (সাদৃশ্যে) শর্করা। [°বিষম (বিণ)—প্রস্তর হেতু অসমতল। °ভোগ (বি)—জগন্নাথদেবের বৃহৎ ভোগবিশেষ ; ছত্রভোগ। দিবা দ্বিপ্রহরের পরে পুরীধামে গরুড়ের পশ্চাদ্‌ভাগে যে বৃহৎ প্রস্তরময় স্থান আছে, তাহারই উপর এই বৃহৎ ভোগ হয়। এই হেতু ইহার নাম 'উপলভোগ'। "চৈ.চ ৭২ ; ঈশ্বরের উপলভোগ সরিলা ৩৩১।

উপল[২] বি [সং উলূপী (অ টী) , উপল (শ্রীহট্ট) ; তু 'উৎপল'] মৎস্য-বিশেষ, উল্কামাছ। "ম.ম ১৪৫। [উপলের পুর—মশলার পুর দেওয়া তেলেভাজা উপল। "ম.ম ১৪৫।]

উপলক্ষ বি [সং উপলক্ষ্য ; হি উপলক্ষ] ১ আশ্রয়, অবলম্বন। "তাল যন্ত্র তোমার ঠাঁই উপলক্ষ আমি ম.ম ২। ২ প্রয়োজন, উদ্দেশ্য, অভিপ্রায়। ৩ ব্যপদেশ, ছল, ছুতা। "রাজ-আজ্ঞা উপলক্ষ, কহিছে কুকর্ম্মদক্ষ, সহরকোটাল হাত নেড়ে শ্রী ১১৫। চাক পান সাজিবার উপলক্ষ করিয়া চলিয়া গেল।—গল্পগুচ্ছ।

উপলক্ষক বিণ [উপ+ √লক্ষ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ক্ষিকা] ১ বিশেষলক্ষক, বিশেষজ্ঞাতা, পরীক্ষক। "পরচিত্তোপলক্ষক (চাণক্য)। ২ উপাদানলক্ষণা দ্বারা তদিতর-বোধক বা তদ্ভিন্নবিষয়ের সূচক (শব্দ)। যেমন, 'কাক হইতে আম্র রক্ষা করিও'—এই বাক্যে 'কাক' শব্দ তদ্ভিন্নপক্ষীরও বোধক বা সূচক। —লক্ষণ ক্লী [অন (ল্যুট্)-ভা] ১ আবেক্ষণ, পরিজ্ঞান। "বেলোপলক্ষণার্থমাদিষ্টঃ···কাশ্যপেন শ ৪২/১। ২ নির্দ্দেশ, দ্যোতন, সূচন। ৩ কোন পদের অর্থ দ্বারা অনুল্লিখিত স্বজাতীয় বা স্বসম্বন্ধী বিষয়ের বোধ ; স্বীয় অর্থের প্রতিপাদন দ্বারা তদ্ভিন্ন বিষয়ের প্রতিপাদন ; অংশ দ্বারা অংশীর, ব্যক্তি (individual) দ্বারা জাতির, গুণ দ্বারা গুণীর বা আধার দ্বারা আধেয়ের নির্দ্দেশ। যেমন, "মন্ত্রগ্রহণং ছন্দস উপলক্ষণম্ (পা ২.৪.৮০, কাশিকা) —'মন্ত্র' পদ দ্বারা তৎসম্বন্ধী 'ছন্দে'র বোধ। 'গোব্রাহ্মণের হিতকর'—'গো' ও 'ব্রাহ্মণ' তদ্ভিন্ন জাতির ও বর্ণের সূচক। 'মহত্বের লক্ষণ', অর্থাৎ মহা-পুরুষের লক্ষণ। 'রাজ্যের রক্ষণ', অর্থাৎ রাজ্যবাসী প্রজার রক্ষণ, ইত্যাদি। ৪ কোন বাক্যগত পদের মুখ্যার্থ (অভিধাবৃত্তি) দ্বারা তদ্ভিন্ন বিষয়ের ব্যাবৃত্তিবোধ (সা.দ ২.৭ টীকা)। যেমন, 'কলিঙ্গ সাহসিক' —এখানে 'কলিঙ্গ' পদ দ্বারা পঞ্চালাদির নিবৃত্তি। ৫ [+অন-ণ] 'উপলক্ষণসাধন', বিশেষ ধর্ম্ম, বিশেষণ, জ্ঞাপকলক্ষণ, ব্যাবর্ত্তকচিহ্ন। "কথয়ামি তে তদুপলক্ষণম্, শৃণু।—বিক্র ৪.৩৩। ৬ উপলক্ষক শব্দ। দ্র 'উপলক্ষক (২)। —লক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ পরিজ্ঞাত, দৃষ্ট। "গো.রা ১.২.১৩। ভ ৪.১৩৪৭। ২ দ্যোতিত, সূচিত, উদ্দিষ্ট, বিবক্ষিত। ৩ বিশেষধর্ম্মাক্রান্ত, লক্ষণবিশেষিত, বিশিষ্টধর্ম্মা। —লক্ষ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ উপলক্ষণার্হ, দ্যোতনীয়, সূচনীয়। ২ অনুমেয়। —লক্ষ্য পুং ১ আশ্রয়, অবলম্বন। ২ অনুমান। ৩ (বাঙ্‌লায়) সর্থ 'উপলক্ষ'।

উপলব্ধ বিণ [উপ+ √লভ্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রাপ্ত, অধিগত। "উপলব্ধসুখ কু.স ৪.৪২। স্মৃতিরূপলব্ধা শ ৭২/৪। মৃ ২২/১। ২ বিদিত, পরিজ্ঞাত, অনুভূত। "রঘু ১২.৬০। ব্রূহি যদুপলব্ধম্ উ.চ ১৪/৯। আধ্যায়িকোপলব্ধার্থা (অ.কো)। ৩ অর্জ্জিত। "গতে দ্যাং সুকৃতো-পলব্ধাম্ রঘু ১৮.২২। ৪ বুদ্ধ, গৃহীত, অভ্যস্ত, শিক্ষিত। —লব্ধা (-ব্ধৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ব্ধ্রী] ১ প্রাপক, লাভকারক। ২ জ্ঞাতা, বোধক। —লব্ধা পুং আত্মা। —লব্ধি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] ১ প্রাপ্তি, লাভ। "স্বপদোপলব্ধিঃ রঘু ৫.৫৬ ; ৮.১৭। অরাতিবৃত্তান্ত° মৃ ২৮। ২ জ্ঞান, বোধ। "বিষয়° (সুশ্রুত)। অন্যোন্যগুণ° মহা ১৪.২২.২৯। সাংখ্য ৮। ৩ প্রত্যক্ষাদি জ্ঞান। "নাভাব উপলব্ধেঃ।—শারীরকসূত্র। ৪ [+তি-ণ] মতি (মেদিনী)।

উপলভ্য বিণ [উপ+ √লভ্+য (যৎ)-র্ম্ম] ১ প্রাপ্য, লভ্য। "পা ৭.১.৬৬, কাশিকা। সময়° রঘু ৭.৩১। ২ সাধ্য। "সমর° রঘু ৭৩১ মল্লিনাথ। ৩ জ্ঞেয়। —লম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা, 'ন' (নুম্) আগম, পা ৭.১.৬৭] ১ প্রাপ্তি, লাভ। "অঙ্গুলীয়স্যোপলম্ভাৎ। শ ৭২/৪। ২ পরিজ্ঞান, অবগতি। "অবিঘ্নক্রিয়োপলম্ভ শ ১৩/২। ৩ অনুভব। "সুতস্পর্শসুখ° রঘু ১৪.২। —লম্ভক বিণ [+অক (ণ্বুল্) -ক ; স্ত্রী -ম্ভিকা] ১ প্রাপক, লব্ধা। ২ [+ √লভ্+ই (ণিচ্) +অক-ক] উপলব্ধিকারয়িতা, উপলব্ধিকারণ। "ভাষাপরিচ্ছেদ ১০০। —লম্ভন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ জ্ঞান, বোধ। ২ [+অন-ণ] বুদ্ধি, মতি। —লম্ভ্য বিণ [+য (যৎ)-র্ম্ম, পা ৭.১.৬৬] প্রশস্ত, স্তবনীয়। "উপলম্ভ্যঃ সাধুঃ (সি)।

উপলেপ পুং [উপ+ √লিপ্+অ (ঘঞ্)-ভা] ১ উপরি লেপন ; গোময়াদি দ্বারা লেপন। ২ নিরোধ, বন্ধ। "কাসোপলেপস্বরভেদ (সুশ্রুত)। ৩ ইন্দ্রিয়ের অবসাদন। "ইন্দ্রিয়° সুশ্রুত। —লেপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উপলেপ (১)। "মৃত্তিকা সমুদ্রজলে উপলেপন করি জ ৮৫। ২ [+অন-ণ] লেপনদ্রব্য—গোময়াদি।

উপশম বিণ [উপ+ √শম্+ই (ণিচ্)-অ (অচ্)-ক , স্ত্রী -মা] উপশমকর, নিবারক। "হৃত্তাপোপশমানি ভ ১.১৫.২৭। —শম পুং [+ √শম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ শান্তি। "ক্রোধ°, রোগ°, দাহ°, পরীতাপ°। বা.দ ৪৪। ২ নিবৃত্তি, বিরাম। "বৃষ্টেরুপশমঃ হি ৩২/৪। উপশম ইহার করহ নৃপবর ম.বি ২৬০। শান্ত হল দিগ্বিদিক্ ধ্বনি-উপশমে স্ব.প্র ১৭০। ৩ অনুদ্বেগ, নিবৃতি, ধৃতি। "(বিভূষণম্) জ্ঞানস্যোপশমঃ—ভর্ত্তৃহরি। ৪ রোগোপদ্রবশান্তি। ৫ তৃষ্ণাক্ষয়। ৬ ইন্দ্রিয়নিগ্রহ, সংযম। ৭ (বাঙ্‌লায় ; অপ্র) উপশমকর কর্ম্ম ; পুণ্য। "কিবা এ দুইর পাপ, কিবা উপশম ?—চৈ ভা ২৬৪। —শমক বিণ [+ √শমি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -মিকা] উপশান্তিকর, নিবর্ত্তক, নিবারক। —শমন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] সর্থ 'উপশমক'। —শমন ক্লী [+অন-ভা] ১ শমন, সান্ত্বনা। "ক্রোধ° মহা ১.২.৩১৯। ২ নিবর্ত্তন, নিবারণ, প্রতীকার। "ব্যাধীনামুপ-শমনার্থম্ (সুশ্রুত)। —শমনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] উপশমনার্হ, নিবর্ত্তনীয়, প্রতীকার্য্য ; সান্ত্বনীয়। —শমিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রশমিত, নিবর্ত্তিত। ২ (বাঙ্‌লায়) উপশান্ত, নিবৃত্ত, শান্ত। "যে দিন হইতে রজনী আসিয়াছিল, সেই দিন হইতে তাহার পীড়া উপশমিত হইয়া আসিতেছিল।—ব.প্র ২৪৮। —শান্ত বিণ [+ √শম্+ত (ক্ত)-ক] ১ উপশমগত, শান্ত, নিবৃত্ত। ২ সংযত, নিয়ত। "উপশান্তাত্মা ভ ১.১৩.৫৩। তদভ্যাস° ক.সা ৭২.১০০। ৩ তেজোহীন, নির্ব্বাণ। "উপশান্তমিবানলম্ গো.রা ৪.১৭.২। ৪ বিগত। "°বৈর (S.W.)। ৫ নিয়তাত্মা, সংযতেন্দ্রিয়।

"ভ ৫.৪.১৪। —শান্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ নিবৃত্তি, বিরতি। "কামোপশান্তি।—পঞ্চ ১.১৫৮। ২ উপশম, নিবৃত্তি। "বলমার্ত্তভয়োপশান্তয়ে রঘু ৮.৩১।

উপশয় পুং [উপ+ √শী+অ (অচ্)-ধি] ১ বন্যপশুদিগের পথে স্থিত ব্যাধের আত্মগোপনস্থান গর্ত্তবিশেষ (ambush)। "মাঘ ২.৮০। ২ [+অ-ভা] সমীপশয়ন। "পা ৩.৩.৩৯, সি। ৩ ব্যাধিহেতুর বিপরীত ঔষধাদি দ্বারা সুখাবহ উপযোগ (রোগশান্তি)। —শায় পুং [+অ (ঘঞ্) পর্য্যায়ার্থে,-ভা, পা ৩.৩.৩৯] পর্য্যায়ক্রমে শয়ন। —শায়ী (-য়িন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] ১ নিকটে বা পার্শ্বে শায়ী; সমীপশায়ী। "(পত্নীঃ) সোঽপশ্যদুপশায়িনীঃ গো.রা ৫.১৪.২১। ২ শয়নশীল। "পূর্ব্বোত্থায়ী চরমশ্চোপশায়ী মহা ১.৯১.২।

উপশল্য ক্লী [উপশল+য (যৎ) 'তত্র সাধু' অর্থে (অ.টী)] সমীপ-ভ্রমণে সাধু; গ্রামসমীপ, গ্রামান্ত। "°নিবিষ্ট রঘু ১৫.৬০।

উপশাখা স্ত্রী [প্রা.স] শাখায় উপগত শাখা; শাখানিঃসৃত শাখা; শাখার শাখা। "ভ ৪.৩১.১৪। একৈক শাখাতে উপশাখা শত শত। —চৈ.চ ৩৯; বড় ডাল, উপশাখা, তার উপশাখা ৪০; °গণ ১৯৯।

উপশান্ত, -ন্তি; উপশায়, -য়ী দ্র 'উপশম; উপশয়'।

উপশিক্ষণ ক্লী [উপ+ √শিক্ষ্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] শিক্ষণ, শিখান। "কৈবল্য° ভ ৫.৬.১২। —শিক্ষা স্ত্রী [+ √শিক্ষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] শিক্ষা, অভ্যাস, অধিগম। "কলানাং চোপশিক্ষয়া মৃ (S.W.)।

উপশিরা বি শিরাতে উপগত শিরা; শিরানিঃসৃত শিরা; শাখাশিরা। "শিরা-উপশিরার কুহরে কুহরে ঘ ১০৩।

উপশিষ্য পুং [প্রা.স] অপ্রধান শিষ্য, শিষ্যের শিষ্য; প্রশিষ্যের শিষ্য। "শিষ্য প্রশিষ্য আর উপশিষ্যগণ চৈ.চ ৪০।

উপশোভন ক্লী [উপ+ √শুভ্+ই (ণিচ্) >অন (ল্যুট্)-ভা] শোভিত করা; মণ্ডন, অলঙ্করণ। "সর্ব্বাসামুপশোভনং চকার গো.রা ৬.১১২.২১। —শোভা [স্ত্রী+ √শুভ্+অ (ঘঞ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] অতিশোভা, শোভা। "বিহিতোপশোভং...নগরম্ মাঘ ১৩.৩৬। —শোভিত বিণ [+ √শোভি+ত (ক্ত)-র্ম্ম] বিভূষিত, বিমণ্ডিত, অলঙ্কৃত। "বিমানগৃহোপশোভিত রা ১.৫.১৬। আকল্প° ক.সা ৬৯.৬২।

উপশোষণ বিণ [উপ+ √শুষ্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক, স্ত্রী -ণী] শোষয়িতা, শোষকারক। "ক্লেদ°, পূয°, শরীর° (S.W.)। —ণ ক্লী [+অন-ভা] তাপাদি দ্বারা জলাদিনাশন; শুষ্কীকরণ, শোষণ। —শোষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] শুষ্কীকৃত, নীরসীকৃত। "সূর্য্যপ্রতাপোপশোষিতদেহ।—সুশ্রুত (S.W.)।

উপশ্রয় পুং [উপ+ √শ্রি+অ (অচ্)-ভা] আশ্রয়, অবলম্বন। "রামোপশ্রয় ম.চ ৪১/২।

উপশ্রুত বিণ [উপ+ √শ্রু+ত (ক্ত)-র্ম্ম] ১ সমীপে শ্রুত; আকর্ণিত। "সর্ব্বমেতদুপশ্রুতম্ মহা ৩.৮১.১৯। ভ ৪.১৫.২৩। ২ প্রতিজ্ঞাত, অঙ্গীকৃত (অ.কো)। —শ্রুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা; ছান্দস] ১ সমীপে শ্রবণ; শ্রবণ, আকর্ণন। ২ প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি। ৩ [+তি-র্ম্ম] সমীপে শ্রুত বিষয়; বার্ত্তা, কিংবদন্তী। "মহা ৫.৩০.৫। ৪ সন্দেহনির্ণায়িকা দেবীবিশেষ (নীলকণ্ঠ)। "মহা ৫.১৩.২৫; ২৬। তিনি...সত্যনিষ্ঠা প্রযুক্ত উপশ্রুতি দেবীকে স্মরণ করিয়া কহিলেন।—কালীপ্রসন্ন সিংহ। ৫ দৈবপ্রশ্ন, রাত্রিতে শ্রুত শুভাশুভকর আনুমানিক বাক্য (oracular voice)। 'নক্তং নির্গতং যৎকিঞ্চিচ্ছুভাশুভকরং বচঃ। শ্রূয়তে তদ্ বিদুর্ব্বুধা দৈবপ্রশ্নমুপশ্রুতিম্॥—হারাবলী।

উপশ্লিষ্ট বিণ [উপ+ √শ্লিষ্+ত (ক্ত)-র্ম্ম] অত্যাহিত, সন্নিকৃষ্ট, সংশ্লিষ্ট। —শ্লেষ পুং, —শ্লেষণ ক্লী [অ+(ঘঞ্)+অন (ল্যুট্), -ভা] ১ (ব্যাকরণে) আধার ও আধেয়ের একদেশসম্বন্ধ; অত্যাধান, সন্নিকর্ষ। "অত্যাধানমুপশ্লেষণম্ পা ১.৪.৭৫, কাশিকা। ২ আশ্লেষ, আলিঙ্গন।

উপসংক্রমণ ক্লী [উপ-সম্+ √ক্রম্+অন (ল্যুট্)-ভা] ১ অভিমুখ-গমন। ২ সন্নিবেশ। —সংক্রান্ত বিণ [+ত (ক্ত)-ক] উপগত; প্রাপ্ত। "অর্থান্তরোপসংক্রান্ত পা ১.১.১৯, সি।

উপসংক্ষেপ পুং [উপ-সম্+ √ক্ষিপ্+অ (ঘঞ্)-ভা] বস্তুসংগ্রহ, বিষয়সারগ্রহণ। "কাব্যোপসংক্ষেপ রা (S.W.)।

উপসংখ্যান ক্লী [উপ-সম্+ √খ্যা+অন (ল্যুট্)-ভা] ১ পরিগণন। ২ [+অন-ণ] (ব্যাকরণে) সূত্রোক্ত বিষয় হইতে অতিরিক্ত বিষয়ের কথনে বার্ত্তিকে প্রযুক্ত পারিভাষিক শব্দ। "তৃতীয়াবিধানে প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্ পা ২.৩.১৮।

উপসংগ্রহ পুং [উপ-সম্+গ্রহ্+অ (অপ্)-ভা] ১ মেলন, সংগ্রহ। "বলানামুপসংগ্রহম্ রা ১.৩.২৫। ২ আকলন, গ্রহণ। "ধাত্বর্থেনোপ-সংগ্রহাৎ (কারিকা) পা ৭.১.৭, সি। ৩ পাদস্পর্শপূর্ব্বক অভিবাদন। ৪ স্বীকার, গ্রহণ। "দার° যাজ্ঞ ১.৫৬। ৫ আশ্লেষণ, আলিঙ্গন। "কৃতপাদোপসংগ্রহ ক.সা ২.৬। ৬ [+অ-ণ] উপকরণ। ৭ [+অ-ধি] তুলিকা, তোষক্ (cushion)। "পর্য্যঙ্কে সোপসংগ্রহে মহা ৪.১৭.১৬। —সংগ্রহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'উপসংগ্রহ (৩)। "মনু ২.৭২। —সংগ্রাহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] পাদগ্রহণপূর্ব্বক অভিবাদ্য। "ভ্রাতুর্ভার্য্যোপসংগ্রাহ্যা মনু ২.১৩২।

উপসংঘাত পুং [উপ-সম্+ √হন্+অ (ঘঞ্)-ভা] সংকলন, সম্মেলন, রাশীকরণ।

উপসংবাদ পুং [উপ-সম্+ √বদ্+অ (ঘঞ্)-ভা] পরিভাষণ, কর্ত্তব্যকর্ম্মে পণবন্ধ, অর্থাৎ যদি তুমি আমার ইহা কর, তোমাকে ইহা দিব, এই প্রতিজ্ঞা (পা ৩.৪.৮, কাশিকা)।

উপসংব্যান ক্লী [উপ-সম্+ √ব্যে+অন (ল্যুট্)-র্ম্ম] ১ অধোবাসঃ, পরিধানবস্ত্র, অন্তরীয় (অ.কো)। "পা ১.১.৩৬, তত্ত্ববোধিনী। ২ [+অন-ণ] উত্তরীয় (তত্ত্ববোধিনী)।

উপসংযম পুং [উপ-সম্+ √যম্+অ (ঘঞ্)-ভা, নিপাতিত] ১ সম্যক্ নিয়মন, নিগ্রহ। ২ বন্ধন, নিয়ম। ৩ উপসংহার। ৪ প্রলয় (A.)। —মন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উপসংযম (১; ২)। ২ [+অন-ণ] 'সংযমসাধন', বন্ধনোপায়, বন্ধন।

উপসংস্কৃত বিণ [উপ-সম্+কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ পক্ব, শৃত, সিদ্ধ, রাঁধা (খাদ্য)। "মহা ৩.৭৫.২০। ২ বিভূষিত, মণ্ডিত।

উপসংহার পুং [উপ-সম্+ √হৃ+অ (ঘঞ্)-ভা] ১ গ্রন্থের বা বিষয়বিশেষের বস্তুসংক্ষেপ; সারসঙ্কলন, বস্তুসংগ্রহ। ২ সমাহার, সংঘাত, সমবায়, রাশীকরণ। ৩ সমাপ্তি, শেষ (বেদান্তসার)। বিপ 'উপক্রম'। "কলাপাতে দুর্গানাম লিখে সিদ্ধি খেয়ে বিজয়ার উপসংহার হলো হু ২০০। ৪ প্রত্যাহার, অপাকর্ষণ, অপনয়ন। ৫ অন্ত, বিনাশ। ৬ নিয়ন্ত্রণ, নিগ্রহ। ৭ সংশ্লেষবিশেষ। "স্বরাণাং মন্ত্রোপসংহারস্তথান্যম্ তৈ ২.৩১। ৮ আক্রমণ (A.)। ৯ একত্র শ্রুত অর্থের অন্যার্থ অন্যত্র উপক্ষেপ (ত.বা)। "গুণোপসংহার। ১০ সঙ্কোচন, সংহরণ। ১১ (ন্যায়ে) নিরাকরণ, খণ্ডন, নিরাস (A.)। —সংহৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সমাপিত, নিঃশেষিত। "°গান্ধর্ব্ব ক.সা ১২০. ১২৩। °স্থ।—মনু ১১.৮৩, কুল্লূক। ২ নিয়ন্ত্রিত, নিগৃহীত। "উপ-সংহৃতামর্ষরোষবেগ ভ ৫.২৫.৬; ৯.২৩.২৮। ৩ উপশ্লেষিত। "তৈ ২.১৬; ১৮। ৪ বিনাশিত। "বৃষ্ণীমন্ধোঃস্তেনোপসংহৃতান্ মহা ১৬.১৫.১। ভ ৫.৯.৬। ৫ সঙ্কোচিত। ৬ প্রত্যাহৃত, অপাকৃষ্ট,

অপনীত। —সংহৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সংক্ষেপ। ২ উপসংহার, নির্ব্বহণ, সমাপ্তি। ৩ (নাট্যে) পঞ্চ সন্ধির শেষ সন্ধি। "সা.দ ৬.৭৫ ; ৮০।

উপসঙ্গত বিণ [উপ-সম্+ √গম্+ত (ক্ত)-ক] সমবেত, সমাগত, মিলিত। "মহা ১.১৮২.১০।

উপসত্তি স্ত্রী [উপ+ √সদ্+তি (ক্তিন্)-ভা] ১ আসক্তি, সঙ্গ, সম্বন্ধ। ২ আনুগত্য। ৩ সেবা। —সদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সমীপগমন, প্রাপ্তি। "উপসদনং চক্রে দ্রোণস্য মহা ৩.৩০৮.১৬। ২ উপসেবন, সেবা। ৩ পাদগ্রহণ (নীলকণ্ঠ)। "কৃতোপসত্তি মহা ১.১৩.২৫। ৪ [+অন-ধি] স্থান, সদন। "যজ্ঞোপসদন রা ১.৫০.১৫।

উপসন বিং [সং উপসন্ন ; অপ্র] আসন্ন, সমাগত, নিকট। "বিহাণ আইলাহোঁ হৈল সাঁঝ উপসন শ্রী.কী ৩০৮। অচিরে ত শুভকার্য্য হইব উপসন ম.বি ৬১। যেই ধর্ম্মে যেই বেলা হয় উপসন। সেই ধর্ম্মে জার জে ভোগ হএত তখন অ.প ১২৭।

উপসন্ন বিং [উপ+ √সদ্+ত (ক্ত)-ক] ১ সমীপগত, আসন্ন, নিকট। "ধর্ম্মকাল গেল হৈল পাপ উপসন্ন ম ১২২। উপসন্ন হৈল হের বরষা সমএ শ্রী.কী ১৪০ ; ৩৮৪। চাতুর্ম্মাস্য…হৈল উপসন্ন চৈ.চ ১২৪। ২ উপস্থিত। "কদাচিত কোন দিবসে বা খাই অন্ন। সেহো যদি অবিরোধে হয় উপসন্ন॥—চৈ.ভা ৩৭ ; চক্র আসি হৈল উপসন্ন ২৫৫ ; ৩৫০। চৈ ১২৬। ম.বি ১০৫। ৩ প্রাপ্ত, সমীপাগত। "ব্রবীতু ভগবাংস্তন্ মে উপসন্নোঽস্মি মহা ১২.২৮৭.১১। ৪ উপসেবক (ত.বা)।

উপসন্ন্যাস পুং [উপ-সম্-নি+ √অস্+অ (ঘঞ্)-ভা] যথাবিধি ত্যাগ ; পরিহার, অনাসঙ্গ। "কর্ম্ম° মহা ৩.২.৭৯।

উপসম্পত্তি স্ত্রী [উপ-সম্+ √পদ্+তি (ক্তিন্)-ভা] উপশ্লেষ, সম্বন্ধ। "অচির° পা ৬.২.৫৬। —সম্পন্ন বিণ [+ত (ক্ত)-ক, বৈদিক] ১ প্রাপ্ত, গত। ২ লব্ধ। ৩ উপেত, অন্বিত। "কুলশীলোপসম্পন্ন। মঙ্গলৈরুপসম্পন্নঃ রা ২.২৫.৪২। বর্ণরূপ° মনু ৪.৬৮। ৪ সমৃদ্ধ, পরিপূরিত, আঢ্য। "কুসুমৈরুপসম্পন্নাং পশ্য মন্দাকিনীম্ রা ২.৯৫.৩। ৫ পর্য্যাপ্ত। ৬ সমীপবর্ত্তী, তদ্‌গৃহবাসী (কুল্লুক) ; শীলযুক্ত ; সঙ্গত, মিলিত (মেধাতিথি)। "মনু ৫.৮১। ৭ পাকাদি দ্বারা সম্পন্ন (মাংসাদি) ; প্রণীত, সুসংস্কৃত। ৮ যজ্ঞার্থ হত ; প্রোক্ষিত (পশ্বাদি) ; হত (অ.টী)।

উপসম্প্রাপ্ত বিণ [উপ-সম্-প্র+আপ্+ত (ক্ত)-ক] ১ পরিগত, প্রাপ্ত। "হাস্ততামুপসম্প্রাপ্তম্ মহা ১.১৩১.৫৬। ২ উপযাত, অভ্যুপেত, প্রাপ্ত। "জিঘাংসূন্ উপসম্প্রাপ্তান্ দেবান্ মহা ৩.২২৬.১১।

উপসম্ভাষা স্ত্রী [উপ-সম্+ √ভাষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] উপসান্ত্বন, আশ্বাসন। "পা ১.৩.৪৭।

উপসর পুং [উপ+ √সৃ+অ (অপ্)-ভা] ১ গর্ভাধানার্থ গবী-প্রভৃতিতে বৃষাদির প্রথম উপসরণ (কাশিকা)। "গবামুপসরঃ। পশূনামুপসরঃ পা ৩.৩.৭১। ২ নিরন্তর নির্গমন ; ক্রমিক নিঃসরণ। "ভট্টি ৭.৬০। —সরণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সমীপগমন, উপসর্পণ। ২ হৃৎপিণ্ডাভিমুখে রক্তের দ্রুত গতি। ৩ সর্থ 'উপসর'।

উপসর্গ পুং [উপ+ √সৃজ্+অ (ঘঞ্)-র্ম্ম] ১ প্রাণীর শুভাশুভ-সূচক মহাভূতবিকার ভূকম্পাদি (অ.টী) ; আকস্মিক উৎপাত ; অজন্য, উপপ্লব। "আপেদে উপসর্গত্বম্ রা ২.৬৩.২। প্রশমিতাশেষোপ-সর্গ।—রত্নাবলীনাটিকা ১.৯। ২ রোগভেদ (মেদিনী)। ৩ রোগজন্য মস্তিষ্কের বিকৃতি ; রোগের আনুষঙ্গিক রোগ ; রোগবিকার। ৪ মৃত্যু-সূচক লক্ষণ। ৫ ভূতাদির আবেশ (সুশ্রুত)। ৬ উপরাগ, গ্রহণ। "মনু ৪.১০৫, কুল্লুক। ৭ (ব্যাকরণে) যাহা গতিসংজ্ঞা বা কর্ম্মপ্রবচনীয়তা হেতু অন্য পদের সহিত উপসৃষ্ট (প্রযুক্ত) হয় (তৈ ১.১৫, টীকা) ; ক্রিয়ার সহিত যুক্ত প্র-প্রভৃতি অব্যয়। [প্র পরা অপ সম্ অনু অব নিস্ নির্ দুস্ দুর্ বি আ (আঙ্) নি অধি অপি অতি সু উদ্ অভি প্রতি পরি উপ—দ্বাবিংশতি উপসর্গ (পা ১.৪.৫৯)। উপসর্গ ধাতুর পূর্ব্বে প্রযুক্ত হয় (পা ১.৪.৮০) ; বেদে ধাতুর পূর্ব্বে পরে বা অন্য পদের ব্যবধানেও প্রযুক্ত হয় (পা ১.৪.৮১ ; ৮২)। সংস্কৃতেও এইরূপ ব্যস্ত প্রয়োগ ক্বচিৎ দেখা যায়। 'অভি ভো রম্যতাম্ (ভো অভিরম্যতাম্ —মনু ৩.২৫১)। অতি হি নাম শোভসে ; অতি হি নাম প্রগল্‌ভসে (উ.চ ৫)। বাঙলায় ছন্দোনুরোধে ক্বচিৎ দেখা যায় ; কিন্তু ইহা অপ্রচলিত ও অসাধু—"সে সব লোকের প্রতি হইত পালন (অর্থাৎ হইত প্রতিপালন) ম ৬০০। উপসর্গ কখনও ধাতুর অর্থের পরিবর্ত্তন, কখনও অনুবর্ত্তন, কখনও বিশেষত্ব প্রকাশ করে। 'ধাত্বর্থো বাধতে কশ্চিৎ কশ্চিৎ তমনুবর্ত্ততে। তমেব বিশিনষ্ট্যন্য উপসর্গগতিস্ত্রিধা॥ উপসর্গেণ ধাত্বর্থো বলাদন্যত্র নীয়তে। প্রহারাহারসংহারবিহারপরি-হারবৎ॥] ৮ (বাঙলায়) বিঘ্ন, অন্তরায়, বিপদ্। "যত পরিচারক দ্বিজবর্গ, বলে এটা কি উপসর্গ !—দা ১৩০৯। নানা উপসর্গে, দিন যায় দুর্গে (দা)। বা.দ ৬২। বয়সের পরিণামের সঙ্গে…আনুষঙ্গিক উপসর্গ উপস্থিত হয় হু ২০২।

উপসর্জ্জন ক্লী [উপ+ √সৃজ্+অন (ল্যুট্)-ভা] ১ ত্যাগ। ২ [+অন-র্ম্ম] দৈবাদি উৎপাত ; উপপ্লব, উপদ্রব। ৩ উপরাগ, গ্রহণ। "জ্যোতিষামুপসর্জ্জনে মনু ৪.১০৫। ৪ অপ্রধান। "মনু ৯.১২১। ৫ গৌণ বিশেষণ। ৬ (ব্যাকরণে) সমাসসূত্রে প্রথমানির্দ্দিষ্ট ও বিগ্রহে নিয়তবিভক্তিক পদ। 'পা ১.২.৪৩ ; ৪৪। ৭ অপ্রধান পদ। "পা ৬.২.৩৬।

উপসর্প পুং [উপ+ √সৃপ্+অ (ঘঞ্)-ভা] সমীপগমন, অভি-গমন। —সর্পণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উপসর্প'। "°কাল বিক্র ৪। ২ গমন, ভ্রমণ, পর্য্যটন। "রথ্যা° যাজ্ঞ ১.১৯৬। —সর্পণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অভিগম্য, উপযাতব্য। —সর্পিত বিণ [+ √সর্পি+ত (ক্ত)-র্ম্ম] সমীপে প্রেরিত। "ভ ১.১২.২৭। —সর্পী (-সর্পিন্) বিণ [+ √সৃপ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্পিণী] সমীপগামী। "পরপীড়োপসর্পী মহা ১.২০.১২। দুরূপসর্পী মনু ৭.৯।

উপসর্য্যা বিণ [উপ+ √সৃ+য (যৎ)-র্ম্ম, নিপাতনে+স্ত্রী আ (টাপ্)] গর্ভাধানার্থ বৃষের উপগমনযোগ্যা (গবী) ; গর্ভগ্রহণে প্রাপ্ত-কালা। "পা ৩.১.১০৪। অ.কো ২.৯.৭০। —সার্য্য বিণ [+য (ণ্যৎ) -র্ম্ম] গন্তব্য। "উপসার্য্যা কাশী (সি)।

উপসাগর বি প্রায় স্থলবেষ্টিত সাগরাংশ (Bay, Gulf)।

উপসান্ত্বন ক্লী [উপ+ √সান্ত্ব্+অন (ল্যুট্)-ভা] সমাশ্বাসন। "পা ১.৩.৪৭। —সান্ত্বিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সমাশ্বাসিত। "গো.রা ৫.৭২.১।

উপসুন্দ পুং হিরণ্যকশিপুর বংশে জাত নিকুম্ভ দৈত্যের পুত্র। "হি ৪.২৩। সুন্দ উপসুন্দ দেখ আনন্দে ভাসিছে। ভ্রাতৃপ্রেমনীরে পুনঃ মে ২৮৭। [সুন্দ ইহার জ্যেষ্ঠ ভ্রাতা। ব্রহ্মার বরে ত্রিভুবন অধিকার করিয়া যজ্ঞনাশাদি অত্যাচারে প্রবৃত্ত হইলে, ব্রহ্মা তিলোত্তমার সৃষ্টি করিয়া ভ্রাতৃভেদ করেন এবং উভয় ভ্রাতা তিলোত্তমার নিমিত্ত যুদ্ধ করিয়া নিহত হয় (মহা ১.২০৯-২১২ অধ্যায় ; ম ২২৬)।]

উপসূর্য্যক ক্লী [সূর্য্যকে উপগত প্রা.স, ক (কন্) স্বার্থে] ১ সূর্য্য ও চন্দ্রের উপরি রশ্মিমণ্ডল (অ.টী) ; পরিবেষ, পরিধি, মণ্ডল (disc)। ২ সূর্য্যের রশ্মিচ্ছটা (M.W.)।

উপসৃষ্ট বিণ [উপ+ √সৃজ্+ত (ক্ত)-র্ম্ম ; বৈদিক] ১ উপক্রত, বিপ্রকৃত। "মনু ৪.৬১। ২ উপরক্ত, রাহুগ্রস্ত ; রক্তাদ্যুপসর্গযুক্ত।

"নোপস্পৃষ্টম্ (আদিত্যমীক্ষেত) মনু ৪.৩৭। **৩** বিসৃষ্ট, ত্যক্ত। "ভ ১.১২.১। **৪** ভূতাদি কর্ত্তৃক আবিষ্ট বা উপহত। "ভূতোপসৃষ্ট রা ২.৬০.১। যাজ্ঞ ১.২৭২। **৫** ব্যাপ্ত। "রোগোপসৃষ্টতনু রঘু ৮.৯৪। ভ ১.১৬.২৩। **৬** অর্দ্দিত, পীড়িত। "ক্ষুত্তৃড়্ভ্যামুপসৃষ্টাঃ ভ ৩.২০.২০; কাম° ৪.৭.৮। **৭** গ্রস্ত, অভিভূত। "ভূমণ্ডলম্…কালোপসৃষ্টম্ ভ ৪ ১২.১৬। **৮** অনুস্যূত, সম্পৃক্ত, অন্বিত। "সুখং দুঃখেনোপসৃষ্টম্ (S.W.)। **৯** (ব্যাকরণে) উপসর্গযুক্ত, উপসর্গসম্বদ্ধ। "পা ১.৪.৩৮। —সৃষ্ট পুং রাহুগ্রস্ত সূর্য্য বা চন্দ্র। —সৃষ্ট ক্লী মৈথুন।

উপসেক পুং [উপ+ √সিচ্+অ (ঘঞ্)-ভা] **১** জলাদিসেচন, আর্দ্রীকরণ, নিষেক। **২** জলাদিসেচনে মৃদুকরণ (নরম করা)। —সেচন ক্লী [+অন (ল্যুট্)-ভা; ছান্দস] সর্থ 'উপসেক'। —সেচনী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] সেচনার্থ দর্ব্বি (হাতা)।

উপসেবক বিণ [উপ+ √ সেব্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -বিকা] **১** সেবাকারক, পরিচারক। **২** পূজক, সম্মানয়িতা। **৩** উপভোক্তা। "পরদার° যাজ্ঞ ৩.১৩৬। —সেবন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** সেবা, পরিচর্য্যা। "নিরতাহং…ভ্রাতৃণামুপসেবনে মহা ৩ ২৩২.২৯। **২** পূজন, সম্মাননা। **৩** উপভোগ, গমন। "পরদার° মনু ৪.১৩৪। **৪** ভজন, আশ্রয়, অনুষ্ঠান। "পাপ° মহা ৩.১.২৮। **৫** উপভোগ, ভোগ। "ছায়োপসেবন মহা ৩.৩২.৪। —সেবা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] **১** পরিচর্য্যা, সেবা, চাকরী। "পরোপসেবাং পাপিষ্ঠাম্ মহা ১.১৩১.৫৯। রাজোপসেবা মনু ৩.৬৪। **২** সম্ভোগ, গমন। "পরদারোপসেবা মনু ১২.৭। **৩** উপভোগ। "বিষয়° মনু ১২.৩১। **৪** শুশ্রূষা, উপচার, সেবা। "বৃদ্ধোপসেবানিরত।—মহা ১৩.১১.১০। **৫** পালন, আচরণ অনুবর্ত্তন। "ধর্ম্ম° মহা ২.৭৮.১৮। —সেবিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** উপভুক্ত, কৃতভোগ। **২** চর্চ্চিত, লিপ্ত। "চন্দনেন…অঙ্গমুপসেবিতম্ রা (S.W.)। **৩** আচরিত, পালিত (ধর্ম্ম)। —সেবী (-বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -বিনী] **১** পরিচারী। "বৃষলাগ্ন্যুপসেবিনাম্ মনু ১১.৪৩। **২** পরিচারক। "রাজোপসেবী (শ্রাদ্ধে বর্জ্জ্যঃ)। —নারদ। **৩** শুশ্রূষাকারক, উপচারক। "বৃদ্ধোপসেবী গো.রা ৫.৩৬.৬৩। মনু ২.১২১। **৪** অনুষ্ঠাতা, আচারী। "বিপরীত°।—পঞ্চ ৩.১৯৫।

উপস্কর পুং [উপ+ √কৃ+অ (অচ্)-ক; 'ভূষণাদি' অর্থে স্ (সুট্) আগম, পা ৬.১.১৩৭-১৩৯] **১** যাহা ভূষিত করে; ভূষণ, কটক-কুণ্ডলাদি। **২** যাহা ব্যঞ্জনে সমবেত হয়; ব্যঞ্জনসংস্কারার্থ পিষ্টধন্যাক-সর্ষপাদি; বেসবার, বেসার, বাটনা। **৩** দর্পণবস্ত্রাভরণাদি (রা.টীকা); গৃহোপকরণ কুণ্ডসম্মার্জ্জনী-প্রভৃতি, কুণ্ডকটাহাদি গৃহভাণ্ড; গৃহোপযোগি-সূর্পমুষলাদি (কুল্লুক); গৃহোপকরণবর্গ—উলূখল মুষল দৃষদ্ উপলা ইত্যাদি (মিতাক্ষরা)। "রা ২.৬৫.৯। মনু ৩.৬৮; ৫.১৫০; ১২.৬৬। যাজ্ঞ ১.৮৩। **৪** ক্রিয়াসাধনদ্রব্য, উপকরণমাত্র। "°সংযুতা।—অত্রি ৩২৯। ক্রীড়োপস্কর।—ভ ১.২৩.৪৩। **৫** [+অ (অপ্)-ভা] গুণান্তরাধান, গুণাধান। **৬** বিকার। **৭** অধ্যাহার, আকাঙ্ক্ষিতের একদেশপূরণ। **৮** হিংসন (ত.বা)। **৯** নিন্দা, অপবাদ (Wilson)। —স্করণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** ভূষণ, অলঙ্কার। **২** সর্থ 'উপস্কর (৫-৮)। **৩** সমবায়, সংঘাত। **৪** [+অন-ণ] ভূষণ, কুণ্ডলাদি। —স্কার পুং [+অ (ঘঞ্)-ভা] **১** অধ্যাহার। "অনুপস্কারম্ (বচঃ) কি ১১.৩৮। **২** সর্থ 'উপস্করণ'। **৩** (বাঙ্লায়) পরিষ্কার, শোধন, মার্জ্জনা। "স্থান উপস্কার সভে করিতে লাগিল চৈ.ভা ৩৭। সর্ব্বগৃহ করি উপস্কার ৬১; স্থান-উপস্কার ৪৪১। **৪** শোভা, সৌন্দর্য্য। "বিচিত্র মন্দির থান বড় উপস্কার শ্রী.ম ১৪৭। **৫** সুশোভিত, মনোহর। "নগর বারণ কর বড় উপস্কার ম.বি ১৯; দুঃশাসন মন্দির করহ উপস্কার ২৪৯। —স্কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** ভূষিত, অলঙ্কৃত, মণ্ডিত। "উপস্কৃতা কন্যা (সি)। সিতাতপত্রব্যজনৈরূপস্কৃতঃ ভ ১.১১.২৮। **২** সমবেত, সমুদিত। "উপস্কৃতা ব্রাহ্মণাঃ (সি)। **৩** অধ্যাহৃত। **৪** বিকৃত। "মাংসং যচ্চানুপস্কৃতম্ মনু ৩.২৫৭। **৫** গুণান্তরাধানযুক্ত, আহিতগুণ। "মনু ৫.১১২। **৬** বিগর্হিত, নিন্দিত। "মনু ৭.৯৮। **৭** অপকৃষ্ট, জঘন্য। "মহা ১৩.৬৬.২৬। **৮** প্রয়োজনাপেক্ষ। "মনু ১০.৬২। **৯** (বাঙ্লায়; অপ্র) আহিতগুণ, শিক্ষিত। "উপস্কৃত করি কৈল রাজার গোচর। পরীক্ষা চাহন্তি ধৃতরাষ্ট্র নৃপবর॥—ম.বি ১৩। [উপস্করি—পরিষ্কার করিয়া; মার্জ্জনা করিয়া। "আগে ব্যথে স্থান উপস্করি সর্ব্বজনে। রন্ধনের সামগ্রী আনিল সেইক্ষণ চৈ.ভা ৩৭। উপস্করিতে —সমবেত করিতে; যোগাড় করিতে। "দ্রব্য উপস্করিতে নকুল মহাশয় শ্রী.ম ২৩৩। উপস্করিলেন—পরিষ্কার করিলেন। "স্থান উপস্করিলেন সভে ততক্ষণ চৈ.ভা ৩৫।]

উপস্তম্ভ পুং [উপ+ √স্তন্‌ভ্+অ (ঘঞ্)-ভা] **১** পতনপ্রতি-রোধক অবলম্বন; আলম্বন, আশ্রয়। "মুষিকবল° হি ১২৬৯। **২** স্থিতি। **৩** জীবনধারণে অবলম্বন অন্ননিদ্রাদি। —স্তম্ভক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ম্ভিকা] উপস্তম্ভকারক, স্থিতিকর, সহকারী।

উপস্তরণ ক্লী [উপ+ √স্তৃ+অন (ল্যুট্)-ভা; ছান্দস] **১** আস্তরণ, বিছান। **২** প্রসারণ, বিস্তার। **৩** [+অন-ণ] আচ্ছাদন। **৪** আস্তরণ। "অমৃতোপস্তরণমসি।

উপস্ত্রী স্ত্রী [প্রা.স] অপ্রধানা স্ত্রী; উপপত্নী।

উপস্থ বিণ [উপ+ √স্থা+অ (ক)-ক; স্ত্রী -স্থা; ছান্দস] সমীপস্থ, নিকট। —স্থ পুং **১** উৎসঙ্গ, ক্রোড় (মেদিনী)। "ঋগ্বেদ ৭.১০৪.৯। আশ্বলায়নগৃহ্যসূত্র ৩.৭.২৩। **২** উপরিভাগ। "রথ° গী ১.৪৬। মহা ৩.৭৪.১। ভ ৪.১৭.৩৫। —স্থ পুং **১** পুংশ্চিহ্ন, শিশ্ন। "°নিগ্রহ যাজ্ঞ ৩.৩১৩। **২** স্ত্রীচিহ্ন, যোনি। "স্থূলোপস্থস্থলী (ভর্তৃহরি)। পায়ু° মনু ২.৯০; ৮.১২৫। যাজ্ঞ ৩.৯২। **৩** গুহ্যদ্বার (শ.ক)। —স্থাতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] **১** সমীপে স্থিতিকারক। **২** যথোক্তকালে উপগত। **৩** উপাসক। —তা পুং **১** ভৃত্য; সেবক। **২** ঋত্বিগ্‌বিশেষ। —স্থান ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** উপস্থিতি। "আচার্য্যাভ্যামত্রোপস্থানম্।—মা.মি ১২৩। পরাশর ৮.৩। সর্ব্ব বন্ধু-গণের হইল উপস্থান চৈ.ভা ২৯; ১১৪। **২** সমীপে স্থিতি। **৩** উপসর্পণ, সমীপগমন। "°স্তোত্রপদ্ধতি উ.চ ১$\frac{8}{5}$। **৪** সঙ্গতি, মেলন (যাদব)। **৫** অনুসন্ধান (ত.বা)। "যাজ্ঞ ৩.১৬০। **৬** উপাসনা পূজা। "ইন্দ্র° রা (S.W.)। যাজ্ঞ ১.১২। সূর্য্য° বিক্র ১$\frac{3}{8}$। অহঙ্কারে তোমারে না করে উপস্থান ম.বি ২৪০। **৭** [+অন -ধি] সভা। "গো.রা ৬.৭২.৫৪। "°গৃহ মহা ১.১২৮.৪০; ২.৪৯.৩৩। **৮** দেবতাগার, দেবস্থান। —স্থানীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] **১** পূজনীয়, উপাস্য। "উপস্থানীয়ঃ শিষ্যেণ গুরুঃ (কাশিকা)। **২** [+অনীয়-ক, নিপাতনে, পা ৩.৪.৬৮] পূজক, উপাসক। "উপস্থানীয়োঽন্তেবাসী গুরোঃ (কাশিকা)। —স্থাপক বিণ [+ √স্থা+ই (ণিচ্)+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -পিকা] **১** সমীপে স্থাপক; উপস্থাপয়িতা। **২** স্মারক। —স্থাপন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** সমীপে স্থাপন; উপন্যাস। **২** স্মারণ। —স্থাপিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** সমীপে স্থাপিত; উপন্যস্ত। **২** বোধিত। "পদোপস্থাপিতানাং পদার্থানাম্ সা.দ ২.১, টীকা। **৩** (বাঙ্লায়) বিচারার্থ কৃতপ্রস্তাব (বিষয়)। [উপস্থনিগ্রহ (পুং)—কামেন্দ্রিয়সংযম। "যাজ্ঞ ৩.৩১৩।]

উপস্থিত বিণ [উপ+ √স্থা+ত (ক্ত)-ক] **১** সমীপস্থিত, সন্নিহিত। **২** সমীপাগত, উপাগত, সমাগত। "ভিক্ষুকং…উপস্থিতম্ মনু ৩.২৪৩। শ ৪.১; °শ্রেয়োঽবমানিন্ ৬২৪। রঘু ১.৪৭; ৮৭। ভগবতী, তোমার যম জামাই দুই উপস্থিত, যাহার কাছে ইচ্ছা তাহার কাছে যাও য ১৩।

৩ সঙ্গত, মিলিত। "রঘু ১৪.১৪। ৪ উপসন্ন, আসন্ন, সমাগত, প্রাপ্ত। "উপস্থিতাং হোমবেলাম্ শ ৪$\frac{১}{৪}$। ভ ১.১৪.৮। উপস্থিত বিপদ্ কৃ ২২৫। ৫ স্বতঃপ্রাপ্ত। "গো.রা ২.৩.৪৩। উপস্থিতমগ্রহীদঙ্গঃ রঘু ৮.২। ৬ উপনত। "অযাচিতোপস্থিত কু.স ৫.২২। ৭ আবির্ভূত। "চিন্তিতোপস্থিতাগ্নেয়-খড়্গ ক.সা ১৮.১১৬; ধ্যাত° ৩০২। ৮ আপতিত, সংঘটিত। "এতদ্ (দুঃখম্) উপস্থিতম্ রা ২.৫৩.১৯। ৯ প্রাপ্ত, গত। "মামিদমুপস্থিতম্ রা ২.৩৯.৪। উপস্থিতোদয় রঘু ৩.১। ১০ অবৈদিক, অনার্য। "পা ৬.১.১২৯। ১১ চিত্তে উপগত, স্মৃতিগত। ১২ বর্ত্তমান, বিদ্যমান। "উপস্থিত বিপৎপাত হইতে নিষ্কৃতিলাভ করিব সী ২৬। ১৩ [+ত -র্ম্ম] সেবিত। "সভাসদ্‌ভিরুপস্থিতম্ (রামম্) রঘু ১৫.৩৯। ১৪ অন্বিত, যুক্ত। "সর্ব্বকামৈরুপস্থিতাঃ রা ১.১৩.১৩। ১৫ সেবিত, পূজিত, উপাসিত। "উপস্থিতো গুরুর্ভবতা পা ৩.৪.৭২, কাশিকা। ১৬ প্রাপ্ত, অভ্যুপেত। "ঈদৃশৈরহং বিপ্রৈরুপস্থেয়ৈরুপস্থিতঃ রা ৩.১০.৯। (ময়া) ভাঙ্গাসুরিরুপস্থিতঃ মহা ৩.৭০.২। —ত ক্লী [+ত-ভা] উপস্থান, সেবা (A.)। —স্থিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সমীপে স্থিতি; সন্নিধান। ২ বিদ্যমানতা। ৩ আগমন। ৪ উপসেবন। ৫ প্রাপ্তি, আবির্ভাব। "পদজন্যপদার্থোপস্থিতি সা.দ (ত.বা); ২.১ টীকা। —স্থেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] উপসেব্য, পূজ্য। দ্র 'উপস্থিত (১৫)। [উপস্থিতপরিত্যাগ (পুং) —প্রাপ্তবিষয়ের পরিহার। "°গে প্রমাণাভাবাৎ (ন্যায়শাস্ত্র)। °বক্তা (-ক্তৃ) পুং—যে তৎকালে উপস্থিত বিষয়ে বলিতে পারে; পূর্ব্বে আলোচনা ব্যতীত উপস্থিত যে কোন বিষয়ের বক্তা (A ready speaker)।]

উপস্নেহ পুং [উপ+ √স্নিহ্+অ (ঘঞ্)-ভা] ১ আর্দ্র দ্রব্যের সংস্পর্শে আর্দ্রতা। ২ উপগত বা সঞ্চরিত স্নেহ। "উপস্নেহেন জীবামি জীবন্তীং যচ্ছুণোমি তাম্ গো.রা ৫.৭৫.১১।

উপস্পর্শ পুং [উপ+ √স্পৃশ্+অ (ঘঞ্)-ভা] ১ স্পর্শন। "সাক্ষাদনুভবে যেন কৃষ্ণ উপস্পর্শ চৈ.চ ৩৩৮। ২ স্নান। ৩ আচমন। —স্পর্শন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ স্পর্শন। ২ স্নান। "°কালে রা ২.২৫.২৪। ৩ আচমন। "দক্ষ ২.১৩। ৪ দান। "ষড়্‌ভাগ।—মহা ১৩.৬৫.১৩। —স্পৃষ্ট বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতস্পর্শন, সম্যক্‌স্পৃষ্ট। "°ষ্টোদক মনু ৩.২০৮। ২ সন্নিধিমাত্রে সেবিত। "মুনয়ঃ…সদ্যঃ পুনন্ত্যুপস্পৃষ্টাঃ।—ভ ১.১.১৫। ৩ [+ত-ক] আচান্ত, কৃতাচমন। "মহা ১.৩.১০৮। ভ ১.৬.১৫। ৪ স্নাত, কৃতস্নান। "রা ৩.৭৫.৪। —স্পৃষ্ট ক্লী [+ত-ভা] উপস্পর্শ, আচমন। "মহা ১.৩.১০৮।

উপস্মৃতি স্ত্রী [প্রা.স] অপ্রধান স্মৃতি বা ধর্ম্মশাস্ত্র (lawbook)। [উপস্মৃতিকারগণ—জাবালি নাচিকেত স্কন্দ লৌগাক্ষী কশ্যপ ব্যাস সনৎকুমার শতর্জ্জু ব্যাঘ্র জনক কাত্যায়ন জাতুকর্ণ্য কপিঞ্জল বৌধায়ন কণাদ বিশ্বামিত্র (M.W.)।]

উপস্বত্ব ক্লী [প্রা.স] ১ ভূমি-প্রভৃতিতে উপগত স্বত্ব (স্বামিত্ব); ভূমি-প্রভৃতির স্বামিত্বহেতুক লভ্য ধনধান্যাদি; ভূমির কর বা খাজনা। ২ ভূমিজাত শস্যাদি। ৩ আয়, লাভ। "এবার বাণিজ্যে যত উপস্বত্ব হব। …শ্রীচরণপদ্মে সমর্পিব॥—ভ.গ্র ২২।

উপস্বেদ পুং [উপ+ √স্বিদ্ + অ (ঘঞ্)-ভা] ১ উপতাপ। ২ [+অ-ণ] অগ্নি-প্রভৃতির সান্নিধ্যহেতু উষ্ণতা। ৩ তাপ। "সোপস্বেদ মহা ১.১৬.২৫; ৩.১০৬.২২।

উপহত বিণ [উপ+ √হন্+ত (ক্ত)-র্ম্ম] ১ দূষিত। "কার্পণ্যদোষোপহত গী ২.৭। আশোপহতান্তবৃত্তি কু.স ৫.৭৬। অত্যন্ত°।—বিষ্ণু ২৩.২। শ্বকাকোপহত।—পরাশর ৭.২৪। ২ আহত, তাড়িত। ৩ তিরস্কৃত (রা.টীকা), বিফলীকৃত। "দৈবোপহতকর্ম্মণঃ রা ১.৫৮.২৩। ৪ পীড়িত। "তৃষ্ণোপহত।—ঋতু ১.১৫। ৫ বিঘটিত, অভিহত। "কি ১.৪৮। ৬ অভিভূত, ব্যাকুলীকৃত। "দুঃখ° রা ২.৪৭.১৯। লোভ° গী ১.৩৭। দারিদ্র্য°।—পঞ্চ ৫$\frac{২}{২}\frac{২}{৩}$। বাঘ-বলদে সদাই দ্বন্দ্ব নিবারিব কত। অভাগিনী গৌরীর প্রাণ সদাই উপহত॥—ক.চ ৩১। ৭ আবিষ্ট, উপসৃষ্ট। "ভূতোপহতচিত্তা রা ২.৫৮.৩৪। ৮ আপ্লুত। "স্তনাবপি শুচোপহতৌ ভ ৪.২৬.২৫। ৯ নিরস্ত, দূরীকৃত। "মলোপহতপ্রসাদে (দর্পণতলে) শ ৭.৩২। নিঃশ্বাসমারুতোপহত (দর্পণ—S.W.)। ১০ কলুষিত, রুদ্ধ। "বাষ্প° (বাক্) রা ২.৫৯.১৭। ১১ আক্রান্ত, ব্যাহত, অভিভূত। "দশা কৃতান্তোপহতেয়ম্ গো.রা ২.৬১.৩৪। প্রমোদ° ভ ১০.৭১.৩৯। মু ৬.৮। ১২ দষ্ট, সচ্ছিদ্রীকৃত। "ঘুণ°।—সুশ্রুত (S.W.)। ১৩ সংস্পৃষ্ট। "নিঃশ্বাস° মনু ৩.১৯। ১৪ বশীকৃত। "কামোপহতচেতন মনু ৯.৬৭। ১৫ বিনাশিত। ১৬ প্রতিহত, অন্ধীকৃত। "°দৃক্।—কি ১২.১৮। ১৭ আক্ষিপ্ত, আকীর্ণ। "আসনানি…দ্বিদর্ভোপহতানি।—মনু ৩.২০৮, কুল্লুক। ১৮ (বাঙ্‌লায়; অপ্র) উপদ্রব, অমঙ্গল। "রাজ্যে উপহত নাহি সর্ব্বত্রে কল্যাণ কৃ.উ ১৬২। —হতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ উপঘাত, আঘাত। ২ উপদ্রব, অত্যাচার, পীড়ন। "সহিতে না পারি দৈত্যগণের উপহতি ম.ম ৪০। (গৌড়পথে) দৌরাত্ম্যাদি এবে কিছু নাহি উপহতি চৈ ১৪০। ৩ প্রতিঘাত। ৪ বিনাশ। —হন্তব্য বিণ [+তব্য-র্ম্ম] হন্তব্য, বধ্য। "ক.সা ২৬ ১৪০। —হন্তা (-ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক -১ব; স্ত্রী -ত্রী] উপঘাতক, নাশক, অপকারক। "স্তন্যশুক্রমেদসামুপহন্তা (কটুকঃ)।—সুশ্রুত।

উপহব পুং [উপ+ √হ্বে+অ (অপ্)-ভা, সম্প্রসারণ, পা ৩.৩ ৭২; ছান্দস] ১ আহ্বান। "অন্যোন্যোপহব ভট্টি ৭.৬০। ২ [+অ-ণ] আহ্বানমন্ত্র। "ভ ৪.১৯.২৮। —হূত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আহূত। "উ.চ ৫.৮। —হূতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] আহ্বান। "বিহিত° মাঘ ১৪.৩০; কৃত° ১৭.৪৯।

উপহরণ ক্লী [উপ+ √হৃ+অন (ল্যুট্)-ভা] ১ সমীপে নয়ন; নিকটে আনয়ন। ২ উপহারদান। ৩ পরিবেষণ; খাদ্যবিভাজন। —হর্ত্তা (-র্ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ উপহারদাতা। ২ পরিবেষক, খাদ্যবিভাজক। "মনু ৫.৫১। —হার পুং [উপ+ √হৃ +অ (ঘঞ্)-র্ম্ম] ১ যাহা উপহৃত হয়; উপঢৌকনদ্রব্য; উপায়ন, ভেট। "দণ্ডনৃত্যোপহার পু.মে ৩৩। এ যৌবনধন, দিব উপহার রমণে মা ১৬৬। ২ দেবতার পূজাদ্রব্য; উপচার, পুষ্পাদি। "পুষ্প° গো.রা ৩.১৬.১০। মহা ৩.৩.৩৩। পাশে হেমঘণ্টা৹ উপহার নানা মে ১৯৫। ৩ বলি—পশু-প্রভৃতি। "পশূপহার রঘু ১৬.৩৯। দুঃশাসনেন ভ্রাত্রাহমুপহারেণ রক্ষিতঃ বে ৪.৭। ৪ ধনাদিদান দ্বারা কৃত সন্ধিবিশেষ। "হি ৪.১১১; ১১৪। ৫ পরিবেশনার্থ খাদ্য। "নানা উপহারে কটক করিল ভোজন কৃ.উ ৫৩। দু ৯৮; ১০০; ১০১; চিড়া দধি রম্ভা আদি আনি উপহার ১০৩; ১০৪। ৬ [+অ-ভা] পূজা। "পুষ্প° রঘু ৫.৭৪। উৎফুল্লপুষ্প° মাঘ ১১.৩৬। ৭ সমর্পণ। "রত্নপুষ্প° রঘু ৪.৮৪। ৮ [প্রা.স] হারের সমীপস্থ শোভাজনক দ্রব্য। ৯ (বাঙ্‌লায়; অপ্র) আবরণ, ছাউনি। "হিয়া সম কুলিশ, বচন মধুধার। বিষঘট উপরে দুধ উপহার॥—জ্ঞা ২০৪। —হৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সমীপে নীত; উপনীত। "নৈ ২০.১৫৯। ২ উপহাররূপে প্রদত্ত; উপঢৌকিত। ৩ বলিরূপে দত্ত; উৎসৃষ্ট। ৪ প্রত্যর্পিত, অর্পিত। "উপহৃতাভরণ রঘু ১৬.৮৬। উপহৃতার্হণ।—ভ ৪.২.১৯। ৫ প্রাপিত। "তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি গী ৯.২৬। ৬ পরিবেশিত, বিভাজিত (খাদ্য)। ৭ সংক্ষিপ্ত। ৮ অপনীত, নিবর্ত্তিত। "উপহৃতো ময়া রথঃ বে ৪$\frac{৭}{৮}$।

উপহসিত বিণ [উপ+ √হস্+ত (ক্ত) -র্ম্ম] অবক্ষিপ্ত, কৃতোপহাস। "যিনি এই সংসারের মায়ার হাটে উপহসিত হইয়া মৃত্যুচ্ছায়ার

অন্ধগুহামধ্যে অবতীর্ণ হইয়াছিলেন চা.পু ৬৬। —ত ক্লী [+ত-ভা] উপহাস, নিন্দাসূচক হাস্য। —হাস পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পরিহাস, ঠাট্টা। "সোপহাস (মহা)। রঘু ১২.৩৭। ২ নিন্দাসূচক হাস্য; নিন্দার্থবাক্যাদি (শ.ক)। ৩ কৌতুক, নর্ম্ম। —হাস্য বিণ [+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -স্যা] উপহসনীয়, পরিহাসার্হ, উপহাসবিষয়। "°তা। —রঘু ১.৩। —হাস্য বি ['হাস্য'-এর অনুকরণে '°স্য'; ঠ 'উপহাস্য' —উপহাস] (বাঙ্লায়; অপ্র) উপহাস। "উপহাস্য করে তবে কর্ণের নন্দন অ.প ৫৪। বি.পা ৬৪। [উপহাসে—উপহাস করে। "শ্রী.কী ১৮৬।]

উপহস্তিকা স্ত্রী [প্রা.স; °হস্ত+ক (কন্) সংজ্ঞার্থে+স্ত্রী আ (টাপ্)] হস্তগতা তাম্বূলপেটিকা; তাম্বূলপাত্রী, বেটুয়া। "উপহস্তিকায়াস্তাম্বূলং কর্পূরসহিতমুদ্ধৃত্য (দশকুমার)।

উপহিত বিণ [উপ+ √ধা+ত (ক্ত) -র্ম্ম; বৈদিক] ১ সন্নিধাপিত, সমীপে স্থাপিত। ২ নিহিত, নিবেশিত, বিন্যস্ত। "বামহস্তোপহিতবদনা শ ৪২৳। পুষ্পং প্রবালোপহিতং যদি স্যাৎ কু.স ১.৪৪। মাঘ ১৫.৮১। ৩ অর্পিত, দত্ত। "প্রযত্ন° (আসন) মহা ১.৭০.৪৮। তদুপহিতকুটুম্ব রঘু ৭.৭১; ৯.৩১। ৪ আরোপিত। "°শোভা (অযোধ্যা) ভট্টি ২.৫৫। ৫ প্রযুক্ত। "ক্রিয়া হি বস্তুপহিতা প্রসীদতি।—রঘু ৩.২৯। ৬ বিশিষ্ট, অন্বিত। "অধর্ম্ম°, সৈন্ধব° (সুশ্রুত)। অর্থোপহিতং বাক্যম্ গো.রা ৫.৬৯.১৫। বিনয়° মাঘ ১৬.৭। ৭ উপাধিসঙ্গত, উপলক্ষিত, প্রতিবিম্বিত। "এতদুপহিতং চৈতন্যম্...ঈশ্বর ইতি চ ব্যপদিশ্যতে (বেদান্তসার)। ৮ প্রতারিত, বঞ্চিত। "ত্বমুপহিতঃ পাণ্ডবৈঃ মহা (S.W.)। ৯ উপস্থাপিত, কৃত, জনিত। "মৃ ১.৫৩। ১০ (ব্যাকরণে) অব্যবহিত পূর্ব্ব।

উপহূত, -হূতি; উপহৃত দ্র 'উপহব; উপহরণ'।

উপহ্বর ক্লী [উপ+ √হ্বৃ+অ (ঘঞ্) -ধি; ছান্দস] ১ নিভৃত, নির্জন-দেশ, একান্ত। "মহা ১.১৬৭.৯। উপহ্বরে পুনরিত্যাশিক্ষয়ং ধনমিত্রম্ (দশকুমার)। ২ সমীপে। "মহা ৩.৩০৮.৪।

উপা[১] বি [রূপা>উপা; অপ্র] রৌপ্য। "গো.চ ৯২।

উপা[২] অর্ম্ম [√উবা > √উপা] বাষ্পাকারে উড়িয়া যাওয়া; উবে যাওয়া। "নদ নদী উপাইল সপ্ত সাগর কৃ.উ ৫৩। ষ্টপর্হীন ইথরের মত একেবারে উপে (অর্থাৎ উপাইয়া) গ্যালো হু ৮৫।

উপাঅ, -এ বি [সং উপায়, য় > ইঅ > এ, অ; অপ্র] ১ উপায়, পন্থা। "এবে মনে গুণী কর জীবন উপাএ শ্রী.কী ৩; চিত্ত উপাএ ১৭। শূ ৫। ২ কৌশল। "আপণে উপাঅ মোক বোল শ্রী.কী ১৬৭। ৩ রক্ষণ, রক্ষক। "জ্ঞান সাদিবারে যাই জীবন উপাএ: ব্রহ্মজ্ঞান কহি দেও জীবন উপাএ ম.পা ২৪। —পাএ বি [উপায়ে > °এ (য়ে>এ)] উপায় দ্বারা। "মরণ হয় কমণ উপাএ শ্রী.কী ১। গুরু চিন কেমন উপাএ গো.বি ১১৪। [উপাই—উপায়ে। "বাঁচব কোন উপাই বি.প ১৮২। উপাএ—উপায় (শ্রী.কী)।]

উপাংশু ব্য [ছান্দস] ১ রহঃ, নির্জনে, বিজনে। "°দণ্ড রা ৪.৫৫.১০। রঘু ৮.১৮। ২ অপ্রকাশে, গূঢ়ভাবে। ৩ নিগূঢ়। "°ব্রত মহা ১.৩.১৮। —শু পুং নিজশ্রবণযোগ্য মন্ত্রজপবিশেষ। 'নিজশ্রবণযোগ্যঃ স্যাদ্ উপাংশুঃ স জপঃ স্মৃতঃ। "উপাংশুঃ স্যাচ্ছতগুণঃ মনু ২.৮৫। হারীত ৪.৪০। [°ক্রীড়িত (বিণ)—নিভৃতে রাজার ক্রীড়াসহচর। "উপাংশু-ক্রীড়িতোঽমাত্যঃ হি ২.৯৯। °দণ্ড (পুং)—নিভৃতে বিহিত দণ্ড, অর্থাৎ বন্ধন। "রা ৪.৫৫.১০। °বধ (পুং)—গূঢ়নাশ, রহস্যহনন। "মু ২১৳। °ব্রত (ক্লী)—নিগূঢ় নিয়ম। "মহা ১ ৩.১৮।]

উপাকরণ ক্লী [উপ-আ+ √কৃ+অন (ল্যুট্)-ভা] ১ আরম্ভ। ২ পশুযাগাদিতে মন্ত্রপাঠপূর্ব্বক পশুস্পর্শন (মনু ৫.৭, কুল্লুক); যজ্ঞিয়পশুসংস্কারবিশেষ। ৩ [+অন-ণ (অ.টী)] সংস্কার(বটুকরণ)-পূর্ব্বক বেদগ্রহণ (অ.কো); উপাকর্ম্ম। —কর্ম্ম (-র্ম্মন্) ক্লী [+মন্ (মনিন্)-ভা] ১ উপক্রম। "অধ্যায়ানামুপাকর্ম্ম যাজ্ঞ ১.১৪২। ২ [+মন্-ণ] সর্থ 'উপকরণ (৩); বর্ষান্তে পুনর্ব্বার বেদপাঠারম্ভসাধন কর্ম্মবিশেষ (ত.বা)। "মনু ৪.১১৯। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ আরব্ধ। ২ মন্ত্রোচ্চারণপূর্ব্বক স্পৃষ্ট (পশু)। "অনুপাকৃতমাংস মনু ৫.৭। ৩ উপক্রত। —কৃত পুং ১ যজ্ঞে মন্ত্রপূত শস্ত্রহত পশু (অ.টী)। ২ উপদ্রব। —কৃত ক্লী [+ত-ভা] ১ আরম্ভ। ২ সর্থ 'উপাকরণ'।

উপাখ্য বিণ [উপ-আ+ √খ্যা+অ-র্ম্ম; স্ত্রী -খ্যা] প্রত্যক্ষ উপলব্ধ; অননুমেয়। "পা ৬.৩.৮০। —খ্যা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] শব্দাদি দ্বারা নির্ব্বচন বা ব্যাখ্যান (ত.বা)। "মহা ১৩.১৬.৬৪। —খ্যান ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ শ্রুত বিষয়ের কথন; পূর্ব্ববৃত্তকথন। 'শ্রুতস্যার্থস্য কথনমুপাখ্যানম্ (বিষ্ণুপুরাণ-টীকা)। ২ [+অন-র্ম্ম] পরম্পরাশ্রুত অর্থ বা বিষয়বিশেষ; ইতিহাস, পুরাবৃত্ত, কাহিনী। "রাম° ।—মহা ১.২.৫৬। রামায়ণ উপাখ্যান রচিল বাল্মীকি শ্রী.মা ১৮৩। ৩ প্রাসঙ্গিক বা অবান্তর আখ্যান। "উপাখ্যানৈঃ সহ জ্ঞেয়মাদ্যং ভারতমুত্তমম্ মহা ১.১.১০১। মা নিষাদ বলিয়া তাহার উপাখ্যান কৃ ৫। নল-উপাখ্যান ম ৪৩৫।

উপাগত বিণ [উপ-আ+ √গম্+ত (ক্ত)-ক] ১ সমীপে আগত; অভ্যাগত, উপস্থিত। "অশ্বরক্ষাপ্রসঙ্গাদুপাগতঃ উ.চ ৪২৳৩। ২ প্রাপ্ত, গত। "নিদ্রাব্যাজমুপাগতস্য...পত্যুঃ সা.দ ১৩। অস্তমুপাগতঃ (আদিত্যঃ—S.W.)। ৩ আগত, মনঃপ্রাপ্ত (রা.টীকা)। ৪ আগত, প্রাপ্ত। "পিপ্পলীনাম্...বনাদস্মাদুপাগতঃ (গন্ধঃ)।—রা ৩.১১.৪৯। ৫ সংঘটিত, আপতিত। "আপদুপগতা মহা ২.৭৯.২৬। ৬ [+ত-র্ম্ম] প্রতিশ্রুত। —গম পুং [+অ (অপ্)-ভা] ১ সমীপগমন, উপস্থিতি। ২ সংঘটন। ৩ প্রাপ্তি। ৪ অনুভব, বোধ।

উপাগ্র ক্লী [প্রা.স] অগ্রের সমীপস্থ ভাগ; উপরিভাগ। "জিহ্বাগ্রো-পাগ্রমধ্যমূলানি পা. ১.১.৯, তত্ত্ববোধিনী।

উপাঙ্গ ক্লী [প্রা.স] ১ 'অঙ্গসদৃশ', পুণ্ড্রক, তিলক, ফোঁটা। —ঙ্গ ক্লী ১ অপ্রধান অঙ্গ; প্রত্যঙ্গ—চক্ষুঃকর্ণপ্রভৃতি। ২ প্রধান অঙ্গের উপযোগী অঙ্গ; অঙ্গের অবয়ব বা গৌণাংশ। "আয়ুর্ব্বেদঃ...উপাঙ্গ-মথর্ব্ববেদস্য।—সুশ্রুত ১.১.৩। সাঙ্গোপাঙ্গ অ.কো ২.১.১। অঙ্গের অবয়ব—'উপাঙ্গ' ব্যাখ্যান চৈ.চ ১০; প্রভুর উপাঙ্গ—শ্রীবাসাদি ২৯। সাঙ্গোপাঙ্গ অবতীর্ণ চৈ.ভা ১৪। চৈ.ম ৩; ১০৩। ৩ বেদাঙ্গসদৃশ শাস্ত্র —পুরাণ ন্যায় মীমাংসা ধর্ম্মশাস্ত্র, এই চতুর্ব্বিধ। "(শাস্ত্রং) সাঙ্গোপাঙ্গম্ মহা ১.১০০.৩৮। ৪ উপরিভাগ, উপশাখা, বিভাগান্তর্ভাগ। ৫ [হি উপঙ্গ°] বাদ্যবিশেষ। "বাজত বীণ উপাঙ্গ জ্ঞা ১২৮। চৈ.ম ৫৬; ৮১; ১৮৫। গো ৭৮; উপাঙ্গ হাত পর শোভে ১৪৫।

উপাচার্য্য বি আচার্য্যের সহকারী আচার্য্য; অপ্রধান আচার্য্য। "এবারে উক্ত সমাজের কোন উপাচার্য্য বড় ধুম ক'রে কালী পূজা করেছিলেন হু ২০।

উপাঞ্জন ক্লী [উপ+ √অন্জ+অন (ল্যুট্)-ভা] উপলেপন, গোময়াদি দ্বারা লেপন। "মনু ৫.১০৫; ১২২; ১২৪।

উপাড় সর্ম্ম [সং উৎ- √পাটি>প্রা √উপ্পাড (প্রা.ম)>বা উপাড়; হি √উপাড়-ঢ়; ঠ √উপাট,-ড; মৈ √উপার; √উপট,-র (অর্ম্ম); উপাড়িঅ—উপাড়িয়া (দো); উপাড়ী (চ)] ১ উৎপাটন করা; সমূলে তোলা; ছেঁড়া, উপড়ান। "অর্জ্জুন তরু উপাড়িল আক্ষে শ্রী.কী ১৭৫। কৃ ২১১; উপাড়ে ঘরের থাম ২১২; উপাড়ি ২৫০; দন্ত উপাড়িয়া ২৭৭। উপাড়ে বিষাণ ক.চ ৪৯; উপাড়য়ে দাড়ি ১০৯। শি ১৫। ২ ছিঁড়িয়া তোলা। "অবশ্য রুধির পিমু তার হৃদয় উপাড়ি

ম.বি ২৭৭। ৩ উৎপাটিত করা ; উঠান। "(পার্ব্বতীয় নদী) উপাড়িয়া শিলা হয় ভূতলে পতন ন ৫০৭। [উপাড়িল (দ্র 'ইল[১]' ; অপ্র)— উৎপাটিত। "ভূমেতে পড়িস যেন উপাড়িল গাছ ম.বি ১৭৮।]

উপাত্ত বিণ [উপ-আ+ √দা+ত (ক্ত)-র্ম্ম] ১ গৃহীত, আদত্ত। "°ধনধান্য রা ২.৩৩.১৮। °ফল রঘু ৫.১৫। কু.স ৭.২০। ২ গৃহীত, লব্ধ। "°বিদ্য রঘু ৫.১। ক.সা ১০.৬। ৩ উদ্যত। "°চক্র ভ ৮.৩.৩২। ৪ প্রারব্ধ। "°যজ্ঞ (S.W.)। উপাত্তবর্ণে চয়িতে পিনাকিনঃ কু.স ৫.৫৬। ৫ সংপ্রাপ্ত। "পুংস্কোকিলৈঃ…উপাত্তহর্ষৈঃ।—ঋতু ৬.২১। ৬ লব্ধ, অর্জ্জিত। "ভূঃ…পিতামহোপাত্তা যাজ্ঞ ২.১২১। দুঃখোপাত্তাল্প-বিত্ত।—ভর্ত্তৃহরি। ৭ গৃহীত, ধৃত। "°শস্ত্র। —ত্ত পুং অন্তর্গতমদ হস্তী (ত.বা)। [°শস্ত্র (বিণ)—ধৃতাস্ত্র, গৃহীতায়ুধ।]

উপাত্যয় পুং [উপ-অতি+ √ই+অ (অচ্)-ভা] ১ লোকপ্রচলিত শাস্ত্রাচারের অতিক্রম। ২ ক্রমভঙ্গ, অপরিপাটী, অতিপাত। "অনু-পাত্যয় পা ৩.৩.৩৮।"

উপাদান ক্লী [উপ-আ+ √দা+অন (ল্যুট্)-ভা] ১ গ্রহণ, আদান। "দ্রব্য° মনু ৮.৪১৭ ; ১২.৭। ২ বিষয় হইতে ইন্দ্রিয়সমূহের আকর্ষণ ; প্রত্যাহার। ৩ আক্ষেপ, উপস্থাপন, প্রত্যায়ন, প্রতীতি-জনন। "সা.দ ২.১০। ৪ নির্দ্দেশ, কথন, উল্লেখ। "পা ২.৪.৩৪, সি। প্রকরণপ্রতিপাদ্যস্যার্থস্য) তদাদ্যন্তয়োরুপাদানম্ (বেদান্তসার)। ৫ [+অন-র্ম্ম] 'কার্য্যজননার্থ গৃহীত' ; কারণ (যেমন, ঘটের মৃত্তিকা, পটের তন্তু)। "সাংখ্য ৯। ৬ (ন্যায়ে) সমবায়ী কারণ। ৭ হেতু (ত্রিকাণ্ডশেষ)। ৮ উপকরণ, নির্ম্মাণসামগ্রী। "রাজার দেহে পঞ্চ দেবের অধিষ্ঠান। ইন্দ্র চন্দ্র কুবের বরুণ অগ্নি উপাদান॥—ব.প ৪৯৮। শোক হইতে শ্লোকের হইল উপাদান কৃ ৫। ৯ উৎকোচ (ত্রিকাণ্ডশেষ)। ১০ (বৌদ্ধমতে) অসহকৃতকারণ (ন্যায়কোশ)। ১১ প্রবৃত্তিজনক জ্ঞান (শ.ক)। ১২ (অলঙ্কারে) লক্ষণাবিশেষ, উপাদানলক্ষণা। 'স্বসিদ্ধয়ে পরাক্ষেপঃ…(উপাদানম্) কা.প্র ২.১০। ১৩ (বাঙলায় ; অপ্র) প্রাপ্তি, লাভ। "সপ্তশতী স্তব দেবি মার্কণ্ডপুরাণে। তাহাতে যেমত ফল হয় উপাদানে॥—চ.বি ৮। [°কারণ (ক্লী)—কার্য্যের অব্যবহিত কারণ।]

উপাদানলক্ষণা স্ত্রী [কর্ম্মধা, অথবা উ.লো] উপাদানই বা উপাদান-হেতুক লক্ষণা ; শক্যার্থের অন্বয়সিদ্ধির নিমিত্ত অশক্যার্থের উপস্থাপন-রূপ শব্দের বৃত্তি (কা.প্র ২.১০) ; যে বৃত্তি দ্বারা বাক্যার্থে অন্বয়বোধের নিমিত্ত মুখ্যার্থ দ্বারা তদ্ভিন্ন অর্থের প্রতীতি হয়, তাদৃশী লক্ষণা (সা.দ ২.৬) ; অজহৎস্বার্থলক্ষণা। যেমন, 'শ্বেত দৌড়িতেছে' বলিলে, অচেতন শ্বেতের ধাবনক্রিয়ার কর্ত্তৃত্ব অসিদ্ধ হওয়ায়, মুখ্যার্থ দ্বারা অশক্যার্থের (তদ্ভিন্নার্থের) শ্বেত অশ্বাদির উপস্থাপন বা প্রতীতি কর্ত্তব্য।

উপাদেয় বিণ [উপ-আ+ √দা+য (যৎ)-র্ম্ম] ১ গ্রহণযোগ্য, গ্রাহ্য। "ভবে সৌখ্যং হিত্বা শমমুখমুপাদেয়মনঘম্ (S.W.)। ২ বিধেয় (ত.বা)। ৩ উৎকৃষ্ট, উত্তম। "°তারতম্য (S.W.)।

উপাধান বি [সং উপধান] শিরোধান, বালিশ। "মস্তক না নড়ে যেন দেহ উপাধান ম ৮১৩। শয্যা উপাধান চৈ.চ ২৫। °স্থানীয় : °কার্য্য সী ১৬। দ্র 'উপধান (২)। ব.প্র ২৬১ ; ২৬৩।

উপাধি পুং [উপ-আ+ √ধা+ই (কি)-র্ম্ম] ১ কুটুম্বভরণ (রুদ্র)। ২ কুটুম্বব্যাপৃত (পরিবারপালনে ব্যাপৃত) জন। ৩ একরূপ বস্তুর অন্যরূপ প্রকাশ ; ছল, কপট। "আনন্দে হাকন্দে যাই সাধিতে উপাধি শ্রী.মা ১৮৩। [উপাধি সাধিতে—ছল কার্য্যে পরিণত করিতে।] ৪ বস্তুধর্ম্ম, অর্থাৎ জাতি গুণ ক্রিয়া এবং বক্তার স্বেচ্ছায় সন্নিবেশিত চৈত্র-মৈত্র-প্রভৃতি নামরূপ ধর্ম্ম (কা.প্র ২.৮) ; উপলক্ষণরূপ বিশেষণ ; বিশেষণ, প্রবৃত্তিনিমিত্ত (অ.টী)। 'দ্রব্যগুণক্রিয়াযোগোপাধয়ঃ পরগামিনঃ অ.কো ৩.৬.৪৪। "ম.চ ৭.২২। ভক্তের ভক্তিএ ভুলে দিয়ে এস যদি। বিপাক হবেক বড়, বাড়িবে উপাধি॥—শ্রী.মা ৪৭। তোমার উপাধিকৃত নাহি তার জন্ম শ্রী.ম ২৬৩। সে অতীত ত্রৈগুণ্য, উপাধি-কল্পনা-শূন্য। —রামমোহন রায়। ৫ নামের সহিত প্রযোজ্য বিশেষণ ; নামচিহ্ন, উপনাম—শর্ম্মা বর্ম্মা ভট্টাচার্য্য মিশ্র উপাধ্যায় পণ্ডিত মহামহোপাধ্যায় ন্যায়রত্ন বি.এ. এম্.এ. ডাক্তার, সার্ ইত্যাদি। ৬ ধর্ম্ম, হেতু। "ন খলু বহিরুপাধীন্ প্রীতয়ঃ সংশ্রয়ন্তে উ.চ ৬.১২ ; মা.মা ১.২৩। ৭ লোভ, ভয় ইত্যাদি। "°বর্জ্জিত মহা ৩.১৯০.৭। যাজ্ঞ ২.৩২। ৮ [+ই-ধি] ধর্ম্মচিন্তা। ৯ প্রতিনিধি। "উপাধির্ন ময়া কার্য্যো বনবাসে জুগুপ্সিতঃ রা ২.১১১.২৯। ১০ (ন্যায়ে) ব্যভিচারোন্নায়ক পদার্থভেদ (ত.বা) —অর্থাৎ সাধ্যের ব্যাপক হইয়া যাহা সাধনের বা হেতুর অব্যাপক, তাহা 'উপাধি'। যেমন 'ধূমবান্ বহ্নেঃ', এখানে, বহ্নি অসৎ হেতু, কারণ বহ্নি ধূমের ব্যভিচারী, বহ্নি ধূম ছাড়িয়া অয়োগোলকে থাকে ; অতএব, এখানে 'আর্দ্রেন্ধন' উপাধি, ইহা সাধ্য ধূমের ব্যাপক ও সাধন বহ্নির অব্যাপক।

উপাধিক বিণ ['অধিক'—মূল ; অপ্র] ১ বিলক্ষণ, বিশেষ। "সাযুজ্য বা কোন্ উপাধিক সুখ তানে চৈ.ভা ৫৭। ২ স্বাভাবিক রূপ হইতে অন্যরূপ ; অসামান্য, অসাধারণ। "উপাধিক কোথাহ নহিল দরশনে চৈ.ভা ১৭৮। ৩ অসাধারণরূপপ্রভাবযুক্ত, দিব্যমহিমান্বিত। "নিবেদন-কালে বিপ্রে দেখিয়া নৃপতিক। আশীর্ব্বাদ করে বিপ্রে দেখিয়া উপাধিক॥—অ.প ১২৩। ৪ অধিক, অতিরিক্ত। "বুড়ী বলে মোর গা করে টসমস। পাকা জামিরে যেন উপাধিক রস॥—ম.ম ১৭৭। অষ্ট-উপাধিক ষোল সহস্র রমণী শ্রী.ম ২১৯। ৫ অস্বাভাবিক। "কিছু নি চাঞ্চল্য মুক্তি উপাধিক করো চৈ.ভা ২৭২। ৬ তদতিরিক্ত, অযাচিত। "এই তিন বর তারে দিয়া যদুরায়। আর উপাধিক কিছু আপন কৃপায়॥—শ্রী.ম ১২৫। ৭ অধিকগুণবান্ ; শ্রেষ্ঠ। "আমার দেশের নটী হইতে উপাধিক গণি ম.ম ৯০। ৮ অনুপম, অপূর্ব্ব। "হইল মুখচন্দ্রিকা, অতিশয় উপাধিকা, কন্যা বর নামাইল তবে বা.ম ৭১। ৯ উপাধি-বিশিষ্ট, বিখ্যাত, নামজাদা। "অনেকগুলি উপাধিক (ওঝা) আনিল তখন ম.ম ৯১।

উপাধেয় বিণ [উপ-আ+ √ধা+য (যৎ)-র্ম্ম] ১ অভিনিবেশনীয় ; আরোপ্য। ২ (ন্যায়ে) উপাধি দ্বারা বিশেষণীয়।

উপাধ্যা বি [সং উপাধ্যায় , অপ্র] অধ্যাপক, সভাপণ্ডিত। "আইল নৃপতিকুল উপাধ্যা সহিতে শ্রী.ম ২৫২।

উপাধ্যায় পুং [উপ-অধি+ √ই+অ (ঘঞ্)-অপা ; স্ত্রী -য়া, -য়ী, -য়ানী] ১ যাঁহার নিকটে আসিয়া পড়ে ; বেদাদির পাঠয়িতা (অ.টী) ; অধ্যাপক। ২ যিনি বৃত্তির নিমিত্ত বেদের একদেশ (মন্ত্র, ব্রাহ্মণ) ও বেদাঙ্গ অধ্যাপন করেন ; জীবিকার্থে বেদৈকদেশ ও বেদাঙ্গের অধ্যাপক। "মনু ২.১৪১। যাজ্ঞ ১.৩৫। বিষ্ণু ২৯.২। ভৃতকাধ্যাপকো যস্তু উপাধ্যায়ঃ—শাতাতপ ৩.১। বসিষ্ঠ ৩। ৩ (বাঙলায়) ব্রাহ্মণের উপাধি। ৪ রাঢ়ীয় কুলীন ব্রাহ্মণের কৌলীন্যসূচক উপাধি (সম্বন্ধ-নির্ণয়)। যেমন, বন্দ্যোপাধ্যায় (বন্দ্য+উপাধ্যায়) ইত্যাদি। —য়া, —য়ী স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীপ্)] যে নারী নিজে পড়ান ; স্বয়মধ্যাপিকা, গুরু-মা। —য়ানী, —য়িনী, —য়ী স্ত্রী [°য়+স্ত্রী আন্ (আনুক্)+ঈ (ঙীপ্), পুংযোগে] উপাধ্যায়পত্নী, অধ্যাপকের স্ত্রী। "উপাধ্যায়িনী মহা ১.৩.৮৬। সভার চরণকৃপা গুরু উপাধ্যায়ী চৈ.চ ৩৫৭॥

উপান বি [√উপা[২] +অন ; তু উফান—Effervescence] উপাইয়া (উড়াইয়া) দেওয়া ; শোষণ। "শোষণ বাণেতে উপানে চাই চ.দা ১৪৯।

উপানৎ (-নহ্) স্ত্রী [উপ+ √নহ্+ক্বিপ্ (০)-র্ম্ম; উপসর্গদীর্ঘ, পা ৬.৩.১১৬; উপানহ্ > °নদ্ (সমাসে পূর্ব্বপদ)—যেমন, উপানদ্‌গূঢ়পাদ, উপানচ্ছত্র] চর্ম্মাদিরচিত পাদকোষ; চর্ম্মপাদুকা, জুতা। 'উপানহশ্চর্ম্মাদিকৃতাঃ রা ২.৯১.৭৬, টীকা। "মনু ২.১৭৮। নৈ ১.১২৩। হি ৩.৬১। সুশ্রুত ৪.২৪.৪৮। **২** মুঞ্জনির্ম্মিত পাদকোষ; মুঞ্জ ঘাসের জুতা। তু 'উপনহ্যো মুঞ্জঃ' পা ৫.১.১৪। [°গূঢ় (বিণ)—চর্ম্মপাদুকাবৃত। "°পাদস্ত নমু চর্ম্মাবৃতেব ভূঃ হি ১.১৫১। °যুগ (ক্লী)—পাদুকাদ্বয়।]

উপানদ বি [দ্র 'উপানৎ'; অপ্র] চর্ম্মপাদুকা। "ক.চ ২১১।

উপানহ বি [সং °নহ্; হি °নহ; °হ (তৈত্তিরীয়সংহিতা); °সম্প্রদান মহা ১৩.৫৭.৩৭।] **১** চর্ম্মপাদুকা। "দু ১০। শার্দ্দূলের কৃত্তিবিনির্ম্মিত উপানহ।—রঙ্গ ২২। **২** বস্ত্ররচিত পাদুকা। 'মকমলি উপানহ শ্রী.মা ৬৬।

উপানহী (-হিন্) বিণ [উপানহ্+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -হিনী] উপানদ্‌বান্, ধৃতপাদুক। "রা ৩.৪৬.৩।

উপান্ত বিণ [প্রা.স, স্ত্রী -ন্তা] 'অন্তোপাগত', অন্তের অব্যবহিত পুর্ব্ব, অন্ত্যপুর্ব্বস্থ (বর্ণ; —penultimate)। —ন্ত পুং, ক্লী [উপ (সমীপ) অন্ত যাহার (অ.চি)] **১** সমীপ, নিকট, তট। "উপান্তস্থিত রঘু ৩.৫৭, মেরোরুপান্তেষু ৭.২৪। **২** প্রান্ত, সীমা, পর্য্যন্ত। "তীর°, নগর°। দিশামুপান্তেষু কু.স ৩.৬৯, °লোহিত ৭৪। °সম্মিলিতলোচন রঘু ৩.২৬। সুরুচির চরণ-উপান্তে ধরত শির ন.প ১৪১। **৩** নদীপ্রান্ত, তট। "°বানীরগৃহ রঘু ১৬.২১। **৪** পার্শ্ব। "°সংস্তে শয়নে গো.রা ৬.১৪.২৯। ছন্নোপান্ত পূ.মে ১৮। **৫** অন্তের অব্যবহিতপুর্ব্ব স্থান। **৬** বস্ত্রাদির শেষাংশ, অঞ্চল। "°ভাগেষু·· গজাজিনস্য কু.স ৭.৩২। **৭** (বাঙলায়; অপ্র) গৃহপ্রান্ত, কোণ। "গৃহের উপান্তে শচী সশঙ্কিত হৈয়া। মহাভয়ে আছেন যেহেন লুকাইয়া॥—চৈ.ভা ৬০।

উপান্তিক ক্লী [প্রা.স] অত্যন্ত অন্তিক; অতিসমীপ। "উপাবৃত্তমুপান্তিকাৎ গো.রা ৪.৫৯.১৪। মহা ৩.১৪১.৩। কর্ণোপান্তিক। —পঞ্চ (S.W.)।

উপান্তিম বিণ [প্রা.স] অন্তিমের উপগত; উপান্ত।

উপান্ত্য বিণ [অন্ত্যকে উপগত, প্রা.স] অন্ত্যের সমীপস্থ, উপান্ত। "পা ৫.৪.৯০, সি। —ন্ত্য ক্লী সমীপ, নিকট।

উপাবর্ত্তন ক্লী [উপ-আ+ √বৃৎ+অন (ল্যুট্)-ভা] **১** পুনরাগমন, প্রত্যাবর্ত্তন। "°শঙ্কী রঘু ৮.৫৩। **২** ভূমিতে আবর্ত্তন বা লুণ্ঠন। **৩** সমীপে আগমন; উপসর্পণ। —বৃত্ত বিণ [+ত (ক্ত)-ক] **১** পুনরাগত, প্রত্যাবৃত্ত। "উপাবৃত্তমুদঙ্মুখম্ রা ৪.৬০.১৪। মহা ১৫.১৮.১২। রঘু ১.৪৯। **২** শ্রমনাশার্থ ভূমিতে পুনঃ পুনঃ লুঠিত। **৩** সমীপগত, উপাগত।

উপাম, -মা বিং ['অনুপাম' > উপাম (বৈপরীত্যে); °ম (বৈষ্ণবসাহিত্যে); অপ্র] সম, সদৃশ, তুল্য। "অতনু কাঁচলা উপাম বি.প ১৭। নাভি গভীর তোর প্রেয়াগ উপামা শ্রী.কী ৬৮। —ম বি [সং উপমা; মৈ °মা] উপমা, তুলনা। "দোহাকার সংগ্রামেতে না হয় উপাম ম ১৮৭; কি দিব উপাম ৬৪৩। যুদ্ধ নাহিক উপাম ম.বি ২০৩। চৈ.ম ৩৩।

উপায় পুং [উপ+ √অয়্+অ (ঘঞ্)-ভা] **১** সমীপগমন, উপগম। **২** উপক্রম। "অহো দুষ্টঃ কায়স্তদপি মরণোপায়চকিতঃ।—ভর্তৃহরি। **৩** [+অ-ণ] অভিপ্রেতলাভসাধন, প্রাপ্তিসাধন, করণ। "বৃত্ত্যুপায় মনু ১০.২। শক্যোঽবাপ্তুমুপায়তঃ গী ৬.৩৬। উপায়নিলয় মু ১.৫। তাহাক উপায় নাহি শ্রী.কী ১২২। **৪** কার্য্যসিদ্ধির সহজ পথ; কৌশল। "কেনোপায়েন বৈ শক্যমিহানেতুং সঃ রা ১.৯.১৪; উপায়ো নিরপায়োহয়ম্ ১০.২। উপায়েন হি যচ্ছক্যং ন তচ্ছক্যং পরাক্রমৈঃ।—হি ১.২১২। আমি সৃজিব উপায় কৃ.উ ২০৭। ম ৬৭৪। **৫** রাজার শত্রুনিরাকরণহেতু—সাম দান ভেদ দণ্ড (অ.কো)। "মনু ৭.১৭৭। °সজ্ঞাত রঘু ১৪.১১। চতুর্থ° মাঘ ২.৫৪। **৬** প্রযুক্তধনপ্রাপ্তির সাধন —ধর্ম্ম ব্যবহার ছল ইত্যাদি। 'মনু ৮.৪৮। **৭** নিরাকরণহেতু, প্রতিকারসাধনমাত্র। "উপায় না দেখি তোর রামনাম বিনে কৃ ২৫১। **৮** (বাঙলায়) বৃত্তি, পেশা। "সদাগর-পুত্র আমি উপায় বাণিজ্য বা.ম ১৯২। **৯** ধনার্জ্জন, উপার্জ্জন, আয়হেতু বাণিজ্যাদি। "মকরে মানুষ কাটে, ধিক যাক্ সিংহল-উপায় ক চ ২২০। **১০** উপার্জ্জিত ধনাদি; আয়। "ঠাকুরের উপায়ে সে ঠাঁই নাই থুতে শি ৩৪। উপায়ের সীমা নাই ভা চ ১০২। বিলক্ষণ দশ টাকা উপায় ছিল হু ১। [°ক্ষম (বিং) —ধনার্জ্জনে সমর্থ। "পা.প্র ১৬৯। °চতুষ্টয় (ক্লী)—দ্র 'উপায় (৫)। "°য় (অ.কো)। °জ্ঞ (বিণ)—উপায়নির্ণয়ে নিপুণ। °তুরীয় (ক্লী) —চতুর্থ উপায় দণ্ড। °যোগ (পুং)—উপায়ের প্রয়োগ; উপায় কাজে লাগান।]

উপায়ধি বি [লিপিপ্রমাদ, 'উপযোধী'—পাঠ] সামান্য যোদ্ধা। "মহা মহারথী কাটে তেজি উপায়ধি অ.প ১৭।

উপায়ন ক্লী [উপ+ √ই+অন (ল্যুট্)-ভা] **১** সমীপগমন, উপগমন। **২** ব্রতাদিপ্রতিষ্ঠা (শ.ক)। **৩** [+অন-ক] যাহা রাজাদিসমীপে যায়; উপহার, ভেট। "রা ২.৮৪.১০। °যোগ্যানি রত্নানি কু.স ২.৩৭। ম ৬৭৪। শি ১। চৈ ১৫, ১২৩। [দিব্য উপায়ন—উপায়নদ্রব্য। "ব.প ৮৯৯।]

উপায়াত বিণ [উপ-আ+ √যা+ত(ক্ত)-ক] সমীপাগত।

উপারত বিণ [উপ-আ+ √রম্+ত(ক্ত)-ক] **১** বিরত, নিবৃত্ত। "রঘু ১৬.৩। কি ৪.১০। °পাংশুবর্ষবেগ ভ ১০.৭.২৫। **২** নিবৃত্তিনিরত। "ভ ৩.২২.১। **৩** নিশ্চল, স্থির। "ভ ৬.২.৪২।

উপারম পুং [উপ-আ+ √রম্+অ (ঘঞ্)-ভা, নিপাতিত] বিরাম, নিবৃত্তি।

উপারম্ভ পুং [উপ-আ+ √রভ্+অ (ঘঞ্)-ভা] উপক্রম, আরম্ভ। "সর্ব্বকর্ম্মোপারম্ভ।

উপারূঢ় বিণ [উপ-আ+ √রুহ্+ত(ক্ত)-ক] **১** উপস্থিত সমাগত। "উপারূঢো মধ্যাহ্নঃ মা.মি ২১/২। **২** প্রাপ্ত, গত। "রঘু ১৭.৩০। অবস্থান্তরমুপারূঢ়া ৩৪/৯। **৩** গত, আরূঢ়। "প্রাসাদাগ্রমুপারূঢ়া গো.রা ২.৬.১।

উপার্জ্জক বিণ [উপ+ √অর্জ্জ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -র্জ্জিকা] অর্জ্জনকারক, অর্জ্জয়িতা। —র্জ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** অর্জ্জন। "অর্থস্যোপার্জ্জনম্।—পঞ্চ ২.১২৯। **২** লাভ, প্রাপ্তি। "শস্ত্রাণাং··· উপার্জ্জনম্ গো.রা ৫.৮২.১৭। **৩** (বাঙলায়; অপ্র) উৎপাদন, জন্মান, আজ্জান। "সসানামে খন্দ মহী কৈল উপার্জ্জন চৈ.ম ১৭০। —র্জ্জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] **১** অর্জ্জিত। "মহা ২.৩৩.১৮। মনু ৭.৯৫। হি ১.১৬৪। **২** কৃত। "চিরকালোপার্জ্জিতঃ প্রিয়সুহৃৎ হি ১১৫/৮।

উপালব্ধ বিণ [উপ+আ+ √লভ্+ত (ক্ত)-র্ম্ম] তিরস্কৃত, ভৎর্সিত। "ভ ৫.১০.১। —লম্ভ পুং [+অ (ঘঞ্)-ভা] **১** ভৎর্সন, তিরস্কার। "কৌশল্যোপালম্ভ গো.রা ২.৬১ (সর্গশেষে)। উ.চ ৩২/৮। **২** দুর্ব্বাক্য, নিন্দাপুর্ব্বক বা স্তুতিপুর্ব্বক তিরস্কার। যেমন, বন্ধকীপুত্র, তোমার ইহাই কি উচিত? সদ্বংশজাত আপনার ইহা কি উচিত? —লম্ভন ক্লী [+অন-ভা] ভৎর্সন। "মহদুপালম্ভনং গতোঽস্মি শ ৫২/৮।

উপাশ্রয় পুং [উপ-আ+ √শ্রি+অ (অচ্)-ভা] **১** আশ্রয়, অবলম্বন। "পার্থিবোপাশ্রয় (ভর্তৃহরি)। **২** [+অ-র্ম্ম] আশ্রয়, শরণ। "দুঃখিতানামুপাশ্রয়ঃ মহা ৩.৩১১.২১; রাজর্ষীণাম্···অন্তে বনমুপাশ্রয়ঃ ১৫.৪.৫।

৩ আস্পদ, ভাজন। "কি ১৩.৪০। ৪ [+অ-ক] আশ্রয়কারী, আশ্রিত। "মনু ৯.৩৩৫। —শ্রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অবলম্বিত, কৃতাশ্রয়। ২ [+ত-ক] আশ্রিত, গত, প্রাপ্ত। "রা ২.৭৩.১৫। মামুপাশ্রিতাঃ গী ৪.১০; ১৬.১। ৩ আশ্রিতের আশ্রিত। "চরক।

উপাষ, -স বি [সং উপবাস প্রা উআস (হে ১.১৭৩) > বা (অর্দ্ধতদ্ভব —উপআস) উপাস, -ষ (তু 'উপোষ'); হি, ঠ, মৈ °স] উপবাস। "দিনেতে উপাষ কর রাত্রিতে ভৈক্ষন গো.চ ৩৯৩। অষ্টমী উপাস কৃ.উ ৭৩। দিনেতে উপাষ কর ম.গা ২৯। °স চৈ.ভা ৩৭; ন.প ৩৬৮। লোচন পড়ল উপাস জ্ঞা ২১৯। নিরম্বু উপাস।—রঙ্গ ২১।

উপাসক বিণ [উপ+√আস্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -সিকা] ১ উপাসিতা, পূজক। "উপাসকানাং সিদ্ধ্যর্থং ব্রহ্মণো রূপকল্পনা (বেদান্ত)। বৃদ্ধ° মৃ (S.W.)। চৈ.ভা ৫১৭। ২ সেবক, ভৃত্য। ৩ শূদ্র। ৪ বুদ্ধের সাধারণ উপাসনাকারক। বিপ 'ভিক্ষু'। —সন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সেবন পূজন। ২ চিন্তন, মনন। ৩ অভ্যাস, শিক্ষা। "চিরসঙ্গীত° মৃ ১৮। ৪ বন্দন। "সন্ধ্যোপাসন মনু ২.৬৯। ৫ ধর্ম্মানুষ্ঠান। "°ব্রত মহা ৩.২৩২.৫৪। ৬ সেবা, পরিচর্য্যা। "আচার্য্য° গী ১৩.৭; যাজ্ঞ ৩.১৫৬। ৭ [+অন -র্ম্ম] গৃহাগ্নি। "যাজ্ঞ ৩.৪৫। ৮ [+√অস্+অন-ভা] অভ্যাসার্থ শরাদির প্রয়োগসংহার। "ইষ্বস্ত্রাণামুপাসনে রা (S.W.)। —সনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সগুণব্রহ্মবিষয়ক মানসব্যাপারবিশেষ; শাণ্ডিল্যবিদ্যাদি (বেদান্তসার)। ২ সেবা, পরিচর্য্যা। "মনু ৩.১০৭। হলো না মলিনা পর-উপাসনা (দা)। ৩ (বাঙলায়) ছন্দানুবৃত্তি, সাধ্যসাধনা, খোসামোদ। "নানা বেশ ভূষা হীরা রূপা সোনা, এনেছি পাড়ার করি উপাসনা।—রবীন্দ্র। —সিকা স্ত্রী [°সক+আ (টাপ্)] শূদ্রজাতি-স্ত্রী, শূদ্রা। —সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পূজিত; সেবিত, পরিচারিত। —সিতব্য বিণ [+তব্য -র্ম্ম] উপাসনীয়, পূজ্য, আরাধ্য। "(ভবান্) সেব্যোপাসিতব্যশ্চ মহা ৩.১৮৩.৫৫। —সিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] উপাসক, পূজক, সেবক। "রাজা… ব্রাহ্মণানামুপাসিতা গো.রা ৫.৩২.৬। —সীন বিণ [+ঈন (শানচ্)-ক] সমীপে আসীন, নিকটে উপবিষ্ট। "মহা ৩.২৩২.১। ভ ১.৫.১। —স্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] উপাসনা, বন্দন। "সন্ধ্যোপাস্তি। —হারীত ৩.১০। অচ্যুত° (মুগ্ধবোধ)। —স্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] সর্থ 'উপাসিতব্য'। "উপাস্যা গুরুবচ্চ তে মহা ১৩.৮.২৩। তুমি উপাস্য শ্রী.ম ২৬৩। চৈ.ভা ৫১৭।

উপাসঙ্গ পুং [উপ-আ+√সন্জ্+অ (ঘঞ্)-ভা] ১ আসক্তি। ২ [+অ-ধি] বাণাধার, তূণ, টোন। "মহা ৪.৪১.৬। ৩ [+অ -র্ম্ম] রথোপরিস্থ কাষ্ঠবিশেষ। "বিষ্ণুপুরাণ ২.১২.১৭।

উপাসী বিং [সং উপবাসী; হি, ঠ উপাসী] অনাহারী। "আমার নৃসিংহে আজি রাখিলে উপাসী চৈ ১৬২।

উপাস্ত্র ক্লী [প্রা.স] অপ্রধান অস্ত্র; কুন্তপ্রাসাদি (?); অস্ত্রোপকরণ তৃণাদি (ত.বা)। "উপাস্ত্রকৃতিনো মহা ৩.১৯৬.২।

উপাহিত বিণ [উপ-আ+√ধা+ত (ক্ত)-র্ম্ম] ১ বিন্যস্ত, নিহিত। ২ সংযোজিত (অ.কো)। ৩ জনিত। "°শ্যামরুক্ কি ৮.১২। ৪ আরোপিত। ৫ ধৃত, পরিহিত। —হিত পুং [উপ (আসন্ন) অহিত যাহাতে (অ.টী); বহুব্রী] অগ্ন্যুৎপাত, উল্কাপাতাদি, ধূমকেতু-প্রভৃতি (অ.টী)।

উপাহৃত বিণ [উপ-আ+√হৃ+ত (ক্ত)-র্ম্ম] সমীপে আনীত; অর্পিত, প্রদত্ত। "ভ ৩.২২.১১।

উপু(বু)ড় বিণ [সং অবমূর্দ্ধ > প্রা ওমুদ্ধ (প্রা.ম), *ওমুংচ > বা (ওমড় > উমুড়) উবু(পু)ড়] ১ নিম্নাভিমুখ; ভূতলাভিমুখ। "উবুড় হইয়া চাহে ভূমি ধরিবারে ম ৩৫২। ২ নিম্নাভিমুখতল (হস্ত)। ৩ শয়নে শয্যার তলে আবর্ত্তিতমুখ। বিপ 'চিত'। ৪ নীচের দিকে আবর্ত্তিতমুখ (কলসী-প্রভৃতি)। ৫ বিপর্য্যস্ত, উলটাইয়া-পড়া (নৌকা-প্রভৃতি)। [উপুড় হস্ত করা—(দানের সময়ে হস্ত উবুড় হয় বলিয়া, গৌণার্থে) দান করা। "ভিক্ষুক গেলে পায় না মুটি, উপুড় হস্ত করা নাই তাঁর মত দা ৯১৮; তোমায় করতে উপুড় হাত, কভু দেখিনে ভূতনাথ! ১৫৬৮।]

উপুর বি [উপর > °র, 'উ' আগম; অপ্র] উপরে। "ধর্ম্মবিধি শাস্তি দেহ ব্রাহ্মণ উপুর কৃ.উ ১৭৯।

উপে [সং উপ (উপসর্গ); অপ্র] সমীপে, "ভূপ-উপে উপনীত বি.সু ৭৮।

উপেক্ষ সর্ম্ম [সং উপ+ঈক্ষ্ (উপেক্ষ্) > লি √উপেক্‌খ, প্রা উবেক্‌খ (প্রা.ম) > বা √উপেক্ষ, √উপেখ, ঠ √উপেক্ষ, পদ্যে] ১ উপেক্ষা করা; অবহেলা করা; তুচ্ছ করা; ত্যাগ করা। 'কি কারণে প্রভু তুমি উপেক্ষিলা ভোগ গো.বি ১৬৮, টীকা। নৃত্যের সাজ রাখিছে উপেক্ষি বি.পা ৩৪০। বিদুরকে আনাইলা সম্ভ্রম উপেক্ষি ম.বি ২৩৮। বাকল তাহা উপেক্ষি ম ৩৭০। উপেক্ষিয়া নগরের শোভা মনোহর স.শ ৮৫। ২ (অপ্র) অপেক্ষা করা। "মাসেক থাকিব মই স্বামীক উপেক্ষি শ্রী.কী ৪০৭, ভাষাটীকা।

উপেক্ষক বিণ [উপ+√ঈক্ষ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ক্ষিকা] ১ উপেক্ষাকারক, অনাদরকারী, অবজ্ঞাতা। ২ ব্যাধি-প্রভৃতির প্রতিকারবিমুখ; শরীররক্ষণে উদাসী। "মনু ৬.৪৩। —ক্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অবহেলা, অনাদর, অবজ্ঞা। "পরীক্ষিতে প্রভু তোমায় কৈল উপেক্ষণ চৈ.চ ৩০৩। ২ ঔদাসীন্য, নিঃসঙ্গতা, অনপেক্ষা। "কৃষ্ণ উদাসীন হৈল করিতে পরীক্ষণ। সখী সব কহে—কৃষ্ণে কর উপেক্ষণ চৈ.চ ৩৫৪। ৩ রাজার সামাদি পঞ্চ উপায়ের একতম। 'সাম্না দানেন ভেদেন দণ্ডেনোপেক্ষণেন চ। সাধনীয়ানি কর্ম্মাণি সমাসব্যাসযোগতঃ॥ মহা ৪.১৫০.৪২। [মতান্তরে, সামাদি চতুর্ব্বিধ ও মায়াদি ত্রিবিধ—এই সপ্ত উপায়। দ্র 'উপেক্ষা (৫)'।] ৪ ত্যাগ, বর্জ্জন। "উপস্থিত বিপদ্ করিয়া নিরীক্ষণ। করিলাম আমিও অগ্রজে উপেক্ষণ॥—কৃ ২৫৫। —ক্ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ উপেক্ষাযোগ্য, অবহেলনীয়। "অনুপেক্ষণীয় রঘু ২.৪৪। ২ অবজ্ঞেয়, অনাদরণীয়, বর্জ্জনীয়। "রা ২.২৩.১৫। ৩ প্রতিকারার্থ অনালোচনীয়। —ক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অবহেলা, অনাদর। "হি ২.১০২। ২ ঔদাসীন্য। "ত্বয়োপেক্ষা কৃতা ময়ি গো.রা ৫.৩৬.৩৭। সী ২১। ৩ অনপেক্ষা। ৪ ইহা উপাদেয় নহে—এইরূপ জ্ঞান; অবজ্ঞান। "কুর্য্যামুপেক্ষাং হতজীবিতেঽস্মিন্ রঘু ১৪.৬৫। ৫ মায়াদি ক্ষুদ্র উপায়ত্রয়ের একতম। 'মায়োপেক্ষেন্দ্রজালানি ক্ষুদ্রোপায়া ইমে ত্রয়ঃ (অ.চি)। ৬ (যোগশাস্ত্রে) চিত্তপ্রসাদনার্থ ভাবনাবিশেষ—মাধ্যস্থবুদ্ধি বা ঔদাসীন্য। "পা.দ ১.৩৩। —ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অবহেলিত, অনাদৃত, অবজ্ঞাত। "স.শ ৬৫। প্রজাপালনকার্য্য উপেক্ষিত হইলে রাজধর্ম্ম-প্রতিপালন হয় না সী ৫৭। —পেক্ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] সর্থ 'উপেক্ষণীয়'। "হরিরিত্যেব নোপেক্ষ্য গো.রা ৫.৪১.১১।

উপেখ সর্ম্ম [দ্র '√উপেক্ষ; মৈ √উপেথ—নিক্ষেপ করা; তু 'উপেখহ, -খিঅ' (শ্রী.কী); বৈষ্ণবসাহিত্যে] ১ উপেক্ষা করা; অনাদর করা; হেয় করা। "আজ্ঞা না উপেখ শ্রী.কী ৯৪। প্রেমক লাগি উপেখবি দেহ ব.প ১০৩৭। অভিমানে, মোহে উপেখবি জ্ঞা ২০২। ২ ত্যাগ করা; ছাড়া। "কোই রহ রাই উপেখি। কোই শির ধুনি ধুনি দেখি॥—বি.প ১৮৯। বহু দোষ কৈলে ভার্য্যা পণ্ডিতে উপেখি ম ৫৯। ৩ অগ্রাহ্য করা; উল্লঙ্ঘন করা। "তবহু বসন ধর, কাহে দিগম্বর, শঙ্কর নিয়ম

উপেখি গো ১৯৭। ৪ কুৎসিতবোধে হেয় জ্ঞান করা। "ওরূপ দেখিয়া, নদীয়ানাগরী, পতি উপেখিয়া কান্দে ব ২০। ৫ (অপ্র) অপেক্ষা করা। "সময় উপেখিআঁ রহিলা দেবগণ শ্রী.কী ২ ; নিজ পতি না চাহিলোঁ, তোহ্মাক উপেখিলোঁ ২২৭। ৬ (অপ্র) দর্শন করা। "চণ্ডীদাস রহে তথা সে রূপ উপেখি শ্রী.কী ৪০৭, ভাষাটীকা। [উপেখবি—উপেক্ষা করিবে। উপেখ, -খসি, -খহ, -খিআঁ, -খিল, -খিলোঁ, -খী (শ্রী.কী)।]

উপেত বিণ [উপ+√ই+ত (ক্ত)-ক] ১ সমীপগত। ২ গত। "নিদ্রামুপেতস্য সাদ (S.W.)। ৩ উপসন্ন, অনুগত (শ্রীধর)। "ভ ১.২.২। ৪ গর্ভাধানার্থ সঙ্গত। ৫ উপস্থিত, আপতিত। "দৈবাদুপেতা বিপৎ (S.W.)। ৬ মিলিত, সঙ্গত। "তন্নমুপেতান্ দৃষ্ট্বা গো.রা ৩.৭৬.৪৮। ৭ [+ত-র্ম্ম] অন্বিত, যুক্ত, বিশিষ্ট, সম্পন্ন। "সর্ব্বগুণ° রা ১.১.১৭ ; ৫.১২। এবংগুণ° শ ১.১২। স্বামিগুণ° (হি)। ৮ সম্পন্ন, সমৃদ্ধ। "ধান্যধন°।—রা ২.৫০.৮। ৯ উপনীত। "অনুপেতপূর্ব, °পূর্ব। আশ্বলায়নগৃহ্যসূত্র ১.১৯.২২ ; ২৩। যাজ্ঞ ৩.২। —তব্য বিণ [+তব্য-র্ম্ম] সমীপে গন্তব্য ; প্রাপ্তব্য, উপস্থাতব্য। "উ.চ ৭.১১। —তা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ সমীপগামী, উপযাতা। ২ সামাদি উপায়ের প্রযোজক। "মনু ৭.২১৫। —পেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ সমীপে গমনীয় ; উপযাতব্য। ২ উপগন্তব্য, সঙ্গমার্হ। "জ্ঞাতিত্বেনানুপেয়াস্তাঃ মনু ১১.১৭৩। ৩ প্রাপ্তব্য, লব্ধব্য। "মনু ৭.২১৫। ৪ সাধ্য। "উপায়োপেয়-দর্শনে মা.মি ১ ৮/৯।

উপেন্দ্র পুং [ইন্দ্রকে উপগত, প্রা.স ; অথবা ইন্দ্রের উপরি, পুষো (অ.টী)] অনুজত্ব হেতু যিনি ইন্দ্রের উপগত (ইন্দ্রতুল্য) ; ইন্দ্রের উপরি গোলোকের প্রভু ; বিষ্ণু। [বামনাবতারে কশ্যপের পুত্ররূপে জন্মগ্রহণ হেতু, ইহার নাম 'উপেন্দ্র'। 'ইন্দ্রের অনুজ হৈল সেইত কুমার। 'উপেন্দ্র' করিয়া নাম থুইল তাহার॥—গ ৩৮।] "ইন্দ্র উপেন্দ্র যেন দুই সহোদর চৈ.ম ৪। [°বজ্রা (স্ত্রী°)—একাদশাক্ষরপাদ ছন্দো-বিশেষ। (ইহার প্রত্যেক পাদে, জ ত জ গ গ গণ থাকে। 'উপেন্দ্রবজ্রা জতজাস্ততো গৌ')। উপেন্দ্রাণী বি ('ইন্দ্রাণী'র অনুকরণে কৃত) —উপেন্দ্রপত্নী লক্ষ্মী। "উপেন্দ্রাণী দেখিয়া ইন্দ্রাণী বলে ম ২৪০।]

উপোঢ় বিণ [উপ+√বহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সমীপে ঊঢ় বা প্রাপিত ; উপনীত। "সমুপোঢ়েষু কামেষু মনু ৬.৪১। ২ ধৃত। "°তপসাম্ শ ৫.৯ ; °শব্দ ৭.১০। ৩ ঊঢ়, পরিণীত। ৪ ব্যূঢ়, ব্যূহাকারে সজ্জিত (সৈন্য)। ৫ উদ্ঘাটিত। "উপোঢ়ার্গল (পাঠান্তর) রঘু ১৬.৬। ৬ [+ত-ক] প্রত্যাসন্ন। "কি ১৩.২৩ ; °কল্যাণ ১৭.৫৪। ৭ উর্জ্জিত, বৃদ্ধিপ্রাপ্ত, উপচিত। "°বল মা.মি ৫১। —ঢ় ক্লী [+ত-ভা] ব্যূহন।

উপোত্তম বিণ [উত্তমকে উপগত, প্রা.স] উত্তমের (ত্রি-প্রভৃতিবর্ণযুক্ত প্রাতিপদিকের অন্ত্য ভাগের) সমীপবর্ত্তী ; অন্ত্য ভাগের পূর্ব্বে সন্নিকৃষ্ট (উত্তমস্য পূর্ব্বতঃ সন্নিকৃষ্টঃ উপোত্তমঃ—তৈ ৩.১১) ; উত্তমসমীপবর্ত্তী (স্বর)। "পা ৪.১.৭৮ ; ৫.১.১৩২। —ত্তম ক্লী উপোত্তম স্বর।

উপোদিকা স্ত্রী পূতিকা, পুঁইশাক। "সুশ্রুত ১.৪৬.২৬৯।

উপোদ্ঘাত পুং [উপ-উদ্+√হন্+অ (ঘঞ্)-ভা ; বৈদিক] ১ প্রারম্ভ, উপক্রম। ২ [+অ-র্ম্ম] প্রকৃতোপপাদক দৃষ্টান্ত ; উদাহরণ (অ.কো)। ৩ প্রসঙ্গ। "মা.মা ১ ১/৫ ৪/৫। ক.সা ৩.৬৫। ৪ মুখবন্ধ, অবতরণিকা। ৫ (ন্যায়ে) সঙ্গতিবিশেষ।

উপোষ, -স বি [সং উপোষণ] উপবাস। "রহিত শোণিত বিনা উপোষ করিয়া ম ৯৪৩। উপোসে উপোসে লোক হৈল মৃতপ্রায় ভা.চ ৪৯৬। রাধাষ্টমীতে উপোষ হ ৬৯। —পোষি বিং [সং উপোষিত ; 'উপুষি, -ষে (কথ্যভাষা)] উপবাসী, অভুক্ত। "অতিথি আপনি হবে, উপোষি কেমনে রবে ভা.চ ২৩১। [উপোস রহিল—উপবাস করিয়া রহিল। "তেকারণে সকুটুম্ব উপোস রহিল জ ২১। উপুষে ছারপোকা—যে ছারপোকা বহুকাল রক্ত খায় নাই ; অনাহারক্লিষ্ট ব্যক্তি।]

উপোষণ ক্লী [উপ+√উষ্+অন (ল্যুট্)-ভা (ত.বা) ; 'উপোষিত >উপোষণ (বিশেষ্যে)? ; ঠ, শু উপোষণ ; তু 'লি—উপোসথ (উপবসথ)] উপবাস, অহোরাত্রব্যাপী অনাহার। "উপোষণং নবম্যাম্ (তিথিতত্ত্ব)। অত্রি ২৮১। চৈ.চ ১৪১। —ষিত বিণ [+বস্+ত (ক্ত)-ক] কৃতোপবাস, অভুক্ত। "যাজ্ঞ ২.৯৯। —ষিত ক্লী [+ত (ক্ত)-ভা] উপবাস, অনশন। "অ.কো ২.৭.৩৭। মনু ৫.১৫৫। —পোষ্য বিণ [+য (ক্যপ্)-ধি] যাহাতে উপবাস বিধেয় ; উপবাসে যাপনীয় (তিথি)। "ত্রিসন্ধ্যাব্যাপিনী যা তু সৈবোপোষ্যা সদা তিথিঃ।

উপ্ত বিণ [√বপ্+ত (ক্ত)-র্ম্ম, ছান্দস ; Av ubda ; তু 'উ.পত' (মহা ৩.২৩৫.২৩) ; cf., A. S weft ; E. weft, woof] ১ কৃতবপন ; বোনা (ধান্যাদি) "বীজমুপ্তমিবোষরে রা ৩.৪০.৩। কাল° মনু ৯.৩৮। এতদ্দেশের সদ্বংশজাতা বালিকাগণের হৃদয়ক্ষেত্রে প্রগাঢ় ভক্তিবীজ উপ্ত হইয়া থাকে পা.প্র ১৩২। ২ নিক্ষিপ্ত। "উপ্তং বীজমজ ত্বয়া কু.স ২৫। ভ ৩.২.১০। ৩ অবকীর্ণ। "(পুরস্) উপ্তাং ফলপুষ্পাক্ষতাঙ্কুরৈঃ ভ ১.১১.১৫। ৪ ব্যাপ্ত। "শ্রমবার্য্যুপ্তম্ (মুখম্) ভ ১০.৪৪.১১। —প্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] বপন, ক্ষেত্রে বীজ প্রক্ষেপণ। "বীজানামুপ্তিবৎ মনু ৯.৩৩০। —প্য বিণ [+য (ক্যপ্)-র্ম্ম, বাহুলকে] বপনীয় (ব্রীহিযবাদি)। [উপ্তকৃষ্ট (বিণ)—অগ্রে উপ্ত, পশ্চাৎ কৃষ্ট (কৃতকর্ষণ) ; বীজবপনানন্তর কৃষ্ট, ; বীজাকৃত, অর্থাৎ বীজের সহিত চষা (ক্ষেত্র)।]

উফড় অর্ম্ম [√উপড়² > √°ড় ; অপ্র] ১ উৎপাটিত হওয়া ; স্থানচ্যুত বা কক্ষভ্রষ্ট হওয়া। "তুলিতে নারে পর্ব্বত চাঁকরাই করে। স্বর্গ মর্ত্ত্য পাতাল উফড়িয়া পড়ে॥ তোর রাএ উফড়িল এ তিন ভুবন কৃ উ ৩৮। ২ উৎস্খলিত হওয়া ; প্রতিহত হওয়া ; ঠিকরাইয়া উঠা। "(গড়্গা) দুই হাতে ধরি মারে কিরাতের উপর। উফড়িয়া পড়ে গড়্গা হাসেন মহেশ্বর॥—ম.বি ৬৪। ৩ বিদীর্ণ হওয়া ; ফাটিয়া যাওয়া। "বাজন শুনিতে দুই শ্রবণ উফড়ে চৈ.ভা ৩৩৫। —ফর অর্ম্ম ১ উন্মূল বা ছিন্নমূল হওয়া। "শিখর (অর্থাৎ শিকড়) কাটিলে জেন উফরয়ে গাছ গো.বি ১০৮, টীকা। ২ [সং উৎ+√স্ফুর্] উৎস্ফুরিত হওয়া ; স্পন্দিত হওয়া ; নাচা। "বাম চক্ষু উফরয়ে অমঙ্গল হেতু অ.প ১০১।]

উফরধাফর বি [অস ওফর (সং উৎ+√পত্)—লাফান ; 'ধাফর' (অনু.শব্দ)] লম্ফ-ঝম্প, লাফ-ঝাঁপ। "উফরধাপর করিয়া চণ্ডাল ফৌজ নাচে কৃ ৩৭৬।

উফরিফাঁফরি ক্রি-বিং [উপরি>উফরি, 'ফাঁফরি' (অনু.শব্দ)] উপর্য্যুপরি, ক্রমাগত। "ভ্রূকুটি করি না দিহ খেয়ার কড়ি। উফরি-ফাঁফরি ডাক এখন কেন ছাড়ি॥—ম.ম ১২। [উফরে ফাফর, উফরে ফাফরে ('ফাফর'—মূল)—ফাফরে পড়ে ; কিংকর্ত্তব্যবিমূঢ় হয়। "তা দেখিয়া যতিনাথ 'উফরে ফাফর' ('উফরে ফাফরে'—টীকা) গো.বি ৭৩।]

উফাএ, -য় বি [সং উপায় ; অপ্র] উপায়। "কেমন উফাএ গো.বি ১১৪, টীকা ; জীবন উফাএ ১৪৩। চিন্তহ উফাএ ম.পা ৭৫ ; ৭৬ ; ৭৭ ; দুষ্কৃতিরোফায় ৭৯ ; ৮২ ; ৮৯। গ ৩২।

উফাড়, -র সর্ম্ম [√উপাড়>°ড়, -র ; অপ্র] উৎপাটিত করা ; উপড়ান। "উফাড়িয়া গাছ সব কেহ ভাঙ্গি পাড়ে বা.ম ২২৬। উফারিয়া বৃক্ষ যথ ফেলে ডালে মূলে গ ১৫৮। —র সর্ম্ম (অপ্র) উদ্ধার করা ; ত্রাণ করা। "স্থানে স্থানে জথ পাপী আছিল পড়িয়া। বন্ধে বন্ধে গঙ্গা দেবী গেল উফারিয়া॥—গ ১৮১। —র অর্ম্ম (অপ্র) উন্মূল হইয়া পড়া। "শিখর নড়িলে বাএ উফারিব গাছ গো.বি ১০৮, টীকা।

উবৎ[1] বি [সং ঊর্দ্ধ>লি, প্রা উব্‌ভ (হে ২.৫৯)>বা উব, -ভ; অপ্র] ঊর্দ্ধ, ঊর্দ্ধদেশ। "হস্তিশালায় হস্তি কান্দে উবত করি মুড় গো.চ ১৯৪, টীকা। [উবত—ঊর্দ্ধে]

উ(উ)ব[2] অর্ম [সং উদ্+ √বা (উদ্বা)>প্রা √উব্‌বা (হে ৪.১১)>বা √উবা, -ব, √উব; তু, ঠ উব—বাষ্প] ১ উদ্বাত হওয়া; বাষ্পাকারে বাতাসে মিশা; উবিয়া যাওয়া (to evaporate)। "ক্ষুদ্র রূপ কোথা যায় বাতাসে উবিয়া।—শিশু ১৫৬। ২ অদৃশ্য হওয়া; তিরোহিত হওয়া। "থালে দিতে চাল কড়ি আচম্বিতে উবে (পাঠান্তর 'উবে' —ব.প ২৭৫) ম.ভা ৬৮। সে মজার স্বপন, কোথা উবে গিয়েছে এখন ব.সু ৯।

উবজ অর্ম [√উপজ> √°জ; অপ্র] উৎপন্ন হওয়া; জন্মান। "আগে উবজিল ছোট ভাই পাছে উবজিল দাদা। কেঁও বেঁও করিয়া মাও উবজিল পাছত উবজিল বাবা গো.চ ১২৪।

উবটন বি [সং উদ্বর্ত্তন>লি উব্‌বট্টন, প্রা উব্‌বট্টণ (প্রা ম)>বা °ন; হি উব্‌টন; গু উবটণ; বৈষ্ণবসাহিত্যে] ১ শরীরের মলা তোলার নিমিত্ত তৈলাদি দ্বারা গাত্রঘর্ষণ; গা-ডলা। "তৈল আমলকী, দিল সব সখী, উবটনে তুলি মলা রা.শে ৭। ২ হরিদ্রাকুঙ্কুমাদি গাত্রমলশোধনদ্রব্য, অভ্যঙ্গ। "উবটন করি, কনকমঞ্জরী, আনল রাইর তরে রা.শে ৫। [উবটন গন্ধ—অভ্যঙ্গ গন্ধদ্রব্য। "কেহু দেই দুহুঁ অঙ্গে উবটন গন্ধে রা.শে ৯৩।]

উবড়া বিং [সং উদ্‌বৃত্ত, উর্ব্বরিত>প্রা উব্‌বরল (পৈ)>বা উবরা, -ড়া; তু 'উব্‌বরিঅ—অধিক, অবশিষ্ট (দেশী ১.১৩২); হি উব্‌রা; অপ্র] উদ্বৃত্ত, অতিরিক্ত, ব্যয়াবশিষ্ট। "ঘর লেপে দ্বার লেপে আর লেপে চাল। উবড়া মাটি দিয়া পাতিল সাজাল॥—ম.ম ২০৫। [উবড়াথাবড়া—সর্থ 'আবড়থাবড়'।]

উবর অর্ম [সং উদ্+ √বৃ>প্রা √উব্‌বর (প্রা.ম)>বা √উবর; হি √উব্‌র] উদ্‌বৃত্ত হওয়া; অতিরিক্ত হওয়া; বাঁচা। "প্রসাদ উবরিল চৈ.চ ১৫৮। [উবরন—সর্থ 'উবর'।]

উবা সর্ম [সং উদ্+ √বহ্, (উদ্বহ্)>প্রা √উব্‌বহ>বা (√উব্বা) °বা; অপ্র] উদ্বহন করা; কাঁধে বা মাথায় করিয়া লইয়া যাওয়া। "অবসে উবাইবে উঞার গুরুর কাঁথা ঝুলি গো.চ ১৬২। [উবাইছোঁ উবাইবে, -বাইয়া, -বাওঁ, -বি (গো.চ)।]

উবু[1] বিং [উব[1]>উবু, দ্র 'উ'] ১ ঊর্দ্ধ, উঁচু, গোড়ালির উপরিস্থিত (বসায়)। "সন্ন্যাসীরা উবু হ'য়ে ব'সে মাথা ঘুরাচ্ছে হু ৩। ২ দণ্ডায়মান, খাড়া। "(গোরুর) তিন পা ভেঙ্গেছে, আছে এক পায় উবু রা.স ১৪। [উবু উবু গেলা—দেহ লম্বালম্বিভাবে গিলিয়া ফেলা। "বেড়াচ্ছ বড় তাল ঠুকে, পড়েছ আমার সম্মুখে, একবারে ভরিব মুখে, উবু উবু গিলিব দা ১১৬১। উবুডুবু করা—একবার উঠা, একবার ডুবা; হাবুডুবু খাওয়া। "উবুডুবু করি সব মরিল পরাণে ব.প ১৩৮১। উবু হইয়া বসা—উঁচু হইয়া, অর্থাৎ গোড়ালিতে ভর দিয়া বসা (to sit down upon heels)।]

উবু[2] বিং [উভু+উবু; অপ্র] উভয়। "উবু দলে এসে (গৌউড়ে দিবেক হানা) শ্রী.মা ১৫৪; ১৫৬, -৮; উবু দলে পার হল অজয়ার নীর ১৬৬। —বু বি উভয় দিক্। "বৈতরণী আড়ে দীঘে উবু সোল কোস শূ ৫৫।

উবুড় দ্র 'উপুড়'।

উজ্ অক [তু, প—উজ্জতি; সেট্] আর্জ্জব, অবক্রীভাব, অর্থাৎ সরল হওয়া। তু 'ঋজু'। "উজ্জতি সাধুঃ (ক.ক)।

উভ[1] বিণ, সর্ব্ব, দ্বিব [ছান্দস; Av. uba; Gr. amph; L. ambo; S. oba; Lithuanian—abhu] দ্বিত্বযুক্ত, উভয়, দুই। "শ্রবণাবুভৌ মনু ২.১৪৪। গী ২.১৯। কু.স ৪.৪৩। উভ কেরোআলে শ্রী.কী ১৫৩। উভ মত্ত বৃষ ম ২০০। উভ কর চরণে শ্রী ৫২। জামাতা দুহিতা উভ ম.পা ৭২; উভ পত্নী ৭৬; প্রতিজ্ঞা কৈল উভ ১৩৯। উভ দলে শ্রী.মা ১২০; ১২৭। উভে উভ প্রতি ধায় ব.সু ৬। হেম ১৪৬। [°চর বিং (সং উভয়চর)—জলস্থলচর, হংসভেকাদি।]

উভ[2] বিং [দ্র 'উব[1]'; হি, সি উভ; ঠ, ড় উভা; গু উভু; তু 'উহ' —ঊর্দ্ধ (দো)] ১ ঊর্দ্ধ, উন্নত, উঁচা। "সর্ব্ব সৈন্য চতুর্দ্দিকে ডাকে উভাননে ম ১১৬৫। উভ-লেজ কৃ ৩১৯। হাড়ি দিল মহাবীরে হৈল উভমুণ্ডা ক.চ ১০২। উভ করি পাণি চৈ.ম ১৫৮। ২ উন্নত, খাড়া (erect)। "উভ দুইটা স্তন গো.চ ৪২৫। উভ কাণ করি যায় আহত শশারু ক.চ ৫৩। কুন্তল উভঝুট শ্রী.ম ১৪; ২৯৬। উভ জটা চ.বি ২৩০। উভ কর্ণ উভ পুচ্ছ রা.শে ৯০। উভ বান্ধে কেশ চৈ.ম ১২৯। ৩ ঊর্দ্ধগত, উত্তোলিত। "উভ করি বার কত ভ্রমাইল তারে শ্রী.ম ১৩১ ৪ উদ্যত, উত্তোলিত। "উভ অসি চোটাতে ভবানী ওড়ে ঢালে শ্রী ১৯৮। ৫ তার, উচ্চ। "ডাকয়ে উভরায় ম ৫১৬। কাঁদায় উভরায় ন.প ৩৯৯। শব্দ ক'রে উঠে উভরায় শি ৮১। [উভ উভ লোফে—উচা (খাড়া) হইয়া ধরা।] "(টাঙ্গি শেল) অভয়া-আশীষে বাঘা উভা উভা লোফে শ্রী ৮০। উভে উভে—দণ্ডায়মানভাবে, খাড়াভাবে। "কুটিনী গন্তানী, বড় যে মস্তানী, উভে উভে দিব শূলে ভা.চ ৩৯৫। উভচূর ('উভচূড়'—মূল)—উচা করিয়া চূড়াকারে সাজান বা তোলা। "উভচূর এক ধামা চাল; উভচূর এক ঝুড়ি আম; উভচূর এক থালা সন্দেশ; উভচূর এক চেঙারি লুচি। উভ চোট—খড়্গাদি তুলিয়া কৃত আঘাত। "উভ চোটে কেটে বলে খাইল গোসাই ভা.চ ৪৯৭। উভধাই—ঊর্দ্ধশ্বাসে ধাবন, প্রাণপণে দৌড়ান। "কেহ পলাইল ঘরে দিয়া উভধাই কৃ.উ ২২১। উভমুণ্ডা—ঊর্দ্ধমুখ। "ক.চ ১০২। উভলাফ—উল্লম্ফন। "উভ লাফে উঠে কেহ হাত দশ বিশ শ্রী ২১৪। উভে—১ উচ্চতায়। "সকল পর্ব্বতে জিনিঞা উভে ত প্রবীণ কৃ.উ ৩। সহস্র যোজন উভে গ ১০০। তের তাল উভে বি.পা ১৬২। ২ গভীরতায়। "কুণ্ড কুড়ি গজ উভে ম.ম ১০৯। ৩ খাড়াভাবে। "কাডারে ধরিয়া ডিঙ্গা উভে কৈল তল বি.পা ২৩৬।

উভয় বিণ [উভ+অয় (অয়চ্) 'অবয়ব' অর্থে পা ৫.২.৪৪; ছান্দস; স্ত্রী -য়ী; "ব্রাহ্মণা উভয়ীং বাচং বদন্তি (ঋগ্বেদ ১.১৬৪.৪৫, সায়ণ), উভ+অয়,—বৃত্তিবিষয়ে স্বার্থে; যথা, উভয়তঃ, উভয়ত্র, উভয়পক্ষ-বিনীতনিদ্রঃ (পা ৭১.৫২, তত্ত্ববোধিনী), 'উভয়' শব্দ একবচন ও বহুবচন হয়, মতান্তরে, দ্বিবচনও হয় (সি)। "উভয়ো মণিঃ। উভয়ে দেবমনুষ্যাঃ (কাশিকা)। উভয়েযাম্ পা ৬.১.১৭।] ১ দ্বিত্ববিশিষ্ট, দ্ব্যবয়ব, দ্বয়। "মনু ২.৫৫। শ ৭.৩। উভয়ী প্রকৃতিঃ নৈ ১৭.৭০। উভয় যোজন ম ১১১৫। ২ দ্বিবিধ। "উভয়ীং সিদ্ধিম্ রঘু ৮.২৩।

উভয়চর বিণ [উভ+ √চর্+অ (ট)-ক, বৃত্তিবিষয়ে উভ > উভয়, দ্র 'উভয়'; উ.ত; স্ত্রী -রী] উভয়ত্র বিচরণকারী; অন্তরিক্ষ জল স্থল —ইহাদের কোন দুইটিতে যে থাকে (amphibious)। —চর পুং ভূমিশূন্যচারী পক্ষিবিশেষ।

উভয়ত অব্য [সং উভয়তঃ] ১ উভয়পক্ষে, দুই দিকে। "উভয়ত কুটুম্ব রসনা ওষ্ঠাধর বি.সু ৫৮; হেসে হেসে উভয়ত বদনচুম্বন ৬৩। ২ দুই দলে; দুই পক্ষে। "এইরূপে হয় কত, রসাভাস উভয়ত দা ৭২১। ৩ দুই পাশে; আগে পাছে।

উভয়তঃ (-তস্) ব্য [উভ+তঃ (তসিল্+তস্) বিভক্ত্যর্থে; ছান্দস] ১ উভয় দিক্ হইতে। ২ উভয় দিকে; দুই পার্শ্বে। "আসামু-ভয়তঃ কূলম্ রা ২.৯১.৪২। শক্তিকোভয়তস্তীক্ষ্ণাম্ মনু ৮.৩১৫ ৩ উভয় পক্ষে; দুই বিষয়ে। ৪ পূর্ব্বে ও পরে (বংশপুরুষ-বিষয়ে)।

"পুনাত্যুভয়তঃ পুরুষান্ যাজ্ঞ ১.৫৮। ৫ উভয় প্রকারে। ৬ উভয় পক্ষ হইতে। [উভয়তোদং, -দন্ত (বিণ)—দন্তপঙক্তিদ্বয়বিশিষ্ট (পশু)। "মনু ১.৩৯ ; ৪৩। উভয়তোমুখ (বিণ)—দ্বিদ্বার (গৃহ) ; দ্বিমুখ (ভৃঙ্গারাদি)। উভয়তোমুখী (বিণ)—প্রসবোন্মুখী (গবী)। "যাজ্ঞ ১.২০৭।]

উভয়ত্র ব্য [উভ+ত্র (ত্রল্) সপ্তম্যর্থে ; ছান্দস] ১ উভয় স্থানে ; উভয় দিকে। ২ উভয় পক্ষে। "মনু ৩.১২৫ ; ১৬৭।

উভয়থা ব্য [উভ+থা (থাল্) প্রকারবচনে, তৃতীয়ার্থে, দ্র 'উভয়' ; বৈদিক] উভয়প্রকারে, দুই প্রকারে। "বিক্র ৩২২।

উভয়পক্ষ পুং [উভ পক্ষ, কর্ম্মধা, দ্র 'উভয়'] ১ উভয়পার্শ্ব। "°বিনীত-নিদ্রাঃ (স্তম্বেরমাঃ) রঘু ৫.৭২। ২ দুই পক্ষ।

উভয়পদী (-দিন্) বিণ [°পদ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] (ব্যাকরণে) উভয়পদযুক্ত, আত্মনেপদপরস্মৈপদ-যুক্ত (ধাতু)।

উভয়বিধ বিণ [উভ বিধা যাহার, বহুব্রী, দ্র 'উভয়'] দ্বিবিধ, দ্বিপ্রকার, দুই প্রকার।

উভয়বেতন বিণ [উভে (উভয়স্থানে) বেতন যাহার, বহুব্রী] ১ যে স্বামী ও শত্রু উভয়েরই নিকট বেতন লয় ; উভয়জীবিকাগ্রাহী (দূত)। ২ বিশ্বাসঘাতক, কপট (সেবক)।

উভয়সঙ্কট বি উভয়পক্ষেই বিপদ্ ; স্বীকারে বা অস্বীকারে, অথবা করণে বা অকরণে, উভয়পক্ষেই বিপত্তি ; দুই দিকেই বিপদ্। "উভয়-সঙ্কটপ্রাপ্তি হইল আমার ম.পা ৬৬। কেহ কখন আমার ন্যায় উভয়-সঙ্কটে পড়ে না।—সী ২১।

উভয়স্নাতক বিণ [উভে (বেদে ও ব্রতে) স্নাতক, স.ত] যে ব্রতচারী বেদ ও ব্রত সমাপন করিয়া সমাবর্ত্তন করেন ; বেদব্রতস্নাতক। "মনু ৩.২ ; ৪.৩১, কুল্লুক।

উভয়াত্মক বিণ [উভ আত্মা যাহার, বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -ত্মিকা] ১ উভয়প্রকৃতি, দ্বিবিধ। ২ উভয়প্রযত্নক, উভয়-প্রবর্ত্তক। "মনু ২.৯২।

উভর—উত্তোলন করা। "গো.বি ৮৩।

উভরড়ে ক্রি-বিং [উভ২+রড়+এ৫ ; পদ্যে] উল্লম্ফনপূর্ব্বক, অতিদ্রুত, মহাবেগে। "যায় উভরড়ে শ্রী ম ১৭। পলায় উভরড়ে কৃ ২১৭ ; ২৬৩। কৃ.উ ১০৯। উভরড়ে ধেয়ে ধাই শ্রী.মা ৮। পঙ্গু ধায় উভরড়ে চৈ.ম ৯৭।

উভরায় ক্রি.বিং [উভ২+রায়১ ; পদ্যে] উচ্চৈঃস্বরে, মুক্তকণ্ঠে। "কান্দে উভরায় বি.পা ৩১। দ্র 'উভ২ (৫)।

উভা১ বিং [উভ২ > উভা ; অপ্র] ১ উন্নত, খাড়া। "মাথায় উভা টিকি ম.ম ১৭২। ২ উত্তোলিত, উত্থাপিত, উঁচা। "উভা করি নাও ধরি মারে উভা ঠেলা বি.পা ২৩৬। ৩ উর্দ্ধাভিমুখ, 'উপরমুখা।' "দ্র (২)। ৪ উল্লম্ফন হেতু মাটিছাড়া। "পুনঃ পুনঃ নাচে উভা পায় বি.পা ৩২২। ৫ দণ্ডায়মান, খাড়া। "উভা হইয়া দাড় বায় বি.পা ২৩৬ ; উভা হৈল লখাই কৌপিন বস্ত্র পরি ৩৬০। লড়িভরে উভা হৈয়া কহিবারে লাগে ব.প ২১১। ৬ উর্দ্ধমূল, বিপরীত, উল্টা। "উভা করি রোপিল দ্বারে কলাগাছ ম.ম ১৭৫। ৭ উর্দ্ধশ্বাসে, বেগে। "উভা দিল লড় ম.ম ২৩২ ; ২৩৩। [উভা কিল—মুষ্টি উঠাইয়া মারা কিল। "মারে চণ্ডী উভা কিল ম.ম ১৮ ; ১৫০। উভা লড়—উর্দ্ধশ্বাসে দৌড়। "দিল উভা লড় ম.ম ১৫৪। উভা লাথি—পা উঠাইয়া মারা লাথি। "মারে উভা লাথি বি.পা ২৭৯। উভা লড়ে—অতিবেগে। "ধায় উভা লড়ে ম.ম ৭৩ ; ৮৪।]

উভা২ সর্ম [√উবা > √উভা ; অপ্র] উদ্বহন করা ; কাঁধে বহা। "তিন ভার উবাইল : বার ভার উবাইল ব.প ৭৪।

উভার১ বি [সং উদ্+ √ভৃ —উদ্ভার ; হি উভার] ইতস্ততঃ সঞ্চার ; পরিব্যাপ্তি। "পুষ্পের বাজার পড়্ গন্ধের উভার ব.প ১১৬৬। পুষ্পবৃষ্টি নীলাচলে গন্ধের উভার (চৈ.ম)।

উভার২ সর্ম [দ্র 'উভার১' ; হি, প, ঠ, সি √উভার ; ড়—উত্তরণ (Beams) ; অপ্র] ১ উদ্ভৃত (উদ্ধৃত) করা ; উদ্যত করা ; উঁচান (অস্ত্রাদি)। "তাড়িপত্র খাঁড়া উভারিল বীরবর : টাঙ্গি উভারে বীরে ক চ ৯৭। ২ উঠাইয়া (পাত্রে) ঢালা। "খণ্ডে মুগের সুপ উভারে ডাবরে ক.চ ১৫০ ; ২১০। —র অর্ম উল্লম্ফনপূর্ব্বক অবতীর্ণ হওয়া ; ডিঙ্গাইয়া নামা। "লম্ফ দিয়া ছাড়াইল (গড়) পবন-কোঙর। তবে উভারিল গিয়া পুরীর ভিতর ম ১০৪১। [উভালিঞা দেখে—খুলিয়া দেখে (?)। "সোণার থাল সোণার গাড়ু সোণার বাটাবাটী। উভালিঞা চাহে কটক নাহি একগোটী ॥—কৃ.উ ৫৩।]

উভু বিং [উভ২+উ৭ ; অপ্র] উভয়, দুই। "উভু দলে মহিম হবেক শ্রী.মা ১২০। [উভু-উভু —উর্দ্ধে-উর্দ্ধে, উপরে-উপরে। "উভু-উভু উড়ে ফলা, অধঃ-অধঃ অসি শ্রী ১৯৪। উভুরায়—উচ্চৈঃস্বরে। "কান্দে উভুরায় শ্রী.মা ৩৯ ; ১৭৪ ; ২১৬।

উম্ ব্য ১ রোষ। ২ স্বীকার। তু 'উঁ১'। ৩ ক্রোধবর্জ্জিতভাব।

উম '-ম্' বি [সং উষ্ম, উষ্মন্ > প্রা উম্হ (হে) > বা উম, ওম ; অস উম] ১ বস্ত্রাদির আচ্ছাদনজন্য তাপ ; ওম। "পায়ে দিলে চট ধড়া, শুইলে অধিক লাগে উম বা.ম ২১১। পাট পাটাম্বর দিয়া গায়, শীতে যেন নাহি পায়, তাহাতে অধিক নাহি উম বি.পা ২২১। ২ পক্ষপুটের আবরণহেতুক তাপ ; তা। "পক্ষী যেন উম দেয় আচ্ছাদিয়া পাখে বি.পা ২০৭। ৩ দ্র 'ওঁ৩'।

উমঙ্গ বি [উমত (°ন্মত্ত)+অঙ্গ (?) ; হি উমঙ্গ ; বৈষ্ণবসাহিত্যে] সুখদায়ক মনোবেগ ; মহানন্দ, হর্ষা.তশয়, চিত্তোন্মাদ। "তরল পদ-তলে˳ তাল ধরইতে˳ ধরণী অধিক উমঙ্গ ন.প ২৯৬ ; শোভা ভুবন-বিজই রস-বাদর˳ নিরখি নগর-নরনারী উমঙ্গ ৩৪৭। কিঙ্কিণী রণ রণিরণি রব˳ উপজাত হৃদয় উমঙ্গ ব্র.প ১৭৫।

উমড় অর্ম [সং উদ্+ √মদ্ (উন্মদ্) > প্রা * √উম্মড > বা √উমড় ; হি √উমড় ; ঠ √উমল. —বর্ষায় আর্দ্র হওয়া ; বৈষ্ণবসাহিত্যে] ১ উন্মত্ত হওয়া ; আবিষ্ট বা আর্দ্র হওয়া। "উমড়য়ে হিয়া ন.বি ৪৫ ; প্রেমে উমড়য়ে হিয়া ৮৮। বেদাদিপ্রমাণ পাঠে উমড়য়ে হিয়া ন.প ৪৫ ; প্রেমানন্দে উমড়য়ে হিয়া ৬৬ ; উমড়ই হৃদয় ২৯৫। ২ স্ফীত হইয়া পাত্র অতিক্রম করা ; উথলন। "তবহুঁ ক্ষীর উমড়ি পড়ু তাপে বি.প ১২৯। করুণ-জলধি উমড়ি চলু চহুদিশ ন.প ৩৯০। —ড় সর্ম উচ্ছলিত করা ; উথলান। "হোত জয়জয়কার জগভরি˳ উমড়ি প্রেমপ্রবাহ ন.প ২৬৮।

উমত বি [সং উন্মত্ত > লি, প্রা উম্মত্ত (তে ; পৈ) > বা উমত ; উমত সবরো (চ) ; বৈষ্ণবসাহিত্যে] ১ উন্মত্ত, আত্মহারা। "জগত উমত জ্ঞা ১২৬। নটত উমত ব ২৮ ; জগত উমত ১৩৪। ২ হর্ষবিহ্বল, আনন্দে বিভোল। "(নাচএ নারদ) উমত মতী শ্রী.কী ২। ৩ বিচারমূঢ়, স্বেচ্ছাচারী। "এড়ায়িবারে কৈল বড়ায়ি এত পরকার। এখোই না ধরে কাহ্নাঞি উমত আকার ॥—শ্রী.কী ১২১। —তা বিং [°ত > °তা] ১ উন্মত্ত। "হর নহি উমতা˳ তোঁহহি ভোরি বি.প ২২৪। ২ হর্ষবিহ্বল। "নরহরি-হিয় উমতা অত্র ন.প ৯০। —তি,-তী বিং [উমত+স্ত্রী ই১°, ঈ৭ ; বৈষ্ণবসাহিত্যে] উন্মত্তা, বিহ্বলা। তু 'উন্মতি'। "যুবতী উমতি কুলের খোঁটা গো ৩৯। যুবতী উমতি হৈল নদীয়া নগরে চৈ.ম ৬৫। প.র ১৬। ব ২০ ; যুবতী উমতী ২৭। (রাই) উমতি ধাবই ব.প ১০৪৮। —তি বিং উন্মত্ত, বিচারমূঢ়। "ভনে বিদ্যাপতি˳ ভল সে উমতি˳ বিপতি পড়ল রাধা বি.সা ১২৮। —তিনী বিং [উমত+স্ত্রী ইনী ; বৈষ্ণবসাহিত্যে] উন্মত্তা, বিহ্বলা, আত্মহারা। "রূপে আছে ঔষধ মোহিনী। পরাণে পরাণ সহ করে উমতিনী ॥—জ্ঞা ২১। [উমতায়ই

—উন্মত্ত হইয়া। "চিত উমতায়ই, নবরসে কাননে ধায় ব.সা ৩৬৬। উমতলা—উন্মত্তপারা, উন্মত্ততুল্য। "বি প ২২৪।]

উমদা '-ম্' বিং [আ উ'ম্‌দহ্] উত্তম, উৎকৃষ্ট ; সুন্দর, মনোহর ; মূল্যবান্, দামী ; উদার ; উপাদেয় (খাদ্য)।

উমর বি [ফা উ'মর্] জীবিতকাল, বয়স। "উমর বরষ পাঁচ ভ.গ্র ৭। হ'লে তের বৎসর উমর গত, সুমর নাই গুমর কত দা ২০৪৬। [উমর কাটা—বয়স কাটিয়া যাওয়া। উমরভ'র—বয়সভ'র, এই বয়সপর্য্যন্ত। উম্মর (অপ্র)—বয়স। "উম্মর আন্দাজি ২৫ পঁচিশ বচ্ছর E. P. 111]

উমরা বি [অমীর > উমরা (বহুব)] উচ্চবংশীয়গণ, কুলীনগণ, উচ্চপদস্থ কর্ম্মচারিগণ। "মারা গেল…আমীর উমরা ভা চ ৫০০।

উমা[১] স্ত্রী ['উ' (শিব), তাঁহার 'মা' (লক্ষ্মী) —উমা (অ.টী) ; —'উ' শব্দে বুঝহ 'শিব', 'মা' শব্দে 'স্ত্রী' তাঁর (ভা.চ ৫৭) ; উ (ভোঃ) মা (তপ করিও না)—উমা (কু.স ১২৬) ; —'উমা' বলিতে মায়ে তপ নিষেধিল। সেই হেতু মহামায়ার 'উমা' নাম হৈল॥—বি পা ৩৭] ১ মেনকাগর্ভজাতা হিমালয়কন্যা ; হৈমবতী, পার্ব্বতী। "উমাবৃষাঙ্ক রঘু ৩.২৩। যাজ্ঞ ১.৭৫। উমাং হৈমবতীম্।—কেনোপনিষৎ ৩.১২। ওমা ওমা বলি উমা কথা কন ছলে ভা.চ ৫৯। ২ শিবপত্নী দুর্গা। ৩ [√উ +ম (মক্)-ক + স্ত্রী আ (টাপ্) —অ টী ; ছান্দস] যাহা শব্দ করে ; অতসী, ক্ষুমা, তিসি, মসিনা ; (মতান্তরে) শণ (অ টী)। ৪ (উমাবর্ণসাদৃশ্যে) হরিদ্রা। ৫ কান্তি। ৬ (অতসীপুষ্পসাদৃশ্যে?) রাত্রি। ৭ শান্তি। ৮ কীর্ত্তি। [°কট (পুং)—অতসীরেণু। "পা ৫.২.২৯, কাশিকা। °গুরু (পুং)—হিমালয়। °চতুর্থী (স্ত্রী)—উমার জন্মদিন জ্যৈষ্ঠশুক্লচতুর্থী। °ধব (বি), °নাথ, °পতি, °সহায় (পুং)—শিব। "মাধব-উমাধব ম ২০১। উমাধব দেহি পদং দুরবাপম্ ভা চ ২০৩। ২ °সুত (পুং)—কার্ত্তিকেয় ; গণেশ।]

উমা[২] অব্য [ওমা > উমা ; অপ্র] ও-মা! (বিপদে, কষ্টে)। "উমা উমা মরি মরি, লোচন মেলিতে নারি ব.প ১৩৬৪।

উমান সর্ম্ম [সং উন্মান > প্রা উম্মাণ > বা উমান > √উমান ; অপ্র] মাপপাত্র পরিপূর্ণ করিয়া মাপা ; পুরিয়া মাপা। "(ধন) ছালায় ভরিল সবে উমানিয়া আড়ি ক.চ ৭৫, টীকা। [উমানিয়া আড়ি—আড়ি পরিপূর্ণ করিয়া মাপিয়া।]

উমাবড়ি বি উমার (মসিনার) বড়ি (?)। "উমাবড়ি ভাজি রান্ধে ঘৃতেত আগল ব.প ৩৩৩।

উমামুরি বি উমাম্'ড়, মাথার কাছে অগ্নিপাত্রের তাপ (?)। "উমাম্'র থাল্য সেন তুষের ধুমায় ব.প ৪৬৩।

উমি বিং [আ উম্'ম] অশিক্ষিত, মূর্খ। "ই কি তোর কলকত্তাই মাগ, উমি লোকের লগে খারাপ কাম কর্ব্বে স.এ ২৬।

উমেদ বি [ফা উম্‌ইদ্] আশা, বিশ্বাস। "উপ স্বত্ত উমেদ, বাসিহ নাহি ডর। সাধু রাজা সকল শুধিব অতঃপর॥—শি ৭৩। যিনি (রাজা মহারাজা) হইবেন, উমেদ রাখেন, তিনি…রাজদ্বারে ঘ্যান্ ঘ্যান্ করেন ব.প্র ৬৩৬। [উপস্থিত উমেদ—আশায় উপস্থিত হইয়াছি।]

উমেদওয়ার, উমেদার বি [ফা উম্‌ইদ্‌বার্] প্রার্থী, আবেদক, কার্য্যপ্রার্থী। "যিনি কেবল একটি চাকরির উমেদওয়ার, তাঁর ঘ্যান্-ঘ্যানানির ত আর অন্ত নাই ব প্র ৬৩৬। [উমেদারি, -রী (ফা উম্‌ইদ্‌বারী)—উমেদারের কার্য্য ; চাকরির জন্য প্রার্থনা ; আবেদন। "চাকরির জন্য, যেন আমার নিকটে গো, কেহ নাহি করে উমেদারি। —মন্ত্র ৯৭।]

উমেশ পুং [উমার ঈশ, ষ.ত] ১ উমাপতি, শিব। "উমেশ পর্ব্বতসুতাবর ভা.চ ১৫৮। ২ [দ্বন্দ্ব] উমা ও শিব। ৩ মিলিত উমাশিবমূর্ত্তি বিগ্রহবিশেষ।

উম্বর পুং ['উদুম্বর'—মূল (?)] (উদুম্বর কাষ্ঠে রচিত?) চৌকাঠের উপরের কাঠ ; ঝন্‌কাঠ।

উ(ঊ)য় অর্ম্ম [√উ(ঊ)গ[২] > √উ(ঊ)অ > √উ(ঊ)য় ; তু 'উই, উইআ (চ)] ১ উদ্গত হওয়া, উদিত হওয়া। "প্রভাত সময়ে যেন উয়ি গেল সুর শ্রী.কী ৬৮ ; উয়ে যেন সুর ২৭১। ২ প্রকাশ পাওয়া ; স্ফুটতর হওয়া। "আদিত্য জিনিআঁ উয়িল কিরণ মণ্ডলে শ্রী.কী ২৫০। [উয়ি গেল (মৈ উগি গেলা)—উদিত হইল। উয়িল, উই(য়ি)ল (শ্রী.কী)—উদিত হইল। উ(ঊ)য়ে—উদিত হইতেছে (শ্রী.কী)।]

উ(ঊ)য়ল ক্রি [√উ(ঊ)য় + অল[২] ; তু 'ধয়ল, করল (ধরিল, করিল) —বি.প ২২ ; উ(ঊ)রিল (শ্রী.কী) ; বৈষ্ণবসাহিত্যে] ১ উদ্গত হইল; উদিত হইল। "কনকলতা৹ অবলম্বনে উয়ল৹ হরিণীহীন হিমধামা বি প ৫ ; জনু রবি শশী সঙ্গহি উয়ল ১২। কনকলতাঞে উয়ল কিএ হিমকর বি সা ২২। চাদ উয়ল ঘন মালে জ্ঞা ৪০। গগনে উয়ল (গৌর জলদ)।—ব ১১ ; গগণে উয়ল (বিধু) ১১২। উয়ল চাঁদ ব.প ১০৮৩। ২ প্রকাশ পাইল ; বিম্বিত হইল। "লোল কুণ্ডল৹ দীপতি মণ্ডল৹ উয়ল যুগল গণ্ড ব ৬৩। ৩ আবির্ভূত হইল ; প্রকাশ পাইল। "উয়ল মনোজ, ভরমে অভিসারই ব.প ১০৭৮। ৪ দৃষ্টিগোচর হইল। "বরতনু সুন্দর, উয়ল ভকত সঙ্গ গো ২৭। ৫ উৎপন্ন হইল। "কণ্ঠতি পরভৃত, মনহি কৃতহুত, উয়ল নিরমল ছন্দ বি.সু ৬১। [উয়ল—উজল, উজ্জ্বল। "চরণ বিভূষণ, মণিগণে উয়ল ব প ১০৮৮।]

উয়া[১] সর্ব্ব [উহা > (উআ) উয়া (হ-লোপ) ; অপ্র] উহা। "উয়ার ঘরে কন্যা আছে গো চ ৫০, টীকা।

উয়া[২] প্র [সং বান্ (বতুপ্—বৎ) > লি বা (গুণবন্ত—গুণবা), প্রা 'ব' (গুণব—প্রা ম) > বা (উআ) উয়া ; তু 'প্রা গদুঅ (গন্তা)—মৃ ৯$\frac{১}{২}$; হে] ১ তদ্‌বান্, তদ্‌যুক্ত, তন্মিশ্র, তদাক্রান্ত। "আন্ধুয়া (এঁধো), ক্ষতুয়া (ক্ষতো), খসুয়া (খসো), জলুয়া (দুধ), পাঁকুয়া (পাঁকমিশ্র, পঙ্কগন্ধী), বাতুয়া (বাতরোগাক্রান্ত) ইত্যাদি। ২ তৎপ্রধান। "কফুয়া (কফো), বাতুয়া (ধাতু)। ৩ তৎসম্বন্ধী। "ঘরুয়া (ঘরো), পড়ুয়া, বড়ুয়া, মাঠুয়া (মেঠো), হাটুয়া (হেটো)। ৪ তৎপূর্ণ, তৎস্বাদযুক্ত। "জলুয়া বা জলো (মেঘ, দেশ, ডাঁটা, হাওয়া), কষুয়া (ক'ষো)। ৫ তদ্বিষয়ে পটু। "গাছুয়া (গেছো—গাছে উঠিতে পটু), নাটুয়া (নাটপটু)। ৬ তৎস্থিত, তদ্‌বাসী। "বাটুয়া কুকুর (অর্থাৎ যে কুকুর পালিত নহে, পথে পথেই থাকে) ব.প ৪৬৯।

উয়াঁ বি [উঙা > উয়াঁ] সর্থ 'উঙা'। "উয়াঁ উয়াঁ ডাকে সুত, দুজনে পুলকযুত ক চ ৪৫।

উয়াড় বি [তু 'সং অবঘাটন, -নী > প্রা ওহাডণ ; ওহাডণী—পিধানী (দেশী ১.১৬১) ; হি ওহার—পরদা, শিবিরাদির আবরণ] ১ দোলাপ্রভৃতির আবরণ বা ওয়াড়। "মুদিত হইল দোলা নেতের উয়াড়ে কৃ ৩৭৯। ২ আবরণ॥ "আলগোছা টাঙ্গা বান্ধে নেতের উয়াড়ে কৃ ৩৭৯।

উয়ানকি, উয়ানি দ্র 'উঙানি'।

উয়ারি বি [দুয়ার > উয়ার + ই[১১], অথবা 'দেউড়ী—মূল (?)] ১ দুয়ার, দেউড়ী। "(কেহ বুকে ধরি) ঢেকা মারি কৈল নিয়া বাহির উয়ারি গো.বি ৮৬। [বাহির উয়ারি—দেউড়ীর বাহির।] ২ দেউড়ীর সন্নিহিত স্থান ; বাড়ীর বহির্ভাগ। "তেতুল চালিতা লাগায় ভরিয়া উয়ারি বি.পা ১০২। ৩ দেউড়ীওয়ালা বাড়ী ; রাজবাড়ী। "একে একে চাহে সবে রাজার উয়ারি মী ১৫। ৪ কোষাগার। "অর্জ্জিয়া পুজিয়া ভরা তুলে বহু করি। ভাণ্ডার বান্ধিয়া থুইল ভরিয়া উয়ারি॥—বি.পা

১০৭। ৫ বাড়ী, পড়শীর বাড়ী। "সমাইর পিন্ধন পাটের সাড়ি, চলিছে উয়ারি বেড়ি, ময়ূর যেন ধরিছে পেকম বি.পা ২৮৮। [উআ (য়া)রি মেহারি, উয়ারি মেহারি—মহাড়াযুক্ত (বিস্তৃত বহিরঙ্গনবিশিষ্ট) রাজবাড়ী। "সমপীবা কার ঠাই উআরি মেহারি মী ১৮; ধারি এড়ি পাইলা উয়ারি মেহারি ২৪। একে একে চাহে জথ উয়ারি মেহারি গো.বি ৭৬; আধারি এড়িয়া পাইল উয়ারি মেহারি ১২৬; কাহারে দিলা তুহ্মি উয়ারি মেহারি ১৬৫। চলিছে উয়ারি বেড়ি—বেড়াইয়া (হাঁটিয়া) পড়শীর বাড়ী যাইতেছে।]

উয়ি, -য়িল, -য়ে; উয়ুগ দ্র 'উয়; উজ্জুগ'।

উর১, উর বি [সং উরস্>লি, প্রা উর; হি, গু, মৈ—উর; ঠ উর] ১ বক্ষঃস্থল। "উর কারাগারে বি.প ১০২। উর মোড়ি বৈঠহু ১৩৯; ১৮১। পরিহরি উর বি.সা ৩৫৭। °পর গো ১৭৭। উরে।—দু ২০, উরোপরে ৬৫; °উপর ৭১। উরে দৃষ্ট বি.সু ২৯। °দেশে ব প ১৫২০। কর উর তারি(তাড়ি) ব ১০৯, °থল (তু 'গু উরস্থল') ১১৬। রতন হার উর গ ৫৮। ২ স্তন। "মাঝহি ক্ষীণ পীন উর।—গো ৮৭।

উর২, উর অর্ম্ম [√উতর> √উ(উ)র] ১ অবতীর্ণ হওয়া; অধিষ্ঠান করা। "উরিলেন ধর্ম্ম শূ ৩৭; পচ্চিম দুআরে উরি ৬২। উর দেবি আসরে ক.চ ২। উর ঘটে শ্রী ১; আসরে…উর ৩; অভয়া উরিলা ৮৫। উরহ শ্রী.মা ১; উরহি ২। উর প্রভু শি ২। উরহ আসরে ভা চ ১০। ২ রূপধারণপূর্ব্বক আবির্ভূত হওয়া; মূর্ত্তিমান্ হইয়া দেখা দেওয়া। "উরিলেন ভগবতী হৈয়া দশভুজাঃ সর্ব্বদেব উরিলেন ম ১০৮০। আযোধনে উর: অম্বরে উরিয়া শ্রী মা ১৫; উরিল সিংহরথে ১৬। উরহ মানসে বি সু ১৫৭। উরিলেন সৃষ্টির কারিণী ক.চ ৮; ১০০। উর তবে, উর দয়াময়ি মে ৩; উরিবেন ৯৭; উরি ১৫০। ৩ উদিত হওয়া; উঠা। "শ্রী মা ১৭৮। ঈশানে উরিল মেঘ ক চ ৮২; ১৯৭; ২২৯। ঈশানে উরিয়া (মহামেঘ) শি ৭৫। ৪ অবতীর্ণ হওয়া; নামা। "শৈলপথ ছাড়ি শেষে উরয়ে মরতে।—হেম ১৫৭। [উর, উর, ওর —অবতীর্ণ বা আবির্ভূত হও। "বিঘ্নরাজ বিঘ্ন হর, বারেক স্মরণে ওর শ্রী.মা ৪; ৫।]

উরঃ (-রস্) বিণ [√ঋ+অস্ (অসুন্)-ক, উ ৪.১৯৫] শ্রেষ্ঠ, প্রধান। —রঃ ক্লী [ছান্দস] বক্ষঃস্থল। "পৃথুরস্ক, বিপুলোরস্ক, ব্যূঢ়োরস্ক রা (S.W.)। মহোরস্ক রা ১ ১.১০। ব্যূঢোরস্ক রঘু ১.১৩। শিলোরস্ক কু.স ৬.৫১। প্রণয়িণী-উরঃ-স্বর্গে প্রভাতে যেমতি। জাগিলা প্রেমিক ন ৫৫৫। [°কপাট (পুং)—কপাটবৎ দৃঢ় বক্ষঃ। °সূত্রিকা (স্ত্রী) —মুক্তাহার। °স্তম্ভ (পুং)—'বক্ষোরোধক', শ্বাসরোগ (Asthma)। °স্থল (ক্লী)—বক্ষঃস্থল। "স্থলতা উদরে ছিল, বলে তা লুঠিয়া নিল, উরঃস্থল জঘন দুজনে ক.চ ১৯।]

উরগ পুং [উরস্+ √গম্+অ(ড)-ক, 'স্'-লোপ, পা ৩.২.৪৮, বার্ত্তিক; উ.ত; স্ত্রী -গী] 'উরোগামী' সর্প। "°ক্ষত রঘু ১.২৮। ২ দেবযোনি-বিশেষ। "পত্রগোরগরাক্ষসাঃ রা ১.৬৫.৯। [ভূষণ (পুং)—'সর্পভূষণ', শিব। °রাজ (পুং)—সর্পরাজ, বাসুকি। °স্থান (ক্লী)—সর্পাবাস, পাতাল। উরগারি, -গাশন (পুং)—১ 'সর্পশত্রু, সর্পাহার', গরুড়। "°নকেতুযষ্টি মাঘ ৫.১৩। ২ ময়ূর। ৩ হাড়গিলা। উরগেন্দ্র (পুং) বাসুকি।]

উরঙ্গ পুং [উরস্+ √গম্+অ (খচ্)-ক, নিপাতিত (মুগ্ধবোধ); তু 'কুরঙ্গ' ইত্যাদি] উরগ। "°বিদ্বিষ্ট ভ ৪.২০.২২।

উরজ বি [উর+জ; সং উরোজ] স্তন। "উরজ অঙ্কুর বি.প ১২; উরজ উদয় ধল ৩৭; উরজ উপর ১৩৯। উরজ উত্তঙ্ক (অর্থাৎ উত্তুঙ্গ) কুম্ভ বি.সা ৩৫৭। উর্দ্ধ উরজ কিবা কনক মহেশ জা ৫৪; উরজক ওর ৮৯; উরজ উঠল জনু বদরী ৯৭। যৌবনজলধিমধ্যে মগ্ন মত্ত গজ। উরে দৃষ্ট কুম্ভস্থল নহে সে উরজ॥—বি.সু ২৯। °কমলযুগ মে ১৫৮।

উরণ পুং [√ঋ+অন (ক্যন্)-ক, উ ৫.১৭; স্ত্রী -ণী; বৈদিক; তু 'উরণী'—মেষ (দেশী ১.১৪০)] ১ মেষ। "বৃকীবোরণমাসাদ্য মৃত্যু-মাদায় গচ্ছতি মহ। (S.W.)। পারণার্থে উরণাদি অপরিমিত শ্রী.মা ২৪; ৯৯। ২ দদ্রুনাশক বৃক্ষ, চাকুন্দা।

উরণা বি [সং উরস্ত্রাণ; 'উরণ' অর্থাৎ 'মেষচর্ম্ম-কবচ'—মূল (?)] বক্ষোরক্ষক আবরণ; উরঃ-কবচ (breast-plate)। "কাঁকালে ঘাঘর দিল ঘুঘুর উরণা শ্রী.মা ৬৮; আর বাণে কেটে ফেলে কবচ উরণা ১৭০।

উরত, উরুত সর্ম 'উরাত'।

উর(রু)থ সর্ম [উরুরুত (উলুধ্বনি) > উরুত > √ উরুথ, √উরথ, √উল(লু)ত, √উলত; বৈষ্ণবসাহিত্যে] উলুধ্বনি দিয়া বরণ করা। "পুত্রবধূ উরথিবার তরে ক চ ১৯৫; উরথিয়া পুত্রবধূ নিল নিকেতন ২৯৬; পুত্রবধূ উরথি নিলেক নিকেতন ৩০২, টীকা। বর উরথিতে: বর উরথিয়া চৈ.ম ৬৮, ৮৩। বরেরে উরুথিতে: বর উরুথিয়া ন.প ১৩২।

উরবি, -বী বি [সং উর্ব্বী >(স্বরাগমে) উরবী; পদ্যে; অপ্র] পৃথিবী, ভূতল। "উরবী টলমল শ্রী ১৯৬। মৃদুল অঙ্গুলী, সরস পরশ, উরবি দরবি যাত ব ৬৯।

উরভ্র পুং [উরু+ √ভ্রম্+অ(ড)-ক, উ-লোপ (অ.টী); 'উর্ণভ্র' —মূল (?)] মেষ। "মহিষোরভ্রকুঞ্জরাঃ (সুশ্রুত)।

উর(রু)মাল, উর্ম্মাল, উরুমাল বি ['উরুমাল'—মূল; হি, ঠ উরমাল—রুমাল] 'বড়মল'; মলের মত ধ্বনিজনক অশ্বাদির পায়ের আভরণবিশেষ। "অশ্ব কুঞ্জর আদি চলে পালে পাল। ঘণ্টার টঙ্কার ঘাঘর উরমাল॥—শ্রী.ম ১৫৪, হাথী ঘোড়া চলনে ঘণ্টা উরুমাল (বাজয়ে) ১৬৯। উরুমাল, দোসর নূপুর বাজে পায় গ ২১; ৫০। ঘণ্টা উরুমাল বাজে ১৫৮। ঘাঘর উর্ম্মাল শব্দ কু উ ২১৯। চারি পায়ে বান্ধিল ঘাঘর উরুমাল ক.চ ১৮; ঢালে বাজে উরমাল ৯৬। ঢন ঢন শব্দ করে ঘাঘর উর্ম্মাল (শ্রী)। [উদ্ধৃত বর্ণনায় বোধ হয়, 'উরুমাল', ঘণ্টা ও ঘাঘরের মত বাদ্যবিশেষ; যুদ্ধসজ্জায়, বিবাহযাত্রায়, অথবা অন্য উৎসবে (?), উহা হস্তী ও অশ্বের সজ্জা ছিল এবং বাদ্যের কার্য্য করিত। শিবের বৃষের ও ইন্দ্রের ঐরাবতের সজ্জায়ও উহা বর্ণিত হইয়াছে। 'রুমাল' অর্থে প্রয়োগ অসঙ্গত।]

উরমী বি [সং উর্ম্মিকা; অপ্র] অঙ্গুরীয়ক। "বলয় উরমী, করযুগে সুবিরাজে ব ৬৫।

উরশ্ছদ পুং [উরঃ+ছদ, ষ.ত] উরস্ত্রাণ, উরঃকবচ (breast-plate)। "কাঞ্চনোরশ্ছদ রা (S. W.)।

উরস বি [সং উরস্; হি °স; গু ওশ] বক্ষঃস্থল। "রমার আশার বাস হরির উরসে মে ২৯। প্রভাতের তারা যেন উরসে উষার।—রাজকৃষ্ণ মুখোপাধ্যায়। সোহাগতরঙ্গরাশি…উচ্ছসি পড়িবে আসি উরসে গলে চ.কা ১৩৪। কুঞ্চিতালক কেশ…অংসে, উরসে আসিয়া পড়িয়াছে ব.প্র ১৬।

উরসি বি [সং উরস্+ই (সপ্তমীর ১ব); পদ্যে] বক্ষঃস্থলে। "উরসি উজ্জ্বল কার জ্বলে হুতাশন শ্রী ২০৩। মহেশ উরসি, হরের রূপসী একাকিনী ব.প ১৫৩৮। [°জ, °রুহ (পুং)—'বক্ষোজাত', স্তন। "পীনৈরুরসিজৈঃ রা (S.W.)। °হ মাঘ ৮.৫৯। উরসিল (°স্+ইলচ্) —বিশালোরস্ক, দৃঢ়বক্ষাঃ।]

উরস্ত্র,-স্ত্রাণ ক্লী [উরস্+ √ত্রৈ+অ (ক)-ক; উ.ত; উরসের ত্রাণ, ষ.ত] 'বক্ষোরক্ষক, বক্ষস্ত্রাণসাধন', উরশ্ছদ, উরঃকবচ (breast-plate)। "বক্ষে উরস্ত্রাণ ন ১২৫২।

উরস্য বিণ [উরস্+য (যৎ), পা ৪.৪.৯৪ ; স্ত্রী -স্যা] ১ উরোনির্ম্মিত, ঔরস (পুত্র)। ২ উরঃসম্বন্ধী। —স্য পুং ঔরস পুত্র।

উরস্বান্ (-স্বৎ) বিণ উরস্+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -স্বতী] প্রশস্তবক্ষোবিশিষ্ট, বিশালবক্ষাঃ, বলবান্। "পাষাণসদৃশ বপুঃ, দীর্ঘ উরস্বান্।—হেম ১৪৫।

উরাত বি [উরাত > °ত ; অপ্র] উরুস্থল, উরু। "বাওঁ উরাত ফারিল গো.চ ২৭৪ ; ২৮৫, টীকা।

উরু বিণ [√উর্ণু আচ্ছাদন+উ (কু)-ক, উ ১.৩১ ; বর+উরু (?), তু 'উরু>বর পা ৬.৪.১৫৭ ; ছান্দস ; Av. uru, vouru] ১ বিস্তীর্ণ, দূরপ্রসৃত। "মহা ১.২১.১৮। ২ বিশাল, বিপুল। "°পৃষ্ঠ কু.স ৭.৩৭। উরুজঘনস্থল কি ৬.৩৫। ৩ মহান্, পৃথু, ব্যাপক। "উরুকীর্ত্তি রঘু ৬.৭৪। ৪ মহান্, উদার। "উরু সত্ত্বমাহ বিপরিশ্রমতা।—কি ৬.৩৫। ৫ বহু, অত্যধিক, অত্যন্ত। "উরুতরপ্রয়াস।—মাঘ ৫.২৫। ৬ সর্ব্বাতিরিক্ত, অতিশয়। "°বিক্রম। উরুবল ভ ২.৭.১৫। ৭ বহু, নানা। "ভাতি পথ্য তং মায়য়োরুধা ভ ১.১৩.৪৮। ৮ তীক্ষ্ণ। "°ধারপরশ্বধ।—ভ ২.৭.২২। ৯ প্রবল, প্রচণ্ড। "°তেজঃ কি ৩.৪৫। গদয়োরুবেগয়া।—ভ ৭.৮.২৫। উরুঘাতে বৃক্ষ ভাগে ম.বি ২১। উরুবেগে অ.প ২০ ; ৩৮। ১০ উত্তম, সুন্দর, কান্ত। "অস্থিমালাযুগ, উরু উরোপর সাজে।—চু ৭১। ১১ প্রচুর, প্রভূত। [উরু ঝাই—প্রবলবেগে ধাইয়া। "চললি রাজপুর দোহে উরু ঝাই রা.শে ২১। উরুকীর্ত্তি (বিণ)—মহাযশাঃ। "রঘু ৬.৭৪। °ক্রম (ছান্দস) পুং—১ 'ব্যাপকপাদক্ষেপ', বামনরূপী বিষ্ণু। "ভ ১.৭.১০। 'উরুক্রম' শব্দে কহে—বড় যার ক্রম চৈ.চ ২৩৩। ২ শিব। °গায় (পুং)—১ 'শ্রেষ্ঠ কর্ত্তৃক গেয় ; শ্রীকৃষ্ণ। "ভ ২.৩.২০। ২ ইন্দ্র। ৩ সোম। ৪ অশ্বিনীকুমারদ্বয়। °জন্মা (-ন্মন্) বিণ—'শ্রেষ্ঠজন্মা', কুলীন, সৎকুলজাত। "মা.মি ৫.১৭। °ধার (বিণ)—তীক্ষ্ণধার, নিশিত। দ্র 'উরু (৮)। °বিক্রম (বিণ)—শূর। °সত্ত্ব (বিণ)—শূর। "রঘু ২.৩৩। °শ্রোণী (বিণ)—গুরুনিতম্বা। "রা ২.১৩.২৩ টীকা। °স্বন (বিণ)—মহারব।]

উরুত ; উরুমাল ; উরুস দ্র 'উরুত ; উরমাল ; উড়স'।

উরে বি [উরু+এ>উরে ; অপ্র] উরুদেশে। "কাহ্নের উরে শুতিলোঁ শ্রী.কী ৩৮৯। এক উরে বসাইল কৃ.উ ১৫৮।

উরোগম পুং [তৃ.ত ; তু 'উরঙ্গম'] উরোগামী সর্প।

উরোঘাত পুং [ষ ত] বুকের ব্যথা ; বক্ষোবেদনা।

উরোজ, উরোভূ পুং [উরস্+ √জন্+অ (উ),+ √ভূ+ক্বিপ্ (০),-ক ; উ.ত] 'বক্ষোজাত', স্তন। "উরোজগণ্ডশৈল মাঘ ৮.২৫ ; উরোজকুম্ভ ৫৩। উরোভূ।—নৈ ১৪৮। উরোজ উপরে যব দেয়ল দিঠ ব.প ১০১৩। উরোজ ঘন (ফুরই) জ ৪। উরোজ রঞ্জন লী ৭৪।

উরোহস্ত পুং [স.ত] বক্ষঃস্থলে চপেটপ্রহার (নীলকণ্ঠ) ; বাহুযুদ্ধবিশেষ। "মহা ২.১৩.১৪।

উর্চ্চার বি [সং উর্চ্চার ; 'র' আগম ; অপ্র] উচ্চারণ। "অর্দ্ধমাত্রা তুমি যাহা না যায় উচ্চার চ.বি ২৯।

উ(ঊ)র্জ্জ্ অক [চু, ভ্বা, প—উ(ঊ)র্জ্জয়তি, উ(ঊ)র্জ্জতি ; সেট্] ১ বল। ২ প্রাণন, জীবন।

ঊর্জ্জিত বিণ [√ঊর্জ্জ্+ত (ক্ত)-ক] ১ বৃদ্ধিপ্রাপ্ত। ২ শক্তিসম্পন্ন, অমোঘ। "ঊর্জ্জিতাস্ত্র সমস্ত প্রস্তুত হয়ে আছে শি ৪৯।

উর্ঝল বিং [সং উজ্জ্বল ; অপ্র] দীপ্ত। "রতন উর্ঝল গ ২৫। [উর্ঝলে —উজ্জ্বলভাবে। "জ্বলএ উর্ঝলে গ ২৫।]

উ(ঊ)র্ণনাভ, ঊর্ণনাভি পুং [ঊর্ণা নাভিতে যাহার, বহুব্রী, হ্রস্ব, পা ৬.৩.৭৩, সমাসান্ত 'অ'(অচ্) পা ৬.৪.৭৫ ; °ভি (রভস—অ.টী)] যাহার নাভিতে ঊর্ণা আছে ; মর্কটক, মাকড়সা। "ঊর্ণনাভিকুলায় (কৌষীতকী)। ঊর্ণনাভিরিবাক্রমঃ ভ ২.৫.৫ ; ৩.২১.১৯। ঊর্ণনাভ ব.প্র ১৭৩।

উ(ঊ)র্ণা স্ত্রী [√ঊর্ণু+অ (ড)-ণ+স্ত্রী আ (টাপ্), উ—৫.৪৭ ; হ্রস্ব (অ.টী) ; তু 'লি, প্রা উন্না ; cf., Gr. er-i-ou ; L. Vellus ; Ger. wolle ; Goth. Vulla ; R. Volua ; E. Wool] ১ 'আচ্ছাদনসাধন', মেষশশকমৃগাদির লোম (অ.টী) ; পশম। "পা ৫.২.১২৩। ঊর্ণাপ্রচুরোহয়ং মেষঃ।—পক্ষ ৫৺ষ্ট। ২ ভ্রূমধ্যস্থ লোমাবর্ত্ত ; চক্রবর্ত্তী ও যোগীর ভ্রূদ্বয়মধ্যস্থ সূক্ষ্মশুভ্রায়ত লোমাবর্ত্ত মহাপুরুষচিহ্ন (অ টী)।

উর্দ্দি, -র্দ্দী বি [হি উরদী] সম্প্রদায়বিশেষের চিহ্নস্বরূপ পরিধেয় ঐক্যবেশ (uniform)। "উর্দ্দি ও তক্‌মা ওয়ালা বিদ্যালঙ্কার ন্যায়ালঙ্কার হু ১১১ ;.তক্‌মা ও উর্দীপরা চাকরেরা ঘুরে ব্যাড়াচ্ছে ১৫১।

উর্দ্দু,-র্দ্দূ বি [ক উর্দু] ভারতীয় মুসলমানদিগের কথ্য মিশ্র হিন্দুস্থানী ভাষাবিশেষ। ['উর্দ্দূ' শব্দের অর্থ 'সেনানিবেশ' বা 'তৎসংসৃষ্ট বাজার'। আকবর বাদশাহের সময়ে তাঁহার সেনানিবেশের বাজারে হিন্দু-মুসলমানের মধ্যে যে ভাষায় কথাবার্ত্তা হইত, তাহা 'উর্দ্দু'। হিন্দী ইহার মূল, আরবী ও ফারসী শব্দে ও বাক্যে ইহার পরিপুষ্টি। 'খিরদ্ আফ্‌রোজ্' নামক গ্রন্থের মতে সাহ্‌জাহান বাদশাহের আমলে ইহার সৃষ্টি হয় (বাঙ্গালা ভাষার অভিধান)।] [উর্দ্দু বাজার—বাদশাহের সেনার সঙ্গে স্থিত বাজার ; পলটনের বাজার। "তল গেল মালমত্তা উরুদুবাজার ভা.চ ৪৫৫।]

উর্ব্বর বিং [সং উর্ব্বরা (স্ত্রী) >বা উর্ব্বর (বিং), °রা (বিং, স্ত্রীলিঙ্গ)] উৎপাদনশক্তিবিশিষ্ট, প্রচুরশস্যাদিজনক (ভূমি)। "আমি অনুর্ব্বর না হয়,—কিন্তু সুশ্যামল ক্ষেত্র দেখ যত, কে করে উর্ব্বর তাহায় ?—মন্দ্র ১৬। উর্ব্বরা ভূমি।—কাদ ৩৫। মৃত্তিকা…উর্ব্বরা হইয়া উঠে চা.তৃ ৩৫ ; ৩৬।

উর্ব্বরা স্ত্রী [উরুর (প্রচুর শস্যাদির) আর (প্রাপক), ষ.ত, স্ত্রী আ (টাপ্) ; (ছান্দস) 'উর্ব্বর' —সস্যাঢ্যাভূমি (ঋগ্বেদ ১০.১৪২.৩) ; Av. Urvara—বৃক্ষাদি] 'প্রচুরশস্যাদিপ্রাপক', সর্ব্বশস্যাঢ্যাভূমি, সর্ব্বশস্যোৎপাদকভূমি। "মাঘ ১৫.৬৬। ২ ভূমিমাত্র (শাশ্বত)। ৩ অপ্সরোবিশেষ। "মহা ১৩.১৯.৪৪।

উর্ব্বরিত বিণ ['উর্ব্বরা'—মূল(?)] অধিক, উদ্বৃত্ত, অবশিষ্ট। "পৈ ১.১৪ ; ৩৯, টীকা। ভ ১২.৮.২ ; ৯.১৫।

উ(ঊ)র্ব্বশী, স্ত্রী [উরূন্ বষ্টি ইত্যচ্, পৃষো ; মুরারেরুরোভবত্বাদুর্ব্বসী (অ.টী) ; উরুঃ বশোঽস্যাঃ (নিরুক্ত) ; ছান্দস] ১ যিনি উরুকে (মহাপুরুষকে) বশ করেন ; স্বর্গবেশ্যাবিশেষ। "রা ৩.৪৮.১৮। হে নন্দনবাসিনী উর্ব্বশি !—চ.কা ২০১। [নারায়ণ ঋষি, তপোবিঘ্নার্থ ইন্দ্র-প্রেরিত কামাদির মোহনার্থ যোগবলে দিব্যরমণীগণ সৃষ্টি করেন। উর্ব্বশী ইঁহাদের অন্যতমা (ভ ১১.৪)। মতান্তরে, নারায়ণের উরু হইতে ইঁহার জন্ম, এইজন্য 'উর্ব্বশী' (অ চি, টীকা) ; 'যার উরুদেশ হ'তে জন্মিল উর্ব্বশী (শ্রী ১০০)। ঋগ্বেদে (৭.৩৩.১১) উর্ব্বশীর উল্লেখ আছে। ইঁহার রূপদর্শনে মুগ্ধ মিত্র-বরুণের স্খলিত বীর্য্য হইতে অগস্ত্য ও বসিষ্ঠের জন্ম হয়। ইনি মিত্র ও বরুণের শাপে পৃথিবীতে অবতীর্ণ হইয়া পুরূরবার সহিত দীর্ঘকাল বাস করেন (ভ ৯.১৪)। অর্জ্জুন বিরাটগৃহে বাসকালে ইঁহার শাপে একবৎসর ক্লীবত্ব প্রাপ্ত হন।] ২ উর্ব্বশীতীর্থ। "মহা ১৩.২৫.৪৬। ৩ নদীবিশেষ। ৪ (বাঙ্‌লায়) উর্ব্বশীসদৃশী সুন্দরী। "আথেটার ঘরে শোভা পাইবে উর্ব্বশী ক.চ ৬৯। [°বল্লভ, °রমণ (পুং) —পুরূরবাঃ।]

উর্ব্বরী স্ত্রী [উরু+স্ত্রী ঈ (ঙীপ্) ; ছান্দস] ১ অতিবিশালা, পৃথিবী।

"সমুদ্রবসনা চোর্ব্বী শ ৩.১৭। রঘু ১.১৪ ; ৩০। ২ ভূমি। "°রুহ মাঘ ১.৭। [°তল (স্ত্রী)—ভূতল। °ধব, °পতি, °র্ব্বীশ, °র্ব্বীশ্বর (পুং) —পৃথিবীপতি, রাজা। °ধর (পুং) —ভূধর, পর্ব্বত। °ভৃৎ (পুং) —১ 'পৃথিবীধারক', পর্ব্বত। ২ 'পৃথিবীপালক', রাজা। °রুহ (বিণ) —১ ভূমিজাত। "মাঘ ১.৭। ২ (পুং) মহীরুহ, বৃক্ষ।]

উর্ভিষ্ট বিং [পাঠান্তর 'উদ্‌ভ্রষ্ট'—মূল ; অপ্র] উৎসন্ন, ধ্বংসপ্রাপ্ত। "উর্ভিষ্ট হইব সর্ব্বরাজ্য চৈ.ভা ১২১ ; সবংশে উর্ভিষ্ট তারা হৈল ১২৪।

উর্ষ, -র্স অর্ম্ম [সং √বৃষ্‌ —বর্ষ > উর্ষ, -র্স ; অস √উরুথ ; তু 'উড়লা' পানি—চালের ছিদ্র দিয়া ভিতরে-পড়া বৃষ্টিজল (চট্টগ্রাম)] ১ চালের ছিদ্র দিয়া বর্ষার জল পড়া (to leak, as the roof of a house)। ২ ছিদ্র বা ফাটা দিয়া জল ঝরা (to leak)। "ভাঙ্গা তুম্বা দিয়া জল উর্সিয়া পলায় ব.প ৬৪। [উর্ষন —সর্থ ' √উর্ষ'। উর্ষন জল (অস উরুথনি)—চালের ছিদ্র দিয়া ক্ষরিত বৃষ্টির জল। ঘর ওড়সে (উর্ষে) —ঘরের চাল দিয়া বৃষ্টির জল পড়ে।]

উল১ **(-ল্)** বি [E. wool ; সং উর্ণ ; লি, প্রা উন্ন ; হি, মৈ উন, গু উ(উ)ন] মেষাদির লোম ; পশম। [উলেন (E. woollen)—লোমরচিত, পশমী। 'বসিয়া জনেক রামা 'উলেন' বিনায়।—হেম ৩৮০।]

উল২ অর্ম্ম [√উর > √উল ; তু 'প্রা ওদল (অবতর) মৃ ৮১২৬] ১ অবতীর্ণ হওয়া ; ওলা, নামা। "রথ হৈতে উলি ব.প ৭৬১। ম ২৩৩। উলিয়া তথায় কৃ ৩৭৭। জলে উলি শ্রী.ম ২৩৪। ২ অপসৃত হওয়া ; দূর হওয়া। "আলিঙ্গন দিলে পরে, উলে যায় হৃদয়ের ভার ব.মু ১২। [উলিল (অপ্র)—উদিত হইল। "পূর্ণিমার চন্দ্র যেন আকাশে উলিল ম.গা ১০ ; ২৫। উলে (অপ্র)—উদিত হয়। "পূর্ব্বে উলে ভানু মী ২৬।]

উলকা বি [সং উল্কা > (স্বরাগমে) উলকা ; হি উলকা, পদ্যে] উল্কা। জ্বলন্ত উলকা কৃ ২৪৮। "জ্বলন্ত উলকা ম ৫০৪ ; উলকাসমান বাণ ১১৬৫।

উলঙ্গ বিং [অব+নগ্ন > অবনগ্ন > প্রা * ওণগ্গ > বা (উনংগ) উলঙ্গ, উ (Dravidian)+লঙ্গ > উলঙ্গ (H.B. 248) ; ড় উলগন, অস উলঙ্গ, -ঙ্গট] ১ নগ্ন, বস্ত্রহীন। "উঠানে উলঙ্গ ঘুমে শ্রী ৪৬ ; ২১৭। (গোপীগণ) উলঙ্গ শরীর ব.প ৩৯০। (নাচে) উলঙ্গী উলঙ্গে পিশাচী পিশাচে ভা.চ ৪৩। উলঙ্গ বরাঙ্গ মে ২৭৮। ২ (অপ্র) আভরণহীন। "উলঙ্গ হস্ত শ্রবণ বা.ম ৩৫২। ৩ আবরণহীন, কোষমুক্ত। "উলঙ্গ কৃপাণ ন ৪১৩। হেম ৫৯। ৪ ঘৃণালজ্জাদির আবরণহীন, অসংযত, অবাধ। "গিয়াছে সঙ্কোচ লজ্জা ঘৃণা শঙ্কা, উলঙ্গ রসনা বাজাইয়া ডঙ্কা, মোহপূর্ণ গীতি গা'স অ.গু ৭৮। ৫ বাক্যালঙ্কারহীন, বাক্যভঙ্গিরহিত, ভাবুকতাশূন্য। "উলঙ্গ বাস্তব ভাবুকতার জেলখানা ভেঙে আলোকের মধ্যে বেরিয়ে আসচে ঘ ৫৫। ৬ বুদ্ধিমত্তার আবরণহীন ; খাঁটি। "একটা উলঙ্গ পাগলামি আমার হৃৎপিণ্ডের উপর দাঁড়িয়ে নৃত্য সুরু করে দিলে ব ১৮৭। ৭ (অপ্র) আবরণহীন ও মুক্ত। "উলঙ্গ মাথার কেশ ধুলায় লোটায় ম.ম ১৬০। ৮ কপটতার আবরণহীন ; বিশুদ্ধ, সরল। "আমি চাহি শিশুসম উলঙ্গ পরাণ (কাব্য-কুসুমাঞ্জলি)। জাগায়ে জাগ্রত চিতে মুনিসম উলঙ্গ নির্ম্মল, কঠিন সন্তোষ চ.কা ২৮৮। ৯ (অপ্র) জলরূপ আবরণহীন ; শুষ্ক (নদীপক্ষে)। "উলঙ্গ হয়েছি বীর, ছাড়ি দেহ জল শ্রী ১৮৮। [উলঙ্গিলা —কোষমুক্ত করিল। "উলঙ্গিলা অসি মে ৯৬ ; ১৫৫ ; ১৯৯।]

উলঙ্গিনী, -ঙ্গী বিং [উলঙ্গ+স্ত্রী ইনী, ঈ৬ ; পদ্যে] বস্ত্রহীনা, নগ্না, নেঙটা। "(নাচে) উলঙ্গী উলঙ্গে পিশাচী পিশাচে ভা.চ ৪৩। কে রণরঙ্গিণী। যোগিনী সঙ্গিনী, হয়ে উলঙ্গিনী, নাচিছে সমরে। —দেওয়ান রঘুনাথ।

উলট১ বিং [হি, ঠ, গু উলট ; অস ওলোটা] ১ বিপর্যাস্ত, অধোমুখ, উলটা। "কুচ উলট কটোরে শ্রী.কী ৯১। উলট করয়ে পাণি চ.সা ৩৮। উলট অধর ব.সু ১০। ২ নিম্নাগ্রভাগ উর্দ্ধমূল (বৃক্ষ)। "উলট কদলী উরু জ্ঞা ৫৫ ; চৈ.ম ১০৭ ; ব্র.প ১৭২। (উরু) উলট কদলীতরু ম ১৫৪ ; ৩৫৯। [উলট কদলী—বিপর্যাস্ত, অর্থাৎ উর্দ্ধমূল নিম্নাগ্রভাগ কদলীস্তম্ভ। উলট কমল—অধোমুখ পদ্ম। "উলট কমল ফুটল আধ জ্ঞা ৫৬।]

উলট২ অর্ম্ম [উলট১ > √উলট, হি, ঠ, গু √উলট ; অস—√ওলট্‌] ১ বিপর্যাস্ত (অধোমুখ) হওয়া ; উলটন। "অম্বর খসল, ধরাধর উলটল বি.সা ৩৫৫। ২ পরাবর্ত্তন করা ; পাশ ফিরা। "উলটিআ দেখি তাক অ.প ২৬। উলটিয়া ডাবরে করিল আচমন কৃ ৩৭৬। ৩ প্রত্যাবর্ত্তন করা ; ফিরা। "হর গৌরী উলটি আসিলা গো.বি ১৪। উলটিল বিরাটের যত যোধগণ ম.বি ১৯০। শিবের জটা হোতে উলটে ভগবতী গ ১৪৪। ৪ স্বপক্ষ পরিবর্ত্তন করা। "উলটিয়া চোর গৃহী বান্ধে বুঝি শেষে ভা.চ ৩২২। [উলটিয়া চোর —চোর স্বপক্ষ পরিবর্ত্তন করিয়া, অর্থাৎ সাধু হইয়া।] ৫ ভগ্নক্রম হওয়া, বিপরীত সজ্জিত হওয়া। ৬ বিমুখ হওয়া ; মুখ ফিরান। "উলটি বসিআঁ৷ সুন্দরি রাধা৷ ছাড়এ দীর্ঘ নিশ্বাসে : উলটিআ দিলেঁ পিঠী শ্রী.কী ৩৯। [উলটিয়া পাগ দেওয়া —দ্র 'পাগ২'।]

উলটকম্বল বি [হি উলট কংবল] হিন্দুস্থানে সরসভূমিতে জাত ছোট তরুবিশেষ (Abroma auguta)। [ইহার পাতার উলটা দিক লোমশ, বোধ হয়, এইজন্য ঐরূপ নাম।]

উ(ও)লটপালট বিং [হি উলটপ(পু)লট, উলঠ-পলঠ ; ঠ উলটপ-(পা)লট, উলট-সুলট ; গু উলটপালট, -সুলট ; অস ওলট্‌-পালট্‌ ; তু ,অলটপলট্ট—পার্শ্বপরিবর্ত্তন (দেশী ১.৪৮)] ১ বিপর্য্যস্ত, উলটা-পালটা। "হয় দুনিয়া ওলটপালট, আর কিসে ভাই রক্ষা হবে। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। স্বপ্নলোকের উলট-পালট আসবাব গ.স ১৪৫। ২ পরিবর্ত্তিত, অদলবদল। ৩ বিশৃঙ্খল, অস্তব্যস্ত, গোলমাল। ৪ পর্য্যাকুল, এলোমেলো। "উলটপালট কেশ ম ১০৭৮। —ট বি ১ বিপর্য্যাস, গোলমাল। ২ পরিবর্ত্তন, বিনিময়। ৩ অব্যবস্থা, বিশৃঙ্খলতা। "উলটপালট গণ্ডগোলের মাঝে প.কা ৬। ৪ অন্যথাভাব, ব্যতিক্রম, ক্রমভঙ্গ। "আগে বড় পিছে ছোট বিধির এ কট। তুই কি করিবি তাহে উলটপালট ॥—ভা.চ ৫৩১। ৫ যাওয়া-আসা, ফিরা-ঘুরা। "উলটপালট করে বার পাঁচ ছয় শি ৮০। [উলটি পালটি —১ উলটাইয়া পালটাইয়া, তন্ন তন্ন করিয়া। "(চাহেন দুই বীর) উলটি পালটি যত গোদাবরীতীর কৃ ১৪৬। উলটি পালটি ঘর ঘন ঘন চাহি ম.ম ১৭১। ২ নাড়িয়া চাড়িয়া। "উলটি পালটি চাহে নাহিক চেতন ম.ম ৪৩। ৩ ফিরিয়া ঘুরিয়া। "উলটি পালটি বেড়ায় নগর মাঝার ম.ম ১৪৭ [ধৃতপাঠ —'উলটী পালটী']

উলটা১ বিং [উলট > °টা ; হি, ঠ, মৈ উলটা ; অস ওলোটা] ১ বিপরীত, অধোমুখ (ঘড়া, কলসী)। ২ নিম্নাগ্রভাগ ও উর্দ্ধমূল (বৃক্ষ)। "উলটা কদলীতুল্য জঙ্ঘা অনুপমা দু ৮। ৩ ভগ্নক্রম, বিপরীত (শব্দাক্ষর)। "উলটা অক্ষরে 'মরা' জপিয়ে বাল্মীকি। কি ছিল কি হল্য, নামগুণ দেখ দেখি॥—দু ২৯। উলটা নাম জপত জগ জানা। বাল্মীকি ভএ ব্রহ্ম সমানা॥—তুলসীদাস। [উলটা জামা —যে জামার ভিতর দিক্‌ উপরে। এইরূপ 'উলটা পরদা' ইত্যাদি। উলটা পিঠ—ভিতর দিক্‌ ; পত্রাদির নীচের দিক্‌। উলটা বুঝা —বিপরীত, অন্যরূপ বা ভুল বুঝা। উলটা রথ—রথযাত্রার অষ্টম দিবসে রথ যথাস্থানে টানিয়া আনার উৎসব ; ফিরে-রথ। উলটা বিচার—ন্যায়বিরুদ্ধ (অযুক্ত) বিচার। উলটা রীতি —ভিন্ন প্রথা।]

উলটা² সর্ম্ম [উলটা¹ > √°টা ; হি, গু √উলটা ; ঠ— √উলট ; অস √ওল(লো)টা] ১ বিপরীত করা ; অধোমুখ করা (ঘটকলসী-প্রভৃতি)। ২ বিপর্য্যস্ত করা ; উবুড় করা। "পুছইতে কুশল উলটায়বি পাণি বি.প ১০৮। ২ অন্যথা করা বা বলা ; ফিরাইয়া পক্ষান্তরে লইয়া যাওয়া (কথা, প্রস্তাব)। ৩ পরিবর্ত্তন করা ; বদলান। ৪ উৎক্ষেপণ করা ; ঘাঁটা। "যেখানে পাইবে ছাই, উলটিয়া (উলটাইয়া) দেখ তাই, পাইলে পাইতে পার অমূল্য রতন। —টা অর্ম্ম নতমুখ হওয়া ; হেলিয়া পড়া। "জনু ইন্দীবর পবনে ঠেললে, অলিভরে উলটায় বি.প ১৩। [উলটান—সর্থ 'উলটা²। চোখ উলটান—চোখের পাতা উর্দ্ধগত করা। বইএর পাতা উলটান— বইএর পাতা উঠান।]

উলটাপালটা বিং [হি উলটাপালটা, -পুলটা ; ঠ উলটাপালটা, -মুলটা] ১ বিপরীত, বিপর্য্যস্ত। ২ পরিবর্ত্তিত, অদলবদল। ৩ ক্রমহীন, বিশৃঙ্খল; বেতরিবত। ৪ পূর্ব্বাপরসঙ্গতিরহিত, অসম্বন্ধ, অনৈক্য (কথা)। [উলটাপালটা চড়—এদিকে-সেদিকে (অবিচারে যেখানে-সেখানে) চপেটাঘাত। উলটাপালটা বাতাস —আকুল (এলোমেলো) বায়ুপ্রবাহ।]

উলটিপালটি, উলটীপালটী বি [হি উলটাপালটী ; ঠ উলটা-পালট] ১ নীচ-উপর হওয়া ; বিপর্য্যস্তভাব। "ফেলাফেলি ঠেলাঠেলি উলটীপালটী শ্রী.মা ৫৪। উলটীপালটী মুহুর্ম্মুহু শী ৫২। ২ হেট-উপরভাবে ঘুরপাক। "রোহিণীর সেই উর্দ্ধক্ষিপ্ত স্পন্দিত বিলোল কটাক্ষ ডালে বসিয়া যদি সে কোকিল দেখিতে পাইত, তবে সে তখনই…উলটিপালটি খাইয়া পা গোটো করিয়া পড়িত ব.প্র ২৬৬।

উলত সর্ম্ম দ্র 'উরথ'। "কন্যার মাতা আইলা উলতিতে বর কৃ.উ ৮।

উল(লু)প পুং [√বল্+অপ (কপন্)-ক, উ ৩.১৪৫, পৃষো ; উলপ (অ.টী)] ১ 'সঙ্করণকারী', বিস্তীর্ণা লতা। তাম্বুলীবাসন্তী-প্রভৃতি লতা (অ.টী) ; গুল্মিনী। ২ বল্বজতৃণ, বাবুই ঘাস। "নবোল-পালঙ্কৃতসৈকতাভাঃ…অপঃ মাঘ ৪.৮। ৩ উশীরতৃণ। "কি ১০.৩। —প পুং, ক্লী কোমলতৃণ, উলুখড় (উ ৩.১৪৫)। "নবোলপমাল মা.মা ৯.২। তৃণোলুপপুলাকচিহ্নানুমেয়ৈঃ (কান্তারকূপৈঃ)।—কাদম্বরী।

উলম অর্ম্ম [সং অব+√লম্ব্ >লি, প্রা √ওলম্ব >বা (√ওলম) √উলম ; অপ্র] নীচে লম্বমান হওয়া ; ঝুলিয়া পড়া। "বানর-বালক গাছ উপরে বসিয়া। উলমিছে কেহো কেহো লাঙ্গুল ধরিয়া॥—ব.প ৮৪০।

উলমতি বিং [উনমতি >°তি ; অপ্র] উন্মত্তা। "সাঙ্কিনি নারী সাঙ্কায় উলমতি গো.চ ৭৪।

উলস¹ বি [সং উল্লাস >প্রা উল্লস (প্রা.ম), উলস (পৈ ২.২১৩.৯ টীকা) >বা উলস ; হি উলস ; বৈষ্ণবসাহিত্যে] উল্লাস, হর্ষ। "দাস গদাধর, করে দিয়া কর, উলসে পুলক গা।—ন.প ২৮৮। —স বিং উল্লসিত, পুলকিত। "ও রস পরশে উলস গা জ্ঞা ১৬৮। [উলসিণী (উল্লাসিনী) —উল্লাসিতা, হৃষ্টা, পুলকিতা। "উলসিণী গোয়ালার ঝী (শ্রী.কী)।]

উলস² অর্ম্ম [সং উদ্+ √লস্ (উল্লস) >লি, প্রা √উল্লস ; হি √উলস ; পদ্যে] ১ উল্লসিত (হৃষ্ট) হওয়া ; আনন্দে বা গর্ব্বে স্ফীত হওয়া। "এ অনুপ্রাণিত বক্ষ উঠিছে উলসি, হেরি তব অনাবৃত আকৃতি মোহন অ.গু ৯৬। ভুলিলা সে কাল, এ কি ঠাকুরাল, গরবে উলসে গা বি.সু ৩৮। গরবে উলসি উঠিছে কায় বা.দ ২০৩। ২ দীপ্তি পাওয়া ; জ্বলা। "এপারে প্রদীপ উল্কা ওপারে উলসি উঠে কু.কে ১৫১। [উলসন —উল্লসিত হওয়া। গা উলসে উঠা (কথ্যভাষা)—আনন্দে গাত্র স্ফীত বা পুলকিত হওয়া।]

উলসিত বিং [উল্লসিত ; পদ্যে, তু 'উলুওসিঅ—পুলকিত (দেশী—প্রা.ম)] ১ হৃষ্ট, আনন্দিত। "উল্লসিত রাজ্যখণ্ড কৃ.উ ২৪৩। উলসিত অন্তরে চৈ.ম ৯ ; উলসিত আইহগণ ৮৩। ম ২৪৮। চৈ.ভা ৮০। উলসিত রসবতী রাধে রা.গে ১২। ব ১৪০। ২ পুলকিত, রোমাঞ্চিত। "উলসিত গা শ্রী.মা ১৩৩। ৩ প্রস্ফুটিত। "উলসিত কুন্দ জ্ঞা ২৩৯।

উলা সর্ম্ম [√উল+আ] অবতারণ করা ; নামান, উলান। "কলসী উলাইয়া তোমারে লইব এখন প.র ৪। ২ উনান হইতে পাকপাত্র-ব্যঞ্জনাদি নামান। "বেহুলা রন্ধন করি উলাইল ভাত ম.ভা ৩৭।

উলাট বিং [উলট>°ট ; অপ্র] বিপরীত, উবুড়। "উড়ি ধান্য ভানিবে উলাট করি কুলা শ্রী.মা ৯৯।

উলাল '-ল্' বি [উল্লাল>°ল] আদর, সোহাগ।.."কেহ বাছা বাছা বলে, কেহ বা করিছে কোলে, কোন মাএ করিছে উলাল ব.প ১৩৫৬।

উলাস বি [সং উল্লাস>°স। উলাস (চ) ; ঠ উল্হাস ; তু 'হি, মৈ হুলাস ; হুলসি (পৈ ২.২১৩.৯ টীকা) ; বৈষ্ণবসাহিত্যে] আনন্দ, হর্ষ। "অনুখন হৃদয় উলাস জ্ঞা ২৪৮। দেত কি উলাস শ্রবণে ন.প ১১৪, উলাসে না ধরে হিয়া ১৭৩।

উলি বিং গুচ্ছবদ্ধ (?)। "আলায়ে মাথার চুলি, না জানি করিতে উলি, আপনি তুলিয়া নাহি বান্ধি ব প ১৩৬৪।

উলিপালি বি [উলি+পালি ; অপ্র] উলার (অবতরণের) পালি (পর্য্যায়), পর্য্যায়ানুসারে অবতরণ (অর্থাৎ নামা-উঠা)। "উলিপালি করি তাহে (ঘোড়ায়) চাপে দুই জন কৃ.উ ২২২ ; ২২৪।

উলু¹ বি [সং উলুপ>প্রা*উলুঅ>বা উলু ; হি উলু, -লুরা ; তু 'এলয়া খেড় (গো.চ ৩৬, টীকা) ; উলুখণ্ড—উল্মূক (দেশী ১.১০৭)] তৃণ-বিশেষ, উলুখড়। "উলুর কাছরা গো.চ ৩৫৯ ; ৩৬২। উলুবন শ্রী ১০২। উলুরজ্জু ম.পা ৪১। [উলুবনে মুক্তা ছড়ান—উলুবনে বিক্ষিপ্ত মুক্তার ন্যায়, অপাত্রে উপদেশ ; অযোগ্যে অনুষ্ঠিত ক্রিয়ামাত্র।]

উলু² বি [ধ্বন্যাত্মক, তু 'উলুলব (উরূরব ;—ছান্দোগ্য ৩.১৯.৩)] বিবাহাদি উৎসবে স্ত্রীলোকের করণীয় মঙ্গলধ্বনিবিশেষ ; উলুধ্বনি। "উলু উলু শব্দ গো.চ ৫৫। উলু উলু ধ্বনি বা.ম ৩৫। চৈ ১৪। উলু দিছে ঘন ঘন পিকসীমন্তিনী বি.সু ৫৭। কেমন উলু দিলে বি.বু ৩৫। [উলু উলু—নিরন্তর উলুধ্বনি।]

উলুই বিং [√উড়—মূল, হি উড়াউ] যে উড়ায়, অমিতব্যয়ী, আক-কুটে, লক্ষ্মীছাড়া, উড়নচড়ে (প্রায়ই স্ত্রীলোকসম্বন্ধে)। "লঙ্কার বাণিজ্য যদি এনে দেয় ঘরে। মেয়ে হলে উলুই, উড়ায় আঁখিঠারে॥—শি ৬৮।

উলুকা বি [সং উল্কা > (স্বরাগমে) °কা। হি লু(ল্)ক ; পদ্যে] ১ উল্কা। "বাণ যেন জ্বলন্ত উলুকা কৃ.উ ২২৩। ম ৭৫৪। ২ অগ্নিশিখা, অগ্নি। "মুখেতে উলুকা জ্বলে ম ২৭০। ৩ প্রদীপ, মশাল। "শত শত উলুকা জ্বালিল : উলুকা জ্বালিল লক্ষ লক্ষ ম ৮৭৫।

উলুছন বি [উলু+ছন] উলুখড়। "উলুছনের ভুরা বান্ধি তাহাতে সিথান বি.প ৩৩৪।

উলুত অর্ম্ম [দ্র 'উরথ' ; অপ্র] উলুধ্বনি করা ; উলু দেওয়া। "কুলবতী উলতিছে পুলকিত অতি দু ১৯।

উলুলু, উলুলুলু বি [ধ্বন্যাত্মক ; উলু+উলু, উলু+উলু+উলু ; সং উলুলু] পুনঃ পুনঃ উলুধ্বনি। "একত্র উলুলু দেয় চৈ ১৪। উলুলুলু দেই যত কুলের রমণী ন.প ১৩২ ; ১৬৩। [উলুলুলুলুলু—নিরন্তর উলুধ্বনি। "ব.প ১১৪।]

উ(উ)লুক পুং [উদ্+ √লোক্+অ (অচ্)-ক, নিপাতিত (অ.টী) ; উ ৪.৪১ ; ছান্দস ; 'উল্লক' (ঐতরেয়ব্রাহ্মণ ২.৭) ; ধ্বন্যাত্মক (?) ; cf., Gr. ol-olug-aia ; L. ulula ; Ger. Ūla, Eule ; F. hollotte ; A.S. ūle ; E. owl] ১ পেচক, হুতোমপেঁচা। "উলূকাঞ্জনয়ৎ ক্রৌঞ্চী রা ৩.১৪.১৮। °কাক মনু ১১.১৩২। শ্রী.মা ৪। [উলূকের রব অশোভন, উলুক যম সহচর (ঋগ্বেদ ১০.১৬৫.৪)] ২ ইন্দ্র। "উ ৪.৪১। ৩ শকুনির পুত্র। ৪ বৈশেষিক-

দর্শনকার কণাদমুনি। তু 'ঔলুক্যদর্শন'। ৫ হিমালয়সন্নিহিত দেশবিশেষ। "°বাসী মহা ২.২৭.৫। ৬ (বহুব) উলূকদেশবাসিগণ। "মহা ২.২৭.১১। ৭ উলূকরাজগণ। —ক ক্লী উলূপ, উলুখড়। —কী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ১ উলূকজাতি-স্ত্রী, পেচকী। ২ উলূকপক্ষীর জননী (বিষ্ণুপুরাণ)।

উলূখল ক্লী [উদূখল>°ল; ছান্দস] সর্থ 'উদূখল'। "মুষল° মনু ৩.৮৮। ২ গুগ্‌গুলু।

উ(উ)লূপী স্ত্রী অর্জুনের স্ত্রী নাগকন্যাবিশেষ। [ইঁহার পুত্র ইরাবান্। বভ্রুবাহনের যুদ্ধে মৃত অর্জুন ইঁহার পরামর্শে সঞ্জীবনমণিস্পর্শে পুনর্জীবিত হন (মহা ১.২১৪তম অধ্যায়; ৬.৯০তম অধ্যায়)।]

উলুলু বিণ [উরু>উলু; উলু+উলু; 'উলুলি' (অথর্ববেদ)] বিস্তীর্ণরব, বৃদ্ধিযুক্ত (শব্দ)। "ঘোষা উলুলবোহনুদতিষ্ঠন্।—ছান্দোগ্য ৩.১৯.৩। উচ্চৈরুলূলুধ্বনিরুচ্চচার (নৈ)। —লু পুং উলু-উলু ধ্বনি।

উলেমা বি [আ উ'লমা (বহুব)] মুসলমান পণ্ডিতগণ। [জমিয়ৎ-উল্-উলেমা—মুসলমান পণ্ডিতগণের সভা বা প্রতিষ্ঠান।]

উল্কা স্ত্রী [√উষ্+ক (কক্)-ক+স্ত্রী আ (টাপ্), উ ৩.৪২, ছান্দস] ১ তেজঃপুঞ্জ, তেজোরাশি (অটী)। ২ রেখাকারে আকাশ হইতে পতিত তেজঃপুঞ্জ (meteor)। "মহোল্কা রা ৩.১৮.১৭; ২৩.১৫। °নির্ঘাত মনু ১.৩৮। উল্কাশ্চাঙ্গারবর্ষিণ্যঃ মহা ১৬.১.৩। ভা.চ ২৬৫। [উল্কা নানাবিধ—'বৃহচ্ছিরা চ সূক্ষ্মাগ্রা রক্তনীলশিখোজ্জ্বলা। পৌরুষীয়প্রমাণেন উল্কা নানাবিধা স্মৃতা॥] ২ জ্বালা, শিখা। "অগ্নি-উল্কা চৈ.চ ৬৫। আগুনের উল্কা ভ গ্র ২৬০। ৩ অগ্নি। "তৃণোল্কা হি ১.৮৭। ৪ স্ফুলিঙ্গ, উকা। "°ক্ষপিতচমরীবালভার পূ.মে ৫৪। ঝলকে ঝলকে উল্কা উগারি।—কথা ৫১। ৫ অলাত, উল্মুক, জ্বলন্ত কাষ্ঠ। "জিহ্বাম্ ...উল্কাং প্রজ্বলিতামিব গো.রা ৩.৪৯.৩৪, মহোল্কা ৭৫.৫১। ৬ বর্তি, মশাল। "দুই দুই উল্কা ধরি রথের উপর ম ৮৭৫। ৭ (বাঙলায়) উল্কাবৎ দ্রুতগামী মৎস্যবিশেষ; উল্কামাছ (চব্বিশপরগণা)। [উল্কাচক্র (ক্লী)—(তন্ত্রে) মন্ত্রের শুভাশুভজ্ঞাপক চক্রবিশেষ। °ধারী (-রিন্) বিণ—বর্তিধারক। °মুখ (পুং)—যাহার মুখে উল্কা; জ্বালামুখ প্রেতবিশেষ; আলেয়া। "মনু ১২.৭১। °মুখী (স্ত্রী)—যাহার মুখে শিখাবৎ আলোক; শৃগালিকা, খেঁকশিয়ালী। "বেগে জিনি বায়ু উল্কামুখী চলি যায় উগরি অনল স্ব প্র ১২৩।]

উল্কি, -ল্কী বি [সং উদ্+√লিখ্ (উল্লিখ্)—মূল (?), গোদানি (ঢাকা, যশোহর)] স্ত্রীলোকের কপালে টীপের স্থানে কৃত কৃষ্ণবর্ণ চিহ্নবিশেষ। "সিন্দুরের বিন্দু সহ কপালেতে উল্কি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। কপালের একটি ছোট উল্কী টিপের মত দেখাইত ব.প্র ৫৯০। কপালে উল্কি ব.দ্বি ১২৮।

উল্মুক ক্লী [√উষ্+মুক-ক উ ৩.৮৪; বৈদিক] ১ জ্বলদঙ্গার, জ্বলৎকাষ্ঠখণ্ড, জ্বলন্ত কাঠ। "পঞ্চ ৫২২৩। ২ বৃষ্ণিবংশীয় রাজবিশেষ।

উল্লঙ্ঘন ক্লী [উদ্+√লঙ্ঘ্+অন (ল্যুট্)-ভা] ১ ঊর্ধ্বগতি দ্বারা অতিক্রমণ; উৎপ্লবন, ডিঙান। ২ অতিক্রম, অতিবর্তন। "সময়° কু.স ৩.২৫, মল্লিনাথ। ৩ মর্যাদাতিক্রম, অপরাধ, অবজ্ঞান। "°ক্রুদ্ধ ক.সা ২২.৫৭। —লঙ্ঘনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] ১ উৎপ্লবনীয়। ২ অতিক্রমণীয়, অতিবর্তনীয়। "মিত্রবচনমনুল্লঙ্ঘনীয়ম্।—পঞ্চ ৬৫৬। —লঙ্ঘিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ উৎপ্লুত। ২ অতিক্রান্ত, অতিবাহিত। "উল্লঙ্ঘিতাধ্বা। ৩ অননুষ্ঠিত, অপালিত। "°শাসন।

উল্লম্ফ বি ঊর্ধ্ব লম্ফন; উল্লম্ফন। "রাজপুত্রের উল্লম্ফোত্থিত শরীর ভূতলে অবতরণ করিতেছিল ব.প্র ৪৯।

উল্লম্ফন ক্লী [উদ্+√লম্ফ্+অন (ল্যুট্)-ভা] ঊর্ধ্বগমন, উৎপ্লবন।

উল্লস অর্থ [সং উদ্+√লস্ (উল্লস্)>লি, প্রা √উল্লস] উল্লসিত হওয়া; হৃষ্ট হওয়া। "(অম্বুনিধি!) আবার আনন্দপূর্ণ স্বরে উল্লসি ফিরিয়া আসি কল্লোলে ঝাঁপায়ে পড় বুকে চ.কা ১১১; নৃত্য কর উল্লসি ২০৩।

উল্লসন ক্লী [উদ্+√লস্+অন (ল্যুট্)-ভা] ১ আনন্দ, হর্ষ, স্ফূর্তি। ২ [+অন-ণ] হর্ষজনকব্যাপার। —ল্লসনক ক্লী [+ক (কন্) স্বার্থে] রোমাঞ্চ। —ল্লসিত বিণ [+ত (ক্ত)-ক] ১ হৃষ্ট, আনন্দিত, প্রফুল্ল। "ক.সা ৫৪.৩৬। উল্লসিত মনে শ্রী.কী ১৫। গ ১২৯। শি ১৯। উল্লসিত রঙ্গে ভাষা প্রসারিয়া দিই তরঙ্গে তরঙ্গে চ.কা ১৩৭। চন্দ্রকবে উল্লসিত ফুল্লবনে।—গান ১৭৬। ২ স্ফুরিত, কম্পিত। ৩ উত্থিত। "অকোপলোল্লসিতবাহুঃ মাঘ ৪.৫৮। ৪ উদ্ধত। "মাঘ ৫.৫৩। ৫ ক্ষুভিত। "প্রলয়োল্লসিতস্য বারিধেঃ মাঘ ১৬.৫১। ৬ দীপ্ত, উজ্জ্বল। ৭ [+ত-র্ম] উৎক্ষিপ্ত। "উল্লসিতৈঃ...অম্বুবর্ষৈঃ মাঘ ৫.৩০; ৩৫। ৮ কোশোদ্ধৃত। "উল্লসিতাসিলতা মাঘ ৬.৫১। উল্লসিত খড়্গাঃ শূদ্রকেণ হি ৩২৬৪।

উল্লা বি ['উল্লাস'—মূল; অপ] কেলি, সহবাস। সেই ঘরণী তুঙ্কি না করিয় উল্লা ম গা ১।

উল্লাপ পুং [উদ্+√লপ্+অ (ঘঞ্)-ভা] ১ উচ্চৈঃস্বরে আহ্বান। ২ রোগশোকাদিজন্য স্বরবিকার; কাকুবাক্য, শোকপূর্ণ আলাপ। "আর্যপুত্রস্য উল্লাপাঃ উ.চ ৩২৫। ৩ দুষ্ট বাক্য, উপহাস। "খলোল্লাপাঃ সোঢ়াঃ।—ভর্তৃহরি। —ল্লাপন ক্লী [+√লাপি+অন (ল্যুট্)-ভা] স্তুতিবাক্যে সন্তোষণ। ২ বৃত্তাদি দ্বারা ব্যাখ্যান (ত.বা)। —ল্লাপ্য ক্লী [+য(যৎ)-র্ম] উপরূপকবিশেষ। "সা.দ ৬.২৮৩।

উল্লাল বি [সং উদ্+লালি, ঠ উল্লালা—হর্ষাতিশয়; উ(উ)ল্লাল—অতিশয় হর্ষ বা সুখ (শ্রী.কী), অপ্র] শিশুর প্রতি জননীর স্নেহপ্রকাশ; আদর, সোহাগ, উল্লাস। "বুকে আরোপিয়া পদ করেন উল্লাল। বাপধন বাছা মোর দুপিনীদুলাল॥—শ্রী ৫০। —ল বিং [সং উদ্রোল; অপ্র] আন্দোলিত, তরঙ্গিত। "হনুমন্ত বীর, শরীর বেগত, সাগরজল উল্লাল: সাগর যেন উল্লাল শ্রী.কী ৫৬২, ভাষাটীকা।

উল্লাস পুং [উদ্+√লস্+অ (ঘঞ্)-ভা] ১ হর্ষ, আনন্দ। "কন্দলদলোল্লাসাঃ পয়োবিন্দবঃ।—অমরু ৪৮। উল্লাসবাজনা বাজে শ্রী ৫০। মে ২৬৪; ২৬৬। উল্লাসে উৎফুল্ল আঁখি প.তৃ ১৮। চঞ্চলা নদী মাতে উল্লাসে।—কথা ৪৯। উল্লাসহিল্লোলাকুল যৌবন-উৎসাহ চ.কা ২৩১। ২ প্রকাশ। ৩ আবির্ভাব, উপস্থিতি। "স্বপক্ষভুক্তুল্লাসশঙ্কা ক.সা ১৪.১৩। ৪ বৃদ্ধি। "তেষাম্...হ্রাস উল্লাসঃ ভ ৭.১.৭। ৫ অর্থালঙ্কারবিশেষ। [একের গুণ দ্বারা অন্যের গুণ, দোষ দ্বারা অন্যের দোষ, গুণ দ্বারা অন্যের দোষ বা দোষ দ্বারা অন্যের গুণ বর্ণিত হইলে, 'উল্লাস' অলঙ্কার হয় (কুবলয়ানন্দ ১৩২)।] ৬ [+অ-ধি] গ্রন্থবস্তুপ্রকাশরূপ পরিচ্ছেদ। "কাব্যপ্রকাশে...প্রথম উল্লাসঃ।—ল্লাসিত বিণ [উদ্+√লাসি+ত (ক্ত)-র্ম; তু 'উল্লসিঅ'—পুলকিত (দেশী ১.১১৫)] ১ উল্লসিত, উদ্ধত, উদ্যত। "ক্রোধোল্লাসিতশোণিতারুণগদ।—বে ১.১২। ২ আনন্দিত, হর্ষিত। ৩ [উল্লাস+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] সঞ্জাতোল্লাস, জাতহর্ষ, হৃষ্ট। "মৃগং তং দৃষ্টোল্লাসিতো ভ্রাতে হি ১৭৬। উল্লাসিত ধরণী ম ৫৪৫। উল্লাসিত মনে গ ১৬৭; চৈ.চ ১৯২। শ্রী.ম ১৩। উল্লাসিত হিয়া বি.সু ৫২। —ল্লাসী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -সিনী] হর্ষযুক্ত, আনন্দিত। "শ্লোক শুনি হরিদাস হইল উল্লাসী চৈ.চ ২৫৮। ২ প্রভান্বিত, দীপ্ত।

উল্লিখিত বিণ [উদ্+√লিখ্+ত (ক্ত)-র্ম] ১ উপরিলিখিত বা বর্ণিত। "উল্লিখিত জ্ঞানলাভের পথ পা.প্র ৬৭। ২ চিত্রে লিখিত; অঙ্কিত। "স্বহস্তোল্লিখিত কু.স ৫.৫৮। ৩ শাণালীঢ়, শাণ দ্বারা তনূকৃত (চাঁচা)। "সংস্কারোল্লিখিতো মহামণিঃ শ ৬.৬। রঘু ৬.৩২। ৪ উৎকীর্ণ,

খোদিত। ৫ উদ্ঘৃষ্ট, সংস্পৃষ্ট, ভিন্ন। "বিষাণোল্লিখিতস্কন্ধ হি ৩.১৪৯। ৬ অভিলপিত, কৃতোল্লেখ (বিষয়)। —ল্লেখ পুং [+অ(ঘঞ্)-ভা] ১ উচ্চারণ, সঙ্কল্পিতার্থপ্রতিপাদক শব্দের উচ্চারণ। ২ বর্ণন, কথন। "বিচিত্রচরিত্র° ক.সা ২৫.২২৫। ৩ নির্দ্দেশ, নামগ্রহণপূর্ব্বক নির্দ্দেশ। "তিনি লজ্জাবশতঃ উর্ম্মিলার উল্লেখ করিলেন না সী ৭। ৪ ঘর্ষণ। "নিশিতশস্ত্রোল্লেখ, খুরমুখ° (কাদম্বরী)। ৫ উৎখনন, কর্ষণ। ৬ উদ্ভেদ, ভেদ। ৭ তনুকরণ, চাঁচা। ৮ উৎকীর্ত্তন; অভিলাপ, কথন। ৯ বমন (চরক)। ১০ অর্থালঙ্কারবিশেষ। [গ্রহীতার বা বিষয়ের ভেদ হেতু এক বস্তুর অনেকপ্রকারে উল্লেখ হইলে, 'উল্লেখ' অলঙ্কার হয় (সা.দ ১০.৩৭)। "বিদ্যা নামে তাঁর কন্যা…রূপে লক্ষ্মী গুণে সরস্বতী ভা.চ ২৬২।] —ল্লেখন ক্লী [অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'উল্লেখ (১)। ২ সর্থ 'উল্লেখ (৩)। "মাসপক্ষতিথীনাঞ্চ (উল্লেখনম্)—তিথিতত্ত্ব। মাস তিথি উল্লেখন দ্র ১। ৩ খনন, খননপূর্ব্বক কিঞ্চিন্মৃত্তিকাপনয়ন। "মনু ৫.১২৪। যাজ্ঞ ১.১৮৮। ৪ তক্ষণ (মিতাক্ষরা), তনুকরণ, চাঁচা। "যাজ্ঞ ১.১৮৮। বসিষ্ঠ ৩। ৫ ঘর্ষণ। ৬ চিহ্নকরণ। ৭ লেখন, চিত্রাঙ্কন, চিত্রীকরণ। ৮ রেখা দ্বারা স্বস্তিকাদির অঙ্কন। ৯ বমন। —ল্লেখ্য বিণ [+য (ণ্যৎ)-কর্ম্ম] ১ উল্লেখযোগ্য, বর্ণনীয়, নির্দ্দেশ্য। ২ উপরি লেপনীয়; লেপ্য। "মঙ্গং দ্বারোল্লেপ্যং দদামি তে ক.সা ১৭.১২১। ৩ তক্ষণীয়, তনুকরণীয়। ৪ খননীয়, ভেদনীয়।

উল্লীঢ় বিণ [উদ্+√লিহ্+ত (ক্ত)-কর্ম্ম] অবলীঢ়, তনুকৃত, শাণে চাঁচা। "মণিঃ শাণোল্লীঢ়ঃ।—ভর্ত্তৃহরি।

উল্লুক, উল্লুক[২] বি [ধ্বন্যাত্মক] ১ 'উক'রবকারী দীর্ঘহস্ত কৃষ্ণবর্ণ বানরবিশেষ (Gibbon)। "বা.দ ৮৯। ২ [ঠ উল্লূ; গু—উল্লূ—মূর্খ; হি উল্লূ—পেচক;—হিন্দুস্থানের লোকের ধারণা উল্লুর মাংস খাইলে মূর্খ হয়। ইহা হইতে 'উল্লু'র অর্থ মূর্খ।] মূর্খ, কাণ্ডজ্ঞানহীন, বেকুফ। "বরের কাণের কাছে গিয়া শত গালি দিল কেহ,—বর তুমি বড়ই উল্লুক।—দেবেন্দ্রনাথ সেন।

উল্লুঞ্চন ক্লী [উদ্+√লুন্চ্+অন (ল্যুট্)-ভা] ১ উৎকর্ত্তন, উপড়ান। ২ আকর্ষণ। "পাদকেশাংশুক° যাজ্ঞ ২.২২০।

উল্লুণ্ঠন ক্লী, **-ণ্ঠা** স্ত্রী [উদ্+√লুণ্ঠ্+অন (ল্যুট্),+অ (ঘঞ্)-ভা; স্ত্রী আ (টাপ্)] ব্যাজোক্তি, পরিহাস, ঠাট্টা। "সোল্লুণ্ঠভাষিত সা.দ ৩.৬৩।

উল্লুক[১] বি [সং উলূক; হি উল্লু—পেচক] উলূক[২], পেচক। "উল্লুক মুনিবর শূ ৪; জীঅ উল্লুক বাছা ৫। [উল্লুকাই (উল্লুক+আই°) —উল্লুক মহাশয়। "উর্দ্ধনিশ্বাসে জনমিলেন পক্ষ উল্লুকাই শূ ৩।]

উল্লুক[২]; **উল্লেখ, -খন, -খ্য** দ্র 'উল্লুক; উল্লিখিত'।

উল্লোল বিণ [উদ্++লুল্+অ (অচ্)-ক; স্ত্রী -লা; তু 'উলোলে' —উল্লোল হয় (চ. টীকা)] ১ অতিলোল, অতিচলিত। "°স্খলিত মা.মা ৫.৩। ২ অতিপ্রবল, প্রচণ্ড। "°ক্ষুভিতকরণ উ.চ ৩.৩৬। °ভিন্নাস্তঃ ম.চ ৫.২। ৩ অত্যুচ্চ, উত্তুঙ্গ। "°কল্লোল (কাদম্বরী)। —ল পুং মহাতরঙ্গ, মহোর্ম্মি।

উল্ব পুং, ক্লী [√উল্+ব (বন্)-ধি, উ ৪.৯৫; ছান্দস; cf., L. alvus, vulva] ১ যাহাতে শুক্রশোণিত সমবেত হয়; গর্ভাশয়, জরায়ু। "উল্বেনাবৃতো গর্ভঃ গী ৩.৩৮। সুশ্রুত ৩.১০.১১। ২ গর্ভ। ৩ কলল (foetus; অ.টী)। ৪ (সাদৃশ্যে) গুহা, কন্দর।

উল্বণ বিণ [উদ্+√লী+বন্, নিপাতিত (অ.টী); উ ৪.৯৫] ১ ব্যক্ত, স্ফুট, প্রকাশ। "রঘু ৪.৩৩। ২ উদ্রিক্ত। "°মনোভবভাব মাঘ ১০.৬৮। ৩ উৎকট, প্রচণ্ড। "°তাপ কু.স ৭.৮৪। ৪ উদ্ধত। "°রস উ.চ ৫.২৬। ৫ ভয়ঙ্কর। "বিযোল্বণ মহা ৩.১০৮.১১। অট্টহাসং খরমুৎ-ঘনোল্বণম্ ভ ৭.৮.২৮। ৬ সর্ব্বাতিরিক্ত, অতিশয়িত, সমধিক। "°পৌরুষ মহা ৩.৯১.২২। ৭ উজ্জ্বল, বিচিত্র (gaudy)। "অনুল্বণ-বেষ (কাদম্বরী)। ৮ মহান্, উচ্চৈঃ, তার। "অত্যুল্বণো নাদঃ গো.রা ৩.৩০.২৯। ৯ উদ্ভট, উৎকট। "স্বেদকণোল্বণঃ (দশাননঃ) ভট্টি ৫.৮৩। ১০ উৎকট, প্রচুর। "°রুধিরপরামৃষ্টবৃক্কা ম.চ ৬.৩৩। ১১ অত্যন্ত, অতিমাত্র, গাঢ়। "°রাগ (ওষ্ঠপল্লব) মাঘ ১০.৫৪। ১২ মহান্, বিশাল। "উল্বণভীমভোগভাজাং ভুজগানাম্।—মাঘ ২০.৪১। ১৩ অতিশয়, প্রবল। "উল্বণ চর্ব্বণে ফের ফুরাল ব্যঞ্জন শি ৩২; ১০৮। ১৪ নতোন্নত (ত.বা)। —ণ ক্লী ১ জরায়ু (তৈত্তিরীয় আরণ্যক)। তু 'উল্ব'। ২ বাতাদি ধাতুত্রয়ের একের, দুইএর বা তিনের প্রকোপ বা আধিক্য। "বাতপিত্ত° (জ্বর), বাতশ্লেষ্মোল্বণ (ব্যাধি)।—চরক ৬.৩.৫৩,-৫৫। আমি কাঁপি কামজ্বরে সে বলে উল্বণ ভা.চ ৪০৫। এ পীড়াটী ভয়ানক—বোধ হয় জ্বরবিকার ও উল্বণ হইয়াছে আ.দু ৯৬।

উশ(স)কা, উস্কা 'শ্' সর্থ [সং উদ্+√কস, বা প্রা 'উসিক্কিঅ' —প্রদীপ্ত (প্রা.ম)—মূল (?), হি √উকসা, -সকা] ১ প্রদীপের সলতা বাড়াইয়া প্রদীপ্ত করা। "কবি-মুখ প্রতি চাহি এক রতি, উস্কিল (অর্থাৎ উস্কাইল) যেমন দীপ, বতিল মারুত স্ব.প্র ১১১। প্রদীপটা বড় মিট-মিট কচ্ছে, উশকিয়ে (উশকাইয়া) দেও। ২ অসৎ-কার্য্যার্থে উৎসাহিত বা উত্তেজিত করা। [উশ(স)কান, -নি—সর্থ 'উশকা'। উশকে দিয়ে ঝগড়া বাঁধান—উত্তেজিত ক'রে বিবাদ করান। ফোড়ার মুখ উশকান—ফোড়ার মুখ ফাঁক করা বা ছাড়াইয়া দেওয়া।

উশখুশ, উষখুস, উসখুস বি [সং ঔৎসুক্য >লি উসসুক্ক >বা উস(শ)খুস(শ)?] ১ ঔৎসুক্যভাব, অধীরতা, অস্থিরতা। "হলধর গদাধর উসখুস করে আ.দু ৭৬। ২ সত্বরভাব, ব্যস্ততা, তাড়াতাড়ি। "বনে যেই প্রবেশিল তিন সখী, উসখুস করি উঠে বিহঙ্গম, আলোক নিরখি স্ব.প্র ৩৩। ৩ [ধ্বন্যাত্মক] মৃদুগমন হেতু বস্ত্রাদির সঞ্চালনজন্য মৃদু-শব্দ বা খশখশ শব্দ। "মানুষ চলার উসখুস শব্দ হইল।—রবীন্দ্র।

উশনা (-নস্) পুং [√বশ্+অনস্ (কনসি)-ক, সম্প্রসারণ, উ ৪.২৩৯; ছান্দস; cf., L. Venus, তু 'উশন'—উশনং…মুনিম্ (পপ্রচ্ছুঃ)।—উশনঃসংহিতা ১.১; ৩] ১ শুক্রাচার্য্য। "গো.রা ৬.৩১.১৪। কাব্যাদুশনসঃ মহা ১.৭৬.১১, শুক্রেণোশনসা ২২। কবীনা-মুশনা কবিঃ।—গী ১০.৩৭। চ.বি ৭০। ক.চ ১০৭। [ইনি প্রাচীন ঋষি। ইহার পৈতৃক নাম 'কাব্য'। পরবর্ত্তী যুগে ইনি অসুরগুরু শুক্র-গ্রহের অধিষ্ঠাত্রী দেবতা বলিয়া বর্ণিত হইয়াছেন (দ্র 'শুক্র')।] ২ শুক্রগ্রহ (Venus)। "উশনাশ্চ প্রসন্নার্চ্চিঃ গো.রা ৫.৭৩.৫৩। দ্র ১১। [ধৃতপাঠ—'উসনা']

উশীনর পুং ১ চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ। [ইঁহার পুত্র শিবি। ইনি শ্যেনরূপী ইন্দ্রকে নিজদেহমাংস দিয়া কপোতরূপী অগ্নিকে রক্ষা করিয়া ধর্ম্মপ্রাণতার পরিচয় দিয়াছিলেন (মহা ৩.১৩১)।] ২ (বহুব) দেশ-বিশেষ, গান্ধার (জটাধর)। ৩ উশীনরদেশবাসিগণ। "পা ৮.৪.৯, সি।

উশীর পুং, ক্লী [√বশ্+ঈর (ঈরন্)-কর্ম্ম, সম্প্রসারণ, উ ৪.৩১] ১ বীরণমূল, বেণামূল, খশ্। "উশীরানুলেপন শ ৩২। উশীর চন্দন বা.দ ৪২; প.তৃ ৮৬। ২ নলদ (রা.টীকা), নলগাছ। "রা ২.৫৫.১৪।

উশু(সু)ল বি [আ রসূল্] প্রাপ্তি, আদায়। "কেনা বেচা উসুল করিব কিছু কড়ি শ্রী.মা ৯৬। [উসুল তহসিল (একার্থক)—আদায় তহসিল। "ব.প ১৬৯০।]

উশকখুশক, উস্কখুস্ক বিং [সং শুষ্ক; Av. huska; ফা খুশক —শুষ্ক; বা খুশক>উশক (অনু.শব্দ)] ১ শুষ্ক, নীরস, কর্কশ। "উস্কখুস্ক দেখে তারে (অর্থাৎ খেজুর গাছকে) শুষ্ক জ্ঞান হয়। বাহ্য রূপ গ্রাহ্য করা কিন্তু ভাল নয়॥—পদ্যমালা। ২ তৈল বিনা শুষ্ক;

রুক্ষ, সংস্কারহীন। "উষ্কখুষ্ক কেশ স্ব.প্র ১০১। তোর চুলগুলো যে বড় উষ্কখুষ্ক হয়েছে? আ.দু ৩৭। উষ্কখুষ্ক চুল ঘ ২৩৬।

উষ্ (উষু) সক [ভ্বা, প—ওষতি ; সেট্] ১ দাহ। ২ বধ।

উষ, উস '-ষ্ -স্' বি [ধ্বন্যাত্মক ; তু √উষ্—দাহ ; ঠ উস ; অস উস (বিস্ময়)] দাহাদিজন্য বেদনাসূচক ধ্বনি। "ক্ষণে বলে মরিলাম ক্ষণে বলে উষ ম.ম ২০।

উষঃ (-ষস্) স্ত্রী [√উষ্+অস্ (অসি)-ক, উ ৪.২৩৪ ; ছান্দস ; Av. ushā ; cf., Gr. ēos, L. aurora ; Ger. o's-tan ; Lith. ausz-ra] ১ উষা, প্রত্যূষ। "উষসি সর ইব রঘু ৬.৮৬ ; ১২.১। উষঃকাল হইতে চৈ.ভা ৩১ ; ১১০ ; ২১০ ; ৩৬২ ; ৩৮৬। উষঃকালে ন.প ৩৬৫। ২ কর্ণচ্ছিদ্র। ৩ মলয়পর্ব্বতশ্রেণী। —ষাঃ স্ত্রী ১ প্রাতঃসন্ধ্যা। "(উষাঃ) সুপ্রতীকা।—ঋগ্বেদ ১.৯২.১। দেবীমুষসমিব বন্দে উচ ৪.১০। ২ ব্রাহ্মমুহূর্ত্ত। ৩ প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যার অধিষ্ঠাত্রী দেবী, দেবতাবিশেষ (উ ৪.২৩৪, তত্ত্ববোধিনী)। ৪ রুদ্রপত্নীবিশেষ (বায়ুপুরাণ)।

উষঃকাল পুং [কর্ম্মধা] উষাকাল, সকালবেলা। দ্র 'উষঃ (১)।

উষণ ক্লী [√উষ্+অন (ল্যুট্)-ক] 'দাহক', মরিচ ; পিপ্পলীমূল। —ণা স্ত্রী পিপ্পলী ; শুণ্ঠী ; চবিক, চই।

উষত বি [ঠ ওশ(স)ত] ব্যবধান, অন্তরাল, আড়াল। "উষত করিয়া দেখি ধর ফলাখান শ্রী.মা ৭৭। গোধন লইয়া বনে, যাও আইস শিশু সনে, দেখিয়া উষত বাসি মনে ব.প ৭৯৮। [দেখিয়া…মনে—দেখিয়াও অঙ্গস্পর্শাভাবে ব্যবধান মনে করি।]

উষর্বুধ পুং [উষঃ+বুধ, স্>র্ (অ.টী), স.ত ; 'উষর্বুধ'—উষাকালে প্রবুদ্ধ (ঋগ্বেদ ১.৪৪.১)] উষঃকালে (অগ্নিহোত্রকালে) প্রবুদ্ধ ; অগ্নি। "ঈশান্সের উষর্বুধে মারা গেল মার।

উষসী স্ত্রী [উষ্+ √সো+অ (ক)-ক+স্ত্রী ঈ (ঙীষ্) ; উ.ত] ১ যে দিবস দূর করে ; সায়ংসন্ধ্যা। ২ (বাঙলায়) উষা। "স্বর্গের উদয়াচলে·মূর্ত্তিমতী তুমি হে উষসী, হে ভুবনমোহিনী উর্ব্বশি!—চ.কা ২০৩। [এইরূপ অর্থ বিবেচ্য]

উষা স্ত্রী [উষ্ + অ (ক)-ক+স্ত্রী আ (টাপ্) ছান্দস] ১ 'অন্ধকারনাশক', নক্ষত্রের তেজোহানিকাল হইতে ভাস্বর অর্দ্ধোদয়-পর্য্যন্ত কাল, রাত্রিশেষ, প্রত্যূষ। "ইন্দ্ররাগয়া নবোষয়া।—শ (S.W)। ২ প্রভাত (ত্রিকাণ্ডশেষ)। ৩ রাত্রি। ৪ সন্ধ্যা, রজনীমুখ ; প্রাতঃসন্ধ্যা। ৫ স্ত্রীগবী (অ.চি)। ৬ রন্ধনপাত্র, স্থালী। তু 'উখা'। ৭ ক্ষারভূমি, লোনা জমি। তু 'উষর'। ৮ বাণরাজকন্যা অনিরুদ্ধপত্নী। —ষা ব্য ১ রাত্রিশেষ, প্রাতঃকাল। ২ রাত্রি (অ.টী)। [°কর (পুং) 'রাত্রিকর', চন্দ্র। °পান (বি)—প্রত্যহ উষায় নিয়মিত জলপান। °পতি, °রমণ, উষেশ (পুং)—অনিরুদ্ধ।]

উষিত বিণ [√বস্+ত (ক্ত)-ক] ১ কৃতবাস। ২ নিবিষ্ট, কৃতনিবেশ। "রঘু ১৮.২৩। ৩ পর্য্যুষিত। ৪ [√উষ্+ত-র্ম] দগ্ধ। —ত ক্লী [√বস্+ত-ভা] বাস।

উষিপিষি, -মিষি, -মুশি বি [সং √পিষ্+'পিষি'— মূল (?)] ১ অস্থিরতা, চাঞ্চল্য, কিলবিল। "উষিমিষি করে সব দেখিতে রূপস কৃ ১৩। ২ অভীষ্টপূরণের কালবিলম্বে বা কালাপগমে অস্থিরতা বা অশান্তভাব। "রাত্রি শেষ হৈল, বেশ্যা উষিমিষি করে চৈ.চ ২৭২। ৩ মাতা উঠিলে, ক্রোড়ে নিদ্রিত শিশুর উঠার নিমিত্ত নড়াচড়া। "যবে শচী মায়, উঠিবারে চায়, উষিমিষি করে প্রভু চৈ.ম ৩৮, টীকা।

উষ্টর '-র্' বি [সং উষ্ট্র >(স্বরাগমে)°র ; ঠ উষ্টর—উষ্টরখানা ; ফা উশ্তর, -তুর্ ; অপ্র] উষ্ট্র। "উষ্টর যেমন শমীকণ্টক চিবায়। জিহ্বা ওষ্ঠে ক্ষত হয়, তভু না তেজয়॥—ভ.প্র ১১৭।

উষ্ট্র পুং [√উষ্+ট্র (ষ্ট্রন্)-প্র, উ ৪.১৬১ ; (ছান্দস) 'উষ্ট্র'—মহিষ ; 'উষ্টা' (-ষ্ট্র)—বলীবর্দ্দ ; Av. ustara ; ফা উশ্তর্, -তুর্] ১ যে মরুতাপে দগ্ধ হয় (অ.টী) ; উট। "গো.রা ৫.২৭.১৮। মনু ৪.১২০। ২ উষ্ট্রবাহ্য শকট। —ষ্ট্রী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ১ উষ্ট্রজাতি-স্ত্রী। ২ উষ্ট্রাকৃতি মৃত্তিকাভাণ্ড। [°গ্রীব (পুং)—(সাদৃশ্যে) ভগন্দররোগ-বিশেষ। °দমক (পুং)—উষ্ট্রচালক। "মনু ৩.১৬২। °যান (স্ত্রী)—উষ্ট্রবাহ্য শকট ; উটের গাড়ী। "মনু ১১.২০২।]

উষ্ঠা বি ['উছট'—মূল ; অপ্র] উছট। "হাটিতে হাটিতে উষ্ঠা খায় বি.পা ২৪৩]

উষ্ণ বিণ [√উষ্+ন (নক্)-ক, উ ৩২ ; ছান্দস] ১ 'দাহক', উত্তপ্ত, গরম। "উষ্ণ (নিশ্বাস) রা (S.W)। পু.মে ১২। উষ্ণ (অন্ন) মনু ৩.২৩৭। নাতিশীতোষ্ণ নভস্বানিব দক্ষিণঃ রঘু ৪.৮। ২ উগ্র, তীক্ষ্ণ, কড়া। "°বীর্য্য, °রস। ৩ ক্রোধন, কোপন, রাগী। ৪ আলস্যরহিত। ৫ দক্ষ, পটু। —ষ্ণ পুং ১ গ্রীষ্ম, নিদাঘ। "উষ্ণান্তে রা (S.W.)। উষ্ণে বর্ষতি মনু ১১.১১৪। ২ অগ্নি (শ.ক)। ৩ আতপ। ৪ পলাণ্ডু। —ষ্ণ পুং ক্লী ১ তাপ, উত্তাপ। "নোষ্ণং ন শিশিরং তত্র মহা ১৪.৮.৯। তাথে ডিম্ব দিয়া রাজা ভুঁহে উষ্ণ ধরে ঃ উষ্ণ দিতে চ.বি ২৩। ২ দীর্ঘনিঃশ্বাস। ৩ (বাঙলায়) আতপ তণ্ডুল। —ষ্ণা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] ১ যক্ষ্মা, ক্ষয়ব্যাধি। ২ পিত্ত। ৩ সন্তাপ। [°কর, °কিরণ, °গু, °দীধিতি, °রশ্মি, °রুচি (পুং)—'তপ্তকর', সূর্য্য। "°শ্মি রঘু ৫.৪ °তি ৮ ৩০। °শ্মি কু.স ৩.২৫। °কাল, °সময় (পুং)—গ্রীষ্মকাল। °গ (পুং)—'উষ্ণতা-গত', গ্রীষ্মকাল। "°গে ; °গে কালে রা (S.W.) °নদী (স্ত্রী)—'ত°প্তনদী', বৈতরণী। দ্র 'বৈতরণীবর্ণন' মে ২৬৩। °বারণ (পুং, ক্লী)—'তাপ-নিবারক', আতপত্র, ছত্র। "কু.স ৫.৫২। °বীর্য্য (বিণ)—উগ্রবীর্য্য, উগ্রগুণ, কড়া (দ্রব্য)।]

উষ্ণক বিণ [উষ্ণ+ক (কন্) 'কারী' অর্থে ; স্ত্রী -ষ্ণিকা] ১ যে উষ্ণ (অর্থাৎ শীঘ্র) করে ; শীঘ্রকারী, দক্ষ। বিপ 'শীতক' (অলস, জড়)। "পা ৫.২.৭২, কাশিকা। ২ আতুর। ৩ ক্রোধোদ্দীপ্ত (শ.ক)। —ক পুং ১ গ্রীষ্মকাল। ২ চঙ্ক্রমাদি, লক্ষ-প্রভৃতি। ৩ জ্বর। "পা ৫.২.৮১, কাশিকা।

উষ্ণা বিং [সং উষ্ণ, হি উসনা ; অপ্র] সিদ্ধ, সিজান (boiled)। "উষ্ণা ধান্যেতে যদি হয় ত অঙ্কুর বি.পা ৩২৪।

উষ্ণাংশু পুং [বহুব্রী] যাহার অংশু উষ্ণ, উষ্ণরশ্মি, সূর্য্য। "মাঘ ৪.১৬।

উষ্ণাগম, -ষ্ণাভিগম পুং [উষ্ণের আগম যাহাতে, বহুব্রী] তাপের আগমকাল ; গ্রীষ্মকাল।

উষ্ণালু বিণ [উষ্ণ+আলু 'অসহন' অর্থে ; স্ত্রী -লু] যে উষ্ণ সহ্য করে না ; উষ্ণাসহ, গ্রীষ্মতপ্ত। "উষ্ণালুঃ শিশিরে নিষীদতি তরোর্মূলালবালে শিখী বিক্র ২.২৩।

উষ্ণিক্ (-ষ্ণিহ্) স্ত্রী [উদ্+ √স্নিহ্+কিন্ (০)-ক-১ব, নিপাতিত, পা ৩.২.৫৯] ১ বৈদিক ত্রিপাদ ছন্দোবিশেষ। ২ লৌকিক চতুষ্পাদ্ সপ্তাক্ষর ছন্দোবিশেষ।

উষ্ণিকা স্ত্রী [উষ্ণ+ক (কন্) সংজ্ঞার্থে+স্ত্রী আ (টাপ্)—অ.টী ; তু 'পা ৫.২.৭১] যবাগু, জাউ। —ষ্ণিমা (-মন্) পুং [+ইমন্ (ইমনিচ্) তদ্ভাবার্থে ; বৈদিক] উষ্ণভাব, তাপ।

উষ্ণীষ পুং ক্লী [উষ্ণ+ √ঈষ্+অ (ক)-ক, শকন্ধ্বাদি (ত.বা) ; উষ্ণীষং স্নায়তেঃ (নিঘণ্টু)] ১ 'তাপনাশক', শিরোবেষ্ট, পাগড়ি। "শিরেতে ধবল উষ্ণীষ ম ১৮৯। °ধারী ব.প্র ৬৯। ২ কিরীট, রাজমুকুট।

উষ্ণীষী (-ষিন্) বিণ [উষ্ণীষ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী

-ষিণী] উষ্ণীষবান্, উষ্ণীষধারী। "গো.রা ৬.৯৯.২৩। —ষী পুং 'জটামুকুটবান্', মহাদেব। "মহা ১৩.১৭.৪৪।

উষ্ণোদক ক্লী [কর্ম্মধা] অগ্নিতপ্ত জল। "উষ্ণোদকম্ (প্রাণকরম্)। —চাণক্য। —ক পুং অঙ্গমর্দ্দক। "রা ২.৮৩.১৪।

উষ্ম বিণ [√উষ্+ম (মক্)-ক ; স্ত্রী -ম্মা ; হি উমস, মৈ—উগম] ১ উষ্ণ, উত্তপ্ত। "ˆতা। ২ (বাঙলায়) ক্রুদ্ধ। "উষ্ম হ'য়ে ভস্ম কর বিনা অপরাধে দ্রু ৫৭। —ম্ম পুং ১ 'দাহক', গ্রীষ্মকাল ; জ্যৈষ্ঠ মাস। ২ বসন্তকাল। ৩ ঘর্ম্ম, উত্তাপ। ৪ ক্রোধ, কোপ। "দ্রু ৫৭ ; ৮৮ ; উষ্ম করিবেন হর ১০০। দা ৫৮ ; উষ্ম করা দূষ্য বড় ৬৫ ; এখন সে উষ্ম ত ভস্ম হলো ১৫৮৯, উষ্ম ভারি ২০৮৯। ৫ অশ্রু (অ.টী)। ৬ উৎসাহ, ব্যগ্রতা। [ˆতা (স্ত্রী)—উষ্মভাব, উষ্ণতা, তাপ। "মহা ১.১০৩.১৭। ˆপ (পুং)— (বহুব) পিতৃগণবিশেষ। "গী ১১ ২২। "উষ্মপাঃ পিতরস্তুপান্তাম্ (দিবাপিতৃতর্পণ)। ˆস্বেদ (পুং)—তাপ দ্বারা কৃত স্বেদ (vapour-bath)।]

উষ্মা স্ত্রী [উষ্ম+স্ত্রী আ (টাপ্)] প্রভা, কিরণ। 'উষ্মা স্ত্রিয়াং ত্বিষি (অ.টী)। —ষ্মা (-ষ্মন্) পুং [√উষ্+মন্ (মনিন্)-ক-১ব] ১ গ্রীষ্ম ঋতু ; নিদাঘ। ২ উষ্ম, তাপ। "মনু ১.৪৫। প্রবলোষ্মা মাঘ ৫.৪৫। নিশ্বসিতেন সোষ্মণা কু.স ৫.৪৬। অর্থোষ্মণা বিরহিতঃ পুরুষঃ হি ১ ১৩৬। গ্রীষ্মতাপে উষ্মা বাড়ে চ.কা ৮৪। ৩ বাষ্প। "কু স ৫ ২৩। ৪ জঠরাগ্নি। 'উষ্মা চাগ্নিঃ…যোঽন্নং পচতি।—মহা ৩.২১২.১১। ৫ মনস্তাপ, সন্তাপ। "মহা ৩৩৫.১৩। ৬ তেজঃ। "ধনোষ্মণা পচ্যমানাঃ মনু ৯.২৩১। নিধান°।—পঞ্চ (S.W.)। ৭ পিত্তজ তাপ। "উষ্মা পিত্তাদৃতে নাস্তি জ্বরো নাস্ত্যুষ্মণা বিনা (বাভট)। ৮ স্মরজ্বর। "মাঘ ১.৬৫। ৯ রোষ, কোপ। "উমার উষ্মায় উপজিল মশাগণ শি ৭৮। দা ১১২ ; রজক উষ্মায়, কবে সায় কটু ভাষায় ৫০৯। কৃ চ ৪০। ১০ উৎসাহ, আগ্রহ। ১১ উষ্মবর্ণ। তু 'উষ্ম'। [উষ্মাকার (বিং)—তেজোময়রূপবান্, তেজস্বী। "ব্রহ্মার সমান গুরু বড় উষ্মাকার ব.প ৪৯১। উষ্মাক্রমে (অপ্র)—ক্রোধোদয় হেতু। "কেহ উষ্মাক্রমে যুদ্ধ করিয়া প্রাণত্যাগ করিতেছে কৃ.চ ৭২। উষ্মাগম, উষ্মায়ণ, উষ্মোপগম (পুং) —উষ্মাবির্ভাবকাল, গ্রীষ্মকাল। উষ্মান্বিত (বিঃ) —কোপান্বিত, ক্রুদ্ধ। "কৃ চ ৫১ ; ৫২। উষ্মামতি (বিং)—কোপমতি। "শ্রী ৩৬।]

উস ; উসকা ; উসখুস দ্র 'উষ ; উশকা ; উশখুশ'।

উসর অর্ম্ম [সং অপ+ √সৃ (অপসর >প্রা √ওসর (হে), অথবা, সং অব+ √সৃ (অবসর) >লি √ওসর >বা √উসর ; হি, মৈ √উসর ; ঠ √ওসর] ১ অপসৃত হওয়া ; নাশপ্রাপ্ত হওয়া ; উঠিয়া যাওয়া। "অবহি উগত সসি, তিমিরে তেজব নিসি, উসরত মদন পসারে বি সা ১৩৭। ২ সরিয়া যাওয়া ; স্থান ছাড়িয়া দেওয়া। "বন্দী দেখি মহাবীর বলে ভাই ভাই। উসরি পসরি দেহ একটুকি ঠাঁই॥ —ক.চ ১০২। [উসরি পসরি —দেহ অপসারণ ও প্রসারণ করিয়া।]

উস(সা)স[১] বি [হি উসাসী ; তু 'হি উসাস ; ঠ উষা(সা)স, উসাসা ; গু উখাস (সং উচ্ছ্বাস) ; মৈ উসাস—সুখ, শান্তি] ১ শ্বাস লওয়ার অবসর, বা ফুরসৎ ; অবসর, অবকাশ। "বড় তুষ্ট হএ উসস পেএ তলিএ গিয়ে বলিছি তাই ব প ১৮৪৪। ২ স্খলন, মোচন। "ভোজন করিতে গলা করে ঘড়ঘড়। কাপড় উসাস করে যেন মড়ায়ের বড়॥ —ক.চ ৫০ ; বন্ধন উসাস তার করিল সকলি ২০৮।

উসস[২] অর্ম্ম [সং উদ্+ √শ্বস্। (উচ্ছ্বস্) >প্রা √উসস (হে) >বা √উসস ; বৈষ্ণবসাহিত্যে] দীর্ঘশ্বাস ত্যাগ করা। "উসসি উসসি, পড়ু খসি খসি প.ক ১৯১৮। উসসি উসসি খসি খসি পড়ু নোর (বি.সা)।

উসিমুসি বি [সং √উষ্ (দাহ)—মূল (?)] অপ্রিয় বিষয়ের সমাগমে অশান্তভাব বা অস্থিরতা। "বিপ্রগণ তাহে দেখি উসিমুসি করে। মুচি সহ কেমনে বসিব একন্তরে॥—ভ.গ্র ২৫৩।

উসুখুসু ; উস্তুল দ্র 'উশখুশ ; উশুল'।

উসে ক্রি বিং [হি রহ+সে >উসে। (G. H.)] ঐজন্য, তজ্জন্য। "তস্‌কির্ খাতির উসে পীর এতা কিয়া রা.স ৩১।

উ(ও)স্তাদ্ বি [ফা উস্‌তাদ্] ১ শিক্ষক, গুরুমহাশয়। "ওস্তাদ মোল্লা ম.ম ৫৬ ; কাজির ওস্তাদ ৬১। ২ বিষয়বিশেষে পণ্ডিত ; পাকা লোক ; ভাল কারিগর। "জগা স্যাক্‌রা চণ্ডীর গানের প্রকৃত ওস্তাদ ছিল হু ১৯১। ওস্তাদজির তম্বুরার তার ছিঁড়িল ব.প্র ৩১৫। ৩ প্রতিভাবান্ ব্যক্তি। ৪ চতুর (চালাক) লোক।

উ(ও)স্তাদি বি [ফা উস্‌তাদী] ১ শিক্ষকের কার্য্য ; গুরুগিরী। ২ পাণ্ডিত্য, দক্ষতা, কারিগরী, কেরদানী। "এলেন তানসান রাজার কাছে দেখাতে ওস্তাদী।—দ্বিজেন্দ্রলাল রায়। ৩ চতুরতা, চালাকী। [ওস্তাদী গলা—ওস্তাদের সাধা সুর। "ওস্তাদী গলার তানকর্ত্তবে পত্নীর নিদ্রাতন্দ্রা তিরোহিত (গল্পগুচ্ছ)। ওস্তাদী গান—ওস্তাদের গীতালাপ।]

উস্র পুং [√বস্+র. (রক্)-ধি, সম্প্রসারণ, উ ২.১৩] 'রসের বাসস্থান' কিরণ, রশ্মি, মরীচি। "রঘু ৪.৬৬। অশিশিররশ্মেরুস্রৈঃ কি ৫.৩১।

উহ্ সক [ভ্বা, প—ওহতি ; সেট্] অর্দ্দন, বধ। [অপ —অপনয়ন। "উ.চ ৬.৫। ভট্টি ১৭.৮৩।]

উহ সর্ব্ব [সং অদস্ (অসৌ) >প্রা অহ ; হি ব্র(ব্র্)হ ; কনৌজী— উহি, রুহি (G. H.), বৈষ্ণবসাহিত্যে] উনি, ও, ঐ ব্যক্তি। "কাতাব রমণী কে উহ জান বি.প ২৪ ; উহ মধুজীব তুহু মধুরাশে ২৬। উহ রসময়ী, ইহ রসিক শিরোমণি। জ্ঞা ১২৯। পুন হি কহত উহ গো ১২৬ ; উহ সুপুরুখবর…এ অবিচল কুলবালা ২১৩। নিরখব কব উহ ভূমি মাঝার ন.প ৮। [উহ…ইহ, এ, —ও, ঐ ব্যক্তি…এ, এই ব্যক্তি, তুমি। উহ—উহাকে, ওঁকে।]

উহা সর্ব্ব [উহ >উহা] ১ তাহা, ঐ বিষয় বা বস্তু। "উহা কেমন সুন্দর চিত্রিত রহিয়াছে ?—সী ৯, উহার নাম কি ?—১৩। তুমি যে পদবীতে পদার্পণ করিয়াছ, উহা কি সাধুসঙ্গত ?—কাদ ৫৭। ২ তাহা, সে, ও (মনুষ্যাদির পরিবর্ত্তে)। "উহারি সে গোরা গা ঃ উহারি হাতে রাঙ্গা শাখা ক চ ১৫৪। এ চাহে উহার পানে ভা চ ৩১৯। উহাদিগকে দেখিয়া আমার প্রাণ কেমন করিতেছে !—সী ৮৯। [উহা পানে—উহার দিকে। "গ্রহণের কাল পেয়ে, রাহু আসিতেছে ধেয়ে, উহা পানে ধনি চেয়ে দেখো না লো দেখো না।—রসতরঙ্গিণী। উহে—উহাতে। "কি নাম লিখিলা উহে চ.দা ৩৩।

উহান '-ন্' সর্ব্ব, ষষ্ঠ্যন্ত [উহা+ন (ষষ্ঠী বিভক্তি) ; অপ্র] উঁহার, ওঁর। "উহান অবজ্ঞায় ঃ উহান অবতার চৈ.ভা ৯৮ ; হৃদয়ে উহান ঃ উহান দৃষ্টি ঃ উহান সঙ্গ ১২৬ ; উহান মহিমা ১২৭। [উহানে (উহান+ এ৫)—উহারে, উহাকে। "উহানে সে বসুদেব-নন্দ-পুত্র বলি চৈ.ভা ৯৮।]

উহি সর্ব্ব [উহ+ই ; অপ্র] উনিই, তিনিই, ঐ ব্যক্তিই। "উহি সে বরাহরূপে ক্ষিতি স্থাপয়িতা। উহি সে নৃসিংহরূপে প্রহ্লাদ-রক্ষিতা॥ —চৈ.ভা ৯৮।

উহু অব্য [ধ্বন্যাত্মক ; সং 'উহু,—উহুরিতি কুহরবধ্বনিভিয়াঽগতং (ত.বা)] ১ মনোব্যথাসূচক শব্দ। "আহা উহু করি, যে কিছু কহল বি.প ২০৩। নৃপ করে উহু উহু বা.দ ৯৭। জ্যোৎস্না দেখিলে, উহু উহু বলে ন ৮২৮। ২ আঘাতাদিজন্য বেদনাসূচক শব্দ। "পদ্মার কামড়ে চণ্ডীর প্রাণে লাগে ব্যথা। উহু উহু করিয়া পড়ে কার্ত্তিকের মাতা॥ —ম.ম ১৯। উহু উহু মরি মরি ছাড়ঃ শি ১৫। ৩ বিষাদসূচক বা

শোকসূচক শব্দ। "উহু উহু মরি মরি, হায় হায় গোঁসাই গোঁসাই জ্ঞা চ ৬৬। ৪ অগ্নিদাহজন্য কাতর শব্দ। "গায়ে ঠেসে ধ'রলে জ্বলন্ত অঙ্গার, 'উহু' বলবি না নিশ্চেষ্ট।—রজনীকান্ত সেন। [উহু উহু— পুনঃ পুনঃ 'উহু' শব্দ।]

উহুঁ, উঁহে দ্র 'উঁহু ; উঁহা'।

উহ্যমান বিণ [√বহ্+মান (শানচ)-র্ম্ম ; স্ত্রী -না] যাহা বহন করা হইতেছে ; নীয়মান।

ঊ

ঊ১ ষষ্ঠ স্বরবর্ণ। দ্র 'উ১'।

ঊ২ সর্ব্ব [উ৪ > ঊ ; অপ্র] ঐ, ও। "শ্রীকী ২৭৫। ইকুল উকুল আন্ধি কিছু না পাইমু গো বি ১১৬।

ঊ৩ বা ১ অনুকম্পা। ২ সম্বোধন। তু 'ও'। ৩ রক্ষা।

ঊ৪ ক্রি-ক্তি [উ৬ > ঊ ; অপ্র] সর্থ 'উ৬'। "খাঊ, চলঊ, জাঊ, দেঊ, রাখঊ, হঊ (শ্রী.কী)।

ঊকি বি [উক+ই১১, দ্র 'উক১' ; অপ্র] আগুন। "আসিয়া মদন, দেয় কদর্থন, অন্তরে জ্বালায় ঊকি (পাঠান্তর—'অন্তরে উঠ উকি' —চ.সা ১৫২) চ.দা ৫২।

ঊখলি বি [দ্র 'উকলি'] উদূখল।

ঊচ বিং [দ্র 'উঁচ' ; অপ্র] উচ্চ। "ঊচ তনে শ্রী.কী ৩৪২।

ঊছাট বি [সং উৎসাদ ; অপ্র] বিনাশ, অর্থাৎ উল্লঙ্ঘন। "হস্তি ঘোড়া পাইলা গুরু পাইলা রাজ্যপাট। গুরুর বচন সব করিলা ঊছাট॥ —গো.বি ১২৭।

ঊঝট বি পদাগ্রে আঘাত ; উছট। "শ্রী কী ৩১৮।

ঊঝটি, -টী বি [(?) ; তু 'উজ্ঝটিকা'] পাদাঙ্গুলির আভরণবিশেষ ; চুটকি (?)। "পদেতে নূপুর দিল কনক-ঊঝটি ('সোনার ঊঝটী'—টীকা) গো.বি ৭৯।

ঊঠ১ '-ঠ্' বি [দ্র 'উট২', অপ্র] উষ্ট্র। "ওঠ অধর ঊঠক জিণী শ্রী.কী ৮।

ঊঠ২ অর্ম্ম [দ্র '√উঠ', অপ্র] উত্থিত হওয়া ; আসন ছাড়িয়া দাঁড়ান। "ঊঠ ঊঠ চল জোগি ঝাটে গো.বি ৬৪।

ঊড় অর্ম্ম [দ্র 'উড়' ; অপ্র] সর্থ 'উড়'। "পাখি জাতি নহোঁ বড়ায়ি ঊড়ী পড়ি যাওঁ শ্রী.কী ৮১ ; ২৯৪ ; ঊড়ী জাওঁ তথা ৩৯৩। [ঊড়ী পড়ি —উৎপতন করিয়া ; উড়িয়া।]

ঊঢ় বিণ [√বহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতবহন (ভারাদি)। ২ ধৃত। "ভ ১.১৮.২২। ৩ প্রাপ্ত। "উদধিরূঢ়ভয়াঙ্গবেপঃ ভ ২.৭.২৪। ৪ আনীত, প্রাপিত। "অনিলোঢ়ম্ (সৌগন্ধিকম্) মভা ৩.১৫৪.২। জলেনোঢ় মনু ৮.১৮৯। ৫ কৃতবিবাহ, পরিণীত। "দৈবোঢ়াজ, আর্ষোঢ়াজ, কায়োঢ়াজ মনু ৩.৩৮। °পূর্ব্বা শ ৭উ৬১। °ভার্য্যা কু.স ৭.৯২। নূতনোঢ়বধ্বা মাঘ ৭.৭৩। ৬ [ঊঢ়+অ (অচ্) অস্ত্যর্থে] ঊঢ়যুক্ত, কৃতবিবাহ। "পরিবেত্তানুজো জ্যেষ্ঠেঽনূঢ়ে দারপরিগ্রহাৎ (ত.বা) —ঢ় ক্লী [+ত-ভা] বিবাহ। "ঊঢ়াৎ প্রভৃতি মহা ৫.৮৩.৪২। মনু ৩.৩৮। —ঢ়া স্ত্রী ১ পরিণীতা নারী। ২ ভার্য্যা (অ.চি)। —ঢ়ি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বহন। ২ বিবাহ। [ঊঢ়ভার্য্য (পক্ষে 'ভার্য্যোঢ়', পা ২.২.৩৭) বিণ—কৃতদার। ঊঢ়বয়াঃ (-য়স্) বিণ —প্রাপ্তযৌবন। "ভ ৪.৯.৬৬।]

ঊত বিণ [√উয়্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃততন্তুসন্তান, স্যূত, কৃতবয়ন। ২ [√অব্+ত-র্ম্ম, পা ৬.৪.২০] রক্ষিত। —তি স্ত্রী [+তি (ক্তিন্)] ১ তন্তুসন্তান, সীবন, সেলাই। ২ বস্ত্রবয়ন। ৩ লীলা। "ভ ৮.৫.৪৪। ৪ [+তি-র্ম্ম] বাসনা। "ঊতিশ্চ বাসনা প্রোক্তা ভ ৭.১, টীকা-মুখ-শ্লোক ; ভ ৮.৭.৩৩।

ঊধঃ (-ধস্) ক্লী [√বহ্+অস্ (অসুন্)-ণ ; সম্প্রসারণ, দীর্ঘ, হ্ > ধ্ (অ.টী) ; তু 'উধঃ' ; cf., Gr. outhar (ছান্দস—'ঊধর') ; L. über ; Ger. ütar, Euter ; A.S. üder ; E. udder] ১ গোস্তন, আপীন, ওলান, পালান। [বহুব্রীহিসমাসে স্ত্রীলিঙ্গে 'ঊধস্ > ঊধন্ (পা ৫.৪.১৩১), যথা, কুণ্ডোধ্নী, ঘটোধ্নী (রঘু ১.৮৪ ; ২.৪৯)। তু 'পীনোধসম্ (নন্দিনীম্, মহা ১.১৭৫.১৪)। 'স্থূলোধসঃ (গাবঃ ; ভ ১১০.৪, শ্রীধর)।] ২ ক্ষীরাশয় (শ্রীধর), স্ত্রীপশুস্তন, দুগ্ধাধার, স্তন। "ভ ১.১০.৪ (শ্রীধর)।

ঊধস্য ক্লী [ঊধস্+য (যৎ)] 'উধোভব', দুগ্ধ। "রঘু ২.৬৬।'

ঊধস্বতী স্ত্রী [ঊধস্+বৎ (বতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] প্রশস্ত ঊধোযুক্তা, স্থূলোধ্নী, পীনাপীনা (গবী)। "ভ ১.১০.৪।

ঊন্ সক [অদন্ত, চু, প—ঊনয়তি, সেট্] পরিত্রাণ।

ঊন বিণ [√ঊন্+অ (অচ্)-ক ; উ ৩.২ ; স্ত্রী -না, Av. ūna] ১ হীন, ন্যূন, কম। "একোনবিংশতি ইত্যাদি। কিঞ্চিদূনম্ (অযুতম্) রঘু ১০.১। এক ঊন তৌক তব শতেক নন্দন ম ১০৯। দধি দুগ্ধে চারিপণ ঘোলে আধা ঊন শ্রী ম ৬৩। লক্ষের এক ঊন হৈলে না বেচি বিয়নি।—ব.প ২৮০। ২ কিঞ্চিদূন, অসম্পূর্ণ, অসমাপ্ত। "°ষোড়শ-বর্ষ রা ১.২০.২। °দ্বিবার্ষিক মনু ৫.৬৮। °দ্বিবর্ষ যাজ্ঞ ৩.১। ৩ অল্প, কম। "অনূনর্দ্ধি রঘু ১০.১। কাতিকের ঊন জলে। খনা বলে দুন ফলে॥—ব.প ১৪। ৪ কিঞ্চিদবশেষ ; ঈষদসমাপ্ত। "অল্পোনস্থাপি কর্ম্মণঃ মনু ৮২১৭। ৫ একোন, এক-কম। "ঊনবিংশ ভ ৩.১৯ ; ঊনত্রিংশ, ঊনষষ্ঠিতম ১০.২৯ ; ৫৯, শ্রীধরটীকামুখ। ঊনইস (অর্থাৎ ঊনিশ) অর্থ চৈ.চ ২৪১। [তু 'লি—ঊনবীসতিবসস, ঊনসত্তসত (মহারংস) প্রা ঊণবিংস, ঊণঅস্সী (পৈ)]। ৬ অবর, হীন। "ঊনানাং স্বমাতৃতঃ মনু ৯.১২৩। ৭ অল্প, ক্ষুদ্র, হীন। "ঊনস্তনী (গৌঃ)। রূপ চাহি গুণ নহে ঊন।—গো ৯৬। ৮ হীন, দুর্ব্বল। "রঘু ২.১৪। [ঊন ভাতে দুন বল। ভরা ভাতে রসাতল॥—কিঞ্চিদল্প আহারে কার্য্যে শরীরে দ্বিগুণ বল হয়, পেট ভরিয়া খাইলে, শরীর অলস ও কার্য্যনাশ হয়। ঊন(ন্ন)বুকে (অপ্র)—কম সাহসে, অর্থাৎ ভয় করিলে। "ঊন্নবুকে (পাঠান্তর 'ঊনবুকে') নাহি হয় সতীন সনে বাস ক.চ ১৫৩।]

ঊনআশী স.বিং [সং একোনাশীতি > লি একূন-অসীতি ; প্রা এগুণাসী, -সীই ; হি উনাসী ; ঠ একুণঅশী ; অস ঊনাশী] একোনা-শীতিসংখ্যক। —শী বি ঊন-আশী (৭৯) এই সংখ্যা।

ঊনকোটি, -টী স.বিণ [কর্ম্মধা ; স্ত্রী -টি, -টী] ১ কিঞ্চিদূনকোটি-সংখ্যক ; কিছু-কম (প্রায়) এক কোটি। ২ (বাঙলায়) বহুসংখ্যক, অনেক। "ঊনকোটি সিদ্ধাএ খাইল গো.চ ৩৪৪। ঊনকোটি দানা ম ৩১৩। ঊনকোটি নাগে ম ম ২, ২২ ; ঊনকোটী ৬১। ঊনকোটি ম.ভা ৭৮। [ঊনকোটি চৌষটি দেবতা—অসংখ্য দেবতা ; সব দেবতা।]

ঊনচল্লিশ স.বিং [সং একোনচত্বারিংশৎ > লি একূনচত্তালীসতি ; প্রা এগুণচত্তালীস। হি উন্তালীস ; ঠ একুণচালীস ; অস ঊনচল্লিশ্] একোন-চত্বারিংশৎসংখ্যক, এক-কম চল্লিশ। —শ বি ঊনচল্লিশ (৩৯) এই সংখ্যা।

ঊনত্রিংশ স.বিং [সং একোনত্রিংশৎ > লি একূনতিংসতি ; প্রা এগুণতীস। হি উনতীস ; ঠ একুণতীস ; অস ঊনত্রিশ্] একোনত্রিংশৎ-সংখ্যক, এক-কম ত্রিশ। "ম ৯০২। —শ বি ঊনত্রিশ (২৯) এই সংখ্যা। —শা বি মাসের একোনত্রিংশ দিবস বা তারিখ।

উননব্বই, -ব্বুই, -নই স.বিং [সং একোননবতি > লি একূননবতি ; প্রা এগূণণউই ; হি নব্বাসী ; ঠ একুণনব্বদ] একোননবতিসংখ্যক, এক-কম নব্বই। —ই বি উননব্বই (৮৯) এই সংখ্যা।

উনপঞ্চাশ স.বিং [সং একোনপঞ্চাশৎ > লি একূনপঞ্চাসা ; প্রা এগূণপন্নাস ; হি উনপচাস ; ঠ একুণপ(র)ন্নাস ; অস উন্‌পঞ্চাশ্‌,-ছ্‌ ; উনঞ্চাস (শ্রী.কী)] একোনপঞ্চাশৎসংখ্যক, এক-কম পঞ্চাশ। "উনপঞ্চাশ পবন কৃ ৬৮। উনপঞ্চাশ ব্যঞ্জন কৃ উ ৫৩। —শ বি উনপঞ্চাশ (৪৯) এই সংখ্যা। —শৎ বি [সং একোনপঞ্চাশৎ] উনপঞ্চাশ। "উনপঞ্চাশৎ ভাগে ভা.চ ১৩৯।

উনপাঁজুরে বিং [উনপাঁজর + এ[৭]] ১ যে গোরুর পাঁজরের অস্থি একখান কম ; (গৌণার্থে) অলক্ষণযুক্ত দুষ্ট, দুরন্ত (গোরু)। ২ দুষ্ট, দুর্ব্বৃত্ত (লোক)। "উনপাঁজুরে-বরাখুরে ছোঁড়ারা জুটিতে আরম্ভ হইল আ.দু ২১।

উনবিংশ পূ.বা [সং একোনবিংশ] উনবিংশতির পূরণ, অষ্টাদশের পরবর্ত্তী। "উনবিংশে বলভদ্র অবতার শ্রী ম ৫।

উনবিংশতি স.বিণ ['একোনবিংশতি' সাধু, লি একূনবীসতি, প্রা এগূণবীসই ; হি উন্নীস ; ঠ একুণীস, -ণবীস ; মৈ উনৈশ, অস উনৈস] একোনবিংশতিসংখ্যক, এক-কম কুড়ি। "°দাহ্যমানপিণ্ডস্থানানি (তিথ্যাদিতত্ত্ব)। —তি বি (বাঙ্‌লায়) উনিশ (১৯) এই সংখ্যা।

উনমৌলিক বিং [উন + মৌলি + ক] মাথায় খাট, অর্থাৎ অপেক্ষাকৃত অল্পবয়স্ক। "তা'র ব্যবহারে সম দুষ্ট, কিন্তু উনমৌলিক শিশুরা করে হাস্য।—মন্দ্র ২৩।

উনলক্ষ স.বিং [উন + লক্ষ ; অপ্র] কিঞ্চিদূন লক্ষ ; প্রায় লক্ষসংখ্যক, অসংখ্যক। "উনলক্ষ···মাতঙ্গ শ্রী ৮০ ; ২১৪।

উনশত স.বিং [সং একোনশত ; অস উনশ] এক-কম শত ; নিরানব্বুই। "উনশত নারিকল ম.গা ২৩। উনশত নিবড়িলঃ উনশত ক্রতু কৃ.উ ১৪৭। উনশত ভাই ম ৩২৩ ; ৭৫৯ ; ১২২৫।

উনষষ্টি, -ষা'ট স.বিং [সং একোনষষ্টি > লি একূনসটি ; প্রা অউণসটিঠ ; হি উনসাঠ, ঠ একুণসাট, অস উন্‌ষাঠি] একোনষষ্টিসংখ্যক ; এক-কম ষা'ট। "এই উনষষ্টি অর্থ করিল ব্যাখ্যান চৈ চ ২৪৩। —ষ্টি, —ট বি উনষাট (৫৯) এই সংখ্যা।

উনসত্তর স.বিং [সং একোনসপ্ততি > লি একূনসত্ততি, প্রা অউণত্তরি ; হি উনহত্তর ; ঠ একুণহত্তর ; অস উন্‌সত্তরি] একোনসপ্ততি-সংখ্যক, এক-কম সত্তর। —র বি উনসত্তর (৬৯) এই সংখ্যা।

উনা[১] বিং [সং উন ; হি উনা ; অপ্র] ১ হীন, অল্প, তুচ্ছ, হেয়। "ধন জনে উনা ম.ম ৭৪ ; ধনে জনে কিছু নহে উনা ৯৯ ; ১৩০ ; ২২৪। ২ ন্যূন, কম। "মুষ্টি এক উনা হইলে না করে ভোজন বি.পা ১২৯। ৩ সৌন্দর্য্যাদিবিষয়ে দূষণীয় বা নিন্দনীয়। "সাত ভাই সুন্দর কিছু উনা নাই ম.ম ২২২।

উনা[২] অর্ম্ম [দ্র '√উনা[৩]'] বিগলিত হওয়া ; গলা। "দ্রবরূপে উনাইল শরীর গ ৩ ; ঘৃত জেন করিল আকার, উনাইল দ্রবামাত্র সার ১২।

উনিশ স.বিং [সং একোনবিংশতি > লি একূনবীসতি, প্রা এগূণবীস ; হি উন্নীস ; ঠ একুণবীস, -ণীস ; অস উনৈশ] সর্থ 'উনবিংশতি'। —শ বি উনিশ (১৯) এই সংখ্যা। —শা বি মাসের উনবিংশ দিবস বা তারিখ। [উনিশ বিশ—তুলনায় উনিশ ও বিশের অনুপাতানুযায়ী, অর্থাৎ ঈষৎ কম বা বেশী ; প্রায় তুল্য। "মুখে মধু অন্তরে বিষ, তুমি উনিশ আমি বিশ দা ৭৭১।]

উপজন বি [সং উপজন] উৎপত্তি। "তুহ্মি আহ্মি জ্ঞাতি জন, একস্থানে উপজন গো.বি ৬৬।

উপাসন বিং ['উপাসীন'—মূল ; অপ্র] উপস্থিত, মিলিত। "তুমি আমি জ্ঞাতি জন, হৈলাম আসি উপাসন মী ১৩।

উফর অর্ম্ম [‹ উফর > °র ; অপ্র] উৎস্খলিত হওয়া ; ঠিকরান। "ইন্দ্র অঙ্গে ঠেকি অস্ত্র উফরিয়া পড়ে গ ২৩।

উমাএ ক্রি [সং √উষ্মায় > প্রা* √উম্‌হাঅ > বা √উমা ; √উমা + এ[৬] ; অপ্র] উষ্মাবোধ হয় ; গরম বোধ হয়। "দিবাতে সিত করে রাত্রিতে উমাএ মী ৪৬।

উয়ল ; উয়ারি ; উর[১] ; উর[২] দ্র 'উয়ল ; উয়ারি ; উর[১] ; উর[২]।

উরব্য বিণ [উরু + য (যৎ) ; স্ত্রী -ব্যা] উরুভব, উরুদেশজাত। —ব্য পুং প্রজাপতির উরুদেশজাত বৈশ্যজাতি। 'উরূ তদস্য যদ্‌বৈশ্যঃ ঋগ্বেদ ১০ ৯০.১২। রা ৩.১৪.৩০। মনু ১.৩১, ৮৭। —ব্যা স্ত্রী [+ স্ত্রী আ (টাপ্‌), পা ৪.১ ৬৩] বৈশ্যজাতি-স্ত্রী।

উর(রু)মাল বিং দ্র 'উবমাল'। "উরমাল বাজে গ ২২। ঘোড়ার উরুমাল কৃ.উ ৪২।

উরাত, -থ, উরুত বি ['উরুতল' বা 'উরুস্থল'—মূল (?)] উরুদেশ। "বাঁও উরাত গো চ ২৭৪। দুই উরাত কাটিআ করিল দুইখান কৃ.উ ৬৫ ; উরাথে মারে হাত ২৪৯। উরুতের বস্ত্র ম ৮২৩। উরুতের উপরে শি ১০৫। মনিমাত্র জানুযুগ উরুত রাখুক শ্রী.ম ২২।

উরু পুং [√উর্ণু + উ (কু)-র্ম্ম, উ ১.৩০ ; ছান্দস] জানুর উপরিভাগ ; সক্‌থি, উরুত। "করভ°, বর°, বাম° (S W.)। রম্ভোরু গো রা ৩.৬১.৪৩। বাহূরুপাদ মনু ১.৩১। করভোপমোরু রঘু ৬.৮৩। রাম-রম্ভাতরু, চারু যুগ্ম উরু ম ১৮৩। ভা চ ২৯১। °দেশ মে ৮৩। [উর্ব্বী (স্ত্রী)—উরুমধ্যভাগ। 'উরুমধ্য উর্ব্বী নাম।—সুশ্রুত (ত.বা)।]

উরুগ্রাহ পুং [উরু + √গ্রহ্‌ + অ (অণ্‌)-ক ; উ.ত] ১ 'উরুগ্রাহক', উরুস্তম্ভ রোগবিশেষ। ২ [ষ.ত] উরুর স্তম্ভন বা নিস্পন্দতা। "°গৃহীত মহা ৭.১৪৪.৮৫।

উরুজ বিণ [উরু + √জন্‌ + অ (ড)-ক, উ.ত, স্ত্রী -জা] উরুজাত। "মহা ১.১৭৯ ১, ৭। —জ পুং ১ বৈশ্য। দ্র উরব্য'। "হারীতসংহিতা ৭.১৬। ২ ঔর্ব্বঋষি।

উরুজন্মা (-ন্মন্‌) বিণ [উরু হইতে জন্ম যাহার, বহুব্রী ; স্ত্রী -ন্মা] উরুজাত। —ন্মা পুং ঔর্ব্বঋষি।

উরুপর্ব্ব, -পর্ব্বা (-র্ব্বন্‌) ক্লী, পুং [ষ.ত] উরুর পর্ব্বতুল্য বা গ্রন্থিসদৃশ ; জানু। "উরুপর্ব্ব অতি অনুপাম রে ন প ১৭১।

উরুফলক ক্লী [ষ.ত] উরুর ফলকবৎ অস্থি। "যাজ্ঞ ৩.৮৭।

উরুমাত্র বিণ [উরু + মাত্র (মাত্রচ্‌) 'তৎপরিমাণ' অর্থে ; স্ত্রী -ত্রা] উরুপরিমাণ, উরুপরিচ্ছিন্ন, উরুপর্য্যন্ত। "পা ৫.২.৩৭।

উরুমাল বি ১ সর্থ 'উরমাল'। ২ ['উরোমালা'—মূল ; অপ্র] বক্ষোলম্বিত মালা। "লম্বিত উরুমাল চলিত দু ৬১।

উরুস্তম্ভ পুং [উরু + √স্তম্ভ্‌ + অ (অণ্‌)-ক ; উ.ত] ১ 'উরুস্তম্ভনকারক', উরুরোগবিশেষ। ২ [ষ.ত] উরুর স্তম্ভন বা নিস্পন্দভাব। "°বিধৃত (ত.বা)। ৩ (বাঙ্‌লায়) উরুজাত দুষ্ট স্ফোটক (ফোড়া)। —ম্ভা স্ত্রী 'উরুতুল্য স্তম্ভবিশিষ্টা', কদলী, কলাগাছ।

ঊর্জ্জ পুং [√ঊর্জ্জ্‌ + অ (অচ্‌)-ভা] ১ বল, শক্তি। ২ প্রাণন, জীবন। ৩ [+ অ-ণ] উৎসাহ। ৪ বীর্য্য, তেজঃ। "মনু ২.৫২। ৫ শ্বাস। ৬ স্বারোচিষমনুর পুত্র। ৭ [ঊর্জ্জ্‌ + অ (অচ্‌) অস্ত্যর্থে (অ.টী)]। 'উৎসাহবান', কার্ত্তিকমাস। "মাঘ ৬.৫০। সুশ্রুত ১.৬.৫। —র্জ্জ ক্লী [+ অ-ণ] জল। —র্জ্জা স্ত্রী ১ খাদ্য ; বল, শক্তি। ২ উৎসাহ। ৩ অন্ন-পশুপ্রভৃতি (নীলকণ্ঠ)। মহা ১৩.২৬.৮৪।

ঊর্জ্জঃ (-র্জ্জস্‌) ক্লী [√ঊর্জ্জ্‌ + অস্‌ (অসুন্‌)-ভা, পা ৫.২.১১৪, সি] ১ বল, শক্তি। ২ [+ অস্‌-ণ] উৎসাহ। ৩ খাদ্য। ৪ বীর্য্য, তেজঃ।

ঊর্জস্কর বিণ [ঊর্জস্+ √কৃ+অ (ট)-ক, তাচ্ছীল্যে ; উ.ত ; স্ত্রী -রী] **১** বলকরণশীল, বীর্যজনক, তেজস্কর। "অন্নমূর্জস্করং লোকে মহা ১৩.৬৩.৭। **২** প্রাণশক্তিকারক, অমৃতরসাধায়ক। "ঊর্জস্করান্ হব্যবাহান্ মহা ৩.২২০.৬।

ঊর্জস্বল বিণ [ঊর্জস্+বল (বলচ্) অস্ত্যর্থে, স্ত্রী -লা] বলবান্, মহাবল। "রঘু ২.৫০। ভট্টি ৩.৫৫।

ঊর্জস্বান্ (-স্বৎ) বিণ [ঊর্জস্+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -স্বতী] বলবান্, তেজস্বী, সত্ত্ববান্। "ভ ৩.২০.৪২।

ঊর্জস্বী (-স্বিন্) বিণ [ঊর্জস্+বিন্ (বিনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -স্বিনী] অত্যূর্জ্জিত, মহাপ্রভাবসম্পন্ন। "উ.চ ৫.২৭।

ঊর্জ্জিত বিণ [√ঊর্জ্জ্+ত (ক্ত)-ক] **১** বলান্বিত, তেজঃসম্পন্ন। "রঘু ১১.৬৪। **২** অর্থযুক্ত ; সার্থক (বচন)। "মাঘ ১৬.৩৮। **৩** উদার। "ঊর্জ্জিতাশ্রয়ং বচনম্ কি ২.১। **৪** বৃদ্ধিপ্রাপ্ত, প্রবৃদ্ধ, উপচিত। "ম.চ ২.১০। বে ১.১৩। **৫** প্রখ্যাত, প্রথিত। "রঘু ৭.৩৮। **৬** উচ্ছ্রিত, উন্নমিত। "°কেতন রঘু ৯.৩৯। **৭** উদ্বেগ। "কি ১১.৪০। **৮** অধিক, অতিশয়িত। "°শ্রী মাঘ ১৬.৮৫। **৯** উৎসাহোপেত (শঙ্কর), বলাত্যতিশয়যুক্ত। "গী ১০.৪১। —ত ক্লী [+ত-ভা] বল।

ঊর্ণ বিণ [ঊর্ণা+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -র্ণা] ঊর্ণাযুক্ত, মেষলোমরচিত (বস্ত্র)। "মহা ২.৫১.২৬ (পাঠান্তর)। —র্ণ ক্লী **১** ঊর্ণা। তু 'ঊর্ণনাভ'। **২** ঊর্ণারচিত বস্ত্র—কম্বলাদি। "মনু ১১.১৬৯। —র্ণা স্ত্রী **১** দ্র 'ঊর্ণা'। **২** চিত্ররথ গন্ধর্ব্বের পত্নী। [ঊর্ণাপিণ্ড (পুং)—বর্ত্তুলাকৃতি ঊর্ণা।]

ঊর্ণনাভ, -ভি ; ঊর্ণা, -র্ণাপিণ্ড দ্র 'ঊর্ণনাভ, ঊর্ণ'।

ঊর্ণায়ু বিণ [ঊর্ণা+যু (যুস্) অস্ত্যর্থে ; স্ত্রী -যু] ঊর্ণাবান, লোমযুক্ত। —যু পুং **১** মেষ। **২** মেষলোমকৃত কম্বল। **৩** ঊর্ণনাভ। "ঊর্ণায়ুরিব সুজনো জয়তি।—ভামিনীবিলাস ১.৮৮। **৪** ক্ষণভঙ্গ (মেদিনী)।

ঊর্ণু সক [অ, ঞ—ঊর্ণৌ (র্ণো) তি, ঊর্ণুতে ; সেট্] আচ্ছাদন। "ভট্টি ৩.৪৭ ; ১৪.১০৩।

ঊর্দ্ধ, -র্ধ্ব [উদ্+ √হা+অ (ড)-ক, উ > উব্—ঊর্দ্ধ (ব-কারহীন), উদ্+ √ধ্বন্+অ—(উর্+ধ্ব) > ঊর্ধ্ব, -র্দ্ধ (ব-কারযুক্ত)—অ.টী, ঊর্দ্ধ উচ্ছ্রিতো ভবতি (নিরুক্ত) ; ছান্দস ; cf., Gr. o'rthos ; L. arduus, Gaèlic—ard] **১** উচ্ছ্রিত, উদ্গত, উত্থিত। "ঊর্দ্ধাঙ্গুলি, °কেশ। ঊর্দ্ধং রজঃ মনু ১১.১১০। °কর্ণ শ ১.৮। হেষে অশ্ব, ঊর্দ্ধকর্ণে শুনি, নূপুরের ঝনঝনি মে ৮২। **২** তুঙ্গ, উচ্চ। **৩** উৎসর্পী, উপরিগামী। "°মুখৈর্ময়ূখৈঃ ক.স ১.১৬। °মুখৈশ্চ পত্রিভিঃ রঘু ৩.৫৭। **৪** উপরিস্থিত ; উত্তম, উৎকৃষ্ট। "°মূল গী ১৫.১। দিব্য সিদ্ধ মানবোর্দ্ধ পদে প্রণিপাত শি ৪। **৫** উচ্চাভিমুখ। "°রেখা রঘু ৫.৪৪। **৬** অনুপবিষ্ট, দণ্ডায়মান। "আসীন ঊর্দ্ধঃ প্রহ্বো বা নিয়মো যত্র নেদৃশঃ (ত.বা)। **৭** দণ্ডবৎ ; অবস্থিত ; খাড়া। "বৃক্ষাদিরূর্দ্ধ এব তিষ্ঠন্ শুষ্যতি পা ৩.৪.৪৪, সি। তপস্যা ঊর্দ্ধপায় জ ৪৬। **৮** উপরিস্থিত। "ঊর্দ্ধদারু, °ভূমি (S.W.)। **৯** উচ্চৈঃ, তার। "°রাও ম ৮০৬। °রায় চৈ.ভা ৪৯ ; ঊর্দ্ধ করি বোলে ৬৩। **১০** উন্নতাগ্র, সরল, সোজা। "ঊর্দ্ধ আঙ্গুলে কভু বাহির না হয় ঘি ম.ম ১৩৪। **১১** শ্রেষ্ঠ, প্রধান। "°দেব (অর্থাৎ পরমেশ্বর, বিষ্ণু)। **১২** (বাঙলায় ; অপ্র) অধিক, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। "বৈষ্ণবেতে প্রীত, যার সম নাহি ঊর্দ্ধ ভ.গ্র ২৪১। —র্দ্ধ ক্রি. বিণ **১** পরে, পরভাগে। "অত ঊর্দ্ধম্ মহা ১.২.৫৯। পা ৫.৩.৮৩। অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি।—কাত্যায়ন ১১.১। **২** পরবর্ত্তী কালে, পরে। "ব্রহ্মচারী ভবেৎ তাবদূর্দ্ধং স্নাতো ভবেদ্ গৃহী।—দক্ষ ১.৭। **৩** দেহান্তে, পরলোকে। "গী ১২.৮। মনু ৩.১৬৯। **৪** উপরিভাগে। "ঊর্দ্ধং নাভের্মেধ্যতরঃ পুরুষঃ মনু ১.৯১। **৫** মৃত্যুর পরে ; জীবনান্তে। "পিত্রোরূর্দ্ধম্ যাজ্ঞ ২.১১৯। **৬** উচ্চদিকে। "গঙ্গেবোর্দ্ধপ্রবর্ত্তিনী রঘু ১০.৩৭। **৭** অধিক। "ঊর্দ্ধং মাসান্ ন বস্তব্যম রা ৪.৪০.৭০। **৮** তারস্বরে, উচ্চৈঃ। "কীর্ত্তোদ্ধিগীতয়া ভ ৪.২২.৬৩। **৯** শূন্যাভিমুখ। ঊর্দ্ধং রথৎ···নিনায় রঘু ১০.১০৩। —র্দ্ধ ক্লী **১** উচ্চস্থান, ঊর্দ্ধভাগ। "ঊর্দ্ধে দৃগ্‌ভ্যাং ভ্রুবৌ (অ.কো)। ঊর্দ্ধে কুমুদিনী হেঁটে কুমুদবান্ধব ভা.চ ৩০৯। **২** পক্ষীর উৎপতনবিশেষ। "পঞ্চ ২ ৬০। **৩** উৎকৃষ্টলোক, দেবলোক। "ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থাঃ গী ১৪.১৮। °পতি ভা.চ ১৩৯। [ঊর্দ্ধ আঙ্গুলে···ঘি (দ্র ১০)—সোজা আঙুলে ঘি বেরোয় না ; সরলভাবে বা সহজে কার্য্যোদ্ধার হয় না। ঊর্দ্ধক (পুং)—যাহা ঊর্দ্ধ করিয়া এক মুখে বাদনীয় ; মৃদঙ্গবিশেষ, তবলা (?)। °কচ (পুং)—'কেশরহিত', কেতু। °কণ্ঠ (বিণ)—উদ্‌গ্রীব। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—উত্থানক্রিয়া। °কায় (পুং)—কায়ের ঊর্দ্ধভাগ ; পূর্ব্বকায়। "পা ২.২.১, তত্ত্ববোধিনী। °চরণ (পুং)—**১** 'ঊর্দ্ধপাদ', তপস্বিবিশেষ। **২** অষ্টপাদ শরভবিশেষ। °জানু, -নুক (বিণ)—উত্থিতজানু। "মাঘ ১১.১১, মল্লিনাথ। °জ্বলন (ক্লী)—ঊর্দ্ধদীপন, ঊর্দ্ধস্ফুরণ। "মাঘ ১২। °তন (তু 'অধস্তন') বিং—উপরিতন (পুরুষ, কর্ম্মচারী)। °তন্তু (পুং)—বস্ত্রের দীর্ঘ তন্তু, টানার সূতা (warp)। "ভ ১০.১৫৩৫, শ্রীধর। ঊর্দ্ধাধোভাবে—ঊর্দ্ধভাগ হইতে নিম্নাভিমুখে, উপর্য্যধোভাবে (vertically)। "ঊর্দ্ধাধোভাবে বল্মীক ছেদ করিলে যেরূপ দেখায়।—চারুপাঠ, ২য় ভাগ। ঊর্দ্ধানে (অপ্র)—ঊর্দ্ধপানে। ঊর্দ্ধানে ঘোটকগতি অ প ৫১। ঊর্দ্ধাবর্ত্ত (পুং)—দক্ষিণাবর্ত্ত।]

ঊর্দ্ধগ বিণ [ঊর্দ্ধ+ √গম্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -গা] **১** উচ্চগামী, ঊর্দ্ধপ্রসৃত, উৎসর্পী। "কু.স ৫.২৩। ['ঊর্দ্ধাধোভাবে—শ্রীধর] **২** গগন হইতে ...ঊর্দ্ধগত। "ঊর্দ্ধগঃ সৎপথঃ (অর্থাৎ ব্রহ্মমার্গঃ) মহা ৩.২৬০.২। **৩** সাত্ত্বিক, ধার্ম্মিক। তু 'ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থাঃ গী ১৪.১৮। —গ পুং **১** 'সর্ব্বোপরিগত', বিষ্ণু (মহা)। **২** ঊর্দ্ধগতদেহস্থবায়ুজন্য রোগবিশেষ। "ঊর্দ্ধগ বিকারে, মোর পড়িয়াছে দাঁত ভা.চ ২১১।

ঊর্দ্ধগতি বিণ [বহুব্রী, স্ত্রী -তি] ঊর্দ্ধগামী। —তি স্ত্রী [কর্ম্মধা] **১** ঊর্দ্ধগমন। উদ্গমন। **২** দেহ হইতে উৎক্রমণ। **৩** [স.ত] ঊর্দ্ধে গমন। **৪** স্বর্গাদি ঊর্দ্ধলোকে গমন, স্বর্গপ্রাপ্তি, সদ্গতি। "ত্বরায় স্বামীর এবে চিন্ত ঊর্দ্ধগতি ম ৫৬৪।

ঊর্দ্ধগপুর ক্লী [কর্ম্মধা] **১** আকাশস্থ হরিশ্চন্দ্রপুর। **২** ত্রিপুরাসুরের পুরী (দ্র 'হ ৩২৪তম অধ্যায়')।

ঊর্দ্ধগমন ক্লী [কর্ম্মধা] **১** ঊর্দ্ধগতি, স্বর্গগমন। **২** উদয়। "মুগ্ধবোধ ৮৯২, টীকা। **৩** (সঙ্গীতে) সপ্ত স্বরের আরোহ। **৪** উপরিগমন, আরোহণ।

ঊর্দ্ধতিলক পুং, ক্লী [কর্ম্মধা] ললাটে ঊর্দ্ধাধোভাবে অঙ্কিত সম্প্রদায়চিহ্নভূত চিত্রবিশেষ, ঊর্দ্ধপুণ্ড্রক, ঊর্দ্ধফোটা। "ললাটে শোভয়ে ঊর্দ্ধতিলক সুন্দর চৈ.ভা ৬২।

ঊর্দ্ধদৃষ্টি বিণ [বহুব্রী ; স্ত্রী -ষ্টি] যাহার চক্ষু ঊর্দ্ধগত ; উদ্গতনেত্র। —ষ্টি স্ত্রী [কর্ম্মধা] **১** ঊর্দ্ধদিকে দর্শন ; ঊর্দ্ধাবলোকন। **২** উপাসনাঙ্গভূত যোগার্থে ভ্রূদ্বয়মধ্যস্থ দৃষ্টিপাত। **৩** (বাঙলায়) মৃত্যুকালে ঊর্দ্ধগত নেত্রতারকা ; শিবনেত্র।

ঊর্দ্ধদেহ পুং [কর্ম্মধা] মরণানন্তরভাবী দেহ ; প্রেতদেহ। তু 'ঊর্দ্ধদেহিক'। "°নিমিত্তার্থম্···জলাঞ্জলিম্ গো.রা ২.৯০.৭।

ঊর্দ্ধপথ পুং, **-বর্ত্ম (-র্ত্মন্)** ক্লী [ঊর্দ্ধ পন্থা বর্ত্ম, কর্ম্মধা, সমাসান্ত 'অ'-আগমে 'পথ'] আকাশ-পথ। "°থ রা ১.৪৩.২৫।

ঊর্দ্ধপুণ্ড, -ণ্ড্রক পুং [কর্ম্মধা] ঊর্দ্ধমুখ পুণ্ড্রেক্ষুসদৃশ ললাটে জলাদিকৃত রেখাতিলকবিশেষ। "ঊর্দ্ধপুণ্ড্রং দ্বিজঃ কুর্য্যাদ্ বারিমৃদ্ভস্মচন্দনৈঃ (শ.ক)। °চক্রাদিধারণ চৈ.চ ২৪৪।

ঊর্দ্ধফণ বিণ [বহুব্রী ; স্ত্রী -ণা, -ণী] উদ্গতফণ, ধৃতফণ (ফণী)।

—ণা বিণ উদ্গতফণা (ফণিনী)। "ঊর্দ্ধফণা ভুজঙ্গিনী।—রবীন্দ্র। —ণা বিং [সং ঊর্দ্ধফণ] সর্থ 'ঊর্দ্ধফণ'। "ঊর্দ্ধফণা ফণী মে ২৩; ঊর্দ্ধফণা ফণীশ্বরে ১৯৭।

ঊর্দ্ধবাট বি স্বর্গলাভের পথ; স্বর্গপথ। "ঊর্দ্ধবাটে কণ্টক রোপিলু স্থানে স্থানে ম.পা ১৬৯।

ঊর্দ্ধবাত পুং [কর্ম্মধা] ১ মূত্রাদিবেগধারণজন্য দেহস্থ ঊর্দ্ধগত বায়ু; ঊর্দ্ধমারুত। ২ পরীবাহ বায়ু। দ্র 'আবহ'।

ঊর্দ্ধবায়, -বায়ে ক্রি.বিং [ঊর্দ্ধবাহ+এ° > °হে>(°এ) °য়ে °য়; অপ্র; দ্র 'বাহ'] ঊর্দ্ধবাহুতে, বাহুত্তোলনপূর্ব্বক। "চিবুক ধরিয়া টানি তুলি ঊর্দ্ধবায় শ্রী.ম ১২৬। দান পেয়ে নারদ নাচেন ঊর্দ্ধবায়ে ম ২৪৬।

ঊর্দ্ধবাহু বিণ [বহুব্রী; স্ত্রী -ভ; ছান্দস] ঊর্দ্ধগতকর, উদ্বাহু। "ভ ৭.৩.২। দেখিলা হত্যা···ঊর্দ্ধবাহু সদা মে ২৬৯। —হু পুং তপস্যার্থ উত্থিতবাহু তপস্বিবিশেষ। "জ ৪৩। ঊর্দ্ধবাহু···ইন্দ্রিয়নিগ্রহে সযত্ন আছেন আ.দু ২০৭। এ শী ১১।

ঊর্দ্ধবৃত বিণ [তৃ.ত] ঊর্দ্ধবেষ্টন দ্বারা আবৃত, দক্ষিণাবর্ত্তিত (যজ্ঞসূত্র)। "মনু ২.৪৪।

ঊর্দ্ধমন্থী (-ন্থিন্) বিণ [ঊর্দ্ধ+ √মন্থ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] যিনি ব্রহ্মচর্য্যের পরে গার্হস্থ্যাদি হিংসা করেন; নৈষ্ঠিক ব্রহ্মচারী। "ভ ৫.৩.২০।

ঊর্দ্ধমান ক্লী [কর্ম্মধা] ১ ঊর্দ্ধপরিমাণসাধন দ্রব্য; তুলা-প্রভৃতিতে গুরুত্বনির্ণয়সাধন শিলাখণ্ডাদি, অর্থাৎ তুলাদণ্ডে যে শিলাদি দ্বারা দ্রব্য ওজন করা যায়; উন্মান, বাঁটকারা। 'ঊর্দ্ধমানং কিলোন্মানম্ পা ৫.১.১৯, তত্ত্ববোধিনী। ২ [ষ ত] উচ্চতার পরিমাণসাধনমাত্র।

ঊর্দ্ধমুখ বিণ [বহুব্রী; স্ত্রী -খা, -খী] ১ যাহার মুখ ঊর্দ্ধদিকে, উন্নতমুখ। ২ ঊর্দ্ধপ্রসৃত, উৎসর্পী। "ঊর্দ্ধমুখৈর্ম্ময়ূখৈঃ কু.স ১.১৬। রঘু ৩.৫৭। ৩ যাহার প্রবেশপথ ঊর্দ্ধদিকে।

ঊর্দ্ধমুখীন বিং [সং ঊর্দ্ধমুখ; তু 'সম্মুখীন'] ঊর্দ্ধমুখ। "তারপরে মুখ তুলিয়া চাহিনু, ঊর্দ্ধমুখীন ফুলের মত চ.কা ৩১৬।

ঊর্দ্ধরাও, -রায় বি ['ঊর্দ্ধরাব'—মূল; দ্র 'রাও' 'রায'; অপ্র] ১ উচ্চরব, মহাধ্বনি। "দিবসে শৃগাল সব ঊর্দ্ধরাও কাড়ে ম ৮০৬। ২ উচ্চস্বর, মুক্তকণ্ঠ। "গোষ্ঠীসনে ক্রন্দন করয়ে ঊর্দ্ধরায়ে চৈ.ভা ৪৯। [ঊর্দ্ধরায়ে—মুক্তকণ্ঠে]

ঊর্দ্ধরাজি, -রেখা স্ত্রী [কর্ম্মধা] ঊর্দ্ধমুখরেখা। "ঊর্দ্ধ রেখা রঘু ৫.৪৪।

ঊর্দ্ধরেতা বিং [সং °তাঃ] সর্থ 'ঊর্দ্ধরেতাঃ'। "বি পা ৫২।

ঊর্দ্ধরেতাঃ (-তস্) বিণ [বহুব্রী] যাহার রেতঃ ঊর্দ্ধ, অর্থাৎ অধঃপতিত হয় না; বশিত্ব হেতু স্বভাবতঃ অস্খলিতবীর্য্য (মল্লিনাথ); অবিপ্লুতব্রহ্মচর্য্য (নীলকণ্ঠ); নৈষ্ঠিক ব্রহ্মচারী। "মহা ১.৭১.১৬। কু.স ৯.১৪। —তাঃ পুং ১ শিব। "মহা ১৩.১৭.৪৬। [ইনি দেবগণের প্রার্থনায় রেতোনিগ্রহ করেন (মহা ১৩.৮৪.৭২)।] ২ ভীষ্ম। [পিতার কাম্যবিবাহার্থ সত্যবতীর নিকটে প্রতিজ্ঞাপূর্ব্বক ইনি গার্হস্থ্য ত্যাগ ও চিরকৌমার্য্য গ্রহণ করেন। অদ্য প্রভৃতি মে দাশ! ব্রহ্মচর্য্যং ভবিষ্যতি (মহা ১.১০০.৯৬)] ৩ সনক-সনন্দ-সনাতন-সনৎকুমার-প্রভৃতি ঋষিগণ। [মহাভারতে (২.১১.৫৪) অষ্টাশীতিসহস্র ঊর্দ্ধরেতাঃ ঋষির উল্লেখ আছে। দুগ্ধে ঘৃতের ন্যায় মনুষ্যের সর্ব্বশরীরে রেতঃ থাকে। প্রসন্নমনে স্ত্রীগমনকালে হর্ষ হেতু ঐ শুক্র অধোগামী হইয়া মূত্রস্রোতঃপথে নির্গত হয় (সুশ্রুত ৩.৪.২২)। সংযতচিত্ত ব্রহ্মচারীর এইজাতীয় হর্ষের অভাবে রেতঃ ঊর্দ্ধই থাকে, অধোগামী হয় না।]

ঊর্দ্ধলিঙ্গ বিণ [বহুব্রী] 'ঊর্দ্ধমুখলিঙ্গবিশিষ্ট', ব্রহ্মচারী। [অধোলিঙ্গই রেতঃসেচন করে, ঊর্দ্ধলিঙ্গ করে না (মহা ১৩.১৭.৪৬, নীলকণ্ঠ)।] —লিঙ্গ পুং শিব (মহা)।

ঊর্দ্ধলোক পুং [কর্ম্মধা] ঊর্দ্ধভুবন, স্বর্গ। "মুগ্ধবোধ ২৮৪।

ঊর্দ্ধশায়ী (-য়িন্) বিণ [ঊর্দ্ধ+ √শী+ইন্ (ণিনি) -ক-১ব; উ.ত; স্ত্রী -য়িনী] ঊর্দ্ধমুখশায়ী, উত্তানশয় (যে চিত হইয়া শয়ন করে)। —য়ী পুং মহাদেব। "মহা ১৩.১৭.৪৬।

ঊর্দ্ধশ্বাস পুং [কর্ম্মধা] ১ উদ্গত শ্বাস; পঞ্চ শ্বাসরোগের একতম। "সুশ্রুত ৬.৫১.১২। ২ নিরন্তর বা দ্রুত শ্বাস; ঘনশ্বাস। [ঊর্দ্ধশ্বাসে—যাহাতে শ্বাস ঊর্দ্ধ (দ্রুত) হয়; দ্রুতশ্বাসে, দ্রুতগমনে। "কথা ঊর্দ্ধশ্বাসে কয় বা.ম ৩০৬। মৃগপাল যথা, ধায় বেগে···ঊর্দ্ধশ্বাসে মে ২৭৬। চলেছে নিখিল বিশ্ব হত্যার তাড়নে, ঊর্দ্ধশ্বাসে প্রাণপণে—রবীন্দ্র।

ঊর্দ্ধস্রোতাঃ (-তস্) পুং [বহুব্রী] ১ যাহার রেতঃস্রোতঃ ঊর্দ্ধ; ঊর্দ্ধরেতাঃ যোগিবিশেষ। ২ যাহাদের আহারসঞ্চার ঊর্দ্ধ; বনস্পতি ওষধি লতা প্রভৃতি। "ভ ৩.১০.২০, শ্রীধর। ৩ ঊর্দ্ধগমনপর সত্ত্বপ্রধান পুরুষ। "মহা ১৪.৩৮.১৩। ৪ মহাদেব।

ঊর্ম্মি পুং, স্ত্রী [√ঋ+মি-ক, ঋ > উর্, উ ৪.৪৪; 'উর্ম্মি'—জলপ্রবাহ (ঋগ্বেদ ১.৫২.৭)] ১ 'ঊর্দ্ধগামী', বীচি, তরঙ্গ, ঢেউ। "চলোর্ম্মি রা ১.১৫.১০; পূ মে ২৫। রঘু ৫.৬১, ব্যোমগঙ্গোর্ম্মি ১২.৮৫। সংসার-সিন্ধু-উর্ম্মি ম ৪১৯। চলোর্ম্মি-আঘাতে মে ৩০। ২ প্রবাহ, ধারা। "শোকোর্ম্মি (S.W.)। শরোর্ম্মি গো রা ৩.৫৬.৩৭। করুণোর্ম্মি উ.চ ৭.১২। ৩ তরঙ্গসদৃশ বস্ত্রসঙ্কোচরেখা; চুনট্। ৪ বেণীর অলঙ্কারবিশেষ, বা ঊর্ম্মিবৎ কেশের নিম্নোন্নতভাব। "ঊর্ম্মিমৎসু জগ্রাহ কেশেষু মহা ২.৬৭.২৯। ৫ শোক-মোহ, জরা-মৃত্যু, ক্ষুৎপিপাসা এই ষড়্‌বিধ যথাক্রমে মনের দেহের ও প্রাণের ধর্ম্মবিশেষ। 'শোকমোহৌ জরামৃত্যু ক্ষুৎপিপাসে ষড়ূর্ম্ময়ঃ (ভাগবতটীকা)। ৬ অশ্বের নতোন্নত অতিবেগবান্ গতিবিশেষ। "মাঘ ৫৪, টীকা। ৭ জব, বেগ। ৮ রেখা, লেখা। ৯ উৎকণ্ঠা (১০ প্রকাশ। ১১ ভঙ্গ। ১২ শ্রেণী, পঙ্‌ক্তি। ১৩ ছয় (৬) এই সংখ্যা। দ্র (৫)।

ঊর্ম্মিকা স্ত্রী [ঊর্ম্মি+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ ঊর্ম্মি, ঢেউ। ২ (সাদৃশ্যে) বস্ত্রভঙ্গ, চুনট্। ৩ গুঞ্জন। ৪ উৎকণ্ঠা। ৫ অঙ্গুরীয়ক।

ঊর্ম্মিমান্ (-মৎ) বিণ [ঊর্ম্মি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -মতী] ১ ঊর্ম্মিযুক্ত, তরঙ্গিত। ২ নতোন্নত, ঢেউখেলান, কোঁকড়া (কেশ)। দ্র 'ঊর্ম্মি (৪)। ৩ কুটিল। —ন্ পুং সাগর। "বলোর্ম্মিমান্ মহা ১.২৩.১৯।

ঊর্ম্মিমালী (-লিন্) বিণ [ঊর্ম্মিমালা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -লিনী] ঊর্ম্মিমালাযুক্ত, তরঙ্গচয়বিশিষ্ট। "ঊর্ম্মিমালী (সমুদ্র) রা ১.১৬.১০; যমুনাম্···উর্ম্মিমালিনীম্ ২.১১৩.২১। —মালী পুং সমুদ্র। "রঘু ৫.৬১।

ঊর্ম্মিলা স্ত্রী [ঊর্ম্মি+ √লা+অ (ক)-ক+স্ত্রী আ (টাপ্)] জনককন্যা, সীতার কনিষ্ঠা, লক্ষ্মণের পত্নী এবং অঙ্গদ ও চন্দ্রকেতুর জননী। °রা ১.৭৩.৩০। রঘু ১১.৫৪। সী ৭ [°বিলাসী (-সিন্) বিং—ঊর্ম্মিলা-রমণ, ঊর্ম্মিলা-প্রিয় (লক্ষ্মণ)। "মে ১।]

ঊলট অর্ম্ম [√উলট > °ট; অপ্র] ১ প্রত্যাবৃত্ত হওয়া; ফিরা। "এ বলিয়া জতিনাথ গেল উলটিয়া গো.বি ৭৭; ১১৫। ২ পুনর্ব্বার আরম্ভার্থ কোন বিষয়ের মূলে (গোড়ায়) ফিরিয়া যাওয়া। উলটিয়া জোগ ধর গো.বি ১১৫; ১১৬।

ঊলত সর্ম্ম [অপ্র] দ্র 'উরথ'। "কন্যার মাতা আইলা উলতিতে বর কু.উ ৮।

ঊষ্ সক [ভ্বা, প—ঊষতি; সেট্] রোগ, পীড়ন। "ঊষতি সন্তঃ খলাঃ (ক.ক)।

উষ পুং [√উষ্+অ (ক)-ক] ১ ক্ষার, ক্ষারমৃত্তিকা। তু 'উষর'। "মনু ৫.১২০। ২ কর্ণচ্ছিদ্র, ছিদ্র। ৩ চন্দনাদ্রি, মলয়পর্ব্বত। —ষ পুং, স্ত্রী প্রভাত। তু 'প্রত্যূষ'। "°প্রকাশিকা ভা.চ ৪২৮। —ষা, -ষী স্ত্রী ক্ষারভূমি, অনুর্ব্বরা। "উপ্তমুষ্যাম্ ভ ১.১৫.২১। —ষা স্ত্রী ১ বাণরাজের কন্যা। দ্র 'অনিরুদ্ধ'। উষায়াঃ সবিতাং পতাঃ।—হ ১৭৬.২২। ২ প্রভাত, রাত্রিশেষ, প্রত্যূষ। "উষাক্ষণ যাত্রা ম.পা ১২৫। ডাকয়ে পক্ষী না ছাড়ে বাসা। ...খনা ডেকে বলে সেই উষা॥—মে ৯১; ফুল-কুলসখী॰ উষা ১৯৪। সুখময়ি উষে স.শ ১১৯। °রাণী বসু ৫৬। এই তীরে সন্ধ্যা, উষা অন্য তীরে মুগ্ধকরী ন ১৫০৮। চা.তৃ ২। ৩ (বাঙলায়) উষার আলোক। "কোথায় সে উষাময়ী প্রতিমা।—গান ২৫। [দীর্ঘাদি 'ঊষা' অমর-প্রভৃতিতে ধৃত হয় নাই, সংস্কৃত কাব্যেও ইহার প্রয়োগ নাই; 'উষ' 'উষঃ' 'উষা' শব্দই কোষে ধৃত ও কাব্যে প্রযুক্ত হইয়াছে। বাঙলায় দীর্ঘাদি 'ঊষা'রই প্রয়োগ আছে, 'উষা'র নাই। 'শব্দরত্নাবলী'কোষে 'ঊষা' শব্দ আছে (দ্র 'শ-ক'); ইহাতে বোধ হয়, 'ঊষা' অর্ব্বাচীন শব্দ।]

উষঃ (-ষস্) বি ['প্রত্যূষস্' (প্রতি+উষস্)—মূল (?); সং উষস্; অপ্র] প্রভাত। "উষঃকালে চৈ ভা ৪৭; ২৬৭। উষসি উষসি খসি খসি পড়ু লোর রা শে ৫৩। [উষঃকালে (সং উষঃকাল) —সকালে, প্রভাতে।]

উষক স্ত্রী [√উষ্+অক (ণ্বুল্)-ক] ১ 'তমোনাশক', উষা, প্রভাত। "দেখিয়া উষককাল, ডাকিল কোকিলজাল শ্রী.ম ২১৯। ২ লবণ, ক্ষার। ৩ মরিচ। —ষণ পুং [+অন (ল্যুট্)-ক] চিত্রক, চিতা। —ণ স্ত্রী মরিচ; শুণ্ঠী; পিপ্পলীমূল। —ণা স্ত্রী পিপ্পলী, চবিকা, চই।

উষর বিণ [উষ+র অস্ত্যর্থে; স্ত্রী -রা; তু 'ফা শরব্—লোনা] ক্ষারবান্, লবণময়, লোনা। "পা ৫.২.১০৭। উষরভূমিতে যেন বীজের রোপণ চৈ.চ ১০২। উষরে অধ্যয়নাদি নিষেধ ভ ৬.৯৮। —র পুং, স্ত্রী ক্ষার-মৃত্তিকা, লোনামাটি। "মনু ২.১১২। [°জ (ক্লী)—'উষরজাত', পাংশুলবণ।]

উষা, উষী দ্র 'উষ'।

উষ্ম বিণ [উষ্ম+অ (অচ্) অস্ত্যর্থে, স্ত্রী -ষ্মা, তু 'উষ্ম'] উষ্মযুক্ত, তাপবান্, তপ্ত। —ষ্ম [√উষ্+ম-ক; তু 'সং উষ্মন্ (উষ্মা) >প্রা উম্হ] ১ উত্তাপ, তাপ। ২ নিদাঘ, গ্রীষ্মকাল। ৩ শীতবিরোধী স্পর্শ।

উষ্মপ বিণ [উষ্ম+√পা+অ (ক)-ক, উ.ত; স্ত্রী -পা] উষ্মপায়ী, উষ্ণপেয়-পায়ী। "উষ্মপৈঃ (ব্রাহ্মণেন্দ্রৈঃ) মহা ১৩.১৪৫৬। —প পুং ১ 'তাপরক্ষক', অগ্নি। "চিদুষ্মপ ভ ৮.৩.১৬। ২ (বহুব) উষ্মপায়ী পিতৃগণবিশেষ। "গী ১১.২২। পিতরঃ...উষ্মপাঃ মহা ২.৮.৩০।

উষ্মবর্ণ পুং [কর্ম্মধা] উষ্মাই (উষ্মনামক) বর্ণ। দ্র 'উষ্মা (৭)।

উষ্মা (-ষ্মন্) পুং [√উষ্+মন্ (মনিন্)-ক, ছান্দস] ১ উত্তাপ। ২ শারীরিক তাপ। "উষ্মা প্রকোপিতঃ কায়ে।—মহা ১৪.১৭.১৫। তেজস্যূষ্মাণম্ (ন্যসেৎ) ভ ৭.১২.২৫। ৩ গ্রীষ্ম ঋতু। ৪ তেজোদ্রব্যের সূক্ষ্মাংশ; ভাপ্। ৫ বিত্তকোপাদিজন্য তাপ। "উষ্মাপি বিত্তজঃ।—পঞ্চ ২.৭১। ৬ (ব্যাকরণে) বাহ্যপ্রযত্নবিশেষ, শ্বাস। দ্র (৭)। ৭ উষ্ম-প্রযত্নযোগে (শ্বাসবলে) উচ্চারিত বর্ণ; উষ্মবর্ণ—শ ষ স হ (Sibilant)। 'উষ্মাখ্যবাহ্যপ্রযত্নযোগাদ্ উষ্মাণ ইত্যাখ্যা তৈ ১.৯। [প্রাতিশাখ্যে' শ ষ স হ জিহ্বামূলীয় উপধ্মানীয় অনুস্বার (তৈ ১.৯; ৩৪), মতান্তরে, বিসর্গ (ঋগ্বেদ প্রাতিশাখ্য) এই কয়টি বৈদিক উষ্মবর্ণ; সংস্কৃতে প্রথম চারিটি উষ্মবর্ণ—শ ষ স হা উষ্মাণঃ (পা ৮.২.১, সি); (ভ ৩.১২.৪৬)।] [উষ্মাপহ (পুং)—'উত্তাপনাশক', শীত ঋতু। উষ্মোপগম (পুং)—সর্ব 'উষ্মোপগম'।]

উহ্ সক [ভ্বা, আ—উহতে; সেট্] বিতর্ক, অধ্যাহার, সম্ভাবন। [অপ—অপনোদন। "রঘু ১৯.৫। বি-অপ—বিনাশ। "মনু ১১.৮১। প্রতি—প্রত্যূহ, বিঘাত। "নৈ ৬.১০১। বি—ব্যূহ, রচনা, বিন্যাস। "মনু ৭.১৯১। সম্—সমূহন, সম্যগ্‌বিচারণা, সম্মার্জ্জন। "পা ৭.৪.২৩।]

উহ পুং [√উহ্+অ (ঘঞ্)-ভা] ১ বিতর্ক, বিচারণা, সংশয়। "ভ ৩.৫.৪৯; ১৮.১২। ২ ন্যূনপূরণার্থ অধিকোপাদান (অ.টী); আকাঙ্ক্ষিত বিষয়ের একদেশ-পূরণ; অধ্যাহার, উহ্য করা। ৩ আগমা-বিরোধী ন্যায় দ্বারা আগমার্থ-পরীক্ষণ; তর্ক, মনন। "সাংখ্য ৫১। [ইহা অষ্টসিদ্ধির তৃতীয়া সিদ্ধি—'তারতার' (তত্ত্বকৌমুদী)।] ৪ সিদ্ধান্ত। "উহাপোহ। ৫ সমূহ। তু 'উহিনী'। ৬ [+অ-ণ] ধীগুণ-বিশেষ। দ্র 'ধীগুণ'। —হন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বিতর্ক, বিচার। ২ অধ্যাহার। —হনী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] 'মলাদির অপনয়নসাধনী', সম্মার্জ্জনী, ঝাঁটা। —হনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ বিতর্ক্য, বিচার্য্য। ২ অধ্যাহার্য্য, উহ্য। ৩ অনুমেয়। —হা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ বিতর্ক, সংশয়। ২ অধ্যাহার। —হিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিচারিত, তর্কিত, সংশয়িত। ২ অধ্যাহৃত। ৩ অনুমিত। —হ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ সর্ব 'উহনীয়'। ২ উদ্ভাবনীয়।

উহাপোহ পুং [উহ ও অপোহ, দ্বন্দ্ব] সিদ্ধান্ত ও পূর্ব্বপক্ষ। "°বিশারদ মহা ১৩ ১৪৫.৪৩; ১৪৬ ২৯।

উহিনী স্ত্রী [উহ+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] উহযুক্তা, সমূহবিশিষ্টা, সমবেতা সেনা। "অক্ষৌহিণী। [ইহার পৃথক্ প্রয়োগ নাই।]

ঋ

ঋ[1] সপ্তম স্বরবর্ণ। [ঋকার মূর্দ্ধন্য বর্ণ] ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা (টাক্‌রা), অর্থাৎ দন্তপঙ্‌ক্তির উপরিস্থ উচ্চপ্রদেশ, এবং ওষ্ঠদ্বয় হনুদ্বয় ও জিহ্বাগ্র করণ; অতএব ঋ-কার উচ্চারণের সময়ে হনুদ্বয়ের পরস্পর উপশ্লেষ করিয়া, মূর্দ্ধায় জিহ্বাগ্রের উপসংহার (সংশ্লেষবিশেষ) করিতে হয় (তৈ ২.১৮; ৩১; ৩২)। ঋ-কার দ্বিমাত্রিক হইলে দীর্ঘ ঋ-কার ও ত্রিমাত্রিক হইলে প্লুত ঋ৩-কার হয়, অর্থাৎ মাত্রাভেদেই এক ঋ-কার তিন-প্রকার। বেদে, উদাত্তাদি হ্রস্বাদি সানুনাসিক ও নিরনুনাসিক ভেদে ঋ-কার অষ্টাদশবিধ (পা ১.১.৮, সি)। সংস্কৃতে উদাত্তাদির অভাবে ঋ-কার ষড়্‌বিধ। বাঙলায় ঋ-কারের প্রয়োজন নাই (পরে দ্রষ্টব্য)। শুক্লযজুর্ব্বেদের মাধ্যন্দিনশাখায়, 'ঋ'-স্থানে 'রে' উচ্চারণ করিতে হয়; তদনুসারে, 'কৃষ্ণোহসি' 'ঋত্বিয়' যথাক্রমে 'ক্রেষ্ণোহসি' 'রেত্বিয়' হয় [তু 'ক্রেপা, হেষ্ট (হৃষ্ট), হেষ্টমুখী'—প্রাচীন বাঙলা; 'কেষ্টা, তেষ্টা'—কথ্যভাষা]। পাণিনির ৭.৪.২৭; ২৮ সূত্রদ্বয়ে ঋ-স্থানে 'রী' (রীঙ্) ও 'রি' (রিঙ্) বিহিত হইয়াছে; ইহাতে বোধ হয়, ঋ-কারের উচ্চারণ ক্রমে বিকৃত হইয়াছে এবং ক্রমশঃ বেদ হইতে সংস্কৃতে এবং পরে পালি প্রাকৃত ও অন্য প্রাদেশিক ভাষায় ইহার প্রভাব বিস্তৃত হইয়াছে। সংস্কৃতে—ক্রিমি রিক্‌থ রিষ্ রিষ্টি; পালি—রিতে (ঋতে), ইরিত্তিজ (ঋত্বিজ্); প্রাকৃত—রিউ (ঋতু), রিক্‌থ রিণ রিদ্ধি রিসহ (ঋষভ), রিসি; হিন্দী—রিদ্ধি; মরাঠী—রিণক (ঋণক), রিদ্ধি রীস (ঋক্ষ); গুজরাটী—রিতু রিদ্ধি; মৈথিলী—ক্রিপা ক্রিপাল দ্রিষ্টি দ্রিষ্ট রিণ রিতু; প্রাচীন বাঙলায়—প্রিথিবী ত্রিজার ত্রিকাল (শৃগাল) রিতু রিসি;—এই সকল শব্দ ঐ প্রকারে ঋ-বিকারের উদাহরণ। পালি-প্রভৃতিতে ॰ব্যঞ্জনে যুক্ত 'ঋ'-স্থানে 'ই'-কার (যেমন ধৃ>ধি)। পূর্ব্বোক্ত 'রি' এরই দ্বিতীয় ক্রম, অর্থাৎ 'র'-লোপে 'ই' হইয়াছে। পালি—ধিতি (ধৃতি), কিমি সিগাল ইসি (ঋষি), ইণ (ঋণ) পেত্তিক

(পৈতৃক); প্রাকৃত—কিরাণ (কৃপাণ), কিস (কৃশ), গিটিঠ (গৃষ্টি), গিদ্ধ(গৃধ্র), তিসা (তৃষা), দিট্‌ঠ(দৃষ্ট), নির (নৃপ), সিঙ্গ (শৃঙ্গ), নিসংস (নৃশংস); প্রাচীন বাঙলায়—মিগ (মৃগ), মিগবর মিগী মিত্তিকা মিতু মিদঙ্গ (শৃ); কথ্য বাঙলায়—ছিষ্টি দিষ্টি বিষ্টি মিষ্টি;—এই সকল শব্দ এই দ্বিতীয় ক্রমের উদাহরণ। কিরিপণ (কৃপণ), কিরিপান কিরিপা গিরস্থ গিন্নী ইত্যাদি প্রাচীন বাঙলা শব্দের মূলও ঐরূপ ঋ-কারের বিকৃতি, অর্থাৎ 'কৃ' হইতে 'ক্রি' পরে স্বরাগমে 'কিরি' হইয়াছে। এইরূপ অন্যত্র। অতএব পালি ও প্রাকৃতে স্বরবর্ণে যেমন 'ঋ' 'ৠ' গৃহীত হয় নাই, বাঙলায়ও সেইরূপ ঐ দুই স্বরের প্রয়োজন হয় না, কেবল সংস্কৃত শব্দের বাঙলায় প্রয়োগের সময়েই উহাদের আবশ্যক হয়। হিন্দী মরাঠী গুজরাটী ওড়িয়া মৈথিলী প্রভৃতি ভাষার স্বরমালায় ঐ দুই স্বরের স্থান নাই।]

ঋ২ পুং [√ঋ+ক্বিপ্ (০)-র্ম্ম] স্বর্গ। "ঋ-কার স্বর্গের নাম, তুমি ঋরূপিণী; ঋ-বাসদায়িনী ভা.চ ৪২৮। ঋ-পদদাত্রী বা.দ ৮২। -স্ত্রী বেদমাতা। "ঋ-স্বরূপা রাগ মোরে ভা চ ৪২৮। ঋ-রূপা বা.দ ৮২। —ব্য ১ সম্বোধন। তু 'রে'। ২ পরিহাস। ৩ নিন্দা। ৪ বাক্য-বিকার, বাক্য।

ঋ৩ সক [ভ্বা, প—ঋচ্ছতি; অনিট্; ণিচ্—অর্পি, অর্পয়তি, ছান্দস] গতি, প্রাপণ। [সম্—সমপণ।]

ঋ৪ বি [তু বা 'রি'; ঠ 'রী'] স্বরগ্রামের দ্বিতীয় স্বর 'ঋষভ'এর সংক্ষেপাক্ষর। দ্র 'ঋষভ (২)।

ঋক্ (-চ্) স্ত্রী [√ঋচ্ (স্তব)+ক্বিপ্ (০)-ণ-১ব] ১ প্রশংসা সাধন, স্তব, বেদমন্ত্রবিশেষ। "ঋগথর্ব্বযজুঃসাম্নাং রাশীন্ ভ ১২.৬.৫০। সেই সূত্রে সেই ঋগ্‌বিষয়বচন। ভাগবতে ঋক্ চারিশ্লোকনিবন্ধন॥—চৈ.চ ২৪৮। ২ ঋক্-সমূহরূপ বেদবিশেষ; ঋগ্বেদ। ৩ [+ক্বিপ্-ভা] স্তুতি, প্রশংসা, পূজা।

ঋকার পুং [কর্ম্মধা] 'ঋ' এই বর্ণ, অর্থাৎ 'ঋ'। দ্র 'ঋ২'।

ঋকছন্দঃ (-ন্দস্) ক্লী [ষ ত] ঋগ্বেদের ছন্দঃ, অর্থাৎ ঋকছন্দোনিবদ্ধ বাক্য। "ঋকছন্দসা আশাস্তে শ ৪৳।

ঋক্‌থ [√ঋচ্+থ (থক্)-র্ম্ম (অ.টী); তু 'রিক্‌থ'] ১ দ্রব্য, বিত্ত, ধন। "মনু ৯.১৮৪। ২ স্বর্গ। ৩ স্মৃতিতে দায়রূপ ধন, অর্থাৎ উত্তরাধিকার-সূত্রে প্রাপ্ত ধনাদি। [°গ্রাহ (বিণ)—দায়গ্রাহী উত্তরাধিকারী (পুত্রাদি)। °ভাক্ (-ভাজ্), °ভাগী (-গিন্) বিণ—দায়ভাগী, দায়গ্রাহক। "°ভাক্ মনু ৯.১৫৫; °ভাগী ১৮৮। °হর (বিণ)—দায়হারক, দায়গ্রাহী, উত্তরাধিকারী (পুত্রাদি)। "মনু ৯.১৮৫।]

ঋক্‌থী (-থিন্) বিণ [ঋক্‌থ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -থিনী] ঋক্‌থগ্রাহী, উত্তরাধিকারী। "যাজ্ঞ ২.৪৬।

ঋক্ষ পুং [√ঋষ্+স-ক, গুণাভাব, উ ৩.৬৭; স্ত্রী -ক্ষী; ছান্দস; তু 'ফা খি-রস্; ঠ রীস; cf Gr. a'rktos; L. ursus] ১ ভল্লুক। " শ ২৳। ২ শ্রেষ্ঠার্থবাচক। "পা ২.১.৫৬। [সমাসে উত্তরপদ]। ৩ কুলাচলবিশেষ। দ্র 'কুলাচল'। ৪ শোনাকবৃক্ষ (Bignonia Indica)। ৫ ভল্লাতক, ভেলাগাছ। ৬ পুরুবংশীয় অজমীঢ়ের পুত্র। —ক্ষ পুং, ক্লী ১ নক্ষত্র। "গো.রা ৫.৭৩.৫৭। ঋক্ষবিভাবন মনু ২.১০১; ঋক্ষেষ্টি ৬.১০। অঙ্গদ কঙ্কণ সাজে, অলৌকিক রত্নরাজে, তড়িদ্-ঋক্ষ-ঘন একাসন জ ১। প.তৃ ৩৫। ২ অশ্বিন্যাদি নক্ষত্র; জন্মনক্ষত্র (S.W.)। "গ্রহর্ক্ষ তারনিকর ভ ১.১৯.৩০। মনু ৩.১০; দিনর্ক্ষ ২৭৭। শ্রী ৭। ৩ সপ্তর্ষিমণ্ডল। ৪ মেষাদি রাশি। "রঘু ১২.২৫। —ক্ষ ক্লী জন্মনক্ষত্র। —ক্ষী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ভল্লুকী। "রা ১.১৭.২১। ক.সা ২৩.৪৬। [°গন্ধা (স্ত্রী)—বীরতাড়্ গাছ। °চক্র (ক্লী)—নক্ষত্র-মণ্ডল, তারাগণ। °নাথ, °পতি, °রাজ (পুং)—১ 'নক্ষত্রপতি', চন্দ্র। ২ ভল্লুকরাজ, জাম্ববান্। °বান্ (বৎ) পুং—'ভল্লুকযুক্ত', নর্ম্মদাসন্নিহিত পর্ব্বতবিশেষ। "রা ১.১৭.৩১। রঘু ৫.৪৪। ঋক্ষেশ (পুং)—ঋক্ষপতি, নক্ষত্ররাজ, চন্দ্র।]

ঋক্ষেষ্টি স্ত্রী [ঋক্ষের ইষ্টি, ষ.ত] নক্ষত্রসম্বন্ধী যজ্ঞ; নক্ষত্রযাগ। "মনু ৬.১০।

ঋক্‌সংহিতা স্ত্রী [ষ.ত] ঋগ্বেদের সংহিতাভাগ; মন্ত্রাত্মক ঋগ্বেদ (মেধাতিথি); মন্ত্রব্রাহ্মণাত্মিকা সংহিতা (কুল্লুক)। "মনু ১১.২৬৩। [বেদ দ্বিবিধ—মন্ত্রাত্মক ও ব্রাহ্মণভাগ। "অগ্নিমীলে' ইত্যাদি মন্ত্র-সমুদায়রূপে বেদভাগ 'ঋক্‌সংহিতা'। মন্ত্রেতর (ঋগ্‌ভিন্ন) ভাগ 'ব্রাহ্মণ'। 'সংহিতার অর্থ 'সন্ধিকার্য্য'; এই জন্য ইহা 'সংহিতা'; ব্রাহ্মণ ও পদগ্রন্থে সংহিতানিয়ম না থাকায়, উহাদের সংহিতাত্ব নাই।]

ঋক্‌সাম ক্লী, দ্বিব [দ্বন্দ্ব, সমাসান্ত 'অ' (অচ্), পা ৫.৪.৭৭] মন্ত্রাত্মক ঋগ্বেদ ও সামবেদ।

ঋগ বি [সং ঋক্, -গ্; অপ্র] ঋগ্‌রূপ মন্ত্র। "শ্রী.কী ৩২৩।

ঋগ্‌গাথা স্ত্রী [ষ.ত] ঋকের গাথা (গীতিকাবিশেষ); লৌকিক গীতিভেদ। "যাজ্ঞ ৩.১১৪।

ঋগ্বেদ পুং [কর্ম্মধা] ঋগ্‌রূপ বা মন্ত্রাত্মক বেদভাগ; বেদবিশেষ (দ্র 'ঋক্‌সংহিতা')। [ব্রহ্মার চারি মুখ হইতে চারি বেদের উৎপত্তি (শ.ক)। মনুমতে (১.২৩), ব্রহ্মা, অগ্নি বায়ু রবি হইতে যথাক্রমে ঋক্ যজুঃ সাম দোহন করেন। ব্রহ্মা, পুত্র মরীচি-প্রভৃতিকে চারিবেদ উপদেশ করেন। তাঁহারা পুত্রগণকে, এবং পুত্রগণ স্বশিষ্যদিগকে বেদ অধ্যয়ন করান। এই সময়ে দ্বাপরান্তে ভগবান্ কৃষ্ণদ্বৈপায়নরূপে অবতীর্ণ হইয়া ঋক্ যজুঃ সাম অথর্ব্ব মন্ত্রসমূহ উদ্ধার এবং ঋক্‌সংহিতাদি চারি সংহিতায় বিভক্ত করিয়া, স্বশিষ্য পৈল বৈশম্পায়ন জৈমিনি ও সমন্তুকে যথাক্রমে ঋগাদি সংহিতা উপদেশ করেন। পৈল স্বসংহিতা দ্বিধা বিভক্ত করিয়া শিষ্য ইন্দ্রপ্রমিতি ও বাস্কলকে অধ্যয়ন করান। ইন্দ্রপ্রমিতি, পুত্র মাণ্ডুকেয়কে ও বাস্কল যাজ্ঞবল্ক্যাদি চারি শিষ্যকে চারি ভাগ করিয়া স্বীয় সংহিতা অধ্যাপনা করেন। এইরূপে শিষ্যানুশিষ্যক্রমে ঋক্‌সমূহ নানাশাখায় বিভক্ত হয়। বাস্কলপুত্র বাস্কলি, প্রতিশাখা হইতে কিছু কিছু সংগ্রহ করিয়া, বালখিল্য-সংহিতা সঙ্কলন করিলে, বালায়নি-প্রভৃতি তাহা অধ্যয়ন করেন (ভ ১২.৬)। অধ্যাপকগণ ও শিষ্যেরা বহু শতাব্দী মন্ত্রসমূহ কণ্ঠস্থ করিয়া রাখিতেন; সুতরাং, গুরু-শিষ্য-দেশ-কাল-ভেদে পাঠভেদ ও উচ্চারণভেদ হয়, এইরূপ ভেদই শাখাসমূহের মূলকারণ। এক্ষণে যে ঋগ্বেদ প্রচলিত আছে তাহা শাকলদিগের শাখা; বোধ হয় মাণ্ডুকেয়সুত শাকল্যের নামানুসারে এই নামকরণ হইয়াছে। ঋক্-সংহিতা দশ মণ্ডলে সম্পূর্ণ। দশ মণ্ডলে সর্ব্বশুদ্ধ ১০১৭টি, ও বাল্যখিল্য-সূক্ত লইয়া ১০২৮টি সূক্ত আছে। সূক্ত দেবতার স্তবগীতি। ঋগ্বেদের দুইটি ব্রাহ্মণ প্রসিদ্ধ—কৌষীতকী বা শাঙ্খায়ন ও ঐতরেয় ব্রাহ্মণ। ইহাদের কর্ম্মকাণ্ড—ব্রাহ্মণ ও আরণ্যক এবং জ্ঞানকাণ্ড—উপনিষৎ। সুতরাং, ঋগ্বেদের উহারাই উপনিষৎ।] [ঋগ্বেদী (-দিন্) বিণ—ঋগ্বেদজ্ঞ, ঋক্‌সংহিতায় পণ্ডিত। ঋগ্বেদীয় (বিণ)—ঋগ্বেদসম্বন্ধী, ঋগ্বেদবিহিত।]

ঋগ্‌যজুষ ক্লী [ঋক্ ও যজুঃ, দ্বন্দ্ব, সমাসান্ত, 'অ' (অচ্), পা ৫.৪.৭৭] ঋগ্বেদ ও যজুর্ব্বেদ।

ঋচীক পুং ভৃগুবংশীয় ঋষিবিশেষ। [ইনি ঔর্ব্বের পুত্র এবং জমদগ্নির পিতা। গাধিসুতা সত্যবতী ইঁহার পত্নী (মহা ১.৬৬.৪৭; ১৩.৪.৮)। হরিবংশমতে, ইনি ভৃগুর পুত্র (হ ২৭শ অধ্যায়)।]

ঋচীষ ক্লী ১ পিষ্টকপচনপাত্র, পিঠাপাকের পাত্র বা খোলা। ২ [তু 'ঋজীষ'। "মনু ৪.৯০] নরকবিশেষ।

ঋজু বিণ [√অর্জ্জ+উ(কু)-ক (উ ১.২৭), √অর্জ্জ>ঋজ; তু '√ঋঞ্জ্—to make straight (M.W.); স্ত্রী -জু, -জ্বী, ছান্দস; Av. ereju; cf., Gr. ỏregw; L. rectus] ১ যাহা গুণ অর্জ্জন

করে; অবক্র, সরল, সোজা (রেখাদণ্ডাদি)। "°মার্গ। ঋজবস্তে (দণ্ডাঃ) মনু ২.৪৭; স গচ্ছতি...পথর্জুনা ৩.৯৩। **২** অকপট, অক্রূর, সরল। "°বুদ্ধি, °মতি (S.W.)। রা ২.২১.৬। ঋজুনৃজবঃ (নিন্দন্তি)।—পঞ্চ ১.৪৪৮। ঋজুমতি ব.প ৩৫৪। **৩** বিলাসরহিত, সরল। "ঋজুনৈব চক্ষুষা কু.স ৫.৩২। **৪** ভাবশূন্য। "°প্রণামক্রিয়া রঘু ৬.২৫। **৫** অনুকূল, হিতকর। **৬** সাধু, সৎ। **৭** সহজগম্য, সুখবোধ, সুগম। "°মিতাক্ষরা (A.)। **৮** প্রগুণ (ত.বা)। —জু পুং বসুদেব-পুত্রবিশেষ (ভ ৩.২৮.৮)। [°কায় বিণ)—সরলদেহ। "ভ ৩.২৮.৮। °কায় (পুং)—সরলকায়। °গ (বিণ)—সরলগামী, অজিহ্মগ; সরল-ব্যবহারী। °গ (পুং)—বাণ। °বুদ্ধি, °মতি (বিণ)—সরলমতি, দক্ষিণ, সাধু। °লেগা—সরলরেখা।]

ঋজুকরণ ক্লী [ঋজু+অভূততদ্ভাবে চি্ব (০)+√কৃ+অন (ল্যুট্)-ভা] **১** সরলীকরণ, সরলতাপাদন। **২** [+অন-ণ] সরলতাসাধন যন্ত্রবিশেষ (সুশ্রুত)।

ঋজ্বায়ত বিণ [ঋজু আয়ত, দ্বন্দ্ব] সরল-দীর্ঘ, সোজালম্বা। "কাণ্ড-মৃজ্বায়তার্দ্ধম্ মা.মি ২.৬। ঋজ্বায়তাঃ শস্যবিশেষপঙ্ক্তীঃ ভট্টি ২.১৩। চমকিতের ন্যায় ঋজ্বায়ত হইয়া কিঞ্চিদ্ দূরে দাঁড়াইলেন ব.প্র ৯৫।

ঋজ্বী স্ত্রী [ঋজু+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** সরলা নারী, সতী। **২** গ্রহের গতিবিশেষ।

ঋণ পুং, ক্লী [√ঋ+ত (ক্ত)-ক, আধমর্ণ্যে ত>ন, ণত্ব, পা ৮.২.৬০; 'ঋণ'-ভিন্ন অর্থে—'ঋত'; √ঋণ্+অ (ক)-ক (অ টী); চান্দস: তু 'হি', ঠ রিণ; মৈ রিন; দ্র 'ঋ১'] **১** যাহা বৃদ্ধি পায়, অবশ্যদেয়, ধার, দেনা। "ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ (চার্ব্বাক)। মনু ৯.২১৮। **২** উপকারাদি হেতু কৃতজ্ঞতারূপ বন্ধন। **৩** (স্মৃতিতে) পিতৃগণ ঋষিগণ ও দেবগণের ঋণ। "ঋণানি ত্রীণি রা ২.১০৬.২৮। মনু ৬৩৫। রঘু ১.৭১। [মনুষ্য জন্মমাত্র তিন ঋণে বদ্ধ হয়। পিতৃগণের ঋণ, সন্তান ও শ্রাদ্ধ দ্বারা, ঋষিগণের ঋণ, ব্রহ্মচর্য্য বেদপাঠ ও তপস্যা দ্বারা, এবং দেবগণের ঋণ যজ্ঞ পূজা উপবাস ও ব্রত দ্বারা পরিশোধ করিয়া লোক ঋণমুক্ত হয় (বিষ্ণুধর্ম্মোত্তরপুরাণ)। মতান্তরে, ব্রাহ্মণ যথাক্রমে সন্তান ব্রহ্মচর্য্য ও যজ্ঞ দ্বারা পূর্ব্বোক্ত ঋণত্রয় হইতে মুক্ত হয় (বসিষ্ঠ ১১)। মহাভারতে, চতুর্থতঃ আনৃশংস্য বা অহিংসা দ্বারা মনুষ্যের ঋণশোধন বিহিত হইয়াছে (মহা ১.১২০.২০)।] **৪** জল। "দশার্ণা (নদী) পা ৬.১.৮৯, সি। **৫** [+ত-র্ম্ম] দুর্গভূমি। "দশার্ণো দেশঃ (সি)। **৬** (অঙ্কশাস্ত্রে) বিয়োগচিহ্ন, অর্থাৎ '−' এইরূপ কষি (minus)। বিপ 'ধন'। [°কর্ত্তা (-র্ত্তৃ), °কারী (-রিন্) বিণ—ঋণকারক। "°কর্ত্তা মহা ১৩.২৩ ২১। ঋণকর্ত্তা পিতা শত্রুঃ—চাণক্য। ঋণকারী পিতা শত্রুঃ শু ৪.১.১৫। °গ্রস্ত (বিং)—ঋণাক্রান্ত, ঋণী। °গ্রহ (পুং)—ঋণগ্রহণ, ধার লওয়া। °চোর (বি)—ঋণবিষয়ে চোর, অর্থাৎ যে কখন ঋণ শোধ করে না। "শি ৭৩। °চ্ছেদ (পুং), °দান (ক্লী)—ঋণশোধন, ধারশোধ। °ছ্যাচড়া (বিং)—যে টাকা থাকিলেও ঋণ শোধ করিতে চায় না। "ঋণ-ছ্যাঁচড়া বেটা কেশীয়ার দা ২০১৯। °দাতা (-তৃ) বিণ—উত্তমর্ণ। "ছি ১.১১১। °দাস (পুং)—ঋণমোচ-নার্থে দাসত্বগত জন। 'ঋণমোচনেন দাসত্বমভ্যুপগতঃ ঋণদাসঃ (মিতাক্ষরা)। °মুক্তি (স্ত্রী), °মোক্ষ (পুং)—ঋণ হইতে নিষ্কৃতি; ঋণমোচন।]

ঋণলেখ্য ক্লী [উ.লো] ঋণার্থ পত্র; বৃদ্ধ্যর্থ (সুদ দিবার অঙ্গীকারে) ধনগ্রহণপূর্ব্বক কৃত বা কারিত সুসাক্ষিযুক্ত ঋণসূচক ব্যবহারোপযোগী পত্র; খত। 'শু ২.৩১০।

ঋণশেষ পুং [ষ.ত] ঋণের শেষভাগ (অবশিষ্টাংশ)। "ঋণশেষঃ (পুনশ্চ বর্দ্ধতে)।—চাণক্য। ঋণশেষ রাখা নয় তা শ্রী.মা ১৮৬। —শোধন ক্লী [ষ.ত] ঋণদান, ধারশোধ।

ঋণাদান ক্লী [ঋণের আদান, ষ.ত] লাভ দিবার অঙ্গীকারে উত্তমর্ণ হইতে ঋণগ্রহণ। [ইহা অষ্টাদশ ব্যবহারপদের একতম এবং দেয় অদেয় ইত্যাদি ভেদে সপ্তবিধ (দ্র 'মনু ৮.৪)।]

ঋণাপনয়ন, -পনোদন, -পাকরণ ক্লী [ঋণের অপনয়ন অপনোদন অপাকরণ, ষ.ত] ঋণশোধন, ঋণদান।

ঋণার্ণ ক্লী [ঋণ+ঋণ, বৃদ্ধি, একাদেশ; উ.লো] ঋণার্থ (ঋণশোধনার্থ) করণীয় অন্য ঋণ (সি)।

ঋণিক পুং [ঋণ+ইক্ (ঠন্) অস্ত্যর্থে] ঋণবান্, ঋণী, অধমর্ণ। "মনু ৮.৪৯, কুল্লুক। যাজ্ঞ ২.৫৬; ৯৩।

ঋণী (-ণিন্) বিণ [ঋণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ণিনী] **১** ঋণবান্, ঋণযুক্ত, খাতক। "অনৃণী চাপ্রবাসী চ মহা ২.৩১২.১১৫। ঋণিচক্রে ঋণী আছি ভা.চ ৪২৮। **২** পিতৃগণ-প্রভৃতির ঋণযুক্ত। "ঋণিনো মানবা ব্রহ্মন্ জায়ন্তে মহা ১.২২৯.১১। **৩** উপকারাদি হেতু কৃতজ্ঞতা-রূপ ঋণে বদ্ধ; কৃতজ্ঞতাযুক্ত। "সে সকল ঋণে ঋণী শঙ্করী রহিল দ্ব ১০১। ভা.চ ৪২৮। আমি আছি গো তারিণি! ঋণী তব পায়।—দা ২১৬০। —ণী পুং অধমর্ণ। "যাজ্ঞ ২.৮৬। ম.পা ১২২।

ঋণোদ্ধার পুং [ঋণের উদ্ধার, ষ.ত] ঋণশোধন, ঋণদান।

ঋত বিণ [√ঋ+ত (ক্ত)-র্ম্ম; দ্র 'ঋণ'] **১** গত, প্রাপ্ত। "সুখার্ত্তঃ (সুখ-ঋতঃ), দুঃখার্ত্তঃ (দুঃখ-ঋতঃ), পা ৬.১.৮৯, বার্ত্তিক। **২** পূজিত। **৩** সত্য, অবিতথ। "সর্ব্বমেতদৃতং মন্যে গী ১০.১৪। সাক্ষ্যং বদেদৃতম্ মনু ৮.৮২। **৪** [+ত-ক] দীপ্ত। [সায়ণের মতে, 'ঋত' শব্দের অর্থ 'সূর্য্য', 'যজ্ঞ', 'জল'। পাশ্চাত্য পণ্ডিতেরা বলেন, 'ঋত' শব্দে 'জাগতিক ক্রম' বুঝায়, অর্থাৎ সূর্য্য চন্দ্র ও নক্ষত্রগণের নিয়মনিবদ্ধ গতি, দিবা রাত্রি ও ষড় ঋতুর ক্রম, যথাক্রমে জল হইতে মেঘের ও মেঘ হইতে জলের উৎপত্তি, অর্থাৎ বিশ্বব্যাপারের সুনিয়ত কার্য্যক্রম 'ঋত' শব্দের বাচ্য। ইহা পবিত্র, ইহা সত্য, ইহা সত্যপথ (*Vedic India*, p. 146)।] —ত পুং **১** সূর্য্য। **২** যজ্ঞ। —ত ক্লী **১** সত্য, যাথাতথ্য, যাথার্থ্য। "বাচামৃতঞ্চ তৈঃ মনু ৮.৬১; তত্র বক্তব্যমনৃতম্ ১০৪। **২** ব্রাহ্মণের স্মৃতিবিহিত বৃত্তি—উঞ্ছশিল। 'ঋতমুঞ্ছশিলং প্রোক্তম্ মনু ৪.৫; ভ ৭.১১.১৯। **৩** ধর্ম্মপত্নী শ্রদ্ধার পুত্র দেববিশেষ (ভ ৪.১.৪৯)। **৪** কর্ম্মফল। **৫** সুপ্রিয় বাক্য। **৬** মানসাদি সত্য। **৭** ধর্ম্মবিষয়ক ধ্রুব বা অপরিবর্ত্তনীয় নিয়ম; ধর্ম্মকর্ম্ম। **৮** মোক্ষ। **৯** বিষ্ণু। "মহা ১.১.২৫৬। **১০** পরব্রহ্ম। 'ঋতমেকাক্ষরং ব্রহ্ম (শ্রুতি)। **১১** সত্যাচার (শ.ক)। **১২** সত্য, প্রতিজ্ঞা। **১৩** সত্য বাক্যাদি (ত.বা)।

ঋতধামা (-মন্) পুং [ঋত ধাম যাহার, বহুব্রী] **১** 'সত্যধামা', বিষ্ণু। "গো রা ৬.১০২.১৮। **২** দ্বাদশমন্বন্তরীয় ইন্দ্র (ভ ৮.১৩.২৮)।

ঋতম্ভর পুং [ঋত+√ভৃ+অ (খচ্)-ক; উ.ত] 'সত্যপালক', হরি, বিষ্ণু। "°ধ্যাননিবারিতাঘ ভ ৬.১৩.১৭। ধৃতব্রত তুমি ঋতম্ভর কৃ.কে ১৪৯। —রা স্ত্রী প্লক্ষদ্বীপস্থনদী। 'ভ ৫.২০.৪।

ঋতি স্ত্রী [√ঋ+তি (ক্তিন্)-ভা] **১** গতি। **২** স্পর্দ্ধা। **৩** স্মৃতি। **৪** [+তি-ণ] বর্ত্ম, পথ। **৫** মঙ্গল। "°কর।

ঋতু পুং [√ঋ+তু (তুক্) -ক, উ ১.৭১; ঋতুরর্ত্তেগতিকর্ম্মণঃ (নিরুক্ত)] **১** 'পর্য্যায়গামী', বৎসরের ষড়্ভাগের মাসদ্বয়াত্মক ভাগ—গ্রীষ্মাদি কাল। "রামশ্চ...বিজহার বহূনৃতুন্ রা ১.৭৭.২৫। (অহম্).ঋতূনাং কুসুমাকরঃ গী ১০.৩৫। মধু-ঋতু বি.প ৯৮। ঋতুরূপা তুমি ভা.চ ৪২৮। [অগ্রহায়ণ হইতে দুই দুই মাসে যথাক্রমে শিশির বসন্ত গ্রীষ্ম বর্ষা শরৎ হিম—বৎসরে এই ছয় ঋতু (অ টী)। মতান্তরে, মাঘ হইতে দুই দুই মাসে যথাক্রমে শিশিরাদি বা বৈশাখ হইতে দুই দুই মাসে যথাক্রমে গ্রীষ্মাদি ছয় ঋতুর গণনা হয় (সুশ্রুত ১.৬.৫। ভাব প্রকাশ, পূর্ব্বখণ্ড, ১ম ভাগ)। ঋগ্বেদে বসন্ত গ্রীষ্ম শরৎ (১০,৯০.৬)। শতপথব্রাহ্মণে,

সংবৎসরে তিন পাঁচ ও ছয় ঋতুর উল্লেখ আছে। "পঞ্চ বা ঋতবঃ সংবৎসরস্য যত্র্য ষড়েবর্ত্তবঃ; ত্রয়ো বা ঋতবঃ সংবৎসবস্য।] **২** স্ত্রীকুসুম,- স্ত্রীরজোদর্শন। "ম.পা ৯৭। **৩** ঋতুকাল, গর্ভধারণযোগ্যকাল (ষোড়শ রাত্রি)। "মনু ৩.৪৬; ৪.১২৮; ৯.৭০। বায়ুকে দিলেন ঋতু শি ৮৬। **৪** ঋতুকার্য্য, ঋতুকালে স্ত্রীগমন। "মনু ৯.৯৩। **৫** ঋতুর সংখ্যানুসারে ছয় (৬) এই সংখ্যা। "বেদ ঋতু দিক্ সঙ্গে করিব ভক্ষণ ম.পা ৬০; ৮৮। [বেদ ঋতু দিক্ সঙ্গে —মিলিত ১০+৬+৪=২০ বা বিশ, অর্থাৎ বিষ।] **৬** যোগ্যকালমাত্র, নিরূপিতকাল। "°কালযুক্ত মহা ৩.২৩৫.২৩। দ্র ঋতুকাল। **৭** মাস। **৮** দীপ্তি; তদভিমানী দেব; বিষ্ণু। "মহা ১৩.১৭.১৪১। **৯** শিব (মহা)। **১০** খনিজবিশেষ (M.W.)। [ঋতু দান করা —ঋতুকালে পুরুষসংসর্গ করা। "শি ৮৬।]

ঋতুকাল, -সময় পুং [ষ.ত] **১** স্ত্রীকুসুমকাল, গর্ভাধানকাল। "ঋতুকালাভিগামী মনু ৩.৪৫। ম ৯১। **২** যোগ্য বা অনুকূল কাল। "দেবে চ বর্ষত্যৃতুকালযুক্তম্ মহা ৩.২৩৫.২৩।

ঋতুগামী (-মিন্) বিণ [ঋতু+√গম্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] ঋতুকালে স্ত্রীগমনশীল। "মহা ৩.২০৬.৩৩। ভ ৭.১২.১১।

ঋতুচর্য্যা স্ত্রী [স.ত] ঋতুভেদে কর্ত্তব্য বিষয়। "সুশ্রুত ১.৬.১।

ঋতুদান বি স্ত্রীসহবাসপূর্ব্বক ঋতুর ফলদান; ঋতুরক্ষা, গর্ভাধান। "ঋতুদান মাগি লব রাজা বিদ্যমানে ম ৬৯; ৭১।

ঋতুনাথ, -পতি পুং [ষ.ত] 'ঋতুশ্রেষ্ঠ,' বসন্ত। তু 'ঋতূনাং কুসুমাকরঃ গী ১০.৩৫। "ঋতুপতি রাতি গো ১৪৬; ১৮৬। ভুলে যথা ঋতুপতি, হেরি...বনস্থলী কুসুম-কুন্তলা মে ৫৮।

ঋতুপর্ণ পুং সূর্য্যবংশীয় অযোধ্যার রাজা। "মহা ৩.৬৬.২২। [ইনি নলের নিকট হইতে অশ্ববিদ্যা লইয়া, নলকে অক্ষবিদ্যা ও অঙ্কবিদ্যাবিশেষ দান করেন (মহা ৩.২২.২৯। ভ ৯.৯.১৭)।]

ঋতুপর্য্যায় পুং [ষ.ত] ঋতুগণের ক্রমাবির্ভাব; ঋতুকাযাবসর। "মনু ১.৩০।

ঋতুপ্রাপ্ত বিণ [দ্বি.ত] পুষ্পফলাদির যোগ্যকালপ্রাপ্ত বৃক্ষাদি।

ঋতুবতী বিং [সং ঋতুমতী] রজস্বলা (নারী)। "বালিকা...হএ ঋতুবতী গ ৭৬। ঋতুবতী হইছে খুল্লনা ম.পা ৯৭।

ঋতুবেলা স্ত্রী [ষ.ত] ঋতুকাল, গর্ভাধানকাল।

ঋতুমঙ্গল বিণ [ষ.ত] বসন্তাদি ঋতুর প্রথমপ্রবেশসূচক মঙ্গলাচরণভূত বা মঙ্গলারম্ভভূত (চূতকোরকাদি)। "শ ৬.২।

ঋতুমতী বিণ, স্ত্রী [ঋতু+মৎ (মতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ঋতুযুক্তা, সংযাতার্ত্তবা, রজস্বলা (নারী)। "ঋতুমন্মাত্রা রা ২.১০৮.১১। কন্যর্তুমতী মনু ৯.৮৯; কুমার্য্যৃতুমতী ৯.৯০। ম ৯১। —তী স্ত্রী রজস্বলা নারী। "ঋতুমত্যাং মৈথুনগমনম্।—সুশ্রুত (S.W.)।

ঋতুমুখ ক্লী [ষ.ত] **১** ঋতুপ্রারম্ভ, ঋতুপক্রম। "রা ২.১০৫.২৫। **২** গৌণ চান্দ্রমাসের প্রথম দিন প্রতিপদ্ (ত.বা)।

ঋতুযাজী (-জিন্) বিণ [ঋতু+√যজ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] প্রতি ঋতুর আরম্ভে যাগকারী।

ঋতুরক্ষা বি [ষ.ত] ঋতুকালে স্ত্রীসহবাসপূর্ব্বক গর্ভাধান। "ঋতুরক্ষা কর্ম্ম ম ৩৯; ঋতুরক্ষা তরে ৭১।

ঋতুরাজ পুং [ঋতুর রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)]; ঋতুশ্রেষ্ঠ; ঋতুপতি বসন্ত। "ঋতুরাজ যেন, বসন্ত মে ২৭০।

ঋতুলিঙ্গ ক্লী [ষ.ত] ঋতুচিহ্ন, ঋতুর বিশেষধর্ম্ম। "মনু ১.৩০।

ঋতুসংহার ক্লী [বহুব্রী] যে কাব্যে ঋতুবর্ণনপরম্পরা আছে; ষড়্ঋতু-বর্ণনাত্মক কালিদাসকৃত কাব্যবিশেষ।

ঋতুসন্ধি পুং [ষ.ত] **১** ঋতুদ্বয়ের সংযোগ; এক ঋতুর অবসানে অন্য ঋতুর আগমনকাল। **২** শুক্ল ও কৃষ্ণপক্ষের মেলন; মুখ্য চান্দ্রমাসপক্ষে অমাবস্যা, গৌণচান্দ্রমাসপক্ষে পূর্ণিমা (ত.বা)।

ঋতুসেব্য বিণ [স.ত] ঋতুভেদে সেবনীয় পথ্য বস্তু (সুশ্রুত)।

ঋতুস্নাতা বিণ স্ত্রী [ষ.ত] ঋতুকালে বিহিত দিবসে (চতুর্থ দিবসে) শুদ্ধ্যর্থ কৃতস্নানা (নারী)। "রা ২.৭৫.৫২। রঘু ১.৭৬। শ্রী.মা ১২। [ঋতুস্নাতা নারী প্রথমে যাহা দেখেন, সেইরূপই সন্তান প্রসব করেন; এইজন্য তিনি স্বামীকেই প্রথম দর্শন করিবেন (সুশ্রুত ৩.২.২৬)।]

ঋতুস্নান ক্লী [স.ত] ঋতুকালে শুদ্ধ্যর্থ স্নান; রজস্বলার চতুর্থ দিবসে বিহিত স্নান। "ম ৩৯;৯১।

ঋতুহরীতকী স্ত্রী [উ.লো] ঋতুভেদে সেব্যা হরীতকী; বর্ষাদি ছয় ঋতুতে যথাক্রমে সৈন্ধব শর্করা শুণ্ঠী জীরক মধু গুড়—এই ছয় দ্রব্যের সহিত সেবনীয়া হরীতকী। 'সিন্ধূত্থশর্করাশুণ্ঠীকণমধুগুড়ৈঃ ক্রমাৎ। বর্ষাদিষ্বভয়া প্রাশ্যা রসায়নগুণৈষিণা॥

ঋতে বা [ছান্দস] বর্জ্জন, বিনা। "ঋতে রামবিবাসনাৎ রা ২.১২.৪৯। গী ১১.১২। রঘু ২.৬৫। তাভ্য ঋতে যাজ্ঞ ২.১১৯।

ঋত্বিক্ (-ত্বিজ্) পুং [ঋতু+√যজ্+ক্বিন্ (০)-ক -১ব; উ.ত; ছান্দস] **১** যিনি ঋতুতে (যোগ্যকালে) যাগ করেন; যাজক। **২** যিনি যজ্ঞস্বামী বা যজমান কর্ত্তৃক বৃত হইয়া যজমানের অনুষ্ঠেয় অগ্ন্যাধানাদি বৈদিক কর্ম্ম করেন; যজ্ঞকৃৎ। দ্র 'অগ্নিষ্টোম'। 'মনু ২.১৪৩। যাজ্ঞ ১.৩৫; সা.দ ৩.৪৫। **৩** পুরোহিত। "ম.পা ১৪৩; ১৭৮।

ঋদ্ধ বিণ [√ঋধ্+ত (ক্ত)-ক] **১** ঋদ্ধিযুক্ত, বৃদ্ধিপ্রাপ্ত। **২** সমৃদ্ধিযুক্ত, বৈভবশালী, সমৃদ্ধ। "ঋদ্ধং হি রাজ্যম্ রঘু ২.৫০; ৫.৪০। পদমৃদ্ধম্ ৮.৬। কু.স ৭.৫৫। কত ঋদ্ধ জনপদ কু.কে ৯২। **৩** সম্পন্ন, প্রাচুর্য্য-যুক্ত। "ঋদ্ধাপণ রঘু ১৪.৩০। —দ্ধ ক্লী **১** সম্পন্নধান্য (মেদিনী), পরিপক্ক-মর্দ্দিতধান্য (ভরত), রাশীকৃতধান্য (অ.টী), বহুলিতধান্য (সুভূতি)। **২** সিদ্ধান্ত (অ.চি)। **৩** [+ত-ভা] বৃদ্ধি। —দ্ধ পুং **১** বিষ্ণু (মহা)। **২** [সং ঋদ্ধি] (বাঙ্‌লায়) দেববিশেষ। দ্র 'ঋদ্ধি (১৭)। "ঋদ্ধ সিদ্ধ দুষ্ট দৈত্য সভাকার পতি ব.প ৩৮১। —দ্ধি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** বৃদ্ধি। **২** অতিশয়। "প্রভাবর্দ্ধি কু.স ২.৫৮। **৩** উৎকর্ষ, উন্নতি, উচ্চপদপ্রাপ্তি। "মম চেয়মৃদ্ধিঃ উ.চ ২.১১। **৪** সমৃদ্ধি, অভ্যুদয়। "অনূনর্দ্ধি রঘু ১০.১। নাধর্ম্মশ্চিরমৃদ্ধয়ে ক.সা ২৬.২৫৪। ঋদ্ধিং ভবন্তোঽধিব্রুবন্তু (স্বস্তিবাচনমন্ত্র)। পড়িয়া স্বস্তি ঋদ্ধি বিধি ভা.চ ১৪৬। **৫** সম্পত্তি, প্রাচুর্য্য। "ভক্তি ঋদ্ধি ম ৩০৩। **৬** [+তি-ণ] বিভব। "ব্যক্তর্দ্ধি মা.মা ৫.২২। **৭** ধনসম্পত্তি, বিত্ত। "°মান। **৮** সম্ভার। "অধিকর্দ্ধি রঘু ১৯.৫। **৯** অণিমাদি অষ্ট সমৃদ্ধি বা সিদ্ধি। "অষ্টর্দ্ধিযুক্তাম্ (গতিম্) ভ ৯.২১.১২। **১০** তপস্যাদি সমৃদ্ধি। "দৈবীমৃদ্ধিমনুপ্রাপ্তঃ রা ২.১০৫.৩৩। **১১** সিদ্ধি। **১২** অলৌকিক তেজঃ; দিব্যপ্রভা। "ঋদ্ধ্যা প্রজ্বলমানেষু অগ্নিসোমার্কবর্ম্মসু মহা ৩.৪৬.২৬; ১১১.৯। **১৩** ঐশ্বর্য্য। "°বিধিজ্ঞান, °বশিতা (S.W.)। **১৪** (উপচারে) কুবের পত্নী। **১৫** পার্ব্বতী। **১৬** লক্ষ্মী। **১৭** দেববিশেষ (ত.বা)। "পাণিপুটে স্তব করে ঋদ্ধি সিদ্ধি মুনি চ.বি ৭৫; ১০৮; ১১৩। **১৮** অষ্টবর্গান্তর্গত ওষধিবিশেষ। **১৯** (বাঙ্‌লায়) অভ্যুদয়, অর্থাৎ বিপদ্মুক্তি। "মোরে দেহ ঋদ্ধি ভা.চ ৪২৮।

ঋদ্ধিত বিণ [ঋদ্ধি+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] সঞ্জাতঋদ্ধি, সমৃদ্ধ। "অসিঋদ্ধিত মহা ১৮.৩.২৫।

ঋদ্ধিমান্ (-মৎ) বিণ [ঋদ্ধি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -মতী] **১** ঋদ্ধিযুক্ত, সমৃদ্ধ, সম্পন্ন। "পশুধান্যধনর্দ্ধিমান্ গো.রা ১.৫.৫। বনমৃদ্ধিমৎ মহা ৩.৫.৫। **২** ধনবান্, ধনিক। "রঘু ১৬.৪৯। **৩** সাধন-

সম্পন্ন। "রঘু ১৯.৫। ৪ বস্ত্রালঙ্কারাদিসমৃদ্ধ, চিত্রবেশভূষাসম্পন্ন। "ঋদ্ধিমদবন্ধুজন কু.স ৭.৫২। ৫ অভ্যুদয়কর, সমৃদ্ধিজনক।

ঋধ্ অক [দি, স্বা, প—ঋধ্যতি, ঋধ্নোতি ; সেট্] বৃদ্ধি। [সম্—সমৃদ্ধি।]

ঋপু বি [সং রিপু, রি > ঋ (উচ্চারণসাম্যে), দ্র 'ঋ১'] শত্রু। "°ক্ষয় ম ৯২১ ; °গণ ৯৩৫ ; °সম ১২১৫। ম.পা ৬০।

ঋ-ফলা বি ব্যঞ্জনবর্ণে সংযুক্ত ঋকারের আকৃতি (ৃ)।

ঋভু পুং [ঋ + √ভূ + উ (ডু)-ক ; উ.ত ; ছান্দস ; cf., Gr. a'lphēin ; L. labor ; A. S. earfoo ; Slav. rab-ŭ] ১ স্বর্গে বা অদিতি হইতে জাত ; দেব। ২ (বহুব) দেবগণের দেবতা, দেবগণ-বিশেষ। 'ঋভবো নাম তত্রান্যে দেবানামপি দেবতাঃ মহা ৩.২৬০.১৯। "ঋভুরূপা তুমি ভা.চ ৪২৮। মিলি সুর নর ঋভু, প্রণমি তোমায় বিভু স্ব.প্র ২২৬। [ইঁহারা পঞ্চ দেবগণের একতম (হ ৭.৩২)। দ্র (৪)] ৩ বৈবস্বত মন্বন্তরে দেবগণবিশেষ। 'ভ ৮.১৩.৪। ৪ সুধন্বার পুত্রগণরূপ দেবগণবিশেষ। [সুধন্বা অঙ্গিরোবংশজাত। ঋভু তাঁহার জ্যেষ্ঠ পুত্র। তদীয় নামানুসারে সুধন্বার তিন পুত্রই 'ঋভু' নামে খ্যাত। ইঁহারা বিশেষ শিল্পকুশল ; ইন্দ্রের অশ্ব, অশ্বিনীকুমারের রথ, বৃহস্পতির গাভী ইঁহাদের শিল্পকলার পরিচায়ক। এইরূপ ও অন্যান্য কার্য্যে ইঁহাদের কৃতিত্ব প্রকাশ পাইলে, দেবতারা ইঁহাদিগকে প্রতিদ্বন্দ্বী তষ্টার কৃত একটি চমক দিয়া, তাহাতে চারিটি চমক প্রস্তুত করিতে বলেন। সুচারুরূপে ঐ কার্য্য সম্পাদিত হইলে, ইঁহারা দেবতারূপে পরিগণিত ও যজ্ঞাংশভাগী হন (ঋগ্বেদ)।] ৫ রথকার, শিল্পী।

ঋভুক্ষ পুং [ঋভু + √ক্ষি + অ (ড)-ধি] ১ ঋভুর (দেবতার) বাসস্থান ; স্বর্গ। ২ ইন্দ্র। "তুমি ঋষি ঋভুক্ষের বৃদ্ধি ভা.চ ৪২৮। ৩ বজ্র।

ঋশ্ সক [ভ্বা, প—অর্শতি ; সেট্ ; সৌত্রধাতু] ১ হিংসা। ২ গতি (ত.বা)। ৩ স্মৃতি (ক.ক)।

ঋশ্য পুং [√ঋশ্ + য (কাপ্)-র্ম ; তু 'রিশ্য' ; ছান্দস] ১ 'হিংসনীয়', কৃষ্ণসারবিশেষ। "পা ৪.২.৮০। দ্র 'ঋষ্যশৃঙ্গ'। ২ মৃগ। তু 'ঋষ্য'। 'ঋশ্যো মৃগঃ মহা ৩ ১১০.২৩, নীলকণ্ঠ। —শ্যা স্ত্রী [+ স্ত্রী আ (টাপ্)] ঋশ্য-স্ত্রীজাতি।

ঋষ সক [তু, প—ঋষতি ; সেট্] ১ গতি। ২ হিংসা।

ঋষভ পুং [√ঋষ্ + অভ (অভচ্)-ক, গুণাভাব, উ ৩.১২৩ ; বৃষভ > ঋষভ (?) ; স্ত্রী -ভী ; ছান্দস ; Av. arshan—male. Cf., Gr. a'ro'ēn] ১ বৃষভ, ষাঁড়। "গো.রা ১.১৩.৩০। মহা ১৪.৮৮. ৩৪। ২ (সঙ্গীতে) স্বরসপ্তকের অন্তর্গত দ্বিতীয় স্বর—'ঋ' বা 'রি'। [ইহা ঋষভের স্বর হইতে গৃহীত বলিয়া 'ঋষভ' নামে খ্যাত। ইহার তিন শ্রুতি (মাঘ ১১.১। গী.সা ১০৯)।] ৩ শ্রেষ্ঠার্থবাচক, অর্থাৎ শ্রেষ্ঠ, প্রধান। "পার্থিবর্ষভ, পুরুষ°, ব্রাহ্মণ°, ভরত°, রাজ° (S.W.)। বানরর্ষভ রা ১.১.৬৯ ; বাগর্ষভ ১০০। বীরকুলর্ষভ মে ১৭ ; রথীন্দ্রর্ষভ ৩৮। [সমাসে উত্তরপদ (পা ২.১.৫৬। অ.কো ৩.২৮)। "কুরূণামৃষভঃ (মহা ৩.২৩.৭ ; ১২০.২৩), পুংসামৃষভঃ (ভ ১.১০.২৬), ঋষীণামৃষভঃ (ভ ২.৪.২২) ইত্যাদি অসমস্তভাবে প্রয়োগ বিবেচ্য।] ৪ পালক। "ভ ২ ৪.১৪। ৫ ভগবদবতারবিশেষ। "নমস্তে ঋষভ যোগমার্গবিচারণ ম ১১০৬। [ইনি নাভির পুত্র। সন্ন্যাসপ্রদর্শন ইঁহার উদ্দেশ্য। ইঁহার শত পুত্রের মধ্যে মহাযোগী ভরত জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ (ভ ১.৩.১৩ ; ৫.৩ ; ৪ অধ্যায়)।] ৬ মন্বন্তরাবতারবিশেষ (ভ ৮.১৩.২০)। ৭ আদিজিন (অ.চি)। ৮ মুনিবিশেষ। "°কূট। ৯ রাজকর্ত্তব্য যাগবিশেষ। [ইহার দক্ষিণা সহস্র ঋষভ এবং ইহা একাহসাধ্য (কাত্যায়ন ২২.১১ ২)।] ১০ বৃষশৃঙ্গবৎ ওষধিবিশেষ। ১১ কুম্ভীরপুচ্ছ ; বরাহপুচ্ছ। ১২ ছন্দোবিশেষ। ১৩ পর্ব্বতবিশেষ, ঋষভকূট (?)। ১৪ কর্ণরন্ধ্র। —ভী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বৃষভী, গবী। ২ নরাকৃত (শ্মশ্রু-প্রভৃতিযুক্তা) স্ত্রী। ৩ বিধবা। ৪ শূকশিম্বী। ৫ শিরালা বৃক্ষ। [°ক (পুং)—ওষধিবিশেষ। °কূট (পুং)—ঋষভমুনির আশ্রিত শৈলশৃঙ্গ (নীলকণ্ঠ) ; হেমকূটের শৃঙ্গবিশেষ ; হেমকূট। "মহা ৩.১১০.৮। °ধ্বজ (পুং) —১ 'বৃষভচিহ্ন', বৃষাঙ্ক, শিব। ২ অর্হদ্‌বিশেষ।]

ঋষি পুং [√ঋষ্ + ই (ইন্)-ক, গুণাভাব, উ ৪.১১৯ ; স্ত্রী -ষি, -ষী, পা ৪.১.৪৫, বার্ত্তিক ; ছান্দস ; Av. ereshi ; তু 'রিষি—বিদগ্ধ-মতয়ো রিষয়ঃ (অ.টী) ; প্রা রিসি ; দ্র 'ঋ১' ; cf., Hebrew—'arsan'—a sage ; 'arrach'—old, ancient] ১ যিনি জ্ঞান ও সংসারের পারে যান (অ টী ; সত্যবাক্। তু 'ঋষীণাং পুনরাদ্যানাং বাচমর্থোঽনুধাবতি উ চ ১.১০। ২ বেদমন্ত্রের দ্রষ্টা—কুৎস অত্রি রেভ অগস্ত্য কুশিক বসিষ্ঠ ব্যশ্ব (S.W.)। 'ঋষয়ো মন্ত্রদ্রষ্টারঃ পা ৪.১.১১৪, সি। "গী ১০.১৩ ; ১১.১৫। [মরীচি-প্রভৃতি সপ্তর্ষি পরবর্ত্তী কালে ইঁহাদের স্থান অধিকার করিয়াছেন, বোধ হয়।] ৩ মরীচি-প্রভৃতি সপ্তর্ষি। "দেবর্ষিপিতৃতর্পণম্ মনু ২.১৭৬ ; ১১.২১১। [ঋষি সপ্তবিধ ; —ব্রহ্মর্ষি—বসিষ্ঠাদি, দেবর্ষি—নারদাদি, মহর্ষি ব্যাসাদি, পরমর্ষি—ভেলাদি, কাণ্ডর্ষি—জৈমিন্যাদি, শ্রুতর্ষি—সুশ্রুতাদি, রাজর্ষি—জনকাদি (রত্নকোষ)।] ৪ তাপসমাত্র, মুনি, সাধু। "রা ১.১.৪৪। মনু ৪.৯৪। রঘু ১.৫০। ঋষিবংশবধূ মে ১১৮। ৫ ঋষিদৃষ্ট মন্ত্র। "ভ ৩.১৬.১৩। ৬ বেদ। তু 'ঋষিবচনং বেদঃ (সুশ্রুত)। "পা ১.১.১৬। ৭ তন্ত্রোক্ত মন্ত্রের উপাসনায় সিদ্ধ। ৮ চন্দ্র (M.W.)। ৯ কিরণ। ১০ ঋষিগণের সংখ্যানুসারে সাত (৭) এই সংখ্যা। "বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিলা। সেই শকে এই গীত ভারত রচিলা॥—ভা.চ ৫৬২। ১১ [+ ইন্-ভা] দর্শন। ১২ জ্ঞান। ১৩ (বাঙলায়) ঋষিধর্ম্মিমাত্র। "দাড়ায়ে খর্জ্জুর তাল—বন ঋষিদ্বয় ন ৭৬৯ ; ব্যাঘ্রজাতি মধ্যে শান্ত ঋষি দুই জন ৭৭৪। [ঋষিএ, -য়ে—ঋষি। "ঋষিএ বুইল শ্রী.কী ৪২। ঋষিয়ে শুনিয়া চ.বি ২০। °পঞ্চমী (স্ত্রী)—ভাদ্রশুক্লপঞ্চমী। °যজ্ঞ (পুং)—স্বাধ্যায়। "মনু ৪.২১। °রাজ (বি)—মহর্ষি। "ম ১০৩৯।]

ঋষিকল্প বিণ [ঋষি + কল্প (কল্পপ্) 'ঈষদূন' অর্থে ; স্ত্রী -ল্পা] ঈষদূন ঋষি ; ঋষিতুল্য, ঋষিপ্রায়।

ঋষিকুল্য বিণ [ঋষিকুল + য (যৎ) 'হিত' অর্থে ; স্ত্রী -ল্যা] ঋষিকুলের হিতকর বা যোগ্য। "ভ ৩.১৬.১৩ ; ২২.২৭। —কুল্যা স্ত্রী [ষ.ত] ১ ঋষিগণের কুল্যাসদৃশী ; নদী। ২ মানস-সরোবরের নিকটে ঋষিকৃত সরোবর (ত.বা)। ৩ নদীবিশেষ। "মহা ৩.৪৮ ৪৮। ভ ৫.১৯.১৮। ৪ তীর্থবিশেষ। "মহা ৩.৮৪.৪৯।

ঋষি(ষী)কেশ বি [সং হৃষীকেশ ; অপ্র] শ্রীকৃষ্ণ। "না পাইবেঁ দেব ঋষীকেশ শ্রী কী ৯৯ ; দেব ঋষিকেশ ৩৫৬।

ঋষিতর্পণ ক্লী [ষ.ত] মরীচি-প্রভৃতি ঋষিগণের প্রীত্যর্থ জলাঞ্জলিদান। "মনু ২.১৭৬।

ঋষিলোক পুং [ষ.ত] ঋষিগণের ভোগ্য ভুবন ; সত্যলোকের সন্নিহিত ঋষিভোগ্য স্থানবিশেষ। "মহা ৩.৮৪.৪৯।

ঋষিশ্রাদ্ধ ক্লী [ষ.ত] ১ ঋষির শ্রাদ্ধ। "অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে। দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘুক্রিয়া॥ ২ (গৌণার্থে) ঋষিশ্রাদ্ধবৎ আরম্ভে মহাড়ম্বরযুক্ত ও ফলে অকিঞ্চিৎকর কার্য্যমাত্র।

ঋষিসর্গ পুং [কর্ম্মধা] ঋষিরূপ অবতার ; নারদাবতার। "ভ ১.৩.৮।

ঋষ্টি স্ত্রী [√ঋষ্ + তি (ক্তিন্)-ণ ; তু 'রিষ্টি' ; ছান্দস] ১ 'হিংসা-সাধন', অসি, খড়্গ, কৃপাণ (অ.কো)। "মনু ৩.১৩৩। ['ঋষ্ট্যাথ্যায়ুধ' —কুল্লুক] ২ আয়ুধমাত্র। "মহা ১.১৯৪.৭। শরশক্ত্যৃষ্টিবৃষ্টি (চণ্ডী)। ৩ উভয়পার্শ্বধারাযুক্ত অসি (ত.বা)।

ঋষ্য পুং [√ঋষ্‌+য (ক্যপ্)-র্ম, বাহুলকে ; তু 'রিশ্য, -শ্য] **১** কৃষ্ণসার-মৃগবিশেষ। 'ঋষ্যো নীলাঙ্গকঃ।—ভাবপ্রকাশ। দ্র 'ঋষ্যশৃঙ্গ'। **২** মৃগ। "°রূপী ভ ৩.৩১.৩৬। —ষ্য ক্লী কুষ্ঠবিশেষ। [°কেতু (পুং)—যাহার ঋষ্য কেতু ; অনিরুদ্ধ। °গন্ধা (স্ত্রী)—ঋষিজাঙ্গলিকা বৃক্ষ ; ঋক্ষগন্ধা।]

ঋষ্যমূক পুং [বহুব্রী] যেখানে ঋষ্য (মৃগ) মূক, অর্থাৎ শান্ত ; পম্পা-নিকটস্থ পর্ব্বতবিশেষ। "রা ১.৩.২৩। সী ২৩। [বালী মতঙ্গমুনির শাপে এই পর্ব্বতে আসিতে পারিতেন না এইজন্য বালীর ভয়ে সুগ্রীব এই পর্ব্বতে আশ্রয় গ্রহণ করেন। এই স্থানে রামের সহিত সুগ্রীবের দর্শন ও মিত্রতা হয়।]

ঋষ্যশৃঙ্গ পুং [উ. বহুব্রী ; তু 'ঋশ্যশৃঙ্গ' ; নীলকণ্ঠমতে, 'ঋশ্য' 'ঋশ্যশৃঙ্গ' পাঠ সাধু, 'ঋষ্য' 'ঋষ্যশৃঙ্গ' পাঠ প্রামাদিক (মহা ৩.১১০.২৩, নীলকণ্ঠ)।] **১** ঋষ্যের শৃঙ্গের ন্যায় যাহার শৃঙ্গ ; কাশ্যপ বিভাণ্ডকের সুত ঋষিবিশেষ। [দীর্ঘকাল হ্রদে তপশ্চরণের সময়ে, উর্ব্বশীকে দেখিয়া বিভাণ্ডকের যে রেতঃস্খলন হয়, এক তৃষিতা হরিণী জলের সহিত তাহা পান করে। এই বীর্য্যেই ঋষ্যশৃঙ্গের জন্ম হয়। হরিণের ন্যায় শৃঙ্গোদ্গম হেতু ইহার নাম 'ঋষ্যশৃঙ্গ'। অঙ্গরাজ্যে অনাবৃষ্টিনিবারণের নিমিত্ত অঙ্গরাজ লোমপাদ, বেশ্যা দ্বারা প্রলোভিত করিয়া, ইঁহাকে স্বরাজ্যে আনয়ন এবং কন্যা শান্তাকে সম্প্রদান করেন। ইঁহার অনুষ্ঠিত পুত্রেষ্টি-প্রভাবে দশরথ রামাদি পুত্রচতুষ্টয় লাভ করেন (রা ১.৯ ; ১৬। মহা ৩.১১০)।] **২** সাবর্ণিকমন্বন্তরে সপ্তর্ষির একতম। "ভ ৮.১৩.১৫।

ঋসি বি [তু 'সং ঋষি>প্রা রিসি, অপ] ঋষি। "শূ ৬৭ ; দেবঋসি ১০৬। [ঋসা(স্যা)নি—ঋষিপত্নী। "শূ ৬৭, ৬৮।]

ৠ

ৠ[১] অষ্টম স্বরবর্ণ। দ্র 'ঋ[১]'।

ৠ[২] পুং **১** ভৈরব। **২** দানব। —স্ত্রী **১** অদিতি। **২** দনু। —ক্লী বক্ষঃ।

ৠ সক [ক্র্যা, প—ৠণাতি ; সেট্] গতি। দ্র 'উদীর্ণ'।

ৠকার পুং [কর্ম্মধা] 'ৠ' এই বর্ণ ; ৠ-বর্ণ।

ৠফলা বি ব্যঞ্জনবর্ণে যুক্ত ৠকারের আকৃতি (ৄ)।

ঌ

ঌ[১] নবম স্বরবর্ণ। [ইহার উচ্চারণস্থানাদি ঋকারেরই তুল্য (দ্র 'ঋ[১]')। সিদ্ধান্তকৌমুদীমতে, 'ঌ' দন্ত্যবর্ণ (পা ১.১.৯)। শিক্ষাগ্রন্থেও ঌ-কারের উচ্চারণস্থান দন্ত (দন্ত্যা ঌ-তু-ল-সাঃ স্মৃতাঃ)। ঌ-কারের দীর্ঘ নাই ; সুতরাং, বেদে উদাত্তাদি এবং সানুনাসিকাদি ভেদে, হ্রস্ব 'ঌ' ও প্লুত 'ঌ৩ দ্বাদশপ্রকার (পা ১.১.৮, সি)। সংস্কৃতে উদাত্তাদির অভাবে 'ঌ'-বর্ণ চতুর্ব্বিধ। মুগ্ধবোধ ৡ-কার স্বীকার করেন, সুতরাং, তন্মতে ঌ-বর্ণ ষড়্‌বিধ। বাঙ্‌লায় স্বরবর্ণে ঌ, ৡ বর্ণের প্রয়োজন নাই। হিন্দী-প্রভৃতির স্বরমালায় ঐ দুই বর্ণ গৃহীত হয় নাই, উহারা ঋ, ৠ বর্ণেরই মত অনাবশ্যক (দ্র 'ঋ[১]')। রামমোহন রায়ের গৌড়ীয়ভাষা-ব্যাকরণের স্বরমালায়ও এই দুই বর্ণের স্থান নাই। বাঙ্‌লায় ঋ-কারের উচ্চারণ 'রি'এর ন্যায়, ঌ-কারের উচ্চারণ 'লি' ; এই জন্য প্রাচীন বাঙ্‌লায় একাক্ষরস্তরে 'লীলা লীলাএ লীন লিপি' শব্দের পরিবর্ত্তে উচ্চারণসাম্যে যথাক্রমে 'ঌলা, ঌলাএ, ৡন, ৡপি' (ম.পা ৬০), এইরূপ ঌ-কারাদি শব্দ দেখা যায়।]

ঌ[২] পুং **১** দেবমাতা, অদিতি। "ঌকারস্বরূপা বা.দ ৮২। **২** পর্ব্বত। **৩** ভূমি। **৪** মাতৃকাবর্ণবিশেষ। **৫** বেদ। "ঌ-কার বেদের নাম, তুমি সে ঌ-কার। ঌ পড়িলে কি হবে, ঌ কি জানে তোমার॥—ভা.চ ৪২৮। [কোনো কোষেই এই অর্থ ধৃত হয় নাই।]

ঌ-কার পুং [কর্ম্মধা] 'ঌ' এই বর্ণ ; ঌ-বর্ণ। "দ্র ঌ[২]।

ঌ-ফলা বি ব্যঞ্জনবর্ণে যুক্ত ঌ-কারের আকৃতি (ৢ)।

ঌলা বি [লীলা>ঌলা, দ্র 'ঌ[১]' ; অপ্র] লীলা। "ঌলা ক্রমে : ঌলাএ ম.পা ৬০।

ৡ

ৡ[১] দশম স্বরবর্ণ। দ্র 'ঌ[১]'।

ৡ[২] পুং **১** মহাদেব। —স্ত্রী দৈত্যের ও দানবের মাতা ; দিতি, দনু। "ৡ-কার দৈত্যের মাতা, ৡ-ভব দানব। ৡ-কারস্বরূপা তুমি, বধিলা ৡ-ভব॥—ভা.চ ৪২৮। **২** কামধেনুমাতা। **৩** দৈত্য-স্ত্রীজাতি।

ৡ-কার পুং [কর্ম্মধা] 'ৡ' এই বর্ণ ; ৡ-বর্ণ। "ভা.চ ৪২৮।

ৡন বিং [লীন>ৡন, দ্র 'ঌ[১]' ; অপ্র] লীন, লয়প্রাপ্ত॥ "ৡন কৈলা কথ ভক্ত পঙ্কজ অঙ্ঘ্রিতে ম.পা ৬০।

ৡপি বি [লিপি>ৡপি, দ্র 'ঌ[১]' ; অপ্র] বিধিলিপি। "ৡপি ছিল আহ্মি দাস বন্ধনে মরিতে ম.পা ৬০।

ৡভব বি° 'ৡ' অর্থাৎ দনু হইতে জাত ; 'ৡভব দানব ভা.চ ৪২৮। —ব বি দনুজ, দানব। 'দ্র 'ৡ[২]'।

এ

এ[১] একাদশ স্বরবর্ণ। [ইহার উচ্চারণস্থান হনুদ্বয় ও তালু এবং করণ ওষ্ঠদ্বয় জিহ্বামধ্যের পার্শ্বদ্বয়, অর্থাৎ একার-উচ্চারণে, ওষ্ঠদ্বয় পরস্পর ঈষৎ সন্নিকৃষ্ট এবং হনুদ্বয় পরস্পর উপশ্লিষ্ট করিয়া, জিহ্বামধ্যের দুই পার্শ্ব দ্বারা হনুমূলের উপরিভাগ স্পর্শ ও জিহ্বামধ্য তালুতে উপশ্লিষ্ট করিতে হয় (তৈ ২.১৫.১৭, ২৩)। পাণিনিমতে একারের ও ঐকারের উচ্চারণস্থান কণ্ঠতালু (পা ১.১.৯) ; শিক্ষাগ্রন্থেও এইরূপ (এ ঐ তু কণ্ঠতালব্যৌ)। একার সন্ধ্যক্ষর, অর্থাৎ কণ্ঠ্য অবর্ণের ও তালব্য ইবর্ণের সন্ধিতে একার হয়; সুতরাং, ইহা কণ্ঠতালব্য ও দীর্ঘস্বর। বেদে, উদাত্তাদি দীর্ঘ প্লুত সানুনাসিক ও নিরনুনাসিক ভেদে, একার দ্বাদশবিধ; সংস্কৃতে, উদাত্তাদির অভাবে, একার চতুর্ব্বিধ। বাঙ্‌লায় একার নামমাত্রে দীর্ঘ, উচ্চারণে হ্রস্ব ; 'এক' 'একে' 'একুনে' 'এতেক' শব্দের 'এ'কার হ্রস্ব-মাত্রক। বাঙ্‌লার একার সর্ব্বত্রই সংস্কৃতের একারের মত হয় না ; 'এক' 'একুন' এই দুই শব্দের 'এ'-কার একপ্রকার নহে। প্রাচীন বাঙ্‌লায় 'ক্ষত্রি'-প্রভৃতির স্থানে 'ক্ষেত্রি'-প্রভৃতি দেখা যায় ; বোধ হয়, একারের কণ্ঠতালব্যতা ইহার কারণ। 'কেন, কেমন' ইত্যাদির এ-কার আড়ে উচ্চারিত হয় ; এইরূপ উচ্চারণ, প্রাচীন বাঙ্‌লায় 'ক্যান, ক্যামন' (গো.চ) ইত্যাদির ন্যায় 'ya' দ্বারা সূচিত হইয়াছে। গোপীচন্দ্রের গানে, 'কেশ' স্থানে 'ক্যাশ' দেখিলে, বোধ হয়, উহা উচ্চারণানুসারেই লিখিত হইয়াছে। বীরভূমে 'বেল' 'তেল' 'সের' শব্দের এইরূপ আড়ে উচ্চারণ শুনা যায়। 'ময়নামতীর গানে' ৫ পৃষ্ঠে 'ছএ' (ছয়), 'নিশ্চএ' (নিশ্চয়) 'মোহাশএ' (-শয়), 'ভএ' (ভয়) 'নএ' (নয়) ইত্যাদির 'এ-কার সন্ধ্যক্ষর, 'য' (ই+অ)-কারের 'ই'কার হইতে উৎপন্ন।]

এ[২] সর্ব্ব [দ্র 'ই[৩]' ; এ (পৈ) ; হি যহ, এহ, -হি ; ঠ হা, হে ; প ই(এ)হ ; নেপালী, ভোজপুরী, মাগধী—ঈ (G.H.) ; গু এ ; মৈ ই, ঈ ; সি হী, হে ; ড় এ, এহি ; (সম্ভ্রমে) ইনি ইঁহা এঁহা এঁ এঁকে-রে, -রা ইত্যাদি ("এঁরা সব—নী ৯৩ ; এঁহেরা—মন্ত্র ৫) ; এদের এঁদের (তু 'প্রা এদাণ—প্রা.প্র ৬.৪) ; ইঁহার এঁয়ার এঁর (তু 'প্রা এ আণ

—হে) ; এতে, -থে (তু 'প্রা এত্থ')] **১** এই (প্রাণী)। "এ আদি তেত্রিশ কোটি যত দেবগণ ম ১৮ ; এরা দুঃখী ৩৮৩। এটা এল কেহ কৃ ২৪৯। এ আদি যতেক প্রাণী জ ১২। এচ্ছারে কে বলে ভাল চৈ.ম ৪৯। এটা কেটা ভা.চ ৪১৩। এটা কি উপসর্গ দা ১৩০৯। **২** এই, ইহা (অপ্রাণিবিষয়ক—ব্যাপার, কথা বস্তু ইত্যাদি)। "এ কি একি একি রে দুর্ম্মতি বিভীষণ কৃ ২২৩ ; এ বা কোন কথা ২৪৭। এ ত অপূর্ব্ব কাহিনী ম ৬৩০। এ ত চমৎকার চৈ.ম ৪০। একি লো …এ কি দেখি লো ভা.চ ৩১৯। এ কি এ, একি এ, স্থির চপলা ! —গান ২৩ ; এ কি আকুলতা ভুবনে, এ কি চঞ্চলতা পবনে ১৫৩। এ চিত্রপট ! সী ১১। তরবারে এ কি জ্বলিতেছে ? এ কি হীরা ? মাথায় এ কি ? …এও কি হীরা ? ব.প্র ১৩৫। **৩** পূর্ব্বোক্তবিষয়। "অঙ্গদ বলে বুঝিলাম তোর এ সব কিছু নয় কৃ ২৫০। এ বলিয়া ম.পা ১০১। **৪** একজন, কোন একজন। "এ চাহে উহার পানে ভা.চ ৩১৯। আজ একে চাবুক মারেন, আজ ওকে…জুতো মারেন হু ১০১। —বিং **১** এই (সম্মুখস্থ, দৃশ্যমান, উপস্থিত, বর্ত্তমান)। "এ বন হিণ্ডই চ ৪৪। এ তোর নব যৌবনে শ্রী.কী ৪৫ ; ১১৭। এ ভরা বাদর বি.প ১৭২। এ না অদ্ভুত বিহার ন.প ৩৩৯। কে শিখাইল এ লোকে চৈ.চ ৭৮। এ বিশ্বে : এ রক্ষোবৃন্দে মে ১৯৮। **২** এই (আশ্রিত, অবলম্বিত)। "একূল ওকূল গেল শ্রী.মা ৩৬। ব.প ১৫৩৫। একূলে ওকূলে…আপন বলিব কায় চ.দা ১৪৬। গেল একূল ওকূল দুকূল দা ৩১ ; ১৭৭। এ প্রপঞ্চে তবে৹ কেন বঞ্চাইছ দাসে।—মে ১৯৮। **৩** এই (আত্মনির্দ্দেশ)। "এ একান্তেরে চাও ভা.চ ৪২৮। **৪** এক, কোন-এক। "এথাটাল হইতে সোনা ওথাটালে যায় ম.ম ১৪৬। এঘর ওঘর মোর যাইতে আসিতে।—দু ১০১। সে যে এদিক ওদিক রেখে, খেতে পেত দুধের বাটী ব.প ১৫৩৯। এমূড়া হ'তে ওমূড়া অবধি।—স্ব.প্র ১৫৯। এপিট ওপিট।—হেম ৩৮৭। একথা ওকথার পর ব.প্র ২৪৩। **৫** এত, অধিক। "তুমি এরাত্রে ওখানে কেন ? এরাত্রে এত হীরা পরিয়া কোথায় যাইতেছ ?—ব.প্র ১৩৫। **৬** এইরূপ, এপ্রকার (গুরু, পীড়াকর)। "এ বোল শুনিআঁ৹ নাগরী রাধা৹ হাণএ সকল গাএ শ্রী.কী ১৯ ; ১৪৬। এ পাপ করিলে কেন…বৃদ্ধ পিতা কেন হে কাঁদালে !—হেম ৯। **৭** এই, অর্থাৎ অধিষ্ঠিত, অধ্যুষিত (স্থান, দেশ, গৃহ)। "এ বন ছাড়ী চ ১২। এ ধামে মে ১৯৯। বৈশাখে এ দেশ বড় সুখের সময় ভা.চ ৪৪৭। আমার এ ঘরে, আপনার করে, গৃহদীপখানি জ্বালো।—রবীন্দ্র। [এ-ও-তা—ইহা-উহা-তাহা, যা-তা, অসম্বন্ধ বাক্য। একথা ওকথা বা সে কথা—এক কথা ও অন্য কথা ; নানা কথা। একাল—বর্ত্তমান যুগ। বিপ 'সেকাল'। একাল ওকাল—ইহকাল-পরকাল। এ কি !—**১** ইহা কি ব্যাপার ! (বিস্ময়ে) ; অর্থাৎ ইহা অদ্ভুত কাণ্ড ! "এ কি লো ইত্যাদি। দ্র (২)। **২** ইহা কিরূপ, অর্থাৎ ইহা অলৌকিক, দিব্য, অদৃষ্টপূর্ব্ব। "এ কি সুগন্ধ হিল্লোল বহিল : এ কি করুণা করুণাময় !—রবীন্দ্র। একুল ওকুল, একূল ওকূল—(নারীপক্ষে) শ্বশুরকুল ও পিতৃকুল ; দুই তীর ; উভয় আশ্রয়। দ্র 'এ' বিং (২)। এ কে ?—এই ব্যক্তি কে ? ইহার পরিচয় কি ? তু 'একে' (ইহাকে)। এটা—এই ব্যক্তিটা (অবজ্ঞায়, ভয়ে)। দ্র 'এ' সর্ব্ব (১)। এ ত—**১** ইহা ত ; ইহাও। "এত গুণ বড় ভা.চ ৪০৬ ; এ ত শুনি ভাল ৪০৮। **২** ইহা ত ; ইহা ঠিক। "সোহাগের হার গাঁথা আমার,—এ ত ফুল গাঁথা নয় মাসি ব.প ১৬২৭। **৩** ইহাই, এইটিই। "শ্বশুরে প্রণাম করে, এ ত বড় দায় ভা.চ ৩৪৯। এতে (এ+তে)—ইহাতে, এই স্থানে, বস্তুতে বা বিষয়ে ; ইহা দ্বারা ; এই হেতু ; এই কারণে ; ইহা হইতে। এ দিক্ ও দিক্ —দুই দিক্, পক্ষ বা পার্শ্ব ; চারি দিক্ ; উভয় পক্ষ। এদিক্ ওদিক্ করা —একটু বেড়ান, দ্বৈধ বা ইতস্ততঃ করা। এ-পার ও-পার করা —এক পার হইতে অন্য পারে লইয়া যাওয়া ; পার করা। এ-পাশ ও-পাশ করা —**১** শয্যায় গড়াগড়ি দেওয়া বা আবর্ত্তন। "একখানা কম্বলের উপরে পড়িয়া এ-পাশ ও-পাশ করিতে লাগিলেন আ.দু ১৬৯। **২** এধারে ওধারে যাওয়া-আসা। "ঘুমের ঘোরেতে, শয্যায় হাথাড়ি, এপাশ ওপাশ করি ভ.গ্র ৪০৮। এপিঠ ওপিঠ—দুই পিঠ বা দিক্ ; উপর ও নিম্ন দিক্। এপিঠ ওপিঠ মাত্র—বস্তুত এক জিনিস কিছু প্রভেদ। "জিনিসটা এ আমলের আষাঢ়ের চাঁদের এপিঠ ওপিঠ মাত্র। —গল্পগুচ্ছ। এ বা কোন কথা —ইহা ত সামান্য বিষয়। "কৃ ২৪৭। এমুড়ো ওমুড়ো—একপ্রান্ত হইতে অন্য প্রান্ত পর্যান্ত ; সবটা। এযাবৎ —একাল-পর্য্যন্ত ; অদ্যাবধি। এর কথা ওকে বলা—একের গুপ্ত কথা অন্যকে বলা ; লাগান-ভাঙান। "তোমাদের যে কত ছলা, এর কথাটি ওকে বলা দা ২০৫৩। এর থেকে, এথেকে—এই বিষয় হইতে। "এর থেকে বুঝতে পারি ঘ ৮৯ ; ৯৫।]

এ[3] ব্য **১** স্মৃতি। **২** অসূয়া। **৩** অনুকম্পা। **৪** [মৈ 'এ'] সম্বোধন, আমন্ত্রণ। তু 'হে'। "এ ধনি মানিনি বি.প ১০১ ; ১০৯। এ সখি এ সখি ১২৭। এ ধনি চ.দা ২৭। গৌর এ পরম দয়াল চৈ.ভা ২১৪। **৫** গীতে রাগ-পূরণে (সুরের মাত্রা-পূরণে)। "ধৃতকুণ্ডল এ।—গী.গো ১.১৭। গোবিন্দ এ।—শ্রী.কী ৩৫৩। এ অষ্ট দিবসে চৈ.ম ৩৭ ; এ গীত নাচন ৭২ ; ১৩২। লোটায়ে এ পিঠে ন.প ২৬৯। মোহ এ মদ মৎসর চৈ ১১। **৬** (বাংলায়) পাদপূরণে। "এ তিন লোচন চ.বি ২২৬ ; এ তিন নঞান ২২৭। **৭** খেদ, শোক। "এ হরি এ হরি আর কি দেখিব গোপাল শ্রী.ম ৯২। **৮** ঘৃণা, নিন্দা। "এ রাম ! এ রাম ! এ বড় কুস্থান।

এ[4] স.বিং [সং এক ; অস এ—এটা (একটা), এবিধ (একবিধ), অপ্র] এক। "এ জ্বরি (একেশ্বরী) করিল ব.প ৩১ ; এ দৌড় ৩৬ ; 'কুটি এ' হিরণ্য (এককোটি) ৯০। এপাক দিয়া গো.চ ২১ ; এ দৌড় ধরিল ৪১ ; এবুক উচল ২১৭ ; এগাস অন্ন ২৯৬।

এ[5] কা.ক্তি [সং স্ (সু-বিভক্তি) > মাগধী প্রা এ (তু 'সং সর্ব্বে) > বা এ] **১** কর্ত্তৃকারকের প্রথমা বিভক্তি। "কাহ্নে গাইতু চ ৩২ ; তিঅধাতুএ (ত্রৈধাতুকে) বিলসই ৪৫। আহ্মে দেব শ্রী.কী ১৩ ; তোঁএ সে গোআল ১০৬ ; তোঞে এথানে থাক ৩৮৬। রাজাএ বোলে ম.গা ২ ; লক্ষ্মীএ ছাড়িয়া যায় ৩। করিব কোনে অ.প ৩৫ ; রাজাএ শুনএ : মাএ পুত্রে ১২৫ ; মুনিএ, মন্ত্রীএ ১৩০। কানফাএ আকলিল গো.বি ২০ ; কেহএ চামর দেলোএ ১৭৩। মাএ পোএ কৃ.অ ৬। বাসবে ম.পা ২ ; ধনঞ্জএ ৬ ; অনাদিএ ১৩ ; আভাএ, মহামাএ ১৬ ; নর্ত্তকীএ ৩১ ; শ্যামরাএ ৬৮। থাণ্ডাএ ঝকমক করে গ ২১। মানিল রাজনে ব.প ৬৪৬। ব্রহ্মাএ চ.বি ১৫৯। **২** [প্রা এ (দ্বিতীয়া স্থানে সপ্তমী—প্রা নয়রে ন জামি ; সং নগরং ন যামি—হে ৩.১৩৫) ; মৈ কে, কেঁ] কর্ম্মকারকের দ্বিতীয়া বিভক্তি। "আহ্মে ভলি দাহ দেহুঁ চ ২২ ; কোএ।—৬৬। রামাএ ধরি লএ গেল শূ ৪৯। তোষ নান্দের নন্দনে শ্রী.কী ১৩০ ; কহিবোঁ কাএ ২৯৫। বিহি বহি তোহে দেল বি.প ১২। গোবিন্দেত পুছত বার্ত্তা অ প ১২২ ; বীরকর্ম্মাএ বোলে ১২৯। যুধিষ্ঠিএ কহে ব.প ৬১৫ ; কোকিলা করএ কত সুমধুর রাএ ৬৩৫। পাণ্ডুএ পাঠাইল ম.বি ৯। রামে ঘাটাইয়া যে মজালি লঙ্কাপুরী কৃ ২৫২। রাজ্য না দিবে পাণ্ডবে ম ৬৬৮। ওই দেখ…ভয়ঙ্কর তূণীরে : ধাঁধিয়া নয়নে মে ৬৯। **৩** [সং টা—ইন (তৃতীয়া বিভক্তি) > প্রা এণ, (অপভ্রংশে) এ, এং (হে ৪.৩৩৩,৩৪৩) ; তু 'রামে (রামেণ) ব, Appendix ; অলিএঁ কালিএঁ (অলিনা কালিনা) চ ১৪ ; মৈ এঁ] করণ কারকের তৃতীয়া বিভক্তি। "হাথে তুলী শ্রী.কী ২৬ ; কটাক্ষে মোহে ৬৮। কি বুধিএ পাইব গো.বি ৬৮ ; মাদলের সানে ৯৮ ; মাদলের রাএ ৯৯।

শক্তিএ না পারি : তীর্থ্যাসিএ ম.পা ২৯ ; চক্ষুএ না দেখি পন্থ ১৬৮। উপাএ বধিব অ.প ১২৮। অপমৃত্যো (অপমৃত্যুতে) চৈ.ভা ২৫১। বাণবৃষ্ট্যে কৈল অন্ধকার ম ৭৪৪। **৪** 'হেতু' অর্থে তৃতীয়া বিভক্তি। "কান্ধ বিয়োএ (স্কন্ধবিয়োগেন) চ ৪২। আপন পুনে…দেহ দানে শ্রী.কী ১০৯। মাটিএ (মাটিতে ঘর্ষণ হেতু) যাএ থএ ম.গা ১১ ; গো.চ ৩৪০। চিন্তাএ বিকল : অজিজ্ঞাসাএ অ.প ১০ ; মন্ত্রণাএ ১১ ; বাণ ঘাএ : লজ্জাএ বিকল ১৮। প্রভুর আজ্ঞাএ গ ১৬। আঙ্গাএ (আজ্ঞাএ) গো.বি ২০। কণ্টকের ঘাএ ম.পা ৩৪ ; লজ্জাএ ৭১ ; ৯২। ঘাএ জর্জ্জর কৃ.অ ৬। ভক্তিএ ভুলে শ্রী.মা ৪৭। ক্ষুধাএ আকুল ব.প ৩২২। দৈববলে রক্ষা পাইল ম ৬৭৬। কৃষ্ণশক্ত্যে, অগ্নিশক্ত্যে চৈ.চ ২৩ ; কুষ্ঠব্যাধ্যে ৭২। বুদ্ধ্যে চৈ.ভা ২৫২। **৫** কর্তৃকারকে তৃতীয়া বিভক্তি। "নদীএ বেষ্টিত অ.প ৩ ; জরাএ পীড়িত ১৮ ; পক্ষীএ পূর্ণিত ১৯। মহীমণ্ডল…মোহিত তব কীর্ত্যে দ্বু ৬১। ক্ষুধাএ দেহ হৈল ছন্ন ম.পা ৪৩। **৬** ক্রিয়া-বিশেষণে তৃতীয়া বিভক্তি (ক্রমে, অনুসারে, পূর্ব্বক ইত্যাদির যোগে বাঙলায় এই অর্থ প্রকাশিত হয়)। "আজদেব নিরাসে রাজই চ ৪৮। বেদ উদ্ধারিলোঁ…লীলাএ শ্রী.কী ১০১ ; সরূপে…কহত ১১২। লীলাএ ভুবন জন, সেই করে লাঞ্ছন গ ৮ ; লীলাএ মধুর হাসি ৩৮ ; আছেন প্রভু আপন ইচ্ছাএ ৪০। হেলাএ ১৩৬। স্বইচ্ছাএ… জাএ : কান্দিছে দীর্ঘ রাএ ম.পা ৭৬ ; নিশ্চিন্তাএ ৮০ ; উচ্চস্বরে ১২৭ ; পড়িল গ্রীবাম্বরে ১৩৬। ঐ বরণে গোরী ক.চ ১৫৪। ভক্ত্যে বসাইল চৈ.চ ২৪২। ইচ্ছাএ কৈল ম.বি ২২৫। নিশ্চএ জ ২৮ ; হেলাএ ৬৯। গুরুবুদ্ধ্যে, পরম ভক্ত্যে চৈ.চ ৯৬। চাহে এক দৃষ্ট্যে চৈ.ম ১৪। **৭** সহার্থক শব্দযোগে তৃতীয়া বিভক্তি। "তোএ সম চ ১৯। **৮** [সং ঙসি—অঃ (পঞ্চমী বিভক্তি) >প্রা এ (স্ত্রীলিঙ্গ শব্দে, হে ৩.২৯)] অপাদান কারকের পঞ্চমী বিভক্তি। "ঝাট ঘুচা আন্ধার পাশে শ্রী.কী ১১৫ ; কে না নীল বাঁশী সিঅরে ৩২৪। ঐটে হইতে (ঐ স্থান হইতে) গো.চ ৩২ ; ৩৩ টীকা। দেশে হ'তে শ্রী.মা ৫৫ ; ধনে হতে ধর্ম্ম হয়, ধনে হ'তে যশ ২১৮। বনে হইতে ম.বি ১৫৮ ; ঘরে হৈতে ১৭৭। শূলে হ'তে শূল দেও শি ৬৯। হাতে হৈতে ব.প ৯৪৫। কোলে হইতে নামে ন.প ১০৪ ; স্কন্ধে হৈতে নামাইয়া ১০৫ ; বঙ্গে হৈতে ২৫০। বনে হ'তে বনান্তরে চ.কা ৪২৩। [বোধ হয়, প্রাকৃত 'রুচ্ছে হিন্তো' (বৃক্ষসমূহ হইতে) ইত্যাদির অনুকরণে বাঙলায় 'এ' এবং 'হইতে' উভয়েরই প্রয়োগ হইয়াছে। এই 'এ' পঞ্চমী নহে, বিভক্তিজন্য আদেশ মাত্র (হে ৩.১৫)।] **৯** 'হেতু' ও 'অপেক্ষা' অর্থে পঞ্চমী বিভক্তি। "শমনের ভএ ('ভএ' তৃতীয়ান্তও হয়) ম.পা ৫৭। তোরে বড় কত রাজা বধিল পরাণ কৃ.উ ১৮৭। কেহ কারে নহে কম ভা.চ ৭৩৮। **১০** [সং ঙি—ই (সপ্তমী বিভক্তি) >প্রা এ (হে ৩.১১.২৯ ; ৪.৩৩৪ ; রণএ, রণে (প্রা.স ১৭. ২৩)] সামীপ্যাদি অর্থে অধিকরণে সপ্তমী বিভক্তি। "তেলোএ (ত্রৈলোক্যে—ব্যাপ্ত্যর্থে) চ ৪৭। হাট বাটে (একদেশার্থে) শ্রী.কী ৭ ; বোলোঁ তোর পাএ (সামীপ্যার্থে) ১২৩ ; দিল সব নাএ ১৪০। শুকনাএ যাএ মাছ ম.গা ৩। মনএ অ.প ১২ ; ঐশান্যে ১১৫। গঙ্গাএ গ ৩ ; পাএ ৪০ ; মাথাএ ১৪৭। সেএ দেশে গো.বি ৩৩ ; ৩৪ ; নাএ ১০৭। তটএ ম.পা ১৫ ; গ্রীবাএ ২০ ; তেজোময়এ ৪৮ ; আলএ ৬৩ ; ছত্রশালাএ ১২০। সুতিথিএ (কালাধিকরণে) শ্রী.মা ২২। হিয়াএ ভূষণ পর ব.প ৯৭৮। রাজসূয়াএ অ.প ৪। শীতগুণে, ক্ষমাগুণে (বিবরার্থে) ম ৬৭৭ ; জীতে মৃতবৎ ১২৭০। দিহ তারে খোসলা ওড়নে ক.চ ১৬৩। বিপত্ত্যে শ্রী ১১১। জীবিতেই মৃত সেই চৈ.চ ৪৮ ; উপরতিত্যে ১৬৭, রাত্র্যে ১৬৮ ; পূর্ব্বরাত্র্যে, শেষরাত্র্যে ১৮১ ; শ্রবণান্তে ২২৮। খনএ রোদন চৈ.ম ১৩২। পাছে থেকে বি.সু ৭৯। **১১** পূর্ব্ব ক্রিয়া দ্বারা পরবর্ত্তী ক্রিয়ার কালনির্দ্ধারণে, পূর্ব্ব ক্রিয়ায় বিহিত সপ্তমী বিভক্তি। "এই কাল গেলে সুখে থাকিব দুজনে কৃ ৯৯ ; রাবণ জীতে সীতা নিতে নারিবে রঘুনাথ ২৫০। অন্তে নরকে গমন ম ৪ ; ৫১ ; জীয়ন্তে পাণ্ডব সহ প্রীত নহে মনে ৮১৪ ; আমি জীতে ধরিতে নারিবে যুধিষ্ঠিরে ৮২৬। জীতে কি পাসরা যায় কানু গুণমণি জ্ঞা ১০৬। ভাল মন্দ জানা যায় সভা এলে গেলে শ্রী ৬৫। পাইবে আমার দেখা প্রাণনাথ জীলে ম.ভা ৪৬। কতক্ষণ গতে এ প্রকারে।—রঙ্গ ১০২। [জাগিতে—জাগ্রৎ থাকিতে। "জাগিতে স্বপনে দেখি কালরূপ থানি ব ১৫০। জাগিলে—জাগরিত হইলে। "জাগিলে স্বপনে মনে নাহি জানে আন ব ১৫৪।]

এ[৬] ক্রি.বি [সং তি (তিপ্), তে >প্রা ই, এ (প্রা.প্র ৭.১) >বা এ ; —সং পঠতি, সহতে, চলতি >প্রা পঢ়ই,-এ, সহই,-এ (প্রা.প্র), পঢ়ই,-ঢে, চলই,-লে (প্রা.স ১৭.৫৬) >বা পঢ়এ,-ঢ়ে,-ড়ে, চলে : তু 'অস রে—ৰরে (বএ, বহে) বহরে (বহুএ), হোরে (হএ)] **১** কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "জাএ, বহাএ, পাএ, করাএ শ্রী.কী ২৬ ; দেএ ২৯ ; দিহে ১০০। হএ গ ২ ; মরএ ৩ ; আছএ ৫। বুঝাএ গো.বি ২৬, করাএ ২৮ ; পেলাএ ৫৯ ; বাজাএ (বাধায়, বন্ধ করে) ১৩৭। পঠএ,-ঠে অ.প ১৩৯। পাএ ম.পা ৯ ; বাজাএ ২২, লএ ২৫ ; পশ্যুএ ৩৭,৬২,১০৮ ; পিএ ৫৪ ; রক্ষএ ৫৫ ; দদম্বএ (দ্র 'দদম্ব') ৭২ ; পৈরাএ (পরায়) ৮০। গাএ ব.প ৬১০ ; খেলাএ ৬১১ ; ভুঞ্জএ, ভুঞ্জাএ ৬১৪ ; উড়াএ ১৩৬২। ধাএ শ্রী.ম ২৬। জানএ চৈ.ম ৫৬ ; বাড়এ ৭২। জে (জীয়ে, বাঁচে), পে (পিএ, পান করে) ম.ম ১৮৯। নিদ্রা যাহে বি.প ২৩৭ ; গালি পাড়হে ২৩৯। ['হ' আগম]। **২** [সং সে (লট্ 'সে', বর্ত্তমান কালে, মধ্যম পুরুষ) >প্রা এ (হে ৩.১৪৫)] কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। দ্র 'ইতে' 'ইবে' 'ইলে'। **৩** [সং এ (লট্, উত্তম পুরুষ -১ব ; তু 'এঁ'—এতকাল হাম অছিলে স্বমোহেঁ চ ৫৪] কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "তবে কি বিরহ দুখ তোকে দিএ আক্ষে শ্রী.কী ৩৩০। যে দুখ পেএ হাম তোমা বিহনেতে ব.প ১৪৬। হাম আজ্ঞা করি মানে চৈ.চ ২৯৪।

এ[৭] প্র [সং ঈয় (ছ) >প্রা * ঈঅ >বা (ঈআ >া), এআ, এ, তু 'ঘটপটীয়া চৈ.চ ২৭৪] **১** তৎসম্বন্ধী, তৎকারক, তজ্জনক। "তায় সে রাজার ছেলে বড় আবদারে শ্রী.মা ৫৫। পথ জুড়েছিল লেঙ্গুড় পেতে, আরে মলো কি 'উৎপেতে' (উৎপাতিয়া) দা ৮০৩। **২** তৎপ্রিয়। "গোলমেলে, ঝগড়াটে, ভেজালে, মারকুটে, র'গুড়ে। মল্লিকে ছেলেবেলা থেকে আমুদে ন.ত ১৫। **৩** তত্র অধিবাসী ; তন্নিবাসী। "গেঁয়ে, পাড়াগেঁয়ে, সহুরে। বাগবাজারে হু ৬৩। **৪** তদ্দেশে জাত (পণ্য)। "চীনে (বাসন, সিঁদুর), গাজীপুরে, মির্জ্জাপুরে, রামপুরে। **৫** তত্র জাত। "অকেলে (ফলাদি), একেলে, সেকেলে। **৬** তদ্‌যুক্ত, তৎপ্রাপ্ত। "অধঃপেতে, অলক্ষুণে, উনপাঁজুরে, এঁড়ে, কপালে, দেড়ে, বরাখুরে, লক্ষুণে, সাহুসে। **৭** তদ্‌গ্রস্ত, তদাক্রান্ত। "আজারে, কুঠে, ব্যায়রেমে।

এ[৮] প্র [ইআ[২] >্যা >এ ;—করিআ >কর্য্যা >(ক'র্য়ে) ক'রে ; রাখ্যা,-খ্যে >রেখ্যে,-খে ; তু '(ণিজন্ত) করাআঁ (করাইআ), ঘুচাআঁ (শ্রী.কী)] সর্ব 'ইআ[২]। "ঘুচাএ ব.প ১৪৬, বাঁকাএ ২৯৭ ; হৈএ ৭৩৬, পাঠাএ ৮৮৬ ; নোয়াএ ৯৩৬। কোথা গে পাব কৃ.অ ২৫। খসাএ ভূষণ রা.শে ৬। উঠে বৈসে কৃ ২৭৬। শুনিএ (শুনিয়া, শুনে) অ.প ১২৭।

এ[৯] [ই[১১] >এ] শব্দের আদিস্থিত য-ফলাস্থানে 'এ'। "বেভার (ব্যবহার, ব্যভার), বেথা, বেয়াধি, বেমো। বেঙ্গ (ব্যঙ্গ) চ ৫১। তেজই (ত্যজই) বি.প ১১। বেকত (ব্যক্ত) শ্রী.কী ৬৮ ; চৈ.ম ১৮৮। [তু 'বেআকুল, বেআজ, বেআপিত, বেআপিল (শ্রী.কী)।]

এ[১০] [(শব্দের অন্ত্য) য়>ইঅ>এঅ>এ ; অপ্র ; তু 'হি সমৈ, -মৈয়া (সময়) ; মৈ নিশ্চৈ (নিশ্চয়), নির্দ্দৈ, নৈন (নয়ন), সংসৈ (সংশয়)] প্রাচীন বাঙ্‌লায় শব্দের অন্তস্থিত উচ্চারণমূলক 'এ'। "অভএ (অভয়), বলএ (বলয়), উপাএ সমৈ (শ্রী.কী)। নিশ্চএ মহাশএ ধর্ম্মভএ ম.গা ৫ ; সোণামএ ৬, পত্যএ (প্রত্যয়), দাএ উপাএ ২৪, নএ ২৭। প্রাএ ম.পা ১১৫। আলএ মহাশএ মী ৯ ; ভএ ১৩। সদাএ (সদায়) অ.প ৮, সর্ব্বথাএ (সর্ব্বথায়) ১১০। পাএ পরিচএ আনন্দহৃদএ তথাএ ম.পা ১১ ; তনএ মহাশএ ১২ ; অলিপ্রাএ ১৪ ; দাএ দৈত্যরাএ ২৫ · ক্ষএ ৩০, দয়ামএ পাএ ৩৯, এথাএ ৬৮ ; তাএ (তাহাকে) ৭২ ; সর্ব্বথাএ ১৭০ ; ঢুলাএ ১৭৭। বএ (ব্যয়) গো.বি ৬৫। কথাএ গ ৬০। সঞ্চএ ব.প ৭০৫। [শব্দের মধ্যস্থিত 'য়'-স্থানে 'এ'—"মএনামতী, আএউ (আয়ু) ম.গা ৭। নএয়ানে ২৪। তু 'নিত্যএ—নিত্যই। "নিত্যএ কন্দন ম.গা ৩। উঠএ—উঠহ। "গুপীচাঁদ উঠএ সত্বরে ম.পা ২৭।]

এ[১১] বাৎসল্য, অবজ্ঞা। "দ্র 'আ[১১]।

এআ, -য়া সর্ব্ব [ইহা>এআ, -য়া ; অপ্র] ইহা, এ। [এআ(য়া)র —ইহার। "এআর লেক্‌থ নাই গো.চ ৭০ ; ২২৭ ; এয়ার বিচার ৭ ; ২৯৪, টীকা। এয়াক—ইহাকে। এয়াক কবার পারি গো.চ ১৩৪।]

এই সর্ব্ব [সং এতদ্ (এষঃ) > প্রা এহ (১ব), এএ (বহুব—ষ) ; হি এহি] **১** নিকটস্থিত বস্তু ব্যক্তি পশু বা পক্ষীর পরিবর্ত্তে 'এই'। "তোমার ভূষণ এই তোমার উত্তরী কৃ ১৫৩ ; এই যত বসেছে সবাই কি তোর পিতা ২৪৯। এই যে তোমার প্রেম, ওগো হৃদয়-হরণ ! —গী.লি ৩৭। এই আর্য্যা, এই আর্য্যা মাণ্ডবী, এই বধূ শ্রুতকীর্ত্তি সী ৭। **২** পূর্ব্বে বা পরে কথিত বিষয়ের পরিবর্ত্তে 'এই(১)। "এই কি ভেবেছ গুহক চণ্ডালের মিতা। বানর সহায় ক'রে উদ্ধারিবে সীতা॥ —কৃ ২৫০। এই যাঁহা নাই, তাঁহা ভক্তি অহৈতুকী চৈ.চ ২৩৩। এই করেছো ভাল, নিঠুর, এই করেছো ভাল গী.লি ১০৪ ; এই মোর সাধ, যেন এ জীবন মাঝে৹ তব আনন্দ মহাসঙ্গীতে বাজে ১১৫। এই বলিয়া (রাম) গৃহ হইতে বহির্গত হইলেন সী ২৩। **৩** [এ[৩]+ই[৪]] নিশ্চিত এ ব্যক্তি, প্রাণী বা বস্তু। "মনেতে করিবে, এই আসে বারে বার কৃ ২৪৭ ; সে করে নাই চারি কার্য্য এই বা ক'রে যায় ২৫০। এই ত নানা কাজে, এই ত নানা সাজে, এই আমাদের খেলার মানুষ দাদাঠাকুর।—গান ৭৮। —ই সর্ব্ব, বিং **১** নিকটস্থ, দৃশ্যমান, সম্মুখবর্ত্তী (প্রাণী, অ-প্রাণী)। "এথণে আছিল বাঁশী তোহ্মার এই ঠাএ শ্রী.কী ৩২২। আমি এই আছি রাম তোমার সেবক কৃ ৯৭। এই শ্যাম দূর্ব্বাদল, এই নদীজল।—হেম ১। এই মৌমাছিদের ঘর-ছাড়া কে করেছে রে।—গান ৮১। **২** অধিগত, অধিষ্ঠিত, অধ্যুষিত (দেশ, স্থান ইত্যাদি)। "এই ত কদম্বতলে৹ আছিলা বালগোপালে শ্রী.কী ৩৮৫। এই বন ছাড়িয়া যাইব অন্য বন কৃ ১২৩। **৩** নিজ, স্বীয়, আপন। "এই মলিন বস্ত্র ছাড়তে হবে৹ হবে গো এইবার৹ আমার এই মলিন অহঙ্কার গী.লি ৫০। **৪** নিশ্চিত বা ঠিক এপ্রকার। "এইরূপে বৈকুণ্ঠে আছেন গদাধর কৃ ১। —ই ক্রি.বিং এখনি, এইক্ষণেই কিছু (একটু) আগে। "এই দিতে এই নাই হাঁড়ি পানে চায় শি ১০৭। এই বর্ষিতেছে ক্রোধ-গরিমা-গরল৹ অমনি দয়াতে পুন দ্রবীভূত হয়।—ন ৪১৬। তিনি এই ছিলেন ; বোধ হয়, আবার এখনি এলেন ব'লে মা ২২০। [এই-ই—ইহাই, নিশ্চিত (ঠিক) ইহা। "তাহাকে দেখিয়া বোধ হয় যে, এই-ই সৌন্দর্য্যের সময় ব.প্র ৮। এই কতক্ষণ—কিঞ্চিৎ পূর্ব্বে ; একটু আগে। "এই কতক্ষণ যেন এ মানিনী৹ গাহিতেছিলেন খেদের গান ব.স্থ ৫১। এই কত (কথো) দিন—বর্ত্তমান কাল পর্য্যন্ত কয়েক দিন বা দু-চার দিন। "এই কথো দিন হৈল আইলা নদীয়া ন.প ৪০৫। এই কিনা (অপ্র)—এইরূপ। "এই কিনা নারী গো.চ ৭৪ ; ৭৬। এই কেবল -এইমাত্র, একটু আগে। "এই কেবল আসছি। এই ছিলেন—একটু আগে ছিলেন। "মা ২২০। এই ঠৈ (গ্রাম্য ; তু 'এথি')—এই ঠাঁইএ ; এই স্থানে। "এইঠৈ আসিয়া বস গো.চ ৩০১। এইত—এই-ই (ব্যক্তি, বস্তু ইত্যাদি)। "গান ৭৮। এই পাকে—এই পরিণাম হেতু ; এই নিমিত্ত। "এই পাকে সেই কালে ক'য়েছিলাম আমি শি ২৮। এই বেলা (ঠ যারেলী)—এই সময়ে, বর্ত্তমানে, এখনই, অচিরে। "যা থাকে বাসনা তোর এই বেলা তা কর কৃ ২৫১। এই ভিতে—**১** এই দিকে বা পার্শ্বে। **২** (অপ্র) এই বৃত্তিতে ; এইভাবে। "এই ভিতে করে সতী বেশ্যার সেবন ম.ম ৮০। এইমত—এইপ্রকার। "এইমত···বিচার।—চৈ.ভা ১৬৪। এইমতে —এই প্রকারে। "এইমতে শুভরাত্রি সুপ্রভাত হৈল চৈ.ম ১৮৫। এই-মনে (বৈষ্ণবসাহিত্যে)—**১** এমনে, এইপ্রকারে। "এইমনে তোরে, বোলে । বারে বারে চৈ.ম ৪৭ ; ১০৯ , ১৭৪ ; ১৮৫। এইমনে বনে বনে চাহে ব্রজরামা রা.প ২২। দু ৫৪। **২** (তু 'অইমনি') অমনি, বিনা-মূল্যে। "চৈ.ভা। এইমাত্র— **১** ইহাই, কেবল ইহা। "এইমাত্র জানি আমি তুমি শিবময়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। **২** এখনই, কিছু পূর্ব্বে। "এই-মাত্র অষ্টাবক্র সমক্ষে প্রতিজ্ঞা করিলাম সী ২১। এইমাত্র সায়াহ্নকাল উত্তীর্ণ হইয়াছে ব.প্র ৭৯। এই যে—এখনই, একটু পূর্ব্বে। "এই যে তাঁহার সঙ্গে কথা কহিতেছিলাম ব.প্র ৩৮৬। এইসে—এই হেতু। "ধন্য ধন্য ধন্য৹ ভারতভূমি পুণ্য-ক্ষেত্র এইসে প্রধান গ ১৭১। এই ···এই ; এই···এই···এই—এখন, বর্ত্তমানে···পরক্ষণে···পরক্ষণে। "এই আছে এই নাই ম ম ১১২। এই দেখি, এই আছে, এই নাই আর স.শ ৩০। এই আছে, এই নাই, এই আর বার। মানবের মান যথা আশার সঞ্চার।—রঙ্গ।

এউঢেউ বি [ধ্বন্যাত্মক] আকণ্ঠভোজন হেতু উদ্গারশব্দ। "গলায় গলায় যবে মিষ্টান্ন হয় ঠাসা৹—এউঢেউ ধ্বনি৹ বেরোয় অমনি ! —স্ব.প্র ৬৭।

এউলা সর্ম্ম [√আউলা> °লা ; অপ্র] আকুল করা ; খুলিয়া ফেলা। "এউলায়ে ফেলিব চূড়া ব ১৪১।

এও[১] বি [আইও>এও ; অপ্র] সধবা স্ত্রী , এয়ো। "এওগণে নিমন্ত্রিতে চলে বাড়ী বাড়ী বা.ম ২৭৩ ; ২৭৪ ; ২৭৬।

এও[২] সর্ব্ব [এ[৩]+ও[৩]] **১** ইহাও, এটাও (বস্তু, বিষয়) , পরে কথিত বিষয়ও বা বস্তুও। "হৈমবতী হেসে কন, এও নাকি হয় শ্রী ম ৪৭। **২** এব্যক্তিও। **৩** [এ[৩]+ও] ইহা-উহা, যা-তা, অসম্বন্ধ বাক্য। তু 'এও-তা'। **৪** নানা বিষয় ; নানা দ্রব্য। [এও ত—ইহাও ত ; নিশ্চিত ইহাও বা এব্যক্তিও। এও···ওও—ইহাও···উহাও ; এব্যক্তিও··· ওব্যক্তিও, উভয়ই। "সদাচারে এও হয়, ওও হয়।—সনাতনী।]

এওজ, এওয়াজ বি [আ এ'রজ্] বিনিময়, বদল। "ব্রহ্মোত্তরের এওজ দরুণ যুগল আচার্য্য সালি ১/০ এক বিঘা E.P. 78. [এওজ-তরাজ—পরস্পর বিনিময়। এওজ বহাল—বিনিময়ে অপরিবর্ত্তিত। "চেরাগি জমি জমা আমাকে এওজ বহাল হুকুম হয় E. P. 61. এওজী, এওয়াজী বিনিময়ে প্রাপ্ত (জমি)। এওজে, এওয়াজে—বিনিময়ে।]

এ-ও-তা সর্ব্ব [এ[৩]+ও[২]+তা[২]] **১** ইহা-উহা-তাহা, অপ্রাসঙ্গিক নানা বিষয় বা বস্তু, যা-তা। "অন্যমনে তাহা (লেখনী) লইয়া পালঙ্কের কাঠে এ-ও-তা 'ক' 'ন' 'ম' ঘর, দ্বার, গাছ, মানুষ ইত্যাদি লিখিতে লাগিলেন ব.প্র ১৭। **২** অপ্রাসঙ্গিক কথা ; যা-তা কথা ; আবোল-তাবোল।

এ-ও-সে সর্ব্ব [এ[৩]+ও[২]+সে] এবিষয়-ওবিষয়-সেবিষয় ; নানা ছোট-খাট বিষয় বা কথা। "বিমলা প্রথমে এ-ও-সে নানাপ্রকার সামান্য-বিষয়ক কথাবার্ত্তা কহিতে লাগিলেন ব.প্র ৯৩।

এং 'এ্যাং' বি [বেং (ব্যাং) > এং (অনু. শব্দ)] সর্থ 'এ্যাং'। "এং যায় বেং যায়, খলসে বলে আমিও যাই। কায়েত-বামুনরা জাত মারামারি করে—তাঁতিরা বলে আমরা চুপ করে থাকি কেন ?—টেকচাঁদ-গ্রন্থাবলী।

এঃ অব্য [ধ্বন্যাত্মক] ১ নিন্দা, ঘৃণা। "এঃ! কি জঘন্য স্থান! ২ বিষাদ, দুঃখ। "এঃ! ছেলেটা একেবারে বদ হয়েছে। ৩ [Cf., E. Eh!] বিস্ময়। "এঃ! রোগে সে দেহ যে আর নেই!

এঁ১ (এঁকে, এঁদের, এঁয়া, এঁরে ইত্যাদি) দ্র 'এ৩'।

এঁ২ 'এঁ্যা' অব্য [ধ্বন্যাত্মক] ১ বিস্ময়ে। তু 'হাঁ!'। "এঁ, কি সর্ব্বনাশ! বিদেশে না যেতেই এই বিড়ম্বনা!—ন.ত ৭৫। ২ ডাকে উত্তরসূচক শব্দ। "ছেলে ডাকিল, মা উত্তর দিলেন 'এঁ'। ৩ [গু এং] দোষহেতু কাতর স্বর। ৪ স্পর্দ্ধাপূর্ব্বক ভয় প্রদর্শন বা শাসান। "এঁ! দেখ্‌বি মেরে হাড় ভাঙব!

এঁ৩ কা.ক্তি [প্রা এং > বা এঁ, দ্র 'এ৫ (৩) ; তু 'ঠ এণে প্রমাণেঃ —according to this. অপ্র] ১ করণ কারকে তৃতীয়া বিভক্তি। "গঅবরেঁ (গজবরেণ) চ ১২ ; শরসন্ধানেঁ ৪৪। দো ১১০। বএসেঁ জ্যেষ্ঠ শ্রী.কী ৪০ ; এক মুখেঁ তোর রূপ কহিতে না পারী ১০০। ঈঙ্গিতেঁ ১৮৩ ; ইঙ্গিতাকারে হারিল রাধা ৩৮২। ২ ক্রিয়াবিশেষণে তৃতীয়া বিভক্তি। "অকিলেসেঁ (অক্লেশেন) চ ১৮। আপণু ইছেঁ ফুড় পরিহাসই (আত্মনৈবেচ্ছয়া স্ফুটং প্রতিভাষতে) দো ১১১। কেন মতেঁ শ্রী.কী ১৬ ; অনেক প্রকারেঁ ২৭ ; বারেঁ বারেঁ মোএঁ বুইলোঁ ৪২, এহি মতেঁ ১০৫ ; খণেকেঁ ৩২৮। ৩ 'হেতু' অর্থে তৃতীয়া বিভক্তি। "গুরুউরএসেঁ (গুরূপদেশেন) দো ৯৬। দেবের বোলেঁ শ্রী.কী ৬ ; কোপেঁ ২৫ ; চোর বাদেঁ ২২২ ; দৈবেঁ এ বিশেষ ৩৫০ ; আয়াসেঁ ৩৮৯। [তু 'ভএঁ'। (এঁ > এঁ) —"ভএঁ হালে শ্রী.কী ৩৮৯।] ৪ 'সহ' অর্থে তৃতীয়া বিভক্তি। "দুঃখেঁ সুখেঁ একু করিবা চ ৫৩। ৫ 'বিনা' যোগে তৃতীয়া বিভক্তি। "বিণি কাহ্নু সম্বোধেঁ গমন তোর নাহি শ্রী.কী ১১৩। [বিণি কাহ্নু সম্বোধেঁ—কাহ্নের সান্ত্বনা বিনা।] ৬ [এ৫ > এঁ] কর্ত্তৃকারকের বিভক্তি। "কথাঁ গিআঁ পাওঁ মোএঁ রাধার উদ্দেশে শ্রী.কী ১০ ; সাধোঁ মোএঁ ১১২। ৭ অধিকরণ কারকের বিভক্তি। "এতকাল হাঁউ আছিলে স্বমোহেঁ চ ৫৪। কারেঁ হাথেঁ হাথেঁ নিআঁ বিধি দিল নিধী শ্রী.কী ২১৫ ; বাহিরেঁ ভিতরেঁ তোঁ কাহ্নু কাল ২৪৩ ; [হাঁথে হাঁথে নিআঁ—হাথ দিয়া হাথে ধরিয়া।]

এঁ-ওঁ 'এঁ্যা-' [ধ্বন্যাত্মক] কোনো প্রশ্নের সম্পূর্ণ সুস্পষ্ট উত্তরে অনিচ্ছা হেতু অর্দ্ধস্ফুট স্বরবিশেষ। "স্পষ্টরূপে জিজ্ঞাসা করিলে এঁ-ওঁ করিয়া সেরে দেয় আ.দু ১২৯ ; ১৯৬। [এঁ-ওঁ ক'রে সারা—অস্পষ্ট উত্তর দিয়া শেষ করা।]

এঁকো, -খো, একো, -খো বিং [সং অক্ষি ; হি আঁখিয়া, 'অঁখুয়া' (অঙ্কুর)] বাঁশের চোখ বা গাঁট ; কঞ্চির মূলদেশ (যেখানে কঞ্চি বাহির হয়)। [একো মারা (চব্বিশপরগণা)—গাঁট কাটিয়া সমান করা।]

এঁটুলি [বি আঁটুলি > °লি] সর্থ 'আঁটুলি'। "তুমি মড়া আমি খাটুলি। তুমি জন্তু আমি এঁটুলি॥—দা ২১২৩।

এঁ(এ)টে বি [আঁটি, আটি > °টে] ১ আটির (অস্থির) মত দৃঢ় কদলীর মূলভাগ, গোড়া বা গেঁড়। "ফাল্গুনে এঁটে। পোত কেটে॥—খনা। এঁটে থোড় কাচকলা ক.চ ৪৮ (ইণ্ডিয়ান্‌ প্রেস্‌)। কত কষ্টে মিলে এটে নাহি মিলে থোড় ভা.চ ২২৬। ২ কচু-প্রভৃতির মূল বা গেঁড়। "শিশু যেন সাধে কাটে ওল আলু এটে শ্রী ১৬২।

এঁ(এ)টেল বিং [আটাল > °ল] আটাযুক্ত, বালি-অংশহীন, চটচ'টে (মাটি, ভুঁই)। "আউসের ভুঁই বেলে। পাটের ভুঁই এঁটেলে॥ —খনা। এঁটেল মৃত্তিকা শ্রী ১৮৮। এটেল মাটী শ্রী.মা ৯৪। —ল বি আটাল মাটি বা ভুঁই।

এঁটো, -ঠো, এঁঠ্যো বিং [আটো > °টো, -ঠো -ঠ্যো ; মৈ ঐঠ ; গু এঠ (বি), -ঠুঁ (বিং)] উচ্ছিষ্টযুক্ত, ভুক্তাবশিষ্ট অন্নাদিবিশিষ্ট বা অন্নাদি-সংস্পৃষ্ট ; ভুক্তাবশিষ্ট। "এঁটো চোপা ক.চ ১৭৬। এঁটো হাতে আশমানির পায়ে জড়াইয়া পড়িল ব.প্র ২৮। —টো, -ঠো, -ঠ্যো বি ভুক্তাবশিষ্ট অন্নব্যঞ্জনাদি বা খাদ্যমাত্র ; অন্নাদি। "চেড়ীর এঁটো খেয়ে হলি খুন কৃ ২৫২। আমার খেয়েছে কত এঁঠ্যো শ্রী.মা ৯৪। আমি তোমাকে ঐ এঁটো আবার খাওয়াব ব.প্র ২৭ ; এঁটো নাকি খাবিনে ? —২৮। এঁটোর বাচবিচার লী ৮৫। [এঁটো উঠান, লওয়া, পাড়া—উচ্ছিষ্ট লইয়া গোময় দ্বারা উচ্ছিষ্টস্থান সংস্কার করা। এঁটো-কাঁটা —উচ্ছিষ্ট ও তৎসদৃশ অশুদ্ধিজনক দ্রব্য ; ভুক্তাবশিষ্ট অন্নব্যঞ্জনাদি। "কোনোরূপে পিত্তিরক্ষা এঁটোকাঁটা খেয়ে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। এঁটো-খেকো—উচ্ছিষ্টভোজী, যে পাত কুড়াইয়া খায় ; (গৌণার্থে) অতিহীন, হেয় (গালিতে)। "বাগদিনী বলে দূর এঁটোখেকোর বেটা শি ৮১। এঁটো পাত—উচ্ছিষ্টসংস্পৃষ্ট ভোজনপাত্র—পাতা থালা ইত্যাদি ; (গৌণার্থে) হেয় দ্রব্য। "পতি বিনা যুবতীজনম এঁটো পাত শ্রী ১৭৫। এঁটো মুখ —উচ্ছিষ্টযুক্ত মুখ। এঁটো হাত—উচ্ছিষ্টযুক্ত হাত।]

এঁড় 'এ্যাড়' বি [সং অণ্ড ; হি, মৈ আঁড় ; ঠ আংড] বৃষণ, অণ্ডকোষের বিচি ; অণ্ডকোষ। [এঁড় দেখান—কলা দেখান ; ফাঁকি দেওয়া। এঁড়বিচি—অণ্ড, মুষ্ক। এঁড়ে তেল দেওয়া—অণ্ডকোষে তৈলমর্দ্দন করা ; (গৌণার্থে) চাটুবাক্যে প্রীত করা ; খোসামোদ করা।]

এঁড়ে, -ড়্যে বিং [সং অণ্ড > প্রা অংড > বা আঁড়+এ৭ > এঁড়ো, -ড়ে ; হি আঁড় (অণ্ডকোষযুক্ত), অঁড়ুয়া (বৃষ)] অণ্ডকোষযুক্ত, পুরুষজাতীয় (গোরু, বাছুর, মহিষ, শূয়ার ইত্যাদি)। "পথের মধ্যে পুত্রের সঙ্গে দেখা হইলে বলিলেন, 'একটি এঁড়ে বাছুর হয়েছে।'—চা.পু ৩১। —ড়ে, -ড়ো বি ১ ষণ্ড, ষাঁড়। "বুড়ো এঁড়ে শি ৬৯ ; বুড়া এঁড়ো ৭৯। ২ (গৌণার্থে, প্রশংসায়) তেজস্বী নির্ব্বন্ধশীল পুরুষ ; (নিন্দায়) একরোকা বা একগুঁয়ে কাণ্ডজ্ঞানহীন লোক। [এঁড়ে গলা, এঁড়েডাক —এঁড়ের মত উচ্চ শব্দ ; বিকট উচ্চ চীৎকার। "আমি জানি এমন বিস্তর এঁড়েডাক।—তা.চ ৫৩১। এঁড়ে-লাগা—শিশুর অল্প বয়সে মাতার আবার সন্তান হইলে, অনেক সময়ে আগতের উপর শিশুর হিংসা দেখা যায়। অভ্যস্ত আদর না পাওয়ায়, অথবা কম আদর পাওয়ায় শিশু মনে অশান্তি ভোগ করে। এই অশান্তির মাত্রা সময়ে সময়ে এত প্রবল হয় যে, তাহাতে শিশুর স্বাস্থ্যহানি ঘটিয়া থাকে। ইহাকে চলতি কথায় 'এঁড়ে-লাগা' বলে (প্রবাসী, কার্ত্তিক, ১৩৩৬)। এইরূপ শিশুকে 'এঁড়ে-লাগা' বা 'এঁড়োতো' ছেলে বলে। রমানাথের এঁড়ে —(গৌণার্থে) যে নিজেও কিছু করে না এবং অন্যকেও কিছু করিতে দেয় না ; অকর্ম্মণ্য ভণ্ডযোগের গুরুমশায় উচ্ছৃঙ্খল যুবা। "বড়মানষের ছেলে-ব্যাটারা রমানাথের এঁড়ে, আপনারাও পড়বে না, কারোও পড়তে দেবেও না স.এ ২৭।]

এঁড়েল বিং [সং অণ্ডীর ; হি অড়িয়ল ; ঠ অডীল] নির্ব্বন্ধশীল, স্বেচ্ছাচারী, একরোকা, একগুঁয়ে। [এঁড়েল বেঁকা (ঠ অডবংক) —সর্থ 'এড়েল'।]

এঁদো, -ধো বিং [আঁধুয়া > °ধো, -দো] বৃক্ষলতাদিচ্ছন্ন অন্ধকারময় (পুকুর, কূয়া ইত্যাদি)। "এঁদো পুকুরের পানাপচা জল ন.ত ১০। [এঁধোকুয়া—অন্ধ (তৃণলতাদিচ্ছন্ন) কূপ।]

এঁযার, এঁর, -রা, -রে দ্র 'এ৩'।

এঁশে বি [সং অনুশয়ী (পাদস্ফোটবিশেষ)—মূল (?)] গোরুর খুরের ক্ষতরোগবিশেষ (চব্বিশপরগণা)।

এঁষা(সো)নি বি [আমিষপানীয় > আঁষপানী > (আঁষানী) °নী, -নি] মৎস্যের বা মাংসের জলীয়াংশ বা রস। "মাংসের এঁসানি মারে ঘৃতে কলকল শ্রী ৩১। [এঁষানি মারা—ঘিএ বা তেলে (মাংসাদি) কষিয়া লওয়া।]

এ্যাং বি [ব্যাং > এ্যাং (অনু.শব্দ)] ব্যাংএর মত লম্ফকুশল জলচর; চেঙ্গ উল্কা ইত্যাদি মাছ। "এ্যাং যায়, ব্যাং যায়, খলসে বুড়ী বলে আমিও যাই।—অমৃতলাল বসু।

এক[১] সর্ব্ব, বিণ [√ই+ক (কন্), উ ৩.৪৩; ছান্দস; Av. aeva; ফা যক্; প্রা এক্ক; এক্ক (দো); হি ই (এক); cf., Gr. ois; L. aequu-s; তু 'অ্যাক্'] **১** একত্বযুক্ত, একসংখ্যক, একক। "কু.স ১.৩। একঃ স্বাদু ন ভুঞ্জীত।—পঞ্চ ৫.৯৫। এক দোষে সব অলঙ্কার হয় ক্ষয় চৈ.চ ৫৯। **২** মুখ্য, প্রধান, শ্রেষ্ঠ। "পরার্থৈকফলা গুণা রঘু ১.২৯; °ধনুর্দ্ধর ৩.৩১। ভাবতেম, বুঝি কেষ্ট বিষ্ণু তুমি এক জন।—হেম ৩৮৭। **৩** অদ্বিতীয়। "মনু ১.৩। ভাবৈকরসং মনঃ কু.স ৫.৮২। একাতপত্রং জগতঃ প্রভুত্বম্ রঘু ২ ৪৭। **৪** কেবল, একমাত্র। "কশ্চৈকপ্রিয়দর্শনঃ রা ১.১.৩। একপুত্র।—মহা ৩.১১৩.১০। দানমেকং কলৌ যুগে (পরং আহুঃ) মনু ১.৮৬। তমেকদৃশ্যম্ কু.স ৭.৬৪। একাত্মজা মে জননী ভ ১.৬.৬। এক সীতা বিহনে সকল অন্ধকার কৃ ১৪৭। ত্রিভুবনে এক ধন্যা (কন্যা) ক.চ ৭০। ত্রিজগতে এক ধন্য, এক শ্রেষ্ঠ এক মান্য ভ.গ্র ১১১। জ ২৮। চৈ.চ ৫৯। **৫** অন্য, অপর। "কান্তিমৎ খণ্ডমেকম্ পু.মে ৩১। চলত্যেকেন পাদেন তিষ্ঠত্যেকেন বুদ্ধিমান্ হি ১.১০৬। এক জন প্রতি আর জন দেখাইল ম ১৯৫। **৬** অসহায়, একাকী, একক। "পা ৫.৩.৫২। উ.চ ২.২৭। নৃপসৈন্য পরাজিল এক বৃকোদর অ.প ২০। এক ব্যাঘ্র কি করিবে লক্ষ মৃগ ক্ষুদ্র ম ১৯৬; দ্রুপদনন্দিনী একা করয়ে সংযোগ ৫১১। **৭** অল্প। "পা ৭.১.৫২, তত্ত্ববোধিনী। **৮** প্রথম। দ্র (৭)। এক জানে প্রজাপতি ক্ষেত্রের মাহাত্ম্য। ক্ষেত্রের মহিমা আর জানেন ত্রিনেত্র॥—জ ৭৩। এক ভাগবত হয় ভক্তিরসপাত্র। আর ভাগবত হয় ভাগবত-শাস্ত্র॥—ভ.গ্র ১৩৬। **৯** সাধারণ। "একোদরাঃ (ভারণ্ডাঃ)।—পঞ্চ ৫.৯৪। **১০** সমান, সম, তুল্য, অভিন্ন। বিপ 'অন্য'। "একং সাংখ্যং চ যোগং চ যঃ পশ্যতি স পশ্যতি গী ৫.৫। মনস্যেকং বচস্যেকং কর্ম্মণ্যেকং মহাত্মনাম্ হি ১.১০২। এক জীব দুই দেহ—জগাই মাধাই। এক পুণ্য, এক পাপ, বৈসে এক ঠাঁই॥—চৈ.ভা ২৫৫। দুই জনের এক বিপদ্ ব.প্র ৪৩২। **১১** অপৃথক্, একরূপ, অন্যথাভাবহীন। "ভদ্দর লোকের একই কথা—এবার বুঝবো গি.দ্বি ১২৩। **১২** একনিষ্ঠ, একাগ্র, একান্ত। "একেন মনসা ভগবান্ (শ্রোতব্যঃ) ভ ১.২.১৪। এক মনে তোর একতারাতে একটি যে তার সেইটি বাজা।—রবীন্দ্র। **১৩** অখণ্ড, সকল। "ত্বমেকঃ ভ ৭.৩.৩০। **১৪** সত্য (ত.বা)। **১৫** অসদৃশ, অনুপম। **১৬** সজাতীয়াদিভেদত্রয়হীন। "একমেবা-দ্বিতীয়ং ব্রহ্ম (শ্রুতি)। **১৭** অনির্দ্দিষ্ট, কোন (A, An)। "পা ৬.৩.৬২। জ্যোতিরেকং জগাম শ ৫.২৯। এক কথা অবধান কর রঘুপতি কৃ ১৪৭; এক জনকে এনে দিলে তার মনে না লবে ২৫১। **১৮** মিলিত, একমতি, একীভূত, যুক্ত। "যতেক কদলি কহে এক যে হইয়া মী ২০। পর্ব্বত সকল আইল এক হঞা।—কৃ.উ ১৩; সব এক হইলা ১৮। দুই এক হৈয়া৹ পোড়াইল হিয়া চ.দা ৫৯। দুই ভাগ অগ্নি এক অবাধে৹ হইল প্রণয় করি রে ভা.চ ৯৫। আজ দুইজন এক ব.প্র ৪৩২। **১৯** (বাঙলায়) সঙ্কলিত, সমষ্টীকৃত (added)। "নামে মাসে করে এক। তা'র দ্বিগুণ করে দেখ॥—খনা। যয় জন গুনে, পক্ষ দিয়ে এক কর ব.প ১৩। **২০** ঈষদূন, প্রায়, কিছু-কম। "প্রকোষ্ঠ তিনেক কৃ ৯৪; গোটাচারেক কথা ২৫০। সেরেক তণ্ডুল শ্রী.মা ১৪। দুই এক মাসে (মাস দু-এক): তিন এক মাস (মাস তিনেক) ৩৭। মণেক চন্দন: তোলা বিশেক চৈ.চ ৯৪। [তু 'হি চালীস এক: সৌ এক G. H. 228.] **২১** কোন, বিশেষ। "চিত্র দর্শন করিতে করিতে আমার এক অভিলাষ জন্মিয়াছে সী ১৩। —ক পুং, ক্লী **১** আদি সংখ্যা, অর্থাৎ '১' এই সংখ্যা। "ভবেদেকো দশাযুতঃ; একং দশ শতম্ (অ.চি)। ['এক' শব্দের 'সংখ্যা' অর্থও হয়; সংখ্যার্থে ইহা নিত্য একবচন। 'দ্বিশদৈকশব্দয়োরপি কেচিৎ সংখ্যার্থতামাহুঃ (অ.টী)। একশব্দঃ সংখ্যায়াং নিত্যৈকবচনান্তঃ পা ৭.১.১৬, সি] **২** একত্ব। "পা ১.৪.২২। —ক পুং বিষ্ণু (মত্য)। —কা স্ত্রী দুর্গা। [এক অঙ্গ—অভিন্নদেহ। "শি ৮০। এক আঁচড়ে বোঝা—কষ্টিপাথরে সোনার আঁচড়ে সোনার বিশুদ্ধি-পরীক্ষার ন্যায়, এক কথায় বা একটু পরিচয়ে মানুষের চরিত্র বিদ্যা বুদ্ধি জানা। এক-আধটুক্—একটু-আধটু, কিঞ্চিৎ। "এক-আধটুকু (সময়) পরিজনদিগের সহিত আলাপের কাল হইতে সংগ্রহ করিতাম পা.প্র ১৬৬। এক-আধ দিন, এক আদ্দিন—কোন দিন, কোন সময়, ক্বচিৎ-কদাচিৎ। "এক আদ্দিন সেরিটে স্যাম্পিন্টারও আস্বাদ নেওয়া হয় হু ৫৭। এক আধবার—কখনও, ক্বচিৎ। এক এক—**১** প্রত্যেক; বিশেষ-বিশেষ। "তাঁর এক-এক ছেলে এক-এক রত্ন! **২** ভিন্ন-ভিন্ন। "তাঁর এক-এক সময়ে এক-এক কথা, তাঁকে বিশ্বাস করা যায় না। এক-একটা (ঠ একএকটা, এককটা)—একটা-একটা, প্রত্যেকটা। এক এক ক'রে, একে একে —পর্য্যায়ানুসারে, ক্রমশঃ। এক একে (অপ্র)—একা-একা, একাকী। "এক একে রণ কদাচিত না করিহ। এক একে রণস্থলে অস্ত্র না ছাড়িহ॥—চ.বি ৬২। এক করা—মিলিত করা; একত্র করা। "খেড় আগুণী৹ এক করিআঁ৹ বড়ায়ি গেলি এক ভিতে শ্রী.কী ১৩১। একজন হইয়া উঠা—মান্যগণ্য লোক হওয়া। "ব.দ্বি ১৯। এক ঢিলে দুই পাখী মারা—এক উপায়ে দুই কার্য্য করা বা দু দিক্ রাখা। একথোকে (এক+থোকে; ঠ একঠোক, -থোক, -গ)—সমষ্টিভাবে, একসঙ্গে, একেবারে (in a lump)। এক দিন—**১** একবার। "চোরের দশদিন, সাধুর একদিন।—প্রবচন। **২** কোন দিন; কখনও। "একদিন —একদিন জন্মজন্মান্তরে৹ নাহি হই পরাধীন ন ৫০২। ব.প্র ২৪৩। **৩** অশুভ দিন। "আজ তোমার একদিন কি আমার এক দিন; এই মুড়ো ঝাঁটা মুখে মারব তবে ছাড়ব ন.ত ৩২। একনি —একই, একাই। "জনম আঁধল৹ একনি রহু হাম জ.প ৬৬। এক-পা এক-পা ক'রে যাওয়া—মৃদুগমনে যাওয়া। এক-পা-কাদা শুদ্ধ —সমস্ত পায়ে মাখা কাদা সমেত। "সন্ন্যাসী এক-পা-কাদা শুদ্ধ ধোপ ফরাসের উপর দিয়ে বাবুর মাথায় আশীর্ব্বাদী ফুল ছোঁয়ালেন হু ৩। এক-পা যাওয়া—অত্যল্প স্থান অতিক্রম করা। একপেট খাওয়া—পেট ভরিয়া খাওয়া। একসের খাওয়া—অন্ন খাওয়া। "তোমার একসের পাই তুমি অন্নদাতা শ্রী মা ৫৯। এক-হাঁটু কাদা—হাঁটু-পর্য্যন্ত মাখা কাদা। এক-হাঁটু জল (সং জানুদঘ্নমুদকম্; অস একাঁঠু)—জানু-পরিমাণ গভীর জল। একহাত দেখা—মল্লযুদ্ধের ন্যায়, কোন বিষয়ে প্রতিদ্বন্দ্বিভাবে একবার পরীক্ষা করা। একহাত লওয়া—সুবিধামত স্পষ্ট দুকথা শুনান; পরিহাসচ্ছলে ঘা দিয়া ঠিক কথা বলা। সুযোগমত শত্রুতার শোধ লওয়া বা দাদ তোলা। এক হাতে করা—একাকী সব কাজ করা।]

এক[২] বিং [পদ্যে] **১** এক-সংখ্যক (বিশেষ্য ও সংখ্যার পরে)। "খণেক, বারেক, লাখেক, লাখেকের, শতেক (শ্রী.কী)। দশেক গো.চ ২৮২। লক্ষেক কৃ.উ ১০৪। দনুজেক ম.পা ১। দিনেক ক.চ ২২। দিনেকের স্বাধীনতা।—রঙ্গ ১০৭। বিপক্ষেক ব.প ৭০৩; মাসেক দুই মাস ১৭৩৭। বারেক বা.ম ৩২১। বাসেক শ্রী ৪৮। কোট্যেক শি ৭৬।

মুহূর্ত্তেক ম ৬০। জনেক চ.বি ৩৩। কোন মহাপুরুষেক চৈ.ভা ১৭৭। **২** একটি। "যদি ঘোড়া নিবে তুমি, বচনেক কহি আমি, তৃণ আনি করহ দশনে ব.প ৬৯৬। **৩** একটিও। "বচনেক মোরে না করিল অবধান ক.চ ১৫৯। **৪** প্রায় (কিছু-কম) তৎসংখ্যক। "কিল পঞ্চাশেক দিল গো.চ ১৩৯, টাকা। দিন আষ্টেক দা ৫৫৪। [খণেক (খণ+এক) >(পূর্ব্বস্বর-লোপে) খণেক; তু 'প্রা' তিঅসীস—ত্রিদশ+ঈশ, হে ১.১০)—এক ক্ষণ। টুকেক—একটুক, অল্পপরিমাণ (কালকেতুর চৌতিশা—সাহিত্য-পরিষৎ-পত্রিকা)। লক্ষেক—একলক্ষ, বহু। "একেক ফুলের লক্ষেক মূল ক.চ ২১১। শতেক—এক শত, বহু। "শতেক প্রকার চৈ.চ ১৫৮।]

এক[৩] কা.ক্তি [এ[৫]+ক[৭]; অপ্র] কর্ম্মকারকের দ্বিতীয়া বিভক্তি। "দেবেক করি দয়া চ.বি ১১৫; ভার্গবেক আনিএগ ১২৯; নাগরাজ-গণেক শরেতে কৈল তল ১৩১।

এক[৪], **একো** 'কো' বিং ['এক[১]—মূল] এক-এক, প্রত্যেক। "একো ঘরে একো জনে, থুইয়া ত কন্যাগণে শ্রী.ম ১৯১; একো বাণে একো সারথির প্রাণ লয় ২১৩। একো গোটা আয়াস ভুবনে অনুপম ব.প ১২৮৪। একো গঙ্গাঘাটে লক্ষ লোকে স্নান করে চৈ.ভা ১৭; দশ পাঁচ অস্ত্র একো জনের কাচন ৪৬৮। এই সহচরীগণ, এক ধিঙ্গী এক জন ভা.চ ৩১১। [একো গোটা—এক-একটা।]

এক-আড়া বিং একাকৃতি, একরকম, একভাব।

এক-আনী বি [এক-আনা+ঈ[৭]] একআনার মুদ্রাবিশেষ।

এক-আন্দাজ বি গ্রামের সমুদয় জমির একসময়ে জরিপ; একজাই জরিপ।

একই বিং [এক[১]+ই[৪]] **১** নিশ্চিত এক; ঠিক এক; একপ্রকার। "একই ধনুক ধরি একই ধরি বাণ। একই বয়স বেশ একই বন্ধন॥ কৃ.উ ২৪৬। নদী আর কালগতি একই প্রমাণ প.তৃ ১৩। **২** একটিমাত্র, কেবল একটি। "তবেঁ জীউ রাখ মোর একই চুম্বনে শ্রী.কী ১১৪। মারিল একই বাড়ি মাথার উপর শ্রী.ম ১৯৭। **৩** অভিন্নই। "একই গুরুর ঠাঞি গো.চ ৬৪। ভৈল একই পরাণ একই দেহা শ্রী.কী ২৪৭। **৪** অর্দ্ধভাগদ্বয়ে মিলিত একটিই। "বৃষ শোভে অর্দ্ধ কাজে, কেশরী অর্দ্ধ বিরাজে, দুই মিলি একই বাহন বা.ম ৫। [একই সমান, একই সোসর—একভাবেই অভিন্ন; সর্ব্বথা একই। "কেহ কারে জিনিতে নারে একই সোসর কৃ.উ ১১৪। জয় পরাজয় গণি একই সমান ম ৬৬৫।]

এক-ঐক্য বিং ['এক' সাধু; কথাভাষা] এক, একমতি। "সব এক-ঐক্য নানামত কভু নহে ভ.গ্র ২৭৭।

একক[১] বিণ [এক+ক (কন্) স্বার্থে; স্ত্রী -কিকা; ছান্দস] **১** এক, অসহায়, একাকী, আশ্রয়হীন। "মহানপ্যেককো বৃক্ষো বলবান্ (বাতেন্ শক্যো ধর্ষয়িতুম্)।—পঞ্চ ৩.৫২। রতিরিবৈকিকা কু.সা ৭৩.১৯৬; মহাব্রতিনমেককম্ ২৬.১৯৮। শিশুরেককঃ উ.চ ৫.৫। দুর্য্যোধন সহ যুদ্ধ একক ইচ্ছিলে ম ৯৩৮। দেশমধ্যে ধর্ম্মভাবের ন্যূনতা ঘটায় অপরাধী ব্যক্তিকে আর আজকাল একক হইয়া পড়িতে হয় না পা.প্র ২০৪। **২** একসংখ্যক, অদ্বিতীয়। "একক···ব্রহ্মাণ্ড-রাজো। —রবীন্দ্র। **৩** অভিন্ন, অনন্য। **৪** (গণিতে) সংখ্যাপঠনে প্রথম সংখ্যা। যেমন, একক দশক ইত্যাদি।

একক[২] 'এ্যাকক' বিং [সং একৈক >প্রা এক্কক (পৈ.) >বা একক; অপ্র] এক-এক, প্রত্যেক। "একক জনার হব দুইটী নন্দন কৃ.উ ১৭২। একক জন: একক যোজন ১৯৬।

এককাঁটা, -কাট্টা বিং [হি ইকট্‌ঠা (একত্র)] একত্র স্থিত; এক-মত, মিলিত, একজুট, দলবদ্ধ।

এককাটী বিং [এক+কাটী] এক মাপকাটির পরিমাণে; কিছু। "কালী আবার ওর চেয়ে এককাটী সরেস মা ৩৪৫। [এককাটী সরেস —কিছু উপরে বা অধিক (দোষকথনে)।]

এককান বিং [তু 'সং ষট্‌কর্ণ—ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রঃ] একজনের কর্ণগত; যাহা এক জনে শুনিয়াছে। "এককান দুইকান নগরে বারতা ক.চ ১৭০।

এককার্য্য বিণ [বহুব্রী] **১** অভিন্নক্রিয়, সমানকার্য্য (co-worker)। "রঘু ১০.৪০। **২** একবৃত্তি, তুল্যবৃত্তি। —কার্য্য স্ত্রী [কর্ম্মধা] সমান কার্য্য। "মহা ২.২০.২৪।

এককাল পুং [কর্ম্মধা] **১** এক সময়, সমকাল। **২** একবার। —কাল ক্রি.বিণ সকৃৎ, একবার। "এককালং চরেদ্ ভৈক্ষ্যম্ মনু ৬.৫৫।

এককালিক বিণ [°ল+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] **১** এককাল-সম্বন্ধী, এককাল (আহার)। "মনু ১১.১২৪। **২** সমকালিক। [এক-কালিক দান—একবারে কৃত দান।]

এককালীন বিণ [এককাল+ঈন (খ) তৎসম্বন্ধার্থে; দ্র 'পা ৪.৩.১১, সি; স্ত্রী -না] **১** এককালসম্বন্ধী, সমকালিক। **২** এককালঘটিত (যাহা একবার হয়)। [এককালীন দান—একবারে কৃত দান।]

একক্ষণ ক্রি.বিং [অপ্র] একমুহূর্ত্ত, অল্পক্ষণ, কখন। "নফরে নিঠুর নাথ না হও একক্ষণ শ্রী ২০।

একক্ষীর ক্লী [একার ক্ষীর, ষ.ত, পুংবদ্ভাব] একধাত্রী-প্রভৃতির স্তন্য।

একখান বিং [অপ্র] **১** একখণ্ড, একটা। "একখান চর দেখে তথা অতি রম্য বন ম.ম ২০৮। **২** একটা। "একখান সম্বন্ধ মাত্র শুনি বি.পা ২৬৬। —খানি বিং [°ন+ই[১১]] একটি। "একখানি দোষ-মাত্র ২৬৭; একখানি কথা ৩৩৪। দোষ একখানি ম.ম ২০৬। এক-খানি বাক্য: একখানি দুঃখেতে ম.পা ১৭৬। একখানি নিবেদন ব.প ৫১। একখানি বাক্য চৈ.ভা ৪৫৩। একখানি গুণ ভা.চ ৪০৭। —খানি বি একটি বিষয়। "সবে একখানি মাত্র ধরিলেক মনে চৈ.ভা ৪৫১।

একখুর পুং [বহুব্রী] অখণ্ডখুরযুক্ত বা একশফ পশু। [এক খুরে মাথা মুড়ান—একপ্রকার দোষে দূষিত। দোষীর মস্তকমুণ্ডন প্রসিদ্ধ। বোধ হয়, ইহার সহিত সম্বন্ধ আছে।]

একগলা বিং গলা-পর্য্যন্ত গভীর; গলা-প্রমাণ। "একগলা গঙ্গাজলে দাঁড়িয়ে বলতে পারি ন.ত ৩৫। [একগলা বন—গলা-প্রমাণ উচ্চ বন; গভীর বন।]

একগাছ, -ছা বিং [এক+গাছ, -ছা] একটা, একখান (ছড়ি, দড়ি, লাঠি, সূতা ইত্যাদি)। "এই তোমার একগাছা চুল পেকেছে গি.দ্বি ১৩২। —গাছি বিং [°ছ+ই[৯]] একটি; একখানি।

একগাড় বি [এক[১]+গাড়] এক গর্ত্ত। [একগাড় করা, একগাড়ে বা একগড়ে গাড়া—এক গর্ত্তে গাড়িয়া বা পুতিয়া মারা। "মৈথিলাধিপ দোর্দ্দণ্ডপ্রতাপশালী···আমাদিগকে সবংশে একগাড় করিবেন ব.প ১৭২০। একগাড়ে গাড়িবে সুগ্রীব রাজা দেশে কৃ ২৬১।]

একগাল বিং [এক[১]+গাল] **১** গালভরা, মুখপোরা। "একগাল হাসি। **২** এক-কবল, একগ্রাস-পরিমিত, এক-কল্ (খাদ্য, তৃণ ইত্যাদি)। [একগাল হাসি হাসা—গাল ভরিয়া, অর্থাৎ মন খুলিয়া হাসা।]

একগুঁয়ে বিং [একগোঁ+এ[৭]] যাহার এক দিকে গোঁ বা রোখ; যে বাধা-নিষেধ মানে না; যথেচ্ছাচারী, একরোখা।

একগুটি, -টী বিং [এক+গুটী; অপ্র] একটি। "শিষ্য একগুটী কৃ.উ ১৫৩; ১৫৫। না রাখিব একগুটি ম.ম ১১৩। নাহি বাঁচে একগুটি চ.বি ২৮০।

একগুরু পুং [বহুব্রী] **১** যাহাদের এক অধ্যাপক; সমানাধ্যাপক

শিষ্য ; সতীর্থ। ২ (বাঙলায়) এক দীক্ষাদাতা বা মন্ত্রগুরু। [এক-গুরুর শিষ্য—১ এক গুরুর নিকটে দীক্ষিত শিষ্য ; গুরুভাই। ২ এক-রূপ দুষ্টপ্রকৃতির লোক ; সমান দুষ্ট। "কা'র দোষ, কা'র গুণ বলব, ওরা সবই একগুরুর শিষ্য।]

একগোটা বিং [এক+গোটা ; অপ্র] একটা। "এক গোটা মূল মাত্র লাগি আছে তৃণে ম ৬। একগোটা পিণ্ড ম.পা ১১৪। একগোটা ভাত ম.ম ৮৩ ; লোক···একগোটা ১১০ ; একগোটা মৎস্য ১৪৭। —টি, -টী বিং [°টা+ই৯] একটি। "কণ্টক নাহি একগোটি কৃ.উ ৫৩ ; একগোটী গাবী ৫৪। না রাখিব একগোটি ম.ম ১১৪।

একগ্রামীণ, -মীয় বিণ [একগ্রাম+ঈন (খ),+ঈয় (ছ) 'তত্র ভব' 'তৎসম্বন্ধ' অর্থে ; স্ত্রী -ণা, -য়া] একগ্রামভব, একগ্রামসম্বন্ধী, একগ্রামনিবাসী। "°ণ মনু ৩.১০৩।

একগ্রাসী বিং [একগ্রাস+ঈ৭ ; অপ্র] একগ্রাসসম্বন্ধী, একগ্রাস-যোগ্য, একগাল। "গোবর্দ্ধন-যজ্ঞে খাইলে অন্ন রাশি রাশি। তার লেখে এই অন্ন নহে একগ্রাসী॥—চৈ.চ ১৭১।

একঘর বি এক পরিবার। "আমাদের গ্রামে একঘর দরিদ্র কায়স্থ ছিল ব.প্র ২১৩। —ঘরি(রী)য়া, -ঘরে বিং [°র+ইয়া২, ঈয়া, এ৭] সামাজিকসম্বন্ধ-রহিত, সমাজপতিত, সমাজচ্যুত। "কোন অপরাধের জন্য কাহার ধোপা, নাপিত, হুঁকা বন্ধ করা, একঘরিয়া করা প্রভৃতি সামাজিক শাসনের সহিত রাজপুরুষেরা সহানুভূতি প্রকাশ করিতে পারেন না পা.প্র ২০৩। লোকে পাঁচ কথা বলে—একঘ'রে করবে বলে ব.প্র ৩৪২। [একঘর জিনিশ—একঘর-ভরা আসবাব। একঘর লোক—একঘর-ভরা লোক।]

একঘেয়ে বিং [একঘা (একঘাত)+এ৭] 'একঘাতসম্বন্ধী', অর্থাৎ যাহা ইন্দ্রিয়ে বা মনে একরকমই আঘাত করে বা অভেদ ভাব জন্মায় ; বিশেষত্বহীন, বৈচিত্র্যরহিত, একভাবাপন্ন (monotonous)। "আর ভাল লাগে নাক প্রত্যহই একঘেয়ে।—দ্বিজেন্দ্রলাল রায়।

একঘ্নী বি [এক+√হন্+অ (টক্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; উ.ত] যাহা এক জনকে হত করে ; কর্ণের শক্তি অস্ত্রবিশেষ। "একঘ্নী নামেতে অস্ত্র বিখ্যাত ভুবনে। যাহারে প্রহারে তার অবশ্য মরণে॥—ম ১০৫। [মূলমহাভারতে ইহা 'শক্তি' অস্ত্র। 'দদৌ শক্তিং সুরপতিঃ মহা ১.১১১.২৯ ; ৬৭.১৪৫।]

একচক্র বিণ [বহুব্রী ; ছান্দস] ১ যাহার এক চক্র ; একচক্রযুক্ত (সূর্য্যরথ)। "সপ্ত যুঞ্জন্তি রথমেকচক্রম্।—ঋগ্বেদ ১.১৬৪.২। একচক্র রথে, আকাশের পথে, উদয়গিরি হইতে ভা.চ ৫। জাগান অরুণে যবে উষা সাজাইতে। একচক্র রথ মা ১২৩। একচক্র রথে উদেন আদিত্য মে ২৪২। ওগো একচক্র রথের ঠাকুর!—কু.কে ৪০। ২ যাহাতে একেরই (এক রাজারই) চক্র বা সৈন্য (শ্রীধর) ; একরাজ-শাসিত। "শশাস ক্ষিতিমেকচক্রাম্ ভ ৩.১.২০। ৩ (বাঙলায়) একগণ, সম্মিলিত, একমত। "একচক্র হৈয়া যদি সভে করে দ্বন্দ্ব।—ম ৩২১। —চক্র পুং ১ সূর্য্যরথ। "উদয়-অচলে। দিবামুখে একচক্রে দিলা দরশন (তপন)।—মাইকেল। ২ হরিগৃহ, গুপ্তপুরী। —চক্রা স্ত্রী নগরীবিশেষ। [ভীম এইস্থানে বকাসুর নিহত করেন (মহা ১.৬১.২৭-২৯)।]

একচক্রবর্ত্তী (-র্ত্তিন্) বিণ [°ক্র+ √বৃহৎ+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] একশাসিত ভূমির অধিপতি ; সার্ব্বভৌম।

একচক্ষু বিং [সং একচক্ষুঃ] কাণ, কানা। "এক একচক্ষু হরিণ সতত নদীর তীরে চরিয়া বেড়াইত।—কথামালা।

একচত্বারিংশৎ স.বিণ [উ.লো ; পূ.বা—°শ, °শত্তম (ডট্, তমট্), স্ত্রী °শী, °মী] একাধিকচত্বারিংশৎ-সংখ্যক, একচল্লিশ। —ৎ স্ত্রী এক-চত্বারিংশৎ সংখ্যা ; একচল্লিশ (৪১)।

একচর বিণ [এক চর, সুপ্‌সুপা ; স্ত্রী -রী] ১ যে একক চরণ করে ; একাকিচারী। "মুনিরেকচরঃ মহা ৩.৭৯.২৫। ভ ৫.৫.৩০। ২ একাকী, যূথাপেত, যূথভ্রষ্ট। "কি ৩.৫৩ ; ১৩.৩। ৩ যুগপদচারী। —চর পুং ১ গণ্ডার। ২ ক্রূরস্বভাব ব্যাঘ্রাদি (শ্রীধর) ; সর্পাদি (কুল্লুক)। "ভ ৫.৮.১৮। মনু ৫.১৭। ৩ বলরাম।

একচল্লিশ স.বিং [সং একচত্বারিংশৎ>লি একচত্তারী(লী)সতি ; প্রা * এগচত্তালীস ; হি ইকতালীস ; ঠ একতাল.ীস ; গু একতালীস] একচত্বারিংশৎ-সংখ্যক। —শ বি একচল্লিশ (৪১) এই সংখ্যা।

একচাপ বিং এক স্থানে চাপযুক্ত বা সংহত, মিলিত, দলবদ্ধ, একজুট। "যত বীর হয়্যা একচাপ।—ম ৭৮৪। সকল পাষণ্ডী তারা একচাপ হৈয়া (চৈ.ভা)। সভে হয়্যা একচাপ শ্রী.ম ২১৩। —চাপ ক্রি.বিং অবিরলভাবে, নিবিড়ভাবে। "কৃষ্ণ-আলিঙ্গনে রাজা হরে সর্ব্বপাপ। আপাদমস্তকে লোম উঠে একচাপ॥—শ্রী.ম ২২৪। [একচাপে—১ অবিরলভাবে। মিলিতভাবে। "পৃথিবী যুড়িয়া ঠাট একচাপে যায় কৃ ১১৬। ২ অবিরলপাতে, নিরন্তর। "একচাপে করে বীর বাণ বরিষণ কৃ ২৫৭।]

একচারী (-রিন্) বিণ [এক চারী, সুপ্‌সুপা ; স্ত্রী -রিণী] ১ অসহায়চর। "মহা ১.১৮৪.৪। ২ সর্থ 'একচর'। ৩ [বাঙলায় ; অপ্র] হিংসক, একাসেঁড়ে। "যে ঘরে লহনা সতা, একচারী ভুখিল বাঘিনী।—ক.চ ১৪৫। —চারী পুং বুদ্ধসহচরবিশেষ। —চারিণী স্ত্রী পতিব্রতা, সতী। তু 'দ্বিচারিণী'।

একচালা বি ১ ঘরের চালে একখান চাল লাগাইয়া-করা ঘর। তু 'দোচালা'। ২ একবার চালনীতে চালিয়া পরিষ্কার-করা বা বাছা (খই-প্রভৃতি)।

একচিত্ত বিণ [বহুব্রী] ১ একাগ্রমতি, একান্ত। "তদেকচিত্ততা (S. W.)। ২ অভিন্নচিত্ত, একমতি। "একচিত্তীভূয়।—হি ১৩৪/৩৫। —চিত্ত ক্লী [কর্ম্মধা] ১ অভিন্নমতি, ঐকমত্য, ঐক্য। "°গত রা ২.৪০.৩৬। একচিত্তে দ্বয়োরেব কিমসাধ্যম্ ক.সা ৫.১২। ২ একনিষ্ঠ মতি ; একাগ্র চিত্ত।

একচিন্তন ক্লী [ষ.ত] একের চিন্তা, একধ্যান। একচিন্তনমর্থানাম্ মহা ২.৫.১০৮।

একচুল বিং ১ একচুলের বিস্তার-পরিমিত ; অত্যল্পপরিমাণ বিস্তার। "একচুল-ফাঁক। ২ সিকি-যব-পরিমিত ; ১/৩২ ইঞ্চি পরিমিত। —চুল বি একচুলের বিস্তার ; অত্যল্প বিস্তার (hair breadth)। [একচুল এদিক ওদিক হওয়া—অত্যল্প ন্যূনাধিকতা (কমী বেশী) হওয়া। একচুল তফাৎ—অত্যল্প ফাঁক।]

একচেটীয়া, -চেটে বিং [একচট্ট৭+ঈয়া, এ৭] যাহা একচটির অধিকারস্থিত ; এক বিক্রেতার অধিকারগত ; অসাধারণ (পণ্যবিক্রয়, ব্যবসায়)।

একচেতাঃ (-তস্) বিণ [বহুব্রী ; স্ত্রী -তাঃ] ঐকমত্যযুক্ত, এক-মতি, একবুদ্ধি। "ভ ৬.৫.২১।

একচোখো বিং [°চোখ+ও৬] ১ যাহার এক পক্ষে দৃষ্টি ; পক্ষপাতী। ২ একচক্ষু, কাণা।

একচোট বি এক আঘাত ; এক কোপ। "একচোটে ভেজায় পাতালে কূর্ম্মপৃষ্ঠে কৃ ১৪। একচোটে কাটে ম ৯২৪। [একচোট বলা—এক-বার চোটাইয়া, অর্থাৎ মর্ম্মে আঘাত দিয়া বলা। একচোটে—এক আঘাতে।]

একচ্ছত্র বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্রা] যাহাতে একের (এক রাজার) ছত্র (অধিকার) ; একাতপত্র, একাধিপত্যশাসিত। "একচ্ছত্রে রাজ্যেশ্বর ম ৪১৩ ; পৃথিবীকে একচ্ছত্রা করিলা পাণ্ডব ৯৮২। একচ্ছত্রা পালিবে

ধরণী ক.চ ৩৩। একচ্ছত্রা (ধৃতপাঠ—°ত্রা) পৃথিবী করিলা রঘুপতি ব.প ৭৪১। একচ্ছত্রা (ধৃতপাঠ -°ত্রা) অবনী।—রঙ্গ ৮৪। —ত্র বি [বাঙলায়; অপ্র] একাধিপত্য। "পৃথিবীতে একচ্ছত্র করিল দুষ্মন্ত ম ৫৫।

একচ্ছায় বিণ [এক ছায়া যাহাতে, বহুব্রী] যাহাতে কেবল ছায়া; ছায়াময়, সূর্য্যালোকরহিত। "একচ্ছায়মিবাকাশং বাণৈশ্চক্রে মহা ৪.৫৮. ৩৪; ৫৩। —চ্ছায়া স্ত্রী [ষ.ত] একের (অধমর্ণের) ছায়া; অধমর্ণ-সাদৃশ্য। "°য়াশ্রিত যাজ্ঞ ২.৫৫।

একছত্র[১] বিং [সং একচ্ছত্র; পদ্যে] সর্থ 'একচ্ছত্র'। "(পুত্র) হবে রাজচক্রবর্ত্তী, একছত্র করিবে ভুবন ন ১৫২৬।

একছত্র[২] বি এক পঙ্‌ক্তি; এক সা'র; দু-এক লাইন; একটু। "আপনার যদি মত হয়, তবে একছত্র লিখিয়া দিন ব.প্র ৩১৭।

একছিলি(লে)ম্‌ বি [এক+ছিলি(লে)ম্‌] এক ক'লকে (তামাক)। "ও রাম! একছিলেম্‌ অম্বুরি তামাক টামাক খাও না।—মা ৩৩১।

একছুট বি ১ এক দৌড়; লম্বা বা চোঁচা দৌড়। ২ এক প্রস্থ; এক সেট্ (set)। —ছুটে ক্রি.বিং একবস্ত্রে; এক কাপড়ে, অর্থাৎ কেবল ধুতিপরিধানপূর্ব্বক। "সেজে গুজে শিশু সারি সারি আসে,...এ শিশু অনাসে তাহাদেরি পাশে, একা একছুটে দাঁড়ায়ে আছে ব.সু ৩৯।

একজ বিণ [এক+√জন্+অ (ড)-ক; উ.ত] ১ এক হইতে বা এক স্থানে জাত। ২ এক (অনাশ্রিতভাবে) জাত; একজাত। "মহানপ্যেকজো বৃক্ষঃ (বাতেন শক্যো ধর্ষয়িতুম্)।—পঞ্চ ৩.৫২। —জ পুং এক মাতাপিতা হইতে জাত; সহোদর। —জা স্ত্রী [স্ত্রী আ (টাপ্)] সহোদরা।

একজটা স্ত্রী [বহুব্রী] যাহার এক জটা; তারিণীমূর্ত্তিবিশেষ, উগ্রতারা। [শুম্ভনিশুম্ভ-পীড়িত দেবগণের ত্রাণার্থ ইনি হিমাচলে মাতঙ্গীর কায়কোষ হইতে উদ্ভূতা হন। ইনি কৃষ্ণবর্ণা, চতুর্ভুজা, মুণ্ডমালাভূষিতা। ইঁহার দক্ষিণ করদ্বয়ে খড়্গ ও পদ্ম, বাম করদ্বয়ে কর্ত্রী ও খর্পর, শিরে ঊর্দ্ধগতা এক জটা (কালিকাপুরাণ, ৬১তম অধ্যায়)।]

একজাই বি [হি এক জাঈ] বিবরণপত্র, তালিকা। —জাই ক্রি.বিং [ফা যক্‌জা—together] ১ সমবেতভাবে, দলবদ্ধভাবে, একসঙ্গে। "কতকগুলা প্রাচীন রমণী...একজায়গায় বসেছে একজাই দা ২০৯২। ২ বারংবার, পুনঃপুনঃ। "এককথা একজাই ভাল লাগে না। [একজাই চালান—বৎসরের শেষে একুন চালান। একজাই জরিপ—সর্থ 'এক-আন্দাজ'। একজাই-নবিশ—যিনি সব বিষয়ের হিসাব একত্র করিয়া হিসাব প্রস্তুত করেন।]

একজাতি বিণ [বহুব্রী; স্ত্রী -তি] ১ যাহার উপনয়নাভাবে এক জন্ম; একজন্মা (শূদ্র)। তু 'দ্বিজ'। "একজাতিস্তু শূদ্রঃ মনু ১০.৪। ২ সজাতি, সমানজাতি (পশু-প্রভৃতি)। ৩ একরূপ, তুল্যাকৃতি, সদৃশ। ৪ তুল্যধর্ম্মান্বিত, সমধর্ম্মা। —তি পুং শূদ্র। তু 'দ্বিজাতি'। "মনু ৮.২৭০। —তি স্ত্রী [কর্ম্মধা] অভিন্ন জাতি; তুল্যধর্ম্ম।

একজাতীয় বিণ [°তি+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে] ১ একজাতিসম্বন্ধী, সজাতি, সরূপ, সমাকৃতি (সুশ্রুত)। ২ [এক+জাতীয় (জাতীয়র্‌) প্রকারার্থে] তুল্যপ্রকার, একরকম।

একজায় ক্রি.বিং [দ্র 'একজাই'] সমবেতভাবে, একসঙ্গে, একত্র। "শত শত একজায়, গুজরাটে তন্তুবায় (বৈসে) ক.চ ৮৯; বেণে বৈসে একজায় ১৭৬।

একজুট, -টি, -জোট বিং [ঠ একজুট—concert, combination; তু 'একযূথ'] মিলিত, একমত, দলবদ্ধ। "আর যত গোপবধূ হয়্যা একজুটি শ্রী.ম ৬৯। যদি সমগ্র সমাজের লোক একজোট হয় পা.প্র ২০৪।

একজ্বরী বিং [একজ্বর+ঈন্‌] যাহার জ্বর থাকে, ছাড়ে না; সতত জ্বরাক্রান্ত। "কম্পজ্বরে একজ্বরী হ'ল দা ২০৬২।

একট, -ড় 'এ্যা-' বিং [সং একল; ঠ একট; একুড়ি (চ)] একটা, একমাত্র। "একড় লেবু দোকড় শশা কড়ায় চার্ চার্ জাম। কুড়ি কড়ায় কুড়িথান জিনিশ কিনতে বলেছে রাম॥ [একট তক্‌তা—এক-পানা, অর্থাৎ আজোড়া তক্‌তা।]

একটা বিং [এক[১]+টা; ঠ একটা, -ডা—এক (১) এই সংখ্যা; মৈ একটা; অস একেটা] ১ এক (ব্যক্তি, বস্তু—অবজ্ঞায়)। "ছেড়া কাপড় টাপড় একটা প'রে আসবে—পাগলের মতন আসবে গি.দ্বি ১১৭; ও একটা উন্মাদ পাগল ১২২। ২ এক (নিরূপিত বিষয়ে)। "একটা ফন্দি কল্লে হয় না!—গি.দ্বি ১১৯। ৩ অনির্দ্দিষ্ট, কোনরূপ। "এই জীবনটা ভালো, কিম্বা মন্দ, কিম্বা যা-হোক-একটা কিছু প.কা ১১। ও একটা গেরস্তর বৌ গি.দ্বি ১১৮; একটা ঝোপে গিয়ে...ঘুমুই ১৩১। ৪ এক-বিশেষ। "চুরি টুরি না কত্তে পাল্লে রাত্রে নিদ্রা হয় না; ওই একটা দোষ হয়েছে গি.দ্বি ১৩১। ৫ দু-একটা। "দাঁড়াও, বেশী নয়, একটা কথা বলব। ৬ সুবিধামত কোন। "যদি বেচতে পারি, একটা আড্ডা-ধারী টাড্ডাধারী হ'য়ে বসব গি.দ্বি ১২০। ৭ বিশেষ প্রণিধানযোগ্য বা বিবেচ্য। "তাকে এটা বলা ভাল কি মন্দ,—এখন এই হচ্ছে একটা কথা। ৮ বিশেষ শ্রদ্ধেয় বা বিশ্বাসযোগ্য। "ছোটর শাপ বড়োর লাগে না—একি একটা কথা। ৯ সামান্য বা অস্তিত্বহীন এক। "আমি জানতুম, ভালবাসা একটা কথা; তা নয়,—ভালবাসা আছে গি.দ্বি ১১৭। [একটা কথার কথা—যা-তা বা তুচ্ছ একটা কথা। "বড় হওয়া, একটা কথার কথা নয়! একটা কথার মত কথা—শ্রদ্ধেয় বা বড় এক কথা। একটা কিছু কর—সুবিধামত যা-কিছু কর। সে বড় একটা আসে না বা বড় একটা কিছু বলে না—ইত্যাদি স্থলে, 'বড়-একটা'র অর্থ 'প্রায়'।]

একটানা বিং [এক[১]+টান+আ[১০]] ১ একটানযুক্ত। একদিকে, অর্থাৎ নিম্নাভিমুখে স্রোতোবিশিষ্ট (নদী)। "সমুদ্রের নিকটে নদীতে জোয়ার ভাটা আছে, কিছু উপরে নদী একটানা। ২ যাহার এক পক্ষে টান; পক্ষপাতী। ৩ একতানযুক্ত, একঘেয়ে। "একটানা এক ক্লান্ত সুরে৹ কাজের চাকা চলচে ঘুরে প.কা ১১। ৪ অবিশ্রাম। "একটানা খাটনি, পথচলা।—টানা ক্রি.বিং একেবারে, বরাবর (directly)। "আজ আফিস থেকে একটানা বাড়ী আসব। —টানা বি একদিকে টান বা স্রোত। "অতিজোরে একটানা, কি করবে গুণটানা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

একটি বিং [এক[১]+টি[৩]] ১ এক (আদরে, যত্নে)। "একটি একটি ক'রে তোমার৹ পুরান তার খোলো গী.লি ৭৬। ও ছেলে নয়, একটি রত্ন! ২ কেবল এক, একমাত্র, একই। "একটি নমস্কারে, প্রভু, একটি নমস্কারে৹ সকল দেহ লুটিয়ে পড়ুক তোমার এ সংসারে গী.লি ১৬৮। একতারাতে৹ একটি যে তার সেইটি বাজা।—রবীন্দ্র। ৩ বিশেষ গুণবান্ এক (জন)। "উনি যে সে নন, উনি একটী লোক!—দেশ-নায়ক। ৪ কোনও। "ঢাকের পিঠে বাঁয়া থাকে, বাজে নাকো একটি দিন।—কাব্যনির্ণয়।

একটু বিং [এক[১]+টু] ১ অল্পপরিমাণ, কিছু (জল দুধ গুড় মধু)। "একটু ফেনার মত প.কা ১৩। ২ অল্প, সামান্য। "একটুমাত্র অসাবধানেই বিষম কর্ম্মভোগ প.কা ১০। —টু ক্রি.বিং ১ একবার। "তুমি একটু ব'ল্লেই হয়। সে একটু যাক না! ২ অল্পক্ষণ, কিয়ৎক্ষণ। "একটু বসি, তুই বলছিস্ একটু বসি গি.দ্বি ১২৯। ৩ অত্যল্প, ঈষৎ, কিছু। "কিবা হাত পা কিবা গঠন, একটু কেবল কালো বরণ দা ৮২। (ওষ্ঠাধর) একটু ঘুরান, একটু ফুলান, একটু হাসি হাসি ব.প্র ১৭;

একটু বেশী আদর, একটু বেশী খোলা কথা, কথাবার্তায় একটু বেশী অসাবধানতা, একটু বেশী মনের মিল হইয়া পড়ে ৪৪৭। —টু বি ১ এক খণ্ড বা টুকরা। "একটু কাঠ, পাথর, চামড়া ইত্যাদি। ২ অল্পাংশ, টুকরা। "একটু একটু ক'রে রুটিটা সব পিঁপড়ে খেয়েছে। ৩ কিয়দংশ, কিছু। "তুই সবটা খাস নে, একটু আমাকে দে। [একটু-খানি—১ একটু ক্ষণ; কিয়ৎকাল। "একটুখানি ভাবব এমন সময় ছিল কোথা প.কা ১১। ২ অল্প, কিঞ্চিৎ (জল, দুধ ইত্যাদি)। ৩ অল্পবয়স্ক, ছোট (ছেলে, মেয়ে)। ৪ এক টুকরা (কাঠ, পাথর)। একটুতে —অল্প কারণে; সামান্য ইঙ্গিতে। "একটুতে রাগ করা। একটুতে বুঝিয়া লওয়া। [এট্টু (কথ্য ভাষা)—একটু। "মেজো তালুই এট্টু দাঁড়া ন.ত ৭৮।]

একটুক, -টুকু বিং [এক+টুক+উ৭] ১ অল্পপরিমাণ, অল্প (দুধ, জল ইত্যাদি)। ২ অল্পক্ষণ, কিয়ৎকাল। "রাখ রাখ একটুকু বি.সু ১৬৩। ৩ ক্ষুদ্রাকৃতি, একরত্তি, অতিশিশু। "একটুকু ঐ মেয়ে প.কা ৩৯। —টুকু ক্রি.বিং অল্পপরিমাণে, কিছু। "একটুকু মন্দ হ'লে মারে মতিচ্ছন্ন (শি)। —টুকি বিং [°ক+ই৪) একটুকও, অতি-অল্পও। "মাতৃ-হত্যাভয় বাছা নাহি একটুকু বি.সু ১৫৮। —টুকে ক্রি.বিং [°ক+এ৫] অল্পক্ষণে, কিয়ৎক্ষণের মধ্যে। "এ কি দশা একটুকে বি.সু ১১৫।

একঠাঁই, -ঠাই বি [এক১ + ঠাঁ(ঠা)ই; ফা যক্-ঠা—একস্থানে, সংগৃহীত; হি, মৈ একট্ঠা—মিলিত, জমা] এক স্থানে, অর্থাৎ মিলিত। "দেবগণ মুনিগণ হৈঞা একঠাই কৃ.উ ৩৪। ছয় ভাই হও একঠাই ম.বি ২৭২। [একঠাঁই করা (মৈ একট্ঠা কর)—মিলিত করা।]

একডৌল বিং [এক১+ডৌল; '°ঢল' (কথ্যভাষা)] একাকৃতি, একভাব, সদৃশ।

একঢাল বিং [এক১+ঢাল] ১ একভাবে ঢাল বা ঢালু; একভাবে ক্রমনিম্ন (গড়ান)। ২ একধারা, একধাঁচা, একঢল। ৩ একধারা, অর্থাৎ দীর্ঘ লম্বা ও রাশীকৃত বা এক-রা'শ (চুল)। "যেমন একঢাল চুল, তেমনি দড়ি হ'য়েছে নী ১৭।

একতঃ (-তস্) ব্য [এক১+তস্ (তসিল্) পঞ্চমী-সপ্তমী-স্থানে] ১ এক স্থান ভাগ বা পার্শ্ব হইতে। ২ একত্র, একস্থানে। "রঘু ৬.৮৬। ৩ একভাগে, একদিকে, একপার্শ্বে। "মহা ১.১.২৭১। ৪ প্রথমতঃ, একপক্ষে।

একতন-যেকতন ক্রি.বিং [যেন-তেন>যেকতন, 'একতন' (অনু.-শব্দ?); অপ্র] যেন-তেন প্রকারে, যে-কোন প্রকারে, অতিকষ্টে। "একতন-যেকতন কৈরে যে খাইছে তার দুয়ারত ঘোড়া গো.চ ২, টীকা।

একতন্ত্রী স্ত্রী [বহুব্রী] যাহাতে একটি তার; একতন্ত্রীযুক্ত বাদ্যবিশেষ; একতারা।

একতর১ বিণ [এক১+অতর (ডতরচ্) দুইএর মধ্যে একাতিশয্যে; স্ত্রী -রা] দুইএর মধ্যে একটি। "নাহি তার আপ্ত পর, নাহি তার একতর শ্রী.ম ১৪১। ইহার একতর পক্ষ স্থির সিদ্ধান্ত জানিবে সী ৩১।

একতর২ 'এ্যাক-' বিং [এক১+তর৪] ১ একপ্রকার, একাকৃতি, সদৃশ। ২ অন্যপ্রকার, ভিন্নরূপ, বিসদৃশ। ৩ একজাতীয়। —তর বি একপ্রকার রূপ; এক ভাব। "গাটী সাদা মুখটী কালো, এ একতর দেখতে ভালো দা ১৪৫৫।

একতর৩ অব্য [সং একত্র >°র (স্বরাগম); তু 'একাতর' মী ৪৬; অপ্র] একস্থানে। [একতর করিয়া—এক স্থানে করিয়া; ভিন্ন করিয়া, অর্থাৎ ছাড়িয়া। "ও রূপ্য খুইলে হাড়ি একতর করিয়া গো.চ ২৯২; ৩২; ৩৩ টীকা। একতর হয়্যা—একস্থানে হইয়া; মিলিত হইয়া। "নাগরী নাগর, রসে হয়্যা একতর, নয়ন ভঙ্গিম হাসি ভাসি শ্রী.ম ৮৬।]

একতরফ্ বি [এক১+তরফ্] একদিক্, একপার্শ্ব, একভাগ; এক-পক্ষ। —তরফা বিং [°ফ্+আ১০; ঠ °ফা] একতরফ-সম্বন্ধী, এক-পক্ষীয়। [°ফা ডিক্রী—প্রতিবাদীর অনুপস্থিতিতে বাদীর প্রার্থনানুসারে মোকদ্দমার নিষ্পত্তি; Ex parte.]

একতল(তো)লা বিং [একতল+আ১০] একতলবিশিষ্ট, একভূম (বাড়ী)।

একতা স্ত্রী [এক+তা (তল্) তদ্ভাবার্থে; বৈদিক] ১ একভাব, সমত্ব, অভিন্নতা। ২ সংযোগ। ৩ ঐকমত্য, ঐক্য।

একতান বিণ [বহুব্রী; স্ত্রী -না] ১ যাহার একে (এক বিষয়ে) তান (বিস্তার)—শ্রীধর; যাহার একে মনের বিস্তার; একাসক্তচিত্ত, একাগ্র-মনাঃ। "আনন্দৈকতান (দশকুমার)। ভক্ত একতান চৈ.চ ১০৬। (সিন্ধু! তোমার) চিরকাল একভাব আর একতান।—রঙ্গ ১৯৮। ২ অনন্যবৃত্তি, একায়ন, একাগ্র। "সম্বৈকতানমতি ভ ৭.৯.৮। মিলে সব ভারতসন্তান! একতান-মনপ্রাণ, গাও ভারতের যশোগান] —সত্যেন্দ্রনাথ ঠাকুর। একতান মনে সী ৮৮। —তান পুং [ত.পু। ১ এক বিষয়ে মনের বিস্তার; চিত্তৈকাগ্রতা। "(আবয়োঃ) কৃতস্বচ্ছর-শৈকতানয়োঃ ভ ৪.২০.২৭। ২ (সঙ্গীতে) একতা-গত স্বরবিশেষ; একতাল (শ.ক)।

একতারা বিং [°তার+আ১০; হি একতারা, ফা তার] একতারযুক্ত বাদ্যবিশেষ; একতন্ত্রী। "একমনে তোর একতারাতে একটি যে তার সেইটি বাজা।—রবীন্দ্র। একতারে দিয়ে তান, রামদাস গায় গান। —কথা ১৯।

একতাল বিণ [বহুব্রী] একতালবৃক্ষযুক্ত (গিরি)। "রঘু ১৫.২৩। —তাল পুং [ত.পু] ১ সম্যগ্ অন্বিত দ্রুতাদিসাম্য (অ.টী); সমন্বিত লয়, অর্থাৎ নৃত্য গীত বাদ্যের পরস্পর অন্বিত সাম্য। ২ বিচ্ছেদহীন নৃত্যগীতবাদ্য। ৩ তালবিশেষ, বাদ্যভেদ, একতালা। [ইহার মাত্রাসমষ্টি বার; ইহা তিন মাত্রা-বিশিষ্ট সমান চারিপদে বিভক্ত হইয়া, তিন তালি ও এক ফাঁক প্রাপ্ত হয়। ইহার তালাঙ্ক ৩১ (গী.সা)।] ৪ সাম্য, একতা।

একতালা বি [সং একতাল; হি °লা] সর্ব 'একতাল (৩)।

একতালী স্ত্রী [°তাল+স্ত্রী ঈ (ঙীষ্); তু '°লি' গ ১৩] ১ তাল-বিশেষ, একতালা। "একতালী গী.গো ২। শ্রী.কী ৯। ২ একস্বর (একসুরযুক্ত) বাদ্য; একতারা।

একতীর্থী (-র্থিন্) পুং [°র্থ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] যাহার এক আশ্রম; একাশ্রমী। "যাজ্ঞ ২.১৪০।

একত্তর অব্য [সং একত্র>বা (উচ্চারণ 'এক্ৎত্র' হইতে স্বরাগমে) একত্তর, তু 'একতর; একত্তর, -ত্র (গো.চ)] এক স্থানে। "নানাজাতি পক্ষী সব আছে একত্তর কৃ ৪৫৯। পথের সংযোগ যেন একত্তর হয় ম ১০৩৩। ফুটিলেক রবি শশী দেখি একত্তর। নয়নেতে ইন্দীবর বদনে পুষ্কর॥—ব.প ১৫০৪। —ত্তরে অব্য ['একত্রে'—মূল; অসাধু] এক-স্থানে। [একত্তর করা—মিলিত করা; মিলান। "মুখে মুখে বুকে বুকে একত্তর করি বা.ম ৩২১। ম.পা ১২৪। ব.প ১৬৮৫। একত্তর হওয়া —১ সমবেত হওয়া; মিলিত হওয়া। "পৃথিবীর সৈন্য যদি হয় একত্তর অ.প ৩৯। ম.বি ২৬৭। নখাগ্রেতে খগাগ্রজ হৈছে একত্তর ব.প ৩৭০। ম.পা ২১; ১২৪। ২ মিলিত, অর্থাৎ একমত হওয়া। "দুই ভাই রাজ্য কর হৈয়া একত্তর কৃ ১৬০। একত্তরে করা—মিলিত করা। "মনে হৈয়া কুতুহলি, সখা সখিগণ মিলি, করে কর করি একত্তরে ম.পা ১১৫। একত্তরে বসা—এক স্থানে বা এক পঙ্‌ক্তিতে বসা। "মুচি সহ কেমনে বসিব একত্তরে ভ.গ্র ২৫৩। একত্তরেতে (অসাধু)—একত্র। "এক-ত্তরেতে খেলান ব.প ১৬৮৪।]

একত্র ব্য [এক১+ত্র (ত্রল্) সপ্তমীস্থানে] ১ এক স্থানে। "একত্র স্থাপয়েৎ।—চাণক্য। হি ১৭২/৮৩। তিন লক্ষ রাজা আসি হৈয়াছে একত্র ম ৩২১। একত্র থাকিব চ.বি ৬২। ২ এক (সপ্তম্যন্ত)। "একত্র পুরুষে মহা ৩.৭২.৮। একত্র করে মনু ৫.১৩৬। একত্রাসন-সংস্থিতিঃ।—অমরু ১৫। ৩ পরিবৃত্তভাবে। "যাজ্ঞ ১.২৭৩। ৪ সমষ্টিভাবে, সর্ব্ব-শুদ্ধ। "এতান্যেকত্র চতুর্দ্দশ কুলানি (কাদম্বরী)। ৫ মিলিতভাবে, একসঙ্গে। "একত্র ভুজ্যতাং রাজ্যম্ মহা ১৩.১২.২৫। একত্র ভ্রমণ করি চ.বি ২০। তোমরা…একত্র ধর্ম্মাচরণ কর ব.প্র ১৮৪। বায়ুতে মেঘেতে একত্র হইয়া গর্জ্জিল ব.দ্বি ৩৪। ৬ একপার্শ্বে, একভাগে। [একত্র করা—১ একস্থানে করা ; মিশ্রিত করা। ২ যোগ করা ; একুন করা। "পাঁচ সাত দিন একত্র ক'রে দু ৬৯। যত সারি তত গুণ একত্র করিয়া।—শুভঙ্কর। ৩ মিলিতভাবে (একসঙ্গে বা একেবারে) করা। "একত্র করিব সভে বাণ বরিষণ চ.বি ৬২। ৪ (অপ্র) উপর্য্যুপরি বা পর-পর অনুষ্ঠান করা। "শত অশ্বমেধ যদি একত্র করয় বি.পা ৩৫৫। একত্র চলা, যাওয়া—একসঙ্গে যাওয়া। "একত্র চলিব চ.বি ৬২। একত্র যাইব ব.প্র ১৭৭। একত্র হওয়া—একস্থানে হওয়া ; মিলিত হওয়া। "দৈত্য-গণ একত্র হইয়া কৃ ১২১। ম ১৪ ; ৩৬০। চ.বি ৬২। উভয় ভ্রাতা একত্র হইয়া ধনোপার্জ্জন করেন ব.প্র ২৫৫।

একত্রিংশৎ স.বিণ [উ.লো ; পূ.বা °শ, °শত্তম (ডট্, তমট্) ; স্ত্রী -শী, -মী] একত্রিংশৎ-সংখ্যক, একত্রিশ। —শৎ স্ত্রী একত্রিংশৎ (৩১) এই সংখ্যা।

একত্রিত বিং [তু 'ফলিত' ; হি °ত ; 'একত্র' সাধু] ১ একস্থানে স্থিত ; মিলিত, সমবেত। "ষোড়শ সহস্র নারী আদ্ধি একত্রিত অ.প ৩২। সপ্তদ্বীপ শিল্পশালা একত্রিত যেন।—হেম ২০৩। একত্রিত কান্তাকান্ত প.তৃ ৮৩। ২ সংক্ষিপ্ত, রাশীকৃত। "তরুতলে শুষ্ক পর্ণরাশি একত্রিত ছিল।—কাদ ৮। [একত্রিত করা ('একত্র করা' সাধু)—একস্থানে করা ; মিলিত করা। "পক্ষিশাবকদিগকে একত্রিত করিল।—কাদ ৯। উৎসৃষ্টাবশেষ একত্রিত করিয়া মাখিতে লাগিল ব.প্র ২৮। একত্রিত হওয়া ('একত্র হওয়া' সাধু)—সমবেত হওয়া। "সকল হইল একত্রিত ব.প ৩২৫। স.শ ৪২। স.এ ৩।]

একত্রিশ স.বিং [সং একত্রিংশৎ > লি একতিংসতি; প্রা এগতীস ; হি ইকতীস ; গু একত্রীস] একত্রিংশৎ-সংখ্যক। —ত্রিশ বি একত্রিশ (৩১) এই সংখ্যা। [°শা, °শে—মাসের একত্রিংশ দিবস (তারিখ)।]

একত্রে অব্য [°ত্র+এ৫ ; অস °ত্রে ; 'একত্র' সাধু] ১ এক স্থানে। "একত্রে মিলিলা গো.বি ১৪। একত্রে বসিল অ.গ্র ১২। ভ.গ্র ২৫৮। একত্রে হৈল দোঁহে সম্মিলন দু ৪৯। একত্রে শয়ন ক.চ ১৪। একত্রে বিলাস চৈ.ভা ১৬। ২ মিলিতভাবে, একসঙ্গে। "একত্রে সাধিয়া বাণ একত্রে মারিব চ.বি ৬২। যায় গড়াগড়ি একত্রে মে ১৫। প্রসাদের আস্বাদন একত্রে করিব ভ.গ্র ২৫৮। গজপতি ও বিমলা একত্রে চলিলেন ব.প্র ৩০। ৩ সমষ্টিভাবে, একুনে। "কভু পাঁচ সাত নিশি একত্রে। এক নিশি হইয়া থাকে সর্ব্বত্রে॥—দু ৬৯।

একত্রেতে অব্য [একত্র+এ৫ -তে৪ (সপ্তমী বিভক্তি) ; 'একত্র' সাধু] ১ একত্র, একস্থানে। "একত্রেতে দুই মূলে, বান্ধা হরি উদূখলে ম.প ৭৮১। ২ মিলিতভাবে, একসঙ্গে। "সুরাসুর একত্রেতে আইসে যদি বাদে ম ৪৮৯। একত্রেতে মিলি বা.ম ৬১। যুগে যুগে মম আয়োজন হয়, একত্রেতে করি চূর্ণ সমুদয় দা ৩৬৪।

একত্ব ক্লী [এক+ত্ব, তদ্ভাবার্থে] ১ একভাব, একতা, অভেদ। "একত্বনানাত্বে মহা (S.W.)। ২ অভেদ ভাবনা। "গী ৯.১৫। ৩ ঐক্য, ঐকমত্য। ৪ তাদাত্ম্য, স্বরূপতা। "গত্বৈকত্বং চ কৃষ্ণেন (S.W.)। ৫ সংযোগ, সংশ্লেষ। ৬ একাকিত্ব, অসহায়তা। ৭ (ব্যাকরণে) একবচন। "পা ১.৪.২১, সি। বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে (অ.কো)।

একদংষ্ট্র, -দন্ত, -রদ পুং [এক দংষ্ট্রা দন্ত রদ যাহার, বহুব্রী] 'একদশন', গণেশ। "এক দন্ত বলিয়া গণেশের হৈল নাম কৃ.উ ৬১। একদন্ত কুঞ্জর-বদন ক.চ ১। [শিবশিবার দ্বারপালরূপে অবস্থিত গণেশের সহিত পরশুরামের যে যুদ্ধ হয়, তাহাতে গণেশের এক দন্ত ভগ্ন হয়। তদবধি গণেশ 'একদংষ্ট্র' 'একদন্ত' নামে অভিহিত হন (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)। এ বিষয়ে মতান্তর আছে।]

একদম ক্রি.বিং [হি, ঠ, গু. একদম ; ফা দম্] ১ এক দমে বা নিঃশ্বাসে, অর্থাৎ দম না ছাড়িয়া বা না থামিয়া ; একটানে, একবারে (at one stretch of effort)। ২ এককালে, একবারে। "বদান্য, যে একদম লাখ দেয় উপাধি কিনিতে।—রজনীকান্ত সেন। ৩ এক-নিঃশ্বাস-পরিমিত কাল ; অল্প কাল ; (গৌণার্থে) একটুও, আদৌ, একেবারে। "সে একদম চলতে পারে না, বাতে পঙ্গু। ৪ ক্রমাগত, লাগাড়। "কাঁহা রে চৌবে, গোল কাহে একদম দা ৯৬৫। [একদমে—সর্থ 'একদম' (১)।]

একদা ব্য [এক+দা কালার্থে সপ্তমীস্থানে] এক সময়ে, সমকালে, যুগপৎ। "ন হি চন্দনস্পর্শজ্ঞানং তজ্জসুখজ্ঞানং চৈকদা সম্ভবতি (সা.দ)। ২ এক সময়ে, কোনকালে, কোন পূর্ব্বকালে। "একদা নিভৃতং শৃগালো ক্রতে হি ১৭৩/৭৪। একদা এক বাঘের গলায় হাড় ফুটিয়াছিল।—কথামালা। ৩ সময়বিশেষে। "উচ্ছেদ্যমপি বিদ্বাংসো বর্দ্ধয়ন্ত্যরিমেকদা।—পঞ্চ ৩.৬১।

একদৃক্ (-দৃশ্) বিণ [বহুব্রী ; স্ত্রী -ক্] ১ যাহার এক চক্ষু ; কাণ। ২ যাহার এক বিষয়েই দৃষ্টি ; একদর্শী। "দোষৈকদৃক্ (অ.কো)। —দৃক্ পুং ১ 'সমভাবে সর্ব্বদ্রষ্টা', শিব। ২ 'একচক্ষুঃ', কাক।

একদৃষ্টি বিণ [বহুব্রী ; স্ত্রী -ষ্টি] ১ একচক্ষুঃ, কাণ। ২ এক বিষয়ে নিহিতনেত্র ; অনন্যদৃষ্টি। —দৃষ্টি পুং সর্থ একদৃক্ (পুং)। —দৃষ্টি স্ত্রী [ত.পু] অনন্যবিষয়া দৃষ্টি ; একে নিহিতচক্ষুঃ ; অনিমেষনেত্র। "সততমেকদৃষ্ট্যা তমবলোকয়ন্ (পঞ্চ)। [একদৃষ্টে, -দৃষ্ট্যে (একদৃষ্টি +এ৫)—অনিমেষনেত্রে। "একদৃষ্টে সীতাদেবী ঘোড়াকে নেহালে কৃ.উ ২৩৮। একদৃষ্টে মহাদেব চাহে ম.ম ১৪। একদৃষ্টে চাহে বামা দূর লঙ্কা পানে মে ৭৭। একদৃষ্ট্যে রূপ পান করা —তৃষিতের অতিস্পৃহায় জলপানের ন্যায়, অতিদর্শন-তৃষ্ণায় অনিমেষ নেত্রপাতে রূপ দর্শন করা। "দেখিয়া প্রভুর রূপ মদনসুন্দর। একদৃষ্ট্যে পান সভে করেন নির্ভর॥—চৈ.ভা ৬৬৫। তু '(তং বনিতা) পপৌ নিমেষালসপক্ষ্মপঙ্‌ক্তিভিরুপোষিতাভ্যামিব লোচনাভ্যাম্।—রঘু ২.১৯।]

একদেশ পুং [ত.পু] ১ একস্থান, অভিন্ন দেশ, তৎস্থান। ২ সমুদায়ের একভাগ ; একাংশ। "বনৈকদেশ গো.রা ৫.৫০.৩। একদেশস্ত বেদস্য মনু ২.১৪১। যাজ্ঞ ১.৩৫। হি ১৭৩/৫৪। ৩ দেহাংশ, অবয়ব। "পা ২.২ ১, সি। ৪ দেশবিশেষ, স্থানভেদ। —দেশী (-শিন্) বিণ [°শ+ ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -শিনী] ১ একদেশবান্, একাংশযুক্ত। ২ অবয়বী, অঙ্গী। "পা ২.২.১। [°শদর্শী (-র্শিন্) বিং ১ যে কোন বিষয়ের একদেশ দেখে, অর্থাৎ পূর্ব্বাপর বিচার করে না ; অপরিণামদর্শী। ২ একপক্ষাবলম্বী ; পক্ষপাতী।]

একদেহ বিণ [বহুব্রী] ১ যাহার একদেহ (এক পূর্ব্বপুরুষ) ; এক-গোত্রজ। "হ ৪৬.২৭। ২ অভিন্নদেহবান্, একশরীর। —দেহ পুং ১ 'শ্রেষ্ঠদেহবান্', বুধগ্রহ। ২ দম্পতি।

একধর্ম্মা (-র্ম্মন্), -ধর্ম্মী (-র্ম্মিন্) বিণ [এক ধর্ম্ম যাহার, বহুব্রী, সমাসান্ত 'অন্' (অনিচ্)-১ব ; একধর্ম্ম+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্ম্মা, -র্ম্মিণী] তুল্যধর্ম্মযুক্ত ; সধর্ম্মা, সমগুণ।

একধা ব্য [এক+ধা বিধার্থে ; ছান্দস] একবিধভাবে, একপ্রকারে। "একধা বহুধা চৈব বিকুর্ব্বাণঃ মহা ১৪.৪২.৬৪।

একধার পুং [ত.পু] ১ একটি প্রবাহ বা ধারা। ২ (বাঙলায়) স্তনবৃন্তের একছিদ্রপথে নিঃসৃত দুগ্ধধারা। "একধার দুগ্ধ আমি ভুঞ্জাব তোমায় ম ৪০৫। [(মায়ের) একধার দুধের কাজ করা—মাতৃস্তন্যের একধারার ঋণ শোধ করা।]

একনবতি স.বিণ [উ.লো ; পু.বা °বত, °বতিতম (ডট্, তমট্) ; স্ত্রী -তী, -তমী] একাধিক নবতি; একনবতি-সংখ্যক; একানই। —তি স্ত্রী একনবতি (৯১) এই সংখ্যা।

একনাথ, -নরাধিপ পুং [ত.পু] কেবল (শ্রেষ্ঠ) রাজা; সার্ব্বভৌম। "রঘু ৫.১৬ ; ২৩। সকল দেশের রাজা হৈল একনাথ কৃ.উ ১৪৫। [পদ্যে মিলের জন্য ধৃতপাঠ—'একনাদ']

একনিশ্চয় বিণ [বহুব্রী] অভিন্নসঙ্কল্প, একমতি, স্থিরনিশ্চয়। "মহা ১.২০৯.৪। —য় পুং [ত.পু] অভিন্ন সঙ্কল্প; স্থির সিদ্ধান্ত। "মহা ১.২০৯.৭।

একনিষ্ঠ বিণ [বহুব্রী] একে নিষ্ঠাবান্, একাসক্ত, একাশ্রিত।

একনীড় বিণ [বহুব্রী] ১ একবাস, একাশ্রয়। "যত্র বিশ্বং ভবত্যেকনীড়ম্।—বাজসনেয় ৩২.৮। ২ একোপবেশনস্থান (রথ)। "ভ ৪ ২৬.২।

একপক্ষ পুং [বহুব্রী] ১ যাহার একমাত্র পক্ষ; সহায়। ২ [ত.পু] এক পক্ষ (দিক্); অন্যতর পক্ষ। "°ক্ষাশ্রয় রঘু ১৪.৩৪। ৩ বাদী বা প্রতিবাদী; জিগীষু বা অরি।

একপঙ্‌ক্তিক বিং [এক পঙ্‌ক্তি যাহাদের, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] ভোজনে এক পঙ্‌ক্তিতে উপবিষ্ট (লোক)। "আমরাও সর্ব্বোচ্চ ইংরাজজাতির সমক্ষে পরস্পর পার্থক্যভাব পরিহারপূর্ব্বক একপঙ্‌ক্তিক হইয়া আসিতেছি পা.প্র ৬৪।

একপতিকা স্ত্রী [এক পতি যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)+স্ত্রী আ (টাপ্); বিকল্পে '°পত্নীকা', '°পত্নী'] যে নারীর অভিন্ন পতি; সপত্নী। "মনু ৯.১৮৩, কুল্লুক। —পত্নী স্ত্রী ১ সর্থ 'একপতিকা'। মনু ৯.১৮৩। ২ একভর্ত্তৃকা, পতিব্রতা, সতী। "°ত্ব গো.রা ৫.৪৯.২১। মনু ৫.১৫৮; পু.মে ১০। একপত্ন্যঃ স্ত্রিয়ঃ মহা ৩.২০৪.৫। ২ [ত.পু] একা পত্নী। "বহুনামেকপত্নিতা মহা ১.১৯৬.২৩।

একপত্নীব্রত ক্লী [ষ.ত] ১ একপত্নীর ব্রত; সতীধর্ম্ম, পতিব্রতা। "রা ৪.৬৬.১৬। °দুঃখশীলা কু.স ৩.৭। ২ [কর্ম্মধা] একপত্নীরূপব্রত; একের অনধিকদারগ্রহণরূপ ধর্ম্ম; একবিবাহব্রত (monogamy)। "°ধর ভ ৯.১০.৫৪। °যুত ব.প ৬২৩।

একপদ বিণ [বহুব্রী ; স্ত্রী -দা] ১ একপদবিশিষ্ট। "ভ ৪.৬.২১। ২ একমাত্রস্থান। "দানমেকপদং যশঃ মহা ৩.৩১২ ৭০। —পদ ক্লী [ত.পু] ১ একসংখ্যক স্থান; একস্থান। ২ এক সুবন্ত বা তিঙন্ত পদ। "মাঘ ২.৯৫। ৩ একৈক পদক্ষেপ; একপদন্যাস। "রা ৪.৩১.১৫। মাঘ ২.৯৫। ৪ শ্রেষ্ঠ স্থান; বৈকুণ্ঠ (শ.ক)। ৫ একপদের উচ্চারণকাল। —পদ পুং ১ একচরণ মনুষ্য। ২ রতিবন্ধবিশেষ। —পদী স্ত্রী ১ একচরণা নারী। ২ [এক পাদ যাহাতে, বহুব্রী, পাদ > পদ্, স্ত্রী ঈ (ঙীপ্), পা ৫.৪.১৩৯] যাহাতে এক (অসহায়) পদ (অ.টী); বর্ত্ম, মার্গ। "গো.রা ৪.৩১.১৩। ৩ একের (একজনের) গমনযোগ্য পথ; সঙ্কীর্ণপথ (A.)। ৪ ছন্দের চতুর্থাংশযুক্ত ঋক্ (ত.বা)। —পদে ব্য তৎক্ষণ, তৎকাল। "রঘু ৮.৪৮। —পাদ বিণ [বহুব্রী ; স্ত্রী -দা] ১ একপাদযুক্ত, একচরণ। "মহা ৩.২৭৯.৪৫। ২ চতুর্থাংশযুক্ত, সিকি। "(ত্রেতায়াম্) পাপমেকপাদম্। —পাদ পুং [ত.পু] ১ এক চরণ। "ব্যতিষ্ঠদেকপাদেন মহা (S.W.)। "অতিষ্ঠদ্ একপাদেন ভ ৪.১.১৯; ২৩। ২ চতুর্থাংশযুক্ত, সিকিভাগ, একপোয়া। ৩ ছন্দের এক চরণ। ৪ বিষ্ণু। ৫ শিব। তু 'একপাৎ'। [একপদী ছন্দ—অনুষ্টুভের ন্যায় প্রথমাংশে অষ্টাক্ষরপাদযুক্ত পয়ার ছন্দ (?)। "রচিয়া মধুর পদে একপদী ছন্দ ক.চ ২২১।]

একপাটা বি ['একপট্ট'—মূল; হি একপটা, -টী—জোড়শূন্য, একপালটা; —একপটী চাদর; ঠ একপাটী, -ট্যা—consecutive] একখণ্ড কাপড়ে প্রস্তুত গাত্রবস্ত্র; চাদর, উড়নী। "ব.প ১৫১২। পা হইতে মাথা পর্য্যন্ত একখানি একপাটায় ঢাকা আছে য ৩।

একপার্থিব পুং [ত.পু] অদ্বিতীয় রাজা; একনাথ। "রঘু ৩.৩১।

একপিঙ্গ পুং [বহুব্রী] যাহার একচক্ষুঃ পিঙ্গ; কুবের। "গো.রা ৪.৪৪.৪। [ইঁহার বাম চক্ষু পার্ব্বতীর শাপে স্ফুটিত এবং পরে প্রসন্না দেবীর বরে পিঙ্গলবর্ণ হয় (কাশীখণ্ড)।]

একপিণ্ড বিণ [বহুব্রী] যাহার পিণ্ড সমান; সপিণ্ড।

একপুরুষ পুং [ত.পু] ১ প্রধান পুরুষ; পুরুষোত্তম, পরমেশ। ২ (বাঙলায়) এক সন্ততিক্রম (generation)। [এক পুরুষে বড়লোক—যে একপুরুষেই ধনী, বনিয়াদী ধনী না।]

একপ্রস্থ বি ১ এক ভাগ; এক সুট (পোশাক, গহনা)। ২ একভাগ; একপদ (রন্ধনে)। "আমিষ একপ্রস্থ।

একফল ক্লী [ত.পু] একমাত্র ফল; মুখ্যফল। "পরার্থৈকফলা গুণাঃ। —রঘু ১.২৯। —ফলা স্ত্রী ১ ওষধিবিশেষ। ২ [°ল+আ° ; বাঙলায়] যে গাছে বৎসরে একবার ফল হয়। তু 'দোফলা'।

একফাল, -ফালি বি [এক[১]+ফা'ল, ফালি] ১ লম্বালম্বি কাটা কুমড়া-প্রভৃতির একখণ্ড; লম্বা একটুকরা। ২ একখণ্ড, একটুকরা। "আছিল ইসরমুল তধি একফালি ক.চ ২৫।

একফুট বিং [এক[১]+ফুট] ১ একবিন্দু-পরিমিত, অত্যল্প, একটু (জল, মধু, গুড় ইত্যাদি)। ২ দৈর্ঘ্যে একফুট-পরিমিত (কাষ্ঠাদি)। [°খানি —একটুখানি, কিঞ্চিৎ (পরিমাণে); অতিশিশু (আকারে)।]

একবচন ক্লী [ষ.ত] (ব্যাকরণে) একত্বের বচনসাধন; বিশেষ্যাদির একত্বসূচক বিভক্তি।

একবয়সী বিং [°য়স+ঈ°] যাহাদের এক বয়স; সমবয়স্ক, বয়স্য, বয়স্যা। "সূর্য্য শশী, খোকার সহিত হাসে, গেন, একবয়সী।—শিশু ২২। আমরা একবয়সী লী ১৭।

একবর্ণ বিণ [বহুব্রী] ১ যাহার বর্ণ এক; একরঙ্গ, একরঙা। ২ একাক্ষর (শব্দ)। ৩ অভিন্নবর্ণ, ব্রাহ্মণাদিবর্ণবিভাগহীন। "একবর্ণমিদং লোকো ভবিষ্যতি যুগক্ষয়ে।—মহা ৩.১৯০ ৪২। ৪ জ্ঞানৈকস্বরূপ, জ্ঞানরূপ। "য একবর্ণং তমসঃ পরম্ ভ ৮ ৫.২৯। —বর্ণ পুং [ত.পু] ১ এক শুক্লাদি বর্ণ। ২ এক অক্ষর। ৩ এক ব্রাহ্মণাদি জাতি। ৪ শ্রেষ্ঠ জাতি। —বর্ণী স্ত্রী করতালীরূপ বাদ্য।

একবস্ত্র বিণ [বহুব্রী] ১ যাহার একখানি কাপড়; ধৃতপরিধানবস্ত্র, উত্তরীয়হীন। "°বস্ত্রতা।—মহা ৩.৬২.১৬। কৃষ্ণা একবস্ত্রা: °পরিহিতা ম ৩৫৫; ৯১৭। ২ একজাতীয়বস্ত্রবিশিষ্ট। —বস্ত্র ক্লী [ত.পু] একমাত্র পরিধানবস্ত্র। "°সংবীত।—মহা ৩.৬২.৪। [°পরিহিত (বিং) —উত্তরীয়বস্ত্রহীন, এককাপড়া। একবস্ত্রে, একবসনে—এককাপড়ে, অর্থাৎ উত্তরীয়শূন্যভাবে; একছুটে। "কিছুই লইয়া যাইব না। একবসনে চলিলাম।—ব.প্র ১২৪।]

একবাক্য বিণ [বহুব্রী] অভিন্নবাক্য, একমতি, একমত। "প্রায় সকলেই একবাক্য হইয়া অশেষ প্রকারে সুখ্যাতি করিয়া কহে সী ১৯। —বাক্য ক্লী [ত.পু] ১ একটি বাক্য (sentence) বা শব্দ। ২ একার্থবোধক বাক্য। ৩ অবিসংবাদী (অভিন্ন) বাক্য। "রঘু ৬.৮৫। একবাক্যতা চৈ.চ ৩০২। [একবাক্যে—মিলিতভাবে। "এই হীন মন্ত্রণায়, কেমন দিলেন সায় একবাক্যে সব ন ৪৬৩।]

একবাদ পুং [ষ.ত] ১ একের (ব্রহ্মের) বাদ ; অদ্বৈতবাদ। ২ [বহুব্রী] যাহার বাদন একপ্রকার ; ডিণ্ডিমবাদ্য।

একবার বিং [সং একবারম্ ; ফা যক্‌বার্, -বগী] একদফা। "একবার ছাড়ী দুইবার নাহি মরী শ্রী.কী ৫৮। —বার ক্রি.বিং ১ একদফা। "যা বাছা যা—আর একবার যা।—গি.দ্বি ১২৬। ২ এক সময়ে ; কোন সময়ে। ৩ মনোযোগপূর্ব্বক একটুখানি। "আমি বল্লুম !—শোন একবার কথা ! ঘ ৮৯ : মেজ রাণী বল্লেন, ওমা ! শোন একবার ! ২৮১। ৪ একটুখানি। "তার থান জাহ একবার শ্রী.কী ৩৯৬। না দাও, তোমার কৃষ্ণ তোমার থাকবে—আমায় একবার দেখাও গি.দ্বি ১৪০। —বারে ক্রি.বিং [একবার+এ^৫] ১ এককালে, এক দফায়। ২ এক সময়ে, অর্থাৎ একসঙ্গে। "বিবাহ-অন্তরে দোঁহে…একবারে করিল ভোজনে চৈ.ম ৮৩। ৩ অকস্মাৎ, হঠাৎ। "আমরা সকলে অযোধ্যায় গিয়া তোমার ক্রোড়দেশ একবারে নবকুমারে সুশোভিত দেখিব সী ৪। ৪ সর্ব্বতোভাবে, সম্পূর্ণভাবে। "এই ভাবিয়া তিনি একবারে ম্রিয়মাণা হইলেন সী ৭২। কাদ ৫। ৫ নিঃস্বত্বভাবে, স্বত্বত্যাগপূর্ব্বক। "আমি তোমাকে বই পড়তেই দিয়েছি, একবারে দিই নি। [একবারমাত্র—একবারই। একবারেই—এককালেই ; সম্পূর্ণভাবেই ; আদৌ। "সে বাতে পঙ্গু, একবারেই হাঁটতে পারে না। একবারেতে ('একবারে' সাধু)—সম্পূর্ণভাবে। "একবারেতে বঞ্চিত, জগতে করেছ জগৎনিধি দা ৫০২।]

একবাল বি [আ ই'ক্‌বাল্ ; হি °বল] প্রতাপ ; সৌভাগ্য। "হুজুরের একবালে গরিবখানার অমঙ্গলের সম্ভাবনা কি ?—ব.প্র ৪৪৬।

একবাস[১] বিণ [বহুব্রী] যাহার বাসস্থান অভিন্ন ; একবসতি। "হি ১.২০০।

একবাস[২] বিং [সং একবাসাঃ] একবস্ত্র, এক-কাপড়া। "রাজা রাণী একবাস হইয়া রহিল ম ১০৬২। —বাসাঃ (-সস্) বিণ [এক বাসঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -সাঃ] ধৃতৈকবস্ত্র, একবস্ত্র। "মহা ৩.৬১.৬।

একবিংশতি স.বিণ [উ.লো ; পু.বা °শ (শ্রী.ম ৫), °শতম (ডট্, তমট্), স্ত্রী -শী ; -তমী] একবিংশতি-সংখ্যক, একুশ। —শতি স্ত্রী একবিংশতি (২১) এই সংখ্যা।

একবিধ বিণ [একা বিধা যাহার ; বহুব্রী ; স্ত্রী -ধা ; বৈদিক] ১ এক-প্রকার, সমজাতি, সদৃশ। ২ অভিন্ন।

একবীর পুং [ত.পু ; ছান্দস] ১ শ্রেষ্ঠবীর, অদ্বিতীয় বীর। "ভ ৩.১.৪০ ; ৪.১৬.২০। ২ মহাবীর। ৩ বৃক্ষবিশেষ।

একবেণি, -বেণী স্ত্রী [ত.পু] একীভূতা বেণী ; বিরহিণীর কেশ-সংস্কারাভাবে জটাবৎ একীভূত বেণীসমূহ। তু 'প্রোষিতেষু পতিষু ছ্যাযোষিতাম্। গুম্ফিতাঃ শিরসি বেণয়োঽভবন্…॥—মাঘ ১৪.৩০। "°ধরা (নগরী) রা ২ ১০৮.৮। °ধরা শকুন্তলা শ ৭২৩। উমে ৩১। °ধরং শিরঃ সা.দ ৩.২০৪। [°ধর (বিণ)—একবেণীধারক।]

একবেলি ক্রি.বিং [একবেরি > °লি, দ্র 'বেরি' ; ঠ একবেল. -লী—তৎক্ষণাৎ, একদমে ; অপ্র] একবারই, কেবল একবার। "একবেলি কাহ্নু মোর রাখুক সমান শ্রী.কী ৯৬।

একবেশ্ম (-শ্মন্) ক্লী [ত.পু] ১ শ্রেষ্ঠগৃহ (শতপথব্রাহ্মণ)। ২ এক-গৃহ। "মনু ৩.১৪১ ; ১১.১৭৭।

একব্বর বি [ফা আক্‌বর] আকবর পাৎশাহ। "একব্বর পাৎশা পরম্পরায় শুনিল ভ.গ্র ২০। ব.প ১৬৮৩। একব্বরসাহি E. P. 58.

একব্যবসায়ী (-য়িন্) বিণ [°সায়+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১বৃ] সমব্যবসায়বান্, একবৃত্তি, একাজীব।

একব্যূহ পুং [ত.পু] একমূর্ত্তি, বিরাড্রূপ। "বিষ্ণু ১.৫৮।

একভক্ত বিণ [বহুব্রী] ১ যাহার ভক্ত (ভাত) অভিন্ন ; একান্নবর্ত্তী। ২ [ত.পু] শ্রেষ্ঠভক্ত। ৩ [ষ.ত] এক দেবতার ভক্ত। —ভক্ত ক্লী [ত.পু] ১ দিবসে একবার ভোজন ; একাহার। "মহা ১৩.১০৬.২৭। যাজ্ঞ ৩.৩১৮। ২ দিবার্দ্ধে একভোজনসাধ্য ব্রতবিশেষ। —ভক্তা স্ত্রী [স.ত] একে অবরুদ্ধা (কুল্লুক)। "মনু ৮.৩৬৩। —ভক্তি বিণ [বহুব্রী ; স্ত্রী -ক্তি] ১ একে যাহার ভক্তি ; একদেবে অনুরক্ত। "গী ৭.১৭। ২ একান্ত ভক্ত। —ভক্তি স্ত্রী [ত.পু] অনন্যবিষয়া ভক্তি ; একান্ত অনুরাগ।

একভাব বিণ [বহুব্রী ; স্ত্রী -বা] ১ একত্বপ্রাপ্ত, অভিন্ন। ২ এক-প্রকার, একবিধ, সদৃশ। ৩ অকপট, অমায়, সরল। ৪ একনিষ্ঠ, তন্ময়, তদ্‌গতচিত্ত। "(সিদ্ধি) ভবানীর নামে দিল একভাব হ'য়ে ভা.চ ৮৮। ৫ একান্ত অনুরক্ত। —ভাব পুং [ত.পু] ১ অভিন্নভাব, একতা, অভেদ। "আত্মৈকভাব।—ভ ৪.৩১.১৮। ২ অকপট, সরলতা, সাধুতা। "(কৃত্যং) একভাবেন কর্ত্তব্যম্।—পঞ্চ ৩.৬৩। ৩ ঐকমত্য, ঐক্য। ৪ একরূপতা, সাদৃশ্য, একপ্রকার। ৫ অভিন্নভাব, এক-প্রকৃতি, একধারা।

একভার্য্যা বিণ [একা ভার্য্যা যাহার, বহুব্রী] একপত্নীকজন। —ভার্য্যা স্ত্রী [ত.পু] একা পত্নী ; এক স্ত্রী। "রঘু ১৪.৮৬।

একভিত বিং [এক[১]+ভিত ; পদ্যে] এক দিকে বা পার্শ্বে স্থিত ; একান্তস্থিত, একপার্শ্বগত। "রথ লয়্যা সারথি হইল একভিত ম ৮৮৬। "মোরে দেখি সভে কেন হয় একভিত ব.প ৭৩০। —ভিত বি একদিক, একপাশ, একস্থান। "জটা ফুল তুলে কুঙর থুইলা একভিতা শূ ৩১।

একভূত বিণ [এক ভূত, ত.পু] ১ একীভূত, মিলিত। ২ একাগ্র। "একভূতেন মনসা ভ ৪.৮.৫১।

একভূম, -ভূমিক বিণ [একা ভূমি যাহার, বহুব্রী, 'অ' (অচ্), 'ক' (কপ্)] যাহার এক তলদেশ ; একতল (গৃহ)।

একভোজন ক্লী [ত.পু] ১ দিবসে একবার ভোজন ; একাহার। "মহা ১৩.১০৬.৩০। ২ একখাদ্য বা আহার্য্য দ্রব্য (one meal)। "মহা ১৩.১০৭.৯ ; ১৩। ৩ মিলিত ভোজন ; এক পঙ্‌ক্তিতে বসিয়া খাওয়া ; পঙ্‌ক্তিভোজন। "মহা ১৩.১৩৬.২০ ; ২১।

একমত বিং [হি একমত ; সং একমতি] যাহার মত অভিন্ন, এক-চিত্ত, মিলিত। —মত বি এক চিত্তবৃত্তি।

একমতি বিণ [বহুব্রী ; স্ত্রী -তি] ১ অভিন্নচিত্ত, একবুদ্ধি, মিলিত। "মহা ১২.৩৩৫.২৮। সভে হৈল একমতি ম ১২৫০। ২ একে যাহার মতি ; একাগ্রচিত্ত। "যুঝ হয়্যা একমতি ম ৭৪৭। ৩ সমচিত্ত, অবিকৃতমনাঃ, সমভাব। "সম্পদে বিপদে একমতি মহাজন শ্রী.ম ১১০। —মতি স্ত্রী [ত.পু] ১ একে স্থিত মতি ; অনন্যবিষয় চিত্ত। ২ অন্তর্যামি-দৃষ্টি (শ্রীধর)। "ভ ৪.৮.২১।

একমন বিং [সং একমনাঃ] একাগ্রমতি, তদ্‌গতচিত্ত। "একমন হয়্যা রাজা করহ শ্রবণ ম ৯৪৬। [একমনচিত, -চিত্তে ('একমন' 'একচিত্তে'—মূল ; 'একমনে' বা 'একচিত্তে' সাধু)—একাগ্রমনে। "চান্দ সেবা করিল তোমা একমনচিত্তে ম.ম ১৩৬ ; পূজিলাম গঙ্গা একমনচিত ১৪০ ; °তে ভাবে ২৩১।]

একমনাঃ (-নস্) বিণ [এক মনঃ যাহার, বহুব্রী ; স্ত্রী -নাঃ] ১ একচিত্ত, অনন্যমনাঃ। ২ অবহিত, সাবধান। "ছলিকপ্রয়োগং একমনা দেবঃ শ্রোতুমর্হতি মা.মি ২৭। ৩ অভিন্নমতি, একমতি। "মু ২.১৩।

একমাত্র[১] বিণ [একা মাত্রা যাহার, বহুব্রী ; স্ত্রী -ত্রা] একমাত্রাযুক্ত (বর্ণ)। "একমাত্রো ভবেদ্ হ্রস্বঃ (শ্রুতবোধ)।

একমাত্র[২] বিং [এক+মাত্র] একই, কেবল এক। "মাতা নাহি

ভ্রাতা নাহি একমাত্র বাপ ম.ম ১৭। একমাত্র অরূপ।—শি ৭। এক-মাত্র বাঁচে বীর মে ৬।

একমিশ বিং [এক+মিশ; অপ্র] মিশ্রণপূর্ব্বক এক; মিশ্রিত। "তোর জলে মোর বিষে করিব একমিশ ম.ম ১৩৪।

একমুখ বিণ [বহুব্রী; স্ত্রী-খা] ১ যাহার এক প্রধান; একপ্রধান (দ্যূতাদি)। "যাজ্ঞ ২.২০৩। ২ একদ্বার (গৃহ)।

একমুটা, -টো বিং [এক+মুটা, -টো; 'একমুষ্টি'—মূল; ফা যক্‌মুশ্‌ত্‌; ঠ একমুঠ—একের শাসনাধীন] একমুষ্টিপরিমিত (তণ্ডুলাদি), কিঞ্চিৎ, কিছু। "যাতে একমুটো অন্ন পাই তাই ব্যবস্থা করিয়া দাও ব.প্র ৩৬৪।

একমেটমো, -মেটে বিং [এক+মেটমো, মেটে; 'একমাটিময়, -মাটীয়া'—মূল] ১ প্রতিমার কাঠখড়ের আকৃতিতে একবার মাটির লেপ দিয়া অবয়ববিশিষ্ট করিলে যেরূপ হয়, তাদৃশ (প্রতিমা)। ২ (গৌণার্থে) অভীষ্ট বিষয়ে কিছুদূর অগ্রসর বা আংশিক অনুষ্ঠিত (কোন কার্য্য)। ৩ একহারা। "একমেটে গড়ন।—হেম। [প্রতিমা একমেটমো হওয়া—কাঠামোয় প্রথম মাটি দিয়া পুতুল গড়া। তু 'দো-মেটমো'।]

একমেবাদ্বিতীয়ং বিণ [একম্‌+এব+অদ্বিতীয়ং] সজাতীয়াদি-ভেদ-রহিত ও দ্বিতীয়রহিত; এক ও অদ্বৈত (ব্রহ্ম)। "যে ভাল বেসেছে, সেই 'একমেবাদ্বিতীয়ং' এই বেদবাক্যটি বুঝিয়াছে। এইজন্য অদ্বৈতবাদী ব্যক্তির পক্ষে দ্বিতীয় দারপরিগ্রহ অসম্ভবপর পা.প্র ১২৫।

একমেলি বিং [এক+মেলি; অপ্র] একত্র মিলিত; সমবেত। "একমেলি হঞা আইল পর্ব্বত গোটী গোটী কৃ.উ ১৪। অসুর ভক্ষণ করা হয়া একমেলি চ.বি ৩১৫। [একমেলে—একমেলিভাবে, সমস্বরে। "তিনে গায় একমেলে চৈ.ম ৭৩।]

একযষ্টি, -যষ্টিকা স্ত্রী [এক যষ্টি যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্‌), স্ত্রী আ (টাপ্‌)] যে হারের এক যষ্টি (নব); একাবলী, একনর হার।

একযাই ক্রি.বিং [দ্র 'একজাই'] ১ মিলিতভাবে, একুনে, সর্ব্বশুদ্ধ। "বহু সামন্ত একত্তর করিল, একযাই তিনলক্ষ ব.প ১৬৮৫। ২ বারং-বার, পুনঃপুনঃ। "কি বলিস্‌ তুই একযাই দা ৯৫৫; ভাবিছে ভ্রমর একযাই, এখন কাশী যাই কি মক্কা যাই ২০৭১।

একযূথ বিং [এক+যূথ; অপ্র] একদলবদ্ধ, সম্মিলিত, একজুট। "আসিয়া মিলিল সবে হয়্যা একযূথ শ্রী ম ১১৮।

একযোক্ত বিং [এক+যোক্ত্র?; অপ্র] একযোগ, মিলিত। "তবে দুই গুরুশিষ্যে একযোক্ত হৈয়া ম.গা ২৯।

একযোগ বিং একস্থানে মিলিত; সম্মিলিত, দলবদ্ধ। "হরিণ শার্দ্দূল চরে হয়ে একযোগ শ্রী.মা ১৮৪। [একযোগে—মিলিতভাবে।]

একযোনি বিণ [বহুব্রী; স্ত্রী-নি] ১ যাহার যোনি অভিন্ন; এক-মাতৃগর্ভজ, সহোদর। ২ সমানজাতীয়, সবর্ণ। "মনু ৯.১৪৮। —যোনি স্ত্রী [ত.পু] এক উৎপত্তিস্থান; একগর্ভ।

একরকম বিং [এক¹+রকম] ১ একপ্রকার। "হরবল্লভ টাকার চেষ্টায় গেলেন বটে, কিন্তু সে আর একরকম ব.প্র ৪০৩। ২ একভাব, অপরিবর্ত্তিত। ৩ অভিন্নাকৃতি, একজাতীয়। ৪ একবিশেষভাবাপন্ন, ভাবান্তরপ্রাপ্ত। "তুমি এখন একরকম হয়েচ, আমার প্রতি তোমার আর ভালবাসা নাই জা ১৭। —রকম বি এক প্রকার, ভাব বা আকার।

একরঙা বিং [একরঙ+আ¹°; ফা যকরন্‌গ্‌; হি—একরংগ; ঠ, গু একরংগী] একপ্রকার রঙ্গে রঞ্জিত (বস্ত্রাদি)।

একরঙ্গ বি একপ্রকার রঙ্গ। —রঙ্গ ক্রি.বিং [হি একরংগ—সমান] একরঙ্গে, একতানে, সমতালে। "বীণ বেণু কবিনাস রবাব উপাঙ্গ। মিলিয়া বাজয় পাখোয়াজ একরঙ্গ চৈ.ম ৮১।

একরত্তি বিং [এক¹+রত্তি] ১ একরতিপরিমিত, অত্যল্প, কিছু। "তৈল একরত্তি বা ম ৬৯১। একরত্তি ছাই।—রবীন্দ্র। ২ অতি ক্ষুদ্র; অতিশিশু। "নাম রেখেছি বাবলা রাণী একরত্তি মেয়ে।—শিশু ১০০। একরত্তি মেয়েটা আমার কথায় বিশ্বাস করে না ব.প্র ২৯১। [একরত্তি সোনা। স্যাকরা হাজার জনা॥—(গৌণার্থে) অল্প বিষয়ের বহু প্রার্থী।]

একরস বিণ [বহুব্রী] ১ যাহার স্বাদ এক; সমস্বাদ, রসবিশেষযুত। "রঘু ১০.১৭। ২ শৃঙ্গারাদির একতম যাহার আস্বাদ্য; রসবিশেষে রসিক; অদ্বিতীয়রস। "চরত্যেকরসো বশী রা (S.W.)। মাঘ ৬.২৬। ৩ যাহার রাগ অনন্যবিষয়ক; অভিন্নরাগ, একানুরাগ। "রঘু ৮.৬৫। ৪ একরসবিষয়ক, একরসাশ্রিত (নাটক)। ৫ রসান্তরসংসর্গরহিত, অন্তরসহীন। "উ.চ ৪.১৫। ৬ তুল্যস্বাদ, সমরস। —রস পুং [ত.পু] ১ অদ্বিতীয় রস বা আস্বাদ্য বিষয়; প্রধানরস। "ভাবৈকরস কু.স ৫.৮২। শৃঙ্গার° বিক্র ১.৮। ২ একরাগ, কেবল অনুরাগ। "অবলৈকরস রঘু ৯.৪৩। ৩ একবিধ স্বাদ। ৪ কেবল প্রবৃত্তিহেতু। "সাহসৈকরস উ.চ ৫.২১। —রস ক্লী একরসপ্রধান নাটক (ত.বা)।

একরাজ পুং [এক রাজা, ত.পু, সমাসান্ত 'অ' (টচ্‌)] শ্রেষ্ঠ রাজা; একাধিপ, সম্রাট্‌।

একরাত্র ক্লী [একা রাত্রি, ত.পু, সমাসান্ত 'অ' (অচ্‌)] ১ এক রাত্রি। "মনু ৩.১০২; ১১.১৭৯। ২ এক অহোরাত্র। "কললন্ত্বেকরাত্রেণ পঞ্চরাত্রেণ বুদ্বুদম্‌ ভ ৩.৩১.২।

একরাম বি [আ ইক্‌রাম্‌] গৌরব, সম্মান, সমাদর, প্রসাদ। "তাহাকে ইনাম একরাম দিয়া প্রফুল্ল করিলে কহিলেন তুমি যাও তাহারদিগকে আন ব.প ১৬৯০।

একরার বি [আ ইক্‌রার্‌] ১ স্বীকার, কবুল। "ভবানীঠাকুর ইংরেজকে ধরা দিলেন, সকল ডাকাইতি একরার করিলেন ব.প্র ৪৩৫। ২ প্রতিজ্ঞা, অঙ্গীকার। [একরারনামা, -পত্র (বি)—প্রতিজ্ঞাপত্র, স্বীকারলিপি। "একরারপত্রমিদং E.P. 66; 67.]

একরা'শ বিং [সং একরাশি; গু একরাস] যাহার জন্মরাশি এক; একরাশিতে জাত। —রা'শ বি ১ একজন্মরাশি। ২ এক স্তূপ, প্রচুর-পরিমাণ। "অন্ধকার একরাশ, নিবিড় এ কেশপাশ অ.গু ৩৭। [এক-রেশে ('একরাশীয়'—মূল; গু একরাস) একজাতীয়, একরকম। "একরেশে ধান (চব্বিশপরগণা)]।

একরূপ বিণ [বহুব্রী; ছান্দস] ১ অভিন্নরূপ, একমূর্ত্তি, একাকৃতি। "অপরূপ তব রূপ একরূপ নয়, নব নব রূপ ধর সময় সময়।—স.শ ৮৪। ২ একবর্ণ, একরঙ্গ। ৩ অভেদপ্রকৃতিক, অবিকৃতস্বভাব। "সম্পত্তৌ চ বিপত্তৌ চ মহতামেকরূপতা।—পঞ্চ ২.৭। ৪ অদ্বৈত, অভিন্ন-ভাব, ভাবান্তরহীন। "(অকৃত্রিম প্রেম) সকল অবস্থাতেই একরূপ সী ১৭।

একরোকা, -খা বিং [একরোখ, ক+আ¹°] ১ একদিকে যাহার রোখ; যে রোখে (রোষহেতু) আপন ইচ্ছানুসারে এক দিকেই চলে, কাহারও কথা শুনে না; একগুঁয়ে। "অধ্যাপকদিগের নানাপ্রকার কঠোর অভ্যাস থাকাতে একরোখা স্বভাব জন্মে—তাঁহারা আপন অভি-প্রায়-অনুসারে বলেন আ.দ্রু ১৩৫। ২ [হি 'দোরুখা'—মূল] যে শাল কাপড় প্রভৃতির দুই পিঠ সমান নয়, এক পিঠ মসৃণ বা সোজা, অন্য পিঠ কর্কশ বা উল্টা।

একল বিণ [এক+√লা+অ (ক)-ক; উ.ত; স্ত্রী-লা; বৈদিক; তু 'প্রা একল্ল (হে)] একাকী, একলা। "ভ ৫.৭.১১। আর কেহ সঙ্গে নাহি, সবে এই একল চৈ.চ ৯৬। [একলে (একল+এ°) —১ একক, একলা। "বসিয়া বিরলে, থাকয়ে কলে চ.দাঁ ৯। একলে

বা কত ফল পাড়িয়া বিলাব চৈ.চ ৪০। ২ একমাত্র, কেবল। "একলে ঈশ্বর কৃষ্ণ, আর সব ভৃত্য চৈ.চ ২৫।]

একলগ্ন বিং [ফা যক্‌লখ্‌ত্‌] 'মিলিত' সংমিশ্র, অভেদ, একসা। "বন্যায় খাল বিল পুকুর ভেসে একলগ্ন হয়।

একলব্য পুং [এক লব্য যাহার, বহুব্রী] 'যাহার একাঙ্গুলি গুরুদক্ষিণার্থ ছেদ্য; নিষাদপতি হিরণ্যধনুর পুত্র। [একলব্য, ধনুর্ব্বেদশিক্ষার্থে দ্রোণের নিকট গমন করিলে, আচার্য্য ইঁহাকে নীচজাতি বলিয়া প্রত্যাখ্যান করেন। প্রত্যাখ্যাত একলব্য মৃন্ময়ী দ্রোণমূর্ত্তি নির্ম্মাণ করিয়া, নিয়মপূর্ব্বক ভক্তিভাবে তৎসমীপে ধনুর্ব্বেদ অভ্যাস করেন। একদিন দ্রোণ সশিষ্য মৃগয়ার্থে সেই বনে উপস্থিত হইয়া একলব্যের অদ্ভুত অস্ত্রপ্রয়োগকৌশল দেখিয়া বিস্মিত হন এবং দক্ষিণাস্বরূপ একলব্যের দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুলি কাটিয়া দিতে আদেশ করিলে, গুরুভক্ত শিষ্য তৎক্ষণাৎ হৃষ্টচিত্তে গুরুর আজ্ঞা পালন করেন (মহা ১.১৩২. ৩৯-৫৮ শ্লোক)।']

একলশেঁড়ে 'এ্যা-' বিং [সং 'একচর'—মূল; গু একল শৃঙ্গ— অসামাজিক; একাশেঁড়ে (চব্বিশপরগণা); এক্‌শাড়ে (যশোহর)] যে একাই থাকিতে ভালবাসে, অন্যের সঙ্গ সহিতে পারে না।

একলা বিং [সং এক>প্রা একল্ল (হে); হি অকেলা, ইকলা, -ল্লা, এক্‌লা; ঠ একলা; গু একলু; জাটু—একলপা] ১ একক, কেবল-মাত্র। "ষোড়শ সহস্র গোপী একলা দামোদরে শ্রী.কী ২৫৬। একলা কি যাবা রাজা ম.ম ১২৮। একলা মালাকার আমি কত ফল খাব? —চৈ.চ ৪০; ২৭৬। একলা রাধিকা চৈ.ম ৫৮। ২ একাকী, অসহায়। "এবে দ্বন্দ্ব করে দেখি একলা ব্রাহ্মণ ম ১৯৬। একলা জিনয়ে সভে ম.বি ১২। একলা মালাকার আমি কাঁহাঁকাঁহাঁ যাব চৈ.চ ৪০। ৩ সঙ্গ-রহিত, বন্ধুহীন, স্বজনশূন্য। "একলা রাখিয়া মোরে (গেলে) ক.চ ১৮৯। সমস্ত সংসারের অসংখ্যতাও যে জায়গায় মানুষকে লেশমাত্র সঙ্গ দিতে পারে না, সেইখানে যে একলা হয়েচে, সে কি ভয়ানক একলা! —ঘ ১৭২। একলা কেন ভাই? আমি যে তোমার সঙ্গে রয়েছি ভাই?—গি.দ্বি ১৩৪। ৪ কার্য্যে অন্যের সাহায্যরহিত; মহাকবিশূন্য। "একলা উঠাঞা দিতে হয় পরিশ্রম চৈ.চ ৪০। যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চল রে!—গান ২৩৪। ৫ পরিজনহীন। "একলা চলিল রাজা মুনি-অন্তঃপুরে।—ম ৫৬। ৬ প্রিয়রহিত। "ঐছন কুঞ্জে একলা বনমালী।—গো ১৩৪। [একলা দোকলা, একা দোকা (হি অকেলা দুকেলা, এক্কা দুক্কা; গু—একল দোকল—একাকী) —একাকী বা দ্বিতীয় ব্যক্তির সহিত। একলাটি—একলা (আদরে)। "তুমি একলাটি বসে কাঁদছ কেন?—গি.দ্বি ১৩০।]

একলাই বি [হি ইকলাঈ (এক পর্দ্দা)] একপর্দ্দা বা একপাটা মিহি চাদর; ফুলকাটা মিহি উড়ানী। তু 'দোলাই'। "(বাবুদের) বুটোদার একলাই...গায় আ.দু ৬৬।

এক-লাগাড় বিং ['একলগ্নাকার'—মূল (?)] একভাবে সংলগ্ন-আকার; অবিরত, পরপর।

একলি, -লী বিং একল+ই১১, ঈ৬; প্রা ইকলি (পৈ); হি অকেলী; বৈষ্ণবসাহিত্যে] ১ একাকিনী, একা। "একলী বুলসি কেহ্নে।— শ্রী.কী ১০। একলী বড়ায়ি ১৪৬। একলি শুতিয়া ছিলু বি.প ১৩৪; ১৩৮। একলি মন্দিরে, আছিলা সুন্দরী চ.সা ৯৮। একলি আওলি। —গো ১৩৭। দুরহি একলি ঠারি ব.প ১১১৯। ২ অসহায়া। "একলি করল পয়ান বি.প ৮৯। একলি বলি করহ জনি বাদে গো ১২১; একলি আওলি এতদূর ১৩৭। ৩ প্রিয়বিরহিতা। "একলি নিকুঞ্জে ধনী।—গো ১৮৭; একলি সঙ্কেত, -নিকেতনে বৈঠলি ১৯১। ৪ প্রিয়হীনা, অর্থাৎ বিরহিণী। "ভাদর দর দর...মন্দিরে একলি অভাগী জ্ঞা ২৩৮। —লি বিং [একল+ই৪] একাকীই, কেবলই, একমাত্র। "একলি কুঞ্জহি কান। পথ হেরি আকুল পরাণ॥—জ্ঞা ৯৬। যো রসে উত্তম অধম ভাস। বঞ্চিত একলি গোবিন্দদাস॥—গো ২৯।

একশ 'এ্যাক্‌শ' স.বিং [এক১+শ (শত); গু একসো)] ১ শত-সংখ্যক (মুদ্রাদি)। ২ অনেক, বহু। "°বার। —শ বি একশত (১০০) এই সংখ্যা। [°বার—বারংবার, পুনঃপুনঃ। "একশবার আকাশ পানে চাহিয়া কি দেখিতেছ?—ব.দ্বি ৭।]

একশত স.বিণ [উ লো; পূ.বা °শততম; স্ত্রী -মী; ছান্দস] ১ একাধিক শত; এক শত এক (১০১)। "°বিধ (S.W.)। ২ একমিত শত; এক শ। "আসন্ পুত্রা একশতম্ ভ ৯.১৬.২৯। —শত স্ত্রী একাধিক শত সংখ্যা। "দদ্যাচ্চৈকশতং গবাম্ মনু ১১.১৩০।

একশফ পুং [বহুব্রী; ছান্দস] যাহার খুর এক, অর্থাৎ যুক্ত; অক্ষতখুর পশু—অশ্বাদি। "মনু ৫.১১; ৯.৮৯। খরোঽশ্বোঽশ্বতরো গৌরঃ শরভশ্চমরী (এতে একশফাঃ) ভ ৩.১০.২৩।

একশয়ন বি একশয্যা, একবিছানা। একশয়নে শুইতে নারি সাপের নিশ্বাসে ক.চ ৩১।

একশরী বিং [একসরী >°রী; অপ্র] একাকিনী, একা। "একশরী বনের ভিতরে শ্রী কী ৩৮৯। সখীগণ তেজি, চলু একশরী জ্ঞা ১৯৩।

একশিরা বি অণ্ডকোষের রোগবিশেষ। [ইহাতে অণ্ডবৃদ্ধি ও সেই দিকের শিরা স্থূল ও বেদনাযুক্ত হয়।

একশৃঙ্গ বিণ [বহুব্রী; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] ১ একশৃঙ্গবান্ (পশু)। ২ একদংষ্ট্র (বরাহমূর্ত্তি)। "রা ৬.১১৭.১৩। ৩ এক শিখরবান্ (পর্ব্বত)। —শৃঙ্গ পুং ১ গণ্ডার। ২ একশৃঙ্গ পর্ব্বত। ৩ মীনাবতার একশৃঙ্গধর বিষ্ণু (কালিকাপুরাণ)। ৪ পিতৃগণবিশেষ। "মহা ২.১১.৪৭।

একশেষ বিণ [বহুব্রী] অতিশয়িত (ত.বা) —শেষ পুং [ত.পু] ১ অতিশয়, একান্ত, চূড়ান্ত। "আর্ত্তের সেবা করিলে, তাহার মুখমণ্ডলে একটু স্বচ্ছন্দতার সহিত কৃতজ্ঞতার যে অপূর্ব্ব জ্যোতি খেলিতে থাকে, তাহা সৌন্দর্য্যের একশেষ।—অক্ষয়কুমার সরকার। ২ কেবল বা একমাত্র শেষ। ৩ [ষ.ত] (ব্যাকরণে) একের শেষ (নিবৃত্তিপূর্ব্বক অবস্থান), অর্থাৎ যাহাতে একবিভক্তি সরূপ (সমানাকার) শব্দ-সমূহের একমাত্র শব্দ শেষ থাকে, অন্য শব্দ নিবৃত্ত হয়; দ্বন্দ্বসমাস-বিশেষ। "পা ১.২.৬৪। °সমাসপ্রকরণ (সি)।

একশ্রুতধর বিণ [এক শ্রুত (সুপ্‌সুপা), তাহার ধর ষ.ত; স্ত্রী -রা] একবার শ্রুত বিষয়ের ধারক; যে একবার কিছু শুনিলে, তাহা মনে রাখিতে পারে। "°ত্ব ক.সা ২.৪৭।

একশ্রুতি বিণ [একা শ্রুতি যাহার (কাশিকা); বহুব্রী] যাহার (যে বাক্যের) উদাত্তাদিস্বরের এক (অভেদ) শ্রবণ; একস্বরযুক্ত, একস্বরে উচ্চারিত (বাক্য)। "পা ১.২.৩৩। —শ্রুতি স্ত্রী [ত.পু] ১ উদাত্তাদির অবিভাগ অভেদ বা তিরোধান (কাশিকা); উদাত্তাদির অবিভাগে অবস্থান (তত্ত্ববোধিনী); একস্বরশ্রবণ (monotony)। ২ এক (অভেদ) শ্রুতি; একবেদবাক্য।

একশ্বর বিং [একসর >°র, তু 'একেশ্বর গো.চ ৩৯১; মী ৫, ৪৬; অপ্র] একাকী, একা। "(বৃকোদর) তথা গেল একশ্বর অ.প ২৬; মুঞি জাম...একশ্বর ঃ একশ্বর নরহরি ২৯। কেন তুহ্মি একশ্বর গ ৪৪; ২১০। বেহুলা ভাসে একশ্বর ম.ম ২০১।

একষষ্টি স.বিং [সং একষষ্টি, >লি একসট্টি, প্রা এগসট্ঠি; হি ইকসট, একসঠ; ঠ একসষ্ট, -সট; গু একসট] একষষ্টিসংখ্যক। —ষ্টি বি একষট্টি (৬১) এই সংখ্যা।

একষষ্টি স.বিণ [উ.লো ; পূ.বা -ষ্ট, -ষ্টিতম (ডট্, তমট্) ; স্ত্রী -ষ্টী, -তমী] একাধিক ষষ্টি ; একষষ্টিসংখ্যক। —ষষ্টি স্ত্রী একষষ্টি (৬১) এই সংখ্যা।

একসংশ্রয় বিণ [বহুব্রী] ১ যাহার একমাত্র আশ্রয় ; একাশ্রিত, একাবলম্বী। ২ সংহত, সমবেত, মিলিত। "বলিনাপি ন বধ্যন্তে লঘবোঽপ্যেকসংশ্রয়াঃ।—পঞ্চ ৩.৫১। —সংশ্রয় পুং [ত.পু] অভিন্ন আশ্রয় ; সংহতি, সঙ্ঘাত, সমবায়। "ন তে (সংহতা বৃক্ষাঃ) শীঘ্রেণ বাতেন হন্যন্তে একসংশ্রয়াৎ।—পঞ্চ ৩.৫৩।

একসংস্থ বিণ [একা সংস্থা যাহার, বহুব্রী ; স্ত্রী -স্থা] একত্র স্থিতি ; একবাস। "রঘু ৬.২৯।

একসপ্ততি স.বিণ [উলো ; পূ.বা -প্তত ; -তিতম (ডট্, তমট্) ; স্ত্রী -তী, -তমী] একাধিক সপ্ততি ; একসপ্ততিসংখ্যক। —তি স্ত্রী একসপ্ততি (৭১) এই সংখ্যা।

একসর বিং [সং একচর ; হি, মৈ °র ; তু 'দোসর' ; বৈষ্ণবসাহিত্যে] ১ একাকী, একলা। ২ একমাত্র, কেবল। "গগনমণ্ডল (ভূমণ্ডল) দুহুক ভূখণ। একসর উগ চন্দা বি.সা ২৬৯। —সরি, -সরী বিং [একসর+ই১০, ঈ৬] একাকিনী, অসহায়া, অনাথা। "একসরী ভৈলোঁ শ্রী.কী ১১৫ ; তোহ্মা একসরী ১২৫। একসরি ঠাঁরি কদম তর রে বি সা ৪৪২। একসরি যাইতে যমুনাতীর। অলখিতে আওল শ্যাম শরীর॥—জ্ঞা ৯২।

একসা বিং [ফা যক্সান্ ; হি একসাঁ] ১ একদশাপন্ন, সমান, তুল্য। "যিনি বড় হইব মনে করিতেছেন, তিনি কেবল খুঁড়িয়ে বড় হইতেছেন। বাস্তবিক যাতার চাপে সকল কলায় একসা হইতেছে।—পা.প্র ৬৪। ২ একসমান, একাকার। "বন্যায় ডেঙা ডহর ভেসে একসা হয়। ৩ এরূপ, অবিশেষ। ৪ সমতল, চৌরস। "উঁচু নীচু কেটে একসা না কল্লে, জমিতে জল দাঁড়ায় না, ফসলও হয় না।

একসাঁজ বি [এক+সাঁজ ; ঠ একসাংজ] একসন্ধ্যা ; মধ্যাহ্ন বা সায়াহ্ন ; একবেলা। "তিনি একসাঁজ হবিষ্য করেন, একসাঁজ ফলাহার। [(খাদ্যে) একসাঁজ করা বা চালান—একসাঁজের খরচ নির্ব্বাহ করা। (খাদ্যে) একসাঁজ চলা বা হওয়া—একসাঁজের মত সংস্থান হওয়া।]

একসাট বিং [এক+সাট] একপ্রকার, একাকৃতি, একরকম, সমান।

একসুত বিং [এক+সুত (সূত্র) ; ঠ এসুত —একপঙ্ক্তি] (ছুতারের ভাষায়) একসুতাপরিমিত, আধ-জ, ১$\frac{১}{৮}$ ইঞ্চি। [একসুত কাঠ —আধ-জ কাঠ।]

একস্থ বিণ [এক+ √স্থা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -স্থা] ১ একত্র স্থিত ; সমবেত, মিলিত। "সৈন্যমেকস্থমভবৎ গো.রা ৩.৩০.২৬। গী ১১.৭। ২ একবস্তুগত, একপাত্রস্থ। "°সৌন্দর্য্যদিদৃক্ষা কু.স ১.৪৯। ৩ একত্র দণ্ডায়মান।

একস্থান বিণ [বহুব্রী] যাহাদের অভিন্ন স্থিতি ; একত্র স্থিত ; সংহত, মিলিত। "°বীরুৎ।—পঞ্চ ৩.৫১।

একস্বর, -স্বর বিং [একশ্বর > °স্বর, °স্বর (উচ্চারণসাম্যে) ; অপ্র] একাকী, একা। "নিরন্তর বঞ্চ একস্বর গো.বি ২৬ ; একস্বর থাক তুহ্মি ৪১।

একস্বান্ত বিং [এক স্বান্ত যাহার, বহুব্রী ; অপ্র] একমনাঃ, একাগ্র। "একস্বান্ত হৈয়া শ্রীমন্ত সদাগর ম.পা ১২০। [একস্বান্তে—একমনে, একাগ্রভাবে। "ম.পা ১ ; একস্বান্তে ভাবে ২ ; ৩।]

একহায়ন বিণ [বহুব্রী ; স্ত্রী -না (শালা), -নী] যাহার বয়স এক বৎসর ; একবর্ষবয়স্ক (পশু)। °মনু ১১.১৩৭। —নী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীপ্)] একবর্ষবয়স্কা (গবী-প্রভৃতি), একবছরের বকনা।

একহারা বিং [হি একহরা ; প ইকহরা (C.G. § 411)] ১ এক পাটা (এক পর্দ্দা) কাপড়ে প্রস্তুত (জামা-প্রভৃতি)। ২ রোগা, পাতলা, ছিপ্‌ছিপে। "একহারা চেহারা (হেম)। একহারা তার দেহ। —দ্বিজেন্দ্রলাল রায়। বাদ্‌সা শ্যামবর্ণ একহারা হু ১০০। একহারা শ্যামবর্ণের উপর চমৎকার মুখশ্রী অ প্র ৭১।

একহৃদতা বি ['একহৃদ্-তা' —মূল ; অপ্র] একচিত্ততা, অতিপ্রণয়, বড় ভালবাসা। "নবাবজাদার সঙ্গে এ দুহার বড়ই একহৃদতা হইল ব.প ১৬৮৪।

একা১ স.বিণ, স্ত্রী [এক+স্ত্রী আ (টাপ্)] ১ একাকিনী, অসহায়া। "ত্যজিয়া আপন পতি, একা ফির গহন কাননে ক.চ ৬৮। ২ দ্বিতীয়-রহিতা, অদ্বিতীয়া। "একৈবাহং জগত্যত্র (চণ্ডী)। —কা স্ত্রী দুর্গা।

একা২ স.বিং [সং এক > প্রা একক, -ক্কা ; ফা যক্কা ; হি ইক্কা ; ঠ একা—তাসের টেক্কা] ১ একক, একটা। "একা সিংহে নাহি পারে অযুত মত্ত হাতী : একা ব্যাঘ্রে কি করিবে লক্ষ মৃগ ক্ষুদ্র ম ১৯৬। ২ একাকী, অসহায়। "একা সাম্ব আর কেহ নাই শ্রী.কী ২১৩। একা হনুমান্ যেন দহিলেক লঙ্কা। সেইমত নৃপগণে হব আমি একা॥ —ম ১৯৬ ; ১৯৭। একা যাব বর্দ্ধমান ভা.চ ২৬৪ ; একা আনি এখানে এখন কি এড়াও ৪২৮। ৩ একমাত্র, কেবল : "একা হনুমান্ মোর কৈল প্রতিকার কৃ.উ ১৬০। একা হরি সত্য ক.চ ৯। শ্রী.ম ১৯১। এ চারি স্বভাব একা কৃষ্ণচন্দ্রে বর্ত্তে ভ.প্র ৩৭৫। হে একা সখা গী.লি ২৩। ৪ একক, অন্যসঙ্গহীন, বিশ্বমানবসম্পর্ক-শূন্য। "একা আমি ফিরিব না আর এমন ক'রে,—নিজের মনে কোণে কোণে মোহের ঘোরে গী.লি ৯৮। ৫ (অপ্র) একবিষয়ক, একাগ্র। "একাচিত্ত ম.পা ১২৯। —কা বিং ১ একাকিনী, অসহায়া। "একা দেখি কুলবধু, কে বট আপনি ভা.। ২৫৪। ২ কেবল একজন। "একা কাঁখে কুম্ভ করি, যমুনাতে জল ভরি, জলের ভিতরে শ্যামরায় চ সা ৩৫২। —কা বি একক, এক জন। "একার প্রতাপ তুমি নাহি জান সতি ম ১৯৬। [একা-একা—একলা-একলা, অর্থাৎ সহচরহীন। "দুজনে একা-একা ঝাপটি মারে পাগা, কাতরে কহে কাছে আয় চ.কা ১০১। একা-একা থাকা—সর্ব্বদা একাকী বা নির্জ্জনে থাকা। একাদৃষ্টে (অপ্র) —একদৃষ্টে, অনিমিষনেত্রে। "ম.পা ১১২ ; ১৩৯। একাদোকা— দ্র 'একলা'। একা পাওয়া—এককভাবে, অর্থাৎ নির্জ্জনে দেখা পাওয়া। "বুড়ী ব্রজেশ্বরকে একদিন একা পাইয়া চাপিয়া ধরিল ব.প্র ৩৬৮। একা রামে রক্ষা নাই, সুগ্রীব তার মিতা—(গৌণার্থে, নিন্দায়) একাই সর্ব্বনাশ করে, তাহাতে আবার দুর্বৃত্তের সহিত মিত্রতা, অর্থাৎ মহাবিপদের সম্ভাবনা।]

একাএক ক্রি বিং [ফা যক্-আ-যক্ ; হি একাএক,-কী ; ঠ একাএকী] ১ অকস্মাৎ, হঠাৎ, আচম্‌কা। ২ একেবারে, একটানা, বরাবর (directly)। "আমি একাএক বাড়ীই যাব, আর কোথাও যাব না।

একাএকী বিং [সং একাকী ; হি একাএকী ; অপ্র] একাকী, অসহায়। "বিধির নিয়ম এই ক্ষত্রধর্ম্ম লিখি। সৈন্যে-সৈন্যে রথে রথে কিম্বা একাএকী॥—ম ২৯০। একাএকী অশ্ব চড়ি চলি গেল বন (একাকী হয়মারুহ্য জগাম গহনং বনম্—চণ্ডী) ব.প ৩০৩।

একাএকেশ্বরী বি [একা+একেশ্বরী] একা ও একমাত্র ঈশ্বরী (কর্ত্রী) ; একা ও সর্ব্বে-সর্ব্বা গৃহকর্ত্রী, অন্যসম্পর্কশূন্যা একমাত্র গৃহিণী।

একাংশ পুং [ত.পু] ১ একভাগ। ২ একপাদ ; একদেশ। "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ গী ১০.৪২। ৩ অন্যতমমূর্ত্তি। "ত্রিলোচনৈকাংশতা রঘু ৩.৬৬। ৪ প্রধানাংশ। "মনু ৯.১৫০।

একাকার বিং [এক+আকার ; একার (দো) ; তু 'প্রা এক (এক) ; বা একাকার (কথ্যভাষা)] ১ একরূপ, অভেদ, সম। "দুখ দুখ একাকার ভা.চ ৯৫। ২ প্লাবন হেতু উচ্চনীচ-ভেদহীন ; বিপ্লাবিত,

মেশামিশি, একভাব, একসা। "রণস্থল একাকার রক্তে নদী বয়। —শ্রী.মা ১৬; একাকার প্লাবন পুকুর গড়খানা ১৫৯। জলে মহী একাকার ক.চ ৮২; নদী নালা একাকার ১৬৫; ২২৯। নদনদী একাকার আটদিকে জল ব.প ৩৩৯। ৩ সংমিশ্র, একতান। "একাকার সিঙ্গা কাড়া টমক টেমাই শ্রী ১৬৪। ৪ জাতিভেদহীন, বর্ণাশ্রম-ধর্ম্মশূন্য, একজাতি। "জাতির বিচার নাই সব একাকার শ্রী.ম ৯৩। কলি হল প্রবল করিল একাকার শ্রী.মা ৯৬। ৫ মিশ্রিত, মিলিত। "গঙ্গা জলনিধি যেন হৈল একাকার চ.বি ৯০। ৬ (অপ্র) সমবেত, একযূথ। "ধেনু সব ডাকাইয়া করিল এককার ম.বি ২১০। ৭ পতিত বৃক্ষাদির আচ্ছাদনে জল স্থল, পথঘাট ইত্যাদির প্রভেদশূন্য। "মরিল অসুর সব ভাঙ্গে তালবন। একাকার হৈয়া মহী রহিল তখন॥—ব.প ৭৮৬। ৮ রূপনামহীন। "শ্রীরাম বলেন যখন সৃষ্টির সঞ্চার। স্থাবর জঙ্গম নাহি সকল একাকার॥—কৃ.উ ১৯৯। ৯ দ্বৈধহীন, একরূপ, এক। "আছে কি জগতীতলে বক্তা এ-প্রকার, মন মুখ অনুক্ষণ একাকার যার?—স.শ ১০৮। ১০ অবিচ্ছিন্ন, এক-লাগাড়। "বড় গোলা বন্দুক নিনাদে দুড়দুম। অবনী আকাশে উঠে একাকার ধুম॥—শ্রী ১৫৫। ১১ ঈশ্বরস্বরূপে বিলীন। "অন্তরগ্লানি সংসার-ভার, পলক ফেলিতে কোথা একাকার, জীবনের মাঝে স্বরূপ তোমার, রাখিবারে যদি পাই।—রবীন্দ্র।

একাকী (-কিন্) বিণ [এক+আকিন্ (আকিনিচ্) স্বার্থে-১ব, পা ৫.৩.৫২; স্ত্রী -কিনী] ১ একক, অসহায়, সজাতীয় সহচর-রহিত। "মনু ৪.২৫৮; ৭.১৬৫। মাঘ ২.৪। একাকী হয়মারুহ্য জগাম গহনং বনম্ (চণ্ডী)। একাকিনী···কাঁদেন রাঘববাঞ্ছা মে ১১১,-১২,-৯৮। ২ সঙ্গশূন্য। "গী ৬.১০। পঞ্চ ৫.১৫। [পরস্পরের অতিরিক্ত সহায়তার অভাব হইলে, দুইএর বা বহুর মধ্যেও 'একাকিত্ব বা অসহায়ত্ব' হয় (তত্ত্ববোধিনী)।]

একাক্ষ বিণ [এক অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (যচ্); স্ত্রী -ক্ষী] একচক্ষুঃ; কাণ। —ক্ষ পুং ১ কাক। [চিত্রকূটে অবস্থানকালে রামের ইষীকাস্ত্রে কাকের এক চক্ষু হত হয়। তদবধি কাক একাক্ষ (রা ২.৯৫তম প্রক্ষিপ্ত সর্গ)।] ২ (ললাটে জ্ঞানচক্ষু হেতু) শিব।

একাক্ষর বিণ [এক অক্ষর যাহাতে, বহুব্রী] ১ একবর্ণাত্মক। ২ এক ব্রহ্ম যাহার প্রতিপাদক (নীলকণ্ঠ); ব্রহ্মপ্রতিপাদক। "মহা ৩.১৩৩. ৮। —র ক্লী [ত.পু] ১ এক বর্ণ। ২ এক স্বরবর্ণ। "°কোষ। ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম গী ৮.১৩। ৩ ওঙ্কার। "মনু ২.৮৩। —ক্ষরী বিণ, স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীষ্)] 'ক্রীং' এই একাক্ষরবীজরূপা (কালিকা)। "কালিকা পাতু ক্রীঙ্কারৈরেকাক্ষরী (শ্যামাকবচ) [°কোষ (পুং) —পুরুষোত্তমদেবকৃত অকারাদি স্বরবর্ণের অভিধান। "অং-কার কেবল ব্রহ্ম একাক্ষর কোষে ভা.চ ৪২৯। °বীমন্ত্র (বি)—কালিকাবীজ 'ক্রীং'। "জননীর ঠাঁই, নিল একাক্ষরী মন্ত্র বি.সু ১৬৯।]

একাগ্র বিণ [এক অগ্র বা অগ্রে যাহার, বহুব্রী; স্ত্রী -গ্রা] ১ যাহার এক প্রধান (চিন্তনীয় বিষয়); যাহার এক (ধ্যেয়) চিত্তাগ্রে স্ফুরিত; একতান, অনন্যবৃত্তি, একান্ত। "°ধী, °মনস্। মনুমেকাগ্রম্ মনু ১.১। ২ অনাকুল, বিক্ষোভরহিত। "একাগ্রং মনঃ কৃত্বা।—গী ৬.১২। ৩ আসক্ত। "গীতশ্রবণৈকাগ্র।—রঘু ১৫.৬৬। ৪ একনিষ্ঠ, একনিশ্চয়, স্থিরসঙ্কল্প। "গচ্ছ পুত্র ত্বমেকাগ্রঃ রা ২.২৪.৩৩। ৫ অনুকূল। "রা ২.২৩.২৭। ৬ যাহার অগ্র এক; অভিন্নাগ্রভাগ।

একাঘ্নী বি ['একঘ্নী' সাধু] সর্থ 'একঘ্নী'। "কর্ণের একাঘ্নী অস্ত্র ম ৩১৫। এড়িলা একাঘ্নী বাণ মে ১৬।

একাঙ্গ পুং [বহুব্রী] ১ যাহার অঙ্গ প্রধান বা সুন্দর; বুধগ্রহ। 'তু 'রূপেণাপ্রতিমং বুধম্ (নবগ্রহস্তব)। ২ বিষ্ণু। ৩ একদেহ, দম্পতি। —ঙ্গ ক্লী ১ চন্দন। ২ [ত.পু] এক দেহ বা অবয়ব। "মহা ১৩.৮২. ২১। ৩ একদেশ, একভাগ। ৪ উত্তমাঙ্গ, মস্তক।

একাজ্বর বি [সং ঐকাহিকজ্বর; হি একোতরা (একোত্তর) জ্বর; ঠ একাহিক (বিং); অস এবৈয়া (জ্বর)] একদিন অন্তর যে জ্বর হয়; ঐকাহিক জ্বর (Quotidian fever)

একাতপত্র বিণ [এক আতপত্র যাহাতে, বহুব্রী] সর্থ 'একচ্ছত্র'। "°ত্রম্···প্রভুত্বম্ রঘু ২.৪৭; °ত্রাং ভুবম্ ১৮.৪।

একাত্তর স.বিং [সং একসপ্ততি > লি একসত্তুতি; প্রা—এগসত্তরি, 'এহত্তরি' (পৈ); হি ই(এ)কহত্তর; ঠ একাহত্তর; গু ইকোতের] একসপ্ততিসংখ্যক। —র বি একাত্তর (৭১) এই সংখ্যা।

একাত্মবাদী (-দিন্) বিং [একাত্মন্+ √বদ্+ইন্ (ণিনি)-ক -১ব; উ.ত] যাহা এক আত্মা স্বীকার করে; এক ব্রহ্মই সত্য, আর সব মিথ্যা—এই মতের প্রবর্ত্তক; ব্রহ্মবাদী। "বেদান্ত একাত্মবাদী ভা.চ ৩২৬।

একাত্মা (-ত্মন্) বিণ [এক আত্মা যাহার, বহুব্রী; স্ত্রী -ত্মা] ১ এক-স্বরূপ। ২ একস্বভাব, সমপ্রকৃতিক। ৩ একরূপ। "ভ ৪.২১.৩০। ৪ একমতি। ৫ অসহায়। "মহা ৩.৮২.১৫। —ত্মা পুং [ত.পু] অভিন্ন আত্মা।

একাদশ (-শন্) স.বিণ; বহুব [একাধিক দশ উলো, এক > একা; পু.বা °শ (ডট্); স্ত্রী -শী; তু 'একাদশম' (আর্ষ); তু 'লি একাদসম, দ্বাদসম ইত্যাদি ভ ৮.১৩.২৪; ছান্দস] ১ একাদশসংখ্যক, এগার। ২ [পু.বা] একাদশের পূরণীভূত। "মনু ২.৩৬। —দশ ক্লী ১ একাদশ (১১) এই সংখ্যা। তু 'পশোরেকাদশানি' (শতপথব্রাহ্মণ)। ২ (জ্যোতিষে) রাশিচক্রে একাদশ স্থান। "কাজেই জ্যেষ্ঠা পত্নীর একাদশে বৃহস্পতি লাগিয়া গেল ব.প্র ৪৫৭। [একাদশে বৃহস্পতি লাগা —রাশিচক্রের একাদশ স্থানে বৃহস্পতিগ্রহের উদয় হওয়া (ইহা শুভসূচক)।]

একাদশদ্বার ক্লী [কর্ম্মধা] নেত্রদ্বয় কর্ণদ্বয় নাসিকাদ্বয় মুখ নাভি শিশ্ন (যোনি), পায়ু ব্রহ্মরন্ধ্র—এই একাদশ ছিদ্রপথ (কঠোপ-নিষৎ ৫.১)।

একাদশী বিণ, স্ত্রী [°শ+স্ত্রী ঈ (ঙীপ্)] একাদশের পূরণী। —দশী স্ত্রী ১ মাসের শুক্ল ও কৃষ্ণ পক্ষের একাদশের পূরণী তিথি; হরিবাসর, হরিদিন। "তিথি একাদশী সেই হরির বাসর।—ম ১০৬৩। [অগ্রহায়ণাদি দ্বাদশ মাসে কৃষ্ণ শুক্ল ভেদে 'উৎপন্না' 'মোক্ষা' ইত্যাদি চতুর্বিংশতি এবং মলমাসে দুই—সর্ব্বশুদ্ধ ষড়্বিংশতি একাদশীর নাম আছে (শ.ক)।] ২ একাদশী তিথিতে অনুষ্ঠেয় ব্রতোপবাস। "কুপ্য-ভাগী ভবেন্ মর্ত্ত্যঃ কুর্ব্বন্নেকাদশীং নৃপ মহা ১৩.৮৭.১৪। °ব্রত ম ১০৬১; একাদশী ভাঙ্গিলে ১০৬২; °মাহাত্ম্য, °ফল ১০৬৩। ৩ (বাঙলায়; গৌণার্থে) ব্রতার্থ উপবাস। "শুক্রবার দিনে মোর ধর্ম্ম একাদশী ব.প ৩৮৯। [°ব্রত (ক্লী)—একাদশীনামক ব্রত। "ম ১০৬১। ধর্ম্ম একাদশী—ধর্ম্মঠাকুরের প্রীত্যর্থ ব্রতোপবাস।]

একাদিক্রমে ক্রি.বিং [একাদি ক্রম যাহাতে, বহুব্রী; অস °মে] এক দুই ইত্যাদিভাবে পর-পর সংখ্যানুসারে; একে-একে। "আমি একাদিক্রমে বাইশ বছর একজনের কাছে ছিলুম গি.দ্বি ১১২।

একাধিপতি পুং [ত.পু] একমাত্র প্রভু; অদ্বিতীয় রাজা; সম্রাট্, সার্ব্বভৌম। [একাধিপত্য (বি)—প্রতিদ্বন্দ্বিহীন প্রভুত্ব; অপ্রতিহত কর্ত্তৃত্ব।]

একানই, -নব্বই স.বিং [সং একনবতি > লি একনবুতি প্রা একা, -ণ্ণা, -ণাণউই; হি ইকানবে; ঠ এক্যাণ্ণব; অস একানৈবৈ,-নৈ] একনবতিসংখ্যক। —ই বি একনবতি (৯১) এই সংখ্যা।

একান্নীয়া, -নে বিং [একখান+ঈয়া,+এ ; অস একণীয়া] এক-খণ্ড, একটা, বিজোড় (দ্রব্য)।

একান্ত বিণ [এক অন্ত যাহার, বহুব্রী] ১ একশেষ, অতিশয়িত, নিতান্ত, অত্যন্ত। "একান্তমনগ্নতঃ।—গী ৬.১৬। ভবানী সদয়যুক্ত আছেন একান্ত ম.পা ৬৩। শ্রী ৮৮। একান্তদুর্লভ সী ১৭; একান্ত শুদ্ধচারিণী ২৮। ২ একে যাহার অন্ত; একনিহিত, সমাহিত, অনন্য-বিষয়ক, একাগ্র। "°মতি ভ ১.৪.৪। °চিত্ত, °মানস রা (S.W.)। স্ত্রীএরে একান্ত সাধু দেখে দাণ্ডাইয়া চৈ.ম ১৭৩। একান্তনৈষ্ঠিক।—ভ.গ্র ২১৫। ৩ একাসক্ত, ভক্ত। "(জগৎপতিঃ) একান্ত-জনপ্রিয়ঃ ভ ৮.২৪.৩১। এ একান্তেরে চাও ভা.চ ৪২৮। ৪ নিয়ত। "একান্ত-শৈত্যাৎ কদলীবিশেষাঃ কু.স ১.৩৬। জনম গোঙায়বি রোই একান্ত বি.প ১০৩। ৫ নিভৃত, বিবিক্ত, নির্জন। ৬ তীব্র, নির্ভর, গাঢ় (অ.কো)। —ন্ত ক্রি.বিং ১ সর্ব্বতোভাবে, নিঃশেষে। "স্বরূপগোসাঞি মাত্র জানেন একান্ত চৈ.চ ১৭। ২ নিঃসংশয়, নিশ্চিত, সত্য। "মানুষ একান্তই মজুর নয়, হোক না সে সত্যের মজুরী, ধর্ম্মের মজুরী ঘ ১৭২। ৩ বিশেষভাবে, ব্যক্তিগতভাবে, অ-সাধারণভাবে। "যত দিন মনুষ্য-সমাজ এক একটী গোত্র…করিয়া থাকে, ততদিন…প্রণয়প্রণালী জ্ঞাতিকুটুম্বদিগের মধ্যে একান্ত সম্বদ্ধ থাকে পা.প্র ৫২। —ন্ত পুং, ক্লী [ত.পু] ১ এক সীমা; একদেশ, একভাগ। "ব্যোমৈকান্তবিহারী।—হি ১.৫০। ২ নির্জন, নিভৃতদেশ। "মনু ২.৬১। একান্তমাসাদ্য রা (S.W.)। পঞ্চ ৩.৬। একান্তে বসিয়া।—ম ৫১১। চাহি শচীপানে। কহিলেন শচীকান্ত মধুরবচনে। একান্তে মে ৪৯। ৩ নিয়ম। কস্যাত্যন্তং সুখমুপনতং দুঃখমেকান্ততো বা।—উ.মে ৪৮। মাঘ ২.৮৩। ৪ এক-নিশ্চয় (ত.বা)। ৫ অবশ্যম্ভাব। "সাংখ্য ১। [একান্ত (সং একান্ততঃ) —নিয়মানুসারে, একাগ্রভাবে। "অতএব ভজনীয় বস্তু একান্তত ভ.গ্র ১৪৬।]

একান্তর বিণ [এক অন্তর যাহার, বহুব্রী] ১ যাহার ব্যবধান এক; একব্যবহিত, তৃতীয় (বর্ণ, জাতি)। "মনু ১০.৭; ১৩। ২ একপুরুষ-ব্যবধান-যুক্ত, একপুরুষান্তরিত, অর্থাৎ তৃতীয় (সন্তান, next but one)। "শ ৭.২৭। ৩ একপদব্যবহিত, একপদান্তরিত। "পা ৮.১.৫৫। —ন্তর ক্লী ১ একদিনব্যবহিতভোজন (অর্থাৎ তৃতীয় দিনে বিহিত-ভোজন) ব্রতবিশেষ। ২ ঐকাহিক জ্বর; একাজ্বর।

একান্তিক বিং [সং ঐকান্তিক; তদনুকরণে 'একান্ত'>°ক; অপ্র] ঐকান্তিক, একাগ্র। "করহ ধর্ম্মর পূজা ঐকান্তিক হইআ শূ ২৭।

একান্তী (-ন্তিন্) বিণ [একান্ত+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ন্তিনী] একান্তবান্, নিয়ত, একনিষ্ঠ। "একান্তী হইয়া সুখবাঞ্ছা তেয়াগিল ভ.গ্র ৩০০।—ন্তী পুং নিরুপাধিভক্ত (শ্রীধর)। "ভ. ৭.৯.৫৫।

একান্দাজ বি [এক+আন্দাজ] এক লক্ষ্য, অব্যর্থ লক্ষ্য। "কোটি কোটি তীরন্দাজ, যে যা বিন্ধে একান্দাজ বি.সু ১৮।

একান্ন[১] বিণ [এক অন্ন যাহার, বহুব্রী] যাহার অন্ন অভিন্ন; একভক্ত, একপাকাবস্থিত, একান্নবর্ত্তী (ভ্রাতৃ-প্রভৃতি)। —ন্ন ক্লী [ত.পু] ১ এক ভোজন; একাহার। "°ভোজী। ২ অভিন্ন অন্ন। ৩ একস্থানে পাক-করা অন্ন; অবিভক্ত অন্ন। "°বর্ত্তী (ত.বা)। ৪ একমাত্রভক্ষ্য অন্ন। ৫ একভক্তরূপ ব্রতবিশেষ। ৬ [ষ.ত] একগৃহস্থের অন্ন; এক-গৃহাহৃত ভিক্ষাসমূহ। "নৈকান্নাদী ভবেদ্ ব্রতী মনু ২.১৮৮। [°বর্ত্তী (-র্ত্তিন্) বিণ—একান্নে স্থিত; দ্র 'একান্ন (বিণ)। "একান্নবর্ত্তী সম্মিলিত পরিবার পা.প্র ৮৩। একান্নবর্ত্তী পরিবার—অবিভক্ত গৃহস্থ। °ভুক্ত (বিং)—একান্নবর্ত্তী, অবিভক্তান্ন। "উভয়ে একান্নভুক্ত ছিলেন ব.প্র ২৫৫।]

একান্ন[২] 'এ্যা-' স.বিং [সং একপঞ্চাশৎ>লি একপণ্ণাসা; প্রা এগপন্নাস; হি ইং(এ)কাবন; ঠ একান্ন, -ন্ন; গু একাবন] একপঞ্চাশৎসংখ্যক।—ন্ন বি একপঞ্চাশৎ (৫১) এই সংখ্যা।

একাবলি, -লী স্ত্রী [এক আবলি, -লী, ত.পু] ১ 'একমাত্র মুক্তাদির শ্রেণী'; একযষ্টিকা, এক-নর হার। ২ একযষ্টিকা মালা। "°লী মালা।—কাদ ৫১। ৩ অর্থালঙ্কারবিশেষ। [উত্তর উত্তর পদ পূর্ব্ব পূর্ব্ব পদের বিশেষণরূপে উপন্যস্ত বা পরিত্যক্ত হইলে, 'একাবলী' হয় (সা.দ ১০.৭৮)। "তাহা নহে জল যাহে নাহিক কমল, তা নহে কমল যাহে নাহি অলিদল, তা না অলিগণ যার না কলগুঞ্জন, তা নহে গুঞ্জন যাহা নাহি হরে মন (দ্র 'ভট্টি ২.১৯শ শ্লোক।] ৪ (বাঙলায়) পয়ার অপেক্ষা ন্যূনাক্ষরে রচিত ছন্দোবিশেষ [একাদশ- দ্বাদশ- ও ত্রয়োদশ-অক্ষরাবৃত্তি ভেদে ইহা ত্রিবিধ (কাব্যনির্ণয়)।]

একাম্রকানন, -বন ক্লী [এক আম্রকানন, -বন, ত.পু; 'একাম্রক-বন' চৈ.ভা ৩৯৪,-৫] শ্রেষ্ঠ বা পবিত্র আম্রবন; উৎকলদেশস্থ তীর্থ-বিশেষ; ভুবনেশ্বর ক্ষেত্র। "একাম্রকাননে লীলা, মহামায়া প্রকাশিলা।—রঙ্গ ১৮৯। [ব্রহ্মপুরাণে যে শিবমন্দিরের বিষয় বর্ণিত আছে, ঐ শিবক্ষেত্রের নাম 'একাম্রকানন'। এক্ষণে উহা ভুবনেশ্বর বলিয়া প্রসিদ্ধ (ভা.উ)।]

একায়ন বিণ [এক অযন যাহার, বহুব্রী] ১ একবিষয়ক, একতান, একাগ্র। ২ যাহাতে একের গমন হয়, একমাত্রজনের গমনযোগ্য; অতিসঙ্কীর্ণ (মার্গ)। "একায়নে মার্গে মহা ৩.১৪৬.৬৬। ৩ একমাত্র অবলম্বনীয়; কেবলাশ্রয়। "একায়নং ধর্ম্মমাহুর্ব্বেদবিদো জনাঃ (শান্তি-পর্ব্ব)। —ন ক্লী [ত.পু] ১ একমাত্র অবলম্বন; একাশ্রয়। "সর্ব্বা-সামপং সমুদ্র একায়নম্ (শতপথব্রাহ্মণ)। ২ একের গমনযোগ্য সঙ্কীর্ণ পথ; একমার্গ (footpath)। "একায়নে কৃচ্ছ্রে রা ৩.৬৭.২৩। ৩ সর্ব্বলয়াধিষ্ঠান। "মহা ১৪.১৯.১। ৪ নীতিশাস্ত্র (SW)। "ছান্দোগ্য ৭.১.২। ৫ [স ত] একে মনোযোগ; একাগ্রতা।

একার পুং ['এ'কার, কর্ম্মধা] 'এ' এই অক্ষর; 'এ'বর্ণ।

একার্ণব পুং [এক অর্ণব, ত পু; ছান্দস] ১ একমাত্র সমুদ্র; সর্ব্ব-ব্যাপী প্লাবন; প্রলয়পয়োধি। "°জল; °গত।—বিষ্ণু ১.১০। জগদেকার্ণব করি, সাপে শোয়াইলে হরি শি ৩। একার্ণবে একরূপা বা.দ ৮২। ২ (বাঙলায়) দেশব্যাপী প্রবল বন্যা বা মহাপ্লাবন। "ব.প ১৩৮০।

একার্থ বিণ [এক অর্থ যাহার, বহুব্রী; স্ত্রী -র্থা] ১ যাহার এক প্রয়োজন; একপ্রয়োজন। "মহা ১.৮২.১৭। মাঘ ২.১১৪। ২ একাভি-ধেয়, একপর্য্যায় (শব্দ)। —র্থ পুং [ত পু] ১ এক প্রয়োজন। ২ এক অভিধেয়। "°বোধক সা.দ ১.২। ৩ একবস্তু। [°প্রতিপাদক (বিং) —অভিন্নার্থবোধক (synonymous)।]

একালা বিং [সং একলা; হি অকেলা; তু 'একা[২]] একাকিনী। "বনবাসী হইনু একালা ক.চ ৬৫, টীকা।

একাশী বিং [সং একাশীতি >লি একাসীতি; প্রা এক্কাসীই; হি ইকাসী, ইক্কা(ক্যা)সী; ঠ এক্যাঐসী -ঘশী; গু একাশী; মৈ একাসি; এক্কাশী (বীরভূম)] একাশীতিসংখ্যক। —শী বি একাশীতি (৮১) এই সংখ্যা।

একাশ্রয় বিণ [এক আশ্রয় যাহার, বহুব্রী] ১ একাবলম্বন, অনন্যগতি। ২ একাধারবৃত্তি, একাশ্রিত (বৈশেষিকোক্ত গুণবিশেষ—রূপরসগন্ধাদি অষ্টাদশবিধ।—সিদ্ধান্তমুক্তাবলী)। —শ্রয় পুং [ত.পু] ১ একাবলম্বন। ২ একাধার। —শ্রিত বিণ [এককে আশ্রিত, দ্বি.ত] সর্থ 'একাশ্রয়' (বিণ)। [একাশ্রিত গুণ—দ্র 'একাশ্রয় (২)।

একাসন বিং [এক আসন যাহার, বহুব্রী] একাধার, একস্থানস্থিত, মিলিত। "অঙ্গদ কঙ্কণ সাজে, অলৌকিক রত্নরাজে, তড়িদ্-কঙ্ক-ঘন

একাসন দ্র ১। —সন ক্রি·বিং একবার 'আসন'-করণপূর্ব্বক ; এক-যোগাসনে। "একাসনে বসিয়া রজনী দিনপাত : একাসনে…ধ্যান নিরন্তর ভা.চ ১৩৫।

একাহ পুং [এক অহ, ত.পু, সমাসান্ত 'অ' (টচ্)] এক দিন বা অহোরাত্র। "মনু ৫.৫৯ ; ৭১।

একাহার বিণ [এক আহার যাহার, বহুব্রী] যাহার দিবসে একবার ভোজন; একভোজন, একাহারী। "মহা ১৩.১০৬.২৮ ; ৩৯। —হার পুং [ত.পু]। দিবসে একবার ভোজন ; এক ভোজন। "দশমীতে সংযম করিবে একাহার ম ১০৬৩। —হারী (-রিন্) বিং সর্থ 'একাহার (বিণ)।

একি 'এ্যা-' বিং [এক+ই৪ ; 'একই' সাধু] ১ নিশ্চিত এক ; এক-মাত্র। ২ অভিন্নই, সমানই। [একিবারে—একবারেই। "শত শত বাণ বীর একিবারে এড়ে। শত শত মুণ্ড কাটী একিবারে পাড়ে॥ —ম ৭৪৭। [একিকালে (অপ্র)—কোনকালেই, একেবারেই। "একি-কালে তোর পুত্রের না হবে মরণ গো.চ ৩০ ; ৫৯, টীকা।]

একিদা বিং [আ অ'ক্.ঈদহ্—বিশ্বাস, ধর্ম্মবিশ্বাস] ঈশ্বরে বিশ্বাসী বা একনিষ্ঠ। "সত্যপীর পাওমো একিদা করো দিল রা.স ১২। —দা বি ১ ধর্ম্মবিশ্বাস, ঈশ্বরে বিশ্বাস। "হুতাসে একিদা-হারা হইল শ্রী ৭৯। ২ অধর্ম্মে ধর্ম্ম বলিয়া বিশ্বাস। "সত্যের সহিত ফারখতাখতি করিয়া আদালতে ঢুকতে হয়—কি প্রকারে জয়ী হইব তাহাতেই কেবল একিদা থাকে আ.দ্র ৫০।

একীকরণ ক্লী [এক+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্) -ভা] অনেককে এক করা ; সম্মেলন, সংযোগ, মিশ্রণ। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সংযোজিত, মিশ্রিত।

একু স.বিং [সং এক>প্রা এক্কু (পৈ)>বা একু ; এক্কু (দো) ; একু (চট্টগ্রাম) ; অপ্র] ১ এক, অভিন্ন, সম। "দুঃখেঁ সুখেঁ একু করিআ ভুঞ্জহ ইন্দীজানী চ ৫৩। ২ এক, অপৃথক্। "একু স্থানে কৃ.উ ১১৫ ; একু ঠাক্রি ১৫৬ ; ১৫৮ ; ১৬৪। ম ৮। নব রস হয় একুস্থান ক.চ ১১৭। একু ঠাঁই ব.প ৬৭৩ ; একু ঠামে ১০৭৫ ; সব সখী একু ঠাম ১১০৭। একু ঠাম শ্রী.ম ৭৩। ৩ এক-এক, প্রত্যেক। "লক্ষ লক্ষ ব্রাহ্মণ ভুঞ্জয়ে একু ঠাম ব.প ৬৭৬। ৪ একটিমাত্র, কেবল একটি। "হেলে বাম ভুজাগ্রে মারিলা একু ঘায়। স্কন্ধ ছিঁড়ে মুণ্ডগোটা পড়ি গেল ঠায়॥ —শ্রী.ম ১২৪।

একুই বিং [একু+ই ; অথবা 'একই'>একোই>°ই ; অপ্র] একই, অপৃথকই, অভিন্নই। "বাসুদেব হৈল তার একুই শরীর ম ৩৩৮। —ই ক্রি·বিং ১ তুল্যভাবেই, ঠিকই। "কেহ পরাজিত নহে একুই সোসর। —ম ৬০৯। ২ সর্ব্বপ্রকারেই, সর্ব্বথাই। "কেহ মহাপাপী কেহ হয় পুণ্যবান্। কেমনে হইব লোক একুই সমান॥—জ ৬। গরল অমৃত তারে একুই সমান গো.চ ৪৭৫। —ই বি ১ এক বা কোন উপায়ই। "সব ভাসি গেল, তবে শুখাইল পানী। কি করিব গোপনাথ একুই না জানি॥—শ্রী.ম ৬৮। ২ দুইএর একটাই ; কোনটাই, কিছুই। "কে হারিল কে জিনিল একুই না জানি কৃ.উ ২৬৯।

একুইতি বিং [একপুতী (একপুত্রিকা) ; অস একুতী ; অপ্র] এক-পুত্রবতী। "একুইতি মাএর ছাওয়াল শ্রী.কী ২৫৭।

একুইশা বি [একুশা>°শা ; দ্র 'একুশ' ; অপ্র] শিশুর জন্মের এক-বিংশ দিনে করণীয় ষষ্ঠীপূজা। "ষষ্ঠীপূজা একুইশা কৈল একমাসে ক.চ ৪৫ ; একুইশা কৈল তার একুশ দিবসে ১১৩। [কবিকঙ্কণে, ছেলের একমাসে ও মেয়ের একুশ দিনে 'একুইশা' করার রীতি বর্ণিত হইয়াছে।]

একুন বি ['একু'—মিলিত (চ ৫৩) ; ঠ একুণ, -ন] সমষ্টি, যোগ। "একুনের মোট কড়ি উপরে রাখিবে।—শুভঙ্কর। —ন বিং সমষ্টিকৃত, মোট। [একুন করা—যোগ করা (to add)। একুন জমা (ঠ একুন জমা)—মোট জমা। একুনে—সমষ্টিভাবে, সর্ব্বসুদ্ধ। "তিন জনে একুনে বদন হৈল বার শি ৩২। একুনের—যোগফলের।]

একুশ স.বিং [সং একবিংশতি >লি একবীসতি ; প্রা—এগবীসা : হি, ঠ, গু একবীস ; অস এবৈশ ; একইস (গো.চ)] একবিংশতি-সংখ্যক। "ক চ ১১৩। —শ বি একবিংশতি (২১) এই সংখ্যা। —শা, -শে বি মাসের একবিংশ দিবস।

একে 'এ্যা-' স.বিং [এক১+এ৫] ১ এক (তৃতীয়ান্ত)। "একে শরসন্ধানে বিন্ধহ চ ৪৪। দণ্ডেকে মরিবে ম.গা ১৩। একে দুদে পালন কৈচ্ছে মএনামতি মাই গো.চ ১৮৪। গণ্ডুসেকে : নিসাসেকে শূ ১১২। গণ্ডুষেকে গ ১৭৯। গণ্ডুষেকে : নিশাসেকে ব.প ১১৫। নিমিষেকে। —ম ৭৭৬। ক.চ ৮২। ২ এক, অপৃথক্ (সপ্তম্যন্ত)। "একে ঠ্যাংএ (ঠাঁইএ) খায় ওরা একে ঠ্যাংএ জায় গো.চ ২৬৫, টীকা। —কে বি ১ এক বিষয় (দ্বিতীয়ান্ত)। "একে আরম্ভিতে হয় আরে অবসর ভা.চ ৪০৪। ২ এক (১) এই সংখ্যায় অর্থাৎ এক (১) হইলে (সপ্তম্যন্ত)। "একে সুত দুয়ে সুতা। শূন্য হ'লে গর্ভ মিথ্যা॥—খনা। —কে ক্রি·বিং একপক্ষে, একদিকে, প্রথমতঃ, প্রথম গণনায় বা বিচারে। "একে ধনি পদ্মিনী সহজহি ছোটা বি.প ৬০। একে কুলনারী…তাহে বড়ুয়ার বধূ চ.দা ১১। একে কুলবতী করি বিড়ম্বিল বিধি। আর তাহে দিল হেন পিরীতি বেয়াধি॥—ব ১৫৩। একে দূত বাসুদেব আরে হয়েন ইষ্ট ম.বি ২৫০। ম.গা ১৩। [একে আর হওয়া —এক করিতে অন্য বিষয় ঘটা। একে…আর…আর…আর…আর …আর—একপক্ষে, প্রথমতঃ…অন্যপক্ষে, দ্বিতীয়তঃ ইত্যাদি। "একে কাল হৈল মোর নয়লি যৌবন। আর কাল হৈল মোর বাস বৃন্দাবন॥ আর কাল হৈল মোর যমুনার জল ইত্যাদি চ.দা ১১৮। একে…আর …আর…আরে—একপক্ষে…পক্ষান্তরে ইত্যাদি। "একে সে মোহন যমুনার কূল, আর সে কেলিকদম্বের মূল, আর সে বিবিধ ফুটল ফুল, আরে সে শারদ যামিনী ব ১৩৩। একে…আরে—প্রথমে…দ্বিতীয়ে। "একে সে মহেশ আরে কৃষ্ণের আবেশ চৈ.ম ৭৩। একে আবার— প্রথমতঃ…দ্বিতীয়তঃ। "রজনী একে বিধাতা কর্ত্তৃক পীড়িতা, আবার আমা কর্ত্তৃক…পীড়িতা হইয়াছে ব.প্র ২৪৮। একে…আরে—এক বিষয়…অন্যবিষয় ; প্রথমতঃ…দ্বিতীয়তঃ। "দ্র 'একে' বি (১) ; 'একে' ক্রি·বিং। একে এক, একে একে—এক-এক-ক্রমে ; পর-পর। "সভে মিলি একে এক করএ যদি রণ। অর্জ্জুন সহিত সমর্থ হইব কোনজন॥ —ম.বি ২৬৩। একে একে কহিলাম তোর সকল বাপের কথা কৃ ২৪৯। একে একে উদ্ধারিব গ ১৫৫। একে…তাতে, তাহে ; একে ত…তাহে—প্রথমতঃ…দ্বিতীয়তঃ। "একে বুড়া, তাহে ভাঙ্গী ভা.চ ১৭৪। একে ত অদূরদর্শী নৃশংস যুবক,…তাহে পথপ্রদর্শক…যত কুলাঙ্গার ন ৪২৭। একে ইতরজাতির মেয়ে, তাতে বালবিধবা ব.প্র ৩৫৩। একে চায় আরে পায়—একে যে যাহা চায়, পক্ষান্তরে সে তাহাই অনায়াসে পাইলে, তাহার বিশেষ আনন্দ (অভীষ্টলাভে ইহা প্রযোজ্য)। "একে চায় আরে পায়, বলে হীরাবতী ক.চ ৪৭। একে চায় আরে পায় প্রভু আজ্ঞাবাণী চৈ.ম ১১১। বা.ম ৩৫২। একে পায় আরে চায়—প্রথমতঃ কেহ কোন বিষয়ের একটু সন্ধান পাইলে, তাহার শেষ পর্য্যন্ত জানিতে চায়। "একে পায় আরে চায়। বিমলা কহিলেন, 'এ পথে বড় ভূতের দৌরাত্ম্য !' ব.প্র ৩০। (বিমলা আগে দিগ্‌গজের ভূতের ভয়ের একটু সন্ধান পাইয়া, শেষ পর্য্যন্ত জানার নিমিত্ত ভূতের দৌরাত্ম্যের কথা বলিলেন।]

একেঁ ক্রি·বিং [এক১+এঁ৩, অপ্র] প্রথমতঃ, একপক্ষে, একে। "একেঁ

দহদহ, ঘষির আগুণ, আর কে না জ্বালে বুকে শ্রী.কী ৩৪৯। [একেঁ একেঁ—একশ, এক-এক-ক্রমে। "একেঁ একেঁ মাইল ছয় গর্ভ দেবকীর শ্রী কী ৩ ; ১৪৫।

একেক স.বিং [এক১+এক১ ; সং ঐকৈক >লি একেক ; প্রা এক্কেক্ক (হে) ; ঠ একএক ; গু একেক, -কু —একে একে] একএক, প্রত্যেক। "শতে শতে বীর কাটে একেক কন্ধ অ.প ১৭। একেক ফুলের লক্ষেক মূল ক.চ ২১১। একেক বানর কৃ ৩৭৩। চৈ.চ ১৪৩ ; একেক মার্জ্জনী ১৪৭ ; ১৫৮ ; ১৯৮ ; একেক দ্রব্যের একেক পুঞ্জা ৩১৮। [একেথ, এগেক (অপ্র)—একএক। "দুই দুই ঘোড়া মধ্যে একেথ কুঞ্জর চ.বি ২০০ ; দুই দুই ঘোড়া মাঝে এগেক কুঞ্জর ১৩৭ ; ২১৯ ; ২৫৮।]

একেবারে ক্রি.বিং [এক১-এ৫+বার-এ৫ ; সং একবারম্ ; হি এক-বারগী ; গু একবার—once for all ; অস একবারেই, -বাহে] ১ এককালে, এক সময়ে, যুগপদ্। "একেবারে মারে বীর লক্ষ লক্ষ শর ম ৭৪৭। একেবারে এত পুত্র কে নিল হরিয়া গ ৮৭। দুই হাতে ধরি একেবারে বি.পা ৮১। একেবারে শত শঙ্খ ধরি ধ্বনিলা…স্ত্রীবৃন্দ মে ৮৫। ২ এককালে, একদফায়। "কতখানি দিলে তবে, ভিক্ষাঝুলি ভরে একেবারে।—কথা ৮। ৩ একটানা, বরাবর। "বিমলা…বেশ বুঝিতে পারিলেন যে, তিনি একেবারে দুর্গদ্বারে গিয়া উপস্থিত হইবেন ব.প্র ৩২। ৪ এককালে, অর্থাৎ সম্পূর্ণভাবে। "আমি একেবারে অবাক হইয়া রহিলাম।…আমার মন একেবারে আচ্ছন্ন ও অবসন্ন হইয়া পড়িল ব.প ১৭৭৬। তেমন যেরূপ একেবারে কালিমাড়া হ'য়ে গিয়াছে পা.প্র ২১। ৫ এককালে, অর্থাৎ হঠাৎ। "একেবারে অতটা সইবে না ; কখনও ত ক্লেশ কর নি, একেবারে অতটা সইবে কেন ! —গি.স্বি ১৩১। ৬ অতর্কিতভাবে, আচমকা। "দেখি, সাপটা একেবারে আমার পার কাছে !—ভাগ্যে কামড়ায় নি !

একেলা বিং [দ্র 'একলা' ; পদ্যে] ১ একাকী, একা। "একেলা কোন পথিক তুমি, পথিকহীন পথের পরে !—গী.লি ২৩। ২ একমাত্র, একটি। "ষোলশ নারীর মৈদ্ধে একেলা নাগর গো.বি ১০৬। একেলা সন্ন্যাসী করে এতেক ভোজন চৈ.চ ১৭১। ৩ অসহায়। "একশত কুমার একেলা বৃকোদর ম বি ১২। শ্রী.ম ১৯৬। কেন অকূল সাগরে জীবন সঁপিব, একেলা জীর্ণ তরীতে স.স্ব ১০। ৪ নিঃসঙ্গ, নির্লিপ্ত। "কার সঙ্গে না মিশি আক্ষি থাকিয়ে একেলা ম.পা ৩০। ৫ একমাত্র, কেবল। "পুত্র কন্যা নাই আর একেলা গুবিন্দাই ম গা ৮। ৬ এক ও অদ্বিতীয়। "আলোকেতে দেখ শুধু ক্ষণিকের খেলা, অন্ধকারে আছি আমি অসীম একেলা চ.কা ৪০। ৭ একক, স্ত্রীহীন। "তুমি যুবা হইয়া একেলা বঞ্চ রাতি কৃ ১৩১। —লী বিং [°লা+স্ত্রী ঈ৬ ; অপ্র] একাকিনী, একা। "একেলী সবরী এ বণ হিণ্ডই চ ৪৪।

একেলে বিং [একাল+এ৮>একালে>°লে ; বিপ 'সেকেলে'] একালসম্বন্ধী, একালের, আধুনিক। "তোমরা সেকেলে ব্যান,… একেলে ব্যানেরা লেখাপড়া শিখেছেন স.এ ১০।

একেশ্বর১ বিং [এক১+ঈশ্বর] একমাত্র প্রভু ; একচ্ছত্র (রাজা), সার্ব্বভৌম। "হও তুমি রাজা একেশ্বর কা ১০। —রী বিং একমাত্র কর্ত্রী বা গৃহিণী। "ঘরে একেশ্বরী হবে শ্রী ২০।

একেশ্বর২ বিং [একসর >একশ্বর >°র ; অস একেশ্বর ; একেশ্বর (গো.চ)] ১ এক, একা। "মা ভাই নিদ্রা যায় জাগি একেশ্বর ম.বি ২৩। ২ একাকী, অসহায়। "একেশ্বর থাক রাম রথের উপর কৃ.উ ২৪৯। একেশ্বর গরুড় সকল অহি নাশে ম ১৯৬। জিনিল একেশ্বর বি.পা ৩০। ৩ একাকী, অর্থাৎ স্ত্রীহীন। "উপবাসী ব্রতী হ'য়ে আছে একেশ্বর ম ২৮৮। একেশ্বর যাবেন শিব স্ত্রী না নিবে মেলে ম.ম ৬। শিব যায় একেশ্বর বা.ম ৫৪। ৪ পরিজনহীন, স্বগণরহিত। "তুমি হেন মহারাজা, কথাতে তোমার শর্দ্ধা (সজ্জা), কিরূপে রহিছ একেশ্বর ম.গা ২৮। এত লোকে কোথা রহিল কেন একেশ্বর বি.পা ২৪৮। একেশ্বর কেমনে হাঁটিয়া যাবে পথ চৈ.ম ১৫৫। ৫ গুরুর সঙ্গবিরহিত। "একেশ্বর বঞ্চ কেন গুরুকে না চাই গো.বি ৪১, টীকা। ৬ (অপ্র) একেশ্বরী, একাকিনী, সহচরীহীনা। "একেশ্বর ছিলি পর পুরুষের সনে বি.পা ৮১। সংশয়স্থানে কেনে আইলা একেশ্বর কৃ.উ ৩। —শ্বরী বিং [একেশ্বর+স্ত্রী ঈ৬] ১ একাকিনী, অসহায়া, একা। "কৃ.উ ৩ ; কেবল অঞ্জনা ঘরে আছে একেশ্বরী ১৩৬ ; কন্যা কান্দে একেশ্বরী ১৭০। কোথায় চলাছ একেশ্বরী ক.চ ১৬০। ম.ম ৮। চ.বি ১৫ ; ৩২০। দা ১৭৩৭। ২ প্রিয়বিরহিতা। "(কুলবতী) সদা পরাধীন ঘরে রহে একেশ্বরী চ.দা ১২০। ব ১৪৮। ৩ পতিসঙ্গহীনা। "কহ গো সুন্দরি, কেনে একেশ্বরী, ভ্রমিতে নাহি তরাস ক.চ ৬৪। ৪ পরিজন-হীনা, স্বজনহীনা। "চৌদিকে কাণ্ডার করি, তাহার মধ্যে একেশ্বরী, প্রভু লয়ে বসিলা হরিষে ম.ম ১৮৫। কেমনে ঘরেরে যাব একেশ্বরী আমি চৈ.ম ৭৬।

ঐকৈ স.বিং [একই >ঐকৈ, দ্র 'ঐ১' ; অপ্র] একই, একমাত্র। "দুরভিক্ষ তারে, যত বাণ মারে, সমস্ত কাটিয়া ফেলে ঐকৈ উদ্যমে স্ব.প্র ১৭৪। ঐকৈ নিমিষে বীর তীরে তীরে ঘিরে চারি দিক্ ১৭৫।

ঐকৈক স.বিণ [এক১+এক১, দ্বিরুক্তি, বহুব্রীহিবৎ সমাস, পা ৮.১. ৯ ; স্ত্রী -কা ; ছান্দস] ১ এক-এক, অর্থাৎ প্রত্যেকে এক। "ঐকৈকং যোজনং পুত্রা বিস্তারমভিগচ্ছত রা ১.৩৯.১৪। মনু ৩.১২৫ ; ১২৯। যাজ্ঞ ৩.৮৮। ২ এক-এক, প্রত্যেক (জন)। "যোজনায়ামবিস্তারমে-কৈকঃ (অন্বেষয়া৲স) রা ১.৩৯.১৮। ৩ এক-একটি, একটি-একটি। "ঐকৈকং হ্রাসয়েৎ পিণ্ডং কৃষ্ণে মনু ১১.২১৭। যাজ্ঞ ৩.৩২৩। ঐকৈক-মপ্যনর্থায় কিমু তত্র চতুষ্টয়ম্।—হি ১১ (কথারম্ভ)। এক এক শরে মারে ঐকৈক কুঞ্জর ব.প ৬৪১। ঐকৈক দিন ঐকৈক গ্রাম লইল মাগিয়া চৈ.চ ৯১। —ক ক্রি.বিণ এক-এক-ক্রমে, একেএকে। "যূপাঃ…বাসোভিঃ…ঐকৈকং সমলঙ্কৃতাঃ রা ১.৪.২৫।

একো দ্র 'আক১'।

একোই স.বিং [একই >একোই ; অস একো —একমাত্রও ; তু 'ঐকৈ' ; অপ্র] ১ একই, অভিন্নই, তুলাই। "একোই আকৃতি কৃ.উ ১১৯ ; একোই মুরতি ১২৪। ২ অভিন্নই, অর্থাৎ সন্নিহিত, পাশাপাশি (স্থান)। "মধুদৈত্য রাবণে একোই স্থানে বসি। তাহাদিকে অন্ন আনি দেন কুম্ভনসী ॥—কৃ.উ ১০৫। ৩ একটাও, কিছুই। "কি দেখিল কি শুনিল একোই না জানি কৃ.উ ১৩৯। —ই ক্রি.বিং এক প্রকারেই, সর্ব্বথাই, ঠিকই। "দুই জনে যুদ্ধ করে একোই সমান কৃ.উ ১০৯। [এথোই (অপ্র)—একটাও। "এথোই না ধরে কাহু উন্মত আকার শ্রী.কী ১২১।]

একোদক বিণ [এক উদক যাহার, বহুব্রী ; স্ত্রী -কা] সমানোদক, অর্থাৎ সপ্তম পুরুষের ঊর্দ্ধ ও চতুর্দ্দশ পুরুষপর্য্যন্ত একগোত্রজ (পুরুষ) ; তর্পণজলের অধিকারী। "একোদক মনু ৫.৭১। [আমার কুলে অমুকনামা পুরুষ জন্মিয়াছিলেন, এইরূপ জন্ম ও নাম জানা না থাকিলে, সমানোদকভাব থাকে না (মনু ৫.৬০ কুলুক)।]

একোদর বিণ [এক উদর যাহার, বহুব্রী ; স্ত্রী -রা, -রী] অভিন্নোদর। "একোদরাঃ (ভারণ্ডাঃ পক্ষিণঃ)।—পঞ্চ ৫.৯৪। —র পুং যাহার এক মাতৃগর্ভ ; সহোদর। —র ক্লী [ত.পু] সমান উদর বা গর্ভ। "°প্রসূত (ত.বা)।

একোদ্দিষ্ট ক্লী [এক উদ্দিষ্ট যাহাতে, বহুব্রী] যাহাতে একমাত্র প্রেত উদ্দিষ্ট ; প্রেতোদ্দেশে করণীয় শ্রাদ্ধবিশেষ ; নবশ্রাদ্ধ (কুলুক)।

"মনু ৪.১১০। [প্রতিবর্ষে মৃতব্যক্তিবিশেষের উদ্দেশে করণীয় 'শ্রাদ্ধকে' সামান্ততঃ 'একোদ্দিষ্ট' বলে। কিন্তু বস্তুতঃ উহা 'একোদ্দিষ্ট' নহে, 'একোদ্দিষ্টবিধিক'।]

একোন বিণ [এক দ্বারা উন, তৃ.ত ; স্ত্রী -না] 'এক' এই সংখ্যা দ্বারা ন্যূন ; এক-কম। "°বিংশতি (১৯), °ত্রিংশৎ (২৯), °চত্বারিংশৎ (৩৯), °পঞ্চাশৎ (৪৯), °ষষ্টি (৫৯), °সপ্ততি (৬৯), °অশীতি (৭৯), °নবতি (৮৯), °শত (৯৯)। [°পঞ্চাস (সং একোনপঞ্চাশৎ> লি একূনপঞ্‌ঞাসা ; প্রা এগুণপন্নাস ; ঠ একুণপন্নাস ; বা উনপঞ্চাশ ; অপ্র) একোনপঞ্চাশৎসংখ্যক। "নড়িল বায়ু এক-উনপঞ্চাস কৃ.উ ১৪৮।]

একোহি স.বিং [একোই >(-হ-আগমে) °হি ; সং একো হি (পুং) ; অপ্র] ১ একই, সমানই। "একোহি সম্বন্ধ আমার কুরু-পাণ্ডু সনে ম.বি ২২৬। ২ একটাও, কোনটাই। "ভাল না বুঝিয়ে তোর একোহি চরীত শ্রী.কী ১৩৫ ; দিবস রজনী. এথ'। একোহি না জাণী ২০৫।

এক্ক স.বিং [সং এক>প্রা এক্ক ; অপ্র] এক। "এক্ককালে উড়িয়া গ্যাল কান পড়ার ছাপ গো.চ ২৬৬। [এক্কি—একই, একমাত্র। "এক্কি ঢেউএ গো.চ ২৬৮। এক্কেকালে, এক্কেবারে—একেবারে। "এক্কেবারে দুষ্ট পুত্র পেটাই রসাতল গো চ ৬৬ ; এক্কে কালে ২৬৬।]

এক্কা 'এ্যা-' বি [দ্র 'এক্ক' ; ফা যক্কা ; হি এক্কা—একচর পশু, পক্ষী। এক্কী—এক বলদের গাড়ী ; গু এক্কো—এক বলদের বা ঘোড়ার গাড়ী] এক ঘোড়ার দু-চাকা গাড়ী-বিশেষ। "দেখ, দেখ, এক্কা গাড়ী কেমন চলে !—প.কা ১৭। ব.ম্বি ৩৪২।

এক্কে স. বি [সং একেন>প্রা এক্কেণ (পৈ)>বা এক্কে ; তি কং—এক কং এক (এক একম এক, অর্থাৎ একেক্কে এক—G.H.) ; ঠ একে —তীন একে তীন] এক দ্বারা গুণিত ; এক-গুণ। "এক এক্কে এক, দুই এক্কে দুই ইত্যাদি।

এক্ষণ বি [এ°+ক্ষণ] তখন, এই সময় ; বর্ত্তমান কাল ; এখন। "দিবারাত্রি জাগরণে এবং এক্ষণকার ক্লেশে বালিকার তন্দ্রা আসিল ব.ম্বি ৬। —ণ ক্রি.বিং (অপ্র) এই সময়ে ; এখন। "দুর্য্যোধন আপ্তবন্ধু হইল এক্ষণ ম ২৫৭। ২ [এক+ক্ষণ >একখণ >এক্ষণ (উচ্চারণানুসারে 'ক্‌খ' >ক্ষ) ; অপ্র] এক মুহূর্ত্ত ; কিছুক্ষণ। "দাসী বলে বিলম্ব এক্ষণ। ঘর হৈতে অন্ন আনি, করিহ ভোজন॥ কৃ.উ ৮৭। [এক্ষণকার—এখনকার। একৃথনি, এক্ষণি (এক্ষণ+ই⁸)—এইক্ষণেই, এখনই। "একৃথনি হয় রাজি প.কা ৩৩। এ টাকাটা এক্ষণি...সন্দীপের হাতে দিয়ে ফেলতে পারলে বাঁচি ঘ ১৯৪। এক্ষণে—এখন, অধুনা, সম্প্রতি। "সী ২১। —এক্ষণেও—এখনও। "সী ২৮। এক্ষুণি (অপ্র) —এই ক্ষণেই। "আমাকে এক্ষুণি যেতে হবে আ.দু ১১১।]

একজামিন্ বি [E. examine (verb)] পরীক্ষা। "নবীন ছাত্র ঝুঁকে আছে, একজামিনের পড়ায় চ.কা ৩২৮। [একজামিন দেওয়া —পরীক্ষা দেওয়া। এইরূপ 'একজামিন করা, হওয়া' ইত্যাদি।]

এক্‌জিবিশন্ বি [E. exhibition] বিবিধপণ্যদ্রব্যপ্রদর্শনের স্থান ; পণ্যদ্রব্যের মেলা ; প্রদর্শনী।

এক্‌টি(টী)ন্ বি [E. acting] এক জনের কার্য্যে অস্থায়িভাবে নিযুক্ত ব্যক্তি ; কাহারও স্থানে কার্য্যকারক। "যেমন ঢাকের পিঠে বাঁয়া থাকে বাজেনাকো একটি দিন। তেমনি গো নীলুর দলে রামপ্রসাদ একটিন॥ —কাব্যনির্ণয়। [একটীন করা—কাহারও স্থানে অস্থায়িভাবে নিযুক্ত হইয়া কার্য্য করা। "কোন কার্য্যপতিকে থানার দারোগা বিদায় লইলে ঐ দারোগাগিরি কর্ম্ম একটিন করেন ব.প ১৮৮।]

এক্(খ্)তার্, এখ্‌তিয়ার্ বি [আ ইখ্‌তিয়ার্] ১ অধিকার ; ক্ষমতা। ২ ইচ্ছা (option)।

এথ 'এ্যাথ্' স.বিং [সং এক ; অপ্র] একমাত্র, একটা। "যার এথবীরে জিনে এ তিন সংসার চ.বি ২৬২। [এথ এথ, এথো এথো—এক এক, প্রত্যেক। "এথ এথ বীর পারে সমন জিনিতে চ.বি ১৫২ ; এথো এথো দেবতাক ১৫৩]

এখন বি [এ+খন ; 'এখণ' (শ্রী কী)] ১ এই ক্ষণ বা মুহূর্ত্ত ; এই সময়। "এখন কাজের সময়, একটু পরে এসো। ২ বৎসরের অংশ-বিশেষরূপ কাল। "এখন বসন্তকাল। ৩ এই যুগ। "এখন কলিকাল। ৪ আজকাল, প্রচলিত কাল। "এখন সস্তার বাজারে সবই সস্তা, টাকা মাগ্‌গি। —ন ক্রি.বিং ১ এই ক্ষণে বা সময়ে। তু 'এখনে'। "এখন যাও, একট পরে এসো। ২ এতক্ষণ পরে ; এতদিন পরে। "এখন আমি বুঝিলাম কেউ কারো নয় রে !—রামমোহন রায়। এখন বুঝেছি সার, অসার সংসার।—হেম ৭। এখন কথাটা বুঝলাম, আগে বুঝিনি। ৩ এই বিপৎকালে ; এই আসন্ন সঙ্কটে, অনুপায়ে। "একা আনি এখানে এখন কি এড়াও ভা.চ ৪২৮। এখন আর উপায় নাই। তোমার পান্‌সী ডাক।—ব.প্র ৪১০ ; এখন কি করিবে ?—৪১৩। ৪ এই কার্য্যসন্দেহ-কালে বা উভয় সঙ্কটে। "এখন কি করি কিছুই বুঝিতে পারিতেছি না।—সী ২০। ৫ এই দুঃখের সময়ে বা দুঃসময়ে। "এখন আর কিছু নাই হে সুখ, রোদন করে শারী শুক।—দা ৫৭২। সুখের সে দিন হায় কোথায় এখন !—শিবনাথ শাস্ত্রী। ৬ এই সুখের সময়ে বা সুসময়ে। "এখন আমায় চিনবে কেন, রাজা হয়েছ হরি। —গান। ৭ আজকাল, বর্ত্তমান কালে, সম্প্রতি। "ছিলে যে শ্রেণীতে, এখন নাহিক সে শ্রেণীতে ব.প ১৫৮২। (আড্ডা) ছিল, যখন ননী বাবু ছিলেন। এখন আর নাই।—ব.প্র ৬৪৬। ৮ এই যুগে ; ইদানীং। "এখন ঘুচে গিয়েছে সে সব দিন, ব্যভার ফিরছে দিন দিন দা ২০১৮। এখন সে দিন নাহিক রে আর।—হেম ২৭৪। ৯ বর্ত্তমান কালে। "উকীল।—এখন আছ কোথা ? কমলাকান্ত।—কেন, এই আদালতে। —ব.প্র ৬৪৬। ১০ এইবার। "এখন আক্ষার, মরণ বড়ায়ি শ্রী.কী ৩৪৯। রাম কে যে জানিস নাই আনিলি সীতা হ'রে। এখন দেখি লঙ্কাপুরী রাখিস কেমন ক'রে॥—কৃ ২৪৯। ১১ বিপৎকালে, মরণকালে। "এখন এমন ধর্ম্ম কথা, মর রে বেটা পাপী।—কৃ ২৪৯। ১২ অসময়ে, অযোগ্যকালে। "পূজার সময় ব'য়ে গেছে, কাজ কি এখন ফুলমালায়। —গান। ১৩ এতক্ষণে, এতবেলায় ; এত বিলম্বে। "এখন কি তোর ঘুম ভাঙ্গিল, রঙ্গভঙ্গ জানিস ভাল ব.প ১৬২৮। ১৪ কোন বিষয়ের বিচারের বা মীমাংসার পরে। "এখন তোকে বলছি আমি 'ফের করিলে বদনামী, তাড়িয়ে দিব ধাক্কা দিয়ে গলে দা ৯৬৪। ১৫ সব শেষে ; শেষকালে। "যত আশা ভরসা সকল হৈল মিছা। এখন দেখাও ভয় জুজু হাপা বিছা॥—ভা.চ ৩৩৯। সকলি দিলাম তুলে থরে বিথরে, এখন আমারে লহ করুণা ক'রে।—চ.কা ৮১। ১৬ (ক্রিয়ার পরবর্ত্তী) পরে, কিছুপরে, অবসরে ইত্যাদি। "আগে মদন-মোহন দেখে আসি; এসে ওর শ্রাদ্ধ করবো এখন মা ৩৪১। আচলটা নিঙড়ে পরিব এখন। —ব.প্র ৫৫৯। [এখন-অবধি—একাল পর্য্যন্ত। এখনকার—এই সময়ের ; আজকালকার। "এখনকার হ'য়েছে মত, বিবিয়ানা মুখভরা নথ দা ৯৮০ ; এখনকার যে অলঙ্কার ১৬৩২। এখনকার মত—এবার কাজ চলার যোগ্য। এখন-তখন—১ এই সময়ে বা পর মুহূর্ত্তে, অর্থাৎ সত্বর। "এখন-তখন দেবী হইবেন প্রসব শ্রী.ম ১৩। ২ যে কোন সময়ে মৃত্যুর আশঙ্কা। "বোধ হয় রোগীর এখন-তখন হইয়াছে, তবে তাহার আয়ু ও আপনার হাতযশ আ.দু ৯৪।]

এখনই, -নি ক্রি.বিং [এখন+ই⁶ ; 'এখনী' (শ্রী.কী)] ১ এই সময়েই ; এই ক্ষণেই। "ওগো ফেলে দাও পুথি ও লেখনী, যা করিতে হয় করহ এখনি।—রবীন্দ্র। এখনই অযোধ্যায় ফিরিয়া যাই সী ৩৫

২ এই মুহূর্ত্তেই, শীঘ্রই। "এখনি ধরিবে সাপ কান্দনী গাইয়া ভা.চ ৩৮১। বধিব এখনি মে ২০০। এখনি হইবে সন্ধ্যা।—হেম ৬। ৩ কিয়ৎকাল পূর্ব্বেই; একটু আগেই; এইমাত্রই। "এখনি এলে, এখনি যাবে?

এখনে ক্রি.বিং [এখন+এ°; অপ্র; °নে (পূর্ব্ববঙ্গে কথ্যভাষা)] ১ এই সময়ে; এখন। বিপ 'পরে'। "এখনে সে সব কথা কহিতে নারিব ন.প ২১৪। বি.পা ৭৭। এখনে দেখাও চৈ.ভা ৪১৪। ২ অতঃপর, এইবার। "এখনে কহিব রুক্মিণী কৃষ্ণের বিহা শ্রী.ম ১৬৮। যে করিলে ভাল হইল এখনে আমার।—ভ.গ্র ১৮৬। ৩ অদ্য, আজ। "সকল করিলা, মাত্র নাহি কর এক। এখনে করিলে সেই, দেখ পরতেখ॥—চৈ.ম ১১৪। ৪ এই অপমানের অবস্থায়। "আমা সনে বিচার না কৈল গর্ব্ব কর্‌য়া। এখনে খাইব ভাত পেটে পারা মর্‌য়া॥ ক.চ ১৫৮। ৫ এই বিপৎকালে। "এখনে আপনি আমার উপর মেহেরবাণী না কল্লি, আমি আর যাব কনে!—মা ৩২৪। ৬ অবশেষে, শেষকালে। "এখনে তাহাকে দোষ দেহ কোন কাজ ম.বি ২২৫। ৭ এই মুহূর্ত্তে। "দেবের বর যদি পাওঁ। এখনে তবেঁ পাখি হওঁ॥—শ্রী.কী ৩০০। [এখনেই—এখনই। "এখনেই এই কার্য্য করহ তৎকাল।—ম ২২৩। এখনেহ—এখনও। "এখনেহ এই কর্ম্ম করহ রাজন্ ম ২২৩; ২২৬।]

এখান বি [এ°+খান] ১ এই স্থান, গ্রাম বা দেশ। ২ এইটা। "এখান ঠাকুর-ঘর। ৩ এই খণ্ড বা টুকরা। "এখান পাথর। ৪ (অপ্র) একখান। "এখান কোদাল গো.চ ৮০, টীকা; ৮৬। [এখানকার—১ এই স্থানের, গ্রামের বা দেশের; এইস্থানে স্থিত বা জাত (দ্রব্য, পণ্য)। ২ এ-বাটীর (পরিবারবর্গ)। "এখানকার সকলে ভাল আছে (পত্রে)। এখানি—এইখানেই। "এখানি বিশ্রাম করিব কৃ.চ ৮। এখানে—এই স্থানে, গ্রামে বা দেশে। "একা আনি এখানে এথন কি এড়াও ভা.চ ৪২৮। এহানে (এখানে > °নে)—এস্থান হইতে। "এহানে সোনার চান্দ জায় কোন থানি গো.চ ১৬২।]

এখুনি, -নী ক্রি.বিং ['এখুনি'—মূল; অপ্র] ১ এই ক্ষণেই; অবিলম্বে। "এখুনি বুলিবোঁ গিআঁ যশোদার থানে শ্রী.কী ১০৭। ২ একটু পরেই, অর্থাৎ আর একটু সময় অতীত হইলেই। "ভাগে পুণী জিলাহোঁ এখুনী মরিতাহোঁ শ্রী.কী ২৬৫।

এখুনী; এখেক; এখো[১] দ্র 'এখুনি; একেক; আক[১]'।

এখো[২] স.বিং [এখ+ও; অপ্র] ১ এক। "চলিতে না পারোঁ এখো পাএ শ্রী.কী ১৯৬। ২ একটিও। "এখো না বুঝিস বড়ায়ি কাহ্নের চারীত শ্রী.কী ১২২। ৩ একটিও; কোনও। "এখো জন নাহিঁ জাণে তার কাজ মতী শ্রী.কী ১২২। ৩ একটিমাত্রও। "কাহাকো না বোলে কাহ্নায়ি এখো খর বাণী শ্রী.কী ২০৪। ৪ একই, একপ্রকারই। "আদি অন্তে এখো বোল না বোলসি ভাল শ্রী.কী ২৪। ৫ একটিও, কোনও। "এখো গোপী ভাল নহে সব দুঠ মনে শ্রী.কী ৩৯৬। ৬ এক-এক, প্রত্যেক। "এখো রথে নাগাইল কত রাজার ধন ১৪৮; ২১৯। [এখোই—একটাও। "শ্রী.কী ১২১। এখো এখো—এক-এক, প্রত্যেক। "এখো এখো সেনাপতি জিনে বাস্তোস্পতি চ.বি ১১৬; ১৫৩; ১৬২। এখো খণে, -খনে—একটিমাত্র ক্ষণও; ক্ষণমাত্রও। "এড়িতেঁ না ফুরে মন এখো খনে শ্রী.কী ২১৩; ৩৬২।

এগ স.বি [সং এক > প্রা এগ; অপ্র] এক। [এগ এগ করি—এক-একটা করিয়া। "গো.চ ৩৭; ৩৮।]

এগার স.বিং [সং একাদশ > লি একাদস; প্রা এক্করহ, এগাদস (প্রা.ম), এগারহ (পৈ), হি গ্যারহ; ঠ অকরা] একাদশসংখ্যক। "এগার বৎসরের বালী। যেহ্ন নলিনী দল কোঁঅলী॥—শ্রী.কী ৩৫। —র বি একাদশ (১১) এই সংখ্যা। [এগারই—মাসের একাদশ দিন।]

এগারঞ্চি বি [এগার+ইঞ্চি] এগার ইঞ্চি দীর্ঘ ইষ্টক। "তোর মাথায় এমন এক এগারঞ্চি ঝাড়িব যে, তোর ব্রাহ্মণীকে কালই হাতের নোয়া খুলিতে হইবে আ.দু ৫।

এগ্‌জামিন্ দ্র 'একজামিন্'।

এগ্‌জিকিউটার্ বি [E. executor] উইল-অনুসারে বিষয়সম্পত্তির কার্য্য করার নিমিত্ত বা উইল-অনুসারে কার্য্য হইতেছে কি না, তাহা দেখার নিমিত্ত নিযুক্ত কর্ম্মচারী; নাবালগের বিষয়ের তত্ত্বাবধায়ক বা কার্য্যাধ্যক্ষ।

এঙ্কার বি হীনাকার (?)। "কীচক পাপী মোর করিল এঙ্কার। পদাঘাত করে মোরে উৎসাহ তোমার ম.বি ১৮০।

এঙ্গাপেঙ্গা বিং [অঙ্গপ্রত্যঙ্গ; অপ্র] দেহ ও অবয়ব। "বাগের নাকান এঙ্গাপেঙ্গা বিলাইর নাকা বৈসে গো.চ ৭৪।

এচি, -ছি ক্রি.ক্তি [ইয়াছি > এছি, -চি] সর্থ 'ইয়াছি'। "এনেচি শ্রী.মা ১৯৩। এনেছি কৃ ২৫০। সাজাএছি ব.প ৯৩১। বেঁধেছি কাশের গুচ্ছ।—গান ৯৪। শুনেচি হূ ২২৫। —চে, -ছে [ইয়াছে > এছে, -চে] সর্থ 'ইয়াছে'। "জাএছে চলিয়া গো.চ ১৪। করেচে, বসেচে শ্রী.মা ১৩৭; ভেগেচে ১৮৬; বেড়েচে ১৯৬; মেরেচে ১৯৮। খুলেচে হূ ২০৫; চলেচে ২০৭। —চেন, -ছেন [ইয়াছেন > এছেন, -চেন] সর্থ 'ইয়াছেন'। "ডেকেচেন শ্রী.মা ১৩৯; বসেচেন ১৮০। বসেচেন, হ'য়েচেন হূ ২০৩; চ'লেচেন ২০৭; ক'রেচেন ২০৮। ক'রেচেন লী ৯৭। ক'রেছেন কৃ ২৫০। শোভেছেন ব.প ৯৫৮।

এচে, এচেন, এছি; এছিলন্তি; এছে, এছেন দ্র 'এচি; ইয়াছিলাও; এচি'।

এজ ক্রি.বিং [অ্দ্য > এজ (গ্রাম্য)] আজ, এখন। "এজ তোমরা কি সুরতে যাবে?—আ.দু ১০৪।

এজন বি [এ+জন] ১ এই ব্যক্তি; এ। ২ এই ব্যক্তি, অর্থাৎ আমি (কোপগর্ব্বপ্রকাশস্থলে আত্ম-উল্লেখে)। "তোমাকে বেশ চিনলাম! —এজন এখানে আর আসবেন না (কোপে)। যেথানেই যাও না, এজনের হাত এড়ান শক্ত! (গর্ব্বে)।

এজন্য ক্রি.বিং [এ+জন্য] 'ইহা হইতে জাত'; একারণ, এই হেতু। "এই সময়ে জানকীর গর্ভ প্রায় পূর্ণ অবস্থায় উপস্থিত; এজন্য তিনি... নিমন্ত্রণ রক্ষা করিতে পারিলেন না: এজন্য রামচন্দ্র...নিয়ত তৎ-সন্নিধানে অবস্থিতি করিতেন লী ২। [এজন্যে ('এজন্য' সাধু)—সর্থ 'এজন্য'।]

এজমালি, -লী বিং [আ ইজ্‌মালী] উত্তরাধিকারী সকলেরই অধিকৃত; অবিভক্ত, সাধারণ (সম্পত্তি)। [এজমালিতে অধিকার করা—অবিভক্তভাবে দখল করা। "পা.প্র ৪২। এজমালির—সাধারণের। "পা.প্র ৪২।]

এজলাস বি [আ ইজ্‌লাস্] ধর্ম্মাধিকরণ, আদালত। "কপালে প্রত্যহ ঝাঁটা এজলাসে এজলাসে।—হেম ৩৮৭। এজলাস খুব বড়—দ্বিজেন্দ্রলাল রায়। এজলাসে প্রথামত মাচানের উপর হাকিম বিরাজ করিতেছেন ব.প্র ৬৪৩; ৬৪৬।

এজাহার বি [আ ইজ্‌হা.র্—প্রকাশ করা] ১ মোকদ্দমার বিষয়ে বাদীর বা প্রতিবাদীর উক্তি (deposition)। ২ সাক্ষীর উক্তি; সাক্ষ্য।

এজি বি [E. razor (?); অপ্র] অস্ত্রবিশেষ, ছুরীবিশেষ। "এজি ছুরি গো.চ ১৭৩, টীকা; ১৮১; গলাএ এজি দিয়া রানি চরনে মরি গ্যাল ১৮৯; ১৯১, টীকা।

এজেণ্ট্ বি [E. agent] ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী; কোন কারখানার বা কোম্পানির মাল বেচা-কেনার নিমিত্ত নিযুক্ত কর্ম্মচারী; প্রতিনিধি।

[এজেন্টি কর্ম্ম—এজেন্টের কাজ। "হু ১৪। এজেন্সি (E. agency) —এজেন্টের আফিস; আড়ত।]

এঞা প্র [ইঞা > এঞা; অপ্র] সর্ব 'ইঞা'। শিখাএঞা গো.চ ১৫৩; চড়াএঞা ১৮৬; জাএঞা ২২৭, টীকা।

এটা সর্ব [এ°+টা] ১ এই লোকটা (অবজ্ঞায়)। "এটা কেটা কার বেটা ভা.চ ৪১৩। ২ এই প্রাণীটা (ভয়ে)। "সুমেরু পর্ব্বত যেন অঙ্গদের দেহ। রাক্ষসেরা বলে বাপ এটা এল কেহ॥—কৃ ২৪৯। ৩ এই বিষয়টা। "তুমি কারেও গ্রাহ্য কর না।—এটা বড় ভাল কথা নয়। [এটা-ওটা, এটা-ওটা-সেটা—এ-ও-তা; অনির্দ্দিষ্ট নানা বস্তু বা বিষয়।]

এটে; এটেল; এট্টু দ্র 'এঁটে; এঁটেল; একটু'।

এড় সর্ম্ম [সং √হেড়্, -ল্ (অনাদর) তু 'এড়িএউ'—বিহার (চ); সং √মুচ্ > প্রা অণ্ণহেড (হে ৪.৯১)] ১ অবহেলা করা; অনাদর করা। "এমন সম্পদ, কাহার ডরে বা এড় জ্ঞা ১৬২। ২ বিসর্জ্জন করা; ত্যাগ করা। "দেশের বাহিরে সীতা এড় নিয়া দূরে কৃ ৪৪৭। ৩ নিক্ষেপ করা; হাতে লইয়া ছোড়া। "এড়ে জাঠি: শেলপাট এড়ি কৃ ৩৪৪। ৪ চাপযোগে নিক্ষেপ করা। "এড়ে অস্ত্রগণ ম ১৯৭। গরুড় অস্ত্র এড়ে: এড়েন বাণ কৃ ৩৪৪। ক.চ ৫২। ৫ ত্যাগ করা; ছাড়া। "দেশ হারাইয়া রাজা এড়ন্তি নিশ্বাস গ ৭৬। তিতা বস্ত্র এড়িলেন চৈ.ভা ৩৫০। ৬ ছাড়া, অর্থাৎ পরিবর্ত্তন করা। "এড় তোক্ষি এহি ভেস গো.বি ২৭। (জল) ভাটি এড়ি উজান বহে কৃ.উ ৪৫। ৭ যাইতে দেওয়া; ছাড়িয়া দেওয়া। "এড় এড় বুলিতেঁ অধিকে করে ধরে শ্রী.কী ৮২। এড় এড় লম্পট কেবা পারে বলে শ্রী.ম ৬৪। ৮ বন্ধনমুক্ত করা; খুলিয়া দেওয়া। "এড়িবেক ঘোড়া বৎসরেক চরিবার: এড় এহি হয় অ.প ৭। অশ্ব এড়ে গ ৪। ৯ নিঃসারিত করা; বাহির করা। "কোন পথে গঙ্গাজল এড়িব কারণ। জানু চিরিয়া গঙ্গা এড়িলা তখন॥—গ ১৭৬। ১০ পরিত্যাগ করিয়া বা ছাড়িয়া উঠা। "আস্তেব্যস্তে দেবী নিজ আসন এড়িল অ.প ২২। ১১ পাতিত করা, ফেলা। "শাপজল এড়ে রাজা আপন চরণে কৃ.উ ১৮৪। ১২ স্থাপন করা; রাখা। "অর্ঘ্য এড়ত ভূমিতে ম.বি ২১৪। সভামধ্যে বেহুলা অষ্টনাগের লেজ এড়ে ম.ম ২১৬। বা.ম ৩৬৩। ১৩ নামাইয়া রাখা। "কান্ধে হৈতে ভিক্ষাঝুলি ভূমিতে এড়য় ম ৭১৫। ১৪ শায়িত করা; শোওয়ান। "তোর বাপের এড়িলাম দীগল করিয়া ম.গা ১৫। ১৫ প্রশমিত করা; থামান। "দেবী মনের এড়ে কোপ ম.ম ১০। ক্রোধ এড়ি উঠিলেক ব.প ৬২০। ১৭ নিবর্ত্তিত করা; বন্ধ করা। "বিষাদ ভাবিয়া দেবী এড়িলা ক্রন্দন ম.ম ৪৪। ১৮ প্রস্তুত বা যোগাড় করিয়া রাখা। "ক্ষুধাকালে খাইবার নানা বস্তু এড়ে বি.পা ৩০২। ১৯ (প্রসঙ্গ) ত্যাগ করা। "এড় মেনে হারিসু তোমারে ভা.চ ৩৪২; এড় মেনে ঠাট কর কত ৩৫৪। ২০ প্রসারিত করা; পাতা। "সন্ধান বুঝি এড়ে জাল (শ্রী)। [এড়িমু বান্ধিয়া—বান্ধিয়া রাখিব। "চৈ.ভা ৪০২। এড়িল ঢাকা দিয়া—ঢাকিয়া রাখিল। "ম.ম ৯৬। এড়িল তুলিয়া—তুলিয়া রাখিল। "ম.ম ১৪। শ্রী.ম ২৩। এড়িল ভরিয়া—পুরিয়া রাখিল। "শ্রী.ম ১১২। এড়িল রুইয়া—রোপণ করিয়া রাখিল। "শ্রী.ম ১৮৮। এড়িহ আনিঞা—আনিয়া রাখিও। "কৃ.উ ৬। এড়িয়া সাঁতার—সাঁতার দিয়া। "চৈ.ভা ২৫৩। এড়েন সাঁতার—সাঁতার দেন। "চৈ.ভা ৩৮৮। এড়হ, এড়িআঁ, -ঞাঁ, -তেঁ, -লেহেঁ, লোঁ, -বোঁ, এড়, -ড়ে (শ্রী.কী)।]

এড়কা বি [সং এরকা] নলতৃণ, ঘাগড়া। "°বন শ্রী.ম ৩০৪।

এড়মুকে বিণ [কর্ম্মধা] বোবা-কালা, বধিরমূক।

এড়া[১] বি [√এড়+আ৬] অবহেলা করা। "ভক্ত যে বচন বলে এড়া নাহি যায় চু ৬। ২ প্রতিকার করা। "কি বিধানে শিবের সঙ্কট এড়া যায় চু ৬। ২ ত্যাগ করা ইত্যাদি। দ্র '√এড়'। —ড়া বিং [+আ[১২]] ১ অনাদৃত, পরিত্যক্ত। ২ উচ্ছিষ্ট। "এড়ারুটি খাওয়াইয়া করিব জাতিমারা ম.ম ৫৬। ৩ পর্য্যুষিত, বাসি (ভাত, ব্যঞ্জন)। [এড়া কাপড়—ছাড়া বা বাসি কাপড়। এড়া ভাত—বাসি ভাত। এড়া মোচা—কলাছাড়া মোচা, অর্থাৎ যে মোচার কলা আর বাহির হয় না। এড়া রুটী—এঁটো বা বাসি রুটী।]

এড়া[২] সর্ম্ম [√এড় > √এড়া] ১ অবহেলা করা; অগ্রাহ্য করা। "তথাচ মায়ের কথা এড়াতে নারিল চু ৮৫। আজ্ঞা এড়াইতে নারি (শি)। ২ ত্যাগ করা; ছাড়া। "একা আনি এখানে এখন কি এড়াও ভা.৪৭৮। ৩ অপনীত করা; দূর করা। "আনন্দিত হয়্যা এড়াইল পথশ্রম শ্রী.ম ১১৪। ৪ অতিক্রম করা; ছাড়ান। "নবখণ্ড এড়াইয়া গেল ম.ভা ৪৭। এড়ায় মঙ্গলকোট ভা.চ ৪৭০। সবার দিঠি এড়ায়ে এলে গী.লি ২৩। ৫ নিবৃত্ত করা; ছাড়ান। "এড়াইতে নারিয়া অসুরে দিনু বর শি ৬১। —ড়া অর্ম্ম ১ পরিত্রাণ পাওয়া; রক্ষা পাওয়া। "মরিব রাক্ষস হাতে,…এড়াইবারে নাহিক উপায় গ ২১০। সনকার গৌরবে এড়াও মোর ঠাঁই বা.ম ৩৯৬। লোভের নিকটে যদি ফাঁদ পাতা যায়। পশু পক্ষী সাপ মাছ কে কোথা এড়ায়॥—ভা.চ ৩৮৩। [এড়া-এড়ি—ছাড়া-ছাড়ি। "সূর্য্য বান্ধি মাঙ্গাইব এড়া-এড়ি নাই ম.গা ১৩। এড়ায়ে, -য়িএ, -য়িতেঁ, -য়িল, -য়িবারে (শ্রী.কী)।]

এড়ান বি [√এড়া[২]+অন] নিস্তার, নিষ্কৃতি, অব্যাহতি, ছাড়ান। "আর্ত্তনাদ করে পাপী নাহিক এড়ান কৃ.উ ৭৬। এড়ান নহিল ম ৫৫৬। না গেলে এড়ান নাই ম.ভা ২৯। বি.মু ৩৮। ২ বন্ধনমুক্তি। "তা সভার হইল এড়ান কৃ.উ ২৫৯। ৩ নিরস্ত করা; ছাড়ান। "ঠেলাঠেলি ফেলাফেলি না যায় এড়ান শ্রী.ম ১১২। ৪ পরিহার করা; ছাড়ান। "পালাইলেঁ দান, এড়ান না জাএ শ্রী.কী ৯০। [এড়াওন (অপ্র) —এড়ান, বন্ধনমুক্তি। "এড়াওন পাইয়া পদ্মাকে গালি পাড়ি বা.ম ২৩৭। হাত এড়ান—হাত ছাড়ান; হাত হইতে নিষ্কৃতি পাওয়া।]

এড়ি, এণ্ডি বি [ঠ এরংডেং—নিকৃষ্ট রেশমবিশেষ] আসামের রেশমী বস্ত্রবিশেষ।

এডিটর্ বি [E. editor] সংস্করণপূর্ব্বক পুস্তকের প্রকাশক বা সম্পাদক; সংবাদপত্রাদির পরিচালক বা সম্পাদক। [এডিটরী —এডিটরের কার্য্য; সম্পাদকতা।]

এণ[১] পুং [√ই+ণ-ক; স্ত্রী -ণী] ১ হরিণবিশেষ, কৃষ্ণসার। 'এণঃ কৃষ্ণঃ প্রকীর্ত্তিতঃ (ভাবপ্রকাশ)। "মনু ৩.২৬৯। ২ হরিণ, মৃগ। "এণশাব রঘু ৯.৫৫। এণবপুঃ ভ ৯.১০.১০। [°তিলক, এণাঙ্ক (পুং)—'মৃগাঙ্ক', চন্দ্র। "°রূপদে ক.ম ৩.২৮। °মদ (পুং)—মৃগমদ; কস্তুরী। °রিপু (পুং)—'মৃগশত্রু', সিংহ। °রিপুবাহিনী (বি) —সিংহবাহিনী দুর্গা। "ভা.চ ৪২৮। এণাক্ষ পুং (স্ত্রী °ক্ষী)—যাহার অক্ষি এণের তুল্য; মৃগনেত্র। এণাজিন (ক্লী)—এণের চর্ম্ম; মৃগচর্ম্ম, কৃষ্ণসারচর্ম্ম।]

এণ[২], **-ন** বি [সং এনস্ > লি * এন; প্রা * এণ; হি এনস; অপ্র] পাপ। "এণমতি ম.পা ৬; গো-হত্যাদি এন ১১; এণ-রসে ৬৩; সর্ব্বাঙ্গের এন ১২৮; এন-রসে ১২৯। —নী বিং [এন+ঈ[৭]; অপ্র] এনযুক্ত, পাপী। "এনী…নর ম.পা ২১; ভীতি পাএ এনী জেনান্তক দরশনে ৭৮।

এণ্ডা 'এ্যা-' বি [দ্র 'আণ্ডা'] ১ ডিম্ব; জ্রূণ, অতিশিশু। "এণ্ডাওয়ালা তপস্যামাছ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ [সং এরণ্ড; অপ্র] এরণ্ডবৃক্ষ। "এণ্ডার ঠাল লইল আসা করিয়া গো.চ ৩৫, টীকা। —ণ্ডি বি [এণ্ডা —মূল (?)] সর্ব 'এড়ি'। [এণ্ডা বাচ্চা—সর্ব 'আণ্ডাবাচ্চা'। "তারা ত ঠাণ্ডা কেহ নয়, লুঠে এণ্ডাবাচ্চা লয়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। গণ্ডায় এণ্ডা

করা—(গৌণার্থে) সুরে সুর মিলান; গোলে হরিবোল দেওয়া। "পাঠশালার ছাত্রেরা যখন ছুটির পূর্ব্বে সা'র দিয়া দাঁড়াইয়া 'গণ্ডাকিয়া' পড়ে, তখন দুষ্ট ছেলেরা শেষ কথা 'গণ্ডা'র 'এণ্ডা' বলিয়া সুরে সুর মিলাইয়া ফাঁকি দেয়।]

এত১,-তো 'এ্যাতো' বিং [সং ইয়ৎ, এতাবৎ > লি এত্তক; প্রা এত্ত(ত্তি)অ (প্রা.ম), ইত্তিঅ (হে) > বা এত, -তো; হি ইত্তা, এতা; মৈ এত; গু আটলু] ১ এই-পরিমাণ, এইরূপ অধিক, প্রচুর, অতিশয়। "এত দুঃখ…পরাণ না সহে শ্রী.কী ২২। এত অপমান সহে কাহার পরাণে ২৭; কাহাকে দেখাহ তোহ্মে এত বীরপণে ৪৩; ২৮৫। এতো শ্রম কেন কৈলে ভ.গ্র ১৮৯। এত সুখে এতঃ দুখ হবে ব'লে। স্বপনে নাহিক জানি চ.দা ৫৫। কেন এত ফুল, তুলিলি স্বজনি মা ১৫৯। ২ এতৎ-সংখ্যক, অর্থাৎ বহু, নানা। "এত দিন গেল বড়ায়ি তোর আশোআশে শ্রী.কী ৩০; এড়ায়িবারে কৈল বড়ায়ি এত পরকার ১২১। ৩ এপর্য্যন্ত, অদ্যাবধি, আবহমান। "এত কাল হাঁউ অছিলে স্বমোহেঁ চ ৫৪। এতকাল জাইএ আহ্মে মথুরার হাটে শ্রী.কী ৫৯। এতকাল পালিলাম কৃ ২৪৭। ৪ এই সকল, অর্থাৎ সব। "এত দেশের বুড়ো মরে আমার মরণ নাই ম.পা ১৮। [এত কালে, —১ এরূপ অধিক বয়সে। "এত কালে বুড়ী তোর কেহ্নে হেন মন শ্রী.কী ২৪। ২ এরূপ বহুকাল পরে, অর্থাৎ এখন। "রাবণের যত পাপ ফলে এত কালে কৃ ৩১০। এতক্ষণ—এতকাল। "স্বপ্নে ছিনু এতক্ষণ!—রবীন্দ্র। এতক্ষণে—এতাবৎকাল-পরে, এখন। "এতক্ষণে…জানিনু মে ২০১।] এত দিনে—সর্থ 'এত কালে (২)। "এত দিনে মজিলি দুর্ম্মতি মে ১৯৯। এত বড়—১ এরূপ তীব্র বা অতিশয়। "এত বড় দেহ…মোরে দুখ শ্রী.কী ৬০; এত বড় মোর অপমাণে ৩২৬। ২ এরূপ ধনশালী। "এত বড় রাজা শ্রী.কী ৭৭। এত বড় মন—এরূপ একাগ্র চিত্ত। "তবেঁ কেহ্নে রতি প্রতি এত বড় মন শ্রী.কী ১২১। এতবারে—বারে বারে, পুনঃপুনঃ। "এতবারে…তোহ্মারে বুঝাই ম.পা ৯। এত বেলী—এই-রূপ অধিক বা অতিরিক্ত বেলা। "পন্থ ছাড় ভৈল এত বেলী শ্রী.কী ৮২। এতক্ষণ—এতাবৎকাল, এপর্য্যন্ত।]

এত২,-তো 'এ্যা-' বিং [সং এতদ্ (এতৎ) > প্রা এত্তা(পৈ), তু 'এত' —গুরু-উবএসে এত বিঅত্ত (গুরূপদেশেনৈতৎ…বিদিতম্—টীকা, দো ৯৬)] ১ এই সকল, এই। "এতহুঁ নিদেশ কহলু তোহে সুন্দরি বি.প ৪৯। ২ এই, এরূপ। "করি এত বিলপন (প্রভু পড়ে এক শ্লোক) চৈ.চ ৭৯। ৩ এই-এই, এই সব। "স্ত্রীলিঙ্গ গো দ্বিজ আর অন্ন খাই যার। এত জনে কদাচিত না করি প্রহার॥—ম ৩৩১। —ত, -তো সর্ব্ব ১ এই কথা; পূর্ব্বোক্ত বাক্য বিষয় বা ব্যাপার। "তোহ্মাত লাগিআঁ এত কেল দামোদরে শ্রী.কী ৩০৫; এত সব সহিলোঁ ৩৪৫। এত শুনি ম ১৩৫; এত বলি ১৮৯। এতো কহি ভ.গ্র ২৫৩। এত বুঝাইয়া চৈ.ম ৮৫। ২ এই সব বিষয়; অনেক বিষয়। "এত শিখিয়াছ এটুকু শেখনি কিসে কড়ি আসে দুটো।—রবীন্দ্র। [এত ক'রে বলা —১ বিশেষ কাতরভাবে বা অনুরোধপূর্ব্বক বলা। ২ উৎকট গালি দিয়া বলা। "এত ক'রে বলি যদি না হল আঁটকুড়ি শ্রী.মা ১৬১।]

এত৩ কা.ক্তি [এ৫ + ত৩ (সং তস্); তু 'এতে'; অপ্র] ১ 'আধার' অধিকরণে সপ্তমী বিভক্তি। "পুরেত (পুরে) অ.প ৫; মন্ত্রণা-ঘরেত ৯; গাএত ৩২। মনেত গ ৭; বক্ষেত ১০; কুণ্ডেত, নরকেত ৯৩। হস্তেত গো.বি ৭৮; পদেত, গাএত ৭৯; মনেত ১৭৪; জগতেত ১৭৫। মাথাএত ব.প ২৪; পাএত ৬১১। বিষএত (বিষয়ে) ম.পা ১৭৯। শরীরেত চ.বি ১৬২। ২ 'বিষয়' অধিকরণে সপ্তমী বিভক্তি। "সমরেত অ.প ৫। পড়িলেক ভোলেত গো.বি ১৭৪। সংগ্রামেত গ ২১। ধর্ম্মেত ম.বি ২৬১। ৩ করণ কারকে তৃতীয়া বিভক্তি। "শরেত কৈল তল চ.বি ১৩১। হস্তেত গো.বি ১১৬; ম.পা ১৩৯। ৪ 'হেতু' অর্থে তৃতীয়া বিভক্তি। "দর্পেত…কাঁপে ফণী চ.বি ১৬১। প্রতাপেত পলাএ গ ২২। ৫ 'তাহা দ্বারা প্রসিদ্ধ' অর্থে তৃতীয়া বিভক্তি। "বশিষ্ঠ নামেতে মুনি।—গ ২০৫। মরুত নামেতে রাজা ম.বি ৪৩। ৬ সম্প্রদানে চতুর্থী বা দ্বিতীয়া বিভক্তি। "ডাকাইতেত সমর্পিল অশ্ব ধন কৌড়ি গো.বি ১৮০।

এতক বিং [এত২ + ক স্বার্থে; অপ্র] এই, ঈদৃশ, পূর্ব্বোক্তরূপ। "এতক বচন দুহি পাত্রে জে বলিল শূ ৯২। চান্দ মোর করিলেক এতক অবস্থা ম.ম ২১৮।

এতটুকু বিং [এত১ + টুকু] ১ এইটুকু, এতৎপরিমাণ, অত্যল্প। "এ অলক্ষ্মীর দৃষ্টি—যা আনি, তাই যায়। ঘর কন্তে এতটুকুও থাকে না! ২ ভয়ে ঘৃণায় বা লজ্জায় সঙ্কুচিত বা জড়সড়। "দেবী…বলিতে লাগিল …'তিলার্দ্ধ বিলম্ব হইলে আমি এই জলে ঝাঁপ দিয়া মরিব।' রঙ্গরাজ এতটুকু হইয়া গেল।—ব.প্র ৪১২। গিন্নী।—"যদি তুমি কোন কথা কহিবে, তবে আমি গলায় দড়ি দিব।" হরবল্লভ এতটুকু হইয়া গেলেন। ৪৩১।

এতৎ সর্ব্ব [সং এতদ্ > এতৎ (ক্লীবলিঙ্গ, ১মা-১ব)] এই, সম্মুখস্থ (দ্রব্য)। "এতৎ পাদ্যং…রামচন্দ্রায় নমঃ দা ১৩০৮।

এতৎকালীন বিণ [এতৎকাল + ঈন (খ) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -না] এইকালসম্বন্ধী, ইদানীন্তন, আধুনিক। "পূর্ব্বকালে যে বিষয় অদ্ভুত ও অবিশ্বসনীয়ত্বরূপে গণিত ছিল, সে বিষয় এতৎকালীন বিদ্যাপ্রকাশ দ্বারা সত্য ও বিশ্বসনীয় হইয়াছে।—রামমোহন রায়।

এতদ্ সর্ব্ব এই,—সম্মুখস্থ ব্যক্তি, বস্তু ইত্যাদি। "এতদর্থ, এতদবস্থ, এতদ্দেশ ইত্যাদি। [সমাসে পূর্ব্বপদ] [এষা (০দ্ + স্ত্রী প্রথমা-১ব) —এই। "এষা অট মহাসিদ্ধি চ ২৭।]

এতদর্থ বিণ [এতদ্ অর্থ যাহার, বহুব্রী; স্ত্রী -র্থা] এতৎপ্রয়োজনক, এতন্নিমিত্ত। "এতদর্থং হি রাজ্যানি প্রশাসতি নরাধিপাঃ রা ২.৫২.২৫। —দর্থ পুং [কর্ম্মধা] এই বস্তু বা বিষয়। "রাজানম্ এতদর্থং ব্যজিজ্ঞপৎ ক.সা ২৪.২১৭। [এতদর্থে—১ এই নিমিত্ত, এই উদ্দেশ্যে। "এতদর্থে অবতীর্ণ শ্রীশচীনন্দন চৈ ভা ১৪; ২৯। ২ এই বিষয়ে; এই বিষয়-স্বীকারে (দলিলে)। "আমলনামা ফিরাইয়া দিব তাহাতে কোন ওজর করিব না এতদর্থে…কবুলিয়ত লিখিয়া দিলাম E.P. 80.]

এতদবস্থ বিণ [এতদ্ অবস্থা যাহার, বহুব্রী; স্ত্রী -স্থা] এই অবস্থাযুক্ত; ঈদৃশদশাপন্ন। [এতদবস্থায়—এই দশায় বা ব্যাপারে। "বিপদে পড়িয়া চিত্তের কিঞ্চিৎ অস্থিরতা হওয়া পরিণামে ভাল, এতদবস্থায় উত্তম জ্ঞানের উদয় হয়।—টেকচাঁদ।]

এতদ্দেশ বি [এতদ্ দেশ, কর্ম্মধা] এই দেশ; এই স্থান। "এতদ্দেশের সদ্বংশজাতা বালিকাগণের হৃদয়ক্ষেত্রে প্রগাঢ় ভক্তিবীজ উপ্ত হইয়া থাকে পা.প্র ১৩২। [এতদ্দেশীয়—এই দেশসম্বন্ধী, এই দেশবাসী, এই দেশ-জাত। "এতদ্দেশীয় রাজকার্য্য-সম্পাদনে এতদ্দেশীয় লোকেই বিশেষ পটু ব.প্র ৯।]

এতদ্রূপ বি [এতদ্ রূপ, কর্ম্মধা] এই রূপ, এই প্রকার। [এতদ্রূপে —এই প্রকারে, এই ভাবে। "এতদ্রূপে সেই বালক মধুপানেতে প্রাণ-ধারণ করিয়া বাঁচিল ব.প ১৭১৮।]

এতনি বিং [এত + নি২] ১ এতই, এইরূপই। "ভনহু বিদ্যাপতি এতনি সুরেহ বি.প ১৩০। ২ [সং এতানি (?); হি ইতনা।] এই সব। "এতনি ভাখণ। মৃত-সঞ্জীবন জ.প ৯।

এতন্মধ্যে বি [এতদ্ + মধ্যে] এই দুইএর বা ইহাদের মধ্যে। "মৃণালিনী বা গিরিজায়া এতন্মধ্যে কেহই আত্মপ্রতিশ্রুতি বিস্মৃতা হইলেন না ব.প্র ১২১।

এতবার 'ত-র্' বি [ফা ইত্‌ইবার্ ; হি র়তরার] বিশ্বাস, প্রত্যয়। "অতি এতবারে মোরে পুত্রতুল্য চায় ব.প ১৪৮০।

এতমম, -মাম 'ম্' [বি আ ইহ্‌তিমাম্] অধিকার, তত্ত্বাবধান, বন্দোবস্ত। "তোমার্দ্দের এতমমে দরূণ সাহপুরে : তোমার্দ্দের এতমাম পরগনে একধ্বর সাহি E.P. 58.

এত(ত্তে)লা বি [আ ইত্‌ত্‌ইলা] ১ প্রতিবেদন ; রিপোর্ট। "নায়েব সর্ব্বদাই জমিদারকে এত্তেলা দিতেন আ.দু ১৬২। নায়েব কৃষ্ণকান্তের নিকট এক এত্তেলা পাঠাইল যে, মধ্যম বাবু অদ্য প্রাতে গৃহাভিমুখে যাত্রা করিয়াছেন ব.প্র ২৯৫। ২ সংবাদ, খবর। "দত্তবাবু…একজন দরওয়ানকে বাবুকে এতলা দিতে সম্মত ক'ল্লেন হু ২৭। [এতলানামা —প্রতিবেদনপত্র, বিজ্ঞাপনপত্র, নোটিস্।]

এতহি ক্রি.বিং [এত+হি ; তু সং এতস্মিন্ > লি এতম্হি ; প্রা এত্তহি (ইতঃ—হে) ; মৈ এতহি ; বৈষ্ণবসাহিত্যে] এই স্থানে, এখানে, এদিকে। "অনতহি গমনে এতহি নিহার বি.প ৫৮।

এতহুঁ বি [এত১+হুঁ১ ; বৈষ্ণবসাহিত্যে] ১ এই সমস্তই ; পূর্ব্বোক্ত সবই। "এতহুঁ নিদেশ কহলু তোহে সুন্দরি বি.প ৪৯। এতহুঁ সঙ্কেত। —গো ১২২ ; এতহুঁ কহত ২০৪। ২ এতই, এরূপ, অত্যধিকই। "তিলে এক তুহুঁ বিনে৹ যো কহে যুগশত৹ তাহে কি এতহুঁ পরমাদ ব ১৯১। এতহুঁ বিঘিন।—গো ১৩০।

এতা বি [দ্র 'এত১'] এতৎপরিমাণ ; এই সব ; এত। "তস্‌কির খাতির উসে পীর এতা কিয়া রা.স ৩১।

এতাদৃক্ (-দৃশ্), -দৃশ বিণ (এতদ্+√দৃশ্+কিন্ (০),+অ (কঞ্), -র্শ, বা কর্ম্মকর্ত্তৃবাচ্যে ; স্ত্রী -ক্, -শী] ইহার মত যাহা দেখা যায় বা জ্ঞানবিষয় হয় ; এতৎপ্রকার, এইরূপ, ঈদৃশ।

এতাধিক বিং [এত২+অধিক ; 'এতদধিক'—মূল ; তু 'ততোধিক'; অপ্র] ইহা হইতে অধিক। "প্রয়াগগমনে কার্য্য আছে এতাধিক অ.প ৮৫। তিনি যদি এতাধিক হন অত্যাচারী ন ৪৩৩।

এতানি সর্ব্ব [এতদ্ > এতানি (ক্লীবলিঙ্গ, ১মা-বহুব)] এই দ্রব্যগুলি ; পূর্ব্বোক্ত দ্রব্যসমূহ। "শুভ গন্ধ শিলা, দূর্ব্বা পুষ্পমালা, এতানি পরশে ঘটে শ্রী.মা ১৩০।

এতাবতা বিণ [এতাবৎ+আ [টা-তৃতীয়া-১ব] ; ঠ—এতাবতা ; বাঙলায় অপ্র] এতৎপরিমাণ (বস্তু বা বিষয়) দ্বারা ; পূর্ব্বোক্ত বিষয় দ্বারা; ইহা দ্বারা ; ইহা হইতে। "এতাবতা নন্বনুনেয়শোভি কু.স ১.৩৭। এতাবতা রামপ্রসাদের সময়েও মিশির ব্যবহার অনুমিত হইতেছে বা.প্র ১৯২। এতাবতা অগ্রে একখান ব্যাকরণ রচনা অত্যাবশ্যক। —শ্যামাচরণ সরকার।

এতাবান্ (-বৎ) বিণ [এতদ্+বৎ (বতুপ্) 'তৎপরিমাণ' অর্থে -১ব ; স্ত্রী -বতী ; ছান্দস] এতৎপরিমাণ, এতন্মাত্র, এত। "এতাবদুক্ত্বা বচনম্ রা ২.১১২.৭। রঘু ২.৫১। [এতাবৎকাল, এতাবৎকালপর্য্যন্ত (ক্রি.বিং)—এতৎপরিমাণকালাবধি, বর্ত্তমানকালপর্য্যন্ত, আজপর্য্যন্ত। "সী ৬৩। এতাবন্মাত্র ('এতন্মাত্র' সাধু) বিং—এইমাত্র, এইটুকু। "শুনিয়াছি (দাউদ) রাজমহলের পর্ব্বতে আরোহণ করিয়াছেন এতাবন্মাত্র ইহা ব্যতিরেকে আমরা আর কিছু বলিতে পারি না ব.প ১৬৯১।

এতে কা.ক্তি [এ৫+তে৪] ১ 'আধার' অধিকরণে সপ্তমী বিভক্তি। "গাএতে ম.গা ৯। হৃদেতে ম.পা ১২৫ ; হস্তেতে ১৩২ ; কেশেতে ১৩৯। নিজালয়েতে কৃ.চ ৩ ; দেশেতে ৬৪। দিশেতে, কোণেতে, শিরেতে ব.প ৩৭৭ ; পরেতে (উপরে), গলেতে, উপবনেতে, ভূমেতে ৩৭৮। তথায়েতে (তথা) ম.বি ২৫২। ২ 'বিষয়' অধিকরণে সপ্তমী বিভক্তি। "কর্ম্মেতে নিযুক্ত কৃ.চ ৬৬। ৩ কালাধিকরণে সপ্তমী বিভক্তি। "আগুতে ম.পা ১৩৯। তৎক্ষণেতে কৃ.চ ৬। কালান্তেতে ব.প ৩৭১ ; দিনেতে ৩৭৮। ৪ করণ কারকে তৃতীয়া বিভক্তি। "বাঞ্ছে মানসেতে ব.প ৩৭১ ; মধুপানেতে প্রাণ ধারণ ১৭১৮। রৌদ্রেতে সুখাএ গো.বি ৫৪। ৫ 'হেতু' অর্থে তৃতীয়া বিভক্তি। "মেঘাম্বুর আশএতে (আশয়ে) ম.পা ১৩২। কাঁপিতেছে মৃদু বাতেতে : নত ফুলভরেতে ব.প ৩৭৮। ৬ ক্রিয়াবিশেষণে তৃতীয়া বিভক্তি। "নিভ্রমেতে (ভ্রমশূন্যভাবে) ম.পা ১৩১ ; কোন রূপেতে ১৩৯। সহর্ষেতে চলে ম.ম ১১৮। স্নেহেতে পালন করেন কৃ.চ ৪। বেগেতে ব.প ৩৭৭। [সনেতে—সনে, সঙ্গে। "শ্যামের সনেতে ব.প ৯৭৮।]

এতেক বিং [দ্র 'এত' ; হি এতিক ; মৈ এত(তৈ)ক ; অস এতেক] ১ এতৎপরিমাণ ; এইরূপ অধিক, অর্থাৎ অত্যধিক। "এতেক বিলম্ব বড়ায়ি কমণ কারণে শ্রী.কী ১৬ ; এতেক বএসে (অপমান পাইলোঁ) ২৫ ; এতেক বেআজ ১৪৪ ; এতেক খাঁখার ২৮৫ ; হয়িল মোর এতেক বএসে ৩২৪। এতেক যতন ভ.গ্র ২৫২। এতেক প্রীতি চৈ.চ ১৩৮। ২ এতগুলি, এইসব। "এতেক সখিজন৹ পার কইলে৹ কৌড়ি নীলে তাহার যে শ্রী.কী ১৫০। ৩ এত, বহু, অনেক। "এতেক যুবতী আছে গোকুল নগরে। কেনা বঁধুরে দেখে বুক ফেটে মরে॥—চ.দা ১২৪। ৪ [এতক > এতেক] এই, পূর্ব্বোক্ত (বিষয়, বাক্য)। "মোঙ্গলা বলিল যদি এতেক বচন মী ১৭। এতেক প্রমাণ ভ.গ্র ৯৭। —ক বি ১ পূর্ব্বোক্ত বিষয় ; এই সব বিষয়। "এতেক বুলিআঁ তার না পাইলোঁ আশ শ্রী.কী ১৭ ; ৩৬৭। এতেক বলিয়া ম ১৩৪। এতেক কহিয়া মে ৯। ২ এই-পরিমাণ দ্রব্য খাদ্য। "একেলা সন্ন্যাসী করে এতেক ভোজনে চৈ.ভা ১৭১।

এতেকে ক্রি.বিং [এতেক+এ৫ ; অস এতেকতে, -কে] এতাবৎ কারণে ; এই সব হেতু ; এই কারণে। "এতেকে বুলিএ শ্রী.কী ১১৪। এতেকে বৈষ্ণব সেবা পরম উপায় চৈ.ভা ১৭১ ; ৩৮৫ ; ৪১৪ ; এতেকে শরণ মুঞি লইলুঁ ৪৩৮। [এতেকেই—ইহাতেই, এই হেতুই। "এতেকেই মণে পরিতোষ পাএ কাহ্ন শ্রী.কী ২৪৬। এতেকেঁ—এই হেতু। "শ্রী.কী ১৩।]

এৎতাহাম '-ম্' বি [আ ইত্তাহাম্] অপরাধ। "বড়বাবু! ঠকচাচা জাল এৎতাহামে গেরেপ্তার হইয়াছে আ.দু ১৫৮।

এথ 'এ্যা-' বিং [এত > এথ ; অপ্র] ১ এই, এইরূপ, ঈদৃশ (বিষম, কঠোর, দারুণ)। "এথ পরমাদ গ ৮৭ ; এত তপ কৈলু মুঞি ১৫৭। বিধি কৈল এথ অথান্তর ম.পা ৭৬। এথ লাঞ্ছন ১১৩। ২ এপর্য্যন্ত, আবহমান। "এথ কাল নিরামিষ্য করি সম্বৎসরে। মাংস ভোজন আজি করাইবা আমারে॥—গ ২০৩। —থ বি এরূপ বাক্য ; এই কথা। "এথ শুনি ঐরাবত পাতিলেক মাথা গ ১৬০।

এথা অব্য [সং অত্র > লি অথ ; প্রা এথ,-থু (প্রা.ম) > বা (এথ) এথা ; হি যহাং ; ঠ এথেঁ ; গু অহিংয়াং ; মৈ এত ; এথু, এথ,-থু, -থো (দো ; চ) ; তু 'এথাঁ, হেথা'] ১ এস্থানে, এখানে। "ধর্ম্মশাস্ত্র বানরা বুঝায় মোর এথা কৃ.উ ২২৬ ; আমি আছি এথা ২৯। মোর এথা আগমন চৈ.চ ১০১ ; ষড়্‌দর্শন-ব্যাখ্যা বিনা কথা নাহি এথা ১৮৩। ব্র.প ১৯১। ২ মৎসমীপে, আমার কাছে। "কে আনিল ঘোড়া এথা পরমাদ কেনি গ ৮৬। ৩ এদিকে, এপক্ষে, পক্ষান্তরে। "এথা জতুগৃহ ব্যাপ্ত হইল অনলে ম ১৫০ ; ১৫১। অন্তঃপুর-মধ্যে এথা মেনকা কামিনী ম.পা ২০ ; ১১৬। [এথাই—এইস্থানেই, এই লোকেই বা জীবনেই। "এথাই নরক স্বর্গ বলে ভাগবতে ক.চ ৫৯। এথাও, -হোঁ—এখানেও। "খুলনা বলেন বিধি এথাও লাগিল।—ক.চ ১৪৮। যে ফলে পাইলেঁ তথাঁ সে ফল এথাহোঁ দিবোঁ তোরে শ্রী.কী ১৮১। এথাকে—এইস্থানে। "আসিবে এথাকে ম ৪৫১। এথাকেই—এই

স্থানেই। "এথাকেই আইলা চৈ ৯৬। এথাক্রি, -ক্রিঁ—এথানেই। এথাক্রিঁ রহিআঁ শ্রী.কী ২৮০ ; ২৮১। দেখাও এথাক্রি চৈ.ভা ১৮।]

এথাএ ক্রি.বিং [এথা+এ৫, 'এথা' সাধু ; অপ্র] এই স্থানে, এখানে। "বাঁশীরবে আসিব এথাএ ম.পা ৬৮। এথাএ মণি পাঠাইয়া দিবা অ.প ১০৮। ব.প ২৫।

এথাঁ অব্য [এথা>এথাঁ (অনুনাসিক উচ্চারণমূলক ; অপ্র] **১** এস্থানে, এখানে। "চিরকাল অছোঁ এথাঁ শ্রী.কী ১৫২ ; মেলিব এথাঁ ৩০৭। **২** নিকটে, সঙ্গে। "কাতে নিবেদিবোঁ মোএ এথাঁ কেহ নাহিঁ শ্রী.কী ১০৭। **৩** নিকটে, কাছে। "এথাঁ আন শ্রী.কী ১৯৯। **৪** এই নির্জন স্থানে বা নিভৃতে। "তোহ্মে আহ্মে আছি এথাঁ আর কেহো নাহীঁ শ্রী.কী ১৫৭। **৪** এই (কথিত) স্থানে, অর্থাৎ সেস্থানে। "দেখি আসি মোর বৃন্দাবনে। দিবস রআণী৹ এথাঁ একোহি ন জাণী শ্রী.কী ২০৫। **৫** এ বিষয়ে। "এথাঁ করিবোঁ কাহ্ন কোণ পরকার শ্রী.কী ১৬৭ ; ২৩৬। [এথাঁ নিল—এস্থান হইতে লইলে। "তোহ্মে এথাঁ বাঁশী নিল শ্রী.কী ৩২১। এথাঁসি—এথানেতে। "এথাঁসি সুন্দরি রাধা কর কাঠ দাপ শ্রী.কী ১২১।]

এথাকার [এথা+কার ; অপ্র] এস্থানের, এখানকার। —কারে **১** এখানে। "আইলাম এথাকারে ম ৬৮। পাঠাইলা এথাকারে।—শ্রী.ম ১৩৭। **২** এদিকে, অন্যপক্ষে, পক্ষান্তরে। "এথাকারে মহেশ্বরে নারদ ডাকিয়া ম.পা ১৮ ; ২০ ; ৬৭।

এথাতে [এথা+তে ; 'এথা' সাধু] **১** এস্থানে, এদেশে। "এথাতে আছন্ত অ.প ২৩। এথাতে রহিল গো.বি ৯। ম.পা ১৪৩। ন.প ১০৭. এথাতে আসিব ন.বি ৩০। **২** এদিকে, অন্যপক্ষে। "এথাতে রাজার স্থানে চরে বার্ত্তা কহে গ ৮৬। এথাতে কুমার আইল বাপের বিদিত ব.প ৬১০।

এথায় [এথা+য়৬, 'এথা' সাধু] **১** এস্থানে, এদেশে। "যম এথায় রহিল অ.প ১২৭। ম.পা ১৬৭। নবদ্বীপাখ্যা এথায় ন.প ৬। **২** এদিকে, অন্যপক্ষে। "এথায় সে সব যুক্তি জ্ঞাতি বন্ধু সনে শ্রী.ম ১৫৪। [এথায়ে (এথা+য়ে ; 'এথা' সাধু)—এদিকে, অন্য-পক্ষে। "এথায়ে সে শ্বেতরাজা কৈল কোন্ কাম।—ম ১১৬১। এথি (সং অত্র >প্রা এথি—পৈ ; বা এথি)—এই স্থানে। "যমদূত দেখ এথি শূ ৩৮। এথি…সেথি—এখানে…সেখানে। "শূ ৩৮।]

এথেক বিং [এতেক>°ক ; অপ্র] **১** এই-পরিমাণ ; ঈদৃশ, এরূপ। "এথেক দুর্গতি ম.পা ৬৪ ; ৭৯। এথেক সঙ্কটে ১৪৩। **২** এইরূপ, পূর্ব্বোক্তরূপ। "এথেক শুবনা গ ৯ ; ১৬। —থেক বি এইরূপ বাক্য। "এথেক শুনিয়া গ ২ ; এথেক বলিয়া ১৭৮।

এদানী ক্রি.বিং [সং ইদানীম্ ; গ্রাম্য ; অপ্র] এখন, বর্ত্তমানকালে এ যুগে, আজ কাল। "এদানী বিপ্রের রীতে অনুভব হৈল ভ.গ্র ২৪৭। কুল মজায়ে সে এদানী, দিয়ে গিয়েছে ফাঁকি দা ৬০৩ ; ২০৯৪।

এদিক বি [এ৩+দিক্] **১** এপক্ষ। "সে যে এদিক ওদিক বজায় রেখে খেতে পেত দুধের বাটী।—আজু গোস্বামী। **২** এই ভাগ ; এ পার্শ্ব। **৩** এই দিক্ (উত্তর পূর্ব্ব ইত্যাদি)। **৪** এ দেশ, বিভাগ বা অঞ্চল। —দিকে **১** এ পক্ষে, পক্ষান্তরে। "এদিকে এতুর নম্বরের বাড়িতে অনেকে এসে জমতে লাগলেন হু ৩৮। **২** এ ভাগে বা পার্শ্বে ; স্থানান্তরে। "এদিকে জটাবন্ধন…বৃত্তান্ত দেখুন সী ৯। **৩** এ দেশে বা অঞ্চলে। [এদিক্ ওদিক্—দুই দিক্ ; উভয়পক্ষ বা পার্শ্ব ; চতুষ্পার্শ্ব। এদিক্ ওদিক্ করা—বৈধ করা ; নিকটে নিকটে একটু বেড়ান।]

এধ্ অক [ভ্বা, সেট্ ; এধতে] বৃদ্ধি। "সমেধিত ভট্টি ১২.২০।

এধ পুং, এধঃ (-ধস্) ক্লী [√এধ্+অ (ঘঞ্), অস্ (অসুন্) ৭] **১** ইন্ধন ; জ্বালানী কাঠ (অ.কো)। "যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।—গী ৪.৩৭। **২** [+ঘঞ্, ভা] বৃদ্ধি।

এন, এন্ত, -ন্তি ক্রি.ক্তি [সং অন্তি>প্রা এন্তি (প্রা. প্র ৭.৩৪)>বা এন্তি, -ন্ত, -ন ; —হসন্তি>হসেংতি>হাসেন্তি, -ন্ত, -ন ; তু 'ছড্ডিএণ (ছাড়েন), কট্টিএণ (কাটেন)—পৈ ২.১৭৩ ; তু 'য়েন'] **১** কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক বিভক্তি। "চাহেন, কান্দেন কৃ.অ ১৩। হাসেন্ত কৃ.উ ১৩ ; পুছেন্ত ২১ ; বোলেন্ত, করেন্ত ২০৫ ; জায়েন্ত ২০৬ ; চাহেন্ত ২১৪। (রাজা) যাএন্ত ম.পা ১৯। জাএন্ত গো.চ ৩৬৩। দেবী পুছেন্ত মী ২। কহেন্ত শূ ১৫ ; বোলেন্ত, ভাবেন্ত ১৭ ; স্ত্রীধর্ম্ম বোলেন ১৯ ; আছেন্ত ৭৭। আছেন্ত গো.বি ৩ ; নাচেন্ত ৯৪ ; গাএন গ ১১ ; জাএন ১৭ ; দেখাএন ১৮২। দেন্ত অ.প ৩৯। লএন ম.পা ১১৫ ; পালেন, ধ্বংসেন ১৭৭। পাএন ম.বি ২৭২। জানেন্ত, করেন্ত ব.প ১৩১১। উলূক কহেন্তি শূ ১৩ ; করেন্তি ২৭ ; (অনভ্রমে) শিখিগন…তাণ্ডব করেন্তি ১০৫। (সিংহ ব্যাঘ্র হস্তী) বাসাঘর করিঞা আছেন যার যথা ইচ্ছে কৃ.উ ১৯৭ ; জে জন চাহেন্ত ২০৫। (হস্তিনী) পর পুরুষের ধন জানেন্ত আপন : করেন্ত ম.পা ৩। **২** কর্ত্তৃবাচ্যে অনুজ্ঞায় প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়ার বিভক্তি। "নির্ভয়ে থাউকেন দেব অ.প ১৪।

এনঃ (-নস্) ক্লী [√ই+ন, ক, অস্ (শ.ক)] **১** পাপ। **২** অপরাধ। **৩** নিন্দা।

এনা[1] সর্ব্ব ['মৈ ইন্হ >(এন্হা) এনা (?) ; নেপালী—ইন্হ ; ভোজপুরী—ইন্হকা ; রিবাঙ্গী—এন্হ ; (কারক)—এনারা (কর্ত্তা) ; এনাকে, এনাদিগকে ; এনার, এনাদের , এনাতে ; অপ্র] ইনি। [এনা—এনাকে , এঁকে। "থোরা দিলায় দিয়া এনা, মাপ কিয়া তুঝে রা.স ৩১। এনাদের—এঁদের। "এনাদের হাত যেন ফালপেটা হাতুড়ি জা ২৭।]

এনা[2] বিং [এ৩+না৩ ; অপ্র] এই, ইহাই। "এনা একফুট পাণী শ্রী.কী ২৪৯। আজ হল বিয়া নহিল বাসিরাতি। এনা মনে পদ্মা বড়ই অখ্যাতি ॥—ম.ম ২৮। এনা বেশ কোন দেশে ছিল চ.দা ৬৮ ; এনা রস যে না জানে, সে-না আছে ভাল ১১৮। এনা বিবাহের বেশ ন.প ১৫৩। এনা বুদ্ধি কেনা দিল তোরে রা.শে ৩৭। ময়নাকে কেমনে যাইবে এনা বেশে (শ্রী)।

এনামেল বি [E. enamel] ধাতুপাত্রাদির উপরে ঈষৎ স্বচ্ছ কাচবৎ লেপবিশেষ বা কলাই ; মিনা। "এনামেলের গেলাস প.কা ৭৫।

এন্‌জিনিয়ার দ্র 'ইন্‌জিনিয়ার'।

এন্‌ট্রান্‌স্ বি [E. entrance] বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষা। "এন্‌ট্রান্‌স্ পরীক্ষা যেরূপ সম্মানের সহিত দিয়াছ, এই পরীক্ষাটা সেইরূপ দাও।—রমেশচন্দ্র দত্ত।

এন্ত ; এন্তাকাল্ ; এন্তাজার, -রী দ্র 'এন ; ইন্‌তিকাল্ ; ইন্‌তিজার্'।

এন্তার্ ক্রি.বিং [P. Entaro] অবিরত, সর্ব্বদা, ক্রমাগত, প্রচুর।

এন্তি ; এন্দুর ; এন্‌সাফ্ দ্র 'এন ; ইন্দুর ; ইন্‌সাফ্'।

এপিডেপিট্, এবিডেবি বি [E. affidavit] শপথপূর্ব্বক লিখিত ও স্বাক্ষরিত এবং বিচারে প্রমাণরূপে গৃহীত কোন বিষয় ; হলফ্‌নামা। "এদের মধ্যে কে যথার্থ দায়গ্রস্ত, এপিডেপিট্ করলেও বিশ্বাস হয় না হু ২৭।

এপ্রি(প্রে)ল্ বি [E. April] ইংরাজী বৎসরের চতুর্থ মাস (চৈত্রের অর্দ্ধেক হইতে বৈশাখের অর্দ্ধেক পর্য্যন্ত)।

এব ব্য [√ই+ব (বন্), উ ১.৫২ ; ছান্দস] **১** অবধারণ, নিশ্চয়, 'ই' অর্থ। "ত্বমেব জানাসি হি [illegible]। ধৈর্য্যবন্ত এব হঞা করয়ে ভজনে

চৈ.চ ২৩৯। অতএব এবচন সামান্য-উপর ভ.প্র ৯৭। ভিক্ষা মাগা নৈব চ নৈব চ ভা.চ ১০৫। ২ সাদৃশ্য। ৩ অনিয়োগ, অনবধারণ। ৪ বিনিগ্রহ। ৫ পরিভব। ৬ 'ঈষৎ' অর্থ। ৭ বাক্যপূরণ। ৮ অন্য-যোগব্যবচ্ছেদ। "ত্বমেব হয়তত্ত্বজ্ঞঃ মহা ৩.৭১.১৮। "ব্রাহ্মণস্তৈব পুজ্যোঽহং" ইহার মধ্যেতে। এব-কার হয় 'এব'-কারের অর্থেতে॥—ভ.প্র ৯৭। '[°কার (বি)—'এব' এই শব্দ। " 'নাহি নাহি নাহি' এই তিন এব-কার চৈ.চ ৬১। দ্র 'এব (৮)।]

এবম্ ব্য [বাঙলায় 'এবং'] ১ প্রকৃত-পরামর্শ, পূর্ব্বোক্তপ্রকার, এইরূপ। "এবংবাদিনি দেবর্ষৌ কু.স ৬.৮৪। আশীর্ব্বাদ দিল মুনি এবমস্তু বলি কৃ ৩৮। 'এবম্ স্বস্তি' তথনে বলিল পঞ্চানন ম.ম ৪৯। জলপানাদি দুই দণ্ড॥ কৃষ্ণের খেলনাদি দুই দণ্ড॥ এবং চারিদণ্ড॥ E.P. 20; 21. ২ প্রকার, এই প্রকারে। "এবং সহ বসেয়ুঃ মনু ৯.১১১। দো ৯৭। ৩ উপমা, সাদৃশ্য। "অগ্নিরেব বিপ্রঃ। ৪ উপদেশ। "এবং পঠ। ৫ নির্দ্দেশ। "এবং তাবৎ। ৬ নিশ্চয়। "এবমেতৎ।—গী ১১.৩। কু.স ২.৩০। ৭ অঙ্গীকার। "এবং কুর্ম্মঃ। ৮ অর্থপ্রশ্ন। ৯ প্রশ্ন। ১০ সমন্বয়, সমুচ্চয়, আর, ও (and)। ১১ ঈদৃশ। "এবম্প্রকার, এবং-বিধ। [এবংবিধ (বিণ)—এবং যাহার বিধা; এবম্প্রকার, ঈদৃশ। "গী ১১.৫৩; ৫৪।]

এবঞ্চ অব্য [এবম্+চ] এবং, ও। "তোমার প্রিয়তমা এবঞ্চ গুণবতী ভার্য্যাকে তোমার নিকট হইতে বিযুক্ত করিয়া তোমাকে অনেক ক্লেশ দিয়াছি ব.প্র ১৮৪; ব্রাহ্মণের এবঞ্চ প্রতিপালিতের কার্য্য আমাদিগের অবশ্য কর্ত্তব্য ১৮৮।

এবমস্তু [এবম্+অস্তু (সংস্কৃত পদদ্বয়)] এইপ্রকার বা এইরূপ হউক; তাহাই হউক; তথাস্তু (বরদানে)। "এবমস্তু বলি দেবী পাইলা এহি বর গো.বি ১৯। এবমস্তু বলি শিব চলিল কৈলাস চ.বি ১২২,-২৫। কৃ ৩৮। ম.ম ১১০,-৪১। ব.প ১৩৩৭।

এবম্প্রকার বিণ [এবম্ প্রকার যাহার, বহুব্রী; স্ত্রী -রা] এবংবিধ, ঈদৃশ। "মনু ১.৪৪। মনের এবম্প্রকার গতি হওয়াতে তাঁহার আপনার প্রতি ধিক্কার জন্মিল আ.দু ১৯৭।

এবম্বিধ বিং [এবম্+বিধ, সং 'এবংবিধ'] ঈদৃশ, এইপ্রকার। "উচিত না হয় তোমার এবম্বিধ মন ব.প ৫৭৭। এবম্বিধ বাক্য পা.প্র ৫।

এবম্ভূত বিণ [এবম্ ভূত, নি.স; স্ত্রী -তা] এবম্প্রকার, ঈদৃশ, এরূপ। "এবম্ভূতো বিদ্বান্ হি (কথারম্ভ)।

এবার ক্রি.বিং [এ°+বার] ১ এইবার, এদফায়। "বারে বারে রণে তুমি দৈত্যজয়ী, এবার আমার রণে এস ব্রহ্মময়ী।—রসিকচন্দ্র চক্রবর্ত্তী। এবার সখি সোনার মৃগ, দেয় বুঝি দেয় ধরা।—গান ১৫৯। ২ এই সময়ে, এখন। "এবার তোর মরা গাঙে বান এসেছে, জয় মা বলে ভাসা তরী।—গান ২৩০; ২৪। ৩ এজন্মে, এজীবনে। "জঠরে যাতনা পেয়ে বলিলাম, এবার ভজিতে তোমায় আমি ভবে চলিলাম দা ২১৫৭; ২১৬০। ৪ এবৎসর। ("কখন বসন্ত এল, এবার হল না গান। —গান ১২৪। ৫ অতঃপর, এখন। "তোমার বলা শেষ, এবার আমার পালা। ৬ পুনর্ব্বার, আবার। "এবার পায়িলে বড়ায়ি সে সুন্দর কাহ্নে। খণিকেহো না তেজিবোঁ যেহেন পরাণে॥—শ্রী.কী ৩৮৮। ৭ এযাত্রায়, এবারে। "এবার থাকা চলবে না, অনেক কাজ, শীগ্‌গির বাড়ী ফিরতে হবে। ৮ পরজন্মে, জন্মান্তরে। "বিধি তোরে সাধি শুন, জন্ম যদি দিবি পুন, এবার আমারে যেন নারী জন্ম দিও না। ৯ এই খেলার পা'ড়ে। "এবার কি ধরবে বাজি, কি ধন আছে কও বাবাজী দা ৮৫৯। —য় বি ১ এই বার; এদফা; এযাত্রা; এজন্ম; এবৎসর। [এবারকার, এবারের —এই বারের, এই জন্মের ইত্যাদি।]

এবারৎ বি [আ ইবারত্] উদ্ভাবনীশক্তি; ফন্দি বাহির করার ক্ষমতা। "কুড়রামের এবারৎ ভারি দোরস্ত ষ ৪।

এবা(ব)লিশ, -স বিং [E. abolish] ১ উচ্ছেদপ্রাপ্ত, নষ্ট। "সেই মশারি সেই বালিশ, কিছু হয় নাই এবালিস, আছে তাকিয়ে, তাকিয়ে দেখ গিয়ে দা ২০৮৫। ২ রহিত, স্থগিত, বন্ধ। "এমন সভা কি কেউ কখন এবলিশ ক'রে থাকে?—মা ৩৩৭। [এবালিশ করা বা হওয়া—উঠাইয়া দেওয়া; বন্ধ করা বা হওয়া।]

এবিধ,- ধি বিং [এ°+বিধ, -ধি, তু 'এবংবিধ, -বিধি'; অস এবিধ; অপ্র] এবংবিধ, ঈদৃশ, পূর্ব্বোক্তরূপ। "এবিধি অনেক পক্ষী ব.প ৮৬। এবিধি অনেক নাম দানবেতে ঘুষি ম ৫২; নারায়ণ কৃষ্ণ রাম, এবিধ অনেক নাম ৩৫৬; এবিধ অনেক…স্তবন: এবিধি… স্তবন ৫৭১।

এবে ক্রি বিং [প্রা এম্বহিং (ইদানীম্—হে); হি অব; মৈ অব; অস এবে (পদ্যে); এবেঁ (শ্রী.কী); পদ্যে] ১ এক্ষণে, এখন। "প্রমীলা সুন্দরী,…বাহুবলে প্রবেশিবে এবে, লঙ্কাপুরে মে ৮৭। ২ এখন, আজ। "রক্ষোরিপু তুমি, তবু অতিথি হে এবে মে ১৯৯। ৩ ইদানীং, অধুনা। "যথা যোগাসনে,…এবে বসেন ধূর্জ্জটি মে ৫৬; ইন্দ্রজিৎ বন্দীসম এবে!—৮৪। ৪ এখন, অবশেষে। "এবে মঙ্গল চাহাঁঞোঁ দেখিলোঁ বড়ায়ি শ্রী.কী ৩০৭। ৫ এজন্মে, এজীবনে। "এবে পায়িলেঁ দরশনে ল। আর জনমের পুনে ল॥—শ্রী.কী ৩৬০। ৬ এ বিপদে; এ সঙ্কটে। "এবে ক্রোধ ক্ষমা কর পাই গুরু ভীত ম.পা ১৩১। কোথা এবে দেব বজ্রপাণি মে ২৫৬। ৭ এ অবস্থায়, ব্রহ্মনিষ্ঠ অবস্থায়। "এবে দেহে মোর নাহি বিকার। অসার দেখীলো সব সংসার॥—শ্রী.কী ৩৫৯; ছারেঁ খারেঁ এবে, যাউক যৌবন ৩৬৩। ৮ অতঃপর, অনন্তর। "বৈদ্য বলে কথা সব কহিলোঁ আমার। এবে কিছু শুনি যে তোমার সমাচার॥—চ.বি ১৭। বায়ুদেব গেলা চলি দূরে। সুরবালাদলে এবে দেখিনু সম্মুখে মে ১৭৪। ৯ এই সময়ে, তৎসমকালে, ঠিক তখন। "বিরসবদন এবে কৈলাসসদনে, গিরিশ মে ২১৬; উজ্জ্বল এবে দেখিল নৃমণি, দেবতেজঃপুঞ্জে গৃহ ২৬৩। ১০ (অপ্র) বর্ত্তমানকাল; আজ। "এবে হতেঁ দৈবকীর মত গর্ভ হএ শ্রী.কী ৩। ১১ এখন, অর্থাৎ এতদিনে; এতকাল পরে। "এবে বুঝিলাম যে নিতান্ত সেব্য হরিঃ এবে বুঝিলা সে সকলি অনর্থ ভ.প্র ২৫৫। [এবেত—এখনত। "এবেত রাক্ষস সব হৈল উপনীত কৃ.উ ৩১। এবে(বেঁ)সি—এখন সে, অর্থাৎ এগন। এবেঁসি তোহ্মার মুখে শুনী হেন বাণী শ্রী.কী ২৪; এবেসি জানিল ভৈল ৩৫৭।]

এবরা বি [আ ইব্‌রা] ত্যাগ, ছাড়া, মুক্তি, অব্যাহতি। [এবরানামা (আ ইব্‌রা-ই.-নামহ্)—স্ত্রীধনপ্রত্যর্পণপত্র।]

এভুঁ, -ভোঁ, এভোঁহো ক্রি.বিং [এবে+ও >এবে+(মহাপ্রাণ উচ্চারণে 'হ' আগমে) হো >এবেহো >(হ-লোপে) এভো, -ভু; এবো (ভোঁ) হো (শ্রী.কী); অনুনাসিক উচ্চারণমূলক; অপ্র; তু 'কভুঁ -ভোঁ, কভোঁহো'] ১ এখনও। "কহ্মাঞি এভোঁ তেজু মোর আশ শ্রী.কী ১০১। এভুঁ রাজ্য করহ তুমি, নহেত উচিত কৃ.উ ৩১। ২ এতদিনেও। "এভোঁ না করাইলেঁ মোর রাধা দরশনে শ্রী.কী ৩০। ৩ এই শেষ মুহূর্ত্তেও। "এভোঁ কাহ্ন তোঁ মোর বোল শুন শ্রী.কী ৪৩; এভোঁহো চিন্তহ যবে আহ্মার হিত ৭৫। ৪ এরূপ অবস্থায়ও। "এভোঁ পরিহর কাহ্নাঞি আহ্মার আশে শ্রী.কী ৬০।

এমত বিং [এ°+মত: প্রা এম (এবম্)—ঈদৃশ, এমন; তু এম— thus] ১ এরূপ, ঈদৃশ। "এমত সংযোগ: এমত অকাজ চ.দা ৬০। এমত কুৎসিত কর্ম্ম ম ১৯৫। এমত অসংখ্য জন ভ.প্র ২৬১। ২ এরূপ, অতুল বা সর্ব্বাতিশায়ী। "এমত সম্পদ্ কি হয়াছে কোন জনে ম ৩২১।

—মত বি ১ এরূপ বিষয়, কথা, ব্যাপার বা ঘটনা। "এমত শুনিল কুজী সে চেড়ীর মুখে কৃ ৮৯। ২ এরূপ-পরিমাণ দ্রব্য। "এমত না মিলে যাহে পুরয়ে উদর ম ৩২০। ৩ এরূপ অভিপ্রায় বা উদ্দেশ্য। "আত্মাশব্দ নানার্থবাচী অতএব এখানে আত্মাশব্দ দ্বারা প্রকৃতি বুঝায় এমত নহে।—রামমোহন রায়। [এমতি (°ত+ই°)—এরূপই, ঈদৃশই। "আনিল এমতি শেল: এমতি হউক তারা চ.দা ৬০ ; সই এমতি কেন বা হৈল ১০৩। শি ৩০। এমতি তমের ধর্ম্ম ভ.গ্র ২৫৩; ২৬২। এমতে (°ত+এ°)—এপ্রকারে, এভাবে। "এমতে ধন যে করেছ কত? সে কহে 'ভুবনে আছয়ে যত'॥ —চ.দা ৩৫।]

এমন বিং [এ°+মন ; দ্র 'এমত'] ১ সর্ব্বথা এরূপ। "এমন দিনে তারে বলা যায়, এমন ঘনঘোর বরিষায়।—গান ৮৭। ২ এরূপ অতীব। "তুমি এমন দুরাচারের, এমন নরাধমের, এমন হতভাগ্যের হস্তে পড়িয়াছিলে সী ২১। ৩ এরূপ অন্যায়। "এমন অকাজ। করে কোন রাজ চ.দা ৫৬। ৪ এরূপ অনায়াসলব্ধ। "এমন শিকার ছাড়ব না।—গান ১৩। ৫ এরূপ অনুকূল। "শিকারে কে যাবি আয়, এমন রজনী বহে যায় যে।—গান ১৫। ৬ এরূপ অল্প-বয়স্ক। "যে জ্বরে জ্বরেছে মা তোর কানাই। এমন ছেলের এমন রোগত দেখি নাই।—মধুকান। ৭ এরূপ মারাত্মক। দ্র '৬'। ৮ ঈদৃশ, পূর্ব্বোক্তরূপ। "এড়ান নহিল যদি এমন প্রকারে। মকরাক্ষে পাঠাইল যুদ্ধ করিবারে ম ৫৫৬। —ন বি এরূপ বিষয়, ঘটনা বা ব্যাপার। "ঘরে মোর বাদী। শাশুড়ী ননদী। মিছা করে পরিবাদ। ইহাতে এমন। করিব কেমন। কি হইল পরমাদ চ.দা ৭৬। এমন না দেখি আর চাহিয়া ভারত ভা.চ ২৮৭। [এমন কি—১ বিশেষ বর্ণনীয় বা অসাধারণ বিষয় কি। "দেখতে এমন কি! চিমড়ে ছুঁড়ীপানা গি.দ্বি ১০৪। ২ অধিক কি বলবো। "এমন কি, (বীরেন্দ্রসিংহ) সাংসারিক যাবতীয় কার্য্য, অভিরাম স্বামীর পরামর্শ ব্যতীত করিতেন না ব.প্র ১৩। এমন কিছু—বিশেষ কোন বিষয় বা ব্যাপার। এমনটি—সর্ব্বথা বা ঠিক এই-রূপটি। "এমনটি আর পড়িল না চোখে, আমার যেমন আছে। —রবীন্দ্র। এমনতর, -ধারা—এইপ্রকার, এরূপরীতি। "ভোটের লড়াই এমনধারা আগে জানে কেটা।—হেম ৩৭৮। ও সই, বউ এমনধারা হলেন কেন।—লী ১০৮। এমন-তেমন—১ এরূপ-সেরূপ, যে-সে-প্রকার, সাধারণ, সামান্য। "সে এমন-তেমন লোক নয়, যে অল্পে ছাড়বে! ২ বিশেষ বিপদের সম্ভাবনা ; বেগতিক, অসুবিধা। "এমন-তেমন দেখি ত স'রে প'ড়ব। এমন সেমন, এমন স্থামন (অপ্র)—যেমন-তেমন, যা-তা। "গো.চ ৬০ ; ১৪৬, টীকা। এম্‌নেও…অম্‌নেও—এ-প্রকারেও…সেপ্রকারেও ; যেরূপে…সেরূপে। "এম্‌নেও প্রাণ গেছে, অম্‌নেও প্রাণ গেছে গি.দ্বি ১১০।]

এমনই, -নি বিং [এমন+ই°] ১ এইরূপই, ঠিক এইভাবাপন্ন, এতদাকৃতি, ঈদৃশলক্ষণান্বিত। "পথিকের এমনই বটে সাজ!—স্ব.প্র ১০৭। তার ত প্রাণ এমনি হচ্চে,—স্ত্রীলোক—কি করবে?—গি.দ্বি ১১০। ২ ঈদৃশ অতিশায়ী বা প্রবল। "স্নেহের এমনই মহিমা ও মোহিনী শক্তি!—সী ৬১। ৩ এইরূপই (প্রশংসনীয়)। "এমনি সুবুদ্ধি জার, ধন্য মাও বাপ তার ম.পা ১৬৩। ৪ এরূপ প্রগাঢ় বা স্থিতিশীল। "সই এমনি কানুর রসে। জনম অবধি। রহিবে পিরীতি। বিচ্ছেদ না হবে শেষে চ.দা ১০৫। [এমনিতর—এইরূপই, ঠিক এমন। "সে দিনো কি এমনিতর মেঘের ঘটাখানা?—শিশু ৮৭।]

এমন্ত বিং [এ°+মন্ত ; অপ্র] ১ এইরূপ, পূর্ব্বোক্ত-প্রকার। "এমন্ত ধর্ম্মের বরত ন করিব হেলা শূ ৮। ২ এমন, ঠিক এই। "এমন্ত সময়ে রজনী পাহি গেলা ব.প ৯৩।

এয়ত '-ত্' বি ['আইঅত'—মূল] অবৈধব্য, এয়োত্ব। "স্বামী মন্দ হউক…মেয়ে মানুষের এয়ত থাকা ভাল আ.চ্র ৩৭।

এয়া১, **এয়াক ; এয়ার** দ্র 'এআ : ইয়ার'।

এয়া২ প্রা [ইয়া৩>এয়া ; অপ্র] সর্থ 'ইয়া৩'। "বেছেয়া (বেচিয়া) গো চ ৩ ; জাএয়া বসিল ৯ ; সাজাএয়া ১৪ ; হএয়া ১৯ ; সাজেয়া ৩০ ; ৩১ ; টানেয়া, ছাখেয়া ৭৯, টীকা ; কএয়া (কহিয়া) ১৮৭।

এয়ারিং বি [E. ear-ring] অঙ্গুরীয়াকৃতি কর্ণভূষণবিশেষ।

এয়িস্ত্রী বি [এয়ো+স্ত্রী (ইস্ত্রী)] সধবা স্ত্রীলোক। "এয়িস্ত্রী মরব, বিধবা হব না, বিধবা হব না।—লী ১০৪।

এয়ো, -য়্য বি [আয়ো>এয়ো ; আয়া>এয়া] সধবা স্ত্রীলোক। "ব্রাহ্মণী সকল বড় বিদগধ এয়ো শি ৪৯। এয়োগণ ভা.চ ৭৭। এয়ো তুমি, তোমারে কি সাজে এ বেশ?—মে ১১৩। এয়োগণ বা.দ ২৫৪। অ.গু ১০৮। এয়্যগণ ব.প ৪১৯। [এয়ো নাচে রঙ্গে। রাঁড় নাচে তার সঙ্গে॥—(গৌণার্থে) একের আবশ্যক কার্য্যানুষ্ঠান দেখিয়া অন্যের তদনুকরণে বৃথা কার্য্যারম্ভ। এয়োসংক্রান্তি—প্রত্যেক সংক্রান্তিতে জন্মান্তরে এয়োত্বলাভের নিমিত্ত এয়োর করণীয় এয়োপূজারূপ ব্রত-বিশেষ। এয়োসুয়, -সুয়া (এয়ো+সুয়, -য়া)—সধবা ও পতিসৌভাগ্য-বতী নারী। "এয়োসুয়া একঠাঁই দেখরে আসিয়া ভা.চ ৭৯।]

এয়োজাত বি [এয়ো+জাত] শক্তিপূজায় মিলিত এয়োগণের নিষয়ে অনুষ্ঠেয় জাত, অর্থাৎ যাত্রা বা উৎসববিশেষ। "এয়োজাতে ভার ভা.চ ৫৪২ ; এয়োজাতের ব্যাপার ৫৪৫। [এয়োজাতে সমবেত স্ত্রীগণের মধ্যে কুমারীদিগকে বস্ত্র ও ভূষণ দিয়া পূজা করিতে হয় এবং এয়োগণকে তৈল সিন্দুর ও চিরুণী দিতে হয়। 'তার মধ্যে কতগুলি কুমারী লইয়া। করিল। কুমারী পূজা বাস ভূষা দিয়া॥ সবাকারে দিল তৈল সিন্দূর চিরুণী। কুতূহল কোলাহল—হুলু-হুলু-ধ্বনি॥ —ভা.চ ৫৪৫।]

এয়োত বি [আয়োত>°ত] সধবাত্ব, অবৈধব্য। "এয়োতের ব্রত উদ্‌যাপন অ.গু ৩৭। —তি বি [°ত+ই১১] এয়োত। "জনম এয়োতি হোক।—কাব্যকুসুমাঞ্জলি।

এয়োরাণী বি [এয়ো+রাণী] এয়ো ও রাণীর মত সৌভাগ্যবতী নারী। "তুমি থাক জন্ম-এয়োরাণী বি.পা ২৮৩; ৩০১। [এয়োরাণী ভাগ্যধরী—এয়োরাণী ও পতিসৌভাগ্যবতী নারী। জন্ম-এয়োরাণী —যাবজ্জীবন এয়োরাণী।]

এর১ [এ°+র , কথ্যভাষা] ১ ইহার (বস্তু ব্যক্তি ইত্যাদির পরিবর্ত্তে)। ২ (গণিতে) গুণনের চিহ্ন (×)-সূচক। [এর চেয়ে, এর মানে—ইহা অপেক্ষা ; ইহার তুলনায়।]

এর২ [প্রা কের >বা এর ; দ্র 'য়ের'] ১ 'সম্বন্ধ' অর্থে ষষ্ঠী বিভক্তি। "জাহের বান চিহ্ন রূব ণ জাণী (যাহার বর্ণ চিহ্ন রূপ না জানি) চ ৪৫। পোএর মুখে শ্রী.কী ৫০ ; লাখেকের মুদড়ী ২৭৯। মাএর জোলা (ঝোলা) ম.গা ৭। মাএর পাস গো.বি ২১। স্ত্রীএর বাক্যে কৃ.অ ৮। তৃষ্ণাএর জল ম.বি ২১৩। মাএর কুণ্ডল গ ২০। ২ কর্ত্তৃরূপে 'সম্বন্ধ'-অর্থে ষষ্ঠী। "মাএর কথা কৃ.অ ৯। ৩ কর্ম্মরূপে 'সম্বন্ধ'-অর্থে ষষ্ঠী। "মাএর সেবা কৃ.অ ৯। ৪ আধাররূপে 'সম্বন্ধ'-অর্থে ষষ্ঠী। "পাঞ্জরের শুয়া শ্রী.কী ৩০৬। অজএর (অজয়ের) জল ব.প ৪২২। ৫ 'হইতে' অর্থে পঞ্চমী-স্থানে ষষ্ঠী। "চোরের ভয়, বাঘের ভয় ইত্যাদি। তু 'প্রা চোরস্স বীহই (চৌরাদ্ বিভেতি—হে ৩.১৩৪)।

এরকা স্ত্রী ১ নিগ্রন্থিতৃণবিশেষ ; নলখাগড়া। "এরকাণাং তদা মুষ্টিং কোপাদ্ জগ্রাহ কেশবঃ মহা ১৬.৩.৩৬। বাসুদেব…কোপাবিষ্টচিত্তে একমুষ্টি এরকা গ্রহণ করিলেন।—কালীপ্রসন্ন সিংহ। ২ হোগ্‌গল, হোগলা। 'এরকা হোগ্‌গলঃ।—চরক, সূত্রস্থান, ৩য় টীকা। [বোধ হয়

'নির্গ্রন্থি তৃণ' শব্দের অর্থ 'হোগলা', উহা গ্রন্থিহীন ; খড়্গপত্রের সাদৃশ্যে উহা 'খাগড়া'ও হইতে পারে।]

এরণ্ড পুং বৃক্ষবিশেষ, ভেরেণ্ডাগাছ, রেড়িগাছ (Ricinus Communis)। "নিরস্তপাদপে দেশে এরণ্ডোঽপি দ্রুমায়তে হি ১.৭১। —ণ্ড ক্লী [°ণ্ড+অ (অণ্) তদ্বিকারার্থে, প্রত্যয়লোপ] এরণ্ডফল, ভেরেণ্ডার ফল বা বীজ। "°তৈল। —ণ্ডা স্ত্রী পিপ্‌পলী।

এরা কা.ক্তি [এর২+আ (প্রথমার বহুবচনে, তু 'সং বৃক্ষাঃ > লি রুক্‌খা ; প্রা বচ্ছা) ; তু 'রা১'] কর্তৃকারকের বহুবচনের বিভক্তি। "রামেরা চারি ভাই কৃ.উ ২৬৪। মেঘেরা সব চ'লে যায়, চাঁদেরে ডাকে আয় আয়। [রামেরা—রামসম্বন্ধী গণ, অর্থাৎ রাম-প্রভৃতি চারি ভাই। মেঘেরা সব—মেঘসম্বন্ধী গণ অর্থাৎ সব মেঘ। তু 'মৈ হমরা সভ ; তোহরা সভ। 'বাপের কালেরা সব' (ম.গা ৪)।

এরাকী, -গী বিং [আ ঈরাকী > °কী, -গী] ইরাকবাসী যোদ্ধা। "তুরকী তুরগে কেহ এরাগী বারণে শ্রী ১৫ ; তুরগী তুরঙ্গে কেহ এরাকী বারণে ১৬৪।

এরারুট্ বি [E. Arrowroot] গ্রীষ্মপ্রধান দেশে জাত বৃক্ষবিশেষ ও তাহার শ্বেতসার (পালো)।

এরূপ বিং [এ৩+রূপ] এইরূপযুক্ত, এতদবয়ববিশিষ্ট, এতদাকৃতি, ঈদৃশ। "ভো নভোমণ্ডল ! বল স্বরূপ, কে দিল তোমার এরূপ রূপ স.শ ১০৩। —প বি ১ এইরূপ ; এই মূর্ত্তি বা সৌন্দর্য্য। "তোমার এরূপ বিমোহন স.শ ৮৫। চতুর্দ্দশবর্ষ মা গো ! এরূপে বসিয়া ধ্যানে, দেখিয়াছি কৃষ্ণলীলা, এরূপে বিমুগ্ধ প্রাণে ! —ন ১৫০৮। ২ এই প্রকার, এই ভাব।

এরে কা.ক্তি [এর২+এ৫] ১ কর্ম্মকারক ও সম্প্রদান অর্থে কর্ম্মকারকের বিভক্তি। "জতি জতি করি মীনে গোর্খেরে বাথানিল গো.বি ১৮৬। যাহার তাহার ঘরে যাও, মৎস্য মাংস বলি খাও, সেও কি আরেরে বলে মন্দ ম.ম ১৮। শ্রীরামেরে রাজা কর কৃ ৮৫ ; ভরতেরে রাজ্য দিতে বিমাতার মন ৯৬ ; উভয়েরে তুষি ৩৭৫। অসুরেরে দিলা বল গ ২৫। শরণাগতেরে যন্ত্রণা দিতে ম.পা ১৩৯। ২ 'বিষয়াধারে' সপ্তমী ; 'প্রতি' অর্থে। "অকারণ ভরতেরে কেন কর রোষ কৃ ৯৮।

এল১ প্র [ইল২ > এল] সর্থ 'ইল'। "আদর কেল : কোর পর নেল : পরশ যব ভেল : রসাতল গেল বি.প ১৩৬ ; আনহি গেল ১৩৭ ; কুণ্ডল দেল ১৩৯ ; অধর রস নেল ১৪০ ; ১৪১। বিনতি পহুঁ কেল ব.প ১০০১।

এল২ সর্ম্ম [সং √হেল্ > বা √এল ; তু ' √আল৭] অবহেলা করা, অনাদরপূর্ব্বক ত্যাগ করা। "পেট ভরলে 'মোণ্ডা এলে' (সন্দেশ অবহেলা করে)। [এলা—ত্যাগ করা ; ছাড়া। এলে দেওয়া—ত্যাগ করা ; ছাড়া।]

এলনা বি [ডালনা > আলনা (অনু.শব্দ) > °না (?)] ডালনাসদৃশ অন্য ব্যঞ্জন (?)। "এলনা ডালনা সব মধুর শ্রী.ম ৭৪।

এলবাস বি [আ ইল্‌বাস্, বহুবচন, লেবাস্ একচবন ; 'এলবা (কথ্য-ভাষা)] পরিচ্ছদ, পোশাক, কাপড়-চোপড়।

এলবিল পুং [তু '°ল'—আঢ্য (দেশী ১.১৪৮)] কুবের।

এলা১ স্ত্রী [√ইল্ ক্ষেপণ+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্) ; ঠ এলা, -লা] ১ 'দুর্গন্ধক্ষেপক', লতাবিশেষ, এলাচগাছ। "রঘু ৪.৪৭ ; 'লতা ৬.৬৪। ২ এলাফল, এলাচ।

এলা২ ক্রি.বিং [এবেলা > এলা ; অপ্র] এই সময়ে, এখন। "মুঞি ছাড়ি জাওঁ এলা আপনার মহল গো.চ ২৯৭ ; ৩০৮। [এলাই —এখনই। এলাও—এখনও। এলায়—এক্ষণে।]

এলা৩ সর্থ [√আলা৫ > √এলা] আকুল করা ; শিথিলবদ্ধ করা ; খোলা। "আগাড়ি পাছাড়ি দড়ি ঘোড়ার এলায় শ্রী ২৪০। এলাইয়া বেণী, ফুলের গাঁথনি, দেখয়ে খসায়ে চুলি চ.দা ৯। বর্ষা এলায়েছে তার মেঘময় বেণী।—রবীন্দ্র। —লা অর্ম্ম শিথিল হওয়া ; খুলিয়া যাওয়া ; খসা। "গঙ্গাপুরে বেহুলার মান্দাস এলায় ম.ভা ৪৭। আমার উমাবিনোদিনীর বিনোদবেণী এলাইল।—গান। [এলে (এলাইয়া) দেওয়া—ঢেকির গড়ের ধান বা চাউল নাড়িয়া দেওয়া। "যত সব ব্রজনারী, চাল কুটচেন সারি সারি, এলে দিচ্ছেন বড়াই বুড়ি, টেকে দিচ্ছেন রাই।—গান। এলান—সর্থ 'এলা৩'। এলায়িত—যাহা এলাইয়াছে ; শিথিল, এলো। "এলায়িত কেশে দাঁড়ায়ে।—হেম ৩৪। এলবাড়ি—এলাইয়া দেওয়ার দণ্ড ; ঘানির হাঁড়ির মধ্যস্থ তির্য্যক্-স্থাপিত বংশদণ্ড (ইহা হাঁড়ির মধ্যস্থ সরিষা বা খইলের চাপড়া এলে (নাড়িয়া ভাঙ্গিয়া) দেয়।]

এলাইচ, -লাচ, -চি, -চী বি ['এলা-জ'—মূল (?) ; সং এলা ; তা এলা অর্মি (এলা-তণ্ডুল) ; হি ইলায়চী, ইলাচী, ঠ এল(লা)চী ; মৈ অরাচী ; এলঞ্চি (গো.চ ৫৯)] ১ এলাজাত ফল। "খাইল এলাচি লবঙ্গ।—শি ১০৪। এলাচিমিলনে যৈছে রসালা মধুর চৈ.চ ১৬২। ২ এলা-লতার পুষ্প। "এলাইচ তুলসী পলাশ ম.ম ৩৮। ৩ এলাচের বীজ, এলাচদানা।

এলাইচদানা, এলাচদানা বি [হি ইলায়চী(ইলাচী)দানা] ১ এলাচের বীজ। ২ এলাচের বীজ-পুরা সন্দেশবিশেষ। "সন্দেশ নামে এলাইচদানা বি.সু ৫০। নিখুঁতি এলাচদানা দা ৯৭৭। ৩ চিনির রসে পাক-করা এলাচদানার মিঠাই।

এলাকা, -এলেকা, -ক্কা বি [আ ই'লাক.হ ; হি ইলাকা] ১ সম্বন্ধ, সম্পর্ক, সংস্রব। "তাহাদিগের সহিত আমাদিগের কোন এলাকা নাই আ.দু ১৫২। আমার ওয়ারীশনের সহিত দস্তা এলাকা নাস্তী E.P. 69 ; 80. গোয়ালা ফোয়ালার কোন এলাকা রাখি না ব.প্র ২৫৭। ২ অধিকার, বিভাগ, চক্র (circle)। ৩ জমিদারী, রাজ্য, এষ্টেট্। "আমি কি তাঁর এলাকায় বাস করি, তাই তাঁরে আমার ভয় ? [এলাকাধীন, -কাভুক্ত—অধিকার বা বিভাগের অন্তর্গত।]

এলাকাড়ি বি [এলা+কাটা+ই১১ (?)] ত্যাগ ও সম্বন্ধচ্ছেদ ; কার্য্যে জিদ না থাকা বা নির্ব্বন্ধাভাব। "ইংরেজের জিদ আছে—যা ধরে তা করে, মুসলমানের এলাকাড়ি ব.দ্বি ৯৮।

এলাচ, -চি, -চী ; এলাহী ; এলে ; এলেক দ্র 'এলাইচ ; ইলাহী ; আলেয়া ; ইলেক'।

এলেঙ্গা বি [সং এরঙ্গ (ভাবপ্রকাশ) ; এলঙ্গ (রাজনির্ঘণ্ট)] মৎস্য-বিশেষ, রাইখড়া বা রায়কড়া মাছ। "ভা.চ ১২৬।

এলেম বি [আ ইল্‌ম্] বিদ্যা, জ্ঞান। "এলেমকে বাঙ্গালায় বিদ্যা কহে ব.প্র ৭১। [এলেমদার—বিদ্যাবান্, পণ্ডিত। এলেমভরা—বিদ্যায় পূর্ণ ; বিদ্যার জাহাজ ; বিদ্যাদিগ্‌গজ। "এলেমভরা 'ডি এল্'-মারা পছন্দ আমার।—হেম ৩৭৯।]

এলেমান বি [F. Allemand] জর্ম্মনির অধিবাসী ; জর্ম্মান (German)। "এলেমান করে গোলন্দাজী ভা.চ ২৬৯।

এলো বিং [আলো২ > এলো] ১ আকুল, বন্ধনহীন, মুক্ত। "এলোচুলী ধেয়ে বুলি দুই দিগম্বর শি ৬১। এলোকেশে এলো কে সে ভয়ঙ্করা। —গান। ২ শিথিল, স্রস্ত, ঢিলা (বেশ, গাঁট)। —লো বি পিষ্টকবিশেষ ; ভাবা পুলী (?)। "বড়া এলো আসিকা পীযুষী পুরী পুলী ভা.চ ৫৪৮। [এলো কথা—অসম্বদ্ধ কথা। এলো গিরো—ঢিলা গাঁট। এলোপাক —দড়ীর উলটা পাক। এলোন—এলো করা বা হওয়া। এলো মুখ —অসংযত মুখ। এলো হাওয়া—উলটা-পালটা হাওয়া। এলোকেশী —আকুলকুন্তলা, মুক্তকেশী। "দা ২১৪৭। এলোচুলী—মুক্তকেশী।

এলোথেলো বিং [আলুথালু > °লো] ১ শিথিলবন্ধ, পর্য্যাকুল, এলো। "এলোথেলো কেশপাশ কবরীবন্ধন কু ৩১৪। ২ পরিপাটিহীন, বিশৃঙ্খল। "এলোথেলো বেশ, এলোথেলো কেশ স্ব.প্র ১৯৫। ৩ আকুল-কেশবেশ, কেশবেশপরিপাটীহীন। "এলোথেলো পাগলিনী, ভয়ে এলো নন্দরাণী দা ১০১।

এলোবিলি বিং [এলো+বিলি] ১ যাহার বিলি (ব্যবস্থা) এলো; ব্যবস্থারহিত, বিশৃঙ্খল, বিষম, বেধড়ক। "আমাকে ভদ্রলোকের বাড়ীতে ...যা খুসি তাই বল্লে—তার পর এলোবিলি মার। —লী ৪৪। ২ পূর্ব্বাপরসঙ্গতিহীন, অসম্বদ্ধ (কথা, বলা, বকা)। ৩ যথেচ্ছ, বেহিসাবী (খরচ)। [এলোবিলি মারা—স্থান-অস্থান বিচার না করিয়া প্রহার করা।]

এলোমেলো বিং [এলো+মেলো (মেল, মেলন)] ১ যাহার মেলন এলো; পরিপাটিহীন, নিয়মরহিত, বিশৃঙ্খল (কাজ)। ২ পূর্ব্বাপর-সঙ্গতিহীন, অসম্বদ্ধ, গরমিল (কথা, বলা)। ৩ বিশৃঙ্খলতাজনক, উন্মাদক, মদির। "দিশাহারা দখিন হাওয়ার স্রোতে, রক্তে তাহার কেমন এলোমেলো, কিসের খবর এলো প.কা ৩। ৪ সংযমরহিত, বাঁধাবাঁধন-হীন। "মা-ঠাকুরাণীর মুখ বড় এলোমেলো হয়েছে—কারে কখন কি বলেন, ঠিক নাই ব.প্র ৩৮। ৫ কার্য্যোদ্ধারের কৌশলে অনভিজ্ঞ; বিষয়বুদ্ধি-হীন; সাদাসিদা। "বুদ্ধিমান্ লোকেরা ভঙ্গিক্রমে তোষামোদ করিত, আর এলোমেলো লোকেরা একেবারেই জল উঁচু-নীচু বলিত আ.দু ২। —মেলো বি বিশৃঙ্খলতা, অপরিপাটি। "সেই-খানেতে ছেঁড়া-ছড়া, এলোমেলোর মেলা চ.কা ৩২৮।

এষণ পুং [√ইষ্+অন (ল্যুট্)-ক] লৌহময় বাণ। —ণ ক্লী [+অন -ভা] ১ অনুসন্ধান, অন্বেষণ। "ভর্ত্তুরেষণে মহা ১.২৩১.১৪। ১ ব্রণবিদারণব্যাপার, অভ্যন্তরে শস্ত্রপ্রবেশন দ্বারা পূযাদির অপসারণ। "সুশ্রুত ১.৮.৩। —ণা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অন্বেষণ। "পা ৩.৩.১০৭। ২ [+ √এষি+অন-ভা+স্ত্রী আ] প্রেরণা। ৩ কাম, কামনা। "পুত্রৈষণা, বিত্ত°, লোক° (শতপথব্রাহ্মণ)। অপহতসকলৈষণামলাত্মনি ভ ৪.৩১.২০। —ণিকা স্ত্রী [এষণী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'এষণী'। —ণী স্ত্রী [+অন-ণ+ স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'পরিমাণজ্ঞানসাধনী', মান-সাধনী তুলা; নিক্তি। ২ [+অন -ক] 'ব্রণমার্গানুসারিণী', ব্রণস্ফোটনার্থ অস্ত্রবিশেষ; বেল্‌কার্ (probe)। "সুশ্রুত ১.৮.২; ৩। —ণীয় বিণ [+অনীয় (অনীয়র্) -কর্ম্ম] ১ বাঞ্ছনীয়, আশাস্য। "কু.স ৭.৮৮। ২ অন্বেষণীয়, অনুসন্ধেয়। ৩ গমনীয়। —ষা স্ত্রী [+অ (ঘঞ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ইচ্ছা, কাম। —ষিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] অভিলাষী, ইচ্ছু, অভিলাযুক। "পরস্পরসুখৈষী মহা ৩.৭৬.৫০; শরণ° ১৩১.১৬; বুদ্ধিস্তস্তৈষিণী ভবেৎ ১৮১.২৫। প্রত্যর্পণ° রঘু ১৫.৮৫। পরস্পরজয়° মা.মি ১.১০।

এষ্টেট্, এস্‌টেট্ বি [E. estate] জমিদারী, ভূসম্পত্তি, বিষয়-আশয়।

এস, -সো ক্রি [আইস > এস, -সো] ১ আগমন কর; আইস। "এস এস ফিরে এস, বঁধু হে ফিরে এস।—গান ১৫১। ২ অভ্যাগত প্রিয়জনের আদর-অভ্যর্থনাসূচক ক্রিয়া। "এস এস বঁধু এস, আধ আচরে বস (চ.দা)। এস এস বন্ধু, করুণার সিন্ধু, রজনী গোঙালে ভালে চ.সা ১০৯। [এখানে "এস এস" সোপহাস অভ্যর্থনাসূচক]। ৩ প্রকটিত বা আবির্ভূত হও। "তুমি নব নব রূপে এস প্রাণে। এস গন্ধে বরণে, এস গানে॥—রবীন্দ্র। ৪ বন্ধু-প্রভৃতির বিদায়কালে গমনের অনুমতিসূচক ক্রিয়া। "কহে কথা বৃন্দে শুনে, "যাই" বল্লে কেউ বন্ধুজনে, বিদায় দেয় "এসো" বচনে দা ৪০৯। ৫ ফিরিয়া এস। "কৃষ্ণ কন, তবে যাই বৃন্দে! বৃন্দে কন গোবিন্দে, এস গো তবে, বিলম্ব কিসের তরে।—দা ৪০৮। [এখানে 'এসো' শব্দ (৪, ৫) দুই অর্থেই ব্যবহৃত হইয়াছে।] ৬ কার্য্যার্থ গমনের অনুমতিসূচক ক্রিয়া। "ভগী। —কত্তাবাবু! এখন আমরা তবে ঘাটে জল আন্‌তে যাই? ভক্ত (কত্তাবাবু)।—হাঁ, এসো গে॥ —মা ৩২৭। [এসে—১ আসে। "কালের তিমির রজনী ভেদিয়া, তোমার মুরতি এসে (চ.কা)। ২ আসিয়া। এসেছে—আসিয়াছে। "এসেছে চৈত্র সন্ধ্যা।—কথা ৩২। এসো-জন বসো-জন—অতিথ অভ্যাগত। "একে সংসারের নিত্য নৈমিত্তিক খরচ, তার উপর এসো-জন বসো-জন আছে, খরচ কুলান ভার। এস্ত—আইস। "সাজি এস্ত দু ১৬; ভীমা এস্ত মা ভূতলে ২১।]

এসা বিং [সং সদৃশ > প্রা অইস (হে ৪.৪০৩); হি ঐসা; এসে (দো)] ঈদৃশ, এরূপ। "এসা কছু হুসুর্ বাতায় দেও তোর র‍া.স ১২।

এস্‌কলার্শি বি [E. scholarship] ১ পরীক্ষার পারদর্শিতা হেতু প্রদত্ত বৃত্তি; জলপানী। ২ পণ্ডিতের বা বিদ্যার্থীর সাহায্যার্থ বৃত্তি।

এস্‌পার-ওস্‌পার, এস্‌পার-কি-ওস্‌পার বি [হি ইস পার; উস পার] একূল বা ওকূল, অর্থাৎ অনুকূল বা প্রতিকূল কার্য্যনিষ্পত্তি বা ঘটনা; ভাল বা মন্দ কোন একটা সিদ্ধান্ত। "দেবেন্দ্র স্থির করিলেন, স্বয়ং হীরার বাড়ী গিয়া এস্‌পার-কি-ওস্‌পার যা হয় একটা করিয়া আসিবেন।—ব.বি ৪১। উকিলবন্ধু যদি নিয়ত হাতজোড় করিয়া...বর কর্ত্তাদের প্রত্যেককে, বারবার প্রচুররূপে অভিষিক্ত করিয়া না দিতেন, তবে গোড়াতেই একটা এস্‌পার-ওস্‌পার হইত গ.স ১৩৮।

এস্‌রাজ্ বি [আ ইস্‌রার্] সেতার ও সারঙ্গীর মধ্যবর্ত্তী তারের বাদ্য-বিশেষ। [ইহাতে সেতারের ন্যায় পর্দ্দা ও ত্রিসপ্তক আছে। ইহার দণ্ড সেতারের মত এবং খর্পর প্রায় সারঙ্গীর ন্যায়। ইহা ছড়ি দিয়া বাজাইতে হয়।]

এহ সর্ব্ব, বিং [দ্র 'ই' এহ (চ)] এই, এইরূপ। "সজলা এহ সভাব চ ৬৬। মাধবে এহ রসগানে গ ৮। আর সখী বলে শুন এহ বোল নহে শ্রী.ম ৬৯। —হ সর্ব্ব ১ ইহা। "এহ নবকুঙ্কুম রেহ: মৃগমদরস এহ গো ১৯৯। ব্রাহ্মণের পুত্র মরে এহ বড় লাজ কৃ.উ ১৯২। জ্ঞানদাস কহে, এহ না জুয়ায় জ্ঞা ৬৯। ২ ইহাও। "এহ কি সম্ভবে চৈ ৬০।

এহন, -না বিং [মৈ এহ(হে)ন (সং সম > মৈ সন > হন); হি ঐসন] ঈদৃশ, এপ্রকার। "এহন জগৎ নাহি আনে বি.প ২৮। এহনা অবসর বি.সা ২৬৬; এহন ওখদ ২৬৭; এহন করম ৩৮১। —নি বিং [এহন +ই১° ; মৈ এহনি] ঈদৃশী; "এহনি সুন্দরী, গুণক আগরি (বি.প)।

এহা সর্ব্ব, বিং [এহ > এহা; অপ্র] ১ এই, সম্মুখবর্ত্তী। "এহা রাগোআল পুছোঁ রাধার উদ্দেশ শ্রী.কী ১০। ২ এই। "এহা আভরণ কহ্নাঞি সব মোর নে শ্রী.কী ৫৮। —হা সর্ব্ব ১ ইহা, পূর্ব্বোক্ত বিষয়। "এহা যানি বড়ায়ি, করহ যতন শ্রী.কী ১৭। এহা শুনি কৃ.উ ২২৩; এহা বলিয়া ২৬৮। অ.প ৬। তেজিলহি এহা ব.প ৯১; ১৩৮৮। ২ ইহা, পরে কথিত বিষয়। "আহ্মি এহা দেখি গ ১৩০। ম.পা ২১; ১৩৪। [এহান (কর্ম্ম)—ইহা। এহাক—ইহাকে; এহাত—ইহাতে; এহাতে —১ ইহাতে, এবিষয়ে। "এহাতে ধরহ রাধা আহ্মার উপাএ শ্রী.কী ১৫৯। অহঙ্কার এহাতে না কর অ.প ২৯। এহাতে নিষেধ ম.পা ১০০। ২ এই স্থানে। "এহাতে কারো নাহি গমন।—গ ১৫২। এহান (এহা +ন)—ইঁহার। "চণ্ডিকা পূর্ব্বেতে নাম এহান আছিল অ.প ৬১। এহানে—এস্থান হইতে। "গো.চ ১৬২। এহার—ইহার। "মী ৩। এহার মুকুতি অ.প ৬; ১৪। শ্রী.ম ৭৮। শ্রী.কী ২৪১। গ ৮৩; ৯৪। ম.পা ১২৮। এহারে—ইহাকে। "এহারে রাখিলে গো.বি ১০৩। মী ১১। শি ৮।

এহি১ সং, ক্রি [আ+ √ই+হি (অনুজ্ঞা, মধ্যমপুরুষ-১ব)] আইস, আসুন ; আবির্ভূত হও বা হউন। "এহি এহি…দেবি রক্তদন্তিকে ভা.চ ৪২৭।

এহি২ সর্ব্ব, বিং [এহ+ই১১ ; দ্র 'এ৩ ; হি এহি—সো হি এহি হৈ কুমার (ভা.চ ৪৩৭) ; এহি, -হু (দো)] **১** এই, পূর্ব্বোক্ত, এইরূপ। "এহি সব গো.চ ৩২৫। এহার যুকতি এহি অ.প ৬ ; এহিরূপে সৈন্য জিনি ১৪ ; এক বর এহি দেয় ১৩৩ ; ১৩৪। এহি ধর্ম্ম ম.বি।—৫৪। এহি সব ভাবিতে সুস্থির নহে মন চ.বি ১৭। এহি বাক্যে ব.প ৬৪৭। **২** সম্মুখে দৃশ্যমান ; পুরোবর্ত্তী। "এহি দুই কেশ শ্রী.কী ২। এহি দেখ দিনমণি গগনে উদয় অ.প ৭০ ; এহি ঘোড়া ১২১ ; এহি শিশু ১৩০। এহি নারী গো.বি ৮। আইল দুষ্মন্ত এহি ব.প ৬৪৭। **৩** পরে কথিত বিষয়। "ঘোড়ার এহি আগমনবার্ত্তা অ.প ১২১। **৪** এক্ষণে অধিষ্ঠিত বা প্রাপ্ত। "আইলাম মৃগয়া হেতু এহি তপোবন ব.প ৬৪৭। এহি বৃন্দাবন সীমা জ্ঞা ১০৯। **৫** এক্ষণে প্রাপ্ত বা উপস্থিত। "তোমার চরণ নাহি৹ ভজি মোর গতি এহি ভ.গ্র ১৬। **৬** [এ৩+হি] এ-ই (অবিলম্বার্থ)। "এহিক্ষণে মোকে যদি না দেয়সি বিহা অ.প ১৩১। **৭** এ-ই, কেবল এ। "এহি পাপে সেই নারী নরকে জাইব গো.চ ৩১৮। এহি ধ্যান এহি জ্ঞান ভা.চ ৭৪৫। **৮** এতদ্‌ভিন্ন। "মোক্ষ এহি লোগ মে ভা.চ ৭৪৫। **৯** এ-ই, ঠিক এ। "সেতা পদ্মা যুক্তি করে এহি অবকাশে বি.পা ১৬৯। —হি সর্ব্ব **১** এই, সম্মুখে উপস্থিত ব্যক্তি। "না হয় নাটোয়া এহি গোর্থে মহাজন গো.বি ১০৩। কেহ্নে এহি দেখিতে ভয়ঙ্কর অ.প ১২৭। **২** পূর্ব্বোক্তলক্ষণবিশিষ্ট ব্যক্তি। "পরম বৈষ্ণব এহি জানিহ সকল ব.প ১৩৩৫। **৩** ইহাই, পূর্ব্বোক্ত বিষয়ই। "বিদ্যাপতি কহ এহি সে বিচার বি.প ৮১। [এহি কালে —এই সময়ে। "বি.পা ৩৪৯। এহি ক্ষণ—এখন। "ব.প ৫৬১। এহি ক্ষণে—এখনই। "অ.প ১৩১। এহি ত— এই ত, এ-ই। "শ্রী.কী ৩৫১। এহি নি—এই না, এই কি (সংশয়ে)। "যারে দেখে তারে বলে এহি নি নাপিত বি.পা ২৪১। এহিমত—এইপ্রকার, পূর্ব্বোক্তপ্রকার। "এহি-মত পুণ্যবন্ত অ.প ১৩৪। এহিমত রণ চ.বি ১৫৩ ; বি.পা ২৫০। এহিমত ব্রহ্মজ্ঞান গো.বি ৪। এহিমতে, -তেঁ—এইপ্রকারে। "°তে গো.বি ৭১। বি.পা ১৪। ব.প৮০৮। °তেঁ শ্রী.কী ১০৫। এহিমন—এমন, এরূপ। "এহিমন ভাবি গো.বি ১৭৯। এহি মনে—**১** এইরূপে, এই-রূপ। "বর দিবে এহিমনে চ.বি ১২৪। **২** এই সময়ে ; এখনই। "এহি-মনে আসিব মন্দিরে ব.প ৯৩। এহিরূপ—এইপ্রকার। "মী ৪। চ.বি ৯১। এহিরূপে—এইপ্রকারে। "অ.প ২৬। এহিস্থানে—এই-স্থানে। "চ.বি ২২৫।]

এহি৩ ক্রি.বিং [এ৩+হি ; অপ্র] এ সময়েই, এখনই, এইমুহূর্ত্তেই। "তা সভার রণসাধ পণ্ডাইবার তরে। এহি জাম পিতামহ রণের ভিতরে॥ —অ.প ১৫।

এহেন বিং [এহন>°ন ; মৈ এহেন] **১** এরূপ, ঈদৃশ (প্রশংসাসূচক)। "এহেন পর্ব্বতে গ ১০৯। ধন্য পিতা মাতা যার এহেন নন্দন চৈ.ভা ১৪৬। এহেন সোণার গায় আঘাত করিল ভ.গ্র ১৯৫। **২** এরূপ, ঈদৃশ (নিন্দাসূচক)। "অনুমতি দিল কেমনে মুণ্ডাইতে মাথা। এহেন সন্ন্যাসী যে তাহার ঘর কোথা॥ —ব.প ১১৯৪। এহেন কুমতি ভ.গ্র ১৯৫। **৩** এপ্রকার, পূর্ব্বোক্তরূপ। "নারদের মুখে শুনিয়া এহেন বিবরণ অ.প ১২৭। **৪** এমন, এরূপ, অতীব। "এহেন দুর্ব্বৃত্ত আমিও কেমন থমকে গেলুম ঘ ৬২।

এহো সর্ব্ব, বিং [দ্র 'ইহ' ; অপ্র] **১** এই, বর্ত্তমান। "ইহা ধন বসিঞা খাব এহো জন্মান্তর কৃ.উ ৫৩। **২** এই, সম্মুখে স্থিত বা দৃশ্যমান। "পুরুবে আছিল এহো দহো নাগগণে শ্রী.কী ২৫৪। —হো সর্ব্ব [এহ +ও৩ ; মৈ ই(এ)হো (emphatic)] ইহাও, এও, পূর্ব্বোক্ত বিষয়ও। "সুদৃঢ় থাকিএ এহো তোহ্মার মনে শ্রী.কী ১৮৫। এহো কি ঈশ্বর বিনে অন্যেতে সম্ভবে চৈ.ভা ৪১৪। এহো নহে তেমন বন্ধান চৈ ১৫ ; এহো নহে সুঘটিত কথা ১৪৩। এহো বহিরঙ্গ চৈ.চ ১২ ; এহো বাহ্য, আগে কহ আর ১১৩ ; ১১৪। [এহো…সেহো—ইহাও…সেও। "এহো মাটী সেহো মাটী কি ভেদবিচার চৈ.চ ৫৪। এহোবার—এবারও। "হের মোঁ কাকুতি করোঁ৹ দূতী তোর পাএ (ধরোঁ)৹ এহোবার পুর মোয় আশে শ্রী.কী ৩৮৫।

এহোঁ সর্ব্ব [ইহোঁ>°হোঁ] ইনি, ইনিও। "প্রেমভক্তিবলে এহোঁ মহাভাগবত চৈ ৪৩, এহোঁ সেই ভট্টাচার্য্য ১১১। এহোঁ অন্তর্যামী চৈ.চ ২১১। সামান্য মনুষ্য এহোঁ নয় ন.বি ১৯।

এহ্মন বিং [এহ+মন>এহমন>°ন ; অপ্র] এমন, এরূপ। "এহ্মন অবস্থা বল কোনে কারে করে ম.পা ৯৪। —নি [°ন+ই৪] **১** এমনই, এরূপই, ঠিক এরূপ। "এহ্মনি বয়ানে দিবারে চুম্বনে। সাধ করে মনে বদ হর্ষাননে ম.পা ৯৪। **২** [°ন+ই১১] এমন, এরূপ অতিশয়। "এহ্মনি সুন্দরী তোহ্মার থাকিতে বিদিত ম.পা ৯৪।

ঐ

ঐ১ দ্বাদশ স্বরবর্ণ। [ইহা সন্ধ্যক্ষর, অর্থাৎ 'অ'-কার বা 'আ'-কারের সহিত 'এ'-কারের সন্ধিতে 'ঐ'-কার হয়। তৈত্তিরীয় প্রাতিশাখ্যে 'ঐ'-কারের আদ্য অবয়ব 'অ'-কার, অকারার্দ্ধকালসম, সুতরাং অর্দ্ধমাত্রিক এবং শেষ অবয়ব 'ই'-কার অধ্যর্দ্ধমাত্রিক, অর্থাৎ দেড়মাত্রাযুক্ত (তৈ ২.২৬ ; ২৮) ; অতএব, উভয় অবয়বের সংযোগে উচ্চারিত 'ঐ'-কার দ্বিমাত্রিক বা দীর্ঘ এবং ঐ উভয়ের উচ্চারণস্থান কণ্ঠ ও তালু হেতু 'ঐ'-কার কণ্ঠ-তালব্য। পাণিনিমতে এবং শিক্ষাগ্রন্থেও 'ঐ'-কার কণ্ঠতালব্য। বেদে উদাত্তাদি হেতু 'ঐ'কার দ্বাদশবিধ, সংস্কৃতে চতুর্ব্বিধ (দ্র 'এ১')। বাঙলায় 'ঐ'-কার নামমাত্রে দীর্ঘ, উচ্চারণে হ্রস্ব। 'ঐ'-কারের স্থানে, পালিতে 'এ' 'ই' (সং তৈল, সৈন্ধব>লি তেল, সিন্ধব ইত্যাদি) এবং প্রাকৃতে 'এ' 'অই' 'ই' (সং শৈল, ভৈরব, সৈন্ধব >প্রা সেল, ভইরব, সিন্ধব ইত্যাদি) হয় ; 'ঐ'-কারের পূর্ব্বোক্ত উচ্চারণ 'অই'ই ইহার মূল এবং 'অ'-কার 'ই'-কারের মাত্রার সাম্য ও বৈষম্য ইহার কারণ, মনে হয়। বাঙলায়, 'ঐ অই, ঐমনি অইমনি, ঐসন অইসন, একই, এক' ইত্যাদি দ্বিরূপ শব্দের 'অই' প্রাকৃতানুযায়ী। ['অয়ি'-স্থানে প্রাকৃত 'ঐ, অই' (হে ১.১৬৯) এই দ্বিরূপও ঐপ্রকার উচ্চারণমূলক।]

ঐ২ ব্য [হি 'ঐ'] **১** আহ্বান। **২** স্মরণ। "ঐ যা! কাজের কথাটাই ভুলে গেলাম!

ঐ৩ সর্ব্ব, বিং [অই১>ঐ ; দ্র 'ঐ১'] **১** দূরে বা নাতিদূরে দৃশ্যমান (ব্যক্তি, বস্তু)। "সই গো! ডুবিলাম ঐ রূপসাগরে দা ২৩৩। ঐ অন্ধকার কোণে একটা কেলে হাঁড়ি মাথায় দিয়ে বসো গিয়ে ব.প্র ২৮। **২** সম্মুখে দৃশ্যমান। "আমার ভরসা সব পাদপদ্ম ঐ। —শ্রী ১০৮। আলেখ্যের উপরিভাগে ঐ সমস্ত কি কি চিত্রিত রহিয়াছে সী ৬। **৩** বুদ্ধিস্থবস্তুনির্দ্দেশক। "ঐরাবতপতি করে ঐ পদ কামনা ভা.চ ৪২৮। **৪** অতর্কিতভাবে সংঘটিত দৃশ্যমান ক্রিয়ার নির্দ্দেশক। "ঐ তরী দিল খুলে : ঐ পোহাইল তিমির রাতি।—রবীন্দ্র। না না এ ভাষাটা কিছু বেশী গ্রাম্য হ'য়ে গেল ঐ যে।—মন্ত্র ৪০। চুপ রাক্ষসি! আমাদিগের দেখা হইবে না, ঐ উনি জাগরিত হইতেছেন ব.প্র ১৪৮। **৫** দূরশ্রুত ধ্বনির নির্দ্দেশক। "ঐ বুঝি বাঁশী বাজে, বনমাঝে কি মনমাঝে। —গান ১৮০। **৬** পূর্ব্বোক্ত, সেই (বস্তু, ব্যক্তি, বিষয়)। "সখীগণে বলে রাই! আমাদের ঐ ধারাই দা ২৩৪ ; সুখমোক্ষধাম, হরিনাম।

ঐ বুলিটি ধর, আমায় সুখী কর ২১৮০। ব.প ৩৭। —সর্ব্ব **১** দূরে দৃশ্যমান ব্যক্তি, বস্তু। "ঐ ভুবনের কণ্ঠহার, হার দিলেন যে গলে উহার, সে বুঝি সই! চক্ষু হারায়েছে দা ১৪৮। দেখ ঐ কে এসেছে, চাও সখি চাও।—গান ২০২। **২** উহা, তাহা। "জোরা জোরি করি পিঞ্জিরার কাটী ফেলিল ভাঙ্গিয়া। ঐ দিয়া শারি শুয়া গেল উড়াও দিয়া॥—ব.প ৭৫। —ক্রি.বিং অদূরে, নাতিদূরে। "তোর হারা তারা এল ঐ।—ব.প ১৫৬৬; ঐ দেখা যায় বাড়ী আমার, চারিদিকে মালঞ্চে ঘেরা ১৬২৬। [ঐটা—সম্মুখস্থ বিশেষ বিষয় বস্তু বা কথা। ঐটা—ঐ স্থান। "ঐটা হইতে ব.প ৩৮। গো.চ ৩২; ৩৩, টীকা। ঐটে, ঐঠে—**১** ঐ স্থানে। "ঐটে যায়া ব.প ৩৮। **২** ঐ স্থান। "ঐটে হইতে গো.চ ৩২; ৩৩। ঐ ত, ঐ তো—**১** ঐই। "ঐ ত গোদা যম ব.প ৩৭। ঐ তো ভুবনের চূড়া: ঐ তো তিলকের তিলক দা ২৩২। **২** পূর্ব্বোক্তরূপই, উহাই। "ত্রিসংসারের ঐ ত প্রথা কা ৮৮। ঐ যে কথায় বলে—প্রবচনরূপে কথিত হয়। ঐরকম—ঐরূপ, তাদৃশ। "ঐরকম একটা-কিছু ঘ ১২।]

ঐ[৪] [অহ[২] > ঐ] **১** বাঙ্‌লা ধাতুর অন্ত্য 'অ' এবং 'ইব, ইয়া, ইল' ইত্যাদি প্রত্যয়ের 'ই'-কারের সংযোগে উচ্চারিত 'ঐ'। "লৈল (লইল), লৈব হৈত হৈব হৈল (শ্রী.কী)। মৈল (মরিল > মইল > মৈল), কৈল (করিল) ক.চ ৫৪। রৈছে ম.পা ২, হৈবে ১৫, হৈয়াছে, কৈলাম ৫০, কৈব ৭২; পৈরাএ (পহিরাএ—পরায়) ৮০, হৈলুম ১১৩, কৈলুম ১১৮, হৈছি ১২৯, কৈয়া ১৪১। মৈলে গ ৩, হৈআছি ৩৩, মৈলেহ ৬৭, বৈআ (বহিয়া) ১৬৮, হৈমু ১৭৬। পৈর (পহির) গো.বি ২৭, কৈল (কহিল) ৩২, কৈব ৫৭। কৈর (করিহ) ম.ম ৪৯; নৈল (নহিল), রৈল ১৯৪, পৈল (পড়িল) ১৯৭। সৈতে (সহিতে) বি.পা ৬৫, লৈছিল ৮১, কৈনু (করিনু) ৮৫, হৈছে ৯১। রৈ (রহিয়া) শ্রী.মা ৫৩, কৈ (কহি) ১৫৭। কৈল্ল (করিল) ব.প ২৯, কৈরবার (করিবার), কৈরে (করিয়া) ৩২, বৈল (বলিয়া) ৩৬, মৈল্লাম (মরিলাম) ৪৪, হৈতেন ৫২২। নৈতে (লইতে) চ.বি ১৯৭। হৈয়ে দু ৫৪। লৈব কৈয়া চৈ.ম ১৯। কৈলি গো ২১১। কৈল, হৈল চৈ.চ ২৫০। হৈও (হইও), কৈও ভা.চ ১৭৯, কৈতে ৩৪২। **২** য-ফলাযুক্ত ব্যঞ্জনের পূর্ব্বস্থ 'অ'-কারের পরে য-ফলা জন্য 'ই' আগমে 'অ' ও 'ই'এর যোগে 'ঐ'-কার। "কৈন্যা (কন্যা > কইন্যা), মৈধ্য, -ধ্যে মৈদ্ধ মৈশ্চ (মৎস্য), মৈশ্চের মৈৎস্য মৈচ্যান্দর (মৎস্যেন্দ্র)।—ম.গা; গো.বি। অবৈশ্য (অবশ্য) ম.গা ১৬। সৈভ্যতা কৈর্ত্তব্য অ.গ্র ৬৭। [Cf. Av. aidya (adya), airya (arya), airyaman (aryaman)। বা মৈনা, মৈনাবতী (ময়না, -বতী), লৈক্‌থ লৈক্‌গণ ভৈক্ষণ রৈক্ষে রৈক্ষা 'ঐক্ষরে' (অক্ষরে) ম.গা ১৪; 'তৈক্ষণ' ২৮। হি নৈন (নয়ন) সমৈয়া (সময়)। মৈ নৈন (নয়ন) নির্দ্ধৈ নিশ্চৈ সমৈ (সময়), সংশৈ কৈ (কতি)। উশন্য (শূন্য—ম.পা ৬)।] **৩** বাঙ্‌লা ধাতুর অন্ত্য 'অ'-কার এবং বর্ত্তমান কালের ক্রিয়ার বিভক্তি 'ই৬ এর যোগে (অ+ই) 'ঐ'-কার। "বরিখৈ (বরিখই) খরশর: ক্ষিপৈ…বাণ: পরশু…বরিখৈ শি ৬৫।

ঐকতান বিং একতানসম্বন্ধী, সমস্বরযুক্ত। —তান বি একতানভাব, যন্ত্রসমূহের বাদ্যে সমস্বরতা (concert)। [ঐকতান বাদন—বহু যন্ত্র সমস্বরে বাজান।]

ঐকপত্য ক্লী [একপতি+য (ষ্যঞ্) 'তদ্‌ভাব তৎকর্ম্ম' অর্থে] এক-পতির ভাব বা কর্ম্ম; একাধিপত্য, সার্ব্বভৌমত্ব। "ভ ৭.৩.৩৭।

ঐকমত্য ক্লী [একমতি+য (ষ্যঞ্) 'তদ্‌ভাব, তৎকর্ম্ম' অর্থে] এক-মতির ভাব বা কর্ম্ম; একমতিত্ব, মতৈক্য। "ঐকমত্যম্…সর্ব্বেষাম্ মহা ৩.৭.১২। রঘু ১৮.৩৬। হি ১৬ুড়।

ঐকাগ্র্য ক্লী [একাগ্র+য (ষ্যঞ্) তদ্‌ভাব অর্থে] একাগ্রভাব, অনন্যচিত্ততা, একনিষ্ঠতা। "মহা ৩.৭.১৩৬।

ঐকাত্ম্য ক্লী [একাত্মন্+য (ষ্যঞ্) তদ্‌ভাব অর্থে] **১** একাত্মভাব, একপ্রযত্নতা, ঐকমত্য, ঐক্য। "ভ ৬.৮.৩২। **২** একচিত্তত্ব। "মহা ১.২.২৩১। **৩** অভেদ, সমত্ব। "ভ ৭.১৩.৪২।

ঐকান্ত বিং [তু 'ঐকান্তিক'; সং একান্ত] **১** একান্ত, একাগ্র, একনিষ্ঠ। "ঐকান্ত বাসনা ভা.চ ৪২৮। দা ২৩৪। **২** বিষম, ঘোর। "ঐকান্ত ঐহিক ইন্দ্রজালে প্রাণ গেল বা.দ ৮২।

ঐকান্তিক বিণ [একান্ত+ইক (ঠঞ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] **১** একান্তসম্বন্ধী, অব্যভিচারী, অখণ্ডিত। "গী ১৪.২৭। **২** অত্যন্ত, পরম। "°সুহৃৎ ভ ৩.২০.২। **৩** অবশ্যম্ভাবী। "সাংখ্য ৬৮। **৪** একান্ত, একাগ্র, অনন্যনিষ্ঠ, অনন্যবিষয়। "ঐকান্তিক সদাস্তরে, যদ্যপি তোমাকে স্মরে শ্রী.মা ৫; ২২। ঐকান্তিক অনুরাগ সী ৭২।

ঐকার পুং [কর্ম্মধা] 'ঐ' এই অক্ষর; ঐ-বর্ণ।

ঐকাহিক বিণ [একাহ+ইক (ঠঞ্) 'ভূত ভাবী' অর্থে; স্ত্রী -কী] **১** যাহা একদিন হইবে; একাহভাবী (উৎসবাদি)। **২** একাহসাধ্য (যাগাদি)। **৩** একাহভূত; একদিবসনিষ্পন্ন। **৪** একাহান্তর, অর্থাৎ একদিন পরে একদিনব্যাপী (জ্বর)। [ঐকাহিকজ্বর—একাজ্বর।]

ঐক্য ক্লী [এক+য (ষ্যঞ্) তদ্‌ভাবার্থে] **১** একভাব, একত্ব, দ্বিতীয়াদিরাহিত্য। "দ্রব্যৈক্য পা ২.২.২, সি। **২** অভিন্নত্ব, অভেদ। "বারে বারে (পক্ষী) শব্দ করে হরি-হরে ঐক্য শি ৩৩। তোমারেও যারা ভাগ করে, কে তাদের দিবে ঐক্যধারা?—স.স্ব ৭২। **৩** ঐকমত্য, একচিত্ততা। "রঘু ১০.৮২। **৪** একবাক্যত্ব, একার্থী ভাব। মহা ২.৫.৩। **৫** সৌহার্দ্দ (ত.ধা)। **৬** সমতা, সামান্য। **৭** সমষ্টি, সংযোগ।

ঐক্যতা বি ['ঐক্য' সাধু] **১** ঐক্য, সৌহার্দ্দ, সখ্য। "সকলে ঐক্যতাপন্ন কৃ.চ ৪৭। "হেতা ঘুটে পোড়ে গোবর হাসে বলিহারি ঐক্যতা হু ৭৬। **২** মেলন, মিল। "কেশে হয়েছে পক্কতা, কিসে হবে ঐক্যতা, সখ্যতা ভেঙ্গেছে দুজনায় দা ২০৯৭।

ঐক্ষব ক্লী [ইক্ষু+অ (অণ্) তদ্বিকার অর্থে] **১** ইক্ষুবিকার, ইক্ষু-জাত মদ্যবিশেষ। "মনু ১১.৯৬, কুল্লুক। **২** ইক্ষুজাত গুড় বা শর্করা।

ঐক্ষ্বাক বিণ [ইক্ষ্বাকু+অ (অণ্) তদ্‌ভবার্থে, পা ৪.২.৭৯ নিপাতিত; স্ত্রী -কী] ইক্ষ্বাকুজনপদভব। —ক পুং [+অণ্ তদপত্যার্থে, পা ৪.১.১৬৮] **১** ইক্ষ্বাকুর গোত্রাপত্য; ইক্ষ্বাকুসন্তান। "ঐক্ষ্বাকো রাজা রামভদ্রঃ উ.চ ৫২৪; ৩২। **২** সূর্য্যবংশীয় নৃপ। **৩** ইক্ষ্বাকুশাসিত জনপদ।

ঐচ্ছিক বিণ [ইচ্ছা+ইক (ঠঞ্) 'তৎকৃত' অর্থে; স্ত্রী -কী] ইচ্ছাকৃত, যাদৃচ্ছিক, ইচ্ছাপূর্ব্বক। "বিকল্পো ব্যবস্থিতো ন ত্বৈচ্ছিকঃ (দায়ভাগ)।

ঐছন[১] বিং [ঐসন > °ন; তু 'প্রা অইস (ঈদৃশ); হি ঐসা; মৈ ঐসন; অই(ঐ)সন (C.G. sec 124); অইস, -সন (চ); বৈষ্ণবসাহিত্যে] **১** ঐরূপ, পূর্ব্বোক্তপ্রকার, তাদৃশ, ঈদৃশ। "ঐছন ফাঁস বি.প ১৭; ঐছন রঙ্গ ৬১। ঐছন পিরীতি-রীতি চ.দা ৫৫। ঐছন কৌতুকে চৈ.ভা ২৫। ঐছন সময়ে গো ১৩০; ঐছন…স্নেহ ১৩৮; ঐছন বচন ১৪৭; গুণগণ ঐছন ২০৪। ঐছন ঠাকুর চৈ.ম ১৭; ঐছন সময় ২৬। ঐছন ছন্দ জ ৪। **২** ঐরূপ অতিশয়। "ঐছন মধুরিম নাম গো ৫৭। —ছন বি ঐরূপ ভাব; তাদৃশী দশা; এই বা সেই ভাব। "নাম পরতাপে যার ঐছন করিল গো। অঙ্গের পরশে কিবা হয়!—চ.দা ১। ঐছন হেরি, কহই সব কামিনী জ্ঞা ১৩৫। ঐছন হেরি, ভকতগণ রোয়ত গো ৪০। —ছন ক্রি.বিং ঐরূপে, ঐভাবে। "ঐছন চরিতে মিলন যাহা সুন্দরী, দূরহি একলি ঠারি বি.সা ৩২৮। —ছনি

ক্রি.বিং [ঐছন+ই⁸] ঐপ্রকারেই ; তাদৃশ-ভাবেই, যথার্থ ই, ঠিকই। "এ ধনী ঐছনি কহবি মোয়। কৈছন কৈছন দেখহ তোয়॥ —স্বা.শে ২২।

ঐছন[২], **-নে** ক্রি.বিং [ঐ+ছন,-নে ; সং ক্ষণ > প্রা ছণ ; হি, মৈ ছন ; বৈষ্ণবসাহিত্যে] ঐক্ষণে, সেই সময়ে, তখনই, অবিলম্বে, শীঘ্র। "ত্যজি আবর্তন। হই আগুয়ান। ঐছন সে গেল চলি চ.দা ৬৬। ঐছন কুঞ্জে একলা বনমালী।—গো ১৩৪; ঐছনে মিলল নাগরপাশে ১৩৬। আনন্দে ঐছনে করে আবা আবা ধ্বনি শ্রী.মা ৪৯ ; ৫৫ ; ৬৮ ; ৭৫। ঐছন বি.সু ১৩৮।

ঐছে, -সে ক্রি.বিং [হি ঐসে ; তু 'প্রা অইস (ঈদৃশ) > ঐস, -ছ ; হি ঐসে ; আইস (ঈদৃশ—চ) ; বৈষ্ণবসাহিত্যে] ১ ঐরূপে, এপ্রকারে, পূর্ব্বোক্তরূপে। "ঐসে বজাওত হামারি যন্ত্রিয়া।—বি.সা ৩২৯। নিত্যানন্দ প্রভু কহে—ঐছে কৈছে হয় চৈ.চ ১০৮। ঐছে কত কহে ব.প ১২৪৯। ঐছে কিছু কহি ন.প ৬৪। ২ ঐরূপ, ঐপ্রকার, এরূপ। "আওব ঐছে (পাঠান্তর 'ঐসে'—বি.সা ৪৩৪) হামারি মন মান বি.প ১৭০। ঐছে বেয়াকুল—গো ১৫৯; ঐছে দোষাকর হেরইতে কান ১৭৯। ঐছে দয়ালু নাহি আর চৈ.চ ৫। ঐছে দুষ্ট রাজা নাই ব.প ১২৪৮। তুমি ঐছে মূর্ত্তিমন্ত ক্ষত্রিয়ের ধর্ম্ম ম ৮১৫। —ছে বিং [হি ঐসা] ঐরূপ, ঈদৃশ, এমন, পূর্ব্বোক্তরূপ। "ঐছে না হেরি আন বি.প ৯০। ঐছে ধরণ তনু সাজে।—গো ৫৭ ; ঐছে সময় ধনী চলু অভিসার ১৪৭। মধ্যে মধ্যে ঐছে রঙ্গ ন.প ৪০২। আমাকে আনন্দ দিবে, ঐছে কোনজন চৈ.চ ২০।

ঐণ বিণ [এণ+অ (অঞ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -ণী] এণসম্বন্ধী, কৃষ্ণমৃগ-সম্বন্ধী (চর্ম্মমাংসাদি)। "যাজ্ঞ ১.২৫৯।

ঐণেয় বিণ [এণী+এয় (ঢক্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -য়ী] ১ এণীসম্বন্ধী, কৃষ্ণমৃগীসম্বন্ধী (চর্ম্মাদি)। "ঐণেয়ং মাংসম্ রা ২.৫.২২। ঐণেয়াজিনম্ ভ ৫.৭.১৩। ২ [+এয় তদ্বিকারার্থে, পা ৪.৩.১৫৯] এণীবিকার। —য় পুং কৃষ্ণসার।

ঐতরেয়[১] পুং [ইতর বা ইতরা+এয় (ঢক্) তদপত্যার্থে, পা ৪.১.১২৩] ইতর ঋষির বা ইতরার অপত্য ; মহিদাস। [ইতরা কোন ঋষির অন্যতমা পত্নী। ঋষি পত্নীকে ও মহিদাসকে ভালবাসিতেন না। একদা কোন যজ্ঞসভায় ইতরা, মহিদাসকে স্বামীর অবজ্ঞাপাত্র দেখিয়া, কুলদেবতা ভূমির স্মরণ করেন। ভূমি, স্মরণমাত্র আবির্ভূতা হইয়া, মহিদাসকে সিংহাসনে স্থাপন করেন এবং পাণ্ডিত্য ও ব্রাহ্মণপ্রতিভাসনরূপ বর দান করেন। মহীর বরে ব্রাহ্মণগ্রন্থ মহিদাসের জ্ঞানগোচর ও 'ঐতরেয়' ব্রাহ্মণ নামে খ্যাত হয় (সায়ণভাষ্যভূমিকা)।]

ঐতরেয়[২], **-য়ক** ক্লী [ঐতরেয়+অ (অণ্) 'তাহা কর্ত্তৃক প্রোক্ত' অর্থে] ঐতরেয়প্রোক্ত ব্রাহ্মণ ; ঐতরেয় ব্রাহ্মণ। [ইহা ঋগ্বেদের ব্রাহ্মণ এবং চল্লিশ অধ্যায়ে বিভক্ত। ব্রাহ্মণ প্রায় যজ্ঞবিবরণে পূর্ণ। ইহার শেষ দশ অধ্যায়ে উপাখ্যান ও ঐতিহাসিক ঘটনা আছে। এই অংশে হরিশ্চন্দ্র রাজার উপাখ্যান আছে। হরিশ্চন্দ্র নিঃসন্তান ; সন্তান হইলে, বরুণদেবের নিকট বলি দিবেন, স্বীকার করেন। পরে, পুত্র রোহিতকে বলি দিতে অনিচ্ছুক হওয়ায়, রাজা পীড়িত হন এবং অজীগর্ত্তের পুত্র শুনঃশেফকে বলি দিবেন, স্থির করেন। শুনঃশেফ বরুণের স্তব করিয়া মুক্তিলাভ করেন, রাজাও রোগমুক্ত হন। বিশ্বামিত্র শুনঃশেফকে পুত্ররূপে গ্রহণ করেন। পুরাণে বা ধর্ম্মমঙ্গলে হরিশ্চন্দ্রের উপাখ্যানের সহিত ইহার সাদৃশ্য নাই। ব্রাহ্মণের অরণ্যে পাঠ্য অংশ 'আরণ্যক'। ঐতরেয় আরণ্যক পাঁচভাগে বিভক্ত। দ্বিতীয় আরণ্যকের চতুর্থ হইতে ষষ্ঠ অধ্যায়কে 'ঐতরেয় উপনিষৎ' কহে।]

ঐতিহাসিক বিণ [ইতিহাস+ইক (ঠক্) 'তাহা হইতে আগত, তদবেত্তা, তদধ্যেতা' অর্থে ; স্ত্রী -কী] ১ ইতিহাস হইতে আগত ; ইতিহাসলব্ধ (বিষয়)। ২ ইতিহাসবিৎ, ইতিহাসপাঠক। —ক পুং ইতিহাসবিৎ পণ্ডিত।

ঐতিহ্য ক্লী [ইতিহ+য (ষ্যঞ্) স্বার্থে, পা ৫.৪.২৩] ইতিহ, অর্থাৎ পরম্পরাগত উপদেশ (প্রবাদ) ; যাহার নির্দ্দিষ্ট বক্তা নাই, তাদৃশ উপদেশ (প্রবাদ)। 'ঐতিহ্যমবিজ্ঞাতপ্রবক্তৃকং প্রবাদপারম্পর্য্যম্। [এই বটে যক্ষ বাস করে—বৃদ্ধেরা ইহা বলেন, ইহার কেহ নির্দ্দিষ্ট বক্তা নাই, অর্থাৎ কেহ ইহা দেখিয়া বলে নাই, লোকপরম্পরায় শুনা যায় মাত্র ; সুতরাং, ইহাতে সংশয় হয়। পৌরাণিকের মতে, ইহা অষ্টবিধ প্রমাণের একতম, কিন্তু সংশয় হেতু সাংখ্যমতে প্রমাণ নহে। তবে, ইহা আপ্তবাক্য হইলে, আগমরূপ প্রমাণ হয় (সাংখ্য ৫, তত্ত্বকৌমুদী)। "ঐতিহ্য যে সাধুপরম্পরা সেহ সার ভ.প্র. ২৭৭।]

ঐন্দব বিণ [ইন্দু+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -বী] ইন্দুসম্বন্ধী, চান্দ্র। "মহা ১৩.৬৯.১৭। ক.সা ৯.৪১। —ব পুং চান্দ্রমাস। —ব ক্লী ১ চান্দ্রায়ণ। "মনু ১১.১২৬। ২ ইন্দুদেবতাক মৃগশিরোনক্ষত্র। —বী স্ত্রী সোমরাজী ওষধি।

ঐন্দ্র বিণ [ইন্দ্র+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -ন্দ্রী] ১ ইন্দ্রসম্বন্ধী। "ঐন্দ্রং স্থানম্ মনু ৫.৯৩। পদমৈন্দ্রম্ রঘু ২.৫০। ২ মেঘবৃষ্ট, মেঘপতিত। "ঐন্দ্রমম্বু (বাভট)। —ন্দ্র পুং ১ 'ইন্দ্রসম্বন্ধী', অর্জ্জুন। ২ বালিবানর। —ন্দ্র ক্লী ১ ইন্দ্রদেবতাক জ্যেষ্ঠানক্ষত্র। ২ বনার্দ্রকা, বন আদা। —ন্দ্রী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'ইন্দ্রশক্তি', শচী। ২ 'যোগৈশ্বর্য্যশালী শিবের শক্তি' ; দুর্গা। ৩ পূর্ব্বদিক্। ৪ এলা। ৫ ইন্দ্রবারুণী, রাখালশসা। ৬ অলক্ষ্মী।

ঐন্দ্রজালিক বিণ [ইন্দ্রজাল+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] ইন্দ্রজালসম্বন্ধী, মায়ী। —ক পুং [+ইক তদ্দ্বারা ক্রীড়াকারক অর্থে, পা ৪.৪.২] ইন্দ্রজাল দ্বারা ক্রীড়াকারক ; মায়াবী, মায়াকারক, বাজিকর। "এ সংসারে প্রধান ঐন্দ্রজালিক স্নেহ ব.প্র ১০২।

ঐন্দ্রি পুং [ইন্দ্র+ই (ইঞ্) তদপত্যার্থে] ১ ইন্দ্রের অপত্য ; জয়ন্ত। "বীরেশ ঐন্দ্রি মহাবল।—হেম ২১০। ২ অর্জ্জুন। "মহা ৩.৩৮.১৩। ৩ বালী, বানর। ৪ ইন্দ্রপুত্র, কাক। "রঘু ১২.২২। দ্র 'রা ২.৯৫ (প্রক্ষিপ্ত সর্গ)।

ঐন্দ্রিয় বিণ [ইন্দ্রিয়+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -য়ী] ১ ইন্দ্রিয়-সম্বন্ধী, ইন্দ্রিয়প্রকাশ্য, প্রত্যক্ষ (জ্ঞান)। ২ জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াত্মক। "ঐন্দ্রিয়ং সর্গঃ ভ ৩.১০.১৬। —য় ক্লী [+অ সমূহার্থে] ইন্দ্রিয়বর্গ। "তামসমৈন্দ্রিয়ং সৃজে ভ ৫.১৭.২২ ; ২৩।

ঐন্দ্রিয়িক বিং [ইন্দ্রিয়+ইক (ঠক্)] ইন্দ্রিয়সম্বন্ধী, ইন্দ্রিয়পরায়ণ, কামাসক্ত। "ঐন্দ্রিয়িকেরা সর্ব্বলোকসুন্দরীর সমাগমেও সেরূপ তীব্র সুখ অনুভূত করিতে পারে না। অ.শী ২৫।

ঐমত 'তো' বিং [ঐ+মত] ঐরূপ, ঐপ্রকার, তাদৃশ।

ঐমনি ক্রি.বিং [অইমনি > ঐমনি] ১ ঐপ্রকারেই, পূর্ব্বোক্তভাবেই, তদ্রূপেই। "কাটিলে কদলী যেন পড়ে ডালে মূলে॥ ঐমনি পড়িল রাজা অজের কোঙরে।—কৃ.অ ১৯। স্বরমাত্র শুনি প্রেমে উন্মত্ত হইলা। বাহু ভুলি ঐমনি বিবস্ত্রে চলি গেলা।—ভ.গ্র ৫৮। ঐমনি বলিলা বেদব্যাস শি ৪৩। ২ সেই ভাবেই, তদ্গতমনেই, তন্ময়ভাবেই। "ঐমনি চলিয়া যায়, কেহ নাহি বাধে তায়, হরিজনে কেহ নাহি রোধে ভ.গ্র ১১০। —নি বিং ১ ঐপ্রকারই, তদ্রূপই। "আমিহ ঐমনি কুণ্ড করিব সত্বরে ভ.গ্র ৪৪৬। ২ সেই ভাবেই, অর্থাৎ তৎক্ষণেই, তখনই। "ঐমনি শিষ্যের সহ গেলা পলাইয়া ভ.গ্র ৬৪ ; (পাদোদক) বালকের মুখে দিতে বাঁচিল ঐমনি ২২৭। শ্রী.মা ২১ ; ১৬৬। ব.প ৩৮৭। পরশু পট্টিশ কার পেটে দিল পিটে। আঁত ধ'রে ঐমনি অবনী লুলে লুটে॥ —শি ৬৫।

ঐরাবণ পুং [ঐরাবত > ঐরাবণ, পৃষো (অ.টী)] ইন্দ্রহস্তী, ঐরাবত। 'ঐরাবণবারণ বা.ভা ১৫/৪। বিপুল তরঙ্গে ভাসাইয়া ঐরাবণে। —হেম ১৬৫।

ঐরাবত পুং [ইরাবৎ+অ (অণ্) 'তত্র জাত' অর্থে; তু 'ইরার'—গজ (দেশী ১.৮০)] **১** ইরাবানে, অর্থাৎ সমুদ্রে জাত; ইন্দ্রহস্তী। [ইহা সমুদ্রমন্থনে জাত চতুর্দ্দশ রত্নের একতম এবং পূর্ব্বদিকের দিগ্‌গজ।] "°কুলীন রা ১.৬.২৪। রঘু ১.৩৬। কু ১৯। **২** নাগবিশেষ। **৩** নাগরঙ্গবৃক্ষ, নারাঙ্গী গাছ। **৪** লকুচবৃক্ষ। —ত ক্লী ইরাবান্ অর্থাৎ মেঘ হইতে জাত; ঋজু দীর্ঘ ইন্দ্রধনুঃ (মেদিনী)। —তী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] **১** ঐরাবতের স্ত্রী; অভ্রমু। **২** বিদ্যুৎ। **৩** বিদ্যুদ্‌বিশেষ। **৪** পঞ্জাবদেশস্থ নদীভেদ; রাবী (Ravi)। **৫** বটপত্রী বৃক্ষ। **৬** উত্তরমার্গে পুনর্বসু পুষ্যা অশ্লেষা—এই নক্ষত্রগণের সংজ্ঞাবিশেষ; বীথী (শ.ক)। [°কুলীন (বিণ)—ঐরাবত-কুলজাত। °বক্ত্র (বি)—ঐরাবত-মুখ গণেশ। "ঐরাবতবক্ত্র-মাতঃ কৃপা কর মনে ম.পা ৬০।]

ঐরি,-রী বি [অরি > অইরি > ঐরি ('ই' আগম); cf., Av. aiti (ati); অথবা, 'বৈরী' > ঐরী] শত্রু। "অমর-ঐরি শ্রী.মা ৩, °ভাবে ১০৭; °পরশনে ১৪৩; ১৫৫; ১৬৬; °ভাব ১৮৪; গজ° ১৯৮, ২২৪। ঐরি হাসে চ.বি ২৪০; °বল ২৪৮; °নাশ ৩৪৪। ইন্দ্র-ঐরি দা ১১৭৪। সবসুর-ঐরী শ্রী.ম ২১। জানি প্রাণের ঐরি তুইরে প্রাণ —রাম বসু।

ঐল পুং [ইলা+অ (অণ্) তদপত্যার্থে] ইলার অপত্য; পুরূরবাঃ। "বা.ভা ২.২৩।

ঐশ বিণ [ঈশ+অ (অণ্); স্ত্রী -শী] **১** ঈশসম্বন্ধী, দৈব, দিব্য, ঐশ্বরিক। **২** শিবসম্বন্ধী, শৈব। "তেজঃ···ঐশম্ রঘু ২.৭৫। ধনুরৈশম্ ভ ৯.১০.৬। **৩** প্রভুসম্বন্ধী, রাজোচিত।

ঐশান বিণ [ঈশান+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -নী] **১** ঈশানসম্বন্ধী, শৈব। **২** ঈশানাধিষ্ঠিত (দিক্)। "বিক্র ১৬/৪। —নী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] **১** ঈশানাধিষ্ঠিত দিক্; পূর্ব্বোত্তরা, ঈশানকোণ। "ঐশান্যে থাকিয়া দেখে মহাবলবন্ত অ.প ১১৫। **২** 'ঈশানশক্তি', দুর্গা। "ভা.চ ৪২৮। [ঐশান্যে (ঐশানী+এ°)—ঐশানী দিকে; ঈশানকোণে।]

ঐশিক বিণ [ঈশ+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] **১** ঈশসম্বন্ধী, শৈব। **২** (বাঙলায়) ঐশ্বরিক, ঈশ্বরকৃত। "ঐশিক নিয়ম বিচিত্র মনুষ্যের বুদ্ধির অতীত ব প্র ২০৭।

ঐশ্বর বিণ [ঈশ্বর+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -রী] **১** ঈশ্বরসম্বন্ধী, ঐশ্বরিক, দৈব। "ক.সা ৫.১০৩। **২** শিবসম্বন্ধী, শৈব (ধনুঃ)। "রঘু ১১.৭৬। **৩** বিষ্ণুসম্বন্ধী, বৈষ্ণব (তেজ)। "ভ ৭.১০.১৫। **৪** স্বর্গীয়, দিব্য। "ঐশ্বরং সমগাৎ পদম্ ভ ৪.৩১.২৭। **৫** ঈশ্বরপ্রতিপাদক (শাস্ত্র)। "ভ ৬.৫.১৮। **৬** প্রভুসম্বন্ধী, রাজোচিত। **৭** বৈষ্ণব, বিশ্বাত্মক, মায়াময়, অদ্ভুত। "গী ১১.৩; ৯। **৮** ঈশ্বরসম্বন্ধী, অসাধারণ। "গী ৯.৫; ১১.৮। —র ক্লী [+অ তদ্ভাবার্থে] ঈশ্বরভাব, প্রভুত্ব। —রী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] 'শিবশক্তি', দুর্গা।

ঐশ্বরিক বিণ [ঈশ্বর+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] ঈশ্বরসম্বন্ধী, দৈব, ঐশ্বর।

ঐশ্বর্য্য ক্লী [ঈশ্বর+য (ষ্যঞ্) 'তৎকর্ম্ম, তদ্ভাব' অর্থে] **১** ঈশ্বরের কর্ম্ম বা ভাব; ঈশ্বরত্ব, দেবত্ব, ঈশ্বরধর্ম্ম, বিভূতি। "নানা ছলে ঐশ্বর্য্য দেখায় চৈ.চ ৫৪; ভগবান্ সর্ব্বৈশ্বর্য্যময় ৬৩; ১২৬; ১৪৪; ১৫৮; নিজৈশ্বর্য্যমাধুরী ২২১। কথন লৌকিক লীলা কথন ঐশ্বর্য্য চৈ ১৪। মহা ঐশ্বর্য্য-প্রকাশ ব.প ৪০৬। ভ.গ্র ৩৩৬। ইনি···সকল-ঐশ্বর্য্যশালিনী।—ব.দ্বি ৯৯। **২** প্রভুত্ব, স্বামিত্ব, আধিপত্য। "ঐশ্বর্য্যং চাপি লোকানাম্।—রা ২.৩১.৫। ভোগৈশ্বর্য্যগতি গী ২.৪৩; ৪৪। নিশাচরৈশ্বর্য্য রঘু ১২.৬৯। ধনৈশ্বর্য্য মনু ৭.৪২। **৩** ঈশ্বরের অণিমাদি অষ্ট শক্তি বা সিদ্ধি। দ্র 'সিদ্ধি'। **৪** সম্পত্তি, ধনসমৃদ্ধি, সম্পদ্। "°সুখ কু.স ৫.৪১। °মুদ্রা ১.১৪। কুবের সদৃশ তার ঐশ্বর্য্য বিভূতি ম ১০৭০। **৫** নিয়ন্তৃত্ব। **৬** ভগবানের ঐশ্বর্য্যাদি ষড়্‌গুণ। দ্র 'ভগবান্'। "ষড়ৈশ্বর্য্যপূর্ণ লক্ষ্মীকান্ত ভগবান্ চৈ.চ ৫। **৭** লোকোত্তর শক্তি; অলৌকিক প্রভাব। **৮** রাজ্য, বিষয়, রাষ্ট্র। "ঐশ্বর্য্যাৎ প্রচ্যুতঃ মহা ৩.৬১.১৮; ৬৯.১৬। **৯** ভোজনাচ্ছাদন, অন্নবস্ত্র। "পুত্র° মনু ৬.৯৫।

ঐষিক বি সর্থ 'ঐষীক' (১)। "কৃ ২৫৩।

ঐষীক বিণ [ইষীকা+অ (অণ্) তদ্বিকারার্থে; স্ত্রী -কী] ইষীকাবিকার, ইষীকানির্ম্মিত। —ক ক্লী **১** অস্ত্রবিশেষ। "মহা ১.১.২১৩। রা ১.৫৬.৬। **২** মহাভারতের সৌপ্তিকপর্ব্বের অন্তর্গত পর্ব্ববিশেষ (১০-১৮শ অধ্যায়)। "°পর্ব্ব।

ঐসন বিং [ঐ+সন; মৈ ঐসন (সম > মৈ সন); বৈষ্ণবসাহিত্যে] ঐসম, ঐপ্রকার, তাদৃশ, তদ্রূপ। "ঐসন না হেরি আন বি.সা ১৭২; ২৭২; ঐসন করজ করব জব হাত। তবহু তুয় সঞে সময়ক বাত॥ —৩২২। —ন ক্রি.বিং **১** ঐরূপে, ঐপ্রকারে। "ঐসন সকল শোহে বি.সা ৩৫২। মুকুতা জৈসন, সোহত ঐসন বি সু ৬১। **২** ঐ বেশে, ঐ সাজে। "ঐসন মিলল কুঞ্জক মাঝ। হেরি ন চিহ্নই নাগর-রাজ বি.সা ১৯০। —সে দ্র 'ঐছে'। [ঐসনি—তাদৃশী। "সুন্দরী ঐসনি ভেলহি বি.সা ৪৪৪।]

ঐহলৌকিক বিণ [ইহলোক+ইক (ঠক্) পা ৭.৩.২০; স্ত্রী -কী] ইহলোকভব, ইহলোকস্থিত, ঐহিক। বিপ 'পারলৌকিক'। "মহা ৩.১৮৩.৬০, ১৮৮.৪৮; ১৪.৩৭.১৭।

ঐহিক বিণ [ইহ+ইক (ঠক্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -কী] **১** ইহভব, ইহলোকস্থ, পার্থিব। বিপ 'আমুষ্মিক, পারত্রিক'। "ঐহিকার্থ ভ ৫.১৪.৩২; ১৯.১৪। তাহা জানে সুনির্ম্মল বুদ্ধিমন্ত যারা। ঐহিক-আদিক-ফল কর্ম্ম তেজে তারা॥—শ্রী.ম ২৬৩। ঐহিক সুখে ভা.চ ৪২৮। **২** গৃহীতশরীরসম্বন্ধী (ত.বা)।

ও

ও[১] ত্রয়োদশ স্বরবর্ণ। [ইহার উচ্চারণস্থান হনুদ্বয় ও উত্তরোষ্ঠ এবং করণ অধরোষ্ঠ, অর্থাৎ 'ও'-কার উচ্চারণ করিতে হইলে, হনুদ্বয় অতিবিশ্লিষ্ট বা অতিবিবৃত হইবে না এবং ওষ্ঠদ্বয় উপসংশ্লিষ্ট হইবে (তৈ ২.১৩; ১৪)। পাণিনিমতে 'ও'-কার এবং 'ঔ'-কারের উচ্চারণস্থান কণ্ঠতালু (পা ১.১.৯), শিক্ষাগ্রন্থেও ঐরূপ (ওও কণ্ঠৌষ্ঠজৌ স্মৃতৌ)। 'ও'-কার সন্ধ্যক্ষর, অর্থাৎ কণ্ঠ্য 'অ'-'আ'-কারের সহিত ওষ্ঠ্য উ-ঊ বর্ণের সন্ধিতে 'ও'-কার; সুতরাং, ইহা কণ্ঠৌষ্ঠ্য ও দীর্ঘ স্বর। বেদে উদাত্তাদি স্বর এবং দীর্ঘপ্লুত সানুনাসিক ও নিরনুনাসিক উচ্চারণ ভেদে 'ও'-কার দ্বাদশবিধ। সংস্কৃতের উদাত্তাদির অভাবে, দীর্ঘাদি ভেদে 'ও'-কার চতুর্ব্বিধ। বাঙলায় 'ও'-কার, অন্যান্য দীর্ঘ স্বরের ন্যায় নামমাত্রে দীর্ঘ, উচ্চারণে হ্রস্ব। 'ও'-কারের কণ্ঠৌষ্ঠ্য উচ্চারণ হেতু, প্রাচীন বাঙলায় 'মোঙ্গলা' (মঙ্গলা) প্রভৃতির আদ্য 'অ'-কারস্থানে 'ও'-কার দেখা যায়; কথ্য ভাষায় এরূপ 'ও'-কার লিখিত না হইলেও, 'অ'-কার 'ও'-কারবৎ উচ্চারিত হয় (দ্র 'অ'[১])]

ও[২] সর্ব্ব, বিং [সং অসৌ, সঃ > প্রা ও (পৈ); তু 'প্রা ওই (অমী); ও (নির্দ্দেশে, সংক্ষিপ্তসার—প্রাকৃতপাদ); কা—ও, উ—তিনি, সে; হি বহ, উ; প উহ, ওহ; মৈ উ, ঊ, ও; হ (কোচবিহার); ব্রজ, কুমাওনী—বো; নেপালী—উ, উ; ভোজপুরী—উ, ও; মাগধী—উ

(G.H.)] **১** নাতিদূরস্থ, সম্মুখস্থ, নিকটবর্ত্তী (ব্যক্তি, বস্তু)। "ও ব্রাহ্মণ (.পড়িলা…আছাড় খাইয়া) চৈ.ভা ১২৬ ; ও দুই লাগিয়া ২৬৫। ও চান্দবদন চ.বি ২২৬। ও রস্থ।—গো ২৩২। ও মাগী যে জেতে চাঁড়াল : ও কয়টা ভাত খাইয়া উঠিও ব.প্র ২৬। **২** পূর্ব্বোক্ত। "আর ও কথা মুখে আনিও না, ও কথা শুনিলে…লজ্জিত হই।—সী ৬। **৩** অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বা পরবর্ত্তী (দিন, মাস)। "ও শনিবারে বাড়ী গিয়েছিলাম, এ শনিবাবে যাব না। এ রবিবারে যেতে পারব না, ও রবিবারে যাব। **৪** সম্মুখবর্ত্তী অন্য (ব্যক্তি, বস্তু)। "একূল ওকূল দুকূলই ভাঙছে। **৫** বুদ্ধিস্থ বস্তুনির্দ্দেশ। "ও রাঙ্গাচরণ চ.বি ৪। —সর্ব্ব **১** দূরস্থ, নিকটস্থ, সম্মুখস্থ ব্যক্তি বস্তু ও বিষয় ; উহা। "ও মুকি করতহি দেহা বি.প ১৯। আমি ক্ষত্রি, ও হয় ব্রাহ্মণ ম ১৯২। রা.স ৩১। সখি! ও কেন রাখাল সাজে, ওরে কি রাখাল সাজে?—দা ২৩২। ও নহে আকাশ নীল নীরনিধি হয়। ও নহে তারকাবলী নবফেনচয়॥—প.তৃ। ও আবার খাও যে? কথা কহিয়া আবার খাও? —ব.প্র ২৬। **২** সে, সেই। "মাধব ও নবনাগরী বালা। তুহ বিছুরলি৹ বিহিক ডারলি৹ ভেলি নিমালিক মালা বি.প ২০১। দা ১১৯৯। [ও-ও—উহাও, তাহাও, সেও। "ওই উষা—ও-ও ছায়া!—গি.দ্বি ১১৫। সদাচারে এও হয়, ও-ও হয়।—অক্ষয়কুমার সরকার। ওক—ওকে, উহাকে। "গো.চ ২৩৯, টীকা। ও কি!—বিস্ময়ে। ওনা—ওই, ওযে, উনিই (অবধারণে)। "গোকুলনাগর ও-না ন.প ২৯০। মো পুন ঠেকিনু ও-না ফান্দে প.র ২৭ ; মদনফান্দ ও-না চূড়ার টালনি গো : মধুর মধুর ও-না বোল ৩৩। কে না বুঝে ও-না রঙ্গ ন.প ৩০৭। ও-না রূপ—ওই অলৌকিক রূপ। "নদীয়ার মাঝারে ও-না রূপ ন.প ২৮৯। ওয়ার[১], ওর (মৈ ওকর)—উহার। "ওয়ার ভাইকে গো.চ ১৫। ওরি—উহারই। "দা ২৩৬। ওযে—ওই, ও-সেই। "ওযে কমলে কামিনী পরাৎপরা।—দা ২৩৬। ওয়ারা—উহারা। "ব.প ১৮৪। ওরে—উহাকে ; উহার পক্ষে। দ্র 'ও' সর্ব্ব (১)।]

ও[৩] অব্য [সং ভোঃ > প্রা হো (সংক্ষিপ্তসার, প্রাকৃতপাদ) > বা ও] **১** সম্বোধনে, আহ্বানে। "ও ঠাকুর, ও ঠাকুর, দৈবক চূড়ামণি ব.প ৫৮। ও মা, ও মা, বলি উমা কথা কন ছলে ভা.চ ৫৯ ; ও মা উমা ৮১। ও তুই মুখ ফুটে তোর মনের কথা একলা বল রে।—গান ২৩৪। বলি ও রসিকরাজ! ও রসরাজ! ও রসমাণিক!—ব.প্র ২৬ ; ও পি—ও পিপি—ও প্রফুল্ল—ও পোড়ামুখী!—৩৩৯। **২** অনুকম্পায়, স্নেহে। "ও, মরে যাই! বাছা আমার! বড় লেগেছে! **৩** স্মরণে। "হরি ও রাম রাম, হরি ও রাম রাম। 'হরি' বলি নাচয়ে সকল ভাগ্যবান্॥—চৈ.ভা ৩২৮। **৪** [প্রা ও (হে ২.২০৩ ; প্রা.স ৮.৫)। পশ্চাত্তাপে, অনুতাপে। "ও! এত পরিশ্রম ব্যর্থ হ'ল। **৫** বিস্ময়ে। "ও!—তুমি স্বাধীন? তবে আর কি আমার ঘাড়ে চড়।—মন্ত্র ৪২। ও সর্ব্বনাশ! সর্ব্বৈব মিথ্যা! **৬** বিস্মৃতবিষয়ের হঠাৎ স্মরণে। "ও! এইবার মনে হয়েছে! **৭** আদরে, বাৎসল্যে। "ও আমার জাদু! ও আমার গোপাল! **৮** কোপে। "ও!—চুপ! আবার আমার মুখের উপর উত্তর! **৯** [ঠ 'ও'] ডাকের উত্তর (answer to a call)। [ও হরি! —বিস্ময়সূচক।]

ও[৪] অব্য [সং চ > প্রা অ (হে ; পৈ), হি অউ, ঔ—সখ্য বাৎসল্য ও শৃঙ্গার (ভ.গ্র ৩) ; ফা 'ও'—আব ও হবা ; মৈ—ওঁ ; দ্র 'উ[৫] ; হো (চ)] **১** 'সমুচ্চয়ে, সংযোজনে, এবং' অর্থে। "সীতা কহিলেন, নাথ! আপনিও সঙ্গে যাবেন সী ১৪ ; আপনি চিরানুকূল ও স্থিরপ্রসাদ ১৫। **২** এমন কি, অধিক কি। "ভাগবতপুস্তকো থাকয়ে যার ঘরে। কোন অমঙ্গল নাহি যায় তথাকারে॥—চৈ.ভা ৪২২ ; কোটিচন্দ্রো সে মুখের না করি সমান ৪২২ ; ৪৮৮। মা একটা কথাও কইলেন না প.ম ৩৫। **৩** সম্ভাবনা। "যদি কেহো হেন কহে, গ্রন্থ হৈল শ্লোকময়, ইতর জন নারিবে বুঝিতে চৈ.চ ৮২। আমারো নৃত্যসুখ ভঙ্গ করিবারে। আহার্য্যে মাৎসর্য্যে কোনো জন শক্তি ধরে॥—চৈ.ভা ১২৬। **৪** ই (অবধারণে)। "কারো পুষ্করিণীর জল কেহ না খায় ব.প ২৯। তোমার অসীমে …কোথাও দুঃখ কোথাও মৃত্যু কোথাও বিচ্ছেদ নাই।—রবীন্দ্র। **৫** 'বিশেষ' অর্থে। "অভয়া হইয়া কিবা ভয় কারো পেলে দু ৭২। অবচয়ি ফুলচয় চলিছে মালিনী৹ কোথাও…কোথাও বা দধি দুগ্ধ ভারে৹ লইয়া ধাইছে ভারী মে ১৯৪। **৬** তদ্বিষয়ের অবধারণে ও তদিতর বিষয়ের নিষেধে। "প্রভু তোমা লাগি আঁখি জাগে। দেখা নাই পাই, পথ চাই, সেও ভাল লাগে।—রবীন্দ্র। **৭** পক্ষান্তরে, অন্যদিকে। "শ্রীগৌরসুন্দরো সব পারিষদ সনে। বড় সুখী হইলেন সেই পুণ্য-দিনে॥—চৈ.ভা ৪৪১। কুসীও ভয়ানক ক্রুদ্ধ হইয়া জবাব দিল প.ম ৩৫। **৮** এমন কি ; পর্য্যন্ত, মাত্র। "বালকটী পিতামাতার নিকটে আসকারা পাইয়া পাঠশালায় যাইবার নামও করিত না আ.দু ৩। **৯** তদ্ভিন্ন, তা-ছাড়া (in addition)। "আমি যাচ্ছি, এরা যাচ্ছে, তুমিও চল, তা হ'লে বেশ হবে। **১০** পর্য্যন্ত, অবধি। "এখনও দেখ৹ রুদ্ধ দ্বার মে ১৯৮। [কাকেহো, কাকো—কোন জনকেও। দ্র 'কা[২]]

ও[৫] ক্রি.ক্তি [সং ত (লোট্, মধ্যম পুরুষ বহুব) > প্রা হ > বা (হো) ও] **১** কর্তৃবাচ্যে অনুজ্ঞায় মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "বাহিরাও।—ম ৬০৯। জাও গ ২২ ; দেও ১৪২। নেও ম.ম ৬০ ; আও (আসহ) ১২৪। দেও গো.বি ১৮৯। উদ্ধারো আমারে চৈ.ভা ১৩৩ ; খাও পিও আনো নেহ দেহ হরিধ্বনি ৪৪১। স্নান করোসিয়া ন.প ১০৪। গায়ো (গাইও) বাজায়ো, নাচায়ো, শিখায়ো ভা চ ৪৪০ ; ৪৪১। **২** [ওঁ > ও, দ্র ওঁ[৩] ; অপ্র] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "আছো (আছি), আগো, করো, কহো (শ্রী.কী)। বন্দো অ.প ৩ ; জানো ১৭ ; দেখো, করো, সেবো ১৩৫। ছাড়ো কৃ.উ ১৬৭। নিস্তারো গ ১০৩ ; পারো ১৫৯ ; নেও ১৭৪। দেও ম.ম ৬১। বলো ব.প ৩১ ; করো, তোলো, পারো ৫৬০ ; বন্দো ৬২৮। বোলো ম.বি ২৩২। মানো ভ.গ্র ২৫৩। মরো মরো প.র ৩৪। **৩** অতীত কালের ক্রিয়ার উত্তর বিহিত উত্তম পুরুষের বিভক্তি। "আইলো (আসিলাম), বুইলো (শ্রী.কী)। **৪** [ওই[২] > ও ; অপ্র] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "নির্লজ্জনয়নে মুখ নেহালে শেষে ঘুচাও (ঘুচায়) অন্তস্পষ্ট ম.ম ২৭। কোথায় নিল কুন্তল না পাও (পায়) উদ্দেশ ৩১। **৫** [ইঅ > ইও > ও] ভবিষ্যতে করণীয় ক্রিয়ার অনুজ্ঞাসাধন মধ্যম পুরুষের বিভক্তি। "থেকো, দেখো, দিয়ো।

ও[৬] প্র [উয়া[১] > ও] **১** তৎসম্বন্ধী, তজ্জাত। "এখো (ইক্ষুজাত) রস, গুড়, গাটালি। **২** তদ্‌যোগ্য। "খেলো (জিনিশ)। **৩** সর্থ 'উয়া[২]। "এঁধো, কুঠো, ক্ষতো, খসো, জলো, বেতো, কফো, মেঠো, হেটো, ক'ষো, টকো, গেছো, নেটো, বেটো ইত্যাদি। **৪** তৎপ্রিয়। "কুণো (কোণপ্রিয়), ঘরো। **৫** তদ্‌যুক্ত। "ভুঁড়ো।

ও[৭] **১** (অপ্র) 'অ'-কারস্থানে উচ্চারণমূলক 'ও'-কার। দ্র 'অ'। (আদ্য 'অ'-কারস্থানে) পোণ শ্রী.কী। মোঙ্গলা, মোহামায়া মী ৬। মোহারাজা গো.বি ৯০ ; মোহারস ৯৮ ; মোহাদেব ১১১। পোরে (পরিয়া), চোড়ে (চড়িয়া) শ্রী.মা ৪১ ; কোরে ৪৮। বোনর (বনের) ব.প ৪৯ ; গোণ্ডা ৫১ ; কোড়াক্কর (কড়ার) ৬৩ ; বোইলে (বলিল), বোলি (বলিয়া) ৯০ ; বোউ ৩৮৫ ; চোটুই (চড়ুই), কোণা (কণা) ৮৪৩। বোনবাস গো.চ ২৪০। (মধ্য ও অন্ত্য 'অ'-কারস্থানে) "সাতোভাই (পোথী), কুক্কুটো, বকো ব.প ৮৬ ; কমোট (কমঠ) ৫৫৯ ; মোহোর (মোহর) ৬২৮। মোহোন গো.বি ৭৯। কতো কৃ.অ ১৭ ; কথো ২৭। কথোক চৈ.ম ৫৩ ; কথো ৫৪। কেহো কেহো ন.প ৩৫৫। বুড়ো, খুড়ো ইত্যাদি। তু 'সং কফ(ফো)ণি, অপ(পো)গণ্ড ; জি পুরিসো,

উসভো ; প্রা পুরিসো, বসহো। ২ সম্প্রসারণে 'ব'এর 'উ'-স্থানে 'ও'-কার। "সোয়াথ (স্বাস্থ্য)। সোয়ামী, সোয়াদ। তু 'লি সোন্ন (স্বর্ণ), সোথি (স্বস্তি), সুপিন (স্বপ্ন)। ৩ কবির গানে বা গানের সুরের দীর্ঘতার নিমিত্ত 'অ'-স্থানে 'ও'-কার। "জগতো সংসারো, ভুলাইতে পারো, তোমারো বঙ্কিম নয়নে লু.র ৩৭ ; ওহে লক্ষ্য কুবুজারো, রূপেরো ভাণ্ডারো, শ্রীমতি রাধারো চরণে। ৩৮। করিলে শ্রবণো, হয় দিব্য জ্ঞানো, হেন প্রেমধনো, উপজে কোথা বা.প্র ১৯৫ ; নবীনো পিরীতো, না হইতে নাথো, অঙ্কুরে আঘাতো, করিল ১৯৯। ৪ নামের শেষে 'উ'-স্থানে 'ও'-কার (অবজ্ঞাদিসূচক)। "দূরের জামাই 'মধুসূদন', ঘরের জামাই মধো। ভাত খাওসে 'মধুসূদন', ভাত খেসে রে 'মধো'॥

ওআ(য়া)ড় বি [ওহাটুনী—পিধারী (দেশী ১.১৫৫ ; ১৬১) ; হি হাওর —পর্দ্দা, আবরণ ; আবরা (দিনাজপুর), অড় (চব্বিশপরগণা) ; তা উরৈ] লেপ কাঁথা বালিশ ইত্যাদির আবরণ। "বালিশের ওয়াড় হু ৩১। ওয়াড়গুলিন জা ৪১।

ওআ(য়া)দা বি [আ রঅাদহ্] প্রতিজ্ঞাপূর্ব্বক কৃত সময় · নির্দ্ধারিত কাল। "শোধের ওআদা মাহা পোষে শোধ সমেৎ বিবাক টাকা পরিশোধ করিব E.P. 109. [ওয়াদা খেলাপ হওয়া—সত্যভঙ্গ বা সময় উত্তীর্ণ হওয়া।]

ওই[১] সর্ব্ব, বিং [সং অদস্ > অপভ্রংশ -প্রা ওই (হে ৪.৩৬৪) ; তু 'অই[১]'] ১ সম্মুখস্থ, নাতিদূরস্থ, দূরস্থ (বস্তু-প্রভৃতি)। "লক্ষ দিব থাকি ওই গিরির উপরে কৃ ১৯৭। এ বাপ, ও বাপ, ওই বাপ আর ন ১১২৪। ওই বিরাট জঠরে : ওই তব কলতান চ.কা ১১৩। মথুরায় উপবন কুসুমে সাজিল ওই।—গান ১০২। ২ বুদ্ধিস্থ (ব্যক্তি, বস্তু)। "অহল্যা।—তুমি কোথায় থাক? রাখাল।—ওই গয়লাদের গরু চড়াই—আর থাকি গি.দ্বি ১৩২। ৩ পূর্ব্বোক্ত, ঠিক সে, সেই। "ওয়া ওয়া শব্দ করে জন্ম মাত্র নরে। ওই মত শক্তি নাই শব্দ করিবারে॥—ম.পা ৬০। ওই শোকের কারণে ক.চ ১৯। অবিকল ওই কথা।—ম্যাক্‌বেথ। —ই সর্ব্ব ১ সম্মুখস্থ বা দূরস্থ ব্যক্তি, বস্তু। "নায়ে চঢাওল ওই।—গো ৬৭। ওই-না গোকুলচন্দ্র ন.প ২৯১। ২ বুদ্ধিস্থ ব্যক্তি, বস্তু। "তুহু ত্বরিতে আওলি, লখিতে নারিল। ওই ওই করি কান্দে বি.প ৫৪। ওই যে বালক ধ্রুব।—রবীন্দ্র। ৩ ঠিক সে; সেই। "ঐ যে নাগের পরে, ওই গাইয়াছে মোরে ম.ম ১০৭। ৪ দূর-শ্রুত ধ্বনি। "ওই ওই শুন, কিবা বাজে তান চ.দা ৬৬। প.র ৫২। —ই ক্রি.বিং ১ পূর্ব্বক্ষণে, পূর্ব্বে, প্রথমে। "অহল্যা।—তুমি কেন এসেচ? রাখাল।—ওই যে বললুম, তোমাদের জিজ্ঞাসা কত্তে, বৃন্দাবনে যাবে?—গি.দ্বি ১৩২। ২ অদূরে, সম্মুখভাগে ; ঐ আগে। "কেহ বলে ওই এল শিব বুড়া ভা চ ১১১। [ওই ওই রে! ওই গো—ভয়ে, ভয়প্রদর্শনে। ওই যা!—বিস্মরণে বা বিস্মৃত বিষয়ের হঠাৎ স্মরণে। "ওই যা! আঁকিলাম কি আঁকিতে কি!—ন ১০৮০। ওই না—ঐই, উহাই। "দ্র 'ওই' সর্ব্ব (১)।]

ওই[২] ক্রি.ক্তি [অই[২] > °ই ; বৈষ্ণবসাহিত্যে] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "কোকিল পঞ্চম গাওই রে : পিয়া নিজ দেশ না আওই রে বি.প ১৬৯। বাওই রণ বাজন দ্বিজকুল ব ১০০ ; তরুপর কোকিল, পঞ্চম গাওই ১৮৫। বেণু বাওই মন্দ জ ১০। [গাওই (সং গায়তি)—গায়। বাওই (সং বাদয়তি) —বাজায়।]

ওএ অব্য [ও[২]+এ[৩] ; অপ্র] সম্বোধনে, ওহে, অয়ে। "চল যাই ওএ সখি রসবৃন্দাবনে ম.পা ৯৭।

ওঃ অব্য [দ্র 'ও[৩]' ; হি ওহ ; মৈ হো ; গু ওঃ ; E. O! Oh!] ১ আশ্চর্য্যে, বিস্ময়ে। "ওঃ! তাই কেন ভেঙ্গে বল না; অত ঘুরিয়ে নাক দেখাচ্ছ কেন?—অ.গ্র ১০৭। ২ মর্ম্মবেদনায়, মনোব্যথায়। "ঝণ ঝণ ঝণ। ওঃ কি জ্বালা!—অ.গ্র ২৬। ৩ অনুতাপে। "ওঃ! কি কুকর্ম্মই করেছি! ৪ শোকে। "বাছাকে আমার…ওঃ -ওঃ -ওঃ! বুক ফেটে যায়, আর বলতে পারিনি অ.গ্র ৪৪। ৫ কোপে। "ওঃ! কি স্পর্দ্ধা!—ছোট মুখে বড় কথা! ৬ দুঃখে, বিষাদে। ৭ অবজ্ঞায়, অনাদরে। "ওঃ! সে আবার মানুষ, তারে আবার ভয়! ৮ ভয়ে। "ওঃ! সাপ!—সাপ! সর!—সর! ৯ স্মরণে। "ওঃ! সবই বল্লাম, ঐটিই ভুলেছি।

ওঁ[১] সর্ব্ব [ও > ও[৩] (সম্ভ্রমে) ; দ্র 'উনি'] ১ উনি। "ওঁয়ার ভাগে গো.চ ১৩৪। দীনতারিণী নাম ওঁর দা ১৩৭৪। কাল ওঁর নাম।—হেম ১১৯। সব ওঁয়াদেরই স্বামী।—মন্ত্র ৫। ২ স্বামীর বা স্ত্রীর পরিবর্ত্তে। "আমি কি ওঁকে পায়ে হাত দিতে, দিতে পারি? উনি হলেন আমার পতিদেবতা।—ব.দ্বি ৪২৫। ওঁরা যখন ঠাকুরপোকে চিঠি লিখ্‌বেন নী ১৭। ওঁর গহনা অ.গ্র ৪। তাঁরা ওঁয়ার রসিকতায় ভুলে দড়োদড়ি ওঁয়ার বৈটকখানায় আসতে চাচ্চে ন.ত ৩২। ৩ অন্য, অপর। "নীরবে এ ওঁর পানে লাগিল চাহিতে।—মা ১৫০।

ওঁ[২] অব্য [সং ওম্ ; হি ওং ; কোন কোন আচার্য্যের মতে 'ওম্'এর 'ও'-কার অর্দ্ধতৃতীয়মাত্র, অর্থাৎ আড়াইমাত্রাবিশিষ্ট (তৈ ১৮.১) ; তৈত্তিরীয়প্রাতিশাখ্যের ও পাণিনির মতে (৮.২.৮৭), প্রণব ত্রিমাত্র, অর্থাৎ 'ও'-কার প্লুত (ও৩ম্)। দেবীভাগবতে (৫.১.২২-২৩) অর্দ্ধ-তৃতীয়মাত্র প্রণবের বর্ণনা এইরূপ—"অকারো ভগবান্ ব্রহ্মাপ্যুকারঃ স্যাদ্ধরিঃ স্বয়ম্। মকারো ভগবান্ রুদ্রোঽপার্দ্ধমাত্রা (৺) মহেশ্বরী॥ এতদনুসারে 'ওঁম্' অর্দ্ধতৃতীয়মাত্র,—'ও'-কার দ্বিমাত্র, '৺' অর্দ্ধমাত্র। বাঙলায়, প্রণব ' ' এইরূপে লিখিত হয়, কিন্তু উহা 'ওম্' বা 'ওঁম্' হওয়া উচিত ; সুতরাং, 'ওঙ্কার' বা 'ওঁঙ্কার' সাধু 'ওঁকার' নহে—"ওঁম্‌কারো মদনদ্বিজস্য (চান্দ্রী কলা রাজতে) সু.র।] প্রণব, ওঙ্কার। "পবিত্র ভাস্কর ওঁ ন ৭৬১।

ওঁ[৩] ক্রি.ক্তি [সং মি (লট্ -মিপ্)—√কৃ+মি > করোমি > প্রা করউং (হে), লি করোম (Childers) > উং ওম (ক্রি.ক্তি) > বা করোঁ, করোম > বা ওঁ, ওম (ক্রি.ক্তি) ; ওঁ > ও, (দ্র 'ও[৫]'), ওহোঁ (ইলোহোঁ) ; ওম > (দ্র 'ওম[৩]') ওঙ, অম, উম ; অম (দ্র 'অম[২]') > অঁ (বন্দ) > অ (অব[৪]) ; উম (দ্র 'ইলুম') > (উঙ) উঁ (দ্র 'উঁ[২]'), উ (দ্র 'ইছ'), ঙ (দ্র 'ঙ[৩]') ; তু 'হি হুঁ ; মৈ হউ ; ব্রজ—হোং ; নেপালী—হুং (G.H.) ; হাঁউ অচ্ছিলেঁ (চ ৫৪) ; করোঁ, -রৌ (C.G. § 78) ; করউঁ (তুলসীদাস)] ১ কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি।। "গাওঁ (গান করি), জনিওঁ, জীওঁ, দেওঁ, দেখাওঁ, পইসওঁ, বুঝাওঁ, বুলাওঁ, যাওঁ, লওঁ (শ্রী.কী)। করোঁ গ ১১৯ ; মাগোঁ ১৩০ ; পারোঁ ১৫৯। আসোঁ গো.চ ১৮, টাকা ; ফ্যালাওঁ ৬৮ ; কওঁ চাওঁ ৭১ ; পাওঁ চরাওঁ ২৯৯। করোঁ কৃ.উ ২৩। কওঁ (কহি) ব.প ৩০ ; দেখোঁ জানোঁ ১৩২৯। বন্দোঁ ক.চ ১ ; জ ৪। সহোঁ শ্রী.ম ২৮৪। বাসোঁ ম.বি ১৭৩। বান্ধোঁ চ.বি ৭ ; ডাকোঁ ২৪২। ভজোঁ মরোঁ তরোঁ চৈ.ভা ৪৩৭। নাচোঁ চৈ.চ ৪১ ; নহোঁ ২৮১। কহোঁ বি.সু ৯। ২ কর্ত্তৃবাচ্যে বর্ত্তমানভিন্ন কালে উত্তমপুরুষসূচক বিভক্তি। "জীলোঁ (বাঁচিলাম), দিবওঁ দিবোঁ (শ্রী.কী)। আনছোঁ (আনিয়াছি) গো.চ ২২। দেওঁ (দিব) ব.প ৬৫ ; মরোঁ ৬৮। ছিলোঁ চ.বি ১৮। খাবোঁ কৃ.উ ২৩ ; রহোঁ (রহিব) ৬২। বলিয়াছোঁ চৈ.ভা ১৭৭ ; মরোঁ ২৭২। আইলোঁ চৈ.চ ২৮১ ; দেখিছোঁ (দেখিয়াছি), বাইছোঁ ৩৪৫। [তু 'মাগএো (ওঁ > এো) বি.সা ২৬৭ ; ঝাখএো, রোএো ২৬৮। কঁওঁ গো.চ ৬২। খাঁওঁ ব.প ৬৭। দেক্তো (ওঁ > ভো) ম.বি ১৮২। হভো (চৈ.ম)]।

ওঁকার, ওঙ্কার বি [ওঁ³, ওঁম্+কার] 'ওঁ' বা 'ওঁম্' এই শব্দ ; প্রণব। "ওঁকার পুরিয়া শিব করিলা আলাপ গ ১০ ; পঞ্চ ওঁকার ১১ ; ওঁকারপূর্ব্বক ১০৩। ধম্মর ওঙ্কার ব.প ১১১। দ্র 'ওঙ্কার'।

ওঁচলা বি [সং 'উচ্চলিত'—মূল ; তু 'ইঞ্চলা'—ওঁচলা, শিটে (শ্রী.কী)] ১ ঝাড়িয়া ফেলা শস্যের অসার অংশ ; আগড়া। ২ আবর্জ্জনা, জঞ্জাল। "সোনা দানা দুধের বাটী। দুও মেগের ওঁচলা মাটী॥—ন.ত ২। [ওঁচলান—দ্র 'উঁচলা'।]

ওঁচা¹, -ছা বিং [উচ্ছ—ন্যূন, হীন (দেশী শব্দ, প্রা.ম) ; হি, সি ওছা] ১ হীন, অপকৃষ্ট, হেয়, অধম। "ফক্কা প্রেম ফক্কিকারী, সকল প্রেমের ওঁচা দা ১৯৯৩। উকিলের ওঁচা—হেম ৩৮৭। ২ ইতর, অন্ত্যজ। "জাতে হয় ত মেথর হবে, কিম্বা নেহাৎ ওঁচা প.কা ১৯। ৩ অসার (দ্রব্য, খাদ্য)।

ওঁচা², -ছা সর্ম্ম [উঁচা² > √ওঁচা, -ছা] ১ প্রহারার্থ (দণ্ডাদি) উত্তোলন করা ; উঠান, ওঁচান। " 'দূরে যাও' বলিয়া বিশাল শাল৹ ওঁচাইল আধি-ব্যাধি-দানব স্ব.প্র ৯৬ ; কাগের খোঁচায়, চঞ্চুটা ওঁচায় ১০০। ২ [সং √উচ্ছাদি—অনাবৃত করা (M.W.)] উচ্ছাদিত করা ; আচ্ছাদনহীন করা ; ওঁছান (চব্বিশপরগণা)। [ওঁচান — সর্থ 'ওঁচা (১)। ঘর ওঁছান—ঘরের খড়-প্রভৃতি খুলিয়া আলগা করা।]

ওঁয়াওঁয়া, ওঁয়াচোঁয়া, ওনা-ওনা বি [ধ্বন্যাত্মক ; গু উংআং] সদ্যোভূমিষ্ঠ-শিশুর বা শিশুর ক্রন্দনধ্বনি ; ওঙ্গা-ওঙ্গা। "ভূমিতে পড়িলেন ওঁয়াওঁয়া শব্দ করি ম.পা ১৬ ; ওঁয়াওঁয়া শব্দ করে জন্মি মাত্র নরে ৬০ ; ১১৫। মাটিতে পড়িয়া বালক ওঁয়াওঁয়া বলে ম.ম ১৪৬। ওঁয়াচোঁয়া করিয়া তিনি রাও কাড়িল গো.চ ৪৯, টীকা। ব.প ৪৪। মায়াঘোরে পড়ে৹ ভূমে পড়ি বলে, 'ওনা-ওনা'।—রামপ্রসাদ।

ওঁয়াদের, ওঁয়ার, ওঁর দ্র 'উনি'।

ওক¹ বি [ধ্বন্যাত্মক ; হি, ঠ, গু ওক] ১ বমনভাব হেতু গলার শব্দ। ২ হিক্কা। [ওক উঠা—বমনেচ্ছা হওয়া ; হিক্কা উঠা। ওক তোলা —বমনভাব হেতু 'ওক' শব্দ করা। ওকোলে—উগারিয়া। "গো.চ ২৫৭।]

ওক² বি [E. Oak] ওক গাছের বা ওকের কাঠ। "বিলিতি ওকের গাঁট বাহির করা কোঁদো কোৎকা হু ২২৩।

ওক³ ক্রি.ক্তি [উক⁸ > ওক ; অপ্র] সর্থ 'উক⁸'। "মাটী হোতে গুবীচন্দ্রের তাড়ওক হাওয়াত ম.গা ২৬। বাউ করোক পবনে ম.পা ১১০ ; মম স্বান্ত বঞ্চোক আনন্দে ১৬০।

ওকঃ (-কস্) ক্লী [√উচ্+অস্ (অসুন)-ধি ; 'ওকস্'—স্থান (ঋগ্বেদ ১.৪০.৫) ; cf., Gr. oikos] ১ আশ্রয়, স্থান। "মাঘ ১.৩৪। ২ বাসস্থান। "কাননৌকস্, জল°, দিব°, বন°। ৩ সদ্ম, গৃহ। "যমুনৌকস্ রঘু ৬.৪৯।

ওকড়া বি [?] ১ বন্য গুল্মবিশেষ। "কৃ ১৭। ক.চ ৭৭। °বন ম.ভা ৫৫। ওকড়ার ফল চৈ.ভা ৪৩। ২ ওকড়ার ফুল বা ফল। "ওকড়া ধুতুরা যে…বিল্বপাত কৃ ১৭। —করা বি খাদ্য শাকবিশেষ ; ওকড়ার পাতা (?)। "ওকরা বাথুয়া ম.ম ১৪৫।

ওকস বি [সং ওকস্] আশ্রয়। "ওপদ ওকস ভা.চ ৪২৮।

ওকার¹ পুং [কর্ম্মধা] 'ও' এই বর্ণ ; ও-বর্ণ।

ওকার² বি [ওক¹+কার ; ঠ ওকারা, -রী] বমনের শব্দ ; বমনেচ্ছা (nausea)।

ওকালতী ; -লৎনামা দ্র 'উকালতী ; উকালৎনামা'।

ওকি বি [অকি > 'কি] পালাগানে ধুয়ার প্রারম্ভে সুরের শব্দ। "ওকি, ওরে হর বল মোর কি হবে উপায় বা.ম ৪০৩।

ওকি(কী)ল বি [দ্র 'উকীল'] রাজকার্য্যনির্ব্বাহার্থ ক্ষমতাপন্ন কর্ম্মচারী ; রাজপ্রতিনিধি, দূত। "এ সংবাদ পূর্ব্বে দাউদের ওকিল হেন্দোস্থান হইতে দাউদকে লিখিয়াছে ব.প ১৬৮৭ ; দুই ভ্রাতা গুপ্তে …ওকিল পাঠাইলেন ১৬৯০। পঃ (অর্থাৎ পরোয়ানা) লক্ষ্মীকান্ত মিত্র ওকীল E.P. 58.

ওকুপ্, -ফ্ বি [আ রকুফ্] বুদ্ধি, জ্ঞান, কাণ্ডজ্ঞান। "কামাঞ্চি তো খুব দেখা, ওকুপ্ কি ন হি লেখা রা.স ৩৩।

ওক্ত, ওক্ত বি [আ রক্ত্] ১ সময়। "এহি ওক্ত মেরে পাশ বাঘাই মাঙ্গাও বি.সু ৭৯ ; এহি ওক্ত ১৩৯। হস্তবুদের ওক্ত E.P. 62. ২ নির্দ্ধারিত কাল ; বার। "পাঁচ ওক্তে করয়ে নমাজ বি.সু ১৬। ৩ সুসময়, সুযোগ। "কম্বক্তি, ওক্ত গেলো, তক্ত যাবে ফাঁক। —হেম ৩৭৭।

ওগয়রহ বিং [আ রগয়রহ] ইত্যাদি, প্রভৃতি, এবং অন্যান্য। "পরগনে রাজশাহি ওগয়রহ মধ্যে E.P. 47 ; 49 ; শ্রীকণ্টপুর ওগয়রহ পরগনে 93 ; ফলা অফলা ওগয়রহ সেওায় মহুরাই দেবোত্তর ব্রহ্মত্তর 95. শ্রীমদনমোহন দেবস্য শ্রীহৃদয়ানন্দ দেবস্য ওগয়রহ ইস্তফা পত্রমিদম্ ব.প ১৬৪১।

ওগরা বি [প্রা ওগ(গ্গ)র—ধান্যবিশেষ (পৈ) ; ঠ ওগর—A mass (esp. of boiled rice) turned out by the ladle] একত্র সিদ্ধ চাউল ও ডাউলের খিচুড়িবিশেষ।

ওগা বি [তু 'ডোগা' ; অপ্র] শাখার অগ্রভাগ, পল্লব। "দুই শাখাতে ওগা নিকাশিল।…দুই আগাতে পত্র নিকাশিল E.P. 36.

ওগো অব্য [সং অঘোঃ] ১ সম্বোধনে। "ওগো পুরবাসী কে রয়েছ জাগি।—কথা ৩। ২ সপ্রেম বা ভাবব্যাকুল সম্বোধনে। "সাধক ওগো, প্রেমিক ওগো, পাগল ওগো, ধরায় আস।—রবীন্দ্র। ওগো কাঙাল, আমারে কাঙাল করেছ ?—১১৭ ; ওগো হৃদয়বনের শিকারী ২০৩। ৩ কাতর সম্বোধনে। "ওগো ভাগ্যদেবী পিতামহী, মিটিল আমার আশ৹ এবার তবে আজ্ঞা কর, বিদায় হবে দাস॥—গান ১২৬। ৪ বিশ্বমানব সম্বোধনে। "ওগো শোন কে বাজায়। বনফুলের মালার গন্ধ বাঁশীর তানে মিশে যায়॥—গান ১৪৬। ৫ সস্নেহ সম্বোধনে। "ওগো বধূমাতা গো.চ ২৭ ; ৩৯। তুমি না কি ওগো বাপু কালীর জামাই বি.পা ৫০। ৬ সভক্তি সম্বোধনে। "ওগো মা জননি! গো.চ ৬০।

ওঘ পুং [√উচ্ সমবায়+অ (অঞ্)-র্ম্ম, পৃষো (অ.টী) ; √রহ্ প্রাপণ (নিরুক্ত ২.২.১) ; বৈদিক] ১ সমূহ, নিকর, রাশি। "অঘৌঘ, গজবাজিরথ°, গুণ°, জন°, দুঃখ°, পত্র°, বাণ°, মেঘ° (S.W.)। ফেনৌঘ মহা ৩.১০৪.২৩। কমল° মাঘ ১১.২৮। ওড়পুষ্প-ওঘ ভা.চ ৪২৮। ২ জলবেগ, প্রবাহ। "রুধিরৌঘ রা (S.W.)। °বতী নদী মহা ৩.১৩০.৩। উ.চ ৩.৩৬। কু.স ৪.৪৪। ৩ বেগ। "তীব্রৌঘা (ভক্তিঃ) ভ ৪.১২.১১। ৪ পরম্পরা, ক্রম। ৫ উপদেশ। ৬ নৃত্যগীত-বাদ্যে বৃত্তিবিশেষ ; দ্রুত। ৭ আধ্যাত্মিক তুষ্টিবিশেষ।

ওঙ ক্রি.ক্তি [দ্র 'ওঁ³' ; অপ্র] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "করোঙ পরনাম : সেবোঙ, রহোঙ চ.বি ২। কাটিবারে পারোঙ ব.প ১৪১৭।

ওঙ্কার পুং [ওম্ কার, কর্ম্মধা ; দ্র 'ওঁ²'] 'ওম্' এই ধ্বনি ; 'ওম্'-স্বরূপ, প্রণব। "কোথায় সে জন, জানে কোন জন, যে জন সৃজন লয় করে।…ব্রাহ্মে বলে ব্রহ্ম নিরাকারাকার, সহস্রশীর্ষ সাকারে স্বীকার, সে যে কিমাকার, বর্ণে সাধ্য কার, তিনি ওঙ্কারে কি আছেন ওঁকারে।—গান।

ওচখোচ বি [ওচ+খোচ, 'ওত'—মূল (?)] আড়-ওড়, আড়াল

নিভৃত স্থান। "মাছে চিনে ওচখোচ জলে চিনে নাল। মাএ সে জানে পুত্রের বেদন যার গর্ব্বের শাল ॥—ম.গা ৮।

ওচনেচ 'চো-চো' বি [অপ্র] উঁচুনীচু স্থান। "ওচনেচ টানিয়া বুড়াকে নিয়া যাএ ম.গা ১৮ ; গো.চ ৩৬০।

ওজ১ পুং [√ওজ্ (বল)+অ (অচ্)-ক ; তু 'সং *জস্ >লি ওজ] ১ প্রাণবল, শক্তি, সামর্থ্য। ২ অযুগ্ম বা বিষম রাশি (ত.বা)। ৩ অযুগ্ম বর্ণাদি। [ওজুক—'ওজ'-স্থানে পদ্যে মিলের জন্য 'ওজুক'। "প্রাণ লয়ে পলাইল গৌড়ের ভুভুক্। এত তেজ এত বড় কে ধরে ওজুক ॥—শ্রী ১৯৪।]

ওজ২ বিং [সং অজ ; বৈষ্ণবসাহিত্যে] পদ্ম (রাধামোহন ঠাকুর)। "প্রিয়মুখে সুমুখি চুম্বয়ে ওজ বি.প ২১৬। [ওজ—ছলনা, আপত্তি। "বি.সা ৩৫৪।]

ওজঃ (-জস্) ক্লী [√ওজ্ বা √উব্জ্+অস্ (অসুন্)-গ, উ ৪.১৯২ ; ওজতে বোজতের্বা (যাস্ক)] ১ প্রাণবল, বল, শক্তি। "গী ১৫.১৩। রুদ্রৌজস্ রঘু ২.৫৪। ২ ইন্দ্রিয়শক্তি, জ্ঞানেন্দ্রিয়পাটব। "ভ ২.৫.২৬ ; ৬.৪৫। ৩ শস্ত্রাদিকৌশল। "ভ ১.১৫.১৫। ৪ তেজঃ, শুক্র, বীর্য্য। ৫ তেজঃ। ৬ (জ্যোতিষে) অযুগ্ম রাশি। ৭ কাব্যগুণবিশেষ, ওজোগুণ। "সা.দ ৮.৪। ৮ ওজোব্যঞ্জক গৌড়ী রীতি। ৯ [+অস্-ভা] দীপ্তি, প্রকাশ।

ওজন বি [আ রজ্ন্] ১ তৌল করা ; তুলা দ্বারা পরিমাণনির্ণয় (weighing)। ২ গুরুত্ব, ভার, পরিমাণ (weight)। ৩ গৌরব, মর্য্যাদা, খ্যাতি। "আপন ওজন লোকে বুঝে যদি চলে। উত্তম বলিয়া তবে সকলেতে বলে ॥—পদ্যপাঠ, ১ম ভাগ। ৪ সঙ্গতি, আয়। "নিজের ওজন বুঝে না চলে দুঃখ অবশ্যম্ভাবী। ৫ ব্যক্তিমাত্রের প্রাত্যহিক খাদ্যপরিমাণ। "ওজন-ছাড়া ভোজন করি, দ্বিজ বলে, মরিলাম হরি ! সহ্য হয় না, শয্যা কই হে, শোব।—দা ৭৪২। ৬ কার্য্য করার শক্তি ; কার্য্যক্ষমতা। ৭ গুরুত্ব, গভীরতা। "এই তো বল্লাম তার বিদ্যার ওজন।—হেম ৩৮৭। ৮ তুলনা, উপমা। "মুখুয্যের সঙ্গে কার করো না ওজন।—হেম ৩৮৭। [ওজন-করা —পরিমিত। ওজন-ছাড়া—পরিমিতাধিক, অপরিমিত।]

ওজর বি [আ উ'জ্র্] ১ ব্যপদেশ, ছল, ছুতা। ২ আপত্তি। "গোজেস্তা সুরত খাজনা আদায় না হইলে,...তোমার কোন ওজর শুনা যাইবে না আ.দু ১৬২। কোন বাবত ওজর না করিবে E.P. 5. [ওজর-টালা—ওজর করিয়া টলান ; ছলপূর্ব্বক (লোককে) ঘুরান। " 'হবে না' বল্লে, রবে না জ্বালা, কাজ কি ওসব ওজর-টালা দা ৯১৮।]

ওজস বি [সং ওজস্] ১ দীপ্তি, বর্ণভাতি। "ওড়পুষ্প-ওষ জিনি ওষ্ঠের ওজস ভা.চ ৪২৮। ২ কিরণ, রশ্মি। "চন্দ্র সূর্য্য মশালচী, মশাল ওজস ভা.চ ৫০২।

ওজস্বান্ (-স্বৎ) বিণ [ওজস্+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -স্বতী] ১ ওজোযুক্ত, বীর্য্যবান্। ২ তেজস্বী। ৩ প্রভান্বিত, দীপ্ত। ৪ ইন্দ্রিয়শক্তিসম্পন্ন। "ভ ২.৬.৪৫।

ওজস্বী (-স্বিন্) বিণ [ওজস্+বিন্ (বিনি) অস্ত্যর্থে-১ব ; ছান্দস] ১ ওজোযুক্ত, বলবান্, বলী। "অশ্বঃ পশূনামোজস্বিতমঃ (শতপথব্রাহ্মণ)। ২ তেজস্বী ; বলিষ্ঠ। "রূপং তদোজস্বি রঘু ৫.৩৭। ৩ শূর, বিক্রমশালী। "শতক্রতুরিবৌজস্বী।—মহা ১৪.৫.৯। ৪ প্রভান্বিত, দীপ্তিমান্। ৫ ওজোগুণযুক্ত (কাব্য)। ৬ উৎসাহজনক, উত্তেজক।

ওজা, -ঝা বি [সং উপাধ্যায় >প্রা ওজ্ঝায় (হে) >বা ওঝা ; হি, মৈ ওঝা ; অস ওজা] ১ উপাধ্যায়, অধ্যাপক, পণ্ডিত। "রঘুনাথ বেজ ওঝা ভক্তিরসময় চৈ.ভা ৪৫৪। ২ মৈথিল ব্রাহ্মণের বংশবিশেষ ; ব্রাহ্মণের উপাধিবিশেষ। "কৃত্তিবাস পণ্ডিত মুরারি ওঝার নাতি কৃ ১৭৩। কুলে ওঝা, বাঁড়ুরি পদবী রত্নাকর ক.চ ২১৬ ; ওঝা আদ্যাসে অবগতি কর ক.চ ২১৭ ; ওঝা বসিলা ২৪৩। পুরোহিত ওঝা ম.ম ১২৮। ৩ সর্পবিষের চিকিৎসক ; বিষবৈদ্য, গারুড়ী। "শুন ওঝা ধন্বন্তরী বা.ম ১২৩ ; ১২৭। ম.ম ৬৮। সাপে যারে কামড়ায়, ওঝা গিয়া ঝাড়ে তায় ভা.চ ২২০। ৪ যে ভূত ঝাড়ায় ; ভূতের চিকিৎসক বা গুণিন্। "কেহ কহে মাই, ওঝা দে ঝাড়াই, রাইরেরে পেয়েছে ভূতে চ.দা ১০। ওঝা ঠাক্রি যাইছো যদি সে ভূত ছাড়ায় চৈ.চ ৩৪৫। ভৌতিক ওঝাতে কয় বা.দ ৪১। ৫ গ্রহাচার্য্য, গণক। "গ্রহ-ওঝা : লগ্ন করিল ওঝা ক.চ ১২১। ৬ ঐন্দ্রজালিক, কুহকী, বাজীকর। "রেতে করে মানুষ দিবসে করে অজা। রাণী বলে দূর কর হেন ঘরে ওঝা॥—শ্রী। [ওঝালি (ওঝা+আলি ; অস)—ওঝার ব্যবসায়, ওঝাগিরী।]

ওজুনামা বি [আ রজুহ্+নামা] ১ যাহাতে হেতুসমূহ লিখিত থাকে ; কারণনির্দ্দেশার্থে পত্র। ২ নামাজের পূর্ব্বে প্রক্ষালন (ওজু) সম্বন্ধীয় পুস্তক।

ওট১, **-ঠ** বি [সং ওষ্ঠ লি, প্রা ওট্‌ঠ >বা ওঠ, -ট ; হি ওঁ(ও)ঠ, হোং-(হো)ঠ ; ঠ ওং(ও)ঠ, হোং(হো)ট ; প হোংঠ ; গু ও(হো)ঠ, মৈ ওঠ ; অস ওঁঠ ; ওঠ (চট্টগ্রাম, কোচবিহার, মালদহ),—গাছত্ কাঠাল ওঠত্ তেল্ (চট্টগ্রামপ্রবাদ) ; ঠোঁট (চব্বিশপরগণা)] ১ উত্তরোষ্ঠ, উপর ঠোঁট। "ওঠ আধর উঠক জিনী শ্রী.কী ৮ ; ওঠ আধর তার বান্ধুলী তুল ৩২। ২ উত্তর ও অধর ওষ্ঠ ; দুই ঠোঁট। "ওঠ ডাগর অলক্ষণ জাতি ব.প ৮। বান্ধুলি জিনিয়া রাঙ্গা ওটখানি ন.প ১৯১।

ওট২ বি [উট >*ট ; অপ্র] উষ্ট্র। "মী ৪৬।

ওঠ অর্ক্ম [√উঠ >*ঠ, তু 'প্রা ওট্‌ঠঅ (উত্থিত—হে) ; ঠ √ওঠ] ১ উত্থিত বা উদ্গত হওয়া। "জলে কেন ওঠে এত ঢেউ।—শিশু ৭০। ২ উদিত হওয়া ; প্রকাশ পাওয়া। "সূর্য্য ওঠে ওঠে হ'য়েছে। ৩ কার্য্যার্থ উদ্যোগী হওয়া ; সচেষ্ট হওয়া। "ওরে তুই ওঠ আজি... কার শঙ্খ উঠিয়াছে বাজি, জাগাতে জগত জনে ?—স.স্ব ১২। ৪ প্রসঙ্গক্রমে উত্থাপিত বা কথিত হওয়া। "দেখুন...বেয়াই-বাড়ী যেন এসব কথা না ওঠে অ.গ্র ৭৫। ৫ অসমাপিকা ক্রিয়ার পরে 'সমাপ্তি-প্রভৃতি-সূচক। দ্র 'উঠ (৩৯)। "পেয়ে মশা ওঠেন ফুলে।—কা ৯২। মেঘ ডেকে ওঠে : সৃষ্টি ওঠে কাঁপি।—শিশু ৮৬। সবার সাথে ওঠরে ফুটে।—রবীন্দ্র। শিউরে ওঠে।—গান ৭৯। [ওঠ ছুঁড়ি তোর বিয়ে—বিবাহের কথা-বার্ত্তা দিন-ক্ষণ ইত্যাদি ব্যতীত হঠাৎ বা সদ্য বিবাহের অনুষ্ঠানে ইহা প্রযোজ্য। (গৌণার্থে) আকস্মিক কার্য্যানুষ্ঠানমাত্রে প্রযোজ্য। "চাই লক্ষ কথা সমাপন, এই কথার উত্থাপন, দিনক্ষণ চাই নিরূপণ, 'ওঠ ছুঁড়ি তোর বিয়ে' নয় দা ১৫৬৮। ওঠা—উত্থান, উদয় ইত্যাদি। "আজ প্রভাতে সূর্য্য ওঠা সফল হ'ল কার ?—রবীন্দ্র। ওঠ বোস্ করা—একবার ওঠা একবার বসা (শাস্তিবিশেষ)। ওঠ বোস করান—হুকুমে ওঠান ও বসান ; একেবারে আজ্ঞানুবর্ত্তী বা বশ করা। "ইস্, পিরীতের বেজায় দৌড়, ওঠ বোস্ করাচ্ছে গি.দ্বি ১০৩। ওঠা-নামা—উত্থান-পতন, উন্নতি-অবনতি, উন্মজ্জন-নিমজ্জন, ভাসা-ডুবা। "ওঠা-নামা প্রেমের তুফানে গি.দ্বি ১০৩। ওঠা-পড়া—উত্থান-পতন ; আবির্ভাব-তিরোভাব। "তুচ্ছ করি জীবন-মৃত্যুর ওঠা-পড়া চ.কা ৪৬৫।]

ওঠে [ও৩+ঠে (ঠাইএ) ; তু 'ওথা' ; অপ্র] -১ ঐ স্থানে। "ওঠে থাকি গো.চ ২৯ ; ২৩১, টীকা। ২ ওস্থানে, ওদিকে, উহাতে। "ওঠে ময়নাবুড়ি দিশাহারা হৈল গো.চ ৩৬ ; ৩৭ ; ৩৮। [ওঠে হইতে—"ও-স্থান হইতে। "ওঠে হইতে গ্যাল সিদ্দা গো.চ ২৩৮।]

ওড়১ বি [সং অবট >প্রা অড (হে), অথড (দেশী ১.১৮) >বা ওড় ; হি ওট, -ড়, -ল—আড় ; ঠ ওংড়—গর্ত্ত, ওল.—সোঁতা (streamlet) ;

অড় (চব্বিশপরগণা)] ১ গর্ত্ত, খাত, ডোবা। ২ নিম্নস্থান, ডহর। "আড়ে ওড়ে থাকিয়া রাক্ষস দেয় উকি কৃ ২৩৩। আড়ে ওড়ে…পশিয়া ম ২০৩। থাকে আড়ে ওড়েঃ ওড় আড় শ্রী ৭৬; ২০২। [আড়ে ওড়ে—দ্র 'আড়১'।]

ওড়২ বি [সং ওড্র > প্রা ওড্ড (প্রা.ম) > ওড় ; তু—'ওডড্ড'—রক্ত (দেশী ১.১৫৬) ; অস ওড়] ওড়ফুল, জবাফুল (China rose)। "শ্রী.কী ২০৬। শ্রী.ম ৮২। ওড়ের° মালা শ্রী.মা ২০০। ওড়মাল ক.চ ১০৯। ওড়পুষ্প-ওঘ ভা.চ ৪২৮। [দেয় গলে ওড়মাল—'গলে ওড়মালা দেওয়া' বিশেষ মূঢ়তা ও অপমানের চিহ্ন। বলির ছাগের গলায় ওড়মালা দেয় ; বোধ হয়, ইহা হইতেই ঐরূপ অর্থ (দ্র 'ক.চ ; শ্রী.মা)। তু 'পাঁচচুলা করা ; গালে চুণকালি দেওয়া'।]

ওড়৩ সর্ম্ম [দ্র '√উড়২ ; অপ্র] ১ গাত্রে ধারণ করা ; গায়ে দেওয়া। "কোন বা গাঁওয়ার লোক গুরুর কাঁথা ওড়ে গো.চ ১৮০। ২ দেহরক্ষার্থ আবরণরূপে ধারণ করা ; ঢাকা দেওয়া। "দলুই ওড়ে ঢাল শ্রী ১৯১ ; ভবানী ওড়ে ঢাল ১৯৮ ; ২৩০।

ওড়কচু বি একপ্রকার ধান্য ও তাহার তণ্ডুল। "ভা.চ ৫৪৯।

ওড়ন বি [√ওড়৩+অন ; হি ওড়ন, -না] ১ গাত্রে ধারণ ; পরিধান, ঢাকা দেওয়া ; আচ্ছাদন। ২ [সং অবগুণ্ঠন > প্রা ওগণ (প্রা.স ৪.৬৪), হি ওঢ়না ; ঠ ওড(ঢ়)ণ —ঢাল ; 'ওড্‌ঢণ'—উত্তরীয় (দেশী ১.১৫৫)] উত্তরীয়, গাত্রবস্ত্র, চাদর ; উড়নী। "জারের কালে ওড়ন দিব।—গো চ ১৭৫ ; করিব কাঁথাক জাড়ের ওড়ন ১৮০। ৩ আচ্ছাদন, চালের ছাউনি। "ওড়ন কাড়ে বলে সানে। তাক লইয়া ঘর কেনে॥—ব.প ৮। —না বি উত্তরীয়, স্ত্রীলোকের চাদর বা উড়নী। "উড়িছে ওড়নাবাস। —রঙ্গ ১৩ ; ঘাঘরা ওড়না চেলী ৩৬। গায়ে পারিজাত ফুলের ওড়না ব.সু ৪১। বাসন্তী রঙ্গের ওড়না।—হেম ৪১২। দরিয়া তাহা কুড়াইয়া লইয়া ওড়নায় তুলিল ব.দ্বি ২৯৯। [ওড়ন পাড়ন—আবরণবস্ত্র ও আস্তরণ ; চাদর ও পাতন-বস্ত্র। "দুই কৈল ওড়ন পাড়ন (চৈ.চ)।

ওড়ন(নি)ষষ্ঠী—সর্ব 'ওঢ়নষষ্ঠী'। "চৈ.চ ১৭৫]

ওড়নি, -নী বি [ওড়ন > °নি, -নী ; হি ওঢ়ণী ; ঠ ওঢণী ; অস—ওরণী, -রোণা ; তু 'ওরনী'—পট্টাম্বর উপরে ওরনী দিল তুলি ম.পা ১৭৩] স্ত্রীলোকের গাত্রবস্ত্র বা চাদর ; ওড়না। "ওড়নি ঘোড়নী মাথে, দেখিয়া চলিবে পথে, লখিতে না পারে যেন আন রা.শে ১১। আধ ওড়নি ঈষৎ দোলায়ে বঙ্কিম নয়নে চায় ব.প ১১২৪। [ওড়নি ঘোড়নী—ওড়নীর ঘোমটা।]

ওড়ব পুং [ওড়বী+অ (অচ্) অস্ত্যর্থে ; তু 'ঔড়ব'] ওড়বী, অর্থাৎ পঞ্চসংখ্যা যাহার আছে ; যে রাগে স্বরগ্রামের পাঁচটি স্বর থাকে ও দুইটি থাকে না ; পঞ্চস্বরযুক্ত ও স্বরদ্বয়বর্জ্জিত রাগ (গী.সা) ; (মতান্তরে) স-গ-ম-ধ-নি-যুক্ত ও ঋ-প-বর্জ্জিত রাগ—মল্লারাদি (সঙ্গীতদামোদর)। বান্তি যাস্ত্যড়বোঽস্ত্রেতি ব্যোমোক্তমুড়বং বুধৈঃ। পঞ্চমং তচ্চ ভূতেষু পঞ্চসংখ্যা তদুদ্ভবা। ওড়বী সান্তি যেষাঞ্চ স্বরাস্তে ঘোড়বী মতাঃ॥ —সঙ্গীতরত্নাকর।

ওড়(র)ম্বা বিং ['উড়ন+বাজ'—মূল ; তু 'সং উদ্-√ব্রা > প্রা √উরুম্মা] যে টাকা উড়ায় ; অপব্যয়ী, উড়নচ'ড়ে, লক্ষ্মীছাড়া।

ওড়া১ বিং [উড়া১ > ওড়া] সর্ব 'উড়৪'। —ড়া বি উড্ডয়ন, উড়ন। [ওড়া থই গোবিন্দায় নম—বায়ুতে উড়ান থই গোবিন্দকে উৎসর্গ করা; (গৌণার্থে) হস্তবহির্ভূত বিষয়, অপারগপক্ষে দান করিয়া ধার্ম্মিক সাজা বা তৃপ্তিলাভ করা। "লী ৩৮।]

ওড়া২ বি [হি ওড়া ; তু 'হি ওংড়া (কুণ্ড ?)—গভীর ; (মুণ্ডারি) 'ওড়া'—গৃহ] ১ বাঁশ বেত ইত্যাদির বড় টুকরী বা ঝুড়ি। "লুচির ওড়া। ২ বংশাদিরচিত মৎস্যাধারবিশেষ ; খালুই, খারা। "ওড়া ভরি মৎস্য লবে কৈ আর উৎপল কৃ ৩৭৬। ৩ ['উরঃ'—মূল] বক্ষঃস্থলে জাত স্ফোটক।

ওড়া৩ সর্ম্ম [√উড়া২ > √ওড়া] ১ উড্ডীন করা ; উড়ান। ২ অগ্রাহ্য করা ; হেয় করা। "ঠাট্টা করে' ওড়াই সখি৹ নিজের কথাটাই।—চ.কা ৩৩১। ৩ অপব্যয় করা ; নষ্ট করা। "ওরা যে উড়নচণ্ডী, ওরা ওড়াতেই জানে য ১২।

ওডিকলম্ বি [E. Eaudecologne (ō de-co-lōn) ; F. Eau de cologne] জার্ম্মানির Cologne দেশে প্রস্তুত তরল গন্ধদ্রব্যবিশেষ। [১৭০৯ খৃষ্টাব্দে Jean Farina ইহা প্রস্তুত করেন।]

ওড়িকা, -ড়ী স্ত্রী নীবার, উড়িধান।

ওড্র পুং [আ+ √উন্দ্+র (রক্)-ক, নিপাতিত (অ.টী) ; তু 'উড্র'] ১ (বহুব) উড়িষ্যাদেশ, উৎকল। "(অম্বিষ্য) ওড্রান্ গো.রা ৪.৪১.১৮। ওড্র আটবীর রাজা ম ২৯৯। °দেশে চৈ.ভা ৩৮৬ ; ৪২৬। ২ ওড্রদেশবাসিগণ, উড়িয়ারা। "মনু ১০.৪৪। ৩ ওড্ররাজগণ। ৪ (একব) 'ওড্রদেশভব' (অ টী) ; পুষ্পবৃক্ষবিশেষ, জবাফুলের গাছ। —ড্র স্ত্রী ওড্রপুষ্প, ওড়, জবাফুল। "নীল উৎপল উমার আঁখি। ওড্রফুল সম ইহার দেখি॥—ব প ১৪২। [°পুষ্প (স্ত্রী)—ওড্রজাত পুষ্প ; জবা।]

ওঢ়ণী, -নি, -নী বি [দ্র 'ওড়নি' ; অপ্র] গাত্রের আবরণবস্ত্র ; চাদর, উড়ানি। "নীল ওঢণীর মাঝে মুখ শোভা করে ব.প ১০৯৮। শীতের ওঢনী পিয়া বি প ২১০। নীল ওঢ়নি জ ৩৯।

ওঢ়ন বি [হি ওঢ়ন, -না] গাত্রে ধারণ ; পরিধান, পরা। "দিহ তারে খোসলা ওঢ়নে ক.চ ১৬৩। যাত্রা শ্রীবস্ত্র-ওঢ়ন চৈ.ভা ৫১৭। [ওঢ়ন(নি) ষষ্ঠী —জগন্নাথের শীতবস্ত্র-ওঢ়নের ষষ্ঠী তিথি ; শীতকালের প্রথম ষষ্ঠী ; তজ্জন্য উৎসববিশেষ। "যাত্রা আসি বাজিল 'ওঢ়নষষ্ঠী' নাম চৈ.ভা ৫১৭। ওঢ়নিষষ্ঠীর দিনে যাত্রা সে দেখিল চৈ.চ ১৭৫। অগ্রহায়ণের শুক্লা ষষ্ঠী 'ওঢনষষ্ঠী'। এই তিথিতে জগন্নাথ শীতবস্ত্র ওঢ়েন বা ধারণ করেন। পৌষপূর্ণিমাপর্য্যন্ত এই উৎসব থাকে (চৈ.ভা ৫১৭)।]

ওঢ়া সর্ম্ম [হি √ওঢা : অপ্র] বস্ত্র দ্বারা আবৃত করা ; ধারণ করান ; পরান। "উঘাড় অঙ্গে পড়িয়া শঙ্কর নিদ্রা যায়। প্রভু উঠি আপন কন্থা তাহারে ওঢ়ায়॥—চৈ.চ ৩৫১। অপূর্ব্ব বসন ওঢ়াইয়া গায় ন.বি ৮৪।

ওত১ বিণ [আ+ √বে+ত (ক্ত)-র্ম্ম ; সম্প্রসারণ ; স্ত্রী -তা ; ছান্দস] ১ কৃতবয়ন, অনুস্যূত। ২ অন্তর্ব্যাপ্ত (ত.বা)। ৩ ঊর্দ্ধতন্তুতে (তানার সূতায়) গ্রথিত (দ্র 'ওতপ্রোত')। "যস্মিন্নোতমিদং বিশ্বং প্রোতং শাটীব তন্তুষু ভ ৯.৯.৭। মণৌ সূত্রমোতম্ (S.W.)। —ত স্ত্রী ১ বস্ত্রের দীর্ঘ সূত্র ; তানার (টানার) সূতা (warp)। ২ [চিপে (যশোহর) ; ওত্ (চব্বিশপরগণা)] (বাঙলায়) তানার সূতার ন্যায় লম্বাভাবে চালের খড় চাপিয়া বাঁধার নিমিত্ত বাঁশের লম্বা বাখারি বা বাতা।

ওত২, -ৎ '-ত্' বি [মৈ ওত—পরদা, ব্যবধায়ক দ্রব্যমাত্র] অন্তরালস্থিত, ব্যবহিত, অন্তরিত। "কথো দূরে দেখে ব্যাধ বৃক্ষে ওত হৈয়া চৈ.চ ২৪১। —ত, -ৎ বি ১ অন্তরাল, আড়াল। "হেঁটে ঢাল পেতে ওতে খুঁচে মারে খোঁচা শ্রী ৮৮ ; তরাসে বাইতি কোলে ওত ক'রে ঢাকে ২৫৭। লোচন ওত৹ করত নাহি মাধব৹ নিশি দিশি রস অবগাই গো ১২০। ২ গুপ্ত স্থান ; লুকাইবার জায়গা। "বাসা ডিম্ব রেখে কেহ ওত করে ঝোড়ে শ্রী ২১১। ৩ আশ্রয়, অবলম্বন। "অ্যাক্ অ্যাক্‌বার কারু কাঁধ ও কারু মাথার ওপোর হাত দিয়ে অবলম্বন কত্তে চেষ্টা কচ্চেন, কিন্তু ওত সাব্যস্ত হ'য়ে উঠ্‌চেনা হু ২৩২। ৪ আক্রমণার্থ উদ্যত শ্বাপদের শারীরিক অবস্থানবিশেষ। "বেনাঝোড়ে ওত ক'রে বর্ম্ম নিয়ে বসে শ্রী.মা ৭১। ৫ [হি ওত ; অপ্র] লৌকিকতায় প্রাপ্য (টাকা-

প্রভৃতি)। "ছেলেপুলের দ্বারাতেই ক্রিয়ে বাড়ির···বাবুদের ওৎ করা টাকাটি পাঠিয়ে দ্বান হু ১৯৩। ৬ লক্ষ্য। "খানিকক্ষণ এই অবস্থায় থেকে পুনরায় উঠে প্রেমানন্দের দিকে ওৎ করে ঝুঁকতে লাগিলেন হু ২২৬। [ওত-আত ('আত' অনু.শব্দ)— আড়াল-আবডাল, গুপ্তস্থান। "ওত-আত সন্ধান বুঝিয়া এড়ে জাল শ্রী ৮০। ওত-খাত— অন্তরাল ও নিম্নস্থান; আড়-ওড়। "ওত-খাত পায়া সব বসিল বন্দুকী ব.প ৪৭৬। ওৎ করা টাকা—লৌকিকতায় প্রাপ্য টাকা। ওত ক'রে বসা—আক্রমণার্থ প্রস্তুত থাকা। ওৎ পেতে বসা— আড়ালে লুকাইয়া থাকা। "বর লোটবার জন্য ডাকাত কি শেষ রাত্রে খিড়কিতে ওৎ পেতে বসেছিল? অ.গ্র ৮৮।—ওতহি—অন্তরালে, পরোক্ষে। "ওতহি ওহও গেল বি.সা ২৮৬।]

ওত[৩] ক্রি.ক্তি [সং অ (শপ্)+তি (তিপ্) >অতি (তু 'ভরতি'— ভরতি) >অত >ওত (বাঙলা আকারান্ত ধাতুর পরে); বৈষ্ণব-সাহিত্যে] কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "যামিনী আধ-অধিক, বহি যাওত ব.প ১০৩৭; বাওত গাওত কত কত তান ১০৪৫; বজাওত বীণা ১১১৯। বৃন্দা পঢ়াওত ব ১০৩; নাচত গাওত ১৩৩; গাওত মধুর ১৩৪; আওত যাওত ১৬১। ধাওত।—গো ৬৩।

ওতপ্রোত বিণ [দ্বন্দ্ব; স্ত্রী -তা] উর্দ্ধ তন্তুতে (তানার সুতায়) গ্রথিত ও তির্য্যক্ তন্তুতে (প'ড়েনের সুতায়) পটবৎ সংমিশ্রিত (শ্রীধর); পটতন্তুর ন্যায় তির্য্যগূর্দ্ধভাবে অনুস্যূত (নীলকণ্ঠ); পরস্পর অনুস্যূত বা অন্তর্ব্যাপ্ত (মেশামিশি)। "ওতপ্রোতোঽহম্ মহা ৫.৪৬.৩০; ওতপ্রোতমিদং বিশ্বম্।—ভ ১০.১৫.৩৫। তাঁহাদের পবিত্র আত্মা সে ব্রহ্মভাবেই ওতপ্রোতরূপেই পরিষিক্ত ছিল।—পা.প্র ৩০। —ত বি (বাঙলায়) ওতপ্রোতভাব, পরস্পর সংগ্রথিতভাব। "অবিচ্ছেদগতি বহে কালস্রোত। ধরা-অঙ্গে কত করি ওতপ্রোত। —হেম ৩১৬।

ওথা অব্য ['এ' 'ও' এর অনুকরণে 'এথা' >ওথা ('দূর' অর্থে); তু 'হোথা'] ১ ঐ স্থানে, ওখানে, সেখানে। "ওথা না যাইহ চৈ.চ ৩৪৫। ওথা কথো দিন রহি চৈ.ম ৭৬। ২ ওদিকে, অন্যভাগে, স্থানান্তরে, পক্ষান্তরে। "স্নান সন্ধ্যা করি মুনি করে দেবার্চ্চন। ওথা রাম সঙ্গে যুঝে সীতার নন্দন॥—কৃ.উ ২৫১। ওথা রাজা বিদায় করয়ে কন্যা বর কৃ ৮২; ৩৫০। ওথা গায় নৃপতি ভার্য্যার যশ গুণ শ্রী.মা ১২৩; ১৬৪। ব.প ৭৯৫। চৈ ৯৪। ওথা কবি উপনীত বি.সু ১০৫। ওথা ধর্ম্মকেতু তাড়া দিয়াছে হরিণে ক.চ ৪০।

ওথাত, ওথায়, -য়ে অব্য [ওথা+ত, য়, য়ে; 'ওথা' সাধু; পদ্যে] ওখানে, ওদিকে, অন্যপক্ষে, পক্ষান্তরে। "ওথাতও বৈকুণ্ঠে জানিয়া নিরঞ্জন। সদাগতি সুতে কন স্বরূপ বচন॥—শ্রী.মা ৪২। ওথায় কৌতুকে কৃষ্ণ দ্বারকানগরে। শয়ন করিয়া ছিলা রুক্মিণীর ঘরে॥ —ম ৫১৬; ৫৬৬। ওথায়ে অদ্বৈত দিলা মনুষ্য পাঠাইয়া চৈ ৭৯। ওথায় ত্রিলোকনাথ বলদে চড়িয়া। ত্রিলোক ভ্রমেন অন্ন চাহিয়া চাহিয়া॥—ভা.চ ১১০। [ওথাতও —ওখানেও, ওদিকেও।]

ওদন পুং, ক্লী [√উন্দ্+অন (যুচ্)-ক, উ ২.৭৬; ছান্দস] ১ অন্ন, ভাত। "গুড়ৌদন, ঘৃত°, দধ্যোদন পা ২.১.৩৪। শালি° ষষ্টিক° (সুশ্রুত)। মনু ৮.৩২৯। ওদন ব্যঞ্জন অ.প ১১; ম ১১২৮। ক.চ ৬; পান্ত ওদনে ব্যঞ্জন বাসি ৪৩; ৪৪। শ্রী.মা ১৩; ওদনাদি ব্যঞ্জনে ৩৮। ক্ষীর ওদন চৈ.চ ১৬৭। ওদিন ওদন বিনা ভাল লাগে নাই ভা.চ ১১১। দেবওদন মে ৪৫। ২ দুগ্ধাদিতে পক্ব শস্যচূর্ণ; মণ্ড। "মুদ্গ°, যব° (সুশ্রুত)। ৩ অন্নমাত্র, ভক্ষ্যদ্রব্য, ভোজ্য। "মাংসভূতোদনেন (যক্ষ্যে) রা ২.৫২.৮৯। ৪ (বাঙলায়) অন্নাদি, অর্থাৎ অন্ন-ব্যঞ্জন। "ব্রাহ্মণে আনি জোগায় ওদন কৃ.উ ১০৪; ১৬৩। [°প্রাশন—অন্নপ্রাশন-সংস্কার। "ক.চ ১৯। ওদন দিল—ভাত দিল; অন্নপ্রাশন দিল। "শ্রী.মা ২২। শি ১৬।]

ওদর বি [সং উদর; অপ্র] গর্ভ। "বড় দুঃক্ষ পাইল মুই তোমার ওদরে মী ৭।

ওদা, -দো বিং [সং 'উদ' —মূল; °দা (চট্টগ্রাম; বাঁকুড়া, উড়িষ্যা —H.B.); অপ্র] আর্দ্র, সরস, ভিজা।

ওন ক্রি.প্র [অন >°ন] বাঙলা এক ব্যঞ্জনের ধাতুর উত্তর বিহিত ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "খাওন ম ম ১৮৮; হওন, পাওন ব.প ১৬৮৪। শ্রীরামের রাজা হওনোদ্যোগ কৃ ৮৬। খাওন চৈ.চ ১৭১। যাওন কৃ.চ ৪৪। —নি [ওন+ই[১১]] সর্ব 'ওন'। "চাওনি ম.ম ২৭। [গাওন (সং গায়ন) গায়ক। "ব প ৯০৯। গাওনা—গান। "হু ১৯৭।]

ওনা-ওনা; ওনাকে, -নাদের দ্র 'ওঁয়া-ওঁয়া; উনি'।

ওন্ত ক্রি.ক্তি [অন্ত[৪] >ওন্ত; অপ্র] সর্ব 'অন্ত[৪]'। "আশির্ব্বাদ কৈলে সভা হওন্ত অক্ষয় গো.বি ৫২।

ওপর অব্য [উপর >°র; অস ওপর] উপরি, উপরে। "নিম পাতা কাসন্দির ঝোল। তেলের ওপর দিয়া তোল॥—ব.প ৪।

ওফাত বি [আ রফাত্ (মৃত্যু)] আপৎসমূহ, নানাপ্রকার দুর্দৈব; দুরবস্থা। "হোমাঙ্ বাদসাহের ওফাত হইলে হেন্দোস্থানে বাদসাহ হইতে ব্যাজ হইল ব.প ১৬৮৩।

ওব ক্রি.ক্তি [অব[৪] >ওব; অপ্র] সর্ব 'অব[৪]'। "আওব কুঞ্জরগামিনী বি.প ৯১; যাওব ১৪৩; ১৬৭; ১৭০। এহি বাণ না কাটোব অ.প ৭৯। হাম যাওব ব.প .০১৯; পাওব ১০২০; গমাওব ১০২১। লেওব ব ৮৭; মাতাওব ১৯৩। পাওব জ ৫; বাওব, ধাওব ৬। —বি [অবি[২] >ওবি] সর্ব 'অবি[২]'। "যাওবি বসনে ঝাঁপি সব অঙ্গ বি.প ৫৫। গুণলেশ না পাওবি বি.সা ৪৯৬। অন্তরে পরাণ॰ বাটিয়া দেওবি চ.সা ৩৪১।

ওবা সর্ম্ম [সং উদ্+√বহ্ >√উব্বহ >বা উবা >°বা; অপ্র] উদ্বহন করা; বহিয়া আনা। "এখন বার বছর ওবাইছে হিরা নটির বাড়ি গো.চ ২৬১।

ওম্ ব্য [√অব্+ম্ (মন্)-ক; উ ১.১৩৯] ১ যে (ধ্যাতাকে) রক্ষা করে; প্রণব। ['অ', 'উ' এবং 'ম্' এই বর্ণত্রয়ে 'ওম্' হয়। ইহা ত্রিপাদ ও ত্রিমাত্র; জাগ্রৎস্থান 'অ'-কার, প্রথম মাত্রা, স্বপ্নস্থান 'উ'-কার দ্বিতীয় মাত্রা, সুষুপ্তিস্থান 'ম্'-কার তৃতীয় মাত্রা। মাত্রাত্রয়হীন 'ওঙ্কার', চতুর্থ বা তুরীয় আত্মা ব্রহ্ম (মাণ্ডুক্যোপনিষৎ ৮-১২)। পুরাণে, অকার বিষ্ণু, উকার মহেশ্বর এবং ম-কার ব্রহ্মা (দ্র 'ওঁ[২'].] ২ ব্রহ্ম। "ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম। —গী ৮.১৩; ১৭.২৩। ৩ অঙ্গীকার, স্বীকার। "ওমিত্যুক্ত্বা গণেশোঽপি বভূব কিল লেখকঃ মহা ১.১.৭৯; ৯৪.৪৫। ভ ১১.৪.১৫। 'ওম্' বলি বর দিলা কমল-আসন ১৪৭। ৪ উপক্রম। ৫ অনুমতি। ৬ অপাকরণ। ৭ মঙ্গল। ৮ প্রশ্ন। ৯ রোষ (বিশ্ব)।

ওম[১] বি [সং উষ্মন্ >প্রা উম্হ (প্রা.ম) >বা (উম) ওম; অস উম] তাপ, ঈষৎতাপ। [ওম ভাঙা—তাপ নষ্ট হওয়া। "শীতে লেপ তুল্লে ওম ভাঙ্গে। গাছের ওম ভাঙ্গা—আম কাঁটালের মুকুল-উৎপাদনের অনুকূল তাপ বৃষ্টির শৈত্যে নষ্ট হওয়া। ওমে ওমে (অস উমি উমি— অল্পতাপ)—তাপে তাপে, তাপস্পর্শজন্য সুখে। "শীতে ওমে ওমে বেশ ঘুম হয়।]

ওম[২] ক্রি.ক্তি [দ্র 'ওঁ[৩]'; অপ্র] ১ সর্ব 'ওঁ[৩]'। "দেখোম (দেখি) অ.প ৬৮; পারোম ৬৯; করোম ৭৮; বন্দোম ৮০; পরশোম (স্পর্শ করি)

৮৫ ; ইছোম ১৩৯। বন্দোম ম.পা ৪। দেখোম, জানোম, পারোম, মরোম ব.প ৬৩১; চাহোম ৬৩২। ২ কর্তৃবাচ্যে অতীত কালে উত্তম-পুরুষের ক্রিয়ার বিভক্তি। "নিয়াছোম (লইয়াছি) অ.প ১২৮। [পূর্ববঙ্গের কথ্যভাষায় এখনও 'করোম, বলোম' প্রভৃতি ক্রিয়া শুনা যায়।]

ওমনি ক্রি.বিং [অমনি > °নি] ১ তৎক্ষণাৎ, তখনই। "স.এ ১। ২ সর্থ 'অমনি'।

ওমর বি [(আ উ'ম্‌র্‌) উমর > °র] সর্থ 'উমর'। "আঠার বছর ওমর তোমার উনিশে মরন গো.চ ৫৯, টীকা।

ওমরা, -রাও, -রাহ বি [আ আ'মির শব্দের বহুবচন; উমরা > °রা, °রাও °রাহ] ১ সর্থ 'উমরা'। "সৈনিক, সিপাহী, ওমরাহ, ভৃত্য...এই সকলে চতুর্দ্দিক পরিপূর্ণ ব.প্র ৭৯। ২ ধনী, আমীর, রাজা। "রাধিকারে ওমরাহ করিল সেইক্ষণ ব্র.প ১৪৭; ১৪৮। মীর ওমরাও জমীদার ভৃত্যবৎ রা.স ২৫।

ওমা অব্য [প্রা অম্মো (হে)—আশ্চর্য্যে; অম্মহে (শা ৭২১/২)] ১ আশ্চর্য্যে, বিস্ময়ে। "তিন দিন না যেতে যেতে খৃষ্ট ভজে, ওমা। —হেম ৩৮২। ২ সবিস্ময় ভয়ে। "ওমা, এ কি সর্ব্বনাশ!—গিরিশচন্দ্র ঘোষ। ৩ সবিস্ময় লজ্জায়। "এয়োগণ বলে ওমা এ কেমন বর!—ভা চ ৭৭। ৪ কাতরতায়, যন্ত্রণায়, শোকে, বিষাদে। "তোমাকে স্বহস্তে বধ ক'রে আমার বুক ফেটে গেল,-হো, ও-মা!—নী ৯৫। ৫ ঘৃণার সহিত ধিক্কারে; নিন্দায়। "ওমা, ওমা, পোড়া ভাগ্যি! উকিলের ওঁচা! —হেম ৩৮৭। ৬ [ও°+মা; প্রা অম্মো—হে অম্ব (হে)] মাতৃ-সম্বোধনে, কন্যাদির প্রতি বাৎসল্য-সম্বোধনে। "ওমা ওমা বলি উমা কথা কন ছলে ভা.চ ৫৯; ওমা উমা ৭৯।

ওয়া ক্রি.প্র [আ৬ > ওআ > ওয়া] বাঙলা এক ব্যঞ্জনের ধাতুর উত্তর বিহিত ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "√খা+ওয়া—খাওয়া (ভোজন), √না—নাওয়া (স্নান), √ল—লওয়া (গ্রহণ), √হ—হওয়া (উৎপত্তি), কওয়া দেওয়া নেওয়া ইত্যাদি। তরণী বাওয়া: সব চাওয়া সব পাওয়া।—গান ৯৫; যাওয়া আসা: দেখা পাওয়া: ছুঁয়ে যাওয়া: কেঁদে চাওয়া ১৮৫। ['খাওয়া জল', 'হওয়া কাজ'—ইত্যাদি স্থলে, 'খাওয়া, হওয়া' বিশেষণ। এইরূপ, 'চাওয়া জিনিশ, দেওয়া বা নেওয়া (লওয়া) টাকা' ইত্যাদি।] —য়া প্র [আ৮ > ওআ > ওয়া] বাঙলা এক ব্যঞ্জনের ধাতুর উত্তর প্রবর্ত্তনা-অর্থে (ণিচ্-প্রত্যয়ের অর্থে) বিহিত প্রত্যয়। "√খা+ওয়া > √খাওয়া—খাওয়ান (প্রবর্ত্তনার্থক বিশেষ্য); √না—√নাওয়া—নাওয়ান; √ল—√লওয়া—লওয়ান; √হ—√হওয়া—হওয়ান; √দি—√দেওয়া—দেওয়ান; √নেওয়া —নেওয়ান ইত্যাদি। [তু 'খাওাইমু (খাওয়াইব), খাওাএ (খাওয়ায়)।—ম.গা ৮; ১১।] "ঘরোয়া ("গৃহসম্বন্ধী) বিবাদ।

ওঁয়া প্র [উয়া২ > ওয়া] তৎসম্বন্ধী।

ওয়া-ওয়া বি [ধ্বন্যাত্মক] সর্থ 'ওঁয়া-ওঁয়া'। "দুগ্ধ খাইবার চাহে কান্দে ওয়া-ওয়া গো.বি ৩৬।

ওয়াঃ, ওয়াক বি [ধ্বন্যাত্মক] বমনের বা বমনেচ্ছাজন্য শব্দ। "সর্ব্বদা ওয়াক ছর্দ্দি মুখে উঠে জল ভা.চ ৩৬৮। (মদিরা বালা) এস না উজান যেন, দোহাই—ওয়াক!—লী ৯৯। গন্ধে ম'রে গেলেম, নাড়ি উঠলো—ওয়াঃ ওয়াঃ!—বি.বু ২১।

ওয়াকিফ, -কীপ্‌ বিং [আ রাকি.ফ্‌.] ১ অবগত, জ্ঞাত। "এবারকার ফসলের হাল আপনি তো সব ওয়াকিফ হয়েছেন মা ৩২৩। কাগজাতও কিছু পাইলেন যে তাহাতে এ তিন সুবার...সুমার তফসিল ওয়াকিফ হএন ব.প ১৬৯০। ওয়াকীপ E.P. 62; 70. ২ অভিজ্ঞ, কুশল, বিজ্ঞ, বহুদর্শী। [ওয়াকিফহাল, ওকিবহাল (আ রাকি.ফ্‌.-ই-হাল্‌) —যে অবস্থা জানে; অভিজ্ঞ।]

ওয়াক্তি বিং [ওয়াক্ত+ই৮; দ্র 'ওক্ত'; অপ্র] ওক্তে বা নির্দ্দিষ্ট কালে করণীয়। "আমরা যে পাঁচ ওয়াক্তি নামাজ করি, তাই এই তেলক-কাটা হেঁদুর দল ফতে করতে পারলাম।—আনন্দমঠ।

ওয়াচ্‌ বি [E. watch] সঙ্গে থাকার মত ছোট ঘড়ি; টেঁকঘড়ি। "ওয়াচ্‌গার্ড হু ৬০।

ওয়াজিব বিং [আ রাজি.ব্‌] ১ স্পষ্ট, ন্যায্য, ঠিক। "তুমি আজ বাবুরামকে খুব ওয়াজিব কথা বলিয়াছ আ.দু ৪০। ২ [আ রাজ.ব্‌] আবশ্যক, প্রয়োজনীয়।

ওয়াড়; ওয়াদা; ওয়ানকি; ওয়ার১, -রা দ্র 'ওআড়; ওআদা; উঙানি; ও২।

ওয়ার২ '-র্‌' বি [হি, ঠ রার] অস্ত্রাদির আঘাত; কর্ত্তন, ছেদন। "(কটু কহে ডাকে) তথাচ উত্তর নাহি দিল নৃপবর। ক্রোধাবেশে পাৎসা তবে করিল ওয়ার॥—ভ.গ্র ৪২৩। [কাটিয়া ওয়ার হওয়া—অত্যন্ত কাটিয়া যাওয়া।]

ওয়ার,৩ -রা, ওয়াল, -লা বিং [সং পাল > প্রা * রাল (সমাসে উত্তরপদ); হি রা্‌ল, -লা; ঠ রালা (স্ত্রী -রালী); বা ওয়াল, -লা; লা, ওয়ার, -রা, স্ত্রী -লী, -উলী, -ওলী (দ্র 'ওলা)—বাড়ীওয়ালী, 'বাড়ীউলী' (গি.দ্বি ১১৯), তু 'ফা রার্‌; E. 'man'—coachman, milkman'] ১ তৎকর্ত্তা, তৎকারক। "রাখোয়াল (রক্ষাকর্ত্তা, হি রখ্‌রাল), পানেওয়ালা, গানেওয়ালা, লিখনেওয়ালা (হি লিখ্‌নে-রালা)। তুই বড় গান শোনেনেওয়ালা গি.দ্বি ৮৪। ২ তৎস্বামী, তদধিকারী। "বাড়ীওয়ালা, ঘরওয়ালা (হি ঘররালা), খেতোয়াল (ক্ষেত্রস্বামী), দুধওয়ালা। ৩ তদ্‌ব্যবসায়ী, তদ্বিক্রেতা। "ছাতা-ওয়ালা, জুতাওয়ালা, মিঠাইওয়ালা ইত্যাদি। তেলওয়ালা, কাঠওয়ালা সন্দেশওয়ালা আ.দু ২৭। আরতওয়ালা তামাকওয়ালা দানাওয়ালা ও অন্যান্য পাওনাদার মহাজনরা হু ১৮৬। পাতখোলাওয়ালা পাতখোলা-ওয়ালীর প্রবেশ।—গিরিশচন্দ্র ঘোষ। ৪ তদধিবাসী, তন্নিবাসী। "দিল্লীওয়ালা (হি দিল্লীরালা) কাবুলওয়ালা। ৫ তদ্বিষয়ে নিপুণ। "গেলোয়ার। ৬ তদ্‌বিশিষ্ট, তদ্‌যুক্ত। "মাতোয়ারা -য়াল, -লা (মত্ততা-যুক্ত)। বগলসওয়ালা ইংরাজী জুতা আ.দু ৬৬। ওয়াসার (ওসার) -ওয়ালা পা.প্র ১৫৮। ৭ তদ্‌রক্ষক। "কোতোয়াল (কোট্টপাল), ঘাটোয়াল, -লা। ৮ তদধিকারে নিযুক্ত। "পাহারাওয়ালা, ঘাটওয়ালা।

ওয়ারি বি [ওয়াড় > °র+ই১১; অপ্র] আবরণ, ওয়াড়। "নেতের ওয়ারি চ.বি ১৩৮; ২০১; ২১৯।

ওয়ারিণ, -ন্‌, ওয়ারেণ্ট্‌ বি [E. warrant] বন্দী করার নিমিত্ত কর্ম্মচারীর প্রতি আদেশপত্র; গ্রেপ্তারী পরোয়ানা। "সমন ওয়ারিণ বাহির হইলে বিষয় আশয় বেনামি করিয়া গা-ঢাকা হয় আ.দু ২৮। 'শমন ওয়ারিন্‌!...বাবুর অলঙ্কার হয়েছে হু ১৫। ওয়ারেণ্টের আশঙ্কায় য ১২।

ওয়ারিশ, -স, -রীশ, -রেশ বি [আ রারিস্‌] ১ উত্তরাধিকারী। "যদি কেহ মরিয়া থাকে, তবে তাদের ওয়ারেশকে পাঠাইয়া দিও ব.প্র ৪২৭। পঞ্চু ছাড়া তা'র ওয়ারেশ কেউ ছিল না ঘ ১২৮। বৈদ্যনাথ গোস্বামী প্রভৃতির ওয়ারীশ যুকদেব গোস্বামী E.P. 81. ২ প্রভু, স্বামী, অধিকারী। [ওয়ারিসান ওয়ারিশান ('ওয়ারিসগণ'—মূল?) —উত্তরাধিকারিগণ, পুত্রপৌত্রাদিগণ। "আমার ওয়ারিসানের সহিত: আমার ওয়ারিশান কেহ দাওা করি E. P. 97. ওয়ারিসানক্রমে—পুত্র-পৌত্রাদিক্রমে (ভোগদখল)।]

ওয়ারেণ্ট; ওয়াল, -লা দ্র 'ওয়ারিণ; ওয়ার৩।

ওয়াশিল, -শীল বি [আ রাসিল্‌] ১ যাহা আদায় করা হইয়াছে; আদায়ী (খাজনা ইত্যাদি)। ২ (গৌণার্থে) যাহা বাদ দেওয়া

হইয়াছে ; বিয়োগ করা (deducted)। "আয়ুশেষ পরমায়ু দিনে দিনে ঢাকি। পাতে পাতে লিখে ওয়াশীল বাকী॥—ম.ম ১১০। [ওয়াশীল বাকী—আদায়ী ও অবশিষ্ট (খাজনা ইত্যাদি ; collected and balanced sum)।]

ওয়াশীলাৎ বি [আ রাসি.লাত্] প্রত্যেক দফায় আদায়-করা টাকা ; প্রত্যেক বিষয়ে সংগৃহীত উপস্বত্বকর শস্য ইত্যাদি। [ওয়াশীলাতের নালিশ—ওয়াশীলাৎ বাবদ নালিশ।]

ওয়াসার, ওসার '-র্, -রো' বি ['অবসর'—মূল (?) ; হি ওসার ; ঠ ওস(সা)র—room given to pass] বিস্তার, চওড়াই। "ছয় মাস ওসার নদী গো.চ ২৬। ওয়াসার-ওয়ালা ধুতি পা.প্র ১৫৮। [ওয়াসার-ওয়ালা—চওড়া।]

ওয়াস্তা বি [আ রস্‌তহ্] ১ হেতু, নিমিত্ত। ২ সম্বন্ধ, অপেক্ষা। "তবে থাকবে না কোন চক্ষুলজ্জা। রবে না কারো ওয়াস্তা।—দ্বিজেন্দ্র লাল রায়। [ওয়াস্তে (ফা রস্‌ত্-য)—কারণে, নিমিত্তে, অপেক্ষায়। "আপ্ কি ওয়াস্তে।—হেম ৩৮১।]

ওর[১] বি [সং অরার >লি ওর ; হি ওর ; অস ওর্] ১ কূল, কিনারা ; সীমা, অবধি। "টুটব বিরহক ওর বি.প ৩ ; দুঃখওর ৪৫ ; ১৭২। রূপের নাহিক ওর চ.দা ২০ ; সুখের না ছিল ওর ৮৫। ভাবে নাহি ওর শি ৩৩। দুঃখ ওর ব ১৮২। দুঃখের নাহিক ওর ম.ম ১০। ২ সীমা, একশেষ, চূড়ান্ত। "বিদ্যাপতি কহে আরতি ওর বি.প ৪৭। ৩ প্রান্ত, শেষভাগ। "অধরু আচর ওর বি.প ১৩৮। আঁচর ওর ব ৭৬ ; কুঞ্চক ওর ১৮০। ৪ মূলদেশ। "কহ সহচরি শ্রবণক ওর জ ৩৪। উরজক ওর জ্ঞা ৮৯। চঞ্চল নয়ন গঞ্জন জোর। সঘনে ধাওত শ্রবণক ওর॥ —গো ৬৩। ৫ অগ্রভাগ, ডগা। "নাসিক ওর。মোতিম কোর。ভোর জগত রীঝ ব ৬৩। ৬ আরম্ভ, আদি, অবধি। "ওর অন্ত নাহিক ম ২৮১। ওর অন্ত নাহি লোক চতুর্দ্দিকে বেড়ি ব.প ৬৭৩। সাজিল বণিক চন্দ নাহি ওর পার ম.ম ১৭৩। ঐছে মহাপ্রভুর লীলা—নাহি ওর পার চৈ.চ ৩৫৫। [ওর পার—এপার ওপার ; আদি অন্ত। ওল —ওর, শেষ। "এহি জনম ভেল ওল বি.সা ৪৬। নয়নক ওর—নয়ন-প্রান্ত, অপাঙ্গ। "জ্ঞা ৮৯ ; ২২২। গো ১০৪।]

ওর[২] বি [ওড়>ওর ; অস ওর্ ; অপ্র] ওড়পুষ্প, জবা। "চাঁপা ওর যে লবঙ্গ ঃ শ্বেত ওর রক্ত ওর বা.ম ১২৭ ; ৪০০।

ওরক বি [আ ররক্] পুস্তকের বা পাতার পৃষ্ঠ বা পাতা; এক-তা (একখণ্ড) কাগজ। "গুরু আজ্ঞা ধরি, চারিভাগ করি, সমান ওরক করে ব.প ৩১৭।

ওরন বি [ওড়ন >°ন ; অপ্র] উত্তরীয়, চাদর। "শীতে অগ্নি জ্বালি দেহি বস্ত্র ওরন গ ৯৭। —নি বি [ওড়নি >°নি ; অস ওরণি ; অপ্র] স্ত্রীলোকের উত্তরীয় ; ওড়না। "পট্টাম্বর উপরে ওরনি দিল তুলি ম.পা ১৬১।

ওরফে বি [আ উ'র্‌ফ্] অন্যনাম, উপনাম, ডাকনাম (alias)। "বাবু পদ্মলোচন ওরফে হঠাৎ অবতার হু ১৩৮। তখন ক্ষীরোদা —ওরফে ক্ষীরোদমণি—ওরফে ক্ষীরাব্ধিতনয়া—ওরফে শুধু ক্ষীরি আসিয়া দাঁড়াইল ব.প্র ২৮৪ ; ২৯০।

ওর(রো)স বি [উড়স >°স ; অপ্র] ছারপোকা। "গো.চ ১৮০, টীকা।

ওরাইয়াচালু বি [(?) শালিতণ্ডুলবিশেষ। "চৈ.চ ২৬৬।

ওরে অব্য [অরে>ওরে] ১ সম্বোধনে। "ওরে আবাল জম তুমি কার প্রানে চাও গো.চ ২৮, টীকা। ওরে ওরে এইমত বার হাজার হুকুম মেনে, কেটেছিল ন'টা বছর প.কা ৫৯। ২ বিষাদে, শোকে, হায়। "এমন পীরিতি ওরে সেই গেলা ছাড়ি ব.প ৮৫৭। ৩ সস্নেহ সম্বোধনে। "ওরে বাছা বেদব্যাস ভা.চ ২১০। [ওরেরে (অরেরে >°রে)—সরোষ সম্বোধনে। "ওরেরে মলয়বাত, তোরে হ'ক বজ্রাঘাত বা.ম ২৭।]

ওল পুং [আ+ √উন্দ্+অ (ক)-ক (ত.বা), পৃষো ; গোল>ওল (?) ; তু 'সং ওল্ল (ওল) ; প্রা ওল্ল (আর্দ্র—হে) ; মুণ্ডারি, জাটু—ওল] আর্দ্র (সরস) কন্দবিশেষ ; শূরণ। "ফাল্গুনে না রুলে ওল। শেষে হয় গণ্ড-গোল॥—খনা। [যেমন বুনো ওল, তেমনি বাঘা তেঁতুল—(গৌণার্থে) যেমন পীড়াজনক উগ্র দ্রব্য, তেমনি প্রতিবিধেক তীব্র ঔষধ ; যেমন দারুণ দুর্বৃত্ত, তেমনি দোর্দ্দণ্ডপ্রতাপ শাসনকর্ত্তা ; যেমন কুকুর, তেমনি মুগুর।]

ওল[২] প্র [অল>ওল ; বৈষ্ণবসাহিত্যে] কর্ত্তৃবাচ্যে অতীত কালে প্রথম পুরুষের ক্রিয়ার প্রত্যয়। "আওল কানু বি.প ১৩৪ ; ১৩৫ ; পড়াওল ১৪৩। সখী পাঠাওল চ.দা ১৪৩। দেওল।—গো ১৯৬। লাওল (লইয়া আসিল) জ ৮ ; পাওল ৯। পাওল।—ব ৮৭ ; দেওল ১২৮। বনাওল জ্ঞা ১১৯। গমাওল, বাটাওল (বণ্টন করিল) ব.প ১০২৪ ; মিটাওল ১০৩৬। —লি ক্রি.ক্তি [অলি>ওলি] কর্ত্তৃবাচ্যে অতীত কালে মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "তুহুঁ···মোহে পরাওলি। —গো ১৯৬। যাহে বাঢাওলি রাই ব ১৯৩।

ওলণ্ডা বি [P. Hollanda] হলণ্ডদেশীয় বড় মটর ; মটরশিম্বি।

ওলদে বি [আ রলদ্, রলদ্] অমুকের পুত্র। "শ্রীপরাণ ভঞ্জরাজ, ওলদে কণ্ঠমণি দাস গো.বি ১৯৯। শ্রীবৈদ্যনাথ ভট্টাচার্য্য ওলদে পার্ব্বতি ভট্টাচার্য্য E.P. 71.

ওলন বি [সং অরলম্ব>প্রা ওলংর (প্রা.ম)>বা ওলন ; হি—সাহুল ; ঠ ওলংবা ; ড় ওল.ম] গাঁথনি লম্বভাবে, অর্থাৎ ঠিক খাড়া উঠিতেছে কি না, তাহা দেখার নিমিত্ত প্রান্তে লম্বিতভার রাজমিস্ত্রির সূত্রযন্ত্র-বিশেষ ; সালসূতা, ওলনদড়ি (plumb-line)। [°দড়ি—সূত্রময় ওলনযন্ত্র।]

ওলন্দাজ বি [P. Hollandēs ; F. Hollandaise] হলণ্ডদেশের অধিবাসী। "ভা.চ ২৬৯।

ওলা[১] বি ['গোলা'—মূল (?) ; হি, গু ওলা—করকা ; ঠ—ওরা] (করকাতুল্য) মিছরির শাদা লাড়ুবিশেষ। "খেতে দিব···ওলা লাড়ু চিনি ব.প ৩৮৯।

ওলা[২] বি [√উল[২] উলা, >ওলা] ১ অবতরণ, অবরোহণ, নামা। ২ [হি ওলা—ভেদ] তরলমলনিঃসরণ, পেটনামা, ভেদ। তু 'ওলাউঠা'। —লা বিং [হি উলার , গু উলাহ] ভারাধিক্য হেতু পশ্চাদ্ভাগে অবনত (গোশকট-প্রভৃতি)। বিপ 'ডাবা'। [ওলা (অপ্র) —১ অবতীর্ণ বা আবির্ভূত হও। "স্বর্গ ছাড়ি ওলা ওগো জগৎ গৌরী মা।—ম.ম ২ ; ২২। ২ অধঃপ্রবাহিত হও ; ক্ষতমুখে আসিয়া বাহির হও। "ওলা কালকূট বিষ ম.ম ২১৯। গাড়ী ওলা হওয়া—গোরুর গাড়ীর ভারাধিক্য হেতু পশ্চাদ্ভাগে নীচু হওয়া। পেট ওলা—ভেদ হওয়া।]

ওলা[৩] বি [দ্র 'ওয়ার'[৩]] স্বামী, অধিকারী। "এই বাড়ীওলা মেসোকে ডাকতে এসেছি গি.দ্বি ১০৪। —লী [ওলা+ঈ৬] স্বামিনী, অধিকারিণী। "বাড়ীওলী মাসী গি.দ্বি ১০৪।

ওলা[৪], **ওলো** অব্য [অলা >ওলা ; অলো >ওলো] ১ সখীর বা সমবয়স্কার সম্বোধনে ; লো। "ওলো সই ! বা.দ ১৮২। বলবো কি লো ওলো দিদি অদৃষ্ট আমার।—হেম ৩৮৭। ওলো সই, ওলো সই। —গান ১৮৪। ওলো ! অবাক করিল যে !—ঘ ৮০। ২ পুরুষ কর্ত্তৃক স্ত্রীলোকের সম্বোধনে (অসাধু)। "ওলা শুন আন্তের কাহিনী ম.ম ১ ; ওলো জগৎ গৌরী মা ২২। ওলো ধনি প্রাণধন,···সরোবরে যেয়ো না লো ভা.চ ৬৯৯।

ওলা[৫] সর্ম্ম [√উলা> √ওলা] ১ অবতীর্ণ করান ; অবরোহণ করান ;

নামান। "ওলাহা রাধা৹ মাথার চুপড়ী শ্রী.কী ৩৬ ; ১০৪ ; ওলাহ পসার ১৫৩। দুগ্ধ ওলাইয়া, যশোদা আসিয়া পুত্রকর্ম্ম দেখি হাসে শ্রী.ম ২৯। গাছ হ'তে আগে আনি ওলাইয়া কর্পূরে শ্রী.ম ৭৯। ২ বিষ অধঃপ্রবাহিত করা বা ক্ষত মুখে আনা। [ওলান—নামান। ওলাহ, -হা—নামাও।]

ওলাউঠা বি [ওলা+উঠা ; গু ওলাহো—বমি ; নামাতোলা (মালদহ), ভেদবমি, বাজারভাব (চব্বিশপরগণা)] তরল মলনিঃসরণের ও বমনের রোগবিশেষ ; ভেদবমি, বিসূচিকা।

ওলান '-ন্' বি [ঠ অড(ডা)ণ; জাটু—ঔড়া ; ওলান (যশোহর) ; পালান, মোড় (চব্বিশপরগণা) ; E. udder] গাভী-প্রভৃতির স্তন, আপীন, পালান।

ওলাবিবি বি ওলার (ওলাউঠার) অধিষ্ঠাত্রী দেবী। "কোথায় মা ওলাবিবি, বেউলা রাঁড়ীর মেয়ে লী ৪।

ওলাহন বি [সং উপালম্ভন ; হি উলাহনা, ওলহনা ; মৈ—উলহন, ওলানা ; জাটু—ওহলনা ; ওলাহন, ওলানা (মালদহ) ; ওলহা—খোঁটা ; (দিনাজপুর) ; অপ্র] ১ দোষ, অপবাদ ; অভিযোগ। "একদিন শ্রীরাধিকা সহ গোপীগণ। কৌতুকে শ্রীকৃষ্ণচন্দ্রে দেন ওলাহন॥—ভ.প্র ৪৪৫। (সর্ব্বজন) শচী জগন্নাথে দেখি দেয় ওলাহন চৈ.চ ৫৫ ; ৩৪৯। এথা হর্ষে আসি তাঁরা দেন ওলাহন ন.প ১০৬। ২ তিরস্কার, ভৎর্সনা। "শুনি শচী পুত্রে কিছু দিলা ওলাহন চৈ.চ ৫৪ ; ৩০৩ ; রোষে কৃষ্ণে দেন ওলাহন ৩৪২। স্বামী দিলা ওলাহন ভ.প্র ১৯৭। [ওলাহন দেওয়া (হি ওলাহনা দেনা)—দোষ দেওয়া ; ভৎর্সনা করা।]

ওলি ; ওলী দ্র 'ওল২ ; ওলা৩'।

ওলু ক্রি.বি [অলু > ওলু ; বৈষ্ণবসাহিত্যে] কর্ত্তৃবাচ্যে অতীত কালে আকারান্ত বাঙলা ধাতুর উত্তর বিহিত উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "পরিমলক লোভে ধাওলু৹ পাওলু নাহি পাস বি.প ১২৪ ; আওলু ধাই ১৩৩।

ওলো দ্র 'ওলা৪'।

ওশ, -স '-শ্' বি [সং অবশ্যায় > প্রা ওসাঅ (বিক্র ২৮) > বা (ওসা) ওস, -শ ; হি, গু ওস ; প ওষ ; ওশ (চট্টগ্রাম, ঢাকা, মালদহ), 'ওসা, -সাঅ—নিশাজল (দেশী ১.১৬৪ ; ৮.৫৩)] ১ নিশাজল, শিশির। ২ হিম, বরফ। "হোর দেখ পর্ব্বতে দৈবেতে কৈল ওস ম ১০১৭।

ওশুদ, -ধ বি ['অশুদ্ধ'—মূল ; গ্রাম্য] অশৌচ। [ওশুদ-অন্ত—অশৌচান্ত। ওশুদ-গায়—অশৌচাবস্থায়।]

ওষধি, -ধী স্ত্রী [ওষ+ √ধা+ই (কি)-ধি, ওষৎ ধয়তি, দহদ্ রোগজাতং নাশয়তি (নিরুক্ত ৯.২৭) ; বিকল্পে স্ত্রী -ঈ (ঙীপ্), ছান্দস] ১ যাহাতে দীপ্তি ধৃত হয় (অ.টী) ; ফলপাকান্ত (অর্থাৎ ফল পাকিলে যাহা মরে, তাদৃশ), উদ্ভিজ্জ—ধান্য যব কদলী ইত্যাদি। 'ওষধ্যঃ ফলপাকান্তাঃ (অ.কো)। মনু ১.৪৬। ফলপাকনিষ্ঠা ওষধয়ঃ।—সুশ্রুত ১.১.২২। "মহৌষধী রা ৬.১০১.৩১ ; ৩২। ওষধীনামধিপস্ত কু.স ৭.১। ২ ঔষধীয় উদ্ভিজ্জ ; ঔষধের উপকরণ গাছ-গাছড়া (drug)।

ওষধিজ বিণ [ওষধি+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ওষধিজাত।—জ পুং অগ্নি।

ওষধিপতি, -ধীশ পুং [ষ.ত] ১ 'ওষধিপালক', চন্দ্র। তু 'পুষ্ণামি চৌষধীঃ সর্ব্বাঃ সোমো ভূত্বা রসাত্মকঃ গী ১৫.১৩। বিষ্ণুপুরাণ ৪.৬.৫। ২ কর্পূর। ৩ বৈদ্য। "মাঘ ৯.৩৬।

ওষধিপ্রস্থ পুং [উ.লো] ওষধিযুক্ত হিমালয়ের পুরীবিশেষ ; হিমবৎপুর। "কু.স ৬.৩৩ ; ৩৬।

ওষুধ বি [দ্র 'অষুদ' ; তু 'ওসুঢানি (ঔষধানি—অশোক-অনুশাসন ২)] ১ ঔষধ। "এই সব শিশি কৌটা ওষুধ বিষুধ চ.কা ১০৩। ২ স্বামি-প্রভৃতিবশীকরণের উপায়স্বরূপ ওষধিমূল-দ্রব্যমন্ত্রপ্রভৃতি। দ্র 'ক.চ ১২৩ ; শ্রী ৬৬। [ওষুধ করা—বশীকরণের উপায় দ্বারা বশ করা। ওষুধ বিষুধ—দ্র 'অষুধ'।]

ওষ্ঠ পুং [√উষ্+থ (থন্)-র্ষ্ম, ষত্ব, উ ২.৪ ; ছান্দস ; Av. aosta ; Prussian—'austa'—mouth ; Old Saxon—'usta'—mouth] ১ যাহা খাদ্যে উষ্ণ হয় ; উপর ও নীচের ঠোঁট ; রদনচ্ছদ। "অধর°, অরুণ°, উত্তর°, করাল°, °পুট, বিম্ব° (S.W.)। ওষ্ঠোপ-সংহার তৈ ২.২৪। পা ১.১.১৯, সি। দুই ওষ্ঠে উড়ে ধুলা ম.ম ২১৬। শ্রীরামের বচনে সীতার ওষ্ঠ কাঁপে কৃ ৯৯। ২ উত্তর ওষ্ঠ ; উপর ঠোঁট (উর্দ্ধে ওষ্ঠঃ—অ.টী)। বিপ 'অধর'। "ইহার (গণ্ডারের) ওষ্ঠ অধরের উপর ঝুলিয়া পড়িয়া থাকে।—শিশুশিক্ষা, তৃতীয় ভাগ। [°কপাটি (বি)—ওষ্ঠদ্বয়ের কপাটবৎ স্তম্ভন ; ওষ্ঠস্তম্ভ। "ওষ্ঠকপাটি লাগে রাও নাহি আইসে ম.ম ৭৫। °জ (বিণ)—ওষ্ঠজাত, ওষ্ঠ্য (Labial)। °পল্লব, °বিম্ব (ক্লী)—পল্লববৎ বা বিম্ববৎ রক্ত ওষ্ঠ ; রক্তৌষ্ঠ। "ওষ্ঠবিম্ব-চুম্বন মাঘ ২.১৪। °পুট (ক্লী)—ওষ্ঠদ্বয়ের পুট অর্থাৎ ভঙ্গ (fold) ; ওষ্ঠমুদ্রা। "সন্দষ্ট° গো.রা ৩.৩৫.৭৮ ; মহা ৩.১১.৪২। পাটল° শ ৭.২৩। ওষ্ঠাগত (বিং)—ওষ্ঠপ্রাপ্ত, নাসিকান্তর্গত, প্রায়বহির্গত (প্রাণ)। ওষ্ঠাধর (ক্লী)—ওষ্ঠদ্বয়। "বি.পা ২০।]

ওষ্ঠ্য বিং [ওষ্ঠ+য (যৎ) 'তত্র ভব' অর্থে ; স্ত্রী -ষ্ঠ্যা] ১ ওষ্ঠভব, ওষ্ঠ-স্থিত। ২ [+য 'তত্র জাত' অর্থে] ওষ্ঠজাত, ওষ্ঠোচ্চারিত (বর্ণ —Labial)।

ওস ; ওসকান ; ওসার দ্র 'ওশ ; উশকা ; ওয়াসার'।

ওসি ক্রি.বি [অসি > ওসি ; বৈষ্ণবসাহিত্যে ; তু 'করোস' (পূর্ব্ববঙ্গ)] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে আকারান্ত বাঙলা ধাতুর উত্তর বিহিত মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "তুহুঁ জগন্নাথ জগতে কহাওসি বি.সা ৪৯৬ ; আদি অনাদিক নাথ কহাওসি ৪৯৭। পাওসি অব দুখে ঃ কাহে বাড়াওসি খেদে জ্ঞা ২২৭।

ওস্তাগর বি [ফা উস্তাকর্] ১ গুরুমহাশয়, শিক্ষক। ২ শ্রেষ্ঠ শিল্পী। ৩ মুসলমানের উপাধি।

ওস্তাদ ; ওস্তাদী দ্র 'উস্তাদ ; উস্তাদী'।

ওস্তোয়ার বিং [ফা উস্তুবার] প্রবল, পরাক্রান্ত, দোর্দ্দণ্ডপ্রতাপান্বিত। "E. P. 67.

ওহ সর্ব্ব [ও২+হ (আগম)] ও, উহা। "ওতই ওহও গেল (অর্থাৎ পরোক্ষে উহাও গেল) বি.সা ২৮৬।

ওহা সর্ব্ব [উহা > ওহা ; অপ্র] উহা, ও (ব্যক্তি, বস্তু)। "ওহা আরাধনে গ ১। ওহা ছারি ম.পা ১৭৫। [ওহার—উহার। "শ্রী.কী ১৮৪ ; ২৪১। উহার সতীত্ব ম.পা ১০৫। ওহারে—উহাকে। "ম.পা ৭৬ ; ১৭১। ওহারি—উহারই। "ওহারি ধেয়ানে প.র ৩২।]

ওহাড়ন, -ড়ী বি [ওআড় > °ন, °ড়ী (ক্রি.বি) ; অপ্র] আবরণ, আচ্ছাদন। "নেত বাস ওহাড়ন দিআঁ শ্রী.কী ৯ ; ৭৫ ; নেত অঞ্চল সে দিআঁত ওহাড়ী ১০০ ; ১৪৩। [ওহাড়িয়া—আবৃত করিয়া। "কত বা রাখিব কুচ নেতে ওহাড়িআঁ শ্রী.কী ৩৯২।]

ওহে অব্য [অহে > ওহে] সম্বোধনে, হে। "ম ৩২৯। ওহে নবীন অতিথি, তুমি নূতন কি তুমি চিরন্তন।—গান ১৪৩।

ওহো অব্য [অহো > ওহো ; হি ওহ, -হো, ঠ ওহো] ১ বিস্ময়ে। "অহ, অহ, ওহো, ওহো৹ কি মহান্ সমারোহ !—সা.ম ৬১। ২ শোকে, দুঃখে, বিষাদে, যন্ত্রণায়। "সেকের পো ওহো ওহো বলে তোবা তোবা। জান যায় হায় হায় মাফ কর বাবা॥—আ.দু ৭৭। ৩ স্মরণে। ৪ অতর্কিত

প্রিয়-সমাগমে আনন্দে। [ওহোহো (ঠ ওহোহো)—ওহো ওহো, অতিবিস্ময়াদিতে।]

ঔ

ঔ চতুর্দ্দশ স্বরবর্ণ। [ইহার উচ্চারণস্থানসম্বন্ধে দ্রষ্টব্য 'ও১'। ইহা সন্ধ্যক্ষর, 'অ'-কার বা 'আ'-কারের সহিত 'ও'-কারের সন্ধিতে 'ঔ'-কার হয়। তৈত্তিরীয় প্রাতিশাখ্যে, 'ঔ'-কারের আদি 'অ'-কার 'অ'-কারার্দ্ধ-মাত্রক, অর্থাৎ অর্দ্ধমাত্রক এবং শেষ 'উ'-কার অধ্যর্দ্ধমাত্রক, অর্থাৎ দেড়মাত্রাযুক্ত (তৈ ২.২৬; ২৯); অতএব 'ঔ'-কার দ্বিমাত্রক বা দীর্ঘ এবং কণ্ঠতালব্য। পাণিনিমতে এবং শিক্ষাগ্রন্থেও 'ঔ'-কার কণ্ঠতালব্য। 'ও'-কারের ন্যায় 'ঔ'-কার বেদে দ্বাদশবিধ, সংস্কৃতে চতুর্ব্বিধ (দ্র 'ও১')। বাঙ্‌লায় 'ঔ'-কার অন্য দীর্ঘ স্বরের ন্যায় নামমাত্রে দীর্ঘ, উচ্চারণে হ্রস্ব। 'ঔ'-কার-স্থানে, পালিতে 'অ' 'আ' 'উ' 'ও' এবং প্রাকৃতে, 'অউ' 'আ' 'উ' 'ও' হয়। যেমন, পালি—সম্ম (সৌম্য) গারব (গৌরব), খুদ্দ (ক্ষৌদ্র), মুত্তিক (মৌক্তিক), পোর (পৌর); প্রাকৃত—গউড (গৌড), গারব গউরব (গৌরব), সুণ্ড (শৌণ্ড), সুন্দের (সৌন্দর্য্য), জোব্বণ (যৌবন)। 'ঔ'-কারের পূর্ব্বোক্ত উচ্চারণ 'অউ'ই এইরূপ বিকারের মূল এবং 'অ'-কার ও 'উ'-কারের মাত্রার সাম্য-বৈষম্য ইহার কারণ, বোধ হয়। বাঙ্‌লায়ও 'গউড়' 'গউন' 'গউর' 'গউরব' প্রভৃতির 'অউ' প্রাকৃতানুযায়ী। সংস্কৃতের 'অক্ষৌহিণী' 'প্রৌঢ়' 'প্রৌহ' ইত্যাদির, হিন্দীর 'চউথ' 'চৌথ' ইত্যাদির, মরাঠীর 'চউত্রা' 'চৌত্রা' 'চউক' 'চৌক', 'চউত' 'চৌত', 'চউথ' 'চৌথ' ইত্যাদির মূল ও কারণ 'অউ'-এরই ঐরূপ মাত্রার সাম্য-বৈষম্য।]

ঔক ক্রি.বি [বাঙ্‌লা ধাতুর অন্ত্য 'অ'+উক৪ > অউক > ঔক (অউ > ঔ, দ্র 'ঔ১')— √আছ+উক > আছৌক; অপ্র] কর্ত্তৃবাচ্যে অনুজ্ঞায় প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "আছৌক অন্যের কার্জ্জ মী ১৬। আছৌক বাধক (বার্দ্ধক্য) গো.বি ১৪৬। সঙ্করৌক, ধরৌক ব.প ৬৩০; সাজৌক ৬৪০। পড়ৌক মুণ্ড অ.প ৫৯; দেখৌক ৬৮; কাটৌক ৭৭; ধরৌক, পশৌক ৯৬; করৌক ৯৭; ১২৪; ১২৫, রহৌক ১৩৩, হৌক ম.পা ১৪; রহৌক ১৫; বন্ধৌক, পারৌক ১৮, রৌক ২৪; নিঃসরৌক ৮১; তোলৌক ১০১; মরৌক ১১৮।

ঔখদ, -ধ বি [সং ঔষধ > °ধ, -দ (ষ > খ); দ্র 'খ২'; হি ঔখদ; ঠ ওখদ; মৈ ঔখধ; বৈষ্ণবসাহিত্যে] **১** ঔষধ। "ঔখদ পান বি.প ৬৪; যাকর বেয়াধি। পরাধীন ঔখধ, (°ধি—প.ক) তাকর জীবন কাহে ২০২; সমুচিত ঔখদে না রহে বেয়াধি ২১১। এহন ঔখধ বি.সা ২৬৭। রস ঔখদ ব ১১৭। **২** (সাদৃশ্যে) পীড়াশান্তিকর দ্রব্যমাত্র। "চণ্ডীদাস কহে বিরহ বাধা। কেবল মরমে ঔখদ রাধা॥—চ.দা ২৮। জীবন-ঔখদ (প.ক)।

ঔগ্রসেনি পুং [উগ্রসেন+ই (ইঞ্), তদপত্যার্থে] উগ্রসেনের অপত্য; উগ্রসেনপুত্র। "ভ ৯.২৪.২৪।

ঔগ্র্য ক্লী [উগ্র+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] **১** উগ্রভাব, উগ্রতা, তীব্রতা। **২** ভীষণভাব, ভয়জনকতা। **৩** ঔদ্ধত্য, কার্কশ্য।

ঔচিত্য ক্লী [উচিত+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] **১** উচিতভাব, যোগ্যতা। "ক.সা ১.১১। **২** সত্য। "যথৌচিত্যাৎ (সা.দ)। **৩** অভ্যস্ততা, পরিচিতভাব। "শূলাধিরোপণ" ক.সা ২৪.৯৫।

ঔজ্জ্বল্য ক্লী [উজ্জ্বল+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] উজ্জ্বলভাব, দীপ্তি, প্রভা, ভাস্বরতা। "স.শ ১২৭।

ঔডু(দু)ম্বর বিণ [উডু(দু)ম্বর+অ (অণ্) তদ্ভাবার্থে; স্ত্রী -রী] **১** উডুম্বরবিকার, উডুম্বরকাষ্ঠরচিত। "মনু ২.৪৫। **২** তাম্রনির্ম্মিত। —র পুং **১** যমবিশেষ। "ঔডুম্বরায় দধ্নায় (যমতর্পণমন্ত্র)। **২** বনবাসি-তাপসবিশেষ। "ভ ৩.১২.৪৩। —রী ক্লী **১** উডুম্বরফল, যজ্ঞডুমুর। **২** তাম্রময় পাত্র। "মহা ৫.৪০.১০। **৩** পক্ব উডুম্বরফলসদৃশ কুষ্ঠবিশেষ। "সুশ্রুত ২.৫.৭।

ঔড্র পুং [ওড্র+অ (অণ্) 'তন্নিবাস, তদ্রাজা' অর্থে] **১** ওড্রদেশের অধিবাসী; ওড়িয়া। "মনু ১০.৪৪। **২** ওড্রদেশের রাজা।

ঔৎকণ্ঠ্য ক্লী [উৎকণ্ঠ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] উৎকণ্ঠভাব, উৎকণ্ঠা, উদ্বেগ, অশান্তি, ব্যাকুলতা। "ভ ১.৬.১৭; প্রণয়ৌৎকণ্ঠ্য ১৫.৩। প্রেমের ঔৎকণ্ঠ্য প্রভুর—নাহি কৃষ্ণসঙ্গ চৈ.চ ৮৬।

ঔৎকর্ষ, -র্ষ্য ক্লী [উৎকর্ষ+অ (অণ্) স্বার্থে] উৎকর্ষ, উৎকৃষ্টতা, শ্রেষ্ঠতা, উপাদেয়তা। "যিশুখৃষ্টের শিষ্যেরা স্বধর্ম্মসংস্থাপনের নিমিত্ত নানা দেশে আপন ধর্ম্মের ঔৎকর্ষের উপদেশ করিয়াছেন।—বাঙ্গালা সাময়িক সাহিত্য ২২১।

ঔত্তরেয় পুং [উত্তরা+এয় (ঢক্) তদপত্যার্থে] উত্তরার অপত্য বা পুত্র; পরীক্ষিৎ। "ভ ১.১৭.৪০।

ঔৎপাতিক বিণ [উৎপাত+ইক (ঠক্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -কী] উৎপাতভব; উৎপাতবিষয়ে সংঘটিত; দুর্নিমিত্তসূচক, বিপজ্জনক। "রঘু ১৪.৫৩। —ক ক্লী দুর্নিমিত্ত, দুর্লক্ষণ, দুর্দৈব। "বভূবৌৎপাতিকং মহৎ মহা ৩.২৩০.৫৮। ঔৎপাতিকে ঔপসর্গে তুমি সে ঔষধ ভা.চ ৪২৮।

ঔৎসর্গিক বিণ [উৎসর্গ+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে, স্ত্রী -কী] **১** (ব্যাকরণে) উৎসর্গসম্বন্ধী, সাধারণ (বিধি)। **২** ত্যাগসম্বন্ধী। **৩** স্বাভাবিক, সহজ (M.W.)।

ঔৎসুক্য ক্লী [উৎসুক+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] **১** উৎসুকভাব, ইষ্টার্থে উদ্যুক্তত্ব; অভিমত প্রয়োজনে উৎসুকতা। "পু.মে ৫। ভ ৪.৩৭। **২** উৎকণ্ঠা। "রঘু ২.৭৩। **৩** ইচ্ছামাত্র (ত.বা)। **৪** 'এখনই আমার ইহা লাভ হউক' এইরূপ ইচ্ছা। "সা.দ ৩.১৫৯, টীকা। **৫** ব্যভিচারি-ভাববিশেষ। "সা.দ ৩.১৫৯।

ঔদ, ঔদ্র বি [সং রৌদ্র, 'র'লোপ; অপ্র] রৌদ্র। "চৈত্র বৈশাখের ঔদে ঐ ক্যাঁথা শুকায় গো.চ ১৭৯; উপরে ঔদ্রের জ্বালা ২১০।

ঔদক বিণ [উদক+অ (অণ্) তৎসম্বন্ধার্থে, স্ত্রী -কী] **১** উদক-সম্বন্ধী, জলীয়। "মনু ৩.২১৫। **২** জলপরমাণু দ্বারা জাত (বুদ্‌বুদাদি)। "ভ ৭.২.৪২। **৩** জলচর (পক্ষী)। "মহা ৩.১৪৬.৫৭। **৪** [+অ 'তত্র জাত' অর্থে] উদকভব, জলজাত। "মনু ১.৪৪।

ঔদনিক পুং [ওদন+ইক (ঠক্), পা ৫.১.১০১] ওদনপাকে প্রভু; সূপকার, পাচক।

ঔদরিক পুং [উদর+ইক (ঠক্), পা ৫.২.৬৭] উদরে প্রসিত, অর্থাৎ ক্ষুধায় অত্যন্ত পীড়িত; উদরমাত্রপূরক ও ব্যবহারবর্জ্জিত (অ.টী); উদরমাত্রপূরণে আসক্ত; আদ্যূন, পেটুক। "সর্ব্বত্রৌদরিকস্য অভ্যব-হার্য্যমেব বিষয়ঃ বিক্র ৩৯।

ঔদার্য্য ক্লী [উদার+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] **১** উদারভাব, উদারতা, মহানুভবতা, মহাশয়তা। "রূপৌদার্য্যগুণান্বিতা মহা ৩.৬৮.৯৬। প.তৃ ৫৬। **২** মহত্ত্ব, উৎকর্ষ। **৩** বদান্যতা, দানশীলতা (M.W.)। **৪** বাক্যের অর্থসম্পত্তি; অর্থগাম্ভীর্য্য, শ্লাঘ্যবিশেষণত্ব। "কি ১.৩; ১১.৪০। **৫** নায়কের সত্ত্বজ গুণবিশেষ। "সা.দ ৩.৫০। **৬** নায়িকার যৌবনজাত অলঙ্কারবিশেষ; বিনয়। 'ঔদার্য্যং বিনয়ঃ সদা সা.দ ৩.৯৭।

ঔদাসীন্য ক্লী [উদাসীন+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] **১** উদাসীন-ভাব, শুভাশুভবিষয়ে উপেক্ষা, তটস্থতা, নির্লিপ্তভাব। "রঘু ১০.২৫। নিতান্ত ঔদাসীন্য তাঁহার (স্ত্রীর) প্রতি অনাদররূপে প্রতীয়মান হয় পা.প্র ১৩৩। **২** রাগনিবৃত্তি, বৈরাগ্য, বিষয়বিতৃষ্ণা। **৩** রাহিত্য (ত.বা)।

ঔদাস্য ক্লী [উদাস+য (ষ্যঞ্) তদ্‌ভাবার্থে] ১ উদাসভাব, ঔদাসীন্য, বীতরাগতা, বৈরাগ্য, বিষয়বিতৃষ্ণা। "শান্তিশতক ৩.১৯। ২ মনোযোগবিরহ, অনাবিষ্টতা, অবহেলা, উপেক্ষা। "নৈ ১১.১০১। ঔরসে ঔদাস্য করি ঔর্ব্বদাহে বধ ভা.চ ৪২৮। অলস ঔদাস্যভরে, মধ্যাহ্নের শুষ্ক বায়ু মিছে খেলা করে, শুষ্ক পত্র ল'য়ে চ কা ১১০।

ঔদ্দালক ক্লী বল্মীককারক কীট কর্ত্তৃক কৃত কপিল মধুবিশেষ (ভাবপ্রকাশ)।

ঔদ্ধত্য ক্লী [উদ্ধত+য (ষ্যঞ্) তদ্‌ভাবার্থে] ১ উদ্ধতভাব, অবিনয়, অশিষ্টতা। "ক.সা ২২.১৪০। এতেক ঔদ্ধত্য প্রভু করেন কৌতুকে চৈ.ভা ১০৯। ২ গর্ব্ব, দর্প, অহঙ্কার। "বিদ্যোদ্ধত্যে কাহাকেহো না করে গণন চৈ.চ ৬০। ৩ নিজ উৎকর্ষ হেতু অন্যের প্রতি অবজ্ঞা-বিষ্করণ। "মা.মা ১.৪।

ঔদ্ভিদ বিণ [উদ্ভিদ্+অ (অণ্) স্বার্থে] ১ যাহা উর্দ্ধে ভেদ করে; ভূমি হইতে স্বয়ংজাত লবণবিশেষ; পাংশুলবণ (ভাবপ্রকাশ)। ২ নিম্ন ভূমি ভেদ করিয়া প্রবল ধারায় উত্থিত জল।

ঔদ্বাহিক বিণ [উদ্বাহ+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] ১ উদ্বাহ-সম্বন্ধী, বৈবাহিক। ২ বিবাহে লব্ধ; বিবাহার্জ্জিত (ধন)। "মনু ৯.২০৬। —ক ক্লী বিবাহে স্ত্রীর লব্ধ ধন; স্ত্রীধন (A.)।

ঔধস বিণ [উধস্+অ (অণ্) 'তত্র জাত' অর্থে; স্ত্রী -সী] উধোভব, গোস্তনজাত। "ঔধসং পয়ঃ ভ ৪.১৭.২৩।

ঔন্নত্য ক্লী [উন্নত+য (ষ্যঞ্) তদ্‌ভাবার্থে] ১ উন্নতভাব, উচ্চতা, উচ্ছ্রায়। "ক.সা ২৬.২৮৫। ২ ঔদার্য্য, মহত্ত্ব।

ঔপচারিক বিণ [উপচার+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] উপচারসম্বন্ধী, লাক্ষণিক, আরোপিত, গৌণ। —ক পুং [+ইক স্বার্থে, পা ৫.৪.৩৪] উপচার।

ঔপদেশিক বিণ [উপদেশ+ইক (ঠক্) পা ৪.৪.১২; স্ত্রী -কী] ১ উপদেশজীবী। ২ [+ইক তৎসম্বন্ধার্থে] উপদেশসম্বন্ধী, উপদেশ দ্বারা প্রাপ্ত (ধনাদি)।

ঔপনায়নিক বিণ [উপনয়ন+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] উপনয়নসম্বন্ধী, উপনয়নবিষয়ক (কাল, বিধি)। "মনু ২.৬৮। যাজ্ঞ ১.৩৭।

ঔপনিধিক ক্লী [উপনিধি+ইক (ঠক্) স্বার্থে] ১ রূপসংখ্যাদি না বলিয়া করণ্ডাদিতে রাখিয়া মুদ্রিত করিয়া রক্ষণার্থ বিশ্বাসপূর্ব্বক অর্পিত দ্রব্য। "যাজ্ঞ ২.৬৫। ২ বিশ্বাস হেতু নিহিত দ্রব্য। "শু ২.৩২৫।

ঔপনিষদ বিণ [উপনিষদ্+অ (অণ্) শৈষিক, পা ৪.২.৯২, সি; স্ত্রী -দী] ১ উপনিষদ্ দ্বারা বেদ্য। "ঔপনিষদঃ পুরুষঃ (সি)। ২ উপনিষৎসম্বন্ধী। —দ পুং ১ পরমাত্মা, ব্রহ্ম। ২ ব্রহ্ম-প্রতিপাদক গ্রন্থ।

ঔপন্যাসিক ১ উপন্যাসসম্বন্ধী, উপন্যাসবিষয়ক, উপন্যাসে বর্ণিত। ২ উপন্যাসলেখক।

ঔপম্য ক্লী [উপমা+য (ষ্যঞ্) স্বার্থে] ১ উপমা। ২ সাদৃশ্য, তুলা। "আত্মৌপম্য গো.রা ৬.২৬.৩৮। গী ৬.৩২। হি ১.১২। নিরৌপম্য ভ ৫.২.৪১।

ঔপয়িক বিণ [উপায়+ইক (ঠক্) হ্রস্ব, তু 'ঔপায়িক'—ঔপায়িকং কার্য্যম্ (মহা ৫.১৭৭.৩৭); স্ত্রী -কী] ১ উপায় দ্বারা লব্ধ; উপায় দ্বারা নির্বৃত্ত (অ.টী)। ২ যুক্ত, যোগ্য। "নৈতদৌপয়িকম্ রা ২.৫৩.৩০; ৫৪.৩৯। ঔপয়িকী ভার্য্যা গো.রা ৫.২৩.১৪। মহা ৩.২৮০.২১। মর্ত্ত্যলীলৌপয়িক ভ ৩.২.১২। —ক পুং, ক্লী [+ইক স্বার্থে, পা ৫.৪.৩৪] উপায়। "কি ২.৩৫।

ঔপল বিণ [উপল+অ (অণ্) 'তদবয়ব' অর্থে; স্ত্রী -লী] উপলাবয়ব, পাষাণময়। "প্রবেনোপলেন মনু ৪.১৯৪।

ঔপসর্গ বি [উপসর্গ+অণ্ (অ) স্বার্থে] উপসর্গ, উৎপাত, দুর্দৈব। "ঔৎপাতিকে ঔপসর্গে তুমি সে ঔষধ ভা.চ ৪২৮।

ঔপসর্গিক বিণ [উপসর্গ+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] ১ উপসর্গসম্বন্ধী, ঔৎপাতিক, দুর্দৈবসূচক। ২ [+ইক (ঠঞ্) পা ৫.১.১০৫] উপসর্গজননে সমর্থ (ব্যাধি)। "সুশ্রুত ১.৩৫.১৪। ৩ প্র-প্রভৃতি উপসর্গসম্বন্ধী। —ক পুং সন্নিপাতবিশেষ (শ.ক)।

ঔপাধিক বিণ [উপাধি+ইক (ঠঞ্) পা ৪.২.৬৮; স্ত্রী -কী] ১ উপাধিকৃত, উপাধিজনিত। "দেহরূপ একবৃক্ষে নিরন্তর দুই পক্ষী করে কাল যাপন। ঔপাধিক ভেদমাত্র স্বরূপত অভেদ হন। —রামমোহন রায়। ২ উপাধিসম্বন্ধী। ৩ [বাঙলায়; অপ্র] মূল্য ছাড়া গৃহীত অধিক ধন; রাজপ্রাপ্য শুল্ক। "দ্রব্য লয়্যা দিবে মূল্য উচিত যে হৈবে। বিক্রীর কারণে ঔপাধিক না লইবে॥—ম ৫১২।

ঔপায়িক দ্র 'ঔপয়িক'।

ঔর বিং [সং অপর; হি ঔর] অপর, অন্য, আর। "ঔর এক হিসাব কে বাত কহোঁ শুন্ রা.স ৩১।

ঔরৎ বি [আ অ'রত্; হি ঔরত] ১ স্ত্রীলোক। ২ স্ত্রী, পত্নী "কাহে মাতারি···বাঁধসি ঔরতে মেরা।—রাজকৃষ্ণ রায়।

ঔরস বিণ [উরস্+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -সী] ১ উরঃসম্বন্ধী, বক্ষঃসম্বন্ধী। ২ [+অ 'তত্র ভব' অর্থে] উরোভব, হৃদয়স্থিত, শারীরিক। "ঔরসং বলম্ মহা ৩.১১.৩১। ৩ [+অ 'তাহা দ্বারা নির্ম্মিত' অর্থে পা ৪.৪.৯৪; দ্র 'বৃহদারণ্যক ৩.৯.২২] উরঃ দ্বারা নির্ম্মিত; সবর্ণা বা অসবর্ণা স্ত্রীতে স্বয়ং উৎপাদিত (পুত্র, কন্যা)। "উর্ম্মিলাঞ্চৌরসীং কন্যাং লক্ষ্মণায় তদা দদৌ।—অধ্যাত্মরামায়ণ। নিহতং পুত্রমৌরসম্ মহা ৬.৯০.৮২। —স পুং ১ স্বীয় ক্ষেত্রে অর্থাৎ কন্যাবস্থায় পরিণীতা সবর্ণা ভার্য্যায়, স্বয়ং উৎপাদিত পুত্র (মনু ৯.১৬৬; যাজ্ঞ ২.১৩১); ধর্ম্ম-পত্নীজাত পুত্র। 'অঙ্গপ্রত্যঙ্গজঃ পুত্রো হৃদয়াদভিজায়তে রা ২.৭৪.১৪। "ঔরসং মৈথিলেয়ম্ রঘু ১৬.৮৮। হি ১.২০৩। কামিনীর কথাতে কি ত্যজিবে ঔরস কৃ ৯৩। এই হেতু না থাইল তোমার ঔরস ম ২৮৭। জনক-ঔরস শ্রী ৫৩। ২ (বাঙলায়; অপ্র) পুত্রসদৃশ ভক্ত। "ভা.চ ৪২৮। ৩ (বাঙলায়) বীর্য্য, বীজ। "তেমনি সন্তান হয় যেরূপ ঔরস কৃ ৩৯৭। ঔরসসম্ভব আমি তাঁহার তনয় অ.প ৯৭। সূর্য্যের ঔরসে জন্ম ম ৭২০। অনিল-ঔরসে জন্ম শ্রী.মা ১০২। —সী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] ধর্ম্মপত্নীজাতা কন্যা।

ঔরস্য বিণ [উরস+য (যৎ) 'তত্র ভব' অর্থে+অ (অণ্) স্বার্থে; স্ত্রী -স্যা] উরোভব, বক্ষোজাত, বক্ষঃস্থিত। —স্য পুং [উরস্য+অ (অণ্) স্বার্থে] ঔরস, পুত্র (অ.টী)।

ঔর্ণ বিণ [ঊর্ণা+অ (অণ্) তদ্বিকারার্থে; স্ত্রী -র্ণী] ঊর্ণাবিকার, ঊর্ণাময়, পশুলোমজাত, মেষলোমজ (বস্ত্রাদি; woollen)। "ঔর্ণান্ বৈলান্ (প্রাবারান্ প্রদদৌ) মহা ২.৫১.৩।

ঔর্দ্ধদেহ বিণ [ঊর্দ্ধদেহ+অ (অণ্) 'তত্র ভব' বা 'তৎসম্বন্ধ' অর্থে; স্ত্রী -হী] ঊর্দ্ধদেহে ভব; ঊর্দ্ধদেহসম্বন্ধী, পারলৌকিকদেহসম্বন্ধী। "°নিমিত্তার্থম্ রা ২.৮৩.২৪।

ঔর্দ্ধদেহিক বিণ [ঊর্দ্ধদেহ+ইক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে, পা ৪.৩.৬০, কাশিকা; স্ত্রী -কী] ১ ঊর্দ্ধদেহে ভব; ঊর্দ্ধদেহোদ্ভব, পার-লৌকিক। "রা ২.৭৭.৩। ঔর্দ্ধদেহিকক্রিয়া।—পঞ্চ ১২৬। ২ পর-লোকপ্রয়োজন (মেধাতিথি)। "মনু ১১.১০। —ক ক্লী পারলৌকিক ধর্ম্মবুদ্ধিতে করণীয় দানাদি (কুল্লুক); তিলোদকপিণ্ডদানাদি (মল্লিনাথ); ঊর্দ্ধদেহপ্রাপক শাস্ত্রোক্ত ক্রিয়াদি (ত.বা); মৃত্যুদিন

হইতে সপিণ্ডীকরণের পূর্ব্বপর্য্যন্ত প্রেততৃপ্তিহেতুক পিণ্ডাদিদান (ভরত); বৃষোৎসর্গাদি ক্রিয়া। "মনু ১১.১০। কুরম্বাস্তৌর্দ্ধদেহিকম্ মহা ৩.২৯৬.২০। —দেহী বি (বাঙলায়) মৃত ব্যক্তি। "ঔর্দ্ধদেহীর কর্ম্ম করাইল মুনি গ ৭৬। —দৈহিক বিণ [+ইক, উভয়পদবৃদ্ধি, পা ৭.৩.২০] সর্থ 'ঔর্দ্ধদেহিক'। —দৈহিক ক্লী সর্থ 'ঔর্দ্ধদেহিক'। [মৃত্যুর পরে মনুষ্যের প্রথম আতিবাহিক দেহোৎপত্তি, পরে পূরকপিণ্ডদানে প্রেতদেহপ্রাপ্তি এবং আদ্যাদিসপিণ্ডান্ত ক্রিয়া দ্বারা প্রেতদেহনিবৃত্তি ও ভোগদেহপ্রাপ্তি হয় (ত.বা)।]

ঔর্ব্ব বিণ [উর্ব্বী+অ (অণ্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -র্ব্বী] ১ উর্ব্বীভব, পৃথিবীজাত। ২ উর্ব্বীসম্বন্ধী, পার্থিব। ৩ [উর্ব্ব+অ, তৎসম্বন্ধার্থে] ঔর্ব্বসম্বন্ধী। "ঔর্ব্বশ্চাখ্যানম্ মহা ১.২ ১১২। —র্ব্ব পুং [উর্ব্ব+অ (অঞ্) তদ্গোত্রাপত্যার্থে, পা ৪.১.১০৪; উরু+অ (অণ্)—ঔর্ব্ব ইতি বিপ্রর্ষিরূরুং ভিত্ত্বা ব্যজায়ত (মহা ১.১৭৯৮); তু 'উর্ব্ব—ঔর্ব্ব ঋষি (মহা ১৩.৬.৪)] ১ উর্ব্ব ঋষির গোত্রাপত্য; যিনি উরু ভেদ করিয়া উৎপন্ন হন; বিপ্রর্ষিবিশেষ। "ঔর্ব্ব-ঋষি-ক্রোধানল মা ১২২। [ইনি বৈদিক ঋষি (ঋগ্বেদ ৮.১০২.৪)। পুরাণে, ইনি ভৃগুবংশীয় ঋষি-বিশেষ। ইঁহার জননী আরুষী এবং জনক চ্যবন (মহা ১.৬৬.৪৬)। আরুষী দুর্বৃত্ত কৃতবীর্য্যবংশীয় ক্ষত্রিয়গণের ভয়ে উরুদেশে গর্ভ ধারণ করেন। ক্ষত্রিয়গণ তাহা জানিতে পারিয়া গর্ভ-নাশে উদ্যত হইলে, ঔর্ব্ব ক্রোধে উরু ভেদ করিয়া নির্গত হন এবং তাঁহার দেহপ্রভায় ক্ষত্রিয়েরা অন্ধ হইয়া যায়। অনন্তর ঔর্ব্বের ক্রোধানল ত্রিলোকনাশে উদ্যত হইলে, ঔর্ব্ব পিতৃগণের অনুরোধে ক্রোধবহ্নি সংহার ও সমুদ্রে নিক্ষেপ করেন। এই কোপানলই হয়শিরোমূর্ত্তি হেতু, 'বাড়বানল' নামে প্রসিদ্ধ (মহা ১.১৭৮-১৮০; ১৩.৫৬শ অধ্যায়)। মতান্তরে, উর্ব্ব ঋষি অযোনিজ পুত্র হেতু বহ্নি লইয়া নিজ বক্ষোদেশ মন্থন করেন। ইহাতে জ্বালাময় পুরুষ উৎপন্ন হয়; ইহার আধার সমুদ্র (অ.টী)।] ২ বড়বানল, বাড়ব। "বহ্নিরৌর্ব্ব ইবাপরঃ মহা ১.২৩.৮। শ ৩.৩, টীকা। ৩ (বাঙলায়; অপ্র) ঔর্ব্বানলতুল্য প্রচণ্ড ক্রোধানল। "ঔরসে ঔদাস্য করি ঔর্ব্বদাহে বধ ভা.চ ৪২৮। —র্ব্ব ক্লী উর্ব্বীজাত লবণ-বিশেষ; পাংশুলবণ। [°দহন °অগ্নি, °অনল (পুং)—বড়বানল। "ঔর্ব্বদহনোষ্মা।]

ঔর্ব্বর বিণ [উর্ব্বরা+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -রী] ভূমিসম্বন্ধী, ভৌম্য, পার্থিব। "রজোভিরৌর্ব্বরৈঃ মাঘ ১৬.২৭।

ঔর্ব্বশেয় পুং [উর্ব্বশী+এয় (ঢক্) তদপত্যার্থে] ১ উর্ব্বশীর পুত্র; অগস্ত্য মুনি। ২ উর্ব্বশীর গর্ভজাত পুরূরবার আয়ুঃপ্রভৃতি ছয় পুত্র। "ভ ৯.১৫.১।

ঔর্ম্মিলেয় পুং [উর্ম্মিলা+এয় (ঢক্) তদপত্যার্থে] উর্ম্মিলাসুত। "চন্দ্রকেতুরৌর্ম্মিলেয়ঃ উ.চ ৬২২৫।

ঔলূক্য পুং [উলূক+য (ষ্যঞ্) তদ্গোত্রাপত্যার্থে] উলূকমুনির গোত্রাপত্য; বৈশেষিকদর্শনকার কণাদমুনি। [°দর্শন (ক্লী)—বৈশেষিকদর্শন।]

ঔশনস বিণ [উশনস্+অ (অণ্); স্ত্রী -সী] ১ উশনঃপ্রোক্ত; শুক্রাচার্য্যকৃত, শুক্রোপদিষ্ট (মত)। "ঔশনসবার্হস্পত্য-চাণক্যমতবিৎ। —পঞ্চ ৫২২৫। বৃহৎ চৌশনসং বৃহৎ মহা ৩.২৮৪.৬। ২ উশনঃসম্বন্ধী। —স পুং উশনার পুত্র; শণ্ড ও অমর্ক। "শণ্ডামর্কাবৌশনসৌ ভ ৭.৫.৪৮। —স ক্লী শুক্রপ্রোক্ত ধর্ম্মশাস্ত্র; উশনঃসংহিতা। —সী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] শুক্রকন্যা, দেবযানী। "মহা ১.৮১.১৮।

ঔশীর বিণ [উশীর+অ (অণ্) 'তদ্বিকার' অর্থে; স্ত্রী -রী] উশীর-বিকার, উশীররচিত। —র ক্লী ১ উশীরানুলেপন। "স্তনন্যস্তৌশীর শ ৩.৬। ২ উশীররচিত শয্যা; শয্যা। ৩ উশীরাসন, আসন। ৪ উশীর-মূল। ৫ বীরণমূলকৃত ছদি (নীলকণ্ঠ), অর্থাৎ শকটাদির আবরণ। "মহা ১২.৬০.৩২। —র পুং, ক্লী ১ (সাদৃশ্যে) চামর। ২ চামরদণ্ড।

ঔষধ পুং ক্লী [ওষধি+অ (অণ্) 'অজাতি' অর্থে, স্বার্থে, পা ৫.৪.৩৭; অর্দ্ধর্চ্চাদি; বৈদিক] ১ ওষধিজাত রোগনাশক দ্রব্য; ভেষজ। "ব্যাধিতস্যৌষধং পথ্যম্ হি ১.১৪। গী ৯.১৬। ২ ওষধিজাত অন্নাদি; নীবারতণ্ডুলাদি। "ভট্টি ৫.১২। ৩ ঔষধের উপকরণ ওষধি, অর্থাৎ গাছ-গাছড়া; বকাল। "তাহাতে ঔষধ আছে বিশল্যকরণী: আনহ ঔষধ হেন বিশল্যকরণী।—কৃ ৩১৯। ৪ ঔষধীয়দ্রব্য-সংসৃষ্ট ঘৃত তৈল ইত্যাদি; কল্যাণঘৃতাদি (কুল্লুক)। "মনু ৮.৩২৪। ৫ ঔষধসদৃশ পীড়ানাশক হিতকর দ্রব্যমাত্র। "নাস্তি ভার্য্যাসমং কিঞ্চিদ্ ঔষধম্ মহা ৩.৬১.২৯। বিষস্য বিষমৌষধম্ শৃ ১৫। মূর্খস্য নাস্ত্যৌষধম্।—পঞ্চরত্ন ৫। ৬ খনিজ দ্রব্য। ৭ স্বামিবশীকরণার্থ ওষধিমূল মন্ত্র অঞ্জন ইত্যাদি। "স্নানমন্ত্রৌষধানি মহা ৩.২৩২.৭। ঔষধ করিয়া রস্তা ফিরে বাড়ী বাড়ী ক.চ ১২৩; শাশুড়ী ননদী, ঔষধে ত বান্ধি: ঔষধের গুণে, স্বামী বোল শুনে ১৩৬। ৮ বিষ্ণু। (মহা)। [ঔষধ করা—বশীকরণার্থ ঔষধ প্রয়োগ করা। "ঔষধ করিয়া তোর সাধিব সম্মান ক.চ ১২৩; ১৩৬। ঔষধধারণ—ঔষধপূর্ণ মাদুলি-প্রভৃতি অঙ্গে ধারণ।] —ধি, -ধী স্ত্রী [ওষধি > °ধি, -ধী, বৃদ্ধি, বাহুলকে (অ.চি, টীকা)] ১ ওষধি। "ঔষধীভিঃ (পাঠান্তর) মহা ১৩.১০.২২। ঔষধিবুধাচ্ছেদে (পাঠান্তর) যাজ্ঞ ৩.২৭৬। নদীর দুকূলে আছে বিস্তর ঔষধি কৃ ৩১৯। ম ৫৫৫। ক.চ ২৭৩। ঔষধি-জলে করাইল স্নান শ্রী.ম ২৩। ২ জ্যোতিষ্মতী লতা; তৃণজ্যোতিঃ (মল্লিনাথ)। "কি ৫.২৪। ৩ (বাঙলায়) ঔষধ (অসাধু)। "ত্রৈলোক্যে নাহিক বাপু ইহার ঔষধি ম ১৭৭; ৯৫৬। বিষস্য বিষমৌষধি দা ৩৬৮। ৪ ঔষধসদৃশ হিতকর দ্রব্যমাত্র। "সে রোগের ঔষধি কেবল ব্রাহ্মণ-চরণরজ দা ৭; চিন্তা-জ্বরে ঔষধি শ্যাম-চিন্তামণি ১৭২। শ্রীবাস-কৃপা-পরম-ঔষধি চৈ.ম ১২১।

ঔষধীয় বিণ [ঔষধ, ঔষধি+ঈয় (ছ) তৎসম্বন্ধার্থে] ১ ঔষধসম্বন্ধী, ঔষধযোগ্য। ২ ওষধিসম্বন্ধী।

ঔষ্ট্র বিণ [উষ্ট্র+অ (অণ্) 'তৎসম্বন্ধ' 'তদ্বিকার' অর্থে; স্ত্রী -ষ্ট্রী] ১ উষ্ট্রসম্বন্ধী, উষ্ট্রবিষয়ক। ২ উষ্ট্রজাত। —ষ্ট্র ক্লী উষ্ট্রদুগ্ধ।

ঔষ্ট্রক ক্লী [উষ্ট্র+অক (বুঞ্) তৎসমূহার্থে] উষ্ট্রসমূহ, উটের পাল। "পা ৪.২.৩৯। মাঘ ৫.৬৫। —ক ক্লী [ঔষ্ট্র+ক (কন্) স্বার্থে] উষ্ট্র-দুগ্ধ (বাগ্ভট)।

ঔষ্ঠ্য বিণ [ওষ্ঠ্য+অ (অণ্) স্বার্থে; স্ত্রী -ষ্ঠ্যা] ওষ্ঠ্য, ওষ্ঠজাত (বর্ণ —উবর্ণ, পবর্গ)।

ঔষ্ণ্য ক্লী [উষ্ণ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ উষ্ণভাব, উষ্ণতা, তাপ। "যাজ্ঞ ৩.৭৭।

ঔষ্ম্য ক্লী [উষ্মন্+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ উষ্মভাব, তাপ। ২ সন্তাপ। "রাজবিয়োগৌষ্ম্য রঘু ১৭.৩৩। ৩ উষ্ণ স্পর্শ। "যাজ্ঞ ৩.৭৭।

ং

ং অনুস্বার অযোগবাহ বর্ণ। [অনুস্বার অনুনাসিক বর্ণ, অর্থাৎ ইহা নাসিকার অনুবর্ত্তন করে এবং উচ্চারণকালে নাসিকা বিবৃত বা বিস্তৃত হয়। মতান্তরে, অনুস্বারের উচ্চারণে হনুদ্বয়ের উপসংহার বা সন্নিকর্ষ করিতে হয় (তৈ ২.৩০; ৫২; ১৯)। অনুস্বার ব্যঞ্জনবর্ণ, কারণ ইহা পূর্ব্ববর্ত্তী স্বরের আশ্রিত, অর্থাৎ পূর্ব্ব স্বরের অঙ্গীভূত (তৈ ২১.৬; ১.৩০; ৩৪, ব্যাখ্যা)। পাণিনিও বর্ণমালার উপদেশে অনুস্বারের উল্লেখ করেন নাই। সন্ধিতে ন্-কার ও ম্-কারের স্থানে অনুস্বার বিধান করিয়াছেন (পা ৮.৩.২৩; ২৪)। ব্যঞ্জন অর্দ্ধমাত্র হইলেও, অনুস্বার

হ্রস্বমাত্রক এবং ইহার শেষে অ-'কার' ক-'কার' ইত্যাদির ন্যায় বর্ণবাচক 'কার' থাকে না ; বিসর্গেরও এইরূপ (তৈ ১.১৮ ; ৩৪)। তৈত্তিরীয়-শাখায় (২.৩০) অনুস্বারের উচ্চারণ অর্দ্ধগকার, অর্থাৎ সানুনাসিক পাদমাত্রক। যেমন, 'সংস্কার'—সংগ্‌ঁস্কার, 'সংবাদ'—সংগ্‌ঁবাদ।]

ঃ

ঃ বিসর্গ অযোগবাহ বর্ণ। [ইহার উচ্চারণস্থান কণ্ঠ, ইহার করণ নাই। মতান্তরে, ইহা যে স্বরবর্ণের পরে থাকে, সেই স্বরই ইহার উচ্চারণের স্থান ও করণ। সন্ধ্যক্ষর 'ঐ'-কার ও 'ঔ'-কারের পরবর্ত্তী বিসর্গের স্থান ও করণ, সন্ধ্যক্ষরের অন্ত্য স্বরের, অর্থাৎ 'ই'-কার এবং 'উ'-কারেরই সদৃশ (তৈ ২.৪৬ ; ৪৮)। পাণিনিমতে, বিসর্গ কণ্ঠ্যবর্ণ (পা ১.১.৯, সি)। বায়ুর বিসর্জ্জন বা ত্যাগ হেতু উৎপত্তি বলিয়া, ইহার নাম 'বিসর্জ্জনীয়' বা 'বিসর্গ' (তৈ ১.১৮)। বিসর্গ ব্যঞ্জনবর্ণ হইলেও, ব্যঞ্জনের ন্যায় অর্দ্ধমাত্রক নহে, হ্রস্বমাত্রক বা একমাত্রক। পাণিনি বর্ণমালার উপদেশে ইহার উল্লেখ করেন নাই, সন্ধিস্থলে পদান্ত র্‌-স্থানে বিসর্গের বিধান করিয়াছেন (পা. ৮.২.৬৬ ; ৩.১৫)। পালি ও প্রাকৃতের বর্ণমালায় বিসর্গের স্থান নাই ; সংস্কৃত 'যশস্‌' 'মনস্‌' 'শিরস্‌' প্রভৃতি শব্দ পালিতে বিসর্গহীন 'যস' 'মন' 'সির' এবং প্রাকৃতে 'জস' 'মণ' 'সির' হয়, অর্থাৎ স্‌-কারের লোপে অ-কারান্ত শব্দ বলিয়া পরিগণিত হয়। বাঙ্‌লায়ও, তদনুকরণে 'যশ' 'মন' 'শির' বিসর্গহীন প্রযুক্ত হইয়া থাকে ; কেবল, 'দুঃখ' 'দুঃশীল' 'দুঃস্থ' প্রভৃতি বিসর্গমধ্য শব্দ, পালি বা প্রাকৃতের অনুকরণে লিখিত হয় না, সংস্কৃতের ন্যায়ই লিখিত হয় ; অর্থাৎ উহারা বাঙ্‌লায় ব্যবহৃত অবিকল সংস্কৃত শব্দ। সুতরাং, প্রকৃতপক্ষে প্রাকৃতের ন্যায় বাঙ্‌লায়ও বিসর্গের স্থান না থাকিলেও, 'আঃ'! 'ইঃ'! 'উঃ'! 'ওঃ'! ইত্যাদি বাঙ্‌লা অব্যয়ে সংস্কৃতের অনুকরণে মহাপ্রাণ উচ্চারণ হেতু বিসর্গের প্রয়োগ করিতে হয়। সংস্কৃতেও অধ (অধস্‌—আপস্তম্বধর্ম্মসূত্রে), অনোকশায়ী (অনোকঃ-শায়ী—মহা ১.৯১.৫), বিন্দুসরে (বিন্দুসরসি, ভ ৩.২৫.৫), জটায়ু (জটায়ুস্‌, রা ৩.৪৯.৩৮ ; ৪০ ; ভট্টি, ৭.৮৬) প্রভৃতি স্বরান্ত শব্দে পালি ও প্রাকৃতের প্রভাব বর্ত্তমান রহিয়াছে।]

ঁ

ঁ চন্দ্রবিন্দু অনুনাসিক বর্ণ। [পাণিনি অনুস্বারাদির ন্যায় বর্ণমালার উপদেশে ইহার উল্লেখ করেন নাই ; সন্ধিতে (পা ৮.৩২ ; ৮.৪.৫৯ ; ৬০) অনুনাসিকের ব্যবস্থা করিয়াছেন। চন্দ্রবিন্দু অর্দ্ধানুস্বার, অর্থাৎ অনুস্বারের অর্দ্ধমাত্রার সূচক ; ইহার বিন্দু (•) সংস্কৃতের একমাত্রা-বিশিষ্ট অনুস্বার এবং অর্দ্ধচন্দ্রাকৃতি রেখা ঐ বিন্দুর অর্দ্ধমাত্রার জ্ঞাপক ; সুতরাং, উহার উচ্চারণ অনুস্বারবৎ অনুনাসিক, কিন্তু উচ্চারণকাল অনুস্বারের অর্দ্ধমাত্রাপরিমিত, অর্থাৎ উহা অর্দ্ধমাত্রক অনুস্বারবিশেষ (প্রা.ল ৪৫ পৃষ্ঠ)। ঋগ্বেদে, 'মহান্‌' 'দেবান্‌' 'তান্‌' স্থানে যথাক্রমে 'মহাঁ' 'দেবাঁ' 'তাঁ' (১.৮.৫ ; ১.১২.৩, ৪)—এইরূপ সানুনাসিক পাঠের চন্দ্রবিন্দু ন্‌-কারস্থানজাত। সংস্কৃতে ; 'বিদ্বাঁল্লেখক' ইত্যাদি স্থলে, 'ন্‌'-স্থানে সানুনাসিক লকার বিহিত হইয়াছে। প্রাকৃতে 'হিং' 'ইং' স্থানে 'হিঁ' 'ইঁ' (হে ৩.৭ ; ২৬), 'যমুনা, চামুণ্ডা, কামুকা' স্থানে 'জঁউণা, চাঁউণ্ডা, কাঁউআ' (হে ১.১৭৮) এবং অপভ্রংশ প্রাকৃতে 'কবঁলু' (কমল), 'ভবঁরু' (ভ্রমর—হে ৪.৩৯৭)—এই সকল শব্দের চন্দ্রবিন্দু অনুনাসিকের রূপান্তর। প্রাচীন বাঙ্‌লায়, চর্য্যাচর্য্যবিনিশ্চয়ে—সাঁখে বাঁঙ্গে দুঃখে সভাবেঁ বাতাবত্তেঁ ইত্যাদি, শ্রীকৃষ্ণকীর্ত্তনে—পাঁতি কাঁতি আঁওলা কাঁপ কাঁসে (কংসে), দেবেঁ করোঁ ইত্যাদি, চণ্ডীদাসে—পাইতুঁ করিতুঁ (দ্র 'ইতুঁ') এবং চাঁদ হাঁস ইত্যাদি শব্দের চন্দ্রবিন্দু অনুনাসিকজাত। প্রাচীন বাঙ্‌লায় নিম্নলিখিত কতিপয় স্থলে প্রযুক্ত চন্দ্রবিন্দু প্রণিধানযোগ্য।—

(১) অনুনাসিক বর্ণের উচ্চারণে বা অনুনাসিক বর্ণের স্থানে জাত চন্দ্রবিন্দু। যেমন, চর্য্যাচর্য্যবিনিশ্চয়ে—নাশেঁ অকিলেসেঁ (সং অক্লেশেন) অস্নেঁ (অস্নেন) অলিএঁ (অলিনা) ভুবণেঁ মইলেঁ মকুঁ (মম) মলিনেঁ মাঝেঁ মিছেঁ। শ্রীকৃষ্ণকীর্ত্তনে—কাহ্নাঞিঁ কোণোঁ (কোন) অমিআঁ জরমেঁ (জন্মে) নিআঁ (লইয়া) আঙ্গিআঁ ভাঙ্গিলেঁ ইত্যাদি। বিদ্যাপতিতে—কোনেঁ পটাম্বঁর (২২৪)। গোপীচন্দ্রে—ঘ্যাওঁ (লও, ১৯৯)। মনসামঙ্গলে—লাঁফ, বাঁধে (৬ ; ১৭৩)। জগৎমঙ্গলে—কোঁঙার (২)।

(২) অনুনাসিকবর্ণের উচ্চারণমূলক চন্দ্রবিন্দুর অযথা স্থানে প্রয়োগ। যেমন, বএঁসে (বএস+এঁ—শ্রী.কী) ; কঁতি, তঁহি আঁচান গোঁসাই ইত্যাদি।

(৩) সানুনাসিক উচ্চারণ হেতু চন্দ্রবিন্দুর আগম। যেমন, চর্য্যাচর্য্যবিনিশ্চয়ে—উছলিআঁ (উচ্ছলিত) এবেঁ কইসেঁ (কিসে) জথাঁ জবেঁ জাইবেঁ ভুল্লেঁ (ভুলে) বেএঁ (বেদে) বেসেঁ (বেশ)। শ্রীকৃষ্ণকীর্ত্তনে—এবেঁ কুলেহোঁ তোএঁ (তুমি) পোএঁ (পুত্র) পোড়াআঁ ভণিতেঁ ইত্যাদি। মনসামঙ্গলে—জোঁকার (২২)। বাইশ কবি-মনসায়—জাঁতি যুঁথী (২৭), ভেঁড়া (৮৮), যুঁথিকা (১০৮)। বঙ্গসাহিত্যপরিচয়ে যবেঁ সত্তোঁ তবেঁ (৯৬৫), চলিতেঁ (৯৬৭)। আধুনিক বাঙ্‌লায়—চঁই ছঁই ছুঁই ছুঁচ জুঁই পাঁব ফাঁকি সোঁত সোঁতা ইত্যাদি। বাঁকুড়া বর্দ্ধমান ও বীরভূমে কথ্যভাষায়—ক'রেঁ খেয়েঁ যেয়েঁ ইত্যাদি।

(৪) অনুনাসিক বর্ণের স্থানে জাত চন্দ্রবিন্দুর লোপ। যেমন, গোরক্ষ-বিজয়ে—পাজি (পাঁজী ৪৭, টীকা), কাণা পাচ (৭৬), ঠাই (১১৬), সপিলা (১২১), কাড়ারি (কাঁড়ারি ১২৩)। মনসামঙ্গলে—ছিড়ে (২০), বাঝা (৬৯), কোচা (কোঁচা ১৭৩), সাজাল (সাঁজাল ২০৫), কুথিতে (কুঁথিতে ২০৮)।

(৫) তন্ত্রে চন্দ্রবিন্দু বিন্দুরূপা শক্তির প্রতিরূপ (দ্র 'ওঁ'২)। সেই হেতু বাঙ্‌লায় শক্তিবিগ্রহের পূর্ব্বে চন্দ্রবিন্দু লেখার ব্যবস্থা আছে। উহার অর্থ 'ঈশ্বরী', অর্থাৎ শক্তিবিগ্রহ দুর্গা-প্রভৃতি। যেমন, শ্রীশ্রীঁরাজরাজেশ্বরী দেবী, ঁদক্ষিণা কালী, ঁশ্রীশ্রীদুর্গাশরণং (E.P. 47, 84, 104) ; শ্রীশ্রীঁশারদীয়া পূজা, ঁশ্যামাপূজা ইত্যাদি। এতদ্ভিন্ন ইহারই অনুকরণে, শক্তিবিগ্রহভিন্ন অন্য দেববিগ্রহ, তীর্থস্থান, পবিত্রনদী-প্রভৃতির নামের সহিত এবং 'ঈশ্বর' অর্থে অতিব্যাপকভাবে চন্দ্রবিন্দুর প্রয়োগের রীতি দেখা যায়। যেমন, ঁগঙ্গালাভ, ঁপ্রাপ্তি (ব.প্র ৩৪৮)। ঁকাশীধাম। ঁশ্রীশ্রীকৃষ্ণাভ্যাং নমঃ, ঁশ্রীশ্রীগোবিন্দ, শ্রীশ্রীঁসেবার্থে, ঁবক্রেশ্বরনাথ, ঁজীয়ের সেবা, ঁসেবা, ঁচেরাগী, শ্রীশ্রীঁঠাকুরের সেবা, ঁদেবত্তর, ঁসেবাত, শ্রীশ্রীঁস্থানে, শ্রীশ্রীঁমঙ্গল করিবেন, শ্রীশ্রীঁরাধাকৃষ্ণ, শ্রীশ্রীঁজিউর, শ্রীশ্রীঁকে অর্পণ (E.P. 18-179)। শ্রীশ্রীঁবৃন্দাবন, শ্রীশ্রীঁসরকার, ঁশ্রীশ্রীহরিশরণং, শ্রীশ্রীঁভাগবতশাস্ত্র, শ্রীঁযমুনা, শ্রীশ্রীঁপদ্মাসন শ্রীঁগাদি (ব.প ১৬৩৯,-৪১)। মৃতব্যক্তির নামের পূর্ব্বে ঈশ্বর অর্থাৎ 'ঈশ্বরপ্রাপ্ত' 'স্বর্গগত' অর্থে চন্দ্রবিন্দু লেখার সামাজিক প্রথা আছে। যেমন, ঁশ্রীশ্রীরূপগোস্বামী, ঁশুকদেব পাণ্ডা, ঁরাজু দেব্যা, ঁকৃষ্ণচন্দ্র মুখোপাধ্যায়, ঁদয়ারাম বসু, ঁনবাব (E.P. 35—113) ইত্যাদি। সর্ব্বত্রই পড়ার বা বলার সময়ে 'চন্দ্রবিন্দু'র পরিবর্ত্তে 'ঈশ্বর' পড়ার বা বলার নিয়ম আছে, পুরুষ-স্ত্রী-ভেদে 'ঈশ্বর' 'ঈশ্বরী' পড়ার বা বলার নিয়ম দেখা যায় না। 'ঈশ্বর' অর্থে চন্দ্রবিন্দুর প্রয়োগ শাক্তসম্প্রদায়ের ; বৈষ্ণবেরা তৎস্থলে এবং পরে

ব্যাপকভাবে 'শ্রী' প্রয়োগ করেন। যেমন, শ্রীকৃষ্ণ শ্রীদাম শ্রীকৃষ্ণচৈতন্য শ্রীনিত্যানন্দ শ্রীঅদ্বৈত শ্রীরূপ শ্রীরাধিকাজিউ শ্রীগোবর্দ্ধন শ্রীকুঞ্জ শ্রীবৃন্দাবন শ্রীরাধাকুণ্ড শ্রীপাট শ্রীখণ্ড শ্রীরঞ্জনমালা শ্রীলীলা (E.P. 17-33) ইত্যাদি।

ক

ক১ প্রথম ব্যঞ্জনবর্ণ ও ক-বর্গের প্রথম বর্ণ। [ক-বর্গের উচ্চারণস্থান হনুমূল এবং করণ জিহ্বামূল, অর্থাৎ ক-বর্গের উচ্চারণে জিহ্বামূল দ্বারা ঐ বর্গীয় বর্ণসমূহকে হনুমূল স্পর্শ করাইতে বা হনুমূলে নীত করিতে হয় (তৈ ২.৩৫)। পাণিনিমতে, ক-বর্গ কণ্ঠ্য (পা ১.১.৯)। প্রাণবায়ু নাভিদেশ হইতে প্রযত্নে প্রেরিত হইয়া ঊর্দ্ধগমন-কালে উরঃ-প্রভৃতি স্থানে আঘাত করে এবং তৎপরে বর্ণের বা তদভিব্যঞ্জক ধ্বনির উৎপত্তি হয়; এই ধ্বনির উৎপত্তির পূর্ব্বে জিহ্বার অগ্র উপাগ্র মধ্য মূল, কণ্ঠ্যতালব্যাদি বর্ণের উৎপত্তিস্থান কণ্ঠতালু-প্রভৃতি স্পর্শ করে; এইজন্য ক-অবধি ম-পর্য্যন্ত পঞ্চবিংশতি বর্ণের নাম 'স্পর্শ' (mute)। বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং উষ্মবর্ণ 'অঘোষ' (surd), বর্গের তৃতীয় চতুর্থ ও পঞ্চম বর্ণ এবং য র ল ব হ 'ঘোষ' (sonant), বর্গের প্রথম তৃতীয় ও পঞ্চম বর্ণ এবং য র ল ব অল্পপ্রাণ (unaspirated) এবং বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং উষ্মবর্ণ মহাপ্রাণ (aspirated)। উচ্চারণস্থান কণ্ঠ তালু মূর্দ্ধা দন্ত ওষ্ঠ ইহাদের পর্য্যায়ানুসারে স্পর্শবর্ণের কবর্গাদি পঞ্চ বর্গের ক্রম নিরূপিত হইয়াছে। ব্যঞ্জনবর্ণ অর্দ্ধমাত্রক।]

ক২ পুং **১** ব্রহ্মা। "ভ ২.১.৩২। **২** বিষ্ণু। **৩** অগ্নি। **৪** বায়ু। **৫** রুদ্র। **৬** সূর্য্য। **৭** যম। **৮** মদন। **৯** রুদ্র। **১০** দক্ষ প্রজাপতি। "ভ ৯.১০.১১। **১১** কশ্যপ। "ভ ৬.৬.৩৪। **১২** আত্মা। **১৩** মন। **১৪** শরীর। **১৫** রাজা। —ক্লী **১** মস্তক। "কেশ, কন্ধর। **২** জল। "কমল, কঞ্জ, কন্ধর। **৩** সুখ। "নাক।

ক৩ বি 'ক' এই অক্ষর। "দুঃখ দিতে যদি ডরাও, তা হ'লে মধুর রসে ডুব মার, রাধাভাবে ভোর হ'য়ে 'ক' বল্‌তেই মাটিতে লুটিয়ে পড় ঘ ১৩৯। গুরুপুত্র ত মারলে কোঁক করেন না। পাছে 'ক'-উচ্চারণ হয় ন.ত ২৩। ['ক'র বানান—'ক'এর সহিত স্বরবর্ণের যোগে বানান—ক কা কি ইত্যাদি। "ক কা কি কীত্যাদি সর্ব্ব পঠিল সত্বর ম.পা ১২০।]

ক৪ বি [কোআ > কো; 'ক' (চব্বিশপরগণা গ্রাম্য); দ্র 'কোআ'] **১** বীজকোশ, বীজাধার, কোশ। "কাঁটালের ক, লেবুর ক। **২** মইএ পা দিবার জন্য আধারসদৃশ আড়ভাবে লাগানো বাঁশের চটা বা কাষ্ঠখণ্ড (চব্বিশপরগণা)। দ্র 'কুআ১'। **৩** [E. cocoon] তুত-পোকার লালারচিত কোষ বা গুঁটি।

ক৫ বিং [সং কতি > প্রা কই (প্রা.ম) > বা ক; তু 'কত, কয়'; হি কঈ] **১** কিয়ৎসংখ্যক, কত, কয় (প্রশ্নে)। "পাপ কাজ ক দিন লুকায় ভা.চ ৩৬৮; পদে পদে পাবে জ্বালা ক পদ এড়াবে লো ৭০৭। ক বাপ কহ তোমার?—ন ১১২৪। এ মাসের আর ক দিন আছে গা? —নী ১৭। **২** কতিপয় কয়, কয়েক (পরিমিত সংখ্যায়)। "যে ক দিন আছে প্রাণ, করিব তোমায় ধ্যান সা.ম ১৬। এক এক কীলে, ভাঙ্গি দাঁত ক পাটী দা ২২৬; মাতৃগর্ভে য'দিন থাকে বস্ত্রশূন্য, সে কদিন তো জীবের থাকে হে চৈতন্য। ২৬৩। ক দিন মহাসমারোহের পর আজ সহরটা খাঁ খাঁ কর্ত্তে লাগলো হু ২০০। **৩** [সং কিম্—কঃ > প্রা কো > বা ক] কোন। "কখন।

ক৬ সর্ম্ম [সং √কথি > প্রা √কহ (হে, পৈ) > বা √কহ, √ক; হি, গু, মৈ √কহ; ঠ √কথ; অস √ক; দ্র '√কহ'] **১** বলা। "সত্য কৈ না পারিব সর্ব্বথা রাখিতে শ্রী.মা ৫৩। নির্ভয় হ'য়ে কই শি ১০০; দুটি কথা কই ১০১। পূর্ব্বে কয়াচি তোমাক ব.প ৭০১। কও দা ৪০৯; কই দুঃখের কথা ১৩৯২। তুমি একা কথা কও? দু চক্ষু চঞ্চল॰ কথা কয়; কথা কয় প্রগল্‌ভ অঞ্চল॰ কথা কয় শত মুখে কেশের কুন্তল অ.গু ১২। তুমি পারঘাটার রসময়ই—তোমায় না কইলে আর কারে কই?—ব.প্র ১৪৭। **২** মত বা মনোগত ভাব প্রকাশ করা। "কেহ কয় কিবা দেখ কথা বটে তায়।—শ্রী.মা ৩৮; যে কৈ যথার্থ কথা জ্ঞান ক'রে দড় ৫০। অনেক আত্মতা হৈল অতএব কই শি ১০০। **৩** উত্তর করা। "মাহুত অমলা কয় সোনায় কি আছে?—শ্রী.মা ৩৮। আমি যদি কই তবে হবে গণ্ডগোল ভা.চ ১০১। **৪** বর্ণনা করা; বিবৃত করা। "শুনগো জননী সত্য শাস্ত্রমত কৈ শ্রী.মা ১৫৭। অন্নদার রন্ধন ভারত কিবা কয়।—ভা.চ ৫৫০। **৫** প্রকাশ করিয়া, ফুটিয়া বা বিশদ করিয়া বলা। "উচিত বলবে তার কি ভয়?॰ কও হে! আমার কিসের বিড়ম্বনা!—দা ১৯৬। **৬** উচ্চারণ করা; ব্যক্ত করা। "তাতা তিতি থৈয়া থৈ, হাতে মুখে তাল কৈ, মোহিত করিল সুরপুরী ব.প ২২৯। সত্য সত্য পুনঃ সত্য উর্দ্ধহস্তে কই (শি)। **৭** সংবাদ দেওয়া; জানানো। "কো কব তাহ?—বি.প ১৭০। **৮** নিবেদন করা। "নিজ দুঃখ কয়া দ্বিজ করেন রোদন রা.স ১১। **৯** অভিহিত বা সংজ্ঞিত করা। "প্রাকৃত প্রলয় বলি তারে সবে কই দু ২৮। [কই, কৈ—কহি, বলি। "সদা কই, উমা কই লু.র ৯৪। কইয়া, কৈয়া—কহিয়া। "কৈয়া দিল মুনি চৈ.ম ১৯। কইলে—কহিলে। কওয়া—বলা। "সরমে মরমের কথা কওয়া গেল না লু.র ১০২। ককু—(কহুক) > কউক > ককু) —বলুক। "কেহ কিছু ককু কিন্তু মূল কর্ম্ম সূত্র শ্রী.মা ৩৮। কয়—বলে। গৌতমবংশজ কয় ম ৬১৯। কয়াচি—কহিয়াছি। কব—**১** কহিবে। "বি.প ১৭০। **২** কহিব। "কি কব লজ্জার কথা। —রঙ্গ ৮৫। কমু—কহিমু, কহিব। "অলঙ্কারের কথা কমু শুন মন দিএ ব.প ১৪৩৪। কবে—কহিবে। "অন্তে কথা কবে, কিন্তু তুমি রবে নিরুত্তর।—রামমোহন রায়। কহ—**১** কহে। "বিদ্যাপতি কহ রাই বি.প ১৭১। **২** বল। "বি.প ১৭০। কহু—কহে। "আধ আধ কহু বাণী বি.প ১৫৯।]

ক৭ কা.ক্তি [তা কু—Dative suffix (H.B. 59; 267); হি—কো; Avadhi—ক; ভোজপুরী, মাগধী, মৈ—কে (G.H. p 120); তু 'লি তুম্হাকং (তোমাদিগকে), বা তোহ্মাক (তোমাকে —শ্রী.কী)] **১** কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি। "মতিএ ঠাকুরক পরিনিবিত্তা চ ২২। এহা বুলি বড়ায়িক শ্রী.কী ২৪; কৃষ্ণক বহায়িল ভার ১৮৬। ভীমক অ.প ৮; তাহাক ১৫; তোক ১৭; কাহাক ৮২; নৃপতিক ১২৩; অর্জ্জুনক ১২৮; চণ্ডীক ১৩২। মএনাক বিবা করিল গো.চ ১; মহাজনক ডাকাইয়া আনিল ২৪৮। তোমাক চ.বি ৬৩; রাজাক ১৩৫। সীতাক তুলিল ব.প ৫৬১; কুমারক ৬০৮, অন্ধক ৬২০। **২** সম্প্রদানে চতুর্থী বিভক্তি। "বিহিক ডারলি বি.প ২০১। দেবীক করিব সমর্পণে ব.প ৫৬০; মুনিক কৈল সমর্পণ ৫৬৩; রাজাক যে দিমু রাজ্যভার ৬১৯। তাক দিল ম.বি ১৯১। **৩** নিমিত্তার্থে চতুর্থী বিভক্তি। "দিবাক শ্রী.কী ১৪; রাখিবাক ২৬৫; সহিবাক ৩৭০। পুষ্প তুলিবাক গেলা শূ ৩০; ৩১। করিবাক নিষেধিলা ন.প ৬০। **৪** 'অপেক্ষা' 'হইতে' অর্থে পঞ্চমী বিভক্তি। "পদ্মক অধিক যার চরণ কোমল ব.প ৭০৮। **৫** [প্রা কের > কর ক (দ্র 'C.G. § 377); তু 'কক'—পরকক—হে ২.১৪৮; গাইক ঘিত্তা (গাইএর ঘি), দেবক, দেবতাক (পৈ ৪০৩, ৪১২, -৭০); লি 'ক'—তুম্হাকং, অম্হাকং; হি কা, কো—"ভূপকো সমাজ মাঝ (ভা.চ ৪৩৬); Old Baiswari —কর, কের, কেরে; Braj, Avadhi—কে—"ভূপকে নিদেশ পায় (ভা.চ ৪৩৬); মৈ কর, কের (G.H. p. 120)] সম্বন্ধে ষষ্ঠী

বিভক্তি। "তোক বৈরী শ্রী.কী ৮২; তোহ্মাক লাগী ১১৪; জয়মক ১২৭; কাজক ২৫৩। মুনিহক মানস বি.প ২১; নীবিক বন্ধ ৫৫; নিমালিক মালা ২০১; হাতক দর্পণ মাথক ফুল। নয়নক অঞ্জন মুখক তাম্বূল॥—২১২। কীরক মুখে, রবিক, জয়তীক, বধুক গো ১২৫; নীবিহক বন্ধ; মৈনাকক জ্যোতি ১৭৭। নীপক ছায় প.র ১২; মৃণালক সুত ২৫। চরণ তাক, দ্রৌপদীক, রুক্মিণীক, গুরুক অ.প ৫০। জতুক প্রাএ ম.পা ১৩২। বল্লক চ.বি ৭২। জলক লাগিয়া ব.প ৩৩। যাক···আশ জ ১৭। রোহিণীক সুত (চৈ.ম)। [দ্রুপদেক ধাইল —দ্রুপদের অভিমুখে ধাবিত হইল। "এত বলি সব রাজা দ্রুপদেক ধাইল ম.বি ৩৪। ধর্ম্মেক—ধর্ম্মকে। "এথনে ধর্ম্মেক রাজা দিবাক জুয়ায় ম.বি ২২৫। দুরহুক দূর—দূর হইতে দূর। "বি.সা ৪৯২।]

ক৮ প্র [সং ক (কন্); প্রা ক (হে ২.১৬৪); হি ক—মিঠকা (মিষ্ট), ছোটকা, হলুকা (হালকা—C.G. § 198)] **১** স্বার্থে প্রত্যয় (expletive suffix)। "রুধির নিকলে জিক দিয়া শ্রী.মা ৩১। শৈত্যক ন.প ১৬৮। শ্বেতবাহনক ম ৬২৫। কথোক চৈ.ম ৫৩। চাপল্যক-দোষ ক.চ ৯। তেত্রিশক কোটি ব.প ১২৭; বুলিবাক (বলিব) ২৯১; দিলেক; থুবেক ৫৩০; অন্তক ৬২০। হেনক ম.বি ৮২; যেনক ১৩৩; ২১৫। হরিবেক, দিবেক (শ্রী.কী)। হইবেক কৃ.চ ৯; করিলেক ১০; পাইলেক ১২। হএাছেক কৃ.উ ১৬। জ্বলিলেক কু ৫২; শুনিসনাক ২৫১। আইসকেন (আইসেন) অ.প ২৫; দিলেকন্ত, করোক ১২৫; রাখোক ১২৬; জীউক, পঠিলেক ১৩৪। কোপেক (কোপ করে) ১৪, থাকুক ৩৯; থাবেক, ধরিবেক ৭৪। কউরুক ম.গা ৯। দিলাক ম.বি ৩৬; পড়িলাক ১৮৫। যাবেক শি ৫৬; হবেক, রবেক ৬০; ববেক (বহিবেক) ৬৯; যাকু (যাউক), দেকু ১০৬। জুড়াউক চৈ.চ ১৬; জীউক ৫৫। হকু ম ৬৬৪। যাকু, হকু রা.স ২২। গাউক চৈ.ভা ৪০। বমইক (বমই) প.র ৭৬ (তু 'সং পচতকি)। হইবেক সী ১৪; থাকিবেক ৯৫। হইবেক ব.প্র ৩। থাকে নাক।—হেম ৯৬। এস নাক।—গান ২২। ছিন্ন মালার ভ্রষ্ট কুসুম যাসনেক কুড়াতে।—রবীন্দ্র। **২** অনুকম্পার্থক, আদরসূচক। "বড়কী (বড়স্ত্রী), ছোট্‌কী (ছোটস্ত্রী)। তু 'বড়কু, ছোটকু (সাওতাল বালকের নাম)। **৩** [ফা 'ক'—কোদ-ক্—বালক] হ্রস্বার্থক।

ক-অক্ষর বি 'ক' এই বর্ণ; ক-কার। "ক-অক্ষর, গবাক্ষর বিদ্যার দফায় বন্ধ্যা দা ৯২০; (তোর) ক-অক্ষর গোমাংস ১০৯৮। [ক-অক্ষর গোমাংস—দ্র 'অক্ষর'।]

কই১, কৈ বি [সং করয়ী >প্রা* কঅঈ বা কঈ, কই, কৈ] ক্ষুদ্র মৎস্যবিশেষ। "খুরমুলা কিনে কই চ.ক ১৫৬। গড়ুই কই শি ৮৫। কৈ মাছ বা.ম ১০৯। কৈমৎস্য উজায় রে গো.বি ১৮৭। বাচা কই ভা.চ ১২৬। [কইজালা—কৈ মাছ ধরিবার জাল। কৈ-জুড়ি—ধান্য-বিশেষ। "ভা.চ ৫৪৯। কই-টুকরা—কইএর বাচা; টুকরা কই। কই-ডিম্ব—কইএর ডিম।]

কই২ ক্রি.বিং [সং কস্মিন্ >লি কম্‌হি, প্রা কহিং (ব), কহিং, কহি (ক, কুত্র—প্রা.ম), কহি (অ.রা) >বা কহিঁ, কঁহি, কহি, কই; হি কহীঁ] **১** কোন স্থানে; কোথা। "চৌদলি পাব কই বি.পা ৫২। আজি···যাবা কই ম.ম ৭০। কই কই রাম! কোথা দা ১৩৯২। শারী বলে কই তব তমালিকা কই বা.দ ১৬৭। সদা কই, উমা কই লু.র ৯৪; বলে মা কই মা কই মা কই আমার ১০১। তুমি আমার প্রাণের সই—তোমার মত আছে কই?—ব.প্র ১৪৭; ব্রজেশ্বর বলিল "কই তিনি?—৩৮৫। **২** কি প্রকারে; কেমন ক'রে। "কই ম্যাটি খাইল, হের মুখ দেখ মা ব.প ৭৭৮। **৩** কোথায় (শিশুর প্রতি আদরে)। "গোপাল কই! সোনা কই! ইত্যাদি। [কই এল—কোথায় এল, অর্থাৎ এল না। "বেলা যে বাড়িয়ে গেল, কই এল, কই এল!—রাজকৃষ্ণ রায়। বাঁশরী বাজিল কই!—বাঁশী কোথাও (কোন রন্ধ্রেই) বাজিল না; একটুও বাজিল না। "বাঁশরী বাজাতে চাই, বাঁশরী বাজিল কৈ!—গান ১০২।]

কইল ক্রি [বা করিল (√কর+ইল১) >কইল, কৈল (পদ্যে)] **১** করিল (প্রথম পুরুষ)। "রাধার কইল চেতনে শ্রী.কী ৩৭৭। ব্রহ্মবধ কইল ইন্দ্র কৃ.উ ২০৭। চিন্তা কইল শ্রী.মা ৪৬; ১৮৫। **২** করিলাম। "খণ্ডব্রত কইল আহ্মে শ্রী.কী ৩৩৩। [কইলি—করিলি; কইলে—করিলে; কইলোঁ—করিলাম (শ্রী.কী)। তু 'কএলা—করিলাম। "চ ৫৪।]

কইলে, কৈলে বিং ['কোমল'—মূল; কো(কোঁ)অল (শ্রী.কী); কোঙালে (দিনাজপুর), কোম্‌লে (চব্বিশপরগণা, বীরভূম)] অচির-প্রসূত, দুই তিন মাসের অনধিকবয়স্ক (গোবৎস)। "গৈলে বাঁধা কৈলে বাছুর।—গিরিশচন্দ্র ঘোষ। গইলে বাঁধা কইলে বাছুর। —অমৃতলাল বসু।

কউতর, কৌতর বি [ফা কবূতর] কপোত, পায়রা।

কউতুক বি [সং কৌতুক >°ক, দ্র 'ঔ১; বৈষ্ণবসাহিত্যে] কৌতুক, আনন্দ। "কউতুকে করিবর করিনি খেলাব বি.সা ১০৪।

কএ(য়ে)ক বিং [ক৫+এক২, হি কঈএক] **১** কিয়ৎসংখ্যক, কতিপয়, অল্পসংখ্যক। "মথুরাতে কএক জন, রাজন ব'লে পুজন। করে মাত্র দা ৬২৬। **২** কিয়ৎ, কিছু (দিন, ক্ষণ ইত্যাদি)।

কএত, -থ বি [সং কপিত্থ >প্রা কইথ (প্রা.ম) >বা °ত, °থ; হি কৈথ, -থা; কত-বেল (চব্বিশপরগণা)] কপিত্থবৃক্ষ, কএত-বেল গাছ ও তাহার ফল।

কএ(য়ে)দ বি [আ ক.ইদ্] অবরোধ, আটক। "বন্দিশালায় তবে কএদ রাখিলা ভ.গ্র ১৮২। স্ত্রীলোকদিগকে পিঞ্জরায় কএদ করিয়া দাউদের মুণ্ড সমেত প্রাগে চালান করিলেন ব.প ১৬৯৩। কয়েদের আশঙ্কায় ব.প্র ৩৭৫; জরিমানা অনাদায়ের একমাস কয়েদ ৬৪৮। কয়েদ।—নী ২৫। —দ বিং নিয়ন্ত্রিত, দমিত, বশগত। "বাজি আজি কয়েদ না হয় কোনরূপে শ্রী.মা ১৫৬। [কএদখানা—কারাগার, জেল্। কয়েদ করা—কারারুদ্ধ করা। "ব.প্র ৫২৫। কয়েদ গিয়েছেন—গারদে গিয়েছেন। "ব.প্র ৫২৫। কএদ হওয়া—কারারুদ্ধ হওয়া। বে-কয়েদ —অনিয়ন্ত্রিত, অবশ। "বাজী হ'ল বে-কয়েদ শ্রী.মা ১৫৬। কএ(য়ে)দী (ফা ক.ইদী)—বন্দি, কারারুদ্ধজন। "কয়েদী আ.দু ১০২।]

কওন সর্ব্ব বিং [সং কঃ পুনঃ >অপভ্রংশ প্রা কউণ (নাগানন্দ ২৲৲); সং কো নু >প্রা কোন্ নু (প্রতিমানাটক—ভাস); সং কিম্ >অপভ্রংশ প্রা করণ (হে ৪.৩৬৭); বা কৌণ, কোণ (শ্রী.কী); কৌন কোন, কওন, কওোন; 'কুন' (শূ ৮); হি করন, কৌন; ঠ, গু কোণ; প কৌণ; মৈ কোন, কৌন; Riwai—কউন (G.H.); অস কোন্; কোমণ (শ্রী.কী); বৈষ্ণবসাহিত্যে] কোন, কে, কি (প্রশ্নে)। "অগেয়ানে কওন করয় বেভার বি.সা ১০৪; কওন কাম ১০৫; কওনে পুরুষ ১১৪; কওন পুরুষ ১১৫। হোয়ব কওন উপায় ব.প ১০২৪। —ন কোন (জন)। "কওন লুটল তুয় অমিয় ভণ্ডার বি.সা ১১৫।

কওলা, কওয়ালা, কব(বো)লা বি [আ ক.বালাহ্] ভূমি-প্রভৃতির বিক্রয়পত্র; বিক্রয়ের দলিল (title-deed)। "কওয়ালা পত্রমিদং E.P. 98; বিক্রয় কওয়ালা 99; রামলাল···দুই ভাইএর নামে কওলা লিখিয়া লইয়া···পৈতৃক ভদ্রাসনে গেলেন আ.দু ২১১।

কংগ্রেস বি [E. congress] সার্ব্বজনিক বিষয়সমূহের নির্দ্ধারণার্থ ভিন্ন ভিন্ন দেশের প্রতিনিধিগণের মহাসভা।

কংস পুং [√কংস্ শাসন+অ (অচ্)-ক ; 'কংশ'—পাঠান্তর (অ.কো —S.W.) ; তু 'কাঁশে' (শ্রী.কী)] ভোজবংশীয় নৃপতিবিশেষ। [ইনি উগ্রসেনের পুত্র, দেবকীর ভ্রাতা, কৃষ্ণের মাতুল ও জরাসন্ধের জামাতা। 'দেবকীর অষ্টমগর্ভজাত পুত্র প্রাণনাশক হইবে,' দৈববাণীতে ইহা জানিয়া, কংস বসুদেব ও দেবকীকে কারারুদ্ধ করেন। দেবকীর অষ্টম পুত্র শ্রীকৃষ্ণ, গোকুলে নন্দগৃহে রক্ষিত পালিত ও বর্দ্ধিত হন এবং ধনুর্যাগদর্শনে মথুরায় আগমনপূর্ব্বক কংসকে নিহত করেন (ভ ১০.১ ; ৩৬ ; ৪৪) ।] —স পুং, ক্লী [√কম্+স-র্ম্ম, উ ৩.৬২] ১ স্বর্ণরজতাদি-নির্ম্মিত পাত্র (অ.টী) । ২ মদ্যাদিপানপাত্র ; পানভাজন। ৩ তৈজস-পাত্র (অ.টী), কাংস্যপাত্র। ৪ পরিমাণপাত্র, আঢক। ৫ তাম্ররঙ্গ-মিশ্র ধাতুবিশেষ ; কাঁসা (bell-metal) ৬ বর্ত্তুলাকার যজ্ঞপাত্র-বিশেষ। ৭ [সং কাংস্য] (বাঙ্‌লায়) কাংসনির্ম্মিত বাদ্যবিশেষ। "কংস বংশ বীণা বেণী শ্রী.ম ১৩। [°জিৎ (পুং)—'জিতকংস', কৃষ্ণ। "মা ১০০। °নদী (বি) —কাঁসাই নদী। "ম.পা ২৯। ক.চ ৩২ ; ৩৫। °নিষূদন (পুং)—কংসঘাতক, কৃষ্ণ। "মহা ৩.২৬২.৮। ন ১০০৩। °বণিক্ (পুং)—কংসকার, কাঁসারি। °বধ (পুং), °হনন (ক্লী) —কংসবিনাশ। °মর্দ্দন, °শত্রু (পুং)—কৃষ্ণ।]

কংসকার পুং [কংস+ √কৃ+অ (অণ্)-ক ; উ.ত] যে কাঁসার কাজ করে ; বর্ণসঙ্করজাতিবিশেষ, কাঁসারি। "(বৈশ্যায়াম্) কংস-কারশঙ্খকারৌ ব্রাহ্মণাৎ সম্বভূবতুঃ (বৃহদ্ধর্ম্মপুরাণ)।

কংসারাতি, -সারি পুং [কংসের অরাতি অরি, ষ.ত] ১ কংসের শত্রু ; শ্রীকৃষ্ণ। "মথুরা…কংসারিজন্মভূঃ ক.সা ১২.৭৮। কংসারি ন ৭৯৪। —রি বি (বাঙ্‌লায় ; অপ্র) বাদ্যবিশেষ, কাঁসি (?)। "ন.প ১৫১।

কঁহি, কহিঁ, -হি অব্য [দ্র 'কই২' ; অপ্র] কোন স্থানে ; কোথা। "কঁহি গই চ ৪৮। আজি যাবে কঁহি কৃ.উ ৩৪ ; রাজা…গেল কহিঁ ৪৪ ; নিবাত গেল কহি ৮২ ; ৮৪। আজি যাবে কহি ব.প ৭৭৪। কঁহি শ্রী.ম ১৩২। বুদ্ধি গেল কহিঁ চৈ.ভা ৯৬। কঁহি রে সো প্রিয়, কঁহি সে প্রিয়তম।—ভানুসিংহ। [কহির—কোন স্থানের ; কোথার। "শ্রী.কী ১৯।]

কক্, -কক্কক্ বি [ধ্বন্যাত্মক ; অস কক্কক্ ; cf., E. cluck, cluck-cluck] মোরগের ডাক।

ককান, -নি বি [সং √কক্ক—হসন ; ধ্বন্যাত্মক] ১ 'কক্কক্' করিয়া হাসা ; উচ্চ হাসির শব্দ ; হাসিতে হাসিতে দম লাগার শব্দ। ২ [ধ্বন্যাত্মক] শিশুর ক্রমাগত বা অত্যন্ত ক্রন্দন হেতু দম লাগায় 'কক' করিয়া কাঁদা। [কেঁদে ককিয়ে পড়া, কেঁদে ককান—কাঁদিতে কাঁদিতে দম লাগা ; কাকুপূর্ব্বক বা কাতরস্বরে কাঁদা। "ছোট হালদার্নি কেদে ককাতি নেগলো নী ৮৫। [কেঁদে ককিয়ে করা—বাধ্য হইয়া কষ্টে-সৃষ্টে করা। "লাটীর আগায় নীল বুনিয়ে নিচ্চিস্ ; তা লোক কেঁদেই হোক, কোকিয়েই হোক্, কচ্চে নী ৪৭। ককিয়ে ককিয়ে উঠা —অত্যন্ত কাঁদা। "বিদ্যা বুদ্ধি জানি সকল,…জিজ্ঞাসিলে কথা, ককিয়ে ককিয়ে উঠে শ্যাম দা ৭০০। তু 'কোকেআ কোকেআ' (গো.চ ৭১) ।]

ককার পুং [ক কার, কর্ম্মধা] 'ক' এই বর্ণ ; ক-অক্ষর। "ককারাদি …অক্ষর ম.পা ১১৯।

ককিয় বি [ক+কিয় (ক্য > কিয়)] 'ক'এর সহিত য-ফলা প্রভৃতির যোগে ফলাবানান-বিশেষ—ক ক্য ক্র ক্ল ক্ক ক্ব ক্ম র্ক (প্রথম-বর্ণদ্বয়-অনুসারে নামকরণ) ।

ককুৎ (-দ্) স্ত্রী [ক (মুখ)+ √কু শব্দ+কিপ্ (০)-ক-১ব, পৃষো (অ.টী), ছান্দস] ১ পর্বতশৃঙ্গ। ২ শ্রেষ্ঠ (ঋগ্বেদ)। ৩ বিষাণ, শৃঙ্গ (S.W.)। ৪ বৃষের স্কন্ধস্থ উচ্চ মাংসপিণ্ড ; বৃষাংস, ষাঁড়ের ঝুঁট বা ঝুঁটি। "অতুলককুদমণ্ডলঃ (ককুদ্মী) বি.মা ৬.৮। উন্নত-ককুদ (বৃষভ) প.তৃ ১৪। ৫ (ককুৎসান্নিধ্য হেতু) পৃষ্ঠভাগ। "হল° ভ ৫.২৫.৭। ৬ রাজচিহ্ন, ছত্রচামরাদি।

ককুৎস্থ বিণ [ককুদ্+ √স্থা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -স্থা] ককুদে স্থিত ; ককুদারূঢ়, পৃষ্ঠাসীন। —স্থ পুং সূর্য্যবংশীয় শশাদের পুত্র পুরঞ্জয়রাজ (বিষ্ণুপুরাণ) ; (মতান্তরে) ভগীরথের পুত্র (রা ১.৭০. ৩৯)। "রঘু ৬.৭১। [পুরঞ্জয় বৃষরূপী ইন্দ্রের ককুদে থাকিয়া দেবাসুর-যুদ্ধে অসুরবল নিহত করেন। তদবধি তিনি 'ককুৎস্থ' 'ইন্দ্রবাহ' ও 'পুরঞ্জয়' এই তিন নামে অভিহিত হন (ভ ৯.৬.১২ ; বিষ্ণুপুরাণ ৪.২.১২) ।]

ককুদ পুং, ক্লী [ককুদ্ > °দ ; পৃষো] ১ পর্ব্বতশৃঙ্গ, শিখর। "পা ৫.৪.১৪৭। ২ শ্রেষ্ঠার্থ। "ককুদং নৃপাণাম্ রঘু ৬.৭১। মৃ ১.৫। ৩ বৃষাংস, ষাঁড়ের ঝুঁট। ৪ পৃষ্ঠদেশ। ৫ রাজচিহ্ন, ছত্রচামরাদি। "নৃপতি° রঘু ৩.৭০ ; রাজ° ১৭.২৭।

ককুদ্মান্ (-দ্মৎ) বিণ [ককুদ্+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব, যবাদি ; তু 'ককুদ্বান্' গো.রা ৫.১১.৭। স্ত্রী -দ্মতী ; ছান্দস] ককুদযুক্ত, উন্নতককুদবিশিষ্ট ; মহাককুদ (বৃষ)। "পীন° (S.W.)। রঘু ৪.২২। —দ্মান্ পুং ১ বৃষভ। "রঘু ১৩.৪৭। কু.স ১.৫৬। ২ শিখরবান্, পর্ব্বত। ৩ ঋষভনামক ওষধি। —দ্মতী স্ত্রী [°দ্মৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] 'ককুৎসদৃশমাংসপিণ্ডযুক্ত, শ্রোণি, কটি।

ককুভ, ককুভ পুং [ক+ √স্কুভ্ +অ(ক)-ক, পৃষো] ১ স্বরগাম্ভীর্যার্থ বীণার অধোবদ্ধ অলাবুভাণ্ড (তুম্বী), অথবা দারুময় ভাণ্ড ; বীণার অগ্রস্থিত বক্র কাষ্ঠখণ্ড। ২ রাগবিশেষ, কোকব রাগ। [ইহার সময় দিবা দ্বিতীয় প্রহর, ঠাট স্বাভাবিক, জাতি সম্পূর্ণ (গী.সা) ;] ৩ (ককুভের উপাদান ?) অর্জ্জুন বৃক্ষ। ৪ কুটজ বৃক্ষ। "পূ.মে ২৩।

কক্কোল পুং গন্ধদ্রব্যসাধন বৃক্ষবিশেষ ; কাঁকোল, বনকর্পূর। "রা ৩.৩৫.২২। [ইহার ফল সুগন্ধি ; ইহা হইতে 'কক্কোল' নামক সুগন্ধি দ্রব্য প্রস্তুত হয়।] —ল ক্লী কক্কোলফলজাত গন্ধদ্রব্যবিশেষ ; কাঁকলা (সুশ্রুত)। "দু ৩৮।

কক্‌খট বিণ কঠিন, দৃঢ়। —টী স্ত্রী কঠিনী, খটিকা, খড়ী। —টি, -টী বিং ['কক্খট'—মূল] কর্কশরব বানরীবিশেষ। "কক্‌খটি উঠায় তান রা.শে ১২৮ ; কক্‌খটি কপট কথা ১২৯। বানরী রব দেই, কক্‌খটী নাদ গো ২।

কক্‌খন ক্রি-বিং [কখন > °ন, যুক্তাক্ষর ওজোব্যঞ্জক ; তু 'প্রা তক্‌খণ (তৎক্ষণ)] কোনও কালে ; কখনও। "কক্‌খন না !—শিশু ৩৫ ; ঠাকুরমা কি বাবাকে কক্‌খনো, রাজার কথা শোনায়নিকো কোনো ? —৩৯। কক্‌খনো না, বলব না সংক্ষেপে !—প.কা ১৮। [পুস্তকে ধৃতপাঠ 'কখ্‌খন']

কক্ষ১ পুং [√কষ্+স-ধি (?), উ ৩.৬২ ; ছান্দস ; Av. kasha —armpit, shore ; cf., L. Coxa-hip] ১ নিভৃতপ্রদেশ, গূঢ়-স্থান (ছান্দস)। ২ [+স-র্ম্ম] বন, শুষ্কবন (ছান্দস)। "মহা ১.২৩০.৩। ৩ তৃণাদি, শুষ্কতৃণ বা কাষ্ঠ ; শুষ্কবন। "কক্ষেষিব হুতাশনম্ রা ২.৯৬ ২৮। মনু ৭.১১০। মহা ৩.২৩৫.১৭। কক্ষবজ্জলতি সাগরেঽপি যঃ রঘু ১১.৭৫ ; কক্ষাগ্নি ৯২। ৪ গুল্ম। মাঘ ২.৪২। ৫ রাজান্তঃপুর, অবরোধ। ৬ প্রকোষ্ঠক, অন্তর্গৃহ। ৭ গৃহভিত্তি। ৮ গিরিগহ্বর। "ঋতু ১.২৭। ৯ বাহুমূল, কাঁখ, বগল্। "কক্ষান্তরগতো বায়ুঃ রা ৫.১.৬২। মহা ২.২৩.১১। কক্ষে ছিল কুশাসন কৃ ৩৫৬। ১০ পার্শ্ব-ভাগ, পার্শ্বমাত্র, কটিপার্শ্ব, কাঁখ। "স্থ মহা ১.১৪৫.২৩। কক্ষাচ্চ্যুতো হেমঘটস্তরুণ্যাঃ।—মহানাটক। ১১ সর্প 'কক্ষা' (১৭)। ১২ প্রান্ত।

"স্বর্ণকক্ষপতাকা।—ভ ৯.১০.৩৭। ১৩ পাপ। ১৪ [+স-ণ] (কটিসান্নিধ্যে?) কাঞ্চী, মেখলা, স্ত্রীকটিবন্ধ। ১৫ নৌকাঙ্গবিশেষ, নৌকার খোপ। ১৬ জলপ্রায়দেশ, কচ্ছ। ১৭ মহিষ। ১৮ দ্বার। ১৯ গ্রহের পরিভ্রমণ পথ (orbit)। ২০ [সং কক্ষা] (বাঙলায়; অপ্র) কটি। "ম.পা ৭১; ক্ষীণ কক্ষখানি ৯১। —ক্ষা স্ত্রী [°ক্ষ+স্ত্রী আ (টাপ্)] ১ কক্ষরোগবিশেষ, কাঁখবিরালি। ২ কটিদেশ, মধ্যভাগ। "মৃ ৫.২১। ৩ পরিকর, কটিবন্ধ; স্ত্রীকটিবন্ধ, কাঞ্চী। "হিরণ্যকক্ষঃ (ভীষ্মঃ) মহা ৪.৬৬.৪। ৪ হস্তীর কক্ষবন্ধনরজ্জু; হস্তিবন্ধনরজ্জু, হস্তিশৃঙ্খল। "দৃঢবন্ধ° মাঘ ১৭.২৪। ৫ রজ্জু। "মহা ৪.১৩.২২, নীলকণ্ঠ। ৬ পল্যাণের অঞ্চলপল্লব (নীলকণ্ঠ), অর্থাৎ ঘোড়ার পালানের প্রান্তস্থিত সূত্রসমূহ। "হয়ৈঃ···সুবর্ণকক্ষৈঃ মহা ৪.৫৪.৬। ৭ পতাকাঞ্চল। "নাগ° মহা ৪.৫৫.৫২। ৮ পট্টবস্ত্র। "যোগ° ভ ৪.৬.৩৯। ৯ গৃহপ্রকোষ্ঠ, অন্তর্গৃহ। ১০ গৃহভিত্তি, প্রাচীর। ১১ প্রকোষ্ঠ, গৃহ, ঘর। "কক্ষান্তর মনু ৭.২১৪। ভূগর্ভকক্ষা ব.দ্বি ১০০। ১২ প্রাচীরবেষ্টিত স্থান—অঙ্গনাদি (M.W.)। ১৩ অন্তঃপুর। ১৪ রথভাগ, রথপ্রকোষ্ঠবিশেষ। "মধ্যম° মহা ৩.৭৩.১৭। ১৫ প্রাকার-দ্বার। "ভ ৩.১৫.২৭। ১৬ নেমি, পরিধি (M.W.)। ১৭ গ্রহপথ (orbit)। "ক.সা ১৮.৫। ১৮ অন্তরীয়-পশ্চিমাঞ্চল, অর্থাৎ পরিহিত বস্ত্রের পৃষ্ঠে লগ্ন অঞ্চল বা প্রান্তভাগ; কাছা, কোঁচা, কোঁচার বামে লগ্ন কোঁচার প্রান্তভাগ (তু 'কক্ষাত্রয়')। 'বামে পৃষ্ঠে তথা নাভৌ কক্ষাত্রয়ম্ উদাহৃতম্ (স্মৃতি)। ১৯ সাম্য, তুলা (balance)। ২০ তুলাদণ্ড (M.W.)। ২১ তুলাদ্রব্যবিশেষ, রক্তিকা, রতি। ২২ স্পর্দ্ধাপদ, স্পর্দ্ধা, প্রতিস্পর্দ্ধা, শত্রুতা, আড়ি। "তাঁহার সহিতে কক্ষা আর রক্ষা নাই ব.প ৫৩২। ২৩ (ন্যায়ে) পূর্ব্বপক্ষ; বাধ, বিরুদ্ধহেতু, প্রতি-যোগিতা। "বালকে-হো ভট্টাচার্য্য-সনে কক্ষা করে চৈ.ভা ১৭; যার কক্ষা মাত্র নাহি বুঝে কোন জনে ৯৪। তাঁহার ভজন সর্ব্বোপরি কক্ষা হয় চৈ.চ ১২৬; °পাত ৩০২। ২৪ মণিবন্ধ (?) (A.)। ২৫ কটি-বন্ধন (A.)। ২৬ উদ্যোগ। "মাঘ ১৭.২৪। ২৭ (বাঙলায়) প্রতিজ্ঞা, সত্য। "করেছি কঠিন কক্ষা, আপনি করিবে রক্ষা শ্রী.মা ১০১। [°তল (বি)—কক্ষদেশ, বগলদাবা। "কক্ষতলে পাঁজি কৃ ৩৫৬। ভা.চ ১৫২। °তলি (বি)—বগলে। "সূর্য্যেরে পূরিল কক্ষতলি কৃ ৩২৩। °তালি (বি)—কক্ষশব্দ, বগলবাজান। "কক্ষতালি বাজায় চৈ চ ১৬৪। °ধর (পুং)—কক্ষের ধারক; অংসসন্ধি (সুশ্রুত)। °প (পুং)—'নদী-কক্ষস্থ', কচ্ছপ। দ্র 'কচ্ছপ'। °পাটা (বি)—কটিবন্ধনপট্ট, কটিবন্ধ। "কক্ষপাটা গেল কাটা কৃ ৩৪৫। °পুট (পুং) কক্ষের মধ্য; কক্ষান্তর। °যুদ্ধ, °রণ (বি)—সমকক্ষের সহিত যুদ্ধ; দ্বন্দ্বযুদ্ধ। "কক্ষযুদ্ধ মম পণ।—হেম ৩৬; ভেটিব রে কক্ষরণে ৩৮। °লোম (-মন্) ক্লী—কক্ষজ-লোম; বগলের চুল। "রা (S.W.)। কক্ষলোমে আচ্ছাদয়ে হাঁটু ভা.চ ১৫১। °স্থ (বিণ)—কক্ষে স্থিত, পার্শ্বস্থ, কাছের।]

কক্ষান্তর ক্লী [কক্ষের অন্তর, ষ.ত] ১ গৃহাভ্যন্তর। "মনু ৭.২২৪। ২ বাহুমূলের মধ্য; বগল। "°গত রা ৫.১.৬২।

কক্ষাপট পুং [উ.লো] কক্ষাসদৃশ (কাছার মত) পট; কৌপীন।

কক্ষাপাত বি [ষ.ত] পূর্ব্বপক্ষের পাত; পূর্ব্বপক্ষখণ্ডন, পরাজয়। "নিত্য আমার এই সভায় হয় কক্ষাপাত চৈ.চ ৩০২।

কক্ষাবন্ধ পুং [স.ত] মল্লদ্বয়ের পরস্পরকক্ষায় (উভয়ের কটিবন্ধে) হস্ত দিয়া কৃত বন্ধন, অর্থাৎ দৃঢ়ভাবে হাত দিয়া ধরা। "মহা ২.২৩.১৩। পরে চিত্রহস্তাদি বিবিধ বন্ধন করিয়া কক্ষাবন্ধ করিলেন।—কালী-প্রসন্ন সিংহ। [মহাভারতে, এই অধ্যায়ে চিত্রহস্তাদি, বাহুপাশাদি, পূর্ণকুম্ভ-প্রভৃতি নানাবিধ মল্লযুদ্ধবিশেষ বর্ণিত হইয়াছে। ভাগবতে, দশমস্কন্ধে ৪৪শ অধ্যায়েও মল্লযুদ্ধের অনেক পারিভাষিকশব্দ আছে।]

কক্ষাবেক্ষক পুং [কক্ষের অবেক্ষক, ষ.ত] ১ শুদ্ধান্তপালক, অন্তঃ-পুররক্ষক। ২ উদ্যানপালক। ৩ দ্বারপাল। ৪ রঙ্গাজীব, নট। ৫ জার। ৬ কবি।

কক্ষ্য ক্লী [কক্ষ+য (যৎ) স্বার্থে] ১ বন, শুষ্কবন, শুষ্কতৃণ। "রা ২.২৪.৮। ২ কটিবন্ধ। ৩ রথভাগবিশেষ। "হেম° গো.রা ৬.১০৬.২৩। ৪ তুলা-যন্ত্র (M.W.), তুলাধট। ৫ পার্শ্বভাগ। —ক্ষ্যা স্ত্রী [+য 'তত্র ভব' অর্থে+স্ত্রী আ (টাপ্)] ১ 'কক্ষে স্থিত'; উত্তরীয় বস্ত্র (ত.বা)। ২ কক্ষবন্ধনরজ্জু। ৩ চর্ম্মরজ্জু (শ.ক)। ৪ হস্তীর মধ্যবন্ধন-রজ্জু। "রা ২.৩৭.৩; হেম° ৯২.৩২। ৫ কাঞ্চী, মেখলা। ৬ হর্ম্ম্যাদির প্রকোষ্ঠ; অন্তর্গৃহ। "রা ২.৩২.৩৩। কু.স ৭.৭০। ৭ রাজগৃহাদির বেষ্টনাবচ্ছিন্ন দেশ, রাজবাটীর বিভাগ; মহাল। "রা ২.২০.১১। ৮ দ্বার। "রা ৩.৫.১৩। ৯ বস্ত্রাঞ্চল, কাছা। ১০ সাম্য, তুলা। ১১ গুঞ্জা, রক্তিকা। ১২ গ্রহপথ (orbit)। ১৩ উদ্যোগ। ১৪ বৃহতিকা (শ.ক)।

কখন ক্রি.বিং ['তখন' প্রভৃতির অনুকরণে 'কখন' (ক+খন)] ১ কোন ক্ষণে; কোন সময়ে। "কখন বসন্ত গেল, এবার হল না গান।—গান ১২৪। ২ কোন্ কালে, অর্থাৎ অনেক পূর্ব্বে। "কখন, কি বলিছি, তা কি আর এখন মনে আছে? তুমি এখন যাচ্ছ? —সে যে কখন চ'লে গিয়েছে! —নো ১ কোনো সময়ে। "কখনো বোলেন আই চৈ.ভা ৪৩২। কখনো সুখে কখনো দুখে, কাঁদিবে চাহি তোমার মুখে।—গান ১১৫। ২ কোনো সময়েই। "শিব বিনা শিব কখনো হবে না!—গান। [কখন কখন—কোন কোন সময়ে; সময়ে সময়ে। কখন না কখন—কোন না কোন সময়ে; নিশ্চয়ই কোন সময়ে। "কখন না কখন কথান্তর মনভার অকৌশল ঘটিত ব.প্র ৪৬৭। কখনো···কখনো—দ্র 'কখনো (১)। কখনো বা—আবার কোনো সময়ে। "চৈ.ভা ৪৩২।

কখান বিং [ক°+খান] কতিপয় খণ্ড; কয়েকখান, কতকগুলি। "জ্ঞানানন্দ বাবাজী যার পর নাই কৃশ ছিলেন,···মাংস মেদের লেশ-মাত্র শরীরে নাই, কেবল কখান কঙ্কালমাত্রে ঠেকেছে হু ২১৫।

কঙন বি [করন > কঅন > কঙন, দ্র 'কওন', বৈষ্ণবসাহিত্যে] কোন জন; কে। "মাঘে নিদাঘ, কঙন পাতিয়ায়ব ব.প ১০৫০।

ক(কু)ঙর, কোঙ(ঙা)র বি [সং কুমার > কুঙার > কোঙা(ঙ)র, কু(ক)ঙর; অপ্র] ১ কুমার, পুত্র, রাজপুত্র। "কুশধ্বজ তাঁহার কুঙর কৃ ৬। রুক্মিণী-কুঙর ম ৩৯২। ব্রজেন্দ্র কুঙর জ ২। ২ পুত্রসদৃশ স্নেহ-ভাজন; বৎস, বাছা। কোঙর পুষ্পে দিল হাত শূ ২৯; কুঙর থুইলা একভিতা; কঙর চলিলা ৩১। আইল কোঙর ক.চ ১৭৪। ৩ কুলীন সদ্গোপজাতির উপাধি।

কঙল বি [সং কমল > বা কঙল, হি কঁবল; তু 'অপভ্রংশ প্রা কবঁলু (কমল); অপ্র] কমল, পদ্ম। "সতেক ভার কঙল শূ ২৯। কেলি-কঙল ইহ (বি.প)। হাসি কঙলমুখী কহে শুন কান রা.শে ১১৫। —লা বি (কমলালেবুর মত?) মিষ্টান্নবিশেষ। "কঙলা কদম্ব (রা.শে)। —লি, -লী বি [সং কোমলা; বা কোমলী > কোঙলী > কঙলী, -লি] কোমল স্ত্রী-বৎস; কমলে বকনা বাছুর। "কঙলি করিয়া কান্ধে, চলে মত্ত করী ছান্দে রা.শে ৯০।

কঙ্ক পুং [√কঙ্ক্ গতি+অ (অচ্)-ক; ধ্বন্যাত্মক (?)] ১ পক্ষিবিশেষ, কাঁকপাখী, 'হাড়গিলা' (?)। "শিবা গৃধ্র কঙ্ক অ.প ১৭। কৃ ৪৫৯। ম ৭৩৩। ক.চ ১২৫। ম.ম ১৭২। শ্রী.ম ২০৯। শ্রী ৪৮। ২ ছদ্মবেশধর দ্বিজ। ৩ ছদ্মদ্বিজবেশধর যুধিষ্ঠির। "মহা ৪.১.২৩। ৪ ক্ষত্রিয়। ৫ যম। ৬ আম্রবিশেষ, মহারাজচূত। ৭ উগ্রসেনসুত ও কংসভ্রাতা। ৮ শাল্মলী দ্বীপের সীমান্তপর্ব্বত। 'বিষ্ণুপুরাণ ২.৪.২৭। ৯ জাতিবিশেষ। 'মহা

২.৫১.৩০। —ঙ্কা স্ত্রী ১ উগ্রসেনসুতা, কংসবতী। ২ চন্দনবিশেষ, গোশীর্ষচন্দন (শ.ক)।

কঙ্কই বি [সং কঙ্কতি >প্রা কংকই >বা °ই; অপ্র] কাঁকই, চিরুনী। "আবের কঙ্কই ম.গা ৯।

কঙ্কট, -টক পুং [√কঙ্ক্ গতি+অট (অটন্)-ক, উ ৪.৮১; ক (কন্) স্বার্থে] সন্নাহ, বর্ম্ম। "°ভেদী রঘু ৭.৫৯। কঙ্কট আটোপ শ্রী.ম ১১৪। উরু কঙ্কটকযুক্ত।—রঙ্গ ২১৭।

কঙ্কণ পুং, ক্লী [কম্ (সুখ)+√কণ্+অ (অচ্)-ক (অ.টী); ধ্বন্যাত্মক—'কন্‌কন্'-ধ্বনি-জনক (?), তু 'কেন বাজাও কাঁকণ কনকন, কত ছলভরে (গান ১১৩)।] ১ করভূষণবিশেষ, কাঁকন। "দানেন পাণির্ন তু কঙ্কণেন (বিভাতি)।—ভর্তৃহরি। শঙ্খের উপরে সাজে সোণার কঙ্কণ কৃ ৮০। করপল্লবকঙ্কণাঢ্য ভা.চ ৬৩৪। ২ ভূষণমাত্র। ৩ হস্তীর পদভূষণবিশেষ। "গজঃ কঙ্কণভূষণঃ মহা ৩.২৭০.২২। ৪ (সাদৃশ্যে) বৈবাহিকসূত্র, বিবাহে বদ্ধ হস্তসূত্র। "উ.চ ১.১৮। ৫ শেখর, শিরোভূষণ। "অনেকপকঙ্কণাঙ্কিতা।—মাঘ ২.৭৫। ৬ জলকণ (ত.বা)। "নয়নযুগলং কঙ্কণভরম্ (উদ্ভট)। ৭ (বাঙ্‌লায়) শ্রেষ্ঠার্থক। "কবি°। ৮ কবিকঙ্কণ মুকুন্দরাম। "পবিত্র করিলা, যে নদের কূল, সুকবি কঙ্কণ কবি।—হেম ৪৫। —ণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] কিঙ্কিণী; ক্ষুদ্রঘণ্টিকা।

কঙ্কত পুং, ক্লী, **-তী** স্ত্রী [√কঙ্ক্ গতি+অত (অচি)-ক; ছান্দস] কেশমার্জ্জন, কাঁকই। "রা ২ ৯১.৭৭। —তিকা স্ত্রী [°তী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'কঙ্কত'।

কঙ্কতি বি [সং কঙ্কতী, কঙ্কতিকা] কাঁকই, চিরুনি। "কেহ কঙ্কতি করে, কেশ বেশ করু, কবরী মালতীমালে ব.প ১১০৫।

কঙ্কত্রোট, -টি পুং [উ. বহুব্রী] কঙ্কপক্ষীর ত্রোটের মত যাহার ত্রোট (ঠোঁট); কাঁকলা বা গাংদাড়া মাছ।

কঙ্কপত্র বিণ [বহুব্রী] যাহাতে কঙ্কপত্র আছে; মূলে কঙ্কপত্রযুক্ত (বাণ)। —পত্র পুং বাণ। "রা ৩.২৫.১৮। মহা ৪.৫৮.২২। '—পত্র ক্লী [ষ.ত] কঙ্কপক্ষীর পক্ষ। "°প্রতিচ্ছন্নাঃ (শরাঃ) রা ৪.৫.২৭। রঘু ২.৩১। —পত্রী (-ত্রিন্) বিণ [°ত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -ত্রিণী] কঙ্কপত্রবান্, পুঙ্খে কঙ্কপত্রযুক্ত (বাণ)। "গো.রা ৩.৩১. ১৭। বাণৈঃ...কঙ্কপত্রিভিঃ মহা ৪.৫৭.২৫। [শরের গতি সরল রাখার নিমিত্ত মূলে (শর-পুঙ্খে) কঙ্কপত্র বদ্ধ থাকে। তু 'কঙ্কবর্হিণবাসসঃ (মহা ৪.৫৮.৪৩)।]

কঙ্কবদন ক্লী [উ বহুব্রী] সর্থ 'কঙ্কমুখ (ক্লী)'। "বে ৫.১।

কঙ্কমুখ বিণ [উ.বহুব্রী; স্ত্রী -খা, -খী] কঙ্কপক্ষীর মুখের মত যাহার মুখ; কঙ্কমুখাকৃতি (যন্ত্র, বাণ)। "সুশ্রুত ১.৭.৬। বাণান্ কাককঙ্কমুখান্ গো.রা ৬.৭৯.৬৯। —খ ক্লী শল্যোদ্ধরণার্থ কঙ্কমুখাকার যন্ত্রবিশেষ; সন্দংশ, সাঁড়াশি (forcep)। "সুশ্রুত ১.৭.১৮। [সুশ্রুত, সিংহাদি ও কাকাদির মুখের ন্যায় চতুর্বিংশতি যন্ত্রের (forceps) উল্লেখ করিয়াছেন (১.৭.৬)।]

কঙ্কর বি [সং কর্কর >প্রা কক্কর >বা (কংকর) °র; হি কংকড়; ঠ, গু কংকর; অস কঙ্কর] ক্ষুদ্র প্রস্তরখণ্ড; শিলাচূর্ণ, কাঁকর (gravel)। "পথ পরিষ্কার কর বাছহ কঙ্কর কৃ ৩৭৯। বৃষ্টিধারারূপে, বরিষে কঙ্কর।—হেম ৮৫।

কঙ্করোল পুং [কঙ্ক+লোল (শ.ক); 'কর্কর-ল'—মূল (?)] নিকোচক লতা; কাঁকরোল গাছ ও তাহার ফল।

কঙ্কাল পুং, ক্লী [√কঙ্ক্+আল (আলচ্)-ণ (অ.টী)] ১ শরীরারক্ষক অস্থিসংঘাত; শরীরাস্থি, অস্থিপঞ্জর (skeleton)। "হাটিতে কঙ্কাল হানে ব.প ৭০৮; কোমল শরীরে কি কঙ্কাল বাজ্যা ছিল ৭৫১। ২ (বাঙ্‌লায়) কাঁকাল, কোমর। "ধীরে ধীরে তাহার পশ্চাদ্‌ভাগে গেলাম। গিয়া কঙ্কাল হইতে দাখানি টানিয়া দূরে নিক্ষিপ্ত করিলাম।—ব.প্র ১১৮। [°মালী (-লিন্) পুং—'কঙ্কালের মালাযুক্ত'; মহাদেব। °মালিনী (বি)—কালী। "ব.প ৩৮০। °শেষ, °সার (বিং)—যাহার কঙ্কাল অবশেষ; অস্থিচর্ম্মসার, হাড়-সার।]

কঙ্কালী (-লিন্) পুং [কঙ্কাল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ যক্ষবিশেষ। ২ [সং কঙ্কালিনী] (বাঙ্‌লায়) দুর্গার মূর্ত্তিবিশেষ; কালী। "কামাখ্যা কঙ্কালী ম.পা ১১৪। ৩ বীরভূমে শক্তিপীঠবিশেষ ও তদধিষ্ঠাত্রী দেবী। —লিনী স্ত্রী [°লিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] 'কঙ্কালমালিনী', কালী। "ক.সা ৭৮.১২।

কঙ্গু, -ঙ্গুকা, -ঙ্গুনী, -ঙ্গূ স্ত্রী তৃণধান্যবিশেষ, চীনক, চীনাধান, কাঙ্গনী ধান।

কঙ্গুরা বি [ফা কন্‌গুরহ্; হি কঁগূরা—কনক কঁগূরা (তুলসীদাস); ঠ কংগোরা] ১ শিখর, চূড়া (turret)। "পাথরের জড়, পাথরের গড়, কঙ্গুরা পুরটশোভা ক.চ ৯৩। ২ দুর্গের প্রাকারের মধ্যে কিছু দূরে দূরে নির্ম্মিত, সিপাহীদিগের দাঁড়াইয়া যুদ্ধ করিবার উন্নত স্থান; বুরুজ।

কচ[১] পুং [√কচ্ শোভা+অ (অচ্)-ক] ১ যাহা মস্তকে শোভা পায়; কেশ। "°গ্রহ মহা ৩.১২.১২১। রঘু ১০.৪৭। অলিনীজিষ্ণুঃ কচানাং চয়ঃ।—ভর্তৃহরি। কবহু বান্ধয়ে কচ কবহু বিথারি বি.প ৩৭। কুঞ্চিত কচ ধৈর্য্যহরণ ন.প ২৬৫। ২ (সাদৃশ্যে) মেঘ। ৩ শুষ্কব্রণ। ৪ বস্ত্রপ্রান্ত। ৫ [+অ (অপ্)-ভা] বন্ধ। "বিকচ। ৬ শোভা। ৭ বৃহস্পতির পুত্র। "ভ ৯.১৮.২২। [ইনি দেবগণের মঙ্গলার্থ, শিষ্যত্ব স্বীকার করিয়া শুক্রাচার্য্যের নিকটে সঞ্জীবনী বিদ্যা লাভ করেন (মহা ১.৭৬-৭৭ অধ্যায়)।] —চা স্ত্রী হস্তিনী।

কচ[২] '-চ্' বি ['কচি'—মূল (?)] ১ কচিপাতা; অঙ্কুর। ২ অঙ্কুরযুক্ত ছিন্ন শাখা। "গোলাপের কচ্।

কচ[৩] '-চ্' বিং [ফা কজ; cf., E. Cross] বক্র, তির্য্যক্, বাঁকা, টেড়া। —চ বি ১ বক্রতা, টেড়াভাব, টেরচাভাব, আড়ভাব, কোনাচেভাব। "জমি গৃহভিত্তি চৌকাঠ কাঠ ইত্যাদির কচ। ২ [?] পাশার এক বিন্দু। [কচ ভাঙ্গা (হি কজ নিকালনা)—টেড়াভাব দূর করা; সোজা করা; চৌকাঠ-প্রভৃতি সমচতুষ্কোণ করা। কচে বারো (পাশায়) —কচ (এক বিন্দু) এবং এগার (পাঁচ ও ছয় বিন্দু), একুনে বারো বিন্দু।]

কচ[৪] '-চ্' বি [ধ্বন্যাত্মক; হি কচ—উসনে কচ-সে কাট লিয়া] ১ ধারাল অস্ত্রে নরম দ্রব্য অনায়াসে কাটার শব্দ। "ছুরীতে আঙ্গুলটা কচ করে কেটে গেল। কচুর ডাটা কচ কচ ক'রে কাটছে। ২ [ঠ কচ] খাদ্যমিশ্রিত বালি কাঁকর ইত্যাদির চর্ব্বণে বা ঘর্ষণে ভাঙার শব্দ। ৩ আড়ামোড়া খাওয়ায়, অথবা আঘাতে শরীরের অস্থি মোড়া লাগার বা স্থানচ্যুত হওয়ার শব্দ। "মোড়া লেগে কবজিটা কচ ক'রে উঠেছে। ৪ কাঁচা বা নরম দ্রব্যের চর্ব্বণের শব্দ। [কচকচ, কেঁচকেঁচ (অস কচ্‌কচ্; ঠ কচকচ)—ক্রমাগত 'কচ' শব্দ (ছেদনে, চর্ব্বণে, ঘর্ষণে)। "কচকচ ক'রে কুমড়াটা কুটে ফেল্লে। কচকচ ক'রে কাঁচা আমগুলা চিবাচ্ছে। গোরুর গাড়ীর চাকার কচকচ শব্দ হইতে লাগিল ব.দ্বি ২৫। কচকচাইয়া (কচকচিয়ে) খাওয়া (হি—√কচকচা)—কচকচ শব্দে চিবাইয়া খাওয়া। কচকচে, কেঁচকেঁচে—যাহা চর্ব্বণে কচকচ শব্দ করে; কাঁচা (ফল)। কচাৎ (কচ+ইতি)—'কচ' এই শব্দ। প্রাণ কচকচ করা—দুঃখে প্রাণে চিবানর মত ক্লেশ বোধ হওয়া]

কচকচি বি [সং কচাকচি—চুলাচুলি (?); হি কচকচ; ঠ কচ, কচকচ, কচাকচী] বাগ্‌যুদ্ধ, বিবাদ-বিসম্বাদ, বচসা, ঝগড়াঝাঁটি।

"কচকচিতে কাজ কি মোরা দেশে ফিরে যাই কৃ ২৫০। ছোটবেলায় ত এ থাইল বেশী, ও পরিল ভাল, এ সকল কচকচির কোন উল্লেখই হয় না পা.প্র ৮৩। —চি বি [ধ্বন্যাত্মক] ঢেঁকির পইএর সহিত আঁকশলার বা তশলার ঘর্ষণের শব্দ। "মিথ্যা ঢেঁকির কচকচি করায় কি উপকার?—টেকচাঁদ। দুই একজন ভট্টাচার্য্য বসিয়া…আজ লাউ খেতে আছে—কাল বেগুণ খেতে নাই…ইত্যাদি কথা লইয়া ঢেঁকির কচকচি করিতেছেন।—আ.দু ২৬। [কচকচীয়া, -কচে (অস কচ-কচীয়া) —কচকচিপ্রিয়, ঝগড়াটে। ঢেঁকির কচকচি—ঢেঁকির কচকচ শব্দের ন্যায় বৃথা বিরক্তিকর বচসা।]

কচকা অর্ম্ম [*কচ⁸ > √কচকা ; হি, ঠ √কচক] মোড়ায় বা আঘাতে শরীরের সন্ধি ঘৃষ্ট বা স্থানচ্যুত হওয়া ; কচকান।

কচগ্রহ পুং [ষ.ত] কেশগ্রহণ, কেশাকর্ষণ। "রঘু ১০.৪৭ ; ১৯.৩১।

কচড়া বি [কাছি+পারা (?)] কাছির মত স্থূল রজ্জু ; দড়া, মোটা দড়ি। "উলুর কচড়া দিয়া বান্ধে হাতে গলে বা.ম ২৩৭। [কচড়া-শোল্, (চব্বিশপরগণা)—কচড়ার মত মোটা শকুল মৎস্য ; বাচা শোল।]

কচপক্ষ, -পাশ, -ভার, -হস্ত পুং [ষ.ত] কেশকলাপ, কেশসমূহ। ['পাশ'—কলাপ (অ.কো)] দ্র 'কেশপক্ষ'।

কচ(ছে)ম্ বি [আ ক.সম্] প্রকার, জাতি, ভাব, আকার, গঠন। [হর্কছম্—অনেকপ্রকার, নানাভাব, নানা আকার।]

কচমচ বি [ধ্বন্যাত্মক ; তু 'ঠ কচমচ—grittily] নরম জিনিশ চিবাইয়া খাওয়ার শব্দ।

কচর-কচর, -মচর বি [ধ্বন্যাত্মক ; হি কচর ; ঠ কচকচ] ১ চর্ব্ব্য দ্রব্য-চর্ব্বণের ক্রমাগত শব্দ। "কচরমচর চর্ব্ব্য চিবিয়া ভা চ ১১৫। ২ পক্ষীর অব্যক্ত ধ্বনি। [কুচুরকুচুর, কুচুরমুচুর—মৃদুতর চর্ব্বণ-শব্দ।]

কচরচনা স্ত্রী [ষ.ত] কেশকলাপ, কচসমূহ। "চমরসটা—কচরচনা বা.দ ২০১।

কচলা, কচাল¹ সর্ম্ম [সং √কথ্—মুল (?) ; হি, ঠ √কুচল] ১ মর্দ্দন করা ; মলা। "এত শুনি নৃপতি কচালে করে কর ম ৪২। তেঁহো কহে একি একি কচালিয়া কর ভ.গ্র ৬৯। হাতে হাতে কচালে দেবী ম.ম ১৩। ২ মার্জ্জন করা ; মুছা, রগড়ান। "আঁখি কচালিয়া উঠে রজনী প্রভাতে কৃ ২৫১। করে নয়ান কচালে চৈ.ম ৪৩। নয়ন কচালে হাতে রা.শে ১৮। কচালে কেহ বিলোচন (ক.চ)। কচালে নয়ন ম.ম ৭৫ ; ২২০। চক্ষু কচালিয়া ব.প ৪৭৭। আঁখি কচালিয়া ভ.গ্র ৪৩৮ ; চ.কা ৯৭। ৩ চাপিয়া ধরা। "আঙ্গুলে কচালি স্তন পিয়ে ন.প ৯৭। ৪ প্রক্ষালন করা ; ধোওয়া। ৫ নিষ্পেষণ করা ; চটকান। "চম্পক আঙ্গুলে আম মাখে কচালিয়া।—ফুলরেণু। ৬ (গৌণার্থে) অত্যন্ত পীড়ন বা ধরা-বাঁধা করা। [কচলান—সর্থ 'কচলা'।]

কচহরি বি [হি কচহরী (কচ+হরী—বাদবিবাদহারক)] ১ রাজসভা, দরবার। ২ বিচারালয়, আদালত। "কলক্টরি কচহরিতে E.P. 98. ৩ দফ্তর, কার্য্যালয়।

কচা বি [কচ²+আ¹²] ১ 'কচযুক্ত বা অঙ্কুরিত' ; যে গাছের ডাল কাটিয়া পুতিলে অঙ্কুরিত হয়, সেইরূপ গাছ—জিওল, বাগভেরেণ্ডা ইত্যাদি ; কচাগাছের ডাল। ২ চাউল-প্রভৃতির অর্দ্ধচূর্ণ কণা বা মোটা গুড়া। "চালের কচা। ৩ ক্ষুদ্র ইষ্টকখণ্ড। "ইটের কচা। [কচান—কচযুক্ত (অঙ্কুরিত) হওয়া। কচায়—অঙ্কুরিত হয় ; গজায়।]

কচাকচ, -কুচ বি [কচ⁸+কচ⁸ ; ঠ কচাকচ] ক্রমাগত কচ-কচ করিয়া কাটার শব্দ।

কচাকচি বা [কচ+কচ+ই, পা ৫.৪.১২৭] কচে কচে ধরিয়া প্রবৃত্ত যুদ্ধ ; কেশাকেশি, চুলাচুলি।

কচাৎ ; কচান ; কচাল¹ দ্র 'কচ⁸ ; কচা ; কচলা'।

কচাল² বি [হি কুচাল—দুষ্ট আচরণ] ১ দুঃশীলতা, কলহ, বিবাদ, ঝগড়া। "ক'য়ে কথা কচাল যে কর পুনঃপুনঃ শি ১০৬। ২ বিবাদের হেতুভূত বিষয় ; জঞ্জাল, ঝঞ্ঝাট। "লবণে মারিলে ঘুচে সবার কচাল কৃ.উ ১৮১। [কচাল করা—বিবাদ করা।]

কচি বি [সং কষণ (√কষ্)—অপক্ব ; হি, ঠ, মৈ কচ্চা ; কচ্চী (স্ত্রী) ; গু কচ্চু ; ড় কসি] ১ অপরিণত, অচিরজাত, আপাকা (ফল, পাতা ইত্যাদি)। "কচি আম উচ্ছে পটোল মূলা ডাঁটা ইত্যাদি। কচি কচি পাতাগুলি নয়নরঞ্জন।—পদ্যপাঠ, প্রথমভাগ। ২ কোমল, নরম। "কচি কচি হাত দুখানি, কচি কচি মুঠি—শিশু ১০১। ৩ অচিরপ্রসূত, শিশু, স্বল্পবয়স্ক, কাঁচা (ছেলে, মেয়ে, বাছুর)। "পাশে অ্যাক্ মাগী একটি কচিছেলে নিয়ে দাঁড়িয়েছে হু ২৩৩। ৪ সুকুমার, কোমল, সরল। "কচি প্রাণের হাসিখানি, চাঁদের পানে ছোটে।—শিশু ১০২। [কচি-কাঁচা—শিশুসন্তান, ছোট ছেলেপিলে। "কচি-কাঁচা নিয়ে ঘর কত্তে হ'লে, অনেক সইতে হয়। কচি খোকা—নিতান্ত শিশু ; শিশুর মত অবোধ ব্যক্তি (তিরস্কারে)। "তুমি কি কচি খোকা, যে এখনও ভাল মন্দ বোঝ না!]

কচু ক্লী [√কচ্+উ (উন্)-ক ; হি কচ্চু] ১ তন্নামক কন্দবিশেষ (Arum Colocasia)। ২ কচুর গাছ। "°বন, °শাক। ৩ (বাঙ্লায়) শূন্যতা, ফাঁকি, হেয়তা ইত্যাদি অর্থসূচক। "মনে কচ্ছো আবার আসবে, সে দফায় কচু গি.স্বি ১০৪। তু 'ঘোড়ার ডিম ; কলা'। —চ্চী স্ত্রী সর্থ 'কচু'। [কচু কাটা করা—কচুগাছের মত অনায়াসে ও নির্ম্মমভাবে কাটিয়া ফেলা। কচু ঘেচু—কচু ও তৎসদৃশ বন্য কন্দ। কচুর পো—কচুর পোত, অর্থাৎ চারা। কচুর মুখি—কচুর এটে হইতে নির্গত কচুর আব। "বি.পা ২১৭। কচু হবে!—অর্থাৎ কিছুই হবে না; শূন্যতাসূচক।]

কচুপোড়া বি পোড়া কচু। [কচুপোড়া খাও—মূর্খতাসূচক গালি-বিশেষ। "কচুপোড়া খাও—উঠছি আর অমনি পেছু ডাকছ আ.দু ১৪৩। পোড়া কচু অখাদ্য, সুতরাং তাহা খাওয়াই মূর্খতা।। ইহা হইতেই গালি কি?]

কচুরি, কচোরী বি [সং কর্চ্চরিকা, হি কচৌরী ; ঠ, গু কচোরী] সিদ্ধ ডা'লের পুর-দেওয়া ঘৃতে ভাজা ময়দার পুরীর মত পিষ্টকবিশেষ। "কচুরি কৃ ৩৭৬। কচোরী ব.প ১৫১৯।

কচ্চ বি [সং কক্ষ>লি, প্রা কচ্ছ>বা কচ্চ ; অপ্র] কাছা। "বাবাজী কচ্চ দিয়ে কাপড় পরা পরিহার করেছিলেন হু ২১৪।

কচ্চর বিণ [কু+√চর্+অ (অচ্)-ক, কু>কৎ (অ.টী) ; তু 'কচ্চর'—পঙ্ক (দেশী ২২)] মলদূষিত, মলিন।

কচ্চী বি [সং কচ্বী>লি, প্রা কচ্চী ;অপ্র] কচু, কচুগাছ। "ধান্যে লক্ষ্মী, কচ্চীতে কালিকা কৃষ্ণকান্তি দু ৩৯।

কচ্ছ পুং, ক্লী [ক+√ছো পরিচ্ছেদ+অ (ড)-ক (অ.টী) তু 'সং কক্ষ>লি, প্রা কচ্ছ ; Av. kasha] ১ যাহা জলকে পরিচ্ছিন্ন করে ; তীর, বেলা। "যমুনা° হি ২২৬। ২ জলবহুল দেশ ; অনূপ, কাছাড়, জলা। "নদী° মহা ১.৭০.১৭। অম্বু° পু.মে ২১। ৩ নদী-সরোবরের প্রান্তভাগ ; জলাশয়ের প্রান্তদেশ ; নদীপর্ব্বতাদির সমীপ (শ.ক)। "গন্ধমাদন° (A.)। ৪ তুন্নবৃক্ষ, তুঁদগাছ। "মহা ১.৭০.২১। ৫ নৌকার অঙ্গবিশেষ। ৬ পরিধান বস্ত্রের প্রান্ত, পরিধানাঞ্চল, কাছা, কোঁচা। ৭ (জলপ্রায়) কচ্ছদেশ। ৮ মুখসম্পুট (ত.বা)। ৯ কূর্ম্মের কর্পর বা কটাহ (খোলা)। দ্র 'কচ্ছপ'। —চ্ছা স্ত্রী [তু 'সং কক্ষা>লি, প্রা

কচ্ছা] ১ সর্প 'কক্ষ (৬)'। ২ পরিকর, কটিবন্ধ। "মহা ৪.১৩.২২ (নীলকণ্ঠ)। ৩ ঝিল্লিকা, ঝিঁঝিঁপোকা।

কচ্ছ(চ্ছো)টিকা, -টী স্ত্রী ['কক্ষপট্টিকা, -ট্টী'—মূল (?) ; তু 'কচ্ছটী'—লেঙ্গোট (দেশী—প্রা ম)] বস্ত্রাঞ্চল, কাছটি, লেঙোট।

কচ্ছপ পুং [কচ্ছ+ √পা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -পী ; তু 'সং কক্ষপ, কস্তুপ ; অবেস্ত—কস্তপ, ফা কশফ্'] ১ যে কচ্ছ, অর্থাৎ খোলা দ্বারা আপনাকে রক্ষা করে ; অথবা যে জলপ্রায়দেশে আপনাকে রক্ষা করে ; কূর্ম্ম। "রা ১.৪৩.১৬। কেশব ধৃতকচ্ছপরূপ গী.গো ১.৬। ২ কুবেরের নিধিবিশেষ। দ্র 'নিধি'। ৩ মল্লের বন্ধবিশেষ ; প্যাঁচ। ৪ (সাদৃশ্যে ?) সুরসন্ধান-যন্ত্রবিশেষ। ৫ নন্দীবৃক্ষ। ৬ দেশবিশেষ, কচ্ছদেশ (!)। "°নাথ (S.W.)। —পী স্ত্রী [°প+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কূর্ম্মী, কমঠী। ২ বীণাবিশেষ, কাছুয়া। ৩ সরস্বতীর বীণা (অ.চি)। 'সরস্বত্যাস্তু কচ্ছপী (বৈজয়ন্তী)। ৪ চর্ম্মরোগবিশেষ, কচ্ছপিকা।

কচ্ছু, -চ্ছূ স্ত্রী [√কষ্+উ-ক, উ ১.৮৪ ; তু 'কচ্ছুরী'—কপিকচ্ছু (দেশী ২.১১)] খস্‌রোগ, খোস, চুলকনা (scab)।

কচ্ছুরা স্ত্রী [তু 'কচ্ছুরা'—কপিকচ্ছু (দেশী, ২.১১)] শূকশিম্বী।

কছবি, -বী বি [আ, ফা কস্‌বী] বেশ্যা। "কছবি সবে বাপে পুত্রে শ্রিঙ্গার মাগিব ম.গা ৫।

কছম্ ; কছরৎ দ্র 'কচম্ ; কসরৎ'।

কছু বিং [হি কছু ; দ্র 'কিছু'] কিঞ্চিন্মাত্র, কিছু, একটু। "বচন চাতুরি হাম কছু নাহি জান বি.প ৫৭। কছু নাহি মানয়ে বাধা ৮৯। —ছু বি অল্পও, একটুও। "কি কহি কি বলি কছু বুঝয় ন পারি বি.প ৪৩।

কজলবাস, -বাশ বি [র্ক কজ্‌ল্‌বাশ্ ; হি কজলবাশ] মোগল-জাতির বীরত্বসূচক উপাধিবিশেষ ; তদুপাধিধারী রণপ্রিয় মোগল-জাতিবিশেষ। "উজ্‌জ্বল (উজ্‌বক্ ?) কজলবাসে, ঘেরিয়াছে চারিপাশে ভা.চ ৪৮৭। [স্থানান্তরে—"উজ্জ্বল কজ্জলবাস ভা.চ ৪১২।]

কজ্জল ক্লী [কুৎসিত জল যাহা হেতু ইতি কু(কৎ)+জল ; - √কজ্+অল-ক, নিপাতিত (অ.চি) ; 'কজ্জ(জ্ঝ)ল' (জ্জ > জ্ঝ, ঝ—উচ্চারণ-সাম্যে)—ত্রিকাণ্ডশেষ] ১ যাহা অশ্রুকে কুৎসিত, অর্থাৎ অসিত করে ; যাহা চক্ষুকে ব্যথিত করে ; অঞ্জন, কাজল। "সকজ্জল (সুশ্রুত)। °কালিমা।—অমরু ৮৮। কজ্জল-তিলক ম.পা ১১৫। ২ (সাদৃশ্যে) মসী, কালি। "অসিতগিরিসমং স্যাৎ কজ্জলং সিন্ধু-পাত্রম্।—মহিম্নঃ স্তবঃ ৩২। ৩ কলঙ্ক। "কুল° ভ ৬.২.২৭। কুলীন-কুলের কজ্জল লী ৪৭। ৪ সৌবীর (antimony)। —ল পুং ১ (সাদৃশ্যে) মেঘ। ২ মৎস্যবিশেষ, কালবাউস (?)। —লী স্ত্রী মিশ্রিতরসগন্ধক, রসকজ্জলী (sulphuret of mercury)। "সামান্য তরুণ জ্বরে, কজ্জলীতে কার্য্য করে দা ৩৬২। [°লিত (বিণ)—কজ্জল-যুক্ত ; মলিন, কলুষিত।]

কজ্‌রী বি [হি কজরা] বর্ষাকালে স্ত্রীলোকের গেয় গ্রাম্য সঙ্গীত-বিশেষ। ['কজ্জল' শব্দের অর্থ 'মেঘ' ; হিন্দী 'কজরা' শব্দে 'কাজল' বুঝায়। বর্ষায় মেঘাচ্ছন্ন কজ্জলবৎ অন্ধকার দিনে গ্রাম্য স্ত্রীলোকের 'গান'—'কজরী'।]

কঞোন বিং [কওন > কঞোন, দ্র 'ঞ'] কোন, কি। "কঞোন কএল হমে পাপ বি.সা ৪৬ ; কঞোন নারি ২৬৭ ; কঞোন দেস ৩৮১ ; কঞোন দোস : কঞোন ভরোস ৫১৮। [কঞোনক —কাহাকে। "কঞোনক কহব বি.সা ৪৬। কঞোনে—কোন জনে ; কে। "বি.সা ২৬৮।]

কঞ্চট, -ড় পুং জলশাকবিশেষ, কাঁচড়াদাম শাক (Commelina Bengalensis)।

কঞ্চি, -ঞ্চী বি [র্ক কম্‌চ্ঈ—ক্ষুদ্র শাখা ; তু 'সং কঞ্চিকা, কুঞ্চিকা ; তা কণ—বাঁশ ; হি কৈন] বাঁশের ডাল ; বেণুশাখা। "হালকা দেহ কঞ্চি কাটা অল্প ক্যান্ডিডেট।—হেম ৩৭৯। শরীর শুকিয়ে কঞ্চি ও কাটের মত পাকিয়ে গেছিল হু ২১৫। [কঞ্চিতে বংশলোচন জন্মান—বংশ-লোচন বাঁশে হয়, কঞ্চিতে জন্মিলে কঞ্চির বাঁশের উচ্চ পদলাভ হয় ; (গৌণার্থে) নীচের উচ্চপদ-লাভ হওয়া। "কঞ্চিতে বংশলোচন জন্মাতে লাগলো। নবো মুন্সী, ছিরে বেণে ও পুঁটে তেলি রাজা হলো হু ৩৫।]

কঞ্চু বি [সং কঞ্চুক ; অপ্র] গাত্রাবরণ, আঙরাখা, জামা। "কঞ্চু-অঙ্কিত, বক্ষ মৃদুতর ন.প ২৯৮।

কঞ্চুক পুং [√কঞ্চ্ বন্ধন+উক(উকন্)-র্ম্ম] ১ যাহা শরীরে বদ্ধ হয় ; সন্নাহ, বর্ম্ম। "গো.রা ৬.৯৯.২৩। কাঞ্চন-কঞ্চুক-বিভা মে ৪০ ; ৮১। ২ কঞ্চুলিকা, কাঁচুলি। "ক.সা ১৮.১৬। অমরু ৮১। উচকুচ কঞ্চুক-ভার।—গো ৬ ; ১২৯। চু ৮ ; ৯। দৃঢ় করি কঞ্চুক করল সন্নাহ ব ৮৭। ৩ পরিচ্ছদ, আঙরাখা, জামা। "ধর্ম্মকঞ্চুকপ্রবেশিনঃ শ ৫১/২। ভ ৮.৭.১৫। রোমাঞ্চ°।—পঞ্চ ২.১৭৩। ৪ নির্ম্মোক, সাপের খোলোষ। "কঞ্চুকাবিষ্ট—পঞ্চ ১.৬৯। বিষধর···কঞ্চুকভূষিত মে ১৪। ৫ বস্ত্রমাত্র। ৬ (সাদৃশ্যে) ধান্যত্বক, তুষ।

কঞ্চুকী বিণ [কঞ্চুক+ইনি(ইন্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -কিনী] কঞ্চুক-যুক্ত, ধৃতকবচ, সন্নদ্ধ। —কী পুং ১ অন্তঃপুরাধ্যক্ষ, মহল্লরক্ষক (Chamberlain)। 'অন্তঃপুরচরো বৃদ্ধো বিপ্রো গুণগণান্বিতঃ। সর্ব্বকার্য্যার্থ-কুশলঃ কঞ্চুকীত্যভিধীয়তে॥—ভরত। তু 'শ ৫.৩। ২ সর্প। ৩ যব। ৪ চণক। ৫ জার, লম্পট। ৬ দ্বারপাল।

কঞ্চুলিকা, কঞ্চুলী স্ত্রী [√কঞ্চ্ দীপ্তি+উল (উলচ্)-ক+স্ত্রী ঈ (ঙীষ্) ; ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] কঞ্চুক, কূর্পাসক, কাঁচুলি। "প্রণয়-মান-কঞ্চুলিকায় বক্ষ-আচ্ছাদন চৈ.চ ১১৭। কঞ্চুলিকা পুরাতন : কঞ্চুলীবন্ধন চ.চ ১৯। কঞ্চুলিকা খসে।—হেম ১৭১। —ঞ্চুল ক্লী সর্প 'কঞ্চুলিকা'।

কঞ্জ পুং [কম্+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ১ 'জল-জাত' ; ব্রহ্মা। [জলে আরোপিত পরমাত্মার বীজরূপ স্বর্ণাণ্ড হইতে ব্রহ্মার জন্ম হয় (মনু ১.৮ ; ৯)।] ২ 'মস্তকে জাত' ; কেশ। —ঞ্জ ক্লী ১ কমল, পদ্ম। "করকঞ্জসম্পুট ভ ১.১১.২। কঞ্জমুখী ক.চ ১০৩। কঞ্জলোচন গো ৮৮ ; ন.প ২৯৮। নয়নকঞ্জ জ ১৫ ; কঞ্জনয়নী ২১। ২ রক্তপদ্ম, কোকনদ। "পদ্মকঞ্জাগ্নিসন্নিভ গো.রা ৪.৪১.৫৯। কঞ্জারুণেক্ষণ ভ ৪.২১.১৫ ; কঞ্জগর্ভারুণেক্ষণা ৮.৬.৩। রঞ্জিত চরণ কঞ্জ ব ৬৮। ৩ (সমুদ্রমন্থন-জাতত্ব হেতু) অমৃত। [°কামিনী (বি)—পদ্মস্থিতা নারী, অর্থাৎ চণ্ডীদেবী ; কমলে-কামিনী। "ক.চ ২৭২। °জ (পুং)—'পদ্মজাত', 'কমলজ', ব্রহ্মা। °দিঠি (বি)—কমললোচন। "কঞ্জ-দিঠি জন-হৃদয়-রঞ্জন ন.প ১২৯। °নয়ন (বি)—পদ্মসদৃশ নয়ন ; কমলনেত্র। "কঞ্জ নয়নে ঝর নীর ন.প ১৮৭। °নাভ (পুং)—পদ্মনাভ, বিষ্ণু। °মুখী (বিং)—কমলসদৃশ প্রসন্নবদনা। "ক.চ ১০৩।]

কঞ্জুস বিং [হি কংজুস (সং কণ+হি চুস)] যে কণা চোষে, অর্থাৎ কণামাত্রও ছাড়ে না ; যে খায় না, বা খাওয়ায় না ; কৃপণ। "এক এক বেটা বাবু আছে এম্‌নি কঞ্জুস, বাজারের পরতাল দেয় স.এ ২০।

কঞ্জেক্ষণ বিণ [কঞ্জসদৃশ ঈক্ষণ যাহার, বহুব্রী ; স্ত্রী -ণা] যাহার নেত্র পদ্মতুল্য ; কমললোচন। "বি.মা ৭৫/২।

কট্ সক [ভ্বা, প—কটতি ; সেট্] ১ বর্ষণ। ২ আবরণ। ৩ গতি। [প্র—(ণিজন্ত) ব্যক্তি, প্রকাশন, প্রকটন।]

কট[১] পুং [√কট্+অ (অচ্)-ক ; ছান্দস] ১ মদবর্ষণকারী হস্তিগণ্ড, হস্তিকপোল। "রঘু ২.৩৭। °প্রভেদ ৩.৩৭। ২ গণ্ডমাত্র (ত.বা)। ৩ তৃণবিশেষ, নল্, পাতি। ৪ তৃণমাত্র, উশীরাদি। "কটাগ্নি। ৫ তৃণ-নির্ম্মিত আসন ; শয্যা, মাদুর, দরমা। "মনু ২.২০৪। ৬ আবরক,

বারক, আচ্ছাদন। "উরস্কট। বদ্ধ° রা ২.৫৬.২১। ৭ তষ্ট কাষ্ঠ; চাঁচা কাঠ; তক্তা, কপাট। ৮ কাশাদি-রচিত রজ্জু; মরাইএর দড়ি; বড়্; তৃণরচিত টাটী বা ঝাঁপ (শ.ক)। ৯ কুসূল, মরাই (শ.ক)। ১০ শরতৃণ। ১১ শর, বাণ। ১২ [+ঘঞর্থে অ-র্ম্ম] শ্রোণিফলক; কটিদেশ, কোমর। ১৩ কটিপার্শ্ব। ১৪ শব। "°ধুম ভ ১০.৬.৪১। ১৫ শবরথ, খাটিয়া (bier)। ১৬ শবদাহস্থান, শ্মশান। ১৭ সময়। ১৮ আচার। "আগে বড় পিছে ছোট বিধির এ কট। তুই কি করিবি তাহে উলট পালট॥—ভা.চ ৫৩১। ১৯ অতিশয়। তু 'উৎকট'। ২০ দ্যূতক্রীড়াসাধন দ্রব্যবিশেষ। "মৃ ২.৮। ২১ ওষধিবিশেষ। —টী স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পিপ্পলী। ২ কটুকী, কটকী।

কট[২] '-ট্' বি [ধ্বন্যাত্মক; cf., E. cut] ১ তার-প্রভৃতি কঠিন দ্রব্য অস্ত্রে বা দাঁতে কাটার শব্দ। "তারটা কাতারি দিয়ে কট ক'রে কেটে ফেল্লে। ২ ভারের গুরুত্ব হেতু রজ্জু-প্রভৃতি ছিড়িয়া যাওয়ার শব্দ। "অধিক ভার হওয়ায় দড়িটা কট ক'রে কেটে গেল। ৩ [ভাবাত্মক] অপ্রিয় ভাষা বা কড়া কথা বলার তীব্রভাব। "মুখের উপর কট করে স্পষ্ট কথা বলা তা'র স্বভাব। ৪ দাঁতে কাটার (দংশনের) তীব্রভাব। "শিশুর গালে আঙ্গুল দিলেই কট ক'রে কামড়ায়। কাঠপিঁপড়ে কট ক'রে কামড়ায়।

কটক পুং, ক্লী [√কট+অক (বুন্)-র্ম্ম, উ ৫.৩৫] ১ যাহা বৃক্ষাদি দ্বারা আবৃত (অ.টী); অদ্রিনিতম্ব, গিরিমধ্যভাগ। "রঘু ১৬.৩১। কু.স ৭.৫২। ২ পর্ব্বতস্থ সমভূমি; তট, সানু, প্রস্থ। "কল্যাণকটক-বাস্তব্য।—হি ১১৮/১২৮; অসৌ (ব্যাধঃ) কটকং প্রবিষ্টঃ ১২২/১৫৬। °ভূমি মাঘ ৪.৬৫। ৩ রাজধানী। ৪ নগরী। ৫ [+অক-ণ] যাহা দ্বারা আবৃত বা বেষ্টিত হয়; হস্তভূষণবিশেষ, বলয়, বালা। "মাঘ ১৬.৭৭। °কটিসূত্রহার ভ ৫.৩.৪। ৬ কটিবন্ধ, মেখলা (শ.ক)। "আবদ্ধ হেমকটকা।—চৌরপঞ্চাশিকা ১৫। কলধৌত-কটক শ্রী.মা ১৯৭। ৭ (বলয়-সাদৃশ্যে) চক্র। ৮ হস্তিদন্তমণ্ডল, অর্থাৎ হস্তীর দন্তে সংলগ্ন বলয়াকৃতি ভূষণবিশেষ। ৯ বলয়মাত্র। "অশ্ব°, অশ্ববক্ত্র°, যূপ° (S. W.)। ১০ শৃঙ্খল। ১১ চক্র, সৈন্যসমূহ; সেনানিবেশ, শিবির। "ক.সা ১৩.৪৫। সমাবাসিতকটক হি ১২৩/১৫৮। কটক চলে মুড়ে মুড়ে কৃ ২৭০। বিকট কটক মে ৮৪। ১২ সামুদ্রিক লবণ। ১৩ ওড়িষ্যার জেলাবিশেষ ও তদন্তর্গত প্রধান নগর। "কটকনগর চৈ.ভা ৩৯২, ৪৫০। ১৪ [কট+কন্ (ক) স্বার্থে] কট, মাদুর, দরমা। ১৫ (বাঙ্লায়) বাদ্যবিশেষ (কাড়াবাদ্য?)। "কটক ঢোল অ.প ৫১।

কটকট বি [কট২—মূল; পৌনঃপুন্যে দ্বিত্ব; হি, ঠ, অস—°টা] ১ অস্ত্রে বা দন্তে কঠিন দ্রব্যের ক্রমাগত ছেদনের শব্দ। "তারগুলো কটকট ক'রে কেটে ফেল্ছে। ইন্দুরে কটকট ক'রে কাঠ কাটে। ২ [ভাবাত্মক] ডাঁশ মশা প্রভৃতির কাটার বা হুলফুটানর তীব্রভাব। "কটকট কেটে কোটি কোটি দেয় ভঙ্গ শি ৭৯। ৩ কাটার বেদনার মত তীব্রভাব। "জল জমিলে কান কটকট করে। অধিকক্ষণ বসিলে মাজা কটকট করে। ফোড়াটা কটকট ক'চ্ছে। ৪ [তু 'কটকটীয়া'] কঠোর বা স্পষ্ট কথায় মর্ম্মচ্ছেদক ভাব। "স্পষ্টবক্তা মুখের উপর কটকট ক'রে বলে। কটকট ক'রে গালাগালি দেওয়া। ৫ দন্তে দন্তে ঘর্ষণের শব্দ। "মুখে কটকট, শব্দ বিকট।—হেম ৯৫। —টি [কটকট+ই১১; হি কটকট] দন্তঘর্ষণের শব্দ। "ভীষণ দশন-কটকটি ব.প ১২২। তু 'দন্তান্ কটকটাপ্য (রা ২.৩৫.১)। [কটকটান, -নি (অস কটকটানি) —কটকট করা; কামড়ানর মত বেদনাবোধ (a biting sensation)।]

কটকটা ব্য [ধ্বন্যাত্মক] পরস্পর মুষ্টিঘাতের শব্দ; মুষ্টামুষ্টি-শব্দ। 'মুষ্টিভিশ্চ মহাঘোরৈরন্যোন্যমভিজঘ্নতুঃ। ততঃ কটকটা শব্দো বভুব সুমহাত্মনোঃ॥—মহা ৩.১৫৭.৬৬।

কটকটীয়া, -ক'টে বিং [কটকট+ঈয়া, এ১; ঠ কটকট্যা—কলহ-প্রিয়, খিটখিটে; অস কটকটীয়া—ঝাঁটো] ১ শ্রুতিকঠোর, কর্কশ (স্বর, ডাক)। ২ মর্ম্মস্পর্শী, পীড়াকর, কটু, কড়া (ভাষা, কথা)। ৩ কটুভাষী, স্পষ্টবক্তা, মুখর। ৪ 'কটকট'-শব্দকারক (ভেক)। —য়া, -টে বি ১ বেসমের ভাজা গুড়মাখা খাদ্যবিশেষ। ২ জগন্নাথের প্রসাদবিশেষ। [কটক'টে বেঙ্—'কটকট'-শব্দকারক একজাতীয় ভেক।]

কটকব(বা)লা বি [কট (সং কোটী)+কব(বা)লা] কট (নির্দ্দিষ্ট সময়)-যুক্ত ভূমিবন্ধকী কবালা। [ইহাতে টাকা শোধ করার সময় নির্দ্দিষ্ট থাকে। ঐ সময়ের মধ্যে টাকা দিতে না পারিলে বন্ধকী ভূমি মহাজনের হস্তগত হয়।]

কটকার পুং [কট+√কৃ+অ (অণ্)-ক; উ.ত] ১ কটনির্ম্মাতা শিল্পিবিশেষ, অর্থাৎ যাহারা মাদুর প্রস্তুত করে। ২ বৈশ্য হইতে শূদ্রার গর্ভে জাত সঙ্কীর্ণজাতিবিশেষ। 'শূদ্রায়াং বৈশ্যতশ্চৌর্য্যাৎ কটকার ইতি স্মৃতঃ।—উশনা। —কৃৎ পুং [+ক্বিপ্ (০)-ক; উ.ত] সর্থ 'কটকার (১)'। "ভ ১.৩.১৮।

কটকি(কে)না বি [কট+কিনা (ক্রয়); হি কটকিনা—difficulty, severity; অস কটকিনা—কৃপণ; ড় কটুকনা] ১ কট, অর্থাৎ কোটি (কড়ার) করিয়া কেনা (?); এক বৎসরের কড়ারে গ্রামাদির উপস্বত্ব ইজারা লওয়া। ২ কষ্ট, দুঃখ, দুরবস্থা। ৩ প্রতিজ্ঞা, একান্ত নির্ব্বন্ধ, কোট, জিদ্। "দিয়ে পদ দুটি, মাড়াবে যে মাটি, শ্রীমতী তো সেটি ছোঁবে না! তুলিয়ে সে মাটি, দিবে ছড়া ঝাঁটি, শ্রীরাধার এটি, কটকেনা॥—লু.র ৪৫। ৪ নিয়মের কঠোরতা; অবশ্যপালনীয় নিয়ম; কড়া নিয়ম। [কটকিনা-দার—যে এক বৎসরের জন্য ইজারা লয়।]

কটকী বিং [কটক+ঈ৭] ১ কটকে প্রস্তুত; কটকজাত। "কটকী জুতা, চটি। ২ ['কটা'—মূল] কড়ারবর্ণযুক্ত, কটা, ফ্যাকাশে। —কী বি [সং কটুকী] ওষধিবিশেষ। "শ্রী ২১২। [কটকী কাপড়—কটকের সরু লালপাড় কাপড়।]

কটপূতন পুং প্রেতবিশেষ। "মনু ১২.৭১। —পূতনা স্ত্রী সর্থ 'কটপূতন'। "মা.মা ৫.১১।

কটভী স্ত্রী [কট+√ভা+অ (ক)-ক+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ জ্যোতিষ্মতী লতা। ২ অপরাজিতা। ৩ কাঁটাশিরীষ।

কটমট[১] বি [ধ্বন্যাত্মক] ১ দন্তে দন্তে ঘর্ষণের কঠোর শব্দ। "দশন অচলশৃঙ্গ,...কটমট শব্দে ব্যাপে পুর ভ.গ্র ১২৭। কটমট বিকট দশনে শব্দ করে।—রঙ্গ ৯৪। ২ অস্থি-প্রভৃতি কঠিন দ্রব্য চিবানর কঠোর শব্দ। "শব্দ করি কটমট শিবায় চিবায় শব স্ব.প্র ১২৩। —টি, -টী বি [°ট+ই৯, ঈ৯,] কটমট শব্দ। "দন্তের কটমটী কৃ.উ ১৮৮। দন্তের কটমটি ম ম ২৭। দন্তকটমটি ম ৩৩২; বা.দ ৯১।

কটমট[২] বিং [সং কষ্ট > প্রা কট্ঠ (পীড়াদায়ক) > বা কট, 'মট' অনু. শব্দ; মৈ কঠ—দৃঢ়] ১ কোপ-কঠোর, রোষরুক্ষ। "শুনি চক্ষু কটমট লাল হৈল রাগে ব.প ১৪১৬। কোপে কটমট চায় কৃ ২৮৫। কটমট চান শি ৮২। রোষকষায়িতনেত্রে কটমট করি,...সঘনে তাকাস কেন?—অ.শু ৬৮। বাবু দুটা চক্ষু কটমট করিয়া বলিলেন আ.দু ৮; ১০৬; ঠকচাচা কটমট করিয়া সকলকে দেখিতে লাগিলেন ১৭৩। ২ দুর্ব্বোধ, দুরূহ (বিষয়)। ৩ দৃঢ়, কঠোর, শক্ত (দ্রব্য)। ৪ কর্কশ, নীরস, বিকট। "অটঅট হাসে, কটমট ভাষে ভা.চ ৪৯৩। [(চোখ) কটমটান—ক্রোধে চোখ রুক্ষ করিয়া চাওয়া। "যদি গুরুদেব ভস্মলোচন ক'রে দিয়ে সিংহাসনে বসিয়ে দেন, তা হ'লে একরকম রাজ্য কর্ত্তে পারি; ও ওদিকে তলোয়ারের খাপ খুলবে, আমিও এদিকে চোখ কটমটাচ্ছি, আর একেবারে ভস্ম!—অ.গ্র ১৯। কটমটিয়ে চাওয়া—

রোষরক্ত চক্ষে দেখা। "একবার হাজার চোখে কটমটিয়ে চাইলে দৈত্য-বংশ নির্ব্বংশ অ.গ্র ২২। কটম'টে—দুর্ব্বোধ, দুরূহ (বিষয়); কঠোর, রূক্ষ (দৃষ্টি); নীরস, কর্কশ (কথা); দৃঢ়, শক্ত (দ্রব্য)।]

কটরকটর, -মটর বি [ধ্বন্যাত্মক] দন্তে কঠিন দ্রব্য কাটার শব্দ। "ইঁদুরে কটরকটর ক'রে কাঠ কাটে।

কটরা বি [সং কটারা] ১ পাত্রবিশেষ, বাটী, পেয়ালা। "স্বর্ণকটরায় দা ৪১৫। ২ মৃৎপাত্রবিশেষ, মাটির খুরী। —রি বি সর্থ 'কটরা'। "কটরি জিনিয়া কুচ সাজা (প.ক)।

কটলেট '-ট্-ট্' বি [E. cutlet] মাংসের খাদ্যবিশেষ। "পাকশালা হইতে এক কৃষ্ণকূর্চ্চ পুরোহিত···কটলেট-নামক সুগন্ধ কুসুমরাশি রাখিয়া গেল ব.দ্বি ১৮।

কটস্থল ক্লী [কর্ম্মধা] ১ হস্তিগণ্ড। ২ কটিদেশ, শ্রোণি।

কটা[১] বি [সং কটাহ] ১ লৌহপাত্রবিশেষ, কড়াই, কড়া। "কটা চড়াইল অ.প ৬৪। ২ ব্রহ্মাণ্ডের উত্তর বা ঊর্দ্ধখণ্ড; স্বর্গলোক, আকাশ। "সেই পুরুষের জটা, পরশে ব্রহ্মাণ্ড-কটা ব.প ১২২। শব্দে শুদ্ধ ব্রহ্ম-কটা শ্রী.মা ৫১।

কটা[২] বিং [সং কড়ার > প্রা*কটার > বা কটা] পিঙ্গল, রূক্ষ গৌরবর্ণ, ফ্যাকাশে, তামাটে, হাঁসা (tawny)। "কটা দুই চোক স্ব.প্র ১৫৯; জটা শোণসম কটা ১৭১। জটা৹ ধুলায় কাদায় কটা চ.কা ৯৪। পাকাচুল···হ'ল কটা প.কা ৪৫। কটা শিখা বা.দ ২৩১। [কটা চুল —তাম্রবর্ণ কেশ। কটা চোখ—বিড়ালের ন্যায় পিঙ্গল চক্ষু। কটা তাল—যে তাল পাকিলে কাল হয় না, ফ্যাকাশে হয়। কটা তিল—যে তিল কাল নহে; লালচে। কটা শূদ্র—রূক্ষ-পাণ্ডুবর্ণ বা হাঁসা শূদ্র। কটাইয়া যাওয়া—কটা হওয়া।

কটা[৩] বিং [ক[৫]+টা] কিয়ৎসংখ্যক, কতগুলা, কয়টা (প্রশ্নে)। ২ পরিমিতসংখ্যক, গোটা-কত, অত্যল্প। "এই কটা ভাত খাই ব.প্র ২৭। ৩ গুলা। "অন্য দিনের কথা দূরে থাক, সর্ব্বনেশের পর্ব্ব কটা মনে নাই লু.র ১৪৩। ৪ কতগুলা। "যে কটা কথা ব'লেছি, তা মনে আছে ত?

কটাকট বি [গু কটাকট, -কটী—হত্যা] ক্রমাগত 'কট কট' করিয়া কাটার শব্দ। দ্র 'কটকট'।

কটাক্ষ পুং [কট (অসদৃশ) অক্ষি যাহাতে, বহুব্রী; সমাসান্ত অ (যচ্)] ১ যাহাতে চক্ষু অসদৃশ, অর্থাৎ বক্র (অ.টী); অপাঙ্গদর্শন, বক্রদৃষ্টি, আড়ে দেখা। "°নিক্ষেপ, °নিরীক্ষণ, °বিশিখ, °বীক্ষিত। কটাক্ষোষ্টবিকার গো.রা ৫.২৪.১১। পু.মে ৩৬। কেবা করে কামশরে কটাক্ষের সম ভা.চ ২৯০। °শর মে ২৭৬। ২ (বাঙলায়) প্রতিকূল দৃষ্টি; কোপ নজর। ৩ ব্যঙ্গ, পরিহাস, সমালোচনা। [কটাক্ষ চাহনে—কটাক্ষে, অপাঙ্গদৃষ্টিতে। "মুনি-মন মোহ করে কটাক্ষ চাহনে বা.ম ৭০। কটাক্ষি (অপ্র)—কটাক্ষ। "কৃ ৩১৫। কটাক্ষে—কটাক্ষ-পরিমিত কালে; নিমেষে।]

কটাখ বি [সং কটাক্ষ > বা কটাকখ > °খ; বৈষ্ণবসাহিত্যে] বি ১ কটাক্ষ। "যাঁহা যাঁহা কুটিল কটাখ। তাঁহি মদন শর লাখ॥—বি.প ৩০। তীখ কটাখ: কুটিল কটাখ বি.সা ৩০। কটাখ-বিশিখ (গো)। বিশিখ কটাখ ব ৮৯। ২ কটাক্ষকৃত ইঙ্গিত। "সারী পড়ত৹ রাই গুণামৃত৹ কানুক বুঝিয়া কটাখ ব ১০৩। —খি বি [°খ+ই[১১]] কটাক্ষ। "কুটিল কটাখি (ঘনশ্যাম দাস)।

কটাগ্নি পুং [উ.লো] ১ কটকৃত অগ্নি; বীরণাদিতৃণ-কৃত অগ্নি; তৃণোল্কা। ২ বীরণবেষ্টন-জাত অগ্নি; বেণার বেড়া-আগুন; কক্ষাগ্নি (নীলকণ্ঠ)। "মহা ২.৪৪.৩৭; ৪০। মনু ৮.৩৭৭। যাজ্ঞ ২.২৮৫।

কটাৎ বি [ধ্বন্যাত্মক; 'কটিতি'—মূল] তার-প্রভৃতি কাটার 'কট' এই শব্দ। "তার কটাৎ ক'রে কাটে।

কটান্ত পুং [কটের অন্ত, ষ.ত] ১ কটস্বরূপ, করি-গণ্ডস্থল। "মাঘ ১৮. ৪২। ২ করিকপোলপ্রান্ত।

কটার বি [সং কট্টার; হি.ঠ, গু কটার; 'কটার'—ছুরী (হে ৪.৪৪৫)] আয়ুধবিশেষ, হাতিয়ার, ছোরা। "ভা.চ ৪৯১।

কটাল বি [হি কটাল; কোটাল (গ্রাম্য); তু 'তা কড়েল—সমুদ্র] অমাবস্যায় বা পূর্ণিমায় সমুদ্রের ও নদীর জলস্ফীতি; বান, জোয়ার (flow, flood)। [কটালের বান—কটাল বা জলবৃদ্ধি হেতু প্লাবন। ভরা কটাল—পূর্ণ কটাল বা জলস্ফীতি। মরা কটাল—হ্রাসপ্রাপ্ত কটাল; অমাবস্যা বা পূর্ণিমার পরে জলহ্রাস।]

কটাশ বি [ধ্বন্যাত্মক; 'কট'—মূল] ১ 'কট' শব্দ; অস্ত্রাদিতে তার-প্রভৃতি কঠিন দ্রব্য কাটার শব্দ। ২ চাবি ঘুরাইয়া কুলুপ খোলার শব্দ। "'কটাশ ঝনাৎ' করিয়া কুলুপ শিকল খোলার শব্দ হইল ব.প্র ৩৫১। [কটাশ কামড়—কট করিয়া কামড়ান। "কটাশ কামড় চটাশ চাপড় (মশকদংশনে)।]

কটাশীয়া, -শে বিং [কটা+শ (সদৃশ > শ?)+ঈয়া, এ[৭]; cf., C.G. § 292] ঈষৎ পিঙ্গল; আপিঙ্গল, কটা-কটা।

কটাহ পুং, ক্লী [কট+আ-√হন্+অ (ড)-ক, উ.ত] ১ ঘৃত-তৈলাদির পাকপাত্র; কড়াই। "মহামোহময়ে কটাহে।—মহা ৩.৩১২. ১১৮। মোহময় সংসার কটাহে ম ৫৮০। ২ ভর্জ্জনপাত্র, ভাজনা-খোলা। ৩ (সাদৃশ্যে) কূর্ম্মকর্পর, কূর্ম্মপৃষ্ঠ, কচ্ছপের পৃষ্ঠাস্থি বা খোলা। ৪ কর্পর, খর্পর, খাপ্‌রা। "মাঘ ৫.৩৭। ৫ কটাহাকৃতি অণ্ডবিবরণখণ্ড। "ব্রহ্মাণ্ডকটাহমস্ফুটং ভ ৭৮.১৫। হুহুঙ্কার নাদে ফাটে ব্রহ্মাণ্ডকটাহ চৈ.ম ৬৪। ৬ কটাহসদৃশ দ্রব্যমাত্র। "প্রাস্থিকঃ কটাহঃ পা ৫.১.৫২, সি। ৭ মহিষশিশু, কাড়া। ৮ শূর্প, কুলা। ৯ কূপ (শ.ক)। ১০ নরকবিশেষ। ১১ দ্বীপবিশেষ। "°দ্বীপ ক.সা ১৩.৭৪।

কটি[১], **-টী** স্ত্রী [√কট্+ই (ইন্)-র্ম্ম, বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] ১ যাহা আবৃত হয়; শ্রোণিদেশ, কাঁকাল্। "কটিক গৌরব পাওল নিতম্ব বি.প ৪১। কটির উপরে কিঙ্কিণী নাদ জ্ঞা ৫৬। কটিয়া পরে কিঙ্কিণী গো.চ ৪৮২। ২ নিতম্বফলক (অ.টী); শ্রোণিফলক, পাছা। "কটিস্তে হরতে মনঃ সা.দ ৭২। ৩ হস্তিগণ্ড। তু 'কট'। [কটিকসা—কটিতে বদ্ধ বা আঁটা। "চোপ্‌দার চাপ্‌রাশি ভৃত্য কটিকসা ছাপ। —হেম ৩৮০।]

কটি[২] স.বিং [ক[৫]+টি] ১ কিয়ৎসংখ্যক, কতগুলি, কয়টি (প্রশ্নে)। ২ পরিমিতসংখ্যক, অল্প (সংখ্যা, পরিমাণ)। "এই কটি ছেলে; এই কটি ভাত; মুড়ি কটি; চাল কটি।

কটিকূপ পুং [ষ.ত] কটিস্থ নিম্নদেশ; কোমর।

কটি(টী)তট পুং, ক্লী [ষ.ত] ১ শ্রোণিফলক, নিতম্ব, পাছা। "কটীতট-নিবেশিত মৃ ১.২৭। বৃহৎকটিতটাঃ ভ ৩.১৫.২০। ২ [কর্ম্মধা] কটিদেশ, কটি। "যাঙ্গর ঘুঁঘুর কি কটীতটে চু ২। কটিতটে ডোর ভা.চ ১৫২। কটিতটে চন্দ্রহাস।—রঙ্গ ৭। তোমার কটিতটের ধটি৹ কে দিল রাঙিয়া?—শিশু ৩।

কটিত্র ক্লী [কটি+√ত্রৈ+অ (ক) -ক; উ.ত] ১ কটিরক্ষক, কটিবর্ম্ম। ২ কটিতে বদ্ধ বস্ত্র; কটিবস্ত্র। ৩ রসনা, মেখলা। ৪ কটিসূত্র, কিঙ্কিণী। "ভ ৬.১৬.৩০।

কটিপট্টসূত্রডোরী বি কটিতে বাঁধার পট্টসূত্রের ডোরী; রেশমের ঘুনশি। "চৈ.চ ৫৩।

কটিবন্ধ বি [সং কটি+ফা বন্দ্; সং কটিবন্ধ] কটিবন্ধ, কোমর-বাঁধ।" কটিদেশে কটিবন্ধে কৃপাণ।—হেম ৩৮।

কটিবন্ধ পুং [ষ.ত] ১ কটির বন্ধনরজ্জু ; কটিসূত্র, পরিকর ; কোমর-বাঁধ। "শিব-কটিবন্ধ সাপ।—ভা.চ ৭৭। ২ তাপ ও শৈত্যের ন্যূনাধিক্যানুসারে বিষুবরেখার উভয় পার্শ্বস্থ ভূমণ্ডলের বিভাগবিশেষ। (zone)। "উষ্ণ°, নাতিশীতোষ্ণ°, শীত°।

কটিবসন বি [ষ.ত] কটিবন্ধন-বস্ত্র, কটিবস্ত্র, কটিত্র, নীবি। "অপূর্ব্ব লোহিত কটিবসন ঘাঘরা ভ.গ্র ৪৩০।

কটিবাত বি বাতজন্য কটিবেদনা ; কটিশূল।

কটিবাস পুং [ষ.ত] কটির বস্ত্র ; কটিবস্ত্র, কটিত্র।

কটিভূষণ বি [ষ.ত] ১ কটির ভূষা ; কাঞ্চী। ২ চন্দ্রহার।

কটিয়া, ক'টে [অস কঁটীয়া—stunted in growth] যে গাছের বাড় নাই ; মরকুটে (গাছ)।

কটিশূল পুং [উ.লো] কটিস্থিত শূলরোগবিশেষ ; কোমর-শূল।

কটিশৃঙ্খলা স্ত্রী [উ.লো] কটিতে ধারণীয়া শৃঙ্খলা ; শৃঙ্খলাগ্রথিত কটিধার্য্য ক্ষুদ্রঘন্টিকা।

কটিসূত্র ক্লী [উ.লো] ১ কটিধার্য্য সূত্র ; কটিবন্ধ, পরিকর। "ভ ১০.১৩.৪৮। কটিসূত্র-সুশোভিত শ্রী.ম ২২৯। ২ স্বর্ণাদিরচিত সূত্র ; চন্দ্রহার, গোট্। ৩ কটিবন্ধনরজ্জু, ঘুন্‌শি।

কটাধরা বি [অপ্র] কটীস্থিত বস্ত্রের ধারক ; কটিবন্ধ, কোমরবাঁধ। "কটাধরা নিয়া যাব হংস বাঁধিবার ম.ম ১২।

কটু বিণ [√কট্+উ-ক, উ ১.৮ ; স্ত্রী -টু -ট্বী] ১ যাহা কণ্ঠ আবৃত করে (অ.টী) ; কটুরসযুক্ত, ঝাল। "°রূক্ষ মহা ১.৩.৫১। কটুম্ন গী ১৭.৯। ২ অপ্রিয়, পরুষ, দুরক্ষর, কড়া। "চাটবঃ কটবঃ (ভবন্তি)।—পঞ্চ ১.১৮৬। শ্রবণ° রঘু ৬.৮৫। নহে কটূত্তর এত কহে যদুরায় ম ১২৩৪। কটু-কথা ক'য়ে ভ.গ্র ২৩৪। ৩ তীক্ষ্ণ, খর, তীব্র। "কটুশীতানিল গো.রা ৩.২২.১১। কটুতায় কোটি কোটি কালকূট সম ভা.চ ২৯০। অঞ্জন কটু কালকূটসম বা.দ ৩০। ৪ উগ্র, প্রচণ্ড। "কাত্যায়নী কহে কহ কটু হৈলে কেন শি ১০৬। ৫ অকার্য্য, অকরণীয়। ৬ দূষণ। ৭ দুর্গন্ধ, উগ্রগন্ধ। ৮ সুরভি, সুগন্ধি। "সপ্তচ্ছদক্ষীর-কটুপ্রবাহ রঘু ৫.৪৮। ৯ মৎসর। —টু পুং ১ রসবিশেষ, ঝালরস। "ভ ৩.২.৪২। [ইহা ষড়্‌বিধ রসের একতম। দ্র 'রস'।] ২ চম্পকবৃক্ষ। ৩ পটোল, পল্‌তা। ৪ চীনকর্পূর। ৫ কট্বীলতা। —টু স্ত্রী ১ কটুরোহিণী, কট্‌কী। ২ রাজিকা, রাজসর্ষপ। ৩ প্রিয়ঙ্গু-লতা। —টু ক্লী ১ অকার্য্য, দূষণ, কুক্রিয়া। ২ পটোলফল। "শ্রী.মা ২৬। [কটু কথা কওয়া—অপ্রিয় কথা বলা। "E.P. 120. কটু-কাটব্য বলা—নানাপ্রকার কটু বাক্য বলা ; গালি-গালাজ দেওয়া।]

কটুআ,-য়া বি কৌটা। "সোণার কটুআ ছটি শ্রী.কী ৭৫। অধমার চরণ ধূলি, রাখ কটুয়া ভরি চ.চ।

কটুক বিণ [কটু+ক(কন্) স্বার্থে ; স্ত্রী -কা ; দ্রবিড়ীয় (?)] সর্ব 'কটু'। —ক পুং ১ কটুরস। "সুশ্রুত ১.৪২.৮। ২ সুগন্ধিতৃণ। ৩ রাজসর্ষপ। ৪ অর্কবৃক্ষ। ৫ কুটজ, কুর্‌চি। —ক ক্লী ১ শুণ্ঠী পিপ্‌পলী মরিচ—এই ত্রিকটুক। ২ কটুত্ব। —কা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ রোহিণী, কট্‌কী। ২ তাম্বূলী। ৩ কুলিকবৃক্ষ। —কী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] কটুকা, কট্‌কী।

কটুকন্দ পুং [বহুব্রী] ১ যাহার মূল কটু ; শিগ্রু, শজিনা গাছ। ২ আর্দ্রক। ৩ লশুন।

কটুতা স্ত্রী [কটু+তা (তল্) ভাবার্থে] ১ কটুভাব, তীক্ষ্ণতা, তীব্রতা। "ভা.চ ২৯০। ২ কঠোরতা, কর্কশতা। ৩ দুর্গন্ধত্ব।

কটুতৈল পুং [বহুব্রী] ১ যাহার তৈল কটু বা তীক্ষ্ণ ; শ্বেতসর্ষপ। ২ [হি কড়ুয়া তেল] (বাঙলায়) কড়া তেল ; সর্ষপতৈল। "কটু-তৈলে বেথুয়া করিবে দৃঢ় পাক ক.চ ৩০ ; ১৫০। শ্রী.মা ৩৮। সাজ কটুতৈল ম.ম ৯৫। [কটুতেল—কটুতৈল। "ক.চ ৪৪।]

কটুত্রয় ক্লী [ষ.ত] শুণ্ঠী পিপ্‌পলী মরিচ—এই ত্রিকটু।

কটুপাক, -বিপাক বিণ [বহুব্রী] যে দ্রব্যের পাক কটু ; পরিপাকে কটুরসোৎপাদক (দ্রব্য)।

কটুপ্রায় বিং [অপ্র] কটুসদৃশ, অপ্রীতিকর, অহৃদ্য। "আহার শয়ন মোর লাগে কটুপ্রায় ম ৪৫৮।

কটুফল পুং [বহুব্রী] যাহার ফল কটু, অর্থাৎ কটুপাক, পটোল, পল্‌তালতা। —লা স্ত্রী শ্রীবল্লীবৃক্ষ, কট্‌ফলগাছ।

কটুল বিং [কটু+ল ; তু 'পাংশুল' ; অপ্র] ১ কটুরসযুক্ত, কঠোর, কর্কশ। "কটুল ঝঙ্কারে।—হেম ১০৩। ২ কটুগন্ধযুক্ত, পচা। "কটুল কুণের রাশি।—হেম ১১১। ৩ জ্বালাময়, ঝাল। "(ধারা) কটুল বিরস।—হেম ১০৯।

কটূত্তর বি [কটু উত্তর, কর্ম্মধা] কর্কশ উত্তর ; কুকথা, গালি। "বিশ্বনাথে…বলে কটূত্তর ক.চ ৮ ; কৈল কটূত্তর ১১।

কটোর পুং [√কট্+ওল (ওলচ্)-ধি ; হি কটোরা] যাহাতে ভক্ষ্য নিষিক্ত হয় ; ধাতু-প্রভৃতির পাত্রবিশেষ ; কটোরা, বাটী, পেয়ালা। "কাচ° (মেরুতন্ত্র)। কটোরাণাং চতুঃষষ্টিঃ (জৈমিনিভারত)। কুচ উলট কটোরে শ্রী.কী ৯১। —রা স্ত্রী [হি, ঠ কটোরা ; গু কটোর] ১ সর্ব 'কটোর' (ব্রহ্মবৈবর্ত্ত)। "কনক কটোরা বি.প ১৭ ; পালটি বৈঠায়ল কনক কটোরা ২২। ঘনাবর্ত্ত দুগ্ধ থুইলেন কটোরা পুরাণ (পূর্ণ) ব.প ৫৬৮ ; কাঞ্চন-কটোরা ১৩৫৬। স্বর্ণ-কটোরা ম.পা ২৬ ; ৩১। বা.দ ৪৪। ২ (বাঙলায়) মাটির পাত্রবিশেষ ; খুরী, ভাঁড়। [কুঠর (লিপিপ্রমাদ)—কটোরা। "কাঁচলী পরিল স্তন ঢাকিয়া কুম্‌কুমে। কনক কুঠর যেন ঢাকিয়াছে হিমে॥—বি.পা ৪৯। —রি, -রী বি [°র+ই°, ঈ° ; হি, ঠ, গু কটোরী] ছোট কটোরা, ছোট পেয়ালা। "সোনার কটোরি, কুচযুগ গিরি চ.দা ১৩।

কট্ট বিং [সং কৃত্ত > প্রা কট্ট (প্রা.ম) ; তু 'ঠ কট্টা—ছেদন, ছিন্ন, কাটা। "কটি কট্ট সত্তোমরা হস্তিছালা ভ.চ ৪৩।

কট্টমট বিং [কটমট > °ট, যুক্তাক্ষর ওজোব্যঞ্জক] কোপকঠোর, রোষরূক্ষ। "লট্টপট দীর্ঘজট কট্টমটভাষিণী বা.দ ৭৬।

কট্টার পুং [তু 'সং কর্ত্তরী > প্রা* কট্টরী ; কট্টারী (দেশী—প্রা.ম) ; E. cutter] আয়ুধ, অস্ত্র, ছোরা, কাটারী।

কট্‌ফল পুং ['কটুফল'—মূল] ১ শ্রীপর্ণীবৃক্ষ, জায়ফল। ২ গাম্ভারী। ৩ বৃহতী। ৪ বার্ত্তাকী। ৫ কাকমাচী।

কঠ পুং ১ মুনিবিশেষ। [ইনি বৈশম্পায়নের শিষ্য। ইঁহার নামানুসারে যজুর্ব্বেদের শাখাবিশেষ 'কঠ' বা 'কঠশাখা' নামে অভিহিত।] ২ [কঠ+ইন্ (ণিনি) 'তদধ্যেতা' অর্থে, প্রত্যয়লোপ, পা ৪.৩.১০৭] কঠপ্রোক্ত বেদের অধ্যেতা ; কঠশাখাধ্যায়ী। ৩ কঠশাখাবিৎ (অ.চি)। ৪ কঠপ্রোক্ত যজুর্ব্বেদাংশ ; কঠশাখা, ঋগ্‌বিশেষ। ৫ স্বর-বিশেষ। ৬ বেদভাগরূপ ব্রাহ্মণ। ৭ উপনিষদ্‌বিশেষ। ৮ ব্রাহ্মণ। —ঠী স্ত্রী ১ কঠশাখাধ্যেত্রী নারী ; কঠশিষ্যা। ২ ব্রাহ্মণী। [°বল্লী (স্ত্রী) —কঠশাখার বল্লীসদৃশী ; উপনিষদ্‌বিশেষ। °শাখা (স্ত্রী)—কঠপ্রোক্ত যজুর্ব্বেদাংশ। °শ্রোত্রিয় (পুং)—কঠশাখাবিৎ শ্রোত্রিয় ; কঠজ্ঞ ব্রাহ্মণ। কঠাধ্যাপক—কঠাচার্য্য।]

কঠিন বিণ [√কঠ কৃচ্ছ্রজীবন+ইন (ইনচ্)-ক, উ ২.৪৯ ; স্ত্রী -না] ১ নিষ্ঠুর, নিষ্করুণ, নির্দ্দয়। "°হৃদয় উ.চ ১৩১। অন্তরে পোড়য়ে মিশ্র বাহিরে কঠিন চৈ.ম ৫৫। হা কঠিন প্রাণ ! তুমি এখনও প্রস্থান করিতেছ না কেন !—সী ৪৫। ২ কঠোর, দৃঢ়, শক্ত। "(অহম্) ন বিদীর্য্যে কঠিনাঃ খলু স্ত্রিয়ঃ কু.স ৪.৫। °বিষম উ.মে ৩১। ভক্ষ্যাংশ্চাতিকঠোরান্

দন্তরোগী বিবর্জ্জয়েৎ।—সুশ্রুত। কাঠ কঠিন কয়ল মোদক বি.প ১০৬। কুলবতী গৌরব, কঠিন কবাট গো ১৩০। ৩ অস্নিগ্ধ, কর্কশ, নীরস, রূক্ষ। "বাপ বল্লেন কঠিন হেসে 'তোমরা মায়ে ঝিয়ে, এক লগ্নেই বিয়ে কোরো আমার মরার পরে প.কা ৩৮। ব্রাহ্মণের কান্তি গম্ভীর এবং কটাক্ষ কঠিন ব.প্র ১০৯। ৪ কর্কশ, অমসৃণ। "কঠিনকঠোরকামিনী-কুচস্থল।—মাঘ ১৭.১১। ৫ শুষ্ক, অনম্র। "(রাজানঃ পর্ব্বতা ইব) কঠিনা দুষ্টসেবিতাঃ।—পঞ্চ ১.৬৮। উন্মূলয়ংশ্চ কঠিনান্ নৃপান্ বায়ুরিব ক্রমান্ ক.সা ১৯.৮৯। ৬ পরুষ, কটু। "কহে রাজা কঠিন বচনে ম ৪৫১। কঠিন বচন শ্রী.মা ১০৯। ৭ দুঃসহ (বেদনা)। "বিক্র ২.১১। ৮ দৃঢ়-বদ্ধ, সংহত। "পীন কঠিন উচ তনে শ্রী.কী ৩৪২। ৯ রসহীন, শুষ্ক। "কাঠ কঠিন ছাতিয়া গো ২৯। (হিয়া) এ কাঠ-কঠিন চৈ.ম ১৫৭। ১০ সান্দ্র, নিবিড়, মূর্ত্ত (palpable)। "সুকঠিন আঁধার চাপিয়া (ঝড় বহে)।—রবীন্দ্র। ১১ দুর্ব্বোধ, দুরূহ, বিষম (শব্দাদি)। ১২ (বাঙলায়) কৃপণ, ব্যয়কুণ্ঠ। "লোকটা বড় কঠিন, প্রাণ গেলেও এক পয়সার বাতাসা কিনে খায় না। ১৩ প্রগাঢ়, সুগভীর। "কঠিন লোহা কঠিন ঘুমে ছিল অচেতন।—গান ৭৬। ১৪ গুরুলঘুবিচার-শূন্য। "সে বড় কঠিন ঠাঁই। গুরু-শিষ্যে দেখা নাই॥—প্রবচন। ১৫ কষ্টকর, দুষ্কর, দুঃসাধ্য। "সবই বলা সোজা, করাই কঠিন। —ন ক্লী ১ স্থালী, ভাজন। "মহা ৩.২৯৬.১। ২ খনিত্র। "রা ২.৫৫.১৭। —না স্ত্রী [°ন+স্ত্রী আ (টাপ্)] ১ গুড়শর্করা। ২ স্থালী। —নিকা, —নী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্), ক (কন্) স্বার্থে+স্ত্রী আ] খড়িকা, খড়ি। "°নী হি ১৫ (কথারম্ভ)। কঠিনী প্রদান করাইয়া ম পা ১০৯; ১১৯। বা.ম ২১৭।

কঠিল্ল, -ল্লক পুং ['কটিল্লক' (অ.কো)] ১ কারবেল্ল, করেলা। "শ্রী.মা ২৬। ২ পুনর্নবা। ৩ তুলসী।

কঠোপনিষৎ (-দ্) স্ত্রী [কঠ উপনিষৎ, কর্ম্মধা] কৃষ্ণযজুর্ব্বেদের কঠশাখার উপনিষৎ।

কঠোর বিণ [কঠ্+ওর (ওরন্)-ক, উ ১.৬৪; স্ত্রী -রা] ১ কঠিন, দৃঢ়, শক্ত। "কুলিশ°। °মুষ্টি ভ ৩.১৯.১৪। কুচ কঠোর ভা.চ ২৯৯। ২ ক্রূর, নির্ম্মম, নিষ্ঠুর। "°হৃদয় (সা.দ)। কঠোরায়াং সুমার্দ্দবম্। —পঞ্চ ৪.৫৮। অয়ি কঠোর যশঃ কিল তে প্রিয়ং উ.চ ৩.২৭। নমো নমো নমঃ, কল্যাণ-কঠোর কান্ত কা ২৪। ৩ কর্কশ, কটু, কড়া। "°কণ্ঠ (S.W.)। ৪ তীক্ষ্ণ, নিশিত, ধারাল। "কঠোরাঙ্কুশ (শান্তি-শতক)। কুঠারেণ কঠোরনেমিনা ভ ৯.১৩.৩৪। ৫ তীব্র, প্রচণ্ড। "কঠোরদংশৈঃ ভ ৫.১৩.৩। ৬ জ্বালাময়, প্রচণ্ড। "যুগান্তাগ্নিকঠোর-জিহ্বম্ (শূলম্)।—ভ ৬.১২.২। কঠোরনয়না ব.প ৩৮১। ৭ দারুণ, মর্ম্মস্পর্শী (বাক্য)। ৮ পূর্ণ, সকল, পূর্ণবিম্ব। "°তারাধিপ মাঘ ১.২০। ৯ পূর্ণকায়, পরিণতিপ্রাপ্ত। "°পারাবত উ.চ ৬.২৫। ১০ প্রাপ্ত-পূর্ণাবস্থ। "°পুষ্কর উ.চ ৬.১৩। ১১ উত্তাপবহুল, ক্লেশকর। "কঠোরী-ভূতস্তু দিবসঃ উ.চ ২ $\frac{৪}{৫}$। ১২ প্রবৃদ্ধ। "কঠিনকঠোরকামিনীকুচস্থল। —মাঘ ১৭.১১। কঠোরনিষ্পন্দলতা (ম্র)। ১৩ পূর্ণ, পরিপুষ্ট। "°গর্ভা উ.চ ১ $\frac{২}{২}$। ১৪ পরিপাকগত, পরিণত। "কলাকলাপালোচনকঠোর-মতি (কাদম্বরী)। [°গর্ভ (পুং)—পূর্ণগর্ভ। "কঠোরগর্ভগুর্ব্বীম্ (গৃহিণীম্) উ.চ ১.৪৯। °গর্ভা—পূর্ণগর্ভা, আসন্নপ্রসবা। "উ.চ ১ $\frac{২}{২}$।

কড়[১] বি [সং কট > প্রা কড > বা কড়; ঠ কড; গু কেড—কোমর, পিঠ] কোমর, পিঠ। "ঝাঁপ দিয়ে অজয়ে পাতে কড় শ্রী ১৮৮। [কড় পাতা—কোমর পাতা; পিঠ দিয়া বসা।]

কড়[২] বি [সং কোর > বা কোড় > কড়; তু 'তা কণ্—বাঁশ ও আখের সন্ধি; শাখাসন্ধি, পুষ্পসন্ধি] ১ অঙ্গুলির সন্ধিস্থল বা গাঁট। "কতক কড়ের শঙ্খ করে (?) দিতে তুলে। ঝলাকল বদন মদন গেল ভুলে॥—শি ১০৪; ১০৫। ২ ফলের বা ফুলের বোঁটার সন্ধিস্থল, অর্থাৎ ফল পাকিলে বা ফুল শুখাইলে, বোঁটার যে স্থানে খুলিয়া যায়; বৃন্তসন্ধি। ৩ অঙ্গুলিসন্ধি। তু 'কর'। —ড়া বি ঘরামীর কাজে পরিমাণবিশেষ (চব্বিশগণ্ডা)। [কড়ে খোলা বা ছাড়া—পাকা ফলের বোঁটার সন্ধিতে খুলিয়া যাওয়া।]

কড়[৩] বি [সং কটক > প্রা কডঅ > বা কড়া, কড়; হি কড়া; ঠ কড়ে, কডা; গু কড়ু; ড় কডা; মৈ কাঢ়া—পায়ের মল্] গালার আবরণ-বিশিষ্ট লোহার বালাবিশেষ (বিবাহে কন্যার হস্তে ইহা দেওয়ার প্রথা আছে)। "দেবী কেবল একখানি গড়া পড়িয়াছে—হাতে কেবল এক-গাছা কড় ব.প্র ৩৯৬।

কড়ক ক্লী [তু 'সং কটক > প্রা কডক] করকচ লবণ।

কড়কড়[১] বি [ধ্বন্যাত্মক; হি কড়কড়; ঠ কডকড—ঝিজেচো কডক-ডাট (বজ্রনির্ঘোষ)] ১ বজ্রধ্বনি, বজ্রপাতশব্দ। "হুড়হুড় কড়কড় বাজ পড়িছে।—মনোমোহন বসু। ২ কঠিন বস্তুদ্বয়ের পরস্পর ঘাত-প্রতিঘাতজন্য কঠোর শব্দ। "কড়কড় রাউতের বুকে মারে তির শ্রী.মা ১৯৪। মাংস চুরি করিয়া মাধব ঠেলে শাঁপা। কড়কড় করে কর যত যায় ঝাঁকা॥—শি ১০৫। ৩ কাড়া-প্রভৃতি বাদ্যের কঠোর ধ্বনি। ৪ ক্রোধে দন্তে দন্তে ঘর্ষণের শব্দ। "কড়কড় দন্তে দন্তে ভীষণ ঘর্ষণ সা.ম ৪৭। —কড়ি বি সর্থ 'কড়কড় (২)। "আয়ুধের কড়কড়ি জুয়ালের মাঝে শি ৭৫। [কড়কড়ে—কড়কড় শব্দে। "বাজে...কাড়া কড়কড়ে। কড়কড়কড়ে—কড়কড়কড় শব্দে। "কড়কড়কড়ে বজ্র পড়িল ভূতলে মে ১৫৫। কড়কড়াকড়—ক্রমাগত বজ্রপাতশব্দ। "কড়কড়াকড় কড়াৎকড়াৎ, ডাকবে যখন ঝনঝনে। —গিরিশচন্দ্র ঘোষ।]

কড়কড়[২] **-কড়ি** '-ড়ো' বিং [সং কর্কর > করকর > °ড়; কু 'করকবা (বরিশাল); কড়ক'ড়ে (দিনাজপুর)] কর্করতুল্য শুষ্ক ও শক্ত; পর্য্যুষিত (অন্ন)। "কড়কড় ভাত। —ড় বি পর্য্যুষিত অন্ন। —ক'ড়ে বিং কাঁকরের মত শুখাইয়া শক্ত। "থালার গায়ে এঁটো শুখাইয়া কড়ক'ড়ে হইয়াছে।

কড়কড়ান, -নি বি [°ড় > √°ড়া+অন; হি কড়কড়না; ঠ কড-কড়ণেং; তু 'দন্তান্ কটকটায়্য (রা ২.৩৫.১)] কড়কড় শব্দ করা। [°কড়াল—কড়কড় করিল। "গি.দ্বি ২৪।]

কড়কা[১] বি [হি কড়াকা; 'কড়া'—মূল (?); ঠ কড়াকা, -খা—rigor, intensity] উপবাস। "রুইদাসে কহে কেনে কড়কা করহ ভ.গ্র ২৫১।

কড়কা[২], **-খা**[১] সর্থ [সং কটাক্ষ > √কটাক্ষি > প্রা √কডক্খ (তু 'দুট্‌ঠসারসি, তুমং পি কডক্খসি (দুষ্টসারসি, ত্বমপি কটাক্ষয়সি —বি.মা ৭$\frac{৫}{৫}$) > বা √কড়কা, -খা] কটাক্ষ করা, অর্থাৎ সকোপ কটাক্ষ দেখান; শাসান। [কড়কান—সর্থ 'কড়কা'। কড়কে দেওয়া —শাসাইয়া দেওয়া।]

ক'ড়কে বি [সং কলিকা] ফুলের কুঁড়ি; কলি।

কড়খা[১] দ্র 'কড়কা[২]'।

কড়খা[২] বি [হি কড়খা] বীরের প্রশংসাপূর্ণ উৎসাহজনক রণকীর্ত্তিগাথা। "ধাঢ়ী গায় কড়খা ভা.চ. ৪৫৯।

কড়ঙ্কর পুং [কড+√কৃ+অ (খচ্)-ক, নিপাতনে, পা ৫.১.৬৯, সি; উ.ত; 'কড়ঙ্গর' (অ.কো)] মাষমুদ্গাদির কাষ্ঠ; ভুসি, চিটা, আগড়া, তুষ, কুঁড়া। —রীয় বিণ [°র+ঈয় (ছ); °ঙ্গরীয় (পাঠান্তর)] কড়ঙ্করভক্ষণার্হ, বুসভক্ষণযোগ্য, অর্থাৎ যে গোমহিষাদি ভুসি খায়। "কড়ঙ্করীয়ো গৌঃ (সি)। রঘু ৫.৯।

কড়ক্রান্ত বি ['কপর্দ্দকার্ত্ত'—মূল (?)] কড়ির বা অর্থের কৃশতা; ধনাভাব, টানাটানি। [কড়ক্রান্ত ক'রে চালানো—টানাটানি করিয়া সংসারযাত্রা নির্ব্বাহ করা।]

কড়চা বি ['কড়খা'—মূল (?)] **১** বহু বিষয়ের সংক্ষিপ্ত গ্রন্থ ; শ্লোক-ময় সূত্রগ্রন্থ। "শ্রীস্বরূপগোস্বামিকড়চায়াম্ চৈ.চ ১ ; ১৪ ; শ্রীরূপ-গোস্বামিকড়চায়াম্ ১৯ ; ২১ ; ২৮ ; ৩২। **২** সূত্রাকারে লিখিত জীবনচরিত ; জীবনের দৈনিক ঘটনার সংক্ষিপ্ত লিপি। "পথে চলি আইসে নাটকের ঘটনা ভাবিতে। কড়চা করিয়া কিছু লাগিলা লেখিতে ॥—চৈ.চ ২৫৬ ; স্বরূপগোসাঞি আর রঘুনাথদাস। এই দুই কড়চাতে এ লীলা-প্রকাশ ॥ সংক্ষেপে বাহুল্য করে কড়চাগ্রন্থন ৩২৭। **৩** (জমিদারীতে) যে কাগজে প্রত্যেক প্রজার খাজনা কত আদায় হইল ও কত বাকী রহিল ইত্যাদির হিসাব পৃথক্ পৃথক্ ফর্দ্দে লিখিত হয়, তাহা কড়চা, থোকা কড়চা বা হিসাববাকী।

কড়ছি বি [সং কট > প্রা কড > বা কড় ; কড়+রসনী > বা (কড়সী) কড়ছি ; বৈষ্ণবসাহিত্যে] কটিসূত্র, কাঞ্চী, কোমরবাঁধ। "বসন খসয়ে। অঙ্গুলি চাপয়ে। কড়ছে কড়ছি থুঞা প.র ২১। [পাঠান্তর—'কয় করছে থুইয়া' (চ.দা ২১), 'কর সে করচে থুইয়া' (চ.সা ৫)। বোধ হয়, 'কর সে কড়ছে (অর্থাৎ কড়ছিতে) থুইয়া' পাঠ সঙ্গত।]

কড়(র)তা বি [ঠ কডতা—পণ্যবিক্রয়ের সময়ে নির্দিষ্ট ওজন অপেক্ষা যাহা অধিক দেওয়া যায় ; ধরতা। যেমন, এক মণ তেলে ১½ সের 'কড়তা'।] পণ্যবিক্রয়ের সময়ে পণ্যের আধারের ওজন। [করতা করা—পণ্যের পাত্র ওজন করা। যেমন, তেল বেচার সময়ে তেলের পাত্র বোতল বা ভাঁড় করতা করা ; করতা বাদ দেওয়া, করতা ভাঙা—পণ্যের পাত্রের ভার ওজন হইতে বাদ দেওয়া।]

কড়পা বি [সং কডম্ব—ডাঁটা ; ঠ কডবা—পলাল ; হি কলফা—নবাঙ্কুর] অঙ্কুর, কুঁড়ি।

কড়মড় বি [ধ্বন্যাত্মক ; কটমট > °ড় ; তু 'করমর' ম.পা ৬২] **১** দন্তঘর্ষণের কঠোর শব্দ। "কোপে কড়মড় দন্ত।—কৃ ২৮৫। দন্ত ঘন করে কড়মড় : দুপাটী দশন ঘন শুনি কড়মড় ম ২১৮। কোপে···দশন কড়মড় শ্রী ১৮৮। দন্তে দন্তে চাপি সাধু করে কড়মড় ম.ম ১৪২ ; ১৯৫। কড়মড়-দশনে ভা.চ ৩১৩। **২** অস্থি-প্রভৃতি কঠিন দ্রব্যের চর্ব্বণশব্দ। "কড়মড় মড়মড় চিবাইছে হাড়।—রঙ্গ ২২২। **৩** বজ্রের ধ্বনি। —মড়ি, -মড়ী বি [°ড়+ই[১১]] দন্তঘর্ষণের বা বজ্রের শব্দ। "দন্ত-কড়মড়ি।—কৃ ৩৩৩। দশনের কড়মড়ি ক.চ ৫২। দাঁতের কড়মড়ি শ্রী ২২৪। দন্ত কড়মড়ি ভা.চ ৭৩ ; বজ্রের কড়মড়ী ৪৫৫। [কড়মড়ান, -নি—কড়মড় শব্দ করা, কড়মড় শব্দে হাড় চিবান। কড়মড়াঞা, -মড়ি—কড়মড় শব্দ করিয়া। "দন্ত কড়মড়াঞা উঠিল রাবণ কৃ.উ ৩৪। কড়মড়ি দশন শ্রী ৭৬। কড়মড়ি খায় চ.বি ২২৯। কড়মড়ে—**১** কড়মড় শব্দে। "কড়মড়ে নাদিল দন্তোলি মে ৭২। **২** কড়মড় শব্দে ঘর্ষণ করে। "দন্ত কড়মড়ে চ.বি ২৩৪। কড়ম'ড়ে—'কড়মড়শব্দকারী' শক্ত, শুখনা।]

কড়মা বি [সং করম্ভ] দধির সহিত মিশ্রিত ময়দা বা ছাতু, কিংবা চিড়া ও মুড়কী ; মঙ্গলাচারে ব্যবহার্য্য ভক্ষ্যবিশেষ।

কড়ম্ব পুং [√কড্ ভক্ষণ+অম্ব (অম্বচ্)-র্ম্ম, উ ৪.৮২ ; তু 'কলম্ব' (অ.কো)] **১** শাকনাড়িকা, শাকের ডাঁটা। **২** অঙ্কুর। 'কর্ণক্রোড়-কড়ম্বিনী বি.মা ১.১৫। —ম্বী স্ত্রী 'বহুকড়ম্বযুক্তা' ; শাকবিশেষ, কলমী শাক।

কড়রমড়র বি [কটরমটর > °র] কঠিন দ্রব্য জোরে চিবানর শব্দ। "মটরভাজা কড়রমড়র ক'রে চিবায়।

কড়ঙ্গি, -ঙ্গী বি [দ্র 'কড়ছি'] কটিসূত্র, ঘুনসী।

কড়া[১] বি [সং কটাহ > প্রা কডাহ > বা (কড়াহ) কড়া ; হি কড়াহ, -হা ; ঠ কটঈ ; গু কঢা, কঢাঈ] দুগ্ধ-প্রভৃতি জ্বাল দেওয়ার নিমিত্ত ধাতুনির্ম্মিত পাত্রবিশেষ ; কটাহ। "সাইট মোন কড়াই গো.চ ৮৮ (টীকা) ; ৯৮ (টীকা)।

কড়া[২] বি [সং কপর্দ্দক > প্রা কবড্ড > বা (কঅড্ডা > কড়া) °ড়া ; ফা কড়ড়া—বড় কড়ি ; হি কৌড়া—বড় কড়ি ; তু 'কোড়া' (গো.চ ২২৭)] **১** কপর্দ্দক, কড়ি। "বুড়ি বুড়ি কড়ি কত কড়া দিয়া হরে শি ১৮। কাণা কড়ি এক কড়া : কাণা কড়ি কড়া ভ.গ্র ৩৫২। **২** বিনিময়ে ব্যবহার্য্য ধনস্বরূপ কপর্দ্দক ; কড়িরূপ ধন। "কড়া চারী কড়ী ধনে, আপনাক জানহ ঈশরে শ্রী.কী ১০৬। চারি কড়া কড়ি বিকাএ চন্দনের তোলা গো.বি ৫৪। **৩** ধন। "অন্ধক জনার নড়ি দরিদ্রের কড়া (ক.চ)। **৪** (শুভঙ্করী হিসাবে) চার কাক বা তিন ক্রান্তি। **৫** [করালী (মালদহ)] কড়ার মত আত্রাদির গুঁটি, কড়েয়া। [কড়া কড়ি—একটি কড়ি ; অত্যল্প অর্থ। "কৃষ্ণের নিকটে না মিলিল কড়াকড়ি ব.প ৯৪৫। তবু কড়াকড় দিতে কড়া কড়ি কা ১১৩। কড়া ক্রান্তি হিসাব করা—অতিসূক্ষ্ম হিসাব করা। কড়া বট—একটি কড়ি বা বট ; অত্যল্প অর্থ। "বেহুলার হাতে নাহি কড়া বট ম.ম ২০০। কড়ায় গণ্ডায় বুঝিয়া লওয়া—অতিসূক্ষ্মভাবে হিসাব করিয়া লওয়া। "ওজন কড়ায় গণ্ডায় বুঝিয়া লইব—এক তিল ছাড়িব না ব.প্র ৬৩২। কড়ায় গণ্ডায় হিসাব—অতিসূক্ষ্ম হিসাব। কড়ার ঔষধ—এককড়া মূল্যের বা অত্যল্পমূল্যের ঔষধ ; সামান্য ঔষধ। "বি.পা ২৯০। কড়ার ভিকারি—এককড়ার (অত্যল্প ধনের) প্রার্থী ; অতিদরিদ্র। "মী ১৭। গো.বি ৮৯। বা ম ৫১। এক কড়া কড়িও—অত্যল্প অর্থও ; সিকি-পয়সাও। "আমার হস্তে এক কড়া কড়িও থাকিত না পা.প্র ৩২। এক কড়ার বুদ্ধি—এককড়া মূল্যের বুদ্ধি ; অত্যল্প বুদ্ধি। "রাজমন্ত্রী বটে কিন্তু এককড়ার বুদ্ধি নাই ন.ত ৪৫।]

কড়া[৩] বি [দ্র কড়[৩] ; তু 'কোড়া—"বামহস্তে কোড়া গো.চ ১৩৬, টীকা।] ধাতুনির্ম্মিত বলয়বিশেষ বা আঙটা (ring, ringlet)। [ঢোলকের কড়া—ঢোলকের সূত্রে লগ্ন আঙটা। এইরূপ, 'ঢোলের কড়া', 'ঢাকের কড়া' ইত্যাদি।]

কড়া[৪], **কোড়া** বি [সং কোযষ্টিক ; ঠ কোংঢা ; তু 'কোরা' গো.চ ১০৭, টীকা] জলচরপক্ষিবিশেষ। "কোড়া ভা.চ ১২৬।

কড়া[৫] বিণ [সং কটুক > প্রা কডুঅ (শ ২ ৭) > বা (কড়ুআ) কড়া ; হি কড়্আ, কড়া, কর্রা ; প কৌড়া ; ঠ কড়ু, করডা ; গু কডর্, কডু ; মৈ কড়্ ; সি কড়ো ; cf., Lithuanian—kurtus] **১** কঠিন, দৃঢ়, শক্ত (hard)। "কড়া চামড়া ; কড়া জুতা। **২** শুষ্ক, দৃঢ়, আঁট (stiff)। **৩** কর্কশ, কটু, পরুষ, অপ্রিয়। "বচন কড়া দা ১৯৭২। দুটো কথা শুনিয়ে দেবো,—কড়া নয়, মিষ্টি গি.দ্বি ১০৩। **৪** উগ্র, কোপন, তীক্ষ্ণ। "মেজাজ কড়া দা ১৯৭২। **৫** শক্ত, দৃঢ়, আঁটো। "কড়া কড়া বেঁধে করে, হুজুরে হাজির করে দা ২১৩৬। **৬** তীক্ষ্ণ, তেজাল, ঝাঁঝাল। "কড়া তামাক আ.দু ১৫। উত্তেজনার কড়া মদ ঘ ৩৩। **৭** বায়ুপ্রধান, পিত্তপ্রধান, গরম। "কড়া ধাত। **৮** উগ্রবীর্য্য, গরম (পেঁয়াজ রশুন ইত্যাদি)। **৯** অতিরিক্ত, চড়া, তেজ। "কড়া দাম ; কড়া দর। **১০** যে ঠিক নিয়মানুসারে কাজ করে, কোন কারণেই বিচলিত হয় না ; কঠোর-নিয়মনিষ্ঠ, উগ্র। "কড়া হাকিম ; কড়া মনিব। **১১** কঠোর, নিদারুণ। "কড়া হুকুম। **১২** সহনশীল, কষ্টসহিষ্ণু। "কড়া কলেজা। কড়া জান। **১৩** তীক্ষ্ণ, উগ্র (piercing)। "কড়া গন্ধ। **১৪** কর্কশ, শ্রুতিকটু, নীরস। "কড়া স্বর ; কড়া বুলি। **১৫** প্রচণ্ড, প্রখর, তেজাল। "কড়া রোদ ; কড়া আঁচ। **১৬** শুষ্ক, একগুঁয়ে, বিনয়বধির। "কড়া লোক। **১৭** অতিরিক্ত, চড়া। "কড়া পাক। **১৮** ভাজা। "বাইগুন কুমড়া কড়া ক.চ ১৫৭। **১৯** অলঙ্ঘনীয়, অবশ্যপালনীয়। "কড়া নিয়ম ; কড়া হুকুম। **২০** বিশেষ সতর্কতাযুক্ত। "কড়া পাহারা। **২১** পর্য্যুষিত, শুষ্ক, কড়কড়। "বিলম্বে হইবে অন্ন কড়া বা.ম ১৪৯। —ড়া বি [সং কিণ ; কড় (ঢাকা)] **১** ঘর্ষণজন্ত

কঠিন চর্ম্ম ; ঘাঁটা, জামড়ো। "রাক্ষসের সনে রণে কড়া সব গায় শ্রী ৫২। পাষাণে আছাড় মারি কড়া সব গায় ৬৬। কড়া পড়িয়াছে হাতে অন্নবস্ত্র দিয়া ভা.চ ১০১ ; করেতে হইল কড়া সিদ্ধি বেটে বেটে ১০৩। বল্লেন তিনি, কড়া পড়ল হাতে বাটনা বেটে।—দ্বিজেন্দ্রলাল রায়। ২ বুকের পঞ্জরসন্ধির নিম্নে স্থিত পাতলা দৃঢ় অস্থি। "করয়ে রুধির পান চিরি বুকের কড়া চ.বি ২১১। [কড়া কড়া—অতিকঠোর। "বচন শুনায়ে দেন কড়া কড়া স্ব.প্র ৬৯। গঙ্গারাম তাঁহাকে কড়া কড়া বলিয়া হাঁকাইয়া দিয়াছিল ব.প্র ৪৮৫।]

কড়াই[1] বি [সং কটাহ > প্রা কডাহ ; হি, প, সি কড়াহী ; ঠ কঢঈ ; গু কঢাঈ ; ড় করা(হ্রা)ঈ, কাঢই] ১ সর্থ 'কড়া[1]'। "নোআর কড়াই গো.চ ৮৮ ; ৯৮। কড়াই বেড়িয়া লোক, করে নানাবিধ শোক ম ১১৫০। ২ ছোট কড়া। "স্থান চৌকা করি তবে কড়াই চড়ায় ভ.গ্র ৩৬১।

কড়াই[2] বি [সং কলায় > বা কলা(ড়া)ই, (য় > ইঅ > ই) ; হি কলাঈ (কুলথ)] ১ মটর (pea)। "চিবায়ে কড়াই, বলিছে বড়াই স্ব.প্র ১৩৬। ২ কাল কলায় ; ঠাকুরী কলাই (নদীয়া, চব্বিশপরগণা)। ৩ কলায়মাত্র, মুদ্‌গ মাষ প্রভৃতি শুঁটিবিশিষ্ট রবিশস্য। "মাষ°, মুগ°, ফুট°, আট°। ৪ মটরের মত সীসার গোলক (মল, বোর প্রভৃতিতে বাজনার নিমিত্ত ইহার ব্যবহার হয)। [কড়াই শুঁটি—মটরের 'শিম্বী' (legume) ; মটরশুঁটি।]

কড়াই[3] বিং [কড়া[3] —মূল ; অপ্র] বলয়, বালা। "(দিল পুরস্কার) কড়াই কনক কণ্ঠহার শ্রী ১৫।

কড়াকড় বিং [কড়াকড়া > °ড়] ১ অতিদৃঢ়, খুব আঁটো। "কালু কয় কোমর কসিয়া কড়াকড় শ্রী ১৩২। ২ অতিকঠোর, অতিভীষণ, তুমুল। "দুই দলে সংগ্রাম লাগিল কড়াকড় শ্রী.মা ১৬ ; ১৪৮। —কড় ক্রি.বিং অতিকঠোরভাবে, সতর্কতার সহিত, কড়া নিয়মে। "চারিদিকে ময়না বেড়িছে কড়াকড় ব.প ৪৭৬। —কড় বি ১ নিয়মের কঠোরতা ; বাঁধাবাঁধি। "ঘড়া ঘড়া টাকা ঘরে গড়াগড়ি৹ তবু কড়াকড় দিতে কড়াকড়ি।—কা ১১৩। তবু মেজদিদি ম'রে কড়াকড় অনেক কমেছে জা ৯। ২ [ধ্বন্যাত্মক] মেঘগর্জ্জন, বজ্রধ্বনি, কড়কড় শব্দ। —কড়ি বি [গু কডাকডী—শত্রুতা, প্রতিস্পর্দ্ধা] সর্থ 'কড়াকড় (১)। —কড়ি ক্রি.বিং কড়াকড়ভাবে, অতিদৃঢ়, খুব আঁট-আঁট। "দড়দড় কোমর কষিছে কড়াকড়ি শ্রী ১৯০।

কড়াকীয়া কড়াঙ্কীয়া, -ঙ্কে বি [কড়াক, -ঙ্ক+ঈয়া, -এ[৭]] শতপর্য্যন্ত কড়ার বা কড়ার অঙ্কের পাঠ ; শতপর্য্যন্ত কড়াগণনার হিসাব। "কড়াঙ্কেতে আপামর সাধারণ পারদর্শী জা ৩৩।

কড়াকের, -ড়াটিকের [কড়া, কড়াটি+কের ; তু 'কোড়াকের' গো.চ ৭, ৮ ; অপ্র] এককড়ার ; একটি কড়ার, এককড়া মূল্যের ; অত্যল্পমূল্যের। "রাখিয়া কহিলে কথা লৈক্ষ টাকা হয়। ভাঙ্গিয়া কহিলে কথা কড়াকের নয়॥—গো.চ ৭৮, টীকা। [কড়াকের ধন—এককড়ারূপ ধন ; এককড়া ; এককড়া মূল্যের দ্রব্য। "কড়াকের ধন নাই পার হইবার বা.ম ৫১ ; অপচয় না হয়েছে কড়াকের ধন ৩৮০। কড়াকের তৈল—এককড়া মূল্যের তেল। "বা.ম ৬৩০। কড়াটিকের বুদ্ধি—একটি কড়ার বুদ্ধি ; অত্যল্প বুদ্ধি। "কড়াটিকের বুদ্ধি নাই গো.চ ১৯।]

কড়াক্‌কড় বিং [কড়াকড় > °ড়, যুক্তাক্ষর ওজোব্যঞ্জক] অতিকঠোর, বড় কড়া। "হাকিম খুব জবরদস্ত, আইন খুব কঠিন, শাসন খুব কড়াক্‌-কড়।—রবীন্দ্র।

কড়াঙ্কীয়া, কড়াঙ্কে দ্র 'কড়াকীয়া'।

কড়াৎ অব্য [ধ্বন্যাত্মক ; কটাৎ > °ৎ ; গু কডাক ; তু 'কোড়ত কোডত'—"বসমাতা কোড়ত্ত কোড়ত্ত করে গো.চ ৮০] ১ 'কড়্' এই শব্দ ; শরীরাস্থিদ্বয়ের মোড়া লাগায় ঘর্ষণশব্দ। "আড়ামোড়া খেতে মাজাটা কড়াৎ ক'রে উঠলো। ২ বজ্রের 'কড়কড়' শব্দ ; বজ্রধ্বনি।

কড়ার[1] বিণ [√কড়ার+অচ্ (অ) অস্ত্যর্থে ; স্ত্রী -রা] কড়ারবর্ণযুক্ত, পিঙ্গল, কটা। "পা ২.২.৩৮। তড়িৎকড়ারকুহরৈর্বিন্ধ্যাদ্রিকূটৈঃ উ.চ ৫.১৪। —র পুং [√গড্ সেচন+আর (আরন্)-ক ; উ.ত ১৩৫] পিঙ্গলবর্ণ, কপিলবর্ণ।

কড়া(রা)র[2] '-র্' বি [আ করার্—দৃঢ়তা, স্থিরতা ; তু 'করাল'—করার (গো.চ ১২৫)] ১ নিশ্চয়, স্থিরতা। ২ অঙ্গীকার, প্রতিজ্ঞা, সত্য, সর্ত্ত। "এহি করারে আপ্ত বিক্রয় পত্র দিলাম E.P. ৪৪ ; ৪৭. ৩ ['ধুনা-কড়ার' (বাঁকুড়া)] শুর্‌কি ধুনা সর্ষপ-তৈল—ইহাদের মিশ্রণে প্রস্তুত আটাবিশেষ। (ইহা শুখাইলে সুদৃঢ় হয়)। "বসে গেল বাই করে কড়ার যেমন শি ১০৬। ৪ জগন্নাথের অঙ্গের চন্দন-প্রসাদ। "জগন্নাথের প্রসাদ প্রভু যত পাইয়াছিলা। কড়ার চন্দন ডোর—সব সঙ্গে লৈলা॥—চৈ চ ১৭৫ ; প্রসাদ কড়ার ৩২৭। [ইহার অন্য নাম 'করাল'-প্রসাদ। 'মোহনভোগ' প্রসাদকে 'কড়া' (কটাহ ?)-প্রসাদ কহে।] —রী বি [আ ক রারী] যে করার করিয়াছে ; কৃতাঙ্গীকার, প্রতিজ্ঞারূঢ়। [কড়ার মাদার (আ মদার্)—অঙ্গীকার ও নির্ভরতার কথা। কড়ার লাগা—কড়ার আটার মত দৃঢ়লগ্ন হওয়া। কড়ারনামা—চুক্তিপত্র।]

কড়ি[1], **-ড়ী** বি [সং কপর্দ্দিকা > প্রা করডিডআ, -য়া > বা (কউড়িআ) কৌড়ি, -ড়ী, কড়ি, -ড়ী ; হি কৌড়ী ; ঠ করডী, কৌডী ; প কৌড়ী ; গু করডী ; কবড়ী (চ ২৬) ; কোড়ি—শ্রবণেও কোড়ি গো.বি ৬] ১ সমুদ্রজাত কীটদ্দিশেষের অস্থিকোশ ; কপর্দ্দক। "ছাড় বুড়ি কড়ি গো.চ ১। কাণাকড়ি।—শ্রী ১০৪। [কড়ি পঞ্চবিধ—সিংহী (স্বর্ণবর্ণা), ব্যাঘ্রী (ধূম্রবর্ণা), মৃগী (পীতপৃষ্ঠা শ্বেতোদরা), হংসী (শ্বেতবর্ণা ; ঠ দতীকরডী), বিদন্তা (নাতিদীর্ঘা)।] ২ শঙ্খাদির ন্যায় সামুদ্রিক কীটবিশেষ। "পায়ে মোজা দিয়া তারা কড়ি বন্দী কৈল ক চ ২০০। ৩ (কড়ির বিনিময়ে ব্যবহার হেতু তৎসমতায়) ধন, মুদ্রা, টাকা, পয়সা। "টাকা°, পয়সা°। নব লক্ষ কড়ী শ্রী.কী ৪২ ; অনেক কড়ীর পসরা ৪৭ ; ১০৪। শয্যা-তোলা কড়ি ক.চ ১২৫। প্রজাগণ প্রণামি দিলেক বহু কড়ি শ্রী ২১। খেয়ার কড়ি ম.ম ১২। যদি বর্ষে পৌষে। কড়ি হয় তুষে॥—খনা। উসুল করিব কিছু কড়ি শ্রী মা ৯৬। বন্ধু নাই কড়ী বই, কড়ীতে বাঘের দুগ্ধ মিলে ভা.চ ২৮৩। এত শিখিয়াছ, এটুকু শেখনি কিসে কড়ি আসে দুটো।—রবীন্দ্র। ৪ কড়ির আকারে স্বর্ণাদির অলঙ্কার ; মদনকড়ি। "কর্ণেতে পরিল বেশ্যা হীরা গয়না কড়ি গো.চ ৪৮৮। কাণে ফটিকের কড়ি ক.চ ৫২। সুবর্ণের কড়ি বৌলি চৈ.চ ৫৩। [ভারত চীন প্রভৃতি দেশে অতি প্রাচীনকাল হইতে কড়ীর ব্যবহার হইয়া আসিতেছে। শুক্লযজুর্ব্বেদে ইহার উল্লেখ আছে। ভাস্করাচার্য্য লীলাবতীতে ইহার মূল্যের বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন। হিন্দুশাস্ত্রে ব্যবস্থায় পণ কার্ষাপণ ইত্যাদি কড়ীর পরিমাণ নির্দ্দিষ্ট হইয়াছে। বাঙ্‌লা হিসাবে পয়সার অঙ্ক '৫', পাঁচগণ্ডা কড়ীর (এক পয়সার) সংখ্যাসূচক। এইরূপ, কুড়িগণ্ডা কড়ীতে এক আনা, ৩২০ গণ্ডা কড়ীতে এক কার্ষাপণ, এক কাহন বা এক টাকা। দ্র 'কপর্দ্দ'।] [কড়িকপা'লে—যাহার কড়ির কপাল বা অর্থভাগ্য ; ধনকপালে। কড়ি কড়ার বুদ্ধি—এককড়া মূল্যের বুদ্ধি ; অত্যল্প বুদ্ধি। "কড়ি কড়ার বুদ্ধি নাই শরীর ভিতর ব.প ৪২। কড়িখেলা—কড়ি দ্বারা খেলা ; কড়ির চাল-অনুসারে 'দশ-পঁচিশ' প্রভৃতি খেলা। কড়ি বিনি —অর্থ বিনা। "চৈ.ভা ৮৯। কড়িটি ভোর, কড়ি ভোর (হি—কৌড়ী-ভর)—কড়িপরিমিত, অত্যল্প (আকারে, ভারে)। "পেটেতে কড়িটি ভোর কাল আঁচড় নাই।—হেম ৩৮৭।]

কড়ি২ বি [সং কলি ; অপ্র] ১ কলিকা, কড়কে (bud)। "অর্দ্ধোত্থিত স্তনদ্বয় শোভে হৃদি পরি। সরোবর মধ্যে যেন কমলের কড়ি॥—ম.ম ১৫৯। ২ [হি কড়ী] কঠোরতা, প্রজাপীড়ন, অত্যাচার। "আনন্দে সকল প্রজা সুখে করে বাস। কর কড়ি নাহি কার সবে রাজদাস॥—চ.বি ১০।

কড়ি৩, **-ড়ী** বি [কড়া৩+ঈ৯ ; হি কড়ী ; ঠ, গু, কডী] ১ ছোট কড়া ; হাতকড়ী। "হাতে কড়ি শ্রী ১১। হাতে কড়ী ভা.চ ৩৯১। ২ [হি কাঁড়ী, কড়ী ; ঠ কডী ; 'কাঁড়ি' (বৃক্ষকাণ্ড) হইতে 'কড়ি' (?)] পাকাবাড়ীর ছাদের আধার দীর্ঘ দৃঢ় ও স্থূল কাষ্ঠখণ্ড (beam)। [কড়ি-কাঠ—কড়ি। কড়িথামাল—কড়ি বসাইবার মত দেয়ালের উচ্চতা।]

কড়ি৪ বিং [কড়া৫+ই১১ ; হি কড়িয়ল] ১ কঠোর, তীব্র, তীক্ষ্ণ। বিপ 'কোমল'। ২ তীব্র, চড়া (স্বর)। "কড়ি মধ্যম।

কড়িপাতি বি [কড়ি+'পাতি' (সোনার বা রূপার পাত ?)] টাকাকড়ি, পয়সাকড়ি, অর্থাদি। "কড়িপাতি সঙ্গে নাই বন্দি থাকি চল শ্রী.মা ৯৬। কড়িপাতি নাই কথা শুদ্ধ শুদ্ধ কি।—শি ৮৫। কড়িপাতি লগে কিছু নাহিক আমার চৈ.ভা ৮৭ ; ৮৯। মুই তোর কড়িপাতি চাইনে।—মা ৩৩৩। ব.প্র ৩৬৬।

কড়ি(ড়ী)ফটকা বিং [(?)] "কড়ীফটকা চিড়া, দই, বন্ধু নাই কড়ী বই, কডীতে বাঘের দুগ্ধ মিলে ভা.চ ২৮৩।

কড়িবউলি, -বৌলি বি [কড়ি+বৌলি] কড়িগাঁথা বলয় বা মাকড়িবিশেষ ; কর্ণাভরণবিশেষ। "সুবর্ণের কড়িবৌলি ('কড়িবউলি' —পাঠান্তর) চৈ.চ ৫৩।

কড়িয়াল, -লি, -লী, কড়্যানি, -লি বি [কড়ি৩+আল৭ > কড়িআল, -য়াল, -লি, -লী, কড়্যালি, -নি ; তু 'কড়িআনি'—"সুবর্ণ কড়িআনি দিল কৃ.উ ২১৭ ; তা 'কটুরাল.ম্' (উচ্চারণ 'কডুরাল.ম্') ; সং খলীন] ছোটকড়া-ওয়ালা ঘোড়ার মুখের নিকটস্থ লাগামের অংশ ; (গৌণার্থে) বল্গা, লাগাম। "ছাড় কড়িয়ালি : একপদে কড়িয়ালি ম ২৬০ ; কড়িয়ালি দিয়ে আমি যে ঘোড়ার মুখে ৫৮৭ ; সারথি হইয়া পার্থ নিল কড়িয়ালি ৬৫৩। ধরেন ভরত যে ঘোড়ার কড়িয়ালী (কৃ)। সুবর্ণ কড়্যালি শোভে কৃ.উ ২২১। রজত কড়্যানি শ্রী.মা ১৫৫। [তু 'কুড়্যালি' (মুদ্রাঙ্কনপ্রমাদ ?) —"কৃ.উ ২১৭।]

কড়িহার বি কড়ির আকারে নির্ম্মিত স্বর্ণখণ্ডের হার ; সোনার কড়ির হার।

কড়ুয়া বিং [সং কটুক > প্রা কডুঅ (হে) > বা (কড়ুআ) °য়া ; হি কড়ুয়া ; ঠ কডু ; গু কডৱু ; সি কডো] কটু, তীক্ষ্ণ, কড়া, তেজাল, ঝাঁঝাল। "কড়ুয়া তেল, তামাক।

কুড়(রু)ই বি [গোল > কোর > কোরুই (?) ; করুই (চব্বিশ-পরগণা] ১ গোল দেওয়ালের ঘর ; কলুর ঘানি ঘোরার নিমিত্ত গোলঘর। ২ ধান্যাধার, কুসূল, ধানের গোলা।

ক'ড়ে বি [কড়া৫ > কড়ীয়া > ক'ড়ে (?)] ১ কড়া, অর্থাৎ তেজাল বলদের লক্ষণবিশেষ। ২ (গৌণার্থে) গায়ে হাত দিয়া নাড়াচাড়া। "খাওয়াইতে জাগাইতে হয় দিয়া কড়ে ভা.চ ৪০৭। [ক'ড়ে দেওয়া —বলদের তেজ পরীক্ষার নিমিত্ত পিঠে হাত দেওয়া। ইহা হইতে গৌণভাবে দ্বিতীয় অর্থ।]

ক'ড়ে আঙ্গুল বি ['কনিষ্ঠ'—মূল (?) ; সং কনিষ্ঠা, -ষ্ঠিকা] হাতের ও পায়ের ক্ষুদ্রতম বা পঞ্চম অঙ্গুলি।

কড়েয়া বি [সং কটাহ ; তু 'কড়াই' ; অপ্র] ১ সর্ব 'কড়া'১। "বাইস মণিয়া কড়েয়া গো.চ ৮৮ ; ৯৮। ২ সর্ব 'কড়া'২ (৫)।

ক'ড়েরাঁড়ী বি [ক'নেরাঁড়ী > °ড়ী ('ড়'এর অনুকরণে ন > ড়) ? ; কন্নইরাঁড়ী (বীরভূম)] কন্যাবয়সে বিধবা ; বালবিধবা, শৈশবে স্বামি-হীনা। "দারুণ বিধাতা মোরে কৈল ক'ড়েরাড়ী ম.ভা ৪৬। ক'ড়ে-রাড়ী নাইকো স্বামী ব.প ১৬২৭। কানে কড়ি ক'ড়েরাড়ী কথা কয় ছলে ভা.চ ২৭৯। বি.বৃ ১০।

কড়্যানি, কড়্যালি দ্র 'কড়িয়াল'।

কড়া বি [সং কটাহ > প্রা কডাহ > বা (কডা), কড়া ; হি কাড়া] মহিষশাবক, (গৌণার্থে) শাবক, বাচ্চা। "বাড়ে যেন হাতীকড়া ক.চ ১১৮ (অক্ষয়কুমার সরকার সম্পাদিত)।

কড়ী বি [কড়ী > °ঢী ; অপ্র] কড়ীর আকারে রচিত কর্ণভূষাবিশেষ ; "কাণের হিরাধর কঢী শ্রী.কী ১১২।

কণ পুং [√কণ্ নিমীলন+অ (অচ্)-ক ; ছান্দস] ১ সূক্ষ্ম তণ্ডুলা-বয়ব ; কণা, খুদ। "কণান্ বা ভক্ষয়েৎ মনু ১১.৯৩। তণ্ডুলকণ হি ১৩/৪। ২ তিল-প্রভৃতি শস্যের ক্ষুদ্রাংশ বা কণা। "তিল তিসী-সর্ষপকণাঃ।—সুশ্রুত (S.W.)। ৩ অতিসূক্ষ্ম বস্তু ; অতিক্ষুদ্রাংশ, অণু, লেশ, গুঁড়া। দ্রবিণ° তুষ°, (S.W.)। "রজঃকণ রঘু ১.৮৫। তুহিনকণাসার।—অমরু ৫৪। ৪ বিন্দু, ফোঁটা। "অশ্রু°, অম্বু°, রেতঃকণ, সুধা° (S.W.)। "কণবাহী মালিনীতরঙ্গাণাম্ শ ৩.৪। জল° পূ মে ২৭। নির্ম্মলসলিলকণবাহী…সমীরণ সী ১০। ৫ স্ফুলিঙ্গ, ফুল্‌কি। "অগ্নিকণ, বহ্নি° (S.W.)। ৬ অত্যল্প, কিঞ্চিৎ। "সুখ° (S.W.)। —ণা স্ত্রী [°ণ+স্ত্রী আ (টাপ্)] ১ ক্ষুদ্রাংশ, লব, লেশ। "শাকের কণা ম ৫১৮। ২ তণ্ডুলকণ। "যাজ্ঞ ৩.২৫৩। খুদ-কণা ভা.চ ১০২। ৩ স্ফুলিঙ্গ। "অনলের কণা ম ৬৩৯। বক্ত্র হোন্তে বিষাগ্নি নিঃসরে কণা কণা ম.পা ২০। ৪ জীরক, জীরা ; শ্বেতজীরক। ৫ পিপ্পলী। ৬ কুম্ভীরমক্ষিকা, কুমুরকে। —ণী স্ত্রী কণ, ক্ষুদ্রাংশ। [°গুগ্গুলু (পুং)—গুগ্গুলুবিশেষ। °জীর (পুং) —শ্বেতজীরক, জীরক। কণপ (পুং)—১ আগ্নেয়যুদ্ধাস্ত্রবিশেষ। দ্র 'অয়ঃকণপ'। "চাপচক্র-কণপকর্ষণপ্রাস (দশকুমার)। ২ লৌহস্তম্ভ (বৈজয়ন্তী)। কণভক্ষ, -ভক্ষক (পুং)—বৈশেষিকদর্শনকার কণাদমুনি।]

কণআ বি [সং কনক > প্রা * কণঅ, '-য়' (হে) > বা °আ (অপ্র), কনয়, -য়া] কনক। "কণআ সদৃশ…গাত্র শ্রী.কী ৭৯।

কণকণ, কনকন '-ন্-ন্' বি [ধ্বন্যাত্মক ; তু 'সং ক্বণ'] ১ কঙ্কণাদি ভূষণের ধ্বনি। "কিঙ্কিণী কণকণ, বাজয়ে ঝন ঝন ক.চ ১৩৯। কিঙ্কিণীর কণকণ ভা.চ ৪৪৩। কেন বাজাও কাঁকণ কনকন।—গান ১১৩। ২ কাঁসরের বা কাঁসির তীক্ষ্ণ শব্দ ; বাসনের শব্দ ; কাড়ার শব্দ। "কনকন বাজিছে কাড়া দা ৭৬৩। ৩ সেতার-প্রভৃতির তারের শব্দ। ৪ তীক্ষ্ণ কণ্ঠস্বর। "সরু গলা কনকন করে। ৫ [ভাবাত্মক] তীব্র শৈত্য হেতু তীক্ষ্ণ বেদনার অনুভব (যেন তারের ন্যায় শিরা শৈত্যে আহত হইতেছে)। "শীতে হাত পা কনকন করে। ঠাণ্ডা জলে দাঁতের গোড়া কনকন করে। ৬ শিঙ্গী-প্রভৃতি মাছের কাঁটার আঘাতে তীব্র বেদনার অনুভব। ৭ দন্তশূলজন্য তীব্র বেদনার অনুভব। "দাঁতের গোড়া কনকন ক'চ্ছে, যেন শিঙ্গী মাছে হেনেছে। —কণি, -কনি বি [°ণ, °ন+ই১১] কনকন শব্দ। "কঙ্কণের কণকণি ভা.চ ১৫। —কণি, -কনে বিং [°কণীয়া > °কণি ; °কন+এ৭] কনকন-বেদনা-জনক, অতিতীব্র (শীত)। "(কবি তুমি) কোকিলে ডাকাও আর কুহুকুহু কণকণি শীতে ব.প্র ২১২। কনকনে হিম তুষার-প্রপাত কু.কে ১০০। [কনকনানি (হি কনকনানা)—কনকন শব্দ বা বেদনা-বোধ করা। কনকনাচ্ছে—কনকন বেদনাবোধ হচ্ছে। কনকনিয়ে উঠা—কনকন শব্দ বা বেদনা করিয়া উঠা।]

কণাটুক, -টুকু, -মাত্র বি [কণা+টুক, টুকু, মাত্র] কণাপরিমাণ দ্রব্য ; বিন্দুমাত্র, এককণা, অত্যল্প। "কণাটুকু যদি হারায়, তা ল'য়ে, প্রাণ করে হায় হায়।—রবীন্দ্র।

কণাদ পুং [কণ+ √অদ্+অ (অণ্)-ক, অথবা, কণ+আ+ √দা +অ (ক)-ক ; উ.ত] ১ যিনি কণ ভক্ষণ করেন ; যিনি কণ, অর্থাৎ অণু-বাদ (বিশেষ-বাদ) গ্রহণ করেন ; বৈশেষিক দর্শনকার মুনিবিশেষ। ২ স্বর্ণাদির কণগ্রাহক ; স্বর্ণকার।

কণি, কুনি বি [সং কোণ+ই১১ >কোণি >°ণি, °নি] নখের কোণ। "করে নখরঞ্জনী, চাঁচয়ে নখের কণি চ.দা ৩২। [কুনি বসা —নখের কোণ মাংসের ভিতরে ঢুকিয়া যাওয়া।]

কণিক পুং [কণ+ইক (ঠন্) অস্ত্যর্থে] ১ 'কণযুক্ত' ; গোধূমচূর্ণ, ময়দা। ২ [+ইক স্বার্থে] কণ, ক্ষুদ্রাংশ। ৩ তণ্ডুলাদির কণা ; খুদ। ৪ বিন্দু। ৫ নীরাজন, আরতি। ৬ শত্রু। ৭ ধৃতরাষ্ট্রের মন্ত্রী। "মহা ১.১৪০.২। —কা স্ত্রী [কণা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ কণা, অণু, ক্ষুদ্রাংশ। "চরণসরসিজরজঃকণিকা।—দশকুমার। রতন-কণিকা।—কথা ৫। ২ বিন্দু। "প্রস্বেদ° (S.W.)। স্বজল° উ.মে ৩৭। ৩ তণ্ডুলবিশেষ। ৪ জীরক। ৫ অগ্নিমন্থবৃক্ষ।

কণিকার বি [?] "আগে চলিল রণে জতেক কণিকার। তার পাছে ধাইল ধানুকী পাটোয়ার ॥—চ.বি ৪২।

কণিশ ক্লী [কণ+শ অস্ত্যর্থে, 'ই' আগম (অ.টী)] ১ 'কণযুক্ত', শস্য-মঞ্জরী। ২ ধান্যাদিশীর্ষ, ধান্য-প্রভৃতির শীষ।

কণীয়ান্ (-য়স্) বিণ [তু 'কনীয়ান্'] অত্যল্প।

কণু(নু)ই বি [সং কফোনি, -ফণি>প্রা * কহো(হ)ণি>বা (কণি, -নি> কণ(ন)ই, °ই ; কেনো (গ্রাম্য) ; কনি (পূর্ব্ববঙ্গ) ; কুনি ইতি ভাষা (অ.টী) ; হি কু(কো)হনী ; ঠ কোপর (সং কূর্পর) ; ড় কহণি] ভুজ-মধ্যস্থ গ্রন্থি ; কেনো (elbow)।

কণেরু স্ত্রী [তু 'সং করেণু >প্রা কণেরু] হস্তিনী।

কণ্ট পুং [√কণ্ট্+অ (অচ্)-ক ; সং কর্ত্ত >প্রা* কট্ট, কংট (?) ; cf., Gr., Kentéw] ১ কণ্টক। "ত্রি°, বহু° (M.W.)। অকণ্টবিদ্ধ কি জানে কাঁটাফুটা বল্যে শি ৩৬। ২ গ্রামসীমা। তু 'কণ্ঠ' —নগরোপকণ্ঠ (রঘু)।

কণ্টক পুং, ক্লী [√কণ্ট্+অক (ণ্বুল্)-ক ; বৈদিক] ১ দ্রুমাঙ্গ, কাঁটা। "অকণ্টক (মহামার্গ) রা ২.৪৬.২৯। পক্ষ ৪.১৯। পীরিতি কণ্টক, হৃদয়ে ফুটিল চ.সা ১৬২। গুরুজন নয়ন সকণ্টক বাট গো ১৩০। কণ্টকে কণ্টক আমি করিব উদ্ধার ন ৯৫৮। কণ্টকে গঠিল বিধি মৃণাল অধমে ব.প্র ১১৯ ; কুলেতে কণ্টক-তরু ১৩২। ২ কণ্টক-বৎ অঙ্কুর। "কুশ° রা ২.২৭.৭। কুশের কণ্টক দুই পাশে ব.প ৫৪৮। ৩ সূচ্যগ্র। ৪ বৃশ্চিকাদির পুচ্ছস্থ সূচীবৎ পদার্থ বা হুল। "পুচ্ছকণ্টক (S.W.)। ৫ শজারুর গাত্রস্থ কণ্টকবৎ পদার্থ। "কণ্টকাগার (শজারু)। শজারুপৃষ্ঠকণ্টক ন ৪২৫। ৬ মৎস্যাদির অস্থি বা কাঁটা। "(মৎস্যান্) এককণ্টকান্ রা ৩.৭৩.১৫। মনু ৮.২৫। সর্প° (সুশ্রুত)। ৭ নখ। "নৈ ১.৯৪। ৮ ক্ষুদ্রশত্রু, চৌর-সাহসিক-প্রভৃতি। "রাক্ষস°, দানব°, নিহত°, মুনি° (S.W.)। কণ্টকোদ্ধরণ মনু ৯.২৫২ ; ২৫৩। লোকত্রয়° রঘু ১৪.৭৩। আপন কণ্টক কি করিব তোমা রাখি ?—ব.প ৭২৪। ৯ লোকবঞ্চক। "লোক° মনু ৯.২৬০। ১০ রোমাঞ্চ, পুলক "কণ্টকিত। ১১ (ন্যায়ে) দোষোক্তি। "এবং ক্ষুদ্রকণ্টকা উদ্ধর্ত্তব্যাঃ। —সর্ব্বদর্শনসংগ্রহ। ১২ বিঘ্ন, প্রতিবন্ধক, বিঘ্নকারণ। "দুর্গকণ্টকমর্দ্দন হি ৩.৭৯। ১৩ (নৌকার অনভিপ্রেত গতির প্রতিবন্ধকভূত) নাবিক। "পরিভ্রমতি…নৌরিবাকণ্টকা জলে।—রা ২.৮১.৬। ১৪ লোকপীড়ক, লোকোপদ্রবকারক। "ভ ৩.১৮.২১। ১৫ রাজ-দ্রোহী, রাজশত্রু। "রাজ্যমব্যগ্রং হতকণ্টকম্ মহা ৩.৭৮.২০। রাজ্যম-কণ্টকম্ (S.W.)। ১৬ রোগজন্য জিহ্বার কর্কশভাব বা খরস্পর্শ (চরক)। ১৭ তীব্র মর্ম্মচ্ছেদক বেদনারূপ রোগলক্ষণ। "কণ্টকেষ-নিলোখেষু (সুশ্রুত)। ১৮ পরুষ বাক্য ; কঠোর ভাষা। "বাক্‌কণ্টক মহা ১.৮৭.৯। ১৯ (জ্যোতিষে) লগ্ন হইতে চতুর্থ সপ্ত ও দশম স্থান-রূপ কেন্দ্র। ২০ দোষ। ২১ বেণু, বেউড়বাঁশ। ২২ মকর। ২৩ কর্ম্ম-স্থান (workshop)। ২৪ গ্রামান্ত, গ্রামসীমা। ২৫ (বাঙ্‌লায়) কটকবৃক্ষ। "কণ্টকেরি বনে গেলে কাঁটা ফোটে পায় ব.প ১৬২৮।

কণ্টকদ্রুম পুং [উ.লো] ১ কণ্টকপ্রধান বৃক্ষ ; বর্ব্বুরাদি বৃক্ষ। "মৃ ৯.৭। দৈতেয়চন্দনবনে জাতোঽয়ং কণ্টকদ্রুমঃ ভ ৭.৫.১৭। ২ শাল্মলী বৃক্ষ।

কণ্টকনগর বি বর্দ্ধমান জেলার অন্তর্গত কাঁটোয়ানগর। "চৈ.ভা ৩৬০। ন.প ২১৩।

কণ্টকফল পুং [বহুব্রী] ১ পনস বৃক্ষ। ২ ধুস্তূরবৃক্ষ। ৩ এরণ্ডবৃক্ষ। ৪ গোক্ষুরবৃক্ষ। —ফল ক্লী কাঁটাল।

কণ্টকবিশোধন, -শোধন ক্লী [ষ.ত] ক্ষুদ্রশত্রুবিনাশ, চৌরাদি-শাসন, বিদ্রোহিদমন। "রাজ্য° ।—মনু ৯.২৫৩।

কণ্টকারিকা, -কারী স্ত্রী [কণ্টক+ √ঋ+অ (অণ্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ক্ষুদ্র কণ্টকবৃক্ষ-বিশেষ ; কণ্টিকারী। —কারী স্ত্রী ১ শাল্মলীবৃক্ষ। ২ বিকঙ্কত, বঁইচগাছ।

কণ্টকাশন পুং [কণ্টক অশন যাহার, বহুব্রী] উষ্ট্র।

কণ্টকিত বিণ [কণ্টক+ইত (ইতচ্)] ১ সঞ্জাতকণ্টক, কণ্টকযুক্ত। ২ জাতপুলক, রোমাঞ্চিত। "°প্রকোষ্ঠ রঘু ৭.২২। প্রীতি° কু.স ৬.১৫। কণ্টকিত গাত্র ব.প ৭৩৯। শীতে দেহ কণ্টকিত নয়।—হেম ১৬। কণ্টকিত কলেবরে ব.প্র ১৮৬। ৩ [বাঙ্‌লায় ; অপ্র] কণ্টক-তুল্য উন্নতাগ্র বা খাড়া (erect)। "কেশরাজি কণ্টকিত হয় শিরোপর।—ন ৪২৫।

কণ্টকিফল পুং [বহুব্রী] যাহার ফল কণ্টকযুক্ত ; পনসবৃক্ষ, কাঁটাল-গাছ। —ফল ক্লী পনসফল, কাঁটাল। —ফলী স্ত্রী ১ বার্ত্তাকী। ২ মধুপর্জ্জুরী।

কণ্টকী (-কিন্) বিণ [কণ্টক+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -কিনী] কণ্টকযুক্ত, কণ্টকবান্। —কী পুং ১ মৎস্য। ২ খদিরবৃক্ষ। ৩ মদনবৃক্ষ। ৪ বদর। ৫ বেণু, বেউড়বাঁশ। ৬ গোক্ষুর। ৭ (বাঙ্‌লায়) কাঁটাল। "পেকেছে কি ও কণ্টকী ঐ গাছেতে।—মনোমোহন বসু। —কী স্ত্রী [+অ (অচ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীষ্)] বার্ত্তাকী, কাঁটাবেগুন।

কণ্টকীফল বি [তু 'কণ্টকিফল'] কাঁটাল। "কণ্টকীফল কোষ আঁঠিহীন ব.প ১৩০০।

কণ্টকোদ্ধরণ ক্লী [কণ্টকের উদ্ধরণ, ষ.ত] ১ কণ্টকবহিষ্করণ ; কণ্টকোন্মূলন। ২ ক্ষুদ্রশত্রুদূরীকরণ ; চৌর দস্যু সাহসিক দুর্বৃত্ত প্রভৃতির নিরাকরণ। "মনু ৯.২৫২, কুল্লুক।

কণ্টিকারী বি [সং কণ্টকারী] সর্ব 'কণ্টকারিকা'।

কণ্ট্রাক্টার বি [E. contractor] যে কণ্ট্রাক্ট্ লয় ; নির্দ্দিষ্ট সময়ের মধ্যে নির্দ্দিষ্ট টাকার চুক্তিতে যে কোন কার্য্য করার চুক্তি করে ; ঠিকাদার।

কণ্ঠ পুং [√কণ্ শব্দ+ঠ -ক, উ ১.১০৩] ১ যাহা শব্দ করে (অ.টী) ; গ্রীবার পুরোভাগ ; গল। "চূতাঙ্কুরস্বাদকষায়কণ্ঠঃ কু.স ৩.৩২। কণ্ঠে নিপীড়য়ন্ মারয়তি (মৃ)। কণ্ঠদেশ দেখিঞা শঙ্খত ভৈল লাজে শ্রী.কী ১২ ; ৫৫। কণ্ঠ দেখি কম্বু, প্রবেশিল অম্বু ম ১৮৩। বেদ°, নীল° শি ২৯। কণ্ঠে খেলিতেছে সাতটি সুর।—রবীন্দ্র। ২ গলবিল, গলপথ। "শুষ্কতীব চ মে কণ্ঠঃ রা ২.৬৯.১৯ ; বাষ্পৈঃ পিহিতকণ্ঠঃ ১০০.৩৯ ; বাষ্পগৃহীত° ১১২.৩১। আকণ্ঠতৃপ্ত (S.W.)। কণ্ঠঃ

স্তম্ভিতবাষ্পবৃত্তিকলুষঃ শ ৪.৬ ; ৬.৪। °রোধ সী ৪০। কণ্ঠ-কণ্ডুয়ন ব.প্র ১৪৮। ৩ গ্রীবাদেশ, ঘাড়। "মনু ১১.২০৬। কণ্ঠাশ্লেষ পু.মে ৩। পঞ্চ ৪.৭। পত্রাইল হরিষ মণে. কণ্ঠত ভূষণগণে শ্রী.কী ৩৮১। কণ্ঠ পাকড়ি, ধরিল আঁকড়ি।—কথা ৭৪। ৪ গলধ্বনি, স্বর। "কল°, সু°, বিমুক্ত°, দীন°। মুক্ত° রঘু ১৪.৬৮; কিন্নর° ৮.৬৩। উগ্র° শি ২৯। উদার উদাস কণ্ঠ চ.কা ২৯৪। কহিল রমণী ললিতকণ্ঠে।—কথা ৩১। মুক্তকণ্ঠে অশেষ সাধুবাদ সী ৮০। ৫ ধ্বনিমাত্র (মেদিনী)। ৬ সমীপ, নিকট। "বাপীকণ্ঠোপগত।—পঞ্চ (S.W.)। ৭ প্রান্ত, সীমা। "নগরোপকণ্ঠে রঘু ৫.৬১; পুরোপকণ্ঠ ১৪.৩১। সমুদ্রোপকণ্ঠে। —পঞ্চ ৪২। ৮ হোমকুণ্ডের বহিঃস্থিত অঙ্গুলিমিত স্থান। ৯ কুম্ভাদির গলদেশ বা সঙ্কীর্ণতম ভাগ (neck)। ১০ গর্ভাশয়ের দ্বার। ১১ মদন-বৃক্ষ। —ঠী স্ত্রী ১ সমীপ। ২ গলদেশ (অ.টী)। [°কণ্ডূয়ন (বি) —বলার নিমিত্ত গলার সুড়সুড়ানি। "ব.প্র ১৪৮। কণ্ঠে কৈল—কণ্ঠস্থ করিল। "কণ্ঠে কৈল সূত্রবৃত্তিগণ চৈ.চ ৫৬।]

কণ্ঠগ বিণ [কণ্ঠ+√গম্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -গা] কণ্ঠগত, কণ্ঠপর্য্যন্তগত। "মনু ২.৬২।

কণ্ঠগত বিণ [দ্বি.ত] ১ কণ্ঠপ্রাপ্ত, কণ্ঠাগত। "প্রাণৈঃ কণ্ঠগতৈঃ। —পঞ্চ (S.W.)। ২ কণ্ঠস্থিত, গলধৃত (মাল্য)।

কণ্ঠগ্রহ পুং, **-গ্রহণ** ক্লী [ষ.ত] কণ্ঠাশ্লেষ, কণ্ঠালিঙ্গন। "কণ্ঠ-গ্রহৈকাগ্র ক.সা ১৭.৩৫। কণ্ঠগ্রহণসরভসস্থায়িনি প্রাণনাথে। —অমরু ৫৭।

কণ্ঠতট পুং, ক্লী [ষ.ত] কণ্ঠসমীপ, গলপার্শ্ব।

কণ্ঠদঘ্ন বিণ [কণ্ঠ+দঘ্ন (দঘ্নচ্) পরিমাণ অর্থে; স্ত্রী -ঘ্না] কণ্ঠ-পরিমিত, কণ্ঠমাত্র, কণ্ঠপর্য্যন্তগভীর। "কণ্ঠদঘ্ন নীরে ভ.প্র ১৭৪। কণ্ঠদঘ্ন জলে চৈ.চ ৩৪৬।

কণ্ঠনাল পুং [কর্ম্মধা] কণ্ঠরূপ নাল (পদ্মের ডাঁটা)। "রঘু ১৫.৫২। —নালী স্ত্রী [ষ.ত] গলপথ, গল।

কণ্ঠপাশক পুং [উ.লো] হস্তীর গলবেষ্টনী রজ্জু।

কণ্ঠবন্ধ পুং [স ত] কণ্ঠে বন্ধন; উদ্বন্ধন।

কণ্ঠবর্ত্তী (-র্ত্তিন্) বিণ [কণ্ঠে বর্ত্তী, স ত; স্ত্রী -র্ত্তিনী] কণ্ঠে স্থিত; কণ্ঠগত। "প্রাণৈঃ…কণ্ঠবর্ত্তিভিঃ রঘু ১২.৫৪।

কণ্ঠবিদার বি কণ্ঠবিদারক চীৎকার; মহারব। "বৃদ্ধের করুণাকাঙ্ক্ষা; যুবতীর কণ্ঠবিদার ব.প্র ১৭৫।

কণ্ঠভূষণ ক্লী, **-ভূষা** স্ত্রী [ষ.ত] ১ কণ্ঠের অলঙ্কার। ২ কণ্ঠালঙ্কার হার-প্রভৃতি। "কণ্ঠভূষা হারে প.ত ৪।

কণ্ঠমণি পুং [উ.লো] ১ কণ্ঠধার্য্য মণি; গলধার্য্য মণিবিশেষ। ২ (সাদৃশ্যে) প্রিয় বস্তু বা জন।

কণ্ঠমালা বি কণ্ঠের মালাবৎ অলঙ্কারবিশেষ। "মে ১২৮।

কণ্ঠমূল ক্লী [ষ.ত] কণ্ঠের নিম্নতম দেশ; গলমূল।

কণ্ঠরোধ পুং [ষ.ত] কণ্ঠবন্ধ, স্বরনিরোধ। "সী ৪০।

কণ্ঠলগ্ন বিণ [স.ত; স্ত্রী -গ্না] ১ কণ্ঠে আসক্ত; গললগ্ন। ২ কণ্ঠা-লম্বিত। ৩ কণ্ঠাশ্লেষযুক্ত, কণ্ঠাশ্লিষ্ট। "মা.মা ৩.২।

কণ্ঠলতা স্ত্রী [ষ.ত] কণ্ঠের লতাতুল্য; হার।

কণ্ঠশোষ পুং [ষ.ত] কণ্ঠের শুষ্কতা; গলশোষ।

কণ্ঠশ্বাস বি মৃত্যুর পূর্ব্বে কণ্ঠস্থপ্রাণবায়ু; কণ্ঠাগতপ্রাণ।

কণ্ঠসূত্র ক্লী [ষ.ত] কণ্ঠের সূত্রতুল্য; আলিঙ্গনবিশেষ; স্তনালিঙ্গন, রতিবন্ধভেদ। "রঘু ১৯.৩২। দ্র 'মল্লিনাথটীকা'।

কণ্ঠস্থ বিণ [কণ্ঠ+√স্থা+অ (ক)-ক; উ.ত; স্ত্রী -স্থা] ১ কণ্ঠবর্ত্তী, গলমধ্যস্থ। ২ গলোপরিস্থিত। ৩ অত্যন্ত অভ্যাস হেতু কণ্ঠে বা মুখে স্থিত; অত্যন্ত অভ্যস্ত, মুখস্থ।

কণ্ঠহার বি ১ কণ্ঠভূষাবিশেষ। ২ (সাদৃশ্যে) অতিপ্রিয় জন বা বস্তু।

কণ্ঠা বি [সং কণ্ঠ; কণ্টা (চট্টগ্রাম)] ১ কণ্ঠ, গলা। "আধার প্রাণটা কণ্ঠায় উঠেছিল দা ৪৩১। মাছের মুড়ার কণ্ঠার মাছ ব.প্র ৩৬৮। ২ কণ্ঠস্থিত উচ্চ অস্থিখণ্ড (Adam's apple)। [কণ্ঠা উঠা—শীর্ণতা হেতু কণ্ঠের অস্থি উন্নত হওয়া। কণ্ঠায় কণ্ঠায় খাওয়া—কণ্ঠাপর্য্যন্ত বা ভরদম খাওয়া।]

কণ্ঠাগত বি [দ্বি.ত] কণ্ঠপ্রাপ্ত, প্রায়বহির্গত। "হৈল মোর কণ্ঠাগত প্রাণ ম ৫৯৫। ম.ম ২২৫। গরুড় বলে…ত্রাহি ত্রাহি কণ্ঠাগত প্রাণ দা ৮১৪।

কণ্ঠাগ্র বি কণ্ঠের অগ্রভাগ। [কণ্ঠাগ্রে থাকা—মুখস্থ থাকা।]

কণ্ঠাবলী বি [তু 'মুক্তাবলী'; অপ্র] কণ্ঠমালা। "কণ্ঠে কণ্ঠাবলী কৃ.উ ১৭১।

কণ্ঠাবসক্ত বিণ [স.ত] কণ্ঠে লগ্ন; কণ্ঠাশ্লিষ্ট।

কণ্ঠাভরণ ক্লী [কণ্ঠের আভরণ, ষ.ত] কণ্ঠভূষণ, হার।

কণ্ঠাশ্লেষ পুং [কণ্ঠে আশ্লেষ, স.ত] কণ্ঠাবচ্ছেদে (কণ্ঠগ্রহণপূর্ব্বক) আলিঙ্গন; কণ্ঠালিঙ্গন। "°প্রণয়িনিজনে পু.মে ৩। °পরিগ্রহ। —পঞ্চ ৪.৭।

কণ্ঠি বি [সং কণ্ঠী; হি, ঠ কংঠা, কংঠী; গু কংঠ] ১ কণ্ঠের একনর মালা; কণ্ঠমালা, কণ্ঠহার। "দেখবে কণ্ঠি, কণ্ঠহার, পিঠের ঝাঁপাফুল। —হেম। সেই বড় বড় নীলার কণ্ঠি—কা ১৩৪। ২ বৈষ্ণবের বা বৈষ্ণবীর কণ্ঠে ধার্য্য তুলসীর মালা। "কখন বা বৈষ্ণব তিলককণ্ঠিধারী বি.সু ৬৭। ৩ যষ্টি, নহর, নর্ (string)। "গলাতে তিন কণ্ঠি মালা দিল দা ১৯৯৯। [কণ্ঠি ধারণ করা—বৈষ্ণবের বেশ তুলসীমালা গলায় দেওয়া। কণ্ঠি বদল করা—বিবাহপ্রথানুসারে বৈষ্ণব ও বৈষ্ণবীর পরস্পর মালাবিনিময় করা; মালাবিনিময়ে বিবাহ করা।]

কণ্ঠিকা স্ত্রী [কণ্ঠী+কন্ (ক) সংজ্ঞার্থে+স্ত্রী টাপ্ (আ)] এক যষ্টির কণ্ঠভূষাবিশেষ; এক-নর হার।

কণ্ঠী স্ত্রী [কণ্ঠ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ গল, গলা। °রব। ২ সমীপ, নিকট। ৩ অশ্বের গলবেষ্টনরজ্জু। ৪ কণ্ঠভূষা, হার। "কণ্ঠী আনিয়া কণ্ঠে জড়ায়।—রবীন্দ্র। গলায়…হীরের কণ্ঠী হু ১২। ৫ (বাঙলায় বৈষ্ণবের ও বৈষ্ণবীর কণ্ঠে ধার্য্য তুলসীমালা। "কণ্ঠীতিলকহীন। —ভ.প্র ৪২৭। তুলসীর কণ্ঠী গলে ভা.চ ১৫১; তুলসী-কণ্ঠী ১৬৭। কু কে ৩২।

কণ্ঠীধারী বি যে কণ্ঠী ধারণ করে; ধর্ম্মনিষ্ঠ (বৈষ্ণব)।

কণ্ঠীবদল বি বৈষ্ণবের ও বৈষ্ণবীর পরস্পর কণ্ঠীর বা মালার বিনিময়; মালাবিনিময়পূর্ব্বক বৈষ্ণবের দ্বিতীয়বার বিবাহ। "তুমি যদি অনুমতি দাও, আমি কণ্ঠীবদল করি জা ৪৫; বৈষ্ণবীর সঙ্গে মাধব সম্প্রতি কণ্ঠী-বদল করেচেন ৪৭। এই বিয়ে; এই কণ্ঠীবদল; আবার বিয়ে; আবার কণ্ঠীবদল প.ম ৩।

কণ্ঠীরব পুং [বহুব্রী] ১ কণ্ঠীতে যাহার রব; পারাবত। ২ সিংহ। ৩ মত্তহস্তী।

কণ্ঠৌষ্ঠ ক্লী [কণ্ঠ ও ওষ্ঠের সমাহার, স.দ্ব] কণ্ঠ এবং ওষ্ঠ। "ওদৌতোঃ কণ্ঠৌষ্ঠম্ পা ১.১.৯, সি।

কণ্ঠ্য বিণ [কণ্ঠ+য (যৎ) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -ঠ্যা] ১ কণ্ঠভব, গলস্থিত। "°স্বর। ২ কণ্ঠোচ্চার্য্য। "°বর্ণ। ৩ কণ্ঠহিতকর, কণ্ঠস্বর-শোধক (সুশ্রুত)।

কণ্ঠৌষ্ঠ্য বিণ [দ্বন্দ্ব] কণ্ঠ ও ওষ্ঠ দ্বারা উচ্চার্য্য বর্ণ—ও, ঔ।

কণ্ড্ (কণ্ডি) অক [ভ্বা, প—কণ্ডতি, -তে; সেট্] মদ, হর্ষ। —ণ্ড্ সক [চু.প—কণ্ডয়তি; সেট্] ১ ভেদন, নিস্তুষীকরণ, কাঁড়ান ২ রক্ষণ (ক.ক)।

কণ্ডন ক্লী [√কণ্ড্‌+অন (ল্যুট্)-ভা] ১ মুষলাদি দ্বারা তণ্ডুলাদির নিস্তুষীকরণ; কাঁড়ান। "°প্রক্ষালন বিষ্ণু ২৩.৩৫। ২ [+অন-র্ম] তণ্ডুলাদির কণ্ডনসাধ্য দ্রব্য; কুঁড়া, তুষ। "তণ্ডুলকণ্ডনপ্রদিগ্ধপাত্রী (সুশ্রুত)। —নী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] 'কণ্ডনসাধন' উদুখল, মুষল। "মনু ৩.৬৮। পরাশর ২.১১। —ণ্ডিত বিণ [+ত (ক্ত) -র্ম] নিস্তুষীকৃত, কাঁড়ান।

কণ্ডু স্ত্রী [√কণ্ড্‌+উ (কু)-ণ, উ ১.৩৮, টীকা] ১ যাহা দ্বারা মত্ত হয়; কণ্ডুয়নজনক রোগ; চুলকানি, খোস। "°মৎ (ভাবপ্রকাশ)। ২ কণ্ডুজন্য গাত্রবিঘর্ষণ (গা চুলকান)। ৩ গাত্রবিঘর্ষণ, কণ্ডুয়ন। "অদ্রিপরিবর্ত্তকষাণ° ভ ২.৭.১৩।

কণ্ডূ[১] সক [ভ্বা, আ— √কণ্ডু+য (যক্) √কণ্ডুয় (কণ্ড্বাদি) —কণ্ডুয়তে; সেট্] গাত্রবিঘর্ষণ, চুলকান। "কণ্ডূতি, কণ্ডুয়ন।

কণ্ডূ[২] স্ত্রী [√কণ্ড্‌+ক্বিপ্ (০)-ভা] ১ গাত্রবিঘর্ষণ, কণ্ডুয়ন, গা-চুলকান। "কপোল° কু.স ১.৯। গাত্রকণ্ডুবিনোদ (ভর্তৃহরি)। ২ গাত্রবিঘর্ষণজনক রোগ; চুলকানি, খোস। "উদ্বেগ কলহ কণ্ডু সেবা পাইলে বাড়ে ম ১০১৮। গাত্র° চৈ.চ ২৭৭,-৮২। [°ক্লেদ (পুং) —চুলকানির রস বা কষানি। "কণ্ডুক্লেদ মহাপ্রভুর শ্রীঅঙ্গে লাগিল চৈ.চ ২৭৭।

কণ্ডূতি স্ত্রী [√কণ্ডুয়+তি (ক্তিন্)-ভা, য়-লোপ] ১ গাত্রবিঘর্ষণ, কণ্ডুয়ন, চুলকান। ২ কণ্ডূতিকর রোগ; চুলকানি। "কণ্ডূতিবন্ মনসিজং বিবহেত ধীরঃ ভ ৭.৯.৪৫। ৩ সুরতেচ্ছা। "রাজ্ঞাঃ···স নির্দ্দয়ৈঃ সুরতোৎসবৈঃ (খণ্ডয়ামাস কণ্ডূতিম্)।—রাজতরঙ্গিণী। ৪ (বাঙলায়) কোন কার্য্যের জন্য প্রবল ইচ্ছা হেতু অস্বস্তিবোধ; কুটকুটানি, সুড়সুড়ানি। "জিহ্বা-কণ্ডূতি, হস্ত-কণ্ডূতি।

কণ্ডূয়ন, -য়নক ক্লী [√কণ্ডুয়+অন (ল্যুট্)-ভা; ক (কন্) স্বার্থে] ১ ঘর্ষণ, গাত্রঘর্ষণ, চুলকান। "রঘু ২.৫। নেশঃ কণ্ডুয়নেহঙ্গানাম্ ভ ৩.৩১.২৬; কণ্ডুয়নেন করয়োঃ ৭.৯.৪৫। কর্ণস্য কণ্ডুয়নকেন হি ২.৬৫। অঙ্গকণ্ডুয়ন চৈ.চ ১৮৬। কর্ণকণ্ডুয়ন ভ.প্র ১৬০; ৩৯১। বা.ম ২১১। ২ [+অন-ণ] কণ্ডুয়নসাধন দ্রব্য, অর্থাৎ যাহা দ্বারা চুলকান যায়। ৩ সর্থ 'কণ্ডূতি (৪)। "মৃণালিনী গিরিজায়ার কণ্ঠ-কণ্ডুয়ন দেখিয়া কহিলেন,—চুপ, রাক্ষসী!—ব.প্র ১৪৮; নিতান্ত যদি দেখ, রসনাকণ্ডুয়নরোগজন্য কাজে মন যায় না—জিবে কাষ্টকি দিয়া ঘা কর ৬৩৭। —নী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] সর্থ 'কণ্ডুয়ন (২)। —য়মান বিণ [+মান (শানচ্)-ক] যে গাত্র ঘর্ষণ করিতেছে; ঘৃষ্যমাণ-গাত্র (মৃগাদি)। "রঘু ২.৩৭। বামনয়নং কণ্ডুয়মানাং মৃগীম্ শ ৬.১৭। —য়া স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'কণ্ডুয়ন'। —য়িত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ ঘৃষ্ট। ২ [কণ্ডুয়া+ইত (ইতচ্) সঞ্জাত অর্থে] সঞ্জাতকণ্ডুয়, কণ্ডুয়াযুক্ত। "(গিরিজায়া) হাসিতে পায় না, ব্যঙ্গ করিতে পায় না, বড়ই কষ্ট—স্ত্রীরসনা কণ্ডুয়িত হইয়া উঠিল ব.প্র ১৫০। —য়িত ক্লী [+ত-ভা] কণ্ডুয়ন। —য়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] কণ্ডুবারণার্থ গাত্রঘর্ষণকারক। "রঘু ১৩.৪৩।

কণ্ডুরসা বি কণ্ডুর রস, খোসের কষানি। "চৈ.চ ২৭৭।

কণ্ডুল বিণ [কণ্ডু+ল (লচ্) অস্ত্যর্থে; স্ত্রী -লা] কণ্ডুযুক্ত, কণ্ডু-বহুল। "°দ্বিপগণ্ডপিণ্ড উ.চ ২.৯। —ল পুং শূরণ, ওল।

কণ্ডোল পুং [√কণ্ড্ রক্ষণ+ওল-ধি (অ.টী); পাঠান্তর 'কাণ্ডা-(ণ্ডো)ল'] ১ ধান্যাদি-রক্ষার্থ (কাণ্ডরচিত?) বংশনলাদিরচিত পাত্র-বিশেষ; ডোল। "ভ.প্র ১৬২। ২ পেটক, পেটরা। —লী স্ত্রী চণ্ডাল-বীণা, কেঁদড়া।

কণ্ড্যানি বি [কড্যানি>°নি (লিপিপ্রমাদ); অপ্র] কড়িয়ালি, লাগাম। "সুবর্ণ কণ্ড্যানি কৃ.উ ১৪৭।

কণ্ণ বি [সং কর্ণ>লি, প্রা কণ্ণ; অপ্র] কর্ণ। "শ্রী.কী ৬; ৯০।

কণ্যান বিং [সং কণীয়ান্; অপ্র] যুবতর, ছোট। [কণ্যান রমণী °—ছোট স্ত্রী। "ক.চ ১৭৯।]

কণ্ব পুং [√কণ্‌+ব (বন্)-ক; ছান্দস] ১ প্রসিদ্ধ ঋষিবিশেষ। ["ইনি ঋগ্বেদের বহু সূক্তের ঋষি। ইনি ঘোরের পুত্র এবং অঙ্গিরোবংশজাত (M.W.)। শুক্লযজুর্ব্বেদের কাণ্বশাখা ইঁহারই নামে অভিহিত (ভ ১২.৬.৭৪)। মহাভারতে (১.৭০) নৈষ্ঠিক ব্রহ্মচারী কাশ্যপ কণ্বের উপাখ্যান আছে। মালিনী নদীর তীরে ইঁহার আশ্রম ছিল। দুষ্মন্তমহিষী ভরতজননী শকুন্তলা ইঁহার পালিতা কন্যা।] ২ পুরুবংশীয় নৃপতি-বিশেষ। "ভ ৯.২০.৬। ৩ সুরাবীজ (অ.টী); তু 'কিণ্ব'। ৪ বধির, কালা। "কাত্যায়নশ্রৌতসূত্র ১০.২.৩৫ (S.W.)।

কত[১], **কতক**[১] পুং [ক (জল)+ √তন্‌+অ (ড)-ক; ক (কন্) স্বার্থে] নির্ম্মলীফলের গাছ (Strychnos Potatorum)। "ফলং কতকবৃক্ষস্য মনু ৬.৬৭। —ক ক্লী কতকফল, নির্ম্মলী। "পয়ঃপ্রসাদি কতকম্ (ভাবপ্রকাশ)।

কত[২], **-থ** '-ত্, -থ্' বি [সং কাথ; হি কথ, -থা] কষায়, নির্য্যাস (decoction)।

কত[৩], **-তো** বিং [সং কতি; প্রা কত্তো (কিয়ৎ- গৌড়বহ); হি কিতনা,-নে; মৈ কত] ১ কিয়ৎ, কিংসংখ্যক (how many)। "কত দিনে চাঁদ কুমুদে হব মেলি। কত দিনে ভ্রমরা কমলে করু কেলি॥ —বি.প ১৮৫। ২ কিয়ৎ, কিংপরিমাণ (how much)। "যৌবন রাখিবি কত কাল শ্রী.কী ৬৫; ১২৫। কত কাল পরে বল ভারত রে, দুখসাগর সাঁতারি পার হবে।—গোবিন্দদাস। ৩ অনেক, বহু, প্রচুর (সংখ্যায়, পরিমাণে)। "কতয়ে মিনতি করি তবু নাহি মনে বি.প ৬৭। কত লিখি দুখভারে শ্রী.কী ৩৮; কত মিছা ১১৯; কতো খন ৩৪৮। আছে কত তূণে (ইষু) ক.চ ৪। অবিচ্ছিন্ন কত ধারা বহে শ্রীনয়নে চৈ.ভা ৪৫১। কতো রাজার ধন চ বি ১৪৮। কত কথা কহে বুড়া ভা.চ ৬০। তুমি যে কোয়েছে···কত দিন কত কথা লু.র ৯৭। ৪ অতি-গুরু, দুর্ব্বিষহ, তীব্র। "কত বেদন সহত শরীর।—বি.প ১৭৯। ৫ অনেক, নানাপ্রকার, বিবিধ। "কত অদ্ভুত বি.প ১২। কুবুধি কত উপজে তোহ্মার মনে শ্রী.কী ২০১। কত করে ক্রীড়া, নয়ন-খঞ্জন-জোর ক.চ ৪। কতই বরণ কতই গন্ধ, কত গীত কত ছন্দরে। —রবীন্দ্র। ৬ কতকগুলি, কতিপয়, কিয়ৎসংখ্যক, কয়টা (some)। "কত পুত্র রাখে রাজা স্বর্গের উপর। কতেক রাখিল গিয়া পাতাল ভিতর॥—কৃ ১৪। রান্ধিয়াছ যে ব্যঞ্জন, কতকে না দিছ লোণ, পুড়ি কত করিয়াছ ছালী বা.ম ২৮৮। ৭ অল্পসংখ্যক, কয়েক, দু-চার (a few)। "বিরাজিছে কাষ্ঠাসনে যুবা কত জন ন ৫২৯। আপনার মত পাই, তবে গ্রাস কত খাই ক.চ ৪৪। ৮ কিঞ্চিৎ, কিছু, অত্যল্প। কতো খন দেখি শ্রী.কী ২১৩। গণি পদে পদে, কত দূর লয়্যা যাহ ম ৪৪৬। কত কালে আইল নারদ ম.বি ৭০। বিবসন কলেবরে, শুকদেব কতো দূরে ক.চ ৪। ৯ অতীব, অত্যন্ত। "বিশুদ্ধ কাঞ্চন-কান্তি কত মনোহর?—মে ৬২। সে হাসির অর্থ—"আমি এখন কত সুখী" !—ব.প্র ১৮০। ১০ কিপ্রকার, অর্থাৎ মহান্, দুরপনেয়। "কত পাপ হএ কৈলেঁ পর দার মনে শ্রী.কী ৭৬। ১১ কি-অধিক, অর্থাৎ অত্যল্প, স্বল্প। "বজর কত পরমান, তার ঘাএঁ পরবত চুরে শ্রী.কী ৮২। ১২ কি-অধিক, অর্থাৎ এরূপ মহান্। "আহ্মো দামোদর, মারিলোঁ অসুর বল, কত দাপ দেখাসনি মোরে শ্রী.কী ১০৭। —ত ক্রি.বিং ১ নানাপ্রকারে, বহুরূপে। "আকুল কত পরবোধই কান বি.প ১৫৩। ২ কি-পরিমাণে, অর্থাৎ কত বেশী, কত অধিক। "কুচ হৈতে কত উচ্চ মেরু চূড়া ধরে?—ভা.চ ২৯১। ৩ কতবার, অর্থাৎ বারবার, পুনঃ-

পুনঃ। "এ রূপ যৌবন, কত নেহালসি শ্রী.কী ৪০। [কত উচ্চ—১ কি পরিমাণে উচ্চ। ২ (কাকুতে) কত বেশী উচ্চ, অর্থাৎ অধিক উচ্চ নহে। কত কত—অনেক, বহু, বিবিধ। "কত কত অনুনয় করঁ বরনাহ বি.প ১১৪। সেনা কত কত কাটি পাড়ে চ.বি ৪১। কত কত যুগ জ ১৮। কত কত হাজী, কত কত কাজী, থাইল ছাড়ি নমাজে ভা.চ ৪৯১। কত কত দোবেদী: কত কত ভক্ত আ.দু ২০৬; কত কত…ভৈরবী ২০৭। কত ক'রে বলা—অনুনয় বিনয় করিয়া বলা। কত কালে—কিয়ৎকাল পরে। কত কি—অনেক কিছু, অনির্ব্বচনীয় বিষয়। "শুইয়া শুইয়া কত কি দেখিতাম, তাহা বলিতে পারি না ব.প ২৪২। কত কি হ'য়ে পড়া—অভাবনীয় বিষয় ঘটা; অভাবনীয় পদে উন্নীত হওয়া। "সাহেব সুবোদের বাবুর প্রতি যেরূপ অনুগ্রহ, তাতে আরও কত কি হ'য়ে পড়বেন হু ১১১। কত খণে, কত খনে—কখন। "কত খনে যাইব শ্রী.কী ১৪৫; সে কাহ্ন পায়িব কত খণে ৩৮৫। কতোখন—কিয়ৎক্ষণ। "হেনমতেঁ কতোখন রহী শ্রী.কী ৩৪৮। কতখান—কতপ্রকার দুরভিসন্ধি বা খলতা। "কি জানি কুচক্রী আসি কত খান করে শ্রী ২০। কতখান ক'রে লাগান—নানাপ্রকার কল্পনা করিয়া বিরুদ্ধে বলা। কতগুলা—অনেকগুলা, অনেক (অবজ্ঞায়)। "পদনখে পড়ে তার আছে কতগুলা ভা.চ ২৯৬। কত বড়—১ কি পরিমাণে বৃহৎ (প্রশ্নে); অতিবিশাল। ২ অতীব উদার বা মহত্ত্বসূচক (কথা মন ভাব ইত্যাদি)। ৩ অতিগুরু, অতিদুঃসাধ্য (বিষয় ইত্যাদি)। ৪ (কাকু হেতু নিষেধার্থক) অতিলঘু, অনায়াসসাধ্য, সামান্য। "বধিব জীমূতমল্ল কত বড় দায় ম.বি ১৭৩। মনুষ্য দংশিয়া দিব কত বড় ভার বি.পা ৩০৬। ধনুকে গুণ দিব আমি কার্য্য কত বড় ব.প ৫৬০। কত বা—কত বার বা; কতক্ষণ বা। "কত বা বেড়াবে হরিশ্চন্দ্র নাম ধ'রে। কখন বলিও হরি কখন বা হ'রে॥—কৃ ১০। কত-শত—বহুশত; অসংখ্যক। "কতশত পড়িবে প্রমাদ কৃ ১৪; কতশত জন ২৪৩। কতশত আছে দীন।—রবীন্দ্র।]

কতই, কতহি বিং [কত³+ই⁸ হি¹] ১ নিশ্চয় কত অর্থাৎ বিবিধই, প্রচুরই। দ্র 'কত³ (৫)। "বমই কতহি অমিয়া রাশি ব ২৭। হেম ৩৮২। পিতৃদেবের কতই আমোদ কতই আহ্লাদ সী ৮। ২ অনেকেই, বহুই।

কতএ, -তয়ে বিং [কতই > °এ, °য়ে] কতই, অনেকই, অসংখ্যকই। "কতয়ে (পাঠান্তর—'কতএ') মিনতি করি বি প ৬৭; কামিনী কয়ল কতয়ে প্রকার ৯৪। অতএ কতএ কুল.-যুবতী উমতি ভেল জ.প ৭৫। আন ছলে কতয়ে করয়ে পরিহাস জ্ঞা ৯২।

কতক¹ দ্র 'কত¹।

কতক² বিং [কত³+ক স্বার্থে; হি কেতিক] ১ কিয়ৎসংখ্যক, কিয়দংশ, কিছু। "টাকাটা হাত করিতে পারিলে…কতক সাহেবকে দিতাম—কতক আপনি লইতাম আ.দু ৫৮। ২ কতিপয়, কয়েক, দু-চার। "দিবস কতক যাও শঙ্করের প্রীতে দু ১০২। —ক ক্রি বিং ১ কিঞ্চিৎ পরিমাণে; কিছু, একটু। "কতক হবেন শান্ত তব মুখ চেয়ে কৃ ৯৯। শোণিতস্রাবও কতক মন্দীভূত হইয়াছিল ব.প্র ১৪৮। চেষ্টা করিলে যে, (ঐ দোষ) কতক দূর না হয়, এ কথা বলা যায় না পা.প্র ১৪০। ২ কোন কোন অংশে বা বিষয়ে; আংশিকভাবে। "বটলর…জেরা করিয়া মতিলালের সংক্রান্ত এজেহার কতক কাঁচিয়া ফেলিলেন আ.দু ৫০। [কতক কতক—১ কিছু কিছু, কোন কোন অংশ। "রাজকীয় ঘটনা কতক কতক সংক্ষেপে বিবৃত করিতে হইল ব.প্র ৮। ২ কিছু কিছু (সংখ্যা, পরিমাণ)। কতক কালান্তরে (অপ্র)—কিছুকাল পরে। "কতক কালান্তরে রাজা মানসিংহ রায় মজুমদারকে আজ্ঞা করিলেন কৃ.চ ৮। কতক মতক—কিয়ৎপরিমাণে, কিছুকিছু, অল্পস্বল্পভাবে। কতকে—কতকগুলিতে, কোন কোনটায়। "রান্ধিয়াছ যে ব্যঞ্জন, কতকে না দিছ লোণ।—বা.ম ২৮৮। কতকগুলা—অনেকগুলা (অবজ্ঞায়)। কতকটা—১ কিয়দংশ, খানিকটা। ২ কিছু পরিমাণে, আংশিকভাবে।]

কতক্ষণ বি [কত³+ক্ষণ] ১ কিয়ৎকাল, কিছুক্ষণ। "গত হলে কতক্ষণ, হবে তারা অচেতন স.শ ৫৮। কতক্ষণ গতে এ প্রকারে।—রঙ্গ ১০২। ২ বহুক্ষণ, অনেক সময়। ৩ (কাকু হেতু) অল্পক্ষণ, কিঞ্চিৎকাল। "এ সামান্য কাজ কতক্ষণ লাগবে। ৪ কত সময়; কখন। "তুমি কতক্ষণ এসেছ? —ণ ক্রি.বিং কত সময়। "কতক্ষণ এ দশায় ছিনু যে, স্বজনি, নাহি জানি মে ১২২। —ণে ক্রি বিং ১ কিয়ৎ-কাল পরে; কিছু পরে। "কতক্ষণে মৃদুস্বরে কহিলা মহিষী মে ২০; কতক্ষণে চেতন পাইলা সুলোচনা ১২২,-৫৩। ২ বহুক্ষণ পরে, অনেক পরে।]

কতখান বি [কত³+খান] ১ কয়েক খণ্ড; দুচার খান। "চট পরিয়া রাজা…আবাসে পাঠাইল কতখান ম.ম ১৩০। ২ কতগুলি, কয়টা (প্রশ্নে)। ৩ বহুখণ্ড, অনেকগুলি। ৪ কতপ্রকার অভিযোগ বা আপত্তি; নানা দোষের বা নিন্দার কথা। "বিবাহ করেছ তুমি পাত্র-অগোচরে। না জানি কুচক্রী আসি কতখান করে॥—শ্রী ২০; এইরূপ নারীগণ কতখান কয় ৯৮। ৫ নানাবিধ অতিরঞ্জিত নিন্দাবাদ। ৬ নানা অনর্থপাত বা বিপৎসংঘটন। "সদাই ভাবনা বিধি কতখান করে শ্রী ২১। ৭ কতগুলো, কয়টা। "পাগলের ক্ষণে ক্ষণে এক এক-ভাব, একা কতখান ঠেকাবো! [কতখান ক'রে লাগানো—কাহারো বিরুদ্ধে অতিরঞ্জনপূর্ব্বক নিন্দাবাদ করা।]

কতখানি, -নী বিং [কতখান+ই¹¹] কিয়ৎপরিমাণ, কিছু, খানিকটা। "কতখানী গুর দিল অঙ্গেত মাখিয়া ম.গা ১৮। —নি বি কত বড় কথা, অর্থাৎ অতিসহজ বা সামান্য বিষয়। "আগো মা তোমার গোপাল কিবা জানে মোহিনী। আমরা অঙ্গের ভাই, তমুত না মন পাই, তোমারে ভুলাবে কতখানি॥—ব ৪৭। [তোমারে ভুলাবে কতখানি—তোমারে ভুলাইবে, ইহা সামান্য বিষয়।]

কতগুলা বিং [কত³+গুলা] ১ কিংসংখ্যক, কয়টা (প্রশ্নে)। ২ অনেক, বহু (অবজ্ঞার্থে)। "কে বলে শারদ শশী সে মুখের তুলা। পদনখে প'ড়ে তার আছে কতগুলা॥—ভা.চ ২৯০। —লি বিং [কত³ +গুলি] ১ কয়টি (প্রশ্নে)। ২ কয়েকটি, মিতসংখ্যক, দু-চারটি। "সরস গুবাক তাহে ছিল কতগুলি ম.ভা ৯৬। ৩ কিছু-পরিমাণ, খানিক, কতকটা। "দধিজ্ঞানে চূণ বেটা কতগুলি খায় ম.ম ১২৪। ৪ কিঞ্চিৎ, কিছু। "শঙ্কর ঝাড়িল ঝুলি, চাল পড়ে কতগুলি ক.চ ৩০। ৫ কয়েকখান। "কতগুলি স্বর্ণপাট ম ৪০৬। মুচমুচি লুচি কতগুলি ভা.চ ৫৪৮।

কতটা বিং [কত³+টা] ১ কি পরিমাণে; কতখানি (প্রশ্নে)। ২ কিয়দংশ, কিছু, খানিকটা। —টি, টী বিং [কত³+টি, টী] ১ সর্ব 'কতটা (১)। ২ কিঞ্চিৎ, অল্প। "কেবল কতটী রশ্মি গবাক্ষ বিদারি, …আলোক বিস্তারি, শোভিছে ন ৪১৫।

কতটুক, -কু বিং [কত³+টুক, -কু] ১ কি-পরিমাণ, অর্থাৎ অল্প (প্রশ্নে)। "গেছে গুটিকত জীর্ণ কুটীর, কতটুকু ক্ষতি হয়েছে প্রাণীর?—কথা ৫৩। ২ কি-পরিমাণ, কত অল্প। "সবার সমুখে জানাবে যুবতি, হয়েছে জগতে কতটুকু ক্ষতি, জীর্ণ কুটীর নাশিয়া।—কথা ৫৫।

কতদূর বিং [কত³+দূর] কত দূরবর্ত্তী। —র বি ১ কিছু দূর; অল্প দূর। "কতদূরে রথ হৈতে উঠিলেন রাম কৃ ৮৫; কতদূর গিয়া পথে হইল দেয়ান ১১৬। ২ বহু দূর। "কতদূরে গিয়া রথ হৈল অদর্শন কৃ ১০৪।

কতনা বিং [কত³+না ; হি কিতনা] **১** কতই, অত্যন্তই, অধিকই। "কতনা যতনে।—বি.প ১২ ; ১৩ ; ২৬। কতনা কৌতুকে ন.প ১১৫। কতনা উদ্বেগ হল কৌশল্যার মনে শ্রী.মা ১৮১। **২** কতই, প্রচণ্ড। "কতনা রাগ রাধা˳ আছের মনে˳ না চাহ সমুখ দিঠী শ্রী.কী ৩৯। **৩** অনেকেই, নানাপ্রকারই। "করে ধরইতে কতনা করু কোটি বি.প ৭৯। কতনা পাতসি মায়া শ্রী.কী ১০১। **৪** কতবা, আর কত। "অনেক যতন করে মোরে চক্রপাণী। কতনা বলিবোঁ তারে পরিহার বাণী ॥—শ্রী.কী ১৯৬। —না ক্রি-বিং কতপ্রকারেই, নানাভাবেই। "কতনা যতনে কতনা গোপসি। হিমে গিরি না লুকায় বি.প ১৩।

কতবার ক্রি.বিং [কত³+বার] **১** কয়বার (how many times)। **২** অনেকবার, বারংবার, পুনঃপুন। "কতবার তুমি মেঘের আড়ালে, এমনই মধুর হাসিয়া দাঁড়ালে।—রবীন্দ্র। কতবার উভয়েই বিস্মিত হইয়া ভাবিলেন যে, আজি এখনই রাত্রি পোহাইল কেন?—ব.প্র ১৮।

কতবে, -ভয়ে বিং [কতবা >°বে, °য়ে ; বৈষ্ণবসাহিত্যে] কতবা, আর-কত, কত। "কতবে সহব মনসিজ অপরাধ বি.সা ৪৬। কতয়ে নিবেদব বলরাম দাস ব ১৮১।

কতমত বিং [কত³+মত ; পদ্যে] কতপ্রকার, নানাবিধ, বিবিধ। "গেলাম শ্বশুর ঘর, কতমত করিলাম সুখ কু ২০৯। —মত ক্রি বিং কতপ্রকারে, নানাভাবে। "বিরস দেখিলে মুখ কতমত সাধি।—নিধু বাবু। [কতমতে—নানাপ্রকারে]

কতল বি [আ ক.তল্] ছেদন, কাটা, জবাই। "(কালযবন) কতল করিয়া লোক মারিতে লাগিল ভ.প্র ৪৭০।

কতহি, -হু², -হুঁ বিং [কত³ + হি¹, হু¹, হুঁ¹ ; বৈষ্ণবসাহিত্যে] **১** কতই, অত্যন্তই, অতীব। "কতহুঁ যতনে মোরে কোরে বসাই রা.শে ১৪। **২** কতই, নানাপ্রকারই, অনেকই। "কতহুঁ কাকতি˳ করত কামিনী পায় বি.প ৮৫। **৩** প্রচুরই, ভূরি-পরিমাণই। "বমই কতহি অমিয়া রাশি ব ২৭।

কতহু¹ অব্য [কত+হু¹, দ্র 'কতি²; মৈ কতহু, -হুঁ] কোথাও। "সখিহে কতহু ন দেখিঅ মধাই বি.সা ৬৯৩।

কতহু², কতহুঁ দ্র 'কতহি'।

কতহো বিং [কত³ >কতো >°হো ; বৈষ্ণবসাহিত্যে] কত, কিছু। "কতহো খনে শ্রী.কী ১৬৫।

কতি¹ বিণ [কিম্+অতি (ডতি) সংখ্যাপরিমাণে ; ছান্দস—কত্যগ্নয়ঃ কতি সূর্য্যাসঃ (ঋগ্বেদ)] **১** কিয়ৎ, কিংসংখ্যক, কত। "কতি দুর্গাণি গো.রা ৫.৭৩২। কতিক্ষণে (পাঠান্তর কতিখনে) আওব কুঞ্জরগমনী বি.প ৯১। কতি দিনে ১৮৫। কতিখণে জ্ঞ.প ৪১। **২** বহু, অনেক, কত। "কত্যক্ষীণি করোটয়ঃ ; কতি কতি দ্বীপিন্বিপানাম্ (গঙ্গাষ্টক)। **৩** (বাঙ্লায় ; অপ্র) কতকগুলি, দু-চারটি, কয়েকটি। "তোয়ে নেবে তামরস তুলিলাম কতি শ্রী.মা ৮। **৪** কত বস্তু ; বহু দ্রব্য। "কতি সঞে রূপ ধনী আনলি চোরি বি.প ১৮। **৫** কিয়দংশ, কিছু। "যে হয় তোমার পতি, তার জন্য রাখ কতি বা.ম ২৮৮। **৬** কতকগুলি, কত, কয়টি। "কল ফুল কালে এবে বাড়িল বিপতি। জ্ঞানদাস কহে ধনি সামালিবা কতি ॥—জ্ঞা ১৬৫। **৭** কতপ্রকার, নানাবিধ। "করিয়া আশ্বাস কতি, লইয়া লিখন পাতি, ক্রমে পাঠ করেন তখন শ্রী.মা ২০৯। —তি পুং বিশ্বামিত্রের পুত্রবিশেষ। [ইঁহার পুত্রগণ 'কাত্যায়ন' নামে প্রসিদ্ধ (হ ২৭.৪৮) ; সূত্রকার কাত্যায়ন ইঁহাদের একতম (?)।] [কতি কতি—কত কত, অসংখ্য। "কতি কতি করি নতি নর-নারায়ণে বা.দ ১৪। কতিবারং—কতবার, পুনঃপুন। "সংস্তুতি কুতি …কুরুবে কতিবারং বা.দ ১। কতি সঞে—কত বস্তু হইতে। "বি.প ১৮।]

কতি², -থি অব্য [সং কুত্র >লি, প্রা কথ (হে, পৈ) >বা (কত, -থ) কতি, -থি ('ই' সপ্তম্যর্থে) ; অস কত˳ ; কতী (শ্রী.কী) ; অপ্র] **১** কোথা, কোন স্থানে। "কামিক্ষা পাইব কথি শূ ৬০। নটবর বেশ পাইল কথি চ.দা ৬৮। কেবা আছে কতি ম ১২৭৭। লুকাইল কতি শ্রী.মা ১২। সর্ব্ব ঘটে আছ কৃষ্ণ, কতি শীত কতি উষ্ণ ব.প ৭৫০ ; দরশ কথি যনি হোই রে ১০৫৪ ; ১০৫৫। বিশ্বম্ভর কতি গেলা চৈ.ভা ৪৪ ; কতি যাবে চোরা আজি ১৬২। চৈ.চ ৮৮ ; তুমি গেলা কতি ৩৫০। চৈ.ম ৫২। কথি সে বঙ্কিম হাসি?—ভানুসিংহ। **২** কোথাও, কোনস্থানেই। "মোর ঘরে বিনা ভিক্ষা না করিবে কতি চৈ.চ ২০২। **৩** কোথা, অর্থাৎ স্বর্গে কি মর্ত্তে (হর্ষাতিশয়ে)। "(শচী) পুত্র দেখি হরিষে না জানে আছে কতি চৈ.ভা ১৪০। পা'য়া জামাতা-রতন না জানয়ে আছে কতি ন.প ১৩৪। **৪** কোথা? কোন স্থানে? অর্থাৎ উপমায় অতি নীচে (প্রভেদ-সূচনায়)। তু 'সং 'ক…ক'। "নেত কতি বা শাল, পঙুতি (?) উড়ণি ভাল, এই সকল পচা বসন বি.পা ২২১। [কথি লাগি—কি নিমিত্ত। "সখি! হাম জীয়ব কথি লাগি বি.প ১৯৭।]

কতি³ বিং [কত³+ই¹¹ (পদ্যে মিলের জন্য)] কত, অতিদুঃসহ, কঠোর। "কায়জ কামনা করে ক্লেশ করে কতি শ্রী.মা ২০। [কতি-চিত কুতূহলে—প্রকৃত পাঠ—"কতি চিত-কুতূহলে" অর্থাৎ অত্যন্ত চিত্তের কুতূহলে। "বেলা অবসান-কালে, কতিচিত কুতূহলে, স্বদেশে ময়না উপনীত শ্রী.মা ১৩৩।]

কতিচিৎ বা [কতি¹+চিৎ অসাকল্যার্থে ; মুগ্ধবোধ, ৫২৬ সূত্র ; পাণিনির মতে 'চিৎ' 'চন' তদ্ধিত নহে ; অমরসিংহের মতে 'চিৎ' 'চন' অব্যয়। সুতরাং 'কতি চিৎ' সাধু ; এইরূপ 'কথঞ্চন' 'কথঞ্চিৎ'।] কতিপয়, কয়েক। "কতিচিদেব পদানি গত্বা শ ২.১২। কতিচিৎ… মাসান্ পু মে ২।

কতিপয় বিণ [কতি+অয় (অয়চ্) স্বার্থে, প (পুক্) আগম ; স্ত্রী -য়া, -য়ী (কতিপয়ীর্দক্ষিণাঃ—শতপথব্রাহ্মণ) ; বৈদিক] **১** কিয়ৎ-সংখ্যক, কতি (প্রশ্নে)। "পা ১.১.৩৩। **২** পরিমিত, কয়েক। "কতিপয়াহ, °দিবস, °রাত্র (S.W.)। "°দিনস্থায়িহংস পু মে ২৪। °য়াঃ সমাঃ ভ ১.১৮.৩৯। সী ২।

কতিবিধ বিণ [কতি বিধা যাহার, বহুব্রী ; স্ত্রী -ধা] কিয়ৎপ্রকার, কতপ্রকার।

কতিহু, -হো, কথিহু অব্য [কতি², -থি+হু¹, হো⁸ ; বৈষ্ণব-সাহিত্যে] কোথাই, কোনস্থানেই, কোথাও। "ভ্রমর বিকল কতিহু নাহি ঠাম বি.প ২৬ ; কতিহু নাহি পরকাশ ৮৫। ঐছে কথিহু না হেরিয়ে আর জ্ঞা ৯০। কতিহো কোকিল…নাদ পুরে : কতিহো পক্ষগণ আকাশে উঠিয়া ব.প ৭৫৮।

কতিহুঁ অব্য [কতি¹+হুঁ¹] কতই, অত্যন্তই ; কেন (টীকা)। "কতিহুঁ মদন তনু দহসি হমারি বি.প ১৫৭।]

কতুক বি [সং কৌতুক >কউতুক >°ক ; অপ্র] **১** কৌতুক, আমোদ। "রঙ্গ কতুকে তবে রজনি গোঞাই : শৃঙ্গার কতুক গো.বি ১৯। **২** তামাসা, মজা। "কতুক দেখিতে আইল জতেক রমণী ॥ —গো.বি ৯৫। **৩** আশ্চর্য্য, বিস্ময়করব্যাপার। "দুগ্ধ আউটিতে দেখ বড়হি কতুক গো.বি ১২০।

কতে(থে)ক বিং [সং কতিক >প্রা কেত্তিঅ (কিয়ন্মাত্র—হে) ; পদ্যে ; হি কতেক, 'কেতিক' (তুলসীদাস) ; ড় কেতেক ; মৈ কতে, -তেক, -তেকা] **১** কিয়ৎ, কিংসংখ্যক, কত (how many)। "কতেক কটক তার কু ১৩৫। না জানি কি কৈল তপ কতেক জনম চৈ.ম ৯৫। **২** কিয়ন্মাত্র, কিংপরিমাণ, কত (how much)।

"না জানি কতেক মধু শ্যাম-নামে আছে গো চ.দা ১। **৩** কতকগুলি, কতিপয়, কয়েকখান। "এরূপে কতেক পাট করয়ে রচন ম ৪০৬। **৪** কত, অর্থাৎ অত্যধিক; অতিরিক্ত। "দেখ দেখি চেয়ে কতেক বেলা ভা.চ ২৯৮। **৫** বহু, অসংখ্যক। "কতেক অক্ষৌহিণী সাজে প্রধান কুঞ্জর চ.বি ১৪৮। সেই ঘর্ম্মে দেবগণ কথেক জর্ম্মিল গো.বি ৩। কতেক মোহন রূপ করয় মুরারি ব.প ৭৫৪। **৬** কতক, কিয়দংশ। "কত পুত্র রাখে রাজা স্বর্গের উপর। কতেক রাখিল গিয়া পাতাল ভিতর॥—কৃ ১৪। **৭** কত, কত অধিক, আর কত। "কতেক বলহ আর সব আমি জানি ম ৬৩২। প্রভু কহেন—শ্রীনিবাস! ছাড় বিড়ম্বনা। সভে মিলি কর মোর কতেক লাঞ্ছনা॥—চৈ.চ ৭৮। **৮** অত্যন্ত, অতিশয়। "কতেক করসি দাপ শ্রী.কী ৮৩। চলনে কতেক আটুবাটু ভা.চ ১৫১। **৯** কত (নিঃশেষে বর্ণনাদির অসামর্থ্যে)। "ক্রমে ক্রমে তাহা আমি কতেক কহিব। ভারতসমুদ্র কথা কতেক লিখিব॥—ম ১১৭৭। **১০** কিঞ্চিৎ, কিছু। "কাশীধাম ক্ষেত্র ইহার কথেক অন্তর গ ১৭০। **১১** কতকগুলি।

কতো(থো)ক বিং [কতো, -থো+ক[৮]; অপ্র] **১** কিয়দংশ; কতক-গুলি। "(ব্রাহ্মণগণ) কথোক হস্তিনা গেল কথোক পঞ্চালে॥—ম ৫৬৮। **২** কতিপয়, কিয়ৎ, অল্পকিছু। "দেখিবে কতোক দিনে বিষ্ণু অবতার কৃ.উ ১৮৫। বৎসর কথোক ভ.গ্র ৬১। **৩** কিয়দংশ, কিছুপরিমাণ। "কথোক অন্নব্যঞ্জন মুনি করিল ভক্ষণে কৃ.উ ২০০। **৪** কতিপয়, কতক-গুলা, অনেক। "কথোক হাতে ধরিএগ কথোক খেদিল নিশাচর কৃ.উ ৪৮। গন্ধর্ব্ব অপ্সর যত আনন্দে বিহরে। কথোক পড়িছে তারা দেখে বীরবরে॥—ম ৪২৭।

কতোয়াল বি ['কোতয়াল'—মূল; অপ্র] কোটাল। "কতোয়াল নিব ধরি গো.বি ৬২।

কত্তা বি [সং কর্ত্তা (কর্ত্তৃ) > লি, প্রা কত্তা (হে; য); কথ্যভাষা] **১** কারক, অনুষ্ঠাতা। "কর্ত্তা°। **২** গৃহস্বামী, গৃহপতি। "কত্তা-গিন্নীতে দুজনে যে একবারে তেড়ে এলে,—কি মারবে না কি?—অ.গ্র ৮৩। **৩** স্রষ্টা, নির্ম্মাতা। "তিনিই হর্ত্তা কর্ত্তা বিধাতা। **৪** প্রধান ব্যক্তি; সর্ব্বাধ্যক্ষ। **৫** প্রভু, স্বামী। **৬** বাড়ীর প্রধান ব্যক্তিমাত্র। "বড়°, মেজ°, ন°, ছোট°। **৭** সম্মানসূচক শব্দ। দ্র 'কর্ত্তা' (১৪)। [কত্তা-বাবা—পিতামহ, মাতামহ (বীরভূম)। কত্তা মা—পিতামহী, মাতা-মহী। কত্তাম—প্রভুত্ব। কত্তার ইচ্ছায় কাজ—প্রভুর ইচ্ছানুসারে কার্য্য।]

কত্তাল বি [সং করতাল > কর্‌তাল > °ল; কথ্যভাষা; হি করতাল; 'খত্তাল' (গ্রাম্য)] বাদ্যবিশেষ (cymbal)। [ইহা দুইখানি চক্রাকৃতি কাঁসার চাকী। চাকীর কেন্দ্র নাভির ন্যায় ঈষৎ উচ্চ ও সচ্ছিদ্র। বাজাইবার সময়ে ছিদ্রগত সূত্র তর্জ্জনীতে জড়াইয়া চাকী দুইখানিকে অভিমুখভাবে আহত করিতে হয়।]

কত্থ্ সক [ভ্বা, আ—কত্থতে; সেট্] শ্লাঘা, প্রশংসা। [বি—বিকত্থন, শ্লাঘা।]

কত্থন ক্লী [√কত্থ্+অন (ল্যুট্)-ভা] শ্লাঘা, প্রশংসা, আত্মগুণা-বিষ্করণ। "বাহুবীর্য্যেণ কত্থনম্ মহা ৩.৯৯.৪৮। অকত্থন (সুপ্রযুক্ত)। —থ্য বিণ [+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -থ্যা] শ্লাঘ্য, প্রশস্য। "নাহং কথ্যাঃ রা ২.২৬.২৪; গুণাঃ কথ্যাঃ ২৫।

কথ্[১] দ্বিক [অদন্ত চু, প—কথয়তি; সেট্] **১** কথন, বলা। **২** বিজ্ঞাপন, নিবেদন। "রঘু ১১.৩৭। **৩** বর্ণন, সবিস্তর কথন। "রা ২.৫৭.১। "নীতিস্তদিহ কথ্যতে হি ৮ (কথারম্ভ)। **৪** আদেশ। "রা ১.১.৫৬। **৫** প্রকাশন, ব্যঞ্জন, সূচন। "আকারসদৃশঃ চেষ্টিতমস্য কথয়তি শ ৭২১৯। **৬** নির্দ্দেশ। "প্রত্যেকং কথিতা হেতোঃ মনু ৭.১৫৭।

কথ[২], **-থো** বি [কত, -তো > কথ, -থো; অপ্র] **১** কিয়ৎ, কিংসংখ্যক (how many)। "আউ কথ দিন সংখ্যা হন আপনার ম.পা ৩৩। **২** কিয়ৎ, কিংপরিমাণ, কত (how much)। "দেখিলে মুকুতি গঙ্গা স্নানে কথ ফল গ ৩। কথোক্ষণ জলের তিলক থাকে ভালে ম ১৯৪। **৩** কিয়ৎ, কিছু, অল্প। "কথো দূর শ্রী কী ১০; কথো কাল ১৮১; কথো দিন ২৮৪; কথো ক্ষণে ৩৮৫। কথো কালে গ ৩৪। কথ কাল গো বি ৩০। "কথ দিনান্তরে ম.পা ১৬; ৩৩; ৬৬; কথ দিন বঞ্চ ৭৪। কথো দিন ক চ ২২। কথো দিনে চৈ.ভা ১২৪। কথো দিন পর কৃ.উ ১৭২। কথ কাল গো.বি ৩০। কথো কাল শ্রী ম ৩৫। কথো দিনান্তরে ম ৫১২; ৫১৫। চৈ.ম ১৯০। কথো ক্ষণে চৈ.চ ১৪৪। **৪** বহু, অনেক। "মহামন্ত্র কথ গো.বি ২। নয়ান হরিসে জল বহে কথ ধারে গ ৬৬; গঙ্গা বহে কত ধারে ১৩৭। কথো ক্ষণে সুগ্রীব হইল সচেতন কৃ.উ ১৪৩। কথ মহাকালের ব.প ১২২। কথো দিনে ম ৫৫৮; কথো বার ৯৩৭। কথো কাল পরে কথো গ্রাম লুপ্ত হৈল ন.প ৬। **৫** কিঞ্চিৎ, অল্প। "সম্বিত কথ পেয়ে শ্রী.মা ৫১। **৬** কতিপয়, কয়েক। "ঊর্দ্ধ করি বার কথো ফিরাইল তায় ব.প ৭৮৬। দিন কথ আছে গুরু যাউ গো.বি ১৭৭। দিন কথো ম ২০; ৭১৪। চৈ.চ ১৪৬। জন কথো শ্রী.ম ১২৯। চৈ.ভা ১৮৮। কথ বট ভগ্ন কপর্দ্দক ম.পা ৫৪। **৭** কতক, কিয়দংশ, কিছু-কিছু, কোন-কোন। "কথ বা ডাহিনে যায় কথ যায় বামে। পশ্চাৎ চলিল কথো বীর পরাক্রমে॥—ব.প ১২৩। কথো লোক বলিলেক 'হইল বজ্রপাত'।—চৈ.ভা ৬৩। [কথ বড়—(কাকু হেতু নিষেধার্থক) যাহা বড় (দুঃসাধ্য) নহে; অনায়াসসাধ্য, সহজ। "চিন্তা পরিহর সখি কথ বড় কাজ ম.পা ৭৬। কথ বড় কথা ১৪২; ১৫৮। কথো কথো—অনেক অনেক; অসংখ্য। "কথো কথো দৈত্য চ.বি ৮২। কথো কথো গিলি করে উদর পূরণে ২৯০।]

কথংকথমপি ব্য [সং কথম্ কথম্ অপি] অতিকষ্টে, কষ্টে-সৃষ্টে, বিশেষ চেষ্টায়, কোনপ্রকারে। "কথংকথমপি...ক্ষৌরকর্ম্ম নির্ব্বাহ হইল প্রেমরসে চৈ.ভা ৩৬৬।

কথক[১] বিণ [√কথ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -থিকা] **১** বাচক, বক্তা। **২** ব্যাখ্যাতা, বর্ণয়িতা। —ক পুং **১** নাটকবর্ণনকর্ত্তা, প্রস্তাবনাপাঠক, একনট। **২** তত্ত্বনির্ণয়ার্থ বাদরূপ কথার বক্তা। **৩** পুরাণকথার বক্তা; অর্থাৎ যিনি ব্যাসাসনে বসিয়া পুরাণের কথা বলেন; কথোপজীবী। "গায়েন নাটুআ যত কৌতুক কথক কৃ.উ ২৬৩। ব্যাসাসনে বসিয়া কথক সূত মুনি ম ৯৪০। [কথক ঠাকুর—কথক ব্রাহ্মণ; পূজনীয় কথক মহাশয়। কথকতা—পুরাণবক্তার কার্য্য।]

কথক[২] বিং [কতক > °ক; অপ্র] কিয়ৎ, কিছু। "এত বলি গোবিন্দ কথক দূর গেল চৈ ২০২।

কথঞ্চন, কথঞ্চিৎ ব্য [কথম্+চিৎ, চন অসাকল্যার্থে; দ্র 'কতিচিৎ'] **১** কোন প্রকারে। "কথঞ্চিৎ ভীমসেন সুস্থির আছিল অ.প ২০। বিষাদ না রবে কথঞ্চন বা.দ ১৫৪। দেশে ধনাগম থাকিলে কথঞ্চিৎ ইহা সহ্য হইতে পারে পা.প্র ১৫৮। চ.তৃ ২১। **২** অতিকষ্টে, কষ্টেসৃষ্টে, কায়ক্লেশে। "শরীর লোমাঞ্চিত, কথঞ্চিৎ বচন সরে স্ব.প্র ৩৯। আমরা...ব্রহ্মদত্তিদের হাত থেকে কথঞ্চিৎ নিস্তার পেলাম হু ৮৪। সী ৬৪। **৩** কিঞ্চিৎ, একটু (অসাধু)। "(বাবাজিরা) গহনার ইষ্টিমারে...লোকের চাপ্‌টানে...গাঁটের মত জাঁত সহ্য করে পারে পড়ে কথঞ্চিৎ আরাম পেলেন হু ২৩০। **৪** কোন কারণে (অসাধু)। "জ্ঞানানন্দ বাবাজী কথঞ্চিৎ নিদ্রাভঙ্গ হওয়াতে নিজ খোনা আওয়াজে ...একটি গান ধল্লেন হু ২৩৮।

কথঞ্চিত অব্য [সং কথঞ্চিৎ; অপ্র; দ্র 'ইন্দ্রজিৎ'] কোন প্রকারে অতিকষ্টে। "কথঞ্চিত প্রাণ লয়্যা আছে সর্ব্বজন।—ম ৭৫৮।

কথঞ্চিত সভা প্রতি হইলা বিদায়।—চৈ.ভা ১৪৩; কথঞ্চিত বাহ্য প্রকাশিয়া বিশ্বম্ভর ১৪৪।

কথন ক্লী [√কথ+অন (ল্যুট্)-ভা] ১ ভাষণ, উক্তি। "মিথ্যাক্রয়স্ত কথনম্।—পঞ্চ ১.১৭। নেতার সহিত আছে যুকতি কথন ম.ম ১৮২। চৈ.ভা ২৭২। কথনোন্মুখ চা.তৃ ২৯। ২ বিজ্ঞাপন, নিবেদন, প্রকাশন। "গুহ্যস্য কথনম্।—পঞ্চ ২.১৯০। এতদ্বৃত্তান্ত° হি ১২ৣতুঁ। অমর-বালারে কথনে চিনিয়া যমদূত ছাড়ে পথ।—হেম ১১৬। ৩ বর্ণন, আখ্যান। "মুনিকে কহিল গিয়া রণের কথন কৃ.উ ২৫১। সে সব কথনে মোর নাহি অধিকার ভ.গ্র ২৪। এই বৃক্ষের অকথ্যকথন চৈ.চ ৪১। বিগত তৃতীয় যাম পদ্মিনী-কথনে।—রঙ্গ ৫। কথনাতীত শোভা। —হ ১৭৪। ৪ কীর্তন। "কলিমলমথনং, হরিগুণকথনং ভা.চ ৩১৪। ৫ সংবাদ, সম্ভাষা, কথাবার্তা। "হনুমানে সীতাদেবী করন্তি কথন কৃ.উ ২৫৯। নানা হাস্য পরিহাস্য করেন কথন চৈ.ভা ১০৭। ৬ প্রসঙ্গ, উত্থাপন। "দুঃখ-রস হইবেক লাগি আপ্তগণ। লক্ষ্মীর বিজয় কেহো না করে কথন॥—চৈ.ভা ১০৭। অন্ন জল ত্যাগ কৈল অন্য কথন চৈ.চ ৪৩। ৭ কথা, বাক্য। বৈরাগ্য-লোকভয়ে প্রভু না মানে কথন চৈ.চ ৪১। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ ভাষণীয়, বাচ্য। "তস্মৈ কথনীয়া কথা ত্বয়া ক.সা ৫.১৩১। ২ বর্ণনীয়, আখ্যেয়। "কথা ভগবতঃ কথনীয়া।—ভ ১.১৮.১০। ৩ অভিধেয়। "সা কথনীয়া চম্পকমালা (শ্রুতবোধ)।

কথম্প্রভাব বিণ [বহুব্রী; স্ত্রী-বা] কীদৃশপ্রভাবযুক্ত। "মহা ৩.১৩২.২৭।

কথা[১] স্ত্রী [√কথ+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ কথন, উক্তি, বচন। ২ উচ্চারণ। "কথাপি খলু পাপানামলমশ্রেয়সে যতঃ মাঘ ২.৪০। ৩ সম্ভাষা, সংবাদ, কথোপকথন। ৪ [+অ-র্ম্ম] বক্তব্য বস্তু; বিষয়, বার্তা। "অভিভূতপ্রয়োঽপি মার্দবং ভজতে কৈব কথা শরীরিষু রঘু ৮.৪৩; ১০.২৮। শ ৩.১। °প্রসঙ্গ, °বিরক্ত (হি)। কেমনে সহিবা ঢেউ তার কথা কহ গ ১৬৯। মেরুমন্দরপর্ব্বত ডুবায় যথা তথা। এই দুই গণ্ডশৈল—ইহার কা কথা?—চৈ.চ ১৫৯। দোষকীর্ত্তনকথা। —সী ১৮; স্নেহ দয়া ও মমতার কথা ৩৪। তার কথা কি?—ব.প্র ২৮; গোড়ার কথা কোন্টা?—২০২। তুচ্ছ কথা জা ১৪। ৫ বাক্য। "কথাং প্রমত্তঃ প্রথমং কৃতামিব শ ৪.১। মা হওয়া কি মুখের কথা! —রামপ্রসাদ। ৬ প্রবন্ধকল্পনা, স্তোকসত্য (অল্পসত্য) বিষয় (অ.টী); গদ্যকাব্যবিশেষ, গল্প। "°মুখ, °সরিৎসাগর, বৃহৎ°, বৃহৎকথামঞ্জরী, °মালা। কথাচ্ছলেন বালানাং নীতিস্তদিহ কথ্যতে হি ৮ (কথারম্ভ)। বিশিষ্টার্থতাৎপর্য্যক স্বকপোলকল্পিত যে বিষয় তদর্থক যে গদ্যসমূহ সেকথা হয় ব.প ১৭০১। মহর্ষি কথা আরম্ভ করিলেন।—কাদ ১৫। ৭ ভবিষ্যদ্বিষয়ক বিবরণ। "সনৎকুমারো ভগবান্ পূর্ব্বং কথিতবান্ কথাম্ রা ১.৯.২। ৮ আখ্যান, চরিতেতিহাস। "রামায়ণকথাপুরুষ, °প্রাবীণ্য। কথা প্রবিভাগ।—উ.চ ৪ৣতুঁ। ৯ বিবরণ, বৃত্তান্ত। "রাহুত মাহুত মাল…বীরের শুনিয়া ধায় কথা ক.চ ৭৫। ১০ (বাঙলায়) প্রতিজ্ঞাবাক্য, প্রতিশ্রুতি। "অচলের কথা কভু চলিবার নয় শি ১৯। আমি যখন কথা দিইছি, তখন অবশ্যই বিবাহ দিতে হবে লী ৮৫। ১১ বিষয়প্রসঙ্গ। "কথায় উঠিল কথা অতএব কই শি ২৮। ১২ উত্তর-প্রত্যুত্তর, বাক্ছল। "কথায় কথা বাড়ে বি.সু ৭৭। ১৩ প্রতিবচন, উত্তর। "শুনে কন শিবে শিবের কথা, কি কথাতে এত কথা, না বল্‌লে কোন কথা, সওয়া যায় না আর দা ২১৭। ১৪ ভাষা, বাঙ্নিষ্পত্তি, রা। "গোপবালকবালিকা, সব শবাকাঙ্ক্ষপ্রায়, পড়ে আছে সবে, কথা নাহি মুখে, আর যত গোপীগণ।—গান। ১৫ আপত্তি, ওজর। "যা ঠিক বুঝেছি, তাই করবো. এতে আর কথাটি নেই। ১৬ ধর্ম্মমতবাদ, মতামত। "লোকের কথা নিস্‌নে কানে, ফিরিস্‌নে আর হাজার টানে। —রবীন্দ্র। ১৭ অসার বাক্য; বাগাড়ম্বর, শূন্যগর্ভ বাক্য, ফাঁকা কথা। "কথার ভটচাজ্জি। এসেছি কি হেথা যশের কাঙালি, কথা গেঁথে গেঁথে নিতে করতালি।—গান ২১৮। ১৮ অনুষ্ঠানহীন শুষ্ক বাক্য। "কথায় চিঁড়ে ভেজে না।—প্রবচন। কথায় কাজ কি? হাতে কলমে দেখাও! ১৯ মনোগতভাব, গূঢ় বিষয়, গোপন-কথা। "লোকটা সেয়ানা, তার কাছ থেকে কথা আদায় করা শক্ত হবে ঘ ১৪৭। ২০ লোকপরম্পরাপ্রচলিত বাক্য; জনপ্রবাদ। "কথায় বলে, যে যারে দেখ্‌তে নারে, তার চলন বাঁকা, সোজা হ'লেও বাঁকা। ২১ শব্দ (word)। "'শক্তি' কথাটা গোলের বটে অ.লী ৭। ২২ কথকের ভাষায় শাস্ত্র-ব্যাখ্যান; কথকতা। "একমাস কথা হবে, তারই উপযুক্ত ভাল ব্যবস্থা চাই। ২৩ উপদেশবাক্য। "মহাভারতের এই কথা শুনিয়া অবধি রাজ্ঞী অতিশয় উন্মনা ও উৎকণ্ঠিত হইলেন।—কাদ ১৮। ২৪ জিজ্ঞাস্য বিষয়; প্রশ্ন। "(তিনি) কোন কথার উত্তর দেন না। —কাদ ১৯। ২৫ বার্তা, সংবাদ। "যদি কুলবর্দ্ধনার কথা মিথ্যা না হয়, তাহা হইলে স্বপ্ন সফল বটে।—কাদ ২২। ২৬ আদেশ, ব্যবস্থা, বিধি। "এক নয়, অনেক মুনি। কার কথা রাখি, কার কথা শুনি॥ ২৭ বাক্য-উচ্চারণমাত্র, কেবল কথা বলা। "বড়লোকের কথায় যা হয়, অন্যের প্রাণ দিলেও তা হয় না। ২৮ প্রস্তাব। "কন্যার মায়ের সাথে কথা কহ তুমি শি ১৯। ২৯ কর্কশ বা পীড়াকর বাক্য। দ্র 'কথা (১৩)। [কথা আটকান—লজ্জাদি হেতু বাক্যনিঃসরণ না হওয়া; কথা ভাল না ফুটা, আধ-আধ কথা বলা; কথা বাধা। কথা আদায় করা—মনের কথা জানা। "ঘ ১৪৭। কথা উঠা—প্রস্তাব-প্রসঙ্গক্রমে কোন বিষয় উত্থাপিত হওয়া। কথা কওয়া—আলাপ করা; বিষয়-বিশেষের কথোপকথন। কথা কাটা—কথার প্রতিবাদ করা; কথা খণ্ডন করা; কথা অগ্রাহ্য করা। কথা-কাটাকাটি—বাদ-প্রতিবাদ, তর্ক-বিতর্ক। "এই নিয়ে নিখিলের সঙ্গে আমার অনেক কথা-কাটাকাটি হ'য়ে গেচে ঘ ১১১; এই নিয়ে খানিকটা কথা-কাটাকাটি চলবে ১৭৯। কথা গাঁথা—কোমলকান্ত পদে বাক্য রচনা করা। দ্র 'কথা (১৭)। কথা বলা—কোন বিষয়ের কথাবার্ত্তা হইতে থাকা। কথা-চালাচালি—বাদ-প্রতিবাদ; লোকমুখে পরস্পরের কথা বলিয়া পাঠান। কথা জন্মান—নিন্দনীয় কথার উৎপত্তি হওয়া। কথাটি নেই—কোন প্রতিবাদ বা আপত্তি নেই। "ছেলেটি বড় শান্ত, কিছুতেই মুখে কথাটি নেই। কথা দিয়া কথা লওয়া—মনের মত কথায় ভুলাইয়া অন্যের মনোগত ভাব জানা। "নষ্ট মেয়ে দুষ্ট বুদ্ধি ঘুনিয়ে কাছে বসে। কথা দিয়ে কথা নেয় প্রাণে মারে শেষে॥ কথা দেওয়া—১ প্রতিজ্ঞাপূর্ব্বক কিছু বলা; বাগ্দান করা। "লী ৮৫। ২ কথক দ্বারা ভাষায় পুরাণকথা-ব্যাখ্যার ব্যবস্থা করা। কথা নড়া—কথা অন্যথা বা মিথ্যা হওয়া। কথা নাড়ানাড়ি—ক্রমাগত কথা অন্যথা করা। কথা পড়া—কোন বিষয়ের প্রসঙ্গ হওয়া। "পড়্‌লো কথা সভার মাঝে। যা'র কথা তা'র প্রাণে বাজে॥ কথা পাড়া—কোনো বিষয়ের উত্থাপন করা। "কথা পাড়িতেই পারিলাম না। কান্না আসিতে লাগিল।—ব.প্র ২০২। আমি কথাটা পাড়ি, আর কামিনী উড়িয়ে দেয় জা ১১। কথা ফাঁশ করা, কথা ভাঙা—কথার রহস্যোদ্ভেদ করিয়া বলা। কথা ফেলা—কথার প্রসঙ্গ করা; কথা লঙ্ঘন করা। কথা বাড়া—কথার বিষয়বাহুল্য হওয়া। "বি.সু ৭৭। কথা বেচে খাওয়া—কথার বিনিময়ে জীবিকার্জ্জন করা। "বেশ্যার বেহদ্দ পেসা কথা বেচে খায়।—হেম ৩৮৭। কথা শুনা—১ উপদেশ বা আদেশ-অনুসারে কার্য্য করা। ২ দোষের জন্য কড়া কথা শুনা। ৩ কথকের মুখে ভাষায় পুরাণকথার ব্যাখ্যা শুনা। কথা শুনানো —১ কথানুসারে কাজ করানো। ২ দোষের জন্য কড়া কথা বলা।

"দু কথা শুনিয়ে দেবো লো, নিঠুর বাঁকা কপট শ্যামে (গান)। **কথা সারা**—১ কথার দোষ সংশোধন করা। ২ গল্প সমাপ্ত করা। **কথায় কথা উঠা**—কোন বিষয়ের প্রসঙ্গে বিষয়ান্তরের উত্থাপন হওয়া। "শি ২৮। **কথায় কথা ঢাকা**—অন্য কথার প্রসঙ্গে প্রস্তুত বিষয় চাপা দেওয়া বা ভুলানো। "কথাটা আর কথায় ঢেকে...গিরি ধন্য হ'লেন কন্যাদানে দা ১৫৭৯। **কথায় কথা বাড়া**—বাদানুবাদে বিষয়-বিস্তর হওয়া। "বি.স্থ ৭৭। **কথায় কথায়**—১ প্রত্যেক কথায়; একটুতেই। "কথায় কথায় অভিমান ক'র্লে চলে না। ২ প্রতিকথায়, অর্থাৎ কথা বলিলেই। "কথায় কথায় বল বাতুল দা ২১৭। পদ্ম।—এরা এখন মার ধরেচে। অভয়।—বল কি? পদ্ম।—কথায় কথায়। জা ১৫। ৩ প্রত্যেক বচনবিন্যাসে; পদে পদে। "গুপ্ত কবির রচনায় কথায় কথায় অনুপ্রাস। **কথায় কাজ কি?**—বৃথা বাক্যব্যয়ে ফল কি? **কথায় কাজে মিল্**—যাহা বলা, তাহা করা; যেই কথা সেই কাজ হওয়া। **কথায় চিঁড়ে ভেজে না**—'চিঁড়ে! ভেজো বা চিড়ে ভিজাও' —বলিলেই চিঁড়ে ভেজে না, কার্য্যতঃ জল বা দই ঢালিলেই ভেজে; (গৌণার্থে) কেবল মুখের কথায় কাজ হয় না, কাজ করিলেই কাজ হয়। তু 'কাজের নাম 'কর'। **কথায় জল হওয়া**—মিষ্ট বাক্যে তুষ্ট হওয়া। **কথায় না টলা**—অনুনয়-বিনয়ে লক্ষ্যভ্রষ্ট না হওয়া; বিনয়-বধির হওয়া। **কথায় ঠকানো বা ঠেকানো**—বাক্চাতুর্য্যে পরাজয় করা। **কথায় না থাকা**—কোন বিষয়ের সংস্রবে না থাকা। **কথায় বলে**—প্রবচনে কথিত আছে। **কথায় মারা বা লাঠি মারা**—কর্কশবাক্যে মৃতবৎ করা; রূক্ষবাক্যদণ্ডে মর্ম্মাহত করা। **কথায় রসকষ নেই**—কথায় মাধুর্য্য বা কোমলতা নেই। **কথায় কথায় শোনা**—কথা-প্রসঙ্গে শোনা। "কথায় কথায় শুনিলাম, রাজা...মহিষীকে পরিত্যাগ করিয়াছেন সী ৭৩। **কথার আঁচ**—কথায় প্রকাশিত মনের ভাব। **কথার আঁটুনি বা বাঁধুনি**—বাক্যবিন্যাসের কৌশল বা সুশৃঙ্খলা। **কথার ওড়ন পাড়ন**—কথার উপর ও নীচের আবরণ: পূর্ব্বাপর অসার বাগাড়ম্বর। **কথার ওপর কথা কহা**—একের কথা শেষ না হইতে-হইতে অন্যের কথা বলা। "সোনা, থাম বল্‌ছি, কথার ওপর কথা কস্‌নে অ.গ্র ১২৬। **কথার কথা**—১ গল্পের বিষয়; (গৌণার্থে) অমূলক কথা। "পা.প্র ৩। ২ সহজ কথা। "ভোলা সে কি কথার কথা, মন যার মনে গাঁথা। শুকাইলে তরুবর ছাড়ে কি জড়িত লতা॥ —গোপাল উড়ে। কা ৩১। **কথার কাপতেন**—কথার ধোকড়। "বি.বু ২৮। **কথার ছব্বা বা ছিরী** (স্ত্রীভাষায়)—কথার সৌষ্ঠব; কথা বলার ধরণ। **কথার জড় মরা**—কোন বিষয়ের মূল বা কারণ নষ্ট হওয়া। **কথার ঝড় বহা**—ঝড়ের মত তড়বড় করিয়া বলা। **কথার টান-টোন**—কথার উচ্চারণের সুর-সার। **কথার ধার ধারা**—কথার সংস্রবে থাকা। **কথার ধারা বা ধরণ**—বাক্যবিন্যাসের প্রণালী। **কথার ধোকড়, বা ভটচাজ্জি**—বচনবাগীশ, বাক্‌সর্ব্বস্ব। **কথার পৃষ্ঠে (পিঠে) কথা**—কথার পরেই প্রতিবাদ বা প্রত্যুত্তর। **কথার পেঁচ বা ফের**—কথার কুটিলতা; কথার ঘুর। **কথার বাঁধুনি**—সর্থ 'কথার আঁটুনি'। **কথার মাত্রা**—কথা বলিতে বলিতে মাত্রারূপে ব্যবহৃত অনাবশ্যক শব্দ—'বুঝলে, বুঝছো' ইত্যাদি। **কথার মাথা মুণ্ডু না থাকা**—কথার পূর্ব্বাপর সঙ্গতি না থাকা। **কথার মারপেঁচ**—কথা বলার কৌশল। **কথার হাত পা হওয়া**—মূল কথা অতিরঞ্জিত করিয়া সর্ব্বাঙ্গসুন্দর করা। **কথাহো**—কথাও, বার্ত্তাও। "আহ্মে শিশুমতী রতি কথাহো না জানী শ্রী.কী ৫৯।]

কথা² অব্য [কথ > °থা; দ্র 'কতি²; অপ্র] কোথা, কোন স্থানে। "কথা ছিল শ্রী.কী ১১০। কথাতে শুথনাএ যাএ মাছ ম.গা ৩; কথাতে এড়িমু ৫ঃ কথাএ যাইবা ২৬। কথা পাব শূ ১৩৩। কথা হানে গো.চ ৭৭। কৃষ্ণ গেল কথা অ.প ২৩; ৩৩; কথা গেল অশ্ব ১২৯। কথাতে হারাইছ গো.বি ৩৩। কথা পাবে ম.পা ৫৪। কথা স্বর্গ মেনকা কথা বিশ্বামিত্র ঋষি। কথা তোর সনে দেখা প্রলাপ করসি॥ —ব.প ৬৫৩। [কথাএ (কথা+এ)—কোথায়। "কথাএ তোহ্মার ঘর গ ৪৪। ব.প ৬৫০। কথাকারে (কথা+কারে)—কোথায়। "শিশু কথা-কারে যায় ব.প ৩৮৭; ৭২১। কথাত (কথা+ত)—কোথায়। কথাতে (কথা+তে)—কোথায়। "কথাতে বিল্লুকনাথ গো.বি ১৮৪। কথাতে বসতি ম.পা ৮৩; ১৩৯। ব.প ৬৩১। কথায় (কথা+য়)—কোথায়। "কথায় যাইমু ম.গা ২৬। গেলেন কথায়।—ব.প ৭২২; ৮৮৯ কথাহ—কোথাও। "তোমার সমান রূপ কথাহ না দেখি ব.প ৭২৪। কথাহো, -হোঁ, কথঁাহো—কোথাও। "শ্রী.কী ৫৭; ১৮৮; ৩০৮।]

কথাক্রম পুং [ষ.ত] আলাপ-পরম্পরা। "বিষ্ণুদত্তাভিধানেন সহ চক্রে কথাক্রমম্ ক.সা ২৫.৬৪।

কথাচ্ছল ক্লী [ষ.ত] গল্পের ছল; কথাব্যপদেশ। "কথাচ্ছলেন ...নীতিস্তদিহ কথ্যতে হি ৮ (কথারম্ভ)।

কথানক ক্লী [√কথ্+আনক, উ ৩.৮২; তু 'আভাণক'] ক্ষুদ্র কথা বা আখ্যান; ছোট গল্প, কাহিনী।

কথানুকথন ক্লী [কথার অনুকথন, ষ.ত] বচনানুবচন, সম্ভাষা, কথোপকথন। "নৈ ৫.১৩।

কথান্তর ক্লী [কথার অন্তর, ষ.ত] ১ কথামধ্য, কথাপ্রসঙ্গ, কথাক্রম। "স্মর্ত্তব্যোঽস্মি কথান্তরেষু ভবতা মৃ ৭.৭। ২ [অন্য কথা, নি.স] অন্য আখ্যান। ৩ (বাঙলায়) কথার অন্যথাভাব বা গেলাপ; প্রতিজ্ঞাভঙ্গ। ৪ প্রতিকূল কথা; বিবাদ, বচসা। "কথন না কথন, কথান্তর, মনভার, অকৌশল ঘটিত ব.প্র ৪৬৭। ৫ দোষের কথা; নিন্দা, অপবাদ। "আছে এমন পূর্ব্বাপর, সকল ঘরে কথান্তর দা ৬৫; ৬৬; শ্যাম বিনে দগ্ধ অন্তর...কথান্তর আর কেন গো তার ৯৪৮।

কথাপুরুষ পুং [ষ.ত] কথার প্রধান পাত্র; কথানায়ক। "রামায়ণ° উ.চ ৪২/৩।

কথাপ্রবন্ধ পুং [ষ.ত] ১ কথার পরম্পরা; সংলাপক্রম; ক্রমাগত কথোপকথন। ২ [কর্ম্মধা] কথারূপ সন্দর্ভ; আখ্যান।

কথাপ্রসঙ্গ বিণ [বহুব্রী] ১ যাহার কথায় আসক্তি; যে খুব গল্প করে; জল্পাক, বকাট। ২ বাতুল, ক্ষিপ্ত। —প্রসঙ্গ পুং [ষ.ত] ১ কথানুষঙ্গ, সংলাপক্রম, গোষ্ঠীবচন, বার্ত্তা, সম্ভাষা, কথোপকথন। "নৈ ১.৩৫। "কথাপ্রসঙ্গাবস্থিত।—হি ১২/১২/৩। কি ১.২৪। ২ বিষ-বৈদ্য, ওঝা। "কি ১.২৪।

কথাবার্ত্তা বি আলাপ-পরিচয়, আলাপ-সালাপ। "কথাবার্ত্তা কহ গিয়া বেহাই সহিত ম.ভা ২৫।

কথামাত্র বিণ [কথাই ইতি (নি.স)—কথামাত্র+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -ত্রা] কথামাত্রবিশিষ্ট, কেবল কথায়ই অবসিত; কথাবশেষ, মৃত। "কালেন তে কৃতাঃ সর্ব্বে কথামাত্রাঃ ভ ১২.২.৪৪। —মাত্র ক্লী ১ কেবল কথা; আখ্যানমাত্র। "কথামাত্রাবশিষ্ট ভ ১২.২.৩৬। ২ (বাঙলায়) বলামাত্র, কেবল বলা, যাহা কার্য্যত অনুষ্ঠিত হয় না, বলা পর্য্যন্তই যাহার সীমা।

কথামুখ ক্লী [ষ.ত] কথার আমুখ বা মুখ; কথাপ্রস্তাবে প্রারম্ভভাগ, কথারম্ভ। "ক.সা ১.৪। ইতি কথামুখম্ (পঞ্চ)।

কথারম্ভ পুং [কথার আরম্ভ, ষ.ত] ১ সর্থ 'কথামুখ'। ২ কথার উপক্রম; গল্পের আরম্ভ। "°কাল।

কথালাপ পুং [কথার আলাপ, ষ.ত] বিষয়বিশেষের আলাপ; গোষ্ঠীবচন, সম্ভাষা। "°সুখ হি ১২/১২।

কথাশেষ বিণ [বহুব্রী; স্ত্রী -ষা] যাহার চরিত-কথাই বা গোষ্ঠী

অবশিষ্ট আছে, অস্তিত্ব নাই; কথাবশেষ, মৃত। তু 'নৈ ৯.১৪৯। —ষ পুং [ষ.ত] ১ আখ্যানের শেষভাগ; কথাসমাপ্তি। ২ [কর্ম্মধা] কথারূপ অবশিষ্টাংশ; গোষ্ঠীশেষ।

কথাসরিৎসাগর পুং [কর্ম্মধা, ষ.ত] কথারূপ সরিৎসমূহের সাগর; যে গ্রন্থে অসংখ্য ক্ষুদ্রকথা আছে; বৃহৎকথাগ্রন্থবিশেষ। [ইহা সোমদেব-ভট্ট-বিরচিত। কাশ্মীররাজ অনন্তরাজের রাজত্বকালে সোমদেব আবির্ভূত হন। বিদুষী মহিষী সূর্য্যবতীর উৎসাহে সোমদেব, গুণাঢ্যের 'বৃহৎকথা' হইতে অতিসরলসংস্কৃতে নাতিসংক্ষিপ্ত নাতিবিস্তীর্ণ এই গ্রন্থ রচনা করেন।]

কথাহো, কথাহোঁ; কথি দ্র 'কথা২; কতি২।

কথিত বিণ [√কথ+ত (ক্ত)-র্ম্ম] ১ উক্ত, ভাষিত। ২ বর্ণিত। "কথিতো বংশবিস্তারঃ।—ভ ১০.১.১। ৩ নিবেদিত, বিজ্ঞাপিত। "কথিতস্বর্গতিগুর্ব্বোঃ রঘু ১২.১৫। ৪ নির্দ্দিষ্ট, নির্দ্ধারিত। "আপদাং কথিতঃ পন্থা ইন্দ্রিয়াণামসংযমঃ হি ১.২৯। ৫ অভিহিত। "উপেন্দ্রবজ্রা কথিতা কবীন্দ্রৈঃ (শ্রুতবোধ)। —ত ক্লী [+ত-ভা] ১ কথন, বর্ণন। "পূর্ব্ববৃত্ত° রঘু ১১.১০। ২ আলাপ, কথোপকথন। "বিশ্রব্ধ° শ ৩ঙ্ক।

কথিতপদতা স্ত্রী [কথিতপদ+তা (তল্) তদ্ভাবার্থে] (অলঙ্কারে) দোষবিশেষ, পুনরুক্ততা, পৌনরুক্ত্যদোষ। 'সা.দ ৭.৫।

কথিবা, কথুপা বি [সং কুতপ; অপ্র] নেপালদেশীয় কম্বল। "নেত কথিবা বি.পা ২৩৫; ২৫৮,-৯৭। কথিবা ব.প ২৪৫। কথুপার তুলী শ্রী.ম ২৭। কথিবার চান্দোয়া চৈ.ভা ২৮৩।

কথীকৃত বিণ [কথা+অভূততদ্ভাবে চ্বি (০)+√কৃ+ত (ক্ত)-র্ম্ম] কথামাত্রীকৃত, শব্দমাত্রাবশিষ্ট, কথামাত্রে পর্য্যবসিত। "কু.স ৪.১৩।

কথু অব্য [কথ+উ৫; দ্র 'কতি২, অপ্র] কোথাও, কোনস্থানেও। "আইসে সম্বন্ধ—কথু স্থির নাহি হয়ঃ তোমার কন্যার যোগ্য পাত্র কথু নাই ন.প ৪০৩।

কথুপা; কথেক; কথো; কথোক দ্র 'কথিবা; কতেক; কথ২; কতোক।

কথোপকথন ক্লী [কথার উপকথন, ষ.ত] ১ আখ্যানের বর্ণন; গল্প বলা (A.)। ২ সংলাপ, সম্ভাষা, কথাবার্ত্তা (M.W.)। "রাম ও সীতা…অশেষবিধ কথোপকথন করিতে লাগিলেন সী ১৫। কথোপ-কথন-মধ্যে ব.প্র ৬। কথোপকথনের শব্দ ২০১। পা.প্র ১৪৪।

কথোপকথা বি [কথা+উপকথা; অপ্র] সর্থ 'কথোপকথন (২)। "শ্রী.ম ২২০।

কথ্য বিণ [√কথ্+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -থ্যা] ১ কথনীয়। "নৈ ১১.১১৯। ২ (বাঙলায়) কথোপকথনে ব্যবহার্য্য (ভাষা)।

কদ্ অক [ভ্বা, আ—কদতে; সেট্] ১ বিবশতা, বৈক্লব্য। ২ বৈকল্য, বিকলতা।

কদক্ষর ক্লী [কু (কুৎসিত) অক্ষর, নি.স; কু > কৎ] কুৎসিত অক্ষর; কদর্য্য বর্ণ; বিশ্রী লেখা। "°সম্বদ্ধ পত্রী ব.প্র ৬৬।

কদগ্নি পুং [কু (কুৎসিত) অগ্নি, নি.স; কু > কৎ] কুৎসিত অগ্নি; মন্দাগ্নি, অল্প অগ্নি।

কদত্তন বি ['কদর্থন'—মূল (?)] যুদ্ধ। "কাটা গেছে কদত্তনে নব লক্ষ দলে শ্রী.মা ১৪৯।

কদন ক্লী [√কদ্ বিবশতা+অন (ল্যুট্)-ভা] ১ বিবশভাব, বৈক্লব্য। ২ [√কদি+ল্যুট্] ব্যাপাদন, মারণ, বিনাশ। "রক্ষসাং কদনম্ রা ৬.৫২.৩০। কদনং মহৎ মহা ১.২.৩৫১; ২১১.১। নিজে পরিজনে কদনং করোষি উ.চ ৫.১০। °প্রিয় ভ ৭.২.১৩। ৩ বৈকল্য, বিকল-ভাব, বিকৃতি। ৪ বিবাধন, পীড়ন, মর্দ্দন। "যদূনাং কদনং চক্রে ভ ১০.২.২। মদনে কদনে মোর নয়ন ঝুরএ শ্রী.কী ৩৯৩। মদন কদন ক্ষোভে ব ৬১। মদন কদন-বদন-চন্দ্র ন.প ২৬৫; অঙ্গ মদন-মদ-কদনা ২৮৩; বিধু-কদন-মাধুরী ৩৩৮। ৫ [+অন-ক] তাপ। "মদন-কদনানলঃ গী.গো ১০.৮। ৬ দুঃখ। "সংসারচক্র° ভা ৭.৯.১৬। ৭ কলুষ, পাপ। ৮ [+অন-ধি] যুদ্ধ। "মদন কদন, হোয়ল সদন, জগত যুবতী অঙ্গ ব ৩০। কি জানি কেটেছে সেনে কদন বিভোলে শ্রী.মা ১৪৯।

কদন্ন ক্লী [কু অন্ন, নি.স, কু > কৎ] কুৎসিত অন্ন; কুখাদ্য, পোড়া ভাত প্রভৃতি। "কদন্নাশন। হবির্বিনা হরির্যাতি বিনা পীঠেন মাধবঃ। কদন্নৈঃ পুণ্ডরীকাক্ষঃ প্রহারেণ ধনঞ্জয়ঃ।—উদ্ভট। (সঃ) যাজ্ঞায়া যদৃচ্ছয়া বোপসাদিতমল্পং বহু মৃষ্টং কদন্নং বাভ্যবহরতি ভ ৫.৯.৯।

কদম১ বি [সং কদম্ব; হি কদম, ঠ কল.ব] ১ বৃক্ষবিশেষ (Nauclea Cadamba)। "শ্রী.কী ৮০। ২ কদম্বপুষ্প।

কদম২ বি [আ কদম্] ১ পদ, পা। "সবে পুজে পীরের কদম রা.স ৩৮। ব.প ২১৬। শ্রী ৭৯। ২ পাদক্ষেপ, একপা, একধাপ (step)। ৩ অশ্বের গতিবিশেষ; আস্কন্দন, বল্গন (gallop)। [কদমে যাওয়া —অশ্বের বল্গনে গতি। দ্র এক কদম—দ্র এক পা; কিছু দূর।]

কদমা বি ['কদম'—মূল] কদমের মত গোল চিনির খাদ্যবিশেষ বা লাড়ু। "চৈ চ ১৫৮।

কদমী বি [কদম+ঈ৭; অপ্র] 'পাদানুগামী', অনুচর, অনুরাগী, সেবক। "নদী বলে যদি বট কদমী আমার। ওপার প্রবাহ অতি পরিসর ধার॥—শ্রী ১৮৬।

কদম্ব পুং [√কদি+অম্ব (অম্বচ্)-ক, উ ৪.৮২] ১ যাহা বিরহীকে দুঃখিত করে; বৃক্ষবিশেষ, কদম গাছ (Nauclea Cadamba)। "°মুকুল রঘু ১৫.৯৯। প্রৌঢ়পুষ্পৈঃ কদম্বৈঃ পু.মে ২৫। কদম্বকুসুমসম কলেবর ফুলে ম ২১২। কদম্বতরুশাখা সী ১৩। [কদম্ব ত্রিবিধ—নীপ, মহাকদম্ব, ধারাকদম্ব (গিরিকদম্ব, কেলিকদম্ব ?)।] ২ সর্ষপ। —ম্ব ক্লী ১ কদম্বপুষ্প। "বিকচনব°।—ঋতু ২.২৪। কুটজ কদম্ব শ্রী.কী ২০৬। কদম্ব-নিন্দক (কুচ) ভা.চ ৯; ২৯১। কদম্বরেণু বিছাইয়া ফুল শয়নে।—রবীন্দ্র। ২ সমূহ, বৃন্দ। "পুলক-কদম্ব চৈ.চ ২৬। কবন্ধ-কদম্ব শ্রী.মা ১৬। —ম্বক পুং [°ম্ব+ক (কন্) স্বার্থে] ১ কদম্ববৃক্ষ। ২ সর্ষপ। —ক ক্লী সমূহ, নিচয়, বৃন্দ। "ছায়াবন্ধকদম্বকং মৃগকুলম্ শ ২.৬। ['কোরকন্যায় (পুং)—দ্র 'ন্যায়'।]

কদম্বা বি ['কদম্ব'—মূল] সর্থ 'কদমা'। "রা.শে ৫১।

কদম্বানিল পুং [ষ.ত] ১ কদম্বসম্বন্ধী, অর্থাৎ কদম্বকুসুমের সৌরভ-পূর্ণ বায়ু; কদম্বসুরভি বায়ু। "সা.দ ১ঙ্ক। ২ [বহুব্রী] কদম্বসুরভি বায়ু যে ঋতুতে; বর্ষা ঋতু। "কি ৪.৩৪।

কদর বি [আ ক.দর্] ১ যোগ্যতা, উপাদেয়তা, গুণ। "তাম্বূল কদরে রাগ অধরে বাড়ায় শ্রী.মা ৮৬। ২ আদর, সম্মান, খাতির। "এ যে বারাণসে চাদর, তোর বাপ জানে না এর কদর দা ৫০৯। ৩ মূল্য (worth)। "সোণার প্রকাশকের কার্য্য অপেক্ষা সোণার বিকাশকের কার্য্যের অধিক কদর হইবে পা.ঝো ১৪৮।

কদর্থ১ বিণ [কু অর্থ যাহার, বহুব্রী, কু > কৎ] ১ কুৎসিতার্থ, কুৎসিতাভিধেয়, অর্থাৎ যাহার অর্থ অসঙ্গত বা অসাধু। ২ কুৎসিত-প্রয়োজন, প্রয়োজনহীন, অনাবশ্যক। —র্থ পুং [নি.স.] ১ কুৎসিত অর্থ বা অভিধেয়; অসঙ্গত অর্থ। ২ কুৎসিত বস্তু; অনাবশ্যক দ্রব্য।

কদর্থ২ সর্ম্ম [সং √কদর্থি] ১ নিন্দা করা; পরিহাস করা; ক্ষেপান। "বিশেষে চালেন প্রভু দেখি শ্রীহট্টিয়া। কদর্থেন সেইমত বচন বলিয়া॥ —চৈ.ভা ১০৯। ২ অবজ্ঞা করা; অনাদর করা। "এইরূপে কদর্থিয়া রোহিণীকুমারে। বেড়ায় দ্বিবিদ মত্ত হস্ত্যা মরিবারে॥—শ্রী.ম ২১২। ৩ বিড়ম্বনা করা; প্রতারণা বা ছলনা করা। "অমানুষি-তেজ দেখি

বিপ্রের শরীরে। সর্ব্বজ্ঞ করিয়া কিবা কদর্থে আমারে ॥—চৈ.ভা ৮৯। ৪ পীড়িত করা ; ক্লেশ দেওয়া। "কদর্থিয়া তুমি যত মারিয়াছ জীবেরে। তারা তৈছে তোমারে মারিবে জন্মজন্মান্তরে ॥—চৈ.চ ২৪২।

কদর্থন ক্লী [√কদর্থি+অন (ল্যুট্)-ভা] ১ পীড়ন, সন্তাপন, বিবাধন। ২ (বাঙলায়) দুঃখ, কষ্ট। "প্রজাগণে মহাপাপী দিল কদর্থন ম ১২০০। ৩ নিন্দা, অপবাদ, কুৎসা। "কপর্দ্দীর কদর্থন কুমুদার কর্ম্ম শি ৮০। —না স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ পীড়া, ক্লেশ। "নান্যথা তাত মিথ্যৈব কর্ত্তব্যা মে কদর্থনা ক.সা ২৪.৪৩। কোথায় কিবা পাইলে কদর্থনা ভ.গ্র ১৯২। ব্যাধ! তুমি জীব মার এ অল্প পাপ তোমার। কদর্থনা দিয়া মার, এ পাপ অপার ॥ চৈ.চ ২৪২। ২ পীড়ন, মর্দ্দন, হিংসা। "জানিলাম বক্রবাহা তোর বীরপণা। ক্ষমহ নরনাথ না কর কদর্থনা ॥ অ.প ১১০। ৩ অবজ্ঞা, অনাদর। "ভ.গ্র ২। —র্থিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ অবজ্ঞাত, অনাদৃত। "হি ২.৬৭। বি.মা ৬৩৫/০। °কোদণ্ড-কোটী বা.ভা ১৭৬/২। ২ পীড়িত, ক্লেশিত, সন্তাপিত। "উ.চ ৫১০/১। ৩ অকিঞ্চিৎকর, হেয়।

কদর্থীকৃত বিণ [কদর্থ+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+ত(ক্ত)-র্ম্ম] ১ অবজ্ঞাত, অবগণিত, তুচ্ছীকৃত। ২ ব্যর্থীকৃত।

কদর্য্য বিণ [কু অর্য্য, নি.স, কু > কৎ ; স্ত্রী -র্য্যা] ১ 'কুৎসিত স্বামী', পুত্রদারাদিপীড়নপূর্ব্বক ধনসঞ্চয়কারী, কৃপণ, ক্ষুদ্র। 'আত্মানং ধর্ম্মকৃত্যং পুত্রদারাংশ্চ পীড়য়ন্। যো লোভাৎ সঞ্চিনোত্যর্থান্ স কদর্য্য ইতি স্মৃতঃ ॥ ২ নীচ, হেয়। ৩ কুৎসিত, অপ্রিয়। "নানাযোনি সদা ফিরি, কদর্য্য-ভক্ষণ করি ভ.গ্র ১২৮। —র্য্য পুং কৃপণ। "মনু ৪.২১০।

কদরদান্ বি [আ ক.দর+ফা দান] যে কদর বুঝে ; বাস্তবিক গুণজ্ঞ বা মর্ম্মবিৎ। "মেহেরবান্ ও কদরদান্ সব পারে ব.প্র ৪৪৬।

কদল পুং [কদি+অল (অলচ্)-র্ম্ম (অ.টী) ; তু 'কাদ্‌লা' (মুণ্ডারি-ভাষা)] যাহা বায়ু কর্ত্তৃক দলিত হয় ; রম্ভাতরু, কলাগাছ। "উরুদ্বয়ং মৃগদৃশঃ কদলস্য কাণ্ডৌ (অমরুশতক)। —ল ক্লী কদলফল, কদলী, কলা। "পনসে কদলং কদলে ঘৃতম্ (জীর্ণমঞ্জরী)। —লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ রম্ভাতরু। "কদলী কদলী, করভঃ করভঃ (সু.র)। চিচ্ছেদ কদলীসুখম্ রঘু ১২.৯৬। °স্তম্ভ উ.মে ৩৫। মহা ৩.১৪৬.৫৩। উরুযুগ কদলী বি.প ৮৮। উরু শোভে বিপরীত রামকদলী শ্রী.কী ৪৮। ২ (উপচারে) কদলীফল ; কলা। "কদলী লবনী ধাত্রী (ত.বা)। ৩ পতাকা। ৪ হরিণবিশেষ। ৫ হস্তিস্থিত পতাকা। ৬ (বাঙলায়) কদলীবনপ্রধান দেশ (ইহা ত্রিপুরারাজ্যের অন্তর্গত আধুনিক 'কৈলাশর', প্রাচীন 'কলাশহর')। "ধরিআ ব্রাহ্মণরূপ কদলীত জাএ গো.বি ৫১। ভ্রমিতে ভ্রমিতে গেলাম কদলীর স্থানে মী ৯। ৭ কদলী-দেশবাসিনী নারী। "তোর গুরু পড়িয়াছে কদলীর ভোলে গো.বি ৪১। ষোড়শ শত কদলীঃ কদলীর রূপ মী ৫। [মহাভারতে, বনপর্ব্বে ১৪৬তম অধ্যায়ে ভীমের কদলীখণ্ডপ্রবেশবর্ণনে গন্ধমাদনসানুতে বহু-যোজনবিস্তৃত কদলীষণ্ডের উল্লেখ আছে। বোধ হয়, পূর্ব্বোল্লিখিত কদলী দেশের সহিত ইহার কোন সম্বন্ধ আছে। 'কদলী-নারী' এই কদলী-দেশের অধিবাসিনী কামিনী। কাশীদাসী মহাভারতে, অশ্বমেধপর্ব্বে, "মহাবনে আছয়ে প্রমীলা নামে নারী। পদ্মিনী তাহার সঙ্গে আছে লক্ষ চারি ॥" ইত্যাদি ও তদনুসারে মেঘনাদবধে, "পার্থ মহারথী, যজ্ঞের তুরঙ্গ সঙ্গে আসি উতরিলা, নারীদেশে (৮১)" ইত্যাদি বর্ণনে 'নারী-দেশ' ও 'নারীগণ', পূর্ব্বোক্ত 'কদলীদেশ' ও 'কদলী'র সহিত সম্পৃক্ত, মনে হয়। 'বঙ্গসাহিত্যপরিচয়ে' (৪৮২) মীননাথকৃত প্রমীলার প্রত্যাখ্যানও এস্থলে উল্লেখযোগ্য।] [°লীকন্দ (পুং)—কদলীমূল, কলার এটে। °লীকুসুম (ক্লী)—মোচক, মোচা। °লীদণ্ড (পুং) —কদলীমধ্যস্থ দণ্ড ; থোড়। °লীপ্রদর্শন (বি)—কলা দেখানো ; ফাঁকি দেওয়া ; পালানো। "বিশেষ প্রেমালাপের তো সম্ভাবনা নাই —বিলম্ব আর কি নিয়ে হবে? মাত্র পদপল্লব-দর্শন, আর তুরিতে কদলীপ্রদর্শন।—অ.গ্র ৭। °লীষণ্ড (পুং)—কদলীসমূহ, কদলীবন। "মহা ৩.১৪৬.৫১।]

কদলক পুং [কদল+ক(কন্) স্বার্থে] রম্ভাতরু। —ক ক্লী কদলকফল, কলা। "সহস্র সহস্র কান্দী দেখে কদলক চৈ.ভা ৪৪২। নানাবিধ কদলক চৈ.চ ১৫৮। চৈ.ম ৫৫। —লিকা স্ত্রী [°লী+ক স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ কদলীতরু। "°বন মাঘ ৫.২। °নব বি.মা ৭.৫৫। ২ পতাকা। "মাঘ ৫.২।

কদলি বি [কদলী > °লি ; অপ্র] ১ সর্থ, 'কদলী (৬)। "কদলিতে চলি গেল ঃ কদলিতে দেখে মী ৪। কদলিত দেখে গো.বি ২৪। ২ সর্থ 'কদলী (৭)। "কদলিরূপ গো.বি ২৪ ; কদলির গণ ২৭। কদলির গন মী ৪ ; ৫।

কদা ব্য [কিম্ +দা সপ্তমীস্থানে কালার্থে ; ছান্দস ; Av. kadha ; cf., Gr. kòte ; L. Quando ; Slav. kuda ; Lithuanian —kada] কোন সময়ে ; কখন, কবে।

কদাকার বিণ [কদাকার+অ(অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -রা] ১ কদাকার-যুক্ত, কুৎসিতাকৃতি, কুরূপ। "কদাকার শবরসৈন্য।—কাদ ৭। কদাকার স্তনযুগ মে ২৭৭। ২ কুৎসিতগঠন, বেঢপ্। "কদাকার রূপ বটে, গুণে নাই ত্রুটি।—রঙ্গ ২১। —র পুং [কু আকার, নি.স] কুৎসিত আকৃতি ; কুরূপ।

কদাচ অব্য [সং কদাচন] কোনো সময়ে ; কখনও, ক্বচিৎ। "বহুদিন হ'তে তার গর্ব্বের মহিমা, শুনিত ঐন্দ্রিলা পূর্ব্বে কখন কদাচ।—হেম ১৭৩। [কখন কদাচ—একার্থক শব্দদ্বয়।]

কদাচন, -চিৎ ব্য [কদা+চন, চিৎ ; দ্র 'কতিচিৎ'] কোন কালে ; কখনও। "কদাচিৎ মনু ৪.৭৪। বিদ্বত্ত্বং চ নৃপত্বং চ নৈব তুল্যং কদাচন।—চাণক্য। উহা (সতীধর্ম্মের মূল) সতীর হৃদয়কন্দরে প্রোথিত। কদাচিৎ উহাতে কিঞ্চিন্মাত্র টান পড়িলেই সমুদায় হৃদয় থর থর করিয়া কাঁপিয়া উঠে পা.প্র ১৭। এরূপ সুন্দর পুরুষ কদাচিৎ স্ত্রীলোকের নয়নে পড়ে ব.প্র ৫৫০।

কদাচার বিণ [কদাচার+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -রা] কুৎসিতাচার-বিশিষ্ট, দুরাচার, দুর্বৃত্ত। —র পুং [কু আচার, নি.স ; কু > কৎ] ১ কুৎসিত আচার ; দুষ্টাচরণ। ২ অসদনুষ্ঠান, অবৈধ আচরণ, শাস্ত্র-গর্হিত ক্রিয়া। "করিলাম…দুষ্ট কদাচার। ব্রাহ্মণে হিংসিনু আমি…॥ —ম ৩২। সদা কদাচারময় ভা.চ ৩৮। [(স্তুতিপক্ষে) 'কদাচার'—পার্থিব আচার।] —চারী (-রিন্) বিং [সং কদাচার] কদাচারযুক্ত, দুর্বৃত্ত, দুষ্টাচার। "ম ৩৭৭।

কদাপি ব্য [কদা+অপি] কখনই, কখনও। [কদাপিও (অসাধু) —কদাপি (সাধু)। "এরূপ ব্যাকুলতার সময়ে এপ্রকার সান্ত্বনাতে মন কদাপিও শান্ত হইতে পারে না ব.প ১৭৮০।]

কদাল '-ল্' বিং [সং কুদাল ; অপ্র] কোদাল। "ঝুড়ি কদাল নাঞি শূ ১০৩।

কদিম বিং [আ ক.দীম্] প্রাচীন, সাবেক, পূর্ব্বেকার। "E.P. 60.

কদু বি [ফা কদূ, কদ্দূ ; অপ্র] ১ অলাবু, লাউ। গো.চ ১৬৫। কদু কুমড়ো ছেড়ে দিয়ে আকির মধ্যি মধু জা ৩৫। ২ লাউগাছ। "ওরে ঐ কদুর ডগাটা মাচার উপর তুলে দে আ.দু ১৭৬।

কদুক্তি বি [কু উক্তি, নি.স] কুৎসিত কথা ; অশ্লীল বা কটু কথা ; গালি।

কদুত্তর বি [কু উত্তর, নি.স] ১ কুৎসিত উত্তর ; কটূত্তর, কড়া জবাব। ২ কুৎসিত উক্তি ; কটু কথা ; নিন্দা, গালি। "দক্ষের কদুত্তর ক.চ ১২।

ক্রোধ ক'রে তোমারে করেন কদুত্তর (শি)। সৎপরামর্শ দিতে গেলেম, একটা কদুত্তর করে বস্‌লে বি.বু ২৮।

কদুষ্ণ বিণ [কদুষ্ণ+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -ষ্ণা] ঈষদুষ্ণ, অল্পতপ্ত, কুষুম্-কুষুম্। "শ্বসন্ কদুষ্ণম্ ভট্টি ৩.১৮। —ষ্ণ ক্লী [কু উষ্ণ, নি.স ; কু > কৎ] ঈষদুষ্ণ স্পর্শ ; ঈষৎতাপ।

কন্দক বি [?] "ঢাকাই কাপড়, গ্যাঁদড়া কন্দক…সওগাদ পাঠান হলো হু ১৫০।

কদ্দিন বি [কতদিন > °ন (কথ্যভাষা)] ১ কতদিন (প্রশ্নে)। "আপনি ছিলেন কদ্দিন হলো? অ.গ্র ৭৫। —২ অনেক দিন, বহু দিন। [কদ্দিনকার—কতদিনের। "কদ্দিনকার এ বৈরাগ,·· এত দিন ছিলে হে কোথায় ?—দা ৪৫১।]

কদ্রু, -দ্রূ স্ত্রী [√কদ্+রু-ক ; স্ত্রী উ (উঠ্), পা ৪.১.৭২] নাগমাতা। "কদ্রূপুত্র মহা ১.১৫.৯ ; কদ্রুপুত্র ১৫। [ইনি দক্ষের কন্যা ও কশ্যপের পত্নী। সহস্রনাগ ইঁহার পুত্র। ইনি সপত্নী বিনতাকে দাসীপণে আবদ্ধ করিলে, গরুড় স্বর্গ হইতে সুধা আনিয়া জননীকে দাসীত্ব হইতে মুক্ত করেন। তদবধি গরুড় নাগগণের মহাশত্রু (মহা ১.৩৩-৩৪)।] [°পুত্র, °সুত (পুং)—নাগ, সর্প।]

কন[১] '-নো' বি ['ক্ন' > কন (স্বরাগম)] 'ক'-প্রভৃতি ব্যঞ্জনের সহিত 'ন'-ফলার যোগে ফলাবানানবিশেষ—ক্ন, গ্ন ইত্যাদি (পাঠশালে শিশুরা ইহা লিখিয়া 'ন'-ফলার বানান শিখিত)। "কেয় কর কন আদি,…পড়ে যত ফলা—মাধবাচার্য্যের চণ্ডী।

কন[২] 'ন্' বিং [কউণ > কন, দ্র 'কওন' ; অপ্র] ১ কোন। "যাইবা কন দেশ ম.গা ২৫। কন দেশে গেলা গ ৭৬ ; কন পথ ১৭৮। কন বেলা ব.প ৫২৭ ; কন রাবণের সনেঃ কন জনে ৫২৮ ; কন দেশে ৫৩১। ২ কোনো, অর্থাৎ বহু। "কন কালে পাপ তার না হএ মোচন গ ৯৫।

কনক ক্লী [√কন্+অক (বুন্)-ক, উ ৫.৩৫ ; ছান্দস] ১ যাহা দীপ্তি পায় ; স্বর্ণ। "°বিন্দু রা ২.৮৮.১৪। °বলয় পু.মে ২। কনকমহেশ বি.প ৩৪। কনককলস দুই নিতম্বধারিণী ম ৯৫৩। জ্ঞা ১৪১। কনক-পঙ্কজ বনে মে ২৫। ২ (বাঙ্‌লায়) স্বর্ণমুদ্রা, মোহর। "কনকশত দিব তারে।—কথা ২১। —ক পুং ১ পলাশবৃক্ষ। ২ নাগকেশর। ৩ ধুস্তূর, কনক্‌ধুত্‌রা। ৪ চম্পকবৃক্ষ। ৫ কাশমর্দ্দ। ৬ কণগুগ্‌গুলু। ৭ লাক্ষাতরু। ৮ শিব। "মহা ১৩.১৭.৯২। [°কটোরা (বি)—স্বর্ণের বাটী। "বি.প ১৭। °কড়ি (বি)—সোনার কড়ি ; কর্ণভূষণবিশেষ। "দুকাণে কনককড়ি (শ্রী)। °কদলী, °রম্ভা (স্ত্রী) —স্বর্ণবর্ণফল কদলীবিশেষ। "কনককদলীবেষ্টন উ.মে ১৬। °কমল (বি)—স্বর্ণ-পদ্ম। "বি.প ২৫। কনককমলমুখি কৃ ১২৮। °ক্ষার (পুং)—স্বর্ণ-দ্রাবকক্ষার, টঙ্কণ, সোহাগা। °চম্পক (ক্লী) —স্বর্ণবর্ণচম্পক, কনক-চাঁপা। "কৃ ৩৪৯। কনকচম্পকদামগৌরী ভা.চ ৫৬৫ ; ৫৬৬। বি.সু ১২৪। °চান্দা—অশ্বের চন্দ্রাকার স্বর্ণললাটভূষণ। "কপালে কনকচান্দা শ্রী ১২৫। °চূড়, °চূর, °চোর (বি)—স্বর্ণবর্ণ ক্ষুদ্র ধান্যবিশেষ। "কনকচোর ব.প ১১৭। °দণ্ড (ক্লী)—স্বর্ণময়দণ্ড রাজচ্ছত্র। °ধুতরা —পীতপুষ্প ধুস্তূরবিশেষ। °পইতা—স্বর্ণোপবীত। "ম ২৪৬। °পত্র (ক্লী)—স্বর্ণের পত্ররূপ কর্ণভূষণবিশেষ ; কানপাত। "কর্ণে কৃতং কনকপত্রম্ ভা.চ ৫৮৪। °পর্ব্বত (পুং)—হেমগিরি, মেরু। °পাটা —অশ্বের ললাটভূষণ সোনার পাটা। "কপালে কনকপাটা শ্রী.মা ১৫৫। °পাতা—সর্থ 'কনকপত্র'। "কর্ণে কনকপাতা।—ব.প ৯১০। °পাতি —স্বর্ণপত্রী, স্বর্ণকটিভূষণ। "কাঁকালে কনকপাতি শ্রী.মা ৯৬।]

কনকন, -কনানি, -কনি, -ক'নে দ্র 'কণকণ'।

কনকপিঙ্গল বিণ [উপ.ত] স্বর্ণবৎ পীত ; হেমকপিল। "কনকপিঙ্গল জটাভার ম ১।

কনকপেচুয়া বি বন্ধনার্থে সোনার পেঁচ বা বেড়। "জলধ (অলং ?) পাটের খোপা শোভে থরে থরে। কনকপেচুয়া দিল তাহার উপরে॥ —বা.ম ১৫৭।

কনকপ্রসবা স্ত্রী [বহুব্রী ; স্ত্রী আ (টাপ্)] 'স্বর্ণপুষ্পা', স্বর্ণকেতকী।

কনকময় বিণ [কনক+ময় (ময়ট্) ; স্ত্রী -য়ী] ১ স্বর্ণবিকার, হৈম। ২ স্বর্ণাবয়ব। "পঞ্চ ৫১/১ ০/১।

কনকমহেশ বি স্বর্ণময় শিবলিঙ্গ (গৌরবর্ণার কুচ-উপমায়, বৈষ্ণব-সাহিত্যে)। "চামরে ঝাঁপল জনু কনকমহেশ বি.প ৩৪। কুচযুগ কনকমহেশ গো ২০১।

কনকরস পুং [ষ.ত] ১ স্বর্ণের রস ; সুবর্ণদ্রব। "°নিস্যন্দী শ ৭১/৯৮ ২ হরিতাল।

কনকরেখা, -লেখা স্ত্রী [ষ.ত] ১ স্বর্ণরেখা, সুবর্ণাঙ্ক। ২ [বাঙ্‌লায় ; সাদৃশ্যে] তরুণ সূর্য্যকর। "তোমারি নামে নিবিড় তিমিরে ফুটিল কনকলেখা।—রবীন্দ্র।

কনকলতা স্ত্রী [উ.লো] স্বর্ণবর্ণা লতা ; স্বর্ণলতা। "কনকলতায়ে জনু তরুণ তমাল (গো)।

কনকসাঁপুড়া বি [°ক+সাঁপুড়া] স্বর্ণের সম্পুটক ; সোনার ঝাঁপি। "কিনে বীর কনকসাঁপুড়া ক.চ ৭৫।

কনকসূত্র ক্লী [ষ.ত] ১ স্বর্ণসূত্র, সোনার তার। ২ স্বর্ণহার। "°সূত্রানু-সরণপ্রবৃত্ত হি ২১/১ ২/২ ১/২।

কনকস্থলী স্ত্রী [ষ.ত] স্বর্ণস্থান, স্বর্ণখনি।

কনকাঙ্গদ ক্লী [ষ.ত] স্বর্ণকেয়ূর। "°দ্যুতি (মাঘ)।

কনকাচল পুং [কনকের অচল, ষ.ত] স্বর্ণগিরি, সুমেরু।

কনকাঞ্জলি বি সোণার অঞ্জলি, অর্থাৎ দানার্থ অঞ্জলিতে গৃহীত স্বর্ণাদি দ্রব্য ; মঙ্গলকার্য্যে আভ্যুদয়িক দানবিশেষ। [প্রাচীন বাঙ্‌লাগ্রন্থে নিম্নলিখিত স্থলে বিষয়বিশেষে 'কনকাঞ্জলি' দেওয়ার প্রথা দেখা যায় : —(১) অগ্নিপরীক্ষায় সীতা কর্ত্তৃক অগ্নির বরণরূপে কনকাঞ্জলি-দান (কৃ ৩৬৭)। (২) কর্ণের রাজ্যাভিষেকে রাজগণ কর্ত্তৃক কনকাঞ্জলি-দান (ম ১৩৯)। (৩) শ্রীধর্ম্মমঙ্গলে, চাঁপাইয়ের ঘাটে যাত্রার প্রারম্ভে রঞ্জাবতী কর্ত্তৃক ধর্ম্মের উদ্দেশে (?) কনকাঞ্জলি-দান (শ্রী ৩৩)। (৪) শ্রীধর্ম্মমঙ্গলে, 'কামরূপযাত্রা' পালায় পুত্রবধূ কলিঙ্গার মুখদর্শনে শ্বশুর ও শাশুড়ীর হীরা মরকত প্রভৃতির কনকাঞ্জলি-দান (শ্রী ১৫০)। (৫) ভারতচন্দ্রে, গঙ্গা পার হওয়ার পূর্ব্বে ভবানন্দ কর্ত্তৃক গঙ্গাপূজায় কনকাঞ্জলি-দান (ভা.চ ৪৫৩)। এতদ্ভিন্ন, বিবাহ করিতে যাওয়ার সময়ে মাতাকে বা মাতৃস্থানীয়াকে পুত্রাদির এবং বিজয়াদশমীতে বরণ-কালে দেবীর চরণে গৃহস্থের সতণ্ডুল স্বর্ণমুদ্রা বা রৌপ্যমুদ্রা কনকাঞ্জলি দেওয়ার প্রথা আছে।]

কনকানটিয়া, -নটে, কনকারাঙা বি লাল পাতা ও লাল ডাঁটা শাকবিশেষ।

কনখল ক্লী কুরুক্ষেত্রের উত্তরস্থিত গঙ্গাদ্বারবর্ত্তী তীর্থবিশেষ। 'তীর্থং কনখলং নাম গঙ্গাদ্বারেঽস্তি পাবনম্ ক.সা ৩.৪। "মহা ৩.৯০.২২। পূ.মে ৫১। —ল পুং পর্ব্বতমালা। "মহা ৩.১৩৫.৫।

কনয়, -য়া বি [দ্র 'কণআ' ; বৈষ্ণবসাহিত্যে] কনক, স্বর্ণ। "কনয়া শম্ভুপরি বি.প ৬ ; কনয়া কলস ১০৬। কনয়া নিকষ শ্রী.কী ৪৮ ; কনয়া কুসুমে ৩৪৬। কনয়া গিরিবর গ ৬১। কনয়া কলেবর কাঁতি গো ৩৫ ; কনয়খচিত…দণ্ড ৫৫। কনয় নূপুর জ্ঞা ১০০। কনয়া-শিরিষ-ফুলে ন.প ২৯০ ; কনয়া অনঙ্গ ২৯১। কনয়া কান্তি শ্রী.ম ৫৮।

কনি বি ['কুনখ'—মূল (?) ; অপ্র] নখ। "দিনান্তরে বাড়াইস নাপিত কনি কাটিয়া গো.চ ১৫৪।

কনিষ্ঠ বিণ [যুবন্, অল্প+ইষ্ঠ (ইষ্ঠন্) বহুর মধ্যে একাতিশয্যে ; যুবন্,

অল্প > কন (বিকল্পে), পক্ষে 'যবিষ্ঠ' 'অল্পিষ্ঠ' ; স্ত্রী -ষ্ঠা ; তু 'কনা'—কনিষ্ঠা (ঋগ্বেদ ১০.৬১.৫)] ১ যুবতম, অতিশয় যুবা, অতিতরুণ। ২ অতিশয় অল্প ; অত্যল্প। বিপ 'ভূয়িষ্ঠ'। ৩ অনুজ, কনীয়ান্ (কুল্লুক)। বিপ 'পূর্ব্বজ'। "মনু ৯.১২২। ৪ লঘুতম, ক্ষুদ্রতম, নিকৃষ্ট। "বেদস্তুতি আপনারে মানয়ে কনিষ্ঠ ভ.গ্র ৩০২। —ষ্ঠ পুং ১ অনুজ, ছোটভাই, সকলের ছোটভাই। "মনু ৯.১১৩ ; ১২২। ২ শিব (মহা)। ৩ [সং কনিষ্ঠা] (বাঙলায়) কনিষ্ঠাঙ্গুলি, ক'ড়ে আঙুল। "পঞ্চভাই হস্তে হস্তে বন্ধন করিল॥ …নকুল অনামাঙ্গুষ্ঠে কনিষ্ঠে কনিষ্ঠ।—ম ২২০। —ষ্ঠা স্ত্রী [°ষ্ঠ+আ (টাপ্)] ১ অল্পাঙ্গুলি, ক'ড়ে আঙুল। "গো.রা ৩.৫১.৭। যাজ্ঞ ১.১৯। ২ অনুজা, ছোট বোন। ৩ পশ্চাৎ পরিণীতা (দ্বিতীয়পক্ষের) স্ত্রী। "মনু ৯.১২২। ৪ অল্পবয়স্কা নারী। ৫ কনিষ্ঠভ্রাতার স্ত্রী। ৬ নায়িকাবিশেষ। "অল্পে স্নেহ যারে তারে বলয়ে কনিষ্ঠা। ভা.চ ৬৭৭। [°তাত (পুং) —খুল্লতাত, খুড়া। "এষঃ…লক্ষ্মণঃ কনিষ্ঠতাতঃ উ.চ ৭১২৯।]

কনীনিকা স্ত্রী [(ছান্দস) 'কনীনক, -নিকা'] ১ চক্ষুর তারা ; অক্ষিতারা (pupil)। ২ কনিষ্ঠাঙ্গুলি।

কনীয়ান্ (-য়স্) বিণ [যুবন্, অল্প+ঈয়স্ (ঈয়সুন্) দুইএর মধ্যে একোৎকর্ষে -১মা-১ব ; স্ত্রী -য়সী ; দ্র 'কনিষ্ঠ' ; ছান্দস] ১ দুইএর মধ্যে যুবা ; যুবতর, অল্পতরবয়স্ক, ছোট। বিপ 'জ্যায়ান্'। ২ অল্পতর, ক্ষুদ্রতর। —ন পুং অনুজ ভ্রাতা ; ছোট ভাই। "রুক্মকেশ কনীয়ানে গণি শি ৪৫।

কনে বি [সং কন্যা > কন্নে. °নে ; মৈ কনেআঁ—a bride] ১ অনূঢ়া নারী ; কুমারী। "যার ঘরে অত বড় কনে বৌ এলো তার আবার জাত কি ?—ব.প্র ৪৩২। ২ বিবাহের পাত্রী, অর্থাৎ যাহার বিবাহের কথা হইতেছে ; বিবাহযোগ্যা পাত্রী ; বিয়ের মেয়ে। "কনে দেখা। কনের মা কাঁদে। আর টাকার পুটলি বাঁধে॥—প্রবচন। ৩ বধূ, বউ। "ক'নে দেখে ফাটে বরের পরাণ৹ পরে দেখে দিলে বিয়ে কি হয় ? যে ছবি হৃদয়ে সদা শোভমান৹ এ ক'নে তাহার কিছুই নয়।—ব.সু ৪৭। [কনের ঘরে মাসী, বরের ঘরে পিসী—কনের মাসী ভগিনীর ও বরের পিসী ভ্রাতার পক্ষ অবলম্বন করিয়া বলেন ; (গৌণার্থে) যিনি সুবিধামত একতর পক্ষ আশ্রয় করিয়া কথা বলেন।]

কনেচন্দন, -চন্নন বি বিবাহের কন্যার মুখে চন্দনের চিত্ররচনাবিশেষ। "কনেচন্দন পরানো।

কনেঠ বিং [সং কনিষ্ঠ > প্রা কণিট্‌ঠ > বা কনেঠ ; বৈষ্ণবসাহিত্যে] কনিষ্ঠ, ছোট। "বালা শৈশব তারুণ ভেট। লখই না পারিয়ে জ্যেঠ কনেঠ॥—বি.প ৩৬ ; প.র ১৮।

কনেবউ, -বৌ বি ['কন্যা-বধূ'—মূল] ১ নববধূ, অচিরপরিণীতা বধূ ; নতুন বৌ। ২ অল্পবয়স্কা বধূ ; বালিকা বধূ, খুকী-বৌ। বিপ 'গিন্নী-বাড়্‌নী'। "সে চিরকালই কনে-বৌ থাকিবে—তার চুল পাকিতে গেল, তবু বৌয়ের রূপের নিন্দা করে পা.প্র ৮৮।

কনেযাত্র, -যাত্রী বি বিবাহের কন্যাপক্ষীয় আত্মীয়-স্বজন ও অন্য লোকজন।

কনেষ্টবল বি [E. constable] পুলিশে দারোগার অধস্তন কর্ম্মচারী।

কন্তু পুং [√কম্+তু-র্ম্ম, উ ১.৭২] কামদেব। "(নন্দনন্দন) কুল কামিনী কন্তু গো ৮৮।

কন্থা স্ত্রী [√কম্+থ (থন্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্) ; cf., Gr. kéntron ; L. centon] ১ মৃন্ময়ভিত্তি, মাটির দেয়াল, কাঁথ। ২ সূত্র-গ্রথিত জীর্ণবস্ত্রখণ্ডরচিত গাত্রাবরণবিশেষ ; কাঁথা। "°কঞ্চুকিত, °ধারী, জরৎ°। জীর্ণশতখণ্ডময়ী চ কন্থা (ভর্তৃহরি)। চৈ.চ ২০৩। কন্থা বিথারি,…বসেছে ভৈরবীপাল।—হেম ৯৫।

কন্দ (কন্দি) সক [ভ্বা, প—কন্দতি ; সেট্] ১ আহ্বান। ২ (অক) রোদন। ৩ [ভ্বা, আ—কন্দতে ; সেট্] বিকলতা (ক.ক)।

কন্দ১ পুং, ক্লী [√কন্দ্ অন্বেষণ+অ (ঘঞ্)-র্ম্ম ; অথবা, √কন্দ্+অ (অচ্)-ক (অ.টী)] ১ যাহাকে অন্বেষণ করে ; যাহা কাঁদায় ; শূরণ, ওল। ২ (সাদৃশ্যে) শস্যমাত্রের মূল। ৩ গৃঞ্জন, গাজর্। ৪ লশুন, রশুন্। ৫ মূলবিশেষ (অ.টী)। "কন্দমূলফলাশিনাম্ মহা ১৩.১৪.১২৩। ভ ৪.২৮.৩৬। ৬ শূরণাকৃতি মূল। "ইন্দীবরোৎপলকন্দ।—সুশ্রুত ১.৪৬.৩২৮। দ্র—'কন্দবর্গ' (সুশ্রুত)। —ন্দ পুং ১ লকুচাকৃতি যোনিরোগবিশেষ। ২ [কম্+দ] 'জলদাতা', মেঘ। ৩ (বাঙলায়) মূল, আদি, কারণ। "তুঁহু সে নাগরি কানু রসকন্দ (বি.প)। উদয়তি আনন্দ-কন্দে (পদকল্পতরু)। ভুবনে আনন্দ-কন্দ ক.চ ২। গোকুল-আনন্দকন্দ।—গো ৮১। আনন্দ° ব.প ১০৯৫। তুমি অবতারকন্দ চৈ.ম ৯৮। দক্ষিণে অলকনন্দা, সকল তীর্থের কন্দা গ ১৮০ ; ১৯৭। আদি কন্দ।—জ ২। আনন্দের কন্দ ন.প ১৭৩। সুখকন্দ ভ.গ্র ৪৬০। আরতিরসের কন্দ (বৈষ্ণবদাস)। ৪ কুচমূল। "ঝাঁপবি কুচ দরশায়বি কন্দ বি.প ৫৫।

কন্দ২ বি [সং স্কন্ধ > লি, প্রা খন্ধ > বা কন্ধ, -ন্দ ; গু কংধ ; অস কন্ধ (কবন্ধ)—ভূতবিশেষ ; অপ্র] ১ স্কন্ধ, (সামীপ্যহেতু) মস্তক। "কাটা কন্দে নাচে সর্ব্বকাল শূ ১৩৩। ২ (বৌদ্ধমতে) রূপস্কন্ধ, শরীর। "আমার রসের নদী কন্দে যাবে সুখাইয়া গো.চ ১০। [কন্দকাটা—ছিন্নমস্তক, মস্তকহীন ভূত, কবন্ধ। "এই কন্দ(ন্ধ)কাটা ! এই ব্রহ্মদত্তি !…ছেলেদের কথা দূরে থাকুক, বুড়ো মিন্সেদেরও ভয় পাইয়ে ছায় !—হু ১৩২।]

কন্দ৩ অর্ম্ম [সং √ক্রন্দ্ > লি √কন্দ ; প্রা √কংদ ; অপ্র ; তু 'কান্দ'] ক্রন্দন করা ; কাঁদা। "কন্দিতে কন্দিতে হরি করিল গমন ম.ম ২০৫।

কন্দন বি [সং কূর্দ্দন > প্রা* কুদ্দণ, কংদণ > বা কুন্দন ; বৈষ্ণব-সাহিত্যে] ক্রীড়া, কেলি। "কৌতুক কন্দন কন্দ গো ৮৫। ['কন্দন' —মুদ্রাপ্রমাদ, অথবা অনুপ্রাসমূলক (?)।]

কন্দমূল ক্লী [বহুব্রী] যাহার কন্দই মূল ; মূলক, মূলা।

কন্দর১ পুং, ক্লী [কম্+দৃ+অ (অপ্)-র্ম্ম (অ.টী)] ১ যাহাকে জল বিদীর্ণ করে ; কৃত্রিম বা অকৃত্রিম পর্ব্বতবিবর ; দরী। "গিরীণাং কন্দরাণি রা (S.W.)। পু.মে ৫। গিরিকন্দরে বি.প ৮। হৃদয়কন্দর সী ৯৬। ২ কৃত্রিম বা অকৃত্রিম, সজল বা নির্জ্জল গুহাকার পর্ব্বতনিতম্বদেশ (ভরত)। ৩ গুহা (শ.ক)। ৪ (বাঙলায় ; পদ্যে) গহ্বর। "মুক্তা সমুদ্রকন্দর হ'তে (দিয়াছ)।—মন্দ্র ৫০। —র পুং [+অ-ণ] যাহা দ্বারা হস্তিশির বিদীর্ণ হয় ; অঙ্কুশ। —র ক্লী আর্দ্রক। —রা, -রী স্ত্রী [°র+স্ত্রী আ, ঈ (টাপ্, ঙীষ্)] গুহা, দরী।

কন্দর২ '-র্' বি [সং কন্ধর ; বৈষ্ণবসাহিত্যে] ১ গ্রীবা। "কম্বু কন্দরে গো ৩৫ ; কম্বু কন্দর ৮৭। ২ স্কন্ধ। "সখীগণ কন্দরে, খোই কলেবর, ঘর সঞে বাহির হোয় বি.প ১৯৭।

কন্দর্প পুং [কম্ (কুৎসিত) দর্প যাহার, বহুব্রী ; কে (ব্রহ্মায়) দর্প (দৃপ্তবান্), অথবা কং ন দর্পয়তি ইতি (মনীষাদি)—অ.টী] ১ কামদেব। 'কং দর্পয়ামীতি মদাজ্জাতমাত্রো জগাদ চ। তেন কন্দর্পনামানং তং চকার চতুর্মুখঃ॥—ক.সা ২০.৬৪। "°পীড়িত, °বশগ, °শরসন্তপ্ত (S.W.)। "কন্দর্পো মূর্ত্তিমানাসীৎ রা (S.W.)। মহা ১.২১৪.১৯। গী ১০.২৮। ২ (সঙ্গীতে) ধ্রুববিশেষ, ধ্রুয়াবিশেষ। [°কূপ (পুং) —যোনি। °কেলি (পুং)—কামক্রীড়া। °মথন (পুং)—স্মরহর, মহাদেব। °হুতাশ (বি)—কামানল। "ম ৪৩৬।]

কন্দল পুং, ক্লী [√কন্দি বিবর্ণীকরণ+অল (অলচ্)-ক] ১ কপাল।

২ কলধ্বনি। ৩ নবাঙ্কুর। "লবলী° উ.চ ৩.৪০। ৪ উপরাগ; দুর্নিমিত্ত; উৎপাত। ৫ কলাপ, সমূহ। ইন্দুকর° উ.চ ৩.১২। ইন্দিরানন্দ° (মল্লিনাথ)। ৬ অপবাদ, নিন্দা। ৭ [√কন্দ্‌ বিবশ+অলচ্‌-ক] যাহা বায়ুতে বিবশ হয়; কদলীবিশেষ। "°দল—অমরু। ৪৮। —ল পুং ১ যুদ্ধ। ২ বাগ্‌যুদ্ধ, কোঁদল, ঝগড়া। "ঘুচাহ কন্দল কৃ.উ ১৪৪। ম ৮০৯। কন্দল প্রবন্ধ ক.চ ১৩৯,-৪৯। চৈ.ভা ৫৬; ৮৯। বেণাগাছে ঝুঁটি বেঁধে করায় কন্দল শি ৭৭। কোণের বহুড়ী লয়ে কন্দলে জড়ায় ভা.চ ৭৯; ৮০। যেখানে কুলীনজাতি সেখানে কন্দল ২৫৫। ৩ স্বর্ণ। ৪ (বাঙলায়) কন্দলবৎ অপ্রিয় বস্তু। "চন্দ মন্দ ভেল, চন্দন কন্দল গো ২৬৩। —ল ক্লী কন্দলীপুষ্প। "রঘু ১৩.২৯। —লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্‌)] ১ কদলীতরু। ২ ভূমিকন্দলী, গুল্মবিশেষ। "পু.মে ২১। ৩ হরিণবিশেষ। ৪ পতাকা। তু 'কদলী'। ৫ পদ্মবীজ।

কন্দলি বি [কন্দল+ই[১১]; অপ্র] কন্দল, বাগ্‌যুদ্ধ, ঝগড়া। "কন্দলি শুনিঞা আল্যা বীর শত্রুঘন; এখানে কন্দলি কর।—কৃ.উ ২৩৪। লক্ষপতি কন্দলি ভাঙ্গিল সমগ্রসে ক.চ ১২৪,-৪৯।

কন্দলিত বিণ [কন্দল+ইত (ইতচ্‌) 'সঞ্জাত' অর্থে] ১ সঞ্জাত-কন্দল, সমূহযুক্ত, রাশীভূত। "কন্দলিত দলিত ললিতাঞ্জনভান চৈ ৩। ২ কোরকিত, কুট্‌মলিত (Wilson)। ৩ সঞ্জাতনবাঙ্কুর। "কুমারপাল-চরিত ৫.১৭।

কন্দলিয়া, -লীয়া বিং [কন্দল+ইয়া[২], -ঈয়া] কন্দলপ্রিয়, কুদুঁলে, ঝগড়াটে। "ধুমী নামে তার নারী বড় কন্দলিয়া ভা.চ ২৪১। কন্দলীয়া স্ত্রী বি.পা ৭৯।

কন্দাশন বিণ [বহুব্রী] কন্দ যাহার খাদ্য; কন্দভোজী। কন্দাশনৈঃ (মুনিভিঃ) বা.ভা ১.১৯।

কন্দু, কন্দুআ, কন্দুপক্ক বিং [অপ্র] কন্দলীয়া, দুষ্ট, মন্দ। "কন্দুআ গিরস্ত হৈলে…খ্যাদাবে গো.চ ১৮১।

কন্দুক পুং [কম্‌+ √দা+উ (ডু)-ক+ক (কন্‌) সংজ্ঞার্থে] 'সুখ-দায়ক', বালকদিগের ক্রীড়নকবিশেষ; গেণ্ডুক, গেঁড়ুয়া। "কু.স ১.২৯। করনিহিত° হি ১.১৮৬। —ক ক্লী (সাদৃশ্যে) উপধান, বালিশ। [°ক্রীড়া (বি)—গেঁড়ুয়া-খেলা, বল-খেলা। "কন্দুকক্রীড়া করি আমি লইয়া অবনি।]

কন্দুল বি [সং কন্দল; তু 'কুঁদুল, কন্দুল; অপ্র] বাগ্‌যুদ্ধ, ঝগড়া। "নাগ নাগ কন্দুল কৌতুক দেখি নাগ: পড়ে গেল কন্দুলে লোকের কাটাকাটি শ্রী.মা ১৭৩।

কন্ধ বি [দ্র 'কন্দ[২]; অপ্র] ১ স্কন্ধ, কাঁধ। "পাল্যের কন্ধে দিয়া দুই পাও: আমার কন্ধেতে বসি ক.চ ৬; জুড়িল তার কন্ধ মুণ্ডে: আনহি কন্ধে আন শির ১০৭। কন্ধের উপরি চ.বি ৮৩; কবন্ধ করয়ে রণ কন্ধে নাহি শির ৮৯। দোলা কন্ধে করি ম ১০৩৬। কন্ধ ছিড়ি (ছাড়ি?) মুণ্ডগোটা পড়ি গেল ঠায় শ্রী.ম ১২৪। ২ (স্কন্ধসামীপ্য হেতু) মস্তক। "দুই আখি খাউ পড়ুক তার কন্ধ শ্রী.কী ৫১। ৩ (বৌদ্ধমতে) রূপস্কন্ধ শরীর। "গুরু ভজিলে বাছা অমর হয় কন্ধ গো.চ ৪১০। ৪ [সং কবন্ধ > বা (কঅন্ধ) কন্ধ; অস কন্ধ] মস্তক-হীন দেহ; ধড়। "মুণ্ড বিনা কেবল নড়িয়া ফিরে কন্ধ ক.চ ১৮। [কন্ধকাটা—দ্র কন্দ[২]।]

কন্ধর পুং [কম্‌+ধর (ধারক)] ১ মস্তকের ধারক; শিরোধরা, গ্রীবা, ঘাড়। "পরিণদ্ধ° রঘু ৩.৩৪। উৎকন্ধর মাঘ ৪.১৮। প্রণতকন্ধর চৈ.ম ৯৮। ২ 'জলধারক', মেঘ। ৩ মুস্তক, মুথা। ৪ মারিষ শাক; নটিয়া শাক। —রা স্ত্রী [°র+স্ত্রী আ (টাপ্‌)] গ্রীবা। "যাজ্ঞ ২.২২৩। উন্নম্য কন্ধরাম্‌ ক.সা ১৮.৯০। শম্ভু° মাঘ ১২.৬৯। কম্বুসম কন্ধরা চৈ ৩৯।

কন্ন, -ন্ন্য, -ন্ব বি [সং কর্ণ > লি, প্রা কন্ন > বা কন্ন, -ন্ন্য (উচ্চারণ-সাম্যে); কর্ণ > কন্ব; অপ্র] কর্ণ। "কন্নে হস্ত দিল গো.চ ৬০। কুণ্ডল শোভে কন্নে শ্রী.কী ৩৪৬। কন্ন্যে কুণ্ডল মী ১১; অন্রেত…কন্বে কৈল পান ১৮।

কন্না[১] বি [সং কন্যা > লি কঞ, এা, প্রা কন্না (অ.ব্রা; প্রা.ম) > বা কন্না; অপ্র] কন্যা। "দেবকন্না—শূ ৭৮।

কন্না[২] বি [সং করণ > হি করনা > বা (কর্না) কন্না] ১ করণ, কার্য্যানুষ্ঠান, কর্ত্তব্যসাধন, কাজ করা। "ঘরকন্না। ২ কার্য্য, খাটনি। "গতোরের কন্নাটা কচ্ছে কে?—অ.গ্র।

কন্যকা স্ত্রী [কন্যা+ক (কন্‌) স্বার্থে+স্ত্রী আ (টাপ্‌)] ১ কন্যা। "কন্যকাতনয়কৌতুকক্রিয়া রঘু ১১.৫৩; বৈখানস° ১৪.২৮। তপস্বি° শ ১২৬½। ২ দশবর্ষবয়স্কা স্ত্রী। 'দশমে কন্যকা প্রোক্তা (স্মৃতি)। ৩ কুমারী। "কন্যকাঃ…তমূষিং বরয়াম্বভূবুঃ (বিষ্ণুপুরাণ)। কানীনঃ কন্যকাজাতঃ।—যাজ্ঞ ২.১৩২। কন্যকাগণ সাম ২১১। ৪ দ্বিবিধা পরকীয়া নায়িকার একতরা (রসমঞ্জরী)। 'ভা.চ ৬৮১। ৫ [+ক 'অজ্ঞাত' অর্থে] অজ্ঞাতা কন্যা। ৬ দুর্গা। "ভ ১০.২.১২। ৭ (জ্যোতিষে) কন্যারাশি (Virgo)। [°জন (পুং)—কন্যা। °জাত (বিণ)—কুমারীজাত, কানীন। "যাজ্ঞ ২.১৩২। °নগর, -রী (বি)—কুমারিকা অন্তরীপস্থ নগরবিশেষ। "চৈ.ভা ৬৮; ১৭৬। °পতি (পুং)—জামাতা।]

কন্যা স্ত্রী [√কন্‌+য (যৎ)-ক,-র্ম্ম+ক+স্ত্রী আ (টাপ্‌); সর্ব্বান্‌ কাময়তে যস্মাৎ (তস্মাৎ কন্যা) মহা ৩.৩০৬.১৩; ছান্দস; তু 'কণ্যা' (শ্রী.কী)] ১ যে দীপ্তি পায়; যে কাম্যা; তনয়া, মেয়ে। "°প্রদান মনু ৩.২৯; °দান ৭৫। মুনি° রঘু ১.৫১; নরেন্দ্র° ৩.৩৩। বিভা-যোগ্য কন্যা ম ২৫০। ২ দশবর্ষবয়স্কা স্ত্রী। 'দশবর্ষা ভবেৎ কন্যা।—সংবর্ত্তসংহিতা ৬৬। পরাশর ৭.৬। অব্যঞ্জনা ভবেৎ কন্যা।—পঞ্চ ৩.২০০। ৩ অপ্রাপ্তপুংযোগাবস্থা নারী (অ.টী); অনূঢ়া স্ত্রী; কুমারী। 'কন্যাত্বজাতোপযমা সলজ্জা নবযৌবনা সা.দ ৩.৬৭। "কন্যায়াঃ কনীন চ।—পা ৪.১.১১৬। °হরণ মনু ৩.৩৩; °সমুদ্ভব ৯.১৭২। বিভা করি আনে কন্যা ম ৩। কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে ক.চ ৬৯। ৪ স্ত্রীমাত্র, স্ত্রীলোক, নারী। "পৌর° রঘু ২১০। কন্যা-পরশন কৃ ২৭৬। অবিভাতি কন্যা ম ২৩৪,-৫০। ৫ পশুজাতির স্ত্রী; স্ত্রীজাতি পশু। "গজ° রা ২.৯২.৩৪। ৬ দুর্গা। ৭ (জ্যোতিষে) কন্যারাশি (Virgo)। "বি.সূ ১৫৩। ৮ ঘৃতকুমারী। তু 'গৃহকন্যা'। ৯ স্থূলৈলা, বড় এলাচ। ১০ বারাহীকন্দ। ১১ বন্ধ্যা কর্কোটকী, তিতকাঁকড়ী। ১২ তীর্থবিশেষ। "মহা ৩.৮৩.১১২। ১৩ (বাঙলায়) বিবাহিতা যুবতী-স্ত্রী। "জীয়ব জীবন ধন আমি কন্যা সঙ্গে গেলে ব.প ৪৮। স্বামীর বচনে কন্যা হরষিত-মন কৃ.উ ১২৮। অনুবধি করে কন্যা মুনির সেবন ম ৪৬৩। ১৪ বিবাহযোগ্যা পাত্রী। "কন্যা দেখতে যাওয়া। ১৫ সদ্যোবিবাহিতা স্ত্রী; ক'নে। "বর কন্যা যাইতে বাজে মধুর বাজনা ম.ভা ৩৩। ১৬ যুবতী। "নালুয়া পতনি কন্যা গো.চ ৭১। এত শুনি বলে কন্যা জুড়ি দুই কর ম ১৭৩। অবিলম্বে আইসে কন্যা অন্ন লইয়া থালে বি.পা ২৪৫। [°দাতা (-তৃ) পুং—বিবাহে কন্যা-সম্প্রদাতা; পিতা। "মনু ৯.৭৩। °দান (ক্লী)—বিবাহে কন্যাসম্প্রদান। "মনু ৩.৩৫। °দূষক (পুং)—কন্যাভিগামী। "মনু ৩.১৬৪। °দূষণ (ক্লী)—কুমারীধর্ষণ, কন্যাবলাৎকার; কন্যাসম্বন্ধে দোষারোপ; কন্যা-পবাদ। °ধন (ক্লী)—বিবাহে কন্যার প্রাপ্য ধন; স্ত্রীধন, যৌতুক। "রা ১.৭৪.৩। °পতি (পুং)—বিট্‌পতি, জামাতা। °পুত্র (পুং)—কুমারীপুত্র, কানীন।]

কন্যাকর্ত্তা বি যিনি কন্যার সম্প্রদানকর্ত্তা; বিবাহে কন্যার সম্প্রদাতা পিতা বা তৎসদৃশ জ্যেষ্ঠতাত-প্রভৃতি।

কন্যাকাল পুং [ষ.ত] ১ কন্যাসম্বন্ধী বয়স ; কুমারীকাল। ২ (বাঙ্‌লায়) বিবাহযোগ্য কাল ; বিবাহের বয়স। "কন্যাকাল হল তার, তুল্যপাত্র পাওয়া ভার ব.প ৯৩৫।

কন্যাকুব্জ পুং [কন্যা কুব্জা যেখানে, বহুব্রী, °ব্জ (ক্লী), °ব্জা (স্ত্রী) —অ.চি] কান্যকুব্জ দেশ ; কনৌজ। [ঘৃতাচীর গর্ভে রাজর্ষি কুশনাভের শতকন্যার জন্ম হয়। বায়ু রূপযৌবনসম্পন্না সেই কন্যা-গণের পাণিগ্রহণে অভিলাষ করিলে, কন্যাগণ তাদৃশ অবৈধ কার্য্যে অসম্মতি প্রকাশ করেন। তখন বায়ু কুপিত হইয়া, কন্যাগণের দেহে প্রবেশপূর্ব্বক সকলকেই কুব্জাকৃতি করেন। তদবধি কুশনাভের রাজ্য 'মহোদয়', 'কান্যকুব্জ' নামে খ্যাত (রা ১.৩২)। মতান্তরে, জমদগ্নি শাপ দিয়া রাজকন্যাগণকে কুব্জা করিয়াছিলেন (অ.চি, টীকা)। ইহা গঙ্গার অদূরে কাশীনদীতটে প্রতিষ্ঠিত ছিল (মহা ১৩.৪.১৭)। ইহার আধুনিক নাম 'কুশস্থল'। কান্যকুব্জরাজ বীরসিংহ (জয়াদিত্য), আদিশূরের প্রার্থনায় বঙ্গদেশে বেদপারগ পঞ্চ ব্রাহ্মণ প্রেরণ করেন।]

কন্যাকুমারী স্ত্রী [কর্ম্মধা] ১ দুর্গা। ২ (বাঙ্‌লায়) কুমারিকা অন্তরীপ (Cape Comorin)। "কন্যাকুমারী তাঁহা কৈল দরশন চৈ.চ ১২৮।

কন্যাগর্ভ পুং [ষ.ত] কুমারীর গর্ভজাত পুত্র ; কানীন। "মহা ১২.২.৪।

কন্যাতী বি ['কন্যাযাত্রী'—মূল ; অপ্র] কন্যাযাত্রী। "কন্যাতী বর্যাতী পথে হৈল হুড়াহুড়ি ব.প ২৫৯।

কন্যাদূষী (-ষিন্) পুং [কন্যা+ √দুষি+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব ; উ.ত] কন্যা-দূষণশীল, যে সত্য বা মিথ্যা কুমারীর দোষ প্রকাশ করে। "যাজ্ঞ ১.২২৩।

কন্যাযাত্র, -যাত্রী বি [°ত্র+ঈ°] বিবাহে কন্যার পক্ষীয় নিমন্ত্রিত স্বজন ও প্রতিবাসী। "বরযাত্র কন্যাযাত্র করে তাড়াতাড়ি ম.ভা ৩১। কন্যাযাত্রীগণের কেবল চিঁড়া দই। ইহাতে প্রতিবাসী কন্যাযাত্রীরা অপমান বোধ করিলেন। ব.প্র ৩৪১।

কন্যারত্ন ক্লী [কন্যা রত্নতুল্য, উপ.স] কন্যাজাতির শ্রেষ্ঠা ; উৎকৃষ্টা কন্যা। "মহা ৩.৫৩.৮।

কন্যারাশি পুং [কর্ম্মধা] ১ (জ্যোতিষে) মেষ হইতে ষষ্ঠ রাশি (Virgo)। ২ কন্যাসমূহ, স্ত্রীগণ।

কন্যাশুল্ক ক্লী [ষ.ত] কন্যাসম্বন্ধী ধন ; বিবাহে কন্যাদানকালে দেয় ধন ; যৌতুক।

কন্যাসন্তান বি [কর্ম্মধা] কন্যারূপ অপত্য ; কন্যা, মেয়েছেলে। "কন্যাসন্তান অপেক্ষা পুত্রসন্তানের জীবনী শক্তি শৈশবে অধিকতর ক্ষীণা থাকে পা.প্র ৮১।

কন্যাহরণ ক্লী [ষ.ত] কন্যাপহরণ, বলপূর্ব্বক স্থানান্তরে কন্যাপনয়ন। "মনু ৩.৩৩।

কপ্[১], -ফ্ বি [E. Cuff ; ফা কফ্—পাণি (palm)] জামার বা কামিজের হাতার শেষস্থ ডবল্ পটী (fold)। "কলার কপ্ ও প্লেট্-ওয়ালা কামিজ্ হু ৩৫।

কপ্[২] অব্য [ভাবাত্মক ; খপ >কপ] অতিক্ষুধায় মুখে খাদ্যগ্রহণে ক্ষিপ্রতার ভাব। "ভেক যদি মাথা তোলে জলের উপর, কপ্ ক'রে দেবে সাপ পেটের ভিতর।—ন.ত ৭১। [কপ্ কপ্ ক'রে খাওয়া; কপাকপ্ খাওয়া—অতিক্ষুধায় ক্ষিপ্রভাবে ক্রমাগত গলাধঃকরণ করা।]

কপচা সর্ম্ম [সং √কৃষ (হিংসা) > √কপ্প (প্রা.ম) >বা (√কপ) > √কপচা (?)] ১ গাছের অনাবশ্যক সরু ডাল বা বেড়ার গাছ ছাটিয়া ফেলা। ২ চুল ছাটিয়া ফেলা। ৩ [ধ্বন্যাত্মক] পাখীর বুলি ধরার পূর্ব্বে অব্যক্ত শব্দ করা বা বুলি ধরার চেষ্টা করা (to chatter)। ৪ (শিশুর মুখে) বিরক্তিকর বা পাকা পাকা কথা বলা, জ্যেঠামি করা। [কপচান—সর্থ 'কপচা'।]

কপট পুং, ক্লী [ক (ব্রহ্মা), তাঁহারও পট (ব্যাপক, আঁবরক)—অ.টী ; √কপ্+অট (অটন্), উ ৪.৮১] ১ অযথার্থ ব্যবহার ; ব্যাজ, কৈতব, ছল। "কপটশতগৃহম্ (স্ত্রীযন্ত্রম্)।—পঞ্চ ১.২০১। আমা সনে সওদা কর না পাবে কপট ক.চ ৭৪ ; ১০৯। ম.ভা ৫৯। °পণ্ডিত ম.বি ২৭৫। ২ [বাঙ্‌লায় ; অপ্র] মায়া, কুহক। "শালে দিতে লইয়া গেল নগরের আগে। পদ্মার কপটে সেহ শালবাঁশ ভাঙ্গে॥—বি.পা ২৪৩। ৩ ললাট। "(পাশা) হস্ত বেগে পড়ে গিয়া কক্ষের কপটে॥ —ব.প ৬.৯ ; উলটিয়া পড়ে সারি কপট উপরি ৬১০। —ট বিং ১ (বাঙ্‌লায়) কপটযুক্ত, ছলপূর্ণ। "কপট নাটে শ্রী.কী ৫৬। ২ প্রতারক, বঞ্চক। [কপট নাট—কপট অভিনয় ; চাতুর্য্য-প্রদর্শন। °পটু (বিণ)—ছলনিপুণ। "মাঘ ১৫.৩৫। °পণ্ডিত, °প্রবীণ (বিং)—সর্থ 'কপটপটু'। "°পণ্ডিত ম.বি ২৭৫। °প্রবীণ (ক.চ)।]

কপটপ্রবন্ধ পুং [উ.লো] ১ ছলপূর্ণ উপায় ; কপটযুক্তি, কূটকৌশল। "ফলিতস্তাবদস্মাকং কপটপ্রবন্ধঃ হি ১$\frac{৭}{২}\frac{৩}{৪}$। ২ ছলপূর্ণ বাক্যজাল ; কপট বাক্যপরম্পরা। "ক.চ ১০৯।

কপটলেখ্য ক্লী [উ.লো] কূট লেখ্য ; জাল দলিল।

কপটিয়া বিং [কপট+ইয়া[২]] কপটমিশ্রিত, ছলপূর্ণ, মিথ্যা। "কপটিয়া বাণী শ্রী.ম ৮৪।

কপটিনী বিং [দ্র 'কপটী'] কপটযুক্তা, ছলযুক্তা, মায়াবিনী। "জটিলা নিকটে যাই কপটিনী হৈয়া। পড়িল পৃথিবীতলে রোদন করিয়া॥ —চ.চ ১১। কপটিনী কয় কথা কপটের সনে শি ৯৯।

কপটী (-টিন্) বিণ [কপট+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -টিনী] কপটযুক্ত, শঠ, বঞ্চক। "ম ৬৭৭।

কপর্দ্দ পুং ['°র্দ্দ'—কাণ (ঋগ্বেদ ১০.১১৪.৩)] ১ বরাটক, কড়ি। "পঞ্চিকা নাম দ্যূতবিশেষঃ পঞ্চভিঃ কপর্দ্দৈর্ভবতি পা (S.W.)। ২ বিনিময়াদিতে মুদ্রারূপে ব্যবহার্য্য বরাটক। "তিন পণ কপর্দ্দ যদি মোরে কর মান ম.পা ৩৭ ; কপর্দ্দ না দিয়া ব্যর্থ কেন লও মীন ৫৫ ৩ শঙ্খাদিতুল্য সামুদ্রিক কীটবিশেষ। "কপর্দ্দার্ণবজলে ; কপর্দ্দ ভাসিয়া আছে ম.পা ১১১। [কড়ির জাতি ও মূল্যপরিমাণের জন্য দ্রষ্টব্য 'কড়ি'।] "পাশার ন্যায় দ্যূতে কপর্দ্দও ব্যবহৃত হইত এবং এখনও 'দশ-পঁচিশ' 'গোলোকধাম' প্রভৃতি খেলায় কড়ির ব্যবহার আছে। তু 'পঞ্চাক্ষান্ সৌবর্ণকপর্দ্দান্ (শুক্লযজুর্ব্বেদটীকা—মহীধর)।] ৪ (কপর্দ্দক-সাদৃশ্যে ?) শিবজটা। "কপর্দ্দমণ্ডিত ভা.চ ১৬৮। ৫ জটামাত্র। ৬ বেণীবন্ধ, বেণীকৃত কেশ। "বেণীবন্ধ-কপর্দ্দিনী সা.দ ৩$\frac{৯}{১}\frac{৮}{৯}$।

কপর্দ্দক পুং [কপর্দ্দ+ক (কন্) স্বার্থে] ১ বরাটক, কড়ি। ১ বিনিময়ে মুদ্রাতুল্য বরাটক বা কড়ি। "শক্তুশরাবং বিক্রীয় দশ কপর্দ্দকান্ প্রাপ্নোমি।—হি ৪$\frac{২}{১}\frac{৮}{৯}$। কপর্দ্দক কালুকা আসিয়া দিব তূর্ণ ম.পা ৫৫। ২ ধন, অর্থ, টাকা। "মিত্রাণ্যমিত্রতাং যান্তি যস্য ন স্যুঃ কপর্দ্দকাঃ।—পঞ্চ ২.১০৫। ৩ সামুদ্রিক কীটবিশেষ। "কপর্দ্দক তুলিয়া লইল সদাগরে ম.পা ১১১। ৪ জটা। —র্দ্দিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ বরাটিকা, কড়ি। ২ ধন, অর্থ। "মিত্রাণ্যমিত্রতাং যান্তি যস্য ন স্যুঃ 'কপর্দ্দিকাঃ' (পাঠান্তর)।—পঞ্চ ২.১০৫।

কপর্দ্দিনী বিণ, স্ত্রী [দ্র 'কপর্দ্দী'] কপর্দ্দযুক্তা, জটাধারিণী। "বেণী-বন্ধকপর্দ্দিনী (পার্ব্বতী) সা.দ ৩$\frac{৯}{১}\frac{৮}{৯}$। —নী বি শিবানী। ম.পা ১১৪। বা.দ ১০।

কপর্দ্দী (-র্দ্দিন্) বিণ [কপর্দ্দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্দ্দিনী ; ছান্দস] ১ কপর্দ্দযুক্ত, জটিল। ২ বেণীবদ্ধকেশযুক্ত। দ্র 'কপর্দ্দ (৬)। —র্দ্দী পুং শিব। "শ্রী.মা ৪৭। শি ২১। মে ৬৩ ; ১৫৪। কপর্দ্দি-কামিনী বা.দ ২৪০।

কপাট পুং, ক্লী [ক+ √পাটি+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -টী (অ.টী) ; 'একপট্ট' > কপট্ট > কপাট—প্রথমে আগড়ের মত 'এক-পট্টরচিত', পরে দ্বিধাকৃত (?) ।] ১ যাহা বায়ু রোধ করে ; কাষ্ঠাদি-রচিত দ্বারাবরণ । "°তোরণবতী রা ১.৫.১০ । কপাটপাটনপটু (ভর্ত্তৃহরি) । বজ্রকপাট, তমঃকপাট (ভ) । দলিতদল° মাঘ ১১.৬০ । কপাটকোণৈকদেশ (পঞ্চ) । কপাটবিশালবুক ক.চ ৪৬ । খুলিল মনের দ্বার না লাগে কপাট ভা.চ ২৬৪ । মাগী জানে না যে মন-কপাটে, খিল দিয়েছি বড় ক'সে ।—রামপ্রসাদ । ২ কাষ্ঠফলক, তক্তা । "°শয়ন । ৩ (আয়ুর্ব্বেদে) শিরোঽস্থি ; কুষ্ঠবিশেষ । তু 'কপাল' । ৪ [বাঙ্‌লায় ; অপ্র] ভয়াদি হেতু দন্তপঙ্‌ক্তিদ্বয়ের কপাটবৎ দৃঢ়-সংযোগ ; দাঁতে খিল ধরা ; দাঁতকপাটি । "কপাট লাগিল দন্ত করে কড়মড় ম.ম ১৯৫ । —টী স্ত্রী কপাট । [°বক্ষাঃ (-ক্ষস্) বিণ—যাহার কপাটবৎ বিস্তৃত বক্ষঃ ; বিশালবক্ষাঃ, ব্যূঢ়োরস্ক । "রঘু ৩.৩৪ । °শয়ন (ক্লী)—কপাটে (তক্তায়) শয়ন ; ভগ্নজঙ্ঘোরু রোগীর চিকিৎসাবিশেষ । "সুশ্রুত ৪৩.৪০ । কপাট আবজান বা ভেজান—কপাট লাগান । কপাট লাগা—১ দাঁতকপাটি লাগা । দ্র '(৪) । ২ কপাট সংলগ্ন হওয়া । কপাটের আড়—কপাটের আড়াল । "কপাটের আড়ে থাকি উকি দিয়া চায় ম.ভা ৩৫ । কপাটের ফাঁক—দুই কপাটের মধ্যবর্ত্তী ফাঁক ।]

কপাটি, -টী, কবাটি বি [কপাট+ই[১১], -ঈ[৭]] ১ সর্থ 'কপাট (৪) । "কপাটি লাগিল দন্তে ম.ম ১৮১ । লাগে দশন কপাটি জ ৮১ । দশন-কবাটি ।—রঙ্গ ২২২ । ২ [হি কবড্ডী] বালকদিগের খেলা-বিশেষ । "কপাটি কপাটি, চোর চোর···প্রভৃতি খ্যালায় পদ্মলোচন প্রসিদ্ধ হ'য়ে প'ড়লেন হু ১৩৯ । (রামলক্ষ্মণ) সাঁওতালনন্দনদিগের সহিত···কপাটি কপাটি ডাণ্ডাগুলি খেলতে লাগলেন জা ৩৩ । [কপাটি কপাটি (হি কবড্ডী কবড্ডী)—যে বালক বিপক্ষকে ছুঁইতে যায়, সে দম্ রাখিবার জন্য মুখে 'কবড্ডী' 'কবড্ডী' বলে ; ইহা হইতেই নামকরণ —হিন্দীতে 'কবড্ডী', বাঙ্‌লায় 'কপাটি' বা 'কপাটি-কপাটি' । এই খেলা দুই দলে হয় । একদলের একটি বালক 'ডি-ডি' 'ডিগ্‌ডিগ' 'চু' এইরূপ কোন শব্দে দম্ ধরিয়া বিপক্ষের এক জনকে ছুঁইয়া দম্ থাকিতে থাকিতে স্বস্থানে আসে, তখন ঐ বিপক্ষ বালক মরে, অর্থাৎ খেলার অযোগ্য হয় । এইরূপে যে পক্ষের সব মরে, তাহারাই হারে । 'হাডুডু' 'হেড়ে ডুডু' খেলারও এইরূপই উচ্চারিত শব্দানুসারে ভিন্ন ভিন্ন নাম ।]

কপাল[১] পুং, ক্লী [ক+ √পালি+অ (অণ্)-ক (অ.টী) ; উ.ত ; ছান্দস ; cf., Gr. kephale ; F. cephalique (adj) ; E. cephalic (adj) ; skull] ১ 'শিরোরক্ষক', শিরোঽস্থি, কর্পর, মাথার খুলি । "শিরঃকপাল, শীর্ষ° (S.W.) । কু.স ৩.৪৯ । কপালানি চত্বারি শিরসঃ যাজ্ঞ ৩.৯০ । কুম্ভকর্ণ-কপালের দেখি সরোবর চৈ.চ ১২৪ । কপাল খসিবে মণিকর্ণিকার স্থানে বি.পা ২৭ । ২ (সাদৃশ্যে) ঘটাদির অবয়ব । "ঘটকপালয়োঃ সম্বন্ধঃ সমবায়ঃ (ন্যায়কোশ) । ৩ মৃন্ময় শরাবাদি ভিক্ষাপাত্র । "°পাণি রা ২.৭৫.৪০ । মনু ৬.৪৪ । ৪ ঘটাদির ভগ্নাংশ ; কর্পর, খাপরা । "মনু ৮.৯৩ । ৫ অণ্ডের কঠিন আবরণ ; অণ্ডকটাহ । "কুক্কুটাণ্ড° (সুশ্রুত) । অণ্ড° ক.সা ২.১৫ । ৬ যজ্ঞিয়পুরোডাশাদির সংস্কারাধার মৃন্ময় পাত্রবিশেষ । "অষ্টসু কপালেষু সংস্কৃতঃ অষ্টাকপালঃ পুরোডাশঃ ।—পা ৪.২.১৬, সি । ৭ ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা । "কপালভৃষ্টান্ সক্তূন্ (সুশ্রুত) । ৮ আবরণ । ৯ সমূহ । তু 'কলাপ' । ১০ সন্ধিবিশেষ । 'হি ৪.১১৪ । ১১ মহাকুষ্ঠবিশেষ । "সুশ্রুত ২.৫.৩ ।

কপাল[২] বি [কপাল[১]—মূল ; হি, ঠ, গু, অস কপাল ; কোয়াল (চট্টগ্রাম)] ১ ললাটদেশ । "চন্দন তিলকে আতি শোভিত কপালে শ্রী.কী ৫ । কপালে চন্দন শি ২৬ ; একের কপালে করে, আরের কপাল দহে, আগুনের কপালে আগুন ২৫৫ । [সংস্কৃত 'কপাল' শব্দের অর্থ 'শিরোঽস্থি' । ইহা চারি ভাগে বিভক্ত, ললাট (forehead) কপালের সম্মুখভাগের (frontal-boneএর) অন্তর্গত, কপালের অংশবিশেষ ।] ২ ভাগ্য, অদৃষ্ট, দৈব । "যা ছিল কপালে তাহা দিলেন বিধাতা কু ১৪৫ । কপালগণ্ডন নাহি যায় শি ৯৬ । আমার ঠাকুরাণীর কপাল ভাঙ্গিয়াছে ব.প্র ১৪৭ । [প্রবাদ আছে যে, জন্মের ষষ্ঠ দিবসে রাত্রিতে শিশুর ললাটে বিধাতাপুরুষ প্রাক্তন কর্ম্মের ফলাফল লিখিয়া যান ; শিশু তদনুসারে যাবজ্জীবন সুখ বা দুঃখ ভোগ করে । ইহা হইতেই 'কপাল' অর্থাৎ কপালস্থিত বা কপাললিখিত বিষয়, 'ভাগ্য' অর্থে ব্যবহৃত হয় । তু 'লিখিতমপি ললাটে প্রোজ্‌ঝিতুং কঃ সমর্থঃ (হি ১.২০) ।] [কপাল গোস্তা—ভাগাগণক, দৈবজ্ঞ । কপাল ছাড়া পথ নেই—ভাগ্য ভিন্ন গতি নাই ; ভাগ্যে যা আছে তাই ঘটে । তু 'সর্ব্বস্বথা ভগবতী ভবিতব্যতৈব' । কপালজুড়ি বা কপালজোড়া ফোটা —কপাল পুরিয়া রচিত সাম্প্রদায়িক তিলক । "তোমার কপালজুড়ি ফোটা ।—শি ৩৫ । কপাল-জোর—ভাগ্যবল । "ছোট্টো মাজা নিরেট বাঁজা বড় কপাল-জোর জা ৭ । কপাল টনটনে—১ জোর কপাল । ২ দুর্ভাগ্য, দুর্দৈব (দুঃখে, শোকে) । কপাল ঠুকে (কাজে) লাগা—কপালে ঘা দিয়া, অর্থাৎ ভাগ্যফলে নির্ভর করিয়া কার্য্যে প্রবৃত্ত হওয়া । কপাল-ঠোকা—ভাগ্যফলাধীন । "কি দিবে নাই লেগা যোখা, যাওয়া হচ্ছে কপাল-ঠোকা দা ৯৪০ । কপাল তুলিয়া গা'ল দেওয়া (অপ্র)—অতিদুঃখে স্বীয় ভাগ্য নিন্দা করিয়া গালি দেওয়া । "কপাল তুলিয়া নারী যদি দেএ গাইল , আএউ ধন টুটী যাএ মরিবে আজুকাইল ॥—ম.গা ৩ । কপাল পোড়া, পোড়া কপাল—হতভাগ্য ; দুর্ভাগ্য । কপাল ভাঙ্গা—১ বার্দ্ধক্যে কপালের দুই পাশ বসিয়া যাওয়া । "কপাল ভাঙ্গিল দুই পাশে শ্রী.কী ৭ । ২ ভাগ্যবিপর্য্যয় হওয়া ; দুর্দ্দৈব ঘটা । দ্র 'কপাল[২] (২) । ৩ শোকে দুঃখে ভাগ্যনিন্দাপূর্ব্বক কপালে আঘাত করা । "সময়ে না পেলে টাকা, কপাল ভাঙ্গে আস্ত ইটে ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত । কপাল মূল—ভাগ্যই আদি কারণ বা প্রধান হেতু । কপালে আগুন—১ আগুন-লাগা কপাল ; পোড়া কপাল ; দুর্ভাগ্য । "কপালে আগুন মোর না ঘুচিল দুখ ভা.চ ৯৯ ; ২৫৫ । ২ ললাটস্থ অগ্নি । "কপালে আগুন তার আলো করে তায় ভা চ ৮২ । ৩ নিন্দায়, ঘৃণায়, গালিতে । দ্র 'কপাল[২] (১) । কপালে করে—ভাগ্যক্রমে ঘটে । "সুখ দুঃখ সবই কপালে করে । কপালে ঘা দেওয়া বা মারা—কপালে করাঘাত করা (দুর্ভাগ্যসূচনায়) । কপালে চড়ক ফোটা—কপালে বড় গোল তিলক । "ভা.চ ১৫১ । কপালে পড়া—ভাগ্যাধীন হওয়া । "(আহা মরি বাছা উমা) ভুতুড়ের কপালে পড়িলে ভা.চ ৮২ । কপালের ফের —ভাগ্যবিপর্য্যয় । কপালের ভোগ—কর্ম্মভোগ । কপালের লেখা —ভাগ্যফল ।]

কপালতটী, -ফলক বি [কর্ম্মধা ; পদ্যে] ভালতট, প্রসর ললাট । "বিচিত্র কপালতটী ক.চ ৪৬ । আধা কপালফলকে শোভে অলকার পাঁতি বা.দ ৯৮ ।

কপালভৃৎ বিণ [কপাল+ √ভৃ+ক্বিপ্ (০)-ক ; উ.ত] কপাল-ধারক (ভিক্ষুক) । —ভৃৎ পুং মহাদেব ।

কপালমালী (-লিন্) পুং [°মালা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -লিনী] 'কপালমালাযুক্ত', শিব । —লিনী স্ত্রী [°লিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] দুর্গা ।

কপালমোচন ক্লী [ব.ত] কপালের মোচনস্থান ; কাশীস্থ তীর্থবিশেষ । "মহা ৩.৮৩.১৩৭ । বি.পা ২৭ । [মহাদেব ব্রহ্মার শিরশ্ছেদ করিয়া

ব্রহ্মহত্যাপাপে লিপ্ত হন এবং নানা তীর্থ ভ্রমণ করিয়া অবশেষে এই স্থানে আসিয়া পাপমুক্ত হইলে, ব্রহ্মকপাল হস্ত হইতে খসিয়া পড়ে। তদবধি ইহার নাম 'কপালমোচন' (কাশীখণ্ড, ৩১শ অধ্যায়)।]

কপালি পুং [ক+√পালি+ই (ইন্)-ক (ত.বা); দ্র 'মহা ২.৪৬.১৩, নীলকণ্ঠ] ১ মহাদেব। "কপাল মোচন কৈল মণিকর্ণিকায়। তেহি কপালি নাম সর্ব্ব লোকে কয়॥—বি.পা ২৭। দ্র ৩০। ২ [সং কপালী] (বাঙলায়) কৃষিজীবী হিন্দুজাতিবিশেষ। "ভা.চ ২৭৩। ৩ কপালাধারভোজী জাতিবিশেষ। "শিবের ঘরণী সতী, হীন কপালি জাতি বি.পা ২৮; ২৯। ৪ [কপাল+ই] (সাদৃশ্যে) খেজুরগাছের কপাল, অর্থাৎ যে স্থান রসের নিমিত্ত কাটে (চব্বিশপরগণা)।

কপালিকা স্ত্রী ['ল+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ ভগ্ন-মৃন্ময়পাত্র-খণ্ড, খাপরা। "মহা ১৩.১০৪.৫৯; মনু ৪.৭৮। ২ ঘট-কপাল। "মহী ঘটত্বং, ঘটতঃ কপালিকা।—বিষ্ণুপুরাণ ২.১২.৪১। ৩ দন্তরোগবিশেষ। "সুশ্রুত ৪২২.২৪।

কপালী[1] **(-লিন্)** বিণ [কপাল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -লিনী] ১ নরকপালধারী, শিরোঽস্থিযুক্ত। "কু.স ৫.৭৮। শিরঃকপালী।—যাজ্ঞ ৩.২৪২। মাল্যভস্মনৃকপালী।—ভ ৪.৪.১৬। কপালী বি.পা ২৭। ২ ভিক্ষার্থ মৃন্ময়শরাবাদিধারী (ভিক্ষুক)। —লী পুং ১ মহাদেব। দ্র 'বামনপুরাণ, দ্বিতীয়, তৃতীয় অধ্যায়। ২ একাদশরুদ্রের একতম। "মহা ১.৬৬.৩। রুদ্রেতে কপালী ম ৫৮৭। ৩ কপালাধারভোজী জাতিবিশেষ (ত.বা)। তু 'কপালি (৩)। ৪ ব্রাহ্মণকন্যার গর্ভে ধীবরের ঔরসজাত সঙ্কীর্ণ জাতিবিশেষ; কাপালী (পরাশরপদ্ধতি)। —লিনী স্ত্রী ['লিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'কপালধারিণী', দুর্গা (অ.চি)। "কালী কপালিনী ক.চ ২৫২। ম.পা ১১৪। ২ কপালী জাতির স্ত্রী (ত.বা)।

কপালী[2] বিং [পোড়াকপালী > 'লী; অপ্র] দুর্ভাগ্যবতী, হত-ভাগিনী। "কুটিলা কপালী রা.শে ১০১।

কপা'লে বিং ['ল+এ^b] কপালযুক্ত, ভাগ্যবান্। "(নন্দের ছেলে) ভারি কপা'লে, দ্বারকায় পেয়েছে সোণার রাজ্য দা ৯৩৯। সেই কপা'লে বিয়ে করে যে পায় বিশ হাজার পণ। —রজনীকান্ত সেন।

কপি[1] পুং [√কম্প্+ই-ক, ন-লোপ. উ ৪.১৪৩; স্ত্রী -পি, -পী; ছান্দস; দ্রবিড়ীয় (?); cf., Gr. kebos; Ger. affe; A.S. apa; E. ape] ১ যে বৃক্ষান্তরে যায় (অ.টী); বানর। "মহাকপি রা ১.১.৬৭। বিহঙ্গকবয়ঃ কবয়ঃ কেবলকবয়স্ত কেবলং কপয়ঃ (সু.র)। ২ নারায়ণ। ৩ সিহ্লক, সিলারস। ৪ করঞ্জবিশেষ। ৫ আমলকী। ৬ বরাহ। ৭ রক্তচন্দন। ৮ পিঙ্গলবর্ণ। "শ। ['কচ্ছু (স্ত্রী) —শূকশিম্বী, আলকুশি (Mucuna pruritus)। 'কেতন (পুং) —কপিধ্বজ, অর্জ্জুন। 'ধ্বজ (পুং)—১ অর্জ্জুন। "গী ১.২০। ভ ১.১৪.২২। ২ (বাঙলায়) অর্জ্জুনের রথ। "ম ৭৫৬। 'শীর্ষ (ক্লী)—কপির মাথার মত; প্রাকারাগ্র, পাঁচীলের মাথা।]

কপি[2] 'কো' বি [P. Couve; F. coboche; E. cabbage] শাকবিশেষ। [ওলকপি—মূলশাকবিশেষ। ফুলকপি—পুষ্পশাক-বিশেষ। বাঁধাকপি—পত্রশাকবিশেষ।]

কপি[3], **কপিকল** 'কো' বি [হি কপী; ঠ কপী, -প্পী; গু কপ্পী] কূপ হইতে জলোত্তোলন বা ভারোত্তোলনের নিমিত্ত একচক্র যন্ত্রবিশেষ (pulley)।

কপি[4], **কাপি** বি [E. copy; হি কাপী] ১ প্রতিলিপি, নকল। ২ হস্তলিখিত পুস্তকাদির আদর্শ; পাণ্ডুলিপি। [কপিরাইট (E. copyright)—গ্রন্থকারের বা গ্রন্থপ্রকাশকের গ্রন্থের সকলপ্রকার স্বত্ব।]

কপিঞ্জল পুং [কপিরিব ঈষৎ পিঙ্গলঃ (যাস্ক); ঋগ্বেদ, খৈলিক সূক্ত, ২.১০-৮.১] ১ চাতক পক্ষী। ২ তিত্তিরি; গৌড়তিত্তিরি (ভাবপ্রকাশ)।

কপিত্থ পুং [কপি+√স্থা+অ (ক), পৃষো; 'থ (শ্রী.কী)] (ফল-প্রিয়ত্ব হেতু) যে গাছে কপি থাকে; কৎবেল গাছ (Feronia Elephantum)। "রা ২.৯১.৩০। ম ৪৪৩। —থ ক্লী কপিত্থফল, কৎবেল। "অম্লং কপিত্থম্। (সুশ্রুত)। ক.চ ২২।

কপিন, -নি, কপীন, কপ্‌নি, -নী বি [সং কৌপীন; হি কফনী; ঠ কফণী, -নী—সন্ন্যাসীর আঙরাখা; মৈ কপ্‌পা; আ কফনী —ফকীরের পরিচ্ছদ।] কৌপীন, অন্তর্বাস। "কপিন জুটিত নাই শ্রী.মা ১৬৮; বৈষ্ণবের কপিন ১৮৬; কপিন কলার পাত ১৮৯। পিন্ধনে কপ্‌নী বাম ২৪০। 'নি দা ৪৯; কপ্‌নি আঁটে কটিতটে ১৪৯। ডোর কপিনি পরিব: ডোড় কপিন পড়িবে (টীকা) গো.চ ১৪০; কপিন ১৬৫। কপ্‌নি সাজাইল ১৬৩; কপিনপিন্দা ১৬৮।

কপিনাশ, -লাস, -পীনাস বি [সং কপিনাস (M.W.) তু 'কপিলা' (ম.ম ৪৫)] কপিনাসাকৃতি (?) বাদ্যবিশেষ। "বাজে··· কপিলাস ম.ম ২২৪। বাজে কপিনাশ মা ১২৮। কপীনাস ব.প ৫৮৩।

কপিনাস পুং [উ. বহুব্রী] কপির নাসার ন্যায় যাহার নাসা; কপি-নাসাকৃতি (?) বাদ্যবিশেষ। "ম ৯৩২। কপিনাস বাজে গো.চ ৪০৪। শ্রী.ম ১৩। ভা.চ ৩২৯।

কপিবক্ত্র পুং [উ.বহুব্রী] কপির ন্যায় যাহার মুখ; নারদ। [নারদ পর্ব্বতমুনির শাপে কপিমুখ হইয়াছিলেন (মহা ১২.৩০)।]

কপিল বিণ ['পি+ল (লচ্) অস্ত্যর্থে; উ ১.৫৫; স্ত্রী -লা; ছান্দস] 'কপিবর্ণযুক্ত', পিঙ্গল। "বাতায় কপিলা বিদ্যুৎ পা ২.৩.১৩, কাশিকা। নোদ্বহেৎ কপিলাং কন্যাম্ মনু ৩.৮। —ল পুং ১ পিঙ্গলবর্ণ; নীলপীত (রভস)। ২ সাংখ্যশাস্ত্রপ্রবর্ত্তক মুনিবিশেষ। "গী ১০.২৬। রঘু ৩.৫০। কপিলশাপে ভস্মাবশেষ সী ৩৮। [ইনি ভগবানের পঞ্চম অবতার। কর্দ্দম ইঁহার জনক, দেবহূতি ইঁহার জননী। ইনি পঞ্চবিংশতিতত্ত্বাত্মক সাংখ্যশাস্ত্রের প্রণেতা। আসুরি ইঁহার প্রথম শিষ্য (ভ ১.৩.১০; ৩.২৪)। সগরসন্তানগণ ইঁহার শাপে ভস্মাবশেষ হয়। পাতালে (অর্থাৎ গঙ্গা-সাগরসঙ্গমে) ইঁহার আশ্রম ছিল। অগ্নিবংশবর্ণনে ইনি অগ্নির অবতাররূপে অভিহিত হইয়াছেন (অগ্নিঃ স কপিলো নাম সাংখ্যযোগ-প্রবর্ত্তকঃ মহা ৩.২২০.২১)] ৩ (সাদৃশ্যে) অগ্নি। ৪ কুকুর। ৫ সিহ্লক, সিলারস। ৬ মহাদেব (মহা)। ৭ বিষ্ণু (মহা)। ৮ সূর্য্য। "মহা ৩.৩.২৪। —লা স্ত্রী [কপিল+স্ত্রী আ (টাপ্)] ১ পুরাণোক্তা কপিলবর্ণা গবী। [ইনি দক্ষকন্যা, কশ্যপপত্নী, গোজননী (মহা ১.৬৫.১২; ৫১)।] "কপিলা হরিব ক্ষীর শ্রী.কী ১৭৩। স্বর্গের কপিলা বন্দ ম.ভা ৮। ২ পীতবর্ণা গবী। "যাজ্ঞ ১.২০৫। ৩ জলোকাবিশেষ। "সুশ্রুত ১.১৩.১১। ৪ পিপীলিকাবিশেষ (সুশ্রুত)। ৫ শিংশপা। ৬ গন্ধদ্রব্যবিশেষ, রেণুকা। ৭ ঘৃতকুমারী। ৮ রাজ-রীতি, পিত্তলবিশেষ। [কপিলাশ্ব (পুং)—যাঁহার অশ্ব পিঙ্গল; ইন্দ্র।]

কপিল(লা)ভোগ, কপিলাব্লাই বি ধান্যবিশেষ ও তণ্ডুল। "কপিলভোগ রান্ধে ভা.চ ৫৪৯।

কপিশ বি [কপি+শ অস্ত্যর্থে; স্ত্রী -শা] ১ কপিবর্ণযুক্ত; পিঙ্গল। "সন্ধ্যাপয়োদ' শ ৩.২৪; পদ্মরেণু' ৭.১২। 'কৌশেয় ভ ৫.৩.৩। সন্ধ্যাভ্র' রঘু ১২.২৮। ২ তাম্র, লোহিত। "বিরক্তসন্ধ্যাকপিশং (রজঃ) রঘু ১৩.৬৪। নীপং হরিতকপিশম্ পূ.মে ২১। —শ পুং ১ কৃষ্ণপীত-মিশ্র বর্ণ; কপিলবর্ণ, বাদামী রঙ্। ২ মহাদেব (মহা)। ৩ সিহ্লক, সিলারস। —শা স্ত্রী ১ নদীবিশেষ। "রঘু ৪.৩৮। ২ মাধবীলতা। —শা, -শী স্ত্রী, -শ ক্লী মদ্যবিশেষ। —শী স্ত্রী মাধবী

কপীন্দ্র পুং [উপ.স] ১ 'কপিশ্রেষ্ঠ', বালী। ২ সুগ্রীব। ৩ হনুমান্। ৪ [ষ.ত] কপিগণের প্রভু ; বিষ্ণু (মহা)।

ক(কা)পুর 'র্' বি [দ্র 'কাফুর' ; পদ্যে] কর্পূর। "কপুর শ্রী.কী ৩০০ ; কপুর বাসিত ৩৩৯। মহাসুহে কাপুর খাই চ ৪৪। কপুরে কপুরিত পানি জ.প ৫৪। রুচির কপুর (পদকল্পতরু)।

কপোত পুং [ক (বায়ু) তাঁহার পোততুল্য (অ.টী), ষ.ত ; ক পোত যাহার, বহুব্রী (ত.বা) ; স্ত্রী -তী ; ধ্বন্যাত্মক (?) ; cf., E. coo] ১ বায়ুসম্বন্ধে (বায়ুসাগরে) পোততুল্য ; বায়ু যাহার পোততুল্য ; পারাবত, পায়রা। "ঋগ্বেদ ১.৩০.৪। গো.রা ৫.৯১.৪। মহা ১২ ১৪৩.৪। পঞ্চ ৩.১৩১। ২ বনকপোত, ঘুঘু (dove)। "পলায় কপোত পক্ষী সাঁচানের ডরে কৃ ২২৯। কপোত কপোতী যথা উচ্চবৃক্ষ-চূড়ে৹ বাঁধি নীড়, থাকে সুখে।—মে ১১৫। ৩ পক্ষিমাত্র। ৪ কপোতবর্ণ, ধূসরবর্ণ। ৫ শ্লিষ্ট-মূলাগ্রপার্শ্বক করদ্বয়, অর্থাৎ মূল অগ্র ও পার্শ্বের পরস্পর সংযোগে কপোতাকার পাণিযুগল ; কপোতহস্তক। 'কপোতোঽসৌ করৌ যত্র শ্লিষ্ট-মূলাগ্রপার্শ্বকৌ শ ৬ক্ত টীকা। [প্রণামে গুরুসম্ভাষণে ভয়ে 'বিনয়প্রদর্শনে ও বিষয়বিজ্ঞাপনে ইহার প্রয়োজন হয়। '(কপোতঃ) ভীতৌ বিজ্ঞাপনে চৈব বিনয়ে চ প্রযুজ্যতে (S.W.)।] —তক পুং [°ত+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -তিকা] ১ কপোত। ২ বনকপোত ; ক্ষুদ্রকপোত। —তক ক্লী সৌবীরাঞ্জন। —তিকা স্ত্রী [°তক+স্ত্রী আ (টাপ্)] ১ কপোতী। "পঞ্চ ৩.১৪৫। ২ বনকপোতী। "পঞ্চ ৩.১৩৬। —তী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ স্ত্রীজাতি কপোত ; পারাবতী। ২ বন-কপোতী, স্ত্রীঘুঘু। দ্র 'কপোত (২)। কপোতী সুদূর বনে৹ ঘুঘু-ঘু করুণ স্বনে৹ কাঁদিয়ে বলিছে যেন শোকের বারতা সা.ম ৫৬।

কপোতপালি স্ত্রী [ষ.ত] কপোতের পালক (উপবেশনস্থান) কার্নিশ (cornice)। —পালিকা, -পালী স্ত্রী [ষ.ত ; কপোত+√পালি +অ (অণ্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পক্ষিনিবাসার্থ নির্মিত কাষ্ঠাদি-গৃহ ; পক্ষিমাত্রপালিকা (অ.টী) ; বিটঙ্ক (aviary)। ২ সৌধাদি-প্রান্তে কপোতের কাষ্ঠাদিরচিত বাসস্থান ; পায়রার খোপ ; বিটঙ্ক (dovecot)। "কপোতপালীষু নিকেতনানাম্ (মাঘ)।

কপোতবৃত্তি বিণ [উ.বহুব্রী ; স্ত্রী -ত্তি] যাহার কপোতের বৃত্তির ন্যায় বৃত্তি ; কপোত খাদ্যসঞ্চয় করে না, প্রত্যহ যাহা পায় তাহাই খায় —তাদৃশ বৃত্তিযুক্ত ; জীবিকাসঞ্চয়রহিত। —বৃত্তি স্ত্রী [ষ.ত] কপোতের ন্যায় বৃত্তি ; সঞ্চয়রহিত জীবিকা।

কপোতহস্ত, -হস্তক পুং, ক্লী [বহুব্রী ; বিকল্পে সমাসান্ত ক (কপ্)] যাহাতে হস্তদ্বয় কপোতাকার হয় ; কপোতাকৃতিহস্তসংযোজনবিশেষ। দ্র 'কপোত (৫)।

কপোতারি পুং [ষ.ত]কপোতশত্রু, শ্যেন, সাঁচান।

কপোতিনী বি [কপোত+স্ত্রী ইনী ; পদ্যে] ১ কপোতী। "শ্যেন ভয়ে ভীত কপোতিনীর সমান।—রঙ্গ ১৮। বন°।—ন ১১৩৭। ২ বনকপোতী, মেয়ে ঘুঘু।

কপোল পুং [√কম্প্ চলন+ওল (ওলচ্)-ক, 'ম্'-লোপ, উ ১.৬৬] ১ যাহা চলিত হয় ; কর্ণসমীপদেশ, গণ্ড, গাল্। "শুষ্ক°, স্থূ°। °পাটল রঘু ৪.৬৮। °কণ্ডূ কু.স ১.৯। ক্ষামক্ষাম° শ ৩.৭ ; অশ্রু চ কপোল-পতিতম্ ৬.১৫। কপোলযুগল তার মহুলের ফুল শ্রী.কী ৩২ ; °যুগ ৩৮২। °কুন্তলা ক.চ ১০৩। ব্যথিত কপোল তব বৃথা রোমন্থনে (পদ্যপাঠ, ২য় ভাগ)। কালের কপোলতলে শুভ্র সমুজ্জ্বল৹ এ তাজমহল চ.কা ৩৬১। করতলে কপোল-বিন্যাস সী ২৪। ২ হস্তিগণ্ড। "কি ৫.২৬। —লী স্ত্রী জানুর অগ্রিম বা সম্মুখভাগ (knee-cap)। [°ফলক (ক্লী), °ভিত্তি (স্ত্রী)—ফলকসদৃশ, ভিত্তিসদৃশ আয়ত কপোল ; বিস্তীর্ণ গণ্ড। "°ভিত্তি রঘু ৫.৪৭।]

কপোলকল্পিত বিণ কল্পিত, রচিত, মিথ্যা। "নহিদং স্বকপোল-কল্পিতম্।—পঞ্চদশী ৪.২৭, টীকা। অনেকে পুলিবের অত্যাচারঘটিত অনেকগুলি গল্প বলিলেন—দুই একটা বা সত্য, দুই একটা বক্তাদিগের কপোলকল্পিত ব.প্র ২১৩। [কপোলকল্পিত—'কপোল কর্তৃক বা কপোল দ্বারা কল্পিত' এরূপ অর্থ অসঙ্গত, কারণ 'কল্পনা'য় 'কপোলে'র কর্তৃত্ব বা করণত্ব নাই। সুতরাং 'কপোল' নিরর্থক। বোধ হয়, 'গালগল্প' শব্দের অনুকরণে ইহার উৎপত্তি। 'স্বকপোলকল্পিত' শব্দও এইরূপ।]

কপ্পূর বি [সং কর্পূর > লি, প্রা কপ্পূর ; হি কপূর। ঠ কাপুর ; গু কপূর ; আ কাফুর ; L. Camphora ; F. camfre—medicine &c. ; Malay—'kapur'—chalk ; E. camphor ; কথ্যভাষা] কর্পূর। "শ্রী.মা ৪১।

কফ পুং [ক (শিরঃ)+ √ফণ্ (গতি)+অ (ড)-ক (অ.টী) ; ফা কফ—ফেন, শ্লেষ্মা ; Av. kafa—foam ; E. cough] ১ শরীরের ধাতুবিশেষ ; শ্লেষ্মা। "প্রয়াণকালে কফবাতপিত্তৈঃ কণ্ঠাব-রোধনবিধৌ স্মরণং কুতস্তে (উদ্ভট)। ২ ফেন। "অব্ধি°। [°কর (বিণ) —কফকারক, কফজনক। °ঘ্ন (বিণ)—কফনাশক, কফহর। °জ (বিণ)—কফজন্য। °নাশন (বিণ)—শ্লেষ্মনাশক, কফঘ্ন। °বর্দ্ধক, °বর্দ্ধন (বিণ)—শ্লেষ্মাবর্দ্ধক, কফকারক। °হর—কফনাশক। কফ উঠা—কফ নিঃসৃত হওয়া। কফ বসা—সর্দি জমিয়া যাওয়া। কফে ভার—কফ হেতু ভারী (মস্তকাদি)। কফের ধাত—শ্লেষ্মাপ্রধান ধাতু (phlegmatic humour)। কফো—কফপ্রধান। "একে তোমার কফো নাড়ী, ডুব দিও না বাড়াবাড়ি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

কফ্ দ্র 'কপ্'১।

কফ(ফো)ণি পুং, স্ত্রী [ক (সুখ)+ √ফণ্ গতি+ই (ইন্)-ক (অ.টী) ; অ > ও, পৃষো ; স্ত্রী 'কফোণী' (অ.টী)] যাহা সুখে যায়, বা প্রসৃত হয়। ভুজমধ্যস্থ গ্রন্থি ; কূর্পর, কনুই।

কফল বিণ [কফ+ল (লচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -লা ; অস কফাল] ১ কফ-দায়ক, কফকর। "বেণোঃ করীরাঃ কফলাঃ (সুশ্রুত)। ২ (বাঙ্লায়) কফপ্রধান, শ্লেষ্মাপ্রধান (ধাতু)।

কফান্তক বিণ [ষ.ত ; স্ত্রী -ন্তিকা] কফনাশক, কফহর। —ক পুং বর্ব্বুর, বাবলাগাছ।

কফারি পুং [কফের অরি, ষ.ত] শুণ্ঠী, শুঁঠ।

কফি, -ফী বি [E. coffee] ১ একপ্রকার গাছ ও তাহার বীজ। ২ কফি-বীজের চূর্ণমিশ্রিত পেয়বিশেষ।

কফী (-ফিন্) বিণ [কফ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ফিনী] কফযুক্ত, কফপ্রধান (ধাতু)। "কফী ধেতে নিদ্রা যেমন অতি শীঘ্র এসে দা ২৬৪ ; লোকে তোরে বলে কপি, কিন্তু হয় তোর ধাতটা কফী ৮১১। —ফী পুং হস্তী।

কব১ [সং কদা > প্রা কব (তু 'কবহু—কদাপি, পৈ) ; তু 'সং ক' ; হি কব, কব ; মৈ কব—কবহু ; বৈষ্ণবসাহিত্যে] কোন সময়ে ; কখন, কবে। "বসইতে কব তুহু দরশন দেখায়লি বি.প ৪৮। নিরখব কব ন.প ৮। কব বলরাম শুনব তহি ব ১৩০।

কব২ 'বো' বি [ক > কব (স্বরাগম)] 'ক'-প্রভৃতি বর্ণের সহিত 'ব'-ফলার বানান-বিশেষ। দ্র 'কন'২।

কবক ক্লী [তু 'করম'—ভূমিচ্ছিদ্র (দেশী ২.৩)] ছত্রাক, বেঙের ছাতা। "মনু ৫.৫ ; ৬.১৪।

কবচ১ পুং, ক্লী [√কু শব্দ+অচ-ক, উ ৪.২ ; তু 'কবষ, -স' ; কায়ে অঞ্চিতং ভবতি (যাস্ক)] ১ যাহা শব্দ করে ; যাহা কায়গত হয় ; অস্ত্রাঘাত-বারণার্থ লৌহাদিরচিত যোদ্ধার গাত্রাবরণ ; সন্নাহ, বর্ম্ম,

সাঁজোয়া। "আমুক্ত°, কাংস্য°, কবচাবৃত। বিধ্বস্ত° রা ২.১১৪.৬। চারিত্র্য° মহা ৩.৭০.৯। ম ৮৭৭। সুবর্ণকবচ মে ৩৯; ২৭৩। ২ গাত্রাবরণ। "কুণ্ডলান্ কবচাবৃতান্।—মহা ২.৫২.২১। ৩ (সাদৃশ্যে) শরীররক্ষার্থ দেবতামন্ত্র; দেবতার বীজমন্ত্র (a mystic syllable); তন্ত্রোক্ত মন্ত্রসাধনাঙ্গ বাক্যসমূহ। ৪ দেহরক্ষার্থ ভূর্জ্জে লিখিত বীজ বা তৎসদৃশ অলৌকিকশক্তিসম্পন্ন মন্ত্র (amulet)। "ভাগবত-শ্রবণের পদ্ধতি শুনিল। যতনে কবচ করি কণ্ঠেতে ধরিল॥—ভ.প্র ১৩৬। ৫ পটহবাদ্য। [°পত্র (পুং)—ভূর্জ্জপত্রবৃক্ষ। কবচিত—কবচাবৃত (ললিতবিস্তর)।]

কবচ২, -জ১ [আ ক.বজ্] ১ ভূম্যধিকারী বা তদীয় কর্ম্মচারীর নিকটে প্রাপ্য খাজনার রসিদ (receipt); দাখিলা। ২ টাকার প্রাপ্তিস্বীকার-পত্রী রসিদ। "মবলগ ২৫/১৪ কৌড়ী...পাইয়া কবজপত্র দিলাম E.P. 142. ৩ অঙ্গীকারপত্র, খত। "ঐছন কবচ যব ধরব হাত। তবহু তুয়া সঞে মরমক বাত॥—বি.প ১৫১। ৪ অধিকার, দখল। "জান কবচ করা।

কবচী (-চিন্) বি [°চ+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -চিনী; ছান্দস] কবচবান্, কবচধারী। "গো.রা ৩.৫৬.৩০। মহা ৪.১১.৬।

কবজ১ দ্র 'কবচ২'।

কবজ২ বি [সং কবচ১] সর্থ 'কবচ১ (৩; ৪)। "সোণার কবজ যেন দিলেন গলায় গো.চ ৪৯৬। আমি তো বান্ধিনু গলে কবজ করিয়া ভ.প্র ৩৭১। গলাবেড়া কবজ-পোরা৹ শোভা করে সুবর্ণ মাদুলি দা ১৬৩৩।

কবজী বি [সং কবয়ী] কই মাছ। "রোহিতে মোচিতঃ পুত্রো মদ্গুরো মদ্গুরোঃ প্রিয়ঃ। শাকুলে আকুলা ভার্য্যা কবজী মম জীবনম্॥

কবন্ধ পুং, ক্লী [ক (শিরঃ), তাহার বন্ধ (বন্ধনস্থান), ষ.ত (অ.টী); (ছান্দস) কবন্ধ—a big barrel or cask (M.W.); Av. kunda—a demon's name; ফা কুন্দ্—dull] ১ 'মস্তকের বন্ধনস্থান', ক্রিয়াযুক্ত শিরোহীন কলেবর; মস্তকহীন দেহ। "নৃত্যৎকবন্ধম্...দদর্শ রঘু ৭.৫১; ৬২.৪৯। [প্রসিদ্ধি যে, অযুত গজ, নিযুত অশ্ব, সার্দ্ধশত রথ এবং দশ কোটি পদাতি নিপতিত হইলে, যুদ্ধস্থলে একটি কবন্ধ নৃত্য করে (শ.ক)।] ২ শিরোহীন কলেবর। "হতশিরস্তস্য কবন্ধং (পতিতম্) গো.রা ৩.৩৩.৩৮। তৎ কবন্ধং পপাত মহা ১.১৯.৮। সুধন্বার কবন্ধ অ.প ৭৯; ৮৫; ১০৬; কবন্ধে তাহার মুণ্ড লগ্ন হইল গিয়া ১১৩। কবন্ধ হইল বাঘ কাটা গেল শির শ্রী.মা ৭৬। —ন্ধ পুং ১ রাক্ষসবিশেষ; দনু রাক্ষস। "উ.চ ১৩২৭। [ইহার পূর্ব্ব নাম দনু। শ্রীদানব ইহার পিতা। স্থূলশিরা ঋষির শাপে দনু রাক্ষসরূপ প্রাপ্ত হয় এবং ব্রহ্মার বরে দীর্ঘায়ু লাভ করে। ইন্দ্রের সহিত যুদ্ধে, বজ্রাঘাতে ইহার কবন্ধরূপ হয় এবং বনবাসকালে রামের হস্তে নিহত ও শাপমুক্ত হয় (রা ৩.৭১)। 'হে লক্ষ্মণ, শ্রীদানব জনক আমার, দনু মোর নাম।—রামায়ণ (রাজকৃষ্ণ রায়)।] ২ উদর। ৩ ধূমকেতু। ৪ রাহু। [বিষ্ণুচক্রে ছিন্ন রাহুদানবের 'শিরো'ভাগ 'রাহু' এবং 'শিরো'হীন দেহ অর্থাৎ 'কবন্ধ', 'কেতু' নামে অভিহিত। সুতরাং 'কেতু'ই 'কবন্ধ'শব্দবাচ্য, 'রাহু' নহে।] —ন্ধ ক্লী [ছান্দস; অপ্র] জল। "এত বলি ভাসে বামা নয়নকবন্ধে শ্রী.মা ২৫।

কবন্ধন বি [সং কবন্ধ, 'বন্ধন' শব্দের অনুকরণে '°ন'; অপ্র] কবন্ধ, ধড়। "ম.গা ২৩।

কবয়ি, -য়ী স্ত্রী [ক+√বয়্ গতি+ই (ইন্)-ক; বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] কইমাছ।

কবর১ বিণ [√কু শব্দ+অর (অরন্)-ক, উ ৪.১৫৪; স্ত্রী রা, -রী] ১ চিত্রবর্ণযুক্ত, বিচিত্র, শবল। ২ খচিত, ভূষিত। "ব্যাকীর্ণমাল্যকবরাং কবরীং তরুণ্যাঃ মাঘ ৫.১৯। ৩ সম্পৃক্ত। —র পুং ১ পাঠক। ২ [ক (মস্তক), তাহার বর (আবরক), ষ.ত] কেশপাশ। "°ভার ভ ৫.২.৬। —র ক্লী ১ লবণ। ২ অম্ল (acidity)। —রা স্ত্রী খরপুষ্পা, বাবুই তুলসী। —রী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীষ্) 'কেশবেশ' অর্থে, পা ৪.১.৪২] ১ কেশবেশ, অর্থাৎ কেশের মার্জ্জনা ও বন্ধবিশেষ (অ.টী)। কেশরচনামাত্র, খোপা। "মাঘ ৯.২৮। °ভর গী.গো ১২.২৫। অমরীকবরীভারভ্রমরীমুখরীকৃত।—কুবলয়ানন্দ ১। স্খলিত° (পদাঙ্কদূত)। °বন্ধন মে ১৯। কুটিল° প.তৃ ৫৮। আকুল কবরী।—গান ১৬৩। ২ বর্ব্বরা, বাবুই তুলসী। [°রীভর, -ভার (পুং)—কেশপাশ। "গী.গো ১২.১৫।]

কবর২ বি [আ কব্র্] মুসলমানের সমাধি; গোর। "°বিছাতি ক.চ ১৩৬। এত নিষ্কলঙ্ক, এত করুণসুন্দর৹ তুমি হে কবর!—মন্দ্র ৯১। কবরমে কাফের কো ডারো ব.প্র ৪৪৬।

কবরেজ বি [সং কবিরাজ; কথ্যভাষা] বৈদ্য। চিকিৎসক। "ওগো কবরেজ মামা!...পান দুই রসাসিন্ধু দিতে হবে আ.দু ৯৭।

কবর্গ পুং [উ.লো] ককারাদিবর্গ; 'ক'-প্রভৃতি পঞ্চ কণ্ঠ্যবর্ণ।

কবল পুং, ক্লী [ক+√বল্ সঞ্চরণ+অ (অচ্)-ক (অ.টী)] ১ যাহা জলের সহিত উদরে যায়; গ্রাস, গ্রাসমিত খাদ্য, একগাল্, কল্। "ব্যসৃজৎ কবলান্ নাগাঃ রা ২.৪১.৯। কবলৈস্তৃণানাম্ রঘু ২.৫। কুম্ভকবলগ্রাসৈকবদ্ধস্পৃহঃ (কেশরী)।—নীতিশতক ১৩। অন্যথা যবনে গ্রাম করিবে কবল চৈ.ভা ১৯। কবলে কবলে খায় বা.দ ২৩৯। অর্দ্ধগ্রস্ত ত্যজিয়া কবলে প.তৃ ৫০। ২ মৎস্যবিশেষ, বেলেমাছ। ৩ রোগনাশার্থ ঔষধমিশ্র কবলপরিমিত উষ্ণোদকাদি; কুলি (gargle)। "সুশ্রুত ৪.৪০.৪২। —লিকা স্ত্রী [°ল+ক (কন্)-স্ত্রী আ (টাপ্)] ব্রণচিকিৎসাঙ্গে ঔষধবিশেষ, পুল্‌টিশ্ (সুশ্রুত)। [কবলই—গ্রাস করে; অভিভব করে। "তুয়া মুখচাঁদ কমল আদি কবলই।—রাধামোহন দাস।]

কবলা সর্ম্ম [কবুল > √ কবুলা > °লা; হি √কব্‌লা, -বুল] ১ স্বীকার করা; দিতে অঙ্গীকার করা। "তুমি আরও টাকা কবলাও। —গিরিশচন্দ্র ঘোষ। ২ স্বীকার করা (to admit)। ৩ তন্নামে অভিহিত করা; সংজ্ঞিত করা; বলান। "বনেদি বড় মানুষ কবলাতে গেলে।—হু ১। দেবেন্দ্রনারায়ণ বলিলেন, 'অমন সকলেই রাজা কবলায় ব.প্র ৫৭০। ৪ মঞ্জুর করা (to approve)। [কবলান—স্বীকার করা; বলান।]

কবলিত বিণ [√কবলি+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -তা] কবলরূপে পরিকল্পিত; গ্রস্ত; ভুক্ত, গিলিত। "কবলিতানেকজীব ক.সা ২৬.১৪২। কবলিতং মণ্ডুককুলম্।—পঞ্চ ৪৩২। কবলিত কৈল পদ্ম শুণ্ডে ক.চ ২৪৮। তনুরুচি-কবলিত-কাঞ্চন-দণ্ড।—রাধামোহন দাস। বঙ্গরাজ্য মোগলভূপালের কর-কবলিত হইল ব.প্র ৮; কবলিত অন্নগ্রাস ১৭২।

কবহি ক্রি-বিং [কব+হি১; বৈষ্ণবসাহিত্যে] কখনও, কোন কালেই, কভু। "বিনা দুখে সুখ কবহি নাহি হোয় বি.প ৮১।

কবহু, -হুঁ ক্রি-বিং [কব+হু১, -হুঁ; মৈ কবহু, কব্হুঁ; কব্হ—কদাপি (পৈ); বৈষ্ণবসাহিত্যে] ১ কখনও, কভু, কোনও সময়ে। "কবহু বান্ধয়ে কচ কবহু বিথারি। কবহু ঝাঁপয়ে অঙ্গ কবহু উঘারি॥—বি.প ৩৭; কবহুঁ গোপত কবহুঁ বেকত ৬৭। কবহুঁ অঙ্গন, কবহুঁ সদন, কবহুঁ সহচরী কোর।—ব ১৯০। কবহু মুকতি নহে আরু।—শ্রী.ম ৭২। কবহুঁ নাচত, কবহুঁ গাওত, কবহুঁ গদগদ-ভাষ।—গো ৩৬; ১১৭। কবহুঁ না পেখনু।—জ্ঞা ২১৭। জল বিনু মীন কবহুঁ না জীয়ে চ.দা ৮০। কবহু পরশত নাহি থোর ন.প ২৬৬। ২ কতদিনে, কবে। "কত দিনে পিয়া মোর পুছব বাত। কবহুঁ পয়োধরে দেয়ব হাত॥ —বি.প ১৮৫।

কবাট পুং [ক+√বট্ বেষ্টন+অ (অণ্)-ক (অ.টী); দ্র 'সং

কপাট > প্রা কব্বাল (অ.রা); ঠ করাড; হি কিরাড়; মৈ, জাটু— কোরাড়; কোয়াড় (নদীয়া)] কপাট। "অসংবৃত" রা ২.৭১.৩৭। দ্বার" ক.সা ১৫.৮৯; অপাবৃত্ত" ১৮.২৮০। কুলবতী গৌরব. কঠিন কবাট গো ১৩০। চৈ.চ ৬১; উঘাড়িয়া দুঃখের কবাট ৭৯। ম.ম ১৬; ১৮৮। ফাটকের দক্ষিণ কবাট ভগ্ন স্ব.প্র ৯৮। ইচ্ছা, পদাঘাতে কবাট মুক্ত করেন ৰ.প্র ৩। [°বক্ষ (সং কবাটবক্ষাঃ)—বিশালোরস্ক। "রাজা দীর্ঘাকৃতি পুরুষ, কবাটবক্ষ ব.প্র ৫৫০। কবাটী (স্ত্রী)—কপাট, ক্ষুদ্রকপাট।]

কবামাত্র ক্রি-বিং [কবা (কহিবা) + মাত্র; মৈ কহব—বলা, কথন; অপ্র] বলামাত্র, অর্থাৎ যেমন বলা, তথনি; বলার পরেই। "ইহা শুনি নামদেব তুড়ি দিয়া কহে। উঠ বৎস, মাতা তব কান্দয়ে বিরহে॥ কবামাত্র বাছুর উঠিয়া দুগ্ধ খায়।—ভ.গ্র ১৮২। [কবার কথা—বলার যোগ্য বা কথনীয় বিষয়। "এ কি আমার কবার কথা।—রাম বসু। কবার নয়—বলিবার নয়; ফুটে বলার যোগ্য নয়। "কথা কবার নয়, কইতে ফাটে হিয়ে; পূজ্য ছিলেম ত্যাজ্য হলেম, যৌবন গিয়ে লু.র ১৭। কবার পারি—কহিতে পারি। "এ্যাক কবার পারি গো.চ ১৩৪।]

কবি[১] বিণ [√কব্‌ বর্ণন + ই (ইন্)-ক; অথবা, √কু শব্দ + ই + ক, উ ৪.১৩৮; স্ত্রী -বি, -বী (অ টী); ছান্দস] ১ সর্ব্বজ্ঞ, ক্রান্তদর্শী, সর্ব্বদ্রষ্টা। "কবির্মনীষী।—ঈশোপনিষৎ ৮। গী ৮.৯। ভ ৩.২৪৩৩। ২ বিদ্বান্। "মনু ২.১৫১। ৩ নিপুণ, কুশল। "ভ ৭.১.৯। ৪ বাগ্মী, বাক্‌পটু। "কবির্মুকবদাত্মানং স দৃষ্ট্বা দর্শয়েন্ নৃণাম্ ভ ৭.১৩.১০। ৫ চিন্তাশীল, ভাবুক। —বি পুং ১ 'বর্ণয়িতা', রচয়িতা, 'গাতা', কাব্য-রচয়িতা, কাব্যকার। "°যশঃপ্রার্থী রঘু ১.৩। (কাব্যম্) কবীনাম্ উপজীবনম্ রা (S.W.)। কবিঃ করোতি কাব্যানি স্বাদু জানন্তি পণ্ডিতাঃ (সু.র)। আদ্যঃ কবিঃ উ.চ ২১/২। শ্রীকবি মুকুন্দ ক.চ ২৯। কীর্ত্তিবাস কবি।—মে ১০৯। সুকবি কঙ্কণ কবি।—হেম ৪৫। অভিলাষ করিবারে ক্রয় কবি-যশ স.শ ১। জানি আমি নারী তুমি কবি-বিধাতার. শ্রেষ্ঠ কাব্য অ.গু ৭। ২ ব্রহ্মা। "ভ ৭.১২.২৯। ৩ শুক্রাচার্য্য। 'ততঃ প্রভৃতি তমুশনসং সন্তঃ কবিরিত্যাচক্ষতে।—কাব্যমীমাংসা, ৩য় অধ্যায়। "(অহম্) কবীনামুশনা কবিঃ গী ১০.৩৭। ৪ মেধাবী, বিবেকী। "কবয়োঽপ্যত্র মোহিতাঃ গী ৪.১৬। ৫ পণ্ডিত, প্রাজ্ঞ। "গী ১৮.২। কস্মাদ্ ভজন্তি কবয়ো ধনদুর্ম্মদান্ধান্ ভ ২.২.৫। কবিজনা শ্রী.ম ২৬৪। সুকবি নাম সুন্দর ভা.চ ৩০২; ৩৩৭। ৬ স্মৃতিকার। "মনু ৭.৪৯। ৭ বিষ্ণু (মহা)। ৮ সূর্য্য। ৯ বাল্মীকি। ১০ চৌরযোদ্ধা। ১১ ভৃগুসুত ও শুক্রাচার্য্যের পিতা। "শুক্রঃ কবিসুতো গ্রহঃ মহা ১.৬৬.৪২। ভ ৪.১.৪৪। ১২ (মতান্তরে) ভৃগু। 'ভৃগুপত্নী ...কাব্যমাতা রা ১.২৫.২১। "মনু ৩.১৯৮, কুল্লুক। —বি, —বী স্ত্রী খলীন, লাগাম্। —বিক পুং, -কা স্ত্রী [কবি, -বী + ক (কন্) স্বার্থে + স্ত্রী আ (টাপ্)] খলীন। —বিকা স্ত্রী কইমাছ (ভাবপ্রকাশ)।

কবি[২] বি ['কবি'[১]—মূল] এক শ্রেণীর বাঙ্‌লা গান। [পৌরাণিক ঘটনা, বিশেষভাবে রাধাকৃষ্ণের প্রেমবিষয় লইয়া কবিগান রচিত হয়। মহড়া, চিতেন, পরচিতেন, ফুকো, মেলতা খাদ—এই সকল অংশে ইহা বিভক্ত। গানবিশেষে, ফুকো মেলতা চিতেনের ন্যায়, দ্বিতীয় তৃতীয় ফুকোও থাকে।] [কবিওয়ালা—কবিগানের রচয়িতা। কবিদারনী—কবিওয়ালী। "গো.চ ৯৫।]

কবিকঙ্কণ বি [কবি কঙ্কণতুল্য, উপ.স] শ্রেষ্ঠকবি, মহাকবি মুকুন্দরাম চক্রবর্ত্তী। "ক.চ ১। কবিতা-পঙ্কজ-রবি, শ্রীকবিকঙ্কণ! —মা ১৬৮।

কবিকণ্ঠহার পুং [ব.ত] ১ 'কবির কণ্ঠহারতুল্য', অলঙ্কারগ্রন্থবিশেষ। ২ কবিশ্রেষ্ঠ, বিদ্যাপতির উপাধি। "বি.প ৫৮।

কবিকল্পিত বিং [তৃ.ত] কবি কর্ত্তৃক রচিত; কবির প্রতিভাপ্রসূত। "কবিকল্পিত এমত অনেক ব্যাপার...আছে, যাহা বিধাতার সৃষ্টির মধ্যে কোথাও নাই পা.প্র ১৪।

কবিগুরু বি [ষ.ত] ১ 'কবিগণের শ্রেষ্ঠ'; কবিকুলপূজ্য (বাল্মীকি)। "নমি আমি, কবিগুরু, তব পদাম্বুজে, বাল্মীকি!—মে ১০৮। ২ প্রধান কবি বা সর্ব্বজ্ঞ (ব্রহ্ম)। "কবিগুরু তুমি হে, মন্ত্র তব মন্ত্রিত সব ভুবনে।—রবীন্দ্র।

কবিজ্যেষ্ঠ পুং [ষ.ত] কবিগণে প্রশস্ততম; বাল্মীকি।

কবিতা স্ত্রী [কবি + তা (তল্)] ১ কবিভাব, কবিত্ব। ২ কবিকর্ম্ম, কবিকৃত গদ্যময় বা পদ্যময় গ্রন্থ; শ্লোক, পদ্য। "যস্যাশ্চৌরশ্চিকুরনিকরঃ কর্ণপুরো ময়ূরো, ভাসো হাসঃ কবিকুলগুরুঃ কালিদাসো বিলাসঃ। হর্ষো হর্ষো হৃদয়-বসতিঃ পঞ্চবাণস্তু বাণঃ, কেষাং নৈষা কথয় কবিতাকামিনী কৌতুকায়॥—সু.র। ৩ [√কব্‌ বর্ণন + তৃ (তৃচ্)-ক -১ব] 'বর্ণয়িতা', কবি। "অমৃতস্যন্দি চ যদ্বচাংসি রামায়ণং তৎ-কবিতুন পুনাতি বা.ভা ১:১৭।

কবিতাই বি [হি করিতাঈ; অপ্র] কবিতা, কবিত্ব। "কবিতাই ভটাই মে দাগ চঢ়ায়া ভা.চ ৪৩৫।

কবিত্ব ক্লী [কবি + ত্ব] ১ কবিভাব, কবিনৈপুণ্য, বর্ণনবৈচিত্র্য। "কবিত্বং দুর্লভং তত্র শক্তিস্তত্র সুদুর্লভা সা. দ ১১/২। আজি হৈতে কবিত্ব করিব প্রচার কৃ.উ ২৬৫; আমার কবিত্ব শুনি কবিত্ব হব আর ২৬৯। °রত্নবিহীন মানস স.শ ১। ২ [বাঙ্‌লায়; অপ্র] কবিতা, পদ্যগ্রন্থ। "তখন করিল কবিত্ব ব্রহ্মার পায়্যা বর; সেই কবিত্ব শিখিল দুইটী কুমার কৃ.উ ২৬৪,-৫। নানা ছন্দে লিখেন কবিত্ব ক.চ ৬।

কবিত্থ পুং [তু 'সং কপিত্থ > লি করিট্‌ঠ; প্রা কবিথ (প্রা.ম)] সর্থ 'কপিত্থ'।

কবিনাস বি [তু 'সং কপিনাস > প্রা কবিণাস] বাদ্যবিশেষ। সর্থ 'কপিনাশ'। "চৈ.ম ৫৬; ৮১।

কবিন্দ্র বি [তু 'সং কবীন্দ্র > প্রা > কবিংদ; অপ্র] কবিশ্রেষ্ঠ মহা-পণ্ডিত। "গো.বি ১০।

কবিপনা বি [কবি + পনা] কবিত্ব, কবিনৈপুণ্য। "কবির ঘুচাব আজ কবিপনা স্ব.প্র ৬৬।

কবিবর বিং [ষ.ত] কবিশ্রেষ্ঠ, মহাপণ্ডিত, বিদগ্ধরাজ। "সখী বলে মহাশয়! তুমি কবিবর। আমার কি সাধ্য দিতে তোমার উত্তর॥ —ভা.চ ৩২১।

কবিরত্ন ক্লী [কবি রত্নতুল্য, উপ.স] কবিশ্রেষ্ঠ, মহাকবি, পণ্ডিতের উপাধি। "°পুরুষোত্তমমিশ্র। সুন্দরাকাণ্ডেতে গীত কবিরত্ন ভণে কৃ ২২৮।

কবিরাজ পুং [কবি রাজতুল্য, উপ.স, সমাসান্ত অ (টচ্); মৈ কবিরাজ—শ্রেষ্ঠকবি; চিকিৎসক] ১ কবিশ্রেষ্ঠ, মহাকবি। "°রাজি নৈ ১.১৪৫। ২ মহাপণ্ডিত, পণ্ডিতের উপাধিবিশেষ। "বিশ্বনাথ-কবিরাজকৃতো সাহিত্যদর্পণে সা.দ ১। রামচন্দ্র কবিরাজ গো ৫৮। কবিরাজ গোস্বামী (চৈ.চ)। জয়দেব কবিরাজ ভ.গ্র ১৯৩। ৩ (বাঙ্‌লায়) চিকিৎসক, বৈদ্য। "মদনজ্বরে না কর ছটফটি। কবিরাজ কহে, কবিরাজ বটি॥—বি.সু ৬০। ৪ বিদগ্ধরাজ, রসিকরাজ। দ্র '(৩)। "হেসে কবিরাজ পথে চলি গেল ব.প ৯৭৬। ['কবিরাজ' বস্তুতঃ পণ্ডিতের উপাধি। বৈদ্যগণ আয়ুর্ব্বেদশাস্ত্রে পাণ্ডিত্য লাভ করিয়া পাণ্ডিত্যসূচক 'কবিরাজ' উপাধি গ্রহণ করিতেন। ক্রমে ঐ উপাধি জাতিনির্ব্বিশেষে 'আয়ুর্ব্বেদে পণ্ডিতমাত্র' ও 'চিকিৎসকমাত্র' অর্থে ব্যবহৃত হইয়াছে।] —রাজী বি কবিরাজের ব্যবসায়; আয়ুর্ব্বেদীয় চিকিৎসা। "কত রকম কবিরাজী, কতই মুষ্টিযোগ প.কা ১০।

কবিরাট্ (-রাজ্) বি [ষ.ত] 'শ্রেষ্ঠ কবি বা কাব্যকার' ; জয়দেব গোস্বামী। "ভ.গ্র ১৯৩।

কবিরায় বি [কবি+রায় ; তা 'কবিরায়'] কবিগণের রাজা ; মহাকবি, মহাপণ্ডিত। "নারায়ণ স্মরে কবিরায় ভা.চ ৩৪৯।

কবিলা বি [আ ক.বিলা] স্ত্রী (আদালতের ভাষা)। "বন্দেআলি… একজন বড় মুসলমানের কবিলাকে বাহির করিয়া তাহাকে নেকা করিয়াছিল ব.প্র ৪৮২।

কবিলাস বি [কবিনাস >°স ; তু 'কবিলাক' (কপিনাক, গো.চ ৪০৪, টীকা)] বাদ্যবিশেষ। সর্থ 'কপিনাশ'। "কৃ.উ ৪৫। ম.পা ৩১ ; ১০৪,-৩৪। দু ১৫। ম.বি ২৫২।

কবিসময়খ্যাত ক্লী, **-প্রসিদ্ধি** স্ত্রী [স.ত ; ষ.ত] কবিগণের সিদ্ধান্তে প্রসিদ্ধ বর্ণনীয় বিষয়সমূহ—পাপে মলিনতা, হাস্যে যশে ধবলতা ইত্যাদি। 'সা.দ ৭.২৩-২৫। "বর্ষাসু হংসা মানসসরোবরং গচ্ছন্তীতি কবিসময়প্রসিদ্ধিঃ (বিক্র, টীকা)।

কবীন্দু পুং [কবি ইন্দুতুল্য, উপ.স] কবিশ্রেষ্ঠ, বাল্মীকি।

কবীন্দ্র পুং [কবি ইন্দ্রতুল্য, উপ.স] কবিশ্রেষ্ঠ, মহাকবি। "শ্রুতবোধ ১৯ ; ২০। বন্দিব কবীন্দ্র বেদব্যাস-পদদ্বয় শি ৪। কবীন্দ্র মিণ্টন স.শ ১১৩।

কবীরপন্থী বি [কবীর+পন্থ+ঈ৭] কবীর-প্রবর্ত্তিত ধর্ম্মপথাবলম্বী, কবীরের ধর্ম্মের উপাসক ; কবীরমতানুসারী বৈষ্ণববিশেষ। [এই ধর্ম্মের প্রবর্ত্তক কবীর (আ কবীর্—মহাত্মা) এক বিধবা ব্রাহ্মণীর সন্তান। নিন্দাভয়ে বিধবা শিশুকে পরিত্যাগ করিলে, এক জোলা ও স্ত্রী ইঁহাকে প্রতিপালন করে। ইনি রামানন্দের দ্বাদশ শিষ্যের একতম। মণিকর্ণিকায় স্নানার্থ অবতরণকালে ইহার গাত্রে রামানন্দের পাদস্পর্শ হওয়ায়, রামানন্দ 'রাম' 'রাম' উচ্চারণ করেন। কবীর ইহাই মন্ত্ররূপে হৃদয়ে ধারণ করেন। কবীরপন্থীরা বিষ্ণুর প্রতি অধিক শ্রদ্ধাবান্। ইঁহাদের মস্তকে টুপী, কণ্ঠে তুলসীমালা ও হস্তে তুলসীর জপমালা থাকে। ইঁহারা তিলকসেবা করেন, অথবা নাসিকাপৃষ্ঠে চন্দনের বা গোপীচন্দনের রেখা অঙ্কিত থাকে। গৃহস্থ কবীরপন্থীরা স্ব স্ব বর্ণোচিত আচার-ব্যবহারের অনুষ্ঠান করেন। সংসারমুক্ত সাধুগণ নয়নাতীত কবীরদেবের ভজনা করেন। ইঁহারা মন্ত্রগ্রহণ করেন না (ভা.উ)।]

কবীশ্বর পুং [কবিগণের ঈশ্বর, ষ.ত] কবিরাজ, শ্রেষ্ঠকবি।

কবু ক্রি.বিং [কব+উ৬ ; অপ্র] ১ কখনও, কোন সময়েই। "স্বামীকে পাইলে যৌবন কবু নাহি টুটে ম.গা ১০ ; গো.চ ৩৩৭। ২ কোথাও কোনস্থানেও। "সতী কন্যার লাগ গোর্থে কবু নাহি পাএ গো.চ ৩৪২।

কবুতর বি [ফা কব্‌তর্ ; ঠ খব্‌তর, -ত্তর, -দর ; কতুর (যশোহর, নাটোর) ; কৈতর (ময়মনসিং) ; কৌতর (চব্বিশপরগণা) ; অপ্র] পারাবাত, পায়রা। "চলিলেক কবুতর হৈয়া বাউগতি ম.পা ৬৭ ; ৬৮। শ্রী ৭৬। বা.ম ৩৯৭।

কবুল বি [আ ক.বূল্] ১ স্বীকার, হ্যাঁ। "মাও দায় দিয়া কবুল করিল গো.চ ২৯। কথা শুনিয়া দর্শকমণ্ডলী…অনেকে বলিল—'কবুল'। —ব.প্র ৪৯৯। ২ অঙ্গীকার, প্রতিজ্ঞা সত্য। "রাজ্য দিব কহিয়াছি, সঙ্গে সঙ্গে আনিয়াছি, গোলাম কবুলে পার পায় ভা.চ ৪৭৭। ৩ স্বীকার, গ্রহণ। "তবুতো গোলামের ভাত কবুল না করি গো.চ ১৮৫। [কবুল জবাব—দাবী স্বীকার করিয়া প্রদত্ত উত্তর। কবুলা বেশী—নির্দ্দিষ্ট গুজস্তাজমা অপেক্ষা রাইয়তের স্বীকৃত অধিক জমা। কবুল ডিক্রী—প্রতিবাদীর স্বীকার-অনুসারে ডিক্রী।]

কবুলতি [আ ক.বূলীযত্] পাট্টার পরিবর্ত্তে ভূম্যধিকারীকে পাট্টার অনুরূপ শর্ত্তে খাজনা দিবার অঙ্গীকারে প্রজা যে প্রমাণপত্র লিখিয়া দেয়, তাহা 'কবুলতি'। "মোকররি জমা ৩০০্ সন ২ আদায় করিব বলিয়া কবুলতি লিখিয়া দিয়াছ E.P. 44.

কবুলিয়ত [দ্র 'কবুলতি] একরারনামা, স্বীকারপত্র। "এতদর্থে… কবুলিয়ত লিখিয়া দিলাম E.P. 80.

কবে ক্রি.বিং [কব+এ৫] ১ কোন সময়ে ; কোন দিনে ; কত দিনে ; কখন। "পুত্র না হইলে কবে কোন্‌রূপে তরি।—ম ১১৪৮। শালে দেয় কবে কিংবা গরদানে মারে ভ.গ্র ১৯০। সকলি প্রস্তুত, বর হয়ে কবে যাবা ভা.চ ৬৪। আজ যদি না বলে তবে কৃষ্ণকথা কবে কবে (দা)। রে প্রমত্ত মন! কবে পোহাইবে রাতি? জাগিবি রে কবে? —মাইকেল। মরিবার এমন সময় আর কবে পাইব?—কাদ ১১৭। ২ কোন্ কালে? কখন? "ভুলালি আমায়, দ্বারী ভাঁড়া যায়, সখী ভাঁড়া যায় কবে?—ভা.চ ৩৭২। ৩ কোন্ অতীতকাল বা কালে। "কবে বিষ্টি পড়েছিল, বান এল সে কোথা!—শিশু ৮৭। আমার মিলন লাগি তুমি৹ আস্‌চ কবে থেকে গী.লি ৪১। ৪ ['কবু' সাধু] কভু, কখনও। "এমন সেমন গুরু তোর কবে ভজবার নই গো.চ ৬০, টীকা ; কবে নাই দেখি ৭১। [কবেকার— কোন সুদূর অতীত-কালের! "শিবঠাকুরের বিয়ে হল৹ কবেকার সে কথা।—শিশু ৮৭।]

কবো ক্রি.বিং [কব+ও৩ ; অপ্র] কখনও, কোন কালেও। "জলের গতি উচ্চ কবো নয় গ ১৫২।

কবোষ্ণ বিণ [°ষ্ণ+অ (অচ্) অস্ত্যর্থে] কবোষ্ণবান্, ঈষদুষ্ণস্পর্শযুক্ত, ঈষদুষ্ণ। "রঘু ১.৬৭। রাজপুত্র অকস্মাৎ শিহরিয়া উঠিলেন ; তাঁহার করপল্লবে কবোষ্ণ বারিবিন্দু পড়িল ব.প্র ৮৮। —ষ্ণ ক্লী [কু উষ্ণ, নি.স, কু >কব] ঈষৎ উষ্ণ স্পর্শ।

কব্জা বি [আ ক.র্‌জা] ১ কপাট ঝুলানর অথবা তাদৃশ কার্য্যের নিমিত্ত ব্যবহার্য্য লৌহাদির পাতের কলবিশেষ (hinge)। "ফাটকের দক্ষিণ কবাট ভগ্ন৹ বামের কপাটভার একখানি কব্জায় লগ্ন স্ব প্র ৯৮। ২ (সাদৃশ্যে) হস্ত ও পাণির সন্ধি ; মণিবন্ধ, কব্জি (wrist)। "কব্জা তুলে দেখবে বাজু।—হেম ৩৮৫। —ব্জি বি সর্থ 'কব্জা (২)।

কব্য ক্লী [√কব+য (যৎ)-র্ম্ম (অ.টী) ; 'কব্য'—স্তবসাধু স্তোতা (ঋগ্বেদ ৯.৯১.২)] তৃপ্তিকারণরূপে বর্ণনীয় (অ.টী) ; পিতৃগণের তৃপ্ত্যর্থ দেয় অন্নাদি ; পিত্রন্ন। তু 'হব্য'। "কব্যানি চৈব পিতরঃ (অশ্নন্তি) মনু ১.৯৫। হব্য কব্য যত কিছু ত্রিগুণব্যাপিত ম ২৭২। কেহ হব্য কব্য খাইছে ভা.চ ৪৫।

কব্যবাহ, -বাহন পুং [কব্য+ √বহ্+অ (অণ্)-ক ; উ.ত ; ষ.ত] যে কব্য বহন করে, কব্যের বাহক ; অগ্নি।

কভু ক্রি.বিং [কবহু >(হ-লোপে) কভু ; দ্র 'কভো' ; মৈ কবহু ; হি কভী (কব+হী)] কখনও, কোনকালেও, কদাপি। "নাহি শুনি৹ হেন মধুমাখা কথা কভু এ জগতে মে ১২১ ; প্রেমতত্ত্ব…নাচিছে, গাইছে৹ কভু, বিবাদিছে কভু, কাঁদিছে কভু বা ২৬৭ ; ২৬৮। যাহারে কাণ্ডারী করি, সাজাইয়া দিনু তরি, সে কভু না দিল পদ তরণীর অঙ্গে ব.প্র ১৩২। [কভু কভু—কখনও কখনও। "কভু কভু কৃষ্ণ পানে… চাহে চৈ.ম ১৮৪।]

কভুঁ ক্রি.বিং [কভু >°ভুঁ ; অপ্র ; তু 'মৈ কবহুঁ] সর্থ 'কভু'। "কভুঁ হারি কভুঁ জিতি রণের ব্যবহার কৃ.উ ৪৩।

কভো ক্রি.বিং [কব+ও৪ (মহাপ্রাণ উচ্চারণে 'হ' আগমে ও>হো) >কবহো, -হু >('হ'-লোপে) কভো, -ভু ; অপ্র ; তু 'এভোঁ, -ভুঁ'] কখনও, কোনও কালে, কদাপি। "কভো কেহো না কৈল যেন রস প্রবন্ধে শ্রী.কী ৩৮৩। এমন জননী আহ্মি কভো নহি পাই গো.বি ২১ ; ৯৬। কপর্দ্দ ভাসিয়া আছে মৎস্য কভো নহে ম.পা ১১১। গ ১০৯ ; না ছাড়িয় কভো আমা ১৪৮। কভো দুঃখ নাহি তার জন্মে কি মরণে চৈ.ভা ২৭। চৈ.ম ৯০। কভো তার নাহিক নিস্তার চৈ.চ ২৭৬। [কভো কভো—কখনও কখনও। "চ.বি ২৯৩।]

কভোঁ ক্রি.বিং [কভো > °ভোঁ] সর্থ 'কভো'। তু 'এভোঁ'। "কোঁপে কভোঁ মোকে হাথে না ছুইল সামী শ্রী.কী ২৫ ; ৫৯। [কভোঁহো—কখনও। "শ্রী.কী ১০৮। তু 'এভোঁহো'।]

কম্ সক [ভ্বা, আ—কাময়তে ; সেট্] ১ স্পৃহা, অভিলাষ। "নিষ্ক্রষ্টু-মর্থং চকমে কুবেরাৎ রঘু ৫.২৬। ২ সহবাসার্থ অভিলাষ। "(দিতিঃ… পতিম্) অপত্যকামা চকমে ভ ৩.১৪.৮।

কম১ বিং [সং কমনীয়] সুন্দর, মনোহর। "কম কয়ো রমা। —মাইকেল। মাতৃভাষা—কম কলেবরে ন ৪২৮; বসন্তের কম কলেবরে ৫৫৫। কম কুমুদের দাম প.তৃ ৩৪।

কম২ '-ম্' বিং [Av. Kamna—little, insufficient ; ফা কম্] ১ অল্প, অল্পতর। "সাহিত্যে সে ভাল, কিন্তু গণিতে তার বুদ্ধি বড় কম। ২ ন্যূন, ন্যূনতর, অপকৃষ্ট। "কেহ নই কম, দোষ-গুণে সম ব.প ৫৯৪। কটুতায় কোটি কোটি কালকূট কম ভা.চ ২৯০ ; কেহ কারে নহে কম ৭৩৮। ৩ অপটু, অকুশল, কাঁচা। "লাঠালাঠি কাটাকাটি কিসে তুমি কম।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৪ অত্যল্পসংখ্যক (few)। "গরীবের দুঃখ কম লোকেই বোঝে। ৫ অল্প (সংখ্যায়)। ৬ সামান্য, সাধারণ, সহজ। "সর্ব্ব জীবে সম ভাব—কম কথা নয়! —ম ক্রি-বিং ১ কদাচিৎ, ক্বচিৎ ; প্রায় না (seldom)। "কাজে কথায় এক, এরূপ লোক কমই দেখা যায়। ২ অল্প, অল্পতর। "কম লম্বা, কম চওড়া, কম শুনা ইত্যাদি। [কম-কম—কিছু-কম। "কম-কম এক খুঁচি চাল্। বিপ 'বাড়া-বাড়া'। কম করা—১ অল্প বা হ্রাস করা; কমান। ২ বাকি রাখা ; ত্রুটি করা। "দোষ পেলে কেউ বলতে কম করে না। কমজম, কমশম (কমষম ?)—স্পৃহার নিবৃত্তি করিয়া অল্প-সংখ্যক (টাকা-প্রভৃতি) ; "দু শো টা—কা! —ও বাবা!…বাচস্পোৎ দা! কিছু কমজম কি হয় না!—মা ৩৩৬। তুমি বলে-কয়ে কমজম করিয়া দিতে পার না?—আ.দু ১০। কম-জোর—দুর্ব্বল, শক্তিহীন (দেহ)। কম-জোরী—দুর্ব্বলতা। কম নয়—১ ন্যূন নয়। "তিনটি ভাই, কেউ কম নয়, সকলই পণ্ডিত। ২ (কাকু হেতু) দুষ্কার্য্যে ন্যূন নয়, অর্থাৎ অতি দুষ্ট। "এ বুড়ো মিন্‌সে তো কম নয় গো! এ কি আমাকে খেয়ে ফেল্‌তে চায় না কি?—মা ৩২৬। কম বেশ (ফা কম্-ব-বেশ্)—কিছু কম বা বেশী ; প্রায়। কম মানুষ—সোজা লোক ; সামান্য লোক। "এ কম মানুষের টাকা নয়, এ টাকা…হজম করা তোর আমার কর্ম্ম নয় মা ৩২৮। কমা—সংখ্যায় বা পরিমাণে অল্প হওয়া। কমাকম—কম হইতেও কম ; অতিকম। কমান (হি √কমা) সংখ্যায় বা পরিমাণে অল্প করা। কমি বেশী, কমী বেশী—দ্র 'কমি'।]

কমঠ পুং [√কম্+অঠ-র্ম্ম, উ ১.১০০ ; স্ত্রী -ঠী ; তু 'কমঢ' —পিঠর (দেশী ২.৫৫)] ১ কচ্ছপ। "কমঠকঠোরমিদং ধনুর্মধুরমূর্ত্তিরসৌ রঘুনন্দনঃ (মহানাটক)। কমঠ-কঠোর ধনু, শ্রীরাম কোমল-তনু কৃ ৭৩। শরট কমঠ ভেট ক.চ ৪৬। নমামি কমঠ তনু ম.বি ২১৯। কামিনী-কুচযুগ কমঠ-কঠোর রা.শে ৮১। কমঠপীঠ,-কঠোর কলেবর জ.প ৫৪। কঠোর কমঠ-ঘটা বা.দ ৬৮। ২ বিষ্ণুর অবতারবিশেষ ; কূর্ম্মাবতার। "ভ ১.৩.১৬। কমঠ উপরে ভর করিলেন তবে শ্রী.মা ১০। কমঠ-উপর করিয়া ভর শি ৭। ৩ বংশ, বাঁশ। —ঠ ক্লী (সাদৃশ্যে) মুনিদিগের জলপাত্রবিশেষ। —ঠী স্ত্রী [°ঠ+স্ত্রী ঈ (ঙীপ্)] কচ্ছপী। "কূর্ম্মকমঠীকূট, উর্ম্মিতে লটপট।—হেম ৩৪৬।

কমণ, -ন বিং [দ্র 'কওন' ; অপ্র] কোন, কি। "ইহার মরণ হয় কমণ উপাএ শ্রী.কী ১ ; ১০ ; কমন আন্তরে ২১৩।

কমণ্ডল বি [সং °লু ; হি °ল ; অপ্র] কমণ্ডলু। "দণ্ড কমণ্ডল করে শ্রী.মা ২১২। [°লে (পদ্যে)—কমণ্ডলুতে। "হেম ২৪৩।]

কমণ্ডলু পুং, ক্লী [ক (জল) + √মণ্ড্+অলু-র্ম্ম (অ.টী)] ১ যাহা জল দ্বারা মণ্ডিত হয় ; সন্ন্যাসীর বা ব্রহ্মচারীর মৃণ্ময় বা কাষ্ঠময় জল-পাত্রবিশেষ ; করঙ্ক। "রা ৩.৪৬.৩। কমণ্ডলূপম হি ২.৯৩। ব্রহ্মা কমণ্ডলু।—হেম ২৪৩। ২ প্লক্ষবৃক্ষ। ৩ চতুষ্পদ জন্তুবিশেষ। "পা ৪. ১.৭২, তত্ত্ববোধিনী।

কমতি, -তী '-ম্‌তি' বি [ফা কম+তি, -তী ; হি, ঠ, গু °তী] অল্পতা, কমী, ঘাটতী। বিপ 'বাড়তি, -তী'। "আমাদের বাঁদিকে কমতি থাকিলেও ডানদিকে বাড়তি থাকিতে পারে চা.পু ৮। —তি, -তী বিং অল্প, কম। "সে বসনভূষণ কমতি হ'লে স্বামীকে স্ত্রী বকে। —দ্বিজেন্দ্রলাল রায়।

কমন বিণ [√কম্+অন (ল্যুট্)-র্ম্ম ; স্ত্রী -নী] ১ কমনীয়, সুন্দর, অভিরূপ। "ত্রিভুবন° ভ ১.৯.৩৩। ২ [+অন (যুচ্)-ক, তাচ্ছীল্যে ; স্ত্রী -না] কামনাশীল ; কামুক, কাময়িতা। "কমনা যুবতিঃ পা ৩.২. ১৫৩, সি। —ন পুং ১ কাম। ২ ব্রহ্মা। ৩ অশোকবৃক্ষ। —নী স্ত্রী [+অন-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] যোষিৎ। "মাঘ ৬.৭৪। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম ; স্ত্রী -য়া] ১ বাঞ্ছনীয়, কামনার্হ, কাম্য। "অনন্যনারীকমনীয়মঙ্কম্ কু.স ১.৩৭। ২ রুচির, মনোহর। "কোরে দিল কমনীয় কুন্তলে কবরী শ্রী.মা ৪৮। কমনীয় কণ্ঠভূষা প.তৃ ৫৯।

কমনে১ ক্রি.বিং [কোন্‌খানে > কোহানে > কহনে > (কঅনে) °নে (?) ; তু 'কনে' (গ্রাম্য)] কোন স্থানে ; কোথায়, অনির্দিষ্ট স্থানে। "আমি অনেকের গরু চরাই, তোমাকে তোমার শ্বশুরবাটি লইয়া গেলে গরু সব কে কমনে যাবে ব.প ১৭০৩। [কমনেকার—কোথাকার কোথার।]

কমনে২ ক্রি.বিং [ক কি (কিম্) + মন্ত > ক (কি) মন্ত > ক (কি)মন, কিমত ; কমন+এ° ; তু 'কেন মণে, কেন মনে' (শ্রী.কী) ; অপ্র] কি প্রকারে, কিরূপে, কি উপায়ে। "বন্ধুজন করাআঁ বিমনে। ছন্দে বন্দে তোষিবে কমনে॥—শ্রী.কী ৩৭৫।

কমন্তর বি [সং কম্+অন্তর ; অপ্র] 'ক', অর্থাৎ জল, তাহার মধ্য, জলাভ্যন্তর। "কুম্ভীর কমঠ কত কমন্তরে বুলে শ্রী.মা ৮২। —রে ক্রি-বিং ১ ক, অর্থাৎ সুখ, তদ্‌যুক্ত অন্তরে ; সানন্দচিত্তে। "কয়ে এত কমন্তরে। গেলেন হাকণ্ড তীরে॥ শ্রী.মা ২১২। ২ হৃষ্টমনে, সুখে, অনায়াসে। "সাজ রে সাজ রে সাজ যাইব ঢেকুর। কমন্তরে গোপের করিব দর্পচুর॥ —শ্রী.মা ১৪।

কমপোক্ত বিং [কম+পোক্ত] ১ কম শক্ত ; গর-মজবুত, কমজোরী। ২ অসম্পূর্ণভাবে সমর্থিত ; অপ্রমাণ, অসমর্থিত। "ঠকচাচা হেলবার দোলবার পাত্র নয়—মামলায় বড় টক্ক ; আপনার আসল কথা কোন রকমেই কমপোক্ত হইল না।—আ.দু ৫১। ৩ অপরিপক্ক, অকুশল।

কমবক্ত, -বক্তা, -বক্‌তা, -বোক্তা বিং [ফা কম্‌বখ্‌ত্] অল্পভাগ্য, ভাগ্যহীন, হতভাগ্য। "কমবক্তাক রাখ বান্দা গো.চ ২২৮, টীকা ; ব.প ৬৮। বক্তার মাগ মরে, কমবক্তার ঘোড়া মরে বি.বু ৪২। কমবোক্তার কপালে গো.চ ২০৮,-১১,-১৩। —বক্তি,-ক্তী বিং [ফা কম্‌বখ্‌ত্‌ী—দুর্ভাগ্য] দুর্ভাগ্যবতী, হতভাগিনী। "এ বাড়িত ভাত খাওঁ কমবক্তির কপালে গো.চ ৭৫। কমবক্তি, ওক্ত গেল, তক্ত যাবে কাঁক।—হেম ৩৭৭। দুঃ বেটি কমবক্তি স.এ ৭ ; ৬২। —বক্তে বিং [°ক্ত+এ°] অভাগ্যবান্, হতভাগা। "ওরে কমবক্তে, আগে আমার পা পুজো করে পুণ্যি কর, আয় কমবক্তে!—অ.প্র ৩৪।

কমর বিং [Av. kamar ; ফা কমর্ ; হি °র ; ঠ কংবর, কমর ; গু কম্মর ; কমড় (গো.চ) ; অপ্র] কটি, কোমর, কাঁকাল। "অধ্যবসের যোগী পাইলে কমরে তুলি কাটে মী ১২। কমরে কাছুটি গো.বি ৭৯। কমরে শিকাই নাই গো.চ ৭১ ; কমর বান্ধে ১১৫। [কমর বান্ধা (হি কমর বাংধনা)—বদ্ধপরিকর হওয়া ; কার্য্যার্থ সজ্জিত হওয়া।]

কমরপটী, -বন্ধ বি [কমর+পাট, বন্ধ ; হি °বন্দ ; ঠ—°পট্টা, টী, -বন্দ] কটিবন্ধ, কোমরবাঁধ (girdle)। "°পটী গো.চ ৪২০ ; °বন্ধ ৪৫৬।

কমল[১] পুং [°ল+অ (অচ্) অস্ত্যর্থে] ১ কমল যাঁহার উৎপত্তি স্থান-রূপে আছে ; কমলযোনি, ব্রহ্মা। ২ (জলচরত্ব হেতু) সারসপক্ষী। ৩ মৃগবিশেষ। ৪ (সঙ্গীতে) ধ্রুবপদবিশেষ, ধুয়া। —ল ক্লী [√কম্ +অল (কলচ্)-র্ম্ম ; উ ১.১০৬ ; তু 'কমল' —পাটলবর্ণযুক্ত, গোলাপী (তৈত্তিরীয়সংহিতা ৭.৩.১৮.১)] ১ পদ্ম। "কর°, বদন°, মুখ°, লীলা°, শ্রীচরণ°, হৃদয়°, °গন্ধি, °পত্রাক্ষ, °বদন, °যোনি, কমলায়তলোচন, কমলেক্ষণ। বাপীঃ কমলপিঙ্গলাঃ রা (S.W.)। আস্য° শৃ ১। নয়ন-কমল শ্রী.কী ৬ ; কনককমল-রুচি ১২। কমল আসন, কমল ভূষণ, কমল-মালা ললিত ভা.চ ১০। কমল মুখ তায় কমল হাসি, কমল কর তায় কমল বাঁশী দা.১৯৫। (উষে) কমল-নয়ন খুলি কার পানে চেয়ে আছ।—স শ ১১৯। ২ রক্তপদ্ম। "রক্তত্বং কমলানাম্ (ভর্তৃহরি)। ৩ জল। "সকমলং কমলম্ কি ৫.২৫। কমলোদয় নৈ ১.১৩০। কমল ভাসিছে দুই কূলে গ ১৭৮। কুল কুল কুরব কমল কাণে কাণ। শ্রী ১৮, কমল-তরঙ্গ ৮৯ ; ১৭৯। (গঙ্গে) হরিপদকমল-কমল-কলদঙ্গে ভা.চ ৪৫২। ৪ (বর্ণসাদৃশ্যে) তাম্র। ৫ ক্লোম (the bladder)। ৬ ঔষধ। ৭ (বাঙলায়) কমলতুল্য শোভাকর বস্তু বা ভূষণ। "কুলের কমল হৈঞা কুলে দিলাঞ কালী ব.প ১৩৫৭। —লা স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্)] ১ 'কমলাসনা', লক্ষ্মী। "কমলা কমলালয়া ভা.চ ১০। নমামি কমলাম্…মাতরম্ ব.ন্বি ৯৭। ২ বরাঙ্গনা, বরনারী। ৩ গঙ্গা (শ.ক)। ৪ জম্বীরবিশেষ, কমলালেবু। ৫ ছন্দোবিশেষ। —লী স্ত্রী হরিণী (অ.কো)। [কমলপত্র (ক্লী)—পদ্মের পাপড়ি ; পদ্মপত্র। "কমলপত্রাক্ষ গী ১১.২। °বন (বি)—পদ্মবন। "কাদ ১৪। °বান্ধব (পুং)—সূর্য্য। "কমলবান্ধব গণ্ড ম ১৮৩। °ভব, °ভবন, °যোনি, °সম্ভব (পুং)—'কমলজাত', ব্রহ্মা। "°যোনি দা ১। °লোচন (বিণ) —পদ্মপলাশনেত্র। "কৃ.উ ১৯২। কমললোচনী কমলিনী ব ১৩৫। চৈ.ম ৯৩। কমলে কামিনী—কমলে আসীনা কামিনীরূপা চণ্ডী। "ক.চ ২০৫। বঙ্গ-হৃদ-হ্রদে চণ্ডী কমলে কামিনী মা ১৬৮।]

কমল[২] বিং [সং কোমল ; অপ্র] কোমল। "মী ১২।

কমলকুমারী বি [উ.লো] কমলস্থিতা কুমারীরূপা চণ্ডী, কমলে-কামিনী। "কমলকুমারী কিছু নাহি দেখে নীরে ম.পা ১১২,-৩।

কমলখণ্ড ক্লী [কমল+খণ্ড (খণ্ডচ্) ; তু 'ষণ্ড'—পদ্মিনীষণ্ড] কমল-সমূহ। "পা ৪.২.৫১, কাশিকা।

কমলগর্ভ পুং [বহুব্রী] কমল যাঁহার জন্মস্থান ; ব্রহ্মা।

কমলজ বিণ [কমল+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] পদ্ম-জাত (মধু-প্রভৃতি)। —জ পুং ১ কমলযোনি, ব্রহ্মা। "কি রূপ কিরূপ করি কৈল কমলজ বি.সু ৪৭। ২ (বাঙলায়) কমলাসন শিব (অসাধু)। "কমলজ কপাল করিয়া করতলে। ভবতি ভবন্ ভিক্ষান্দেহি দেহি বলে ॥—শি ৩০। —জা স্ত্রী ব্রহ্মদেবতাক রোহিণীনক্ষত্র।

কমলাকর পুং [ষ.ত] ১ পদ্মের উৎপত্তিস্থান ; পদ্মাকর, তড়াগ, সরসী। "°শোভী কু.স ২.২৯। ২ পদ্মসমূহ। "নালশিষ্টা হিমৈর্দ্দগ্ধা ন ভান্তি কমলাকরাঃ গো.রা ৩.২২.২৫।

কমলাকান্ত, -রমণ বি [ষ.ত] লক্ষ্মীর পতি ; বিষ্ণু। "°ণ ম ১২২৭। °ন্ত ভা.চ ১৬৯।

কমলাক্ষ বিণ [কমলতুল্য অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্) ; স্ত্রী -ক্ষী] পদ্মপত্রাক্ষ, কমললোচন। —ক্ষ বি (বাঙলায়) পুণ্ডরীকাক্ষ, বিষ্ণু। "প্রণমামি…কমলাক্ষ দা ১।

কমলাগুড়ি বি [সং কম্পিল্লক] বৃক্ষবিশেষ, রোচনী।

কমলাপতি পুং [ষ.ত] লক্ষ্মীপতি, বিষ্ণু। "হৃদিবৃন্দাবনে বাস কর যদি কমলাপতি দা ৩৫৬।

কমলাবিলাস বি 'লক্ষ্মীর প্রীতিকর' ; স্ত্রীলোকের পরিধেয় উৎকৃষ্ট শাটীবস্ত্রবিশেষ। "বসন পরে কমলাবিলাস শ্রী ৪০।

কমলারি বি [অপ্র] কমলের অরি ; হিম, শীতকাল। "কমলারি যৌবন হইবে পৌষ মাসে ম.পা ১৬২।

কমলালয় বিণ [বহুব্রী] পদ্ম যাহার বাসস্থান ; পদ্মালয়। "কমলা কমলালয়া ভা.চ ১০। —য়া স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্)] কমলবাসিনী লক্ষ্মী। "রা (S.W.)।

কমলাসন পুং [বহুব্রী] পদ্মাসন, ব্রহ্মা। "কু.স ৭.৭০। ভ ৫.২০.২৯। —ন ক্লী [কর্ম্মধা] কমলের আসন। "°স্থ গী ১১.১৫।

কমলিনী স্ত্রী [কমল+ইন্ (ইনি) 'তদ্দেশ' অর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কমলের দেশ (স্থান) ; পদ্মিনী, পদ্মঝাড়। "রঘু ৯.২৭ ; পুষ্পিতাঃ কমলিনীঃ ১৯.১১। কমলিনীহরিতৈঃ সরোভিঃ শ ৪.১১। দিনে দিনে ক্ষীণ তনু, হিমে কমলিনী জনু বি.প ১৬৯। কমলিনী বান্ধিয়াছে কবরী ভা.চ ৩৪১। ২ কমলপ্রচুর স্থান ; পদ্মপূর্ণ জলাশয় ; পদ্মাকর। "°তীর মহা ১৩.৯৩.৮০। ৩ গঙ্গা (শ.ক)। ৪ [+ইন্ সমূহার্থে] কমলসমূহ, পদ্মনিকর। "কমলিনী মালিনী যামিনীযোগে।—বা.দ ৯৬। ৫ (বাঙলায়) কমল, পদ্ম। "কমলিনী কোমল কলেবর বি.প ৫৯ ; (ভ্রমর) ন তেজই কমলিনী লেহ ১৬৭ ; উরে দোলে শ্যামল বেণী। কমলিনীকোরে জনু কালসাপিনী ১৮৮। কমলিনী-অঙ্গ সীতা কৃ.অ ১৬। তা না হলে ফুটিতে কি তুমি, কমলিনি, জুড়াতে এ চক্ষুঃদ্বয় ?—মে ১৬২। ৬ বরনারী, বরস্ত্রী। তু 'পদ্মিনী'। "শুনিয়া আকাশবাণী, আনন্দিত কমলিনী ব.প ৫৫৯। কেমতে বেড়াবে বনে কমলিনী সহ ভ.গ্র ৭১। রাই কমলিনী জ্ঞা ২৪ ; এ ধনি কমলিনী ১৪১। কমলিনী সীতা কৃ ১০৮। শুন কমলিনী বি.সু ৪২। কোমললোচনী কমলিনী ব ১৩৫। ৭ পদ্মিনী নারী। "কমলিনী-অঙ্গ সীতা কমলিনী নারী কৃ.অ ১৬। ৮ পদ্মিনী নারী রাধিকা। "কুঞ্জে ছিল কানু কমলিনী চ.দা ৬৯ ; ৮৭। কমলিনী ঠামে মিলালি শ্যামে রা.শে ৬৬। সহজই কমলিনী ভেল মলিন অতি জ্ঞা ২১০। কমলাদি পুষ্প দিয়ে ঢাকেন কমলিনী দা ২০৫ ; ৪৭৪। [°কান্ত (পুং)—সূর্য্য। °নায়ক (বি)—সূর্য্য। "সী ৩৭। কমলেক্ষণ (বিণ)—কমললোচন। কমলোদ্ভব (পুং)—পদ্মযোনি, ব্রহ্মা।]

কমা বি [E. comma] আবৃত্তিকালে বাক্যে স্বল্প বিরামচিহ্ন ; পাদচ্ছেদ (,)।

কমি, -মী বি [ফা কমী] ১ অল্পতা, ন্যূনতা। "জমার কমি খরচ বেশী, তবে কিসে রাজার কাছে।—রামপ্রসাদ। ২ অভাব, অনাটন। ৩ হ্রাস, উপশম। ৪ শৈথিল্য, ঢিলামি। —মি বিং কম, ন্যূন। "বার ভার পানির মাঝত একভার কমি পায় গো.চ ১৬২,-৮। [কমি বেশি, কমী বেশী (ফা বেশী)—ন্যূনতা ও আধিক্য। "মায়ের প্রজা হওরে আসি। মায়ের সমভাব নাই কমি বেশি ॥—কমলাকান্ত।]

কমিটি বি [E. committee] কার্য্যবিশেষের সম্পাদনার্থ নিযুক্ত জনসমূহ ; কার্য্যসম্পাদক সভা বা সমিতি। "রাত হল তবু কিসের কমিটি ?—কা ৯১। ঘরে ঘরে কমিটি বসিয়া গেল ব.প্র ৩৭৬।

কম্মিন বি [ফা কমিনহ,—নীচ, হীন ; হি কমীন্ ; অপ্র] নীচ জাতি। "সহজে কমিন আরো খল হৈছে পড়ি ব.প ২১৪।

কম্মিশন্, -সন্ বি [E. commission] ১ কোন কার্য্যনির্ব্বাহার্থ নিযুক্ত ক্ষমতাপন্ন ব্যক্তিগণ বা সমিতি। "প্রজার দুরবস্থা শুনতে ইণ্ডিগোকমিসন্ বসলো…কমিসনে কেঁচো খুঁড়তে খুড়তে সাপ বেরিয়ে পড়লো হু ১০৬। ২ এজেন্টের প্রাপ্য পারিশ্রমিক বা দস্তুরি (brokerage)

কমিশনর্, -সনর্ বি [E. commissioner] ১ বিভাগের (Divisionএর) উচ্চতম বা প্রধান কর্ম্মচারী; রাজস্ববিভাগের প্রধান রাজপুরুষ। ২ সমিতি (commission) কর্ত্তৃক নিযুক্ত রাজপুরুষ। "রেজিমেণ্টকে রেজিমেণ্ট গোরা, গন্, বোট ও এস্পেসিয়েল কমিসনর চল্লো। বাঙ্গালির হ'য়ে ভারতবর্ষীয় খুড়ীর একজন খুড়ো-কমিসনর হলেন হু ১০৬। [°রী—কমিশনরের পদ বা কার্য্য।]

কমুণ্ডল বি [সং কমণ্ডলু; অপ্র] কমণ্ডলু। "ম ২০৩। চৈ.ম ১৬৯। ভ.গ্র ৭৭।

কমোট্, -ড্ বি [E. commode] মলত্যাগার্থ বাক্সের মত কাষ্ঠ-মঞ্চবিশেষ।

কম্প্ অক [ভা, আ—কম্পতে; সেট্] কম্পন, চলন। [অনু—অনুকম্পা, কৃপা। প্র, বি—অতিকম্পন।]

কম্প[১] পুং [√কম্প্+অ (ঘঞ্)-ভা] ১ চলন, কম্পন। "ক্ষিতি°, বিদ্যুৎ°, শিরঃকম্প, হৃদয়°। ভূমি° রা ১.৪০.১৫। মৃগমারুত° গো.রা ৫.১৩.৪১। রঘু ১৩.৪৪। ২ উচ্চারণে স্বরকম্পন। ৩ সাত্ত্বিকভাব-বিশেষ; বেপথু। "স্তম্ভ কম্প অরু॰ অঙ্গে পুলক ভরু।—রাধামোহন দাস। —ম্পন বিণ [+অন (যুচ্) তাচ্ছীল্যে -ক; স্ত্রী -না] ১ কম্পশীল, কম্প্র, চলনশীল। "কম্পনা শাখা পা ৩.২.১৫৩, সি। ২ কম্পধর্ম্মী। ৩ [√কম্পি+অন [(ল্যুট্)-ক; স্ত্রী -নী] কম্পয়িতা, চালক। "হৃদয়° মহা ১.৪৭.২৭; মেরু° ১৩.১৪.৭৩। —ম্পন পুং ১ 'কম্পনধর্ম্মী', শিশির ঋতু। ২ অস্ত্রবিশেষ। "গো.রা ৬.৭২৪। মহা ১.৬৯.২৩। ৩ সান্নিপাতিক জ্বরবিশেষ (ভাবপ্রকাশ)। —ম্পন ক্লী [+অন-ভা] ১ চলন, কাঁপ। "ভূমিকম্পন (মহা)। ২ সর্ব 'কম্প[১]' (২)। [কম্পকম্পান্বিত ('কম্পান্বিত' সাধু] বিং—অতিকম্পিত। "ভ.গ্র ১২২। কম্পজ্বর (বি)—যে জ্বর শরীর কাঁপাইয়া আসে (ague)। কম্পবান্ ('কম্পমান' সাধু; তু 'বলবান্'; অপ্র) বিং—"কম্পমান। "ত্রিভুবন কম্পবান্।—দু ৮৪। কোপে বীর কম্পবান্ ক.চ ৯৫। কম্পময় ('কম্পমান' সাধু; অপ্র) বিং—কম্পমান। "ওষ্ঠ কম্পময় ম ৯১৮।]

কম্প[২] অর্ম্ম [সং √কম্প্ >লি, প্রা √কংপ >বা √কম্প] কম্পিত হওয়া; কাঁপা। "অকম্পন নাম তার কম্পে না কখন। যাত্রা-কালে হস্তপদ কম্পে পুনঃ পুনঃ॥—কৃ ২৬৫। [কম্পাই—কাঁপে (বৈষ্ণবসাহিত্যে)।]

কম্পমান বিণ [√কম্প্+মান (শানচ্)-ক; স্ত্রী -না] যাহা কাঁপিতেছে; বেপমান, কম্পিত। "মহা ৩.৪৩.৩২। পদ্ম ৩.১৩৮। মন্দরের হিল্লোলে বরুণ কম্পমান ম ৯।

কম্পায়মান বিণ ['কম্পমান' সাধু; তু 'দণ্ডায়মান'] কম্পমান। "তর্জ্জনে কম্পায়মান ভ.গ্র ১৫৫; ২১০।

কম্পাস্ বি [P. compasso; E. compass] ১ চুম্বকসূচিকার দিঙ্‌নির্ণয়-যন্ত্র। ২ বৃত্ত-অঙ্কনের সূচ্যগ্র যন্ত্রবিশেষ। ৩ জরিপের যন্ত্রবিশেষ।

কম্পিত বিণ [√কম্প্+ত (ক্ত)-ক] ১ বেপিত, চলিত, কম্পযুক্ত। "বিষাদভয়° মহা ১.২১২.২১। প্রাণভয়ে কম্পিতাঙ্গ প.তৃ ৫৭। ২ [√কম্পি+ত-র্ম্ম] বেপিত, চালিত। "কপিকুলকম্পিতকম্পিল্ল (কাদম্বরী)। ৩ ক্ষোভিত। "মাঘ ১৪.৪৩। —ত ক্লী [+ত-ভা] ১ কম্পন, চালন। ২ বেপন, চলন।

কম্পিল, -ল্য -ল্ল, কম্পীল পুং [কম্প্+ইল (ইলচ্)-ক] রোচনী বৃক্ষ; কমলাগুড়ি (সুশ্রুত)। "কপিকুলকম্পিতকম্পিল্লচ্যুতপল্লব-কলশবল (কাদম্বরী)।

কম্পী (-ম্পিন্) বিণ [কম্প্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ম্পিনী] ১ কম্পযুক্ত। ২ [√কম্পি+ইন্-ক-১ব] কম্পয়িতা, চালক। "গীতী শীঘ্রী শিরঃকম্পী তথা লিখিতপাঠকঃ (পাঠকাধমাঃ)।—শিক্ষা।

কম্পোজিটার্ বি [E. compositor] যে কম্পোজ করে, অর্থাৎ যে কাপি দেখিয়া তদনুসারে অক্ষর সাজায় (type-setter) [কম্পোজিটারী—কম্পোজিটারের পদ বা কার্য্য।]

কম্প্য বিণ [√কম্পি+য (যৎ)-র্ম্ম] কম্পনীয়, চালনীয়। "মহাগিরি-মিবাকম্প্যম্ (রামম্) রা ৩.৪৭.৩৩।

কম্প্র বিণ [√কম্প্+র-ক, তাচ্ছীল্যে; স্ত্রী -প্রা] ১ কম্পশীল, চলনশীল। "কম্প্রা শাখা পা ৩.২.১৫৩, সি। ২ চল, চঞ্চল, তরল। "বিধায় কম্প্রাণি মৃণানি নৈ ১.১৪২। ৩ কম্পিত, চঞ্চল, তরল, কম্পমান। "°স্তনী শ ১.২১, টীকা। কম্প্রেণ পাণিযুগলেন বি.মা ৭. ৩৭। কম্প্রবক্ষে নম্র নেত্রপাতে চ.কা ২০৭।

কম্ফর্টার্ বি [E. comforter] উলের গলাবাধ। "হু ২৪০।

কম্বল[১] পুং, ক্লী (?) [√কম্+অল (কলচ্)-র্ম্ম, 'ব' আগম, উ ১. ১০৬; ফা কমরী] ১ মেষলোমরচিত গাত্রবস্ত্র; আসন। "মহা ৩.৩. ৫১। ২ প্রাবার, উত্তরাসঙ্গ, উত্তরীয় বস্ত্র। ৩ গলকম্বল, সাস্না (dewlap)। ৪ কৃমি। ৫ মৃগভেদ। ৬ সর্পভেদ। —ল ক্লী জল। তু 'সং কমল>প্রা কর্ঁলু, দ্র 'কম্বল[২]'। [°কারক (পুং)—কম্বল-নির্ম্মাতা। "রা ২.৮৩.১৪।]

কম্বল[২] বি [সং কমল; প্রা কর্ঁলু,-মল্ (হে ৪.৩৯৭); হি কংবল, কঁবল; প কংবল; ঠ, গু কমল; সি কংবলু; মৈ কঁবল] কমল, পদ্ম। [রক্ত কম্বল—রক্ত কমল; লাল নাল ফুল (red water lily)।]

কম্বলী (-লিন্) বি [কম্বল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -লিনী] ১ কম্বলবান্, কম্বলযুক্ত। ২ গলকম্বলযুক্ত (বৃষভাদি)। —লী পুং বৃষভ।

কম্বু বিণ [স্ত্রী -ম্বু, -ম্বূ] (কম্বুসাদৃশ্যে?) শবল, নানাবর্ণযুক্ত, বিচিত্র। —ম্বু পুং, ক্লী [√কম্ব্ গতি+উ-ক (অ.টী)] ১ শঙ্খ, শাঁখ। "°গ্রীব রা ১.১.৯। কণ্ঠদেশ তোর কম্বুসমানে শ্রী.কী ৫৫। জিনি কম্বু কণ্ঠ আকারে বি.প ৮৬। কণ্ঠ দেখি কম্বু, প্রবেশিল অম্বু ম ১৮৩। কম্বু জিনিয়া কেবা, কণ্ঠ বনাইল রে।—চ.সা ৩৬। ২ শঙ্খবাদ্য। "নাদিল কম্বু মে ১২। —ম্বু পুং ১ শম্বুক। ২ কম্বুনির্ম্মিত বলয়; শঙ্খবলয়; শাঁখা। "কম্বুকেয়ূরধারিণ্যঃ মহা ২.৬১.৮; পিনদ্ধকম্বু ৪.২.২৭। ৩ (গৌণার্থে) বলয়, কঙ্কণ, বালা। ৪ (কম্বুসাদৃশ্যে) গ্রীবা, গল। ৫ গলস্থিত রেখাত্রয়। ৬ নলক, ফাঁপা হাড় (অ.চি)। ৭ হস্তী (অ.টী)। ৮ কর্ব্বুর বর্ণ।

কম্বুকঙ্কণ ক্লী [উলো.] কম্বুতুল্য ত্রিধারাযুক্ত বা রেখাত্রয়বিশিষ্ট কঙ্কণ। "°পাণি ভ ১০.১৩.৫৮।

কম্বুকণ্ঠ বিণ [বহুব্রী; স্ত্রী -ণ্ঠা, -ণ্ঠী] কম্বুসদৃশ যাহার কণ্ঠ রেখাত্রয়-বিশিষ্ট; কম্বুগ্রীব। "ক.সা ৪.৭। চৈ.ম ৯৩। —কণ্ঠী স্ত্রী [°ণ্ঠ+স্ত্রী ঈ (ঙীষ্)] কম্বুগ্রীবা রমণী।

কম্বুগ্রীব বিণ [কম্বুতুল্যা গ্রীবা যাহার, বহুব্রী; স্ত্রী -বা] যাহার গ্রীবা শঙ্খতুল্য রেখাত্রয়বিশিষ্টা; কম্বুকণ্ঠ। "রা ১.১.৯। মহা ১.১৫২.১৮। —গ্রীবা স্ত্রী [উ.লো] কম্বুসদৃশী গ্রীবা; সুন্দর গলদেশ। "কম্বুগ্রীবা-প্রলম্বিত মান্দারের মালা প.তৃ ১৮।

কম্বুবলয় বি [উ.লো] কম্বুরচিত বলয়; শাঁখা। "গো ১৬৯।

কম্বুরাজ বি [কম্বুর রাজা, ষ.ত, সমাসান্ত অ (টচ্)] শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট শঙ্খ। "কণ্ঠ কম্বুরাজ রাজে ভা.চ ১০।

কম্বোজ পুং, বহুব ১ দেশবিশেষ। ২ তদ্দেশবাসিগণ। ৩ কম্বোজ-দেশীয় রাজগণ। "পা ৪.১.১৭৫। রঘু ৪.৬৯। ৪ শঙ্খবিশেষ। ৫ হস্তিবিশেষ।

কন্ম বি [সং কর্ম্মন্ > লি, প্রা কন্ম ; কথ্যভাষা] ১ কর্ম্ম, পূর্ব্বজন্মকৃত শুভাশুভ কার্য্য ; অদৃষ্ট। "দো ৯৮। কন্মের ফল গো.চ ১২ ; ৪১। ২ কার্য্য। "ভাঙ্গা জোড়া দুইটি কন্ম বিধাতা করায় গো.চ ৪২ ; ৮১ ; একটি কন্ম কর ১০১।

কম্র বিণ [√কম্+র তাচ্ছীল্যে-ক ; স্ত্রী ম্রা] ১ কমনশীল, মৈথুনেচ্ছাযুক্ত, কামুক। "কম্রা যুবতিঃ পা ৩.২.১৫৩, সি। ২ কমনীয়, মনোহর (অ.চি)।

ক'(কো)মলে বিং [দ্র 'কইলা'] সর্ব 'কইলা'। "ওরে আমার মড়িপোড়ানীর ক'মলে বাছুর জ্ঞা ২২।

কয়[1] বিং [দ্র 'ক৫' ; মৈ কয়] ১ কিয়ৎসংখ্যক, কত (প্রশ্নে)। "কয় জন ? কয় খান ? ২ কতিপয়, পরিমিতসংখ্যক। "ছুটির পাঁচ সাত দিন আছে। এই কয় দিন পরেই তোমার সঙ্গে দেখা হবে। ৩ 'পরিমাণ' অর্থে। "না, না, ও কয়টা ভাত খাইয়া উঠিও ব.প্র ২৬। ৪ কত, অর্থাৎ অনেক, বহু। "কয় জেতে তুই বেটা দেখ মনে ক'রে কৃ ২৫২। [কয়টি—অল্পপরিমিত, অল্প, অল্পসংখ্যক।]

কয়[2] ক্রি [সং কথয়তি > লি কথেতি ; প্রা কহই > বা (কহে > কএ, -য়ে) কয়] ১ কহে, বলে। "কয় কি না কয় কথা ডেকে লু.র ১০৪। ২ বলে, নিন্দা করে। "এই খেদ হয়, সকল লোকে কয়, শ্মশানবাসী মৃত্যুঞ্জয় লু.র ৯৭। ৩ বর্ণনা করে। "সে রূপ লাবণ্য কয় কাহার শকতি (শ্রী)। [কয়েছি—কহিয়াছি। "দু-একটি কথা কয়েছি তা সনে।—রবীন্দ্র। কয়েছ, কোয়েছ—কহিয়াছ। "তুমি যে কোয়েছ আমায় গিরিরাজ, কত দিন কত কথা লু.র ৯৭। গন্ধ কয়—গন্ধ বাহির হয়।]

কয়ড়া বি [হি কঈরী—কাঁচা ছোট আম] আমের গুটি ; ছোট আম। [কয়ড়া আম, আমের কয়ড়া—ছোট আম। এইরূপ 'কয়ড়া লেবু, লেবুর কয়ড়া।]

কয়বার বি জাতিবিশেষ (?)। "কৃ.উ ৫৬।

কয়ল ক্রি [মৈ °ল] করিল। "কয়ল অভিসার বি.প ৯৪। কাঠ-কঠিন কয়ল মোদক ১০৬ ; ঐছনে কয়ল পয়ান জ্ঞা ২১৭। [কয়লহুঁ—করিলাম। "কয়লহুঁ যমুনা সিনান জ্ঞা ৯২। কয়লি—করিল। "কি দুহুঁ কয়লি লেহ জ্ঞা ৯০। বেশকয়লি পিয়া ৯৩।]

কয়লা বি [সং কোকিল > প্রা কোইল (অ.রা) > বা (কোয়লা) °লা ; হি কোই(য়)লা ; গু কোয়ল ; মৈ কোইলা ; কোইলা (দেশী ২.৪৮) ; কৈল্যা (চট্টগ্রাম) ; cf., A.S. col ; Ger. kohle ; E. coal] ১ অঙ্গার, আঙার। ২ [?] ক্ষুদ্র মৎস্যবিশেষ ; কয়লা-মাছ। ৩ পাথুরিয়া কয়লা।

কয়া বি [ধ্বন্যাত্মক (?)] গৌড়দেশীয় জলক্রীড়াবিশেষ। "গৌড়দেশে জলকেলি আছে 'কয়া' নামে : 'কয়া' 'কয়া' বলি করতালি দেন জলে চৈ.ভা ৪৯৫।

কয়াধু, -ধূ স্ত্রী হিরণ্যকশিপুর ভার্য্যা ও প্রহ্লাদের জননী। "ভ ৬.১৮.১২। সুবুদ্ধি কয়াধু রাণী ভ.প্র ১২৪।

কয়াল বি [আ কইয়াল্] ১ যে ওজন করে ; ক্রয়-বিক্রয়ের সময়ে যে দ্রব্য মাপে ; ওজনদার, মাপদার। "মোদকের দোকান গেল কয়ালের কাঁটা ব.প ১৩৮২। ২ যে মহাজনের ধান মাপিয়া ক্রেতাকে দেয় (চব্বিশপরগণা)। [কয়ালী—কয়ালের কার্য্য বা প্রাপ্য অর্থাদি।]

কয়েক ; কয়েত ; কয়েদ দ্র 'কএক ; কএত ; কএদ'।

কয়েফ্ বি [আ কইফ্] মত্ততাজনক দ্রব্যবিশেষ ; নেশাবিশেষ, ভাঙ, গাঁজা ইত্যাদি। "কয়েফেতে চুরচুর বি.সু ৯১।

কয়োড়ী বি বরেন্দ্রশ্রেণী ব্রাহ্মণের গাঁইবিশেষ—কাঞ্জারি গাঁই। "পরাড়ী কয়োড়ী কুলমেলী ব.প ৩১৫।

কর[1] বিণ [√কৃ+অ (ট)-ক, তাচ্ছীল্যাদি অর্থে ; স্ত্রী -রী ; তু 'ফা গর্—কমান°] ১ কারক, একান্তকারণভূত, করণশীল, করণানুকূল। "শোক°, কর্ম্ম°, বচন° (কাশিকা)। বুদ্ধিবৃদ্ধি°, বৈর°, শ্রেয়স্°, সত্ত্ববৃদ্ধি° (S.W.)। অনুদ্বেগ° মনু ২.৪৭। তৎপূজাকরৌ করৌ।—পদ্ম ৫.৬৩। যুগলচরণবর, দুঃখহরণ-কর।—দু ৭১। ২ জনক, বর্দ্ধক। "নিদ্রা°, পিত্ত°, বলবর্ণ°, শীত° (সুশ্রুত)। [সমাসে উত্তরপদ]। —র পুং [√কৃ+অ (অপ্)-র্ম্ম] ১ কিরণ। "দিনকরঃ করৈস্তাপয়তে জগৎ রা (S.W.)। দশশতকরধারী হি ১.২০। খরতরকর-শর বরিষে দিনেশ —রঙ্গ ১৯৬। চকোরপ্রিয় ! কর দান কর স.শ ২২ ; কর-করে কুমুদে করিয়া আলিঙ্গন ২৩। ২ বর্ষোপল, করকা। ৩ [+অ-ণ ; ছান্দস] যাহা দ্বারা বিক্ষিপ্ত হয় ; বাহু, হস্ত। "°শাখা। করৌ ব্যাধুন্বত্যাঃ শ ১.২১। ৪ মণিবন্ধ হইতে হস্তের শেষাংশ ; পাণি। "প্রকোষ্ঠে বিস্তৃতকরে হস্তঃ ; ব্যামো বাহ্বোঃ সকরয়োস্ততয়োস্তির্য্যগন্তরম্ (অ.কো)। উরুং...করেণাভিজঘান সঃ মহা ৩.১০.২৮। শিরে দিয়া কর ম ৩১৩। °পল্লব সী ৭। ৫ অঙ্গুলিপর্ব্ব। "করমালা। ৬ হস্তিশুণ্ড। "গজকরাকার।—মহা ৩.১০২৮। করিরাজকরঃ করিরাজকরঃ (সু.র.)। আজানুলম্বিত° ক.চ ১ ; করি°। করিকর যুগ্ম বর জানু।—ম ১৯১। কুঞ্জর° ব.প ২৬৫। করি° ভা.চ ২৯১। ৭ হস্ত, পাঞ্জা। "(লেখ্যম্) অধ্যক্ষকরচিহ্নিতম্।—বিষ্ণু ৭.৩। ৮ চতুর্বিংশত্যঙ্গুলিপরিমাণ ; হস্ত, একহাত (cubit)। 'চতুর্বিংশত্যঙ্গুলৈস্তৈঃ করঃ প্রোক্তঃ শু ৪.৭.৩৮। ৯ হস্তাকার হস্তানক্ষত্র। ১০ [ক+ √ রা দান+ক (অ)-ক ; উ.ত] রাজস্ব, খাজনা, প্রতিমাসে বা ভাদ্রপৌষাদিনিয়মে রাজগ্রাহ্য অর্থ (কুল্লুক)। "আব্দিকঃ করঃ মনু ৭.১২৯ ; ৮.৩০৭। রঘু ৪.৫৮। করাক্রান্তমহী।—মাঘ ১.৭০। তিন সন বহি দিহ কর ক.চ ৮৫। জল°, ফল°, পথ°। ১১ শুল্ক (customs duty)। "বণিজো দাপয়েৎ করান্ মনু ৭.১২৭। [কর গণা—সংখ্যানির্ণয়ার্থ অঙ্গুলিপর্ব্ব গণনা করা। কর জপা—অঙ্গুলিপর্ব্ব গণিয়া মন্ত্র জপ করা।]

কর[2] সর্ম্ম [সং √কৃ > লি, প্রা √কর ; ছান্দস ; Av. kar ; হি, ঠ, গু, মৈ √কর ; অস √কর্ ; cf., L. cre, caerimonia ; F. crecr , Ger. karawan—to prepare ; gar—prepared ; Hebrew—caraim (সং করোমি)—I prepare] ১ সম্পাদন বা অনুষ্ঠান করা। "চারি কার্য্যের এক কার্য্য কিছুই না করে : সে করে নাই চারি কর্ম্ম এই বা ক'রে যায় কৃ ২৫০। একটা নূতন কিছু কর একটা নূতন কিছু করো।—দ্বিজেন্দ্রলাল রায়। ২ পালন করা ; কার্য্যে পরিণত করা ; রক্ষা করা ; শুনা। "সবে একখানি বাক্য করিবা আমার চৈ.ভা ৪৫৩। ৩ নির্ম্মাণ করা ; গড়া। "কি রূপ কিরূপ করি কৈল কমলজ বি.সু ৪৭। নয়ন সুন্দর কৈল ইন্দীবর দিয়া ভা.চ ২৯৬। ৪ রচনা করা ; গ্রথিত করা। "এই শ্লোকছন্দে তুমি কর রামায়ণ কৃ ৫। শ্লোক করা ; সূত্রে, টীকা করা। ৫ রচনা করা ; বানান করা। "তাহারে লইয়া যত যাদবকুমার। স্ত্রীবেশ করিয়া সাজাইল চমৎকার ॥ —ম ১২২৯। ৬ প্রতিষ্ঠিত করা ; স্থাপিত করা ; বসান। "দোকান, বাজার, মন্দির, সভা, স্কুল, হাট করা। ৭ উৎপাদন করা ; জন্মান (শস্যাদি)। ৮ সংঘটিত করা ; ঘটান। "সুখ দুঃখ সবই ভাগ্যে করে। ৯ তদ্রূপে পরিণত করা। "সূর্য্যের কিরণ গঙ্গাজলের মিসালে। শিশির করিয়া যাহা পেলে মহীতলে।—কৃ.উ ৯০। কুব্জী সুন্দরী করি ধনুক ভাঙ্গিল ব.প ৭৭২। মদনে পুড়িয়া, করিল ভস্মের রাশি।—ভা.চ ৬৩। ১০ ধারণ করা ; লওয়া। "অধরে টোপর করি ক.চ ২৪৪। মোহনরূপ করয় মুয়ারি ব.প ৭৫৯। করে করে কমণ্ডলু।—ভা.চ ৩৪৯। ১১ উপবেশন করান ; বসান। "কবি কোলে করিয়া কামিনী ভা.চ ৩৪৮। ১২ উচ্চারণ করা ; বলা।

"ওই ওই করি কান্দে বি.প ৫৪। সীতাদেবী করএ কল্যাণ কৃ.উ ২৫৯। উঙা উঙা করি কান্দে কৃ ৫০। সকার বকার শব্দ করে সর্ব্বদায় চৈ ১৩। খুড়ী খুড়ী করি ক.চ ৯৯। সাধুবাদ করি শি ৬ : হরগৌরী করি কেহ ডাকে ৩৩। **১৩** স্থাপন করা ; রাখা ; লওয়া। "বাজনযন্ত্র হৃদয়ে করি নেল বি.প ৯৪। কাহ্ন করি কোলে শ্রী.কী ৫। কান্ধে দোলা ক'রে কৃ ২৫১। লাউসেনে আনালে করিয়া চতুর্দ্দোলে শ্রী ১৪৫। **১৪** অভিহিত করা ; সংজ্ঞিত করা। "উপেন্দ্র করিআ নাম থুইল তাহার।—গ ৩৮। **১৫** বিভক্ত করা। "ধনু করো খান খান ব.প ৫৬০। মধ্যদেশ চিরিয়া করিল দুই খান ম ২৯২। **১৬** (গণনায়) গ্রহণ করা বা ধরা। "সৌন্দর্য্য মাধুর্য্য আদি ইত্যাদি করিয়া ভ.গ্র ৩৯৩। আমা আদি করি ম ৪২১ ; ৭০১। বাগুরা শল্ল্যাদি (?) করি কত লব নাম শি ৬৩। মুক্তি শ্রেষ্ঠ করি কৈল বশিষ্ঠ ব্যাখ্যান চৈ.চ ৪৮। **১৭** তদ্রূপে স্বীকার করা বা বলা। "এই তিন তত্ত্বে সবে প্রভু করি গাই চৈ.চ ৩২, অল্প করি মানি ৬০ : 'দারী সন্ন্যাসী' করি আমারে কহিবে ৩২২। [তু 'জামাতুঃ প্রিয়-বয়স্য ইতি কৃত্বা।—নাগানন্দ ৩$\frac{2}{3}$]। **১৮** পূর্ণ করা। "বড় বড় ভাণ্ডে তৈল করিয়া লয়েন চৈ.ভা ৩২৪। **১৯** দৃঢ় বা বদ্ধমূল করা। "উদ্ভট প্রেমে করসি অনুরাগ বি.প ২০০। **২০** মনে করা ; জ্ঞান করা ; ভাবা। "অশ্বত্থামাধিক আমি যাহাকে করিয়ে ম ১৯২। দুর্ব্বাসা করিয়া তোর মনে নাহি ভয় ম.ম ৩৯। **২১** অপবাদ দেওয়া। "বাটপাড় করি বান্ধে চৈ.চ ৩২৪। **২২** আশ্রয় করা। "মায়া করি মহামায়া হইলেন বুড়ী ভা.চ ২০৯। **২৩** সমর্পণ করা। "ভক্ষ্য ভোজ্য অধিকার কৈল দুঃশাসনে।—ম ৩০৬। **২৪** আরোপণ করা ; চড়ান। "চতুর্দ্দোল করি নিল দিব্য নারীগণ।—ম ৩০৬। **২৫** তৎপদে নিয়োগ বা অভিষিক্ত করা। "ভীষ্মে সেনাপতি কৈল ম ৭৩৪। **২৬** উদ্ভাবন করা ; নিরূপণ করা। "অল্প সৈন্য আমার অনেক কুরুকুল। প্রকার করিয়া কর আপনে বহুল॥—ম ৭৩৫। **২৭** নির্দ্ধারণ করা ; স্থির করা। "বিবাহের দিন লগ্ন করা। **২৮** লাগানো, বাধানো। "কন্দল না কর চৈ.ভা ৮৯। ঝগড়া, দাঙ্গা, হাঙ্গাম করা। **২৯** প্রয়োগ করা ; খাটান। "কৌশল, ফিকির, বুদ্ধি, মতলব করা। **৩০** আবির্ভূত করা, সৃষ্টি করা। "এ কি মায়া এ কি মায়া কর মহামায়া ভা.চ ৩৫। **৩১** তদ্রূপে পরিকল্পিত করা বা কাজে লাগান। "তুমি ঘৃণা না করিয়া করিলা আসন।—ভা.চ ৩৬। আমারে কর তোমার বীণা।—গান ১১৪। **৩২** প্রকাশ করা ; দেখান। "অহঙ্কার, মায়া, দয়া, রাগ, হিংসা করা। **৩৩** সঞ্চালন করা ; প্রবাহিত করা। "পাখা, হাওয়া, বাতাস করা। **৩৪** তৎকার্য্যানুষ্ঠান করা। "মেয়ে হ'য়ে করে সর্ব্বজয়া। ছেলে হ'য়ে করে কাশী গয়া॥ **৩৫** অনুভব করা ; বোধ করা ; ভোগ করা। "দুঃখ, লজ্জা, ঘৃণা, সুখ, কষ্ট করা! নানা ক্রীড়ারসে ভাসে করে কুতূহল।—ম ১২২৮। **৩৬** প্রস্তুত করা ; নির্ম্মাণ করা। "বাড়ী, বাগান, রাস্তা, ঘাট করা। **৩৭** খনন করা। "পুকুর, খাল, জোল, নালা, গর্ত্ত করা। **৩৮** ভাড়া দিয়া যানরূপে ব্যবহার করা। "নৌকা, গাড়ী, পাল্কি, ডুলি করা। **৩৯** পাক করা ; রাঁধা। "ভাত, তরকারি, ডাল-ডালনা করা। বাচার করিল ঝোল ভা চ ৫৪৭ ; ঝাল ঝোল···কৈল ৫৪৮। **৪০** যাতায়াত বা যাওয়া আসা করা। "এঘর ওঘর করা ; ঘরবার, এধার ওধার, এপাশ-ওপাশ করা। **৪১** সঞ্চয় করা ; জমান। "টাকা, ধান, টাকাকড়ি করা। **৪২** উল্লেখ বা উত্থাপন করা। "নাম, প্রসঙ্গ, নামগন্ধ করা। **৪৩** ভাষান্তরিত করা ; অনুবাদ করা। "ইংরাজী করা ; বাঙলা করা। **৪৪** পরিচালিত করা ; চালান। "ব্যবসা-বাণিজ্য করা। দোকানদারী করা। **৪৫** প্রয়োগ করা। "সত্য নষ্ট করিবারে চাহ বল করি।—বা.ম ২৯। **৪৬** বলা। "গল্প করা (তু 'সং কথাঃ কুর্ব্বন্)। **৪৭** উপকার করা। "প্রদীপ নিবিলে বাপু কি করিব তেলে ম.গা ২। মরণ নিকটে তার কি করে ঔষধে।—কৃ ৩৪১। **৪৮** প্রতিবিধান করা। "যারে খায় কালসাপে। কি করে তার ওঝার বাপে॥—প্রবচন। **৪৯** প্রয়োগ করা ; লক্ষ্যপূর্ব্বক নিক্ষেপ করা। "প্রথম করহ অস্ত্র যতেক শকতি : প্রথম করিতে অস্ত্র জুয়াএ তোহ্মার অ.প ১৮। তেঁহো বহু অস্ত্র কৈল মহিষ উপরে।—চ.বি ৫৫। **৫০** নিঃসারণ করা ; ত্যাগ করা। "প্রস্রাব করা (তু 'সং মূত্রং করোতি) ; বাহ্যে করা। **৫১** রচিত বা বদ্ধ করা। "অঞ্জলি করা, আঁজলো করা (তু 'সং অঞ্জলিং করোতি)। **৫২** সঙ্গম করা। "অনূঢ়া করিলে হয় নরক অপার বা.ম ২৯। (তু 'ইন্দ্রাণী করণে স্ত্রীণাম্'—মেদিনী)। **৫৩** (অস্ত্র) অবচারিত করা (to operate)। "অস্ত্র করা। —র অর্থ **১** অনুভূত হওয়া। "শীত করা ; মন কেমন করা। **২** ভান করা ; ছল করা। "মৈল করি বুড়া বেটী রহিল পড়িয়া ম.গা ১৮। **৩** আবির্ভূত হওয়া ; হওয়া। "আমার ভয় করে ; বলতে লজ্জা করে। ইচ্ছা করে···যাই চলি হেন বনবাসে।—মে ১২০। [কইল—করিল। "মুক্ত কইল শূ ৩৯। কয়ল (দ্র 'অল' ; মৈ কয়ল)—করিল। "কয়ল যে শাতি বি.প ৭১ ; ২০৩। কলহ কয়ল জ্ঞা ৭১। কয়লু—করিলাম। "কয়লু সব কাজ বি.প ১৪৪। কয়লহুঁ—করিলই। "অবহুঁ রভস রস, কয়লহুঁ ধাবস জ্ঞা ৮৭। কর—করিয়া। "সঙ্কেত কর বিশোয়াসে বি.প ১২২। পরিধান কর নেতবাসে শ্রী কী ৩৪৮। করই—করে। "কোই কমলদলে করই বাতাস বি.প ১৮৮। করন্তি—করেন। "হনুমানে সীতা দেবী করন্তি কথন কৃ.উ ২৫৯। করবি—করিবি, করিবে। "ঐছে করবি : পরিচয় করবি বি.প ১০৭ ; ২০১। করল—সর্থ 'কয়ল'। "ব.প ১০১২। করল নিরাশে বি.প ১২২। করলু, -লুঁ—করিলাম। "দ্র 'অলু'। করয়ে—করে। "জ্ঞা ৯২। করসি (সং করোষি ; মৈ করসি, করু)—করিতেছে, করিতেছিস, করিস। "করসি পুছারি বি.প ৬৮ ; ২০০। শ্রী.কী ৩৩। হিংসা করসি বর্ব্বর ম.পা ৬২। করসিয়া—কর আসিয়া। "দ্র '√আস'। করহ (মৈ করহ)—কর। "বি.প ৭১। অ.প ১৮। শ্রী.কী ১৭ ; ১৮। করিঅ, -য়, -হ—করিও। "হঠ জনু করিঅ মুরারি বি.সা ১০১ ; হঠ না করিহ পহু ১০২। করি করি (মৈ করি, -রী, কৈ)—পুনঃ পুনঃ স্মরণ করিয়া। "নিরবধি প্রাণ মোর করি করি ঝুরে ব.প ১৩২৬। করু—**১** (মৈ করহু, কুরু, -রূ) করুক। "লাখ উদয় করু চন্দা বি.প ২০৯। যুদ্ধ করু আসি সভে ম ৭২৬। **২** (মৈ করু, -রে) করে। "সমরু করু।—গো ১৩ ; নয়ন করু ঝাঁপ ১২৯। চাঁদ উদয় করু চরণে প.র ৭৫। করু গতাগতি ন.প ১৩৩ ; ১৪১। **৩** করিয়াছে। "ইন্দ্রনীলমণি৹ মুকুর উপরে জনি৹ করু অবলম্বন অরুণে জ্ঞা ১৮। করৌক—করুক। দ্র 'ঔক'। কেল—করিল। "আদর কেল বি.প ১৩৬। ব ২। কৈনু—করিনু, করিলাম। "রাতি কৈনু দিবস দিবস কৈনু রাতি।—চ.দা ৮১। কৈরা(র‍্যা)ছে—করিয়াছে। "অঙ্গের বসন৹ কৈরা(র‍্যা)ছে আসন চ.দা ২৪। কৈল (মৈ কৈল)—করিল। "ভকতি কৈল : মুকতি কৈল শূ ৩৯। কৈলি, -লী (মৈ 'কৈলি'—স্ত্রীলিঙ্গে)—করিলি, করিলে। "কি কৈলী কাহ্নাঞি শ্রী.কী ২৮৪ ; তোঞ বাঁশী কৈলী (স্ত্রীলিঙ্গে) চুরী ৩১৪। কৈলে—**১** করিলে। "সদা ক্ষমা কৈলে দুঃখ পায় মতিমন্ত ম ৪১৭ ; ১০১৮। ম.গা ১। **২** করিল। "শ্রী.কী। কৈলেন—করিলেন। "শূ ১২। কৈলো, -লোঁ (মৈ কৈলহুঁ)—করিলাম। "শ্রী.কী। কর (করে, করিয়া), করউ করন্তি করসি, -সী, করিআ, -এঁ, -করিউ (করি), করিতেঁ, করিলে, -লেঁ (করিল), করিলোঁ (করিলাম), করিবাক করিবে, -বেঁ -বেক, -বোঁ, করিহ কৈল (করিল), কৈলে, -লেঁ (করিল)। কৈলো -লোঁ

(করিলাম)।—শ্রী.কী। গোরো ক'রে ছেলেটি—গৌরবর্ণ ছেলেটি। পিতা করি বোলে—পিতা বলিয়া পরিচয় দেয়। "চৈ.চ ৪১। ভূঞা করি খ্যাত—ভূঞা বলিয়া প্রসিদ্ধ। "ভ.গ্র ১৫। মারিনু করিয়া কহিব—মারিলাম বলিয়া জানাইব। "ভ গ্র ৬১। ক্রিয়াবাচক বিশেষ্যের পরে √কর ধাতুর প্রয়োগে সিদ্ধ ক্রিয়া। "পত্র করে আহরণ ম ৫৬২; আমারে পূজা করহ ৬২৩; (পুষ্পের কানন) বায়ু অস্ত্রে উড়াইয়া কৈল বরিষণ ৬১৫। তাঁহারা আমাদিগকে স্মরণ করেন?—সী ৩; রাম··· অষ্টাবক্রকে জিজ্ঞাসা করিলেন ৪।]

কর³ কা.ক্তি [দ্র 'ক'⁷ (৫); হি কর—রাম তে অধিক রামকর দাসা। —তুলসীদাস; মৈ ককর, কেকর—কাহার; অপ্র] ষষ্ঠী বিভক্তি। "সবকর ব.প ২৫; কোড়াকর ভিকারি ৬৩; ঘড়িকর ভিতর ৬৫। রূপাকর পাটএ শূ ৩৮; তামাকর পাটে: তামাকর কড়ি ৩৯, তহুকর (তাহার) আধ বি.সা ৪৬। যাকর মরমে বি.পা ১১০। তাকর ১৮৩। পিয়াকর রা.শে ১১৮।

কর⁴ '-রো' বি [ক্র > (স্বরাগমে) কর] 'ক'-প্রভৃতি ব্যঞ্জনের সহিত র-ফলার যোগে ফলাবানানবিশেষ—ক্র খ্র গ্র ঘ্র ইত্যাদি।] [পাঠশালে শিশুরা ইহা লিখিয়া র-ফলার বানান লিখিত।]

কর⁵ '-র্' বিণ [ফা গর্; 'কর'¹] যে করে; কারক, নির্মাতা, শিল্পী। "কলাই°, কারি°, গোদাই°, বাজী°, মিঠাই°, হালুই°।

করক পুং [√কৃ+অক (বুন্)-ক, উ ৫.৩৫] ১ দাড়িম বৃক্ষ। ২ করঞ্জ-বিশেষ। ৩ পলাশ। ৪ বকুল। ৫ কোবিদার। ৬ পক্ষিবিশেষ। —ক পুং, ক্লী ১ কমণ্ডলু। তু 'করঙ্ক'। "বিধৃষ্বন্তঃ করকান্ মহা ১.১৯০. ১। হিরণ্ময়ৈঃ করকৈঃ গো.রা ৫.১৪.৪৮। মনু ৪.৬৬। করকজুষাম্ (বিপ্রাণাম্) বা.ভা ১.৭৩। ২ নারিকেলাস্থি, নারিকেলের মালা। —ক ক্লী দাড়িম্বফল, দালিম। "কুন্দ-কোরক জিনিয়া দ্বিজ। কিছার তাহাতে করক-বীজ॥—চ.দা। —ক পুং, ক্লী, —কা স্ত্রী বর্ষোপল, মেঘোপল, শিল (hail)। "করকাবৃষ্টিপাত পু.মে ৫৫। স.শ ১৪৮; °নিকর ১৪৯। প.তৃ ৬। [করকাসার (পুং)—শিলাবৃষ্টি।]

করকচ বি ['কর্কশ' (হি করকস)—মূল; হি করকচ] (কর্কশ বা খরস্পর্শ) সমুদ্রজলজাত লবণবিশেষ।

করকচি বি [সং করক+বা কচি (?)] কচি নারিকেলের মালা; যখন মালা কচি থাকে এবং লেওয়া হয় না, তাদৃশ অবস্থাপন্ন নারিকেল, কচি নারিকেল। "বৃক্ষের নারিকেলের ন্যায় সংসারের নারিকেলের বয়োভেদে নানাবস্থা। করকচি বেলায় উভয়ই বড় স্নিগ্ধকর। —ব.প্র ৫৮১।

করকঞ্জ বি কঞ্জসদৃশ কর; করকমল। "চুড়ি কনক করকঞ্জে (বি.প)।

করক'টে, -কুটে, কুক্কুটে বিং [অস কটীয়া—stunted] পোকা-লাগায় বা অন্য কোন রোগে যে গাছ বা ফল বাড়ে না, অপুষ্ট থাকে; অপরিণত, অপুষ্ট (গাছ, ফল)।

করকমল ক্লী [উপ.স] কমলতুল্য কোমল কর; পদ্মহস্ত। "°বিকীর্ণ (শষ্প) উ.চ ৩.২৫।

করকর বি ['কর্কর'—মূল; হি °র (বিং), °রাহট (বি); ঠ °র—কর্কশ শব্দ; ধ্বন্যাত্মক] ১ কাঁকরের সহিত ঘর্ষণজন্য শব্দ। ২ কর্করসদৃশ কঠিন দ্রব্যের সহিত ঘর্ষণের শব্দমাত্র। "টানা টানি নেএ থেনে ধাক্কা ধাক্কা মারে। বুড়া বেটীর হাড়ে মাংসে করকর করে॥—ম.গা ১৮। ৩ চক্ষুতে পতিত বালুকা-প্রভৃতির ঘর্ষণজন্য পীড়াবোধ; কর্কশ দ্রব্যের স্পর্শজন্য বোধ। ৪ অন্যের দুঃখে প্রাণে আঘাতহেতু ক্লেশবোধ। "সন্তানের কষ্টে মায়ের প্রাণ করকর করে। [করকরে—খরস্পর্শ, কর্কশ। "ঘুঁড়ির করকরে মাঞ্জা। করকরান (ঠ √করকর)—করকর করা।]

করকলিত বিং [তৃ.ত] পাণি দ্বারা গৃহীত; করধৃত। "(চামুণ্ডে) করকলিতাসিবরাভয়মুণ্ডে ভা.চ ৩১৩।

করকা দ্র 'করক'।

করকিসলয় পুং, ক্লী [উপ.স] ১ নবপল্লবসদৃশ কোমল ও লোহিত কর; কোমল-লোহিত পাণি; করপল্লব। "°তাল উ.চ ৩.১৯। °কান্তি।—ঋতু ৬.২৭, টীকা। ২ অঙ্গুলি।

করকুষ্ঠি, -কোষ্ঠী বি ['করকোষ্ঠ'—মূল; °ষ্ঠ+ই¹¹] কোষ্ঠীর ন্যায় করতলস্থ কোষ্ঠাকৃতি শুভাশুভসূচক রেখাসমূহ। "কেউ বা দেখায় করকুষ্ঠি দা ৯১।

করকোষ পুং [ষ ত] করদ্বয়ের কোষ; করপুট, অঞ্জলি। "অম্বু ···করকোষপেয়ম্।—ঘটকর্পর ২২।

করগ বি [সং করক > °গ; বৈষ্ণবসাহিত্যে] দাড়িম্ব বৃক্ষ; দাড়িম্ব ফল; ডালিম। "দশন মকুতা জিনি, কুন্দ করগ-বীজ বি.প ৮৬। [করগ-বীজ—ডালিমের বীজ।]

করগ্রহ পুং, **-গ্রহণ** ক্লী [ষ.ত] ১ হস্তধারণ। ২ বিবাহে পাণিগ্রহণ। ৩ রাজস্বগ্রহণ, করাদান। "করগ্রহারম্ভ। —গ্রহ পুং [বহুব্রী] যাহাতে পাণিগ্রহণ আছে; বিবাহ। —গ্রাহ পুং [কর+ √গ্রহ্+অ (অণ্) -ক; উ.ত] ১ 'পাণিগ্রাহক', স্বামী। ২ রাজস্বগ্রাহক।

করঘাত বি [তৃ.ত] কর দ্বারা আঘাত। "ম.পা ১৬৫।

করঙ্ক পুং [তু 'করক'] ১ নারিকেলাস্থি, নারিকেলের মালা বা খোল। ২ (সাদৃশ্যে) কমণ্ডলু। ৩ মস্তককর্পর, মাথার খুলি। ৪ শরীরাস্থি (অ.চি)। ৫ পাত্রবিশেষ, কৌটা, ডিবা। "তাম্বূলকরঙ্কবাহিনী (কাদম্বরী)। পত্রলেখা তাম্বূলকরঙ্কবাহিনী হইয়া···রাজকুমারের অনু-বর্তিনী হইলেন।—কাদ ৩৪। ৬ ইক্ষুবিশেষ। ৭ [বাঙলায়; অপ্র] শরীরাস্থি, অর্থাৎ দেহ। "কি যন্ত্রণা নিদারুণ করঙ্ক-ভিতর ন ৫৩৯।

করঙ্গ বি [সং করঙ্ক] জলপাত্রবিশেষ; কমণ্ডলু, করোয়া। "গো.চ ১৬৮। ক.চ ৩। জ ৩। করঙ্গ পীবারে জল ভা.চ ১৫২; (গঙ্গে) বিধিকর-নিকর-করঙ্গে ৪৫২। বা.দ ৭৫।

করচা বি [কড়চা > °চা] সর্ব 'কড়চা (৩)'। "F.P. 69.

করজ¹ বিণ [কর+ √জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] হস্তজাত। —জ পুং ১ নখ। "মনু ৪.৭০। তীক্ষ্ণকরজ-ক্ষুণ্ণ বে ৪.১। করজ-শাসন (পদকল্পতরু)। ২ করঞ্জ বৃক্ষ। "মুকুলিত করজ কুসুম নাহি ভেল জ্ঞা ৭। ৩ [বাঙলায়; অপ্র; হি করজ] অঙ্গুলি। "করজ সহিতে ধনু কাটি পাড়ে ক্রোধি অ.প ১৭। —জ ক্লী ব্যাঘ্রনখ-নামক গন্ধদ্রব্য।

করজ² বি [কর্জ > °জ; ঠ করজ; অপ্র] ঋণ; ঋণ হেতু দলিল বা খত। "মেয়ের করজ করা মরণ অধিক শি ৭২; ৭৩। করজ লিখিয়া, লেহ যে আমার ব.প ১০৬৩।

করজোড় বি করদ্বয়ের যোগ; মিলিত করদ্বয়; করপুট। "করজোড় করি সব কহয়ে মুরারি চৈ.ম ১০৮। —জোড় বিং যুক্তকর, কৃতাঞ্জলি-পুট। "করজোড় কন্যাগণ তার সহচর অ.প ১২৭। [করজোড়ে—যুক্ত-করে, জোড়হাতে। "গ ৮। ক.চ ১৭।]

করঞ্চ বি [সং করঞ্জ; তু 'করমচা'; অপ্র] করঞ্জ বৃক্ষ; করঞ্জ পুষ্প। "শূ ৩০।

করঞ্জ, করঞ্জক পুং বৃক্ষবিশেষ, চিরবিল্ব, করমচা গাছ। "গো.রা ৩.৭৯.৩৭। —ক পুং ভৃঙ্গরাজবৃক্ষ।

করঞ্জা বি [সং করঞ্জক] ১ করঞ্জ বৃক্ষ। "রান্ধে করঞ্জার ফল ক.চ ৩০। শ্রী ২১২। ২ করঞ্জপুষ্প; করঞ্জফল। "রান্ধে করঞ্জা অম্বল বি.পা ১৬৭। [করঞ্জাফুল—করঞ্জপুষ্পতুল্য বস্ত্রবিশেষ। "কাপড় নাম করঞ্জা-ফুল ব.প ২৮৯।]

করট বিণ ১ নিকটস্থিত, অভ্যর্ণ (বিশ্ব)। ২ গাঢ়-লোহিত (M.W.)।

তু '°ট (৭)। —ট পুং [√কৃ+অট (অটন্)-ক, উ ৪.৯১ ; 'ক' এইরূপ শব্দের রট (রটিতা), ষ.ত ; 'কররট, -রুত'—মূল (?) ; ঠ 'করকর'—কাকরব] ১ 'বলি'দাতার হিতকর ; 'ক'শব্দকারক, কাক। "বরমিহ গঙ্গাতীরে সরটঃ করটঃ (গঙ্গাষ্টক)। তোমার তীরেতে রই, সরট করট হই (গঙ্গাস্তব)। ২ [√কৃ+অট-ক] 'মদবারিক্ষেপক' ; হস্তিগণ্ড। তু 'কট'। "ভিন্ন° মহা ৩.২৭৭.৩৯। মদভিন্নগণ্ড° ।—ভর্তৃহরি। ৩ [তু 'কবড'—কুস্তুম্ভ, নাস্তিক, শ্রাদ্ধ-বিশেষ (দেশী ২.৫৫)] দুরুচ্ছেদ্য মতবাদী নাস্তিক। ৪ নিন্দ্যজীবী, নিন্দ্যজীবন। ৫ কুবিপ্র (S.W.)। ৬ একাদশাহাদি শ্রাদ্ধ ; আদ্য-শ্রাদ্ধ। ৭ কুসুম্ভবৃক্ষ, কুসুম ফুলের গাছ। ৮ বাদ্যবিশেষ। তু 'করড়া'। —টা স্ত্রী ১ হস্তিগণ্ড। ২ দুঃখদোহ্যা গবী। —টী স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীষ্)] বায়সী। "ক.চ ১২৫।

করড়া বি [সং কবটা ; 'করডা'—বাদ্যবিশেষ (দেশী ১ ৫৫) ; ধ্বন্যাত্মক (?)] বাদ্যবিশেষ। "করড়া করড়ী বাজে কৃ.উ ৪৫ ; ২১৯। —ড়ি, —ড়ী বি ক্ষুদ্র করড়াবাদ্য। "°ড়ী কৃ.উ ৪৫ ; করড়া করড়ি বাজে ২১৯।

করড়ী, -ড়ীয়া বি করকচ লবণ (?)। "করড়ীয়া লবণ ; কবড়ী লবণ চৈ.চ ৩১৫, টীকা।

করণ বিণ [√কৃ+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] ১ কারক, সম্পাদক। "বিশল্যকরণী, সঞ্জীবকরণী রা ৬.১০১.৩১। বিশল্যকরণী কৃ ৩১৯। ২ জনক, উৎপাদক, বিধায়ক। "সাবর্ণ্যকরণী রা ৬.১০১.৩১। ৩ স্রষ্টা, নির্ম্মাতা। —ণ পুং ১ লেখনকারক লিপিলেখন-বৃত্তি জাতি ; কায়স্থ (অ টী)। "মহা ১.৬৩.১১৮। [বৈশ্য-শূদ্রা-জাত জাতি (অ.কো)। বৈশ্য-শূদ্রী-জাত জাতি (যাজ্ঞ ১.৯২)। ক্ষত্রিয়-বৈশ্যা-জাত জাতি (মহা ১.৬৩.১১৮, নীলকণ্ঠ)। ব্রাত্য ক্ষত্রিয় হইতে সবর্ণায় জাত জাতি (মনু ১০.২২, কুল্লুক)। ব্রহ্মার কায় হইতে উৎপন্ন জাতি (পদ্মপুরাণ, ভবিষ্যপুরাণ)] ২ লেখক, লিপিকর (Wilson)। —ণ ক্লী [+অন -ভা] ১ সম্পাদন, অনুষ্ঠান, সাধন। "অহিত°, শেষ° (রা), প্রিয়°। সমর্থাঃ করণেষু রা (S.W.)। কৃতস্য করণং নাস্তি (সু.র)। বৈরি-বিমর্দ্দকরণে ব.প ১৬৮৫ ; আয়ত্তকরণপূর্ব্বক ১৭৪১। স্বাদগ্রহণকরণে সমর্থ চা.তৃ ১৩৪। ২ বন্ধ, বন্ধন। "মুষ্টি° (S.W.)। ৩ অভিনয়। "নাটক° (S.W.)। ৪ তদ্রূপে পরিণমন বা পরিবর্ত্তন। "শ্মশান° (S.W.)। বিরূপ° রা ১.৩.১৯। ৫ বৈধ কর্ম্মের অনুষ্ঠান। "সন্ধ্যা°, স্বাধ্যায়° (S.W.), চূড়া°, নাম°। অবিধাকরণঃ অকরণে দোষ চৈ.চ ২৪৪। ৬ আচরণ, বিধান। "ন্যায়°, স্বাতন্ত্র্য° (S.W.)। ৭ পরিপালন, অনুল্লঙ্ঘন। "যস্যাকরণে প্রত্যবায়ঃ (স্যাৎ) তন্নিমন্ত্রণম্। —মুগ্ধবোধ ৯৫৪। ৮ আহুতিদান, হোম। "আবাহনাগ্নৌ করণরহিতং। —যাজ্ঞ ১.২৫১। ৯ নির্ম্মাণ। "হলস্য করণে মহা ৩.২৫৪.২৫। ১০ উচ্চারণ। "আশীর্ব্বাদ করণানন্তর আ.দ্রু ৬১। ১১ (সঙ্গীতে) তাল-ব্যবস্থাপক তাড়নবিশেষ। "(বাদ্যান্তে) করণৈর্মুরজস্বনাঃ কু.স ৬.৪০। ১২ প্রকাশ। "কবিত্ব-করণে শক্তি—তাহা সে বাখানি চৈ.চ ৬০। ১৩ [ছান্দস] ক্রিয়া (ত.বা)। ১৪ ব্যাপারমাত্র (ত.বা)। ১৫ ক্রিয়া-বিশেষ (মেদিনী)। ১৬ স্ত্রীসহবাস। "ইন্দ্রাণী করণে স্ত্রীণাম্ (মেদিনী)। ১৭ [+অন-র্ম্ম] কর্ম্ম, কার্য্য। "সেই হংসমত ভীষ্ম তোহার করণ ম ৩৩২ ; দুর্য্যোধনের করণ ১০০১। পুত্রের করণ চৈ.ভা ৪৩। দ্রু ৫১ ; অদ্ভুত করণ ৯১। এ সব করণ শ্রী.ম ৪৯ ; ১১৫ ; ১৯১ ; নৃপতি করণ ১৯৬ ; তোঁহারি করণ ২২১ ; ২৪০। ১৮ ধর্ম্মকর্ম্ম। ১৯ ব্যবসায়, বাণিজ্য। ২০ নৃত্যগীতপ্রভেদ (মেদিনী)। ২১ যোগীর আসনবিশেষ ; পদ্মাসনাদি (অ.চি)। ২২ লেখ্য, দলিল ; সাক্ষিকৃত দিব্যাদি। "মনু ৮.৫১ ; ৫২ ; ১৫৪। ২৩ হস্তলেপ (?) (মেদিনী)। ২৪ [+অন-ণ] যাহা দ্বারা করা যায় ; ক্রিয়ার সাধন ; কার্য্যানুষ্ঠানের অনুকূল দ্রব্যাদি। "সভে মিলি দিল তারে পূজার করণ ক.চ ১৪৭। ২৫ (ব্যাকরণে) কারকবিশেষ ; ক্রিয়াসাধনে প্রকৃষ্টতম উপকারক, অর্থাৎ ক্রিয়ানিষ্পত্তির অব্যবহিত কারণ। যেমন, ধান্যচ্ছেদনে দাত্রের করণত্ব। "পা ১.৪.৪২ ; দ্র 'তত্ত্ববোধিনী'। ২৬ ব্যাপারবান্ অসাধারণ কারণ ; হেতু। ২৭ ইন্দ্রিয়, চক্ষুরাদি ও হস্তাদি। "করণাধিপাধিপ (শ্বেতাশ্বতর)। করণোজ্ঝিত রঘু ৮.৩৮ ; করণাপায় ৪২। পটু° পু.মে ৫। গী ১৮.১৪। ২৮ বর্ণের উচ্চারণে উচ্চারণসাধন জিহ্বামূলাদি। দ্র 'ক'[১]। "স্পৃষ্টং স্পর্শানাং করণম্ (অথর্ব্ববেদপ্রাতিশাখ্য)। ২৯ অভিচারমন্ত্র, মন্ত্র (M.W.)। "°প্রয়োগ ক.সা ৪৪.১৫২ ; ৪৯. ১৪৬। ৩০ অন্তঃকরণ (Wilson)। ৩১ সংবেশন, রতিবন্ধবিশেষ। "নিকসল শ্রম-জল অপরূপ করণা (পদকল্পতরু)। ৩২ কায়স্থসংহতি। ৩৩ জাতিগত বৃত্তি (M.W.)। ৩৪ আদিকারণ বিষ্ণু (মহা)। ৩৫ [+অন-ধি] গাত্র, শরীর। °বিগম পু.মে ৫৫। ৩৬ (জ্যোতিষে) তিথ্যর্দ্ধপরিমিত বব-বালব-প্রভৃতি একাদশ কালবিশেষ। "বব°, বালব°, বিষ্টি°, শকুনি°। শ্রী ৭। শ্রী.মা ১১। ৩৭ কৃতাদি যুগ (শ.ক)। ৩৮ (বাঙলায়) বিবাহের পূর্ব্বে বরেন্দ্রশ্রেণী ব্রাহ্মণের করণীয় অনুষ্ঠানবিশেষ। "উত্তম করণে যেমন কুলেব ময়লা কাটে দা ২০৯৬। —ণী স্ত্রী [°ণ+স্ত্রী-ঈ (ঙীপ্)] ১ করণজাতি স্ত্রী। "যাজ্ঞ ১.৯৫। দ্র 'রথকার'। ২ (গণিতে) যাহার বর্গমূলাদি নিষ্কাশিত হয় না, তাদৃশ রাশিবিশেষ (surd)। ৩ সমকোণ সমবাহু চতুর্ভুজের বাহু (M.W.)। ৪ অঙ্গুলিসমূহের সংস্থানবিশেষ। [করণ কারণ—কার্য্যসাধনের উপায় ও হেতু। "গান ১২৭।]

করণ-কারণ বি [অপ্র] উৎপাদনের হেতুভূত বৈবাহিক আদান-প্রদান ; বিবাহ। "পৃথিবীতে যত কপি ব্রহ্মার সৃজন। সে সব বানরের হৈল করণ-কারণ ॥—কৃ.উ ১৪২।

করণাধিপ পুং [ষ.ত] ১ ইন্দ্রিয়গণের অধিপতি বা অধিষ্ঠাতৃদেব ; যেমন, শ্রোত্রের দিক্, ত্বকের বায়ু, চক্ষুর সূর্য্য, জিহ্বার প্রচেতাঃ, নাসিকার অশ্বিনীসুতদ্বয় (ত.বা)। ২ ইন্দ্রিয়াধিপতি জীবাত্মা।

করণাপাটব ক্লী [করণের অপাটব, ষ.ত] ইন্দ্রিয়গণের শক্তিহীনতা ; ইন্দ্রিয়বৈকল্য। "চৈ.চ ৭।

করণী স্ত্রী ১ দ্র 'করণ'। ২ [করণীয় > °ণী ; অপ্র] (বাঙলায়) কার্য্য। "তদন্তরে শুন সভে এ দুষ্টকরণী ম ৩৩৫।

করণীয় বিণ [√কৃ+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ অনুষ্ঠেয়, কর্ত্তব্য। "অবশ্য°। ময়া কিং করণীয়ম্ গো রা ৩.১৪.১০। করণীয় যাহা, আশু কর তাহা স.শ ৬০। ২ (বাঙলায়) বিবাহে আদান-প্রদানের যোগ্য ; বৈবাহিক সম্বন্ধের উপযুক্ত (ঘর)। "হেসেও সে বলে এ ত করণীয় ঘর ব.প ৯৩৯। —য় বি কর্ত্তব্য কর্ম্ম। পিতা-মাতাও···করণীয় সুনির্ব্বাহিত করিতে পারেন পা.প্র ৮০।

করণ্ড পুং, ক্লী [√কৃ+অণ্ড (অণ্ডন্)-র্ম্ম, উ ১.১২৬] ১ বংশাদিরচিত ভাণ্ডবিশেষ ; পুষ্পাদিভাজন, সাজি, ঝাঁপি। "বাম করে করণ্ড ক.চ ৪০। ২ সমুদ্গ, কৌটা (ত.বা)। ৩ আধার, ভাজন, পাত্র, ঝুড়ি। "মায়া° ভ ৫.১৪.৪। "(স্ত্রী-যন্ত্রম্) সর্ব্বমায়াকরণ্ডম্।—ভর্তৃহরি ; পঞ্চ ১.২০১। ম ৫৬২। ৪ মধুকোষ, মধুচক্র, মৌচাক। ৫ অসি। ৬ কারণ্ডব পক্ষী।

করণ্ডক পুং [করণ্ড+ক (কন্) স্বার্থে] সর্থ 'করণ্ড'। —ণ্ডিকা, —ণ্ডী স্ত্রী [°ণ্ড+স্ত্রী ঈ (ঙীষ্) ; ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ করণ্ড, সাজি। "নানা পুষ্পে মহাদেব ভরিল করণ্ডী ম.ম ৯। ২ সর্থ 'করণ্ড (২)। "পদ্মার করণ্ডী-ঘর : করণ্ডী খসাই বি.পা ৭৭। করণ্ডীগঠনে : করণ্ডীর চারি দ্বার বা.ম ৭০ ; করণ্ডী-পট ৮২।

করত[১] ক্রি [√কর+ত[৫]] করে। "ধরণীয়ে চাঁদ করত পরকাশ :

করত সিঙ্গার বি.প ৩১। করত রাব।—ব ১৩৩; করত কোল ১৩৪। করত প্রণাম ন.প ১৪১। জ্ঞা ১২৫।

করত[২] ক্রি [√কর+অত[৩]; অপ্র] ১ করিতে করিতে। "মত্ত হস্তীর ন্যায় পৈয়িস পৈয়িস করত…ঘাটে আসিয়া উপস্থিত হইলেন আ.দু ১৪৪; বিকট হাস্য করত মিঠায়ের ঠোঙ্গাটি…কাড়িয়া লইল ১৭৪; ঊর্দ্ধ দৃষ্টি করত ২১১। কেহ…বোতলের জোরে একেবারে বুঁদ হইয়া বোমে উড্ডয়ন করত ভবনদী পার হইতেছে।—টেকচাঁদগ্রন্থাবলী ১৬৯। ২ করিয়া। "জান সাহেব, 'হা ক্যাশ বহি'…বলিয়া বিলাপ করত মনের খেদ মনেই রাখিলেন আ.দু ১৫০; বাঞ্ছারাম বাড়ীর ভিতর প্রবেশ করত অন্তঃপুরে গমন করেন ১৯৩; ভোগ করত ২১২। তিনি …যথাকথঞ্চিদ্রূপে গ্রাসাচ্ছাদন ও প্রতিপালন করত কালক্ষেপ করেন ব.প ১৭১৭; প্রতিকূলে গমন করত ১৭৪০। অতিক্রম করত পা.প্র ২০৪। প্রবেশ করত ঘ ১২। ['ফলতঃ'-প্রভৃতির অনুকরণে 'করতঃ'ও দেখা যায়।]

করতব বি [সং কর্ত্তব্য; হি করতব] ১ কলা, গুণ, হুনর। ২ (সঙ্গীতে) রাগরাগিণীর আলাপে স্বরের কৌশল; সুরভাজা। ৩ কৌশল, কেরামত। "করতব দেখানো। [তানকরতব—তান ও করতব। "ওস্তাদীগলার °বে পল্লীর নিদ্রাতন্দ্রা তিরোহিত।—গল্পগুচ্ছ।

করতল ক্লী [ষ.ত] ১ হস্তের তলভাগ; পাণিতল, হাতের তেলো। "উরঃ…জঘ্নুঃ করতলৈঃ রা (S.W.)। °গত।—পঞ্চ ২.১৩১। করতলাভ্যাহতো বৈণ্যঃ ৩.২৫২। °প্রহারে অ.প ১৫। ২ হস্ত (ত.বা)। [করতলে করা (সং 'করতলীকৃ'—করতলীকৃত্য ভ ৮.৭.৪২)—করতলগত বা অধিকৃত করা।]

করতলামলক ক্লী [উ.লো] করতলস্থিত আমলকফল; হস্তামলক। "°ফলবদখিলং জগদবলোকয়তাম্ (কাদম্বরী)। [°বৎ—করস্থিত আমলকের ন্যায় (জগতের সহজ সুস্পষ্ট জ্ঞান)। তু 'করবদর'।]

করতা দ্র 'কড়তা'।

করতা, -তার বি [সং কর্ত্তা > (স্বরাগমে) °তা; সং কর্ত্তারঃ > প্রা কত্তার (ষ) > বা °তার; অপ্র; হি কর্ত্তার, করতার; E. creator] সৃষ্টিকর্ত্তা, আদিদেব, ধর্ম্মঠাকুর। "সুন গো করতার শূ ৮; সঙরে করতার ৫০; উরিল দেব করতা ৮০। প্রণাম করি প্রভু করতার গো.বি ১। করতারে…কহিতে লাগিলাঃ কৃত্তিবাসে করতার কন শ্রী.মা ১০; ২০; করতার কর পার ১৮৯। সদয় না হইল করতার শ্রী ৩৫।

করতাল, -তালিকা, -তালী পুং, স্ত্রী [ষ.ত; °ল+স্ত্রী ঈ (ঙীষ্); ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] করের তাল, অর্থাৎ তলদ্বয়ের অভিঘাতজন্য শব্দ; করতলধ্বনি, হাততালী। "স জহাস দত্তকরতালমুচ্চকৈঃ মাঘ ১৫.৩৯। করতালিকানাং দানাৎ নৈ ৩.৭। °তালিকা ন.প ৩৪২। বাজিল করতালিকা বা.দ ১৩৮। —তাল বি (করতলসাদৃশ্যে) চক্রাকার কাঁসার বাদ্যবিশেষ; কত্তাল (cymbal)। "করতাল বীণা কেহ পুরে কৃ ৪৫। ক.চ ১৭২। চথ চথ তালধ্বনি করতালে।—হেমচন্দ্র। —তালি বি ['°তালিকা'—মূল] সর্থ 'করতাল'। "এসেছি কি হেথা যশের কাঙালী, কথা গেঁথে গেঁথে নিতে করতালি।—গান ২১৮।

করতোয়া স্ত্রী [করতোয়+অ (অচ্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] ১ উত্তরদেশস্থ নদীবিশেষ; সদানীরা। [ইহা গৌরীবিবাহে শিবকরচ্যুত তোয় (জল) হইতে উৎপন্না। "ব.প ১৪১৩।] ২ তীর্থবিশেষ। "মহা ৩.৮৫.৩।

করত্রাণ বি [সং 'অঙ্গুলিত্রাণ'] হস্তের ত্রাতা; যোদ্ধার পাণিরক্ষক সজ্জাবিশেষ; অঙ্গুলিত্র। "হেম ২০৬।

করদ বিণ [কর+√দা+অ (ক)-ক; উ.ত; স্ত্রী -দা] ১ করদাতা; রাজস্বদায়ক। ২ অধীনতা স্বীকার করিয়া যে অন্য রাজাকে কর দেয়; অধীন করদাতা (রাজা)। "পৃথিবীপালাঃ করদাস্তব মহা ৩.২৫৪.১৬। ৩ যে ত্রাণার্থ কর বা হস্ত (helping hand) দেয়; সাহায্যকারক।

করদস্ত বিং [সং কর+ফা দস্ত; অপ্র] 'হাতে-হাত'; কৃতাঞ্জলি-পুট, জোড়হাত। "করদস্ত হওয়া রাজা বলিতে নাগিল গো.চ ৭৩; ৭৬; ২১৭।

করদায় বিং ['করদায়ী > °য়] করদাতা, করদ (tributary)। "সকল পৃথিবীপতি করি করদায় ম ৩০১।

করদীকৃত বিণ [করদ+অভূততদ্ভাবে চ্বি (০)+√কৃ+ত (ক্ত)-র্ম্ম] যাহাকে এক্ষণে করদ করা হইয়াছে; বশীকৃত। "তে…পাণ্ডুনা করদী-কৃতাঃ মহা ১.১১৩.৩৮। বে ৬ ১৮। —কৃত ক্লী 'ইহার এই রাজস্ব' —এইরূপ স্থির করিয়া প্রদত্ত লেখ্যবিশেষ। "শুক্র ২.৩০৪।

করধা বি [হি করদা—বদলাই (exchange); অপ্র] অভীষ্ট বিষয়ের পরিবর্ত্তে দেয় অর্থাদি; উৎকোচ, ঘুশ্। "তু 'ধুতি'। "(দ্বাদশ মোহর) করধা লইয়া এলো বাইতির ঘর॥—শ্রী.মা ২১৮; ব.প ৩৯৪।

করধৃত বিণ [তৃ.ত; স্ত্রী -তা] হস্তগৃহীত; হস্তাবলম্বিত। "পু.মে ৪১। করধৃতকম্পিতশোভিতদণ্ডম্।—মোহমুদ্গর।

করনা দ্র 'করা[১]'।

করন্দা বি [সং করমর্দ্দ, -র্দ্দক] ১ পানি-আমলা, করমচা গাছ। "শ্রী ২১২। ২ করমচা ফল। "শ্রী ৪২।

করন্যাস পুং [স.ত] করে ন্যাস; মন্ত্রোচ্চারণপূর্ব্বক অঙ্গুষ্ঠতর্জ্জনী-প্রভৃতিতে স্পর্শরূপ বিধিবিশেষ।

করপত্র ক্লী [উ.লো] ১ করসঞ্চার্য্য পত্র, অর্থাৎ পত্রবৎ শস্ত্র (অ.টী); ক্রকচ, করাত্ (saw)। "°বিদার্য্যমাণকাষ্ঠস্তম্ভ।—হি ২২½। ২ জল-ক্রীড়াবিশেষ।

করপল্লব পুং [কর পল্লবসদৃশ, উপ.স] ১ পল্লববৎ কোমল লোহিত কর; করকিশলয়, কোমলপাটলপাণি। "সী ৭। ২ [ষ.ত] করের পল্লবতুল্য; অঙ্গুলি।

করপাল পুং [কর+√পালি+অ (অণ্)-ক; উ.ত] 'কররক্ষক', খড়্গ, অসি। তু 'করবাল'। —পালিকা, -পালী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্); ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'করপাল'। ২ হস্তযষ্টি, হস্তদণ্ড, সোঁটা। ৩ একধার অস্ত্র বা ছুরিকা।

করপীড়ন ক্লী [ষ.ত] কন্যার করের পীড়ন, অর্থাৎ গ্রহণ; পাণিগ্রহণ, বিবাহ।

করপুট পুং [ষ.ত] ১ করদ্বয়ের পাত্র; মিলিত পাত্রাকৃতি পাণিদ্বয়; পাণিপুট। ২ সম্মান-প্রদর্শনার্থ যুক্ত পাণিপুট।

করপুটাঞ্জলি পুং [করদ্বয়ের পুটাকৃতি অঞ্জলি, ষ.ত; উ.লো] পাণিদ্বয়ের পাত্রাকার অঞ্জলিবন্ধ; যুক্তাঞ্জলি, জোড়হাত। "রা (M.W.)। করি করপুটাঞ্জলি,…মৈথিলী, অভিমানে সজল নয়ান ব.প ৫৩৯। করপুটাঞ্জলি হৈয়া বোলে নৃপমণি ম.পা ৩১।

করপৃষ্ঠ ক্লী [ষ.ত] পাণির পৃষ্ঠদেশ বা উপরিভাগ। বিপ 'করতল'। "করতলপৃষ্ঠাভ্যাং নমঃ (করন্যাস)।

করপ্রণী পুং [কর+প্র-√নী+ক্বিপ্ (০)-ক; উ.ত] লিপিকর, লেখক, কেরানী (শব্দরত্নাবলী)। [দ্র 'লেখক', শ.ক]।

করপ্রদ বিণ [কর+প্র-√দা+অ (ক)-ক; উ.ত] ১ করদাতা। ২ করদ (রাজা)। "কৃতাঃ করপ্রদাঃ মহা ৩.২৩৬.৩।

করপ্রাপ্ত বিণ [দ্বি.ত] হস্তগত, অধিগত। "হি ১.১৫৫।

করবদর ক্লী [উ.লো] করস্থ বদর। তু 'করতলামলক'।

করবাল পুং [তু 'করপাল', প > ব; তু 'তা কই-রাল—ক্ষুদ্র অসি]

১ খড়্গ, অসি। "ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালম্ গী.গো ১.১৪। ক.চ ৯৭। করে করবাল।—রঙ্গ ২৩০। দ্বিসপ্তকোটিভুজৈর্ধৃতথর-করবালে ব.দ্বি ৯৭। ২ (সাদৃশ্যে) নখ। —বালিকা, -লী স্ত্রী [তু 'করপালিকা, -লী] সর্থ 'করবাল'।

করবালিনী বিং [করবাল+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] করবাল-যুক্তা, ধৃতকরবালা, খড়্গহস্তা (দুর্গা)। "ভা.চ ১৭৯।

করবী বি [সং করবীর] পুষ্পবৃক্ষবিশেষ ও তাহার ফুল। "করবী-কুসুম-হার দা ৯৮৬।

করবীর পুং [কর বীর যাহার (বহুব্রী)] ১ যাহার মূল অশ্বনাশনে বীরবৎ কার্য্য করে (অ.টী); পুষ্পবৃক্ষবিশেষ; করবীগাছ (Oleander, Nerium Odorum)। "গো.রা ৩.১৭.১০। ২ খড়্গ, কৃপাণ। ৩ শ্মশান। ৪ নাগবিশেষ। ৫ পর্ব্বতবিশেষ। ৬ দৃষদ্বতীতীরস্থ রাজপুরবিশেষ। —র ক্লী করবীরপুষ্প, করবীফুল। "কদম্ব কনক করবীর ক.চ ৩৯। করবীর, গাঁথিয়াছে থরে থর (পদকল্পতরু)। —বীরক পুং [°র+ক (কন্) স্বার্থে] ১ করবীরবৃক্ষ; করবীরমূল-রূপবিষভেদ। ২ অর্জ্জুনবৃক্ষ। ৩ অসি। —বীরক ক্লী করবীর পুষ্প। —রী স্ত্রী ১ অদিতি। ২ পুত্রবতী স্ত্রী। ৩ শ্রেষ্ঠগবী।

করভ পুং [√কৃ+অভ (অভচ্)-ণ, উ ৩.১২২; অথবা, কর+√ভা+অ (ক)-ক] ১ মণিবন্ধ হইতে কনিষ্ঠার মূলপর্য্যন্ত করের বহির্ভাগ। "করভোপমোরূ রঘু ৬.৮৩। কদলী কদলী করভঃ করভঃ (সু.র)। ব ৬৭। করভোরু রতিপ্রজ্ঞে ভা.চ ২৯৭। বি.সু ৫৬। ২ যে শুণ্ড দ্বারা শোভা পায়; করিশাবক, হস্তিশিশু। "কুঞ্জর করভ, করহি কর বন্ধন গো ৮৩। অঙ্গদ, করভসম নব বলে বলী মে ১৪; ১১৬। ৩ উষ্ট্রশিশু। "করভকণ্ঠকড়ার মাঘ ৫.৩। উষ্ট্রাঃ করভাশ্চ সম্মিলিতাঃ।—পঞ্চ ৪উঙ্ড়। ৪ উষ্ট্র। "করভোৎকটমূর্দ্ধজাঃ মহা ৩.২৭৯.৪৬। ৫ হস্তিশুণ্ড। তু 'করভী' (পুং)। ৬ নখনামক গন্ধদ্রব্য। "ক.চ ৮৭। ৭ কটি। —ভক পুং [°ভ+ক (কন্) স্বার্থে; স্ত্রী -ভিকা] ১ করিশাবক। ২ উষ্ট্রশাবক; উষ্ট্র। —ভিকা স্ত্রী স্ত্রীজাতি করিশিশু ও উষ্ট্রশিশু। —ভী স্ত্রী [°ভ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ স্ত্রীজাতি করিশাবক। "অতিথি আসিত নিত্য করভ করভী মে ১১৬। ২ স্ত্রীজাতি উষ্ট্রশিশু; উষ্ট্রী। ৩ বৃশ্চিকালী, বিছাতি। —ভী (-ভিন্) পুং [°ভ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'শুণ্ডযুক্ত', হস্তী।

করভূ পুং [কর+√ভূ+ক্বিপ্ (০)-১ব; উ.ত] করে জাত; নখ।

করভোরু স্ত্রী [করভ তুল্য উরু যাহার, বহুব্রী; স্ত্রী -উ (ঊঙ্); করভোরু (সম্বোধনে)] যে স্ত্রীর উরু করভসদৃশ; প্রশস্তোরুকা উত্তমা স্ত্রী। দ্র 'করভ (১)। "পা ৪.১.৬৯, তত্ত্ববোধিনী। মাঘ ১০.৬৯।

করম বি [সং কর্ম্ম >(স্বরাগমে) করম; বৈষ্ণবসাহিত্যে; হি, ঠ °ম] ১ কর্ম্ম, কার্য্যমাত্র (ঐহিক, পারলৌকিক)। "ধরম করম সকলি জান হে তুমি চ.দা ১৪৫। ২ কর্ম্মফল, অদৃষ্ট, কপাল। "কি মোর করম অভাগি বি.প ১৭৪। সখি কি মোর করমে লেখি চ.দা ১০৯। সাগর শুকাল, মাণিক লুকাল, অভাগীর করম দোষে জ্ঞা ১৭৯। ৩ [আ করম্] কৃপা, মেহেরবানী। "করিম দিয়াছে মাথা করম করিয়া ভা.চ ৪৮০।

করমচা, -জা বি [সং করমর্দ্দ, -র্দ্দক] ১ বৃক্ষবিশেষ, করমচা গাছ। °চা, °জা বি.পা ১০২। ২ করঞ্জ ফল (ইহা কাঁচায় লাল থাকে)। "ও মিনসে নেশাখোর ফেশাখোর হবে, চোখ দুটো যেন করমচা গি.দ্বি ১২২।

করমর্দ্দ, -র্দ্দক পুং [কর+√মৃদ্+অ (অণ্)-ক; ক (কন্) স্বার্থে] পানি-আমলা, করমচা গাছ, করন্দা।

করমালা স্ত্রী [কর মালা, কর্ম্মধা] কর, অর্থাৎ করাঙ্গুলিপর্ব্বই জপের সংখ্যা হেতু মালাতুল্য; মন্ত্রজপের সংখ্যানির্ণয়ার্থ মালারূপে গণনীয় করাঙ্গুলিপর্ব্বসমূহ। [অনামিকা কনিষ্ঠা ও তর্জ্জনী প্রত্যেকের তিন পর্ব্ব ও মধ্যমার অগ্র পর্ব্ব, সমুদায়ে এই দশ পর্ব্ব লইয়া 'করমালা'। 'অনামিকাত্রয়ং পর্ব্ব কনিষ্ঠাত্রিতয়ং তথা। তর্জ্জনীমূলপর্য্যন্তং করমালা প্রকীর্ত্তিতা।—মুণ্ডমালাতন্ত্র।]

করমুক্ত ক্লী [তৃ.ত] হস্ত দ্বারা মুক্ত অস্ত্রবিশেষ, ভল্লাস্ত্র।

করম্ব বিণ [√কৃ+অম্ব (অম্বচ্)-র্ম; উ ৪.৮২; স্ত্রী -ম্বা] মিশ্রিত। —ম্ব পুং [+অম্ব-ভা] ১ মিশ্রণ। তু 'করম্বিত'। ২ সর্থ 'করম্ভ'।

করম্বিত বিণ [°ম্ব+ইত (ইতচ্)] ১ সঞ্জাতকরম্ব, মিশ্রিত, যুক্ত। "নৈ ১.৮৫। মধুকরনিকরকরম্বিতকোকিলকূজিতকুঞ্জকুটীরে।—গী.গো ১.২৮। পুলককদম্বকরম্বিত অঙ্গে গো ৫৪; ভ্রমর-করম্বিত,… কেলিকদম্বক মাল: কোমল কেলি,-কদম্বকরম্বিত, কুণ্ডলকান্তি কপোল ৮৫। ২ অনুবিদ্ধ, খচিত (Wilson)।

করম্ভ পুং [ক (দধিজল)+√রম্ভ্, শব্দ+অ (অচ্)-ক (অ.টী), করম্ব >°ম্ভ (?); ছান্দস] ১ যাহা দধিজলের সহিত শব্দ করে; দধিসিক্ত সক্তু; দধিসক্তু। "মহা ৭.৬২.৭। ২ উদমন্থ। ৩ ভৃষ্টযবমাত্র (শ.ক)। ৪ কর্দ্দম (মেধাতিথি); তপ্ত (কুল্লুক)। "করম্ভবালুকা-তাপান্ মনু ১২.৭৬। ৫ মিশ্রগন্ধ। "ভ ৩.২৬.৪৫। ৬ প্রিয়ঙ্গু লতা। ৭ শতাবরী। —ম্ভক ক্লী [°ম্ভ+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'করম্ভ'। ২ বিবিধ ভাষায় রচিত গদ্যপদ্যময় কাব্য। "সা.দ ৬ ৩৩৭। —ম্ভী স্ত্রী দধিমন্থন-পাত্র। "রা ৩.৯১.৭২।

কররুহ পুং ১ করে জাত; নখ। "কিসলয়মলূনং কররুহৈঃ শ ২.১০। °পদ উ.মে ৩৫। ২ কৃপাণ, অসি। ৩ (বাঙলায়) কর, পাণি (অসাধু)। "ভুজ করিকর, কররুহে শর ম ১।

কর(রে)লা বি [সং কারবেল্ল; হি করে(রৈ)লা; কল্যা (নাটোর); উদিশা (ময়মনসিং)] দীর্ঘাকৃতি উচ্ছেবিশেষ।

করশাখা স্ত্রী [ষ.ত] করের শাখাতুল্য; অঙ্গুলি।

করশীকর পুং [উ.লো] হস্তিশুণ্ডনিঃসৃত জলকণা। "রঘু ৭.৪৮।

করশুদ্ধি স্ত্রী [ষ.ত] 'ফট্' মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা হস্তের শোধন।

করসাদ পুং [ষ.ত] ১ হস্তের অবসাদ। ২ কিরণহ্রাস।

করসান বি [দ্র 'সান'] কর দ্বারা কৃত সংজ্ঞা; হাতছানি।

করসূত্র ক্লী [উ.লো] বিবাহে মঙ্গলার্থে হস্তে বদ্ধ সূত্র।

করস্ফোট পুং [ষ.ত] হস্তাস্ফালন, করাস্ফোটন।

করস্বন পুং [ষ.ত] করতলধ্বনি, করতালি। "গো.রা ৫.৮৩.৫।

করহীন বিং [তৃ.ত] ১ হস্তরহিত। ২ শুণ্ডরহিত। "পলাইলা যক্ষনাথ ভীম গদা ফেলি, করী যেন করহীন মা ১২২।

করা[১] বি [√কর[২]+আ; হি করনা; ঠ করণেং; মৈ করব] সম্পাদন, সাধন ইত্যাদি। —রা বিং [√কর[১]+আ[১২]] কৃত, সম্পাদিত ইত্যাদি। [করা-কর্ম্মা—কার্য্যের অনুষ্ঠান। "বড়বাবু! তুমি কেবল গদিয়ান হইয়া থাকিবে, করা-কর্ম্মার ভার সব আমাদিগের উপর আ.দু ১৪১। [করা যায়—কর্ত্তব্য; করা শক্য। "কপালের কথা তায় কিবা যায় করা শি ১০৭।]

করা[২] [হি করা—সৈকরা, -ড়া; 'করিয়া'—মূল (?)] প্রত্যেক প্রতি, ফি। "জন°, মণ°, লাখ°, শত°, সের°, হাজার°।

করা[৩] সর্ম [√কর[২]+আ[৭]; প্রা √করাব (হে); হি √করা; মৈ করাব] কার্য্যে প্রবর্ত্তিত করা; করান (to cause to do)। "অসংঘট কাজ পুন সংঘট করাএ শ্রী.কী ২৬। এতহু করায়সি কাহে অপমান (পদকল্পতরু)। করাআঁ (করাইয়া), করাইলেঁ করায়িল, -লে -লেঁ, করায়িবোঁ, করাহ (শ্রী.কী)। করায়ন্ত; করাইলেন্ত—করান করাইলেন। "অ.প ৪৪, টীকা।]

করাকরি বি [কর^২ -আ+কর-ই ; অপ্র ; তু সং 'কেশাকেশি'] করে করে ধরিয়া প্রবৃত্ত যুদ্ধ ; হাথাহাথি। "প্রথমে যুদ্ধ জলাজলি, তবে যুদ্ধ করাকরি চৈ.চ ৩৪৬।

করাগ্র ক্লী [ষ.ত] ১ পাণির অগ্রভাগ ; অঙ্গুলির অগ্রভাগ। ২ হস্তিশুণ্ডের অগ্রভাগ। [°সঙ্কেতে—অঙ্গুলিসঙ্কেতে।]

করাত বি [সং করপত্র >প্রা করবত্ত (গাথাসপ্তশতী ২.৫৩) >বা (করবাত) °ত ; হি করাত ; ঠ. গু করবত ; অস করত্] লোহার পাতে নির্ম্মিত একধারে দাঁত-কাটা কাঠ চিরিবার অস্ত্রবিশেষ। —তি বি [°ত+ই^১১] করাত। "কাসুর পীরিতি কুলের করাতি চ.দা ১০৮। —তী বি [°ত+ঈ^৮ ; হি করাতী ; গু করবতী] যে করাতে কাঠ চিরিতে নিপুণ ; আরাকর (sawyer)। [করাত করা—(ঠ করবতণং)—করাতে কাঠ চেরা। করাতে কল—করাতের মত দাঁত-কাটা ইঁদুর মারার কাঁতিকল। করাতের গুঁড়া—করাতে চেরা কাঠের গুঁড়া (saw-dust)।]

করার, করারী দ্র 'কড়ার^২'।

করাল বিণ [(?) ; স্ত্রী -লা, -লী] ১ ভীষণ, ভয়ঙ্কর। "গো.রা ৩.২৪.১১ ; ১৩। °কোলাহল উ.চ ৬.১। "°ফণমণ্ডল রঘু ১২.৯৮। যমুনা আবর্ত্তশালী বিষম করালী ক.চ ৮০। ২ বিকৃত, বিকট। "দংষ্ট্রাকরালবদন গো.রা ৪.১৪.৪ ; মহা ১.১৫২.৩। °বক্ত্র।—উ.চ ৫.৬। দংষ্ট্রা° গী ১১.২৫ ; ২৭। দংষ্ট্রকরালবক্ত্র।—ভ ২.৭.১৪। হৃৎকমল-মঞ্চে দোলে করালবদনা শ্যামা।—রামপ্রসাদ। ৩ বিশাল, বিপুল। "করাল…শস্ত্রজালৈঃ উ.চ ৫.৫। ৪ বিস্তীর্ণ, বিশাল, পৃথু, প্রশস্ত। "সন্ধিঃ করালো ভবেৎ মৃ ৩.১২। ৫ বিষম, দন্তুর। "উন্মীলন্মুকুলকরাল-কুন্দকোশ মা.মা ১.৩৭। বে ২.৭। ৬ দন্তুর, উন্নতদন্ত, দেঁতো। ৭ তুঙ্গ, উচ্চ, বিশাল। ৮ কর্কশ, পরুষ, কর্ণকটু। "মা.মা ৫.৩। ৯ কুৎসিত, কদাকার। —ল পুং ১ সর্জ্জরসযুক্ত তৈল ; তেলধুনা, গর্জ্জনতেল। ২ দন্তরোগবিশেষ। ৩ কস্তুরী মৃগ (সুশ্রুত)। —ল ক্লী ১ কৃষ্ণ তুলসী। ২ স্নেহপক বেসবার (বেসার)। —লা স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্)] ১ দুর্গামূর্ত্তিবিশেষ। "মহা ৬.২৩.৪। ২ শারিবা, অনন্তমূল। —লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীপ্)] অগ্নির জিহ্বাবিশেষ। "মুণ্ডকোপনিষৎ ১.২.৪।

করাস্ফোট পুং [তৃ.ত] ১ কর দ্বারা আস্ফোট ; বাহুতাড়ন ; তাল-ঠোকা। ২ করাঘাত (ত.বা)।

করি-অরি বি [পদ্যে] করীর শত্রু ; সিংহ। "করি-অরি জিনি (মধ্য)।—ক.চ। করি-অরি মাঝ জ ১। ভা.চ ১১।

করিকর বি [ষ.ত] হস্তীর শুণ্ড। "ভুজ করিকর ম ১। ক.চ ৪ ; করিকরসমান বরিষে জলধারা ৮২ ; ২২৯। ভা.চ ২৯১।

করিকা স্ত্রী [কর+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] 'কর-বিলেখনযুক্তা', নখরেখিকা, নখব্রণ। "মাঘ ৪.২৯।

করিতকর্ম্মা বিং [কৃতকর্ম্মা >°র্ম্মা] যে কাজকর্ম্ম করিয়া বহুদর্শী হইয়াছে ; কার্য্যসাধনে কুশল (লোক)।

করি(রী)ম বিং [আ করীম্] দয়াময়, কৃপালু। —ম বি দয়ালু ঈশ্বর। "করিম দিয়াছে মাথা করম করিয়া ভা.চ ৪৮০।

করিয়া ক্রি [√কর+ইয়া^৩ ; 'করি' (সংক্ষেপে, পদ্যে)] ১ করার পর ; করণানন্তর। ২ ধরিয়া, গ্রহণানন্তর। "ধনুচ্ছলে করি সর্প গলে জড়াইল ম ৩১। তাহারা…চঞ্চুপুটে করিয়া খাদ্যসামগ্রী আনে।—কাদ ৫। ৩ স্থাপন করিয়া ; রাখিয়া। "রামে করি কোলে কৃ ১২২। ৪ লইয়া, ধরিয়া। "নড়ি করি হাতে।—কৃ ১০০। ৫ বলিয়া। "তোমা হেন বধূ আমি ভাগ্য করি মানি কৃ ১০৩। কেহ বলে ছাড়ি দেহ যাক্ অন্তরে। মারিস্নু করিয়া চল কহিব রাজারে॥—ভ.গ্র ৬১। ৬ মনে করিয়া ; ভাবিয়া। "বিষ্ণু করিয়াও ভয় নাহিক তোমার চৈ.ভা ৪৫। ৭ তৎস্বরূপ ভাবিয়া। "পিতা করি যাঁরে বোলে গৌরাঙ্গ ঈশ্বর চৈ.চ ৪১। ৮ সেই নাম বা উপাধি ধরিয়া। "(তথা এক দস্যু হয়) ভুঞা করি ভ.গ্র ১৫। ৯ তদভিন্ন ভাবিয়া। " 'ঈশ্বর' করিয়া বলিবেক চৈ.ভা ৫০৬। কহিয়ে তাঁরে কৃষ্ণের কলা করি চৈ.চ ২৩,-৪। আমাকে ঈশ্বর করিয়া জান।—রামমোহন রায়। ১০ দ্র 'কর^২'। [করিয়া-কম্মিয়া—স্বহস্তে কাজকর্ম্ম করিয়া। "হাতে কলমে করিয়া-কম্মিয়া শিখিয়াছি।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। করিয়া-কম্মিয়া বা ক'রে কর্ম্মে খাওয়া—১ খেটেখুটে জীবিকার্জ্জন করা। ২ যোগাড়যন্ত্র করিয়া বা পাকশাক করিয়া খাওয়া। "সংসারে কিছুরই অভাব নাই, ক'রে কর্ম্মে খেলেই হয়। তায় ক'রে—তাহা দ্বারা। "তায় ক'রে (অর্থাৎ সেই খাণ্ডা দ্বারা) লাউসেন কাটিবেন গণ্ডা শ্রী.মা ১৪২।]

করি(রী)র পুং, ক্লী [√কৄ+ঈর (ঈরন্)-ক ; উ ৪.৩০ ; করিল্ (ত্রিপুরা)] ১ বংশাঙ্কুর, বাঁশের কোঁড়। ২ অঙ্কুরমাত্র। "বংশ° মাঘ ৪.১৪। —রা,-রী স্ত্রী হস্তিদন্তমূল।

করী (-রিন্) পুং [কর+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -রিণী ; করিন্ >°রি (সমাসে পূর্ব্বপদ)।—'করিকুম্ভ'] ১ 'শুণ্ডবান্', হস্তী। "করৈস্তু করিণঃ শীঘ্রং জলম্ (সিষিচুঃ) মহা ১.২২৩.৮০। রঘু ৩.৩। উচ কুচগিরি, জিনি কুম্ভ করী ক.চ ৪। মদকল করী মে ৯। ২ নাগ-কেশর। ৩ (দিক্‌করিসংখ্যানুসারে) আট (৮) এই সংখ্যা। —রিণী স্ত্রী [করিন্+স্ত্রী ঈ (ঙীষ্)] হস্তিনী। "ভ ৪.৯.৫৩। রা.শে ৬৫। [°কুম্ভ (পুং)—হস্তীর ললাটস্থ কুম্ভবৎ উচ্চস্থান (frontal globe)। °গর্জ্জিত (ক্লী)—হস্তিগর্জ্জন, বৃংহিত। °জ (পুং)—করিজাত, হস্তি-শিশু, করভ। °দন্ত (পুং)—গজদন্ত (ivory)। °দারক (পুং)—'হস্তিনাশক', সিংহ। °পথ (পুং)—হস্তিগমনযোগ্য পথ ; রাজপথ। "পা ৫.৩.১০০। °পোত, °শাবক, °সুত (পুং)—করিশিশু, করভ। "করিসুতকুম্ভ-উচ (কুচ) ভা.চ ৯। °বদন (বি), °মুখ (পুং)—গজানন, গণেশ। "দু ২। °বন্ধ (পুং)—গজবন্ধন ; গজবন্ধনার্থ আলান। °বর (পুং)—মহাগজ, যূথপতি। "ম ১৯১। ক.চ ২০১ ; ২৪০। °বরবদন (বি)—মহাগজমুখ, গণেশ। "°বদনে প্রণতি দা ১।]

করীন্দ্র, করীশ্বর পুং [করী ইন্দ্রতুল্য, উপ.স ; করীর ঈশ্বর, ষ.ত] করিশ্রেষ্ঠ, মহাগজ। "দানপরিক্ষীণঃ…করীশ্বরঃ।—পঞ্চ ২.৭৭। করীশ্বর—গিরীশ্বরশরীর যাহার মা ১২২।

করীষ পুং, ক্লী [√কৄ+ঈষ (ঈষন্)-র্ম্ম, উ ৪.২৬] ১ মৃগাদির বিষ্ঠা (রা.টীকা) ; গোময়, শুষ্কগোময়, ঘষী, ঘুটে। "সমানং বৈ পুরীষং চ করীষং চ (শতপথব্রাহ্মণ)। মৃগাণাং মহিষাণাং চ করীষৈঃ রা ২.৯৯.৭। মনু ৮.২৫০। ২ পশুর পুরীষমাত্র। "হয় হস্তিকরীষৈঃ রা ২.১১৭.৩। [করীষাগ্নি (পুং)—শুষ্কগোময়কৃত অগ্নি ; ঘুঁটের আগুন।]

করুণ বিণ [√কৄ+উন্ (উনন্)-ক, উ ৩.৫৩ ; স্ত্রী -ণা] ১ চিত্ত-বিক্ষেপক ; শোকোদ্দীপক। "বিকলকরুণৈরার্যাচরিতৈঃ উ.চ ১.২৮। ২ দীন। "প্রপন্না করুণামবস্থাম্ রঘু ১৬.১০। মাঘ ৯.৬৭। ৩ [করুণা +অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -ণা] করুণাযুক্ত, সকৃপ, দয়াবান্। "মৈত্রঃ করুণ এব চ গী ১২.১৩। ভ ৩.২৭.৮। মোহবন্ধ ছিন্ন কর করুণ কঠিন ঘাতে।—রবীন্দ্র। ৪ শোকব্যঞ্জক। "উ.চ ৩.১৩। ৫ প্রিয়বিয়োগ-নিবন্ধন ; বিরহহেতুক। "পুটপাকপ্রতীকাশো রামস্য করুণো রসঃ। —উ.চ ৩.১। —ণ পুং ১ ইষ্টনাশ বা অনিষ্টপ্রাপ্তি হেতু চিত্তবিকার-বিশেষ ; শোক। "গাঢ়° উ.চ ৩.১৩ ; করুণোর্ম্মি ৭.১২। ২ দয়া, অনুকম্পা। "°বেদী। ৩ (অলঙ্কারে) রসবিশেষ, করুণরস, শোকরস। 'সা.দ ৩.২২২। "করুণার্থগ্রথিত রঘু ৮.৭০। ৪ পরমেশ্বর। ৫ বুদ্ধ-

বিশেষ। ৬ বৃক্ষবিশেষ, করুণালেবুর গাছ। —ণ, -ণে ক্রি.বিং শোকোদ্দীপকভাবে, কাতরভাবে। "করুণ ডাকিয়া কাক ধ্বজে আসি পড়ে ম ৮৪৯। করুণে মুরলী বাজে পরপারে কু.কে ২৫।

করুণবেদী (-দিন্) বিণ [করুণ+√বিদ্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব; উ.ত; স্ত্রী -দিনী] 'দয়াবেত্তা', কৃপালু। "গো.রা ৩.৬৯.৭। মনু ৭.২১১।

করুণা স্ত্রী [করুণ+স্ত্রী আ (টাপ্)] ১ পরদুঃখহরণেচ্ছা, দয়া, কৃপা। "অকরুণ, নিষ্করুণ, সকরুণ। 'বৃত্তি উ.মে ৩২। অহো বিধে ত্বাং করুণা রুণদ্ধি ন।—নৈ ১.১৩৫। মাধব নিকরুণ অন্ত বি.প ১৬৯। শুনিয়া করুণাময় হৈল সকরুণ।—ম ১০। জাহ্নবী যমুনা বিগলিত করুণা। —গান ২২১। সৃষ্টি করুণাময়ী—মনুষ্য অকরুণ ব.প্র ২৬৮। ২ সদয়-ভাব (M.W.)। ৩ [বাঙ্‌লায়; অপ্র] যাহা করুণাজনক; কাতরতা, দীনতা। "অতিহু করুণা বি.প ৬৯। এইমতে লক্ষীন্দরে করুণা করিল বা.ম ৩১৮; করুণাবচনে ৩২১। শ্রী.মা ২২০। করুণা করিয়া কন দ্রু ১০২। ভ.গ্র ১৮৭; ১৯৪। ৪ কাতর-বাক্য, কাতরোক্তি, দীনতা। "শুনি দেব রাজার করুণা। এক ঠাঁই হইল তিন জনা॥—গ ১২৭; গজের করুণা ১৬২। অশেষ করুণা করে রাণী কেন্দে সায়া ব.প ১৪৫; ৮৬৫। এতেক করুণা ম ১০। শ্রী.ম ২৮২। ৫ বিষাদ, দুঃখ, অনুতাপ, আক্ষেপ। "অশেষে বিশেষে রাজা করিয়া করুণা। গঙ্গার নিকটে গেল হইয়া বিমনা॥—গ ১৫৭। দুই পুত্রে বুঝান করুণা করি চিতে কৃ.উ ২৪০। চান্দর করুণার সীমা নাই ম.ম ১৪৭। ৬ বিলাপ, পরিদেবনা। "মা মা বলিআ দুই ভাই জুড়িল করুণা কৃ.উ ২৭৪; তুমি ছাড়হ করুণা ২৭৫। সে করুণা শুনিতে পাষাণ কাষ্ঠ দ্রবে চৈ.ভা ৩৯১। করুণা করেন প্রভু কোলে করি মুণ্ড শ্রী.মা ২১৩। ৭ অনুনয়, বিনয়। "করে ধরইতে করুণা কর কোটি বি.সা ৯৮। করুণা করিয়া নেতা লাগিল কহিতে বা.ম ৫৫। করুণা করিঞা সভে বলিব তাহারে ব.প ৮৬৫। ৮ করুণরসাত্মক শোক। "গোকুলে উছলল করুণার রোল বি.প ১৬৩; করুণা বাঢ়ল ১৮৭। [°নিকর (বিং)—দয়াপ্রচুর, দয়াময়। "শৈলসুতে করুণানিকরে।—ভা চ ৫৭। °নিধান (ক্লী), °নিধি (পুং)—করুণাধার, দয়ানিধি। "বা দ ১৩। °পর (বিণ)—দয়াপরায়ণ, অতিদয়ালু। °বিমুখ (বিণ)—দয়াপরাঙ্মুখ, নিষ্করুণ। "করুণাবিমুখেন মৃত্যুনা।—রঘু ৮.৬৭। °ময় (বিণ)—দয়া-প্রচুর, কৃপাময়। "বাঁচাও, করুণাময়! ভিখারী রাঘবে মে ২৫৯। তোমারি ইচ্ছা হৌক পূর্ণ করুণাময় স্বামী।—রবীন্দ্র। °মই (সং °ময়ী) —কৃপাময়ী। "কৃ.উ ২৭৩। করুণার্দ্র (বিণ)—দয়ারসে সিক্ত; দয়ার্দ্র। °সাগর, °সিন্ধু (বি)—অপারদয়ানিধি, অতীব কৃপালু।]

করুণাত্মা (-ত্মন্) বিণ [করুণ আত্মা যাহার, বহুব্রী; স্ত্রী -ত্মা] সদয়হৃদয়, দয়ার্দ্রচিত্ত।

করুনা বি [সং করুণা; হি করুণা, -না; অপ্র] ১ দীনতা, অনুনয়। "করুনা করিয়া মএনা কান্দিতে লাগিল গো.চ ১৩। অতিহু করুনা বি.সা ১২০। ২ দুঃখ, আক্ষেপ, বিষাদ। "করুনা করিয়া রাজা কান্দিতে লাগিল॥—গো.চ ২১১।

করেণু পুং [√কৃ+এণু-ক, উ ২.১; স্ত্রী -ণু, -ণূ] ১ হস্তী। "মাঘ ১২.৫। ২ কর্ণিকারবৃক্ষ। —ণু, -ণূ স্ত্রী ১ গজযোষা, হস্তিনী। "যথা নাদঃ করেণূনাং বদ্ধে মহতি কুঞ্জরে রা ২.৪০.২৯। মহা ১.১১৪.৯; করেণুভামিব দ্বিপঃ ২.১৬.১৯। কু.স ৩.৩৭। ২ ওষধিবিশেষ। —ণুকা স্ত্রী [°ণু+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] করেণু। "ক.সা ১৩.৬। রাজকুমার...করেণুকায় আরোহণ করিলেন।—কাদ ৩৮। —ণু পুং হস্তী।

করোট স্ত্রী [ক (মস্তক)+√রুট্ প্রতিঘাত+অ (অচ্)-ক; তু 'করোড'—নারিকেল (দেশী ২.৫৪)] শিরোস্থি, মাথার খুলি। —টি, -টী স্ত্রী [+ই (ইন্)-ক; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] সর্থ 'করোট'। "করোটয়ঃ কতি (গঙ্গাষ্টক)।

করোয়া বি [সং করক; হি করবা] নারিকেলাস্থিনির্ম্মিত জলপাত্র; করঙ্গ, লোটাবিশেষ। "করোয়ামাত্র হাতে চৈ.চ ১৯৮; ২০৩। ভ গ্র ১৮৭; ২৪৭।

করোয়াত বি [করবাত > °ত; অপ্র; দ্র 'করাত'] করাত। "অ.প ১২৪; ১২৬।

কর্ক্ বি [E. cork] ওকের ছাল; বোতলের ছিপি; কাক্।

কর্ক পুং [√কৃ+ক-ক, উ ৩৪০] ১ কর্কট, কাঁকড়া। ২ কর্কটরাশি। ৩ কর্কটবৃক্ষ, কাঁকড়াশিঙা। ৪ [+ক-র্ম্ম] পট।

কর্কট[১] পুং [√কর্ক্ হাস+অট্ (অটন্)-ক; স্ত্রী -টী; তা—'কর্কটকম্'] ১ কুলীর, কাঁকড়া। ২ কর্কটরাশি। ৩ পক্ষিবিশেষ। "কলিঙ্গ কর্কটি ক.চ ১২৫। ৪ পদ্মমূল, পদ্মকন্দ। ৫ অলাবুলতা। ৬ কর্কটশৃঙ্গাকার তুলাদণ্ডের বক্রপ্রান্তভাগ। ৭ রতিবন্ধবিশেষ। ৮ কণ্টক। ৯ ক্ষুদ্রামলক। ১০ (বাঙ্‌লায়) কর্কটরাশিযুক্ত শ্রাবণমাস। "কর্কট সিংহেতে যেন জলদ বরিষে ম ১৭৭; ২৬৯। —টী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীষ্)] ১ স্ত্রীজাতি কর্কট। "কর্কটী গর্ভমাধত্তে মৃত্যুমাত্মনঃ মহা ৪. ৯.২৯। ২ কর্কটশৃঙ্গী। ৩ ফললতাবিশেষ, কাঁকুড়গাছ; কাঁকুড়। "দ্রু ৪৩। ৪ শাল্মলী, শাল্মলীফল। "ম ১২৬০। ৫ সর্থ 'কর্কট (৭)। "পঞ্চ ২ ৭৮। ৬ সর্প। তু 'কর্কোট'।

কর্কট[২], **কর্কটক** বি [সং কর্কোট, -টক] নাগবিশেষ। "ম ৪৪৬; ৪৫২। ম.ম ১১৪।

কর্কটক্রান্তি বি বিষুবরেখার উত্তরে প্রায় ২৩½ ডিগ্রি অন্তরে উত্তরায়ণের সীমা বৃত্তরেখা (Tropic of Cancer)।

কর্কটশৃঙ্গিকা, -শৃঙ্গী স্ত্রী [উ বহুব্রী; স্ত্রী ঈ (ঙীষ্), স্বার্থে ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] বৃক্ষবিশেষ, কাঁকড়াশিঙা।

কর্কটি, -টিকা স্ত্রী [কর্কটি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] কর্কটী, কাঁকুড়গাছ; কাঁকুড়। "কর্কটিকাক্ষেত্র।—পঞ্চ ৫ ৫৫/২। পাকিয়া কর্কটিফল যেন যায় ফাটি শ্রী.ম ১১১। কর্কটিকাফল চৈ.ভা ২২১।

কর্কটীমাটি বি কাঁকড়া গর্ত্তের উপরে যে মাটি তোলে; কাঁকড়ার মাটি। "ঝুড়িটাক কর্কটীমাটির করি ফোটা শি ৭৬।

কর্কন্ধু, -ন্ধূ পুং, **-ন্ধূ** স্ত্রী [কর্ক (কণ্টক)+√ধা+উ (কু)—অ.টী, উ (কু)-ক, নিপাতিত, উ ১.৯৩; °ন্ধু+স্ত্রী উ (উঙ্)] ১ 'কণ্টক-ধারক', কোলিবৃক্ষ, কুলগাছ। "কর্কন্ধুফলমুচ্চিনোতি শবরী মুক্তাফলা-শঙ্কয়া সা.দ ১০°৩৮। কর্কন্ধুফলমিশ্রশাক উ.চ ৪.১। ২ বদরীফল, কুল। "ভ ৩.৩১.২।

কর্কর বিণ ১ কঠিন, দৃঢ়। ২ কর্কশ, খরস্পর্শ। "শর্করে কর্করাসি গী.গো ১২.২৯। ৩ খণ্ডিত (ধরণি)। —র পুং [কর্ক+√রা+অ (ক)-ক] ১ দর্পণ। ২ মুদ্গর। "বেত্রককরপাণি গো.রা ৬.৩৩.১৩। ৩ চর্ম্মপট্ট, চামড়ার পটি বা দল; কাঁকর। ৪ ভগ্নভাগ, খণ্ড। "করক° মা.মা ৫.১৯। —র পুং, ক্লী ১ চূর্ণজনক পাষাণখণ্ড; কঙ্কর, কাঁকর। "কর্করাশ্মবিবর্জ্জিতা (মৃত্তিকা)।—অত্রি ৩১৫। ২ খর্জ্জুরবিশেষ। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সনাল পাত্র; ঝারী। ২ ঝাঝরী হাতা; ছান্‌তা। [°রে—কর্করতুল্য, কর্কশ, খরখ'রে।]

কর্‌কর্ বি ['কর্কর'—মূল; ভাবাত্মক] ১ খরস্পর্শের ভাব; খর্‌খর্‌ভাব। "জিহ্বাটি গোজিহ্বা, হাত দিলে কর্‌কর্ করিয়া উঠে য ৯। ২ চক্ষুতে বালুকাদি পড়িলে তজ্জন্য ক্লেশবোধ। ৩ [ধ্বন্যাত্মক; তু 'হি কর-করানা] কঠিন দ্রব্য দাঁতে বা অস্ত্রে কুরিয়া কাটার শব্দ। [কর্‌করান —কর্‌কর্ করা]

কর্কশ বিণ [কর্ক+শ অস্ত্যর্থে ; স্ত্রী -শা ; তু 'তা কর়্কচ—কাঠিন্য] ১ 'কর্কযুক্ত', কঠোর, নির্দ্দয় (অ.টী)। বিপ 'কোমল, মসৃণ'। ২ কঠোর, দৃঢ়। ৩ অমসৃণ, পরুষ, দুস্পর্শ, খরস্পর্শ। "কর্কশানি চ পত্রাণি লেখনার্থে প্রদাপয়েৎ (S.W.)। স্ফুরদ্বিপাস্ফালনকর্কশাঙ্গুলৌ (ভুজে) রঘু ৩.৫৫। কু.স ৩.২২। ৪ উগ্র, প্রচণ্ড। "রাক্ষসাঃ কোপ-কর্কশাঃ রা (S.W.)। আক্রোশে কর্কশ দৃষ্টি বা দ ৯১। ৫ ক্রূর। ৬ পরুষ, শ্রুতিকটু, রূক্ষ। "°বাক্য (S.W.)। মেনকা আসি বলেন কর্কশ ক.চ ২৯। ৭ দুর্দ্ধর্ষ, দুর্জ্জয়। "সহায়ো রণকর্কশঃ গো.রা ৪.১৪.১৬। মহা ৩.২৮৫.১। ৮ তীক্ষ্ণ। "কর্কশৈঃ…খুরৈঃ।—ভ ৩.১৭.১১। ৯ অতিশয়িত, উৎকট। "কর্কশবিহারসম্ভবম্ (স্বেদম্) রঘু ৯.৬৮। ১০ কঠিন, পরিচ্ছেদনিষ্ঠুর, কর্ত্তব্যকঠোর। "অতিকর্কশ।—ম.চ ২.১১। পরম গভীর রাম বড়ই কর্কশ। তোমাকে এড়িল লোক বড়ই অপযশ॥—কৃ.উ ১৬৯। ১১ সাহসিক। "লক্ষ লক্ষ সেনাপতি পরম কর্কশ ম ৪৮৯। ১২ দুর্বোধ, দুরূহ। "তর্কে বা ভৃশ-কর্কশে মম সমং লীলায়তে ভারতী।—প্রসন্নরাঘব। ১৩ অসৎ, ব্যভিচারী। "যেষাং (রাক্ষসানাম্) ত্বং কর্কশো রাজা রা ৩.৪৮.২২। ১৪ [বাঙ্লায় ; অপ্র] দারুণ, কঠোর। "বিশ্বশ্রবা বলে এই সময় কর্কশ। হইবে যুগল পুত্র দুর্জ্জয় রাক্ষস॥—ম ৫৪৪। ১৫ কঠিন, দুঃসাধ্য, দুষ্কর। "নবোঢ়াকে বশ-করণ কর্কশ ভা.চ ৬৬৯। —শ পুং ১ কম্পিল্লবৃক্ষ, কমলাগুঁড়ী। ২ কাসমর্দ্দ, কাসুন্দা। ৩ ইক্ষু। ৪ খড়্গ, অসি। —শা স্ত্রী বৃশ্চিকালী, বিছাটিগাছ। —শী স্ত্রী বনকোলি, বুনো কুল।

কর্কোট, -টক পুং নাগবিশেষ। "ঋগ্বেদ খৈলিকসূক্ত, ১৩.৫-১৭.৫। [কর্কোটক অষ্টনাগের একতম। ইহার দংশনে নলাশ্রিত কলি বিষে জর্জ্জরিত হইয়া নলদেহে বাস করে।] —ক পুং ১ বিষবৃক্ষ। ২ ফল-লতাবিশেষ, কাঁকরোল গাছ। ৩ ইক্ষু। —কী স্ত্রী কাঁকুড় গাছ।

কর্চ্চরিকা, -রী স্ত্রী [হি কচোরী] ঘৃতে পক্ব পিষ্টকবিশেষ, কচুরি।

কর্জ্জ বি [আ ক.রূজ্, -জ.হ্] ঋণ, ধার। "কর্জ্জ কর কাত্যায়নী কুবেরের কাছে শি ৭২। —র্জ্জা বিং [আ কর়্জী] ঋণরূপে গৃহীত ; ধার-করা (টাকা)। [কর্জ্জ আদায় করা—ঋণ শোধ করা। কর্জ্জদার —ঋণী। "কর্জ্জদার প্রজা আ.দু ২৭। কর্জ্জপত্র করা—কর্জ্জের জন্য দলিল লিখিয়া দেওয়া ; (গৌণার্থে) কর্জ্জ করা।]

কর্জ্জল বি [সং কজ্জল, 'র' আগম ; অপ্র ; তু 'কর্জ্জ'] কাজল। "হরিদ্রা কর্জ্জল দু ৭। বা.ম ২২।

কর্ণ[১] সক [অদন্ত চু, প—কর্ণয়তি, -তে ; সেট্] ভেদন। [আ—আকর্ণন, শ্রবণ।]

কর্ণ[২] পুং [√কৃ+ন (নন্)-ক ; অথবা, √কর্ণ+অ (অচ্)-ণ (অ.টী) ; √কৃ+নন্-ধি, উ ৩.১০ ; ছান্দস] ১ 'শব্দজ্ঞানকারক', শ্রবণসাধন, শব্দের 'বিক্ষেপস্থান', শ্রোত্র, শ্রবণ, কান। "°ভাগ, °শিরীষ, আখু°, এক°, গো°, বি°, লম্ব°, শঙ্কু° (S.W.)। মনু ২.২০০। রঘু ১.৯। ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রশ্চতুষ্কর্ণঃ স্থিরো ভবেৎ। দ্বিকর্ণস্য তু মন্ত্রস্য ব্রহ্মাপ্যন্তং ন গচ্ছতি॥—বেতালপঞ্চবিংশতি। হি ৩.৩৯। কর্ণ! কথায় কর্ণ দিও।—দা ৯০৮। ২ [ছান্দস] 'জলবিক্ষেপসাধন', নৌকার ক্ষেপণীবিশেষ ; অরিত্র, হাল। "হস্ত-কর্ণেব নৌঃ গো.রা ৬.২৩.৩০। ৩ (জ্যামিতিতে) ত্রিকোণাদিক্ষেত্রে কোটি ও ভুজের সংযোজকরেখা (লীলাবতী—diagonal, hypo-tenuse)। ৪ বৃত্তের ব্যাস (সূর্য্যশতক ;—diameter)। ৫ কুন্তীর জ্যেষ্ঠ পুত্র। [কুন্তীর কন্যাকালে সূর্য্যের ঔরসে ইঁহার জন্ম হয়। কুন্তী লোকাপবাদভয়ে ইঁহাকে জলে ত্যাগ করিলে, অধিরথ ও তৎপত্নী রাধা ইঁহাকে প্রতিপালন করেন। ইনি সহজাত কবচ-কুণ্ডলাদি হেতু 'বসুষেণ' এবং রাধার পালন হেতু 'রাধেয়' নামে প্রসিদ্ধ। ইনি বিপ্ররূপী ইন্দ্রের প্রার্থনায় স্বীয় সহজ কবচ ছেদনপূর্ব্বক ইন্দ্রকে দান করেন। তদবধি ইমি 'কর্ণ' ও 'বৈকর্ত্তন' নামে খ্যাত (মহা ১.১১১)। ইনি দানবীর। জৈমিনি ভারতের বৃষকেতুর উপাখ্যান ও কবচদান ইহার প্রকৃষ্ট প্রমাণ। ইনি দুর্য্যোধনের সখা ও অঙ্গদেশের অধিপতি ছিলেন। ভারতসমরে কুরুসৈন্যের সেনাপতি হইয়া, দ্বিতীয় দিবসে অর্জ্জুনের হস্তে ইনি নিহত হন। পরশুরাম ইঁহার অস্ত্রগুরু।] ৬ সুবর্ণালীবৃক্ষ, সোনালীগাছ (?)। ৭ নালাস্ত্রে অগ্নিচূর্ণ (বারুদ) দেওয়ার ঘর ; রঞ্জকঘর (touch-hole)। "শু ৪.৭.২১১। [কর্ণে (নাট্যে)—কর্ণমধ্যে, কানের ভিতরে, চুপে চুপে বলা।]

কর্ণকণ্ডু স্ত্রী [ষ.ত] কর্ণরোগবিশেষ। "সুশ্রুত ৬.২০.৮।

কর্ণকষায় পুং [ষ.ত] কর্ণমল। "°শোষ ভ ২.৬.৪৬।

কর্ণকীটা, -কীটী স্ত্রী [উ.লো] কর্ণভেদক কীটবিশেষ ; শতপদী, কান্‌কোটারি, কেন্নো।

কর্ণগূথ ক্লী [ষ.ত] ১ কর্ণের মল ; কানের খইল। ২ কর্ণগতরোগ-বিশেষ। "সুশ্রুত ৬.২০.৯।

কর্ণগোচর পুং [ষ ত] কর্ণের বিষয় ; শ্রবণযোগ্যবিষয়।

কর্ণগ্রাহ পুং [কর্ণ+ √গ্রহ্+অ (অন্)-ক ; উ.ত] যে কর্ণ গ্রহণ করে ; কর্ণধার, নাবিক।

কর্ণ(র্ণে)জপ[১] বিণ [স.ত ; অলুক্‌সমাস] যে পরাপকার কানে কানে বলে ; খল, সূচক। "ভট্টি ৩.৭। বি.মা ৭½।

কর্ণজপ[২], **-জাপ** পুং [স.ত] কানে অন্যের দোষকীর্ত্তন বা অলীক অপবাদ ; পরীবাদ, কানফুসলান।

কর্ণজ্বর পুং [ষ.ত] কর্ণের জ্বরতুল্য ; কর্ণব্যথা, শ্রোত্রসন্তাপ। "উ.চ ৫.৬। উদ্গীর্ণ° গী.গো ১.৩৮।

কর্ণতাড়, -তাল পুং [ষ.ত] ১ কর্ণের তাড়ন ; কর্ণসঞ্চালন। "কুঞ্জরকর্ণতাল রঘু ৭.৩৯। মাঘ ১৭.৩৭। ২ কর্ণতাড়নশব্দ ; কর্ণ-রূপ বাদ্যপ্রভেদ (মল্লিনাথ)। "গজযূথকর্ণতালৈঃ…বিনীতনিদ্রঃ রঘু ৯.৭১।

কর্ণদর্পণ পুং [ষ.ত] কর্ণভূষাবিশেষ, তাড়ঙ্ক, কানতড়্কা।

কর্ণধার পুং [কর্ণ+ √ধৃ+অ (অণ্)-ক ; উ.ত] 'কর্ণ- (হাইল) ধারক', নাবিক, মাঝি, কাঁড়ারী। "অকর্ণধারা পৃথিবী রা (S.W.)। অকর্ণধারা…নৌঃ হি ৩.২।

কর্ণনাদ পুং [স.ত] ১ অঙ্গুলিরুদ্ধ কর্ণকুহরে শ্রুত ধ্বনিবিশেষ (ভোঁ ভোঁ শব্দ)। ২ কর্ণরোগবিশেষ। "সুশ্রুত ৬.২০.৪।

কর্ণপত্রক পুং [ষ.ত] কর্ণের পত্রকতুল্য ; কর্ণপালী, কানের পাতা (iobe)। "যাজ্ঞ ৩.৯৬।

কর্ণপত্রভঙ্গ পুং [স.ত] কর্ণে (কর্ণসমীপে) চন্দনাদিকৃত পত্রাকার রচনাবিশেষ। [ইহা চতুঃষষ্টি কলার একতম। দ্র 'ভ ১০.৪৫.৩৫, শ্রীধর।]

কর্ণপথ পুং [কর্ণই পন্থা, কর্ম্মধা ; সমাসান্ত 'অ'] কর্ণচ্ছিদ্ররূপ মার্গ ; শ্রবণপথ। "কর্ণপথং নায়াতং শকুন্তলাপ্রত্যাদেশকৌলীনম্ শ ৬⅖। আমার দর্প কহিও সভার কর্ণপথ ম.বি ২৭৭।

কর্ণপরম্পরা স্ত্রী [ষ.ত] কর্ণের পরম্পরা (ক্রম) ; কান হইতে অন্য কানে—এইরূপ ক্রম ; শ্রুতিপরম্পরা। "গতঃ কর্ণপরম্পরাম্ (প্রবাদঃ) ক.সা ২৪.২১১।

কর্ণপর্ব্ব (-র্ব্বন্) ক্লী [উ.লো] কর্ণসম্বন্ধী পর্ব্ব ; কর্ণের সৈনাপত্য-নিধন-বিষয়ক মহাভারতের অষ্টম পর্ব্ব।

কর্ণপাক পুং [বহুব্রী] যাহাতে কর্ণের দাহ হয় ; কর্ণরোগবিশেষ। "সুশ্রুত ৬.২০.১৩।

কর্ণপালি, -পালী স্ত্রী [ষ.ত] ১ কর্ণের পালক কর্ণাংশবিশেষ ; কানের পাতা। ২ [কর্ণ+ √পালি+অ (অণ্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; উ.ত] কর্ণভূষণভেদ, কানবালা।

কর্ণপাশ পুং [কর্ণ+পাশ (শোভার্থে)] শোভন কর্ণযুগল। "উ.চ ৬.২৬।

কর্ণপুট ক্লী [ষ.ত] কর্ণরন্ধ্র। "ভ ২.৩.২০। ম.ম ১০৫।

কর্ণপুর পুং [কর্ণ+ √পুরি+অ (অণ্)-ক ; উ.ত] ১ 'ভূষারূপে কর্ণপূরক' ; কর্ণাভরণ, অবতংস। "বীজাঙ্কুর° রঘু ৭.২৭। কদম্বৈঃ কর্ণপূরঃ (রচয়তি)।—ঋতু ২.২৪। ২ (কর্ণপূররূপে ধার্য্য) নীলোৎপল। ৩ (কর্ণপূররূপে শিরীষপুষ্প-ধারণ হেতু) শিরীষবৃক্ষ। ৪ অশোকবৃক্ষ। ৫ (বাঙলায়) শ্রেষ্ঠার্থ, কবির উপাধিবিশেষ। "কর্ণপুর কবি ভণে ম.ম ২৬ ; ৩৯ ; ৪৩। —পূরক পুং ১ সর্থ 'কর্ণপুর (১-৪)'। ২ কদম্ববৃক্ষ।

কর্ণপেয় বিং [তৃ.ত] কর্ণ দ্বারা পানার্হ ; সাগ্রহে শ্রোতব্য। "কর্ণপেয় চমৎকার আশ্চর্য্য বারতা ভ.গ্র ২৭২।

কর্ণফুল বি স্বর্ণাদির পুষ্পাকৃতি কর্ণভূষাবিশেষ ; কানফুল। "মাণিক্যের কর্ণফুল বি.পা ১৭৭। সুবর্ণের কর্ণফুল ব.প ১৮৬। কর্ণফুলিয়া নাগে দেবী পরে কর্ণফুল ম.ম ১১৪। বিবিয়ানা কর্ণফুল।—দা ১৪৮১ ; ১৬৩৩।

কর্ণবালা বি স্বর্ণের বলয়াকৃতি কর্ণভূষণ ; কানবালা। "সুবর্ণের কর্ণবালা বা.ম ৭০ ; ২৮৩। হেম ১৫।

কর্ণবিট্ (-বিষ্) স্ত্রী [ষ.ত] কর্ণমল, কানের খইল। "মনু ৫.১৩৫।

কর্ণবেধ পুং [ষ.ত] কর্ণদ্বয়ের বেধন বা ছিদ্রকরণ ; শাস্ত্রোক্ত সংস্কারবিশেষ। "বি.সু ১৬৮। শি ১৬।

কর্ণবেধনিকা, -বেধনী স্ত্রী [ষ.ত] কর্ণবেধনার্থ সূচী (গুঁজি) ; কর্ণবেধনসূচিকা।

কর্ণবেষ্ট, -বেষ্টক পুং [ষ.ত] কর্ণের বেষ্টনকারক ভূষণবিশেষ ; কুণ্ডল। "সুকৃতৌ কর্ণবেষ্টৌ গো.রা ৫.১৯.১২। —বেষ্টন ক্লী [ষ.ত] সর্থ 'কর্ণবেষ্ট'।

কর্ণমদ্গুর পুং মৎস্যবিশেষ, কান্‌মাগুর মাছ।

কর্ণমল ক্লী [ষ.ত] কানের মলা বা খইল ; কর্ণগূথ।

কর্ণমূল ক্লী [ষ.ত] কর্ণের মূলভাগ (গোড়া) ; কর্ণোপকণ্ঠ। "আকর্ণমূলমাকৃষ্য বিসৃজ ত্বং মহাশরম্ গো.রা ৪.৯.১০৬। রঘু ১২.২। [কর্ণমূল হওয়া—কর্ণমূল ফুলিয়া উঠা (রোগবিশেষ)।]

কর্ণরসায়ন বি [ষ.ত] কর্ণের রসায়নতুল্য সুখকর ; শ্রোত্রপ্রিয় বস্তু ; কর্ণামৃত। "ঝমঝম শব্দ তাহে কর্ণরসায়ন ভ.গ্র ৩০০। রাধাকৃষ্ণ প্রেমকেলি কর্ণরসায়ন চৈ.চ ১২০।

কর্ণশূল ক্লী [ষ.ত] কর্ণের শূলবৎ পীড়াকর রোগবিশেষ।

কর্ণাকর্ণি ব্য [কর্ণ-আ+কর্ণ-ই ; তু 'পা ২.২.২৭] কানাকানি, কানে কানে, অর্থাৎ পরস্পর ফুস্‌ফুস্ করিয়া কানে-কানে। "অখিল এব যদুলোকঃ পরস্পরং কর্ণাকর্ণ্যকথয়ৎ।—বিষ্ণুপুরাণ।

কর্ণাট পুং বহুব [কর্ণ+ √অট্+অ (অণ্)-ক ; উ.ত ; তু 'তা কর্—কৃষ্ণ, নট (নড়ু)—দেশ] ১ দেশবিশেষ। ২ কর্ণাটদেশবাসিগণ ; কর্ণাটরাজগণ। ৩ [একব] রাগবিশেষ, কানাড়া। "°রাগ গী.গো ৪২ৢ। গ ২৫। —টী স্ত্রী মালবরাগের পত্নী রাগিণীবিশেষ।

কর্ণান্তিক ক্লী [ষ.ত] কর্ণসমীপ। "°চর শ ১.২১।

কর্ণাবতংস পুং, **-র্ণাভরণ** ক্লী [ষ.ত] কর্ণভূষণ।

কর্ণামৃত ক্লী [ষ.ত] অমৃতবৎ শ্রুতিসুখকর বিষয়।

কর্ণাল বি ['কর্ণাট'—মূল (?)] বাদ্যবিশেষ। "ম.পা ৫৭ ; ১৩৪। ক.চ ২৪২। চৈ ২৩২। ভা.চ ৪৫৯।

কর্ণাস্ফাল পুং [ষ.ত] হস্তীর কর্ণাস্ফালন বা কর্ণচালন।

কর্ণিক বিণ [কর্ণ+ইক (ঠন্) অস্ত্যর্থে ; স্ত্রী -কা] ১ কর্ণযুক্ত, সশ্রবণ। "(রাক্ষসীঃ) লম্বকর্ণীরকর্ণিকাঃ গো.রা ৫.১৭.২৪। ২ দীর্ঘকর্ণযুক্ত, লম্বকর্ণ। "পা ৫.২.১১৭, সি। ৩ যাহার হাইল আছে ; কর্ণবিশিষ্ট। —ক পুং কর্ণধার, নাবিক। —কা স্ত্রী [ক (কন্) অলঙ্কারার্থে +স্ত্রী আ (টাপ্), পা ৪.৩.৬৫] ১ কর্ণালঙ্কারবিশেষ, তালপত্র, তাড়্। "°পরিগ্রহ মা.মা ১২ৢ। কনক° চ.বি ১৮৫। কুন্দের কর্ণিকা শি ১১০। ২ হস্তীর শুণ্ডাগ্রস্থিত অঙ্গুলিসদৃশ বস্তু। ৩ পদ্মের বীজকোষ ; পদ্মের চাকা। "গো.রা ৩.২২.২৫। অম্ভোরুহ° ভ ৩.৮.১৬। পুণ্ডরীককর্ণিকার মাঝে ভা.চ ৩৩। ৪ করের মধ্যাঙ্গুলি ; মধ্যমা। ৫ গুবাকাদির ছটাংশ (বোঁটা)। ৬ লেখনী। ৭ খড়িকা, খড়ি। ৮ যোনিরোগবিশেষ। ৯ কুট্টনী, দূতী। ১০ অজশৃঙ্গীবৃক্ষ। ১১ অগ্নিমন্থবৃক্ষ। ১২ সেবতী, সেউতী, গোলাপ। [কর্ণিকাচল (পুং)—ভূমণ্ডলকমলের কর্ণিকাসদৃশ পর্ব্বত—মেরু। "ভ ৫.১৬.৭। দ্র 'জম্বুখণ্ড'।]

কর্ণিকার পুং [কর্ণিকা+ √ঋ+অ (অণ্)-ক ; উ.ত ; হি কনিয়ার—কনকচম্পা ; তা কোন্নই] ১ যাহা কর্ণভূষণ প্রাপ্ত হয় (অ.টী) ; বৃক্ষভেদ, সোনালুগাছ, কনিয়ারগাছ। "গো.রা ৩.২১.১৫। °কুসুম। —ঋতু ৬.২০। [কবিপ্রসিদ্ধি যে, পুরোভাগে স্ত্রীনর্ত্তনে কর্ণিকার বিকসিত হয়। স্ত্রীনর্ত্তন ইহার দোহদ। 'বিকসতি চ পুরোনর্ত্তনাৎ কর্ণিকারঃ (উ.মে ১৭, মল্লিনাথ)। ২ ছোট সোনালি। —র ক্লী ১ কর্ণিকারকুসুম। "কু.স ৩.২৮। ক.চ ৩৯। ২ পদ্মের বীজকোষ। তু 'কর্ণিকা'। "কৃষ্ণলোক কর্ণিকার গণি চৈ.চ ২১৫। ৩ ['কর্ণ্যাকার—মূল (?), দ্র 'কর্ণি (৩)'] (বাঙলায়) বাণবিশেষ। "কৃ ২৫৩ ; কৃ.উ ২৪৯।

কর্ণী (-র্ণিন্) বিণ [কর্ণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্ণিনী] ১ কর্ণযুক্ত। ২ বিবৃদ্ধকর্ণ, দীর্ঘকর্ণ। 'পা ৫.২.১১৭, সি। —র্ণী ১ পুং নাবিক, কর্ণধার। ২ কর্ণসন্নিহিত স্থান ; স্কন্ধ। তু 'কর্ণীরথ'। ৩ মূলে বা মধ্যে কর্ণ্যাকারফলকযুক্ত (barbed) বাণবিশেষ (মেধাতিথি)। কর্ণ্যাকারফলক বাণবিশেষ (কুল্লূক)। "মনু ৭.৯০। ৪ গর্দ্দভ (A.)। ৫ বর্ষপর্ব্বতবিশেষ।

কর্ণীরথ পুং [কর্ণী (স্কন্ধ—অ.টী), তদ্‌বাহ্য রথ, উ.লো, নিপাতনে দীর্ঘ] স্ত্রীরত্নবহনার্থ উপরি বস্ত্রাচ্ছাদিত মনুষ্যবাহ্য যানবিশেষ (অ.টী) ; চতুর্দ্দোল, স্ত্রীযোগ্য অল্পরথ (মল্লিনাথ)। "কর্ণীরথস্থ রঘু ১৪.১৩।

কর্ণেজপ দ্র 'কর্ণজপ১'।

কর্ণোপকর্ণিকা স্ত্রী [কর্ণোপকর্ণ+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] পরম্পর কানে কানে প্রচারিত প্রবাদ বা কথা ; কানাকানি। "°কয়া শ্রুতাপবাদক্ষুভিতহৃদয়ঃ (পঞ্চ)।

কর্ত্ত বিং [কত > °র্ত্ত ; তু 'কর্ত্তা' ; অপ্র] কত, কিছু। "কর্ত্তেক দূর জাইয়া হাড়ি কর্ত্ত পন্থ পায় গো.চ ১৯৯ ; কর্ত্তেক ২০০,-৪,-১২।

কর্ত্তন বিণ [√কৃৎ+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] কর্ত্তক, ছেদক, ভেদক। —ন ক্লী [+অন-ভা] ১ ছেদন, কাটা। "যাজ্ঞ ২.২৩২,-৮৯। ২ কার্পাস হইতে সূত্রনির্ম্মাণ ; কাটনা কাটা। "তর্কুঃ কর্ত্তনসাধনী (S.W.)। ৩ শিথিলীকরণ (ত.বা)। —নিকা স্ত্রী (°নী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] কর্ত্তনসাধনী তর্কু ; টেকো। —র্ত্তনী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] 'কর্ত্তনসাধনী', কাঁচি।

কর্ত্তব দ্র 'করতব'।

কর্ত্তব্য বিণ [√কৃ+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা ; ছান্দস] ১ করণীয়, অবশ্যবিধেয়, অনুষ্ঠেয়। "হীনসেবা ন কর্ত্তব্যা কর্ত্তব্যো মহদাশ্রয়ঃ।—চাণক্য। নির্ব্বিষেণাপি সর্পেণ কর্ত্তব্যা মহতী ফণা।—পঞ্চ ১.২২৫। কর্ত্তব্য কর্ম্ম সী ২১। ২ [√কৃৎ+তব্য-র্ম্ম] ছেদনীয়, কর্ত্তনীয়। "মহা ১.১৪০.৫২,

টীকা। মনু ৮.৩৬৭, কুল্লূক। —ব্য ক্লী ১ করণীয় কর্ম্ম; কার্য্য। "কর্ত্তব্যং বো ন পশ্যামি কু.স ৬.৬১। ন মে পার্থাস্তি কর্ত্তব্যম্ গী ৩.২২। °বিমূঢ় ক.সা ৭.৬৫। কিংকর্ত্তব্যবিমূঢ় সী ২৭। ২ [+তব্য-ত্তা] অবশ্য-করণ। ৩ অবশ্যচ্ছেদন। [°তা (স্ত্রী)—করণে ঔচিত্য; করণীয়তা। "সর্ব্ব° যাজ্ঞ ১.৩৩১।]

কর্ত্তরিকা, -রী স্ত্রী [√কৃৎ+অর (অরন্)-ণ+স্ত্রী ঈ (ঙীষ্); °রী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ যাহা দ্বারা কাটে; স্বর্ণ-প্রভৃতির পাত কাটার অস্ত্র; কাতারী (অ.টী); কৃপাণী, কাতুর। ২ ছুরিকা, ছুরী। "কর্ত্তরিকামাদায় মৃগাস্তিকং চলিতঃ হি ১২২৪৫। ৩ [হি কতরনী; ঠ কাতর, -রী; গু কাতর] ৪ কেশকর্ত্তনিকা, কাঁচি। ৫ দাত্রবিশেষ, কাটারী। —রী স্ত্রী (জ্যোতিষে) যোগবিশেষ।

কর্ত্তা (-র্ত্তৃ) বিণ [√কৃ+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী কর্ত্রী, -র্ত্রী; ছান্দস] ১ যে করে; কারক। "ঋণকর্ত্তা পিতা শত্রুঃ।—চাণক্য। ত্রাণকর্ত্রী ত্রিলোচনী দা ২০৭। ২ কার্য্যকারক। "রাজ° রা ২.৬৭.২। ৩ সম্পাদক, অনুষ্ঠাতা। "গী ৩.২৭; ৪.১৩। মনু ১.৯৭। ৪ নির্ম্মাতা। "ধনুঃশরাণাং কর্ত্তা।—মনু ৩.১৬০। ৫ স্রষ্টা। "তুমি কর্ত্তা তুমি হর্ত্তা ম ৮১৮। ত্রিজগতকর্ত্রী।—দা ২০৭। ৬ প্রণেতা। "ব্যাকরণস্য কর্ত্তুঃ।—পঞ্চ ২.৩৬। নয়শাস্ত্র (S.W.)। ৭ উৎপাদক। "মনু ১১.২০৮। ৮ অলঙ্কারনির্ম্মাতা। "সুবর্ণকর্ত্তৃঃ মনু ৪.২১৫; হেমকর্ত্তৃন্ ১২.৬১। ৯ প্রবর্ত্তয়িতা, প্রতিষ্ঠাপক। "বংশস্য কর্ত্তারম্ (তনয়ম্) রঘু ২.৬৪। ১০ পালনকর্ত্তা, পালক। "মহা ১৩.২৩৯০। ১১ রচয়িতা। "কর্ত্তারং তিলকস্য ক.সা ৫.৩৪। ১২ লেখক। "কূটশাসনকর্ত্তৄন্ মনু ৯.২৩২। ১৩ [√কৃৎ+তৃচ্-ক-১ব; স্ত্রী -কর্ত্রী] ছেদক, কর্ত্তক। ১৪ [+তৃ (তৃন্) শীলার্থে-১ব] করণশীল, ছেদনশীল। —র্ত্তা পুং ১ বিশ্বের স্রষ্টা; পরমেশ্বর। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু (মহা)। ৪ শিব (মহা)। ৫ ক্রিয়া-নির্ব্বর্ত্তক, ক্রিয়ানুষ্ঠাতা। "গী ১৮.১৯। ৬ (ব্যাকরণে) ক্রিয়াসম্পাদক কারকবিশেষ। ৭ কর্ত্তার প্রযোজক; হেতু। "পা ১.৪.৫৫। ৮ পুরোহিত (A.)। ৯ (বাঙলায়) প্রধান ব্যক্তি; নায়ক, প্রভু, অধ্যক্ষ। "যাই দেখি মা-ঠাকরুণের কাছে, কেমন কর্ত্তা বুঝে নেব।—অ.গ্র ৭৪। ১০ স্বামী, পতি। "শুনিয়া নারীর কথা মনে অভিমান। কর্ত্তাটী জানালা খুলি স্নিগ্ধ বায়ু খান॥—হেম ৩৮৬। কর্ত্তা আমার ঘরবাসী মানুষ নী ৫৩। কর্ত্তা যদি শোনেন…তা হলে আর আমার মুখ দেখবেন নি।—গি.দ্বি ১২৬। ১১ জমিদার, মনিব। "আমি তখনি বলেছিলাম, কর্ত্তামশায়, আর এ দেশে থাকা নয় নী ৫। ১২ পিতৃ-পিতামহাদি পূর্ব্ব-পুরুষ; বাপ-দাদা। "স্বর্গীয় কর্ত্তারা যে জমি জমা করে গিয়েছেন, তাতে কখন পরের চাকরি স্বীকার কত্তে হয় নি।—নী ৫। ১৩ গৃহ-স্বামী। ১৪ সম্মানসূচক—মহাশয়, সরকার, মুরুব্বি। "আরে কর্ত্তা, অখন বাটা মরেনি গো।—আ.দ্রু ১১২। —র্ত্রী স্ত্রী গৃহস্বামিনী, গৃহিণী। "কা ৮। [কর্ত্তৃকারক, -পদ (ক্লী)—ক্রিয়াসম্পাদক কারক বা পদ (nominative)। কর্ত্তার ইচ্ছা কর্ম্ম—দ্র 'কর্ত্তা'।]

কর্ত্তাভজন বি বিশ্বকর্ত্তার উপাসনা। দ্র 'কর্ত্তাভজা'। "রসবৃন্দাবনে গিয়ে, দিব প্রেমের পথ দেখিয়ে, কর্ত্তাভজন করতে হদিশ পাবে দা ২১২৭।

কর্ত্তাভজা বি ১ চৈতন্যসম্প্রদায়ের অনুরূপ বা শাখাস্বরূপ উপাসক-সম্প্রদায়বিশেষ। [উদাসীন আউলেচাঁদ ইহার প্রবর্ত্তক এবং ঘোষপাড়া-নিবাসী রামশরণ পাল (সদ্গোপ) ইহার প্রচারক। ইহাদের মতে, আউলেচাঁদ ঈশ্বরের অবতার; কৃষ্ণচন্দ্র গৌরচন্দ্র ও আউলেচন্দ্র তিনেই এক, একেই তিন; মহাপ্রভু তিরোহিত হইয়া আউলেমহাপ্রভু-রূপে আবির্ভূত হন। ইহাদের গুরুর নাম 'মহাশয়', শিষ্যের নাম 'বরাতি' (ব্রতী?) ও 'গুরু সত্য' প্রথম মন্ত্র। গুরু ইহাদের পরমেশ্বর। পরস্ত্রী-গমনাদি তিন কায়কর্ম্ম, পরস্ত্রীগমনেচ্ছাদি তিন মনঃকর্ম্ম এবং মিথ্যা-কথনাদি চার বাক্যকর্ম্ম, সমুদায়ে দশ কর্ম্ম ত্যাগ করা, আউলেচাঁদের উপদেশ। ইহাদের প্রেমানুষ্ঠান প্রধান সাধন; মন্ত্রজপে ও প্রেমানুষ্ঠানে সিদ্ধিলাভ হয়। একমাত্র বিশ্বকর্ত্তার ভজনাই ইহাদের ধর্ম্ম। আউলে কৌপীন পরিয়া খেলকা কাঁথা গায়ে দিয়া পর্য্যটন করিতেন, বাঙ্‌লা-ভাষায় উপদেশ দিতেন, সকলকেই সম্মান জ্ঞান করিতেন ও সকলেরই অন্ন ভোজন করিতেন (ভা.উ)।] ২ কর্ত্তাভজাসম্প্রদায়ের উপাসনা বা উপাসক। "শুনে কেউ বলে, পথ নয় সোজা, ভাল বরং কর্ত্তাভজা দা ১৯৮১। কর্ত্তাভজারা বলে, মানুষ ধত্তে গেলে মর্ত্তে হয় পা.প্র ১৪।

কর্ত্তিত বিণ [√কৃৎ+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম্ম] ১ ছেদিত, ভেদিত। "কর্ত্তিত (বৃক্ষ)।—পঞ্চ। ২ (বাঙলায়) ছিন্ন, ভিন্ন।

কর্ত্তুম্ সং, ক্রি [√কৃ+তুম্ (তুমুন্); অপ্র] করিতে। "(ঈশ্বর) কর্ত্তুমকর্ত্তুমন্যথা কবিতে সমর্থ চৈ.চ ৩০৮।

কর্ত্তৃক [কর্ত্তৃ+ক (কপ্), বহুব্রীহি সমাসে উত্তরপদ] ১ কর্ত্তা। "সমানকর্ত্তৃকয়োঃ পূর্ব্বকালে পা ৩.৪.২১। ২ (বাঙলায়) কর্ম্মবাচ্যের ক্রিয়ার কর্ত্তৃপদের পরে প্রযোজ্য কর্ত্তৃত্বসূচক শব্দ। "'বিশ্বভারতী' কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত। ['কর্ত্তৃক' শব্দের পরিবর্ত্তে 'দ্বারা' শব্দের প্রয়োগ অসাধু। দ্র 'দ্বারা'।]

কর্ত্তৃকা স্ত্রী [কর্ত্তৃ+ক (কন্) হ্রস্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ক্ষুদ্র খড়্গ; ছুরিকা। "কপালকর্ত্তৃকা-করা (শ্যামাধ্যান)।

কর্ত্তৃত্ব ক্লী [কর্ত্তৃ+ত্ব] ১ কর্ত্তৃভাব, কর্ত্তৃকর্ম্ম, কারকত্ব। "গী ৫.১৪। ভ ৩.২৬.৬। ২ (বাঙলায়) প্রভুত্ব, অধ্যক্ষতা।

কর্ত্তৃবাচ্য ক্লী [বহুব্রী] যে ক্রিয়াপদের কর্ত্তা বাচ্য, অর্থাৎ প্রধানভাবে উক্ত, তাহা 'কর্ত্তৃবাচ্য' (active voice)।

কর্ত্ত্য বিণ [√কৃৎ+য (ণ্যৎ)-র্ম্ম, স্ত্রী -র্ত্ত্যা] কর্ত্তনীয়, ছেদ্য। "তস্যাশু কর্ত্ত্যৌ অঙ্গুল্যৌ মনু ৮.৩৬৭।

কর্ত্রিকা, -র্ত্রী স্ত্রী [√কৃৎ+তৃ (তৃচ্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্); ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)। ১ কর্ত্তরিকা, ছুরী। ২ কাতি, কাঁচি।

কর্দ্দম পুং [√কর্দ্ কুৎসিত রব+অম-ক, উ ৪.৮৪] ১ পঙ্ক, কাদা। "অকর্দ্দমমিদং তীর্থম্ রা ১.২.৫; নদ্যঃ পায়সকর্দ্দমাঃ ২.৯১.৪১। রঘু ৪ ২৪। রুধির°।—পঞ্চ ৩.১০৫। তৈল°।—সুশ্রুত। ২ (সাদৃশ্যে) মল, ময়লা। ৩ পাপ। তু 'পঙ্ক'। ৪ প্রজাপতিবিশেষ। [ইঁহার পিতা ব্রহ্মা, মাতা ছায়া, পত্নী মনুকন্যা দেবহূতি এবং পুত্র সাংখ্যকার কপিল (ভ ৩.১২.২৭)।] ৫ নাগবিশেষ। —ম ক্লী মাংস। "মশার কর্দ্দম শি ৮০।

কর্দ্দমিত বিণ [°ম+ইত (ইতচ্)] সঞ্জাতকর্দ্দম, পঙ্কিল।

কর্পট পুং, ক্লী [কর্ (ক্ষেপণীয়) পট, কর্ম্মধা; তু 'কার্পেট'] ১ নক্তক, জীর্ণবস্ত্রখণ্ড, চীর, নেকড়া। ২ মলিন বস্ত্র। ৩ ঘর্ম্মাদিমার্জ্জনার্থ করস্থিত বস্ত্রখণ্ড; রুমাল। ৪ বস্ত্রখণ্ড, কাপড়। "°বিত্তলোভ।—পঞ্চ ৫২৫৫। এক° ক সা ৪.৬১। ৫ কাষায়বস্ত্র। [°ধারী (-রিন্)—'চীরধারক', ভিক্ষু।]

কর্পটি বি [সং কর্পট+ই স্বার্থে; অপ্র] জীর্ণবস্ত্র, চীরখণ্ড। "গো.চ ৩৮,-৯। মী ৮। বি.পা ২৪০; ৩২২,-৫,-৭।

কর্পটিক, -টী (-টিন্) বিণ [কর্পট+ইক (ঠন্),+ইন্ (ইনি) -১ব, অস্ত্যর্থে; স্ত্রী -কা, -টিনী] 'কর্পটবান্', চীরধারী (ভিক্ষু)।

কর্পর পুং [√কৃপ্+অর্ (অরন্)-ক] ১ শিরোস্থি, কপাল, মাথার খুলি। ২ (সাদৃশ্যে) ভগ্ন মৃৎপাত্র; খাপরা। তু 'খর্পর'। "অর্দ্ধভগ্ন-ঘটকর্পর।—পঞ্চ ৪৫২। তস্মৈ বহেয়মুদকং ঘটকর্পরেণ।—ঘটকর্পর ২২। ৩ কটাহ, কড়া। ৪ কূর্ম্মের পৃষ্ঠাস্থি। "মা.ম ৫.২২। ৫ শস্ত্র-বিশেষ। ৬ উদুম্বর বৃক্ষ। —র ক্লী মৃৎপাত্র—কলসশরাবাদি।

"মদ্গেহেঽনেককর্পরাণ্যাসন্।—পঞ্চ ৪৬৬৷ [কর্পরাংশ (পুং)—মৃৎপাত্র কলসাদির অংশ; কপালখণ্ড, খাপরা, খোলাকুচি।]

কর্পাস পুং, ক্লী [√কৃ+পাস, উ ৫.৪৫; cf., Gr. karpaŏs; L. Cartsus] কার্পাস বৃক্ষ। "°মূল (সুশ্রুত); °ধেনুদান, কর্পাসাচলদান (S.W.)। —সী স্ত্রী [°স+স্ত্রী ঈ (ঙীষ্) সর্থ 'কর্পাস'।

কর্পূর পুং, ক্লী [√কৃপ্+উর, লি, প্রা কপ্পূর; আ কাফুর; হি কপূর; ঠ কাপুর; গু কপুর; তা করপ্পূ; কাপুর (যবদ্বীপ); কর্পুর্—খড়ি (মালয়); কর্ফ্র, (চট্টগ্রাম); কফু'র, -ল (গো.চ); L. camphora; F. camphre; E. camphor] শুভ্রগন্ধদ্রব্যবিশেষ, সিতাভ্র। "কর্পূরপূগপরিপূর্ণমুখী ভা.চ ৫৮০; কর্পূর তাম্বুল, লাগে যেন শূল ৩১৭। [°কাত (তু 'তা কর্পুর-ক-কোটি) কর্পূরগন্ধি তাম্বূলবিশেষ। °কুলি (বি)—কর্পূরগন্ধি কোলিতুল্য (?) খাদ্যবিশেষ। "চৈ.চ ১৫৮। °কূপী (বি)—কর্পূরগর্ভ কূপীবৎ খাদ্যবিশেষ (?)। "চৈ.চ ৩১৪। °তৈল (ক্লী)—কর্পূরের তৈলবৎ স্নেহ; কর্পূরস্নেহ। °পুটিকা (স্ত্রী)—কর্পূরের কৌটা; কর্পূরাধার। "পঞ্চ ৫২৯। °ফেণী (বি)—কর্পূর-মিশ্র শ্বেত লাড়ুবিশেষ। "পনস আম্রের মধুর সহিতে। চিনির পাকে কৈল বহু কর্পূর তাহাতে॥ অমৃতফেণী কর্পূরফেণী নাম লাড়ুগণ।—ব.প ১৩০১। °মালতী (বি)—কর্পূরগন্ধি মালতীতুল্য শ্বেত খাদ্যবিশেষ (?); অরুচিনাশক সুখাদ্যবিশেষ (পদকল্পতরু)। "চৈ.চ ১৫৮। °স্তব (পুং)—'কর্পূর'শব্দাদি শ্যামাস্তববিশেষ। কর্পূরিত (বিং)—কর্পূরযুক্ত, সকর্পূর। "কর্পূরিত তাম্বূল গো ১৮৬।]

কর্ব্বুর বিণ [√কর্ শুক্লাদিকরণ+উর (উরচ্)-র্ব্ব, নিপাতিত, উ ১.৪১; অথবা, °র+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -রা] ১ চিত্রবর্ণ, নানাবর্ণযুক্ত, শবল। "রত্নাবলীকিরণকর্ব্বুরে পর্য্যঙ্কে হি ১২২৮৷ ২ কপোতবর্ণ, ধূসর, 'শবল' (মল্লিনাথ)। "ভস্ম কপোতকর্ব্বুরম্ কু.স ৪.২৭। —র পুং ১ নানাবর্ণ, চিত্রবর্ণ। ২ রাক্ষস। "°দল মে ৪০; °নাথ ১০৫; কর্ব্বুরোত্তম ২৫৭। ৩ শ্বেতবর্ণ। 'উ ১.৪১। ৪ পাপ। ৫ শটী। ৬ ধুস্তুর বৃক্ষ। ৭ নদীনিষ্পাবধান্য, অর্থাৎ বন্যা, বুড়া বা শরমাখা ধান। —র ক্লী ১ স্বর্ণ। ২ জাল। ৩ হরিতাল। —রা স্ত্রী [°র+স্ত্রী আ (টাপ্)] বাবুই তুলসী। —রী স্ত্রী দুর্গা।

কর্ম্ম (-র্ম্মন্) ক্লী [√কৃ+মন্ (মনিন্)-র্ম্ম-১ব; ছান্দস] ১ কার্য্য, ক্রিয়া। "বাস্তু° রা ১.৩.১৬। প্রীতি° মনু ৯.১৯৪; শৌর্য্য° ২৬৮। গী ৩.১। অনায়াসে কর্ম্মণি শ ২৪। ২ কর্ত্তব্য বিষয়; নিয়োগ, অধিকার। "স্বকর্ম্মানুষ্ঠীয়তাম্ শ (S.W.)। ৩ নিত্য নৈমিত্তিক ও কাম্য—ত্রিবিধ ধর্ম্মকার্য্য। ৪ যজ্ঞাদি শাস্ত্রবিহিত অনুষ্ঠান। "কর্ম্মণামনারম্ভাৎ গী ৩.১; যজ্ঞদানতপঃকর্ম্ম ১৮.৫। রঘু ৩.৪৫; ৬৫। নাহি মানে কর্ম্ম ভা.চ ৩৮। [সাত্ত্বিক রাজস ও তামস ভেদে কর্ম্ম ত্রিবিধ (দ্র 'গী ১৮.২৩-২৫)।] ৫ প্রাক্তনজন্ম-কর্ম্ম; ভাগ্য, অপূর্ব্ব, অদৃষ্ট। "ফলং কর্ম্মায়ত্তং···নমস্তৎকর্ম্মভ্যঃ।—শান্তিশতক ১। ৬ ভববীজভূত বা জন্মান্তরমূলক কার্য্য। বিপ 'জ্ঞান'। "রঘু ৮.২০। ৭ প্রতিষিদ্ধাচরণ, অবৈধানুষ্ঠান। "মনু ১২.১০১। ৮ ব্যবহার, বৃত্তি, আজীব। "নৌকর্ম্মজীবিনঃ মনু ১০.৩৪; ৪০। বণিক্‌কর্ম্ম (পঞ্চ—S.W.)। ৯ জাতিগত স্বাভাবিক কার্য্যবিশেষ। "স্বকর্ম্মনিরত রা ১.৬.১৯। ব্রহ্ম° গী ১৮.৪২; ক্ষাত্রং কর্ম্ম ৪৩; ৪৪। ১০ পরিণাম, ফল। "কর্ম্মভিস্ত্বনুমীয়ন্তে নানাদ্রব্যাশ্রয়া গুণাঃ (সুশ্রুত)। ১১ (বৈশেষিকদর্শনে) সপ্ত পদার্থান্তর্গত তৃতীয় পদার্থ—উৎক্ষেপণাদি পঞ্চবিধ। [উৎক্ষেপণ অপক্ষেপণ আকুঞ্চন প্রসারণ ও গমন—এই পঞ্চ কর্ম্ম (ভাষাপরিচ্ছেদ ২; ৬)]। ১২ (ব্যাকরণে) কারকবিশেষ। [কর্ত্তার ঈপ্সিততম, অর্থাৎ কর্ত্তা ক্রিয়া দ্বারা যাহাকে অত্যন্তভাবে ব্যাপ্ত করিতে ইচ্ছা করে, বা যাহা কর্ত্তার ক্রিয়াব্যাপ্য তাহা কর্ম্মকারক (পা ১.৪.৪৯)। নির্ব্বর্ত্ত্য বিকার্য্য ও প্রাপ্য ভেদে কর্ম্ম ত্রিবিধ (দুর্গাদাস)।] ১৩ (জ্যোতিষে) লগ্ন হইতে দশম স্থান। ১৪ প্রয়োগ, অবচারণ। "শস্ত্র° (সুশ্রুত)। ১৫ শ্রম, কার্য্য (labour)। বিপ 'প্রশান্তি'। ১৬ (বাঙ্‌লায়) কারুকার্য্য, শিল্প। "জরির কারচোপের কর্ম্ম করা কাবা হু ১২। [কর্ম্ম উসুল হওয়া—কার্য্য সম্পন্ন হওয়া। "না হইল কর্ম্ম উসুল, লাভে হ'তে ডবল মাশুল দা ২১৩৩। কর্ম্মে লাগা—১ কার্য্যকর হওয়া; উপকারী হওয়া। "মকদ্দমায় পাদরির চিঠি বড় কর্ম্মে লাগে আ.দু ১৭৭। ২ কার্য্যে প্রবৃত্ত হওয়া।]

কর্ম্মকর বিণ [কর্ম্মন্+ √কৃ+অ (ট)-ক, 'ভৃতি' অর্থে, পা ৩.২.২২; উ.ত; স্ত্রী -রী] যে বেতন লইয়া কর্ম্ম করে; ভৃতক, বৈতনিক, বেতনোপজীবী। তু 'কর্ম্মকার'। "মহা ৩.১২৪.১২। —র পুং ১ পরিচারক, দাস। ২ বেতনোপজীবী কারিকর, মজুর ইত্যাদি। "কর্ম্মকরাঃ স্থপত্যাদয়ঃ।—পঞ্চ ১২২। ৩ [+অ তাচ্ছীল্যে] 'কর্ম্মকরণশীল', অর্থাৎ জীবের কর্ম্মানুসারে কার্য্যকারক; যম। —করী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পরিচারিকা, দাসী। "ভ ৩.২৩.২৭। ২ বিম্বিকা, তেলাকুচা লতা। ৩ মূর্ব্বা লতা।

কর্ম্মকর্ত্তা (-র্ত্তৃ) পুং [কর্ম্মধা] ১ (ব্যাকরণে) কর্ম্মই কর্ত্তা; সৌকর্য্যাতিশয়প্রকাশার্থ, স্বব্যাপারে কর্ম্মের স্বতন্ত্রতা হেতু, বিবক্ষাবশে কর্ত্তৃভাবাপন্ন কর্ম্মপদ, অর্থাৎ যখন কর্ম্মের স্বাভাবিক স্বীয় গুণে ক্রিয়া নিষ্পন্ন হয়, কর্ত্তার উল্লেখ হয় না, তখন ঐ কর্ম্মই কর্ত্তৃরূপে ব্যবহৃত হইলে, উহাকে 'কর্ম্মকর্ত্তা' বলে। যেমন, পাচক 'তণ্ডুল' পাক করিতেছে; 'তণ্ডুল' পক্ব হইতেছে (পাচকঃ 'তণ্ডুলং' পচতি; 'তণ্ডুলঃ' পচ্যতে)। এ স্থলে 'তণ্ডুল' কর্ম্মকর্ত্তা। ২ (বাঙ্‌লায়) যাগাদি বা উৎসবাদির অনুষ্ঠাতা। [কর্ম্মকর্ত্তৃবাচ্য—যে ক্রিয়াপদের 'কর্ম্মকর্ত্তা' উক্ত।]

কর্ম্মকাণ্ড পুং, ক্লী [ষ.ত] ১ কর্ম্মসমূহ, কার্য্যসমুদয়। "পা ৪.২.৫১, কাশিকা। ২ বেদের বিভাগবিশেষ। [বেদ তিন কাণ্ডে বিভক্ত;—কর্ম্মকাণ্ড, উপাসনাকাণ্ড ও জ্ঞানকাণ্ড। যজ্ঞ দান হোম ইত্যাদি কর্ম্মকাণ্ডের বিষয়। মীমাংসাদর্শন কর্ম্মকাণ্ড-বিষয়ক, এইজন্য ইহার অপর নাম—'কর্ম্মকাণ্ড', 'যজ্ঞবিদ্যা', 'অধ্বরমীমাংসা'।] ৩ পূর্ব্ব মীমাংসাদর্শন।

কর্ম্মকার বিণ [কর্ম্মন্+ √কৃ+অ (অণ্)-ক; উ.ত; স্ত্রী -রী] যে কর্ম্ম করে; বেতন বিনা কার্য্যকারক; বেগার। তু 'কর্ম্মকর'। —কার পুং ১ বর্ণসঙ্করবিশেষ; লোহকার, কামার। [ইহাদের পিতা বিশ্বকর্ম্মা, জননী শূদ্রা (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)।] ২ কার্য্যকারকমাত্র। ৩ শিল্পী, কারু। ৪ (কৃষিকর্ম্মকারক) বৃষ। —কারক বিণ [ষ.ত] কার্য্যকারক, কর্ম্মসম্পাদক।

কর্ম্মকারী (-রিন্) বিণ [কর্ম্মন্+ √কৃ+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত; স্ত্রী -রিণী] কার্য্যকারক। "শুভ°, অশুভ° (মিতাক্ষরা)। তৎ° মনু ৯.২৬১। —রী পুং শিল্পী, কারু।

কর্ম্মকৃৎ বিণ [কর্ম্মন্+ √কৃ+ক্বিপ্ (০)-ক, অতীতকালে; উ.ত; স্ত্রী -ৎ] ১ যে কর্ম্ম করিয়াছে; কৃতকার্য্য। "পা ৩.২.৮৯। ২ কার্য্যকারক। "ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ গী ৩.৫; স কৃৎস্নকর্ম্মকৃৎ ৪.১৮। ৩ কার্য্যকারক, ভৃত্য, কর্ম্মকর।

কর্ম্মক্ষম বিণ [স.ত; স্ত্রী -মা] কর্ম্মকরণে সমর্থ; কর্ম্মকুশল, ব্যাপারানুরূপ। "রঘু ১.১৩।

কর্ম্মক্ষেত্র ক্লী [ষ.ত] কর্ম্মের স্থান; কর্ম্মানুষ্ঠানভূমি, ভারতবর্ষ। তু 'কর্ম্মভূমি'। [নব বর্ষের মধ্যে ভারত কর্ম্মক্ষেত্র এবং অন্য অষ্ট বর্ষ উপভোগস্থান ভৌমস্বর্গ। এই বর্ষে স্বকর্ম্মে পুরুষ দিব্য মানুষ ও নারক

গতি প্রাপ্ত হয় ও যথাবর্ণ ক্রিয়ানুষ্ঠানে অপবর্গ লাভ করে (ভ ৫.১৭. ১১ ; ১৯.১৮) ।]

কর্ম্মগতি স্ত্রী [ষ.ত] দৈবগতি, ভাগ্যফল। "ক.সা ৫৯.১৫৯ ।

কর্ম্মচণ্ডাল, -চাণ্ডাল পুং [কর্ম্ম হেতু চণ্ডাল. সুপ্‌সুপা] ১ অসূয়াদি কর্ম্ম হেতু চণ্ডালসদৃশ ব্যক্তি। [অসূয়াপরবশ, খল, কৃতঘ্ন ও দীর্ঘরোষ —এই চার জন কর্ম্মচণ্ডাল, জাতিচণ্ডাল পঞ্চম (বসিষ্ঠ ৬)।] ২ চণ্ডালবৎ নৃশংসবীভৎস-কর্ম্মা। "অপূর্ব্বকর্ম্মচাণ্ডাল উ.চ ১.৪৮ ।

কর্ম্মচারী (-রিন্) বিণ [কর্ম্মন্ + √চর্ + ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক -১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] কর্ম্মকার, নিযুক্ত পুরুষ।

কর্ম্মচেষ্টা স্ত্রী [ষ.ত] কর্ম্মের চেষ্টা; কর্ম্মানুষ্ঠান। "মনু ১.৬৬।

কর্ম্মজ বিণ [কর্ম্মন্ + √জন্ + অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] ১ কর্ম্ম হইতে যাহা জন্মে; কায়িক বাচিক মানসিক কর্ম্ম-জাত; ক্রিয়ামাত্র-জাত। "গী ৪.৩২। মনু ১২.৩; ১০১। ২ কর্ম্মহেতুক, অদৃষ্টজন্য (রোগাদি), কর্ম্মজাত (পাপাদি)। "মনু ১২.১০১। —জ পুং ১ কর্ম্ম-জন্য স্থাবরাদিজন্ম। ২ ক্রিয়াজন্য ফল—সংযোগ বিয়োগ ইত্যাদি। ৩ ধর্ম্মাধর্ম্মরূপ গুণ; অদৃষ্ট। ৪ সংস্কার, বাসনা। ৫ স্বর্গ। ৬ নরক। ৭ বটবৃক্ষ। ৮ কলিযুগ।

কর্ম্মজন্য বিং [প.ত] কর্ম্ম হইতে জাত; কর্ম্মহেতুক, ভাগ্যজাত। "জীবন মরণ ভোগ কর্ম্মজন্য হয় ম ১০০৩।

কর্ম্মজ্ঞ বিণ [কর্ম্মন্ + √জ্ঞা + অ (ক)-ক ; উ.ত] ১ যে কর্ম্ম জানে; কর্ম্মকুশল। ২ যাগাদিকর্ম্মনিপুণ, ধর্ম্মকর্ম্ম-পটু।

কর্ম্মঠ বিণ [কর্ম্মন্ + অঠ (অঠচ্), 'তত্র পটু' অর্থে ; স্ত্রী -ঠা ; 'কর্ম্মঘট' —মূল (?), তু 'কর্ম্মণি ঘটোঽঠচ্, পা ৫.২.৩৫] ১ কর্ম্মঘট, কর্ম্মপটু, কর্ম্মকুশল। ২ যাগাদিকর্ম্মকুশল। "ভট্টি ১.১১। ৩ যে প্রযত্নে প্রারব্ধ কর্ম্ম সমাপন করে; কর্ম্মশূর (অ.কো)।

কর্ম্মণ্য বিণ [কর্ম্মন্ + য (যৎ) 'তত্র সাধু' অর্থে ; স্ত্রী -ণ্যা ; ছান্দস] ১ কর্ম্মে সাধু; কর্ম্মনিপুণ। ২ কর্ম্মযোগ্য, ক্রিয়ার্হ, কেজো। ৩ [+ য 'সম্পাদী' অর্থে, পা ৫.১.১০০] কর্ম্ম দ্বারা অবশ্য গুণোৎকর্ষযুক্ত (শৌর্য্য ;—সি)। —ণ্যা স্ত্রী ভৃতি, বেতন।

কর্ম্মদুষ্ট বিণ [কর্ম্ম হেতু দুষ্ট, সুপ্‌সুপা ; স্ত্রী -ষ্টা] ১ কুকর্ম্ম হেতু দোষযুক্ত; কর্ম্মকলুষিত। ২ দুর্বৃত্ত, অসাধু।

কর্ম্মদোষ পুং [উ.লো] ১ কর্ম্মসম্ভব পাপ; মানসিক বাচিক ও কায়িক পাপ। "মনু ১.১০৪। ২ বিহিত কর্ম্মের অননুষ্ঠানজন্য ও নিন্দিত কর্ম্মের অনুষ্ঠানজন্য পাপ। "°সমুদ্ভব মনু ৬.৬১। ৩ অজ্ঞানকৃত প্রাণিবধাদিজনিত পাপ। "মনু ৬.৯৫। ৪ কর্ম্মহেতুক পাপ। "মনু ১২.৯। ৫ [কর্ম্মধা] কুকর্ম্মরূপ দোষ; পাপজনক হিংসাদি। [ষ.ত] কর্ম্মের অশুভ পরিণাম; কর্ম্মবিপাক। ৭ দুর্দ্দৈব, দৈবদুর্ব্বিপাক।

কর্ম্মধারয় পুং (ব্যাকরণে) একাভিধেয়, অর্থাৎ সমানাধিকরণ বা একার্থপ্রতিপাদক পদদ্বয়ের সমাসবিশেষ; বিশেষণ ও বিশেষ্যপদের তৎপুরুষ সমাসবিশেষ (পা ১.২.৪২)। "নীলকমল, শাল্মলীতরু।

কর্ম্মধ্বংস পুং [ষ.ত] ১ যাগাদি কর্ম্মের ফলহানি। ২ কার্য্যমাত্রের নাশ; কর্ম্মহানি, কার্য্যক্ষতি।

কর্ম্মনাশা স্ত্রী [কর্ম্মের নাশ (নাশক), ষ.ত, স্ত্রী আ (টাপ্)] ১ কাশী ও বিহারের মধ্যবর্ত্তী নদীবিশেষ (ইহার জলস্পর্শে সর্ব্ব পুণ্য নষ্ট হয়)। 'কর্ম্মনাশাজলস্পর্শাদিনা নাশ্যস্ত্বসৌ মতঃ।—ভাষাপরিচ্ছেদ ১৬২। কর্ম্মনাশা—পাপ-প্রবাহিণী, কেমনে পড়িল বহি জাহ্নবীর জলে?—মা. ৯৮। ২ (বাঙলায়) কর্ম্মনাশক, কার্য্যক্ষতিকর, ভেজালে।

কর্ম্মনিষ্ঠ বিণ [কর্ম্মে নিষ্ঠা যাহার, বহুব্রী ; স্ত্রী -ষ্ঠা ; ছান্দস] যাগাদি কর্ম্মে আসক্ত; যাগাদিপর। "মনু ৩.১৩৪। ধর্ম্মাচারিমধ্যে বহুত কর্ম্ম-নিষ্ঠ চৈ.চ ১৯৯। —ষ্ঠ পুং যাগাদিনিরত ব্রাহ্মণ। —ষ্ঠা স্ত্রী [স.ত] যাগাদি কর্ম্মে আসক্তি; কর্ম্মনিরতি।

কর্ম্মন্যাস পুং [ষ.ত] ১ ঈশ্বরার্পণবুদ্ধিতে অনুষ্ঠীয়মান কর্ম্মের ফলত্যাগ। ২ যথাবিধি বিহিতকর্ম্মের ত্যাগরূপ প্রব্রজ্যা; কর্ম্মসন্ন্যাস।

কর্ম্মপথ পুং [কর্ম্মই পন্থা, কর্ম্মধা, সমাসান্ত 'অ'] স্বাভাবিককর্ম্মমার্গ (নীলকণ্ঠ), শুভাশুভকর্ম্মমার্গ। [ত্রিবিধ কায়িক, চতুর্ব্বিধ মানসিক ও ত্রিবিধ বাচিক—এই দশবিধ 'কর্ম্মপথ' (দ্র 'মহা ১৩.১৩.২-৬)।]

কর্ম্মপাক পুং [ষ.ত] কর্ম্মের পরিণাম; প্রাক্তন কর্ম্মের শুভাশুভ ফল; ভাগ্যফল। "ভ ৫.২৬.২২। নিজ°।—পঞ্চ ১.৪০৩।

কর্ম্মপাশ বি [কর্ম্মধা] কর্ম্মরূপ বন্ধন; প্রাক্তনকর্ম্মের ফলরূপ বন্ধ। "যে মুখ দেখিলে মুক্তি আঁখির নিমিষে। ততক্ষণে মুক্ত কোটিজন্ম-কর্ম্ম-পাশে॥—ম ৪৬০।

কর্ম্মফল স্ত্রী [ষ.ত] ১ কর্ম্মের পরিণাম; শুভাশুভকর্ম্মের পরলোকে ইষ্টানিষ্ট ফল; কর্ম্মপাক। "কর্ম্মফলোদয় মনু ১১.২৩২। গী ৪.১৪। যার যেমনি কর্ম্ম তেমনি ফল, কর্ম্মফলের ফল ফলেছে।—রামপ্রসাদ। ২ ঈশ্বরার্পণবুদ্ধিতে কৃতকর্ম্মের ফলরূপ মোক্ষ। ৩ কর্ম্মরঙ্গফল, কামরাঙা।

কর্ম্মফের বি প্রাক্তন কর্ম্মের আবর্ত্তন বা পরিণাম; দৈবদুর্ব্বিপাক, দুরদৃষ্ট। "এ কেবল ঘটে…কর্ম্মফেরে কৃ ৪৮৫।

কর্ম্মবন্ধ পুং [কর্ম্মধা] কর্ম্মই বন্ধ; কর্ম্মাত্মক বা ধর্ম্মাধর্ম্মরূপ বন্ধন; কর্ম্মজন্য অদৃষ্ট হেতু দেহসম্বন্ধরূপ সংসার। "গী ২.৩৯। ইহা হৈতে কর্ম্মবন্ধ না হৈল ক্ষয় ম ৫৬৪। —বন্ধন বিণ [বহুব্রী ; স্ত্রী -না] কর্ম্ম যাহার বন্ধন; কর্ম্মনিয়ন্ত্রিত, কর্ম্মফলঘটিত, কর্ম্মনিবন্ধন। "লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ গী ৩.৯। —বন্ধন ক্লী [কর্ম্মধা] সর্থ 'কর্ম্মবন্ধ'।

কর্ম্মবশ বিণ [ষ.ত] কর্ম্মের অধীন; কর্ম্মফলাধীন। "সর্ব্বে কর্ম্মবশা বয়ম্ মহা ১.৩১.৭২। —বশ পুং কর্ম্মের অধীনতা; প্রাক্তন কর্ম্মের ফলরূপ নিবন্ধন।

কর্ম্মবিধি পুং [ষ.ত] ১ কর্ম্মের বিধান; কার্য্যনিয়ম। ২ কর্ম্মানুষ্ঠান, ধর্ম্ম (কুল্লুক)। "মনু ৯.৩২৫; ৩৩৬।

কর্ম্মবিপর্য্যয় পুং [ষ.ত] রাজপুরুষের কার্য্যের পরিবর্ত্তন; পদ-বিনিময়। "হি ২.১০৩।

কর্ম্মবিপাক পুং [ষ.ত] কর্ম্মের পরিণাম; প্রাক্তনকর্ম্মের শুভাশুভ ফল; কর্ম্মফল। "°জ্ঞানবল (S.W.)। কাম্য° ভ ৪.২৯.৫৪। যাজ্ঞ ৩,১৩৩।

কর্ম্মবিশেষ পুং [ষ.ত] বিশিষ্ট কর্ম্ম; গুরু বা আবশ্যক কার্য্য।

কর্ম্মব্যতি(তী)হার পুং [ষ.ত] ১ ক্রিয়াবিনিময়, অর্থাৎ একের যোগ্য ক্রিয়া অন্যে করা। "পা ১.৩.১৪। ২ পরস্পরকরণ, অর্থাৎ পরস্পর একরূপ কার্য্য করা। "পা ৫.৪.১২৭। আমোদ° মাঘ ৩.৫৪।

কর্ম্মভূ, -ভূমি স্ত্রী [ষ.ত] ১ সর্থ 'কর্ম্মক্ষেত্র'। "কর্ম্মভূমিমিমাং প্রাপ্য কর্ত্তব্যং কর্ম্ম যচ্ছুভম্ রা ২.১০৯.২৮। প্রাপ্যেমাং কর্ম্মভূমিম্।—ভর্ত্তৃ-হরি। এ ভারতবর্ষ…কর্ম্মভূমি পুণ্যধামে দু ৯। আর যত ভোগভূমি কর্ম্মভূমি এই শি ৮। কর্ম্মভূমি ভূমণ্ডল ত্রিভুবনে সার।—ভা.চ ২২৫। ২ আর্য্যাবর্ত্ত (শ.ক)। ৩ কৃষিকর্ম্মের স্থান; কৃষ্টভূমি।

কর্ম্মমার্গ পুং [ষ.ত] ১ সর্থ 'কর্ম্মপথ'। ২ চৌরকর্ম্মের স্থান; সন্ধিস্থান, সিঁধের জায়গা। "মৃ ৩.১৬।

কর্ম্মমাস পুং [ষ.ত] শাস্ত্রীয় কর্ম্মানুষ্ঠানের মাস; সৌরমাস।

কর্ম্মমীমাংসা স্ত্রী [ষ.ত] বেদের কর্ম্মকাণ্ডবিষয়ক বিচারশাস্ত্র; মীমাংসাদর্শন।

কর্ম্মযোগ পুং [কর্ম্মধা] ১ কর্ম্মই যোগ (শঙ্কর), অর্থাৎ কৌশল, নির্ব্বিকল্প সমাধি দ্বারা সন্ধ্যোপাসনাদির অনুষ্ঠান (নীলকণ্ঠ); চিত্ত-

শুদ্ধিজনক বৈদিক কর্ম্ম (শ.ক)। "গী ৩.৩। ২ কর্ম্মফলের সিদ্ধিতে ও অসিদ্ধিতে সমত্বভাবনা (ত.বা)। ৩ 'কর্ম্মযোগ'-বিষয়ক গীতার তৃতীয় অধ্যায়। ৪ কর্ম্মানুষ্ঠান (শঙ্কর ; মেধাতিথি)। বিপ 'কর্ম্মসংন্যাস'। "মনু ২.২। গী ৫.২। ৫ [তৃ.ত] কর্ম্মদ্বারা যোগ ; কর্ম্মসম্বন্ধ, কর্ম্মাধিকার। "মনু ২.৬৮ ; ৬.৮৬। [কর্ম্ম দ্বিবিধ—সকাম ও নিষ্কাম। সকামে স্বর্গাদিবাসের কামনা এবং নিষ্কামে ভগবৎ-প্রীতিকামনা হেতু ভগবৎপ্রাপ্তির কামনা। সকামে পুণ্যক্ষয়ে পুনর্জ্জন্ম, নিষ্কামে মোক্ষলাভ। কর্ম্মযোগ, কর্ম্মানুষ্ঠানে নৈষ্কর্ম্ম্যসিদ্ধির যোগ (গী ৩.৯ ; ১৯)।]

কর্ম্মরঙ্গ পুং, ক্লী ফলবৃক্ষবিশেষ, কামরাঙা গাছ। "গো.রা ৩.১৭.৮। — ক্লী কর্ম্মরঙ্গ-ফল, কামরাঙা (ভাবপ্রকাশ)।

কর্ম্মশাল ক্লী [কর্ম্মের শালা, ষ.ত ; বিকল্পে ক্লীবলিঙ্গ ; পক্ষে '°লা'] শিল্পাদির গৃহ ; শিল্পকার্য্যশালা, শাল্। "ভার্গবকর্ম্মশালে।—ম ২০৬। —লা স্ত্রী সর্থ 'কর্ম্মশাল'। "ভার্গবকর্ম্মশালা মহা ১.১৯১.১ ; ১৮।

কর্ম্মশীল বিণ [বহুব্রী] কর্ম্ম (কর্ম্মকরণ) যাহার স্বভাব ; যে ফলনিরপেক্ষভাবে কর্ম্মকাবক (অ.টী) ; কার্ম্ম।

কর্ম্মশূর বিণ [স.ত ; স্ত্রী -রা] কর্ম্মে (কর্ম্মসাধনে) শূর; কর্ম্মফলপর্য্যন্ত যত্নপূর্ব্বক ক্রিয়াকারী (অ.টী) ; আফলোদয়কর্ম্মকারক ; কর্ম্মঠ।

কর্ম্মশৌচ ক্লী [ষ ত] কর্ম্মসম্বন্ধী শুচিতা ; কর্ম্মকরণে অকপটভাব বা সরলতা।

কর্ম্মসঙ্গ পুং [স ত] কর্ম্মবিষয়ে আসক্তি ; কর্ম্মফলাকাঙ্ক্ষা।

কর্ম্মসংন্যাস, -সন্ন্যাস পুং [ষ.ত] ১ কর্ম্মের পরিত্যাগ (শঙ্কর) ; স্বরূপে কর্ম্মপরিহার ; কর্ম্মত্যাগ। "গী ৫.২। ২ কর্ম্মফলত্যাগ। —সী (-সিন্) পুং [°স+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ কর্ম্মসন্ন্যাসবান্, যথাবিধি কর্ম্মত্যাগী ভিক্ষুক ; সন্ন্যাসী। ২ কর্ম্মফলত্যাগী।

কর্ম্মসঙ্গ পুং [ষ.ত] কর্ম্মবিষয়ে আসক্তি ; কর্ম্মফলাসক্তি।

কর্ম্মসচিব পুং [উ.লো] কর্ম্মে নিযুক্ত অমাত্য ; মন্ত্রিব্যতিরিক্ত রাজকর্ম্মে নিযুক্ত সহায় ; কর্ম্মসহায়, আয়ুক্ত।

কর্ম্মসম্ভব বিণ [বহুব্রী] কর্ম্ম হইতে যাহার উৎপত্তি; কর্ম্মফলজাত, কর্ম্মজন্য।

কর্ম্মসাক্ষী (-ক্ষিন্) পুং [ষ.ত] ১ কর্ম্মমাত্রেরই সাক্ষাৎ দ্রষ্টা —সূর্য্য চন্দ্র যম কাল ও পঞ্চ মহাভূত। ২ সূর্য্য (অ.চি)। ৩ কর্ম্মের সাক্ষাৎ দর্শকমাত্র ; কর্ম্মদ্রষ্টা। "কু.স ৭.৮৩।

কর্ম্মসাধন ক্লী [ষ.ত] ১ কার্য্যানুষ্ঠানের উপায় ; কার্য্যকরণের অনুকূল উপকরণ বা দ্রব্য। ২ যাগাদির অনুষ্ঠানদ্রব্য।

কর্ম্মসূত্র বি [কর্ম্মধা] কর্ম্মফলরূপ বন্ধন। "বিষয়-বারিক্ষেত্রে, টানিবে কর্ম্মসূত্রে, ফেলিয়া জঞ্জাল-জাল দা ২১৭৯।

কর্ম্মস্থান ক্লী [ষ.ত] ১ কর্ম্মচিন্তার স্থান ; কার্য্যস্থান ; আফিস্। ২ (জ্যোতিষে) লগ্ন হইতে দশম স্থান।

কর্ম্মাঙ্গ ক্লী [ষ.ত] ১ যাগাদি কর্ম্মের অঙ্গ বা গৌণ কর্ম্ম ;- প্রধান বিধেয় কর্ম্মের গুণীভূত কর্ম্ম। ২ কর্ম্মের অঙ্গীভূত তিথিনক্ষত্রবারাদি।

কর্ম্মাজীব বিণ [বহুব্রী ; স্ত্রী -বা] কর্ম্ম যাহার জীবিকার্জ্জনের উপায় ; কর্ম্মোপজীবিক। —জীব পুং ১ শিল্পাদিকর্ম্মজীবী, শিল্পী ইত্যাদি। ২ শ্রমজীবী, মজুর।

কর্ম্মাধ্যক্ষ পুং [ষ.ত] ১ কার্য্যের অবেক্ষক ; কর্ম্মসাক্ষী। ২ কর্ম্মের অধিনায়ক ; কার্য্যপরিদর্শক।

কর্ম্মানুবন্ধ পুং [ষ.ত] কর্ম্মের সম্বন্ধ ; কর্ম্মসঙ্গ, কর্ম্মসংযোগ। —নুবন্ধী (-ন্ধিন্) বিণ [কর্ম্ম অনুবন্ধী যাহার, বহুব্রী ; স্ত্রী -ন্ধিনী] ধর্ম্মাধর্ম্ম যাহার পশ্চাদ্ভাবী বা সম্বন্ধযুক্ত ; কর্ম্মসম্বন্ধী। "গী ১৫.২।

কর্ম্মানুরূপ বিণ [ষ.ত] কর্ম্মযোগ্য, কার্য্যানুযায়ী (ফল)।

কর্ম্মান্ত পুং [ষ.ত] ১ কর্ম্মের শেষ ; ক্রিয়াসমাপ্তি, কার্য্যনিষ্পত্তি। "কর্ম্মান্তে দক্ষিণাং দদ্যাৎ (স্মৃতি)। মনু ৮.৪১৯। ২ [বহুব্রী] যেখানে কৃষিকর্ম্মের অন্ত ; কৃষ্টভূমি। ৩ ইক্ষুধান্যাদিসংগ্রহের স্থান ; খামার। ৪ কৃষিকর্ম্ম-বদ্ধ কৃষীবলাদি। "মহা ২.৫.৩২।

কর্ম্মান্তর ক্লী [অন্য কর্ম্ম, নি.স, ময়ূরব্যংসকাদি] ১ অন্য কার্য্য ; কার্য্যান্তর। "°নিযুক্ত ভ ১০.৯.১। ২ [কর্ম্মের অন্তর, ষ.ত] কার্য্যের অবকাশ ; কর্ম্মাবসর। ৩ যাগাদি কার্য্যের অন্তরালকাল, অর্থাৎ একের সমাপ্তি ও অন্যের আরম্ভের মধ্যবর্ত্তী কাল। "রা ১.১৪.১৯। মহা ২.৫৯.৩।

কর্ম্মান্তিক পুং [কর্ম্মান্ত+ইক (ঠন্) অস্ত্যর্থে] ১ 'কর্ম্মান্তবান্', আসমাপ্তি কর্ম্মনির্ব্বাহক ভৃত্য। "বা ১.১৩.৭ ; ৩২। ২ বেতনজীবী। "রা ২.৮০.২।

কর্ম্মার পুং [কর্ম্মন্+ √ঋ গতি+অ (অণ্)-ক ; উ.ত ; তু 'সং কর্ম্মকার >প্রা (কম্মআর) কম্মার (প্রা.ম)] ১ লোহকারাদি (নীলকণ্ঠ), লৌহকার, লোহার। "মহা ১২.৬৯.৪৯। মনু ৪.২১৫। যাজ্ঞ ১.১৬৩। ২ কর্ম্মরঙ্গবৃক্ষ। ৩ বেউড় বাঁশ।

কর্ম্মার্হ বিণ [কর্ম্মন্+ √অর্হ্+অ (অচ্)-ক ; উ.ত ; স্ত্রী -র্হা] কর্ম্মকরণে যোগ্য ; কার্য্যসমর্থ, কার্য্যক্ষম। —র্হ পুং মনুষ্য।

কর্ম্মিষ্ঠ বিণ [কর্ম্মিন্+ইষ্ঠ (ইষ্ঠন্) বহুর মধ্যে একাতিশয্যে ; স্ত্রী -ষ্ঠা] 'কর্ম্মিতম', অতিশয় কর্ম্মী ; কার্য্যদক্ষ।

কর্ম্মী (-র্ম্মিন্) বিণ [কর্ম্মন্+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্ম্মিণী] ১ 'কর্ম্মবান্', কর্ম্মবিশিষ্ট, ব্যাপারযুক্ত, কর্ম্মরত। ২ অগ্নিহোত্রাদি কর্ম্মবান্ ; ইষ্টাপূর্ত্তাদি কর্ম্মকারী। "গী ৬.৪৬। চৈ.চ ৬৭। ৩ ফলাকাঙ্ক্ষী কর্ম্মকর্ত্তা। ৪ প্রশস্ত কর্ম্মবান্ ; কার্য্যপটু। "কর্ম্মী বিশ্বকর্ম্মদাস : কর্ম্মী কর্ম্মকারে শ্রী ৬১। —র্ম্মী পুং ১ কর্ম্মকারক। ২ (বাঙ্লায়) শিল্পকর্ম্মকারক, শিল্পী। "কর্ম্মীর স্বভাব কৃ ২৩২। কর্ম্মিগণ ম ৬২৪। দোকান পাতিল কর্ম্মী : কর্ম্মিবর শ্রী ১৮২। ৩ কর্ম্মকার। "কর্ম্মিগৃহে ফলা গড়াইয়া দিল বাণ ম ১২৩০। কর্ম্মিকাছে : কর্ম্মিরাজ শ্রী ৬২।

কর্ম্মেন্দ্রিয় ক্লী [ষ.ত] বচনাদিকর্ম্মসাধনের ইন্দ্রিয়—বাক্ পাণি পাদ পায়ু উপস্থ (বেদান্তসার)। "মনু ২.৯০।

কর্শন বিণ [√কৃশ্+অন্ (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ তনূকারক, ক্ষয়কর, কৃশতাজনক। ২ অভিভবিতা, পীড়ক, তাপয়িতা। তু 'কর্ষণ'। "অমিত্র° মহা ১.২.১৮২ ; শত্রু° ৩.১৪৫.৩। [সমাসে উত্তরপদ] —র্শিত বিণ [+ই (ণিচ্)+ত (ক্ত) -র্শ্ম] তনূকৃত, কৃশীকৃত, পীড়িত, উপতপ্ত। "শোক° রা ১.৫৪.২ ; ২.৩৮.১৫। শ্রমশোকাধ্ব° মহা ৩.১৪৪.১৪। ব্রত° রঘু ২.৭৩। কু.স ৫.৪৮। ব্যায়াম° ।—সুশ্রুত। বিশ্লেষ° ভ ১.১৫.১।

কর্ষ[1] পুং [√কৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ আকর্ষণ, টানা। "যাজ্ঞ ২.২২০। ২ বিলেখন, আঁচড়ান। ৩ হলবিলেখন, কর্ষণ, চষা। "°কাল কৃ.স ২৭। ৪ [+অ-র্ষ্ম] কৃষ্টস্থান, লাঙ্গলপদ্ধতি, হলরেখা। [+অ (অচ্)-ক] বিভীতক বৃক্ষ। —র্ষ পুং, ক্লী [+অ (অচ্)-ক] ১ ষোড়শমাষক, আশী রতি পরিমাণ (স্বর্ণাদি)। ২ (বৈদ্যকমতে) তোলকদ্বয়, দুই তোলা (শ.ক)। ৩ ষোড়শমাষপরিমিত সুবর্ণ।

কর্ষ[2] সর্ম্ম [সং √কৃষ্—কর্ষতি ; বা √কর্ষ ; পদ্যে] আকর্ষণ করা ; টানা। "কার্ম্মুক ধরি কর্ষিলা মে ২০১। [কর্ষহ—আকর্ষণ কর ; টান। "কঞ্চুলি কর্ষহ তুমি প.ক। (স্বরাগমে) করষব, -ষয়ে, -ষিয়া (প.ক)।]

কর্ষক বিণ [√কৃষ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -র্ষিকা] ১ আকর্ষণকারক, আকর্ষক। ২ বিলেখক। ৩ ক্ষেত্রকর্ষক, কৃষিকারক। —ক পুং কৃষিজীবী, চাষা। তু 'কৃষক'। "মহা ২.৫.৭৮। পরাশর ২.১০। মাঘ ১৪.৭।

প্রতিকর্ষক শু ৪.২.১২৪। —র্ষণ বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] ১ আকর্ষক। ২ পীড়ক, সন্তাপক। তু 'কর্ষন'। "শক্র°" গো.রা ৪.৩৮.৫১। অগ্নি °মহা ৩.৬৪.২৪। [সমাসে উত্তরপদ] —র্ষণ ক্লী [+অন-ভা] ১ আকর্ষণ। "অতিমাত্রকর্ষণ রঘু ১১.৪৬। আমার কর্ষণে কার নাহি পরিত্রাণ কৃ.উ ৭৮। ২ বিলেখন, আঁচড়ান। ৩ হলবিলেখন, চষা। ৪ কৃষিকর্ম্ম, চাষ। "মনু ৪.৫। ভ ৭.১১.১৯। ৫ শোষণ। "শরীর° মনু ৭.১১২। —র্ষণী স্ত্রী ক্ষীরিণী বৃক্ষ।

কর্ষাপণ পুং [কর্ষ আপণ যাহার, বহুব্রী] কর্ষপরিমাণ রৌপ্যে কৃত ব্যবহার দ্রব্য (অ.টী) ; ষোড়শপণপরিমাণ, কাহন।

কর্ষিত বিণ [√কৃষ্+ই (ণিচ্) স্বার্থে+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃষ্ট, কৃতকর্ষণ (ভূমি)। ২ পীড়িত, ব্যথিত, তাপিত। "শ্রমশোক° (রা)। দুঃখেন কর্ষিতা মহা ৩.৬১.২৫ ; ৬৩.১২ ; শীতবাতাতপ° ১১৯.১৬। অবৃত্তি° মনু ৯.৭৪ ; ১০.১০১। ৩ আকৃষ্ট।

কর্ষী (-র্ষিন্) বিণ [√কৃষ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্ষিণী] ১ আকর্ষক। "মুখরশৃঙ্খল° রঘু ৫.৭২। ২ চিত্তাকর্ষক, মনোহারী। "ঘ্রাণকান্তমধুগন্ধ° রঘু ১৯.১১। [সমাসে উত্তরপদ]। —র্ষী পুং কর্ষক, কৃষক। —র্ষিণী স্ত্রী [কর্ষিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ লাগামের লৌহখণ্ড ; কবিকা। ২ ক্ষীরিণী বৃক্ষ।

কল্ সক [ভ্বা, আ—কলতে ; সেট্] ১ শব্দ। "(জয় গঙ্গে) হরিপদকমলকমল-কলদঙ্গে ভা.চ ৪৫২। ২ সংখ্যান, গণনা। ৩ [অদন্ত, চু,প —কলয়তি ; সেট্] গতি ; গণনা। ৪ [চু, এ—কালয়তি, -তে ; সেট্] প্রেরণ। [আ—বন্ধন। বি-অব—বিয়োগ, ব্যবকলন। সম্—যোগ, সঙ্কলন।]

কল[১] বিণ [√কড় মদ+অ (অচ্)-ক (অ.টী) ; স্ত্রী -লা ; তু 'তা কল.ম্—সুস্বর] ১ যাহা মত্ত করে ; মধুর, শ্রুতিসুখ (অ.টী)। "°পদাক্ষর রা (S.W.)। জগুঃ কলং চ গন্ধর্ব্বাঃ রা ১.১৮.১৭। অব্যক্তকলবাক্য মহা ৩.৩০৭.২০। কলমন্যভৃতাসু ভাষিতম্।—রঘু ৮.৫৯। কলস্বরে স্তব করে শি ৩৩। কল্লোলিনী কলস্বরে করে কুলকুল স.শ ৮৩। মন্দাকিনী কলস্বনা প.তৃ ১৭। ২ অস্ফুট (অ.টী), অব্যক্ত, অস্পষ্ট, গদ্গদ। "বাষ্পকলো জনঃ রা ২.৩৪.৫৪। বাষ্পকলয়া বাচা মহা ৩ ৫৯.১৪ ; ৬১.২৫ ; নোচুর্বাষ্পকলাঃ কিঞ্চিৎ ১৫.৯.১৮। ৩ অব্যক্তমধুর। "°নির্হ্রাদ রঘু ১.৪১ ; °নূপুর ১৬.১২। °বচোভিঃ।—ঋতু ৬.২১। °ভাষী (বিষ্ণুপুরাণ))। কলং রৌতি হি ১.৮২। °নিনাদ ভট্টি ১.২৭। তার সমুচ্ছল কলকথা চ.কা ১১২। ৪ মৃদু, কোমল। ৫ অবাক্ মূক (বৈজয়ন্তী))। ৬ অজীর্ণ, অপক্ব। ৭ [বাঙলায় ; অপ্র] কাতর, করুণ। "কলস্বরে কান্দি কেহ করে বাড় বাড় শি ৬৫ ; ১১১। —ল পুং [ধ্বন্যাত্মক ; তু 'তা কল.এ—শব্দ] ১ মধুরাস্ফুটধ্বনি। ২ মৃদুকোমল ধ্বনি—কূজন, গুঞ্জন, শিঞ্জন ইত্যাদি। "ভ্রমর কোকিল মিলী কলগীত গাএ শ্রী.কী ৩৮৪। ৩ (পদ্যে) চারিমাত্রাপরিমিত কাল। ৪ শালবৃক্ষ। ৫ কোলিবৃক্ষ, কুলগাছ। —ল ক্লী শুক্র। [°কথা, °ভাষ (বি)—মধুরাব্যক্ত ধ্বনি। "°কথা চ.কা ১২২ ; কুলুকুলু কলভাষে ১৩৪। °তান (বি)—মধুরাস্ফুটস্বরবিস্তার। "জল°।—কথা ১৭। চির কলতান স. স্ব ৮। চ.কা ১১৩।]

কল[২] '-ল্' বি [সং কলা ; হি. গু কল] ১ সহজে কার্য্যসিদ্ধির উপায় ; যন্ত্র (machine, mill)। "কাপড়ের, সেলাইএর কল। ২ বাষ্পযন্ত্র, ইঞ্জিন্। "কলের গাড়ী, জাহাজ। ৩ উপায়, কৌশল, ফিকির। "কল বল ছল করি পাটি লয়ে করে (ফেলে দান) রা.শে ৭৪। (সংসার) প্রাণী ধরিবার ঘোর, কল বিধাতার।—হেম ২। তুমি যদি কল কর, আমি কৌশল করব য ৩৯। ৪ ছল, ছুতা। "যত্নে কলে বন্দে, বাহিরে যাইতে চায় ভা.চ ৬৬৯। ৫ শরীরের সন্ধিস্থল ; জোড়ের মুখ। "হাতের, পায়ের কল। কলের মুখ। ৬ যুক্তি, যন্ত্রণা, পরামর্শ। ৭ নির্ম্মাণকৌশল, কারিগরী। "খুইল কৌটায় কল করিয়া এমনি। ফুটিবে বিষ্টার বুকে ছুটিবে যখনি॥—ভা.চ ২৯৭। ৮ বন্দুকের ঘোড়া ; ঘোড়াকল (trigger)। ৯ ফাঁদ। "ইঁদুর ধরিবার জাঁতিকল, খাঁচাকল, হুড়কাকল। ১০ পেঁচ। ১১ ঘুঁড়ির শলায় বা চটায় বাঁধা সুতা বা দড়ি। "ঘুঁড়ির কলের দড়ি। কলদড়ি। [কলকাঠি—কল খোলার কাঠি ; চাবিকাঠি ; (গৌণার্থে) রহস্যভেদের কথা। কল-কারখানা—কল ও কলের কর্ম্মশালা (factory)। কলকৌশল—১ উপায় (একার্থক)। ২ কলের কারিগরী। কলঘর—কলের ঘর, অর্থাৎ যে ঘরে কল বসান হয় (power-house)। কলবল—কৌশল বা বলপ্রয়োগ। কলবাড়ী—কলঘর ও কারখানা। কল চলা—কলের কার্য্য হওয়া। কল ছুটা—কলের বন্ধন খুলিয়া যাওয়া। দ্র '(৭)। কল টেপা—বন্দুকের ঘোড়াকল টিপিয়া ফায়ার করা ; (গৌণার্থে) কার্য্যোদ্ধারের নিমিত্ত কৌশল করা। কল পাতা—যন্ত্র বা কৌশল কাজে লাগান। কলে কৌশলে—উপায়ে (একার্থক)। কলে বলে ছলে (গু কলে বলে)—উপায়ে বলে বা কপটতায় ; যে-কোন প্রকারে। কলের পুতুল—যে পুতুল কল টিপিলে মাথা-হাত-পা নাড়ে, শব্দ করে ; (গৌণার্থে) যে নিজে কিছু করিতে পারে না, অন্যের কথায় কাজ করে।]

কল[৩], **কোয়াল** '-ল্' বি [সং কবল >প্রা*কঅল >বা কোয়াল, কল ; হি কৌর, -ল] ১ কবল, গ্রাস, গাল্ (a mouthful)। ২ গোমহিষাদির গ্রাসপরিমিত তৃণাদি। [গোকল্—গরুর কবলপরিমিত তৃণাদি।]

কল[৪] 'ল্' বি [সং কলি ; অপ্র] বিবাদ। "গৃধ্র কঙ্ক বক পরস্পরে করে কল : বিনা দোষে পরস্পর লোকে কর কল ম ৭৬৩। —লা[২]বি কলহ। "কলা কুচা করে রুক্মি বড়ই অবুধ শ্রী.ম ১৯৬।

কল[৫], **-লা**[৩] ('-ল্') বি [সং করীর ; হি করল, কৈল্লা ; তু সং কল—কলল] বীজ হইতে জাত উদ্ভিদের প্রথম অবস্থা ; প্ররোহ, অঙ্কুর। [কলান—অঙ্কুরিত হওয়া ; কচান।]

কল[৬] 'লা' বি [ক্ল >(স্বরাগমে) কল] 'ক' -প্রভৃতি ব্যঞ্জনের সহিত ল-ফলার যোগে ফলাবানানবিশেষ—ক্ল গ্ল ইত্যাদি (শিশুরা ইহা লিখিয়া ল-ফলার বানান শিখিত)। দ্র 'কন[২]।

কলকণ্ঠ বিণ [বহুব্রী ; স্ত্রী -ণ্ঠা, -ণ্ঠী] মধুরস্বর, সুকণ্ঠ। "কলকণ্ঠ বিহঙ্গম। ম ১১১৭। —ণ্ঠ পুং ১ কোকিল। "কলকণ্ঠ নামে দড়, বড়াই আছিল বড় বা.দ ১৫২। ২ হংস। ৩ পারাবত। ৪ কলহংস (?)। ৫ [কর্ম্মধা] মধুর ধ্বনি। —কণ্ঠিকা স্ত্রী কোকিলা (শার্ঙ্গধরপদ্ধতি)। —ণ্ঠী স্ত্রী হংসী (প্রসন্নরাঘব)।

কলকল পুং [কল[১] >°ল (দ্বিত্ব) ; হি, ঠ °ল] ১ কলধ্বনিপরম্পরা ; কোলাহল। "কলকলো মিশ্রো দেবদুন্দুভিনিঃস্বনঃ রা (S.W.)। নৈ ৪.১১৫। নেপথ্যে কলকল মৃ (S.W.)। কলকলনাদ জ ৮। কলকল-নিনাদ-করালে ব.দ্বি ৯৭। ২ ভূষণধ্বনিপরম্পরা, পুনঃপুনঃ শিঞ্জন। "কলকলবতী কাঞ্চী।—অমরুশতক ২৮। ৩ জলপ্রবাহের ধ্বনি-পরম্পরা। তু 'কুলকুল'। "তরঙ্গসংঘট্টজনিতকলকলরবায়াঃ (গঙ্গায়াঃ)। পঞ্চ (S.W.)। কলকল করে জল মা ১২১। কলকলশব্দে গঙ্গা চলিল তখন ম ৪৭১। °তরলতরঙ্গে (গঙ্গে) ভা.চ ৪৫২। উত্তর করিলা সখী কলকল রবে মে ২৭। তটিনীর কলকলে।—রঙ্গ ৮৩। কলকল ছুটে জল।—শিশু ৭৫। শোণিত-অর্ণব কলকল ডাকিছে।—হেম ৩৪৬। জল চলে কলকল।—মনোমোহন বসু। কেবল কালো জলের কালিন্দী কলকল করিতেছে।—ব.দ্বি ৪২৭। ৪ পক্ষিকাকলি-পরম্পরা। "কোকিল-কাকলী° গী.গো ১.৩৮। (শ্বেতাকাক বলে) কলকল করি কথা কেমনে কহিব ম.ভা ৪৩। পিক করে কলকল বা.দ ৯৭। ৫ সাল-

নির্য্যাস। ৬ (বাঙলায়) অন্ত্রকূজন, পেটের ডাক। ৭ অগ্নিতে তৈলাদি-পাকের শব্দ ; তপ্ত তৈলাদিতে মাংসাদির জলমরার শব্দ। "মাংসের এঁসানি মারে ঘৃতে কলকল শ্রী ৩১ ; কলকল সম্বরে ঘৃতের শুনি সাড়া ১০৭ ; যজ্ঞের আগুনে সাড়া দিল কলকল ২৪৯। [কলকলান, -নি—কলকল শব্দ করা ; কলকূজন করা। কলকলাবি—কলকূজন করিবি। "আয়রে পাখী নেজঝোলা। তোরে দেব দুধ কলা॥ খাবি দাবি কলকলাবি। খোকারে নিয়ে খেল করিবি॥ কলকলিয়ে—কলকল শব্দ করিয়া। কলকলে—কলকল-শব্দে।]

কলকলি বি [°ল+ই১১] ১ কলকলশব্দ, কোলাহল। "সৈন্য° কৃ ১৩৩। ২ জলপ্রবাহের বা তরলদ্রব্যের প্রবাহের ধ্বনি। "ঢেউ° কৃ.উ ৯০ ; রক্ত° ১০৮। কৃ ২৫৭। রক্তের উঠে কলকলি ম ৩৯২। ৩ [কল৫ > °ল+ই১১] পরস্পর কলহ ; ঝগড়াঝগড়ি। "বাপের সাপ পোয়ের ময়ূর সদা কলকলি ক.চ ৩১। [কলকলি—কলকল করিয়া। "কাক কলকলি৹ আহার বাঁটিয়া খায় (প.ক)।]

কলক্কল বি [কলকল > °ক্কল ; যুক্তবর্ণ ওজোব্যঞ্জক] উচ্চ কলকলরব। "(গঙ্গা) °তরঙ্গা ভা.চ ৪২।

কলগী বি [র্ক কল্‌গী] রাজমুকুটস্থ পক্ষময় চূড়া বা চূড়াকৃতি পক্ষগুচ্ছ ; তদনুকরণে কৃত স্বর্ণময় হীরকাদিখচিত মুকুটের অলঙ্কারবিশেষ। "কলগী নিরমল ভা.চ ২৬।

কলঘোষ পুং [বহুব্রী] ১ মধুররব, কোকিল। ২ মিষ্ট স্বর।

কলঙ বি [কলঙ্ক > °ঙ : অপ্র] কলঙ্ক। "সোআমির পদে মরন হউক কলঙ ঝ্যান্‌না (যেন না) ওঠে গো.চ ১৭৯।

কলঙ্ক পুং [ক (আত্মা)+ √রঙ্কি হীনীকরণ+অ (অন্)-ক (অ.টী) ; কলা+অঙ্ক > °ঙ্ক (শকন্ধ্বাদি) ? ; তু 'তা ক.ল.ঙ্কম্—দোষ, দাগ, মরচা] ১ যাহা আপনাকে রঙ্ক (হীন) করে ; অঙ্ক, চিহ্ন, দাগ। "কলঙ্কাঙ্ক গো.রা ৬.৮৬.৪২। ইন্দোঃ কলঙ্কলেখা ক.সা ১০.১৮২। চান্দক আছয়ে ভেদ কলঙ্ক বি.প ৯৩। অকলঙ্ক শশিমুখী ক.চ ৯। ২ অপবাদ, দোষকীর্ত্তন, নিন্দা। "রঘু ১৪.৩৭। কুলকলঙ্ককারিণী।—পঞ্চ (S.W.)। কলঙ্ক করিতে দূর কলঙ্ক করিব ভা.চ ৪১৩। °পঙ্ক সী ২৭। ৩ মালিন্য। "ধারানিবদ্ধেব কলঙ্করেখা রঘু ১৩.১৫। ৪ লৌহমল, তাম্রাদি ধাতুর মলভেদ (ত.বা)। ৫ তাম্রাদিতে অম্লাদি-যোগে জাত চিহ্ন। [°কর (বিণ)—অকীর্ত্তিজনক। °রেখা (স্ত্রী)—মালিন্যরেখা, রেখাকার কলঙ্ক। কলঙ্ক-ধরা—কলঙ্কযুক্ত, দাগী (ধাতু-পাত্র)। কলঙ্ক রটা—দুর্নাম প্রচারিত হওয়া। কলঙ্কিলা (তু 'সং √কলঙ্কি—দশকুমার)—কলঙ্কিত করা। "হে ভীরু দানবগণ! নাম কলঙ্কিলা।—হেম ১৪৬।]

কলঙ্কিত বিণ [কলঙ্ক+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] ১ সঞ্জাতকলঙ্ক, অঙ্কিত, চিহ্নিত, দাগী। "পত্র অশ্রুকলঙ্কিত হইল ব.প ৯৮। ২ মলিন, দূষিত, লাঞ্ছিত, কলুষিত। "অবমান° ক.সা ১২.২৪। অসত্য কলুষ-লেশ, বিঁধিলে শ্রবণদেশ, কলঙ্কিত ভাবিত যে আপনার আত্মারে।—হেম ২৯১। ৩ লেপযুক্ত, লিপ্ত। "অকুঙ্কুমকলঙ্কিত উ.চ ৬.৩৭। কুঙ্কুমপঙ্ককলঙ্কিতদেহা।—ভর্ত্তৃহরি। ৪ অপবাদযুক্ত, নিন্দিত। "ক.সা ১০.২৫।

কলঙ্কিনী বিণ [দ্র 'কলঙ্কী'] কলঙ্কযুক্তা, অপবাদদূষিতা। "কর আসি কলঙ্কিনী কিঙ্করী তারারে মা ৯৮।

কলঙ্কী (-ঙ্কিন্) বিণ [°ঙ্ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] স্ত্রী -ঙ্কিনী] ১ কলঙ্কবান্, অঙ্কযুক্ত, চিহ্নিত। "ও (চাঁদ) যে কলঙ্কী, তুহু নিকলঙ্ক বি.প ৯৩। সে শশাঙ্ক কলঙ্কী, এ কলঙ্করহিত ব.প ১৫০৩। কলঙ্কী শশধর ম ৩৩। কলঙ্কী শশাঙ্ক।—মা ৯৮। ২ মৃগচিহ্নরূপকলঙ্কযুক্ত। "কাঁদে রে কলঙ্কী চাঁদ মৃগ ল'য়ে কোলে।—ভা.চ ২৯০। —ঙ্কী বি (বাঙলায়) চন্দ্র। "রঙ্গে খীণ হি কলঙ্কী শ্রী.ম ১৩। কপালে কলঙ্কি-কলা ম ১২।

কলতা [?] পলতা (?)। "রোহিত মৎস্য দিয়া রান্ধে কলতার আগ ম.ম ৯৫। [গ্রন্থের 'শব্দকোষে' ধৃত অর্থ 'লতাবিশেষ'।]

কলত্র ক্লী [√গড় সেচন+অত্র (অত্রন্)-ক, গ > ক, উ ৩.১০৬ ; তু 'তা কল.ম্—স্ত্রী] ১ যে প্রণয়ে সিক্ত করে ; ভার্য্যা। "গো.রা ৩.১. ৩১। বিদ্যুৎ° পূ.মে ৩৯। পরকলত্রাভিগমনম্।—হি ১.১৪৪। কলত্র উর্ম্মিলা মে ২৫১। ২ শ্রোণি, নিতম্বফলক। ৩ নৃপগণের দুর্গস্থান ; রাজদুর্গ। [°ত্রী (-ত্রিন্) বিণ—কলত্রবান্, সপত্নীক। "রঘু ৮.৮৩।]

কলধৌত ক্লী [ধৌত (শোধিত) কল (মলভাগ) যাহার (অ.টী), বহুব্রী, আহিতাগ্ন্যাদি] ১ স্বর্ণ। "°কোমলরুচি।—মহানাটক। °লিপি গী.গো ৮.৪। °চুড়ি ক.চ ১৪০ ; °পিঞ্জর ১৫২ ; °কণ্ঠমালা ২৫০। °দাম শ্রী ২৬ ; ১১৫। °বসন শ্রী.মা ২০০। তপ্ত কলধৌত ব.প ৩৪৫। জ ৬। ২ রৌপ্য। ৩ কলধ্বনি।

কলধ্বনি বিণ [বহুব্রী ; স্ত্রী -নি] মধুরাব্যক্তধ্বনিযুক্ত। —ধ্বনি পুং ১ কোকিল। ২ পারাবত। ৩ ময়ূব। ৪ [কর্ম্মধা] মধুর রব ; অস্ফুট মধুর ধ্বনি।

কলন পুং [√কল+অন (যুচ্)-ক] বেতস বৃক্ষ। —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ গ্রহণ। ২ গ্রাস। "কলনাৎ সর্ব্বভূতানাং স কালঃ পরিকীর্ত্তিতঃ। ৩ জ্ঞান। ৪ ধ্বনি, রব। "কিঙ্কিণী সুমধুর কলনে ব.প ১১০৬। ৫ একরাত্রে শুক্রশোণিতমিশ্রণ-জাত রেতোবিকারবিশেষ। তু 'কলল'। ৬ [+অন -ণ] চিহ্ন। ৭ দোষ। —না স্ত্রী [+অন (যুচ্) -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ জ্ঞান। ২ গ্রহণ। ৩ গ্রাস। "কাল° (আনন্দ-লহরী)। ৪ আমোচন, ধারণ ; অবমোচন, ত্যাগ (মল্লিনাথ)। "পিচ্ছা-বচূড়া° মাঘ ৩.৫। ৫ (জ্যোতিষে) গণনা, সংখ্যান। ৬ সংস্পর্শ, সম্পর্ক। ৭ ধ্বনি, রব। "নূপুর-কিঙ্কিনী-কলনা ব.প ১৪৪৭।

কলন্তর বিং [সং কলান্তর ; অপ্র] বৃদ্ধি, সুদ। "কেহ কলন্তর লয়, বৃযে কেহ ধান্য বয় ক.চ ৮৭।

কলন্দর১ পুং সঙ্কীর্ণজাতিবিশেষ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)।

কলন্দর২ বি [আ কলন্দর ; অপ্র] মুণ্ডিত-মস্তক হীনশ্মশ্রু মুসলমান সন্ন্যাসিবিশেষ বা পরিব্রাজকবিশেষ। "কলন্দর হয়্যা কেহ ফিরে দিবা রাতি ক.চ ৮৬ ; ঋণ করি নাহি দাও নহ কলন্দর (পাঠান্তর) ৯১।

কলপ বি [হি কলপ ; আ কলফ.—মণ্ড] পাকা চুল কাল করার ঔষধ বা রঙ্। "বল তো কেমন পাকা গোঁপে কলপ শোভা পায়।—হেম। শুভ্রকেশে কলপ মাখাইয়া কেশগুলি রঞ্জিত করিতেন ব.প ১৯৭।

কলবল বি ১ দ্র 'কল২'। ২ [ধ্বন্যাত্মক . হি ক(খ)লবল ; তু 'সং কল২] কোলাহল, গোলমাল, হল্লা। "পয়দল কলবল ভা.চ ৪৫৮। [কলবলান,-নি (হি খলবলান)—কলবল শব্দ করা ; গোলমাল করা। কলব'লে—যে কলবল করে ; গোলমেলে।]

কলবিঙ্ক পুং [কল১+বিঙ্ক (রব ?) ; ছান্দস] চটক পক্ষী, চড়া পাখী। "মনু ৫.১২। ক.চ ১২৫।

কলভ পুং [√কল্+অভ (অভচ্)-ক, উ ৩.১২২ ; তু 'করভ', র > ল] ১ করিশাবক, হস্তিশিশু। "রঘু ৩.৩২ ; ১১.৩৯। ২ ত্রিংশদ্-বর্ষবয়স্ক হস্তী (অ.চি)। "মাঘ ৪.৩৩। ৩ উষ্ট্রশাবক। ৪ ধুস্তূরবৃক্ষ।

কলভাষণ ক্লী [কর্ম্মধা] মধুরাস্ফুট ভাষা ; শিশুর আধ-আধ কথা।—ভাষী (-ষিন্) বিণ [কল+ভাষ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ষিণী] মধুরাস্ফুটভাষী, যে আধ-আধ কথা বলে। "অস্মৎপুত্রাঃ কলভাষিণঃ (ভবেয়ুঃ)।—বিষ্ণুপুরাণ।

কলম১ পুং [√কল্+অম-ণ, উ ৪.৮৪ ; 'কলম'—শালিধান্য (অ.কো);

লেখনী (শব্দরত্নাকর, মেদিনী, বৈজয়ন্তী, বিশ্বপ্রকাশ, ত্রিকাণ্ডশেষ, অভিধানচিন্তামণি ইত্যাদি); আ কলম্ —শর, নল (reed), লেখনী ; অমরকোষধৃত 'কলম্ব'—শাকনালিকা (ডাঁটা) ; বোধ হয়, আরবী শব্দের মূল 'কলম্ব' ; মুসলমানশাসনকালে প্রথমে আদালতে, পরে কথ্যভাষায় 'কলম' শব্দ প্রচলিত ও পরে পরবর্ত্তী সংস্কৃতকোষে ধৃত হইয়াছে. সংস্কৃতসাহিত্যে ইহার প্রয়োগ হয় নাই। পূর্ব্বকালে লেখার নিমিত্ত ব্যবহৃত 'শর' 'খাক' 'কঞ্চির কলম' সবই নালিকা-বিশেষ। গ্রীক্ 'kălamos' এবং ল্যাটিন্ 'calamus' শব্দেরও মৌলিক অর্থ 'নল', 'বেত্র (reed, cane) এবং গৌণার্থে 'নলের কলম' (reed-pen) ।] ১ লেখনী। "যে কিছু লেখাও লিপি, কলমে বসিয়া কৃপাময় শ্রী ২। আপনি কলমে বসি, নানা-ছন্দে লিখেন কবিত্ব ক.চ ৬। ২ (শাকনালীতুল্যনালীবিশিষ্ট) শালিধান্যবিশেষ ; দীর্ঘনাল প্রচুর-জলোৎপন্ন ধান্য (॰অ.টী)। তু 'কলম্ব'। "কলমাগ্রপিঙ্গল কু.স ৫.৪৭। রঘু ৪.৩৭। ৩ চৌর। ৪ (বাঙ্‌লায়) লিখিত বিষয় ; লেখা। "বিধাতার কলম খণ্ডন না যায় গো.চ ৪২। আপনার কলমের ভারি জোর। —অমৃতলাল বসু। ৫ [হি কলম] (সাদৃশ্যে) ঝাড়ের ঝুলান লম্বা কাচের ত্রিতল ফলক। "বেলোয়ারি ঝাড়ের কলমে রৌদ্রের আভা পতিত হইয়া যে নানাবিধ বর্ণ উৎপাদন করে, তাহা…সকলেই বিদিত আছে চা.তূ ৩১। [কলম কাটা—কঞ্চি-প্রভৃতি কাটিয়া কলম করা। কলম চলা—১ দ্রুত কলম চালান বা লেখা। ২ লেখনবৃত্তি বা কেরানি-গিরি চলা। কলম ছাড়া বা বন্ধ করা—১ লিখিতে বিরত হওয়া। ২ কেরানীর বৃত্তি ত্যাগ করা ; চাকরী ছাড়া। কলমজোর—লেখার ক্ষমতা। জোরকলম—প্রতিভাসম্পন্ন লেখা। কলম রদ করা—লিখিত বিষয় অন্যথা করা ; লিখিত আদেশ অমান্য করা। এক কলম লেখা—কিঞ্চিৎ বা দু-চার কথা লেখা। কলমের খোঁচা—কলমের আঘাত ; বিরুদ্ধে লেখা। কলমের জোর বা তেজ—সর্থ 'কলমজোর'।]

কলম[2] বি [আ ক.লম্ ; হি কলম ; ঠ কলম] সমজাতি চারা গাছের সহিত বড় গাছের সরু ডাল, ছাল চাঁচিয়া ও বাঁধিয়া জোড় লাগাইলে, যে নূতন গাছ হয়, তাহা 'কলম' বা 'জোড়কলম' (graft)। অথবা, লিচু-প্রভৃতির সরু ডালের ছাল চাঁচিয়া সারমাটি বাঁধিয়া রাখিলে, সেই স্থানে যে শিকড় জন্মে, সেই শিকড় শুদ্ধ কাটা ডাল 'কলম' বা 'গুল-কলম' (cutting)। "জ্যোতিষ ও গণিতের কয়েকটা কলম তোমাদিগের দেশ হইতে আহরণ করা গিয়াছে চা.তূ ৫। [কলম কাটা —জোড় লাগলে বা শিকড় হইলে, মূল গাছ হইতে কলম কাটিয়া বিচ্ছিন্ন করা। কলম করা—কলম বাঁধা। কলম বসান, লাগান—কলম পোতা। কলমে—কলমের (গাছ, আম)।]

কলমকসুর বি [কলম[1] + কসুর] লেখার ভুল ; হিসাবের ভুলভ্রান্তি-বশত অধিক আদায়-করা খাজনা। "ধান-কাটি কলমকসুরে (না লইব) ক.চ ৮৪।

কলমদান বি [কলম[1] + ফা দান্] ১ কলম রাখিবার আধার বা ঠোঙ্গা ; লেখনীপাত্র (pen-case)। ২ দোয়াত ; দোয়াতের সহিত কলমের পাত্র।

কলমপেশা বি [কলম[1] + পেশা] কলম, অর্থাৎ লেখন জীবিকা ; লেখন-বৃত্তি, কেরানীগিরী।

কলমা, কলিমা '-ল্-' বি [আ কলমহ্, কলিমা] শব্দ, অর্থাৎ শব্দময় মন্ত্র ; মুসলমানধর্ম্ম-গ্রহণের সময়ে বা পাপের প্রায়শ্চিত্তের সময়ে উচ্চার্য্য কোরানের মহামন্ত্রবিশেষ—লা ইলাহা ইল্লাল্লাহা মুহাম্মদ্ ওর়রাসুল-ল্লাহ্। "(মোল্লা) দোয়া করে কলমা পড়িয়া ক.চ" ৮৬। না হোয় সুন্নত দেকে, কলমা পড়াও লেকে, জাতি লেউ খেলায়কে থুক ভা.চ ৪৮৮ ; কাজী ছাড়ে কলমা ৫০৭। সে পাপ ঘুচাহ কহি কলিমা উচ্চার চৈ.ভা ১২০। কলিমা জানিএা ব.প ২১৬। [কলমা পড়া—১ কলমা উচ্চারণ করা। ২ (ইস্‌লামধর্ম্ম-গ্রহণের সময়ে কলমা পড়িতে হয় বলিয়া) ইস্‌লামধর্ম্মগ্রহণ করা বা মুসলমান হওয়া। কলমা পড়ান—১ কলমা উচ্চারণ করিতে শিখান। ২ মুসলমানধর্ম্মগ্রহণ করান।]

কলমী বি [সং কলম্বী] জলজাত নালযুক্ত শাকবিশেষ (Ipomoea reptans) কলমীশাক। "ক.চ ৪৪। [°লতা (বি)—ধান্যবিশেষ। "শি ১১৩।]

কলম্ব পুং [√কল্ + অম্ব (অম্বচ্)-র্ম্ম, তু 'কড়ম্ব'] ১ শাকনাড়িকা, শাকের ডাঁটা। ২ (সাদৃশ্যে) শর, বাণ। "কলম্ব কৃপাণ চন্দ্রহাস শ্রী.মা ১৬। উড়িল কলম্বকুল অম্বরপ্রদেশে৹ শনশনে। মে ১০ ; ২৪১। ছাইল কলম্বকুল ঘনাম্বর-পথ।—হেম ২৩৬। ৩ [তু সং কদম্ব > প্রা কলম্ব (হে ১.২২২)] কদম্ব তরু। --ম্বী স্ত্রী জলজাত শাকবিশেষ ; কলমীশাক। "কলম্বীর শাক খেয়ে উজাড়িল গেড়ে শি ৭৫।

কলম্বা, -ম্বোগ বি [সিংহলের 'কলম্বো' বা দক্ষিণ আমেরিকার 'কলম্বিয়া' (Columbia)—মূল (?)] একজাতি লেবুগাছ ও তাহার ফল। "কলম্বোগ লাগাইল প্রচুর বি.পা ১০২।

কলম্বিকা স্ত্রী [কলম্বী + ক (কন্) স্বার্থে + স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'কলম্বী'। ২ (সাদৃশ্যে) গ্রীবার পশ্চাদ্‌বর্ত্তী নাড়ীবিশেষ ; মন্যা।

কলরব বিণ [বহুব্রী] মধুরধ্বনিযুক্ত। —রব পুং ১ পারাবত। ২ কোকিল। ৩ [কর্ম্মধা] মধুর ধ্বনি ; অব্যক্তমধুর ধ্বনি। "কিঙ্কিণী কঙ্কণ করে কলরব বি.প ১৪৭। কেকা কলরব চ.কা ২৫০। ৪ (বাঙ্‌লায়) কোলাহল। "গৌরী আইলা বাপঘরে, আকাশে উঠিল কলরব শি ৯৬। ৫ জলের 'কল' ধ্বনি। "শেষে কোলাকুলি কলরবে৹ তা'রা এক হয়ে যায় সবে।—শিশু ৭৫।

কলরোল বি [কল + রোল] অব্যক্ত শব্দ ; কোলাহল, গণ্ডগোল। "নবলক্ষ দল সঙ্গে মহাকলরোল শ্রী.মা ১২৫ ; কলরোলে কেঁপে গেল ময়নার মাটী ১৪৫ ; ক্রন্দন কলরোল ১৫২। আই আই আয়োর উঠিল কলরোল শি ২৬।

কলল পুং, ক্লী [√কল + অল (অলচ্)-ক (অ.টী)] ১ গর্ভপ্রকৃতিভূত শুক্রশোণিতসন্নিপাত (অ.টী) ; একরাত্রে গর্ভাবয়বভূত রেতোবিকার ; কলন। "কললন্ত্বেকরাত্রেণ ভ ৩.৩১.২। ২ গর্ভাশয়, জরায়ু।

কলশ, -স পুং, ক্লী [কল + √শু গতি + অ (ড)-ক ; শ > স ; ছান্দস '°শ' ; cf., Gr. kulix—cup, pot ; L. calix] ১ যাহা জলপূরণকালে 'কল' শব্দ করে, ঘট, কুম্ভ। "হিরণ্যস্যেবকলশম্। --ঋগ্বেদ ১.১১৭.১২। স্তন°।—পঞ্চ ১.২২১। কুচকলশরুচা গী.গো ১২.৫। হেমকলস…জিনিয়া কুচ সাজা বি.প ৮৭। [কলসের ব্যাস পঞ্চাশ আঙুল, উচ্চতা ষোল আঙুল এবং মুখ আট আঙুল।] ২ মন্থনপাত্র—কুম্ভাদি। "মহা ১.১৮.৩২। ৩ পরিমাণবিশেষ (ভাব-প্রকাশ) ; দ্রোণ, চার আঢ়ক। ৪ মন্দির চৈত্য স্তূপ প্রভৃতির কলসা-কৃতি চূড়া। "কলস পতাকা ম ১২৭৬। কনককলসচূড়ে ক.চ ৮৭ ; স্বর্ণের কলস ১৫১। কাঞ্চন-কলস বা.দ ৭২। ৫ (বাঙ্‌লায়) রথের উপরিস্থ কলসাকৃতি চূড়া। "বিচিত্র কলস ধ্বজ শোভে রত্নগজ ম ৬৩৮। কনককলস চ.বি ১৩৮। (কিরণ চমকে) রথ-ধ্বজকলসে।—হেম ২৩৫। ৬ পঞ্চম নামক গহনার উপরে স্থিত রূপার কলসাকৃতি অংশ। "উপর পায়েতে কলস কাটা : কলস না থাকলে বলতে বেঁকি ব.প ১৮৯৮। উপরে ঘুঙ্‌ঘুর ঘটা, পঞ্চমেতে কলস আঁটা, কলস না থাকিলে বলে বেঁকী দা ১৬৩২। [কলস আঁটা—কলস লাগান। কলস কাটা—কলসের মত নক্‌সা কাটা।]

কলশি, -শী, -সি, -সী স্ত্রী [কলশ, -স + স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কুম্ভ,

ঘট। "গলে কলসি বান্ধিয়া শ্রী.কী ৭৬। ২ মন্থনপাত্র, কুম্ভী (মল্লিনাথ)। "কলশিমুদধিগুর্ব্বীম্ মাঘ ১১.৮। ৩ পৃশ্নিপর্ণী, চাকুলে। [°সীপী-(পীঁ)ড়ি—জলের কলসী রাখার মৃত্তিকাদিকৃত উচ্চস্থান। "নে ভাই তোর কলসী, কলসীপীড়ির উপর তুলিয়া রাখ ব.প্র ৩৯০।]

কলধ্বন, -স্বর বিণ [বহুব্রী] যাহার রব মধুর; কলকণ্ঠ, মধুরাস্ফুটরব। "অয়ি কলস্বরা স্রোতস্বতি!—স.শ ৪৬। মন্দাকিনী কলস্বনা প.তৃ ১৭। [কলস্বরে—১ (অপ্র) কাতরস্বরে, আর্ত্তস্বরে। "রাম বনবাস শুনি, যেমন কৌশল্যা রাণী, কলস্বরে করেন রোদন শি ১১১। ২ মধুরাস্ফুট-রবে। "কল্লোলিনী কলস্বরে করে কুলকুল স.শ ৮৩।]

কলহ পুং, ক্লী [কল+√হন্+অ (ড)-ক (অ.টী); উত; তু 'কলহ' —খড়্গাপিধান (দেশী ২.৫৫)] ১ যাহা মধুর ধ্বনি হনন করে; বিগ্রহ, যুদ্ধ। "মহা ৩.১৭.৮। ২ বিবাদ, বাগ্‌বিতণ্ডা, ঝগড়া। "ঈর্ষ্যা°, প্রণয়°, বাক্°, লীলা°, শুষ্ক° (S.W.)। কলহান্তানি হর্ম্ম্যাণি।—পঞ্চ ৫.৭২। কৃতক° মৃ ৩ড়ু। ৩ দণ্ডাদণ্ডি যুদ্ধ; দণ্ডাদি দ্বারা ইতরেতরতাড়ন; লাঠালাঠি। "মনু ৪.১২১। —হ পুং ১ খড়্গকোষ। ২ বর্ত্ম, বাট, পথ। ৩ ভণ্ডন, বঞ্চনা। [°কার (বিণ)—যুদ্ধকারক, বিবাদকারক, ঝগড়াটে। —হী (-হিন্) বিণ—কলহপ্রিয় (ছান্দোগ্য)।]

কলহংস পুং [উ.লো; স্ত্রী -সী] ১ কলকণ্ঠ হংস; কাদম্ব, বালিহাঁস। ২ রাজহংস। "ভ ১.১১.২; °পাণ্ডু ৪.৩.১২। °মালা ভট্টি ২.১৮। ৩ নৃপশ্রেষ্ঠ, নৃপোত্তম। ৪ পরাত্মা, ব্রহ্মা। ৫ অতিজগতী ছন্দঃ। —হংসী স্ত্রী [°স+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কাদম্বা। ২ রাজহংসী। "রঘু ৮.৫৮।

কলহপ্রিয় বিণ [কলহ প্রিয় যাহার, বহুব্রী; বিকল্পে 'প্রিয়কলহ'] বিবাদপ্রিয়, ঝগড়াটে। "গো.রা ৫.১৭.২৭। —প্রিয় পুং নারদ। —প্রিয়া স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্)] সারিকা।

কলহান্তরিতা স্ত্রী [কলহ হেতু অন্তর (সুপ্‌সুপা)—°হান্তর+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে (উজ্জ্বলনীলমণি-টীকা)] কলহ হেতু যে নায়িকার নায়কের সহিত ভেদ বা বিচ্ছেদ হইয়াছে; নায়িকাবিশেষ। "ভা.চ ৩৬৫। [যে নায়িকা রোষ হেতু সখীগণের সম্মুখে পাদপতিত প্রিয়কে পরিত্যাগ করিয়া পরে অনুতাপ করে, তাহাকে 'কলহান্তরিতা' কহে (উজ্জ্বলনীলমণি)। 'সা.দ ৩.৮২। ভা.চ ৬৯৩।]

কলহাস্য বি [কর্ম্মধা] ১ মধুর বা সুখকর হাস্য। ২ উচ্চ মধুর হাস্য। "কম্পিত প্রদীপ্ত শিখা হেরি হর্ষভরে। কলহাস্যে নৃত্য করি···ঝাঁপাইতে চাহে শিশু কা ৬৯।

কলা[১] স্ত্রী [√কলি+অ (অচ্)-ক (অ.টী); (ছান্দস) 'কলা' —হৃদয়াদ্যবয়ব (সায়ণ), একদেশ (তৈত্তিরীয়সংহিতা)] ১ চন্দ্রের ষোড়শ ভাগ, অর্থাৎ একাদি ভাগ বা এক এক অংশ; চন্দ্রাংশ। "কু.স ৫.৭১। চন্দ্র° ক.সা ১.৩৯। পূরিল যেহেন চন্দ্রকলা শ্রী.কী ৭। পুত্র হইল যেন চন্দ্রকলা কৃ.উ ২১১। চন্দ্রে সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তায়। কৃষ্ণচন্দ্র পরিপূর্ণ চৌষট্টি কলায়॥—ভা.চ ২২; কুচশম্ভু-শিরে নখ-চন্দ্রকলা ৩৩২। [অমৃতা মানদা পূষা তুষ্টি পুষ্টি রতি ধৃতি শশিনী চন্দ্রিকা কান্তি জ্যোৎস্না শ্রী প্রীতি অঙ্গদা পূর্ণা পূর্ণামৃতা —চন্দ্রের এই ষোড়শ কলা।] ২ কিরণ। "মাঘ ৯.২৭। ৩ অংশ, ভাগ, খণ্ড। "মনু ২.৮৬। ধর্ম্ম° ভ ১.৩.৯; অংশ° চৈ.চ ১; তাঁর অংশ পুরুষ হয় কলায়ে গণন ২৩। ৪ কণ, লেশ, বিন্দু। "অশ্রু° ভ ৪.২০.২২। কলঙ্ক° গী.গো ১.৭। ৫ কালপরিমাণ-বিশেষ, ত্রিংশৎ-কাষ্ঠা-পরিমিত কাল (অহোরাত্রের $\frac{১}{৯০০}$ ভাগ বা ১ মিনিট্ ৩৬ সেকেণ্ড)। "মনু ১.৬৪। ত্রিংশৎ কাষ্ঠাতে কলা ম ৯৫০। ৬ অংশের বা ডিগ্রির ষষ্টিতম ভাগ। ৭ সূর্য্যের দ্বাদশাংশের একাংশ বা এক এক ভাগ। [তপিনী তাপিনী ধূম্রা মরীচি জ্বালিনী রুচি সুষুম্না ভোগদা বিশ্বা বোধিনী ধারিণী ক্ষমা—সূর্য্যের এই দ্বাদশ কলা।] ৮ অগ্নির দশাংশের একাংশ বা এক এক ভাগ। [ধূম্রা অর্চ্চিঃ উষ্মা জ্বলিনী জ্বালিনী বিস্ফুলিঙ্গিনী সুশ্রী সুরূপা কপিলা হব্যকব্যবহা—অগ্নির এই দশ কলা।] ৯ [তু 'তা√কল্—শিক্ষা; কলরি—শিক্ষণ] নৃত্য-গীতাদি চতুঃষষ্টি বিদ্যা। "°পার, দ্যূত°, সাহিত্যসঙ্গীত°। [চতুঃষষ্টি কলা—১ গীত। ২ বাদ্য। ৩ নৃত্য। ৪ নাট্য। ৫ আলেখ্য (চিত্র-কর্ম্ম)। ৬ বিশেষকচ্ছেদ্য (তিলকের নানাবিধ রচনা)। ৭ তণ্ডুল-কুসুমাবলিবিকার (পূজার উপহার তণ্ডুল ও পুষ্পের বিবিধ রচনা)। ৮ পুষ্পাস্তরণ (পুষ্পাদি দ্বারা শয্যারচনা)। ৯ দশনবসনাঙ্গরাগ (বিবিধ রঙ্গ দ্বারা দন্ত-বস্ত্র-দেহ-রঞ্জন)। ১০ মণিভূমিকাকর্ম্ম (মরনির্ম্মিত পাণ্ডবসভাবৎ মণিবদ্ধভূমিকরণ)। ১১ শয়নরচনা (পর্য্যঙ্কাদিনির্ম্মাণ)। ১২ (ক) উদকবাদ্য (জলপূর্ণ পাত্রে মধুরনানাতানসমুত্থাপন); (খ) উদকঘাত (জলস্তম্ভবিদ্যা)। ১৩ চিত্রযোগ (নানা অদ্ভুতদর্শনের উপায়)। ১৪ মাল্যগ্রথনবিকল্প (পূজার্থ বা উপভোগার্থ বিবিধ মাল্য-রচনা)। ১৫ শেখরাপীড়যোজন (কেশবন্ধে পুষ্পের বা মুকুটের যোজনাপ্রকার)। ১৬ নেপথ্যযোগ (নটশালাদিনির্ম্মাণপ্রকার)। ১৭ কর্ণপত্রভঙ্গ (কর্ণভূষণপত্রের বিবিধ রচনা)। ১৮ গন্ধযুক্তি (নানা সুগন্ধনির্ম্মাণ)। ১৯ ভূষণযোজন (গহনা পরান)। ২০ ঐন্দ্রজাল (বিবিধ মায়াপ্রদর্শন)। ২১ কৌচুমারযোগ (কুচুমার কর্ত্তৃক প্রকাশিত স্বদেহে নানারূপ ব্যঞ্জনা)। ২২ হস্তলাঘব (অলক্ষিত হস্তসঞ্চার দ্বারা চমৎকারবস্তুপ্রবর্ত্তন)। ২৩ চিত্রশাকাপূপভক্ষ্যবিকারক্রিয়া (নানা শাকাদিরন্ধনক্রিয়া)। ২৪ পানকরসরাগাসবযোজন (পেয় দ্রব্যে—শরবতে, নানা রসের, রাগের ও আসবের যোজনা)। ২৫ সূচীবায়কর্ম্ম (বিবিধ সূচীকার্য্য)। ২৬ সূত্রক্রীড়া (সূত্রসঞ্চালন, পুত্তলিকাদি-চালন)। ২৭ বীণাডমরুকবাদ্যাদি। ২৮ প্রহেলিকা (কূটবাক্যের পরি-জ্ঞান, হিঁয়ালি)। ২৯ প্রতিমালা (বস্তুর প্রতিকৃতিনির্ম্মাণ)। ৩০ দুর্ব্বা-চকযোগ (দুরূহ পদের তাৎপর্য্যনির্দ্ধারণ)। ৩১ পুস্তকবাচন (শীঘ্র অবিদ্যমান বর্ণযোজনা করিয়া পাঠ)। ৩২ নাটকাখ্যায়িকাদর্শন (পটে নাটকস্থ কথার প্রদর্শন)। ৩৩ কাব্যসমস্যাপূরণ (কাব্যে অবিদ্যমান শ্লোকাংশের পূরণ)। ৩৪ পট্টিকাবেত্রবাণবিকল্প (পট্টিকা—নেয়ার, বেত্রের আসনাদি ও শরপুঙ্খ নির্ম্মাণ করা)। ৩৫ তর্ক্‌-কর্ম্ম (টেকোয় সূতা কাটা)। ৩৬ তক্ষণ (ছুতারের কাজ)। ৩৭ বাস্তুবিদ্যা (গৃহ-নির্ম্মাণবিদ্যা)। ৩৮ রূপ্যরত্নপরীক্ষণ (স্বর্ণ রৌপ্য ও রত্নের বিশুদ্ধি-পরীক্ষা)। ৩৯ ধাতুবাদ (স্বর্ণাদিকল্পন—Mineralogy)। ৪০ মণি-রাগজ্ঞান (রত্নের রঙ্গের জ্ঞান, রত্ন চেনা)। ৪১ আকরজ্ঞান (খনি-বিদ্যা, দর্শনমাত্র ভূমিজ্ঞান—Mining)। ৪২ বৃক্ষায়ুর্ব্বেদযোগ (বৃক্ষের জীবনকাল, চিকিৎসা ইত্যাদির জ্ঞান)। ৪৩ মেষকুক্কুটলাবকযুদ্ধবিধি। ৪৪ শুকসারিকাপ্রলাপন (তোতা ময়না পড়ান)। ৪৫ উৎসাদন (মন্ত্রাদি দ্বারা পরস্পরের বিশ্লেষণ)। ৪৬ কেশমার্জ্জনকৌশল। ৪৭ অক্ষরমুষ্টিকাকথন (পরদৃষ্ট অক্ষর ও মুষ্টিস্থিত পদার্থ নির্ণয় করা)। ৪৮ ম্লেচ্ছিতবিকল্প (বিবিধ ম্লেচ্ছভাষাজ্ঞান)। ৪৯ দেশভাষাজ্ঞান (দেশের কথ্যভাষাজ্ঞান)। ৫০ পুষ্পশকটিকা-নিমিত্ত-জ্ঞান (পুষ্প দ্বারা শকটবিমানাদির রচনার জ্ঞান এবং নিমিত্ত দ্বারা ভাবী বিষয়ের জ্ঞান)। ৫১ যন্ত্রমাতৃকাধারণমাতৃকা (পূজার্থ ও ধারণার্থ মাতৃকাবর্ণে যন্ত্রনির্ম্মাণ)। ৫২ সম্পাট্য (অভেদ্য হীরকাদির দ্বৈধীকরণ-বিদ্যা)। ৫৩ মানসী কাব্যক্রিয়া (পরের মনঃস্থিত বিষয়ের শ্লোকরচনা)। ৫৪ অভিধানকোশ। ৫৫ ছন্দোজ্ঞান। ৫৬ ক্রিয়াবিকল্প (এক এক ক্রিয়ার বিবিধ উপায়ে নিষ্পাদন)। ৫৭ ছলিতকযোগ (পরবঞ্চনোপায়)। ৫৮ বস্ত্রগোপন (সূত্রাদির বস্ত্র পট্টবস্ত্রাদির ন্যায় প্রদর্শনকৌশল)। ৫৯ দ্যূতবিশেষ (বিবিধ দ্যূতক্রীড়া)। ৬০ আকর্ষক্রীড়া (দূরস্থ ক্রীড়া-

দ্রব্য নিকটে আকর্ষণ করার ক্রীড়াবিশেষ)। ৬১ বালকক্রীড়নক-সমূহ। ৬২ বৈনায়িকী বিদ্যা। ৬৩ বৈজয়িকী বিদ্যা। ৬৪ বৈতালিকী বিদ্যা। দ্র 'ভ ১০.৪৫.৩৪, শ্রীধরটীকা; শু ৪.৩.৬৭-৯৯।] ১০ শরীরের অংশবিশেষ—মাংসধরা, রক্তধরা, মেদোধরা, শ্লেষ্মাধরা, অন্নধরা, অস্থিধরা, রেতোধরা (শ.ক)। ১১ রাশির ১৮০০তম ভাগ (শ.ক)। ১২ অংশের অংশ; অংশাংশ। 'অংশের অংশ যেই "কলা" নাম তার চৈ.চ ২৩। ১৩ অণু (M.W.)। ১৪ বিদ্যামাত্র, কর্ম্মকৌশল, শিল্পাদি। "কেলিকলা-রস গ ৭। শিখিয়া ব্যাধের কলা। ক.চ ১৪৪; ডাইন-কলা ২৬২। মায়াকলা ম.ম ৭৪। কেবা না এতেক জানে কলা। যাহা দেখি ভুলয়ে অবলা॥—জ্ঞা ১৫১। ১৫ কপট, ছল। "তিরী কলা (স্ত্রী-কলা) শ্রী কী ১১৩; ৩১৯। ভাঁড়ু জানে কত কলা ক.চ ৯০; কত জান কলা ১০৩। কেন পাতাইলি কলা শ্রী ১৬৮; কালু বলে ছাড় কলা ২১৯। শ্রী.ম ১৯৬। ১৬ নৌকা। ১৭ স্ত্রীরজঃ। ১৮ জিহ্বা (হঠযোগপ্রদীপিকা)। ১৯ সর্ব 'কলন (৫)। ২০ মূলধনবৃদ্ধি, সুদ। "মাঘ ৯.৩২। ২১ (ছন্দে) বর্ণমাত্রা (syllabic instant)। ২২ ক্রিয়া, কার্য্য। "করতলপরামর্শ-কলয়া উ.চ ৬.২৮। ২৩ শিব (মহা)। ২৪ (বাঙলায়) চিত্রকলা, চিত্রবিদ্যা। ২৫ (অপ্র) কান্তি, বর্ণ। দ্র '(২)। "বিম্বফল জিনী তোর আধরের কলা শ্রী.কী ৬৮। ২৬ (অপ্র) সুন্দরী নারী। "খাটেতে শয়ন করায় গন্ধর্ব্বের কলা কৃ.উ ৭৩। [°কুশল, কলাজ্ঞ (বিণ)—নৃত্যগীতাদি কলায় পটু; কলাবিৎ, শিল্পী। °ক্ষয় (পুং)—চন্দ্রকলার হ্রাস; কলাপচয়। "রঘু ৫.১৬। কলা পাতা—ছলের অবতারণা করা; ছল করা। "শ্রী.কী ১১৩। শ্রী ১৬৮।]

কলা[২]; **কলা**[৩] দ্র 'কল[৪]; কল[৫]।

কলা[৪] বি [সং কদলক >প্রা * কঅলঅ >বা কলা; হি কেলা; ঠ কেলা] ১ কলাগাছ। "দ্বারে পোত বৃক্ষ কলা কৃ ৩৭৯। কলার ভুরা বা.ম ১৩৮। রামকলা ম.ম ১৯৯। কলার মান্দাস ম.ভা ৪২। ২ কদলীফল। "কলা মূলা ক.চ ৯০। চক্রবর্ত্তী পরিপূর্ণ এক কাঁদি কলায় ব.প্র ৫৯৯। ৩ (সাদৃশ্যে) বৃদ্ধাঙ্গুলি, পুরুষচিহ্ন। [ইহা হইতে গৌণার্থে 'হেয়তা পরিহাস অশ্লীলতা ব্যর্থতা' ইত্যাদি অর্থ হয়।] [কলা করা—কিছুই করিতে না পারা (অবজ্ঞায়)। কলা খাওয়া—বানরপদবাচ্য হওয়া (গালিতে)। কলা-খেকো বুদ্ধি—বান্দর বুদ্ধি (গালিতে)। কলাছড়ার ব্রত—এক ছড়া কলা দিয়া করণীয় মেয়েলী ব্রতবিশেষ। কলা দেখান—১ বানর বানান; ফাঁকি দেওয়া। ২ বৃদ্ধাঙ্গুলিপ্রদর্শন (অবজ্ঞায়, উপহাসে)। কলাপোড়া খাওয়া—মৃত্যুসূচক অশ্লীল গালি। কলা মোচা—ধান্যবিশেষ। "ভা.চ ৫৪৯। কলা হওয়া—কিছুই না হওয়া; ব্যর্থ হওয়া। কলার এটে বা আটে—কলাগাছের আঠির মত শক্ত গেঁড়। কলার ছড়া—কদলীগুচ্ছ। কলার ডেগো বা ডাঁটা—কলার পাতার মধ্যস্থ ডাঁটা। কলার তেউড় বা তেড়—কলার গেঁড় হইতে তির্য্যক্ নির্গত চারা। কলার পান-মুচি—মোচা উঠিবার আগে উদ্গত ছোট পাতা; মোচার সূচক পাতা। কলার পেটো বা খোলা—কলাগাছের পট্টবৎ আবরণ। কলার বাইল বা বা'ল—কলার গোটা পাতা। কলার বা'ল ফেলা—কলার নূতন পাতা ছাড়া বা হওয়া। কলার বাস্না—কলার শুষ্ক পেটো ও পাতা।]

কলাই[১] বি [দ্র 'কড়াই[২]; তু 'কালাই' (গো.চ)] সর্ব 'কড়াই[২] (১-৩)। "লোহার কলাই ২৫,-৬,-৭।

কলাই[২] বি [আ ক.লঅ' ঈ; তু 'তা কল.ায়—টিন, বঙ্গ] ১ ধাতু পাত্রে লাগাইবার বঙ্গ(টিন্)-প্রভৃতির প্রলেপ। ২ ধাতু পাত্রে টিনের প্রলেপ লাগান; গিল্টি করা (tinning, gilding)। ["°কর—যে কলাই করে (tinman)।]

কলাইকন্দ, কলাকন্দ বি [হি কলাকন্দ; আ 'কন্দ্'—শর্করা-পিণ্ড] ক্ষীর ও মিছরী দ্বারা প্রস্তুত বরফী মিঠাইবিশেষ। "কলাইকন্দ আ.চু ২১২।

কলাতলা বি কলাগাছের তলদেশ; বিবাহে বরের বা কন্যার স্নানার্থ যে স্থানের চতুষ্কোণে কলার চারা বা ডেগো পোতা হয়, সেই স্থান। [কলাতলায় যাওয়া—বিবাহ হওয়া।]

কলাধর বিণ [ষ.ত; স্ত্রী -রা] কলার ধারক; কলাকুশল। "কবিত্ব-কলাধর ভা.চ ২৪। —ধর পুং ১ চন্দ্র। "কলাধর যথা৹ রাহুগ্রাসে মে ২০৭। ২ চন্দ্রকলাচূড় শিব।

কলানাথ, -নিধি পুং [ষ.ত] কলার অধিপতি; কলার আধার; চন্দ্র। "অহো মহত্ত্বং মহতামপূর্ব্বং, বিপত্তিকালেঽপি পরোপকারঃ। যথাস্যমধ্যে পতিতোঽপি রাহোঃ, কলানিধিঃ পুণ্যচয়ং দদাতি (সু.র)॥ কলানাথ কলঙ্কবিহীন মুখ-আভা ম ৫৫৮। বেহুলা লখার কোলে যেন কলানিধি ম.ভা ৩৮। বা.দ ১৬৭।

কলান্তর ক্লী [অন্যা কলা, নি.স; ময়ূরব্যংসকাদি] অন্য চন্দ্রকলা। "কুস. ১.২৫।

কলাপ পুং [কলা+√আপ্, অথবা √পা+অ (অণ্, ক)-ক; উ.ত] ১ যাহা কলা (অংশ) প্রাপ্ত হয়; সমূহ, নিকর, সংহতি। "সমিৎকলাপ।—মহা (S.W.)। অখিলকলা°।—কাদম্বরী। ক্রিয়া° ভ ৪.২৪.৬২। কুমতি° শ্রী.মা ১২। কলুষ°।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ গুচ্ছ, ভার। "মুক্তা°। ৩ চন্দ্র। ৪ 'চন্দ্রকযুক্ত', ময়ূরপুচ্ছ, বর্হ। "সংপ্রদীপ্তকলাপাগ্রাঃ গো.রা ৫.৫২.১৩। °চক্র।—ঋতু ১.১৬। কলাপি-কলাপ কেশ ক.চ ২৪০। কলাপী-কলাপ শোভে শিরে কেশ-ভার চ.বি ১৮৫। ময়ূরকলাপচয় স.শ ৯৫। ৫ শরসমূহের আধার; তূণ। "রা ২.৫২.১১। ৬ শরপূর্ণ তূণ। ৭ অর্দ্ধচন্দ্রাকার বাণ। "মহা ৪.৫.২৭। ৮ বাণ। "নকুলস্য কলাপোঽয়ং পঞ্চশার্দ্দূললক্ষণঃ মহা ৪.৪৩.১৫; ১৬। ৯ কাঞ্চী, কটিভূষণ, চন্দ্রহার। ১০ ভূষণ, অলঙ্কার। "মহা ৮.১৯.২৯। মুক্তা° কু.স ১.৪২; ৩.৫৩। মেখলা° মাঘ ৯.৪৫। রশনা° মৃ ১.২৭। রঘু ১৬.৬৫। ১১ হস্তীর গলবন্ধন-রজ্জু। ১২ (কার্ত্তিকেয়বাহনময়ূর-কলাপের নামে খ্যাত) কলাপব্যাকরণ। "জানল অলপ কলাপ-আলাপনে জ ৭২। ১৩ বিদগ্ধ, পণ্ডিত। "ওঁকার পূরিয়া শিব করিলা আলাপ। অল্পে অল্পে আলাপিয়া রাখিলা কলাপ॥—গ ১০। —প ক্লী নিষঙ্গ, তূণ। "মহা ৩.১৫৭.৪। —পক পুং [°প+ক (কন্) স্বার্থে] ১ সমূহ। ২ ভূষণ, ভূষণবিশেষ। "মহা ৩.১১২.৫। ৩ কাঞ্চী। ৪ হস্তিগলবন্ধ। ৫ সম্প্রদায়সূচক তিলক। —পক ক্লী অন্বয়বিশিষ্ট শ্লোকচতুষ্টয়। 'কলাপকং চতুর্ভিঃ স্যাৎ সা.দ ৭.৩১৫।

কলাপাত, -তা ১ কদলীপত্র। ২ পাঠশালে শিশুর লেখার নিমিত্ত কদলীপত্র (পাঠশালে শিশুরা প্রথমে তালপাতায় লিখিয়া পরে কলা-পাতে লেখা অভ্যাস করে)। "কলাপাতে না এগুতে গ্রন্থ লেখা সাধ।—হেম ৩৯০।

কলাপী (-পিন্) বিণ [°প+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -পিনী] ১ কলাপবান্, সতূণীর, তূণযুক্ত। "রা ১.২২.৭। মহা ৪.৫.১। ২ কলাপব্যাকরণাধ্যায়ী। —লাপী পুং ১ 'বর্হবান্', বর্হী, ময়ূর। "রঘু ৬.৯। ঋতু ১.১৬। কলাপি-কলাপ ক.চ ২৪০। চ.বি ১৮৫। স.শ ৪০। কলাপী কেকা-কলরবে বিহরে চ.কা ২৫০। ২ বটবৃক্ষ। ৩ [কল (মিষ্টস্বর) তাহার আপী (প্রাপক), ষ.ত] কোকিল। ৪ বৈশম্পায়ন-শিষ্য। [কলাপ কলাপী (অপ্র)—ময়ূর ময়ূরী (তু 'ডাহুক ডাহুকী')। "কত কত কলরব কলাপী কলাপে ব.প ৬৩৫।]

কলাপূর্ণ বিণ [তৃ.ত] ষোড়শাংশ দ্বারা পূর্ণ; ষোড়শাংশ-তুল্য। "ন চার্জ্জুনঃ কলাপূর্ণো মম মহা ৪.৩৯.১৪। —পূর্ণ পুং চন্দ্র।

কলাবউ বি ১ গুচ্ছবদ্ধা ও বধূবৎ অবগুণ্ঠনবতী কদলী-প্রভৃতি নব উদ্ভিজ্জের পত্রিকা; নবপত্রিকা, নবদুর্গা। দ্র 'নবপত্রিকা'। "কলা-বউয়েরা বাজনা বাদ্দি ক'রে স্নান কত্তে বেরুলেন হু ১৮৯। [সাধারণের বিশ্বাস নবপত্রিকা গণেশের বধূ, তজ্জন্য ঐরূপ নামকরণ।] ২ (গৌণার্থে) অতিলজ্জাশীলা বধূ (পরিহাসে)।

কলাবড়া বি ঘৃতাদিতে পক্ব ময়দায় বা তণ্ডুলচূর্ণে মিশ্রিত পাকা কলার বড়া। "কৃ ৩৭৬। চৈ.চ ৮৪। ভা.চ ৫৪৮।

কলাবত, -য়ত '-ত্' বি [সং কলাবৎ; হি, ঠ °বংত] গীতাদি-কলানিপুণ, কালোয়াত। "সুগায়ক কলাবতগণ।—স.শ ১১৫। কুঞ্জবনগায়ক বিহঙ্গ কলাবত।—পদ্যপাঠ, ২য় ভাগ। কত কত কলায়ত আ.দু ২০৭।

কলাবান্ (-বৎ) বিণ [কলা১+বৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] ১ কলাযুক্ত, অংশবান্। ২ চতুঃষষ্টিকলাযুক্ত, কলানিপুণ। "মা.মা ২.৯। ৩ অমৃতাদি ষোড়শকলাযুক্ত (চন্দ্র)। —বান্ পুং চন্দ্র। "কলা চ সা কান্তিমতী কলাবতঃ কু.স ৫.৭১।—বতী স্ত্রী [°বৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ তান্ত্রিক দীক্ষাবিশেষ। ২ তুম্বুরু গন্ধর্ব্বের বীণা। "মাঘ ১.১০, মল্লিনাথ। ৩ (তরঙ্গরূপনৃত্যকলাযুক্তা) গঙ্গা। ৪ অপ্সরো-বিশেষ। ৫ বৃষভানুর পত্নী, রাধিকার মাতা। ৬ নৃত্যগীতাদিকলা-কুশলা; রসকলানিপুণা, বিদগ্ধা, রসিকা। "নটতি কলাবতী শ্যাম সঙ্গে মাতি বি.প ১০০; ১৯৩; ১৯৪। কোন কলাবতী বাঢ়ল প্রাণপতি গো ১৯২; ২১০। জ্ঞা ২১৯। হরি রহু কোন কলাবতী পাশ ব.প ১০৮৩। ৭ দুর্গা। "কালী কলাবতী ম.পা ১১৪।

কলাবিলাস পুং [ষ.ত] রসকলাসম্বন্ধী বিহার; রসকলাকেলি। "যাঁর ঠাঞি কলাবিলাস শিখে ব্রজরামা চৈ.চ ১১৮।

কলাভৃৎ পুং [কলা+√ভৃ+ক্বিপ্ (০)-ক; উ.ত] ১ 'কলাধারী', চন্দ্র। ২ গীতাদিকলাভিজ্ঞ। "মনু ২.১৩৪। ৩ শিল্পী।

কলায় পুং [কলা+√অয়্+অ (অণ্)-ক; উ.ত] ১ শমীধান্য-বিশেষ, বর্ত্তুল, মটরগাছ। "°কুসুম মাঘ ১৩.২১। ২ মটরের 'শিম্বী (ফল); কড়াই-শুঁটি।

কলার বি [E. collar] কোট্ কামিজ প্রভৃতির উপরে গলায় পরার নিমিত্ত গলবেষ্টনী; কামিজের গলবেষ্টনী। "কারুর কফ ও কলার-ওয়ালা কামিজ হু ১৬।

কলালাপ বিণ [কল+আ+√লপ্+অ (অণ্); উ.ত; স্ত্রী -পী] যে মধুর কথা বলে; মধুরালাপী। —লাপ পুং ১ ভ্রমর। ২ [কর্ম্মধা] মিষ্ট আলাপ; মিষ্ট কথা।

কলাহক পুং [তু 'সং কটাহ >প্রা কডাহ >কলাহ] বাদ্যবিশেষ, কাহল্।

কলি১ পুং [√কল্+ই (ইন্)-ধি (অ.টী); তু 'কলী'—শক্র (দেশী ২.২)] ১ সমর, যুদ্ধ। "মহা ৩.৯৪.১১। দ্যূতজং কলিম্ ১৭৪.৯। কলির্বিলবতা সার্দ্ধম্ হি ৩.৫০। কুরুবংশে যদুবংশে কলি অনুচিত শ্রী.ম ২১৩। ২ কলহ, বিবাদ। "ক.চ ২৮। ৩ চতুর্থ যুগ; কলিযুগ। "মনু ১.৮৬। [এই যুগের পরিমাণ দিব্য ১২০০ বর্ষ এবং মানুষ ৪৩২০০০ বর্ষ (বিষ্ণু ২০.৬)। ৩১০২ খৃষ্ট-পূর্ব্বাব্দে ইহার আরম্ভ হইয়াছে।] ৪ কলির অধিষ্ঠাত্রী দেবতা। "মহা ৩.৫৮.২। পথেতে দ্বাপর কলি ভেটে দুইজনে ম ৪৩৮। [ভাগবত মতে 'কলি' ক্রোধ ও হিংসার পুত্র (৪.৮.৩)।] ৫ অজ্ঞান আলস্য প্রভৃতি হেতু নিরুদ্যম রাজা। "মনু ৯.৩০২। ৬ একবিন্দুযুক্ত পাশক-পার্শ্ব, অর্থাৎ পাশার যে পাশে এক বিন্দু থাকে, সেই পাশ। ৭ (কলির আশ্রয় হেতু) বিভীতক বৃক্ষ; বহেড়া গাছ। "মহা ৩.৭২.৩৮। ৮ [+ই-ক] শূর, বীর। "আক্ষা শিশু না দেখিহ...আক্ষে কলি ত্রিদশ ঈশ্বরে শ্রী.কী ৮২। ৯ বাণ। ১০ শিব (মহা)। —লি -লী স্ত্রী [°লি+বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্); ঠ কলী] ১ কোরক, কলিকা, ফুলের কুঁড়ি। ২ [হি কলী] (বাঙলায়) বৈষ্ণবের কলিকাকার তিলকবিশেষ। "সর্ব্বাঙ্গে শোভিত ছাবা, কলি মৃগ বাঘথাবা ভা.চ ১৫১। ৩ [গু কলী] জামা সেমিজ প্রভৃতির বগলে বা পাশে লাগানর নিমিত্ত কলির আকারে কাটা (ত্রিকোণ) বস্ত্রখণ্ড। ৪ হুঁকার কলিকাকৃতি (নারিকেলের) খোল। "°হুঁকা। ৫ [সং কলিকা; হি কড়ী] গানের পদ; শ্লোকের চরণ। ৬ [সং কলিকা] পুষ্পকলিকাকার কেশবিন্যাসবিশেষ। [°কার, °কারক (পুং)—কলহকারক, নারদ। °কাল (পুং)—কলিযুগ। "ক.চ ৩০৫। কলি কেটে চুল বাঁধা—সম্মুখের উভয় পার্শ্বস্থ কেশগুচ্ছ চূড়া করিয়া বাঁধা। কলিভাঙা গান—যে গানের সকল পদ জানা নাই। কলি হুঁকা—যে হুঁকার খোল কলিকাকৃতি; বিপ 'থালী হুঁকা'। "পা.শ্লো ৯০। কলির সন্ধ্যা—রাত্রির আরম্ভকাল সন্ধ্যার ন্যায়, কলিযুগের প্রারম্ভ; (গৌণার্থে) বিষম দুঃখের বা সঙ্কটের সূত্রপাত।]

কলি২ বি ['কলিচূণ'—মূল; আ কল্অ্‌ঈ—চূণকাম করা; চূণের উপকরণ—প্রস্তরখণ্ড, ঝিনুক ও শামুকের খোল] শামুক-প্রভৃতির খোল-পোড়া চুণ; কলিচুণ। [°চূণ —(হি কলী কা চুনা; ঠ কলীকা চুন; গু কলী চুনা; 'খুলিচুন'—বাঁকুড়া)—সর্থ 'কলি২'। কলি টানা, ফেরান—গৃহাদিতে কলিচুন-গোলা জলের লেপ দেওয়া; চুন-কাম করা।]

কলিকা স্ত্রী [কলি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্); তা কলি.-কই] ১ কোরক, কুঁড়ি। "সহকারলতা...সকলিকা রঘু ৯.৩৩। প্রিয়ঙ্গুকলিকাশ্যাম ('নবগ্রহস্তোত্র)। চূতাভিরাম°—ঋতু ৬.১৭। চূত° কাদ ৪৬। কমল° শ্রী.কী ৩২; চম্পক° ৬৩; মল্লিকা° ১১৭। ২ [কল+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] বীণামূল, কুণিকা। ৩ [কলা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] কলা, চন্দ্রাংশ। "চন্দ্র°।—বৈরাগ্যশতক ১। চান্দের কলিকা প.র ৩৩। ৪ তালনিয়ত পদসন্ততিযুক্ত রচনাবিশেষ। ৫ ছন্দোবিশেষ (বৃত্তরত্নাকর)। ৬ কাল-পরিমাণবিশেষ। দ্র 'কলা১' (৫)। ৭ কলিকাকৃতি দীপশিখা। "প্রদীপকলিকাসম জ্যোতি পরকাশে দু ২০। ৮ (বাঙলায়) কলিকা-কৃতি স্বর্ণ-কর্ণভূষণ। "শ্রবণ উপর দেশে, হেমের কলিকা ভাসে ক.চ ২৪১। ৯ [ড় কনিঅর (সং 'কর্ণিকার'—মূল)] পুষ্পবৃক্ষবিশেষ ও তাহার পুষ্প (ক'লকেফুল)। ১০ তামাক সাজিয়া খাওয়ার মৃৎপাত্র-বিশেষ; কলকে [কলিকাত—মুকুলে। "মালতীমল্লিকা কলিকাত নাহিঁ গন্ধ শ্রী.কী ১১৮।]

কলিকাতা বি [কালীঘাট—মূল; "বোমকালী কলকেত্তাওয়ালী" (হু ১৯৪)—ইহাতে বোধ হয়, 'কালী', 'কালীঘাট ও কলিকাতা' এই উভয়েরই অধিষ্ঠাত্রী এবং বিকৃতভাবে 'কালী'-'ঘাট' হইতে 'কলিকাতা'] গঙ্গাতীরস্থ বঙ্গদেশের প্রধাননগরী।

কলিঙ্গ পুং [কলি+√গম্+অ (খচ্)-ক (অ.টী)] ১ (কলিঙ্গ-দেশজ?) পূতিকরঞ্জবৃক্ষ; কুটজবৃক্ষ; প্লক্ষবৃক্ষ; শিরীষবৃক্ষ। ২ ধূম্যাটপক্ষী, ফিঙা। [ইহারা কলিঙ্গদেশীয় বলিয়া কি ঐরূপ নামকরণ?] "ক.চ ১২৫। ৩ [বহুব] দেশবিশেষ। "পা ৪.১.১৭০। °নগর রা ২.৭১.১৬। কলিঙ্গাভিমুখ।—রঘু ৪.৩৮। °রাজ ক.চ ৮৩। ম.পা ৬২। দক্ষিণজলধিতীরে, নীলগিরিনীলনীরে, শোভিত কলিঙ্গ নাম দেশ।—রঙ্গ ১৮৯। [বলিরাজের পুত্র কলিঙ্গের নামানুসারে তদীয় শাসিত দেশ 'কলিঙ্গ' নামে খ্যাত (মহা ১.১০৪.৫১-৫৩)। "কলিঙ্গ উৎকলদেশের পৌরাণিক নাম। সুবর্ণরেখা হইতে কর্ণাটদেশের উত্তর-সীমাপর্য্যন্ত পূর্ব্বকালে 'কলিঙ্গ' নামে বিখ্যাত ছিল। এই দেশ তিন ভাগে বিভক্ত থাকায় ত্রিকলিঙ্গ বলিয়া উল্লিখিত হইত, উত্তর বা

উৎকলিঙ্গ উক্ত দেশের উত্তর ভাগের নাম ছিল। 'উৎকল' শব্দ এই 'উৎকলিঙ্গ' শব্দের অপভ্রংশ, এমত সম্ভব। অপর তৈলঙ্গ বা তেলিঙ্গা শব্দও ত্রিকলিঙ্গ শব্দের অপভ্রংশ, এমত প্রতীত হয়।—রঙ্গ ১৮৯।] ৭ কলিঙ্গবাসিগণ। ৮ কলিঙ্গদেশের রাজগণ। "পা ৪.১.১৭০। "জাগ হে কলিঙ্গ ম.পা ২৯; কলিঙ্গের ভীতি হোস্তে কর পরিত্রাণ ৬০। —ঙ্গা স্ত্রী ১ যোষিৎ, নারী। ২ ত্রিবৃৎ, তেউড়ি। —ঙ্গ ক্লী ইন্দ্রযব।

কলি(লে)জা, কল্জে বি [সং কালেয়; হি কলেজা; ঠ কলীজা] ১ যকৃৎ (liver); বুকের ছাতি। "বুকের কলিজা ভাজে চড়াইয়া কড়া শ্রী ৩১। ২ (গৌণার্থে) হৃৎপিণ্ড; হৃদয় (heart)। "কলিজা ফাড়িয়া দিলে শ্রী আপনার নয় গো.চ ৭১। কলিজা কাগজ করি লিখি চাঁদমুখ।—ব ১৮৯। (কোটি কৃমি) ছিদ্রে ছিদ্রে ছুটে কলিজা কাটিছে। —হেম ১০৪। কল্জেতে ফুটেছে কাঁটা পঞ্চবাণের হুল জা ৩৬। দৃষ্টি-ভোগের রাঙা খর্পরে, রক্ত-কলিজা কলি কু.কে ৮০। সংসারশিক্ষা-শূন্যা কামিনীকে সহসা হৃদয়ে গ্রহণ করিও না—তোমার কলিজা পুড়িয়া যাইবে ব.প্র ৫৮১। [কল্জে খাক হওয়া—শোকে দুঃখে হৃৎপিণ্ড ভস্মীভূত হওয়া। কল্জে-পুরু—যাহার বুকের ছাতি শক্ত, কোন কাজে দমে না; অতিসাহসিক।]

কলিত বিণ [√কল্+ত(ক্ত)-র্ম] ১ গণিত, সংখ্যাত। ২ গৃহীত, ধৃত। "করকন্দলীকলিতশস্ত্রজালৈঃ উ.চ ৫.৫। করকলিতাসিবরাভয়মুণ্ডে ভা.চ ৩১৩। ৩ ধৃত, পরিহিত, লম্বিত। "কলিতললিতবনমাল গী.গো ১.১৭। কুন্দন কনক, কলিত করকঙ্কণ।—গো ৮৯। কম্বুকণ্ঠে কলিত কাঞ্চন কণ্ঠমাল বি.সু ৫২। ৪ অবস্থিত, আহৃত। "স্বকরকলিতৈঃ শল্লকীপল্লবাগ্রৈঃ উ.চ ৩.৬। ৫ সম্পাদিত। "কু.স ৬.৭৬। অভিনয় ললিত, কলিত করকিশলয়ে ব.প ১৮৮। ৬ অবলম্বিত, আশ্রিত। "মাঘ ৯.৫৯। ৭ কৃত। "লবঙ্গমালাকলিতাবতংসাঃ মাঘ ৩.৮১। কুটিল অলক তিলক ভাল, কলিত ললিত তায় গো।—ব ৫১। ৮ প্রাপ্ত, অধিগত, আক্রান্ত। "কুকর্ম্মে কলিত কায় দু ১৭। কলঙ্ককলিতকণ্ঠা কুলকামিনীগণ।—ব.প্র ২৯১। ৯ বিদিত, জ্ঞাত। ১০ ভেদিত। ১১ বিচারিত। ১২ উক্ত। ১৩ বদ্ধ। ১৪ [+ত-ক] উদ্ভূত, জাত। "উ.চ ৫.২। "কলিত-সুললিত-কর-কিশলয়-ছটা ন.প ২৫৭। নূপুর-রণিত.-কলিত নব মাধুরি (প.ক)। ১৫ [বাঙলায়; অপ্র] প্লাবিত, সিক্ত। "গলিত সঘন শ্রমজল, তথি কলিত সকল দেহা দু ৮৮। —ত ক্লী [+ত-ভা] ১ জ্ঞান। ২ লাভ।

কলিদ্রুম পুং [উ.লো] কলি কর্ত্তৃক অধিগত বিভীতক বৃক্ষ। দ্র 'কলি[১] (৭)।

কলিন্দ পুং ১ পর্ব্বতবিশেষ। ২ ['কলিদ্রু'—মূল ?] বিভীতকবৃক্ষ। ৩ সূর্য্য। [°কন্যা, °তনয়া, °নন্দিনী (স্ত্রী)—কলিন্দপর্ব্বতের বা সূর্য্যের কন্যা; যমুনা। "°কন্যা রঘু ৬.৪৮।]

কলিপ্রিয় বিণ [বহুব্রী] কলহপ্রিয়, ঝগড়াটে। —প্রিয় পুং ১ নারদ। ২ বানর।

কলিযুগ ক্লী [কর্ম্মধা] কলিনামক চতুর্থ যুগ। [ইহাতে অবতার কল্কি, পুণ্য একপাদ, পাপ ত্রিপাদ, তীর্থ গঙ্গা, ব্রাহ্মণ নিরগ্নি, প্রাণ অন্নগত, মানবদেহ সার্দ্ধত্রিহস্ত-পরিমিত, আয়ু অষ্টাধিকশতবর্ষ, রাজা যুধিষ্ঠিরাদি।]

কলিল বিণ [√কল্+ইল (ইলচ্); কলিত >কলিদ,-ড,-ল(?)] ১ গহন, দুষ্প্রবেশ। "রথনাগাশ্বকলিলাং সেনাম্ মহা ৪.৩৮.১২। ২ মিশ্র। "অশ্রুকলিলাঞ্জন ভ ১.৮.৩১। ৩ পরিপূর্ণ। "বরান্নপান-কলিলা (পুরী) গো.রা ১.৫.১৭। মনুষ্য° মহা ১.৯৪.২৮। ৪ কলুষী-কৃত। "দ্বেষকলিলাত্মা ভ ৪.৭.১০। ৫ মলিন। "ভ ৬.২.৪৬; ৪.২২.৩৮। —ল ক্লী কালুষ্য, কলুষভাব; গহন। "মোহ° গী ২.৫২।

কলু বি [কল >°লু (?); হি কোল্হু—তৈলযন্ত্র; খলু (বীরভূম, নদীয়া, নাটোর)] তৈলব্যবসায়ী হিন্দু ও মুসলমান জাতিবিশেষ। "মা! আমায় ঘুরাবি কত। কলুর চোখ-ঢাকা বলদের মত। —রামপ্রসাদ। [°নী—কলুর স্ত্রী।]

কলু(লু)খ বি [ফা কলূখ্.] মাটির ঢিল। [কলূখ করা—মূত্রত্যাগের পরে মৃত্তিকাপিণ্ড দ্বারা লিঙ্গস্থ মূত্র শোষণ করা।]

কলুষ বিণ [কলুষ+অ (অচ্) অস্ত্যর্থে] ১ কলুষযুক্ত, অস্বচ্ছ, পঙ্কিল, ঘোলা। "কি ৮.৩২। ২ আবিল, আপ্লুত। "দৃষ্টিঃ বাষ্পপ্রসরকলুষাম্ শ ৬.৯। ৩ রুদ্ধস্বর। "কণ্ঠঃ স্তম্ভিতবাষ্পবৃত্তিকলুষঃ শ ৪.৬। ৪ পাপ-যুক্ত, পাপ, দুষ্ট। "°চেতস্ রা (S.W.)। কলুষাত্মা ক.সা ১০.১২। ৫ গর্হিত, নিন্দিত। "°যোনি মনু ১২.৫৭,-৮। °প্রবৃত্তি রঘু ১৪.৭৩। ৬ রোষাকুল, কোপান্বিত। "উ.চ ৩.১৩। ৭ অসমর্থ। "ভাবাববোধ° —রঘু ৫.৬৪। ৮ অস্বচ্ছ, আবিল, ঘোলা-পড়া। "নিভুগ্নকলুষে নেত্রে (সুশ্রুত)। ৯ মলিনীভূত, হিতাহিতবোধশূন্য। "বুদ্ধৌ কলুষ-ভূতায়াম্ মহা ২.৮১.৯। —ষ পুং মহিষ। —ষ ক্লী [√কল্+উষ (উষচ্)-র্ম, উ ৪.৭৫] ১ দুরিত, পাপ। ২ আবিলতা, মালিন্য, পঙ্কিলভাব। "বিগতকলুষমম্ভঃ।—ঋতু ৩.২২। ৩ নিষ্প্রভতা। ৪ রোষ। [°দ্বেষী (-ষিন্) বিং—পাপদ্বেষক, পাপপরাঙ্মুখ। "এ পাপ সংসারে, কি সাধে করি রে বাস, কলুষদ্বেষিণী, আমি ?—মে ১৭৮।]

কলুষিত বিণ [°ষ+ইত (ইতচ্)] ১ সঞ্জাতকলুষ, পাপযুক্ত। ২ পঙ্কযুক্ত, পঙ্কিল, আবিল। ৩ অপ্রসন্ন, ঈর্ষ্যান্বিত। "মৃ ৩.৯ ৪ দোষযুক্ত, দুষ্ট। ৫ [√কলুষি+ত (ক্ত)-র্ম] কলুষীকৃত, আবিলীকৃত, মলিনীকৃত।

ক(কা)লেজ বি [E. college] উচ্চশিক্ষার স্থান; উচ্চশিক্ষাভবন। "তিনি না কালেজ আউট্ জা ২। নী ১৭।

কলেবর পুং, ক্লী [কলে বর, অলুক্; cf., L. cadaver—corpse] শুক্রজাত হইলেও শ্রেষ্ঠ; দেহ। "প্রক্ষিপেমং কলেবরম্ গো.রা ৩.৮.১৯। মৃগ° মহা (S.W.)। গী ৮.৬।

কলেরা বি [E. cholera] বিসূচিকা, ভেদবমি, ওলাউঠা।

কলেশ বি [সং ক্লেশ >লি কিলেস; বৈষ্ণবসাহিত্যে] ক্লেশ, কষ্ট। "বাঢ়ল গাঢ় কলেশ ব ১৮৬। সব কলেশ জ.প ৬।

কলৌ সং [কলি+ই (ঙি-৭মী-১ব); কলিযুগে, কলিতে। "কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা।—চৈ.চ ৬১। সঙ্কীর্ত্তন-যজ্ঞে কলৌ কৃষ্ণ-আরাধন ৩৫২।

কল্ক বিণ [কল্ক+অ (অচ্) অস্ত্যর্থে, স্ত্রী -ল্কা] কল্কযুক্ত, পাপাশয়। —ল্ক পুং, ক্লী [√কল্+ক-ক, উ ৩.৪০] ১ পাপ। "বিধুত° ভ ২.২.২৪। গাই নিজমতিকল্ক-প্রক্ষালন লাগি। ২ ঘৃততৈলাদির শেষ; কাইট। ৩ ভুক্ত দ্রব্যের শেষাংশ; বিষ্ঠা। ৪ কিট্ট, মল, ময়লা। ৫ পিষ্ট, পিটালি। "গৌরসর্ষপ° যাজ্ঞ ১.২৭৭। ৬ চূর্ণ, গুঁড়া। "লোধ্র° কু.স ৭.৯। ৭ কর্ণমল, কাণের খইল। ৮ আমলকাদি-পিষ্ট। "রা ২.৯১.৭৪। ৯ পঙ্ক, ঘৃষ্টচন্দন। "চন্দন° রা ২.৯১.৭৫। ১০ দম্ভ। ১১ শাঠ্য। ১২ (কলির আশ্রয় হেতু) বিভীতক বৃক্ষ। ১৩ তুরুষ্ক-নামক গন্ধদ্রব্য।

কল্কা বি [হি কলগা—মোরগ ফুল (cock's comb-flower); র্ক কল্গী—পাখীর মাথার চূড়া—যেমন ময়ূরের শিখা, মোরগের চূড়া; (সাদৃশ্যে) মোরগ ফুল।] কল্গার বা কল্গীর অনুকরণে রচিত ফুল বা নক্সা। [কল্কা কাটা—১ কল্কা তোলা; নক্সা করা। ২ শালের কোণে রচিত ফুল। ৩ প্রতিমার চালের উপরে সজ্জিত পক্ষযুক্ত চূড়াকৃতি রাঙতার পাত। °কাটা, °দার, °তোলা—যাহাতে কল্কা আছে; ফুল-তোলা, নক্সা-কাটা। "শান্তিপুরে কল্কাদার আঁচল ব.প্র

৬১৯। ব.দ্বি ৩৯৫। °পাড়—কল্কাকাটা কাপড়ের প্রান্তভাগ। কল্কাপেড়ে—কল্কাপাড়যুক্ত (কাপড়)। "(লবঙ্গ) স্বহস্তে…কল্কাপেড়ে পরাইয়া দিতেন ব.প্র ১৯৭।]

কল্কি[১] পুং [কল্ক+ই (ইন্) অস্ত্যর্থে (শ.ক); 'কল্কী'—মূল (?)] যাঁহার পাপ হার্য্যরূপে আছে; বিষ্ণুর দশম অবতার। "কেশব ধৃতকল্কি-শরীর জয় জগদীশ হরে গী.গো ১.১৪। নমঃ কল্কি ম্লেচ্ছবিনাশায় ম ৭১১। —ল্কী (-ল্কিন্) বিণ [+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ল্কিনী] ১ কল্কযুক্ত, পাপী। ২ পঙ্কিল, আবিল, মলিন। —ল্কী পুং সর্থ 'কল্কি'। [কল্কী বৈশাখী শুক্লদ্বাদশীতে ম্লেচ্ছনিধনার্থ আবির্ভূত হইবেন। ইঁহার পিতা বিষ্ণুযশাঃ নামে ব্রাহ্মণ এবং মাতা 'সুমতি'। ইনি দ্রুতগামী দেবদত্ত তুরঙ্গমে আরোহণপূর্ব্বক অসিঘাতে ম্লেচ্ছগণকে নিহত করিবেন।] [°পুরাণ (ক্লী)—কল্কিবিষয়ক ব্যাসরচিত পুরাণ; অনুভাগবত।]

কল্কি[২], **কল্‌কে** বি তামাক সাজিয়া খাওয়ার মৃৎপাত্রবিশেষ। "এক কল্কি তামুক গো.চ ৩১। [কল্‌কে পাওয়া—তামাক সাজিয়া দিয়া আদর অভ্যর্থনার প্রথা হইতে গৌণার্থে 'সমাদর পাওয়া, মান্য-গণ্য হওয়া, কার্য্যকর হওয়া' ইত্যাদি। "কৈ, আইন তাঁর কাছে কল্‌কে পায় না কেন হু ১০২।]

কল্‌কে; কল্‌জে দ্র 'কল্কি[২]; কলিজা'।

কল্প বিণ [√কৢপ্+অ (অচ্)-ক; স্ত্রী -ল্পা] ১ সমর্থ, শক্ত। "মহা ২.৫৬.১০। ভ ১.৬.৭। ২ দক্ষ, নিপুণ। "ভ ৭.১৩.১৯। ৩ যোগ্য, উপযুক্ত, উচিত। —ল্প পুং ১ জননাশে সমর্থ (অ.টী); প্রলয়, ক্ষয়। ২ ফলজননে সমর্থ; যাগাদির অঙ্গভূত বৈদিক বিধান (অ.টী); বিধি, ক্রম। "শ্রাদ্ধ° মনু ১.১১২; শৌচ° ৫.১৪০; আপৎ° ১১.২৮। ষষ্ঠ্যাদি কল্পারম্ভ কৃ ৩৪৮; কল্পারম্ভ; ষষ্ঠী° ৩৪৯। কল্প হেতু রাজগণ যুদ্ধ করি মরে ম ২৮২। কল্প করি কল্পতরু করিলেক দান বা.দ ১৭। উচিত কল্প সী ৭০। ৩ ব্রতপ্রয়োগ, ব্রতানুষ্ঠান। "°বিৎ রঘু ১.৯৪। ৪ যাচিতদ্রব্য-দানে সমর্থ; কল্পবৃক্ষ। ৫ [√কল্পি+অ (অচ্)-র্ম্ম] পক্ষ। "উদার কল্পঃ শ ৫ ২১/২২। ৬ বিকল্প, অনুক্রম, গৌণবিধি (অ.টী)। ৭ ন্যায়। ৮ যাহাতে যাগপ্রয়োগ কল্পিত হয়; বেদাঙ্গ শাস্ত্রবিশেষ; বৈদিকবিধানজ্ঞাপক সূত্রাত্মক শাস্ত্র; কল্পশাস্ত্র। ৯ ব্রহ্মা যে সময়ে সৃষ্টি করেন; ব্রহ্মার দিন। "কোটি কল্প দাস থাকা নরকের প্রায়। দিনেকের স্বাধীনতা স্বর্গসুখ তায়॥—রঙ্গ ১৩৭। কোটি° স.শ ১২৩। [মানুষের এক বর্ষে দেবতার এক অহোরাত্র—উত্তরায়ণ দিন ও দক্ষিণায়ন রাত্রি; এইরূপ ৩৬০ অহোরাত্রে এক দিব্য বর্ষ; দ্বাদশ সহস্র দিব্য বর্ষে বা চতুর্যুগে এক দৈব যুগ; সহস্র দৈব যুগে ব্রহ্মার এক দিন বা কল্প এবং সহস্র দৈব যুগে ব্রহ্মার এক রাত্রি—দিবসে ভূলোকাদির সৃষ্টি, রাত্রিতে তাহার ক্ষয় (অ.টী; মনু ১.৬৭-৭৫)। ব্রহ্মার ৩০ অহোরাত্রে এক মাস ও ১২ মাসে এক বৎসর; ইহার শতবর্ষ ব্রহ্মার আয়ু। ব্রহ্মার আয়ু পুরুষের এক দিন বা পৌরুষ দিবস; পৌরুষ দিনান্তে মহাকল্প; পৌরুষরাত্রিও এইরূপ (বিষ্ণু ২০.১-১৫; গী ৮.১৭, শ্রীধর)।] ১০ [+অ-ভা] রচন। ১১ বিকল্প। ১২ বিধান (ত.বা)। ১৩ (ব্যাকরণে) 'ঈষদসমাপ্তি' বা 'ঈষদূন' অর্থে বিহিত তদ্ধিত প্রত্যয়। "প্রভাতকল্পা…শর্ব্বরী রঘু ৩.২। মৃতকল্প গোআল শ্রী.ম ১১৫। রাজা মৃতকল্প জ ৩২। ভাস্করকীর্ত্তিকল্প মূর্ত্তি ব.প্র ২৬৮। [°পাদপ, °বৃক্ষ (পুং)—কল্পতরু। "°বৃক্ষ কু.স ৬.৬। °বৃক্ষপ্রসূত উ.মে ৫। °পাদপ-দান (ক্লী)—সুবর্ণের নানাফলপক্ষিযুক্ত বস্ত্রভূষণ-ভূষিত সুবর্ণবৃক্ষদানরূপ মহাদানবিশেষ। °লতা °লতিকা (স্ত্রী)—১ নন্দনস্থিতা অভীষ্টপ্রদা লতাবিশেষ। তু 'কল্পতরু'। "নানাফলৈঃ ফলতি কল্পলতেব ভূমিঃ। —ভর্ত্তৃহরি। কিং কিং ন সাধয়তি কল্পলতেব বিদ্যা।—ভোজপ্রবন্ধ। ২ স্বর্ণরচিত লতাকৃতি মহাদানবিশেষ। °বাস (বি)—মাঘ মাসে প্রয়াগে নদীত্রয়সঙ্গমে বিধিপূর্ব্বক বসতি।]

কল্প[২] সর্ম্ম [সং √কল্পি] ১ কল্পনা করা; চিন্তা করা; ভাবা। "কল্পিলেক দীননাথ মনে…। ত্রিজগতে পাই জদি এমন সুন্দরী॥ —গো.বি ১৯। ২ প্রদান করা; দেওয়া। "তাকে যদি কল্পিএ অনেক উপহার। কাল দেশ উপযুক্ত নহে ব্যবহার॥—ম.বি ৪৯।

কল্পক বিণ [√কল্পি+অক (ণুল্)-ক; স্ত্রী -ল্পিকা] কল্পয়িতা, রচয়িতা। —ক পুং ১ গ্রন্থকর্তা। ২ কেশাদিরচক নাপিত।

কল্পক্ষয় পুং [ষ.ত] কল্পের অন্ত; প্রলয়কাল। "গী ৯.৭।

কল্পতরু পুং [কর্ম্মধা] ১ বাঞ্ছিতবস্তুপ্রদ নন্দনস্থিত দেবতরুবিশেষ; কল্পবৃক্ষ। "কল্পতরুচ্ছায়া রঘু ১.৭৫। যাহা চাই তাহা পাই নাম কল্পতরু কৃ ১। প.তৃ ১৭। ২ (সাদৃশ্যে) সর্ব্বপুরুষার্থোপায় (শ্রীধর), প্রার্থিতবস্তু-দাতা, প্রার্থনামাত্র-পূরক। "নিগম° ভ ১.১.৩; ৪.৯.৯। অতিথে ওদন দিবে হবে কল্পতরু শ্রী.মা ৯৮। (কৃষ্ণ) দ্বারকায় হয়েছেন কল্পতরু দা ৯১৮, ৯৪৪। কর্ত্তা আজকে কল্পতরু, দেখি, গদার কপালে কি ফলে।—মা ৩২৭। ৩ তত্তদ্‌বিষয়ের আকর বা নিলয়। "প্রণমামি শিবম্ শিবকল্পতরুম্।—শিবাষ্টক। (বিদুর) উপদেশে কল্পতরু।—ম ৯৯১। জ্ঞানেতে হও কল্পতরু ম.ম ৮৬। তুই বাঁচিলে আমার বাপের কীর্ত্তিকল্পতরু কৃ ২৫১। ৪ অতিবদান্য, মহাত্মা। ৫ (বাংলায়) কল্পতরুর ন্যায় সম্পৎসমৃদ্ধ। "(সোম ঘোষ) এক সের আলু খেয়ে চড়াইত গরু। তার বেটা এখন হয়েছে কল্পতরু॥—শ্রী.মা ১৫৪। ৬ দানে পটু কল্পতরুর ন্যায় ক্রিয়ামাত্রে নিপুণ (উপহাসে)। "(বাঙ্গালী) প্রতিজ্ঞায় কল্পতরু, সাহসে দুর্জ্জয় ন ৪২১। —দ্রুম পুং [কর্ম্মধা] ১ কল্পতরু। "°বিভূষণ কু.স ২.৩৯। রঘু ১৪.৪৮। ২ (সাদৃশ্যে) প্রার্থিতবস্তুদাতা। "সকলার্থিসার্থ°।—পঞ্চ ৩/৪ (কথামুখ)। কল্পতরু হওয়া—প্রার্থিতবিষয়মাত্রের দাতা হওয়া।]

কল্পন ক্লী [√কল্পি+অন (ল্যুট্)-ভা] ১ রচনা, নির্ম্মাণ। ২ বিধান। ৩ আরোপণ, বিন্যাস। ৪ কৢপ্তি, নেপথ্য, প্রসাধন। ৫ [√কৢপ্+ল্যুট্-ভা] কর্ত্তন, ছেদন। —না স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] ১ রচনা। "প্রবন্ধ°। ২ বিধান। "অংশ° মনু ৯.১১৬। ভাগ° যাজ্ঞ ২.১২০; দণ্ড° ২৪৭। ৩ ক্রিয়া। "অসৎ কল্পনাপ্রশ্নঃ শ ৫ ১৭/১৮। ৪ হস্তিসজ্জনা, আরোহণার্থ হাতী সাজান। ৫ মানসী সৃষ্টি; উদ্ভাবনা। "কল্পনাকৌতুকী কবি প.তৃ ৩৪। ৬ (ন্যায়ে) অনুমানবিশেষ। ৭ (মীমাংসকবেদান্তি-মতে) অর্থাপত্তিরূপ প্রমাণ। ৮ আরোপ। "রজ্জৌ সর্পকল্পনা। ৯ মিশ্রণ। ১০ চিত্রীকরণ, অর্থাৎ প্রতিমাদি চিত্র করা (ক.ক)। ১১ চিন্তন, ভাবনা। "লোক° ভ ২.৫.৪২। ১২ নির্ম্মাণ। "পুরগ্রামাদি° ভ ৪.১৮.৩২। ১৩ নিরূপণ। ১৪ সম্পাদনা। "অ.টী ২.৭.৩.৫২। ১৫ [+অন-র্ম্ম] কল্পিতবিষয়; মিথ্যাকথা। "কল্পনা কথন নাই কয় গুণধাম শ্রী.মা ৯৪। ১৬ (বাংলায়) কবির উদ্ভাবনশক্তিরূপা দেবী। "তুমিও আইস দেবি, তুমি মধুকরী. কল্পনা। —মে ৩। °সুন্দরী মা ১৭০; হেমাঙ্গে কল্পনে. বাগদেবীর প্রিয়সখি! ১৭৬। কহিল কল্পনা এসেছ অল্প না স্ব.প্র ৮।

কল্পসূত্র ক্লী [ষ.ত] বৈদিক কর্ম্মবিধিসম্বন্ধী সূত্রগ্রন্থবিশেষ। [ইহা শ্রৌত গৃহ্য ও ধর্ম্ম ভেদে ত্রিবিধ। শ্রৌতসূত্রে শ্রুতিবিহিত যজ্ঞাদিবিষয়ক সূত্রসমূহ নিবদ্ধ আছে; গৃহস্থের অগ্নিসাধ্য অবশ্যকরণীয় নিত্যকর্ম্ম যজ্ঞাদি গৃহিকার্য্য গৃহ্যসূত্রের বিষয়; অন্যান্য পারমার্থিক রাজনৈতিক ও সামাজিক কর্ত্তব্য বিষয় লইয়া ধর্ম্মসূত্র বিরচিত। কল্পসূত্র বেদাঙ্গবিশেষ; কাহারও মতে মন্বাদির স্মৃতিগ্রন্থ ধর্ম্মসূত্র।]

কল্পাদি পুং [ষ.ত] ব্রহ্মার দিনের প্রারম্ভ; সৃষ্টিকাল। "কল্পাদৌ বিসৃজাম্যহম্ গী ৯.৭।

কল্পান্ত পুং [ষ.ত] ১ ব্রহ্মার দিনের অবসান; প্রলয়, ক্ষয়। ২ কল্পশেষ। "°স্থায়ী। কল্পান্তে কহিলে তুমি প্রথম পূজন।—দু ৫৩। [°স্থায়ী (-য়িন্) বিণ—প্রলয়ে স্থিতিশীল; কল্পশেষপর্য্যন্তস্থায়ী। "কল্পান্তস্থায়িনো গুণাঃ হি ১.৫০।]

কল্পিত বিণ [√কল্পি+ত (ক্ত)-র্ম্ম] ১ রচিত। "ব্রহ্মাদিতৃণপর্য্যন্তং মায়য়া কল্পিতং জগৎ।—মহানির্ব্বাণতন্ত্র। ২ রচিত, অনুষ্ঠিত। "কল্পিতার্থ পু.মে ৪। ৩ নিরূপিত, নির্ণীত। "°যজ্ঞভাগ কু.স ১.১৭। মৃ ৫.১৭। ৪ কৃত, সৃষ্ট, নির্ম্মিত। "অশনিঃ কল্পিত এব বেধসা রঘু ৮.৪৭। ৫ কৃত। "মনু ৯.১৬৬। ৬ চিন্তিত ভাবিত। "ভ ২.৫.৪২। ৭ উপনীত। "ভট্টি ১২.১২। ৮ সম্ভৃত, সংগৃহীত। "রঘু ১২.৪। ৯ সম্পাদিত। "মাঘ ১৪.২১। ১০ সজ্জিত (হস্তী)। ১১ আরোপিত, বিন্যস্ত। ১২ কৃত্রিমসংজ্ঞায় পরিভাবিত। —ত পুং আরোহণার্থ সজ্জিত হস্তী। —ল্প্য বিণ [+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -ল্প্যা] ১ কল্পনীয়, চিন্তনীয়, উদ্ভাবনীয়। ২ রচনীয়। ৩ সম্পাদনীয়, করণীয়, বিধেয়। "রঘু ৫.৯। নৈ ৮.২১। আরোগ্য। তু 'কল্য'। [কল্পিতে (অপ্র)—কহিতে, দিতে। "দুর্গা কহে এত কথা, আর কেহ নাহি তথা, উত্তর কল্পিতে কোন জন চ.বি ১৭৮।]

কল্মষ বিণ [°ষ+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -ষা] ১ কল্মষযুক্ত, পাপবান্। ২ মলিন। —ষ ক্লী [কর্ম্মন্+√সো+অ (ক)-ক, র > ল্ (পা ৮.২.১৮, কাশিকা), ষত্ব, পৃষো; উ.ত] ১ যাহা শুভ কর্ম্ম নাশ করে; কিল্বিষ, পাপ। "অ°, ক্ষয়িত° ধুত°, নির্দ্দগ্ধ°, নির্ধুত°, নিষ্কল্মষ, বি°। বিগত° রা ১.১.৮১। কল্মষধ্বংসকারী হি ১.২০। কলিকাল-কল্মষ গ ১৯১। কলিকল্মষকুম্ভনি দু ৬১। কল্মষ-দ্বিরদ নাশে যাহার হুঙ্কারে চৈ.চ ৯। ২ মালিন্য, অন্ধ। "শশাঙ্কস্যেব কল্মষম্ রা ২.৩৬.২৭। ৩ হস্তপুচ্ছ, হাতের পোছা বা পাতা। —ষ পুং ১ দোষ। "জল° ভ ৮.৭.৪৩। ২ নরকবিশেষ।

কল্মাষ বিণ [°ষ+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -ষী, পা ৪.১.৪০; তু 'লি কালসাম'—যাহা কিছু কাল (ভিক্ষুপ্রাতিমোক্ষ, প্রায়শ্চিত্তিকধর্ম্ম .৫৮); ছান্দস] ১ কল্মষযুক্ত, চিত্রবর্ণ, শবল। "তিত্তিরি° (হয়) মহা ২.২৮.৬। ২ কৃষ্ণবর্ণযুক্ত। ৩ কৃষ্ণপাণ্ডুর, কৃষ্ণশ্বেত। —ষ পুং [কল্+মস্ পরিমাণ+অ (অণ্)-ক (অ.টী)] ১ যাহা নানাবর্ণের কলন (সংযোগ) পরিমিত করে; চিত্রবর্ণ, বিবিধবর্ণ, শবলতা। ২ কৃষ্ণবর্ণ। ৩ কৃষ্ণপাণ্ডুরবর্ণ। ৪ (কৃষ্ণ) রাক্ষস। ৫ অগ্নিবিশেষ। ৬ নাগভেদ; ৭ শালিধান্যবিশেষ। [°পাদ (পুং)—যাঁহার পাদ চিত্রবর্ণ; সূর্য্যবংশীয় রাজা সৌদাস। ইঁহার পিতা সুদাস, পত্নী দময়ন্তী। শাপজল পাদে পতিত হওয়ায় দগ্ধপাদ হেতু 'কল্মাষপাদ' নামে অভিহিত হন (রা ১.৭০.৪০, ভ ৯.৯; কৃ ২৩)। কল্মাস্পাদ (অসাধু)—সর্থ 'কল্মাষপাদ'। "গ ২০৭।]

কল্য বিণ [কলা+য (যৎ) 'তত্র সাধু' অর্থে; স্ত্রী -ল্যা] ১ সজ্জ। ২ সমর্থ। "মহা ১.৫.৩; ২২৫.৩০। ৩ দক্ষ। ৪ নীরোগ, নিরাময়। "যাজ্ঞ ১.২৮। কল্যে বয়সি বিক্র ৩.১। ৫ শ্রুতিবর্জ্জিত, কালা। ৬ বাগ্‌বর্জ্জিত, বোবা। ৭ কল্যাণকর, শুভ। ৮ উপায়কর। ৯ উদ্যুক্ত। ১০ উপদেশপ্রদ। —ল্য ক্লী [√কলি প্রাপণ+য (যক্)-ক (অ.টী); তু 'তা কালয়িল্—কালৈ (কল্য)+ইল্ (সপ্তমী)] ১ যাহা চেষ্টাকে পাওয়ায়; উষা, প্রভাত, প্রত্যূষ। "কল্যে ত্রষ্টা মহা ৩.৭৬.৪৮; কল্যপ্রবোধন ১৩.১০৬.১৪। মাঘ ১১.৯। কল্য উত্থায় ভ ৪.২৪.৭৮। কল্য যদি আসে তার বুকে খাবে সাপ কৃ ১১। ২ আগামী বা পর দিন (A.)। "কল্য প্রভাতে সী, ১৪; ৩১। ৩ গত দিবস (M.W.); গত কাল। "কল্য অপরাহ্নে আমার তাদৃশ চিত্তচাঞ্চল্য ঘটিয়াছিল সী ৪০। ৪ মধু। ৫ মদ্য। ৬ শুভবার্তা। —ল্যা স্ত্রী [কল্য+স্ত্রী আ (টাপ্)] ১ শুভ বাণী; কল্যাণবাক্য। ২ হরীতকী। ৩ সুরা। —ল্যম্ ব্য প্রভাতে। "কল্যমুত্থায় রা ২.২৬.৩০; ৮৩.১। মহা ১.১৬৪.১০; ১৩.১০৭.৬। [°কার (অপ্র)—গত-দিনের, কালকার। "কল্যকার খেলায় হারাইলাম নিজনারী ম.ম ২০৮। কল্যতা (স্ত্রী)—কল্যভাব, আরোগ্য। "অধিগচ্ছতি কল্যতাং পথ্যাশী হি ৩.১১৬। কল্য দিবসেতে (অপ্র)—আগামী দিনে। "কন্যা সমর্পিব আজ্ঞি কল্য দিবসেতে ম.পা ১৫৯। কল্য প্রভাতে—আগামী দিবসে প্রভাতে। 'আগামী বা গত কল্য প্রভাতে'—অসাধু।]

কল্যবর্ত্ত পুং [ষ.ত] ১ কল্যসম্বন্ধী, অর্থাৎ প্রভাতের ভোজন; প্রাতর্ভোজন, প্রাতরাশ (breakfast)। ২ অতিহেয়, তুচ্ছবস্তু। "অর্থকল্যবর্ত্তস্য কারণাৎ মৃ ৯স্তুঁ।

কল্যাণ বিণ [°ণ+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -ণা, -ণী; ছান্দস; তু '°ন' (শূ ৩৬)] ১ কল্যাণযুক্ত, ভদ্র, শুভ, মঙ্গলময়। "কল্যাণীঃ কথাঃ চক্রে মহা ৩.১২৪.৩। প্রকৃত্যা কল্যাণী মতিঃ উ.চ ২.২। ২ পুণ্য, শুভ। ৩ শোভন, সুন্দর। ৪ বিশুদ্ধ, পবিত্র। "কল্যাণাভিজন মহা ৩.৬৪.৯৫। ৫ সফল, সার্থক। "তৃণস্যাপি জন্ম কল্যাণম্ (পাঠান্তর)। —পঞ্চ ১.২৯। ৬ সমৃদ্ধ। —ণ পুং ১ ভদ্র, সুভগ। "ন মামর্হসি কল্যাণ দোষেণ পরিশঙ্কিতুম্ মহা ৩.৭৬.২৬। যত্বং কল্যাণ মন্যসে মনু ৮.৯১। ২ রাগবিশেষ। "চলো কল্যাণ আলাপ করি, যাতে কল্যাণ করেন হরি দা ৭১৩। [ইহার সময় রাত্রি প্রথম প্রহর, ঠাট কড়ি মধ্যম, জাতি সম্পূর্ণ (গী.সূ)।] —ণ ক্লী [কল্য+√অন্+অ (অন্)-ক (অ.টী)] ১ মঙ্গল, শিব, ভদ্র, শুভ। "মনু ৩.৬০। "কল্যাণাভিজনঃ রা ২.১.২১। ২ ধনাদি সম্পদ্; সমৃদ্ধি। "মনু ৩.৫৫। °পরম্পরা রঘু ২.৫০। ৩ সৌভাগ্য। ৪ স্বর্ণ। ৫ পুণ্য, ধর্ম্ম। বিপ 'পাপ'। "কল্যাণানি সমাধত্তে ন পাপে কুরুতে মনঃ রা (S.W)। কামাইয়া দিব তোমা বাপের কল্যাণে বা.ম ২৩১। ৬ স্বর্গ। —ণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ ভদ্রা, সাধ্বী, সুভগা। "মহা ৩.৯৭.২০। উ.মে ৪৮। পুনঃ পুনঃ কল্যাণি জিজ্ঞাস কি কারণ ম ৩৫৮। ত্বরায় আমি আসিব ফিরিয়া৷ কল্যাণি!—মে ৩৯। ২ মঙ্গলমূর্ত্তি। "রঘু ১.৪৪। কল্যাণী আসিয়া শান্তিকে ধরিয়াছে! এই সত্যানন্দ শান্তি; এই মহাপুরুষ কল্যাণী।—ব.দ্বি ১৫৩। [°বচন (ক্লী)—হিতবাক্য, সদুপদেশ; হিতাশংসা, মঙ্গলোচ্চারণ। °বৃত্ত (বিণ)—শুভকর্ম্মা, হিতকারী। °ময় (বিণ)—কল্যাণস্বরূপ, কল্যাণপ্রচুর, মঙ্গলময়। "চিরকল্যাণময়ী তুমি ধন্য।—গান ২২১। °যোগ (পুং)—(জ্যোতিষে) কল্যাণনামক যোগ; যাত্রাঙ্গে কল্যাণকর গ্রহযোগবিশেষ। কল্যাণাস্পদ (বি) —মঙ্গলভাজন।]

কল্যাণকর, -কার, -কারক বিণ [°ণ+ √কৃ+অ (ট, অণ্) -ক; উ.ত; ষ.ত; স্ত্রী -করী, -কারী, -রিকা] মঙ্গলজনক, হিতকর, সমৃদ্ধিকর, সৌভাগ্যজনক, উপকারক। "সেতুঃ কল্যাণকারকঃ যাজ্ঞ ২.১৫৯।

কল্যাণী (-ণিন্) বিণ [কল্যাণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ণিনী] ১ কল্যাণযুক্ত, শুভান্বিত। ২ সমৃদ্ধ, শ্রীমান্। ৩ সৌভাগ্যবান্। "কল্যাণিনী শান্তা সী ৪। ৪ ভদ্র, সাধু, পুণ্যাত্মা। "কল্যাণিন্ কস্তমী-দৃশঃ ক.সা ২৬.৪৯।

কল্যাণীয় বিণ [°ণ+ঈয়; স্ত্রী -য়া] কল্যাণসম্বন্ধী, কল্যাণভাজন, মঙ্গলাস্পদ।

কল্ল বিণ [তু 'সং কলা > প্রা কল্ল] বধির, কালা।

কল্লা বিং [কলহ+আ[১২] > কলহা > °ল্লা; সং কলহী, -হিনী (স্ত্রী); হি 'কল্লা'—কল্লা চলনা (মুখ চলা); ফা কল্লহ্—চোয়াল, কণ্ঠ; ঠ কল্লা—কোলাহল] ১ কলহপ্রিয়া, মুখরা, ঝগড়াটে; কুঁদুলে।

"ওর মত কল্লা মেয়ে বাপের কালে দেখিনি জ্ঞা ১২। **২** রণোন্মত্তা, রণ-রঙ্গিণী, ব্যাপিকা। "সে কল্লা বেটি, দাঁড়ায় খাটি, দিয়ে পাটি বাবার ঘাড়ে ব.প ১৮৯৫।

কল্লান বি [তু 'সং কল্যাণ > লি, প্রা কল্লাণ ; অপ্র] কল্যাণ, মঙ্গল। "পরভু রাখিব কল্লানে শূ ৬৯ ; দানপতির চিন্তহ কল্লান ৭৯।

কল্লার বি [ধ্বন্যাত্মক (?)] বাদ্যবিশেষ। "দ্বু ১৩।

কল্লোল[১] বিণ [√কল্ শব্দ + ওল (ওলচ্)-ক, উ ১.১৬, টীকা ; অস কল্লোল ; তু 'কল্লোল'—শত্রু (দেশী ২.২)] বৈরী, শত্রুভাবাপন্ন। —ল পুং **১** মহাতরঙ্গ, বড় ঢেউ। "কালিন্দীজলকল্লোলকোলাহলকুতূহলী (কৃষ্ণঃ)।—উদ্ভট। জল° ।—পক্ষ ৪২৮; সমুদ্র° ৫৫৮। কোলাহল° ।—রঙ্গ ২৩। কল্লোলে ঝাঁপায়ে পড় বুকে চ.কা ১১১। **২** হর্ষ। **৩** শত্রু। [কল্লোলিয়া—মহাতরঙ্গ তুলিয়া। "দূরে কল্লোলিয়া যায়, উচ্ছ্বসিত…জলধি!—মন্দ্র ৮।]

কল্লোল[২] বি ['কলরোল'—মূল (?); তু 'প্রা খলহল—নদীপ্রবাহ-শব্দ (প্রা.ম)।] **১** মধুর অব্যক্ত ধ্বনি ; কলরব, কোলাহল। "অনেক মৃদঙ্গ বাজে বহুত কল্লোল ম ৭৩৫ ; চতুর্দ্দিকে খান শিবা কররে কল্লোল ৯৭৭। ক্রমশঃ বাড়িছে কল্লোল, জাগিছে পুরে পুরবাসী যত মে ১৯৪। **২** জলের কলকল ধ্বনি। "কল্লোল হিল্লোল করে প্রভাসের জল ম ১২৩০। হিল্লোল কল্লোল ঘন গ ৫৭ ; গম্ভীর কল্লোল ১৬০। কলকল কল, হিল্লোল কল্লোল জ্ঞা ১৩৭। ভ.প্র ১৯৩। হেম ১। কল কল্লোলে লাজ দিল আজ, নারীকণ্ঠের কাকলী।—কথা ৪৯। গঙ্গার কলকল জল-কল্লোল ব.প্র ২০৯। [কল্লোল-গাথা—কল্লোলরূপ গাথা। "সাগর গাহিছে কল্লোল-গাথা, বায়ু বাজাইছে শঙ্খ চ.কা ৮৬। কল্লোলগান—কলরবরূপ গীতি। "যমুনা কল্লোল-গানে,…কহে কত কি যে।—কথা ৭১।]

কল্লোলিত বিণ [°ল + ইত (ইতচ্)] জাতকল্লোল, মহাতরঙ্গযুক্ত, মহাতরঙ্গিত। "মায়ের সর্ব্বাঙ্গে রুধির, প্রত্যঙ্গে রুধির, শোভার উপমা নাহি করি স্থির, কল্লোলিত যেন কালিন্দীর নীর, জবা সব তায় ভাসিছে।—শ্যামাসঙ্গীত।

কল্লোলিনী স্ত্রী [°ল + ইন্ (ইনি) + স্ত্রী ঈ (ঙীপ্)] **১** 'কল্লোল-যুক্ত দেশ বা স্থান' ; নদী। "কল্লোলিনী কলস্বরে করে কুলকুল স.শ ৮৩। **২** (বাঙ্লায়) মহাতরঙ্গযুক্তা, তরঙ্গাকুলা। "ভোগবতী…যেমতি, কল্লোলিনী মা ১২১।

কশকশ বি [ধ্বন্যাত্মক] **১** অগ্নিতাপে জল হইতে বাষ্পোদ্গমের শব্দ। **২** [তু 'সং √কষ্] অতিক্রোধে শরীরে হিংসাপ্রবৃত্তি জন্য অনুভূত গরম ভাব। "রাগে গা কশকশ করে।

কশবগিরী বি [কসব্ + গিরী] বেশ্যাবৃত্তি। "মা ৩২৭।

কশা স্ত্রী [√কশ্ শব্দ + অ (অচ্)-ক + স্ত্রী আ (টাপ্); ধ্বন্যাত্মক (?) ; (ছান্দস) 'কশ, -শা' ;—কশেনাতাড়য়ৎ (মহা ৩.১৯৬.৫) ; 'কশা' —তাড়নহেতু (ঋগ্বেদ ১.৩৯.৩)] **১** যাহা তাড়নরূপে (কশ্) শব্দ করে ; অশ্বাদি তাড়নার্থ চর্ম্মাদিরচিত যষ্টিবিশেষ ; অশ্বাদি-তাড়নী, চাবুক, কোড়া। "মহা ১.১৭৭.১০। মধ্যাহ্নের জ্বলন্ত তপন, হানিল সর্ব্বাঙ্গে তার অগ্নিময়ী কশা।—কথা ৪৬। **২** কশাঘাত। "মাঘ ৫. ১০। [কশাঘাত (পুং)—কশাপ্রহার, চাবুক মারা। কশার্হ (বিণ) —কশাঘাতযোগ্য। কশান—কশাঘাত করা, চাবকান ; জোরে প্রহার করা ; ক'ষে মারা। "চড় কশান। কশা(সা)য়—কশাঘাত করে ; চাবকায় ; চাবুকের ন্যায় বেত্রাদির আঘাত করে। "ভণ্ড-তপে এমনি কসায় বেত, ধ্বনি শুনি আড়ষ্ট…যত ভূত প্রেত স্ব.প্র ১০৪।]

কশা(সা)কশি,-সি বি [ফা কশাকশ্—repeated pulling ; struggle ; তু 'সং √কষ্—হিংসা] **১** টানাটানি, আঁটাআঁটি। "দ'য়ে রশারশি, করি কশাকশি, পোঁটলা পুঁটলি বাঁধি কা ৯। **২** পীড়াপীড়ি, ধরাবাঁধা ; চোখমুখ রাঙাইয়া ভয় দেখান ; তাড়াতুড়ি দিয়া শাসান। **৩** কড়াকড়ি, আঁটসাঁট। "হিসাবের বহুতর কশাকশি।—রবীন্দ্র। **৪** দ্রব্যের মূল্য কমানর নিমিত্ত পীড়াপীড়ি। **৫** পরস্পর টানিয়া বা আঁটিয়া ধরা ; পরস্পর সাপুটিয়া বা জড়াইয়া ধরা। "চঞ্চল চরণে চাপি ঘন কসাকসি শ্রী ৫২। কসাকসি কতক্ষণ বাহুতে বাহুতে শ্রী.মা ৪৫। **৬** আক্রমণপূর্ব্বক জড়াজড়ি বা হানাহানি। "কসাকসি করে যেন কেশরী কুঞ্জরে শ্রী.মা ১৬১। [মন-কশাকশি—মনোমালিন্য।]

কশাড়বন বি ['কশের'—মূল (?)] উলু-কাশ-শর-প্রভৃতি তৃণের ঘন বন বা জঙ্গল।

কশি, -ষি বি [ফা কশিশ্—drawing ; সং √কৃস্, বা √কষ্] তির্য্যগ্-ভাবে অঙ্কিত রেখা। "কষিতলে হবে যেই, পুরণের ফল সেই।—শুভঙ্কর। [কশি টানা—তির্য্যক্ রেখা অঙ্কিত করা।]

কশু(সু)র বি [আ ক.সূর্; তু 'তা কুচুর্—দোষ, অসাবধানতা] **১** দোষ, অপরাধ। "শ্বশুরের কসুর পেলে,…রাত্রে এসে প্রভাতে যান চলে।—দা ৪৫৯ ; ফৈরাদীর হয় উলটো কসুর, চোরের বাড়ে জারী ৪৯৯। কসুর মাফ করা গেল ব.প্র ৪৮২। আমার ত কসুর নেই। হুকুম তামিল করেচি। ঘ ৫২। **২** বুদ্ধির চুক, মতিভ্রংশ, বোকামি। "ধরো, শ্বশুর-শিশুর কসুর, ওটা শিশুর বুদ্ধি ভাই!—দা ৭৬৭। **৩** ভুল, চুক। "কিঞ্চিৎ কশুর নাই কশুর কাটিতে ভা.চ ৪০৬। **৪** ত্রুটি, চেষ্টার অভাব। "খুড়ো…লুচিটা সন্দেশটা বেঁধে আন্‌তেও কসুর করেন না।—হু ১২১। ব্যান ঠাকুরুণ, সে বিষয়ে আর কসুর কল্লেন কি?—ন.ত ৯৩। আমি কি আর খুঁজতে কসুর কচ্ছি গি.দ্বি ১০৫। **৫** অপূর্ণতা, কমী। [কশুর কাটা—অপরাধের জন্য বেতন কাটা। কসুর করা—চেষ্টার ত্রুটি করা। "নী ১১।]

কশে(সে)রু পুং, স্ত্রী [ক + √শৃ + উ, উ ১.৮৮ ; শ > স] পৃষ্ঠাস্থি, পিঠের দাঁড়া। —রু পুং জম্বুদ্বীপের খণ্ডবিশেষ। —রু স্ত্রী, —রূ স্ত্রী তৃণকন্দবিশেষ ; কেশুর। —রুক স্ত্রী, -কা স্ত্রী [°রু + ক (কন্) স্বার্থে] পৃষ্ঠাস্থি ; তৃণকন্দবিশেষ।

কশ্মল বিণ [°ল + অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -লা] কশ্মলযুক্ত, মলিন, কলঙ্ককর। "কশ্মলা কিংবদন্তী উ.চ ১.৪২। —ল ক্লী [√কশ্ গতি + অল (কল), ম্ (মুট্) আগম, উ ১১০৬] **১** মূর্চ্ছা, মোহ। "গী ২.২। কশ্মলাবিষ্ট মহা ৩.১০১.১০। **২** দুঃখ। "কশ্মলোপহত রা ১.৬৫.১০। কশ্মলং লঘুতাং যাতি মহা ১৩.১৫০.৬৭।

কশ্মীর পুং, বহুব [উ ৪.৩২, কশ্মীর (একব)—কশ্মীরো দেশঃ (উণাদি)] **১** দেশবিশেষ। **২** কশ্মীরবাসিগণ।

কশ্যপ পুং [কশ্য + √পা + অ (ক)-ক ; উ.ত] **১** মুনিবিশেষ। [মদ্য পান হেতু ইঁহার নাম 'কশ্যপ' (মার্কণ্ডেয়পুরাণ)। ইনি ব্রহ্মার পৌত্র, মরীচির পুত্র। অদিতি-দিতি-দনু-প্রভৃতি দক্ষকন্যা ইঁহার পত্নী এবং আদিত্য-দৈত্য-দানবাদি ইঁহার পুত্র (মহা ১.৬৫)। পরশুরাম ইঁহাকে যজ্ঞের দক্ষিণাস্বরূপ পৃথিবী অর্পণ করিয়াছিলেন। এইজন্য ইনি 'পার্থিব'। মতান্তরে, দক্ষের সপ্তদশ কন্যা ইঁহার পত্নী (ভ ৬.৬)।] **২** মৃগবিশেষ। **৩** মৎস্যবিশেষ। **৪** কচ্ছপ। "শতপথব্রাহ্মণ ৭.৫.১.৫। ঐতরেয়ব্রাহ্মণ ২.৬। ['কশ্যপস্য' আদি মন্ত্র—হোমান্তে হুতশেষমিশ্রিত ভস্মে ললাটাদিতে তিলকদানের মন্ত্র। "কশ্যপস্য আদি মন্ত্রে দিলেন তিলক ম.পা ৩২।]

কশ্যপনন্দন পুং [ষ.ত] **১** কশ্যপের পুত্র—দেবাসুর-প্রভৃতি। **২** গরুড়। **৩** (বাঙ্লায় ; অপ্র) সর্প, কুণ্ডলী ; (গৌণার্থে) কুণ্ডল। "কুন্তীর নন্দন-মূলে (অর্থাৎ কর্ণমূলে) কশ্যপনন্দন দোলে জ্ঞা ১৬।

কষ্ সক [ভ্বা, প—কষতি ; সেট্] ১ হিংসা, নিপীড়ন। ২ পরীক্ষার্থ ঘর্ষণ ; কষা। "নৈ ২.৬৯, টীকা।

কষ[১] পুং [√কষ্+অ (ঘ)-ধি সংজ্ঞার্থে] ১ যাহাতে পরীক্ষার্থ স্বর্ণাদি ঘৃষ্ট হয় ; নিকষ, কষ্টিপাথর। "পা ৩.৩.১১৯, সি। কষপাষাণনিভ নৈ ২.৬৯। মৃ ৩.১৭। ২ কষে অঙ্কিত স্বর্ণাদিরেখা। "কষপরিবর্ত্ত মনু ৯.২৯২, কুল্লুক। —ষা[১] স্ত্রী [+অ-ণ+স্ত্রী আ (টাপ্)] কশা, চাবুক।

কষ[২], **-স** বি [সং কষ] ১ নিকষে স্বর্ণাদির রেখা। "কষ্টি হলে জানা যায়, সোণার কস লাগে তায় ব.প ১৬২৭। ২ [√কষ্—হিংসা, নিপীড়ন] গালের পার্শ্বস্থ দন্তপঙ্‌ক্তি ; মাড়ি। "কসের দাঁত। ৩ কষের নিকটবর্ত্তী গালের দুই প্রান্ত ; সৃক্কণি, গালাসি। "দু কস দিয়ে …পানের পিক্ গড়িয়ে পড়্‌চে।—হু ৪৭। একটু গঙ্গাজল মুখে দেওয়া গেল, তাহা দুই কস বহিয়া পড়িল নী ৮৯। কসের কাছটা শাদা ন.ত ৪। ৪ [সং কষাণ ; অস কহ্] রসবিশেষ, হরীতকী-প্রভৃতির রস। "হিজ্জলের কষ বা.ম ২৬৩। ৫ চামড়া পাকা করিবার কষায় রসবিশেষ (tannin)। ৬ কষায় রসের দাগ বা ছোপ। "কসেতে রসনা ভরা—গালে ভরা গুল।—হেম ৩৮৯। ৭ [হি কস] ক্বাথ। [কষ ধরা, লাগা—কষায় রসের ছোপ লাগা। কষাটে, কষকুটে, কষটো, কষো—কষায়রসযুক্ত (কুল, পেয়ারা)।]

কষ[৩], **-স** সর্ম্ম [সং √কষ্ ; ঠ, মৈ √কস] ১ পরীক্ষার্থে কষ্টিপাথরে স্বর্ণাদি ঘর্ষণ করা ; কষা। "জনু সে সোণারে কসি কসটিতে তেজল কনক রেহা বি.প ২০২। কষ্টিপাথরে যেন কষি নিল হেম ব.প ৮৩৮। সুবর্ণবণিক্ বৈসে, রজত কাঞ্চন কসে ক.চ ৮৮। ২ (গৌণার্থে) পরীক্ষা করা ; তত্ত্বতঃ জানা। "জ্ঞানদাস কহে৹ হিয়ায় কষিয়া লহ৹ কাঁচা নহে কোষ্টি পাষাণ জ্ঞা ১৪৮। ৩ তাড়না করা ; শাসান, ভয় দেখান, কড়কান। "গোটা দুই তিন দাবিড়ি দিল কসে ব.প ১৩৩৪। ৪ অল্প ভাজা ; একটু রস-মরা করা। "মাছ, মাংস, তরকারি কষা। ৫ [সং √কৃষ্ ; লি √কস—চষা ; হি, ঠ, গু √কস—টানিয়া বাঁধা ; Av. kash—pulling ; ফা কশ্—pulling ; ক.সীদন্] বিলেখন (রেখাপাত) করা ; অঙ্কপাত করা ; কষা (অঙ্ক)। ৬ অঙ্কপাত করিয়া মূল্য নিরূপণ করা। "দাম কষা। ৭ দৃঢ়ভাবে বা টানিয়া বাঁধা ; আঁটিয়া বাঁধা। "কালু কয় কোমর কসিয়া কড়াকড় শ্রী ১৩২ ; কোমর কসিচে কড়াকড়ি ১৯০ ; ২২৪। ৮ রজ্জু-প্রভৃতিতে বেড় দিয়া টানা। "বোচকাটা ঢিল হ'য়েছে, ক'ষে বাঁধ। ৯ আক্ষিপ্ত করা ; খিচানো। "রোগে হাত পা কষা। —ষ, -স অর্ম্ম ১ একান্ত বা যথা-শক্তি চেষ্টা করা। "দাঁড়িরা কসে ঝপাঝপ করে দাঁড়ে বাইতে লাগলো হু ১৭২। মার দম্ কসে দম্ গাঁজার কল্‌কে তুলে জা ৩১। ২ সজোরে আঘাত করা। "কসিয়া বসায় কিল মাহুত্তার বুকে শ্রী.মা ১৪৮। ৩ বিশেষ যত্ন বা মনোযোগ করা। "মলিন তাস সজোরে ভেঁজে খেলিতে হবে কসে।—স.স্ব ৫৮। ৪ আড়ম্বর করা ; জাঁক করা। "পিরের কাছে কসে ফয়তা দিলে আমার কুদরৎ আরও বাড়িয়া উঠিবে আ.হু ২৯। ৫ টান ধরা ; সঙ্কুচিত হওয়া। "শীতে সর্ব্বশরীর কষে। ৬ [কষ[২] > √কষ] কষায় রসে দাগ ধরা বা কষিয়া যাওয়া। "টকে থালা বাটী কষে। ৭ কষায়স্বাদযুক্ত হওয়া। "থালায় টক দিয়ে ভাত মাখলে কষে, পাথরে কষে না। [কষে যাওয়া—১ আঁট বা দৃঢ় হওয়া ; আঁটিয়া যাওয়া। "জলে দড়ির বাঁধন ক'ষে যায়। ২ রূক্ষ হওয়া ; টান ধরা। "স্নান না কল্লে শরীর ক'ষে যায়। ক'ষে খাওয়া—আচ্ছা করিয়া খাওয়া ; অপরিমিত খাওয়া। ক'ষে ধরা—আঁটিয়া বা দৃঢ় করিয়া ধরা ; খিঁচাইয়া বা টানিয়া ধরা ; সঙ্কুচিত করিয়া রাখা।"]

কষণ[১] বিণ [√কষ্+অন্ (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] ১ বিলোপক, নিরা-করণসমর্থ। "কর্ম্মাণি কর্ম্মকষণানি ভ ১০.৯০.৪৯। ২ অপক, কষায়যুক্ত, ক'ষো।—ণ ক্লী [+অন-ভা] ১ ঘর্ষণ। "পিণ্ড° উ.চ ২.৯। ২ স্বর্ণাদি-পরীক্ষার্থ নিকষে ঘর্ষণ। "°বিশুদ্ধজাতরূপ।—আর্য্যাসপ্তশতী। ৩ কণ্ডুয়ন, চুলকান। "°কম্প কি ৫.৪৭। ৪ আঘাত। "রত্নাবলীনাটিকা ৪.৬।

কষণ[২], **-সন** বি [√কষ[৩]+অন ; হি কসন] ১ আকর্ষণ, টানা। "কুচ-কলসে কৃত-কসনা বা.দ ২০১। কঞ্চুককষণে ঢাকা কুচ-সরোরুহ।—রঙ্গ ২০। ২ টানিয়া বাঁধার ডোর বা দড়ি। "কাঁচলী-কষণ…খসে অমনি ভা.চ ২৭৫। ঘাঘরা ওড়না চেলী কাঁচলি কষণ।—রঙ্গ ৩৬। কাঁচলি-কসন…খসিল রে।—বা.দ ১৮৫। ৩ হস্তপদাদির আক্ষেপ ; খিঁচানো। ৪ নিকষে পরীক্ষার্থ স্বর্ণাদি-ঘর্ষণ; কষা ইত্যাদি। দ্র '√কষ[৩]। —ণি[২], —নি বি ['কষুণি, -সুনি' কথ্যভাষা] ১ সর্থ 'কষণ[২] (১ ; ৩)। ২ টানিয়া বাঁধা। ৩ তাড়না, শাসানি।

কষণি[১], **-ণী, -সনি** বি [হি কসনী; ঠ কসণী; গু কসণী—ঘর্ষণ দ্বারা পরীক্ষা; মৈ কসনি—কাঁচুলি] বন্ধনরজ্জু, কষিয়া বাঁধার ডোর বা দড়ি (belt)। "উপরে কষণি কষে কুরঙ্গের ছালে।—শ্রী ২২৪ ; কোমর-কষণী ২৩২। কলধৌত কম্পিত কসনি দুই কুল ব.প ৪২৯। কসনি কুশের দড়ি শি ৭৬।

কষণি[২], **-নি** দ্র 'কষণ[২]।

কষা[১] দ্র 'কষ[১]।

কষা[২] বি [√কষ[৩]+আ[৬]] ১ স্বর্ণাদি নিকষে ঘর্ষণ করা ইত্যাদি। দ্র '√কষ[৩]। ২ অঙ্কপাত করিয়া বা কষিয়া মূল্য নিরূপণ করার নিয়ম। "মণ°, কড়ি°, সোনা°, বাঁটা°, সুদ° ইত্যাদি। —ষা বিং [√কষ[৩]+আ[৮]] ১ নিকষে পরীক্ষিত ; কষিত, বিশুদ্ধ (সোনা, রূপা)। ২ [হি কসা] টান-টান, আঁটো (tight)। "কষা জুতা, আঙটি। ৩ আঁটিয়া-বাঁধা। ৪ ঈষৎ ভৃষ্ট ; অল্পভাজা, রসমারা (মাংস, তরকারি)। ৫ রূক্ষতাজনক, সঙ্কোচক, কড়া, টান (astrin-gent)। ৬ ব্যয়কুণ্ঠ, কৃপণ, কঞ্জুস। ৭ [সং কষায়] কষায়রসযুক্ত, ক'ষো (আমলকী-প্রভৃতি)। [কসামাজা—মূল্য বা ভাড়া নিরূপণে পীড়াপীড়ি বা জেদাজেদি। "বাবাজী…অনেক কসামাজার পর অ্যাক্-জনকে ভাড়া যেতে সম্মত কল্লেন হু ২১৫।]

কষাটে, কষকুটে, কষটো, কষো দ্র 'কষ[২]।

কষানি বি [কষ+পানি (?)] খোস পাচড়া ঘা হইতে নিঃসৃত পুঁজ-রক্তমিশ্রিত রস।

কষায় বিণ [কষায়+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -য়া] ১ কষায়রসযুক্ত, কষো। "কষায়াণি (ভক্ষয়ন্) রা ২.১২.৯৭। কষায়কটুকানি মহা ১৪.৪৬.২২। ২ রক্ত, লোহিত ; অনুরাগান্বিত (ত.বা)। "°দন্ত, °দশন (S.W.)। চূতাঙ্কুরস্বাদকষায়কণ্ঠঃ কু.স ৩.৩২। ৩ রক্তপীত, পিঙ্গল, বাদামী। "°বসন, °বস্ত্র। ৪ সুরভি, সুগন্ধি। "কঙ্কাংশ্চূর্ণ-কষায়ান্ রা ২.৯১.৭৪। কমলামোদমৈত্রীকষায়ঃ (বাতঃ) পূ.মে ৩১। উ.চ ২.২০। ৫ অপটু (ত.বা)। ৬ শ্রবণসুখকর (A.)। —য় পুং, ক্লী [কষ্+আয়-ক (অ.টী)] ১ যাহা কণ্ঠকে হিংসা করে ; মধুরাদি ষড়্‌রসের একতম রস। 'যো বক্ত্রং পরিশোষয়তি জিহ্বাং স্তম্ভয়তি কণ্ঠং বধ্নাতি হৃদয়ং কর্ষতি পীড়য়তি চ স কষায়ঃ।—সুশ্রুত ১.৪২.৮। ২ ক্বাথ, নির্য্যাস, পাচনাদি। "মনু ১১.১৫৪। ৩ রস, আটা। "বট° মহা ১৩.১২৫.৫২। ৪ বিলেপন, চূর্ণলেপ। "লোধ্র° কু.স ৭.১৭। ঋতু ১.৪। ৫ অঙ্গরাগ। ৬ রাগ, রাগদ্রব্য। ৭ রক্তপীতমিশ্রবর্ণ (ত.বা)। ৮ সৌরভ (বৈজয়ন্তী)। ৯ রাগদ্বেষাদিদোষ ; কামাদি মল (শ্রীধর)। "মৃদিত° (ছান্দোগ্য)। অবিপক্ব° ভ ১.৬.২২। ১০ নির্বিকল্পসমাধির বিঘ্নবিশেষ (বেদান্তসার)। —য় পুং ১ রাগ, লোহিতবর্ণ। ২ কামাদি। "ভ ১.১৫.২৯। ভক্তের চরিত্র শুনি কষায় যাইবে ভ.গ্র ৪৮৩। ৩ কলি-যুগ। ৪ শোনাকবৃক্ষ। ৫ ধববৃক্ষ। —য় ক্লী গৈরিকরক্তবস্ত্র। "মহা ২.১৬.১৭। —য়া স্ত্রী ক্ষুদ্র দুরালভা লতা।

কষায়ণ বিং [°য় > °ণ, °ন ; তু 'রসায়ন' ; অপ্র] ১ কষায়রসযুক্ত (খাদ্য বা ব্যঞ্জন)। "চর্ব্ব্য চুষ্য লেহ্য পেয় তিক্ত কষায়ণ (ব্যঞ্জনের গণ) শি ৩২। —য়ন বি কষায় রস। "ধারণবটিকা বাঁধে দিয়া কষায়ন ব.প ৩১৭।

কষায়িত বিণ [কষায়+ইত (ইতচ্)] ১ সঞ্জাতকষায়, রাগযুক্ত, বর্ণান্তরপ্রাপ্ত। ২ রক্তপীতবর্ণযুক্ত, পিঙ্গল। ৩ লোহিত। "মাঘ ৭.১১। রোষ-কষায়িত-লোচনে ব.প্র ৬৩৪। ৪ [√কষায়ি+ত (ক্ত)-র্ম্ম] কষায়ীকৃত, রঞ্জিত, ধুসরীকৃত। "°স্তনী কু.স ৪.৩৪। ৫ কলুষীকৃত। "ঈর্ষ্যা° সা.দ ৩.৭৫।

কষায়ী (-য়িন্) বিণ [°য়+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -য়িণী] ১ কষায়যুক্ত, রাগযুক্ত। ২ নির্য্যাসযুক্ত, ক্ষীরী। ৩ লোহিত, রক্ত। ৪ বিষয়ানুরাগযুক্ত। —য়ী পুং ১ শালবৃক্ষ। ২ লকুচবৃক্ষ। ৩ খর্জ্জুরী-বৃক্ষ।

কষি, -সি বি [কষ২+ই১৩ ; তু 'ঢ় কসি—unripe, অর্থাৎ কচি] ১ আমের আঠির মধ্যস্থ কষায়রসযুক্ত বা কচি বীজ। "আমে কষি বাধা। ২ পরিহিত কাপড়ের খোঁট। ৩ দ্র 'কশি'।

কষিত বিণ [√কষ+ত (ক্ত)-র্ম্ম, পা ৭.২.২২] ১ কৃতকষণ, নিকষে ঘৃষ্ট, বিশুদ্ধ, খাঁটি। "কষিতং সুবর্ণম্।—কাশিকা। কষিত-কাঞ্চন-কান্তি প্রথম বয়েস।—রামপ্রসাদ। তনয় যদ্যপি হয় অসিত-বরণ। প্রসূতির কাছে তাহা কষিত কাঞ্চন॥—দ্বারকানাথ অধিকারী। ২ হিংসিত, উৎসাদিত। "ম.চ ৪৩৬/৮।

কষিল বিং [√কষ+ইল১ ; সং কষিত ; অপ্র] কষিত, বিশুদ্ধ। "কষিল এ দশবাণ সুবরণ তনু চৈ.ম ৪২।

কষ্ট বিণ [√কষ্+ত (ক্ত)-ভা, পা ৭.২.২২] ১ (লক্ষণায়) কষ্ট-কারণভূত, পীড়াযুক্ত, ক্লেশকর, দুঃখদ। "কষ্টামাপদং প্রাপ্তবতী মহা ৩.৬৫.৩৩। °তম মনু ৭.৫০ ; ৫১ ; কষ্টানি বন্ধনানি ১২.৭৮। °তর রঘু ১৪.৫৬। কষ্টো জনঃ উ.চ ১.১৪। কন্যাপিতৃত্বং খলু নাম কষ্টম্। পঞ্চ ১.২২২। ২ দুরবগাহ, দুষ্প্রবেশ, গহন। "কষ্টানি বনানি (কাশিকা)। ৩ দুরারোহ, দুর্গম। "কষ্টাঃ পর্ব্বতাঃ (কাশিকা)। ৪ দুরবগাহ, দুর্বোধ। "কষ্টং শাস্ত্রম্ (সি)। ৫ দুর্নিগ্রহ, দুর্দ্দম, দুরুচ্ছেদ। "স হি কষ্টতরো রিপুঃ মনু ৭.১৮৬ ; ২১০। ৬ অহিত, অনিষ্টকর। ৭ কষ্টসাধ্য। ৮ দুর্নিমিত্তসূচক। —ষ্ট ক্লী ১ কৃচ্ছ্র, ক্লেশ, পীড়া, দুঃখ। "°পরম্পরা, °ভাগী, °সংশ্রয়। রা ১.২.২৮। কষ্টং খলু-পত্যতা শ ৬২/৩। ২ বিপদ্, দুর্ঘটনা। "কষ্টমাপতিতম্।—হি ২১৪৯/১৫৮। ৩ পাপ। "পা ৩.১.১৪, সি। ৪ (অলঙ্কারে) অর্থদুর্বোধতারূপ দোষবিশেষ ; কষ্টার্থতা। 'সা.দ ৭.৯। [°কর (বিণ)—কষ্টজনক, পীড়াদায়ক। °কল্পনা (স্ত্রী)—কষ্টসাধ্য কল্পনা ; অস্বাভাবিক কল্পনা। "নৈ ১৪.৮৮, টীকা। °কল্পিত (বিং)—যাহার কল্পনা সহজ নহে ; কষ্টসৃষ্ট। °কারক (বিণ)—ক্লেশকর, পীড়াজনক ; সংসার। °রিপু (পুং)—দুর্দ্দমনীয় রিপু ; দুর্নিগ্রহ শত্রু। °লভ্য (বিণ)—কষ্টে প্রাপ্য ; দুষ্প্রাপ ; দুর্লভ। "কষ্টলভ্যাহার (হি)। °শ্রিত (বিণ)—ক্লেশপ্রাপ্ত ; পীড়িত। °সংশ্রয় (বিণ)—যাহার সম্বন্ধ কষ্টকর ; দুঃখজনক, কষ্টহেতু। "আয়ে দুঃখং ব্যয়ে দুঃখং ধিগর্থাঃ কষ্টসংশ্রয়াঃ।—পঞ্চ ১.১৭৪। °সহ (বিং)—ক্লেশসহনক্ষম, কষ্টসহিষ্ণু। °সহিষ্ণু (বিং)—ক্লেশসহনশীল। °সাধ্য (বিং)—ক্লেশে সম্পাদনীয় ; দুষ্কর। °স্থান (ক্লী)—ক্লেশকর বা দুঃখজনক স্থান। কষ্টার্থ (বিণ)—যাহার অর্থ দুর্বোধ বা সহজগম্য নহে ; ক্লিষ্টার্থ। কষ্ট করা—ক্লেশ স্বীকার করা ; দুঃখ প্রকাশ করা। কষ্টের সংসার—অর্থাভাবের বা টানাটানির সংসার।

কষ্টশ্রোত্রিয় বি শ্রোত্রিয়দিগের মধ্যে যাঁহারা আদানপ্রদানবিষয়ে সাবধান ছিলেন না, অর্থাৎ যাঁহারা সমান বা উৎকৃষ্ট বংশ হইতে কন্যাগ্রহণ, অথবা সমান বা উৎকৃষ্ট বরে কন্যাসম্প্রদান করার বিষয়ে সিদ্ধশ্রোত্রিয়দিগের ন্যায় মনোযোগী ছিলেন না, তাঁহারা 'কষ্টশ্রোত্রিয়' বা 'অরিশ্রোত্রিয়' (সম্বন্ধনির্ণয়)।

কষ্টি স্ত্রী [√কষ্+তি (ক্তিন্) ভা, পা ৭.২.২২] ১ কষ্ট, ক্লেশ, দুঃখ, পীড়া। "হতলক্ষ্মী হ'য়ে কষ্টি হৈল সর্ব্বজন ম ১০। এ রাজ্যে না ছিল কষ্টি জ ২৬। ২ স্বর্ণাদি-পরীক্ষণার্থ ঘর্ষণ ; কষণ, পরীক্ষা। ৩ [হি কসৌটী (কষপট্টী) ; ঠ, গু কসোটী ; 'কসটি' (বি.প ২০২)] (বাঙলায়) নিকষ, কষ্টিপাথর। "কষ্টি হলে জানা যায়, সোণার কস লাগে তায় ব.প ১৬২৭।

কষ্টিপাথর, কোষ্টিপাষাণ, -ষ্টীপাতর বি [কষ্টি > কোষ্টি] নিকষপ্রস্তর। "হিয়ায় কষিয়া লহ, কাঁচা নহে কোষ্টিপাষাণ জ্ঞা ১৪৮। বাবাজীর বর্ণ কোষ্টিপাতরের মত হু ২১৪।

কষ্টেশ্রষ্টে, -শ্রেষ্টে, -শ্রেষ্ঠে, -সৃষ্টে, -স্রেষ্টে ক্রি.বিং [কষ্টসৃষ্ট্যা > কষ্টেসৃষ্টে, -স্রেষ্টে, শ্রেষ্টে (-ঠে), শ্রষ্টে] কষ্টসৃষ্টিপূর্ব্বক, অর্থাৎ কষ্টকর উপায়-উদ্ভাবনপূর্ব্বক ; অতিকষ্টে, অতিকায়ক্লেশে। "ব্যাধিশেষ শত্রুশেষ রাখা বিধি নয়। কষ্টেশ্রষ্টে কোনরূপে ঘুচাইলে হয়॥—শ্রী.মা ১০৯। কষ্টেসৃষ্টে করেন তারণ দু ১৭। কষ্টেসৃষ্টে আইলা চৈ.চ ১৭৮ ; কষ্টেসৃষ্টে ধেনু সব রাখিল গোয়াল ১৮৬। কষ্টেস্রেষ্টে জীবিকা চলয়ে কোনমতে ভ.গ্র ২৫০। কষ্টেশ্রেষ্টে শান্তাইয়া রাখে বি.সু ৪০। কষ্টে-শ্রেষ্ঠে বা.দ ৮৭। কষ্টেসৃষ্টে নিরখিয়া চলে স্ব.প্র ১১২। কষ্টেসৃষ্টে…দলে মিশলেন হু ২১০। কষ্টেসৃষ্টে না হয় করলেই বা অ.গ্র ১৫৭।

কস পুং [√কস্ ; তু 'সং কষ > লি, প্রা কস] নিকষপ্রস্তর। —সা স্ত্রী [তু 'সং কশা > লি, প্রা কসা] কশা, চাবুক।

কসকস ক্রি.বিং [√কষ৩—মূল] কষা হইতেও কষা ; অত্যন্ত কষা বা আঁটো ; টান-টানভাবে। "কসকস কসা তাস পটুকা কটিতে ব.প ১৪৮৬।

কসটি বি [দ্র 'কষ্টি' ; বৈষ্ণবসাহিত্যে] কষ্টিপাথর। "জনু সে সোণারে, কসি কসটিতে, তেজল কনক রেহা বি.প ২০১।

কসন ; কসনি দ্র 'কষণ২ ; কষণি১'।

কসবা বি [আ ক.স্.বহ্.] ১ নগর। ২ বড়গ্রাম, গণ্ডগ্রাম। ৩ মহাল বা পরগণার প্রধান নগর (Molesworth)। [অধুনা গ্রামের নাম 'কসবা'।]

কসবি, -বী বি [হি °বী, আ কসব্—বেশ্যাবৃত্তি] বেশ্যা। "কসবি ভা.চ ২৭৩। ঝাপটা কাঁটা কসবিদের…সাজে নী ২০। কসবীঘর আইছ বান্দর (অ.গ্র)। [°গিরী, °পনা—বেশ্যাবৃত্তি।]

কসম্ বি [আ ক.সম্] দিব্য, শপথ। "দোই সাহেবের পোদার কসম নী ৩০। খোদার কসম ঘ ২২৭।

কসরত, -রৎ, -লত, -লাত বি [আ কস্রত্ ; ঠ কসলত, -লাত —কঠোর শ্রম] ১ শরীর বলবান্ করার নিমিত্ত দণ্ড বৈঠক প্রভৃতি পরিশ্রমের কার্য্য ; ব্যায়াম, মেহনৎ। "কসরত করে কত উঠে বসে ঠাঁয় শ্রী.মা ৪৫ ; ১৬৯। ২ অভ্যাস, অভ্যাসজনিত কৌশল। "তিনি তাঁর সেই গ্রামোফোনটাতে…দ্রুততানের কসরৎ শোনাতে লাগলেন ঘ ২৬১। ৩ কঠোর শ্রম ; বিশেষ চেষ্টা। "অনেক কসলাতের পর কেরাঞ্চী গুড়ি গুড়ি চলতে লাগলেন হু ২১৮।

কসা বিং [√ কস৩+আ৮ ; সং কষিত ; তু 'কসিল' ; অপ্র] ১ নিকষে পরীক্ষার্থ ঘৃষ্ট ; পরীক্ষিত, বিশুদ্ধ। "মুক্তা কসা সুবর্ণ করিয়া সুরচন চৈ.ভা ৪৫৮ ; সোণা মুক্তা হীরা কসা ৪৭৫ ; ৪৮৫। ২ দ্র 'কষা২ বিং (৩)। "কসা পটুকা কটিতে ব.প ১৪৮৬।

কসাই বি [আ ক.স্সাব, ক.সাঈ ; হি কসাঈ] ১ যে বিক্রয়ার্থ গো-প্রভৃতি বধ করে ; গোঘাতক, শৌনিক (butcher)। "গোমাংস

বেচিয়া নাম বোলায় কসাই ক.চ ৮৬। জাত্যংশে কসাই ত.প্র ৩২৫। ২ নির্দ্দয়, নিষ্ঠুর ব্যক্তি। [°খানা—গোহত্যার গৃহ। কসাইএর কাজ—গোহত্যা ; নিষ্ঠুর কার্য্য।]

কসাকস বিং [তু 'কসাকসি' ; অপ্র] টানাটানির বিষয়ীভূত ; বহির্গত-প্রায়, কণ্ঠাগত-প্রায়। "কামে পিড়ীত হইয়া ধন কৈলা ভশ। সকল বিনাস কৈলা জীবন কসাকস ॥—সী ২১।

কসাকসি, কসামাজা দ্র 'কশাকশি ; কষা২'।

কসিত বিং [√কস২+ইত২] আকৃষ্ট, আঁটা, টানিয়া-বাঁধা, কষা। "কসিত কাঁচলি, তাহাতে ঝাঁপলি রা.শে ৩১।

কসিল বিং [√কস+ইল১ ; সং কষিত ; অপ্র] কষিত। "কসিল কাঞ্চন, কাঁতি কামিনি, কুচহি কাঁচুলি কোল জ.প ৫২।

কস্থনি ; কস্থর ; কসেরু দ্র 'কষণ২ ; কশুর ; কশেরু'।

কস্ত বি [আ ক.স্‌দ্ ; ঠ কস্ত ; তু 'কষ্ট'] চেষ্টা, শিক্ষার্থ কায়িক চেষ্টা, অভ্যাস, কসরৎ। "গদা লইয়া কস্ত করে ভীম ম.বি ১৩।

কস্তা বিং ['কষায়িত'—মূল ?] লোহিত, লাল, টক্‌টকে লাল। "কস্তাপেড়ে ধুতি-পরা আ.দু ৭। [°পাড়—লালপাড়।]

কস্তাকস্তি বি [কস্ত-আ+কস্ত-ই] বিশেষ চেষ্টা ; কসাকসি, পীড়াপীড়ি। "মাজির সহিত অনেক কস্তাকস্তি…করিয়া ॥০ ভাড়া চুক্তি হইল আ.দু ৮। [কস্তাকস্তি ধ্বস্তাধ্বস্তি—বিশেষ চেষ্টা ও হাতাহাতি ; বিশেষ পীড়াপীড়ি। "আ.দু ৮।]

কস্তভ বি [সং কৌস্তুভ ; অপ্র] সর্থ 'কৌস্তুভ'। "ভৃগুপদ চিহ্ন বক্ষে কস্তুভ ভূষণ শ্রী.মা ২১৪।

কস্ত(স্তু)রা বি [সং কস্তূরী ; হি কস্তুরা] ১ কস্তুরীমৃগ। ২ [কস্তুরী-সাদৃশ্যে ?] শুক্তি, মুক্তার ঝিনুক্। ৩ ওষধিবিশেষ। [ইহা পোর্টব্লেয়ারে (এণ্ডামান্ দ্বীপে) পাহাড়ে উৎপন্ন হয়। ইহা বলকারক ও দুগ্ধের সহিত পেয়। লোকে মনে করে ইহা পক্ষিবিশেষের মুখের ফেনা (হিন্দীশব্দসাগর)।] ৪ জাহাজের তথ্‌তার সন্ধি বা জোড়।

কস্ত(স্তু)রিকা, কস্তূরী স্ত্রী [√কস্+উর-ক, ত্(তুট্) আগম ; স্ত্রী ঈ(ঙীষ্) ; °রী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্) ; তু 'থস্তরী' (শ্রী.কী)] যাহার গন্ধ দূর হইতে যায় ; মৃগনাভিজাত গন্ধদ্রব্যবিশেষ ; মৃগনাভি, মৃগমদ। "কস্তূরিকামৃগবিমর্দ্দসুগন্ধিঃ মাঘ ৪.৬১। °রীগন্ধ, °রীমৃগ কু.স ১.৫৪, মল্লিনাথ। সুগন্ধি কস্তূরী কৃ ২৬৯। কস্তূরী ভা.চ ৭১। [কপিল পিঙ্গল ও কৃষ্ণ ভেদে কস্তূরী ত্রিবিধ। কামরূপের কৃষ্ণ কস্তূরী শ্রেষ্ঠ, নেপালের কপিল কস্তূরী মধ্যম এবং কাশ্মীরের পিঙ্গল কস্তূরী অধম (রাজনির্ঘণ্ট)।] [°মল্লিকা (স্ত্রী)—কস্তূরীগন্ধী পুষ্প-লতাবিশেষ ; মৃগমদবাসা।]

কস্তুরী বি [সং কস্তুরীমল্লিকা] পুষ্পলতাবিশেষ ও তাহার ফুল। "কস্তুরী ধুতরা শতবর্ণ ম.ম ৭ ; ৩৮।

কস্মিন্‌কালে [সংস্কৃত পদদ্বয়] কোন কালে ; কখন। "তাঁহার অভিপ্রায় এই ছিল যে, তাঁহার মেয়ে স্বামীর মৃত্যুসংবাদ কস্মিন্‌কালে না পাইতে পারেন ব.প্র ১৬৯। পা.প্র ১৫৮। কস্মিন্‌কালে সে প্রণয়ের বিচ্ছেদ হওয়া সম্ভব নয় চা.তৃ ২৭।

কস্য [সং কিম্+ষষ্ঠী-১ব, পুংলিঙ্গ] ১ কাহার। "কস্য পিতা কস্য মাতা শাস্ত্রে এই কয় ম ৩৯৮। ২ [অমু'কস্য' > কস্য] অমুকের (দলিলে)। "লিখিতং শ্রীরামকান্ত চৌধুরী কস্য (অমুকস্য) মুক্তীআর নামা পত্র মিদং কার্য্যঞ্চা ইত্যাদি E.P. 83 ; 84 ; কস্য কবুলতি পত্রমিদং কার্য্যঞ্চা ইত্যাদি 94 ; কস্য বিক্রয়পত্রমিদং 101 ; কস্য করজপত্রমিদং : কস্য লাথেরাজ ব্রহ্মত্তর 102. ['লিখিতং শ্রী অমুক অমুকস্য পত্রমিদং' ইত্যাদি দলিলের বয়ানে 'অমুক' শব্দের পরিবর্ত্তে 'লেখকের নাম' ও 'যাহার দলিল তাহার নাম' লিখিতে হয়, কিন্তু কার্য্যতঃ লেখকের নামই থাকে, 'অমুকস্য' স্থলে 'কস্য'ই লেখার পদ্ধতি হইয়া গিয়াছে, নাম স্থানান্তরে থাকে। তু 'মতং মেঽমুকপুত্রস্য যদত্রোপরিলিখিতম্।… লিখিতং হ্যমুকেনেতি লেখকোঽন্তে ততো লিখেৎ॥—যাজ্ঞ ২.৮৮-৯০।]

কহ সর্ম্ম [সং √কথ >প্রা √কহ (প্রা.প্র ; হে ; পৈ) >বা √কহ ; হি, মৈ √কহ ; গু √কথ, -হ] ১ উচ্চারণ করা ; বলা। "শ্রীরাম কহন্তি কথা কৃ.উ ২০৯। ২ সবিস্তর বলা ; বর্ণনা করা। "রূপ কহ শ্রী.কী ১১ ; কহ বড়ায়ি তার থান গতী ১৪ ; কাহিনী বড়ায়ি কহ ১৬। কহ…বৃত্তান্ত ম ৩। আমি কথা কহি কৃ ৭৮। কো কহই আরতি ওর জ্ঞা ৯৬। কিবা রূপ কিবা গুণ কহিলেক ভাট ভা.চ ২৬৪। ৩ গীতচ্ছন্দে বলা ; গান করা। "কহতি মাধব বিধুবন্ধু দেখি হাসে শ্রী.ম ৮৬ ; কহন্তি মাধব কুতূহলী যদুরাজ ১১৪। জ্ঞান কহই সখী পাশ জ্ঞা ৯৬ ; ৯৭। ৪ স্পষ্ট বা সত্য বলা। "কহ শিশু বড় পুষ্ট দেখি তব কায়। কি খাইয়া আছ এবে কহিবা আমায় ॥—ম ৩৮। ৫ উল্লেখ করা। "কেহ্নে বা তাহার বোল কহ মোরে থানে শ্রী.কী ৭৪। ৬ ব্যক্ত করা ; প্রকাশ করিয়া বলা। "গুরুর তনয়া তুমি আমার ভগিনী। এমন কুৎসিত কেন কহ দেবযানি ॥—ম ৬৪। ৭ অভিমত প্রকাশ করা। "এই মত কহিতে কহিতে দুই ভাই কৃ ১৪৬। কহিছ যে আগে, পলাইছে বেগে, উত্তর সেহ প্রমাণ ম ৬১৯। ৮ আদেশ করা। "গৃহ-রক্ষা হেতু গুরু কহিল আমায় ম ৩৯। কহিলা মঙ্গল রচিবারে ভা.চ ১৬। ৯ উপদেশ করা। "কহ সত্য মন্ত্রিগণ ইহার উপায় ম ৪১। ১০ অভিহিত করা। "শ্বেতবাহনক বলি লোকে মোরে কহে ম ৬২৫। ১১ বিজ্ঞাপন করা ; জানান। "কহিল সীতার বার্ত্তা কৃ ১৪৮ ; ভগ্নদূত কহে ৩০৩,-৪৮ ; করযোড়ে বার্ত্তা কহে ম ৬৫৫। ১২ অভিযোগ করা। "যুধিষ্ঠির বৈল ভীম কহিলে প্রমাণে ম ৪২১। ১৩ প্রার্থনা করা। "প্রণমিয়া পাটনী কহিছে যোড় হাতে।—ভা.চ ২৫৭। ১৪ জিজ্ঞাসা করা। "সুমন্ত্র কহেন কিবা কহত আমারে কৃ.অ ২১। রাজা শুনি পুন কহে, কোথা তোর কৃষ্ণ রহে ? প্রহ্লাদ কহয়ে সর্ব্বত্তরে ভ.প্র ১২৫। ১৫ উত্তর করা। দ্র 'কহ (১৪)। ১৬ রচনা করা। "সেই আজ্ঞা শিরে বহি, নূতন মঙ্গল কহি ভা.চ ১৬। ১৭ বাদ্যের শব্দে বলা। "এমত মাদলে কহে, নানা ছন্দে নাথে বাহে গো.বি ৯১। ১৮ অর্থ প্রকাশ করা। " 'নার' শব্দে কহে সর্ব্বজীবের নিচয় চৈ.চ ৬ ; 'অঙ্গ' শব্দে অংশ কহে ১০, ১১ ; ১১৯। [কই, কহি—বলি। কহ, কহহ—১ বল। "গঙ্গা কহ…সুন্দর কোঁ নাহি আয়া ভা.চ ৪৩৫। ২ কহে। "বিদ্যাপতি কহ বান্ধহ থেহ বি.প ২০০ ; ২০১। কহই (প্রা কহই)—কহে। "বি.প ১৭৯। কহই, -ইতে—কহিতে, ব্যক্ত করিতে। "কহই না পারি জ্ঞা ৯৬। কহইতে লাজ বি.প ৬৭। কহত—কহিয়া, প্রকাশ করিয়া। "অন্তঃকরণের ভাব সকল কহত।—রামমোহন রায়। কহত—বলত। "কহত কহত সখি বি.সা ৩৯৫। কহতি, -ন্তি—কহে, কহেন। দ্র "কহ (৩)। কহব—কহিব। "কি কহব…কেলিবিলাস বি.প ১৪৮। কহবি—কহিবে, কহিবি। "না কহবি বাণী বি.প ৫২। কহবো—কহিব। "ম.পা ৯০ ; ১৩৬। কহয়ে—কহে। "কি কহয়ে গদ গদ ভাষ বি.প ৫১। কহল—কহিলাম ; কহিল। "এতহু নিদেশ কহল তোহে সুন্দরী বি.সা ৫৩। যে কিছু কহল বি.প ২০৩। কহলম—কহিলাম। "দূর কর দুরমতি কহলম তোয় ব.প ৮১। কহলি, -হিলি—কহিলে, বলিলি। "কাহে কহলি তুহুঁ বি.প ১২৩। কি কহিলি, বাসন্তি !—মে ৮১। কহলু, -লুঁ—কহিলাম। "নিদেশ কহলু তোহে বি.প ৪৯। কহসি—কহিতেছ, কহিস্। "কাহে কহসি অনু-যোগ বি.প ২০১। কহহ—বল। "কহহ জননি নিশাগমনকারণ ম ৪৯৩। কহহি—কহিতে। °কহহি না পারিঅ বি.সা ৭১। কহা—বলা ইত্যাদি। দ্র '√কহ'। কহিলোঁ—কহিলাম। "কথা সব

কহিলোঁ আমার চ.বি ১৭। কহওঁ—কহি; কহিআঁ—কহিয়া। "শ্রী.কী ১৬; ১৮। কহ—কহে, বলে। "সজনি, কো কহ আওব মাধাই বি.প ১৭৩। কহেন, -হেন্ত, -হেন্তি—কহেন। "উলূক কহেন্তি বাক্য শূ ১৩; কহেন্ত কিছু পরভু ১৫। কৈতে—কহিতে। "কৈতে লাজ পায় ভা.চ ৪০৪। কৈলে—কহিলে। "শ্রী ম ৬৮। কহিতোঁ (কহিতাম), কহিলান্ত, কহিলেন্ত (কহিলেন), কহিলোঁ (কহিলাম), কহিব, কহিবোঁ, কহিহ (কহিও), কহো, কহোঁ (বলি)।—শ্রী.কী। কহই, কহেই (কহে), কহমি (কহিতেছি), কহি, কহিজ্জই (কহা যায়)।—চ; দো।]

কহত '-ত্' বি [√কহ্-ত; তু 'চলত্, ফেরত'; সং কথিত] কথিত বিষয়; আদেশ, অনুমতি। "রাজার কহত-মতে প্রেতস্থান করি। রাজার যে বামস্কন্ধ কাটে চোট মারি ॥—ভ.গ্র ২১৫।

কহতব্য বিং [√কহ+তব্য; সং কথয়িতব্য > প্রা কহিয়ব্ব; কথ্য-ভাষায়] ১ কথনীয়, উল্লেখযোগ্য, বলার মত (নিন্দনীয় বিষয়ে)। ২ বর্ণনার বিষয়; বর্ণনীয়। [কহতব্য নয়—কথনীয় নহে; অকথ্য, বর্ণনাতীত।]

কহন ক্রি.বি [√কহ+অন; সং কথন > প্রা কহণ (অ রা; প্রা.ম); হি কহন; প কহিণা; সি কহণু; অপ্র] ১ কহা, বলা। "এ কথা কহনে আবশ্যক নাই কৃ.চ ৪৮। ২ প্রকাশ, জ্ঞাপন, জানান, বলা। "নিগূঢ় সুগুহ্য বাক্য পাত্র কহনের ভ.গ্র ১৪৭। ৩ বর্ণন। "দুই জনে মহাযুদ্ধ না যায় কহন ম ২৫। চন্দ্রের কিরণ-শোভা কহন না যায় চৈ.ভা ৩৬১। ৪ গণনা, সংখ্যাকরণ। "তুমি যত রূপ ধর কহন না যায় চ.বি ১১৩। ৫ নিঃশেষে বা সম্পূর্ণরূপে প্রকাশ-করণ। "যার মাধুর্য্য কহন না যায় চৈ.চ ৩৩২। [কহন নহে—কহার (প্রকাশের) যোগ্য নহে। "সই একথা কহন নহে।—চ.দা। কহনে না পারিয়ে—কহিতে পারি না। "কহনে না পারিয়ে বি.প ১৯৯। কহনে না যায়—১ কহার বিষয়ে যায় না; বলার বিষয়ীভূত হয় না; বর্ণনাতীত। "আজুক কৌতুক কহনে না যায় বি.প ১৩৪। চৈ.চ ৪৩; ৩৪৫। ভ.গ্র ১৩৩। জ্ঞা ১২। বা.ম ২১০। ২ নির্ণয় করিয়া বা ঠিক করিয়া বলা যায় না। "কেনে অলঙ্কার রত্ন ধরণী লোটায়। দাসীগণে বোলে কথা কহনে না যায় ॥—ব.প ৫৭৯। কিবা ব্রহ্মদৈত্যাভূত কহনে না যায় চৈ.চ ৩৪৫। ৩ সংখ্যা করা যায় না। "লোক গতায়াত যত কহনে না যায় ব.প ১৬৬। কহনাধিক—কহন অধিক, অর্থাৎ বলা বাহুল্য (অপ্র)। "যদি ...প্রতুলের উপায় করিতে পারহ আমার কহনাধিক ব.প ১৬৮৯।]

কহর বি [আ কহর্; অপ্র] বিপদ্, উৎপাত, উপদ্রব। "ভূত বলি দেবীরে সাহেব গালি দিলা। সহরে কহর এত আপনি করিলা॥—ভা.চ ৪৯৯।

কহা[১] বিং [√কহ+আ[১২]] কথিত, উক্ত, বলা। —হা বি [+আ[৬]] বলা, বর্ণনা করা। দ্র '√কহ'। [কহা নাহি যায়—বর্ণনা করা যায় না। "গণ্ডগোল কহা নাহি যায় ভা.চ ১১০।]

কহা[২] সর্ম্ম [√কহ+আ[৮]; হি √কহা] ১ বলিতে প্রবর্ত্তিত করা; বলান, প্রকাশ করান ইত্যাদি। "মৃত পুত্রমুখে কহাইলা দিব্য জ্ঞান ব.প ৩৫৬। রচিল ভারত কৃষ্ণচন্দ্র যে কহান ভা.চ ২৬৫। যে কহান দেবী বি.মু ১১৩। ২ অভিহিত বা সংজ্ঞিত করান, সেই নাম বা উপাধি ধারণ করা। "আদি অনাদিক নাথ কহায়সি বি.প ২১৯। তুহুঁ জগন্নাথ, জগতে কহায়সি ২২০। ঈশ্বর হইয়া কহায় 'মহাভাগবত' চৈ.চ ৪৫। এই কর্ম্মকার কহায় 'বিদগ্ধশিরোমণি' ১৬৩। [কহাইলা—বলাইল, প্রকাশ করিল [কহায়সি—বলাও; কহান—বলান। কহায়—বলায়, অভিহিত করায়।]

কহিঁ, কহি, কহিন্ন দ্র 'কঁহি'।

কহিনী বি [মৈ কহিনী; হি কহানী; ঠ কহাণী; অপ্র] কথা, বিষয়, বার্ত্তা। "তোরি কহিনী দিন গমাব বি.সা ৬৭; কি কহব সজনি তাহেরি কহিনী ৭১।

কহিয়ে বিং [হি কহবৈয়া] যে কহিতে পারে; যাহার দুকথা গুছাইয়া ও বুঝাইয়া বলার শক্তি আছে; বাক্পটু, বাগ্মী, বক্তা। [বলিয়ে কহিয়ে—যে বলিতে কহিতে পারে; বাগ্মী]

কহিল বিং [√কহ+ইল[২]; সং কথিত; অপ্র] কথিত; কথনীয়, বর্ণনীয়। "গ্রীবার ভঙ্গিমা কহিল নয় ন.প ২৮৭; শ্রীসূর্য্যদাসের গুণ কহিল না হয় ৪০৩। রামানন্দ রায় কথা কহিল না হয় চৈ.চ ২৮৬।

কহ্লার ক্লী [ক+√হ্লাদি+অ (অণ্)-ক; পৃষো (অ.টী)] যাহা জল হ্লাদিত করে; সৌগন্ধিক, সুঁধি নাল্। "°সমীরণ মাঘ ১২.৬৬। কুমুদোৎপলকহ্লারশতপত্রসমৃদ্ধি ভ ৪.৬.১৯। কহ্লারপদ্মকুমুদাদি।—ঋতু ৩.১৫। কহ্লার কুমুদ কোকনদ ক.চ ২৪০। কুমুদ কহ্লার ও মৃণাল ছিন্ন ভিন্ন হইয়া পতিত আছে।—কাদ ৪০। [নীল কহ্লার, কাল কহ্লার—নীল উৎপল, ইন্দীবর, নীল নাল ফুল। "কুমুদ কহ্লার নীল কৃ ৩৪৯। কৈরব তোলে কহ্লার কালা ক.চ ৩৯।]

কহু বি [সং ককুভ (?)] (সঙ্গীতে) রাগবিশেষ। তু 'কোরাগ'। "গ ১৫২।

কহ্লাই বি [হি °ঈ] কানাই। "ব.প ১১২০।

কা[১] বিণ [সং কিম্ > কা (স্ত্রীলিঙ্গে)] কি। "কা চিন্তা মরণে রণে হি ২.১৭১। অন্যের কা কথা চৈ.চ ৩০; এই দুই গণ্ডশৈল—ইহার কা কথা?—১৫৯। মুক্তির কা কথা ভ.গ্র ১৭৫; তাঁহার কৃপায় রাগ-নিবৃত্তি কা কথা ২৫৬। অন্যে পরে কা কথা ২৯৫। অন্যের কা কথা ন.প ১৪; আনের কা কথা ১৫।

কা[২] সর্ব্ব [সং কঃ (কিম্) > লি, প্রা কো—ক > বা কা, কাহা (মহাপ্রাণ উচ্চারণে 'হ' আগম); তু 'প্রা কা—কাহিংতো, কাস; হি কা—কাহি, কাহু; কর্ত্তার একবচন ভিন্ন কারকে ইহার প্রয়োগ হয়। যেমন, কারা কাকে কাদিগকে কার ইত্যাদি। তু 'কাঁয় (কা[২] + এ)—কে (কর্ত্তা)। "কাঁয় কয় এ গিলা কথা গো.চ ১৭৮; ২৭৯; ৩০৫।] কে, কি, কোন (জন, দ্রব্য, বিষয়)। "চাহিব কা পানে চ.সা ২৫৫। কা হ'তে না হৈল কিছু।—শি ৮১। কা হ'তে জনমিল জগতের যাতনা?—হেম ৩৩৮। [কাএ—কাহাকে। "এ দুঃখ কহিবোঁ কাএ শ্রী কী ২৯৫। কাক—কাহাকে; কাহার। "কাক না গণয়ে কেহ অ.প ৭০। কাক লাগি শাসিলা রাজ্য ব.প ৭০৫। কাকর (মৈ ককর)—কাহার। কাকে—কাহাকে; কাহার। "কাকে ভজে কার দাস।—শ্রী.মা ১২। কাকে কত চাই শি ৩৪। কাকেত—কাহাতে, কিসে, কোন অজ্ঞাত বস্তুতে। "এমন সোন্দর তনু কাকেত মিশাইব ম.গা ৬। কাকেহো, কাখো—কাহাকেও। "কাকেহো নাহি ডর কৃ.উ ৪০; ৫০; ২০২। ব.প ৬। কাখো না ডরাঅ শ্রী.কী ৭২। কাখো চ.বি ৩১৪। কাথে—কাহাকে; কাহার কাছে। "কাথে নাহি দেখি : কাথে হৈলো দীক্ষিত চ.বি ১১৮। কাতে—১ কাহার সহিত। "সেরূপে কিরূপে কাতে করিব উপমা দু ৮। ২ কি হেতু। "এরূপ যৌবন মোর...কাতে ঢালি যাও প্রাণেশ্বর ম.গা ২৬। ৩ কাহার কাছে। "ধনু বাণ লেঞা কাতে এড়িমু গো.চ ৩২৪; কাতে মাগ অন্ন পানি ৩৯০। কায়—কাহাকে; কাহে, কেন; কে। "তাহা বা কহিবা তুমি কায় জ্ঞা ৬৬। তব তুহুঁ ছাপলি কায় ১০৩। কায় (কে) কয় এগিলা কথা গো.চ ৮৬। কার—কাহার (অনিত্যসম্বন্ধসূচক)। "তুমি কার কে তোমার।—রাম-মোহন রায়। কার শ্রাদ্ধ কে করে। খোলা কেটে বামন মরে॥—প্রবচন। কার কি?—কাহার কি ক্ষতি বা বৃদ্ধি? কারু, কারো—কাহারও। "কারু ভিতে না চাহিল ম.২১১। দোষ কারো নয় মা।

—দা ২১৫৯। কারু জাতি প্রাণ থাকবে না কৃ.চ ৪০ ; কারু বাক্য ৪৩। কারো বুকে, কারো পৃষ্ঠে ন ৫০৭। কা সনে—কাহার সহিত। "কা সনে করিব ক্রীড়া ব.প ৭৬৪। কা হইতে (প্রা কাহিংতো)—কোনও ব্যক্তি বা কারণ হইতে। "কা হইতে হইব আমার নরক উদ্ধার কৃ.উ ২০২। কাহে (সং কথম্; হি কাহে)—১ কি প্রকারে। "জ্ঞা ১০১। ২ কেন, কি নিমিত্ত। "কাহে মাতারি, কাহে বহিনি, বাঁধসি ঔরতে মেরা।—রাজকৃষ্ণ রায়। কের (মৈ কেকর ; গ্রাম্য) —কাহার।]

কা[৩] [ধ্বন্যাত্মক] ১ কাকের রব। "কা কা রবে চঞ্চু নড়ে। মিঠাই মাটিতে পড়ে।—পদ্যপাঠ, ১ম ভাগ। ২ (অপ্র) কাক। "শুকনা ডালে ডাকে কা।—খনা।

কা[৪] [হি কা (পুংলিঙ্গে), কী (স্ত্রীলিঙ্গে)] সম্বন্ধসূচক বিভক্তি—'র'। "তেকা ওকা গুণা ন হি, সবি গুণা মেরা রা.স ৩১। [রাজপুত্রিকী কথা—রাজপুত্রীর বিষয়। "ভা.চ ৪৩৬।]

কাআ বি [কায়া > কাআ ; অপ্র] কায়, দেহ। "কাআ তরুবর পঞ্চ বি ডাল চ ১। আপনার কাআ শূ ৩।

কাই বি [তা কাই—vegetable in general ; তু 'কাহ—কারি (তরকারি) ; কাই > কাঁই (তেঁতুল ; কাঁইবিচি—তেতুল বীজ) H.B. 63 ; সং কাথ, কথিত] ১ জলে সিদ্ধ কাদার মত গোধূমচূর্ণ বা তণ্ডুলচূর্ণ। "পুলিপিঠার কাই। ২ মণ্ড, লেই, আঠা। "কেহ কাই গোলে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

কাইট বি [সং কিট্ট] ১ অসার ভাগ ; শিটা, তেলের খলি বা খইল। ২ মল, মলা। [তেলের কাইট বা কা'ট—তেলের নীচে জমাট অসার ভাগ।]

কাইত[১], **কাত** বিং [হি কইত—তরফ। মৈ কাত—পার্শ্ব ; 'কাত' (কথ্যভাষা)] ১ শরীরের পার্শ্বভাগ পাতিয়া বা পাশে ভর দিয়া শয়িত বা অবস্থিত। বিপ 'চিত, উবুড়'। ২ পার্শ্বভাগে হেলা ; একপেশে (শরীরাদি)। বিপ 'সোজা'। "তাহা দেখিয়া ঢোড়া কাইত হইয়া চায় বি.পা ৩০৫। ৩ উলটাইয়া পতিত (কলসী, ভাঁড় ইত্যাদি)। দ্র 'কুপা'। [কাত করে দেওয়া—পাতিত করা, পাড়িয়া ফেলা ; পরাজয় করা। "সে ছোট হ'য়ে হৃদয়ের এক তলায় লুকিয়ে থাকে, তার পরে বড়কে এক মুহূর্ত্তে কাত ক'রে দেয়।—ঘ ৯৫। কাত ক'রে রাখা —দেয়াল-প্রভৃতি খাড়া আধারে পীড়ি ইত্যাদি ঠেস দিয়া খাড়া রাখা। কাত হ'য়ে চলা—পাশে হেলিয়া চলা। বিপ 'সোজা হইয়া চলা'। কাত হ'য়ে শোওয়া—দেহের পার্শ্বে ভর দিয়া শোওয়া। কাত হওয়া— খাড়া দেয়াল-প্রভৃতি হেলিয়া যাওয়া। কাতে কাতে হাত দেওয়া— হাতের পাতা কাত করিয়া উপরি-উপরি স্থাপিত করা। "তাহার উপর হাত দেয় কাতে কাতে কৃ ৪১১।]

কাইত[২], **কাএত, -থ, কায়েত, -থ** বি [সং কায়স্থ ; হি, মৈ কায়স্থ ; য় > ইঅ > ই, এ ; 'কাইত' (অপ্র) ; 'কাথ' (চট্টগ্রাম) —কাথের বুদ্ধি আতে] লেখনবৃত্তি হিন্দুজাতিবিশেষ ; তজ্জাতীয় ব্যক্তি। "সাত কাইতের বুদ্ধি আমার ধরের ভিতর ম.গা ৯ ; ১৭। ছাড়িয়া কলিঙ্গ, কাএতের ভঙ্গ ব.প ৩১৭। কায়েত কিফাতি করে তায় শি ৬৮। কায়েত ধূর্ত্ত নী ৪২।

কাইল[১] ক্রি.বিং [সং কল্যে > প্রা কল্লিং > বা কালি, কাইল, কা'ল, কাল : অপ্র ; হি কল—পরবর্ত্তী কাল, গত দিন ; ঠ কাল—গত দিন ; 'গু কাল—গত ও আগামী দিন] আগামী দিনে ; পর দিনে। "দুখর কথা কাইল…কমু ব.প ৭৫। আইজ মরে কাইল মরে গো.চ ১০ ; কাইলকে ১৫। আসিব কাইল চ.বি.৬০ ; কাইল যাব ১৫৭'। —ইল বি গত বা আগামী দিন। দ্র 'কাল'।

কাইল[২] বিং [কাহিল > °ল ; অপ্র] দুর্ব্বল, অবসন্ন। "হেন করে মোর হিয়া, কাজিরে অস্থানে নিয়া, বুড়া বয়সে করিয়া লই কাইল ম.ম ৬০।

কাউ, কাউআ, -য়া বি [সং কাক ; হি কৌআ ; ঠ কাউ ; কাউ (দো) ; কাও (যশোহর) ; কাউয়া (চট্টগ্রাম, ঢাকা, ময়মনসিং, নাটোর) ; ধ্বন্যাত্মক ; অপ্র] কাক। "শুকান ডালেতে বসি কু বোলয় কাউ ক.চ ১৯৫। কাউআ চিলার নাথান মোশা ভোমরিয়া ব্যাড়ায় গো.চ ২৬৬। বুড়া কাউয়ার মুখে যেন পাকা আম বি.পা ৭০। [কাউফল (সং কাকফল)—ঈষৎ মধুর ও অম্ল গাবের মত ফল ও তাহার গাছ। "ম.ম ৫১। কাউয়ারঙ্গি—কাকবর্ণবিশিষ্ট, নীলাম্বরী। "কাউয়ারঙ্গি সাড়ি গো.চ ১০৫, টীকা। কাউশর ('কাকস্বর'—মূল ?) —কর্কশস্বর (?) সর্পবিশেষ। "ভা.চ ১২৯।]

কাউকে সর্ব্ব [কাহাকেও > কাহাওকে > কাহোকে > কাহুকে > কাউকে ; কথ্যভাষা] কাহাকেও, কোন ব্যক্তিকেও। "আমি বল্লুম, নিজেকে ছাড়া আর কাউকে খাওয়াবার নেই না কি ?—ঘ ২৫২। [কাউর—কাহারও।]

কাউন বি [সং কঙ্গুনী ; 'কাঙ্‌নী' (কথ্যভাষা) ; হি কঁগনী] ১ ধান্যবিশেষ। "যদি বর্ষে ফাগুনে। চিনা কাউন দ্বিগুণে॥—ব.প ১৪। ২ মৎস্যবিশেষ। "বা.ম ১৪৯।

কাউর বি [আ কু.রূহ্—ক্ষত, ঘা] ১ পায়ের দদ্রুজাতীয় চর্ম্মরোগ-বিশেষ। ২ ['কাকরূপ'—মূল ?] গঙ্গাজল বহার ভার বা বাঁক্। তু 'বিহঙ্গিকা'।

কাএ(য়)দা বি [আ কা.এ'দহ্] ১ প্রচলিত ব্যবস্থা ; পদ্ধতি, রীতি। "নবাবের ঘরে৹ কোন্ কায়দায় লোকে দেখা করে ?—কা ১১১। ২ নিয়ম, বিধি, আইন। "না বুঝিয়া কায়দাকানুন, মধু খাও গে অন্ত কানন।—দা ২১১২। ৩ আইনের কড়াকড়ি ; কড়া নিয়ম। "গেলি বুঝি মদনের কায়দা দেখে।—দা ২১৩৩। ৪ আচরণ, শিষ্টাচার, ব্যবহার, চালচলন। "মালতী !…শেখাও কায়দা কা ১০৯। ৫ কৌশল। [কায়দা করা—কৌশলে বশে আনা। কায়দা-কানুন—বিধি-ব্যবস্থা, আইন-কানুন ; আচার-ব্যবহার, চাল-চলন। "শিখলি নে কিছু কায়দা-কানুন ?—কা ১২৬। কায়দায় পাওয়া—বশে বা হাতে পাওয়া। কায়দা হওয়া—নিয়মানুসারে বশে আসা ; দুর্ব্বল বা নিস্তেজ হইয়া পড়া।]

কাএ(য়ে)ম বিং [আ ক.ায়ম্ ; ক.াএ'ম্] ১ স্থির, নির্দ্ধারিত। "বে-আন্দাজ সদর জমা চকচৌকীতে কাএম ও মকরের হয়।—E.P. 76. ২ শক্ত, দৃঢ়, মজবুত, টি'কসই। [কায়েম মোকাম হওয়া—প্রতিনিধি হওয়া। কায়েম রাখা—স্থির বা অপরিবর্ত্তিত রাখা ; ঠিক রাখা।]

কাএমী, কায়(য়ে)মী বিং [দ্র 'কাএম'] ১ দৃঢ়, শক্ত, মজবুত, পাকা। "দীর্ঘদিনের তপস্যাতে কায়মী হ'ল ছাড়াছাড়ি কু কে ২৩। ২ চিরস্থায়ী, পাকা (permanent)। "সে বুড়ী ব্রাহ্মণ-ঠাকুরাণী… মনে করিলেন, তিনি গেলে আর চাকরিটী পাইবেন না, আমি কায়েমী হইব ব.ম্বি ৪০৩।

কাএয়া বি [কায়া > কাইআ > কাএয়া ; অপ্র] কায়। "কাএয়া মাঞা সব ছারি বলে ধরি নিব ম.গা ৬।

কাএর্য্য বি [কার্য্য > কাইর্য্য > °র্য্য ; অপ্র] কার্য্য। "তুমি কোন কাএর্য্য কৈলা ম.গা ১৪।

কাওন বি [কাহন > কাঅন > °ন ; অপ্র] কাহন, ষোল পণ। "সোল কাওন কড়ী গো.চ ২২৭,-২৮। ব.প ৬৭।

কাওয়া বি [আ ক.হ্ৱা] কাফি (coffee)। [কাওয়াগন্ধ—কাফির মত গন্ধ। "ব্যঞ্জনে অধিক মরিচবাটা দিলে কাওয়াগন্ধ ছাড়ে।]

কাওয়াজ, কাওাজ বি [আ ক.বাই'দ্] সামরিক ব্যায়াম ; রণ-কৌশলশিক্ষা, ড্রিল্, পেরেড্ (parade)। "কাওাজে আওাজে গড়ে ঝাড়ে গুলি গোলা বা.দ ১৮৭। বিষম কাওয়াজ, গোলার আওয়াজ। —রঙ্গ ৮৬। বরদা বাবু বাহির হইয়া বন্দুক লইয়া কাওয়াজ করিতে লাগিলেন আ.দু ২১০। দলে দলে সিপাহী কাওয়াজ করিতেছে ব.প্র ৪৫৮।

কাওয়া(আ)লী বি [আ ক.রালী—গান ও বাদন] (গীতশাস্ত্রে) তালবিশেষ। [ইহা হিন্দুস্থানের কারাল জাতির নিকট হইতে গৃহীত হওয়াতেই, 'কাওআলী' নামে উক্ত হইয়াছে। ইহাতে চারিটী অতিহ্রস্ব কিম্বা দুইটি দীর্ঘ মাত্রাবিশিষ্ট চারিটী পদ থাকে এবং প্রত্যেক পদের প্রথম মাত্রায় প্রস্বন ও তালি পড়ে (গী.সূ)।] —ওলি বি [আ ক.রাল—গায়ক] গায়ক, কালোয়াৎ। "নয় শত কাওলি চলে তের শত নড় ম.ম ১৭৩।

কাওরা বি [?] নীচ হিন্দুজাতিবিশেষ। "ব.দ্বি ১৮। [শূকরপালন শিবিকাবহন ইত্যাদি ইহাদের বৃত্তি।]

কাওরাল বি [অপ্র] কানাত, পর্দ্দা, কান্তার। "আগ দেউড়ির ভিতর আন্দর বানাতের কাওরালত ঘিরিল গো.চ ২৪৭।

কাংস্য বিণ [কংস+ঈয় (ছ) 'তদর্থে হিত' অর্থে—কংসীয়+য (যঞ্) বিকারার্থে, 'ঈয়' লোপ, পা ৪.৩.১৬৮] কংসীয়ের বিকার ; কাংস্য-নির্ম্মিত (পাত্রাদি)। "কাংস্যানাং ভাজনানাম্ গো.রা ৪.৫০.৩৩। কাংস্যে ভাজনে মনু ৪.৬৫। °ভাজন (সুশ্রুত)। —স্য ক্লী ১ তাম্র ও বঙ্গের মিশ্রণে জাত ধাতুবিশেষ ; কাঁসা। 'বঙ্গতাম্রভবং কাংস্যম্ শু ৪. ২.৮৯। "মনু ৫.১১৪। °বণিক্—ব.প ৩১৮। কাংস্যাধার ম.পা ৭। ২ কাংস্যনির্ম্মিত পাত্র ; কাংস্যভাজন। "°দোহন রা ১.৭২.২৩। মহা ২.৫৩.৩। ৩ পানপাত্র। "মাঘ ১৫.৮১। ৪ বাদ্যবিশেষ, কাঁসি, কাঁসর। "বাজে কাংস্য করতাল কৃ.উ ২১৯। নিস্বন কাংস্য প্রচুর ম.বি ২৫২। কাংস্য করতাল ম ৭৩৭ ; চ.বি ৪১। ৫ পরিমাণবিশেষ (M.W.)। —স্যক ক্লী [কাংস্য+ক (কন্) স্বার্থে] কাংস্য, কাঁসা। —স্যক পুং কাংস্যকার, কাঁসারি। দ্র 'বণিক্ (১)। [গন্ধবণিক্ হইতে শঙ্খবণিকের স্ত্রীতে কাংস্যকারের উৎপত্তি (পরাশরপদ্ধতি)।] [°স্যকার (পুং)—যে কাঁসার কাজ করে ; কংসকার, কাঁসারি। [°স্যপাত্র (ক্লী)—কাঁসার পাত্র।]

কাঁই, কাঁইবিচি বি [দ্র 'কাই'] তেঁতুলের বীজ।

কাঁইচি, কাঁচি বি [র্ক কইন্‌চি ; হি কাতী, কৈঁচী ; মৈ কৈঁচী ; তু 'তা কুচ্চি—sickle-leaf] দু-পাতার অস্ত্রবিশেষ ; কর্ত্তরীবিশেষ (scissors)।

কাঁইমাই, কেঁইমেই বি [ধ্বন্যাত্মক] দুর্ব্বোধ সানুনাসিক ভাষা। "শুনিয়াছি সে দেশের কাঁইমাই কথা ভা চ ৪৪১।

কাঁউড়, -র বি [সং কামরূপ] কামরূপ দেশ ; তদ্দেশবাসী। "কাঁউর মহলে শ্রী ১৮। কাঁউড় তেলেঙ্গ শ্রী.মা ১৫।

কাঁও(ঙ)ল বি [সং কামল ; হি কামলা] পাণ্ডুরোগ, কামলারোগ (jaundice)।

কাঁক¹ বি [সং কঙ্ক ; হি কাঁক] বকসদৃশ পক্ষিবিশেষ ; শ্বেত চীল (heron)। [ইহার পক্ষ বাণের গোড়ায় লাগায়]

কাঁক², -খ বি [সং কক্ষ >প্রা কক্খ (প্রা.ম) >বা কাখ, -ক ; কাঁখ, -ক ; হি কাঁ(কা)খ ; ঠ কাং(কা)খ ; গু কাখ ; মৈ কাঁখ] ১ কক্ষ, বাহুমূল, বগল। ২ শরীরের পার্শ্বকটির উপরিভাগ ; বগলদাবা। "কাঁখে দশানন কৃ.উ ৬৯। ৩ কটিপার্শ্ব, কোমর, মাজা। "কাঁখে স্বর্ণ-কুম্ভ।—ম ১০০৩। কাঁকে কাঁচা কলসী শ্রী ১০৬। হেতালের বাড়ি দিয়া কাঁক করিল বেঁকা ম.ম ১০৬। শিরে কাঁখে মাংসের পসরা ক.চ ৪৯ ; ধনঘড়া কাঁখে নৈল ৭৩। ৪ কোল। "হাতে কাঁখে পো ক.চ ১১৯। হাতে কাঁকে পো শ্রী.মা।—১৮৬। [কাঁখে-পো 'ঝ'—চবর্গের চতুর্থাক্ষরের বর্ণনা। °তলপি—কাঁখে বহিবার যোগ্য ছোট বোচকা। °তালি, -লী—কক্ষতলবাদ্য, বগলবাজান। "নাচে কাঁখতালী দিয়া ন.প ১৭৩ ; ৩৯৫। °বিরালী ('কক্ষবিদারী'—মূল ? ; হি ককরালী, কঁখৌরী ; অস কাষ্‌বিরলা, -লী) কক্ষব্রণ।]

কাঁক³ সর্ম্ম [কাঁকই > √কাঁক ; তু 'কাকেয়া কাকেয়া'—দ্র 'কাকই'] কাঁকই বা ঝিনুক দিয়া আঁচড়ান ; কাঁকা, চাঁচা। [কাকনী, কাঁকী—কাঁকিয়া বাহির-করা দ্রব্য ; চাঁচী। হাড়ি কাঁকা—হাঁড়ি কাঁকিয়া (চাঁচিয়া) পরিষ্কার করা।]

কাঁক(কু)ই বি [সং কঙ্কতিকা, -তী ; হি কাঙ্গী ; ঠ কাংকই— a shell-fish and its shell ; গু কাথাঈ ; অস কাঁকৈ] চিরুনী (comb)। "রত্ন-কাঁকই ব.প ১২৯৮।

কাঁ(কা)কড়া বি[সং কর্কট >প্রা কক্‌কড, *কংকড >বা কা(কাঁ)কাড়া ; হি কা(কে)কড়া ; ঠ খেংকড, -ডা ; অস কেঁকোরা ; কেঁকড়া (গ্রাম্য) ; তু 'কাথরা' (ম.পা ১১১)] ১ কর্কট (crab)। "ছেলে ছোকরা খুদে কাঁকড়া।—পঞ্চানন্দ। কাকড়া মইচ্ছ গো.চ ৪০। ২ কর্কটা-কৃতি (?) পিষ্টকবিশেষ। "আসিখা কাঁকড়া লাড়ু শ্রী.ম ৭৪। [কাকড়ানি (অপ্র)—স্ত্রীকর্কট। "কাকড়া বলে শোন কাকড়ানি বচন মোর হিয়া গো.চ ৪০। কাঁকড়াবিছা (সং বৃশ্চিক ; হি বিচ্ছু ; ঠ বিংচু)—কাঁকড়ার মত দাড়াওয়ালা বিছা (scorpion)। কাঁকড়ার মাটি—কাঁকড়ার তোলা মাটি।]

কাঁকড়ি, -ড়ী বি [সং কর্কটি, -টী >প্রা কক্‌কডি, -ডী >বা কাকড়ি, -ড়ী, কাঁকড়ি, -ড়ী ; হি ককড়ী ; ঠ কা(কাং)কডী ; মৈ ককডী, কাঁকরি ; ড় কাংকুড়ী ; কাকরুহল (ময়মনসিংহ)] ১ লতা-ফলবিশেষ, কাঁকুড় (cucumber)। ২ ফাটা কাঁকুড় ; ফুটী। "কহিতে কাকুড়ি যেন বুক মোর ফাটে ক.চ ৯৮।

কাঁকন, -নি বি [সং কঙ্কণ >প্রা কংকণ >বা °ণ, °ণি, দ্র 'ই'¹¹ ; হি কংকণ, কগণ, -ন ; ঠ কংকণ, কংগণী, কাংকণ, -ণী ; গু কংগণ, -নী ; ক (কা) ঙ্কাণ (চ. টীকা) ; কাঙ্কণ (শ্রী.কী)] করভূষণবিশেষ, কড়-বিশেষ। "°ণি দা। ১৬৩৩। কেন বাজাও কাঁকণ।—গান ১১৩। কাঁকণ বাজে।—শিশু ৪ ; কাঁকণ দুটি ৪৫। কাঁকণ কারা বাজায় চামর দুলিয়ে রে!—কু.কে ৬৬।

কাঁক(খ)তল, -তলি বি [কাঁক, -খ+তল ; অস কাষ্‌লতি] কক্ষের তলদেশ ; বগলদাবা। "হাথে হাথে বান্ধিয়া চাপিলা কাঁথতলে কৃ ৪৮ ; কাঁখতলি ৬৯ ; কাঁখতলি ৭০ ; ১৩৫ ; কাঁখতলি ২৪৯। দাবে কাঁখতলি ভ.গ্র ৫৯। [কাঁখতলি ছাড়া—হাত তুলিয়া কক্ষতল অনাবৃত করা। কাঁখতলি দাবে—কক্ষতল হাত দিয়া চাপিয়া ধরে।]

কাঁকর বি [সং কর্কর >লি কক্‌কর, প্রা কক্‌কর, *কংকর >বা কা(কাঁ)কর ; হি কংকড়, -র, কাঁকর ; ঠ কংকর] ১ ক্ষুদ্র প্রস্তরখণ্ড ; ঘুটিং প্রভৃতি। ২ [সং কর্কর ; ঠ কাংকর] তবলা খোল প্রভৃতি বাদ্যযন্ত্রের ছাউনীতে বদ্ধ চর্ম্মরজ্জু বা চামড়ার দল ; চর্ম্মরজ্জুমাত্র। [কাঁকরীয়া, -কুরে—কঙ্করমিশ্র (মাটি, দেশ)।]

কাঁকরোল বি [সং কর্কোটক ; হি কংকরোল] ফললতাবিশেষ ও তাহার ফলশাক।

কাঁকলা বি [সং কক্কোল] গন্ধদ্রব্যবিশেষ।

কাঁ(কা)কলাস বি [সং কৃকলাস >প্রা কংকলাস (প্রা.ম) >বা কাঁ° ; তু 'কাকলিস' (বা.ম ৩৩৭)] গিরগিটি। "কাকলাসমূর্ত্তি কার কৃ ২০৬। কাঁ° শ্রী.ম ২০৬। কাকলাস ভা.চ ১২৮।

কাঁকা(কাঁ)ইল, কাঁকাল, -লি, -লী বি ['কক্ষতল'—মূল (?) ;

অস কঁকাল ; কাকাইল (ত্রিপুরা) ; কাঁকুলি, -লী (ম.ম ১০০ ; ১৪৫)] মধ্যদেশ, কটি, কোমর। "লাতি মাইল কাঁকাইল উপরে ম.গা ১৮ ; কাঁকাইলের কাটে হাড় : কাকাইল ১৯। কাঁকাইলে হৈল বাত ক.চ ২৯ ; বাতেতে কাঁকালী বেঁকা ২৫৯। ভরতে দেখিআ রাম তুলিলা কাঁকালি কৃ.অ ২ ; ২৯। ধরিল কাঁকালি কৃ.উ ৬৯। মুষ্টিতে ধরিতে পারি সীতার কাঁকালি কৃ ৫০। কাঁকালে বন্ধন কৈল ম ২৩৯ ; কাঁকালি বান্ধিল ৫৪৭। সরুরা কাঁকালি ব.প ২৯০। কাঁকালি বেড়িয়া বি.পা ৫৮। কাঁকালীখানি ক্ষীণ ব.প ১৩৬০। কাঁকালি বান্ধিয়া চৈ.ভা ২১৪। কাঁকালি অভিরাম ভা.চ ৫৪। [কাঁকাল(লি)জল—কটিপ্রমাণ গভীর জল। "ছিল যে কাঁকালিজল হইল পাথার কৃ ৪১১। কাঁকাল, -লি ধরা—১ কটিবেষ্টনপূর্ব্বক ধরা। "কৃ.উ ৬৯। কৃ ৫০। ২ কাঁকাল অবশ বা অসাড় হওয়া। "হনুমানে অন্ন দিতে ধরিল কাঁকালি কৃ.উ ২৫৯। কাঁকাল, -লি ভাঙ্গা—১ কটিভঙ্গ হওয়া। ২ নৈরাশ্যাদিতে কটি অবসন্ন বা দুর্ব্বল হওয়া ; মাজা-ভাঙ্গা হওয়া। "অদ্বৈত আচার্য্য ঘরে উত্তরিল গিয়া। ভাঙ্গিল কাঁকালি তাঁহা প্রভু না দেখিয়া॥—চৈ.ম ১৫৩। কাঁকালেক—এককাঁকাল, কটিপ্রমাণ। "কাঁকালেক পানী ছিল হইল পাথার কৃ.উ ৪৫।]

কাঁকি(ক)লা বি [সং কঙ্কত্রোট (Esox kamkila) ; অস কঁকিলা] মৎস্যবিশেষ ; গাঙদাড়া মাছ।

কাঁকুড়, -ড়ি, -ড়ী বি ['কাঁকড়ি, -ড়ী'—মূল] দ্রষ্ট 'কাঁকড়ি'। "কাঁকুড়ি যেন খান খান।—ক.চ ১৫। মন্ত্রীর বুদ্ধিটি বার হাত কাঁকুড়ের তের হাত বিচি ন.ত ২৩।

কাঁখ, -তালি ; -কাঁখতল, -লি দ্র 'কাঁক[২] ; কাঁকতল'।

কাঁচ[১] বি [সং কাচ ; হি কাঁচ ; ঠ কাংচ] ১ কাচ। "কাঁচ লাগি কাঞ্চন ছাড়িয়া ভ.গ্র ১২৮। চারু চিন্তামণি কি কখন হয় কাঁচ (শ্রী)। ২ (অপ্র) কাচনির্ম্মিত চুড়ী। "স্ত্রীবেশে কাপড় পিন্ধ হাতে দেহ কাঁচ বি.পা ১৯৪।

কাঁচ[২] বিং [কাঁচা > °চ ; বৈষ্ণবসাহিত্যে] ১ অপক্ক, কাঁচা। "ফলহুঁ ন মিঠই হোয়ত কাঁচ বি.প ৮২। ২ বিশুদ্ধ, খাঁটি। "কাঁচ কনয়া যেহু দেহের বরণ শ্রী.কী ৬৯।

কাঁচ[৩] অর্ম্ম [কাঁচা > কাঁচ ; অস √কেঁচ] ১ কাঁচা হওয়া ; অকুশল হওয়া। ২ পুনর্ব্বার কাঁচা (অল্পবয়স্ক) হওয়া বা বয়স কমান। "তোমার মাগটি কেঁচে অল্পবয়স্ক হয়েছেন লী ২। ৩ নষ্ট হওয়া ; ঘোলা পড়া (ডিম)। ৪ নষ্ট হওয়া ; পণ্ড হওয়া। "সমস্তই যদি এক মুহূর্ত্তে কাঁচিয়া যায়।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। ৫ পূর্ব্বে স্থিরীকৃত বিষয় ভাঙ্গিয়া যাওয়া ; কথা অন্যথা হওয়া। ৬ (খেলায়) ঘুঁটি প্রথমে যে ঘর হইতে বাহির হইয়াছে, পুনর্ব্বার সেই ঘরে উঠা। "পাশার ঘুঁটি কাঁচে। পাকা ঘুঁটি কেঁচে যাওয়া। —চ সর্ম্ম ১ কাঁচা করা ; গরমজবুত করা ; ব্যর্থ করা। "পঞ্চুর বাস্তুভিটার মৌরসি স্বত্ব কাঁচিয়ে দেবার জন্যে ওর জমিদার অনেক চেষ্টা করচে ঘ ১২৭। ২ প্রমাণের অযোগ্য বা অপ্রামাণ্য করা। "বটলর সাহেব…জেরা করিয়া…এজেহার কতক কাঁচিয়া ফেলিলেন আ.দু ৫০। [সং √কঞ্চ—বন্ধন ; হি √কাছ—কষিয়া বাঁধা] আঁটিয়া বাঁধা। "কুচ কাঁচলকো বিফল কাঁচে বি.প ৮০। মাল এল কাঁচিয়া কাপড় বা.ম ২৮৫ ; বিপুলা ইজার পরি কোমর কাঁচিল ৩৫৬। [কেঁচে (কাঁচিয়া) গণ্ডুষ করা—ভোজনের প্রারম্ভে গণ্ডুষ করার নিয়ম হইতে, (গৌণার্থে) কোন বিষয় পুনর্ব্বার গোড়া হইতে আরম্ভ করা।]

কাঁচকড়া বি [কাচ (কচ্ছপ) + কড়া (কটাহ); ঠ কচকড়া—tortoise-shell] ১ কচ্ছপের পৃষ্ঠাস্থি বা খোলা। ২ তিমি মৎস্যের অস্থি (whale-bone)। ৩ (সাদৃশ্যে) রবরজাত দ্রব্যবিশেষ (vulcanite)।

কাঁচ(চা)কলা বি ১ তরকারির কদলীবিশেষ ; আনাজের কলা। ২ হেয়তাসূচক।

কাঁচড়া, -ড়াদাম বি [সং কঞ্চট, -ড়] বন্য শাকবিশেষ (Commelyna Bengalensis)। "কাঁচড়া খুদের জাউ রান্ধিহ যতনে (ক.চ)।

কাঁচঢাল, -লা বি [অস কাঁচ—চীনামাটি] চীনামাটির লেপে রচিত। "চারি চৌরি চতুঃশালা, মাঝে পিণ্ডি কাঁচঢালা ক.চ ৭৯। মাঝে যার কাঞ্চনবরণ কাঁচঢালা শ্রী ৪০। —ঢাল বি কাঁচঢালা গৃহতল (?)। "অন্ধকারে নাহি দেখি বাক্যমাত্র শুনি। কোথা কাঁচঢাল কোথা সোনা রূপা পানি॥—কৃ.উ ৭৬।

কাঁচনি, -নী বি [সং কাঞ্চনী ; তু 'মৈ কাঁচন (কাঞ্চন) ; বৈষ্ণবসাহিত্যে] কাঞ্চনরচিত, হৈম। "কাঁচনি পাঁচনি কার হাতে জ্ঞা ৩৩ ; ৪৭। পাঁচনি কাঁচনি।—ব.প ১১৪৩। —নী বি [কাঁছনি > °নী] বন্ধন, গ্রন্থন, গাঁথনি। "চাচর চুলে সে, ফুলের কাঁচনী ব ১৫০।

কাঁচপোকা বি কীটবিশেষ। "হ ২৪১। [ইহার পশ্চাদ্‌ভাগ কাচের ন্যায় উজ্জ্বল। এই অংশ লইয়া স্ত্রীলোকে টিপ (কাঁচপোকার টিপ) করে।]

কাঁচল, -লি, কাঁচুলি, -লী বি [সং কঞ্চুলিকা, -লী > প্রা কংচুলি > বা কাঁচুলি-লী, -চল, -লি ; হি কঁচুলী, কাঁচু ; ঠ কা (কাং) চোলী ; প, মৈ চোলী ; গু কাংচলী ; কামচুই (ত্রিপুরা); কেছুর্চে (তিব্বতী) ; কোয়াচ্ছু (চীনীয়)] ১ স্ত্রীলোকের বক্ষের আবরণ জামাবিশেষ (bodice)। "কনক কটোরা অতনু কাঁচল উপাম বি.প ১৭ ; কুচ কাঁচলকো বিফল কাঁচে ৮০। বিমল কাঁচলি ব.প ১৩৪৫। বুকে বান্ধা কাঁচলি।—শ্রী ৪০। কাঁচলি বান্ধা বুকের উপর শি ১৬ ; ১০৯। কাঁচুলী শাড়ী ভা.চ ১০৯। উরস কমলে কাঁচলি বাঁধিয়া অ.গু ৭৩। ২ পরিচ্ছদ, জামা (অসাধু প্রয়োগ)। "হৃদয়ে কাঁচলি শিরে ধরি উচ্চ পাগ। অঙ্গদ বলয়া করে সাজে রাজভাগ শ্রী.ম ২৩৪।

কাঁচা[১] বিং [সং কল্য > প্রা কংচা (প্রা.ম), (পৈশাচী) কঞ্জা (প্রা.প্র ১০.১০) বা > কাঁচা ; তু 'হি কচ্চা, কাঁচ্চা ; ঠ কচ্চা ; গু কচ্চু, কাচু ; মৈ কাঁচ, -চে ; অস কেঁচা ; তা 'কায়্'—কাঁচ, 'কচ্চাল' —undeveloped, 'কাঁচ্চল্'—not grown up ; কাচ্যাকালে রাড়ী (কল্যাকালে রাঁড়ী—চট্টগ্রাম) ; কাঞ্চ—"কাঞ্চ হলদি (শ্রী.কী)] ১ কল্যাবয়স্ক, অল্পবয়স্ক। "একাদশীর জ্বলন্ত আগুনে কাঁচা মেয়ে ফেলে বি.বৃ ২২। ২ অপরিণত, তরুণ, অল্প। "যখন, বয়স কাঁচা তখন কথা কাঁচা দা ৫৩৩। ৩ অপরিণত, অপুষ্ট, কচি, ফুলা। "কাঁচা দাড়িম্ব প্রতি ঐছন প্রীত বি প ৭৭। ৪ অপক্ক, আপাকা (unripe)। "পরলা বলিআঁ, ভাজিলোঁ এ কাঁচা গুআ শ্রী.কী ৩০৬। ৫ অপ্রস্ফুটিত, অফুটন্ত। "কাঁচা কমলে ভ্রমর কর ঝাঁপে বি.প ৭৩। ৬ প্রভাতরল, উচ্ছলিতকান্তি। "ঢল ঢল কাঁচা, অঙ্গের লাবণি, অবনী বহিয়া যায়।—গো ৯৮। প.র ১৯। ৭ অমিশ্র, বিশুদ্ধ, খাঁটি। "নাথবাণ কাঁচা কাঞ্চন।—গো ৪৬। কাঁচা মরকত…তনুখানি।— ব.প ১১৩৩ ; কাঁচা সোণা ১৩৬০। কাঁচা কাঞ্চনকাঁতি (প.ক)। কাঁচা সোণা শরীর শ্রী ১৪৩। কাঁচলিতে কাঁচা সোনা কুচ গেল ঢাকা শি ১০৯। রঙ যেন কাঁচা সোণা মা ৩২৪। ৮ যাহা পোড়া নহে ; আপোড়া (ইঁট, শরা, হাঁড়ি)। "কাঁচা শরা ; কাঁচা হাঁড়ি ম.ম ১৬৩। কাঁচা শরায় দিয়া পা, নৃত্য কর বলে পুরন্দর।—বা.ম ১৫৯। কাঁচা কুম্ভ : কাঁচা কলসী শ্রী ১০৬। ৯ আম, অসিদ্ধ (তরকারি, মাংস, জল, রস)। "কাঁচা চালু শি ৭৫। ১০ যাহা ভাজা নহে ; অভৃষ্ট (চিঁড়ে, কলাই, মুগ, ডাল)। ১১ অশুষ্ক, সরস (দেয়াল, চামড়া, ছাল, নখ)। "কাঁচা গুআ শ্রী.কী ৩০৬। কাঁচা মড়া য ২২। ১২ টাটকা, তাজা। "কালরূপা কালী আছে কাঁচা রক্ত খায় শ্রী.মা ১২০। ১৩ যাহা ব্যঞ্জনের সহিত

পাক-করা নহে; অপক্ব, অফুটন্ত (ঘি, তেল)। "কাঁচা তেল মাখা চেলের গুঁড়ি জ্ঞা ১৮। **১৪** অসংশোধিত (চিনি, শোরা, পারা)। **১৫** যাহা অধিক দিন থাকে না, শীঘ্র নষ্ট হয়; অস্থায়ী, গর-মজবুত (কাজ, ছিট, পাড়, রঙ্)। **১৬** অপরিপক্ব, অকুশল, অজ্ঞ। বিপ 'পাকা'। "অঙ্কে কাঁচা। কাঁচা লোক। **১৭** গুণ-দোষ-পরীক্ষায় অসমর্থ; বিচারমূঢ়। "জ্ঞানদাস কহে৹ হিয়ায় কষিয়া লহ৹ কাঁচা নহে কোষ্টি পাষাণ জ্ঞা ১৪৮। **১৮** হিসাবের বহির্ভূত; বেশীর ভাগে প্রাপ্য; উপরি (কড়ি, পয়সা)। **১৯** ঈষৎ ঊন, অর্থাৎ প্রমাণ মাপ হইতে কিছু কম (সের, মণ, ওজন)। **২০** অসার, অর্থাৎ যাহা অধিক দিন টিকে না; হালকা। "অতিবড় কাঁচা লোহা ম.ম ১৭১। **২১** যাহাতে ভুলচুক বা খুঁত আছে; যাহা কাট-ছাট করা যায়; পরিবর্ত্তনীয় (লেখা, মুসাবিদা, খাতা)। **২২** যাহার নড়-চড় হয়; অপ্রামাণিক (কথা)। **২৩** অসম্পূর্ণ, যাহা পূর্ণমাত্রায় নহে। "কাঁচা নিদ্রাভঙ্গ হ'লে সে দিন সংহার কৃ ২৭৮। কাঁচা ঘুমে ঘোর আঁখি শ্রী ৮২। ব.প ৭৯১। কাঁচা ঘুমে জেগে৹ অসুখ করত যদি।—কা '১৯। **২৪** সদ্যো-জাত, সরস। "কোমল শরীর বাছা জিনি কাঁচা ননি।—শ্রী ৬৪। **২৫** অসৌষ্ঠব, বিকৃত, বাঁকা-চুরা (লেখা, অক্ষর, হরপ্)। "কাঁচা আগর চল্‌চে উঠে নেবে প.কা ৬৪। **২৬** যাহা অভ্যাসসিদ্ধ নহে বা কাজ করিতে করিতে কাজে নিপুণ হয় নাই (হাথ)। **২৭** মৃত্তিকা-নির্ম্মিত (দেয়াল, রাস্তা, ঘর)। —চা বি অপরিণত অবস্থাপ্রাপ্ত ফলাদি। "অনেক জিনিষের কাঁচারই আদর। নারিকেলের ডাবই শীতল। এ অধম স্ত্রীজাতিও বুঝি কেবল কাঁচামিঠে?।—ব.দ্বি ৯। [কাঁচা কাঠ—সরস বা অশুষ্ক কাঠ। কাঁচা-খেগো দেবতা—যে দেবতা কাঁচা ভোগ ভালবাসেন; কাঁচা-দুধ-কলা-প্রিয় মনসা। কাঁচা গলা, কাঁচা সুর—বালক-বালিকার কোমল কণ্ঠস্বর; যে সুর যন্ত্রের সহিত সাধা নহে। কাঁচা গাঁথ্‌নি—শিথিল, অর্থাৎ মাটির গাঁথনি। কাঁচা গুঁটি—(খেলায়) যে গুঁটি কেবল ঘর হইতে বাহির হইয়াছে। কাঁচা গুড়—আলো, অর্থাৎ বাজ-না-দেওয়া গুড়। কাঁচা চর—নদীর যে চর স্থায়ী নহে। কাঁচা চুল—কাল চুল। কাঁচা জল—অসিদ্ধ জল। কাঁচা টাকা—নগদ টাকা (নোট নহে); রোক টাকা। কাঁচা নাড়ী—সদ্যঃ-প্রসূতার বা অচিরপ্রসূতার পাকস্থলী। কাঁচা পয়সা—হিসাবের বহির্ভূত পয়সা। কাঁচা পাকা সির্নি—কাঁচা সির্নি পাকা সির্নি—বাতাসা বীর-খণ্ডী ইত্যাদি। "সির্নি কৈল কাঁচা পাকা ভা.চ ৭৩১। কাঁচা পেট —সর্থ 'কাঁচা নাড়ী'। কাঁচা পোয়াতী—কাঁচা ছেলের মা; অচির-প্রসূতা। কাঁচা ফলার—চিঁড়া দই কলা ইত্যাদির ফলার। কাঁচা ফোড়া —যে ফোড়ায় পুঁজ হয় নাই, অর্থাৎ যাহা পাকে নাই। কাঁচা বরফ —যে বরফ কোন দ্রব্যের সহিত মিশ্রিত করা নহে; শুদ্ধ বরফ। কাঁচা-বাড়ী—মাটির ঘর। কাঁচা মাটি—এলো, ফাঁপা বা শিথিল মাটি; তোলা মাটি। কাঁচা মাল—**১** অপেক্ষাকৃত অসার খাদ্য—ভাত ডাল ইত্যাদি। বিপ 'পাকা মাল'। **২** অসংস্কৃত উপকরণ (raw material)। কাঁচা রাস্তা—মাটির রাস্তা। কাঁচা লুন বা নুন—ব্যঞ্জনের সহিত পাক-না-করা লবণ। কাঁচা শর্দ্দি—জলবৎ তরল শ্লেষ্মা। কাঁচা শির্ণী,—কাঁচা দুধ, আটা, রম্ভা ও চিনিতে মিশাইয়া প্রস্তুত শির্ণী। কাঁচা হলদি—অশুষ্ক বা অসিদ্ধ হরিদ্রা। কাঁচা হাত—কর্ম্মে অনভ্যস্ত হস্ত; অপটু লোক।]

কাঁচা[২] সর্ম্ম [√কাঁচ[৩]+আ[৮]] **১** কাঁচা করা; (খেলায়) ঘুঁটি প্রথমে যে ঘর হইতে বাহির হয়, পুনর্ব্বার সেই ঘরে আনা; (গৌণার্থে) কোন বিষয় প্রায়সিদ্ধ অবস্থা হইতে পুনর্ব্বার অসিদ্ধ অবস্থায় আনা; পরিণতির মুখে অপূর্ণতা পাওয়ান বা পণ্ড করা। "পাকা ঘুটী নাহক পার কাঁচাতে দা ১১৬। **২** অপ্রামাণিক বা প্রমাণের অযোগ্য করা। "বট্‌লর্ সাহেব ...এজেহার কতক কাঁচিয়া (অর্থাৎ কাঁচাইয়া) ফেলিলেন। এমত কাঁচান আশ্চর্য্য নহে।—আ.চু ৫০। **৩** অকুশল করা; নষ্ট বা পণ্ড করা ইত্যাদি। দ্র '√কাঁচ[৩]'। [কাঁচান—কাঁচা করা।]

কাঁচাখেউড় বি অত্যন্ত অশ্লীল ভাষায় রচিত গীতবিশেষ। দ্র 'খেউড়'। "বিরহের পর চাপা কাঁচাখেউড়; তাতেই হার জিতের বন্দোবস্ত হু ৪৮।

কাঁচাগোল্লা বি নরম পাকের রসা-রসা সন্দেশবিশেষ।

কাঁচামিটা, -মিঠা, -মিঠে বিং যাহা কাঁচায় মিষ্ট; অপরিণত অবস্থায় বা বয়সে সুখকর; কাঁচায় ভাল। "নারিকেলের ডাবই শীতল। এ অধম স্ত্রীজাতিও কেবল কাঁচামিঠে?—ব.দ্বি ৯। —টা, -ঠা, -ঠে বি কাঁচায় মিষ্ট আম্রবিশেষ। "ছোটটী গোলাপজাম মেজো কাঁচা-মিটা আম (চন্দন)। কতকগুলি আম কাঁচামিঠে আছে—পাক্‌লে পানশে ব.প্র ৫৮১।

কাঁচারাঁড়ি, -রাঁড়ী, -রাণ্ডী বি কন্যাবয়সে (অল্পবয়সে) বিধবা; বাল-বিধবা। "ম.ম ১৯৬; ২০৫। "শোকে মরে কাঁচারাঁড়ী, তাহার সঙ্গে চাতুরী বা.ম ৩৬৫। আমাকে দিবেক গালি কাঁচারাঁড়ি হৈয়া বি.পা ৩১৪; কাঁচারাঁড়ী করিয়াছে ৩৫৩। বিয়ার রাত্রে ম'ল স্বামী হৈল কাঁচারাণ্ডী ম.ম ১৯৮; কাঁচারাঁড়ী ব'লে মোরে কেবা দিল গালি ১৯৯।

কাঁচাসাধ বি অপূর্ণ গর্ভবতীর দোহদ বা অভিলষিত খাদ্য।

কাঁচি[১] বিং [কাঁচা+ই[১১]; হি কচ্চী (স্ত্রীলিঙ্গ); দ্র 'কাঁচা'] **১** প্রামাণিক মাপ অপেক্ষা কিছু-কম (ওজন)। [কাঁচিধুতি—প্রমাণধুতি অপেক্ষা ছোট মোটাসুতার ধুতি।]

কাঁচি[২] বি [সং কাঞ্চি, -ঞ্চী > প্রা কংচি, -চী (প্রা.ম) > বা কাঁচি, -চী; হি কাংচী] **১** গুঞ্জা, কুঁচ্। "কাঁচি দিয়া কৈল মান ক.চ ৭৪। **২** মুড়ি-প্রভৃতির ক্ষুদ্রাংশ বা কুচি (দিনাজপুর)।

কাঁচি[৩] বি **১** দ্র 'কাঁইচি'। **২** কাস্তিয়া, কাস্তে, কাচি। "চান্দরে আনিয়া দিল একখানি কাঁচি ম.ম ১৫০।

কাঁচুয়া বি [সং কঞ্চুক > প্রা কংচুঅ (প্রা.ম) > বা °য়া; বৈষ্ণব-সাহিত্যে] কাঁচুলি। "কাঁচুয়া ধরব যব হঠিয়া বি.প ২০৭। কাঁচুয়া ফাড়িয়া, সে রস লুটিয়া, পরাণ লইল পিয়া গো ১৭৬।

কাঁচুলি, -লী দ্র 'কাঁচল'।

কাঁচ্চা [সং 'কক্ষা'—মূল (?)] ছটাকের চতুর্থাংশ; পাঁচসিকা-পরিমাণ।

কাঁছনি বি [√কাছ > কাছন > °নি; বৈষ্ণবসাহিত্যে] বন্ধন, বাঁধন। "নানা ফুলে চাঁচর চুলে চূড়ার কাঁছনি ব ১৫৮।

কাঁজি, -জী বি [সং কাঞ্জিক, -ঞ্জী > প্রা কংজিঅ (প্রা.ম), *কংজী > বা °জি, -জী; হি কাঁজি; ঠ কাংজী; P. canja; E. congee, conjee (rice-preparation)—Campos] পর্য্যষিত অন্নের অম্ল জল; বহুদিনের অত্যন্ত টক আমানি। "পাঁচ মাসে কাঁজি কর‌্‌লায় যায় মন।—ক.চ। অবশেষে বড় শরা ভরে দিল কাঁজী ব.প ৩৫৬।

কাঁজিলাল, কাঞ্জিলাল বি ['কাঞ্জিলাল'—মূল] বাৎস্যগোত্রীয় রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি; তদুপাধিধারী ব্রাহ্মণ। "কাঁজিলাল ব.প ৩১৫। কাঞ্জিলাল ক.চ ৮৬। [ইঁহাদের পূর্ব্বপুরুষ ছান্দড়ের পুত্র শ্রীধর, কাঞ্জিলাল (কাঞ্জিবিল্লী) গ্রামে বাস করিয়াছিলেন। তদনুসারে ঐরূপ উপাধি (সম্বন্ধনির্ণয়)।]

কাঁ(কোঁ)ট বি ['কণ্টক'—মূল; মৈ কাঁট—কণ্টক] যোনিদ্বারের উপরিস্থ কণ্টকতুল্য সূক্ষ্মাগ্র মাংসপিণ্ড; ভগাঙ্কুর (clitoris)।

কাঁটা বি [সং কণ্টক > প্রা *কংটঅ, কংটয় (প্রা.ম) > কাঁটা; হি কাঁট, -টা; ঠ কাংটা, কাটা; মৈ কাঁট; অস কাঁইট] **১** কণ্টক। "মৃণালে গড়িল ভুজ কাঁটা ফেলাইলা ভা.চ ২৯৬। কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে?—স.প ৮৮। এমন লক্ষ্মীর পায়ে৹ আমি সতিনীর

কাঁটা, ফুটলি যে, তায় জ্ঞান ভারি।—ন ৯৬৮। চেয়ে নিতে তোর মুখে ফোটে কাঁটা কা ৯৮। বাবলার কাঁটা ব.দ্বি ২১। **২** মৎস্যের সূক্ষ্মাস্থি বা অস্থিমাত্র। "মাছের কাঁটা পায় ফুটেছে দোলায় চ'ড়ে যাই।—ঘুমপাড়ান গান। **৩** অঙ্কুর। "কুশ-কাঁটা কৃ ৯৯। **৪** লৌহমানদণ্ডের মধ্যস্থ ঊর্দ্ধমুখ কণ্টকবৎ পদার্থ (the tongue of a balance)। **৫** লৌহময় মানদণ্ড (the balance having a tongue)। "কয়ালের কাঁটা ব.প ১৩৮২। **৬** (লক্ষণায়) মানদণ্ডের ধট বা পাল্লা। "কাঁটায় চড়ায় যে ঠাকুর আর সোণা ভ.গ্র ২৩৮। **৭** ঘড়ির কালসূচক সূচি। "কাঁটায় কাঁটায় বারটা। **৮** মাছের কানকুয়ার নিকটে দুই পার্শ্বের সূক্ষ্মাগ্র অস্থি। "শিঙী মাছে কাঁটা হানে বা মারে। **৯** কণ্টকবৎ সূক্ষ্মাগ্রবস্তুমাত্র। °চামচ, °ঝাঁপ, °লাগাম। শজারুর কাঁটা ক.চ ১৩৭। **১০** রোমাঞ্চ, পুলক। "শুনে তোমার গায়ে দেবে কাঁটা।—শি ৪৩। অভিমানে গা শিউরে কাঁটা।—দা ২০৬২। কাঁটা দিয়া উঠে মাথার চুল স্ব.প্র ৯৩। গায়ে কাঁটা দেয়!—গি.দ্বি ১১৫। শরীরে কাঁটা দিয়ে উঠল ঘ ৩১। **১১** শত্রু, দুশমন; বিঘ্ন, অন্তরায়, প্রতিবন্ধক। "লঙ্কা লঞা রাজ্য করহ নাহি কোন কাঁটা কৃ.উ ৩১। ননদী কাঁটা চ.সা ১২২। গুরুজন কাঁটা ব.প ৯১৮। ঘুচাব পথের কাঁটা শ্রী ৯১; ১০০। **১২** পীড়াজনক বস্তুমাত্র; ব্যথা, বেদনা। "সেদিন থেকে মঞ্জুলিকার বুক, প্রতিপলের গোপন কাঁটায় হ'ল রক্তে মাখা প.কা ৩৪। **১৩** অবরোধক বস্তু। "জামাতা করিব তারে, কাঁটা দিব যমদ্বারে ব.প ৯৩৬। তব দ্বারে পুতিলাম কাঁটা ক.চ ৩০। ও পথে আপনি দিনু কাঁটা শ্রী ২৩। দিয়াছি দুকুলে কাঁটা শ্রী.মা ১৬৭; ঢেকুড়ে পড়িল কাঁটা ১৭৪। **১৪** কলঙ্ক। "কুলবতী হয়ে যায় কুলে দিয়া কাঁটা শ্রী.মা ৮৬। **১৫** কুক্কুর-প্রভৃতির কণ্ঠরোগবিশেষ। **১৬** অশ্বারোহীর গোড়ালীতে সংলগ্ন লৌহকণ্টক (spur)। **১৭** চড়কে সন্ন্যাসীর (চড়কীর) ব্যবহার্য্য লৌহকণ্টকবিশেষ। "চড়কীর পিঠ সড়সড় কচ্চে, কামারেরা…কাঁটা ও বঁটি প্রস্তুত কচ্চে হু ১। **১৮** খোপার লৌহসূচী বা লোহার গুঁজি। **১৯** ইউরোপীয় প্রথায় মাংসাদি খাওয়ার জন্য ব্যবহার্য্য কণ্টকাগ্র চামচ; কাঁটাচামচ। **২০** জিহ্বায় বা শরীরে জাত রোগ হেতু খরস্পর্শ চর্ম্ম। "জাড়°, পদ্ম°। **২১** সূক্ষ্মাগ্র লৌহকীলক। "জুতার কাঁটা; তক্তা জোড়ার কাঁটা। **২২** কণ্টকবৃক্ষ ও তাহার শাখা। "রৌদ্রে কাঁটাকুটায় রান্ধে।—খনা। [কাঁটা-আথরীয়া বা কাঁটা-আখুরে—পাঠশালে শিশুর প্রথম অক্ষর লেখা শিখিবার নিমিত্ত লোহার কাঁটায় অঙ্কিত বা বাজবরুনের আঠায় লিখিত অক্ষরের তালপত্র। °কচু—কাঁটাযুক্ত জলজাত কচুর জাতিবিশেষ (Lasia helerophylla)। °নটিয়া—কণ্টকযুক্ত নটিয়াশাকবিশেষ। °বন—কণ্টকময় স্থান; কাঁটার জঙ্গল; (গৌণার্থে) নানামতসঙ্কুল শাস্ত্রবিধি। "গ্রন্থ শাস্ত্রে যে সব সে সব কাঁটাবন। তত্ত্বস্তু বাদরায়ণে প্রমাণলিখন॥—ভা.চ ৩২৬। °বাঁশ (দ্র মুলীবাঁশ)—কাঁটাযুক্ত ক্ষুদ্র বাঁশবিশেষ (Bambusa arundinacea)। কাঁটাল (অস কংটল)—কাঁটাযুক্ত, কণ্টকময় (মাছ)। °সিজ—কাঁটাযুক্ত সিজবিশেষ; তে-শিরা সিজ; বাজবরুন। কাঁটা করা—কাঁটায় ওজন করা। দ্র 'কাঁটা(৫)। কাঁটা-কাঁটা—ঈষৎ খরস্পর্শ; কর্কশ। কাঁটা দিয়া কাঁটা বাহির করা—শরীরে বিদ্ধ কণ্টক কণ্টক দ্বারা বাহির করার ন্যায়, শত্রু দ্বারা শত্রু নিপাত করা। গায় কাঁটা দেওয়া—শরীর কণ্টকিত হওয়া বা শিহরিয়া উঠা। (পথে) কাঁটা দেওয়া—**১** পথ রোধ করা। **২** মনোমালিন্যাদি হেতু যাতায়াত বন্ধ করা। দ্র 'কাঁটা (১২)। (পথে) কাঁটা পড়া—পথ রুদ্ধ হওয়া। "সৎপথে পড়িবে কাঁটা শ্রী ২৬৩। (জল) কাঁটা-ভাঙা করা—জল অল্প গরম করা, যেন গায়ে লাগিলে, গা শিহরিয়া না উঠে। কাঁটায় কাঁটায় দশটা—ঘড়ির দুই কাঁটা-অনুসারে, অর্থাৎ ঠিক দশটা।]

কাঁটাকুটা, -টো **১** বি কাঁটা ও খড়; কাঁটা-আবর্জ্জনা প্রভৃতি; জঞ্জাল। "ধুলা কাঁটা-কুটা দিয়া ঢাকিয়া রাখিলা ভ.গ্র ২২৬। **২** জঞ্জালস্বরূপ, বিঘ্ন, অন্তরায়। "অরি হয় নারীর পথের কাঁটাকুটো শ্রী ২৫। —কুটি বি **১** কাঁটা ও তাদৃশ বস্তু; কাঁটাখোঁচা। **২** মাছের কাঁটা তেল চোকলা প্রভৃতি। "কাঁটাকুঁটি দিয়ে চচ্চড়ি করা। —কুড় বি ['কণ্টক-কূট'—মূল] কণ্টকরাশি; কণ্টকময় স্থান। [কাঁটাকুড় মাছ—কণ্টকপ্রচুর মৎস্য; ইলিশ, ফলুই ইত্যাদি।]

কাঁটাখোঁচা বি [কাঁটা+খোঁচা] **১** কণ্টক ও তৎসদৃশ সূক্ষ্মাগ্র দ্রব্য; কাঁটা-কুটি; বাধা-বিঘ্নমাত্র। "কাঁটাখোঁচা ভাঙ্গি রাজা ঊর্দ্ধশ্বাসে ধায় কৃ ১০৩। "কাঁটাখোঁচা না মানে শ্রী.ম ২১। জ ৮২। **২** ইন্ধনার্থ কাঁটা-কুটি। "কাঁটা-খোঁচা ভাঙ্গি অগ্নি জ্বালি চতুর্ভিতে ক.চ ১৬৫।

কাঁটাচামচ, -চে বি মাংসাদি বিঁধিয়া তুলিয়া খাওয়ার নিমিত্ত অগ্রভাগে কণ্টকযুক্ত চামচবিশেষ (fork); কাঁটা ও চামচ (fork and spoon)। "যাঁহারা সাহেব হইয়াছেন,…ফয়জু খানসামার হাতের পাক, কাঁটাচামচে ধরিয়া খাইতে শিখিয়াছেন ব.প্র ৫৮৩। আহারে কাঁটাচামচে-ধারী ব.দ্বি ৬১১।

কাঁটাঝাঁপ বি কাঁটার উপরে ঝাঁপ; চড়কে গাজনতলায় বাঁশের ভারা হইতে চড়কীর লৌহকণ্টকের উপরে ঝাঁপ দিয়া পড়া। "কাঁটাঝাঁপের বাজনা বাজে কু.কে ১৭৩। আজ বৈকালে কাঁটাঝাঁপ হু ২।

কাঁটাঝোড়, -ঝোপ বি কাঁটাগাছের রাশি; কাঁটাবন। "কাঁটা-ঝোড়ে পীতাম্বর-বসন পাইবে ভ.গ্র ৩০২।

কাঁটা(ঠা)ল, কাঠাল, কাঠোয়াল বি [সং কণ্টকফল > প্রা * কংটঅহল (তু 'মুত্তাহল'); হি কংটহর, -হল; কাডল (ময়মনসিং); কাটোল (চট্টগ্রাম); কাঠোয়াল (জলপাইগুড়ি); অস কঁঠাল; কাণ্ঠোআল (শ্রী.কী)] পনসবৃক্ষ; পনসফল। "সুপক্ব কাঁঠাল ঃ কাঁঠাল-তস্কর ভ.গ্র ৩০২। নারঙ্গ কাঁঠাল চৈ.চ ১৬৭। আম কাঠোয়াল ঃ আম কাঠাল গো.বি ৫৬। কাঁঠাল, যার ফলে স্বর্ণকণা শোভে শত শত।—মা ১২৭। [কাঁটালকুশী—কৈজাতীয় মৎস্যবিশেষ; আবরোমাছ। কাঁটালীকলা—সবীজ সুমিষ্ট কদলীবিশেষ। কাঁটালী-চাঁপা—কাঁটালের গন্ধবিশিষ্ট চম্পকপুষ্পবিশেষ। কাঁটালে বসন্ত—বসন্তরোগবিশেষ। কাঁটালের আমসত্ত—আম্ররসেই আমসত্ত্ব হয়; সোনার পাথরবাটীর মত কাঁটালের আমসত্ত্ব অসম্ভব; (গৌণার্থে) অর্থতঃ স্বতোবিরোধী বাক্য। "না বুঝে পরমতত্ত্ব, কাঁটালের আমসত্ত্ব, মেয়ে হয়ে ধেনু কি চরায় রে।—আজু গোস্বামী।]

কাঁটি, -টী, কাঁঠি, -ঠী বি [সং কণ্ঠিকা, -ষ্ঠী > প্রা কংঠিআ (প্রা.ম), *কংঠী > কাঁঠি, -ঠী, -টি, -টী; হি, ঠ কংঠী] **১** তুলসীকাষ্ঠাদির বা পদ্মবীজাদির মালা; বৈষ্ণবের কণ্ঠমালা। "গলায় তুলসীর কাঁঠি ক.চ ৮৭। **২** স্বর্ণ মুক্তা মাণিক্য রুদ্রাক্ষ প্রভৃতির গুলিকা দ্বারা রচিত কণ্ঠাভরণবিশেষ; কণ্ঠমালা। "গলাতে নির্ম্মিত মণিমাণিক্যের কাঁটি।—কৃ ৭০। গলা-ভরা কাঁটী ক.চ ১৬৭; গলায় সুবর্ণকাঁঠী ২১২। গলায় রতন হার কাঁটি শ্রী.ম ১২৮; শ্রী ১২৮। গলে শোভে হেমকাঁঠি জ্ঞা ৩৪। **৩** (সাদৃশ্যে) চন্দনার গলবেষ্টনী পক্ষময় কৃষ্ণবর্ণ রেখা। **৪** সর্পের গলরেখা। **৫** কষ্ঠীর গুলিকা (bead)। "ডাগর রসের কাঁঠি গাঁথ্যা পরে গলে ব.প ২৭৯। **৬** জালের প্রান্তে বদ্ধ সচ্ছিদ্র লৌহগুলিকা। "গলায় জালের কাঁঠি ক.চ ৪৬। জালের কাঁঠি…ছড়িয়ে পড়ে ছত্রাকার কু.কে ১৫৩।

কাঁঠাল; কাঁঠি, -ঠী দ্র 'কাঁটাল; কাঁটি'।

কাঁড় বি [সং কাণ্ড > প্রা কংড > °ড়] **১** বাণ, তীর। "পাতন কাঁড় ক.চ ৪৭; ৯৪; চৌখুণ্ডিয়া কাঁড় ৯৬। বিষ কাঁড় শ্রী ২২৫। চোয়াড়ে লোফে কাঁড় ভা.চ ৪৫৯। **২** বৃক্ষকাণ্ডের লম্বালম্বি-চেরা টুকরা; কাঁড়ি। "তাল°। **৩** দণ্ড, লাঠি।

কাঁড়া[১] বি [°ড়+আ[১৩]; কাইড়া (ঢাকা)] বংশকাণ্ডের এক পর্ব্বে (এক পাবে) রচিত তৈলপাত্রবিশেষ বা চোঙা। "তেলের কাঁড়া। [°দাস (সাদৃশ্যে)—হৃষ্টপুষ্টাঙ্গ বলিষ্ঠ লোক।]

কাঁড়া[২] বিং [√কাঁড়া+আ; সং কণ্ডিত >প্রা কংডিঅ] নিস্তুষীকৃত, কাঁড়ান, ছাঁটা। [ভিক্ষার চা'ল, কাঁড়া আর আকাঁড়া—(গৌণার্থে) প্রার্থনালব্ধ বস্তুর ভাল মন্দ নাই; ভিক্ষায় যা হয়, তাই ভাল।]

কাঁড়া[৩] সর্ম্ম [সং √কণ্ড্ (চু); হি √কাঁড়; ঠ √কাণ্ড; তু 'কডংত'—মুষল (দেশী ২.৫৬)] নিস্তুষ করা, অর্থাৎ তুষ হইতে চাউল বাহির করা; ভানা, ছাঁটা, কাঁড়ান। [চাল কাঁড়ানো—মুষলাঘাতে তণ্ডুল হইতে কুঁড়া পৃথক্ করা; চা'ল ছাঁটা।]

কাঁড়ান বি [কাঁড়া[৩]+অন; সং কণ্ডন] ১ সর্থ 'কাঁড়া[৩]'। ২ [সং কর্ষণ >প্রা কড়ঢণ >বা (কাড়ন) °ন; কাড়ান (বীরভূম)] ধান্য-রোপণের পূর্ব্বে আষাঢ়ের চাষ; রোপার চাষ। "কাড়ানের কালে আসি করিলেক ভঙ্গ শি ৭৯।

কাঁড়া(ঢ়া)র বি [কাণ্ডা(ঢ়া)র >°র] ১ কর্ণ, হাইল। "ভয়ঙ্কর অন্ধকারে, চাক-ভাউরি ফিরে, কাঁড়ার রাখন নাহি যায় ব.প ২৪৭। আপনেই ধরিলোঁ কাঁঢার শ্রী.কী ১৪৮। ২ নৌকার যে ভাগে হাইল বাঁধা থাকে; কাণ্ডারীর স্থান (নৌকার পশ্চাদ্‌ভাগ)। "যথা তথা ভরা লৈলে, মনসা চক্রান্ত কৈলে, সাগরে যে কাঁড়ার না ডুবে ব.প ২২০।

কাঁড়ারী বি [কাণ্ডারী >°রী] কর্ণধার, নাবিক, মাঝী। "দুলাহ কাঁড়ারী ব.প ২৪৪। কখন যেটেল কখন কাঁড়ারী ভা চ ৩৪৭। কাঁড়ারী ভাঁড়ারী রাঁধনী বামন। যশ পায় না এই ক'জন॥—প্রবচন।

কাঁড়ি বি [কাঁড়+ই[১১]] ১ সমূহ, রাশি। "সুমিষ্টান্ন কাঁড়ি কাঁড়ি।—কৃ ৭৫। ২ [হি কাঁড়ী] বৃক্ষকাণ্ড হইতে প্রস্তুত দণ্ডবৎ কাষ্ঠখণ্ড; ঘরের সাজ তালের দীর্ঘ সারাংশ বা তাল-কাঁড়ি। "তালর কাঁড়ি লাগে গুআর বাখারি শূ ৫৮। দিগ্‌গজ ছ'হাত, যেন তালের কাঁড়ি খাড়া।—হেম ৩৭৯। ৩ হস্তের দীর্ঘ অস্থিখণ্ড। ৪ তবলা-প্রভৃতির খোল। "তবলার, ঢোলের, পাখোয়াজের কাঁড়ি। ৫ গোরুর খাদ্য পল্ বা পলের রা'শ (দিনাজপুর, মালদহ)। [হাতের কাঁড়ি—কাণ্ডসদৃশ হস্তের উপরিভাগ; উপর হাত।]

কাঁ(কা)তার বি [আ ক.তার্; কাতারি (যশোহর); কা(তা)তার (কোচবিহার)] শ্রেণী, সারি। "সম্মুখে সেফাই সব কাতার কাতার ভা.চ ৪১১। পদাতিক-ব্রজ,...আইল কাতারে মে ২৪; পদাতিক কাতারে কাতারে ৩০৮। কাতারে কাতারে সেনা প্রবেশিল মা ১৪৬। [কাতারে কাতারে—১ শ্রেণীবদ্ধভাবে, সারিসারি। ২ ভারে ভারে (অসাধু)। "আন ভাল ভাল বস্তু কাতারে কাতারে ম ৩০৩।]

কাঁতি[১] বি [সং কান্তি >প্রা কংতি > বা °তি; কাঁতী (শ্রী কী); হি কাংতি; বৈষ্ণবসাহিত্যে] ১ কান্তি, শোভা, শ্রী, ছবি। "কলেবর কমল কাঁতি জিনি বি.প ১৫৫। দশন কাঁতি চ.দা ২১। আলক পাঁতি কাঁতি শ্রী.কী ১২। নবীনজলদকাঁতি ক.চ ৮; দেবতা সমান কাঁতি ৬৬। নব জলধর জিনি কাঁতি।—গো ৯৮। অসিত সুকাঁতি ন.প ১৪১। কাম কাঁতি চৈ.ম২৫। কাঞ্চন কাঁতি কলেবর ব ১৫; ১৭৬। ২ দীপ্তি, প্রভা, কিরণ। "দিনমণি কাঁতি গো ৭৪। তারাপতি কাঁতি মলিন রা.শে ১২৮। —তিয়া বি [সং কান্তিক > প্রা * কংতিঅ >বা °য়া; বৈষ্ণবসাহিত্যে] ১ সর্থ 'কাঁতি[১](১)'। "কুন্দ, কনক কাঁতিয়া।—গো ২৮। কনকরুচির কাঁতিয়া ব ২৭। ২ কিরণ, কর। "বিধু নিরমল কাঁতিয়া ব ১১২; প.র ৩৯।

কাঁতি[২], **কাতি, -তী** বি [সং কর্ত্রিকা, -র্ত্রী >প্রা* কত্তিআ, -ত্তী >বা কাতি, -তী, কাঁতি; হি কত্তী, কাতী; ঠ কত্তী (Canarese)] ১ ক্ষুদ্র অসি; ছোট তলবার; কাতান, কাটারি। "পরাণ তেজিতাঙ আমি কাঁতি দিয়া গলে ব.প ৫৭১। কাতি লয়ে গলে দু ৫০। কুপিয়া ধরে কাতি শ্রী ৯৮। গলে দেই কাতি ম ৪০৯। গলে দিয়া কাতি বা.ম ২৮; গলে দিব কাতি ২৫৩; ২৮২। নরসিং কাতি ম.ম ১৯৪। কাতি বি.পা ৩০৩; ৩১০। খরসান কাতি চৈ.ভা ৩০৭। খড়্গ কাতি ভা.চ ৩২; ৩৭২। ২ খড়্গ, খাঁড়া। "কাতি ধরে হাতে শ্রী.মা ২৫; খরশান কাতি ২৮। কাতি খাপর মারে চ.বি ৮৭। কাতি-কর্পর হাতে ভা.চ ১০৫; কাতি-মুণ্ডধারিকে ৪২৭। ৩ তলবার, অসি। "শত শত সেনাপতি, হাথে করি ঢাল কাতি, আছে তার আওআস বেষ্টিত।—ক.চ ৯৩। ৪ ক্ষুর। "নাপিত নিবসে তথি, কক্ষতলে করি কাতি ক.চ ৮৯। ৫ শাখের করাত। ৬ রসের জন্য খেজুরগাছ কাটার দা (দিনাজপুর)। ৭ কাস্তে (মেদিনীপুর)। ৮ জাঁতি (ওড়িয়া)।

কাঁথ, -থি, [সং কন্থা >প্রা কংথা >বা (কাঁথা) কাঁথ, -থি] ভিত্তি, দেয়াল, পাঁচীল। "কাঁথ ভাঙ্গি যাই যদি দেহ অনুমতি ক.চ ১০৫; কাঁথে দিল বসুধারা ১২৩; চারি পাট কাঁথ গলে ১৮৫। কাঁথে পরিমাণ আঁকে শ্রী ৪৬; কাঁথি-আড়ে ২১৮। কাঁথেতে জ ২৮। —থি বি (সাদৃশ্যে) নদীর উচ্চতীর।

কাঁথা বি [দ্র 'কাঁথ'; হি কথড়ী, কাংথরি; কেঁথা (গ্রাম্য); কেথা, ক্যাঁথা (গো.চ ১৮০; ৪৩৩); খাঁতা (ম.পা ২৬; ২৭)] সেলাই-করা জীর্ণবস্ত্রাদির আস্তরণবিশেষ; কন্থা। "ম ৩৯৯। ছেঁড়া কাঁথা পরিধান ম.ভা ১১। ভা.চ ১০২।

কাঁদ[১], **-ধ** বি [সং স্কন্ধ >লি গন্ধ; প্রা কংধ, গংধ (প্রা.ম) >বা কাঁধ, -দ; হি কংধা, কাঁধ; ঠ খান্দা; মৈ কান্হ; গু কাং(খাং)ধ; প কন্ধা; ড় কাংধ; সি কন্ধু; সিংহলী—কন্দ; অস কান্ধ, কান্; কান্ধ(চ)] ১ গলের উভয়পার্শ্বস্থ বহনযোগ্য দেহভাগ; অংস (shoulder)। "গয়লারা দুধের হাঁড়া কাঁদে ক'রে দোকানে যাচ্চে হু ৩৪। কাঁদে বাড়ি বলরাম ৭৪। ২ বৃক্ষকাণ্ডের শাখানির্গমন ভাগ। তু 'কাঁদী[১]'। [°কাঠ, °কেঠে (হি কাংধিয়া)—যাহারা শব ও শবদাহার্থ কাঠ-কাঁধে করিয়া শ্মশানে যায়; শববাহক। কাঁধ দেওয়া—১ কাঁধে লওয়া। ২ কোন বিষয়ের ভার লওয়া; সাহায্য করা। কাঁধ পাতা—১ ভারগ্রহণের জন্য কাঁধ প্রস্তুত করা। ২ বিপদে আশ্রয় হওয়া। কাঁধ বদলান—(ভার) এক কাঁধ হইতে অন্য কাঁধে লওয়া। কাঁধাকাঁধি করিয়া লওয়া—পর্য্যায়ানুসারে কাঁধ বদলাইয়া (ভার) বহন করা। কাঁধে-বাড়ি 'ধ'—'ধ' এই অক্ষরের বর্ণনা।]

কাঁদ[২] অর্ম্ম [সং √ক্রন্দ্ >লি √কন্দ; প্রা √কংদ >বা √কাঁদ; হি √কাঁদ; মৈ √কান] ১ ক্রন্দন করা; কাঁদা। "সখিগণ কাঁদে শ্রী.কী ২৮৪। (দেবী) কাঁদন্তি বিস্তর ম বি ২৫১। কাঁদেন রাঘববাঞ্ছা মে ১১১। ২ কাতর বা ব্যথিত হওয়া। "আপনি আশীষ কর প্রাণ যদি কাঁদে শি ২২। কুলদেবতামন কাঁদে গো ৮৩। ৩ দুর্নিমিত্তসূচক কাতর রব করা। "আকুল হইয়া বড় গ্রামসিংহ কাঁদে ম ৮৪২, টীকা। ৪ বিলাপ করা। "'পাইনি' 'পাইনি' বলে আর কাঁদিব না স.স্ব ২৬। ৫ করুণ সুরে প্রকাশ পাওয়া। "মনে হয় কার মনের বেদন কেঁদে বেড়ায় বাঁশির তানে।—গান ১৪৫। —দা[২] সর্ম্ম [°দ+আ[৮]] ক্রন্দন করান; বিলাপ করান; পীড়িত করা; ব্যথিত করা। "আরে রে গোপাল, দেছ প্রেম বড় কাঁদাইয়ে গি.দ্বি ১৩৮। [কাঁদ-কাঁদ, কাঁদো-কাঁদো—যাহার কাঁদার মত ভাব; বাষ্পগদ্‌গদকণ্ঠ। "কাঁদো-কাঁদো হয়্যে এল কমল-বয়ান স্ব.প্র ১৪৫। কাঁদ-কাঁদ হইয়া বলিল, তুই... আমার কাছ থেকে উঠিয়া যা ব.প্র ২৯০। কাঁদ-কাঁদ মুখে—গল্পগুচ্ছ। কাঁদা[৩]—ক্রন্দন, কান্না ইত্যাদি। দ্র '√কাঁদ'। কাঁদাকাটা, -কাটি—ক্রন্দন ও কাতরতাপ্রকাশ; কান্না-কাটনি। "কাঁদাকাটার পর চোখ-

মূছার ধুম পড়িয়া গেল ব.দ্বি ১০০। কাঁদাকাটির ভয়ে সীতারাম রমাকে বলিয়া গেলেন না ব.প্র ৪৬৯। কাঁদান—ক্রন্দন করান ইত্যাদি। কাঁদিয়া জেতা—অপরাধ করিয়া কপট কান্নায় নিরপরাধ বলিয়া প্রমাণ করা। কাঁদিয়া মাটি ভিজান—১ নির্দোষতাপ্রমাণের নিমিত্ত কপটভাবে প্রচুর অশ্রুপাত করা (তু' অশ্রুপ্রবাহৈর্ধরাতলমভিষিঞ্চন্ রুরোদ)। "যদি দেখে আঁটাআঁটি, কাঁদিয়া ভিজায় মাটি ভা.চ ২৮৪। ২ চোখের জলে মাটি ভিজানর ন্যায় অসম্ভব কর্ম্ম করার উদাহরণে। "এ সব কর্ম্মে কেবল কেঁদে কি মাটি ভিজান যায়?—আ.দু ১৮৪। কাঁদিয়া হাট বসান—কাঁদিয়া বহু লোক জড় করা। কেঁদে ককিয়ে—অত্যন্ত কাঁদাকাটি বা কাকুতি-মিনতি ক'রে। ঘ্যান ঘ্যান ক'রে কাঁদা—ঘ্যান ঘ্যান স্বরে বা অবিরত বিরক্তির সুরে কাঁদা। প্যান প্যান ক'রে কাঁদা—একটুতেই ভাল মন্দ না বুঝিয়া অনুচ্চসুরে কাঁদা।]

কাঁদকেতো বি যে একটুতেই কাঁদিয়া কাতরতা দেখায়। "কাঁদকেতো আর কপট কান্না, যে ঘরেতে ঘরকন্না, ভাব গিয়ে সেই ঘরের ভাবনা দা ৭৭২।

কাঁদন, -না বি [√কাঁদ২+অন >°ন, °না; সং ক্রন্দন >লি কন্দন, প্রা কংদন >কাঁদন; হি কাঁদনা; বৈষ্ণবসাহিত্যে] ১ ক্রন্দন, কান্না। "কাঁদন মাখি হাসি দেয় গারি বি.প ৩৯; ব.প ১০০৭। সদাই কাঁদন দেখি চ.দা ১১। বালকের কাঁদনা চৈ.ম ৫১। ২ প্রিয়জন-বিচ্ছেদে সকরুণ ক্রন্দন। "কহিব কতেক আর মেয়ের কাঁদনা ভা.চ ৪৫০। —নি বি [°ন+ই১১] ১ ক্রন্দন, কান্না। ২ বিলাপ, শোচন। "অলস কাঁদনি স.স্ব ২৭। ওরে থাক্, থাক্, কাঁদনি!—চ.কা ৩২৪; যে কাঁদন কাঁদলেম, সে কাহার জন্য ৪৪৭। ৩ কান্নার সুরে অভিযোগ বা অভিমানপ্রকাশ। ৪ সাপুড়ের কান্নার সুরে গীতবিশেষ। দ্র 'কান্দনি'। [কাঁদনি গাওয়া—কাঁদনি গান করা; করুণ স্বরে অভিযোগ করা।]

কাঁদা১, -ধা বি [কাঁদ১, -ধ >°দা, °ধা] স্কন্ধতুল্য পুষ্করিণী-প্রভৃতির তীর; কিনারা, ধার। "পুথরী কাঁদাএ লইল ভুমথানি শূ১০৮; ব.প ১১২।

কাঁদা২, কাঁদা৩, কাঁদাকাটা, -কাটি দ্র 'কাঁদ২'।

কাঁদি, -দী বি [কাঁদ+ই৮, ঈ৭; তু 'কান্দী', খাঁদ, -দি (যশোহর)] কলা নারিকেল প্রভৃতি বৃক্ষের স্কন্ধে জাত গুচ্ছবদ্ধ বা স্তবকবদ্ধ ফল-সমূহ; ফলের থোকা। "কলার, খেজুরের, তালের, নারিকেলের, সুপারির কাঁদী। ব.প্র ৫৮১; চক্রবর্ত্তী পরিপূর্ণ এককাঁদি কলায় ৫৯৯। [কেয়াকাঁদি—কেয়াফুল।" ভা.চ ২০৯। গাছে না উঠতেই এক কাঁদী—(গৌণার্থে) ফললাভের স্থানে না যাইতে যাইতেই ফলপ্রাপ্তি (উপহাসে)। কেঁদেল থোড়—কাঁদিওয়ালা-থোড়, অর্থাৎ কলার কাঁদির থোড়। বিপ 'মোচাথোড়'।]

কাঁদুনি বি [কাঁদনি >°নি] ১ সর্থ 'কাঁদনি'। "কথার বাঁধুনি কাঁদুনির পালা, চোখে নাহি কারো নীর।—রবীন্দ্র। ২ (?)। "কানি করে বান্ধিল কাঁদুনি তিন থান শ্রী.মা ১৯৩। [কাঁদুনে ছেলে—যে শিশু স্বভাবতঃ বড় কাঁদে; ক্রন্দনশীল।]

কাঁধকাঠ, -কেঠে; কাঁধা; দ্র 'কাঁদ১; কাঁদা১'।

কাঁধাড়, -ড়ি বি [সং 'কন্ধর'—মূল] ১ ঘরের পশ্চাদ্ভাগ; চাঁদাড়। ২ [কাঁধা+আড়] তীর, কিনারা, ধার।

কাঁপ১ বি [সং কম্প >প্রা কংপ >বা কাঁপ; হি কাঁপ; ঠ, গু কাংপ] ১ কম্প, অঙ্গসঞ্চালন। ২ ভয় হেতু কম্পন; হৃৎকম্প। "সকল লোকের মণে লাগি গেল কাঁপ শ্রী.কী ২৭৩। রস পরসঙ্গে মঝু কাঁপ বি.প ৮২। অঙ্গে মোর হৈল কাঁপ ক.চ ৯৪; হৃদয়ে অন্তর-কাঁপ ৯৯। ৩ স্মরদশাবিশেষ; বেপথু। "কেলি-সমাগমে কাঁপ।—গো ১৫৬।

কাঁপ২ অর্ম্ম [সং √কম্প্; প্রা √কাঁপ; >হি √কঁ(কাঁ)প; ঠ, গু √কাংপ; অস √কঁপ; তু 'কাম্পএ, কাম্পিতে, কাম্পে, কাম্পো (কাঁপি—শ্রী.কী)] ১ কম্পিত হওয়া; চলিত হওয়া; নড়া। "কভু শীতে কাঁপে ক্ষীণ তনু মে ২৯৬। ধীরে ধীরে পাতা কাঁপে—হেম ১। ২ ভয়ে কাঁপা। "হেরইতে দেহ মঝু থরথরি কাঁপ বি.প ৬৭; পাশ যাইতে জীউ মোর কাঁপে ৭৩। কাঁপে ডরে শ্রী.কী ৪। হিয়া ডরে মোর কাঁপ চৈ.ম ১১৫। ৩ স্মরদশা হেতু কম্পিত হওয়া। "থির নাহি হোয়ত, থরহরি কাঁপে বি.প ৭৩; তৈখনে হৃদয় মঝু উঠল কাঁপি ৭০। —পা১ সর্ম্ম [√কাঁপ+আ৮; হি, অস √কঁপা] কম্পিত বা চালিত করা; নড়ান। "কাঁপাইয়া আম্রবন উঠিল সে ধ্বনি ন ৪৯৫,-৯৯। [কাঁপই—কাঁপে। "দুহুঁ তনু কাঁপই মদনক বচনে (বি.প)। কাঁপয়ে—কাঁপে। "কাঁপয়ে দুরবল দেহ (বি.প)। কাঁপল—কাঁপিল। "থরহরি কাঁপল (বি.প)। কাঁপান—কম্পিত করা; নড়ান; ভয়ে কম্পিত করা। কাঁপান সুর—কম্পনযুক্ত স্বর।]

কাঁ(কো)পটে, কিপটে বি [সং 'কাপটিক'—মূল; ঠ কেরট, -টী—কার্পণ্যযুক্ত] ন্যায্য বিষয়ে কপট; কৃপণ। "যেমন কাপটে বাবু, তেমনি কসাই চাকরও আছে স.এ ২০। কিপটে ভাতার কেয়াকাঁটা।—হেম ৩৮০।

কাঁপন, -নি বি [√কাঁপ+অন >°ন, °ন+ই১১; সং কম্পন >প্রা কংপণ >বা কাঁপন; হি কাঁপনা; অস কঁপনি] কম্পন, চলন, কাঁপা। "আমার এই বুকের কাঁপনের উপর এসে দাঁড়াও প্রভু আমি এই মুহূর্ত্তে মরি ঘ ২৬৪। —পা২ বি [+আ৬] ১ কম্পন, চলন। ২ [হি কংপা—আঠাকাঠি-বসান পাখী ধরার নল; গু কংফা—বংশখণ্ড] ফুল ফল ইত্যাদি পাড়ার নিমিত্ত খুঁটির মত মাথায় কানা-করা বাশের ধ্বজা বা লগা।

কাঁপা১; কাঁপা২ দ্র 'কাঁপ২; কাঁপন'।

কাঁশ(স)র বি [সং কাংস্য, -স্যতাল >প্রা কংস, -সাল (প্রা.ম) >বা কাঁস, (কাঁসাল) কাঁসর; ঠ কাংসাল; গু কাংসা, -সীলে] ১ কাংস্যনির্ম্মিত বাদ্যবিশেষ (gong); ঝাঁঝ। "কাহল কাঁসর কাড়া শ্রী.মা ৫৩। শিঙ্গা কাড়া কাঁসর শ্রী ১৮৯। কাঁসর শ্রী.ম ১৬৮। কাঁসর ঘণ্টা বাজে।—শিশু ৭৮। ২ ['কাসকর'—মূল] যান্ত্রিক পীড়াবিশেষ। "পীলে অগ্রমাস কাঁশর ঘণ্টায় যাঁদের পেটে জায়গা নেই স.এ ২।

কাঁসা বি [সং কাংস্য >লি, প্রা কংস >বা কাঁসা; হি কাঁসা; ঠ কাংসে; গু কাংসু; সি কংঝো; প কাংসী] ১ বঙ্গ ও তাম্রের মিশ্রণে জাত ধাতুবিশেষ। ২ কাঁসার পাত্র—থালা ঘটী ইত্যাদি।

কাঁসারি বি [সং কাংস্যকার >প্রা *কংসঅরি >কাঁসার+ই১১; ঠ কাসার, কাংসার] যে কাঁসার পণ্য প্রস্তুত করে; কাংস্যপাত্র-ব্যবসায়ী হিন্দুজাতিবিশেষ। "কাঁসারি শাঁখারি ভা.চ ২৭৩; ৩৪৭। [কাঁসারি-পটী—যে রাস্তায় কাঁসারির দোকান শ্রেণীবদ্ধভাবে থাকে।]

কাঁসি, -সী বি [কাঁস+ই৯, ঈ৭; দ্র 'কাঁসর'] ১ কাংস্যনির্ম্মিত কাঁসরের মত বাদ্যবিশেষ। "মন্থরি বাজে আর বাজে কাঁসী।—ম ৮৪৭। দগড়ে রগড় দিতে দশ লক্ষ কাঁসী কৃ ২৭০। করতাল কাঁসি শ্রী ১৪৬। ২ কাঁসার কানা-উচু থালাবিশেষ। [কাঁসিদার—যে কাঁসি বাজায় কাঁসি দেওয়া—ঢাক ঢোল প্রভৃতির সঙ্গে কাঁসি বাজান।]

কাঁ(কো)হা ক্রি.বিং [সং ক, কুত্র, কস্মিন্ >প্রা কহিং বা (কাহাঁ) কাঁহা; হি কহাং; মৈ কহাঁ; ড় কহং; বৈষ্ণবসাহিত্যে; তু 'Av. kadha; ঠ কোঠেং] ১ কোথা, কোনস্থানে। "কাহা নাহি শুনিয়ে এমতি থাকার বি.প ৭৬। হাহা কাঁহা বৃন্দাবন, কাঁহা ব্রজেন্দ্রনন্দন, কাঁহা সেই যমুনাপুলিন চৈ.চ ৮১। মুরারি কাঁহা রহই।—গো ২৬১ কাঁহা কোহি খয়রাত না করে এক মুঠা রা.স ১০। কাঁহা মোর প্রাণেশ্বরী ন.প ৩০৬। ২ কোথাও, কোন জনেও। "গুণগণ ঐছন

কাঁহা নাহি পাই।—গো ২০৪। ৩ কাহার নিকটে; কার কাছে। "জটিলা কহত তব, কাঁহা তহঁ মাগত, যোগী কহত বুঝই গো ২১১; লেহ মরম কাঁহা কহই ২৬১। ৪ কোথায়, অর্থাৎ কত অল্প-পরিমাণ স্থানে; অত্যল্প স্থানে। "সেই বিষ্ণু শেষরূপে ধরেন ধরণী। কাঁহা আছে মহী শিরে, হেন নাহি জানি॥—চৈ.চ ২৫। ৫ কোথাও, কোন বিষয়েও। "নাহি কাঁহা অনুরোধ, সহজ বস্তু করি বিবেচন চৈ.চ ৮২; কাঁহা না কহিও ইহা ১৫৮। ৬ কি (অসাধু)। "কাঁহা করোঁ, কাঁহা যাঙ চৈ.চ ৮১। [কাঁহা কাঁহা—কোথা কোথা; কত জায়গায়। "একলা মালাকার আমি কাঁহা কাঁহা যাব চৈ.চ ৪০। কাঁহাও—কোথাও। "প্রতিমা চলে, কাঁহাও না শুনি চৈ.চ ৯৭; ২০০। কাঁহা…কাঁহা (তু 'সং ক…ক)—কোথা…কোথা, অর্থাৎ অত্যন্ত প্রভেদ। "কাঁহা তুমি সর্ব্বশাস্ত্রে কবিত্বে প্রবীণ। কাঁহা আমি-সব শিশু পঢ়ুয়া নবীন॥—চৈ.চ ৫৮; ৯৭। তু 'হি কঁহা রাজা ভোজ, কঁহা গংগা তেলি। কাঁহাতক—কোন পর্য্যন্ত; কতদিন, কতক্ষণ। "এ সব মাতা পুরাণ কাহিনী কাঁহাতক রাখি স্মরি মা।—দ্বিজেন্দ্রলাল রায়। কাঁহাসো—কোথাও, কাহার সহিত। "নাহি কাঁহাসো বিরোধ চৈ.চ ৮২। কাঁহেকা (হি কঁহা কা—অসাধারণ)—অতিশয়, অত্যন্ত। "পাজী কাঁহেকা (অর্থাৎ কোথাকার পাজী, অত্যন্ত পাজী)।]

কাক[১] পুং [√কৈ শব্দ করা+ক (কন্)-ক, উ ৩.৪৩; ধ্বন্যাত্মক; স্ত্রী -কী; cf., E. caw caw] ১ 'কা-কা' শব্দকারক; বায়স। "তিমিরারিস্তমো হন্তি ভয়সংত্রস্তমানসাঃ। 'বয়ং কাকা বয়ং কাকা' ইতি জল্পন্তি বায়সাঃ॥—উদ্ভট। ২ অতিধৃষ্ট। ৩ পীঠসর্পী, খঞ্জ। ৪ শিরোবক্ষালন, অর্থাৎ কাকতুল্য কেবল মাথা ডুবাইয়া স্নান করা। ৫ পরিমাণবিশেষ। ৬ বৃক্ষবিশেষ। ৭ কাকপদতুল্য তিলকভেদ। ৮ কাকপ্রধান দ্বীপভেদ। ৯ (বাঙলায়) কড়ার চতুর্থাংশ। "চার কাকে বটেক জানি।—শুভঙ্কর। —ক ক্লী [কাক+অ (অণ্) তৎ-সমূহার্থে] ১ কাকসমূহ। ২ সুরতবন্ধবিশেষ। ৩ [কু(ঈষৎ) ক(জল)—কাক, পা ৬.৩.১০৫] ঈষৎ জল। —কা স্ত্রী ১ কাকনামা লতা। ২ কাকোলী। ৩ কাকজঙ্ঘা। ৪ রক্তিকা-লতা। ৫ কাকমাচী বৃক্ষ। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীপ্)] বায়সী। "হি ২.১১৮। [°কৃষ্ণ (বিণ)—কাকতুল্য কৃষ্ণ; অতিকৃষ্ণ। "ভ ৪.১৪.৪৪। °চক্ষু (বিং)—কাকচক্ষুর ন্যায় নির্ম্মল (জল)। "কূলে কূলে ভরা দীঘি, কাকচক্ষু জল চ.কা ২৬৮। °চরিত্র (বি)—সময়বিশেষ ও স্থানবিশেষে কাকরব-সূচিত শুভাশুভবিষয়িণী বিদ্যা; তদ্বিদ্যাবিষয়ক শাস্ত্র। °চ্ছদ (পুং)—কাকপক্ষতুল্যপক্ষ খঞ্জনপক্ষী। °জঙ্ঘা (স্ত্রী)—বৃক্ষবিশেষ, কেউয়া-ঠেঙা। °জম্বু, -ম্বূ (স্ত্রী)—কাকপ্রিয়-জম্বু, বনজাম, খুদেজাম। °তিন্দুক (পুং)—মাকড়া কেন্দু; কুঁচিলা গাছ। °দন্ত (পুং)—কাকের দন্ত-তুল্য অসম্ভব বিষয়। "°বিচার। °ধ্বজ (বিং)—কাকচিহ্নযুক্ত (রথ)। "°রথারূঢ়া (ধূমাবতী) ভা.চ ৩৪। °নাসা, °নাসিকা (স্ত্রী)—কাকনাসাতুল্য-ফল কাকজঙ্ঘাবৃক্ষ। °ফল (পুং)—নিম্ববৃক্ষ। কাক কাঁকুড় জ্ঞান না থাকা—বস্তুদ্বয়ের তত্ত্বতঃ ভেদ বুঝিতে না পারা। কাক কোকিলের সমান দর—দোষগুণ-বিচারের অভাব। কাকের ছাঁ বকের ছাঁ লিখা—দ্র 'কাগ'।]

কাক[২] বি [E. cork (oak)] কর্কগাছের (ওক্ বিশেষের) ছালে নির্ম্মিত বোতলের ছিপি (bottle-stopper); ছিপিমাত্র। "সুধীরা মদিরা-বালা, অবগুণ্ঠ কাক্। এস না উজান যেন, দোহাই—ওয়াক্। লী ৯৯।

কাক[৩] বি [দ্র 'কাঁক'[১]; অপ্র] কক্ষ; "সাম্‌টা ফ্যালা ডালি নইলে কাকতে করিয়া গো.চ ৮১, টীকা। কাকমাঝে স্বর্ণঘট ম.পা ৭০; কাকে কুম্ভ ৭১। কাকে করি মোহাদেবী বিন্দুক নাথেরে গো.বি ১৫৫। [°তলি—কক্ষতলে, বগল-দাবায়। "কাকতলি চাপিয়া রাখিব দশানন কৃ.উ ৬৯। শ্রী.মা ১০২।]

কাকই বি [কাঁকই>কাকই] চিরনী। "বাপ কালিয়া কাকইখানা গো.চ ২৪৬; লাসের কাকইখানি ২৫৩। [কাকেয়া কাকেয়া—কাকই দিয়া আঁচড়াইয়া আঁচড়াইয়া। "কাকেয়া কাকেয়া নটি চুলের ভাঙ্গে জালি গো.চ ২৫৩।]

কাকতালী বিং [সং কাকতালীয়] সর্ব 'কাকতালীয়'। "জন্ম কর্ম্ম তাঁহার, হরিধ্বনি গ্রহ লক্ষ (লক্ষণ)। কাকতালীর ন্যায়ে তুমি করহ প্রত্যক্ষ॥—চৈ ৯।

কাকতালীয় বিণ [কাক (কাকাগমন) তুল্য, তাল (তালপতন) তুল্য ইতি 'কাকতাল', তুল্যার্থে (ইবার্থে) সুপ্সুপা; কাকতাল+ঈয় (ছ) তুল্যার্থে, পা ৫.৩.১০৬; কাকতালসদৃশ, অর্থাৎ তালমূলে কাকের আগমন ও তৎকালে তালপতন, এই উভয়ের সমাগমসদৃশ এবং সমাগমপ্রযুক্ত কাকমরণসদৃশ—এইরূপ সমাসার্থ ও প্রত্যয়ার্থ উভয় সাদৃশ্যে ফলিতার্থ—অতর্কিতোপনত, অচিন্তিতোপপন্ন, যাদৃচ্ছিক, আকস্মিক। "তদিদং কাকতালীয়ং ঘোরমাসাদিতং ময়া রা ৩.৪১.১৬। °বং।—হি ৩৫ (কথারম্ভ)। [দেবদত্তের বধ কাকতালীয়, অর্থাৎ যেমন যাদৃচ্ছিক কাকের আগমন ও তালের পতনে কাকের বধ, সেই-রূপ দেবদত্তের আকস্মিক আগমন ও দস্যুর উপনিপাতে বধ; কাক-তালের ন্যায় দেবদত্তের ও দস্যুর সমাগম, এবং তৎসমাগমে কাকের ন্যায় দেবদত্তের বধ—এই উপমান্বয়। ইহা হইতে ফলিতার্থ 'দেবদত্তের বধ আকস্মিক'। এইরূপ অচিন্তিতভাবে সংঘটিত কার্য্যমাত্র 'কাক-তালীয়'। কাকতালীয় ন্যায়—দ্র 'ন্যায়'।]

কাকনিদ্রা স্ত্রী [ষ.ত] কাকের নিদ্রা। (গৌণার্থে) তৎসদৃশ স্বল্প ও সজাগ ঘুম; তন্দ্রা। "মায়ারূপা কাকনিদ্রা সদা দাশরথির নয়ন-যুগলে দা ২১৫৯।

কাকপক্ষ পুং [ষ.ত] ১ কাকের পক্ষ; তৎসদৃশ ক্ষত্রিয়কুমারের শিখাপক্ষক, (ভরতমতে) শিখাত্রয় (অ.টী); মস্তকের পার্শ্বদ্বয়ে কেশরচনাবিশেষ; কানপাটা, জুল্‌পি। "°ধর রা ১.১৯.৯; ২২.৬। কাকপক্ষাবৃতাক্ষিক মহা ৭.৪৮.১৭। চল° রঘু ৩.২৮; °ধর ১১.১; ৩১। °ধর শ্রী.ম ৫৫। °কেশ প.তৃ ৭৭। ২ সামান্য চূড়া; শিখামাত্র (অ.টী)।

কাকপদ পুং [°দ+অ (অচ্) অস্ত্যর্থে] 'কাকপদাকৃতিযুক্ত', রতি-বন্ধবিশেষ। —দ ক্লী [ষ.ত] ১ কাকপদের চিহ্ন। ২ কাকপদতুল্য পরিমাণ (ত.বা)। ৩ চর্ম্মে কাকপদতুল্য চিহ্ন বা রেখা (সুশ্রুত)। ৪ পাণ্ডুলিপি-প্রভৃতিতে ব্যবহার্য্য পরিত্যক্তবর্ণাদির সূচকচিহ্ন (∧)-বিশেষ (caret)।

কাকপুচ্ছ পুং [উ. বহুব্রী] 'কাকপুচ্ছসমপুচ্ছ', কোকিল।

কাকপুষ্ট পুং [তৃ.ত] 'কাক কর্ত্তৃক পালিত'; কোকিল। [কোকিলা ডিম ফুটাইতে পারে না, কাকের বাসায় আপনার ডিম রাখে, কাকী আপনার ডিম ভাবিয়া তা দেয় ও শাবক পালন করে। তু 'প্রাগন্তরিক্ষগমনাৎ স্বমপত্যজাতমন্যৈর্দ্বিজৈঃ পরভৃতাঃ খলু পোষয়ন্তি শ ৫.২১।]

কাকপেয় বিণ [তৃ.ত; স্ত্রী -য়া] কাক কর্ত্তৃক পেয়, (স্তুতিপক্ষে) জলপূর্ণতা হেতু কাকে তীরে বসিয়া যে নদীর জল পান করিতে পারে, অর্থাৎ পূর্ণতোয় (নদী); (নিন্দাপক্ষে) অল্প জল হেতু কাকে যাহার জল পান করিয়া নিঃশেষ করিতে পারে, অর্থাৎ স্বল্পতোয় (নদী)। "কাকপেয়া নদী পা ২.১.৩৩।

কাকবন্ধ্যা স্ত্রী [কাকীতুল্য বন্ধ্যা, উ.লো, পুংবদ্ভাব] কাকীর যেমন একবার শাবক হয়, সেইরূপ যে স্ত্রীর একটি সন্তান হয়; সকৃৎপ্রসবা নারী; সকৃৎপ্রসূতিকা। "কাত্যায়ন ২৮.৪।

কাকবলি পুং [চ.ত] ১ কাককে দেয় বলি ; কাককে দেয় অন্নাদি। ২ কাককে দেয় নবান্নের অংশ। "অগ্রে দিয়া কাকবলি, সবান্ধবে কুতূহলী, নূতন তণ্ডুল দেয় মুখে বি.সু ১৫৪।

কাকভীরু পুং [প.ত] কাক হইতে ভয়শীল ; পেচক।

কাকভুশুণ্ড, -ণ্ডি বি ১ পুরাণপ্রসিদ্ধ তত্ত্বজ্ঞানী অমর কাক ; ভুষণ্ডী কাক। [ইনি ব্রাহ্মণ, লোমশ মুনির শাপে কাক হন। ইনি রামভক্ত ছিলেন। কথিত আছে, ইঁহার প্রণীত 'ভুশুণ্ডিরামায়ণ' আছে (দ্র —তুলসীদাস-কৃত 'রামচরিত-মানস', উত্তরকাণ্ড)।] ২ (গৌণার্থে) দীর্ঘজীবী বহুদর্শী ব্যক্তি।

কাকমাচী স্ত্রী গুড়কামাই গাছ (Solanum nigram)।

কাকযব পুং [উ.লো] কাকসদৃশ, অর্থাৎ হেয় ধান্য ; নিস্তণ্ডুল তৃণধান্য (নীলকণ্ঠ) ; শাঁসহীন শস্য, আগড়া। "তথৈব পাণ্ডবাঃ সর্ব্বে যথা কাকযবাঃ মহা ২.৭৭.১৩। পঞ্চ ২.৯৩।

কাকর সর্ব্ব [কা২+কর৩ ; বৈষ্ণবসাহিত্যে] কাহার, কার (অনিশ্চিত ব্যক্তিবিষয়ে)। "গোবিন্দদাস তব দেখত সাচ। কাকর অঙ্গণে কো পুন নাচ ॥—গো ২০৪।

কাকরুত ক্লী [ষ.ত] শুভাশুভসূচক কাকরব। "°প্রকরণ।

কাকল পুং যাহার 'কা' কল (শব্দ) ; দ্রোণকাক, দাঁড়কাক। —ল ক্লী ১ গ্রীবাস্থ উন্নতস্থান ; টুঁটি। ২ কণ্ঠমণি।

কাকলি, -লী স্ত্রী [কু (ঈষৎ) কলি, কু > কা, নি.স ; বিকল্পে ঈ (ঙীপ্) ; ধ্বন্যাত্মক (?)] সূক্ষ্ম মধুরাস্ফুটধ্বনি (অ.টী) ; অব্যক্তমধুর ধ্বনি। "কোকিলকাকলীকলকলৈঃ গী.গো ১.৩৮। বল্লকীকাকলি।—ঋতু ১.৮। কাকলীলহরী মে ৫। পক্ষিকলকাকলিত নিকুঞ্জ।—হেম ৭৪৩। অর্দ্ধস্ফুটকাকলী।—কা ৬৯। ওই মন-উদাসীন…কাকলি স.স্ব ৭। নারীকণ্ঠের কাকলী—কথা ৪৮। ২ গৃহস্থ জাগিয়া আছে কি না, জানিবার জন্য তস্করের মৃদুধ্বনি বাদ্যবিশেষ। "ফণিমুখকাকলী-সন্দশক…প্রভৃত্যনেকোপকরণযুক্তঃ।—দশকুমার। ৩ গুঞ্জালতা। ৪ [বাঙলায় ; অপ্র] রতিকূজিত, শীৎকার। "করইতে কোরে৹ কাঁপি করু কাকলি গো ২১০।

কাকা১ বি [কাক১ > °কা, দ্র 'আ১৩ ; °কী (স্ত্রীলিঙ্গে) ; অপ্র] ১ কাক। "কাকা বলে কাকী লো হের দেখ রঙ্গ ম.ম ২১৯। ২ [ধ্বন্যাত্মক ; অস কাকা] কাকের রব। থেকে থেকে করচে কাকা৹ দুটো একটা কাক।—শিশু ৯২। কা-কা রবে চঞ্চু নড়ে, মিঠাই মাটিতে পড়ে।—পদ্যপাঠ, ১ম ভাগ।

কাকা২ বি [ফা কাকা ; হি কক্কা, কাকা ; মৈ কক্কা ; গু কাকা ; ঠ চুলতা (খুল্লতাত)] পিতৃব্য, খুড়া, চাচা। —কী বি [°কা+ঈ৬ ; ফা, হি কাকী] পিতৃব্যপত্নী, খুড়ী, চাচী। "ইনি কাকী উনি জ্যেঠী।—মন্ত্র ৪। [কাকীমা—খুড়ীমা।]

কাকাক্ষি ক্লী [ষ.ত] কাকের অক্ষি ; কাকচক্ষুর্গোলক। "দ্বৈধীভাবেন বর্ত্তেত কাকাক্ষিবদলক্ষিতম্ শু ৪.৭.২৯১। [কাকাক্ষিগোলকন্যায়—দ্র 'ন্যায়'।]

কাকাতুয়া, কাগাতোয়া বি [Malay—Kakatua ; P. Catatua ; E. Cockatoo ; হি ককাতুআ ; ঠ কাগা(কা)কর্‌ত্রা ; ধ্বন্যাত্মক] শ্বেতবর্ণ শিখাযুক্ত বড় তোতাবিশেষ। "কাকাতুয়া কৃ ৪৫৯। বসে কাগাতোয়া৹ ফুলাইয়া রোঁয়া স্ব.প্র ১০০।

কাকালি বি [কাঁকালি > °লি ; অপ্র] কটী, কোমর। "বেথা কাকালি পাইল মী ৭। গো.বি ৩৩। ক.চ ১৫৪। মড় মড় কাকালি নড়ে শ্রী ২২০। ব.প ১৩৭১।

কাকিনিকা, কাকিণী স্ত্রী ১ পণের চতুর্থাংশ ; কুড়ি কড়া (লীলাবতী)। ২ বিংশতি কপর্দ্দকের মূল্য-পরিমিত অর্থ ; এক পয়সা। "কাকিণিকা মাত্র ভ ৫.১৪.২৬। ৩ গণ্ডার চতুর্থাংশ ; এক কড়া। "পঞ্চ ২.৭৪। হি ৩.১২৬। ৪ মানদণ্ড, এক কাঠা। ৫ দণ্ডের (দাঁড়ের) চতুর্থাংশ ; এক হস্ত পরিমাণ। ৬ উন্মানের অংশবিশেষ। ৭ গুঞ্জা। ৮ মাষকের চতুর্থাংশ (A.)।

কাকিনী স্ত্রী ১ পণের চতুর্থাংশ। ২ মানের (মণের ?) চতুর্থাংশ। ৩ বরাটক, কড়ি। ৪ (তন্ত্রে) ভৈরবীবিশেষ। "ক, ঠ অন্তে বায়ু-বীজ, শিব ভৈরবী কাকিনী।—রামপ্রসাদ।

কাকু স্ত্রী [√কক্ চঞ্চলীভাব+উ (উণ্)] ১ শোক ভয় কোপ প্রভৃতি হেতু ধ্বনির বা স্বরের বিকার। 'ভিন্নকণ্ঠধ্বনির্ধীরৈঃ কাকুরিত্যভিধীয়তে সা.দ ২২৬ৰ। ২ (অলঙ্কারে) বিরুদ্ধার্থপ্রতিপাদক নঞাদি শব্দ। "উর্ব্বরা ভূমিতে কি কণ্টকবৃক্ষ জন্মে না ? (অর্থাৎ জন্মে)।—কাদ ৩৫। ৩ দীন বাক্য, করুণ বচন, কাতর স্বর, কাকুতি। "বুলিহ কাকু করী শ্রী.কী ৩৮৮। কাকু করে মহাবীরে কান্দিয়া ঃ আক্ষি কাকু করি ম.পা ৬০ ; ৬৩ ; ৮১। শ্রীবাস করয়ে কাকু চরণে পড়িয়া চৈ.ভা ১৬৯ ; সে কাকু শুনিতে কাষ্ঠ-পাষাণ বিদরে ৪৩২। কাকু করে৾ দেবগণে চৈ.ম ১। ৪ জিহ্বা।

কাকুতি বি [কাকূক্তি > °তি ; °তী (শ্রী.কী)] কাকুযুক্ত বাক্য ; কাতর বচন, দীনবাক্য, কাতর প্রার্থনা। "কাকুতি করে কাহ্ন শ্রী কী ১২২ ; তো কাকুতি করসী ৩৬৩ ; মো৾ কাকুতি করে৾ ৩৮৫। কাকুতি কয়ল অনুকূল বি.প ৭১। কাকুতি স্তবন ম ১৪। করহুঁ কাকুতি তোরি শ্রী.ম ৭২। অন্তিম কাকুতি স্বর।—কথা ৪৫। [°বচন, °বাক্য ('কাকুতি' সাধু)—সর্থ 'কাকুতি'। "বোলে সখী কাকুতি বচনে রা.প ২৪। কাকুতিবাক্য শুনি ম.পা ১৪৫। °মিনতি—কাতর বাক্য ও বিনয় ; অনুনয়-বিনয়। "যদি বসতে না চায়, তবে কাকুতি-মিনতি করিস্ ব.প্র ৩১৯।]

কাকুৎস্থ পুং [ককুৎস্থ+অ (অণ্) অপত্য-সামান্যে, পা ৪.১.১১২ ; স্ত্রী -স্থী] ১ ককুৎস্থের অপত্য-সামান্য বা বংশজাতমাত্র (দ্র 'ককুৎস্থ') ; ককুৎস্থের পুত্রপৌত্রাদি। "ভগীরথাৎ ককুৎস্থশ্চ কাকুৎস্থা যেন তু স্মৃতাঃ রা ২.১১০.২৮। কৃ ১। ২ ককুৎস্থের পুত্র ও রঘুর পিতা। "কাকুৎস্থস্য তু পুত্রোঽভূদ্ রঘুঃ রা ২.১১০.২৮। ৩ অজ। "রঘু ৬.২। ৪ দশরথ। "রা ১.২২.৩। ৫ রাম। "রা ১.২৫.১৯। রঘু ১২.৪৬। ৬ লক্ষ্মণ। "রা ৩.৪৩.৯। ৭ (দ্বিব) রাম ও লক্ষ্মণ। "রা ১.২৩.১। ৮ [+অ স্বার্থে] পুরঞ্জয় (শ.ক)। "তোমার পূর্ব্বে রাজা কাকুৎস্থ মহারাজে কৃ.উ ২৬০। কাকুৎস্থ রাজা কান্ধে করি দেব পুরন্দর ২৬১।

কাকুবাণী, -বাদ বি কাকুযুক্ত বাক্য, কাতর বচন ; সবিনয় প্রার্থনা, কাতরোক্তি। "যোড় করে মহাবীর করে কাকুবাণী ব.প ৩১১ ; °ণী ৭৩২, ৮৬১। সবে করে কাকুবাদ।—ম ৯৪৯। ভ.প্র ১৮৪ ; ২৬০। °ণী ম.পা ১৩১। °বাদ শ্রী.মা ১৪। [কাকুবাদ বাণী (অসাধু) —°'বাদ' বা °'বাণী' সাধু। "শ্রী.মা ২৪।]

কাকুর্ব্বাদ বি ['আশীর্ব্বাদ'এর অনুকরণে ; 'কাকুবাদ' সাধু] সর্থ 'কাকুবাদ'। "কাকুর্ব্বাদ করে যত না শুনেন মানা শ্রী.মা ৩৫ ; ৫২ ; ৮৩। শ্রী.ম ২০৮। শি ৯ ; ৮৯। জ ২৮। [কাকুর্ব্বাদ বাণী—'কাকুবাদ' বা 'কাকুবাণী' সাধু। "কান্তের কারণে কন কাকুর্ব্বাদ বাণী শি ৭৭।]

কাকুস্থ বি [সং কাকুৎস্থ ; অপ্র] সূর্য্যবংশীয় রাজা পুরঞ্জয়। "রঘুবংশে জন্ম সে কাকুস্থ নাম ধরে কৃ.উ ১৪০।

কাকেক্ষু পুং ১ হেয় ইক্ষুবৎ তৃণবিশেষ ; খাগড়া। ২ কাশতৃণ।

কাকোডু(ড়ু)ম্বর পুং [উ.লো] কাকপ্রিয় বা কাকবৎ হেয় উদুম্বর-বিশেষ ; খসখসিয়া ডুমুর (অ.টী) ; ডুমুরগাছ (সুশ্রুত)।

কাকোদর পুং [উ.বহুব্রী ; অপ্র] কাকের ন্যায় উদর যার (অ.টী) ; 'কুৎসিতোদর', সর্প। "মে ২৩ ; ২০০।

কাকোল পুং ১ দ্রোণকাক। "মনু ৫.১৪। ২ নরকবিশেষ। "মনু ৪.৮৯। যাজ্ঞ ২.২২৩। ৩ স্থাবরবিষভেদ। ৪ কুম্ভকার। ৫ শূকর-বিশেষ। তু 'কোল'। ৬ সর্প। তু 'কাকোদর'।

কাক্ষ বিণ [কু (কুৎসিত) অক্ষ, কর্ম্মধা ; অথবা, কুৎসিত অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত অ (যচ্), পা ৬.৩.১০৪, সি ; কু > কা] কটাক্ষ, অপাঙ্গদর্শন। "ভট্টি ৫.২৪। —ক্ষী স্ত্রী ১ অরহর। ২ সৌরাষ্ট্র-দেশীয় মৃত্তিকা।

কাখ বি [দ্র 'কাঁক১' ; অপ্র] ১ কক্ষ, কক্ষতল, বগলদাবা। "কাখের তলে মাথা রাখি ঘন মারে কিল ম.ম ১২২ ; ১৫০। ২ কটিপার্শ্ব। "কাখে চুপড়ী করিয়া শ্রী.কী ১৮৪ ; ২৫৯। কাখের কলসী ব.প ২৮০। পালে কাখে কোলে গো.বি ২২।

কাগ পুং [কা+গৈ+অ (ক)-ক ; তু 'সং কাক > প্রা কাগ (প্রা.ম) ; হি, ঠ, গু কাগ ; মৈ °গ, °গা] ১ কাক। "কাগের খোঁচায়, চক্ষুটা ওচায় স্ব.প্র ১০০। ২ কড়ার চতুর্থাংশ। —গী স্ত্রী [°গ+স্ত্রী ঈ (ঙীপ্) ; তু 'সং কাকী > প্রা °গী (প্রা.ম)] বায়সী। [কাগডিমে রঙ—কাগের ডিমের মত হরিতাভ নীল ; ফিরোজা রঙ। কাগের ছা বগের ছা লেখা—কাগ-বগের ছানার মত কাল শাদা লেখা, অর্থাৎ অক্ষরের কোন অংশে কালি লাগা কোন অংশে কালি না লাগা ; বিকৃতাক্ষর বা হিজিবিজি লেখা। কাগী বগী ভস্ম করা—কোপানলে কাগী বগী পুড়াইয়া মারা ; (গৌণার্থে) প্রবলের কোপে দুর্ব্বলের বিনাশ। মহাভারতে বনপর্ব্বে ২০৫তম অধ্যায়ে বেদজ্ঞ ব্রাহ্মণের কোপানলে বলাকাবধের কথা ও কুপিত ভিক্ষার্থী অভিশাপোন্মুখ সেই ব্রাহ্মণের প্রতি পতিশুশ্রূষু পতিদেবতা পতিব্রতার উপাখ্যান দ্রষ্টব্য।]

কাগজ বি [ফা কাগ.জ্. ; হি, ঠ, ড় কাগদ ; মৈ কগতা—কাগজ ; তেলেগু—কাগদমু] ১ লেখন মুদ্রাঙ্কন প্রভৃতির নিমিত্ত ব্যবহার্য্য পত্র-বিশেষ। "এক কিতা কাগজ আইল ধরিয়া গো.চ ২৪৮। কাগজ কুটিয়া নাম ধরাল্য কাগতি ক.চ ৮৬। ২ লেখ্য, দলীল, প্রমাণপত্র। "গো.চ ১৪৮। বাটোওয়ার কাগজ E.P. 75. ৩ সংবাদপত্র, খবরের কাগজ। ৪ কাগজে লিখিত হিসাব। "কারকুন কাগজ বুঝে বাঁকী ওয়াশীল শ্রী.মা ৮৮। [কাগজপত্র—লিখিত কাগজ, হিসাবপত্র দলীল-দস্তাবেজ। কাগজে কলমে হওয়া—লিখিত হওয়া ; মুখে মুখে না থাকা।]

কাগজাত বি ['কাগজাদি'—মূল] ১ কাগজপত্রাদি, হিসাবাদি, দলিল-দস্তাবেজ প্রভৃতি। "কাগজাত মজকুর মাফিক নকসা।—E.P. 76. সুবাজাতের কাগজাতও কিছু পাইলেন না ব.প ১৬৯০। ২ লিখিত বিবরণপত্র ; বর্ণনাপত্র। "মিছিলের কাগজাত।

কাগজিয়া বি [কাগজ+ইয়া২] সর্থ 'কাগজী'। "বি.পা ১২০।

কাগজী ১ কাগজের মত খোশাপাতলা লেবুবিশেষ ; কাগজী লেবু ; পাতিলেবু। [চব্বিশপরগণায় 'পাতি' ছোট গোল লেবু, 'কাগজী' (কাগুজী) ছোট লম্বা লেবু ; মেদিনীপুর অঞ্চলে 'পাতি'র নাম 'কাগজী' এবং 'কাগজী'র নাম 'কাগজা' ; ঢাকা অঞ্চলেও 'পাতি'কে 'কাগজী' বলে।] ২ কাগজের মত শ্বেত পারাবত।

কাগতি বি [মৈ 'কগতা'—কাগজ] যে কাগজ প্রস্তুত করিয়া তাহার ব্যবসায় করে ; মুসলমানজাতিবিশেষ। "কাগজ কুটিয়া নাম ধরাল্য কাগতি ক.চ ৮৬।

কাগা বি [কাগ > কাগা ; অপ্র] কাক। "বনের কাগা গো.চ ১৩৬ ; ১৩৭ ; কাগা কাণ্ডারী নৌকার ৪৫১। [কাগা কাগা—(?)। "গণক বলে করি গণনা, নাহি মিথ্যা প্রবঞ্চনা, কাগা কাগা বলিব কি হেতু দা ৮৯।]

কাঙর, -রূপ বি [কামরূপ > °রূপ, °র, °ভুর] কামরূপ দেশ। "কাঙরূপ কামাখ্যা তার নাম।· -ক চ ১৬ ; কাঙরের কামিখ্যে মুখে বাটিহ প্রভাতে ১৩৬। কাঙরে কামিখ্যা চণ্ডী কামরূপে গেলা শ্রী.মা ৯৫।

কাঙ(ঙ্গ)লা বিং [হি কঁগল ; দ্র 'কাঙাল'] দরিদ্র, দুর্ভিক্ষপীড়িত, ভিখারী। "আমার সাধের বাঙ্‌লা, হ'ল কাঙলা, সয় না অত্যাচার। —ঈশ্বরচন্দ্র গুপ্ত।

কাঙারি বি [কাঁড়ি > °রি অপ্র] সর্থ 'কাঁড়ি (২)। "তালের কাঙারি শূ ১৩৩।

কাঙা(ঙ্গা)ল বি [হি, ঠ, গু কংগাল] ১ নির্ধন, গরীব। "পরিহাস কর মোরে দেখিয়া কাঙ্গাল ক.চ ৪১। দুকুখি কাঙ্গাল গো.চ ২। না ছিল কাঙ্গাল।—ম.গা ৪। কাঙ্গাল গরীব ভ.গ্র ৪১৭। কাঙ্গাল দেখে যাইস কতই ক'য়ে দা ৯৫৬। লুঠি বাঙ্গালার লোক করিল কাঙ্গাল ভা চ ১৯ ; ২৮০। দুঃখী কাঙাল কা ৮৬। ওরা···টাকার কাঙ্গাল নয় ব.প্র ২০১ ; ৪৩৫। ২ অকিঞ্চন, বিষয়বিতৃষ্ণ, বিরাগী। "ওগো কাঙাল, আমারে কাঙাল করেছ।—গান ১১৭। ৩ প্রার্থী, ভিখারী। "এ দধি দুধের নহে তো কাঙ্গাল চ.সা ৬৩। [কাঙাল গরীব, দুঃখী কাঙাল—একার্থক শব্দ। কাঙালের কথা বাসি হ'লে খাটে—দরিদ্র সামান্যলোকের কথা প্রথমে অগ্রাহ্য হয়, পরে কার্যতঃ সত্য হয়। কাঙালের ঘোড়া-রোগ—গরীবের ঘোড়ায় চড়ার বাতিক ; (গৌণার্থে) অবস্থাতিরিক্ত সাধ বা সখ।]

কাঙা(ঙ্গা)লি, -লী বি [কাঙা(ঙ্গা)ল+ই১১, ঈ৮ ; হি, ঠ কংগালী —দারিদ্র্য ; দ্র 'কাঙাল'] ১ দরিদ্র। "ক্রোধে করি ভর, যাবে বাপঘর, পেয়াজি হবে কাঙ্গালি ভা.চ ১০৫। কাঙালী বাঙালী যত,···ধনে প্রাণে হল কাঙ্গালী।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ প্রার্থী, যাচক, ভিখারী। "এসেছি কি হেথা যশের কাঙালি।—গান ২১৮। ৩ অভাবগ্রস্ত। "যৌবনে অন্যায় ব্যয়ে বয়েসে কাঙ্গালী মে ২৮১। ৪ উৎসবাদিতে আহূত অনাহূত অথবা রবাহূত ভিক্ষাজীবী দরিদ্র। "কাঙ্গালিদের বরাদ্দ, ফি ফি জন এক এক শত তঙ্কা দা ৯৩৯। —লিনী বি [°ল+স্ত্রী ইনী] ১ দরিদ্রা, দুঃখিনী। "কহ, কেমনে রেখেছ, কাঙ্গালিনী আমি, রাজা, আমার সে ধনে?—মে ২০ ; কাঙ্গালিনী সীতা, কাঙ্গালিনী বেশে তারে দেখুন নৃমণি! ১৩৭ ; ১৪২। কাঙ্গালিনী, নাই হে কিছু অর্থ। —দা ৩৬৫। ২ অভাবগ্রস্তা। "বোল নাহি শুনে কানু স্তন নাহি পায়। কেমনে সহিব দুঃখ কাঙ্গালিনী মায়॥—শ্রী.ম ২৬। ৩ প্রার্থিনী, ভিখারিণী।

কাঙুই বি [সং কঙ্গুনী] কঙ্গু ধান্য ; কাঙ্গনী ধান।

কাঙুর বি [দ্র 'কাঙর'] কামরূপ। "কাঙুর কামিক্ষা দেবী শ্রী ৮৫। শ্রী.মা ১০২।

কাঙ্করি বি [কঙ্কর+ই১১ ; অপ্র] কাঁকর। "ভাঙ্গিল মুণ্ড, কাঙ্করি যেন খান খান ক.চ ৯৭।

কাঙ্ক্ষ্ সক [ভ্বা, প—কাঙ্ক্ষতি ; সেট্] আকাঙ্ক্ষা, ইচ্ছা। [আ—আকাঙ্ক্ষা।]

কাঙ্ক্ষা স্ত্রী [√কাঙ্ক্ষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ইচ্ছা, অভিলাষ। "রামাগমন° রা ১.১.৩৯। —ঙ্ক্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ অভিলষিত, বাঞ্ছিত। "মনসা কাঙ্ক্ষিতম্···আগমনম্ রা (S.W.)। ২ ইষ্ট, প্রিয়। "গমনং বনবাসস্য কাঙ্ক্ষিতম্ রা ২.২৯.১৫। —ত ক্লী [+ত-ভা] আকাঙ্ক্ষা, ইচ্ছা, মনোরথ। "সীতাদর্শন° রা (S.W.)। রঘু ১১.৫০। —কাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ঙ্ক্ষিণী] অভিলাষী, ইচ্ছু। "কাঙ্ক্ষিণী পুত্রমুত্তমম্ রা ২.১১০.১৯। বাস° গো.রা ৩.১৯.২৬ ; রণ° ২৮.২৮। শ্রী° মহা ৩.১১.৪৮। দর্শন° গী ১১.৫২। ভূমি° সী ৭৫। [সমাসে উত্তরপদ]

কাঙ্গনী বি [সং কঙ্গুনী ; গু কাংগ] ধান্যবিশেষ।

কাঙ্গা বি [সং কঙ্ক ; অপ্র] কঙ্কপক্ষী। "ভুজঙ্গ ধরিয়া খায় ধোকড়িয়া কাঙ্গা (ক.চ)। [ধোকড়িয়া কাঙ্গা—গলায় থলিযুক্ত কঙ্ক ; হাড়গিলা।]

কাঙ্গাল ; কাঙ্গালি, -লী, -লিনী দ্র 'কাঙাল ; কাঙালি'।

কাঙ্গুর বি [?] গঙ্গাজলের পাত্রবিশেষ।

কাঙ্গুরা বি [ফা কন্‌গুরহ্‌ ; হি কঁগূরা—শিখর [প্রাসাদশিখর, সৌধ-চূড়া। "কোঠায় কাঙ্গুরা ঘড়ী নিশান নহবৎ ভা.চ ২৬। [কাঙ্গুরা ঘড়ী —সৌধচূড়াস্থিত পেটা ঘড়ী।]

কাচ[১] পুং [√কচ্‌ বন্ধন+অ (ঘঞ্‌)-র্ম, কুত্বনিষেধ (অ টী)] ১ মৃত্তিকা-বিশেষ, ক্ষার (অ.টী) "°লবণ। ২ বালুকা ও ক্ষারের মিশ্রণে জাত ভঙ্গপ্রবণ স্বচ্ছ বস্তুবিশেষ ; কাঁচ, পরকলা। "হি ৪১ (কথারম্ভ)। মণিলু´ঠতি পাদেষু কাচঃ শিরসি ধার্য্যতে। যথৈবাস্তে তথৈবাস্তু কাচঃ কাচো মণি-র্মণিঃ॥ সু.র। কাচমূল্যেন বিক্রীতো হন্ত চিন্তামণির্ময়া। —ভর্তৃহরি। [কাচানারয়ন্তি (শতপথব্রাহ্মণ ১৩.২.৬.৮)—কাচান্‌ (glass-pearls)।—M.W.। সুশ্রুতে 'কাচ' অনুশস্ত্রবিশেষ (১.৮.১১)।] ৩ শিক্য, ছিকা। ৪ (সাদৃশ্যে) তুলায় ধট (পাল্লা) ঝুলাইবার দড়ি, কাছি। ৫ নেত্ররোগবিশেষ (সুশ্রুত)। —চ ক্লী ১ ক্ষারমৃত্তিকাজাত লবণ ; কালালোন। ২ [+অ-ণ] সিক্‌থ, মোম্‌। ৩ বন্ধন। "তুরিতে ঘুচায়নু নীবিক কাচ (পাঠান্তর 'নীবিক কাজ', বি.সা ১৯৮) বি.প ১৩৭। ৪ (বাঙলায়) কাচের চুড়ী ; চুড়ী। তু 'কাঁচ'[১]। "কিনে দিবে শিলামণির কাচ ঃ শিলামণির কাচ ভাল সুন্দরীরে সাজে ম.ম ২০৬। [শিলামণি—শিলাবৎ কৃষ্ণ নীলমণি (?)।] [°কূপী (স্ত্রী)—কাচের কূপবৎ পাত্র ; বোতল, শিশি (Wilson)। °ঘটী (স্ত্রী)—কাচের পাত্রবিশেষ ; ব'এন্‌।]

কাচ[২] বি [সং কার্য্য > প্রা কজ্জ, -চ্চ (প্রা.প্র ১০.১১), কচ্চ্‌, কাচ্চ (হে ৪.৩২৯) > বা কাচ ; তু 'কচ্চ'—কার্য্য (দেশী ২.২) ; কচ (কার্য্য, কর্ত্তব্য)—"ইদং কচং (অশোক-অনুশাসন) ; হি কাছ] ১ 'কাজ', বেষধারণ, ছদ্মবেশ-ধারণ, ভেখধরা। "ভাঁড়গণ ভাবে মোরা ভাল কাচ কৈল।—ভ.গ্র ২৪১। ২ (অভিনয়ার্থ) পাত্রবেষ, সাজ-সজ্জা, সাজগোজ, পোশাক-পরিচ্ছদ—শঙ্খ কাঁচুলী পাটশাড়ী অলঙ্কার। "বৃদ্ধ-কাচে শুক্ররূপে কেহো মানা করে চৈ.ভা ৬৪ ; লক্ষ্মী-কাচে ২৮২ ; কাচ-সজ্জ কর ঃ নারদ-কাচ ঃ পাত্র-কাচ ২৮৩। নাগরালি-কাচে নাচয়ে।—ন.প ২৯২ ; ২৯৭ ; পার্ব্বতীর কাচে ২৯৯। ৩ বেষ-ধারী, ভেখধারী, ছদ্মবেশী। "মধ্যখণ্ডে নানা কাচ হৈলা নারায়ণ চৈ.ভা ১০। ৪ ছল, কপটতা। "কেহ বলে, কাচ কাচি আছে যে ছাওয়াল চৈ.ভা ৬৫। মর মাগী! আবার কাচ!—ব.প্র ২৩৫। ৫ রঙ্গভঙ্গ, অঙ্গভঙ্গি, রঙ-ঢঙ। "কেহ হাসে কেহ (যোগিনী) গায় কেহ কাচ কাচে কৃ.উ ১১০। ভুবনমোহন কাচে, রঙ্গিণী তাণ্ডব নাচে ক.চ ১১২। [কাচ-সজ্জ—অভিনয়বেষসজ্জা, সাজগোজ। "কাচ-সজ্জ করিলেন চৈ.ভা ২৮৩। কাচ কাচা—১ পাত্রবেষ ধারণ করা। "গদাধর কাচিবেন রুক্মিণীর কাচ ঃ স্বকাচ কাচিতে চৈ.ভা ২৮৩ ; কাচ কাচ আপনার ২৮৪। ২ ছল করা। দ্র 'কাচ[২] (৪)'। ৩ লীলাবেষ ধরা। "রামপ্রসাদ···ভাষে, মা! কত কাচ গো কাচ।—কালীকীর্ত্তন। ৪ রঙ্গভঙ্গ করা। দ্র 'কাচ[২] (৫)। কাচ কাচয়ে—অভিনয় করে। "ন.প ২৯৭। কাচ কাচিবার—বেষধারণ করিবার। "মোরে আজ্ঞা কর প্রভু! কোন কাচ কাচিবার চৈ.ভা ২৮৪। কাচে কাচে—ছলে ছলে, নানা ছলে ; ছলপূর্ব্বক। "উদ্ধবকে জানা আছে, সে বেটা কাছে কথা কয়, কাচে কাচে দা ৪৮৬।]

কাচ[৩] সর্ম্ম [কাচ[২] > √কাচ ; হি √কাছ ; তু' √কাছ[৪]] (বেষ) ধারণ বা পরিধান করা। দ্র 'কাচ[২]—'কাচ কাচা'। —চ অর্থ্য বেষ ধারণ করা ; সাজা। "কোনো শিশু নারদ কাচয়ে দাড়ি দিয়া চৈ.ভা ৬৪।

কাচ[৪] সর্ম্ম [সং কাচ (ক্ষার) > √কাচ (?) ; হি √কছ ; তু 'তা কশাক্‌কু—কাচা ; 'কিচ্চণ'—প্রক্ষালন (দেশী—প্রা.ম)] ১ ক্ষার-যোগে পরিষ্কার করা ; সাফ করা ; কাচা, ধোওয়া। "ধোপানী কাপড় কাচে কাচড়ার ফুল। বেহুলা কাপড় কাচে সূর্য্যসমতুল॥—ম.ভা ৫৫। ২ পচা পাট শণ প্রভৃতি প্রক্ষালন করা। "সাজ সেই শণ কাচে জলেতে পচায় ম.ভা ৬৩। —চা সর্ম্ম [কাচ+আ[৮]] পরিষ্কার করান ; ধোওয়ান, কাচান।

কাচ[৫] সর্ম্ম [সং √কচ্‌ ; হি √কাছ] (অপ্র) বন্ধন করা ; আঁটিয়া বাঁধা। "বাম দিগে কাচস্তি পরভুর তিধার খণ্ডা শূ ৯২। নেতে কোমর কাচিলা বা.ম ১৫৭ ; কাপড় কাচিয়া উঠে ঃ বুকের উপরে বেটী কাচিয়া কাপড় ২৭৬। সাজিয়া কাচিয়া সভে হইলা বাহিরে জ্ঞা ৩৩।

কাচড়া বি বৃক্ষবিশেষ (কি বৃক্ষ?)। "ধোপানী কাপড় কাচে কাচড়ার ফুল ম.ভা ৫৫।

কাচঢাল সর্থ 'কাঁচঢালা'। "কাচঢাল খোহঢাল (পাত্রমিত্রের ঘর) কৃ.উ ২১৩। [কাটডাল (লিপিপ্রমাদ?)—কাচঢাল। "মেজে করিল কাটডাল শূ ৫৯।]

কাচতিয়া, -তে, কাচি বি [সং কর্ত্রিকা > প্রা*কত্তিআ > বা (কত্‌তিআ) কাচতিয়া, কাচি (?) ; হি কচিয়া ; ঠ কাত্রী (কৃপাণী)] ধান্যাদিচ্ছেদনের অস্ত্রবিশেষ।

কাচন[১] ক্লী [√কাচি+অন (ল্যুট্‌)-ণ] 'বন্ধনসাধন', কাগজপত্র বাণ্ডিল ইত্যাদি বাঁধার দড়ি ; ফিতা। —নি বি (বাঙলায়) দড়ি, গাভীছাঁদা দড়ি, ছাঁদনদড়ি। "যষ্টি বিশাল (বিষাণ?) বেত্র মুরলী কাচনি জ্ঞা ৪২।

কাচন[২] বি [√কাচ[৩]+অন ; অপ্র] ১ বেষধারণ, সাজা ইত্যাদি। ২ সজ্জা, সাজ। "দশ পাঁচ অস্ত্র একো জনের কাচন চৈ.ভা ৪৬৮। ৩ [√কাচ[৪]+অন] প্রক্ষালন, কাচা।

কাচমণি পুং [কর্ম্মধা] ১ স্ফটিক। ২ কাচ। "আকরে পদ্মরাগাণাং জন্ম কাচমণেঃ কুতঃ হি ৪৪ (কথারম্ভ)। চিন্তামণি ছাড়ি তুমি কাচমণি চাহসি অ.প ৬১।

কাচলবণ ক্লী [উ.লো] ক্ষারজাত লবণ ; কালালুন্‌।

কাচা[১] বি [√কাচ[৩]+আ] ১ (অপ্র) বেষধারণ করা ; পরিধান করা। ২ [√কাচ[৪]+আ] ক্ষারজলে সিদ্ধ করিয়া ধোওয়া ; ধাবন, প্রক্ষালন। ৩ [√কাচ[৫]+আ ; অপ্র] বন্ধন করা ; বাঁধা, কষিয়া বাঁধা। —চা বিং [√কাচ[৪]+আ] ধৌত, প্রক্ষালিত। "দুজনার কাপড় কাচা শুখাইতে দিল ম.ভা ৫৬।

কাচা[২] বি [হি কাছা] ১ ক্ষুদ্র বস্ত্র ; খাট কাপড়। "পরি দু-পণের কাচা, ভানিত আমার ভাচা ক.চ ৮৫। ২ গুরুজনের মরণাশৌচে পুত্রাদির পরিধেয় ধৌত বস্ত্রখণ্ড। "গলায় কাচা বাঁধা। গলার কাচা নামান। ৩ শ্মশানে শবের পরিধেয় ধৌত বস্ত্রখণ্ড। "তখন সাজায়ে মাচা, কলসী কাচা, বিদায় দেবে দণ্ডীর বেশে।—রামপ্রসাদ। ৪ সর্থ 'কাছা[১]। "পাকানো কাচা হু ১৪৮।

কাচা[৩] বিং [হি কচ্চা > বা কাচা ; দ্র 'কাঁচা[১]] ১ যাহা পোড়া নহে ; আপোড়া। "কাচা হাঁড়ি কাচা পাতিল ম.গা ১২। ২ [সাদৃশ্যে ; অপ্র] অগ্নিতেজে গলিত ; দ্রবীভূত। "কাচা হইয়া পড়ে তবু করে থর থর ম.গা ১৫। ৩ [হি কাচো—অনিত্য] নশ্বর, অস্থায়ী। "পিণ্ডি কাচা সংসারে কয় গো.চ ৭০।

কাচি, -ছি বি [সং কক্ষা—কক্ষিকা > প্রা*কচ্ছিআ > বা কাছি -চি ; তু 'কচ্ছিকা (চর্য্যাপদ ৮ ; ১৪, টীকা), কাচ্ছি, -চ্ছী (চ)] স্থূল রজ্জু ;

মোটা দড়ি। "তিনটে কাছি কাছাকাছি যুক্ত বাঁধা মূলাধারে।—রামপ্রসাদ। কাছি গিলিল মাছে ম.ভা ১১। বর গলে দিয়ে মালিকা গাছি। বেন্ধে লবে দিয়ে প্রেমের কাছি॥—বা.দ ১৪০। —চি বি কাস্তিয়া। দ্র 'কাস্ত'।

কাচি(ছি)ম বি [সং কচ্ছপ > প্রা কচ্ছভ (প্রা.ম), কছ্ছ (পৈ); হি কচ্ছুআ, -বা; ঠ কাসর, কাংসর; মৈ কাছু; ড় কাছুম; প কছুআ; সি কছুং] কূর্ম্ম। "জলেতে কাছিম ভাসে বা.ম ৩৪৯। কাছিমের গুঁড়া ম.ম ৫৫। কাছিমের ডিম ভা.চ ৫৪৮। কাছিম।—শিশু ৭৮।

কাচুরি বি [কাঁচুলি > °রি; বৈষ্ণবসাহিত্যে] কাঁচুলি। "কাচুরি ফারি৹ চরণতলে রোধই ব ৮২।

কাচ্চাবাচ্চা, কাচ্ছাবাচ্ছা বি [কাচ্চা (হি কচ্চা), বাচ্চা (হি বচ্চা); হি কচ্চেবচ্চে] কাঁচা ছেলে-পিলে; ছোট ছেলে মেয়ে; কচি-কাঁচা। "আমার কাচ্চাবাচ্চাগুলির৹ দফা তিন দিনেতেই সারো দা ৫৫৩। দেখো যেন বড় ব্যয় হয় না—আমি কাচ্ছাবাচ্ছাওয়ালা মানুষ আ.দ্র ১১। °চ্চা পা.প্র ১৭৬।

কাছ[১] বি [সং কক্ষ > প্রা কচ্ছ > বা কাছ] ১ (অপ্র) কক্ষ, কাঁখ। "কাছের কলসিএঁ রাধা তুলিলেঁ পাণী।—শ্রী.কী ২৫০,-৮৭। ২ সমীপ, নিকট। "পুরনারীগণ সঙ্গতি করিয়া গৌরী আনিল তাঁর কাছে ম.ম ২৬। ৩ সঙ্গ, সাহচর্য্য। "মুখানি মুছায়ে বলে এস কাছে কাছে শ্রী ৮৮। হেন বরে বিয়া দিয়া রাখি আপন কাছে ক.চ ১১৯। ৪ অদূর, নাতি-দূর। "ক্রোধে গিয়া ভীম বৃক্ষ পাইল কাছ ম.বি ১৮৫। ৫ (অপ্র) পার্শ্ব, দিক্, ভিত। "বেদ বিধানে জামাই বরিয়া, শিব রহিল এক কাছে ম.ম ২৬। [কাছে (অস কাষে—পার্শ্বে)—১ নিকটে, নাতিদূরে, সমীপে। ২ সঙ্গে, গাঁঠিতে, হাতে। "তিনি নিঃসম্বল, একটি পয়সাও তাঁর কাছে নাই। ৩ নিকটে, অর্থাৎ উপমান-উপমেয়ভাবে তুলনায়। "আমার কাছে হিন্দুসাম্রাজ্য খাটো হইয়া গেল ব.প্র ৫১১; আর্য্যসাহিত্য আর্য্য-দর্শন আমার মনে ইহার কাছে লাগে না ৬২৬। ৪ কক্ষে, কোলে। "যার কোল মিষ্টি, তার কাছে শিশুরা থাকে ভাল। ৫ বিচারে। "আমার কাছে পক্ষপাত নেই।]

কাছ[২] বি [সং কক্ষ,-ক্ষা > প্রা কচ্ছ,-চ্ছা > বা কাছ, -ছা; হি কাছ, -ছা] বস্ত্রের যে অঞ্চল দুই পায়ের মধ্য দিয়া গলাইয়া পশ্চাদ্‌ভাগে গুঁজিয়া রাখা যায়; কাছা। "দৃঢ় কাছ করি তবে বাঁধিল মুরারি ব.প ৭৭৩। বীরকাছ পরিধান (ক.চ)।

কাছ[৩] বি [কাচ[২] > °ছ; অপ্র] বেষ, সাজ। "আয়োর মিশালে বুড়ী নানা কাছ কাচে ক.চ ১১৯।

কাছ[৪] সর্ম্ম [√কাচ[৫] > √কাছ; অপ্র] ১ বন্ধন করা; কষিয়া বাঁধা; কাছা বা মালকোঁচা দিয়া পরা। "কটিতে কাছিয়া বীরধড়ীঃ ভুজমাঝে কাছে ডুরি শ্রী.ম ৩৫। কাছিয়া কাপড় পিন্ধে ম.ম ৭০; একখান কাছিয়া পিন্ধে ১৩০; ১৭৮; কাপড় কাছিয়া গোদা ঝাঁপ দিল জলে ২০৬। ২ পরিধান করা। "সাজ কাছে (অর্থাৎ কাছিয়া) আইল উমা নৃত্য করিবার বি.পা ৩৪৬। ৩ ধারণ করা; বাঁধা। "নানাস্ত্র কাছিল অঙ্গে শ্রী.ম ১৫৫; কাছিল অক্ষয় শর টোন ১৮১; কাছি ধনু শর ২৩৬। নানা অস্ত্র কাছি ম ৫০১।

কাছটি, -টী, -ড়ি বি [প্রা কচ্ছটী (কক্ষপট্টি), (কচ্ছুটিয়া), (কক্ষপট্টিকা), কছোটী (দেশী—প্রা.ম); সং কচ্ছটিকা,-চ্ছাটী; হি কছোটা, -ছৌটী; গু কছোটী; ঠ কাংসোটা] ১ পরিহিত বস্ত্রের হ্রস্বতর অঞ্চল; কাছা, কৌপীন। "মোহর কাছটী জান সর্ব্ব সিধা হএ গো.বি ৩৮। কাছটী পিন্ধন ম ২৯৪। ২ বীরকাছা, মালকাছা। "কাছড়ি কোমরবন্ধ যমের আকার।—ব.প ১৫১৩। ৩ সর্ম্ম 'কাছুটী (২)। [কাছটিয়া—মালকাছা দিয়া পরিয়া। "ধনুক তুলিতে যায় বস্ত্র কাছটিয়া কৃ ৫৯।]

কাছন, -নি বি [কাচন > °ন, °নি; অপ্র] ১ সজ্জা, সাজ, বন্ধন। "শর কাছনি করি ব.প ৩২৫। দশ পাঁচ অস্ত্র একো জনের কাছন চৈ.ভা ৪৬৮, টীকা। ২ বন্ধন-ডোর। "কটিককাছনি দ্র ৫৪।

কাছরা বি ['কাছি-পারা'—মূল (?); তু 'কচরা'; অপ্র] কাছির মত স্থূল রজ্জু; মোটা দড়ি। "উলুর কাছরা দিয়া বান্ধহ ম.গা ১৮; ১৯। গো.চ ৩৫৯,-৬২। —ছলা বি লতাবিশেষ। "একে একে ডিঙ্গাইল কাছলা সাত গাছে ম.ম ১৭৬।

কাছা[১] বি [সং কক্ষা > লি, প্রা কচ্ছা > বা কাছা; হি কাছা; মৈ কাছ; গু কচ্ছ, কাছ] পরিহিত বস্ত্রের যে অংশ পশ্চাদ্‌ভাগে গোঁজা থাকে; কাছটি। [কাছা-আলগা, কাছা-ঢিলা—১ যাহার পশ্চাদ্ভাগে বা পরোক্ষ বিষয়ে দৃষ্টি নাই; পরিণামজ্ঞানহীন, কাণ্ডজ্ঞানহীন। ২ যাহার কাছা শিথিল, বীরের ন্যায় আঁটা-সাঁটা নহে; (গৌণার্থে) দুর্ব্বল, নিস্তেজ, কাপুরুষ। "চাষার হাতে পোলা দিলে, নীলে সকল জমি নিলে, জমিদার সব কাছাঢিলে, চোলের মুখে মাছ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। কাছায় হাগা—যে ভয়ে কাছায় মলত্যাগ করে; ভীরু, ভয়শীল।]

কাছা[২] সর্ম্ম [কাছ + আ[৯]] কাছে যাওয়া; নিকটে আসা; ঘনান। "খানিক খানিক করি জমের ঘর কাছাইতে লাগিল গো.চ ২২। বামহস্তে হেমতাল আনিয়া কাছায় বি.প ১৬৯; কাছাইয়া চিনে নিজ পতি ২৫২। [কাছান—নিকটে আসা।]

কাছাকাছি বিং [কাছ-আ + কাছ-ই] পরস্পর নিকটবর্ত্তী; সন্নিহিত লাগালাগি, গায়-গায়-লাগা। "তিনটে কাছি কাছাকাছি যুক্ত বাঁধা মূলাধারে।—রামপ্রসাদ। শুধু অতি কাছাকাছি দুটি জনপ্রাণী৹ অসীম নির্জ্জনে চ.কা ১১৯। [কাছাকাছি হওয়া—নিকটবর্ত্তী হওয়া; কাছান।]

কাছাড় বি [সং কচ্ছ; হি কছার] ১ সমুদ্রের বা নদীর তীরের নিকটস্থ জলপ্রায়ভূমি (জলা জমি)। ২ আসামের প্রান্তবর্ত্তী ভূভাগ; কাছাড়-দেশ। ৩ ['কক্ষাপাত'—মূল (?); অপ্র] কক্ষায়, অর্থাৎ পশ্চাদ্-ভাগে পতন; চিৎ হইয়া পড়া; চিৎপাত, আছাড়। "অমনি কাছাড় খেয়ে সর্ব্বাঙ্গেতে কড়া ৪৪; কানাড়া কাছাড় খেয়ে পড়ে ১৪৬; ১৬২। কাছাড় খাইঞা পড়ে চ.দা ২৬। ৪ উত্তোলনপূর্ব্বক শিলা-প্রভৃতিতে আঘাত। "এইরূপ পাথরে কাছাড় দেই তুল্যা।—ব.প ৪০৭। বড় বড় পাথরে কাছাড় মারে ল'য়ে শি ১০৬। [কাছাড়—আছাড় দেও; আঘাত কর। "পাথরে কাছাড় তবু ভাঙ্গিবার নয় শি ১০০। কাছাড়ে —আহত করে; মর্দ্দন করে; কচলায়। "হাতে হাত কাছাড়ে কৃ.উ ১৮৮। কাছাড়ে পাছাড়ে পড়ে—পশ্চাদ্‌ভাগে পা ছাড়িয়া বা ছড়াইয়া পড়ে; চিত হইয়া পড়ে। "কাছাড়ে পাছাড়ে পড়ে ছাড়ে সিংহনাদ শ্রী ৫২।]

কাছারি, -রী বি [হি কচহরী; কচ (হি কচ কচ—বাদবিবাদ) + হরী—হারক (?)] ১ রাজসভা, দরবার। ২ বিচারালয়, আদালত। ৩ আদালতের কার্য্যস্থান; দফতর। [কাছারি করা—১ বিচারালয় বসান। ২ কাছারির কার্য্য বা বিচারাদি করা। কাছারি বসা—কাছারির কার্য্য আরম্ভ হওয়া। কাছারি বাড়ী—কাছারি-ঘর।]

কাছি; কাছিম দ্র 'কাচি; কাচিম'।

কাছুটি, -টী বি [কাছটি, -টী > °টি, -টী; অস কাছুটী] ১ কৌপীন। "আমার কাছুটী জান সর্ব্বসিদ্ধি হয়ঃ কাছুটি পাখালি জল খাইল আসিয়া গো.বি ৩৮। পরিস কাছুটি।—কৃ ২১৪; ৩৮৬। ২ কটিবন্ধ, কোমর-বাঁধ। "কোমরে কাছুটি গো.বি ৭৯।

কাজ বি [সং কার্য্য > লি, প্রা কজ্জ > বা কাজ; হি, ঠ, প, গু, মৈ,

অস কাজ ; সি কাজু ; তু 'কজ্জ—"কজ্জের বিধান (শূ ১১) ; কাজ্য —"বিলম্বের কাজ্য নাই (গো.চ ৮৭) ; কাজণ, -ন—"কাজণ কারণ (চ ৩২ ; ৪১) ; কজ্জ, -জ্জস্থ, -জ্জে (দো ৮২, ১০৯, ১১০) ; কার্জ্জ] **১** কার্য্য, কর্ম্ম, ক্রিয়া। "মোর কাজ তোহ্মাতে লাগে শ্রী.কী ১৩। মনত কৃষি-কাজ বুঝ না।—রামপ্রসাদ। এখানে কন্দলি কর, ভাল নহে কাজ কৃ.উ ২৩৪। **২** চিত্তবিকার-ক্রিয়া, বিকারের কথা। "আছুক অন্তের কাজ ভুলে মুনিগণ গো.বি ৭৯। **৩** ব্যাপার, ঘটনা। "সকল বানর কান্দে ছোট নহে কাজ কৃ ২৬১। **৪** ব্যবসায়। "পাটের, তিসির, তুলার কাজ। **৫** বৃত্তি, পেশা ; জাতিগত বৃত্তি। "যার কাজ তারে সাজে। অন্যেরে লাঠি বাজে॥—প্রবচন। **৬** কর্ত্তব্য বিষয়। "মাএর নিকটে গিয়া কহিলেন্ত কাজ গ ২৭। কথায় বুঝিনু কাজ ভা.চ ৩৪৪। **৭** চাকরী, কর্ম্ম। "সে এতদিন ব'সে ছিল, এখন একটু কাজ পেয়েছে। **৮** উপায়, কৌশল, ফিকির। "পুরীমধ্যে গিয়া সবে চিন্তিলেক কাজ ম.গা ১৬। চাঁপা একটু ভাবিয়া বলিল, তবে এক কাজ করিবি ?—ব.প্র ২০৬। **৯** প্রয়োজন, ফল। "কাজ কি বাস, কাজ কি বাসে, কাজ কেবল সেই পীতবাসে ঃ কাজ কি গো কুল! কাজ কি গোকুল! —দা ২৭২। গুহাটার জন্য দুঃখে কাজ কি ?—ব.প্র ৪৬৪। **১০** উদ্দেশ্য, অভিপ্রায়, মতলব। **১১** আবশ্যক, দরকার। "পতি কোলে থাকি যার অনেকেতে কাজ। কুলটা তাহারে বলে পণ্ডিত-সমাজ॥—ভা.চ ৬৮৫। তরল বাঁশের৹ শুকান কাঠের (মুরলী)৹ তাহাতে কাহার কাজ? —রা.শে ৬৩। **১২** পরিণাম, ফল। "যত অকুশল দেখি ভাল নহে কাজ ম ১০৮। **১৩** ফল, গুণ, উপকার (ঔষধাদির)। **১৪** ব্যবহার, আচরণ, অনুষ্ঠান। "সে জাতিতে ব্রাহ্মণ, কাজে চণ্ডাল। **১৫** পাপের ফল ; দণ্ড, শাস্তি। "তুঞি পাপী নিন্দা কৈলি তাঁহার চরিত॥ এতেকে তোহোর কুষ্ঠজ্বালা কোন্ কাজ।—চৈ.ভা ৪৩৮। **১৬** বিহার, সহবাস। "লাজের মাথায় হানিয়া বাজ। সাধয়ে রামা বিপরীত কাজ॥—ভা.চ। **১৭** বিবাহাদি উৎসব ; পাল-পার্ব্বণ। "কাজে কর্ম্মে কখন আনে ব.প্র ৩৪৪। [কাজ আদায় করা—খাটাইয়া কাজ লওয়া বা কার্য্য সিদ্ধ করা। "তাকে সমানে খোরাক দিচ্চি, অথচ তা'র কাছ থেকে কাজ আদায় করচিনে ঘ ১৫৩। কাজক—কাজের। "শ্রী.কী ২৫৩। কাজ-কাম—কার্য্যমাত্র। "কাজ কাম সব কৈলে নাশ চৈ.চ ১৯৫। কাজ কি ?—কি প্রয়োজন ? অর্থাৎ নিষ্প্রয়োজন, বিফল। দ্র 'কাজ (৯)। কচকচিতে কাজ কি।—কৃ ২৫০। কাজ চলা—কাজ সম্পন্ন হওয়া ; কার্য্যে বা ব্যবসায়ে বিঘ্ন না হওয়া। কাজ চালান—কার্য্য নির্ব্বাহ করা। কাজ দেখা—**১** কার্য্যে কুশলতা পরীক্ষা করা। **২** কাজে মন দেওয়া। **৩** কার্য্যের তত্ত্বাবধান করা। **৪** শেখার উদ্দেশ্যে কোন কাজ বিশেষভাবে বুঝা। **৫** কাজে আসা ; ফল হওয়া। "চুপ ক'রে ব'সে না থেকে, তক্‌লি কাটলেও কাজ দেখে। **৬** চাকরী খোঁজা। কাজ দেখান—কার্য্যে যোগ্যতা দেখান ; প্রত্যক্ষে কার্য্যতৎপরতা দেখান (পরোক্ষে ফাঁকি দেওয়া)। কাজ নিকাশ করা—কার্য্যশেষ করা। কাজ পাওয়া—ফল পাওয়া ; উপকার বোধ করা। কাজ বজায় রাখা—কার্য্য নষ্ট হইতে না দেওয়া ; কাজ ঠিক রাখা। কাজ বাগান—চাকরী হস্তগত করা ; কার্য্য সিদ্ধ করা। কাজ বাড়ান—অকার্য্য করিয়া খাটুনি বাড়ান। কাজ বাৎলান (হি বৎলানা)—কাজ দেখান ; কাজ বুঝান বা শিখান। কাজ লওয়া—**১** কার্য্যভার গ্রহণ করা। **২** সর্থ 'কাজ আদায় করা'। কাজ সাবাড় করা—কার্য্যশেষ করা। কাজ সারা—কার্য্য নির্ব্বাহ করা। কাজ হারান—কর্ত্তব্য কার্য্য ভুলিয়া যাওয়া ; কর্ত্তব্যে চুক হওয়া। "কাজ হারালাম কালের বশে।—রামপ্রসাদ। কাজ হাশিল করা—কার্য্য সিদ্ধ করা ; কৃতকার্য্য হওয়া। কাজও নাই, কামাইও নাই—নির্দ্দিষ্ট কোন কার্য্যও নাই, পক্ষান্তরে বিরামও নাই, অর্থাৎ কাজের কোন নিয়ম নাই, যখন যাহা উপস্থিত হয়, তাহাই করিতে হয়। কাজে আসা—**১** কাজ করিতে আসা। **২** কার্য্যকর হওয়া ; উপকারে আসা। "আখেরে আসিবে তোর বৌ-ঝিয়ের কাজে শ্রী ১০২। কাজেই—কার্য্যানুরোধেই, কার্য্য হেতুই, সুতরাং। "আদ আঙ্গুল চুঙ্গিতে আট আঙ্গুল বারুদ পূরিলে কাজেই ফাটে নী ১৩। কাজে কর্ম্মে—**১** সাংসারিক কার্য্যে। "মেয়েটি কাজে কর্ম্মে বেশ! **২** করণীয় বিষয়ে ; কর্ত্তব্যে। "লোকটা কাজে কর্ম্মে খাঁটী। **৩** কার্য্যতঃ, কার্য্য দ্বারা (কেবল কথায় নয়)। "কিছু বলা ঠিক না, কাজে কর্ম্মে দেখাও। **৪** উৎসবাদিতে। দ্র 'কাজ (১৮)। কাজে কাজে, কাজে কাজেই—কার্য্য হেতুই ; সুতরাং (অবধারণে দ্বিত্ব)। কাজে কুড়ে, ভোজনে দেড়ে, বচনে মারে পুড়িয়ে ঝুড়িয়ে—অলস ভোজনপটু ও কটুভাষী (অর্থাৎ বচনসর্ব্বস্ব) নিগু´ণ ব্যক্তির সম্বন্ধে প্রবচন। কাজে দেখা—কার্য্যতঃ দেখা (কেবল মুখে নয়)। "তার মুখেই সব, কাজে কিছু দেখি না। কাজে লাগা—**১** কাজ আরম্ভ করা। **২** কাজে আসা ; কার্য্যোপযোগী হওয়া। কাজের কথা—**১** প্রয়োজনীয় বিষয় ; সার কথা। **২** কার্য্যে অনুষ্ঠানের মত বিষয়, অর্থাৎ যাহা করা অসম্ভব নহে। "একি কাজের কথা!—যা নয়, তাই! কাজের কাজী—কার্য্যতত্ত্ব-নিপুণ ; কার্য্যকুশল। কাজের মত—**১** কার্য্যে উপযোগী বা সমর্থ। **২** কার্য্যের অনুকূল ; যাহাতে কাজ চলিতে পারে। কাজের মত কাজ—'কার্য্য' নামের যোগ্য কাজ ; উৎকৃষ্ট কার্য্য। কাজের লোক—**১** কার্য্যকুশল ব্যক্তি। **২** যে সর্ব্বদাই কার্য্যে ব্যাপৃত ; কর্ম্মিষ্ঠ ব্যক্তি। **৩** যে কার্য্যতঃ করে (কেবল মুখে বলে না)। কাজের সময়—**১** কার্য্যের নির্দ্দিষ্ট কাল। **২** প্রয়োজনের সময়, যখন দরকার হয়, তখন। "কাজের সময় কাজী। কাজ ফুরালে পাজী॥—প্রবচন।]

কাজর বি [কাজল > °র ; হি, মৈ কাজর ; ঠ কাজল ; বৈষ্ণবসাহিত্যে] কাজল। "(লোচন) কাজরে রঞ্জিত ভেলা বি.প ৯ ; ১৬ ; কাজরে সাজল মদন ধনু ৩৮। কাজরে উজোর নয়ন যুগল চৈ.ম ৩৭ ; কাজর রেখা ৪৯। নয়ানে কাজর চ.দা ১৯। অরুণ দৃগঞ্চল৹ কাজরে রঞ্জিত প.র ৩। কাজর-শলাকা ভ.গ্র ১৬৫।

কাজল বি [সং কজ্জল >প্রা কজ্জল >বা °ল ; হি, গু °ল ; ঠ কাজল. ; মৈ কাজলি] **১** কজ্জল। "কাজলে রঞ্জিল দুঈ আখী শ্রী.কী ৩৪৭। কাজলের বর্ণ ম.ম ৪২। কাজল উজ্জ্বল আঁখি বি.পা ৮৭। কাজল মেঘে।—গান ৮১। কাজল আঁকা···শয্যাপ্রান্তে চ.কা ৩২৯। কে দেখতে পায় চোখের কাছে, কাজল আছে কি না আছে।—রবীন্দ্র। কু.কে ৭৩। **২** (সাদৃশ্যে) তিমির। "অমা-যামিনীর কাজল হরি কু.কে ১৫০। **৩** পূর্ণগর্ভা গাভীর চক্ষুর প্রান্তস্থ কজ্জলবৎ বর্ণ। [°নতা, °লতা [স[illegible]নেত্রিক ; ড় কাজলপাতি)—কাজলের ধাতুনির্ম্মিত কোষ-বিশেষ ; অঞ্জনযষ্টিকা। কাজল কাটা—কাজলের রেখা কাটা ; কাজল পরা। "কুরঙ্গ-নয়নে কিবা কাটিল কাজল শ্রী.মা ৮৫। কাজল পরা—চক্ষুতে কজ্জলরেখা ধারণ করা। কাজল পাড়ান—দীপশিখায় কাজল প্রস্তুত করা।

কাজলা[১], -লী বি ['কজ্জলাভ'—মূল] **১** কজ্জলাভ ইক্ষুবিশেষ ; কাজলা আখ। **২** শুকজাতীয় পক্ষীবিশেষ (slaty-headed paraquet) ; (মতান্তরে) মদনা, ময়না। **৩** ধান্যবিশেষ, কাজল ধান। —লা বিং কজ্জলতুল্য কৃষ্ণবর্ণ ; গাঢ় কাল। "কাজলা সবুজ কাজল পরে৹ পাটের জমি ঝিমায় দূরে।—কু.কে ৩০। [কাজলা সবুজ—গাঢ় হরিদ্বর্ণ। কাজলে আক—সর্থ 'কাজলা (১)। "ফু, উড়ে যা, কাজলে আক্ হ।—ন.ত ৮২।]

কাজলা[২] বি ['কাঠ-চালা' (?) ; হি পচ্চর ; ড় পটকিল.। (পট্টকীল) ;

ঠ পাচর, পাচরবট ; দ্র 'কাতলা']। করাতে কাঠ চেরার সময়ে চেরা কাঠের মধ্যে, অনায়াসে করাত টানার নিমিত্ত যে মুখ-পাতলা চেপ্টা কাঠের কীলক ঘা দিয়া বসাইতে হয়, সেই কীলক। [কাজলা আঁটা, লাগান বা মারা—চেরা কাঠের মধ্যে কাজলা বসাইয়া দেওয়া।]

কাজি[১], **-জী** বি [আ কাজ়ী] ১ মুসলমান বিচারপতি (ম্যাজিষ্ট্রেট্, জজ্)। "কার্ত্তিক হৈল কাজী শূ ১৪১। আপনিই কাজি সেই গোষ্ঠী তার জোলা ব.প ২১৪। আল্লা আল্লা বলে তোমায় পাঠান সৈয়দ মোগল কাজী।—রামপ্রসাদ। মীর মিঞা কাজী (শ্রী)। ২ মুসলমানের ধর্ম্মের রীতি ও নীতি অনুসারে ন্যায্য ব্যবস্থাকারক। "কাজী ছাড়ে কলমা ভা.চ ৫০৭ ; ৫০৮। ৩ মুসলমানের উপাধিবিশেষ। "কাজী হাফেজ মহামুদ E.P. 55. [কাজীর বিচার—অন্যায় বিধিবিরুদ্ধ পক্ষপাতযুক্ত বিচার ; বে-আইনী বিচার। "রমণী এমনি করে কাজীর বিচার (কুঙ্কুম)। [রাজধানী ভিন্ন প্রত্যেক প্রদেশেই কাজীর আস্তানা ছিল। বহালের সময়ে নূতন কাজীকে, ন্যায়-বিচার সৎপথাবলম্বন অপক্ষপাত ইত্যাদি কতকগুলি উপদেশ দেওয়া হই'ত। কোন কোন কাজী তদনুসারে কার্য্য করিলেও, অধিকাংশ কাজী অত্যাচারী ছিলেন। এই জন্য ঔরংজেব তাঁহার আদালতগুলির 'পীড়নের কাছারী' নাম দিয়াছিলেন। বোধ হয়, কাজীদের এই অত্যাচারই "কাজীর বিচার" এই প্রবাদের মূল।—প্রবাসী।]

কাজি[২], **-জী** বিং [কাজ+ঈ[৭] ; সং কার্য্যিক > প্রা কজ্জিয় (প্রা.ম) > বা কাজি ; হি কাজী—কার্য্যে ব্যস্ত] যাহার কার্য্য বা প্রয়োজনীয়তা আছে ; কার্য্যসিদ্ধির নিমিত্ত যাহার প্রয়োজন আছে ; কার্য্যোপযোগী। "কাজ থাক্‌লে কাজী। কাজ ফুরালে পাজী॥—প্রবচন। [কাজের কাজী—কার্য্যে কুশল।]

কাজি(জী)নী বি [কাজি, -জী+নী[২]] কাজীর স্ত্রী। "কাজির কাজিনী বা ম ৮৮।

কাজিয়া, -য়ে বি [আ কজ়ইহ ; ঠ কজ্জা ; কাইজা (ঢাকা) ; কা'জে (যশোহর) ; কেজিয়ে (গ্রাম্য)—"বড়গোনা কেজিয়ে করা (জা ৩৫)] বিতর্ক, বিবাদ, ঝগড়া। "সাজায়ে কথাটি পরিপাটি, কাজিয়ে বাধায় বাজিয়ে কাঠি দা ১৪৩২। যাক্ ভাই,...কাজিয়াতে কাজ নাই অ.গ্র ১৯। এই চারিদিন পূর্ব্বে সহোদর ভ্রাতার সঙ্গে জমী লইয়া কাজিয়া করিয়া মারামারি করিয়াছিল ব.প্র ৩২৭।

কাজিয়াল, -লী বি ['ঠাকুরাল, -লী'র অনুকরণে '°ল, -লী'] কাজীর কার্য্য। "কিতাব কোরাণ পড়ি করে কাজিয়াল ব.প ২১৪। কাজিয়ালী করে তারা জানে বিপরীত ম.ম ৫৪।

কাঞ্চন বিণ [কাঞ্চন+অ (অণ্) তদ্‌বিকারার্থে ; স্ত্রী -নী] ১ কাঞ্চনবিকার, হৈম, স্বর্ণময়। "কাঞ্চনে...সিংহাসনে।—রা ১.৪.৩০। কাঞ্চনী বাসযষ্টিঃ উ.মে ১৮। কাঞ্চনং ভাণ্ডম্।—মনু ৫.১১২। ২ পীত (নীলকণ্ঠ)। "মহা ৩.১৪৬.২২। —ন পুং [√কাঞ্চ্ দীপ্তি+অন (ল্যুট্)-ক] ১ পুষ্পবৃক্ষবিশেষ। ২ চম্পকবৃক্ষ। ৩ উদুম্বর, যজ্ঞ-ডুমুর গাছ। ৪ ধুস্তুর, 'কনকধুতরা' (?)। ৫ নাগকেশর বৃক্ষ। ৬ সন্ধিবিশেষ। দ্র—'কাঞ্চনসন্ধি'। —ন ক্লী ১ স্বর্ণ। "অমেধ্যাদপি কাঞ্চনম্ (গ্রাহ্যম্) মনু ২.২৩৯। °সংসর্গ হি ৪১ (কথারম্ভ)। ২ ধন, স্বর্ণমুদ্রা, মোহর। "দিয়া যাহ সাত কোটী আমাকে কাঞ্চন কৃ ৯। কাঞ্চন চৌদ্দ কোটী কৃ.উ ১৫৪; অসংখ্য কাঞ্চন ম ৭০৯। দ্বাদশ কাঞ্চন শ্রী ৫২। ৩ (সাদৃশ্যে) পদ্মকেশর। ৪ নাগকেশরপুষ্প। ৫ কাঞ্চনপুষ্প। "কুসুম কাঞ্চন কুন্দ শ্রী ৩৩। ম.পা ৪৩। ৬ হরিতাল। ৭ [+অন -ভা] দীপ্তি। ৮ বন্ধন। —নক বিণ [°ন+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -নিকা] কাঞ্চনময়, হৈম। —নক ক্লী হরিতাল। [°কদলী (স্ত্রী)—সুবর্ণকদলী। °কান্তি (বিণ) —স্বর্ণপ্রভ। °কান্তি (স্ত্রী)—স্বর্ণচ্ছায়া, হেমপ্রভা। "বিশুদ্ধকাঞ্চনকান্তি মে ৭২। °গিরি (পুং)—১ স্বর্ণপ্রধান পর্ব্বত ; সুমেরু। "ভ ৫. ১৬.২৭। ২ দানার্থ কৃত স্বর্ণময় পর্ব্বত। °গৌর (বিং)—স্বর্ণবৎ পীত ; হেম-পিঙ্গল। "নব প্রস্ফুটিত আম্রমুকুল কাঞ্চনগৌর ব.প্র ২৬৬। °জঙ্ঘা (স্ত্রী)—হিমালয়ের শৃঙ্গবিশেষ। °পর্ব্বত (বি)—সুমেরু। "কাঞ্চনপর্ব্বত-শৃঙ্গ-গঞ্জিত সুজানু ম ৭৩৮। °প্রভ (বিণ)—স্বর্ণকান্তি। °ময় (বিণ)—স্বর্ণবিকার, হৈম। "রা ২.৮১.১১।]

কাঞ্চনমূল্য ক্লী [ষ.ত] কাঞ্চনের (মোহরের) মূল্য ; স্বর্ণমুদ্রার মূল্যস্বরূপ দক্ষিণা। "এতৎ কাঞ্চনমূল্যং রজতখণ্ডং...তুভ্যমহং সম্প্রদদানি (দক্ষিণান্ত-মন্ত্র)। সংবচ্ছর অন্তর এক দিন মেটে সরস্বতীর সঙ্গে সাক্ষাৎ। সেও কেবল যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যের জন্য!—হু ১১১।

কাঞ্চনসন্ধি পুং [উ.লো] কাঞ্চনসদৃশ শ্রেষ্ঠ সন্ধিবিশেষ ; 'সঙ্গত' সন্ধি। 'সঙ্গতঃ সন্ধিরেবায়ং প্রকৃষ্টত্বাৎ সুবর্ণবৎ (কাঞ্চনঃ স উদাহৃতঃ) হি ৪.১১৭।

কাঞ্চনী স্ত্রী [দ্র 'কাঞ্চন'] ১ (কাঞ্চনসাদৃশ্যে) হরিদ্রা। ২ গোরোচনা। ৩ স্বর্ণক্ষীরী বৃক্ষ।

কাঞ্চনীয় বিণ [°ন+ঈয় (ছ) ; স্ত্রী -য়া] স্বর্ণময়। "কাঞ্চনীয়া মালা মহা ১৩.১০৪.৮৪। —য়া স্ত্রী গোরোচনা।

কাঞ্চলি, কাঞ্চুলি, -লী, কাঞ্জলি বি [সং কঞ্চুলী ; দ্র 'কাঁচল' ; অপ্র] সর্ব 'কাঁচলি'। "কাঞ্চুলী করিবোঁ চীর শ্রী.কী ২৮; ৩৫। আবের কাঞ্চলি ম.গা ১০। কাঞ্চুলি গো.বি ৭৯। কাঞ্চলিতে লিখিত: কাঞ্চলির সাজে ব.প ১৩৪৫। হৃদয়ে বিচিত্র কাঞ্চলী বি.পা ৫১। কাঞ্চুলি, লী ম.পা ৪৩।

কাঞ্চা বিং [কাঁচা > কাঞ্চা, দ্র 'কাঁচা' ; অপ্র] বিশুদ্ধ, খাঁটি। "কাঞ্চা সোনা ম.গা ৮ ; ১৫। গো.চ ৮৬ ; ৩০৪।

কাঞ্চি, -ঞ্চী স্ত্রী [√কাঞ্চ্+ই (ইন্)-র্ম, বিকল্পে স্ত্রী -ঈ (ঙীষ্), উ ৪.১১৭] ১ যাহা কটিতে বদ্ধ হয় ; স্ত্রীলোকের কটিভূষণ ; মেখলা, রসনা, চন্দ্রহার, গোট ইত্যাদি। "°নিনদ রা (S.W.)। °গুণস্থান কু.স ১.৩৭। মাহিষ্মতীবপ্রনিতম্ব° রঘু ৬.৪৩। কাঞ্চনকাঞ্চিদাম গী.গো ১১.১৩। জঘনতটে মণিকাঞ্চী সুগাজে বা.দ ২২৬। কটিতটে নরকরকাঞ্চী শি ১০৭। (কালী) করকাঞ্চী ভা.চ ৩১। কাঞ্চী কৃশ কটিদেশে মে ৩১। ২ দাক্ষিণাত্যের প্রাচীন নগরীবিশেষ ; কঞ্জিবরম্। দ্র 'অবন্তি'। "ভা.চ ২৬২। [°গুণ (পুং)—মেখলাসূত্র, রশনাবন্ধ। "কাঞ্চীগুণস্থান কু.স ১.৩৭। °পদ (ক্লী)—কাঞ্চীর স্থান ; কটি, নিতম্ব ; জঘন (অ চি)।]

কাঞ্চিক, কাঞ্জি(জী)ক ক্লী [কাঞ্চি+ক (কন্) 'তত্র ভব' অর্থে (অ.চি), পৃষো ; তু 'পঞ্চিকা' (পঞ্জিকা) ; প্রা—পিসাজী (পিশাচী —প্রা.ল ৩.১২)] 'কাঞ্চিপুরজাত', পর্য্যুষিতান্নের অম্লজল ; ভক্তবারি, ধান্যাম্ল, কাঁজি। [ব্যুৎপত্তি অনুসারে 'কাঞ্চি' দেশ কাঞ্চিকের উৎপত্তিস্থান এবং তজ্জন্য ঐরূপ নামকরণ। তু 'অবন্তিসোম, সুবীরাম্ল, সৌবীর'।]

কাঞ্চী ; কাঞ্চুলি, -লী, -কাঞ্জলি দ্র 'কাঞ্চি ; কাঞ্চলি'।

কাঞ্জি বি [সং কাঞ্জী, কাঞ্জিক] কাঁজী। "ছয়-মাসেতে কাঞ্জি করঞ্জায় মন ক.চ ৪৩ ; কাঞ্জি ভুঞ্জি ৪৪। [কাঞ্জিবড়া (সং কাঞ্জিকবটক—ভাবপ্রকাশ)—কাঞ্জিমিশ্রিত পিষ্টকবিশেষ। "চৈ.চ ১৭০।]

কাঞ্জিকা, -ঞ্জী স্ত্রী কাঁজী। "°কা ক.চ ৪৪।

কাঞ্জিলাল ; কাঞ্জী দ্র 'কাঁজিলাল ; কাঞ্জিকা'।

কাট[১], **-ঠ** বি [সং কাষ্ঠ > লি, প্রা কট্ঠ > বা কাঠ,-ট ; হি, মৈ, অস কাঠ ; গু কাট, -ঠ ; ঠ লাকুড় ; তু 'কাট্ট'—"অগোরি চন্দন কাট্টে লখাই পুড়িমূ (বঙ্গভাষা ও সাহিত্য)] ১ বৃক্ষের শুষ্ক অবয়ব—কাণ্ড

শাখা প্রশাখা ; কাষ্ঠ। "কুসুমের মালা পোড়া কাঠের গলায়।—ন ১০১১। **২** গৃহাদিনির্ম্মাণার্থ উপকরণ কাষ্ঠখণ্ড (timber, plank)। "কাঠ কাটিল শ্রী.কী ১৪০। চৌরস কাট শ্রী ৬২। আমার কাঠের না, দিলে পা, না হবে মোর মুনিষ্যি। আমি ঘাটে থাকি, বুদ্ধি রাখি, কাঠ-পাথরে তফাৎ কি (রসসাগর)। **৩** ইন্ধন, জ্বালানী কাঠ। "কাট খুড়া ছাও চক্রদিগে ফ্যালায়া গো.চ ৪৭। —ট, -ঠ বিং [অস কঠুরা] **১** কাষ্ঠবৎ নীরস; শুষ্ক। "চালভাজা খেতে খেতে গলা হল কাঠ। —ছড়া। ডেকে ডেকে যমুনাদিদির গলা কাঠ হইয়া গিয়াছে ব.দ্বি ৪২৭। **২** পিপাসায় নীরস বা শুষ্ক। "পিপাসায় সকলের গলা হৈল কাঠ কৃ ১৮২। **৩** [অস কঠুরা] শ্রুতিকঠোর, কর্কশ। "কাঠ-কাঠ কথা। **৪** শুষ্ক, শীর্ণ, ক্ষীণ। "পদ্মার তরে চিন্তিয়া শরীর হইল কাট ম.ম ১৬। **৫** অসার, শূন্যগর্ভ, বৃথা। "কাহাক দেখাহ এ কাঠ দাপে শ্রী.কী ৯০; রাধা কর কাঠ দাপ ১২১। **৬** ভয়াদিতে কাষ্ঠবৎ নিস্পন্দ; শুষ্ক, আড়ষ্ট। "শুনে হই কাট চক্ষু তুলে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ভূত-পেরেতে দিনে ভয় অন্ধকারে কাঠ।—হেম ৩৯০। [কাট-কাট, কাঠ-কাঠ—**১** পিপাসায় নীরস (গলা)। **২** অতিনীরস, কঠোর, কড়া কথা)। "ধনবৃত্তি লহ আর বল কাট-কাট (ক.চ)। **৩** কাষ্ঠবৎ শক্ত শুষ্ক ও কান্তিহীন। "গড়নটা বড় কাট-কাট ব.দ্বি ১৭। **৪** কাষ্ঠবৎ অনমনীয়; শক্ত। "মৃতদেহ কাঠ-কাঠ হয়। কাঠ-উখা—কাঠ ঘষিয়া মসৃণ করার উখা। কাঠ-কাঠরা ('কাঠ-কঠোরা'—মূল) —কাঠের বাটি ঘটী ইত্যাদি খেলনা। কাঠকি—কাষ্ঠসদৃশ। "কাঠকি কঠিন, কুজন কুবচন জ্ঞ.প ৫৩। কাট-খুড়া (অপ্র)—কাঠ-খড়; কাঠ-কুটা। °গোঁয়ার—রসবোধহীন কাণ্ডজ্ঞানশূন্য মূর্খ কোপন ব্যক্তি; অতিদুর্বৃত্ত। °গোলা—কাঠের আড়ত। °গোলাপ—গন্ধহীন গোলাপ-বিশেষ। °চাঁদা—মাংসহীন একপ্রকার চাঁদামাছ। °চুলকনা—নীরস (শুখনা) চুলকনাবিশেষ। °ছাতা—কাষ্ঠে জাত ছত্রাক; বেঙের ছাতা (polyporus)। °জালি—যে ফলের জালি রস টানিতে না পারিয়া শুখাইয়া ঝরিয়া পড়ে। °ঝুনা—যে নারিকেলের শাঁস কাঠের মত শক্ত; সম্পূর্ণ ঝুনা (দোমালা নহে)। °টগর—এক-পাপড়ির টগরফুল ও তাহার গাছ; খইয়া-টগর। °ঠোকরা (সং দার্ব্বাঘাট, কাষ্ঠকূট; ড় কাঠহণা)—পক্ষিবিশেষ (woodpecker)। °তিল—স্বল্পরস শস্য-হীন তিলবিশেষ। °দা—কাঠ কাটার দা (অস্ত্রবিশেষ)। "কাঠদা কুড়ারি বাসি ক.চ ৭৬। °দাপ—শুষ্ক দর্প; বৃথা অহঙ্কার। 'দ্র কাট বিং (৫)। °নেকার, °বমি—শুকনা বমি; যে বমিতে কেবল উকি উঠে, ভুক্ত-দ্রব্যাদি উঠে না। °পাট—কাষ্ঠ ও পট্ট; গৃহাদির উপকরণ কাঠ তথতা ইত্যাদি। °পিঁপড়া—কাষ্ঠচ্ছিদ্রবাসী কাল লম্বা পিঁপড়া। °ফড়িঙ—কাঠের মত দেখিতে শুখনা-শুখনা একপ্রকার ফড়িঙ। °ফাটা রোদ—যে রোদে কাঠ ফাটে; প্রচণ্ড রৌদ্র। °বিড়াল, -লী, °বেরাল (হি গিলহরী; ঠ খড়ী; ড় গুণ্ডিচিমুষা)—বৃক্ষবাসী বিড়ালজাতীয় ক্ষুদ্র-জন্তুবিশেষ (Scinrus Palmarum)। "°লী।—শিশু ৫৬। °বিষ—উদ্ভিজ্জ বিষবিশেষ; অতিবিষা, অতৈষ। °বেল—অল্পপাপড়ি বেলফুলবিশেষ। °মল্লিকা (সং বনমল্লিকা; কাঠলাড়িকা—শ্রী.কী)—বনজাত একপুট ছোট মল্লিকা। "বি.পা ১০৩। °রুই—কাঠে লাগা একপ্রকার বড় উই; কেঠো উই। °শিম, °শীম—অল্পশাঁস এক-প্রকার শিম। "°শীম ক.চ ১৪২। °শিম ব.প ৩৫৬। °শোলা—শোলার মত হাল্কা কাষ্ঠবিশেষ।]

কাট² বি [কাড় > °ট (পদ্যে মিলের নিমিত্ত); অপ্র] বাণ। "বিপক্ষ মারিতে বীর জুড়িলেক কাট ক.চ ৯৭।

কাট³ বি [E. cut] আকার, ভাব, গড়ন, ফ্যাশান্। "জামার ছাট কাট। নাসিকাটী লম্বা, অল্প মঙ্গোলীয়ান্ কট্ (কাট) বলিয়া মনে হয় ঘ ৪।

কাট⁴ সর্ম্ম [সং √কৃৎ > প্রা √কট্ট (প্রা.ম) > বা °ট; তু 'কট্টিঅ' (পৈ); আ ক.তল্; হি, ঠ, গু, মৈ, অস √কাট; ড় √কট; সি √কট; প √কট্ট; E. cut] **১** ছিন্ন করা; কাটা। "কাটোঁ তার নাক কান শ্রী.কী ৩২৫; গাএর মাঁস কাটিআঁ ৩৩৩। তাহারে কাটসি তোরা ম.পা ১৫১। তারা কথায় মনের গাঁট কাটে ভা.চ ২৮৫। গোড়া কেটে আগায় জল ঢালা দা ৭৭১। **২** দংশন করা; হুল ফুটান; কামড়ান। "তুয়া হার নাগিনী কাটব মোয় বি.প ১০১। জিহ্বার সহিত দন্তের পীরিতি, সময় পাইলে কাটে ব.প ১০০০। মকরে মানুষ কাটে ক.চ ২২০। কট কট কেটে কোটি কোটি দেয় ভঙ্গ শি ৭৯। তোর এ কথায় গায়ে কাটে যেন বিছা বি.মু ৭৬। দশনে রসনা কাটি ভা.চ ৭৮। কাটে কৃমি মে ২৭১। **৩** ছেদন করা (to reap)। "কাটিতে কাটিতে ধান এল বরষা।—রবীন্দ্র। **৪** কাটিয়া তোলা বা উঠান। "ছানি কাটে দিয়া চক্ষে কাঁটা ক.চ ৯০। **৫** অতিক্রম করা। "(গ্রহ) কেহ না বাধিছে কাহারও গমন, চলেছে অয়ন কাটি।—হেম ১১৪। **৬** সচ্ছিদ্র করা; ফুটা করা; ফুঁড়িয়া উঠা। "মাটী কাটি দংশে সর্প আয়ুহীন জনে মে ১৯৮। **৭** খনন করা। "মাটি কাটি পথ কর ভা.চ ৩১৫। **৮** অগ্রাহ্য করা; খণ্ডন করা। "মোর কথা কাট শ্রী. ২৮; ৮৭। কথা যদি কাট শি ৮৪। **৯** সংশোধন করা; শুদ্ধ করা; সাধুভাষা করা (লিখিত বিষয়)। "তার পর 'ভোমরা' কাটিয়া 'ভ্রমরা' করিল ব.প্র ২৯৪। **১০** রেখাঙ্কিত করিয়া তালিকা হইতে উঠাইয়া দেওয়া বা বাদ দেওয়া (to strike out)। "সভাপতি মহাশয়···বিপক্ষপক্ষের ব্রাহ্মণদের নাম কাট্‌চেন হু ১৮৭। **১১** (গণিতে) গুণনীয়ক (multiple) দ্বারা অখণ্ড রাশিদ্বয়কে খণ্ড করা বা ভাগ করা। **১২** [হি √কাত; তু 'সং কর্ত্তন'] তুলা-প্রভৃতির আঁশ কাটিয়া সুতা প্রস্তুত করা। "নিধি-রাম চক্রবর্ত্তী শোণ কাটিছেন ব'সে ব.প ১৪৩২। কোষ্টা, চরকা, তক্‌লি, পাঁজ, পাট, সুতা কাটা। **১৩** বিচ্ছিন্ন বা অপসৃত করা; দূর করা। "বসনের ময়লা যেমন কেটে দেয় সাবানে : নয়নের ময়লা যেমন কেটে দেয় অজ্ঞান দা ২০৯৫। **১৪** [হি √কাঢ়—বেল বূটা কাঢ়না] সূচীকর্ম্ম দ্বারা রচনা করা; খোদিত করা। "কাপড়ে ফুল লতা পাতা কাটা। **১৫** দন্তে ছিন্ন-বিচ্ছিন্ন করা। "(উই, ইঁদুর) কাঠ কাটে বস্ত্র কাটে কাটে সমুদয়। সুন্দর সুন্দর দ্রব্য কেটে করে ক্ষয়॥ **১৬** খণ্ডিত বা অপ্রমাণ করা (মত)। **১৭** অতীত করা; যাপন করা। "দুঃখে দিন কাটিতেছি ভা.চ ৭৪৭। **১৮** লেখনী আঁচড়ে খণ্ডিত করা বা ব্যর্থ করা। "আপনি যোগান হেন সম্ভব না হয়। পরোক্ষেতে দেন বলি সে পাঠ কাটয়॥—ভ.গ্র ১৯৪। —ট অর্ম্ম **১** ছিন্ন হওয়া; ছিঁড়া (দড়ি, তার, সুতা)। **২** ধুইয়া বা ধসিয়া যাওয়া। "সোঁতে বাঁধ কাটে। বর্ষায় রাস্তা কাটে। **৩** অপসৃত হওয়া; দূর হওয়া; নষ্ট হওয়া। "মনের ময়লা কাটে যেমন সুরধুনী স্নানে : গুড়ের ময়লা সেওলায় কাটে দা ২০৯৫। সঙ্কোচ কেটে যাবে ঘ ২২; ৪৬। ঘুমের ঘোর, তন্দ্রা, নেশা, মায়া কাটা। **৪** অতীত হওয়া; অতি-বাহিত হওয়া। "আজিকার দিন কাটিল; কালিকার দিনও কাটিবে—পরদিনও কাটিবে—কেন কাটিবে না?—ব.প্র ১৩১। **৫** বিক্রীত হওয়া। "দেশ জাগলে, দেশী মাল কাটে। [কাট কাট—কাটিয়া ফেল, কাটিয়া ফেল্। "কাট কাট মার মার এহি বোল শুনি চ.বি ২৭০। কাটব—কাটিবে, দংশিবে। "বি.প ১০১। কাটিত হওয়া—বিক্রীত হওয়া (মাল)। কাটিয়া পাড়া—কাটিয়া পাতিত করা; কাটিয়া ফেলা। "ব্রহ্মকবচ কাটি পাড় : মাথা কাটি পাড়ি কৃ ৩৪৬। কাটিয়া মুণ্ডমালা দেওয়া—নির্ব্বিচারে নিঃশেষে কাটিয়া ফেলা; কাটিয়া বেছন্নর করা। "চান্দর বাগানে ছিল যত রামকলা। আথালি পাথালি কাটি

দিল মুণ্ডমালা ॥—ম.ম ১৯৯। কাটিলোঁ—কাটিলাম। "শ্রী.কী ৩৬১। কেটে জোড়া দেওয়া—ছাগাদি কাটিয়া অলৌকিক বিদ্যাবলে মুণ্ডে ও ধড়ে জোড়া দেওয়া, অর্থাৎ জীয়ান ; (গৌণার্থে, পাণ্ডিত্যের পরিচয়ে) লিখিত বিষয় সংশোধন করিয়া ঠিক-ঠাক করা ; (উপহাসে) 'বর্ণজ্ঞান-হীনত্বসূচক, মূর্খতাব্যঞ্জক। "লেখা পড়ায় কেটে জোড়া দেন জা ৩। কাটোঁ—কাটি। "শ্রী.কী ৩২৫। আঁক কাটা—রেখাঙ্কিত করা। কথা কাটা, কথা কাটাকাটি করা, চিম্‌টি কাটা, ছানা কাটা—দ্র 'কথা ; চিমটি ; ছানা'। দরে কাটা—ন্যায্য মূল্যের কিছু কম দেওয়া ; অধিক মূল্যে বিক্রীত হওয়া। রা কাটা—রব করা। "বিপরীত রা কাটে কৃ.উ ১৯৯।]

কাটকবুল বিং কাটিয়া ফেল, তাহাও কবুল বা স্বীকার, তথাপি যে কোন বিষয় অস্বীকার করে ; যে প্রাণপণে কোন বিষয় গোপন রাখে।

কাটকুট, কাটাকুটি[1], -টী বি [কাট > কাট, -টা ; কুট > কুট, -টি ; অস °ট] ১ ভ্রমসংশোধনার্থ লিখিত বিষয়ে রেখাপাত বা আঁক জোঁক টানা ; কাটা অশুদ্ধ শব্দ। "ইংরাজি লিখিতে আমার বিলম্ব হয়, এবং কাগজে অনেক কাটকুট হয় পা.প্র ১৬৩ ; কল্পিত প্রতিপক্ষের চক্ষু দিয়া ভুল ধরিতাম…যথেষ্ট কাটকুট হইত ১৬৬। ভ্রমর এক ঘণ্টার মধ্যে এক দীর্ঘ পত্র স্বামীকে লিখিয়া ফেলিল। কাটাকুটী যে ছিল না, এমত নহে ব.প্র ২৯৪।

কাট(ঠ)কুয়া, -কো বি [কাট+কুয়া ; অস কট্টুরা] ১ কাষ্ঠনির্ম্মিত গভীর পাত্রবিশেষ ; নৌকার জলসেচনার্থ কাষ্ঠময় পাত্র ; সেউতি, সেচনী। ২ লবণ রাখিবার গোল কাষ্ঠপাত্র। ৩ গোলাকার গভীর কাষ্ঠপাত্রমাত্র।

কাটখোট্টা বিং [সং কক্‌খট > °খোট্টা (?)] কাষ্ঠবৎ কর্কশ রুক্ষ-মূর্ত্তি ; লাবণ্যহীন, নীরস, কাঠ-কাঠ, গোঁয়ার। "ছেলেরা সব চসমা পোরে ব'সে আছে কাটখোট্টা।—দ্বিজেন্দ্রলাল রায়।

কাট(ঠ)গড়া বি [সং কাষ্ঠগৃহ > প্রা কট্‌ঠহর (প্রা.ম), *কট্‌ঠঘর বা > কাট(ঠ)ঘরা, -গড়া ; হি কঠঘরা, -হরা, ক(কা)ঠড়া ; ঠ কঠড়া —railing ; অস কাঠরা] ১ কাষ্ঠনির্ম্মিত গৃহ ; কাঠের বেড়া-দেওয়া স্থান। "ক্লার্ক সেই কাটগড়ার ভেতর থেকে চেঁচিয়ে উঠলেন হু ২২৯। ২ আদালতে আসামী-প্রভৃতি আটকাইয়া রাখার কাঠের রেলিং-দেওয়া মঞ্চ। "সেশনে বিচারের দিন উপস্থিত হইল। গোবিন্দলাল কাঠগড়ার ভিতর ব.প্র ৩২৭। ৩ কাঙ্গালি বিদায়ের নিমিত্ত কাঠের বা বাঁশের বেড়ায় ঘেরা জায়গা। "সবাই মেলে খোঁয়াড়ে ঢুকে, আমাকে ফেলে কাটগড়ামুকে, পয়সা নিয়ে মারবে বুঝি দৌড় দা ৯৪১।

কাটছাঁট, -ছাট বি [কাট[৩]+ছাট ; হি কাট ছাঁট—ঢংগ ; ঠ ছাট —কাটা ; একার্থক] ১ জামা-ইত্যাদির কাপড় কাটার সৌষ্ঠব ; পোশাকের কাটাছাটার জন্য ঢঙ (fashion)। "জামাটার কাটছাট বেশ হয়েছে। ২ (অর্থসম্বন্ধে) বাদ-সাদ, ছাড়ছোড়।

কাটতি বি [√কাট+তি[২]] অত্যন্ত কাটা বা বিক্রয় হওয়া ; বিক্রয়াধিক্য। [কাটতির মুখে লাভ—পণ্যের অধিক বিক্রয়েই লাভ।]

কাটন বি [কাট[৪]+অন ; সং কর্ত্তন > প্রা কট্টণ > বা কাটন ; হি কাটনা ; ঠ কাটণেং ; প কট্টণা ; সি কট্টণু ; অস কাটন্ ; অপ্র] ১ কর্ত্তন, ছেদন। ২ সূত্রকর্ত্তন, চরকায় সূতা কাটা। "যে নারী কাটন নাহি কাটে ব.প ৯ ; বস্যাছে কাটনে ৪৭৩। ৩ যাপন। "তোমার দর্শন বিনে…এই কাল না যায় কাটন চৈ.চ ৮১।

কাটনা বি [কাটন > °না ; অস কটনা ; দ্র 'কাটন'] সূত্রকর্ত্তন, টেকোয় সূতা কাটা, তকলি কাটা। [কাটনা কাটা (অস কটনা কাট)—টেকোয় চরকায় বা তকলিতে সূতা কাটা। "কাটনা কাটিয়া রাড়ি করে নিত্য ভাত শ্রী.মা ১৯৫। আমি স্ত্রীলোক…আমার কাটনা কাটা ব্যতিরেকে কি শক্য।—ব.প ১৭১৭। কাটনা কামাই —সূতাকাটা বন্ধ ; প্রয়োজনীয় কাজ বন্ধ। "মিছে কাজে কাটনা কামাই। কাটনার কড়ি—সূতা কাটার পয়সা। "কাটনার কড়ি কত জোগাব ওঝারে (ক.চ)। কাটনার ডালা—সূতা কাটার সরঞ্জাম —টেকোর আধার, চোঙা, টেকো, পাঁজ, খসুরা (যাহার উপরে টেকো ঘুরে), তূলা, চূণের গুঁড়া ইত্যাদির আধার-ডালা।]

কাট(টু)নী বি [কাটন+ঈ[৭]] ১ সূতা কাটার ব্যয় ; সূতা কাটার মজুরী। ২ [+ঈ[৬]] যে স্ত্রীলোক চরকায় সূতা কাটে। "কাটুনী পড়ে ঢুলে লেগেছে নিদাটী শ্রী ২১৭।

কাট(ঠ)রা বি ১ সর্থ 'কাটগড়া'। "কমলাকান্তকে সাক্ষীর কাঠরায় পূরিয়া দিল ব.প্র ৬৪৩। ২ কাষ্ঠনির্ম্মিত গৃহের আসবাব ; কাঠের দ্রব্য। "কাঠকাটরা ও বাসনের দোকান বন্দ হয়েছে।—হু ৬। ৩ [ঠ কঠড়া] দরজা জানালা খাট চেয়ার বেঞ্চ ইত্যাদি ঘরের আসবাবের ভাঙাচুরা অংশ বা কাঠ-কুটা। [কাঠরা খন্দ—কলায় মুগ মসুর ছোলা তিসি ধনিয়া ইত্যাদি শুক্‌না সময়ের বা শীতের ফসল (চব্বিশপরগণা) ; রবিশস্য, হরিতখন্দ। কাঠরা মাল—কলায়-প্রভৃতি পণ্যদ্রব্য।]

কাটা[1] বি [দ্র 'কাঠা'] ১ ভূমির পরিমাণবিশেষ ; ৭২০ বর্গফুট জমি। ২ (রৈখিক) চার হাত। ৩ ধান্যাদির পরিমাপ-পাত্রবিশেষ ; চার কুনিকা বা এক রেক। "গুঁড়িয়ে মুড়ি খাচ্চ কাটা কাটা দা ১১৯৯। রাত পোয়ালি যে দু'কাটা চালির খরচ !—নী ৯। ৪ (গৌণার্থে) আধার। "ননদী বিষের কাটা, বিষমাখা দেয় খোটা ব.প ৯৮৬।

কাটা[2] বি [কাঁটা > °টা ; অপ্র] ১ কাঁটা, শাল। °বিষ খ্যায়া মরিব কাটা কর‍্যা ভর।—গিরিধরের গীতগোবিন্দ। ২ কাঁটা। "কাটা খোচা খুর পথে গ ১০২। ৩ তুলাদণ্ডের মধ্যস্থ উর্দ্ধমুখ সূক্ষ্মাগ্র শলাকা। "নিক্তির কাটা গো.চ ১২৯ ; ১৩০। ৪ মৎস্যের অস্থি। "হামরা খাইল মাছ জে গোলাম খাইল কাটা গো.চ ১৮৬।

কাটা[3] বিং [√কাট[৪]+আ[১২]] ১ ছিন্ন, খণ্ডিত। "কাটা হাত কাটা পা।—কৃ ৩৭০। দন্তী দন্ত-কাটা ম ২২১। কাটাগুয়া ম.ম ২১৭। ২ ছেদক, নাশক। "গোকুলচান্দের ছান্দ॰…কুলবতী-দুইকুল-কাটা ন.প ২৮৮। ৩ সূচীকর্ম্ম দ্বারা রচিত ; ছুঁচে-তোলা। "ঝাড়-বুটো-কাটা চাদর লী ৪২। ৪ কৃতদংশন, দষ্ট। "সাপে কাটা রোগী। ৫ মর্ম্মচ্ছেদক, পরুষ, কড়া। "কাটা কাটা বোল। ৬ স্পষ্ট, গোটা। "বাজনার কাটা কাটা বোল। ৭ নির্ম্মিত, পাক দিয়া প্রস্তুত। "টেকোয় বা চরকায় কাটা সূতা ; টাকুরে বা ঢ্যারায় কাটা দড়ি। ৮ সচ্ছিদ্র। "হিন্দু ব্রাহ্মণের চিহ্ন নাই সকলের কর্ণ কাটা ম.ম ১২৩। ৯ খণ্ডিত, সংশোধন-পূর্ব্বক লিখিত (পাঠ, প্রবন্ধ, প্রুফ্)। —টা বি [কাট+আ[৬]] ১ কর্ত্তন, ছেদন। "কক্ষপাটা গেল কাটা কৃ ৩৪৫। বিনা নিমন্ত্রণে গেলে হবে মাথা কাটা ক.চ ১২। নাসিকা গেল কাটা শ্রী.মা ১৬। ২ পাঠ-খণ্ডন। "গীতাপাঠ-কাটা হেতু অনুভব কৈল ভ.গ্র ১৯৫। ৩ দংশন ইত্যাদি। দ্র 'কাট্[৪]'। [কাটাই (হি কটা(তা)ঈ) —কাটানর কার্য্য ; কাটানর ব্যয়। কাটা কান চুল দে ঢাকা—কাটা কান অপমানসূচক ; তাহা মানরক্ষার্থ চুল দিয়া ঢাকিয়া রাখা ; নিজের মান নিজেই কৌশলপূর্ব্বক রক্ষা করা। "আপনার মান গো আপনি যত্নে রাখি। লোকে বলে কাটা কান চুল দিয়া ঢাকি ॥—বি.সু ৭৭। কাটা কাপড়ের দোকান—পোশাক-পরিচ্ছদের দোকান। কাটাকুটা —১ ছেদন ও খণ্ডখণ্ড করা ; ছিন্ন ও খণ্ডীকৃত। ২ নৈবেদ্যের উপকরণ-খণ্ড। ৩ প্রবন্ধাদি সংশোধন। কাটা গাড়ী—ট্রেণের যে গাড়ী কোনো নির্দ্দিষ্ট ষ্টেশনে কাটিয়া (খুলিয়া) দেয়। কাটা ঘায় নুনের ছিটা —কাটার ক্ষত স্থানে লবণ-বর্ষণ ; (গৌণার্থে) জ্বালার উপরে জ্বালা

দেওয়া। "'জয় সুভদ্রার জয়'—তাহার উপরে কেন, কাটা ঘায় নুন বরিষণ।—ন ১০৮৯। কাটা জবাব—মর্ম্মচ্ছেদী, অর্থাৎ স্পষ্ট জবাব। কাটা পোশাক—কাপড় কাটিয়া প্রস্তুত-করা জামা-প্রভৃতি পরিচ্ছদ। "কান্ন বা পোশাক কাটা, নাগরী ঘাঘরী আঁটা দা ১৫৭৩; ২০৪৯। কাটাদরজা—১ দেউড়ির কপাট কাটিয়া করা ছোট দরজা। ২ কার্য্য-বিশেষের নিমিত্ত কাটিয়া-করা ছোট দরজা। "হু ২২৯; বাবাজীরা আপন কম্পার্টমেন্টে এসে…গাড়ির কাটাদরজা দিয়ে উঁকি মেরে দেখতে লাগলো ২৪০।

কাটা[৪] সর্ম্ম [কাট[৪]+আ[৮]; হি √কটা] ১ ছিন্ন করান; কাটান। ২ অতিবাহিত করা; যাপন করা। "জন্ম কাটাইবে হয়ে পরের কুপ্পর বা ম ৫৬। ৩ অতিক্রম করা; উল্লঙ্ঘন করা। "এক বিপদ্ কাটাতে না কাটাতে আর এক বিপদ্ উপস্থিত। [কাটলুঁ—কাটাইলাম। "কুদিন নাগল, কাল কাটলুঁ জ.প ৫৪।]

কাটাইর, -ইল বি [কাটারি > °র, °ল; অপ্র] কাটারি; জাঁতি। "ঐ বাঙ্গলা গুয়া কাটাইল (পাঠান্তর 'কাটাইর') দিয়া করে দুই খান গো.চ ৯। ব.প ৩২।

কাটাও বিং [কাট[৪] —মূল; অপ্র] কাটায় নিপুণ; যুদ্ধে কাটাকাটি-প্রিয়, রণপ্রিয়। "মাগধী শোয়ার যারা, বিষম কাটাও তারা বি.সু ১৬।

কাটাকাটি বি [√কাট -আ+ √কাট -ই] ১ পরস্পরকে কাটা; হানাহানি। "কাটাকাটি করি কত কোটি কোটি মৈল শি ৫৮। লাঠালাঠি কাটাকাটি ভাবতে লাগে দাঁত-কপাটি।—গান ২। ২ পরস্পর ছেদন। "দু-জনে বাণ-কাটাকাটি দা ২০৫৩। ৩ পরস্পর খণ্ডন বা ব্যর্থীকরণ। "যতক্ষণ বিবাদ থাকে, ততক্ষণই কথা-কাটাকাটি চলে পা.প্র ২৫। ৪ নিরন্তর কর্ত্তন; অত্যন্ত বা ক্রমাগত কাটা।

কাটাকুটি[১] দ্র 'কাটকুট'।

কাটাকুটি[২] বি [কাটা+কুটা+ই[১১]] ১ কর্ত্তন ও কুট্টন; কাটা-কোটা; কাটিয়া ছোট করিয়া কোটা। ২ নৈবেদ্যের কাটাকুটা উপকরণ—ফলমূলাদি। ৩ (চিকিৎসাশাস্ত্রে) শস্ত্রাবচারণ, অস্ত্র করা (surgical operation)। "ডাক্তারভায়ারা…কাটাকুটির বিষয়ে ভাল নী ৮৫। —কুটী দ্র 'কাটকুট'।

কাটা-ছাঁটা, -ছাটা বিং [°টা+ছাঁটা, ছাটা] ১ কর্ত্তিত ও অতিরিক্ত বর্জ্জিত (trimmed); আবশ্যকমত যে গাছের শাখা ছিন্ন ও অতিরিক্ত ক্ষুদ্র শাখাপল্লবাদি ছাটিয়া-দেওয়া হইয়াছে। ২ আধিক্যবর্জ্জিত, পরিমাণমত, মাপসই। "ইংরাজের বেশভূষা কাটা-ছাটা, ঠিক মাপসই। —রবীন্দ্র। —ছা(ছাঁ)টা বি কর্ত্তন ও অতিরিক্ত-চ্ছেদন। [কেটে সেটে—কাটিয়া ও চাঁছিয়া। "কেটে সেটে (অর্থাৎ ছেটে) সমান সরণি করে সাফ শ্রী ১৫৬।]

কাটান বি [কাটা[৩]+অন, হি কটারন] ১ ছেদিত করা; কর্ত্তন। ২ যাপন, অতিবাহন। ৩ অতিক্রম, উল্লঙ্ঘন। —ন '-ন্' বি [কাটন > °ন] ১ অভিচারে বিরোধী মন্ত্র দ্বারা মন্ত্রের শক্তিনাশ। ২ (কবির গানে) বিপক্ষ-দলের প্রশ্নের (চাপানের) প্রতিবচন (উত্তর দেওয়া, উত্তর কাটা)। ৩ পরস্পরের ঋণ দ্বারা ঋণ-পরিশোধ। যেমন, 'ক'এর কাছে 'খ'এর ঋণ ১৫ টাকা, 'খ'এর কাছে 'ক'এর ঋণ ১০ টাকা। 'খ' পরস্পরের ঋণে ১০ টাকা কাটান দিয়া, ৫ টাকা 'ক'কে দিল। —নী বি [°ন+ঈ[৭]] কাটানর খরচ; কাটাই। [কাটান মন্ত্র—অভিচারমন্ত্রের শক্তিনাশক মন্ত্র।]

কাটা-পঁইছে বি খণ্ডিত, অর্থাৎ খিল-লাগান পঁইছে। "হাতে সাজা খাসা খাসা, কাটা-পঁইছে রসুন-খোসা দা ১৬৩৩।

কাটাপৈঠা বি ঘরের বারাণ্ডা কাটিয়া করা পৈঠা; ভিতরপৈঠা। বিপ 'বা'র-পৈঠা'।

কাটাফেণি বি বীরখণ্ডী। "কাটাফেণি ফুলবাতাসা দা ৯৭৭।

কাটার বি [সং কট্টার; হি, ঠ, গু, মৈ কটার] অসিবিশেষ, কাতান, ছোরা। "কাটারত ভর করী তেজিবোঁ পরাণে শ্রী.কী ২৭৭। কাটার কাটারি শ্রী.মা ১৩৭। শি ৬৪। ভা.চ ৫০৯।

কাটারি, -রী বি [সং কর্ত্তরিকা, -রী > প্রা* কট্টরিআ, -রী > বা কাটারি, -রী; তু 'কটারী'—ছুরী (দেশী ২.৪); হি, গু, অস কটারী; ঠ কাতর, -রী] ১ ছোরা, ছোট-দা। "সুবর্ণ কাটারি গো.চ ৪৩; ৩১৫। পিতল কাটারি, উপর হি ঝকমকি সার বি.প ১১৭। সমুদ্র-কাটারি ঃ কাটারী-পরশে শ্রী ১৩৪। দুষ্টহাসি মিষ্টভাষী অবিশ্বাসী নারী। সোহাগের সামগ্রী বটে বিচ্ছেদের কাটারী।—ব.প ১৬২৯। ২ ক্ষুদ্র অসি; কৃপাণী, খড়্গ। "বায়ুর কাটারি শ্রী.ম ২৩৮। °রি শ্রী.মা ১৩৭,-৭২,-৭৩। কোমরে কাটারি পটুকা করু বন্দ রা.শে ৯৭। [কাটারি-শয্যায় শয়ন—কাটারি পাতিয়া শোওয়া; ধর্ম্মভক্তের কৃচ্ছ্রব্রত-বিশেষ। তু 'আসপত্রব্রত'। "কাটারি-শয্যায় কেহ করেছে শয়ন শ্রী ২০৩। কাটারিতে বা কাটারী ভর করা—আত্মহত্যার জন্য খাঁড়ার উপরে পড়া; খড়্গাঘাতে প্রাণত্যাগ করা। "কিবা বিষ খাইয়া মরি, কাটারিতে ভর করি ম.ম ৯৯। নহে প্রাণে মরিব কাটারী করি ভর বা.ম ৩৯৩।]

কাটি[১], **-টী**[১], **কাঠি**[১], **-ঠী**[১] বি [দ্র 'কাঁটি'] ১ কণ্ঠী, কণ্ঠমালা। "গলায় রসের কাটি গো.চ ২১৬। গলায় রসের কাটি শি ১১০। রত্নময় কাঠি কৃ.উ ১৬০। গ্রীবায় সোণার কাটী ব.প ৩৩৪। ২ কণ্ঠ-মালার গুলিকা। "রসের কাটি গাঁথি দিল গলে ম.ভা ৭১।

কাটি[২], **-টী**[২], **-ঠি**[২] বি [সং কাষ্ঠিকা > প্রা * কট্ঠিআ > বা কাঠি, -টি, -টী; তু 'খাটি'—"লোহার খাটি (গো.চ ৪৮)॥ ঠ কাঠী] ১ দীর্ঘ শরু কাষ্ঠখণ্ড; কাষ্ঠশলাকা, শলা। "কাড়াকাঠি, চাবি°, হাত°। কাহিল হোলাম যেন একটি কাটি।—দ্বিজেন্দ্রলাল রায়। ২ ব্যঞ্জন দুগ্ধ ইত্যাদি আবর্ত্তনের নিমিত্ত বংশাদির শলাকা। "ঘন কাটি খর জ্বালে রান্ধিবে ঘণ্ট ক.চ ৩১; ৪৪; বোদালি হেলঞ্চা শাক, কাঠি দিয়া কৈল পাক ১৫৮। কাটিতে ঘোটন।—হেম ৩৯০। তুই সকল হাঁড়িতে কাটি দিস কেন লো কামিনী?—ব.দ্বি ৪২৭। ৩ শলাকাসদৃশ সিঁধ কাটার লৌহাস্ত্রবিশেষ। "ফুটাল সিঁধকাটী শ্রী ৪৬। সিঁধকাঠি বিঁদ কর ঃ কাঠি তোরে বিশাই গড়িল ভা.চ ৩১৫। ৪ চরকার মুষ্টিকাষ্ঠিকা, মুঠি বা হাতোল। "বাঁ হাতে পাঁজের গোছা ডানি হাতে কাটী শ্রী ২১৭। ৫ ঢাক-প্রভৃতি বাজানর দণ্ড। "দগড়েতে ঘন পড়ে কাটি।—কৃ ২৫৬। দুন্দুভিতে পড়ে কাঠি দু ১৩। কাড়ায় দিল কাটি শ্রী ৪৬; কাটী পড়িছে কাড়ায় ১৫৬। তিন তিন কাটী চ.বি ২৬৫। নাগরায় ঘন পড়ে কাটি শ্রী.মা ৬৬; ৬৭। তাহে (বাদ্যভাণ্ডে) দিল কাঠি রা.স ৩৫। ৬ খড়িকা বা তাদৃশ শরু কাঠি। "হাঁচিলেক নাকে কাঠি দিয়া ভা.চ ৩৬১। [কাটিকুটি—কাটি ও তাদৃশ কাষ্ঠখণ্ড; কাঠি ও কুটা প্রভৃতি জঞ্জাল। ঘন কাটি—ঘন ঘন কাটি দ্বারা আবর্ত্তন। দ্র 'কাটি[২] (২)। ঢাকে কাটি দেওয়া বা পড়া—ঢাকে কাটির আঘাত পড়া; ঢাক বাজা। সকল হাঁড়িতে কাটি দেওয়া—সকলকেই নাড়াচাড়া করা; সকলেরই কথা লইয়া চর্চ্চা করা। দ্র 'কাটি[২] (২)।]

কাটি[৩], **-ঠি**[৩] বি ['কাঠি'—পরিমাপক কাষ্ঠিকা'—মূল (?); ঠ কাঠী—ভূমিপরিমাণবিশেষ, বিঘার $\frac{১}{২০}$তম অংশ] ধান্যাদির পরিমাণ-পাত্রবিশেষ বা তৎপাত্রপরিমিত ধান্যাদি (চব্বিশপরগণা)।

কাটিগঙ্গা বি [অপ্র] কাটা (কৃত্রিম) গাঙ্; কাটা খাল। "কাটিগঙ্গা ক'রে তা'রা, ফিরিয়ে দেয় আমার ধারা দা ১৮।

কাটি-ঘা বি সাপে কাটার ঘা; সর্পদংশনজন্য ক্ষত; সাপের কামড়। "আমার বাবার কাটি-ঘা হয়েছে বি.বু ১৬।

কাটিয়া, কেটে বি ['কাঠীয়া'—মূল] রেশমের গুঁটির কাঠের মত শক্ত কাল ছালের সুতায়-বোনা মোটা কাপড়।

কাটিল বি [√কাট৫+ইল ; অপ্র] ১ ছিন্ন, কর্ত্তিত। "কাটিল কদলী যেন পড়ে ডালে মূলে।—কৃ.অ ২১। কাটিল অশোকবন পড়ে ডালে মূলে কৃ.উ ৩৭। ২ কর্ত্তনজন্য বা কাটার জন্য ; কাটা। "কাটিল ঘাঅত লেম্বুর রস দেহ কত শ্রী.কী ৩৯৮। [কাটিল ঘাঅত—কাটা ঘায়।]

কাটুরকুটুর বি [ধ্বন্যাত্মক] দন্ত দ্বারা কঠিন দ্রব্য কাটার ক্রমাগত মৃদু শব্দ। "ভিক্ষা করি খুদ কণা যা পান ঠাকুর। তাহার ইন্দুরে করে কাটুরকুটুর॥—ভা.চ ১০২।

কাট্‌লেট্‌ বি [E. cutlet] মেষছাগাদির ভাজা সমাংস পঞ্জরখণ্ড অথবা মাংসখণ্ড।

কাঠ বিং [সং গাঢ় >প্রা কাঠ (হে ৪.৩২৫)] ১ গাঢ়, ঘন, বসা, শুক্‌না। "কাঠ ক্ষীরসা (মালদহ)। ২ দ্র 'কাট১'।

কাঠ-আমলা বি অল্পশাঁস ক্ষুদ্রজাতি আমলকীবিশেষ।

কাঠ-কঠিন বিং [বৈষ্ণবসাহিত্যে] কাষ্ঠবৎ শুষ্ক, অর্থাৎ রসহীন ; রসবোধ-হীন, নীরস। "কি জানি কি খেনে, কোন গঢ়ল, কাঠ-কঠিন ছাতিয়া।—গো ২৯। এ (হিয়া) কাঠ-কঠিন অশ্রু নাহিক নয়ানে চৈ.ম ১৫৭।

কাঠকুড়নী, -কুড়ানী বি ১ যে স্ত্রীলোক কাঠ কুড়াইয়া জীবিকা-নির্ব্বাহ করে ; গালিবিশেষ। "তুই কাঠকুড়ানীর মেয়ে, সেইটে কুড়িয়ে নিয়ে থাচ্ছিস জা ২১। ২ কুৎসিত নারী। "বিদ্যাধরী ত্যাজ্য করি, নিলে কাঠকুড়নী দা ৫৭৪।

কাঠকোঠরিয়া বি [°র+ইয়া৯] যে কাঠে কোটর করে ; কাঠ-ঠোকরা পাখী। "ক.চ ১২৬।

কাঠখড় বি ১ কাঠ ও খড় ; কাষ্ঠ ও তৃণ। ২ (প্রতিমার উপকরণ কাঠখড় হইতে গৌণার্থে) নির্ম্মাণসামগ্রী, মালমশলা, উপকরণ। ৩ অভীষ্ট বিষয়ের অনুকূল নানা উদ্যোগ-আয়োজন। "আর একবার দেখলে হ'ত, কিন্তু অনেক কাঠখড় জা ৪৭।

কাঠখড়ি বি কাঠের মত শক্ত খড়ি। বিপ 'ফুলখড়ি'।

কাঠখোলা বি কাঠ (বালিশূন্য) খোলা (ভর্জ্জনপাত্র) ; যে খোলায় বালিতে কলায়-প্রভৃতি ভাজা হয় না। বিপ 'বালিখোলা'।

কাঠগড় বি ১ কাঠের গুঁড়ি (কুঁদা) খুদিয়া-করা ঢেঁকির গড় বা গর্ত্ত। বিপ 'মা'ট্‌-গড়'। ২ উদূখল। —ড়া বি ১ সর্থ 'কাটগড়া'। ২ কাষ্ঠ-নির্ম্মিত গৃহের বেষ্টন ; কাঠের বেড়া। "চারিদিকে কাঠগড়া মত্ত হাতী মাঝে শ্রী ১২২ ; ২১৮।

কাঠঝুনা বি যে ঝুনা নারিকেলের শাঁস কাঠের মত শক্ত ; সম্পূর্ণ ঝুনা।

কাঠটগর বি একস্তবকপাপড়ি-বিশিষ্ট একপ্রকার টগর ফুল ও তাহার গাছ ; খইয়া-টগর।

কাঠ(ঠু)রিয়া, কাঠুরে বি [সং কুঠারিক ; অস কাঠরীয়া ; কাঠ্‌কটায়া] যাহারা কাঠ কাটিয়া ও বেচিয়া জীবিকার্জ্জন করে ; কাষ্ঠব্যবসায়ী জাতিবিশেষ ; তজ্জাতীয় লোক। "মোরা কাঠুরিয়া জাতি কাষ্ঠ বেচি কিনি : °য়া-ঘরে : °য়াগণ : °রেগণ ম ৪০২। °য়া ম.ভা ১৬।

কাঠা১ বি [সং কাষ্ঠিকা >প্রা* কট্‌ঠিআ >বা কাঠা, -টা ; হি ক(গ)ট্‌ঠা] ১ (অপ্র) কাঠ। "শরীরেত রস নাহি কাঠা সমতুল গো.বি ৩৮। ২ ভূমির রৈখিক পরিমাণবিশেষ—চতুর্হস্তপরিমাণ। "পনর কাঠায় কুড়া ক.চ ৬। কাঠায় কাঠায় ধুলপরিমাণ (শুভঙ্কর)। ৩ এক কাঠা ভূমি—৭২০ বর্গফুট। ৪ [হি কট্‌ঠা—পাঁচ-সেরী পাত্র ; অস কঠা—আধ সের, আধ-সেরী পাত্র] ধান্যাদির মাপের পাত্র-বিশেষ। "ডালা কাঠা আড়ি বি.পা ২২০। হাতে কাঠা গৃহী ফেরে কিন্‌তে না পান ধান (খনা)। ৫ কাঠাপরিমিত শস্য—ধান্যাদি। "এক কাঠা কায়ন যে মাপিয়া থুইল। এক কাঠা মুক্তা তার বদলে লইল॥—ম.ম ১৩১। ফুল্লরা দু কাঠা চাল মাঙ্গিল উধার (ক.চ)। [°কালি—ভূমির দৈর্ঘ্য ও প্রস্থের পরিমাণ কাঠার গুণফল। কাঠাকিয়া—কাঠার অঙ্কের শতাবধি পাঠ ; কাঠার নামতা।]

কাঠা২, -ঠুয়া বি [সং কমঠ ; কাইঠ (ঢাকা) ; কাঠুয়া (দিনাজপুর) ; কাঠো (যশোহর) ; কাঠা (চব্বিশপরগণা)] কচ্ছপবিশেষ। "কাঠুয়ার মাংস : কাঠুয়ার হাতা বি.পা ১৬৮।

কাঠাম, -মো বি ['কাঠ-কাম' (কাষ্ঠ কর্ম্ম) অথবা 'কাষ্ঠময়' —মূল (?)।] কাষ্ঠাদিরচিত প্রতিমাদির পঞ্জর ; প্রতিমার বা ঘরের কাঠ বাঁশ ইত্যাদির ঠাট। "শোভিতেছে যেন বনপ্রকৃতির, পুষ্পিত কাঠামে আরশীবর ন ৯০২। হায় কি দৈবের দোষে, কাঠামো হইতে, নির্দ্দয় রাক্ষস-মূর্ত্তি হইল বাহির!—অ.গু ৬৩। এক ঝাড়ের বাঁশ বটে, কোন খানায় দুর্গাঠাকরুণের কাঠাম, কোন খানায় হাড়ির ঝুড়ি (নী)।

কাঠি১ দ্র 'কাটি১'।

কাঠি২ বি ১ সর্থ 'কাটি২'। ২ সর্থ 'কাঁটি (৫)'। "পুরাণ জালের কাঠি ম.ম ১৬৬। ৩ [হি কাঠী ; অপ্র] তলোয়ারের কাষ্ঠময় আবরণ ; কোষ, খাপ। "কাঠি হইতে খুলিয়া তলোয়ার হাথে কাছে ব.প ১৪৮১। ৪ খড়িকার মত শক্ত মাদুরের উপকরণ তৃণবিশেষ। "কাঠির মাদুর। ৫ ধান্যাদির পরিমাণপাত্রবিশেষ; তৎপাত্রপরিমিত ধান্যাদি—প্রায় দশ সের (চব্বিশ-পরগণা)।

কাঠি৩ দ্র 'কাটি৩'

কাঠিন্য ক্লী [কঠিন+য (ষ্যঞ্)] ১ কঠিনভাব, দৃঢ়তা, কার্কশ্য। "উরঃ [illegible]ঠিন্যমুক্তস্তনম্‌ শ ৩.৭। কাঠিন্যং স্তনযুগলে (কা.প্র)। ২ অনম্রত্ব, স্তব্ধতা। "কাঠিন্যং স্থাবরে কু.স ৬.৭৩। ৩ রূক্ষভাব, উগ্রতা, পারুষ্য। ৪ দ্রবদ্রব্যের মূর্ত্তি; গাঢ়তা, ঘনত্ব। "পা ৬.১.২৪, বৃত্তি। ৫ নিষ্ঠুরতা, ক্রূরতা। ৬ লেখনপদ্ধতির অস্ফুটতা, দুর্বোধতা।

কাঠী১ দ্র 'কাটি১'।

কাঠী২ বি [ঠ কাঠী ; অপ্র] ইন্ধন, কাঠ। "রন্ধনে আসিনু কাটি, তিতা আথা ভিজা কাঠী বা.ম ১৪৯।

কাঠুয়া ; কাঠুরিয়া, কাঠুরে ; কাঠোয়াল দ্র 'কাঠা২ ; কাঠরিয়া ; কাঁটাল'।

কাড়১ বি [কাঁড় >°ড় ; অপ্র] (বাণের সাহচর্য্যে) ধনু, রামধনু। "পুবেতে উঠিল কাড়। ডাঙ্গা ডোবা একাকার॥—খনা।

কাড়২, -ঢ় সর্ম্ম [সং √কৃষ্‌ >লি, প্রা √কড্ঢ >বা √কাঢ়, -ড় ; হি √কাঢ় ; ঠ √কাঢ ; গু √কাড, -ঢ, √কাহাড ; প √কড্ঢ ; সি √কঢ ; ড় √কঢ় ; অস √কাঢ্‌] ১ আকর্ষণ করা ; টানা, ছিনান। "কাঢ়ী লৈবোঁ সাতেসরী হারে শ্রী.কী ২৮ ; লল কাঢ়ী ১১২। বলে কাঢ়িঞা লব কৃ.উ ৫৪। তোর পরান কাড়ি লয় গো.চ ৭২। কাঢ়ি লএ সর্ব্ব অলঙ্কার ম.পা ৭৭। অর্থ কাঢ়ি নিল ভ.প্র ১৮৯। ২ টানিয়া বা ছিনাইয়া লওয়া ; লওয়া। "বলে কাঢ়ী খাএ থীরে শ্রী.কী ৮০। চাল কাড়িয়া খড় জ্বালিল আগুনি ক.চ ২১১। ৩ টানিয়া উন্মোচন করা ; অপসারণ করা বা খোলা। "কেহ কাড়িআ পেলায়ে আভরণ কৃ.উ ২৭২। ঘোঙ্গট কাড়ি(ঢ়ি)তে রূপ, নয়ানে লাগিয়া গেল (পদকল্পতরু)। ৪ [হি √কাঢ় ; গু √কাঢ ; অপ্র] লইয়া যাওয়া ; বাহির করা। "লোক আনি আমা কাঢ় কুঞ্জ হৈতে : আমা কাঢ় সাবধানে চৈ.চ ৯০ ; ১৯২। ৫ বলপূর্ব্বক গ্রহণ করা। "গুক্লাম্বর ব্রহ্মচারী বড় ভাগ্যবান্‌। যাঁর অন্ন মাগি কাড়ি খাইল ভগবান্‌॥—চৈ.চ ৪২। ৬ আকর্ষণপূর্ব্বক বাহির করা ; উচ্চারণ করা ; বলা। "রাধা না কাড়সি রাএ শ্রী.কী ২৫০। শার্দ্দুল রা কাড়ে কু.[illegible] কোকিলা কাড়ে রাও গো.চ ৮০। কাড়ে ঘোর রা।—ব.প

দারুণ ননদী বাণী কাড়ে নানা ছলে ১৩২৫। আর যদি কাড় রা, বসন্তের মাথা খা ক.চ ১৪৫। [তু 'রা কাটে' (কৃ.উ ১৯৯); 'করে রাও' (ম.ম ১৮৩)]। ৭ আবর্জ্জনাদি বাহির করা; পরিষ্কার করা। "পল্লীগ্রামে মেয়েমর্দ্দে খেতে থাটেন—গোয়াল কাড়েন পা.প্র ১৫৯। ৮ [অপ্র] আকর্ষণ করিয়া শিথিল করা; টানিয়া খোলা। "রাজার আজ্ঞায় সে সমস্ত বন্ধ কাড়ে কৃ ৪১৩। ৯ [গু √কাচ] খুঁজিয়া বাহির করা। "মাঝ পান্তরে, বাট কাঢ়ায়িআঁ (অর্থাৎ কাড়িয়া), গেলি আপণ ইচ্ছাএ শ্রী.কী ১৩০; বাট কাঢ়ায়িল বড়ায়ি জাইতেঁ বৃন্দাবন ২০৪। [কাড়(ঢ়)ন (সং কর্ষণ > লি কড়ঢন, প্রা কড্ঢণ; হি কাঢ়না; ঠ কাঢণেং; প কড্ঢনা; গু কডা(ঢা)ৱং; সি কঢ়ণু; ড় কাঢ়িবা)—আকর্ষণ, টানা। "কাঢ়ই, কাঢ়ল (পদকল্পতরু)। কাঢ়ায়িলি—কাড়িলি; কাঢ়ি, -ঢ়ী, কাঢ়িআঁ—কাড়িয়া। "শ্রী.কী ২৮; ১৩৪; ৩১৯। হাঁড়ি কাড়া—রন্ধনাদির নিমিত্ত নূতন হাঁড়ি বাহির করিয়া ব্যবহার করা (চব্বিশপরগণা)।]

কাড়-আর বি [কাণ্ডার > কাঁড়ার > কাঁড়আর > °র; অপ্র] পাঠান্তর—'কার্-আর' (বি.পা ৩৫৭,-৮)] যবনিকা, পর্দ্দা। "চৌদিকে টানিয়া দিল নেতের কাড়-আর বি.পা ২৬০; ২৯৭; দুয়ারের আগে দিল কাড়-আর টানি ৩৭৮।

কাড়-ঘা বি [ঘাড় > কাড় (?)] বলদের ঘাড়ের ঘা।

কাড়া১, -ঢ়া১ বি [সং কটাহ > প্রা কডাহ > বা ('হ' লোপে 'কঢা') কাঢ়া, -ড়া] ১ বাদ্যবিশেষ। [ইহার খোল কটাহের মত, মুখ চর্ম্মে আচ্ছাদিত; কটিতে বদ্ধ করিয়া কাঠি দিয়া ইহা বাজাইতে হয়।] "বাজে কাড়া গো.চ ৪০৪। কাড়া-সোরে শ্রী ১১৬,-৫৬। কাড়া কৃ ২৫৬। কাঢ়া ক চ ৩৪। কাড়া ভা.চ ২৬৬। সমরের কাড়া বা.দ ২৫৯। ২ [হি কাড়া; জাটু—কর্হা (উষ্ট্র)] মহিষশাবক, মহিষের পেঁড়া। কাড়া পড়া—কাড়ায় কাঠি পড়া; কাড়া বাজা। "শ্রী ২১৪। [কাড়া-সোরে কহা—কাড়া বাজাইয়া ঘোষণা করা। 'কাড়াসোরে কি কথা কোটাল কয় ফুটে শ্রী ১১৬।]

কাড়া২ বি ['কাঁড়ি'—মূল] হস্তের দীর্ঘ অস্থিখণ্ড; হাতের কাঁড়ি। "ফুলবে কাড়া ফুলবে বুক, ফরসা হবে পোড়ামুখ দা ৮০৭।

কাড়া৩, -ঢ়া২ বিং [√কাড়, -ঢ়+আ১২; সং কৃষ্ট > লি কড্ঢ, প্রা কড্ঢিঅ (প্রা.ম)] ১ আকৃষ্ট, কৃতাকর্ষণ, টানা। ২ কৃষ্ট, চষা। "আকাড়া জমি। —ড়া, -ঢ়া বি [√কাড়, -ঢ়+আ৬] আকর্ষণ, টানা, ছিনাইয়া লওয়া ইত্যাদি। দ্র 'কাড়৩'। [কাড়া-কাঠি—ঘানিগাছের তেল বাহির হওয়ার ছিদ্র রুদ্ধ হইলে থইল আকর্ষণার্থ বক্রাগ্র লৌহ-শলাকা। মাথা কাড়া দেওয়া—মাথায় লম্বা হওয়া বা বাড়িয়া উঠা (শিশুর পক্ষে)। "ছেলেটা মাথা কাড়া দিয়েছে, তাই রোগা দেখাচ্ছে।]

কাড়া৪, -ঢ়া৩ সর্ম [√কাড়২+আ৮] ১ আকৃষ্ট করান; ছিনাইয়া লওয়ান। ২ পতিত করা; পাতন, পড়ান। দ্র 'কাড়ান'।

কাড়াকাড়ি বি [কাড়২, -আ+কাড়২ -ই; অস কঢ়াকঢ়ি] পরস্পর আকর্ষণ বা বলপূর্ব্বক গ্রহণ; টানাটানি, পরস্পর ছিনাইয়া লওয়া। "কাড়াকাড়ি হুড়াহুড়ি আড়াই গাস থাইল গো.চ ২৯৭। তোমার নাম ক'য়ে ঠাকুরে আনু ল'য়ে, বড় মা করে কাড়াকাড়ি ভা.চ ৫৩২। মড়া নিয়ে কাড়াকাড়ি (কাব্যনির্ণয়)। কবিদল চীৎকারিছে জাগাইয়া ভীতি, শ্মশানকুক্কুরদের কাড়াকাড়ি-গীতি।—চ.কা ৩৭৭।

কাড়ান১ বি [√কাড়া+অন] সর্ম √কাড়া। [তানা কাড়ান—কাপড়ের তানার (warp) সূতা টানা দেওয়া, অর্থাৎ কাপড় বুনিবার জন্য লম্বা করিয়া পর-পর সাজান। এইরূপ, 'পৈতা কাড়ান'। ফুল কাড়ান —অভীষ্ট বিষয়ের দেবতার কৃপালাভের চিহ্নস্বরূপ দেবতার মস্তকের ফুল পাতিত করা বা পড়ান। "দেউল পর্ব্বে শিবের মাথার ফুল কাড়ান।]

কাড়ান২ বি [কাড়ন > °ন; সং 'কর্ত্তন'—"ধান্যকর্ত্তন (ধান কাড়ান) কৃ.স ১৭৩; অর্থানুসারে 'কর্ষণ' (কড্ঢণ)—মূল, বোধ হয়] ১ আষাঢ়ে ও শ্রাবণে বোনা ধান কিছু বড় হইলে, একবার খুঁড়িয়া দেওয়া বা বিদা দেওয়া। দ্র 'কৃ.স ১৭৩। "কাড়ানের (ধৃত পাঠ —'কাঁড়ানের') কালে আসি করিলেক ভঙ্গ শি ৭৯। ২ ভূমিকর্ষণ-যোগ্য বৃষ্টিপাত; বর্ষা। "আষাঢ়ে কাড়ান নামকে। শ্রাবণে কাড়ান ধানকে॥ ভাদ্দরে কাড়ান শীষকে। আশ্বিনে কাড়ান কিসকে॥ —খনা। ব.প ১১। [ধান কাড়ান—বোনা ধান আষাঢ়ে ও শ্রাবণে খুঁড়িয়া দেওয়া।]

কাড়ার বি [কাঁড়ার > °র; অপ্র] ১ কর্ণ, হাইল। "আপনে কাড়ার ধরি দেশে লও মোরে বি.পা ২৩২। ২ নৌকায় কাণ্ডারির স্থান; নৌকার পশ্চাদ্‌ভাগ। "নায়ের কাড়ার বি.পা ২৩৪; কাড়ারে ধরিয়া ডিঙ্গা উভে কৈল তল ২৩৬। —রি বি [কাঁড়ারী > °রি] কর্ণধার, নাবিক, মাঝী। "দুলাই কাড়ারি বি.পা ১৬৩,-৮৫; ২৩৫। কাড়ারি ন হইলে (দড়) পাতোয়াল খোসে (খসে) গো.বি ১২৩; সুজন কাড়ারি হইলে কি করে য়থেলে (অকূলে?) ১৮০।

কাড়িয়া বি [কাঁড়,—মূল; অপ্র; কাইড়া (ঢাকা)] বংশকাণ্ডের শূন্যগর্ভ পাত্রবিশেষ; চোঙ্গা। "কাড়িয়া ভরিয়া টাকা দেও ঝোলা ভরিয়া নেও গো.চ ২৩৫।

কাঢ়, কাঢ়ন; কাঢ়া১, কাঢ়া২, কাঢ়া৩ দ্র 'কাড়২; কাড়া১, কাড়া৩, কাড়া৪।

কাঢ়ি-আনি বি [কড়িয়ালি > °নি; অপ্র] বল্গা, লাগাম। "সপ্ত অশ্ব কাঢ়ি-আনি ধরি বাম হাথে। রহিল অরুণ সে সারথি হৈয়া রথে॥ —ম ২০।

কাণ১ বিণ [কাণ+অ (অচ্) অস্ত্যর্থে, পা ২.১.৩০, তত্ত্ববোধিনী; স্ত্রী -ণা; ছান্দস; তু 'তা কণ্—চক্ষু, ছিদ্র] ১ 'নিমীলনযুক্ত', এক-চক্ষুবিহীন, একচক্ষু; কাণা (লোক)। "অক্ষ্ণা কাণঃ পা ২.৩.২০। কাণ হ'য়ে মাঙ্গে কেহ পায়্যা নিশাকাল ক.চ ৮৬। ২ শ্রুতি ও স্মৃতি এই দুইএর একে অনভিজ্ঞ (বিপ্র)। দ্র 'অন্ধ১'। ৩ দৃষ্টিশক্তিহীন, কাণা (চক্ষুঃ)। "অক্ষি কাণমস্য পা ২.৩.২০। কাণেন চক্ষুষা কিং বা। —হি ১২ (কথারম্ভ)। মনু ৩.১৫৫। চক্ষু হৈল কাণ ক.চ.১০৭। ৪ এক-ছিদ্রযুক্ত, সচ্ছিদ্র, কাণা (কপর্দ্দক)। "প্রাপ্তঃ কাণবরাটকোঽপি ন ময়া তৃষ্ণেঽধুনা মুঞ্চ মাম্।—ভর্ত্তৃহরি। —ণ পুং ১ একচক্ষুর্হীন জন। "মনু ৩.২৪২। ২ কাক। দ্র 'কাকাক্ষিগোলকন্যায়'।

কাণ২, -ন '-ন্' বি [সং কর্ণ > লি, প্রা কন্ন > বা কাণ, -ন; হি, ঠ, গু, মৈ, ড় কান; প কন্ন; সি কন্নু; অস কাণ্; তু 'কন্নেহি (দো); কন্ন (শ্রী কী); কান্ন (গো.চ)] ১ শ্রবণেন্দ্রিয়। "গৃধিনী সদৃশ দুই কান শ্রী.কী ৪৭। কাণের ভিতর দিয়া মরমে পশিল গো।—চ.দা ১। চলিল অসুর-সেনা কাণে কাণে জোড়া চ.বি ৪১। কাণে কাণে রাউত শ্রী ২১৮। রাহুত মাহুত কানে কান ব.প ৪৭৬। চলিল কানে কান শ্রী.মা ১৮৭। কানে কানফুল রা.শে ৩১। পুরুষের কাণ কাটে ধরে শক্তি হীরা বি.সু ৩৭। ২ (সাদৃশ্যে) কর্ণাকৃতি স্বর্ণালঙ্কার। ৩ শ্রবণ-শক্তি। ৪ সেতার-প্রভৃতি যন্ত্রের দণ্ডের ছিদ্রে লগ্ন কাষ্ঠখণ্ড বা খুঁটি। "তানপুরার, বেহালার, সেতারের কান। ৫ খাতার বা নথীর কোণ। "কাণকোঁড়া খাতা।—য ৫। ৬ আলনার স্তম্ভে সংলগ্ন কাষ্ঠের বা ধাতুর কীলক। ৭ ['কাণা, -না'—মূল] নদী-প্রভৃতির কূল; তীর, কানা। "কমল কাণে কাণ শ্রী ১৩২; ১৭৯। ৮ ক্ষেতের আ'লের মাথা। "কর্কট ছরকট, সিংহের শুখা, কন্যে কানে কান। বিনা বায়ে বর্ষে তুলা, কোথা রাখবি ধান॥—খনা। [কান কাটা—অপমানার্থ কর্ণচ্ছেদন করা; (গৌণার্থে) বুদ্ধিবলে পরাজয় করা। দ্র 'কাণ২ (১)।

কান কটকট করা—কান কামড়ান। কান খাড়া করা—শ্রবণার্থ উৎকর্ণ হওয়া। কান ছোঁওয়া—(ভণ্ডামিতে) পাপকথা শুনিয়া 'আর যেন না শুনি' এই হেতু কর্ণ রোধ করা। "ভূমি ছুঁইয়া হাথ পরসওঁ দুঈ কানে শ্রী.কী ১০৩। শ্রীবিষ্ণু বলিয়া বুড়ী ছুঁইল দুই কাণ। —কৃ ৪৩। তু 'মার্জ্জারোঽপ্যেবং শ্রুত্বা ভূমিং স্পৃষ্ট্বা কর্ণৌ স্পৃশতি (হি)। কান ঝালাপালা হওয়া—বিরক্তিকর বিষয়শ্রবণে বা তীব্র শব্দে কর্ণজ্বালা (কর্ণজ্বর) উৎপন্ন হওয়া। কান টানলে মাথা আসে—কান ও মাথার ন্যায় যাহারা অবিচ্ছিন্ন, তাহাদের এককে পাইলে, অন্যকে পাওয়া যায়। কান দেওয়া—মন দিয়া শোনা। "রাজা না প্রত্যয় যায়, নাহি দেয় কাণ ভ.গ্র ২২৭। তু 'সং কর্ণং দত্ত্বা ; কর্ণার্পণ ; (বাঙ্‌লা) কর্ণদান করেন বিমাতা (মা ১৩৮) ; E. to give ear. কান ধরা —ভৎ'সনায় কান ধরিয়া অপমান করা। কাণ পাকা—কাণে জল জমিয়া পুঁজ হওয়া। কাণপাকা—কর্ণরোগবিশেষ। কান পাতা—কর্ণপাত করা ; কান দেওয়া। "কাহ্নঞিঁর বোলে কেহ্নে পাতসি কানে শ্রী.কী ৭৪। কান পাতিয়া শুনা—(কোন বিষয়) একাগ্রভাবে মন দিয়া শুনা। "কার্য্যকথা কহি কিছু কান পাতি শুন শ্রী ১৯৪। প্রবেশকালে কাণ পাতিয়া রোহিণী শুনিল ব.প্র ২৭১। কান ফেটে যাওয়া—প্রচণ্ড শব্দে কর্ণপটহ যেন বিদীর্ণ হইয়া যাওয়া। "নবীন মেঘের ডাকে ফেটে যায় কান। কান বেঁধা—কানে গহনা পরার নিমিত্ত কানের পাতা সচ্ছিদ্র করা। কান ভাঙান (গু কান ভংভেররা) —কানে কুমন্ত্রণা দেওয়া ; গোপনে বিরুদ্ধে মিথ্যা কথা বলিয়া বিদ্বেষী করা। কানভাঙানী—কুমন্ত্রণাদাত্রী। কানভারী করা (হি কান ভরনা)—কুমন্ত্রণায় কাণ পূর্ণ করা ; কুপরামর্শ দিয়া প্রতিকূল করা। কান ভোঁ-ভোঁ করা—কানে ভোঁ-ভোঁ শব্দ হওয়া। কান মলা (হি কান মলনা)—দোষ হেতু কর্ণমর্দ্দন-দণ্ড ; অপমানার্থ বা পরিহাসার্থ কান ডলা। কানমলা খাওয়া—দোষ হেতু কর্ণমর্দ্দনশাস্তি ভোগ করা। কান মোচড়ান—দোষ করিয়া বা ঠকিয়া কান মলা। কান যাওয়া—শ্রবণ-শক্তির লোপ হওয়া। কান সারা—লাফ দেওয়ার পূর্ব্বে বানর-প্রভৃতির কর্ণ উৎসারিত (উদ্গত) করা। "উভলেজ করিয়া সারিল দুই কান। এক লাফে আকাশে উঠিল হনুমান॥ —কৃ ৩১৯। কান হওয়া—(শিশু-সম্বন্ধে) শ্রবণশক্তি হওয়া। কানা-ঘুষা করা (হি কান ফুসী করনা) —কানে ঘোষণা করা ; কানে কানে বলা-কহা করা। কানে আঙুল দেওয়া—অপ্রিয়শ্রবণের অনিচ্ছায় কর্ণপথ রোধ করা। কানে আসা, বা উঠা—শ্রুতিগোচর বা শ্রুতিপথারূঢ় হওয়া ; শুনা। কানে উঠান—শুনান। কাণে করা (হি কান করনা)—কান দেওয়া ; গ্রাহ্য করা। "হ্যাঁ রা ও বেন্দা, বল্লি কতা কাণে করিস নে।—ন.ত ৭৭। কানে কান—১ কানায় কানায় পূর্ণ (নদী)। দ্র 'কাণ (৭)। ২ কর্ণে কর্ণে সংলগ্ন ; অবিরল, গায়-গায়-লাগা (জনসমূহ)। দ্র 'কাণ (১)। কানে কানে—কানায় কানায় পূর্ণ (নদী-প্রভৃতি) ; চুপে চুপে। কানে খাট (E. short of hearing)—যে কম শুনে। কানে তালা বা তালি লাগা—দুর্ব্বলতা বা প্রচণ্ড শব্দে কর্ণপটহ অসাড় হওয়া। "অন্নের বড় জ্বালা রে ভাই অন্নের বড় জ্বালা। দুই হাঁটু ঠক ঠক করে, কর্ণে লাগে তালা॥—প্রবচন। কানে তোলা—১ শুনান। ২ মন দিয়া শোনা। "কথা বলিলে, কথা কানে না তুলিয়া, অন্যমনে উত্তর দেন 'হু'।—ব.দ্বি ২০। কানে ধরা—১ শাসনের নিমিত্ত কান ধরা। ২ শুনিতে ভাল লাগা। কানে ধরিয়া বলা—১ নিকটে আসিয়া বিশেষভাবে বলা। ২ অপমান করিয়া কিছু শিক্ষা দেওয়া। কানে ফু দেওয়া (হি—কান ফূঁকনা)—কানে বীজমন্ত্র দেওয়া ; দীক্ষা দেওয়া। কানে মন্ত্র দেওয়া —১ দীক্ষিত করা। ২ চুপে চুপে কুপরামর্শ দেওয়া। কানে মাটি—পরিহিত বস্ত্র অসামাল হইলে, সাবধান করার সঙ্কেত। কানে যাওয়া—কর্ণগোচর হওয়া। কানে লাগা—কর্ণে আহত হওয়া ; শ্রুতিকটু হওয়া। কানে লেগে থাকা—শ্রুত বিষয় মনে জাগরূক থাকা। কানে হাঁটা—১ মাছের কানকুয়ার সাহায্যে যাওয়া। "কই মাছ কানে হাঁটে। ২ কাতভাবে শুইয়া অগ্রসর হওয়া। কানের খ'ল—কর্ণমল। কানের পাতা (সং কর্ণপালি)—কানের পত্রবৎ বহির্ব্বেষ্টন (lobe of the ear)। কানের মাথা খাওয়া—শ্রবণশক্তি হারান (গালিতে)।]

কাণকথা বি কানে কানে বলার কথা ; গোপনীয় বিষয় ; কুমন্ত্রণা। "বীরে, ভাঁড়ু দত্ত কহে কাণকথা ক.চ ৮৫।

কাণকাটা বিং ১ ছিন্নকর্ণ, বোঁচা ; সচ্ছিদ্রকর্ণ, কানফাড়া। ২ কুকর্ম্ম হেতু ছিন্নকর্ণ ; (গৌণার্থে) দুর্বৃত্ত, নির্লজ্জ, বেহায়া। ৩ যে কান কাটে ; শিশুর ভয়জনক কল্পিত জুজুবিশেষ। "থাক বাছা চুপ দিয়া, অই ডাকে কাণকাটা হাপা ভা.চ ৫২৭। সন্তানদিগকে ঐ জুজু ঐ কাণকাটা বলিয়া ভয় দেখান কুশিক্ষা (টেকচাঁদ)। ৪ সচ্ছিদ্রকর্ণ যোগিবিশেষ। দ্র 'কাণফাড়া'। "কাণকাটা হাড়ি সিদ্ধা লেখা যোখা নাই ব.প ৬২।

কাণকামড়ানি বি ১ কাণে কামড়ের মত যন্ত্রণা ; কাণকটকটানি। ২ শ্রুত গোপনীয় কথা (যেন উহা কাণে কামড়াইতেছে, এই হেতু) প্রিয় জনকে বলার জন্য ঔৎসুক্য-বোধ।

কাণকুয়া,-কো বি ['কর্ণকূপ'—মূল (?)] মাছের মুখের দুই পাশে কূপবৎ স্থান ও তাহার আবরণ অস্থিখণ্ড।

কাণকোটারি বি [সং কর্ণকীটী ; ড় কাণকোটলী. ; 'কর্ণকোটরী' (কর্ণকোটরবাসী)—মূল (?) ; হি কনখজুরা] বহুপদ ক্ষুদ্র কীটবিশেষ, ছোট কেন্নই। [লোকের বিশ্বাস, ইহারা কানে ঢুকিয়া মাথায় মগজে বাচ্চা করে।] "কাণকোটারির কিলিবিলি ভা.চ ২১০,-১২।

কাণখড়খড়ে বিং [কাণ+খর-খর] যাহার শ্রবণশক্তি এরূপ প্রখর যে, মৃদুশব্দও শুনিতে পায়।

কাণখুস্‌কি বি [কর্ণ+কোষক (নিঃসারক)] কর্ণমলনিঃসারণার্থ বক্রাগ্র ধাতুশলাকা।

কাণচটা, -চাটা বি ['কাণ-ছাতা'—মূল (?)] ১ কাষ্ঠের উপরে জাত কর্ণাকৃতি ছত্রাক বা ছাতা (mushroom)। ২ কানের পাতার ক্ষতরোগবিশেষ। "কাণচাটা গাফাটা গায়ে দাদ যার। সদাই নিরস মন সুখ নাই তার॥—প্রবচন।

কাণজুলপি, -ঝাপটা বি [সং কাকপক্ষ] কানের কাছে লম্বমান কেশগুচ্ছ।

কাণপাটা, -পাটি বি [কাণ+পাটা (পট্টক), পাটী (পট্টি) ; হি কণপটী—কানের পাতা] কানের পাতা ও তৎসন্নিহিত স্থান ; কান ও চক্ষুর মধ্যস্থল।

কাণ(ন)পাতলা বিং [ঠ কানচা হলকা] যাহার কান পাতলা, অর্থাৎ যে, যাহা শুনে, তাহাই নির্ব্বিচারে কর্ণে স্থান দেয় ; সত্যাসত্য পরীক্ষা না করিয়া যে নির্ব্বিচারে কোন কথা শুনিয়াই সত্য বলিয়া মনে করে। "আমায় ব'ল্লে মালতী এখানে এসেছে ; আমিও তেম্‌নি কানপাতলা, বাড়ী না দেখে তখনি চ'লে এলাম ন.ত ৩৯।

কাণপাতা বি কর্ণপাত করা। "কাণপাতা ভার (টেকচাঁদ)।

কাণ(ন)ফুল বি কর্ণের পুষ্পাকৃতি স্বর্ণালঙ্কারবিশেষ। "কানে কাণফুল রা.শে ৩১।

কাণফাড়া বি [হি, গু কানফট্‌] সর্থ 'কাণকাটা (৪) (ভা.উ, ২য় ভাগ)। "নাপিতর হস্তের ক্ষুর লইল কাড়িয়া। ঐ ক্ষুর কাণফাড়ার হস্তে দিল তুলিয়া॥ (কাণফাড়া) রাম বলিয়া রাজার দুই কর্ণ ফাড়িল॥ —ব.প ৬২। গো.চ ১৬৫।

কাণফুসকি বি [হি কানাফুসকী, -ফুসী ; গু কানফুসি] কানে ফুস ফুস করিয়া কুমন্ত্রণ দেওয়া ; চুপে চুপে কথাবার্ত্তা।

কাণফোঁড়া বি ১ কর্ণে ছিদ্র ; (হিন্দুর চিহ্ন) কর্ণবেধ। "কাণফোঁড়া দেখি বলি দেবীর কাহিনী বা.ম ১৮১। ২ 'কর্ণে ছিদ্রযুক্ত', কর্ণবেধ-সংস্কারশুদ্ধ হিন্দু। "কেহ বলে এই বেটা দেখি কাণফোঁড়া বা.ম ২৩৬। [°ফোঁড়া খাতা—কোণ ফুঁড়িয়া বাঁধা খাতা। "ঘ ৫। এইরূপ, 'কানফোঁড়া নথি, সেহা'।]

কাণ(ন)বালা বি কানের সোনার গহনা। "দা ৯৩৭ ; কাণের সাজ কাণবালা ১৬৩৩। কানবালা যোড়া কা ১৩৪।

কাণবিঁধনী বি [সং কর্ণবেধনী] কর্ণবেধের সময়ে কর্ণবেধনার্থ রৌপ্যাদিরচিত সূচিকা বা গুঁজি।

কাণভাঙান বি কানে (গোপনে) কুমন্ত্রণা দেওয়া ; কুমন্ত্রণা দিয়া স্বমতে আনয়ন। —নী বি যে পুরুষ বা স্ত্রীলোক অন্যের বিরুদ্ধে কুপরামর্শ দেয় ; কুপরামর্শদাতা, কুমন্ত্রিণী।

কাণা১,-না১ বিং [সং কাণ ; হি কানা, কানী (স্ত্রীলিঙ্গ) ; ঠ কাণা ; গু কাণু ; ড়, অস কণা ; মৈ কনহা, কান, -না ; কনহী (স্ত্রীলিঙ্গ) ; বা কাণী, -নী (স্ত্রীলিঙ্গ) ; তু 'তা কণ—চক্ষু, ছিদ্র] ১ একচক্ষুহীন। "কাণা খোঁড়া কুঁজা। তিন নয় সুজা (সহজ)॥—প্রবচন। নাই মামা তা অপেক্ষা, লোকে বলে কানা মামাটা ভাল দা ৪৯। ২ দৃষ্টিশক্তিহীন (চক্ষু)। ৩ চক্ষুর্দ্বয়হীন, অন্ধ। "হেন রূপ যেহ, না দেখিল সেহ, নয়ন থাকিতে কানা।—ন.প ২৩৮। ৪ বিচারজ্ঞানহীন, বে-হিসাবী। "বুড়ীতে চতুর কাহনে কানা (আ.দু)। ৫ ভয়ে হতবুদ্ধি বা দিশাহারা। "সন্ধানেতে দিল হানা, নিজ গৃহে যাইতে কাণা, (পায়রী) তোমার আঁচলে কৈল স্থিতি (ক.চ)। ৬ সচ্ছিদ্র, একছিদ্রযুক্ত। "কাণা কড়ি ক.চ ১৫৭। কাণা কড়ি ছিদ্রসম, জানহ সেই শ্রবণ চৈ.চ ৭৯ ; ৩৪২। কানা কুম্ভ চৈ.ভা ১৭৭। কাণা কড়ি ভ.গ্র ৩৫২ ; ব.প্র ৩৮৫। ৭ একদিকে বারিবর্ষণকারী খণ্ডিত (মেঘ)। "আকাশের স্থানে স্থানে কাণা মেঘ আছে আ.দু ৩১। ৮ পোকায় কাটা ; সচ্ছিদ্র। "কানা আখ। [কানা কড়ি (সং কাণবরাটক, হি কানী কৌড়ী)—ফুটা কড়ি। কানা বাঁট—গাভীর যে বাঁটে দুধ ঝরে না। কানা পড়া—পসার-প্রতিপত্তি নষ্ট হওয়া। কানামেঘা করা—কানা মেঘের ন্যায় এক পক্ষে টানিয়া কথা বলা বা পক্ষপাত করা। কানী রাত—অন্ধকার রাত। "এমনি কানী রাতটি পেলে ভূত চুড়েলের বড়ো ঘটা হয় অ.প্র ৪২।]

কাণা২ -না২ বি [সং স্কন্ধ >প্রা কং(খং)ধ (প্রা.ম) ; হি কং(কাং)ধা, কাঁধা ; ঠ খাংদা ; গু কান ; প কনহা ; অস কাণ ; মৈ কনহা] ১ (স্কন্ধসাদৃশ্যে) কলসী-প্রভৃতির ঊর্দ্ধকপাল বা উপরিস্থ অর্দ্ধাংশ ; কানার ভগ্ন অংশ। "কলসীর কাণা সে ফেলিয়া মারে ক্রোধে চৈ.ম ১১৪। টুক্রো হাঁড়ির কানা।—প.কা ৭৪। ২ কলসী-প্রভৃতির মুখ ; পাত্রের মুখ। "সাকে দিলেঁ। কানাসোজা পাণী শ্রী.কী ৩০৬। হাঁড়ির কানায় ভারের কাটি বাজিতেছে ব.দ্বি ১২৮। কানায় কানায় পূর্ণ আমার পরাণ—ভরা ভাদরে।—রবীন্দ্র। তুই ভাই গেলাসটা ফেলে দে, বোতলের কানায় খা স.এ ২৩। ৩ [হি কন্না—কিনারা (সং কর্ণ)] নদী-প্রভৃতির তীরের উচ্চ শেষ ভাগ বা কিনারার মাথা। "তখন কানায় কানায় জল।—শিশু ৮১। পুকুর কানায় কানায় পুরেছে। ৪ [কাণ২ -ন >কাণা —তু 'ষ্ণা দ্বিকর্ণিকা (সি, স্ত্রীলিঙ্গপ্রকরণ, ২১) ; অস কান] কাঠের বা বাঁশের খুঁটির কানের মত উচ্চ অগ্রভাগ ; খুঁটির কানা। [কানাকানি—কানায় কানায় পূর্ণ। কানা সোজা (অপ্র) —কানা-ছোঁয়া, কানপর্য্যন্ত (শ্রী.কী)। কানে কান—কানায় কানায় পূর্ণ। দ্র 'কাণ২ (৬)।]

কাণাকাণি, কানাকানি বি [কাণ(ন)-আ+কাণ(ন)-ই ; সং কর্ণাকর্ণি ; হি কানাকানী ; অস কণাকণি] ১ কানে কানে বলাবলি ; কানাঘুষা, কানফুসকি। "শুনি অঙ্গদের বাণী, সবে করে কানাকানি কৃ ২৫৪। আইয়ো শুয় করে কাণাকাণি ক.চ ২৫ ; ৪৩। ভ.গ্র ২৫৩। ম.ম ১২৮ ; কিসে কর কাণাকাণি ১৫২ ; ২৩০। শি ২৬। ভা.চ ৩১০। ২ চুপে চুপে বলাবলি ; মন্ত্রণা, যুক্তি। "ভীষ্ম দ্রোণ বিদুর করেন কাণাকাণি ম ২৫৭। মুনিগণ...করে কাণাকাণি কৃ ১২৩ ; °নি ২৬২। °নি কৃ.উ ২৩৯। °নি বা.ম ২০৯। চৈ.ভা ৩১।

কাণা(না)ঘুণা, -ঘুষা বি [হি কাণাফুসী] কানে ঘুনঘুন্ (মৃদু) শব্দে বলা বা ঘোষণা করা ; চুপে চুপে বলাবলি ; কানাকানি। "দিয়া জয় শঙ্খধ্বনি, বধূ পুজে একাকিনী, বন্ধুজন করে কাণাঘুণা।—ক.চ ১৯২। আমাকে একথা বলেন নাই, আমি কাণাঘুষায় কথাটা জানিতাম। —অক্ষয়চন্দ্র সরকার। লোকের কানাঘুষায় কান দেবেন না ঘ ৮৪।

কাণি, -নি বি [কানাৎ >°নি ? হি কনী—টুকরা, কন্নী—ধুতি প্রভৃতির প্রান্ত ; অস °নি ; ড় কণা] বস্ত্রখণ্ড, চীর, নেকড়া, টেনা। "দেও একখানি কাণি বা.ম ২৩১। মড়ার কাণি ম.ভা ১২। ছেঁড়া কাণি শি ৭৭। পরে কানি শ্রী ১০৬। কানিখানি ক.চ ১৬৪।

কাণী, -নী বি [কাণা১, -না+ঈ৬] একচক্ষুহীনা নারী। "লঘু কাণী বা.ম ২৩৫। চেড়মুড়ী কাণী ম.ভা ১১।

কাণ্টা বি [সং কণ্টক >প্রা কংটঅ >বা কাণ্টা] কণ্টকসদৃশ পীড়াকর ; দুরাত্মা, দুর্বৃত্ত। "শুনিয়াছি তা'রা নাকি কাণ্টা অতিশয়। পরম পবিত্র বাপে কটু কথা কয়॥—বি.বু ৩৯।

কাণ্ড পুং, ক্লী [√কন্ দীপ্তি+ড-ক, দীর্ঘ, উ ১.১১২ ; ছান্দস] ১ বংশ-বেত্রশর-প্রভৃতির এক গ্রন্থি হইতে অন্য গ্রন্থি পর্য্যন্ত অংশ ; পর্ব্ব, পাব। "গুড়চী°, তিল°, বংশ°, শর° (S.W.)। কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী।—বাজসনেয় ১৩.২০। যাজ্ঞ ১.৩০১। ইক্ষুকাণ্ডরস রা ২.৯১.১৫। ২ বৃক্ষের মূল হইতে শাখাবধি ভাগ ; প্রকাণ্ড, স্কন্ধ, গুঁড়ি (অ.টী)। "ঊরুদ্বয়ং মৃগদৃশঃ কদলস্য কাণ্ডৌ—অমরু ৯৫। ৩ বিটপ, শাখা (অ.টী)। "মনু ১.৪৬। ৪ দণ্ড, নাল, ডাঁটা (অ.টী) ; (মতান্তরে) নাড়, নাড়ী ; দণ্ড, যষ্টি ; নাড়ীবৃন্দ (ত.বা)। ৫ স্তম্ব, গুল্মভেদ (ত.বা)। তৃণাদিগুচ্ছ (মেদিনী)। "দূর্ব্বা°।—ভট্টি ৫.১৮। ৬ শরতৃণ। ৭ শর, বাণ। "সবিষং কাণ্ডম্ মহা ১৩.৫.৩। ধনুষ্কাণ্ড হি ৩৮১০/৯। মারে কাণ্ড কৃ.উ ৪২ ; ১৫১। গণ্ডকে বিঁধিয়া কাণ্ডে ক.চ ৪৯। শ্রী.ম ১৮৫। ৮ হস্তপদের অস্থিখণ্ড ; সন্ধিবিচ্ছিন্ন অস্থিখণ্ড। "°ভগ্ন, পুচ্ছ°, শ্রোণী° (সুশ্রুত)। ৯ ষোড়শহস্তপ্রমাণ দণ্ড। "পা ৪.১.২৩, তত্ত্ববোধিনী। ১০ গ্রন্থপরিচ্ছেদ, অধ্যায়, গ্রন্থবিভাগ। "কাণ্ডানুক্রম, অযোধ্যা°, আরণ্য°, ত্রি°, বাল°। ১১ তদ্বিষয়-প্রতিপাদক গ্রন্থ, তৎপ্রকরণভাগ। "কর্ম্ম°, জ্ঞান°, ব্রহ্ম°। ক্রিয়া° ভ ৪.২৪.৯। ১২ কদম্ব, সমূহ ; সমবায়। "বৃক্ষ° রা (S.W.)। মৃণালকাণ্ডকবলচ্ছেদ উ.চ ৩.১৬। কর্ম্ম° ক.চ ৪৭। [তু 'সমূহ' অর্থে 'কাণ্ড' প্রত্যয়, পা ৪.২.৫১, কাশিকা।] ১৩ জল। "°চিত্র রা ২.৮৯.১৮। ১৪ নির্জ্জন, নিভৃত। ১৫ অবসর, প্রস্তাব (অ.টী), যোগ্যকাল (ত.বা)। "অকাণ্ড, -ণ্ডে। ১৬ শাখা। ১৭ চাটুবাদ, স্তুতি। ১৮ কুৎসিত, অধম, পাপীয়ান্। "প্রজা°, ভূত° পা ৬.২.১২৬। [সমাসে উত্তরপদ]। ১৯ অক্ষোঠবৃক্ষ (ত.বা)। ২০ (বাঙলায়) ব্যাপার, ঘটনা। "প্রলয়কাণ্ড, ভয়ানক কাণ্ড। [কাণ্ডকারখানা— ১ ব্যাপার ও আয়োজন ; মহাসমারোহ, বৃহৎ ব্যাপার। ২ ঘটনাবলী, ক্রিয়াকলাপ। "তার কাণ্ডকারখানা দেখলে অবাক্ হ'তে হয়। ৩ অচিন্তনীয় ঘটনা ; অদ্ভুত ব্যাপার। "ব্রজের চক্ষে জল আসিল, পড়িল না। তাই দেবী সে জল দেখিতে পাইল না। দেখিতে পাইলে, আজ একটা কাণ্ডকারখানা হইয়া যাইত।—ব.প্র ৩৯২।

কাণ্ডকার পুং [কাণ্ড+ √কৃ+অ (অণ্)-ক ; উ.ত] বাণকারক। —কার ক্লী গুবাক, সুপারি।

কাণ্ডজ্ঞান বি কাণ্ডের বোধ ; প্রকরণজ্ঞান, বিষয়বোধ, দেশকাল-পাত্রানুসারে বিষয়বিশেষের কর্ত্তব্যাকর্ত্তব্যতা-বোধ। "বিদ্যাসাগর যদিচ ব্রাহ্মণ এবং ন্যায়শাস্ত্রও যথোচিত অধ্যয়ন করিয়াছিলেন, তথাপি যাহাকে বলে কাণ্ডজ্ঞান, সেটা তাঁহার যথেষ্ট ছিল চা.পূ ৫০। [কাণ্ডজ্ঞান-রহিত, -শূন্য, -হীন—দেশকালপাত্রবিষয়ে কর্ত্তব্যজ্ঞানশূন্য ; বিষয়-জ্ঞানহীন।

কাণ্ডতিক্ত পুং [স.ত] 'কাণ্ডে তিক্ত' ; ভূনিম্ব, চিরতা।

কাণ্ডপট, -পটক পুং [কাণ্ড (কুৎসিত) পট, কর্ম্মধা (অ.চি) ; ক (কন্) স্বার্থে] জবনী, তিরস্করিণী, পর্দ্দা, কানাৎ। "কাণ্ডপটকান্তর মাঘ ৫.২২। —পটী স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীপ্)] সর্থ 'কাণ্ডপট'।

কাণ্ডপৃষ্ঠ পুং [বহুব্রী] ১ যাহার পৃষ্ঠে কাণ্ড, অর্থাৎ কাণ্ডাধার তূণ ; শস্ত্রাজীব, আয়ুধিক, ধানুকী (অ.টী)। ২ স্বধর্ম্মত্যাগী (তিরস্কারে)। "ম.চ ৩½৪। [মহাবীরচরিতে শতানন্দ জামদগ্ন্যকে 'কাণ্ডপৃষ্ঠ' অর্থাৎ 'শস্ত্রাজীব ব্রাহ্মণ' সুতরাং 'স্বধর্ম্মত্যাগী' এই তিরস্কারবাক্যে সম্বোধন করিয়াছেন। 'স্বকুলং পৃষ্ঠতঃ কৃত্বা যো বৈ পরকুলং ব্রজেৎ। তেন দুশ্চরিতেনাসৌ কাণ্ডপৃষ্ঠ ইতি স্মৃতঃ॥] ৩ বেশ্যাপতি (নীলকণ্ঠ)। "মহা ১৩.২৩.২২। ৪ দত্তক পুত্র ; ঔরসব্যতীত একাদশ পুত্র (Wilson)। —পৃষ্ঠ ক্লী ১ যাহার পৃষ্ঠ কাণ্ডতুল্য স্থূল ; কর্ণের ধনুঃ। ২ কামচাপ।

কাণ্ডবান্ (-বৎ) পুং [কাণ্ড+বৎ (বতুপ্) অস্ত্যর্থে -১ব] 'কাণ্ড-যুক্ত', শরধারী, তীরন্দাজ।

কাণ্ডবীণা স্ত্রী [কাণ্ডী বীণা, কর্ম্মধা] শরকাণ্ডময়ী বীণা ; শরের পর্ব্বরচিত বীণা ; চণ্ডালবীণা। দ্র 'কণ্ডোল'।

কাণ্ডভঙ্গ ক্লী [ষ.ত] কাণ্ডের ভঙ্গ ; অস্থিখণ্ড (সুশ্রুত)।

কাণ্ডর্ষি পুং [কাণ্ডের ঋষি, ষ.ত ; 'কাণ্ডঋষি' (প্রকৃতিভাব)] ১ কাণ্ডের, অর্থাৎ বেদবিভাগবিশেষের ঋষি ; বৈদিকতত্তৎপ্রকরণের বিচারক—মীমাংসায় কর্ম্মকাণ্ডমীমাংসক জৈমিনি, বেদান্তে জ্ঞানকাণ্ডের বিচারক ব্যাস। ২ ভক্তিকাণ্ডের বিচারক শাণ্ডিল্য। ৩ একজাতীয় ক্রিয়াসমূহের বিচারক (শ.ক)।

কাণ্ডসন্ধি পুং [ষ.ত] কাণ্ডের মেলনস্থান ; গ্রন্থি, পর্ব্ব।

কাণ্ডাকাণ্ডজ্ঞান বি কাণ্ডের ও অকাণ্ডের জ্ঞান ; বিষয় ও অবিষয়ের বোধ ; কর্ত্তব্যাকর্ত্তব্যবিচারশক্তি, হিতাহিতজ্ঞান, ন্যায়ান্যায়বিচার। [°হীন—কার্য্যাকার্য্যবোধশূন্য, মূঢ়।]

কাণ্ডার[১] বি [সং কাণ্ডপট >প্রা* কংডঅড >বা (কণ্ডাড়, -র) °র ; অপ্র] ১ যবনিকা, পর্দ্দা। "মধ্যে কাণ্ডার বস্ত্র ধরে কোন জন। —ক.চ ২৬। নেতের কাণ্ডার মাঝে।—ম.ম ১৪৬। কাপড় কাণ্ডার আড়ে কানড়া রূপসী শ্রী ১৫৪। ২ বস্ত্রগৃহ, তাঁবু। "কাণ্ডারের মাঝে উঠি বসিল লখাই : কাণ্ডারের মাঝারে ম.ম ১৮৫। কূপতটে কাপড়ে কাণ্ডার করি রায় শ্রী ৯৭। শিশুরে আনিয়া রাখ কাণ্ডার ভিতরে। —রাধিকামঙ্গল।

কাণ্ডার[২] বি [সং কর্ণধার >প্রা * কণ্ণঢার, -হার (তু 'হে ১.২২৬,-৭ ; প্রা.ল ৩.১৩) >বা (কাণঢার) কাণ্ঢার (শ্রী.কী), কাণ্ডার ; তু 'কাণ্ঢারা (কনকধারা—চ), কন্নহার (কর্ণধার—চ) ; সম্বলপুরী ওড়িয়া—'কণঢার, -হার'—কর্ণধার (H.B. 252) ; অপ্র] ১ কর্ণধার, নাবিক, মাঝী। "আপুনি ত ধর্ম্মরাজ হইল কাণ্ডার শূ ১২৭। কাণ্ডারের বচনে করিয়া অবগতি।—ক.চ ১৯৬ ; ২০৭ ; কাণ্ডার বুলন ২৩৬ ; কাণ্ডার ভাই ২৪১,-৭৬। ম.পা ১৬৮। ২ (সাহ-চর্য্যে) কর্ণ, হাল। "নিরঞ্জন ধরেছ কাণ্ডার শূ ৫৬। দড় করি ধরিও কাণ্ডার।—ম.ম ১৩৮ ; ধরিল কাণ্ডার ২০১ ; ধরিলাম কাণ্ডার ২১৭। বা.ম ১৮৭। কাণ্ডার করেতে নাহি রয় জ্ঞা ১৩৭। ৩ কর্ণধারের স্থান ; হা'ল-মাচা। "কাণ্ডারে বসিয়া আমি তরাইব নাও ম.ম ১৩৩ ; ১৩৪।

কাণ্ডারি, -রী বি [কর্ণধারী >°রী, °রি ; তু 'কাণ্ডার' ; তা 'ভাণ্ডারি, -রী' ; হি কংডারী (কর্ণধারী) ; ঠ নারাডী ; গু নারডী—ক্ষুদ্র নৌকা, ডোঙ্গা] নাবিক, মাঝী। "পিকিড়া দ্যাও কাণ্ডারি সাজেয়া গো.চ ১১৪ ; ১১৭ ; কাগা কাণ্ডারী নৌকার ৪৫১। বাহ বাহ বলি ঘন ডাকিছে কাণ্ডারী (ম.ম)। তারানাম তরী তাহে কাণ্ডারী শ্রীগুরু বি.সু ১৩৬। যাহারে কাণ্ডারি করি, সাজাইয়া দিনু তরি ব.প্র ১৩২।

কাণ্ডী বি [°ণ্ড+ই[১১] >°ণ্ডি, -ণ্ডী] রাশি, কাঁড়ি। "লবণের .কাণ্ডী কৃ.উ ২১৩।

কাণ্ঢার বি [দ্র 'কাণ্ডার[২] ; অপ্র] ১ কর্ণধার, মাঝী। "আপণে কাহ্নাঞি তাত ভৈল কাণ্ঢার শ্রী.কী ১৫৮। ২ কর্ণ, হা'ল্। "আপনে কাণ্ঢার ধরিল দেব কাহ্ন শ্রী.কী ১৫৩। —রী বি নাবিক, মাঝী। "আহ্মে কাণ্ঢারী শ্রীগদাধর শ্রী.কী ১৫৭।

কাণ্ব বিণ [কণ্ব+অ (অণ্) ; স্ত্রী -ণ্বী] কণ্বসম্বন্ধী। —ণ্ব পুং কণ্বের অপত্য—পুত্রপৌত্রাদি।

কাত[১], **-থ** '-ত্, -থ্' বি [সং ক্বাথ] জলের সহিত দ্রব্যের পাক-বিশেষ ; নির্য্যাস।

কাত[২] ক্রি.বিং [সং কুত্র >প্রা কত্থ (প্রা.ম) >বা কাত ; বৈষ্ণব-সাহিত্যে] ১ কোথা, কোন স্থানে। "ব্রহ্ম সব বৈসে কাত গো চ ৫০১। ২ [কা+ত]। কাহাতে, কোন জনে। "এই মতে আনন্দে নাচেন দুই নাথ। সে উল্লাস কহিবারে শক্তি আছে কাত॥—চৈ.ভা ১৮৪। ৩ কাহাতে, কাহার কাছে। "না কর কপট প্রভু সংসারের নাথ। বিদিত হইলা, আর লুকাইবা কাত॥—চৈ.ভা ২৫৬।

কাত[৩] '-ত্' বি ['কা'ত'—মূল (?)] সুবিধা, সুযোগ, কায়দা। "কাত পেলে করে সাং···সৈন্য সেনাপতি সকলি।—দা ২০১৯। [কাতে পাওয়া—সুবিধামত পাওয়া ; বশে বা কায়দায় পাওয়া।]

কাত[৪] '-ত্' বি [আ ক.তা'—খণ্ড, অংশ, ভূখণ্ড] ১ ভূমিখণ্ড, কিতা। "এক বাগাত কাত ৪১ একচল্লিশ বিঘা E.P. 60 ; ছচল্লিস বিঘা সতের কাঠার কাত 62. ২ অংশ, ভাগ। "২৲ হিং ১২ জোড়া কাপড়ের কাত ২৪৲। ২৲ হিং ১২ মাসের কাত ২৪৲। ১৫ রোজের কাত ২৲।

কাত[৫] দ্র 'কাইত'।

কাতন্ত্র ক্লী কার্ত্তিকেয়প্রসাদে সর্ব্ববর্ম্মকৃত কলাপব্যাকরণ।

কাতর বিণ [কা (ঈষৎ) তর (অ.টী), সুপ্সুপা ; স্ত্রী -রা ; হি কাদর (কা—কুৎসিত, দর—ভয়।)] ১ ব্যসনাকুল-হৃদয় (অ.টী), অধীর বিহ্বল। ২ ভীত, চকিত। "সমরেষু কাতরো রা (S.W.)। রঘু ২.৫২ ; ১১.৭৮। চেতসা কাতরেণ উ.মে ১৬। বিরহ° ভ ১.২.২। ৩ ভয়-বিহ্বল, ভয়াকুল। "শ্রবণকাতরতা শ ৩.৮। ৪ বিবশ। ৫ চঞ্চল। ৬ দীন, করুণ, দুঃখিত। ৭ (বাঙলায়) অসুস্থ, পীড়িত (পূর্ব্ববঙ্গে)। —র পুং ১ (ভীরু বলিয়া ?) কাতলা মাছ। ২ [কে (জলে) আতর, স.ত] উড়ুপ, ভেলা। —র ক্লী ভীতভাব, ভীরুতা। [কাতরিয়া—কাতর করিয়া। "মে ২৪৪।]

কাতরা[১] '-ত্' অর্ম্ম [কাতর+আ[১১] >°রা] ১ কাতরতা প্রকাশ করা ; ভয়বিহ্বলতা বা বিপন্নভাব দেখান। "এক চক্ষু কাতরায়ে ছোট ঘরে যায়। আর চক্ষু রাঙ্গা হয়ে বড় জনে চায় ভা.চ ৫৩০। ২ আর্ত্তরব করা ; ব্যথিতের রব করা। "শব্দ লক্ষ্য করিয়া প্রফুল্ল সেই কুঠরীমধ্যে প্রবেশ করিল। দেখিল, সেখানে এক বুড়া কাতরাইতেছে।—ব.প্র ৩৫৩। ৩ দীনতা প্রকাশ করা ; দীনভাবে প্রার্থনা করা।

কাতরা² '-ত্' বি [দ্র 'কাতলা (৪)'; অপ্র] বধ্য পশুর বন্ধন-কাষ্ঠ; হাড়িকাঠ। "রাজার দোহাই দিয়া উঠিল কাতরাএ থাকিয়া গো.চ ১৪৪; ১৪৫; ১৪৬।

কাতরানি, -ন, -নি [√কাতরা¹ + অন > °ন; °ন + ই] ১ কাতর রব করা। "ক্ষণ পরে প্রফুল্ল কোন বুড়া মানুষের কাতরানি শুনিতে পাইল ব.প্র ৩৫৬। ২ কাতরস্বরে প্রার্থনা; দীনতাপ্রকাশ।

কাতরি, -রী '-ত্' [সং কর্ত্তরী; হি কতরী] ১ ঘানিগাছে তির্য্যগ্-ভাবে লগ্ন তখ্তা (ইহাতে কলু বসিয়া বলদ চালায় ও সর্ষপপেষণার্থ প্রয়োজনানুসারে ভার চাপায়। ইহার ঘর্ষণে ঘানিগাছ কাটিয়া যায় বলিয়া এইরূপ নাম)। "বিশ্বম্ভর গাছ তার কাতরি গদাধর (পদকল্পতরু)। ২ আকমাড়া-কলে বলদ জুতিবার দীর্ঘ কাষ্ঠখণ্ড। ৩ [সং কর্ত্তরী; হি কতরনী, কাতী; ঠ কাতর,-রী; গু কতরণী, কাতর; প কতরনী; সি কতরী; ড় কতুরা] স্বর্ণাদি ধাতুর পাতকাটা কাঁচী-বিশেষ; কাতারি, কাতুব।

কাতর্য্য ক্লী [কাতর+য (ষ্যঞ্)] কাতরভাব, ভীরুত্ব, ভয়শীলতা। "কাতর্য্যং কেবলা নীতিঃ রঘু ১৭.৪৭।

কাতল পুং [তু 'সং কাতর', র > ল] ১ কাতলা মাছ। "রুই কাতল ভা চ ১২৬। ২ (বাঙ্লায়) সর্থ 'কাতলা'।

কাতলা বি [সং কাতল] ১ মৎস্যবিশেষ, কাতলা মাছ (Cyprinus Catla)। "কাতলার মুড়া ভা চ ৫৪৭। ২ (জেলের শিকার কাতলা মাছ হইতে ডাকাতের ভাষায়) শিকার, অর্থাৎ বধ্য পথিক-প্রভৃতি। ৩ [হি কতলা; ঠ কাতল.া; গু কাতরা—a slice] সর্থ 'কাজলা²'। ৪ [আ ক়াতিল্—ঘাতক; ক়তল্—বধ] (ঘাতকের বা বধের সাধন) দণ্ড, লাঠি, ঠেঙ্গা। ৫ সর্থ 'কাতরা²'। ৬ ঢেঁকির মোনা বা ছে-কাঠ (কুমারখালি)। [কাতলা পড়া—জালে কাতলা মাছ আবদ্ধ হওয়ার ন্যায় বধ্য ব্যক্তি ধৃত ও নিহত হওয়া। কাতলামারার দেশ—যে দেশে ঠেঙাড়েরা ঠেঙার আঘাতে মারিয়া ফেলে; ঠেঙাড়ের দেশ; রাঢ় দেশ।]

কাতা বি [সং কর্ত্তা > লি, প্রা কত্তা > বা কাতা; অপ্র] ১ কর্ত্তা, স্রষ্টা। "ধাতা কাতা বিধাতার কপালে দিয়াছি ছাই চ.দা ১২৩। ২ [সং কর্ত্রিকা > প্রা* কত্তিআ > বা (কত্তা) কাতা; হি কাতা] ছুরী, দা। "পাছেতে থাকিয়া দূত মারে মুটে কাতা জ ৮৩। ৩ ক্ষুর, ক্ষুরভাড়। "নাপিত নিবসে তথা কক্ষতলে করি 'কাতা' (পাঠান্তর) ক.চ ৮৯। ৪ [সং √কৃৎ—কর্ত্তন; হি কাতনা—কাতা] কাটা সূতা বা দড়ি; নারিকেলের ছোবড়ার আঁশ হইতে কাটা দড়ি; নারিকেল-দড়ি।

কাতান বি [সং কর্ত্তরী > প্রা* কত্তণী > বা (কাতনী, -ন) কাতান; হি কত্তান, P. catana] ক্ষুদ্র খড়্গ; বড় দা। "কোন বা উদ্ধত প্রাণ, আপনি তুলি কাতান, ভীম বেগে হানে নিত্য আপন গলায়। —হেম ১১২।

কাতার দ্র 'কাঁতার'।

কাতারি, -রী বি ১ সর্থ 'কাতরি (৩)'। ২ শাঁখের করাত।

কাতি¹ বি ১ দ্র 'কাঁতি'। ২ [দ্র 'কাতিক'; অপ্র] কার্ত্তিক মাস। "কাতির পূর্ণিমা কর আশা। খনা বলে ডেকে শোন রে চাষা॥

কাতি² বিং [কা'ত > কাতি] ১ পার্শ্বে ভর দিয়া শয়িত। "হ'য়ে একটি কাতি, পোহায় রাতি, পাশটী না ফিরিল দা ৭৪৫। ২ কা'ত, অর্থাৎ পরাজিত, হত। "জিনে যদি কিন্নর নর, তবু ওটা জাতি বানর, কাতি ক'রে বাণ ল'তে কতক্ষণ।—দা ১৩২৯। [কাতি করা—কাত করা, অর্থাৎ শোওয়াইয়া ফেলা; পরাজিত বা নিহত করা।]

কাতিক বি [সং কার্ত্তিক > লি কত্তিক, প্রা কত্তিঅ > বা কার্ত্তিক, -ত্তিক, (কাতিঅ) কাতি; হি কাত্তিক; পঞ্জে] কার্ত্তিক মাস। "কাতিকের উন জলে। খনা বলে দুন ফলে॥ আওল কাতিক মাস ব ১৬৮।

কাতিয়ারী বি কার্ত্তিকশালি ধান (ইহা কার্ত্তিকে পাকে)।

কাতী দ্র 'কাঁতি'।

কাতুকুতু, কা(কে)তুরকুতুর, কেতুকুতু বি [হি, ঠ গুদগুদী; লি অঙ্গুলিপ্রতোদক (ভিক্ষুপ্রাতিমোক্ষ)] বগল পেট প্রভৃতি মাংসল স্থানে অঙ্গুলিসংস্পর্শে হাস্যজনক স্পর্শজ্ঞানবিশেষ বা সুড়সুড়ি। কাতুকুতু দেওয়া (হি গুদগুদানা; ঠ গুদগুদণেং)—মাংসল স্থানে অঙ্গুলিস্পর্শে সুড়সুড়ি দেওয়া।]

কাতুর বি [P. Quadra] ১ প্রেমারা খেলায় একরঙের সাতা, ছক্কা, পাঞ্জা। দ্র 'প্রেমারা'। " 'ফিক্র' দানে এক তাডাতে কল্লে বাজি মাৎ। মাছ, কাতুরে ভেকো হলো, কেয়াবাৎ কেয়াবাৎ॥—হেম ৩৮৫। ২ [F. Quatre] দ্র 'কাতরী'।

কাত্তিক বি [দ্র 'কাতিক'; অপ্র] ১ কার্ত্তিক মাস। "শূ ৭২। ২ [সং কার্ত্তিকেয়] দেবতাবিশেষ, ষড়ানন। "গনেশ হইআ গাজী, কাত্তিক হৈল কাজী শূ ১৪১। [°পুখুর—কার্ত্তিক মাসে বালিকার অনুষ্ঠেয় ব্রতবিশেষ; যমপুখুর। °শাল—কার্ত্তিকের শালিধান্যবিশেষ।

কাত্যায়ন পুং [কত+য (যঞ্) গোত্রাপত্যার্থে—কাত্য+আয়ন (ফক্) অপত্যার্থে] কতনামক ঋষির যুবগোত্রের অপত্য ঋষিবিশেষ। "রা ২.৬৭.২। যাজ্ঞ ১.৪। হ ২৭৪৮। [ইনি ধর্ম্মসংহিতা, পাণিনির বার্ত্তিকসূত্র, যজুর্ব্বেদপ্রাতিশাখ্য ও শ্রৌতসূত্র প্রণয়ন করেন। ইনিই প্রাকৃতপ্রকাশকার বররুচি। ইঁহার পিতা সোমদত্ত, জননী বসুদত্তা (ক.সা ২.২৯-৭০)।] —য়নী স্ত্রী [+আয়ন (ফক্) অপত্যার্থে +স্ত্রী ঈ (ঙীষ্), পা ৪.১.১৮] ১ 'কতগোত্রাপত্য-স্ত্রী', দুর্গা। "মহা ৬.২৩.৬। "মে ২১৭। [ইনি কল্পান্তরে মহামুনি কাত্যের অপত্য হইয়াছিলেন (অ.টী)।] ২ কাত্যায়নপত্নী। ৩ যাজ্ঞবল্ক্যের পত্নী। [যাজ্ঞবল্ক্যের দুই পত্নী—মৈত্রেয়ী ও কাত্যায়নী; মৈত্রেয়ী ব্রহ্মবাদিনী ছিলেন, কাত্যায়নীই পত্নীকার্য্য করিতেন।] ৪ পরিব্রাজিকাবিশেষ। ৫ (সাদৃশ্যে) অর্দ্ধবৃদ্ধা কাষায়বস্ত্রা বিধবা। ৬ ভিক্ষুকা, অধবা (অ.টী)। [°ব্রত (কাত্যায়ন্যর্চ্চনব্রত, ভ ১০.২২.১)—কাত্যায়নীর পূজারূপ ব্রতবিশেষ। ব্রজকুমারীগণ কৃষ্ণকে পতিরূপে লাভ করার নিমিত্ত এই ব্রত করিয়াছিলেন। মহাযোগেশ্বর কৃষ্ণের বস্ত্রহরণ ও রাসলীলা ইহারই ফল (ভ ১০.২২)।]

কাৎলী, কেট্‌লি বি [E. kettle] জল সিদ্ধ করার হাথল-দেওয়া ও নাল-লাগান ধাতুপাত্রবিশেষ। "কলাবউ গঙ্গাজলের পরিবর্ত্তে কাৎলী-করা গরম জলে স্নান ক'রে থাকেন হু ১৯০।

কাদম্ব পুং [কদম্ব + অ (অণ্)] ১ কদম্বসম্বন্ধী, অর্থাৎ যাহারা সমূহে (দলে) থাকে; কলহংস, বালিহাঁস। "গো.রা ৩.৭৮.২৭। রঘু ১৩.৫৫। ক.চ ১২৫। রঙ্গ ১৯১। ২ [+অ স্বার্থে] কদম্ববৃক্ষ। ৩ বাণ। তু 'কলম্ব'। ৪ ইক্ষু। —ম্ব ক্লী 'কদম্ববিকার', কদম্বকুসুম। "রঘু ১৩.২৭। —ম্বা স্ত্রী [°ম্ব+স্ত্রী আ (টাপ্)] ১ কলহংসী। "উত্তরিলা প্রিয়ংবদা (কাদম্বা যেমতি মধুস্বরা!) মে ১১৭। ২ কদম্বপুষ্পীবৃক্ষ। ৩ (বাঙ্লায়) দুর্গা (?)। "ভবজলতরণে, রাখহ চরণে, ভারত স্মরণে করি কাদম্বে ভা.চ ১১৭।

কাদম্বর পুং [কাদম্ব+ √রা গ্রহণ+অ (ক)-ক; উ.ত] যাহা কাদম্ব (কদম্বরসবৎ রস) গ্রহণ করে; দধিসর, দইএর সর, দধ্যগ্র। —র ক্লী ১ কদম্বকুসুম-জাত মদ্য; কাদম্বরী। "মাঘ ৪.৬৬। ২ দধিসার। ৩ ইক্ষুজাত গুড়াদি। ৪ শীধু, মদ্য। ৫ মদবারি। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ মদ্য, সুরা। তু 'কদম্বকোটরে জাতা নাম্না কাদম্বরীতি

সা।—হ ৯৮.১২। "অনাস্বাদিতকাদম্বরীরসঃ।—বা.ভা ১ৠউ। কাদম্বরী-পানে ঘুরে যুগল নয়ন ম ৯৪১। সত্য যেন কাদম্বরী পীয়ে—হেন ভান চৈ.ভা ১৮৪। °গন্ধ চৈ ২৯। ন ৯৪৫। °পানে ম.প্র ১৩৩। ২ কোকিলা। ৩ শারিকা। ৪ সরস্বতী। ৫ মদবারি। ৬ বাণভট্ট-রচিত আখ্যায়িকাগ্রন্থবিশেষ। ৭ কাদম্বরীকথার নায়িকা।

কাদম্বিনী স্ত্রী [কাদম্ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কাদম্ব যাহার অনুগামিরূপে, অথবা কদম্বকুসুমবিকাশ যাহার কার্য্য-রূপে আছে (অ.টী); মেঘমালা, মেঘপঙ্‌ক্তি। "আয়ুধেতে বজ্র যেন শব্দে কাদম্বিনী ম ৫৮৭; ৮০৬। ম.ভা ১০। কাদম্বিনী শিরে। ইন্দ্র-চাপ মে ৮৩; গম্ভীরে অম্বরে যথা নাদে কাদম্বিনী ৮৪। মা ১০৩। নীল কাদম্বিনী ন ৪৪৭। ২ নব মেঘ (S.W.)। [°কবচ (বি) —মেঘমালার ন্যায় কৃষ্ণবর্ণ বর্ম্মবিশেষ। "কাদম্বিনী কবচে ঢাকিল সব গা।—শ্রী ২৩২।]

কাদা বি [সং কর্দ্দ >প্রা কদ্দ >বা কাদা; হি কাঁদো; গু কাদব; মৈ কাদব, -দী, -দো; ড় কাদুঅ; কাদো (নাটোর); কদা (গো.চ ৩৩)] ১ কর্দম, পাঁক। "গচি মচ্ছ হৈয়া কাদাত মিসাইল গো.চ ৩৩। ২ কাদার মত নরম দ্রব্য। ৩ যুবতীর প্রথম রজোদর্শনে বা দ্বিতীয় সংস্কারে অনুষ্ঠেয় কুৎসিত স্ত্রী-আচারবিশেষ। "°খেউড়, °খেড়। [ইহাতে প্রতিবেশী স্ত্রীলোকেরা কাদা করেন ও অশ্লীলভাষায় নানা-প্রকার কুৎসিত আমোদ-আহ্লাদ করেন। এক্ষণে এই প্রথা দেখা যায় না।] —দা পুং কর্দ্দমময়। "আড়ে দীঘে শত কোশ রক্তে হৈল কাদা ম ২০২। [কাদা উড়ান—(গৌণার্থে) বুদ্ধিবলে অসম্ভব বিষয় সম্ভব করা; অঘটন ঘটান। "তোমরা গাছের পাড়, তলার কুড়াও, কাদা উড়িয়ে (উড়াইয়ে) দাও দা ২০৫৩। কাদা উড়ানীর কাছে ধূলা উড়ানী—যে কৌশলে কাদা উড়ায়, তাহার পক্ষে যে ধুলা উড়ায় তাহার কৌশল ন-গণ্য; (গৌণার্থে) অতিধূর্ত্তের নিকটে ধূর্ত্ত-পনা। কাদাচিঙড়ি—কাদার মত মৎস্যবিশেষ। কাদান—জলে কাদায় মিশান। কাদায় গুণ ফেলা—যে নৌকার গুণ টানে, সে অলস হইলে, গুণ ঢিলা হইয়া কাদায় পড়ে; (গৌণার্থে) কার্য্যে শৈথিল্য বা কুঁড়েমি করা।]

কাদাখেঁউড়, -খেঁড়ু বি [দ্র 'খেউড়'] কাদায়, অর্থাৎ পুনর্বিবাহে কাদা লইয়া স্ত্রীলোকের অশ্লীল খেলা ও আমোদ-আহ্লাদ। "খুদমাগা কাদাখেঁড়ু নারিনু রচিতে ভা.চ ৩৬৬; কাদাখেঁড়ু হইয়াছে, পুনর্ব্বিয়া বাকি আছে ৪৮৭।

কাদাখোঁচা বি [কাদা+খোঁচা (খঞ্জন ?)] ক্ষুদ্র পক্ষিবিশেষ (Snipe)। [ইহারা কুলেচর; নদী কূলে চরে এবং কাদায় ঠোঁটের খোঁচা দিয়া খাদ্য বাহির করিয়া খায়।] "কু ৪৫৯। বা.ম ১১৮। কাদাখোঁচা পায়ের চিহ্ন আঁকে পাঁকের পর।—শিশু ৪৭; সেথায় কাদাখোঁচা তীরে তীরে। কাদায় খোঁচা দিয়ে দিয়ে ফিরে ৭৯।

কাদাচিৎক বিণ [কদাচিৎ+ক (ঠঞ্) 'তত্র ভব' অর্থে, স্ত্রী -কী] কদাচিদ্ভব, অর্থাৎ যাহা কদাচিৎ হয়; কচিৎ সংঘটিত; নিমিত্তোপনত। "ব্রাহ্মণ কহিলেন, হে ব্রাহ্মণি…অধীরা হইও না, কাদাচিৎক সুখ-দুঃখ-মানাপমান-দ্বন্দ্ব-সহিষ্ণু হও।—ব.প ১৭১৮।

কাদাপাটা বি [°দা+পা°] দুয়ার বা জানালার ঝনকাঠের উপরে স্থাপিত কাদার আধার পাটা বা তখতা; সরদাল্।

কাদি বিণ ['ক' আদি যাহার, বহুব্রী; স্ত্রী -দি] ক-কারাদি, ক-বর্গ-প্রভৃতি। "কাদি আদি বরণাবলী জ.প ৭২।

কাদ্রবেয় পুং [কদ্রু+এয় (ঢক্) তদপত্যার্থে; স্ত্রী -য়ী] কদ্রুর অপত্য; কদ্রুসুত, নাগ। "মহা ১.৬৫.৪১। ম ৬৪১।

কান¹ বিং [দ্র 'কাণা'¹; অপ্র] ১ একচক্ষুহীন, কাণা। "অন্দনে দোকান দেন খরিদ করে কানে মী ২৫। ২ অন্ধ। "খণে হল খোড় খোণেকে কানে শ্রী.কী ২। ৩ দৃষ্টিশক্তিহীন। "বাম চক্ষু কৈল কান বি.পা ৭৯।

কান² বি [সং কৃষ্ণ >লি, প্রা কণ্‌হ >বা কান; হি, প কাঁন্‌হ; গু কনৈযো; সি কান্হু; কাহ্ন (শ্রী.কী); কাহ্নু, কানু (চ); বৈষ্ণব-সাহিত্যে] কৃষ্ণ, কানাই। "শুন বর কান ম্বি.প ৩৬; বড়ই চতুর মোর কান ১৩০। তোর রূপ যৌবনে মোহিল দেব কান শ্রী.কী ৪৭। সুন্দর বর কান চ.দা ৬। মন হি জাগল কান।—গো ২১৪; সো বহু-বল্লভ কান ২১৫। কুসুম শেজ পর রাধা কান জ্ঞা ৭২।

কান³ বি [সং গায়ন >প্রা গাঅণ >বা (গান) কান] গায়ক, সঙ্গীতব্যবসায়ীর উপাধিবিশেষ। "পটুয়া কান ভা.চ ২৭৩। [মধুকানের ঢপ—মধুসূদন কানের ঢপ-সঙ্গীতবিশেষ।]

কান⁴, **কান(নি)মাগুর** বি মাগুরজাতীয় বড় মৎস্যবিশেষ।

কানক বিণ [কনক+অ (অণ্); স্ত্রী -কী] কনকবিকার, স্বর্ণময়, হৈম। —ক ক্লী জয়পালের বীজ।

কানড়¹ বি [সং কর্ণাট >প্রা কণ্ণাড >বা কানাড়া, কানড় -ড়া; হি কন্‌হড়া] ১ { কর্ণাটদেশীয় (?) } সর্পবিশেষ। ২ কুণ্ডলিত কানড় সাপের আকারে বদ্ধ খোপা; (মতান্তরে) কর্ণাটদেশে প্রচলিত কেশ-বিন্যাসবিশেষ বা খোপা। "কানড় খোঁপায়, কনক ঝাপা ক.চ ১৬২। কাল কেশে কবরী কানড় ছান্দে সাজে ব.প ১৩৬০। [কানড়ী খোপা —কর্ণাটী, অর্থাৎ কর্ণাটদেশীয় রীতিতে বদ্ধ কবরী। "শ্রী.কী ৮৮।]

কানড়² বি [সং 'কন্দোট'—মূল (?); সং কণ্ডোট >(অপভ্রংশ) কন্নোড (নীলোৎপল)।—পদকল্পতরু] নীল পুষ্পবিশেষ, নীলপদ্ম (?)। "কানড় কুসুম জিনি, কালিয়া বরণখানি চ.দা ৮৬; কানড় কুসুম জিনি, শ্যামের বদনখানি চ.সা ৩৭। জ্ঞা ৮৯। শ্রী ২৫১। কানড় কুসুম (পদকল্পতরু)।

কানড়া বি [দ্র 'কানড়'¹] ১ সর্ব 'কানড়'¹ (২)। "কানড়া ছাঁদে, কবরী বাঁধে চ.দা ২২। [কানড়া ছাদে—কর্ণাটদেশীয় খোপার আকারে।] ২ [সং কর্ণাট] রাগবিশেষ। [ইহার সময় রাত্রি ১ম ও ২য় প্রহর, ঠাট কোমল গ ও নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

কানন ক্লী [√কানি দীপন+অন (ল্যুট্)-ক (অ.টী)] ১ যাহা পর্ব্বতাদি দীপিত করে; অরণ্য, বন। "সগিরি° রা ১.৩৬.১৬। রঘু ১৩.১৮। ২ উপবন, বৃক্ষবাটিকা। "সশৈলবনকাননা (লঙ্কা) গো.রা ৬.২.১৫। তানি কাননবনানি।—পঞ্চ ৩.২৫৪। নিরমিল দোল-পিণ্ড, কদম্বকাননসন্নিধান ক.চ ৭৯। গোলাপকাননবাসী চ.কা ১৪০। ৩ দুর্গম বনভাগ; গহন। "সকাননবনং রামো ব্যচিনোৎ সহলক্ষ্মণঃ গো.রা ৩.৬৮.১২। ৪ সমূহ। "তৎকেলিকাননমহী ক.ম ২.২২। [কানন—সমূহ (টীকা)] পঙ্কজকাননমোদিনী ভা.চ ২৮৯। ধীরে তন্দ্রা কুন্তল-কাননে। লুকাইয়া অধোমুখ উত্তরিলা ধীরে ন ৮৩৯। ৫ গৃহ (A.)। ৬ [ক (ব্রহ্মা)+আনন; ষ.ত] ব্রহ্মার মুখ। [°ভোজন—বনভোজন। "ব.প ৮৩৮। কাননান্ত (পুং)—বনসীমা।]

কানা¹; **কানা**² দ্র 'কাণা'¹; কাণা²।

কানাই, -নাঞি, -ঞী বি [দ্র 'কান'²; হি কন্হাঈ, কন্হৈয়া; কাহ্নাঞা, -ই, -ঈ, -ঞি, -ঞী, -ঞীঁ -য়ি (শ্রী.কী); কানয়া (পদকল্পতরু); কাহ্নাই (জ্ঞা ৩১; ১৫২); কাণাই, -ঞা (শ্রী.ম ২৭); কানায়া ব.প ১১১১] শ্রীকৃষ্ণ। "কানাই গো.চ ১২৫। শ্রী.ম ৬৮। চ.সা ২৪৫। কানাঞী ব.প ৭৬৪; কানাঞের গুণ ৮১১; কানাঞি বড় রঙ্গিঞা নাগর ৮৬২। কানাঞি চৈ.চ ১৬৫। ন.বি ৩৯। [কানাইবাঁশী —(সাদৃশ্যে) কদলীবিশেষ। "হু ১৬৪।]

কানাত বি [আ ক.নাত (?)—তাঁবুর চারিদিকের বাহিরের পর্দা,

কাঁটা (মুরশিদাবাদ)] ১ গৃহের পশ্চাদ্‌ভাগ; ছাঁচতলা। "এর চারিদিক ফাক, কেউ কানাচ থেকে শুন্‌তে পাবে না পি.ঘি ১২২। ২ গৃহের পশ্চাদ্‌ভাগের চাল বা ছাঁচ। "হয় তো কাহারো বাড়ীতে পড়িয়া লুঠতরাজ করেন—নয় তো কাহারো কানাচে আগুন লাগাইয়া দেন আ.দু ৬৭।

কানাটি বি [সং কর্ণাটী] কানাড়ী রাগিণী। "চ.সা ২৫৫।

কানাড়া বি [দ্র 'কানড়া'] ১ (গীতশাস্ত্রে) রাগবিশেষ। দ্র 'কানড়া'। ২ সর্পবিশেষ। "ভা.চ ১২৯। ৩ কর্ণাটদেশে প্রচলিত কবরীবিশেষ। "ধনী কানাড়া ছাঁদে বাঁধে কবরী (গোবিন্দদাস)। —ড়ী বি [সং কর্ণাটী > প্রা * কণ্ণাডী > বা °ড়ী] রাগিণীবিশেষ।

কানাৎ, -ত বি [আ ক.নাত্] ১ শিবিরের বেষ্টনবস্ত্র বা পাশের পর্দা (wall)। "এমন সময়ে কানাতে মানব ছায়া হইল পতন ন ৪৮১। ২ তাঁবু ঘেরার ক্যাম্বিস কাপড়ের বেড় (canvas enclosure round a tent)। "পড়িল কানাত তাম্বু রাজগড় বামে শ্রী ১৪৮। তীরে তাম্বু কানাত ১৮৬। আলায় কানাৎ তাঁবু। —রঙ্গ ৯। ৩ কাণ্ডপট, কাণ্ডার, পর্দা। "নেতের কানাৎ দিয়া ঘেরিল চৌউরি কৃ ৩৭৩। ৪ শিবির, তাঁবু। "ঝড়ে উড়ে কানাৎ ভা.চ ৪৫৫। চাঁদোয়া কানাৎ কা ১০৪।

কানামাছি বি বালকদিগের খেলাবিশেষ। [এই খেলায় একটি বালকের চোখ কাপড়ে বাঁধিয়া দেয়, সেই 'কানামাছি' হয়। অন্য বালকেরা ইহার চারিদিকে ঘুরিয়া বেড়ায়। কানামাছি ইহাদের যাহাকে ছোঁয়, সেই আবার কানামাছি হয়।]

কানাসি বি [কান+রসি?] ১ মাছের কানকুয়া বেড় দিয়া বাঁধা দড়ি। ২ মাছের ফুলকা (gill)।

কানি[১], **-ন্নী** বি [হি কন্না (কর্ণ)—কন্নী (স্ত্রীলিঙ্গ)] ১ ঘুঁড়ির দুই পাশের কিনারা। ২ বস্ত্রাদির প্রান্ত বা পাড়; হাশিয়া। ৩ তবলা-প্রভৃতি আনদ্ধ যন্ত্রের প্রান্ত। ৪ ঘুঁড়ি উড়িতে উড়িতে কাত হইয়া না পড়ে, এই জন্য উহার লঘুতর প্রান্তে বদ্ধ সূত্র বা বস্ত্রখণ্ড। ৫ বস্ত্রাদির কোণ। ৬ কান, কানকুয়া। [কানি খাওয়া বা মারা (হি কন্নী খানা বা মারনা)—ঘুঁড়ির এক পাশে ঝুঁকিয়া উড়া। কানি-কাটা কাগজ—কোণ-ছেঁড়া কাগজের টুকরা। কানি-দড়ি—নৌকার পা'লের কোণে বাঁধা দড়ি (ইহা দ্বারা পা'ল টানিয়া ইচ্ছামত বাতাসের দিকে ফিরান যায়)। কানী-খেকো, কান্নে-খেকো—যে ঘুঁড়ি কানি খায়। "কোথাও এক জন বড় মানুষের ছেলে অল্প বয়সে বিষয় পেয়ে কান্নে-খেকো ঘুঁড়ির মত ঘুচেন হু ১৬।]

কানি[২] বি ['কনিষ্ঠ'—মূল; অপ্র] ১ কনিষ্ঠাঙ্গুলি। "কানি নঙ্গুল : কানি নৌক গো.চ ১৩৬। ২ পূর্ব্ববঙ্গে জমির পরিমাণবিশেষ [কুমিল্লা অঞ্চলে, ৭ হাতে এক নল; ১২ নল দৈর্ঘ্যে এবং ১০ নল প্রস্থে (১২×১০) ১২০ বর্গ নল পরিমিত ভূমিতে ১ কানি (৫৮৮০ বর্গ হাত)। "দেড় বুড়ি কৌড়ি ছিল কানি খেতের (কাণী ভূক্তির —ম.গা ৫) কর গো.চ ৩২২।]

কানিষ্ঠিনেয় পুং [কনিষ্ঠা+এয় (ঢক) অপত্যার্থে] কনিষ্ঠা স্ত্রীর অপত্য: কনিষ্ঠাসুত। "মনু ৯.১২৩, কুল্লুক। ভট্টি ৫.৮৪।

কানীন পুং [কন্যা+অ (অণ্); কন্যা > কানীন, পা ৪.১.১১৬; স্ত্রী -নী] ১ কন্যার অপত্য; অনূঢ়ার পুত্র। "মনু ৯.১৭২। যাজ্ঞ ২.১৩২। [কানীন, মনুর মতে পরিণেতার এবং যাজ্ঞবল্ক্যের মতে মাতামহের পুত্র।] ২ ব্যাসদেব। ৩ কর্ণ।

কানু বি [দ্র 'কান[৩]'; কাহ্নু (শ্রী.কী); কাণু (শ্রী.ম ২৬)] শ্রীকৃষ্ণ। "কানু হেরইতে ভেল পরমাদ বি.সা ৪৪। কানুর পীরিতি চ.সা ৪১। গো ২১৫। শ্রী.ম ২৬।

কানুটি বি [হি কনেঠী] কানমলা (সাজা), কর্ণমর্দ্দন।

কানু(নু)ন বি [আ কা.নুন; cf., Gr. kanon—a rule; L., E. canon] ১ রাজ্যশাসনার্থ ব্যবস্থা; রাজনিয়ম, বিধি, আইন। "না বুঝিয়া কায়দা-কানুন, মধু খাও গে অন্য কানন, কোথা রবে কল্লে কানুন জারী দা ২১১২। কানুনের তরজমা ব.প ১৭৫৩। ২ তারের বাদ্যযন্ত্রবিশেষ।

কানু(নু)নগো বি [আ কা.নুন্+ফা গো (বক্তা)] যিনি প্রজার জমির মাপ ও হিসাবপত্র রাখেন; রাজস্ববিভাগের কর্ম্মচারিবিশেষ। [পাটোয়ারিরা প্রজাদের জমি-জমার যে হিসাব রাখিতেন, তাহা দেখিয়া একটা সাধারণ হিসাব প্রস্তুত করা, পূর্ব্বে কানুনগোর কার্য্য ছিল। ইঁহারা তখন জমিদারের কর্ম্মচারী ছিলেন।] [°গোঈ (কানূনগো-ঈ)—কানুনগোর পদ বা কার্য্য। কানুনগোই ভার—কানুনগোর পদের অধিকার। "ভা.চ ২৬; ২৬১।]

কানেট বি [সং কর্ণবেষ্ট > প্রা * কণ্ণএট্‌ঠ > বা (কানএঠ) > °ট; অপ্র] কর্ণভূষণবিশেষ (ear-ring)। "কানেট চোরে নিল কা গই মাগঅ চ ৫।

কা(কে)নেস্তারা, ক্যানেস্তারা বি [P. canastra; E. canister; হি কনস্তর; গু কনাস্তর] ঘৃততৈলাদি রাখার টিনের পাত্রবিশেষ। "তেলের ভাঙা ক্যানেস্তারা প.কা ৭৪।

কান্ত বিণ [√কম্+ত (ক্ত)-র্ম; স্ত্রী -ন্তা] ১ অভীষ্ট, বাঞ্ছিত। তু 'কামিত'। ২ মনোজ্ঞ, মনোহর, কমনীয়, চিত্তাকর্ষক। "সর্ব্বঃ কান্তমাত্মানং পশ্যতি শ ২৬। °কপোতকুক্কুট উ.চ ২.৯। রঘু ১.১৬। নীল কান্ত অম্বর।—রবীন্দ্র। কল্যাণ কঠোর কান্ত, ক্ষমা স্নিগ্ধতম কা ২৪। ৩ তর্পণ, প্রীতিকর। "ঘ্রাণকান্তমধুগন্ধ রঘু ১৯.১১। ৪ চিত্ত-শ্রুতিসুখকর ও রসযুক্ত; রমণীয়। "কোমলকান্তপদাবলী গী.গো ১.৩। সুকোমল কান্ত পদাবলী অ.গু ৭। বাঙ্‌লার রবি জয়দেব কবি কান্ত কোমল পদে কৃ.কে ১৫৯। —ন্ত পুং ১ পতি, স্বামী। "কান্তোদন্ত। —উ.মে ৩৯। নিশা° মে ১১৯; সীতা° ১২৬। যেন নিরমল স্বচ্ছ সলিলদর্পণে মুখ দেখে কান্তা কান্ত পুলকিত মনে।—স.শ ৮৩। ২ প্রিয়, দয়িত। "কান্ত কাকমুখে নাহি সম্বাদই বি.প ১৬৮; কান্ত রহু দূরদেশ ১৬৯। কান্তক কোর গো ২০৪। ৩ মাধব। ৪ চন্দ্র। ৫ বসন্ত। ৬ হিজ্জলবৃক্ষ। ৭ বিষ্ণু (মহা)। ৮ শিব (মহা)। ৯ কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১.৪। ১০ মণি। "অয়স্কান্ত, চন্দ্র°, সূর্য্য°। ১১ (বাঙ্‌লায়; অপ্র) অধিপতি, রাজা। "ধন দিয়া ব্যাধ কৈলা গুজরার কান্ত ম.পা ২; উজানীর কান্ত ১৬৭। ১২ (অপ্র) শ্রেষ্ঠার্থ। "কবিকান্ত শান্ত দান্ত গৌরীকান্ত পিতা শ্রী ১৭। —ন্ত ক্লী ১ কুঙ্কুম। ২ লৌহ, কান্তিলোহা। —ন্তা স্ত্রী [°ন্ত+স্ত্রী আ (টাপ্)] ১ কান্তিমতী স্ত্রী; সুন্দরী। "ঝটিতি প্রবিশ গেহং মা বহিস্তিষ্ঠ কান্তে শৃ ৬। ২ পত্নী। "°সম্মিততয়া কা.প্র ১.২। ক্রোধে কান্তা যদি কান্তে পিঠ দিয়া থাকে। জড়াইয়া ধরে ডরে জলদের ডাকে॥—ভা.চ ৪৪৭। স.শ ৮৩। ৩ পৃথিবী। ৪ গঙ্গা (শ.ক)। ৫ প্রিয়ঙ্গু। ৬ বৃহদেলা, বড় এলাচ। ৭ নাগরমুস্তা। ৮ রেণুকা ওষধি। [°পক্ষী (-ক্ষিন্) পুং —ময়ূর। °লোহ (ক্লী)—১ কান্তনামক লৌহ; কান্তিলোহা। ২ অয়স্কান্ত। কান্তায়স (ক্লী)—কান্তলোহ; অয়স্কান্ত।]

কান্তার পুং, ক্লী [কান্ত+√ঋ গতি+অ(অণ্)-ক; উ.ত] ১ যাহা সুখের অন্তকে প্রাপ্ত হয়; মহারণ্য, অরণ্যানী। "গৃহং তু গৃহিণীহীনং কান্তারাদতিরিচ্যতে।—পঞ্চ (A.)। ঝাড়কান্তার গো.চ ১৯৫। কান্তার-কান্তি মে ১১৮। ২ গহনত্ব হেতু দুষ্প্রবেশ। "বহুদোষং হি কান্তারং বনম্ রা ২.২৮.৫। ৩ দুর্গম বর্ম্ম; চৌরকণ্টকাদি হেতু বিপৎসঙ্কুল মার্গ। "গী.গো ১.২৭। ৪ বিল, গর্ত্ত। —র পুং ১ ইক্ষুবিশেষ,

কাজলে আখ (?)। "সুশ্রুত ১.৪৫.১৩৯। ২ বংশ, বাঁশ। ৩ কোবিদার বৃক্ষ। —র ক্লী ১ উপসর্গ, রোগলক্ষণ। ২ পদ্মবিশেষ। —রী স্ত্রী ইক্ষুবিশেষ, কাজলে আখ।

কান্তি স্ত্রী [√কম্+তি (ক্তিন্)-ভা] ১ ইচ্ছা, অভিলাষ। "কিম্বা 'কান্তি'-শব্দে কৃষ্ণের সব ইচ্ছা কহে চৈ.চ ১৫। ২ [+তি-র্ম] শোভা, সৌন্দর্য্য; শ্রী। "পু.মে ১৫। রূপমক্লিষ্টকান্তি শ ৫.১৮। কনক নিকস সম তনুকান্তি লীলা শ্রী.কী ৫৯। কান্তার-কান্তি মে ১১৮। ৩ দ্যুতি, দীপ্তি, প্রভা। "°ভৃৎ।—ভট্টি ২.১। অরুণ বস্ত্রকান্তি তাতে করে ঝলমল চৈ.চ ৮৬। কষিতকাঞ্চন-কান্তি মে ৬২। ৪ কামোন্মেষ হেতু অতিবৃদ্ধিপ্রাপ্ত স্ত্রীদ্যুতি; স্ত্রীগণের শৃঙ্গারজাত সৌন্দর্য্যগুণবিশেষ; স্ত্রীশোভা। 'সা.দ ৩.৯৬। ভ.প্র ৩৯৫। ৫ দৈহিক প্রসাধন (M.W.)। ৬ দুর্গা। ৭ গঙ্গা। ৮ চন্দ্রকলাবিশেষ। ৯ চন্দ্রপত্নীবিশেষ। ১০ কামশক্তিবিশেষ। ১১ লক্ষ্মী। "ভ ১০.৬৫.৩১। ১২ সুন্দরী স্ত্রী (A.)। ১৩ (বাঙলায়) কান্তিলোহ। "বা.দ ১৩০।

কান্তিকর বিণ [কান্তি+ √কৃ+অ (ট) তাচ্ছীল্যে-ক; উ.ত; স্ত্রী -রী] কান্তিজননশীল, শোভাকর, দীপ্তিকারক।

কান্তিদ বিণ [কান্তি+ √দা+অ (ক)-ক; উ.ত] কান্তিদায়ক, শোভাজনক, দ্যুতিকর। —দ ক্লী ১ পিত্ত। ২ ঘৃত। —দা স্ত্রী সোমরাজী।

কান্তিদায়ক বিণ [ষ.ত; স্ত্রী -য়িকা] সর্থ 'কান্তিদ'। —ক ক্লী গন্ধদ্রব্যবিশেষ।

কান্তিভৃৎ বিণ [কান্তি+ √ভৃ+কিপ্ (০)-ক-১ব; উ.ত; স্ত্রী -ৎ] কান্তিধারক, কান্ত, শোভন, দীপ্ত, উজ্জ্বল। "ভট্টি ২.১। —ভৃৎ পুং চন্দ্র।

কান্তিমান্ (-মৎ) বিণ [কান্তি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -মতী] ১ কান্তিযুক্ত, সুন্দর, শোভন। "কু.স ৪.৫। ২ দীপ্তিযুক্ত, উজ্জ্বল। "পু.মে ৩১। —মান্ পুং 'কান্তি'-কলাযুক্ত; চন্দ্র।

কান্তিলৌহ বি [সং কান্তলোহ] উৎকৃষ্ট লৌহবিশেষ। "তব কান্তি কান্তিলৌহ-কান্তি-ভ্রান্তি-কর বা.দ ১৩০।

কান্থা বি [সং কন্থা] কাঁথা। "কান্থাখানি ভ.প্র ১৭; কান্থা করোয়া ১৮৭। চিন্তা-কান্থা উড়ি গায় চৈ.চ ৩২৮।

কান্দ¹ বিণ [কন্দ+অ (অণ্); স্ত্রী -ন্দী] কন্দসম্বন্ধী, কন্দভব, কন্দজাত।

কান্দ² বি [দ্র 'কাঁদ¹'] স্কন্ধ, কাঁধ। "রাজার কান্দে তুলি দিলে ভার গো.চ ১৯২। কৃ ২০।

কান্দ³ অর্ম [দ্র ' √কাঁদ²; পদ্যে] ১ ক্রন্দন করা, কাঁদা। "না কান্দ না কান্দ কাহ্নাঞি শ্রী.কী ৩১৩। কান্দ কি কারণ গো.চ ১০১। কৃ.উ ১৩। দু ১০১। ২ আর্ত্তরব করা। "কান্দশ সগুণ শিআলী চ ৭৫। শৃগাল কুক্কুর কান্দে ব.প ৭৯৫। কান্দে বন্য পশু পাখী কৃ ১৪৬। ৩ কাতরতা প্রকাশ করা; ব্যাকুল হওয়া। "স্ত্রীপুত্র কারণে প্রাণ কান্দে অনুক্ষণ ব.প ৩০৩। —ন্দা সর্ম [কান্দ+আ⁸] ক্রন্দন করান; কাঁদান; আর্ত্তরব করান। "কান্দাইল কিষ্কিন্ধ্যার বিশিষ্ট সমাজ কৃ ১৬৩; কান্দাইলা: কান্দাইয়া ১৬৪। সভা কান্দাইমু চৈ.ভা ১৭০। মাধব কাহে কান্দায়সি হামে (পদকল্পতরু)। [কান্দন্তি, কান্দিআ, কান্দিলোঁ (কাঁদিলাম), কান্দে, কান্দোঁ (কাঁদি)।—শ্রী.কী। কান্দলু (কাঁদিলে), কান্দুমু (কাঁদিবে), কান্দিস (৩১)।—গো.চ। না কাইন্দ না কাইন্দ ব.প ৫৭। কেন্দেছে (শি ৮৪)।]

কান্দন বি [√কান্দ+অন; তু 'সং ক্রন্দন > লি কন্দন, প্রা কংদণ'; অস কান্দন, -নি; অপ্র] ক্রন্দন, কাঁদন। "রাজার কান্দন গো.চ ২০; ৩১; কান্দন কান্দলু: কাদন কান্দ (টীকা) ১০০; কান্দন জুড়িল ১৯০। কান্দন ক্ষেমা কর ব.প ৫৭। অহুনার কান্দনে ম.গা ৮; ১৪; কান্দন শুইনে ২৬। পুত্রের কান্দনে ক.চ ২১৯। ম.ম ১৮৫। চণ্ডী বলে পদ্মাবতী মায়াকান্দন ছাড়। এ কান্দন হইতে আর কান্দন আছে বড়॥—বি.পা ৩৫৩। কান্দনেতে ন.প ১৬৭; অর্দ্ধ কান্দনে ২১৫। প্রেমার কান্দনে চৈ.ম ১৭০; কান্দনের রোল ১৯১। —না বি [°ন > কান্দনা; তু 'বন্দনা'; হি কাঁদনা; অপ্র] ক্রন্দন। "সুমেরুর কান্দনাতে কৃ.উ ১৩। প্রভুর কান্দনা চৈ.ম ৬৬; ১৯১। কান্দনা শুনিয়া ব.প ৭; ১১৯৫। —নি, -নী বি [°ন+ই¹¹, ঈ] সাপুড়িয়ার কান্নার সুরে লখিন্দরের মৃত্যুবিষয়ক গীতবিশেষ। "কেহ বলে ডাক দিয়া আন সাপুড়িয়া। এখনি ধরিবে সাপ কান্দনী গাইয়া॥—ভা.চ ৩৮১।

কান্দা¹ বি [কান্দ³+আ; তু 'কান্দ'—কান্দময় (ক্রন্দনপূর্ণ) গো.চ ১৯৪; অপ্র] ক্রন্দন, কাঁদা। "কান্দা-কাটী বি.পা ২৭০; ৩২২।

কান্দি, -ন্দী, -ন্ধি, -ন্ধী বি [কান্দ, -ন্ধ+ই⁸, ঈ⁹] বৃক্ষের স্কন্ধে জাত গুচ্ছবদ্ধ বা স্তবকবদ্ধ ফলসমূহ। দ্র 'কাঁদি'। "কলাকান্দি: সহস্রেক কান্দি কলা কৃ.উ ১৩৫; কলা কান্দি কান্দি ২১৪। সহস্র কান্দি কলা চৈ.ভা ২২১; সহস্র সহস্র কান্দী দেখে কদলক ৪৪২। কান্দিবান্ধা নারিকেল ক.চ ১২২। কান্ধি দশ নিল রাঙণ নারিকেল ১৩২; পাঁচ কান্ধি কলা ১৩৪।

কান্ধ বি [দ্র 'কাঁদ¹'; অপ্র] ১ স্কন্ধ, কাঁধ। "দিট কান্ধ (দৃঢ় স্কন্ধ) চ ৭। কান্ধে লঁআ ভার শ্রী.কী ১৭৭। কান্ধে করি কৃ.উ ২৬১। ভার বয়্যা কান্ধ হয়্যাছে পুর ব.প ৭৮৯; ভাই কান্ধে চাপসিয়া ৮১৪। শ্রী ৪৭। ম ২০; ৫৫। কান্ধে চড়ি চৈ.চ ৬৩; ৩২৮। কান্ধ পর শোভই জ্ঞা ১২৭। ২ [দ্র 'কাঁদা²'] তীর, কূল। "হাথে হাথ প্রসারিল লাগিল কান্ধে। দুই কূল বাহিয়া জল উচ্ছাল বান্ধে॥ —কৃ.উ ৪৫।

কান্না বি [কাঁদনা > °ন্না; হি কাঁদনা] ক্রন্দন, কাঁদা। "°কাটনি, °কাটি, °হাটি। কান্না দিয়ে ব্যথার ফাঁসে৹ দ্বিগুণ বলে বাঁধে।—শিশু ১৬। এটি যৌবনের কান্না। এটি বুড়া বয়সের কান্না।—ব.প্র ৬৪০। যত হাসি তত কান্না। ব'লে গেছে রামশর্ম্মা॥—প্রবচন। [কান্না-কাটনি, -কাটি—কাঁদা-কাটা; ক্রন্দন ও শোকতাপ। "নিন্দে বান্দা কান্নাকাটনি কা ৯২। মন্দ্র ৬৯। কান্না-কাটি ঝটাপটী কত করে সোর।—হেম ৩৭৮। ন.ত ৮। কান্না পাওয়া—কান্না আসা; কাঁদিতে ইচ্ছা হওয়া। কান্নাহাটি—১ কান্নার হাট, অর্থাৎ প্রাচুর্য্য; সকলের ক্রন্দন; ক্রন্দনের রোল। "হল রান্নাঘরে কান্নাহাটি…উদরে অন্ন কার নাই।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ অবিরত ক্রন্দন; অজস্র অশ্রুপাত। "গৃহিণী যাহার ঘরে তারি কান্নাহাটি।—হেম ৩৮৬।]

কান্যকুব্জ পুং [কান্য (কন্যাসমূহ) কুব্জ যেখানে, বহুব্রী] দেশবিশেষ, কনোজ। দ্র 'কন্যাকুব্জ'।

কাপ বিং ['কাপট্য'—মূল] ১ কপট, ছদ্ম। "তব কন্যা পদ্মাবতী, কপট করিল অতি, কাপরূপে ভুলাইল মন ম.ম ১০৭। ২ মায়াবী, কুহকী, বাজিকর, নকুলে। "কেহ বলে ওই এল শিব বুড়া কাপ ভা.চ ১১১। ৩ ছলকারী ধূর্ত্ত। —প বি ১ কপটতা, ছল। ২ ঠাট্টা, তামাসা (মালদহ)। ৩ বরেন্দ্র-শ্রেণী ভঙ্গ-কুলীন (কুলভ্রষ্ট ব্রাহ্মণ); বারেন্দ্র বংশজ ব্রাহ্মণ। [মধু মৈত্রেয় নৃসিংহ লাড়ুলীর কন্যাগ্রহণে দূষিত হইলে, তাঁহার পুত্রেরা পিতৃদ্বেষী হইলেন এবং উভয় দলই সমাজে স্থগিত থাকিলেন। মধুর ভগিনীপতি ধেঁই বাগচি মধুর পুত্রগণকে যখন স্বপক্ষে আনিতে পারিলেন না, তখন তাহাদিগকে বলিলেন, তোরা চণ্ডীমণ্ডপের মধ্যস্থলে বেড়া দিয়া কি এক কাপ (কাচ) করিয়াছিস? এই সময়ে ঐ বেড়া তোল, নতুবা তোদের মর্য্যাদা থাকিবে না। তাহারা সম্মত হইল না এবং অবশেষে তাহারাই সমাজে কুলভ্রষ্ট 'কাপ' বলিয়া পরিগণিত হইল (সম্বন্ধনির্ণয়)।] ৪ [অস কাপ] লেখনী,

কলম। "আনহ কেতকিকের পাত। মৃগমদ মসি, নখ কাপ॥ —বি.সা ৪১১। [কাপ করা—ছল করা ; কৌতুক করা।]

কাপট বিণ [কপট+অ (অণ্‌) স্বার্থে ; স্ত্রী -টী] কপট, ধূর্ত্ত। "অত্রি ৩৭৯।

কাপটিক বিণ [কপট+ইক (ঠক্‌) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] কপট-ব্যবহারী, শঠ, ধূর্ত্ত। —টিক পুং পরমর্ম্মজ্ঞ কপটব্যবহারী ছাত্র (পঞ্চবিধ চরের একতম)। "মনু ৭.১৫৪, কুলুক।

কাপট্য ক্লী [কপট+য (ষ্যঞ্‌) 'তদ্‌ভাব, তৎকর্ম্ম' অর্থে] ১ কপট-ভাব, ধূর্ত্ততা, শাঠ্য। ২ কপটকর্ম্ম।

কাপড় বি [সং কর্পট > প্রা কপ্‌পড > বা °ড় ; হি কপড়, -প্পর ; ঠ, গু °ড ; ড় করটা—দীর্ঘ ছিন্নবস্ত্র ; অস কাপ(পো)র্‌ ; তু 'কাপাই' (কাপড়) ম.গা ১৭] ১ পরিধানবস্ত্র—ধুতি শাড়ী ইত্যাদি। "কাহ্নাঞি কাপড় না পিন্ধে শ্রী.কী ১২২। ২ বস্ত্রমাত্র। "ধোপানী কাপড় কাচে কাচড়ার ফুল। বেহুলা কাপড় কাচে সূর্য্য-সমতুল॥ —ম.ভা ৫৬। [কাপড় কাচা—১ কাপড় ধৌত করা ; ক্ষারজলে সিদ্ধ বস্ত্র ধৌত করা। ২ বৈকালে স্ত্রীলোকের শৌচে যাওয়া ও কাপড় কাচা। কাপড় ছাড়া—বাসি বা অশুচি কাপড় ত্যাগ করা। কাপড় তো করা—কাপড় ভাঁজ করা। কাপড় তোলা—১ পরিহিত বস্ত্র উপরদিকে গুটান। ২ কাপড় উঠাইয়া যথাস্থানে রাখা। ৩ ছেঁড়া কাপড় রিপু করা। কাপড় পরা—১ বস্ত্র পরিধান করা। ২ কোন স্থানে যাইবার নিমিত্ত প্রস্তুত হওয়া। কাপড় পাট করা—কাপড় পরিপাটি করিয়া বা সাজাইয়া রাখা। কাপড় সিজান—ক্ষারজলে কাপড় সিদ্ধ করা। কাপড়ে-হাগা—অতিভীরু। কাপড়ের খতি —কাপড়ের জমি ও পাড়ের মধ্যস্থ মোটা সূতার আঁজি। কাপড়ের খোল বা জমি—কাপড়ের বুননির জমা বা ঘনত্ব।]

কাপড়-চোপড় বি [ঠ কাপড চোপড—cloths and stuffs simply ; অস কাপর-কানি—clothes ; ড় লুগাপটা (পট্ট)।] ১ কাপড় ও জামা চাদর প্রভৃতি ; পোষাকপরিচ্ছদ। "ব.প্র ৩৬২। ২ কাপড় ও কানি (মালদহ)।

কাপড়ি বি [সং কার্পটিক > প্রা কপ্‌পডিঅ > বা °ড়ি] কাষায়বস্ত্র-খণ্ডধারী তীর্থযাত্রী ; সন্ন্যাসী। "কাপড়ির (পাঠান্তর—'কাপটির') রূপ যেন বুলেন নগরে চৈ.ভা ৫১৫।

কাপড়ীয়া, -পুড়ে বিং [°ড়+ঈয়া, এ°] ১ কাপড়সম্বন্ধী। ২ [ঠ কাপডী] কাপড়ে নির্ম্মিত। [কাপুড়ে পটী—বাজারের যে অংশে কাপড়ের দোকানের পঙ্‌ক্তি থাকে ; বস্ত্র-পণ্যবীথিকা। কাপুড়ে বেপারী (গু কাপডীও)—বস্ত্রব্যবসায়ী। কাপুড়ে হাটা—হাটের যে অংশে কাপড় বিক্রয় হয়।]

কাপড্যা বি [সং কার্পটিক ; হি কপরিয়া ; ঠ, গু কাপডী ; অপ্র] সন্ন্যাসিশ্রেণীবিশেষ, কাপালিক। "হাটে বাঘছাল বেচে ফুল্লরা রূপসী। যতনে কিনয়ে তাহা কাপড্যা সন্ন্যাসী॥—ক.চ ৪৯।

কাপথ পুং [কু (কুৎসিত) পন্থা, নি.স ; সমাসান্ত 'অ', কু > কা, পা ৬.৩.১০৪ ; 'কাপথ' ক্লীবলিঙ্গ (পা ২.৪.১৭ ; সি) তথাপি লোকাশ্রয়ত্ব হেতু পুংলিঙ্গও হয় ; রভসমতে 'কাপথ' পুংলিঙ্গ (অ.টী)। ব্যাকরণ-সমূহেও মতভেদ আছে।] ১ নিন্দিত মার্গ ; অসন্মার্গ, উৎপথ, কুপথ। "সার্থাদিব পরিভ্রষ্টা কাপথে বিচরাম্যহম্‌ গো.রা ২.৬৮.৩০। ২ বনমার্গ, দুর্গমপথ ; নাস্তিকসেব্য মার্গ। "আস্থাতুং কাপথং দুঃখং বিষমং বহু-কণ্টকম্‌ রা ২.১০৮.৭।

কাপাল বিণ [কপাল+অ (অণ্‌) ; স্ত্রী -লী] ১ কপালসম্বন্ধী। ২ কপালনির্ম্মিত। "কাপালমস্ত কঙ্কণম্‌ (S.W.) —ল পুং কাপালিক। —ল ক্লী কুষ্ঠবিশেষ। —লী স্ত্রী বিড়ঙ্গ

কাপালি,-লী বি [সং কাপালিক,-লী] ১ কাপালিক, যোগিবিশেষ। "চ ১৯ ; ২০। মাথায় পিঙ্গল জটা, সন্ন্যাসী কাপালী ঘটা ক.চ ৮৭। ২ সঙ্কীর্ণ কৃষিজীবী হিন্দুজাতিবিশেষ। দ্র 'কপালী (৪)।

কাপালিক পুং [কপাল+ইক (ঠক্‌)] ১ যাহারা নরকপালে ভক্ষণাদি করে ; শৈব যোগিবিশেষ। [ইহারা নরকপালের ভূষণ ধারণ করে। ব্যাঘ্রচর্ম্ম পরিধান করে এবং নরকপালে ভোজন ও পান করে। ব্রহ্মার শিরশ্ছেদজন্য পাপমোচনের নিমিত্ত কালভৈরব শিবাদেশে কাপালিকব্রত গ্রহণ করেন। কালভৈরব প্রথম কাপালিক। দ্র 'কাল-ভৈরব'।] ২ বামাচারিবিশেষ (শ.ক)। ৩ সঙ্কীর্ণজাতিবিশেষ, কাপালি। ৪ কাপালিক সম্প্রদায় (শ.ক)। —ক ক্লী ক্ষুদ্রকপাল (ত.বা)।

কাপালী পুং [কাপাল+ইন্‌ (ইনি) অস্ত্যর্থে-১ব ; দ্র 'নীল-কণ্ঠটীকা'] ১ 'ব্রহ্মাণ্ডাধীশ', শিব। "মহা ১৩.১৭.১০৩। ২ [স্ত্রী -লিনী] জাতিসঙ্করবিশেষ, কাপালি। —লী স্ত্রী [কাপাল+স্ত্রী ঈ (ঙীষ)] কাপালপত্নী, রুদ্রপত্নী, দুর্গা। "মহা ৬.২৩.৪।

কাপা(বা)স বি [সং কর্পাস > লি, প্রা কপ্পাস > বা °স ; হি, গু কপাস ; ঠ কাপুস ; ড় কপা ; আ কু.ত্‌.ন্‌ ; E. cotton] কাপাস গাছ ; কাপাসের ফল ও তুলা। [কাপাসে—কাপাসতুলাসম্বন্ধী (সূতা ব্যবসায়ী)। "কাপাসে বেপারী। কাপা(বা)সী (গু কাপাসী) —কাপাসের ব্যবসায়ী হিন্দুর উপাধিবিশেষ।]

কাপি বি [E. copy] ১ (প্রেসের ভাষা) পাণ্ডুলিপি। ২ অনুলিপি, নকল। "ছেলেটী কেবল ট্রু কাপির সইয়ের মতন সঙ্গে থাকে হু ১১৬।

কাপিল বিণ [কপিল+অ (অণ্‌) ; স্ত্রী -লী] ১ কপিলসম্বন্ধী। ২ [+অ স্বার্থে] কপিল, পিঙ্গল। —ল পুং [°ল+অ, প্রত্যয়লোপ, পা ৪.২.৬৪] ১ কপিলপ্রোক্ত শাস্ত্রের বেত্তা বা অধ্যেতা ; সাংখ্যবিৎ, সাংখ্যমতবাদী ; সাংখ্যপাঠক। ২ কপিলবর্ণ। —ল ক্লী [কপিল+অ] কপিলপ্রোক্ত সাংখ্যদর্শন।

কাপিশ ক্লী [কপিশা+অ (অণ্‌) তৎসম্বন্ধার্থে] কপিশার (মাধবী-লতার) পুষ্পজাত মদ্যবিশেষ।

কাপুরুষ পুং [কু (কুৎসিত) পুরুষ, নি.স, কু > কা ; 'ঈষৎ পুরুষ' ইতি মুগ্ধবোধ ; পক্ষে 'কুপুরুষ'] ১ কুৎসিত পুরুষ ; নিন্দিত জন ; নীচ, অধম। "পঞ্চ ১.১৬০। ২ পৌরুষহীন জন ; ভীরু। "গো.রা ৬.৮৯.৫। দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি হি ৩১ (কথারম্ভ)। পঞ্চ ১.২৫। ভার্য্যা হৈতে যেহ তরে পুরুষ হইয়া। লোকে বলে তাহারে কাপুরুষ বলিয়া॥—ম ৬৩২। —ষ বিণ [°ষ+অ (অণ্‌) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -ষী] কাপুরুষসম্বন্ধী, ভীরুচিত। "কৃত্বা কাপুরুষং কর্ম্মং শূরোঽহমিতি মন্যসে গো.রা ৬.৮৮.১৩। [°তা, °ত্ব— কাপুরুষভাব, অপৌরুষ, ভীরুতা।]

কাপোত বিণ [কপোত+অ (অণ্‌) ; স্ত্রী -তী] ১ কপোতসম্বন্ধী। "কাপোতীং বৃত্তিমাস্থিতঃ মহা ৩.২৫৯.৪ ; ভ ৯.১৮.২৫। ২ কপোত-বর্ণযুক্ত। —ত পুং ১ সর্জ্জিকাক্ষার, সাজিমাটি। ২ কপোতাভবর্ণ, ধূসরবর্ণ। ৩ অঞ্জীর। —ত ক্লী [+অ তৎসমূহার্থে] কপোতসমূহ।

কাপ্‌তান্‌, -তেন্‌ বি [E. captain ; P. capitao ; কাপিতাং (চট্টগ্রাম) ; হি কপ্‌তান্‌] ১ জাহাজের অধ্যক্ষ বা প্রধান নাবিক। ২ সেনাবিভাগের প্রধান কর্ম্মচারিবিশেষ। "কাপ্তেন সাহেব তাহাকে মেজর সাহেবের কাছে লইয়া গেল ব.দ্বি ১৪৬। ৩ দলের প্রধান ও ধনবান্‌ ব্যক্তি। "গদাধর…মতিলালের স্বভাব ভিন্ন দেখিয়া অন্যান্য কাপ্তেন বাবুর অন্বেষণ করিতে উদ্যত হইল আ.দু ২১২। ৪ বিষয়-বিশেষে নিপুণ ব্যক্তি। "কালেজে প'ড়ে কেবল কথায় কাপ্তেন হয় বি.বু ২৮। [কাপ্তেন ধরা বা পাকড়ান—দলের অধ্যক্ষ করা। কাপ্তেন ভাসান—কাপ্তেনকে সর্ব্বস্বান্ত করা বা পথে বসান।]

কাফ(ফে)র বিং [আ কাফির্] ১ ঈশ্বরে অবিশ্বাসী ; নাস্তিক। ২ ইস্‌লাম ভিন্ন ধর্ম্মে বিশ্বাসী ; অমুসলমান। ৩ ইস্‌লামে অবিশ্বাসী। "যতেক বামণ মিছা পুথি বানাইয়া। কাফর করিল লোকে কোফর পড়িয়া॥—ভা.চ ৪৮০। কাফের কো মাট্টি দেও ব.প্র ৪৪৬।

কাফরি বি [আ কাফির—নাস্তিক ; E. caffre ; P. cafre] আফ্রিকার নিগ্রোজাতি ; তজ্জাতীয় ব্যক্তি।

কাফি[১] বি [E. coffee ; P. cafe ; আ কহ্‌ৱা] ১ বৃক্ষবিশেষ, কাওয়াগাছ। [ভারতে নীলগিরিতে, লঙ্কায়, ব্রেজিলদেশে ও মধ্য আমেরিকা প্রভৃতি দেশে ইহা উৎপন্ন হয়।] ২ কাফিগাছের ফল ও তাহার বীজ। ৩ কাফিবীজের চূর্ণ মিশ্র উষ্ণজল বা সরবৎ।

কাফি[২] বি [আ ক়াফ্‌যহ্—ছন্দ] (সঙ্গীতে) রাগবিশেষ। [ইহার জাতি সম্পূর্ণ, ঠাট কোমল গ, সময় ১০ দণ্ড হইতে ১৬ দণ্ড পর্য্যন্ত।] "সিন্ধুর সাথে কাফি কু.কে ১৬৩। হোলির দিনে কত কাফি। —রবীন্দ্র।

কাফিলা বি [আ ক়াফ্‌লহ্] ১ বণিক্‌সমূহ। 'কাফিলা কাফিলা, ছাউনী ছাইলা।—রঙ্গ ৮, ৯। ২ পথিকদল।

কাফুর বি [সং কর্পূর > লি, প্রা কপ্পূর > বা কাফুর ; আ কাফুর্ ; হি, গু কপূর ; ঠ কাপূর ; অস কর্পূর ; অপ্র] কর্পূর। "তাম্বুলবিড়ী কাফুরমিশাল ব.প ১৫০৭। [কাফুরীতাম্বুলবিড়া (হি কাফুরী—কর্পূরসম্বন্ধী, শ্বেত)—কর্পূরগন্ধী পানের (কর্পূরপাত পানের) বিড়া। "ব.প ১৫০৭।]

কাবা বি [আ কবা] ১ হাঁটুর নীচে পর্য্যন্ত লম্বা, ঢিলা-ঘের ঢিলা-আস্তেন জামা বা আলখেল্লা (long gown)। "ব.প ১৭৯৩; ১৮৫৭। দা ৫৫১। বুকে জরির কারচোপের কর্ম্ম-করা কাবা হু ১২। ২ মক্কার মসজিদ, মুসলমানদিগের প্রধান তীর্থস্থান। [মুসলমানেরা বলেন যে, মহম্মদ এইস্থানে আছেন ; এইজন্য ইহা তীর্থ এবং মুসলমান-গণ এই স্থানে হজ করিতে আসেন। 'কাবার মন্দির মধ্যে ফিরিস্তা আব্রাহাম কর্ত্তৃক প্রদত্ত কৃষ্ণপ্রস্তর রক্ষিত আছে এবং তথায় মুসলমানেরা হজ করিতে যান।]

কাবাই বি সর্থ 'কাবা (১)। "কনক কাবাই কণ্ঠহার শ্রী ২১৩। ডিঙ্গা পত্তন করি, কাবাই পাইল গিরি ব.প ২২০। শ্রী মা ১৩৭; ১৫৬; ১৯৩। বি পা ১১৬। চিক্কণ কাবাই বি.সু ১৫।

কাবাড়ি, -ড়ী, -রি বি [হি কবাড়িয়া, -ড়ী] ১ যে ভাঙা-চূরা ফাটা-ফুটা বা পুরাতন মাল কিনিয়া ব্যবসায় করে, রদী মালের বেপারী ; ছোটলা বেপারী। "কুজুড়া কাবাড়ী হৈয়া নানা দ্রব্য আনে বৈয়া, বেচে লৈয়া নগর ভিতর ব.প ৩২০। যেমন কাবাড়ি, ভ্রম বাড়ী বাড়ী, চাহিয়া কাম ঔষধে ক.চ ২১৮। কাবারি কুজুড়া শ্রী ৪৫ ; ৭৯। ২ [তু 'সং কৈবর্ত্ত >প্রা কেবট্ট] মৎস্যবিক্রেতা মুসলমানজাতিবিশেষ ; নিকারি (?)। "মৎস্য বেচিয়া নাম ধরাল্য কাবারি ক.চ ৮৬।

কাবাব বি [ফা কবাব্] লোহার শিকে বিঁধাইয়া সিদ্ধ-করা মাংস ; শূল্যমাংস। [মাংস কুটি কুটি করিয়া লবণ বেসম ও মশলার সহিত মাখিয়া গুলি পাকাইয়া শিকে বিঁধিয়া কয়লার আঁচে সিদ্ধ করিলে 'কাবাব' হয়।]

কাবাবচিনি বি [আ কবাবহ্ ; ফা কবাব্ + হি চীনী] ১ সুমাত্রা যব প্রভৃতি দ্বীপে জাত মরিচ গাছের মত ঝাড়ওয়ালা গাছ। ২ কাবাবচিনির (মরিচের মত) ফল (cubeb)।

কাবার বি [P. Acabar, cf., mes acabar (মাসকাবার) —Haughton] ১ সমাপ্তি, শেষ। ২ মাসের শেষ দিন ; সংক্রান্তি। ৩ (তাসখেলায়) প্রয়োজনীয় ফোঁটার সংখ্যাপূরণ। "পঞ্চাশ কাবার ; ইস্তক কাবার। [কাবার করা—সমাপ্ত করা। পঞ্চাশ কাবার—পঞ্চাশ বৎসরের সমাপ্তি, (খেলায়) পঞ্চাশ ফোটার পূরণ। "প্রায় হ'ল পঞ্চাশ কাবার, তবু ছাড়লিনে পঞ্চাশ কাবার।—রসিকচন্দ্র চক্রবর্ত্তী। কাবারী—কাবারসম্বন্ধী, কাবারের, শেষের। "মাস-কাবারী হিসাব।]

কাবি(বে)জ বি [আ ক়াবিজ়্] অধিকার, দখল। E.P. 55 ; আপন কাবিজ ও তছরুপে আনিলাম 69 ; 95.

কাবু বিং [ক কাব্‌উ—বল, অধিকার, বশ, ইখ্‌তিয়ার] ১ বশগত, আয়ত্ত, হস্তগত, পরাস্ত। "আলোকেরে কাবু করি, ত'র পর, সমূলে নাশিয়া তারে আঁধার জুড়িয়া বসে ঘর।—স্ব.প্র ১১০। ২ ক্ষমতাহীন, দুর্ব্বল। "যাহারা জলে যুদ্ধ করিতেছিল, তাহারা বরকন্দাজদিগের লাঠি সড়কিতে হাত পা ভাঙ্গিয়া কাবু হইতে লাগিল ব.প্র ৪১৪। ৩ পরিশ্রান্ত, ক্লান্ত। "খেলাপ না কহো বাবু, তোম্‌নে মুঝে কিয়া কাবু বি.সু ৯। বেটীর, উদর কোঙ্গা, মাজা ভাঙ্গা, উঠতে বসতে কাবু দা ১৮১। ৪ কার্য্যে শিথিল-যত্ন, নিশ্চেষ্ট, ঢিলা। "মাঝে মাঝে দাঁড়ায় বেঁকে নিন্দা শুনে অনর্গল, প্রশংসাতেও হয় গো কাবু,—মনের মত দেয় না ফল কু.কে ১৫৫। ৫ শীর্ণ, রোগা। "জ্বরে জ্বরে ছেলেটা বড্ড কাবু হয়ে গেছে। [কাবু করা (হি কাব করনা)—বশীভূত করা, হাতে আনা ; কায়দা করা ; দুর্ব্বল করা ; ক্লান্ত করা ; পরাস্ত করা। এইরূপ 'কাবু হওয়া'।]

কাবুলিওয়ালা বি কাবুলের ফলাদিবিক্রেতা কাবুলের অধিবাসী। "হঠাৎ মিনি···জানালার ধারে আসিল এবং চীৎকার করিয়া ডাকিতে লাগিল, "কাবুলিওয়ালা, ও কাবুলিওয়ালা!"—রবীন্দ্র।

কাবুলী বিং [°ল+ঈ[৭] ; হি, গু কাব্‌লী] কাবুলদেশ-সম্বন্ধী, কাবুল দেশে জাত ; কাবুলের। "কাবুলী পট্টু, মটর, মেওয়া ; —লী বি কাবুলের অধিবাসী।

কাবেরী স্ত্রী ১ দাক্ষিণাত্যের পুণ্যতোয়া নদীবিশেষ। "গো.রা ৪.৪১.২১ ; ২৫। রঘু ৪.৪৫। [কাবেরী যুবনাশ্বের কন্যা। পিতৃশাপে গঙ্গার অর্দ্ধাঙ্গ হইতে ইহার জন্ম হয়, এইজন্য ইহার নাম 'অর্দ্ধগঙ্গা', 'অর্দ্ধ-জাহ্নবী' (হ ২৭.১০)।] ২ 'কুৎসিতদেহা', বেশ্যা। ৩ হরিদ্রা।

কাব্য বিণ [√কব্ বর্ণন, স্তুতি+য (ণ্যৎ)-র্ম্ম ; স্ত্রী -ব্যা ; ছান্দস] ১ বর্ণনীয়। ২ স্তুত্য, স্তবনীয়। ৩ [কবি+য (ষ্যঞ্) তৎসম্বন্ধার্থে] কবিসম্বন্ধী। ৪ [কাব্য+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -ব্যা] কাব্য-সম্বন্ধী। "মহা ২.১১.৩৬। ৫ কাব্যকপিত, শুক্রোক্ত। "শৃণু কাব্যাং গিরং মম মহা ২.৬২.৪। ৬ শৌক্র (শুক্রসম্বন্ধী), নীতিযুক্ত (নীলকণ্ঠ)। "মহা ৫.২৯.৪৯। —ব্য পুং [কবি+য (ণ্য) অপত্যার্থে, পা ৪.১.১৫১] ১ কবির (ভৃগুপুত্রের বা ভৃগুর) অপত্য (দ্র 'মহা ১.৬৬.৪২) ; শুক্রাচার্য্য। "ভৃগুপত্নী···কাব্যমাতা রা ১.২৫.২১। মহা ১৩.৬০.১৩। মাঘ ২.২। ২ (বহুব) পিতৃগণবিশেষ। "মনু ৩.১৯৯। —ব্য ক্লী [কবি +য (ষ্যঞ্) তৎকর্ম্মার্থে] ১ 'কবিকর্ম্ম', কবিকৃত গদ্যময় বা পদ্যময় সন্দর্ভ ; রসাত্মক (রস যাহার সাররূপে জীবনাধায়ক, তাদৃশ) বাক্য ; রসে সহৃদয়গণের হৃদয়গ্রাহী সন্দর্ভ। 'বাক্যং রসাত্মকং কাব্যম্ সা.দ ১.৩। রমণীয়ার্থপ্রতিপাদকঃ শব্দঃ কাব্যম্।—রসগঙ্গাধর। তদদোষৌ শব্দার্থৌ সগুণাবনলঙ্কৃতী পুনঃ ক্বাপি কা.প্র ১.৪। "রামায়ণং কাব্যম্··· করবাণ্যহম্ রা ১.২.৪১। কাব্যশাস্ত্রবিনোদেন হি ৪৮ (কথারম্ভ)। ভব-ভাব্য ভদ্র-কাব্য ভণে রামেশ্বর শি ৯। যে হৌক সে হৌক ভাষা, কাব্য রস ল'য়ে ভা.চ ৪৭৫। নারী তুমি কবি-বিধাতার, শ্রেষ্ঠ কাব্য অ.গু ৭। [কাব্য দ্বিবিধ—শ্রব্য ও দৃশ্য। যাহা কেবল শ্রবণ করা যায়, তাহা শ্রব্যকাব্য ; যাহা, শ্রুত হইলেও, অভিনয়কালে দৃষ্ট হয়, তাহা দৃশ্যকাব্য বা নাটক। শ্রব্যকাব্য, মহাকাব্য খণ্ডকাব্য ও কোষকাব্য এই ত্রিবিধ। রঘুবংশ, রামায়ণ, মহাভারত, মেঘনাদবধ ইত্যাদি

মহাকাব্য ; মেঘদূত, ঋতুসংহার ইত্যাদি খণ্ডকাব্য ; সম্ভাবশতক-প্রভৃতি কোষকাব্য। গদ্যপদ্যময় কাব্যকে চম্পূ কহে।] ২ গ্রন্থ (শ.ক)। ৩ সুখ (M.W.)। ৪ (বাঙলায়) রসিকতা, কৌতুক, রঙ্গ, তামাশা, মজা। "নানা কাব্য মহোৎসবে, উপনীত পুরী দ্বারাবতী ম ৪৯৭। নানা কাব্য করে রঙ্গে ভঙ্গে দা ১৯৯ ; এ কি সভ্য ভব্য দিব্য নব্য কাব্য দেখাইলে ৭৬৭। ৫ নানারসবিষয়ক কৌতুককর দৃশ্য। "তবে ত মাতলি গেল যমের আলয়। নানা কাব্য দেখিলেন বীর ধনঞ্জয়॥ —ম ৪৮৮। ৬ বিস্ময়কর রহস্য। "কারে কব কাব্য কহ, যে যাহারে সঁপে দেহ, সে নাকি তাহার কাটে শির বি.সু ৮০। ৭ (অপ্র) সরস প্রবোধ-বাক্য ; মধুর সান্ত্বনা-বচন। "কাব্যকৌশল শুনি রাজা বড় কৌতুকী কৃ.উ ২৭৫।

কাব্যকথা বি [ষ.ত] ১ কাব্যের বিষয় ; শ্লোকের তাৎপর্য্য। "কালী-কিঙ্করের কাব্যকথা বুঝা ভার বি.সু ৫৬। ২ সরস বাক্য ; কৌতুক-জনক কথা ; প্রিয়বাক্য। "নানা কাব্যকথায় কৌতুক মনঃসুখে। মুনিকে করিল বশ যত সভ্যালোকে॥—ম ৫১৩। ৩ নর্ম্মবাক্য, হাস্য-পরিহাস-কথা, ভাঁড়ামি।

কাব্যকষ্ট ক্লী [ষ.ত] কাব্যসম্বন্ধী কষ্ট ; কূটার্থক শ্লোক। "অতিবিরসে কাব্যকষ্টেঽভিনিবিষ্টোঽসি বা.ভা ১২০ৄ।

কাব্যচৌর পুং [ষ.ত] কাব্যের চোর ; যিনি অন্যকৃত কাব্য স্বরচিত বলেন (plagiarist)।

কাব্যপ্রকাশ পুং [ষ.ত] ১ কাব্যের উৎকর্ষজনক গুণালঙ্কারাদির ও অপকর্ষকারক দোষের ব্যাখ্যান। ২ মম্মটভট্টরচিত অলঙ্কারশাস্ত্রবিশেষ। "ক.চ ২১৫। কাব্যপ্রকাশ-অধ্যাপক চৈ.চ ৩২৬। বি.সু ১৬৯।

কাব্যরত্নাকর [ষ.ত] শ্রেষ্ঠকাব্যের আকরস্বরূপ, অর্থাৎ আদিভূত ; কাব্যের সাগর ; উৎকৃষ্টকাব্যকার, কাব্যমহানিধি। "হে বরদে, তব বরে চোর রত্নাকর৹ কাব্যরত্নাকর কবি।—মে ৫।

কাব্যরস পুং [ষ.ত] কবিসন্দর্ভের স্বাদ ; কাব্যমাধুর্য্য।

কাব্যরসিক বিণ [স.ত ; স্ত্রী -কা] কাব্যে রসজ্ঞ ; কাব্যশাস্ত্রে পণ্ডিত। "শ্রুতবোধ ৪০।

কাব্যলিঙ্গ ক্লী [উ.লো] কাব্যাভিমত লিঙ্গ (লক্ষণ) ; অর্থালঙ্কার-বিশেষ। [বাক্যের বা পদের অর্থ হেতুরূপে বর্ণিত হইলে, 'কাব্যলিঙ্গ' হয় (সা.দ ১০.৬৩)। "ভট্টি ২.২।]

কাব্যশাস্ত্র ক্লী [কর্ম্মধা, অথবা দ্বন্দ্ব] কাব্যই শাস্ত্র ; শাস্ত্রবৎ উপদেশক কাব্য ; কাব্যরূপ অনুশাসনগ্রন্থ ; কাব্য ও শাস্ত্র। "°বিনোদ হি ৪৮ (কথারম্ভ)।

কাব্যহাস্য ক্লী [হাস্যের কাব্য, ষ.ত, রাজদন্তাদি] হাস্যরসপ্রধান কাব্য ; প্রহসন (farce)।

কাব্যামৃতরস পুং [ষ.ত, উ.লো] কাব্যের অমৃতসদৃশ রস ; কাব্য-মাধুর্য্য। "কাব্যামৃতরসাস্বাদ হি ১.১৬১।

কাব্যালাপ পুং [ষ.ত] ১ কাব্যের আলোচনা ; কাব্যপাঠাদি। ২ অসৎকাব্যের আলোচনা বা পাঠাদি। "কাব্যালাপাংশ্চ বর্জ্জয়েৎ রঘু ১১, মল্লিনাথ।

কাম[১] বিণ [√কম্+অ (অণ্)-ক ; স্ত্রী -মী ; ফা কাম্—ইচ্ছা, বিষয়] ১ যে ইচ্ছা করে ; ইচ্ছু, অভিলাষী। "ঐশ্বর্য্য°, ধর্ম্ম°, প্রজা°, বাস°। গতাগতং কামকামা লভন্তে গী ৯.২১। সন্তান° রঘু ২.৬৫। [সমাসে উত্তরপদ] ২ [+অ (ঘঞ্)-র্ম ; ছান্দস] ইচ্ছাধীন। "কামরূপ পু.মে ৬। —ম পুং [+অ-ভা] ১ ইচ্ছা, অভিলাষ। "কাম এষঃ গী ২.৩। মনু ২.৩। মী ১০। আপনার ক্লাম ম ১৬৮। আত্মেন্দ্রিয়প্রীতি-ইচ্ছা, তারে বলি কাম চৈ.চ ১৭। ২ তৃষ্ণা, ভোগেচ্ছা। "গী ২.৬৩ ; কামরাগবিবর্জ্জিত ৭.১১। ৩ মাল্যচন্দনাদির স্পর্শে ও স্বর্ণাদির লাভে উপজাত প্রীতি ; চিত্তসন্তোষ। "মহা ৩.৩৩.৩০। স্রক্-চন্দনাদি-রূপ দ্রব্যস্পর্শ বা স্বর্ণাদিরূপ অর্থলাভ হইলে, মনুষ্যের যে প্রীতি জন্মে, তাহারই নাম কাম।—কালীপ্রসন্ন সিংহ। ৪ [+অ -র্ম] কাম্য, কামনার বিষয়, মনোরথ। "গী ২.৫৫। রঘু ৩.৬৭। যে জন যেমন কাম মাগে মোর স্থান ম ১৭। ৫ ইন্দ্রিয়ার্থ, বিষয়, ভোগ্যমাত্র। "কামানামুপভোগেন মনু ২.৯৪। ৬ ঈপ্সিত (শঙ্কর), অভীষ্ট বিষয়। "গী ৭.২২। যুগধর্ম্মপ্রবর্ত্তন নহে তাঁর কাম চৈ.চ ১৩। হাসিল করহ তার কাম রা.স ৬। ৭ অনুরাগবিশেষ। "তীন ভুবন জন মোহিনী। রতিরস কাম দোহনী॥—শ্রী.কী ৭। ৮ সুরতেচ্ছা। "মনু ২.২১৪। ৯ শ্রোত্রাদির স্ব স্ব বিষয়ে অনুকূল প্রবৃত্তিরূপ পুরুষার্থবিশেষ। "কামসূত্র ২। ১০ [√কামি+অ (অচ্)-ক] যে সুরতেচ্ছা উৎপাদন করে (অ.টী) ; মদন। "বধিতে যুবতী৹ গড়ল কো বিহি৹ কামের উপরে কাম ব. ১৯। ১১ বিষ্ণু (মহা)। ১২ মহাদেব (মহা)। ১৩ বলদেব। তু 'কামপাল'। ১৪ রুক্মিণীপুত্র প্রদ্যুম্ন। ১৫ আম্রবিশেষ, মহারাজচূত। ১৬ (তন্ত্রে) বীজবিশেষ, 'ক'কারাক্ষর। —ম ক্লী ১ কাম্য, অভীষ্ট দ্রব্য। ২ রেতঃ, বীর্য্য। ৩ তীর্থবিশেষ। —মা স্ত্রী ইচ্ছা, তৃষ্ণা।

কাম[২] '-ম্' বি [সং কর্ম্ম > লি, প্রা কম্ম > বা কাম ; হি, ঠ, গু, অস কাম ; প কম্ম ; সি কমু ; সিংহলী—কম] ১ কর্ম্ম, কাজ। "কাম-চণ্ডালী চ ৩২। কামে জাম (কর্ম্মে জন্ম) ৩৯। হেন কাম না করিএ শ্রী.কী ১৯। ভাল কাম ৬৫। পিতল কাটারি কামে নাহি আয়ল বি.প ১১৭। উরিয়া কবির কামে ক.চ ২। ২ প্রয়োজন, আবশ্যক। "হেরনে কৈছে কাম বি.প ৭৬। জামে কাম কি (জন্মে প্রয়োজন কি) চ ৩৯। ৩ কর্ত্তব্য বিষয় ; নিয়োগ। ৪ জাতিগত কার্য্য ; বৃত্তি। ৫ ঘটনা, ব্যাপার, বিষয়। "কহয়ে রজনী বিলাস কাম বি.প ৭১। ৬ উদ্দেশ্য, অভিপ্রায়। ৭ শিল্পকর্ম্ম, কারুকার্য্য। "কত অপরূপ কাম তাতো ব.প ১২৮৩। ৮ কর্ম্ম, ব্যবসায়। তু 'আট কামুয়ার ভাত নাই (চট্টগ্রাম-প্রবচন)। [কামপাগলা—কামবায়ুগ্রস্ত, অতিকামুক। কাম বাজান—কার্য্য বজায় করা ; কার্য্য সিদ্ধ করা। কামে আসা—কার্য্যকর হওয়া।]

কামকলহ বি প্রণয়কলহ। "কামকলহ করি৹ কপটে কলাবতী৹ কানক করহ অথিরে গো ২১০।

কামকলা স্ত্রী [ষ.ত] ১ কামের পত্নী ; রতী। "নামেতে বাসবদত্তা জিনি কামকলা বা.দ ১১৪। ২ কামবিদ্যা, কামশাস্ত্র।

কামকাম, -কামী (-মিন্) বিণ [কাম+ √কম্+অ (অণ্),+ ইন্ (ণিনি), -ক -১ব ; উ.ত ; স্ত্রী -মী, -মিনী] বিষয়কামনাশীল, বিষয়াভিলাষী। "°মী গী ২.৭০ ; °ম ৯.২১।

কামকার বিণ [কাম+ √কৃ+অ (ণ্)-ক ; উ.ত ; স্ত্রী -রী] যে কাম্যকে করে ; অভীষ্টকারক। —কার পুং [ষ.ত] ১ কামের করণ বা সাধন ; ইষ্টাচরণ। "রা ২.৪৩.৪। ২ কামানুসারে প্রবৃত্তি ; স্বৈর-বৃত্তি, স্বচ্ছন্দাচরণ, স্বেচ্ছাচার। "রা ২.১০১.১৮। গী ৫.১২। ৩ [কর্ম্মধা] কামরূপ করণ, ইচ্ছা (নীলকণ্ঠ)। "°কার মহা ৩.৩০.৩৭। কাম-কারতঃ মনু ১১.৪১ ; °কৃত ৪৫।

কামকৃৎ বিণ [কাম+ √কৃ+ক্বিপ্ (০)-ক ; উ.ত ; স্ত্রী -ৎ] কাম্য-কারক, যথেচ্ছকারী। —কৃৎ বিষ্ণু (মহা)।

কামকৃত বিণ [সুপ্‌সুপা] ইচ্ছানুসারে কৃত ; স্বেচ্ছাচরিত।

কামকেলি বিণ [বহুব্রী] কামে (তদ্বিষয়ক রতিতে) যাহার কেলি ; লম্পট। —লি পুং ১ জার। ২ [উ.লো] রতিবিষয়কক্রীড়া ; সুরত। "°রস (S.W.)।

কামক্রীড়া স্ত্রী [উ.লো] কামবিষয়া ক্রীড়া ; রতিক্রীড়া।

কামক্ষুধা বি [কর্ম্মধা] কামরূপ ক্ষুধা বা পাচকাগ্নি ; কামানল। "কামক্ষুধা বাড়ায়ে হৃদয়ে. কামীর মে ২৭৮।

কামগ বিণ [কাম+ √গম্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -গা] ১ যে ইচ্ছানুসারে যায় ; স্বেচ্ছাগামী। ২ যে অন্তের ইচ্ছানুসারে যায় বা কার্য্য করে। "মহা ৩.৭০.২৩। ৩ আরোহীর ইচ্ছানুসারে অভীষ্টগামী (যানাদি)। "কামগম্ (রথম্) গো.রা ৩.২৮.৩০। —গা স্ত্রী স্বৈরিণী, কুলটা। "যাজ্ঞ ৩.৬।

কামগতি বিণ [বহুব্রী ; স্ত্রী -তি] ১ যাহার ইচ্ছানুসারে গতি ; আরোহীর ইচ্ছানুসারে ইষ্টদেশগামী (যানাদি)। "কামগতি…বিমানম্ রঘু ১৩.৭৬। ২ সর্থ 'কামগ'।

কামগন্ধ বি [ষ.ত] কামলেশ, অণুমাত্র কাম। "রজকিনী রূপ. কিশোরী স্বরূপ. কামগন্ধ নাহি তায় চ.দা ১৫৪। গোপীগণে নাহি কামগন্ধ চৈ.চ ১৭।

কামগম বিণ [সুপ্‌সুপা ; স্ত্রী -মা] ১ অন্তের ইচ্ছানুসারে যথেষ্টদেশ-গামী। "তুঙ্ক কামগমস্তাত বলবান্ বহ তাং খগ মহা ৩.১৪৫.৪। ২ সর্থ 'কামগ'। "মহা ১.২৩.৬।

কামগামী(-মিন্) বিণ [কাম+ √গম্+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -মিনী] ১ ইচ্ছানুসারে স্ত্রীমাত্রগামী (পুরুষ)। ২ সর্থ 'কামগ'।

কামচর বিণ [কামানুসারে চর, সুপ্‌সুপা ; স্ত্রী -রী] ইচ্ছানুসারে চারী (ভ্রমণকারী) ; যথেচ্ছগামী, স্বেচ্ছাচারী। "নারদঃ কামচরঃ কু.স ১.৫০।

কামচার বিণ [কাম+ √চর্+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -রী ; কামানুসারে চার (আচরণ) যাহার. বহুব্রী ; স্ত্রী -রা] যে ইচ্ছাকে (ইষ্টবিষয়কে) আচরণ করে ; স্বেচ্ছাচারী, কামকার। "যত্র স্ত্রিয়ঃ কামচারা ভবন্তি মহা ১৩.১০২.২৬। —র পুং [সুপ্‌সুপা] ১ ইচ্ছানুসারে আচরণ বা করণ ; ইচ্ছাপূর্ব্বক অনুষ্ঠান। "রঘু ১৪.৬২। ২ যথেচ্ছ-করণ, স্বেচ্ছানুষ্ঠান। "কামচারানুজ্ঞা পা ৩.৩.১৬১, সি। বর্ত্ততে কাম-চারতঃ গী ১৬.২৩। ৩ ইচ্ছানুসারে চরণ ; যথেষ্টদেশে গমন। "মুমোচ কামচারায় রাক্ষসম্।—ক.সা ১৮.৩৯৮। ৪ ইচ্ছাপূর্ব্বক গবাদির চারণ। "যাজ্ঞ ২.১৬৫। —চারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] ১ ইচ্ছানুসারে চরণশীল ; যথেচ্ছচারী, স্বচ্ছন্দ। ২ যথেষ্টদেশগামী, সর্ব্বত্র গমনশীল। "পু.মে ৬৩। ৩ ইচ্ছানু-সারে স্ত্রীমাত্রগামী। "পরস্ত্রী° মহা ১৩.৪০.১৯। ৪ কামুক। "আছেন পার্ব্বতী তাঁর হ'য়ে অনুচরী। তোমা হৈতে শিব তাঁর হৈব কামচারী॥—ক.চ ২১। —রী পুং ১ গরুড়। ২ চটক।

কামজ বিণ [কাম+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] ১ কাম-জাত, ইচ্ছাজাত। ২ সুখেচ্ছাপ্রভব, সুখাভিলাষজাত। "মনু ৭.৪৭। ৩ কামমাত্রহেতুক, কামাভিলাষজাত, সুরতেচ্ছাসম্ভব। "মনু ৯.১০৭ ; ১৪৩। —জ পুং কামদেবের পুত্র অনিরুদ্ধ।

কামজিৎ বিণ [কাম+ √জি+ক্বিপ্ (০)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -ৎ] ১ যে কামকে জয় করিয়াছে ; জিতকাম, জিতরাগ, বশী। "রঘু ৯.৩৩। ২ পূর্ণমনোরথ (নীলকণ্ঠ)। "মহা ৩.২৩১.৪। —জিৎ পুং ১ মহাদেব। ২ কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১.৪।

কামটঙ্গি বি [কাম+টঙ্গি (টুঙ্গি) ; অপ্র] উচ্চ সজ্জিত বিলাস-ভবন। "ঐরাবত উপরে যেন দেব পুরন্দর। বসন্তকালেতে যেন কাম-টঙ্গি ঘর॥—বি.পা ২৭৭ ; ৩২৩।

কামড় বি [প্রা কম্মণ (ভোজন—কুমারপালচরিত, ৬.৭৪) >বা (কম্মড়) °ড় ; ড় √কামুড় ; অস কামোর্ ; তু 'কামর'—চটের কামরে গাও খাজোয়ায় বড় (বি.পা ২২২)] ১ দন্তাঘাত, দংশন, হুলফুটান। "কুম্ভির কামড়ে পাপী পরিত্রাহি ডাকে ম ৪৮৮। আচড় কামড়ে কৃ ২৯০। জিহ্বাতে কামড় মারি মাথা কৈল হেট মী ১৯। কামড়ে কাতর শি ৭৯। মাংসর্ব্য-বিষদংশন.-কামড়ে (মা)। ২ দংশনতুল্য তীব্র বেদনা। "এ নীল কাপড়, হানিছে কামড়, যেমন কালসাপিনী ভা.চ ৩১৮। ৩ দংশন দ্বারা ছিন্ন অংশ ; কবল, খাবল। [কামড় করা—১ অবয়বে কামড়ের মত বেদনা অনুভূত হওয়া। ২ অতিরিক্ত ধনাদি চাহিয়া বসা। ৩ জলে মাছের আফালি (আস্ফালন) করা। এক কামড় কামড়ান—একবার দংশন করা। "নবীন মরেও এক কামড় কামড়াবে নী ৭১। কামড় খাওয়া—দংশনবেদনা ভোগ করা। "গালে কামড় খাওয়া। কামড় দেওয়া—দন্তাঘাত করা। কামড় ধরা —১ দংশন করিতে আরম্ভ করা। ২ দাঁত বিঁধাইয়া ধরিয়া রাখা। (এক) কামড় লওয়া—দাঁতে কাটিয়া এক কবল গ্রহণ করা। কামড় বসান—দাঁতের দাগ বসান ; দাঁত বিঁধান। কামড় মারা (অস কামোর্ মার্)—দন্তাঘাত করা ; কামড়ান। "শি ৭৯। কামড়ে কামড়ে খাওয়া—বারংবার কবলগ্রহণপূর্ব্বক খাইয়া ফেলা। কামড়ের ঘা—দংশন-ক্ষত।]

কামড়া সর্ম্ম [কামড়+আ°] ১ দংশন করা ; হুল ফুটান ; কাটা। "কেহ কামড়ায় কেহ চুলে ধরি টানে কৃ ২৭৬। মে ২৬৮। ২ (অপ্র) আঘাত করা ; চুলকান। "শৃঙ্গ দিয়া হরিণে কামড়ায় হরিণীরে ম.ম ২০। তু 'শৃঙ্গেণ…মৃগীমকণ্ডূয়ত কৃষ্ণশারঃ কু.স ৩.৩৬। —ড়া অর্ম্ম ১ কামড়ের মত বেদনা উৎপাদন করা। "শর্দ্দিতে হাত পা কামড়ায়। [কামড়া-কামড়ি (অস কামোরা-কামুরি)—পরস্পর দংশন। কামড়ান, -নি —১ দংশন, হুলবিঁধান। ২ দংশনের ন্যায় বেদনা। "গা, পেট, মাথা, হাত কামড়ান। কামড়া'নে কুকুর—হিংস্রস্বভাব কুকুর। কামড় ধরা (অস কামোর খাই ধর্)—১ দাঁত বসাইয়া ধরা। ২ (সাদৃশ্যে) দৃঢ়-ভাবে লাগা ; কড়ার লাগা। "দিতে গেলে, কড়ি কভু না সরবে. হাতের তেলোয় কামড় ধরবে।—কা ১০৬।]

কামদ বিণ [কাম+ √দা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -দা] কামদায়ক, অভীষ্টদাতা, বাঞ্ছাপূরক। "কামদঃ সর্ব্বভূতানাম্ রা (S.W.)। শুনেছি কামদা না-কি দেবেন্দ্রের পুরী মা ১০৭। —দ পুং ১ পরমেশ্বর, শিব। ২ [+ √দো+অ-ক ; উ.ত] যিনি রূপে কামকে হীন করেন ; অথবা, যিনি কামদাতা ; কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১.৪। —দা স্ত্রী [°দ+স্ত্রী আ (টাপ্)] ১ 'কামদাত্রী', কামধেনু। ২ হরীতকী (M.W.)।

কামদশা স্ত্রী [উ.লো] কামকৃতা দশা ; রতিজন্যা অবস্থা ; স্মরদশা। [স্পৃহা চিন্তা স্মৃতি গুণকথন উদ্বেগ প্রলাপ উন্মাদ ব্যাধি জড়তা মৃত্যু —এই দশ অবস্থা (সা.দ ৩.১৯০)। দ্র 'স্মরদশা'।]

কামদানী বি [হি কামদানী (কামধানী ?)] ১ বেল-বুটার কাজ-করা কাপড়। ২ কাপড়ে বেল-বুটার কারুকার্য্য।

কামদায় বিং ['কামদায়ী'—মূল] অভীষ্টদাতা, কামদ, বাঞ্ছাকল্প-তরু। "নমো নমঃ…সর্ব্বকামদায়ায় ম ১০৫১।

কামদার বিং [কাম+ফা দার্] যাহাতে কাম (কারুকর্ম্ম) আছে ; জরির বা তারের বেল-বুটা-কাটা ; কারুকার্য্যখচিত। "মখমলের কামদার বিছানা ব.প্র ৩৮৫। জরির কামদার বিছানায় জরির কামদার মখমলের বালিশ ব.খি ২৯৭।

কামদুঘ বিণ [কাম+ √দুহ্+অ (-কপ্)-ক, হ >ঘ, পা ৩.২.৭০ ; উ.ত ; স্ত্রী -ঘা ; ছান্দস] অভীষ্টপূরক, কামদাতা। "কামদুঘা গাবঃ রা ২.৯১.৬৯। সর্ব্বকামদুঘা মহী ভ ১.১০.৪। প্রিয়ঃ সকলকামদুঘাঃ —ভর্ত্তৃহরি। প্রীতা কামদুঘা হি সা।—রঘু ১.৮১ ; ২.৬৩। বিদ্যাকামদুঘা ধেনু এহা যে নিশ্চয়।—ব.প ১৩৭৫। এ কামনা কামদুঘে কর দয়া করি মা ১০৭। —ঘা স্ত্রী সুরভি, স্বর্গীয় কামধেনু।

স্ত্রী [ষ.ত] কামের দূতীতুল্যা; কোকিলা।

কামদেব পুং [কর্ম্মধা] ১ দেবতা কাম ; মদন। ২ 'কাম্যদেব', বিষ্ণু (মহা)। ৩ শিব (মহা)।

কামদোহিনী স্ত্রী [কাম+ √দুহ্ +ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; উ.ত] ইচ্ছাবিষয়দোহনশীলা ধেনু ; কামদুঘা ধেনু। "ন দাস্তে কাম-দোহিনীম্ রা ১.৫৩.২৫।

কামধনু বি মদনের ধনু। "ভীরু অনু, কামধনু বি.সু ৪৮।

কামধুক্ (-দুহ্) বিণ [কাম+ √দুহ্ +ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ক্] কামপূরক, কামদ। "(শবলা) বিদধে কামধুক্ কামান্ রা ১.৫৩.১। —ক্ বি (অপ্র) স্বর্গ। "যা কিছু যে চাহে,...সে পায় তারে, কামধুকে যথা, কামলতা মে ২৮৩।

কামধেনু স্ত্রী [উ.লো] ১ কামপ্রদা ধেনু ; অভীষ্টদাত্রী স্বর্গধেনু। ২ সুরভিসুতা রোহিণীর কন্যা ধেনু। [শূরসেন ইহার পিতা ও শিব-বাহন বৃষ ইহার পুত্র (কালিকাপুরাণ, ৬১তম অধ্যায়)।] ৩ সুরভি-সুতা বশিষ্ঠ-ধেনু নন্দিনী বা শবলা (রা ১.১.৫৩)। ৪ কামধেনুতুল্যা অভীষ্টদাত্রীমাত্র। "দেবদ্বিজসপর্য্যা হি কামধেনুর্মতা সতাম্ ক.সা ১৭.১৩৪। ৫ দানার্থ স্বর্ণময়ী অভীষ্টপ্রদা ধেনু। [কামধেনু গাই, কামধেনু গাবী (অপ্র)—কামধেনু-সদৃশী গবী ; তৎসদৃশী অভীষ্টপ্রদা ধেনু (শবলা)। "কামধেনু গাই : কামধেনু গাবী কৃ.উ ৫৪।]

কামধ্বংসী (-সিন্) পুং [ষ.ত] 'কামনাশক', মহাদেব।

কামনা স্ত্রী [√কামি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] অভিলাষ, ইচ্ছা।

কামন্দকী বি [সং °কীয়] নীতিশাস্ত্রভেদ। "ক.চ ২১৫।

কামপত্নী স্ত্রী [ষ.ত ; অথবা, কাম পতি যাহার, বহুব্রী, 'ন' আদেশ ; স্ত্রী ঈ (ঙীপ্) ; পক্ষে 'কামপতি', পা ৪.১.৩৪] ১ কামের স্ত্রী রতি। ২ (বাঙলায়) যে ধর্ম্মপত্নী (অর্থাৎ পতির ধর্ম্মকর্ম্মে অধিকারিণী) নহে ; দ্বিতীয়া স্ত্রী। "ধর্ম্মপত্নী কামপত্নী না হয়ে সমান ম.পা ১৭৪। মোর কামপত্নী হয় তোমার ভগিনী ম.মি ২৪।

কামপাল পুং [কাম+ √পালি+অ (অণ্)-ক ; উ.ত] ১ যিনি (বিলাসিতা হেতু) কাম্যবস্তু পালন করেন (অ.টী) ; বলরাম। "ম ২৫৬। ২ বিষ্ণু (মহা)।

কামপূর বিণ [কাম+ √পূরি+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -রী] যে কাম পূরিত করে ; অভীষ্টপূরক ; কামদ। "ভ ৭.৯.৫২। —র পুং কামপূরক পরমেশ্বর ; শ্রীকৃষ্ণ। "ভ ৮.১২.৪৭।

কামপ্রদ বিণ [কাম+প্র- √দা+অ (ক)-ক ; উ.ত] অভীষ্টদাতা, কামদ। —দ পুং ১ বিষ্ণু। ২ রতিবন্ধবিশেষ।

কামবর পুং [কর্ম্মধা] কাম্য (ইচ্ছানুরূপ) বর। "ভ ৯.৯.৪৬।

কামবর্ষী (-র্ষিন্) বিণ [কাম+ √বৃষ্ +ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্ষিণী] কাম্যবর্ষণশীল, প্রচুরপরিমাণে ইষ্টদাতা।

কামবান্ (-বৎ) বিণ [কাম+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] ১ স্পৃহাবান্, অভিলাষী। ২ সুরতেচ্ছাযুক্ত, রত্যভিলাষী। "মহা ১.৯৭.৫। —বতী স্ত্রী দারুহরিদ্রা।

কামবাসী বিণ [কাম+ √বস্+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -সিনী] কামানুসারে বাসকারী ; যথেচ্ছবাসকারক। "(মনুষীম্) কামবাসিনাম্ মহা ৩.৬৫.৫৫।

কামবিদ্ধ বিণ [তৃ.ত] কামপীড়িত, কামার্ত্ত।

কামবীর্য্য বিণ [বহুব্রী ; স্ত্রী -র্য্যা] ইচ্ছানুরূপ শক্তিমান্ ; মহাবল। "মহা ১.২৩.৬।

কামবৃত্ত বিণ [বহুব্রী] ১ যাহার বৃত্ত কামযুক্ত (ইচ্ছানুরূপ) ; স্বেচ্ছা-ব্যবহারী, স্বেচ্ছাসঞ্চারী, নিরঙ্কুশচরিত, যথেচ্ছাচারী। "রা ২.১৩.১৪ ; ৩.৩৭.৬ ; ৪.২৯.৬। ২ অন্যস্ত্রীতে আসক্ত, পরস্ত্রীনিরত। "মনু ৫.১৫৪। —বৃত্তি বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্তি] সর্থ 'কামবৃত্ত (১)'। "ন কামবৃত্তি-র্বচনীয়মীক্ষতে কু.স ৫.৮২।

কামভূপ বি কামের অধিপতি, অর্থাৎ রূপে কাম হইতে শ্রেষ্ঠ ; কামরাজ। "...কামভূপ, জিনিয়া মোহন রূপ গ ৭।

কামভোগ পুং [উ.লো] ১ ইচ্ছানুরূপ ভোগ্যবস্তু। "মহা ৩.৬৮.১৮। ভ ৪.২৫.৩৭। ২ [ষ.ত] অভীষ্ট দ্রব্যের ভোগ ; বিষয়ভোগ। "গী ১৬.১২।

কামমোহিত বিণ [তৃ.ত] কামে অভিভূত ; কামোপহত, রতি-পীড়িত। "রা ১.২.১৫।

কাময়িতা (-তৃ) বিণ [√কামি+তৃ (তৃচ্) -ক -১ব ; স্ত্রী -ত্রী] ১ কামনাকারী ; ইচ্ছু, অভিলাষী। ২ কামুক, লম্পট।

কামর '-র্' বি [কামড় > °র ; অপ্র ; অস কামোর্] ১ দংশন, হুল ফুটান। "কেয়ুয়া আঙ্গুলে মারে বজ্র কামর ম.ম ১৯৩। ২ খরস্পর্শ চট-কম্বল-প্রভৃতির সংস্পর্শে কামড়ের মত বেদনা বা কুটকুট করা। "চটের কামরে গাও খাওজায় বড় বি.পা ২২২। [কামর দিয়া, লইয়া—কামড়াইয়া। "ম.ম ১৯৩। কামরাই—দংশন করি। "ম.ম ১৯৩।]

কামরস পুং [ষ.ত] কামসম্বন্ধী রস ; রতিসুখ, কামরাগ। "মহা ১. ৯৫.৬০। কামরসে মত্ত।—কৃ ২৫১।

কামরসিক বিণ [স.ত] কামবিষয়ে রসজ্ঞ ; কামরসে মত্ত ; রতিরস-নিপুণ, কামুক। "যুবা কামরসিকঃ।—ভর্ত্তৃহরি।

কামরা বি [P. Camara ; হি কমরা ; cf., Gr. kamara—a vault ; L. camara, camera—a chamber, vault] প্রকোষ্ঠ, কুঠরী। "নিশি...কামরার বাহির হইল ব.প্র ৪১১।

কামরাঙা, -রাঙ্গা বি [সং কর্ম্মরক, -রঙ্গ ; হি কমরংগ, -রখ ; ঠ, গু কমরখ ; P. Karambola] পঞ্চশিরাযুক্ত অম্লফলবিশেষ ও তাহার গাছ (Averrhoa Carambola)। [কামরাঙ্গা-মাদুলি—কাম-রাঙ্গার মত শিরাল মাদুলি। "ব.প ১৪৩৪।]

কামরিপু বি [ষ.ত] কামের শত্রু ; শিব। "যেরূপ দেখিয়া কামরিপু হন কামী ভা.চ ১৭৭।

কামরূপ বিণ [বহুব্রী] ১ যাহার কামানুসারে রূপ ; যথেচ্ছরূপধারী, ইচ্ছাধীনবিগ্রহ। "মহা ১.২৩.৬। পু.মে ৬। ২ যাহার রূপ কমনীয় ; সুরূপ, সুদর্শন, অতিলোভন। —রূপ পুং ১ দেশবিশেষ, প্রাগ্‌জ্যোতিষ দেশ। "কামরূপেশ্বর রঘু ৪.৮৪। [ইহা আসামের পশ্চিমে অবস্থিত। এইখানে কামগিরিতে যোনিপীঠ আছে ; রক্তপাষাণরূপিণী কামাখ্যা দেবী ইহার অধিদেবতা, ভৈরব উমানন্দ ('রামানন্দ'—ভা.চ ৫৪)। ইহা একান্ন পীঠের একতম ; এই স্থানে সতীর যোনিমণ্ডল পতিত হয় (দ্র 'শ.ক, পীঠ')।] ২ (বহুব) কামরূপবাসিগণ। ৩ দেবতা (M.W.)। —রূপ ক্লী [উ.লো] ১ ইচ্ছাধীন রূপ ; যথেচ্ছাকার, অভিলাষানুরূপ আকৃতি। "°ধর মহা ১.১৫৫.৩৬। °ধরত্ব রা (S.W.)। ২ বিশ্বামিত্রের অস্ত্রবিশেষ ; "রা ১.২৮.৯। —রূপী (-পিন্) বিণ [°প+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -পিণী] ১ কমনীয়রূপবান্, অতিশোভন, সুন্দর। ২ ইচ্ছাধীনবিগ্রহ, স্বেচ্ছাকৃত-রূপ-ধারী, নানামূর্ত্তিধর। "রাক্ষসী কামরূপিণী রা ১.১.৪৬ ; ২৮.১০। কামরূপী বিহঙ্গম ম ১৯ ; কামরূপী বাড়াইল অঙ্গ ৪৬৫ ; ৬৮৯। কামরূপী হয়্যা আমি, যদি হই বিহঙ্গমী ক.চ ১৫০। কামরূপী তবাগ্রজ মে ৯১ ; কামরূপী সেতু ২৬৪। —রূপী পুং ১ বিদ্যাধর। ২ গন্ধ-মার্জ্জার। ৩ বিড়াল।

কামল বিণ [√কামি+অল (কলচ্) -ক ; স্ত্রী -লা] ১ কামনাকারী,

লোভী। "অত্রি ৩৭৯। ২ কামুক, লম্পট। —ল পুং [+অল -ঘি] ১ বসন্তকাল। ২ মরুদেশ। ৩ রোগবিশেষ, পাণ্ডুরোগ, কামলা, ন্যাবা। —লা স্ত্রী সর্থ 'কামল (৩)।

কামলতা স্ত্রী [ষ.ত] ১ কামের লতাতুল্য; শিশ্ন। ২ (বাঙলায়) অভীষ্টদায়িনী লতা; কল্পলতা। "যা কিছু যে চাহে৹ অমনি পায় সে তারে, কামধুকে যথা৹ কামলতা মে ২৮৩।

কামলা বি [দ্র 'কামিনা'] ১ কারুকর্ম্মকারী, শিল্পী। "বিচুনী (বিয়নী?) কামলা হৈহ ডোমের ঘরণী বি.পা ৩৬৮। ২ [সং কামল, -লা] পাণ্ডুরোগ, ন্যাবা।

কামশক্তি স্ত্রী [ষ.ত] কামের শক্তি; কামের রতি-প্রভৃতি পঞ্চাশৎ-প্রকার নায়িকা।

কামশর পুং [ষ.ত] ১ মদনের শর—সম্মোহনাদি পঞ্চ বাণ। ২ (সাদৃশ্যে) আম্রবৃক্ষ।

কামশাসন পুং [ষ.ত] কামের শাসন; স্মরহর, শিব।

কামশাস্ত্র ক্লী [ষ.ত] ১ কামসম্বন্ধী শাস্ত্র; রতিবিজ্ঞান। "মহা ১.২.৩৮৩। ২ কাম্যের (স্বর্গাদির) শাস্ত্র; স্বর্গাদিপ্রতিপাদক শাস্ত্র (ত.বা)।

কামসখ পুং [কামের সখা, ষ.ত, সমাসান্ত অ (টচ্)] ১ কামের বন্ধু; বসন্তকাল। ২ মধুমাস, চৈত্রমাস। ৩ আম্রবৃক্ষ।

কামসিন্দুর বি [অস কামসেন্দুর—একপ্রকার বস্তু; ইহার ফোঁটায় অভীষ্ট সিদ্ধ হয়।] কামোদ্দীপক সিন্দুর; উজ্জ্বল সিন্দুরবিশেষ। "নিজ হস্তে কামসিন্দুর কপাল ভরি দিল।—ম.পা ৯। গো.চ ৩৩৪; কামসিন্দুরের ফোঁটা ৪৮৮। কামসিন্দুর হয় লখাই কপাল ভরিয়া পিন্ধ ম.ম ১৭৭। বি.পা ৮৭।

কামসূ বিণ [কাম+ √সূ+ক্বিপ্ (০) -ক; উ.ত; স্ত্রী -সূ] যাহা কাম প্রসব করে; কাম-প্রসবিতা, অভীষ্টদাতা। "রঘু ৫.৩৩। —সূ স্ত্রী কামজননী, রুক্মিণী।

কামসূত্র ক্লী [ষ.ত] ১ কামসম্বন্ধী সূত্র; কামব্যাপারবিষয়ক সংক্ষেপ গ্রন্থ; কামশাস্ত্র। [প্রজাপতি প্রজার স্থিতির নিমিত্ত লক্ষাধ্যায়ে বিভক্ত ত্রিবর্গ-সাধন শাস্ত্র প্রকাশ করেন। নন্দী সহস্রাধ্যায়ে বিভক্ত পৃথক্ কামসূত্র প্রণয়ন করেন। শ্বেতকেতু পঞ্চ শত অধ্যায়ে ঐ কাম-সূত্রের সংক্ষেপ করিলে, পাঞ্চাল বাভ্রব সপ্তাধিকরণে সার্দ্ধ শত অধ্যায়ে উহারই পুনঃ সংক্ষেপ করেন। পরে ভিন্ন ভিন্ন আচার্য্য খণ্ডে খণ্ডে কামসূত্র প্রণয়ন করিলে, বাৎস্যায়ন সকলের সারসঙ্কলন-পূর্ব্বক কামসূত্র রচনা করেন (কামসূত্র ১)।] ২ মন্মথেচ্ছার সূচক। "মা.মা ১.৪।

কামহৈতুক বিণ [কামহেতুক+অ (অণ্) স্বার্থে (শঙ্কর)] কামই যাহার হেতু; স্ত্রী-পুরুষের মৈথুনীভাবসম্ভূত। "গী ১৬.৮।

কামা সর্ম্ম [সং √কৃ >প্রা √কম্ম (ক্ষুরবিষয়ে, হে ৪.৭২) >বা (√কাম) কামা; হি √কামা] ১ ক্ষৌরকর্ম্ম করা; ক্ষুরে চাঁচা; খেউরী করা (to shave)। "কোলে বৈস দেই কামাই চ.দা ৩২। কামাইও মোর জাদুর মাথা গো.চ ১৬১। ব.প ৬১। বা.ম ২৩১। ম.ম ১৪৯। ২ [কাম২+আ; হি—√কমা] কাম (কর্ম্ম) করিয়া (ধন) উপার্জ্জন করা; আয় করা। ৩ (ণিজন্ত) নাপিত দ্বারা ক্ষৌরকর্ম্ম করান; খেউরী করান। "নাপিত লইয়ে ক্ষুর, বলে কে কামাবে এসো বস।—দা ১৩৭৩। ৪ সাপের বিষদাঁত ভাঙ্গিয়া দেওয়া। "বিষদাঁত ভাঙ্গিয়া দিলে সাপ…অধিক দিন বাঁচে না। এই জন্য অনেক মাল বৈদ্য সাপকে না কামাইয়াই খেলাইয়া থাকে (দ্রব্যগুণ-শিক্ষা)। 'কামাইল সাপের জেন কোঁপানীমাত্র সারে'—গোপালবিজয় —শ্রীদুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় পৃ ৩৩। [কামায়ল—নির্ম্মাণ করিল। "কো জানে কুচতটে৹ কোন কামায়ল৹ কাজরে কালিম হারা। —পদকল্পতরু।]

কামাই, -ঞি বি [কাম২+আয় (?); হি কামাঈ] ১ কামের আয়; কর্ম্ম দ্বারা প্রাপ্ত ধন; অর্জ্জিত ধনাদি। "আমার কামাই আছে রজত কাঞ্চন ম.গা ৭। কামাই'স' (?) খাবার আসা নাই গো.চ ১৮৬। ২ উপার্জ্জন। "লক্ষ টাকা করেছি কামাই দা ২০৭০। ৩ ধর্ম্মার্জ্জন, ধর্ম্মকর্ম্মানুষ্ঠান। "কামাঞি তো খুব দেখা রা.স ৩৩। ৪ [ফা কম্ঈ—ক্ষতি] কার্য্যক্ষতি, কর্ম্মবন্ধ। "কালে কালে কৈল হাল কামাঞের যো শি ৭৫। তোমার কাযে কাম-কামাই দা ৪১০। ৫ কার্য্যে অনুপস্থিতি; কাজে না যাওয়া। ৬ বিশ্রাম, বিরাম, ফাঁক, থামা। "প্রেমানন্দ…সর্ব্বদা গলাবাজী কত্তেন ও দিবারাত্র গুনগুনোনির কামাই ছিল না হু ২১৮। [কামাই করা—১ উপার্জ্জন করা। ২ কার্য্যে অনুপস্থিত হওয়া। কামাই খাওয়া—উপার্জ্জিত অর্থাদি ভোগ করা। কামাই যাওয়া—কার্য্যবন্ধ থাকা। কাজও নাই, কামাইও নাই—নির্দ্দিষ্ট কার্য্য নাই, সুতরাং সর্ব্বদা উদ্যোগী থাকিয়া উপস্থিতমত কার্য্য করিতে হয়।]

কামাক্ষী স্ত্রী [কাম্য অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত অ (ষচ্); স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'শোভনাক্ষী', কামাখ্যাদেবী। ২ বীজবিশেষ।

কামাখ্যা স্ত্রী [কামা আখ্যা যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] ১ 'কাম্যনামযুক্তা', দেবীবিশেষ। দ্র 'কামরূপ'। "ম.পা ১১৪। ২ কামাখ্যাধিষ্ঠিত দেশ; কামরূপ। —খ্য ক্লী তীর্থবিশেষ। "মহা ৩.৮২.১০৫।

কামাগ্নি পুং [কর্ম্মধা] ১ কামরূপ অনল; তীব্র সুরতেচ্ছারূপ অগ্নি; কামানল। "°সন্দীপন। দৃষ্টিমাত্রে সর্ব্বগাত্রে কামাগ্নি দহিল ম ১৫। কামাগ্নির তেজোরাজি কুরঙ্গ-নয়নে মে ২৭৮। ২ তীব্র তৃষ্ণা; অতিলালসা।

কামাঙ্কুশ পুং [কামের অঙ্কুশ, ষ.ত] ১ কামের অঙ্কুশতুল্য উদ্দীপক; নখ। ২ শিশ্ন।

কামাতুর বিণ [কামে আতুর, সুপ্সুপা] সুরতকাতর, কামার্ত্ত। "মে ২৭৭।

কামাত্মজ পুং [ষ.ত] কামের পুত্র; অনিরুদ্ধ। "শি ৫৫।

কামাত্মা (-ত্মন্) বিণ [কাম বা কামে আত্মা যাহার, বহুব্রী; স্ত্রী -ত্মা] ১ যাহার মন কামপ্রধান; কামনাপরায়ণ, কামনাকুলচিত্ত। "কামাত্মতা রা ২.২১.৫৮। গী ২.৪৩। ২ কামাসক্ত, কামার্ত্ত। "মহা ১.১০৪.১৪। ৩ বিষয়াভিলাষী। "মনু ৭.২৭। ৪ কামময় (ত.বা)। ৫ কর্ম্মফলাভিলাষশীল। "মনু ২.২।

কামাধিষ্ঠান ক্লী [কামের অধিষ্ঠান, ষ.ত] ইচ্ছার আশ্রয়—ইন্দ্রিয়-গণ মন বুদ্ধি। "গী ৩.৪০।

কামান১ '-নো' বি [√কামা+অন; হি কমানা] ১ উপার্জ্জন করা। ২ ক্ষৌরকর্ম্ম করা। —ন '-ন্' বি ক্ষৌরকর্ম্ম, খেউরী। "রাজাক তিন কামান করিল গো.চ ৫১; কামান কাজান করে ১০৭। আজকের মতন কামান রহুক দা ১৩৭৪। —ন '-নো' বিং ১ কৃত-ক্ষৌরকর্ম্ম, মুণ্ডিত, মুড়ান, নেড়া। "ব্রাহ্মণের…কপালে ফোঁটা, মাথা কামান ব.প্র ৩৬১। ২ উপার্জ্জিত। "বাপের কামানো টাকা বিলাতী চাটুকে৹ দিয়া নিজে জুজু হয়ে ঢোকেন ফাটকে।—হেম ৩৮৭। [কামান কাজান—কামানের কাজ; ক্ষৌরকার্য্য। কামানী—ক্ষৌরকার্য্যে প্রাপ্ত অর্থাদি; কর্ম্ম দ্বারা অর্জ্জিত ধন।]

কামান২ বি [ফা কমান্—ধনু; 'কামাণ'—কামাণ সদৃশ শোভে ভ্রূহি যুগল (শ্রী.কী ৬); cf., F. canon; Italian—cannone —great tube; L. canna—reed; P. canhao] ১ বৃহন্নালীক

গোলানিক্ষেপক লৌহযন্ত্রবিশেষ ; তোপ। "শগড়ে তুলিয়া নিল বিচিত্র কামান ক.চ ২৬৪ ; কামান পাতিল ২৬৭। বজ্রনাদী কামান ন ৪৯৮। **২** ধনু। "বরক্ত কামান হাথে : কামান কৃপাণ ক.চ ২৬৪। কামের কামান ভুরু।—ম ১৫৪ ; ৬৯২। কামের কামান জিনি, ভুরুর ভঙ্গিমাগানি (চ.দা)। শি ৮২। ভরুযুগ কামের কামান চৈ.ম ৩৫। **৩** (ধনুর সাদৃশ্যে) ভ্রূ। "দশনে অধর চাপে খেঁচিয়া কামান শি ৫১। [কামান দাগা—কামানে আগুন দেওয়া ; কামান ছোড়া (to fire a gun)। কামান পাতা—কামান বসান।]

কামানল পুং [কামই অনল, কর্ম্মধা] কামরূপ অগ্নি ; তীব্র স্মরতেচ্ছা। "জ্ঞা ৩৩।

কামানি, -নিয়া, -নী বি [কামান+ই[৮], ইয়া, ঈ[৭] ; হি—কমানিয়া] যে কামান চালায় বা দাগে ; গোলন্দাজ। "কামানিয়া কামান পাতিল ক.চ ২৬৭। কামানী কামান ধরে রয় শ্রী ২১৮। —নি বি ধনুর্যোদ্ধা। "তিন হাজার কামানি ম.ম ১৭২।

কামান্ধ বিণ [সুপ্‌সুপা] কামবেগহেতু কর্ত্তব্যজ্ঞানশূন্য ; কামবিমূঢ়, স্মরান্ধ। —ন্ধ বি কামোদ্দীপন দ্বারা অন্ধতাকারক ; কোকিল। —ন্ধা স্ত্রী কস্তূরী।

কামাবসায় পুং [কামের অবসায়, ষ.ত] **১** কামের অবসান ; কামদমন। **২** ইচ্ছানিয়মন, তৃষ্ণানিরোধ। —সায়িতা স্ত্রী [°সায়িন্ +তা (তল্) তদ্ভাবার্থে] 'কামাবসায়িভাব', যোগীর অষ্টসিদ্ধির একতম ; সত্যসঙ্কল্পতা। [এই ঐশ্বর্য্যে যোগী যেরূপ সঙ্কল্প করেন, ভূত-প্রকৃতিগণ সেইরূপেই অবস্থান করে। ইহাতে পদার্থের শক্তি অন্যথা হয়, এক পদার্থকে (চন্দ্রকে) অন্য পদার্থ (সূর্য্য) করা যায় না (পা.দ ৩.৪৫, টীকা)।]

কামায়ুধ পুং [°ধ+অ (অচ্) অস্ত্যর্থে] কামের আয়ুধতুল্য মুকুল-যুক্ত ; আম্রবৃক্ষ। —ধ ক্লী [ষ.ত] কামের অস্ত্র—সম্মোহনাদি শর।

কামার বি [সং কর্ম্মকার >প্রা কম্মআর >বা (কম্মার) °র ; দ্রবিড়ীয় (?)] লৌহের ও স্বর্ণের কর্ম্মজীবী হিন্দুজাতিবিশেষ ; তজ্জাতীয় লোক। "ক.চ ৮৮। [কামারনী—কর্ম্মকারপত্নী, কর্ম্মকার-জাতি-স্ত্রী। কামারশাল—কামারের কর্ম্মশাল (দোকানঘর)। [সেক্‌রার ঠুক্‌ঠাক্, কামারের এক ঘা (প্রবচন) —স্বর্ণকার ঠুক্‌ঠাক্ করিয়া গহনা গড়ায়, কর্ম্মকার প্রবল আঘাতে লৌহের অস্ত্রাদি নির্ম্মাণ করে ; (গৌণার্থে) দুর্ব্বল অল্পে অল্পে শত্রুতা করে, প্রবল একবারেই তাহার প্রতিশোধ লয়।]

কামারণ্য ক্লী [কাম অরণ্য, কর্ম্মধা] সুন্দরবন ; কাম্যবন।

কামারি পুং [ষ.ত] কামের শত্রু ; স্মরহর, শিব।

কামার্ত্ত বিণ [কাম হেতু আর্ত্ত, সুপ্‌সুপা] কামোপহত, কামপীড়িত, কামাতুর। "পু.মে ৫।

কামাল্ বিং [আ কমাল্] **১** সম্পূর্ণ, সমাপ্ত, শেষ। "থাকে যদি অসামাল, তদবির হলে কামাল, দায়মাল আছে, ভাই !—দা ২০৮৪। **২** অত্যধিক, অসীম, প্রভূত। "অন্নপূর্ণা নামে দেবী, তাঁহার চরণ সেবি, কেরামত কামাল্ ইহার ভা.চ ৪৭৭।

কামাসক্ত বিণ [স.ত] **১** কামবশ, ইন্দ্রিয়পরতন্ত্র। **২** কামনানিরত, বিষয়লিপ্ত।

কামি বি [সং কামিক] কারণ্ডবপক্ষী, কাম্‌পাখী। "ক.চ ১২৫। ভা চ ২২৬।

কামিক পুং [কাম+ইক (ঠন্) অস্ত্যর্থে] 'কামযুক্ত', কারণ্ডব, কামপাখী।

কামিক্ষা, -ক্ষে, -খ্যা বি [সং কামাক্ষী, -খ্যা] **১** কামাখ্যা দেবী। "°ক্ষা শ্রী.মা ১০২ ; শ্রী ৪৫। কামিখ্যা দু ১২। **২** কামাখ্যাধিষ্ঠিত তীর্থ ; কামরূপ। "°খ্যা দু ৯। উত্তরিলা কামিখ্যায় ক.চ ১৬ ; কামিক্ষে মুখে বাটিহ ১৩৬।

কামিজ্ বি [P. camisa ; E. cammeeze ; ফা ক.মীজ্] একপ্রকার জামা ; শার্ট (shirt)।

কামিত বিণ [√কামি+ত (ক্ত)-র্ম্ম] ইষ্ট, বাঞ্ছিত। —ত ক্লী **১** অভীষ্ট দ্রব্য। "মহা ১.৫৮.২২। **২** [+ত -ভা] কাম, ইচ্ছা। **৩** অনুরাগ। "কি ১০.৪৪।

কামিনা, -ন্যা, -কামিলা, -ল্যা বি [সং কর্ম্মিন্—শিল্পী ; ফা কামিল্, -লা—পণ্ডিত, নিপুণ ; হি কামীন—ভৃত্য ; কামিন >কামিনা, -লা, -ন্যা, -ল্যা ; কামলা—মজুর (নাটোর, সিলেট)] **১** শিল্পী, কারু, কারিগর। "কামিনা বিসাস্তর শূ ৫৭ ; কামিলা বিসাই ১৩৩। **২** স্থপতি, সূত্রধার, ছুতার। "ঘর হইল চাল হইল কামিনা রাখিল পাছ ভর শূ ৫৭ ; পাদুকা নাই কামিন্যা পাইব কথি ৬০। **৩** স্বর্ণকার ; চিত্রকর। "সে দেশে কামিনা নাই ক.চ ১৩২ টীকা। কামিন্যা পাতিল কারখানা ১৩৩। কামিলা…, গড়িছে ব্যজনী, সুধু সুবর্ণের কাটি।—ম.ভা ৭০। কামিলা…লক্ষের বিয়নি গড়ে ব.প ২৭৭। কামিলা আনিয়া আভরণ সজ্জ কর ৯২৩,-৪। **৪** কর্ম্মকার, কামার। "লক্ষ মোণ লোহা আনে, কামিলার বিদ্যমানে ম.ভা ২৮,-৯। কামিলা কোঁত পাড়ে শি ৭১। **৫** শঙ্খকার, শাঁখারি। "কেমন করিয়া কৈলে কামিলার বেটা। শঙ্খের উপরে এত নির্ম্মাণের ঘটা॥—শি ৯৯ ; ১০০। **৬** শিল্পিমাত্র, ভাস্কর-প্রভৃতি। —মিনী[২] বি [°না > °নী (স্ত্রীলিঙ্গ) ; তু 'সং কর্ম্মিণী >প্রা কম্মিণী ; 'কামিন' —মেয়ে মজুর (বীরভূম)] শিল্পকুশলা নারী ; কারিগরনী। "কাজলা কামিনী : কাজলা কামিনী করে টোপর নির্ম্মাণ ম.ভা ২৯।

কামিনী[১] স্ত্রী [কামিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** 'কামাতিশয়যুক্তা' (অ.টী) ; অতিকামবেগযুক্তা নারী ; অনুরাগিণী স্ত্রী। "মনু ৮.১১২। **২** সুন্দরী, বরাঙ্গনা। "রঘু ৯.৬৯। কামিনী দেখিয়া কামে হইলা বিভোল ম ১৬। মেনকা কামিনী ম.পা ২০। কুসুমকুল° মা ১৬০। **৩** ভীরু স্ত্রী। **৪** স্ত্রীসামান্য, স্ত্রীমাত্র। "পু.মে ৬৩। ঋতু ১.২৮। কমলে-কামিনী-অবতার ক.চ ২০১ ; ২৩৯। কেমন করিয়া, কামিনী বঞ্চব, কুলশীল হল হারা চ.সা ২৫৩। **৫** দারুহরিদ্রা। **৬** সুরা, মদিরা। **৭** বন্দা, পরগাছা। **৮** চক্রবাকী। **৯** পারাবতী। **১০** চটকা। **১১** সারসী। **১২** (বাঙলায়) পত্নী। "তাহার কামিনী ভা.চ ২৪২। কামের কামিনী বা.দ ১১৫। ইন্দ্রজিতের কামিনী মে ৯২। **১৩** দয়িতা, প্রিয়া, নায়িকা। "কামিনী কি তেজই কান্তক কোর। —গো ২০৪। **১৪** (অপ্র) পশুর স্ত্রীজাতি। "ব্যাধদল মিলি, বেড়ে জালে সাবধানে কেশরি-কামিনী মে ১৪। **১৫** পুষ্পবৃক্ষবিশেষ, কামিনীফুলের গাছ ; কামিনীফুল। "কামিনীকুসুম তরুতলে স.শ ৮৩। শুষ্ক কামিনীর মালিকা।—কথা ৫। কামিনী শিথিল সাজে। —গান ১৬৩।

কামিনী[২], কামিন্যা, কামিলা, -ল্যা দ্র 'কামিনা'।

কামী (-মিন্) বিণ [√কম্ বা √কামি+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -মিনী ; ছান্দস] **১** যে কামনা করে ; ইচ্ছু, অভিলাষী। "স্বর্গ-কামিণৌ পা ৮.৪.১৩, কাশিকা। স্ত্রীরা কামুক কামিনী হয় তেমনি মূর্খেরা পূজিত পূজক হয়।—ব.প ১৭০৫। [সমাসে উত্তরপদ] **২** [কাম+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -মিনী] অতিকামযুক্ত, কামাবিষ্ট, কামবশ। "স বভূব ততঃ কামী মহা ১.১০৪.১৫। হায় নহ কামিনী নারী প.র ৫৬। যেরূপ দেখিয়া কামরিপু হল কামী ভা.চ ১৭৭ ; ৭৩৪। **৩** কামপরায়ণ, কামুক। "মহা ৪.২৩.৬। পু.মে ২। উ.মে ১০ ; ১২। কামিতা হি ১.১১৭। কামিজন শ ১৯৬ ; কামিজন-

সার্থ ৩ক্ত। কামীমনঃ মে ২৭৭,-৮। **৪** কামনাযুক্ত, ইচ্ছান্বিত, তৃষ্ণাবান্। —মী পুং **১** চক্রবাক। **২** পারাবত। **৩** চটকা। **৪** সারস-পক্ষী। "°মী (পাঠান্তর) ক.চ ১২৫। তাণ্ডব করয়ে কামী ২৪০। **৫** চন্দ্র। **৬** বিষ্ণু (মহা)। **৭** ঋষভনামক ওষধি।

কামুক বিণ [√কম্+উক (উকঞ্) তাচ্ছীল্যে-ক; স্ত্রী -কা; -কী; ছান্দস] **১** কামনাশীল, ইচ্ছাযুক্ত, ইচ্ছু। "লক্ষ্ম্যাঃ কামুকো হরিঃ পা ২.৩.৬৯, সি। রাজ্য° রা ২.৭৪.৭; ভ ৯.২৩.১৭। **২** মৈথুনেচ্ছু, কামপরায়ণ, লম্পট। "রঘু ১৯.৩৩। ক.সা ১২.৯৯। কামুকী হইয়া আর বল অনুচিত ম ৬৪। স্ত্রীরা কামুক কামিনী হয়, তেমনি মূর্খেরা পূজিত পূজক হয়।—ব.প ১৭০৫। —ক পুং **১** কামিজন, লম্পট; দয়িত, প্রিয়। "বোধয়িত্বা শুভৈর্বাক্যৈঃ কামিনীমিব কামুকঃ গো.রা ৫.১৬.৪২। **২** চটক। **৩** কপোত। **৪** অশোকতরু। **৫** অতিমুক্তক, মাধবী। —কা স্ত্রী [°ক+আ (টাপ্)] ধনাদিকামনাশীলা স্ত্রী (তত্ত্ববোধিনী)। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ্)] **১** মৈথুনেচ্ছাবতী স্ত্রী। "পা ৪.১.৪২। **২** চটকা।

কামেশ্বর পুং [ষ.ত] **১** কামের অধিপতি; ঈশ্বর, বিষ্ণু। **২** ভোগের ঈশ্বর; কুবের। **৩** (বাঙলায়) কামেশ্বরমোদক। "কামেশ্বরের বড়ী ঃ কামেশ্বরের নাড়্ গো.চ ৪৮৭। খাওয়াইল কামেশ্বর কৃ ৪৩। —রী স্ত্রী কামাখ্যাস্থ দেবীমূর্তিবিশেষ।

কামোদ পুং (সঙ্গীতে) রাগবিশেষ। "জ্ঞা ১০৪। [ইহার সময় রাত্রি প্রথম প্রহর, ঠাটে কোমল নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।] —দা,—দী স্ত্রী রাগিণীবিশেষ।

কামোদ্দীপক [ষ.ত] কামোত্তেজক, কামবর্দ্ধক। "কি ৬.১৩, মল্লিনাথ।

কামোপহত বিণ [তৃ.ত] কামাভিভূত, কামার্ত্ত।

কাম্প অর্ম্ম [সং √কম্প্; দ্র '√কাঁপ'; অপ্র] কম্পিত হওয়া; কাঁপা। "হৃদয় কাম্পএ মোর শ্রী.কী ৭৪। কাম্পে ত্রিভুবন গ ৫; কাম্পএ জে মাথা ১৫০। —ম্পা সর্ম্ম [√কাম্প+আ^৮] কম্পিত করা। "কোপে অতি কাম্পাইয়া গাত্র শ্রী.মা ১৪। [কাম্পএ, -ম্পিতে, -ম্পে, -ম্পো (কাঁপি)।—শ্রী.কী।]

কাম্পিল্য পুং দেশবিশেষ। "পা ৪.২.৮০, কাশিকা। °বিষয় ক.সা ২৫.২৩। —ল্য ক্লী, —ল্যা স্ত্রী পঞ্চালদেশের পুরীবিশেষ। "পুরীং কাম্পিল্যাম্ রা (S.W.)। মহা ১.১৩৮.৭৩।

কাম্বুজ (?)। "বুরুজ কাম্বুজ মারে বাণ ভৈরটাঙ্গি চ.বি ২৩২।

কাম্বোজ পুং [কম্বোজ+অ (অণ্), পা ৪.১.১৭৫, সি] **১** পুরুষানুক্রমে কম্বোজবাসী। **২** কম্বোজদেশের রাজা। "মহা ২.২৭.২৩। রঘু ৪.৬৯। **৩** কম্বোজদেশজাত শূদ্রত্বপ্রাপ্ত জাতিবিশেষ। "ধরয়ে কম্বোজ-বেশ, মাথে নাহি রাথে কেশ ক.চ ৮৫। [ইহারা ক্ষত্রিয়, ক্রিয়ালোপাদি হেতু শূদ্রত্বপ্রাপ্ত হয় (মনু ১০.৪৪)। সগররাজ ইহাদিগকে মুণ্ডিতমস্তক ও বেদাচারবহির্ভূত করিয়া তাড়াইয়া দিয়াছিলেন; তদবধি ইহারা ম্লেচ্ছ নামে অভিহিত (হ ১৪শ অধ্যায়)।]

কাম্য বিণ [√কামি+য (যৎ)-র্ম্ম; স্ত্রী -ম্যা; ছান্দস] **১** কামনার্হ, অভিলষণীয়। "কাম্যশ্চ বিজয়ো রণে রা (S.W.)। **২** কামনাবিষয়ী-ভূত, ফলকামনাপূর্ব্বক বিহিত; ফলাসক্তিপূর্ব্বক কৃত (কর্ম্ম)। বিপ 'নিত্য, নৈমিত্তিক'। "গী ১৮.২। মনু ২.২। **৩** সুন্দর, শোভন, কমনীয়। "রঘু ৬.৩০। **৪** ইষ্ট, অভিলষিত। "দক্ষিণাং প্রদদৌ কাম্যাম্ রা ২.২৫.৩১। **৫** [কাম+য (যৎ)] 'কামের নিমিত্ত হিত'; কামোদ্দীপক (ত.বা)। —ম্য ক্লী ফলোদ্দেশে কৃত যজ্ঞজপাদি কর্ত্তব্য কর্ম্ম (শ.ক)। "°ফল। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—স্বর্গাদিলাভকামনায় করণীয় যাগাদি। °ফল (ক্লী)—কাম্য কর্ম্মের ফল; স্বর্গাদিলাভ।]

কাম্যক ক্লী [কাম্য+ক (কন্) সংজ্ঞার্থে] সরস্বতীতীরস্থিত কমনীয় বনবিশেষ। "মহা ৩.৫.৩।

কাম্যকূপ বি [ষ.ত] কাম্যবিষয়ের কূপ; গঙ্গাযমুনার সঙ্গমস্থল। "কোথা গেল কাম্যকূপ প.তৃ ৫৪। [এলাহাবাদে দুর্গমধ্যে এক্ষণে যে অক্ষয়বট দেখা যায়, পূর্ব্বে উহারই নিকটে গঙ্গাযমুনার সঙ্গম ছিল; ঐ 'সঙ্গমস্থল', 'কাম্যকূপ' নামে অভিহিত হইত। কোন কামনা করিয়া ইহাতে দেহত্যাগ করিলে, পরজন্মে সে কামনা পূর্ণ হয়—এই হেতু ইহা 'কাম্যকূপ'। প্রবাদ, কোন দরিদ্র ব্রাহ্মণ ইহাতে দেহত্যাগ করিয়া পরজন্মে দিল্লীর বাদসাহ আকবর হন।

কাম্যদান ক্লী [ষ.ত] **১** কামনার্হ দান (অ.টী); স্বর্গাদিকামনায় স্বর্গরত্নগজাদির দান; কামনাপূর্ব্বক উৎকৃষ্ট বস্তুদান। **২** কমনীয়দান; উৎকৃষ্টবস্তুদান।

কাম্যা স্ত্রী [√কামি+য (যৎ)-ভা + স্ত্রী আ (টাপ্), বাহুলকে] কামনা, ইচ্ছা। "কিংকাম্যা; যৎকাম্যা (শতপথব্রাহ্মণ)। তৎপ্রিয়° রা (S.W.)। ন কাম্যয়া মহা ১৩.১.৩৬। ধর্ম্ম°, বধ°, রতি°, হিত° মনু (S.W.)। হিত° গী ১০.১। গোব্রাহ্মণ°, গো°, ব্রাহ্মণ° মৃ ৩১/২৮। [পুত্রকাম্যা (√পুত্রকাম্য+অ-ভা+আ)—স্বপুত্রেচ্ছা। "গো.রা ১.৩.৩৪। রঘু ১.৩৫।]

কায়[১] বিণ [ক (প্রজাপতি)+অ (অণ্) 'তাহা ইহার দেবতা' অর্থে, ই (ইৎ) আগমে বৃদ্ধি (পা ৪.২.২৫); স্ত্রী -য়ী] প্রজাপতিদেবতাক, প্রাজাপত্য (হবিঃ, বিবাহ)। "কায়োঢ়জঃ মনু ৩.৩৮। —য় পুং **১** প্রজাপতিদেবতাক বা প্রাজাপত্য বিবাহ। **২** [√চি+অ (ঘঞ্)-ধি, √চি >কি; পা ৩.৩.৪১] যাহাতে অস্থ্যাদি চিত হয় (সি); দেহ। "অ°, অতি°, অল্প°, পূর্ব্ব°, মহা° (S.W.)। কায়ঃ সন্নিহিতাপায়ঃ হি ১.২.২২। **৩** নিবাস, বাসস্থান। তু 'কাশীনিকায়ঃ পাঃ ৩.৩.৪১, সি। **৪** বীণাদণ্ড। **৫** (সাদৃশ্যে) বৃক্ষকাণ্ড। **৬** [+অ -র্ম্ম] যাহা উপচিত হয়; মূলধন। "কায়সংযুক্তা (বৃদ্ধিঃ) মনু ৮.১৫৩, কুল্লুক। **৭** যাহা নিশ্চিত বা নির্ণীত; লক্ষ্য। **৮** [+অ -ণ] যাহা দ্বারা উপচিত হয়; স্বভাব। **৯** [+অ -ভা] রাশীকরণ, সমূহ। "জন°, বনস্পতি° (S.W.)। —য় ক্লী কনিষ্ঠাঙ্গুলির মূল; প্রজাপতিতীর্থ। "মনু ২.৫৯। শঙ্খ ৯.১। [°তীর্থ (ক্লী)—সর্থ 'কায়' (ক্লী)।]

কায '-জ' বি [সং কার্য্য (কার্য্য); বা (কায্য) °য (বাঙলায় 'য' উচ্চারণে 'জ'); অস কায্; অপ্র; কায্য (গো.চ)] **১** কার্য্য, কর্ম্ম। "পরের কাযটাই, পরের কাযে ধরি দা ৪১০। কাযে না কুলায় ভ.গ্র ২৯৫। **২** ক্রিয়া, কথা। "স্বর্গের থাকুক কায ঘৃণাগ্রে না হেরে ভ.গ্র ১৯। **৩** বিক্রিয়া, বিকারের কথা। "কোপদৃষ্টে সুদৃষ্টে যাহার পানে চাই। শরীরের কায থাক হৈয়া যায় ছাই ॥—কৃ ৩৪। **৪** চিত্তবিকার, বিহ্বল-ভাব। "কিবা সে রূপের শোভা পূর্ণশশধর। থাকুক মনুষ্য কায দেবতা চঞ্চল ॥—ব.প ২৯৯। **৫** কারুকার্য্য, শিল্প। "উমার বসনে বিচিত্র কায ব.প ১৪২। **৬** গৃহকর্ম্ম, সংসারের কাজ। "ঘরে আর কি আমার কায নাই। তোমার কাযে কায-কামাই দা ৪১০। **৭** প্রয়োজন, ফল, অভীষ্টলাভ। "অমৃতে কি কায তার ভক্ষ্য সিদ্ধিগুলি ব.প ৬৬৫। আমাকে বলিতে তব নাহি কিছু কায বা.ম ৩৬২। বিলম্বে নাহিক কায ন.বি ৩৯। ঘরের কাযে কি কায দা ৪১০। **৮** শ্রমসাধ্য কার্য্য; কঠিন কাজ। "এ তোমার ভৃত্য প্রভু সম্মুখে থাকিতে। আজ্ঞা না করিলে কেনে, কি কায যাইতে ॥—ভ.গ্র ১৯২।

কায়ক্লেশ পুং [ষ.ত] **১** শরীরের কষ্ট; দৈহিক দুঃখ বা আয়াস; শারীরিকক্লেশ। "রা ২.২৮.২৩। °ভয় গী ১৮.৮। মনু ৪.৯২। কায়-ক্লেশ করিয়া কুলানু কত দিন শি ৬৮। **২** শ্রম, কষ্ট, মজুরী। **৩** তপস্যা। "(দৈত্যো) মহতা কায়ক্লেশেন চন্দ্রশেখরমারাধিতবন্তো।

স্থি ৪। উপবাসে কায়ক্লেশে শোষে কলেবর কৃ.উ ৫০। কায়ক্লেশ করি কর্ম্ম করিয়াছ বড় শি ৩৯। ৪ [বাঙলায় ; অপ্র] উপবাস। "এ দেশে বিশেষে, সবে কায়ক্লেশে, সেবা করে ধর্ম্মদেবা শ্রী ৫৪। —ক্লেশে ক্রি.বিং শারীরিককষ্টস্বীকারপূর্ব্বক ; অতিকষ্টে, কষ্টেসৃষ্টে। "কপিগণে সহায় করিয়া কায়ক্লেশে শ্রী.মা ৭৮। বড় লোকেরা দানসাগরে যাহা নির্ব্বাহ কর্ব্বেন, সামান্য লোককে…কায়ক্লেশে তিলকাঞ্চনে সেটার নকল কত্তে হবে হু ২০৭।

কায়চিকিৎসা স্ত্রী [ষ.ত] অষ্টাঙ্গচিকিৎসার একতম ; শারীরিক ব্যাধির, অর্থাৎ জ্বর অতীসার কুষ্ঠ মেহ প্রভৃতির উপশমার্থে চিকিৎসা। "সুশ্রুত ১.১.৬।

কায়জ বি [তু 'আত্মজ' ; অপ্র] পুত্র। "কায়জ কামনা করি ক্লেশ করে কতি শ্রী.মা ২০ ; ২২।

কায়দণ্ড পুং [ষ.ত] কায়ের দমন বা নিগ্রহ ; প্রতিষিদ্ধব্যাপারত্যাগ। "মনু ১২.১০।

কায়দা, কায়দা-কানুন দ্র 'কাএদা'।

কায়ন বি [কাহন > কাঅন > °ন ; অপ্র] ১ কাহন, ষোল পণ। "সত্তের কায়ন বেত ম.গা ৬। ২ [সং কঙ্গু, -নী] ধান্যবিশেষ। "এক মুষ্ট কায়নের চাউল ম.ম ১৩১।

কায়বার বি [রায়বার > °র] গুণবর্ণনাপূর্ব্বক স্তব ; স্তুতিবাক্য। "রাজভাট, কায়বার পড়ে ক.চ ১৫৬। আশীষ করিল দ্বিজ ভট্ট কায়বার জ ২৪। পড়ে ভাটে কায়বার চৈ.ম ৭০।

কায়ব্যূহ পুং [ষ.ত] ১ কায়সম্বন্ধী ব্যূহ ; শরীরস্থ বাতপিত্তকফ এই দোষত্রয়ের এবং রস রক্ত মাংস স্নায়ু অস্থি মজ্জা ও শুক্র এই সপ্ত ধাতুর কার্য্যকারণভাবে ক্রমিক বিন্যাস। "পা.দ ৩.২৯। ২ দেহসমুদায়। ৩ কায়ের বিন্যাস ব বিস্তার ; শ্রীকৃষ্ণের বলদেবাদিরূপে ও লক্ষ্মীগণাদিরূপে কায়বিস্তার। "গী.গো ১২.২৬। স্বয়ংরূপ কৃষ্ণের কায়ব্যূহ—তাঁর সম চৈ.চ ৪ ; ২১ ; ৩১। কৃষ্ণ তথা হইলেন কায়ব্যূহরূপ চ.চ ৪।

কায়মন(নো)বাক্য বি ['°নোবাক্য' সাধু] শরীর চিত্ত ও কথা ; কর্ম্ম চিন্তা ও ভাষা। "(অভয়া-চরণে) অনুক্ষণ রহু মম কায়মনোবাক্য। ক.চ ১৪ ; ২৫৬। —ক্যে, -ক্যেতে ক্রি.বিং ['°ক্যে' সাধু] কর্ম্মে চিন্তায় ও কথায় ; সর্ব্বতোভাবে, সর্ব্বথা। "কায়মনোবাক্যেতে সেবিহ গুরুজন কৃ.উ ১৫২। কায়মনবাক্যে করয়ে স্তবন শ্রী.মা ৭৮ ; কালি পূজা করে লখ্যা কায়মনবাক্যে ১৯৫। কায়মনোবাক্যে যদি আমি হই সতী।—কৃ ৩৬৭। কায়মনোবাক্যে তাঁর ভক্তি চৈ.চ ৩১। [কায়মন-চিত্তে (গ্রাম্য)—কায়মনোবাক্যে। "বিপৎকালে ভয় করিও না —কায়মনচিত্তে পরমেশ্বরকে ডাক আ.দু ৫৯।]

কায়স্থ পুং [কায়+ √স্থা+অ (ক) -ক ; উ.ত ; স্ত্রী -স্থা ; -স্থী ; কান্ত (গো.চ ১০৭)] ১ 'কায়ে (সর্ব্বভূতদেহে) স্থিত', পরমাত্মা। ২ হিন্দুজাতিবিশেষ। দ্র 'করণ'। "ব্যাস ১.১১। কায়স্থ কুলেতে জন্ম ম ২৭৪। [ইঁহারা লেখনবৃত্তি ; রাজার বিচারালয়ে লেখকের (মুহুরীর) কার্য্য ইঁহাদের বৃত্তি (বিষ্ণু ৭.৩)। স্মৃতিতে (যাজ্ঞ ১.৩৩৬) ও কবিকঙ্কণ-কাব্যে ইঁহাদের অত্যাচারের বর্ণনা আছে।] ৩ কায়স্থবংশীয় ব্যক্তি। "কায়স্থঃ শকটদাসো নাম মু ১২ ১/২। শ্রেষ্ঠিকায়স্থৌ মৃ ৯ ১/২। কায়স্থসুত ক.চ ৭৫। রক্ষ ঠাকুরাণী, কায়স্থ যতেক আছে ম.ভা ২২। ৪ রাজার বিচারালয়ের লিপিকর রাজপুরুষ (কেরানী) ; হিসাবরক্ষক, সরকার। "যাজ্ঞ ১.৩৩৬। কায়স্থকৃতং (লেখ্যম্) বিষ্ণু ৭.৩। বিচারিয়া কেহ দেখে, কাগজ কায়স্থ লেখে ক.চ ৭৫ ; ৮৮। কায়স্থের কি কব ব্যাখ্যান ২৮২। চৈ.ভা ২৬৪। —স্থা স্ত্রী ১ কায়স্থ-স্ত্রীজাতি ; কায়স্থের মেয়ে। ২ কায়ের স্থিতিসাধন-দ্রব্য ; হরীতকী। ৩ আমলকী। ৪ দ্বিবিধ এলা। ৫ তুলসী। ৬ কাকোলী। —স্থী স্ত্রী কায়স্থপত্নী।

কায়স্থিনী বি [°স্থ+স্ত্রী ইনী ; হি কায়থিন, কৈথিন] কায়স্থপত্নী, কায়েথনী। "নবীনের কায়স্থিনী নী ৮৯।

কায়া বি [সং কায় > প্রা কাআ (পৈ) > বা কায়া ; হি, ঠ, গু °য়া ; °য়া (দো), তু 'কায়া' (মী ১৯)] ১ কায়। "গো.বি ৪৮ ; ৯৪,-৫। ম ২১৬ ; ৪০৯। ২ রূপ, মূর্ত্তি, অবতার। "কত মায়া কর, কত কায়া ধর ভা.চ ১০৮। [কায়া পালটান (হি কায়া পালট দেনা)—রূপান্তর ধারণ করা ; জন্মান্তরগ্রহণ।]

কায়িক বিণ [কায়+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ কায় দ্বারা কৃত ; শারীর (শুভাশুভ, পাপ)। "মহা ১৮.৬.৯৬। মনু ১২.৮। ২ [+ইক] কায়সম্বন্ধী ; দৈহিক, শারীরিক। "চিকিৎসা কায়িকী।—সুশ্রুত (S.W.)। —কা স্ত্রী [ইক (ঠন্) অস্ত্যর্থে + স্ত্রী আ (টাপ্)] ১ 'কায়সংযুক্তা', বলীবর্দ্দাদির কায়িক শ্রমসাধ্য বৃদ্ধি বা সুদ। "মনু ৮.১৫৩, কুল্লুক। ২ মূলধনাবিরোধী প্রতিবর্ষদেয় বৃদ্ধি (শ.ক)।

কায়েত, -থ বি [সং কায়স্থ > প্রা কায়ত্থ > বা °ত, -থ ; হি কায়থ ; কাইথ (ত্রিপুরা) ; তিব্বতী—'কথোপ', a writer, clerk] কায়স্থ-জাতি ; তজ্জাতীয় ব্যক্তি। "লেখা পড়া করে তথা কায়েত বিস্তর কৃ.উ ৭২।

কায়েম ; কায়েমী দ্র 'কাএম ; কাএমী'।

কার[১] বিণ [√কৃ+অ (অণ্) -ক ; স্ত্রী -রী] ১ কারক, কর্ত্তা, অনুষ্ঠাতা। "প্রিয়°, যজ্ঞ°। ২ নির্ম্মাতা। "কুম্ভ°, কর্ম্ম°, রথ°, শঙ্খ°, সুবর্ণ°। ৩ রচয়িতা, প্রণেতা, লেখক। "গ্রন্থ°, বার্ত্তিক°, ভাষ্য°, শাস্ত্র°। ৪ পাচক। "সূপ°। ৫ জনক, উৎপাদক। "অগদঙ্কার, অন্ধ°। [সমাসে উত্তরপদ] —র পুং [+অ (ঘঞ্) -ভা] ১ ক্রিয়াকরণ। "কাম°, বলাৎ°, সাক্ষাৎ°। ২ যত্ন, চেষ্টা। "পুরুষ°। সকার মাঘ ১৯.২৭। ৩ উচ্চারণ। "ওঙ্কার (ওম-কার)। ধিক্°, ফুৎ°, বষট্°, স্বাহা°, হাহা°। ৪ হিংসা। ৫ নিশ্চয়। ৬ [+অ -র্ম্ম] 'বধ্য পশু' ; বলি। ৭ উচ্চার্য্য বর্ণ, অর্থাৎ তদ্বর্ণবাচক। "তৈ ২২.৪। "অ°, ক° ইত্যাদি। ঋ°, ৯°, ঌ°, ভা চ ৪২৮ ; অংকার, ঙ° ৪২৯ ; ঞ°, খ° ৪৩০। ৮ [+অ-ণ] শক্তি, বল। ৯ [কর+অ (অণ্) স্বার্থে] রাজগ্রাহ্যভাগ ; কর। "পা ৬৩.১০। ১০ পতি। ১১ যতি। ১২ হিমালয়। ১৩ করকাজাত জল ; শিলার জল। ১৪ রতি। ১৫ তপস্যা।

কার[২] '-র্' ক্তি [কর > কার] ১ সম্বন্ধসূচক ষষ্ঠী বিভক্তি। "আজিকার রাতী শ্রী.কী ৩২২। আজিকার রাত্রি কৃ ৩০২। সভাকার মূর্ত্তি কৃ.উ ১২৪। পূর্ব্ব° ম ৯৫৫। সভা° চৈ.ভা ১৮৩ ; তথা° ৪২২ ; আজু°, এখান°, তখন°, সকল°। ২ স্বরূপসম্বন্ধসূচক বিভক্তি। "আজিকার দিন কৃ ১৪৫। [আপন°—আপনার। আপনকারা (অপ্র)—আপনারা। "কৃ.চ ৪৫।]

কার[৩] '-র্' [ফা কার্ ; Av. kara ; তু 'সংস্কার'] ১ কার্য্য, কর্ম্ম, নির্ম্মাণকার্য্য। "°খানা। ২ ব্যক্তিগত নিয়োগ বা অধিকার (function)। "°পরদাজ্ ; °কুন্। ৩ ব্যবসায় (business)। "°বার্। কার কারবার হু ২০১। ৪ চাকরী। "বে°। ৫ কর্ম্মবিপাক, কাজের দায়, কর্ম্মফের। "বলে দৈত্য 'আজি তোরে পাইয়াছি কারে ! দিব প্রতিফল স্ব.প্র ১৭৯। ৬ [সং কার ; তু 'ফা গার্'] কারক, নির্ম্মাতা, শিল্পী, তৎকর্ম্মনিপুণ। "খোদ°, নকস°, মিঠাই°, মিনে°, হালুই°। [কার-কারবার—ব্যবসায়-বাণিজ্য। কারে পড়া—কাজের দায়ে পড়া ; বিপন্ন হওয়া। কারে পাওয়া—কর্ম্মফের হেতু বশে বা হাতে পাওয়া। দ্র 'কার'[৩] (৫)।]

কার[৪] '-র্' বি [E. cord] ঘুন্‌শি-প্রভৃতির জন্য ব্যবহৃত সরু ভাঙানো সুতা। "কাল কার ; রেশমী কার।

কারক বিণ [√কৃ + অক (ণ্বুল্)-ক; স্ত্রী -রিকা] ১ কর্ত্তা, সম্পাদয়িতা, অনুষ্ঠাতা। "অপরীক্ষিত°। অপকারস্ত কারকঃ যাজ্ঞ ২.২৩৬। ২ নির্ম্মাতা, স্রষ্টা। "জগতাং কারকঃ কৃষ্ণঃ (মুগ্ধবোধ)। ৩ সাধক, অনুষ্ঠাতা। "গুরোর্বচনকারকঃ।—মহা (S.W.)। প্রিয়° মনু ৭.২০৪। ৪ হেতুভূত। "বর্ণসঙ্কর° গী ১.৪২। ৫ জনক, উৎপাদক। "বুদ্ধিং বৈক্লব্যকারিকাম্ রা ৬.১০১.২৩। শস্থান্ মঙ্গল-জনকান্ (মহা)। স্বপ্নস্ত কারকঃ যাজ্ঞ ৩.১৫০। —ক ক্লী ১ (ব্যাকরণে) ক্রিয়ার সহিত অন্বিত ক্রিয়ানিষ্পাদকাদি কর্ত্ত-প্রভৃতি। [কর্ত্তা কর্ম্ম করণ সম্প্রদান অপাদান অধিকরণ—এই ষড়্‌বিধ কারক।] ২ ব্যাকরণের কারকপ্রকরণ। ৩ [করকা+অ (অণ্) তৎসম্বন্ধার্থে] 'করকাসম্বন্ধী', করকাজাত জল; শিলার জল। [°বিভক্তি (স্ত্রী) —কারকবোধক প্রথমাদি বিভক্তি।]

কারকিত '-র্-ত্' বি [কার+কিত (কৃত্য?)] কৃষিকার্য্য—চষা-খোঁড়া নিড়ান ইত্যাদি কার্য্য; জমির পা'ট; চাষের তদ্বির। "ধানের জমিতে যে কারকিত করিতে হয়, তার চারগুণ কারকিত নীলের জমিতে দরকার করে।—নী ১৪; ধানের কারকিত রীতিমত হইতেছে কিনা দেখে ৭৩।

কারকুন বি [ফা কারকুন্] ১ 'কার্য্যকারক', জমিদারীর কার্য্যের তত্ত্বাবধায়ক; অধ্যক্ষ, ম্যানেজার (a zamindar's agent)। "কারকুন কাগজ বুঝে বাঁকী ওয়াশীল শ্রী.মা ৮৮। মধুসূদন সর্ম্মা কারকুন যুচরিতেষু E.P. 64। ২ যে কর্ম্মচারী জমিজমার উশুল তহসিলাদির কাগজপত্র প্রস্তুত করেন; রাজস্ববিভাগীয় কেরানী। "ব.প্র ২৭৬। [কারকুনী—কারকুনের কার্য্য বা পদ।]

কারখানা বি [ফা কার্‌খানহ্] ১ 'কার্য্যের গৃহ'; কর্ম্মশালা (workshop, factory)। ২ ব্যাপার, ঘটনা, কাণ্ড, কাজ। "নাইতে গিয়ে নদীর ঘাটে, দেখেছি পোড়া পুরুষের কারখানা দা ২০৪১; এ কারখানা কার দ্বেষে, কৌপিন কেন কটিদেশে ২১২৬। বাপের বাড়ী চলিয়া যাও, নাহিক তাহে মানা। যথায় খুসী চলিয়া যাবে?—অবাক্ কারখানা।—মন্দ্র ৬৮। [কারখানা করা বা খোলা —কর্ম্মশালা প্রতিষ্ঠিত করা। কারখানা ফলান—ব্যবসায় প্রসারিত করা; কাজ-কাম বাড়ান।]

কারচুপি, -চুবি বি [ফা কার্‌চোবী] ১ কাপড়ে সূচীকর্ম্ম—ফুল-তোলা, লতাপাতা কাটা ইত্যাদি; জরির কারুকার্য্য। রেশমী কাপড়ে বা ভেলভেটে জরির সূচীশিল্প; গুল্‌কারী। "কার্পেটে কারচুপি কাজ কারু নব্য চাল।—হেম ৩৯০। ২ (গৌণার্থে) কৌশল, ফিকির, চালাকী, ছল। "মুখুর্য্যের কারচুপিতে মুখ হৈল ভোঁতা।—হেম ৩৮৫। ওই ত কারচুপির কাজ লী ১৫। —চোপ, -চোব বি [ফা কার্‌চোব] সর্থ 'কারচুপি (১)। "কারচোব এ সকল জরিদার হয় ব.প ১৫১৩। বুকে জরির কারচোপের কর্ম্ম-করা কাবা হু ১২।

কারণ ক্লী [√কৃ+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক] ১ 'যে করায়; ক্রিয়ানিষ্পাদক'; হেতু, প্রযোজক, নিদান। "ন চ পশ্যামি কারণম্ রা ২.৬৯.২০। কৌরবান্ কারণং কৃত্বা মহা ১.২.২৯। গী ১৩.২১। রঘু ১.৭৪। কার্য্যকারণতঃ হি ১.৩৮। ২ নির্ব্বর্ত্তক, সাধক। "পঞ্চৈতানি ...কারণানি গী ১৮.১৩। ৩ উদ্দেশ্য। "আগমন° মহা ৩.৭৩.২৬। ৪ উৎপাদক, জনক, উৎপত্তিস্থান। "আত্মভুবোঽপি কারণম্ কু.স ৫.৮১। ত্বং কারণং কারণকারণানাম্ কি ১৮.৩৫। ৫ প্রকৃতি। "কি ১৮.৩৫। ৬ জগৎকারণ—সত্ত্ব রজঃ তমঃ। "কারণত্রয়হেতবে (শিব-প্রণাম)। ৭ বিষ্ণু (মহা)। ৮ শিব। "কারণং কারণানাম্ (শিবস্তব)। ৯ আদি, মূল। "মনু ১১.৮৫। ১০ প্রমাণ। "আগমঃ কারণং তত্র মনু ৮.২০০। ১১ বীজ। "কারণতোয়শায়ী চৈ.চ ১। ১২ নিমিত্ত। "কৈকেষ্যাঃ প্রিয়কারণাৎ রা ১.১.২৪। ঐ মৎস্ত ধরিবার কারণ প্রতি জাহাজের সহিত ছয় নৌকা থাকে।—রামমোহন রায়। ১৩ অর্থ, প্রয়োজন। "অঘং স কেবলং ভুঙ্‌ক্তে যঃ পচত্যাত্মকারণাৎ মনু ৩.১১৮। গী ৩.১৩। ১৪ বিষয়। "বহুভিঃ কারণৈর্দেব বিশ্বামিত্রঃ (লোভিতঃ ক্রোধিতঃ) রা ১.৬৫.১১। ১৫ (ন্যায়ে) কার্য্যের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী ভাব; সূক্ষ্মাবস্থা। [সমবায়ী অসমবায়ী ও নিমিত্ত ভেদে কারণ ত্রিবিধ; ঘটের কপালদ্বয় ও পটের তন্তু সমবায়ী কারণ, কপাল-দ্বয়ের ও তন্তুর সংযোগ অসমবায়ী কারণ, দণ্ডাদি ও তুরীবেমাদি নিমিত্ত কারণ।] ১৬ সৃষ্টির মূলভূত আদিদেব। ১৭ [করণ+অ (অণ্) স্বার্থে] করণ, সাধন, উপায়। "ন লিঙ্গং ধর্ম্মকারণম্ মনু ৬.৬৬। ১৮ মূলবস্তু। "যাজ্ঞ ৩.১৪৮। ১৯ কাব্যের কথা; কাব্যবস্তু। ২০ কর্ম্ম, কার্য্য। "কারণেন হি জানাতি মিত্রাণি চ রিপূংস্তথা।—চাণক্য। ২১ ইন্দ্রিয়। ২২ দেহ। ২৩ কায়স্থ; কায়স্থসংহতি। ২৪ বাদ্যবিশেষ; গীতভেদ (অ.টী)। ২৫ উত্তরবিশেষ (মিতাক্ষরা)। ২৬ [+অন-ভা] বধ, হিংসা। ২৭ (বাঙ্‌লায়) তান্ত্রিক সাধনার হেতুভূত মদ্য। "°বারি, °সলিল। কারণ পরমতত্ত্ব আগমের সার ব.প ৪৭৭। ২৮ জন্য (ব্যাপ্ত্যর্থক)। "তুমি ত বিলম্ব সও তিলেক কারণ, বিলম্ব না সহে সেই বিনয়-বধির প.তৃ ১৯।

কারণকথা বি ১ মূল-কথা; গোড়ার কথা। ২ হেতুভূত পূর্ব্ববৃত্তান্ত। "সে সব কারণ-কথা কহিল সকল গ ২৭। ৩ কারণরূপ কথা; হেতু। "কোন বিদ্যা জান তুমি কিবা তপোধন। এ সব কারণ-কথা কহ মুনিজন॥—গ ২১২।

কারণকারণ ক্লী [ষ.ত] ১ কারণের কারণ; আদিকারণ। ২ পরমাণু, প্রকৃত্যাদি (মল্লিনাথ)। "কি ১৮.৩৫। ৩ (ন্যায়ে) অন্যথাসিদ্ধপদার্থভেদ (ত.বা)। যেমন, ঘটাদির কারণ কুলাল, কুলালের কারণ তৎপিতা ঘটাদির অন্যথাসিদ্ধ (demonstrated wrongly) কারণ। ৪ পরমেশ্বর। ৫ প্রযোজক (ত.বা)।

কারণগুণ পুং [ষ.ত] উপাদান কারণের গুণ, যেমন, পটতন্তুর শুক্লতা। "কারণগুণাঃ কার্য্যগুণমারভন্তে।

কারণজল বি [উ.লো] সর্থ 'কারণতোয়'। "পচাগন্ধ মাংস গলে, ভাসিয়া কারণজলে, আগে গেলা বিষ্ণুর নিকটে ভা.চ ২৯; ৩৬; কারণজল মোরে বলে যেই। কারণজলের কারণ সেই ১৯১।

কারণতোয়, -বারি ক্লী [উ.লো] কারণভূত জল; সৃষ্টির পূর্ব্বে মূলভূত প্রথম জলরাশি (primeval water)। "সঙ্কর্ষণঃ কারণ-তোয়শায়ী চৈ.চ ১। কারণবারি'পরে, হরিকমলাসন, ঘৃণা করি যেক্ষণ হেলে।—হেম ৩৩৬। —বারি বি (বাঙ্‌লায়) মদ্য। "পূজিব না কালীকে...কারণবারি-প্রদানে দা ৯৮৭। নিয়ে আয় কারণবারি। —গান ১০।

কারণমালা স্ত্রী [ষ.ত] ১ কারণপরম্পরা, হেতুসমূহ। ২ অর্থালঙ্কার-বিশেষ। [পূর্ব্ববর্ত্তী কার্য্য পরবর্ত্তী কার্য্যের হেতুরূপে নির্দ্দিষ্ট হইলে, 'কারণমালা' হয় (সা.দ ১০.৭৬-৭৭)।]

কারণশরীর ক্লী [উ.লো] কারণরূপ দেহ; জীবের অহঙ্কারাদির আদিকারণ অজ্ঞানরূপ উপাধি বা শরীর (বেদান্তসার); অবিদ্যা স্থূল ও সূক্ষ্ম শরীরের আদিকারণ বলিয়া 'কারণ' এবং তত্ত্বজ্ঞানলাভে অবিদ্যা শীর্ণ (নাশপ্রাপ্ত) হয় বলিয়া 'শরীর'—এই উভয় কারণে 'অবিদ্যা' (পঞ্চদশী ১.১৭)।

কারণসলিল বি কারণরূপ জল; মদ্য। "দূর হোক্ নিরানন্দ! এস পান করি, কারণসলিল!—রবীন্দ্র।

কারণা স্ত্রী [√কারি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ তীব্র বেদনা; যাতনা। ২ প্রেরণা। ৩ যমযাতনা, নরকযন্ত্রণা (শ.ক)।

কারণাব্ধি, -ণার্ণব বি [কারণ অব্ধি অর্ণব, কর্ম্মধা] কারণরূপ জলনিধি ; কারণসাগর। "বৈকুণ্ঠ বাহিরে যেই জ্যোতির্ম্ময় ধাম। তাহার বাহিরে কারণার্ণব নাম॥—চৈ.চ ২৩; অনন্ত ঐশ্বর্য্য কৃষ্ণের বৈকুণ্ঠাদিধাম। তার গড়খাই কারণাব্ধি যার নাম॥—১৬৯ ; কারণাব্ধিশায়ী ২১১।

কারণিক বিণ [কারণ+ইক (ঠঞ্), পা ৪.২.১১৬ ; স্ত্রী -কী] ১ কারণসম্বন্ধী। ২ [+ইক (ঠক্), পা ৪.৪.৮] পরীক্ষক। "মহা ২.৫.৩৪।

কারণোত্তর ক্লী [উ.লো] (ব্যবহারে) কারণপূর্ব্বক, অর্থাৎ কারণ দেখাইয়া প্রদত্ত উত্তর ; বাদীর উপন্যস্ত অভিযোগ সত্য, স্বীকার করিয়া তৎপ্রতিকূলতাসাধক কারণকথন-পূর্ব্বক উত্তর। [ইহা ত্রিবিধ—বলবৎ তুল্যবল দুর্ব্বল। তোমার শত মুদ্রা লইয়াছি সত্য, কিন্তু তাহা পরিশোধ করিয়াছি ; ইহা বলবৎ উত্তর। এ ভূমি আমার, ইহা এই ব্যক্তি ভোগ করিতেছে ; ইহার উত্তর—সত্য ইহা তোমার, কিন্তু দান বা ক্রয়াদি হেতু এক্ষণে ইহা আমার ; ইহা তুল্যবল। এ ভূমি পুরুষানুক্রমে আমার ; ইহার উত্তর—ইহা আমার, ইহা দশ বৎসর ভোগ করিতেছি ; ইহা দুর্ব্বল।].

কারণ্ডব পুং [কারণ্ড (জল)+ √বা গতি+অ (ক)-ক (অ.টী)] জলচরপক্ষিবিশেষ ; বালিহাঁস (অ.টী)। "হংসকারণ্ডবাকীর্ণ রা ২.২৭.১৮। হংসকারণ্ডবোদ্গীত মহা ৩.৩৮.২০। °বৃন্দ ম ৪৭৯। ক.চ ১২৫।

কারতুজ, -তুশ বি [P. cartucho ; E. cartridge ; হি কারতুস] বন্দুকে ভরিয়া ছোড়ার নিমিত্ত টুপি-লাগান গুলি-ছররা-বারুদ-ভরা নলী ; টোটা।

কা(কে)রদানি, -নী বি [ফা কার্দানি] কর্ম্মপটুতা, নৈপুণ্য, কৃতিত্ব। "যেটা নিয়ে যার কারদানি, ঘুচাও তার মর্দ্দানি, হুল কাটা ব্যবস্থা এ বেটার দা ২১৩৭। মোর কেমন কারদানি দেখ আ.চু ১৬১।

কারনিস্, কার্নিস্ বি [E. cornice] ১ প্রাচীরের অট্টালিকার বা জানালা-দরজার মাথায় ইষ্টকাদিরচিত উৎসেধ (projection)। ২ (সাদৃশ্যে) কারনিসের মত টুপির প্রান্তবেষ্টন। "সামলার সুকারনিস্। —হেম ৩৭৮।

কারপরদাজ বি [ফা কার্পরদাজ্] কার্য্যসাধক, অধ্যক্ষ, কর্ম্মচারী ; ম্যানেজার ; ভৃত্য, চাকর। "তাহাদিগের সহিত আমাদিগের কোন এলাকা নাই, তাহারা কারপরদাজ বইত নয় আ.চু ১৫২। দলাদলি আবার কি? আমরা রাণীজির কারপরদাজ ব.প্র ৩৮২। [°জী—কারপরদাজের কার্য্য।]

কারপেট বি [E. carpet, বাং কার্পেট] গৃহতল বা সিঁড়ি মুড়িবার পশমে বা পাটে রচিত ও রঞ্জিত মোটা গালিচাবিশেষ।

কারব পুং [বহুব্রী] ১ যাহার 'কা' এই রব ; কাক। ২ (বাঙলায়) কারু (?)। "শিকা মন্থনের রজ্জু পেটারিক-আদি। বানাইতে কারব কণ্ডোল-আদি সুধী॥—ভ.প্র ১৬২।

কারবার বি [ফা কার্বার্] ১ কার্য্য, কর্ম্ম, ক্রিয়া। "চারি বর্ণ লাগিল খনার কারবার ম.গা ২২। ২ ব্যবহার, আচরণ (dealing)। ৩ বাণিজ্য, ব্যবসায়। [কারবারী—ব্যবসায়ী।]

কারবেল্ল পুং করেলাগাছ। —ল্ল, —ল্লক ক্লী করেলা, উচ্ছে।

কারয়ার, -রোআর, -আল বি [(?) ; অপ্র] কাণ্ডার, কানাৎ, পর্দ্দা। "দেবীর মণ্ডপে দিল কারয়ার টানি : কারোআর মধ্যে আসি ভাবে মনে মনে বি.পা ২৬৩। জলদি বনাতের কারোআল জাও আরো ঘিরিয়া গো.চ ২৪৬ ; ৫৭।

কারয়িতব্য বিণ [√কৃ+ই (ণিচ্)+তব্য-র্ম্ম] সাধনীয়, সম্পাদয়িতব্য। —তব্য ক্লী কারয়িতব্য বিষয় ; কর্ম্মোপদেশ। "°দক্ষ কু.স ৭.২৭। —য়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] সাধয়িতা, নিষ্পাদক। "কু.স ৭.২৭, মল্লিনাথ।

কারসাজি, -জী বি [ফা কার্সাজী] ১ কর্ম্ম, সৃষ্টি, নির্ম্মাণ। "সব মায়ার কারসাজি ছায়াবাজী।—মতিলাল রায়। ২ নৈপুণ্য, পটুতা। ৩ ছল, ধূর্ত্ততা, চালাকী। "শেষেতে কারসাজি করে সাজি নারীবেশ ব.প ১৪১৪। কারসাজী বলি কর্ণবেধ বল বাজী। ভেবে দেখ সুন্নত বিষম কারসাজী॥—ভা.চ ৪৮৪। আমিও হচ্ছি নায়ের মাঝি, জানি অনেক কারসাজি দা ৫৬৯। ৪ কৌশল, ফিকির। "এ সেই হরা পাজির কারসাজি ব.প্র ২৭৬।

কারা[১] স্ত্রী [√কৃ+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্) পা ৩.৩.১০৪ ; তু 'কারা'—লেখা (দেশী ২.২৬)] ১ হিংসা, বধ। ২ বন্ধন। ৩ পীড়া। ৪ স্থিরাংশ। ৫ দূতী। ৬ [√কৃ+অ (ঘঞ্)-ধি+স্ত্রী আ (অ.টী)] বন্ধনশালা, কারাগৃহ, জেল। ৭ প্রসেবক, অর্থাৎ বীণাদণ্ডের নিম্নস্থ কাষ্ঠভাণ্ড। ৮ সুবর্ণকারিকা, স্বর্ণের শিল্পকারিকা। [°পাল (পুং)—কারাধ্যক্ষ (jailor)। °বাস (পুং)—কারারূপ বাসস্থান ; কারাগৃহ ; কারাবসতি। °বেশ্ম (-শ্মন্) ক্লী—কারাগার।]

কারা[২] বি [অপ্র] কাড়া বাদ্য। "চ.বি ১০৮। ম.পা ৫৬।

কারাগার, -গৃহ ক্লী [কর্ম্মধা, অথবা ষ.ত] কারারূপ গৃহ ; বন্ধনের গৃহ ; বন্ধনাগার। "°হ রঘু ৬.৪০। [কারার গৃহ, কারার ঘর—কারা-গৃহ, -ঘর (সাধু)। "ম.পা ১০৭,-৫৮।]

কারাবর পুং বৈদেহীর গর্ভে নিষাদের ঔরসজাত সঙ্কীর্ণ জাতিবিশেষ ; চর্ম্মকার। 'মনু ১০.৩৬।

কারাবা, কার্বা বি [ফা ক.রাবহ্ ; হি করবা] কাচনির্ম্মিত পাত্র-বিশেষ ; বোতল। "কে যেন খুলিয়া দেছে গোলাপ-কারাবা অ.গু ৯৬। আতর দিব সিসি ভ'রে গোলাপ দিব কার্বা ক'রে ব.বি ১৭। বোধ হইল, যেন কোথায় গোলাপজলের মুখআঁটা ছিল, কে কার্বা ভাঙ্গিয়া ফেলিল।—আনন্দমঠ।

কারি[১], **-রী** বিং [কালি, -লী > °রি, °রী ; বৈষ্ণবসাহিত্যে] ১ কাল, মলিন, ময়লা। "কাঞ্চন কাঁতি বরণ ভেল কারি (জ্ঞা)। ২ কলঙ্কময়, মসীময়। "গগনাইঁ ভগণ-রমণ নিজ পরিজন, গণি গণি অন্তর কারী জ্ঞ.প ৮০।

কারি[২], **-রী** বি [তা করি (kari) ; E. curry] মাংসাদির ব্যঞ্জনবিশেষ।

কারিকর বি [ফা কারীগর্] ১ কারু, শিল্পী, মিস্ত্রী। "এ বড় কারিকরে, কুঁদিলে তাহারে চ.সা ৩৫ ; ৩৪৬। গড়ে কারিকর, সুবর্ণ-পিঞ্জর ক.চ ১৫১। চৈ.চ ৩২৮। ভা.চ ২০২। ২ বস্ত্রবয়নবৃত্তি জাতি-বিশেষ ; জোলা। —করি,-রী, —কুরি, -রী বি [ফা কারীগরী] ১ কারিকরের কার্য্য ; কারুকার্য্য, মিস্ত্রীগিরী। "কিবা কারিকরের আজব কারিকুরি। তার মধ্যে ছয় পদ্ম রাখিয়াছে পুরি॥—চ.সা ৩৪৬। ভাবে রায় মালায় কি হবে কারিকরি। অঙ্গের অদৃশ্য কিছু কারিকরি করি॥—ভা.চ ২৯৬। ২ চাতুরী, ছল, কপট। "মনের অভিলাষ, হইল প্রকাশ, করিছ মিছে কারিকুরি বা.দ ১৬০।

কারিকা স্ত্রী [কারক+স্ত্রী আ (টাপ্)] ১ নৃত্যকারিকা, নটস্ত্রী, নটী। ২ [√কৃ+অক (ণ্বুল্)-ভা+স্ত্রী আ, পা ৩.৩.১১০] ক্রিয়া, কৃত্যা। ৩ যাতনা, নারকী পীড়া (অ.টী)। ৪ [+অক-ক] 'রোগনাশিকা', কণ্টকারী। তু. 'কণ্টকারিকা'। ৫ [কারি+ক (কন্) সংজ্ঞার্থে] শিল্প, কারুকর্ম্ম। ৬ স্বল্পাক্ষর বহ্বর্থসূচক শ্লোক ; সংক্ষিপ্ত বিবরণশ্লোক। "মহা ২.১১.৩৬। সাংখ্য°। ৭ বৃদ্ধি, সুদ। তু 'কালিকা, কারিতা' "মনু ৮.১৫৩, কুল্লুক।

কারি(রী)গর বি [ফা কারীগর্] শিল্পী, কারু, মিস্ত্রী। "কে

এমন কারিগর, বানাইলে ঘর, দেখিতে নারিনু তারে চ.দা ১৩; সই! কিবা কারিগর সে ৬০। —গরি, -রী, —গুরি, -রী বি [ফা কারীগরী] ১ কারিগরের কর্ম্মকৌশল; কারুকর্ম্ম, শিল্প, মিস্ত্রীগিরী। "সামান্য পতঙ্গে এই শোভা কারিগুরি।—হেম ৩১৯। কারীগরীর প্রশংসা হু ১৯৪। ২ নৈপুণ্য, বৈচিত্র্য, চমৎকারিত্ব। "উপমার কারিগরি অ.শু ৭।

কারিত বিণ [√কৃ+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম্ম] সাধিত (কার্য্য); করণার্থ প্রবর্ত্তিত (জন)। —তা স্ত্রী [°ত+স্ত্রী আ (টাপ্)] যে বৃদ্ধি উত্তমর্ণ অধমর্ণ দ্বারা করাইয়া (স্বীকার করাইয়া) লয়; উত্তমর্ণের পীড়ন হেতু আপৎকালে অধমর্ণের স্বীকৃত অধিক বৃদ্ধি বা সুদ। "মনু ৮.১৫৩, কুল্লুক।

কারিন্দা বি [ফা কারিন্দহ্] কর্ম্মচারী, ম্যানেজার, গমস্তা। "হেম ৩৭৭।

কারিম বি [কালিমা >°ম; বৈষ্ণবসাহিত্যে] কালত্ব, মালিন্য, কলঙ্ক। "রহু কারিম দাগে জ.প ৩৩।

কারী[১] (-রিন্) বিণ [√কৃ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] ১ কারক, কর্ত্তা, অনুষ্ঠাতা। "পাপস্য কারিণীম্ রা ২.৭৮.৮। সমীক্ষ্য° মনু ৭.২৬; তৎকর্ম্ম° ৯.২৬১; পাপ° ২৮৮; দৃঢ়° ৪.২৪৬; যথোক্ত° ৬.৮৮। অবিমৃশ্যকারী সী ৩০। ২ উৎপাদক, জনক। "বিঘ্ন° রা (S.W.)। ৩ নির্ম্মাতা, স্রষ্টা। "গৃহ° (S.W.)। কারিণী ক.চ ২৫৩। [সমাসে উত্তরপদ] —রী পুং শিল্পী, কারু।

কারী[২] বি [আ ক়ারী] পাঠক, কোরানপাঠক। "কোরাণ ছাড়ে কারী ভা.চ ৫০৭,-৮।

কারু বিণ [√কৃ+উ (উণ্)-ক, উ ১.১; স্ত্রী -রূ; 'কারু' —কায়ক (ঋগ্বেদ ১.৫৩.৬)]। ১ কারক, কার্য্যনিষ্পাদক। "কার্য্যং কারুর্বানরপুঙ্গবঃ ভট্টি ৭.২৮। ২ [ছান্দস] কর্ম্মকৌশলবিৎ, শিল্পী। ৩ দারুণ (নীলকণ্ঠ)। 'দারুণং কারুসংজ্ঞিতম্ মহা ১.৪০.৩। —রু পুং ১ দেবশিল্পী, বিশ্বকর্ম্মা। ২ শিল্পী, মালাকারাদি। "নিত্যং শুদ্ধঃ কারুহস্তঃ মনু ৫.১২৯। ৩ সূপকারাদি। "কারবঃ শিল্পিনস্তথা মনু ১০.১২০। ৪ লিপিকর্ত্তা। "°বর নৈ ১.৩৮। ৫ শিল্প (অ.চি)। ৬ [+উ-র্ম্ম] কর্ম্ম, কার্য্য। —রুক পুং [°রু+ক (কন্) স্বার্থে] ১ কারু। ২ সূপকারাদি। "কারুকান্ন মনু ৪.২১৯; ৮.৬৫; ১০.৯৯। পরাশর ৩.২৭; ৬.১৫। —রূ স্ত্রী [°রু+স্ত্রী উ (উঙ্)] কারুস্ত্রী, রজকী-প্রভৃতি (সা.দ)। [কারুচৌর (পুং)—শিল্পীতস্কর; সন্ধিচৌর, সিঁধেলচোর।]

কারুজ পুং [কারু+ √জন্+অ (ড)-ক; উ.ত] ১ কারু হইতে জাত দ্রব্য; শিল্পজাত দ্রব্যমাত্র; তক্ষণচিত্রলেখনাদি। ২ ফেন। ৩ বল্মীক। ৪ গৈরিক। ৫ স্বয়ংজাত দেহস্থ তিলাদি চিহ্ন। ৬ করভ। ৭ নাগকেশরবৃক্ষ।

কারুণিক বিণ [করুণা+ইক (ঠক্); স্ত্রী -কী] করুণাশীল, দয়ালু, কৃপালু। "রঘু ১৫.৭১।

কারুণ্য ক্লী [করুণ+য (ষ্যঞ্)] করুণভাব, করুণা, পরদুঃখহরণেচ্ছা, দয়া। "কারুণ্যং সমপস্থত।—রা ১.২.১৩। °রত্নাকর হি ১১১৬। বিষ্ণুর শরীর কারুণ্যজলনিধি গ ১৬।

কারোআর, -আল দ্র 'কারবার'।

কারোয়ান বিং [কলহবান্ >°ন] কলহপ্রিয়া, মুখরা, ব্যাপিকা, ঝগড়াটে (স্ত্রীলোক)।

কার্কশ্য ক্লী [কর্কশ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ কর্কশভাব, কঠোরতা, পারুষ্য। "ভয়কার্কশ্যকোপানাং গৃহং হি ছান্দসা দ্বিজাঃ ক.সা ১৮.১০৮। ২ কঠোরস্পর্শ, খরস্পর্শ, কাঠিন্য। "স্তন° মাঘ ২.১৭। কার্কশ্যং স্তনয়োঃ।—পঞ্চ ১.২০২। ৩ দৃঢ়তা, বৈষম্য। ৪ নির্দ্দয়তা, নৈষ্ঠুর্য্য। "কার্কশ্যং গমিতেঽপি চেতসি।—অমরু। ৫ কঠোর শ্রম। "কার্কশ্যেন সমার্জ্জিতম্ (অন্নম্) মহা ১৩.১১২.২০। ৬ নীরস ভাব।

কার্জ্জ, কার্জ্য বি [সং কার্য্য, য >জ; অর্দ্ধতদ্ভব শব্দ; অপ্র] ১ কর্ম্ম, কাজ। "তান ঠাই আমার কহিবা কার্জ্য কথা গো.বি ৪৯। ২ বিকার-ক্রিয়া, চিত্তবিকারের কথা। তু 'কায (৩)। "থাউক আনের কার্জ্জ লোভে মুনিগণঃ আছোক আনের কার্জ্জ দেবে করে লোভ মী ১৬। আছোক আনের কার্জ্য মোহে মুনির মন গো.বি ৭৯। ৩ করণীয়, লেখনীয়। "ইস্তফা পত্রমিদং কার্জ্জ্যঞ্চ E.P. 135; কবজ পত্রমিদং কার্জ্যঞ্চ 141; 142.

কার্ত্তবীর্য্য পুং [কৃতবীর্য্য+অ (অণ্) তদপত্যার্থে] ১ চন্দ্রবংশীয় কৃতবীর্য্যরাজের পুত্র; অর্জ্জুন। "ব.প ৮৯০। [ইনি হৈহয়গণের অধিপতি। মাহিষ্মতী ইঁহার রাজধানী। দত্তাত্রেয়ের প্রসাদে ইনি সহস্রবাহুপ্রভাব কাঞ্চনবিমান ইত্যাদি লাভ করেন। পরশুরামের সহিত যুদ্ধে ইঁহার মৃত্যু হয়। ইনি দিগবিজয়ী রাবণকে পরাজিত ও কারারুদ্ধ করেন (রা ৭.৩২-৩৩। মহা ৩.১১৫.১১৭। হ ৩৩। ভ ৯.১৫.১৭-২২।] ২ জৈনরাজচক্রবর্ত্তিবিশেষ (অ.চি)। [কার্ত্তবীর্য্যারি (পুং)—'কার্ত্তবীর্য্যশত্রু', পরশুরাম। কার্ত্তবীর্য্যার্জ্জুন (বি)—কৃতবীর্য্য-পুত্র অর্জ্জুন। "কৃ ৩১৮; ৪১০।]

কার্ত্তস্বর ক্লী [কৃতস্বর+অ (অণ্) 'তত্রভব' অর্থে] ১ 'কৃতস্বরনামক আকরে জাত'; স্বর্ণ। "তপ্তকার্ত্তস্বরভাস্বরাম্বর মাঘ ১.২০। °পরিচ্ছদ ভ ১.১৭.৪। ২ ধুস্তূরবিশেষ, কনকধুতুরা।

কার্ত্তিক বিণ [কৃত্তিকা+অ (অণ্), পা ৪.২.৩; স্ত্রী -কী] ১ কৃত্তিকা-নক্ষত্রযুক্ত (কাল)। "কার্ত্তিকী পূর্ণিমা ম ১২৩৮। ২ কার্ত্তিক+অ 'তৎসম্বন্ধার্থে'] কার্ত্তিকসম্বন্ধী। "কার্ত্তিকীষু...যামিনীষু রঘু ১৯.৩৯। —ক পুং [°কী+অ, পা ৪.২.২১] ১ কার্ত্তিকী পৌর্ণমাসী যাহাতে (যে মাসে); বৈশাখাবধি সপ্তম চান্দ্রমাস। ২ তুলাস্থিতরবি সৌরমাস; কার্ত্তিকমাস। ৩ কৃত্তিকানক্ষত্রযুক্তপৌর্ণমাসীঘটিত পক্ষ। ৪ [কৃত্তিকা +অ 'তৎসম্বন্ধার্থে'] কৃত্তিকাগণের সম্বন্ধী, অর্থাৎ পালিত; কার্ত্তিকেয়। দ্র 'অগ্নিকুমার'। "দেখতে কার্ত্তিকটী জা ১। ৫ (বাঙ্লায়) কার্ত্তিক-সদৃশ সুপুরুষ। "কার্ত্তিক—কার্ত্তিক জামাই হবে!—অ.গ্র ৮২। —কী স্ত্রী [কার্ত্তিক+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কৃত্তিকানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী। "পা ৪.২.২৩। গো.রা ৪.২৫.১৫। মহা ৩.৮২.৩১। ২ চান্দ্রকার্ত্তিকের পৌর্ণমাসী (ত.বা)। ৩ [°ক+অ+স্ত্রী ঈ (ঙীপ্)] কার্ত্তিকসম্বন্ধিনী দেবী; কৌমারী। ৪ নবপত্রিকান্তর্গত দেবীবিশেষ। [°পুকুর—বালিকাদিগের কার্ত্তিকমাসে অনুষ্ঠেয় ব্রতবিশেষ। °শালি (পুং)—শালিধান্যবিশেষ। কার্ত্তিক (উপহাসে)—অতিকদাকার পুরুষ। লোহার কার্ত্তিক (উপহাসে)—কৃষ্ণকায় কুৎসিত পুরুষ। কার্ত্তিকে চাষ—কার্ত্তিকমাসের চাষ। কার্ত্তিকে ঝড়—কার্ত্তিকমাসের প্রবল ঝড়। "কখনও কালবৈশাখী, কখনও কার্ত্তিকে ঝড় ব.প্র ৪৫৮। কার্ত্তিকে ধান—যে ধান কার্ত্তিক মাসে পাকে; কাত্তকে ধান।]

কার্ত্তিকেয় পুং [কৃত্তিকা+এয় (ঢক্)] কৃত্তিকাগণের পালন হেতু অপত্য; কার্ত্তিক। দ্র 'অগ্নিকুমার'। "রা ১.৩৭.২৫।

কার্ৎস্ন্য ক্লী [কৃৎস্ন+য (ষ্যঞ্)] কৃৎস্নভাব, সাকল্য, অশেষ, সামগ্র্য। "পা ৫.৪.৫২। গো.রা ৩.৪.৪। মনু ৩.১৮৩।

কার্পট পুং [কর্পট+অ (অণ্) স্বার্থে] ১ কর্পট, জীর্ণবস্ত্রখণ্ড নেতা কানি। ২ জতু, জৌ। ৩ ছিন্নবস্ত্রধারী কার্য্যার্থী; উমেদার।

কার্পণ্য ক্লী [কৃপণ+য (ষ্যঞ্)] ১ কৃপণভাব, ব্যয়ে দৈন্য বা কাতরতা। 'কার্পণ্যন্তু ব্যয়ে দৈন্যম্ শু ৫.৪৫। ২ দীনতা, দৈন্য, আত্ম-

জ্ঞানাভাব হেতু মমতাজন্য চিত্তবৈকল্য। "°দোষোপহতস্বভাব গী ২.৭। ৩ দৈন্য, দারিদ্র্য। "মৃ ৩.১৬। ৪ অবিদ্যাহেতু বন্ধন। "ভ ৩.৭.৯। ৫ অনুকম্পা, কৃপা। "ভ ৫.৮.১৩। ৬ কারুণ্য, কাতরতা। "গো.রা ৪.১৯.১৭। কারুণ্যোক্তি।—ভর্ত্তৃহরি। ৭ দীনভাব, হীনতা, নীচতা, ক্ষুদ্রতা। "মহা ১৪.৩৮.২। মনস্বী ম্রিয়তে কামং কার্পণ্যং ন তু গচ্ছতি হি ১.১৪০।

কার্পাস বিণ [কর্পাসী+অ (অণ্) তদ্বিকারার্থে; স্ত্রী -সী] 'কর্পাসী-বিকার', কার্পাসনির্ম্মিত। "কার্পাসমাচ্ছাদনম্ পা ৪.৩.১৪৩, সি। কার্পাসমুপবীতম্ মনু ২.৪৪। —স পুং, ক্লী ১ কার্পাসফল; কার্পাসজাত তুলা; বস্ত্র। "মনু ৮.৩২৬; কার্পাসতান্তবং ১২.৬৪। ২ তুলটকাগজ; কাগজ। —স পুং [+অ স্বার্থে] কর্পাসী, কার্পাসগাছ। "বন° (S.W.)। —সী স্ত্রী [°স + স্ত্রী ঈ (ঙীপ্)] কার্পাসগাছ। "°ফল (S.W.)।

কার্পাসাস্থি ক্লী [ষ.৬] কার্পাসফলের বীজ; মাকাঠি। "মনু ৪.৭৮। বিষ্ণু ৬৩.২৫।

কার্পাসিক বিণ [কার্পাস+ইক (ঠক্); স্ত্রী -কী] 'কার্পাসনির্বৃত্ত'; কার্পাসসূত্ররচিত (বস্ত্রাদি)। "কার্পাসিকৈঃ পটৈঃ গো.রা ৫.৪৯.৫। —ক ক্লী কার্পাসজাতবস্ত্র। "মহা ১৩.১১১.১০৬। —ক পুং (কার্পাস-প্রধান?) দেশবিশেষ। "°নিবাসী মহা ২.৫১.৮; ১৪.৪৬.৫। —কা স্ত্রী কার্পাসী, কার্পাসগাছ।

কার্পেট; কার্ব্বা দ্র 'কারপেট; কারাবা'।

কার্ম্মণ বিণ [কর্ম্মন্+অ (অণ্); স্ত্রী -ণী] 'কর্ম্মসম্বন্ধী', কর্ম্মদক্ষ, কর্ম্মঠ। —ণ ক্লী [+অ স্বার্থে, পা ৫.৪.৩৬] ১ কর্ম্ম, অর্থাৎ বাচিক শুনিয়া কৃত কর্ম্ম। ২ মন্ত্র ওষধি প্রভৃতি দ্বারা করণীয় বশীকরণাদি; মূলকর্ম্ম, বশক্রিয়া, জাদু করা। "মাঘ ১০.৩৭।

কার্ম্মার পুং [কর্ম্মার+অ (অণ্) স্বার্থে, পা ৫.৪.৩৬, কাশিকা] অয়স্কার, লোহকার, লোহার। "ঋগ্বেদ ৯.১১২.২।

কার্ম্মিক বিণ [কর্ম্মন্+ইক (ঠক্); স্ত্রী -কী] কর্ম্ম দ্বারা নির্বৃত্ত; চিত্রকর্ম্ম দ্বারা কৃত বা খচিত (বস্ত্রাদি)। —ক ক্লী চক্রস্বস্তিকাদি চিত্র-সূত্রে খচিত বস্ত্র; বিচিত্র পট। "যাজ্ঞ ২.১৮৩।

কার্ম্মুক বিণ [কর্ম্মন্+(উকঞ্), পা, ৫.১.১০৩; স্ত্রী -কী] কর্ম্মসমর্থ, কর্ম্মক্ষম। —ক পুং ১ বংশ, বাঁশ। ২ শ্বেতখদির। ৩ মহানিম্ব। ৪ হিজ্জল। —ক ক্লী ১ 'রণকর্ম্মে সমর্থ'; চাপ, ধনু। "গৃহীত্ব কার্ম্মুকম্ রা ১.৪১.৪৩; °বাণপাণি ৩.৪৭.৪৮। অধিজ্য° শ ১.৬। তৎ কার্ম্মুকং কর্ম্মসু যস্য শক্তিঃ কি ৩.৪৮। ২ ইন্দ্রধনু। ৩ ধনুরাকৃতি তুলস্ফোটনার্থ (তুলাধোনার) যন্ত্র। ৪ (জ্যামিতিতে) ক্ষেত্রবিশেষ (arc)। ৫ ধনুরাশি। [কার্ম্মুকাসন (ক্লী)—(তন্ত্রে) কার্ম্মুকাকৃতি আসন-বিশেষ।]

কার্য্য বিণ [√কৃ+য (ণ্যৎ)-র্য্য; ছান্দস] ১ কৃতিসাধ্য, করণীয়। "নাত্র কার্য্যা বিচারণা রা ১.২.৩১। তত্বৈ কার্য্যতমং মতম্ গো.রা ৫.৭৭.১৬। মহা ১৩.২৬.৭৯। ২ কর্ত্তব্য, বিধেয়, অনুষ্ঠেয়। "কার্য্যোদক-ক্রিয়া মনু ৫.৬৯। কার্য্যার্থদর্শী রঘু ৪.১৩। ৩ অবশ্যকর্ত্তব্য, নিত্য-নৈমিত্তিক। "কার্য্যং কর্ম্ম সমাচর গী ৩.১৯। ৪ তদ্রূপে গ্রহণীয়। "ন সাক্ষী নৃপতিঃ কার্য্যঃ মনু ৮.৬৫। ৫ বিধেয়, দাতব্য। "দণ্ডঃ কার্য্যঃ মনু ৮.২৭৬। ৬ লেখনীয়, অঙ্কনীয়। "কার্য্যা...স্রোতোবহা মালিনী শ ৬.১৭। ৭ উৎপাদ্য, জননীয়। ৮ অনুষ্ঠেয়, সাধনীয়। "ভর্ত্তৃবচঃ কার্য্যম্ যাজ্ঞ ১.৭৭। ৯ নিয়োজ্য, করণীয়। "দৃঢ়াঙ্গশ্চ তথা শূরঃ স কার্য্যো বাজিসেবকঃ শু ২.১৩৬। —র্য্য ক্লী ১ কর্ম্ম, কাজ। "কার্য্যানু-শাসন, °কুশল, °কাল, °গৌরব, °বিপত্তি। যেন যৎ সাধ্যতে কার্য্যং তৎ তস্মিন্ শ্রেষ্ঠমুচ্যতে মনু ৯.২৯৭। ২ কর্ত্তব্যবিষয়, অবশ্যসাধ্য কর্ম্ম। "°নির্ণয়, °পরিচ্ছেদ, °বিনিময়, গুরু°, পৌর°, মাতৃ°—রা ১.৭৭.২১-২৩। অস্মকার্য্যাতিপাতঃ শ ১২২/৩। কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ গী ১৬.২৪। ৩ রাজকার্য্য, ব্যবহারবিষয়কবিচার, অর্থিপ্রত্যর্থিকার্য্য। "মনু ৭.১৪১; ৮.২, ৯। ৪ ধর্ম্মকর্ম্ম, ধর্ম্মানুষ্ঠান। ৫ পরিণাম, ফল। ৬ ঋণাদি-বিবাদ; বিবাদবিষয়। "মনু ৮.৪৩। ৭ ব্যবহারদর্শনাদি। "মনু ৮.১৭৪। ৮ অধিকার, নিয়োগ। ৯ ব্যবহার, আচরণ। ১০ যাগাদিসাধ্য অপূর্ব্ব; কর্ম্মফল, ভাগ্য। ১১ উদ্দেশ্য, প্রয়োজন, ফল। "কিমাগমনকার্য্যং তে; কেন কার্য্যেণ সম্প্রাপ্তঃ (S.W.)। ন ভূম্যা কার্য্যমস্মাকম্ রা ১.১৪.৪৭; ন মে কার্য্যং জীবিতেন ২.২১.২৬। তৃণেন কার্য্যম্।—পঞ্চ ১.৭৭। গুণের কি কার্য্য ধনু করো খান খান ব.প ৫৬০। কহিয়া কার্য্য নাই বি.পা ২১৯। আকবর শাহের সহিত যুদ্ধে কার্য্য কি?—ব.প্র ১৪। ১২ হেতু। ১৩ আরোগ্য। 'কার্য্যমারোগ্যমে-বৈকম্ (সুশ্রুত)। ১৪ অভিনেয়ার্থ, অভিনয়বস্তু। "কার্য্যোপক্ষেপ-মাদৌ মৃ ৪.৩। ১৫ (ব্যাকরণে) আদিশ্যমান বর্ণাদি (ত.বা); আদেশ প্রত্যয় ও আগম জন্য করণীয় বিষয় (দুর্গাদাস)। "পা ১.১.৫৪, কাশিকা। প্রত্যয়াশ্রিত°, প্রকৃত্যাশ্রিত° (দুর্গাদাস)। ১৬ (জ্যোতিষে) জন্মলগ্নাবধি দশম স্থান। ১৭ [+য -ভা] ব্যাপার, ক্রিয়া, করণ। "মনু ১০.৪৯। ছুইবার কার্য্য থাকু দরশনে মরি কৃ.উ ৭৯; ৮৬। [°কথা (বি)—প্রয়োজনীয় বিষয়। "কার্য্যকথা কহি শ্রী ১৯৪। বি.পা ২১৯; ৩৬২। °কর (বিণ)—ফলজনক, কার্য্যসাধক। °কুশল (বিণ)—কর্ম্মদক্ষ, কর্ম্মঠ। °ক্ষম (বিণ)—কার্য্যসাধনসমর্থ, কর্ম্মযোগ্য। °গৌরব (ক্লী)—কার্য্যের গুরুত্ব; কার্য্যমহত্ত্ব। "মহা ৩.৭২.২৮। মৃ ৫১/৩। হনুমান্ বোলে কার্য্যগৌরবে চলিব চৈ.ভা ৬৫; ২৯৫। °চিন্তক (বিণ)—কার্য্যের ন্যায়ান্যায়বিচারক; কার্য্যবিচারক। "যাজ্ঞ ২.১৯৪। °তঃ—কার্য্যদ্বারা; কার্য্যে, বস্তুতঃ, কাজে। °তম (বিণ)—করণীয়তম, অতীব কর্ত্তব্য। দ্র 'কার্য্য (১)। °দর্শন (ক্লী)—(ব্যবহারে) অর্থি-প্রত্যর্থীর অভিযোগের মীমাংসা; রাজকার্য্যপর্য্যালোচনা; কার্য্যপর্য্য-বেক্ষণ। "মনু ৮.৯, ২৩। °দর্শী (-র্শিন্) বিণ—কার্য্যের তত্ত্বাবধায়ক, কার্য্যাধ্যক্ষ। °নির্ণয় (পুং)—কর্ত্তব্যনিরূপণ, দণ্ডদানাদি বিষয়ে ইতি-কর্ত্তব্যতা-নিশ্চয়। "যাজ্ঞ ২.১০। °নির্ব্বাহ, °নিষ্পত্তি (বি)—কর্ম্ম-সম্পাদন, কার্য্যসাধন। °নির্ব্বৃতি (স্ত্রী)—কর্ম্মসমাপ্তি, কার্য্যসিদ্ধি। °পরম্পরা (বি)—কার্য্যসমূহের ক্রম; ক্রমিক কর্ম্মনিচয়। °পরিচ্ছেদ (পুং)—ইতিকর্ত্তব্যতা-নির্ণয়, কার্য্যনিরূপণ। "অবস্থোচিতঃ কার্য্য-পরিচ্ছেদঃ হি ১২২৫/৬। °বশ (পুং)—কর্ম্মনিবন্ধন, কার্য্যানুরোধ। °বশতঃ—কার্য্যানুরোধে, কার্য্যহেতু। °বিনিময় (পুং)—কার্য্যের পরিবর্ত্ত; কর্ম্মব্যতীহার। °বিনির্ণয় (পুং)—কর্ত্তব্যনির্দ্ধারণ, অর্থি-প্রত্যর্থীর কার্য্যের তত্ত্বনির্ণয়। "মনু ১.১১৪। °বিপত্তি (স্ত্রী), °ব্যসন (ক্লী)—কর্ত্তব্যে বিঘ্ন; কর্ম্মবৈফল্য, কার্য্যহানি। "হি ১.২৮। °শেষ (পুং)—আরব্ধ কর্ম্মের অবশিষ্ট ভাগ; কার্য্যসমাপ্তি, কর্ম্মাবসান। "মনু ৭.১৫৩; ১৭৯। °সন্দেহ (পুং)—কার্য্যে সংশয়; কার্য্যদ্বৈধ। °সমাধা, °সমাধান (বি)—কর্ম্মসম্পাদন, কার্য্যসাধন। °সাধক (বিণ)—কার্য্যসম্পাদক, কার্য্যকারক; কর্ত্তা। "হি ১.৩৫। °সাধন (বি)—কার্য্যনিষ্পত্তি, কর্ম্মানুষ্ঠান। °সিদ্ধি (স্ত্রী)—কার্য্যসাধন, কর্ম্ম-সমাপ্তি। °স্থান (ক্লী)—কর্ম্মস্থল, আফিস্। °হন্তা (-ন্তৃ) বিণ—কর্ম্মনাশক, কার্য্যবিঘ্নকারক, কর্ম্মবিঘাতক। "হি ১.৭৮। °হানি (স্ত্রী)—কার্য্যাতিপাত।]

কার্য্যকারণ ক্লী [দ্বন্দ্ব] ১ কার্য্য ও কারণ; হেতু ও ফল; উদ্দেশ্য ও হেতু। "অত্যাদরো ভবেদ্ যত্র কার্য্যকারণবর্জ্জিতঃ। তত্র শঙ্কা প্রকর্ত্তব্যা পরিণামেঽসুখাবহা।—পঞ্চ ১.৪৪৩। °তঃ হি ১.৩৮। ২ শরীর ও ইন্দ্রিয়। "°কর্তৃত্বে গী ১৩.২০। [°ভাব—কার্য্য ও কারণের

ভাব ; হেতুহেতুমদ্‌ভাব, জন্যজনকভাব, কার্য্যকারণসম্বন্ধ—হেতু ও ফলের সম্বন্ধ।]

কার্য্যকাল পুং [ষ.ত] ১ কার্য্যের সময় বা যোগ্য কাল ; সুসময়, অবসর। "কার্য্যকালাত্যয়।—হি ২.১২২। ২ (অস্ত্রবিদ্যাধনাদির) প্রয়োগকাল। "রা ১.২৮.১৪। কার্য্যকালে সমুৎপন্নে ন সা বিদ্যা ন তদ্ ধনম্।—চাণক্য।

কার্য্যঞ্চ, কার্য্যনঞ্চ [সং কার্য্যম্ চ > কার্য্যঞ্চ, কার্য্যং চ > বা °নঞ্চ (উচ্চারণবিকারে 'ন' আগম)] করণীয়ঞ্চ, লেখনীয়ঞ্চ। "দানত্তর পত্রমিদং—কার্য্যনঞ্চ আগে E.P. 45 ; দেবোত্তর পত্রমিদং সন ১১৬৫ …শালাব্দে লিখনং কার্য্যঞ্চ 47 ; পত্রমিদং কার্য্যনঞ্চ আগে 52 ; একরার পত্রমিদং লিখনং কার্য্যঞ্চ 65 ; পত্রমিদং লিখনং কার্য্যনঞ্চাগে 79 ; 86 ; পাট্টা পত্রমিদং কার্য্যঞ্চাগে 87. [প্রাচীন পত্রের পাঠে ও দলীল-দস্তাবেজের আরম্ভে ইহার ভুরি প্রয়োগ দেখা যায় ; ইদানীং পত্রে এরূপ লেখার পদ্ধতি নাই, দলীলে এখনও ইহার প্রয়োগ আছে।]

কার্য্যবান্ (-বৎ) বিণ [কার্য্য+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] ১ যাহার কার্য্য আছে ; কর্ম্মপ্রবৃত্ত, কর্ম্মী। "মনু ৯.৭৪। ২ প্রয়োজনবান্, কার্য্যী, অর্থী। "রা ৭.৫৩.২৫। ৩ উদ্দেশ্যবিশেষযুক্ত। "গো.রা ৫.৮.৯।

কার্য্যাকার্য্য ক্লী [দ্বন্দ্ব] কর্ত্তব্য ও অকর্ত্তব্য বিষয় ; বিহিতপ্রতিষিদ্ধ বা কর্ত্তব্যাকর্ত্তব্য কর্ম্মাকর্ম্ম ; সুকার্য্য ও কুকার্য্য। "গী ১৮.৩০। শু ২.২০৯।

কার্য্যাতিপাত পুং [ষ.ত] কার্য্যাতিক্রম, কার্য্যব্যাঘাত, কর্ম্মহানি। "শ ১৯৪।

কার্য্যাধিপ পুং [ষ.ত] ১ কার্য্যের অধিপতি ; কার্য্যাধ্যক্ষ, কার্য্যাধীশ। ২ (জ্যোতিষে) লগ্নাবধি দশম স্থানের অধীশ্বর গ্রহ।

কার্য্যানুরোধ বি [ষ.ত] কার্য্যানুবর্ত্তন, কর্ম্মনিবন্ধন।

কার্য্যান্ত পুং [কার্য্যের অন্ত, ষ.ত] কার্য্যশেষ, কর্ম্মাবসান।

কার্য্যান্তর ক্লী [অন্য কার্য্য, নি.স] ১ অপর কার্য্য ; কর্ম্মান্তর। ২ [ষ.ত] কার্য্যের অবকাশ বা বিরামকাল।

কার্য্যার্থ পুং [কার্য্য অর্থ, কর্ম্মধা] ১ করণীয় বা সাধ্য প্রয়োজন। "°সিদ্ধি মনু ৭.১৬৭। —র্থে ক্রি.বিণ [বহুব্রী] প্রয়োজনার্থ, কার্য্যনিমিত্ত। "মনু ৭.১৬৮ ; ৮.১১০ ; ১০.৫৫। ২ [তৃ.ত] কার্য্যরূপ প্রয়োজন ; প্রয়োজনমাত্র। —র্থী (-র্থিন্) বিণ [°র্থ + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্থিনী] ১ প্রয়োজনবান্, কর্ম্মপ্রার্থী, পদপ্রাপ্তীচ্ছু। ২ বিচারপ্রার্থী ; অর্থী ও প্রত্যর্থী ; বাদী ও প্রতিবাদী। "কঃ কঃ কার্য্যার্থী মৃ ৯৪। মনু ৭.১২৪, কুলূক।

কার্য্যিক বিণ [কার্য্য + ইক (ঠন্) অস্ত্যর্থে ; স্ত্রী -কা] ১ যাহার কার্য্য আছে ; কার্য্যবান্, কর্ম্মী। ২ বিচারার্থী, অর্থী ও প্রত্যর্থী। "মনু ৭.১২৪।

কার্য্যী (-র্য্যিন্) বিণ [কার্য্য + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্য্যিণী] ১ কার্য্যবান্, কার্য্যযুক্ত, কর্ম্মী। ২ কার্য্যপ্রার্থী, উমেদার। ৩ প্রজা ; অধিকারী, রাজপুরুষ। "রা ৭.৫৩.২৫। ৪ অর্থী ও প্রত্যর্থী ; বাদী ও প্রতিবাদী। "মনু ৮.২ ; ২৪ ; ৩১২। ৫ (ব্যাকরণে) যাহার সম্বন্ধে কোন কার্য্য নির্দিষ্ট হয় ; আদেশস্থানী (ত.বা)। 'যস্য নির্দিশ্যতে কার্য্যং স কার্য্যী গদিতো বুধৈঃ।

কার্য্যেক্ষণ ক্লী [কার্য্যের ঈক্ষণ, ষ.ত] সর্ব 'কার্য্যদর্শন'। "মনু ৭.১৪১।

কার্য্যোদ্ধার বি [ষ.ত] কার্য্যসিদ্ধি, কর্ম্মনিষ্পত্তি।

কার্য্যোদ্যোগ পুং [কার্য্যে উদ্যোগ, স.ত] কার্য্যসাধনে তৎপরতা বা একান্ত চেষ্টা ; কার্য্যপ্রবৃত্তি, কার্য্যোদ্যম।

কার্য্যোপেক্ষা স্ত্রী [কার্য্যে উপেক্ষা, স.ত] কর্ত্তব্যে অবহেলা বা অনবধান ; কার্য্যপ্রমাদ। "স্বামি° হি ২৩৪।

কার্শ্য ক্লী [কৃশ+য (ষ্যঞ্)] ১ কৃশভাব, ক্ষীণতা। "পু.মে ২৯। ২ দারিদ্র্য, দৈন্য। "অর্থ° রঘু ৫.২১। ৩ পঞ্চমস্মরদশা, তনুতা। দ্র 'স্মরদশা'। —র্শ্য পুং ১ শালবৃক্ষ। ২ লকুচবৃক্ষ।

কার্ষাপণ পুং, ক্লী [কর্ষ আপণ (ব্যবহার) যাহার, বহুব্রী (অ.টী) ; কর্ষাপণ+অ (অণ্) স্বার্থে, পা ৫.৪.৩৮] ১ রূপ্যকর্ষকৃত ব্যবহারদ্রব্য ; (রজতকর্ষের মূল্য ষোড়শ পণ বলিয়া 'কার্ষাপণ' উপচার হেতু) ষোড়শ পণ (অ.টী) ; কাহন। ২ কর্ষপরিমিত তাম্রকৃত ব্যবহারদ্রব্য ; (উপচারে) কুড়ি গণ্ডা ; পণ (অ.টী)। 'তাম্রিকঃ কার্ষিকঃ পণঃ মনু ৮.১৩৬। বিষ্ণু ৪.১৩। —ণ ক্লী রৌপ্যমুদ্রা, টাকা।

কার্ষিক বিণ [কর্ষ + ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ কর্ষপরিমাণযুক্ত। ২ কর্ষ দ্বারা ক্রীত। ৩ নিত্যকর্ষণার্হ। —ক পুং ১ 'কর্ষণশীল', কৃষক। ২ [+ইক স্বার্থে] কর্ষপরিমাণ, কার্ষাপণ, পণ (অ.কো)। "মনু ৮.১৩৬।

কার্ষ্ণ বিণ [কৃষ্ণ+অ (অণ্) ; স্ত্রী -র্ষ্ণী] ১ কৃষ্ণসম্বন্ধী। ২ কৃষ্ণসারসম্বন্ধী। "মনু ২.৪১। ৩ কৃষ্ণদ্বৈপায়নসম্বন্ধী ; ব্যাসপ্রোক্ত। "মহা ১.১.২৬৮। ৪ কৃষ্ণদেবতাক, বৈষ্ণব। "কার্ষ্ণেন পত্রিণা রঘু ১৫.২৪। ৫ (বাঙলায়) কৃষ্ণসহচর। "বিকসিত কোকনদ, কৃষ্ণ-কার্ষ্ণ-সুখপ্রদ জ ২। —র্ষ্ণী স্ত্রী শতাবরী।

কার্ষ্ণায়স বিণ [কৃষ্ণায়স+অ (অণ্) তদ্বিকারার্থে ; স্ত্রী -সী] কৃষ্ণায়সবিকার, কৃষ্ণায়সরচিত। "ছান্দোগ্য ৬.১.৬। পীঠে কার্ষ্ণায়সে রা ২.৬৯.১৪। মনু ১১.১৩৪। —স ক্লী [+ অ স্বার্থে] কৃষ্ণায়স, লোহ। "রা ১.৩৭.১৯।

কার্ষ্ণি পুং [কৃষ্ণ+ই (ইঞ্) তদপত্যার্থে] ১ কৃষ্ণের পুত্র। "°প্রবরা ভ ১.১৪.৩১। ২ প্রদ্যুম্ন। "মহা ৩.১১৮.২০ ; ১২০.১২। ৩ কামদেব।

কার্ষ্ণ্য ক্লী [কৃষ্ণ+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ কৃষ্ণভাব, কৃষ্ণত্ব, নীলিমা। "কার্ষ্ণ্যাৎ কৃষ্ণত্বম্।—মহা ১.১০৫.১৫। ব্যক্তকার্ষ্ণ্য…নভস্থলী(রাজতরঙ্গিণী)। ২ লোহচূর্ণ (M.W.)। ৩ [+য (ষ্যঞ্) গোত্রাপত্যার্থে] কৃষ্ণের গোত্রাপত্য।

কাল[১] পুং [√কল্ গণনা+অ (ঘঞ্)-ণ ; অথবা, √কলি গণনা বা √কালি প্রেরণ+অ (অচ্)-ক ; তু 'কালঃ কলয়তামহম্ (গী ১০.৩০) ; সঙ্কলয়তি কালয়তি বা ভূতানি (সুশ্রুত ১.৬.২) ; কল+অ (অণ্) স্বার্থে ; ছান্দস ; দ্রবিড়ীয় (?)] ১ যাহা দ্বারা ক্ষণদণ্ডাদি গণিত হয় (অ.টী) ; যাহা ভূতগণকে সঙ্কলিত প্রেরিত বা গণিত করে ; সময়। "স্বভাবে বর্ত্ততে লোকস্তস্য কালঃ পরায়ণম্ রা ৪.২৫.৫। সর্ব্বে কালেন সৃজ্যন্তে ম্রিয়ন্তে চ।—মহা ১৩.১.৫৬। কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ুঃ (মোহমুদ্গর)। ২ সময়বিভাগবিশেষ—ক্ষণদণ্ডমুহূর্ত্তাদি। "ক্ষণ°, নিশা°, প্রদোষ°, মধ্যাহ্ন°, সন্ধ্যা°। উভৌ কালৌ মহা ১.১১৯, ৩৩। ৩ ঋতু। "উষ্ণ° (হি ১.২০৪), গ্রীষ্ম°, শরৎ°, শীত° কালোপপাদিত মনু ৯.৩৬। ৪ বয়ঃক্রম, বয়োভেদ। "বাল্য°, যৌবন°, শিশু°। ৫ অবস্থাভেদে বা কার্য্যভেদে বিশিষ্ট সময়। "কর্ম্ম° রা ১.৬৫.৩৬। ৬ সময়। "আপৎকাল মনু ২.২৪১ ; মন্ত্র° ৭.১৪৯। বিপৎকাল হি ১৩৪। ৭ যোগ্য সময় ; উচিত কাল ; অবসর, যথাকাল, ঠিক সময়। "দেশকালৌ ভজস্বাদ্য রা ৪.২২.২০। ভ ১.৬.২৮। রঘু ৪.৬। কালে কালে চ সংগ্রহঃ —চাণক্য। °বর্ষী ম.চ ৭.৪২। মৃ ১০.৬০। কালে কিনে রাখে কোন জন ক.চ ৮৭। জীব মীন রে ! জীবন গেল ! হ'য়ে কাল পেয়ে কাল, কাল ধীবর এলো !—দা ২১৭৭। ৮ দিন। "মহা ১.২২৩.৩৮। ৯ দিবসের ষোড়শ ভাগ ; সার্দ্ধঘটিকাকাল। "চতুর্থকাল মনু ১১.১১০। ষষ্ঠে কালে…দিবসস্য।—বিক্র ২.১। ১০ (বৈশেষিকে) নব দ্রব্যের

একতম। **১১** (সঙ্গীতে) মাত্রাপরিমিত সময়। "তালঃ কালক্রিয়ামানম্ (অ.কো)। **১২** যম। "কলনাৎ সর্ব্বভূতানাং কালঃ (তিথ্যাদিতত্ত্ব)। "°দণ্ড, °পাশ, °মুদ্গর। °মৃত্যুযুগান্তাভ র়া (S.W.)। হি ১.৫৩। কালের কাল যায়, সে কালপুজায়, সেই কালো দরশনে, জীবের কালদরশন যায়।—দা ৫১। **১৩** মৃত্যু, বিনাশ। "কালঃ প্রাদুরভূৎ।—ভ ১.৬.২৮। কালের করিব কাল দোষ যদি পাব দু ৫৭। দ্র 'কাল (১২)। তু 'কাল্ করই' দো ১০৭। **১৪** মরণকাল। "কালমেৰ প্রতীক্ষেত মনু ৬.৪৫; ৯.৩০৭। কুশকণ্টকবিদ্ধোঽপি প্রাপ্তকালো ন জীবতি (সু.র)। কাল পায়্যা মৈল স্বামী সে দুঃখ না ভাবি ম ৫৬৪। না মরে অকালে কেহ মরে কাল পেয়ে শ্রী.ম ২০৯। **১৫** জীবিতকাল, আয়ুঃ। "মনু ৬.৪৫। কাল পূর্ণ হৈল আজি।—ম ৫৬৩,-৪। ম.ম ৮৪। **১৬** জন্মমরণাদিরূপ কালব্যবস্থা। "ন কালঃ কালমত্যেতি র়া ৪.২৫.৬। **১৭** ভগবান্ ঈশ্বর; সর্ব্বসংহারক পরমেশ্বর। "ন কালঃ কালমত্যেতি র়া ৪.২৫.৬। কালোঽস্মি লোকক্ষয়কৃৎ গী ১১.৩২। তুমি মৃত্যু তুমি কাল তুমি হও যম ম ৮১৮। **১৮** মহাকাল, শিব। "কালের ধনকে এলি কালো দেখে দা ৫০; জিজ্ঞাসেন দানকালে, তিন পুরুষের নাম কালে, নারদ কালের কুল ভাল জানে ১৫৭৯। **১৯** দৈব, অদৃষ্ট। "°নিয়োগ কি ৯.১৩। **২০** যুগ। "তুর্য্যে কালে (রাজতরঙ্গিণী)। **২১** কাসমর্দ্দ, কাসুন্দাগাছ। **২২** রক্তচিত্রক। **২৩** (বাঙ্লায়) কালসদৃশ পরম শত্রু; যমতুল্য নির্দ্দয়; সর্ব্বনাশকর। "কাল হঞা গেল মোরে যৌবনভার শ্রী.কী ১৪৭; ৩০৪। "তোমাকে ভাসায়ে যায় কাল বাপ মাও বা.ম ৩৩২। কাল হলো নিন্দ শ্রী ৪৮। কাল পঞ্চবটীবনে মে ৭। মাধবাচার্য্যই আমার কাল ব.প্র ১২২। [°কবল °গ্রাস (বি)—যমগ্রাস, মৃত্যুমুখ। "°কবলে, °গ্রাসে পতিত। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—নিয়তির কার্য্য; মৃত্যু। "গো.রা ৬.৭২.১১। °কল্প (বিণ)—যমসদৃশ, সাজ্ঘাতিক, মারাত্মক। °কারিত (বিণ)—সময়কৃত, কালজনিত। "মনু ৮.৩৪৮। °কাল (বি)—যমের যম; মহাকাল, শিব। "কালী কালকালকান্তা ভা চ ৪২৯। °কৃৎ (পুং)—'দিনরাত্রিকারক', সূর্য্য; পরমেশ্বর। °ক্রম (পুং)—সময়ের অতিক্রম; কালাত্যয়। °ক্রমে (ক্রি.বিং)—কালাত্যয়ে, কিছুকাল পরে। "সী ২। °ক্ষেপ (পুং)—**১** কালযাপন; কালবিলম্ব। "পু.মে ২২। **২** কর্ত্তব্যকর্ম্মের কাললঙ্ঘন। °গৌণে (ক্রি.বিং)—কালবিলম্বে, কিছুকাল পরে। "কালগৌণে তথা উপস্থিত ব্যাস মুনি বি.সু ১৫৯। °গ্রন্থি (পুং)—সময়ের গ্রন্থিতুল্য; সংবৎসর। কাল কাটান—কালযাপন। কাল পূর্ণ হওয়া—জীবিতকাল শেষ হওয়া; আয়ুহীন হওয়া। কাল হওয়া—**১** যমস্বরূপ হওয়া; মৃত্যুর বা বিপদের হেতু হওয়া। **২** মৃত্যু হওয়া। কাল হারান—যোগ্যকাল বা সুসময় অতীত করা। "কাল হারালাম কাজের বশে।—রামপ্রসাদ। কালে কালে—**১** সকল যোগ্য কালে; সুসময়ে। "রঘু ৪.৬। **২** যুগে যুগে; কালক্রমে, সময়গতিকে। "কালে কালে কত হবে। পুলি পিঠের ল্যাজ বেরোবে॥—প্রবচন। কালে ধরা—মৃত্যুকালে, যমে বা কঠিন রোগে আক্রমণ করা। কালে ভদ্রে—ভদ্রকালে; সুসময়ে, সময়ানুসারে, সুবিধামত। "কালে ভদ্রে কখন কখন নবদ্বীপে গিয়া থাকি হ ২৩৫। যদি কালে ভদ্রে…কেহ আসিত, উপরে বাবুর কাছে সংবাদ যাইত ব.প্র ৩১৫।]

কাল[২] '-লো' বিণ [কাল+মৎ (মতুপ্) অস্ত্যর্থে, প্রত্যয়লোপ, পা ১.৪.১৯; স্ত্রী -লা, -লী; তু 'কাল'—তামিস্র (দেশী, অ.চি)—"মসীকজ্জলকালকাআ (সং মসীকজ্জলশ্যামকায়াঃ—ক.ম ৪.১৩); তা 'কার'—কৃষ্ণ, কৃষ্ণবর্ণযুক্ত] **১** কৃষ্ণবর্ণযুক্ত, অসিত, শ্যামল। "°জীমূত, °মেঘ র়া (S.W.)। কালীম্…নিশাম্ র়া ২.১১৪.২। দীর্ঘা বেণী…কালী ব্যালীব মূর্ধনি মহা ৩.২৮০, ২৬; কালী স্ত্রী ১৬.২.১। কালী তমালাবলী বি.মা ৬৬৯। কাল ভুরুহীঃ কাল কাজনেঃ কাল নাঙ্গুন শ্রী.কী ৯৩। কেবা তোরে বলে ভাল, ভেতরে বাহিরে কাল ক.চ ১৪৫। **২** বিবর্ণ, মলিন। "আহা মরি সতী…অন্ন বিনা হৈল কালী ভা.চ ৩৯। **৩** (বাঙ্লায়) পাপযুক্ত, কুটিল, ক্রূর। দ্র 'কেবা তোরে ইত্যাদি (১)। **৪** কৃষ্ণ, অর্থাৎ কলঙ্ককালিমময়। "যেই কাল রঙ্গে সবে চিত্রিলে নরাবে। জানি আমি সেই চিত্র অতি ভয়ঙ্কর ন ৪৩২। **৫** কলঙ্কিত। "কুল করিলাম কাল ক.চ ১১। —ল পুং [√কল্+অ (ঘঞ্)—অ.টী; কা (ঈষৎ) অল (ভূষয়িতা) শ.ক] **১** কৃষ্ণবর্ণ, কাল রঙ। **২** বিষ্ণু (মহা)। **৩** শ্রীকৃষ্ণ। "কালের কাল যায়, সে কালপুজায় দা ৫১। **৪** শনৈশ্চর, শনি। **৫** কোকিল। **৬** চক্ষুর গোলাকার কৃষ্ণ অংশ; তারা (সুশ্রুত)। **৭** সর্জ্জরস। **৮** কালসর্প। —ল ক্লী **১** লৌহ। **২** কক্কোলক, গন্ধদ্রব্যবিশেষ। **৩** কালীয়ক, কৃষ্ণচন্দন। —লা স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্)] **১** নীলী, নীলগাছ। **২** অশ্বগন্ধা। **৩** কৃষ্ণজীরক। **৪** কৃষ্ণত্রিবৃতা। **৫** কুলিকবৃক্ষ। **৬** মঞ্জিষ্ঠা। **৭** দক্ষকন্যাবিশেষ। "মহা ১.৬৫.১২। —লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** কালশক্তি (নীলকণ্ঠ); কালের পত্নী; কালিকা, শিবপত্নী। "মহা ৬.২৩.৪। কালী ভেবে, কালী হয়ে, কালী বলে কাল কাটাব।—রামপ্রসাদ। কৃষ্ণচন্দ্রহৃদে কালী সর্ব্বদা উজ্জ্বল ভা.চ ২২; কালের কামিনী কালী ৩১। **২** কালীনাম। "হাতে কালী মুখে কালী সর্ব্বাঙ্গে কালী মাখিব।—রামপ্রসাদ। **৩** হিমালয়কন্যা উমা। **৪** দুর্গামূর্ত্তিবিশেষ (চণ্ডী)। **৫** মাতৃবিশেষ। **৬** আদ্যা মহাবিদ্যা। "ভা.চ ৩১। **৭** কৃষ্ণবর্ণা স্ত্রী। **৮** ভীমসেন-পত্নী। "ভ ৯.২২.৩১। তু 'ভীমসেনোঽপি বলন্ধরাং নামোপযেমে মহা ১.৯৫.৭৭।] **৯** [গন্ধকালী > কালী (মহা ১.৯৫.৪৮)] শান্তনুপত্নী সত্যবতী। **১০** রাত্রি। **১১** কালরাত্রি, যমভগিনী। **১২** অগ্নির শিখাবিশেষ বা জিহ্বাবিশেষ। "মুণ্ডক ১.২.৪। **১৩** কৃষ্ণবর্ণ, মলিনতা। "চন্দ্রের হৃদয়ে কালী কলঙ্ক কেবল ভা.চ ২২। কুচাগ্রভাগে কালী বি.সু ৭৫। সিঁতার সিন্দুরে তোর না পড়িল কালী ম.ভা ৪০। **১৪** মসী। "কালী কলম মন। লিখে তিন জন॥—প্রবচন। গঙ্গা পার করি দিব দিয়া চূণকালী বা.ম ৩৬২। কালের মুখে কালী দিয়ে চলে যাব।—রামপ্রসাদ। **১৫** পরীবাদ, কলঙ্ক। "কোন দুষ্ট আসি মোর কুলে দিল কালী ব.প ৮৩০। মুখে কালী লাগিবে বলিলে সেই মর্ম্ম বা.ম ৩৬২। **১৬** নবমেঘসমূহ। **১৭** কালাঞ্জনী। **১৮** তুবরী, কৃষ্ণতুলসী। **১৯** ত্রিবৃৎ, তেউড়ী। **২০** বৃশ্চিকালী, কাল বিছাটী। **২১** ক্ষীরকীট, দুধের পোকা (অ.চি)। **২২** (বাঙ্লায়) পাশার কৃষ্ণবর্ণ সারি বা ঘুঁটী। "কালী রাঙ্গী পাশা সারি আনিল পার্ব্বতী ক.চ ২৯। **২৩** যমুনা। তু 'কালিন্দী'; 'কালী (১১)। "কালী নই তীরে শ্রী.কী ৩৩১। **২৪** [সং কালিয়] কালিয়সর্প। "হেলেঁ দলিবোঁ কালী শ্রী.কী ৪৯। এখনি উঠিছে কালী দমন করিয়া ব ৫৮। কালীর ফণাতে বা.ম ৩০৯। **২৫** বিষধর সর্পীবিশেষ, কালনাগিনী। "ম.ভা ৩৮। **২৬** মালিন্য, অপ্রীতি। "রাধার ঘুচাতে মনের কালী, হইলেন দক্ষিণে কালী দা ২০২। [°কচু (স্ত্রী)—কৃষ্ণবর্ণ কচুবিশেষ। °কঞ্জ (ক্লী)—কৃষ্ণ পদ্ম; ইন্দীবর। °কলায় (পুং)—কৃষ্ণবর্ণ কলায়বিশেষ; ঠাকুরী কলাই। °কাসুন্দা (বি)—বৃক্ষবিশেষ। "শ্রী ২১২। °খণ্ড (ক্লী)—দক্ষিণকুক্ষিস্থ কৃষ্ণমাংসখণ্ড; যকৃৎ। °গঙ্গা (স্ত্রী)—কৃষ্ণবর্ণা নদী; যমুনা। °ছুঁচা (বি)—কৃষ্ণবর্ণা ছুঁচা। °জীরা (সং কৃষ্ণজীরক)—কৃষ্ণবর্ণ স্থূল জীরাবিশেষ। °জেঠী (বি)—কৃষ্ণবর্ণ জ্যেঠী বা টিকটিকী। "ম.ম ১৭৪। °তাল। (পুং)—কৃষ্ণবর্ণ তাল; তমাল। °তুলসী (বি)—কৃষ্ণতুলসী।

কাল আঁচড়—কালীর রেখা ; লেখা পড়ার অণুমাত্র সম্বন্ধ। "পেটেতে কড়িটি ভোর কাল আঁচড় নাই।—হেম ৩৮৭। **কাল আলান্দ** (দ্র 'আলান্দ')—মসীবৎ মলিন (বস্ত্রাদি)। **কাল কিষ্টি**—কৃষ্ণসদৃশ কাল ; পাথুরে কাল (লোক) ; অতিমলিন (বস্ত্র)। **কাল কুচকুচে**—স্নেহ-দ্রব্যে চক্‌চকে কাল ; বার্নিশ-কাল। **কাল কুচ্ছিত** (কথ্যভাষা)—কৃষ্ণবর্ণ ও কদাকার। **কাল ঝুল**—ঝুলের মত কাল (বস্ত্রাদি)। **কাল ভূত**—ভূতের মত কাল (মনুষ্যাদি)। **কাল মুখ**—অপ্রসন্ন মুখ ; বিরক্তভাব। **কাল মুষ্ক** (সং মুষ্ক)—কৃষ্ণবর্ণ স্থূলকায় বলিষ্ঠ ব্যক্তি ; কাল ষণ্ডা (অবজ্ঞায়)। **কাল বা কেলে হাঁড়ি**—কালী-পড়া পরিত্যক্ত রন্ধনাদির হাঁড়ি। "কাল হাড়ি ফেলি মারে কুলের বহুড়ি (পাঠান্তর) ক.চ ১০৯।]

কাল³ '-ল্' বিং [সং কর্ণ, কল্ল > বা কাল, -লা ; তু 'ক্ষা কর্' ; অস কলা ; ড় কাল ; অপ্র] বধির, কালা। "কালের সাক্ষাতে জেন গীত গাহে গাইনে গো.বি ১৩৩ ; আন্ধলে দোকান দিয়া খরিদ করে কাল ১৩৮।

কা'ল '-ল্' বি [সং কল্য > লি, প্রা কল্ল > বা কা'ল ; তু 'কল্ল'—গত বা আগামী দিন (দেশী ৮.৬৭) ; হি কল, কাল্‌হ ; ঠ,গু কাল ; প কল্‌ল্ ; সি ক(কা)ল্‌হ ; ড়, অস কালি] ১ গত দিবস। "কালসাঁজি হতে কা'ল, কাল হলো নিন্দ শ্রী ৪৮। ২ আগামী দিবস। —ল ক্রি.বিং [কালি¹ > কা'ল] ১ গত দিবসে। "হাসিতে খেলিতে যারে দেখিয়াছি কা'ল, আজি দেখি কেশে তার ধরিয়াছে কাল।—স.শ ৬। ২ আগামী দিনে।

কালক বিণ [কাল+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -লিকা] ১ কাল, কৃষ্ণবর্ণ-যুক্ত। ২ [+ক 'তাহা দ্বারা রক্ত' অর্থে] কৃষ্ণবর্ণে রক্ত (রঞ্জিত)। "কালকঃ পটঃ ; কালিকা শাটী পা ৫.৪.৩৩। —ক পুং ১ চক্ষুস্তারকা। ২ দেহস্থ কৃষ্ণচিহ্নবিশেষ ; জতুক, জড়ুর। ৩ অলগর্দ্দ, জলকেউটে। ৪ কৃষ্ণবিন্দু। "তিলকালক পা ৩.২.৫৩, সি। —ক ক্লী ১ যকৃৎ। ২ কালশাক (ভাবপ্রকাশ)। ৩ (বীজগণিতে) অজ্ঞাতরাশি। —কা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্) ; ক্ষিপকাদি] কালকেয়গণের মাতা দক্ষকন্যা। "মহা ১.৬৫.৩৫। ভ ৬.৬.৩৩।

কালকণ্ঠ পুং [বহুব্রী] ১ নীলকণ্ঠ, শিব। ২ ময়ূর। ৩ খঞ্জন। ৪ চটক। ৫ দাত্যূহ, ডাকপাখী। "ক.চ ১২৫। ৬ পীতসারবৃক্ষ।

কালকূট পুং, ক্লী [কাল+ √কূটি অবসাদন+অ (অণ্)-ক ; উ.ত] ১ কালের অবসাদক বা দাহক (অ.টী) ; স্থাবরবিষবিশেষ (অ.টী)। "মহা ৩.১২.৮০। ২ সমুদ্রমন্থনজাত তীব্র বিষ। "মহা ১.১৮.৪২। "কালিমা কালকূটস্য নাহপৈতি হরসঙ্গমাৎ হি ৩২১। কলহ কালকূট পা.প্র ২৬। ৩ কালকূটতুল্য তীব্রবিষমাত্র। "কালকূট বিষ খেলি ডান হাতে ক'রে ক্ব ২৫১। কালকূটে ভরা。এ ভুজগে মে ৭।

কালকৃত বিণ [তৃ.ত] ১ সময় কর্ত্তৃক কৃত ; কালজনিত। "সর্ব্বং কালকৃতং মন্যে কালো হি বলবত্তরঃ (শ.ক)। ২ [কৃত কাল যাহার, বহুব্রী, আহিতাগ্ন্যাদি] নিরূপিতকাল, নির্দ্ধারিতসময়াবধি, কৃতাবধিক (আধি)। "যাজ্ঞ ২.৫৮। —কৃত পুং সূর্য্য।

কালকেতু বি [কাল (বিষ্ণু) + কেতু (?) ; অপ্র] শ্রীকৃষ্ণ। "সংসারের তীর্থ তুঙ্কি কালকেতু অ.প ৮৫।

কালকেয় পুং, বহুব [°কা+এয় (ঢক্)] কালকার অপত্যগণ ; বিনাশনাদি দানবগণ। "মহা ১.৬৫.৫। [ইহাদের জনক কশ্যপ, মাতা কালকা। বৃত্রবধের পরে ইহারা সাগরে আশ্রয় গ্রহণ করে। দেবতার প্রার্থনায় অগস্ত্য সাগর শুষ্ক করিলে, ইন্দ্রাদি ইহাদিগকে নিহত করেন (মহা ১.১০২-৩ ; ১০৫। ম ৫৩ ; ৪৬৬)।]

কালগু '-ল্' বি [কাল+গু] মৃত্যুসূচক বিষ্ঠা, অর্থাৎ যে মল নির্গত হইলে প্রাণবিয়োগ হয়। [গর্ভে শিশুর অবস্থিতি হইতে মৃত্যু পর্য্যন্ত ইহা মলাশয়ে সঞ্চিত থাকে ; মৃত্যুর পূর্ব্বে ইহা নির্গত হয় ও মৃত্যু ঘটে। কোন কোন স্থানে ইহাকে 'আয়ুবিষ্ঠা'ও বলে। ইহা নির্গমনের সময়ে অত্যন্ত কষ্ট হয়।] [কাল-গু হাগা—(গৌণার্থে) অত্যন্ত কষ্ট পাওয়া। কালগু হাগান—(গৌণার্থে) অত্যন্ত কষ্ট দেওয়া।]

কালঘাম বি ১ মৃত্যুর পূর্ব্বে মরণসূচক প্রচুর ঘর্ম্ম ; মৃত্যুকালীন ঘর্ম্ম। ২ প্রচুর ঘর্ম্ম, অবিরল ঘর্ম্মধারা। "ক্রোধে পথ নাহি দেখে কালঘাম বহে কৃ.উ ১৮৭। রণশ্রমে ঘোড়ার বহিল কালঘাম কৃ ৩৪৩। ম ২৬১। শি ৭১। ঝিকে মারতে মাঝিদের কালঘাম ছুটবে আ.চু ৮।

কালঘুম বি ১ শত্রুস্বরূপ নিদ্রা, অর্থাৎ যে নিদ্রার জন্য কোন অশুভ ঘটে ; সর্ব্বনেশে ঘুম। "কালঘুমে বিপুলার নাহিক চেতন ব.প ১৭৮। ২ মায়াকৃত মৃত্যুজনক মহানিদ্রা। "অমৃতনয়নে পদ্মা চক্ষে দিল চুম। ...ভাঙ্গে কালঘুম॥—বা.ম ৩৭৮।

কালচক্র ক্লী [ষ.ত] ১ কালের (কালগতির) চক্রতুল্য (আবর্ত্তমান) নিমেষাদি ; নিমেষাদিযুগপর্য্যন্ত চক্রবৎ আবর্ত্তমানকাল (সুশ্রুত ১.৬. ৯) ; নিমেষাদিকালরূপ চক্র। [পূর্ব্বাহ্ন মধ্যাহ্ন অপরাহ্ন ইহার নাভি, সংবৎসর-পরিবৎসরাদি ইহার পঞ্চ অর এবং ছয় ঋতু ইহার নেমি (বিষ্ণুপুরাণ ২.৮.৪, শ্রীধর)।] ২ জ্যোতিশ্চক্রবিশেষ (শ.ক)। "নক্ষত্ররাশিভিরুপলক্ষিতেন কালচক্রেণ ভ ৫.২২.২। ৩ (জৈনমতে) কালপরিমাণবিশেষ (অ.চি)। —চক্র পুং কালপ্রবর্ত্তক (সূর্য্য)। "মহা ৩.৩.২১।

কালচা, -চে বিং [হি সা (সম)—কালা সা ; সা > ছা > চা, চে] 'কালসম', ঈষৎ কৃষ্ণ ; অল্প কাল (blackish)। [কালচে রঙ্—অল্প কাল রঙ্।]

কালচিন্তক পুং [ষ.ত] জ্যোতির্ব্বিৎ, দৈবজ্ঞ।

কালচিহ্ন ক্লী [ষ.ত] মৃত্যুজ্ঞাপন চিহ্ন ; মৃত্যুলক্ষণ।

কালজ্ঞ বিণ [কাল+ √জ্ঞা+অ (ক)-ক ; উ.ত] যোগ্যকালবিৎ, কালবেদী, অবসরজ্ঞ। "মনু ৭.২১৭। রঘু ১২.৩৩। —জ্ঞ পুং ১ 'কালকলাবেত্তা', জ্যোতির্ব্বিৎ। ২ কুক্কুট। —জ্ঞান ক্লী [ষ.ত] ১ কালের জ্ঞান ; যোগ্যসময়ের বোধ ; অবসরজ্ঞান। ২ 'কালের জ্ঞানসাধন', ; জ্যোতিঃশাস্ত্র।

কালজ্যেষ্ঠ বিণ [সুপ্‌সুপা] বয়ঃকালানুসারে জ্যেষ্ঠ ; বয়োজ্যেষ্ঠ। "উ.চ ৫.১২।

কালঞ্জর পুং [কাল+ √জৄ+ই (ণিচ্)+অ (অণ্)-ক, বাহুলকে, ম্(মুম্) আগম] ১ যিনি কালকে জীর্ণ করেন ; মৃত্যুঞ্জয়, শিব। ২ বুন্দেলখণ্ডস্থিত পর্ব্বতবিশেষ। "মহা ৩.৮৫.৫৭। বা.ম ৩০৫। ৩ যোগিচক্রমেলক, যোগিগণের সম্মেলনস্থান। —রা,—রী স্ত্রী চণ্ডিকা।

কালত্রয় ক্লী [ষ.ত] সময়ের তিন অবয়ব (বিভাগ) ; বর্ত্তমান অতীত ও ভবিষ্যৎ—এই তিন কাল। [°ত্রয়জ্ঞ, °ত্রয়দর্শী (-র্শিন্) বিং যিনি জ্ঞানবলে ত্রিকালের কার্য্য জানেন বা দেখেন ; ত্রিকালজ্ঞ।]

কালদণ্ড পুং [উ.লো] ১ কালপ্রাপক দণ্ড ; (জ্যোতিষে) বারাদি-যোগবিশেষ। ২ [ষ.ত] যমের দণ্ড ; মৃত্যুদণ্ড। "দৃষ্ট্বা কালদণ্ডোপমাং গদাম্ গো.রা ৩.৩৫.৪৩। দণ্ডং কালদণ্ডোপমম্ মহা ১.৯.২২। কালদণ্ড অস্ত্র : যমরাজা কালদণ্ড মৃত্যু নিজ কান্ধে কৃ.উ ৭৮। মে ৩২।

কালদূত পুং [ষ.ত] ১ যমের দূত ; মৃত্যুদূত। ২ মৃত্যুসূচক চিহ্ন ; মৃত্যুলক্ষণ।

কালধর্ম্ম পুং [ষ.ত] ১ কালের স্বভাব ; কালপ্রভাব। ২ ঋতু-প্রভৃতির সময়ধর্ম্ম। "যদি কালধর্ম্মে প্রদোষকালে প্রবল ঝটিকা বৃষ্টি আরম্ভ হয়, তবে…পীড়িত হইতে হইবেক ব.প্র ৩। ৩ কালবিধি, কালক্রিয়া। ৪ মৃত্যু, নাশ। "কালধর্ম্মং গতে সগরে রা ১.৪২.১ ;

২.৭২.৩৭। মহা ১.১৪.৪। সেইক্ষণে কালধর্ম্ম হইল আমার ম ১০৮২।

কালনাগিনী বি [কালনাগ+ইনী] কালনাগের স্ত্রীজাতি ; বিষাক্ত-সর্পীবিশেষ। "ম.ভা ৩৭ ; ৩৮।

কালনিদ্রা বি সর্থ 'কালঘুম'। "কালনিদ্রা মোরে আনি দিলি ম ৫৬৬। তোরে পাইল কালনিদ্রা ম.ভা ৩৮ ; ৩৯।

কালনিয়োগ পুং [ষ.ত] কালের শাসন ; দৈবাজ্ঞা, ভাগ্যবিধান। "লঙ্ঘ্যতে ন খলু কালনিয়োগঃ কি ৯.১৩।

কালনিশা বি রাত্রির শেষভাগ ; শেষরাত্রি। "শিয়রে স্বপন কন কালনিশাভাগে শ্রী ৯৭। —নিশি বি ১ যমতুল্য সর্ব্বনাশকর রাত্রি, অশুভ রাত্রি। "চক্রান্ত করিল চক্রী চক্র-আচ্ছাদনে। আকাশেতে কালনিশি উভয়ে না জানে॥—কাব্যনির্ণয়। ২ [সং কালরাত্রি] অন্ধকাররাত্রি, অমাবস্যার রাত্রি। "পশ্চিম উদয় দিব পতি কালনিশি শ্রী.মা ১৮৩। ৩ বিবাহের রাত্রি। দ্র 'কালরাতি (৩ ; ৪ ; ৫)। "কালনিশি প্রভাত হইল ম.ম ১৯৭।

কালনেমি পুং [ষ.ত] ১ কালের (মৃত্যুর) নেমিতুল্য ; রাবণের অনুচর রাক্ষসবিশেষ। [কৃত্তিবাসমতে (৩২০ পৃষ্ঠ) কালনেমি রাবণের মাতুল ; বাল্মীকিরামায়ণে তাদৃশ উল্লেখ নাই (গো রা ৬.৮২.৬৪)। রাজ্যের অর্দ্ধাংশ দিবার অঙ্গীকারে রাবণ ইহাকে গন্ধমাদন পর্ব্বতে কৌশলপূর্ব্বক হনুমান্‌কে বধ করার নিমিত্ত পাঠাইয়া দেন। কালনেমি, কার্য্যসিদ্ধি নিশ্চিত মনে করিয়া, 'লঙ্কার ভাগ যেন পাইলামই' ইহা স্থির করে ; ফলে, হনুমানের হস্তে কালনেমি নিহত হয়। সুতরাং, লঙ্কাভাগগ্রহণ কল্পনাজল্পনামাত্র, কার্য্যতঃ হইয়া উঠে নাই। অভীষ্ট-সিদ্ধির পূর্ব্বেই তদনুকূলে কল্পনা-জল্পনা করাকে—'কালনেমির লঙ্কা-ভাগ করা' বলে।] ২ দানববিশেষ।

কালপক্ব বিণ [স.ত] ঠিক সময়ে পাকা ; স্বভাবপক্ব (ফলাদি)। "মনু ৬.১৭.২১। যাজ্ঞ ৩.৪৯।

কালপর্য্যয় পুং [ষ.ত] ১ 'কালের পরিগমন' ; কালক্রম। ২ কালের বৈপরীত্য ; সময়বিপর্য্যয়। ৩ কালাতিক্রম। "রা ৪ ৩১.৮।

কালপাশ পুং [ষ.ত] যমের পাশাস্ত্র ; মৃত্যুপাশ। "কালপাশাদিব ব্যাধপাশাৎ হি ১/৭৬।

কালপিঠ বি [সং কালপৃষ্ঠ ; তু 'সং পৃষ্ঠ > লি, প্রা পিট্‌ঠ] ধনু। "শ্রী.মা ১৬।

কালপুত, -পূত বি [কাল² + পুত(?) ; 'কালবুদ'—মূল(?)] ১ কৃষ্ণবর্ণ দণ্ড ; কাল লাঠি বা ডাণ্ড। "কাল বিকাল নামে যমের দুই দূত। চর্ম্মদড়ি হাতে লোহার কালপুত॥—বি.পা ৩১৯। ২ কালদণ্ডসদৃশ ললাটস্থ অশুভ রেখা। "কপালেতে কালপুত, জিহ্বা নীলরেখ। সেই কন্যা পুরুষের যম পরতেখ॥—ব.প ২৪৯।

কালপুরুষ পুং [ষ.ত] ১ যমের অনুচর ; যমকিঙ্কর। ২ [কর্ম্মধা] কৃষ্ণবর্ণ পুরুষ। ৩ (জ্যোতিষে) কালচক্ররূপ পুরুষ ; কালব্যবহার-কারক শুভাশুভজ্ঞাপক মেষাদিরূপ পুরুষাকার। ৪ জ্যোতিঃশাস্ত্র। ৫ (বাঙলায়) পুরুষরূপী কাল ; মুনিবেশী যম। "কৃ ৪৯৫। [রামের অবতারকাল পূর্ণ হইলে, ইনি ব্রহ্মার আদেশে মুনিবেশে অযোধ্যায় আসিয়া নিভৃতে ব্রহ্মার নিবেদন জ্ঞাপন করেন (রা ৭.১০৪)।]

কালপৃষ্ঠ পুং [বহুব্রী] ১ 'কৃষ্ণবর্ণ পৃষ্ঠদেশ', মৃগবিশেষ। ২ কঙ্কপক্ষী। —ষ্ঠ ক্লী ১ কর্ণের ধনু। 'কর্ণ কালপৃষ্ঠধারী মে ১৬। ২ ধনুমাত্র, চাপ।

কালপেঁচা বি ১ পেচকবিশেষ। [ইহাদের রব অশুভসূচক।] "কৃ ৪৫৯। ২ (সাদৃশ্যে) গালিবিশেষ। "আমরা কেউ সেই কালপেঁচাটাকে দেখিতে পারি না ব.প্র ৩৪৫।

কালপ্রবোধক বিণ [ষ.ত] সময়নির্ণায়ক (যন্ত্র)। "শু ১.২৪৯।

কালপ্রাপ্ত বিং [দ্বি.ত] মরণকালপ্রাপ্ত, ক্ষীণায়ুঃ। "কালপ্রাপ্ত হৈলে নর মৃত্যুবশ হয় ম ৩৯৬ ; ৫৬২।

কালবত, -বাত, কালোয়াত বি [সং কলাবৎ ; হি, ঠ কল রংত ; কাওলাৎ (দিনাজপুর)] সঙ্গীতকলাবিৎ ; গীতবাদ্যশাস্ত্রে পণ্ডিত, ওস্তাদ্ ; গায়ক, বাদক ; ধ্রুপদী গায়ক (গী.সা)। "কালোয়াত গায়ন বিশ্রাম খাঁ ভা.চ ২৪ ; কালোয়াত গান গায় ৪১২ ; কালোয়াত ভাসিল বীণার লাউ ধরি ৪৫৬ ; ভাঁড় কালবত, নাচত গায়ত ৪৫৮। সুগায়ক কালবাতগণ স.শ ৭৭। [কালোয়াতী—১ কালোয়াতের গুণপনা ; ওস্তাদী। ২ কালোয়াতের গাওয়ার যোগ্য (গান)।]

কালবস, -বসু, কালুবাস বি ['কালবাস'—মূল (?) ; ড় কলাবাইসি ; কালীবাউশ (ঢাকা) ; কালবাউস (দিনাজপুর) ; কালবাওস (যশোহর) ; কালবোস (চব্বিশপরগণা)] কৃষ্ণবর্ণ রোহিত-জাতীয় মৎস্যবিশেষ (Labeo calbasu)। "কালবসু ভা.চ ১২৬। কালুবাস শি ৮৫।

কালবাহন পুং [ষ.ত] যমের বাহন ; মহিষ।

কালবিৎ (-বিদ্) বিণ [কাল+ √বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -৲] যিনি যোগ্য কাল জানেন ; অবসরজ্ঞ। "কালবিদাং-বর রা ৪ ৩২.১৩। কু.স ৭.৯৩।

কালবিপ্রকর্ষ পুং [ষ.ত] সময়ের ব্যবধান ; অবকাশ।

কালবিভক্তি স্ত্রী, **-বিভাগ** পুং [ষ.ত] কালের বিভাগ—মাস ঋতু অয়ন ইত্যাদি। "মনু ১.২৪।

কালবুত বি [ফা কালব্‌দ্ ; হি °ব্‌ত ; গু কালপুত] ১ জুতার ফর্ম্মা বা লাস (last)। ২ [E. culvert] খাল রাস্তা প্রভৃতির জল-নির্গমের নিমিত্ত পাকা খিলান বা পথ। ৩ খিলানের জন্য বাঁশের কাঠাম বা আধার।

কালবৃদ্ধি স্ত্রী [উ.লো] কালসম্বন্ধী বৃদ্ধি, প্রতিদিন বা প্রতিমাসে গ্রহণীয় বৃদ্ধি (সুদ)। "মনু ৮.১৫৩, মেধাতিথি।

কালবেলা স্ত্রী [ষ.ত] কালের (শনির) সময়বিশেষ ; রবি-প্রভৃতি বারে দিবা ও রাত্রিতে অশুভ যামার্দ্ধকালবিশেষ। "অবিজ্ঞ সর্ব্বজ্ঞ পতি গণক রাজার। বারবেলা কালবেলা সদা সঙ্গে তার॥—ভা.চ ৪০৫। [দিনে ও রাত্রিতে যথাক্রমে রবিবারে ৫ম ও ৬ষ্ঠ, সোমে ২য় ও ৪র্থ, মঙ্গলে ৬ষ্ঠ ও ৭ম, বুধে ৩য় ও ৭ম, বৃহস্পতিতে ৭ম ও ৫ম, শুক্রে ৪র্থ ও ৩য়, শনিবারে ১ম ও ৮ম যামার্দ্ধ কালবেলা।]

কালবৈশাখী বি ['°বোশিখী' কথ্যভাষা] বৈশাখীয় দিবসের শেষ কাল ; বৈশাখমাসের অপরাহ্ণের শেষভাগ ; ঝড়-বৃষ্টি প্রভৃতি দুর্য্যোগ-যুক্ত বৈশাখের দিনের শেষ। "ঝঞ্ঝার মঞ্জীর বাঁধি' উন্মাদিনী কাল-বৈশাখীর, নৃত্য হোক্ তবে চ.কা ২৮৭। কখনও ইলশে গুড়ুনি, কখনও কালবৈশাখী, কখনও কার্ত্তিকে ঝড় ব.প্র ৪৫৮। কালবৈশাখীর মেঘ ঝড় জল ছাড়িলে,…তেমন অনির্ব্বচনীয় প্রসন্নতা জন্মে।—পা.প্র ২৬। ও যে কালবৈশাখীর লোলুপ জিহ্বা ঘ ৫৪।

কালব্যাজ বি সময়ের বিষয়ে ছল, অর্থাৎ এখনই না, একটু পরেই করিব, এইরূপ দ্বৈধ হেতু শৈথিল্য ; কালবিলম্ব, কালগৌণ। "শিবের সেবাতে ছিল, তেঁই কালব্যাজ হৈল, নতুবা আসিত ত্বরাপরে দ্ব ৫৬। করিব না কালব্যাজ দেখ্‌তে কালোরতনে দা ১৭২।

কালব্যাল বি [কর্ম্মধা] কৃষ্ণসর্প, কালসাপ। "অস্ত্র যেন কালব্যাল ম ৬৩৬।

কালভৈরব পুং [বহুব্রী] যাহা হইতে কালের ভীরুতা ; যমের ভীতি-কর কাশীস্থ শিবাংশজাত ভৈরববিশেষ। [শিবের কোপ হইতে ইঁহার উৎপত্তি। গর্ব্বপ্রকাশ হেতু ব্রহ্মার পঞ্চম মস্তক ইনি শিবাদেশে বাম হস্তের অঙ্গুলিনখে ছিন্ন করিয়া ব্রহ্মহত্যাপাপমোচনার্থ ব্রহ্মকপালধারণ-

পূর্ব্বক কাপালিকব্রত গ্রহণ করেন। তদবধি ব্রহ্মার চারি মুখ (কাশীখণ্ড, ৩১শ অধ্যায়) ।]

কালমুখী বি যাহার মুখে (ধারে) যম আছে; সুতীক্ষ্ণ ও সাঙ্ঘাতিক অস্ত্রবিশেষ। "করে নিল কালমুখী শ্রী ৬১ ; ২১১।

কালমুখা বি ১ কৃষ্ণবর্ণ মুষিকবিশেষ; কালছুঁচা। ২ (সাদৃশ্যে) অবজ্ঞাসূচক গালি। "ভেড়েরা কি কালমুখা দা ৯২৭।

কালমেঘ পুং [কর্ম্মধা] ১ কৃষ্ণবর্ণ মেঘ ; সজল নীল মেঘ। "মহা ১. ১৯৩.১১। ২ শমনতুল্য সৃষ্টিনাশক মেঘ ; প্রলয়মেঘ। "প্রলয়ের কালে, কালমেঘ মে ১৩০। ৩ (সাদৃশ্যে, গৌণার্থে) প্রলয়মেঘবৎ অভীষ্ট-নাশক। "হেনকালে কালমেঘ উঠিল আকাশে ব.প্র ১১৭। ৪ মেঘতুল্য কৃষ্ণবর্ণ তিক্ত ক্ষুপবিশেষ (Andographis paniculata)। —মেঘী বি মেঘতুল্য নীলশাড়ী। তু 'মেঘডম্বুর'। "কালমেঘী সাড়ী-পরা। —রঙ্গ ২০৬।

কালযবন পুং [কর্ম্মধা] কৃষ্ণবর্ণ যবনরাজবিশেষ। [ইনি শাপভ্রষ্টা অপ্সরার গর্ভজাত গার্গ্যপুত্র। রাজা যবনের পালিত পুত্র বলিয়া ইনি 'কালযবন' নামে খ্যাত (হ ৩৫শ অধ্যায়)। ইনি শ্রীকৃষ্ণের শত্রু ছিলেন এবং তাঁহারই কৌশলে মুচুকুন্দের কোপানলে ভস্মীভূত হন (ভ ১০.৫১)।]

কালযাপ পুং [ষ.ত] কালযাপন, কালাতিপাত, কালহরণ। "শাস্ত্রা-লাপে কালযাপ বা.দ ১৭ ; করে কালযাপ ৪৩। —যাপন ক্লী [ষ.ত] সর্থ 'কালযাপ'।

কালরাতি বি [হি °তি] ১ কালতুল্য, অর্থাৎ পীড়াকর রাত্রি; দুঃখের রাত্রি। "কালরাতি না পোহায় কত জাগিব বসিয়া ব ১৮০। ২ মৃত্যুর রাত্রি, অর্থাৎ যে রাত্রি-প্রভাতে অশুভ বা মৃত্যু হয়। "আজি বুঝি তোদের পোহাল কালরাতি কৃ ২৫৯। ৩ বাসিবিবাহের পর দিনের রাত্রি ; বিবাহের তৃতীয় রাত্রি। 'বাসিবিয়ার পর দিন হয় কালরাতি কৃ ৩১। ৪ বিবাহের দ্বিতীয় রাত্রি; বাসিবিয়ার দিনের রাত্রি। ৫ বিবাহের রাত্রি। দ্র 'কালরাত্রি (৯)। [বোধ হয়, বাসরে লখাইএর সর্পাঘাতে মৃত্যু হেতু 'বিবাহরাত্রি', 'কালরাতি' হইয়াছে।]

কালরাত্তির বি ['কালরাত্রি'—মূল] সর্থ 'কালরাতি (৪)। "আজ একত্রে শুতে নেই, বে-বাড়ির বড়গিন্নীর মতে আজকের রাত—কাল-রাত্তির হু ১৫৫।

কালরাত্র বি ['কালরাত্রি'—মূল; তু 'অহোরাত্র'] ১ বিবাহের রাত্রি। "বাসর বঞ্চি লাউসেন বিয়োগ সঞ্চয় (?)। কালরাত্র পোহাইল রবির উদয়॥ —শ্রী.মা ১৫২। ২ সর্থ 'কালরাতি (৩)। "কালরাত্রে যে নারীকে করে পরশন। সে স্ত্রী দুর্ভগা হয় না হয় খণ্ডন॥ —কৃ ৩১।

কালরাত্রি, -ত্রী স্ত্রী [ষ.ত] ১ প্রলয়কালের রাত্রি; মনুগণের অধিকারাবসানে সৃষ্টিনাশের হেতুভূতা রাত্রি ; কল্পান্তনিশা, প্রলয়রজনী, সংহাররাত্রি। "কালরাত্রীব ভূতানাম্ রা (S.W.)। 'রাত্র্যাম্ রা ২.৪২.৭৩। ক্ষত্রিয়' রঘু ৬.৪২। কালরাত্রি বলিয়া তাহার হয় খ্যাতি। খণ্ডপ্রলয় বলি বেদে কয় তথি॥ —চু ২৭। ২ প্রলয়কাল (ত.বা)। ৩ [কর্ম্মধা] তামসী রাত্রি (A.)। ৪ দীপাবলী ; শ্যামাপূজার রাত্রি (শ.ক)। ৫ যমভগিনী। ৬ ভীমরতি, অর্থাৎ ৭৭তম বর্ষের সপ্তম মাসের সপ্তম দিনের রাত্রি। ৭ দুর্গার শক্তিবিশেষ বা মূর্ত্তিভেদ। "ক.চ ৭; কালরাত্রি...কত জান কলা ১০৩; ২৫৪। তুমি কালরাত্রি চু ৪৪। ৮ (জ্যোতিষে) ক্রিয়ার অযোগ্যকাল রাত্রির যামার্দ্ধবিশেষ। তু 'কালবেলা'। [রাত্রিতে রবিবারে ৬ষ্ঠ, সোমে ৪র্থ, মঙ্গলে ২য়, বুধে ৭ম, বৃহস্পতিতে ৫ম, শুক্রে ৩য়, ও শনিতে ১ম যামার্দ্ধ কালরাত্রি।] ৯ (বাঙলায়) অশুভরাত্রি, বিবাহের রাত্রি। "লখাইর মরণ হৈল কালরাত্রি-দিনে ব.প ১৮০ ; ১৮১। নহে নহে ওহে প্রভু কালরাত্রি-দিনে বা.ম ২৫৭; ৩১৪। বিয়ার কালরাত্রিতে, রাঁড়ী হইবে আচম্বিতে বি.পা ২৬৬ ; ২৬৭ ; ২৬৮ ; পুরুষের ব্যবহার নাই কালরাত্রিত ৩১১। ১০ সর্থ 'কালরাতি (৩)। "কালরাত্রিদোষে হৈল এতেক প্রমাদ কৃ ৩১। ১১ সর্থ 'কালরাতি (৪)।

কালরুদ্র পুং [উ.লো] প্রলয়াগ্নিরূপ রুদ্রবিশেষ।

কাললবণ ক্লী [কর্ম্মধা] বিটলবণ।

কাললোহ ক্লী [কর্ম্মধা] কৃষ্ণায়স, লৌহবিশেষ।

কালশাক ক্লী [কর্ম্মধা] শাকবিশেষ। "মনু ৩.২৭২।

কালশিরা বি আঘাত হেতু শিরায় জমাট রক্তের কৃষ্ণবর্ণ চিহ্ন। "আজ বাবুকে তেল মাখাইবার সময় দেখি যে, তাঁহার পিঠে একটা কালশিরা দাগ ব.ঘি ৫৬। [কালশিরা পড়া—আঘাতে শিরায় রক্ত জমিয়া কাল দাগ হওয়া।]

কালশুদ্ধি বি [ষ.ত] সময়ের নির্দ্দোষতা; কর্ম্মানুষ্ঠানে শাস্ত্র-বিহিত কাল।

কালসংগ্রহ পুং [ষ.ত] সময়ের নির্দ্ধারণ; নিরূপিত কাল। "বক্তুমর্হসি সুগ্রীবমতীতং কালসংগ্রহে গো.রা ৪.৩১.৮।

কালসংরোধ পুং [ষ.ত] ১ কালক্ষেপ (A.)। ২ [সুপ্সুপা] কালব্যাপী সংরোধ ; চিরকালাবস্থান (কুল্লুক)। "আধো কালসংরোধাৎ মনু ৮.১৪৩।

কালসম্পন্ন বিণ [তৃ ত] কালযুক্ত, তারিখবিশিষ্ট (dated)।

কালসর্প পুং [কর্ম্মধা] কৃষ্ণসর্প, কেউটে সাপ। "রঙ্গ ২২৯।

কালসাঁজি বি [কাল+সাঁজ+ই১১] ১ ঠিক সন্ধ্যা; ভরা সন্ধ্যা-কাল। ২ অশুভ সন্ধ্যা; সর্ব্বনেশে সন্ধ্যাবেলা। "কালসাঁজি হতে কা'ল, কাল হলো নিন্দ শ্রী ৪৮।

কালসাপ বি [সং কালসর্প] ১ কৃষ্ণসর্প, কেউটে সাপ। "যারে খায় কালসাপে। কি করে তার ওঝার বাপে।—প্রবচন। "যবেঁ মোঁ চুরী কৈলোঁ হআঁ নারী সতী। তবেঁ কালসাপ খাইএ আজিকার রাতী॥ —শ্রী.কী ৩২২। ২ (গালিতে) কৃষ্ণসর্পতুল্য ক্রূর। "(কোকিল হে) কালসাপ কালিয়া-বরণ ক.চ ১৪৫।

কালসার বিণ [বহুব্রী ; স্ত্রী -রা] যাহার সার বা শ্রেষ্ঠভাগ কৃষ্ণ; কৃষ্ণবর্ণপ্রধান (হরিণ); কৃষ্ণতারকাপ্রধান (চক্ষু)। "নৈ ৬.১৯। —র পুং কৃষ্ণসার হরিণ। —র ক্লী পীতচন্দন।

কালসূত্র ক্লী [ষ.ত] ১ যমের সূত্রতুল্য বন্ধনোপায়; নরকবিশেষ। "মনু ৪.৮৮। ২ [কর্ম্মধা] কালরূপ সূত্র; মরণসূত্র। "বড়িশোঽয়ং ত্বয়া গ্রস্তঃ কালসূত্রেণ লম্বিতঃ মহা ৩.১৫৭.৪৫।

কালসূর্য্য পুং [ষ.ত] প্রলয়কালের সূর্য্য; কল্পান্তরবি। "বভাসে স রণোদ্দেশঃ কালসূর্য্যঃ ইবোদিতঃ মহা ৭.১৫.১৫।

কালহর বিণ [কাল+√হৃ+অ (অচ্)-ক ; উ.ত ; স্ত্রী -রা] ১ মরণ-নিবারক, মৃত্যুভয়হারী। "কালী কালহরা কৃ ৩৫০। ২ সময়হারক। —হর পুং শিব।

কালহরণ ক্লী [ষ.ত] কালক্ষেপ, সময়যাপন। "প্রতিষেধ উ.চ ৫১১। অনর্থক কালহরণ করা বিধেয় নহে সী ৬৬।

কালহানি স্ত্রী [ষ.ত] কালবিলম্ব, কালক্ষেপ। "রঘু ১৩.১৬।

কালহার পুং [ষ.ত] কালহরণ, কালবিলম্ব। "প্রারোহশুভস্য কার্য্যস্য কালহারঃ প্রতিক্রিয়া ক.সা ৬১.৭৫ ; কালহারঃ কিং ক্রিয়তে ১০২.১১৯।

কালহুতাশন বি [ষ.ত] প্রলয়কালের অগ্নি; কালানল। "ক্রোধেতে অর্জ্জুনবীর কালহুতাশন ম ৮২৮।

কালা[১] বিং [কাল[২] > *লা ; হি *লা ; ঠ *ল.] ১ কৃষ্ণবর্ণ, কাল। বিপ 'গোরা, ধলা'। "কালা ধওলা পাঠা।—গো.চ ৭। রাধা নিন্দসি

কৃষ্ণ কালা শ্রী.কী ৯৩। না চিনি যে কালা কিংবা গোরা চ.দা ৯৯। কালা কালা বরণ : কালা কানু জ্ঞা ৬ ; বরণ কালা ১৫। ম.ম ৭৯। গরল কালা জ্ঞা.চ ৯৪। **২** বিবর্ণ, ম্লান। "চলিবার না পারে রাজা শরিল জান হয় কালা গো.চ ২১০ ; ২১১। **৩** অতিশীতল (যাহার স্পর্শে হাত বিবর্ণ হয়)। "কালা জল ; দুধ ঠাণ্ডা কালা ; ঠাণ্ডায় গা কালা। —লা বি **১** শ্রীকৃষ্ণ। "রসের নাগর বড় কালা চ.দা ৮ ; ৮৭ ; কালা পরিবাদ ৯৮। কালা জপমালা : কালা করে আলা চ.সা ৬৪ ; কালা গরলের জ্বালা ১২৩ ; কালা হৈল ঘর ১৯৪। জ্ঞা ৬। নীলমণি কালা শ্রী ১৮৪। চিকণ কালা গো ১০৬। **২** কাল রঙ্। **৩** কৃষ্ণকায় ভারতবাসী (অবজ্ঞাসূচক)। [কালাপাড় —কাপড়ের কালপ্রান্তপটি ; কালাপেড়ে—কালাপাড়যুক্ত (ধুতি)। কালামুখ করা (হি মুহ কালা করনা)—কুকর্ম্মে কলঙ্কিত হইয়া নিরুদ্দেশ হওয়া। শীতে কালিয়ে যাওয়া—শীতে বিবর্ণ হওয়া (হাত, পা)।]

কালা[২] বিং [কাল[৩] > °লা] **১** শ্রুতিশক্তিহীন, বধির। "হইয়া জ্ঞাইব কালা গো.বি ১৩৯। **২** (অপ্র) বুদ্ধিশুদ্ধিহীন, অবুঝ, বোকা। "বুঝিলে না বুঝে, কহিলে না সুঝে, তাহারে বলি যে কালা চ.দা ৩০। **৩** (অসাধু) মূক, বোবা। "কেহ কেহ বাক্য বলে কেহ হয় কালা চ.বি ২১। **৪** ধ্বনিশূন্য, অর্থাৎ যাহা বাজে না। "এই বাঁশী তো বাজায় কালা, আজ কেন ভাই হলো কালা দা ১১৩। [কালা টাকা—যে টাকা বাজে না ; মেকি টাকা। কালা মারা—**১** বধির হওয়া। **২** বিকৃত হওয়া ; আড়াইয়া যাওয়া (বাঁশী-প্রভৃতি)। কালা শাঁখ—যে শাঁখ বাজে না।]

কালা[৩] বি [কাল[১] > °লা] যমের মত ভীষণ অস্ত্রবিশেষ ; মৎস্য-প্রভৃতি বিঁধিয়া মারার বর্শা ; টেঁটা।

কালাংড়া বি (সঙ্গীতে) রাগবিশেষ। [ইহার সময় দিবা ১ম প্রহর, ঠাট কোমল রি ও ধ, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

কালাকড়া বি কাল সকণ্টক লতাবিশেষ। "শ্রী ২১২।

কালাকাল বি [কাল+অকাল] **১** সুসময়-দুঃসময় ; যোগ্যাযোগ্য-কাল, সম্পদ্‌বিপৎকাল, সুখদুঃখের সময়। "কি সকাল কি বিকাল, সে যে নাহি মানে কালাকাল, কালদণ্ড লয়ে কাল সঙ্গে ভ্রমে চিরকাল (দা)। **২** শুদ্ধাশুদ্ধ কাল। "তুমি কালাকাল বা.ম ৩০৯। **৩** ধর্ম্মাধর্ম্মের কাল বা যুগ। "বিদ্যা বলে প্রভু ভাল, না বুঝিয়া কালাকাল, দেখ যুগধর্ম্ম এ সকল বি.সু ১১৭। **৪** জীবিতকালের অকাল, অর্থাৎ বিপৎকাল ; বিপদ্। "কালী...কালাকালে কর পার কৃ ৩৫০। **৫** ['কালকাল'—মূল] শমনের কাল ; মরণকাল। "আমি কালাকালে কালের মুখে কালী দিয়ে চলে যাব।—রামপ্রসাদ। যে কালোতে কালাকালে কাল হরে দা ৮৩।

কালাকৃষ্ট বিণ [কাল কর্ত্তৃক আকৃষ্ট, তৃ.ত] **১** নিয়তিনিয়ন্ত্রিত, দৈবপ্রেরিত, কালপ্রাপ্ত। **২** কালজনিত, কালকৃত।

কালাগুরু ক্লী [কাল অগুরু, কর্ম্মধা] **১** কৃষ্ণাগুরুবৃক্ষ। "°দ্রুম রঘু ৪.৮১। **২** কৃষ্ণাগুরুকাষ্ঠ। "°চন্দনার্হ গো.রা ৫.২৮.১৪। °ধূপিত।—ঋতু ৪.৫ ; °ধূপবাসিত ৫.৫। রঙ্গ ২২৯। **৩** কালাগুরুগন্ধ। "কালা-গুরুর গুরু গন্ধ লেগে থাকত সাজে চ.কা ৩৩৮।

কালাগ্নি পুং [কালের অগ্নি, ষ.ত] **১** প্রলয়কালের অগ্নি ; কালানল। "°সদৃশঃ ক্রোধে।—রা ১.১.১৮ ; ৭৪.১৮। °সদৃশ। দাবাগ্নি বেড়িল দেশ মে ১৭৪। কালাগ্নির মত তপ্ত তপন মা ৩৫৬। **২** কালাগ্নির অধিষ্ঠাতা রুদ্র। **৩** পঞ্চমুখ রুদ্রাক্ষ।

কালাজিন ক্লী [কাল অজিন, কর্ম্মধা] কৃষ্ণসারচর্ম্ম, কৃষ্ণাজিন।

কালাঞ্জন ক্লী [কর্ম্মধা] অতিকৃষ্ণ অঞ্জনবিশেষ। "কু.স ৭.২০। বি.পা ৩১৬ ; বিষে কালাঞ্জন হইল সকল শরীর ৩১৭। —নী স্ত্রী ক্ষুপবিশেষ, রেচনী।

কালাতিক্রম, -তিপাত পুং [ষ.ত] কালাতিবর্ত্তন, কালাত্যয়। "প্রত্যেতংপরতঃ কালাতিক্রমেণ।—পঞ্চ ১২২৪২২৪৪।

কালাতীত বিণ [কালকে অতীত, দ্বি.ত] সময়াতিক্রান্ত।

কালাত্যয় পুং [কালের অত্যয়, ষ.ত] কালাতিক্রম, কালহরণ। "মনু ৮.১৪৫।

কালানল পুং [ষ.ত] প্রলয়কালের অগ্নি ; কালাগ্নি। "°সমস্পর্শ গো.রা ৩.৬৯.১৯। °সন্নিভ গী ১১.২৫। জ্বলিছে মাঝে, কালানলতেজে, হলাহল।—মে ১৮২।

কালানীর বি [কালা+নীর] যাহার জল কৃষ্ণবর্ণ বা নীল ; বঙ্গোপ-সাগর, কালাপানি। "তরণী পড়িল কালানীরে ব.প ৪৭১।

কালানুসারী (-রিন্) বিণ [কাল+অনু-√সৃ+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] সময়ানুসরণশীল, কালানুযায়ী। —রী পুং গন্ধদ্রব্যবিশেষ।

কালান্ত বি [কাল+অন্ত ; অপ্র] **১** জীবিতকালের শেষ ; মরণকাল। "কালান্তেতে বক্ত্রে হরগৌরী স্মরি মরি ম.পা ৭ ; ৮ ; ১৪৪। **২** কাল-বিলম্ব। "কালান্ত কেন আরো প্রাণান্ত হলো মোর দা ২১৮২।

কালান্তক পুং [কাল ও অন্তক, দ্বন্দ্ব, অথবা কর্ম্মধা] **১** মহাকাল ও যম ; কালই অন্তক ; সংহারক যম ; কালাদি (রা.টীকা)। "ধনুঃ কালান্তকোপমম্ রা ৪.৩১.১১। সাক্ষাৎ কালান্তকোপমম্ মহা ৩.১৫৭.৫০। **২** (বাঙ্‌লায়) বাণবিশেষ। "কৃ.উ ২২৯।

কালান্তকযম পুং [কর্ম্মধা] আয়ুর অন্তকর যম ; সর্ব্বসংহারক যম। "কালান্তকযমোপম গো.রা ৩.৩২.৫। মহা ৩.২২.৩১। কৃ.উ ২২৯। ব.প ১০৯। °সম ভ.গ্র ১২২।

কালান্তকাল বি [সং °শুযম] জীবিতকালের অন্তকর যম। "কালান্ত-কালের দূত সাজি এল বলে।—হেম ১৮।

কালান্তযম পুং [কালান্ত যম, কর্ম্মধা] সর্থ 'কালান্তকযম'। "°দর্শন গো.রা ৬.৮৬.৩।

কালান্তর ক্লী [কালের অন্তর, ষ.ত] **১** কালের মধ্য ; মধ্যকাল। **২** [অন্য কাল, ময়ূরব্যংসকাদি] অন্য সময় ; সময়ান্তর। **৩** জন্মান্তর। "কালান্তরাবৃত্তিশুভাশুভ হি ১.২২১। **৪** কালাত্যয়, কালাতিপাত। "°ক্ষম শ ৪২।

কালাপ পুং [কলাপ+অ (অণ্)] **১** কলাপব্যাকরণের বেত্তা বা অধ্যেতা ; কলাপবিৎ, কলাপাধ্যায়ী। **২** [কাল+√আপি+অ (অণ্)-ক ; উ.ত] 'মৃত্যুপ্রাপক', সর্পফণ, ভোগ। **৩** রাক্ষস।

কালাপহার পুং [কালের অপহার, ষ.ত] সময়ের বৃথা যাপন ; বৃথাকালহরণ।

কালাপাতি বি [P. calafata ; হি ক(কা)লাপট্টী] জাহাজ বা নৌকার তক্তার সন্ধিস্থলে শণ পাট প্রভৃতি ঢুকাইয়া মেরামত করা ; নৌকা গাওয়া।

কালাপানি, -নী বি [হি °নী] **১** যাহার জল কাল ; নীলনীর সাগর। "নিবিড় কালো কালাপানির কালো জলেই মুক্তা ফলে কু.কে ১৫৭। **২** নির্ব্বাসনদণ্ডের স্থান—ভারতসাগরস্থ আণ্ডামান্ নিকোবর প্রভৃতি দ্বীপ। **৩** আণ্ডামান-প্রভৃতি দ্বীপে অপরাধীর নির্ব্বাসনদণ্ড ; দ্বীপান্তরবাসরূপ দণ্ড।

কালাপাহাড় বি [হি °পহাড়] **১** কৃষ্ণবর্ণ পাহাড়ের মত কাল বৃহৎ ও ভীষণ বস্তুমাত্র। **২** হিন্দুদেবদেবীদ্বেষী অত্যাচারী মুসলমানবিশেষ। [ইনি মুরশিদাবাদের নবাব দাউদের সেনাপতি ছিলেন। ইনি প্রথমে ব্রাহ্মণ ছিলেন, পরে মুসলমানধর্ম্ম গ্রহণ করিয়া হিন্দুর বহু মন্দির ও

দেববিগ্রহ বিধ্বংস ও জগন্নাথবিগ্রহ সমুদ্রে নিক্ষেপ করেন। ইঁহার অত্যাচারে বঙ্গদেশ নিপীড়িত হইয়াছিল।] ৩ (গৌণার্থে) ভীষণ অত্যাচারী ও ক্রূরপ্রকৃতি ব্যক্তি। ৪ যে উপদেশাদিতে কর্ণপাত করে না এবং পাহাড়ের মত অটল, অর্থাৎ নিজ স্বভাব ত্যাগ করে না; অত্যন্ত অবাধ্য ও একগুঁয়ে লোক। [কালাপাহাড় হয়ে থাকা—কাহারও কোন কথায় কর্ণপাত না করিয়া চুপ করিয়া থাকা।]

কালাপিটে বিং [(?); কালাপিতা (মালদহ, দিনাজপুর)—জি কালাপিতা হয়ে গেল।] ত্যক্ত-বিরক্ত, জ্বালাতন, ঝালাপালা। "ঝগড়া কচ্‌কচিতে শরীর কালাপিটে হয়ে গেল।

কালাপেড়ে বিং [°পাড়+এ[৭]] কালপাড়যুক্ত (ধুতি)।

কা(কো)লাপোষ বি ['কজলবাস' হইতে অর্থানুসারে 'কালাপোষ' ?] সর্থ 'কজলবাস'। "প্রথম গড়েতে কোলাপোষের (পাঠান্তর—'কালাপোষের') নিবাস ভা.চ ২৬৯।

কালাবৎ বি [র্ক কালাবতূন্; হি কলাবত্তূন্] সোনা ও রূপার তার; কাপড়ের পাড়ের তুল্য সোনার বা রূপার তারের বোনা পাতলা ফিতা। "বাবু জরি ও কালাবৎ এবং নানাবিধ জড়ওয়া গহনায় ভূষিত হ'য়ে… মজ্‌লিসে বার দিলেন হু ১৯৫।

কালাভ্র ক্লী [কাল অভ্র, কর্ম্মধা] কৃষ্ণবর্ণ মেঘ; সজল মেঘ।

কালামুখ বিং [কালা+মুখ] ১ গর্ভধারণ হেতু কালমুখযুক্ত; বোঁটায় ভেলাপড়া (স্তন)। "অভিমানে কালামুখ নম্রমুখ কুচ ভা.চ ৩৬৭। ২ যাহার মুখ কলঙ্কে দূষিত; ঘৃণিত (জন)। —মুখ বি ১ গালিবিশেষ। "আমারে মিলিল পতি কালা কালামুখ ভা.চ ৪০২। ২ কলঙ্কমলিন মুখ; পোড়ামুখ। "কালমুখ দেখাইব কারে ভা.চ ৩৭৬। আবার হরিদ্রাগ্রামে এ কালামুখ দেখাইব ব.প্র ৩২৯। ৩ নির্লজ্জ, বেহায়া, মুখপোড়া (ধিক্কারে)। "কুটিলে কয়…ধিক্ লো ধিক্ কালামুখ দা ১২৬। তবু হাসে কালামুখ! —ন ১০১১। —মুখ '-খো' বি সর্থ 'কালামুখ (৩)। —মুখী বিং কলঙ্কিনী; নির্লজ্জ, বেহায়া, পোড়ামুখী (গালিতে, সপ্রণয় তিরস্কারে)। "দা ৬২১। দূর হও কালামুখি! —ন ৯৭১। হেমচন্দ্র হাসিয়া বলিলেন, "তোমার লজ্জা নাই—তুমি কালমুখী ব.প্র ১৩৫।

কালায়স বিণ [°স+অ (অণ্) তদ্বিকারার্থে; স্ত্রী -সী] কালায়সরচিত। "কালায়সং শূলম্ রা ৭.৮.১৫। —য়স ক্লী [কাল অয়ঃ, কর্ম্মধা, সমাসান্ত অ (টচ্), পা ৫.৪.৯৪] ১ কৃষ্ণবর্ণ লৌহবিশেষ। "°ময় গো.রা ৫.৪৯.৩২; °কৃত ৭২.৯। ২ লৌহমাত্র।

কালালোক বি কৃষ্ণকায় ভারতবাসী বা বঙ্গবাসী। "মাজিষ্ট্রেটের মনে দৃঢ় বিশ্বাস হইতে লাগিল যে, নীলকর ইংরাজ, খৃষ্টিয়ান—মন্দ কর্ম্ম কখনই করিবে না—কেবল কালালোকে যাবতীয় দুষ্কর্ম্ম করে আ.দু ১৬৭।

কালাশুদ্ধি স্ত্রী [কালের অশুদ্ধি, ষ.ত] শাস্ত্রবিহিতকর্ম্মানুষ্ঠানে কালের অযোগ্যতাধর্ম্ম; বৈধকার্য্যে নিষিদ্ধ কাল; অকাল। যেমন, ভূকম্পাদি উৎপাত হেতু কালাশুদ্ধি।

কালাশৌচ বি কালসম্বন্ধী অশুচিতা; জন্মমৃত্যুজন্য কালের অশুদ্ধি বা ধর্ম্মকর্ম্মানুষ্ঠানে অযোগ্যতা; ধর্ম্মকর্ম্মে নিষিদ্ধ কাল; পিতা মাতার মৃত্যুতে বর্ষব্যাপী অশৌচকাল। "বিমাতার কূলে গিয়ে, কুশপুত্তল পুড়াইয়ে, অশৌচান্তে পিণ্ড দিয়ে, কালাশৌচে কাশী যাই।—রামপ্রসাদ।

কালি[১] বি [সং কল্যে > প্রা কল্লিং > বা (কল্লি) কালি; হি কালি, কলহি; মৈ কালহি; ড়, অস কালি; কালি, -লী (গো.চ); তু 'সং কল্লি (M.W.)] কল্য, আগামী দিন। "কালি হৈতে যাইবে রাধা মথুরানগর শ্রী.কী ২০২। গো.চ ১; ৫১। কালিক অবধি করি গিয়া গেল। লিখইতে কালি ভীত ভরি গেল বি.প ১৭৯। কালি হৈতে…করিব দেবার্চ্চন কৃ ১১। কালি অতি শুভদিন শ্রী ১৭৫। —লি ক্রি.বিং ১ আগামী দিনে। "কালি যাইব আক্ষো শ্রী.কী ৩০; ৩১। আজিহ কালি, পরাণ পরিতেজব বি.প ১৯২। কালি বলি কালা, গেল মধুপুরে চ.সা ৩০২। শ্রী.ম ২০। ক.চ ২৭। ন.প ২৪৫। চৈ.চ ১৬০। মে ৪৭। ২ গত দিবসে; গতকল্য। "কালি ছিলা রাখোআল আজি মহাদানী শ্রী.কী ১৫০। গো.চ ১৩। আচার্য্য ঠাকুর কালি আইল ভূধরে ন.বি ৬২।

কালি[২] বি [সং °লী; অস °লি; কলিআ (শ্রী.কী)] ১ মসী। "মুখে দেয় চুণ কালি ক.চ ১০৯। কালি চুন্নার ছোচ ম.ম ১৪৯। মুখে কালি, লোকে দেয় দা ২৪২। কালি কলম মন। লেখে তিন জন॥—প্রবচন। দিয়া চুণ কালি গালে, খেদাও গহন বনে মা ১০১; ৩৫৬। ২ রঙ্গমিশ্রিত লিখিবার জল। "রাঙ্গাকালি, নীলকালি, সবুজকালি। ৩ কৃষ্ণবর্ণ, কালরঙ্। "চন্দ্রের হৃদয়ে কালি কলঙ্ক কেবল ভা.চ ২২। ৪ (সাদৃশ্যে) কলঙ্ক। "তোমা ব'ধে রঘুকুলে রাখিলাম কালি কৃ ৩১৮। বিমল কুলের হৈল্য কালি ক.চ ১৪৯। কুলে কালি দা ২৪২। রক্ষঃকুলকালি মে ৪৩; ২৪৯। নাম হইতে সে কালি আপনি মুছাইবেন ব.প্র ৬৮। ৫ পাপ, কলুষ। "অন্তরেতে সদা কালি দা ২৪২। তোমায় দিতে পূজার ডালি, বেরিয়ে পড়ে সকল কালি।—রবীন্দ্র। ৬ মলিনতা, মালিন্য, ময়লা। "পরিধান বসনে তার না লাগএ কালি ম.গা ৪; ২১। সিঁতির সিন্দূরে তোর না পড়িল কালি ম.ম ১৯৬। ৭ মনোমালিন্য, অপ্রসন্নতা। "চণ্ডীর মনের দুঃখ না ঘুচিল কালি বি.পা ৮১। —লি বিং ১ কৃষ্ণবর্ণ, কাল; বিবর্ণ, মলিন। "গালি খেয়ে বরণ কালি দা ২৪২। ২ মন্দ। "পুত্র ছাড়ি জায় জার, অভাগ্য কপাল তার, আমার কপাল কৈলা কালি গো.চ ৩৯০। [কালি পড়া—মলিন হওয়া; কলঙ্কে মলিন হওয়া। কালি মাখা—মসীলিপ্ত; কালীনামে মিশ্রিত। "কালি দিয়ে পুরাণ লেখা, সকলি কালিমাখা দা ৪৩৭। কালিমাড়া—কালি দিয়া মর্দ্দিত; কালির মত কাল। "এমন যে রূপ একেবারে কালিমাড়া হইয়া গিয়াছে পা.প্র ২১।]

কালি[৩] বি [সং কাহল > বা (কাল+ই[১১]) কালি; অস কালি; ড় কাহালি—পিতলের শিঙ্গা; তু 'বীরকালী'] কাহল বাদ্য; শুষির বাদ্যবিশেষ (fife)। "শৃ ১২৩।

কালি[৪] বি [সং কালিয়] কালিয় সর্প। "কালিয়ে রুধিল গোবিন্দাই শ্রী.ম ৪০। নাচত যুগ ভ্রূভঙ্গ, কালিদমন-দমন রঙ্গ জ.প ২২। ব.প ৭৯২। [কালিদমন—শ্রীকৃষ্ণকৃত কালিয়সর্পের দমন-বিষয়ক যাত্রা; কালিয়ের দমনকর্ত্তা।]

কালি[৫] বি [সং √কল্—গণনা (?); অস কালি] ১ ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের গুণফল; বর্গপরিমাণ (square measure)। "কাঠা°, ছটাক°, ত্রিকোণ°, বিঘা°; বৃত্ত°, সপ°। ২ দৈর্ঘ্য প্রস্থ উর্দ্ধ বা গভীরতা, অথবা দৈর্ঘ্য প্রস্থ দল—ইহাদের গুণফল; ঘনফল (cubic measure)। "ইট°, নিটন°, নৌকা°, পাজা°, পুষ্করিণী°। ৩ গণনা, হিসাব। "এবার কালী কুলাইব, কালি কষে কালী বুঝে লব।—রামপ্রসাদ।

কালিক[১] বিণ [কাল+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ কালে ভব, কালজাত। ২ কালকর্ত্তৃক নির্ব্বৃত্ত; কালকৃত, সাময়িক। ৩ কালবিলম্বে করণীয়; বিলম্বসহ। "মহা ৪.২৭.৭। ৪ কালসম্বন্ধী, কালোচিত। —ক ক্লী 'বহুকালস্থায়ী', বৈর, শত্রুতা। —কা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ বৃশ্চিকালী, বিছাটী। ২ কাকোলী। ৩ ক্রমদেয় মূল্য; প্রতিমাসে দেয় বৃদ্ধি (সুদ)। "মনু ৮.১৫৩, মেধাতিথি।

কালিক[২] বিণ [কাল[২]+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] ১ কৃষ্ণবর্ণযুক্ত, কাল। ২ অনিত্যকৃষ্ণবর্ণযুক্ত, অর্থাৎ কাঁচা কাল রঙে ছোপান। "কালিকা শাটী পা ৫.৪.৩৩, সি। —ক পুং ক্রৌঞ্চ, কোঁচবক। —ক

স্ত্রী কৃষ্ণচন্দন। —কা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ মহাবিদ্যাবিশেষ, কালী। "কালিকার ছেলে কেবা নয়, কালিকার পেটে জন্মেন সবাই। ...কালিকার সম্বন্ধ ধরিলে, মা হন ভগিনী, পিতা হন ভাই ॥—দা ৭২১। ২ কৃষ্ণবর্ণ, কালরঙ। ৩ মসী, কালী। ৪ (সাদৃশ্যে) নবমেঘ। ৫ মেঘাবলী, কাদম্বিনী। "রা ২.৪১.১২। রঘু ১১.১৫। ৬ রোমরাজি। ৭ নাভিনিম্নস্থ রোমপঙ্‌ক্তি (M.W.)। ৮ কুজ্ঝটিকা। ৯ পটোল-শাখা। ১০ সুরা। ১১ যকৃৎ। ১২ স্বর্ণদোষ, শ্যামিকা। ১৩ দুগ্ধজাত কীটবিশেষ; ক্ষীরকীট। ১৪ কৃষ্ণবর্ণ ত্রিশিরা হরীতকীবিশেষ। ১৫ কাকোলী। ১৬ বৈবর্ণ্য, মলিনতা (অ.চি)। ১৭ বায়সী। ১৮ শ্যামা পক্ষী। ১৯ শিবা। ২০ চতুর্বর্ষকুমারীবিশেষ। [°পুরাণ (ক্লী)—কালীমাহাত্ম্যবিষয়ক উপপুরাণবিশেষ।]

কালিকার [কালি১ +কার; 'কালকা(কে)র' (কথ্যভাষা)] ১ কালি-সম্বন্ধী, আগামী দিনের; কালকের। বিপ 'আজিকার'। "কালিকার সংগ্রামে দেখিবে বিদ্যমান ম ৭৬৩। ২ গত দিবসের, কল্য আনীত। "কালিকার কিছু নাহি উড়াইলে সব শি ৩৪। ৩ গত দিনের অর্থাৎ অচিরজাত; অল্পবয়স্ক, অর্ব্বাচীন। "কালিকার বড়ুয়া জগা ঐছে গর্ব্ব কৈল চৈ.চ ২৮১। কৈলাসেতে গেলে পরে, মা আমাকে কালিকার ছেলে বলে।—দা ৭২১। [কালিকার বা কালকের দিন—(স্বরূপ-সম্বন্ধে) কালি যে দিবস; কা'ল। "কালিকার দিনও কাটিবে ব.প্র ১৩১।]

কালিঙ্গ বিণ [কলিঙ্গ+অ (অণ্); স্ত্রী -ঙ্গী] কলিঙ্গদেশভব, কলিঙ্গ-জাত। —ঙ্গ পুং [+অ 'তদ্‌রাজ' অর্থে] ১ কলিঙ্গরাজ। "রঘু ৪.৪০। ২ কলিঙ্গবাসী। ৩ (কলিঙ্গজাত) সর্পবিশেষ। ৪ লৌহবিশেষ। ৫ হস্তী। ৬ কর্কারু, কুমড়া। —ঙ্গ ক্লী কৃষ্ণবীজ, তরমুজ। —ঙ্গী স্ত্রী রাজকর্কটী।

কালি(লী)দহ বি [কালি৪, -লী + দহ; সং কালিয়হ্রদ; হি কালীদহ] ১ কালিয় সর্পের বাসস্থান যমুনার হ্রদবিশেষ। "উপনীত কালীদহের তটে দা ১৩৪; ১৪০। ২ সিংহলের নিকটস্থ সমুদ্রাংশবিশেষ। কালীদহে উপনীত হল নরপতি ক.চ ২০৬; ২৪৮। [শ্রীকৃষ্ণের আদেশে কালিয় সমুদ্রে আশ্রয় লইয়াছিল। সেই হেতু কি 'কালিদহ', অথবা কালীর নামে নামকরণ?] [কালীদয়—কালীদহে। "ক.চ ২৪৮। দা ১৩৯।]

কালিদাস পুং [কালীর দাস, ষ.ত; বিকল্পে হ্রস্ব, পক্ষে 'কালীদাস' (পা ৬.৩.৬৩); মুগ্ধবোধ ৪১৪, টীকা] ভারতীয় বিখ্যাত সংস্কৃত-কবি। "ভারতে খ্যাত বরপুত্র যিনি। ভারতীর কালিদাস মে ১০৯। ক্ষুদ্র ক্ষুদ্র কালিদাস কত ডোবে পাথারে।—হেম ২৯১। [ইঁহার আবির্ভাবকাল খৃষ্ট-পূর্ব্বাব্দ ৫৬। মতান্তরে, ষষ্ঠ শতাব্দী। ইনি বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম। রঘুবংশ কুমারসম্ভব মেঘদূত শকুন্তলা প্রভৃতি ইঁহার কাব্য। ইনি ভারতের শ্রেষ্ঠ কবি।]

কালিন ['কালীন'—মূল; অপ্র] কালে। "বাড়ি জাবার কালিন দিম তোক লৈক্‌থ-গণ্ডা পাটা গো.চ ৮২।

কালিনী স্ত্রী [কাল+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কাল (শিব) যাহার অধিষ্ঠাতা; আর্দ্রা নক্ষত্র। ২ (বাঙলায়) কাল-নাগিনী। "আইল যতেক ফণী না আইল কালিনী: কালিনীর কাটা পুচ্ছ ম.ভা ৫৯। ৩ (অপ্র) কালিন্দী, যমুনা। তু 'কালী (২৩)। "কালিনীর তীরে শ্রী.কী ২০২; কালিনী নই কূলে ২৯৪; ৩০৫। —নী বিং ১ (অপ্র) শোকমলিনা, বিষণ্ণা। "কালিনী মায়ের প্রাণে যত ছিল মনে। রন্ধন করিল রাণী পুত্র যাবে রণে॥ —শ্রী ১৭৫। ২ কালরূপা, নিঠুরা; গালিবিশেষ। "কালিনী মাএ মোর নাম থুইল রাধা শ্রী.কী ৯৬; ২৩২। ৩ নিঠুর, নির্দ্দয়। "কালিনী জমের ডরে জাই দেশান্তর গো.চ ৩৭৯; ৩২৮। ম.গা ২৫; ২৬। ৪ অন্ধকারময়ী, তামসী। "কালিনী রাতি মেঁ। প্রদীপ জ্বালিয়াঁ। পোহাওঁ শ্রী.কী ৯২।

কালিন্দী স্ত্রী [কলিন্দ+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'কলিন্দ-পর্ব্বতে ভবা', যমুনা। "মহা ৪.৫.১। রঘু ১৫.২৮। কালিন্দীতীর, সুধীর সমীরণ গো ৭৪; কালিন্দীকূলবিহারী ৮৯; কালিন্দীকূল কদম্বক ছাহ ১০১। ২ সগররাজের জননী। 'রা ১.৭০.৩৩। ৩ সূর্য্যকন্যা কৃষ্ণপত্নী। 'ভ ১০.৫৮.২০; ২২। ৪ রক্তত্রিবৃৎ। [°কর্ষণ, °ভেদন (পুং)—'কালিন্দীর আকর্ষক বা ভেদক', বলরাম। "তোমার সে 'কালিন্দীভেদন' করি নাম চৈ.ভা ২৬৮। বলরাম সুহৃদ্‌গণকে দেখিবার নিমিত্ত গোকুলে গিয়া জলক্রীড়ার্থ যমুনাকে আহ্বান করেন। যমুনা, সুরামত্ত বলিয়া বলরামের আদেশ অগ্রাহ্য করিলে, সঙ্কর্ষণ ক্রোধে হলাগ্রে যমুনাকে আকর্ষণ করেন (ভ ১০.৬৫; হ ১০৩)। °সোদর (পুং)—যমুনার সহোদর; যম।]

কালিমা (-মন্) পুং [কাল+ইমন্ (ইমনিচ্) তদ্‌ভাবার্থে; 'কালিম' (পদকল্পতরু)] ১ কালভাব, কার্ষ্ণ্য, কৃষ্ণবর্ণ। "মাঘ ৪.৫৭। কালিমা কালকূটস্য হি ৩.২১। স্ফটিকের বর্ণ বলাই কস্তুরী পরিল। কৈলাস শিখরে যেন কালিমা দেখিল॥—ব.প্র ৭৬৮। বরণ কালিম-ছাঁদে, বৃষ্টি ছলে মেঘ কাঁদে ভা.চ ২৭৮। আকাশের নীলিমার কালিমা।—হেম ৭৯। ২ বৈবর্ণ্য, মলিনতা। "মাঘ ৮.৪৩। থাকিতে অধরে, সুধা সাধ করে, সুধাকরে ধরে কালিমা ভা.চ ১৭৫। ধরিল কালিমা রাগ কুসুম-নিকরে স.শ ৩২।

কালিয়১ পুং [কালিক (ঋগ্বেদ), খৈলিক সূক্ত ১৩.৫-১৭.৫] ১ তন্নামক সর্পবিশেষ। "রঘু ৬.৪৯। [যমুনাহ্রদে, অর্থাৎ কালিয়দহে ইহার বাস ছিল। শ্রীকৃষ্ণ ইহাকে দমন করেন এবং তাঁহারই আদেশে কালিয় যমুনাহ্রদ ত্যাগ করিয়া, সমুদ্রে বাস করে (ভ ১০.১৬)।] ২ (বহুব) কৃষ্ণসর্পবিশেষ। "মাঘ ১৯.২৮। [°হ্রদ (পুং)—কালিয়সর্পের বাস যমুনার হ্রদবিশেষ; কালিদহ। " ভ ১০.১৬.৪।]

কালিয়২ বিং [সং কালিক > প্রা কালিঅ, -য় (প্রা.ম)] কৃষ্ণবর্ণযুক্ত, কৃষ্ণ, কাল। "কালিয় বরণ চ.দা ১০। ব ১৪১। —য় পুং শ্রীকৃষ্ণ, কালা। কালিয় ত্রিভঙ্গ বাণে জ ৪৯।

কালিয়দমন পুং [ষ.ত] কালিয়সর্পের দমনকর্ত্তা; শ্রীকৃষ্ণ। —দমন ক্লী কালিয়ের মর্দ্দন; কালিয়নিগ্রহ।

কালিয়া১ বিং [কালিয়২ > °য়া] ১ কৃষ্ণ; কাল। "কালিয়া ছাগল কৃ.উ ১০০। কালিয়া সুন্দর হরি ব.প ৭৯২। কালিয়া কুকুর ক.চ ১৩৬; কালিয়া কস্তুরী ১৩৭; কালিয়া বরণ ১৪৫। কালিয়া রঙ্গ: কালিয়া বরণ: কালিয়া সায়রে চ.সা ৬৪; কালিয়া কানু ১৯৪। কালিয়া বরণ খানি চ.দা ৮৬; কালিয়া মুরতি ৮৭। কালিয়া কুকুর ম.ভা ৫০। কালিয়া রূপ জ্ঞা ১৩। ২ কলুষিত, কুটিল। "কালিয়া প্রকৃতি চ.দা ৮৭। ৩ মলিন, বিবর্ণ। "কালিয়া হইব, সোণার বরণ চ.সা ৬৪। —য়া বি কৃষ্ণ, কালা। "কালিয়া কালিয়া, বলিয়া বলিয়া, জনমে কি সুখ পানু চ.সা ১৫৮,-৯; গমনে কালিয়া, জপেতে কালিয়া, নয়নে কালিয়া দেখি ১৯৪। কালিয়া বঁধু চ.দা ৯; কালিয়া প্রেমের মধু ১১; ৮৭।

কালিয়া২ বি [আ ক.লইহ্] মাংস-প্রভৃতির ডালনা। তু 'কারি'। "ডিমের মাংসের মাছের কালিয়া ভা.চ ৫৪৮।

কালী দ্র 'কাল২'।

কালীঘাট বি একান্ন পীঠের অন্তর্গত পীঠস্থানবিশেষ। [এই স্থানে সতীর দক্ষিণ পাদের চারিটি অঙ্গুলি পতিত হয়। ইহার দেবী কালী এবং ভৈরব নকুলীশ বা নকুলেশ (ভা.চ.৫৫)।]

কালীন বিণ [কাল+ঈন (খ); স্ত্রী -না] কালসম্বন্ধী, কালিক, সাময়িক। "সমান°, প্রাক্° পা ৪.৩.১১। উৎপত্তিকালীনঘটে

গন্ধাদির্যত্র সাধ্যতে।—ভাষাপরিচ্ছেদ ৭৮। সে কালীন ব.প ১৭২৬। মধ্যাহ্নকালীন।—কাদ ৩। বিবাহকালীন সভা সী ৭; অযোধ্যা-প্রবেশকালীন চিত্র ৮। [সমাসে উত্তরপদ]।

কালীবউ বি কৃষ্ণবর্ণ কদলীবিশেষ ও তাহার গাছ।

কালীয় বিণ [কাল+ঈয় (ছ)] কালসম্বন্ধী, কৃষ্ণবর্ণযুক্ত। —য় পুং কালিয়সর্প (S.W.)। "বা.ম ৩০৯; ৩১৪। —য় ক্লী কৃষ্ণচন্দন, কালীয়ক (সুশ্রুত)। —য়ক ক্লী [°য়+ক (কন্) স্বার্থে] ১ কৃষ্ণাগুরু (নীলকণ্ঠ)। "মহা ২.৫২.১০। রঙ্গ ২২৯। ২ পীতবর্ণ সুগন্ধী কাষ্ঠ; জায়ক (অ.কো)। ৩ কৃষ্ণচন্দন, কালীয় (শ.ক)। —ক পুং, ক্লী দারুহরিদ্রা। [°দমন (ক্লী)—কালীয়সর্পের নিগ্রহ; কালীয়শাসন। "°দিন গো ১০১।]

কালীহ্রদ বি [সং কালিয়হ্রদ] কালীদহ। "চৈ ১৯৪।

কালুকা বিণ [কালু (কা'ল্)+ক (ক); অপ্র] ১ কা'ল, কালকে, গত দিনে। বিপ 'আজুকা'। "কালুকা খাইছি অন্ন আজুকা মনে নাই ম.গা ১৫। গো.চ ৩৫১। ২ আগামী দিবসে। "কপর্দ্দক কালুকা আনিয়া দিব তূর্ণ ম.পা ৫৫; ৫৯।

কালুষ্য ক্লী [কলুষ+য (ষ্যঞ্)] ১ কলুষভাব, আবিলতা, পঙ্কিলতা। "ক.সা ১৯.৯৫। ২ বিসংবাদ, ভেদ। "মন্যুকালুষ্যদূষণ (রাজতরঙ্গিণী)। ৩ অস্বচ্ছতা, নিষ্প্রভতা।

কালেক্টর্ বি [E. Collector] জেলার রাজস্বসংগ্রাহক ও রাজস্ব-সংক্রান্ত বিবাদের বিচারক কর্ম্মচারী। [কালেক্টরী—১ কালেক্টরের আফিস্; যেখানে সংগৃহীত রাজস্ব ও তাহার হিসাবপত্র রক্ষিত হয় (Collectorate)। ২ কালেক্টরের কার্য্য বা পদ।]

কালেয় পুং [কালা+এয় (ঢক্) তদপত্যার্থে] ১ কালার অপত্য দৈত্যগণবিশেষ। দ্র 'কালকেয়'। "মহা ৩.১০২.১। ২ [কাল+এয় তৎসম্বন্ধার্থে] গন্ধদ্রব্যবিশেষ, কালচন্দন। "°কৃতাঙ্গরাগ কু.স ৭.৯। ৩ যকৃত। ৪ কুঙ্কুম।

কালেশ পুং [কালের ঈশ, ষ.ত] ১ সূর্য্য। ২ শিব। ৩ (তন্ত্রে) ম-কার।

কালো বিং [সং কাল[২] > কালো (উচ্চারণে)] ১ কৃষ্ণবর্ণযুক্ত, কাল, নীল। "কালো ধলো পাঠা গো.চ ৭। সে কি কালো দেখি এলি কাল যায় দা ৫১; কালো বরণ ৮২; কালো রতনে ১৭২; কালো কেশ, কালো কোকিল ৪৩৭। কালো ফণী: কালো নিশি কু.কে ১৫৬; কালো মেয়ে: নিবিড় কালো: কালো ব্যাস: কালো বামুন: হাবসী কালো ১৫৭; কালো...হোমের টিপে ১৫৮। ২ মলিন, ম্লান। "তব যশ ইন্দুভুবন করে আলো। বৈরিবনিতার বক্ত্রের রুচি করে কালো॥—কাব্যনির্ণয়। —লো বি ১ কৃষ্ণবর্ণ, কাল রঙ্। "সেই কালো দরশনে, জীবের কাল দরশন যায় দা ৫১; কালো কালো বিশেষ আছে, নাই আর তেমন কালো ৮২; কালো বিধাতার ভাল সৃষ্টি ৪৩৭। কালোর বিভায় পূর্ণ ভুবন: কালোরে কে করিস্ ঘৃণা?—কু.কে ১৫৬। কালোর আলোয় নেই তুলনা ১৫৮। ২ শ্রীকৃষ্ণ। "দৃপ্ত বলির শীর্ষ-পরে, কালোর চরণ বিরাজ করে কু.কে ১৫৭; কালোর গানে জীবন আনে ১৫৮। ৩ কৃষ্ণকায় ভারতবাসী। "কালোর দেশ এই জম্বু-দ্বীপে, কালোর আলো জ্বলছে আজো কু.কে ১৫৮। [কালো কালো—১ কাল (বহুত্বে দ্বিত্ব)। "কালো কালো বৈষ্ণবীগুলি দা ৪৩৭। ২ নিবিড় কাল। "কালো কালো গালপাট্টা ব.দ্বি ৫৬। কালো কালো বিশেষ কালো—কালো হইতেও কালো; বিলক্ষণ কালো। কালো কুষ্টি বা কিষ্টি—কালো কৃষ্ণ; অত্যন্ত কালো; পাথুরে কাল। "এমন ছেলে কালোকুষ্টি, সাত জন্ম না হ'লেও চাইনে দা ৮২। কালো কোলো—কালো গোলগাল-গঠন (আদরে)। "দেখ্‌তে শুন্‌তে কালো কোলো ব.দ্বি ৩২।]

কালোয়াত, কালোয়াতী দ্র 'কালবত'।

কাল্পনিক বিণ [কল্পনা+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ কল্পনাসম্বন্ধী বা কল্পনা হইতে আগত; কল্পিত। ২ আরোপিত।

কাল্য বিণ [কাল+য (যৎ), পা ৫.১.১০৭; স্ত্রী -ল্যা] কালপ্রাপ্ত, প্রাপ্তকাল। —ল্য ক্লী কল্য, প্রত্যূষ (অ.চি)। —ল্যা স্ত্রী [°ল্য +স্ত্রী আ (টাপ্)] গর্ভগ্রহণকালপ্রাপ্তা, ঋতুমতী গবী; উপসর্য্যা, কেলেন গাই।

কাশ্ অক [ভ্বা, দি, আ—কাশতে, কাশ্যতে; সেট্] দীপ্তি, প্রকাশ। "কু.স ১.২৪। [প্র—প্রকৃষ্ট দীপ্তি; প্রকাশ, উদয়। বি—বিকাশ, প্রস্ফুটন।]

কাশ[১] পুং [√কাশ্+অ (ঘঞ্)-ভা] ১ দীপ্তি, প্রকাশ, আবির্ভাব। "সকাশ। ২ কাশরোগ। তু 'কাস'। "কাশাশ্রুলালাবিলঃ (বৃদ্ধঃ)।—ভর্ত্তৃহরি। —শ পুং, ক্লী [+অ (অচ্)-ক; ছান্দস; হি কাঁস] তৃণ-বিশেষ, কেশে (Saccharum Spontaneum)। "রা ২.২৮.২২। —শ ক্লী কাশপুষ্প। "বিকসৎকাশচামর রঘু ৪.১৭। কাশাংশুকা (শরৎ)।—ঋতু ৩.১; ২। —শা স্ত্রী কাশতৃণ (শ.ক)।

কাশ[২] বি [সং কাস; হি খাঁসী; অস কাহ] ১ কাসিয়া তোলা কফ বা শ্লেষ্মা। ২ কাসি।

কাশ[৩],-স অর্ম্ম [সং √কাস্; প্রা √কাস; অস √কাহ্] শ্লেষ্মা হেতু গলশব্দ করা; কাসা (to cough)। "তার পাশে বসি যক্ষ্মা শোণিত উপরে, কাসি কাসি দিবানিশি।—মে ২৬৭। কাশা, -সা সর্ম্ম [কাশ, -স+আ[৮]] গলশব্দ করান; কাসান। [কাশা,-সা—সর্থ 'কাশ'।]

কাশ(স)ন্দি, -ন্দী, কাস(সু)ন্দি বি [সং কাসমর্দ্দ; তু 'হি কসোংদী, কাসুংদা (সং কাসমর্দ্দ—কালকাসুন্দা গাছ); অস কাহন্দী] কাঁচা আমের আচারবিশেষ। "গোটা কাসন্দিতে দিবে জম্বীরের রস ক.চ ৩১; আমসী কাসন্দী ৪৪। আদা কাসন্দ ম.ম ১৩০। কুল কাসন্দি শ্রী ৪২। ঘৃত কাশন্দি দিল বি.পা ২৬৫। কাসন্দী আদি আচার চৈ.চ ১৬৭।

কাশ(স)মর্দ্দ পুং [কাশ, -স+ √মৃদ্+অ (অণ্)-ক; উ.ত] ১ যাহা কাশরোগ নাশ করে, কালকাসন্দা গাছ; কাসারি (Cassia sophora)। ২ বেশবারকল্কাদিমিশ্রিত ভক্ষ্যবিশেষ; কাশুন্দী (অ.টী); ৩ পিষ্টজলমিশ্রিত বস্ত্রগালিত বেসবার।

কাশি[১] স্ত্রী [√কাশ্+ই (ইন্)-ক, উ ৪.১১৭] যাহা প্রকাশ পায়; শিবপুরী, বারাণসী। তু 'কাশী'। "°রাজ।—গী ১.৫। °পতি।—মহা ১.১০২.৩। —শি পুং ১ সূর্য্য। ২ [+ই-ভা] প্রকাশ, দীপ্তি। ৩ (বহুব) কাশিনগরোপলক্ষিত দেশবিশেষ (শতপথব্রাহ্মণ)। "মহা ৬.৯.৪২।

কাশি[২], -সি বি [সং কাসি, কাসিকা; হি খাঁসী; প, গু খাংসী] ১ শ্লেষ্মাজন্য গলশব্দবিশেষ; খক্‌খক্ করিয়া গলশব্দ করা (coughing)। "ঘুংড়ি°। ২ কাশরোগ।

কাশিকা স্ত্রী [কাশি, -শী + ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ কাশীপুরী, বারাণসী। ২ [√কাশ্+ই (ণিচ্) + অক (ণ্বুল্) -ক+স্ত্রী আ (টাপ্)] 'পাণিনিসূত্রার্থপ্রকাশিকা', বামনজয়াদিত্যকৃত পাণিনিবৃত্তিগ্রন্থবিশেষ।

কাশী[১] স্ত্রী [কাশি+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ বারাণসী। "কাজ কি আমার কাশী। মায়ের পদতলে পড়ে আছে গয়া গঙ্গা বারাণসী॥—রামপ্রসাদ। ২ [কাশ+স্ত্রী ঈ] কাশতৃণ। ৩ (বাঙ্গলায়) কবি কাশীরাম দাস। "কাশী ভণে কৃষ্ণ জনে কি কর্ম্ম অশক্য ম ৯১। হে কাশি! কবীশ দলে তুমি পুণ্যবান্।—মা ১৬৮। [°খণ্ড (ক্লী)—১ কাশীসম্বন্ধী অংশ; কাশীমাহাত্ম্যবিষয়ক স্কন্দপুরাণান্তর্গত অংশবিশেষ। ২ (বাঙ্গলায়)

কাশীরূপ ভূখণ্ড; কাশীক্ষেত্র। "গ ১৭০। °দাস, °রাম (বি)—ভাষা-মহাভারতের কবি কাশীরাম দাস। "কাশীরাম কহে: কহে কাশীদাস দেবে ম ১২। °ধাম (বি)—কাশীরূপ শিবধাম; কাশীক্ষেত্র। °নাথ (পুং)—শিব। °প, °পতি (পুং)—কাশীরাজ দিবোদাস। "মহা ১.১০২.৩। °প্রাপ্তি (বি)—কাশীধামে মৃত্যু। "মার কাশীপ্রাপ্তি হইয়াছে—বোধ হয় তাহা তুমি জান ব.প্র ৩২৯। °ফুল (বি)—শ্বেত ধান্যবিশেষ। "শি ১১৩। °বাসী (বিং)—১ কাশীর অধিবাসী। "কাশীবাসী লোকের অক্ষয় হবে পাপ।—ভা.চ ১৭২। ২ কাশীতে মৃত্যুকামনায় কাশীধামে কৃতবাস (ব্যক্তি)। °রাজ (পুং)—কাশীর রাজা; ধন্বন্তরি, দিবোদাস। [ইনি অম্বা-প্রভৃতির পিতা। দ্র 'মহা ১.৬৭.৪০; ১০২.৩। সুশ্রুত ১.১.২। ভ ৯.২২.২৩। (মতান্তরে) হ ৩২.২০-২২।] [কাশী গয়া করা—কাশী ও গয়াতীর্থে গিয়া তীর্থদেবতা-দর্শন ও তীর্থকৃত্য করা।]

কাশী² (-শিন্) বিণ [√কাশ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -শিনী] ১ প্রকাশমান, উজ্জ্বল, দীপ্ত। "জিত° গো.রা ৩.১.১৯। অর্থ° ভ ৪.২৯.৪১। ২ [কাশ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] কাশরোগী।

কাশীয়া বি [সং কাশ,-শী, 'কেশে' (কথ্যভাষা)—"কেশেফুল; অপ্র] কাশতৃণ। "কাশীয়ার ফুলে মহী শ্বেতিমা হইল ব.প ১২৯৫; কাশীয়ার ফুল শ্বেতচামর মোহন ১২৯৬।

কাশীশ পুং [কাশীর ঈশ, ষ.ত] ১ কাশীনাথ, শিব। ২ কাশীরাজ, দিবোদাস। —শ ক্লী উপধাতুবিশেষ, হীরাকস।

কাশ্মীর বিণ [কাশ্মীর+অ (অণ্); স্ত্রী -রী] ১ কাশ্মীরভব, কাশ্মীরজাত। "কাশ্মীরীব তুরঙ্গমী।—মহা ৪.৯.১১। ২ কাশ্মীরসম্বন্ধী। —র পুং, বহুব ১ কাশ্মীরদেশ। ২ কাশ্মীরবাসিগণ। "মহা ৬.৯.৫৩। ৩ কাশ্মীররাজগণ। "মহা ২.৫২.১৪। —র ক্লী ১ টঙ্ক, সোহাগা। ২ কুঙ্কুম। "গী.গো ১.২৬। ৩ পুষ্করমূল (গন্ধদ্রব্যবিশেষ)। —রা স্ত্রী ১ দ্রাক্ষাবিশেষ, কপিশদ্রাক্ষা। ২ অতিবিষা। ৩ (বাঙলায়) কাশ্মীর-জাত পশমী শীতবস্ত্রবিশেষ। —রী স্ত্রী গম্ভারীবৃক্ষ। [°জ (ক্লী) —'কাশ্মীরজাত', কুঙ্কুম; পুষ্করমূল; কুষ্ঠ, কুড়। কাশ্মীরী (হি কাশ্মীরী) বিং—কাশ্মীরদেশজাত; কাশ্মীরবাসী।]

কাশ্যপ বিণ [কশ্যপ+অ (অণ্); স্ত্রী -পী] কশ্যপসম্বন্ধী। "ওজঃ কাশ্যপম্ ভ ৩.১৫.১০। —প পুং [+অ গোত্রাপত্যার্থে; স্ত্রী -পী] ১ কশ্যপের গোত্রাপত্য, অর্থাৎ পৌত্রাদি। "বিভাণ্ডকঃ কাশ্যপঃ মহা ৩.১১১.২০। ২ কণাদমুনি। ৩ কণ্বমুনি। "শ ১২/২। ৪ বিভাণ্ডক-মুনি। "মহা ৩.১১০.২৩। ৫ গোত্রবিশেষ; তদ্‌গোত্রপ্রবরমুনিবিশেষ (শ.ক)। ৬ কশ্যপগোত্রজমাত্র। ৭ বিষবিদ্যাকুশল ঋষিবিশেষ। "মহা ১.৪২.৩৬। ৮ বিষ্ণু। ৯ অরুণ। ১০ মৃগবিশেষ। ১১ মীন (S.W.)। —পী স্ত্রী [°প + স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কশ্যপের গোত্রাপত্য-স্ত্রী। ২ (পরশুরামের নিকট হইতে কশ্যপের দক্ষিণারূপে প্রাপ্তি হেতু) পৃথিবী। "হ ১৮৪.১৬। কাশ্যপীর ঈশ শ্রী.মা ৪৩। [°নন্দন (পুং) —১ দেবতা। "মহা ১৩.৬৬.২১। ২ অরুণ। ৩ গরুড়।]

কাশ্যপি পুং [কশ্যপ+ই (ইঞ্) তদপত্যার্থে; স্ত্রী -পী] ১ কশ্যপ-সুত। "তার্ক্ষ্যোঽপি কাশ্যপিঃ ক.সা ৯০.১১০। ২ অরুণ। ৩ গরুড়। ৪ [বাঙলায়; অপ্র] অরুণতুল্য, লোহিত। "কাশ্যপি লোচন ক্রোধে শ্রী.মা ৬১; ৭৮।

কাশ্যপীকান্ত, -পীশ বি [অপ্র] পৃথিবীর পতি; রাজা। "°কান্ত শ্রী.মা ১৭; ১০৯,-১০; °শ ২২।

কাশ্যপেয় পুং [কাশ্যপী+এয় (ঢক্)] ১ অদিতির অপত্য; সুরাসুরাদি। ২ সূর্য্য। ৩ অরুণ। ৪ গরুড়। "মহা ১.২৩.১৩।

কষ পুং [√কষ্+অ (ঘঞ্)-ভা] ১ হিংসা, ঘর্ষণ, বিলেখন। ২ [+অ-ণ] 'কর্ষণসাধন', নিকষ, কষ্টিপাথর। ৩ [+অ-ধি] কর্ষণ-স্থান, ঘর্ষণস্থান (ক্রমস্কন্ধাদি)। "কপোল° কি ৫.২৬।

কাষায় বিণ [কষায়+অ (অণ্); স্ত্রী -য়ী] কষায় দ্বারা রঞ্জিত; কুসুম্ভরঙ্গযুক্ত, গৈরিক। "কাষায়বসনা মহা ৩.৭৬.৯। —য় ক্লী কষায়-রক্ত বস্ত্র; গৈরিকবস্ত্র। "°সংবীত রা ৩.৪৬.৩। °ধারণ যাজ্ঞ ৩.১৫৭। °পরিবীত রঘু ১৫.৭৭। —য়ী (-য়িন্) পুং [°য় + ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] কাষায়ধারী বৌদ্ধসন্ন্যাসী।

কাষ্ট বি [অপ্র] কাষ্ঠ। "গো.চ ৪৮। ম.গা ১৫,-৬।

কাষ্টিকি বি [E. coustic] দাহকারক আরকবিশেষ। "জিবে কাষ্টিকি দিয়া ঘা কর ব.প্র ৬৩৭।

কাষ্টর-অইল্ বি [E. castor-oil] এরণ্ডতৈল, রেড়ির তেল। "কোন দেশের কোন কাব্যে কাষ্টর-অইল খাইবার উল্লেখ দেখা যায় না পা.প্র ২৩।

কাষ্ট(ষ্ঠ)হাসি বি [হি কাঠহঁসী—affected smile] কাষ্ঠবৎ শুষ্ক হাস্য; যে হাসি আন্তরিক হর্ষজন্য নহে, কেবল মুখেরই; লোক-দেখান বা মন-রক্ষা-করা হাসি; কপট হাসি; নীরস হাসি, শুখনো হাসি। "কত কাষ্ট মুখে কাষ্ঠহাসি দা ৩৬৯; নষ্টের স্বভাব কাষ্ঠহাসি ৭৭১। সন্দীপ কাষ্ঠহাসি হেসে বল্লে, অমূল্যকে আমার থেকে আলাদা করে দেখ না কি?—ঘ ২০৬।

কাষ্ঠ ক্লী [√কাশ্+থ (ক্থন্)-ক, উ ২.২; বৈদিক; ত—'কাট্টম্'] ১ যাহা দীপ্ত হয়; পাকাদির কাষ্ঠ; ইন্ধন, জ্বালানিকাঠ। "সমিৎ-কাষ্ঠানি।—(শতপথব্রাহ্মণ)। °রজ্জু রা ১.৪.২৪। °তৃণ মনু ৫.১২২। নাগ্নিস্ত্যপতি কাষ্ঠৌঘৈঃ (দ্বাত্রিংশৎপুত্তলিকা)। ২ খদিরাদিসম্ভূত সারবান্ দারুবিশেষ (timber)। "যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ সমেয়াতাং মহার্ণবে। সমেত্য চ ব্যপেয়াতাং কালমাসাদ্য কঞ্চন॥ —রা ২.১০৫.২৬। মহা ১২.২৮.৩৬। হি ৪.৭২। কাষ্ঠের পুতুল প্রায়।—ন ৫০০। ৩ ভূমিপরিমাণার্থ দণ্ড; কাঠা। ৪ [বাঙলায়; অপ্র] কাষ্ঠবৎ নীরস বা কঠোর বাক্য। "কাজ নেই শুনিয়ে কাষ্ঠ।—দা ৩৯৬। —ষ্ঠক ক্লী অগুরুচন্দন। [°কীট (পুং)—কাষ্ঠভেদক কীট; ঘুণ। °কুট্ট, °কূট (পুং)—কাঠঠোকরা পাখী। "চটকা কাষ্ঠকূট।—পঞ্চ ১.৩৬২। °কুণ্ড (ক্লী)—কাষ্ঠময় মহোদর পাত্র; কাঠের হাঁড়ি। "মহা ৮.৪৪.৩৫। °ঘটিত (বিণ)—কাষ্ঠরচিত, কাষ্ঠময়। °জীবন (বি)—নীরস জীবন; সুখহীন প্রাণ। "সে বিধিবিঘটনে কাষ্ঠজীবন হামারা শ্রী.ম ১১৭। °ঠোকরিয়া (বি)—কাঠঠোকরা পাখী। "কৃ ৪৫৯। °তক্ষক (পুং) —কাষ্ঠের তনুকারক (যে কাঠ চাঁছে); সূত্রধর। °দারু (পুং)— কাষ্ঠপ্রধান দারু; দেবদারুবৃক্ষ। °নারী (বি)—কাষ্ঠময়ী স্ত্রীমূর্ত্তি। "কাষ্ঠনারীস্পর্শে যৈছে উপজে বিকার চৈ.চ ১৩৮। °বিড়াল (বি)— কাঠবিড়াল। "কৃ ২৩২; ২৩৩। °ভার (পুং)—কাষ্ঠের পরিমাণ-বিশেষ; কাষ্ঠরাশি। "রা ১.৪.২৪। °ভারিক (পুং)—কাষ্ঠভারবাহক, কাঠুরিয়া। "°সজ্ঞ ক.সা ৬.৪২। °ময় (বিণ)—'কাষ্ঠবিকার', কাষ্ঠ-রচিত। "কাষ্ঠময়ো হস্তী।—পরাশর ৮.২৩। °মল্লিকা (বি)—বন্য মল্লিকাপুষ্প ও তাহার গাছ; কাঠমল্লিকা। "কৃ ৩৪৯। °লৌকতা (বি)—যে লৌকিকতা নীরস, অর্থাৎ আন্তরিক নহে; লোক-দেখান সামাজিকতা; মৌখিক শিষ্টাচার। "অন্তরে বিষ মুখে মধু, কাষ্ঠলৌকতা সুধু দা ৮৪। °হাসি—দ্র 'কাষ্টহাসি'।]

কাষ্ঠা স্ত্রী [কাষ্ঠ+স্ত্রী আ (টাপ্)] ১ দিক্, আশা। "ভ ১০.২.১৮। ২ উৎকর্ষ। "কাষ্ঠাগতস্নেহরস কু.স ৩.৩৫; পরা হি কাষ্ঠা তপসঃ ৫.২৮। স্নেহের পরা কাষ্ঠা সী ৯৬; গুণের এরূপ পরা কাষ্ঠা ১০১। ৩ মর্য্যাদা, স্থিতি, সীমা। "ভ ১.১.২৩। ৪ চন্দ্রকলা। "ভ ১.১২.৩১। ৫ অষ্টাদশনিমেষাত্মক কাল (অ.কো); কলার ১/৩০ (মনু ১.৬৪),

১/১৫ (জ্যোতিষে), নাড়িকার ১/৩০, ও মুহূর্ত্তের ১/৬০ অংশ (ভ ৩. ১১.৭)। 'অষ্টাদশ নিমেষেতে এক কাষ্ঠা হয় ম ৯৫০। **৬** কলা, মূর্ত্তি। "কাষ্ঠাং ভগবতো ধ্যায়েৎ ভ ৩.২৮.১২ ; ৭.৪.২২। **৭** দারুহরিদ্রা। **৮** কশ্যপ-পত্নীবিশেষ। 'ভ ৬.৬.২৫।

কাষ্ঠাগার ক্লী [উ.লো] কাষ্ঠগৃহ, কাঠগড়া।

কাষ্ঠাম্বুবাহিনী স্ত্রী [উ.লো] কাষ্ঠরচিত জলসেচনপাত্র ; দ্রোণী, সেঁউতি।

কাষ্ঠিক পুং [কাষ্ঠ + ইক (ঠঞ্)] কাষ্ঠ যাহার পণ্য ; কাষ্ঠবিক্রয়োপজীবী, কাঠুরিয়া। "ক.সা ৬.৪৩ ; ৪৪। —কা স্ত্রী [কাষ্ঠ+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ক্ষুদ্র কাষ্ঠখণ্ড ; কাঠি। "বিংশতিঃ কাষ্ঠিকাঃ।—ভবদেব।

কাস্ অক [ভ্বা, আ—কাসতে ; সেট্] কুৎসিত শব্দ, রোগহেতুক শব্দবিশেষ, কাসা।

কাস পুং [√কাস্+অ (ঘঞ্)-ণ] **১** রোগবিশেষ, ক্ষবথু। "°ঘ্ন, °বিনাশন, °হর (সুশ্রুত)। শ্বাসকাসকৃতায়াসঃ কণ্ঠে ঘুরঘুরায়তে ভ ৩.৩০.১৬। **২** ক্ষুৎ, হাঁচি। **৩** কাশতৃণ। **৪** শোভাঞ্জনবৃক্ষ। **৫** (বাঙলায়) শ্লেষ্মাজন্য গলশব্দ ; কাসি। "কাস ঘন ঘন ব ২০৬। —সিকা স্ত্রী কাসরোগ (অথর্ব্ববেদ)।

কাসঘ্ন বিণ [কাস+ √হন্+অ (টক্)-ক ; উ.ত ; স্ত্রী -ঘ্নী] কাসহর। —ঘ্ন পুং মোদকবিশেষ। —ঘ্নী স্ত্রী কণ্টকারী।

কাসন্দি ; কাসর[১] দ্র 'কাশন্দি; কাঁশর'।

কাসর[২] পুং [কে (জলে) সর, স.ত, দীর্ঘ (অ.টী)] যে জলে যায় ; মহিষ। "ম ৩৯৯। শ্রী.মা ১১৭। [°জামা (অপ্র)—মহিষচর্ম্মের বর্ম্ম (?)। "কাসরজামা গায় শ্রী.মা ১২১।]

কাসার পুং [ক (জল)+আসার ; ষ.ত] জলের সঞ্চয়াধার ; সরসী, তড়াগ, সরঃ। "কাসারোপবনপবন গী.গো ২.২০।

কাসি ; কাসিকা দ্র 'কাশি২ ; কাস'।

কাসীদ বি [আ কাসীদহ্] পত্রবাহক, পিয়ন্, হরকরা। "কাসীদরা যেমন পৌছে সংবাদ লিখিবাঃ কাসীদ জোড়িকে রাহি করিবা E. P. 116.

কাস্ত,-স্তা,-স্তিয়া,-স্তে বি [সং 'কর্ত্রিকা'—মূল (?)] ধান্যচ্ছেদনার্থ চন্দ্রকলাকৃতি অস্ত্রবিশেষ। "সুনার কাস্ত ঃ সুনার কাস্তাখানি শূ ১১১। ব.প ১১৪। [কাস্তেবটী—কাস্তিয়ার মত কাঁটাধারযুক্ত খড়-কাটা বটী। কা'স্তে-ভাঙা 'ড'—ভাঙা (বাঁটহীন) কা'স্তের মত 'ড' এই বর্ণ।]

কা(খা)স্তগির্ বি [ফা কাশ্ত্কার্—কৃষক] হিন্দুর উপাধিবিশেষ।

কাহন বি [সং কার্ষাপণ >লি কহাপণ, প্রা ক(কা)হাবণ >বা °ন ; হি কাহণ, কহান ; ড কহাণ ; কানো (গো.চ)] **১** ষোলপণ কড়ি ; একটাকা। "সেরের কাহন দরে কিনিনু সন্দেশ ভা.চ ২৮৬। **২** ষোল পণ বা ১২৮০টা (দ্রব্যমাত্র)। "এক কাহন খড় ; এক কাহন আম। [কাহন দরে—**১** এক টাকা মূল্যে। **২** প্রতি কাহন হিসাবে।]

কাহল বিণ [?] **১** ধূর্ত্ত। **২** শুষ্ক। **৩** ভৃশ, অত্যন্ত। —ল পুং **১** কুক্কুট। **২** বিড়াল। **৩** শব্দমাত্র। **৪** [তু 'কলাহক'] বৃহৎ ঢক্কা, ধুস্তূরাকার বাদ্যবিশেষ ; কাহাল। —লী স্ত্রী ['কাহলী'—দেশী ২.২৬] যুবতী।

কাহা[১] সর্ব্ব [দ্র 'কা'২ ; হি কাহ—কোন বস্তু ; কাহের,-রি, কহেঁরি (কাহা+কের ?)—কাহার (চ) ; কাহা (প্রশ্নে,—কনৌজী, ব্রজ—G.H.)] কোন ব্যক্তি, বস্তু বা বিষয়। "রাক্ষস কাহা হৈতে হৈল কৃ.উ ২১। [কর্ত্তৃকারকের একবচন ভিন্ন কারকে ইহার প্রয়োগ—'কাহারা ; কাহাকে, কাহাদিগকে ; কাহা দ্বারা, কাহাদিগের দ্বারা' ইত্যাদি। কাহা—কাহাকে। "সকল রমণী, ধাইল অমনি, কেহ কাহা নাহি মানে।—চণ্ডীদাস। কাহাকেহো—**১** কাহাকেও, কাহা হইতেই। "কাহাকেহো নাহি ডর কৃ.উ ১৭। **২** কোনো জনকে। "কাহাকেহো কামড়াঞা মারে কৃ.উ ৩৭। কাহাতে—**১** কোনটায়। "কোন গজে বীণা বাজে কাহাতে সাহিনী চু ১৮। **২** কাহার কাছে। "খুদাকালে কাহাতে মাগিবা ম.গা ২৬। কাহারাও, কারাও—কোন কোন লোকও। কাহারু,-রো, কারু, -রুর, -রো—কোন জনেরও। "কাহারো বচনে শ্রী.কী ৩৩০। ন ৫০৭। এ নবাব থাকিলে কাহারু জাতিপ্রাণ থাকিবেক না কৃ.চ ৩৯ ; ৪৪,-৬। কাহুকে ('কাহাও-কে'—মূল)—কোন জনকেও। "চণ্ডালিনী আদি করি কাহুকে না ছাড়ি চৈ.ম ১১৫। কাহি—কাহাতে, কাহাকে। "দোখ দেয়ব অব কাহি বি.প ১৫৬। কাহে—সমুঝায়ব খেদ বি.প ১৬৮। কাহাক,-কে,-কেহো,-কো, -হারে,-কাহো।—(শ্রী.কী)।]

কাহা[২]**, -হাঁ** ক্রি-বিং [সং কুহ ; প্রা কাহে (কস্মিন্) ; হি কহাঁ] কোথায়। "কাহা নখচিহ্ন, চিহ্নলি তুহুঁ সুন্দরি, গুরু নব কুচুমরেহ। —গো ১৯৯। কাহাঁ শিখলি ইহ রঙ্গ (প.ত)। [কাহাঁতে—কোথায়, কাহার নিকটে। "এ তণ্ডুল কাহাঁতে পাইলা চৈ.চ ২৬৬।]

কাহাকুহী বি পক্ষিবিশেষ, হাঁড়িচাচা (?)। "ভা.চ ১২৭।

কাহার বি [সং কাহারক (শ.ক) ; হি কহার ; কহার—জলাহারক (অ.রা) ; কাহার (দেশী ২.২৭)] **১** শিবিকাদিবাহক হিন্দুজাতিবিশেষ ; বেহারা, কাওরা। "ভা.চ ৪৮৫। আ.চু ১১৭। **২** জলহারক (জলবাহক) পশ্চিমদেশীয় হিন্দুজাতি। "শ্রী.ম ২২৩। —রি বি কাহারের বৃত্তি ; শিবিকাদি-বহন। "কাঁদ ফুলে ঢিপিপানা হয়েচে, ভাল কাহারি কত্তি গিইলি ন.ত ৭৭।

কাহারবা বি (সঙ্গীতে) তালবিশেষ। [রওআনী কাহার প্রভৃতি জাতীয় লোকে যে চতুর্মাত্রিক ছন্দে সচরাচর গান করে, সেই ছন্দের নাম 'কাহারবা' (গী.সা)। পশ্চিমে কাহারের বাদ্য 'কাহারবা' ; তদনুসারে তালের নামকরণ।]

কাহাল বি [সং কলাহক (কহালক) >বা (কহাল) >°ল, ঠ কাহাল] বাদ্যবিশেষ। "কৃ.উ ২১৯, -৪১। কৃ ২৫৬। জ.ম ২৪। শ্রী.মা ৫৩। চ.বি ৪১।

কাহি সর্ব্ব [কাহা১+ই৪ ; হি 'কাহি'—"কাহি কহৌঁ যহ (তুলসীদাস) ; মৈ কাহি, -হী · তু 'কাহি' (সং কিম্, কোঽপি, কুত্র—চ ; দো) ; অপ্র] **১** কাহাকেই। "পো বর্জ্জিতে তোমার বাপ কাহি নাহি জানে কৃ.উ ২৮২। **২** [+ই৫] কাহাতে, কাহার উপরে। "দোপ দেয়ব অব কাহি বি.প ১৫৭। **৩** কাহাতে, কাহার মনে। "কনয় কমল হেরি কাহে ন লোভ বি.সা ৩১। —হি, -হিঁ ক্রি-বিং [হি কাহে ; তু 'প্রা কিহে (সং কস্মাৎ—হে)] কি হেতু ; কেন। "কি করহ এ সখি আওল কাহি (পাঠান্তর 'আয়লি কাহিঁ'—প.ত) বি.প ১০৮। [কাহিক—কাহার। "কাহিক সুন্দরি কে তাহি জান বি.সা ৩১।]

কাহিনী বি [সং কথানক, -নিকা >প্রা * কহাণঅ, -ণিআ >বা (কহানি >কহিনি) কাহিনী ; হি কহানী ; ঠ, গু কহাণী ; সি কিহাণী ; কঁ(কা)হিনী (শ্রী.কী)] **১** (অপ্র) বক্তব্য বিষয় ; প্রস্তাব। "পাত্র মিত্র লৈআ রাম কহেন কাহিনী কৃ.উ ২৭১। **২** পুরাণকথা, ইতিহাস, উপাখ্যান, আখ্যায়িকা, গল্প। "কাহিনী কহয়ে কেহ কেহ হল্য শ্রোতা ব.প ৪৮১। ও মা ঠিক এ যে শুনায় কাহিনী, কাল ছিল রাণী, আজ ভিখারিণী।—কা ১৩৫। **৩** বৃত্তান্ত, বিবরণ, বার্ত্তা, কথা। "সরূপে কাহিনী বড়ায়ি কহ শ্রী.কী ১৬ ; কহ সরূপ কাহিনী ১৩৫ ; সুনহ কাহিনী ৩০৭। লোকের আগে কাহিনী কহিবে কোন লাজে ব.প ৪৯৭। **৪** বিষয়, কথা। "রাজা মৃগ মাইলে রাহি অপযশঃ

কাহিনী ব.প ৪৯৮। ৫ ঘটনা, ব্যাপার, কাণ্ড। "নিশির কাহিনী. শুনিতে লাগয়ে সাধা চ.দা ৭৪। ৬ মিথ্যা কথা, কথামাত্র, অসার বাক্য। "অবধিক আশ. ভেল সব কাহিনী. কত সহ পাপ পরাণ বি.প ১৬৮। এ নহে কাহিনী এ নহে স্বপন. আসিবে সে দিন আসিবে স.স্ব ৯৯। ৭ (অপ্র) কথা, বাক্য। "গর্জ্জন করিয়া বলে বিরূপ কাহিনী। শুনরে পাপিষ্ঠী হের শমনভগিনী॥ —শ্রী.ম ২০৮।

কাহিল বিং [আ কাহিল্—অলস; তু 'সং কাতর >প্রা কাহল (হে ১.২১৪), সং কাহল—শুষ্ক; হি কাহিল—অলস; ঠ কাহীর—ক্লান্ত, খিন্ন] ১ দুর্ব্বল, বলহীন। ২ .ভীরু, পৌরুষহীন। "স্বভাব যাদের বঞ্চিত করে' কাহিল করে' রেখেচে, তা'রাই অন্যের স্বভাবকে কাহিল করবার পরামর্শ দেয় য ৫৯। ৩ অসুস্থ, পীড়িত। "আমি বাড়ীর ভিতর যেতে চাইলেই গিন্নী বলেন কাহিল জা ৩০। ৪ শীর্ণ, ক্ষীণ, রোগা। ৫ (অপ্র) কৃশ (slender)। "চটুল সুন্দর কাহিল শরীর ব.সু ৩৮। —ল বিং (অপ্র) পীড়িত, অসুস্থ, কাতর। "ছয় মাসের কাহিল রাজা মহলের ভিতর গো.চ ৯; ১০। [কাহিল পড়িল—পীড়িত হইল। "গো.চ ৮। কাহিল করা—১ দুর্ব্বল বা শীর্ণ করা। ২ কাতর বা জব্দ করা। কাহিলী (আ কাহিলী—আলস্য)—দুর্ব্বলতা, শীর্ণতা।]

কাহু সর্ব্ব [কাহাও >কাহো >কাহু; হি কাহু, -হূ (কা+হু)—any one; মৈ কাহু; বৈষ্ণবসাহিত্যে; তু 'কাহু'—"কাহু কহিজ্জই (কস্য কথয়ামি—দো ১০৩)] ১ কাহাকেও। "কাহু করে আলিঙ্গন: কটাক্ষে ভুলায় কাহু রা.প ৪১। ২ কাহারও। "(কাহু) কুচে নখরেহা: কাহু সঙ্গে রা.প ৪১। ৩ কাহাকেও। "কত বিদগধ জন রস অনুমোদই, অনুভব কাহু না পেখি (প.ত)। [কাহুক (হি কাহু কো)—১ কাহারেও। "পিয়াক গরবে হাম কাহুক না গণলা বি.প ১৭৬। ২ কাহারও। "করে লগুড় কাহুক ন.প ৩২৪। কাহুকে—কাহাকেও। "কাহুকে না কহি কিছু ন.প ৫৯। ন.বি ৬৪। কাহুকে. কুটিল নয়নে নাহি চাহ (প.ত)।]

কাহে ক্রি.বিং [সং কথম্, কস্মাৎ >প্রা কহং (হে ১.২৯), কাহে (হে); হি কাহে; বৈষ্ণবসাহিত্যে] কি হেতু; কি নিমিত্ত; কেন। "কনক কমল নাহি কাহে মনোলোভা বি.প ২৫; নীবিবন্ধন হরি কাহে কর দূর ৭৫; কাহে হোয়বি বিমুখ ৮১; কাহে কহলি ১২৩; ২০২। কাহে ডরসি দেখি বি.সা ৮৬। কাহে না মিলল কান চ.সা ১০৪। কাহে তহঁ আয়লি ছাড়ি: কাহে বাঢ়ায়লি বাত।—গো ২২০; অব কাহে তাক চরিত কহি ঝুরসি ২২১। কাহে বা ছাড়িব ঘর বাড়ী। —ক.চ ১০৯। কাহে করিলে সহন চৈ.চ ৩০৩; আদিবস্থা দুঃখ কাহে মানে ৩১৪। কাহে দেহ আহুতি ব ১৭১। রোয়সি কাহে ব.প ১০১৬। [কাহে লাগি—কি জন্যে (প.ত)।]

কাহো-হোঁ সর্ব্ব [কাহা+ও, ˜ আগম; বৈষ্ণবসাহিত্যে] ১ কোন জন। "লজ্জা দূর করে, কাহো হৈতে নহে জয়।—চৈ ১৫। ২ কাহাকেও। "আইলা প্রভুর স্থানে কাহোঁ না দেখিয়া চৈ.ভা ১৭৮। কাহো...করে আপ্যায়িত চৈ.চ ২২০। ৩ কিছুই। "কাহো নাহি গণি কৃ.উ ৩৯। মুক্তিত তোমার অঙ্গে ভক্তিরস বিনে। অন্য নাহি দেখোঁ কাহোঁ কায়বাক্যমনে॥—চৈ.ভা ৪৮৬। ৪ কাহারও। "কাহো সনে নাহি দরসনে কৃ.উ ২০১। [কাহোকেরি—কাহারও। "কাহোকেরি পয়োধর মধুর বদর। কাহোকেরি দাড়িম্ব কারো ত শ্রীফল॥ —শ্রী.ম ৯৮।]

কাহ্ন[১], **-হ্নু** বি [কান্হ >'কাহ্ন; দ্র 'কান'[৩]; কাহ্ন,-হ্নু (চ)] কৃষ্ণ। "কাহ্নু দেখি।—শ্রী.কী ৫; কাহ্নুর লাগ ৩৪০। গরল গরসব কাহ্ন জ.প ৪৬; কাহ্নু কোরহি ৫৩; ৫৪। নন্দের নন্দন কাহ্নু ম.পা ৩২; ৭১। কাহ্নু মদনরূপ ব.প ৯৬৮; এ কাহ্নু এ কাহ্নু তোরি দোহাই ১০০৮: কাহ্নুক ১১২০।

কাহ্নাই, -ঞি বি [দ্র 'কানাই'] কৃষ্ণ। "কাহ্নাইক আশ।—শ্রী.কী ২৪: কাহ্নাঞি আনুমতি দিল ৩৮৩। আল কাহ্নাঞি ল ব.প ৯৬৮। ম.পা ১১৫; ১১৮।

কি[১] সর্ব্ব, বিং [সং কিম্ >প্রা কিং, কি (কি করেমি—সং 'কিং করোমি, হে ১.২৯) বা কি; হি ক্যা, কৌন সা; ঠ কোণ; প কী; মৈ কি, কী; ফা কিহ্; কিয় (চ)] ১ কি প্রকার, অর্থাৎ অসম্ভব। "নান্দের ঘরের. গরু রাখোআল. তা সমে কি মোর নেহা শ্রী.কী ১৯। ২ বস্তু বা বিষয়ের বিশেষত্বসূচক বা পরিচায়ক। "কি খবর? কি বই? কি কথা আছে? ৩ কোন। "কি বুলিব তোরে উপদেশ বচনে শ্রী.কী ৩০; কি না লাভ লোভেঁ কাহ্নাঞি না চিহ্ন এখন ৫৭; দূর জাইবোঁ কি কারণে ৭৬। কি ধন চায়।—ক.চ ২১১। ৪ অনির্ব্বচনীয়, বিস্ময়কর, অলৌকিক। "কি ছিল, কি হল নামগুণ দেখ এ 'কি'?—দ্রু ২৯। কি রূপ কিরূপ করি কৈল কমলজ বি.সু ৪৭। ৫ অতিশয়, অত্যন্ত (ঘৃণা হর্ষ বিস্ময় বিষাদ প্রভৃতিতে)। "একি মনোহর (নাগর) ভা.চ ২৭৫; এ কি অপরূপ রূপ তরুতলে!—র ২৭৮। হায়, লোকরঞ্জন কি দুরূহ ব্রত!—সী ৬। আহা, কি সুন্দর পাখী! আহা, কি নিষ্ঠুর! কি ময়লা কাপড়! —সর্ব্ব ১ কি বস্তু, বিষয়, কথা ইত্যাদি (প্রশ্নে)। "কি লাগিয়া কান্দ বাছা ক.চ ২১১। কি লঞাঁ যাইবোঁ ঘরে শ্রী.কী ৮০। কি বলে লক্ষ্মণ কৃ ৯৭। ২ কি নিন্দার কথা বা ভৎর্সনাবাক্য (ভয়ে)। "শুণিআঁ বা কি বুলিবে ঘরের গোয়াল শ্রী.কী ৩৩। ৩ কি ব্যাপার (বিস্ময়ে)। "কি না মোক ভৈল এত কালে। মহাদাণী ভৈগেল গোকুলে॥—শ্রী.কী ৪৭। ৪ কোন্ প্রতিকার (স্পর্দ্ধায়)। "কি করিতেঁ পারে তোর সে না কংস রায় শ্রী.কী ৭২। কি করিতে পারে রাম মনুষ্যপরাণে।—কৃ ২৫২। ৫ কি দুঃখ (বিষাদে)। "হরি হরি নিদয়া বিধি কি লেখিল শ্রী.কী ৬২। ৬ কি হেয় বস্তু; তুচ্ছ বিষয় (তাৎপর্য্যার্থে)। "কি হয় কনকজ্যোতি সে দেহের আগে চৈ.ভা ১৭৮। ৭ কি দশা বা অবস্থা (বিহ্বলতায়)। "কি হ'ল আমার, বুঝি বা সজনি, হৃদয় হারায়েছি।—গান ১৯৭। ৮ কি অদ্ভুত বিষয় বা বিস্ময়কর ব্যাপার (আকস্মিক বিস্ময়ে)। "এ কি লো, এ কি লো, এ কি দেখি লো, এ চায় উহার পানে ভা.চ ৩১৯। আহা, কি দেখিলাম!—চা.তৃ ৪১। [কিক (অপ্র)—কাহাকে। "গোআল বলিলে কিক অ.প ২৬। কি কি—কোন কোন দ্রব্য বা বিষয়। "আলেখ্যের উপরিভাগে ঐ সমস্ত কি কি চিত্রিত রহিয়াছে? সী ৬। কি...কি—১ কিরূপ...কিরূপ (অতি-প্রভেদসূচনায়)। "কি ছিল কি হল্য নামগুণ দেখ এ কি!—দ্রু ২৯। কি বাপ!—আর কি ছেলে! ২ এক...অন্য, আর (বিষয়ের বিপর্য্যয়ে)। "সর্ব্বনাশ! বাবা কি বলিতে না জানি কি বলিয়াছেন! —ব.প্র ১২৫। কি বলি, আর কি করে! কিকে (অপ্র)—কি নিমিত্ত, কেন। "কিকে আইলো বড়ায়ি গো।—শ্রী.কী ৬২। কি গো!—ওহে কি (ব্যাপার)! "কি গো! কাঁদছ কেন? কি জানি—অর্থাৎ কিছুই জানি না (সন্দেহে)। "কি জানি হারায় বিদ্যা হাসিবেক গৌড় ভা.চ ২৯২; ৩৫৩। কিপর্য্যন্ত—১ কোন-অবধি; কতদূর। "এই চিত্রপটে কিপর্য্যন্ত চিত্রিত হইয়াছে? —সী ৫। ২ কত, অর্থাৎ অতীব, অত্যন্ত। "তোমাকে দেখে আমি যে কিপর্য্যন্ত সুখী হলাম, তা বল্‌বার নয়। কিবা...কিবা—কিপ্রকার...অথবা কিপ্রকার। "কিবা রূপ কিবা গুণ কহিলেক ভাট ভা.চ ২৬৪। কিরকম—কি-প্রকার, কিরূপ। "কিরকম কথা! কি রকম—কি প্রকার; কি ভাব। কি রূপ—অর্থাৎ অলৌকিক সৌন্দর্য্য। কিরূপ—কিপ্রকার,

কীদৃশ। দ্র 'কি (৩)। কি রে—ওরে কি (বিষয়, দ্রব্য)। "কি রে! আমাকে বল্ না, শুনি। কি লো—ওলো কি (বিষয়, দ্রব্য)। "কি লো দেখছিস্? (স্ত্রীভাষায়)।

কি২ অব্য [সং কিম্ (অব্যয়) >প্রা কি (হে, পৈ); হি ক্যোঁ; মৈ কি, কী; অস কি] **১** প্রশ্নে। "পরধন দেখিলে কি পায় ভিখারী? —শ্রী.কী ৫৯। সখে!…তুমি যে পদবীতে পদার্পণ করিয়াছ, উহা কি সাধুসম্মত? কি ধর্ম্মশাস্ত্রোপদিষ্ট পথ? কি তপস্যার অঙ্গ? কি স্বর্গ ও অপবর্গ লাভের উপায়?—কাদ ৫৭। **২** সসন্দেহ প্রশ্নে। "আইল কি বিদ্যাধরী স্বয়ম্বরস্থান কৃ ৩০। ও কি শ্যাম নটরাজ। জলদ কল্পতরু তরুণী সমাজ॥—গো ৮২। **৩** সবিস্ময় প্রশ্নে। "কি! —তুমি অপরিসীম? আকাশ ত তার চেয়ে বড়।—মন্দ্র ৪২। **৪** কিংবা, অথবা (বিতর্কে, অবধারণে)। "হাস কি ঝরয়ে অমিয়া মকরন্দ। হার কি তারক জ্যোতিক ছন্দ॥—গো ৮২। দেব কি দানব, নাগ কি মানব ভা.চ ৩১৯। (অকৃত্রিম প্রেম) কি যৌবন কি বার্দ্ধক্য, সকল অবস্থাতেই একরূপ ও অবিকৃত সী ১৭। আমি যে তোমাকে পত্র লিখিলাম, কি ভবিষ্যতে লিখি, তাহাতে লোকে নিন্দা করিবে ব.প্র ৯৮। নব্যতন্ত্রর কি ঘরে কি বাহিরে প্রায় পিরহান পরিয়া থাকেন ব.প ১১৯৩। **৫** বা, অথবা (দুই বা ততোধিক বিষয়ের মধ্যে একের নির্দ্ধারণে)। "সাহিত্য কি ব্যাকরণ, কি অঙ্কশাস্ত্র, যা হয় একটা পড়। **৬** [মৈ 'কি, -কী৮—I say that (Grierson)] (অপ্র) বলি কি, বলি যে। "দু ২৯; এক ব্রহ্ম সকল বস্তুতে কি ব্যাপিতঃ সে অমৃত অমূল্য কি সেই সে প্রশংস্য।—৩২; ৩৪; ৪২। [কি আরে!—**১** অবজ্ঞাপূর্ব্বক উপহাসে। "আই মা কি আরে মোর নিকড়ো নাগর শি ৮৬। **২** সবিষাদ বিরক্তিতে। "আম্বল কৈলী ঘোল দহী। কি আরে কাহ্ন। —শ্রী.কী ৭৮। কি…কি…কি…কি—দ্র '(১), (৩)'। কি গো! —**১** সম্বোধনে (অতর্কিত দর্শন হেতু বিস্ময়ে)। "কি গো! কখন এলে! **২** কেন হে (উত্তরে)। কি-না? { সং কিম্ (কিম্-নু) >প্রা কিণ—প্রা.প্র ৯.৯ }—প্রশ্নে, কি? "মোরে কিনা ভয়িআঁ গেল বড়ায়ি নাএ শ্রী.কী ৩৭২। কি না—কিংবা না। "যাব কি না, এখনও ঠিক করি নি। কি রে।—**১** সম্বোধনে। "কি রে, কোথায় যাচ্ছিস্! **২** অতর্কিত দর্শন হেতু সবিস্ময় সম্বোধনে। "কি রে! কখন এলি! কি লো!—সম্বোধনে (স্ত্রীভাষায়)। "কি লো, কোথায় যাস্!]

কি৩ কা,ক্তি [হি কা (পুংলিঙ্গে), কী (স্ত্রীলিঙ্গে); বৈষ্ণবসাহিত্যে] সম্বন্ধার্থে ষষ্ঠী বিভক্তি 'র'। "কুচ কুম্ভ কহি গেও আপন কি আশ বি.প ২৫; সুরত কি বাত ৫৭। বৈঠল ব্রজ কি ভূপ।—গো ২০। অরুণ চান্দ কি বাদ ব ৬৫।

কিঅ বিং [সং কৃত>প্রা কিঅ (পৈ, প্রা.ম); অপ্র] কৃত, রচিত। "শবরে জহিঁ কিঅ বাস।—দো ১৩০। সকল শরীর৲ কুসুম তুঅ সির-জল৲ কিঅ দঈ হৃদয় পখাণে বি.প ১২০।

কিএ অব্য [মৈ কিএ] প্রশ্নে। "মদন-সদন বদন-ইন্দু৲ নিরখি যুবতি-হৃদয়-সিন্ধু৲ ছল ছল দিঠি৲ জল ছলে কিএ৲ উছলি-পড়ত বারি জ.প ১৫।

কিং সর্ব্ব, ক্লী [সং কিম্ (ক্লীবলিঙ্গ-১মা-১ব)] কি দ্রব্য, কি ধন। "কিং জিতং কিং জিতং বলি, হইলে যে কুতূহলী, কেন তাহা না ভাব কৌরব?—ম ৯৯০। —ব্য কি প্রয়োজন। "কিন্তো মন্তে কিন্তো তন্তে কিন্তো রে ঝাণবখানে চ ৫৩।

কিংকর্ত্তব্যবিমূঢ় বি [স.ত] কি কর্ত্তব্য, তদ্বিষয়ে সম্পূর্ণ বিচারশক্তি-হীন; কর্ত্তব্যনির্দ্ধারণে সম্পূর্ণ অসমর্থ। "সী ২৭।

কিংখাপ, -ব, কিঙ্খাপ, -ব বি [ফা কম্খ্‌ৱাব্] সোনার বা রূপার বেল-বুটাদার ঘন রেশমী কাপড়ের বস্ত্রবিশেষ। "কিঙ্খাপ জামদানী সাড়ী ব.প ১৫১২। কিংখাপের বেশ অ.গু ৭৭। তার দাম দাঁড়াবে কিঙ্খাবের টুকরোর মত ঘ ১২০।

কিংবদন্তি, -ন্তী স্ত্রী [কিম্+ √বদ্+অন্তি (ঝিচ্), উ ৩.৫০; বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্); 'কিম্বদন্তি, -ন্তী' অসাধু] সত্য বা অসত্য অপবাদ (অ.টী); জনশ্রুতি, গুজব। "উ.চ ১.৪৩।

কিংবা বা [কিম্+বা; 'কিম্বা' অসাধু] **১** বিতর্ক। **২** সম্ভাবনা। **৩** বিকল্প, অথবা, পক্ষান্তরে। "কিংবা মুক্তি স্বপন কি প্রলাপ দেখিল ভ.গ্র ১৯; ৩৯৭। কিংবা সৌরকর যথা মুকুটরতন৲ রচি ইন্দ্রচাপে, রঙ্গে নীল কাদম্বিনী ন ৪৪৭; ৪৫৫ গভীর কাননে কিংবা বিজন প্রান্তরে স.শ ৫৪।

কিংশুক পুং [কিম্+শুক—পুষ্পের শুকচঞ্চুর সাদৃশ্য হেতু 'শুক কি?' এই বিতর্কজন্য 'কিংশুক'] **১** পলাশবৃক্ষ। "পুষ্পিতৌ…শাল্মলিকিংশুকৌ গো.রা ৬.৬৮৩১। পুষ্পিতা ইব কিংশুকাঃ মহা ৩.১০৫; ১১। **২** পলাশপুষ্প। "কিংশুকবর্ণাভা গো.রা ৫.৫২.১৪। নির্গন্ধা ইব কিংশুকাঃ। —চাণক্য। কিংশুকৈঃ শুকমুখচ্ছবিভিঃ—ঋতু ৬.২০।

কিখি পুং [ধ্বন্যাত্মক] **১** কপি। **২** শৃগালবিশেষ, খেঁক্‌শিয়াল। "মুগ্ধবোধ, ৩৭৭, টীকা। রঙ্গ ৫০। —খি স্ত্রী খেঁক্‌শিয়ালী।

কিঙ্কর পুং [কিম্+ √কৃ+অ (অচ্)-ক, পা ৩.২.২১, বার্ত্তিক; উ.ত; স্ত্রী -রা,-রী] ভৃত্য, দাস, পরিচারক। "রঘু ২.৩৫। কাতরে কিঙ্করে ডাকে তার ভব ভব।—কাব্যনির্ণয়। —রা স্ত্রী [°র+স্ত্রী আ (টাপ্)] দাসী, পরিচারিকা। —রী স্ত্রী [°র+পুংযোগে স্ত্রী ঈ (ঙীষ্)] **১** কিঙ্করস্ত্রী, ভৃত্যভার্য্যা। **২** (বাঙলায়) পরিচারিকামাত্র, চাকরানী।

কিঙ্কিণি, -ণিকা, কিঙ্কিণী স্ত্রী [কিম্+ √কণ্+ই (ইন্)-ক, পৃষো, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), -ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্); তু 'কিঙ্কণী' (অ.চি), কঙ্কণী (ভারত), কঙ্কণিকা (শব্দরত্নাবলী); কিঙ্কিনী (শ্রী.কী), ধ্বন্যাত্মক—'কিন্‌কিন্', 'কিনিকিনি'—মূল (?); তু 'কঙ্কণ'] যাহা কুৎসিত রব করে (অ.টী); ক্ষুদ্রঘণ্টিকা, ঘাঘর, ঘুংগুর, ঘুমুর। "কিঙ্কিণীশতমণ্ডিত (রথ) গো.রা ৩.২৮.৩২; °জালবাচালা (লঙ্কা) ৫.৯.৫৯। °ণীজালমালী (রথ) মহা ১২২০.৩। °ণী কু.স ৭.৪৯; মাঘ ৯.৭৪। কিঙ্কিণী বাজে শ্রী.কী ২৯২। কিঙ্কিণী-নাদ জ্ঞা ৫৬। কটিতে কিঙ্কিণী ভ.গ্র ৪৪০। কিঙ্কিণীর বোল মে ১৯। °ণী মা ১৫৬। ক্ষীণ কটি ঘেরি বাজে কিঙ্কিণী।—রবীন্দ্র।

কিচ১ 'চ্' বি [হি কীচ; তু 'সং কচ্চর'; বৈষ্ণবসাহিত্যে] কর্দ্দম, পাঁক। "যো পদ শারদ-কোকনদ-দলহিঁ৲ ধূলি পরশে সীতকার। উচ নীচ কিচ বীচ তব সো পদ৲ কৈছনে করব সঞ্চার॥—জ.প ২৫। ব.প ১১২৬। [কিচ বিচ—কর্দ্দমের মধ্যে। হি 'বীচ'—মধ্যে।]

কিচ২, -চা সর্ম [সং কৃত্য, -ত্যা >প্রা কিচ্চ, -চ্চা (প্রা.ম) > √কিচ,-চা (?); হি √কিচকিচা] ক্রোধে দন্তকৃত্য (দন্তপেষণ) করা; খিচান। "আমা পানে চাহিয়া সঘনে দন্ত কিচে॥ কৃ.উ ১৭৯। [কিচ(চা)ন—সর্থ খিচন।]

কিচকিচ বি [হি °চ; তু 'কিচ২'] **১** বিবাদ, ঝগড়া, তকরার। **২** [ধ্বন্যাত্মক] দাঁতে বালি ভাঙ্গার মৃদু শব্দ। "শাগে বালি কিচকিচ ক'চ্ছে। **৩** চটকাদি ক্ষুদ্র পক্ষীর রব [কিচকিচান—কিচকিচ শব্দ করা। কিচকিচ করা—**১** ঝগড়া করা। **২** কিচকিচ শব্দ করা। কিচকিচে—বালুকামিশ্রিত (যাহা খাওয়ার সময়ে কিচকিচ শব্দ হয়)।]

কিচমিচ, কিচ্‌মিচ্, কিচিমিচি বি [ধ্বন্যাত্মক; তু 'চীচীকুচী' (রা ৩.২৩.১৫)] **১** বানরের বা হনুমানের শব্দ। "অনেক বানর মেলি করে কিচিমিচি কৃ ১৬৮। কিচ্‌মিচ্ কিচ্‌মিচ্ হুপ্ হাপ্ হুপ্ অ.গ্র ১২১। **২** চড়াই সালিক প্রভৃতির রব। "একদল সালিখ…ভারি উত্তেজনার

সঙ্গে কিচিমিচি বাধিয়েছে ঘ ১৩২। ৩ ছুঁচার বা চিকার শব্দ। "কিচমিচ করে কত ছুঁচা পণে পণে ক.চ ২৭৭।

কিচিকিচি বি [ধ্বন্যাত্মক] অব্যক্ত শব্দ ; কালপেঁচার ডাক। "কিচি-কিচি কালপেঁচা…ডাকে শ্রী ২৩৭।

কিচিরমিচির বি [ধ্বন্যাত্মক] ক্ষুদ্র পক্ষীর কলরব।

কিচু বিং [দ্র 'কিচ্ছু' ; অপ্র] ১ কিঞ্চিৎ, অল্প, একটু। "কিচু নাঞি করিগো…অপরাধ কৃ.উ ১১১। ২ অল্পকালব্যাপী, একটু। "কিচু নিদ্রা না গেলে বিরোগ হএ কাএ মী ২৬।

কিচ্ছু বিং [কিছু > কিচ্ছু (emphatic)] অল্পও, একটুও, একবিন্দুও (নিষেধে)। "খুকী তোমার কিচ্ছু বোঝে না মা।—শিশু ৩১ ; দাদা তুমি জান না কিচ্ছুই ৫৯। স্নেহ মায়া কিচ্ছু কি নেই ঘটে!—প.কা ৫৮। আমি কিচ্ছু কেয়ার করিনে ঘ ৫৭।

কিছু বিং [সং কিঞ্চিৎ > প্রা কিচ্চু, কিছুঅ (পৈ) > বা কিছু, -চু ; Av. kasu—little, small ; হি কিছু, কুছ ; প কুচ ; মৈ কিছু, কুছ, কুছু ; কিছ (গো.চ) : কুচ্ছ (দো)] ১ কিঞ্চিৎ, অল্প, একটু। "জমিজমা আছে কিছু।—কথা ৬৯। ২ একটু (কালবাচক)। "কিছু আগেই…ডাকাতে করতে বলেছিলুম ঘ ১৮৬। —ছু বি কোন বস্তু, বিষয় বা ব্যাপার। "আমার দৃষ্টিতে বিমলার সমস্ত কিছু…অঙ্কিত হ'ল ঘ ১৩১ ; আমার চেয়ে তোমার আর-কিছু সেই—বন্দে মাতরং ১৮৮। [কিছুই—একটুও, কোনও। "কার সনে কিছুই সম্পর্ক নাই আর স.শ ১২৮। কিছু করি—অল্প করিয়া, অর্থাৎ যৎকিঞ্চিৎ। "কিছু করি ভিক্ষা দিব গো.চ ২৭। কিছু কালান্তরে (অপ্র)—কিয়ৎকাল পরে। "কৃ.চ ১৭। কিছু কিছু নয়—কোন বিষয় একটুও কার্য্যকর বা সত্য নয়। "নন্দের শুনি ভারতী, কহিতেছে যশোমতী, বলে সব মিথ্যা কিছু কিছু নয় দা ৬৩। স.শ ১২৮। কিছুতেই কিছু হওয়া—কোনপ্রকারেই কিছু সুফল হওয়া ব.প্র ৩৪৩। কিছু-না—কিঞ্চিতেরও অভাব ; সব বিষয়ের অভাব। "এক মুহূর্ত্তে কিছু-না থেকে একেবারে সব-কিছুকে যেন ছাড়িয়ে উঠেছি ঘ ১৮২। কিছু-না-কিছু—নিশ্চয় কিছু। অনেক কিছু (হি বহুত কুছ)—বহু বিষয়। যা-কিছু, যাহা-কিছু—১ যৎকিঞ্চিৎ, সবই। "বিশ্বের এই যা-কিছু, খুব সহজ ঘ ১৩২। ২ যৎকিঞ্চিৎ, যে দ্রব্যজাত। "হে পূর্ণ, তব চরণের কাছে। যাহা-কিছু সব আছে আছে আছে।—রবীন্দ্র। আমার যা-কিছু আছে সব তোমার প্রেমে ভাসিয়ে দেব ঘ ১৮৮। সব কিছু (হি সব কুছ ; বহুত কুছ)—সর্ব্ব দ্রব্যজাত ; বিষয়মাত্র। দ্র 'কিছু-না'।]

কিঞ্চন ব্য [কিম্ + চন অসাকল্যার্থে (মুগ্ধবোধ)] ১ কিঞ্চিৎ, অল্প, কিছু। "পুষ্করেণ হৃতং রাজ্যং যচ্চান্যদ্ বসু কিঞ্চন মহা ৩.৬১.১। ২ [অকিঞ্চন > কিঞ্চন (বিপরীতার্থক)] (বাঙলায় ; অপ্র] ধনী। "বরণ আশ্রম, কিঞ্চন অকিঞ্চন, কারো কোন দোষ নাহি মানে গো ৩৪। ব ৫।

কিঞ্চিৎ ব্য [কিম্ + চিৎ অসাকল্যার্থে] ১ অসাকল্য। ২ অল্প, ঈষৎ, কিছু, একটু। "কিঞ্চিৎ বিহস্য রঘু ২.৪৬ ; কিঞ্চিদিব শ্রমাৎ ১২.২১ ; কিঞ্চিদুৎক্রান্তশৈশবৌ ১৫.৩৩। দয়া হয় না কিঞ্চিৎ দা ৫০২। সীতা শুনিয়া লজ্জায় কিঞ্চিৎ সঙ্কুচিতা হইলেন সী ২ ; কিঞ্চিত কুণ্ঠিত ও লজ্জিত ১২। ৩ কোন, কোন-এক। "প্রস্থং হিমাদ্রেঃ…কিঞ্চিৎ। —কু.স ১.৫৪। ৪ কিয়ৎপরিমাণ, অল্প। "°কাল সী ২২। ৫ অল্পমাত্র, কিছু, একটু (দ্রব্য)। [°কর (বিণ)—কিঞ্চিৎকরণশীল, উপকারক, উপযোগী। তু 'অকিঞ্চিৎকর'।]

কিঞ্চিত বিং [সং কিঞ্চিৎ ; অপ্র] ১ ঈষৎ, অল্প, একটু। "নামের মহিমা যদি কিঞ্চিত আমারে (শুনাও) ভ.প্র ৩৬৫। সকলে বাঁটিয়া লও কিঞ্চিত কিঞ্চিত ভা.চ ৮৯। ২ অল্পও, একটুও। "কিঞ্চিত নাহি ক্ষোভ ভ.প্র ৩৭১। —ত ক্রি.বিং কিয়ৎকাল, একটু। কিঙ্কর হেন জানে, কিঞ্চিত পশ্য ত্রিনয়না ম.পা ২৭ ; কিঞ্চিতাধিষ্ঠিতো ভব ৫০ ; কিঞ্চিত নয়নে হেরি ৬৬ ; ১৫২,-৬,-৭৯।

কিঞ্চিদূন বিং [কিঞ্চিৎ উন, সুপ্‌সুপা] ঈষদূন, একটুকম, কিছুকম।

কিঞ্চিন্মাত্র ক্লী [কিঞ্চিৎই ইতি নি.স, ময়ূরব্যংসকাদি] অল্পই, ঈষন্মাত্র। "কিঞ্চিন্মাত্রমাদায় গৃহং প্রবিশাবঃ।—পঞ্চ ১৪৬৩।]

কিঞ্চিলি(লু)ক, কিঞ্চুলুক পুং মহীলতা, কেঁচো।

কিঞ্জল, -ল্ক পুং [কিম্ + √জল্ অপবারণ + অ (অচ্), + ক, -ক (অ.টী)] ১ পুষ্পকেশর (filament)। "হেমকিঞ্জল্কবর্ণ গো.রা ৪. ৪৪.৮৮। পদ্মকিঞ্জল্কসুপ্রভা মহা ১.৯.১৯। কদম্ব° ।—ভ ২.২.৯ ; অরবিন্দ° ৩.১৫.৪৩। উৎপল° (সুশ্রুত)। হিমক্লিষ্ট° রঘু ১৫.৫২। পদ্ম° উ.চ ৩.২। ২ পদ্মকেশর। "কিঞ্জল্কঃ শীতলঃ (ভাবপ্রকাশ)। ৩ পুষ্পরেণু (ত বা)। —ল্ক ক্লী নাগকেশরপুষ্প।

কিটকিটা, -কিটে বিং [সং কিট্ট > কিট (দ্বিত্বে) কিটকিট + আ[১০],-এ[৭] ; 'কেঁটকেঁটে' (গ্রাম্য)] অত্যন্তমলযুক্ত, বড় ময়লা (বস্ত্রাদি)।

কিট(টা)ন বি [সং কীর্ত্তন > প্রা কিট্টণ > বা°ন] ১ (বাঙলায়) 'দোষকীর্ত্তন', দোষকীর্ত্তনপূর্ব্বক তিরস্কার ; তীব্র ভর্ৎসনা। ২ ['কীট' —মূল] অধিক মিষ্টভোজনে কৃমির উদ্রেকহেতু গা-বমি-বমি-ভাব।

কিটা সর্ম্ম [কিটন > √কিট, √কিটা] ১ দোষকীর্ত্তন করা ; দোষ দেখাইয়া তীব্র বা মিষ্ট ভর্ৎসনা করা ; মিঠাকড়া তিরস্কার করা ; বকা। "(গোঙ্গাই) মনেত ভাবিয়া দুক্ষ বলিল কিটাই মী ৩০। মনেত ভাবিয়া দুঃখ গোর্খ কিটাইল গো.বি ৪০ (টীকা) ; গোর্খ বোলিল কিটাই ৪৬ ; ১৩২। ২ অধিক মিষ্টভক্ষণে গা বমি-বমি করা ; গা-কিটান। দ্র 'কিটন (২)। "মিষ্টি খেয়ে গা কিটালে টক্ খেতে হয়। [কেটাই—কিটাইয়া, বকিয়া। "যোগী বহুল কেটাই মী ৯ ; গোর্ক্ষে উঠিল কেটাই ১০।]

কিট্ট ক্লী [√কিট্ গতি + ক (অ)-ক, পৃষো (অ.টী) : তু 'সং কৃষ্ট (কৃতকর্ষণ) > প্রা কিট্ট] ১ যাহা নির্গত হয় ; মল, ময়লা। "তৈল°, লোহ°। লৌহং কিট্টম্ (সুশ্রুত)। ২ তৈলমল, কাইট, কা'ট। ৩ ধাতুর মল ; মরিচা (rust)।

কিড়কিড়, -মিড়, কিড়িমিড়ি, কিড়িরমিড়ির বি [ধ্বন্যাত্মক ; তু 'কিটকিট'—"দন্তান্ কিটকিটায়তে (সুশ্রুত ৪.৩৪.১৮)] মৃদু কড়-মড় বা দন্তঘর্ষণের শব্দ। [কিড়মিড়ন, -ড়ান—কিড়মিড় করা।]

কিণ পুং [√কণ্ গতি অ (অচ্)-ক, পৃষো] ১ মাংসগ্রন্থি। ২ নির্ঘর্ষণজ চিহ্ন ; কড়া, ঘাঁটা (corn)। "চীবরকৃতঃ কিণঃ (মৃ)। ধরণিধারণ° গী.গো ১.৬। ৩ জ্যাঘর্ষণজাত চিহ্ন ; জ্যাঘাতগ্রন্থি, কড়া। "মৌর্ব্বীকৃতকিণ মহা ৩.৮০.১৮। মৌর্ব্বীকিণাঙ্ক শ ১.১৩। °লাঞ্ছন রঘু ১৬.৮৪ ; ১৮.৪৮। কিণাঙ্ক পিতার হাতে মিশুক এখন। বজ্র নিতে আর তাঁর নাহি প্রয়োজন॥—নিবাতকবচবধ। ৪ শুষ্কব্রণ (ত.বা)। ৫ ঘুণকীট। [কিণাঙ্ক (পুং)—কিণরূপ চিহ্ন ; কিণলাঞ্ছন, কড়ার দাগ।]

কিণ্ব ক্লী [√কণ্ নিমীলন + ব (কন্)-ক, উ ১.১৪৯] পাপ। —ণ্ব পুং, ক্লী মদের বীজ ; সুরাবীজ, বাখর (yeast)। "মনু ৮.৩২৬। কিণ্বোদক, কিণ্বপিষ্ট (সুশ্রুত)।

কিতব পুং [কিত + √বঞ্চ্ + অ (ড)-ক (অ.টী) ; ছান্দস ; দ্রবিড়ীয় (?)] ১ অক্ষদেবী, দ্যূতকার, জুয়ার। "মনু ৩.১৫১। ধূর্ত্ত° যাজ্ঞ ২.১৯৯। ২ ধূর্ত্ত, খল। "মহা ৩.৬৯.৩৭। উ.মে ৫০। কিতব, কি তব রীতি বা.দ ১০৮। ৩ বঞ্চক। "ভ ৮.২০.৩। ৪ উন্মত্ত। ৫ ধুস্তুরবৃক্ষ। ৬ রোচননামক গন্ধদ্রব্য।

কি(কে)তা[1] বি [আ কি.তা'হ্] ১ খণ্ড, অংশ, টুকরা। ২ খণ্ড, খানা, তা, কাপি। "এককেতা পরওয়ানা E.P. 76. এই দরখাস্তের এক কেতা অবিকল নকল।—য ৩। ৩ ভূমিখণ্ড, ক্ষেত্র, খেত। "এইরূপে সেই কিতা সেরে চট্‌পট্। কিতা কিতা নিড়াইয়া চলিল সট্ সট্॥—শি ৮০। ৪ ভাগ, অর্থাৎ স্বামী। "সব দিন ছিল মাগার ঐ মতিটা আস্ত। পরপুরুষের পীরিতরসে পর-কিতাটা খাস্ত॥—শ্রী ৯৮। ৫ সংখ্যা, বার (times)। "আমি এই তিন কিতা এথানে এলাম। ৬ কাট-ছাট, ঢঙ্গ। ৭ চা'ল। [কিতাওয়ারী মাপ—কিতায় কিতায় (খণ্ডে খণ্ডে) মাপ।]

কিতা[2] বি [কিত্তা > কিতা; অপ্র] কৌশল, প্রবন্ধ, ফিকির। "কিতা করি মারিয়া ভাঙ্গিল দুই উরু ম ৯৭৮।

কি(কে)তাব বি [আ কিতাব] ১ পুস্তক। "অপাঠ্য সব পাঠ্য কেতাব সাম্‌নে আছে খোলা চ.কা ৩২৮। ২ ধর্ম্মপুস্তক, শাস্ত্র। "কিতাব কোরান গো.চ ৭০; ক.চ ৮৫। কেতাব কোরাণ চৈ.চ ৬৪। কেতাব কোরাণে তার বড়ই অভ্যাস।—ম.ম ৬১। ৩ শাস্ত্রবাক্য, কবচ, তাবিজ। "কিতাব লিখিয়া দেও, গলে যেন থাকে (ম.ম)। ৪ খাতা।

কি(কে)তাবৎ বি [আ কিতাবত্] লেখন, লিপিকরবৃত্তি, লেখকের কাজ। [কিতাবতী লেখা—লিপিকরের মত হস্তাক্ষর; পাকা লেখা।]

কিত্তন বি [সং কীর্ত্তন > লি কিত্তন, প্রা কিত্তণ; গ্রাম্য] ইষ্টদেবতার স্তবগান বা নামকীর্ত্তন। "কিত্তনিয়া জায় কিত্তন করিয়া গো চ ৪৬। [কিত্তনিয়া, -নীয়া—কীর্ত্তনগায়ক।]

কিত্তা[1], **-ত্যা** বি [সং কৃত্যা > বা (ক্রিত্যা, দ্র 'ঋ'[1]) কিত্যা, -ত্তা (ত্যা > ত্তা, বাঙলা উচ্চারণে); অপ্র] মায়া, কপটপ্রবন্ধ, কৌশল, ফিকির। "কিত্যা করি বান্ধি এবে রাখ শ্রীনিবাস: তারে কিত্যা করি, দোষ নাহিক ইহাতে।—ম ৭১৩; কর্ণকে মারিলে কিত্তা করি দুই জনে ১১৬৪।

কিত্তা[2] বি [কিতা > কিত্তা; অপ্র] খণ্ড, খানা, তা। "এক কিত্তা কাগজ আইলা ধরিয়া গো.চ ২৪৮।

কিত্তা[3], **কেত্তা** বি [সং কিয়ৎ; হিং কিত্তা] কত (পরিমাণ, সংখ্যা)। "কহ তুঝে কেত্তা মলিয়াৎ দিয়া সোহি বি.সু ১০১। কেত্তা দিন রা.স ৩৩।

কিনকিন বি [কনকন > °ন (অল্পার্থে); অস °ন—তীক্ষ্ণসুর; তু 'সং √কণ্'] ট্যাঙরা মাছের শব্দ। "কিনকিন করিয়া ট্যাঙ্গনা বাজায় সারেঙ্গি গো.চ ১০৬।

কি(কে)ন সর্ম্ম [সং √ক্রী—ক্রীণা (ক্রীণাতি) > লি √কী—কিণা; প্রা √কিণ—কিণই (হে) > বা √কি(কে)ন; হি √কীন; মৈ √কি(কী)ন; ড় √কিনি; অস √কিন্] ১ মূল্য দিয়া গ্রহণ করা; কেনা। "কেনে দোলা গো.চ ২। কেহ বেচে কেহ কিনে শূ ১২৩। গজ কিনে ক চ ৭৫; কিনে খাসী ৭৬; কিনা ('কিন্যা'—পাঠান্তর) ১৯১। কেনিল দুই বলি: অক্ষত আতপ কেনে ব প ৩৮০। ২ বিনিময়ে গ্রহণ করা। "রাখ্যাছ ভক্তিতে পার্থ মোরে সদা কিনি ম ৮৫৭। প্রেম রত্নদান দিয়া কিনি লও স্বামী ব.প ৩৩৭। ৩ ক্রীতদ্রব্যবৎ আপন বা অধীন করা। "ইহার সংবাদ মোরে যেই আসি দিবে। নিশ্চয় জানহ সেই ভৈমীকে কিনিবে॥—ম ৪৫০। —না, —না সর্ম্ম [√কিন +আ[৮]] ক্রয় করান; কিনান। [কিন, কিনহ—ক্রয় কর। "দাসী কিন কৃ ৯; বিনা পণে কিনহ আমার এ নন্দন ১০। কি(কে)না (হি কীননা)—১ ক্রয়। "বেচা কিনা করে ব.প ৬৬১। ২ ক্রীত। "কেনা গোলাম (ক্রীতদাস)। কিনা, -ন্যা—কিনিয়া। কি(কে)নান—সর্ম্ম 'কিনা'। কিনিবার—কিনিতে। "হস্তি কিনিবার চায় গো.চ ২।]

কিনার, -রা বি [ফা কিনারা, -রহ্; হি, ঠ কিনারা] ১ বেলা, তীর, ধার। "কালিন্দী কিনারে, বিহরে নন্দদুলাল ব.প ৭৯১। কালিন্দী-কিনারে নাগররায় গো ১০৭। জানি হে যবে প্রভাত হবে, তোমার কৃপা-তরণী, লইবে মোরে ভবসাগর-কিনারে।—রবীন্দ্র। ২ সীমা, প্রান্ত, শেষভাগ। "হাটের কিনারে, গিয়া রহে দাণ্ডাইয়া ভ.গ্র ২৪৬। —রা.বি ১ পার্শ্বদেশ, প্রান্ত; ধার। "চৌকীর, তক্তাপোশের কিনারা। ২ বস্ত্রপ্রান্ত, আঁচল, পা'ড়। ৩ কলসী-প্রভৃতির মুখের শেষভাগ বা কানা (brim)। ৪ করণীয় বিষয়ের সীমা, অর্থাৎ সিদ্ধান্ত; উপায়-নির্দ্ধারণ, মীমাংসা। "এই নিয়ে···বোধ হয় সারারাত ভেবেছে, কিন্তু কোনো কিনারা পায় নি।—ঘ ১৬১। ৫ নির্ণয়, নিরূপণ, ঠিকানা। "কে খুন ক'রেছে, তা'র কিনারাই হ'ল না। [কিনারা করা—নির্ণয় করা; মীমাংসা করা। কিনারায় লাগা—১ তীরলগ্ন হওয়া। ২ চৌকী-প্রভৃতির ধারে প্রতিহত হওয়া।]

কিনিকিনি বি [কিনকিন > °নি (অল্পার্থে)] কিঙ্কিণীর মৃদুধ্বনি। "কিঙ্কিণী কিনিকিনি (বাজে) বি.প ১৪৯। কটিতে কিঙ্কিণী, বাজয়ে কিনিকিনি জ্ঞা ১১৭।

কিনিবিকি বি [√কিন > কিনি; √বিক্কিণ (হে ৪.৫২) > বিকি] ক্রয়-বিক্রয়, কেনা-বেচা। "গলহির উপর হাট বাজার করে কিনিবিকি ম.ম ১৪০। আজু অবধি যত কাল কর কিনিবিকি শ্রী ৬৩।

কিন্তু ব্য [কিম্+তু] ১ পূর্ব্ববাক্যের সঙ্কোচ-জ্ঞাপন (ত.বা); পূর্ব্বকথিত বিষয়ের বিরোধ; তথাপি, তাহা হইলেও। "অবৈমি চৈনামনঘেতি কিন্তু, লোকাপবাদো বলবান্ মতো মে রঘু ১৪.৪০। শীত গ্রীষ্ম আদি সবে, বার তিথি মাস রবে, কিন্তু তুমি কোথা যাবে, একবার ভাবিলে না।—রামমোহন রায়। আমি পরম পবিত্র রাজবংশে জন্ম গ্রহণ করিয়াছি বটে, কিন্তু আচরণে চণ্ডাল অপেক্ষা সহস্র গুণে অধম। —সী ২২। ২ কিম্পুনঃ, পুনঃ, পক্ষান্তরে। "ভৃত্যাভাবে ভবতি মরণং কিন্তু সম্ভাবিতানাম্ (সু.র)। ৩ (বাঙলায়) সংশয়, সন্দেহ, দ্বৈধ, আপত্তি। ৪ সঙ্কুচিত, অপ্রতিভ। "তার সঙ্গে অন্য কেহ বলে কিন্তু হ'য়ে। যমের ঘরে আমাদের কেন যাও ব'য়ে॥—হেম ৩৭৮। মা, তুমি কিন্তু হ'য়ে বলছ কেন? যাকে সঙ্গে নিতে হয় নাও—গিরিশ ঘোষ। [কিন্তু করা—সন্দেহ বা আপত্তি করা। Cf., But me no buts. কিন্তু থাকা—সন্দেহ বা আপত্তি থাকা।]

কিন্নর পুং [কিম্ (কুৎসিত) নর, নি.স] ১ কুৎসিত, অর্থাৎ অশ্বমুখ নরশরীর বা নরমুখ অশ্বশরীর (অ.টী) দেবযোনিবিশেষ; কিম্পুরুষ। "মহা ১.৬৬.৭। মাঘ ৪.৩৮। কু.স ১.৮। "কিন্নর করয়ে গান ভা.চ ৮৪। কিন্নরমিথুন-দর্শনে।—কাদ ৩৯। ২ বর্ষবিশেষ, কিম্পুরুষবর্ষ। ৩ অর্হদুপাসকবিশেষ (অ.চি)। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] কিন্নর-স্ত্রীজাতি। "রা ১.১৭.২১। পূ.মে ৫৬। [কিন্নরেশ, -রেশ্বর (পুং)—কিন্নররাজ, কুবের।]

কিপ্‌পিন বিং [[তু 'সং কৃপণ > প্রা কিরিণ (হে ১.৪৬); মৈ কৃপিন; অস কিপিণ; ক্রিপিনতা (ম.গা ১৪)] কৃপণ।

কিপ্রকার বিং [সং কিম্প্রকার] কিংবিধ, কীদৃশ, কিরূপ। [কি প্রকারে—কি রূপে, কি রকমে, কেমনে।]

কিফাতি বি [আ কিফাযত্] অল্পব্যয়, কমখরচা; অল্পমূল্য, কমদাম। "ক্ষেতে দেখে খন্দ যদি খেতে নাহি পায়। কুতকাতে কায়েত কিফাতি করে তায়॥—শি ৬৮।

কিবল বিং [সং কেবল; অপ্র] কেবল, একা, একমাত্র। "শ্রী ২৩; কিবল হরিধ্বনি শুন্‌তে পাই।—দা ৯১; কিবল রহিল বিভীষণের মহল ১১৮০। [কিবল বচন—কেবল কথা; কথামাত্র (কার্য্যতঃ নহে)। "সে তুমি অখিলস্বামী কিবল বচন দ্রু ২৩।]

কিবা¹ সর্ব্ব [কি¹+বা ; 'কি বা' সাধু] ১ কি (বিষয়, বস্তু, ব্যাপার, কথা)। "অকস্মাৎ শুনি কিবা হব বনবান কৃ.অ ১৪ ; সুমন্ত্র কহেন কিবা কহত আমারে ২১। শ্রবণে মানস কিবা কহ মহামুনি ম ৩ ; নাহি জানি ইথি মধ্যে কিবা ভাল মন্দ ৩২১। ২ কিংবা, কি। "কে কোথা কি করে ধ্যান, পূজা করে কেবা কিবা দিয়া ভা.চ ১৫২। ৩ আর কি, অতঃপর কি। "কি হইল কিবা হবে করি কি বিচার চ.বি ১৫। ৪ কি (অজ্ঞেয় বিষয়)। "সুবলে করিয়া কোলে, প্রেমে গদগদ বোলে, না জানি মরম কিবা আছে ব ৪৮। ৫ কি, অর্থাৎ আর কি ; অধিক কি। "অন্নদার রন্ধন ভারত কিবা কয়। মৃত হয় অমৃত, অমৃত মৃত হয়॥—ভা.চ ৫৫০। ৬ অথবা কি ; আচ্ছা কি (বিষয়, কথা)। "তারে কহে তুমি অনুযোগ যে করহ। তোমার মনস্থ কিবা কি করিতে কহ॥—ভ.গ্র ২৭০। ৭ কি, কোন। "নিধন করিব কিবা রূপে বৃত্রাসুরে ম ৯৫৫। ৮ কি, কত, অর্থাৎ অতিশয়। "জলধরে কিবা শোভা সৌভাগ্য দামিনী ব.প ৯২০। না জানিএ কিবা অন্তর সুখে। আচরে কাঞ্চন ঝলকে মুখে॥—জ্ঞা ৫। ৯ কি কাজ ; কি ফল। "সে হাস দেখিতে কিবা করিব অমৃতে ?—চৈ.ভা ১৭৯। ১০ কি, অর্থাৎ কত মধুর ; অতিললিত। "নয়নে নয়নে কিবা সুধা বরিষয় ব.প ৯২০। ১১ না জানি কি। "নাম পরতাপে যার, ঐছন করিল গো, অঙ্গের পরশে কিবা হয় চ.সা ৩২। ১২ কি, অর্থাৎ অতীব মোহজনক ; আহা কি। "কিবা রূপ কিবা গুণ কহিলেক ভাট ভা.চ ২৬৪। ১৩ কি, অর্থাৎ অতীব মধুর বা শ্রুতিসুখকর। "কদম্বের বন হইতে, কিবা শব্দ আচম্বিতে, আসিয়া পশিল মোর কাণে চ.সা ৩৬।

কিবা² অব্য [কি²+বা ; 'কি বা' সাধু] ১ অথবা কি, কিংবা, অথবা, বা, কি (একের অবধারণে, সংশয়ে, বিস্ময়ে)। "মইলে মুকুতি কিবা সুরপুর যাইএ—শ্রী.কী ১২৩। কিবা জলে পশি কিবা অনল ভিতরে ম ৩৩৮ ; হেমন্ত পর্ব্বত যেন কিবা যুথপতি ৫৯০। কিবা রাত্রি কিবা দিন (ফিরে সবা) ব.প ৮৫৩। কৃ.অ ১৬। সে…আছে কিবা নাই কৃ ২৪০ ; মরি কিবা মারি ৩৪১। কিবা উষা কিবা উমা ক.চ ২৪১। কিবা পশু কিবা খগ…কিবা জন্ম লভি মীনাদিতে ম.পা ১২১। চৈ.ভা ১২২ ; ৩২৬। চৈ.চ ১৬৬। ২ কি (প্রশ্নে)। "তোমার ঘাটে প্রভু কিবা হইয়াছে পার ম.ম ১০। ৩ কি, অর্থাৎ অতিসুন্দর, পরমরমণীয়। "দেখি, কোটি ইন্দু কিবা, জিনিয়া অঙ্গের আভা ক.চ ১। কিবা রূপ কিবা গুণ কহিলেক ভাট ভা.চ ২৬৪ ; কিবা বুক কিবা মুখ কিবা নাক কাণ। কিবা নয়নের ঠার কাড়ি লয় প্রাণ॥—৪০২। ৪ কি, অর্থাৎ অতিকুৎসিত, অতিহেয়। "কিবা হয় কোটি মণি সে নখ চাহিতে ?—চৈ.ভা ১৭৯। রূপের কিবা ভঙ্গি পরিপাটী !—দা ২০৭০। ৫ কিরূপ, কেমন অর্থাৎ অতিমনোহর। "সই, কিবা সে মুখের হাসি চ.সা ১০। কিবা মৃদুল মারুতে বহে জলের তরঙ্গ !—বা.দ ৯৮ ; ৯৯।

কিবে সর্ব্ব [কিবা > কিবে ; অপ্র] ১ কি (কথা, বিষয় ইত্যাদি)। "আর কিবে নিবেদিব, আজ্ঞা কর ওহে ভব, যজ্ঞ দেখিবারে যাব—দা ১৪৭৫। ২ কেমন, অর্থাৎ অত্যদ্ভুত (উপহাসে)। "গৌরাঙ্গের কিবে দোহাই ! ভাতার মলে বিধবা নাই দা ২৪২। —বে অব্য [কিবা > °বে, অপ্র] ১ কি, কত সুন্দর, অর্থাৎ অতিমনোহর। "কিবে নাভির গভীর, কিশোরীর কি শরীর দা ১৭৫। ২ কেমন, অর্থাৎ অতিললিত, অতি-সবিলাস। "কিবে চন্দ্রমহিষীগণে, যোগেন্দ্রদরশনে, গজেন্দ্রগমনে চলে রে !—দা ১৪৭৩। ৩ কিরূপ, কেমন, কত অর্থাৎ অত্যন্ত, অতীব। "কিবে অমায়িক বদনমণ্ডল, কিবে অমায়িক নয়নগতি ; কিবে অমায়িক বাসনা সকল, কিবে অমায়িক সরল মতি !—ব.সু ৩৫। কিবে ভৃঙ্গ-পাদমূলে, উথুলে উথুলে দুলে,…দেবী সুরধনী !—সা.ম ৫৫ ; কিবে স্নিগ্ধ-দরশন, তরুরাজি ৫৭।

কিব্যা সর্ব্ব [কিবে > কিব্যা (উচ্চারণানুসারে) ; অপ্র] কি (বিষয় বস্তু ইত্যাদি)। "সোণকা বলেন তবে আর কিব্যা চাই। চরণে পড়িয়া তবে সাধুকে বুঝাই॥—ব.প ২৮৪।

কিম্¹ সর্ব্ব, ক্লী [কিম্+ক্লীবলিঙ্গ-১মা-১ব] ১ কি (দ্রব্যাদি)। "কিমাশ্চর্য্যম্ (কি আশ্চর্য্য) ম ৫৭৫। দ্র 'কিং'। ২ কি পরিমাণ কিয়ৎ, কত। "কিং তে বর্ত্তনম্ ?—হি ৩২৫৩। [কিম্পি (সং কিমপি) —কিঞ্চিৎও, কিছুই। "চ ২৯।]

কিম্² ব্য ১ কুৎসা, নিন্দা। "কিং পুনর্মানবা যুধি গো.রা ১.২২.২১। ২ বিতর্ক। ৩ প্রশ্ন। ৪ সাদৃশ্য, প্রকার। ৫ গর্হণ। ৬ ঈষদর্থ। ৭ অতিশয়। ৮ কুৎসিত। "কিংভৃত্যাঃ কিংসুহৃৎ। ৯ অলমর্থ, বারণ, নিষেধ। "কিং কুলেন বিশালেন গুণহীনস্তু যো নরঃ।—চাণক্য।

কিমত, -মৎ বিং [কি+মত ; অপ্র] কিপ্রকার, কিংবিধ, কেমন। "জলের তরঙ্গ তার কিমত বিধান।—দু ৪। মুকুন্দ ভাদুড়ীতে জন্মিল দর্পনারায়ণী। সে দর্পনারায়ণী কিমৎ। ব.প ১৬৭৫। [কিমতে—কিপ্রকারে, কেমনে। "ইথে যদি দুখ হয় হইবে সহিতে। দিয়ে ফিরে লওয়া এবে হয় কিমতে॥—নিধুবাবু।]

কিমধিক বি [কিম্+অধিক] অধিক কি ; বেশী কি (বিষয়)। "অপরঞ্চ কিমধিক লিখিব অধিক শ্রী.মা ২০৮। বলিব তোমায় কিমধিক। ওহে বঁধু ! ধিক্ ধিক্ !—দা ৩৯৬ ; ৩৯৯। [°কমিতি (°কম্+ইতি)—অধিক কি (লিখিব) ইতি (পত্রলেখার সমাপ্তিতে)। "দুর্গতি না ঘটে যেন, কিমধিকমিতি ১৩০। [ইহা প্রাচীন পত্রলেখার রীতি।]

কিমনে ক্রি.বিং [কেমনে > °নে ; অপ্র] কিপ্রকারে, কেমনে। "কিমনে জাইবোঁ ঘরে শ্রী.কী ২৯৫ ; ৩৮৬।

কিমর্থ বিণ [বহুব্রী ; স্ত্রী -র্থা] কিম্প্রয়োজন, কিংনিমিত্ত। "কিমর্থোঽয়ং তবারম্ভঃ।—মহা (S.W.)। —র্থম ক্রি.বিণ কিংনিমিত্ত, কিকারণ, কিজন্য, কেন। "সুতরাং বাজিমেধেন কিমর্থং ন যজাম্যহম্ রা ১.৮.২। মহা ৩.৬১.৩২। কালু কহে কিমর্থ কহিব মিথ্যা কহ শ্রী.মা ১১৬। —র্থে ক্রি.বিং সর্ব 'কিমর্থ'। "কৃতাঞ্জলি জিজ্ঞাসেন কিমর্থে গমন শ্রী.মা ২১৪। আগমন মুনি কিমর্থে দা ৯১৩। তিনিই বা কিমর্থে আমার কাছে কর লএন ব.প ১৬৮৫।

কিমাকার বিণ [বহুব্রী ; স্ত্রী -রা] ১ কিংরূপ, কিংবিধমূর্ত্তি, কীদৃশ, কেমন। ২ (বাঙলায়) কুৎসিতরূপবিশিষ্ট, কদাকার, বিশ্রী। "কিম্ভূত°।—কার বি ১ কি আকার ; কেমন রূপ বা মূর্ত্তি। "কিমাকার কিবা বর্ণ বেদে নাহি জানে দু ৭। ২ কুৎসিত আকার।

কিমাশ্চর্য্য বি [কিম্+আশ্চর্য্য] ১ কি আশ্চর্য্য ; কি বিস্ময়। "কিমাশ্চর্য্য নাম ভিক্ষা দিবারে।—ম.পা ১৫ ; ১৩১। ২ কি বিস্ময়কর বিষয় ; অতীব বিস্ময়জনক বস্তু। "কিমাশ্চর্য্য দেখ, কম্পিত অন্তক, দুর্গাভক্তের নাম শুনি ম.পা ৮৮। হেরি নৃপগণ কহে কিমাশ্চর্য্য হয় ব.প ৮২৯। দা ৩৪২। [কিমাশ্চর্য্যমতঃপরম্ (মহা ৩.৩১২.১১৬)—ইহার পর (অর্থাৎ অধিক) কি আশ্চর্য্য আছে ? ইহা অত্যন্ত বিস্ময়কর বিষয়। "কিমাশ্চর্য্যমতঃপরং, বাপের সাধন-জোরে, আশীর্ব্বাদের প্রথম অংশ দুমাস যেতেই ফলল কেমন করে।—প.কা ৩৫।]

কিমিয়াবিদ্যা বি [আ অল্কিমিয়হ, L. alchemia ; F. alchemy ; E. Chemistry ; অস কেমিতি] রসায়নশাস্ত্র। (কিমিয়া-প্রভাব —Chemical force। কিমিয়া বস্তু—Chemical substance.]

কিম্পু(ম্পু)রুষ পুং [কুৎসিত পুরুষ, নি.স ; তু 'কিঞ্চিৎ পুরুষা ইব বানরাদয়ঃ ভ ১.১৪.৬ (শ্রীধর)] ১ দেবযোনিবিশেষ। দ্র 'কিন্নর'। "কু.স ১.১৪ ; ৩.৩৮। [হেমকূট ইহাদের বাসস্থান এবং ইহারা কুবেরের অনুচর।] ২ নববর্ষান্তর্গত বর্ষবিশেষ ; লোকবিশেষ (মেদিনী)।

"°বর্ষ।—কাদ ৪৫। [ইহা হরিবর্ষ ও ভারতবর্ষের মধ্যস্থিত (ভ ৫.১৬.৯)।] —ষী স্ত্রী কিম্পুরুষ-স্ত্রীজাতি। "রা ৭.৮৮.২২।

কিম্বা অব্য [সং কিংবা (কিম্+বা)] ১ অথবা, বা, কি (একের গ্রহণে)। "কিম্বা জামদগ্ন্য রাম কিম্বা বজ্রপাণি। কিম্বা বাসুদেব সহ আসুক ফাল্গুনী॥—ম ৬৩১। ভূপতিত গিরিশৃঙ্গ কিম্বা তরু যথা, বজ্রাঘাতে মে ৪১ ; ১১২ ; ২৬৪। তাঁতের কল, কিম্বা ধানভানার যন্ত্র, কিম্বা ঐ রকম একটা-কিছু ঘ ১২। ২ কি (প্রশ্নে)। "কোন মত পুষ্প সেই কার উপবন। চেষ্টায় লভিব কিম্বা অসাধ্য-সাধন॥—ম ৪৭৫। ৩ কি (বিতর্কে)। ৪ অথবা, পক্ষান্তরে। "তুমি বল আমি লিখি, কিম্বা তুমি লেখ আমি বলি।

কিম্ভূত বিণ [কিম্+ভূত, নি.স] ১ কিংবিধ, কীদৃশ, কিপ্রকার। ২ (বাঙলায়) কুৎসিত, বিকট, বিশ্রী, অদ্ভুত ; "কিম্ভূত-আকার, অতিচমৎকার, প্রকাশ পাইয়া উঠে, জোনাক মশালে স্ব.প্র ৯৬।

কিম্ভূত-কিমাকার বিং [একার্থক পদদ্বয়] ১ অদ্ভুতাকৃতিবিশিষ্ট, বিকৃতাকার, বিকট। "দুই ভাই দেখা দিল সম্মুখে, কিম্ভূত-কিমাকার! —স্ব.প্র ৯৬। ২ অদ্ভুত, অসাধারণ। "উনি তো মনুষ্যের মধ্যে নন, উনি একটা কিম্ভূত-কিমাকার! হাজার বৎসর চোক বুজে ব'সে রইলেন! —অ.গ্র ১৩। ৩ কাণ্ডজ্ঞানহীন, বিষয়বোধশূন্য। "সম্বোধনে নাহি সম্বন্ধ-বিচার, কিম্ভূত-কিমাকার যেন কিসের মতন।—অমৃতলাল বসু।

কিম্মৎ বি [আ কীমত] মূল্য। "বিলাতি বহুত চিজ বেস কিম্মতের বি.সু ১৯। E.P. 103. [°তী (আ °মতী)—দামী।]

কিয়[১] অব্য [সং কিম্ ; মৈ কিঅ, কীআ ; হি ক্যোঁ ; বৈষ্ণবসাহিত্যে] কি নিমিত্ত ; কেন। "কিয় মঝু দিঠি পড়ল শশিবয়না বি.সা ২৬।

কি(কে)য়[২] বি [ক্য > কিয় (স্বরাগম) > কেয়] 'ক'-প্রভৃতি ব্যঞ্জনের সহিত য-ফলার বানান—ক্য খ্য গ্য ইত্যাদি। "কেয় কর কন আদি,…পড়ে যত ফলা (মাধবাচার্য্যের চণ্ডী)।

কিয়ৎ বিণ [দ্র 'কিয়ান্'] কতিপয়, কয়েক ; কিছু। "কিয়ৎ দিন পরে। —সী ২ ; °ক্ষণ ১৬ ; কিয়ৎক্ষণ পরে ২১। কিয়ৎকালাবধি চা.তু ১। [°ক্ষণ (ক্রি.বিং)—কিয়ৎকালপর্য্যন্ত। "(রাম) কিয়ৎক্ষণ শুব্ধ হইয়া রহিলেন সী ২২ ; ২৬ ; ৩১।]

কিয়া বি [সং ক্রিয়া > প্রা কিয়া ; অপ্র] কার্য্য, ফল, প্রতিফল। "মাতালে কোটালি দিয়া, পাইনু আপন কিয়া ভা.চ ৩৭৮ ; আমারে যেমন, মারিলি তেমন, পাইবি তাহার কিয়া ৩৯৪। [কিয়া—করিয়াছে, করিয়াছেন। "পীর এতা কিয়া : মাপ কিয়া তুঝে রা.স ৩১।]

কিয়ান্(-য়ৎ) বিণ [কিম্+বৎ (বতুপ্) সংখ্যাপরিমাণে, কিম্ > কী, বৎ > ইয়ৎ, পা ৫.২.৪০ ; ৪১ ; ৬.৪.১৪৮ ; স্ত্রী -য়তী ; ছান্দস ; তু 'লি কীব' ; 'কিয়ৎ' (সমাসে পূর্ব্বপদ)] ১ কিম্পরিমাণ, কত। "কিয়ান্ কালস্তবৈবং স্থিতস্য।—পঞ্চ ৫৩৬। কিয়তী তে ভোজনশক্তিঃ ৭৭। কিয়দবশিষ্টং রজন্যাঃ শ ৪২। ২ কিংসংখ্যক, কতি, কতগুলি। "কিয়ন্তো গজতুরগপদাতয়ঃ (বেতালপঞ্চবিংশতি)। ৩ কতিপয়, স্বল্প, অল্পসংখ্যক, কয়েক। "নিজহৃদি বিলসন্তঃ সন্তি সন্তঃ কিয়ন্তঃ।—ভর্তৃহরি। কিয়ন্তং গ্রাসং দেহি।—পঞ্চ (S.W.)। ৪ বহু। "মাতঃ! কিয়ন্তোঽরয়ঃ বে ৫.৯। ৫ নগণ্য, তুচ্ছ, হেয়। "রাজেতি কিয়তি মাত্রা। —পঞ্চ ১.৪১। ৬ কিঞ্চিৎ, কিছু। "কিয়দ্ধনোপক্ষয়ঃ।—হি ২৮৮। ৭ অত্যল্প অর্থাৎ কিছুই না। "অর্থৈঃ সংযমবানর্থান্ প্রাপ্নোতি, কিয়দদ্ভুতম্। ময়া পুনর্বিনৈবার্থং লক্ষ্মীরাসাদিতা পুরা॥—ক.সা ৬.২৮।

কি(কে)য়ারি বি [সং কেদারিকা > প্রা কেআরিআ (প্রা.ম) > বা (কেআরি) কে(কি)য়ারি ; হি কিয়ারী, ক্যারী] ১ কেদার-খণ্ড, ক্ষেত্রখণ্ড, ক্ষেতের অংশ। ২ বীজবপনের বা বৃক্ষরোপণের নিমিত্ত খেতের বা বাগিচার ক্ষুদ্র ক্ষুদ্র অংশ ; বীজের বা চারার মাদা (bed)। ৩ বৃক্ষবাটিকা, ফুলবাড়ী, বাগান। "তার তীরে তৈয়ারি কেয়ারি তরুশোভা বা.দ ১৮৬। কেয়ারি করিয়া মনোহর বৃক্ষশ্রেণী সকল পুঁতিল ব.প্র ৩৩৫। তেঁতুলের আওতায় গোলাপের কেয়ারি শুকাইয়া যায় অ.শী ১৬। ৪ গো-প্রভৃতির ক্ষতস্থানের কীটনিবারণের জন্য প্রক্রিয়াবিশেষ। "হেল্যার কিয়ারি করি কৃমি কৈল দূর—শি ৭৯। [কেয়ারি করা—কেয়ারির গাছপালা কাটিয়া-ছাটিয়া শোভন বা ফিট-ফাট করা ; (গৌণার্থে) কাটিয়া-ছাটিয়া সভ্যভব্য করা। "গুম্ফ…সপ্তাহে একবার করিয়া কেয়ারি করা হয়। য ৪। চুলের কেয়ারি—কেশপারিপাট্য।]

কিয়ে অব্য [মৈ কিএ ; তু 'কিবা, -বে'] ১ কি (প্রশ্নে)। "দারুণ বঙ্ক বিলোকন থোর। কাল তোই কিয়ে উপজল মোর॥—বি.প ১১ ; বিরহ পয়োধি, পার কিয়ে পাওব ১৭৩। পুন কিয়ে বামন রীত ব ২ ; ১২৭। আয়ব কান পুনহি কিয়ে ব্রজমাহ ব.প ১০৮৯। কব কিশলয়, কিয়ে অরুণ বিকাশ।—গো ৮২। জ্ঞা ৮৮ ; ২০৪। ২ কেন। "কিয়ে মম দিঠি পড়ল শশিবদনা বি.প ১১। ৩ কি, কিংবা, অথবা। "কিয়ে গিরিবর, কনয়া কটোর, তা দেখি লাগয়ে ধন্দ বি.প ১১৩ ; কিয়ে মানুষ পশু, পাখী যে জনমিয়ে, অথবা কীট পতঙ্গে ২২০। বুঝিয়ে গুণ কিয়ে দোগ গো ২২১। কিয়ে বিধি পরসন্ন কিয়ে প্রতিকূল জ্ঞা ৬ ; ৪০। লখই না পারই কলহ কিয়ে কেলি।—ব ১০০ ; কিয়ে নিশি বাসর, গরগর অন্তর ১৮২। ৪ কিবা, কেমন, অতিসুন্দর, অতিঅপরূপ। "সজনি! কিয়ে আজু পেখনু গোরা গো ৪৮ ; কিয়ে শারদ চাঁদনি রাতি ১৪১। শ্যামর অঙ্গে নীলিম অম্বর কিয়ে ব ১৭৬। কিয়ে অনঙ্গ সুগঠন ন.প ২৩৬ ; ৩৮৭ ঝামর ঝামর কুটিল হি কেশ। কিয়ে শশিমণ্ডল শিখণ্ড সবেশ॥—বি.প ৪২। রা.শে ১৪। ৫ কি, কিরূপ, কত, অত্যন্ত। "মঝু মুখ সো মুখ যব ভেল সঙ্গ। কিয়ে কিয়ে বাঢ়ল প্রেম তরঙ্গ॥—গো ৪৯। ৬ কি, কি অদ্ভুত (বিপরীতরূপদর্শনে, উপহাসে)। "দেখ সখি, হোর কিয়ে নাগর-রাজ। বিপরীত বেশ, বিভূষণ হেরিয়ে, কোন কয়ল ইহা কাজ॥—ব ১৭৫। ৭ কিরূপ, কিপ্রকার। "চেতন হরল আলিঙ্গন বেলি। কি কহব কিয়ে করল রস কেলি॥—বি.প ৬৭। ৮ কি, কোন। "সজনি! কিয়ে করব পরকার বি.প ১৬৫। আগমন কিয়ে কাজা ব.প ১১২০। এ সখি, কিয়ে করব পরকার ব.প ১১২৯। ৯ কেন, কিজন্য। "তোরিতে চল অব, কিয়ে বিচারহ, জীবন মঝু অগুসার।—ব.প ১১৩০। ১০ কি, অর্থাৎ নগণ্য, অকিঞ্চিৎকর। "কবিশেখর, বচনে অভিসর, কিয়ে সে বিঘিন বিথার ব.প ১১৩০। ১১ কত, অর্থাৎ অনেক ; নানা প্রকারে। "কিয়ে হাম আখরে কহলু বুঝাই বি.প ১৪০।

কির পুং [√কৃ+অ (ক)-ক] 'মৃত্তিকাবিক্ষেপক', শূকর। —রক পুং [°র+ক (কন্), হ্রস্বার্থে] ১ শূকরশাবক। ২ লেখক। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] শূকরী।

কিরকির, কিরকিরি বি [সং কর্কর > করকর > °রি 'ই' মৃদুতাসূচক ; হি কিরকিরাহট ; ঠ কিরকির] ১ দাঁতের আঘাতে বালি বা কাঁকরের কণা-ভাঙ্গার মৃদু শব্দ। "শাগে বালি কিরকির কচ্ছে, খাওয়া যায় না। ২ বালি বা কাঁকরের কণার সহিত কঠিন দ্রব্যের প্রতিঘাত-জন্য মৃদু শব্দ। "বালির বা কাঁকরের রাস্তায় গাড়ির চাকা কিরকির করে। [কিরকির করা, কিরকিরান (হি কিরকিরানা ; ঠ কিরকিরণং)—কিরকির শব্দ করা। °রা (হি কিরকিরা)—বালি-কাঁকর-কণা-মিশ্র।]

কিরণ পুং [√কৄ+অন (ক্যুন্)-ক, উ ২.৮১ ; (ছান্দস) 'কিরণ' (ঋগ্বেদ ১.৬৩.১)] ১ 'তিমিরনিরাসক', সূর্য্যরশ্মি, মরীচি, রৌদ্র।

"রবিকিরণসহিষ্ণু শ ২.৪। অর্ক কিরণ (সুশ্রুত)। তরুণকিরণাননা, জাগে সব দিগঙ্গনা সা.ম ৪। দিনকরের কিরণরূপ সম্মার্জ্জনী। —কাদ ৬। তোমারি নামে, উঠিল গগনে, কিরণ-বীণা বাজি।—রবীন্দ্র। **২** চন্দ্ররশ্মি, কৌমুদী, জ্যোৎস্না। "ইন্দোঃ কিরণৈরিবাঙ্কঃ কু.স ১.৩। শশাঙ্ক' (পঙ্ক)। শশিসূর্য্যা' (সুশ্রুত)। **৩** প্রভা, দীপ্তি। "স্বকিরণপরিবেষোদ্ভেদশূন্যাঃ প্রদীপাঃ রঘু ৫.৭৪। রত্নাবলীকিরণ-কর্ব্বুর।—হি ১৮২৫। কিরণমণ্ডলে শ্রী.কী ২৫০। **৪** সূর্য্য (অ.চি)। [°ময় (বিণ)—কিরণপ্রচুর, ভাস্বর, উজ্জ্বল।]

কিরণমালী (-লিন্) পুং [°মালা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'কিরণমালাবান্', অংশুমালী, সূর্য্য।

কিরণ্ময়ী বি ['হিরণ্ময়ী'র অনুকরণে, 'কিরণময়ী' সাধু] বাঙালী স্ত্রীলোকের নাম। "হেম ৩৭৭।

কিরমি. বি [সং কৃমি, ক্রিমি, হি কিরিম; কথাভাষা] কৃমি। [কিরমির ধাত—কৃমিপ্রধান ধাতু।]

কিরা, -রে বি [সং ক্রিয়া > প্রা কিরিয়া (প্রা.ম), *কিরিআ > বা কিরা, -রে; হি কিরিয়া; মৈ কিরিআ] সত্যকরণ, দিব্য। "লহনা মাথার দেই কিরা ক.চ ১৩৩। মাথার কিরা।—শ্রী ৪৩; ৮৮। আপনার কিরে শি ৮০; প্রাণনাথ দিল কিরা ৯২। আমার মাথার কিরা ভা.চ ২৮৮; করে কিরা ৩৯৭। মোর কিরে প্রাণেশ্বর মে ৬৭। শারি তোমারি কিরে বা.দ ১০৮; মাথার কিরে ১৫০। [কিরা করা—সত্য করা; তিন বার 'সত্য' বলা। কিরা দেওয়া (হি কিরিয়া দেনা)—দেবতা বা গুরুজনের নামোল্লেখপূর্ব্বক দিব্য দেওয়া। মাথার কিরা দেওয়া—'আমার মাথা খাও' বলিয়া দিব্য দেওয়া।]

কিরা(রে)ট বিং [সং কিরাত > প্রা কিরাড > বা কিরাট; 'কিরেট' (গ্রাম্য); ঠ কিরাড] **১** 'কিরাতসদৃশ', নিষ্ঠুর। **২** কৃপণ।

কিরাত পুং [কির+√অত্+অ (অণ্-)ক; উ.ত] **১** যে আবর্জ্জনানিক্ষেপস্থানে যায় (শ.ক); কিলকিল শব্দ করিতে করিতে যে যায় (অ.টী); চণ্ডালবিশেষ, ম্লেচ্ছজাতিবিশেষ। "কু.স ১.৬; ১৫। [ইহারা সাগরকুক্ষিবাসী ম্লেচ্ছ, ফলমূলাশী, চর্ম্মবসনধারী, ক্রূরশস্ত্রধারী ও ক্রূরকর্ম্মা (মহা ২.৩২.১৬; ৫২.৯)। মনুর মতে, ইহারা ক্রিয়াদি-লোপ হেতু শূদ্রত্বপ্রাপ্ত ক্ষত্রিয় (মনু ১০.৪৪)। কুমারসম্ভবে ইহারা পর্ব্বতবাসী মৃগয়াজীবী বলিয়া বর্ণিত হইয়াছে (কু.স ১.৬; ১৬)।] **২** কিরাতজাতীয় পুরুষ। **৩** (বহুব) দেশবিশেষ। "মহা ২.১৪.২০। **৪** কিরাতবেশী মহাদেব। **৫** (অশ্বরক্ষণে নিয়োগ হেতু) অশ্বরক্ষক, সইস্। **৬** (খর্ব্বাকার হেতু) বামন। **৭** ভূনিম্ব, চিরতা। তু 'কিরাত-তিক্ত'। **৮** মৎস্যবিশেষ (ত.বা)। —তী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** কিরাতের স্ত্রীজাতি। **২** (কিরাতবেশধারিণী) দুর্গা। "ক.চ ২৭১। **৩** (চামরব্যজনের কার্য্য হেতু) চামরধারিণী। "রঘু ১৬.৫৭। **৪** কুট্টনী, কুটনী। **৫** গঙ্গা। **৬** স্বর্গগঙ্গা। [কিরাতক (পুং) —ভূনিম্ব, চিরতা। কিরাতাশী (-শিন্) পুং—কিরাতভক্ষক, গরুড়। মাতার আদেশে গরুড় সমুদ্রবাসী কিরাতগণকে ভক্ষণ করেন (মহা ১.২৮শ অধ্যায়)।]

কিরাতিনী স্ত্রী [কিরাত+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] (কিরাতদেশজাতা) জটামাংসী। —নী বি [কিরাত+ইনী] **১** (বাঙলায়) কিরাতের স্ত্রী; কিরাতী। "কিরাতিনী রূপ হৈলা নগেন্দ্রনন্দিনী ম ৪২৫। মে ৯৩। **২** [সং কিরাতী] দুর্গা। "কিরাতিনী কথা শুনি কর্ণে দিল হাত শি ৮৫।

কিরাস্তুদ বি [অপ্র] ক্ষৌরক্রিয়া দ্বারা শুদ্ধি; ক্ষৌরকর্ম্ম। "রাজা কিরাস্তুদ করিবার লাগিল গো.চ ৩০৮।

কিরি[১] পুং [√কৃ+ই (ইক্)-ক, উ ৪.১৪২] কির, শূকর।

কিরি[২] বি [কৃ+ক্রি √কিরি (স্বরাগম)] ক-প্রভৃতি ব্যঞ্জনের সহিত ঋ-ফলা-যোগের বানানবিশেষ—কৃ খৃ গৃ ইত্যাদি। "কিরি কিলি আর্ক আন্থ।—মাধবাচার্য্যের চণ্ডী।

কিরি(রী)চ বি [Malay—k(i)ris; E. crease, creese, kris; P. cris; হি কির(রি)চ] মালয় উপদ্বীপের ছোরাবিশেষ (ইহার পাতা ঢেউ-খেলান)।

কিরিপা বি [সং কৃপা > বা (ক্রিপা) °পা (স্বরাগম); অপ্র] কৃপা। "করহ কিরিপা শ্রী.ম ৮৫; ১৫২। ব্র.প ১৪১৩। চৈ.ম ১৫, টীকা। হেন কিরিপা হবে তোর (প.ত)।

কিরিপান বি [সং কৃপাণ; বা কিরিপান (কৃ > ক্রি > কিরি); হি কিরপান; অপ্র] কৃপাণ; তলয়ার। "রাধার…রোমাবলী কিরিপানে শ্রী.কী ৭৩।

কিরীট পুং, ক্লী [√কৃ+ঈট্ (কীটন্)-ক, উ ৪.১৮৪] **১** যাহা রশ্মি বিকীর্ণ করে; মুকুট। "গো.রা ৩.৫৬.৪৬। কিরীটমালী। —মহা ৩.১৬৫.৪। কু.স ৭.৯২। ম ৬২৫। মণিময় কিরীট মে ১৫। **২** শিরোবেষ্টন, পাগড়ি।

কিরীটী(-টিন্) বিণ [°ট+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -টিনী] কিরীটযুক্ত, মুকুটবান্। "গী ১১.১৭। ভ ২.৯.১৫। স্বর্ণসৌধকিরীটিনী লঙ্কা।—মে ১৩। পূর্ণচন্দ্রকিরীটিনী শারদশর্ব্বরী।—ন ৮৯০। শুভ্র-তুষারকিরীটিনী।—গান ২২১। —টী পুং অর্জ্জুন। 'পুরা শক্রেণ মে দত্তং যুধ্যতো দানবর্ষভৈঃ। কিরীটং মূর্দ্ধি সূর্য্যাভং তেনাহুর্মাং কিরীটিনম্॥—মহা ৪.৪৪.১৭। "গী ১১.৩৫। কিরীটী পণঃ বা.ভা ২.২৯। সূর্য্য অগ্নি সম মোর কিরীট যে মাথে। কিরীটী দিলেন নাম তেঁই সুরনাথে॥—ম ৬২৫।

কির্ত্তা বি [সং কৃত্যা, ঋ > ইর্; অপ্র; তু 'কিস্তা, -ত্যা'] কার্য্য, কৌশল, ধূর্ত্ততা। "পদ্মার কির্ত্তায় হেন বি.পা ২৮০।

কির্ত্তি বি [সং কীর্ত্তি > প্রা কিত্তি; বা °র্ত্তি (অর্দ্ধতৎসম); অপ্র] কীর্ত্তি। কির্ত্তি বেশ ঃ কির্ত্তি জস (টীকা) গো.বি ৯০।

কির্ম্মীর বিণ [তু 'কির্ম্মির' শবল (শুক্লযজুর্ব্বেদ ৩০.২১); 'কিব্বির' —শবল (MW.)] বিচিত্রবর্ণ, শবল। —র পুং **১** চিত্রবর্ণ। **২** নাগ-রঙ্গ, নারাঙ্গী গাছ। **৩** রাক্ষসবিশেষ [বনবাসকালে কাম্যকবনে কির্ম্মীর ভীম কর্ত্তৃক নিহত হয়। ইহার ভ্রাতা বক (মহা ৩.১১শ অধ্যায়)।]

কিল[১] ব্য নিশ্চয়, অবধারণ। "কটিক কাছনি,-কাঁতি কিল কল,-ধৌত কামক ধাম জ.প ৫৪।

কি(কী)ল[২] '-ল' বি [সং 'কীল'—কফোণিনির্ঘাত, কনুই-এর গুতা] মুষ্টি, মুষ্টিঘাত। "কিল বাড়ী খাই শ্রী.কী ৭১। কিল গুঁতা শ্রী ১৫; কীল কুণি কুঞ্জরে (মারে) ১২৩। কীল লাথি মারে ক.চ ৯০। কীল গোটা পাঁচ ছয়।—শি ৬৫। কীলে সারা হৈল তারা ভা.চ ৩৭৭; মারে কীল ৩৯১। জা ১৬। [কিল খেয়ে কিল চুরি করা—(গৌণার্থে) অপমানিত হইয়া তাহা প্রকাশ না করা। "আমার কিল খেয়ে কিল চুরি, তবু কালী বুলি না ছাড়িব।—রামপ্রসাদ। কিল-দাগড়া—যাহার দেহ কীল বা মার খাইয়া দাগ-পড়া (শক্ত) হইয়াছে; যাহার প্রহারে কষ্টবোধ হয় না; মার-খেঁচড়া। "মার খেয়ে খেয়ে ছেলেপিলে কিলদাগড়া হয়। কিল পড়া—পৃষ্ঠাদিতে মুষ্টিঘাত পতিত হওয়া। "শ্রী.মা ১০৮। কিল মারা—মুষ্টিঘাত করা। কীলে সারা হওয়া—মুষ্টিঘাতে মৃতবৎ হওয়া। কিলিয়ে কাঁটাল পাকান —বোঁটার উপরে কিল (গোঁজা) বসাইয়া কাঁটাল শীঘ্র পাকান।]

কিলকিঞ্চিত ক্লী [কিল (অলীক)+কিম্ (ঈষৎ) + চিত (রচিত); তু 'সং √রম্ > প্রা √কিলকিঞ্চ (হে ৪.১৬৮)]

অলীকভাবে ঈষৎ রচিত স্মিতাদির সঙ্করীভাব ; স্মিত শুষ্করোদন হাস ইত্যাদির প্রিয়তমসঙ্গমাদিজাতহর্ষ-জন্ত মেলন। ইহা যুবতীর স্বভাবজ অলঙ্কারবিশেষ (সা.দ ৩.৯১)। °সা.দ ৩.১০১। ভ.গ্র ৩৯৬। চৈ.চ ১৬২।

কিলকিল বি [সং কিলকিলা ; তু 'কলকল' ; ঠ কিলকিল—পক্ষীর, মনুষ্যের রব)] ১ পক্ষীর মৃদু অব্যক্ত ধ্বনি বা কলকল। "জল নাই পক্ষী তথা করে কিলকিল কৃ ১৮২। ২ মনুষ্যের কলকল। ৩ বানরের হর্ষধ্বনি। "কিলকিল শব্দেতে ব্যাপিল নভস্থল কৃ ২৪৫। ৪ [সং √কিল্ (ক্রীড়া) >প্রা √কীল] অল্পজলে ছোট ছোট মাছের খেলা বা মৃদু সঞ্চার। "একটুখানি জলে মাছ কিলকিল করে। জলটুক শুকুলে মাছটি মরে॥—হিঁয়ালি। ৫ [হি কিলকিল] বিবাদ, ঝগড়া। "শকুনি গৃধিনী আগে করে কিলকিল শ্রী ১৫৫। [°লান (হি °না) —কিলকিল করা।]

কিলকিলা স্ত্রী [ধ্বন্যাত্মক] ১ হর্ষধ্বনি, কিলকিল শব্দ, কলরব। "°শব্দ।—মহা ১.৬৯.৮। ২ বানরের হর্ষধ্বনি। "চক্রুঃ কিলকিলাশব্দম্ (বানরাঃ) গো.রা ৭.২৬.৪৭। °কোলাহল ম.চ ৬ষ্ঠ। ৩ ভূষণশব্দ, কিঙ্কিণী-প্রভৃতির কিনিকিনি ধ্বনি। "ক.ম ২.৩৪। —কিলি বি ['°কিলা'—মূল] পক্ষীর কলরব। "পক্ষীর কিলকিলি ম.ম ১৭।

কিলবিল বি [ধ্বন্যাত্মক] ১ বালকবালিকাগণের কলকল বা কোলাহল। ২ সর্থ 'কিলকিল (৪)'। ৩ [ভাবাত্মক ; হি—কিল-বিলানা—গুড়িগুড়ি যাওয়া] ইতস্ততঃ দ্রুতসঞ্চরণের ভাব। "অখ্যাতি-গুলো কালো ক্রিমির মত কিলবিল করিয়া বাহির হইয়া...খবরের কাগজময় ছড়াইয়া পড়িল।—গ.স ৮৯। ৪ [কিলবিলান—কিল-বিল করা।]

কি(কী)লা সর্ম [কি(কী)ল +আ° >°লা, হি √কিলা] কীল দ্বারা আঘাত করা ; কীল মারা। "মাগু কিলে কিলাঞা মারিবোঁ তোক্ষা বাটে শ্রী.কী ৮৫ ; ২৪৯। ধনা বেটা কৈবর্ত্ত কিলায় শ্রী.মা ১২২। আমারে কিলায় পাছে রূঢ় চৈ.ভা ৮৯। অদ্বৈতেরে কিলায়।—ন.প ২০০। [কিলাঞা, -ইআঁ, -য়িআঁ, কিলিয়া—কিল মারিয়া। "কিলায়িআঁ শ্রী.কী ২৪৯। কিলিয়া বধিমু বাঘে শ্রী ৮৮। কি(কী)লান—সর্থ 'কিলা'। কিলায়—কিল মারে। দ্র 'কিলা'। সুখে থাক্‌তে ভূতে কিলায়।—প্রবচন। কিলালে—কিল মারিলে। "শ্রী.মা ১০৮।]

কিলাকিলি, -লী বি [কিল-আ+কিল-ই ; তু 'সং মুষ্টামুষ্টি'] পরস্পর মুষ্টিঘাতপূর্ব্বক করণীয় বিবাদ ; ঘুষাঘুষি। "শেষে হয় চুলাচুলী তবে কিলাকিলী চৈ.ভা ৬৬ ; দুই জনে কিলাকিলি ২৪৯। (করে) কিলাকিলি গণ্ডগোল ভা.চ ৭৩।

কিলাস ক্লী [তু 'কিলাসী'—পৃষতী, বিন্দুযুক্ত মৃগীবিশেষ (ঋগ্বেদ ৫.৫৩.১) 'কিলাস'—কুষ্ঠরোগ (অথর্ব্ববেদ ১.২৩.১)] ১ সিধ্মরোগ, ছুলি। ২ শ্বেতকুষ্ঠ (অ.টী—মহেশ্বর)।

কিলি বি [ক্ল >বা কিল (স্বরাগম) >কিলি] 'ক'-প্রভৃতি ব্যঞ্জনের সহিত 'ল'-ফলার বানান—ক্ল গ্ল ইত্যাদি। দ্র 'কিরি²'।

কিলিকিলি বি [কিলকিল (৪) >°লি] ১ সরীসৃপ কেন্নো শামুক কীট প্রভৃতির দ্রুত সঞ্চরণ। "কিলিকিলি করে কত কালসাপ বুলে শ্রী.মা ৮০। কিলিকিলি করে কালসাপ শি ২৭। কাণকোটারির কিলিকিলি ভা.চ ২১০। ২ [সং কিলকিলা] বানরের হর্ষধ্বনি। "কিলিকিলি...করি কপিগণ চলে কৃ ২২।

কিলিবিলি বি [কিলবিল >°লি] ইতস্ততঃ দ্রুত সঞ্চরণ। "কিলি-বিলি করে কীট যেথানে সেথানে।—রঙ্গ ৮৮। দুঃখরূপ কৃমি তায় কিলিবিলি করে স.শ ৭৪।

কিলেস বি [সং ক্লেশ >লি, প্রা কিলেস ; অপ্র] কষ্ট। "আঙ্কি বহু কিলেস পাই শূ ৭।

কি(কে)ল্লা বি [আ কি.ল্‌আ'] দুর্গ, গড়। [কেল্লা ফতে করা—দুর্গ জয় করা ; (গৌণার্থে) অতিদুষ্কর কার্য্য সিদ্ধ করা। কেল্লাদার —দুর্গাধ্যক্ষ, দুর্গেশ। কেল্লাদারী—দুর্গের অধ্যক্ষতা।]

কিল্বিষ ক্লী [√কিল্ ক্রীড়া+ইষ (টিষচ্)-ক, ব্ (বুক্) আগম, উ ১.৫০ ; ছান্দস] ১ পাপ। "সংশুদ্ধকিল্বিষ গী ৬.৪৫। দগ্ধ° মহা ৩.৩১.৩৭। হত° মনু ৪.২৪৩। অকৃত°।—ভ ৪.১৭.১৯। খণ্ডে কিল্বিষ সকল ম.পা ২৯। কিল্বিষসিন্ধু দু ১৭। ২ অপরাধ, দোষ। "মনু ৮.২৩৫। ৩ (পাপহেতুক) রোগ। [কিল্বিষী (-ষিন্) —১ কিল্বিষবান্, পাপী। "মনু ৮.১৩ ; ৯৫। ২ দোষী, অপরাধী। "মনু ৮.২৩৬।]

কিশ(স)ল, কিশ(স)লয় পুং, ক্লী [কিম্+ √শল্, √সল্ + অ (অচ্),+অয় (কয়ন্),-ক, পৃষো] পল্লব, নবপল্লব, নবপত্রাদিযুক্ত শাখাগ্রপর্ব্ব (রায়ভরত)। "(অশোকান্) রক্তৈঃ কিসলয়ৈর্বৃতান্ গো.রা ৪.৫০.২৮। অধরঃ কিসলয়রাগঃ শ ১.১৯ ; ২.১০। রঘু ৯.৩৫। নব কিশলয়ত শয্যা রচিল শ্রী.কী ৩৮৩। করভরে কিসলয় কাঁপে বি.প ৯। কিসলয়শয্যা ম ৬৭। কিশলয়শয়নে গো ১৬৬। করকিসলয়-যুগে বা.দ ৯৯। নলিনীকিসলয়—কাদ ৮৯।

কিশোর পুং [কিম্+ √শ+ওর(ওরন্) নিপাতিত, উ ১.৬৫ ; স্ত্রী -রী] ১ অশ্বশাবক। "ততঃ কিশোরা ম্রিয়ন্তে।—অথর্ব্ববেদ ১২.৪.৭। রা ২.২০.২০ ; ৪০.৪০। মাঘ ৭.৭৩। ২ পশুশাবকমাত্র। "কেসরি° (A.)। কেশরি-কিশোর মে ৬৩। ৩ একাদশ হইতে পঞ্চদশবর্ষ-পর্য্যন্ত বয়োবিশিষ্ট বালক (ভ ১০.১২.৩৭, টীকা)। ৪ যুবা, অপ্রাপ্ত-ব্যবহার বালক, নাবালগ্ (A.)। "নাচত...গৌরকিশোর ন.প ২৬৭। কিশোর গাণ্ডীবধারী।—হেম ২৯১। ৫ সূর্য্য। ৬ তৈলপর্ণী ওষধি। —র বিণ ১ তরুণ। "সর্ব্বাঃ কিশোরবয়সঃ (স্ত্রিয়ঃ) ভ ৩.২৩.২৬। কিশোর বয়সে ম ৫৫৯। ২ কিশোর ও কিশোরী ; তরুণ ও তরুণী। "বিহরই কাননে, যুগল কিশোর গো ৭৮ ; ১৬৬। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৪.১.২০] তরুণী, বালা, নবযৌবনা। "ভ ৪.২৪.১১।

কিশোরা বি [সং কিশোর, -রক, দ্র 'আ¹³' ; বৈষ্ণবসাহিত্যে] ১ নবীন যুবা, তরুণ। "চলিতে না পারে প্রেমে সোণার কিশোরা চৈ.ম ১০৪। ২ কিশোর শ্রীকৃষ্ণ। "কিশোরা কিশোরী দুইটী জন : কিশোরা কিশোরী যাহাকে ভজে চ.দা ১৫৪। নন্দের নন্দন কিশোরা কিশোরী 'চমকি চমকি' (?) হাসে চ.সা ৩৩৬। ব.প ৯৯৯। —রী তরুণী রাধিকা। দ্র 'কিশোরা (২)'। "রজকিনী রূপ, কিশোরীস্বরূপ চ.দা ১৫৪। নওল কিশোরী গো ১৬৭।

কিশ্‌মিশ্, কিস্‌মিস্ বি [ফা কিশ্‌মিশ্] ক্ষুদ্র পক্ব বীজশূন্য শুষ্ক আঙ্গুর (raisins)।

কিষাণ, -সান বি [সং কৃষাণ>প্রা* কিসাণ ; হি কিসান] কৃষক, চাষা। "আর সব 'কিসান' ('কিষাণ'—ব.প ১১২) কাঁদিব মাথে হাত দিআ শূ ১০৮ [কিষাণী (হি কিসানী)—কৃষিকর্ম্ম ; চাষ। কিষাণী করা—অন্যের জমি ভাগে চাষ করা।]

কিষ্কিন্ধ, -ন্ধ্য পুং [কিম্ কিম্+ √ধা+অ(ক)-ক, স্ (সুট্) আগম, ষত্ব পা ৬.১.১৫৭)] ১ দেশবিশেষ। [ইহা মহীশূররাজ্যের উত্তরে পম্পার নিকটে ছিল বলিয়া অনুমিত হয়। বালী ইহার রাজা ছিলেন।] ২ পর্ব্বতবিশেষ। —ন্ধা, -ন্ধ্যা স্ত্রী কিষ্কিন্ধপর্ব্বতের গুহা, বালিরাজের রাজধানী বা পুরী। "কিষ্কিন্ধাং বালিপালিতাম্ রা ৪.২৬.১৯। যাহা জিনিতে কিষ্কিন্ধ্যায় গিয়াছিলি একবার কৃ ২৪৯,-৫২। [কিষ্কিন্ধা(ন্ধ্যা)-কাণ্ড (ক্লী)—বালিসুগ্রীববৃত্তান্ত-বিষয়ক রামায়ণের চতুর্থ কাণ্ড।

"কিষ্কিন্ধ্যা-কাণ্ডেতে হয় সুগ্রীবমিলন কৃ ২৩৬। কিষ্কিন্ধ্যা(ন্ধ্যা)ধিপ (পুং)—কিষ্কিন্ধ্যারাজ বালী; সুগ্রীব।]

কিসক, -কে [হি কিসকা,-কো] কি নিমিত্তে; কি হেতু; কি উদ্দেশ্যে; কেন। "কিসক যৌবন রাধা করহ নিফল।>শ্রী.কী ২৩; কিসকে বাথানে কাহ্নু মোর ছুই তনে ৪১; কিসকে যতন ৫২। কিসকে হরিল ঘোড়া: আহ্মি কিসকে গ্রহিব অ.প ১৭; ৩৭। সইটি তোমার তেমন নয় কিসকে যাব ঘর শি ৮৩। "ভাদ্দরে কাড়ান শীষকে। আশ্বিনে কাড়ান কিসকে।"—খনা।

কিসল, -লয়; কিসাণ দ্র 'কিশল; কিষাণ'।

কিসে ক্রি.বিং [সং কস্মাৎ >প্রা কীস (হে), কিস্স (ভাস-কৃত 'প্রতিমানাটক') >কিসে (কিস+এ^৫); হি—কিস্সে] ১ কি নিমিত্তে; কি হেতু; কেন। "বারহ বরিষের দান চাহ মোরে কিসে শ্রী.কী ৪৫; এথা কিসে লাজ ২৫৯। কুলের পাবনী সীতা পরীক্ষা দিব কিসে কৃ.উ ২৭২; তার কিসে চিন্তা ২৮০। ২ [সং কথম্ >প্রা কেসে (পৈ) >বা °সে] কি প্রকারে; কি উপায়ে; কেমনে। "এ সকল পাপে কিসে হব পরিত্রাণ কৃ ৩; সুর্পণখার নাক কাণ কিসে যাবে যোড়া ২৫০। কিসে কান্ত আইসে এই যুক্তি নিরন্তর শি ৭৬। ৩ [হি কিস (কোন)+বা এ৫] কোন পাত্রে; কোন স্থানে; কোথা, কোন বিষয়ে, কি দ্রব্যে; কাহার মধ্যে। ৪ কি বস্তু বিষয় কার্য্য ইত্যাদি দ্বারা। "কোনরূপে আপনার ইষ্টলাভ নাই। কিসে কার মন্দ হবে শুধু খুঁজে তাই॥—পদ্যপাঠ, ১ম ভাগ। [কিসের (হি কিস (কোন)+বা এর]—১ কেন, কি কারণে। "কিসের মুদিত রাধা তোহ্মার যৌবন শ্রী.কী ১৫১। ২ কোন দ্রব্যের বা বিষয়ের। "দণ্ডক ভাণ্ডার যার…কিসের অভাব তার?—মে ২১৫। ৩ অগ্রাহ্যভাব, অবজ্ঞা। "কিসের লেখা?—লেখাতে কি হয়!—দা ৬১৮। কিসের কারণে, কিসেরে (কিশের অন্তর—মী ৮; কিশের কারণে ম.গা ২৬) —কি নিমিত্তে; কি হেতু; কেন। "কিসের কারণে তোঁ এবেঁ করসি বল শ্রী.কী ৫০। কিসেরে বঞ্চহ রাধা প্রথম যৌবনে ১৫১। কিসেরে ঘাটাবা চান্দ, পাবা অপমান ম.ম ৮৯; ২১৫। কিসের আর মারিবে বা মারবে—মারিবে কি? অর্থাৎ মারার কথা দূরে থাক। "কিসের আর মারবে হেঙ্গল কান্দে রাজার চরণে পড়িয়া গো.চ ৩০২; ৩০৩।]

কিস্তি বি [আ কি.সৃত্.] ১ অংশ, ঋণভাগ, দফা (instalment)। "°খেলাপ, °বন্দী। আষাঢ়°, আশ্বিন°, পৌষ°, চৈত্র°। কিস্তি কিস্তি সরকারি খাজনা বাকি পড়িতে লাগিল ব.প্র ৩৭৫। ২ [ফা কিশ্ত্] দাবাখেলায় রাজাকে বন্ধ করা (check at chess) বা বন্ধ করার জন্য বড়ের চাল। ৩ [ফা কিশ্তী] জাহাজ, বড় নৌকা। "মরিচের কিস্তি, সরষার কিস্তি। ৪ বাউলের বা ফকিরের ব্যবহার্য্য ডোঙার মত দীর্ঘ নারিকেলের মালা। দ্র 'বাউল (১)'। [কিস্তি খেলাপী সুদ—কিস্তি-অনুসারে টাকা না দেওয়ার জন্য সুদ। কিস্তি পড়া—(দাবা-খেলায়) রাজাকে ধরার নিমিত্ত বড়ের চাল। কিস্তি বুড়ি হওয়া—মাল-বোঝাই বড় নৌকা জলমগ্ন হওয়া। কিস্তিমাৎ হওয়া—(দাবা-খেলায়) কিস্তি না পড়া, অর্থাৎ কিস্তিতে বা বড়ের চালে রাজাকে বন্ধ করা; খেলায় পরাজয় করা। "পীলের কিস্তি মাৎ হল।—রাম-প্রসাদ।]

কিস্তিবন্দী বি [আ কি.সৃত্ +ফা বন্দী] ১ কিস্তিতে কিস্তিতে খাজনা বা ঋণ পরিশোধ করার ব্যবস্থা। ২ কিস্তিবন্দীর, অর্থাৎ সময়-নির্দ্ধারণপূর্ব্বক ঋণাদিপরিশোধের ব্যবস্থা-বিষয়ের দলিল। "কিস্তিবন্দী দস্তখত করিঞা দিবা E.P 67.

কিস্মৎ বি [আ কি.স্মত্] ১ অদৃষ্ট, ভাগ্য। "আদ্দেক বাড়ী সহর মাঝে হ'চ্ছে মেরামৎ। শুনতে ভালো "একজিবিসন্"—এক জনার কিস্মৎ॥—হেম ৩৮৩। ২ অংশ, ভাগ; মৌজার অংশ বা কিসমিৎ; প্রদেশের অংশ; কোন জমিদারের অধিকারস্থ অন্য জমিদারের জমি। "কিস্মত্ চান্দপাড়া জোত বামদেব শর্ম্মা E.P 68; 98.

কী[১] সর্ব্ব [কি >কী (অবধারণে দীর্ঘ); দ্র 'কি[১]'] ১ কি প্রয়োজন; কি ফল। "মোর রূপ যৌবনে তোহ্মাতে কী।—শ্রী.কী ৪৫; দধি দুধ বিচি রাধা করিবেহেঁ কী ১৭২; আহ্মে পাণি তুলী তোহ্মাতে কী ২৪১; ৩০৫। ২ কি বস্তু; কি বিষয়। "ভাবিতেছি নিশিদিন কী আছে আমাতে।—কু.কে ১৮। তোমার কী না আমার কাছে ধরা প'ড়েছে, বলত?—ঘ ২৪৬। ৩ কি উপায়। "এবে সুন্দরি রাধে করিবেঁ কী।—শ্রী.কী ১০৪। ৪ কি অধিক কথা। "তোহ্মার থানত আর কহিবোঁ মো কী। তোহ্মার পুনে জিলী পদুমার ঝী॥—শ্রী.কী ২৬৬। —বিং ১ কি, কিপ্রকার, অর্থাৎ কোন প্রকার না। "করন্ত কমল বন কেলি ভমরা। আবে কী ভল মন্দ হোএত হমরা॥—বি.সা ৩৯০। ২ কিরূপ, অর্থাৎ অত্যন্ত। "কী সর্ব্বনাশ! কী বিপদ্! কী রাগ! কী লজ্জা! কী ঘেন্না! [কী বুলিয়া—কি করিয়া; কেমন করিয়া। "আহ্মার প্রাণেশ্বর, একাএ আছে একাশ্বর, কী বুলিয়া ঘরে তুমি আইলা ম.গা ২৯।]

কী[২] [মৈ কি, কী (সুরের জন্য হ্রস্ব-দীর্ঘ-ভেদ)] ১ কেন। "কী কুচ অঞ্চলে রাখহ গোএ বি.সা ২৩৫; ৪২৫। ২ কি (বিতর্কে, সন্দেহে)। "কী হমে সাঁঝক একসরি তারা, ভাদর চৌঠিক শশী বি.সা ৩০৬; কী সে অনাগরি কি তোহেঁ অকামী ৩১৫; কী পহু বিসরল পুরুবক নেহ ৪২৫। ৩ কিংবা। "সরাসজে বিনু সর, সর বিনু সরসিজ, কী সরসিজ বিনু সুরে। জৌবন বিনু তন, তন বিনু জৌবন, কি জৌবন পিয় দূরে॥—বি.সা ৩৯১, ৪২৫।

কীকট পুং, বহুব ১ অনার্য্যনিবাস জনপদ। "ঋগ্বেদ ৩.৫৩.১৪, সায়ণ। ২ দেশবিশেষ, বিহার; গয়াপ্রদেশ (শ্রীধর)। "ভ ১.৩.২৪।

কীচক পুং [√চীক্ স্পর্শ+অক (বুন্)-র্ম্ম, বর্ণবিপর্য্যয়, উ ৫.৩৬; ধ্বন্যাত্মক (?)] ১ যাহাকে বায়ু স্পর্শ করে; যে বাঁশ বায়ুপূর্ণ হইয়া শব্দ করে; বংশবিশেষ। "কীচকা নাম বেণবঃ গো.রা ৪.৪৪.৭৬। রঘু ২.১২। °রন্ধ্র কু.স ১.৮। পু.মে ৫৬। ভ ১.৬.১৩। ২ বংশমাত্র, বাঁশ। ৩ নল (শ.ক)। ৪ বৃক্ষবিশেষ (শ.ক)। ৫ দৈত্যবিশেষ। ৬ রাক্ষসবিশেষ। ৭ কেকয়রাজ-পুত্র। [ইনি বিরাটরাজের শ্যালক ও সেনাপতি ছিলেন এবং অজ্ঞাতবাসকালে দ্রৌপদীর প্রতি অনুরাগ হেতু ভীমসেন কর্ত্তৃক নিহত হন।] "কুঞ্জর-কীচক মাঝে লাউ-সেন-ভীম শ্রী ১২৩। ৮ (বহুব) দেশবিশেষ। "মহা ১.১৫৬.২। [°জিৎ, °ভিৎ (-দ্) পুং—'কীচকজেতা, কীচকঘাতক', ভীমসেন।]

কীট পুং [√কীট্ বর্ণ+অ (অচ্)-ক; ছান্দস] ১ কৃমি হইতে স্থূল ক্ষুদ্র জন্তুবিশেষ (কুল্লুক); পোকা। "রা ২.২৫.১৮। কৃমি° মনু ১.৪০; ১১.৭১। দিবসে দিবসে তাহে কীট কৃমি বাছে ম.ভা ৫০। [কীটভেদাদিবিষয় সুশ্রুতে কল্পস্থানে অষ্টম অধ্যায়ে দ্রষ্টব্য] ২ (জ্যোতিষে) বৃশ্চিক রাশি। ৩ (কীটসাদৃশ্যে) অবজ্ঞাসূচক। "দ্বিপ°, পক্ষি°। ভ্রাতরঃ কেঽত্র কীটাঃ (প্রবোধচন্দ্রোদয়)। আমি কোন্ কীটস্য কীট, যে সাহেবকে কয়েদ করবো নী ১৩। [কীটস্য কীট—কীটের কীট, অতিহেয়, অতিনগণ্য।]

কীটঘ্ন বিণ [কীট+√হন্+অ (টক্)-ক; উ.ত; স্ত্রী -ঘ্না] কীট-ঘাতক (দ্রব্য)। —ঘ্ন পুং গন্ধক।

কীটজ বিণ [কীট+√জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] কীট-জাত। "মহা ২.৫১.২৬। মনু ১১.১৬৯। ম ৩০৬; কীটজ চীর ৩২৩॥ —জ ক্লী কীটকোষ-জাত সূত্র; রেশম। —জা স্ত্রী লাক্ষা, লা (lac)।

কীটমণি পুং [কর্ম্মধা] যাহা কীট ও মণিতুল্য দ্যোতক : খদ্যোত, জোনাকি।

কীটাণু বি [কর্ম্মধা] যাহা কীট ও অণুতুল্য ; অণুতুল্য ক্ষুদ্র কীট ; চক্ষুর অগোচর কীট (animalcule)। "আমরা অণুবীক্ষণসহকারে কীটাণুবর্গ পর্য্যবেক্ষণ করিতে প্রবৃত্ত হই চা.তৃ ১১। [°কীট (বি) —কীটাণুরূপ কীট ; (সাদৃশ্যে) অতিক্ষুদ্র অতিহেয় বা অতিনগণ্য ব্যক্তি। "গঙ্গারাম কীটাণুকীট—আপনার তার প্রতি দয়া কিসে হইল?—ব.প্র ৫০৩।]

কীড়া বি [সং কীট, -টক >প্রা কীড, -ডঅ >বা °ড়া ; হি °ড়া ; ঠ কিডা, কীড ; প কীড়া ; গু কীড, -ডা ; সি কীড ; ড় কীড়া] কীট, পোকা। "কোটি জন্ম এই মত কীড়া খাওয়াইমু চৈ.চ ৬২ ; কীড়াময় ১১১। নাই হিংসে কীড়া ভ.গ্র ১৯৫।

কীদৃক্(শ্), -দৃশ বিণ [কিম্ + √দৃশ্ + ক্বিন্ (০), +ক (কঞ্),-র্ম্ম, কর্ম্মকর্ত্তৃবাচ্যে (ভাষ্য) ; উ.ত ; স্ত্রী -ক্, -শী] কাহার মত দৃষ্ট হয় বা দেখায় ; কিংবিধ, কিপ্রকার, কিরূপ।

কীর পুং [কী (রববিশেষ) + √ঈরি+অ (অণ্)-ক ; উ.ত ; ধ্বন্যাত্মক (?)] ১ যে 'কী' এই শব্দ উচ্চারণ করে ; শুক, টিয়া। "কীরপৌরাণপাঠকাঃ (ন বরণীয়াঃ) অত্রি ৩৭৬। পাঠঃ সংসদি রামনাম সততং ধীরস্য কীরস্য মে (সু.র)। তাপর কীর থির করু বাস বি.প ৪৪। কীর কুটিল মুখ বি.সা ৫২৭। কীরক মুখে শুনি। জরতী আগমন গো ১২৫। রা.শে ৪। ব ৬৩ ; ১০৩ ; সারী কীর। পড়ই ঐছন অমিয়া গীর ১১৩ ; ফুকারই সারী সু-কার ১৩০। ন.প ২৬৭ ; ৩৪৪। ২ (বহুব) কাশ্মীর দেশ ও তদ্দেশবাসিগণ। —র ক্লী মাংস।

কীরিতি বি [সং কীর্ত্তি >বা °তি (স্বরাগম) ; বৈষ্ণবসাহিত্যে , তু 'কিরিতি' (প.ত) ; পদ্যে] খ্যাতি। "জ ৭২।

কীর্ণ বিণ [√কৄ+ত (ক্ত)-র্ম্ম , স্ত্রী -র্ণা] ১ বিক্ষিপ্ত। "মাঘ ৫.৩৫ ; °বল্লীবিতান ১১.২৮। ২ ব্যাপ্ত, আচ্ছন্ন, আবৃত। "তৈরিয়ং পৃথিবী …কীর্ণা রা ১.১৭.২৬। দর্ভৈঃ…কীর্ণবর্ম্মা শ ১.৭। ৩ হিংসিত। —র্ণি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বিক্ষেপ। ২ ব্যাপ্তি, আচ্ছাদন। ৩ হিংসন।

কীর্ত্তন ক্লী [√কীর্ত্তি+অন (ল্যুট্)-ভা] ১ সংশব্দন, ঘোষণা। ২ কথন, বচন। "পরোক্ষে দোষকীর্ত্তনম্ (S.W.)। দোষকীর্ত্তন-কথা সী ১৮। ৩ বর্ণন, বিবরণ। "জন্মনাং কীর্ত্তনং মম (শ.ক)। ৪ গুণকথন, স্তবন। "কীর্ত্তনং (গবাং প্রশস্ততে) মহা ১৩.৫১.২৭। কৃষ্ণঃ পুণ্যশ্রবণকীর্ত্তনঃ ভ ১.১.১৭। ৫ ইষ্ট দেবতার গুণকথনরূপ বা নামগানরূপ ভক্তির লক্ষণবিশেষ। "ভ ৭.৫.২৩। ৬ (বাঙলায়) কৃষ্ণলীলাবিষয়ক সঙ্গীত-বিশেষ ; সঙ্কীর্ত্তন। "চৈ.চ ৬১ ; কীর্ত্তন-অবসানে ৬৩। কীর্ত্তনলম্পট ন.প ৩১২। ভূতের কীর্ত্তন।—চৈ.ভা ৩২৪। —র্ত্তনা স্ত্রী [+অন (যুচ্) -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ কথন, বর্ণন। ২ [+অন -র্ম্ম] যশঃ, কীর্ত্তি।

কীর্ত্তনিয়া, -নীঞা, -নীয়া বি [কীর্ত্তন+ইয়া, -ঈয়া, (অনুনাসিক হেতু) য়া >ঞা] যে কীর্ত্তন গান করে ; কীর্ত্তনগায়ক। "কীর্ত্তনীঞা-সম্প্রদায় চৈ.ভা ৪১৮ ; তেন কীর্ত্তনিয়া নাহি পৃথিবীভিতর ৪৫৫। প্রভুর কীর্ত্তনীয়া চৈ.চ ৪২ ; ১৫৪।

কীর্ত্তনীয় বিণ [√কীর্ত্তি+অনীয় (অনীয়র্)-র্ম্ম ; স্ত্রী -য়া] ১ কথনীয়, বর্ণনীয়। ২ পরিগণনীয়। "অপাংশুলানাং ধুরি কীর্ত্তনীয়া রঘু ২.২। ৩ স্তুত্য, স্তবার্হ। "কীর্ত্তনীয়স্য সূর্য্যস্য (নামাষ্টশতকম্) মহা ৩.৩.২৮। ৪ উচ্চারণীয় গেয়। "অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ চৈ.চ ৬১।

কীর্ত্তনীয়া দ্র 'কীর্ত্তনিয়া'।

কীর্ত্তা, -র্ত্ত্যা বি [সং কৃত্যা ; (কীর্ত্তির অনুকরণে) °র্ত্তা, -র্ত্ত্যা ; তু 'কিত্তা' ; অপ্র] ১ কপটপ্রবন্ধ, কৌশল। "ওঝায় জীয়াতে কেন করিল কীর্ত্তায় : মোর পিতৃ বধিয়াছে করিয়া কীর্ত্তায় বি.পা ১৩৫। ২ আভিচারিকী দেবতা। "কীর্ত্ত্যা-আনন দেখি শ্রী.ম ২১০ ; ২১১।

কীর্ত্তি[১] সক [√কৄৎ+ই (ণিচ্)—√কীর্ত্তি (পা ৭.১.১০১), চু, প—কীর্ত্তয়তি ; সেট্] সংশব্দন, কীর্ত্তন, কথন। [পরি, প্র, সম্—সঙ্কীর্ত্তন, কীর্ত্তন, কথন।]

কীর্ত্তি[২] স্ত্রী [√কীর্ত্তি + তি (ক্তিন্)-র্ম্ম, নিপাতিত, পা ৩.৩.৯৭ ; ছান্দস] ১ সমজ্ঞা, যশঃ, খ্যাতি। "পুণ্য°, পৃথু°, মহা° (S.W.)। ইহ কীর্ত্তিমবাপ্নোতি।—মনু ২.৯। মহনীয়° রঘু ২.২৫ ; অনন্ত° ৬৪। প্রতাপ-তপনে কীর্ত্তি-পদ্ম বিকাসিয়া। রাখিলেন রাজলক্ষ্মী অচলা করিয়া॥—ভা.চ ১৯। বসুধা বেষ্টিত যার কীর্ত্তি-মেখলায়।—রঙ্গ ৮২। তুলিবে কীর্ত্তির মঠ।—হেম ২৯১। ২ দানাদিজাত খ্যাতিবিশেষ। 'দানাদিপ্রভবা কীর্ত্তিঃ শৌর্য্যাদিপ্রভবং যশঃ (অ.টী)। "যশঃ কীর্ত্তিপরি-ভ্রষ্টো জীবন্নপি ন জীবতি (অ.টী)। ভূমিঃ কীর্ত্তির্যশো লক্ষ্মীঃ পুরুষং প্রার্থয়ন্তি হি।—রা ২.১০৯.২২। কীর্ত্তি জস গাহি আক্ষি নিজ দেসে জাই গো.বি ৮৫। ৩ মৃতের খ্যাতি। 'জীবতঃ খ্যাতির্যশঃ, মৃতস্য খ্যাতিঃ কীর্ত্তিঃ মনু ১১.৪০ কুল্লূক। ৪ মাতৃকাবিশেষ। ৫ [+ক্তিন্ ভা] কীর্ত্তন, কথন। ৬ শব্দ। ৭ প্রসাদ। ৮ বিস্তার। ৯ দীপ্তি। ১০ (বাঙলায়) কর্ম্ম, কাজ (নিন্দার্থে)। "(সভাজন) মাহুন্যার কীর্ত্তি ব'লে জানিল তখন॥—শ্রী.মা ১০৯।

কীর্ত্তিকর বিণ [কীর্ত্তি+ √কৃ+অ (ট) তাচ্ছীল্যে-ক ; উ.ত ; স্ত্রী -রী] খ্যাতিকরণশীল, যশস্কর। "অকীর্ত্তিকর গী ২.২।

কীর্ত্তিকল্পতরু, -লতা বি কীর্ত্তিরূপকল্পতরু বা কল্পলতা ; কল্পান্তস্থায়ী যশঃ ; অক্ষয় কীর্ত্তি। "তুই বাঁচিলে আমার বাপের কীর্ত্তিকল্পতরু॥ —কৃ ২৫১। তুমি ধন্যা পীরকন্যা কীর্ত্তিকল্পলতা রা.স ২০। [বাবার কীর্ত্তি-কল্পতরু ছেলে (নিন্দার্থে)—বাবার অকীর্ত্তিকর পুত্র ; বাবার কুপুত্র।]

কীর্ত্তিত বিণ [√কীর্ত্তি+ত (ক্ত)-র্ম্ম] ১ কথিত, উক্ত। "মনু ৩.২৮০। যাজ্ঞ ২.২২। ২ বর্ণিত, প্রখ্যাত। ৩ নির্দ্দিষ্ট।

কীর্ত্তিনাশন বিণ [ষ.ত ; স্ত্রী -নী] যশোনাশক, খ্যাতিক্ষয়কর। "মনু ৮.১২৭।

কীর্ত্তিবন্ত বিং [সং °র্ত্তিমান্ , অপ্র] যশস্বী। "গো.বি ৮৫।

কীর্ত্তিবাস বি [ষ.ত] ১ কীর্ত্তির বসতিস্থান, যশোনিলয়, অর্থাৎ অতিযশস্বী। "কীর্ত্তিবাস কীর্ত্তিবাস কবি মে ১০৯। ২ [অপ্র] ভাষা-রামায়ণরচয়িতা কৃত্তিবাস কবি। দ্র 'কীর্ত্তিবাস (১)। "কীর্ত্তিবাস ভণে কৃ.উ ৭১। [মেঘনাদবধে অনুপ্রাস এবং এস্থলে লিপিকরপ্রমাদ (?) হেতু, 'কৃত্তি'-স্থলে 'কীর্ত্তি' এবং 'কৃত্তিবাস'-স্থলে 'কীর্ত্তিবাস'।] ৩ [অপ্র] কৃত্তিবাস শিব। "জায়া দেখি দয়া করি বল কীর্ত্তিবাস দ্রু ২৯। চ.বি ২৩৮।

কীর্ত্তিময় বিণ [কীর্ত্তি+ময় (ময়ট্) তদ্বিকারার্থে ; স্ত্রী -য়ী] কীর্ত্তি-বিকার, যশোময়। "গন্ধঃ কীর্ত্তিময়ো নৃণাম্ গো.রা ২.৬১.২০। কীর্ত্তি-ময়ীং স্রজম্ ভ ৪.১৫.১৫।

কীর্ত্তিমান্ (-মৎ) বিণ [কীর্ত্তি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -মতী ; বৈদিক] কীর্ত্তিযুক্ত, যশস্বী, খ্যাতিমান্। "রা ১.২.৪২। —ন্ পুং বিশ্বদেববিশেষ।

কীর্ত্তিশেষ বিণ [বহুব্রী] কীর্ত্তি যাহার শেষ ; মৃত (ত.বা)। —শেষ পুং মরণ।

কীর্ত্তিস্তম্ভ বি [কর্ম্মধা] ১ কীর্ত্তিরূপ স্তম্ভ ; যশঃস্তম্ভ। ২ [উ.লো] কীর্ত্তিস্মরণার্থ বিরচিত স্মারকস্তম্ভ (monument)।

কীল পুং [√কীল্ বন্ধ+অ (অচ্) -ক] ১ যাহা পতঙ্গাদি বন্ধ করে

(অ.টী) ; অগ্নিশিখা, জ্বালা। ২ [+অ (ঘঞ্)-ণ] শঙ্কু, খীল, গোঁজ। "কীলোৎপাটী।—পঞ্চ ১.২১। ৩ স্তম্ভ, খোঁটা। ৪ শস্ত্র (S.W.), শূল (নীলকণ্ঠ)। "মহা ৩.১৫.১৫। ৫ কফোণি, কনুই; কফোণি-নির্ঘাত। ৬ যে ঊর্দ্ধমুখশিরঃপদ মূঢ়গর্ভ কীলের ন্যায় যোনিমুখ রোধ করিয়া থাকে; মূঢ়গর্ভবিশেষ। 'সুশ্রুত ২.৮.৪। ৭ লেশ। ৮ শিব (A.)। তু 'স্থাণু'। —লা স্ত্রী ১ শঙ্কু। ২ শিখা, জ্বালা। ৩ কফোণি; কফোণিঘাত। ৪ রতিপ্রহারবিশেষ। ৫ লেশ। —লক পুং [°ল+ক (কন্) স্বার্থে] ১ কীল, গোঁজ। "হি ২২১১/২। ২ স্তম্ভ। ৩ গোদোহনকালে বন্ধনস্তম্ভ। ৪ গোগণের গাত্রকণ্ডূয়নার্থ গোষ্ঠে নিখাত স্তম্ভ (অ.টী)। —লক ক্লী ১ (তন্ত্রে) মন্ত্রবিশেষ। ২ সপ্তশতী-পাঠকালে পাঠ্য স্তববিশেষ। —লন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বন্ধন, খিলান (S.W.)।

কীলাল ক্লী [কীল (জ্বালা)+ √অল্ নিবারণ+অ (অণ্)-ক] ১ 'জ্বালানিবারক', জল। ২ সুধা। ৩ মধু। ৪ রক্ত। "মহা ৩.২৫৬.১৭। —প পুং পশু। [°জ (ক্লী)—মাংস। দ্র 'কীলাল (৪)।]

কীলিকা স্ত্রী [কীলক+স্ত্রী আ (টাপ্)] ১ ক্ষুদ্র শঙ্কু; খিল, পিন্। ২ শকটের অক্ষাগ্রস্থ কীল; রংগিল্।

কীলিত বিণ [√কীল্+ত (ক্ত)-কর্ম্ম] ১ বদ্ধ, নিয়ন্ত্রিত। "রোমাঞ্চেনেব কীলিতম্ ক.সা ১০.২০৭। ২ [কীল + ইত (ইতচ্)] জাতকীল, কীলযুক্ত। —ত ক্লী [+ত -ভা] কীলন, বন্ধন।

কীশ পুং [ধ্বন্যাত্মক (?)] ১ বানর। "শতেক যোজন সিন্ধু বান্ধা গেল কীশে শ্রী ১৯১। ২ (বাঙলায়; অপ্র) বানর (গালি)। "কীশ, তাই হেন হাতে পরায়েছে মেঠে শি ৮৩।

কু১ স্ত্রী [√কু শব্দ+উ (ডু)-ক; তা 'কু'—পৃথিবী] ১ পৃথিবী। "ভ ৬.১.৪২। কু-কথায় পঞ্চমুখ ভা.চ ২৫৫। ২ ভূমিভাগ, ভূভাগ।

কু২ ব্য [Av. ku—bad, evil] ১ পাপ। "°কর্ম্ম, °ব্রাহ্মণ (অ.টী)। ২ কুৎসিত, নিন্দিত। °পুরুষ পা ৬.৩.১০১; ১০৬। °যাজ্ঞিক (অ.টী)। ৩ ঈষৎ, অল্প, অসম্যক্। "পা ৬.৩.১০৫। কুদৃষ্টং কুপরিজ্ঞাতং কুশ্রুতং কুপরীক্ষিতম্।—পঞ্চ ৫.১। ৪ নিবারিত (মেদিনী)। ৫ অহিত, পীড়াকর। "°দ্রব্য, °পথ্য, °ভোজন, °ভোজ্য।—চাণক্য। ৬ দুষ্ট, দুর্ব্বৃত্ত, অসৎ। "°গেহিনী, °জন, °পুত্র, °বৃত্তি, °ভার্য্যা, °শিষ্য।—চাণক্য। ভূতলে জন্ম লয়ে কু বৈ হলি নে সু।—দা ৪৩; কুপুত্র অনেক হয়, কুমাতা কখন নয় ১৩০৯। ৭ অশুভ, অমঙ্গল। "°গ্রহ, °দৃষ্টি, °লক্ষণ। শুকনা ডালেতে বস্যা কু বোলয়ে কাউ ক.চ ১৯৫। কুখেনে ব.প ৬৬০। কুক্ষণে মে ৭। ৮ অশ্লীল, অপ্রিয়, কটু। "°কথা, °বাক্য, °বোল ম.ম ২০৭। কু উত্তর।—কৃ.উ ২৩৮। ৯ অসৎ, অপবিত্র। "কুলাচার্য্য তিনি৹ কু-কুলের।—মা ১১৮। ১০ অনভিজ্ঞ, অজ্ঞ, আনাড়ী। "মাণিক পড়ল কুবণিক-হাত বি.প ১৩২। ১১ নীতি-বিগর্হিত, অন্যায়। "°পরামর্শ, °মন্ত্রণা। কু-বিচার ম ১১১৯। ১২ অপ্রশস্ত, নিন্দিত, অবৈধ। "°দেশ, °বৃত্তি।—চাণক্য। ১৩ অল্প-জল, অগভীর। "°নদী, °সরিৎ।—চাণক্য। ১৪ শুষ্ক, বৃথা। "°তর্ক। ১৫ প্রতিকূল, মন্দ, খারাপ। "এখন আমার বড় কু-সময় মা ৩২৯। [কুএ(য়ে)র গোড়া—১ গর্হিত বিষয়ের মূল; নষ্টের আকর। "যত কুয়ের গোড়া ওইত।—গান ১৩। ২ কুমন্ত্রণার মন্ত্রী। রাজ্যের কু—প্রচুর নিন্দিত বিষয়ের আধার। "মিন্‌সে রাজ্যের কু শ্রী ৯২।]

কু৩ কা.ক্তি [ক৭ >কু; অপ্র] ১ কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি। "পশু বোলি তাকু ঃ গুরুকু সৃজি না পারিবা ব.প ৯০। যে রাখিব পিণ্ড তাকু কৰিবি মাননা ৯১; গোবিন্দচন্দ্রকু তা কহিব সদবুদ্ধি ৯৩। ২ সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি। "পরজাকু পীড়া ব.প ৮৯; মোক্ষ হুঅই পিণ্ডকু ৯০। ৩ নিমিত্তার্থে চতুর্থী বিভক্তি। "ইন্দ্রপদ লেবাকু মনো বাড়াইলা ব.প ৯২।

কু৪ ক্রি.ক্তি [উক৪ >কু (বর্ণবিপর্য্যয়); অপ্র] কর্তৃবাচ্যে অনুজ্ঞায় প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "জাকু (যাউক) কৃ.উ ১৫১। জাকু কৃ.অ ১৩। থাকু শি ৬৯। হকু ব.প ৪৫৯; থাকু ৪৬৩। থাকুক শ্রী.মা ৩৯; হকু ১৬৩। দ্র 'ক৮'।

কুআ১,**-য়া** বি [কোয়া > °আ, -য়া] পা দিয়া উঠার নিমিত্ত মইএর আড়-চটা বা কাষ্ঠখণ্ড। "গটা দশ 'কুআ' (পাঠান্তর—'কুয়া' ব.প ১১৩) দিআ সাজাইল মই শূ ১০৯।

কুআ২, **-য়া** বি [সং কুহা, -হেলিকা; অপ্র] কুজ্ঝটিকা, কোয়াশা (fog)। "কুআ সিজ্জাইল গো.চ ২০১,-৮৬।

কুআ৩, **-ও, কু(কূ)য়া** বি [সং কূপ >প্রা কূব, 'কূয' (প্রা.ম) >বা কূয়া, -আ, কুয়া; হি কূআঁ, কুঁআ, -রাঁ; গু কূরো; সি কূহো, -ও; মৈ কুইআঁ; কুই (মালদহ)] ১ কূপ, ইঁদারা। "কুআর জলে গো.চ ৫৬; ৮৪। আগে কাট কুও।—খনা। কূয়া না খুদিল ভ.গ্র ৪১৫। ২ কূপ-সদৃশ গভীর গর্ত্ত (চব্বিশপরগণা)।

কুআড়া বিং [কু+আড়া] যাহার আড়া বা আকার ঠিক মাপ-সই নহে; বেখাপ্, বেঢঙ্।

কুআশা বি দুষ্ট আশা; অসম্ভব আশা; দুরাকাঙ্ক্ষা। "এ তিনের ছলসম ছল রে এ কু-আশার।—মাইকেল।

কুইয়া বিং [(?); অপ্র] শুষ্ক। "তিন দিনের ঘাখানি হয়ে গেল কুইয়া ম.ম ২১৯।

কুইনাইন, -নিন্ বি [E. quinine] সিঙ্কোনা-(cinchona) ছালে প্রস্তুত তিক্ত জ্বরঘ্ন ঔষধবিশেষ। [কুইনাইন ধরা—কুইনাইনের কার্য্য আরব্ধ হওয়া; কান ভোঁ-ভোঁ করা।]

কুইল্ বি [E. quill] কলমের নিমিত্ত হাঁস ময়ূর প্রভৃতির পক্ষ। [°কলম, °পেন্—কুইলের কলম।]

কু-উ বি [কুহু > °উ] মৃদু পিকরব। "কোকিল ডাকিল 'কু-উ' ব.প্র ২৬৭।

কুঁকড়া১,**কুকড়া-ড়ো, কুকুড়া** বি [সং কুক্কুট>প্রা কুক্কুড>বা কুকুড়া, কু(কুঁ)কড়া, -ড়ো; তু 'কুক্কুড'—মত্ত (দেশী ২.৩৭)] কুক্কুট, মোরগ। "কুকুড়া জবাই করি ক.চ ৮৬। মরে কুকড়ী কুকড়া ভা.চ ৪৫৫। থুথু! কুঁকড়ার পাখা।—মা ৩২৭। —কড়ী বি [সং কুক্কুটী >প্রা কুক্কুডী >বা কুকুড়ী, কুকড়ী; হি কুকড়ী)] কুক্কুটী, মুরগী। দ্র 'কুঁকড়া'। [বাঙলায়, 'কুঁকড়ার ছানা, ডিম' (সং কুক্কুটশাব, কুক্কুটাণ্ড) বলে, 'কুঁকড়ীর ছানা, ডিম' বলে না।]

কুঁকড়া২, **কোকড়া** অর্ম্ম [কোঁকড়+আ > °ড়া] সঙ্কুচিত হওয়া; বাঁকিয়া (টেরচা হইয়া) যাওয়া। [কুঁ(কোঁ)কড়ান—সঙ্কোচন; সঙ্কুচিত।]

কুঁকড়িমুকড়ি বিং [কোঁকড় >কুঁকড়ি, 'মুকড়ি' (অনু.শব্দ); জাটু —'কুকড়ী'—head of maize] শীতে বা ভয়ে সঙ্কুচিতগাত্র বা কুণ্ডলাকৃতি; কুকুর-কুণ্ডলী, জড়সড়। [°সুকড়ি—অতিসঙ্কুচিত।]

কুঁখ, কোঁক,-খ, কোক বি [সং কুক্ষি >প্রা কুক্‌খি; *কুখি >বা (কুখ, -ক, কুঁখ, -ক) কুক, কোক, কুঁ(কোঁ)খ, কোঁক; তু 'কুক্‌খি'—উদর (দেশী ২.৩৪); হি কোখ; প কুক্‌খ, কোখ; ঠ কুস; গু কুখ; সি কুখি; 'কুক'—°ধরণী, °ধন্নি (গর্ভধারিণী—গো.চ ৭২; ৪৩৯)] ১ উদর, পেট। "তার ছোট বইন আছে নাই তারো কোক গো.চ ২৬৭। গো ব্রাহ্মণ হাজার আহার করুক, কোঁক ওঠে না।—ন.ত ৩৬। ২ গর্ভ, ভ্রূণাধার, তলপেট। "প্রসব-বেদনা এসে আকর্ষিল কোঁখ ঃ তেলজল কুঁখে মলে শ্রী ৪২। দশমাস দশদিন ধরেছিনু কোঁখে শ্রী.মা ১৫৭। [কোঁখে কোঁখ লাগা—অত্যন্ত ক্ষুধায় পেট খালি হওয়ায় পেটে-পিঠে লাগা বা এক হওয়া। কোঁখে ধরা—গর্ভে ধারণ করা। কোঁখশূল—কুক্ষিশূল (colic)।]

কুঁচ, -জ[১] বি [সং কুঞ্চিকা, গুঞ্জা > বা কুঁচ,-জ ; ড় কাঁইচ ; তু 'তা কুচ্চ —কর্কটচঞ্চু] ১ গুঞ্জালতা, কুঁজগাছ (Abrus precalorius)। ২ গুঞ্জাশিম্বীস্থিত পরিপক্ব লোহিত বীজ। "কুঁচের মত চক্ষু লাল হু ৩৪। [কুঁচ লাল শাদা কাল তিনপ্রকার। লাল কুঁচ (অর্থাৎ রক্তিকা) স্বর্ণকারের রতিপরিমাণ, ওজন ১৮৹ গ্রেন্। কুঁচ-চোখ—কুঁচের মত ক্ষুদ্র চোখ। কুঁচ-ভ'র—কুঁচ-পরিমাণ, একরতি।]

কুঁ(কোঁ)চকা বি [সং √কুঞ্চ্ ; হি √কুচ—কুচনা ; cf., Hebrew —cuachaim—I fold ; cuach—a curl ; cuachach—curled (M.W.)] কুঞ্চন, কুটিলীভাব, গুটান (shrinking, contracting)। "প্রেমের মানায়, সুতো মানায় না আর, টানায় কোঁচকা লাগিল গো !—দা ২১২৫। [কুঁ(কোঁ)চকান—কুঞ্চিত হওয়া। কোঁচকা পড়া—কোঁচকান। কোঁচকায়—কুঞ্চিত হয়।]

কুঁচকি বি [সং √কুঞ্চ্—কুঞ্চক ; সং বঙ্ক্ষণ ; হি কুচকি ; ঠ পায়াচী খীল. ; ড় কোড়গাত] যাহা কুঞ্চিত হয় ; উরুসন্ধি, অর্থাৎ উরু ও তলপেটের সন্ধিস্থল (hip-joint)। "ফুলে উঠিলে কুঁচকিটী, গন্ধবিরাজের পটী (দিবে)।—দা ৩৬৩। [কুঁচকি-কণ্ঠা খোল—কুঁচকি হইতে কণ্ঠপর্য্যন্ত পেট (অতিভোজনশক্তি-সম্বন্ধে)। কুঁচকি-কণ্ঠা খাওয়া—গণ্ডে-পিণ্ডে খাওয়া। কুঁচকি হওয়া—কুঁচকি ফুলিয়া উঠা।]

কুঁ(কোঁ)চনী, কুচ(চু)নী বি [কোঁ(কো)চ+নী ; অস—কুচুনী] কোচের স্ত্রীজাতি ; কোচের স্ত্রী। "কুঁচনীর দ্বার ক.চ ২৬ ; কুঁচনী-রামা ঃ কুঁচনী-রমণী ২৭। কুচনী-পাড়ায় শ্রী ১১৩। কুচনী-নগরী বা.ম ৫৩। কুচুনী পাগল কর শিঙ্গা বাজাইয়া বি.পা ৬২। ধাইল কোঁচনী শি ৩০। কুচনীর বাড়ী ভা.চ ৯২। কুচনী—দা ২১৭। [কুচনী-পাড়া —কোচবধূগণের পল্লী।]

কুঁ(কোঁ)চবক বি [সং ক্রৌঞ্চ > লি কোঞ্চ, প্রা কোং(কুং)চ > বা °চ ; হি কোঁচা, কুঁজ] ক্ষুদ্র বকবিশেষ।

কুঁচা[১], **কুচা**[৩] বিং [সং কুচিত ; ফা কুচক—ক্ষুদ্র, অল্প ; 'কুচো' (কথ্য ভাষা)] ক্ষুদ্র, ছোট ; খণ্ডিত, খণ্ড। "খোকা আমাদের কুচো সোনা। বউ আনবে চাঁদের কোণা॥ —চা বি ক্ষুদ্র অংশ ; খণ্ড, টুকরা ; ক্ষুদ্র কাষ্ঠখণ্ড। "ভিজা কুঁচার ধোঁয়াতে, মলিন হইল মোর মুখ ব.প ১৩৬৪। [কুচো-কাচা—টুকরা-টাকরা ; একটু-আধটু। কুচো গহনা—ছোট ছোট গহনা—মাকড়ি নাকছাবি ইত্যাদি। কুচো চিংড়ি —ছোট চিংড়ি ; মুন-চিংড়ি। কুচো নৈবেদ্য—অল্প চাল ও কাটাকুটা উপকরণের ছোট নৈবেদ্য। কুচো বা কুঁচো ফুল—ছোট ফুল ; মালা করিয়া না-গাঁথা ছোট ফুল। "মালীরা কুঁচো ফুলের দোকান সাজিয়ে বসেচে হু ১৮৮। কুচো বাসন—ছোট ছোট বাসন ; ছোট থালা ঘটী ইত্যাদি। কুচো মাছ—ছোট (গুঁড়া) মাছ। কুচো সোনা—সোনার টুকরা ; (গৌণার্থে) অতিআদরের ধন। দ্র 'কুঁচা[১]'। 'কুচো সোনার গহনা—সোনার ছোট গহনা।]

কুঁ(কোঁ),চা[২] সর্ম্ম [সং √কুঞ্চ্ > প্রা √কুংচ > বা (কুঁচ) কুঁ(কোঁ)চা ; অস √কোঁচা] কুটিল (কুঞ্চিত) করা ; কোঁচান। "নেতের বসন দিল কুঁচাইয়া স্থান ম.ম ১৮০।

কুঁ(কু)চি বি [সং কূর্চ্চ, -চ্চিকা > প্রা কুচ্চ, -চ্চিয়া, *কুংচ,-চিআ > বা কু(কুঁ)চি ; হি কূঁচী—ছোট ঝাড়ু ; ঠ কুংচা, -চী (কূর্চ্চ) ; কুচ্চ্—weaver's long brush ; তা 'কুচ্ছ'—গুচ্ছ] ১ আবর্জ্জনাপরিষ্কারার্থ গুচ্ছবদ্ধ তৃণ ; কোঁস্তা। ২ চিত্রকরের তুলি ; তুলিকা (brush)। ৩ ধূলা-প্রভৃতি ঝাড়ার বা রঙ্ দেওয়ার তুলি। ৪ গহনা-পরিষ্কারের নিমিত্ত শূয়ারের ঘাড়ের চুলের বা পিত্তলের তারের বুরুশ্। ৫ ভাজনা-খোলায় চাউল-প্রভৃতি নাড়িয়া ভাজার নিমিত্ত, অথবা খোলা হইতে ভাজিয়া তোলার নিমিত্ত গুচ্ছবদ্ধ নারিকেলের বা বাঁশের কাঠি ; কুচি-কাঠি। ৬ [তা 'কুচ্চি'—stick, hair-pin] শূয়ারের ঘাড়ের শক্ত চুল। "আমার ছেলের চুল শোরের কুঁচি ?—অ গ্র ৮৩। ৭ [কুঁ(কু)চা+ই] অতিক্ষুদ্র কাষ্ঠখণ্ড। ৮ ক্ষুদ্র অংশ ; খণ্ড। "পাথরের, ভাতের, সরের কুচি। ৯ [সং √কুঞ্চ্—কুঞ্চিত ; অস কোঁচ] কুঞ্চন, বস্ত্রভঙ্গ। [কুচি করা—১ ধূলা-প্রভৃতি ঝাড়া ; ঝাড়া। ২ খণ্ড খণ্ড করা ; চূর্ণ করা। কুচিকাঠি—দ্র '(৫)। কুচি মারা—কোঁস্তা মারা।]

কুঁ(কু)চিয়া, -চে বি [সং কুঞ্চিকা > প্রা কুংচিআ, -য়া > বা কুঁচিয়া ; (কুঁচ্যা) কুঁচে ; কুচিয়া (ত্রিপুরা)] সর্পাকৃতি মৎস্যবিশেষ ; কুঁচেমাছ। *কুচিয়া গো.চ ২১৮। কুঁচিয়া ম মা ৫৯।

কুঁ(কু)চিলা, কুচলা বি [সং কুচেলী (অর্ব্বাচীন) ; কুলক, কাকতিন্দুক (কুচলা—অ.টী) ; হি কুচ (চি) লা ; ঠ কুচল (গাছ), কুচলী (বীজ) ; ড় কুচিলা ; তেলেগু—মুষ্টি (সং বিষমুষ্টি)] আরণ্য বৃক্ষবিশেষ (Strychnos nux-vomica) ও তাহার ফলের বীজ। "কুচলা গো.চ ৪৩১। কুঁচিলা ক.চ ২৬।

কুঁজ[১] দ্র 'কুঁচ'।

কুঁজ[২], **কুজ**[২] বি [সং কুব্জ > লি খুব্জ ; প্রা কুজ্জ, * কুংজ > কু(কুঁ)জ ; ফা কূজ্.—a hump ; অস কুঁজ] ১ পৃষ্ঠস্থিত মাংসপিণ্ড (hump)। "পিঠে কুজ।—কৃ.অ ৫। কুঁজ নহে তার সে বুদ্ধির চুপড়ি কৃ ৪০ ; তার পৃষ্ঠে কুঁজ যেন ভরন্ত ডাবরী ৮৯। পিট ভরা কুঁজা ঃ ঘাড়ে কুঁজ জুড়ে শ্রী ৯২। পিঠে কুঁজভার ভা.চ ২১০ ; ২১২। ২ বক্রপৃষ্ঠ। "বড় দুষ্ট হঞা কুজ সোসর করিল চৈ.ম ১৮৮। ৩ মেরুদণ্ডভঙ্গ জন্য পৃষ্ঠের বক্রতা। "মেন্দারা ভাঙ্গিয়া কলাই-বেচির কুজ বাহির হৈল গো.চ ২৩৬। —জ, -জা বিং [কুঁজ > °জা ; হি কুংজা ; ঠ খুজা ; প কোঝা ; সি কুবো ; ড় কুংজা ; অস—কুঁজা] ১ কুব্জ, কুঁজবিশিষ্ট। (hump-backed)। ২ [ফা—কূজ্.—বক্র] বাঁকা। "চান্দ মোর কাঁকাল করিল কুঁজা ম.ম ২১৮। ৩ বক্রদেহবিশিষ্ট। "কুঁজে হৈল কুঁজা ভা.চ ২১২। ["কুঁজ 'হ'—কুব্জাকৃতি 'হ' এই বর্ণ।]

কুঁজ[৩], **-জা**[২], **কুজা**[২] 'জো' বি [ফা কূজা. ; হি কুংজা ; ঠ কুজা ; -জ্যা ; তা কূজা] মৃন্ময় জলাধারবিশেষ। "কুজা চৈ.চ ২৯৭।

কুঁজড়া, কুজ(জু)ড়া বি [হি কুঁজড়া ; ঠ কুংজড়া] জাতিবিশেষ (ইহারা তরকারী ফলমূল বিক্রয় করে)। "কুজুড়া কাবাড়ী হৈয়া, নানা দ্রব্য আনে বৈয়া ব.প ৩২০। কাবারি কুজুড়া শ্রী ৪৫ ; ৭৯ ; ২০২। কুজড়ানী কোলে করি ভাসিল কুজড়া ভা.চ ৪৫৫। —ড়া বিং [কু+জড় (?)] কু-এর জড় বা মূল ; অথবা, কুজড়াসদৃশ (?)] ক্রূর, দুষ্ট, খল। [কুজড়ানী—কুজড়ার স্ত্রী। "ভা.চ ৪৫৫। কুঁজড়ামি—দুষ্টামি, কুঁজড়াবৃত্তি।]

কুঁ(কু)জি বি [সং কুঞ্চিকা ; হি, প, ঠ, সি, মৈ কুংজী ; গু কুংচী ; ড় কুংচী,-ঞ্চী, নেপালী—কুংজি ; কাশ্মীর—কুঞ্জ্] চাবি। "এ বেটারে, ...কুজি দিয়া বন্দী করি ঘরে ব.প ১৪১। রসনা কেবল কথা-সিন্দুকের কুঁজি ভা.চ ১০৬ ; মোক্ষ-কপাটের কুঁজি ১৮৬ ; ৩৪৮। [কুঁজি-কাঠি—চাবি-কাঠি।]

কুঁ(কু)জী বি [কুঁজা[১]+ঈ] ১ 'কুঁজবিশিষ্টা', কৈকেয়ীর দাসী ও ভরতের ধাত্রীমাতা (কৃ ৮৯) "কুজী কৃ.অ ৫। কুঁজী ; কুজী কৃ ৮৯। [ইহার নাম 'মন্থরা', 'কুব্জ'-পৃষ্ঠ হেতু নামান্তর 'কুব্জা' (রা ২.৭.২ ; ১০)। কৃত্তিবাসে, 'কুঁজী' 'কুজী' ও 'মন্থরা' তিন নামই আছে। পদ্মপুরাণমতে, মন্থরা রাবণবধার্থ দেবতা কর্ত্তৃক প্রেরিতা অপ্সরা (রা.টী)।] ২ কুব্জা নারী। ৩ 'ত্রিবক্রা' নামে কংসের দাসী। "শ্রীহস্তপরশে কুজী দিব্যমূর্ত্তি হৈল চৈ.ম ১৮৮। শ্রী.ম ১২৫।

কুঁড়[১] '-ড়' বি [সং কুণ্ড > প্রা কুংড > বা কুঁড় ; হি কুংড, -ডা ; ঠ কোণ্ড ; মৈ কুঁড় ; গু কুংডী, -ড়] ১ বড় গর্ত্ত ; কুয়া। "পাঁশকুঁড় ; সার-

কুঁড়। ২ কুণ্ডাকৃতি পাত্রবিশেষ। "ভাঁড়-কুঁড় (ভাঁড়-কোঁড়)। ৩ বারুইএর উপাধিবিশেষ।

কুঁ(কু)ড়[২], **কোঁড়** সর্ম্ম [সং √খুড়্—ভেদ (ক.ক) ; বা কু(কুঁ)ড়, কোঁড় ; হি, মৈ √কোড় ; তু 'ফা কন্‌দহ্—dug] ১ খনন করা ; খোঁড়া। "কুড়ে বজ্র নখে : কুড়িতে কুড়িতে ঠেকিল কূর্ম্মর পিঠি শূ ১০৩। কণ্ড কুঁড়ি জ্বালহ অনল ক.চ ২৩ ; নখে কোঁড়ে···দীঘি ৩৩ ; নিত্য কোঁড়ে ডোব গাড় ৫৫ ; কুঁড়িতে কুঁড়িতে বীর ধনের লাগ পাইল ৭৩। মাটী কুড়েন ব.প ২৭২ ; কুড়িয়া বান্ধিল···ধন ৩৪৭ ; থাল কুড়িঞা ৪৯৮। ২ উৎখাত করা ; খুঁড়িয়া তোলা বা উৎপাটিত করা। "কোন নারী খেদে৹ কুড়িছে নয়নদ্বয় মে ২৭৬। ৩ ভূমি কর্ষণ করা ; চষা। "(বৃক্ষ) বাঢাইলে···সিঞ্চিয়া কুঁড়িয়া চৈ.ম ১৩০। [কুঁড়া—সর্থ 'কুঁড়'।]

কুঁড়া বি [হি কুঁংড়া ; ঠ কোংড়া ; গুঁড়া (দিনাজপুর) ; তু 'সং কড়ঙ্গর, কণ্ডন'] ১ তুষ এবং তণ্ডুলের মধ্যবর্ত্তী সূক্ষ্ম আবরণ ; চাউলের গায়ের পরদা। "খুদ কুঁড়া কৃ.উ ৯। ক.চ ৬৮। ২ [কুঁড়[১] > কুঁড়া] কুণ্ড, কুণ্ডসদৃশ সিদ্ধিঘোঁটার পাত্র। "নূতন ঘোটনা কুঁড়া দিয়াছে বিশাই ভা.চ ৮৬ ; ১০৪।

কুঁড়া(ড়ো)জালি, কুড়োজালি বি [কুঁড়াজাল+ই[১১]] ১ কুঁড়া চার দিয়া মাছ ধরার কাপড়ের ছোট জাল। "রাজার মা আর পাঁচী তেলী। পাশ-খেপলা আর কুঁড়াজালি॥—প্রবচন (উপমান ও উপমেয়ের অত্যন্ত বৈসাদৃশ্যের উদাহরণে প্রযোজ্য)। ২ বৈষ্ণবের জপ-মালার থলি (উপহাসে)। "বাছিয়া পাঁঠার হাড় গেঁথে তার মালা। বানাইব কুঁড়াজালি দিয়া ছাগছালা॥—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ওটা মোল্লা নয় ভাই, রসের বৈরাগী-ঠাকুর। ঐ যে কঁড়োজালি হাতে আছে মা ৩৪১।

কুঁড়ি[১], **-ড়ী** বি [সং কুণ্ডিকা, কুণ্ডী > প্রা কুংড়িআ, কুংডী > বা কুঁড়ি, -ড়ী ; হি কুংডী ; তু 'কোডিঅ'—লঘু শরীর (দেশী ২.৪৭)] ছোট কুণ্ড বা কুঁড় ; মাটির বা পাথরের বড় কটোরা। "হাঁড়িকুঁড়ি গঢ়ে পেটে ক.চ ৮৯।

কুঁড়ি[২] বি (কোঁড়+ই[৯] > (কোঁড়ি) °ড়ি] ১ ক্ষুদ্র অঙ্কুর বা প্ররোহ। ২ [সং কুড্‌মল, কোরক ; ড় কঢ ; কুঁঢ়ী (শ্রী.কী)] মুকুল, কলিকা। "হাট বাজারে লজ্জাহীনা, ঘরে কুঁড়িফুল।—হেম ৩৯০। কুঁড়ির ভিতরে কাঁদিছে গন্ধ অন্ধ হয়ে (চ.কা)।

কুঁড়িয়া[১], **-ড়ে**[১], **-ড়্যা, কুড়া, -ড়্যা** বি [সং কুটীকা > প্রা *কুডীআ > বা কুড়্যা, -কুড়া, কুঁড়িয়া, -ড়্যা, -ড়ে ; হি কুটি(রি)য়া ; ঠ কুডী ; ড় কুডিআ ; কুইয়া (ঢাকা) ; কুড়া (ত্রিপুরা)] পর্ণশালা, কুটীর, ঝোপড়ী। "কুঁড়্যার ভিতরে ম ১১০৪,-৫। কুড়্যার দুয়ার ক.চ ৬৩ ; কুড়ায় ৬৮। কুড়্যা বান্ধি থাকে জ ২৮। কুঁড়্যার দুয়ারে উপনীত ব.প ৩১১ ; কুড়্যা ৭৪৬ ; কৃ.উ ১৮৪।

কুঁড়িয়া[২], **-ড়ে**[২], **কুড়িয়া** বি [সং কুণ্ডিকা > প্রা কুংডিয়া > বা কুঁড়িয়া, (কুঁড়্যা) কুঁড়ে, কুড়িয়া] কুণ্ডাকার ছোট পাত্র ; মাটির বা পাথরের খোরা। [কুঁড়েপাত—কুণ্ডাকৃতি ভোজনপাত্র ; তৎপাত্রপরিমিত প্রচুর অন্নাদি (নিন্দায়)। "আজ একমাস কুড়েপাত লুসচেন জা ৩০। কুঁড়ে পাথর, কুড়িয়া পাথর—১ পাথরের কুঁড়ে ; খোরা। "ঘণ্টে পূরায়্যা রাখে কুড়িয়া পাথরা ক.চ ১৫০। ২ কুঁড়েপাথর-ভরা ভাত (গালিতে)। "কুঁড়ে হ'লে, কুঁড়েপাথর জুটবে কোত্থেকে ?]

কুঁড়িয়া[৩], **-ড়ে**[৩], **কুড়ে** বিং [কুড়+ইয়া[২] > কুড়িয়া > (কুড়্যা) কুড়ে ; কুঁড়িয়া, কুঁড়ে ; হি কোঢ়িয়া, -ঢ়ী ; ঠ কোডী ; মৈ কোঢ়িআ, -ঢ়ী—কুষ্ঠ-গ্রস্ত, অলস ; ড় কোঢ়িআ ; অস কুঠীয়া] কুষ্ঠরোগ পীড়িত ; (গৌণার্থে) কর্ম্মে অপটু। "প্রসাদ বলে ওমা তারা, হ'য়ে আছি. আদি কুঁড়ে।—রামপ্রসাদ। ঐ যে তোমার দরজা জুড়ে৹ বসে গেছে যত দেশের কুড়ে।—কা ৭৮। কোন ব্যক্তিরই কুড়ে হওয়া উচিত নহে পা.প্র ১৭১। [কুঁড়ে গোরু অমাবস্যা খোঁজে—অমাবস্যায় হলচালনা নিষিদ্ধ বলিয়া কুঁড়ে গোরু বিশ্রামের দিন দেখে ; (গৌণার্থে) অলস কেবল বিশ্রামসুখই চায়। কুঁড়েমি—আলস্য।]

কুঁত, -থ, কুথ অর্ম্ম [সং √কুস্থ > প্রা* √কুংথ > বা কুঁথ, -ত, কুথ ; ঠ, হি √কঁ(কোঁ)থ ; ধ্বন্যাত্মক] ১ অত্যন্ত ক্লেশ পাওয়া ; ভার-উত্তোলনে বা কোন কার্য্যসাধনে প্রাণপণ চেষ্টা করা। "চারি জন মাঝিতে কুঁতিয়া ধরাধরি করিয়া উপরে তুলিয়া দিল আ.চু ৯। ২ মল-মূত্র-নিঃসারণার্থ সশব্দে বেগ দেওয়া ; কোঁত পাড়া। ৩ পীড়াদি জন্য আঁ-উঁ ইত্যাদি কাতর শব্দ করা। "কুথিতে কুথিতে মরে গেল দুই ভাই ম.ম ২০৮। [কুঁতে যাওয়া—প্রাণপণ চেষ্টা করিয়াও হার মানা।]

কুঁতা, -থা, কোঁতা, -থা সর্ম্ম [কুঁত, -থ+আ[৮]] অত্যন্ত ক্লেশ দেওয়া ; ভোগান।—থা অর্ম্ম কোঁথ পাড়া। "কোঁথাইয়া বসিল বি.সু ৩৬ ; কোঁথায়ে কহে আরে বাপু মরি ৯৫।

কুঁৎকুঁতে বিং [হি গুদগুদা—মাংসল] ১ মাংসল বা স্থূলকায় ব্যক্তি। "ওটা হোঁদোল কুঁৎকুঁতের মুখশ ন.ত ৭৩। ২ [খুদ-খুদে > °তে] খুদে-খুদে, অতিক্ষুদ্র (চোখ)।

কুঁদ[১] বিং [সং কুন্দ > প্রা কুংদ > বা কুঁদ, হি, ঠ কুংদ] ১ মল্লিকাদি-বর্গের পুষ্পক্ষুপ (Jasminum pubescens) ও তাহার ফুল। ২ [সং কুন্দ] সূত্রধারের ভ্রমিযন্ত্র, কাঠ চাঁছিয়া গোল-করার যন্ত্র। [কুঁদি(দে)র মুখি(খে)—কুন্দযন্ত্রের কাছে। "কুঁদির মুখি বাঁক থাকবে না।—ন৻ ২৬। কুঁদের মুখে বাক থাকে না—কুঁদিলে বাঁকা কাঠও সোজা হয় ; (গৌণার্থে) যোগ্য শাসনকর্ত্তার হাতে দুষ্টও দুষ্টামি ছাড়ে (অর্থাৎ শিষ্ট হয়)। "কুঁদের মুখে থাকে না বাঁক দা ১০৩৮। কুঁদ-কাঠ—কুন্দযন্ত্রের লৌহশঙ্কুযুক্ত খোঁটা। কুঁদবাঁটালি—কুঁদিবার নিমিত্ত অর্দ্ধবৃত্ত-মুখ বাঁটালি (chisel) ; কোরবাঁটালি। কুঁদকি, কুঁদারু (সং কুন্দকর) —যে কুঁদে (turner)।]

কুঁদ[২] সর্ম্ম [কুঁদ[১] > √কুঁদ ; তা √কুলি to engrave] ১ কুঁদে চড়াইয়া চাঁছিয়া-ছুলিয়া নির্ম্মাণ করা ; কুঁদা। "এ বড় কারিকরে৹ কুঁদিলে তাহারে৹ প্রতি-অঙ্গে মদনের শরে চ.সা ৩৫। ২ [হি, ঠ √খোদ ; তু 'ফা কন্‌দহ্—engraved ; কন্‌দহ্‌কার—engraver] অক্ষরাদি কাটিয়া বাহির করা ; খোদা (to engrave)। "চন্দনের কুঁদে যেন কুঁদিল কন্দর্পে ব.প ১৩১১।—দা[২] সর্ম্ম [°দ+আ[৯] ; হি √কুদা] খোদাই করান ; কুঁদান। [কুঁ(কোঁ)দা—সর্থ 'কুঁদ[২]'। কুঁ(কোঁ)-দান—সর্থ 'কুঁদা'। ২ খোদিত।]

কুঁ(কূঁ)দ[৩] অর্ম্ম [সং √কু(কূ)র্দ্দ্ > প্রা *√কুদ্দ, √কুংদ > বা √কুন্দ, √কূ(কু)দ, √কূঁ(কুঁ)দ ; হি √কুদ ; ঠ √কুদ ; তু 'তা কুতি—to jump, bound] ১ ক্রীড়া করা ; লম্ফঝম্প দেওয়া ; আনন্দে লাফান-ঝাঁপান। ২ আস্ফালন করা ; উদ্দামভাবে লাফঝাঁপ দেওয়া। "ইরাণী টাঙ্গন তাজী···কুঁদিতে কুঁদিতে যায়, আকাশ ছুঁইতে চায় ব.প ৩২৬। ৩ বেগে উচ্ছলিত হইয়া ছোটা। "(তরঙ্গ) পালকের মত, ছিঁড়িয়া পর্ব্বত, কুঁদিয়া চলিল ভাঙ্গিয়া বাঁধ।—হেম ২৪৩। [কোঁদন, -দা—কুর্দ্দন, ক্রীড়া ; আস্ফালন। নাচা কোঁদা—নাচন-কোঁদন। "নেচে কুঁদে নেওরে জাদু মনের সুখে। কবে যেতে হবে শিঙে ফুঁকে।—গান।]

কুঁদা[১], **-দো** বি [ফা কুন্‌দা ; হি কুংদা ; ঠ গুংদ ; কুদা (দিনাজপুর)] ১ বৃহৎ স্থূল কাষ্ঠখণ্ড (block)। "চন্দনের কুঁদে যেন কুঁদিল কন্দর্পে ব.প ১৩১১। একটা কুঠারীমধ্যে একটা বড় কুঁদো জ্বলিতেছিল (আনন্দমঠ)। ২ বৃক্ষকাণ্ড, গাছের গুঁড়ি। ৩ বন্দুকের পশ্চাদ্‌ভাগস্থ ত্রিকোণ কাঠের বাঁট (butt)। ৪ (সাদৃশ্যে) বৃহৎদ্রব্যখণ্ডমাত্র। "মিছরির কুঁদা।

কুঁদা[২], **কুঁদান ; কুঁদারু** দ্র 'কুঁদ[২] ; কুঁদ[১]।

কুঁদুল, কোঁদল বি [কোন্দল >কোঁদল, কুঁ° ; সং কন্দল] বিবাদ, কলহ, ঝগড়া। "কার সাধ্য কুঁদুল ক'রে টেকে আমার গুএ (সঙ্গে ?) : আমি কুঁদুল ক'রে ভূতকে ভাগাই ব.প ১৪৩৩। অনেক কোঁদলে ছাড়ে লক্ষ্মী দা ৭৮৩। কোঁদলে ঝড়ের আগে কথায় তুফান।—হেম ৩৯০।

কুঁদুলী বিং [কোঁদলীয়া >কোঁদলী > °লী, তু 'কুন্দুলী'] কন্দলপ্রিয়া, কলহরসিকা, কল্লা। "রূপসী বলিল 'দিদি! তুই বড় কুঁদুলী !'—ব.দ্বি ২২৮। পাড়া-কুঁদুলী মাগী।—গিরিশচন্দ্র ঘোষ। —লে বিং কলহপ্রিয় (পুরুষ, স্ত্রী)।

কুঁপো বি [দ্র 'কুপা[১]] সর্থ 'কুপা[১]। "সাজা বানরেরা লাফাচ্চে ও গাছ পাথরের বদলে ছেঁড়া কুঁপো ও পাঁকাটি নিয়ে ছোড়াছুড়ি কচ্চে হু ২১০। [কুঁপোকাত—সর্থ 'কুপোকাত'। "তুই দেখলি তো, চারখানা খেতেই কুঁপোকাত গি.দ্বি ৮৪।]

কুঁস্তি বি [কোঁস্তা >কুঁস্তি (হ্রস্বার্থে)] ছোট কোঁস্তা ; অলঙ্কার-পরিষ্কারার্থ লোমের বুরুশ্।

কুক[১] '-ক্' বি [দ্র 'কুঁখ' ; অপ্র] গর্ভাশয়, পেট। দ্র 'কুঁখ' [কুকধরণী, -ধন্নি—গর্ভধারিণী। "কুকধন্নি মাও গো.চ ৭২ ; ৪৩৯।]

কুকথা স্ত্রী [নি.স] ১ কুৎসিত বাক্য ; অপ্রিয় কথা ; কটুবাক্য। "ভ ৩.১৫.২৩। ২ [ষ.ত] পৃথিবীর কথা ; লোকহিতকর বাক্য। "কুকথায় পঞ্চমুখ ভা.চ ২৫৫।

কুকর বিণ [কুকর+অ (অচ্) অস্ত্যার্থে ; স্ত্রী -রা] ১ কুৎসিতকর-যুক্ত, কুণিরোগযুক্ত, নুলো। ২ [কু+ √কৃ+অ (ট)-ক ; স্ত্রী -রী] কুকর্ম্মকারক।

কুকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [নি.স] ১ কুৎসিত কর্ম্ম ; দুষ্কৃত, কুকার্য্য। ২ দুরাচার। "ভ ১.১৬,২২। —র্ম্মা (-র্ম্মন্) বিণ [বহুব্রী ; স্ত্রী -র্ম্মা (-র্ম্মন্),-র্ম্মা] দুর্বৃত্ত, দুশ্চরিত। [কুকর্ম্মকারী (-রিন্) বিণ্—কুকার্য্য-করণশীল, দুর্বৃত্ত।]

কুকর্ম্মিত বিং [সং 'কুকর্ম্মা' ; তু 'দুঃখিত'] কুকর্ম্মাসক্ত, কুক্রিয়ারত। "জন্মে জন্মে কুকর্ম্মিত সেই ত দুর্জন ম ১০৬৯।

কুকর্ম্মী (-র্ম্মিন্) বিং [কর্ম্মী° >ম্মা (নিন্দার্থে), সং 'কুকর্ম্মা'] কুকর্ম্মযুক্ত, দুর্বৃত্ত, দুরাচার।

কুকশিমা, -শিমে বি [সং 'কুক্কুরদ্রু' ; 'কুকুর শোঙ্গা'—মূল (?)] সোমরাজীর মত বর্ষাজাত গাছবিশেষ (Blumea lacera)।

কুকা, -খা, কুকুয়া, -কো বি [সং কুক্কুভ >প্রা কুককুহ (প্রা.ম) >(কুক্কুহা) >কুকুয়া, -কা,-কো, -খা ; অস কুকুহা ; ধ্বন্যাত্মক—'কুক্কুক্' রব হেতু নামকরণ] পক্ষিবিশেষ, কুকো পাখী (Phasianus gallus)। "কালকণ্ঠ কুখা কুখী ক.চ ১২৫। কুকুয়া ব.প ৮৬। —খী বি স্ত্রীজাতি কুখা।

কু-কাটুনি বি কু-গ্রহণ, দোষভাগগ্রহণ ; দোষটাই ধরা। "কু-কাটুনি চিরকাল দা ৫৫।

কুকিল বি [সং কোকিল ; অপ্র] কোকিল। নবীন কুকিলে জেন আধ আধ বোলে গো.বি ৯৫। পরাণ জ্বলে গেল বিষির কুকিলের ঠোকরে জা ৩৬।

কুকুন্দর ক্লী [কু+ √স্কন্দ্ আবরণ+অর (করচ্)-ক ; পৃষো (অ.টী)] পৃষ্ঠবংশের অধোবর্ত্তী নিতম্বস্থ আবর্ত্তদ্বয় ; কূপক।

কুকুভা স্ত্রী মালকোশ-রাগের পাঁচ রাগিণীর একতমা (গী.সা)।

কুকুর পুং [√কুক্ আদান+উর (উরচ্)-ক, উ ১.৪১ ; স্ত্রী -রী ; ধ্বন্যাত্মক ; তু 'কুর্কু'র' (অথর্ব্ববেদ) ; সং, লি, প্রা কুক্কুর, তা 'কুর' —শব্দ করা ; কুরকুর—কুকুর] ১ যে খাদ্য গ্রহণ করে (দেয় না) ; সারমেয়। কুকুরে আপনে…সম ভা.চ ৩৮। ২ যদুবংশীয় অন্ধকরাজের পুত্র। 'ভ ৯.২৪.১৯। ৩ (বহুব) কুকুরের অপত্যগণ ; কুকুরবংশীয় ক্ষত্রিয়গণ। "ম ৩৪১। ৪ (বহুব) দশার্হ দেশ। ৫ দশার্হবাসী যাদব-গণ। ৬ গ্রন্থিপর্ণী-বৃক্ষ। ৭ [বাঙ্লায় ; সাদৃশ্যে] হেয়ব্যক্তি ; নরাধম। তু 'সং ন শ্বাং শ্বানং মন্যে'। [°কুণ্ডলী—কুণ্ডলাকৃতি কুকুরের মত জড়সড়। "প্রথম প্রহরে প্রভু ঢেঁকি-অবতার। দ্বিতীয় প্রহরে প্রভু ধনুকে টঙ্কার॥ তৃতীয় প্রহরে প্রভু কুকুরকুণ্ডলী। চতুর্থ প্রহরে প্রভু বেনের পুঁটলী॥—বুজরুকী দেখাইতে কোন গোস্বামী প্রভুর শিষ্যের বাড়ীতে শীতের রাত্রির চার প্রহরে যে চার রূপ হইয়াছিল, ইহা তাহার বর্ণনাশ্লোক। °ছড়্যা ('কুকুরচূড়'—মূল ; ড় কুকুরছেলিআ)—বন্য তরুবিশেষ (Pavetta Indica)। "কুকুরছড়্যা কাটিল গাম্ভারি ক.চ ৭৭। °শোঁকা, °শোঙ্গা—সর্থ 'কুকশিমা'। কুকুর-নেজা 'চ'—কুকুরের লেজের মত বাঁকা 'চ' এই অক্ষর। (নামে) কুকুর পোষা—কুকুরের মত হেয়জ্ঞান করা। কুকুরে আলু—হেয় (অখাদ্য) একপ্রকার দেশীয় আলু। কুকুরে ঘুম—কুকুরের ঘুমের মত সজাগ ঘুম। কুকুরে দাঁত—মাংস ছিঁড়িবার নিমিত্ত কুকুরের দাঁতের মত মানুষের তীক্ষ্ণ দন্ত (canine teeth)। কুকুরে মাছি—একজাতীয় মাছি। ইহারা কুকুরের গায় বসিয়া কামড়ায়। যেমন কুকুর তেমনি মুগুর—যেমন দুর্বৃত্ত, তেমনি যোগ্য প্রচণ্ড শাসনকর্ত্তা। মাথার ঘায় কুকুর পাগল—কুকুরে চাটিতে পারিলেই ঘা সারে ; চাটিতে পারে না বলিয়া মাথার ঘা বাড়ে ও কুকুর পাগল হয় ; অপ্রতিবিধেয় বিপদে মানুষ পাগল হয়।]

কুকুল ক্লী [নি.স] কুৎসিত কুল ; অসদ্বংশ ; দুষ্কুল, নীচ বংশ। "°জা। —পক্ষ ১.৪৪৮। কুলাচার্য্য তিনি, কুকুলের মা ১১৮।

কুকুলা বি [ধ্বন্যাত্মক ; দ্র 'কুলকুচা' ; অপ্র] কুলি (gargle)। "কুকুলা করিয়া পুষ্প ভরিল উচ্ছিষ্টে বি.পা ২৩৯।

কুকূল পুং, ক্লী [?] ১ তুষ। "°হুতভুগ্দাহ (প্রবোধচন্দ্রোদয়)। ২ তুষানল। "কুকূলানাং রাশৌ উ.চ ৬.৩৮। কুজনকুবচন° কুকুলে জারল ছাতি জ.প ৫৩। —ল ক্লী ১ শঙ্কুব্যাপ্ত গর্ত্ত। ২ বর্ম্ম।

কুকৃত্য ক্লী [নি.স] কুৎসিত কার্য্য ; কুকর্ম্ম ; দুষ্ক্রিয়া।

কুক্কুট পুং [কু+ √কুট্ ছেদন+অ (ক)-ক, পৃষো (অ.টী) ; স্ত্রী -টী ; ধ্বন্যাত্মক—'কুক্কু' রব হেতু নামকরণ (?) ; তু 'কুক্কুভ'—মত্ত (দেশী ২.৩৭) : cf., Gr. kokku ; L. coccus ; O.F. coc, F. coq ; O.E. cocc ; E. cock] ১ তাম্রচূড়, মোরগ, কুঁকড়া। "জল° রা ৪.১৩.৮। গৃহ° (সুশ্রুত)। আরণ্য°, গ্রাম° মনু ৫.১২, কুল্লূক। ২ (সাদৃশ্যে) তৃণোল্কা। ৩ অগ্নিকণ। ৪ যোগীর আসন-বিশেষ। ৫ কুক্কুভ পক্ষী, কুকাপাখী। ৬ নিষাদীজাত শূদ্রপুত্র। 'মনু ১০.১৮। —টী স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কুক্কুট-স্ত্রীজাতি, মুরগী। [সমাসে পুংবদ্ভাব—কুক্কুটশাব, কুক্কুটাণ্ড।] ২ জ্যেষ্ঠী, টিকটিকী। ৩ শাল্মলী বৃক্ষ। ৪ দাম্ভিক চেষ্টা। "পা ৪.৪.৪৬, কাশিকা। ৫ কুক্কুটীপাত-যোগ্য স্বল্প দেশ। "পা ৪.৪.৪৬, সি। ৬ শাম্বরী মায়া (রত্নকোষ)। [°ট(টী)ব্রত (ক্লী)—ভাদ্রশুক্লসপ্তমীতে সন্তানার্থ নারীর কর্ত্তব্য ব্রতবিশেষ ; ললিতসপ্তমীব্রত (ভবিষ্যপুরাণ)। কুক্কুটীর অবধ্যত্ব হেতু ব্রতের এইরূপ নামকরণ। °টশাব, °টশাবক (পুং) —কুক্কুটীর শাবক ; মুরগীর ছানা। °শিখ (পুং)—কুসুম্ভবৃক্ষ, কুসুম-ফুলের গাছ (Safflower)। কুক্কুটাণ্ড (ক্লী)—কুক্কুটীর ডিম্ব।]

কুক্কুভ পুং [ধ্বন্যাত্মক ; দ্র 'কুকা'] ১ কুকা পাখী। "মহা ১৩.৫৪.১০। রঙ্গ ১৯১। ২ কুক্কুট। ৩ বনকুক্কুট।

কুক্কুর পুং [ধ্বন্যাত্মক ; দ্র 'কুকুর'] কুকুর। "কুক্কুররতিরসে শি ৭২। —র ক্লী গ্রন্থিপর্ণী বৃক্ষ। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] কুক্কুর-স্ত্রীজাতি, সারমেয়ী। [°দ্রু (পুং)—কুক্কুরগন্ধযুক্ত বৃক্ষবিশেষ ; কুকশিমা।]

কুক্রিয়া স্ত্রী [নি.স] কুৎসিত কার্য্য ; কুকার্য্য, দুষ্কর্ম্ম।

কুক্ষণ বি [নি.স] অশুভক্ষণ। "মে ৭ ; ২৬০।

কুক্ষি পুং [√কুষ্+সি (ক্‌সি) -ক ; ছান্দস] ১ যাহা আহারের সহিত সংশ্লিষ্ট হয় (অ.টী) ; জঠর, উদর। "আঘ্মাত" মৃ ৯.১২। বিদারিত" (পঞ্চ)। ২ গর্ভাশয়, গর্ভ। "রা ১.৭০.৩৪। রঘু ১০.৬৫ ; কুন্তীনস্যাশ্চ কুক্ষিজঃ ১৫.১৫। ৩ অভ্যন্তর, মধ্য। "সমুদ্র" মহা ১.২৫.৪ ; সাগর" ২.৩২.১৬। শুক্তিকুক্ষি-পতিত।—পঞ্চ ১.২৭৩। ৪ গর্ত, বিল ; গুহা। "মৈনাকস্য কুক্ষৌ।—মহা ৩.১৩৫.৩। অদ্রিকুক্ষৌ রঘু ২.৩৮ ; ৬৭। ৫ অন্তর্ভাগমাত্র। ৬ উদরের বাম পার্শ্ব বা দক্ষিণ পার্শ্ব। ৭ অসিকোষ, খাপ্। ৮ বলিপুত্র দানববিশেষ ॥—'হ ৩.৭৬। [°রন্ধ্র (পুং)—যাহার মধ্যে রন্ধ্র ; নল, খাগড়া। °শূল (পুং, ক্লী)—উদরশূল (সুশ্রুত)।]

কুক্ষিগত বিণ [দ্বি.ত] উদরগত, ভক্ষিত। "নৈ ২.৮৩।

কুক্ষিজ বিণ [কুক্ষি+ √জন্+অ (ড)-ক ; উ.ত] উদরজাত। —জ পুং পুত্র। "রঘু ১৫.১৫।

কুক্ষিম্ভরি বিণ [কুক্ষি + √ভৃ + ই (ইন্), ম্ (মুম্) নিপাতিত (পা ৩.২.২৩), +ই (খি), মুগ্ধবোধ] ১ 'কুক্ষিভরণ-কারক', স্বোদরপূরক, অর্থাৎ যে পোষ্যবর্গের ভরণ না করিয়া স্বোদরমাত্র পূর্ণ করে; আত্মম্ভরি। ২ স্বার্থপর (A.)। ৩ অন্তর্ভাগপূরক। "কোলাহলঃ...ব্রহ্মাণ্ডকুক্ষিম্ভরিঃ কু.স ১৫.৫৩।

কুখ্যাতি স্ত্রী [নি.স] ১ কুৎসিত খ্যাতি ; দুর্নাম, নিন্দা। ২ অপযশঃ, অকীর্ত্তি। "ক.চ ২৩৩। দু ৫৮।

কুগ্রহ পুং [নি স] অশুভ গ্রহ—রবি মঙ্গল শনি রাহু কেতু।

কুগ্রাম পুং [নি.স] কুৎসিত গ্রাম ; রাজা ধনী শ্রোত্রিয় বৈদ্য ও নদী এই পঞ্চবিরহিত গ্রাম ; বাসের অযোগ্য গ্রাম ; [°বাসী (-সিন্) বিণ—কুৎসিত (দুরাচার) গ্রামবাসী।]

কুঙর বি [সং কুমার >প্রা কুমর (হে ১.৬৭) বা >কুঙর ; তু 'কোঁয়র' ; হি কুঁঅব.-আরা, কুংঅর ; গু কুংবর] ১ কুমার, বালক। "শূ ৩১। ২ পঞ্চ বর্ষের অনধিকবয়স্ক বালক। "এত বলি গৌরীদাস লইয়া কুঙরে। ক-খ-ফলা লেখিয়া খড়ি দিল করে ॥—ব.প ১৩৮৪। ৩ পুত্র। "রাজার কুঙর গো.চ ১০ ; ২২১। প্রসবিহ কুঙর কৃ.উ ২৭ ; নিকষাকুঙর ২৯। অজের কুঙরে কৃ.অ ১৩। রম্ভার কুঙর ব.প ৪৭২ ; ধর্ম্মের কুঙর ৭১৩। ম ৩৯২ ; ৭৮৮,-৯১। ব্রজেন্দ্র কুঙর জ ২। ৪ অপত্যমাত্র, বংশধর। শ্রীরঘুর কুঙর কৃ.উ ৩৭। ৫ রাজপুত্র। "অতিকা কুঙর কৃ.উ ৩৭। —রী বি [°র+স্ত্রী ঈ] কুমারী, পুত্রী, রাজকন্যা। "বিদ্যুৎকেশ বিভা কৈল সন্ধ্যা-কুঙরী কৃ.উ ২২। তাহার (রাজার) কুঙরী পঞ্চ জন ব.প ১৩৮৮।

কুঙ্কুম ক্লী ১ কাশ্মীরাদি দেশে জাত সুগন্ধি কুসুমবিশেষ। "স্কন্ধান্ লগ্নকুঙ্কুমকেশবান্ রঘু ৪.৬৭। অঙ্গ-ছটা কনক-কুঙ্কুমপুঞ্জ জিতি ন.প ৪০৬। রঙ্গ ৭। ২ কুঙ্কুমকেশররূপ গন্ধদ্রব্যবিশেষ ; কেশর, জাফরান্ (saffron)। ৩ কুঙ্কুমচূর্ণ, কুঙ্কুমপঙ্ক। "কুঙ্কুমার্দ্রে তস্যাঃ পয়োধর-যুগে।—পঞ্চ ১.২২০ ; বৈরিশোণিত" ৩.৩২। অঙ্গং কুঙ্কুমরসপঙ্ক-পিঞ্জরম্ ক.ম ২.১২। °রাগরক্ত।—ঋতু ৪.২ ; °রাগপিঞ্জর ৫.৯ ; কুঙ্কুমাক্তং (চন্দনম্) ৬.১২। কুচ° ভ ৩.১.৭ ; ৮.৮.১৮। কুঙ্কুমপঙ্ক-কলঙ্কিতদেহা।—ভর্তৃহরি। কুঙ্কুম, কস্তূরী, কেশর বহিছে কেহ মে ৪৫। কুঙ্কুমে তুলিয়া মলা, নারায়ণ তৈল দিলা গায় ক.চ ১৩৩। [কুঙ্কুম কাশ্মীর দেশের কন্দশাকবিশেষের (Crocus sativus) 'কুসুম' ও তাহার 'কেশর'। স্ত্রী-কেশর 'শাহী জাফ্রান' বহুমূল্য, পুং-কেশর অপেক্ষাকৃত অল্পমূল্য। সংস্কৃত ও বাঙলা কাব্যে, কুঙ্কুমপঙ্ক কুঙ্কুমচূর্ণ অঙ্গরাগাদির নিমিত্ত ব্যবহার করার বর্ণনা আছে। অদ্যাপি কুঙ্কুমপঙ্কের তিলক কেহ কেহ ধারণ করেন। ত্রিবিধ কুঙ্কুমের মধ্যে কাশ্মীরজাত অধম।] ৪ (বাঙলায়) রক্তবর্ণ চূর্ণবিশেষ ; স্ত্রী (স্ত্রীলোকেরা ইহা কপালে ও পরিধেয় বস্ত্রে ব্যবহার করেন)। [°পঙ্ক (পুং)—কুঙ্কুমচূর্ণের পঙ্ক ; কুঙ্কুমলেপ। দ্র 'কুঙ্কুম (৩)। °রাগ (পুং)—কুঙ্কুমচূর্ণরূপ রঞ্জকদ্রব্য। "ঋতু ৪.২ ; ৫.৯। °রেণু (স্ত্রী)—কুঙ্কুমকুসুম-পরাগ ; কুঙ্কুমরজঃ।]

কুঙ্গলা বি [(?)] গোরুর জাব খাওয়ার পাত্র (?)। "বি.পা ৭৫।

কুচ্ অক [তুদা, প—কুচতি ; সেট্] কৌটিল্য, সঙ্কোচ। —চ্ সক রোধ, সম্পর্ক, লেখন। [সম্—সঙ্কোচ।]

কুচ[১] পুং [√কুচ্+অ (ক)-ক] যাহা সঙ্কুচিত হয় ; স্ত্রীস্তন, পয়োধর। "গো.রা ৫.১৩.৫৭। সুকুচ মহা ৩.৬৪.৬৪। °কলস গী.গো ১২.১৫। °কলশ মাঘ ৭.৭৩। কুচ-কনকমহেশে শ্রী.মা ৯৯। কাঁচা-সোনা কুচ শি ১০৯। উচ্চ কুচবর ভা.চ ১২৪ ; কুচ হৈতে কত উচ্চ মেরু চূড়া ধরে ; কুচ-শম্ভু ২৯১। উচ্চ কুচ মে ৮৩ ; কুচরুচি ২৭৮। [কুচের বাটুল—বর্ত্তুলাকৃতি কুচ। "শ্রী.কী ৩৯।]

কু(কূ)চ[২] '-চ্' বি [র্ক, ফা কূচ্ ; হি কূচ] সৈন্যদিগের একস্থান হইতে স্থানান্তরে যাত্রা (march) ; অভিনির্য্যাণ, প্রস্থান, রওনা। "ঘুড়ি ঘোড়া দৌড় কুচে দিনেতে দশকুশী মারে।—রামপ্রসাদ। [কুচ করা—অভিযান করা। কুচ কাওয়াজ—অভিযান ও রণকৌশলশিক্ষা।]

কুচ[৩] '-চ্' বি [ধ্বন্যাত্মক] ধারাল অস্ত্রে কোমল দ্রব্য অনায়াসে কাটার মৃদু শব্দ। "ধারাল বটীতে কচুর ডাঁটা কুচ করে কাটে। [কুচকুচ[২]—ক্রমাগত কুচ শব্দ। "কুচকুচ ক'রে কাটা।]

কুচকুচ[১] বি [চকচক >চুকচুক >°চ (বর্ণবিপর্য্যয়) ; সং √কুচ্—চিক্কণতা] চিক্কণতার ভাব ; চকচ'কে ভাব। —কুচে বিং [°চ+এ°] যাহা কুচকুচ করে ; চিক্কণ, চকচ'কে, উজ্জ্বল। [কুচকুচ করা—চকচক করা ; দীপ্তি পাওয়া। "প্রতিমা ঘামাইলে কুচকুচ করে। কুচকুচে কালো, কালো কুচকুচে—চকচকে কাল, চিক্কণ কাল। "এমন সময়ে এক ভ্রমর—কুচকুচে কালো—ঘরের ভিতর উড়িয়া আসিয়া কানের কাছে ঘ্যান্ ঘ্যান্ আরম্ভ করিলেন ব.প্র ৬৩৫। হারাণী কালো কুচকুচে ব.দ্বি ৩৯৯। তেল কুচকুচ, -কুচে (পাতা, শরীর)—স্নেহপদার্থে চিক্কণ ; চকচকে যেন তেল-মাখান, তেল পিছলাইয়া পড়িতেছে।]

কুচকুচ[২] দ্র কুচ[৩]।

কুচক্র বি কপটপ্রবন্ধ, কুমন্ত্রণা, ষড়্‌যন্ত্র। [কুচক্রে পড়া—ষড়্‌যন্ত্রে জড়িত হওয়া ; কুমন্ত্রণায় ভুলিয়া যাওয়া।]

কুচক্রী (-ক্রিন্) বিং ['কুচক্র'—কুচক্রী, তু 'সং চক্র—চক্রী'] ষড়্‌যন্ত্রকারী, খল। "বিবাহ করেছ তুমি পাত্র-অগোচরে। কি জানি কুচক্রী আসি কত খান করে ॥—শ্রী ২০।

কুচট বি [সং কুটজ >বা (কুজট) °ট] কুটজ বৃক্ষ, কুরচি গাছ।

কুচড়ি বি [চুপড়ি >°ড়ি (লিপিপ্রমাদ ?)] আধার। "কুজী...বুদ্ধির কুচড়ি (তু 'বুদ্ধির চুপড়ি' কৃ ৪০) কৃ.অ ৫।

কুচতট ক্লী [ষ.ত] ১ কুচপ্রান্ত, কুচৈকদেশ (ত.বা)। ২ স্তনপরিণাহ, কুচপরিসর, বিশাল কুচ। —টী স্ত্রী সর্থ 'কুচতট (১)।

কুচতি বি ['কুজাকৃতি'—মূল (?) ; অপ্র] বক্রাকার। "একে কুজী ছিল তাহে কুজের কুচতি কৃ.অ ২৩।

কুচনী দ্র 'কুঁচনী'।

কুচন্দন ক্লী [নি.স] ১ কুৎসিত (গন্ধহীন) চন্দন ; রক্তচন্দন। ২ কুঙ্কুম। ৩ কাষ্ঠবিশেষ, বকম কাঠ।

কুচমুখ ক্লী [ষ.ত] স্তনাগ্র, চুচুক, মাইএর বোঁটা (nipple)।

কুচর্য্যা স্ত্রী [নি.স] কুৎসিত চর্য্যা ; কদাচার, কুক্রিয়া। "কুচর্য্যাঞ্চ স্ত্রীভ্যো মনুরকল্পয়ৎ মনু ৯.১৭।

কুচা[১] বি [সং কুৎসা >দি, প্রা কুচ্ছা >বা কুছা, -চা ; অপ্র] কুৎসা, নিন্দা, ঘৃণা। "কলা কুচা করে রুক্মি বড়ই অবুধ শ্রী.ম ১৯৬।

কুচা² সর্ম্ম [কুচা² > √কুচা ; সং √কুচ্—ক্ষুদ্র করা] খণ্ড খণ্ড করা ; কুচা করা ; কুচান। [কুচা(চ)ন—সর্থ 'কুচা²'।]

কুচা³, **কুচো-কাচা** দ্র 'কুঁচা¹'।

কুচাল বি [সং কু+হি চাল] ১ কুৎসিত আচরণ ; খারাপ চাল-চলন। ২ দুষ্ট স্বভাব ; দুষ্টামি, বদমাশী। ৩ দুর্নীতি, কুপ্রথা।

কুচি¹ বি [সং কুঞ্চি > প্রা কুংচি > বা কুঁচি, কুচি, খুঁচি ; অপ্র] খুঁচি, এক খুঁচি চাউল ; কাকবলিস্বরূপ-তণ্ডুলাদির নৈবেদ্যপাত্র। "লক্ষীন্দর বেহুলার কুশল বার্ত্তা পুছি।...রাখিলেন (কুচি) ম.ম ২০৩ ; কুচিরে বিছিয়া ঠোঁটে, সত্বর আকাশে উঠে ২০৪।

কুচিক পুং [√কুচ্+ইক (ইকন্) বাহুলকে (ত.বা) ; তু 'কুঞ্চিকা'] মৎস্যবিশেষ, কুঁচে মাছ। —কা স্ত্রী সর্থ 'কুচিক'।

কুচিয়া, -চে দ্র 'কুঁচিয়া'।

কুচেল বিণ [বহুব্রী ; স্ত্রী -লা] যাহার বস্ত্র কুৎসিত ; কুৎসিতবস্ত্রধারী। "°তা (পাঠান্তর) মহা ৫.৩৪.৪০। —ল ক্লী [নি.স] কুৎসিতবস্ত্র ; জীর্ণবস্ত্র ; স্থূলজীর্ণ-বস্ত্র—কৌপীনকন্থাদি। "মনু ৬.৪৪।

কুচ্ছ, -চ্ছা বি [সং কুৎসা > লি, প্রা কুচ্ছা > বা °চ্ছা-চ্ছ ; অস কুচ্ছা ; গ্রাম্য] নিন্দা, অপবাদ, দুর্নাম, কলঙ্ক। "কুল-ধর্ম্ম দূর হবে, রাজগণে কুচ্ছা কবে ব.প ৯৩৬। পর কুচ্ছায় ধরম মেনে কেমন করে সয় গো।—চ.সা ১৩০। মুনিগণ করেন কুচ্ছ দা ১৪৩৫। কুচ্ছ-কথা নিয়ে তোর যত আমোদ লী ২ ; কুলীনের সন্তানের কুচ্ছ!—২৪। [কুচ্ছ করা, গাওয়া—অপবাদ, দোষকীর্ত্তন।]

কুচ্ছিত বিং [সং কুৎসিত > লি কুচ্ছিত, প্রা কুচ্ছিয় ; হি কুচ্ছিত ; অস কুচ্ছিত ; তু °তা কুচ্চিত—contemptibleness] ১ নিন্দিত, গর্হিত। "আকৃতি প্রকৃতি কুচ্ছিত দেখি তারে কৃ.অ ৫। কুচ্ছিত চরিত্র চৈ.ম ৪১। ২ কদর্য্য, বিকট, বিশ্রী ((আকৃতি)। দ্র 'কুচ্ছিত (১)'। ৩ ভীষণ, অশুভ। "কুচ্ছিত সপন কৃ.অ ৪। [কাল কুচ্ছিত—কৃষ্ণবর্ণ ও কুরূপ।]

কুছাল '-ল্' বি [?] যুদ্ধার্থ উদ্যম বা তুমুল শব্দ (?)। "তের ডোম তখন কুছাল করে উঠে শ্রী.মা ১৫৯।

কুছ বিং [সং কিঞ্চিৎ > লি কিঞ্চি, প্রা কিংচি ; হি কুছ] কিছু, একটু, অল্প। "সাহা মজকুর কি দস্তর কুছ বুঝে রা.স ৩১। —ছ বি কোন দ্রব্য, কিছু খাদ্য। "বিলাও কুছ মুখে রা.স ১০।

কুজ¹ পুং [কু+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ১ পৃথিবীজাত ; মঙ্গল-গ্রহ। "কুজ রুজ নাশে শ্রী ৪৩। ২ মহীরুহ, বৃক্ষ। ৩ নরকাসুর। "ভ ২.৭.৩৪। —জা¹ স্ত্রী [°জ+স্ত্রী আ (টাপ্)] ১ ভূসুতা, সীতা। ২ বৃক্ষ (নবপত্রিকা) যাঁহার আশ্রয়ভাবে আছে ; দুর্গা।

কুজ² দ্র কুঁজ²।

কুজা¹ দ্র কুঁজ¹।

কুজা² দ্র কুঁজ³।

কুজ্ঝটি, -টী স্ত্রী [কু+ √ঝট্ সংঘাত+ই (ইন্)-ক, বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্), পৃষো] পৃথিবীর উপরিস্থ সংহত বাষ্পরাশি ; কুহেলিকা, কোয়াশা। "কুজ্ঝটীতে যেন আচ্ছাদিল গিরিবর ম ১৯৯। কুজ্ঝটী ক.চ ১৬৬। —টিকা স্ত্রী [°টি, °টী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] 'কুজ্ঝটি'।

কুজ্ঞান বি নিন্দিত বিদ্যা ; আভিচারিকী বিদ্যা। "কুজ্ঞান উৎকট কর পড়িয়া লোভেতে ম.ম ৭২। —জ্ঞানী বিং কুজ্ঞানযুক্ত, আভিচারিক-বিদ্যায় নিপুণ, কুহকী, মায়াবী। "মারিলে বুড়ির অঙ্গে, শেল টাঙ্গি··· ভাঙ্গে, কুজ্ঞানী এ বুড়ি প্রচুর ক.চ ২৬২।

কুঝটি, -টী বি [সং কুজ্ঝটি, -টী ; পদ্যে] কুজ্ঝটিকা। "মাঘ মাসে··· সদাই কুঝটী ক.চ ৬৯। কুঝটি আঁধিয়ার।—গো ১৪৭।

কুঞ্চন ক্লী [√কুঞ্চ্+অন (ল্যুট্)-ভা] ১ কুটিলীভাব, বক্রতা। ২ কুটিলীকরণ, বক্রীকরণ, বাঁকান। ৩ সঙ্কোচ, আকুঞ্চন। "অমনি বিমলার মুখে একটা বেদনার কুঞ্চন দেখা দিলে য ১৬০। ৪ [+অন -ণ] নেত্ররোগবিশেষ। —ঞ্চি পুং [+ই (ইন্)-ক] অষ্টমুষ্টি-পরিমাণ, খুঁচি। 'অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ মনু ৭.১২৬, কুল্লুক। —ঞ্চিকা স্ত্রী [+অক (ণ্বুল্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ গুঞ্জালতা, কুঁচগাছ। ২ বংশশাখা, কঞ্চি। ৩ সর্পাকার মৎস্যবিশেষ ; কুঁচে (দুর্গাদাস)। ৪ মহীলতা, কেঁচো। ৫ কূর্চিকা, চাবিকাঠি। ৬ কৃষ্ণজীরক। ৭ মেথিকা। —ঞ্চিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কুটিলীকৃত। বক্রীকৃত। ২ [+ত-ক] কুটিলীভূত, বক্র, বাঁকা, কোকড়ান। —ত ক্লী তগরপুষ্প।

কুঞ্জ পুং, ক্লী [√গুঞ্জ্+অ (ঘঞ্)-ধি, স্তম্ভ্বাদি (অ.টী)] ১ পর্ব্বতাদির লতাপল্লবাদিতে সমাচ্ছন্নগর্ভ গহ্বরাদি দেশ (অ.টী) ; লতাদিসমাবৃত উদরবৎ স্থান ; নিকুঞ্জ, লতাগৃহ, লতাদিগূঢ় স্থান (শ্রীধর)। "জম্বু°, বঞ্জুল°। দরীকুঞ্জ গো.রা ৪.২৬.৬। গিরি° মহা ১.১৫৫.২৬। °লীন (সিংহ) রঘু ৯.৬৪। ভ ৩.১.১৮। চল সখি কুঞ্জং সতিমিরপুঞ্জম্ গী.গো ৫.১১। গহন-কুসুমকুঞ্জমাঝে।—ভানুসিংহ। ২ হস্তিদন্ত। ৩ হস্তিহনু। তু 'কুঞ্জর'। [°কুটীর (পুং)—কুঞ্জরূপ-কুটীর ; কুঞ্জগৃহ। "গী.গো ১.২৮।]

কুঞ্জকানন, -বন বি [উ.লো] কুঞ্জযুক্ত বন ; বিহারার্থ কুঞ্জবিশিষ্ট বন বা উপবন। "কুঞ্জকাননরঞ্জন।—ভা.চ ১৬০। কুঞ্জবনমে আও লো।—ভানুসিংহ।

কুঞ্জদার বিং [ফা কুন্জ্ (কোণ)+দার (বিশিষ্ট)] ফুলতোলা কোণবিশিষ্ট আঁচলাযুক্ত (শাড়ী) ; কোণে বা আঁচলায় গুলদার (ফুলকাটা) বা কল্কাদার (শাড়ী)।

কুঞ্জবাড়ী বি কুঞ্জবিশিষ্ট স্থান ; রাধাকৃষ্ণের বিগ্রহাধিষ্ঠিত বৈষ্ণবগণের ভজনস্থান।

কুঞ্জর পুং [কুঞ্জ+র অস্ত্যর্থে] ১ 'দন্তবান্' (অ.টী) ; 'হনুযুক্ত' (সি) ; হস্তী। "রা ২.৪০.২৯। তং নরং বপুষি কুঞ্জরং মুখে মন্মহে।—মল্লিনাথ। কুঞ্জ কুঞ্জর ভেল।—গো ২৫৩। কলিকালকুঞ্জর-কেশরী কালীনাম বি.সু ৪। ২ শ্রেষ্ঠার্থবাচক (সমাসে উত্তরপদ)। "গো°, কপি°, রাজ° (S.W.)। বীরকুঞ্জর মে ১০। ৩ কুঞ্জরপিপ্পলীবৃক্ষ। ৪ দিগ্গজের সংখ্যানুসারে 'আট' (৮) এই সংখ্যা। ৫ দেশবিশেষ। ৬ (হস্তি-করাকৃতি) হস্তানক্ষত্র। ৭ কেশ (?) (A.)। —রা স্ত্রী [°র+স্ত্রী আ (টাপ্)] ১ কুঞ্জর-স্ত্রীজাতি, হস্তিনী। ২ (কুঞ্জরদন্ততুল্য পুষ্প হেতু) ধাতকীবৃক্ষ, ধাইফুল। ৩ পাটলাবৃক্ষ। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] হস্তিনী। [°গ্রহ (পুং)—হস্তীর গ্রাহক ; মহামাত্র, মাহুত। "রা ২.৯১.৫৭। °বদন (বি)—গজমুখতুল্যমুখ, গজানন। "ক.চ ১। °শৌচ (ক্লী)—হস্তিস্নান, গজমজ্জন। "ভ ৬.১.১০। কুঞ্জরারাতি (পুং) —হস্তীর অরাতি ; সিংহ ; শরভ। কুঞ্জরাশন (পুং)—হস্তীর অশন (খাদ্য) ; অশ্বত্থ।]

কুঞ্জি বি [সং কুঞ্চিকা ; হি, ঠ কুংজী] চাবি। "আরে কুঞ্জি ছিন লেও গি.দ্বি ১২৯।

কুট্ সক [তুদা, প—কুটতি ; সেট্] কৌটিল্য, বক্রীকরণ। —ট্ অক বক্রীভাব (ক.ক)। —ট্ সক [চু, আ—কোটয়তে ; সেট্] ছেদন। —ট্ সক [দি, প—কুট্যতি ; সেট্] কুট্টন, ছেদন, চূর্ণীকরণ, কোটা। "ভক্ষয়ন্তি স্ম মাংসানি 'প্রকুট্য' (চূর্ণীকৃত্য—নীলকণ্ঠ) মহা ১.৬৯.২৯। সাপি তিলান্···কুটিত্বা সূর্য্যতাপে দত্তবতী।—পঞ্চ ২৮৬।

কুট¹ পুং [√কুট্+অ (ক)-ক] ১ দুর্গ, কোট, গড়। ২ [দ্রবিড়ীয় (?)] গৃহ। ৩ পর্ব্বত। ৪ বৃক্ষ। ৫ [+অ (ঘঞর্থে ক) -ণ] শিলাকুট্ট, পাথরভাঙ্গা হাতুড়ী। —ট পুং, ক্লী কলস।

কুট২, **-ঠ**, **-ড়** '-ট্' বি [সং কুষ্ঠ > লি কুট্‌ঠ, প্রা কুট্‌ঠ, কোড্ঢ, কোঢ > বা কুঠ, -ট, -ড় ; হি কোঢ ; ঠ, গু কোড, -ঢ ; সি কোড্‌হু, -ঢু ; ড় কুঢ় ; অস কুঠ ; ফা খুরহ ; তা কুট্টু] কুষ্ঠরোগ। "সুখে পার হউক যত পঙ্গু কুড় অন্ধ জ্ঞা ২৬২।

কুট৩, **-টা** '-টো' বি [সং √কুট্ট—ছেদন ; ঠ কুটা—fragments of powder ; অস কুটা] তৃণখণ্ড, ঘাস, খড়। "দন্তে কুটা করিয়ে কাকুতি কৃ.উ ২৭৩। বিপক্ষের দন্তে লওয়াইতে পারি কুটা ম.ম ৮৯। দশনে ধরয়ে কুটা শ্রী ৯২ ; ফেলে দিলে বেগেতে দুখানা হয় কুটা ১৩৭ ; ১৭৯। শিবের কিঙ্কর বলি কুটা নিল দাঁতে ক.চ ১৭। [কাঠ কুটা—কাষ্ঠ ও তৃণ। দাঁতে কুটা করা, ধরা বা লওয়া—তৃণ চর্ব্বণ করা (ইহা পশুর লক্ষণ) ; (গৌণার্থে) পশুত্ব, অর্থাৎ মূঢ়তা বা দীনতা প্রকাশ করা। কুটা কাটা—তৃণপত্রাদি আবর্জ্জনা।]

কুট৪ '-ট্' বি [ভাবাত্মক ; তু 'সং √কুট্ট—ছেদন] ছোট দাঁতে বা দাড়ায় অল্পভাবে কামড়ের ভাব। "গালে আঙ্গুল দিলে শিশু কুট করিয়া কামড়ায়। পিঁপড়ে কুট করিয়া কাটে।

কুট৫ সর্ম্ম [সং √কুট্, -ট্ট্ ; হি √কু(ক্‌)ট ; ঠ √কুট ; অস √কুট] ১ ছেদন করা ; খণ্ড খণ্ড করা। "মাংস, মাছ, তরকারি কুটা (কোটা)। বোদালি কুটিতে তুমি পাবে নিজ স্বামী ক.চ ২২। ২ চূর্ণ করা ; পেষণ করা ; গুঁড়া করা। "উড়ি চেলে গুঁড়ি কুটি সাজাইল পিঠা শ্রী ১০৭। গেরস্তেরে ভূতে পায়। চাল কুটে পিঠে খায়॥—প্রবচন। ৩ নিস্তুষ করা ; ভাঙ্গা বা ভানা। "ছেয়া লক্ষ্য করি ধান্য কুটি শূন্য ঘরে শ্রী.ম ২৯৫। ৪ আঘাতে ছিন্ন করা ; আহত করা। "হেন কালে রতি ধাই দুই হাতে হিয়া কুটে বি.পা ৩২৭। মাথা-কুটাকুটি ভা.চ ৮০। ৫ মর্ম্ম-চ্ছেদনপূর্ব্বক তীব্র তিরস্কার করা বা গালি দেওয়া। ৬ (গো-প্রভৃতির) খুরের আঘাতে ভূমি খুঁড়িয়া ফেলা। —টা সর্ম্ম [কুট+আ৮ ; হি √কুটরা] ১ খণ্ডিত করান ; টুকরা করান। ২ পিষ্ট করান ; পেষান, গুঁড়া করান। [কু(কো)টা—১ খণ্ডিত করা ইত্যাদি। ২ খণ্ডিত, টুকরা-করা (মাংস, মাছ, তরকারি)। ৩ পিষ্ট, গুঁড়া-করা (চাউল ইত্যাদি)। কু(কো)টাই (হি—কুটাঈ)—কোটার কার্য্য বা মজুরী। কু(কো)টান—খণ্ডিত করান ইত্যাদি। কুটে বা ছেঁচেকুটে বলা—তীব্র-বাক্যে মর্ম্মাঘাত করিয়া বলা। চিঁড়া কোটা—ঢেঁকির আঘাতে চিঁড়া করা। শিল কুটান বা কাটান—টাঁকী দিয়া শিল কুটাইয়া (কাটাইয়া) দন্তুর করান। হিয়া কুটে—বক্ষে করাঘাত করে ; বুক চাপড়ায়। দ্র 'কুট (৪)।]

কুটকচালীয়া, -কচালে বিং [কুট-কচাল+ঈয়া, -এ৭] ১ কুটক-চালসম্বন্ধী, যাহা দুর্ব্বোধ ও তর্কবিতর্কের বিষয়ীভূত ; বিশৃঙ্খল, গোলমেলে। "আজ তাঁকে দেওয়ানজীর কুটকচালে খতেনের গোঁজা মিলন ধত্তে হবে হু ১৬। ২ যে কুটিল ও বিবাদপ্রিয় ; দুষ্ট, খল।

কুটকুট বি [কুট৪, পৌনঃপুন্যে দ্বিত্ব] ১ পুনঃ পুনঃ কুট করিয়া কামড়ের ভাব। "(উঙানি) কামড়ায়ে কুটকুট ফুলাবেক অঙ্গ শি ৭৭। ২ বিষাক্ত দ্রব্যের সংস্পর্শে গাত্রে 'কুটকুট' কামড়ের ন্যায় অনুভূতিবিশেষ। "আলকুসির গুঁড়া, পচা জল, গায় লাগিলে গা কুটকুট করে। ৩ শুষ্ক ঘাস, ঘামাচি বা মলিনবস্ত্রধারণ হেতু গাত্রে কামড়ের মত অস্বস্তিবোধ। দ্র 'কুটকুটে'। ৪ গুখানর সময়ে যাএর মধ্যে কণ্ডূতিবোধ। [কুটকুট করা—'কুটকুট'-বোধ হওয়া ; কুটকুটকুট—পিপীলিকার দংশনে। "কেনরে পিঁপড়ে কামড়াস?—কুটকুটকুট (উপকথার অবসানে)। কুটকুটান, -টানি, -টুনি—কুটকুট করা ; কণ্ডূতি, চুলকানি, কামড়ানি ; মৃদুস্বরে মর্ম্মচ্ছেদক বাক্যপ্রয়োগ। কুটকুটে ('কুটকুটা'—ঢাকা)—যাহার স্পর্শেই গা কুটকুট করে ; অতি-মলিন (বস্ত্র)। পয়সার কুট-কুটানি—অর্থাধিক্য হেতু চুলকানি (ব্যয়ের ঔৎসুক্য)।]

কুটঙ্গ পুং ['কুটাঙ্গ'—মূল (?) ; তু 'কুটঙ্গক'—চাল (অ.চি)] গৃহাচ্ছাদন, চাল।

কুটজ পুং [কুট+ √জন্+অ (ড), -ক ; উ.ত ; হি কুরৈয়া, কুর্চী ; ঠ কুড়া ; তু 'কুড়ম'—লতাগৃহ (দেশী ২.৩৭)] ১ 'গিরিজাত' ; গিরিমল্লিকা, কুরচি গাছ (Wrightea antidysenterica)। "গো.রা ৫.৯৫.৮। °কুসুম পু.মে ৪। ২ 'কুম্ভজাত', অগস্ত্যমুনি। ৩ দ্রোণাচার্য্য। —জ ক্লী কুটজকুসুম, কুরচিফুল। "কুটজ কাঞ্চন জাই ম.ম ৭। [°কুসুম (ক্লী)—কুটজপুষ্প। "পু.মে ৪। °বীজ (ক্লী)—কুটজফলের বীজ ; ইন্দ্রযব।]

কুটন বি [√কুট৫+অন ; হি কুটনা ; ঠ কুট(ট্ট)ণ] ছেদন, খণ্ড করা, কোটা, চূর্ণীকরণ, পেষণ, গুঁড়া করা। —না, -টুনা বি ব্যঞ্জনের উদ্ভিজ্জ উপকরণ (যাহা রন্ধনার্থ কুটিতে হয়) ; আলু পটোল বেগুন ইত্যাদি। "বৌ ছুঁড়ী অশুদ্ধা হইয়াছে, কুটনা বা কে কুটিবে, বাটনা বা কে বাটিবে ব.প ১৭১১। কুটনার খোসা পা.প্র ৬০ ; কুটনা কুটে মাত্র ১৫৯। —নি বি [°ন+ই১১] সর্থ 'কুটন'। ২ মর্ম্মচ্ছেদক তীব্র ভর্ৎসনা।

কু(কো)টনা [কুটনী > °না ; হি কুটনা] যে ব্যক্তি পরস্ত্রীর সহিত পরপুরুষের মিলন করায় বা উভয়ের দৌত্য করে ; দুশ্চরিত্র স্ত্রীর বা পুরুষের দালাল ; দূত (procurer)। —নী বি [সং কুটনী ; হি, অস °নী] ১ যে স্ত্রীলোক পরস্ত্রীর সহিত পরপুরুষের প্রণয়সংঘটন বা মেলন করে ; দূতী (procuress)। "নির্ম্মল রাজার কুলে তুই দিলি কালী। আরো করো আঁটুনি কুটনী মাগী শালী॥—বি.সু ১০২। ২ যে স্ত্রীলোক কুমন্ত্রণা দিয়া ঝগড়া বাধায়। [কু(কো)টনাপনা, কোটনাগিরী, -নামি (হি কুটনাপন)—কোটনার কার্য্য ; অবৈধ প্রণয়সংঘটনে দূতের কর্ম্ম। কুটনীপনা (হি—কুটনীপন)—কুটনীর কার্য্য ; দূতীপনা।]

কুটপাট বিং [কুট (কুটিল + পাট (পাত)] হাস্যাধিক্যে কুটিল (বিকৃতাঙ্গ) হইয়া পতিত ; হাসিতে বিকলাঙ্গ বা বিকল ; হাসিয়া কুটিকুটি। "হারাণী হাসিয়া কুটপাট ব.দ্বি ৪০৩।

কুটরীয়া, -টুরে, -ঠুরে বিং [কোটর+ঈয়া, এ৭] ১ কোটরসম্বন্ধী, কোটরবাসী (পেচা, শালিক)। ২ কোটরগত, বসা (চোখ)। [°রেচোখী—চোখ-বসা নারী। "দা ৫১৪।]

কুটা, কুটান দ্র 'কুট৫'।

কুটি১ পুং [√কুট+ই-ক, উ ৪.১৪২] ১ বৃক্ষ। ২ শরীর। ৩ পর্ব্বত। —টি পুং, স্ত্রী গৃহ, কুটীর, কুঁড়ে। "এসংসার রসের কুটি। ওরে খাই দাই আর মজা লুটি ব.প ১৫৩৮। —টি স্ত্রী [+ই-ভা] ১ কৌটিল্য, বক্রতা, ভঙ্গি। "ভ্রূ°, ভ্রূ°। ২ [হি, ঠ, গু কোঠী] ছোট পাকা বাড়ী বা কোটা ; বাঙ্গলা, কুঠী। ৩ মহাজনের ব্যবসায়ের কার্য্যস্থল বা মোকাম ; হৌস্। "নীল°, রেশম°। ঐ একজন কুটির প্রধান শত্রু নী ১২ ; ২৫।

কুটি২ বি [কুট৩+ই৯] ছোট কুটা ; তৃণখণ্ড ; ঘাসখড়ের গুঁড়া। "ওলে কুটি মানে ছাই। এইরূপ চাষ কর গে ভাই।—খনা। —টি, -টী বি [কুট৫+ই১১ ; হি কুট্টী ; মৈ কুটিআ] ১ ছিন্ন অংশ ; খণ্ড, টুকরা। "কুটি কুটি করি সবে করিব সংহার ম ৩৫৯। ২ গবাদির খাদ্য খড়ের বা বিচালির টুকরা ; জাব। "গরুর কুণ্ডলা ভরি লইল যত কুটী বি.পা ৭৫। তবে যাও গোরুর কুটিগুলো একবার ভাল ক'রে মেখে দাও গে অ.গ্র ৩৫। [কুটি করা—কাটিয়া ক্ষুদ্র খণ্ড করা। কুটি-করা—খণ্ডিত, টুকরা-করা।]

কুটি৩, **-টী** স.বিং [সং কোটি, -টী ; অপ্র] কোটিসংখ্যক। "কুটিএ হিরণ্য দান দেলে ব.প ৯০। বাওয়ান্ন কুটি কোচড়া।—গো.চ ৪৮। কুটীশ্বর বি.পা ৯৬ ; আট কুটী নদ নদী ২২৮। মুদ্রা আছে লক্ষকুটী মী ১৩। [কুটিকুটি, কুটাকুটী—কোটি কোটি ; অসংখ্যক। "কুটাকুটী লোকে মী ২৮। নামেতে নীলের কুটি, হ'তেছে কুটকুটি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত]

কুটি[8] বি [সং কোষ্ঠ; অপ্র] শিম্বের বহিরাবরণ বা খোলা (legume)। "সইস্তার কুটি ছাও নৌকা সাজাইয়া গো.চ ১১১,-৩৩।

কুটিকুটি বিং [কুটি১ > °টি (দ্বিত্ব)] নানাদেহভঙ্গি-যুক্ত; বিকলাঙ্গ, বিকল, অর্থাৎ হেসে আটখানা। "মুখ নেড়ে কেউ কথা ক'লে, হেসেই কুটিকুটি।—শিশু ১০১। তরঙ্গে তরঙ্গে উঠি, হেসে হ'ল কুটিকুটি চ.কা ৯৪। যখন কাঁকুড় ফুটি। তখন শিয়াল হেসে কুটিকুটি॥—ছেলেভুলান ছড়া।

কুটিত বিণ [√কুট্+ত (ক্ত)-র্ম্ম,-ক; উ ৪.১৮৬] ১ বক্রীকৃত। ২ বক্রীভূত, বক্র, কুটিল।

কুটিনাটি, -টী, খুঁ(খু)টিনাটি বি [সং কুটিনাটী—'কুটিনাটীভিরলম্' —কুটিঃ কৌটিল্যম্ (ইক্ কৃষাদিভ্যঃ), নাটী নাট্যম্, কৌটিল্যনাট্যম্ (দানকেলীকৌমুদী, ২৫০তম শ্লোক, শ্রীজীবকৃতটীকা); তু 'তা কুট্রম্, কুত্তম্—দোষ; কুটনাট—"কুটনাট করে কৃষ্ণ পাণ্ডব-কারণ।—কবীন্দ্র-রচিত 'মহাভারত', ৮৬।] ১ কৌটিল্যাভিনয়, ছলনা, চাতুরীর কথা। "তোমার বাক্যে পারিপাটী, তার মধ্যে কুটিনাটী, শুনে গোপীর বাঢ়ে আর রোষ চৈ.চ ১৫৫; ১৯৯; এ সব তোমার কুটিনাটি, ছাড় এই পরিপাটী, বেণু দ্বারে কাহে হর প্রাণ ৩৪০; ছাড় এই সব কুটিনাটি ৩৪২। কুটিনাটী পরিহর একান্ত হইয়া (চৈ.ভা)। ২ সামান্য বিষয় লইয়া কৃত শঠতা, বিবাদ-বিসম্বাদ বা বচসা। "পঞ্চু…ঘরে এলে হাঁ হাঁ করে ওঠে, তাই নিয়ে ওর সঙ্গে খুটিনাটি চল্‌ছিল।—ঘ ১৭৭। ৩ ছোট-খাট সাংসারিক বিষয় বা গৃহস্থের কার্য্য। "যাঁহারা…উচ্চাভিলাষী হইয়াও সংসারের খুটিনাটির চিন্তাতেই সে অভিলাষের পর্য্যবসান করেন, তাঁহারাও দোষভাগী পা.প্র ৩২; নিতান্ত নীচাশয় হইয়া স্বহস্তে সমুদায় খুটিনাটি করা ভাল নয় ৩৩; আমাকে ত ঘরের কোন খুটিনাটি লইয়া বিব্রত হইতে হইত না ১৬৬। [বোধ হয়, 'খুটিনাটি'র মূল 'ক্ষুদ্রনাট্য' (প্রা খুড্ড+নট্ট)—সংসারের ক্ষুদ্র অভিনয়ের বিষয়, অর্থাৎ কার্য্য; গৃহস্থের ছোটখাট কাজ।]

কুটিনী বি [সং কুট্টনী] সর্থ 'কুটনী'। "কুটিনীরে ফাঁকি দিয়া করে নাগরালী ভা.চ ৩৪০; ৩৭২; -৯৫।

কুটিয়াল, -টেল, কুঠি(ঠী)য়াল, -ঠেল বি [কুটি, কুঠী+য়াল (ওয়াল) > কুটি(ঠী)য়াল > কুট্যা(ঠ্যা)ল > কুটে(ঠে)ল; হি কোঠীয়াল] যে কুঠি ও কল করিয়া নীল রেশম প্রভৃতির কারবার করে; কুঠীওয়ালা, মহাজন, কারবারী, সওদাগর, বড় ব্যাপারী। "কুঠেল সব সাহেবজাদাঃ কুঠিয়াল বিচারকারীঃ লুটেল তায় কুঠেল ষণ্ডা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। মাঝে থেকে লুটে খায় কুটেল যবন।—হেম ৩৮৭। ওদের বাড়ী কিনেছে কোন পাটের কুটিয়াল প.কা ৬৭। কুটেল ও বাজে লোকেরা সেই কদর্য্য রস পান করবার জন্য…রণস্থল জুড়ে রইলো।—হু ১১৯। কুঠেলের গমস্তা আ.দু ১৬৪; কুঠেল বেটা মোদের সর্ব্বনাশ করলে ১৬৫।

কুটির ক্লী [√কুট্+ইর (ইরন্)-র্ম্ম] ক্ষুদ্রগৃহ, কুটীর, কুঁড়ে।

কুটিল বিণ [√কুট্+ইল (ইলচ্)-ক; কুটিত > °ল (?)] ১ বক্র, বাঁকা। "নদীকুটিলগামী রা ২.২৮.২০। ভ্রুবোঃ কুটিলয়োঃ শ ৫.২২। ছুরি কাটারী কুটিল হীরাধার ব.প ৪৩৭। ২ বক্রগতি। "ক্রোশং কুটিলা নদী পা ২.৩.৫, সি। ৩ কপট, শঠ, ক্রূর। "অকুটিলৈঃ (মন্ত্রিভিঃ)।—পঞ্চ ১.১৩৭। কুটিলচিত্ত, কুটিলাচার (S.W.)। ৪ বক্র, অস্নিগ্ধ, রূক্ষ। "অসূয়াকুটিলং দদর্শ রঘু ৬.৮২; কুটিলক্ষ বীক্ষিতম্ ১৯.১৭। ৫ কুঞ্চিত, ঊর্ম্মিমান্, কোঁকড়া। "°কুন্তল ভ ৩.২৮.৩০; কুটিলালক ৩৩.১৪। কুটিল কুন্তল প.র ২। ৬ রূক্ষ, ভীষণ। "ভ্রুকুটীকুটিলানন ভ ৯.৪.৪৩। ৭ বৃত্তাকার। "কুটিলা মুক্তাবলী (প্রবোধচন্দ্রোদয়)। —ল ক্লী ১ তগরবৃক্ষ ২ বঙ্গ, টিন্। ৩ ছন্দোবিশেষ। —লা স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্)] ১ সরস্বতী নদী। ২ স্পৃক্কা-নামক গন্ধদ্রব্য। ৩ রাধিকার ননন্দা জটিলার কন্যা। [°গ (বিণ)—বক্রগামী। °গা (স্ত্রী)—নদী। কুটিলাশয় (বিণ)—ক্রূরচিত্ত, খল। "ক.সা ৩৭.১৪৩।

কুটী১ স্ত্রী [কুটি+স্ত্রী বিকল্পে ঈ (ঙীষ্)] ১ গৃহ, শালা। "°গত মহা ১.১৯১.২। অশ্ব°।—পঞ্চ ৫৪৯। এ সংসার সুখের কুটী।—আজু গোস্বামী। ২ ক্ষুদ্র গৃহ; কুটীর, কুঁড়ে "পর্ণ° রা ২.৯২.১২। মনু ১১.৭৩। প্রাসাদীয়তি কুট্যাম্ পা ৩.১.১০, কাশিকা। ৩ পুষ্পগুচ্ছ, ফুলের তোড়া। ৪ মুরানামক গন্ধদ্রব্য। ৫ সুরা। ৬ কুট্টনী, কুটনী। ৭ কৌটিল্য, বক্রভাব, ভঙ্গি। "ভ্রু°, ভ্রূ°, ভৃ°। ৮ (বাঙলায়) গৃহ, অর্থাৎ আধার। "অবিরল শ্রীফল যুগল যেন দুটী। অনঙ্গের এই ধন আগুণের কুটী॥—শ্রী.মা ৯৯।

কুটী(ঠী)য়া, -টে, -ঠে বিং [কুট, -ঠ+ঈয়া, এ৭; হি কোঢী; ঠ কোডী; অস কুঠিয়া] ১ কুষ্ঠরোগে পীড়িত; মহাব্যাধিগ্রস্ত। ২ গালি। "কত করি ম'ল নাই কুলাঙ্গার কুটে শ্রী.মা ১৩১।

কুটীর পুং, ক্লী [কুটী+র হ্রস্বার্থে] হ্রস্ব কুটী; ক্ষুদ্রগৃহ, কুঁড়ে। "কৃষ্ণ° উ.চ ২.২৮। মে ১১১। —র ক্লী ১ কেবল। ২ সুরত (ত.বা)।

কুটুকুটু বি [কুটকুট > °টু] সর্থ 'কুটকুট (২)। "(কলঙ্ক পানায়, অন্তর বাহিরে) কুটুকুটু করে চ.দা ৫৪।

কুটুম বি [সং কুটুম্ব; হি, অস কুটুম] বিবাহসম্বন্ধে বন্ধুজন—বৈবাহিক, শ্যালক প্রভৃতি। [কুটুম কুটুম্বিতা—কুটুম্বের সহিত কুটুম্বকার্য্য; লৌকিকতা, সামাজিক কার্য্য। বড় কুটুম—শ্যালক।]

কুটুম্ব পুং, ক্লী [√কুটুম্বি+অ (অচ্)-র্ম্ম; বৈদিক] ১ পোষ্যবর্গ, পরিবার, পুত্রদারাদি। "°ব্যাপৃত (অ.কো)। °লোক, °পোষ, °ভরণ, °ভার, °তন্ত্র (S.W.)। মহা ৩.২৩২.৩৩। কুটুম্বার্থে মনু ৮.১৬৬; যাজ্ঞ ২.৪৫। °ভরচিন্তা।—পঞ্চ ৫.৪। °ভরণ চৈ.চ ৪২। ২ কুটুম্বধন। "মনু ৯.১৯৯। ৩ গৃহ। "মনু ১০.১২৪; ১১.১৪; ২২। ৪ পশ্বাদি ধন। "মনু ১১.১২। ৫ পত্নী। "(রঘুঃ) তদুপহিতকুটুম্বঃ রঘু ৭.৭১। ৬ বান্ধব, জ্ঞাতি। ৭ সন্ততি (শ.ক)। ৮ নাম। ৯ রক্ষণীয় (শ্রীধর)। "বিজয়রথকুটুম্বে (ভগবতি) ভ ১.৯.৩৯। ১০ (বাঙলায়) শ্যালক। "নূতন কুটুম্বে এত কর অপমান ব.প ৮৩৪। কলিকালে নারীর কুটুম্বে বড় ভাব শ্রী ১১। নূতন কুটুম্ব হ'লে তার এমনি আদর চাই দা ৭৬৭। ১১ আত্মীয়। "অরুন্ধতী নামে আমার এক প্রাচীন কুটুম্ব ছিলেন। তিনি সম্বন্ধে মার ভগিনী হইতেন ব.প্র ১৮২। ১২ বিবাহসম্বন্ধে বন্ধু—বৈবাহিক জামাতা শ্বশুর শ্যালক। "লক্ষ্মীছাড়া পুরুষ কুটুম্ব-বাড়ী যায়। জল পীড়ির দায় থাকুক সম্ভাষ না পায়॥—ক.চ ৪। কুটুম্ব-বাটী ম.ভা ৬। কুটুম্বেরা কুটুম্বের গৌরব খুঁজেন। জামাই বেহাই শ্বশুর শ্যালক ইঁহারা বড় লোক…মনে করিতে সকলেরই সুখ হয়।—পা.প্র ৪০। ১৩ শ্বশুর। "এ বেশে কুটুম্ব-গৃহে উচিত না হয় ম ৪৪১। ১৪ বন্ধু, সখা। "কুটুম্ব সমান তারে করে সম্ভাষণ কৃ.উ ৭২। —ম্বক ক্লী [°ম্ব+ক (কন্) স্বার্থে] পোষ্যবর্গ, পরিবার। "উদারচরিতানাং তু বসুধৈব কুটুম্বকম্ হি ১.৭২। [°তা (বি)—কুটুম্বভাব, কুটুম্বের কর্ত্তব্য সামাজিক কার্য্য। "আমাদিগের কুটুম্বতাকাণ্ডটী বড়ই জটিল পা.প্র ৪০। °ব্যাপৃত (বিণ)—পুত্রদারাদি-পোষণে ব্যগ্র (অ.কো)। °ভর (পুং), °ভরণ (ক্লী)—১ স্ত্রীপুত্রাদি-পোষণ; পরিবারপ্রতিপালন। দ্র 'কুটুম্ব (১)। ২ পোষ্যবর্গের ভার; পরিবারপালন-ভার। "°ভরণ শ ৪.২০। °সাক্ষাৎ (বি)—কুটুম্ব ও বন্ধুবান্ধবাদি। "ভাগ্যে জামাই কুটুম্ব-সাক্ষাৎ বাড়ীতে গিজ্‌গিজ্ করে হু ১৫০।]

কুটুম্বিতা স্ত্রী [°ম্বিন্+তা (তল্) তদ্ভাবার্থে] ১ কুটুম্বিভাব,

গৃহস্থতা, গার্হস্থ্য। ২ পারিবারিক সম্বন্ধ; জ্ঞাতিত্ব। ৩ প্রতিবাসিত্ব, প্রতিবাসিভাব। "মাঘ ১.৬৬। ৪ (বাঙলায়) বৈবাহিক সম্বন্ধ। "দ্রুপদ বলিল ভাগ্য আমার আছিল। কুরুমহাবংশ সহ কুটুম্বিতা হৈল॥—ম ২২৫; নাহিক তিলেক স্নেহ নব কুটুম্বিতা ২৫২। আমার সহিত তুমি কর কুটুম্বিতা ম.ভা ২৫। বিদর্ভেতে কুটুম্বিতে সুখের বিষয় ব.প ৯৩৯।

কুটুম্বিনী স্ত্রী [কুটুম্বিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পতিপুত্রাদিমতী গৃহকর্ত্রী স্ত্রী; পুরন্ধ্রী, গৃহিণী, কুলরমণী। "মা.মি ১.১৮। ২ পত্নী। "রঘু ৮.৮৬। বি.মা ১২২। ৩ নারীমাত্র (A.)। ৪ [°ম্ব+ইন্ (ইনি) তৎ-সমূহার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] কুটুম্বসমূহ, পোষ্যবর্গ, পরিবারগণ। "ভ ৪.২৮.১২। খেলনা-বিক্রেতা ল'য়ে বিবিধ খেলনা। কুটুম্বিনীসমাজে করিছে আনাগনা॥—রঙ্গ ২২। ৫ ক্ষুপবিশেষ, ক্ষীরিণী। —ম্বী (-ম্বিন্) বিণ [°ম্ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব, স্ত্রী -ম্বিনী] ১ কুটুম্ব-বিশিষ্ট, পরিবারযুক্ত, স্ত্রীপুত্রাদিবিশিষ্ট। ২ বহুকুটুম্ব, বহুপরিবার, বৃহদ্-গোষ্ঠীক। "পরাশর ১২.৪৫। —ম্বী পুং ১ গৃহস্থ, গৃহমেধী, গৃহী। "রা ১.৬.৭। মনু ৩.৮০। কু.স ৬.৮৫। ২ গৃহপতি, অভিভাবক, কর্ত্তা। "যাজ্ঞ ২.৪৬। ৩ প্রতিবাসী। "রথ° গো.রা ৬.৮৯.১৯। মাঘ ১.৬৬। ৪ কৃষক। ৫ (দ্বিব) গৃহপতি ও তৎপত্নী।

কুটুরকাটুর, -কুটুর বি [ধ্বন্যাত্মক] ক্ষুদ্র দন্তে কঠিন দ্রব্য কাটার ক্রমাগত মৃদু শব্দ। "ইঁদুরে কুটুরকাটুর করিয়া কাঠ কাটে। শিশু কুটুরকুটুর করিয়া মিছরী খায়। তু 'কাটুরকুটুর'।

কুটুরি, -ঠরী, -ঠারী², কোঠরি বি [সং কোষ্ঠ+গৃহ >প্রা কো(কু)ট্‌ঠ+ঘর >বা কো(কু)ঠর >কো(কু)ঠরি, কুঠ(ঠা)রী, -টুরি; হি কোঠড়ী, -রিয়া, -রী; ঠ কোঠার (কোষ্ঠাগার), -রী] ১ অন্তর্গৃহ, ছোট কোঠা, কামরা। "শব্দ লক্ষ্য করিয়া প্রফুল্ল সেই কুঠরীমধ্যে প্রবেশ করিল ব.প্র ৩৫৬। ২ কুটীর, কুঁড়ে। "মাধব দাসের কোঠরি ভ.গ্র ৩০০; তাঁর সেই কুঠরী অদ্যাপি বর্ত্তমান ৪২০। বাড়ী দূরে থাক, আমার একটা কুঠারীও নাই ব.প্র ৬৪৬। ৩ ছোট ঘর। "থাকবার শয়ানে দিছে মোক ছাগলের কুটুরি গো.চ ২৭৫। ৪ ঘর। "অনন্ত বৈকুণ্ঠ যাঁহা ভাণ্ডার-কোঠরি চৈ.চ ২১৬।

কুটুরে; কুটে; কুটেল দ্র 'কুটরীয়া; কুটীয়া; কুটিয়াল'।

কুট্ট্‌ সক [চু, প কুট্টয়তি; সেট্] ১ ছেদন। ২ ভৎর্সন। ৩ পূরণ। —ট্ট্‌ সক [চু, আ—কুট্টয়তে; সেট্] প্রতাপন।

কুট্টক বিণ [√কুট্ট্+অক (ণ্বুল্)-ক: স্ত্রী -ট্টিকা] ছেত্তা, ছেদক, কর্ত্তক। "অশ্ম° যাজ্ঞ ৩.৪৯। ইক্ষু° উ ২.৩৩। শিলা°, তাম্র° (S.W.)। —ক পুং ১ চূর্ণকারক। ২ গণিতোপযোগিক্রিয়াবিশেষ (লীলাবতী)। "কুট্টকাধ্যায়, কুট্টকব্যবহার (S.W.)। ৩ গুণক (M.W)। ৪ মৎস্যরঙ্ক, মাছরাঙ্গা। —ট্টন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ছেদন। "সংবর্ত্ত ১৩৯। ২ চূর্ণন, পেষণ, কোটা। "ক্ষণপিষ্টকুট্ট-নোচ্ছ্বসিতধূলিধবলৌ স্তনৌ বহতি।—গঙ্গাসপ্তশতী ৭.২৪। ৩ ভৎর্সন, নিন্দন। —নী স্ত্রী [+অন-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ যে বাক্‌প্রপঞ্চে স্ত্রীপুরুষের বৈমত্য ছেদন করে; বাক্‌প্রপঞ্চিকা, বেশ্যা (অ.টী); পরপুরুষের সহিত পরস্ত্রীর সংযোগকারিকা নারী; কুট্নী। "হি ১.৯। ২ মায়াবিনী (সুভূ); দূতীবিশেষ (অ.টী)। —ট্টিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ছিন্ন। "কুট্টিতা (সিরা,—সুশ্রুত) ২ চূর্ণীকৃত, পিষ্ট, গুঁড়া-করা। ৩ ভৎর্সিত, নিন্দিত। —ট্টিনী স্ত্রী [+ইন্ (ণিনি)-ক +স্ত্রী ঈ (ঙীপ্)] সর্থ 'কুট্টনী'। —ট্টিম পুং, ক্লী [+ইম (ইমচ্) 'তন্নির্বৃত্ত' অর্থে (অ.টী), পা ৪.৪.২০, কাশিকা] ১ 'কুট্ট (ছেদন)-নির্বৃত্ত', মণিখণ্ডে বদ্ধ ভূমি, অর্থাৎ মণি দিয়া বাঁধান তলদেশ বা মেজে; মণিবদ্ধভূমি, মণিভূ (অ.টী)। ২ নিবদ্ধভূমি, অর্থাৎ কচিৎ চূর্ণ কচিৎ মৃত্তিকা দ্বারা বদ্ধ চত্বর (রা টীকা)। "সসুধাকুট্টিমতল রা ২.৮১.১৩। ৩ সুধাঘটিতভূতল (সুভূতি), পাকা মেজে। "সভাকুট্টিম।—কাদ ২। ৪ বদ্ধভূমি। "কাঞ্চন°, মণিপ্রবর°, স্ফটিকান্তর° (S.W.)। মণি° রঘু ১১.৯। ইন্দুকান্তোপল° মাঘ ৩.৪৪। মণিকুট্টিমশোভী কু.সা ২২.৬। ৫ অট্টালিকার্থ বদ্ধ ভিত্তিভূমি (Wilson)। ৬ কুটীর। ৭ দাড়িম্ববৃক্ষ।

কুট্টমিত ক্লী [তু 'সং √রম্ >প্রা √কোট্টম (হে ৪.১৬৮)] যুবতীর অষ্টাদশবিধ সাত্ত্বিক অলঙ্কারের একতম। "সা.দ ৩.৯১; ১০৩। বাহিরে বামতা ক্রোধ, ভিতরে সুখমন। কুট্টমিত নাম এই ভাববিভূষণ॥—চৈ.চ ১৬৩। ভ.গ্র ৩৯৭।

কুট্টিত, কুট্টিনী, কুট্টিম দ্র 'কুট্টক'।

কুট্টিমা বি [সং °ম; অপ্র] পাকা মেজে। "রত্ন° ব.প ১৯৮।

কুট্মল বিণ [√কুট্+মল (ক্মলচ্)-ক, উ ১.১০৮] কুট্মলাবস্থ, মুকুলী-ভূত। "কুট্মলপঙ্কজ (তড়াগ) গো.রা ৪.৩৮.৪০। কুট্মলাম্বুরুহ (পাঠান্তর) মহা ৪.১৪.২১। °পুষ্কর রঘু ১৮.৩৭। —ল পুং ক্লী ১ বিকাশোন্মুখ পুষ্পকলিকা; মুকুল, কুঁড়ি। "মল্লিকানাম্…কুট্মলেষু রঘু ১৬.৪৭। কুন্দ° মাঘ ২.৭। যূথিকা° ঋতু ২.২৫। বদ্ধকুট্মলকদম্ব উ.চ ৬.১৭। স্তন° হি ১.২০৬। করকমলকুট্মল ভ ৬.১৬.২৫। ২ (সাদৃশ্যে) তীক্ষ্ণ ভল্লাগ্রভাগ। "মহা ৮.৩৪.১৮।—ল ক্লী নরকবিশেষ। "মনু ৪.৮৯। —লিত বিণ [°ল+ইত (ইতচ্)] ১ সঞ্জাতকুট্মল, মুকুলিত, কোরকিত। ২ মুদ্রিত, নিমীলিত।

কুঠ, কুঠর, কুঠরী দ্র 'কুট²; কটোর, কুটুরি;'।

কুঠার পুং, **-রী**¹ স্ত্রী [কুঠ+√ঋ+অ (অণ্)-ক (অ.টী); উ.ত] ১ যাহা বৃক্ষকে পায়; পরশু। "রা ২.৩৫.১৬। মাতুঃ কেবলমেব যৌবনোচ্ছেদে কুঠারা বয়ম্।—ভর্ত্তৃহরি। ২ ছেত্তা। "সংসারতরোঃ কুঠারম্ ভ ৩.২৫.১১। কুন্তলানাং কুঠারঃ বা.ভা ১.৭। ৩ বৃক্ষ। —রক পুং, -রিকা স্ত্রী [°র+ক (কন্) হ্রস্বার্থে, স্ত্রী আ (টাপ্)] ছোট কুড়াল; কুড়ালী। —রি বি [সং কুঠারিকা] কুঠার। "মূলে মারি কুঠারি পল্লবে ঢালে জল শি ৯।

কুঠারি, -রিকা, -রী¹; **কুঠারী**² দ্র 'কুঠার; কুটুরি'।

কুঠি, -ঠী বি [সং কুটি-টী; তু 'প্রা কুট্‌ঠ (কোষ্ঠ); হি, ঠ, গু কোঠী; অস কুঠী] ১ যেখানে মহাজনের টাকার লেন-দেন হয়; নীল, রেশম প্রভৃতির কারবারের জায়গা, বড় কারবারের স্থান; মোকাম। "নামেতে নীলের কুঠি, হতেছে কুটিকুটি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। নীলকরের কুঠী আ.দু ১৬৪; ১৬৫। এই কুঠীতে কতকগুলি কোওয়া খরিদের কারণ ভোক্ত খাতা ছিল ব.প ১৮০৮। ২ বড় পাকা বাড়ী; কোটা, বাঙ্গলা (bungalow)। "কুঠি নিলে বাড়ী ছেড়ে সাহেব-পাড়ায়।—হেম ৩৮৭।

কুঠিয়াল, কুঠেল দ্র 'কুটিয়াল'।

কুড়¹ বি [সং কুষ্ঠ >লি, প্রা কুট্‌ঠ >বা (কুট, -ঠ) কুড়; হি কুড়; ঠ, গু কোড, -ঢু; সি কোঢ] ১ ওষধিবিশেষ। "তৈল কুড় দিয়া গোপী করে উদ্বর্ত্তন শ্রী.ম ২৬। ভা.চ ৮২। ২ সর্থ 'কুট²'।

কুড়² বি [সং কুট >প্রা কুড >বা কুড়; হি—অন্নরাশি] ১ সমূহ, রাশি। "সারকুড়েতে শতদল দা ৩৪৮। ২ দ্র 'কুঁড়²'। [কাঁটাকুড়—কণ্টক-রাশিযুক্ত, কণ্টকপ্রচুর মৎস্যাদি। পাঁশকুড়—ভস্মস্তূপ, ছাইএর ঢিপি।]

কুড়³ সর্ম্ম [√কুট⁶+√°ড়; অপ্র] আঘাতে ছিন্ন করা; আহত করা। "মহারাণী মাথা কুড়ে মনস্তাপ করি শি ২৬।

কুড়⁴, **কুড়া**⁵ সর্ম্ম [কুড়³+√কুড়, -ডা; তা' √কুড় (অর্ম্ম), √কুট (সর্ম্ম)—একত্র করা; তেলেগু—√কুট] ১ রাশি করা; একত্র করা, জড় করা; কুড়ান। "গাছের পাড়িত তলায় কুড়ই কাদা উড়ই কুএ

ব.প ১৪৩৩। ২ সংক্ষিপ্ত করা ; সংহৃত করা ; টানিয়া লওয়া ; গুটান। "তেজ কুড়াইআ জাঠা গেলা ততক্ষণ কৃ.উ ১৮৯। হিয়ায় হীরার, হার মনোহর, তাহাতে পদক সাজে। দেখি দিনমণি,...কিরণ কুড়ায় লাজে॥—রা.শে ৩২। লেঙ্গুড় কুড়ো দা ৮০২।

কুড়কুড়ে বিং [কুড়কুড় (ধ্বন্যাত্মক) + এ[৭]] যাহা 'কুড়কুড়' শব্দে (অর্থাৎ ভাঙ্গার মৃদুশব্দে) ভাঙে ; মুড়মুড়ে ; খুব পাতলা। "সোদাগন্ধে মন মাতে, আবার কুড়কুড়ে তাতে ; পাতখোলা খেলে পরে, পোলা কোলে পায় রে।—অমৃতলাল বসু।

কুড়চি বি [সং কুটজ ; হি কুড়চি] কুটজবৃক্ষ ; কুটজপুষ্প। "কুড়চি ফুল শূ ৩০। কুড়চি কেয়া ক.চ ৩৯।

কুড়(ড়া)ন '-নো' বি [√কুড়া[৫] + অন] রাশীকরণ, সংক্ষেপ, গুটান। —নী, কুড়্‌নী বি ১ যে কুড়ায় বা জড় করে (স্ত্রীলোক)। "কাঠ°, পাতা° ইত্যাদি। ঘুঁটেকুড়নী বুড়ী গি.দ্বি ৯৪। ২ মৃতবৎসার (মড়াঞ্চে পোয়াতীর) কন্যার নাম, অর্থাৎ হেয়বোধে যমের পরিত্যক্ত ও কুড়াইয়া-লওয়া কন্যা। [এইরূপ ছেলের নাম 'কুড়ন, ক্ড়ুনে'। 'হারাণী, হেলী, ফেলী' (স্ত্রীলোক) এবং 'হারাণ, হেলা, ফেলা' (পুরুষ) প্রভৃতিও এইরূপ।] —নীয়া,-ড়ুনে বিং [°ন + ঈয়া ; এ[৭]] কুড়াইয়া-লওয়া ; সংগৃহীত (ফলাদি)। [পাতকুড়ান ভাত—পাতের উচ্ছিষ্ট ও সংগৃহীত অন্ন। হাটকুড়ুনে জিনিস—হাটের গুঁচা (হাটুরীয়ার পরিত্যক্ত) পণ্য। গাছের পাড়া তলার কুড়ান—গাছ হইতে ফল পাড়া ও তলায় পাড়া ফল কুড়ান ; (গৌণার্থে) সকল উপায়ে অভীষ্ট বিষয় হস্তগত করা (চতুরতার উদাহরণে)। "ব.প ১৪৩৩।]

কুড়প, -ব পুং ১ পরিমাণবিশেষ ; প্রস্থচতুর্থাংশ—দ্বাদশাঙ্গুলিপরিমাণ। 'প্রস্থ ইত্যুক্তে চত্বারঃ কুড়বাঃ সম্ভাব্যন্তে সাংখ্য ৪, গৌড়পাদভাষ্য। "মহা ১৪.৯০.৩৪ ; ৪০। ২ (বৈদ্যকে) বত্রিশ তোলা ; শরাবার্দ্ধ, অঞ্জলি।

কুড়(ড়ো)বা বি [কুড়ি > °বা (?)] কুড়ি-কাঠা-পরিমাণ ভূমি ; কুড়া, বিঘা। "কুড়োবা লিজ্জে (শুভঙ্কর)।

কুড়ল[১] বি [সং কুরর] চিলজাতীয় মৎস্যভোজী পক্ষিবিশেষ ; কুল্লো।

কুড়ল[২] দ্র 'কুড়াল'।

কুড়া[১], **-ড়ো** বি [কুড়ি > কুড়া, -ড়ো] সর্থ 'কুড়বা'। "পনর কাঠায় কুড়া ক.চ ৬। দুই কুড়া ভুঁই ব.প ১৪। ঘিরেছিস জমি একটা কুড়ো, এখন বল্‌ছি লেঙ্গুড় কুড়ো দা ৮০২।

কুড়া[২] বি [কুড়[১] > °ড়া] কুষ্ঠরোগ। "পায়ে কুড়া শ্রী ৯২।

কুড়া[৩] বি [সং কুট > প্রা কুড > বা কড়া (?)] কূটাকৃতি দোলার অবয়ববিশেষ। "কনকের সাজা কুড়া ঃ চন্দন তরুর কুড়া ক.চ ৭৫ ; ২২৩ ; ২৪৫।

কুড়া[৪] বি [সং লকুট, লগুড় ; অপ্র] লগুড়, দণ্ড। "হাতে থাকিত যদি হেতালের কুড়া। বাড়ি মারিয়া তোর পাঞ্জর করতাম গুঁড়া॥ —ম.ম ১৪৭।

কুড়া[৫] ; **কুড়ান, -নী** দ্র 'কুড়[৪] ; কুড়ন'।

কুড়ারী, -লি, -লী বি [সং কুঠারী, -রিকা ; হি কুল্‌হাড়ী ; ড় কুটাড়ী কুরাড়ী (চ)] ক্ষুদ্র কুঠার ; ছোট কুড়ুল ; কুঠার। "কাঠদা কুড়ারী বাসা ক.চ ৭৬। গলায় কুড়ালি ভ.গ্র ২৪৮। [গলায় কুড়ালি ধরা বা বাঁধা—কুঠারকর্ম্মজীবী কাঠুরিয়া-প্রভৃতির সাদৃশ্যে স্বীয় মূর্খতাসূচক।]

কুড়াল, কুড়ল[২] বি [সং কুঠার > প্রা কুঢার (হে ১.১৯৯), কুঢাল (অ.রা) ; হি কুড়াল, কুল্‌হাড়] কুঠার।

কুড়ালি, -লী দ্র 'কুড়ারী'।

কুড়ি[১] সং.বিং [হি কোড়ী, -রী ; ঠ কোডী ; P. corja ; A.S. scor ; O. Norse—skor ; O.E. scoru ; E. score] বিংশতিসংখ্যক। "কুড়ি জন জম গো.চ ১৮। —ড়ি বি ১ কুড়ি (২০) এই সংখ্যা। "কুড়ির কোটা (নামতায়)। ২ মনুষ্যাদির বিংশতিসংখ্যা ; কুড়িটা, এককুড়ি। "কামরাঙ্গা কিনে কুড়ি দুই ক.চ ১৫৬। গাছের বাড়িতে মারে দশ বিশ কুড়ি কৃ ২১৬। ৩ ক্রয়-বিক্রয়ে পণ্যের দেশ-প্রচলিত নির্দ্দিষ্ট সংখ্যা (যেমন, চব্বিশপরগনায় মৎস্যবিশেষ ২৫টায় বা ৩০টায় এক কুড়ি)। তু 'শ'। [কুড়ি কুড়ি—১ কুড়ি দ্বারা গুণিত কুড়ি, অর্থাৎ '৪০০' (নামতায়)। ২ এক এক কুড়ি করিয়া কুড়িটা (২৫টায়, ৩০টায় কুড়ি নহে)। "কুড়ি কুড়ি করিয়া গণা। কুড়ি দরে, ধরণে, হিসাবে—কুড়িটা করিয়া (ক্রয়-বিক্রয়ে)। কুড়ি প্রতি—প্রত্যেক কুড়িতে। কুড়ির কোটা—নামতায় এক-ইত্যাদির সহিত কুড়ির গুণ-ফলের ঘর। কুড়ির কোটায়—কুড়ি হইতে উনত্রিশ পর্য্যন্ত সংখ্যার বিভাগে (বয়োগণনায়)। কুড়িতে পা দেওয়া—বয়ঃক্রমে কুড়ি বৎসর আরম্ভ হওয়া।]

কুড়ি[২] বি [কুড়[১] + ই[১১] ; মৈ কোঢ়ী] কুষ্ঠরোগ। [কুড়িকিষ্টি (তু 'ঠ কডুকোষ্ঠ'—ব্যাধি ; গ্রাম্য)—কুষ্ঠব্যাধি।]

কুড়ি[৩] বি [সং কটি > প্রা কডি ; অপ্র] কোমর, মাজা। "পুত্রভাবে তায়, বান্ধে যশোদায়, উদূখলে কটিতটে। যত ছিল দড়ি, বেড়ি কুড়ি কুড়ি (কড়ি কড়ি ?), দুই অঙ্গুলি নাহি আটে॥—ব.প ৭৮০।

কুড়িআ, -য়া বি [দ্র 'কুঁড়িয়া[১]'] কুটীর, কুঁড়ে। "ডোম্বি তোহোরি কুড়িআ চ ১৯। কুড়িআ বেড়িঞা হৈল বিচিত্র আওআস কৃ.উ ৫২ ; কুড়িয়াতে ৫৩।

কুড়ি(ড়ী)য়া বিং [দ্র 'কুঁড়িয়া[৩]'] কুষ্ঠরোগগ্রস্ত, কুটে। "কুড়িয়া নাতুর বৈষ্ণব হএয়া ডাঙ্গাত উঠিল গো.চ ৩৮। কুড়িয়া আতুর ৩০০। কুড়িয়া গরু মিশ্র তার কুষ্ঠ ঘুচাইল (চৈ.ম)।

কুড়িশা বি [সং °শ ; অস কুড়ি] কুরচি মাছ। "ভা.চ ১২৬।

কুড়ী বিং [সং কুষ্ঠী > লি কুট্‌ঠী, প্রা কুট্‌ঠি (প্রা.ম) > বা কুঠী,-ঢ়ী, -ড়ী ; হি, মৈ কোঢ়ী ; ঠ কোডী] সর্থ 'কুড়ি(ড়ী)য়া'। "যে বলে সে হবে কুড়ী ভা.চ ৩৯৫। —ড়ী বি কুষ্ঠরোগী। "আঁধা বাঁঝা রোগী কুড়ী চান করেন জলে শূ ১০৭।

কুড়ুতা বি [তু. কুর্তা]ছোট জামা বি.। "কুড়ুতার বদলে সানা ক.চ ২৪৬।

কুড্মল বিণ [√কুড্ + মল (ম্বল), উ ১.১০৬ ; তু 'কুট্মল', ট্ > ড] মুকুলাবস্থ, মুকুলীভূত। "কুড্মলাম্বুরুহ মহা ৪.১৪.২১। °পঙ্কজ (পাঠান্তর) রঘু ১৮.৩৭। —ল পুং মুকুল। "কুড্মলাগ্রদন্ত, করকমল°, যূথিকা°, স্তন° (S.W.)। —ল ক্লী নরকবিশেষ। "মনু ৪.৮৯। —লিত বিণ [°ল + ইত (ইতচ্)] ১ সঞ্জাতকুড্মল, মুকুলিত। "কুড্মলিতাননা। —অমরু। ২ মুদ্রিত, নিমীলিত, অর্দ্ধনিমীলিত। "কুড্মলিতেক্ষণা মা.মা ৯.৩০। ৩ কুড্মলাকার তীক্ষ্ণ ভল্লাগ্র। "মহা ৮.৩৪.১৮।

কুড্য ক্লী [কুল + য (যৎ) 'তত্র সাধু' অর্থে, ল > ড (অ টী)] ১ যাহা কুলে (গৃহে) সাধু ; ভিত্তি, দেয়াল। "মহা ২.১৮.৩ ; ৫ ; কাষ্ঠ° ৩. ১৯৯.১০৯। কুড্যাবপাত যাজ্ঞ ২ ২২৬। স্ফটিককুড্য ভ ৩.১৫.২১ ; ৩৩.১৭। ২ বিলেপন, লেপন (plastering)। ৩ কৌতুহল। [°চ্ছেদী (-দিন্)—চৌর্য্যার্থ ভিত্তির ছেদক ; সন্ধিচোর, সিঁধেল চোর।]

কুড্যালি বি [কাড়য়ালি > °লি ; মুদ্রাপ্রমাদ (?)] সর্থ 'কড়িয়ালি'। "স্বর্ণ কুড্যালি দিল কৃ.উ ২১৭।

কুঢ় সর্ম্ম [কুড়[৩] > °ঢ় ; অপ্র] ক্ষত করা ; কামড়ান। "দেখিয়া দারুণ কালি, তুণ্ড মেলি ফণা সারি, কুঢ়ি কুঢ়ি মুণ্ড ঘুরায় শ্রী.ম ৪৯।

কুঢ়া[১] বিং [কুড়িয়া > (কুড্যা) °ঢ়া ; হি কোঢ়ীর ; অপ্র] কর্ম্মে অসমর্থ ; অশক্ত, নিস্তেজ। "মন্ত্রের তেজে কুঢ়া কৈল সৈন্য কোটি কোটি কৃ.উ ৬২।

কুঢ়া[২] সর্ম্ম [কুড়া[৫] > °ঢ়া ; অপ্র] সংক্ষিপ্ত করা ; সঙ্কুচিত করা ; গুটান। "হাথ কুঢ়াইলেক রাজা নিকলিল পানী কৃ.উ ৪৫।

কুণপ বিণ [কুণপ+অ (অচ্) অস্ত্যর্থে ; বৈদিক] পূতিগন্ধযুক্ত, দুর্গন্ধ। "অতি°, °রেতঃ (সুশ্রুত)। —প পুং, ক্লী [√কণ্ +অপ (কপন্) -ক, সম্প্রসারণ, উ ৩.১৪৩ ; ছান্দস] ১ মৃতদেহ, শব। "সহস্র° (তৈত্তিরীয়সংহিতা)। অশ্ব°, °গন্ধ, পুরুষ° (শতপথব্রাহ্মণ)। কুণপাশী মনু ১২.৭১। °দুর্গন্ধি (সুশ্রুত)। কুণপাশন শ ৬৪৮। কাতরে করুণা কর কুণপকর্ণিকা ভা.চ ৪২৯। ২ (শববৎ জড়) শরীর, দেহ। "কুণপাত্মবাদী ভ ৪.৪.১৩ ; কুণপং ত্বদঙ্গজম্ ২৩। —প পুং ১ পূতিগন্ধ, পচাগন্ধ। ২ অস্ত্রভেদ, বর্‌শা। "মহা ৬.৫৭.২৫। ৩ রোগবিশেষ। —পী স্ত্রী বিট্‌শারিকা।

কুণি[১] বিণ [√কুণ্ শব্দ+ই (কি)-র্ম্ম, সংজ্ঞার্থে (অ.টী) ; কফোণি > °ণি (?) ; তা 'কুণি'] রোগাদি হেতু দূষিতকর বা কুঞ্চিতকর ; কুকর ; কোঁপা ; ঠুঁটা। "পাণিনা কুণিঃ (পাঠান্তর) পা ২.৩.২০, কাশিকা। —ণি পুং ১ দূষিতকর জন। "মহা ৩.৩৩.৭। ২ [+কি -ক] যাহা উপকার করে ; তুন্দবৃক্ষ, তুঁতগাছ। ৩ নখব্রণ (Wilson)। দ্র 'কুণি২ (২)।

কুণি[২] বি [সং কফোণি > প্রা *কহোণি > বা (কোণি) কুণি ; হি কু(কো)হনী] ১ কফোণি, কনুই। "কীল কুণি কুঞ্জরে কুপিয়া মারে সেন।—শ্রী ১২৩। ২ ['কোণ' > কুণি] নখের কোণ ; নখব্রণ।

কুণোবেঙ বি ১ যে বেঙ ঘরের কোণে থাকে ; একজাতীয় বেঙ। "গলাফুলো কোলা বেঙ, ডাকিছে গ্যাঙর গ্যাঙ, কুণো বেঙ বাহিরে আইল।—মনোমোহন বসু। ২ (সাদৃশ্যে) যে অন্দরেই থাকে, বাহিরে বড় আসে না ; মেয়ে-মুখো, মুখচোরা, কাপুরুষ। "সে রকম কুণোবেঙ্ হওয়া কি হুজুরের মত লোকের শোভা পায়।—দামোদর মুখোপাধ্যায়।

কুণ্ঠ্ (কুণ্ঠি) সক [ভ্বা, প—কুণ্ঠতি ; সেট্] ১ প্রতিঘাত। ২ মোচন (ত.বা)। —ণ্ঠ্ অক ১ বৈকল্য, গতিপ্রতিঘাত (to be lame or blunted)। ২ আলস্য (to be lazy)। —ণ্ঠ্ সক [চু, প—কুণ্ঠয়তি ; সেট্] ১ বেষ্টন। ২ রক্ষণ। ৩ চূর্ণীকরণ।

কুণ্ঠ বিণ [√কুণ্ঠ্ +অ (অচ্)-ক] ১ কর্ম্মে মন্দ ; অলস, অকর্ম্মণ্য। ২ মন্দ, বিকল, প্রতিহত। "অকুণ্ঠদৃষ্টি ভ ২.২.২১ ; অকুণ্ঠসত্ত্ব ৩.৮.৩ ; °মনস্ ৩২.১৬। ৩ প্রতিবদ্ধ, অপ্রতিসর। "অকুণ্ঠমেধসং মুনিম্ ভ ১.১৯.৩১। ৪ প্রতিবদ্ধপ্রসর, প্রতিহতগতি। "বজ্রং তপোবীর্য্যমহৎসু কুণ্ঠম্ কু.স ৩.১২। ৫ ধারাহীন, অতীক্ষ্ণ, ভোঁতা। "(শরাঃ) কুণ্ঠধারাঃ গো.রা ৩.৩২.১৬। "রঘু ১১.৭৪। কণ্টকের কণ্ঠ কুণ্ঠ কর কুণ্ডলিনী বা.দ ৭৭। ৬ মূঢ়। ৭ [তু 'তেলেগু—'কুংটিওয়াডু'—কুণ্‌-পা] দূষিতকর, কুণি, কোঁপা, ঠুঁটা। "পাণিনা কুণ্ঠঃ পা ২.৩.২০, কাশিকা। ৮ (বাঙ্‌লায়) পরাঙ্মুখ, কাতর। "বায়কুণ্ঠ। —ণ্ঠক বিণ [+অক (ণুল)-ক ; স্ত্রী -ণ্ঠিকা] ১ ক্রিয়ামন্দ, অলস। ২ সঙ্কুচিত। ৩ মূর্খ, মূঢ়। "কাত্যায়ন ৬.৫। —ণ্ঠা বি সঙ্কোচ, লজ্জা, অপ্রতিভভাব। —ণ্ঠিত বিণ [+ত (ক্ত)-ক] ১ মূঢ়। ২ ক্রিয়ামন্দ, অলস। ৩ ধারাহীন, অতীক্ষ্ণ, ভোঁতা। "রঘু ১১.৭৪। কুণ্ঠিতাস্ত্রি কু.স ২.২০। ৪ অকর্ম্মণ্য, মন্দ। "যে দেশে রাজায় এবং সমাজে ভিন্ন ভাব…সেখানে সমাজশাসনের বল কুণ্ঠিত হইয়া থাকে পা.প্র ২০৩। ৫ মূঢ়, বিকল। ৬ [+ত -র্ম্ম] প্রতিহত, ব্যাহত। "শাস্ত্রেষ্বকুণ্ঠিতা বুদ্ধিঃ রঘু ১.১৯। ৭ [√কুণ্ঠি+ত (ক্ত)-র্ম্ম] বেষ্টিত, পরিবৃত। ৮ চূর্ণীকৃত। ৯ (বাঙ্‌লায়) সঙ্কুচিত, অপ্রতিভ। "ও কথা শুনিলে…আমি অত্যন্ত কুণ্ঠিত ও লজ্জিত হই সী ৬। ১০ বাহুলক্ষণহীন, চাপা। "কুণ্ঠিত আনন্দে সভা রহিল নীরব কা ৬৭।

কুণ্টি বিং ['কোনটি'—মূল ; অপ্র] কোনটি। "কুণ্টি হয় তোমার সোআমির জিউ নিজাও ধরিয়া গো.চ ২৮, টীকা।

কুণ্ড্ সক [ভ্বা, আ—কুণ্ডতে ; সেট্] দাহ। —ণ্ড সক [চু, প—কুণ্ডয়তি ; সেট্] রক্ষণ।

কুণ্ড পুং [√কুণ্ড্ +অ (ঘঞ্)-ণ (অ.টী) ; তু 'তা কুণ্ট—অসতী] যাহা দ্বারা কুল দগ্ধ হয় ; স্বামী থাকিতে জারজ পুত্র (অ.কো)। "মনু ৩.১৫৭। যাজ্ঞ ১.২২২। পরাশর ৪.১৮। —ণ্ড ক্লী [+অ-ধি ; √কুণ্ +ড, উ ১.১১২] ১ হোমার্থ অগ্ন্যাধারস্থানবিশেষ ; হোমাগ্নিস্থান। "নানাবর্ণ নাগ পড়ে কুণ্ডের ভিতর ম ৪৩। ২ বৃত্তাকার পাত্রবিশেষ ; কুঁড়। ৩ ঘট। "পা ৪.১.৪২, তত্ত্ববোধিনী। ৪ জলাধারবিশেষ, চৌবাচ্চা (শ.ক)। ৫ দেবজলাশয়। "অগস্ত্য°, সপ্তর্ষি°, সোম°। শ্রীরাধিকা°, শ্যাম° ব্র.প ৬১। ৬ মানভেদ, পরিমাণপাত্রবিশেষ। "কুণ্ডোঘ্নী রঘু ১.৮৪। ৭ স্থালী, উখা, হাঁড়ী (অ.টী)। ৮ কুণ্ডপরিমিত পানদ্রব্য। "এবমষ্টৌ স কুণ্ডানি হুপিবৎ পাণ্ডুনন্দনঃ মহা ১.১২৮.৭২। ৯ গর্ত্তমাত্র, গাত। "সখী সহ শীঘ্র কুণ্ড করিল খনন ব্র.প ৬০। —ণ্ডা স্ত্রী [+অ -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ দাহ। ২ 'রক্ষিত্রী', দুর্গা। ৩ [°ণ্ড+স্ত্রী আ (টাপ্)] সধবার জারজাতা কন্যা। —ণ্ডী স্ত্রী [°ণ্ড+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অমত্র, পাত্র। "পা ৪.১.৪২। ২ কমণ্ডলু। ৩ পাত্রবিশেষ, মালশা। "চৈ.চ ২৯০ ; ২৯১।

কুণ্ডল ক্লী [√কুণ্ড্ +অল (কলচ্)-ক (অ.টী) ; কুণ্ড+ল (লচ্) অস্ত্যর্থে পা ৫.২.৯৭] ১ 'শোভারক্ষক', 'কুণ্ডাকারবান্', কর্ণভূষণবিশেষ, কর্ণবেষ্টন। "কাঞ্চন°, তপ্ত°, বদ্ধ°, মণি° (S.W.)। সুমৃষ্টমণিকুণ্ডল। —রা ১.১৪.১৮। প্রমৃষ্টমণি° মহা ৩.৫৭.৪ ; শৈলকুণ্ডলা (বসুধা) ১৪২.৪৪। চলকপাল° রঘু ১১.১৫। শঙ্খের কুণ্ডল কর্ণে কৃ ২৭৯। মকর° ম ১৭। ২ বলয়। "মাঘ ৬.২৭। ৩ (সাদৃশ্যে) পাশান্ত্র। ৪ আবেষ্টন, মণ্ডল, পেঁচ (coil)। "নাগকুণ্ডলকুণ্ডলী।—মহা ১৩.১৪.১৫৫। —ল পুং রক্তকাঞ্চন-বৃক্ষ (শ.ক)। —লনা স্ত্রী [√কুণ্ডলি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] কুণ্ডলাকারে বেষ্টন, রেখাবলয়। "নৈ ২.৯৫।

কুণ্ডলা বি [সং কুণ্ডলী > °লা ('বড়' অর্থে) ; অপ্র] বড় কুণ্ডলী ; বাদ্যবিশেষ। "বাজে কুণ্ডলা কুণ্ডলী কৃ.উ ৪৫।

কুণ্ডলি বি [সং কুণ্ডল+ই[১১]] কুণ্ডলাকার বেষ্টন ; মণ্ডল, পেঁচ, পাক্ (coil)। "কুণ্ডলি করিয়া লেজ বসিল সভাতে কৃ ২৪৯। বোড়ার ছাও কুণ্ডলি পাকায় ম.ম ৫৯।

কুণ্ডলিত বিণ [√কুণ্ডলি+ত (ক্ত)-র্ম্ম] ১ কুণ্ডলাকার রেখা দ্বারা বেষ্টিত ; রেখাবলয়ীকৃত। "নৈ ২.৯৫, টীকা। ২ (বাঙ্‌লায়) কুণ্ডলাকারযুক্ত, কুণ্ডল-পাকান। "বিবরমাঝে কুণ্ডলিত ফণী।

কুণ্ডলিনী স্ত্রী [°লিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সর্পী। "কাল কুণ্ডলিনী বা.দ ৩০। ২ (তন্ত্রে) কুণ্ডলিনী শক্তি। ৩ ময়ূরী। ৪ গুড়ুচী। ৫ কপিকচ্ছু। ৬ পক্বান্নবিশেষ, জিলিপী (?)। —লী (-লিন্) বিণ [°ল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -লিনী] ১ কুণ্ডলযুক্ত, ধৃতকুণ্ডল। "অকুণ্ডলী।—রা ১.৬.১০। নাগকুণ্ডলকুণ্ডলী মহা ১৩.১৪.১৫৫। ২ কুণ্ডলাকার, বৃত্তাকৃতি, গোল। "মত্তহস্তী কৃত্বা কুণ্ডলিনং করম্ হ ৮৬.২২। —লী পুং ১ 'কুণ্ডলাকারবেষ্টনযুক্ত', সর্প। "কুণ্ডলিকুণ্ডল ম ১৭। কুণ্ডলিমণ্ডিতকুণ্ডল হে (শিব) বা.দ ৬। ২ 'কুণ্ডল(পাশাস্ত্র)-বান্', বরুণ। ৩ 'কুণ্ডলাকৃতিচন্দ্রকবান্', ময়ূর। ৪ চিত্রমৃগ। ৫ বিষ্ণু। ৬ শিব।

কুণ্ডলিয়া বিং [কুণ্ডল+ইয়া[২]] যাহা কুণ্ডল পাকাইয়া থাকে ; কুণ্ডলাকার। "কুণ্ডলিয়া নাগে পদ্মার কর্ণের কুণ্ডলী ম.ম ২১৩।

কুণ্ডলী স্ত্রী [কুণ্ডল+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ (তন্ত্রে) কুণ্ডলিনী শক্তি। ২ খাদ্যবিশেষ, জিলিপী। ৩ গুড়ূচী। ৪ কাঞ্চন বৃক্ষ। ৫ বাদ্যবিশেষ (M.W.)। "বাজে কুণ্ডলী কৃ.উ ৪৫। ন.প ১৫১

৬ সর্প 'কুণ্ডলিনী'। ৭ [বাঙলায় ; অপ্র] কুণ্ডল, কর্ণভূষণ। "কর্ণের কুণ্ডলী ম.ম ২১৩। ৮ সর্পের বেষ্টন (coil)। "কুণ্ডলী করিয়া যেন কাল কুণ্ডলিনী বা.দ ৩০। ৯ দ্র 'কুণ্ডলিনী'।

কুণ্ডাশী (-শিন্) বিণ [কুণ্ড+√অশ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -শিনী] ১ যে কুণ্ডের অন্ন খায় ; জারজান্নভোজী। "মনু ৩.১৫৮। ২ ভগভক্ষ, কোট্‌না। "মহা ৫.৩৫.৪৬।

কুণ্ডিকা স্ত্রী [কুণ্ডী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ কুণ্ডী, কমণ্ডলু। "সর্পিষ্কুণ্ডিকা পা ৮.৩.৪৫, সি। ২ পিঠর, স্থালী, কুঁড়ি। ৩ তাম্রকুণ্ড। ৪ পাত্রবিশেষ, মালসা। "মৃৎকুণ্ডিকা চৈ.চ ২৯০ ; ২৯১।

কুণ্ডিন পুং ১ মুনিবিশেষ। ২ (বহুব) কুণ্ডিনের অপত্যগণ। "পা ২.৪.৪০। —ন ক্লী বিদর্ভরাজধানী, বিদর্ভনগর। "মহা ৩.৬০.১৯। রঘু ৭.৩৩।

কুণ্ডী (-ণ্ডিন্) বিণ [কুণ্ড+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] কুণ্ডযুক্ত, কমণ্ডলুধারী। "মহা ৩.২৭৭.১৬। —ণ্ডী পুং ১ 'কুণ্ডাকারযুক্ত', স্থালী। ২ জারজপুত্র ; কুণ্ড। ৩ শিব।

কুণ্ডু বি [কুণ্ডু (কুণ্ড)] ১ কুণ্ড, পাত্রবিশেষ। "তাম্রকুণ্ডু, তাম্রকুণ্ড। ২ তিলি জাতির উপাধিবিশেষ। "যদুকুণ্ডু তিলি কৈল রক্ষা ক.চ ৬।

কুণ্ডুলি (লী) বি [কুণ্ডলি > °লি ; কথ্যভাষা] কুণ্ডলাকার, বৃত্তাকৃতি। "ছেলেরা মার কোলে কুণ্ডুলী পাকাতে আরম্ভ কল্লে হু ৩৮।

কুণ্ডোধ্নী স্ত্রী [কুণ্ডতুল্য উধঃ যাহার, বহুব্রী, সমাসে 'অন্' (অনঙ্) +স্ত্রী ঈ (ঙীষ্)] যে ধেনুর স্তন কুণ্ডতুল্য ; কুণ্ডাপীনা ধেনু। "রঘু ১.৮৪।

কুত '-ত্' বি [সং আকূত—আশয়, অভিপ্রায় ? ; হি কূত] গণনা বা পরিমাণ বিনা বস্তুর সংখ্যা মূল্য বা পরিমাণের অনুমান ; আনুমানিক সংখ্যা মূল্য বা পরিমাণ। [কুত করা (হি কূত করনা)—১ (বস্তুর) সংখ্যা প্রভৃতির অনুমান। ২ জমা করা। "মাল ঘাটে কুত করা। নৌকা কুত করা—নৌকার মালের পরিমাণ ও তদনুসারে শুল্ক নির্দ্ধারণ করা। কুত হওয়া (হি কূত হোনা)—বস্তুর সংখ্যাদির অনুমান হওয়া।]

কুতঃ (-তস্) ব্য [কিম্+তস্ (তসিল্) পঞ্চমী-সপ্তমী-স্থানে] ১ কি হেতু, কি কারণে, কেন। "কুতোঽয়মসৎকল্পনাপ্রশ্নঃ শ ২/১/১। ২ কোন স্থান হইতে। "কস্য ত্বং বা কুত আয়াতঃ (মোহমুদ্গর)। ৩ কোন স্থানে বা বিষয়ে ; কোথা, আর কোথা। "ঈদৃগ্‌বিনোদঃ কুতঃ শ ২০৫। কুতো হবচনীয়তা উ.চ ১.৫। কুতঃ ফেরুপাল পিয়ে রক্তধারা—রঙ্গ ১০১। ৪ প্রশ্নার্থ। ৫ নিহ্নব, অর্থাৎ কিরূপে সম্ভব হয় ? "পরমাত্মনি গোবিন্দে মিত্রামিত্রকথা কুতঃ (বিষ্ণুপুরাণ)।

কুতকাত বি [কুত+'কাত' (অনু.শব্দ)] শস্যাদির মূল্য পরিমাণ। "খেতে দেখে খন্দ যদি খেতে নাহি পায়। কুতকাতে কায়েত কিফাতি করে তায় শি ৬৯। [কুতকাতে কিফাতি করা—মূল্যে বা পরিমাণে অল্প করা।]

কুতঘাট, -টা বি [কুত+ঘাট, -টা] নৌকা কুত করার ঘাট ; যে ঘাটে নৌকার মালের পরিমাণ অনুমিত ও শুল্ক গৃহীত হয় ; সরকারের শুল্কগ্রহণের ঘাট ; ঘাটের শুল্কশালা। "সব কুতঘাটে রাধা মোর মহাদান শ্রী.কী ৪৪ ; ৯৪।

কুতন্ত্রী স্ত্রী [নি.স] কুৎসিতা তন্ত্রী (বীণা) ; ক্ষুদ্রদণ্ডবীণা।

কুতপ পুং, ক্লী [কু-(মন্দ) তপ (√তপ্+অচ্-ক)—অ.টী] মন্দতাপ কালবিশেষ, অর্থাৎ যখন রবির তাপ মন্দ হয় ; দিবসের অষ্টম ভাগ, অর্থাৎ পঞ্চদশ ভাগে বিভক্ত ত্রিংশদ্দণ্ড দিবসের মধ্যবর্ত্তী ভাগ বা মুহূর্ত্ত (ইহা একোদ্দিষ্টবিধিক শ্রাদ্ধের যোগ্য কাল)। "বসিষ্ঠ ১১। —প পুং ১ সূর্য্য। ২ অগ্নি। ৩ দ্বিজাতি। ৪ অতিথি। ৫ দৌহিত্র। ৬ ভাগিনেয়। ৭ কুশতৃণ। ৮ তিল। ৯ বৃষ। ১০ নেপালকম্বল। দ্র 'কম্বিবা'। "মনু ৩.২৩৪, ২৩৫ ; ৫.১২০। বিষ্ণু ২৩.২০। ১১ বাদ্যবিশেষ। [দৌহিত্র, নেপালকম্বল, তিল, দর্ভ, শ্রাদ্ধে প্রশস্ত বলিয়া 'কুতপ' ; অন্য অর্থেও এইরূপ সম্বন্ধ আছে, বোধ হয়। 'মধ্যাহ্নঃ খড়্গপাত্রঞ্চ তথা নেপালকম্বলঃ। রৌপ্যং দর্ভাস্তিলা গাবো দৌহিত্রশ্চাষ্টমঃ স্মৃতঃ ॥—মিতাক্ষরা।]

কুতর্ক পুং [নি.স] কুৎসিত তর্ক ; যে তর্ক প্রমাণের প্রতিকূল ; অসৎ-তর্ক, বিরুদ্ধতর্ক, শুষ্কতর্ক। "ভ ৬.৯.৩৬।

কুতার্কিক পুং [নি.স] কুৎসিত তার্কিক ; বিরুদ্ধতর্ককারক, কুতর্ক-কারী (bad logician)। "ভ.প্র ১৪৬।

কুতুক ক্লী অপূর্ববস্তুদর্শনেচ্ছাতিশয় (অ.টী) ; কৌতূহল, ঔৎসুক্য। "কেলিকলাকুতুকেন গী.গো ১.৪৪।

কুতুকী (-কিন্) বিণ [কুতুক+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -কিনী] কুতুকযুক্ত, কৌতূহলী, কৌতুকী, উৎসুক। "নৈ ২.৩৫। সাধুর স্বভাব সদা পরদুঃখে দুঃখী। তাহাকে তরাই তবে কৌণ্ডিন্য কুতুকী॥—ম ১০৯৫। যথা চাতকিনী কুতুকিনী ঘন-দরশনে বা.দ ৯৫।

কুতুকুতু, কুতুরকাতুর, কুতুর দ্র 'কাতুকুতু'।

কুতুপ পুং [কুতূ+ডুপ অল্পার্থে (অ.টী) ; তু 'তুপ্প'—তৈলাদিধারণার্থ চর্ম্মপাত্র (দেশী ৫.২২)] হ্রস্ব কুতূ, অর্থাৎ চর্ম্মময় ক্ষুদ্র তৈলপাত্র ; ছোট কুপা ; কুপী। —তূ স্ত্রী চর্ম্মময় তৈলপাত্র ; কুপা।

কুতূহল বিণ ১ অদ্ভুত। ২ প্রশস্ত। —ল ক্লী [কু+ √তুলি+অ (অচ্)-ক, পৃষো (অ.টী)] ১ সর্থ 'কুতুক'। "উজ্ঝিতশব্দেন জনিতং মে কুতূহলম্ শ ১/২/৩। বিলাসকলাসু কুতূহলম্ গী.গো ১.৩। ২ আনন্দ। "দেবরাজ° রা ১.৪৮.১৯। রঘু ৩.৫৪। উ.চ ১.২০। হেন-রূপে করে গুরু কেলি কুতূহল গো.বি ১১১। ৩ কৌতুকজনক বিষয়। "পর্য্যটনদৃষ্টানেককুতূহলকথনেন।—পঞ্চ (S.W.)। ৪ রহস্যবস্তুদর্শনে লোলতা-রূপ যুবতীর অলঙ্কারবিশেষ। 'সা.দ ৩.১০৯। ৫ বিনা প্রয়োজনে 'ইহা কি ?' এইরূপ জিজ্ঞাসা। "মনু ৪.৬৩, কুল্লুক। —হলী (-লিন্) বিণ [°ল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -লিনী] ১ কুতূহলযুক্ত, উৎসুক, লোল, সতৃষ্ণ। ২ বিনোদার্থী। "রঘু ১৩.২১। ৩ সানন্দ, সহর্ষ। "রঘু ১৫.৬৫। ৪ বিনা প্রয়োজনে জিজ্ঞাসু। "মনু ৪.৬৩।

কুত্তা বি [কুত্ত (দেশী—প্রা.ম) ; হি কুত্তা ; ঠ কুতরা, -ত্রা ; গু কুতরো ; সি কুতো ; জাটু—কুতরা ; কুক্তা (গো.চ ২৯৫)] কুকুর। "ডাল°। এমন অন্ন না খায় আমার কুত্তা সকল ব.প ৮০। গো.চ ১০১ ; ১৯৪ (টীকা)। —ত্তী বি [কুত্তা+ঈ° ; হি কুত্তী ; ঠ কুত্রী, কুতরী ; গু কুতরী ; জাটু—কুতরী] কুক্কুরী।

কুত্র ব্য [কিম্+ত্র (ত্রল্) সপ্তমীস্থানে] ১ কোন স্থানে ; কোথা। "কুত্র তব কঙ্কণম্ হি ১/৬। মম সম দুষ্ট পুত্র, ধরণীমণ্ডলে কুত্র বি.সু ১৫৬। ২ কোন সময়ে ; কিসে। "প্রবৃত্তিঃ কুত্র কর্ত্তব্যা হি ১.২৩। [কুত্রাপি—কোন স্থানেও। "সর্ব্বত্র অন্বেষণ করিলাম, কুত্রাপি দেখিতে পাইলাম না।—কাদ ৫৫।]

কুৎরি বি [হি কু(ক)থরী ; অপ্র] কাঁথা, গুদড়ী। "মালা তিলক কুৎরি, খোদকারী ঘুচাবেন খোদাবন্দ দা ২০৯৯।

কুৎস্ সক [চু, আ—কুৎসয়তে ; সেট্] নিন্দন, কুৎসা। "যো ন কুৎসয়তে কুৎস্যং ন চ কুৎসতি নির্ধনম্।—কবিরহস্য।

কুৎসন ক্লী [√কুৎস্+অন (ল্যুট্)-ভা] ১ নিন্দন, অবক্ষেপ, অবজ্ঞা। "দেবতানাং চ কুৎসনম্ মনু ৪.১৬৩। ২ [+অন-ণ] 'কুৎসাসাধন', কুৎসাবাচক শব্দ। "পা ২.১.৫৩। —সা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] নিন্দা, অপবাদ। "গুরুকুৎসারতিঃ মহা ১৩.১৪৩.২৫। কেহ কেহ মহিষীর কথা উল্লেখ করিয়া কুৎসা করিয়া থাকে সী ১৯।

—সিত বিণ [+ত (ক্ত)-র্ম ; তু 'কুর্সিত, (গো.বি ৯৭)] ১ নিন্দিত, অবক্ষিপ্ত, অবজ্ঞাত। "আকৃতি প্রকৃতিতে কুৎসিত দেখি তারে কৃ ৮৯। বল কেন কুৎসিত বচন ম.ম ৯ ; স্বামী না থাকিলে নারীর জীবন কুৎসিত ২০৫। ২ [+ত বর্ত্তমানে] কুৎস্যমান, নিন্দনীয়। "পা ২.১. ৫৩। ৩ কুৎসনাভিধায়ী (তত্ত্ববোধিনী), কুৎসিতবাচী (কাশিকা)। "পা ২.১.৫৪। ৪ (বাঙলায়) কদাকার, বিশ্রী। দ্র 'কুৎসিত (১)'। —ত ক্লী কুষ্ঠ-নামক ওষধি ; কুড়।

কুথ পুং, ক্লী [√কুথ পূতীভাব+ক (অ)-ক] হস্তিপৃষ্ঠস্থ কম্বল ; করি-কম্বল, আস্তরণ। "কুথাবৃত মহা ২.৫১.২০ ; ৩৬। ছিন্নকুথ (মহাভারত)। —থ পুং ১ চিত্রকম্বল। "কুথাস্তরণ রা ২.৩০.১৪। ২ কুশতৃণ। ৩ কীট। ৪ প্রাতঃস্নায়ী নর। —থা স্ত্রী কন্থা।

কুথলী, কোথলি, -লী ['কোষ্ঠ'—মূল ; হি কোঠ(থ)লা, কুঠলা >কোঠ(থ)লী, কুঠলী (স্ত্রীলিঙ্গ) ; গু কোথলী ; তু 'কোথ'—থলিয়া (দেশী, দ্র 'কোহ'—প্রা.ম)] ১ ছোট থলী ; ঝুলি। 'বস্ত্রের কোথলী (পাঠান্তর—'°লি') চৈ.চ ৩১২। ২ টাকা রাখিবার একপ্রকার লম্বা সরু থলী (ইহা কোমরে জড়ান থাকে)।

কুথা অব্য [সং কুত্র >প্রা কুথ >বা (কুথ) কুথা ; অপ্র ; Av. kudha] ১ কোন স্থানে ; কোথা। "জল পাব কুথা শূ ৫ ; আর জাব কুথা ১৩,-৪। ২ কোন স্থান। "কুথা হইতে আইল পক্ষ কুথা তোহ্মার ঘর শূ ৪। [কুথাঅ, কুথাএ—১ কোন স্থানে। "আইল কুথাঅ থাকিএ শূ ১৪। ২ কোন স্থানে। "কুথাএ পাই কুথাএ ন পাই শূ ১০৮। কুথাকারে—কোনস্থানে। "কুথাকারে জাইব শূ ১০]

কুদরৎ বি [আ কু.দ্‌রত্] ১ শক্তি, ক্ষমতা, প্রভাব। ২ দৈববল, ঐশীশক্তি, মহিমা। "রামজীর কুদরতে, মহিম হইল ফতে ভা.চ ৪৭৬। [°তী (আ কু.দ্‌রতী)—স্বাভাবিক, সহজ, প্রকৃতিসিদ্ধ। কুদরৎ রাখা —ক্ষমতা রাখা ; সমর্থ হওয়া।]

কুদাঁড়া বি ['কুধারা'—মূল] মন্দ ধারা ; নিন্দিত রীতি।

কুদার বি [সং কুদ্দার ; হি °র] দ্র 'কোদাল'। "ব.প ৯৪।

কুদাল পুং [কু + √দল্ + অ (অণ্)-ক ; উ.ত ; ঠ কুদ(দা)ল.] 'পৃথিবীভেদক', কুদ্দাল, কোদাল। [কুদালেন—কুদাল দিয়া মাটি কাটিলেন (শূ)।]

কুদিন ক্লী [নি.স] ১ কুৎসিত দিন ; জ্যোতিষনিষিদ্ধ তিথ্যাদিদোষ-যুক্ত দিন ; অশুভ দিন। ২ মেঘাচ্ছন্ন দিন ; দুর্দ্দিন। ৩ [ষ.ত] পৃথিবীর ভ্রমণজন্য দিন ; সাবন দিন। ৪ (বাঙলায়) দুঃসময়, দুর্দৈব-কাল, বিপৎকাল। "তোর হইয়াছে কুদিন ম.পা ৫৫।

কুদৃষ্ট বিণ [সুপ্সুপা] অসম্যক্ দৃষ্ট ; অসম্পূর্ণ দৃষ্ট। "পঞ্চ ৫.১।

কুদৃষ্টি স্ত্রী [নি.স] ১ কুৎসিত দৃষ্টি বা জ্ঞান ; অসৎতর্কমূল বেদবিরুদ্ধ চার্বাকদর্শনাদি। "মনু ১২.৯৫। ২ ক্ষীণদর্শনশক্তি। ৩ অশুভ দৃষ্টি ; অহিতকর দর্শন ; কুনজর।

কুদেশ পুং [নি.স] ১ কুৎসিত দেশ ; ধনিকশ্রোত্রিয়াদিহীন বাসের অযোগ্য দেশ। "চাণক্যশতক ৩৯। ২ অত্যাচারপীড়িত দেশ।

কুদ্দার, -ল পুং [কু+ √দৃ ; √দল্+অ (অণ্)-ক. পৃষো ; উ.ত] ১ ভূবিদারক লৌহাস্ত্রবিশেষ ; কোদাল। ২ ভূবিদারণপূর্ব্বক জাত কোবিদারবৃক্ষ। [°লপাত (ক্লী)—নগরবিশেষ। "পা ৬.২.১৪৬, কাশিকা।]

কুধারা বি কুৎসিত ধারা ; কুপ্রথা। "শুধু সোর করা সারা, তোর যে কুধারা, মোর যে বিপদ ঘোর গা।—ব.প ১৩৩৫।

কুধী বিণ [বহুব্রী ; স্ত্রী -ধী] মন্দমতি, দুর্ম্মতি, মূঢ়। বিপ 'সুধী'। "ভ ৮.২২.২০। পঞ্চ ১.৩০২ ; ২.৩১।

কুন '-ন্' বিং [কোন >কুন ; দ্র 'কওন' ; অপ্র] ১ কোন। "কুন জন শূ ১৩। কুন গ্রহ ব.প ৩১৬ ; কুন জাতি ৩৮৮ ; কুন মুখে ৮৭৬ ; ৮৭৭ ; কুন শাস্ত্রে ৮৮৩। কুন খান ন.প ১০৬ ; কুন জন ৩৬৬। ২ কোনও। "কুন কালে ব.প ৩১১। কুন মতে ন.প ৫। ৩ কি। "কুন আজ্ঞা শূ ৮।

কুনকি, -কী বি ['গণিকা'—মূল?] বন্য হস্তী ধরার জন্য শিক্ষিত হস্তিনী ; পোষ-মানা হাতী। "মামী মামার কুনকী হাতী ছিলেন, তা জানিস ত?—লী ২।

কুনকুন '-ন্-ন্' বি [ধ্বন্যাত্মক ; পৌনঃপুন্যে দ্বিত্ব] ১ মশকাদি ক্ষুদ্র কীটের দ্রুত পক্ষসঞ্চালন-শব্দ ; মশার ডাক। "কানে কানে আসিয়া, কুনকুন করিয়া, পৃষ্ঠে বসিয়া খায় : কুনকুন ডাকিয়া, বুলিছে উড়িয়া শি ৭৯। ২ [কনকন > °ন ('অল্প' অর্থে)] মৃদু কনকন-বেদনা ; ছুঁচ-বিধানর ন্যায় পেটের ভিতরে তীক্ষ্ণ বেদনানুভব। [কুনকুনান, -নি—কুনকুনশব্দ-করণ ; কুনকুনবেদনা-করণ।]

কুনখ বিণ [বহুব্রী ; স্ত্রী -খী] যাহার নখ কুৎসিত ; কুনখরোগযুক্ত। "সুবর্ণহারী কুনখঃ।—বিষ্ণু ৪৫.৫। —নখ পুং [নি.স] কুৎসিত নখ, অর্থাৎ আঘাত হেতু দূষিত হইয়া যে নখ রূক্ষ অসিত ও খর হয় ; নখ-রোগবিশেষ। "সুশ্রুত ২.১৩.১৭। —নখী (-খিন্) বিণ [°খ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -খিনী ; ছান্দস] কুৎসিতনখযুক্ত, কুনখরোগ-যুক্ত। "মনু ৩.১৫৩। যাজ্ঞ ১.২২২। যম ২৯। বসিষ্ঠ ১১। —খি বি [°খ+ই[১১]] সর্থ 'কুনখ'।

কুনজর বি ১ কুদৃষ্টি, বিষদৃষ্টি। ২ দুষ্টদৃষ্টি, লম্পটের চাহনি।

কুনট পুং [নি.স] কুৎসিত নট ; অনিপুণ নর্ত্তক। —টী স্ত্রী ১ অকুশলা নর্ত্তকী। ২ মনঃশিলা, মৈনছাল।

কুনন্দিকা, -দী স্ত্রী [°দী+ক (কন্) স্বার্থে + স্ত্রী আ (টাপ্)] কুসরিৎ। "সুপূরা স্যাৎ কুনন্দিকা মহা ৫.১৩৩.৯ ; পঞ্চ ১.২৬।

কুনা অর্থ [কুনকুন > √কুনা] কুনকুন-বেদনা অনুভূত হওয়া। [কুনান, -নি—সর্থ 'কুনা'। পেট কুনায়—পেটে সুচিবেধবৎ তীক্ষ্ণ বেদনা অনুভূত হয়।]

কুনাথ পুং [নি.স] ১ কুৎসিত নাথ ; কুপালক। "ভ ৫.১৪.২। ২ [বাঙলায় ; অপ্র] পৃথিবীর পতি ; ভূপতি। "শ্রী.মা ২৬।

কুনাম (-মন্) বিণ [কু (কুৎসিত) নাম যাহার, বহুব্রী ; স্ত্রী -মা, -মা (-মন্)] যাহার নাম কুৎসিত, অর্থাৎ প্রভাতে অস্মরণীয় ; অতি-কৃপণ। —ম (-মন্) ক্লী [নি.স] দুর্নাম, অপকীর্ত্তি। "গো.বি ১০৮।

কুনিকা বি ['কুঞ্চিকা—মূল?'; 'কুনকে' (কথ্যভাষা)] বেত্রনির্ম্মিত পরিমাণপাত্রবিশেষ ; ছোট খুঁচি (পাঁচ ছটাক)।

কুনীতি স্ত্রী [নি.স] ১ কুৎসিত নীতি ; দুর্নীতি, অবৈধ শাসন। ২ অশিষ্টাচার, দুর্ব্যবহার, অসদাচরণ।

কুনীবুনী বি পক্ষিবিশেষ (কি পক্ষী?)। "সোণাগাজির দরগায় কুনীবুনী বাসা করিয়াছিল আ.দু ১৪৫।

কুনুকুনু বি [কুনকুন > °নু] সর্থ 'কুনকুন (১)'। "কাণে কাণে কুনুকুনু করিয়া সন্তাষ (পৃষ্ঠের খাবে মাস) শি ৭৮।

কুন্ত[১] পুং [কু (কুৎসিত, অপ্রতিক্রিয়) অন্ত যাহা হইতে (অ.টী), পৃষো ; তা 'কুন্ত'—javelin ; cf., Gr. kontós ; L. contous ; Ger contus] ১ প্রাসাস্ত্র, বর্শা (spear)। 'দশহস্তমিতঃ কুন্তঃ ফালাগ্রঃ শঙ্কুবুধ্নকঃ শু ৪.৭.২১৫। "কুন্তমুখাকৃতিকেতকিদন্তুরিতাশে গী.গো ১.৩২। °দন্তা ক.সা ২১.২৯। ম ২৬৯। কেতকী-কুসুম কামের কুন্ত (ক.চ)। কৌন্তিককুল কুন্তে আস্ফালিল মে ১০১। ২ উৎকুন, উকুন। ৩ গবেধুকা, গড়গড়াধান্য। ৪ প্রচণ্ডভাব।

কুন্ত[২] বি [শকুন্ত > °কুন্ত ; অপ্র] পক্ষী। "পশুগণ আদি কুন্ত আর। কান্দে দুঃখ দেখিয়া সীতার ব.প ৫৪৮।

কুন্তল পুং [কুন্ত+ √লা+অ (ক)-ক ; উ.ত ; তা 'কুন্তল'—স্ত্রীলোকের কেশ, কেশগুচ্ছ, অলক (curl)] **১** যাহা কুন্তাকার গ্রহণ করে (অ.টী) ; কেশ। "ব্যালোল° ।—চৌরপঞ্চাশিকা ৬। কুঞ্চিত-নীলকুন্তল ভ ২.২.১১। কুন্তলসংব্যানসংযম সা.দ ৩.১১৫। পালটিয়া তা পর কুন্তল দেল বি.প ১৩৯। কুসুমিতকুন্তলবন্ধ।—গো ৮৫ ; কুটিলকুন্তল ৮৬। °ভারা শ্রীকী ৬৮। ক.চ ৪১। °ভার ব.প ৫৪৮। কামের কুন্তল…রোমাবলী ভা.চ ১২৪। বনস্থলী কুসুম-কুন্তলা মে ৫৮ ; কুসুম-কুন্তলা মহী ২৩৪। **২** (কুন্তাকার ফালযোগ হেতু) লাঙ্গল। **৩** (কুন্তবৎ শূকযোগ হেতু) যব। **৪** (কুন্তসাদৃশ্যে ?) চষক, পানপাত্র। **৫** ধ্রুবক-বিশেষ, ধুয়া। **৬** (বহুব) দেশবিশেষ ; তদ্দেশবাসিগণ। **৭** [বাঙ্লায় ; অপ্র] লোম, কেশর। "বিনালো বিচিত্র ঘাড়ে ঘোড়ার কুন্তল শ্রী ১৭০। **৮** মস্তক। "হারাইলে, মরি৹ কুন্তলশোভন মণি ফণিনী যেমনি !—মে ১৮৮। [°পাশ (সং কেশপাশ)—প্রশস্তকেশ, কেশরাশি। "আকুল কুন্তলপাশ ক.চ ১৯২। °পেড়ী (সং পেটী >প্রা পেডী)—চুলবাঁধার সাজসরঞ্জাম রাখার ছোট বাক্স। "ক.চ ১৩। °বর্দ্ধন (পুং)—'কেশ-বর্দ্ধক', ভৃঙ্গরাজ (Eclipta prostrata) ।]

কুন্তি পুং [কুন্তিভোজ>কুন্তি, দ্র 'পা ৫.৩.৮৩] **১** শূরের পিতৃষ্বসার পুত্র যদুবংশীয় নৃপতিবিশেষ ; কুন্তিভোজরাজ। দ্র 'কুন্তী'। "ভ ৯.২৪.৬১। **২** (বহুব) দেশবিশেষ। "পা ৪.১.১৭৬। মহা ৬.৯.৪০। **৩** কুন্তিদেশীয় রাজগণ। "মহা ২.১৪.২৬। **৪** কুন্তিদেশবাসিগণ। [°ভোজ (পুং)—সর্থ 'কুন্তি (১)। "মহা ১.১১১.৩।]

কুন্তী স্ত্রী [কুন্তি+অ (অঞ্) তদপত্যার্থে প্রত্যয়লোপ+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৪.১.১১৭] **১** কুন্তিভোজের পালিতা কন্যা পৃথা। [ইনি যদুবংশীয় শূরের কন্যা, বসুদেবের সহোদরা, কৃষ্ণের পিতৃষ্বসা, পাণ্ডুর পত্নী ও যুধিষ্ঠিরাদির জননী। পূর্ব্ব প্রতিজ্ঞা হেতু শূর পিতৃষ্বসার পুত্র সখা অনপত্য কুন্তিভোজকে স্বীয় কন্যা প্রদান করেন (মহা ১.১১১)। সেই হেতু কুন্তি পালিতা পৃথা, 'কুন্তী' নামে খ্যাত। ইনি পতির আদেশে দুর্ব্বাসার মন্ত্রবলে ধর্ম্ম বায়ু ও ইন্দ্র হইতে যথাক্রমে যুধিষ্ঠিরাদি তিন পুত্র লাভ করেন ; সপত্নী মাদ্রীও ইঁহারই মন্ত্রে অশ্বিনীকুমারদ্বয় হইতে নকুল-সহদেব যমজকুমার প্রাপ্ত হন। কর্ণ ইঁহার এক কানীন পুত্র। মাদ্রী পাণ্ডুর সহমৃতা হইলে, ইনি নকুল ও সহদেবকে পুত্রবৎ পালন করেন (মহা ১.১১১.১১৮, ১২৩-১২৫ ; হ ৩৪)। ইনি প্রাতঃস্মরণীয়া পঞ্চ কন্যার একতমা।] **২** ব্রাহ্মণী। **৩** গুগ্গুল বৃক্ষ (কুন্তিদেশজাত ?)। **৪** শল্লকী। [°নন্দন (পুং)—কুন্তীর পুত্র—যুধিষ্ঠিরাদি ; কৌন্তেয়। °মাতা (-তৃ) পুং—অর্জ্জুন। "মহা ১.১২২.১৬।]

কুন্থ্ অক [ক্র্যা, প—কুথ্নাতি ; সেট্] ক্লেশ, দুঃখানুভব। —স্থ সক সংশ্লেষণ। —স্থ্ (কুথি) সক [ভ্বা, প—কুন্থতি ; সেট্] **১** হিংসা। **২** সংক্লেশন।

কুন্থন ক্লী [√কুন্থ্+অন (ল্যুট)-ভা] **১** ক্লেশ, দুঃখানুভব, কোঁথা। **২** হিংসা।

কুন্দ১ পুং, ক্লী [√কু শব্দ+দ, মুম্ (ন্) আগম, উ ৪.৯৮। তু 'তা কুন্ত —বন্য জম্বীর, কুবেরের রত্নবিশেষ] পুষ্পবৃক্ষবিশেষ, কুঁদগাছ (Jasminum multiflorum)। —ন্দ পুং **১** ভ্রমিযন্ত্র, কুঁদ (a turner's lathe)। "নাক মুখ চক্ষু কাণ, কুন্দে যেন নিরমাণ ক.চ ৪৬। লাবণ্য কুন্দে কুন্দাএাছে চৈ ৪৭। **২** (সত্যযুগে হংসাবতারে শ্বেতবর্ণ হেতু) বিষ্ণু। "মহা ১৩.১৪৯.১০০। **৩** কুন্দুরুনামকগন্ধদ্রব্য। **৪** করবীরবৃক্ষ। **৫** কুবেরের নিধিবিশেষ। **৬** (নিধির সংখ্যানুসারে) '৯' এই সংখ্যা। **৭** (শ্বেতবর্ণ হেতু) পদ্ম (A)। তু 'কুন্দিনী'। —ন্দ ক্লী কুন্দপুষ্প, কুঁদফুল। "কুন্দেন্দুমৃণালরজতপ্রভঃ মহা ৩.১১৯.৪ ; কুন্দেন্দুহারগোক্ষীর-মৃণালকুমুদপ্রভম্ ২৭১.৩৯। কুন্দেন্দুনির্মৈষ্ঠ হারৈঃ।—ঋতু ৪.২। কুন্দেন্দুতুষারহারধবলা (সরস্বতী)। হিমকুন্দমৃণালাভ (ভার্গব)। কর্পূর-কুন্দধবলেন্দুজটাধর (শিব)। ইন্দুকুন্দসোমবর্ণ যজ্ঞ অশ্বখর অ.প ৭। কুন্দইন্দুহেম (হিম)৹…কর্পূরশঙ্খতনু-আভা গ ৫৮ ; ১৪০। শ্রী.কী ২০৬। কুন্দকলি বি.সু ৪৮। ক.চ ৩৯। ভা.চ ২৯৫। কুন্দধবলদল।—গান ১২৫। কুন্দনিন্দিত দন্তে ব.প্র ১৪৯।

কুন্দ২ অর্দ্ম [দ্র 'কুঁদ'৩] কুর্দ্দন করা ; আনন্দে লাফ-ঝাঁপ দেওয়া। "নাচে কুন্দে ব্যাঘ্রগণ মৃগীগণসঙ্গে চৈ.চ ১৮২। —ন্দ, -ন্দা২ [কুন্দ১ > √কুন্দ, -ন্দা] কুন্দ অস্ত্রে কাটা ; কোঁদা। "বদন চান্দ কোন কুন্দারে কুন্দিল গো, কেনা কুন্দিলে দুই আঁখি প.র ৩২। লাবণ্য কুন্দে কুন্দাএাছে। —চৈ ৪৭। [কুন্দাইছে—কুন্দযন্ত্রে কাটিয়া-ছাটিয়া সৌষ্ঠবসম্পন্ন করিয়াছে। "বিসকন্মায় কুন্দাইছে (কুন্দিয়াছে) ছাইলাক একটুক খুদ নাই গো চ ২০৩।]

কুন্দকর, -কার পুং [ষ.ত ; কুন্দ+ √কৃ+অ (অণ্)-ক ; উ.ত ; কা কন্দহ্-কার—engraver] **১** যে কুন্দযন্ত্রের কাজ করে ; কুন্দারু (turner)। **২** তীবর হইতে ব্রাহ্মণকন্যায় জাত সঙ্কীর্ণ-জাতিবিশেষ। 'কুন্দকারো ডোম্বলো বা মৃতপো হস্তিপস্তথা। এতে বৈ তীবরাজ্জাতা কন্যায়াং ব্রাহ্মণস্য চ॥—পরাশরপদ্ধতি।

কুন্দন বি [√কুন্দ২+অন] **১** কুর্দ্দন, কোঁদন। **২** কোঁদা। (engraving)। —ন বিং [বৈষ্ণবসাহিত্যে] কুন্দযন্ত্রে নির্ম্মাণীকৃত (কোঁদা) ; বিশুদ্ধ, খাঁটি। "কুন্দন কনয়া কলেবর কাঁতি।—গো ৩৫ ; কুন্দন কনক৹ -কলিত কর-কঙ্কণ ৮৯। কুন্দন কনকজড়িত নীলমণি। —জ্ঞা ৭১। কুন্দন কনয়।—ব ১৬ ; কুন্দন কনক গোরা ৩১। —ন বি ; সং কুন্দ ; অপ্র] **১** কুন্দপুষ্প। "কুন্দন কুসুম গো ৮৭।

কুন্দরুকী [সং কুন্দুরু, -রুকী ; হি কুঁদরু] তেলাকুচা বা পটোলের মত ফলশাকবিশেষ। "শ্রী ১০৭।

কুন্দল [কোন্দল >°ল ; সং কন্দল] বিবাদ, ঝগড়া। "পাড়াগাঁয়ে পড়ে গেল কুন্দলের গুঁড়া শি ৭৭। কুটিলা কপালী কুন্দলী করে রা.শে ১০১। ['কপালা'র অনুকরণে '°লী'] [°লিয়া, °লীয়া—কন্দলপ্রিয়, কুঁদুলে। "সে বামন বড় কুন্দলিয়া ভা.চ ৬০।]

কুন্দা১ ; **কুন্দা**২ দ্র 'কুঁদা ; কুন্দ২।

কুন্দার বি [সং কুন্দকর, -কার >প্রা *কুংদঅর, -আর >বা কুন্দার ; হি কুংদীগর] যে কুন্দযন্ত্রে কাটে বা কুঁদে ; কুঁদারু (turner)। "বদনচান্দ কোন কুন্দারে কুন্দিল গো।—প.র ৩২।

কুন্দিনী স্ত্রী [কুন্দ+ইন্ (ইনি) +স্ত্রী ঈ (ঙীপ্)। কুন্দসমূহ, পদ্মসমূহ।

কুন্দু, -ন্দুর,-ন্দুরু পুং পীতনির্য্যাসগন্ধদ্রব্যবিশেষ (Olibanum)। "কুন্দুরু মা ১২৮।

কুন্দুরুকী স্ত্রী লতাগাছবিশেষ (Boswellia thurifera) ও তাহার ফলশাক ; কুঁদরুকী গাছ ও তাহার ফল।

কুন্দুলী বিং [কুন্দল > ঈ৭] কন্দলপ্রিয়া, ঝগড়াটে স্ত্রী, কল্লামেয়ে। "বসত না হতে শুনি কুন্দুলীর উক্তি ব.প ৪৪১।

কুপ্ অক [দি, প—কুপ্যতি ; সেট্] **১** কোপ, ক্রোধ। **২** বিকৃতীভাব। "দোষাঃ কুপ্যন্তি (সুশ্রুত)। —প অক [চু, এ—কোপয়তি, -তে ; সেট্] দ্যুতি।

কুপ অর্দ্ম [সং √কুপ্ (কুপ্য) > √লি, প্রা কুপ্প >বা কুপ ; হি √কু (কো)প ; ঠ, গু √কোপ] কুপিত হওয়া। "কুপিয়া কিলায় ব.প ৪৫৩। কুপিয়ে কয় কুটিলেকে ডেকে দা ৭৭৩।

কুপট্ট বি ['কুপড়তা'—মূল ? ; অপ্র] প্রতিকূল, বিরোধী। "তবহুঁ পড়িল দান কুপট্ট তাহার রা.শে ৭৪।

কুপথ পুং [কুৎসিত পন্থা, নি.স, সমাসান্ত 'অ' ; কা(কু)পথঃ (মুগ্ধবোধ

৪১০), কা(কু)পথম্ (টীকা) ; কাপথম্ (পা ৬.৩.১০৪)] ১ কুৎসিত পথ ; কুমার্গ। ২ শাস্ত্রবিরুদ্ধমার্গ ; উন্মার্গ, উৎপথ। "°গ, °গামী, °চর। ভ ৩৫.৬.৯ ; °দেষ্ট্গাম্ ৬.৭.১৪। [°থী (বিং)—কুপথগামী, দুর্বৃত্ত, দুরাচার। "ম ২৯।]

কুপথ্য বিণ [সুপ্‌সুপা ; স্ত্রী -থ্যা] ১ কুৎসিতভাবে পথ্য ; অস্বাস্থ্যকর। ২ অস্বাস্থ্য, অযোগ্য। —থ্য বি ১ অস্বাস্থ্যকর দ্রব্য ; রোগজনক বা রোগবর্দ্ধক খাদ্য ; রোগীর অখাদ্য। ২ (গৌণার্থে) প্রতিকূল বস্তু বা বিষয়। "সংসার কুপথ্য ত্যেজে যে বৈরাগ্য, এ জন্মের মত করি তায় আরোগ্য দা ৩৬৫।

কুপন্ বি [E. Coupon] মনি-অর্ডার পত্রের যে অংশে প্রেরক সংবাদ লিখেন এবং গ্রাহক যাহা কাটিয়া রাখেন। [কুপন্‌-খেলা—তাসের জুয়াখেলা ; তেতাস-খেলা।]

কুপন্থা বি [সং কুপথ ; তু 'সং অপন্থাঃ ; অপ্র] অসন্মার্গ ; পাপ পথ। "মে ১৮০।

কুপা¹, -পো, কুপ্পা বি [সং কূপ.-ক, হি কুপ্পা ; ঠ কুপা, -প্পা ; গু কুংপ] চর্ম্মময় গলা-সরু পেট-মোটা তৈলাদির পাত্রবিশেষ। "কুপা সম চক্ষু জ ৮২। [কুপোকাত—কুপোর মত উন্টাইয়া পড়া ; (গৌণার্থে) পঞ্চত্বপ্রাপ্ত হওয়া। "ওগো দেখলে গো, মামা কুপোকাত গি.স্থি ২১। কুপো হওয়া (হি কুপ্পা হো জাতে হৈং)—কুপার মত স্থূলোদর ও গলা-সরু হওয়া ; বে-মানান মোটা হওয়া (উপহাসে)।]

কু(কো)পা² সর্ম্ম [কূপ+আ > √কূপা > √কু(কো)পা)] ১ কূপ (গর্ত্ত) করা ; (গৌণার্থে) মাটি কাটা ; কোপান। ২ অস্ত্রে আঘাত করা বা কাটা। [কুপিলেক (অপ্র)—গর্ত্ত করিয়া পুতিল। "চারি কোণে কুপিলেক চারি গাছি ছেওয়া ম.ম ১৭৫] কোপাইয়া কাটা—কোপ মারিয়া কাটা। কোপান—সর্থ'কুপা²। "জমি, কাঠ কোপান।]

কুপাক বি [অপ্র] দৈবদুর্ব্বিপাক ; কুকর্ম্ম, পাপকার্য্য। "লিখিতে না পারি যত করিল কুপাক ম ১০২২।

কুপাণি বিণ [বহুব্রী] যাহার পাণি কুৎসিত ; বক্রহস্ত, বাহুকুণ্ঠ, কোঁপা, ঠুঁটো।

কুপাত '-ত্' বি ['কুপট্ট'—মূল] খারাপ কাপড় বা কাপড়ের জমি, অর্থাৎ কাপড়ের মুখপাতের পরবর্ত্তী অংশ। দ্র 'মুখপাত'।

কুপি, -পী বি [কুপা+ই¹, ঈ (হ্রস্বার্থে) ; সং কূপী ; হি—কুপ্পা, 'কুপ্পী' (অল্পার্থে) ; ঠ কুপী ; গু কুং (কু)পী] ১ চামড়ার ছোট তৈলাদির পাত্র ; কুপীর তুল্য মৃৎপাত্রবিশেষ ; থালী। "কুপি ভরি তৈল দেয় তেলী ক.চ ৩০ ; তেলি ঘরে তৈল কুপী ভরি ৮৭। ২ কুপীর মত কাচের বা টিনের কেরোসিন তেলের দীপবিশেষ ; টেমি, ডিবা।

কুপিত বিণ [√কুপ্+ত (ক্ত)-ক] ১ ক্রুদ্ধ, রুষ্ট। "মহা ৩.৭২.৩২। মনু ৯.৩১৩। ২ সংক্ষুব্ধ, দুষ্ট (disordered)। "°বায়ু।

কুপিনী স্ত্রী [তু 'সং কুবেণী ; বা কুপী] মৎস্যধানী, মাছের খালুই ; খারা।

কুপিন্দ পুং [তু 'সং কুবিন্দ'] তন্তুবায়, তাঁতী।

কুপিল বিং [সং কুপিত ; দ্র 'ইল' ; অপ্র] ক্রুদ্ধ। "(মাহুতে) কুপিল কুঞ্জর হাঁকাইল নন্দসুতে শ্রী.ম ১২৮।

কুপুত, -ত্তো বি [কু+পুত,-ত্তো ; সং কুপুত্র ; °ত্তো (অপ্র)] ১ কুসন্তান, অযোগ্য পুত্র, ভীরু পুত্র। "কোলে বসে কেবল কুপুত্তো হয়ে রই। তোমার কলঙ্ক বাপা হবে দেশ বই॥—শ্রী ৬৫। ২ অসৎপুত্র ; দুর্বৃত্ত পুত্র।

কুপুত্র, -ত্ত্র পুং [নি.স.] ১ কুৎসিত পুত্র ; দুর্বৃত্ত পুত্র, কুসন্তান। "চাণক্যশতক ১৪। পঞ্চ ৫.১৯। "কুপুত্র হইলে লোকে কুলাঙ্গার কহে শ্রী ৭০। কুপুত্র অনেক হয় মা, কুমাতা নয় কখন ত।—রামপ্রসাদ। ২ অপ্রশস্ত ক্ষেত্রজাদি পুত্র। "মনু ৯.১৬১।

কুপুরুষ পুং [দ্র 'কাপুরুষ'] ১ কুৎসিত পুরুষ ; নিন্দিত জন ; নীচ। "যেন নাশং জগামাগ্নিঃ কৃতং কুপুরুষেষ্বিব মহা ১৩.২.২৪। ভ ৭.৮.৫৩। ২ পৌরুষহীন জন। "মহা ৫.১৫৯.৮৫।

কুপুষ্যি, -পোষ্য বি ['কুপোষ্য'—মূল] অক্ষম পরিবার ; জীবিকার্জ্জনে অক্ষম পুত্রকন্যাদি ; যাহাদিগকে ভরণপোষণ করিয়া মানুষ করিতে হয়, তাদৃশ পুত্রকন্যাদি ; নাবালগ পুত্রাদি। "তোমার চাল না চুলো, ঢেঁকি না কুলো, পরের বাড়ী হবিষ্যি। আমি দুঃখী নাই লক্ষ্মী, কতকগুলি কুপুষ্যি॥—রসসাগর।

কুপো, -পোকাত ; কুপোষ্য দ্র 'কুপা¹' ; কুপুষ্যি'।

কুপ্পর, কুর্পর '-র্' বিং [কুপ্পর—নর্ম্ম, হাসি, ঠাট্টা (দেশী ২.৬৪) ; 'কুপ্পুর' (গ্রাম্য)] অধীন, বশ, অনুগত। "স্ত্রীর দুঃখে মহাদেব জামাইর কুপ্পর ম.ম ২৯ ; যমের প্রসাদে নহি কাহার কুপ্পর ১১১ ; পূজা খেয়ে হইয়াছ চান্দর কুপ্পর ১৩৭ ; পরের কুপ্পর ২০২। ত্রিভুবনে জথ দেব হইয়াছে কুর্পর গ ৪১। জন্ম কাটাইবে হ'য়ে পরের কুপ্পর বা.ম ৫৬ ; পদ্মার সেবায় মুনি হইল কুর্পর ৭২। বাঁদীর কুপ্পর দা ১৯৯। তুমি নারীর কুর্পর ম ১৭। আমি কাহার কুর্পর কৃ.উ ৫৫ ; ১১৯ ; ২২২,-৩৭। নীচসেবা না করে, নহে নীচের কুর্পর চৈ.চ ৭৫।

কুপ্য ক্লী [√গুপ্+য (ক্যপ্)-র্ম্ম, নিপাতিত] ১ স্বর্ণরৌপ্যব্যতিরিক্ত ধাতু ; তাম্রাদি ধাতু। "হিরণ্যং কুপ্যভূয়িষ্ঠম্ মহা ১৫.৬.১১। মনু ৭.৯৬। যাজ্ঞ ১.২৬৭। ২ সীস দস্তা প্রভৃতি। [°শালা (স্ত্রী)—কাংস্যাদিপাত্রনির্ম্মাণের গৃহ ; কাঁসারির কারখানা বা দোকান।]

কুপ্লব পুং [নি.স] কুৎসিত প্লব ; তৃণাদিনির্ম্মিত উড়ুপ ; খারাপ ভেলা "মনু ৯.১৬১।

কুবঙ্গ ক্লী [নি.স] কুৎসিত (ঈষৎ) বঙ্গ ; সীসক।

কুবল ক্লী ১ উৎপল। ২ মুক্তাফল। ৩ (সাদৃশ্যে) বদরীফল, কুল্। ৪ জল। —ল পুং কোলিবৃক্ষ। —লী স্ত্রী বদরী।

কুবলয় ক্লী [ষ.ত] ১ পৃথিবীর বলয়তুল্য (শোভাকর) ; উৎপল, পদ্ম। "ডোবে···মৃণাল যথা জলে。 যবে কুবলয়ধন লয় কেহ হরি মে ৯ ; সরসী。 কুবলয়ধাম ২৮৫। ২ নীলোৎপল। "°দলস্নিগ্ধ উ.চ ৩.২২। °দলনীল (মহানাটক)। °দলপ্রাপি (বর্হম্) পু.মে ৪৪। °দলশ্রেণী গী.গো ৩.১১। কুবলয় নীলরতন。···জিনি-বরণ-সুছাঁদ গো ৮৪। ৩ পৃথিবীর মণ্ডল ; ভূমণ্ডল। "°কমলকোশাভ্যন্তরকোশ ভ ৫.১৬.৬। —য়িনী স্ত্রী [°য় +ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] কুবলয়সমূহ, উৎপলসমূহ।

কুবলয়াপীড় বিণ [কুবলয় আপীড় যাহার, বহুব্রী ; স্ত্রী -ড়া] কুবলয় যাহার ভূষণ ; নীলোৎপল-ভূষণ (জন)। —ড় পুং কংসের অনুচর হস্তিরূপ অসুরবিশেষ। [কংসের ধনুর্যজ্ঞে মল্লভূমিতে প্রবেশকালে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এই অসুর রঙ্গদ্বারদেশে নিহত হয় (ভ ১০.৪৩ ; হ ৮৫)।]

কুবলয়িত বিণ [°লয়+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] যাহাতে কুবলয় সঞ্জাত ; জাতোৎপল, ইন্দীবরযুক্ত। "কুবলয়িতগবাক্ষাং লোচনৈ-রঙ্গনানাম্ রঘু ১১.৯৩।

কুবাট বি কুপথ, উন্মার্গ, পাপপথ। "ম.পা ১১৭।

কুবাদ বিণ [কু+ √বদ্+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -দী] কুৎসিত-বাদী, কুবাক্যকথনশীল, কটুভাষী। —দ পুং [নি.স] কুৎসিত বাক্য ; কটুভাষা।

কুবাদিনী বিং কুৎসিতবাদিনী, পরুষভাষিণী। "রা.শে ৪৩।

কুবিধা বি [সুবিধা > °ধা (বিপর্য্যয়ে)] অসুবিধা, কষ্ট, দুঃখ। "ব্রহ্মানন্দ ঘোষ···দাসী-চাকরাণীর বড় ধার ধারে না—সেটা সুবিধা কি কুবিধা, তা বলিতে পারি না ব.প্র ২৬৫।

কুবিন্দ পুং [কু+ √বিদ্+অ (শ)-ক (অ.টী) ; তু 'কুপিন্দ'] শূদ্রা-

গর্ভে বিশ্বকর্ম্মা হইতে জাত সঙ্কীর্ণ জাতিবিশেষ ; তন্তুবায়। "নানাজাতি বস্ত্র সব বুনএ কুবিন্দ ব.প ৩১৯।

কুবুজ বিং [সং কুব্জ >বা °জ (স্বরাগম) ; হি কুবজা, -ড়া ; ঠ কুবড, -ডা, তু 'কুব্‌ড'—কুব্জ (দেশী—প্রা.ম) ; পদ্যে] কুব্জ, কুঁজা। "বুকের প্রহারে কেহ হইল কুবুজ ম ২০৩ ; কারো ক্ষত পদাতি কুবুজ বোঁচা ঠুঁটা ২২১। —জা, -জী বি স্ত্রী [সং কুব্জা >বা কুবুজা ; হি কুবড়া, -রী ; পদ্যে] কুব্জা, কংসের পরিচারিকা। "হে কুবুজার বন্ধু। পাসরেছ রাই-মুখ-ইন্দু॥—চ.দা ১৪২। শ্রী.ম ১২৫। ত্রিবক্রা কুবুজী এক দেখিল কানাই চৈ.ম ১৮৮।

কুবুদ্ধি বিণ বহুব্রী ; স্ত্রী -দ্ধি] ১ যাহার বুদ্ধি কুৎসিত ; দুষ্টবুদ্ধি, দুর্ম্মতি। ২ মূঢ়, নির্বোধ। "ভ ৫.৫.১৭। —দ্ধি স্ত্রী [নি.স] দুষ্টবুদ্ধি ; কুমতি, বিপরীত বুদ্ধি।

কুবুধ বি [সং কুবুদ্ধি >বা কুবুধি > °ধ ; অপ্র] দুর্ব্বুদ্ধি ; দুর্ম্মতি। "সুবুদ্ধ ছিল রাজার কুবুধ নাগাল পাইল গো.চ ৮৪।

কুবৃক্ষ পুং [নি.স] কুৎসিত বৃক্ষ। বিপ 'সুবৃক্ষ'। "চাণক্যশতক ১৪। কুবৃক্ষ-কোটরে অগ্নি উঠে বন দহে শ্রী ৭০।

কুবৃত্তি বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্তি] যাহার কুৎসিত বৃত্তি ; গর্হিতাচার, দুর্বৃত্ত। —ত্তি স্ত্রী [নি.স] কুৎসিত বৃত্তি ; নিন্দিতাচরণ।

কুবের পুং [কু বের (শরীর) যাহার, বহুব্রী] 'কুৎসিতশরীর', ধনদ, যক্ষরাজ। 'কুবেরঃ কুশরীরত্বাৎ (বায়ু-মার্কণ্ডেয়পুরাণ)। "কু.স ৩.২৫। কুবের-আলয় ছাড়ি, উত্তরে আমার বাড়ী (তত্রাগারং ধনপতি-গৃহানুত্তরেণাস্মদীয়ন্—উ.মে ১৪)।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। [ইঁহার পিতা বিশ্রবাঃ, জননী দেববর্ণিনী ; বিশ্রবার পুত্র বলিয়া ইঁহার নাম 'বৈশ্রবণ' (রা ৭.৩ ; কৃ ৩৯৮)। ইনি তপোবলে ব্রহ্মার নিকটে বরস্বরূপে লোকপালত্ব (উত্তরদিকের দিক্‌পালত্ব) ধনপতিত্ব ও পুষ্পক বিমান প্রাপ্ত হন এবং পিতার আদেশে ত্রিকূটশিখরস্থ লঙ্কায় বাস করেন। পরে দুর্বৃত্ত রাবণ লঙ্কা গ্রহণ করিতে ইচ্ছা করিলে, ইনি পিতার আদেশে কৈলাস পর্ব্বতে গমন করেন। কিছুদিন পরে রাবণ ইঁহাকে যুদ্ধে পরাজিত করিয়া জয়চিহ্ন-স্বরূপ পুষ্পক গ্রহণ করেন (রা ৭.৩ ; ১১ ; ১৫)।] [°দিক্ (-শ্) স্ত্রী—কুবেরাধিষ্ঠিত দিক্ ; উত্তর দিক্। কুবেরাচল, -রাদ্রি (পুং)—কৈলাসগিরি।]

কুবোধ বি [সুবোধ > °ধ (বিপর্যায়ে) ; অপ্র] কুবুদ্ধি, দুর্ম্মতি। "সুবুদ্ধ ছিল খেতু কুবোধ নাগাল পাইল গো.চ ১০১। —ধিয়া বি [অপ্র] কুবুদ্ধি। "সুবোধিয়া গোদা যমক কুবোধিয়া নাগাল পাইল গো.চ ১০১।

কুব্জ বিণ [কু (ঈষৎ) উব্জ (আর্জব) যাহার (অ.টী) ; স্ত্রী -জা ; ছান্দস ; cf. Gr. kuphós ; L. gibbus, gibba, gibber ; Lithuanian—kupra, kupotas] ১ 'ঈষৎ ঋজু' ; বায়ুকোপ হেতু উন্নতহৃদয় বা উন্নতপৃষ্ঠ ; কুঁজো (humpbacked)। "°কিরাত, °বামন পা ২.৪.১১। বেতসঃ কুব্জলীলাং বিড়ম্বয়তি শ ২৳। কুব্জ-পৃষ্ঠ ন্যুব্জদেহ…উট।—রঙ্গ ২১। ২ বক্র, কুটিল। "বৃদ্ধয়ঃ কুব্জগামিন্যো ভবন্তি মহতামপি।—পঞ্চ ২.৫ ; কুব্জা কাণাপি…কর্কটী ৭৮। ৩ ভগ্নাঙ্গ, বিকলদেহ। "কুব্জাঃ তেন কৃতাঃ সর্ব্বাঃ রা ১.৩২.২৬। —জ পুং ১ পৃষ্ঠস্থ মাংসপিণ্ড ; ককুদ্, কুঁজ (hump)। ২ খড়্গ। ৩ অপামার্গ। —জ ক্লী কুব্জভাব, কুব্জতা, কৌটিল্য। "বিকুব্জাঃ রা ১.৩৩.২৩। —জক বিণ [°জ+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -জিকা] কুব্জ, কুঁজা। "পঞ্চ ৫.৮৬। —জক পুং পুষ্পবৃক্ষবিশেষ, শ্বেতগোলাপ (Rosa moschata)। —জা স্ত্রী [°জ + স্ত্রী আ (টাপ্)] ১ কৈকেয়ীর পরিচারিকা মন্থরা। "রা ২.৭৮.৫ ; ৮। ২ কংসের দাসী। "ভ ১০.৪২.১। [ইহার অন্য নাম 'ত্রিবক্রা'। অঙ্গরাগদান হেতু কৃষ্ণ প্রসন্ন হইয়া ইহার কুব্জতা অপনীত করেন (ভ ১০.৪২.১-৮)।] [°লীলা (স্ত্রী)—কুব্জভাব, কৌটিল্য। "শ ২৳।]

কুভোজন ক্লী [নি.স] কুৎসিত খাদ্য ; অখাদ্য, কুপথ্য। "কুভোজনং… বিনাগ্নিনা সংদহতে শরীরম্।

কুমকুম[১] বি [সং কুঙ্কুম >বা কুমকুম ; হি কুমকুম ; পদ্যে] ১ সর্থ 'কুঙ্কুম (২)। "কুমকুম কস্তুরী গো.চ ৪৫৭ ; শ্রী ১৮৯। কুমকুম চন্দন শূ ৮০। কেশর কুমকুম মা ১৫০। ২ কুঙ্কুমকুসুম। "কুমকুমদামিনীদাম-দমন-তনু (গৌর) ন প ২৮৬। ৩ কুঙ্কুমচূর্ণ, কুঙ্কুমপঙ্ক। "কাঁচলী পরিল স্তন ঢাকিয়া কুমকুমে বি.পা ৪৯। অঙ্গে বিলেপন কুমকুম তার রা.শে ৩ ; ১৪। কুমকুম ভূষিত তার কপাল জ্ঞা ৪৫।

কুমকুম[২] বি [ফ, আ কু.মকু.মহ্ ; হি—কুমকুম, -মা] ১ গালার এক-প্রকার গোলক যাহা আবীর ও গুলালে পূর্ণ করিয়া হোলীর সময়ে একজন অপরকে ছুড়িয়া মারে। ২ [ধ্বন্যাত্মক ; 'বকম-বকম'—মূল] পায়রা-ডাকার সঙ্কেত (ময়মনসিং)।

কুম(মু)ড়া বি [সং কুষ্মাণ্ড >লি কুম্‌ভণ্ড, প্রা কুম্‌হণ্ড (প্রা.স ৯.৪৩), >বা কুমড়া ; হি কুম্‌হড়া ; মৈ কুমহড়, -ড়া] একপ্রকার লতাগাছ ও তাহার ফল—কুষ্মাণ্ড। "গাঁমা°, চাল° ; চাঁচি°, জাত°, দেশী°, বিলাতী°, ভুঁই°, মিঠ°, সভরী°, সুখি° সোনার কুমড়া গো.চ ২, টীকা। কচি কুমড়া ক.চ ১৫৬ ; কুমড়া ১৫৭। দায়ে কাটে কুমড়া যেমন ভা.চ ৩৪৪। [কুমড়াগড়াগড়ি—(সাদৃশ্যে) হৃষ্টপুষ্ট শিশুর গড়াগড়ি। কুমড়াগড়ি, -গোড়ি—ধান্যবিশেষ। কুমড়ার বড়ি—একত্র বাটা চালকুমড়া কলাইডালের বড়ি। কুমড়ার মিঠাই—চিনির রসে পাক-করা দেশী কুমড়ার মিঠাই।]

কুমণ্ডল বি [সং কমণ্ডলু ; অপ্র ; ঠ কুমংডল, -লু] কমণ্ডলু। "দুই হস্তে দণ্ড কুমণ্ডল ভ.প্র ৩৩৪।

কুমতি বিণ [বহুব্রী ; স্ত্রী -তি] যাহার কুৎসিত বুদ্ধি ; দুর্ম্মতি, মূঢ়। "ভ ১.১৫.১৭ ; ১৯। মে ২০৯। —তি স্ত্রী [নি.স] ১ কুৎসিত মতি ; দুর্বুদ্ধি, দুষ্টাশয়। "এষা কুমতির্ন কল্যাণী (দশকুমার)। ২ মূঢ়তা, অবিবেকতা। "কুমতিমহরদাত্মবিদ্যয়া যঃ।—ভ ১.৯.৩৬।

কুমৎলব বি দুরভিসন্ধি, অসদভিপ্রায়। "ভিতরে আমার কুমৎলব আছে বলেই বাইরে আমি এমন ভালমানুষ ঘ ৩৪।

কুমন্ত্র পুং [নি.স] ১ কুৎসিত মন্ত্র ; অহিত মন্ত্রণা ; অসদুপদেশ। "কুমন্ত্রপাকেন হতশ্রিয়ায়ুষম্ ভ ৩.৩.১৩। ২ অহিত মন্ত্র বা অভিচার। —মন্ত্রী (-ন্ত্রিন্) পুং [নি.স] কুৎসিত মন্ত্রী, কিংমন্ত্রী, কুসচিব।

কুমর বি [সং কুমার >প্রা °র ; অপ্র] পুত্র। "গো.চ ৬১ ; ১২২।

কুমাতা (-তৃ) বি কুৎসিতা মাতা ; পুত্রবিদ্বেষিণী জননী। "কুপুত্র অনেক হয় মা, কুমাতা নয় কখন ত।—রামপ্রসাদ। কুপুত্র যদিও হয়, কুমাতা কখন, হয় না মা অ.গু ১৩১।

কুমার[১] বিণ [√কুমারি কেলি+অ (অচ্)-ক ; √কম্+আর (আরন্)-র্ম্ম, উ ৩.১৩৮ ; ছান্দস] ১ সুন্দর। ২ (বাঙ্‌লায়) কোমল। তু 'সুকুমার'। "কুসুমকুমারদেহ ব.প্র ৭৪। —র ১ পুং 'ক্রীড়াকারক', পঞ্চবর্ষীয় বালক। "ভ ১০.১২.৩৭, টীকা। ২ ষোড়শ-বর্ষের ন্যূনবয়স্ক বালক। দ্র 'কৌমার (ক্লী)। ৩ তরুণবয়স্কপুত্র। "রাজস্য° রঘু ৩.৪৮। ৪ সদ্যোজাত শিশু। "রা ১.৩৭.২৩। °ভৃত্যা। —রঘু ৩.১২। ৫ পুত্র। "°জন্ম রঘু ৩.১৬ ; কুমারকল্পং সুষুবে কুমারম্ ৫.৩৬। ঋষি° সী ৬২ ; কুমার ৭৮। ৬ রাজপুত্র। "রঘু ৭.৬০,-৩ ; ১২.১১। রামচন্দ্র আক্রমিলা রণে,—কুমারে মে ১১। ৭ যৌবরাজ্যে অভিষিক্ত রাজপুত্র (অ.কো) ; যুবরাজ। "কুমার ! ইদম্ অমাত্যরাক্ষসস্য গৃহং, প্রবিশতু কুমারঃ মু ৪৳। ৮ অবিবা-হিতাবস্থা, কৌমার। "°ব্রত ; °ব্রহ্মচারী। ৯ 'সদাবাল্যত্ব হেতু

কুমার' (অ.টী) ; কার্ত্তিকেয়। "°কল্প রঘু ৫.৩৬। শি ৯৫। মে ২৪৪। কুমার কুমার যেন।—বা.দ ৮৪। ১০ আবাল্য ব্রহ্মচারী সনকসনাতনসনৎসনন্দবালখিল্যাদি। "মনু ৫.১৫৯। ১১ পৃথিবীপুত্র মঙ্গলগ্রহ (শ.ক)। ১২ বালঘাতক গ্রহবিশেষ ; স্কন্দ। "সুশ্রুত ৬.৩৭। ১৩ অর্হদুপাসকবিশেষ। ১৪ অশ্ববারক, সহিস (groom)। ১৫ শুকপক্ষী। "ক.চ ১২৫। ১৬ অগ্নি। ১৭ সিন্ধুনদ। ১৮ বরুণবৃক্ষ। ১৯ (তন্ত্রসারে) মন্ত্রবিশেষ। —র ক্লী জাত্যকাঞ্চন, খাঁটিসোনা (শ.ক)। —রী স্ত্রী [°র >স্ত্রী ঈ (ঙীপ্)] ১ দ্বাদশ-বর্ষীয়া বালিকা। 'সম্প্রাপ্তে দ্বাদশে বর্ষে কুমারীত্যভিধীয়তে (স্মৃতি)। "তার মধ্যে কতগুলি কুমারী লইয়া। করিল কুমারী পূজা বাস ভূষা দিয়া॥—ভা.চ ৫৪৫। ২ (আগমে) অজাতপুষ্পা ষোড়শবর্ষপর্য্যন্তবয়স্কা বালিকা। ৩ অনূঢ়া, কন্যা। মনু ৯.৯০ ; ১১.৫৯। কুমারী দেবতা দেখি কর উপহাস ম.ভা ৩০। ৪ কন্যা, পুত্রী, বালিকা (A.)। কুমারী বধো না রাজা ! কুমারী করিলে পূজা, সে পূজা পান গিরিরাজ-কুমারী দা ৪০। ৫ পার্ব্বতী। ৬ সীতা। ৭ নবমল্লিকা। ৮ ঘৃতকুমারী। ৯ অপরাজিতা। ১০ শ্যামাপক্ষী। ১১ স্থূলৈলা, বড় এলাচ। ১২ জম্বুদ্বীপ। ১৩ তরুণীপুষ্প। ১৪ কুমারিকা অন্তরীপ (Cape Comorin)। ১৫ শাকদ্বীপস্থ নদীবিশেষ।

কুমার[2] '-র্' বি [সং কুম্ভকার, কুম্ভার (হে ১.৮) >বা কুম্ভার, কুমার ; "কুমার (কথ্যভাষা)—কুমারটুলি ; হি, মৈ কুমহার ; ঠ, গু কুংভার, অস কুমার] ১ নবশাকের অন্তর্গত জাতিবিশেষ ; কুম্ভকার। "কুমারের চাক কৃ ২৮০। গো.চ ১১১। শ্রী ১২। ভা.চ ২৭৩। ২ কুম্ভকারজাতীয় পুরুষ। "কেহ বলে কুমার কুমার হবে জেতে বি.সু ১০৫। কুমারের বউয়ারী ম.ম ২৪৯। —রণী বি [কুমার+নী ; হি কুম্ভারিন ; ঠ কুংভারণী, -রীণ ; কুংভারণ ; মৈ কুমহৈনি ; অস কুমারণী] কুম্ভকারের স্ত্রী ; কুম্ভকারজাতির স্ত্রী। [কুমা(ম)রপাড়া (ঠ কুংভাররাজ)—কুম্ভকারপল্লী। কুমা(ম)রসজ্জা —হাঁড়ি কলসী শরা ইত্যাদি কুমারের মৃন্ময় পাত্রসমূহ। কুমারশালা—কুম্ভাদিপাকার্থশালা। "কুমারশালা যেন পোড়ায়ে আগুনে ম ৩৫৩।]

কুমার[3] '-র্' বি [সং কুষ্মাণ্ড ; অপ্র] কুমড়া গাছ ও তাহার ফল। "নারিকেল দিয়া রান্ধে কুমারের শাক। সাজ কটু তৈলে রান্ধে কুমারের চাক॥—ম.ম ৯৫ ; কুমারের ডোগা ১৪৪। —রী বি [অপ্র] কুমড়া। "কাঁচা কুমারী ম.ম ১৮৬।

কুমারঘাতী(-তিন্) বিণ [কুমার+ √হন্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে ক-১ব ; উ.ত ; স্ত্রী -তিনী] কুমারহননশীল, শিশুমারক (স্কন্দপূতনাদি গ্রহ) "পা ৩.২.৫১।

কুমারব্রত ক্লী [কর্ম্মধা] আমরণ কৌমাররূপ ব্রত ; নৈষ্ঠিক ব্রহ্মচর্য্য।

কুমারব্রহ্মচারী (-রিন্) পুং [উ.লো] কৌমারাবধি ব্রহ্মচারী ; আবাল্য অকৃতদার (সনকবালখিল্যাদি)। "মনু ৫.১৫৯।

কুমারভৃত্যা স্ত্রী [ষ.ত] কুমারের (শিশুর) রক্ষণ ; বালচিকিৎসা। তু 'কৌমারভৃত্য'। "°কুশল রঘু ৩.১২।

কুমারসম্ভব পুং [ষ.ত] কার্ত্তিকেয়ের উৎপত্তি ; স্কন্দজনন। —ব ক্লী (উপচারে) কার্ত্তিকেয়জন্মবিষয়ক কালিদাসকৃত কাব্যবিশেষ। "ক.চ ২১৫।

কুমারিকা স্ত্রী [কুমারী + ক (কন্) + স্ত্রী আ (টাপ্)] ১ অনূঢ়া কন্যা। "ব্যাস ২.৭। ২ সর্থ 'কুমারী'।

কুমারিয়া বি [কুমার+ইয়া[2] ; অপ্র] কুমারের ছেলে ; কুমার। "রহ রহ বলিয়া কুমারিয়া পিছে ধায় ম.ম ১৪৯।

[illegible]মারী দ্র 'কুমার[1]'।

[illegible] [সং কুম্ভীর ; হি কুমহীর ; 'কুমুর' (গ্রাম্য)] কুম্ভীর। [illegible] খেজুর গাছ বাস করে [illegible] জল বাস করা —(গৌণার্থে) প্রবলের সহিত বিবাদ করিয়া তদধিকারে বসতি করা। (অবশ্যম্ভাবী বিপদের উদাহরণে)। জলে কুমীর, ডাঙ্গায় বাঘ—জলে স্থলে, উভয়ত্রই বিপদ্ ; উভয় সঙ্কট। Cf., Between devil and deep sea ; Between Scylla and Cheribdis.]

কুমী(মু)রকে, কুমীরেপোকা বি সর্থ 'কুম্ভি(ম্ভী)রিকা'।

কুমুদ পুং, ক্লী [কুতে (পৃথিবীতে) মুদ, স.ত (অ.টী) ; ছান্দস] কৈরব, শ্বেতোৎপল, সুঁদি নাল (Nymphaea esculenta)। "সচন্দ্রকুমুদ রা (S.W.)। °রুচিরকান্তি।—ঋতু ৩.২৬। °বিশদ (প্রেক্ষিত) পূ.মে ৪০। °বন রঘু ৬.৮৬। নিকুঞ্জে ভরল কুমুদপাতি। —গো ১৪১। —দ ক্লী ১ রক্তপদ্ম। ২ পদ্ম (ত.বা)। ৩ রৌপ্য। —দ পুং ১ (রক্তপদ্মসাদৃশ্যে—অ.টী) নৈঋত কোণের দিগ্‌গজ। "সঙ্গে লহ কুমুদ বামন ক.চ ৮১। ২ রামচন্দ্রের সেনাপতি বানরবিশেষ। ৩ নাগবিশেষ। ৪ (সাদৃশ্যে) কর্পূর। ৫ ধ্রুবক (ধুয়া)-বিশেষ। ৬ বিষ্ণু (মহা)। ৭ বিষ্ণুপার্ষদবিশেষ। ৮ শাল্মলীদ্বীপস্থ পর্ব্বত। ৯ দৈত্যবিশেষ। ১০ জলচরপক্ষিবিশেষ (শ.ক)। ১১ গুগ্‌গুলুবিশেষ। দ্র 'গুগ্‌গুল'। —দা স্ত্রী [+স্ত্রী আ (টাপ্)] ১ দুর্গা। "ভ ১০ ২.১২। কৃতকৃত্য কৃত্তিবাস কুমুদার কাছে শি ৭১ ; কুমুদার কর্ম্ম ৮০। ২ কুম্ভিকা ; পানা। ৩ গাম্ভারীবৃক্ষ। ৪ ধাতকীবৃক্ষ। ৫ শালপর্ণী। ৬ কট্‌ফল। [কুমুদনাথ, -পতি, -বন্ধু, -বান্ধব, -সুহৃৎ(-দ্) পুং—চন্দ্র। "অগতি পতিত কুমুদবন্ধু গো ২৯। কোরে কুমুদবন্ধু সাজে জ্ঞা ১৫। কুমুদবান্ধব ভা.চ ৩০৯।]

কুমুদবতী স্ত্রী [কুমুদ + বৎ (বতুপ্) অস্ত্যর্থে + স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'কুমুদযুক্তস্থান', কুমুদিনী। ২ কুমুদসমূহ।

কুমুদবাঞ্ছা বি [অপ্র] কুমুদের বাঞ্ছিত বিষয় ; কুমুদপ্রিয় (চন্দ্র)। "মিহির যথা…ভূষেণ কুমুদবাঞ্ছা সুধাংশুনিধিরে মে ২৪৯।

কুমুদাকর পুং [ষ.ত] কুমুদস্থান, হ্রদাদি। "মাঘ ১২.৪।

কুমুদাবাস পুং [ষ.ত] কুমুদের স্থান ; কুমুদপ্রায় দেশ।

কুমুদিনী স্ত্রী [কুমুদ + ইন্ (ইনি) অস্ত্যর্থে + স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কুমুদযুক্ত দেশ ; কুমুদময় স্থান। ২ সপুষ্পকুমুদলতা (নাল্‌গাছ)। "°নায়ক, °পতি। স্ফুটৎকুমুদিনীফুল্লোল্লসল্লোচনা।—পঞ্চ ১.১৪৬। মাঘ ৯.৩৪। উ.চ ৫.২৬। ভা.চ ৩০৯। যথা কুমুদিনী প্রমুদিনী হিমাংশুমিলনে বা.দ ৯৫। কুমুদিনী বিকসিত হইল।—কাদ ৬১। ৩ [+ইন্ তৎসমূহার্থে, পা ৪.২.৫১] কুমুদসমূহ।

কুমুদিনীনায়ক, -পতি পুং [ষ.ত] চন্দ্র। "°ক হি ১২।

কুমুদী স্ত্রী [কুমুদ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কট্‌ফল। ২ [সং কুমুদ ; তু 'কৌমুদী' ; অপ্র] কুমুদ। "ফুটিলা কুমুদী মে ৪৪। রবি কভু নাহি যায় কুমুদী দরশে বা.দ ১০৮।

কুমুদেশ পুং [কুমুদের ঈশ, ষ.ত] কুমুদপতি চন্দ্র।

কুমুদ্বান্ (-দ্বৎ) বিণ [কুমুদ+বৎ (ডমতুপ্ >বৎ) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -দ্বতী] কুমুদপ্রায়, কুমুদময়। "কুমুদ্বৎসু বারিষু।—রঘু ৪.১৯। —দ্বতী স্ত্রী ১ কুমুদিনী, কুমুদলতা। "সৈব কুমুদ্বতী শ ৪.৩। ২ কুমুদ-প্রায়ভূমি ; কৈরবিণী। "মাঘ ১২.৪। ৩ কুমুদসমূহ (অ.টী)। "কুমুদ্বতীরেণুপিশঙ্গবিগ্রহ ভট্টি ২.৬। ৪ কুশের পত্নী। "রঘু ১৭.১।

কুমেরু পুং 'কুৎসিত মেরু' ; পৃথিবীর দক্ষিণার্দ্ধভাগ বা দক্ষিণপ্রান্ত (the Southern hemisphere or pole)। বিপ 'সুমেরু'। "(ইন্দ্র) কুমেরুশিখরে একা কাটাইছে কাল।—হেম ১৩০ ; ১৫০। [কুমেরুবৃত্ত—কুমেরু হইতে ২৩ অংশ অন্তরে কল্পিত বৃত্তরেখা (Antarctic Circle)।

কুম্প, -ম্ব বিণ [√কুম্প্, √কুম্ব্ + অ (অচ্)—ক (?)] বাহুকুণ্ঠ, নুলো, কোঁপা (শ.ক ; ত.বা)।

কুম্ভ[1] পুং [কু+ √উন্ভ্ পূরণ+অ (অচ্)-ক, শকন্ধ্বাদি ; ছান্দস ; আ.খু.ম্—বৃহদ্ভাণ্ড ; cf., Gr. Kûmbe—a boat ; L. cymba] **১** ঘট, কলস। "আম°, উদ°, কুচ°, ঘৃত°, ছিদ্র°, জল°, বিষ° (S.W.)। অয়স্কুম্ভ পা ৮.৩.৪৬। চিত্র° রা ১.৭৩.২১। হেম° রঘু ২.৩৬। কুচকুম্ভমর্দ্দন শৃ ১৪। দুই কুচ কুম্ভ শ্রী.কী ৭৬ ; ১৩২। **২** (সাদৃশ্যে) হস্তিশিরঃস্থ মাংসপিণ্ডদ্বয়। "রঘু ৫.৫০। মত্তেভকুম্ভ। —পঞ্চ ১.৩৩৯। গজকুম্ভ কুচযুগল শ্রী.কী ৬৯। উচকুচগিরি, জিনি কুম্ভকরী ক.চ ৪ ; গজকুম্ভ চারু পয়োধর ৮। নিতম্ব কুঞ্জরকুম্ভ। —ম ২৩৪। কুম্ভস্থল গ ১৬০। উরে দৃষ্ট কুম্ভস্থল সে নহে উরজ বি.সু ২৯। করিসুতকুম্ভ-উচ (কুচ) ভা.চ ৯ ; ১১। **৩** পরিমাণবিশেষ—বিংশতি দ্রোণ ; চৌষট্টি সের। "মনু ৮.৩২০। **৪** প্রাণায়ামের অঙ্গবিশেষ—শ্বাসরোধ ; কুম্ভক। **৫** (জ্যোতিষে) একাদশরাশি—(Aquarius)। "কুম্ভেতে গোবিন্দ দোল, দরশনে সর্ব্বপাপ নাশে বি.সু ১৫৫। **৬** কুম্ভকর্ণের পুত্র। **৭** প্রহ্লাদপুত্র। 'মহা ১.৬৫.১৯। **৮** বিষ্ণু (মহা)। **৯** বেশ্যাপতি। **১০** হৃদ্রোগবিশেষ। **১১** পল্লীর অর্দ্ধ বা অংশ। "শু ১.১৯৩। —**ম্ভ** ক্লী **১** গুগ্গুলু। **২** ত্রিবৃৎ, তেউড়ি। **৩** কুম্ভবৃক্ষ-ফল। "ভ ১০.১৮.১৪। —**ম্ভা** স্ত্রী বেশ্যা।

কুম্ভ[2] বি [সং 'শাতকুম্ভ' >কুম্ভ ; অপ্র] স্বর্ণ। "পরিল লঙ্কার সাড়ী, কান্তি কুম্ভের বেড়ী গো.চ ৪৫৬।

কুম্ভক পুং [কুম্ভ+ক (কন্) স্বার্থে] ত্রিবিধ প্রাণায়ামাঙ্গের একতম ; পূরিত বায়ুর স্তম্ভনরূপ প্রাণায়মাঙ্গ। 'কুম্ভকো নিশ্চলঃ শ্বাসঃ।—যাজ্ঞবল্ক্য। বায়োঃ কুম্ভকঃ স্থাপনং ক্বচিৎ।

কুম্ভকর্ণ পুং [বহুব্রী] **১** যাহার কর্ণ কুম্ভতুল্য ; রাবণের মধ্যম সহোদর। "মে ৭। [এই রাক্ষস কঠোর তপস্যায় ব্রহ্মার নিকটে 'ছয় মাস নিদ্রা ও একদিন জাগরণ' এই বর প্রাপ্ত হয় এবং অকালে জাগরিত হইয়া রাম কর্ত্তৃক নিহত হয়।] **২** (নিদ্রিতের উপমায়) গাঢ়নিদ্রামগ্ন, সুষুপ্ত। "কুম্ভকর্ণ অন্ধকার, নিদ্রা টুটি বার বার, উঠিতেছে করিয়া গর্জ্জন।—রবীন্দ্রনাথ।

কুম্ভকার পুং [কুম্ভ+ √কৃ+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -রী] **১** 'কুম্ভকারক', জাতিবিশেষ, কুলাল, কুমার। 'বৈশ্যায়াং বিপ্রতশ্চৌর্য্যাৎ কুম্ভকারঃ স উচ্যতে।—উশনা। [এ বিষয়ে মতভেদ আছে।] **২** 'কুম্ভ' এইরূপ রবকারক ; কুক্কুভপক্ষী, কুকোপাখী। —কারক পুং [ষ.ত] কুম্ভকার। —কারিকা স্ত্রী **১** কুম্ভকারপত্নী। **২** কুলথা। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** কুম্ভকারপত্নী। **২** কুক্কুভী পক্ষিণী। **৩** কুলথাঞ্জন, কুলথা। **৪** মনঃশিলা। [°রশালা (সং কুম্ভশালা) —কুম্ভাদিপাকার্থশালা, পোয়ান, কুমারশালা।

কুম্ভজ পুং [কুম্ভ+ √জন্+অ (ড)-ক ; উ.ত] **১** 'কুম্ভে জাত' ; অগস্ত্য। **২** বসিষ্ঠ। **৩** দ্রোণাচার্য্য।

কুম্ভজন্মা (-অন্), -যোনি, -সম্ভব [বহুব্রী] যাঁহার কুম্ভে জন্ম ; অগস্ত্য (ঋষি, নক্ষত্র)। "মহর্ষিঃ কুম্ভসম্ভবঃ রা ৭.৮০.১। উদয়াৎ কুম্ভযোনেঃ রঘু ৪.২১ ; শাসনাৎ *কুম্ভজন্মনঃ ১২.৩১। কুম্ভসম্ভব* ভ ৬.৩.৩৫।

কুম্ভদাসী স্ত্রী [ষ.ত] বেশ্যাপতির দাসী ; কুট্‌নী।

কুম্ভমণ্ডূক পুং [স.ত, নিপাতিত, পা ২.১.৪৮] কুম্ভে মণ্ডূকতুল্য, অর্থাৎ অল্পজ্ঞ, নিন্দ্য। তু 'কূপমণ্ডুক'।

কুম্ভযোনি পুং **১** দ্র 'কুম্ভজন্মা'। **২** সর্থ 'কুম্ভজ'(২.৩)।

কুম্ভলগ্ন স্ত্রী [ষ.ত] কুম্ভরাশির উদয়কাল।

কুম্ভশালা স্ত্রী [ষ.ত] কুম্ভাদির পাকার্থ গৃহ ; পাকপুটী, পোয়ান (অ.চি)।

কুম্ভাণ্ড পুং [তু 'সং কুষ্মাণ্ড >লি কুম্‌ভণ্ড] কুষ্মাণ্ড।

কুম্ভার বি [দ্র 'কুমার'] কুম্ভকার। "তর সুতে গঢ়ি কাট কুম্ভার বি.সা ২১৯। মোর মন পোড়ে যেহ্ন কুম্ভারের পণী শ্রী.কী ২৯৪ ; ৩৪২। কুম্ভারের চাক ক.চ ৭৬ ; ৭৯।

কুম্ভিকা স্ত্রী [কুম্ভী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] **১** ক্ষুদ্র কুম্ভ ; ক্ষুদ্র কলস। **২** [কুম্ভী+ক+স্ত্রী আ] বেশ্যা। **৩** [কুম্ভ+ইক (ঠন্)+স্ত্রী আ] 'কুম্ভাকারযুক্ত', বারিপর্ণী, পানা। **৪** পাটলাবৃক্ষ। **৫** নেত্ররোগবিশেষ। **৬** দ্রোণপুষ্পী।

কুম্ভি(ম্ভী)রিকা বি [সং কুম্ভীরমক্ষিকা] মক্ষিকাবিশেষ, কুমীরে-পোকা। "একগোটা পতঙ্গ যখন মাত্র ধরে। চিত করি কুম্ভিরিকা তাহা দৃষ্টি করে॥…যেইরূপ দেখি মৈল সেইরূপ হৈল। কুম্ভিরিকা হৈয়া সেই পতঙ্গ উড়ি গেল॥—শ্রী.ম ২৯৫।

কুম্ভিল, -লক পুং [সং কুম্ভীর(ল)ক >প্রা কুম্ভিলক (বিক্র ২১/২) ; তু 'কুম্ভ+প্রা ইল্ল (মতুপ্‌স্থানে, প্রা.প্র ৪.২৫) >কুম্ভিল্ল] **১** চৌর। **২** শ্লোকার্থ-চৌর, অর্থাৎ যে অন্যের শ্লোকার্থ আপনার বলে (plagiarist)। **৩** শ্যালক। **৪** শালমৎস্য।

কুম্ভী[1] (-ম্ভিন্) পুং [কুম্ভ+ইন (ইনি) অস্ত্যর্থে-১ব] **১** 'কুম্ভবান্', হস্তী। **২** (কুম্ভাকার মুখ হেতু) কুম্ভীর (alligator)। **৩** গুগ্গুলু। **৪** বিষকীটবিশেষ (সুশ্রুত)।

কুম্ভী[2] স্ত্রী [কুম্ভ+ঈ (ঙীপ্) হ্রস্বার্থে] **১** ক্ষুদ্র কুম্ভ। **২** জলপানপাত্র-বিশেষ। "রা ২.৯১.৭২। **৩** বারিপর্ণী, পানা। **৪** কট্‌ফল। **৫** দন্তী-বৃক্ষ। **৬** ধান্যাধারবিশেষ। "°ধান্যক মনু ৪.৭।

কুম্ভীনস পুং [কুম্ভীতুল্য নাসিকা যাহার, বহুব্রী, নাসিকা >নস্, সমাসান্ত অ (অচ্) পা ৫.৪.১১৮] **১** 'কুম্ভীতুল্যনাসিকাযুক্ত', ক্রূরসর্পবিশেষ (তৈত্তিরীয়সংহিতা)। "উ.চ ২.২৮। **২** সর্থ 'কুম্ভী'[1](৪) —সী স্ত্রী [°নস+স্ত্রী ঈ (ঙীষ্)] রাবণের মাতৃষসার কন্যা, মধুদৈত্যের পত্নী, লবণ-দৈত্যের মাতা। "রঘু ১৫.১৫। কুম্ভীনসী ভগ্নী তোর দৈত্য নিল হ'রে কৃ ২৫২। [কুম্ভীনসী রাবণের মাতামহ মাল্যবানের কন্যা। রাবণের দিগ্বিজয়কালে মধুদৈত্য কুম্ভীনসীকে হরণ করে (রা ৭.২৫)।]

কুম্ভীপাক পুং [উ.লো] কুম্ভীপাকের ন্যায় যেখানে পাক হয় ; নরক-বিশেষ। "মনু ১২.৭৬। [যাহারা প্রাণশক্তিপুষ্টির জন্য পশু বা পক্ষী বধ করে, তাহাদিগকে যমদূত কুম্ভীপাকে তপ্ততৈলে ভর্জন করে (ভ ৫.২৬.৭ ; ১৩)। "চল, রথি, চল দেখাইব৹ কুম্ভীপাকে, তপ্ততৈলে যমদূত ভাজে৹ পাপীবৃন্দে এ নরকে (মে ২৭২)।

কুম্ভীর, -ল পুং [কুম্ভিন্+ √ঈরি+অ (অন্)-ক (অ.টী) ; কুম্ভিল >°ল, °র? ; দ্র 'কুম্ভিল'] নক্র, কুমীর। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] কুম্ভীরস্ত্রীজাতি। [°ক (পুং)—চৌর। তু 'কুম্ভিল'। °মক্ষিকা (স্ত্রী)—কুম্ভীরবৃত্তি মক্ষিকাবিশেষ ; কুমীরে-পোকা।]

কুম্ভীরিণী *বি [কুম্ভীর+স্ত্রীলিঙ্গে ইনী] কুম্ভীরের স্ত্রীজাতি ; কুম্ভীরী। "গন্ধকালী নামে এক আছে কুম্ভীরিণী কৃ ৩২০। ম ২৩১। তারা* নামে…আছে কুম্ভীরিণী শ্রী.মা ৮৩।

কুয়র বি [দ্র 'কুঙর' ; অপ্র] কুমার, পুত্র। "শ্রী.কী ৩৬৩।

কুয়া[1] ; **কুয়া**[2] ; **কুয়া**[3] দ্র 'কুআ'[1] ; কুআ[2] ; কুআ[3]।

কু(কো)য়াসা বি [সং কুহেড়িকা, -ড়ী, -লিকা ; কুহা ; হি কুহাসা (কুহা+আসার), কুহিরা] কুজ্ঝটিকা। "কুচিন্তাকুয়াসা-জালে পরিম্লান রহিল স.শ ৭৯। কোরাসা-ধোঁয়ায় ঘেরা সর্ব্বদা আকাশ (পত্রমালা)। সেই না-চেনাটুকু যে কুয়াসামাত্র,…সেটা ছিন্ন হইলেই যে চেনার আর অন্ত নাই গ.স ১৪৬।

কুযোগ পুং [নি.স] (জ্যোতিষে) কুৎসিত (অশুভ) যোগ।

কুর সর্ম [√কুড় > √কুর ; দ্র 'কুঁড়' ; ঠ √কোর—to cut gradually from any body in order to shapen it or to obtain its substance] ১ কুরুণী দিয়া খোঁড়া ; কোরা। "কুরুণীতে কুরিয়া আনিবে নারিকেল ক.চ ৩১। ২ কুরুণীর মত সরু দাঁতে একটু একটু করিয়া খোঁড়া বা কাটা। "শিরায় শিরায় পিপীলিকা সারি ধায়, ওহো, কুরে খায় মস্তিষ্ক আমার গি.দ্বি ১১। কালো ঘুরঘুর্যো, বুক খাবে কুরে স্ব.প্র ১৩৯।

কু(ক্রূ)রকার বি [কু(ক্রূ)র+কার ; হি কূর (ক্রূর)] ক্রূরকার্য্য, খলতা, কুটিলতা। "মনে কুরকার না থাকা।

কুরকুটে, গুরগুটে বিং [হি কুরকুট, -টা—টুকরা ; কুরকুট+এ৭] ১ 'টুকরার মত'; খর্ব্বাকৃতি, বামন, বেঁটে, যাহার বা'ড় নাই (stunted)। ২ স্বাভাবিকবৃদ্ধিহীন (ফলাদি)। [কুরকুটে বা গুরগুটে মারা—বেঁটে হ'য়ে যাওয়া ; বাড় না থাকা।]

কুরকুর১ '-র্-র্' বি [ধ্বন্যাত্মক ; সং 'কুর্কুর'—মূল ; হি কুরকুর ; ঠ কুরকুর] ১ কুকুরের ছানা ডাকার সঙ্কেত। "আয়্ কুরকুর ! ২ কুরুণীতে কোরার শব্দ ; কুরুণীর সরু দাঁতে কাটার শব্দ।

কুরকুর২ 'র্-র্' বি [গরগর >°র ; ঠ কুরকুর—grumbling, murmuring ; ভাবাত্মক ; অপ্র] ক্রুদ্ধভাব। "সামির পাতে অন্ন খায় কুরকুর করিয়া।—গো.চ ৭৫। [কুরকুর করা—রাগে গরগর করা।]

কুরঙ্গ পুং [√কৃ >অঙ্গ (অঙ্গচ্)-ক, বাহুলকে, কৃ >কুর্, উ ১.১১৮ ; স্ত্রী -ঙ্গী] ১ ঈষৎ-তাম্র (তামাটে রঙের) হরিণবিশেষ। 'ন কৃষ্ণো ন চ তাম্রশ্চ কুরঙ্গঃ সোঽভিধীয়তে (সুশ্রুত, ১.৪৬.৫৬)। ২ হরিণ। "নয়নকুরঙ্গতরঙ্গ গী.গো ১২.১৯। কুরঙ্গমাতঙ্গপতঙ্গভৃঙ্গমীনাঃ হতাঃ পঞ্চভিরেব পঞ্চ।—ভ, শ্রীধরটীকা। °নয়না ভা.চ ৬০৪। —ঙ্গক পুং [°ঙ্গ >ক (কন্) স্বার্থে ; স্ত্রী -ঙ্গিকা] ১ সর্থ 'কুরঙ্গ'। ২ মুদ্গপর্ণী। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ >স্ত্রী ঈ (ঙীপ্)] হরিণী। "°দৃশ গী.গো ১২.১৩।

কুরঙ্গগঞ্জন বিং [ষ.ত ; স্ত্রী -নী] কুরঙ্গের তিরস্কারক ; কুরঙ্গদর্পনাশন। "কুরঙ্গগঞ্জন বিলোচন ক.চ ১৯।

কুরঙ্গনয়না, -নেত্রা স্ত্রী [উ.বহুব্রী ; স্ত্রী আ (টাপ্) ; (বিকল্পে) -নী] যে স্ত্রীর নয়ন কুরঙ্গনয়নের ন্যায় ; সুনেত্রা নারী ; বিশালাক্ষী, সুন্দরী। "সর্ব্বে ত্বদ্‌বিরহানলেন সততং গোবিন্দ দৈন্যং গতাঃ, কিন্ত্বেকা যমুনা কুরঙ্গনয়নানেত্রাম্বুভির্বর্দ্ধতে।—উদ্ভট।

কুরঙ্গনাভি পুং [ষ.ত] কুরঙ্গের নাভি, অর্থাৎ নাভিস্থিত গন্ধদ্রব্য ; মৃগমদ, কস্তূরী। তু 'মৃগনাভি'।

কুরঙ্গম পুং [কু+রঙ্গ+ √মা+অ (ড)-ক ; তু 'তুরঙ্গ—তুরঙ্গম'] সর্থ 'কুরঙ্গ'।

কুরঙ্গমদ পুং [ষ.ত] 'কুরঙ্গের গর্ব্ব-হেতু', কস্তূরী। তু 'মৃগমদ'। "বিলিখতি…কুরঙ্গমদেন ভবন্তম্ গী.গো ৪.৬।

কুরঙ্গলাঞ্ছন পুং [বহুব্রী] 'কুরঙ্গলক্ষণ', চন্দ্র।

কুরঙ্গিণী বি [কুরঙ্গ+ইনী ; সং কুরঙ্গী ; হি কুরংগিন] হরিণী, মৃগী। "যৈছে কুরঙ্গিণী শুনই সঙ্গীত বি.প ৪০। কুরঙ্গিণীসঙ্গে রঙ্গে নাচিতাম বনে মে ১১৮।

কুরচি১ বি [কুড়চি >°চি] ১ কুটজবৃক্ষ ; কুটজপুষ্প। ২ [দ্র 'কুড়িশা'] ছোট-আঁইস পোনাজাতীয় ক্ষুদ্র মৎস্যবিশেষ। [কুরচি বাটা—বাটাজাতীয় কুরচি।]

কুরচি২**, -চী** বি [আ কুরসী] বংশাবলী, পিতাপুত্রাদিক্রমে বংশাবলীর নাম (genealogy)। [কুরচিনামা (আ কুর্‌সীনামহ্)—বংশীয়গণের তালিকা (genealogical table)]

কুর(রু)ণী, -নি বি [√কুর—কুরণ, কুরণী, -রুণী ; হি কুরনী ; ঠ কোরণী ; কোরানি (ঢাকা), কোরন (যশোহর), কুরনী (মালদহ), কুরুন (চব্বিশপরগনা), কুরনী (বীরভূম)] নারিকেল-প্রভৃতি কোরার জন্য দাড়াবিশিষ্ট বৃত্তাকার লৌহাস্ত্রবিশেষ। "কুরুণীতে কুরিয়া আনিবে নারিকেল ক.চ ৩১। [কুরুণ-কাঠ—১ কুরুণীতে সংলগ্ন বক্র কাষ্ঠখণ্ড ; কুরণীর বাঁট বা আছাড়। ২ (সাদৃশ্যে) শীর্ণ দীর্ঘকায় কোল-কুঁজা লোক।]

কু(কো)রণ্ড পুং [√কুর্ শব্দ+অণ্ড (অণ্ডক্)-ক ; কু+অণ্ড ?] অণ্ডবৃদ্ধিরোগ, মুষ্কবৃদ্ধি, কোঁড়ল (Hydrocele)। "কোঁকাল্য কুরণ্ড যেন কুকুরের ছাঁ শি ২৮।

কুরতা, কু(কো)র্ত্তা বি [র্ক কুর্‌তা] মাথা গলাইয়া পরার মত পুরুষের একপ্রকার জামা (tunic)। "নিকটে একজন কালোকোর্ত্তা কনষ্টেবলও দেখিলাম ব.প্র ৬৪৩।

কুরতি, -তী, কুর্ত্তি, -র্ত্তী বি [ফা কুর্‌তি ; হি কুরতা ; কুরতী (স্ত্রীলিঙ্গ)] ১ স্ত্রীলোকের পরিধেয় ফতুয়ার মত একপ্রকার জামা (bodice)। "গায় একটী সাটিনের চোস্ত লম্বা কুরতি ছিল লী ১১। ২ সৈন্যের পরিধেয় আঁটা একপ্রকার জামা (soldier's jacket)। "সেপাই সঙ্গে কত রঙ্গে কুর্ত্তি লালেলাল ব.প ১৪৩০। ছোট ছোট তেলেঙ্গাগুলি কাল কুর্ত্তি গায়।—পলাশিযুদ্ধের ছড়া। রাঙা কুর্ত্তি গায়, বেতের টোপ মাথায়। এসেছে রাঙ্গা গোরা পালাব কোথায়।—তিতুমীরের বিদ্রোহের ছড়া। গায়ে কালো…কুর্ত্তি.চ.কা ৮৪]

কুরনিশ, -স, কুর্ণিশ, -স বি [ফা কোর্‌নিশ্] রাজা পাতশাহ প্রভৃতির প্রতি সম্মানসূচক প্রণতিবিশেষ বা সেলাম্ (salutation, homage)। "করপুটে পৃথ্বীনাথে কুর্ণিশ করিল শ্রী.মা ৩৯ ; কুর্ণিশ করিল কালু ১২০ ; ১৮২। বাবুজি কুর্ণিস মেরা বি.সু ৮ ; সিফাই সান্তিরি যারা, কুরনিস করে তারা ১৪৮। কুর্ণিস্ করে ঢোকে মাথা নুয়ে, পিছু হটে যায় মাটি ছুঁয়ে ছুঁয়ে।—কা ১১১,-৩। সার্জনেরা টুপি খুলিয়া কুরনিস্ করিল আ.দু ৪৯।

কুরব পুং [নি.স] ১ কুৎসিত রব ; কুৎসিত শব্দ। ২ কর্কশ রব ; কঠোর স্বর। "যদি এ দাসীর রব, কুরব ভেবে মাধব, না শুনেন, শুনিবেন তোমার বচন মা ১৫৮। ৩ সিতমন্দার। ৪ কুরবক। ৫ রক্তঝিণ্টী। ৬ পীতঝিণ্টী। ৭ (বাঙ্‌লার) দুর্নাম, কলঙ্ক, অপযশ। "কুরব-শ্রবণে রায় নীরব বদন ব.প ৯৩৯। ৮ দুর্নিমিত্ত-সূচক শব্দ ; অশুভরব। "কুলকুল কুরব শ্রী ১৬২,-৭৯।

কুর(রু)বক পুং [কুরব + ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'কুরব' (৫) "কুরবকা রবকারণতাং যযুঃ রঘু ৯.২৯। কুরবকবৃতেঃ উ.মে ১৭। চম্পক কুরুবক ম ৪১৫ ; ১১৭৬। ২ সর্থ 'কুরব' (৬) [রমণীর আলিঙ্গন ইহার দোহদ (উ.মে ১৭, মল্লিনাথ)]। —ক ক্লী কুরবকপুষ্প। "চূড়াপাশে নবকুরবকম্ উ.মে ২। কুরুবক ম.ম ৭। কুরুবকের পরত চূড়া চ.কা ৩৩৮। মাধবীমণ্ডপোপরে, কুরুবক শোভা করে।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।

কুরবানী, কুর্ব্বানি বি [আ কুরবানী] মুসলমানশাস্ত্রানুসারে দেবোদ্দেশে দত্ত বলি ; জবাই।

কুরর পুং [√কুর্ শব্দ+অর (ক্রন্)-ক, উ ৩.১৩৩ ; স্ত্রী -রী ; ধ্বন্যাত্মক] চিলজাতীয় পক্ষিবিশেষ ; উৎক্রোশ, কুরল, কুলোপাখী (Osprey)। [ইহারা উচ্চরবে ডাকে, এইজন্য নাম 'উৎক্রোশ'। সাহিত্যেও ইহার রব উচ্চরবের উপমানরূপে ব্যবহৃত হয়।] "হংস° গো.রা ৩.১৫.৬। ক্রৌঞ্চ° মহা ৩.৬৪.২১৩। —রী [স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কুররস্ত্রীজাতি ; কুরলী, উৎক্রোশী। "ক্রোশন্তীং কুররীমিব।—মহা ১.৬.১২ ; রোরূয়মাণাং কুররীমিব ২.৭০.১ ; ক্রন্দমানামত্যর্থং কুররীমিব ৩.৬৩.২০। চক্রন্দ বিগ্না কুররীব রঘু ১৪.৬৮। কুররীগণঃ কৃতরবঃ কি ৫.২৫। কুররি

বিলপসি স্বম্ ভ ১০.৯০.১৫। কুররী পক্ষিণীপ্রায় কান্দে উমা বলে ব.প ১৪৫। কান্দিবে রুক্মিণী ধনী কুররীর পারা শি ২১। কুরর কুক্কুট কঙ্ক (পাঠান্তর) ক.চ ১২৫। ২ কুরর-স্ত্রীজাতি। "কা ২৯। ৩ মেষী। "যূথবিরহিতা কুররী সী ৪৯।

কুরল পুং [কুরর > °ল; স্ত্রী -লী] ১ সর্থ 'কুরর'। "কুরলী কুরল ভা.চ ১২৫। ২ চূর্ণকুন্তল। —লী স্ত্রী সর্থ 'কুররী'। দ্র 'কুররী' (১)।

কুরস বিণ [বহুব্রী; স্ত্রী -সা] যাহার রস কুৎসিত; কটুস্বাদ। —রস পুং ১ মদ্যবিশেষ। ২ [নি.স] কুৎসিত রস; কটু স্বাদ। —সা স্ত্রী গোজিহ্বালতা।

কুরসী, কুর্সী, খুরসি বি [আ কুর্‌সী] সিংহাসন, কাষ্ঠাসন, চেয়ার্, টুল্, চৌকী। "চৌথাট কুরসী বি.পা ২১৯। নাগের খুরসি ব.প ২৯৮।

কুরী বি [হি কোরী] বস্ত্রবয়নব্যবসায়ী হিন্দুজাতিবিশেষ; হিন্দু জোলা। "ভা.চ ২৭৩।

কুরু[১] পুং [√কৃ+উ (কু)-ক, উ ১.২৪; ছান্দস] ১ চন্দ্রবংশীয় রাজবিশেষ। [ইনি সূর্য্যকন্যা তপতীর গর্ভজাত, সংবরণের পুত্র। ইঁহারই তপস্যাহেতু সমন্তপঞ্চক 'কুরুক্ষেত্র' নামে অভিহিত হইয়াছে (মহা ১.৯৪)। "(সংবরণ) সূর্য্যকন্যা বিভা কৈল নামেতে তপতী॥ তাহার নন্দন কুরু বিখ্যাত ভূতলে। কুরুক্ষেত্র কৈল রাজা নিজ পুণ্য-বলে॥—ম ৮১] ২ অগ্নীধ্ররাজের পুত্র কুরুবর্ষপতি (ভ ৫.২.১৯-২১)। —রু (বহুব) ১ জম্বুদ্বীপের অন্তর্গত বর্ষবিশেষ; উত্তরকুরু (ভ ৫.১৬.৮)। "উত্তরাঃ কুরবঃ পা ১.১.৩৪। ২ 'কুরু' নামক জনসমূহ (name of a people)। ৩ কুরুগণের নিবাস জনপদবিশেষ (ইহা পঞ্চালের সন্নিহিত ছিল। তু 'কুরুপঞ্চাল')। "কুরূণামধিপস্ত কি ১.১; ১৭। ৪ কুরুরাজগণ। "পা ২.৪.৬২। ৫ [কুরু+য(ণ্য) তদপত্যার্থে, প্রত্যয়-লোপ, পা ৪.১.১৭২] কুরুর অপত্যগণ; ভীষ্মাদি কুরুবংশীয়গণ। "°নন্দন, °প্রবীর, °বৃদ্ধ, °রাজ, °শ্রেষ্ঠ, °সপ্তম (S.W.)। পশ্যৈতান্ সমবেতান্ কুরূন্ গী ১.২৫। কুরু হৈতে যেদিন. গোধন কৈলে ত্রাণ ম ৬৫৮; কুরুপতি ৯৬৬। কুরু-অধিকারী (যুধিষ্ঠির) অ.প ১৯। ৬ কুরুক্ষেত্র। "মা গঙ্গাং মা কুরূন্ গমঃ মনু ৮.৯২। ৭ দুর্য্যোধনাদি কৌরব। "ভেদঃ কুরুপাণ্ডবয়োরভূৎ।—মহা ১.৬১.৪। ৮ (বাঙ্‌লায়) কৌরব ধৃতরাষ্ট্র। "কুরুসুত ম ৯৬৬; সমান সম্বন্ধ তব কুরুপাণ্ডু সনে ১০০৯। ৯ দুর্য্যোধন। "হেট মাথা করিয়াছে কুরু মহামতি ম ৯৬৬। [°নন্দন (পুং)—১ 'কুরুহর্ষবর্দ্ধক', যুধিষ্ঠির। "ভ ১.১৩.৫৯। ২ অর্জ্জুন। "গী ২.৪১। °পতি (বি)—১ ধৃতরাষ্ট্র। "ম ৩৬১। ২ দুর্য্যোধন। "ম ৯৬৫। °পাণ্ডব (পুং)—কুরুগণ ও পাণ্ডবগণ। "মহা ৯.৬১.৪। °বংশ (বি)—কুরুকুল। "°পতি ম ১১৮। °বর্ষ (ক্লী)—উত্তরকুরু। °বৃদ্ধ (পুং)—কুরুশ্রেষ্ঠ ভীষ্ম। "গী ১.১২। °মণি (বি)—কুরুশ্রেষ্ঠ। "ম ৭১১। °শ্রেষ্ঠ (পুং)—'কুরুপ্রধান', অর্জ্জুন, ভীষ্ম। "গী ১০.১৯। ম ১৯২। °সত্তম (পুং)—কুরুশ্রেষ্ঠ, অর্জ্জুন। "গী ৪.৩১।]

কুরু[২] সং, ক্রি [√কৃ+হি (অনুজ্ঞা-মধ্যমপুরুষের -১ব)] কর, করুন। "করুণা কুরু দেবী ম.পা ১; কৃপাং কুরু নারায়ণী ৬৬; ৮৮। করুণাঙ্কুর কালি বি.সু ৬০। বা.দ ১৩। কেশব কুরু করুণা দীনে গি.দ্বি ৬০।

কুরুই বি [সং ক্রূর (কঠিন) > হি 'কূর'—মূল (?)] কাঁকর।

কুরুক্ষেত্র ক্লী [উ.লো] ১ কুরুদেশান্তর্গত (নীলকণ্ঠ) বা কুরুরাজ কর্তৃক কৃষ্ট (মহা ৯.৫৩.২) ক্ষেত্র; তীর্থবিশেষ। [ইহার আদি নাম 'সমন্তপঞ্চক'। 'এই স্থানে মৃত ব্যক্তি পুণ্যলোক প্রাপ্ত হইবে' এই অভিপ্রায়ে, কুরুরাজ উগ্র তপস্যায় এই ক্ষেত্র কর্ষণ এবং ইন্দ্র হইতে ঐ প্রকার বর লাভ করেন। তদবধি ঐ স্থান 'কুরুক্ষেত্র' নামে প্রসিদ্ধ (মহা ৯.৫৩)। কুরুর তপস্যা ও মৃতের পুণ্যলোকপ্রাপ্তি হেতু, কুরুক্ষেত্র 'ধর্ম্মক্ষেত্র' (মহা ৯.৫৩)। ইহা ব্রহ্মর্ষিদেশের অন্তর্গত (মনু ২.১৯)। ইহা দ্বাদশযোজনব্যাপী (কুরুক্ষেত্রং দ্বাদশযোজনাবধি—অ.চি)।] ২ (বাঙ্‌লায় গৌণার্থে) মহা বিবাদ; তুমুল ঝগড়া। [কুরুক্ষেত্রের যুদ্ধ —(সাদৃশ্যে) মহাকলহ। "যাহার অনেকগুলি চাকরাণী, তাহার বাড়ীতে নিত্য কুরুক্ষেত্রের যুদ্ধ ব.প্র ২৬৫।]

কুরুক্ষেত্রি(ত্রী)যোগ পুং ১ কুরুক্ষেত্রসম্বন্ধী যোগ; এক সাবন দিনে (এক সূর্য্যোদয় হইতে পর দিনের সূর্য্যোদয়পর্য্যন্ত সময়ে) তিথিত্রয় নক্ষত্রত্রয় ও যোগত্রয়ের স্পর্শ। ২ কুরুক্ষেত্রে মৃত্যুসূচক যোগবিশেষ।

কুরুচি বি [নি.স] ১ কুৎসিত রুচি; অপ্রীতি, বিরাগ। ২ জঘন্য রুচি; বদরুচি। ৩ [সং কুটজ] কুটজবৃক্ষ; কুটজপুষ্প। "কুরুচি গোলাপ কু ৩৪৯।

কুরুজাঙ্গল ক্লী [উ.লো; তু 'কুরুজাঙ্গলান্ (পুং)—কুরবশ্চ জাঙ্গলাশ্চ দেশবিশেষাঃ তান্ (ভ ১.৪.৭, শ্রীধর)] কুরুপদ, অর্থাৎ কুরুর নামে বিখ্যাত জাঙ্গলদেশ; কুরুক্ষেত্র। 'তস্য নাম্নাভিবিখ্যাতং পৃথিব্যাং কুরুজাঙ্গলম্॥ কুরুক্ষেত্রং স তপসা পুণ্যং চক্রে মহাতপাঃ।—মহা ১.৯৪. ৪৯-৫০। রা ২.৬৮.১৩।

কুরুণ্ট, -ণ্টক পুং পীতঝিণ্টী। "কুরুণ্টক কুরুবক ম ১১৬৬।

কুরুণ্ডিয়া, কুরুণ্ডে বিং [সং কুরণ্ড >বা কুরুণ্ড+ইয়া[২], -এ[৭]] কুরণ্ডযুক্ত, কুঁড়ুলে। "গোদা কুঁজো কুরুণ্ডে ভা.চ ৪১০।

কুরুয়া বি [?] উকুন (?)। "মাথা গোটা কেচরা তাত কুরুয়ার বাসা বি পা ৩৩২।

কুরুরাজ পুং [কুরুর রাজা, ষ.ত, সমাসান্ত অ (টচ্)] ১ কুরুগণের অধিপতি (যুধিষ্ঠির)। "মহা ১৬.১.৭। ২ দুর্য্যোধন। ৩ (বাঙ্‌লায়) কুরু রাজা; রাজা কুরু। "ম ৯৬২।

কুরুরায় বি [কুরু+রায়] ১ কুরুরাজ, দুর্য্যোধন। "কৃষ্ণবাক্য মনে করি মারি কুরুরায় ম ৯৬৬,-৭। ২ কুরুনামক রাজা। "সেই ক্ষণে চাবে ক্ষমা দেন কুরুরায় ম ৯৬২।

কুরূদ্বহ পুং [কুরুগণের উদ্বহ, ষ.ত] কুরুধুরন্ধর (যুধিষ্ঠির)। "দদর্শ··· নিমিত্তানি কুরূদ্বহঃ ভ ১.১৪.২।

কুরূপ বিণ [বহুব্রী] কুৎসিতরূপ, কদাকার, বিশ্রী। "পঞ্চ ৫.১৯। কুরূপা কুঁজী কৃ ৮৯। —প বি [নি.স] কুৎসিতরূপ; কদাকার। —রূপী (-পিন্) বিণ [°প+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -পিণী] কুরূপবান্, কদাকার। "কুরূপিণী ব.প ৮২৬।

কুরূপ্য ক্লী [নি.স] কুৎসিত রূপ্য; রঙ্গ, রাঙ্।

কুর্কুর পুং [কুর্+√কুর্ শব্দ+অ (ক)-ক; ধ্বন্যাত্মক—কুর্‌কুর্ ডাক হেতু নামকরণ। ছান্দস—কুর্কুরাবিব কূজন্তৌ (অথর্ব্ববেদ); স্ত্রী -রী] কুক্কুর। "উপকর্ত্তুমপি প্রাপ্তং নিঃস্বং মন্যন্তি কুর্কুরম্ (পাঠান্তর)।—পঞ্চ ২.৯৭।

কু(কূ)র্দ্দ অক [ভ্বা, আ—কু(কূ)র্দ্দতে; সেট্] ক্রীড়া, কোঁদা।

কু(কূ)র্দ্দন ক্লী [√কু(কূ)র্দ্দ্+অন (ল্যুট্)-ভা] ১ ক্রীড়া। "পল্লীবাল ভুলিয়াছে ধাবন কূর্দ্দন প.তৃ ১৫। ২ উৎপতন, উল্লম্ফন। "অঙ্গুলি-মাত্রমপি কূর্দ্দনশক্তির্নাস্তি।—পঞ্চ ২৪১। —নী স্ত্রী [+অন-ধি+স্ত্রী ঈ (ঙীপ্)] চৈত্রপূর্ণিমা।

কু(কূ)র্পর পুং [√কুর্ ছেদন+অর (অরন্) বাহুলকে, প (পুক্) আগম (অ.টী); নিপাতনে দীর্ঘ] ১ কফোণি, কনুই। ২ জানু। ৩ (বাঙ্‌লায়) অধীন। দ্র 'কূপ্পর'। "নীচসেবা না করে, নহে নীচের কূর্পর (পাঠান্তর 'কূর্পর') চৈ.চ ৭৫।

কু(কূ)র্পাস, -সক পুং, ক্লী [কু(কূ)র্পরে আস (স্থাপ্য), পৃষো, ক(কন্)স্বার্থে] কঞ্চুলিকা। "ঋতু ৪.১৬; ৫.৮। মাঘ ৫.২৩।

কুল্ সক [ভ্বা, প—কোলতি ; সেট্] রাশীকরণ, সংঘাত। —**ল্** অক বন্ধুভাব, মৈত্রীকরণ।

কুল১ ক্লী [√কুল্+অ(ক)-ক ; কোলয়তি সংহতীভবতি (অ.টী) ; বৈদিক] **১** অন্বয়, গোত্র, বংশ। "°ঘ্ন, °দূষণ, °ধর্ম্ম, °পতন, উচ্চৈঃকুল, নীচ°, মহা°। জনকস্য কুলে জাতা রা ১.১.২৭। নরপতিকুলভূত্যৈ রঘু ২.৭৫। কুলে মহতি সম্ভূতাম্ ৭.৭৭। বামা কুলস্থাধয়াঃ শ ৪.১৮। অজ্ঞাতকুলশীল হি ১.৫৭। বিশালকুলসম্ভব।—চাণক্য। একুলে ওকুলে, দুকুলে গোকুলে, আপনা বলিব কায় চ.দা ১৪৬। একুল ওকুল, দুকুল চাহিতে, সংশয় পড়িল রাধা জ্ঞা ১৬২। °মান মে ৬ ; ২৩। রঘুকুল-ধুরন্ধর সী ৫। **২** সদ্বংশ, উচ্চৈঃকুল। "কুলে জাতঃ গো.রা ৬.১০০.১৮। কুলে জন্ম।—পঞ্চ ৫.২। দৈবায়ত্তং কুলে জন্ম বে ৩.৩৫। কুলশীল-রূপবান্ ক.চ ১৯ ; আমি কুলের নন্দিনী ৬৮। কুলনারী, চ.সা ৩১। **৩** আচারাদি নবগুণান্বিত বংশ। "নবধাকুললক্ষণম্। **৪** কুলমর্য্যাদা, আভিজাত্য। "কিং পিতুরুৎকুলয়া ত্বয়া শ ৫.২৬। তোমা সম নহে কুলে ক.চ ১১৭। কুলের বৈরী যে কালা চ.সা ৩২। কাজ কি গো কুল!...আমিত সঁপেছি কুল, অকুলকাণ্ডারীর করে দা ২৭২। **৫** জাতি। "ব্রহ্ম°, °দৈব ভ ৯.৯.৪৪। কুলাভিমানী কি ১.৩১। জন্ম রক্ষঃকুলে, তোর : ক্ষত্রকুলগ্লানি মে ২০০। **৬** [+অ ঘঞর্থে-ভা] রাশীকরণ, সংঘাত। **৭** সজাতীয়গণ, তজ্জাতিসমূহ। "অলি°, কপোতকুক্কুট°, গো°, মহিষ°, শিখি°। মৃগ° শ ২.৬। গোকুলের কুল সব হক প্রতিকূল দা ২৭২। রাজকুলমণি মে ৬ ; রাক্ষসকুলরক্ষণ ৭ ; রাক্ষসকুল-পতি ৮ ; কলম্বকুল ১০ ; মহারথীকুল ৩২। **৮** [কু (ভূমি) + √লা+অ(ক)-ক ; উ.ত] জনপদ, দেশ। **৯** গৃহ, ভবন। "গুরু°, দেব°, বৈশ্য°। আচার্য্যকুলবাসী।—(ছান্দোগ্য)। শক্র° মনু ৮.৯৩। পতিকুলে তব দাস্যমপি ক্ষমম্ শ ৫.৩৬। যদি কালী কূল দেন কুলে আগমন ভা.চ ২৬৪। **১০** ষড় গবাকৃষ্টহলদ্বয়ে যত ভূমি কৃষ্ট হয়, তাবদ্ভূমি। "মনু ৭.১১৯। **১১** দেহ। **১২** অগ্র (শ.ক)। **১৩** নীলপ্রস্তর (A.)। **১৪** (তন্ত্রে) জীবদিক্‌কালাদি (ত.বা)। "সে যে অকুলতারণ, কুলের কারণ, কুল ছেড়ে না পরের বোলে।—রামপ্রসাদ। **১৫** কুণ্ডলিনীশক্তি। "কলিকল্মষকৃন্তনি কুলমাতা দু ৬১। **১৬** (বাঙলায়) সতীধর্ম্ম, সতীত্ব। "কুল শীল নাশে, কালিয়া প্রেমের মধু চ.দা ১১। কুলে দিয়া ছাই, ভজি উহারে ভা.চ ২৭৬। কুললেশ কুলজার বা.দ ১৫১। **১৭** বল্লাল-প্রবর্ত্তিত কৌলীন্য। "কুল কি খাব ধুইয়া ব.প ১৪৩৩। —**ল** পুং কুলিক, শিল্পিকুলপ্রধান। —**ল** বিণ শ্রেষ্ঠ (ত.বা)। [কুল করা—সঘরে কন্যা দান করিয়া কৌলীন্য রক্ষা করা। "কি বলিলে পোড়ামুখ কুল করিতে যায় ব.প ১৪৩২। কুল ভাঙা—অঘরে কন্যাদান করিয়া কৌলীন্যভঙ্গ করা। কুল যাওয়া—কুলক্রিয়াভাবে কৌলীন্য নষ্ট হওয়া। কুল রাখা—**১** কৌলীন্য রক্ষা করা। **২** সতীধর্ম্ম রক্ষা করা। "শ্যাম রাখি কি কুল রাখি। **৩** কুলীনের সম্মান দিয়া কুলমর্য্যাদা রক্ষা করা। কুলের কথা—কুলমর্য্যাদার বা কৌলীন্যের বিষয়। কুলের কাঁটা—কুল-মর্য্যাদার প্রতিবন্ধক। কুলের চেরাক্ বা ধ্বজা (নিন্দার্থে)—কুলকলঙ্ক। কুলের প্রদীপ—যে প্রদীপের ন্যায় কুল উজ্জ্বল করে ও সর্ব্বত্র প্রকাশ (বিখ্যাত) করে ; কুলমণি, কুলধুরন্ধর। কুলের বাহির হওয়া—**১** কুল-ধর্ম্ম ত্যাগ করিয়া ধর্ম্মান্তর গ্রহণ করা। **২** সতীধর্ম্ম ত্যাগ করিয়া ব্যভিচারিণী হওয়া। কুলে কাঁটা দেওয়া—কুকার্য্যে কুলগৌরব কণ্টকিত বা নষ্ট করা। কুলে কালী দেওয়া—কুলে কলঙ্কারোপ করা ; বংশের অযশ করা। কুলে ছাই বা জলাঞ্জলি দেওয়া—সতীধর্ম্ম নষ্ট করা ; কুলত্যাগ করা। দ্র 'কুল১ (১৬)। কুলে থাকা—কুলধর্ম্মে থাকা ; সতীত্ব রক্ষা করা।]

কুল২ বি [ছান্দস—'কূড়ী, কূদী' (Vedic Index) ; সং কোলি, -লী, কোল ; ড় কুলী] কুলগাছ ; কুলফল (jujube)। "ক.চ ৪৪। [°আঁঠি—কুলের বীজ ; (সাদৃশ্যে) কুল-আঁঠির মত দৃঢ় মাংসপিণ্ড ; ঘাঁটা (নদীয়া)।]

কুল(লু)ইচণ্ডী বি ['√কুলা'—মূল] চণ্ডীদেবীবিশেষ। "আমার নাম শিব দণ্ডী,...কুলুইচণ্ডী,—তিনি ঘরে ঘরণী দা ১৫৯৩। [ইনি ভক্তের অভাব কুলান (অর্থাৎ পূর্ণ করেন), এই জন্য ঐরূপ নামকরণ। বোধ হয়, 'কুলান' শব্দের সংস্রব হেতু, ইঁহার পূজায়, স্ত্রী-আচারে 'কুলে'র ডাল পুতিয়া ঘট পাতা ও আলপনা-দেওয়া 'কুলা'র ব্যবহার প্রচলিত হইয়াছে।]

কুল-ওঝা বি কুলের গুরু ; কুলপুরোহিত। "কুল-ওঝা...আইলা ধর্ম্মকেতু-সন্নিধান ক.চ ৪৬।

কুলক বিণ [কুল+ক (কন্) স্বার্থে] শ্রেষ্ঠ, কুলশ্রেষ্ঠ (ত.বা)। —**ক** পুং **১** শিল্পিকুলপ্রধান। **২** বল্মীক। **৩** হরিতসর্প। **৪** মরুবক বৃক্ষ। —**ক** ক্লী **১** পটোললতা, পল্‌তা। **২** পটোলবিশেষ, তিত্‌পল্লা (শ.ক)। **৩** পরস্পরসম্বদ্ধ চতুরধিক শ্লোকসমূহ। 'পঞ্চভিঃ কুলকং মতম্ সা.দ ৬.৩১৪। রঘু ১.৫, মল্লিনাথ। অষ্টভিঃ কুলকেন মাঘ ২.১৪, মল্লিনাথ। **৪** স্বল্পসমাসযুক্ত গদ্যবিশেষ (A.)। তু 'চূর্ণক'। **৫** [+ক (কপ্) সমাসান্ত] সমূহ, বৃন্দ। "উদ্ভিদ্যমানরোমপুলককুলকঃ ভ ৫.৭.১২।

কুলকজ্জল পুং [ষ.ত] কুলের কজ্জল, অর্থাৎ তৎসদৃশ মালিন্যজনক ; বংশদূষণ, কুলাঙ্গার। "বৈদিককুলে এমন কুলকজ্জল কেহই জন্মগ্রহণ করে নাই স.এ ৪৪।

কুলকণ্টক পুং [ষ.ত] কুলের কণ্টকতুল্য ; কুলপীড়াকর ; কুলক্ষয়কর। "মহা ১.১৭০.১৫, নীলকণ্ঠ।

কুলকন্যকা, -কন্যা স্ত্রী [ষ.ত] সদ্বংশের কন্যা ; সৎকুলজাতা বালা। "কুলকন্যকাজন মা.মা ৭.১।

কুলকর, -কর্ত্তা (-র্ত্তৃ) পুং [ষ.ত] কুলের প্রতিষ্ঠাকর্ত্তা ; গোত্র-প্রবর্ত্তক, বংশকর্ত্তা। "(নৃপম্) কুরূণাং কুলকরম্ মহা ১.১৭২.৩ ; ৩.১৮৪.৩ ; °র্ত্তা ১৫.৩৬.৩২।

কুলকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [ষ.ত] বংশগত ক্রিয়াবিশেষ ; কুলব্রত।

কুলকলঙ্ক পুং [ষ.ত] **১** কুলের অপবাদ বা অকীর্ত্তি। **২** কুলের কলঙ্ককারক ; কুলপাংশুল। —**ঙ্কিত** বিণ [°ঙ্ক+ইত (ইতচ্)] জাতকুলকলঙ্ক, কুলাপবাদযুক্ত। "কথাং কুলকলঙ্কিতাম্ ক.সা ২১৬।

কুলকলঙ্কিনী বিং [ষ.ত] কুলের কলঙ্ককারিণী ; যে নারী চরিত্র-দোষে বংশ কলঙ্কিত করে ; কুলপাংশুলা। "কুলের রমণী, কুলকলঙ্কিনী ক.চ ২১৮। কুলকলঙ্কিনি!—ভা.চ ৩৭০। ম্লেচ্ছগলে দিলি মালা কুল-কলঙ্কিনি!—কা ৪৭।

কুলকামিনী, -বনিতা বি সৎকুলের স্ত্রী ; কুলীনা রমণী ; সতী স্ত্রী। "কুলকামিনী ভএ কুলটা ভেলিহু বি.সা ৩২২। কুলবনিতা-কুচকুঙ্কুমাঙ্কিত কুসুমিতকুন্তল-বদ্ধ গো ৮৫। রসাভাষে, রামকে ভাবে, যত কুলকামিনী ঃ বলে কুলবনিতা, জনকদুহিতা, রামের বামে বসায়ে দা ১০৫৭।

কুলকুচা, -কুচো বি [ধ্বন্যাত্মক—মুখে বদ্ধ ও আলোড়িত জলের শব্দ 'কুল, কুলকুল' এবং জলত্যাগের শব্দ 'কুচ্'—'কুলকুচো' ; 'কুলকুলো' গ্রাম্য ; অস কুলকুলিয়া ; আ কু.ল্‌কু.ল্—gurgling] মুখমধ্য-শোধনার্থ মুখে বদ্ধ জলের আলোড়ন ও ত্যাগ ; কুলি (gurgle)। [কুলকুচা করা—তাদৃশ ক্রিয়া করা।]

কুলকুণ্ডলিনী, -কুণ্ডলী স্ত্রী [উ.লো] কুলে (মূলাধারচক্রে সার্দ্ধত্রিবলয়াকারে স্বয়ম্ভুলিঙ্গবেষ্টনপূর্ব্বক) স্থিতা (অতএব) কুণ্ডলাকৃতি শিবশক্তি ; মূলাধারস্থিত নিদ্রিত শিবশক্তিবিশেষ। "কুলকুণ্ডলিনী কর

কাতরে নিস্তার কৃ ৩৫০। জাগ জাগ জননি! মূলাধারে নিদ্রাগত, কতদিন গত, হল কুলকুণ্ডলিনি!—দা ২১৫৫।

কুলকুল বি [কলকল >°ল (মৃদুতায়); হি °কুলানা; ঠ °ল] ১ জলপ্রবাহের ক্রমাগত মৃদু ধ্বনি। "কল্লোলিনী কলস্বরে করে কুলকুল স.শ ৮৩। কুলকুল স্বরে।—রঙ্গ ৮২। ২ (অপ্র) মেঘের মৃদুধ্বনি। তু 'গুড়গুড়'। "কুলকুল ডাকিয়া, …আঁধার করিল মেঘে শি ৯১। ৩ লোকের কলরব। "কুলি কুলি কলরব শুনি কুলকুল ভা.চ ৫৪৫। ৪ উদরাময়ে উদরস্থ তরলমলের শব্দ। "পেট কুলকুল কচ্ছে, বাহ্যে হবে। ৫ 'খলখল' অপেক্ষা মৃদু হাস্যধ্বনি। "কুলকুল ক'রে হেসে উঠা। ৬ [ভাবাত্মক] প্রচুর ঘর্ম্মপ্রবাহের ভাব (যেন কুলকুল শব্দে ঘর্ম্ম বাহির হইতেছে)। "কুলকুল ক'রে ঘাম বেরুচ্ছে। [কুলকুলিয়ে—কুলকুল শব্দ করে (হাসা)। কুলকুলিয়ে ঘামা—অত্যন্ত ঘামা।]

কুলক্রমাগত বিণ বংশধরগণের ক্রমানুসারে আগত; পুরুষানুক্রমে প্রাপ্ত, অর্থাৎ যাহা পুরুষে পুরুষে হইয়া আসিতেছে। "রা ২.১১০.৩৭, টীকা। কুলক্রমাগত ব্রহ্মচর্য্য।—কাদ ৫০।

কুলক্রিয়া বি [ষ.ত] ১ কুলের, অর্থাৎ কুলবতীর কার্য্য; সতীধর্ম্ম। "সুরধুনীতীরে যায়া, ভাসাইব কুলক্রিয়া, ভজিব সে গোরা গুণমণি ন.প ২৯৪। ২ কৌলীন্যানুরূপ বৈবাহিক কার্য্য; সঘরে কন্যাদান বা সঘরের কন্যাগ্রহণ।

কুলক্ষণ বিণ [বহুব্রী] যাহার অঙ্গে অশুভ চিহ্ন আছে; অশুভ-চিহ্নযুক্ত, অলক্ষণ। "ক.সা ৯১.১৭.১৯। —ণ ক্লী [নি.স] অশুভ চিহ্ন; দুর্নিমিত্ত। "জীবকুল-কুলক্ষণ (মে)।

কুলক্ষয় পুং [ষ.ত] বংশনাশ, স্বজনহিংসা। "গী ১.৩৭-৩৯।

কুলখাকী, -খাগী বিং যে নারী ব্যভিচারে বংশ কলঙ্কিত করে; কুলকলঙ্কিনী, ব্যভিচারিণী। "ভাল মন্দ তার ঘাড়ে আরের তা কি। উদরে ধরেছে কেন কুলখাকী ঝি॥—বি.সু ৭৯।

কুলগিরি, -পর্ব্বত, -ভূভৃৎ, -শৈল পুং [উ.লো, অথবা কর্ম্মধা] কুলনামক বা শ্রেষ্ঠ পর্ব্বত—মহেন্দ্র মলয় প্রভৃতি। "কুলগিরিরাজো মেরুঃ ভ ৫.১৬.৭। অষ্টমং কুলভূভৃতাম্ রঘু ১৮.৭৮। কুলশৈল ক.সা ১১৯.১৬। [জম্বুদ্বীপে—'মহেন্দ্রো মলয়ঃ সহ্যঃ শুক্তিমানৃক্ষপর্ব্বতঃ। বিন্ধ্যশ্চ পারিপাত্রশ্চ সপ্তাত্র কুলপর্ব্বতাঃ॥—বিষ্ণুপুরাণ ২.৩.৩। প্লক্ষ, শাল্মল, কুশ, ক্রৌঞ্চ ও শাকদ্বীপে এইরূপ সপ্ত সপ্ত কুলপর্ব্বত আছে; পুষ্কর-দ্বীপে একটি মাত্র আছে (দ্র 'বিষ্ণুপুরাণ, ২.৪র্থ অধ্যায়; 'কুলাচল')।]

কুলগুরু পুং [ষ.ত] ১ গৃহপতি। ২ বংশের গুরু; কুলাচার্য্য। "হা কুলগুরো বশিষ্ঠ সী ২২।

কুলঘ্ন বিণ [কুল+√হন্+অ (ক),+অ (টক্) অমনুষ্যকর্ত্তৃকে,-ক (পা ৩.২.৫৩); উ.ত; স্ত্রী -ঘ্না, -ঘ্নী] কুলহন্তা, বংশঘাতক। "গী ১.৪১। অসাধ্যশ্চাপি…কুলঘ্নাঃ মহা ১৩.৪৩.২১। ত্বামহং মন্যে কুলঘ্নীম্ রা ২.৩৫.৬।

কুল(লু)ঙ্গি, -ঙ্গী বি ['কুড্যাঙ্ক'—মূল?] কুড্যে (দেয়ালে) কৃত অঙ্কতুল্য দ্রব্যাদি রাখার স্থান; দেয়ালে কৃত ত্রিভুজাদি আকারের গর্ত্ত। "লোহার দেওয়ালময়,…চারিভিতে কাটিল কুলঙ্গী ম.ভা ২৮। কাব্য৹ কুলঙ্গিতে তোলা চ.কা ৩২৮।

কুলচুর বি গুড়ে মাখা পাকা কুলের চূর্ণের আচারবিশেষ।

কুলজ বিণ [কুল+√জন্+অ (ড)-ক: উ.ত] ১ সৎকুলে জাত; সদ্বংশজ, কুলীন। "মনু ৮.১৭৯। কি ১.৩১। ২ কুলক্রমাগত, পৈতৃক। "কি ১.৩১। কুলজ রীতি ছোড়লু যছু লাগি বি.প ১৮০। —জা স্ত্রী [°জ+স্ত্রী আ (টাপ্)] সৎকুলজাতা, নারী; কুলবনিতা, কুলবতী। "কুলজারীতি ছোড় জনু লাগি বি.সা ৩০৩। কত কুলজা কুল নাশ জা ৯২। বা.দ ১৫১।

কুলজন পুং [উ.লো] সদ্বংশজাত জন; কুলীন। "বড়ভাগ্যে পাই কুলজন ক.চ ১৯।

কুলজি, -জী, -ঞ্জী বি [কুলপঞ্জী > কুলঞ্জী, -জী, -জি; তু 'কুরচি, -চী'] বংশের পুরুষানুক্রমিক বিবরণ; বংশাবলীপঞ্জিকা, কুরচিনামা। "কহ দেখি তুমি চন্দ্রবংশের কুলজি কৃ ৭৮। কুকের কুলজী কই ব.প ৯৩৭। শ্রীবৈষ্ণবের কুলঞ্জী সম্পূর্ণ E.P. 3.

কুলট পুং [কুল হইতে অট (গামী), প.ত; শকন্ধ্বাদি; স্ত্রী -টা] কুল হইতে গত; ঔরস ভিন্ন পুত্র; দত্তকাদি পুত্র (Wilson)। —টা স্ত্রী [°ট স্ত্রী আ (টাপ্)] ১ যে নারী ব্যভিচারার্থ কুল হইতে যায়; ব্যভিচারিণী, অসতী। 'পতিকুলে থাকি যার অনেকেতে কাজ। কুলটা তাহারে বলে. পণ্ডিতসমাজ॥—ভা.চ ৬৮৫। "যাজ্ঞ ১.২১৫। পঞ্চ ১.১৮৭। কুলকামিনী ভএ কুলটা ভেলিহু বি.সা ৩২২। ২ যে নারী ভিক্ষার্থ গৃহ হইতে গৃহান্তর যায়; সতী ভিক্ষুকী। 'পা ৪.১.১২৭, সি। —টী স্ত্রী মনঃ-শিলা।

কুলটী '-ল্-' বি [ক্রোড়পট্টী (কোলপটী)--মূল; কোলটী > °টী] ১ স্থূলতা হেতু ক্রোড়ের (উদরের) মাংসপটী (থাক-থাক মাংস); মুদী। ২ মাছের কোলের পাতলা মাছ; মাছের পেটী।

কুলতন্তু পুং [ষ.ত] কুলের তন্তুতুল্য; তন্তুবৎ বংশবিস্তারকর শেষ বংশাবলম্বন সন্তান; বংশাঙ্কুর। "মহা ১.১১০৩।

কুলতি বি [সং কুলথ, -থিকা; হি কুলথী] কলায়বিশেষ।

কুলতিথি স্ত্রী [কর্ম্মধা] শ্রেষ্ঠ তিথি; চতুর্থী অষ্টমী দ্বাদশী ও চতুর্দ্দশী তিথি (তন্ত্রসার)।

কুলতিলক পুং [ষ.ত] কুলের তিলকতুল্য, শোভাকর বা শ্রেষ্ঠ; বংশাবতংস, কুলবর্য্য। "রঘু° (মহানাটক)। কৃ ১।

কুলথ পুং [কুল+√স্থা+অ (ক)-ক, পৃষো; উ.ত; তু 'সং কুলত্থ >প্রা কুলথ] কলায়বিশেষ, কুলতি কলাই। —থা স্ত্রী বনকুলথ। —থিকা স্ত্রী ১ বনকুলথ। ২ কুলথাঞ্জন। ৩ চক্ষুর হিতকর অঞ্জন-প্রস্তরবিশেষ (অ.টী)।

কুলত্রাণ বিং [ষ.ত] কুলের ত্রাতা; কুলস্থিতিকারক, বংশরক্ষক। "তোমা বিনা কুলত্রাণ নাহি কেহ আর ম ৪৭০।

কুলদীপ, -দীপক পুং [ষ.ত] কুলের দীপতুল্য প্রকাশক; কুল-খ্যাতিকর, কুলশ্রেষ্ঠ। "সৎপুত্রঃ কুলদীপকঃ (সু.র)। —দীপ পুং কুলাচারাঙ্গ দীপবিশেষ (তন্ত্রসার)।

কুলদূষণ বিণ [ষ.ত; স্ত্রী -ণী] যে কুকার্য্যে কুল দূষিত করে; কুল-গ্লানিকর, কুলকলঙ্ককারক।

কুলদেবতা স্ত্রী [ষ.ত] ১ বংশানুক্রমে কুলের উপাস্য দেবতা; কুলাধিষ্ঠাত্রী দেবতা। "কু.স ৭.২৭। রঘুকুলদেবতারা আমাদের মঙ্গল করিবেন সী ৩৬। ২ গৌর্য্যাদির অন্তর্গত মাতৃকাবিশেষ। ৩ (বাঙ্লায়) সতীধর্ম্মের অধিষ্ঠাত্রী দেবী। "ভাঙ ভুজগপাশে৹ বাঁধল কুলবতী৹ কুল-দেবতা মন কাঁদে গো ৮৪। —দেবী স্ত্রী [ষ.ত] কুলের উপাস্য দেবী; অম্বিকা। "ভ ১০.৫২.৪২। —দৈব ক্লী [ষ.ত] কুলের ভাগ্য বা অভ্যুদয়। "°হেতু ভ ৯.৫.৯। —দৈবত ক্লী [ষ.ত] সর্থ 'কুলদেবতা'। "ইক্ষ্বাকু কুলদৈবত রা ১.৭০.১৬।

কুলধন বিণ [বহুব্রী] কুলকীর্ত্তিই যাঁহার ধন; কুলগৌরবধন। "উ.চ ১.১৪। —ধন ক্লী [ষ.ত] কুলের ধনতুল্য পরম প্রার্থনীয় বস্তু। "ইক্ষ্বাকূণাং কুলধনমিদম্ উ.চ ৭.৬।

কুলধনী বি [পদ্যে] কুলের যুবতী; সাধ্বী যুবতী। "বেহুলার কথা শুনি, কহে যত কুলধনী ম.ভা ৪১।

কুলধর্ম্ম পুং [ষ.ত] ১ কুলক্রমাগত ধর্ম্ম; পুরুষানুক্রমিক কুলাচার;

কুলবিশেষাশ্রিত অনুষ্ঠান। "রা ২.১১০.৩৭। গী ১.৪২.৪৩। মনু ১. ১১৮; ৮.৪১। ২ জাতিগত অনুষ্ঠান।

কুলধারক পুং [ষ.ত] 'বংশরক্ষক'; বংশধর পুত্র।

কুলধুরন্ধর বি [ষ.ত] কুলের ভারবাহক; কুলকীর্ত্তিরক্ষক, কুলশ্রেষ্ঠ। "এরূপ না হইলেই বা আর্য্যপুত্র রঘুকুলধুরন্ধর হইবেন কেন?—সী ৫।

কুলধুর্য্য পুং [ষ.ত] বংশের ভারবাহক; কুলের অনুষ্ঠানভারবহনে সমর্থ পুত্র; কুলধুরন্ধর। "রঘু ৭.৭১।

কুলনক্ষত্র স্ত্রী [ষ.ত] কুলসম্বন্ধী নক্ষত্রবিশেষ—ভরণী রোহিণী পুষ্যা ইত্যাদি একাদশ নক্ষত্র (তন্ত্রসার)।

কুলনন্দন বিণ [ষ.ত; স্ত্রী -না] কুলের আনন্দবর্দ্ধন; কুলপ্রিয়। "ভ ৮.২৩.২৮। সাধু পতিব্রতে! সাধু কুলনন্দনে! (S.W.)।

কুলনায়িকা স্ত্রী [উ.লো] পঞ্চমকারযজনে কুলগণের পূজ্যা নটী কাপালিনী প্রভৃতি নবনায়িকা (তন্ত্রসার)।

কুলনারী স্ত্রী [ষ.ত] সৎকুলজাতা স্ত্রী; কুলস্ত্রী, কুলবতী। "হি ১.২১৬। একে কুলনারী, কুল আছে বৈরী চ.দা ১১।

কুলনাশ পুং [ষ.ত] ১ কুলধ্বংস, বংশলোপ। ২ [বহুব্রী] নষ্টকুল জন; পতিত জন। ৩ উষ্ট্র। —নাশন বিণ [ষ.ত] বংশধ্বংসসাধন, কুলক্ষয়কর। [মুষলং কুলনাশনং—মুনিশাপে যদুবংশধ্বংসকর শাম্ব-প্রসূত লৌহমুষল; (গৌণার্থে) কুলান্তকারী অবিবেকী মূর্খ সন্তান।]

কুলপতন স্ত্রী [ষ.ত] ১ বংশের অবনতি। ২ কুলকলঙ্ক, কুলাপবাদ। "পঞ্চ ১.১৮৭।

কুলপতি পুং [ষ.ত] ১ গোত্রপ্রধান, কুলশ্রেষ্ঠ। ২ ঋষিকুলস্বামী। "রা ২.১১৬.৪। মহা ১.১.১। ৩ গণমুখ্য। "ভ ১.৪.১। ৪ দশ সহস্র ছাত্রের পালক ও অধ্যাপক মুনি। 'মুনীনাং দশসাহস্রং যোঽন্নদানাদি-পোষণাৎ। অধ্যাপয়তি বিপ্রর্ষিরসৌ কুলপতিঃ স্মৃতঃ॥ "কাশ্যপস্থ কুলপতেঃ...আশ্রমো দৃশ্যতে শ ১২২; ২২। উ.চ ৩.৪৮।

কুলপর্ব্বত দ্র 'কুলগিরি'।

কুলপাংশ(স)ন বিণ [ষ.ত; স্ত্রী -না, -নী] কুলদূষণ, কুলকলঙ্ক-কারক। "পৌলস্ত্যকুলপাংসন (মহাবীরচরিত)। —পাংশু বি [ষ.ত] কুলের পাংশুতুল্য মালিন্যকর; কুলাঙ্গার। "শুন কংস কুলপাংশু বিবরণ দা ৭০। —পাংশু(সু)লা বি কুলের অসতী, কুলকলঙ্কিনী। "কুল-পাংশুলার গর্ভে জনম যাহার প.তৃ ৭৭।

কুলপাঁজী বি ['কুলপঞ্জী'—মূল] সর্ব 'কুলজি'। "ক.চ ৮৭।

কুল(লো)পানা বি [কুল, -লো+পানা] কুলার মত বিস্তৃত বা চওড়া। "বিষ নাই কণা, কুলোপানা ফণা স্ব.প্র ১৩৮। আজকাল সহরের দলপতি-দলে অনেকেই কুলপানা চক্করের দলে পড়েছেন। নামটা চাকের মত, কিন্তু ভেতরটা ফাঁকা হু ১৯১। [কুলপানা চক্করের দল—কুলার মত বিস্তৃত ফণাযুক্ত বিষহীন সর্পের দল; (গৌণার্থে) যাহাদের বাহিরে বহ্বাড়ম্বর, ভিতরে শূন্য, তাদৃশ বাবুর দল। বিষের সঙ্গে খোঁজ নেই কুলোপানা চক্কোর—বিষধর সর্পের মত নির্বিষ সর্পের বিস্তৃত ফণা; অন্তঃসারহীন কাপুরুষ বাহ্য আড়ম্বর বা তেজ দেখায়, কার্য্যত পরিশূন্য। "বিষের..."চক্কোর জা ১৩। তু 'নির্বিষেণাপি সর্পেণ কর্ত্তব্যা মহতী ফণা। বিষং ভবতু মা ভূদ্ বা ফটাটোপো ভয়ঙ্করঃ॥—পঞ্চ ১.২২৫।]

কুলপালক বিণ [ষ.ত; স্ত্রী -লিকা] বংশরক্ষক, কুলধর্ম্মপালক। —পালক স্ত্রী কমলালেবু। —পালিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] কুলবতী স্ত্রী; কুলস্ত্রী।

কুলপিত, -পুত বি [কুলপৈ (শ্রীহট্ট);। কুলপৈত (কুলপতি)—শফরী কলা (ত্রিপুরা)] উৎকৃষ্ট কদলীবিশেষ; শফরীকলা। "কুলপিত কলা ম.গা ১৭। কুলপুত কদলী কাঁটালাদি দা ৯৭৭; দেখে কলা কুলপুত ১৩০; ১৩০৯।

কুলপী, -ফী বি [হি কুলফী—টিনের, অন্যধাতুর বা মাটীর চোঙা] টিন্-প্রভৃতির চোঙায় বরফ দিয়া জমান দুধ মালাই বা অন্য কোন শরবত। [কুলফী বরফ—কুলফীতে বরফ দিয়া জমান দুগ্ধাদি বা শরবত।]

কুলপুত্র পুং [উ.লো] ১ কুলরক্ষক পুত্র; বংশধর পুত্র। ২ সৎকুলজাত পুত্র; কুলীন যুবা। "কন্যা...দাতব্যা কুলপুত্রায় ধীমতে মহা ১৩.১০৪. ১২৫। ৩ বীরবংশজাত পুত্র; বীরসুত। "গো.রা ৫.৭৩.১১। ৪ দমনক বৃক্ষ (Artemisia Indica)।

কুলপ্রদীপ পুং [ষ.ত] ১ কুলের প্রদীপতুল্য প্রকাশক, সর্ব 'কুল-দীপ'। ২ [বাঙলায়; নিন্দার্থে] কুলকজ্জল, কুলাঙ্গার। "রাজা বাহাদুরের বাগানখানি পূর্ব্বে সহরের প্রধান ছিল; কিন্তু কুলপ্রদীপ কুমারদের কল্যাণে চিড়িয়াখানা হয়ে উঠেছে হু ২০৭।

কুলপ্রশস্তি বি [ষ.ত] বংশাবলীবর্ণনা, কুলপঞ্জিকা, কুলজী।

কুলপ্রসূত বিণ [স.ত] সৎকুলে জাত, সদ্বংশ, কুলীন। "পঞ্চ ৭ (কথামুখ)।

কুলবতী বি সৎকুলজাতা নারী; সতী, কুলকামিনী। "কুলবতী কুল নাশে চ.দা ২; ১১৮। ভাও ভুজগপাশে, বাঁধল কুলবতী গো ৮৪।

কুলবধূ স্ত্রী [ষ.ত] ১ সৎকুলের নারী; কুলস্ত্রী, কুলকামিনী, সতী। ২ বংশের বধূ; গৃহস্থবধূ, গৃহস্থের মেয়ে; গৃহস্থের (ঘরের) বউ। "ভ্রাতে ভ্রাতাং ব্রজকুলবধূঃ কাপি সাধ্বী মমাগ্রে (উদ্ভট)। একা দেখি কুলবধূ কে বট আপনি?—ভা.চ ২৫৪। কুলবধূ, গৃহকার্য্য উঠিলা সাধিতে মে ৫০; তব কুলবধূ, রাখে বাঁধি পৌলস্ত্যেয় ২৫৬। —বনিতা বি দ্র 'কুলকামিনী'।

কুলবন্ত বিং [কুল+বন্ত] কুলবান্, সৎকুলজাত, উচ্চবংশজ, কৌলিকা-চারসম্পন্ন। "তুহ্মি কুলবন্ত আহ্মার রাজ্যেতে ম.পা ৫৫।

কুলবর্দ্ধন বিণ [ষ.ত] কুলের অভ্যুদয়কারক বা কল্যাণবিধায়ক; কুলখ্যাতিকর। "রা ১.১৪.৪৫।

কুলবহু বি [কুল+বহু] সৎকুলের বধূ; বড়ঘরের বউ; ঘরের বউ। "কুলবহু হৈআ কত আসিব সমাজে কৃ.উ ২৭৩।

কুলবান্ (-বৎ) বিণ [কুল + বৎ (বতুপ্) -১ব; স্ত্রী -বতী] প্রশস্তকুলযুক্ত, সৎকুলজাত। "ব্রাহ্মণী কুলবত্যোষা ক.সা ২১.১০৩।

কুলবালা বি [ষ.ত] সৎকুলজাতা কন্যা; কুলকন্যা, সতী যুবতী। "উহ সুপুরুখবর, বিদগধশেখর, এ অবিচল কুলবালা গো ২১৩। অনঙ্গ... কুলবালাকে অপথে পদার্পণ করায়।—কাদ ৪৮।

কুলবিদ্যা স্ত্রী [ষ.ত] ১ কুলসম্বন্ধিনী বিদ্যা; বংশক্রমাগত বিদ্যা; পুরুষপরম্পরায় পরিচরিতা বিদ্যা। "মা.মি ১২। ২ ক্ষত্রিয়ের কুলপরম্পরায় শিক্ষণীয়া বিদ্যা—আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা ও দণ্ডনীতি। "রঘু ১৭.৩।

কুলবিপ্র পুং [ষ.ত] কুলসম্বন্ধী বিপ্র; কুলক্রমানুসারে যাজনাদিকারক পুরোহিত; কুলপুরোহিত।

কুলব্রত স্ত্রী [ষ.ত] কুলের অবশ্যপালনীয় কর্ম্ম। "রঘু ৩.৭০।

কুলভব বিণ [স.ত; স্ত্রী -বা] সৎকুলজাত; সদ্বংশজ।

কুলভার্য্যা স্ত্রী [উ.লো] সৎকুলজাতা স্ত্রী; সতী স্ত্রী। "পা ১.৩.৪৭, কাশিকা।

কুলভি বি শাণ্ডিল্যগোত্র রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধিবিশেষ। "সাঁই গাঁই কুলভি পড়াল ক.চ ৮৬। [ভট্টনারায়ণের ষষ্ঠ পুত্র গুক্রি (গুঁই) কুলভিগ্রামে বাস করেন বলিয়া তদীয় বংশধরগণ কুলভি (কুলপি) উপাধিতে পরিচিত।]

কুলভূষণ স্ত্রী [ষ.ত] কুলের অলঙ্কারতুল্য; বংশাবতংস।

কুলভ্রষ্ট বিণ [প.ত] ১ কুলধর্ম্ম হইতে চ্যুত; অবৈধ কার্য্য হেতু কুল

হইতে পতিত। ২ বৈবাহিক ক্রিয়াদোষে কৌলীন্যরহিত বা কুল-মর্য্যাদাহীন।

কুলমজানী বি যে নারী কুল ডুবায় ; যে স্ত্রী ব্যভিচারে কুল কলঙ্কিত করে বা সতীত্ব নষ্ট করে ; অসতী। "আমি সতী আর মাকে জানি, আর গোকুলে কুলমজানী দা ৩৭২।

কুলমর্য্যাদা স্ত্রী [ষ.ত] ১ বংশের সম্মান ; কুলগৌরব। ২ কৌলীন্যের সম্মান ; কৌলীন্য হেতু প্রাপ্য অর্ঘ্যাদি।

কুলযোষিৎ স্ত্রী [ষ.ত] ১ কুলের, অর্থাৎ সৎকুলজাতা স্ত্রী ; সদ্বংশজা নারী ; কুলস্ত্রী। ২ অদৃষ্টদোষা স্ত্রী (কুল্লুক) ; অনূঢ়কন্যা। "মনু ৩.২৪৫।

কুললক্ষণ ক্লী [ষ.ত] সৎকুলের বা কৌলীন্যের লক্ষণ। "আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনম্। নিষ্ঠা বৃত্তি-(শান্তিঃ)-স্তপো দানং নবধা কুললক্ষণম্॥

কুলশীল ক্লী [দ্বন্দ্ব] বংশ ও চরিত্র ; জাতি ও স্বভাব। "অজ্ঞাত° হি ১.৫৭। কুলশীলরূপবান্ ক.চ ১৯।

কুলসংখ্যা স্ত্রী [স.ত] কুলে, অর্থাৎ উৎকৃষ্ট কুলে পরিগণনা ; উৎকৃষ্ট-কুলগণনা (কুল্লুক)। "মনু ৩.৬৬।

কুলসন্ততি স্ত্রী [ষ.ত] কুলের সন্তান বা অবিচ্ছেদ ; কুলবৃদ্ধ্যর্থ সন্তান বা পুত্রোৎপাদন। "মনু ৫.১৫৯।

কুলসম্ভব বিণ [বহুব্রী] ১ কুলে (সৎকুলে) যাহার উৎপত্তি ; সদ্বংশ-জাত, কুলজাত। ২ যে-কোন কুলে জাত (অ.টী)।

কুলসেবক পুং [ষ.ত] কুলের, অর্থাৎ বংশানুক্রমে কুলবিশেষের ভৃত্য, অনুরক্ত ভৃত্য। "পঞ্চ ১.৩৮৪।

কুলস্ত্রী স্ত্রী [ষ.ত] সৎকুলের স্ত্রী ; কুলনারী, কুলপালিকা, সতী। "গী ১.৪০। অসতীনাং কুলস্ত্রিয়ঃ (দ্বেষ্যাঃ)।—পঞ্চ ১.৪৪৯। নষ্টা নির্লজ্জাশ্চ কুলস্ত্রিয়ঃ।—চাণক্য।

কুলস্থান বি কুলের (কৌলীন্যের) আধার ; মহাকুলীন। "পাইয়া বীরের পান, বৈসে যত কুলস্থান ক.চ ৮৬।

কুলস্থিতি স্ত্রী [ষ.ত] ১ কুলের রক্ষণ বা অভ্যুদয় ; কুলপ্রতিষ্ঠা। ২ বংশমর্য্যাদা, কুলাচার। "উ.চ ৫.২৩।

কুলহীন বিণ [তৃ.ত] ১ সৎকুলরহিত, নীচকুলজাত, নীচ। ২ কৌলীন্য-রহিত, অকুলীন। "কাঁহা তুমি পণ্ডিত ধনী পরম কুলীন। কাঁহা মুঞি দরিদ্র মূর্খ নীচ কুলহীন॥—চৈ.চ ৯৭।

কুলা[১] **-লো** বি [সং কুল্য (মেদিনী) ; হি সূপ (সূর্প)] শস্যাদি ঝাড়ার বংশনির্মিত পাত্রবিশেষ ; সূর্প। "কুলা আনলাম ধান ঝাড়িতে গো.চ ১২৪ ; কান দুইটা ত্যাখা যায় মা ঝাড়ি খেওয়া কুলা ২৪৪। কুলা পারা নথ শি ১৪। কুলা ভা.চ ৩৪। [কুলো পানা চক্কোর—দ্র 'কুল-পানা'। "জা ১৩। কুলো বাজিয়ে বার করা—দীপান্বিতা লক্ষ্মীপূজায় অলক্ষ্মীকে কুলা বাজাইয়া বাড়ীর বাহিরে লইয়া তে-মাথা পথে বাহির করিতে হয় (দ্র 'অলক্ষ্মী') ; (গৌণার্থে) দুশ্চরিত্র ব্যক্তিকে অপমান-পূর্ব্বক বিদায় করা।]

কু(কু)লা[২] অর্ম্ম [কূল+আ[৯] > √কূলা, √কুলা] ১ কূল পাওয়া ; কূলে, অর্থাৎ নদীর পরপারে যাওয়া ; (ভবসাগরের পারে) উত্তীর্ণ হওয়া। "এবার কালী কুলাইব। কালি কষে কালী বুঝে লব॥—রামপ্রসাদ। কুম্ভীর সমুদ্রে গিয়া বাহিয়া কুলায় ম ম ১২৩ ; টেটেনের ঘাটে গিয়া বাহিয়া কুলায় ২২৫। ২ সঙ্কুলান হওয়া ; ব্যয়াদি-প্রয়োজনানুরূপ হওয়া ; কম না পড়া ; আঁটা। "শেষে না কুলায় কড়ি আনিলাম চেয়ে ভা.চ ২৮৭। ৩ কূল পাওয়া ; কার্য্য-সমাপ্তির যোগ্য হওয়া। "ব্যত্যয় হইলে সেই কাযে না কুলায় ভ.প্র ২৯৫। ৪ সাংসারিক ব্যয় নির্ব্বাহ করা ; সংসারের ব্যয় যোগান। "কায়-ক্লেশ করিয়া কুলায় কত কাল শি ৬৮। কত কাল কুলাবে কেবল বৃদ্ধ বাপ শ্রী ৬৫। —লা সর্ম্ম ১ নির্ব্বাহ করা ; সাধন করা ; সারা। "কেমনে সিংহের ভার শৃগালে কুলায় ম ৫৫১। "মুখের জবাবে হাড়ি চারি কম্ম কুলাইলে গো.চ ৮১। ২ পালন করা ; কার্য্যে পরিণত করা। "আজিকার যুদ্ধে তুমি কুলাবে আরতি ক্র ২৬৫। [কুলান— ১ প্রয়োজনানুরূপ হওয়া ; কম না পড়া ইত্যাদি। "জিনিশে, টাকায় কুলান। ২ নির্ব্বাহ করা ; চালান। "খরচ, ব্যয় কুলান। ৩ পারগ পাওয়া ; কর্ম্মসমাপ্তির যোগা হওয়া। "জোরে, বুদ্ধিতে, সাহসে কুলান। ৪ লাগ পাওয়া ; পরিমাণানুরূপ হওয়া, বেড় পাওয়া। "কাপড়ে, দড়িতে, লম্বায় কুলান। ৫ সঙ্কুলান হওয়া ; ধরা, আঁটা। "ঘরে, জায়গায়, স্থানে কুলান। ৬ সঙ্কুলান, প্রয়োজনানুরূপসংগ্রহ, সাংসারিক ব্যয়নির্ব্বাহ। "ক্লেশ বিনা কুশলে কুলান নাই কভু শি ৩৫। চুরি বন্ধ হইল, কিন্তু টাকার তবু কুলান হয় না ব.প্র ৫১৯ ; কুল কুলাইবেন— কূলে লইয়া যাইবেন ; ভবসাগর উত্তীর্ণ করিবেন। "ওরে অনায়াসে ভবনদীর কালী কুলাইবেন কূল।—রামপ্রসাদ। বাহিয়া কুলায়— বাহিয়া কূলে যায়। "ম.ম ১২৩।]

কুলাঙ্কুর পুং [ষ.ত] কুলরক্ষক শিশু। "শ ৭.১৯।

কুলাঙ্গনা স্ত্রী [কুলের অঙ্গনা, ষ.ত] কুলযোষিৎ, কুলস্ত্রী, সতী। "সাবিত্রীব কুলাঙ্গনা মহা ৩.২৯৮.১৫।

কুলাঙ্গার পুং [ষ.ত] কুলের অঙ্গারতুল্য মালিন্যকর বা ধ্বংসকর ; কুলপাংশুল, কুলাধম। "ভ ৭.৫.১৬। কুলাঙ্গার এই শিশু ম ১০৯ ; কুরুকুলাঙ্গার ৩৩১। রক্ষঃ-কুলাঙ্গারে মে ৮৫।

কুলাচল পুং [উ.লো, অথবা কর্ম্মধা] ১ কুলনামক বা শ্রেষ্ঠ অচল ; মহেন্দ্র-প্রভৃতি সপ্ত পর্ব্বত ; দ্র 'কুলগিরি'। "সর্ব্বে কুলাচলাঃ…মহেন্দ্র-মলয়াদয়ঃ ভ ৭.১৪.৩২। অষ্ট° (মোহমুদ্গার)। শুন অষ্ট কুলাচলে ম ৫৪৭। শ্রী.মা ১৭২। দু ৯। অষ্ট কুলাচল ফিরে ক.চ ৯৭। ২ মন্দর-পর্ব্বত। "ভ ৮.৭.৯। ৩ মলয়পর্ব্বত। "ভ ৮.৪.৮। [অষ্টকুলাচল— মহেন্দ্রাদি সপ্ত ও মন্দর (ভ ৮.৭.৯)।]

কুলাচার পুং [ষ.ত] কুলগত আচরণ ; জাতিগত অনুষ্ঠানবিশেষ ; কুলব্রত, কুলধর্ম্ম, জাতিধর্ম্ম। "হি ১.২১৩।

কুলাচার্য্য পুং [কুলের আচার্য্য, ষ.ত] ১ কুলগুরু ; কুলপুরোহিত (?)। "ইক্ষ্বাকু°। তং শশাপ কুলাচার্য্যঃ ভ ৯.২.৯। কুলাচার্য্য তিনি কুকুলের মা ১১৮। ২ বংশতত্ত্বের পণ্ডিত ; কুলজ্ঞ, ঘটক (genealogist)। "কুলাচার্য্য আনে বা.দ ২২৯।

কুলাচি বি [কুলা+চি, তু 'ডেকচি'] ছোট কুলা ; বালিকার খেলা-ঘরের কুলা। "ধুচনি কুলাচি পাতি ব.প ৪৮২।

কুলাদ্রি পুং [উ.লো, অথবা কর্ম্মধা] দ্র 'কুলগিরি'। "ভ ৪.১.১৭।

কুলান্ত পুং [কুলের অন্ত, ষ.ত] কুলনাশ, বংশক্ষয়। "°করণ মহা (M.W.)। ক্ষত্রিয়কুলান্তকারী সী ৮।

কুলান্বয় পুং [কুলের অন্বয়, ষ.ত] সৎকুলের যোগ ; আভিজাত্য, কৌলীন্য। "মহা ৫.৩৩.৪২। —ন্বিত বিণ [তৃ.ত] সৎকুলযুক্ত, অভিজাত, কুলীন। "কুলান্বিতং কুকুলজাঃ (নিন্দন্তি)।—পঞ্চ ১.৪.৪৪৮।

কুলাপীড় পুং [কুলের আপীড়, ষ.ত] কুলের শিখায় মাল্যতুল্য ; কুলশেখর, বংশাবতংস। "রঘু ১৮.২৯।

কুলাভিমান পুং [ষ.ত] কুলের বা জাতির অভিমান ; কুলগৌরব, জাতিগৌরব। —মানী (-নিন্) বিণ [°ন+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -নিনী] কুলাভিমানযুক্ত, কুলীনত্বাভিমানী, অভিজাত ; জাতিত্বাভিমানী। "কি ১.৩১।

কুলায় পুং [কুলের আয় যাহাতে, বহুব্রী ; 'কুলায়' (অথর্ব্ববেদ ৯.৩.২০)

—a woven texture, web (M.W.); ঊর্ণনাভ° (কৌশীতকী), মৃগ্ধ°, শণ° (শতপথব্রাহ্মণ)] ১ যাহাতে সন্তানের বৃদ্ধি হয় (অ.টি); নীড়, পাখীর বাসা। "°দ্রুম উ.চ ২.৯। °কুল নৈ ১.১৪১। কাদ ৫। ২ আশ্রয়স্থান, স্থানমাত্র। "°করণ পা ১.৩.২৯, বার্ত্তিক। ৩ দেহ। "ভ (M.W.)। —য়িকা স্ত্রী [°য়+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] 'কুলায়বান্' পক্ষিশালা, চিড়িয়াখানা (aviary)। [°নিলায় (পুং)—নীড়ে উপবেশন; ডিমে তা-দেওয়া (hatching)।]

কুলাল পুং [√কুল+আল (কালন্)-ক; উ ১.১১৫; ছান্দস; স্ত্রী -লী] ১ কুম্ভকার, কুমার। দ্র 'কুম্ভকার'। "°চক্র; °শালা। পা ৪.৩.১১৮। ২ কুক্কুভ পক্ষী, কুকোপাখী। ৩ [বাঙলায়; অপ্র] কুলালচক্র। "আঁখি লাল, সুবিশাল, কি কুলাল ঘোরে।—রঙ্গ ১৬১। —লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কুলালপত্নী। ২ নীলপ্রস্তরবিশেষ। ৩ অরণ্যকুলত্থিকা। [°চক্র (ক্লী)—কুম্ভকারচক্র, কুমারের চাক। "ভ ৫.২২.২। কুলাল চক্র ভ্রমাইল চিন্তারাম চাপরাসী এসে। —রামপ্রসাদ। °শালা (স্ত্রী)—কুম্ভকার-কর্ম্মশালা; কুমারশাল।]

কুলি১ বি [হি কোলিয়া] ১ সঙ্কীর্ণ গলি; সরু লম্বা পথ। "কুলি কুলি নিঞা বুলে কৃ.উ ১১৪। কুলি কুলি লৈয়া বেড়াও কৃ ২১৬। সুচারু চত্তর কুলি শ্রী ৮২; ৯৯; ১৩৯। চৈ ৬৮; কুলি কুলি খুঁজিয়া বেড়ান ৭৭। বুলে কুলি কুলি ব.প ৪০৪; ৫৯১। দু ২৪। কুলি কুলি কলরব শুনি ভা.চ ৫৪৫; ৭০০। ২ ধান্যক্ষেত্রে ধান্যপঙক্তিদ্বয়ের মধ্যবর্ত্তী সঙ্কীর্ণ পথ। "কুলি ধরি ধাইল ধান্যের ধরি ঝাড় কি ৮০। ৩ [তা 'কুলি'—গর্ত্ত] গর্ত্ত। "মূর্ত্তি ফের মৎস্য ধর মধ্যে কর কুলি শি ৮১। [কুলিকুলি —গলিতে গলিতে। "জুয়া খেলে কুলিকুলি (ক.চ)।]

কুলি২**, -লী** বি [র্ক কু.লী; তা 'কুলি'—ভাড়া] ১ মজুর (labourer)। ২ বাহক, মুটে (porter)। "আমরা চাকরকে ডাকি 'বেয়ারা', আর মুটেদের ডাকি কুলি।—দ্বিজেন্দ্রলাল রায়। ৩ ভৃত্য, সেবক। "মুরশিদকুলী।

কুলি৩ বি [হি কুল্লী; ঠ কুলী; ধ্বন্যাত্মক] দ্র 'কুলকুচা'। [কুলি করা—কুলকুচা করা।]

কুলিক বিণ [কুল+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] ১ প্রশস্তকুলবান্, কুলজাত, কুলীন। ২ স্বকুলোদ্ভব। "যাজ্ঞ ২.২৩৬। —ক পুং ১ শিল্পি-কুলপ্রধান, শিল্পিশ্রেষ্ঠ। ২ শাকবিশেষ, কুলেখাড়া। ৩ অষ্টমহানাগের একতম। "মহা ১.৬৫.৪১। ভ ৫.২৪.৩১।

কুলিঙ্গ পুং ১ ফিঙাপাখী। তু 'কলিঙ্গ'। ২ চটক।

কুলিতা বি বৃক্ষবিশেষ। "কুলিতা কাষ্ঠের ধনু ক.চ ৫০; ৭৭; কুলিতার ধনুখান ১০২,-৫। [কুলিতার কাষ্ঠে ধনু হইত; বোধ হয়, এই কাষ্ঠের নামানুসারেই ধনুর অন্য নাম 'গুলতি'।]

কুলিয়াখাড়া, -লেখাড়া বি [সং কোকিলাক্ষ] কণ্টকী শাক-বিশেষ (Ruellia longifolia)।

কুলি(লী)র, -রক পুং [√কুল্ + ইর, ঈর (ইরক্, ঈরক্)-ক (অ.টী); ক (কন্) স্বার্থে] ১ কর্কট, কাঁকড়া। "অপূর্ব্বকুলীর-মাংসার্থী হি ৩২১৮। ২ (জ্যোতিষে) কর্কটরাশি।

কুলি(লী)শ পুং, ক্লী [কুলি+ √শী+অ (ড)-ক; অথবা কুলিন্+ √শো+অ-ক (অ.টী); তু কু+ √রিশ্ (হনন); √লিশ্ (গতি); 'কুলিশ'—কুঠার (ঋগ্বেদ ১.৩২.৫)] ১ যাহা (ইন্দ্রের) হস্তে থাকে; যাহা পর্ব্বতসমূহকে তনু করে; বজ্র। "°কঠিন, °পাত, নখ°। কুলিশ-ব্রণ রঘু ৩.৬৮; ধ্বজকুলিশাতপত্রচিহ্ন ৪.৮৮। °ক্ষত কু.স ১.২০। অজকুলিশাঙ্কুশকেতুকেতৈঃ (পদৈঃ) ভ ১.১৬.৩৪। কুলিশসার, তনু অন্তর বি.প ১১৭; কুলিশ শত শত,-পাত মোদিত, ময়ূর নাচত মাতিয়া ১৭২। ম ৫৪৭। কুলিশাঙ্গী ব.প ৩৮১। বিষনাশী কুলিশে মে ৫২; ২৪৬। ২ কঙ্কণকোটী, কঙ্কণধারা। "বলয়° পু.মে ৬১। ৩ মৎস্যবিশেষ, খলিশামাছ (?)। "সুশ্রুত ১.৬৪.১২০। ৪ অস্থিসংহারবৃক্ষ, হাড়জোড়া-গাছ (?)। [°ধর, °পাণি, °ভৃৎ (পুং)—'বজ্রধারী, বজ্রহস্ত', ইন্দ্র "কুলিশপাণি মাঘ ১১.৪৩।

কুলিশী (-শিন্) বিং [কুলিশ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'কুলিশ-যুক্ত', বজ্রী, বজ্রধর। "কুলিশী পুরন্দর মা ১২২। —শী বি ইন্দ্র। "হুঙ্কারি কুলিশী রোষে ধরিলা কুলিশে মে ২৪৬।

কুলী১ স্ত্রী ১ কণ্টকারিকা, কণ্টকারি। "(কলাকষ্ঠী) কুলীপুষ্পের বরণ ভ.গ্র ১৫৫। ২ বৃহতী। ৩ পত্নীর জ্যেষ্ঠভগিনী; বড়শালী।

কুলী২ **(-লিন্)** বিণ [কুল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -লিনী] সৎকুলযুক্ত, কুলীন, অভিজাত। —লী পুং পর্ব্বত।

কুলীন বি [কুল+ঈন (খ), পা ৪.১.১৩৮; স্ত্রী -না] ১ কুলে জাত; সদ্বংশজাত, মহাকুল। "রা ২.১০১.১৬। মনু ৭.২১০। কুলীন পণ্ডিত তুমি ম ৬৫। পরম কুলীন বরে দেহ রূপবতী ক.চ ১১৮। ২ বংশজাত। "জ্ঞাত° (শতপথব্রাহ্মণ)। অস্মৎ° (ছান্দোগ্য)। ঐরাবত° রা ১.৬. ২৪; মহারাজ কুলীন ৮৮.৩। ৩ উৎকৃষ্টজাতি (গজ; অশ্ব)। "গো.রা ৫.১২.৩১। ৪ (তন্ত্রে) কুলাচারযুক্ত, কৌল। "পরম কুলীন স্বামী ভা.চ ২৫৪। —ন পুং ১ সৎকুলজাত জন। "অকুলীনোঽপি শাস্ত্রজ্ঞো দৈব-তৈরপি পূজ্যতে।—চাণক্য। ২ বল্লালকৃত আচারাদিকুললক্ষণযুক্ত ব্রাহ্মণ। "বিয়ে করে ক্ষীর খেয়ে বেড়ায় ঘরে ঘরে। কুলীনের নাম করলে গাটা নেকার নেকার করে॥—ব.প ১৪৩৩। দ্র '(৪)। [বল্লালের লক্ষণানুসারে বন্দ্যো চট্ট মুখটী ঘোষাল পূতিতুণ্ড গাঙ্গুলি কাঞ্জিলাল কুন্দগ্রামী এই আট গাঁই সর্ব্বতোভাবে নবগুণবিশিষ্ট ছিলেন, এজন্য কৌলীন্যমর্যাদাপ্রাপ্ত হইলেন। পালধি পাকড়াশী প্রভৃতি চৌত্রিশ গাঁই অষ্টগুণবিশিষ্ট ছিলেন, এজন্য শ্রোত্রিয়সংজ্ঞাপ্রাপ্ত হইলেন। দীর্ঘাঙ্গী পরিহা প্রভৃতি চৌদ্দ গাঁই সদাচারভ্রষ্ট ছিলেন, এজন্য গৌণকুলীন বলিয়া পরিগণিত হইলেন (সম্বন্ধনির্ণয়, ৩৪৩ পৃষ্ঠা)।] ৩ উচ্চজাতি অশ্ব; শ্রেষ্ঠ ঘোটক। ৪ (তন্ত্রে) বামাচারী। ৫ (বাঙলায়) জাতির মধ্যে শ্রেষ্ঠ। "কাল মাছি কুলীন করিহ তার মান শি ৭৯। দাড়কাকগুলো কাকেদের মধ্যে কুলীন লী ৪। —ন ক্লী নখরোগবিশেষ (সুশ্রুত)।

কুলুকুলু বি [কুলকুল > °লু; ধ্বন্যাত্মক] মৃদু কুলকুল-ধ্বনি। "তলে দুলে দুলে বয়ং তমসা তটিনীরাণী কুলু কুলু স্বনে সা.ন ৭। কূলে কূলে মোর উছলি জল; কুলুকুলু ধোবে চরণতল চ.কা ৪; কুলুকুলু কলভাষে ১৩৪। শিশু ৯০। [°কুলু—ক্রমাগত 'কুলু'-ধ্বনি। "কুলুকুলুকুলু ডাকিনী-রোল ভা.চ ৭৫।]

কুলুত পুং, বহব ['কুলূত' সাধু] দেশবিশেষ ও তদ্দেশবাসিগণ। "ইনি কুলুতদেশীয় রাজার দুহিতা। কাদ ৩৩।

কুলুপ, -ফ বি [আ কু.ফ্.ল্ (বর্ণবিপর্যয়)] ১ তালা (lock), গিলা। "দেখিয়া জুলুফে, মদন কুলুফে, মন যে হইল লোভা চ.দা ১৭। এত বলি মহামায়া ঘুচাল কুলুপ শ্রী ৭৯। বিষম কুলুপ তায় সাজে ম.ভা ২৮। ভা.চ ৩৩৩। হৃদয় মাঝারে, রাখিয়ে ইহারে, নয়নদুয়ারে কুলুপ দিয়া বি.সু ২৩। খুলেছে আজ হাসির কুলুপ কোন কুঠুরির কোণে কু.কে ৬৭। 'কটাশ-ঝনাৎ' করিয়া কুলুপ শিকল খোলার শব্দ হইল ব.প্র ৩৫১। ২ [গৌণার্থে অপ্র] মোহর (seal)। "তারিখ লিখিয়া তায় করিল কুলুপ শ্রী ১২৯; ভাট গঙ্গাধরে দিল করিয়া কুলুপ ১৩০; পাতি করিয়া কুলুপ: রাজার কুলুপ করি পাতি ১৭৩। [কুলুপ করা —মোহর করা। কুলুপ পড়া— তালা দ্বারা বন্ধ হওয়া। "ব.প্র ৩৫০। কুলুপ কুলুপিল (অপ্র)—কুলুপ দ্বারা বন্ধ করিল। "কুলুপিল কুলুপ কপাটে ভা.চ ৩৩৩। কুলুপ-কাঠি—চাবি।]

কুলপি(পী)য়া, কুলুপী বিং [কুলুপ+ইয়া২, ঈয়া, ঈ৮] 'কুলুপ-যুক্ত', খিল্‌-আটা। "দুই করে কুলুপিয়া শঙ্খ ক.চ ১১২। কুলুপী দুবাই শঙ্খ শ্রীরাম লক্ষ্মণ রা.স ১৯।

কুলেশ্বর পুং [কুলের ঈশ্বর, ষ.ত] ১ কুলপতি। ২ শিব।

কুলোদ্ভব, -দ্ভূত বিণ [কুলে উদ্ভব যাহার, বহুব্রী ; স.ত] ১ সৎ-কুলে জাত ; অভিজাত। ২ কোন বংশে জাত ; কুলবিশেষজাত। "রঘু-কুলোদ্ভব, এ সুরথী ! —মে ২৯০।

কুলোদ্বাহ বিণ [কুলের উদ্বাহ, ষ.ত ; স্ত্রী -হা] বংশভারবাহক, কুল-ধুরন্ধর, কুলশ্রেষ্ঠ, কুলপালক। "মহা ৪.৩৫.১২।

কুল্য বিণ [কুল+য (যৎ) ; স্ত্রী -ল্যা] ১ কুলে জাত ; কুলোদ্ভব, কুলীন। ২ কুলপরম্পরাগত। "বৃত্তীশ্চ কুল্যাঃ ভ ৭.৬.১২। ৩ মান্য, পূজ্য। ৪ কুল্যাভব (যজুর্ব্বেদ)। ৫ [+য হিতার্থে] কুলহিত। — ল্য পুং মান্যজন। —ল্য ক্লী ১ মহাবৃক্ষ বা মহাপ্রাসাদবিশিষ্ট চত্বর ; চৈত্য— (নীলকণ্ঠ)। "মহা ১.১৫০.১৩। ২ 'দেহভব' অস্থি। ৩ মাংস। ৪ অষ্টদ্রোণী, অষ্টদ্রোণপরিমাণ। ৫ সূর্প, কুলা (মেদিনী) ' —ল্যা স্ত্রী [°ল্য+স্ত্রী আ (টাপ্) ; ছান্দস] ১ কুলস্ত্রী। ২ যাহা প্রাণিগণে সাধু (রায়ভরত) ; উদ্যানাদিসেচনার্থ জলাশয় (অ.টি) ; অল্প কৃত্রিম সরিৎ। "রঘু ১২.৩। কুল্যাম্ভোভিঃ...শাখিনো ধৌতমূলাঃ শ ১.১৪, টীকা। ৩ পয়ঃপ্রণালী, প্রণালী, নালা। ৪ নদী, সরিৎপ্রবাহ। "বসা-মেদোবহাঃ কুল্যাঃ মহা ১.৫৩.১২ ; ঘৃত° ৩.৯৫.২০। শোণিতমঘ° রঘু ৭.৪৯। মধুপয়ঃকুল্যা, ঘৃতামৃতৌঘ°, সোমঘৃত°, মেদঃকুল্যা, মাংস-ক্ষীরৌদনমধু°, মধ্বাজ্য° ।—কাত্যায়ন ১৪.৯-১২। দধি°, ঘৃতকুল্যা ম ১১৩০। মধুকুল্যা ব.প ১২৩। ৫ জীবন্তী ওষধি। ৬ স্থূলবার্ত্তাকু।

কুল্ল বি [সং কুরর, -ল > বা (কুর্ল) > কুল্ল ; কুড়ল্ (মুরশিদাবাদ)] মৎস্যমাংসভোজী চিলজাতীয় পক্ষিবিশেষ (Osprey)।

কুল্লান বি ['কণ্ডুয়ন'—মূল (?)] লম্বা দাড়ির চুলের মধ্যে অঙ্গুলি প্রবেশ করাইয়া জট ছাড়ান, সংস্কার করা বা পরিপাটী করণ। [দাড়ি কুল্লান—দাড়ির সংস্কার।]

কুল্লে ক্রি-বিং [আ কুল্লী—entire, total ; তু 'সাকল্যে'] সাকল্যে, সর্ব্বসুদ্ধ, সমষ্টিভাবে, মোটে (অল্পসংখ্যক দ্রব্যাদিগণনায়)। "কুল্লে চারটি আম ! কুল্লে পাঁচজন।

কুল্লোল বি [হি কুল্লী ; 'কুল্লীজল'—মূল (?) ; অপ্র] কুলি-করা জল ; কুলকুচা। "(প্রভু) কারে ছুঁয়ে, কারো অঙ্গে কুল্লোল প্রদান চৈ.ভা ৪২ ; কেহ বলে মোর মুখে দিলেক কুল্লোল ৪৩ ; ১৯৯।

কুশ বিণ [কু+ √শী+অ (ড)-ক] ১ যে কুৎসিত কার্য্যে থাকে ; দুর্বৃত্ত। —শ পুং ১ রামচন্দ্রের জ্যেষ্ঠপুত্র। [বাল্মীকি কুশগুচ্ছের অগ্র-ভাগ ও অধোভাগ দ্বারা রচিত রক্ষাবন্ধনে সদ্যোজাত শিশুদ্বয়কে বাল-ঘাতক পূতনাদির উপদ্রব হইতে রক্ষা করিয়াছিলেন বলিয়া, জ্যেষ্ঠের নাম 'কুশ' ও কনিষ্ঠের নাম 'লব' (রা ৭.৬৬.৫-৮)। মতান্তরে, বাল্মীকি কুশ ও লব (গোপুচ্ছ) দ্বারা গর্ভোপদ্রব দূর করিয়াছিলেন, এইজন্য ঐরূপ নামকরণ হইয়াছে (রঘু ১৫.৩২)। রামচন্দ্রের অশ্বমেধ-যজ্ঞে কুশলব রামায়ণ গান করিয়া, রামের পুত্র বলিয়া পরিচিত হন। রাম, কুশকে কোশলরাজ্যের এবং লবকে উত্তরকোশলের আধিপত্য প্রদান করেন (রা ৭.১০৭.১৭)।] ২ (কুশময়) যোক্ত্র। ৩ কুশদ্বীপ (ভ ৫.২০.১৩-১৬)। "কূ ২৬৩। —শ পুং, ক্লী [বৈদিক] 'পৃথিবীতে স্থিত' ; দর্ভতৃণ। "°পরিগ্রহ, °পবিত্র, °মুষ্টি, °সংস্তর, °স্তম্ব। °বারি মনু ১১.১৪৯ ; °শয়ন রঘু ১.৯৫। —শ ক্লী জল। "হ্রদশ্চ কুশবানেষঃ মহা ৩.১৩০.১৪। —শা স্ত্রী ১ কুশময়রজ্জু, রজ্জু। ২ বল্গা। ৩ মধু-কর্কটী। ৪ (সাদৃশ্যে) উদুম্বরশঙ্কু। "পা ৪.১.৪২, তত্ত্ববোধিনী। ৫ [বাঙলায় ; হি কুশা ; অপ্র] কুশ। "ভ.প্র ৬৫। —শী১ স্ত্রী [°শ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ লাঙ্গলফাল। ২ তুলশিম্বী (M.W.)। [°কাটা (বি) —কুশাঙ্কুর। "কৃ ৯৯। °গুচ্ছ (পুং)—কুশগুচ্ছ। "ভ ৫.২০.১৩। °স্থল (ক্লী)—কুশপ্রধান স্থান ; কান্যকুব্জদেশ (অ.চি)। °স্থলী (স্ত্রী) —রৈবত-নৃপতি-রচিতা দ্বারকাপুরী। "মহা ২.১৪.৫০।]

কুশকতি বি ['কুশক্ষতি'—মূল ; অপ্র] কুশাগ্রে কৃত ক্ষত ; অত্যল্প ক্ষত। "তোর প্রহারে মোর নহে কুশকতি চ.বি ৩২০।

কুশচীর ক্লী [উ.লো] কুশরচিতবস্ত্র। "রা ২.৩৭.১০।

কুশ(শু)ড়ী বিং ['কোশ'—মূল ; হি কোসলী—অঙ্কুর] পুষ্পকোশ-গত, অর্থাৎ অত্যন্ত কচি ; খুব ছোট (চব্বিশপরগনা) [কুশড়ি বেগুন —খুব কচি বেগুন।]

কুশণ্ডি বি সর্থ 'কুশণ্ডিকা'। "চণ্ডী সপিণ্ডি কুশণ্ডি, তবে জানি বামনড়ি (অর্থাৎ এই তিন কর্ম্মে পটুই প্রকৃত ব্রাহ্মণ)।

কুশণ্ডিকা স্ত্রী [কুশকণ্ডিকা > °কা, পৃষোদরাদি (ত.বা)] বৈদিক অগ্নিসংস্কারবিশেষ (ত.বা) ; সর্ব্বহোমার্থ অগ্নিসংস্কারক ক্রিয়া (শ.ক) ; বিবাহের পরে রাত্রিতে বা পরদিবসে অনুষ্ঠেয় অগ্নিস্থাপনপূর্ব্বক হোমাদিসংস্কার-বিশেষ বা উত্তরবিবাহ।

কুশধ্বজ পুং রাজর্ষি জনকের সহোদর ভ্রাতা, হ্রস্বরোমার পুত্র এবং মাণ্ডবী ও শ্রুতকীর্ত্তির পিতা (রা ১.৭১.১৩ ; ৭২.৫ ; ৭৩.৩২-৩৩); মিথির পুত্র (কূ ৭৮)।

কুশপত্র ক্লী পূযাদির বিস্রাবণে ব্যবহার্য্য কুশপত্রাকৃতি সূক্ষ্মাগ্র শস্ত্রবিশেষ (সুশ্রুত ১.৮.২-৩)।

কুশপুতুল, -পুত্তল বি সর্থ 'কুশপুত্তলিকা'। "বিমাতার তীরে গিয়ে, কুশপুত্তল (কুশপুত্তল) দহাইয়ে, অশৌচান্তে পিণ্ড দিয়ে, কালাশৌচে কাশী যাই।—রামপ্রসাদ।

কুশপুত্তলিকা বি কুশতৃণে বা শরপত্রে রচিত পুত্তলিকা। [যাহার দাহ হয় নাই বা মুখাগ্নি পর্য্যন্ত হয় নাই এবং যাহার অস্থি পাওয়া যায় নাই, তাহার দাহকার্য্যার্থ পর্ণনর বা কুশপুত্তলিকা দাহ করিতে হয়।]

কুশপা, -পেয়ে, কুশো বিং [গু খোড়ু ; তেলেগু—কুণ্টিওয়াড়ু ; কুশো, কোশ-পা (যশোহর)] কুশপুতুলের মত পা (?) ; যাহার পা জন্ম হইতেই শুষ্ক সরু বিকল ; বিকৃতপাদ।

কুশবটু বি [উ.লো] শ্রাদ্ধে কুশতৃণে রচিত ব্রাহ্মণ ; দর্ভময় ব্রাহ্মণ। "ক.চ ১৭৫।

কুশর, -শিয়ারি, -শের, -সিয়ার, -রি বি [সং কোশকার >প্রা *কোস আর, -যার >বা কোশার >কুশর ; হি—কুসিয়ার ; মৈ কুসিয়ার ; কুশইল (ঢাকা) ; কুশিয়াল (মালদহ) ; কুশুর (দিনাজপুর) ; কুশ্যার (চট্টগ্রাম) ; তু 'কুশর'—শরসদৃশ অন্তশ্ছিদ্র তৃণভেদ (ঋগ্বেদ ১.১৯১.৩)] ইক্ষু। "আপন রসে উকট কুসিয়ার বি.সা ৩১৪। কলা কুসিয়ারি বি.পা ১৬৮। কুশিয়ারি ১৯৫। মূলার ভুঁই তুলা। কুশরের ভুঁই ধুলা॥—খনা।

কুশল বিণ [কুশ+ল (লচ্) অস্ত্যর্থে পা ৫.২.৯৭ ; কুশ+ √লা গ্রহণ+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -লা ; বৈদিক] ১ কুশযুক্ত, কুশতৃণবান্। ২ কুশগ্রাহক। ৩ দক্ষ, নিপুণ, শিক্ষিত, কৃতী। "রা ১.৭.৬। সমুদ্রযান° মনু ৮.১৫৭। কুমারভৃত্যা° রঘু ৩.১২ ; ৫.৭৬। ৩ কল্যাণযুক্ত, মঙ্গল, শুভ। ৪ ক্ষেমবান্, কুশলী। "কুশলান্তে নরব্যাঘ্র যেষাং কুশলমিচ্ছসি রা ২.৭০.১২। ৫ সুখকর। "গী ১৮.১০। ৬ উত্তম। "কুশলাকুশলা মিশ্রাঃ কর্ম্মণাং গতয়ঃ ভ ২.১০.৪০। —ল ক্লী ১ কল্যাণ, ভদ্র, মঙ্গল। °পপ্রচ্ছ কুশলং রাজ্যে রঘু ১.৫৮। "ব্রাহ্মণং কুশলং পৃচ্ছেৎ মনু ২.১২৭। সকলের কুশলবার্ত্তা বিজ্ঞাপন সী ৩। ২ পুণ্য, ধর্ম্মকার্য্য। "ভ ১.১৪.৭। ৩ পর্য্যাপ্তি। ৪ নৈপুণ্য, দক্ষতা, চাতুর্য্য। [°প্রশ্ন (পুং)—কুশল-জিজ্ঞাসা, কল্যাণপৃচ্ছা। "ভ ২.২২.১৪।]

কুশলব পুং [দ্বন্দ্ব] ১ রামচন্দ্রের পুত্রদ্বয়। "রা ৭.৭৬.৯। রঘু ১৫.৩২। ২ দর্ভ ও গোপুচ্ছলোম। "রঘু ১৫.৩২।

কুশলিত বিণ [কুশল + ইত (ইতচ্)] সঞ্জাতকুশল, কুশলী। "কুশলিতৌ (পাঠান্তর) চেমৌ মহা ২.২৪.৪৮।

কুশলী (-লিন্) বিণ [কুশল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -লিনী] ১ কুশলবান্, কল্যাণী। "বৈদেহি কুশলী রামঃ গো.রা ৫.৩১.২৬। মহা ২.২৩.৮ ; ২৪.৪৮। কুশলী কাশ্যপঃ শ ৫$\frac{২}{১}\frac{৪}{৫}$। ২ শুভ, মঙ্গলযুক্ত। "কুশলিনী বৎসস্থ বার্ত্তা সা.দ ৩$\frac{২}{১}\frac{৪}{৪}\frac{৫}{৬}$। ৩ নিরাময়। ৪ নিপুণ, কুশল। "সেই বিচিত্র সৃষ্টিকুশলী কবির সৃষ্টি ব.প্র ৬১৮।

কুশাগ্র ক্লী [ষ.ত] কুশতৃণের অগ্রভাগ (তীক্ষ্ণতার উপমান)। "°ধী, °বুদ্ধি। কুশাগ্রে প্রবহমাণ জীবাত্মা-বিদ্যুৎ চ.কা ৮৮। —গ্রীয় বিণ [°গ্র+ঈয় (ছ), তুল্যার্থে ; স্ত্রী -য়া] কুশাগ্রতুল্য, সূক্ষ্ম, তীক্ষ্ণ (বুদ্ধি)। "কুশাগ্রীয়া বুদ্ধিঃ পা ৫.৩ ১০৫। ভট্টি ৫.১৫। [°গ্রবুদ্ধি, °গ্রীয়ধী, °গ্রীয়মতি (বিণ)—যাহার বুদ্ধি কুশাগ্রতুল্য ; তীক্ষ্ণবুদ্ধি, বুদ্ধিমান্। "অহং চ ভাষ্যকারশ্চ কুশাগ্রীয়ধিয়াবুভৌ। নৈব শব্দাম্বুধেঃ পারং কিমন্যে জড়বুদ্ধয়ঃ॥—কৈয়ট। কুশাগ্রবুদ্ধে কুশলী গুরুস্তে রঘু ৫.৪।

কুশাঙ্কুর পুং [ষ.ত] কুশের নূতন প্ররোহ ; কুশ-কাঁটা। "কুশাঙ্কুরে বিদ্ধ হবে চরণ-কমল কৃ ৯৯। [°বুদ্ধি (বি)—কুশাঙ্কুরতুল্য সূক্ষ্ম বুদ্ধি ; তীক্ষ্ণবুদ্ধি। "কুশাঙ্কুরবুদ্ধি শানিত চ.কা ১৫০।

কুশাঙ্গুরী বি [সং °রীয়] কুশের আঙটি। "শ্রী ২৫০। —কুশাঙ্গুরীয়, -রীয়ক ক্লী [ষ.ত] ধর্ম্মানুষ্ঠানে ধারণীয় কুশতৃণরচিত অঙ্গুরীয় ; হস্তকুশ।

কুশাবতী স্ত্রী [কুশ+বৎ (বতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্) সংজ্ঞার্থে দীর্ঘ, পা ৬.৩.১১৯ ; ১২০] রামচন্দ্রের পুত্র কুশের রাজধানী। রঘু ১৫.৯৭। দ্র 'কুশ'।

কুশারি, -রী বি রাঢ়ীয় শাণ্ডিল্যগোত্র ব্রাহ্মণের গাঁই বা উপাধি। "কুশারি কড়িয়াল ক.চ ৮৬। কুশারী ব.প ৩১৫। [ভট্টনারায়ণের ত্রয়োদশ পুত্র কোয় কুশারি গ্রামে বাস করিয়াছিলেন, তজ্জন্য তাঁহার বংশধরগণ এই উপাধিতে খ্যাত।]

কুশাসন ক্লী [ষ.ত] কুশরচিত আসনবিশেষ। "শ্রী ১৩৮। ভ.চ ১৫২। মে ১৯৫।

কুশি[১], -শী[২], কুষি, -ষী বি [সং কোশ, -ষ, >বা কোশা -যা> (কোশী, -ষী) কুশী, -শি ; কুষী, -ষি (হ্রস্বার্থে) ; তু 'হি—কোসা, -সিয়া] ১ 'ছোট কোশা' ; কোশা হইতে জল তোলার নিমিত্ত হাতের কোশের মত ছোট তাম্রপাত্রবিশেষ। "ছিপ কুশী ল'য়ে ঃ ছিপ কুশী রাখি কৃ ২৩১। কোশা কুশী শ্রী ১৩৮ ; ভা.চ ১৫২। ২ পুষ্পকোষস্থিত, অর্থাৎ কচি, আম্র-প্রভৃতি।

কুশি[২], -শী[৩] বি [সং কোশাতকী] পটোলের মত শাকফলভেদ।

কুশিক পুং [কুশ+ইক (ঠন্) অস্ত্যর্থে ; ছান্দস] ১ কুশনৃপতির পুত্র, গাধির পিতা ও বিশ্বামিত্রের পিতামহ রাজবিশেষ। "°পুত্র রা ১.২১.৯। মহা ১.১৭৫.৪। ২ শালবৃক্ষ। ৩ বিভীতক বৃক্ষ। ৪ অশ্বকর্ণ বৃক্ষ। ৫ তৈলশেষ, কল্ক, কাইট। ৬ [কুশী+ক (কন্) স্বার্থে] ফাল।

কুশিয়ারি ; কুশী[১] ; -শী[২] ; -শী[৩] দ্র 'কুশর ; কুশ ; কুশি[১] ; কুশি[২]।

কুশী(সী)দ ক্লী [√কুস্ শ্লেষণ+ঈদ, উ ৪.১০৬ ; পৃষো ; কু সদন (গতি) ইহা দ্বারা, নিপাতন (অ.টী) ; কাপুরুষা যত্র সীদন্তি কুসীদম্ (মনু ৮.১৫২, মেধাতিথি)] বৃদ্ধিজীবিকা, অর্থাৎ বৃদ্ধি দ্বারা প্রাপ্ত জীবিকা (অ.টী) ; বৃদ্ধ্যর্থ অর্থপ্রয়োগ ; সুদে টাকা ধার দেওয়া (তৈত্তিরীয়সংহিতা ৩ ; মনু ৮.১৫১, কুল্লুক)। "মনু ১.৯০। ২ বৃদ্ধি, সুদ। "পা ৪.৪.৩১, কাশিকা। ৩ বৃদ্ধ্যর্থ দ্রব্য, অর্থাৎ সুদের জাতে প্রদত্ত দ্রব্য। "পা ৪.৪.৩১। ৪ রক্তচন্দন। "মহানির্ব্বাণতন্ত্র ৮.১৫৭। —দক পুং কুসীদিক, বৃদ্ধিজীবী, সুদখোর।

কুশীলব পুং [কুশীল+ব অস্ত্যর্থে (অ.টী)] ১ 'কুশীলযুক্ত', নর্ত্তনবৃত্তি নটাদি (কুল্লুক)। "মনু ৩.১৫৫ ; ৮.৬৫। ২ দেশান্তরে কীর্ত্তিপ্রচারক নট (শ.ক)। ৩ চারণ। ৪ গায়ক। ৫ সর্ব্ববেষধর নট ; নটমাত্র, অভিনেতা। "বে ১$\frac{৫}{৬}$। ৬ নটবিশেষ, কথকাদি (শ.ক)। ৭ বাল্মীকি। —লব দ্বিব [কুশ ও লব, দ্বন্দ্ব, ঈ (ঙী) প্রত্যয়, মুগ্ধবোধ ৩২১, টীকা ; কুশ ও লবের 'কুশীলব'-বৃত্তি হেতু '°ব' (?)] রামচন্দ্রের পুত্রদ্বয়। "রা ১.৪.৪ ; ১৭ ; ২৯।

কুশু(সু)ম-কুশু(সু)ম বিং [সং কোষ্ণ >মাগধী প্রা কোশণ (প্রা.স ১২.১৩) >বা (কোশম >কুশম) কুশু(সু)ম (তু 'পুষ্পার্থে' —'কুসুম'), ঈষদর্থে দ্বিত্ব ; অস কুহুমীয়া] ঈষৎ উষ্ণ ; একটু গরম (tepid)। "কুসুমকুসুম গরম নাগে মোর শরিলের উপর গো.চ ৯৫। [কুসুমকুসুম গরম—ঈষদুষ্ণ।]

কুশূ(সু)ল পুং [√কুশ্, -স্ সংশ্লেষ+উল (কূলচ্)] ১ তুষানল। ২ ইষ্টকাদিনির্ম্মিত ধান্যাদি-স্থান ; ব্রীহ্যাধার, গোলা, হামার, মরাই। "°ধান্যক মনু ৪.৭। হি ২০ (কথারম্ভ)।

কুশেশয় পুং [কুশে শয়, অলুক্] 'জলে স্থিত' ; সারস পক্ষী। —য় ক্লী ১ পদ্ম। "°দল রা ২.৯৪.২৪। °রজঃ শ ৪.১১। ২ রক্তপদ্ম। "মহা ৩.১৩০.১৮। °তাম্রতল রঘু ৬.১৮ ; কুশেশয়াক্ষ ১৮.৪। ৩ কর্ণিকার বৃক্ষ।

কুশোদক ক্লী [উ.লো] ১ (দানকালে গৃহীত) কুশসহিত জল। ২ দর্ভকথিত বারি (কুল্লুক) ; কুশবারি। "মনু ১১.২১৩।

কুষ্ সক [ক্র্যাদি, প—কুষ্ণাতি ; সেট্] নিষ্কর্ষ, নিঃসারণ। [নির্—নিষ্কাসন ; নিষ্কোষ, নিষ্কোষণ।]

কুষি, -ষী দ্র 'কুশি[১]।

কুষ্ঠ ক্লী [√কুষ্+থ (ক্থন্)-ক, উ ২.২ ; কু+স্থ, পা ৮.৩.৩৭] ১ রোগবিশেষ, কুষ্ঠ। "গলৎকুষ্ঠাভিভূত।—ভর্ত্তৃহরি। ২ শ্বেতকুষ্ঠ, শ্বিত্র (অ.কো)। [সপ্ত মহাকুষ্ঠ ও একাদশ ক্ষুদ্র কুষ্ঠ, সর্ব্বসুদ্ধ অষ্টাদশ কুষ্ঠ] ৩ উৎপল। "রা ২.৯৪.২৪। ৪ যাহা রোগ নিষ্কাষিত করে ; ওষধিবিশেষ, কুড়। ৫ বিষভেদ।

কুষ্ঠঘ্ন বিণ [কুষ্ঠ+ √হন্ +অ (টক্)-ক ; উ.ত ; স্ত্রী -ঘ্নী] কুষ্ঠনাশক (ঔষধ)। —ঘ্ন পুং ওষধিবিশেষ—হিতাবলী। —ঘ্নী স্ত্রী ১ বাকুচী। ২ কাকোডুম্বরিকা, ডুমুর।

কুষ্ঠারি পুং [ষ.ত] ১ 'কুষ্ঠের শত্রু' ; বিট্খদির। ২ পটোললতা। ৩ অর্কপত্র। ৪ খদিরমাত্র। ৫ গন্ধক।

কুষ্ঠিত বিণ [°কুষ্ঠ+ইত (ইতচ্)] সংজাতকুষ্ঠ, কুষ্ঠযুক্ত, কুটে। "যদপত্যং তয়োর্জাতং জ্ঞেয়ং তদপি কুষ্ঠিতম্ (সুশ্রুত)।

কুষ্ঠী[১] (-ষ্ঠিন্) বিণ [কুষ্ঠ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ষ্ঠিনী] কুষ্ঠরোগযুক্ত, কুষ্ঠরোগী, কুটে। "মহা ৩.১৯৯.১৭। মনু ৩.৭। কুষ্ঠ্যতি-পাতকী।—বিষ্ণু ৪৫.২। ইহলোকে কুষ্ঠী ম ৪৭।

কু(কো)ষ্ঠী[২] বি [কোষ্ঠ+ঈ[৭] >°ষ্ঠী] (লগ্নাদির কোষ্ঠ বা কোঠা থাকে বলিয়া) জন্মপত্রিকা (horoscope)। "নখীন্দরের জন্মকুষ্ঠী বি.পা ২৫৯ ; ঘোড়া কুষ্ঠী ২৬৬ ['কোষ্ঠী' সংস্কৃত শব্দ নহে, কিন্তু 'কোষ্ঠীপ্রদীপ' নামে সংস্কৃত জ্যোতিষগ্রন্থ আছে।]

কু(কূ)ষ্মাণ্ড পুং [কু উষ্মা অণ্ডে যাহার, বহুব্রী] ১ যাহার বীজে ঈষৎ তাপ আছে ; জাত্-কুমড়া গাছ। ২ [সাদৃশ্যে, বহুব] শিবের গণদেবতা-বিশেষ বা পারিষদগণবিশেষ। "ভ ২.৬.৪৪। কৌতুকে কুষ্মাণ্ডগণ গড়াগড়ি যায় শি ২৪। ৩ ভ্রূণবিশেষ। ৪ (বাঙলায়) ভূত, গালি। —ণ্ড ক্লী কুষ্মাণ্ডফল ; দেশী (জাত্-কুমড়া।) "কুষ্মাণ্ডং বৃংহণং বৃষ্যম (শ.ক)। কুষ্মাণ্ডজাত্যলাবু মহা ১৩.৯১.৩৯।—ণ্ডী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীষ্)] ১ উমা, দুর্গা। "হ ১৭৮.১৫। ২ উমা মসিনা (শ.ক)। ৩ যাগক্রিয়াবিশেষ

কুসংস্কার বি ১ কুৎসিত সংস্কার ; সঙ্গতকারণহীন সিদ্ধান্ত ; অপ-

সিদ্ধান্ত, ভুল ধারণা। "স্ত্রীকে বাজারে বার করা সম্বন্ধে একটু কুসংস্কার এখনও আছে : আমার কুসংস্কার সুসংস্কার সব গরজ বুঝে।—অমৃতলাল বসু। ২ ধর্ম্মে অন্ধ বা যুক্তিশূন্য বিশ্বাস ; গোঁড়ামি। [কুসংস্কারাচ্ছন্ন, -রাপন্ন (বিং)—ভ্রান্তবিশ্বাসযুক্ত।]

কুসরিৎ স্ত্রী [নি.স] কুৎসিত নদী ; ক্ষুদ্র নদী। "হি ১.১৩২।

কুসীদক দ্র 'কুসীদ'।

কুসীদবৃদ্ধি স্ত্রী [স.ত] কুসীদে, অর্থাৎ বৃদ্ধ্যর্থ ধনপ্রয়োগবিষয়ে বৃদ্ধি (কুল্লূক) ; টাকার সুদ। মনু ৮.১৫১।

কুসীদব্যবহার বি [উ.লো] ১ কুসীদার্থ ব্যবহার ; সুদের নিমিত্ত ধনপ্রয়োগ। ২ (গণিতে) বৃদ্ধিনির্ণয়ার্থ নিয়মবিশেষ ; সুদকষা (Simple Interest)।

কুসীদিক পুং [কুসীদ+ইক (ঠন্), পা ৪.৪.৩১] যে কুসীদ, অর্থাৎ বৃদ্ধ্যর্থ দ্রব্য দেয় ; বৃদ্ধ্যাজীব, মহাজন, সুদখোর।

কুসুম[১] পুং, ক্লী [√কুস্ শ্লেষণ+উম-র্ম্ম, গুণাভাব, উ ৪.১০৬ ; অর্দ্ধর্চাদি] প্রসূন, পুষ্প। "সৌবর্ণকুসুমচ্ছদ গো.রা ৫.১৬.৪৩। উদেতি পূর্ব্বং কুসুমং ততঃ ফলম্ শ ৭.৩০। কুসুমক মৌলি গো ১৮৬। —ম ক্লী ১ ফল। ২ স্ত্রীরজঃ, ঋতু। "স্ত্রী° (অ.কো)। নার্য্যাঃ…কুসুমস্তনসম্ভবঃ (শ.ক)। ৩ নেত্ররোগবিশেষ। [°কার্ম্মুক, °চাপ (পুং)—যাহার কুসুম ধনু ; কামদেব। "°চাপ রঘু ৯.৩৯। °কার্ম্মক-কার্ম্মুক মাঘ ৬.১৬। °কুন্তল (বিং)—যাহার কুন্তলে কুসুম ; কুসুমভূষিতকেশ। "বনস্থলী কুসুমকুন্তলা মে ৫৮ ; কুসুমকুন্তলা মহী ২১৪। °কেতু, °ধন্ব, (-ন্বন্), °ধ্বজ (-ধ্বন্) পুং—কুসুম যাহার চিহ্ন, চাপ ; কামদেব। °চিত (বিণ)—কুসুমে আচিত ; কুসুমব্যাপ্ত, ফুলে ভরা। °দ্রুম (পুং) —পুষ্পপ্রধান বৃক্ষ ; ফুলগাছ। "রঘু ১৬.৩৬। ঋতু ৬.২৫। °ধনুঃ (বি)—পুষ্পরূপ চাপ। "হানিলা, কুসুমধনুঃ টঙ্কারি কৌতুকে, শরজাল মে ৬৫। °পুর (ক্লী)—কুসুমের নগর ; পাটলিপুত্র। "°বৃত্তান্তজ্ঞ মু.২২২। °প্রসূতি (স্ত্রী)—কুসুমের প্রসব ; পুষ্পজনন। "°সময় শ ৪.৯। কুসুমে কুসুম—ফুলে ফুলময় ; ফুলে ভরা। "বসন্তে কানন আজ কুসুমে কুসুম।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।]

কুসুম[২] বি [সং কুসুম্ভ ; হি °ম ; ঠ কুসুংব, -বা] ১ কুঙ্কুম। "রাই-মুখপঙ্কজ, কুসুমে মাজল ব ১০৯। ২ কুসুমফুল (Safflower)। [কুসুমফুলে বা কুসমী রঙ—কুসুম্ভপুষ্পের লাল রঙ।]

কুসুমগাই বি ['কুসুমগ্রামীয়'—মূল] রাঢ়ীয় শাণ্ডিল্যগোত্র ব্রাহ্মণের উপাধি। "ক.চ ৮৬। [ভট্টনারায়ণের পুত্র নান কুসুমকলি গ্রামে বাস করেন ; তজ্জন্য তাঁহার বংশধরগণের এই উপাধি।]

কুসুমবড়ী বি ['ফুলবড়ী' (কথ্যভাষা)] ফুলের মত শাদা ছোট বড়ী। "মানচড়চড়ি কুসুমবড়ী ক.চ ৪৩।

কুসুমবাণ পুং [কর্ম্মধা] ১ কুসুমই বাণ ; পুষ্পরূপ শর। "শ ৩.৩। ২ [বহুব্রী] 'পুষ্পশর', কামদেব।

কুসুমবান্ (-বৎ) বিণ [কুসুম+বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] কুসুমযুক্ত, পুষ্পিত। —বতী স্ত্রী [°বৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ ঋতুমতী স্ত্রী ; রজস্বলা। ২ কুসুমপুর, পাটলিপুত্র।

কুসুমবাসর বি বরকন্যার রাত্রিযাপনার্থ কুসুমে সজ্জিত বাসগৃহ ; ফুলশয্যাগৃহ। "বঞ্চেন সুরতিসুখে কুসুমবাসরে ম ৯৫৩।

কুসুমবিহার বি বরকন্যার পরস্পরের প্রতি পুষ্পবর্ষণক্রীড়ারূপ স্ত্রী-আচারবিশেষ (দ্র 'ছামুনিনাড়া')। "অন্তঃপট ঘুচাইল, চারি চক্ষে দেখা হৈল, দোহে করে কুসুমবিহার চৈ.ম ৮৩।

কুসুমবৃষ্টি বি [ষ.ত] অবিরল পুষ্পবর্ষণ। "ম ৪৬৭।

কুসুমশয়ন ক্লী [কর্ম্মধা] ১ পুষ্পময়ী শয্যা ; ফুলের বিছানা। "শ ৩.১৫ ; ১৯। ২ [উ.লো] কুসুমাকীর্ণ শয্যা ; পুষ্পাচিত শয়ন ; ফুলশয্যা। "কুসুমশয়নে তুমি পোহাইবে নিশি ষ.প ৩৮৯। ক.চ ২৬ ; রাত্রি গেল কুসুমশয়নে ৪৮।

কুসুমশয্যা বি [উ.লো] ১ সর্ব 'কুসুমশয়ন' (১)। "বাসরে কুসুমশয্যা ত্যজি লজ্জাশীলা, কুলবধূ, গৃহকার্য্য উঠিলা সাধিতে মে ৫০। ২ বিবাহান্তে লৌকিক আচারবিশেষ ; ফুলশয্যা। "বিচিত্র কুসুমশয্যা করিয়া রচন। দম্পতি দোঁহেতে তাহে করিল শয়ন॥—ম ৯৫৩; ১২০০।

কুসুমশর বিণ [বহুব্রী] কুসুম যাহার শর ; পুষ্পবাণধর। "°ত্ব শ ৩.৩। —শর পুং ১ কামদেব। "°বাণ গী গো ১০.৫। ক.সা ২৬.২৭৮। ২ [কর্ম্মধা] কুসুমই শর ; পুষ্পরূপ বাণ। "বিষম কুসুমশরে, পাঁজর জর জর।—গো ১৮৮।

কুসুমশা(সা)য়ক পুং [বহুব্রী] 'কুসুমশর', কামদেব। "ইন্দ্র-জালক, কুসুমশায়ক, কুহকী ভেলী বর নারী বি.প ১। ভুরুযুগ-ধনু ধরে কুসুমশায়ক ম ৯৫৩।

কুসুমশালি বি লোহিতশালিধান্যবিশেষ। "শি ১১৩।

কুসুমসুন্দরী বি [কর্ম্মধা] কুসুমই সুন্দরী ; কুসুমকামিনী। "বায়ুভরে মাথা নাড়ি কুসুমসুন্দরী। নিষেধ করিছে যেন যাও যাও ফিরি॥ —বি.পা ১১।

কুসুমস্তবক পুং [ষ.ত] পুষ্পগুচ্ছ। "হি ১.১৪১।

কুসুমাকর পুং [ষ.ত] ১ কুসুমের আকরতুল্য ; বসন্ত ঋতু। "গী ১০.৩৫। কুসুম-আকর কিঙ্কর তায় ভা.চ ২৯৪। ২ পুষ্পোদ্যান। ৩ সর্ব 'কুসুমস্তবক'।

কুসুমাঞ্জলি পুং [ষ.ত] ১ কুসুমের অঞ্জলি ; অঞ্জলিপরিমিত কুসুম। ২ উদয়নাচার্য্যকৃত ন্যায়গ্রন্থবিশেষ।

কুসুমাপীড় পুং [ষ.ত] ১ কুসুমের হার ; পুষ্পদাম। "°ব্যাজ মা.মা ১৩৷২২। ২ [তৃ.ত] কুসুম দ্বারা আপীড়ক ; কামদেব। "মা.ম ১৩৷২২।

কুসুমায়ুধ পুং [বহুব্রী] 'পুষ্পবাণ', কামদেব। "শ ৩৷৩।

কুসুমাসব পুং [ষ.ত] পুষ্পমধু ; পুষ্পমধুজাত মদ্য।

কুসুমাসার বি [ষ.ত] পুষ্পবৃষ্টি, পুষ্পাসার। "কুসুমাসার বৃষ্টিল। আকাশে, দেববৃন্দ মে ২১৩।

কুসুমাস্তরণ ক্লী [কুসুমের আস্তরণ, ষ.ত] কুসুমময় বিতান ; পুষ্পময়ী শয্যা। "সকুসুমাস্তরণং শিলাপট্টম্ শ ৩৷৬।

কুসুমাস্ত্র পুং [বহুব্রী] কুসুমশর, কামদেব। "রঘু ৭.৬১।

কুসুমি, -মী বিং [কুসুম[২]+ই[৮], ঈ[৭] ; সং কৌসুম্ভ ; হি কুসংভী ; কুসমী (কথ্যভাষা)] কুসুমফুলসম্বন্ধী, কুসুমফুলজাত, কুসুমফুলের (রঙ)। "কুসুমি রং ভ.গ্র ৩১৩। কুসুমী রঙ্গের শাড়ী দা ১৫৭৩। [°রঙ—কুসুমফুলের লাল রঙ।]

কুসুমিত বিণ [°ম+ইত (ইতচ্)] ১ সঞ্জাতকুসুম, পুষ্পিত। "°সহকার।—ঋতু ৬.২৭। কুসুমিত কানন বি.প ১৭৫। 'কুঞ্জকুটীর গো ২১০। 'কদম্বতরুশাখা সী ১৩। ২ (বাঙলায়) কুসুমাকীর্ণ, পুষ্পময় ; "কুসুমিত মদনশয়ান গো ১৮৬। ব ১২০।

কুসুমেষু পুং [কুসুম ইষু যাহার, বহুব্রী] 'কুসুমশর', কামদেব। "বিচিত্রঃ কুসুমেষুব্যাপারঃ মা.মা ১১৷২২। মে ৬৫।

কুসুম্ভ পুং [√কুস্ দীপ্তি+উম্ভ, -ক, উ ৪.১০৬] ১ পুষ্পপ্রধান বৃক্ষবিশেষ ; মহারজন, কুসুমফুলের গাছ (Carthamus tinctorius)। ২ কুঙ্কুম (Cromis sativus)। ৩ কমণ্ডলু। —ম্ভ ক্লী ১ লোহিত পুষ্পবিশেষ ; কুসুমফুল। "কুসুম্ভবচ্ছসিন্দুর।—ঋতু ১.২৪ ; কুসুম্ভ-রাগারুণিত ৬.৪। কুসুম্ভ পুষ্পে ভূষণ দিলেন্ত অ.প ৪৫। বিকচ কুসুম্ভ কিবা সিন্দুরবরণ।—রঙ্গ ১৯৭। ২ (বর্ণসাদৃশ্যে) স্বর্ণ। ৩ কুসুম্ভরক্ত বস্ত্র। "পাত্রকুসুম্ভধারিণম্।—রা ৩.৪৬.৩৫। ৪ ত্রিবিধ

পূর্ব্বরাগের একতম (ইহা কুসুম্ভরাগের ন্যায় শোভা পায়, কিন্তু স্থায়ী নহে)। "সা.দ ৩.১২৭। [°রাগ (পুং) কুসুম্ভপুষ্পের লোহিত রঙ্গ : কুসুমফুলের রঙ। "ঋতু ৬.৪। °রাগ (স্ত্রী)—পূর্ব্বরাগবিশেষ। দ্র 'কুসুম্ভ (৪)।]

কুসুম্ভা বি [হি কুসুম্ভা] আফিম ও সিদ্ধির যোগে প্রস্তুত কুসুম্ভবর্ণ (?) মাদকদ্রব্যবিশেষ। "দুধ-কুসুম্ভা ভা.চ ৮৬।

কুসুরো বি ['কু-সুর'—মূল] ১ যে সুর অন্য সুরের সঙ্গে খাপ খায় না; বেখাপ্পা সুর; বেসুরো। ২ কুসুরো লোক। [কুসুরো লাগা—সুরের সঙ্গে খাপ না খাওয়া।]

কুস্তি, -স্তী বি [ফা কুশ্‌তী; হি কুশ্‌(স্)তী] হাতাহাতি যুদ্ধ; বাহুযুদ্ধ, মল্লযুদ্ধ। [°গীর, °বাজ (ফা কুশ্‌তীগীর, কুশ্‌তীবাজ্)—বাহুযোধ, মল্ল, পলোয়ান্। কুস্তী করা বা লড়া—মল্লযুদ্ধ করা। কুস্তী জেতা—কুস্তীতে জয়ী হওয়া।]

কুস্থান ক্লী [নি.স] কুৎসিত স্থান; জঘন্য স্থান বা দেশ; ঘৃণাজনক স্থান; খারাপ জায়গা। "সুস্থান কুস্থান,...সমান ভা.চ ৩৮। কুস্থান হইতে তুলে লইবে কাঞ্চন (চাণক্যশ্লোকানুবাদ)। রাম! রাম! এ বড় কুস্থান।—কাব্যনির্ণয়।

কুহ[১] পুং [√কুহি বিস্মায়ন+অ (অচ্)-ক] ১ 'বিস্ময়কারক', মায়া, কপট। "অকুহ রা ২.১০৯.২৭। ২ মোহ, ঘোর। "বয়সের কুহতে ছাইলা পিতাক ঢ্যাকাইবে গো.চ ৬৯। ৩ কুবের।

কুহ[২] ব্য [কিম্+হ; ছান্দস; Av. Ku; ফা 'কু'] কোথায়।

কুহক পুং [√কুহি+অক (ণ্বুল্)-ক] ১ 'বিস্ময়াপক', বঞ্চক, শঠ, ধূর্ত্ত। ২ মায়াবী। "ভ ১.১৫.২১। ৩ নর্ত্তয়িতা। "যথা দারুময়ী যোষিৎ নৃত্যতে কুহকেচ্ছয়া।—ভ.১০.৫৪।১২। ৪ মোহকর, বিমোহন। "ওই কুহকরাগিণী এখনি কেন গো, পথিকের প্রাণ বিবশে?—স.স্ব ১০। —ক ক্লী [কুহ+ক (কন্) স্বার্থে] ১ ইন্দ্রজাল, মায়া, ভেল্কী। "নিরস্তকুহক ভ ১.১.১। ২ কপট, বিভ্রম। "ভ ১.১১.৩৭। °চকিত হি ৪.১০৬। —কা স্ত্রী কৃত্যা, আভিচারিকী দেবতা। "মহা ৫.১৫৯.৫৪।

কুহকজীবী (-বিন্) পুং [কুহক+√জীব্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব; উ.ত] ১ যে কুহক দ্বারা জীবিকার্জ্জন করে, ঐন্দ্রজালিক, বাজিকর। ২ সর্পজীবী, সাপুড়ে (শ.ক)।

কুহকী (-কিন্) বিং [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে; সং কুহক] ১ মায়াবী, ঐন্দ্রজালিক, বাজিকর। ২ [°ক+ঈ[৭]] কুহকিনী। "ঐন্দ্রজালক, কুসুমসায়ক, কুহকী ভেল্কী বরবারী বি.প ১।—কিনী বি মায়াবিনী, মোহিনী। "কুহকিনী, শক্তীশ্বরী মে ৬৮; কহিলা সুস্বরে, কুহকিনী ১৫০; ২৬১,-৫।

কুহর[১] ক্লী [কুহ+√রা+অ(ক)-ক; উ.ত; কুর (পৃথিবীর) হর (হারক) ষ.ত (অ.টী); কুহির (দো ১২৭); cf., Ger. Ohr] ১ গহ্বর, গর্ত্ত, বিবর। "উ.চ ২.২৯। কুহর বুলে চেয়ে শ্রী ৮৪; ২৪৫। ২ কন্দর। "শিখরিকুহর।—ভর্ত্তৃহরি। ৩ ছিদ্র, রন্ধ্র। "কণ্ঠ° (S.W.)। শ্রবণ° মে ১২৮। কর্ণ° সী ১৬। ৪ নিম্নস্থান। "করীন্দ্রকুম্ভকুহরে (প্রসন্নরাঘব)। ৫ মধ্য, অভ্যন্তর। "কেসরনিকুঞ্জকুহরে বি.মা ৪.২৯। ৬ অবকাশ। "স্বদেহকুহরে ভ ৩.২৮.৩৩। ৭ কোটর। "নীপস্কন্ধে কুহরিণি।—চণ্ড-কৌশিক ২০। ৮ কর্ণ। ৯ গল। ১০ কণ্ঠশব্দ। ১১ অন্তিক। ১২ স্ত্রীসহবাস। —র পুং নাগবিশেষ।

কুহর[২] বিং [হি কুহরা—কোয়াসা; অপ্র] অন্ধকারময়, তমোময়। "কিরণে পূর্ণিমাভ্রম কুহর তামসী শ্রী ৬০; কুহরনিশা ২৫৫।

কুহর[৩] অর্ম্ম [সং কুহর (কণ্ঠশব্দ)>বা √কুহর; হি √কুহক ধ্বন্যাত্মক; তু' √কুহল—"কুহিলী কুহরে শ্রী.কী ২৯৬। কুহলে কোকিল (জ.প ৫২)। কুহলে—কুহরিলে। "ব.প ৮৪৩। Cf., E. coo] ১ কণ্ঠধ্বনি করা; কুহরব করা। "কুহু কুহু করি কোকিল কুহরই বিপ ১৮৭। জাগা'ত...কুহরি সুস্বরে, পিকরাজ মে ১১৬; পিক মৃদু কুহুতান কুহরে। —কথা ৩। ২ (অপ্র) কপোতের রব (কু-কু) করা। "কে পায় শুনিতে যদি কুহরে কপোতী?—মে ১২৮। কুহরে কপোত মা ৯৩। ৩ (অপ্র) ফুকরাইয়া কাঁদা। "কুহরি কুহরি কান্দে তাপিত হইয়া ব.প ৬৫৪। [কুহরণ (বি)—কুহুরবকরণ। "গাইছে পিক কল কুহরণে মা ১৭১। কুহরিছে—কুহুরব করিতেছে। "মে ৭৯। কুহলে—কুহরে।]

কুহরিত ক্লী [কুহর>√কুহরি+ত (ক্ত)-ভা] ১ রটিত, শব্দ। ২ কুহুরব, পিকালাপ। 'কুহু-কুহরিত স.স্ব ৮। ৩ রতিধ্বনি, শীৎকার।

কুহা বি [সং কুহা, 'কুহা' (ত.বা); তু 'কুহু'; হি কুহরা] কুজ্ঝটিকা। "পলাইলা পাতকীরা সে কুহা-গহনে।—হেম ১০১।

কুহু, -হূ স্ত্রী [√কুহি বিস্মায়ন+উ,ঊ (কু,কূ)-ক (অ.টী); ছান্দস—'কুহূ'] ১ নষ্টেন্দুকলা (শুক্লা বা চতুর্দ্দশীহীনা) অমাবস্যা। ২ অমাবস্যা। "নৈ ৪.৫৭। কুহু-রজনী দা ২১৮৫। ৩ কুহুর অধিষ্ঠাত্রী দেবতা (ভ ৪.১.৩৩)। "মনু ৩.৮৬। ৪ [ধ্বন্যাত্মক; হি কুহুক; cf., E. cuckoo] পিকরব। "কুহুঃ কুহুরিতি...পিকানাং গিরঃ গী.গো ১.৩৭। কুহুরব তার দুরংত বসংত পৈ ২.১৩৪। কুহুকুহু স্বরে স.শ ৬৩। কুহলে কোকিল, কুকুহু কুহুকুহু বোল জ.প ৫২। বাঘ ডাকিবে কুহুকুহু রবে (অসম্ভব কথার উদাহরণে) দা ১৯৬৫। মূর্খ পাখী আবার ডাকিল—কুহু! কুহু! কুহু! ব.প্র ২৬৬। ৫ (বাঙলায়) অন্ধকার। "কৈছে চলব কুহু রাতি জ.প ২৪। কুহু কিম্বা রাহু বাহু করিয়া প্রকাশ। কেশছলে বুঝি বিধু করিতেছে গ্রাস॥—বা.দ ৭৪; কুহুর ভবন ৮৫। ৬ মোহ। "যেমতি মধুর, স্বপ্নময়, কুহুময় প্রেম।—মন্দ্র ৬৬। [°কণ্ঠ (পুং)—যাহার কণ্ঠে কুহুরব, কোকিল। কুহুঃ কুহুঃ কুহুঃ—ক্রমাগত উচ্চ কুহুরব। "কুহুঃ! কুহুঃ! কুহুঃ! রোহিণী চারিদিকে চাহিয়া দেখিল ব.প্র ২৬৬।]

কুহুকুহরিত বি কুহুরূপ পিকালাপ। "সেই কুহুকুহরিত বিরহরোদন, থেকে থেকে পশে শ্রবণে স.স্ব ৮।

কুহুড়া বি [সং কুহেড়িকা,-ড়ী; হি কুহরা (কুহুপারা?); অপ্র] কুজ্ঝটিকা। "হিমকাল...বেড়ে কুহুড়ায় শ্রী.ম ২৩৬।

কুহুতান বি [কর্ম্মধা] কুহুরূপ তান বা স্বরবিস্তার; কুহুরবলহরী। "দ্বিধাভরে পিক মৃদু কুহুতান কুহরে।—কথা ৩।

কুহুনিশি, -যামিনী, -রজনী বি অমাবস্যারাত্রি, তিমিররজনী। "কুহুযামিনীভয় গো ১৩২। কুহুনিশিতে উঠিবে সোম দা ১৯৬৫; পোহাবে কি আমার কুহুরজনী ২১৮৫।

কুহু(হূ)রব পুং [বহুব্রী] ১ যাহার কুহু রব; কোকিল। "স.শ ৬৩; কুহুরবসন্ধ্যে ৮০। ২ [কর্ম্মধা] কুহুরূপ রব; কুহুধ্বনি। "কুহুরবং বিড়ম্ব্য নৈ ৯.৩৮। ঘন কুহুরবে, শ্রুতি বিমোহিত হয়।—হেম ৪৬। বা.দ ১০৭।

কুহুরি বি ['কুহুড়া>°রি; অপ্র] কুজ্ঝটিকা। "মায়াকুহুরি করে ঘোড়ার কারণে গ ৮০।

কুহেড়ি(লি)কা, -হেড়ী, -হেলী স্ত্রী [কু (ঈষৎ)+√হেড়্ বেষ্টন+ই (ইন্)-ক (উ ৪.১১৭)+স্ত্রী ঈ (ঙীপ্), স্বার্থে ক (কন্) +স্ত্রী আ (টাপ্); ড>ল; হি কুহরা] কুজ্ঝটিকা। "কুহেলিকা-আঁধারে। —হেম ২৯১।

কুহেলি বি [সং °লিকা,-লী] ১ কুজ্ঝটিকা। "কুহেলি-অন্ধ।—হেম ২৯১। (তরু) ভস্ম-কুহেলি-মাখা কু.কে ২৬। °তিমির প.তৃ ৮। ২ বিষাদতিমির। "শোকতাপবিক্ষোভের কুহেলিকা চা.পু ৯৫। ৩ তিমির। "গহ্বরের কুহেলিতে।—হেম ১০৪।

কূচ পুং [কুচ>কূচ, দীর্ঘ, উ ৪.৯১] কুচ, স্তন। —চিকা, —চী স্ত্রী তুলিকা, তুলি। তু 'কূর্চ্চিকা'।

কূজ্ অক [ভ্বা, প—কূজতি; সেট্] অব্যক্ত শব্দ; কূজন। "কোকিলঃ

কূজতি রা ২.৫২.২। ভৃঙ্গরাজস্ত কূজতি (সুশ্রুত)। কীচকৈঃ··· কূজদ্ভিঃ রঘু ২.১২ ; শাঙ্গ´কূজিত ৪.৬২। কূজন্ দ্বিরেফঃ।—ঋতু ৬.১৪।

কূজ[1] পুং [√কূজ্+অ (ঘঞ্)-ভা] ১ কূজন, অব্যক্ত শব্দ। "অম্বকূজন (সুশ্রুত)। ২ শব্দ, কোলাহল। "অকূজম্···জনৌঘম্ মহা ১.১২৬.২০। ৩ পক্ষিরব। "নিকূজমিব তদ্বনম্ রা. ২.৫৯.৬। নিকূজ-স্তিমিত উ.চ ২.১৬।

কূজ[2] অর্ম্ম [সং √কূজ্>প্রা √কূজ (প্রা.ম) ; হি √কূজ] অব্যক্ত শব্দ করা ; কূজন করা। "কূজই কোকিল ব ১১২ ; কূজয়ে কোকিল ১১৩ ; ১২০।

কূজন ক্লী [√কূজ্+অন (ল্যুট্)-ভা] ১ অব্যক্ত শব্দ ; অস্ফুটধ্বনি, ডাক। "অন্ত্র° (সুশ্রুত)। ২ পক্ষিরব। "বঞ্চিত বিহগকুল মধুর কূজনে।—শিবনাথ শাস্ত্রী। কূজনহীন কাননভূমি গী.লি ২৩। ৩ রতিকালে কণ্ঠরব ; শীৎকার। "রাধার সুনিঞা কাহ্নু কণ্ঠ কূজনে শ্রী.কী ২৯১। ৪ চক্রশব্দ। "পা ১.৩.২১, বার্ত্তিক। ৫ (বাঙলায়) গান, গীতি। "রাজা বলে এবে কাব্য-কূজন, আরম্ভ কর কবি।—রবীন্দ্র। —জিত বিণ [+ত (ক্ত)-ক] ১ কৃতকূজন। ২ [কূজি+ত (ক্ত)-র্ম্ম] অবকুষ্ট, ধ্বনিত শব্দিত। "কাদম্বৈঃ কূজিতাম্ (পম্পাম্) গো.রা ৩.৭৮.২৭। "কোকিলকূজিত-কুঞ্জকুটীরে গী.গো ১.২৮। —ত ক্লী [+ত-ভা] অব্যক্ত শব্দ ; কূজন। "বসন্তকালঃ নানাবিহগকূজিতঃ রা (S.W.)। শাঙ্গ´° রঘু ৪.৬২ ; ষট্‌পদকোকিল° ৯.২৬। পু.মে ৩১। নারী° (দশকুমার)। মঞ্জীরাশিঞ্জিতমঞ্জু° কু.স ১.৩৪, মল্লিনাথ। কোকিল-কূজিত-ভাবে গো ২১০। বি.সু ৬০। [কূজনিল—কূজন করিল। "কূজনিল পাখী মে ১৬১।]

কূট্ সক [চু, আ—কূটয়তে ; সেট্] ১ অপ্রদান। ২ অপবাদ। —ট্ সক [অদন্ত চু, এ—কূটয়তি,-তে ; কূটয়তি (ক.ক) ; সেট্] ১ দাহ। ২ মন্ত্রণ। ৩ প্রচ্ছাদন, ব্যাপ্তি। —ট্ অক অবসাদন।

কূট বিণ [কূট্+অ (অচ্) অন্ত্যর্থে ; স্ত্রী -টা] ১ মিথ্যাভূত, অসত্য। "°বচন। কূটাঃ স্যুঃ পূর্ব্বসাক্ষিণঃ।—যাজ্ঞ ২.৮২। °সাক্ষী।—বিষ্ণু ৫.১৭। ২ কৈতবযুক্ত, কপট, কুটিল। "মহা ১.২.১০২। °ধর্ম্ম ভ ৪.২৫.৬। কূটাক্ষদেবী।—বিষ্ণু ৫.১৩৩। °বুদ্ধি বি.সু ৮৯। ভা.চ ৩৮০। ৩ অন্যথাকারদর্শনযুক্ত, অর্থাৎ বাহিরে একপ্রকার, ভিতরে অন্যপ্রকার। "ন কূটৈরায়ুধৈর্হন্যাৎ মনু ৭.৯০। ৪ অন্যায়, অবৈধ। "°শাসনকর্ত্তৃ।—বিষ্ণু ৫.৯। ৫ মিথ্যা, জাল। "°লেখ্যকার বিষ্ণু ৫.১০। ৬ তুলাদণ্ডাদি-বিষয়ে ন্যূন বা অধিক। "যাজ্ঞ ২.২৪৪। ৭ নিশ্চল, স্থির। "°স্থ। ৮ তুচ্ছ। ৯ দুর্ব্বোধ, কূটার্থ (প্রশ্ন, শ্লোক)। ১০ দৃশ্যমানগুণ অন্তর্দোষ (বস্তু)। ১১ অনৃত, অসত্য, অলীক। "°তুলা, °মান।—ট পুং [√কূট্+অ (অচ্)-ক] ১ অগস্ত্যমুনি। ২ [+অ-র্ম্ম] গৃহ। ৩ ভগ্নশৃঙ্গ বৃষ। —ট পুং, ক্লী [+অ-ণ] ১ মায়া, অন্যথাকারদর্শন (অ.টী)। ২. কপট, কৈতব, কুটিলতা। "অক্ষ° মহা ৩.৩৩.৩। গী ১৫.১৬। ৩ দুর্ব্বোধত্ব, অস্পষ্টতা, অর্থদ্বৈধ। "ভ ৬.৫.১০ ; ২৯। ৪ দণ্ড (ত.বা)। ৫ [+অ-র্ম্ম] যাহা রবিতাপে ও দাবানলে দগ্ধ হয় (অ.টী) ; শিখর, পর্ব্বতশৃঙ্গ। "চিত্র°, ত্রি°। সানুমান্ আম্রকূট পু.মে ১৭। রঘু ৪.৭১। ৬ পর্ব্বত। "ভ ৩.১৩.২৯। ৭ অগ্রভাগমাত্র (শ.ক), প্রান্ত, কোণ। "অংস° (সুশ্রুত)। অক্ষি° যাজ্ঞ ৩.৯৬। ৮ উচ্চপ্রদেশ (নীলকণ্ঠ)। "ইয়ং কূটে···শমী মহা ৪.৫.১৩। ৯ পুরদ্বার, তোরণ। ১০ রাশি, পুঞ্জ। "অন্ন°, শালি° (রা)। অভ্র°, রাস্কব°। তৃণ° ক.চ ১৮২। ১১ সমূহ। "কিরীটকূটোজ্জ্বলিত রা ৬.১১১.৩৫। কূর্ম্মকমঠী-কূট।—হেম ৩৪৬। ১২ লৌহমুদ্গার, অয়োঘন ; মুদ্গর। "অয়ঃকূট ভ ৪. ২৫.৮। ১৩ তুলামান-মুদ্রাদি বিষয়ে ন্যূনতা বা আধিক্য। "°কৃৎ যাজ্ঞ ২.২৪৩। বিষ্ণু ৫.১২১,-২। ১৪ তাম্রাদিগর্ভ মুদ্রা—দ্রম্ম (drachma) প্রভৃতি। "যাজ্ঞ ২.২৪৪। ১৫ জলাধার, জালা। ১৬ সীরাঙ্গ, ফালাধার। ১৭ [তু 'কূড—পাশ (দেশী ২.৪৩)] যন্ত্র, পাশ, ফাঁদ। "গো.রা ৪.১৭.১৬। ১৮ কাষ্ঠাদিকোষে গুপ্ত অস্ত্র ; গুপ্তি। ১৯ নিশ্চল, অবিকৃত আকাশাদি (অ.টী)। —ট ক্লী কৃত্রিমপণ্য। —টী স্ত্রী গৃহ।

কূটকারক পুং [ষ.ত] 'মিথ্যা বাক্যের কর্ত্তা' ; যে শিখাইয়া মিথ্যা সাক্ষী প্রস্তুত করে। "মনু ৩.১৫৮।

কূটজ পুং [কূট+ √জন্+অ (ড)-ক ; উ.ত] সর্থ 'কুটজ'। "গো.রা ৪.২৯.১০।

কূটতুলা স্ত্রী [কর্ম্মধা] মিথ্যা তুলাযন্ত্র, অর্থাৎ যে দাঁড়ীতে ঠিক ওজন হয় না ; খারাব দাঁড়ী। "°মান।—পঞ্চ ১২২৪।

কূটপাশ, -বন্ধ পুং, **-যন্ত্র** ক্লী [উ.লো] কূটনামক যন্ত্র (অ.কো) ; কপটযন্ত্র, জাল, ফাঁদ। "°বন্ধ রঘু ১৩.৩৯।

কূটব্যবহারী (-রিন্) পুং (কূট+বি-অব+ √হৃ+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব ; উ.ত] যে কূটভাবে, অর্থাৎ প্রতারণাপূর্ব্বক ব্যবসায় করে ; প্রতারক বণিক্।

কূটমান ক্লী [কর্ম্মধা] কপট তুলা-প্রস্থাদি ; খারাব দাঁড়ী বা মাপের পাত্র। "মহা ১.৬৪.২২।

কূটযুদ্ধ ক্লী [কর্ম্মধা] কপটযুদ্ধ, মায়াযুদ্ধ। "রঘু ১৭.৬৯।

কূটযোধী (-ধিন) বিণ [কূট+ √যুধ্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক -১ব ; উ.ত] কপটযুদ্ধকারী, মায়াযোধী। "রা ১.২০.১৪।

কূটলেখ পুং,**-লেখ্য** ক্লী [কর্ম্মধা] মিথ্যা লেখ্য ; জাল দলিল। "°লেখ ক.সা ১২৩.১৯৭। কূটলেখ্যকার।—বিষ্ণু ৫.১০।

কূটশাল্মলি পুং, স্ত্রী [কর্ম্মধা] ১ শাল্মলিবৃক্ষবিশেষ। ২ কৃষ্ণশাল্মলি। ৩ (সাদৃশ্যে) যমের গদা। "রঘু ১২.৯৫।

কূটশাসন ক্লী [কর্ম্মধা] ১ মিথ্যা রাজাজ্ঞা। "মনু ৯.২৩২। ২ মিথ্যা (জাল) রাজদত্ত তাম্রশাসনাদি। "বিষ্ণু ৫.৯।

কূটসাক্ষী (-ক্ষিন্) পুং মিথ্যাবাদী সাক্ষী। "বিষ্ণু ৫.১৭৫।

কূটস্থ বিণ [কূট+ √স্থা+অ (ক)-ক, উ.ত] ১ মায়ায় বা মায়া-প্রপঞ্চে স্থিত ; অহঙ্কারে স্থিত। "গী ১২.৩। ২ কূটবৎ নির্ব্বিকারভাবে স্থিত; অপ্রকম্প্য (শঙ্কর), বিকারশূন্য, নির্ব্বিকার, অবিক্রিয়। "গী ৬.৮। ভ ৩.৫.৫০। ৩ রাশিবৎ বা অনেকমায়াদিপ্রকারে স্থিত (শঙ্কর)। "গী ১৫.১৬। ৪ একরূপভাবে সর্ব্বকালব্যাপী (আত্মা আকাশ প্রভৃতি—অ.টী)। ৫ কদম্বস্থ, সমূহস্থিত। "স্ত্রীরত্ন° ভ ১.১১. ৩৬। ৬ শৃঙ্গস্থিত, চূড়াস্থ। ৭ কুলপ্রশস্তিতে সর্ব্বাগ্রস্থিত ; আদিম (A.)। —স্থ পুং ১ নির্ব্বিকার পরমাত্মা। "পঞ্চদশী ৬.২২। ২ আকাশাদি। —স্থ ক্লী ব্যাঘ্রনখনামক গন্ধদ্রব্য।

কূটস্বর্ণ ক্লী [কর্ম্মধা] কৃত্রিম স্বর্ণ ; রসান-করা সোনা। "°ব্যবহারী যাজ্ঞ ২.৩০০।

কূটাক্ষ পুং [কূট অক্ষ, কর্ম্মধা] কপট পাশক, অর্থাৎ যে পাশক এমন-ভাবে নির্ম্মিত যে তাহাতে দান পড়িবেই। "°দেবী।—বিষ্ণু ৫.১৩৩। যাজ্ঞ ২.২০৫।

কূটাগার ক্লী [উ.লো] ১ কূটস্থ আগার ; প্রাসাদচূড়াস্থ গৃহ ; চন্দ্রশালা, বলভী, চিলের ঘর। ২ কূটাখ্য গৃহ (টীকা) ; স্ত্রীগণের ক্রীড়াগৃহ। "রা ১.৫.১৫।

কূটার্থ পুং [কর্ম্মধা] ১ দুর্ব্বোধ অর্থ ; দুরূহার্থ। ২ কল্পিতার্থ।

কূণিকা স্ত্রী [√কূণি সঙ্কোচ+অক (ণ্বুল্)+ক+স্ত্রী আ (টাপ্)] বীণার মূলস্থ বংশশলাকা ; কলিকা, পুঁদী (অ.চি)।

কূপ পুং [√কু শব্দ+প-ধি, দীর্ঘ, উ ৩.২৭ ; কু (ঈষৎ)+অপ্ (?) ; তু 'অনূপ, দ্বীপ' ; 'কূপ'—গর্ত্ত (ঋগ্বেদ ১.১০৫.১৭) ; cf. Gr.

Kūpe] ১ যাহাতে ভেক শব্দ করে; গর্ত্তজলাশয়বিশেষ; কূয়া, পাতকূয়া। "সন্দীপে ভবনে তু কূপখননং প্রত্যুদ্যমঃ কীদৃশঃ। তুমি সে রসের কূপ চ.দা ১৫০। কূপ নিন্দি নাভি ম ৯৫৩। ভ্রমকূপে ম.পা ১৯। ভাবুকের বিভাবনা-কূপ।—রঙ্গ ৮২। ২ গর্ত্ত, রন্ধ্র। "রোম°। অসৃগ্‌বিণ্‌মূত্রকূপপতিত ভ ৩.৩১.১৭। নাভিকূপে ভা.চ ২৯১। ৩ চর্ম্মময় তৈলপাত্র; কূপক, কুপা। ৪ (কূপার সাদৃশ্যে?) পোতবন্ধনস্তম্ভ। ৫ নদীমধ্যস্থ বৃক্ষ বা পর্ব্বত। ৬ গুণবৃক্ষ, মাস্তুল। ৭ মৃন্ময় পরিমাণ-পাত্রবিশেষ; মৃন্মান। —পী স্ত্রী [হি কুপ্‌পী] ১ স্নেহপাত্রবিশেষ, কূপা। ২ (সাদৃশ্যে) নাভি (Wilson)। ৩ কাচপাত্রবিশেষ, বোতল (Wilson)। ৪ (বাঙলায়) কাচের বা টিনের কেরোসিন্ তৈলের দীপবিশেষ; টেমি, ডিবা। ৫ উদর, পেট। "কূপী ভরি গিলাইব হারামের হাড় ভা.চ ৪৯৫।

কূপক পুং [কূপ+ক (কন্) স্বার্থে] ১ সর্ব 'কূপ' (১-৬)। ২ [+ক হ্রস্বার্থে] হ্রস্বকূপ; ক্ষুদ্রজলাশয়, উদপান। ৩ শুষ্কনদী-প্রভৃতির গর্ভে জলার্থ কৃত গর্ত্ত (অকো)। ৪ নিতম্বস্থ ক্ষুদ্র গর্ত্ত; কুকুন্দর। চিতার নিম্নস্থ খাত; চিতা। ৬ নৌকা (A.)। —পিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] নদীমধ্যস্থ প্রস্তর বা পর্ব্বত।

কূপকচ্ছপ, -দর্দ্দুর, -মণ্ডূক পুং [স.ত, কুৎসার্থে, পা ২.১.৪৮] কূপে কচ্ছপতুল্য বা মণ্ডূকতুল্য; কূপের কচ্ছপ বা ভেক যেমন কূপেরই বিষয় জানে, বাহ্য বিষয় জানে না, তদ্রূপ স্বল্পবিষয়াভিজ্ঞ জন। 'যো ন নির্গত্য নিঃশেষামবলোকয়তি মেদিনীম্। অনেকাশ্চর্য্যসম্পূর্ণাং স নরঃ কূপদর্দ্দুরঃ। —মাণ্ডূকী স্ত্রী [স.ত, কুৎসার্থে] কূপে মাণ্ডূকীতুল্যা (দ্র 'কূপকচ্ছপ'); স্বল্পবিষয়াভিজ্ঞা নারী। "ভট্টি ৫.৮৫। [পাঠান্তর '°মণ্ডূকী']

কূপযন্ত্র ক্লী [ষ.ত] কূপের জলোত্তোলনার্থ চক্রযন্ত্রবিশেষ; কূপচক্র, অরঘট্ট। "°ঘটিকান্যায়। [°ঘটী, -ঘটিকা (স্ত্রী)—কূপযন্ত্রে সংলগ্ন জলোত্তোলনার্থ পাত্র; অরঘট্টঘটিকা।]

কূবর বিণ ১ মনোজ্ঞ, সুন্দর। ২ কুব্জ, কুঁজা। —র পুং কুব্জ, কুঁজা লোক। —র পুং, ক্লী [√কূ শব্দ+বর (বরচ্)-ক] রথের যুগকাষ্ঠ-বন্ধন-স্থান; যুগন্ধর। "বৈদূর্য্যমণি° গো.রা ৩.২৮.৩০। দ্বন্দ্ব° ভ ৪.২৯. ১৯। —রী স্ত্রী কম্বলাচ্ছাদিত রথ।

কু(কু)রুম বি [সং কূর্ম্ম >(স্বরাগমে) কু(কু)রুম; অপ্র] কচ্ছপ। "কুরুমের পিষ্টি শূ ২৯। কুরুম গো.চ ৬১।

কূর্চ্চ পুং, ক্লী [√কুচ্ সঙ্কোচ+উচ (ড়ুর্চ)-ক (অ.টী); তু 'কূর্চ' —তৃণগুচ্ছ (তৈত্তিরীয়সংহিতা)] ১ কুশমুষ্টি, তৃণগুচ্ছ, গুচ্ছমাত্র। ২ ভ্রূদ্বয়ের মধ্যভাগ (অ.কো); ভ্রূদ্বয়ের মধ্যস্থ রোমরাজি (ত.বা)। ৩ শ্মশ্রু, দাড়ি। "°লম্ব শ ৬২১/২। কৃষ্ণকূর্চ্চ পুরোহিত ব.দ্বি ১৮। ৪ শ্মশ্রুপ্রসাধক, দাড়ির চিরুণি। "রা ২.৯১.৭৭। ৫ ময়ূরপুচ্ছ। ৬ তূলিকা, তুলি। ৭ কঠিন, স্থালী। ৮ কৈতব, মায়া, কপটতা। ৯ দম্ভ। ১০ বিকত্থন। ১১ অঙ্গুষ্ঠ ও মধ্যাঙ্গুলির সংযুক্ত অগ্রভাগ। ১২ (তন্ত্রে) 'হুম্' এই বীজমন্ত্র। ১৩ আসনবিশেষ। —র্চ্চ পুং মস্তক। —র্চ্চ ক্লী মলাপকর্ষণার্থ কেশাদিমুষ্টি; কুচি (brush)। —র্চ্চিকা স্ত্রী [°র্চ্চ+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] ১ দুগ্ধবিকার, ক্ষীরসা, (মতান্তরে) ছানা। "সুশ্রুত ১৪.৪৮। ২ সূচিকা, ছুঁচ। ৩ তূলিকা, তুলি। ৪ কুট্মল, কুঁড়ি। ৫ কুঞ্চিকা, চাবি।

কূর্ম্ম পুং [কে (জলে) ঊর্ম্মি (বেগ) যাহার, পৃষো; ছান্দস] ১ কচ্ছপ, কাছিম। "গী ২.৫৮। ২ বিষ্ণুর দ্বিতীয় অবতার। [বিষ্ণু এই অবতারে সমুদ্র-মন্থনে মন্দর ও কল্পারম্ভে পৃথিবী পৃষ্ঠে ধারণ করেন (ভ ২.৭. ১৩)] "মন্দর ধরিতে কূর্ম্ম কৈল অঙ্গীকার ম ৮। যিনি কূর্ম্মরূপ অবলম্বন করিয়া পৃষ্ঠে এই সসাগরা ধরা ধারণ করিয়া আছেন (বেতাল-পঞ্চবিংশতি)।] ৩ কূর্ম্মাকার মুদ্রাবিশেষ; কূর্ম্মমুদ্রা। ৪ যোগীর আসনবিশেষ, কূর্ম্মাসন। ৫ বাহ্যবায়ুবিশেষ। "উন্মীলনে স্মৃতঃ কূর্ম্মঃ (শ.ক)। —র্ম্মী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীষ্)] কচ্ছপী। [°পুরাণ (ক্লী)—কূর্ম্মাবতার-কথিত মহাপুরাণবিশেষ। °পৃষ্ঠ (ক্লী)—১ কূর্ম্মের পৃষ্ঠাস্থি, কচ্ছপের খোলা। ২ কূর্ম্মাবতারের পৃষ্ঠদেশ। "ম ৮। °পৃষ্ঠক (ক্লী) —(সাদৃশ্যে) শরাব, শরা। °রাজ (পুং)—'কূর্ম্মশ্রেষ্ঠ', বিষ্ণুর কূর্ম্মাবতার। °মুদ্রা (স্ত্রী)—(তন্ত্রে) কূর্ম্মাকৃতি বা কূর্ম্মনামক মুদ্রা-বিশেষ। কূর্ম্মাবতার (পুং)—বিষ্ণুর দ্বিতীয় অবতার।]

কূল ক্লী [√কূল্ আবরণ+অ (ক)-ক; cf., L. collis—high ground; Hebrew—'cul'—custody, guard; 'col'=impediment] ১ 'জলপ্রবাহের আবরক'; নদী-প্রভৃতির তীর; তট। "ঋগ্বেদ ৮.৪৭.১১। গঙ্গা° রা ১.১.২৯। কূলে কূলায়ক্রমাঃ উ.চ ২.৯। তোয়ৈশ্চ দোষৈশ্চ নিপাতয়ন্তি নদ্যো হি কূলানি কুলানি নার্য্যঃ।—পঞ্চ ১.২২৩। উদধেঃ কূলম্ রঘু ১২.৬৮। কর বা না কর পার কূলে আছি ব'সে কু ১৮১। ২ প্রান্ত, সীমা, সান্নিধ্য। "কুলায়কূলেষু বিলুঠ্য তেষু তে।—নৈ ১.১৪১। ৩ প্রবণভূমি (slope;—শতপথব্রাহ্মণ)। ৪ [+ঘঞর্থে ক-র্ম্ম] স্তূপ, রাশি। ৫ সৈন্যপৃষ্ঠ। ৬ তড়াগ, সরসী। ৭ (বাঙলায়) কার্য্যের বা অভীষ্টের পার; কার্য্যসিদ্ধি। "হেন শূল ভেঙ্গে মূল কোন কূল পান শি ৬৯। যদি কালী কূল দেন কূলে আগমন ভা.চ ২৬৪। —লক পুং, ক্লী [কূল+ক (কন্) স্বার্থে] ১ কূল, তীর। ২ স্তূপ, রাশি। —ক পুং কৃমিপর্ব্বত, উইঢিপি। [কূলকিনারা—(একার্থক) তীর; সীমা, অন্ত। °চর (বিণ)—নদী-প্রভৃতির তীরচর (মহিষাদি;—সুশ্রুত)। °বতী (স্ত্রী)—'কূলযুক্তা', তটিনী, নদী। কূলকিনারা করা—কোন বিষয়ের শেষ বা সিদ্ধান্ত করা; প্রতিবিধান বা উপায়নির্দ্ধারণ করা। "মিছে কেন বিবাদ করা, কূলের কর কূলকিনারা দা ২০৮৬। কূল করা—সীমা বা শেষ করা। কূলায় —কূলে যায়। দ্র 'কূলাং'। কূলে কূলে ভরা—নদী প্রভৃতির কানায় কানায় জলে পূর্ণ হওয়া।]

কূহা স্ত্রী [তু 'কুহূ'] কুজ্ঝটিকা, কুয়া।

কৃ সক [তনা, এ—করোতি, কুরুতে; অনিট্; তু 'করতি' (ঋগ্বেদ ১. ৪৩.৬)] ১ করণ, অনুষ্ঠান। ২ নির্ম্মাণ, সৃষ্টি। ৩ উৎপাদন, জনন। ৪ প্রণয়ন, রচনা। ৫ পালন, অনুবর্ত্তন। ৬ গ্রহণ, ধারণ (রূপাদি)। ৭ নিয়োজন (to appoint)। ৮ শব্দোচ্চারণ। "খাৎকৃত্য, ফুৎকৃত্য ইত্যাদি। ৯ ধর্ষণ (to violate)। [অধি—অধিকার, আরম্ভ। অনু—অনুকরণ। অপ—অপকার। অপ-আ—অপাকরণ, নিবারণ। আ—আকার, অবয়বসংস্থান। উপ—উপকার। দুর্—দুষ্টাচরণ, দুষ্কৃত। নির্-আ—নিরাকরণ, প্রত্যাদেশ। পরি—পরিষ্কার। প্রতি—প্রতিকার। বি—বিকার। বি-আ—ব্যাকরণ, প্রকাশন, ব্যাখ্যান। অধঃ—অধঃকরণ, অতিক্রম, পরাভব, অবজ্ঞা। আবিস্—আবিষ্কার। তিরস্—তিরস্কার। সম্—সংস্কার।]

কৃকলাস পুং [কৃক+ √লাসি+অ (অন্)-ক (অ.টী); স্ত্রী -সী; ছান্দস] যে শিরোগ্রীব বা কণ্ঠ কম্পিত করে; সরট, কাকলাস, গিরগিটি, বহুরূপী (chameleon)। "মহা ১৩.৬.৩৭। —সী স্ত্রী কৃকলাস-স্ত্রীজাতি।

কৃকবাকু পুং [কৃক+ √বচ্+উ (ঞুণ্)-ক; উ ১.৬; 'কৃক' (কুক্কুটধ্বনি) + 'বাক' (শব্দ) যাহার,—কৃকবাক > °কু (?)] ১ কুক্কুট। ২ ময়ূর। ৩ কৃকলাস।

কৃচ্ছ্র বিণ [কৃচ্ছ্র+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -চ্ছ্রা] ১ কৃচ্ছ্রযুক্ত, কষ্টকর। "বিলপিতং কৃচ্ছ্রম্ রা ৪.২৩.৫। °তর (ব্যসন) রা (S.W.)। মহা ৩.২৫.১৮। ২ ক্লিষ্ট "°রূপ মহা ৩.৩৪.১৩।

৩ কষ্টসাধ্য, কষ্ট। —চ্ছ্র পুং, ক্লী [√কৃৎ+র(রক্)-ক, উ ২.২১ ; ছান্দস] ১ কষ্ট, দুঃখ। "কৃচ্ছ্রমিদমস্মাকমাগতম্ রা (S.W.)। কৃচ্ছ্রাদ্ গ্রাহাদ্ বিমুচ্যতে মনু ৬.৭৮। বৃন্দাবনে গেলা বহু কৃচ্ছ্রে মহাশয় ভ.গ্র ৩২৩। সুললিত শুন বংশী, রামা-কর্ণ-কৃচ্ছ্রধ্বংসী জ ১। ২ ব্যসন, বিপদ্, প্রাণসঙ্কট। "অনৃতং নোক্তপূর্ব্বং মে চিরং কৃচ্ছ্রেঽপি তিষ্ঠত রা ৪.১৪.১৪। —চ্ছ্র ক্লী ১ পাপ। ২ কষ্টসাধ্য ব্রত; সান্তপনাদি ব্রত। "মনু ৪.২২২ ; চরেৎ সান্তপনং কৃচ্ছ্রম্ ১১.১২৫। —চ্ছ্র পুং মূত্রকৃচ্ছ্র-রোগ। [°গত (বিণ)—কষ্টপ্রাপ্ত, দুর্গত, ব্যসনপ্রাপ্ত। "রা ২.৮৫.১৩। °পতিত (বিণ)—সর্থ 'কৃচ্ছ্রগত'। °সাধ্য (বিণ)—কষ্টসাধ্য, দুষ্কর।]

কৃচ্ছ্রিত বিং [কৃচ্ছ্র+ইত (ইতচ্)] 'সঞ্জাতকৃচ্ছ্র', ক্লিষ্ট, পীড়িত। "খগেন্দ্র নাসিকা তুল,...দেখি কামে কামিনী কৃচ্ছ্রিত জ ১।

কৃৎ[১] বিণ [√কৃ+ক্বিপ্ (০) ভূতে-ক-১ব ; স্ত্রী -ৎ] ১ যে করিয়াছে ; কৃতবান্, কর্ত্তা। "কর্ম্ম°, পাপ°, পুণ্য°, ভাষ্য°, শাস্ত্র° পা ৩.২.৮৯। সর্ব্বভূত° মনু ১.১৮। বেদান্ত° গী ১৫.১৫। [সমাসে উত্তরপদ]। ২ (ব্যাকরণে) কৃত্য-নিষ্ঠা-প্রভৃতি প্রত্যয়।

কৃৎ[২] সক [তুদা, প —কৃন্ততি ; সেট্ ; cf., Gr. keirw, karois ; L. curtus ; Hebrew 'ceartaighim'—I cut ; Slav. 'korju'—to split] কর্ত্তন, ছেদন।

কৃত বিণ [√কৃ+ত (ক্ত)-র্ম ; ছান্দস] ১ সম্পাদিত, অনুষ্ঠিত। "°কর্ম্মা, °কার্য্য, °কৃত্য।—গী ৪.১৫। ২ নির্ম্মিত, রচিত। "শ ২.৯। কৃতবেশ্মা।—ব্যাস ২.১৬। ৩ গৃহীত। "°দার।—ব্যাস ২.১৬। ৪ বিহিত। "কৃতমনুমতং দৃষ্টং বা যৈরিদং গুরুপাতকম্ বে ৩.২২। ৫ জনিত, উৎপাদিত। "অবমানকৃতঃ ক্রোধঃ রা (S.W.)। ৬ কল্পিত, নিরূপিত, নির্দ্ধারিত। "পুত্রিকায়াং কৃতায়াম্ মনু ৯.১৩৪। °বেতন যাজ্ঞ ২.১৬৭ ; °কাল ১৮৭। ৭ অভ্যস্ত, শিক্ষিত। "°বিদ্য রা ১.৪১.২। °শিল্প যাজ্ঞ ২.১৮৭। ৮ সাধিত, পক্ক, সিদ্ধ। "কৃতান্ন মনু ১০.৯৪। ৯ উপ্তশস্য (ক্ষেত্র)। "মনু ১০.১১৪। ১০ সংস্কৃত, শোধিত। "অকৃতাত্মা গী. ১৫.১১। মনু ৬.৭৩। ১১ পর্য্যাপ্ত। ১২ প্রতিষ্ঠাপিত, স্থাপিত। ১৩ লব্ধ। "কৃতাস্ত্র রা ১.৭৭.১৪। ১৪ ঘটিত, ছাঁচে-ঢালা (wrought gold &c.)। দ্র 'কৃতাকৃত'। —ত ক্লী [+ত-ভা] ১ ক্রিয়া, করণ, সম্পাদন। ২ [+ক্ত-র্ম] কর্ম্ম, কার্য্য। "গী ৩.১৮। ৩ সৎকার্য্য, উপকার, হিত। "°জ্ঞ, °ঘ্ন। কৃতে প্রতিকৃতিং কুর্য্যাৎ।—পঞ্চ ৫.৮০। ৪ ফল, পরিণাম। ৫ সত্যযুগ। [এই যুগে সকলই কৃতকৃত্য, এইজন্য ইহার নাম 'কৃতযুগ' (মহা ৩.১৪৯.১১, নীলকণ্ঠ)। ইহার পরিণাম ৪৮০০ দিব্যবর্ষ (বিষ্ণু ২০-৯ ; দ্র 'মনু ১.৬৯)। ৬ (চতুষ্পাৎপুণ্য হেতু) '৪' এই সংখ্যা। ৭ চতুরঙ্কযুক্ত পাশকপার্শ্ব, অর্থাৎ পাশার যে পিঠে চারিটি বিন্দু থাকে, সে পিঠ। [কৃতাপরাধ (বিণ)—কৃতদোষ, দণ্ডার্হ। কৃতাবধান (বিণ)—দত্তাবধান, অবহিত। কৃতাবধি (বিণ) —নির্ণীতসীমা, সীমাযুক্ত।

কৃতক বিণ [কৃত+ক (কন্) স্বার্থে ; √কৃৎ+অক (ক্বন্) উ ২.৩৭ ; স্ত্রী -তিকা] ১ কৃত, নির্ম্মিত, সাধিত। "যদ্ যৎ কৃতকং তদনিত্যম্ (ন্যায়শাস্ত্র)। বিপ 'নৈসর্গিক'। ২ কার্য্য হইতে জাত ; কৃত্রিম। "রঘু ১৯.৫২। °তনয় উ.মে ১৪। উ.চ ৬.১৪। ৩ মিথ্যা, কপট। "°কলহ মু ৩½। —ক ক্লী বিড়লবণ। [°তনয় (পুং)—কৃত্রিম, অর্থাৎ পুত্ররূপে অভিমত পুত্র। উ.মে ১৪।]

কৃতকর্ম্মা (-র্ম্মন্) বিণ [বহুব্রী ; স্ত্রী -র্ম্মা] ১ যে কার্য্য করিয়াছে ; কৃতকার্য্য, কৃতস্বকর্ম্মা। "রা ৬.১০১.৫৪। ২ নিপুণ, কুশল, পটু। "সকলে আমি কৃতকর্ম্মা দা. ৬৭। ৩ স্বকর্ম্মকারী। "রঘু ৯.৩। —র্ম্মা পুং বিষ্ণু।

কৃতকাম বিণ [বহুব্রী] যাহার কামনা পরিপূর্ণ ; পূর্ণকাম, সফলকাম। "মহা ১.২০৯.২৮।

কৃতকার্য্য বিণ [বহুব্রী] ১ সম্পাদিতকার্য্য, কৃতকর্ম্মা। "রা ২.৬১.১২। ২ কৃতার্থ, পূর্ণমনোরথ। "কৃতকার্য্যমিদং দুর্গবনম্ রা ২.৯৮.১৩। —র্য্য ক্লী [কর্ম্মধা] অনুষ্ঠিতকার্য্য।

কৃতকাল বিণ [বহুব্রী] ১ যে সময়বিশেষ নির্দ্ধারিত করিয়াছে ; নিরূপিতসময়। ২ যাহার কাল নিরূপিত ; নির্দ্দিষ্ট কালের জন্য ন্যস্ত বা গচ্ছিত (দ্রব্য)। —ল পুং [কর্ম্মধা] নিরূপিত সময় ; নির্ণীত কাল। "যাজ্ঞ ২.১৮৭।

কৃতকৃতার্থ বিং (অপ্র) যাহাকে কৃতার্থ করা হইয়াছে ; চরিতার্থীকৃত। "শ্রীজীবগোসাঞি কৃতকৃতার্থ মানিয়া। শতেক প্রণাম করে...॥—ভ.গ্র ২৪। আমি ইহাকে কৃতকৃতার্থ করিলাম।—রাজনারায়ণ বসু। [তু 'সং কৃতঃ কৃতার্থোঽস্মি (মাঘ ১.২৯)]

কৃতকৃত্য বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্যা] ১ যে কার্য্য করিয়াছে ; নিষ্পাদিত-কর্ম্মা, কৃতকার্য্য, কৃতার্থ। "মাঘ ২.৩২ ; হি ২.৬। কৃতকৃত্য কৃত্তিবাস শি ৭১। ২ কৃত-প্রতিজ্ঞাতবিষয়, কৃতসন্ধ। "রা ১.১.৮৫। ৩ চরিতার্থ, প্রীত, তৃপ্ত। "ন তাবৎ কৃতকৃত্যোঽসি বিষয়েষু রা ৭.৫৯.৩। আপনাকে কৃতকৃত্য...মানি ম ৫৬৭। মহাকৃতকৃত্য হয়্যা চলিল ব্রাহ্মণ চৈ.ভা ১০০। দু ১৬। ভ.গ্র ২১৫।

কৃতকৌতুকমঙ্গল বিণ [কৃত কৌতুকমঙ্গল যাহা কর্ত্তৃক, বহুব্রী] কৃতবৈবাহিকমঙ্গলকার্য্য। "রা ১.৭৩.৯।

কৃতক্রিয় বিণ [কৃতা ক্রিয়া যাহা কর্ত্তৃক, বহুব্রী ; স্ত্রী -য়া] ১ সম্পাদিত-কার্য্য, কৃতকর্ত্তব্য। ২ কৃতশ্রাদ্ধাদিকৃত্য। "মনু ৫.৯৯।

কৃতক্ষণ বিণ [বহুব্রী] ১ কৃতকাল ; নির্ণীতসময়। "স্বয়ম্বর° মহা ১৮.১৮৪.১১ ; পলায়ন° ১৪.৮৪.১৪। ২ দত্তাবসর। "ভ ৩.১.২৬। ৩ কৃতোৎসব। "ভ ৩.৮.১০। ৪ কৃতানুমতিক। "রা ২.২৯.১৫। ৫ কৃতনিয়ম। "মহা ১.৬৪.৫১। ৬ কৃতোদ্যোগ, উদ্যুক্ত।

কৃতঘ্ন বিণ [কৃত+ √হন্+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -ঘ্না ; 'কৃতঘ্নী' অসাধু (পা ৩.২.৫৩, সি)—কৃতঘ্নীঞ্চ...নাভিবাদয়েৎ (বৃহন্নারদীয় পুরাণ, ২৩.৪২)] যে কৃত উপকার হত করে, অর্থাৎ মানে না, উপকারকের অপকারক ; অকৃতজ্ঞ, নিমক্‌হারাম। "মনু ৪.২১৪। কৃতঘ্নীকৃতি নৈ ৬.৮৫। কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ (শ.ক)। [কৃতঘ্ন বহুবিধ। দ্র 'স্কন্দপুরাণ, প্রায়শ্চিত্ততত্ত্ব]

কৃতজন্মা (-ন্মন্) বিণ [কৃত জন্ম যাহার, বহুব্রী ; স্ত্রী -ন্মা] ১ উৎপাদিত, জনিত। ২ রোপিত। "দ্রুমেষু সখ্যা কৃতজন্মসু স্বয়ম্ কু.স ৫.৬০।

কৃতজ্ঞ বিণ [কৃত+ √জ্ঞা+অ (ক)-ক ; উ.ত ; স্ত্রী -জ্ঞা] ১ যে কৃত উপকার জানে ; যে বহু অপকার উপেক্ষা করিয়া একটি উপকারকেই বহু মনে করে (রা.টীকা) ; কৃতোপকারজ্ঞাতা। "রা ১.১.২। মনু ৭.২০৯। ২ উপকারকের প্রত্যুপকারক। ৩ সাধুবৃত্ত।

কৃততীর্থ বিণ [বহুব্রী] ১ যাহার তীর্থ (ঘাট) করা হইয়াছে ; কৃত-জলাবতার, ঘাট-করা (জলাশয়)। "কি ২.৩। ২ যে কাশী গয়া প্রভৃতি তীর্থ করিয়াছে ; কৃততীর্থকার্য্য।

কৃতদার বিণ [কৃত দার যাহা কর্ত্তৃক, বহুব্রী] গৃহীতদার, কৃতপরিণয়। "রা ১.৭৭.১৪। কৃতদারো গৃহং বসেৎ মনু ৪.১। সম্বন্ধ যুটিবে কি ? আমি কৃতদার।—ব.প্র ৩৮৭।

কৃতদাস পুং [উ.লো] কৃতনিয়ম দাস ; 'আমি এতাবৎকাল দাস' এই নিয়ম করিয়া যে দাস হয় ; পঞ্চদশ দাসের একতম।

কৃতধী বিণ [বহুব্রী ; স্ত্রী -ধী] শাস্ত্রাভ্যাসে সংস্কৃতবুদ্ধি ; স্থিরবুদ্ধি, শিক্ষিতবুদ্ধি। "মাঘ ২.৭৯।

কৃতনিশ্চয় বিণ [বহুব্রী] ১ স্থিরসঙ্কল্প, স্থিতধী, দৃঢ়মতি। "রা ৪.৬৫. ১২। গী ২.৩৭। ২ নিঃসন্দেহ, অসংশয়।

কৃতপূর্ব্ব বিণ [পূর্ব্বে কৃত, সুপ্সুপা, 'কৃত' শব্দের পূর্ব্বনিপাত, স্ত্রী -র্ব্বা] পূর্ব্বে কৃত বা অনুষ্ঠিত।

কৃতবর্ম্মা (-র্ম্মন্) পুং [বহুব্রী] যদুবংশীয় ক্ষত্রিয়বিশেষ। [ইনি হৃদিকের পুত্র, দুর্য্যোধনের পক্ষীয় যোদ্ধা। সৌপ্তিকপর্ব্বে অশ্বত্থামা পাণ্ডবশিবিরে প্রবেশ করিলে, ইনি কৃপের সহিত দ্বার রক্ষা করেন। প্রভাসে সাত্যকির হস্তে ইঁহার মৃত্যু হয়।]

কৃতবিদ্য বিণ [কৃতা বিদ্যা যাহা কর্ত্তৃক, বহুব্রী ; স্ত্রী -দ্যা] যিনি বিদ্যাভ্যাস করিয়াছেন ; অভ্যস্তবিদ্য, বিদ্বান্, পণ্ডিত। "রা ১.৪১.২। পঞ্চ ১.৪৬।

কৃতবীর্য্য বিণ [বহুব্রী] যাহা কর্ত্তৃক বীর্য্য কৃত (লব্ধ) ; বীর্য্যান্বিত, শূর। —র্য্য পুং কার্ত্তবীর্য্যার্জ্জুনের জনক নৃপবিশেষ।

কৃতবুদ্ধি বিণ [বহুব্রী ; স্ত্রী -দ্ধি] ১ যাহার বুদ্ধি শাস্ত্রজ্ঞানে মার্জ্জিত ; শাস্ত্রজ্ঞান আচার্য্যোপদেশ ও শমদমাদি দ্বারা সংস্কৃতবুদ্ধি (নীলকণ্ঠ) ; শাস্ত্রজ্ঞানসম্পন্ন। "মনু ৭.৩০। গী ১৮.১৬। ২ শাস্ত্রীয় অনুষ্ঠানে কর্ত্তব্যতাবুদ্ধিযুক্ত। "মনু ১.৯৭। ৩ স্থিরসঙ্কল্প, কৃতনিশ্চয়, দৃঢ়মতি। "গো.রা ৬.৯১.৬ ; ১০০.২১।

কৃতবেতন বিণ [বহুব্রী] যাহার বেতন নির্দ্ধারিত ; নির্ণীতবেতন (ভৃত্য)। "যাজ্ঞ ২.১৬৭।

কৃতবেদী (-দিন্) বিণ [কৃত+ √বিদ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -দিনী] যে কৃত জানে ; কৃতজ্ঞ। "কি ১৩.৩২।

কৃতবেশ বিণ [বহুব্রী] যে বেশ করিয়াছে ; কৃতনেপথ্য, কৃতালঙ্করণ, ধৃতবেশ। "গী.গো ১২.১।

কৃতমতি বিণ [বহুব্রী ; স্ত্রী -তি] কৃতবুদ্ধি, স্থিরনিশ্চয়, কৃতসঙ্কল্প। "মহা ১৩.৩৮.১০।

কৃতযুগ ক্লী [কর্ম্মধা] কৃতই যুগ ; সত্যযুগ। "রা ১.১.৯৪।

কৃতলক্ষণ বিণ [বহুব্রী] ১ যাহার নাম অত্যন্ত বা বারংবার উচ্চারিত (অ.টী) ; শৌর্য্যাদিগুণে খ্যাত। ২ মহাপাতক হেতু কৃতচিহ্ন ; কৃতাঙ্ক (stigmatized)। "মনু ৯.২৩৯। ৩ কৃতচিহ্ন, চিহ্নিত। "পবিত্রকৃতলক্ষণম্ (পশুম্—S.W.)। মৈথিলী° গো.রা ৬.৯৫.১৯। ৪ কৃতবিষয়, তদ্বিষয়ক, তৎসম্বন্ধী। "(মতিঃ) আদানকৃতলক্ষণা হ ৯২.৬২।

কৃতশিল্প বিণ [বহুব্রী] যিনি শিল্প অভ্যাস করিয়াছেন ; অভ্যস্তশিল্প, শিল্পকুশল। "যাজ্ঞ ২.১৮৭।

কৃতশৌচ বিণ [বহুব্রী] ১ যে শৌচ করিয়াছে ; কৃতশুদ্ধি। ২ কৃত-প্রাতঃকৃত্য।

কৃতশ্রম বিণ [বহুব্রী ; স্ত্রী -মা] ১ যে শিক্ষার্থ শ্রম করিয়াছে ; মহোৎসাহান্বিত। "পুরাণে কৃতশ্রমঃ মহা ১.৪.২। ২ কৃতপ্রয়াস, কৃত-যত্ন। "রা ১.১৯.৭।

কৃতসংজ্ঞ বিণ [কৃতা সংজ্ঞা যাহাকে, বা যাহা কর্ত্তৃক, বহুব্রী ; স্ত্রী -জ্ঞা] ১ যাহাকে সঙ্কেত করা হইয়াছে ; কৃতসঙ্কেত। ২ অভ্যস্তসঙ্কেত, সঙ্কেতজ্ঞ। "মনু ৭.১৯০।

কৃতসংস্কার বিণ [বহুব্রী] ১ কৃতজাতকর্ম্মাদিবিধি। "মনু ৯.১২৬। রঘু ১০.৭৮। ২ কৃতবেশ, কৃতপ্রসাধন। ৩ কৃতশুদ্ধি, বিমলীকৃত, শাণোল্লিখিত (মণি-প্রভৃতি)।

কৃতসঙ্কল্প বিণ [বহুব্রী] কৃতনিশ্চয়, স্থিরমতি।

কৃতসঙ্কেত বিণ [বহুব্রী] ১ যে সঙ্কেত করিয়াছে, অর্থাৎ কোন বিষয়ে নিয়ম করিয়াছে ; কৃতনিয়ম। ২ সঙ্কেতপূর্ব্বক, নিয়মপূর্ব্বক। "কৃতসঙ্কেতঃ বাদয়তে মৃদুবেণুম্ গী.গো ৫.৯।

কৃতহস্ত বিণ [বহুব্রী ; স্ত্রী -স্তা] ১ 'অভ্যস্তহস্ত', শরমোক্ষে সুশিক্ষিত বা কুশল। "মহা ৪.৫৭.৩০। ম.চ ৬.৪১। ২ কুশল, দক্ষ।

কৃত্যা বি [সং কৃত্যা ; অপ্র] মায়া, ছল, কপটতা। "জেম কৃত্যা করিছিল কদ্রুএ বিনতারে : কৃত্যা হেতু : ম.পা ৭৭ ; কৃত্যা করি ক্লেশ দিছে লহনা দুর্ব্বাধী ৯৪।

কৃতাকৃত বিণ [কৃত ও অকৃত ; ত.পু, পা ২.১.৬ ; স্ত্রী -তা] ১ যাহা কৃত ও অকৃত ; কিঞ্চিৎ কৃত, কিঞ্চিৎ অকৃত (কার্য্য) ; অসমাপিত। "ভট্টি ৩.২১। ২ ঘটিতাঘটিত, অর্থাৎ ছাঁচে ঢালা ও আঢালা (wrought and unwrought gold &c.) ; (মতান্তরে) মিলিত (অ.টী)। "অ.কো ২.১১.৯১। —কৃত ক্লী [স.দ্ব] ১ কার্য্য ও কারণ। ২ ওদনাদি হবিঃ (কাত্যায়ন—ত.বা)। —কৃত পুং কার্য্যকারণরূপ ঈশ্বর।

কৃতাঙ্ক বিণ [বহুব্রী ; স্ত্রী -ঙ্কা] ১ যাহাতে চিহ্ন করা হইয়াছে ; কৃতাঙ্কন, কৃতচিত্রণ। ("গজম্) কৃতাঙ্কং চন্দনেন রা (S.W.)। ২ দোষ হেতু কৃতচিহ্ন ; কৃতলক্ষণ (stigmatized)। "মনু ৮.২৮১ ; ৯.২৩৯, কুল্লুক। ৩ কৃতসংখ্যাপাত, সংখ্যাত, গণিত (Wilson)।

কৃতাঞ্জলি বিণ [কৃত অঞ্জলি যাহা কর্ত্তৃক, বহুব্রী ; স্ত্রী -লি] সম্মানার্থ যে অঞ্জলি বদ্ধ করিয়াছে ; যুক্তাঞ্জলি, বদ্ধাঞ্জলি, যোড়হাত। "রা ১.৩.২। গী ১১.১৪। মনু ৪.১৫৪। করি কর কৃতাঞ্জলি দু ৪৯। —লি পুং ওষধিবিশেষ।

কৃতাঞ্জলিপুট বিণ [কৃত অঞ্জলিপুট যাহা কর্ত্তৃক, বহুব্রী ; স্ত্রী -টা] ১ সম্মানার্থে যে অঞ্জলিপুট বদ্ধ করিয়াছে ; বদ্ধপাণিপুট, কৃতাঞ্জলি। "(রাজপুত্রো) কৃতাঞ্জলিপুটে রা ১.৩৮.৯ ; ২.৩.৩৩। ২ যে জলাদি-গ্রহণার্থ অঞ্জলিদ্বয়ের পুট করিয়াছে ; রচিতাঞ্জলিপাত্র। —পুটে ক্রি.বিং অঞ্জলিপুটবদ্ধপূর্ব্বক, যোড়হস্তে। "প্রতিহারী…কৃতাঞ্জলিপুটে নিবেদন করিল সী ১৭।

কৃতাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্মা] ১ যাঁহার চিত্ত শাস্ত্রসংস্কৃত, সংস্কৃতাত্মা, শুদ্ধান্তঃকরণ, বিশোধিতচিত্ত। "গী ১৫.১১। মনু ৬.৭৩। গো.রা ৩.৯.২৩। ২ শিক্ষিতচিত্ত।

কৃতান্ত বিণ [কৃত অন্ত যাহা কর্ত্তৃক, বহুব্রী , স্ত্রী -ন্তা] ১ যে নাশ করে ; সর্ব্বলোকনাশকর, লোকক্ষয়কর। "°বলমোহিত রা ১.৪০.১। কৃতান্ত আসীৎ সমরঃ ভ ৯.৬.১৩। ২ যে শাস্ত্রে কর্ম্মের অন্ত হয় ; কর্ম্মান্ত (শঙ্কর)। "গী ১৮.১৩। —ন্ত পুং ১ যম। "কৃতান্তপাশবদ্ধ।—পঞ্চ ১.৫। °দলনী কৃ ৩৫০। কৃতান্তদলনী শ্যামা।—রামপ্রসাদ। মে ২৬০। ২ যাহা দ্বারা বিপর্য্যয় হয় ; প্রাক্তন কর্ম্ম ; দৈব, ভাগ্য। "বলবাঁল্লোকে কৃতান্তঃ।—রা ২.২৪.৫ ; কৃতান্তস্য গতিঃ ৩৩। ৩ ফলোন্মুখ দৈব। "দশা কৃতান্তোপহতেয়ম্ গো.রা ২.৬১.৩৪। ৪ অকুশলকর্ম্ম ; পাপকর্ম্ম (অ.টী)। ৫ যাহা দ্বারা কার্য্যপরিচ্ছেদ হয় ; সিদ্ধান্ত। ৬ শনি। ৭ শনিবার। ৮ যমদৈবত্য ভরণীনক্ষত্র।

কৃতান্তদলনী বিং [ষ.ত] কৃতান্তনাশিনী, কালভয়হরা। "কৃতান্তদলনী শ্যামা।—রামপ্রসাদ। —নী বি চণ্ডী। "কৃ ৩৫০।

কৃতান্ন ক্লী [কৃত অন্ন, কর্ম্মধা ; বৈদিক] ১ সিদ্ধ অন্ন ; পক্ব খাদ্য ; লড্ডুকাদি পক্বান্ন ; ওদনসক্তু-প্রভৃতি ; সিদ্ধান্ন (কুল্লুক)। "মনু ৯.২১৯ ; ১০.৮৬ ; ৯৪। বসিষ্ঠ ২। ২ জীর্ণখাদ্য ; মল (M.W.)। [কৃতান্নের সাধনপ্রকার, গুণ, পরিভাষা (দ্র 'ত.বা')]

কৃতাভিষেক বিণ [কৃত অভিষেক যাহা কর্ত্তৃক বা যাহার, বহুব্রী ; স্ত্রী -কা] ১ কৃতস্নান। "কৃতাভিষেকো গঙ্গায়াম্ রা ১.৪৩.৩০। কৃতাভিষেকা মহিষী (অ.কো)। ২ যাহার অভিষেক হইয়াছে ; বিধি-পূর্ব্বক রাজপদে প্রতিষ্ঠিত ; অভিষিক্ত।

কৃতার্থ বিণ [কৃত অর্থ যাহা কর্ত্তৃক, বহুব্রী ; বৈদিক] ১ যে প্রয়োজন সম্পাদন করিয়াছে ; কৃতকার্য্য, কৃতপ্রয়োজন, চরিতার্থ। "রা ১.৫৭.১

২ সফল। "রঘু ৮.৩। চতুরয়া কোপঃ কৃতার্থীকৃতঃ।—অমরু ১৫। [কৃতার্থ করা—চরিতার্থ করা (কাকু হেতু বিরক্তিসূচক)। "কৃষ্ণ বলেন, তোকে আমি বৈকুণ্ঠে পাঠাব। তাঁতি বলে, 'কৃতার্থ করিলে। —তোমার হুকুমেই যাবো' দা ৫৫৩। কৃতার্থতা (স্ত্রী)—সাফল্য। "রঘু ৮.৩। কৃতার্থম্মন্য (বিণ)—যে আপনাকে কৃতার্থ মনে করে।]

কৃতালয় বিণ [কৃত আলয় যাহা কর্তৃক, বহুব্রী] কৃতবাস। "জনস্থানকৃতালয়ান্ রা (S.W.)।

কৃতাস্ত্র বিণ [কৃত অস্ত্র যাহা কর্তৃক, বহুব্রী] যে অস্ত্রপ্রয়োগবিষয়ে অভ্যস্ত; অস্ত্রবিষয়ে কৃতাভ্যাস; শিক্ষিতাস্ত্র। "রা ২.২১.৯।

কৃতাহ্বান বিণ [কৃত আহ্বান যাহা কর্তৃক বা যাহার, বহুব্রী] ১ যাহাকে ডাকা হইয়াছে; আহূত। ২ স্পর্দ্ধাপূর্ব্বক বা যুদ্ধার্থ আহূত (challenged)।

কৃতি স্ত্রী [√কৃ+তি (ক্তিন্)-ভা; বৈদিক] ১ ক্রিয়া, করণ, সাধন। "সৃষ্টিস্থিতিহৃতিকৃতিপ্রকৃতি-নিদান বা.দ ২। ২ নির্ম্মাণ। "বিহার° (S.W.)। ৩ সৃষ্টি। বিপ 'হৃতি'। "জগতঃ কৃতির্হরেঃ পা ২.৩.৬৬, সি। ৪ রচনা, গ্রন্থ। "সূত্রস্য কৃতিঃ পাণিনেঃ পা ১.২.৩৫, কাশিকা। ৫ পুরুষপ্রযত্ন, কর্তৃব্যাপার। ৬ হিংসা। ৭ [+তি-র্ম্ম] করণীয় বিষয়; কার্য্য, শাস্ত্রবিহিত কর্ম্ম। "মহা ৩.১৮০.৩০। মধ্যাহ্নদিনকৃতি, করিল ধনপতি ক.চ ২০৩। ৮ সৃষ্ট বিষয়; সৃষ্টি। "হেন মোর লয় মতি, বিধাতার নহে কৃতি, অপরূপ দেখি কালীদহে ক.চ ২৪০। ৯ কবিকৃত সন্দর্ভ; কাব্য, গ্রন্থ, প্রবন্ধ। "স্বকৃতিং গাপয়ামাস রঘু ১৫.৩৩; বাল্মীকেঃ কৃতিঃ ৬৪; কস্য চেয়ং কৃতিঃ কবেঃ ৬৯। অ.কো ৩.৬.৩.৩১। পাণিনিকৃতিঃ পা ৬.২.১৫১। ১০ [+তি-ণ] মায়া, কুহক। "মানবানাং প্রমোহার্থং কৃত্যা নার্য্যোঽসৃজৎপ্রভুঃ মহা ১৩.৪০.৮। ১১ ডাকিনী (A.)। ১২ কর্ত্তনী, ছুরী। ১৩ 'বিংশতি' সংখ্যা; কুড়ি। ১৪ বিংশত্যক্ষরপাদক ছন্দোবিশেষ।

কৃতিত্ব ক্লী [কৃতিন্+ত্ব] ১ কৃতিভাব, নৈপুণ্য, কার্য্যকুশলতা, যোগ্যতা। "ম.বি ২৫২। ২ কৃতকৃত্যতা, সফলতা, চরিতার্থতা।

কৃতী (-তিন্) বিণ [কৃত+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -তিনী; কৃতমনেনেতি (ইষ্টাদি) রঘু ৩.৫১, মল্লিনাথ; দ্র 'পা ৫.২.৮৮] ১ 'প্রশস্তকর্ম্মযুক্ত', ভাগ্যবান্, পুণ্যবান্। "শ ৭.১৯। ২ সাধু। ৩ কুশল, নিপুণ, পণ্ডিত। "রঘু ১১.২৯। কু.স ২.১০। মাঘ ২০.৭২। কি ২.৯। রণে কৃতী ক.চ ২৬৫। বাহির হইল ব্যূহ হৈতে তিন কৃতী ম ৮৭৪। ৪ কৃতকৃত্য, কৃতকার্য্য, কৃতার্থ, সিদ্ধকাম। "রঘু ৩.৫১। কু.স ৩.১৯। ত্বং খলু কৃতী শ ১.২৪। উ.চ ১.৩২। ভট্টি ৩.৫২। ৫ বচনকর, আজ্ঞাকারক (Wilson)। ৬ (বাঙলায়) ক্রিয়াবান্ ধর্ম্মানুষ্ঠাতা। "যদি বাঙ্গালীদের প্রতি পরিবারে একমাত্র কৃতী ও উপায়ক্ষম না হইয়া, অনেকেই কৃতী ও উপায়ক্ষম হইত, তাহা হইলে পৃথগন্ন হইয়া থাকিতে অল্প কষ্ট হইত পা.প্র ১৬৯।

কৃতোদক বিণ [কৃত উদক যাহা কর্তৃক, বহুব্রী; স্ত্রী -কা] যে উদককার্য্য (স্নানতর্পণাদি) করিয়াছে; কৃতস্নানাদি, কৃতার্ঘ্যদান। "রা ১.২৩.৩; ৪৪.১৮। কৃতোদক ভার্য্যাঃ মহা ২.৮০.২১।

কৃতোদ্বাহ বিণ [কৃত উদ্বাহ যাহা কর্তৃক বা যাহার, বহুব্রী; স্ত্রী -হা] কৃতবিবাহ, কৃতপরিণয়। "কৃতোদ্বাহশ্চ রাজা মহা ৩.১৯২.১২। কৃতোদ্বাহাং...বধূম্ ক.সা ১৭.৮৬।

কৃতোপকার বিণ [কৃত উপকার যাহার, বা যাহা কর্তৃক, বহুব্রী] ১ যাহার উপকার করা হইয়াছে; উপকৃত। "কু.স. ৩.৭৩। ২ যে উপকার করিয়াছে; উপকারক।

কৃতোপভোগ বিণ [কৃত উপভোগ যাহার, বহুব্রী; স্ত্রী -গা] যাহার উপভোগ করা হইয়াছে; উপভুক্ত (enjoyed)।

কৃত্ত বিণ [√কৃৎ+ত (ক্ত)-র্ম্ম] ১ ছিন্ন, খণ্ডিত। "বা.দ ৭৬। বজরার মুখে কৃত্ত তরঙ্গরাশির গর্জ্জন ভয়ানক ব.প্র ৪২২। ২ চেষ্টিত (অ.চি)। —ত্তি স্ত্রী [+তি-র্ম্ম; ছান্দস; cf., L. cortex—the bark of trees; Hebrew—cart] ১ যাহা ছিন্ন হয়; কৃষ্ণসারাদির চর্ম্ম (অ.টী); অজিন, চর্ম্ম। "°বাস, °বাসাঃ, ব্যাঘ্র°। কৃতুঃ কৃত্তেঃ স্নেহপাত্রম্ (অ.কো)। শার্দ্দুলের কৃত্তিবিনির্ম্মিত উপানৎ।—রঙ্গ ২২। ২ ব্রহ্মচারীর আসন ও শয্যা; কৃষ্ণসারচর্ম্ম (Wilson)। ৩ ত্বক্ (শ.ক); ভূর্জ্জপত্র। ৪ ভূর্জ্জবৃক্ষ (?)। ৫ কৃত্তিকানক্ষত্র।

কৃত্তিকা স্ত্রী, বহুব [√কৃৎ+তিক (তিকন্)-ক+স্ত্রী আ (টাপ্) উ ৩.১৪৭; ছান্দস] ১ (জ্যোতিষে) সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত তৃতীয় নক্ষত্র (Pleiads)। [ইহা ষট্‌তারকাযুক্ত। ইহার আকার অগ্নিশিখাতুল্য বা ক্ষুরসদৃশ, দেবতা অগ্নি। পুরাণে ষট্‌কৃত্তিকা কার্ত্তিকেয়ের পালয়িত্রী জননী।] ২ কার্ত্তিকেয়জননী ষট্‌কৃত্তিকা। "ত্রিদিবং কৃত্তিকা গতাঃ মহা ৩.২২৯.১১। ভ ৬.১৪.৩০। কৃত্তিকা-কুলবল্লভ মে ৬৮। [°তনয়, °পুত্র, °সুত (পুং)—কার্ত্তিকেয়। দ্র 'অগ্নিকুমার'।]

কৃত্তিবাস পুং [বহুব্রী] ১ গজাসুরচর্ম্ম যাহার বস্ত্র; মহাদেব। "কৃত্তিবাসেশ্বর (দ্র 'কৃত্তিবাসাঃ')। কহেন কৃত্তিবাস কৃ ২। ম ১৪; ৫৩৩। চ বি ১২৭। শ্রী.মা ১। ভা.চ ১০৩। ২ ভাষারামায়ণের রচয়িতা বঙ্গীয় প্রসিদ্ধ কবি। "আদিকাণ্ডে গান কৃত্তিবাস কৃ ৩। কৃত্তিবাস নাম তোমা!—কীর্ত্তির বসতি মা ১৬৮। [নদীয়া জেলার রাণাঘাট মহকুমার প্রায় এক ক্রোশ দক্ষিণ-পশ্চিমে স্থিত ফুলিয়া গ্রামে ভরদ্বাজ গোত্রে ইঁহার জন্ম হয়। ইঁহার জন্মকাল-সম্বন্ধে মতভেদ থাকিলেও, ইনি অন্যূন ৫০০ বৎসরের কিঞ্চিৎ ঊর্দ্ধকালে জীবিত ছিলেন। ইঁহার পিতামহ মুরারি ওঝা, পিতা বনমালী, মাতা মালিনী। বঙ্গভাষায় রচিত 'রামায়ণ'ই ইঁহার অক্ষয় কীর্ত্তি। ইনি তাহেরপুরের রাজা কংসনারায়ণের সভাপণ্ডিত ছিলেন।]

কৃত্তিবাসাঃ (-সস্) বিণ [কৃত্তি বাসঃ যাহার, বহুব্রী; ছান্দস] চর্ম্মাম্বর, চর্ম্মবস্ত্রধর। "মহা ২.৪৬.১৪। কু.স ১.৫৪। —বাসাঃ পুং গজাসুরের চর্ম্ম যাহার বসন; মহাদেব। মহিষাসুরপুত্র গজাসুর 'স্ত্রীপুরুষের অবধ্য' এই ব্রহ্মার বরে গর্ব্বিত হইয়া প্রমথগণকে পীড়িত করিলে, মহাদেব ত্রিশূলাঘাতে অসুরকে নিহত করেন। মৃত্যুকালে গজাসুর, শিবকে স্তবে প্রসন্ন করিয়া প্রার্থনা করে যে, "আপনি আমার চর্ম্ম বস্ত্ররূপে পরিধান করুন এবং অদ্যাবধি আপনার নাম 'কৃত্তিবাসাঃ' হউক"। শঙ্কর 'তথাস্তু' বলিয়া অসুরের অভিলাষ পূর্ণ করেন (কাশীখণ্ড ৬৪তম অধ্যায়)। —সাঃ স্ত্রী দুর্গা। "হ ৫৮.১৭।

কৃত্য বিণ [√কৃ+য (ক্যপ্)-র্ম্ম; স্ত্রী -ত্যা] ১ করণীয়, কর্ত্তব্য। "কিং কৃত্যমিতি চিন্তয়ন্ গো.রা. ৩.৭০.২৭। এতদ্ধি নঃ কৃত্যতমম্ মহা ৩.১২০.২২। রাত্র্যে উঠি গণসঙ্গে কৈল কৃত্যস্নান চৈ.চ ১৫০। ২ শত্রু কর্তৃক ধনাদি দ্বারা ভেদ, অর্থাৎ স্বপক্ষ করণীয়। ৩ বিদ্বিষ্ট। —ত্য পুং (ব্যাকরণে) প্রত্যয়বিশেষ—তব্য অনীয় য ইত্যাদি। 'পা ৩.১.৯৫। —ত্য ক্লী ১ করণীয় বিষয়; কর্ত্তব্য। "পৌর°, বন্ধু°, রাজ°, সহায়° (S.W.)। রা ৩.৪০.১৬। মনু ২.২৩৭। °বিৎ রঘু ৫.৩। বন্ধু° চৈ.চ ১০৮; দিন°, পক্ষ°, মাস° ২৪৪। ২ কার্য্য, কর্ম্ম। "গুণ° কু.স ৪.১৫। বংশ° রঘু ২.১২। দারু°।—পঞ্চ ১.১০৫। প্রাতঃস্মৃতি° চৈ.চ ২৪৪; ভোজন° ৩২৮। ৩ প্রয়োজন। "কিমাগমনকৃত্যং তে মহা ১৪.৮১.২। —ত্যা স্ত্রী [°ত্য+স্ত্রী আ (টাপ্); ছান্দস] ১ ক্রিয়াকরণ, সাধন, অনুষ্ঠান। "মনু ১১.৬৮। ২ আভিচারিকী ক্রিয়া। "রোগকৃত্যাগ্রহাদীনাং নিরাসঃ শান্তিরীরিতা (শ.ক)। ৩ দেবতা, যজ্ঞদেবতাবিশেষ (অ.টী); অভিচারক্রিয়াজন্যদেবাদিমূর্ত্তিভেদ (ত.বা)। "ভ ৯.৪.৪৬। কৃত্যামুৎ-

পাদয়ামাস (বিষ্ণুপুরাণ)। অগ্নি-কৃত্যা : দেখে কৃত্যা ভক্তদ্রোহ করিতে উদ্যত ভ.গ্র ৫৫। ৪ মায়া, ছল, কপটতা। "গুণী কংসে কৃত্যা কৈল কাহ্ন বধিবারে শ্রী.কী ৫। কৃত্যা করে দুর্য্যোধন ম.বি ৬৭ ; ২২৩ ; ২৫২। —ত্যকা স্ত্রী [°ত্যা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্) কৃত্যা, আভিচারিকী দেবতা। "মহা ৩.৬৫.২৯।

কৃত্যাবিৎ (-দ্) বিণ [কৃত্যা+ √বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -ৎ] যে কর্ত্তব্য জানে ; কার্য্যজ্ঞ। "রঘু ৫.৩।

কৃত্যাকৃত্য ক্লী [কৃত্য ও অকৃত্য, দ্বন্দ্ব, অথবা স.দ্ব] কার্য্যাকার্য্য, কর্ত্তব্যাকর্ত্তব্য। "°বিচক্ষণ।—পঞ্চ ১.৫৪ ; কৃত্যাকৃত্যং ন মন্যেত ক্ষত্রিয়ো যুধি সঙ্গতঃ ৩০০। সুশ্রুত ১.২৩.১।

কৃত্রিম বিণ [√কৃ+ত্রি (ক্ত্রি), ম (মপ্) প্রত্যয়, পা ৩.৩.৮৮ ; √কৃ+ত্রিম (ত্রিমক্) 'তজ্জাত' অর্থে, মুগ্ধবোধ ১১৪৩ ; স্ত্রী -মা] ১ ক্রিয়া দ্বারা নির্বৃত্ত বা নিষ্পন্ন ; ক্রিয়াজাত, অস্বাভাবিক, রচিত। "সদনানি কৃত্রিমা।—ঋগ্বেদ ১.৫৫.৬। কৃত্রিমম্ (মৌক্তিকম্)।—শু ৪. ২.৬২। কৃত্রিমাদ্রি রঘু ১৯.৩৭। মাঘ ২.৩৬। কৃত্রিমকুসুম-দৃষ্টে প্রসক্ত-হৃদয় স.শ ৮৬। ২ অবাস্তব, অযথার্থ, মিথ্যা। "যাজ্ঞ ২.২৫০। ৩ কার্য্যহেতুক। "কৌশিকো কৃত্রিমো বিপ্রঃ মহা ১.১৭৬.৪৯, নীলকণ্ঠ। ৪ কার্য্যজন্য, অপকার বা উপকার হেতু জাত। বিপ 'সহজ'। "কৃত্রিমম্…বৈরম্।—পঞ্চ ২.৩৩। অকৃত্রিমসৌহার্দ্দম্।—হি ১.২১৯। ৫ স্বয়ংকৃত (পুত্র)। "যাজ্ঞ ২.১৩১। ৬ (বাঙলায়) বিমিশ্র, অবিশুদ্ধ, ভেজাল (ঘৃতাদি)। ৭ জাল (দলিল-প্রভৃতি)। ৮ ছদ্মবেশী, ভেক-ধারী, ভণ্ড। "অতেব কৃত্রিম বৈষ্ণবেহ নমস্কার ভ.গ্র ২৪১। ৯ যাহা আন্তরিক নহে ; লোক-দেখান, মৌখিক (কোপ, স্নেহ, মায়া)। —ম পুং ১ দ্বাদশবিধ পুত্রের একতম। "মনু ৯.১৫৯ ; ১৬৯। ২ তুরুষ্ক-নামক গন্ধদ্রব্য, সিল্হক। —ম ক্লী ১ বিড়লবণ। ২ কাচলবণ। ৩ রসাঞ্জন।

কৃত্রিমপুত্র পুং [কর্ম্মধা] দ্বাদশবিধ পুত্রের একতম। "মনু ৯.১৫৯। —পুত্রক পুং [°ত্র+ক (কন্) স্বার্থে] ১ পুত্রবিশেষ। ২ [কর্ম্মধা] বস্ত্রকাষ্ঠশৃঙ্গাদিরচিত পুত্রিকা ; পাঞ্চালিকা, পুতুল। "কু.স ১.২৯। —পুত্রকা স্ত্রী পুত্তলিকা। "ক.সা ২৪.২৯।

কৃত্রিমবন ক্লী [কর্ম্মধা] ক্রিয়ানিষ্পন্ন বন ; উপবন, উদ্যান।

কৃৎস্ন বিণ [√কৃৎ+স্ন (স্নক্), উ ৩.১৭ ; বৈদিক] অশেষ, সকল। "রা ১.২.৪১। গী ১১.৭। —স্ন ক্লী ১ সর্ব্ব, সাকল্য। "°বিৎ গী ৩. ২৯। ২ কুক্ষি। ৩ জল।

কৃদন্ত বিণ [কৃৎ অন্তে যাহার, বহুব্রী] (ব্যাকরণে) তব্য-প্রভৃতি কৃৎপ্রত্যয় দ্বারা সিদ্ধ ; কৃৎপ্রত্যয়সিদ্ধ (শব্দ)।

কৃন্তন বিণ [√কৃৎ+অন (ল্যুট্)-ক, বাহুলকে 'ম' (মুম্), দ্র 'পা ৭. ১.৫৯, স্ত্রী -নী] ১ ছেদক, কর্ত্তক। "কর্ম্মনিবন্ধ° ভ ৬.২.৪৬। ২ (বাঙলায়) নাশক, নিরাসক। "কলিকল্মষকৃন্তনি। দু ৬১। ৩ [+অন-ণ] ছেদনসাধন। —ন ক্লী [+অন-ভা] ছেদন, কর্ত্তন। "কৃন্তনং নখকেশানাম্ (শ.ক)। ভ ৩.৩০.২৭।

কৃপ্ অক [ভ্বা, আ—কল্পতে { কৃপঃ কল্পোহকৃপাদাধিতি কল্পাদেশঃ (ক.ক) } ; বিকল্পিতেট্] কল্পন, সামর্থ্য, যোগ্যতা। —প্ সক [চু.প —কল্পয়তি ; পক্ষে ভ্বা, প—কল্পতি ; সেট্] ১ মিশ্রণ। ২ চিত্রীকরণ। ৩ কল্পন।

কৃপ পুং [√কৃপ্+অ (ক)-ক] গৌতমসুত শরদ্বানের পুত্র। ইঁহার মাতা অপ্সরা জানপদী। শান্তনুরাজ ইঁহাকে ও ইঁহার সহোদরা কৃপীকে কৃপাপরবশ হইয়া অপত্যবৎ পালন করেন ; তজ্জন্য ইঁহারা 'কৃপ' ও কৃপী' নামে খ্যাত। কৃপ ধনুর্ব্বেদে নিপুণ ছিলেন ও কুরুক্ষেত্রযুদ্ধে কুরুপক্ষ অবলম্বন করেন (মহা ১.১৩০)। ইনি সপ্ত চিরজীবীর একতম।] —পী স্ত্রী কৃপাচার্য্যের সহোদরা, দ্রোণাচার্য্যের পত্নী ও অশ্বত্থামার জননী। [কৃপীপতি (পুং)—দ্রোণাচার্য্য। কৃপীপুত্র (পুং)—অশ্বত্থামা।]

কৃপণ বিণ [√কৃপ্+অন (ক্যন্) লত্বাভাব ; স্ত্রী -ণা, -ণী, পা ৪.১.৪৫] ১ যে নিন্দার যোগ্য ; অদাতা, কদর্য্য, ব্যয়কুণ্ঠ। "দাতারং কৃপণং মন্যে মৃতোঽপ্যর্থং ন মুঞ্চতি।—ব্যাস (শ.ক)। মহাত্মা ব্যসনং প্রাপ্তো দীনঃ কৃপণ উচ্যতে রা (S.W.)। যদি মোরে নৈবেদ্য না দেহ হইয়া কৃপণী চৈ.চ ৫৫। ২ দীন, মন্দ, অবিবেক। "কৃপণাঃ ফলহেতবঃ গী ২.৪৯। ৩ কুৎসিত (মেদিনী)। ৪ ক্ষুদ্র, অনুদার, নীচ। "স মহাত্মা বয়ং কৃপণাঃ।—পঞ্চ (S.W.)। হি ১.১৪২। ৫ দীন, অনুকম্পনীয়। "মহা ৩.৭১.৫। ভ ১.৬.৯। ৬ শরণাগত, কাতর, দীন। "°বৎসল ভ ৭.৯. ১৬ ; ১০.১৭। ৭ করুণ, কাতর। "কৃপণা বাচঃ মহা ৪.২৩.১৫। ৮ দুর্মেধাঃ, হীনমতি। "ব্যাসঃ কৃপণবৎসলঃ ভ ১.৪.২৪। ৯ দীন, অনুদার, কপট। "প্রিয়ং ব্রূয়াদকৃপণঃ হি ৩.১০৫। ১০ দীন, অশরণ। "পাল্যাশ্চ কৃপণাঃ প্রজাঃ উ.চ ২৪.৪। ১১ দীন, বিচারমূঢ়। "কামার্ত্তা হি প্রকৃতি-কৃপণাশ্চেতনাচেতনেষু পূ.মে ৫। ১২ দরিদ্র। "(তদ্ধনং) কৃপণেভ্যো হ্রদাপয়ৎ রা ২.৩২.২৮। ১৩ লোভী, লুব্ধ (A.)। —ণ পুং ১ অদাতা। "দাতারং কৃপণাঃ (নিন্দন্তি)।—পঞ্চ ১.৪৪৮। ২ কৃমি। —ণ ক্লী ১ কৃপাপাত্র। "দুহিতা কৃপণং পরম্ মনু ৪.১৮৫। ২ দৈন্য। "নত্বহমুৎসহে সকৃপণং দেহীতি দীনং বচঃ (ভর্ত্তৃহরি)। [°বৎসল (বিণ)—দীনে দয়াপর। দ্র '(৫)। কৃপণের কড়ি—কৃপণের অর্থতুল্য অতিপ্রিয়। "অভাগার ভাড়া অই কৃপণের কড়ি শ্রী ৬৭। শ্রী.মা ৫৯।]

কৃপা স্ত্রী [√কৃপ্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ দয়া, অনুকম্পা, করুণা। "°কর, °দৃষ্টি, °ময়, °সাগর, °সিন্ধু, কৃপাবিষ্ট, কৃপান্বিত। কৃপাবলোকনে শ্রী.মা ৪। ত্বরায় ভগবান্, ধরায় ফেলে বাণ, হ'লেন কৃপাবান্ রাবণোপরে দা ১৩৫১। কৃপাপ্রদর্শনপূর্ব্বক সী ৭। ২ স্নেহ (নীলকণ্ঠ)। "গী ১.২৭ ; ২.১। [°কঠোর বিং যাহার কৃপা আপাতকঠোর (পরিণামকরুণ)।]

কৃপাণ পুং [√কৃপ্+আন (আনক্) অ.টী] যাহা ছেদনে সমর্থ ; খড়্গ, অসি, করবাল। —ণক পুং [°ণ+ক (কন্) স্বার্থে] কৃপাণ। —ণিকা স্ত্রী [°ণক+স্ত্রী আ (টাপ্)] কর্ত্তরিকা, ছুরিকা। "ক.সা ৫৩.৯১। —ণী স্ত্রী [+°ণ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কর্ত্তরী, কাটারী। ২ ছুরিকা।

কৃপাদায় বিং ['কৃপাদায়ী'—মূল ; তু 'বরদায়' ; অপ্র] কৃপাদাতা, কৃপান্বিত, সদয়। "ভা.চ ৭৩২।

কৃপাবলোকন বি কৃপায় অবলোকন ; কৃপাপূর্ব্বক দৃষ্টি ; কৃপাদৃষ্টি। "কর মোরে কৃপাবলোকন ক চ ১। শ্রী.মা ৪।

কৃপামই বিং [সং কৃপাময়ী ; অপ্র] দয়াময়ী। "স্থান দিলে মোরে কৃপামই নাম রহে বি.সু ১৩০।

কৃপালু বিণ [কৃপা+ √লা দান+উ (ডু)-ক] যিনি কৃপা দান করেন ; দয়ালু, দয়াশীল। "পরম কৃপালু রাজর্ষি সী ৭।

কৃপিণ, -ন বি [সং কৃপণ >প্রা কিরিণ (হে ১.৪৬) ; অপ্র] কৃপণ। "তোমার যৌবন রাধা কৃপিণের ধন শ্রী.কী ৬৪। কৃপিন পুরুষকে কেও নহি নিক কহ।—বি.প (শ্রী.কী, ভাষাটীকা, ৪৯৭)। [কৃপিণীর ধন —কৃপণের ধন। "গো.বি ১৫০।]

কৃ(ক্রি)মি পুং [√ক্রম্+ই (ইন্)-ক, অ >ই, র >ঋ (সম্প্রসারণ), উ ৪.১২১ ; কৃ >ক্রি (?), দ্র 'ঋ' ; ছান্দস ; পহ্লবী—করম্ : Av. kerema ; cf., L. vermis ; Hebrew—cruimh ; Lithuanian—kirminis, kirmele] ১ ক্ষুদ্র কীটবিশেষ (কীট হইতে ক্ষুদ্র—কুল্লূক)। "°কীটপতঙ্গ মনু ১.৪০ ; ১১.৭১। দিবসে দিবসে তাহে কীট কৃমি খাছে ম.ভা ৫০। ২ কীট, পোকা (অ.টী)। "কাটে

কৃমি মে ২৭১। ৩ লূতা, মাকড়সা। "°তন্তুজাল রঘু ১৬.২০। ৪ বল্মীক, উইপোকা। "°পর্ব্বত, °শৈল। ৫ কোশকার, রেশম-পোকা। ৬ (কৃমিজাত) লাক্ষা। "°রাগ। ৭ উদরজাত কীটবিশেষ। "°জাতি।—সুশ্রুত ৬.৫৪.৩। ৮ উদরজাতকীটরোগবিশেষ, কৃমিরোগ। "°কর। ৯ গর্দ্দভ। [°কণ্টক (ক্লী)—কৃমিরোগনাশক বিড়ঙ্গ; চিত্রাঙ্গ (চিতা); উদুম্বর। °কোশ, -ষ (পুং)—কৃমিবিশেষের কোশ; তসরপোকার গুটি (cocoon)। °কোশজ, °কোশোত্থ (বিণ)—কৃমিকোশজাত, রেশমী (silken)। °জ (বিণ)—কৃমিজাত, কীটজ। °জা (স্ত্রী)—লাক্ষা। °তন্তুজাল (ক্লী)—মাকড়সার জাল, লূতাতন্তু-বিতান (cobweb)। "রঘু ১৬.২০। °পর্ব্বত, °শৈল (পুং)—বল্মীক; উইঢিপি। °রাগ (পুং)—লাক্ষার রঙ; লাক্ষারাগ। "°পরিস্তোমে শয়নে রা ৪.২৩.২৪। °রোগ (পুং)—কৃমিজন্য পীড়া (সুশ্রুত)। কৃমি পড়া—গুহ্যদ্বার দিয়া কৃমি নির্গত হওয়া। কৃমির ধা'ত—কৃমিপ্রধান ধাতু। কেঁচোকৃমি—কেঁচোর মত কৃমি (round worm)। ধানীকৃমি—ছোটকৃমি, গুঁড়াকৃমি। ফিতেকৃমি—ফিতার মত চওড়া কৃমি (tape worm)।]

কৃমিঘ্ন বিণ [কৃমি+√হন্+ক (টক্)-ক, উ.ত; স্ত্রী -ঘ্নী] ১ 'কৃমি-নাশক', বিড়ঙ্গ। ২ পলাণ্ডু। ৩ কোলকন্দ। ৪ পারিভদ্র। ৫ ভল্লাতক। ৬ হরিদ্রা। —ঘ্না স্ত্রী হরিদ্রা। —ঘ্নী স্ত্রী বিড়ঙ্গ।

কৃশ্‌ সক [দি, প—কৃশ্যতি; সেট্] তনূকরণ, কৃশীকরণ।

কৃশ বিণ [√কৃশ্+ত (ক্ত)-র্ম্ম, নিপাতনে, পা ৮.২.৫৫; স্ত্রী -শা; ছান্দস; Av. keres] ১ 'তনূকৃত', সূক্ষ্ম। ২ ক্ষয়প্রাপ্ত, শীর্ণ, রোগা। "কৃশস্তনুঃ (সি)। উপবাস° মনু ১১.১৯৬। দ্র '(৩)। ৩ ক্ষীণ, নিঃশেষ, অল্প। "যঃ কৃশার্থঃ কৃশগবঃ কৃশভৃত্যঃ কৃশাতিথিঃ। স বৈ রাজন্ কৃশো নাম ন শরীরকৃশঃ কৃশঃ॥—মহা ১২.৮.২৪। সুহৃদপি ন যাচ্যঃ কৃশধনঃ। —ভর্তৃহরি। লোকের শরীর কৃশ হইলে, তাহারে কৃশ বলা যায় না, যাহার অশ্ব গো ভৃত্য ও অতিথি অধিক না থাকে, সেই যথার্থ কৃশ। —কালীপ্রসন্ন সিংহ। ৪ কৃশধন, নির্ধন। "মনু ৪.১৮৪। ৫ হীনবল, অল্পশক্তি। "মনু ৭.২০৮। ৬ তনু, মন্দ, ক্ষীণ (slender)। "কৃশোদর শ ২.৫। ৭ হ্রস্ব, ক্ষুদ্র। "কৃশগ্রাসং গ্রসেত।—বসিষ্ঠ ১২। [°ধন (বিণ)—ক্ষীণধন, নির্ধন। দ্র 'কৃশ (৩)।]

কৃশ(স)র পুং [কৃশ+√রা+অ (ক)-ক, শ > স (বাহুলকে)] ১ তিলমুদ্গতণ্ডুলাত্মক অন্ন (রা.টীকা)। তিলমিশ্র বা তিলকল্কমিশ্র অন্ন; সতিল সিদ্ধান্ন। "রা ২.৭৫.৩০। মহা ২.৪.২, নীলকণ্ঠ। মনু ৫.৭, কুল্লুক। ২ দুগ্ধ-তিলমিশ্র অন্ন (Wilson)। ৩ ঘৃতহরিদ্রাদিযুক্ত দ্বিদলমিশ্র অন্ন; খিচড়ি। —রা স্ত্রী সর্প 'কৃশর' (সুশ্রুত)।

কৃশাঙ্গ বিণ [কৃশ অঙ্গ যাহার, বহুব্রী; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] কৃশদেহ, ক্ষীণ-তনু। "পঞ্চ ৩.১৭০। কৃশাঙ্গী লতিকা প.তৃ ৩৮। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কৃশদেহা নারী। ২ প্রিয়ঙ্গুলতা।

কৃশানু, -ষানু পুং [√কৃশ্+আনু (আনুক্)-ক, উ ৪.২; কৃশানু > °ণু, পৃষো; কৃশ+অণু (?); (ছান্দস) 'কৃশানু'—সোমপালক (ঋগ্বেদ); অগ্নি (শুক্লযজুর্ব্বেদ)] যাহা কাষ্ঠাদি ক্ষয় করে; অগ্নি। "°প্রতিম রঘু ২.৪৯। জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ ক.চ ৬৯। জ্বলন্ত কৃশানু ম ৮৯৯। ভানুতেজে রেণুক্ষেত্র কৃশানুবিশেষ।—রঙ্গ ২১। প.তৃ ৮৬।

কৃশাশ্ব পুং [কৃশ অশ্ব যাহার, বহুব্রী] দক্ষজামাতা ঋষিবিশেষ। "রা ১.২৮.১০। উ.চ ১২৪/৫; ৬২৬/৬। সী ৭। [ইনি দক্ষকন্যা জয়া ও সুপ্রভার পাণিগ্রহণ করেন। উভয়েরই একশত পুত্র (রা ১.২১.১৫-১৭; হ ৩য় অধ্যায়; ভ ৬.৬.২০)।]

কৃশোদর বিণ [কৃশ উদর যাহার বা যাহাতে, বহুব্রী; স্ত্রী -রা, -রী] ১ ক্ষীণকটি, সুমধ্যম। "কৃশোদরী।—শ্রুতবোধ ২৮। ব.প ৩৮১। বালা অতি কৃশোদরী ক.চ ২৪১। ২ ক্ষীণোদর, অ-স্থূলোদর (দেহ)। "মেদশ্ছেদকৃশোদরং লঘু ভবত্যুত্থানযোগ্যং বপুঃ শ ২.৫।

কৃশ্চান, ক্রিস্‌চান বি [E. Christian] জিশুখ্রীষ্টের প্রবর্ত্তিত ধর্ম্মে বিশ্বাসী সম্প্রদায়বিশেষ; খ্রীষ্টধর্ম্মাবলম্বী। "কালী ঘোষের ছেলে ক্রিস্‌চান হতে গিয়ে ফিরে এসেছিল বি.বৃ ২। —নী বিং কৃশ্চানসম্বন্ধী, কৃশ্চানের। "ক্রমে কৃশ্চানী ও ব্রাহ্মধর্ম্মের আড়ম্বর এক হবে, তারি যোগাড় হচ্ছে হু ২০।

কৃষ্‌ সক [ভ্বা, প—কর্ষতি; তু, এ—কৃষতি, -তে; অনিট্] ১ বিলেখন, কর্ষণ। ২ আকর্ষণ। [অপ—১ অপকর্ষ, হীনতাকরণ, বিহিত স্বকাল হইতে পূর্ব্বকালে করণ। ২ অপসারণ। অপ-আ—নিবর্ত্তন। অব—অবকর্ষণ, অধঃকর্ষণ। আ—আকর্ষণ। উদ্—উৎকর্ষ, অতিশায়ন। নির্, নিস্—নিষ্কর্ষণ, নিঃসারণ। প্র—প্রকর্ষ, অতিশয়কর্ষণ, উত্তমতা-করণ। সম—সঙ্কর্ষণ, সম্যক্ কর্ষণ। বি—১ বিশেষ আকর্ষণ। ২ বিপরীত কর্ষণ। বি-প্র—বিপ্রকর্ষ, দূরীকরণ।]

কৃষক পুং [√কৃষ্+অক (ক্বুন্)-ক, উ ২.৩৮] ১ যে ভূমি কর্ষণ করে; কর্ষক, কৃষাণ, চাসা। "সুভিক্ষং কৃষকে নিত্যম্।—চাণক্য। ২ ফাল। ৩ বৃষ। —ষি স্ত্রী [+ই (ইক্)-ভা; ছান্দস] ১ শস্যার্থ ভূমিকর্ষণ; বৈশ্যবৃত্তি, চাস। "পা ৫.৪.৫৮। কৃষির্দৈবমাতৃকা মহা ২.৫.৭৭। মনু ১.৯০। °ফল পু.মে ১৬। এবার আমি করবো কৃষি। —রামপ্রসাদ। ২ কৃষিফল, শস্য। "যাজ্ঞ ১.২৭৬। ৩ সত্তামাত্র। "কৃষির্ভূর্বাচকঃ শব্দঃ মহা ৫.৭০.৫। —ষক পুং [+ইক (কিকন্)-কি, উ ২.৪০] ১ কৃষক। ২ [+ইক-ণ] ফাল। —ষী স্ত্রী [°ষি+স্ত্রী ঈ (ঙীপ্)] কৃষি, চাস। "মহা ১.১৯৪.৫। [কৃষিকর (পুং)—'কৃষি-করণশীল', কৃষক। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—কৃষিরূপ কার্য্য; হলকর্ম্ম। "পঞ্চ ১২/৫। °জীবী (-বিন্) পুং—'কৃষি দ্বারা জীবনধারক', কৃষি-জীবিক, কৃষক। °ফল (ক্লী)—চাষের ফল; কৃষিজাত শস্য। "পু.মে ১৬। °বৎসর (বি)—কৃষি হেতু প্রচলিত বৎসর বা সন। বাঙলা সন অনুসারে বৈশাখের প্রথম দিন এবং ফসলী বা আমনী সন অনুসারে আশ্বিনের প্রথম দিন হইতে ইহার গণনা হয়।]

কৃষাণ পুং [√কৃষ্+আন (আনক্)-ক; হি কিসান] ১ কর্ষক, কৃষি-কারক। "সীমা° যাজ্ঞ ২.১৫৩। ২ কৃষক, চাসা। "জল রাখিবারে আলি বান্ধে ত কৃষাণ শ্রী.মা ৫৭। ম.ম ১৫০। শি ৭৫। শিশু ৪৬। —ণী বি [°ণ+ঈ৮; হি কিসানী] ১ কৃষাণের কার্য্য; কৃষিকর্ম্ম। ২ কৃষাণী হেতু ভাগের ধান্যাদি।

কৃষি দ্র 'কৃষক'।

কৃষী বি [কৃষীবল > °ষী; অথবা 'কৃষিন্' > °ষী (?)] কর্ষক, চাসা। "শস্য ক্ষত কৃষীদলবলে, পড়ে ক্ষেত্রে মে ১৫; ১০৫।

কৃষীবল পুং [কৃষি+বল (বলচ্) অস্ত্যার্থে, দীর্ঘ, পা ৫.২.১১২] 'কৃষি-যুক্ত', কৃষিজীবী, কৃষক। "মহা ২.৫.৭৬। মনু ৯.৩৮। কৃষীবলগণ প.তৃ ৮।

কৃষ্ট বিণ [√কৃষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতাকর্ষণ, আকৃষ্ট। "°শার্ঙ্গ রঘু ৫.৫০; আকর্ণকৃষ্টং…বাণম্ ৯.৫৭। ২ কৃতকর্ষণ, চসা। "অনুলোম-কৃষ্টং ক্ষেত্রম্ পা ৫.৪.৫৮। ৩ অর্জ্জিত। "কর্ম্ম° নৈ ৬.১০০। ৪ প্রাপ্ত, আক্রান্ত। "ত্বং আপদাকৃষ্টঃ কিং করিষ্যসি মহা ৪.১.২০। —ষ্ট ক্লী [ক্ত কাশ্‌ত্] ১ কৃতকর্ষণ ক্ষেত্র। "°জ মনু ১১.১৪৫। °পচ্য ভ ৭.১২.১৮। ২ [+ত-ভা] কর্ষণ, চষা। "°ফল যাজ্ঞ ২.১৬১। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা; তু 'কৃষ্টি'—প্রজা (ঋগ্বেদ ১.৫৯.৫)] ১ কর্ষণ, চষা। ২ আকর্ষণ। ৩ [+তি-ক (অ.টী)] পণ্ডিত। ৪ (বাঙলায়) বিদ্যাশিক্ষা (culture)। [কৃষ্টজ (বিণ)—কৃষ্টক্ষেত্রে জাত; কর্ষণপূর্ব্বকজাত (ওষধি)। "মনু ১১.১৪৫।]

কৃষ্টি বিং [সং কৃষ্ণ > বা কৃষ্ণ > °ষ্টি ; 'কিষ্টি' গ্রাম্য] কৃষ্ণবর্ণ কাল। "এমন ছেলে কালো কৃষ্টি, সাত জন্ম না হলেও চাইনে দা ৮২। [কালো কৃষ্টি, কিষ্টি—অত্যন্ত কাল ; পাথুরেকাল।]

কৃষ্ণ বিণ [কৃষ্+ন (নক্)-ক, উ ৩.৪] ... [কৃষ+অ (অচ্) (অস্ত্যর্থে) ; স্ত্রী -ষ্ণা ; ছান্দস ; cf., R. 'cernyi'—black] ১ কৃষ্ণবর্ণযুক্ত ; অসিত, কাল। "সুকৃষ্ণো বিহগঃ রা ২.৫২.২ ; °বাসস্, °পিঙ্গল ৬৯.১৪। বর্ণমাত্রেণ কৃষ্ণঃ পু.মে ৪৯। শাদা ধুতি শাদা চাদরকে ঈশ্বরচন্দ্র যে গৌরব অর্পণ করিয়াছিলেন, আমাদের বর্ত্তমান রাজাদের ছদ্মবেশ পরিয়া আমরা আপনাদিগকে সে গৌরব দিতে পারি না ; বরঞ্চ এই কৃষ্ণচর্ম্মের উপর দ্বিগুণতর কৃষ্ণকলঙ্ক লেপন করি। চা.পূ ৫৫। ২ পাপ, অশুভ। "°কর্ম্মা। —ষ্ণ পুং [√কৃষ্+ন (নক্)-ক, উ ৩.৪] ১ বর্ণবিশেষ, কালবর্ণ। ২ (কৃষ্ণবর্ণ হেতু) বেদব্যাস। "মহা ১.৬০.১৩। ভ ১.৪.৩ ; ৭.১.৫। ৩ অর্জ্জুন। "মহা ৪.৪৪.২২। কৃষ্ণনাম বলি তাত রাখিল আমার ম ৬২৭। ৪ কৃষ্ণসার। "ভ ৩.১০.২২। ৫ কোকিল। ৬ কাক। ৭ করমর্দ্দকবৃক্ষ, করমচাগাছ। ৮ (পাপ হেতু) কলিযুগ। ৯ কৃষ্ণপক্ষ। "মনু ১১.২১৭। ১০ যিনি প্রলয়ে বিশ্ব আপনাতে আকর্ষণ করেন ; কলিতে কৃষ্ণবর্ণ হেতু 'কৃষ্ণ' (অ.টী) ; যিনি সন্মাত্র ও আনন্দস্বরূপ (নীলকণ্ঠ—মহা ৫.৭০.৫) ; বিষ্ণুর অবতারবিশেষ বা স্বয়ং ভগবান্ (ভ ১.৩.২৮)। [ইনি দেবকীর অষ্টম গর্ভজাত বসুদেবের পুত্র, শৈশবে গোকুলে নন্দগোপের গৃহে যশোদার পুত্ররূপে পালিত হন। শকটভঙ্গ পূতনাবধ যমলার্জ্জুনভঙ্গ কালিয়দমন ধেনুক-প্রলম্বাসুর-বধ গিরিযজ্ঞ গোবর্দ্ধনধারণ অরিষ্টবধ—ইঁহার ব্রজলীলা। কেশীবধ ধনুর্ভঙ্গ কুবলয়াপীড়বধ কংসবধ উগ্রসেনের অভিষেক বিদ্যাধ্যয়ন—ইঁহার প্রধান মথুরালীলা। মহাভারতে, ইনি পাণ্ডবের পরম সহায় ;—জরাসন্ধবধ রাজসূয়ানুষ্ঠান কুরুক্ষেত্রযুদ্ধে পার্থসারথিরূপে সাহচর্য্য ইহার পরিচায়ক। ইঁহার অন্ত্যলীলা—প্রভাসে যদুবংশধ্বংস, যোগাবিষ্ট অবস্থায় ব্যাধশরে লীলাবসান।] —ষ্ণ ক্লী ১ মরিচ। ২ লৌহ। ৩ কালাগুরু। ৪ নীলাঞ্জন। ৫ সীসক। ৬ নেত্রতারকা। ৭ পাপকর্ম্ম। ৮ কৃষ্ণবর্ণ। ৯ অন্তরিতবৃত্তি (অর্থাৎ ব্রাহ্মণের বৈশ্যবৃত্তি ইত্যাদি) দ্বারা অর্জ্জিত ধন ; ছলপূর্ব্বক লব্ধ (অর্থাৎ দ্যূতাদিলব্ধ) ধন। "বিষ্ণু ৫৮.৮.১১। —ষ্ণা স্ত্রী [°ষ্ণ+স্ত্রী আ (টাপ্)] ১ দ্রৌপদী। "মহা ১.১৬৭.৫৪। কৃষ্ণ অঙ্গে কৃষ্ণা নাম থুইল নন্দিনী ম ১৬৫। ২ চণ্ডিকা। "ভ ১০.২.১২। ৩ রাধা (ব্রহ্মবৈবর্ত্ত, শ্রীকৃষ্ণজন্মখণ্ড, ১৭.২২৬)। ৪ অগ্নির জিহ্বাবিশেষ। ৫ দাক্ষিণাত্যনদীবিশেষ। ৬ নীলীবৃক্ষ। ৭ পিপ্পলী। ৮ দ্রাক্ষা। ৯ কৃষ্ণজীরক। ১০ সোমরাজী। ১১ কাকোলী। ১২ গাম্ভারী। ১৩ নীলপুনর্নবা। ১৪ পর্পটী। ১৫ কটুকা। ১৬ সারিবাভেদ। ১৭ সবিষ জলৌকাবিশেষ। "সুশ্রুত ১.১৩.৯। [°কর্ম্ম (-র্ম্মন্) বিণ —পাপকর্ম্মা, পাপী। °কলি (স্ত্রী)—পুষ্পবৃক্ষবিশেষ ও তাহার পুষ্প (Mirabilis Jalapa)। "আনে ফুল কৃষ্ণকলি, সাজাইতে বনমালী। —গোবিন্দ অধিকারী। °কাক (পুং)—দ্রোণকাক, দাঁড়কাক। °কাষ্ঠ [ক্লী]—কালাগুরু। °কেলি (স্ত্রী)—১ সর্থ 'কৃষ্ণকলি'। "কৃ ৩৪৯। শ্রী.ম ৮২। ২ (বাঙলায়) সূক্ষ্ম শাটী বা ধুতি-বস্ত্রবিশেষ। "কৃষ্ণকেলি কাপড়ের কোঁচা ব.প ১১০৩। কৃষ্ণকেলি…শাড়ী বা.ম ৩৩৭। °গতি (পুং)—যাহার গমনপথ কৃষ্ণ ; কৃষ্ণবর্ত্মা, অগ্নি। "রঘু ৬.৪২। °চন্দ্র (পুং)—১ চন্দ্রবৎ আনন্দকর শ্রীকৃষ্ণ। ২ নবদ্বীপাধিপতি। "কৃষ্ণচন্দ্র পরিপূর্ণ চৌষট্টি কলায় ভা.চ ২২। °চূড়া (স্ত্রী)—পুষ্পবৃক্ষবিশেষ ও তাহার পুষ্প (Caesalpinia pulcherima)। "কৃ ৩৪৯। °চৈতন্য (পুং) —°চৈতন্যদেব। দ্র 'চৈ.ভা ৩৬৭। °জীর, -রক (পুং)—কালজীরা (Nigella Indica)। °পক্ষ (পুং)—চন্দ্রকলাক্ষয়কর অসিতপক্ষ। °বর্ণ (পুং)—১ 'অসিত', রাহু। ২ শূদ্র। "ভ ২.১.৩৭। °বর্ত্মা (-র্ত্মন্) পুং ১ সর্থ 'কৃষ্ণগতি'। "মহা ১.৮৫.১২। রঘু ১১.৪২। ২ রাহু। ৩ ভল্লাতক ; চিত্রবৃক্ষ। ৪ দুষ্কৃতকারী, দুর্বৃত্ত। °মুদ্গ (পুং) —কালমুগ (Phaseolus Munga)। °যজুর্ব্বেদ (পুং)—তৈত্তিরীয় যজুর্ব্বেদ। দ্র 'তৈত্তিরীয়'। °যাত্রা (বি)—কৃষ্ণের চরিতবিষয়ক নাটকের অভিনয় ; কৃষ্ণচরিতাভিনয়। "চৈ.ভা ৪৪০। °লবণ (ক্লী) —সৌবর্চ্চললবণ, কালালোন। °লোক (বি)—গোলোক। "চৈ.চ ২২। °লোহ (ক্লী)—অয়স্কান্তমণি (সুশ্রুত)। °সর্প (পুং) কালসাপ, কেউটে (Coluber Naga, blackcobra)। "হি ২.১১৮। °সর্ষপ (পুং)—রাজসর্ষপ, রাইসরষা। °সার (বিণ) কৃষ্ণবর্ণপ্রধান (chiefly black)। "নেত্রাভ্যাং কৃষ্ণসারাভ্যাম্ গো.রা ৫.৩২.৪৭। মহা ৩.৭৬.১৬। কৃষ্ণসার ঘোড়া কৃ.উ ২৩৬। °সার (পুং)—১ সর্থ 'কৃষ্ণশার'। ২ শিংশপাবৃক্ষ ; স্নুহীবৃক্ষ ; খদিরবৃক্ষ। °সারা (স্ত্রী)—শিংশপা। °সারঙ্গ (বিণ)—কৃষ্ণশবল (spotted black) ;—(শতপথ-ব্রাহ্মণ)। পা ২.১.৬৯। °সারঙ্গ (পুং)—সর্থ 'কৃষ্ণশার'। °সারঙ্গী (স্ত্রী)—সর্থ 'কৃষ্ণসারী'। °সারথি (পুং)—কৃষ্ণ যাঁহার সারথি ; অর্জ্জুন। কৃষ্ণ পাওয়া—কৃষ্ণের সাযুজ্য বা সালোক্য লাভ করা ; বৈকুণ্ঠলাভ করা ; মরা। "চৈ ২৫০। যে জন কৃষ্ণগুণ গায়, কংস শুনিলে কৃষ্ণ পায় দা ১২। কেহ পায় কৃষ্ণ।—মন্দ্র ১২।]

কৃষ্ণদ্বৈপায়ন পুং [কর্ম্মধা] যিনি কৃষ্ণবর্ণ ও দ্বীপজাত ; বেদব্যাস। [ইঁহার পিতা পরাশর, মাতা মৎস্যগন্ধা (সত্যবতী)। ইনি কানীন পুত্র। যমুনামধ্যস্থ দ্বীপে ভূমিষ্ঠ হন বলিয়া, ইঁহার নাম 'দ্বৈপায়ন' (মহা ১.১০৫তম অধ্যায়)।]

কৃষ্ণল পুং [কৃষ্ণ+ল (লচ্) অস্ত্যর্থে] 'কৃষ্ণবর্ণযুক্ত', গুঞ্জালতা, কুঁচগাছ। —ল ক্লী ১ গুঞ্জাফল, কুঁচ। ২ গুঞ্জাফলপরিমাণ, রক্তিকা, রতি। "ত্রিযবস্ত্বেককৃষ্ণলম্ মনু ৮.১৩৪। —লা স্ত্রী গুঞ্জালতা।

কৃষ্ণশা(সা)র পুং [কৃষ্ণ শার (শবল), ত.পু ; কৃষ্ণ সার (মজ্জা) যাহার (অ.টী), বহুব্রী] মৃগবিশেষ, কালসার (spotted antelope)। "মনু ২.২৩। শ ১.৬। মৃগীমকণ্ডূয়ত কৃষ্ণশারঃ কু.স ৩.৩৬। —রী স্ত্রী কৃষ্ণসার-স্ত্রীজাতি।

কৃষ্ণাগুরু ক্লী [কৃষ্ণ অগুরু, কর্ম্মধা] কালাগুরু।

কৃষ্ণাজিন ক্লী [ষ.ত] কৃষ্ণসারচর্ম্ম। "রা ১.৪.২১।

কৃষ্ণায়স ক্লী [কৃষ্ণ আয়স, কর্ম্মধা] লৌহবিশেষ, কৃষ্ণলৌহ। "ছান্দোগ্য ৬.১.৬।

কৃষ্ণাশ্রিত বিণ [দ্বি.ত] কৃষ্ণগত, কৃষ্ণানুরক্ত।

কৃষ্ণাষ্টমী স্ত্রী [কৃষ্ণের অষ্টমী, ষ.ত] ১ কৃষ্ণপক্ষের অষ্টমী তিথি। ২ [উ.সো] কৃষ্ণপ্রিয়া ভাদ্রকৃষ্ণাষ্টমী ; জন্মাষ্টমী।

কৃষ্ণেক্ষু পুং [কর্ম্মধা] কৃষ্ণবর্ণ ইক্ষুবিশেষ ; কাজলা আক্।

কৃসর—খিচুড়ী।

কৃসান বিং ['কৃশ' > °ন ; অপ্র] কৃশ। "কৃসান তনু গ ১১০।

কৄ সক [তুদা, প—কিরতি ; সেট্] বিক্ষেপ, ক্ষেপণ। [আ—সমন্তাৎ ক্ষেপণ ; ব্যাপ্তি। "আকীর্ণ রঘু ১.৫০। উদ্—উৎখনন, উৎকীর্ণ। সম্-উদ্ —উৎখনন, বিদারণ, বেধ। "মণৌ বজ্রসমুৎকীর্ণে রঘু ১.৪। প্র—প্রক্ষেপ। "প্রকীর্ণ। বি—বিক্ষেপ, বিকিরণ। সম—মিশ্রণ। "সঙ্কর, সঙ্কীর্ণ।]

কৢপ দ্র 'কৢপ্'।

কৢপ্ত বিণ [√কৢপ (√কৃপ্)+ত (ক্ত)-র্ম্ম] ১ রচিত, সুবিহিত। "কৢপ্তেন সোপানপথেন রঘু ৬.৩ ; ১১.৯৩। ২ নিরত, নিরূপিত। "শ ৪.৮। ৩ কর্ত্তব্যরূপে স্মৃত। "মনু ৩.৬৯। ৪ সিদ্ধ, কৃত। "রঘু ৬.৭০। ৫ বিহিত, কৃত। "মনু ১১.২৭। ৬ ছিন্ন। "°কেশনখশ্মশ্রু মনু ৪.৩৫। ৭ রচিত, ধৃত। "°বিবাহবেশা রঘু ৬.১০। ৮ সজ্জমান। "কৢপ্তাসন কু.স ৭.১২। —প্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ কল্পন, রচনা।

২ অবধারণ। ৩ ছেদন। ৪ বিধান, করণ। ৫ সম্পত্তি, প্রাচুর্য্য। "প্রসূন" মাঘ ১.৬৯।

কে[১] সর্ব্ব [সং কিম্—কে (পুংলিঙ্গ, ১মা-বহুব) >প্রা কে (বহুব), কে (১ব—মাগধী) >বা কে (১ব); কে (১ব—ভোজপুরী, মাগধী, মৈথিলী G.H.); ক্য কে (who?); কেঁ কে (?) (চ ১৬)] ১ কোন ব্যক্তি (পুরুষ, স্ত্রী—প্রশ্নে)। "কে মোরা জাএত দুরহক দুর বি.সা ৪৯২। কে আছে বুঝিয়া, বলিবে সুঝিয়া, আমার পিয়ার পাশে চ.সা ১৩৫। শ্রী.কী ৮৫। কে বলেছে তোমায় বঁধু এত দুঃখ সইতে।—গান ১৬৫। বৎস! এদিকে এ কে চিত্রিত রহিয়াছে?—সী ৮। ২ কোন ব্যক্তি (পুরুষ, স্ত্রী—অপ্রশ্নে)। "কে কোথা কি মন্ত্র লয়,…আগে ভাগে উত্তরেন গিয়া ভা.চ ১৫২। [কর্তৃকারকের বহুবচনে ও অন্য কারকবিভক্তিতে 'কে' স্থানে 'কাহা' হয়। যেমন—কাহারা, কাহাকে, কাহাদিগকে (সংক্ষেপে 'কারা' 'কাকে' ইত্যাদি)। কেই বা—কোনজনই বা; অথবা কে? কে জন (অপ্র)—কোন জন?। "ইহাতে কে জন, কহিবে কথা রা.শে ৪৮। ভেদ জানে মা কে জনা দু ৫৩। কে বট—কে হও, অর্থাৎ পরিচয় কি? "তুমি কে বট আপনি ভ.গ্র ৩০১। একা দেখি কুলবধূ কে বট আপনি ভা.চ ২৫৪। কে হেন—কোন জন এমন। "কে আছে কাণ্ডারী হেন কে যাইবে সঙ্গে ব.প্র ১৩২।]

কে[২] কা.ক্তি [(স্বার্থে) ক+এ[৫] (?) ; হি কে, কো; মৈ—কে, কেঁ; সি খে (তু 'তোমাথে চ.বি ৬৩; মোথে ৯৯,১৫৮; তাথে; যাথে ১৫৯) ; ড় কু, কি (C.G. §347) ; দ্র 'ক'[৭]] ১ কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি। "রাজাকে প্রবোধ করে কৃ ৬৬; ঘরপোড়াকে দূর করিল ২৫০। সই এ কথা কহিব কাকে ন.প ২৮৭। ২ গমনার্থে ক্রিয়ার কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি। "কাখে কলসী পানীকে যায় ব.প ৬। সব ঘরকে করিহ গমন কৃ.উ ১০; লঙ্কাকে পাঠায় ৮২; বারুণিকে চলিলা বরুণ জিনিবারে ৮৩; কোথাকে সাজিআ জাহ ৯৪; দেশকে লড়হ রাজা ৯৬; জেথানকে জায় ২৬৫। যাব অরণ্যকে ম ৬৫৭। ময়নাকে কেমনে যাইবে (শ্রী)। মথুরাকে যায় শ্রী.মা ৪৯; যাব নাই জলকে ৮১; জলকে যাবে গো ৮৪; কোথেকে গমন ৯৪; ৯৭; ১৫৬। চৈ.চ ৮৪। ব ১৩৮। জোন্দাকে যায় সাধ শ্রী ৪৩। ঘরকে যাই চ.দা ৩৫। যথাকে প্রয়াণ চৈ ৩৭। জলকে চল চ.কা ৫৪। [সংস্কৃতে গত্যর্থ ধাতুর কর্ম্মে দ্বিতীয়া ও সপ্তমী হয়, তদনুসারে এস্থলে দ্বিতীয়া। রাঢ়ে 'ঘাটকে যাওয়া', 'জলকে যাওয়া' এখনও শুনা যায়।] ৩ যাচ্ঞার্থক ক্রিয়ার কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি। "না জানি আমাকে তুমি মাগ কোন দান কৃ.উ ৫৭। ৪ নিমিত্তার্থে চতুর্থী বিভক্তি। "রৌদ্রে কাঁটা-কুটায় রান্ধে। খড় কাঠ বর্ষাকে বান্ধে॥—ব.প ৬। ঘরে ঘরে বেড়ায় তারা ভাতকে কান্দিয়া কৃ.উ ৭; তপস্যাকে গেলা ১৩১। থাল গাড়, পিড়ি দিল ভোজন করিবাকে বি.পা ১৬৯; দেখিলে নি দয়া লাগে পদ্মা পুজিবাকে ৩৬৭। ৫ সম্প্রদান অর্থে দ্বিতীয়া বিভক্তি। "দিলেক সবাকে বি.পা ১৬৯। যেতে দেব নাক্রি তোকে শ্রী.মা ১৫৭। [তু 'সীতা দেন তারে কৃ ৫৮; তোমারে দিলেন ৯৬।] ৬ অপেক্ষার্থে পঞ্চমীর স্থানে দ্বিতীয়া বিভক্তি। "তোমাকে অধিক মান্যে তাহাকে ডরাইয়ে দু ৫৭। পেচাকে অধিক ভীত, নিমকে অধিক তিত ক.চ ১৭০। জীউকে অধিক পিউ যশোদানন্দন শ্রী.ম ২১৬। লোকে বলে মাকে চেয়ে মোহ করে মাসী শ্রী ৭০। ৭ [হি কে (ষষ্ঠী)—মালী কে বেটে (G.H. §§ 156, 61)। দ্র 'ক (৫)'] সম্বন্ধার্থে ষষ্ঠীবিভক্তি। "দুর্ব্বলা চেড়ীকে হৈল যেন পুত্রশোক ক.চ ১৫০। ভূপকে নিদেশ পায় ভা.চ ৪৩৬। দ্বাদশ বছর, তাকে বহুদিন আছে শ্রী.মা ২১। [কিকে—কি হেতু, কি নিমিত্ত। "কিকে তোঁ নাগরি রাধা উপেখসি সুখ শ্রী.কী ৫১।]

কে[৩] [একে>কে] এক। "তিলকে জাইবা ছাইলা দণ্ডকে আসিবা গো.চ ১৬৬। কোটিকে গুটিক পাই বি.প ১০৬। সেটকে সেট্ ঢাকে …রং বাজাচ্ছে হু ১৮; রেজিমেণ্টকে রেজিমেণ্ট গোরা…চলো ১০৬। [কোটিকে—এক কোটিতে, বহুর মধ্যে। গাঁকে গাঁ—এক এক গ্রাম; গ্রামের পর গ্রাম। "গাঁকে গাঁ ক্যোন চসে ফেল না।—নী ২৮। এইরূপ 'জেলাকে জেলা'। তিলকে—এক তিলে। থানকে থান—এক এক থান। সেট্‌কে সেট্—এক এক সেট বা প্রস্থ (বোতাম, কাপড়)।]

কে[৪] 'ক্যা' বি [দ্র 'কেয়া'; কথ্যভাষা] কেতকীবৃক্ষ; কেতকীপুষ্প। "কে গাছ, কে ফুল, কের পাতা, কে-বাগান।

কেউ[১] বি [সং কেমুক] বৃক্ষবিশেষ, কেঁউগাছ। "শ্রী ৩৩।

কেউ[২] সর্ব্ব [কে[১]+উ[৩] অথবা, 'কেহ' কেউ; হি—কে(কো)উ, কোঈ (সং কোঽপি), 'কোউ' (তুলসীদাস); প কোই, কাঈ; মৈ কেও, কোউ; অস কেও; কেউ (old Baiswari, Avadhi, Bhojpuri, Magadhi, Maithili)] ১ কোনো জন; কেহো। "কেউ বা যোগায় জুতা শ্রী.মা ৯৭। কেউ বলে ভূত প্রেত হবি, কেউ বলে স্বর্গে যাবি।—রামপ্রসাদ। কেউ কাঁদিছে উচ্চৈস্বরে,…কেউ বা গিয়ে গোপেশ্বরে, ধরিয়ে বুঝায় দা ১৩৯; দুজনে বাণ-কাটাকাটি, কেউ উনিশ, কেউ বিশ ২০৭৩। ২ কেহ-কেহ, অনেকে। "কেউ গাল দিয়ে পয়সা আদায় কত্তেন, কেউ পয়সার প্রত্যাশায় প্রশংসা কত্তেন হু ৮৭; ১০১। ৩ কেহও, একজনও। "তোমার আছে বাপ ভাই মোর অভাগিনীর কেউ নাই গো.চ ১৮৩; ২২৯। ৪ কোনোটা, কতকগুলি। "ফুলে নাই সে বাহার। কেউ গেছে কুঁড়িতে মজে, কেউ হয়েছে বোঁটাসার ব.প ১৬২৬। [কেউই—কোনো ব্যক্তিই; একজনও। কেউ না কেউ (হি কোঈ ন কোঈ)—কোনো-না-কোনো লোক; এ বা সে। কেউ বা…কেউ বা…কেউ বা—"কেউ বা দিত গলায় দড়ি, কেউ বা দিত গলায় ছুরি, কেউ বা পড়ে জন্মাবধি কাঁদতো দা ২০৫১।

কেউ[৩] বি [সং কেতু >প্রা কেউ; অপ্র] কেতুগ্রহ। "বার বৎসর ভরি রাজার কেউতে ঘিরি নইল গো.চ ১৭০।

কেউটিয়া, -টে বিং [সং অলগর্দ্দ, জলব্যাল—কেউটিয়া সাপ (অ.টী); হি কেউটা; অস কেউটীয়া—ঢোঁড়াসাপ; বোধ হয়, 'জলে থাকা ও মাছ ধরিয়া খাওয়া'—এই কৈবর্ত্তসাদৃশ্যে 'কেওট (কৈবর্ত্ত) >কেউটীয়া' হইয়াছে। অসমীয়ায়ও এই হেতু 'কেউটীয়া' ঢোঁড়াসাপ।] তীক্ষ্ণবিষ উগ্রপ্রকৃতি সর্পবিশেষ। [কেউটে সাপের বাচ্চা—(উপমায়) কোপন শিশু; রাগী ছেলে।]

কেউয়াঠুঁঠী বিং [সং কাকতুণ্ডী; হি কৌআটোঁটী] কাকনাসাবৃক্ষ। —ঠেঙা বি [সং কাকজঙ্ঘা] বৃক্ষবিশেষ।

কেউর বি [সং কেয়ূর >প্রা কেউর; অপ্র] করভূষণবিশেষ। "কৃ.উ ১৫৬। কঙ্কণ…কেউর সহিতে শ্রী.মা ৮৫।

কেও সর্ব্ব [মৈ কেও; দ্র 'কেউ[২]'; অপ্র] কেহো, কোন জন। "কেও সখি রহলি উপেখি। কেও সির ধুনি ধুনি দেখি॥ কেও কর সসিকর আস। বি.সা ৪৪৩। কেও জিগ্‌গাসা ক'ল্লে কএয়া দেইস ছাইলা হয় আমারে গো.চ ১৮৭।

কেওকেটা, -কেডা সর্ব্ব [কে-ও+কে-টা, কে-ডা] 'ও কে, কোন ব্যক্তি', সামান্য, সাধারণ বা নগণ্য লোক; যে-সে লোক; হেয় ব্যক্তি। "মন সে বড় কেও-কেটা নয়, মনের নিজের মর্জ্জি আছে কৃ.কে ৭৫।

কেওট 'ক্যাওট্' বি [সং কৈবর্ত্ত >কেবট্ট >বা (কেবট, কেঅট) কেওট; হি কেবট; মৈ ক্যোট; অস কেওট; ড় কেঅট; কৈবত্, কেওট (বীরভূম)] ধীবর, জেলে। "শ্রী ১৩।

কেওড়া বি [সং কেতকী; হি কেৱড়া, -রা; ট কেরডা] ১ শ্বেত কেতকীবিশেষ ও তাহার সুরভি পুষ্প (এই পুষ্পে আতর ও সুবাসিত

জল হয়।—হিন্দীশব্দসাগর)। "কেওড়ার জল। ২ চব্বিশপরগনায়, লবণময় দেশে জাত বৃক্ষবিশেষ ও তাহার অম্লরস ফল।

কেওড়া, কেঁদুয়া, -দো বি [হি তেঁদুআ—চিতাবাঘ] ১ ব্যাঘ্রবিশেষ, চিত্রক (Leopard)। "কেওড়া বাঘর ছড় শূ ১০৮; ব.প ১১২। পালান ভিড়িয়া বান্ধে কেঁদোবাঘ-ছাল ক.চ ১৮। ২ ক্ষুদ্রজাতি ব্যাঘ্রবিশেষ।

কেওয়া, কেয়া বি [সং কেতক >প্রা কেঅঅ (কেঅঅগ্গিমদল—কেতকাগ্রিমদল, ক ম ১.২৯), কেঅয় (প্রা.ম) >বা কেওয়া, কেয়া; 'ক্যা' (কথ্যভাষা)] ১ কেতকীবৃক্ষ, কেয়াগাছ (Pandanus odoratissimus)। "দক্ষিণে অশ্বত্থ রোপে বামে রাপে কেওয়া ম.ম ১৭৫। কেওয়ার পাতে ২০৩। কেওয়া ও গোলাপবাসে গো.চ ৪৮২। কেঁদ কেয়া শ্রী ২১২। কিপ্‌টে ভাতার, কেয়া কাঁটা।—হেম ৩৮০। ২ কেতকীপুষ্প, কেয়াফুল। "কুড়ী পাটি দন্ত শোভা দশমুখে হাসে। চতুর্দ্দিকে কেয়া যেন ফুটে ভাদ্রমাসে॥—কৃ.উ ৭১। কৃ ৪১৫। [কেয়া-কাঁদি—অখণ্ড কেতকীপুষ্প; গোটা কেয়াফুল। "হাত দিলে ধুলা উড়ে যেন কেয়াকাঁদি ভা.চ ২০৯। কেয়া-খএর—কেয়াফুলের রেণু ও অন্য মশলার মিশ্রণে কৃত খদিরবিশেষ। কেয়াপাতা—১ কেয়ার পাতা। "কেয়া-পাতার নৌকা।—রবীন্দ্র। ২ কেয়া-পাতার অনুকরণে নির্ম্মিত গলার অলঙ্কার। "কেয়াপাতা গলায় গরব করে শ্রী ৫৫; ১৭৬।]

কেওয়ার বি [সং কপাট >প্রা কবাড, -ল >বা (কওয়াড়) °র; হি কেবাড়; ঠ কবাড অপ্র] কপাট। "শ্রীখণ্ড কপাটে (?) শোভে যুগল কেওয়ার বা.ম ৩১২।

কেঁউকেঁউ বি [ধ্বন্যাত্মক; দ্বিত্ব; অস কেং-কেং] ১ প্রহারাদি হেতু কুকুরের কাতর ডাক। "হাদি দা, হুল্লা সুমুন্দি কুকুরির মত কেঁউকেঁউ কত্তি নেগেছে!—ন.ত ৭৮।

কেঁক 'ক্যাঁক' বি [ধ্বন্যাত্মক] ১ হঠাৎ প্রাণবায়ু নির্গমনের শব্দ। "ভাগ্‌গি পালাই নি, তা হলেই দৌড়ে গিয়ে লাঠি মারত, আর কেঁক করে প্রাণটা বেরিয়ে যেত ন.ত ৩৯। ২ কর্কশ তীক্ষ্ণ স্বর। ৩ তিরস্কারে তিরস্কৃতের সরোষ কর্কশ প্রতিবাদ। ৪ আক্রান্ত পশুর কাতর শব্দ। যেমন, শিয়ালে ধরিলে কুকুরের বাচ্চার শব্দ। [কেঁককেঁক (অস)—হংসীর ডাক (cackling)। কেঁককেঁকে (বিং)—কর্কশকণ্ঠ।]

কেঁ(কে)কলাশ, -স 'ক্যাঁ' বি [সং কৃকলাশ, -স] গিরগিটি। "ইন্দ্র ময়ূর হৈল্যা কুবের কেকলাস কৃ.উ ৪০,-১; °শ ১৭৪।

কেঁকা 'ক্যাঁকা' অর্ম্ম [ধ্বন্যাত্মক; কেঁকা (আর্ত্তরব) > √কেঁকা; অস √কেঁকা] আর্ত্তরব করা; কাতরানো। [কেঁকান, -নি (অস কেঁকানি) —আর্ত্তরব, কাতর স্বর।]

কেঁকোঁ 'ক্যাঁ-' বি [সং কাকু] ১ স্বরবিকারবিশেষ, কাতর রব, কাতরান। ২ [ধ্বন্যাত্মক] বোঝাই-করা গোরুর গাড়ীর চাকার শব্দ। ৩ বর্ষায় ভেকের রব। "বেঙ্‌ করে কেঁকো, কুঁচে বলে হরি। শিবঠাকুর উঠে বলেন মাগুর জ্বালায় মরি॥—ঘুমপাড়ান গান। ৪ সর্থ 'কেঁকোর-কেঁকোর (২)।

কেঁকোর-কেঁকোর 'ক্যাঁ-' বি [ধ্বন্যাত্মক; দ্বিত্ব] ১ সর্থ 'কেঁকোঁ (২)। "পথে প্রায় লোকজনের গমনাগমন নাই—কেবল…গরুর গাড়ি কেঁকোর-কেঁকোর করিয়া ফিরিয়া যাইতেছে আ.দু ৬৯। ২ বেহালা-প্রভৃতি তারের যন্ত্রে ছড়ি-টানার শব্দ।

কেঁচকেঁচ, কেঁচকেঁচে; কেঁচে দ্র 'কচ৪'; কাঁচ৩।

কেঁচো, কেঁচুয়া বি [সং কিঞ্চুলুক; হি কেঁচুআ, -রা; ঠ কেংচুং; অস কেঁ(কে)চু; কেইছা (ঢাকা)] ১ কীটবিশেষ, মহীলতা। "খুঁড়িতে কেঁচুয়া পাছে উঠে কালসাপ বি.সু ৭৬। ২ (সাদৃশ্যে) কেঁচোর মত শীর্ণ দেহ। [কেঁচো কৃমি—দ্র 'কৃমি'। কেঁচো খুঁড়তে খুঁড়তে সাপ বেরোন —সামান্য বিষয়ের অনুসন্ধান করিতে করিতে গুরুতর বিষয় প্রকাশিত হওয়া। "কমিশনে কেঁচো খুঁড়তে খুঁড়তে সাপ বেরিয়ে পড়লো আ.দু ৮২। কেঁচো-সাপ (অস কেঁচুসাপ)—কেঁচোর মত ক্ষুদ্র সর্পবিশেষ।]

কেঁটেকেঁটে 'ক্যাট্‌-' বিং ['কিট্ট'—মূল] অত্যন্ত মলযুক্ত; বড় ময়লা বা কাল। [কাল কেঁটকেঁটে—অত্যন্ত কাল।]

কেঁড়ে বি [কাঁড় + ঈয়া > কাঁড়ীয়া > কাঁড়্যো > কেঁড়ে; কাইড়া (ঢাকা); হি কটিয়া] ১ বাঁশের কাঁড়ে (কাণ্ডে) নির্ম্মিত তেলের বা দুধের চোঙা (দারজিলিঙে এখনও বাঁশের কাণ্ডে দুধ লইতে দেখা যায়)। ২ (গৌণার্থে) তেলের বা দুধের মাটির পাত্রবিশেষ। "কেঁড়ে কেঁড়ে দুধ, তেল।

কেঁড়েলি, -লী বি ['কাঁড়ান'—মূল] ১ নিস্তুষীকরণ, খোসা-ছাড়ান, কাঁড়ান, বিউলি করা। ২ কোন বিষয়ে তর্কবিতর্ক; নেই। "বালকের কেঁড়েলি দেখিলে, তাহাকে গুরুজনেরা চড়টা চাপড়টা দিয়া থাকেন। —প্রবাসী। [ডাল কেঁড়েলি করা—ডাল কাঁড়ান। তেল কেঁড়েলি—তেল মাখাইয়া কলাইএর ডালের খোসা ছাড়ান; কলাই বিউলি করা (রাঢ়ে)।]

কেঁতকেঁত 'ক্যাঁত্‌ক্যাঁত্‌' বি [ধ্বন্যাত্মক] দ্রুতবেগে ক্রমাগত লাথি-মারার শব্দ। "কেঁতকেঁত ক'রে লাথি মারা।

কেঁতর, কেতুর 'ক্যাঁতোর' বি [(?); কেতু(তো)র(পূর্ব্ববঙ্গ), কেতুর (ত্রিপুরা), নেত (বীরভূম)—"নেত পড়া] নেত্রমল, পিচুটি। "নয়নে সোয়ার হ'য়ে, কেতুর চলিল ধেয়ে বা.ম ১৬৫। বি.পা ৩৩৩।

কেঁদ, -দু '-দ্‌' বি [সং কাকেন্দু (অ.কো), কেন্দু; হি কেঁদু] চিরহরিৎ বৃক্ষবিশেষ; মাকড়াকেন্দু, মাকড়াগাব, জড়ীগাব (Diospyros tomentosa)। "কেঁদ কেয়া শ্রী ২১২।

কেঁদড়ানি 'ক্যাঁদ্‌-' বি ['কাদাপারা-পানী'—মূল] ১ শরীরের মল-মিশ্রিত ঘর্ম্মস্রোত। ২ ময়লা জল। ৩ ক্ষতনিঃসৃত রস।

কেঁদো বিং ['কাঁধ' বা 'কুঁদা'—মূল (?)] ১ বৃক্ষস্কন্ধতুল্য স্থূল; গুঁড়ির মত মোটা; স্থূল, হৃষ্টপুষ্ট, বড়। "কেঁদো কেঁদো ওয়েলার ও নরমাণ্ডির টাপেতে রাস্তা কেঁপে উঠছে হু ২৪; কেউ বল্লে, 'কেঁদো মাছ।' কেউ বল্লে 'রাণা', নয় 'খোটা'! ১০১। ২ [কাঁদ (ক্রন্দ্‌) + উয়া > কাঁদুয়া (কাঁদো) > কেঁদো] যে বড় কাঁদে; ক্রন্দনশীল, কাঁদুনে (ছেলে)। —দো বি ১ দ্র 'কেওড়া'। ২ [সং কোদ্রব] ধান্যবিশেষ।

কেঁয়ে বি [হি কৈয়াঁ; কাইঞা—কৃপণ (মালদহ)] ১ মারবারদেশবাসী জাতিবিশেষ; মাড়োয়ারী। "দানশীল লছমিপৎ কেঁয়ে-কুলসার (সুরধুনী-কাব্য)। ২ কলহকারক, ঝগড়াটে। "খেলায় দিগ্‌গজ কেঁয়ে।—হেম ৩৯০। ৩ ধূর্ত্ত, কপট। ৪ কৃপণ। ৫ যে অন্যায়পূর্ব্বক আপনার কোট বজায় রাখে বা হারিয়াও হার মানে না; যে কোন বিষয়ে অন্যায় জেদ করে। ৬ স্বার্থপর।

কেকয় পুং ১ সূর্য্যবংশীয় নৃপবিশেষ। [ইনি কেকয়ীর পিতা। বিপাশা ও শতদ্রুর মধ্যস্থ কেকয়দেশ ইঁহার রাজ্য এবং গিরিব্রজপুর ইঁহার রাজধানী (রা ১.৩২.৭; ২.৬৮.২১)।] "পা ৭.৩.২। প্রিয়া কেকয়-বংশজা রঘু ১০.৫৫। কেকয়ের ঘর কৃ ৩০। ২ (বহুব) দেশবিশেষ। "কেকয়াধিপতী রাজা রা ১.৭৩.৩। মহা ৬.৯.৪৪। ৩ কেকয়-দেশবাসিগণ। —য়ী স্ত্রী [°য় + স্ত্রী ঈ (ঙীষ্‌) জন্যজনকভাবলক্ষণ পুংযোগে, পা ৪.১.১৭৮, সি] কেকয়পুত্রী, কৈকেয়ী। "কেকয়ীপুত্র রা ২.৭০.২১।

কেকর বিণ [কে + √কৃ + অ (ট) তাচ্ছীল্যে; অলুক্‌; স্ত্রী -রী; অস কেঁরা] যে নেত্রতারকা ঊর্দ্ধগত করে; টেরক, টেরা। "°নেত্র, °লোচন।

কেকা স্ত্রী [কে + √কে শব্দ + অ (ড) -ক (অ.টী) + স্ত্রী আ (টাপ্‌),

ধ্বন্যাত্মক] ১ ময়ূরবাণী, ময়ূরের ডাক। "মহা ৩.১৫৯.৬১। রঘু ১.৩১। কেকারব।—মে ১৮২। প.তৃ ৭০। বা.দ ১৫২। উতলা কলাপী কেকা-কলরবে বিহরে চ.কা ২৫০। শিখী যথা কেকাভাবী, সন্ধ্যাকালে বসে আসি।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। কালো মেয়ে জাগায় কেকা কু.কে ১৫৮। ২ [বাঙলায় ; অপ্র] ময়ূর। "কেকা কেকী করয়ে বিকলি রা.শে ১২৮। [°বল (তু 'কৃষীবল) পুং—'কেকাবান্', ময়ূর। °বলী (স্ত্রী)—ময়ূরী।]

কেকী (-কিন্) পুং [কেকা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব (পা ৫.২.১১৬) ; স্ত্রী -কিনী] 'কেকাযুক্ত', ময়ূর। "নটৎকেকিস্তোমা বি.মা ৭.১। কেকিকোকিলকণ্ঠ-কুণ্ঠক কাকলি কৃত বংশ রে।—গো ৮৬। —কী বি [দ্র 'আ'১৩ ; অপ্র] ময়ূরী। "কেকা কেকী করয়ে বিকলি রা.শে ১২৮।

কেকৈ বি [সং কেকয়ী>কেকঈ>কেকৈ (উচ্চারণানুসারে) ; অপ্র] কেকয়ী। "কেকৈ বিদ্যমান ব.প ১৮.৪। শুন গো কেকৈ মা! দা ১০৬৭।

কেঙ ক্রি.বিং [বা কেন ; হি ক্যোঁ ; অপ্র] কেন, কি হেতু, কি নিমিত্ত। "কেঙ না আই শ্রীকৃষ্ণ দূতীরে পুছয় ব্র প ৯৪। বেহান কো কেঙ রয়তা, রাতাই চলা যাতা রা.স ৩৬।

কেঙদা বি সর্ব 'কেওদা'। "কেঙদা বাঘের ছাল শ্রী.মা ১০০।

কেঙ্গারু বি [E. Kangaroo] অস্ট্রেলিয়া ও তৎসন্নিহিত দ্বীপের রোমন্থক তৃণভোজী জন্তুবিশেষ। [ইহাদের সম্মুখের দুই পা ছোট এবং পশ্চাতের দুই পা বড় ; এই হেতু ইহারা দীর্ঘ লম্ফ দিতে পারে। ইহাদের পেটের নীচে একটি চামড়ার থলী থাকে, ভয় পাইলে শাবকেরা ইহাতে লুকায়।

কেচরা 'ক্যাচ্-' বিং [সং কচ্চর ; অপ্র] মলদূষিত, সংস্কারহীন, ধূলা-মাটি-মাখা। "মাথা গোটা কেচরা বি.পা ৩৩২।

কেচা-কেচা 'ক্যা-ক্যা-' বিং ['কুচা-কুচা'—মূল ; অপ্র] কুচি-কুচি, কুটি-কুটি। "বাথুয়া শাক করিয়া কেচা-কেচা ম.ম ৯৫।

কেচিত অব্য [সং কেচিৎ ; অপ্র] কেহো, কোন ব্যক্তি। "কর্ম্মার্পণ-ভক্তি যে কেচিত মতে কন। পরম্পরারূপে কষ্টে মুক্তি প্রতি হন॥ —ভ.গ্র ২৮৪।

কেচো বিং [কাচ২+উয়া >কাচুয়া >(কাচো) কেচো] ১ যে রঙঢঙ করিতে নিপুণ ; ভাঁড়। ২ কপট, ছদ্মবেশী।

কেচ্ছা, কেস্সা বি [আ কি.সহ্] ১ উপাখ্যান, আখ্যায়িকা, কথা, গল্প। ২ বিচিত্র কথা ; অদ্ভুত গল্প। ৩ বাদানুবাদ, বচসা। ৪ ['কুচ্ছা' —মূল] কুৎসা, নিন্দাবাদ, অপবাদ।

কেজো বিং [কাজ+উয়া >কাজুয়া >(কাজো) কেজো ; অস কাজুরা ; কাজো (যশোহর)] ১ কার্য্যপটু, নিপুণ, কর্ম্মদক্ষ (লোক)। ২ কাজের উপযুক্ত, অর্থাৎ যাহা কাজে লাগে ; প্রয়োজনীয়, দরকারী (দ্রব্য)। ৩ যাহা কার্য্যে পরিণত হয় বা কার্য্যতঃ ঘটে ; সার, খাঁটি, ঠিক (কথা)। বিপ 'ফাজিল', 'ফালতু'। ৪ কার্য্যসিদ্ধির অনুকূল বা যোগ্য। "কেজো বুদ্ধিটা যে আমার স্বাভাবিক…সকলেই মানিয়া লইতে লাগিল গ.স ৯৩।

কেটকেট 'ক্যাট ক্যাট্' বি [কটকট >°ট ; ভাবাত্মক] কড়া-কড়া ভাব, কঠোর মর্ম্মচ্ছেদক ভাব। "ওরে কিছু বলিস্ নে, এখনই কেটকেট ক'রে দশ কথা শুনিয়ে দেবে!

কেটা, -ডা সর্ব্ব [কে১+টা, -ডা] ১ কোন জন ; কে (স্পর্দ্ধায়)। "সখী কহে 'নিতি, এ পথে যাই, আজি ঠেকাইবে কেটা' চ.দা ৪৮। নিমক-হারাম বেটা, আজি বাঁচাইবে কেটা ভা.চ ৩৭৮। ওরে বেটা ঠেটা এটা কহে কেটা মোরে বি.সু ১০২। ২ কোন ব্যক্তি, কে (প্রশ্নে)। "এখন মায়ে পোয়ে কেমন ব্যাভার, ইহার মর্ম্ম জানবে কেটা।—রামপ্রসাদ। হেন বুদ্ধি কেটা দিল ভা.চ ৪৮৭ ; তাহারে আঁটিবে কেটা ৫২৮। ৩ কে (পরিচয়-প্রশ্নে)। "কেটা তুমি ভ.গ্র ৬। কোলে কেটা বটে ম.ভা ৫১। পাত্র তোমার কেডা হয় দা ৭২০। ৪ কে (সক্রোধ প্রশ্নে)। "পুঙ্গির পুৎ কেডা! স.এ ২৫ ; ব্যাটা বল্ কেটা তোর মাসী ৬২। ৫ কে (সক্রোধ অবজ্ঞাপূর্ব্বক)। "কেটা সেটা কার বেটা বল কেটা মোরে ভা.চ ৩৯৪ ; এটা কেটা কার বেটা ৪১৩। মর-বেটা তুই কেটা বা দ ১২৮। ৬ কে, অর্থাৎ কি অধিকারে স্থিত। "জানিস্ না কেটা আমি।—গান ১১। ৭ কে (বিরক্তিতে)। "ভোটের এমনধারা আগে জানে কেটা।—হেম ৩৭৮।

কেটে বি [কাট+ঈয়া >কাটীয়া >(কাট্যা) কেটে] রেশমের গুঁটির কাঠের মত শক্ত ছালের সূতার কাপড়।

কেটো, -ঠো বিং [কাট, -ঠ+উয়া >কাটু(ঠু)য়া >(কাটো, -ঠো) >কেটো, -ঠো] ১ কাষ্ঠময়, কাষ্ঠনির্ম্মিত (পাত্র, দ্রব্য)। ২ কাঠের মত শক্ত ; দৃঢ়, কোমলতাহীন (দেহের গড়ন)। ৩ নীরস, কর্কশ (কথা)। কেঠো প্রাণ কু.কে ১৭১। ৪ কাষ্ঠসম্বন্ধী। "কেঠো উই। —টো, -ঠো বি ১ কাষ্ঠপাত্র, কাঠ্কো। ২ নৌকার জলসেচনপাত্র ; সেঁউতি। ৩ [সং কমঠ ; কাঠ্যা (নাটোর)] কাঠা-কচ্ছপ।

কেট্‌লি [E. kettle] জল-প্রভৃতি গরম করার নিমিত্ত লৌহময় প্রশস্তমুখ নাল-দেওয়া পাত্রবিশেষ।

কেত পুং [√কিৎ+অ (ঘঞ্)-ধি] ১ নিবাস, আশ্রয়, শরণ। "জীবনিকায়কেতঃ।—ভ ২.৭.১২। ২ কেতন, ধ্বজ। তু 'কতু'। ৩ চিহ্ন। "অব্জকুলিশাঙ্কুশকেতু-কেতৈঃ ভ ১.১৬.৩৪। ৪ [+অ-ভা] বাস, অবস্থিতি। —তক পুং [+অক (ণ্বুল্)-ক] কেতকপুষ্পসমূহ, কেয়াফুলের রাশি। "এক দিকে কেতকিনী, এক দিকে কমলিনী, দুই ধারে রাশি করি ভ্রমরারে পেপাব।—হেম ১৩ ; ১৪। —তকী স্ত্রী [কেতক+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কেতকবৃক্ষ, কেয়াগাছ। ২ কেতকপুষ্প, কেয়াফুল। "কেতকী স্বর্ণবর্ণা (ভ্রমরাষ্টক)। কেতকীদন্তুরিতাশে। —গী.গো ১.৩২ ; °গন্ধ ৩৬। কনক কেতকী শ্রী.কী ২০৫ ; ২২৬। °গন্ধ ক.চ ১৩৭। (দশানন হাসে) কেতকী কুসুম যেন ফুটে ভাদ্র-মাসে।—ব.প ৫৩৪। [কেতকীতে শিবপূজাবিষয়, দ্র 'শিবপুরাণ, বিদ্যেশ্বরসংহিতা ৫ম, ৬ষ্ঠ অধ্যায়।] —তন ক্লী [+অন (ল্যুট্) -ধি] ১ বাসস্থান, গৃহ। "মহেন্দ্রকৃতকেতনঃ রা ১.৭৫.৮। নিভৃত কেতন, হরল চেতন বি.প ২০৩। ২ স্থান, ভূমি, আধার। "সংশ্রয়° ।—বিষ্ণু-পুরাণ ১.১১.৯। সঙ্কেত° ক.সা ২৬.৪৪। নিভৃত কেতনে, রাখিব যতনে রা.শে ১১। ৩ শরীর ; আবাস, নিমন্ত্রণ (টীকা) গী.গো ৭.৫। ৪ [+অন-৭] ধ্বজ, কেতু। "রঘু ৯.৩৯। ধ্বজধর বলী, মেসিল কেতনবর মে ২৫। নদনদীকূল কেতনে সজ্জিত।—হেম ২৪৯। ৫ লক্ষণ, চিহ্ন। "মকর°। ৬ [+অন-ভা] উপনিমন্ত্রণ, অর্থাৎ শ্রাদ্ধাদিতে নিমন্ত্রণ (অ.টী) ; নিমন্ত্রণ। "মনু ৪.১১০। ৭ [+অন-র্ম্ম] কার্য্য, কৃত্য।

কেতক, -কী, -তন দ্র 'কেত'।

কেতা২ বি [আ ক.তা] ১ খণ্ড, অংশ, ভাগ। ২ আকার, গড়ন, ভাব, সাট্। ৩ নিয়ম, পদ্ধতি। "কেতা কর্ত্তব্য বান্ধা ক.চ ১২২। কল্‌কেতা সহরের এই একটি বড় আজগুবি কেতা, অনেকস্থলে নিমন্ত্রিতে ও কর্ম্মকর্ত্তায়…সাক্ষাৎও হয় না হু ১৯২। ৪ কায়দা, ধরন, ভাব, রকম। "বলিহারি সুবেদারি সুসভ্য কেতায়।—হেম ৩৭৭। মিছে কথার কি কেতা হু ৭৬ ; পুজোরো কিছু রিফাইও কেতা ১৮৯। ৫ শৃঙ্খলা, ব্যবস্থা।

কেতাবি,-বী বিং [কেতাব+ই৮, ঈ৭] ১ কেতাবসম্বন্ধী, পুস্তকস্থ,

পুস্তকেই প্রাপ্তব্য, অর্থাৎ যাহা পুস্তকেই পাওয়া যায়, কাজে না। ২ যে পুস্তক লইয়াই থাকে, সংসারের কিছুই বুঝে না ; যাহার কেবল পড়া-বিদ্যাই আছে, তদনুসারে প্রয়োগ (practice) নাই। "মকদ্দমা করা কেতাবি লোকের কাম নয়।—টেকচাঁদ।

কেতু পুং [√চায়্ পূজা+তু (তুন্-র্ম ; √চায়>কি, উ ১.৭৩ ; 'কেতু' সূর্য্যরশ্মি (ঋগ্বেদ ১.৫০.২)] ১ 'পূজ্য', গ্রহবিশেষ। "মু ১.৬। [কেতু রাহুদৈত্যের শিরোহীন দেহ। সমুদ্রমন্থনের পরে, রাহু দেবমূর্ত্তিতে দেবদলে বসিয়া যখন সুধা পান করিতেছিল, তখন মোহিনীরূপী বিষ্ণু, চন্দ্র ও সূর্য্যের নিকটে তাহা জানিয়া, সুদর্শনে দৈত্যের মস্তক ছেদন করেন। এইরূপে সুধাপানে অমর দৈত্যের মস্তক 'রাহু' এবং দেহ 'কেতু' নামে অভিহিত হয় (মহা ১.১৯)।] ২ উৎপাতরূপ শিখাবান্ জ্যোতিঃপদার্থ (কুল্লুক), উৎপাতবিশেষ, ধূমকেতু। "মনু ১.৩৮। ৩ দীপ্তি। ৪ রোগ। ৫ [তু 'কেতু'—প্রজ্ঞাপক (ঋগ্বেদ ১.৫০.৩)] ধ্বজ, পতাকা। "চীনাংশুকমিব কেতোঃ শ ১.৩১। রতনে খচিত কেতু মে ৩২ ; রঘুকুলজয়কেতু ২৫৭। ৬ ধ্বজদণ্ড। "রঘু ৭.৬৫। ৭ কেতুবৎ ব্যাবর্ত্তক ; চিহ্ন, লক্ষণ। " (ধূমম্) অগ্নের্গমকতঃ কেতুং মন্যে।—রা ২. ৫৪.৫। ৮ শ্রেষ্ঠ, প্রধান। "কুলস্য কেতুঃ...রাঘবঃ গো.রা ৪.২৮.১৮। মনুবংশ° রঘু ২.৩৩। [°যষ্টি (স্ত্রী)—পতাকার দণ্ড ; ধ্বজদণ্ড। "রঘু ১২.১০৩। °রত্ন (ক্লী)—কেতুপ্রিয়রত্ন, বৈদূর্য্যমণি।]

কেতুমাল পুং, ক্লী ইলাবৃতবর্ষের পশ্চিমে স্থিত জম্বুদ্বীপস্থ নববর্ষের একতম বর্ষ (ভ ৫.২.১৯-২১)।

কেদার পুং [কে দার যাহার (অ.টী), ক (জল) তদ্দ্বারা দার যাহার, বহুব্রী, নিপাতনে 'কে'] ১ জল হইলে বা জল দ্বারা যাহার বিদারণ ; ক্ষেত্র, খেত। "°কর্ম্ম, °পাংশু, কলম° (S.W.)। মনু ৯.৩৮। বিষাণে উপাড়ে কেদারে শ্রী.ম ১০৭। কৃষিকুল... গীত গায় কেদারে কেদারে।—রঙ্গ ২২৮। ২ ক্ষেত্রস্থ জলাশয়বিশেষ (শ.ক) ; জলমগ্নক্ষেত্র (M.W.)। "বৃষঃ পিবতি কেদারে নিঃশ্বাসাকুলিতং পয়ঃ।—গো.রা ৩.২২.১৮। ৩ ভূমিবিশেষ (মেদিনী), কেয়ারি(?)। ৪ আলবাল। ৫ যাঁহার মস্তকে দার ; শিব। "কে না কেদার শির পরসিল করে শ্রী.কী ২১৫। ৬ কেদারাধিষ্ঠিত পর্ব্বতবিশেষ। ৭ তীর্থবিশেষ। ৮ ভ্রমধ্যস্থানবিশেষ (শ.ক.)। ৯ (সঙ্গীতে) রাগবিশেষ (M.W.)। —রী স্ত্রী রাগিণীবিশেষ, কেদারা (?)। [°খণ্ড (ক্লী)—ক্ষেত্রের খণ্ড ; জলবিরোধভিত্তি (নীলকণ্ঠ), ক্ষেত্রের আ'ল। "কেদারখণ্ডং বধান মহা ১.৩.২২। °নাথ (পুং)—কেদারপর্ব্বতস্থ শিবমূর্ত্তি।]

কেদা(দে)রা[১] বি [P cadeira] কাষ্ঠাদির চৌপায়া উচ্চ আসনবিশেষ ; চৌকি, চেয়ার। "অনেক কালের জীর্ণ বেতের কেদারা একখানা প.কা ৭৪।

কেদারা[২] বি [সং কেদারী ?)] রাগিণীবিশেষ। [ইহার সময় রাত্রি প্রথম প্রহর, ঠাট দুই ম, জাতি সম্পূর্ণ (গী.সা)]

কেদারিকা স্ত্রী [°র+ক (কন্) হ্রস্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ক্ষুদ্র কেদার বা ক্ষেত্রবিশেষ ; কেয়ারি। "গ্রন্থিপর্ণ° ক.ম ৩২১/২।

কেন ক্রি.বিং [সং কেন (কম্, তৃতীয়া-১ব) ; সং কিমিতি>প্রা কিণো (হে ২.২১৬ ; প্রা.ম ; তু 'কিণো ধুঅসি'—কিমিতি ধাবয়সি, গাথাসপ্তশতী ৪.৬৯) ; হি ক্যোং ; কেণ (দো ৯২), ক্যান (গো.চ ১১)] ১ কি হেতু, কি কারণ, কি নিমিত্ত। "কেন ভোল, মনে কর তাঁরে।—রামমোহন রায়। কেন এত ফুল, তুলিলি স্বজনি মা ১৬৯। কেন বাজাও কাঁকণ কনকন, কত ছলভরে।—গান ১১৩। এ 'কেন'র উত্তর নাই ব.প্র ১৩০ ; মা।—সুতা কই ? প্রফুল্ল।—কেন ? চরকা আছে ৩৩৯। ২ কেহ ডাকিলে, তাহার উত্তর (অর্থাৎ কি হেতু ডাক)। "মা ডাকিল—মেয়ে কাছে আসিল। বলিল 'কেন মা ?' ব.প্র ৩৩৯। ৩ [দ্র 'কেহ্ন' ; অপ্র] কি প্রকার। "প্রভু বোলে 'ধাতু-সূত্র বাখানিল কেন ?'—চৈ.ভা ১৫৩। কোলপুরে কেন কৈলা অভয়া মঙ্গল চ.বি ৩৫৭। [কেন কেন (বিস্ময়ে দ্বিত্ব)—কি হেতু ! "রাণীর দেখিয়া হাল, জিজ্ঞাসয়ে মহীপাল, কেন কেন কহ সবিশেষ ভা.চ ৩৭৬। কেন না—১ কি হেতু, না ('না' পরবর্ত্তী হেতুভূত বিষয়ের অবধারণ-সূচক)। "অশ্বারোহী দ্রুতবেগে অশ্বসঞ্চালন করিতে লাগিলেন। কেন না সম্মুখে প্রকাণ্ড প্রান্তর (ব.প্র৩)—কি হেতু 'অশ্বারোহী...লাগিলেন ? না, অর্থাৎ অবধারিত হেতু, 'সম্মুখে প্রকাণ্ড প্রান্তর'। যা'রা সবল হ'য়ে পৃথিবী শাসন করে, তারা সে সব কথা মানতে পারে না। কেন না মানতে গেলেই বলক্ষয় হয় ঘ ৪০। ২ কি হেতু না { 'না' কাকু হেতু পরবর্ত্তী ক্রিয়ার সম্মতিসূচক অবধারণ (affirmative) }। "কর না কেন অঙ্গীকার !—শ্রী.মা ২১।—অঙ্গীকার কেন কর (করিতেছ) না! —অর্থাৎ অঙ্গীকার কর। এইরূপ "শুষ্ককাষ্ঠে অগ্নি সংলগ্ন হইলে, কেন না সে জ্বলিবে? (ব.প্র ২০০)—অর্থাৎ সে জ্বলিবেই। না হবে কেন—হবে না কেন ? —অর্থাৎ হবেই। হওয়া উচিত। "মেয়েটি বিবাহের জন্য বড় কাতর হইয়াছে—না হবে কেন, বয়স কত হয়েছে !—ব.প্র ২০১। কেন বা—অথবা কেন ? কিংবা কেন ? পক্ষান্তরে কেন ? "কেন বা রাবণ সঙ্গে করিলাম রণ কৃ ৩১৮। কেন বা কানুর সঙ্গে পীরিতি করিনু চ.সা ১৫৮।]

কেনমণে, -মতেঁ, -মনে ক্রি.বিং [কেমতে °তেঁ, কেমনে >°নে, °ণে ; অপ্র] কিপ্রকারে, কিরূপে, কি উপায়ে। "রাধিকা এড়িআ আজি জীবোঁ কেনমনে শ্রী.কী ১০ ; আহ্মা এড়ি কেনমতেঁ ধরিলে পরাণী ১৬ ; সংহতী এড়িব কেনমণে ২০৯। কলিযুগে লোকের নিস্তার কেনমনে চৈ.ম ১১।

কেনা[১] বি [√কি (কে) ন+আ[৭]] মূল্য দিয়া গ্রহণ ; ক্রয়। "কার গৃহে কিছু থাকিবে না, করতে পায় না বিকি কেনা দা ১৫৪।—না বিং [+আ[৭]] ১ ক্রীত, কৃতক্রয়। "সকলি বুঝি তোর কেনা, আছে ঘরে পরে।—দা ১৫৪। ২ ক্রীতদ্রব্যবৎ অধীন বা বশীভূত। "নিতান্ত জানিহ আমি হইলাম কেনা ব.প ৮২৭। জন্ম-কেনা রব তোর পায়। —দা ৯৪৭। [কেনাদরে—যে মূল্যে কেনা, সেই মূল্যে। কেনা-বেচা, বেচা-কেনা—ক্রয়-বিক্রয় ; হাট-বাজার করা। জন্ম-কেনা—এ জন্মের মত, অর্থাৎ যাবজ্জীবন অধীন।]

কেনা[২] বিং [কেমন > কেনা, অপ্র] কেমন, কিরূপ, অর্থাৎ বিবেকহীন। "কেনা বিধি আগ বড়ায়ি লেখিল কপালে। ভাগিনা সুরতি মাগে দানের ছলে॥—শ্রী.কী ৫১।

কেনি[১] বি [সং কফোণি > প্রা*কহোণি ; হি কু(কো)হনী ; মৈ কেহুনী] কনুই, কেনো। "নেভার মাইন্, কেনি দাও !—জা ৩১।

কেনি[২] ক্রি.বিং [কেন+ই[১১] ; অপ্র] কেন, কিহেতু। অসুখ ভাব কেনি কৃ.উ ৯৬। আমার ঐশ্বর্য্য কেনি করহ অক্ষেমা ম.বি ২১২। বিপরীত কর কেনি ব.প ৯১৬,-৯। সোণার নাতিনি, এমন যে কেনি, হইলা বাউরী পারা ?—চ.দা ১১। গ ২৮ ; ১৩৯।

কেনিপাত পুং [কে নিপাত (নিপাতনীয়), অলুক্ ; তু 'কেলিপাত (চ ৩৮, টীকা)] নৌকাচালনার্থ যাহা জলে নিপতিত হয় ; অরিত্র, হা'ল্ ; নৌকাদণ্ড, দাঁড়।

কেনুয়া বিং ['কনীয়ান্'—মূল ; অপ্র] কনিষ্ঠাঙ্গুলি, কড়ে-আঙুল। "কেনুয়া আঙুলে মারে বজ্রকামর ম.ম ১৯৩।

কেনে ক্রি.বিং [কেন+এ (আগম) ; ক্যানে' (গো.চ ১৩) ; অপ্র] কেন। "তাহারে তলব কেনে মী ১০ ; ১৩। আহ্মি কেনে মরি গো.বি ১২,২৬। ইঙ্গিলে কেনে হেন বরে ক.চ ২৩৭ ব.প ৯১৬,-৮। কেনে এথা আইলা ১৯, ১৫৬। ভ.গ্র ১৯২ ; ২৭০। জবাব দেও কেনে ম.পা:

৫৮। শি ৩৪,৮৬। চৈ.ভা ১৯। ম.পা .১৭০। চৈ.চ ৬৬; ৩০৩। [কেনে কেনে—কেন কেন। "কেনে কেনে রায়ত সকল আইলেন কি কারণ গো.চ ৪; ৯। ব.প ৩২।]

কেন্দা বি [সং কেন্দু] কেঁদগাছ। "°ফল ম.গা ২।

কেন্দু, -ন্দুক পুং ১ তিন্দুকবৃক্ষ, মাকড়কেঁদু, গাবগাছ। "শ্রী.কী ২০৬। ম ৪৪৩; ১১৬৬। ২ তালবিশেষ (সঙ্গীতদামোদর)।

কেন্দ্র পুং [Gr. kentron; L., F. centrum; E. centre] ১ বৃত্তের মধ্যস্থ বিন্দু। ২ লগ্ন, লগ্ন হইতে চতুর্থ সপ্তম ও দশম স্থান। "নির্জ্জরার গুরুদেব যস্ত কেন্দ্র হএ। কুগ্রহে কি করে তারে শুন মহাশএ ম.পা ৬৯।—সংস্কৃত শ্লোক—"কিং কুর্ব্বন্তি গ্রহাঃ সর্বে যস্ত কেন্দ্রী বৃহস্পতিঃ। ৩ যোগবিশেষ। ৪ পৃথিবীর প্রান্ত-সীমা; মেরু। ৫ (বাঙলায়) মধ্যস্থল, প্রধান স্থান। "এক একটা জায়গাকে কেন্দ্র ক'রে যদি আমরা কাজ করি, তা হ'লে ঢের বেশী স্থায়ী কাজ হ'তে পারে য ১৬। ৬ প্রধান আশ্রয় বা অবলম্বন। "এ কাজের কেন্দ্র আপনিই ঘ ৩৭।

কেন্দ্রিত বিং কেন্দ্রগত, মধ্যস্থানস্থিত। "(ভারতের) সর্ব্বশক্তি, এক কেন্দ্রে হইত কেন্দ্রিত ন ৯৩৩।

কেন্দ্রী (-ন্দ্রিন্) বিণ [কেন্দ্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ন্দ্রিণী] 'কেন্দ্ররূপাশ্রয়বান্', কেন্দ্রগত। "কিং কুর্ব্বন্তি গ্রহাঃ সর্বে যস্ত কেন্দ্রী বৃহস্পতিঃ। কুগ্রহে কি করে যস্ত কেন্দ্রী সুরাচার্য্য ম.পা ১৭১।

কেন্ন, -ন্না -ন্নাই, -ন্নু বি [সং কর্ণকীটা, কর্ণদুন্দুভি; হি কনখজুরা; ক্যারা (পূর্ব্ববঙ্গ); কল্যা (দিনাজপুর); কেদরাই (নাটোর)] শতপদ কীটবিশেষ (centipede)।

কেপ্ বি [E. cap] ১ টুপি। ২ বন্দুকে গুলি ছোড়ার নিমিত্ত তামার ছোট টুপি। ৩ তৈলাদি ঢালার টুপির মত টিনের পাত্র।

কেবল বিণ [√কেব্ সেবন+অল (কলচ্)-র্ম; স্ত্রী -লা; ছান্দস] ১ এক, একমাত্র। "কেবলার্থপরা রা ২.৪২.৭। রঘু ২.৬৩; ১১.১৯; কাতর্য্যং কেবলা নীতিঃ ১৭.৪৭। ভ ৭.৬.২৩। কল্পতরু কেবল শি ৭৩। কেবল কৈবল্যধাম ভা.চ ১১৯। চাল চুল নাই, কেবল গরু কেটে জুতাদানি ধার্ম্মিকতা আছে আ.দু ৭১। হাতে কেবল একগাছা কড় ব.প্র ৩২৬। ২ একমাত্র, অর্থাৎ মমত্ববর্জ্জিত। "কেবলৈরিন্দ্রিয়ৈঃ গী ৫.১১। ৩ একমাত্র, অর্থাৎ অভিমানবর্জ্জিত (কর্ম্ম)। "গী ৪.২১। ৪ একমাত্র, অর্থাৎ সংস্তরণরহিত। "স্থণ্ডিল এব কেবলে কু.স ৫.১২। ৫ কৃৎস্ন, সমগ্র। "রঘু ১০.২৯। ত্রিভঙ্গ ললিত শ্যাম, কেবল রসের ধাম জ ২। ৬ বিশুদ্ধ, স্বরূপ। "ভ ৬.৪.২৬। গগনের সম তুমি কেবল অনঙ্গ শ্রী.ম ২৫৭। কৃষ্ণের কেবল আত্মা নামে হরিহর চৈ.ম ৩০। ৭ অদ্বিতীয়, একরূপ। নমঃ…প্রাক্ সৃষ্টেঃ কেবলাত্মনে কু.স ২.৪। ৮ অসহায়। "কেবলোঽয়ং ব্রজতি (অ.টী)। ৯ স্বাভাবিক, প্রকৃত। "হস্ত বীক্ষস্ব বৈদেহি যদ্ রূপং মম কেবলম্ গো.রা ৫.৩৫.৩২। ১০ শুদ্ধ। "°বৈয়াকরণ, °নৈয়ায়িক। ১১ (বাঙলায়) একমাত্র, খাঁটি। "তখন কেবল ছিলি লোহাটা চাঁড়াল। এখন পরের ধনে এত ঠাকুরাল শ্রী.মা ১৬০। ১২ (অপ্র) মূর্ত্তিমান্। "কোপে হন কালুবীর কৃতান্ত কেবল শ্রী.মা ১৬১। ১৩ নিতান্ত, অত্যন্ত, খাঁটি। "দেবী বোলেন পুত্র তুহ্মি কেবল বর্ব্বর ম.পা ১৫২; বুদ্ধি না জন্মিছে কন্যার কেবল অজ্ঞান ১৭৪। বা.ম ৫১। নারীর যৌবন, কেবল আধন ক.চ ১৩৫। ১৪ ক্রিয়াকালের অবিলম্বসূচক, অর্থাৎ যখনই, যেই। "কেবল বেরিয়েছি. আর অমনি পেছুতে ডাক। —ল পুং কুম্ভকবিশেষ। —লা স্ত্রী ১ নির্ণয়, অবধারণ। ২ জ্ঞানবিশেষ, একাত্মজ্ঞান, তত্ত্বজ্ঞান। তু 'কৈবল্য'। ৩ একান্ত, বিবিক্ত, বিজন (অ.চি)। —লী স্ত্রী ১ জ্ঞান-বিশেষ। ২ গ্রন্থবিশেষ, জ্যোতিঃশাস্ত্র [কেবলমাত্র—কেবলই।]

কেবা সর্ব্ব [কে১+বা, 'কে বা' সাধু] ১ বাস্তবিক কে, অর্থাৎ কেহই না; কোন জন বা। "কেবা কার ভাই বন্ধু কেবা কার স্বামী ম ৫৬৪। কৃপাময় অবতার, কলিযুগে কেবা আর ক.চ ৩; কেবা চাহে সম্পদ ১০৩। স্বামী বিনা নারীর সংসারে কেবা আর ব.প ৬৫৮। লাখে লাখে লোক যায়,…হুড়াহুড়ি কেবা কারে চিনে ম.ম ১১। ২ অথবা কে, কিংবা কে। "পূজা করে কেবা কিবা দিয়া ভা.চ ১৫২। ৩ না জানি কে, কোন জন (বিতর্কে)। "সই, কেবা শুনাইল শ্যাম নাম চ.সা ৩২; সুধা ছানিয়া কেবা, ও সুধা ঢেলেছে গো ৩৬। অমিয়া মথিয়া কেবা, নবনী তুলিল গো।—চৈ.ম ৯৬। ৪ কোন জন, অর্থাৎ কেহই না। "পণে জাতি কেবা চায়, পণে জাতি কেবা চায়, প্রতিজ্ঞায় যেই জিনে সেই ল'য়ে যায় ভা.চ ৪১৮। [কেবা…কেবা—"কেবা ছোট কেবা বড়, কহিতে না পারি ম ৪১১। কেবা বা (অপ্র)—অথবা কে; কেবা। "তাঁর প্রেমচেষ্টায় কেবা বা স্থির হয় ব.প ৩৬৩। কেবা না—কে না, অর্থাৎ সকলেই। "স্নেহেতে বিহ্বল হৈয়া, কেবা না চলয়ে ধায়া ব.প ১১৫।]

কেবাড় বি [সং কপাট >প্রা করাড় -ল; হি রাড়; ঠ করাত] কপাট। "কেবাড়ের, ধাবে ফের, দেওড়ের জাঁক।—বঙ্গ ১১১।

কেমত বিং [কে১+মত; অপ্র] কিপ্রকার, কিরূপ, কীদৃশ, কি। "এমত আসনে যায় কেমত সাহসে মী ৯। আমা দেখি লুকাইলা এ ধর্ম্ম কেমত চৈ.চ ৬৪। —তে বিং [কেমত+এ৫; 'কেম্‌তে' (পূর্ব্ব-বঙ্গ); অপ্র] ১ কিপ্রকারে, কি উপায়ে। "অসুরবংশেতে বৈরী, কেমতে বধিতে পারি গ ২৬। সাধে করি দুই বিয়া, কেমতে ধরিছ হিয়া ক.চ ১৫১। নিরোদ্ধার অঙ্কেতে বঞ্চিব কেমতে ম.পা ৫৩। রাখিলা কেমতে চৈ.ভা ৩৫১। ২ কিরূপে, কোন বিচারে, কোন আক্কেলে। "কেমতে হইবা দাসী তুমি ঠাকুরাণী ম ৬৭। তুমি গো বড়র ঝি, তোমারে বলিব কি, কেমতে উদরে দেহ ভাত ক.চ ২২০। ৩ কোন ধর্ম্মে, কোন বিধিতে। "সত্যভামা বলে পার্থ অবিভাতি নারী। কেমতে ধরহ তারে হয়্যা ব্রহ্মচারী॥—ম ২৫০। ৪ কি ভাগ্যবলে; কোন পুণ্যে। "ব্রহ্মা-রুদ্র-ইন্দ্র-আদি যাহার কিঙ্কর॥ সে জন কেমতে হইব তোমার জামাতা।—চৈ.ম ৭৯। ৫ কিপ্রকারে, কোন সামাজিক নিয়মে। "মুচি সহ কেমতে বসিব একত্তরে ভ.গ্র ২৫০। —তেঁ ক্রি.বিং [°ত+এঁ৩; অপ্র] কিপ্রকারে, কোন উপায়ে। "কেমতেঁ তাহাতে হইবেঁ পার শ্রী.কী ৩৩৮; কেমতেঁ পাওঁ এবে শ্রীমধুসূদন ৩৯৪। [কেমতি (°ত+ই৪)—কতই, অর্থাৎ সর্ব্বাতিশায়ী নহে। "যৌবনাশ্ব জিনিবাম কেমতি শকতি অ.প ১০।]

কেমন বিং [কে১+মন; তু 'প্রা কমণ—কীদৃশ (পৈ); কেম (কথম্ —হে, ৪.৪০১); ক্যামন (গো.চ ৭; ব.প ৫২৯)] ১ কিপ্রকার, কিরূপ, কিভাব, কিমবস্থ। "তুমি কেমন আছ? রুগী এখন কেমন দেখলে? ২ কিমাকার, কীদৃশ, দেখিতে কিরূপ। "কে জানে সে জন কেমন! তারে যে দেখেছে, সেই ম'জেছে ব'লতে নারে বোবার স্বপন। —গান। ৩ কিপ্রকার, কত, অর্থাৎ অত্যন্ত, অতিশয়। "দক্ষিণারণ্য-প্রবেশ কেমন সুন্দর চিত্রিত হইয়াছে!—সী ৯। ৪ কিরূপ, অর্থাৎ সর্ব্বতোভাবে। "মাতৃদেবীরা অভিনব বধূদিগকে পাইয়া কেমন আহ্লাদসাগরে মগ্না হইয়াছিলেন সী ৮। ৫ কিপ্রকার, অর্থাৎ স্পৃহণীয়, অভিমত। "গৃহস্থগণ…তপোবনের তরুতলে কেমন বিশ্রামসুখসেবায় সময়াতিপাত করিতেছেন!—সী ১০। ৬ কত, অর্থাৎ অনির্ব্বচনীয়। "এই স্থানে কেমন মনের সুখে ছিলাম।…কেমন সুখে সময় অতিবাহিত হইয়াছিল!—সী ১০। ৭ অপ্রকৃতিস্থ, বিকৃতভাবাপন্ন। "সে যেন কেমন হয়েছে, একটুতেই চটে ওঠে! ৮ কিরূপ, অর্থাৎ অভিমত কি না (মতামত-জিজ্ঞাসায়)। "ওরা যাক্, কেমন ভাই! কেমন হে, তুমি এ

বিষয়ে কি বল ? ৯ কিরূপ ভীষণ বা কঠোর। "কেমন ! এখন ত ঠিক হয়েছে, যেমন রোগ তেমনি ওষুধ না হ'লে হয় না ! ১০ কিরূপ, অর্থাৎ অতীব বিস্ময়কর। "এ কেমন কথা কও, বাহ্ রে !—গান ৯। ১১ কিরূপ বদ্ধমূল। "তার যে কেমন স্বভাব, চা দেখ্‌লেই আর জ্ঞান থাকে না ! ১২ কিরূপ, অর্থাৎ কত অবাধে বা নির্ব্বিচারে। "দেখলে, কেমন জলের মত মিছে কথাগুলো ব'লে গেল ! —নে ক্রি-বিং [কেমন +এ ; কেমণে (শ্রী.কী)] ১ কিরূপে, কি উপায়ে বা কৌশলে। "কেমনে হৈবোঁ পার শ্রী.কী ২৯৬ ; ২৯৭। কেমনে জুঝহ কৃ.উ ১০২। ম ১০১৮। (কানুর পিরীতি) কেমনে প্রবেশে অঙ্গে চ.দা ৫৭। কেমনে রাখিবি তোরা তারে লুকায়ে।—রবীন্দ্র। ২ কিরূপে, কোন বিচারে। "ক্ষেমিবা কেমনে দোষ না লইলু শরণ গ ৬৬। হেন জনের দাসী তুমি হইবে কেমনে ম ৬৭। ৩ কিপ্রকারে, কোন সহায়বলে। 'কিছু না জানি, কেমনে যে আমি প্রকাশিনু দেবভাষা。 এমন কথা কেমনে শিখিনু রে !—গান ২২। ৪ কোন বিচারে ; কোন প্রাণে। "কেমনে এমন গায় মারিয়াছে ছড়ি ভা.চ ৪০২। কেমনে কোমল দেহে বিঁধিবি কঠিন শর।—গান ১৯। ৫ কিরূপ বর্ণনা দ্বারা। "কেমনে বুঝায়ে কব না জানি কথা।—গান ১৪৭। [এইরূপে, বাক্যগত বিষয়ানুসারে 'কেমন' শব্দের নানা অর্থ হয়।] [কেমন একটা—অবর্ণনীয় কোনো। "কেমন একটা বড় ভাবি দুঃখ ভোমরার মনের ভিতর অন্ধকার করিয়া উঠিতে লাগিল ব.প্র ২৮৮। কেমন একরকম—অনির্ব্বচনীয়ভাববিশিষ্ট। "গ.স ১৪৫। কেমন করা, কেমন-কেমন করা—১ অস্থির বা উদ্বিগ্ন হওয়া। "মায় না দেখিয়া প্রাণ কেমন জানি করে প.র ১৩। আমার বড় মন কেমন কেমন করিতেছে ব.প্র ২৮৮। ২ বমি-বমি-ভাব-যুক্ত হওয়া। "অশ্রদ্ধায় মাছটা খেয়ে, গা কেমন-কেমন ক'চ্ছে। ৩ ক্রোধোদ্দীপনা হেতু গা রি-রি করা। "তার আস্পর্দ্ধার কথা শুনে পর্য্যন্ত গাটা কেমন-কেমন কচ্ছে ! কেমন কেমন লাগা—আকার-প্রকারে অন্যভাব-বোধ হওয়া। "তোমাকে যোগীর মত লাগে না কিছু আকার-ইঙ্গিতে। কেমন লাগিছে যেন নয়ন ভঙ্গিতে॥ —দা ৪২৬। কেমন-কেমন হওয়া—বিকৃতভাবাপন্ন বা অপ্রকৃতিস্থ হওয়া। "কিন্তু বউ, ভাই ! কেমন-কেমন হ'য়েচেন লী ১১৭। কেমন ত ! কেমন গো ! কেমন হে !—মতামত জিজ্ঞাসা-সূচক। "এস এখন পড়ি, পরে বেড়াব, কেমন ত ! বিবাহের কথা উপস্থিত হইলে, লোকে অমনি বলিয়া বসে—কেমন গো ! রূপার ঘড়া দেবে তো ! আ.দ্র ৭২। কেমন হে ! নিমন্ত্রণে যাবে ত। কেমনরূপে—কেমনে, কিপ্রকারে। "কৃ.উ ১০২]

কেমনতর, -ধারা বিং [°ন+তর, ধারা] কেমন, কিপ্রকার। "তার রবি শশী তারা。 জানিনে কেমনধারা।—শিশু ১৯ ; তোমার খুকীর পড়া কেমনতর ?—৩২। সারা বরষ দেখিনে মা, মা তুই আমার কেমনধারা।—গান ১৭৮।

কেম্প 'ক্যা' -বি [E. camp ; P. campo] তাঁবু। [কেম্প্ খাট্ —তাঁবুতে ব্যবহারের যোগ্য ছোট লোহার খাট।]

কে(ক্যা)শ্বিশ্ বি [Gr. kannabis ; E. canvas] পা'ল তাঁবু চিত্রপট ইত্যাদির নিমিত্ত একপ্রকার শণের কাপড়। "কেম্বিশের জুতা, ব্যাগ্।

কেয়ঙ্কার বি [কা+ইয়ম্+কার ; অপ্র] 'এ কি বিপদ'—এইরূপ ভয়-জন্য কোলাহল। "স্ত্রীগণে কেয়ঙ্কার উঠিল কৃ উ ৪৭।

কেয়া, কেয়াকাঁদি দ্র 'কেওয়া'।

কেয়াবাৎ, ক্যাবাৎ অব্য হি ক্যা বাত হৈ (মূল ?)—কি বার্ত্তা, কিবা কাণ্ড] ১ প্রশংসাসূচক বাক্য ; ধন্য, সাধু, বাহবা, বেশ, শাবাস, আচ্ছা, (bravo ! capital !)। ২ বাহবা, বেশ (উপহাসে)। "ইংরেজী ধরণে গতি সাবাস ক্যাবাৎ।—হেম ৩৭৮। [কেয়াবাৎ কেয়াবাৎ—১ ধন্য ধন্য ! বেশ বেশ ! ২ ধন্য ধন্য ! (উপহাসে)। "মাছ কাতুরে ভেকো হলো, কেয়াবাৎ কেয়াবাৎ।—হেম ৩৮৫। ক্যা বাৎ—কি বার্ত্তা, কি আশ্চর্য্য কথা ! "কথা জানিস বহুরূপী, ক্যা বাৎ কহ বানর রূপী দা ৮১১।]

কেয়ার বি [E. care ; ক্যার্ (গ্রাম্য)] ১ বিশেষ মনোযোগ বা দৃষ্টি ; লক্ষ্য। "আপনি একদৃষ্টে অবাক্ হ'য়ে আমার খাওয়া দেখুন না, আমি কিছু কেয়ার করিনে ঘ ৫৭। ২ বিচার, বিবেচনা। " 'কার ভক্তি সরেস' কেউ সে বিষয়ের অনুসন্ধান করে না—কর্ম্মকর্ত্তাও তার জন্য বড় কেয়ার করেন না।—হ ১৯৯। ৩ ঠিকানা (address)। "পত্রখানা আমারই, বাবার কেয়ারে এসেছে। [কেয়ার করা—গ্রাহ্য করা ; রক্ষা করা ; শুনা। "আমরা করিনে কাউরে কেয়ার। —দ্বিজেন্দ্রলাল রায়। সে বাপমার কথাই কেয়ার করে না, আমি ত প্রতিবেশী।]

কেয়ারি দ্র 'কিয়ারী'।

কেয়াল বি [আ কমাল্ (?)] সিদ্ধ, সম্পন্ন, সারা, হাঁসিল। "ঐ কথাতেই কর্ম্ম কেয়াল হইল আ.দ্র ৯৩ ; ১০৬, -৩৯।

কেয়ূর পুং, ক্লী [কে+√যা+উর, -ক, সপ্তমীর অলুক্ (অ.টী) ; cf., Dravidian='Kei'—arm ; 'uru'—to be used.] যাহা বাহুশিরে যুক্ত হয় ; বাহুভূষণবিশেষ, অঙ্গদ, তাড়, বাজু। "কম্বুকেয়ূরধারিণ্যঃ।—মহা ২.৬১.৮। °বন্ধ।—রঘু ৬.৬৮। ব.প ১৪৮০। কেয়ূর-শোভিত ভুজ জ্ঞা ৪৭। [অমরকোষে 'কেয়ূর' 'অঙ্গদ' একার্থক কিন্তু রামায়ণে বিভিন্ন ভূষণ—"অঙ্গদানি চ চিত্রাণি কেয়ূরাণি শুভানি চ (রা ২.৩২.৮)।] —র পুং ১ (সাদৃশ্যে) রতিবন্ধবিশেষ। ২ (বাঙলায়) পুষ্পবিশেষ (কি পুষ্প ?)। "কেয়ূর তগর ম.ম ২৬। [°বন্ধ (পুং)—বাহুতে কোমরের বন্ধনস্থান। "রঘু ৬.৬৮।]

কের কা.ক্তি [প্রা কের ইদমর্থ (হে ২.১৪৭) ; মৈ 'কের'—কসনিকের ডোর (বি.প) ; সং কৃত (C.G. § 377) ; তু 'কের'—সম্বন্ধী (দেশী, প্রাম) ; সম্বন্ধিনঃ কেরতণেঁ (হে ৪.৪২২) ; দ্র 'ক (৫)] সম্বন্ধে ষষ্ঠীবিভক্তি। "তিরীর যৌবন。—যেহু নদীকের বাণে শ্রী.কী ১০৯। আনহ কেতকিকের পাত বি.সা ৪১১। বিশ্বকের ব.প ৫৫১ ; বৎসকের ৭০১। দুহুঁকেরি মিলনে মধ্যত পাঁচবাণ চৈ.চ ১১৮। [কত্-কের, তত্-কের, যত্-কের (গ্রাম্য)—কত মূল্যের, তত মূল্যের, যত মূল্যের। 'কের' ইহার মূল 'কৃত' হইলে 'কের'-অন্ত পদ বিশেষণ হয় ; যেমন,—'রাজকৃত' >প্রা রায়কের (হে ২.৪৪৭), অর্থাৎ রাজসম্বন্ধী রাজার ; এইরূপ 'অস্মৎকৃত' >প্রা অম্হকের, অর্থাৎ অস্মৎসম্বন্ধী, অস্মদীয়, আমাদের ; ক্রমে প্রয়োগবাহুল্যে 'সম্বন্ধী' হইতে 'সম্বন্ধ'-সূচক ষষ্ঠী বিভক্তি হইয়াছে। দ্র 'C.G. § 377)]

কেরআ(বা)ল, কেরুআ(য়া)ল, কেরোআ(য়া)ল বি [হি করবাল্-রা (তু 'সং কররাল) ; কেঁড়ুয়াল (হিন্দীশব্দসাগর) ; মৈ করুআরি—কর্ণধার, দাঁড়ী ; কেড়্য়াল (চ) ; তু 'কেয়ুবাল (অ.টী 'অরিত্র' শব্দ)] (করবালসাদৃশ্যে) নৌকার হা'ল বা দাঁড় ; অরিত্র। "বহিঅঁ নিবোঁ নাঅ উভ কেরোআলে শ্রী.কী ১৫৩। রূপার কেরআল শূ ৫৬ ; সুবর্ণ কেরআল ১২৭। কেরুআল বা ঃ পড়ে কেরোয়াল ঃ হাথের কেরুআল শ্রী.ম ৬৭। ভাঙ্গা কেরবাল বা.ম ৫১। কেরোয়াল ক.চ ১৯৫ ; ২২১। কেরুয়াল হৈল হারা শি ৯৫। কেরুয়াল ব.প ৪৭০। [কেরুয়া—কেরুয়াল (পদ্যে সংক্ষিপ্ত)। "হেম ১৫।]

কেরদানি, -নী ; কেরবাল দ্র 'কারদানি ; কেরআল'।

কেরল পুং বহুব ১ দাক্ষিণাত্যস্থিত মলবার দেশ। "°যোষিৎ রঘু ৪.৫৪। [ইহা পুরুবংশীয় রাজা কেরলের রাজ্য ; তজ্জন্য নাম কেরল (হ ৩২.

১২২)।] ২ কেরলবাসিগণ। ৩ কেরল দেশের রাজগণ বা রাজা। "পা ৪.১১৭৫। মহা ৩'২৫৩.১৫। ৪ বেদবাগবহিষ্কৃত শ্মশ্রুধারী ম্লেচ্ছ-বিশেষ। ইঁহারা পূর্ব্বে ক্ষত্রিয় ছিলেন, সগররাজ কর্তৃক বেদবহিষ্কৃত হইয়া ম্লেচ্ছনামে প্রসিদ্ধ হন। (হ ১৪শ অধ্যায়)।] —লী স্ত্রী কেরল-দেশীয় নারী। "সজল-জলদ-রুচি কেরলীর চুল লী ৭৪।

কেরাচিন্, -সিন্ বি [E. kerosene] পেট্রোলিয়ম্ হইতে চুঁয়ান একপ্রকার জলবৎ তরল খনিজতৈল; মেটেতেল।

কেরাঞ্চি, -ঞ্চী বি [আ কেরোচ্; হি কিরাংচী] ১ দুই বা চার চাকার মালপত্র বহার গোরুর গাড়ী; ছক্কড়। "কেরাঞ্চি কাহারো ভাগ্যে, কারো বা ঠনঠনে।—হেম ৩৭৮। বাবুরাম বাবু…একখানা লকাটে রকম কেরাঞ্চিতে ঠকচাচা প্রভৃতিকে লইয়া উঠিলেন আ.দু ৩২। ২ ঘোড়ার বা উটের গাড়ী। "বেশ্যারা খাতায় খাতায় ছক্কড় ও কেরাঞ্চীতে রামলীলা দেখতে চলেচে হু ২০৭।

কেরাণি, -নি বি [সং করণ, করপ্রণী; কল্পি—লেখক (শূ ৬৯.৭০, -১); P. escrevente (তু 'হি কিরংটা—কেরানী), হি কি (কে)-রাণী] যে ইংরেজী দফ্তরে লেখাপড়ার কাজ করে; লেখক, ক্লার্ক (clerk)। [কেরানিখানা—কেরানির আফিস। কেরানিগিরী —কেরানির বৃত্তি বা কর্ম্ম।]

কেরাম্ বি [E. cramp] বাক্স-প্রভৃতির ডালা বন্ধ করার জন্য ব্যবহার্য্য কব্জাওয়ালা লৌহাদির পাত।

কেরামত বি [আ করামত্] ১ মহত্ত্ব, প্রভাব, প্রতাপ। "মহিম হইল ক্বতে, কেবল তোমারি কেরামত ভা.চ ৪৭৬। ২ অলৌকিক শক্তি; অদ্ভুত ক্ষমতা; দৈববল। "অন্নপূর্ণা নামে দেবী, তাঁহার চরণ সেবি, কেরামত কামাল ইহার ভা.চ ৬৭৭,-৯৯। কেরামত তবে জানি বটে রা.স ২১; ২২। কেরামত আজ কিছু দেখাইবে মোহে ভ.গ্র ১৮২। ৩ অদ্ভুত কার্য্য, অমানুষক্রিয়া, আশ্চর্য্য ব্যাপার। ৪ কুহক, বুজরুকী।

কেরায়া বি [আ কিরায়হ্] ভাড়া (fare, hire)। "উপনীত আসি সেই গলির শিরায়। যে গলিতে ধনপতি কেরায়া বসায়॥—ব.প ১৪৮০। [কেরায়াদার—ভাড়াটীয়া।]

কেরাল বি ['কেরআল<°ল] হা'ল, দাঁড়। "সোনার কেরাল কৃ ১০৬। কেরাল এড়িয়া নাএ (যায়) শ্রী.ম ৬৯। [°পাতা (বি)। দাঁড়ের পাতার মত চেপ্টা লোনা মৎস্যবিশেষ।]

কেরেপ্, ক্রেপ্ বি [E. crape] রেশমের প্রায়ই কাল সূক্ষ্ম কুঞ্চিত বস্ত্রবিশেষ। "কেরেপ পরেছেন যার আদর ভারি দা ১০৫২। ক্রেপের চাদর হু ১৬।

কেল্ সক [ভ্বা, প—কেলতি; সেট্] গতি। —ল্ অক ১ চাল, কম্প (ক.ক)। ২ [তু 'সং √ক্রীড়্>লি √কীল, প্রা √কিল (হে)] ক্রীড়া, কেলি।

কেল অর্ম্ম [সং √কেল; অপ্র] কেলি করা। "নায়কে লয়ে কেলিছে নায়কী মে ১১০। কেলিনু শৈবালে মা ১৬৭।

কেলাস [E. class] ১ শ্রেণী, বর্গ। "হু ৮৫। ২ বিভাগ, রকম থাক্।

কেলি পুং, স্ত্রী [√কেল্+ই (ইন্)-ভা; তু সং √ক্রীড়্>প্রা √কীল; 'কেরি (শ্রী.কী)] ১ ক্রীড়া, খেলা। "কেলি করই চ ৬৩। জল-কেলি চৈ.ভা ৪৯৫। কেলিস্থল ভা.চ ৬০৭। ২ পরীহাস, নর্ম্ম, লীলা (অ.কো); পরীহাসালিঙ্গনাদি (কুল্লুক); কৌতুক। "মনু ৮.৩৫৭। কথাকেলিভিঃ গী.গো ১২.১০। ৩ বিহারে কান্তের সহিত ক্রীড়া (সা.দ); বিহারক্রীড়া, বিলাসক্রীড়া। 'বিহারে সহ কান্তেন ক্রীড়িতং কেলিরুচ্যতে সা.দ ৩.১১০। 'কন্দর্প°, কাম°, জল°, রতি°, সুরত°, (S.W.)। রহঃ কেলয়ঃ গী.গো ১.১। কেলি করি জাই বৃন্দাবনে শ্রী.কী ৮৫। 'কলায়স বি.প ৬৮; না বুঝনু কৈছন কেলি ২১৪। করে কেলি রাজহংস পঙ্কজ-কাননে।—মে ২০৩। ৪ বিহারক্রীড়ারূপ যৌবনজ অলঙ্কার (ত.বা)। —লি স্ত্রী [+ই-ধি] পৃথিবী। —লী স্ত্রী [°লি+বিকল্প স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সর্ব 'কেলি (৩)। "°মন্দির (অ.টী) °পিক, °বনী (S.W.)। না জানো সুরতী কেলী শ্রী.কী ২০। ২ লীলা। "(হরি বনমালী) আবতার করি করে ধরণীত কেলী। —শ্রী.কী ৬। [°কদম্ব (তু 'খেইলকদম্ব'—গো.চ ২১২) পুং—শ্রীকৃষ্ণের কেলিসংসৃষ্ট কদম্ব; কেলকদম্ব। °কলহ (পুং)—রতিসম্বন্ধী কলহ; পরীহাসকলহ। °কলা (স্ত্রী)—কেলিরূপ কলা; রতিক্রীড়াশাস্ত্র, কেলি-বিদ্যা, রতিক্রীড়া। "°কুতুক গী.গো ১.৪৪। °রস বি.প ৬৮; ৭৭। নিরবিধি কর কেলিকলা।—মী ১৭। ম.গা ২০। °রস গ ৭। দ্বিতীয় প্রহর গেল কেলিকলারসে বি.পা ৫৮। °কুঞ্চিকা (স্ত্রী)—কেলিসম্বন্ধে কুঞ্চিকাতুল্যা; শ্যালিকা। "হ ২৭। °কুপিত (বিণ)—রতিক্রীড়ায় রুষ্ট; প্রণয়কুপিত। "কেলিকুপিতাম্ (রাধিকাম্) বে ১.২। °গৃহ, °নিকেতন, °মন্দির, °সদন (ক্লী)—রতিক্রীড়াগৃহ, রতিগৃহ, বাসগৃহ। "নীত্বা কেলিনিকেতনম্ (অমরুশতক)। লাবণ্যকেলিসদন…গোবিন্দ-বদন চৈ.চ ২২০। কেলিমন্দিরগতা ভা.চ ৬০৩। °চর (বি)—ক্রীড়া-সহচর, খেলার সঙ্গী। "সহপাঠী কেলিচর।—হেম ২৯২। °পিক (পুং) —ক্রীড়ার্থ পালিত কোকিল; কেলিকোকিল। °বন (ক্লী)—ক্রীড়ার্থ বন; প্রমোদকানন, আরাম। °শয়ন (ক্লী)—কেলিনিমিত্তক শয্যা; ক্রীড়াশয্যা। "গী.গো ১১.২। °শুক (পুং)—ক্রীড়ার্থ পালিত শুক। "ক.ম ৪২½। কেলিত—কেলিতে। "জলকেলিত শ্রী.কী ২২৫।]

কেলে বিং [কালিয়া>(কালিআ>কাল্যা)>কেলে; কালে (যশোহর)] কৃষ্ণবর্ণ, কাল। "°জীরা, °সোনা, °হাড়ি। [°কড়া —সকণ্টক কাল লতাবিশেষ। "শ্রী ৩৩। °কানু—কৃষ্ণবর্ণ ধান্যবিশেষ। "শি ১১৩। °জীরা—১ কৃষ্ণজীরক, মসলা। ২ ক্ষুদ্রধান্যবিশেষ। "শি ১১৩।]

কেলেঙ্কার বি ['কলঙ্ককার'—মূল; অস কেলেঙ্কার—অপবাদ] কলঙ্ককারক, নিন্দাজনক, অপবাদকর। —র, -রি বি নিন্দাজনক কার্য্য; অপকর্ম্ম, অযশ।

কেলেদ বি [সং ক্লেদ>°দ (স্বরাগম); অপ্র] আর্দ্রভাব, পচাপচা-ভাব। "দুর্গন্ধি কেলেদ তাতে ভ.গ্র ৪১৯।

কেলেন '-ন্ বিং [সং কাল্যা—গর্ভগ্রহণযোগ্যা (গবী)] যে গাভী গর্ভ-গ্রহণের যোগ্যা হইলেও, প্রতিবৎসর গর্ভিণী হয় না; যে গাই বছরবিয়ানী নয়, কিন্তু দুধ দেয়।

কেলেশ বি [সং ক্লেশ>লি, প্রা কি°; অপ্র] কষ্ট। "ভ.গ্র ১১৭।

কেলেসোণা, -সোনা বি ১ যে কাল হইলেও সোনার মত প্রিয়-দর্শন ও আদরের ধন; কৃষ্ণচন্দ্র, কালাচাঁদ। "যে হকু সে হকু দেখিব কেলেসোনা প.র ৩০। কেলেসোনা নাম রাখে রাধা বিনোদিনী (কৃষ্ণের অষ্টোত্তরশতনাম)। দা ৩৩৪। ২ (গৌণার্থে) উপহাসসূচক, নিন্দার্থক। "ভাবতে লাগ্‌ল কেলেসোণা কখন কুঞ্জে আগমন করবেন জা ১৩; স্যাওড়া গাছের কেলেসোণা ৪১।

কেলেহাঁড়ি, -ড়ী বি রন্ধনাদি হেতু যে হাঁড়ির উপরিভাগ কাল; গায় ভূষা-পড়া হাঁড়ি। "ঐ অন্ধকার কোণে একটা কেলেহাঁড়ি মাথায় দিয়া বসো গিয়া—অন্ধকারে ঠাওর পাইবে না ব.প্র ২৮। কাঁড়িদারের চোখ বড় সাফ, জান না, কেলেহাড়ী মাথায় দিয়ে জলে লুকিয়ে থাকলে ধরে গি.ঘি ১০৭।

কেল্লা, কেল্লাদার, কেল্লাদারী দ্র 'কিল্লা'।

কে(ক্যা)শ্ বি [E. cash] নগদ টাকা। "রেকর্ডে মজুত অল্প কেশ্, প্রায় কর্ম্ম হ'য়েছে নিকেশ দা ২০১৯। [ক্যাশবহি (cash book)

—যে খাতায় নগদ টাকার হিসাব থাকে। "ঘরটি কিছু সেঁতসেতে —ক্যাশবহি সেখানে মাসাবধি থাকাতে সরদিতে খারাব হইয়া গেল আ.দু ১৫০। ক্যাশবাক্‌স—ক্যাশ রাখার বাক্‌সবিশেষ।]

কেশ পুং [কে (মস্তকে)+ √শী+অ (ড)-ক, অলুক্; ছান্দস; তু 'ক্যাশ' (গো.চ ৪৭; ৫০)] ১ যাহা মস্তকে থাকে; চিকুর, কুন্তল, কচ, চুল। "°কলাপ, °পাশ, ঊর্দ্ধ°, কীর্ণ°, বিকীর্ণ°, বিমুক্ত°, বিলুলিত°, মুক্ত°, স্র°। রা ৩.৪৯.১০। রঘু ২.৮। এলোকেশে কে শবে এলো রে বামা।—রামপ্রসাদ। এলোকেশে এলো কে সে—শ্যামাসঙ্গীত। ২ লোম। "কেশেষু চমরীং হন্তি(সি)। ৩ কেশর। "কেশবন্তা। ঋগ্বেদ ৮.১০৫.৫। অঞ্জনকেশী মহা ১.২২১.৪৮। ৪ [ক (জল, ব্রহ্মা) তাহার ঈশ, ষ.ত] 'জলেশ', বরুণ। ৫ ব্রহ্মার ঈশ; বিষ্ণু। তু 'কেশাবতার'। ৬ কেশী দৈত্য। ৭ (সাদৃশ্যে) সূর্য্যাগ্নি-প্রভৃতির রশ্মি। ৮ পরব্রহ্মশক্তি। ৯ গন্ধদ্রব্য—হ্রীবের। —শী স্ত্রী [°শ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ মৌলিস্থ কেশগুচ্ছ; শিখা, চূড়া। ২ নীলবৃক্ষ। ৩ ভূতকেশী বৃক্ষ। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—কেশপ্রসাধন, কেশসংস্কার। "মহা ৪৩.১৯। °কলাপ (পুং)—কেশসমূহ। "ক.সা ৭০.১৩। °কার (পুং)—কেশতুল্য সরু ইক্ষুবিশেষ; কুশিয়ার। °কীট (পুং)—১ উৎকুণ, উকুন। ২ চুল ও পোকা। "মনু ৪.২০৭। °গ্রহ (পুং), °গ্রহণ (ক্লী)—ক্রোধপূর্ব্বক কেশধারণ; কেশাকর্ষণ। "°হ মনু ৪.৮৩। °গ পু.মে ৫০। °ঘ্ন (ক্লী)—'কেশনাশক', ইন্দ্রলুপ্তক রোগ; টাক্। °প্রসাধনী (স্ত্রী)—কেশসংস্কারসাধনী, কেশমার্জ্জনী, চিরুনী। "সুশ্রুত ৪.১৫। °প্রসার (পুং)—কেশসংস্কার, কেশপ্রসাধন। "ভ ১০.৫৯.৪৫। °বন্ধ (পুং)—কেশবন্ধন, কবরীরচনা। "মহা ৪.৬.১২। °বপন (ক্লী) —কেশচ্ছেদন। °বিন্যাস (বি)—কেশসংস্কার; কবরীবন্ধন, খোপা বাঁধা। °বেশ (পুং)—কেশের মার্জ্জনা ও বন্ধবিশেষ (অ.টী); কবরী। °ভূমি (স্ত্রী)—কেশের উৎপত্তিস্থান; শিরোস্থি, মস্তক (সুশ্রুত)। °মার্জ্জক, °মার্জ্জন (ক্লী)—কেশের সংস্কারক; কেশপ্রসাধনী, কঙ্কত, কাঁকই। "ন.রা ২.৭১.৭৭, টীকা।]

কেশপক্ষ, -পাশ, -ভার, -হস্ত পুং [ষ.ত] কেশসমূহ, কেশকলাপ। [কেশ-পর্য্যায় শব্দের পরবর্ত্তী 'উচ্চয় কলাপ পক্ষ পাশ ভার রচনা হস্ত' শব্দ 'সমূহ'-বাচক (অ.চি)।] "°পক্ষ মহা ৪.১৬.১০; ৩৮.৪১; °হস্ত ৩.৪৬.৬। °হস্ত মাঘ ৮.২৭। °পাশ কু.স ১.৪৮। ধূসর কেশপাশ ম ২৪৪। কেশপাশ তথি নাহি বান্ধে ক.চ ২৫০। ঘন কেশপাশ তার যেমন চামর কৃ ৫০।

কেশব বিণ [কেশ+ব অস্ত্যর্থে; স্ত্রী -বা; ছান্দস] প্রশস্তকেশ, সুকেশ, [অ.চি]। —ব পুং [কেশ+ √বা হিংসা+অ (ক)-ক; কে শব (শবতুল্য); অলুক্] ১ যিনি সুকেশ, কেশী দৈত্যের হিংসক বা প্রলয়সলিলে শবতুল্য; বাসুদেব সর্ব্বাত্মা পরমেশ্বর; বিষ্ণু, কৃষ্ণ। "কেশব ধৃতমীনশরীর গী.গো ১.৫। কেশবং পতিতং দৃষ্ট্বা দ্রোণো হর্ষমুপাগতঃ। রুদন্তি পাণ্ডবাঃ সর্ব্বে হা কেশব হা কেশব॥ ২ পরমেশ্বর। ৩ পুন্নাগবৃক্ষ। [°বাসনা (বি)—যাহাতে কেশবের বাসনা; কেশবপ্রিয়া, লক্ষ্মী। "রমা কেশববাসনা মে ৪৭; কেশববাসনা দেবী ৪০; ২৩১।]

কেশ(স)র পুং, ক্লী [কে (জলে) শর বা সর, অলুক্; হি, ঠ কেশর; 'কেশ'—মূল (?); cf., L. caesaries; Ger. Haar; A.S. haer; E. hair] যাহা জলে শীর্ণ হয় বা যায়; পদ্মাদি পুষ্পের মধ্যস্থ কেশসদৃশ পদার্থ; কিঞ্জল্ক (filament)। "পত্রৈঃ শীর্ণকেস(শ)রকর্ণিকৈঃ গো.রা ৩.২২.২৫। রা ৩.১৬.২৬। কুঙ্কুমকেশর রঘু ৪.৬৭। পু.মে ২১। পঙ্কজকেশর অন্ন ম ৪৪৩। —র পুং [ছান্দস 'কেসর'—ভ্রূলোম। "ভ্রুবি কেসরাণি (ভ্রুবোঃ লোমানি)—বাজসনেয় ১৯.৯১।] ১ সিংহাদির স্কন্ধস্থিত সটা বা দীর্ঘরোমরাজি; স্কন্ধবাল, জটা। "রঘু ৪.৬৭। আমর্দ্দক্লিষ্টকেশরম্ (সিংহশিশুম্) শ ৭.১৪। ব্যাকীর্ণকেশরকরালমুখা মৃগেন্দ্রাঃ।—পঞ্চ ১.২০৪। ২ বকুলবৃক্ষ। ৩ নাগকেশর বৃক্ষ। "কেশরকুসুমবিকাশে গী.গো ১.৩১। কেসরনিকুঞ্জকুহরে বি.মা ৪.২৯। কুঞ্জ কেশরপুঞ্জ ব ২৭। ৪ পুন্নাগবৃক্ষ। ৫ হিঙ্গুবৃক্ষ। —র পুং, ক্লী ১ অংশু, আঁশ (আম্রাদির; সুশ্রুত)। ২ কুঙ্কুম। "কেশর যাবক চ.দা ৪৪। চুয়া কেশর কস্তুরী ভা.চ ৩২৮। শি ৯৭। —র ক্লী ১ বকুলকুসুম। "কেশরদামকাঞ্চী।—কু.স ৩.৫৫। ২ নাগকেশর পুষ্প। "কুঙ্কুম কস্তুরী, কেশর বহিছে কেহ মে ৪৫; ৫৮। ৩ হিঙ্গু। ৪ স্বর্ণ। ৫ কাসীস, হীরাকস্।

কেশররচনা স্ত্রী [ষ.ত] ১ কেশকলাপ। দ্র 'কেশপক্ষ'। ২ কেশসংস্কার, কবরীবন্ধন। "ঋতু ৪.১৫।

কেশররঞ্জন পুং [ষ.ত] 'কেশের রঞ্জক'; ভৃঙ্গরাজবৃক্ষ (Eclipta prostrata)।

কেশ(স)রবর ক্লী [নিত্য স.ত] কেশরশ্রেষ্ঠ; কুঙ্কুম।

কেশ(স)রী (-রিন্) বিণ [কেশ(স)র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; হি, ঠ কেসরী; স্ত্রী -রিণী] ১ কেশরযুক্ত, উৎপন্নকেশর, যুবা (নীলকণ্ঠ)। "মহা ১.২২৮.২। ২ উচ্ছ্রিতসট (নীলকণ্ঠ)। "কুদ্ধান্ সিংহান্ কেশরিণঃ মহা ২.৫১.৪৪। —রী পুং [Cf. L. caesar; Ger. Kaiser; R. tsare; E. czar; tzar] ১ সিংহ। "রা ৩.৪৭.৪৫। কু.স ১.৬। সরম কেশরী অ.প ৫৪। কেশরী করি-রাখাল ভা.চ ৯৭। কেশরি-কিশোর মে ৬৩; সৌমিত্রি-কেশরী ২৫১। ২ শ্রেষ্ঠ, প্রধান। তু 'সিংহ'। "বীরেন্দ্রকেশরী মে ১৭; বীরকেশরী ১৫৪; ২০৩। [সমাসে উত্তরপদ]। ৩ ঘোটক (শ.ক)। ৪ পুন্নাগবৃক্ষ। ৫ নাগকেশরবৃক্ষ। ৬ বীজপূরকবৃক্ষ। ৭ হনুমানের পিতা বানরবিশেষ। "রা ৬.৩৫.১৯। মলয়পর্ব্বতোপরে কেশরীর ঘর কৃ ৪৪১। ৮ (বাঙলায়) শাণ্ডিল্যগোত্র রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি। "ক.চ ৮৬। শ্রোত্রিয় কেশরিগাঁই ভা.চ ২৫১; কেশরীগ্রামী ৬৬৫। [ভট্টনারায়ণের তৃতীয় পুত্র নীপ কেশরগ্রামে বাস করেন। তদনুসারে তাঁহার বংশধরগণ 'কেশরী' উপাধিতে পরিচিত।] —রিণী স্ত্রী [°রিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] সিংহী। "স যাতস্তদ্বনং কেসরিণীকৃতে ক.সা ৭০.১০২। কেশরিণীকোলে মে ৬৩।

কেশাকেশি ব্য [কেশকেশ+ই (ইচ্) কর্ম্মব্যতীহারে, দীর্ঘ, পা ৫.৪.১২৭; ৬.৩.১৩৭] ১ কেশে কেশে গ্রহণপূর্ব্বক কৃত যুদ্ধ বা মারামারি; পরস্পর কেশগ্রহণপূর্ব্বক প্রবৃত্ত যুদ্ধ; চুলাচুলি। "কেশাকেশ্যভবদ্ যুদ্ধং রক্ষসাং বানরৈঃ সহ।—মহা ৩.২৮৩.৩৭। কেশা-কেশি দুই সতীনে ফেরে ক.চ ১৩৯। ২ পরস্পর কেশগ্রহণপূর্ব্বিকা ক্রীড়া (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.২৮৬।

কেশান্ত পুং [কেশের অন্ত, ষ.ত] ১ কেশের অগ্র; কেশশেষ। "অসিতকেশান্তা।—মহা ৩.৬৮.২১। স্নিগ্ধকুঞ্চিত° ভ ৮.৮.৩৩। ললাটস্থ কেশাগ্র; ললাটে লম্বমান অলক; ভ্রমরক। "সুকেশান্তম্ (বদনম্) রা ২.৬১.৮; মহা ৩.৫৭.৭। ৩ কেশস্বরূপ, কেশসমূহ। "বেণীবিকৃতকেশান্ত মহা ৪.১৯.১৯; ২০। ৪। [বহুব্রী] কেশের নাশ যাহাতে; কেশচ্ছেদনাখ্য সংস্কারবিশেষ; গোদানবিধি। [ব্রাহ্মণের গর্ভষোড়শে, ক্ষত্রিয়ের গর্ভদ্বাবিংশে, বৈশ্যের গর্ভচতুর্বিংশে কেশান্ত কর্ত্তব্য (মনু ২.৬৫। যাজ্ঞ ১.৩৬)।]

কেশাবতার বি [কেশের অবতার, ষ.ত] কেশের (ব্রহ্মার ঈশ্বরের) অবতার; ভগবদবতার। দ্র 'কেশ (৫)। "কেশাবতার আর যত বিরুদ্ধ ব্যাখ্যা।—চৈ.চ ২৩২। [কাককৃষ্ণ-কেশরূপ কৃষ্ণাবতার, অর্থাৎ কৃষ্ণ কেশ হইতে কৃষ্ণাবতার, ইহা বিরুদ্ধ ব্যাখ্যা। দ্র 'ভ ২.৭.২৬, শ্রীধরটীকা।]

কেশিনিষূদন, -মথন, -মর্দ্দন, -সূদন পুং [ষ.ত] কেশী দৈত্যের হিংসক ; শ্রীকৃষ্ণ। "°নিষূদন গী ১৮.১ । °মথন গী.গো ২.১১ । °মর্দ্দন ভা.চ ১৬০ ।

কেশি(শী)য়ার বি [E. cashier] যিনি ক্যাশ ও তাহার হিসাব রাখেন ; খাজাঞ্চী। "কেশীয়ার দা ২০১৯ ।

কেশী (-শিন্) বিণ [কেশ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী-শিনী] কেশবান্, প্রশস্তকেশ। —শী পুং ১ বিষ্ণু, কেশব। ২ কংসের অনুচর দৈত্যবিশেষ। [কৃষ্ণ ইহার মুখে স্বীয় বাহু প্রবিষ্ট করিয়া প্রাণবায়ুরোধ-পূর্ব্বক ইহাকে নিহত করেন (ভ ১০.৩৭) ।] ৩ সিংহ। ৪ অশ্ব। —শিনী স্ত্রী [°শিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সুকেশী নারী। ২ জটা-মাংসী। ৩ চোরপুষ্পী। ৪ পার্ব্বতীসহচরীভেদ। "মহা ৩.২৩০.৪৮ । ৫ বিদর্ভরাজকন্যা সগররাজপত্নী। "হ ২য় অধ্যায়। ৬ রাবণ-কুম্ভকর্ণ-জননী। "ভ ৭.১.৪৩ । ৭ দময়ন্তী-দূতী। "মহা ৩.৭৪.১ ।

কেশু(সু)র বি [সং কশে (সে)রু ; হি কসেরু ; ড় কেসুর] ১মুস্তা-জাতীয় তৃণবিশেষ (Scirpus grossus) । "ত্রিশিরা কেসুর শি ৮০ । ২ কেশুরের মূল বা কন্দ। "ক.চ ৪৯ ।

কেশুরিয়া, -রুতে বি [সং 'কেশরাজ'—মূল ; ড় কেশড়ুরা ; খুদ-কেশুড়ে (চব্বিশপরগনা)] সোমরাজির ন্যায় শাকবিশেষ (Eclipta alba) । [ইহার রস উলকি কাল করার নিমিত্ত ব্যবহৃত হয়। চুল কাল করার জন্য ইহার পাতা বাটিয়া ন্যাড়া মাথায় প্রলেপ দেয়।]

কেষ্ট বি [সং কৃষ্ণ>বা (ক্রিষ্ট) কিষ্ট > °ষ্ট ; হি কিশন, কিসণ (চ .৯) —ভয়ানক] ১ শ্রীকৃষ্ণ। "আড়ালে কি ঘটে জানেন কেষ্ট কা ৬৯ । কেষ্টর সঙ্গে রাধিকার মামী-সম্পর্ক হু ৫৫ । ২ (গৌণার্থে সাদৃশ্যে) দলের মধ্যে গণ্য-মান্য ব্যক্তি ; প্রধান, গোঁড়া। "ভাবতেম বুঝি কেষ্ট-বিষ্টু তুমি এক জন।—হেম ৩৮৭ । ৩ কাল। "°কলি, °তুলসী, °মুগ। [কেষ্ট পাওয়া—সর্থ 'কৃষ্ণ পাওয়া' । ছোট খাট কেষ্ট-বিষ্টুর মধ্যে একজন —দেবতার মধ্যে কেষ্ট-বিষ্টুর মত দলের গোঁড়া। "প্রেমানন্দ…মঠের অ্যাক্‌জন কেষ্ট-বিষ্টুর মধ্যে হু ২১৪। কেষ্ট-বিষ্টুর মধ্যে একজন— নিতান্ত নগণ্য নয়, এরূপ দলের একজন ! "আমরাও ঐ দলের একজন ছোট খাট কেষ্ট-বিষ্টুর মধ্যে হু ৯৫ ।]

কেস্ বি [E. case] ১ মোকদ্দমা, রাজার বিচার্য্য বিষয়। ২ দুর্ঘটনা। ৩ আধার—বাক্স ব্যাগ খাপ্ ইত্যাদি। "সুট্°, গেলাস°। ৪ ঘড়ি-প্রভৃতির বহিরাবরণ। ৫ প্রেসের টাইপ-রাখার খোপকাটা বাক্স।

কেস বি [সং কেশ>লি, প্রা কেস ; হি, ঠ কেস ; কেস(দো) ; অপ্র] কেশ। "গো.বি ৮ ।

কেহ সর্ব্ব [সং কোঽপি>মাগধী প্রা কেরি >বা (কের>কেঅ) কেহ, -হো, -হু ; কেহ (Avadhi) ; কেহু (Baiswari) ; কেহু Bhojpuri, Magadhi, E. Hindi) ; ড় কেই] ১ কোনো জন (পুরুষ স্ত্রী) । "কেহ ডরে পাছু সরে, কেহ করে মানা ভা.চ ৩৯৩ ; কেহ বলে রৈও রৈও ৫৪৫ । ব.প ২১৭ । ২ যে-কোনো জন ; যে-কেহ। "ভীষ্ম বলে চল সবে যাইব সংহতি। কেহ বিভা করুক আমরা বরিয়াতি॥ —ম ২৫৭ । ৩ কে, কোন জন। "রাক্ষসেরা বলে বাপ এটা এল কেহ কৃ ২৪৯ । [কেহকে (অপ্র)—কাহাকে। "কেহকে মারিল বাড়ি ব.প ২১৭। কেহ কেহ—কোনো কোনো জন। কেহ ত—নিশ্চিত কোনোজন ; কোনো জনই। কেহ-না-কেহ—নিশ্চিত কেহ ; কোনো জন। কেহর (অপ্র)—কাহারও। "কেহর ঘূরণা-পাকে পাথর ভাসায় ব.প ২৪৬। কেহি (অপ্র)—কেহই। "তীব্র বিষপূর্ণ গন্ধে কেহি জীয়ে নাহি।—হেম ১০৪ । যে কেহ—যে-কোনো জন ; প্রত্যেকেই, সকলই।]

কেহন ক্রি.বিং [কেন> °ন, 'হ' আগম] কেন, কি হেতু। "কে জান কেহন মন ভোলা (বি.প) ।

কেহু, -হো সর্ব্ব [দ্র 'কেহ'] ১ কোনো জন ; কেউ (পুরুষ, স্ত্রী) । "কেহো নাহিঁ জাণে শ্রী.কী ৩৩০ । কেহো বেদ পড়ে কৃ.উ ২১৮,-৭২ । লখিতে নারিবে কেহু চ.দা ৬৭। কেহো বলে শিষ্য প্রতি কেহো পুত্র প্রতি চৈ.ভা ২৩৫ ; ৫১০ । কেহো মুখরা কেহ মৃদু কেহো হয় সমা।—চৈ.চ ১৬১ । কেহু লেই মুরলী, কেহু লেই মৃদঙ্গি।—গো ৭৮ । কেহু ন.প ২১৭ ; দা ৮৭৮৯। ২ (অপ্র) বিশেষ ব্যক্তি ; এক এক জন। "অবতারীর দেহে সব অবতারের স্থিতি। কেহো কোনমত কহে, যেমন যার মতি॥—চৈ.চ ৮ । —হুঁ সর্ব্ব [কেহু >হুঁ] কোনো জন। "বিছরণ না হোয়ে কেহুঁ কাহুঁ রা.শে ১৩০ । [কেহো কেহো—কোন কোন জন। "চ ৩২ । কেহো কেহো কয় ব.প ৪২৭। কেহুত— কেহই। "কেহুত না কহয়ে আওব তোর পিয়া ব. ১৮৯ ।]

কেহেন বিং [কে[১]+হেন, তু 'মৈ এহন, -হেন (সম>সন >হন হেন) ; অপ্র] কীদৃশ, কিরূপ কেমন। "কেহেন তার রূপ শ্রী.কী ১১ ; কেহেন চরিত ১৪২ ; তোর কেহেন মন ২২৪ ।

কেহ্ন ক্রি. বিং [কেহন >(কেহ্‌ন) কেহ্ন ; অপ্র] কীদৃশ, কেমন। "দক্ষিণ মলয়া বাত বহে। না জানে মো কেহ্ন করে গাএ॥—শ্রী.কী ৩৩৫ । —হ্নে[১] [কেহ্ন+এ[৫]] (অপ্র) কেমনে, অর্থাৎ কেমন করিয়া। "মো কেহ্নে জাণিবোঁ এথা হৈবো একসরী শ্রী.কী ১২৫ ; ২৮৭ । [কেহ্ন মতেঁ—কেনমতে, কেমতে, কেমনে। "শ্রী.কী ১৯ । কেহ্ন মনে (কেন মনে)—কেমনে। "কেহ্ন মনে পার হয়িব শ্রী.কী ১৪৫ ।]

কেহ্নে[১] দ্র 'কেহ্ন' ।

কেহ্নে[২] ক্রি. বিং [কেনে(হ-আগমে) >কেহ্নে ; অপ্র] কেন, কিহেতু। "ধর্ম্ম ছাড়ি কেহ্নে হেন করী শ্রী.কী ৭৮, ১১৫ । কেহ্নে বিরস বদন কৃ.উ ৫৫ । কেহ্নে চিন্ত অ.প ৫.৩৭ ; ১২১,-৩৭ । কেহ্নে ক্রোধ করিয়াছ ম.পা ১২১ । কেহ্নে বিবাহ কৈলা ১৭০ । ব.প ৬১৪, .-৪৪ । ৩ কি নিমিত্তে, কি উদ্দেশ্যে, কি অভিপ্রায়ে। "দেব কেহ্নে আগমন ম.পা ১৬ ; কার্ম্মুকাস্ত্র কেহ্নে লৈছ করে ৪৮ । [কেহ্নে মনে —কেমনে। "শ্রী.কী ৩৭৮ ।]

কেহ্নতে, -হ্নে ক্রি.বিং [কেহ্নমতে >কেহ্নতে ; কেহ্নে >কেহ্নে (ন>ম) ; অপ্র] কেমনে, কিরূপে, কিপ্রকারে। "কেহ্নতে করিব গান গ ১০ । হেন যুক্তি কেহ্নে তোর মনে লয় অ.প ৫৮ ।

কৈ[১] ; কৈ[২] দ্র 'কই[১] ; ক৬।

কৈ[৩] ক্রি.বিং [কই[২] >কৈ ; তু 'কৈই' (গো.বি ১১১)] কোন স্থানে ; কোথা। "কৈ গেলা মোর মোঙ্গলা দুয়ারি মী ১৫ ; ১৮ । গো.বি ৭৫ ; ৯২ । ব.প ১৬৭ । ঠেকেছে আমার ঠাঁই কৈ পাও যেতে শ্রী.মা ৯৮ । কৈ রে শিখিপুচ্ছ কৈ বাঁশরী দা ৩৬৯ । অমনি রাণী ধায়, বলে কৈ মা উমা কৈ ব.প ১৫৬৬ ।

কৈকয় পুং [কেকয়+অ (অণ্) স্বার্থে, বাহুলকে 'ইয়' আদেশাভাব] ১ কেকয়রাজ। "°রাজপুত্র মহা ৩.৫১.৪৩। ২ কেকয়পুত্র। "পঞ্চাসন্ কৈকয়াঃ সুতা ভ ৯.২৪.৩৮। ৩ (বহুব) কেকয়ক্ষত্রিয়গণ। "ভ ২.৭.৩৫ । —য়ী স্ত্রী [°য়+(পুংযোগলক্ষণে) স্ত্রী ঈ (ঙীষ্)] কেকয়রাজ-কন্যা, কৈকেয়ী। "রা ১.১.২১ । কৈকেয়ী নামেতে কন্যা : কৈকয়ীরে দেখি কৃ ৩০ ; ৩১ ।

কৈকেয় পুং [কেকয়+অ (অঞ্) তদ্রাজ অর্থে, য় >ইয় (পা ৭.৩.২)] ১ কেকয়দেশের রাজা। ২ [+অ তদপত্যার্থে] কেকয়রাজপুত্র। ৩ [+অ(অণ্) স্বার্থে] (বহুব) কেকয়দেশ। "কৈকেয়ান্ (মার্গধন্ম) গো.রা ৪.৪৩.১১ । —য়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীপ্)] কেকয়-কন্যা ভরতমাতা। "রা ১.১.২৪ । [ইনি দশরথের

প্রিয়তমা মধ্যমা মহিষী। ইনি মন্থরার পরামর্শে দশরথের নিকটে পূর্ব্বে প্রতিশ্রুত বরদ্বয়ের এক বরে রামচন্দ্রের চতুর্দ্দশ বর্ষ বনবাস ও দ্বিতীয় বরে ভরতের যৌবরাজ্যে অভিষেক প্রার্থনা করিলে, সত্যপরায়ণ রাজা ইঁহার অভিলাষ পূর্ণ করেন।]

কৈকৈ বি [সং কৈকয়ী > বা (কৈকই) কৈকৈ; ; ঠ কৈকৈ (পদ্যে); অপ্র] ১ কৈকেয়ী। "কৈকৈ পাষণ্ডি শ্রী.মা ১৫৮,-৮১; কৈকৈএর বুদ্ধি ১৮৯। কৈকৈবিমাতা।—ব.প ৫২৩। ২ [সং কৈকয়] কেকয়রাজ। "কৈকৈ রাজার কন্যা ব.প ৭২৩।

কৈছ(স)ন বিং [সং কীদৃশ > অপভ্রংশ—'কইস' (হে ৪.৪০৩); E. Hindi—কইসন, কৈসন (C.G. 124); হি কৈসা; মৈ কৈসন] ১ কিপ্রকার, কীদৃশ। "ন বুঝল কৈসন কেল (কেলি) বি.সা ৪৯৪। কৈছন তুয়া প্রেমা, কৈছন মধুরিমা, কৈছন সুখে তুহুঁ ভোর ব ২০০। কৈছন লোকের কথা চৈ.ম ১৬। ধরম কৈসন বি.সু ৬১। ২ কিরূপ-তত্ত্বপূর্ণ। "কৈছন রমণ তার চৈ.ম ১৭। ৩ কেমন, অর্থাৎ বিকৃত-ভাবাপন্ন, উদ্ভ্রান্ত। "এ ধনী ঐছনি কহবি মোয়। কৈছন কৈছন দেখহুঁ তোয় রা.শে ১২। [কৈছন কৈছন—কেমন কেমন! কৈছ (স)নে—কিরূপে। "কৈছনে যায়ব যামুন তীর: কৈছনে বঞ্চব ইহ দিন রজনী বি.প ১৬৪। কৈসনে হোয়ব তোহর সঙ্গ বি.সা ১৫; কৈসনে হেরব বয়ান ২৫।

কৈছে, -সে ক্রি.বিং [কইস (দ্র 'কৈছন') + এ৫ > কইসে < °সে, °ছে; হি মৈ কৈসে] ১ কিরূপে; কি প্রকারে; কি উপায়ে। "কৈসে হাম যাওব যামুন তীর। কৈসে নিহারব কুঞ্জ কুটীর॥ —বি.সা ৩৭৭। কৈছে গোঙায়বি, হরি বিনে দিন রাতিয়া বি.প ১৭২। যুবতীধরম কৈছে রয় চ.দা ১। কৈছে হবে চৈ.চ ১১; ঐছে কৈছে হয় ১০৮; কৈছে রহে বৈরাগ্য কৈছে বা ভোজন ১৯৮; কৈছে জীবে ৩৪৫। কৈছে বঞ্চসি গো ১৩০। বি.সু ৬১। ২ কি দশায়; কি ভাবে। "কহ, তাঁহা কৈছে রহে রূপ সনাতন চৈ.চ ১৯৮। [কৈছে—১ কীদৃশ। "কৈছে দেহের গঠন চৈ.ভা ৪২৪। ২ কিরূপ, অর্থাৎ কত উদ্বিগ্ন। "কৈছে হৃদয় করি, পন্থ হেরত হরি গো ১৩২।

কৈটভ পুং দৈত্যবিশেষ। [একার্ণবে যোগনিদ্রাগত বিষ্ণুর কর্ণমল হইতে মধু ও কৈটভ দৈত্যের উৎপত্তি হয়। ইহারা বিষ্ণুর নাভিকমলজাত ব্রহ্মাকে বধ করিতে উদ্যত হইলে, ব্রহ্মার স্তবে বিষ্ণু যোগনিদ্রা পরিত্যাগ করিয়া, ইহাদিগকে নিহত করেন। এই দৈত্যদ্বয়ের মেদে সঞ্জাত বলিয়া পৃথিবীর নাম 'মেদিনী' (হ ৫২শ অধ্যায়)।—ভী স্ত্রী দুর্গা। [°জিত, °ভারি, °ভার্দ্দন (পুং)—কৈটভদৈত্যের জেতা, শত্রু, পীড়ক; বিষ্ণু। "কৈটভার্দ্দন ভ ৩.২৪.১৮; ভা.চ ১৬০। মধুকৈটভারে ব.দ্বি ৯১।]

কৈতক বিণ [কেতকী + অ(অণ্) স্ত্রী-কী] কেতকীসম্বন্ধী, কেতকী-ভব। "কৈতকং রজঃ রঘু ৪.৫৫।—ক ক্লী কেতকীপুষ্প, কেয়াফুল। "পদং ক্ষিপেৎ সুভ্রু সুখেন পঙ্কজে, ন দন্তুরে ভৃঙ্গবধূর্হি কৈতকে।—নবীনচন্দ্র বিদ্যারত্ন।

কৈতব বিণ [কিতব + অ(অণ্); স্ত্রী -বী] কিতবসম্বন্ধী, কপট। "কৈতবীং বৃত্তিমাস্থিতঃ।—হ ১২৫.৫১ °পিরীতি চৈ.ম ১৫। কৈতব আচার ম ৬৭১।—ব ক্লী [°ব + অ] ১ কিতবভাব, শাঠ্য, ছল, কপট। "গো.রা ৫.৮৬.১৯। মহা ৩.৭৮.১০। কু.স ৪.৯। প্রোজ্ঝিত° ভ ১.১.২। মা বদ কৈতববাদম্ গী.গো. ৮.২। সুন্দর শরীরে হয় কৈতবের বিন্দু। কৈতব হইলে হয় গরলের সিন্ধু॥—চ.দা ১৫১। কৈতবে বারি সখীজন সঙ্গ। অহ অভিসার পুর রতি রঙ্গ বি.সা ১৯১। কৈতবে কি কহল।—গো ২১০। ম ৭০৯। চৈ.চ ৪; অকৈতব ৮০। কৈতব বচনে ব ১৭১। ২ দ্যুত, জুয়াখেলা। ৩ কিতব হইতে আহর্ত্তব্য ধন; দ্যুতপণ। "মহা ২.৬৫.২৩। ৪ বৈদূর্য্যমণি।—ব পুং [+অ স্বার্থে] ১ দ্যূতকার, জুয়ার। ২ কিতব, ধূর্ত্ত। ৩ ধুস্তুরবৃক্ষ। [°বাদ (পুং)—কপটবাক্য, ছলকথা।]

কৈতবিনী বিং [কৈতব + ইন (ইনি) অস্ত্যর্থে + স্ত্রী -ঈ (ঙীপ্)] কৈতবযুক্তা, মায়াবিনী, কুটিলা। "কৈতবিনী হামরা ব ১৭৩।

কৈ(কৌ)তর বি [কবুতর > কৌ(কৈ)তর] কপোত। "দুহে উড়াও কৌতর: কৈতর পাখে ধরি: কৌতর দিল ছাড়ি: কৌতর উড়াএ ম.পা ৬৭। কৈতরের বাচ্চা বি.পা ১৬৮। কৈতর গো.চ ৪। কৌতর আনে বা.ম ৩৯৭। [কৌতরখুপী সেলাই—পায়রার খোপের মত চতুষ্কোণ সিলাই।]

কৈন্থা বি [সং কন্থা, অপ্র] কাঁথা। "ব.প ৪৯।

কৈন্যা বি [সং কন্যা > কইন্যা > °ন্যা, দ্র 'ই'[১১]; অপ্র] ১ দুহিতা। "পুত্র কৈন্যা ম.গা ৩; ৬। গো.বি ৭; রাজ° ৩৬। ২ কুমারী। "কৈন্যার তপস্যা মী ৬; কৈন্যাএ গেলেন ৮; ৩৪। ৩ যুবতী নারী। "এহি মতে যাইতে কৈন্যা পাও নাহি চলে গো.বি ৭১।

কৈফিতি বি [আ কইফিয়ত্] বৃত্তান্ত-বর্ণনা, বিস্তৃত বিবরণ, কারণ-নির্দ্দেশ। "রাজঘরে কৈফিতি দিয়া উজীর আনিল চৈ.চ ২৮৯।—ফিয়ৎ,-ফেৎ বি ১ বক্তব্য বিষয়; মন্তব্য, প্রতিবেদন। "চক মৈন তাহুত হইতে খারিজ হয় ইহাতে আমার কোন কৈফিয়ৎ নাই E.P. 74. ২ হেতুনির্দ্দেশ, কারণপ্রদর্শন। "কৈফিয়ৎ দিতে হইলে পাছে পরের কাজ বোধ হইয়া যায়…এইজন্য যাহাতে কৈফিয়ৎ দিতে না হয়, এমন করিয়াই কাজ করিতাম পা.প্র ১৬৪। কি মিথ্যা কৈফিয়ৎ দিব… ভাবিয়া লইতে চেষ্টা করিলাম গ.স ১০৯। ৩ জমা-খরচের কাগজে বাকী টাকার জায়সহ বিশেষবিবরণ। [কৈফিয়ৎ কাটা—হিসাবের বিশেষ বিবরণ দেওয়া। কৈফিয়ৎ তলব করা—কৈফিয়ৎ চাওয়া। কৈফিয়তী—কৈফিয়ৎসম্বন্ধী। "কৈফিয়তী পাঁজিখানা নিল সাবধানে (ক.চ)।]

কৈবর্ত্ত পুং [কেবর্ত্ত + অ(অণ্) স্বার্থে; স্ত্রী -র্ত্তী; ছান্দস—'কেবর্ত্ত' (শুক্লযজুর্ব্বেদ ৩০.১৬)] ১ দাশ, ধীবর, কেওট, জেলে। "কৈবর্ত্তানাং শতং শতম্ রা ২.৮৪.৮। কৈবর্ত্তের দেশ ম ২২; কৈবর্ত্তকুমারী ৯২,-৪। [শূদ্রার গর্ভে ক্ষত্রিয়-জাত সঙ্করজাতিবিশেষ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)। আয়োগবীর গর্ভে ব্রাহ্মণ-জাত নৌকর্ম্মজীবী 'দাশ' নামক জাতি; আর্য্যাবর্ত্তে ইহাদের নাম 'কৈবর্ত্ত' (মনু ১০.৩৪)।] ২ কৃষিজীবী বা ব্যবসায়ী জাতিবিশেষ, হেলে কৈবর্ত্ত। "কেওট কৈবর্ত্ত শ্রী ১৩। [উভয় জাতির মূল নাম এক হইলেও, বৃত্তি-অনুসারে মৎস্যজীবী কৈবর্ত্ত 'কেওট, বা জেলে কৈবর্ত্ত' এবং কৃষিজীবী কৈবর্ত্ত 'হেলে কৈবর্ত্ত'।]—র্ত্তী স্ত্রী ১ কৈবর্ত্তপত্নী। ২ (বাঙ্লায়) কৈবর্ত্তকন্যা। "কৈবর্ত্তী জননী যার ম ২। [°মুস্ত, °মুস্তক (পুং)—মুথাবিশেষ, কেশুর।]

কৈবর্ত্তিনী বি [কৈবর্ত্ত + ইনী] ১ কৈবর্ত্তের স্ত্রী; কেওটনী। "কৈবর্ত্তিনী ভার্য্যা ম ২২। ২ কৈবর্ত্ত-স্ত্রীজাতি।

কৈবল্য বিণ [কেবল + য (ষ্যঞ্) স্বার্থে; স্ত্রী -ল্যা] কেবল, অসঙ্গ। "মহা ১.৬৪.১০৩।—ল্য ক্লী [°ল + য] ১ 'কেবলভাব,' পুরুষার্থশূন্য সত্ত্বাদিগুণের প্রলয়রূপ বা প্রকৃতিরূপে অবস্থানরূপ মুক্তি; স্বরূপে অবস্থিত চিতিশক্তি (পা.দ ৪.৩৪, ভাষ্য); ঐকান্তিকভাবে ও আত্যন্তিক-ভাবে দুঃখত্রয়ের তিরোধানরূপ মুক্তি (সাংখ্য ৬৮, তত্ত্বকৌমুদী); মুক্তি, মোক্ষ, নির্ব্বাণ (অ.কো)। "কেবল কৈবল্যধাম ভা.চ ১১৯.১-৫৬। জীবের কৈবল্যদাত্রী বা.দ ৭১। ২ ঐক্য, স্বরূপাবস্থান। "ভ ৩.১১.২।

কৈমুতিক পুং [কিমুত + ইক (ঠক্)] 'তাহা হইতে আগত' অর্থে] 'কিমুত' পদের অর্থ হইতে প্রাপ্ত ন্যায়বিশেষ। [এই ন্যায়ে পূর্ব্ব বাক্যার্থের দ্বারা পর বাক্যের অর্থ, প্রবর্ত্তনা বা নিবর্ত্তনা-বিষয়ে দৃঢ়ীভূত বা সমর্থিত হয়। "তব কীর্ত্তিসুধাসিন্ধু সর্ব্বপাপহারী। তাহাতে বিবেকী সব অবগাহ করি। পাপরাশি করে ত্যাগ তব কৃপামাত্রে॥ যে পুন ভজয়ে তব পদ একচিত্তে। তাহারা যে পাপরাশি পরিত্যাগ করে। কৈমুতিকন্যায়ে তাহা অবশ্য সে পারে (শ্রী.ম ২৬৩)॥ বিবেকী তোমার

কৃপামাত্রে পাপরাশিমুক্ত হয়'—এই বাক্যার্থ দ্বারা 'পদাশ্রিতেরা পাপ-রাশি হইতে অবশ্য মুক্ত হয়'—এই সমর্থিত বিষয় কৈমুতিকন্যায়ে সিদ্ধ; এইরূপ, "বহু আয়াসসাধ্য কর্ম্মে সমর্থ ব্যক্তির অল্পায়াসসাধ্য কর্ম্মের সাধনে সামর্থ্য নিশ্চিত" ইত্যাদি।]

কৈরব ক্লী [কে (জলে) রব (রবকারী)—কেরব (অলুক্) +অ (অণ্), (অ.টী)] কেরবের, অর্থাৎ হংসের প্রিয়; সিতোৎপল, কুমুদ, শাদা নাল। "পুরাণচন্দ্রেণ...নৃবুদ্ধিকৈরবাণাঞ্চ কৃতমেতৎ প্রকাশনম্ মহা ১.১.৮৬। চন্দ্রো বিকাসয়তি কৈরবচক্রবালম্ (ভর্ত্তৃহরি)। সা.দ ১০ঊঁ। (অলিকুল) ক্ষণেক কৈরবে বৈসে ক.চ ২৪০। পদ্মনেত্রা... কৈরবসুহাস চৈ ৩৯। বা.দ ১০; সুধা সুধাকর যদি না দিবে। কৈরবে কৈ রবে গৌরব তবে। ১০৯। —ব পুং ১ কিতব, ধূর্ত্ত। ২ শত্রু। —রবিণী স্ত্রী [°ব+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ কৈরবের দেশ বা স্থান; কুমুদযুক্ত পুষ্করিণী প্রভৃতি। ২ 'কুমুদযুক্তা' কুমুদলতা (না'লের ঝাড়), কুমুদিনী। ৩ [+ইন্] কৈরবসমূহ, কুমুদনিকর। —রবী (-বিন্) পুং [+ইন্ অস্ত্যর্থে-১ব] কৈরব যাহার প্রিয়রূপে আছে; কৈরববন্ধু, চন্দ্র। —বী স্ত্রী [°ব+অ (অণ্) তৎসম্বন্ধার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ চন্দ্রিকা, কৌমুদী। ২ মেথিক, মেথি।

কৈলাস পুং [কৈল (কেলিপ্রয়োজক), আস (স্থান), কর্ম্মধা (অ.টী)] শিব ও কুবেরের স্থান পর্ব্বতবিশেষ। "গো.রা ৩.৩৬.১। °গৌর রঘু ২.৩৫। পূ.মে ১১। ভা.চ ৯৬। [ইহা মেরুর দক্ষিণ পার্শ্বে অবস্থিত (ভ ৫.১৬.২৭)।] [°গৌর, °পাণ্ডু (বিণ)—কৈলাসতুল্য ধবল; সুশ্বেত। "কৈলাসগৌরং বৃষম্ রঘু ২.৩৫। কৈলাসপাণ্ডুদ্যুতিঃ...ককুদ্মী বি.মা ৬.৮। °নাথ (পুং)—১ শিব। "বিক্র ১.৩। ২ কুবের।]

কৈশিক বিণ [কেশ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] কেশসম্বন্ধী, কেশবৎ সূক্ষ্ম। —ক পুং (কেশবেশপূর্ব্বকত্ব হেতু) শৃঙ্গাররস। —ক ক্লী [+ইক] কেশসমূহ। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীপ্)] (নাটকে) বৃত্তিবিশেষ। [ইহা শৃঙ্গারপ্রতিপাদিকা বৃত্তি। শৃঙ্গারে কৈশিকী (সা.দ ৬.১২২ ; ১২৪)।]

কৈশিকাকর্ষণ বি জড়ের কেশবৎ সূক্ষ্ম আকর্ষণশক্তিবিশেষ (Capilar attraction)। [বস্ত্রের একপ্রান্ত জলমগ্ন থাকিলে জড়ের এই শক্তিতে সমস্ত বস্ত্র সিক্ত হয়।]

কৈশোর ক্লী [কিশোর+অ (অঞ্)] কিশোরভাব, কিশোরাবস্থা, যৌবনের পূর্ব্ববর্ত্তী কাল, অর্থাৎ দশম বর্ষ হইতে পঞ্চদশবর্ষপর্য্যন্ত বয়ঃকাল। 'কৈশোরম্ আ পঞ্চদশাদ্ যৌবনন্তু ততঃ পরম্' ভ ১০.১২.৩৭, শ্রীধর। "চৈ.চ ১৫।

কৈসন, -সনে ; কৈসে দ্র 'কৈছন ; কৈছে'।

কো১ বি [দ্র 'কুআ১ ; কথ্যভাষা] ১ মইএর পা দেওয়ার আড়চটা। ২ [দ্র 'কুআ২] কোয়াশা। "যত কো আঁবের থর, তাল তেতুলের কিছুই না—প্রবচন। ৩ [কুআ৩] কূপ। ৪ কূপসদৃশ গর্ত্ত।

কো২ সর্ব্ব, বিং [সং কিম্—কঃ >লি, প্রা কো ; হি কো ; ব্রজ, নেপালী, মাগধী—কো ; বৈষ্ণবসাহিত্যে] কোন। "কো ধনী মাজিছে গা।—চ.দা ২৪। গড়ল কো বিহি, কামের উপরে কাম ব ১৯। —সর্ব্ব ১ কে, কোনজন (পুরুষ, স্ত্রী)। "কো পতিয়ায়ব কানুক রূপ বি.প ৪২। সজনি কো কহ আওব মাধাই ১৭৩। কো জানে এতহুঁ বিঘিন অবগাই। ঐছন সময়ে মিলব রাই॥—গো ১৩০; কাকর অঙ্গনে কো পুন নাচ ২০৪। কো বিরচব ন.প ২০৫। ২ কেহ, কেহ-কেহ। "মাধব তুয়া লাগি ভেটনু রমণী। কো কহে বালা কো কহে তরুণী॥—বি.প ৩৯। [কোয়—কাহাকেও। "তোঁহে ছাড়ি হাম যদি পরশ করি কোয় বি.প ১০১।]

কো৩ কা.ক্তি [দ্র 'ক৭] কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি। "কুচ কাঁচলকো বিফল কাঁচে বি.প ৮০।

কো৪ প্র [ক৮ >কো] স্বার্থে প্রত্যয়। "ঘরের কর্ত্রী রুক্ষমূর্ত্তি, বলে 'আর পারি না কো'!—চ.কা ১৭২ ; থাকো তবে. যেও না কো ২৩২। ফিরো না কো।—কা ১১৪।

কোআ, -য়া বি [সং কোষ >লি, প্রা কোস >বা (কোহ >কোহা) কোআ, -য়া ; হি কোআ, -য়া ; কুয়া (কলিকাতা) ; তু 'ক৪] ১ কাঁটাল-প্রভৃতির বীজকোশ। ২ রেশমপোকার গুঁটি (cocoon)। ৩ সর্থ 'কো১ (১)। ৪ মহুয়ার ফল।

কোই সর্ব্ব [কো২+ই৯ ; সং কোঽপি >প্রা কোই (পৈ) ; হি কোঈ ; মৈ কোই] ১ কেহই, কোনো জন (পুরুষ, স্ত্রী)। "কোই না মানই জয় অবসাদ বি.প ৪০ ; কোই না জানল নাগর রাজ ১৩১। না কহ কোইঃ ইহই আন ন হোয়ে কোই গো ১৪১। একথা ন বুঝয়ে কোই চৈ.ম ১৪০। ব ৮৮ ; ১৭৫। কুলটা রমণী বলি ন লবে কোই ব.প ৯১৪। জপই কি কোই মরম নাহি জানি ন.প ৩৯২। ২ কে, কোন্ জন। "হরি হরি পিরীতি করয়ে জানি কোই বি.প ১৮০। মাধব তোহে পিরীতি করু কোই প.র ৫৬। ৩ কোন্, কি, কিপ্রকার। "বাদিয়ার বাজি যেন, তোমার পিরীতি হেন, না বুঝি এ কোই রীতি জ্ঞা ১৫৭। ৪ কেহও, কোনো জন। "কোই কমল দলে করই বাতাস।...কোই কহে আয়ল হরি।—বি.প ১৮৮ ; কোই রহ রাই উপেখি। কোই শির ধুনি ধুনি দেখি॥ ১৮৯। কোই করত সোই. প্রেমক সঙ্গতি. অঁতরে নহত তছু ভঙ্গ গো ১২৬। ব ১০২। ৫ কেহো কেহো ; কোনো কোনো জন। "কোই কহে কিয়ে. অনঙ্গ সুগঠন. কৌনে সিরজন কেল।...কোই কহে কিয়ে. নেহ ঘটই কি. কহব কহই না যায়।—ন.প ২৩৬। —ই বিং কোনো। "আন যুবতী কোই না করবি কোর বি.প ১৫১ ; কোই চতুর ধনী হেরই নিশ্বাস ১৮৮। কোই সখি পরিথই শ্বাস ১৮৯। সহচরী কোই চামর বীজই ব ১০২ ; ১০৩।

কোইলী বি [সং কোকিলা >প্রা কোইলা >বা °লী ; মৈ কোইল (পুং), °লি (স্ত্রীলিঙ্গ) ; বৈষ্ণবসাহিত্যে] কোকিলা। কোইলী পঞ্চম রাগে রমন গুন সুমরাঞো বি.সা ৪৭৮।

কোউ সর্ব্ব [দ্র 'কেউ২ ; বৈষ্ণবসাহিত্যে] কেহো, কোনো জন। "কোউ ধরত নব ছত্র উজোর ন.প ২০৫।

কোওয়া বি [কোয়া >°য়া] রেশম-পোকার গুঁটি (cocoon)। "এই কুঠিতে কতকগুলিন কোওয়া খরিদের কারণ ভোক্ত খাতা ছিল ব.প ১৮০৮।

কোঁ(কো)আজ্বর, কোয়াজ্বর বি [কোআ, -য়া+জ্বর] ১ কোষবৃদ্ধি হেতু জ্বর ; বাতশিরাজ্বর। ২ গোদের জন্য জ্বর। "আর যুবতী বলে সই মোর গোদাপতি। কোঁআজ্বরের ঔষধ সদাই পাব কতি॥—ক.চ ২৬ ; কোয়াজ্বরের ঔষধ ১১৯।

কোঁক বি [ধ্বন্যাত্মক] পেটে আঘাত-জন্য নির্গত কণ্ঠধ্বনি। "গুরুপুত্র ত মারলে কোঁক করেন না, পাছে ক-উচ্চারণ হয় ন.ত ২৩।

কোঁকড়, -ড়া বিং [সং কর্কট >প্রা কক্কড, *কংকড >বা (কঁকড়) কোঁকড়, -ড়া ; হি কুংকড়, 'কুকড়, -না' (হিন্দীশব্দসাগর)] ; ১ মান-দণ্ডের বক্র অগ্রভাগসদৃশ ; বিকৃত, বাঁকাচূরা। "(অঙ্গুলী) কোঁকড় হইল সব কুষ্ঠে গেল গলি চৈ.চ ২৭৫। ২ কুঞ্চিত, মর্দ্দিত, গুটান। "বসন কোঁকড় কেন পদ নহে স্থির।—ম ১০৭৮। ৩ সঙ্কুচিতদেহ (শীতে, ভয়ে, লজ্জায়)। "কুকুর শীতে বা ভয়ে লেজ গুটাইয়া কোঁকড় হয়। [কোঁকড়ান—১ বক্র হওয়া ; কুঞ্চিত হওয়া। ২ বক্র, কুঞ্চিত। কোঁকড়া চুল—কুঞ্চিত কেশ।]

কোঁকা অর্ম [কোঁকো > √কোঁকা ; ধ্বন্যাত্মক] ১ কোঁকো শব্দ করা। "কোঁকাল্য কুরণ্ড যেন কুকুরের ছা শি ২৮। ২ জ্বরের কম্প হেতু, কোঁকো করা। [কোঁকান, -নি—সর্থ কোঁকা। কোঁকাল্য—কোঁকো করিল।]

কোঁকোঁ বি [ধ্বন্যাত্মক] ১ জ্বরের কম্প হেতু কণ্ঠধ্বনি। ২ বোঝাই-করা গোরুর গাড়ীর চাকার শব্দ। "বোঝাই করা গরুর গাড়ি কোঁকোঁ শব্দে রাস্তা জুড়ে যাচ্ছে হু ৬৬ ; বোজাইয়ের ভরে চাকাগুলি কোঁকোঁ শব্দে রাস্তা মাতিয়ে চলেচে ১৯৭।

কোঁকোর বি [ধ্বন্যাত্মক] কুঁকড়ার ডাক। "কোঁকোর কোঁকোর কুঁকড়ো ডাকে তোমার রসনায়।—অমৃতলাল বসু।

কোঁথ, কোঁথশূল দ্র 'কুঁথ'।

কোঁচ[১] বি [সং কুন্ত >প্রা কুংত >বা (কুংচ) কোঁচ ; হি কোঁচা—আটাকাঠির সূক্ষ্মাগ্র নল ; ঠ কোংচ—সুক্ষ্মাগ্রভাগ ; কোচা (গো.চ ৯৭; ত্রিপুরা)] মাছ বিঁধিয়া মারার সূক্ষ্মাগ্রশলাকাময় অস্ত্রবিশেষ। [ইহা বাঁশের শলার সমষ্টি, দেখিতে প্রায় ঝেঁটার মত, গোড়ায় সরু, আগায় ছাতরা। শলার আগায় লোহার সুক্ষ্মাগ্রচূড়াকার ফলা লাগান থাকে।]

কোঁচ[২] বি [সং কোচ ; দ্র 'কুঁচনী'] সঙ্করজাতিবিশেষ। "কোঁচের মেয়্যা ক.চ ২৭ ; শ্রী ৫৩। কোঁচবধু শি ৩০।

কোঁচ[৩] **; কোঁচকা, কোঁচকান** দ্র 'কুঁচবক ; কুঁচকা'।

কোঁচ(ছ)ড়, কোঁড়চ, -ছ বি ['ক্রোড়াঞ্চল'—মূল ; অথবা কোঁচা >কোঁচল >কোঁচড়, -ড়চ ; কো(কোঁ)চ (ত্রিপুরা) ; হি কোঁছ ; মৈ খোঁইছা] পরিহিত বস্ত্রের কোলের দিকের আঁচল ; কোঁচার কাপড় ; কোঁচার কাপড়ের থলি। "মাথায় পাগড়ী কোঁছড়ে মুড়ি দা ৫৬। কোঁড়ছ হইতে আকন্দের ফল নিঞা (অঙ্গে মারে) ভ.গ্র ৩৩৭। কোঁচড় থেকে একগাল জলপান খাইত আ.দু ১৪৫। [কুঁড়ুচে দাদ—যে দাদ উরুতে হয়।]

কোঁচবক, -চল বি [দ্র 'কুঁচবক' ; কোঁচ >°ল ; অপ্র] সর্থ 'কুঁচবক'। "ধার্ম্মিক কোঁচল বক ধর্ম্মকে খিয়ায় শ্রী.মা ৮৬।

কোঁচা[১] বি [হি কোঁছী] পেটের কাছে গোঁজা ধুতির কোঁচান (কুঞ্চিত) অগ্রভাগ ; বস্ত্রাঞ্চল। "শ্রীরামের প্রসাদে কোঁচার পরিপাটী কৃ ৩৮৬। ছেঁড়া ধুতি কোঁচা লম্ব (ক.চ)। কোঁচার শোভায় লোভায় রমণী চৈ.চ ৭১। লম্বা কোঁচা পরের কাছে। —হেম ৩৮০। [কোঁচার পত্তন—কোঁচার বাহার ; বাবুগিরী। "ঘরে ছুঁচোর কীর্ত্তন, বাইরে কোঁচার পত্তন। লম্বা কোঁচা—(গৌণার্থে) বাবুগিরী। দ্র 'লম্বা'।]

কোঁচা[২] সর্ম [কুঁচা[২] >°চা ; হি √কোঁছ] কুঞ্চিত করা ; কোঁচান। [কোঁচান—১ কাপড়-প্রভৃতি কুঞ্চিত করা। ২ কুঞ্চিত, চুনট-করা। "কোঁচান চাদর হু ১৪৮। কোঁচার টেপ, টের—কোঁচার কোণরূপ বস্ত্রাংশ।]

কোঁড়[১]**, -ড়ক, -ড়া**[১] বি ['কোরক'—মূল (?) ; সং করীর ; করিল (ত্রিপুরা) ; মুণ্ডারি—কারিল ; তু 'কোংগা' (কোঙ্কণদেশীয়)—ছোট বাঁশবিশেষ] ১ কোরকসদৃশ অঙ্কুর। "বাঁশের কোঁড় বা কোঁড়ক। ছাতকোঁড় ; পাতালকোঁড়। তুমি বাঁশ, আমি কোঁড় দা ২১২৩। ২ অঙ্কুরমাত্র, চারাগাছ। "শালদ্রুমকোঁড়া।—ম ১৫৪। শালের কোঁড়া ক.চ ৪৬। কাল করেছে হৃদে বাসা, বাড়ছে যেন শালের কোঁড়া। —রামপ্রসাদ। ৩ (গৌণার্থে) আদি, মূল, গোড়া। "কটিতটে পীত বসন তাহে জড়া। বিধি নিরমিল কুলকলঙ্কের কোঁড়া॥—ব.প ১০৫৭।

কোঁড়[২] বি [সং কুণ্ড >প্রা কোংড (হে ১.২০২) >বা °ড়] কুণ্ড, কুণ্ডাকৃতি মৃৎপাত্র। "ভাঁড়°।

কোঁড়[৩]**; কোঁড়চ, -ছ** দ্র 'কুঁড়[২] ; কোঁচড়'।

কোঁড়ল বি [সং কুরণ্ড >প্রা *কুরল্ল >বা (কুরল) কোঁড়ল] বৃদ্ধিপ্রাপ্ত মুষ্ক ; কোরণ্ড।

কোঁড়া[১] দ্র 'কোঁড়[১]'।

কোঁড়া[২] বি [কড়া[৩] >°ড়া ; হি কোড়া] হার মাদুলি প্রভৃতির আটকাইবার কড়া। "তাড় আর তাবিজ একোঁড়া।—দা ১৪৮০ ; নূতন তাবিজ মুহুরে কোঁড়া ১৬৩৩। [কোঁড়া-কাটা—যাহার কড়া কাটা বা ভাঙা। "কোঁড়াকাটা মাদুলি।]

কোঁত[১]**, -থ** বি [√কুঁত, -থ+অ] কুন্থন, কোঁথা। "হাত দিয়া কাঁকালে কামিলা কোঁত পাড়ে শি ৭১। [কোঁত দেওয়া—বেগ দেওয়া; কোঁথা। কোঁথাইয়া—কোঁথ পাড়িয়া ; কুঁথিয়া। "কোঁথাইয়া বসিল কবির বরাবরে বি.সু ৩৬।]

কোঁত[২] বি [ধ্বন্যাত্মক] খাদ্য-গলাধঃকরণের শব্দ। [কোঁত ক'রে গেলা —কোঁত শব্দ করিয়া গেলা ; শীঘ্র গেলা।]

কোঁত(থ)ন, -নি বি [√কুঁত, -থ+অন ; °ন+ই[১১] ; সং কুন্থন ; হি কোঁথনা] বেগ দেওয়া ; কোঁথা, কোঁথ পাড়া। —তা(থা)ন, -নি বি [√কোঁতা, -থা+অন ; °ন+ই[১১]] কোঁত পাড়ান ; নাকাল করা ; ভোগান।

কোঁ(কো)তরা বি [ড় কোঁতরা ; আল্‌'কাতরা' >কাতরা >°রা ?] আলকাতরার মত কাল পাতলা গুড়। "মল্লিকে,—গামলায় কোতরা গুড় আছে, তাইতে ডুবিয়ে রাখ ন.ত ৭২।

কোঁৎকা বি [ফা কুতক্‌ ; হি কুতক, -কা, গত (দ) কা ; ঠ কুতকা ; গু কুতকু ; তু 'সং কুটক'] স্থূল দণ্ড ; মোটা লাঠি ; লগুড়। "গুধড়ী গায় বাঁকা কোঁৎকা হাতে।—বি.সু ৯০। কোঁৎকা খেয়ে হোঁৎকা এড়ে হাম্বা ব'লে ছুটে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। বিলিতি গুকের গাঁট বাহির করা কোঁদো কোঁৎকা হু ২২৩।

কোঁথাজ্বর বি [অপ্র] যে জ্বরে কোঁথে ; কম্পজ্বর। "এনে কোঁথাজ্বর, কাঁপে থর থর শ্রী ৯২।

কোঁদল ; কোঁদা[১]**, -দান ; কোঁদা**[২] দ্র 'কুঁদুল ; কুঁদ[২] ; কুঁদ[৩]'।

কোঁপা বি [সং কুম্প >প্রা * কুংপ >বা (কুঁপা) কোঁপা] বিকৃত-হস্ত, বাহুকুণ্ঠ, ঠুঁটা।

কোঁয়র বি [কুঙর >(কুঁঅর, -য়র) কোঁয়র ; (স্ত্রীলিঙ্গে) কোঁঅরী, -য়রী (শ্রী.কী) ; অপ্র] কুমার, পুত্র। "ঘটোৎকচের কোঁয়র অ.প ১৪ ; পবন কোঁয়রে ২৬ ; ৫৪। নায়কের কোঁয়র ম.ম ৪৫ ; চান্দর কোঁয়র ১৯১ ; ২২১। —য়রী বি [°র+ঈ] কুমারী, কন্যা। "শ্রী.কী ৩৬৩।

কোঁয়ল বি [সং কোমল >অপভ্রংশ প্রা*কোঅঁল >বা (কোঁঅল) °ল ; (স্ত্রীলিঙ্গে) °লী (শ্রী.কী) ; অপ্র] কোমল, অর্থাৎ শিশু। "কোঁয়ল কাহ্নাঞি কেহে বিষজালে মায়িল শ্রী.কী ২৩৩। —লী বিং কোমলাঙ্গী। "(বালী) লবনী দল কোঁয়ালী শ্রী.কী ১১৭।

কোঁয়াকোঁয়া বি [ধ্বন্যাত্মক] সারঙ্‌-প্রভৃতি তারের বাদ্যযন্ত্রে ছড়ি-টানার শব্দ। "সারঙ্গের কোঁয়াকোঁয়া ও তবলা মন্দিরের ঝুম্‌ঝুম্ তালে …এক তায়ফা মজলিস রেখেছে হু ৬০।

কোঁস্তা বি ['কুশ'—মূল (?)] উলুখড়ের ঝাড়নবিশেষ।

কোক পুং [√কুক্‌ গ্রহণ+অ (অচ্‌)-ক ; ধ্বন্যাত্মক (?)] ১ যে বিচ্ছেদ গ্রহণ করে ; চক্রবাক। "°রব মহা ১৩.২৬.২৮। গী.গো ৫.১৭। কুচযুগ কোক।—গো ৯১ ; ১০৮। ক.চ ১২৫। কুকরত হত-শোক কোক জ.প ৩৬। যুগ্মকোক বি.সু ৩। বা.দ ১৩৫। ২ বৃক, নেকড়ে বাঘ। "মৃগী কোকৈরিবার্দিতা রা (S.W.)। কোক শার্দ্দূল আগে দুই সেনাপতি ক.চ ৫১। বা.দ ৮৯। ৩ ভেক। ৪ জ্যেষ্ঠী। ৫ খর্জ্জুরী-বৃক্ষ। ৬ বিষ্ণু। ৭ দ্র 'কুঁথ'। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীপ্‌)] চক্র-বাকী। [কোকবন্ধু (পুং)—কোকযুগ্মের সমাগম (হেতু) কোকের বন্ধু-তুল্য ; সূর্য্য। কোকস্তনী (বিং)—কোকতুল্য স্তনবতী, পীনস্তনী। "চৈ ৩৯।]

কোকনদ ক্লী [কোক+ √নদ্‌+অ (অচ্‌)-ক] ১ যাহা কোককে

শব্দ করায়; রক্তোৎপল, লালপদ্ম। "কোকনদোৎপল।—মহা (S.W.)। °রূপ গী.গো ১০.৫। রক্ত কর কোকনদ ম ৫৯২; পদযুগ কোকনদ-সম ৯৫৩। কোকনদদর্প-হর, বেষ্টিত যাবক কর ক.চ ২৪১; ২৮২। দেবীপাদ-কোকনদ শ্রী ১০৬; ২৫৬। ভা.চ ৫; বসিলা নায়ের বাড়ে নামাইয়া পদ। কিবা শোভা নদীতে ফুটিল কোকনদ ২৫৫। মধুহীন করো না গো তব মনকোকনদে (মা)। দুই কর—দুই কোকনদ ন ১৪৬৫। ২ রক্তকুমুদ, লাল না'ল্। [°চ্ছবি (বিণ)—কোকনদ-তুল্য দীপ্তিমান্; লোহিত। °চ্ছবি (পুং)—রক্তবর্ণ; লাল রঙ।]

কোকিল পুং [√কুক্ গ্রহণ+ইল (ইলচ্)-ক, উ ১.৫৪; ঠ কোকীল; ধ্বন্যাত্মক (?); তু 'তা কুয়িল্; ফা কুকু—cooing; cf. Gr. kokkux; L. cuculus; F. coucou; E. cuckoo] ১ পক্ষিবিশেষ, পিক। "কোকিলস্তাত কূজতি।—রা ২.৫২.২। পুংস্কোকিল কু.স ৩.৩২। ঋতু ৬.২১। °কূজিতকুঞ্জকুটীরে গী.গো ১.২৮। বসন্তকোকিল-ভাবা (পাঠান্তর) ক.চ ৯। কোকিল হে কত ডাক সুললিত রা ১৪৪। মদকল-কোকিল-কলরব-সঙ্কুল (কাব্যনির্ণয়)। ২ অঙ্গার, কয়লা। ৩ ছন্দোবিশেষ।—লা[১] স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্)] কোকিল-স্ত্রীজাতি। "কোকিলা মঞ্জুবাদিনী রঘু ১২.৩৯। °কলকল (ভর্তৃহরি)। কোকিলাকলকূজিতে বি মা ৫.২৭। [কোকিলকণ্ঠ (বিং)—কোকিল-কণ্ঠের ন্যায় যাহার কণ্ঠ মধুর; সুকণ্ঠ। °পত্নী, °বধূ (বি)—কোকিলের স্ত্রী-জাতি; কোকিলা। "জাগ্রত কোকিলবধূ করিতেছে গান প.তৃ ৬। °পত্নী ব.প্র ২৩০। °পেড়ে (বিং)—কোকিলের মত কালপাড় ধুতি। "ব.প্র ১৯৭। °বাহিনী (বি)—কোকিল বাহী (বাহক) যাঁহার, কোকিলারূঢ়া সরস্বতী (কোকিলের পঞ্চম স্বর প্রসিদ্ধ ও মধুর। ইহাই কি মূল? ইহা নূতন কল্পনা)। "কবিকণ্ঠে উর মাতা কোকিলবাহিনী ব.প ১৩৮৩,-৮৫,-৮৭,-৮৮,-৯১,-৯৮; ১৪০০।]

কোকিলা[১] দ্র 'কোকিল'।

কোকিলা[২] বি [সং কোকিল > °লা (পুংলিঙ্গ), °লী (স্ত্রীলিঙ্গ), দ্র 'আ৬; বৈষ্ণবসাহিত্যে] কোকিল। "দেখিয়া দোঁহার রীত, বৃন্দার বিকল চিত, আদেশিলা কোকিলা কোকিলী রা.শে ১২৮। —লী বি কোকিলা। "শ্রী.মা ৩০; ৪৯।

কোকিলাক্ষ পুং কোকিলের অক্ষিতুল্য যাহার পুষ্প লোহিত; বৃক্ষবিশেষ, কুলিয়াখাড়া (Capparis spinosa)।

কোকেন্ [E. cocaine] কোকা (coca) গাছের পাতার গন্ধহীন শ্বেত মাদক রসবিশেষ। [শরীরের কোন অংশে ইহা প্রয়োগ করিলে, ঐ স্থান অসাড় হইয়া যায়। এইজন্য অস্ত্র-চিকিৎসায় ইহা ব্যবহৃত হয়।]

কোক্‌কয়লা বি [E. coke] রন্ধনার্থ পোড়ান পাথুরে কয়লা।

কোখ বি [দ্র 'কুঁখ'; অপ্র] কুক্ষি, উদর; (সাদৃশ্যে) গহ্বর। "কখন কখন থাকে পর্ব্বতের কোখে ব.প ১৩৮৬।

কোঙ(ঙা)র বি [কুঙর > °র; অপ্র] ১ কুমার, পুত্র। "রাজার কোঙর গো.চ ১১। অজের কোঙরে কৃ.অ ১৯। সীতার কোঙরে কৃ.উ ১৯০; মুনির কোঙার ২২৩,-৩১। তাঁহার কোঙর কৃ ৭৮। চাঁদের কোঙর বা.ম ৯৭। ম.ম ১১৬। পবন-কোঙর ব.প ৫১৩; ৫৭৪। ইন্দ্রের কোঙার ক.চ ৩৬; ১৭৪। ২ বটু, বালক। "প্রথমে কোঙর পুষ্পে দিল হাত শূ ২৯। ৩ রাজপুত্র। "অঙ্গদ কোঙর কৃ.উ ১৫৮। কোঙরের কল্যাণ করিবে নিরন্তর, শি ১৪৪। ৪ সদ্গোপ জাতির আভিজাত্যমূলক উপাধি। [কোঙরভোগ (বি)—শালিধান্যবিশেষ। "শূ ১১৪৪। শি ১১৩।

কোঙা বিং [হি কুঁআ > কোঙা] কূপবৎ গভীর; সম্মুখে ঝুঁকিয়া পড়া হেতু মধ্যগত বা বসা (পেট)। "বেটার, উদর কোঙা, মাজা ভাঙ্গা, উঠ্‌তে বস্‌তে কাবু দা ১৮১।

কোঙ্কণ পুং, বহুব ১ দাক্ষিণাত্যস্থিত সহ্যাদ্রি ও সমুদ্রের মধ্যবর্ত্তী দেশবিশেষ। ২ কোঙ্কণদেশের অধিবাসিগণ। "মহা ৬.৯.৬০। [ইঁহারা ক্ষত্রিয়; সগররাজ কর্ত্তৃক পরাজিত ও বেদাধিকার-বহিষ্কৃত হইয়া ইঁহারা ম্লেচ্ছ নামে অভিহিত হন (হ ১৪শ অধ্যায়।)] ৩ কোঙ্কণরাজগণ। —ণা স্ত্রী কোঙ্কণদেশজাতা: জমদগ্নিপত্নী পরশুরাম-জননী রেণুকা।

কোঙ্গরা বি (?)। "শুন ওরে ডাকু রে কোঙ্গরা ব.প ১৪৮৪।

কোচ[১] পুং [√কুচ্ সঙ্কোচ+অ (ঘঞ্)-ভা] ১ সঙ্কোচ, কৌটিল্য। "ত্বক্-কোচ (সুশ্রুত)। ২ মাংসচ্ছেদি-গর্ভে তীবরের ঔরসে জাত জাতিবিশেষ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ); কোঁচজাতি। "কোচগণ বৈসে নানারঙ্গে ক.চ ৮৯।

কোচ[২], **-চা, -ছ, -ছা** বি [সং কক্ষা > প্রা কচ্ছা > বা (কছা,-চা), কোছা, -চা, -ছ,-চ; অপ্র] বস্ত্রাঞ্চল, কোঁছা। "কোচের গুআ: পুরুষের কোচের গুআ গো.চ ৭২; কোছাত করিয়া কড়ি তুরিত তুলিল ৪৯৭। কোছের কাড়িয়া খাইল পান ম.ম ৬৩।

কোচড়া বি [কচড়া > °ড়া; অপ্র] স্থূল রজ্জু; দড়া। "বাওয়ায় কুটি কোচড়া পাকাও গো.চ ৪৫; ব.প ৪৩।

কোচদাদ বি কুঁচকি-প্রভৃতি স্থানের দদ্রু; কুঁচড়ে দাদ।

কোচবক্‌স্, -বাক্‌স বি [E. coach-box] ঘোড়ার গাড়ীর চালকের বসার স্থান। "দুই শিষ্য কোচবাক্‌সে উঠ্‌লো হু ২১৬; যম…কোচবক্‌সে উঠিয়া বসিলেন য ১৩।

কোচম্যান্, -চোয়ান্ [E. coach-man; হি কোচবান্] ঘোড়ার গাড়ীর চালক বা গাড়োয়ান। "°ম্যান্ হু ২০৬। কোচম্যান্…ফিটানে নূতন গরুড়ের জুড়ী যোজনা করিলে, নারায়ণ…সপ্তসরোবরোদ্যানে যাইতে কহিলেন ন ১৩।

কোচল বি [কচাল > °ল; হি কুচাল; অপ্র] দুর্ব্ব্যবহার, বাগ্‌বিতণ্ডা। "ভালমতে জান তোরা কোচল করিতে ম.ম ৭১।

কোজাগর পুং [কঃ (কে) জাগর (জাগিতেছে)—এই পূর্ণিমায় কে জাগে; পৃষো] আশ্বিনী পূর্ণিমা তিথি; দ্যূতপূর্ণিমা, লক্ষ্মীপূর্ণিমা। "ঘুমে লক্ষ্মী হন বিরূপা, জাগরণে লক্ষ্মীর কৃপা, নৈলে কেন জাগে কোজাগরে দা ২৬। [লক্ষ্মী বলেন, এই পূর্ণিমায় যে জাগে, তাহাকে ধন দিব। এই তিথিতে অক্ষক্রীড়া নারিকেলজল-পান ও চিপিটক-ভক্ষণ বিহিত (তিথ্যাদিতত্ত্ব)।]

কোট[১] পুং [√কুট্+অ (ঘঞ্)-র্ম; তু 'কোট'] ১ দুর্গ, কেল্লা। "দেখিতে দেখিতে পায় নবাবের কোট ব.প ১৩৮১। ২ [+অ-ভা] কৌটিল্য, ক্রূরভাব। ৩ (বাঙলায়) সুরক্ষিত স্থান; বেড়া জায়গা। "সে ঘোটক আটক না হয় কোন কোটে কৃ ৪৭০। ৪ স্বীয় অধিকৃত স্থান; আপনার জোরের জায়গা; নিজ মহল; অধিকার। "এবার লয়ে নিজ কোটে, ফেলিবে ঘোর সঙ্কটে দা ৫২৫; কোটে পেয়েছো যা হয় তাই করো ৭২০। আপন কোটে পাই, চিঁড়ে কুটে খাই লী ৪২।

কোট[২] '-ট্' বি [E. coat] ১ জামাবিশেষ। "গরম°; চায়না°, পারসী°, হাট্°। ২ [E. court] বিচারালয়, আদালত। "জজ° দেওয়ানী°, ফৌজদারী°, মুন্‌সেফ্°, হাই°। [কোর্ট-ফি (E. court-fee)—মোকদ্দমা রুজু করা ইত্যাদি বিষয়ে কোর্টে দেয় ফি (শুল্ক)। কোর্ট্ মার্শাল্ (E. court martial)—সেনাবিভাগের অপরাধীর বিচারার্থ আদালত।]

কোট[৩] সর্ম্ম [√কুট[৫] > কোট] ১ আঘাতপূর্ব্বক ছিন্ন করা; আহত করা। "দেখিয়া কোটয়ে মাথা যতেক গোয়াল বি.পা ৭৩। ২ খণ্ড খণ্ড করা; চূর্ণ করা; কোটা।

কো'ট '-ট্' বি [সং কোটি; মৈ কট—প্রতিজ্ঞা] প্রতিজ্ঞা, পণ, জিদ। [কো'ট বজায় রাখা—প্রতিজ্ঞা পূর্ণ করা।]

কোটওয়াল, কোটয়াল বি [সং কোট্টপাল > প্রা কোট্টবাল, *কোট্টআল > বা (কোটয়াল, -আল) কোটওয়াল, °য়াল, কোটাল ; ফা কোত্‌ৱাল্ ; হি, ঠ কোতোয়াল ; (চট্টগ্রাম)—'কোট্টাল' নয় মিতা] নগররক্ষকগণের প্রধান বা অধিপতি ; পুলিসের প্রধান কর্ম্মচারী ; নগররক্ষী, প্রহরী, চৌকিদার। "নেঙ্গড়া কোটওয়াল হইল মুরত বদলাইয়া গো.চ ৮৩। কোটয়ালে নিবে ধরি মী ১৩ ; গো.বি ৬২, টীকা।

কোটক পুং [√কুট্+অক (ণ্বুল্)-ক] ১ গৃহকারক, ঘরামী (শ.ক)। ২ কুম্ভকারীর গর্ভে অট্টালিকাকারের ঔরসে জাত জাতিবিশেষ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ) ; কোড়া (?)।

কোটনা দ্র 'কুটনা'।

কোটর১ পুং, ক্লী [√কুট্+অর (অরণ্)-ক (অ.টী) ; অথবা, কোট + √রা গ্রহণ+অ (ক)-ক] ১ যাহা বক্র হয় বা বক্রতা গ্রহণ করে ; বৃক্ষস্কন্ধস্থ গহ্বর ; নিষ্কুহ, খোড়ল। "শমী°, হৃৎ°। মহাহঙ্কারবিটপ ইন্দ্রিয়াঙ্কুরকোটরঃ।—মহা ১৪.৪৭.১২। বৃক্ষ°, জীর্ণ°।—কাদ ৫। ২ [বাঙ্‌লায়, সাদৃশ্যে] চক্ষুর গহ্বর ; অক্ষিকোশ। "কোটর বাটুল দুই আঁখি শ্রী.কী ৭। দুই চক্ষু কোটরে শ্রী ১০২। কোটরস্থ…নেত্রে ন ১৩৪৬। চক্ষু দুটি কোটরে নিমগ্ন স্ব.প্র ১৮। হু ২১৫। [°স্থ (বিণ) —১ বৃক্ষকোটরস্থিত। "কোটরস্থেন বহ্নিনা।—চাণক্য। ২ অক্ষিকোশস্থিত।]

কোটর২, **-রা** বি [কটোরা > °র, °রা ; তু 'কোড়োরা' (গো.চ ৪৩)] কটোরা, বাটি। "সুবর্ণ কোটরা করি জল দিল মী ৩। কোটরাএ গো.চ ২৮৬ ; কোটর ৪৪৬।

কোটা১, **-ঠা** বি [সং কোষ্ঠ > প্রা কু(কো)ট্‌ঠ > বা (কোঠ, -ট) °ঠা,- টা ; হি, -ঠ -ঠা] ১ ইষ্টকরচিত গৃহ ; পাকাবাড়ী। "দালান কোঠা বাড়ি গো.চ ১৮৩ ; কোটার বাড়ি ১৮৪। কোঠায় কাঙ্গুরা ঘড়ী ভা.চ ২৬ ; কোটা ৪৯৭। কোথা রবে দালান কোঠা।—রামপ্রসাদ। কোঠার ব.স্থ ৮। ২ প্রকোষ্ঠ, কুঠরী, ঘর। "চউবঠি্ঠ কোঠা গুণিয়া লেহ্ চ ২২। জীবনের মহলে বরাবর তোমরা এক কোঠায়, ওরা আর এক কোঠায় কাটিয়ে এসেচে ঘ ১১৯। ৩ বিভাগ, থাক। "জীবশ্রেণীর…কোনো একটা প্রচলিত কোঠা গ.স ৫১। ৪ দশক-অনুসারে নামতার বিভাগ। "দুইএর কোঠা, তিনের কোঠা। ৫ (অপ্র) কোষ্টা (jute)। "কাপাস বলে কোটা ভাই। কাতি-পানি যেন না পাই॥ —খনা। [কোঠা-কুঠী—বড় ও ছোট পাকাবাড়ী। "পড়িছে…কোঠা-কুঠী ব.প ১৩৬২। °বাড়ী—পাকাবাড়ী।]

কোটা২ বি [সং 'কোট' (বক্র)—মূল ; অস কোঁটা—বক্র (অঙ্গুলি) ; কোটা (যশোহর)] বক্রাগ্র দণ্ড ; আঁকশি।

কোটাল বি ১ সর্থ 'কোটওয়াল'। "কোটাল ভা.চ ৩৭৮। কোকিল কোটাল হঞা জাগাল কামেরে চৈ.ম ১৮৫। সহর-কোটাল শ্রী ১৩। ২ জাতিবিশেষ। "বৈসে…কোটাল কোল শ্রী ১৩। [ইহারা হিন্দু এবং আপনাদিগকে গুহকের বংশ বলিয়া পরিচয় দেয়। ইহাদের অন্য উপাধি 'পদ্ধান,' অর্থাৎ প্রধান।] ৩ সর্থ 'কটাল'। "(সে) কোটালের বানের মত গর্জ্জে চলেচে ঘ ৪২।

কোটালি, -লী বি [কোটাল+ঈ৮ ; হি কোতৱালী] কোটালের পদ বা কার্য্য। "মাতালে কোটালি দিয়া, পাইনু আপন কিয়া ভা.চ ৩৭৮। কোটালি করে ছিলে কোন রাজার লু.র ১০৭।

কোটালিয়া বি [কোটালী+ইয়া (?)] যে কোটালী করে ; কোটাল। "ক.চ ৯২ ; ২৬০। দুরন্ত কোটালিয়া ম.পা ১১৩ ; ১৫২। কোটালিয়া করিছে প্রহার ভা.চ ৪০২।

কোটি, -টী স্ত্রী [√কুট্+ই (ইন্)-ক, উ ৪.১১৭ ; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ যাহা কুটিল হয় ; অস্ত্রাদির কোণ বা অগ্রভাগ। ২ তীক্ষ্ণ বক্র অগ্রভাগ। "কর্পর°, খট্বাঙ্গ°, তৃণ°, দন্ত°, নবাঙ্কুর°। শ্যেননখাগ্র° রঘু ৭.৪৬ ; শত° (কুলিশ) ৯.১২। ৩ প্রান্তদেশ, অগ্রভাগমাত্র। "অঙ্গদ° রঘু ৬.১৪ ; উরুস্তনকোটি ৮.৩৬। কোটিভাগ।—পঞ্চ ১৩১৭। ৪ ধনুরগ্রভাগ, অটনী। "ধনুষ্কোট্যা মহ. ১.৪০.২২। উৎ-কটকোটিদ্রংষ্ট্র (চাপ) উ.চ ৪.২৯। ম.চ ৩.২৯। ৫ (সাদৃশ্যে) চন্দ্রলেখা, কলা। "শশিকোটি কু.স ২.২৬। ৬ শত লক্ষ সংখ্যা। 'শতং শতসহস্রাণাং কোটিমাহুর্মনীষিণঃ রা (S.W.)। যোনিকোটিসহস্র। —মনু ৬.৬৩। °শঃ রঘু ২.৪৯। কোট্যর্ব্বুদ অধ্যাপক চৈ.ভা ৯৩। কোটি কোটি রূপ কোটি কোটি নারায়ণ ভা.চ ১০৯। ৭ উৎকর্ষ, প্রকর্ষ, আধিক্য। "(মিত্রে) পরমে স্নেহকোটিমাশ্রিতে।—পঞ্চ (S.W.)। কোপকোটিমাপন্না।—পঞ্চ (A.)। ৮ কোণ ; একদেশ। "কোটিঃ কোণৈকদেশয়োঃ (ধরণি)। ৯ সংশয়ালম্বন, বাদ (ত.বা)। ১০ সংশয়নির্ণয়ার্থ পূর্ব্বপক্ষ ; বাদবিচার ; পক্ষ। "বিচারের কোটি মনে ছিল লক্ষ লক্ষ ভা.চ ৩২৫। কোন শাস্ত্রে নাহি ত্রুটি, যে যে কহে দৃঢ় কোটি, ক্ষণমাত্রে তাহার সিদ্ধান্ত বি.সু ৮। ১১ ছায়ানিরূপণার্থ কল্পিত ক্ষেত্রের অবয়বরেখা। ১২ ত্রিকোণাদি ক্ষেত্রের অবয়ব রেখাভেদ (লীলাবতী)। ১৩ রাশিচক্রের তৃতীয়াংশ। ১৪ পৃক্কা, পিড়িঙ্‌শাক। ১৫ (বাংলায়) কুটিলতা, ছল, কো'ট, জিদ্। "করে ধরইতে কত কর না কোটি বি.প ৬০;৭৯। [কোটীশ্বর (পুং)—কোটির অধিপতি ; কোটিপতি, মহাধনী। "ক.সা ৫৬.৬৪। কোটি-শ্বরো নৃপতিঃ (গঙ্গাষ্টক)।]

কোটে, -ঠে ক্রি.বিং [কোথা+এ৫ > কোথে > কোঠে, -টে ; অপ্র] ১ কোন ঠাঁইএ, কোন স্থানে। "কোটে আছে তোমার পিতা ব.প ৭৫। কোঠে পাইল গো.চ ৬০, টীকা ; কোঠে আছে মহারাজ ২৭৮। [কোটেকার—কোন স্থানের বা দেশের। "কোটেকার মহারাজ চলিয়া আসিল গো.চ ৭০। কোঠে হ'তে—কোন স্থান হইতে। "কোঠে হ'তে টাকা দিম গো.চ ২৭৮।]

কোটো, কৌটা, বি ['কোষ্ঠ'—মূল (?) ; কোটই (পূর্ব্ববঙ্গ) ; হি সিনহোরী (সিন্দুরীয়) ; তু 'হি কটোরা'] ১ কাষ্ঠাদিরচিত ঢাকনীওয়ালা গোল সিন্দুর-প্রভৃতির আধার। "সেন্দুর…রাখব কৌটায় পুরিয়া গো.চ ৪৬০। আনিয়াছি কৌটায় ভরিয়া সিন্দুর মে ১১৩। কৌটায় সিন্দুর অ.গু ৩৯। ২ কৌটাসদৃশ পাত্রমাত্র ; সম্পুট। "পাত-কৌটামত কৌটা কৈল কেয়াফুলে ভা.চ ২৯৬ ; ৩০০।

কোটোআল, -য়াল বি [হি কোতৱাল ; দ্র 'কোটওয়াল' ; তু 'কোতওাল' (গো.চ ৩১৭ ; অপ্র] কোটাল। "কোটোআল গো.চ ৭১। গচ্ছ গচ্ছ কোটোয়াল ম.পা ৫৬ ; ৫৯ ; কোটোয়ালবর্গ ১৫২। কোটোয়াল চৈ.ভা ৪২৩।

কোট্ট পুং [√কুট্ট্+অ (ঘঞ্)-র্থ ; তু 'সং কোষ্ঠ > প্রা কু(কো)ট্‌ঠ] ১ দুর্গ, গড়। "পুরকোট্টপাল।—পঞ্চ। ২ দুর্গপুর (অ.টী)। [°পাল (পুং)—দুর্গরক্ষক। "পুর°।—পঞ্চ। °রাজ (পুং)—কোট্টের অধিপতি ; দুর্গাধ্যক্ষ, দুর্গেশ।]

কোঠ১ পুং [তু 'সং কুষ্ঠ > লি, প্রা কুট্‌ঠ] কুষ্ঠবিশেষ ; মণ্ডলক।

কোঠ২ বি [সং কোষ্ঠ প্রা কোট্‌ঠ > বা °ঠ ; অপ্র] প্রকোষ্ঠ, অন্তর্গৃহ, গৃহ। "একে একে বিচারে কোঠের আসে পাশে মী ১৫।

কোঠর বি [তু 'কোটর, ট > ঠ ; অপ্র] ১ কোটর। "কোঠরের পেঁচা ক.চ ১৩৭। ২ চক্ষুর গর্ত্ত ; অক্ষিকোশ। "(বুড়ার) চক্ষু কোঠরগত ব.প্র ৩৫৬।

কোঠরি ; কোঠা ; কোঠে দ্র 'কুটুরি ; কোটা ; কোটে'।

কোঠি, -ঠী বি [দ্র 'কুঠি' ; অপ্র] সর্থ কুঠি(১)। "কলিকাতার কোঠির যিনি বড় সাহেব কু.চ ৪৭ ; কোঠির সাহেবকে লিখহ ৫৪।

কোড়[১] বি [?]। খেলাবিশেষ (?)। "খেলে কড়ি চিকা কোড় ভেটা (ভাটা ?) ক.চ ২১৫।

কোড়[২] সর্ম্ম [√ কোঁড়[১] >কোড়] প্রতিহত করা। "মেয়েগুলা মাথা কোড়ে তোরে রক্ত দিব ভা.চ ৭৯।

কোড়া[১]**; কোড়া**[২]**; কোড়া**[৩] দ্র 'কড়া[২] ; কড়া[৩] ; কড়া[৪]।

কোড়া[৪] বি [সং কোটক >প্রা*কোডঅ >বা °ড়া ; কোঁড়া (বীরভূম, মুর্শিদাবাদ), 'কোড়'—কৃষিজীবী জাতি] সঙ্করজাতিবিশেষ। "সব কোড়াগণ (কুশ খুনিয়া ফেলহ) ম ৪৭।

কোড়া[৫] বি [কোড়২ >কোড়া ; অপ্র] অঙ্কুর, আদি, মূল, গোড়া। "কটি পীত বসন রসনা তাহে জড়া। বিধি নিরমিল কুল-কলঙ্কের কোড়া ॥—জ্ঞা ৯।

কোড়া[৬] বি [হি কোড়া ; তু 'সং কটক] ১ অগ্রভাগে রজ্জু বা চর্ম্মরজ্জু বাঁধা দণ্ড ; কশা, চাবুক, বেত, সাঁটা। "কোড়ার পটপটি ভা.চ ২৭১। বিদেশীকে বেন্ধে মারে কোড়া বি.সু ৮৭। একটা বাঁধা হুঁকো সরিয়ে পঁচিশ কোড়া খাই গি.খ্রি ১০৭। ২ অঙ্কুর, কোঁড়। তু 'কোঁড়া'। ৩ চারাগাছ। "লেজ যেন সুন্দরিয়া কোড়া ব.প ১৩৬৬। [কোড়ার পটপটি—কশার পটপট-শব্দ।]

কোণ[১] পুং [√কুণ্ শব্দ+অ (ঘঞ্)-ণ ; তু 'তা কণ্—ঢক্কাদির আহত মধ্যস্থল ; বাঁশ] ১ বীণাদি-বাদনার্থ ধনুরাকৃতি কাষ্ঠ বা ছড়ি ; ভেরী-প্রভৃতির বাদনদণ্ড (রা.টীকা), ভেরী-প্রভৃতি বাজানর কাঠি। "ভেরীমৃদঙ্গবীণানাং কোণসংঘট্টিতঃ (শব্দঃ) রা ২.৭১.২৯। ২ লগুড়, লাঠি। ৩ মঙ্গলগ্রহ। ৪ শনিগ্রহ। ৫ [Cf., Gr. gonia—angle : Gr., L. konos—cone ; Av. karana—corner ; ফা নোক্—কোণ] বিভিন্নমুখ রেখাদ্বয়ের সম্পাতে জাত তদন্তর্গত স্থান (angle); অশ্রি। "চতুষ্কোণ, ত্রি°, ষট্°। ৬ দিগন্তরাল, বিদিক্ (দুই দিকের মধ্যস্থ দিক্)। "ঈশান°, নৈর্ঋত°, বহ্নি°, বায়ু°। ৭ গৃহাদির একদেশ ; নিভৃতস্থান, একান্ত। "কপাটকোণৈকদেশ ; গৃহকোণ। —পঞ্চ। ৮ অস্ত্রের অগ্রভাগ। ৯ (বাঙ্লায়) অন্তঃপুর, অন্দর। "ছড়া-হাঁড়ি ফেলে মারে কোণের বৌয়াড়ী ক.চ ১০৯। কোণের বহুরী লয়ে কন্দল জড়ায় ভা.চ ৭৯। ১০ অন্তরাল, আড়াল। "কোণে রয় কুলবধূ কথা কয় ছেলে শি ৭৩। [কোণঘেঁসা—নিভৃতস্থান-প্রিয়, যে লোকের মধ্যে থাকিতে ভালবাসে না ; লাজুক। কোণঠাসা, -ঠেসা করা—একপাশে বা একদিকে চাপিয়া রাখা। কোণাকুণি—বিপরীত-ভাবে কোণেকোণে ; কর্ণরেখাক্রমে (corner-wise)। কোণের বউ —অন্দরের বউ, অর্থাৎ যে ঘরের ভিতরেই থাকে, বাহিরে আসে না। পেটের তিন কোণ—পেটের তিন ভাগ, অর্থাৎ বার আনা। "আঁতে খালি দাঁতে লোন। পেটের ভরে তিন কোণ ॥

কোণ[২] '-ন্' বি [সং কণ ; হি কনা] চাউলের ক্ষুদ্রাংশ ; খুদ। "পুরাণ খুদের জাউ তাহে আছে কোণ ক.চ ১৪২।

কোণা বি [সং কোণ ; হি কোনা] ১ কোণ। "চার°, চৌ°, তিন°, তে°। ২ একাংশ। "ক্ষেতের কোণা, বাণিজ্যের সোনা।—প্রবচন। ৩ ক্ষুদ্রাংশ, লেশ, টুকরা। "কি রস চিনির কোণা জিহ্বায় ছোয়াই ব.প ৮৪৩। ৪ বিন্দু। "সীতাসুত গায় গীত অমৃতের কোণা কৃ.উ ১৯০ ; ২৬৮। ৫ ষোড়শাংশ, কলা। "(কামিনী) সেইরূপ হলো চাঁদের কোণা বা.দ ২৫৬। খোকা আমাদের সোনা। বউ আনবে চাঁদের কোণা ॥—ঘুমপাড়ানী গান। ৬ কুনিকা। "আঁচলে বান্ধিল দুয়া চাল অর্দ্ধকোণা ক.চ ১৪২। ৭ পানের সংখ্যাবিশেষ ; তিন শ (৯৬ × ৩) পান।

কোণাঘাত পুং [ষ.ত] বাদ্যতাড়নদণ্ডের আঘাত ; ভেরীঢক্কাদির মিশ্র নিনাদ। 'ঢক্কাশতসহস্রাণি ভেরীশতশতানি চ। একদা যত্র হন্যন্তে কোণাঘাতঃ স উচ্যতে ॥—ভরত। "বে'১.২২।

কোণা(না)র্ক বি অর্কতীর্থ, কণারক। "কোনার্কের (পাঠান্তর—'কোণার্কের') দিগে প্রভুকে তরঙ্গে লঞা যায় চৈ.চ ৩৪৫।

কোণি বিণ বিকৃতহস্ত, কুণ্ঠবাহু, কোঁপা।

কোতওয়াল, -তোয়াল বি [সং কোট্টপাল, ফা—কোত্ৱাল্ ; হি, ঠ কোতরাল] কোটাল। "হানে কোতোয়াল ক.চ ২৬১। কোতোয়াল যেন কাল ভা.চ ৩৯০। তপেপ হরিপুরের···কোতওয়াল···সুচরিত্রেষু E.P. 84।—লী বি [ফা কোত্ৱালী ; হি, ঠ কোতয়ালী] ১ কোতোয়ালের প্রধান স্থান ; থানা, পুলিশ-ষ্টেশন্। "চকের মাঝেতে কোতোয়ালী চবুতরা ভা.চ ২৭১। ২ কোতোয়ালের পদ বা কার্য্য। "খেদমত কোতোয়ালী বি.সু ৮৫। কহই টুনোয়া···সহর শিখাওয়ে কোতোয়ালি হু ১ ; ২২।

কোতরা ; কোথলি, -লী দ্র 'কোঁতরা ; কুথলী'।

কোথা অব্য [কুথা[২] > °থা] ১ কোন স্থানে ; কোন দেশে। "কোথা যাব কৃ ১৪৬। কে কোথা কি করে দান ভা.চ ১৫২। ২ কোন স্থান, দেশ বা দিক্। "কোথা হৈতে পায় গো.চ ৬০। কোথা হৈতে আসিতেছে গন্ধ মনোহর।—ম ৪৭৫। ৩ (অপ্র) কি প্রকারে। "গোল করি কন্যা কোথা পাইবে ব্রাহ্মণ ম ১৯৩। [কোথাউ—কোথাও। 'কোথাউ' (পাঠান্তর) হুজুক উঠ্লো 'দলিপ সিংকে কৃশ্চান করাতে···মিউটিনি হলো'।—হু ৯১। কোথাএ (অপ্র)—কোন স্থানে। "কোথাএ শুনিল ব.প ৮৩৭। কোথা(থা)ও—কোনো স্থানে ; কোনো কোনো স্থানে। "কোথাও কেবল বালির ডাঙা, কোথাও মাটিগুলা রাঙা রাঙা।—শিশু ৭৭। কোথাকার—১ কোন্ স্থানের ; কোথার ? কোন দেশবাসী ? "কোথাকার ডোমনী তুমি ব.প ২৮১। কোথাকার দুই শিশু গায় রামায়ণ কৃ ৪৫৭। কোথাকার কে, আমড়া ভাতে দে।—প্রবচন। ২ কোথার (ক্রোধে, স্পর্ধায়)। "পাপিষ্ঠা কোথা-কার ! বিয়ে করবিনে কেন ?—ব.প্র ২০২। কোথাকারে—কোথা। "যাব কোথাকারে ব.প ৫১৪। কোথাকে—কোন স্থানে। "কোথাকে করিছ যাত্রা শ্রী.মা ২১৮। কোথাকে যাও স্ব.প্র ২০০। কোথাতে—কোথা। "কোথাতে পাইমু অ.প ৭। কোথাতে বাস চ.বি ৬৮। কোথাথেকে, কোথাথিকা, কোথ্থেকে, কোত্থেকে—কোন স্থান হইতে। "কোথাথিকা আইছ রে ব.প ১৬৮। চাঁদ ভাবে কোত্থেকে এল, চাঁদের মত মেয়ে !—শিশু ২০২। কোথ্থেকে কি করিব কিছুই স্থির করিতে পারি নাই আ.দু ৫৮। কোথা না—কোন স্থানে না, অর্থাৎ সর্ব্বত্রই। কোথায়—কোন স্থানে, অর্থাৎ বহু দূরে। "কোথায় পাহাড় সে কোন খানে, তাহার নাম কি কেহই জানে ?—শিশু ৭১। কোথারে—কোথা। "কোথারে চল্যাছ একেশ্বরী ক.চ ১৬০। রথ কোথারে আনিলে ম ৬১৬। আভরণ থুইব কোথারে ম.বি ১৬৬। কোথাহোঁ—কোনও স্থানে ; স্থানে স্থানে। "মেঘাগম কোথাহোঁ করে কোথাহোঁ করে ছায়া কৃ.উ ৫১। কোথা···কোথা···কোথা ; কোথাকার···কোথাকার ; কোথায়···কোথা ; কোথায়···কোথায় (তু 'সং ক···ক')—(তাৎপর্য্যে) দুই এর মহাবৈষম্য ; প্রচুর প্রভেদ ; বহু দূর। "ও কোথা হাকন্দ কোথা কোথা ধর্ম্মসেবা শ্রী ২৫৬। কোথাকার চান্দ ছার কোথাকার মনসা। দুই জনের বিসম্বাদে নাহি দিশা মিশা ॥—ম.ম ১৩৫। কোথায় বৈসেন রাম অযোধ্যানগরী। কোথা আইলেন তিনি এই লঙ্কাপুরী ॥—কৃ ২৫৩। কোথায় বজ্রের সার সম দুই বীর। কোথায় কিশোর দুই বালক-শরীর ॥—শ্রী.ম ১৩০। কোথা···(কোথা) ; কোথা···না—সম্ভাবিত দুই বিষয়ের বিপর্য্যয়কথনে। "বয়স বাড়িলে

লোক কোথা স্থির হয়ে! (কোথা) তোমার চাপল্য—আরো দ্বিগুণ বাড়য়ে॥—চৈ.ভা ৯০। কোথা তাহাকে হৃষ্টচিত্ত ও সুস্থ রাখা তাঁহার কর্ত্তব্য, না তাহার হৃদয়ে শল্য বিদ্ধ করিতে আদিষ্ট হইলেন পা.প্র ১৫৫। কোজ্জাব—কোথা যাব (কথ্যভাষা)। "ওমা আমি কোজ্জাব আ.ছু ১১১।]

কোদণ্ড পুং [√কু শব্দ+বিচ্ (০)-ক—'কো'; কো দণ্ড যাহার (অ.টী), বহুব্রী] ১ বংশ যাহার দণ্ড; ধনুঃ, কার্ম্মুক। "চণ্ডকোদণ্ড ভ ৩.২১.৫২। কোদণ্ডটনীলগ্ন হি ১২৮। কোদণ্ডের মত সে কুণ্ডলা-কৃতি কুঁজে শি ২৮। ২ (সাদৃশ্যে) ভ্রূলতা। ৩ দেশভেদ। [°পণ্ডিত (বিং)>ধনুর্বিদ্যাপটু, দক্ষ ধনুর্যোদ্ধা। "ম ৫৪৬; ৫৫৫। °টঙ্কার (বি) —ধনুর্জ্যাধ্বনি, ধনুষ্টঙ্কার। "মে ২৫।]

কোদা বি [কা কোদক্; মুণ্ডারি—কোডা, ডি (H.B. 64); হি গুদ্দা; স্ত্রী—কুদী] শিশু, খোকা।

কোদাল, -লি, -লী বি [সং কুদা(দ্দা)ল; হি কুদাল, -লী (ছোট কোদাল); ঠ কুদাল; মৈ °র, -রি; গু °লী; অস °ল; কু(কো)দার (ব.প ৯৪)] মৃত্তিকাখননার্থ চওড়া-পাতা লৌহাস্ত্রবিশেষ। "কোদালক নাগিয়া সিদ্দা হুঙ্কার ছাড়িল গো.চ ২১৭। °লী কৃ ১৪; ক.চ ৭২। °লি ম ৪৬৯; চৈ.চ ৯০। °লশি ৭১। —লী বি ছোট কোদাল। [কোদালে কুড়ালে মেঘ (mackeral sky)—কোদাল ও কুড়ালের মত খণ্ড মেঘ। "কোদালে কুড়ালে মেঘের গা। মধ্যে মধ্যে দিচ্ছে বা॥ চাষীকে বল্‌গে বাঁধতে আল। আজ না হয়, হবে কাল॥—খনা। কোদালীর পাশা বা পাশি—কোদালের হাথোল লাগানর লৌহবলয়। "মুনির পায়েতে মারে কোদালীর পাশি কৃ ১৪। কোদালীর মুঠ বা মুষ্টি—কোদালের হাথোলের অগ্রভাগ (যাহা বাম হাতের মুঠায় ধরিতে হয়)। "ধরে কোদালীর মুষ্টে কৃ ১৪। কোদলান—কোদাল দিয়া ভূমিখনন]।

কোদো বি [সং কোদ্রব; হি কোদোঁ, -দো; ঠ কোদ্র; গু—কোদ্রা] অপকৃষ্ট ধান্যবিশেষ। "ভা ৪৯৬।

কোদ্রব পুং ধান্যবিশেষ (Paspabum scrobiculatum)। 'অণ্রাদ্ধেয়ানি ধান্যানি কোদ্রবাঃ মহা ১৩.৯১.৩৮।

কোধ বি [সং ক্রোধ>লি কোধ; অপ্র] কোপ। "শূ ২৭।

কোন বিং [দ্র 'কওন'] ১ কে। "কোন দেব হইয়া রে যে সে বা খায় ভাঙ্গ। কোন দেব হইয়া রে যে সে বা মস্তকে ধরে গাঙ্গ॥—ম.ম ১৩। ২ কি। "কোন কর্ম্মে ন্যূন তুমি চিন্ত কি কারণ ম ৩৩৯। এ সংসারে কোন অঘটনীয় ঘটনা না ঘটিয়াছে?—ব.প্র ৩৫। ৩ কি, অর্থাৎ নিন্দিত, পাপজনক। "করিলাম কোন কর্ম্ম দুষ্ট দুরাচার ম ৩২। ৪ কি, অর্থাৎ তুচ্ছ, অনায়াসসাধ্য। "ক্ষুধা তৃষা খণ্ডিবেক কোন কার্য্যে গুণি কৃ.উ ২০৩। এ বা কোন কথা কৃ ২৪৭। অই কোন বোল ঝিয়ে ক.চ ১৪৮। শ্রী ৪৪; ১৮৮। ম.ম ১১। নারী জিনা কোন কর্ম্ম ভা.চ ৩০২। টাকা সিকা কোন বস্তু কত কাল খাব বি.সু ৩৭। ৫ কি বেশী, অর্থাৎ দোষের তুলনায় কি গুরুতর (দণ্ড)। "এতেকে তোহোর কুষ্ঠজ্বালা কোন কাজ চৈ.ভা ৪৩৮। ৬ কে, অর্থাৎ কেহই না। "ঘরে গেলে কোন জন পার বা উহাকে ব.প ৪৬১। ৭ কি। "কোন মত পুষ্প সেই কার উপবন ম ৪৭৫। ৮ কি, অর্থাৎ অত্যন্ত, অতিশয়। "যে ব্রজে জন্মিতে ইচ্ছা ব্রহ্মাদি দেবতা। প্রসন্ন হইবে ঋতু কোন তুচ্ছ কথা॥—ব.প ৮১৯। ৯ অনির্দ্দিষ্ট, যে-কোন। "কোন দণ্ডে কোন দুষ্ট পাড়িবে প্রমাদ কৃ ১৪৬। ১০ বহুর মধ্যে কোন। "কোন বাপ তোর জন্ম হৈল জামদগ্ন্যের তেজে। মোর বাপ তোর কোন বাপকে বেঁধে ছিল লেজে॥ কৃ ২৪৯। ১১ তাৎপর্য্যার্থে 'কেন না'। "তুমি সবই জান, তুমিই কোন আমাকে তা বল্লে?—ন, -নো বিং [ঠ কোণো; মৈ কোনো] ১ সর্ব 'কোন (৯)। "এহেন যৌতক নহি দেখি কোন কালে অ.প ৫৩। তাঁহারা কোনো একটা ধর্ম্মমত, ধর্ম্মগ্রন্থ বা ধর্ম্মসম্প্রদায়ে আসিয়া ঠেকিয়াছেন (চা.পু)। ২ একটিও। "সে সবই শুনলে, কিন্তু কোনো কথা বল্লে না। ৩ বিশেষ-বিশেষ; এক-এক। "কেহো কোন মত কহে, যেমন যার মতি চৈ.চ ৮। [কোন্ কোন্—কে কে; কি কি? কোন না—কি না, অর্থাৎ নিশ্চিতই। "তুমি কোন না জান সে সব পুর্ব্ব কথা শ্রী ১০৮। বাবুটি রকমসই বটে, চাহিলে কোন না চারিগণ্ডা বকশিষ দিবে ব.প্র ৩১১। কোন্ মতে, কোন্ রূপে—কিরূপে; কি প্রকারে। "কোন্ রূপে দ্রবরূপী হৈলা নারায়ণ: কোন্ মতে ভরিল নীর ব্রহ্মাণ্ড ভিতরে গ ২। কোন লাজে —কোন আক্কেলে। "পুত্র হয়ে পিতার মূর্ত্তি ধরিবে কোন লাজে। —কৃ ২৪৯; ২৭৬। কোনে (অপ্র)—১ কোন জনে, কে। "কহিতে বচন মুই হুঙ্কারিল কোনে গো.বি ১৩। এমন অবস্থা বল কোনে কারে করে ম.পা ৯৪; কোনে বা জোগাইব অন্ন ১২৮। ২ কোন স্থানে; কোথা। "বরজত কোনে এহেন বর নাহ গো ২০৪। কোনো একটা —যে কোনটা; একটা-না-একটা। কোন কোন—বিশেষ বিশেষ; একএক। "কোন কোন পঢ়ুয়া সকল চৈ.ভা ১৫৬। কোনো-না-কোনো—নিশ্চিত কোনো বা এক। "পাপ কল্লেই কোনো-না-কোনো দিন তার ভোগ হবেই। কোন(নো)মতে—কোন প্রকারে, কষ্টে-সৃষ্টে। "সঙ্কীর্ণ নদীটি চলি আসে. কোনো মতে, আঁকিয়া বাঁকিয়া চ.কা ১৩৯। যদি কোন মতে তারে, বারেক টলাতে পারে ন ৫০৭। কোনো... কোনো—কোনো-এক...কোনো-এক। "মাধব কোনো দিন কোনো বালকের পুস্তক লইত।—বিদ্যাসাগর।]

কোনটি, -টে ক্রি.বিং ['কোনঠাঁইএ'—মূল; অপ্র; ড়—কৌটি; তু 'কোণ্ট' (গো চ ১৫৬)] কোন স্থানে; কোথা। "কোনটে আছে তোমার পিতা ব.প ৭৫। কোনটে রইল সুতা গো.চ ৭৭; কোনটে না পড়িল ২৩৫। [কোনটেকার, কোনঠাকার—কোথাকার। "গো.চ ২৫; ৩০৭।]

কোন্দল বি [সং কন্দল] বিবাদ, কলহ। "গঙ্গা গৌরী দুইজনে বাধিল কোন্দল বি.পা ৮০। দুইজনে...লাগায় কোন্দল চৈ.চ ৪১। যাহার চাকরাণী নাই, তাহার ঘরে ঠকামি মিথ্যা সংবাদ কোন্দল...নাই ব.প্র ২৬৫। কোন্দলবিদ্যায়...কৌশল্যা পটুতরা ব.ছি ৩৮। [কোন্দলীয়া —সর্ব 'কন্দলিয়া'।]

কোন্ন, কোহ্ন বিং [কোন১ >(হ-আগমে) কোহ্‌ন >কোহ্ন,-ন্ন; অপ্র] কোন। "কোহ্ন না দেখল সিদ্ধি অ.প ৮; ৪৬। কোন্ন কালেঃ কোহ্ন কালে ৫৩। [কোহ্নে (তু 'কোনে২) —১ কোন জনে; কে। "কোহ্নে তরাইব মুই পড়িলুঁ সঙ্কটে অ.প ১০। ২ কোন। "উপরোধে কোহ্নে বাক্য না বোলে তাহারে অ.প ১০। কোহ্নো—কোনো। "সুখ ভুঞ্জিতেঁ মো, কোহ্নো না পাইলোঁ শ্রী.কী ৩৮।]

কোপ১ পুং [√কুপ্+অ (ঘঞ্)-ভা] ১ রোষ, ক্রোধ। "অক্ষি°, ওষ্ঠ°, °জ, কোপাগ্নি (S.W.)। কোপং রাঘবসিংহস্ত রা ১.৩.২৫। কোপাস্তস্কণভঙ্গুরাঃ হি ১.১৯৮। ২ প্রণয়কোপ। ৩ ধাতুবৈষম্যকারী দোষের বিকারবিশেষ; ধাতুদোষ। "মাঘ ২.৮৪। পবনঃ পরং কোপং যাতি (সুশ্রুত)। —পন বিণ [+যুচ্ (অন)-ক (পা ৩.২.১৫১); স্ত্রী -না] ১ যে হঠাৎ রাগে; কোপশীল, ক্রোধন। "হরিঃ পরমকোপনঃ রা ১.৩২.২৩। ২ [√কোপি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] কোপ-জনক, কোপনিষ্পাদক। ৩ পিত্তাদির দোষবিকারকারক; ধাতুকোপ-সাধক। "কোপনং কফবাতানাং দুর্নাম্নাং চাবিকং দধি (সুশ্রুত)। —ন ক্লী [[+অন-ভা] ১ দোষবিকারকারক ব্যাপার। "স্বদোষকোপনাদ্ রোগং লভতে মহা ১৪.১৭.১০। ২ ক্রুদ্ধীকরণ, রাগান। —ন পুং

কোপশীল জন। "কোপনস্তু কুতঃ সুখম্।—চাণক্য। —নক স্ত্রী চোর-নামক গন্ধদ্রব্য। —না স্ত্রী কোপশীলা স্ত্রী। "কয়াসি কামিন্ সুরতাপরাধাৎ…কোপনয়াবধূতঃ কু.স ৩.৮। [°জ্বলিত, °দীপ্ত (বিণ) —ক্রোধান্বিত, অতিক্রুদ্ধ, রেগে আগুন। °নজর—সরোষ দৃষ্টি। কোপে—কোপ হেতু। "কোপে…না ছইল সামী শ্রী.কী ২৫; ২৭।]

কোপ[২] '-প্' বি [দ্র 'কোপা[১]; অস কোর; cf., Gr. koptein —to cut; Dutch—kappen; Danish—kappe; Swedish—kappa; F. couper—to strike] ১ অস্ত্রের আঘাত। "কোপ খেয়ে নাগ হল রক্তিম আকার বা.ম ১৭২। কুড়ালের কোপ ম.ম ১১১। খড়্গ-কোপ চ.বি ১০৪; ৩১৪। তরবার-কোপ। —রঙ্গ ৯। বাবা পঞ্চানন্দের নাম করিয়া এক কোপে সাবাড় কর। —কমলাকান্তের দপ্তর। ২ সাজ্বাতিক বা মর্ম্মান্তিক আঘাত। "যাবে ত যাও, নিত্য ভয় দেখাও কেন সদা, মারো না কোপ, এরূপ কেন জবাই করে' বধা? —মন্ত্র ৬৯। [কোপ দেওয়া, মারা—অস্ত্রাঘাত করা। কোপ বসা—অস্ত্রঘাত গভীর হওয়া। "দু আঙুল কোপ বসেছে জা ২৯।]

কোপ[৩] অর্ম্ম [কোপ[১] >কোপ; অপ্র] ক্রুদ্ধ হওয়া। "কোপিল রাবণ কৃ.উ ৩৭; ৩৮। অন্তরে কোপিছে গ ৮৩। চ.বি ৫৪। কোপিয়া শ্রী.ম ২১২। কোপিবে শূলপাণি শি ৩১। ভ.গ্র ২৭২। কোপি মে ২০৫।

কোপা[১] সর্ম্ম [কুপ+আ[৯] > √কুপা > √কোপা] ১ কুপ করা, (গৌণার্থে) কোদাল দিয়া খোঁড়া; কোপান (জমি)। ২ অস্ত্র দ্বারা আঘাত করা; কাটা (কাষ্ঠাদি)। [কোপান—সর্থ 'কোপা[১]'। "কাষ্ঠ, জমি কোপান।]

কোপা[২] বি [কোপা[১]—মূল] ছাদ-প্রভৃতি কোপানর বা পিটানর নিমিত্ত কাঠের ক্ষুদ্র মুদ্গরবিশেষ।

কোপিত বিণ [√কোপি+ত (ক্ত)-র্ম্ম] ১ জনিতকোপ, ক্রোধিত, রোষিত। "গো.রা ১.৬৬.৩। কোপিতোহসি ময়া। রঘু ১১.৮৫। মাঘ ৪.৬৩। ২ [কোপ+ইত (ইতচ্)] সঞ্জাতকোপ, কোপান্বিত। "আরুণি কোপিত ম ২০১। কোপিত শরীর ব.প ৬৫২। চান্দ হইল কোপিত ম.ম ১৩৩; কোপিত মহাকালী ২১৫; ২১৭। গ ৮৪। দু ৮০; ৮৪; ৮৬। ৩ উত্তেজিত, উদ্দীপ্ত। "সারঙ্গ শবদে, মদন অতি কোপিত বি.প ১৭৬।

কোপিল বিং [কোপ+ইল[২]; অপ্র] কোপিত, কোপান্বিত। "কোপিল কাহ্নাঞি রহিলছে পাশে শ্রী.কী ১৯০; কোপিল কালীয় নাগ (দংশিল) ২৩১।

কোপী(-পিন্) বিণ [√কুপ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী-পিনী] ১ ক্রোধশীল, কোপন, রাগী। "মুনিং পরমকোপিনম্ গো.রা ৩.১৬.২৯। ২ [√কোপি+ইন্-ক] কোপকর, দোষসম্পাদক। "সিদ্ধার্থকঃ শোণিতপিত্তকোপী (সুশ্রুত)। ৩ [কোপ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] কোপবান্, কুপিত। "ময়ি কোপিনী গী.গো ১০.৩। কুটিল কটাক্ষ কুসুম শরে কোপিনী গো ২১৯।

কোপীন, কোপ্নী বি [সং কৌ°] সর্থ 'কৌপীন'। "কটীতে কোপীন শ্রী.মা ১.১৫। [কোপ্নী-আঁটা—কোপীন-পরা।]

কোপ্তা বি [ফা কোফ্তহ্] ভৃষ্ট পিষ্টমাংস।

কোফর বি [ফা কুফ্র্] পৌত্তলিকতা, প্রতিমাপূজা। "যতেক বামন মিছা পুথি বানাইয়া। কোফর করিল লোকে কুফর পড়িয়া॥ ভা.চ ৪৮০।

কোবিদ বিণ [কো (শাস্ত্র?) তাহার বিদ (জ্ঞাতা), ব.ত (অ.টী); ওকসো বেত্তস্থানস্ত বিদাঃ কোবিদাঃ, ওকারলোপঃ, পৃষোদরাদিত্বাৎ (পূ.মে ৩১, মল্লিনাথ) স্ত্রী -দা] ১ পণ্ডিত, প্রাজ্ঞ, বিদ্বান্। "অখ° মহা ৩.৫৩.১। ২ কুশল, নিপুণ। "বাক্য° রা ২.৩১.১৮; বস্ত্র্কর্ম্মণি কোবিদাঃ ৮০.৫। মন্ত্র° মহা ৩.১১০.৫০। ৩ জ্ঞাতা, বেত্তা। "ধর্ম্মকামার্থ° মনু ৭.২৬। বীর্য্য° ভ ১০.৯.১২। ৪ বিবেকী। "ভ ১.২.১৫। —দ পুং পণ্ডিত। "অভিজ্ঞাত° ভ ২.১৬.১। কোবিদকুল স.শ ৮। কোবিদ সকলে প.তু ১৫। কোবিদ-বৈদ্য মা ১৮৫।

কোবিদার পুং [কু (ভূমি)+বি-√দৃ+অ (অণ্)-ক, পৃষো, কোঃপ্যয়ং দারয়িতি কোবিদারঃ (হ ১২৬.৬৯)] ১ রক্তকাঞ্চনবৃক্ষ। "চিত্তং বিদারয়তি কস্য ন কোবিদারঃ।—ঋতু ৩.৬। ম ৪৪৩। ২ কোবিদার-দারু, কোবিদার কাঠ। "°কেতু উ.চ ৫.১। ৩ পারিজাত, মন্দার। "হ ১২৬.৭০।

কোমটমুছি বি [কমঠ >কোমট] বিবাহে স্নানের সময়ে বরের পায়ে ভাঙার নিমিত্ত কচ্ছপের খোলার মত মাটির মুছি (পাত্রবিশেষ)। "ম.ম ১৬৫।

কোমড়া বি [কুমড়া >°ড়া; অপ্র] কুম্মাণ্ড, চালকুমড়া। "প্রতিষির চালে দেখে সোণার কোমড়া গো.বি ৫৪।

কোমর বি [দ্র 'কমর'] কটিদেশ। "কি কাজে কোথাকে কও কসেছ কোমর শ্রী ৬৭। নরকর কোমরে (শ্যামাসঙ্গীত)। [কোমর কসা বা বাঁধা—বদ্ধপরিকর বা সজ্জিত হওয়া। °জল—কটি-পরিমাণ গভীর জল। °বেটা—কটিবন্ধন রজ্জু; ঘুনশি (ঢাকা)। °বাঁধা—বদ্ধ-পরিকর, যুদ্ধার্থ সজ্জিত। "কোমরবাঁধা নবলক্ষ দল শ্রী ২১৮। °ভাঙা—ভগ্নকটি, বার্দ্ধক্যে মাজা-ভাঙা।]

কোমরকষণী বি [√কষ্—কষণী; অপ্র] কোমর কষিয়া বাঁধার রজ্জু; কটিবন্ধ, কোমরবাঁধ। "ক্রোধে ধায় কোমরকষণী করে টেনে শ্রী ১২২; কষিল কুরঙ্গছালে কোমরকষণী ২৩২।

কোমরপাটা, -পাট্টা বি [হি কমরপট্টি: ঠ কমরপট্টা, -ট্টী] স্বর্ণের পট্টবৎ কটিভূষণবিশেষ; কাঞ্চী, পাটা। "সেইগুলি হ'লেই আপনি পরলে দিব্যি সাজতো! সেই কোমরপাটা, বিছে, নিমফল, হাঁসুলি। অ.গ্র ২৫।

কোমরবন্দ,-বন্ধ,-বাঁধ বি [ফ কমর্+বন্দ্; তু 'কটিবন্ধ'] কটিতে বাঁধার রজ্জু বা পট্টিকা; কটিবন্ধ, পেটী। "পটুকা কোমরবন্ধ শ্রী ১২৮। বুড়ার কোমরবন্ধ ফণী ভা.চ ৮২।

কোমরি, -রী বি [ফা কম্রী; কোমড়ি (মালদহ)] ১ ছোট ফতুয়া; সলকা। ২ অশ্বের কটিদৌর্ব্বল্য-রোগবিশেষ। ৩ গুরুভার তোলার জন্য কোমর-কচকান বেদনা। "পাওয়ার পিত্তেশ রাখি, কোমরিকেও ভয় করি বি.বু ৩৩।

কোমল বিণ [কম্+অল (কলচ্)-র্ম্ম; পৃষো (অ.টী); উ ১.১০৭] ১ পেলব, সুকুমার, মৃদু। বিপ 'কর্কশ'। "উৎপল°। তৃণাঙ্কুর-কোমলা (শিংশপা) রা (S.W)। °বিটপানুকারিণৌ বাহূ শ ১.১৯। ২ মনোজ্ঞ, ললিত। "কুসুমকোমলদন্তরুচো বভুঃ রঘু ৯.৩৫। প্রভুর কোমল ব্যবসায় চৈ.ভা ৯৭; কোমলগুণধাম ৪৫৩। ৩ সুখশ্রুতি, শ্রুতি-সুখকর, শ্লক্ষ, মধুর। "কোমলৈঃ কলরবৈঃ (ভর্তৃহরি)। সুকোমলৈ-র্বচনৈরনুনীয় (S.W.)। নূপুর বাজে শুনিতে কোমল কৃ ৫৮। কিছু বা কোমল কবে, কিছু বা দপটে শ্রী ১৫৮। ৪ কোমলশব্দযুক্ত। "মধুরকোমলকান্তপদাবলী গী.গো ১.৩। ৫ মৃদুল, মন্দ, ধীর। "ললিতলবঙ্গলতাপরিশীলনকোমলমলয়সমীরে গী.গো ১.২৮। হন্ত অতি কোমলগতি ব.প্র ২৭১। ৬ মৃদু, মসৃণ। "আমি যে কুসুমরাশি দিবা-রাত্রি লইয়া আছি,…ইহার অপেক্ষা তাহার স্পর্শ কোমল?—ব.প্র ২০০। ৭ অপ্রখর, স্নিগ্ধ। "মাধুর্য্যময় কোমলালোকে বেষ্টিত যে দেহ,… সে দেহ শ্মশানমৃত্তিকা হইবে?—ব.প্র ৭৪। ৮ সদয়, করুণ। "হৃদয় কোমল হইয়া ধর্ম্ম জিজ্ঞাসন্ত অ.প ৬৭। অত্যন্ত কোমল হই বলেন

বচন।—চৈ.ভা ২৫১। ৯ অচিরজাত, নব, কচি। "অর্কের কোমল পত্র করয়ে ভক্ষণ ম ৩৮। কোমল নিম্বপত্র চৈ.চ ৮৪। কোমল ধুতুরা-ফল ভাজা ব.প ১৩৫। ১০ নব, অল্প, তরুণ। "সে কোমল বয়সে সকল বুঝিতাম না ব.প্র ১৮২। —ল ক্লী ১ জল। তু 'কমল'। ২ পঙ্ক, কর্দ্দম (A.)। —লক বিণ [°ল+ক (কন্) স্বার্থে; স্ত্রী -লিকা] কোমল। —লক ক্লী ১ জল। ২ [+ক সংজ্ঞার্থে] মৃণাল; মৃণালসূত্র (A.)।—লা স্ত্রী ক্ষীরিকাবৃক্ষ।

কোমলক, কোমলা; কোমলে দ্র 'কোমল; কইলা'।

কোমলিনী বিং [কোমল+ইনী; বৈষ্ণবসাহিত্যে] কোমল। "তনু অতি কোমলিনী বি.প ১৬।

কোম্পানি বি [E. company] ১ ব্যবসায়ার্থ মিলিত জনসমূহ; বণিক্‌সম্প্রদায়, মিলিতব্যবসায়িগণ। ২ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি নামে ইংরেজ-বণিক্‌সমূহ। "শ্রীযুৎ কোম্পানির নামে যে ক্রয় বিক্রয় হইবেক তাহারি নিয়ম থাকিবেক কৃ.চ ৬২। [ইঁহারা বাণিজ্যার্থে ভারতে আসিয়া ক্রমে ক্রমে ইংরেজ-রাজত্বের প্রতিষ্ঠা করেন। পরে মহারাণী ভিক্টোরিয়া রাজ্যভার গ্রহণ করিলেও, কোম্পানির নাম চলিয়া আসিতেছে।] [কোম্পানির আমল—কোম্পানির শাসনকাল, ইংরাজরাজত্বের সূত্রপাতকাল। কোম্পানির কাগজ—ইংরাজরাজের ঋণগ্রহণার্থ স্বীকারপত্র (Government Promissory note)। কোম্পানির মুলুক—ইংরেজ-শাসিত দেশ।]

কোযষ্টি পুং জলকুক্কুভ, কোড়া। "মনু ৫.১৩। যাজ্ঞ ১.১৭৩।

কোয়া; কোয়াড়; কোয়াল দ্র 'কোআ; কোআড়; কল'।

কোয়ালা বি [?] নটজাতি (ইহারা জায়া দ্বারা জীবিকার্জ্জন করে)। "জায়াজীবী বসিল কোয়ালা ক.চ ৯০।

কোয়ালি বি ['গোহালিয়া'—মূল] যাহারা গোহালীয়া গীত (মাণিকপীরের গান বা গো-সম্বন্ধী) গান, করিয়া জীবিকার্জ্জন করে। "গোহাল্যা গাইয়া গীত, কোয়ালি ফিরিয়ে নিত ক.চ ৯০।

কোয়েল বি [সং কোকিল >প্রা কোইল >বা (কোএল) °ল; হি কোয়ল; ঠ কোইল, -য়াল; প, সি, মৈ কোইল; গু কোয়ল] কোকিল। "গাহিছে কোয়েল স.স্ব ৪৮।

কোর[১] পুং [√কুল্ সংঘাত+অ (অচ্)-ক] ১ কোরকাকৃতি অঙ্গুলি-মণিবন্ধাদিস্থিত দেহস্থসন্ধিবিশেষ। "সুশ্রুত ৩.৫.২৮। ২ কোরক, কলিকা (A.)।

কোর[২] '-র্' বি [দ্র 'কোল[২], বৈষ্ণবসাহিত্যে] ১ কোল, অঙ্ক। "বেণ্যানী কোরে চ.দা ৪৫। বৈসায়ল নিজ কোর বি.প ১২৮; কোরে আগোরে ১৪০,-৫১; ২০৩। কোরে প.র ১২। রাইক কোরে গো ১৬৪। কোরে আগোরি রা.শে ১৪। ২ সমীপ, কোল, কাছ। "বিধু কোরে কুমুদিনী মলিন ভেলি বি.প ৬৩; উরে দোলে শ্যামল বেণী। কমলিনী কোরে জনু কালসাপিনী॥—১৮৮। নবীন মেঘের কোরে. বিজুরী প্রকাশ করে জ্ঞা ১৩। নাসিক ওর, মোতিম কোর ব ৬৩। ৩ বৃক্ষের কাণ্ডের নিকটস্থ তলদেশ। "কে হেরিবে শূন্য কদম্বক কোর ব.প ১৮০। ৪ (সাদৃশ্যে) গুহা, খোর। "বলাৎকার কৈলি তারে পর্ব্বতের কোরে কৃ ২৫২।

কোর[৩] '-র্' বি [সং ক্রৌর্য্য >প্রা° কোরিয় >বা কোর; হি, ঠ কোর; অপ্র] ১ ক্রূরতা, বক্রতা, কুটিলতা, ছল। "অন্তরের কোর যাউ সুখে কর স্থিতি ভ.প্র ৪৭২। ২ [গোল >কোর; হি কোর (কোণ)—কিনারা, অস্ত্রের ধার; তু 'তা কুট্—curved] বক্রভাব, বৃত্তখণ্ডবৎ যা চন্দ্রকলাতুল্য আকার। "°বাটালি। [কোর ক'রে কাটা—বাঁটালি দিয়া কাঠ বা কাঁচি দিয়া কাপড় বৃত্তখণ্ডাকারে গোল করিয়া কাটা। °বাঁটালি—যে বাঁটালির পাতা ডোঙার মত। কোরই ঘর—বৃত্তাকার দেওয়ালের ঘর; গোলঘর। কোর-কার, কার-কুর—ছল-কপট, ক্রূরভাব। কোর-কাপ—ছল-ভান, কুটিলতা। "সুপারিণ্টেণ্ডেণ্ট্ সাহেব সাদা লোক, কোর-কাপ বোঝেন না হু ৭।]

কোর[৪] '-র্' বি [হি কোর >°র; দ্র 'আনকোরা'] 'নূতন'; (মাড়-দেওয়া নূতন কাপড় হইতে গৌণার্থে) মাড়, কলপ্। [কোর-দেওয়া বা কোর-মাথা(কা)ন কাপড়—মাড়-দেওয়া কাপড়। "কোরমাকান নতুন কাপড় হু ১৮৮।]

কোরক[১] পুং, ক্লী [কোর+ক(কন্) স্বার্থে; √কুর্ (শোভা)+অক (ণক)-ক (অ.টী); তু 'তা কুট্—curved] ১ কলিকা, মুকুল, কুঁড়ি। "বৃক্ষাঃ...সপুষ্পাঙ্কুরকোরকাঃ রা ২.৫৯.৪। কোরকাবস্থ শ ৬.৪। মাঘ ৭.২৬। কনক পদ্মকোরক সম দুই তনে শ্রী.কী ২৩। কুচভয়ে কমলকোরক জলে মুদি রহু বি.প ৮। কদম্বকোরক জিনি দুই পয়োধর ম ৯৫৩। দশন...কুন্দকোরক সমান ম.ভা ২০। কোরক সমান কুচে শ্রী.মা ৪৯। কদম্বকোরকসম কুচের বলন ৮৪। উচ কোরক°-রুচ চোরক° কুচ জোরক সাজে ঞ.প ৩৭। কুচকুম্ভ কদম্বকোরকসমতুল শি ৩০। কমলকোরক (কুচ) ভা.চ ৯। কুন্দ-কুটজকোরক-বিমোহন (দশনরুচি)।—রঙ্গ ২০। গান ১৩১। ২ মৃণাল। ৩ কক্কোল। ৪ চোরনামক গন্ধদ্রব্য। ৫ কোরকসদৃশ বস্তু। "স্তনকোর-কোপরি গী.গো ১২.১৪, টীকা। [কোরকিত—সঞ্জাতকোরক, মুকুলিত।]

কোর(রো)ক[২], **ক্রোক** বি [আ কু.রক্.—attached; কু.রকী—attachment] আদালতের সাহায্যে ভূম্যধিকারী কর্ত্তৃক বা রাজা কর্ত্তৃক প্রজার বিষয়াদি আটক করা। "ফসল সবে চাকলা কোরক হইয়াছে E.P. 50; 51. [কোরকী, ক্রোকী—কোরকসম্বন্ধী (পরোয়ানা, সম্পত্তি)।]

কোরপা, -ফা বি [ফা কোর্ফা] যে প্রজা রাইয়তের অধীনে ভূমি ভোগ করে; রাইয়তের অধীন রাইয়ত।

কোরফুল '-র্-ল্' বি [সং কর্পূর; আ কাফর্; কোর্পুল্ (ত্রিপুরা—স্ত্রীভাষা); গ্রাম্য] কর্পূর। "গো.চ ১১।

কোরবানি, -নী বি [আ কু.র্বান্, -নী] মুসলমান-শাস্ত্রানুসারে রোজার শেষে পর্ব্বদিনবিশেষে পশুবলি। [কোরবানী করা—ঐরূপে পশুবলি দেওয়া।]

কোরমা বি [র্ক কো.র্মা] যূষ বিনা কেবল ঘৃতে পক্ক মাংস।

কোরল বি [সং কুরর, -ল] চিলজাতীয় পক্ষী; কুল্লো। "ম.ভা ৩৭।

কোরস্ বি [E. chorus] সম্মেলক-সঙ্গীত; ধ্রুবপদ, ধুয়া। "(পূর্ণ কোরস্) জয় জয় অনাদি ঈশ্বর" ইত্যাদি।—হেম ২৪৪; ২৫১।

কোরা[১] বি [হি কোরা; দ্র 'আনকোরা'] যাহার ব্যবহার হয় নাই; নূতন, তাঁত-কাটা, আধোয়া, অর্থাৎ ধোব-পড়া নয় (ধুতি, চাদর)। "সেগুলি (ধুতিচাদর) আজও কোরা থাকায় তাঁরে দেখতে বড় মন্দ দেখায় নি।—হু ১৬৩। [কোরা কাপড়—ধোব-না-দেওয়া বা আধোয়া কাপড়।]

কোরা[২] বি [√কুর[২]+আ; তু 'সং কোরিত—চূর্ণীকৃত; 'নারিকেলের ফুল' (বীরভূম, মুরশিদাবাদ)] যাহা কুরনী দিয়া খোঁড়া হইয়াছে; কুরনী দিয়া খোঁড়া চূর্ণতুল্য নারিকেলের শাঁস (cocoanut scrappings)। নারিকেল কোরা দিয়া রান্ধে মুসুরীর সুপ ম.ম ৯৫। [কোরান—কুরনী দিয়া খোঁড়ান। রসকোরা, -করা—চিনির রসে পক্ক নারিকেলকোরার সন্দেশবিশেষ।]

কোরা[৩] বি [কোঁড়া[১] >কোরা] গোদের উপরিজাত অঙ্কুরতুল্য মাংস-পিণ্ড। "গোদের কোরা খুটিয়া থাকিবা বি.পা ৩৩৪।

কোরাণ, -ন বি [আ কু.রান্] মুসলমানদিগের প্রধান ধর্ম্মগ্রন্থ। "°প ক.চ ৮৫। কোরাণেতে বয়েদ আছে জা ৩৫।

কোরাল বি ['করাল'—মূল (?)] ভেকুটজাতীয় মৎস্যবিশেষ; বড় ভেকুট। "ম.পা ১১১; ১৩১।

কোরী বি [সং কোলী; বৈষ্ণবসাহিত্যে] বদরী, কুলফল। "কুচ কোরী ফল বি.সা ১১৩। [কোরী—কোরা, নূতন (টীকা)।]

কোরেন্তা বি [P. Quaranta] প্রেমারার দান। দ্র 'প্রেমারা'।

কোর্ত্তা দ্র 'কুরতা'।

কোল[১] পুং [√কুল্ সংঘাত+অ (অচ্)-ক; তু 'সং ক্রোড় >প্রা কোল (প্রা.ম)] ১ যে সংহত বা মিলিত থাকে; শূকর। "মহাকোল রূপে শ্রী.কী ২৩৫। শ্রী.মা ১১৭। বা.দ ৮৯। ২ [+অ (অল্)-ণ (অ.টী)] প্লব, ভেলা। ৩ ক্রোড়, অঙ্ক। ৪ আলিঙ্গন, আশ্লেষ। "রাম কোল দেন সুগ্রীব বানরে কৃ ১৬৮। কাল আসি দিল কোল ক.চ ৬৭। ৫ বক্ষঃস্থল। তু 'সমকোল' (সর্প)। ৬ নেটধীবর-কন্যায় জাত সঙ্করজাতিবিশেষ (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)। "পুরান্তে নিবসে কোল ক.চ ৯০। ভা.চ ২৭৩। ৭ শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতিবিশেষ। "কোল থল জাতি শ্রী ১৩। [ইহাদের নামান্তর 'চোল' (হ, ১৪শ অধ্যায়; দ্র 'কেরল')।] ৮ মধ্য ভারতের অসভ্যজাতিবিশেষ (Wilson)। ৯ শনিগ্রহ। ১০ অস্ত্রবিশেষ। ১১ চিত্রক বৃক্ষ। ১২ (বহুব) জনপদ (দেশ) বিশেষ; পুরুবংশীয় কোলরাজের রাজ্য (হ, ৩২শ অধ্যায়)। —ল ক্লী ১ 'কোলীবিকার', বদরী, কুল। 'ছান্দোগ্য ১.৩.১। ২ শৃগাল-কোলি, শিঁয়াকুল। ৩ (সাদৃশ্যে) মরিচ। ৪ চব্য, চই। ৫ তোলক-পরিমাণ (বৈদ্যক)। —লা স্ত্রী ১ কোলিবৃক্ষ। ২ পিপ্পলী। —লি, -লী স্ত্রী কর্কন্ধুবৃক্ষ, কুলগাছ। —লি বি (বাঙলায়) বদরীফল। চৈ চ ১৫৮; ৩১১; ৩৪৭। [কোলিখণ্ড—খণ্ডমিশ্র কুল; °চূর্ণ—কুলের চূর্ণ (গুঁড়া)। °শুঠী—কুলশুঁঠা, শুষ্ককুল। "চৈ.চ ৩১২।]

কোল[২] '-ল্' বি [সং ক্রোড় >প্রা কোল (প্রা.ম); হি—কোল; ঠ কোর—প্রান্ত, ধার; গু খোলী—অঙ্ক; তু 'কৌল'—কোল, আলিঙ্গন (শ্রী.কী)] ১ অঙ্ক, ক্রোড়। "কোলে কাখে করি তার করিহ পালন।—ক.চ ২২। অলি পিয়ে মকরন্দ কমলিনী-কোলে। —ভা.চ ১৪২; কোলে তার তিন বেটা ৫২৮। কামিনী-কোমল-কোল ন ৪২৮। ২ প্রেমালিঙ্গন। "রাধা দেহ মোরে কোল শ্রী.কী ৫৭; ৭২। কোল ব.প ৯৭৫। ৩ সমীপ, নিকট, কাছ। "নেউটিয়া আল্য বাণ শত্রুঘনের কোলে কৃ.উ ১৮৯। পুনর্ব্বার বাণ আইল শ্রীরামের কোলে কৃ ১৫৮। কোলে নিধি খরচ করিতে হয় খুন ভা.চ ৪০৭। ৪ নিকট-বর্ত্তী স্থান; সম্মুখভাগ। "আমি সব বঞ্চিত সবার কোলে ভেট ক.চ ২৪৬। বনের কোলের কাছে, সমীরণ জাগিয়াছে।—গান ৭৪। ৫ ক্রোড়ের বা কক্ষের সন্নিহিত স্থান। "কোলে কাছে থাকিতে সদাই হই হারা ক.চ ২৬। নাগরী নাগর কোলে নিদ্রায় মগন শ্রী ২১৭। ৬ অব্যবহিত পরবর্ত্তী স্থান। "তার (চন্দ্রহারের) কোলে পদক প্রসূন শোভা পেল।—শ্রী.ম ৯৬। রজতের কঙ্কণ রহিল তার কোলে শি ১৬। ৭ মৎস্যের কোলের বা পেটের মাছ; পেটী। "চিতলের কোল ম.ম ৯৫; ১৪৫। ক.চ ১৫৮। কাতলার কোল বি.পা ১৬৭। ভাজা কোল ভা.চ ৫৪৭। ৮ সঙ্গ, সহবাস। "পড়িয়া কদলির ভোলে রহিলা কামিনীর কোলে।—মী ১৭। তেজিয়া কামিনীকোল, শুনিবা ত্রিকাল বোল ম.গা ২৬। না থাক কামিনীর কোলে গো.বি ২৬; ৯৯। ৯ (সাদৃশ্যে) অধিকৃত সুরক্ষিত ও সন্নিহিত স্থান; হাথের কাছ। "ত্রিভুবন জিনিঞা আইলু একেশ্বর। এতেক প্রমাদ পাড়ে কোলের ভিতর॥—কৃ.উ ১০০। ১০ (সন্তানের ক্রমানুসারে) পর, পিঠ। "হীরা নিদয়ারে বলে, কি হইয়াছে পুত্রকোলে ক.চ ৪৬। ছয় সহোদর কোলে দুলালী ভগিনী ম.ভা ৩৩। ব.প ২৬১। ১১ অদূর ভবিষ্যৎকাল। 'পুণ্য-ভূমি বটে, কিন্তু কোলে কাল কলি শ্রী ২৬২। ১২ (অপ্র) সম্মুখভাগ, অগ্রভাগ! "কৃষ্ণ কোলে করি রাজা গৃহে প্রবেশিল অ.প ১১। [কোল-আঁচল—শাড়ীর কোলের দিকের আঁচল, যাহার খোঁট ডান দিকে গুঁজিতে হয়। কোল-আঁধার—দীপাধারের বা দীপধারকের নিম্নস্থিত আঁধার; দীপচ্ছায়া। কোল-আঁধারী রাত—যে রাত্রির প্রথমে আঁধার; কৃষ্ণপক্ষের রাত্রি। কোল-আলো-করা ছেলে—মায়ের কোল শোভা করে, এমন সুন্দর ছেলে। কোল-কাঙলা ছেলে—যে ছেলে মায়ের কোল পায় না, যার-তার কোলে যায়। °কুঁজা—কোলের দিকে (সামনে) কুঁজা। °ছাবালে—যে মায়ের কোলে স্তন্যপায়ী ছেলে বা শিশু আছে। °জোড়া, °পোরা, °ভরা ছেলে—কোল-ভরা শিশু; হৃষ্টপুষ্ট ছেলে। কোলজোড়া (যোড়া) হ'য়ে থাকা—মায়ের কোল পূর্ণ করিয়া থাকা, অর্থাৎ দীর্ঘজীবী হওয়া। "জীয়ে থাকুক জননীর কোল-জোড়া হ'য়ে শ্রী.মা ৩৯। হকু বাছা বেঁচে থাকুক কোল-যোড়া হ'য়ে শ্রী ৪৪। কোল দেওয়া—আলিঙ্গন করা; জড়াইয়া ধরা। "(দুই ভাই) নন্দে গেল কোল দিয়া শ্রী.ম ১৩৭। সর্ব্বশরীরে···দেই কোল ক.চ ১৪৮; কোল দেহ হাসিয়া বহিনি ক.চ ১৪৯। অতিকামে...শ্রীফল বুকে দিল কোল ম.ম ৭; বালিশে দিল কোল ১৯৬। শ্রী ৬৪। প্রভু বুকে কোল দিলে ব.প ৫৪৬। কোল-পোঁছা, -মোছা ছেলে—সকলের ছোট বা কনিষ্ঠ পুত্র। কোলবর—যে বালক বরের কোলে বা পাল্কিতে বসিয়া যায়; নিতবর। কোল-বালিশ—পাশবালিশ। কোলে আঁধার—নিকটে দৃষ্টির অভাব, অর্থাৎ নিকটস্থ দ্রব্য না দেখা। কোলে করিয়া থাকা —রক্ষণাবেক্ষণ করা। "ফুল্লরা রহিল ঘরে ধন করি কোলে ক.চ ৭৩। কোলে কাঁখে বা পিঠে করিয়া মানুষ করা—কোলে লইয়া, কাঁখে করিয়া বা বহন করিয়া, অর্থাৎ সকল প্রকারে আদরযত্নে সন্তান পালন করিয়া কার্য্যক্ষম করা। "ক.চ ২২। কোলের ছাওয়াল, ছেলে —১ যে ছেলে এখনও কোল ছাড়ে নাই; নিতান্ত শিশু। "পাপ পুণ্য জানে নাই কোলের ছাওয়াল শ্রী.মা ২২২। ২ সকলের ছোট ছেলে। "মোর কোলের ছেলেডার গা তেতো করেলো নী ২৭। কোলের বাছা—শিশুসন্তান; অবোধ শিশু। "প.কা ২৫। কোলের মাছ—পেটের মাছ; মাছের পেটী।]

কোল[৩] '-ল্' বি [সং কোলপুচ্ছ > °ল] কঙ্ক, কাঁকপাখী। "ক.চ ১২৫।

কোলক ক্লী [কোল+ক (কন্) স্বার্থে, 'কক্কোল'—মূল ?] ১ কক্কোল-নামক গন্ধদ্রব্য; কাঁকলা। "রঙ্গ ২২৯। ২ মরিচ।

কোলগিরি পুং [তু 'কোল্লগিরি' (মহা ২.৩১.৬৮)] দাক্ষিণাত্যস্থ পর্ব্বতবিশেষ; কোলাচল। "ম ২৯৯।

কোলদারোগা বি ['ক্রোড়দারুক'—মূল] নৌকার কানার (ডালির) কোলে খেড়ের (খাড়া কাঠের) মাথায় লম্বাভাবে সংলগ্ন দীর্ঘ সরু কাষ্ঠখণ্ড (চব্বিশপরগনা)।

কোলদেব বি [কর্ম্মধা] বরাহাবতার। "ন.প ৬; ৩৭।

কোলপাতলা বিং কোলে পাতলা, অর্থাৎ পরস্পর কিঞ্চিৎ দূর-দূর বা ঠেসাঠেসি নহে; বিরলসন্নিবিষ্ট। "কোলপাতলা ডাগর গুছি। লক্ষ্মী বলেন ঐ থানে আছি॥—খনা।

কোলপুচ্ছ পুং [উ.বহুব্রী] কোলপুচ্ছবৎ যাহার পুচ্ছ; কঙ্ক।

কোলম্বক পুং [√কুল্+অম্ব (অম্বচ্)-ধি+ক (কন্) সংজ্ঞার্থে; 'কোল' (ম্লেচ্ছবিশেষ)—মূল (?); অপ্র] তন্ত্রীদণ্ডসমুদায়যুক্ত বীণার কায়; (মতান্তরে) অলাবুদণ্ডাদিযুক্ত তন্ত্রীহীন বীণাকায় (শ.ক)। "মুকুতাথচিত, কোলম্বক মে ১৫৬।

কোলশরা, -সরা বি কোলে কোলে (বুকে বুকে) মিলাইয়া হরিদ্রা-বস্ত্রে জড়াইয়া-বাঁধা শরাবদ্বয় (ইহা বিবাহের অধিবাসের দ্রব্যবিশেষ)। "সর্ব্বস্ব পোটলীভরা, বান্ধি নিল কোল-সরা ক.চ ১২২।

কোলা বি [সং গোলক >প্রা-গোলঅ, (পৈশাচী) কোলঅ >ব

কোলা (?)] ১ মৃন্ময় গোল বৃহৎ জলাধারবিশেষ। ২ [ফা কলান্—বড়; হি খোল; ঠ খোল.গা—গর্ত্ত] গর্ত্তবাসী একপ্রকার বড় ভেক; কোলাবেঙ, খোলবেঙ। "গলাফুলো কোলাবেঙ, ডাকিছে গ্যাঙর-গ্যাঙ।—পদ্মমালা। ৩ (সাদৃশ্যে) গোরুর গলার ভিতরে স্ফীতি-রোগ-বিশেষ।

কোলাকুলি, -কোলি বি [কোল-আ+কোল-ই] পরস্পরের কোলে-কোলে বা বুকে-বুকে সংশ্লেষ; পরস্পর আলিঙ্গন। "ভীমার্জ্জুন সহ কৃষ্ণ কৈল কোলাকুলি ম ২৭৬। হনুমানে বিদায় দিল করি কোলা-কুলি কৃ.উ ২৫৯। দুই সই কোলাকোলি ক.চ ৬১; ১৩৫। হইল কোলাকোলি চৈ.ভা ২৬১। কোলাকুলি ডালে ডালে সা.ম ৪৯। [কোলাকুলি ('কলকলি' সাধু; লিপিপ্রমাদ ?)—কোলাহল। "লোকের কোলাকুলি ব.প ৪০৫]

কোলাচ '-চ্' বি [কোল২—মূল; কোলাঞ্চল—মূল?] ১ নিকটবর্ত্তী বা পার্শ্বস্থ স্থান; ধার (প্রাদেশিক)। "বিল°" (বিলের আশপাশ)। ২ [কোলপাত >কোলাৎ, কোলাচ?] তালপাতার ডাঁটার কোল (বুক বা উপরিভাগ) হইতে কৃত পাতের মত ছোটা বা বেতি (ইহাতে মোড়া ছায়, ধুচনী চেঙারি প্রভৃতির মুখের বেড় বাঁধে)]

কোলাচল পুং [কোল অচল, কর্ম্মধা] দাক্ষিণাত্যস্থিত পর্ব্বতবিশেষ। "°মল্লিনাথসূরি (সঞ্জীবনীটীকাশেষে)।

কোলানী বি ['কোল'—মূল?] কোলে আনার (বশ করার) নিমিত্ত আপাত-অনুকূল বৃথা আশ্বাস। "শেষে ফাকি, আগে দিয়া কথার কোলানী ভা.চ ৩৪০।

কোলাপোষ বি কোলজাতি (?)। দ্র 'কোল (৭)। "প্রথম গড়েতে কোলাপোষের নিবাস ভা.চ ২৬৯।

কোলাবেঙ, -ব্যাঙ বি [দ্র 'কোলা২] ভেকবিশেষ। "আঁখি মেলি প্রাণ দিল যেন কোলাব্যাঙ্গ॥—শ্রী.ম ১০৮।

কোলাহল পুং, ক্লী [কোল (সংঘাত)+আ-√হল্+অচ্ (অ.টী; ধ্বন্যাত্মক (?); তু 'কোলাহল'—খগরুত (দেশী ২.৫০)] দূরগামী মিলিত বহুবিধ অব্যক্ত ধ্বনি; কলকল, গণ্ডগোল, শোরগোল। "স্ফুট° রা (S.W.)। পক্ষিশাবকৈর্ব্বয়ার্ত্তৈঃ কোলাহলঃ কৃতঃ হি ১$\frac{৫৭}{৬}$। শৃগাল-বৃন্দস্য কোলাহলঃ।—পঞ্চ ১$\frac{২৮}{৮}\frac{৪}{৫}$। বিমানের কোলাহল ক.চ ১২; অমরগণ করে কোলাহল ১৫।

কোলি, -লী, কোলিখণ্ড, -চূর্ণ, -শুণ্ঠী দ্র 'কোল১'।

কোশ১, -ষ পুং, ক্লী [√কুশ্, √কুষ্+অ (ঘঞ্)-ধি; √কুষ্ নিষ্ক্রমণ+অ-অপা (অ.টী); তু 'কোশ'—মেঘ, রস, জলোদ্ধরণপাত্র, পাত্র (ঋগ্বেদ, ১.৮৭.২; ২.১৬.৫; ৪.১৭.১৬; ৬.৪৭.২৩)] ১ যাহাতে ফলোৎপাদক দ্রব্য নিকৃষ্ট হয়; যাহা হইতে ফল বা শাবক নিষ্ক্রান্ত হয়; কুট্মল, কুঁড়ি। "পঙ্কজ° রঘু ৩.৮; বিভিন্ন° ১৩.২৯। অকোষাণীব পদ্মানি রা (S.W.)। ২ অণ্ড, ডিম্ব। ৩ খড়্গপিধান, খাপ্। "মহা-কোষনিবাসী চ মহাসিঃ রা (S.W.)। বিকোষং খড়্গম্ মহা ৩.৬২.১৮। ৪ পিধানমাত্র, আবরণ, খোল। "নারিকেলফলং যদ্বৎ সকোষং বৃদ্ধিমৃচ্ছতি (মার্কণ্ডেয়পুরাণ)। ৫ পাত্র, ভাজন, ভাণ্ড। ৬ পেটক, মঞ্জুষা। ৭ শিম্বা। ৮ পনসাদিমধ্যস্থ বীজাবরণ; কোয়া। "কণ্টকীফল কোষ-আঁঠি-হীন ব.প ১৩০০। বিষতপ্রমাণ কোষ দিলেক কাঁঠাল কৃ ৩২৯। ৯ বীজাধারমাত্র। ১০ গোলকাকার পদার্থ। "নেত্র°।—গো.রা ৩.৭৯.২৮। ১১ গোলক, গোলা। "সূত্র°। ১২ রেশমপোকার গুঁটি (cocoon)। "যাজ্ঞ ৩.১৪৭। ১৩ মুক্তাবরণ। "অণ্ড°। ১৪ বাদামাদির কঠিন আবরণ। ১৫ গর্ভাশয় (সুশ্রুত)। ১৬ অণ্ড (?) (testicle)। ১৭ শিশ্ন (Wilson)। ১৮ জাতী-কোষ, জায়ফল। ১৯ জাতীপত্রী, জয়িত্রী। ২০ ভাণ্ডাগার, ধনাদি-গৃহ, ভাঁড়ার। "মনু ৮.৪১৯। ২১ অর্থরাশি, বিত্ত। "ক্ষীণ°, পীত°, °গণন, °হীন (S.W.)। কোষজাত রঘু ৫.১। ঘনরাম ভণে যার গুরুপদ 'কোষ শ্রী ৯৮। ২২ কৃতাকৃত (অর্থাৎ ভূষণাদিরূপ ও আকরিক) স্বর্ণ ও রৌপ্য। ২৩ আশ্রয়, আধার। "সর্ব্ববিকার° ভ ২.১.৩৪। ২৪ কোষবৎ আচ্ছাদক ত্বগাদিকৃত আবরণ। "শরীর°, কৌশিকী। ২৫ (বেদান্তে) প্রসিদ্ধ অন্নময়াদি পঞ্চ পদার্থ। "অন্নময়°, প্রাণময়°, মনোময়°, বিজ্ঞানময়°, আনন্দময়° (বেদান্তসার)। ২৬ শব্দাদিসংগ্রহ, অভিধান। "অমর°, উণাদি°, মেদিনী°, রত্ন°, বিশ্ব°। ২৭ সমূহ। "হিমকোশাঢ্যঃ (হিমবান্) রা ৩.১৬.৯। ২৮ পুটাকৃতি পাণি; অঞ্জলি। "°বারি। ২৯ পরস্পরনিরপেক্ষ শ্লোকসমূহ; আর্য্যাসপ্ত-শতী, সুভাষিতাবলি ইত্যাদি (সা.দ ৬.৩২৯)। ৩০ (স্মৃতিশাস্ত্রে) পঞ্চ দিব্যের একতম। "কোষবারি ক.সা ১১৯.৩৫; ৪২। [অভিযুক্ত ব্যক্তি দুর্গাদি উগ্রদেবতার তিন প্রসৃতি (তিন কোশ) স্নানীয় জল পান করিয়া যদি দুই বা তিন সপ্তাহের মধ্যে রোগাদিযুক্ত না হয় তাহা হইলে সে শুদ্ধ, অন্যথা দোষী বলিয়া নিরূপিত হয় (বিষ্ণু ১৪; যাজ্ঞ ২.৯৭)।] —শী, -ষী স্ত্রী [°শ, -ষ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ কুট্মল। ২ বীজাধার। ৩ পাদুকা। ৪ শুঙ্গা, শস্যের শুঁয়া। [°গৃহ (ক্লী)—ভাণ্ডাগার, ধনাগার। "রা ২.৩৯.১৬। রঘু ৫.২৯। °জাত (ক্লী)—বিত্তসমূহ, অর্থরাশি। "রঘু ৫.১। °পাল (পুং)—কোশরক্ষক, ধনাধ্যক্ষ। "মহা ১৫.২২.২১। °বান্ (-বৎ) বিণ—কোশযুক্ত, ধনবান্, ধনিক। "মহা ১.১৪৭.১১। ক.সা ৬১.২১৫। °বাসী (-সিন্) পুং—১ যে কোশে বাস করে; শুক্তিশম্বুক-প্রভৃতি। ২ তন্তুকীট, গুটিপোকা। °বৃদ্ধি (স্ত্রী)—১ ধনসঞ্চয়বৃদ্ধি। ২ অণ্ডকোষবৃদ্ধিরোগ। °ব্যসন (ক্লী)—কোশসম্বন্ধী দোষ; অতিব্যয় অযত্ন অধর্ম্মে অর্জ্জন ইত্যাদি পঞ্চদোষ। 'হি ২.৯৩। °হীন (বিণ)—ক্ষীণকোষ, অল্পধন। "মনু ৭.১৪৮।]

কোশ২ '-শ্' বি [সং ক্রোশ >প্রা কোস, (মাগধী) কোশ] দুই মাইল পরিমিত পথ। "গো.চ ৫৯। ব'সলে যোজন দাঁড়ালে কোশ। পথ বলে আমার কি দোষ॥—প্রবচন।

কোশকার, -কারক পুং [কোশ+√কৃ+অ (অণ্)-ক; উ.ত; ষ.ত] ১ 'কোশনির্ম্মাতা', কীটবিশেষ, তন্তুকীট, গুটিপোকা। "°র ভ ৬.১.৫২। °ক যাজ্ঞ ৩.১৪৭। ২ ইক্ষু, ইক্ষুবিশেষ, কুশার। ৩ খড়্গাদির আবরণকারক। ৪ অভিধানকারক।

কোশ(সে)ল পুং, বহুব [√কুশ্ দীপ্তি+অল (কল)-ক, বাহুলকে গুণ, উ ১.১০৬, টীকা] ১ দেশবিশেষ বা জনপদবিশেষ। "মহা ৬.৯.৪১। ২ তদ্দেশবাসিগণ। "মহা ২.১৪.২৭। ৩ সরযূতীরস্থ জনপদবিশেষ; উত্তর কোশল। "কোশলো নাম…জনপদো মহান্ রা ১.৫.৫। কোশল-রাজ্য সী ১। ৪ পূর্ব্বকোশলদেশ (কৌশল্যার পিতৃরাজ্য)। "রঘু ৯.১৭। কোশলের রাজা সে কোশল দণ্ডধর কৃ ২৯। ৫ (লক্ষণায়) কোশলরাজ, কৌশল্যাজনক। "°জা, কোশলাত্মজা।—কৃ ২৯। [কোশলদেশ দুই ভাগে বিভক্ত,—উত্তর কোশল ও পূর্ব্বকোশল। উত্তর-কোশলের রাজধানী অযোধ্যা বা কোশলা (উত্তরকোশলেশ্বরঃ—রঘু ৩.৫; ৯.১; ১৮.৭; ২৭)। পূর্ব্বকোশল কৌশল্যার পিতার রাজ্য (প্রাক্‌কোশলান্ নৃপান্—মহা ২.৩১.১৩)।] —লা স্ত্রী অযোধ্যাপুরী, সাকেত (যাদব)। "মহা ৩.৮৫.১০। [°জা, °লাত্মজা (স্ত্রী—কোশল-রাজকন্যা, কৌশল্যা।]

কোশা১, -ষা বি [সং 'কোশ, -ষ'—মূল] ১ কোশের (অঞ্জলির) মত তাম্রময় পূজার্থ জলপাত্রবিশেষ। "কোশা কুশী কুশাসন ভা.চ ১৫২। কোষা কুষি করে ন ৪৯৬। কোশা কুশি করে রা.শে ৬৮। কোশা কুশি শ্রী ১৩৮। গণ্ডারের শৃঙ্গে গড়া কোষা কোষী মে ১৯৫; কোষা

তুলি ভীমবাহু. নিক্ষিপিলা ২০০। ২ কোষার মত নৌকাবিশেষ; একপ্রকার ডিঙীনৌকা (পূর্ব্ববঙ্গ)। "কোশা চড়ি বেড়াব উজান আর ভাটি ভা.চ ৪৪৮।

কোশা২ বি [গোছা > °শা; তু 'ফা খোশা—গুচ্ছ, থোকা] কেশ-গুচ্ছ (a lock of hair)। [এক কোশা চুল—কেশগুচ্ছ। চুল কোশান—চুল গোছান; চুলের ভিতরে আঙুল ঢুকাইয়া গোছে-গোছে ছাড়ান।]

কোশা(ষা)গার পুং, ক্লী [কোশই আগার, কর্ম্মধা; অথবা ষ.ত] কোশগৃহ, ভাণ্ডাগার। "গো.রা ৬.১১১.৫২।

কোশাতক পুং বেদশাখাভেদ, কঠশাখা। —°কী স্ত্রী ঝিঙ্গা।

কোশ(ষা)ধ্যক্ষ পুং [কোশের অধ্যক্ষ, ষ.ত] ১ কোশাধিপতি, ভাণ্ডাগারিক। ২ কুবের।

কোশেশ বি [ফা কোশিশ্] প্রচেষ্টা, উদ্যম, প্রযত্ন। "আমি যে কোশেশ করি তা কি বলব, মোর কেতনা ফিকির আ.দু.১০৯।

কোশেশ পুং [কোশের ঈশ, ষ.ত] কোষাধ্যক্ষ।

কোষ্ঠ বি [সং কোষ্ঠ] উদরমধ্যস্থ মলাধার; মল, পুরীষ। "এক ছিলিম অন্তত ভোরে উঠে চাই, নইলে হয় না কোষ্ঠ, কত কষ্ট পাই।—রজনী সেন। [কোষ্ঠ-কাঠিন্য—মলবদ্ধতা (constipation)। কোষ্ঠ পরিষ্কার বা সাফ হওয়া—উত্তমরূপ মলনির্গম হেতু মলাধার পরিষ্কৃত হওয়া। কোষ্ঠ বদ্ধ হওয়া—মলাধার হইতে মলনির্গম না হওয়া। কোষ্ঠ-শুদ্ধি—সর্থ 'কোষ্ঠশুদ্ধি'।]

কোষ্টা বি ['কোষ্ঠ'—মূল] অন্তঃশূন্য পাটের গাছ ও তাহার কোষ বা ত্বক্ হইতে কৃত শণবৎ আঁশ বা পাট। [কোষ্টা কাটা—পাট হইতে দড়ি প্রস্তুত করা।]

কোষ্ঠ বিণ [√কুষ্+থ (থন্)-অপা, উ ২.৪; তু 'কোষ'] আত্মীয়। —ষ্ঠ পুং ১ যাহা হইতে নিষ্কৃষ্ট হয়; উদরের মধ্য; কুক্ষিমধ্য, অন্তর্জঠর। "কোষ্ঠগত ভ ৬.১৮.৫৩। ২ আমাশয়, পক্কাশয় (stomach)। "কোষ্ঠে কথমন্নং বিপচ্যতে মহা ১৪.১৯.৩৯। ৩ মূত্র-রুধির-স্থান, হৃদয়, ফুপ্‌ফুস ইত্যাদি স্থান। 'স্থানান্যামাগ্নিপক্কানাং মূত্রস্য রুধিরস্য চ। হৃদ্বণ্ডুকঃ ফুপ্‌ফুসশ্চ কোষ্ঠ ইত্যভিধীয়তে॥—সুশ্রুত। ৪ অন্তর্গৃহ, গৃহাভ্যন্তর। ৫ ধান্যাগার, ধান্যগৃহ, কুসূল, গোলা। "মহা ১৪.১৯.৪৫। ৬ বেষ্টিত স্থানমাত্র। "ভ ৪.২৩.১৫। ৭ অকথহাদি চক্রপার্শ্বস্থ রেখাযুক্ত স্থানবিশেষ। —ষ্ঠ ক্লী ১ প্রাকার, প্রাচীর। "ভ ৪.২৮.৫৭। ২ কোষ (Wilson)। ৩ কঠিন আবরণ। ৪ (বাঙলায়) মল, বিষ্ঠা। দ্র 'কোষ্ট'। [কোষ্ঠাগ্নি (পুং)—জঠরানল।]

কোষ্ঠক পুং [কোষ্ঠ+ক (কন্) স্বার্থে] ১ ধান্যাগার, গোলা। ২ আধার, আলয়। "অন্ন°। —ক ক্লী ১ প্রাচীর। "ভ ৪.২৮.৫৬। ২ কোষাগার। ৩ বেষ্টিত স্থান। ৪ পশুর জলপানার্থ ইষ্টকারচিত জলাধার (Wilson)।

কোষ্ঠপাল পুং [কোষ্ঠ+√পালি+অ (অণ্)-ক; উ.ত] ১ কোষ্ঠরক্ষক, ভাণ্ডাগারিক। ২ কোট্টপাল, নগররক্ষক। "ব.প্র ১২৬।

কোষ্ঠশুদ্ধি স্ত্রী [ষ.ত] মলাশয়শুদ্ধি; মলনিঃসরণ-হেতু অন্ত্রশুদ্ধি।

কোষ্ঠাগার পুং, ক্লী [কোষ্ঠই আগার, কর্ম্মধা] ১ ধান্যাদিধনাগার (কুল্লুক), ধনাগার। "রা ২.৩.৪৪। মনু ৯.২৮০। ২ বেষ্টিতস্থানমাত্র। ৩ (জ্যোতিষে) মঘানক্ষত্র।

কোষ্ঠী বি কোষ্ঠযুক্ত জন্মপত্রিকা; কুষ্ঠী। "°প্রদীপ (শ.ক)। [কোন সংস্কৃতকোষে 'কোষ্ঠী' ধৃত হয় নাই, কেবল 'কোষ্ঠীপ্রদীপ' পদে ইহার সংস্কৃত রূপ পাওয়া যায়।]

কোষ্ণ বিণ [কোষ্ণ+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -ষ্ণা] কিঞ্চিদুষ্ণ, ঈষদুষ্ণ, কুসুম-কুসুম। "রঘু ১.৮৪। —ষ্ণ ক্লী [কু (ঈষৎ) উষ্ণ, কু > কা, পা ৬.৩.১০৫] ঈষৎ উষ্ণস্পর্শ, কিঞ্চিৎ তাপ।

কোহল পুং [Cf., E. alcohol] ১ মদ্যবিশেষ (সুশ্রুত)। ২ বাদ্য-বিশেষ, কাহল (?)। তু 'কোলাহল'।

কোহিনুর বি [ফা কোহ্-ই-নূর্—'পর্ব্বতের জ্যোতি'] প্রসিদ্ধ হীরক বিশেষ। "ন ৫০১।

কোহিলি বি [দ্র 'কোইলি (স্ত্রী); অপ্র] কোকিলা। "ব.প ৮৪৩।

কোহ্ন, কোহ্নে দ্র 'কোন্ন'।

কৌঁছুলি, কৌন্সলি বি [E. counsellor] উচ্চ আদালতে পরামর্শদাতা উকিলবিশেষ বা ব্যারিষ্টার। "মিথ্যাবাদী উকিল কৌন্সলি দা ২০১৯।

কৌক্ষেয় বিণ [কুক্ষি+এয় (ঢঞ্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -য়ী] কুক্ষিভব, কুক্ষিস্থিত। "ভট্টি ৪.৩১।

কৌক্ষেয়ক পুং [কুক্ষি+এয়ক (ঢকঞ্) 'অসি' অর্থে, পা ৪.২.৯৬] কুক্ষিবদ্ধ অসি; খড়্গ, কৃপাণ। "বদ্ধতীক্ষ্ণ°।

কৌঙ্কুম বিণ [কুঙ্কুম+অ (অণ্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -মী] কুঙ্কুমসম্বন্ধী, কুঙ্কুমজাত। "কৌঙ্কুমীভিঃ প্রভাভিঃ বা.ভা ২.১৫।

কৌচ বি [E. couch] বসিবার উচ্চাসন; পালঙ্ক, খাট। "বসলেন গিয়া একখান লম্বা কৌচে।—দ্বিজেন্দ্রলাল রায়।

কৌট বিণ [কূট+অ (অণ্) 'তত্র ভব' অর্থে; স্ত্রী -টী] ১ 'কূটে ভব'; গিরিশৃঙ্গস্থিত, শিখরজাত। ২ মায়িক, বঞ্চক। —ট পুং ১ কুটজ-বৃক্ষ। ২ কূটভাষী সাক্ষী; কূটসাক্ষী। ৩ কূটব্যবহারী। "অত্রি ৩৭৯। [°সাক্ষী (-ক্ষিন্) পুং—মিথ্যাসাক্ষী। °সাক্ষ্য (ক্লী)—কূট-সাক্ষিভাব, মিথ্যাসাক্ষ্য। "মনু ৮.১২২,১২৩।]

কৌটা দ্র 'কোটো'।

কৌটি, -টী স.বিং [সং কোটি, -টী; অপ্র] কোটি। "কৌটী সূর্য্যের উদয় ব.প ১৩২৯; কৌটি রাহু ধায়া যায় ১৩৩০।

কৌটিল্য ক্লী [কুটিল+য (ষ্যঞ্)] ১ কুটিলভাব, কুটিলকর্ম্ম, ক্রূরতা, কপটতা। ২ বক্রতা। "কৌটিল্যং কচনিচয়ে (কা.প্র)। —ল্য পুং 'রাজনীতিকৌটিল্যযুক্ত', চাণক্য। "কৌটিল্যঃ কুটিলমতিঃ স এষ মু ১.৭।

কৌটুম্বিক পুং [কুটুম্ব+ইক (ঠক্) 'তত্র ভব' অর্থে] কুটুম্বমধ্যগত, গৃহস্থ, গৃহপতি, পিতা। "ভ ৪.১৮.১২; ৫.১৩.৮,১৪.৩।

কৌড়ি, -ড়ী বি [দ্র 'কড়ি'; কৌরি, -রী (ম.গা ৩; ১০)] কপর্দ্দক, কড়ি, ধন, টাকা, পয়সা। "কর্ণে দিয়াছ কৌড়ি গো.বি ২৭; ৬৬। ধন কৌড়ি ১৮০। কৌড়ী দিবে বা.ম ৫১। কৌড়ী…দেএ শ্রী.কী ২৯। আট কৌড়ী ভ.প্র ৪৪২। বড়ি বড়ি কৌড়ী রা.স ১০; ৩৩। কৌড়ি অষ্টপণ চৈ.চ ২৯৬।

কৌণপ পুং [কুণপ+অ (অণ্)] 'কুণপ যাহার ভক্ষ্য (অ.টী); শবভক্ষক, রাক্ষস। "কৌণপগণ, পলায়ন করে কৃ ২৬৬।

কৌতর, কৌতরখুপী দ্র 'কৈতর'।

কৌতুক ক্লী [কুতুক+অ (অণ্) স্বার্থে; তু 'মৈ কৈতুক'] ১ কুতুক, অভিনববিষয়দর্শনাদি হেতু একান্ত ইচ্ছা; কৌতূহল। "সঞ্জাত°, উপজাত° (হি)। কৌতুকাবিষ্টহৃদয় (পঞ্চ)। কৌতুকবশ (S.W.)। কৃতকৌতুক উ.চ ৩.৩৭। কৌতুক বড় বাড়িতেছে মনে মা ১০১। ২ ঔৎসুক্য, অসহিষ্ণুতা। ৩ কৌতুকজনক বস্তু; বিস্ময়কর বিষয়; অদ্ভুত বিষয়; মজা। "একাকী গৃহসংত্যক্তঃ পাণিপাত্রো দিগম্বরঃ। সোঽপি সংবাহ্যতে লোকে তৃষ্ণয়া পশ্য কৌতুকম্॥—পঞ্চ ৫.১৫। কারে কব এ কৌতুক ভা.চ ১০২। ৪ হর্ষ, আনন্দ। "হেন জন মারিয়া কৌতুক বাস কি।—ম.ম ১৮,১৭৬; কৌতুকে হাসে নেতা ১৭৯। ৫ উৎসব। "পিতৃগৃহ" ভ ৪.৩.১৩। 'রস উ.চ ৬.৩৩। ৬ মঙ্গল।

"কৃতকৌতুকসর্ব্বস্ব রা ১.৭৩.১৫। বিবাহ° রঘু ৮.১। কৃত° ভ ১.১৭.২৬। **৭** মঙ্গলার্থ, মঙ্গলবিষয়। "°সংবিধান কু.স ৭.২। **৮** বিবাহ। "°ক্রিয়া।—রঘু ১১.৫৩। **৯** বিবাহসূত্র (শ্রীধর), হস্তসূত্র, অর্থাৎ বিবাহে হস্তে বদ্ধ সূত্র। "কৃতকৌতুকমঙ্গল রা ১.৭৩.৯; মহা ১.১৫৫.১৭। কৃত-কৌতুকমঙ্গলা ভ ১০.৫৩.১১। **১০** পরম্পরাগতমঙ্গল। **১১** গীতাদি (S.W.), নৃত্য গীত; আমোদজনক দৃশ্য। **১২** গীতাদি-ভোগ। **১৩** ভোগ্য (ত্রিকাণ্ডশেষ)। **১৪** ভোগকাল। **১৫** কেলি, বিলাস, বিহার। "কৌতুকাগার কু.স ৭.৯৪। **১৬** মঙ্গলাচার, শুভানুষ্ঠান। "প্রস্থান° শ ৪৯/২। **১৭** অভিলাষ। "কৌতুকাধানহেতোঃ (তস্য) পূ.মে ৩। ক.সা ৩.৬৬। না হইল দেখা কোন কৌতুক-কারণে চৈ.ভা ১৭৮। **১৮** নর্ম্ম, পরীহাস। "ওহে ব্রজাঙ্গনা! কর কি কৌতুক, আমারি সৃষ্টি করা চতুর্ম্মুখ দা ৩৬৪। **১৯** বন্ধুচিত শিষ্টাচার (M.W.)। **২০** [বাঙলায়; অপ্র] আনন্দিত, হৃষ্ট। "লখাইর রূপ দেখিয়া কৌতুক আইওগণ ম.ম ১৭৭; পদ্মাবতী কৌতুক হইল 'বৈরী' (বড়ি—বড়ুই) ১৭৯। প্রভু গেল বৈকুণ্ঠে কৌতুক হয়ে মনে শ্রী.মা ২১। [°ক্রিয়া (স্ত্রী)—**১** বিবাহকার্য্য, বিবাহোৎসব। "রঘু ১১.৫৩। **২** কৌতুককর কার্য্য; উৎসব, যাত্রা। °চাওনি—বরকন্যার শুভ-দৃষ্টি; মুখচন্দ্রিকা। "কৌতুকচাওনি করে বালা লক্ষ্মীন্দর ম.ম ১৮০। °তোরণ (ক্লী)—উৎসবজন্য তোরণ বা বহির্দ্বার। "কৃত° ভ ১.১১.১৪। রা ২.১৬.২৫। °মঙ্গল (ক্লী)—বিবাহসম্বন্ধী মঙ্গলকার্য্য, বিবাহ-মঙ্গলাচার। "রা ১.৭৩.৯। কৃত° মহা ১.১৫৫.১৭। ভ ১০.৫৩.১১। কৌতুকাগার (পুং, ক্লী)—শয়নগৃহ, শয্যাগৃহ। "কু.স ৭.৯৪। ক.সা ১৬.৭৬।]

কৌতুকী (-কিন্) বিণ [কৌতুক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -কিনী] **১** কৌতুকবান্, কুতূহলী, উৎসুক, ব্যগ্র। "নৈ ৫.১৩। কেশব কৌতুকী বড় কৌতুক দেখিতে ভা.চ ৭৬। চৈ.চ ২৩৩। **২** আনন্দিত, হর্ষিত। "রাজা বড় কৌতুকী, পাইয়া উত্তম পাখী ক.চ ১৩৩। কল্পনা-কৌতুকী কবি প.তু ৩৪।

কৌতূহল ক্লী [কুতূহল+অ (অণ্) স্বার্থে] **১** কুতূহল, কৌতুক, অপূর্ব্ববিষয়দর্শনাদির একান্ত ইচ্ছা। "রা ১.১.৫। মহা ১.৬২.২। উজ্ঝিতশব্দেন জনিতং মে কৌতূহলম্ শ ১২/৩। **২** ব্যগ্রতা, ঔৎসুক্য। **৩** অভিলাষ। "নেত্র° পূ.মে ৪৭। **৪** হর্ষ, আনন্দ। "চিত্র° মহা ১.২১৯.১৩।

কৌথুম পুং [কুথুমিন্+অ (অণ্) তদপত্যার্থে, পা ৬.৪.১৪৪, কাশিকা] **১** কুথুমীর অপত্য। **২** [কৌথুমী+অ (অণ্)] কৌথুমী-শাখার বেত্তা বা অধ্যেতা; কৌথুমীশাখাবিৎ, কৌথুমীশাখাপাঠক। —মী স্ত্রী [কুথুমিন্+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] কুথুমী কর্ত্তৃক প্রোক্ত সামবেদের শাখাবিশেষ; কৌথুমী শাখা। "কত সামবেদী কঠ-কৌথুমীর মন্ত্র উচ্চারণ করিতেছেন আ.দু ২০৬।

কৌন '-ন' সর্ব্ব [দ্র 'কওন'; বৈষ্ণবসাহিত্যে] কোন, কে। "কৌন চোরায়ল মুরলী হামার: সরবস্ব ধন তুয়া কৌন চোরায় গো ১৫। শোভা বিপুল কৌন কবি বরণে ন.প ১৮৮। তাকর কৌন সহব পরতাপ ব ৮৭। —নে বিং কোন, কি। "কৌনজাতি ওহি বি.সু ১০১। [কৌনে (কৌন+এ৫)—কে। "ন.প ২৩৬।]

কৌন্ত বি [সং কুন্ত; তু 'কৌন্তিক'; অপ্র] কুন্তাস্ত্র, বরশা। "মে ২২।

কৌন্তিক পুং [কুন্ত+ইক (ঠঞ্)] কুন্ত যাহার প্রহরণ; কুন্তধারী যোধ; প্রাসিক। "°কুল কুন্তে আস্ফালিল মে ১০১।

কৌন্তেয় পুং [কুন্তী+ঢক্ (এয়) তদপত্যার্থে] **১** কুন্তীর অপত্য; কুন্তীপুত্র; যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন। "মহা ৩.১.১৮। গী ১.২৭; ৯.১০। দরিদ্রান্ ভর কৌন্তেয় হি ১.১৪। **২** অর্জ্জুনবৃক্ষ।

কৌপ ক্লী [কূপ+অ (অণ্)] 'কূপসম্বন্ধী', কূপজল। 'বসিষ্ঠ ২।

কৌপীন ক্লী [কূপাবতার+ঈন (খঞ্) 'তদর্হ' অর্থে, অকার্য্যে নিপাতিত, ৫.২.২০] **১** 'যাহা কূপাবতারের যোগ্য', অর্থাৎ প্রচ্ছাদনীয়; অকার্য্য। **২** পাপ। **৩** গুহ্যপ্রদেশ। "কৌপীনাচ্ছাদনং যাবৎ তাবদিচ্ছেচ্চ চীবরম্ মহা ১.৯১.১২। ভ ৭.১৩.২। পঞ্চ ৩.৯৬। **৪** পুরুষলিঙ্গ। **৫** শিশ্নচ্ছাদনার্থ বস্ত্রখণ্ড; মেখলাবদ্ধ বস্ত্রখণ্ড; চীর, কচ্ছা, কাছা, কোপ্‌নী। "কৌপীনবন্তঃ খলু ভাগ্যবন্তঃ। কটিতে জড়ানো শুধু ধূসর কৌপীন চ.কা ৯৪।

কৌবের বিণ [কুবের+অ (অণ্); স্ত্রী -রী] **১** কুবেরসম্বন্ধী। "রা ২.৯১.১৯। যানং সস্মার কৌবেরম্ রঘু ১৫.৪৫। **২** কুবেরাধিষ্ঠিত (দিক্)। "গো.রা ৪.৬০.১৫। কৌবেরীং…দিশম্ রঘু ৪.৬৬। —রী স্ত্রী **১** কুবেরশক্তি। **২** কুবেরাধিষ্ঠিত দিক্; উত্তর দিক্।

কৌমার বিণ [কুমার+অ (অণ্); স্ত্রী -রী] **১** কুমারসম্বন্ধী, বালকোচিত। "কৌমারীং দর্শয়ংশ্চেষ্টাম্ ভ ৩.২.২৮; বিহারৈঃ কৌমারৈঃ ১০.১৪.৬১। **২** কার্ত্তিকেয়সম্বন্ধী। "ক.সা ২.৭৬। **৩** চির-কুমারসম্বন্ধী। "কৌমারং ব্রতমাস্থিতঃ মহা ৩.৯৫.১৭। **৪** সনৎকুমার-সম্বন্ধী (সর্গ)। "ভ ১.৩.৬। **৫** [কৌমার+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -রা] কৌমারযুক্ত, কুমারাবস্থাপন্ন, তরুণ। —র পুং [কুমারী+অ (অণ্); অপূর্ব্ববচনে নিপাতিত, পা ৪.২.১৩] **১** অপূর্ব্বপতি কুমারীর পতি, অর্থাৎ যে কুমারীর পূর্ব্বে বিবাহ হয় নাই, তাহার পতি (সি)। **২** [+অ 'তত্র ভব' অর্থে] 'কুমারীভব', কুমারীজাত। "পা ৪.২.১৩, কাশিকা। —র ক্লী [+অ (অঞ্) 'তদ্ভাব, তৎকর্ম্ম' অর্থে] **১** কুমারভাব, বয়ঃক্রমবিশেষ, পঞ্চমবর্ষপর্য্যন্ত, বা ষোড়শবর্ষাবধি (তন্ত্রমতে) বয়ঃক্রম। 'কৌমারং পঞ্চমাব্দান্তম্ (ভ ১০.১২.৩৭ শ্রীধর)। "ভ ১০.১৪.৫৯; ৬১। কৌমার পৌগণ্ড আর কৈশোর চৈ.চ ১৫। **২** বাল্যাবস্থা "গী ২.১৩। **৩** [কুমারী+অ (অণ্)] কুমারীভাব, অনূঢ়াত্ব, বিবাহের পূর্ব্বকাল; অনূঢ়াকাল, কন্যাকাল। "পিতা রক্ষতি কৌমারে মনু ৯.৩। °হর সা.দ ১/৩। **৪** কুমারের বা কুমারীর কর্ম্ম। —রী স্ত্রী **১** কুমারসম্বন্ধিনী, অর্থাৎ কার্ত্তিকেয়ের শক্তি মাতৃকাবিশেষ (চণ্ডী)। **২** [কুমারী+অ (অণ্) স্বার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)—বাল-মনোরমা] পরিণীতা অপূর্ব্বপতি কুমারী, অর্থাৎ যাহার পূর্ব্বে বিবাহ হয় নাই, তাদৃশী পরিণীতা কুমারীভার্য্যা; অন্যাপূর্ব্ব (কুমার) কর্ত্তৃক বিবাহিতা অন্যাপূর্ব্বা (অর্থাৎ পূর্ব্বে অপরিণীতা) কুমারী-ভার্য্যা (রামায়ণতিলক)। "পা ৪.২.১৩। রা ২.৩০.৮। **৩** অকৃতদারান্তর পতির ভার্য্যা (ত.বা); প্রথমা ভার্য্যা। [°ভৃত্য (ক্লী)—কুমার-সম্বন্ধী চিকিৎসাশাস্ত্রবিশেষ। শিশুপালন ধাত্রীদুগ্ধশোধন দূষিতস্তন্য ও বালরোগের চিকিৎসা ইহার বিষয় (সুশ্রুত ১.১.৮)। °হর (বিণ)—অনূঢ়াভাবের হারক; পাণিগ্রহীতা। "সা.দ ১/৩। কৌমারিকেয় (পুং)—কুমারিকার পুত্র; কানীন।]

কৌমার্য্য বি কুমারকাল, কুমারীকাল, অবিবাহিত অবস্থা। "সে কুমারী, কৌমার্য্যাবস্থাতেই কাহারও প্রণয়াসক্ত হইয়া বিবাহাশঙ্কায় গৃহত্যাগ করিয়াছে ব.প্র ২২১।

কৌমুদ পুং [কুমুদ+অ (অণ্)] কার্ত্তিকমাস। "মহা ৫.৮৩.৭।

কৌমুদিনী বি [সং কৌমুদী; 'কুমুদিনী'র অনুকরণে; অপ্র] কৌমুদী। "তরল সলিলে, পশি, কৌমুদিনী পুনঃ অবগাহে দেহ, ব্রজোঙ্গনা মে ৭৫; সরসী হরষে পুজে কৌমুদিনী-ধনে ১৪১।

কৌমুদী স্ত্রী [কুমুদ+অ (অণ্) তৎসম্বন্ধার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** (কুমুদের প্রকাশকত্ব হেতু) জ্যোৎস্না, চন্দ্রিকা। "রঘু ৩.১। কু.স ৪.৩৩। নীতিশাস্ত্রকথা-কৌমুদী হি ৩২/২। কৌমুদীবসনা (রজনী) মা ১২৩। কৌমুদীর রজোরেখা।—মে ১৫৩। হেম ২৫৫। স্মরি সে

কিশোরী মূর্ত্তি! কৌমুদী-নির্ম্মাণ ম ৯৫৯। °বসনা নিশা প.তৃ ৬। ২ কৌমুদীতুল্য নেত্রপ্রীতিকর বিষয়মাত্র। "ত্বমস্য লোকস্য চ নেত্র-কৌমুদী কু.স ৫.৭১। অপূর্ব্বলীলা-কৌমুদী চৈ ৪০। ৩ [কৌমুদ+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] কার্ত্তিক-পৌর্ণমাসী, কার্ত্তিকী পূর্ণিমা। ৪ কার্ত্তিকপূর্ণিমাতে কর্ত্তব্য উৎসববিশেষ। ৫ দীপোৎসবতিথি। "রঘু ৩.১, মল্লিনাথ। ৬ আশ্বিনপূর্ণিমা। ৭ উৎসব। ৮ কুমুদ্বতী, কুমুদিনী। "°গন্ধবায়ু ভ ১০.৬৫.১৮। [°পতি (পুং)—'কৌমুদীর পালক'; চন্দ্র। °মুখ (স্ত্রী)—কৌমুদীর প্রাদুর্ভাব; চান্দ্রিকাপ্রকাশ। "রঘু ৩.১।]

কৌমোদকী স্ত্রী [কু (পৃথিবী) তদ্বিষয়ে মোদক (যে হৃষ্ট হয়) —কুমোদক (বিষ্ণু)+অ (অণ্) তৎসম্বন্ধার্থে+স্ত্রী ঈ] (ঙীপ্) বিষ্ণুর গদা। [খাণ্ডবদাহ-কালে বরুণ শ্রীকৃষ্ণকে এই গদা প্রদান করেন (মহা ১.২২৫.২৮)।] "ম ২৩৯; ২৭৭। —মোদী স্ত্রী [কুমোদ (বিষ্ণু)+অ (অণ্) তৎসম্বন্ধার্থে+ঈ (ঙীপ্)] সর্থ 'কৌমোদকী'।

কৌরব বিণ [কুরু+অ (অণ্); স্ত্রী -বী] ১ কুরুসম্বন্ধী। "কৌরবীং চমূম্ মহা ১.১৩৮.১৫। "ক্ষেত্রং...কৌরবম্ পু.মে ৪৮। ২ কুরুদেশজাত। —ব পুং [+অ] কুরুর অপত্য, অর্থাৎ পুত্রপৌত্রাদি; কুরুবংশীয় ক্ষত্রিয়মাত্র; দুর্য্যোধনাদি। "কৌরববংশজ মহা ১.৪০.১০; কৌরবান্ দৃষ্ট্বা ১৩৮.১৫; নিষ্কৌরবা ২২০.৩১। মধ্যমি কৌরবশতম্ বে ১.২৫। ২ যুধিষ্ঠির। "মহা ৩.৬৬.২৬।

কৌরবেয় পুং, বহুব [কুরু+এয় (ঢক্) বাহুলকে] কুরুর অপত্যগণ, অর্থাৎ পুত্রপৌত্রাদি-সমূহ। "সমা হি কৌরবেয়াণাং বয়ং তে চৈব পুত্রক মহা ১.১৪২.১৮; ৩.৮.৩।

কৌরব্য পুং [কুরু+য (ণ্য); স্ত্রী -বী; ছান্দস] ১ কুরুর অপত্য, অর্থাৎ পুত্রপৌত্রাদি; কুরুবংশ। "°বংশ-দাবে।—বে ১.১৯। ২ দুর্য্যোধনাদি কৌরব। "কৌরব্যাঃ পশবঃ বে ১.২৫। ৩ ধৃতরাষ্ট্র। "মহা ৬.৯.১৩; ৫৫। ৪ যুধিষ্ঠির। "মহা ১.১৫০.১৬। ৫ কুরু-দেশের রাজা।

কৌরাগ '-গ্' বি [কহু > কউ > কৌ (?)] (সঙ্গীতে) রাগবিশেষ। "লাচারি (কৌরাগ) ম.ম ৩৯।

কৌর্পি, -র্প্য পুং [Cf., Gr. skorpios; L. scorpius] (জ্যোতিষে) বৃশ্চিকরাশি।

কৌর্ম্ম বিণ [কূর্ম্ম+অ (অণ্); স্ত্রী -র্ম্মী] কূর্ম্মসম্বন্ধী, কূর্ম্মতুল্য। "কৌর্ম্মং সঙ্কোচমাস্থায় প্রহারানপি মর্ষয়েৎ।—পঞ্চ ৩.২০। —র্ম্ম পুং কূর্ম্মাবতার বিষ্ণু। "ভ ১১ ৪.১৮। —র্ম্ম ক্লী ১ যোগীর আসনবিশেষ। ২ কূর্ম্মাবতারবিষয়ক পুরাণবিশেষ।

কৌল বিণ [কুল+অ (অণ্); স্ত্রী -লী] ১ কুলসম্বন্ধী, কুলগত, কৌলিক। "কৌলী শ্রীঃ গো.রা ৪.২৮.৯। ২ সৎকুলজাত, কুলীন, অভিজাত। ৩ (তন্ত্রে) কুলাচাররত। ৪ কুলাচারবিৎ। ৫ কুলাচার-প্রবর্ত্তক (তন্ত্র)। —ল পুং কুলাচারানুসারে শক্তিপূজক; দিব্যভাব-রত তান্ত্রিক; বামাচারী। —ল ক্লী বামাচারীর ধর্ম্ম ও অনুষ্ঠান। —লী স্ত্রী সৎকুলে জন্ম; কৌলীন্য।

কৌলটিনেয়, -টেয় পুং [কুলটা+এয় (ঢক্) তদপত্যার্থে, পা ৪.১.১২৬; ১২৭; স্ত্রী -য়ী] কুলটার, অর্থাৎ সতী ভিক্ষুকীর পুত্র। —টেয় পুং অসতীপুত্র, জারজ। —টের পুং [+এর (ঢ্রক্)] অসতী-পুত্র।

কৌলব পুং (জ্যোতিষে) ববাদিকরণের তৃতীয় করণ।

কৌলিক বিণ [কুল+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ কুলসম্বন্ধী, বংশগত। ২ কুলপরম্পরাগত (আচারাদি)। "কুলের কৌলিক কর্ম্ম, ধন-উপার্জ্জন ধর্ম্ম ম ২৭৯; ৫৯৪। —ক পুং ১ (তন্ত্রে) কুলাচার। ২ কুলতন্ত্রজ্ঞ, বামাচারী শাক্ত। ৩ কুলধর্ম্মপ্রবর্ত্তক শিব। ৪ পাষণ্ড। "পঞ্চ ৪.১২। ৫ [তু 'কোলিয়'--তন্তুবায় (দেশী ২.৬৫)] তন্তুবায়, তাঁতী।

কৌলীন বিণ [কুল+ঈন (খঞ্), স্ত্রী -না] কুলক্রমাগত, বংশ-পরম্পরাগত। "মর্য্যাদাং কৌলীনাম্ রা (S.W.)। —ন পুং বামাচারী শাক্ত; কৌলিক। —ন ক্লী ১ 'লোককুলাগত', লোকবাদ, নিন্দা। "রঘু ১৪.৩৬; °ভীত ৮৪। প্রত্যাদেশ° শ ৬১/২। উ.মে ৫১। ২ প্রাণিদ্যূত, সর্পপশুপক্ষিগণের যুদ্ধ (উ.মে ৫১, মল্লিনাথ)। ৩ [কুলীন +অ (অন্) তদ্ভাবার্থে] কুলীনভাব, কৌলীন্য, আভিজাত্য।

কৌলীন্য ক্লী [কুলীন+য (ষ্যঞ্)] ১ কুলীনভাব, সৎকুলে জন্ম; আভিজাত্য। ২ কুলীনকর্ম্ম। ৩ কুলমর্য্যাদা। ৪ বল্লালবিহিত আচারাদি নব কুলীনলক্ষণ।

কৌলেয়, -য়ক বিণ [কুল+এয় (ঢক্), এয়ক (ঢকঞ্); স্ত্রী -য়ী, -কী] সৎকুলভব, অভিজাত, কুলীন।

কৌল্য বিণ [কুল+য (ষ্যঞ্); স্ত্রী -ল্যী] কুলে ভব; সৎকুলজাত, কুলীন। —ল্য ক্লী সৎকুলে জন্ম; কৌলীন্য। "মহা ৫.৩৫.৫৯।

কৌশ বিণ [কুশ+অ (অণ্), স্ত্রী -শী] ১ কুশসম্বন্ধী। ২ কুশনির্ম্মিত (আসন)। "কৌশ্যাং বৃষ্যামাসস্থ মহা ৩.১১১.১০। ৩ [কোশ+অ] কোশসম্বন্ধী, কোশবিকার, কৃমিকোশজাত, কৌশেয় (বস্ত্রাদি)। "পীতকৌশাম্বর ভ ৩.৪.৭। পীত কৌশবাস সাজে ম ৩২৬। —শ ক্লী ১ (কুশপ্রাচুর্য্য হেতু) কান্যকুব্জদেশ। ২ কুশদ্বীপ। ৩ কৌশেয় বস্ত্র।

কৌশল ক্লী [কুশল+অ (অণ্)] ১ কুশলভাব, দক্ষতা, নৈপুণ্য। "পা ৮.৩.৮৯। সীমেব পদ্মাসনকৌশলস্য।—ভট্টি ১.৬। ২ প্রাগল্ভ্য, চাতুর্য্য। "বচনানাং কৌশলম্ মাঘ ১০.১৩। ৩ [+অ স্বার্থে] কুশল, মঙ্গল, হিত, শুভ। "স ত্বাং কৌশলমব্রবীৎ রা ৫.৩৪.২; ৩। মহা ৪.১৬.৩৫। কুলকৌশলায় ভ ৩.১.১৩। ৪ উপায়। ৫ [বাঙ্গলায়; অপ্র] প্রণয়, সদ্ভাব, ভালবাসা। তু 'অকৌশল'। "কান্ত সনে কৌশল কেমন ক'রে করি শি ৮৯। —লিকা স্ত্রী [°ল+ইক (ঠক্) +স্ত্রী আ (টাপ্)] ১ কুশলপৃচ্ছা, কুশলজিজ্ঞাসা। ২ উপহার, নজর।

কৌশলী বিং [°ল+ঈ°] যে কৌশল জানে বা কৌশলে কার্য্যোদ্ধার করে; কৌশলজ্ঞ, ফিকিরী।

কৌশ(স)লেয় পুং [°ল্যা+এয় (ঢক্), য-লোপ] কৌশল্যার অপত্য; রামচন্দ্র।

কৌশল্য ক্লী [কুশল+য (ষ্যঞ্)] ১ সর্থ 'কৌশল (১)। "উপায়° (সদ্ধর্ম্মপুণ্ডরীক)। ২ কুশল, অনাময়। "স ত্বাং কৌশল্যমব্রবীৎ গো.রা ৬.৩১.২৬, ৫৪, ৫৫; ৩৩.১১।

কৌশ(স)ল্যা স্ত্রী [কোশ(স)ল+য (ষ্যঙ্) তদপত্যার্থে+স্ত্রী আ (টাপ্), পা ৪ ১.১৭১] ১ কৌশলরাজকন্যা, দশরথের মহিষী ও রামচন্দ্রের জননী। ২ ধৃতরাষ্ট্রের জননী অম্বিকা। "মহা ১.১০৬.২। [°নন্দন (পুং)—কৌশল্যাপুত্র রামচন্দ্র। "মা ১০২।]

কৌশাম্বী স্ত্রী [কুশাম্ব+অ (অণ্) 'তন্নির্বৃত্ত' অর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ব্রহ্মার পুত্র কুশরাজের তনয় কুশাম্ব কর্ত্তৃক কৃত পুরীবিশেষ (রা ১.৩২.৬)। ইহার চাণক্যকৃত নাম 'কুসুমপুরী', কথাসরিৎসাগরে ইহা বৎসরাজের পুরী 'বৎসপত্তন' নামে খ্যাত, ইহার অন্য নাম 'পাটলিপুত্র' এবং আধুনিক নাম 'পাটনা' (শ.ক)। মতান্তরে; এলাহাবাদের সন্নিহিত যমুনাতীরস্থ 'কোশম' গ্রাম 'কৌশাম্বী' (M.W.)।]

কৌশি(ষি)ক[1] বিণ [কোশ, -ষ+ইক (ঠক্); স্ত্রী -কী] কোশভব, কৃমিকোষজাত, কোশজ। "কৌশিকৈর্বস্ত্রৈঃ মহা ৩.২৭.১৪। কৌষিক-ধ্বজ মে ৪০; কৌষিক বস্ত্র কৌষিক উত্তরী ১৯৫। —ক পুং ১ 'কোশজাত', গুগ্গুলু। ২ (কোশতুল্য কোটরাদিবাসী)

উলূক। "°ঘটা উ.চ ২.২৮। ৩ (সর্পসম্পুটকোষ হেতু) ব্যালগ্রাহী, সাপুড়ে। ৪ (গর্ত্ত-কোষবাসী) নকুল। ৫ (অন্নময়কোষজাত) শৃঙ্গাররস। ৬ (অস্থিকোশজ) মজ্জা। ৭ কোষকার, অভিধানপ্রণেতা। ৮ কোষাধ্যক্ষ। ৯ অশ্বকর্ণবৃক্ষ। —কা পানপাত্র, চষক (অ.চি)। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ (কালিকার কায়কোষজাতা) চণ্ডিকা দেবী। 'কায়কোষনিঃসৃতা যা (সা কৌষিকী)।—কালিকাপুরাণ। ২ (অলঙ্কারশাস্ত্রে) শৃঙ্গারপ্রতিপাদিকা বৃত্তিবিশেষ। 'সা.দ ৬.১২৪।

কৌশিক[২] বিণ [কুশিক+অ (অণ্); স্ত্রী -কী] কুশিকসম্বন্ধী, কুশিকপ্রবর্ত্তিত। "কৌশিকাচ্চ…বংশাৎ মহা ১৩.৫২.৪। —ক পুং [+অ (অঞ্), পা ৪.১.১০৪। অথবা, কুশ+ইক (ঠঞ্)] ১ কুশিকের গোত্রাপত্য, অর্থাৎ পৌত্র-প্রভৃতি। ২ কুশিকপৌত্র বা কুশবংশভব গাধিসুত বিশ্বামিত্র। 'কুশবংশপ্রভূতোঽস্মি কৌশিকো রঘুনন্দন রা ১.৩৪.৬। দ্র 'কুশিক'। ৩ ইন্দ্র। [কুশিকরাজ ইন্দ্রতুল্য পুত্রের জন্য কঠোর তপস্যায় সহস্র বৎসর যাপন করিলে, স্বয়ং ইন্দ্রই তাঁহার পুত্ররূপে জন্মগ্রহণ করেন। ঐ পুত্রই গাধি নামে খ্যাত (হ, ২৭শ অধ্যায়)।] —কী স্ত্রী ১ নিদ্রা, যোগমায়া, চণ্ডিকা। [ইন্দ্র ইঁহাকে ভগিনীভাবে স্বীকার করিয়াছিলেন বলিয়া, ইনি 'কৌশিকী' নামে প্রসিদ্ধ (হ, ৫৮শ অধ্যায়)।] ২ নদীবিশেষ, কোশী (কুশী) নদী। [ইহা বিহারের অন্তর্গত। কুশিকের ভগিনী সত্যবতী মৃত পতির অনুগমন করিলে, মহানদী কৌশিকী তাঁহার চরিতরূপে উৎপন্ন হয় (রা ১.৩৪.৮)।] [°কাত্মজ (পুং)—১ ইন্দ্রপুত্র অর্জ্জুন। ২ জয়ন্ত। ৩ বিশ্বামিত্রপুত্র।]

কৌশী(ষী)তকি পুং [কুশী(ষী)তক+ই (ইঞ্)] ১ কুশীতকের পুত্র; কহোড়। ২ কৌষীতকিব্রাহ্মণ। —কী স্ত্রী ১ কুষীতককন্যা, অগস্ত্যের পত্নী। ২ ঋগ্বেদের উপনিষদ্বিশেষ।

কৌশীলব্য ক্লী [কুশীলব+য (ষ্যঞ্)] কুশীলবের কর্ম্ম; নটবৃত্তি —নৃত্যগীতবাদ্য। "মনু ১১.৬৬।

কৌশে(ষে)য় বিণ [কোশ,-ষ+এয় (ঢক্) 'তদ্বিকার' অর্থে (দ্র 'পা ৪.৩.৪২, তত্ত্ববোধিনী); স্ত্রী -য়ী] কোশবিকার, কৃমিকোশজাত। "কৌশেয়ানি চ বস্ত্রাণি রা ২.৩২.১৬। (আনিলা) কৌষেয় বসনে মে ৫৮। —য় ক্লী ১ কৃমিকোশজ সূত্র; রেশম। ২ কৃমিকোশোত্থ বস্ত্র; দুকূল, রেশমী কাপড়। "গো.রা ৩.৪৯.৪৪। মনু ৫.২০। কু.স ৭.৭। মাঘ ৮.৬।

কৌসীদ্য ক্লী [কুসীদ+য (ষ্যঞ্)] কুসীদবৃত্তি, তেজারতী।

কৌসুম বিণ [কুসুম+অ (অণ্) 'তদ্বিকার বা তদবয়ব' অর্থে; স্ত্রী -মী] ১ কুসুমময়, পুষ্পরচিত। "°চাপযষ্টি নৈ ৭.২৮। ২ [+অ 'তত্র ভব' অর্থে] কুসুমভব, পুষ্পস্থিত (পরাগ)। "মাঘ ৭.৫৭। —ম ক্লী পুষ্পাঞ্জন।

কৌসুম্ভ বিণ [কুসুম্ভ+অ (অণ্); স্ত্রী -ম্ভী] ১ কুসুম্ভ দ্বারা রক্ত; কুসুম্ভরাগ-রঞ্জিত, কুসুমফুলের রঙে ছোপান (বস্ত্রাদি)। ২ কুসুম্ভসম্বন্ধী, কুসুম্ভরাগসদৃশ। "°কান্তি।—মাঘ ১১.৫২।—ম্ভ ক্লী ১ কুসুম্ভরঞ্জিত দ্রব্যমাত্র। ২ [+অ স্বার্থে] অরণ্যকুসুম্ভ।

কৌস্তুভ পুং, ক্লী [কুস্তুভ (সমুদ্র)+অ (অণ্) 'তত্র ভব' অর্থে] মন্থনকালে সমুদ্র হইতে জাত মণিবিশেষ; বিষ্ণুবক্ষঃস্থ মণি। "মণিরত্নং চ কৌস্তুভম্ রা ১.৪৫.৩৯। কৌস্তুভস্ত মণিঃ মহা ১.১৮.৩৬। শ্রীবৎস° ভ ৬.৯.২৯। °মণি ভ.গ্র ১৬৩। কৌস্তুভরতন মে ১৭। °রত্ন ব.গ্র ৫৩। °শোভিতহৃদয় ব.দ্বি ৯৯। —ভ পুং (তন্ত্রে) মুদ্রাবিশেষ।

ক্যা সর্ব [হি ক্যা; সং কিম্; অপ্র] ১ কোন বস্তু; কি (প্রশ্নে)। "জিজ্ঞাসেন ক্যা লেখাও বাওয়া রা.স ৩৩। ২ কি। "কেয়ামত ক্যা কিও জাহির রা.স ৩৫।

ক্যারা বি [?] উড়িষ্যাপ্রবাসী বাঙালী, অর্থাৎ যে বাঙালীরা বহুকাল উড়িষ্যায় বাস করিতেছেন। "উড়িষ্যায় পরগাছা ক্যারা অগণন। —দীনবন্ধু মিত্র।

ক্যাঁক্যাঁ বি [ধ্বন্যাত্মক] ১ শালিকের কাতর শব্দ। ২ ঘানির শব্দ। "সেথায় ক্যাঁক্যাঁ করে ঘোরে ঘানি।—শিশু ৭৯।

ক্যাঁটক্যাঁট '-ট্-ট্' অব্য ['কিট্'—মূল; ভাবাত্মক] ১ অত্যন্ত কৃষ্ণবর্ণের ভাব। ২ ['কট কট'—মূল] অত্যন্ত কঠোর; কড়া-কড়া, টক্-টক্। "বড় ক্যাঁটক্যাঁট বোলতে আরম্ভ করেছে, টাকাগুলো ফেলে দিতে পাল্লে বাঁচি অ.গ্র ৭২। [ক্যাঁট ক্যাঁট ক'রে বলা—কড়া-কড়া বলা। কাল ক্যাঁটকেঁটে—অত্যন্ত কাল।]

ক্যেঁদো বিং [দ্র 'কেঁদো'; অপ্র] স্থূল, মোটা। "হাতে অ্যাকটা বিলিতি ওকের গাঁট বাহির করা ক্যেঁদো কোৎকা হু ২২৩।

ক্যোঁ ক্রি.বিং [হি ক্যোঁ] কি কারণ; কেন। "ভা.চ ৪০৫।

ক্রকচ পুং, ক্লী [ক্র+√কচ্ শব্দ+অ (অচ্)-ক; ধ্বন্যাত্মক (?)] ১ যাহা 'ক্র' এই শব্দ করে; দারুদারণযন্ত্র, করপত্র, করাত। "মহা ৩.২২৩৪। উ.চ ৪.৩। °পাটন বা.ভা ২.৫২। যাঁহারা…সহাস্যমুখে স্বশরীর ক্রকচ দ্বারা দ্বিধা করিতে দেন, সেই সকল নররূপধারী দেবতার কথা স্বতন্ত্র পা.প্র ৯। ২ (জ্যোতিষে) যোগবিশেষ। ৩ গ্রন্থিলবৃক্ষ। —চা স্ত্রী (ক্রকচতুল্যপত্রযুক্তা) কেতকী। [°চ্ছদ, °পত্র (পুং) —কেতকী]

ক্রকচব্যবহার পুং ক্রকচচ্ছেদ্য বস্তুর বেতন (মজুরী)-জ্ঞানার্থ তৎফলজ্ঞাপক গণিতবিশেষ (লীলাবতী)। [পারিভাষিক শব্দ;—পিণ্ড —ক্রকচবিদার্য্য কাষ্ঠখণ্ড। মূল—কাষ্ঠের মূলদেশ (গোড়া)। অগ্র —কাষ্ঠের অগ্রভাগ। দারুদারণপথ—সূতার দাগে করাতের চেরা পথ। করণসূত্র—পরিমাণার্থ সূত্র (?)।]

ক্রতু পুং [√কৃ+অতু (কতু)-র্ম্ম, উ ১.৭৮; 'ক্রতু'—স্তুত্যাদি (ঋগ্বেদ ৪.২১.১০); Av. Khratu; cf., Gr. kratos] ১ যূপসহিত সোমসাধ্য যজ্ঞ; শ্রৌতকর্ম্ম-ভেদ (শঙ্কর); দেবতাধ্যানরূপ সঙ্কল্প (নীলকণ্ঠ); শ্রৌত অগ্নিষ্টোমাদি (শ্রীধর)। "অহং ক্রতুঃ গী ৯.১৬। ২ যজ্ঞ, যাগ। "ক্রতুশতৈঃ গো.রা ২.৬১.১৫। মনু ৭.৭৯। শত° রঘু ৩.৩৮। অশ্বমেধ° ম ১১১১। ৩ অশ্বমেধ। "ভ ১০.৭৪.৪৮। ৪ (সর্ব্বযজ্ঞময়) বিষ্ণু। ৫ ব্রহ্মার মানসপুত্রবিশেষ। "রা ৭.৯০.৯। [ইঁহার পত্নী ক্রিয়া পুত্র বালখিল্যগণ (ভ ৩.১২.২২; ৪.১.৩৮।] ৬ সপ্তর্ষির একতম। ৭ বিশ্বদেববিশেষ। ৮ প্রজ্ঞা (ছান্দোগ্য)। ৯ কাম্যবিষয়ে রুচির আতিশয্য। ১০ [+অতু-ণ] ইন্দ্রিয়। ১১ বল, শক্তি। "সেই বাণ কাটিলেক শ্বেত মহাক্রতু ম ১১৬২। [এই অর্থ ছান্দস।] [°পতি (পুং)—যজ্ঞানুষ্ঠাতা, যজমান। "ভ ৩.১৯.২৯। °রাজ (পুং)—যজ্ঞশ্রেষ্ঠ, রাজসূয়যজ্ঞ। "ম ৩১৩; ৩৩৮। °রাট্ (-রাজ্) পুং —১ রাজসূয়। "ভ ১০.৭৫.১৮। ২ অশ্বমেধ। "যথাশ্বমেধঃ ক্রতুরাট্ মনু ১১.২৬১। °সিদ্ধি (স্ত্রী)—যজ্ঞসমাপ্তি, যাগাবসান; যজ্ঞফললাভ। ক্রতূত্তম (পুং)—সর্ব 'ক্রতুরাজ'।]

ক্রথকৈশিক পুং (বহুব) বিদর্ভদেশ। "রঘু ৫.৩৯।

ক্রন্দ্(ক্রন্দি) অক [ভ্বা, প ক্রন্দতি; সেট্] রোদন। —ন্দ্ সক আহ্বান। —ন্দ্ অক [ভ্বা, আ—ক্রন্দতে; সেট্] বৈকল্য, বিবশতা। [আ—১ আহ্বানপূর্ব্বক রোদন। ২ আর্ত্তনাদ। "আক্রন্দিত রঘু ২.২৮। ৩ রোদন।]

ক্রন্দন ক্লী [√ক্রন্দ্+অন (ল্যুট্)-ভা] ১ শোকাদি হেতু অশ্রুপাতব্যাপার; রোদন। ২ আর্ত্তনাদপূর্ব্বক রোদন। "°ধ্বনি হি ৩.১.৩৩।

৩ রুদিতারাব, রোদনধ্বনি। "ক্রন্দনানুসরণ।—হি ৩১২/১৬। ৪ আহ্বান, স্পর্দ্ধা, যোধসংরাব। ৫ আর্ত্তনাদ। "কুকুর ক্রন্দন-গীত গায় সেই কালে ব.প ৭৯৫।

ক্রন্দমান বিং [তু 'সং কম্পমান' ; সং ক্রন্দন্ ; অপ্র] যে কাঁদিতেছে। "ক্রন্দমান সৈন্ত অ.প ১১২।

ক্রন্দসী বিং [ক্রন্দস্ (ক্লী)—ক্রন্দসী (দ্বিব),—আকাশ ও পৃথিবী (ঋগ্বেদ ২.১২.৮, সায়ণ) ; অপ্র] আকাশ ও পৃথিবী, অর্থাৎ দিক্‌চক্র, দিগঙ্গনা। "ওই শুন দিশে দিশে তোমা লাগি কাঁদিছে ক্রন্দসী,—হে নিষ্ঠুরা বধিরা উর্ব্বশী !—চ.কা ২০৪।

ক্রন্দিত বিং [√ক্রন্দ্‌+ত (ক্ত)-ক] যে কাঁদিয়াছে ; রুদিত। "ক.সা ১১৪.১২০।—ত ক্লী [+ত-ভা] ১ ক্রন্দন। ২ আহ্বান, পরস্পরস্পর্দ্ধা। ৩ যোধগণের চীৎকার।

ক্রব্য ক্লী [√ক্রপ্ কৃপা+য (ণ্যৎ)-র্ম (অ.টী) ; cf., Gr, creas ; L. caro, caruis—raw flesh] মাংস, আমিষ।

ক্রব্যাৎ(-দ্) বিণ [ক্রব্য+ √অদ্+বিট্ (০)-ক-১ব, পা ৩.২.৬৯। উ.ত ; স্ত্রী -ৎ ; 'ক্রব্যাৎ'—শবদাহক (অগ্নি—ঋগ্বেদ ১০.১৬.৯)] মাংস-ভক্ষক, আমমাংসভক্ষক (কাশিকা ; সি)।—ৎ পুং ১ রাক্ষস। "মেঘাঃ ক্রব্যাৎপ্রতীকাশাঃ গো.রা ৬.১৬.৫। রঘু ১৫.১৬। ২ মাংসভক্ষক ব্যাঘ্রশ্যেনাদি। "মনু ৫.১৩১। ৩ আমমাংসভক্ষকমার্জ্জারাদি। "মনু ১১.২০০।—বাদ বিণ [+অদ্+অ (অণ্)-ক ; উ.ত ; স্ত্রী -দা] ১ কৃত্তবিকৃতমাংসভক্ষক (কাশিকা) ; পক্কমাংসভক্ষক (সি) ; মনুষ্যাদ্য-মেধ্যমাংসভক্ষী (নীলকণ্ঠ)। "ক্রব্যাদা চ তনুঃ।—মহা ১.৭.২৬ ২ আমমাংসভক্ষক। "ভ ৪.১৮.২৪ ; ৫.২৬.১২। °পক্ষী যাজ্ঞ ১.১৭২।—দ পুং ১ রাক্ষস। ২ মাংসাশী পশু ; শ্বাপদ, সিংহাদি। "রা ২.২৫.১৭ ; ক্রব্যাদসিংহানাং শব্দম্ ৬১.৬। ৩ শ্যেনাদি। ৪ শবভক্ষক অগ্নি। "ক্রব্যাদো মৃতভক্ষণে (তিথ্যাদিতত্ত্ব)।

ক্রম্ সক [ভ্বা, প—ক্রাম(ম্য)তি (পা ৭.৩.৭৬) ; দি, প—ক্রম্যতি (ক.ক) ; সেট্ ; ক্র(ক্রা)ময়তি (ণিজন্ত)] ১ পাদবিক্ষেপপূর্ব্বক গমন। ২ চলন, গতি। ৩ উৎপতন, উর্দ্ধগমন। ৪ অপ্রতিবন্ধ ; উৎসাহ ; স্ফীততা। "পা ১.৩.৩৮। ৫ আক্রমণ, ব্যাপ্তি। "রঘু ১.১৪ ; ১৪.১৭। ৬ গমন, অতিক্রম, উল্লঙ্ঘন। "যোজনপঞ্চাশৎ ক্রমেয়ম্ গো.রা ৫.১.৪৫। [অতি—অতিক্রম, উল্লঙ্ঘন। বি-অতি—ব্যতিক্রম, ব্যভিচার। সম্-অতি—সমতিক্রম। অনু—অনুক্রম, অনুসরণ। অপ—অপসরণ। আ—১ আক্রমণ। ২ জ্যোতিরূর্দ্ধগমন। উদ্—১ উদ্‌গমন। ২ অতিক্রম। ৩ ব্যতিক্রম। উপ, প্র—উপক্রম, প্রক্রম, আরম্ভ। নির্, নিস্—নিষ্ক্রমণ, নির্গমন। পরা—পরাক্রম, বলপূর্ব্বক আক্রমণ। পরি—পরিক্রম, পরিভ্রমণ। বি—১ বিক্রম, পাদক্ষেপ। "পা ১.৩.৪১। ২ দ্বিধাভাব, বিচ্ছেদ। সম—সংক্রমণ, প্রবেশ, প্রাপ্তি। অনু-সম্—অনুসংক্রমণ, অনুপূর্ব্ব গতি।]

ক্রম পুং [√ক্রম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ পাদবিক্ষেপ, পাদচার। "উরু°। সাগরঃ...ক্রমেণৈকেন লঙ্ঘিতঃ মহা ৩.১৪৭.১২। অজাযূথমধ্যে যেন ব্যাঘ্র করে ক্রম ম ১৯৯। 'উরুক্রম' শব্দে কহে বড় যার ক্রম। 'ক্রম' শব্দে কহে এই পাদনিক্ষেপণ॥—চৈ.চ ২৩৩। ২ গতি, চলন। "আশুক্রমে ম.পা ৩৪। মৃগলোচনার ক্রম চৈ ১৫। ৩ পরম্পরা, পর্য্যায়। "ক্রমোদিত রঘু ১১.২৪। প্রত্যহমেব ক্রমঃ।—হি ২৮৮/৯। কভু শান্তভাব, কভু ভয়ানক, এই যে তাহার ক্রম।—হেম ৮৩। ৪ সম্প্রদায়, গুরু-পারম্পর্য্য। "এষ ক্রমঃ উ.চ ৬১/৬। ৫ অনুক্রম, আনুপূর্ব্ব্য। "জাতি°, বর্গ°। বর্ণক্রম উ.মে ৪৮। ৬ পারিপাটি। "নেত্র° রঘু ৭.৩৯। চক্র-নেমি° উ.মে ৪৮। ৭ অত্যয়, অতিক্রম। "কালক্রমে জানকীর গর্ভ-লক্ষণ আবির্ভূত হইল সী ২। ৮ উত্তরোত্তরভাব। "ক্রমেণ নির্ব্বীর্য্য চ দোহদব্যথাম্ রঘু ৩.৭ ; ৩০। ক্রমনিম্নোর্ব্বী, °বৃদ্ধ (S.W.)। বিক্রমে কি ফল ক্রমে ক্রমে বুঝি ক্রম ভা.চ ২৯৩। ৯ আক্রমণ (মেদিনী)। ১০ শ্বাপদের আক্রমণার্থ অবস্থানবিশেষ। "ভট্টি ২.৯। ১১ শ্রেণীবদ্ধ-ভাব, পরিপাটিপূর্ব্বক সন্নিবেশ ; "পিঁড়ি সারি সারি,...ক্রম সে করিয়া রাখি।—রা.শে ২৬। ১২ প্রবৃত্তি, চেষ্টা, ক্রিয়া। "অমরু ৩৩। ১৩ বিন্যাস। "বর্ণ° রঘু ১৬.১৭। ১৪ [+অ-ণ] যাগাদির বৈদিক-বিধান ; কল্প, শাস্ত্রবিধি, বিধি, নিয়ম। "অমাত্যানামেষ ক্রমঃ হি ২১/২২/৪। স্নেহপাক° (সুশ্রুত)। কষ্টো হ্যবিনয়ক্রম ক.সা ৪.৭০। চক্রব্যূহ-কথা কহ তাহার কি ক্রম।—ম ১০১০। বিস্তর বলেন বেদে ব্রাহ্মণের ক্রম শি ৪৬। এই ক্রম আছে আমার পুরুষে পুরুষে ম.ভা ২৫। ১৫ শক্তি, বল। "ভাল মন্দ ক্রম রণ করিলে সে জানি ম ১১৬৫। ১৬ পদের বা বর্ণের পর্য্যায়ানুসারে বেদসংহিতার পাঠবিশেষ (এইরূপ পাঠে প্রথম পদের বা বর্ণের সহিত দ্বিতীয়ের, দ্বিতীয়ের সহিত তৃতীয়ের, এই প্রকারে প্রত্যেক পদের বা বর্ণের পুনরুচ্চারণ করিতে হয়)। "পদ°, বর্ণ°। নারুদ্র ক্রমপাঠকঃ (সু.র)। ১৭ চরণ, পদ। "দ্বাদশাক্ষিভুজ-ক্রমঃ মহা ৩.২২৪.১৭। ১৮ [+অ (অচ্)-ক] ত্রিবিক্রম, বিষ্ণু (মহা)। ১৯ (সর্ব্বাক্রমণকারক) রুদ্র। ২০ (বাঙ্‌লায়) মনের গতি বা ভাব ; মনোবৃত্তি। "বিক্রমে কি ফল ক্রমে ক্রমে বুঝি ক্রম ভা.চ ২৯৩। ২১ (অপ্র) সীমা, অবধি। "তাহাতে যতেক পুণ্য কে করে সে ক্রম কৃ ২২।—মণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ পাদন্যাস, পাদক্ষেপ। "ভ ৮.২০.২৮। ২ গমন। ৩ অতিক্রম, উল্লঙ্ঘন। "সমুদ্র° রা (S.W.)। সাগর° মহা ৩.২৮১.৫৮। ৪ পাদপরিঘট্টন, অর্থাৎ পায়ে কোটা। "গো° যাজ্ঞ ১.১৮৮। ৫ উৎসাহ। "পা ৩.১.১৪। ৬ উৎপতন। ৭ [+অন-ণ] 'গমনসাধন', চরণ, পাদ। ৮ অশ্ব। [°নিম্ন (বিণ)—ক্রমে নিম্ন ; ক্রমে ক্রমে নীচু ; প্রবণ। "ক্রমনিম্নোর্ব্বীম্ (অ.কো)। °ভঙ্গ (পুং)—পর্য্যায়ভঙ্গ, বিশৃঙ্খলতা।]

ক্রমশ ক্রি.বিং [সং ক্রমশঃ] ক্রমে ক্রমে। "তিমির-তরঙ্গ ঠেলিয়া কবে, উঠেছে ক্রমশ মস্তক-পরে স.শ ৯৪।

ক্রমশঃ(-শস্) ব্য [ক্রম+শঃ (শস্), তৃতীয়ার্থে] ক্রমে, পর্য্যায়ানুসারে, পর পর। "গো.রা ৩.৫৬.৫। "মনু ১.৬৮ ; ৩.১২ ; ৪.১২৫। তাহাত পাইবেই—কিন্তু ক্রমশঃ পা.প্র ১৯।

ক্রমাগত বিণ [ক্রমে আগত, সুপ্‌সুপা] ১ ক্রমে আগত ; পরম্পরাগত, পর-পর প্রাপ্ত] "পারম্পর্য্যক্রমাগতঃ মনু ২.১৮। বংশক্রমাগতম্ (মিত্রম্) হি ১.২০৩। পিতৃপিতামহক্রমাগত।—পঞ্চ (S.W.)। পূর্ব্ব° যাজ্ঞ ২.২৭। ২ পুরুষপরম্পরায় আগত ; পুরুষানুক্রমিক। "(ভৃত্যাঃ) ক্রমাগতাঃ।—পঞ্চ ১.৯২। ৩ ধারাবাহিক।—ত ক্রি.বিং (বাঙ্‌লায়) অবিরত, নিরন্তর, সর্ব্বদা। "ক্রমাগত পড়া-শুনা করিলে পড়াশুনা ভাল হয় না আ.ছু ২১।

ক্রমানুবন্ধ বি ক্রমানুসারে (ঘটনাসমূহের) সন্নিবেশ। "এবে কহি চৈতন্য-লীলার ক্রম-অনুবন্ধ চৈ.চ ৪৯।

ক্রমানুযায়ী(-য়িন্) বিণ [ক্রম+অনু-√যা+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব ; উ.ত ; স্ত্রী -য়িনী] পর্য্যায়ানুসারী, ক্রমিক।

ক্রমানুসার পুং [ক্রমের অনুসার, ষ.ত] ক্রমানুগমন, পর্য্যায়ক্রম, পারম্পর্য্য। [ক্রমানুসারে—পর্য্যায়ক্রমে, পর-পর।]

ক্রমান্বয় পুং [ক্রমে অন্বয়, সুপ্‌সুপা] পর্য্যায়ানুসার, আনুপূর্ব্ব্য। [ক্রমান্বয়ে—পর্য্যায়ক্রমে, যথাক্রমে।]

ক্রমায়াত বিণ [ক্রমে আয়াত, সুপ্‌সুপা] পরম্পরাগত, পুরুষানুক্রমিক ; পুরুষক্রমাগত। "পঞ্চ ১.৭৯।

ক্রমি পুং [√ক্রম্+ই (ইন্)-ক, উ ৪.১১৭] কৃমি। "°বিকারী (সুশ্রুত)। °ঘ্ন, °জ (শ.ক)।

ক্রমিক বিণ [ক্রম+ইক (ঠন্) অস্ত্যর্থে ; স্ত্রী -কা] ১ ক্রমযুক্ত, ক্রমানুসারী, ধারাবাহিক। ২ বৃদ্ধক্রমাগত, পিতৃপিতামহাদিক্রমে আগত ; পুরুষানুক্রমিক। "মহা ২.৫.৩৩। —ক ক্রি-বিং ক্রমে ক্রমে ; পর্য্যায়ানুসারে, একে একে। "করপুটে কৃত্তিবাসে ক্রমিক কহিল শ্রী.মা ৭১ ; ক্রমিক কহেন সব কথা ১০২। —ক বি [বাঙলায় ; অপ্র] আরম্ভ, আদি, গোড়া। "ক্রমিক হইতে সব কহিলেন মর্ম্ম শ্রী.মা ৪১ ; (বর্ণগুলি) ক্রমিক হইতে ভূমে লেখালা সকলি ৪৩ ; (পত্র) করে পাঠ ক্রমিক হইতে ২০৯। [ক্রমিক নম্বর—ধারাবাহিক সংখ্যা ; দাখিলা-প্রভৃতির পর-পর পত্রাঙ্ক।]

ক্রমে ক্রি-বিং [ক্রম+এ৭] ১ ক্রমানুসারে, পর্য্যায়ে, একে একে। ২ নিয়মপূর্ব্বক, ধারাবাহিকভাবে। ৩ (অপ্র) গতিতে, গমনে। "আশুক্রমে নগোত্তমে করিলেন গতি ম.পা ২৯ ; দ্রুতক্রমে ৩১। [ক্রোধক্রমে—ক্রোধপূর্ব্বক। "ক্রোধক্রমে দক্ষযজ্ঞ আশু ধ্বংস করি ম.পা ১৪। নিষেধক্রমে—নিষেধানুসারে। ভ্রমক্রমে—ভ্রম হেতু। যত্নক্রমে—যত্নপূর্ব্বক। "যত্নক্রমে বদ্ধ করি রাখিছি গৃহেতে ম.পা ৪৪। সত্যক্রমে—সত্যাশ্রয়পূর্ব্বক, অর্থাৎ সত্য করিয়া। "সত্যক্রমে কহো মোরে ম.পা ৩৩।]

ক্রমেল, ক্রমেলক পুং [√ক্রম্+এল,-ক, বাহুলকে ; ক (কন্) স্বার্থে (অ.টী) ; cf., Hebrew—gamal : Gr. kamelos ; E. camel] উষ্ট্র। "নৈ ৬.১০৪।

ক্রয় পুং [√ক্রী+অ (অচ্)-ভা ; ছান্দস] ১ মূল্যদানপূর্ব্বক পণ্যগ্রহণ ; কেনা। বিপ 'বিক্রয়'। "মিথ্যা°,° দ্রব্য (S.W.)। ২ দ্রব্যবিনিময়। ৩ [+অ-ণ] 'ক্রয়সাধন', শুল্ক, পণ, ধন। "ক্রয়ক্রীতা চ যা কন্যা পত্নী সা ন বিধীয়তে।—অত্রি ৩৮০। ক্রয়ক্রীতং চ মৈথুনম্ (পুংসাং বিড়ম্বনা) হি ১.১৪৭। —য়ণ স্ত্রী [+অন (ল্যুট্)-ভা] ক্রয়। —য়িক পুং [ক্রয় +ইক (ঠন্)] ১ ক্রয়োপজীবী, বণিক্। ২ ক্রয় যাহার প্রয়োজন ; ক্রেতা। "ধনেন ক্রয়িকো হস্তি মহা ১৩.১১৫.৪০। °লোক মাঘ ৫.২৪। —য়ী (-য়িন্) বিণ [ক্রয়+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -য়িণী] যে কেনে ; ক্রেতা। —য্য বিণ [√ক্রী+য (যৎ) ক্রয়ার্থে, পা ৬.১.৮২] ক্রয়ার্থে (ক্রেতা কিনিবে বলিয়া) প্রসারিত (পণ্য) ; ক্রয়ার্থ প্রসারিত। তু 'ক্রেয়'। [°পত্র, °লেখ্য (ক্লী)—মূল্যপরিমাণযুক্ত ক্রীত গৃহক্ষেত্রাদির প্রমাণপত্র ; কোবালা। "শু ১.৩০৩ ; ২.৩০৭। °বিক্রয় (পুং)—ক্রয় এবং বিক্রয় ; কেনা-বেচা, বাণিজ্য, ব্যবসায়। "পা ৪.৪.১৩। মনু ৭.১২৭ ; °য়ানুশয় ৮.৫। °বিক্রয়িক (পুং)—ক্রয়বিক্রয়োপজীবী, বণিক্। "পা ৪.৪.১৩। °বিক্রয়ী (-য়িন্) বিণ—১ ক্রয়বিক্রয়কারক, যে কেনা-বেচা করে। "মনু ৮.৪০০। সব্যাজ° যাজ্ঞ ২.২৬৫। ২ ক্রয়-বিক্রয়বান্, ক্রেতা ও বিক্রেতা। "মনু ৫.৫১।]

ক্রাকচিক পুং [°চ+ইক (ঠক্)] যে ক্রকচদ্বারা জীবিকার্জ্জন করে ; করপত্রক্রিয়োপজীবী, করাতী (sawyer)। "রা ২.৮৩.১৩।

ক্রান্ত বিণ [√ক্রম্+ত (ক্ত)-ক, -র্ম্ম ;] ১ গত, চলিত। ২ আক্রান্ত, অভিভূত। "ক্রান্তা…বিস্ময়েন রঘু ১৪.১৭। ৩ অতিক্রান্ত, অতীত। "°দর্শী। ৪ অতিশয়িত। ৫ ব্যাপ্ত, আচিত। "মাঘ ৪.৩। ৬ আরূঢ়, ক্ষুণ্ণ, প্রহত। "অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে (স্নানমন্ত্র)। ৭ গত, প্রাপ্ত। ৮ সংক্রান্ত, কৃতসংক্রমণ। "মাঘ ১০.৩। —ন্ত পুং ঘোটক। —ন্ত ক্লী [+ত-ণ, বাহুলকে] ১ পাদ। "মনু ১২.১২১। ২ [+ত-ভা] ক্রমণ, গতি। ৩ পাদক্ষেপ। —ন্তা স্ত্রী বৃহতী। —ন্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ গতি, গমন। ২ পাদক্ষেপ। ৩ আক্রমণ। ৪ অভিভব, অতিক্রম। ৫ [+তি-ণ] খগোলমধ্যস্থ সূর্য্যের গমনার্থ তির্য্যক্ গোলরেখা (Ecliptic)। ৬ নাড়ীমণ্ডল (বিষুবরেখা) হইতে উত্তরে ও দক্ষিণে ক্রান্তিমণ্ডলপর্য্যন্ত অন্তর বা দূরত্ব (শ.ক)। [ক্রান্তদর্শী (-র্শিন্) বিণ—১ অতিক্রান্তবিষয়-দর্শনশীল, অতীতবেদী। ২ অতীত-দ্রষ্টা, সর্ব্বজ্ঞ (ব্রহ্মা)। ক্রান্তিকক্ষ (পুং)—সূর্য্যের গমনপথ বা কক্ষ। ক্রান্তিপাত (পুং)—ক্রান্তিদ্বয়ের সংযোগ ; বিষুবরেখা ও ক্রান্তিবৃত্তদ্বয়ের সংযোগস্থল (Equinoctial points)। ক্রান্তিবলয় (পুং), -বৃত্ত, -মণ্ডল ক্লী—বিষুবরেখার চতুর্বিংশতিভাগ (২৪°) উত্তরে ও দক্ষিণে কল্পিত বৃত্তরেখা ; কর্কটক্রান্তি ও মকরক্রান্তি।]

ক্রান্তি ; ক্রিপিন ; ক্রিমি দ্র 'ক্রান্ত ; কিম্পিন ; কৃমি'।

ক্রিয়তে সং. ক্রি [√কৃ+তে, বর্ত্তমানে প্রথম পুরুষের ১ব কর্ম্মবাচ্যে] কৃত হয় ; গৃহীত হয়। "পুত্রার্থে ক্রিয়তে ভার্য্যে দা ৬৪।

ক্রিয়া স্ত্রী [√কৃ+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ কৃতি, করণ। প্রদক্ষিণক্রিয়ার্হা রঘু ১.৭৬। ২ আরম্ভ, উপক্রম। "সর্ব্বাঃ ক্রিয়া নৃণাং মন্ত্রমূলাঃ (অ.টী)। ৩ সাধন, অনুষ্ঠান। "°শক্তি। ঈপ্সিতার্থক্রিয়া উ.মে ৫৩। ৪ পূজন। "গুরুদেবক্রিয়ারতঃ (অ.টী)। ৫ সম্প্রধারণ, বিচার। "ক্রিয়াং বিনা কো হি জানাতি (অ.টী)। ৬ শিক্ষা। "রঘু ৩.২৯। ৭ নিষ্কৃতি। 'মহাপাতকিনাং পুংসাং ভবেৎ প্রাণান্তিকা ক্রিয়া (অ.টী)। ৮ চিকিৎসা। 'যা হ্যদীর্ণং শময়তি নান্যং ব্যাধিং করোতি চ। সা ক্রিয়া, ন তু যা ব্যাধিং হরত্যন্যমুদীরয়েৎ ॥—সুশ্রুত ১.৩৫.১৯। ৯ চেষ্টা, স্পন্দন। "মৃতঃ সর্ব্বো হি নিষ্ক্রিয়ঃ (অ.টী)। ১০ ধাতুর অর্থ—গমন, ভোজনাদি। "সমাপিকা ক্রিয়া ; অকর্ম্মিকা ক্রিয়া। ১১ কার্য্যসাধনানুকূল ব্যাপার,—যেমন, গমনের অনুকূল পাদক্ষেপ-ব্যাপার। ১২ প্রয়োগ। ১৩ উৎপাদন। "লবণ° যাজ্ঞ ৩.২৩৫। মৃৎপাত্রস্থ ক্রিয়ায়াম্ মহা ১৩.১.৩৮। ১৪ পাঠ। ১৫ শারীরিক শ্রম, ব্যায়াম। ১৬ [+শ-র্ম্ম] কর্ম্ম, অনুষ্ঠান, ধর্ম্মকার্য্য। "হি ১.১৩২। ১৭ ক্রতু, যজ্ঞ। "°বিঘাত রঘু ৩.৪৪। ১৮ শ্রাদ্ধ, অন্ত্যেষ্টি। "গো.রা ৬.৯৬.১০। চরম° মহা ৪.২৪.৬। ১৯ (ন্যায়ে) সংযোগ ও বিভাগের কারণ ; কর্ম্ম। ২০ (ব্যাকরণে) ক্রিয়াবাচক বিশেষ্য। ২১ কারণ (অ.চি)। ২২ সংস্কার। "স গুরুর্যঃ ক্রিয়াং কৃত্বা বেদমস্মৈ প্রযচ্ছতি (অ.টী)। ২৩ শৌচ, শৌচসাধন-বিধি—স্নানাদি। ২৪ (স্মৃতিতে) চতুর্বিধ ব্যবহারপাদের একতম ; দিব্যবিশেষ, কিরা (শ.ক)। [প্রথমপাদ—পূর্ব্বপক্ষ, দ্বিতীয়—উত্তর, তৃতীয় —ক্রিয়াপাদ (সাক্ষ্য লেখ্য শপথ প্রভৃতি), চতুর্থ—নির্ণয়।] ২৫ [+অ-ণ] উপায়। "সামাদিকাঃ ক্রিয়াঃ (অ.টী)। ২৬ কার্য্যসাধনবস্তু—যন্ত্রাদি। ২৭ (বাঙলায়) বৈবাহিক কার্য্য বা সম্বন্ধ। "বাপের নিতান্ত ইচ্ছা আমার সঙ্গে এ ক্রিয়া করেন জা ১। [°কর্ম্ম (বি)—(একার্থক) শাস্ত্রবিহিত ধর্ম্মানুষ্ঠান ; যাগযজ্ঞাদি, ব্রতনিয়ম। "ক্রিয়াকর্ম্ম যজ্ঞযাগে, বহু খ্যাতি ছিল আগে।—কথা ৬৯। ক্রিয়াকর্ম্ম, দান-ধ্যান…পূর্ব্বমতই হইতে লাগিল ব.প্র ৩৭৫। °কলাপ (পুং)—১ কর্ম্মসমূহ ; ধর্ম্মকর্ম্মসমুদয়। ২ (বাঙলায়) আচার-ব্যবহার, কাণ্ড-কারখানা। °কার (বিণ)—কার্য্যকারক, কর্ম্মসাধক। °পাদ (পুং)—দ্র 'ক্রিয়া (২৪)।]

ক্রিয়ান্তর ক্লী [অন্য ক্রিয়া, নি.স] ১ অন্য কার্য্য ; কর্ম্মান্তর। ২ [ষ.ত] ক্রিয়ার অবকাশ ; কার্য্যবিরতি।

ক্রিয়ান্বিত বিণ [ক্রিয়া কর্ত্তৃক অন্বিত, তৃ.ত] ক্রিয়াযুক্ত, ধর্ম্মকর্ম্মানুষ্ঠান-পর, ক্রিয়াবান্।

ক্রিয়াফল ক্লী [ষ.ত] ১ কর্ম্মের পরিণাম ; কর্ম্মফল। ২ কর্ম্মজন্য পুনর্জন্মাদি। ৩ যাগাদিহেতুক পুণ্য। ৪ ক্রিয়াজন্য তৃপ্তিস্বর্গাদিরূপ প্রয়োজন বা ফল।

ক্রিয়াবশ বিণ [স.ত] কর্ম্মফলের অধীন ; কর্ম্মাধীন। —বশ পুং [ষ.ত] কর্ম্মফলের অধীনতা ; কর্ম্মপরতন্ত্রতা।

ক্রিয়াবাচক বিণ [ষ.ত ; স্ত্রী -চিকা] ক্রিয়ার প্রকাশক ; কার্য্য-বোধক (বিশেষ্য)।

ক্রিয়াবাদী বিণ [ষ.ত] (স্মৃতিতে) অভিযোগকার্য্যের বা পূর্ব্বপক্ষের বক্তা ; প্রমাণবাদী, কার্য্যবাদী, ফরিয়াদী। দ্র 'ক্রিয়া (২৪)।

ক্রিয়াবান্ (-বৎ) বিণ [ক্রিয়া+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] ১ অনুষ্ঠানবান্। "রঘু ১৪.২৩। যস্তু ক্রিয়াবান্ পুরুষঃ স বিদ্বান্ হি ১.১৮। ২ [+বৎ নিত্যযোগে] নিত্য ক্রিয়াযুক্ত ; কর্ম্মে উদ্যত (অ.টী) ; কর্ম্মনিরত। ৩ [+বৎ প্রশংসার্থে] প্রশস্তক্রিয়, কার্য্যপটু। "ভট্টি ১.১০। ৪ কৃত-শ্রেষ্ঠক্রতু। "রা ২.১০৬.১১। ৫ যাগাদিকর্ম্ম-নিরত।

ক্রিয়াবিধি পুং [ষ.ত] কার্য্যের ব্যবস্থা ; করণপ্রকার, অনুষ্ঠাননিয়ম। "মনু ৯.২২০ ; ১২.৮৭। °জ্ঞ হি ১.১৮৪।

ক্রিয়াবিশেষণ ক্লী [ষ.ত] যে পদ ক্রিয়াবিষয়ে বিশেষরূপে বলে ; ক্রিয়াগুণবাচক পদ। "পা ২.৩.৩৩, কাশিকা।

ক্রিয়াযোগ পুং [কর্ম্মধা] ক্রিয়াই যোগ, অর্থাৎ উপায় ; ভগবৎ-প্রীত্যর্থ করণীয় ক্রিয়ামাত্র ; বিগ্রহপ্রতিষ্ঠা, মন্দিরনির্ম্মাণ, পূজা, নাম-কীর্ত্তনাদি ; বাহ্যার্থের সহিত সংযোগ (বহ্নিপুরাণ) ; ভগবৎপরিচর্য্যা-বিধি (ভ ৪.১৩.৩) ; তপস্যা, বেদপাঠ, ঈশ্বরপ্রণিধান (পা.দ ২.১)।

ক্রিয়ালোপ পুং [ষ.ত] ১ উপনয়নাদির অভাব। "মনু ১০.৪৩। ২ শ্রাদ্ধাদির লোপ। "মনু ৯.১৮০। ৩ ধর্ম্মানুষ্ঠানের অভাব।

ক্রিয়াশক্তি স্ত্রী [কর্ম্মধা] ক্রিয়াই শক্তি ; জগদুৎপত্তিসাধনে ঈশ্বরের শক্তিবিশেষ ; সৃষ্টিশক্তি। "°মান্ (বেদান্তসার)। (তুমি) ক্রিয়াশক্তি ক.চ ৭। ক্রিয়াশক্তিপ্রধান সঙ্কর্ষণ বলরাম চৈ.চ ২১০।

ক্রিয়াসমভিহার পুং [ষ.ত] ক্রিয়ার পৌনঃপুন্য, অর্থাৎ পুনঃপুনঃ ক্রিয়াকরণ ; ক্রিয়ার ভৃশত্ব বা আতিশয্য। "পা ৩.১.২২ ; ৮.১.১২, বার্ত্তিক।

ক্রিয়াসাতত্য ক্লী [ষ.ত] ক্রিয়ার সততভাব বা অবিচ্ছেদ ; নিরন্তর ক্রিয়া। "পা ৬.১.১৪৪।

ক্রিয়াসিদ্ধি স্ত্রী [ষ.ত] ক্রিয়াসমাপ্তি, কার্য্যনিষ্পত্তি।

ক্রিয়েন্দ্রিয় ক্লী [ক্রিয়ার ইন্দ্রিয়, ষ.ত] কার্য্যসাধন ইন্দ্রিয় ; কর্ম্মেন্দ্রিয় —বাক্ পাণি পাদ পায়ু উপস্থ।

ক্রিশ্চান দ্র 'কৃশ্চান'।

ক্রী সক [ক্র্যা, উ—ক্রীণাতি, ক্রীণীতে ; অনিট্] ক্রয়, দ্রব্যবিনিময়। [নিস্—নিষ্ক্রয়, ক্রয়ানুরূপ মূল্যদান। বি—বিক্রয়।]

ক্রীড়্ অক [ভ্বা, প—ক্রীড়তি ; সেট্ ; তু 'ক্রীল.'—শিশু ক্রীল.ন্তো (ঋগ্বেদ ১০.৮৫.১৮) ; (নিচ্) ক্রীড়ি-ক্রীড়য়তি ; তু 'ক্রীড়াপয়তি (রা ৭.৩২.১৮)] ক্রীড়া, খেলা, বিহার। "কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ুঃ (মোহমুদ্গর)।

ক্রীড়্ অর্ম্ম [সং √ক্রীড়্ >প্রা √কীড় ; অপ্র] ক্রীড়া করা। "চরণ উপরে পড়ি, দশ চাঁদ মেলি ক্রীড়ি জ ১। ক্রীড়য়ে কালীর গণ ম ৬৫১। [আ, পরি, সম্—আক্রীড়তে, পরিক্রীড়তে, সংক্রীড়তে ; (কূজনে) সংক্রীড়তি।]

ক্রীড়ক বিণ [√ক্রীড়্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ড়িকা] যে ক্রীড়া করে ; খেলক। —ক পুং ক্রীড়াকারী, খেলুড়ে। —ড়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা]। ১ ক্রীড়া, খেলা ; লীলা। "তুমি দেব ক্রীড়ারত, ভুবনের নারী যত, তাহে কর অভীষ্ট-ক্রীড়ন চৈ.চ ৮১। ২ [+অন -ণ] ক্রীড়াসাধন দ্রব্য ; খেলনক, ক্রীড়নক, খেলনা। "সংক্রীড়-মানাস্তাঃ ক্রীড়নৈঃ গো.রা ১.৯.১৩। ভ ৩.১৯.৩০। —ড়নক বিণ [√ক্রীড়ি+অন (ল্যুট্)-ক+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -নিকা] যে শিশুকে খেলা দেয় বা খেলা দিয়া আনন্দিত করে। "ক্রীড়নিকা ধাত্রী (S.W.)। —ক পুং, ক্লী [ক্রীড়ন+ক (কন্) স্বার্থে] ক্রীড়াসাধন দ্রব্য ; ক্রীড়াসাধক, খেলনক। "ক্রীড়তে ভগবান্ ভূতৈর্বালঃ ক্রীড়নকৈরিব।—মহা ৩.৩০.৩৭। শ ৭২৮/১২। বালঃ ক্রীড়নকানিব ভ ৩.২.৩০। —ড়নীয় ক্লী [√ক্রীড়্+অনীয় (অনীয়র্) -ণ, বাহুলকে] ক্রীড়াসাধন দ্রব্য ; খেলনক। "ক্রীড়নীয়ানি দদুঃ পক্ষিগণান্ মহা ১৩.৮৬.২১। °সন্নিভ ক.সা ১২.৭৪। —ড়া স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ খেলা। "°রস কু.স ১.২৯। "°রতি (রা), কৃষ্ণ° (ভ), জল° (মহা)। তোয়° পূ.মে ৩৩। ২ লীলা। "তুমি দেব ক্রীড়ারত চৈ.চ ৮১। ৩ পরীহাস। ৪ কেলি, রতি। "°মুদ গী.গো ৯.১০। মহিষের ক্রীড়া দেখি অধিক উথলে দু ৬৭। [°কলহ (বি)—ক্রীড়ার্থ বিবাদ ; পরীহাসকলহ। "দুইজনে ক্রীড়াকলহ লাগিল তথাই চৈ.চ ১৪৯। °কানন, °বন (ক্লী)—ক্রীড়ার্থ বন ; প্রমোদোদ্যান, কেলিবন। "°কাননকেলিকৌতুক (ভর্ত্তৃহরি)। °কুরঙ্গ (পুং)—ক্রীড়ার্থ কুরঙ্গ ; বশবর্ত্তী নর্ত্তকবানর। "বি ৭২৮/১২। °কেতন, °গৃহ, °বেশ্ম (-শ্মন্) (ক্লী)—ক্রীড়ার্থ গৃহ ; কেলিভবন, শয়নগৃহ। "°কেতন ক.সা ১১৪.৫৭। °বেশ্ম বিক্র ২.২৩। °গৃহ গো.রা ৩.৩৯.৩৬। °কোপ (পুং)—ক্রীড়ার্থ কোপ ; মিথ্যাক্রোধ, কপটরোষ। "অমরু ১২। °নারী (স্ত্রী)—ক্রীড়ার্থী স্ত্রীলোক ; বেশ্যা। "হ ১৪৭.৯। °প্রদেশ (পুং)—ক্রীড়াস্থান। "মহা ৩.১৬৪.৬। °বাপী (স্ত্রী)—ক্রীড়ার্থ সরসী (ইহাতে ক্রীড়ার্থ কচ্ছপ মৎস্য প্রভৃতি থাকে)। °ময়ূর (পুং)—ক্রীড়ার্থ গৃহপালিত ময়ূর। "রঘু ১৬.১৪। °রণ (বি) —ক্রীড়ার্থ যুদ্ধ ; মিথ্যাযুদ্ধ। "কান্ধে চড়ে, কান্ধে চড়ায়, করে ক্রীড়ারণ চৈ.চ ২০১। °রত (ক্লী), °রতি (স্ত্রী)—ক্রীড়া ও মৈথুন। "°বিধিজ্ঞ রা ৩.৩৫.১৬ ; গো.রা ৩.৩৯.১৭। °রথ (পুং)—ক্রীড়ার্থ রথ। বিপ 'সাংগ্রামিকরথ'। "মহা ১৩.৫৩.২৮। °রস (পুং)—ক্রীড়ার স্বাদ ; ক্রীড়ারুচি। "কু ১.২৯। °লোল (বিণ)—ক্রীড়ায় আসক্ত ; ক্রীড়া-সক্ত, ক্রীড়াপ্রমত্ত। পূ.মে ৬১। "°শকুন্ত (পুং)—ক্রীড়ার্থ পালিত পক্ষী শুকময়ূরাদি। "পঞ্চ ১.১৫০। °শৈল (পুং)—ক্রীড়ার্থ পর্ব্বত। "উ.মে ১৬। ক্রীড়াসক্ত (বিণ)—ক্রীড়ায় প্রমত্ত। "বালস্তাবৎ ক্রীড়া-সক্তঃ (মোহমুদ্গর)। ক্রীড়োদ্দেশ (পুং)—ক্রীড়াভূমি, ক্রীড়াস্থান। "রা ৩.৯৪.১২।]

ক্রীড়াকৌতুক ক্লী [উ.লো] ১ ক্রীড়াপর (অতিলোল) কৌতুক ; অনিয়ন্ত্রিত ব্যগ্রতা ; অত্যৌৎসুক্য। "ক.সা ১৮.১৫৩। ২ কেলি-কৌতুক।

ক্রীড়ামৃগ পুং [ষ.ত] ক্রীড়ার (ক্রীড়ার্থ) পালিত হরিণ ; (গৌণার্থে) অস্বতন্ত্র স্ত্রীজিত জন। "কামদৃশাং বিহারক্রীড়ামৃগঃ ভ ৭.৬.১৭। আর যে নৃপাদি জীব তারে কে গণয়। সহজেই তাহারা স্ত্রীর ক্রীড়ামৃগ হয়॥ —চৈ ১১।

ক্রীত বিণ [√ক্রী+ত (ক্ত)-র্ম্ম] মূল্যাদিদানে গৃহীত ; কৃতক্রয়, কেনা। "মহাপুণ্যপণেন ক্রীতেয়ং কায়নৌস্ত্বয়া।—শান্তিশতক ৩.১। ক্রয়ক্রীতং চ মৈথুনম্ হি ১.১৪৭। তপসা ক্রীতোঽস্মি ক.সা ১.৪২। —ত পুং পিতা-মাতার নিকট হইতে অপত্যার্থ ক্রীত পুত্র ; দ্বাদশ পুত্রান্তর্গত গৌণপুত্রবিশেষ। "মনু ৯.১৭৪। যাজ্ঞ ২.১৩৪। —ত ক্লী [+ত-ভা] ক্রয়। —তক পুং [ক্রীত+ক (কন্) স্বার্থে] সর্থ 'ক্রীত' (পুং)। "মনু ৯.১৬৭। [ক্রীতদাস (বি)—যাবজ্জীবন সেবার্থ ক্রীত ভৃত্য ; কেনা গোলাম (slave)। ক্রীতানুশয় (পুং)—ক্রীতপণ্যবিষয়ে অনু-তাপ, অর্থাৎ ইহা কেনা ভাল হয় নাই, এইরূপ মনোভাব (ব্যবহারপদ-বিশেষ)। "°প্রকরণ যাজ্ঞ ২.১৮০-১৮৪।]

ক্রুঞ্চ্ অক [ভ্বা, প—ক্রুঞ্চতি ; সেট্] কৌটিল্য। "ক্রুঞ্চ।

ক্রুঞ্চ পুং [√ক্রুঞ্চ্ কৌটিল্য+অ (ক)-ক] ১ ক্রৌঞ্চগিরি। ২ ক্রৌঞ্চবক।

ক্রুড্ অক [তুদা, প—ক্রুড়তি ; সেট্] নিমজ্জন। "ক্রোড়।

ক্রুধ্ অক [দি, প—ক্রুধ্যতি ; অনিট্] ক্রোধ। [অভি—অভিক্রোধ। "দেবদত্তমভিক্রুধ্যতি পা ১.৪.৩৮। প্রতি—প্রতিক্রোধ। "ক্রুধ্যন্তং ন প্রতিক্রুধ্যেৎ মনু ৬.৪৮। সম্—সংক্রোধ। "সংক্রুধ্যসি মৃষা কিং ত্বং দিদৃক্ষুঃ মাম্ ভট্টি ৮.৭৬।

ক্রুদ্ধ বিণ [√ক্রুধ্+ত (ক্ত)-ক ; ছান্দস] কুপিত, রুষ্ট। "রা ২.৪১.৩। —দ্ধ ক্লী [+ত-ভা] ক্রোধ।

ক্রুশ্[১] অক [ভ্বা, প—ক্রোশতি ; অনিট্] রোদন। —শ্ সক ১ আহ্বান। ২ আক্রোশ (ত.বা)। [আ—আক্রোশ, ভর্ৎসনা। উদ্, প্র, বি —১ চীৎকার, আক্রন্দন। ২ উচ্চৈরাহ্বান।]

ক্রুশ্[২] বি [E. cross] যিশু খৃষ্টকে বিদ্ধ করিয়া বধ করার নিমিত্ত কৃত (+) এইরূপ যুক্ত কাষ্ঠখণ্ডদ্বয়। "ব.প ১৭২৫।

ক্রুশ্[৩], **কুরুশ্** বি [E. crotchet) বোনার জন্য বক্র সূক্ষ্মাগ্র লোহার বা বাঁশের শলা বা কাঁটা। "°কাঁটা, °কাঠি।

ক্রুষ্ট বিণ [√ক্রুশ্+ত (ক্ত)-ক ; স্ত্রী -ষ্টা] ১ রুদিত, ক্রন্দিত। ২ [+ত-র্ম্ম] আহূত। ৩ আক্রুষ্ট, ভর্ৎসিত। —ষ্ট ক্লী [+ত-ভা] রোদন, রোদনরব।

ক্রূর বিণ [√কৃৎ+র (রক্)-ক, √কৃৎ > ক্রূ, উ ২.২১১ ; স্ত্রী -রা ; ছান্দস] ১ ঘাতুক, নৃশংস। "কু.স ২.৪৮। উ.মে ৪৪। সর্পঃ ক্রূরঃ খলঃ ক্রূরঃ।—চাণক্য। ২ কঠিন, নির্দ্দয়। ৩ নিষ্ঠুর। "ক্রূরাচার মনু ৪.২৪৬; ১০.৯। °চেষ্টিত।—পঞ্চ ১.৬৯। ক্রূরকর্ম্মকারী।—কু ৮৯। ৪ কঠিন, দৃঢ়, জঠর, জঠুর্। ৫ কুটিল। "স্ত্রিয়ো হ্যকরুণাঃ ক্রূরাঃ ভ ৯.১৪.৩৭। °নিশ্চয়া রঘু ১২.৪। ৬ ঘোর, ভীষণ, দুর্নিমিত্তসূচক। "মৃগা দ্বিজাঃ ক্রূরমিমে বদন্তি।—মহা ৩.২৬৮.৩। "মনু ১.২৯। ৭ পাপ। "গ্রহ মু ১.৬। ৮ হিংসক, হিংস্র। ৯ উগ্র। "°গন্ধ। ১০ কর্কশ, বন্ধুর, কড়া। "জ্যাস্ফালনক্রূরপূর্ব্ব শ ২.৪। ১১ কর্কশ, শ্রুতিকটু। ১২ ক্ষুদ্র, নীচ। ১৩ উষ্ণ (শ.ক)। ১৪ ক্রূরার্থক, নিষ্ঠুরতাসূচক। "মনু ২.৩৩। ১৫ অশুভ, অমঙ্গল। "ক্রূরস্বনঃ...গোমায়ুঃ রা ৩.৫৭.২। —র পুং ১ শ্যেনপক্ষী। ২ কঙ্কপক্ষী। ৩ রক্তকরবীর। ৪ (জ্যোতিষে) বিষম রাশি, অর্থাৎ প্রথম তৃতীয় পঞ্চম সপ্তম নবম ও একাদশ রাশি। বিপ 'সৌম্য'। ৫ গ্রহবিশেষ (ত.বা)। —র ক্লী ক্রূরতা, কঠোরতা, নৈষ্ঠুর্য্য। —রা স্ত্রী রক্তপুনর্নবা। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—ঘোর কর্ম্ম ; বধ। "°কৃৎ মনু ১২.৫৮। °কর্ম্মা (-র্ম্মন্) বিণ—যাহার কর্ম্ম নিষ্ঠুর ; হিংস্র, নির্দ্দয়। "গো.রা ৩.১.৩১। পঞ্চ ১.৭০। °গন্ধ (পুং)—'উগ্রগন্ধযুক্ত', গন্ধক। °রাবী (-বিন্) পুং—'কর্কশরবকারক', দ্রোণকাক। °লোচন (পুং) —'অশুভদৃষ্টি', শনিগ্রহ। °ক্রূরাত্মা (-ত্মন্) বিণ—যাহার আত্মা ক্রূর ; খলস্বভাব, হিংস্র। ক্রূরাত্মা (পুং)—শনিগ্রহ। ক্রূরাশয় (বিণ)—যাহার আশয় ক্রূর ; খলমতি, কুটিল।]

ক্রেতব্য, ক্রেয় বিণ [√ক্রী+তব্য (তব্যৎ),+য (যৎ), -র্ম্ম] মূল্য দ্বারা লভ্য। —তা (-তৃ) বিণ (+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ক্রয়কারক, খরিদদার।

ক্রেপা বি [সং কৃপা (কৃ > ক্রি > ক্রে, দ্র 'ঋ'[১]) ; হি কিরপা ; অপ্র] কৃপা। "ক্রেপা করি দিল নাথ মুনিজনম ম.গা ১। ক্রেপাব সাগর মী ৭। যদি ক্রেপা থাকে বর দিবে এহি মনে চ.বি ১২৪।

ক্রেপাণ বি [সং কৃপাণ (কৃ > ক্রি > ক্রে ; দ্র 'ঋ'[১]) ; হি—কিরপান ; অপ্র] তলবার। "চ.বি ৩০২ ; ৩১২।

ক্রেমে ক্রি.বিং [ক্রমে > °মে ; অপ্র] ক্রমে। [ক্রেমে ক্রেমে—ক্রমান্বয়ে, "ক্রেমে ক্রেমে, জত জুগি কৈল উপাসন মী ৪৭।]

ক্রেয় ; ক্রোক, -কী দ্র 'ক্রেতব্য ; কোরক'[২]।

ক্রোড়[১] পুং [√ক্রুড়্ নিমজ্জন+অ (অচ্)-ক] ১ যে নিমগ্ন হয় ; শূকর। ২ শনিগ্রহ। ৩ বারাহীকন্দ। —ড় ক্লী [+ √ক্রুড়্ ঘনীভাব +অ (অ.টা) ; (ছান্দস) 'ক্রোড' (পুং)] ১ ভুজদ্বয়ের মধ্যভাগ ; ভুজান্তর, উরঃ, বক্ষঃ, উৎসঙ্গ,কোল। "পা ৪.১.৫৬। গো.রা ৬.৮২.১০। (হংসানাং) ক্রোড়াঃ শষ্পাগ্র-নির্ম্মলাঃ রা ৭.১৮.৩১। ২ (সাদৃশ্যে) অভ্যন্তর, মধ্য। "নির্ম্মিতনীড়ক্রোড়ে হি ৩৩/৪। ৩ কোটর। "হা হা হন্ত তথাপি জন্মবিটপিক্রোড়ে মনো ধাবতি (সু.র)। —ড়া স্ত্রী অশ্ববক্ষঃ। "পা ৪.১.৫৬, সি। —ড়ী স্ত্রী শূকরী। [°পত্র (ক্লী)—দ্র 'ক্রোড়'[২]।

ক্রোড়[২], **-র** স.বিং [সং কোটি ; হি করোড় (তু 'প্রা কোডি)] শতলক্ষসংখ্যক, একশ লাখ। —ড় স.বি সংখ্যাবিশেষ, কোটি—১০,০০০,০০০। "°পতি। [পতি (হি করোড়পতী) বি—কোটি-মুদ্রার অধিকারী ; মহাধনী। "উহাদিগের মধ্যে মোটা কাপড় পরিতে ...পায়ে চলিতে ক্রোড়পতিরও অপমানবোধ নাই।—পা.প্র ১৭৫। [°পত্র (ক্লী)—১ ক্রোড়স্থ (পুস্তকাদির মধ্যস্থ) পত্র ; গ্রন্থের পূর্ণাঙ্গতার নিমিত্ত শেষে সংযোজিত গ্রন্থখণ্ড ; উত্তরখণ্ড, পরিশিষ্ট (supplement)। ২ মাসিকপত্রাদির অতিরিক্তপত্র।] [ক্রোর ক্রোর—কোটি কোটি ; অসংখ্য, বহু। "(প্রজা) প্রতিদিন রাজদ্বারে কাঁদে ক্রোর ক্রোর স্ব.প্র ২০৫।]

ক্রোধ পুং [√ক্রুধ্+অ (ঘঞ্)-ভা ; ছান্দস] ১ কোপ, রোষ। "°জ, °বচন, অ°, দৃঢ়°, স°। জিতক্রোধ রা ১.১.৪। ক্রোধে বৈবস্বতো রাজা (উদ্ভট)। ক্রোধাঘাত।—হি ২২/২২। ২ রৌদ্ররসের স্থায়িভাব। 'রৌদ্রঃ ক্রোধস্থায়িভাবঃ সা.দ ৩.২২৭। ৩ ষড়্রিপুর একতম। "কাম এষ ক্রোধ এষ গী ৩.৩৭। ৪ লোভ ও নিকৃতির পুত্র (বায়ুপুরাণ)। —ধা স্ত্রী দক্ষকন্যাবিশেষ। "মহা ১.৬৫.১২। [ক্রোধ হইয়া (অপ্র) —ক্রুদ্ধ হইয়া। "অ.প ৩৫। চ.বি ৫৯। ক্রোধিয়া (অপ্র)—ক্রুদ্ধ হইয়া। "ক্রোধিয়া কয়েছে শি ৭৩।]

ক্রোধজ বিণ [ক্রোধ+ √জন্+ড (অ)-ক ; উ.ত] ক্রোধজাত ; ক্রোধসম্ভূত (ব্যসন)। "মনু ৭.৪৮। পৈশুন্য সাহস দ্রোহ ঈর্ষ্যা অসূয়া অর্থদূষণ বাক্পারুষ্য দণ্ডপারুষ্য—ক্রোধজ ব্যসন।]

ক্রোধন বিণ [√ক্রুধ্+অন (যুচ্) শীলার্থে-ক ; স্ত্রী -না] ক্রোধশীল, কোপন, রোষণ। "দ্রোণায়নিঃ ক্রোধনঃ বে ৩.৩১। ম ৯৮৪। —ন পুং ১ ভৈরববিশেষ। ২ বৃহস্পতির ষষ্টিবর্ষের একোনষষ্টিতম বর্ষ। —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ক্রোধ। "সক্রোধনস্তু তে গো.রা ৫.৮৫.৩। অক্রোধন মনু ৩.১৯২। —না স্ত্রী [°ন+স্ত্রী আ (টাপ্)] কোপশীলা নারী ; কোপনা, চণ্ডা।

ক্রোধনীয় বিণ [√ক্রোধি+অনীয় (অনীয়র্)-ক, বাহুলকে] যাহা ক্রুদ্ধ করে ; কোপকর, রোষজনক। "রা ২.৪১.৩।

ক্রোধবর্দ্ধন বিণ [ষ.ত ; স্ত্রী -নী] কোপবৃদ্ধিকর, রোষবর্দ্ধক।

ক্রোধবশ বিণ [ষ.ত] রোষাধীন, কোপান্বিত। "ভ ৬.৬.২৮। —শ পুং [ষ.ত] ক্রোধের অধীনতা ; রোষপরতন্ত্রতা। "যযৌ ক্রোধবশম্ মহা ১.৯৯.৩১। °গ (পঞ্চ)। ক্রোধবশানুগ মনু ২.২১৪।

ক্রোধমূর্চ্ছিত বিণ [তৃ.ত] ক্রোধ কর্তৃক ব্যাপ্তচিত্ত (রা. টীকা) ; কোপব্যাপ্ত, রোষাভিভূত। "রাবণঃ ক্রোধমূর্চ্ছিতঃ।—রা ১.১.৪৯। মহা ৩.৪৬.৪৮। —ত পুং চোরনামক গন্ধদ্রব্য।

ক্রোধাগার ক্লী [ক্রোধের আগার, ষ.ত] ক্রোধবতীর শয়নস্থান (রা.টীকা)। "ক্রোধাগারং প্রবিশ্য রা ২.৯.২২ ; ১০.২১। [পূর্ব্বকালে রাজার বা ধনীর অন্তঃপুরে একটি পৃথক্ ঘর থাকিত। ক্রোধ হইলে, মহিলারা এই ঘরে আশ্রয় লইতেন।]

ক্রোধালু বিণ [√ক্রুধ্+আলু (আলুচ্)-ক, বাহুলকে, দ্র 'পা ৩.২. ১৫৮ ; স্ত্রী -লু] ক্রোধশীল, কোপন, রাগী।

ক্রোধিত বিং ['ক্রুদ্ধ' সাধু ; তু 'দুঃখিত'] ক্রুদ্ধ। "মহাক্রোধে...ক্রোধিত

ম ৬৪৪। ক্রোধিত মনগ ১৭৪। ক্রোধিত অন্তর ব.প ১৪১; ৫৫৬। চ.বি ৮৭। ম.বি ২৬৪।

ক্রোধিনী স্ত্রী [ক্রোধিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ (তন্ত্রে) 'র' এই বীজ (S.W.)। ২ (বাঙলায়) চণ্ডিকা। "ম.পা ১১৪।

ক্রোধী (-ধিন্) বিণ [√ক্রুধ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ধিনী] ১ যে ক্রোধ করে; কোপী, রোষণ। "ক্রোধিত্বং দীক্ষিতে কুতঃ রা ৭.১৮.১৬। —ধী পুং ১ মহিষ। ২ কুকুর। ৩ গণ্ডার।

ক্রোশ পুং [√ক্রুশ্+অ (ঘঞ্)-ভা; ছান্দস] ১ রোদন। ২ আহ্বান। ৩ রব, ধ্বনি, চীৎকার (M.W.)। ৪ [+অ-অপা (শ.ক)] পথের দূরত্ব-পরিমাণবিশেষ; সহস্রধনুঃ, অর্থাৎ চারি সহস্র হস্ত-পরিমাণ। "রা ২.৯০.১। ক্রোশার্দ্ধ।—রঘু ১৩.৭৯। ম ১৮৯। [ক্রোশবিষয়ে মতভেদ—(১) মনুর মতে চারি সহস্র হস্তে এবং (২) প্রজাপতির মতে পাঁচ সহস্র হস্তে ক্রোশ (শু ১.১৯৪)। (৩) লীলাবতীর মতে আট সহস্র হস্তে ক্রোশ (ত.বা)। শব্দের মৌলিক অর্থ 'আহ্বান, চীৎকার, উচ্চরব'; ইহা হইতে, তাদৃশ শব্দগম্য 'দূর বা পথপরিমাণ', গৌণার্থে 'ক্রোশ'-বাচক হইয়াছে, বোধ হয়। 'ক্রোশধ্বনি' শব্দে 'ক্রোশব্যাপী ধ্বনি' হেতু 'ঢক্কা'কে বুঝায়; ইহাতেও ঐরূপ অনুমান সমর্থিত হয়।]

ক্রোশতাল, -ধ্বনি পুং [বহুব্রী] যাহার তাল বা ধ্বনি ক্রোশব্যাপী; ঢক্কা।

ক্রোশন ক্লী [√ক্রুশ্+অন (ল্যুট্)-ভা] ১ রোদন। ২ আহ্বান।

ক্রোষ্টু পুং, স্ত্রী [√ক্রুশ্+তৃ (তৃন্)-ক] ১ শব্দকারী। ২ শৃগাল। "পক্ষতিং ক্রোষ্টুজুষ্টানি বক্ষাংসি ভট্টি ৫.৮০।

ক্রৌঞ্চ পুং [ক্রুঞ্চ্+অ (অণ্) স্বার্থে; ছান্দস] ১ বকবিশেষ, কোঁচবক। "°মিথুন রা ১.২.১৫। মে ২। নাশিল ক্রৌঞ্চের প্রাণ সা.ম ৭। রক্তমাখা দেহে ক্রৌঞ্চ লুটে মহীতলে।—রাজকৃষ্ণ রায়। ২ কুররপক্ষী (শ.ক)। ৩ পর্ব্বতবিশেষ। "ভিন্নঃ ক্রৌঞ্চ ইবাচলঃ গো.রা ৩.৩৫.৯১। ক্রৌঞ্চগিরিগহ্বরে ম ৯৪৬। [ক্রৌঞ্চ হিমালয়ের পুত্র (মহা ৩.২২৪.৩৩); মতান্তরে, হিমালয়ের পৌত্র (হ ১৮.১৩)।] ৪ সপ্তদ্বীপের একতম (ভ ৫.২০.১৮-২১)। ৫ ময়দানবপুত্র (হ, ৪৬শ অধ্যায়)। ৬ অর্হদ্গণের ধ্বজ। —ঞ্চ ক্লী ১ পৌরাণিক অস্ত্রবিশেষ। "রা ১.২৭.১১। ২ বিষভেদ (চরক)। —ঞ্চা, -ঞ্চী স্ত্রী [ক্রৌঞ্চ+স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীপ্)] ১ ক্রৌঞ্চ=স্ত্রীজাতি, কোঁচবকী। "রা ১.২.১৪। ক্রৌঞ্চী ভাসে নয়নের জলে।—রাজকৃষ্ণ রায়। ২ কুররী। [°দারণ (পুং)—'ক্রৌঞ্চপর্ব্বতের বিদারক'; কার্ত্তিকেয়। "কার্ত্তিকের নাম ক্রৌঞ্চদারণ হইল ম ৯৪৬। [বলির পুত্র বাণাসুর ক্রৌঞ্চ পর্ব্বত আশ্রয় করিয়া দেবগণকে নিপীড়িত করিলে, কার্ত্তিকেয় শক্তিদ্বারা পর্ব্বত বিদীর্ণ ও সসৈন্য বাণকে নিহত করেন। এইজন্য কার্ত্তিকেয় 'ক্রৌঞ্চদারণ' নামে খ্যাত (মহা ৩.২২৪.৩৩; ৯.৪৬.৮০,৯১)।] [°দ্বীপ (ক্লী)—দ্বীপবিশেষ। দ্র 'ক্রৌঞ্চ (৪)। °বধূ (বি)—ক্রৌঞ্চ-স্ত্রী ক্রৌঞ্চী। "মে ২। °মিথুন, °যুগ্ম (ক্লী)—ক্রৌঞ্চযুগল, ক্রৌঞ্চ ও ক্রৌঞ্চী। "রা ১.২.১৫। ক্রৌঞ্চমিথুন চারি চারুগীত গায়।—রাজকৃষ্ণ রায়।]

ক্রৌঞ্চরন্ধ্র ক্লী [ষ.ত] ক্রৌঞ্চপর্ব্বতের রন্ধ্র; ক্রৌঞ্চবিল। "পু.মে ৫৭। [কার্ত্তিকেয় শক্তিদ্বারা এই পর্ব্বত ভিন্ন করেন। এই ভিন্ন স্থান 'ক্রৌঞ্চরন্ধ্র'। হংসগণ এই পথে মেরুপর্ব্বতে ও মানসসরোবরে যায় (মহা ৩.২২৪.৩৩), এইজন্য ইহার নাম 'হংসদ্বার' (মল্লিনাথ)।]

ক্রৌঞ্চরিপু, -শত্রু, -সূদন, ক্রৌঞ্চারাতি, [ষ.ত] ১ ক্রৌঞ্চপর্ব্বতের অরি, অর্থাৎ বিদারক; কার্ত্তিকেয় (দ্র 'ক্রৌঞ্চদারণ')। "ক্রৌঞ্চরিপোঃ শিখী।—পঞ্চ ১.১৭০। ২ পরশুরাম। দ্র 'পু.মে ৫৭, মল্লিনাথ।

ক্রৌর্য্য ক্লী [ক্রূর+য (ষ্যঞ্) 'তদ্ভাব, তৎকর্ম্ম' অর্থে] ১ ক্রূরভাব, খলতা, পৈশুন্য। "মনু ১২.৩৩। চৈ ১৫। ২ নৈষ্ঠুর্য্য। "প্রিয়ে ক্রৌর্য্যমপি মে ত্বয়ি প্রযুক্তম্ শ ৭।২৪। ৩ ভীষণতা।

ক্লক্, ক্লাক্ বি [E. clock] দোলনপিণ্ডযুক্ত বড় বাজা ঘড়ি। "মেকারি ক্লাকে...পাঁচটা বাজলো হু ৩। এজলাসে একটা ক্লক ছিল, —তাহার পানে চাহিয়া...কমলাকান্ত বলিল, 'আমার বয়স ৫১ বৎসর, ২ মাস, ১৩ দিন, ৪ ঘণ্টা, ৫ মিনিট' ব.প্র ৬৪৬।

ক্লম্ অক [ভ্বা,প—ক্লমতি; সেট্] গ্লানি, শ্রমে অসামর্থ্য। —ম্ অক [দি, প—ক্লাম্যতি; সেট্] গ্লানি।

ক্লম পুং [√ক্লম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ গ্লানি, ক্লান্তি, খেদ, অবসাদ, আয়াস, শ্রান্তি। "ন চ মে মনসি ক্লমঃ গো.রা ৫.৪৯.১০। নাশয়িষ্যামাহং ক্লমম্ মহা ৩.৬৫.২৮। °বিনোদিভিঃ শ ৩.১৮। বিগত° মনু ৭.১৫১; গত° ২২৫। ২ সন্তাপ। "বিনোদিতদিন° মাঘ ৪.৬৬। বিগত°।—কাদ ৪০। ৩ শরীরাবসাদরূপ গর্ভিণীধর্ম্মবিশেষ। "কাব্যাদর্শ ১.৯৯। —মী (-মিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্)-ক-১ব; স্ত্রী -মিনী] ক্লমশীল, গ্লানিযুক্ত। "ভট্টি ৭.৫।

ক্লান্ত বিণ [√ক্লম্+ত (ক্ত)-ক] ১ ক্লান্তিযুক্ত, শ্রমকাতর, শ্রান্ত, ক্লিষ্ট। "শ্রম° শ ৩১; মধ্যঃ ক্লান্ততরঃ ৩.৭। ক্লান্ত যদি তুমি এ দুরন্ত রণে মে ২৫৭। ২ অবসাদপ্রাপ্ত, খিন্ন। "°চেতস্ রা ২.৪৭.১৫। °হস্ত পু.মে ৩৫। ৩ সন্তপ্ত। "আতপ° রঘু ২.১৩। ৪ গমনে অশক্ত। "°দুর্বলদুঃখার্ত্তা রা ২.৪২.২৩। ৫ পীড়িত। "কণ্টকাক্রমণ° রা ২.৪২.১৯। ৬ ম্লান, শুষ্ক। "রাবণাবগ্রহক্লান্তম্ (মরুচ্ছস্যম্) রঘু ১০.৪৮। ক্লান্তো মন্মথলেখঃ।—শ ৩.২৩। ৭ পরিমৃদিত, বিদলিত। "°বিসভঙ্গসুরভি শ ৩.১৪। —ন্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ আয়াস, ক্লেশ, শ্রম। "°চ্ছিদ্ (মাঘ)। ২ অবসাদ, খেদ। "জীবগণ অরজ্বালা-শ্রান্তিক্লান্তি-হর।—রঙ্গ ২১। [ক্লান্তিচ্ছেদ (পুং)—ক্লেশহরণ। ক্লান্তিহর (বিং) —কষ্টনাশক, ক্লেশহারক। "রঙ্গ ২১।]

ক্লাস্ বি [E. class] বর্গ, শ্রেণী। [ক্লাসে উঠা—পরীক্ষায় উপর শ্রেণীতে যাওয়া। ক্লাসের ওঁচা—সব ছেলের অধম।]

ক্লিদ্ অক [দি, প—ক্লিদ্যতি; বেট্] আর্দ্রীভাব, ক্লেদ।

ক্লিন্ন বিণ [ক্লিদ+ত (ক্ত)-ক] ১ আর্দ্রীভূত, আর্দ্র, ভিজা। "সলিল° রা ১.৪২.১৯। শীকরক্লিন্ননেমিঃ শ ৭.৭। °বাসস্।—পরাশর ৮.৯। ২ নেত্ররোগজন্য জলনিস্যন্দযুক্ত (চক্ষুঃ)। "পা ৫.২.৩৩। ৩ পূতি, পচা (চরক)। ৪ স্নেহার্দ্র। "ক্লিন্নধিয়ঞ্চ মাতরম্ ভ ৪.৩.১০; ৯.১১.৫।

ক্লিপ্ত বিং [সং ক্লিপ্ত (ৱ>লি, উচ্চারণানুসারে); অপ্র] ছিন্ন, বিরহিত। "ক'রে বঞ্চিত স্বর্গের সুখে। ক্লিপ্ত করিলে মজনু দুঃখে॥ শ্রী.মা ১২।

ক্লিশ্ সক [ক্র্যা, প—ক্লিশ্নাতি; বেট্] বিবাধন, পীড়ন, ক্লেশ। "স ক্লিশ্নাতি ভুবনত্রয়ম্ কু.স ২.৪০। —শ্ অক [দি, আ, এ (বোপদেব) —ক্লিশ্যতি, -তে; সেট্] উপতাপ, ক্লেশ। —শ্ সক উপতপ্তীকরণ। {ক্লিশ্যতে কৃপণঃ স্বর্গমপি। (শ.ক)।}

ক্লিশিত বিণ [√ক্লিশ্+ত (ক্ত)-র্ম্ম] বিবাধিত, পীড়িত, ক্লিষ্ট। —ষ্ট বিণ [+ত-র্ম্ম (অনিট্পক্ষে)] ১ পীড়িত, বাধিত। "কষ্টক্লিষ্ট প্রাণ স্ব.স ১৩। ২ উপতপ্তীকৃত, উপতপ্ত। ৩ বিপ্লুত, খণ্ডিত। "অক্লিষ্টব্রতধর্ম্মজ্ঞঃ রা ১.৩২.১। ৪ বিকীর্ণ, ব্যাপ্ত। "আমর্দ্দক্লিষ্টকেশর (সিংহশিশু)।—শ ৭.১৪। ৫ [+ত-ক] ক্লেশপ্রাপ্ত, অবসাদযুক্ত, খিন্ন, শ্রান্ত। "কিং ক্লিষ্টঃ...ত্রিদশগুমবহৎ...ন ধর্ম্মাত্মজঃ।—পঞ্চ ৩.২২৩। ৬ ক্ষীণ, নিষ্প্রভ। "ইন্দোঃ...ক্লিষ্টকান্তেঃ উ.মে ২৩। ৭ ম্লান। "রূপমক্লিষ্টকান্তি শ ৫.১৮। ক্লিষ্টা বিম্বাধরশ্রীঃ (পাঠান্তর) গী.গো ১২.১৫। ৮ ম্লান, শুষ্ক। "হিমক্লিষ্টকিঞ্জল্ক।—রঘু ১৫.৫২। ৯ পরিক্ষীণ, সম্যক্ক্ষয়প্রাপ্ত, নিঃশেষ। "ক্লিষ্টং নু তাবৎফলমেব পুণ্যম্ শ ৬.১০। ১০ মন্দ,

অনভিব্যক্ত। "হিমক্লিষ্টপ্রকাশানি জ্যোতীংষি।—কু.স ২.১৯। ১১ ম্লান, গ্লানিপ্রাপ্ত, পীড়িত। "মদনক্লিষ্টৈঃ লক্ষ্যতে শ ৩.৭। ১২ পরিমৃদিত, পরিহিত, ধৃত। "ক্লিষ্টঃ বাসঃ (সুশ্রুত)। ১৩ উপতপ্ত, ব্যথিত। "দেখিয়া হইল ক্লিষ্ট উভয়ের চিত ম ৭৪২। ১৪ মোঘ, ব্যর্থ। "বচনমক্লিষ্টম্ রা ১.৩৬.৬। ১৫ দুর্গত, ক্লিষ্ট, বিপন্ন। "জীবিতুং নার্হথ ক্লিষ্টম্ ভ ১.৯.১২। ১৬ [+ত-ধি (অ.টী)] (অলঙ্কারে) যে বাক্যের অর্থপ্রতীতি বিলম্বিত; গূঢ়ার্থ, অস্ফুটার্থ (বাক্য)। "°ত্ব সা.দ ৭.৩। —ষ্ট ক্লী পরস্পরব্যাহত অন্যোন্যবিরোধী বাক্য; সঙ্কুল। যথা, যাবজ্জীবমহং মৌনী ব্রহ্মচারী চ মে পিতা। মাতা চ মম বন্ধ্যাসীদপুত্রশ্চ পিতামহঃ॥—অ.টী। —ষ্টা স্ত্রী [ক্লিষ্ট+অ (অচ্) অস্ত্যর্থে +স্ত্রী আ (টাপ্)] ক্লেশসমূহ (অর্থাৎ অবিদ্যাদি) কর্তৃক আক্রান্তা চিত্তবৃত্তি। বিপ 'অক্লিষ্টা'। "পা.দ ১.৫। [°ত্ব (ক্লী)—(অলঙ্কারে) ক্লিষ্টভাব, গূঢ়ার্থতা। "সা.দ ৭.৩।]

ক্লীব বিণ [√ক্লীব্ (বৈকল্য)+অ (অচ্)-ক; স্ত্রী -বা; ছান্দস] ১ পুংস্ত্বহীন, নিষ্পৌরুষ (impotent)। ২ বিক্রমহীন, অলস (অ.টী); পৌরুষহীন, ভীরু। "°জীবিকা মহা ৩.৩৩.১৩। দেবগণান্ ক্লীবানপশ্যন্ (পাঠান্তর) ভ ৩.১৭.২৩। তাহারে ভজিলে হয় ক্লীবত্ব-ঘোষণ ম ৬৬৫। ৩ কাতর, দীন। "পিতুর্বচনমক্লীবং করিষ্যামি।—রা ২.২১.৩৪। বচনমক্লীবম্ মহা ৪.২৪৮.১। অনুক্তক্লীববচনম্ হি ১.১৫৪। ৪ কাতর, সভয়। "(শূরঃ) অক্ষয়ান্ লভতে লোকান্ যদি ক্লীবং ন ভাষতে।—পরাশর ৩.৩৮। ৫ কর্তব্যকর্মে নিরুৎসাহ। "মনু ৩.১৬৫। ৬ অধীর। "অক্লীবো রামঃ রা ২.৫২.৬৫। রঘু ৮.৮৪। ৭ ভীরুচিত, নিরুৎসাহ। "মুনের্বচনমক্লীবম্ রা ১.২৬.১। ৮ (কোষে) নপুংসকলিঙ্গ। "ধ্রুবো ভভেদে ক্লীবম্ (অ.কো)। —ব পুং, ক্লী পুরুষত্বহীন জন; তৃতীয়প্রকৃতি, ষণ্ড, হিজড়া। "ক্লীবে চ পতিতে পতৌ।—পরাশর ৪.২৬। —ব ক্লী নপুংসকলিঙ্গ।

ক্লীবলিঙ্গ বিণ [ক্লীবলিঙ্গ+অ (অচ্) অস্ত্যর্থে] ক্লীবলিঙ্গযুক্ত (শব্দ)। —ঙ্গ পুং ক্লীবলিঙ্গশব্দ। "অজন্তক্লীবলিঙ্গপ্রকরণ। —লিঙ্গ ক্লী [কর্মধা] লিঙ্গবিশেষ (Neuter gender)।

ক্লেদ পুং [√ক্লিদ্+অ (ঘঞ্)-ভা] ১ আর্দ্রীভাব, আর্দ্রতা। "মধ্বাসবকৃতক্লেদ গো.রা ৫.১২.৪২। যাজ্ঞ ৩.৭৭। ২ [+অ-ণ] উপদ্রব, সদ্যোজাত শিশুর গাত্রলগ্ন লালাদি (?)। "গর্ভ° রঘু ১৫.৩২। ৩ বাষ্পোদক। "অঞ্জনক্লেদসমাকুলাক্ষ।—রঘু ৭.২৭। ৪ ক্ষতনির্গত পূযাদি; ক্ষতনিঃস্রব (সুশ্রুত)। ৫ পূতীভাব, পচা-ভাব। "পদস্থিতস্য পদ্মস্য বন্ধু বরুণভাস্করৌ। পদচ্যুতস্য তস্যৈব ক্লেদক্লেশকরাবুভৌ। —উদ্ভট। ৬ (বাঙলায়) মল, মালিন্য। "মনে মাথা অজ্ঞানের ক্লেদ। —হেম ৩। —দন বিণ [√ক্লেদি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] যাহা আর্দ্র করে; আর্দ্রীকারক (সুশ্রুত)। —ন পুং ১ শ্লেষ্মা, কফ। ২ শ্লেষ্মাবিশেষ। —ন ক্লী [+অন-ভা] ১ আর্দ্রীকরণ, ভিজান। "ভ ৩.২৬.৪৩। ২ [√ক্লিদ্+অন-ভা] আর্দ্রীভাব। ৩ ক্ষরণ, ঝরা (Wilson)। —দিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ আর্দ্রীকৃত। ২ কলুষীকৃত।

ক্লেশ পুং [√ক্লিশ্+অ (ঘঞ্)-ভা] ১ উপতাপ, বাধা, পীড়া। ২ [+অ (অচ্)-ক] 'উপতাপক', দুঃখ, আয়াস। "°কর, °কারী, °সহ, অ°। কায়° রা ২.২৮.২৩। গী ১২.৫। ক্লেশঃ ফলেন হি পুনর্নবতাং বিধত্তে কু.স ৫.৮৬। সফলঃ ক্লেশো ন ক্লেশঃ (মল্লিনাথ)। ৩ কোপ। ৪ ব্যবসায়, সাংসারিকক্রিয়া। ৫ দুঃখজনক অবিদ্যা অস্মিতা রাগ দ্বেষ ও অভিনিবেশ এই পঞ্চবিধ। "পা.দ ২.৩। —শক বিণ [+অক (বুঞ্) তাচ্ছীল্যে -ক, পা ৩.২.১৪৬; স্ত্রী -শিকা] ক্লেশশীল, পীড়ক, ক্লেশকর। —শিত বিণ [ক্লেশ+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে; স্ত্রী -তা] ১ সঞ্জাতক্লেশ, ক্লিষ্ট; খেদযুক্ত। "মহা ৩.১৪১.২। ক্লেশিতা বিবর্ণরূপা বেষ্টিতা মানুষে।—ম ৪৪৫। ২ পীড়িত, ব্যথিত। "ব্যাধিনা ক্লেশিতো হ্যহম্ মহা ৩.১৪৭.৭। ৩ ম্লান, বিবর্ণ। "ক্লেশেতে ক্লেশিত মুখ ম ৫৯২। —শী (-শিন্) বিণ [√ক্লিশ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -শিনী] ১ যে ক্লিষ্ট করে; উপতাপক, পীড়য়িতা। "নিঃশ্বাসেনাধরকিশলয়ক্লেশিনা উ.মে ৩০। ২ [বাঙলায়; অপ্র] ক্লেশযুক্ত, দুর্দশাপন্ন, দুর্গত। "পিতৃহীন…ক্লেশী অতিশয় ম ৩৮৪; ক্লেশী এই আচরণে ৪২০।

ক্লৈব্য ক্লী [ক্লীব+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ ক্লীবভাব, পুরুষত্বহীনতা, নপুংসকতা। "বরং ক্লৈব্যং পুংসাং ন চ পরকলত্রাভিগমনম্ হি ১.১৪৪। ২ নির্বীর্যত্ব, কাতরতা। "ক্লৈব্যং মা স্ম গমঃ পার্থ গী ২.৩। ৩ অধৈর্য। "প্রকৃতির্হি সদা স্ত্রীণাং ভীরুত্বং ক্লৈব্যমেব চ গো.রা ৩.১৯.৫। ৪ নপুংসকতা, নিরর্থকত্ব, বৈফল্য। "উৎপলদল° রঘু ১২.৮৬। ৫ পারবশ্য, পরতন্ত্রতা। "ভ ৪.২৫.৬২। ৬ ভীরুতা, চিত্তদৌর্বল্য। "ভ ৭.১৩.৩৪।

ক্লোম (-মন্) ক্লী [√ক্লু গতি+মন্ (মনিন্)-ক-১ব; '°মন্' পুং (যজুর্বেদ, অথর্ববেদ, শতপথব্রাহ্মণ); °ম (অকারান্ত ক্লীবলিঙ্গ —অ.চি), তু 'লি, প্রা—ধাম, সাম' (ধামন্ সামন্); cf., Gr. kleumwn; L. pulmo] ১ যাহা ক্ষারদ্রব্যে চলিত হয়; হৃদয়মধ্যস্থ তৃষ্ণাস্থান; ফুসফুস (অ.টী); হৃদয়পার্শ্বস্থ মাংসাকার পদার্থ (বৈদ্যক)। ২ হৃদয়ের অধোভাগে দক্ষিণকুক্ষিস্থ মাংসাকার পদার্থ (সুশ্রুত) মাংসপিণ্ড (মিতাক্ষরা)। "সুশ্রুত ৩.১.১২। —মা (-মন্) পুং মাংসপিণ্ড (মিতাক্ষরা)। "যাজ্ঞ ৩.৯৪।

ক্বচিৎ ব্য [ক+চিৎ অনিশ্চয়ার্থে; দ্র 'কতিচিৎ'] ১ কোনো স্থানে; কোথাও। "গগন-নক্ষত্রবৎ, তাহারাই অকস্মাৎ, প্রকাশে ক্বচিৎ কভু মৃদুরশ্মি-মাখা রে।—হেম ২৯২। ২ কোনো সময়ে; কখনও। "ক্বচিদ্ রুষ্টঃ ক্বচিৎ তুষ্টো রুষ্টতুষ্টঃ ক্ষণে ক্ষণে (সু র)। [ক্বচিৎ কদাচিৎ—কোনো সময়ে; দৈবাৎ কখনও।]

ক্বণ্ অক [ভ্বা, প—ক্বণতি; সেট্] শব্দ, অব্যক্তধ্বনি। "ক্বণতি বীণা (ক.ক)।

ক্বণ[১], **ক্বাণ** পুং [√ক্বণ+অ (অপ্, ঘঞ্)-ভা] ১ শব্দ, ধ্বনিমাত্র। "বাজে বাদ্য সকরুণ ক্বণে মে ৩০৮। ২ বীণার শব্দ। —ণন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'ক্বণ'। ২ শব্দবিশেষ, কনকন শব্দ। —ণিত বিণ [+ত (ক্ত)-ক] ১ সশব্দিত, ধ্বনিত। ২ শিঞ্জিত। "°কনককাঞ্চী।—ঋতু ৩.২৪। —ত ক্লী [+ত-ভা] ১ কণন, ধ্বনি, নাদ। "ঘণ্টা° রঘু ৭.৪১। ঘণ্টার ক্বণিত চৈ.চ ১৫১। ২ শিঞ্জন, ভূষণধ্বনি। "বলয়° গী.গো ১১.৮। বিভূষণানাং ক্বণিতম্ ভট্টি ১১.৩৭। ৩ বীণাশব্দ। "বীণায়াঃ ক্বণিতে (অ.কো)। ৪ গুঞ্জিত, ভ্রমররব। "পদ্মমত্তক্বণিতষট্পদম্ (বিক্র)। [ক্বণুক্বণুক্বণুক্বণ (ধ্বন্যাত্মক)—নিরন্তর বীণাশব্দ। "বীণা বাদয়ে অতিললিত, ক্বণুক্বণুক্বণুক্বণ নিনাদে (হেম)।

ক্বণ[২] অর্ম [সং √ক্বণ্ >লি, প্রা √ক্বণ] শব্দ করা; ধ্বনিত হওয়া; বাজা। "নিতম্ববিম্বে ক্বণিছে রশনা ম ১৫৬।

ক্বথ্ সক [ভ্বা, প—ক্বথতি; সেট্] ১ নিষ্পচন, নিষ্পাক, সিদ্ধ করা। "ক্বথতি বৈদ্য ঔষধম্ (ক.ক)। ২ হিংসা।

ক্বথন ক্লী [√ক্বথ্+অন (ল্যুট্)-ভা] নিষ্পাক, পচন, পাক। "কি ১৬.৫৩। অগ্নি° (সুশ্রুত)। —থিত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ অতিশয় পক্ব; নিষ্পক্ব; শৃত, সিদ্ধ (ব্যঞ্জন, দশমূলাদি)। "মনু ৬.২০। গাঢ়ক্বথিতদুঃসহেন সলিলেন ক.ম ৩২১/২। ২ সন্তপ্ত, নিপীড়িত। "সন্তাপক্বথিতাঃ প্রাণাঃ ক.সা ১১.৫৭।

ক্বাথ পুং [ক্বথ্+অ (ঘঞ্)-ভা] ১ নিষ্পাক, পচন, সিজান। ২ জলাদির পাকভেদ। ৩ [+অ-র্ম] ক্বথিত দ্রব; কষায় (decoc-

tion)। "খদির", যব" (সুশ্রুত)। **৪** [+অ-ণ] দুঃখ। **৫** ব্যসন। [°রস (পুং)—কাথদ্রব; রসদ্রব্য, নির্য্যাস (অ.কো)।]

ক্ষ[1] 'ক' ও 'ষ'-এর যোগে জাত মিশ্রবর্ণবিশেষ। [ইহা পৃথক্ বর্ণ নহে; সুতরাং বর্ণমালায় ইহার পাঠ নাই। তন্ত্রে ইহা একান্ন মাতৃকাবর্ণের শেষ বর্ণ। বোধ হয়, এইজন্য পূর্ব্বে পাঠশালায় ব্যঞ্জনবর্ণে 'হ'কারের শেষে 'ক্ষ' লেখা হইত। প্রাচীন মঙ্গল কাব্যে চৌত্রিশ অক্ষরের স্তবে ক্ষ-কার শেষ বর্ণ। বাঙলায় শব্দের আদিতে ইহার উচ্চারণ 'খ' এবং মধ্যে বা শেষে 'ক্খ'; যেমন, 'ক্ষণ' (খণ), 'ভক্ষণ (ভক্খণ)', 'লক্ষ' (লক্খ) ইত্যাদি। 'ষ' কারের 'খ'এর মত উচ্চারণে 'ক্ষ' এর উচ্চারণ এইরূপ 'ক্খ' 'খ' হয়।]

ক্ষ[2] অর্ম্ম [ক্ষয় >বা √ক্ষ, √খ] ক্ষয়প্রাপ্ত হওয়া; খসিয়া পড়া। "মনুষ্য দংশিলে যেন তার লেজ খয় ম.ম ২০৯। —সর্ম্ম ক্ষয় করা; নষ্ট করা। "বিমল···রুদ্ধ জীবনের ঘর্ষণে বাঁধ ক্ষইয়ে ফেলেচে য ২৮৪। [ক্ষইয়ে যাওয়া—ক্ষয় পাওয়া; পাতলা বা শরু হওয়া। ক্ষওয়া গিয়াছে —ক্ষয় পাইয়াছে; নষ্ট হইয়াছে; হারাইয়াছে। ক্ষওয়া (বিং)—ক্ষয়প্রাপ্ত, হারান (দ্রব্য)]

ক্ষকার বি [ক্ষ কার, কর্ম্মধা] 'ক্ষ' এই বর্ণ। "অকারাদি ক্ষকারান্ত যে যে বর্ণগুলি শ্রী.মা ৪৩।

ক্ষণ্ সক [তনা, এ—ক্ষণোতি, ক্ষণুতে; সেট্] বধ, হিংসা।

ক্ষণ পুং [√ক্ষণ্+অ (অচ্)-ক (অ.টী)] **১** হিংসাকারক, কালের অংশবিশেষ; ত্রিংশৎকলা; নিমেষের চতুর্থাংশ; চার মিনিট্। "গো.রা ৬.৯২.৩৫। ত্রিংশৎ কলায় হয় জান এক ক্ষণ ম ৯৫০। **২** নিমেষএয়পরিমিতকাল। "ভ ৩.১১.৭। **৩** জ্যোতিষে আটচল্লিশ মিনিট্; মুহূর্ত্তকাল (সিদ্ধান্তশিরোমণি)। **৪** অত্যল্প কাল। "°ভূত, °মাত্র, ক্ষণান্তর। মনু ৮.৩৪৪। °ক্লেশ রঘু ১২.৭৬। °ভঙ্গুর।—পঞ্চ ২.১৯১। °বিধ্বংসী হি ১.৫০। **৫** প্রশস্ত মুহূর্ত্ত। "°জন্মা। **৬** সময়, কাল। "তৎক্ষণ রঘু ৩.১৪। মাঘ ১.৪। কুক্ষণে মে ৭। **৭** অবসর, বিরামকাল। "নিদ্রা° ভ ১.৭.১৩; ৩.৩.২১। **৮** নির্ব্যাপারস্থিতি, ব্যাপারশূন্যতা। **৯** উৎসব, উৎসবকাল। "গর্ভাধান° পু.মে ৯। মাঘ ১.৪। কৃত° ভ ৭.৬.৫০। **১০** পর্ব্ব। **১১** মধ্য। **১২** পরাধীনতা। [°প্রায়—ক্ষণসদৃশ, অল্পকালতুল্য। "দিন গেল ক্ষণপ্রায় চৈ.ভা ১৪৩। ক্ষণে··· ক্ষণে, ক্ষণে···ক্ষণে···ক্ষণে—কখনো···কখনো···কখনো। "ক্ষণে তৃণ লয় করে, ক্ষণে মহাদন্তঃ ক্ষণে হাস, ক্ষণে শ্বাস, ক্ষণে বা বিবাস।—চৈ.ভা ২৭৫। ক্ষণে ক্ষণে—প্রতিক্ষণ, অনুক্ষণ, সর্ব্বদা, ঘন ঘন। ক্ষণে ক্ষণে··· ক্ষণে ক্ষণে—"ক্ষণে ক্ষণে মূর্চ্ছা পায় ক্ষণে ক্ষণে কম্প চৈ.ভা ২৭৫। ক্ষণেক (দ্র 'এক')—**১** এক ক্ষণ, অত্যল্পকাল। **২** কখনো, কিছুক্ষণ। "ক্ষণেক শয্যায়, ক্ষণেক ধরায়, ক্ষণেক সখীর কোলে ভা.চ ৩১৮।]

ক্ষণজন্মা (-অন্) বিং [বহুব্রী] শুভক্ষণে যাহার জন্ম; ভাগ্যবান্, পুণ্যবান্, সুকৃতী। "উটি ক্ষণজন্মা ছেলে, বেঁচে থাকলে দিক্‌পাল হইবে আ.দু ৬।

ক্ষণদ পুং [ক্ষণ+ √দা+অ (ক)-ক; উ.ত] যাত্রাদিকাল বা উৎসব যে দেয়; মৌহূর্ত্তিক, গণক। —দ ক্লী জল। —দা স্ত্রী [°দ+স্ত্রী আ (টাপ্)] **১** 'বিরামকালদাত্রী', রাত্রি। "°কর, °চর। ক্ষণদাপায় রঘু ৮.৭৪। ম.পা ২০; ২১; ক্ষণদার্দ্ধ ৫৩; ক্ষণদার কান্ত ১৩৫। সুখদা ক্ষণদা হেন প.তৃ ৬। **২** 'উৎসবদাত্রী', হরিদ্রা। **৩** 'ক্ষণকাল আলোকদাত্রী', ক্ষণপ্রভা, বিদ্যুৎ। [ক্ষণদাহ (°দা+অহ; অপ্র)—রাত্রি-দিন। "ম.পা ২২।]

ক্ষণদাকর পুং [°দা+ √কৃ+অ (ট) হেতু অর্থে; উ.ত] যে ক্ষণদাকরণে হেতু; নিশাকর, চন্দ্র। "মাঘ ৯.৭০।

ক্ষণদাচর পুং [°দা+ √চর্+অ (ট)-ক; উ.ত] রাত্রিতে যে চরে; নিশাচর, রাক্ষস। "রা ৩.২.২৪। রঘু ১৩.৭৫। ভট্টি ৫.৫২।

ক্ষণদ্যুতি স্ত্রী [বহুব্রী] ক্ষণব্যাপী যাহার প্রকাশ; ক্ষণপ্রভা।

ক্ষণধ্বংসী, -বিধ্বংসী (-সিন্) বিণ [ক্ষণ+ √(বি)ধ্বন্স্ +ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব; উ.ত; স্ত্রী -সিনী] অল্পকালে নাশশীল; ক্ষণভঙ্গুর, ক্ষণিক, নশ্বর। "শরীরং ক্ষণবিধ্বংসি।—হি ১.৫০। শরীর যে ক্ষণধ্বংসী কোন্ ক্ষণে যায় ভ.গ্র ১১৭।

ক্ষণপ্রভা স্ত্রী [বহুব্রী; স্ত্রী আ (টাপ্)] **১** যাহার প্রভা ক্ষণব্যাপিনী; বিদ্যুৎ। "ক্ষণপ্রভা সম মুহুঃ হাসে, রত্নসম্ভবা বিভা মে ৪; হাসিল ক্ষণপ্রভা ৭২; ১৫৫। ক্ষণপ্রভা প্রভাদানে বাড়ায় মাত্র আঁধার, পথিকে ধাঁধিতে।—মাইকেল। **২** [উ.লো] (বাঙলায়) অল্পকালব্যাপী প্রকাশ; ক্ষণদ্যুতি। "ক্ষণপ্রভা শোভিল আকাশে,···ক্ষণপ্রভা-দানে মে ১৫৫। স.শ ৩।

ক্ষণবিধ্বংসিক বিণ [°ধ্বংস+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] সর্ব 'ক্ষণধ্বংসী'। "ক্ষণবিধ্বংসিকেঽস্মিন্ কা চিন্তা মরণে রণে।—পরাশর ৩.৩৯।

ক্ষণভঙ্গুর বিণ [সুপ্‌সুপা; স্ত্রী -রা] ক্ষণমাত্রে বিনাশশীল; অল্পকালস্থায়ী, অচিরধ্বংসী। "সংসারং ক্ষণভঙ্গুরম্ হি ৪.১৩৫।

ক্ষণভূত বিণ [ক্ষণের সদৃশ, নি.স] ক্ষণতুল্য, অল্পকালসদৃশ। "ক্ষণভূতেব নৌ রাত্রিঃ সংবৃত্তা রা ১.৪৫.৩; ২.৫২.৫৭।

ক্ষণমাত্র ক্লী [ক্ষণই ইতি, নি.স ময়ূরব্যংসকাদি] ক্ষণকালই, অল্পকালই। "গত্বা ক্ষণমাত্রেণ মাল্যবন্তম্ গো.রা ৪.৩৮.৩৬। °সখী রঘু ৮.৩৭। —ত্র ক্রি.বিণ ক্ষণই। "ক্ষণমাত্রমৃষিস্তস্থৌ রঘু ১.৭৩।

ক্ষণস্থায়ী (-য়িন্) বিং [ক্ষণ+ √স্থা+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক -১ব; উ.ত; স্ত্রী -য়িনী] ক্ষণকালস্থিতিশীল, অচিরস্থায়ী, নশ্বর।

ক্ষণিক বিণ [ক্ষণ+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] **১** যাহার (সত্তাসম্বন্ধে) ক্ষণ আছে; ক্ষণমাত্রস্থায়ী, ক্ষণভঙ্গুর। "ক্ষণিকা প্রীতিঃ হি ১.৬৮। °সমাগম রঘু ৮.৯২। ক্ষণিক সংযোগ ম ১.২৩। ক্ষণিক প্রেম ক্ষণপ্রভা প্রায় স.শ ৩। ক্ষণিকের খেলা চ.কা ৪০। আহত ব্যক্তির ক্ষণিক আর্ত্তনাদ ব.দ্বি ১৫০। **২** অবসরপ্রাপ্ত, লব্ধাবসর। "ভ ১১.২৭.৪৪। —কা স্ত্রী বিদ্যুৎ।

ক্ষণী (-নিন্) বিণ [ক্ষণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -নিনী **১** ক্ষণযুক্ত, সাবসর, অবসরপ্রাপ্ত। "মহা ২.১৩.৪৫। **২** উৎসবান্বিত। —নিনী স্ত্রী রাত্রি।

ক্ষণেক দ্র 'ক্ষণ'।

ক্ষত বিণ [√ক্ষণ্+ত (ক্ত)-র্ম; বৈদিক] **১** হিংসিত, বিদারিত, ছিন্ন। "ক্ষত ফল দেখি রাজা নখে বিদারিল ম ৩৪। **২** বিদ্ধ। "পত্রিণা হৃদি ক্ষতঃ রঘু ৩.৫৩। ক্ষতমাত্র হাত তোর মৃণাল-কণ্টকগণে, কমল তুলিতে (মাইকেল)। **৩** নাশিত, নিহত। "তুষারবৃষ্টিক্ষতপদ্মসম্পদাম্ কু.স ৫.২৭। **৪** হত; বিরুদ্ধ। "অনুমানেন ন চাগমঃ ক্ষতঃ কি ২.২৮। **৫** ভগ্ন। "ক্ষতসেতুবন্ধনো জলসঙ্ঘাতঃ কু.স ৪.৬। **৬** লূন, ছিন্ন। "সিংহোঽক্ষতকেশরঃ।—হি ২৮৮। স্বর্ণচূড় শস্য ক্ষত কৃষীদলবলে মে ১৫। **৭** দষ্ট। "অঙ্গুলীবোরগক্ষতা রঘু ১.২৮। **৮** দূরীকৃত, খণ্ডিত। "নিশাঃ শশাঙ্কক্ষতনীলরাজয়ঃ।—ঋতু ১.২। °তিমির ভট্টি ১০.৬৯। **৯** আহত। "ক্ষতঃ শস্ত্রৈঃ যাজ্ঞ ৩.২৪৫। **১০** কৃষ্ট, কৃতকর্ষণ। "ক্ষেত্রাঞ্জলমুখক্ষতাৎ গো.রা ৫.১৯.৪। **১১** পীড়িত, ধর্ষিত (ত.বা)। **১২** দূষিত। "ক্ষারক্ষতাসু (ভিত্তিষু) মৃ ৩.১৪। **১৩** হীন, ধ্বস্ত, খণ্ডিত। "ব্রত। **১৪** [ক্ষত+অ (অচ্) অস্ত্যর্থে] ক্ষতযুক্ত, ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ। "সদাবগাহক্ষতবারিসঞ্চয়ঃ।—ঋতু ১.১। ক্ষতহুঙ্কারশংসিনঃ (মূর্দ্ধানঃ) কু.স ২.২৬। তেজঃ ক্ষতং তব ভ ৩.১৬.২৩। **১৫** নষ্ট। "°বৃত্তি রা ৩.৩২.৫।

°পুণ্যালেশ ভ ৩.১.৯। —ত ক্লী [+ত -ভা] ১ বিদারণ, হিংসা। ২ ধর্ষণ (ত.বা)। ৩ নাশ, ধ্বংস। "রঘু ২.৫৩। ৪ ব্রণ, ক্ষতস্থান, ঘা। "ক্ষতাভ্যঙ্গ, নশ্বর°, শস্ত্র°, সর্প°। অক্ষত রঘু ২.৫৬। কু.স ৩.২৯। ক্ষতে ক্ষারমিবাসহ্যম্ উ.চ ৪.৭। ক্ষতে প্রহারা নিপতন্তি।—পঞ্চ ২.১৯২। °মুখ ব.প্র ১৪৯। ৫ উপদ্রব। "কণ্টকক্ষত (চৌরাদিভ্য উপদ্রব—শ্রীধর) ভ ৩.৬.৩০। ৬ (বাঙ্‌লায়) দোষ হেতু মৃত্তিকায় নাসিকাঘর্ষণজন্য ক্ষতচিহ্ন। তু 'খত'। "রাম ক্ষত দিউক নাকে কৃ ২৫০। [°বিক্ষত (বিং)—অত্যন্ত ক্ষত; সর্ব্বশরীরে ক্ষতযুক্ত। "ক্ষতবিক্ষত করিয়া যেন খায় শি ৭৭। লী ৩০। °ব্রত (বিণ)—হীন-ব্রত, অবকীর্ণ (অ.কো) °যোনি (বিণ)—কৃতরজোদর্শনা (নারী)। ক্ষতাশৌচ (ক্লী)—(স্মৃতিতে) ক্ষতনিমিত্ত (ব্রণাদিজন্য অশৌচ।]

ক্ষতজ বিণ [ক্ষত+√জন্+অ (ড)-ক; উ.ত] ক্ষত হইতে জাত; ক্ষতসম্ভূত (ব্রণ-কাসাদি)।—জ ক্লী ১ শোণিত। "°সন্নিভ রা ২.৯৪.৫। রঘু ৭.৪৩। °জাক্ষ ভ ১.১২.৯। ২ পূয, পুঁজ।

ক্ষতি স্ত্রী [√ক্ষণ্+তি (ক্তিন্)-ভা] ১ নাশ। "মান°। ন কাচস্য কৃতে জাতু যুক্তা মুক্তামণেঃ ক্ষতিঃ।—ক.সা ২২.২১৬। ২ অপচয়, হানি। "ক.সা ২.৭২। না গণি মনের ক্ষতি ধনের ক্ষতিতে স.স্ব ৩৫। ৩ ক্ষয়। "ন হয়ানাং ক্ষতিঃ কাচিৎ মহা ৩.১৭২.২৯। প্রতাপক্ষত কু.স ২.২৪। ৪ উৎখনন, খোঁড়া। "মুস্তা° শ ২.৬। ৫ ক্ষত, আঘাত। "কুশেনাভূৎ করক্ষতিঃ ক.সা ৫.১৩৮। শ্রী.মা ২৯। দ্র 'ক্ষতি (২)। ৬ প্রশমন, নাশ। "মূলানি ক্ষতয়ে ক্ষুধাম্ (ভর্তৃহরি)। ৭ অভাব। "বৃষ্টেঃ ক্ষতিঃ হি (S.W.)। ৮ [বাঙ্‌লায়; অপ্র] বাধা, প্রতিবন্ধ। "অন্ত নাই, ক্ষতি নাই, গতি অবিচ্ছেদ।—হেম ১০২। [ক্ষতিপূরণ করা—নষ্টদ্রব্যের উচিত মূল্য দেওয়া। "যে লোকটার নৌকো ডোবানো গেচে আপোসে তা'রও ক্ষতিপূরণ করতে হবে ঘ ১৪৭।]

ক্ষত্তা (-ত্তৃ) পুং [√ক্ষদ্ সংবরণ+তৃ (তৃচ্)-ক-১ব (অ.টী); উ ২.৯২; ছান্দস] ১ যে (অশ্ব) সংবরণ করে; সারথি। ২ দ্বারপাল, দ্বারী। "মহা ১.৫১.১৭। ৩ শূদ্র হইতে ক্ষত্রিয়াজাত বর্ণসঙ্করবিশেষ (অ.টী)। 'মনু ১০.১১। যাজ্ঞ ১.৯৪। ৪ দাসীপুত্র। ৫ বিদুর। "মহা ৩.৫.৭। ভ ৩.১.১। ম ৩৬০। ৬ ব্রহ্মা। ৭ মৎস্য। ৮ নিযুক্ত, অধিকৃত, রাজপুরুষ। "ক.সা ৫২.১০৬; ১১৭।

ক্ষত্র, -ত্র পুং ক্লী [√ক্ষদ্ সংবরণ+ত্র-ক, উ ৪.১৬৬; ক্ষৎ+√ত্রৈ+অ (ক)-ক (রঘু ২.৫৩, মল্লিনাথ); স্ত্রী -ত্রী; 'ক্ষত্র' ইতি এক-তকারপাঠ ছান্দস; 'ক্ষত্র'—বাণ, বল (ঋগ্বেদ ১৪০.৮; ৫৪.৮)] ১ যে সংবরণ বা ক্ষত হইতে রক্ষা করে; ক্ষত্রিয়। "পা ৪.১.১৩৮। ক্ষত্রমুৎসাদিতং ময়া মহা ১.২.৮। মনু ৯.৩২২। ক্ষত্রকুলান্তক আমি ম ৫৪৮। ক্ষত্রকুলগ্লানি মে ২০০। ক্ষত্রধর্ম্ম শ্রী.ম ১৫৮। (হৈল) ক্ষত্র বাহুমূলে শি ৮। ২ ক্ষত্রিয়জাতি পুরুষ। "মনু ২.১২৭। ৩ যিনি রণস্থলে সর্ব্বসমক্ষে যুদ্ধারম্ভেই ধন্বীদিগকে আহত ও পরাজিত করেন, তাদৃশ ব্রাহ্মণ। "অত্রি ৩৬৮। —ত্র ক্লী ১ তগরপুষ্প। ২ দেহ। —ত্রী স্ত্রী [ক্ষত্র+স্ত্রী ঈ (ঙীপ্)] ক্ষত্রিয়জাতি-স্ত্রী। [°কুলান্তক (বিং)—ক্ষত্রিয়গণনাশক। °ধর্ম্ম (পুং, ক্লী)—১ ক্ষত্রিয়ের স্মৃতিবিহিত কর্ত্তব্য কর্ম্ম; ক্ষত্রিয়োচিত কার্য্য—প্রজাপালন যাজন অধ্যয়ন দান ইত্যাদি। দ্র 'গী ১৮.৪৩। ২ যুদ্ধে অপলায়ন (অপরাঙ্মুখত্ব)। "মনু ৫.৯৮। মজাইল ক্ষত্রধর্ম্ম শ্রী.ম ১৫৮। ৩ ক্ষত্রিয়ের যুদ্ধবিধি। "ক্ষত্রধর্ম্ম, পাপি, কি হেতু পালিব, তোর সঙ্গে?—মে ২০০। °বন্ধু পুং—১ যিনি ক্ষত্র ও রক্ষা হেতু বন্ধু; ক্ষত্রিয়। "মনু ২.৩৮; ১২৭। ২ [ব.ত] ক্ষত্রিয়ের বন্ধুতুল্য (বস্তুতঃ বন্ধু নহেন); ক্ষত্রিয়পাংসন, নিন্দিত ক্ষত্রিয়। "ক্ষত্রবন্ধো স্থিতোঽস্ম্যেষঃ রা ১.৫৬.৩। °বেদ (পুং)—ক্ষত্রিয়ের বেদ; ধনুর্ব্বেদ। "°বেদ রা ১.৬৫.২৩। ক্ষত্রান্তক (পুং)—ক্ষত্রিয়নাশক পরশুরাম। "ভট্টি ৩.১।]

ক্ষত্রি, -ত্রি বি [সং ক্ষত্রিয়, -ত্রী; হি ক্ষত্রী, ছত্রী; মৈ ছত্রী] ১ ক্ষত্রিয়জাতি। "ইন্দ্র-অংশে হইল ক্ষত্রির উপাদান কৃ.উ ২০১। ক্ষত্রি-নাশ কৈলা ম.পা ৪। নিঃক্ষত্রি করিল ক্ষিতি ম ৫১; ক্ষত্রিক্ষেত্রে জন্মি ৫৬; ১৩৯,-৭১; ক্ষত্রিবেশ ২০৩। ক্ষত্রিপরাক্রম শ্রী.ম ৫; ১৩৪। ২ ক্ষত্রিয়ের পুরুষ। "আদি ক্ষত্রি তুমি বাপ ক.চ ৫৫।

ক্ষত্রি(ত্রি)য় পুং [ক্ষত্র+ইয় (ঘ) তদপত্যার্থে জাতিবাচক (পা ৪.১.১৩৮), অথবা 'তত্র সাধু' অর্থে; ছান্দস—'ক্ষত্রিয়'] ক্ষত্রের অপত্য (জাতি); অথবা ক্ষত্রে (রাষ্ট্রে) সাধু; চাতুর্ব্বর্ণ্যের দ্বিতীয় বর্ণ; ক্ষত্রজাতি। "রা ১.৫৫.১১। কি ৩.৪৮। নিঃক্ষত্রিয় ভূমি কৃ ৮২; ক্ষত্রিয়ের সদা যুদ্ধ সেই তার ধর্ম্ম ৯৭। °কুলান্তকারী সী ৮। [ব্রহ্মার বাহু হইতে ক্ষত্রিয়ের উৎপত্তি; এইজন্য ইঁহারা 'বাহুজ' {বাহু রাজন্যঃ কৃতঃ (ঋগ্বেদ; মনু ১.৩১)}। প্রজারক্ষণ দান যজ্ঞ অধ্যয়ন ও বিষয়ে অনাসক্তি ক্ষত্রিয়ের বিহিত কর্ম্ম (মনু ১.৮৯)।] —য়া, -য়াণী স্ত্রী [°য়+স্ত্রী আ (টাপ্), আন (আনুক্) আগম+ঈ (ঙীষ্), ণত্ব] ক্ষত্রিয়জাতি-স্ত্রী; ক্ষত্রিয়নারী। "মনু ৩.৪৪। ক্ষত্রিয়া স্ত্রীগণ ম ৫১। —য়ী স্ত্রী [°য়+স্ত্রী ঈ (ঙীষ্) পুংযোগে] ক্ষত্রিয়পত্নী। [°কুলান্ত-কারী (-রিন্) বিং—ক্ষত্রিয়গণনাশক। "সী ৮। °ধর্ম্ম (পুং, ক্লী)—সর্ব 'ক্ষত্রধর্ম্ম'। °য়ান্তকর (পুং)—ক্ষত্রিয়নাশের হেতুভূত; পরশুরাম। °য়ান্তকরণ (বিণ)—ক্ষত্রিয়নাশসাধন, ক্ষত্রিয়নাশক (বিক্রম)। "রঘু ১১.৭৫।]

ক্ষত্রী, -ত্রী (-ত্রিন্) পুং [ক্ষত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'প্রশস্তশক্তিমান্', ক্ষত্রিয়। "ক্ষত্রার্যভো গো.রা ৩.৭৫.২।

ক্ষন্তব্য বিণ [√ক্ষম্+তব্য (তব্যৎ)-র্ম্ম] ক্ষমণীয়, ক্ষমার্হ, সহনীয়, সোঢ়ব্য। "দেব ক্ষন্তব্যাহম্ রা ১.৬২.১২। মনু ৮.৩১২। —ন্তা (-ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -স্ত্রী] ১ ক্ষমাকারক, সোঢ়া। ২ [+তৃ (তৃন্) তাচ্ছীল্যে] ক্ষমাশীল, ক্ষমী, সহিষ্ণু। "মহা ১৩.১০২.৩১।

ক্ষপ[১] সক [অদন্ত চু,প—ক্ষপয়তি; 'ক্ষপয়তি,-তে' (ত.বা); সেট্] ক্ষেপ, প্রেরণ (ক.ক; সি)। —প্ সক [ভ্বা, ঞ—ক্ষপতি, -তে; সেট্] ক্ষেপ। "ত্রিরাত্রং ক্ষপতে যস্ত মহা ৩.১৯৯.৫৬।

ক্ষপ[২], **খপ** '-প্' ক্রি.বিং [সং ক্ষিপ্র] ক্ষিপ্রভাবে, শীঘ্র, অকস্মাৎ। "খপ করি…ধরিল গো.চ ১২৪; ২৯৭। দপ করে জ্ব'লে উঠে আগুন যেমন। খপ ক'রে হ'য়ে পড়ে রাগও তেমন।—মনোমোহন বসু। [খপ খপ—শীঘ্র শীঘ্র; অতিশীঘ্র।]

ক্ষপণ বিণ [√ক্ষপ্+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] ১ ক্ষেপক, নাশন, নিরাসক। "শমল° ভ ৩.১৫.১৭; ৪.৭.৩২; ৮.২২.১০। ২ নির্লজ্জ। —ণ পুং ১ 'বিষয়রাগক্ষেপক', জৈনসন্ন্যাসী, দিগম্বর। ২ বৌদ্ধসন্ন্যাসী। —ণ ক্লী ১ অশৌচ। "মনু ৫.৭১। ২ [+অন-ভা] ক্ষেপণ, প্রেরণ। ৩ উপবাস। "মনু ৪.২২২। —ণক পুং [°ণ+ক (কন্) স্বার্থে] ১ দিগম্বর; বৌদ্ধসন্ন্যাসী। "অপশ্যৎ নগ্নং ক্ষপণকম্ মহা ১.৩.১২৬। নগ্নক্ষপণকে দেশে রজকঃ কিং করিষ্যতি।—চাণক্য। °বিহার।—পঞ্চ ৫২২। ২ বিক্রমাদিত্যের নবরত্নের একতম। —ণী [+অন-র্ম্ম+স্ত্রী ঈ (ঙীপ্)] সর্ব 'ক্ষেপণী'। —পা স্ত্রী [+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্); 'ক্ষপ'—রাত্রি (ঋগ্বেদ ১.৪৪.৮)] ১ 'চেষ্টানিবারিকা', রাত্রি। "স নঃ ক্ষপাভিরহভিশ্চ জিন্বতু।—ঋগ্বেদ ৪.৫৩.৭। রা ২.২৫.৯। দিনক্ষপামধ্যগতা রঘু ২.২০। °তমস্বাও মাঘ ১.৩৮। (বারণমন) ক্ষপা দিবা ছোটে কি করিবে মানে বি.সু ৪৭। ২ হরিদ্রা। —পিত বি [+ত (ক্ত)-র্ম্ম] ১ ক্ষিপ্ত, প্রেরিত, নিরস্ত। ২ নাশিত। "রঘু ৮.৪৭।

৩ নির্দ্দয়। "পূ.মে ৫৩। [ক্ষপাকর (পুং)—১ 'নিশাকর', চন্দ্র। ২ (সাদৃশ্যে) কর্পূর। ক্ষপাকরী (বি)—দুর্গা। "ভা.চ ৫৬৪। ক্ষপাকান্ত (অপ্র) বি—নিশার অধিপতি; কোটাল। "ম.পা ১৩৫; ১৪১। ক্ষপাচর (পুং)—নিশাচর, রাক্ষস। °চরী (স্ত্রী)—রাক্ষসী। ক্ষপানাথ (পুং)—১ নিশাপতি, চন্দ্র। "মাঘ ৩.২২। ২ (সাদৃশ্যে) কর্পূর। ক্ষপান্ত (পুং)—রাত্রিশেষ, উষাকাল, প্রভাত। "ম.পা ৬০। ক্ষপাপতি (পুং)—১ সর্থ 'ক্ষপানাথ'। ২ [বাঙলায়; অপ্র]—কোটাল। ম.পা ৫৯; ৬৩।]

ক্ষম্‌ সক [(ক্ষমূষ্‌) ভ্বা, আ—ক্ষমতে; বেট্‌; (ক্ষমু) দি,প—ক্ষাম্যতি; সেট্‌] ১ মর্ষণ, সহন। ২ (অক) ক্ষমা, শক্তি। "মাঘ ১.৩৮।

ক্ষম১ বিণ [√ক্ষম্‌+অ (অচ্‌) -ক; স্ত্রী -মা; 'ক্ষম'—সহিষ্ণু (অথর্ব্ববেদ ১২.১.২৯); cf., Hebrew 'cam'—strong; 'cama'—brave] ১ শক্তি, সমর্থ। "নাবম্‌ উর্ম্মিক্ষমাম্‌ মহা ১.১৪১.৫। রঘু ১১.৬। তপঃক্ষম শ ১.১৭। ক্ষম নহ কাজে ম ৬৩২। ২ উচিত। "রা ১.১.৫১। পতিকুলে তব দাস্যমপি ক্ষমম্‌ শ ৫.২৬। ৩ অনুরূপ, যোগ্য। "উপভোগ°, দেশকাল°, বনবাস°, দৃষ্টি°। আত্ম-কর্ম্মক্ষম রঘু ১.১৩। স্নানবিধি° কু.স ৫.৩৩। গীত° শ ৭.৫। ভ ১.১৪. ৪৩। উ.চ ১.১৪। ৪ সহ, সহনশীল। "বিরহান্তর° রঘু ৮.৫৬। বহু° কু.স ৫.৪০। ৫ হিত, অনুকূল। "রা ২.৩৫.৩৪। যদি নো মন্যসে ক্ষমম্‌ ভ ৬.৩.১০। ৬ যুক্ত। "তস্যাহং নিগ্রহং মন্যে ক্ষমম্‌ রা ৬.১৭.২৭। ৭ [+অ (ঘঞ্‌)-র্ম্ম] সহনীয়, মর্ষণীয়। ৮ [ক্ষমা+অ (অচ্‌) অস্ত্যর্থে; স্ত্রী -মা] ক্ষমাযুক্ত, ক্ষমাবান্‌। —ম পুং 'সহিষ্ণু', শিব। —ম ক্লী [+অ-ধি] যুদ্ধ। —মণীয় বিণ [+অনীয় (অনীয়র্‌)-র্ম্ম] সহনীয়, ক্ষন্তব্য। "রা ৭.১৩.৩৬।

ক্ষম২ সর্ম্ম [সং √ক্ষম্‌; তু √খম্‌; পদ্যে] ক্ষমা করা; মার্জ্জনা করা, সহা। "ক্ষমহ সকল দোষ ক.চ ১০৫; ক্ষম এই দায় ২৬০,-৬১। ভা.চ ৫৬৪। ক্ষমে ম ৪২২; ক্ষমিনু ৬৭১। ক্ষম, লক্ষ্মি! ছুঁইনু ও দেবআকাঙ্ক্ষিত। তনু মে ১১৩। [ক্ষমায়—ক্ষমা করায়। "সখ্যভাবে ধার্ষ্ট্য ক্ষমায় করিয়া বিনয় চৈ.চ ২০০।]

ক্ষমতা স্ত্রী [ক্ষম+তা (তল্‌) তদ্ভাবার্থে] ১ ক্ষমভাব, সামর্থ্য, শক্তি। ২ যোগ্যতা। ৩ শব্দের অর্থপ্রকাশ-সামর্থ্য। [°বান্‌, °শালী—ক্ষমতাপন্ন, সমর্থ, যোগ্য, শক্ত।]

ক্ষমবান্‌ (-বৎ) বিণ [ক্ষম+বৎ (বতুপ্‌) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] ১ যুক্তব্যাপারবান্‌ (রা.টীকা)। "রা ৬ ১৭.২৭। ২ [বাঙলায়; 'ক্ষমী' সাধু] ক্ষমাশীল, সহিষ্ণু। "ক্ষমবান্‌ দমশীল…জিতেন্দ্রিয়কেই ব্রাহ্মণ বলিতে হইবে অ.শী ৪১। ৩ সমর্থ, শক্ত। "আজি ক্ষমবান্‌ সহায় মিলিল।—গিরিশ ঘোষ। যে প্রকার আহার্য্য ব্যবহার করিতে ক্ষমবান্‌।—চন্দ্রনাথ বসু।

ক্ষমস্ব সং.ক্রি [√ক্ষম্‌+স্ব (অনুজ্ঞা-মধ্যমপুরুষ-১ব)] ক্ষমা কর বা করুন। "ক্ষমস্ব বলিয়া ঘটে কৈল বিসর্জ্জন রা.স ৩১।

ক্ষমা১ স্ত্রী [√ক্ষম্‌+অ (অঙ্‌)-ভা+স্ত্রী আ (টাপ্‌)] ১ ক্ষান্তি, তিতিক্ষা, অপকারসহন। "ক্ষমা দানং ক্ষমা সত্যং ক্ষমা যজ্ঞাশ্চ রা ১. ৩৩.৮; ৯। ক্ষমা শক্তৌ রঘু ১.২২। শক্তানাং ভূষণং ক্ষমা।—চাণক্য। ক্ষমাগুণে ক্ষমা ম ৬৭৭। ক্ষমা-সুন্দর চক্ষে।—কথা ৩০। ২ পরিভবাদি-বিষয়ে ক্রোধপ্রতিবন্ধ। "গী ১৬.৩। ৩ [+অ (অচ্‌)-ক+স্ত্রী আ (টাপ্‌)] 'সর্ব্বসহনশীলা', পৃথিবী। তু 'ক্ষ্মা'। "°তল, °মণ্ডল। ভট্টি ৩.২২। ক্ষমাগুণে ক্ষমা ম ৬৭৭। ৪ দুর্গা। ৫ রাত্রি। ৬ খদির। ৭ [বাঙলায়; অপ্র] বিরাম, বিরতি ('ক্ষমা'র ফল অপকারে 'বিরতি')। "অট্ট অট্ট হাস্তে প্রহরেক ক্ষমা নয় চৈ.ভা ৪২৪। সেই-ক্ষণে চাবে ক্ষমা দিল কুক্কুরায় ম ৯৬২। [ক্ষমা করা—১ মার্জ্জনা করা। ২ (অপ্র) সহ্য করা; বিলম্ব সহা; অপেক্ষা করা। "ক্ষণেক ক্ষমা কর অ.প ৭৮। আসিল তোহ্মার পিতা, কথ দিন ক্ষমা কর আর ম.পা ১২৩। ক্ষমা দেওয়া—১ ক্ষান্তি দেওয়া; ধৈর্য্য ধরা। "তিন রাত্রি ক্ষমা দেহ মনে বি.পা ৩১১। ২ বিরত হওয়া; ক্ষান্ত হওয়া। "নন্দ বলে ক্ষমা দেহ,…বাকাবাণ আর না পারি সহিতে দা ৯১৬।]

ক্ষমা২ সর্ম্ম [√ক্ষম্‌+আ৮; সং √ক্ষমি; অপ্র] ক্ষমা করান। "গোপাল বিপ্রের ক্ষমাইল শ্রীবাস অপরাধ (চৈ.চ)। ক্ষমা ইহ চৈ.চ ১৬৬।

ক্ষমান্বিত বিণ [ক্ষমা কর্তৃক অন্বিত, তৃ.ত] ক্ষমাযুক্ত, ক্ষমাবান্‌। "মনু ৭.৩২।

ক্ষমাপন্ন বিণ [ক্ষমাকে আপন্ন, দ্বি.ত] ১ ক্ষমাযুক্ত, ক্ষমান্বিত। ২ (বাঙলায়) ক্ষান্ত, বিরত। "যাইতে এমন যজ্ঞে, কেমনে করিব আজ্ঞে, প্রিয়া! তুমি হও ক্ষমাপন্ন দা ১৪৭৬। (তাঁহারা) বৃথা ক্লেশ করা ও ক্লেশ দেওয়া হইতে ক্ষমাপন্ন হইবেন।—রামমোহন রায়।

ক্ষমাপর বিণ [বহুব্রী] যাহার ক্ষমা প্রধান বিষয়; ক্ষমাশীল।

ক্ষমাবান্‌ (-বৎ) বিণ [ক্ষমা+বৎ (বতুপ্‌) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] ক্ষমান্বিত, সহিষ্ণু। "মহা ৩.৭২.১৪। ভ ২.৬.৪৫। পৃথিবী জিনিয়া তুমি বড় ক্ষমাবান্‌ কৃ.উ ১৯৮।

ক্ষমিত বিণ [√ক্ষমি+ত (ক্ত)-র্ম্ম; ক্ষান্ত (সাধু); স্ত্রী -তা] সোঢ়, ক্ষান্ত, তিতিক্ষিত। "এতৎক্ষমিতং ময়া মহা ২.৪৫.২৩।

ক্ষমিতব্য বিণ [√ক্ষম্‌+তব্য (তব্যৎ)-র্ম্ম] সোঢ়ব্য, সহনীয়। "দ্বৌ মাসৌ ক্ষমিতব্যৌ গো.রা ৫.২৪.৭।

ক্ষমিতা (-তৃ) বিণ [√ক্ষম্‌+তৃ (তৃচ্‌)-ক-১ব; স্ত্রী -ত্রী] সর্থ 'ক্ষান্তা'।

ক্ষমী (-মিন্‌) বিণ [√ক্ষম্‌+ইন (ঘিনুণ্‌) তাচ্ছীল্যে-ক-১ব; স্ত্রী -মিণী] ক্ষমাশীল, ক্ষমাবান্‌। "মহা ১.৪২.৯। গী ১২.১৩। কৃতান্তোঽ-ক্ষমী।—ভর্তৃহরি। সদা ক্ষমী না হইবে ম ৪১৭; ৪৫৭।

ক্ষয় পুং [√ক্ষি+অ (অচ্‌)-ভা; তু 'লি, প্রা, হি খয়; খয় (দো)] ১ বিনাশ, ধ্বংস। "লোক°, জীবিত°। অনাবৃষ্টির্জনপদে ক্ষয়ায় গো.রা ১.৮.১২। ক্ষয় যায় সে উৎপাত দু ৬। অর্জ্জুনের ক্ষয় ম ৯০৬। করিমু তোর ক্ষয়।—চৈ.চ ৬৫। ২ লোপ। "কুল° রা (S.W.); গী ১.৩৭। ৩ অপচয়, হ্রাস। বিপ 'বৃদ্ধি'। "চন্দ্র° মনু ৩.১২২; বিধু° ১২৭। ৪ ক্ষতি, হানি, নাশ। "ধন°, বিভব°।—পঙ্ক ৫২। ৫ অত্যয়, অন্ত, অবসান, শেষ। "নিশা°, দিন° রা (S.W.)। দিন° মহা ১৩.৯৩. ১৩২। আয়ুষঃ ক্ষয়ে রঘু ৩.৬৯। ৬ অভাব। "রাগদ্বেষ° মনু ৬.৬০। ৭ অবসান, অপগম, ভঙ্গ। "নিদ্রা° রা (S.W.)। ৮ পণ্যের মূল্য-হ্রাস। বিপ 'বৃদ্ধি'। "যাজ্ঞ ২.২৬১। ৯ উপক্ষয়, ব্যয়, খরচা। "বৃদ্ধি° মনু ৮.৪০১। ১০ নিঃশেষ। "ক্ষয়ং যাতানি (সাধনানি) রা ১.৬৬.২২। ১১ বিনাশ, মৃত্যু। "নির্বুদ্ধিঃ ক্ষয়মেতি হি ১.১৪৩। ১২ (নীতিশাস্ত্রে) কৃষি বণিক্‌পথ সেতু-কুঞ্জর-বন্ধন খনি বল করাদান সৈন্যনিবেশ—এই অষ্টবর্গের অপচয়; (মতান্তরে) ক্ষয় স্থান বৃদ্ধি—এই ত্রিবর্গের একতম (দ্র 'ত্রিবর্গ', অ.টী)। ১৩ [+অ-ক] যাহা নাশ করে; কাসরোগ-বিশেষ, যক্ষ্মা। ১৪ রোগমাত্র। ১৫ (বীজগণিতে) বিয়োগচিহ্ন, ঋণ-চিহ্ন (minus)। ১৬ [+অ-ধি] প্রলয়, কল্পান্ত। "°কাল।—পঙ্ক ৩.১৩৭। মহৎ ক্ষয় হবে যাতে সবংশে সংহার।—ম ২২৪। ১৭ বাসস্থান, গৃহ, নিলয়। "বৈবস্বত° রা ১.৫৯.১৮; যম° ২.৩৮.১৫। মহা ১.২.১৬। ১৮ অধিকারস্থান। "ভ ১.১৫.৪৯। ১৯ আশ্রয়। "সর্ব্বভূত° ভ ১০.৪০.৩০। ২০ যমগৃহ। ২১ বৃহস্পতির ষষ্টিবর্ষাত্মক বৎসরের শেষবর্ষ। ২২ দ্বিসংক্রান্তি চান্দ্রমাস। ২৩ (বাঙলায়) ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ, জীর্ণ। "এখন ভ্রমর দিন দিন ক্ষয় হইতে লাগিলেন ব.গ্র ৩৩০। [°কর (বিণ)

—নাশনশীল, নাশক, অন্তক। "মহা ২.৭৪.৪। °কাল (পুং)—বিনাশ-কাল; প্রলয়কাল, কল্পান্ত। °কাস (পুং)—ক্ষয়নামক কাস; যক্ষ্মা (চরক)। °চাঁদ (বি)—ক্ষয়শীল কৃষ্ণপক্ষের চন্দ্র। °পক্ষ (পুং)—চন্দ্রক্ষয়ের পক্ষ; কৃষ্ণপক্ষ। "কি ২.৩৭। °বায়ু (পুং)—প্রলয়ের বায়ু; প্রলয়পবন। "°কল্প ভট্টি ১০.৩৬। °মাস (পুং)—ক্ষয়নামক সংক্রান্তি-দ্বয়যুক্ত চান্দ্রমাস। তু 'অধিমাস'। °রোগ (পুং)—ক্ষয়নামক ব্যাধি; যক্ষ্মা। °রোগী (-গিন্) বিণ—ক্ষয়রোগবান্, যক্ষ্মরোগী। "°গিভ্য মনু ১১.৪৯। যাজ্ঞ ৩.২০৯।]

ক্ষয়ঙ্কর বিণ [ক্ষয়+√কৃ+অ (খচ্)-ক; উ.ত; তু 'পা ৩.২.৪৩; স্ত্রী -রী] ক্ষয়কারক, নাশক। "শত্রুপক্ষ° মহা ১.৬৭.২৪; অসুরাণাং ক্ষয়ঙ্করীম্ ৪.৬.৩।

ক্ষয়া বিং [ক্ষয়+আ[১২]; সং ক্ষয়িত] ১ ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ, রোগা (গড়ন)। ২ হ্রাসপ্রাপ্ত (চাঁদ)। [ক্ষয়া গড়ন—স্বভাবতঃ রোগা গড়ন। ক্ষয়া চাঁদ—হ্রাসপ্রাপ্ত কৃষ্ণপক্ষের চন্দ্র।]

ক্ষয়াটীয়া, -টে বি [ক্ষয়া+টীয়া, -টে] ক্ষয়ভাবযুক্ত, ক্ষয়াক্ষয়া, রোগাটে (গড়ন, চেহারা)।

ক্ষয়িত বিণ [ক্ষয়+ই (ণিচ্) তৎকরণার্থে+ত (ক্ত)-র্ম্ম] ১ ক্ষীণীকৃত, নাশিত। "যজ্ঞক্ষয়িতকল্মষাঃ গী ৪.৩০। মাঘ ১৪.১৮। °কলিকলঙ্কা (গঙ্গাষ্টক)। ২ দগ্ধ। "দর্শনক্ষয়িতকামবিগ্রহঃ মাঘ ১৪.১৮। ৩ ভগ্ন। "বনৈকদেশঃ ক্ষয়িতঃ গো.রা ৫.৫০.৩। ৪ অপাকৃত, হৃত, নিরস্ত। "ভূভারঃ ক্ষয়িতো যেন ভ ১.১৫.৩৫। চন্দ্রেণ ক্ষয়িততমসা শ (S.W.)। ৫ রিক্তীকৃত। "দুর্য্যোধনেন পৃথিবী ক্ষয়িতা বিত্তকারণাৎ মহা ১৪.৩.১৬।

ক্ষয়ী(-য়িন্) বিণ [√ক্ষি+ইন্ (ইনি)-ক তাচ্ছীল্যে-১ব; স্ত্রী -য়িণী] ১ ক্ষয়শীল, নশ্বর। "মনু ৯.৩১৪। রঘু ১৭.৭১। ক্ষয়ি তৎফলম্ শ ২.১৩। ২ [ক্ষয়+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ক্ষয়বান্, রাজযক্ষ্মাযুক্ত, ক্ষয়রোগী। "মনু ৩.৭।—য়ী পুং চন্দ্র।

ক্ষর্ অক [ভ্বা, প—ক্ষরতি; সেট্] ১ সঞ্চলন। ২ ক্ষরণ, ঝরা। —র্ সক বর্ষণ, মোচন। "তেষু ক্ষরৎসু বহুধা মদবারিধারাঃ রঘু ১৩.৭৪। [প্র—প্রক্ষরণ, প্রচ্যুতি।]

ক্ষর[১] বিণ [√ক্ষর্+অ (অচ্)-ক; স্ত্রী -রা] ১ যাহা ক্ষরে; ক্ষরণশীল। ২ বিনাশী। "অধিভূতং ক্ষরো ভাবঃ গী ৮.৪; ১৫.১৬। সা তু শাশ্বতী ন চ সা ক্ষরা মহা ২.১১.১৪। ৩ মোচক, স্রাবক। "মধুক্ষর মনোহর মহেশের গীত শি ২৯। ৪ চল। —র পুং ১ 'জলমোচক', মেঘ। ২ সর্ব্বভূত; নশ্বরদ্রব্য। "ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি।—গী ১৫.১৬। —র ক্লী ১ 'ক্ষরণশীল', জল। ২ দেহ। "জীবঃ প্রচ্যবতে ক্ষরাৎ মহা ১৪.১৭.১৭। ৩ অজ্ঞান। "ক্ষরং ত্ববিদ্যা (শ্বেতাশ্বতর)।

ক্ষর[২] অর্ম্ম [সং √ক্ষর্] ক্ষরিত হওয়া; ঝরা। "স্তনে ক্ষরে কেন পয় বি.সু ৭৫। অক্ষরে অক্ষরে মধু ক্ষরে।—শি ১১৩। ললাটেতে স্বেদ ক্ষরে।—রঙ্গ ১০২। মধুধারা…ক্ষরিতেছে চা.তৃ ৪।

ক্ষরণ ক্লী [√ক্ষর্+অন (ল্যুট্)-ভা] ১ মোচন, ত্যাগ। "ক্ষরণাৎ ক্ষণনাদ্ বা ক্ষারঃ (সুশ্রুত)। ২ স্রবণ, নিস্যন্দন, ঝরণ। "এই যে বাতাস দেহে করে অমৃত ক্ষরণ।—রবীন্দ্র। ৩ স্বেদনির্গম, স্বেদন। "অঞ্জলী° রঘু ১৯.১৯। —রিত বিণ [+ত (ক্ত)-ক] ১ স্রুত, স্যন্দিত, গলিত। ২ [+ত-র্ম্ম] বৃষ্ট, মুক্ত।

ক্ষরা বি [খরা > ক্ষরা (উচ্চারণসাম্যে)] ১ আতপ, রৌদ্র। "বরিষা বাদল বেলা, ক্ষণে বারি ক্ষণে ক্ষরা। —চৈ.ম ১৩৯। ২ [√ক্ষর্+আ] ক্ষরণ, ঝরা। ৩ (বাঙ্লায়) রক্তের সঞ্চার বা গতি। "কেহ ক্ষরা বান্ধে ম.ম ২০। [ক্ষরা বান্ধা—(সর্পাঘাতে) রক্তের গতি বন্ধ করা বা তাগা বাঁধা।]

ক্ষল্ সক [ভ্বা, প—ক্ষলতি; সেট্] সঞ্চয়, চয়ন। —ল্ অক, সঞ্চলন, কম্প। —ল সক (চু,প—ক্ষালয়তি; সেট্) ক্ষালন, শোধন। [প্র—প্রক্ষালন, সংশোধন।]

ক্ষাণিক ক্রি.বিং ['ক্ষণেক'—মূল; তু 'খানিক'] একক্ষণ; কিয়ৎ-কাল। "ঘরশুদ্ধ লোক ক্ষাণিকক্ষণ অবাক হয়ে রইলেন হু ১৩৪। [ক্ষাণিকক্ষণ—ক্ষাণিক (সাধু)।]

ক্ষাত্র, -ত্র বিণ [ক্ষত্র, -ত্র+অ (অণ্) 'তৎসম্বন্ধ, তদ্ভাব, তৎকর্ম্ম' অর্থে; স্ত্রী -ত্রী, -ত্রী] ক্ষত্রসম্বন্ধী। "রা ১.৫৪.১৪। গী ১৮.৪৩। ক্ষাত্রীং তনুম্ মহা ১৩.১১৯.১৫। ক্ষাত্রং ধর্ম্মম্ মনু ৭.৮৭। ক্ষাত্রো ধর্ম্মঃ রঘু ১.১৩। ক্ষাত্রে পথি কি ৫.৪৯। ক্ষাত্রলক্ষ্মীক উ.চ ৬৬/২। —ত্র, -ত্র ক্লী ১ ক্ষত্রভাব, ক্ষত্রিয়ত্ব। ২ ক্ষত্রকর্ম্ম, ক্ষত্রধর্ম্ম। "ক চারণ্যং ক চ ক্ষাত্রং রা ২.১০৬.১৮। ৩ ক্ষত্রস্বভাব। "ক্ষাত্রং ঘোরমুপেয়ুষঃ ভ ৪.৮.৩৬।

ক্ষান্ত বিণ [ক্ষান্ত+অ (অচ্) অস্ত্যর্থে] ১ ক্ষমান্বিত, ক্ষমাযুক্ত, কৃতাপকারে প্রতীকারপরাঙ্মুখ। "রা ২.১১১.৩০। মনু ৫.১৫৮। ২ সহিষ্ণু। "বনে তপঃ ক্ষান্ততরশ্চচার রঘু ১৮.৯। ৩ [√ক্ষম্+ত (ক্ত) -র্ম্ম] সোঢ, ক্ষমিত। ৪ (বাঙ্লায়) ক্ষমান্বিত, অর্থাৎ বিরত, নিবৃত্ত। "চিন্তা না করিহ কান্তে ক্ষান্ত হও মনে কৃ ৯৯। —ন্ত ক্লী [+ত-ভা] ক্ষমা, সহন। "হে ধর্ম্মচর, ক্ষান্ত দেও রোষে—হেম ১২১। —ন্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অপকারীর অপকারে অনিচ্ছা; ক্ষমা, তিতিক্ষা, সহিষ্ণুতা। "গী ১৩.৭; ১৮.৪২। ভা.চ ৫৬৪। [ক্ষান্ত দেওয়া—ক্ষমা দেওয়া; বিরত হওয়া; থামা। "ক্ষান্ত দে মা, শান্ত হ মা, সন্তানের মিনতি।—গান ১২।]

ক্ষাম বিণ [√ক্ষৈ ক্ষয়+ত (ক্ত) -ক, ত > ম, পা ৮.২.৫৩; স্ত্রী -মা] ১ ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ, কৃশ। "ক্ষামক্ষামকপোলম্ শ ৩.৭। মধ্যে ক্ষামা উ.মে ২১; ২৮। ক্ষামোদরী ভা.চ ৫৬৪। ক্ষাম সেই অঙ্গযষ্টি অ.শু ১০৫। ২ ক্ষীণ, মৃদু। "ক্ষুৎক্ষামকণ্ঠ মহা ৩.১২২.১১। সরসকুসুমক্ষামৈরঙ্গৈ মা.মা ৯.১০। ৩ খিন্ন, ক্লান্ত। "ক্ষামদেহোঽপি মার্গে।—ঋতু ৬.২৭, টীকা। ৪ কাতর, বিকল। "ক্ষুৎক্ষাম।—পঞ্চ ২.১৯৮। ৫ আর্ত্ত, কাতর। "°স্বরা গো.রা ৩.৫৮.১৪। ৬ ক্ষীণ, ম্লান। "ক্ষামচ্ছায়ং ভবনম্ উ.মে ১৯। ৭ অল্প। ৮ দগ্ধ, ভস্মীভূত (S.W.)।—ম পুং বিষ্ণু। —ম ক্লী [+ত-ভা] ক্ষয়। —মা স্ত্রী পৃথিবী।

ক্ষাম্য [√ক্ষম্+য (ণ্যৎ)-র্ম্ম] ক্ষন্তব্য, সহনীয়, ধর্ষণীয়। "অপরাধশতং ক্ষাম্যম্ মহা ২.৪৫.২৩।

ক্ষার বিণ [ক্ষার+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -রা] ১ ক্ষারযুক্ত, লবণমিশ্র, লোনা। "ক্ষারং জলম্।—পঞ্চ ১.৩৫১। ২ ক্ষাররসোদ্গারী, ক্লেশকর। "মন্দো গন্ধবহঃ ক্ষারঃ।—কাব্যাদর্শ ২.১.৪। ৩ তীক্ষ্ণ, তীব্র। —র পুং [√ক্ষর্+অ (ণ)-ক; তু 'ঠ রাখ—ভস্ম, ক্ষার] ১ 'ক্ষরণশীল', রসান্তর, লবণরস। ২ গুড়। ৩ লবণ। "নাইস্যুরসি মে ক্ষারং নিষেক্তুম্ গো.রা ২.৬৩.৩। ভ ৭.৪.১৭। ৪ ভস্ম। "বাসনাতে দাও আগুন জ্বেলে, ক্ষার হবে তার পরিপাটী।—রামপ্রসাদ। ৫ কাচ। ৬ টঙ্কণ, সোহাগা। ৭ সর্জ্জিক্ষার, সাজিমাটি। ৮ ধূর্ত্ত।—র ক্লী ১ ক্ষারময় দ্রব্য; তীব্ররসমাত্র। "°ক্ষীণ, °ত্রয়, °ত্রিতয়; °দগ্ধ, ত্রি°। "ক্ষতে ক্ষারঞ্চ স দদৌ মহা ৭.৭১.১৪। ক্ষতে ক্ষারমেতৎ ক্ষিপ্তম্ ক.সা ৯৩.১৪। উ.চ ৪.৭। ২ খরমূত্রসহিত চূর্ণ (রা.টীকা)। "ব্রণে ক্ষার-মিবাদদাঃ রা ২.৭৩.৩। ৩ বিড়লবণ; ৪ যবনালজাতলবণ; যবক্ষার। ৫ জল (Wilson)।—রক পুং [+অক (ণ্বুল্)-ক] ১ 'ক্ষরণশীল', অচিরজাত ফল; জালক, জালি। ২ পক্ষিমৎস্যাদিপিটক;—পক্ষিপিটক, খাঁচা; মৎস্যপিটক, মৎস্যধানী, থালুই, খারা। ৩ [√ক্ষারি+অক-ক] 'বস্ত্রমলমোচয়িতা', রজক। ৪ [ক্ষার+ক (কন্) স্বার্থে] ক্ষার (সুশ্রুত)। —রণ ক্লী [√ক্ষারি+অন (ল্যুট্)-ভা] ক্ষরিত করান; স্রাবণ, ঝরান, চোয়ান। —রিকা স্ত্রী ক্ষুধা। —রিত বিণ [+ত (ক্ত)

-র্ম্ম] ১ কারিতক্ষরণ, স্রাবিত, ক্ষরান। ২ অপকর্ম্মদূষিত, অভিশপ্ত (অ.টী)। "রা ২.১০০.৫৬। মনু ৮.২৭৫, কুল্লুক। [ক্ষারক্ষত, -ক্ষীণ (বিণ)—ক্ষার হেতু ক্ষয়প্রাপ্ত ; ক্ষারদূষিত, লবণময়। "মৃ ৩.১২ ; ১৪। °ত্রয় (ক্লী)—সর্জ্জিক্ষার যবক্ষার ও টঙ্কণ—এই তিন ক্ষার। °নদী (স্ত্রী)—ক্ষারজলা নদী ; নরকস্থনদী বৈতরণী (তু 'বৈতরণীং ক্ষারগম্ভীর-বাহিনীম্ গো.রা ৩.৫৯.২০)। "রা ৭.২১.১৫। °ভূমি (স্ত্রী)—লবণ-ময় দেশ ; সমুদ্রসমীপস্থ স্থান ; লোনা দেশ। "জীবনং জীবনং হন্তি প্রাণান্ হন্তি সমীরণঃ। কিমাশ্চর্য্যং ক্ষারভূমৌ প্রাণদা যমদূতিকা॥—উদ্ভট। °লবণ (ক্লী)—ক্ষারজাত লবণ ; কৃত্রিমলবণ। "মনু ৫.৭৩ কুল্লুক। °সমুদ্র, °সিন্ধু (পুং)—ক্ষারজল সাগর ; লবণসমুদ্র। "ভ ৫.১৭.৬।]

ক্ষারীমুন বি ক্ষারমৃত্তিকাজাত লবণবিশেষ ; কৃত্রিমলবণ।

ক্ষালন ক্লী [√ক্ষালি+অন (ল্যুট্)-ভা] ১ শোধন, প্রক্ষালন, ধোওয়া। "কায়°।·-পঞ্চ ২.৬৪। চৈ.চ ১৪৭। ভ.গ্র ৮২। ২ সেচন, অভ্যুক্ষণ। —লিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ শোধিত, প্রক্ষালিত, ধৌত। "মাঘ ১০.১৪] ২ প্রতিকৃত, প্রতিবিহিত, নির্য্যাতিত। "ঙ.চ ১.২৮। ৩ নির্ম্মলীকৃত। "ক্ষালিতমপি মে হৃদয়ং মলিনং শোকোর্ম্মিভি ক্রিয়তে (প্রবোধচন্দ্রোদয়)।

ক্ষি অক [ভ্বা, প—ক্ষয়তি ; অনিট্] ১ ক্ষয়। ২ ঐশ্বর্য্য, প্রভুভাব। ৩ [তুদা, প—ক্ষিয়তি ; অনিট্] নিবাস। ৪ ঐশ্বর্য্য। ৫ (সক) গতি। —সক [স্বা, ক্র্যা—ক্ষিণোতি, ক্ষিণাতি ; অনিট্] হিংসা, বধ। [পরি, প্র, সম্—সম্যক ক্ষয় ; সংশয়।]

ক্ষিত বিণ [√ক্ষি+ত (ক্ত)-র্ম্ম ; তু 'ক্ষীণ' ; 'অক্ষিত'—অক্ষীণ (ঋগ্বেদ ১.৫৮.৫)] হিংসিত, নাশিত। "ক্ষিতোঽয়ং তপস্বী পা ৬.৪.৬১, কাশিকা। —ত ক্লী [+ত-ভা] হিংসা, ক্ষয়।

ক্ষিতি স্ত্রী [√ক্ষি+তি (ক্তিন্)-ভা ; 'ক্ষিতি'—মনুষ্য, নিবাস (ঋগ্বেদ ১.৫৯.১ ; ৪১.৩)] ১ নিবাস। ২ ক্ষয়। ৩ [+তি-ধি] পৃথিবী। গো.রা ৩.৩২.১৬। আসমুদ্রক্ষিতীশ।—রঘু ১.৫ ; ৩.৩১। ৪ ভূমি-তল। "মনু ৪.২৪১। ৫ স্থান। "ধ্রুবক্ষিতি ভ ৪.৯.৫। ৬ প্রলয়কাল। ৭ (গণিতে) '১' এই সংখ্যা। ৮ ক্ষিতির গন্ধগুণ হেতু রোচনানাশক গন্ধদ্রব্য। ৯ [বাঙ্লায় ; অপ্র] দেশ। "গৌড়ক্ষিতি চৈ.ভা ৯। ক্ষিতি করিব ইনাম শ্রী ২১৬। ১০ ক্ষেত্র, খেত। "খায়ে কাদাপানি খাটি ক্ষিতি কৈল হর শি ৮১। [ক্ষিতিকম্প (পুং)—ভূমিচলন, ভুকম্পন। "রা ৬.৩০.৩০। °ক্ষিৎ (পুং)—যিনি ক্ষিতিতে প্রভুত্ব করেন ; মহীক্ষিৎ, রাজা। "মাঘ ১৩.৪। °দেব (পুং)—ক্ষিতির দেবতুল্য ; ভূদেব, ব্রাহ্মণ। "সক্ষিতিদেবদেব ভ ৩.১.১২। °ধর (পুং)—১ ক্ষিতির ধারক ; ভূধর, পর্ব্বত। "°পতিকন্যা কু.স ৭.৯৪। °সুতা শি ১৮। ২ কূর্ম্মরাজ ; বাসুকি, দিগ্‌গজ। °নাথ, °প, °পতি, °পাল (পুং)—ভূপ, রাজা। "°পসমাজ রঘু ৫.৭৬ ; °পতিমণ্ডল ৬.৮৬। লঙ্কেশঃ ক্ষিতিপালতাম্… বাঞ্ছতি (সু.র)। °নাথ ক.চ ৯১। °পতি ম.পা ১৩৯। °ভৃৎ (পুং) —১ মহীধর, পর্ব্বত। "ঋতু ৬.২৫। কি ৫.২০। ২ ভূভৃৎ, রাজা। °মণ্ডল (ক্লী)—ভূমণ্ডল, পৃথিবী। "সমস্তে ক্ষিতিমণ্ডলে (চণ্ডী)। °রুহ (পুং)—ক্ষিতিতে জাত ; মহীরুহ, বৃক্ষ। ক্ষিতীশ, -শ্বর (পুং)—ক্ষিতির ঈশ্বর ; রাজা। "°র রঘু ৩.৩ ; ১১.১ ; °শ ৩.৬৯ ; ৫.১। সর্ব্বক্ষিতীশ্বর ম ৪১৮।]

ক্ষিতিজ বিণ [ক্ষিতি+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ক্ষিতিজাত, ভূমিজ। —জ পুং ১ 'ক্ষিতিপুত্র', মঙ্গলগ্রহ, কুজ। ২ নরকাসুর। ৩ মহীরুহ, বৃক্ষ। "গো.রা ৬.৭৬.২। ৪ মহীলতা, কেঁচো। —জ ক্লী (খগোলে) আকাশে ৯০ ডিগ্রি অন্তরে কল্পিত তির্য্যগ্‌বৃত্ত ; দিক্‌চক্র (horizon)। —জা স্ত্রী [°জ+স্ত্রী আ (টাপ্)] ক্ষিতিসুতা, সীতা।

ক্ষিদে বি [সং ক্ষুধা] ক্ষুধা। তু 'খিদা, -দে'। "বড় ক্ষিদে পেয়েছে গো …ব'লে।—শিশু ৪৮। খাবার ত নয় ক্ষিদের অধীন কা ৯৫।

ক্ষিদ্যমান বিং [সং খিদ্যমান, ক্ষ > খ ; অপ্র] যে খেদ করিতেছে ; খেদযুক্ত। "রায়ের গৃহিণী রায়ের অন্বেষণ না পায়া ক্ষিদ্যমানা রোদনপরা কৃ.চ ৪।

ক্ষিপ্ সক [তুদা, উ—ক্ষিপতি, -তে ; দি, প—ক্ষিপ্যতি ; অনিট্ ; cf., L. sipo, dissipo—to scatter] ১ ক্ষেপণ, প্রেরণ, ত্যাগ। ২ নিন্দা, তিরস্কার। "মনু ৮.২৭০। ৩ যাপন, অতিবাহন। "রাজা হৃষ্টোঽক্ষিপৎ ক্ষপাম্ ক.সা ৫৫.১৫৪। [অতি, প্রতি—অভিভব। অধি —অধিক্ষেপ, নিন্দা, তিরস্কার। অব—নিন্দা। আ— ১ আকর্ষণ। ২ তিরস্কার, আক্ষেপ। ৩ পরাভব। উদ্—১ উৎক্ষেপণ, ঊর্দ্ধক্ষেপণ। ২ উন্নয়ন। ৩ দূরীকরণ। নি—১ নিক্ষেপ। ২ অর্পণ, স্থাপন, ন্যাস। পরি—বেষ্টন। প্র—প্রক্ষেপ। বি—বিক্ষেপ। বি-আ—ব্যাক্ষেপ। সম্—সংক্ষেপ।]

ক্ষিপ্ত বিণ [√ক্ষিপ্+ত (ক্ত)-র্ম্ম ; ছান্দস] ১ প্রেরিত। "বায়ুক্ষিপ্ত (ঘন) গো.রা ৩.৫৮.২১। ক্ষিপ্তেন লগুড়েন হি ১$\frac{৮৩}{৪}$। ২ ত্যক্ত। ৩ বিসৃষ্ট, প্রস্থাপিত। "সা তেন ক্ষিপ্তা ক সা ৪.৩৬। ৪ অবজ্ঞাত, অনাদৃত। "ভ ১.১৮.৪৮। ৫ স্থাপিত, রক্ষিত। "ক্ষিপ্তো দণ্ডাধিপঃ (মঞ্জুষায়াং চেটীভিঃ) ক.সা ৪.৬২। ৬ হত, বিনাশিত। "কেশরী নিষ্ঠুরক্ষিপ্তমৃগযূথঃ মাঘ ২.৫৩। ৭ উদ্‌গীর্ণ। "মাঘ ৩.৭৩। ৮ ন্যস্ত, নিহিত। "স্রজমপি শিরস্যন্ধ ক্ষিপ্তাং ধুনোত্যহিশঙ্কয়া শ (S.W.)। ৯ বিকীর্ণ, বিক্ষিপ্ত। "সটাক্ষেপক্ষিপ্তনক্ষত্রসংহতিঃ (মার্কণ্ডেয়পুরাণ)। ১০ ন্যাসরূপে স্থাপিত ; ন্যস্ত, আধীকৃত। ১১ বিষয়াসক্ত (চিত্ত)। ১২ ব্যস্ত, ব্যাকুলীকৃত। "°চিত্ততা (পাঠান্তর)।—মহা ২.৫.১০৭। ১৩ বায়ুরোগগ্রস্ত, ক্ষেপা। "ভা.চ ৫৬৪। ১৪ [ক্ষিপ্ত+অ (অচ্) অস্ত্যর্থে] 'ক্ষেপযুক্ত', পতিত (মল্লিনাথ)। "মাঘ ১০.৭৭। —প্ত ক্লী [+ত-ভা] ক্ষেপণ, ব্যাক্ষেপ। —প্তা স্ত্রী রাত্রি।

ক্ষিপ্র বিণ [√ক্ষিপ্+র (রক্)-ক, উ ২.১৩ ; স্ত্রী -প্রা ; ছান্দস] লঘু, দ্রুত, শীঘ্র। "°নিশ্চয় মনু ৭.১৭৯। ক্ষিপ্র পাল ক্ষিতি শ্রী.মা ১৪৩। শ্রী ৩৬। —প্র ক্লী ১ পাদাঙ্গুষ্ঠ ও তৎপরবর্ত্তী অঙ্গুলির মধ্যস্থিত মর্ম্মস্থান-বিশেষ। "সুশ্রুত ৩.৬.৩৩। ২ কালপরিমাণবিশেষ, মুহূর্ত্তের পঞ্চদশ ($\frac{১}{১৫}$) ভাগ। [°কারী (-রিন্) বিণ—ক্ষিপ্রকার্য্যকরণশীল, শীঘ্রকারী ; অবিমৃশ্যকারী, অপরিণামদর্শী। "ক্ষিপ্রকারিতা উ.চ ৪$\frac{২৩}{৪}$। °গতি (বিণ)—শীঘ্রগামী, বেগবান্। °হস্ত (বিণ)—শীঘ্রকার্য্যকারক।]

ক্ষীণ বিণ [√ক্ষি+ত (ক্ত)-ক, দীর্ঘ, ত > ন, ণত্ব, পা ৮.২.৪৬ ; তু 'ক্ষিত' ; বৈদিক] ১ ক্ষয়প্রাপ্ত, ক্ষাম, কৃশ। "শ ৬.৬। ক্ষীণ ভেল মঝু দেহ বি.প ১৬৭। রঙ্গ ৭। ২ তনু, কৃশ, মন্দ (উদর, মধ্য)। "নৈ ৭.৮১। মাঝ ভেল ক্ষীণ বি.প ৩৩। জিনি মৃগরাজ, তোর ক্ষীণ মাঝ ক.চ ৬৪। ৩ দুর্ব্বল। গী.গো ৪.২১। ৪ কৃশাঙ্গ। "পূ.মে ১৩। ৫ কলাক্ষয়গত। "°চন্দ্র। ৬ নিঃসার। "মনু ৩.৪৯। ৭ ক্ষয়প্রাপ্ত, নষ্ট, নিঃশেষ। "°কল্মষ।—গী ৫.২৫ ; ক্ষীণে পুণ্যে ৯.২১। ক্ষীণেষু বিত্তেষু হি ১.৭৪। ক্ষীণায়ুঃ মহা ৩.২৯৩.২৩। °বৃত্তি মনু ৮.৩৪১। ৮ জীর্ণ। "ক্ষার° মৃ ৩.১২। ৯ অল্প, শুষ্কপ্রায়। "ক্ষীণতোয়।—ঋতু ১.২২। ১০ দরিদ্র, দুর্গত। "ক্ষীণা জনা নিষ্করুণা ভবন্তি।—পঞ্চ ৪.১৬ ; ৩২। ১১ জীর্ণ, জর্জ্জর, পলিত। "জরাক্ষীণেন্দ্রিয় (হি—S.W.)। ১২ হীন। "বৃক্ষং ক্ষীণফলং ত্যজন্তি বিহগাঃ (পঞ্চ—S.W.)। ময়ি ক্ষীণোপায়ে। —অমরু। ১৩ অল্প, দুর্ব্বল। "°জীবিত রা ৪.২.১০। ক্ষীণ প্রাণ। —রঙ্গ ৭। ১৪ অনুজ্জ্বল, নিষ্প্রভ, মৃদু। "ক্ষীণপ্রদীপ ব.প্র ৪। ১৫ ক্ষয়প্রাপ্ত, মৃত। "ক্ষীণে জরাসন্ধে মহা ২.২৪.৫০। ১৬ (বাঙ্লায়) অল্প। "ক্ষীণ ধনে ঘোর অভিমানী।—রঙ্গ ৭। ১৭ অনুদার, অপ্রশস্ত।

"ক্ষীণমন।—রঙ্গ ৭। ১৮ অল্প, সামান্য, তুচ্ছ। "ক্ষীণ প্রাণ ক্ষীণ পণ।—রঙ্গ ৭। ১৯ সঙ্কীর্ণ, সঙ্কুচিত। "শুতলি বিমুখে ধনী অতি ক্ষীণ হোই বি.প ৮০। [°গতি (বিণ)—শিথিলগমন, মৃদুগতি। °জীবী (-বিন্) বিং—অল্প-প্রাণশক্তিমান্। °তা (স্ত্রী)—১ ক্ষীণভাব, তনুতা, কৃশতা। "এই সুন্দর দেহে ক্ষীণতা ব্যতীত স্থূলতাগুণ ছিল না ব.প্র ১৭। ২ দৌর্ব্বল্য; অল্পতা, ক্ষয়। °শক্তি (বিণ)—হীন-বল, দুর্ব্বল। ক্ষীণাঙ্গী (বি)—তন্বঙ্গী, কৃশোদরী, সুন্দরী। "ক্ষুব্ধ হই ক্ষোভ পাই ক্ষীণাঙ্গী ভাবিয়া ভা.চ ৪৩২।]

ক্ষীর পুং, ক্লী [√ঘস্ ভক্ষণ+ঈর (ঈরন্)-র্ম্ম, ঘস্ > ক্ষ্, উ—৪.৩৪; √ক্ষর্—ক্ষীরং ক্ষরতেঃ (নিঘণ্টু ২.৫); ছান্দস] ১ যাহা ক্ষরিত হয়; দুগ্ধমাত্র। "°যাজী, অজা°, গো°, মৃগ°, যোষিৎ°। গোঃ ক্ষীরম্ ঔষ্ট্রমৈকশফং তথা মনু ৫.৮; স্ত্রী° ৯। সারং ততো গ্রাহ্যমপাস্য ফল্গু হংসৈর্যথা ক্ষীরমিবাম্বুমধ্যাৎ।—পঞ্চ ৯ (কথামুখ)। সুশ্রুত ১.৪৫.৪৪। বহুক্ষীরবতী ম ৬০৭। ক্ষীর অন্ন দু ৪৫। স্তনে ক্ষীর দেখি নীর হইল রুধির ভা.চ ৩৬৭। ২ ঘন দুগ্ধ; সশর্কর ঘন দুগ্ধ। "মিষ্টের সহিত খায় হাঁড়ি দুই ক্ষীর ক.চ ৩১। ক্ষীর-খণ্ড ১৩৩। °লোভে, °চোরা চৈ.চ ৯০। ৩ (সাদৃশ্যে) বৃক্ষরস, আটা। "ন্যগ্রোধ° রা ২.৫২.৬৮। °শ্রুতিসুরভি উ.মে ৪৬। ৪ সরলদ্রব, ধুনা। ৫ জল। ৬ (বাঙ্লায়) দুগ্ধে পক্ব ও শর্করাদিমিশ্র তণ্ডুল। "দরগায় গিয়ে কয়তা দেবা ক্ষীর জা ৩৫। ৭ ধান্যের দুগ্ধবৎ রস। "ধর্ম্মপূজাবিধান ২৩২,-৩। —র পুং ক্ষীরস্বামী। —রা স্ত্রী কালোলী। [°কণ্ঠ, °কণ্ঠক (পুং) —শিশু, বালক। "ম.চ ৪.৫২; ৫.১১। "ক্ষীরকণ্ঠ তুঞি তোর বুদ্ধি যেন পশু চৈ ৪৯। °খণ্ড (বি)—ক্ষীরমিশ্র খণ্ড; দুগ্ধ ও খণ্ডের (খাঁড়ের) মিশ্রণে কৃত মিষ্টান্নবিশেষ; ক্ষীরের মিঠাই। "ক্ষীরখণ্ড …করিল ভোজন ক.চ ২৬; ক্ষীরখণ্ড কলা ১৩৩। ক্ষীরখণ্ড কলা শ্রী ২০৩। ক্ষীরখণ্ড মর্ত্তমান ম.ভা ১৭; ৩২। তু 'খীরখণ্ড' "ক.চ ৪৯; ১২৫; ২৮৩। °খর্জ্জূর (পুং)—ক্ষীরস্বাদু খর্জ্জূর; পিণ্ডখর্জ্জূর, 'ক্ষীরিকা' (শ.ক)। °জ (ক্লী)—'ক্ষীরজাত', দধি। °তক্তী (বি)—তথ্তার মত চওড়া ক্ষীরমিশ্র মিষ্টান্নবিশেষ। "দা ৯৭৭। °দ্রুম (পুং] —ক্ষীরপ্রধান বৃক্ষ; অশ্বত্থ। °ধাত্রী (স্ত্রী)—স্তন্যদাত্রী ধাত্রী; উপ-মাতা, ধাই-মা (wet-nurse)। °ধি, °নিধি (পুং)—ক্ষীরসমুদ্র, ক্ষীরোদ। "°নিধি রঘু ১.৪২। °প (পুং)—'দুগ্ধপায়ী', শিশু। "মহা ১০.১২৫.৬৭। °পাণ,-ন (ক্লী)—দুগ্ধপান, পয়ঃপান; ক্ষীরপান-পাত্র। "পা ৮.৪.১০। °পাণ (বিণ)—ক্ষীর যাহার পেয়। "পা ৮.৪.৯। °পুলি (বি)—ক্ষীরের পুলি। "ক.চ ১২২; ১৫৮। চৈ.চ ৮৪। দা ৯৭৭। °ভৃত (বিণ)—যে গোপালক বেতনরূপে ক্ষীর লয় (ভক্তাদি লয় না), তাদৃশ (ভৃত্য)। "মনু ৮.২৩১। °মোননা (মোহন> °না?) বি—পিষ্টকবিশেষ। "ক.চ ১৫৮। °মোহন (বি)—ক্ষীরের চেপ্টা রসগোল্লাবিশেষ। ক্ষীরে লাড়ু—ক্ষীরের লাড়ু। "কৃ ৩৭৬।]

ক্ষীরনীর ক্লী [উ.লো] ১ ক্ষীরমিশ্রজল, মিশ্রদুগ্ধজল। "ক্ষীরনীরসমং মিত্রং প্রশংসন্তি বিচক্ষণাঃ (বেতালপঞ্চবিংশতি)। ২ (সাদৃশ্যে) সমাশ্লেষ, আলিঙ্গন। ৩ ক্ষীরস্বাদু জল। "°ধি, °নিধি।

ক্ষীরশর পুং [ষ.ত] ১ ক্ষীরের শর (মণ্ড)-তুল্য (অ.চি); আমিক্ষা, ছানা। ২ (বাঙ্লায়) দুগ্ধ ও শর। "°নবনী।

ক্ষীরসমুদ্র, -সাগর, -সিন্ধু পুং [ষ.ত] ক্ষীরের, অর্থাৎ ক্ষীরবৎ স্বাদু জলের সমুদ্র; ক্ষীরোদ। "মথিতঃ ক্ষীরসাগরঃ।—রা ৮.৫.১১। ক্ষীরসিন্ধুমাঝ ম ২০। [°রসুতা (স্ত্রী)—লক্ষ্মী।]

ক্ষীরসা, -সে বি [সং ক্ষীরস; ক্ষীরসার] ১ নবনীত। "খায় না ক্ষীর ক্ষীরসে ছানা দা ৩৩; ক্ষীর ক্ষীরসে কেবল পোষক ৭৪১। ২ দুগ্ধে পক্ব নারিকেলাদির শস্য। "অমৃতগুটিকা-আদি ক্ষীরসা অপার চৈ.চ ১৫৮।

ক্ষীরসার পুং [ষ.ত] ১ দুগ্ধসার, নবনীত। "চৈ.চ ৩১২। ২ দুগ্ধ-বিশেষ, ক্ষীরস (শ.ক), দুধের ক্ষীর (?)। ৩ পালোমিশ্রিত ক্ষীরের খাদ্যবিশেষ (ত.বা)।

ক্ষীরা স্ত্রী ১ 'ক্ষীরবর্ণা', কাকোলী। ২ [সং ক্ষীরাবী] বর্ষায়ু শাক-বিশেষ; ক্ষীরাই [Euphorbia microphylla)। "শ্মশানের ক্ষীরা ক.চ ১৩৬। ৩ ['ক্ষীরিকা'—মূল (?); হি—খীরা; 'খিরা' (বি.পা ১৩৬)] একপ্রকার পীতবর্ণ শসা; মাকড়া শসা। —রাই বি [সং ক্ষীরাবী] সর্থ 'ক্ষীরা (২)।

ক্ষীরাব্ধি পুং [ক্ষীরের অব্ধি, ষ.ত] ক্ষীরবৎ স্বাদু জলের সাগর; ক্ষীরোদ। "ক.সা ২২.১৮৬।

ক্ষীরাব্ধিজ বিণ [°ব্ধি+জন্+অ (ড)-ক; উ.ত] ক্ষীরসমুদ্রজাত। —জ পুং চন্দ্র। —জ ক্লী ১ অমৃত। ২ মৌক্তিক, মোতি। ৩ সমুদ্র-লবণ। —জা স্ত্রী [°জ+স্ত্রী আ (টাপ্)] লক্ষ্মী।

ক্ষীরিকা স্ত্রী [ক্ষীর+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] ১ 'ক্ষীর-যুক্ত', পরমান্ন, পায়স। ২ 'ক্ষীরস্বাদু', ক্ষীরখর্জ্জূর, 'পিণ্ডখর্জ্জূর' (ত.বা)।

ক্ষীরী (-রিন্) বিণ [ক্ষীর+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -রিণী] ক্ষীরতুল্যনির্য্যাসযুক্ত। —রী পুং ১ ক্ষীরিকাবৃক্ষ, ক্ষীরখর্জ্জূর। ২ অশ্বত্থ। ৩ বট। ৪ সুহী। ৫ অর্কবৃক্ষ। ৬ সোমলতা। ৭ দুগ্ধিকা। ৮ উডুম্বর। ৯ প্লক্ষ। ১০ শিরীষ।

ক্ষীরোদ পুং [ক্ষীর উদক যাহার, বহুব্রী; সংজ্ঞায় উদক > উদ, পা ৬.৩.৫৭, বার্ত্তিক] ক্ষীরসমুদ্র। "°মথন রা ১.৪৫.১৭। ক্ষীরোদার্ণবেতে তুমি অনন্তশয়নী ম.পা ১৪৯। —রোদক বি সর্থ 'ক্ষীরোদ'। "ক্ষীরোদকতীরে চৈ.চ ২৫। [ক্ষীরোদক-বাস (বি)—ক্ষীরোদবাসী নারায়ণ। "পারিজাতমালা দিল ক্ষীরোদকবাস (ক.চ)। °তনয় (পুং) —চন্দ্র। °তনয়া (স্ত্রী)—লক্ষ্মী।]

ক্ষীরোদধি পুং [ক্ষীরের উদধি, ষ.ত] ক্ষীরসমুদ্র। "ভ ২.৭.১৩। °মধ্যে চৈ.চ ২৫।

ক্ষু অক [অদা, প—ক্ষৌতি; সেট্] ১ ক্ষুত, হাঁচি। ২ শব্দ।

ক্ষুঁয়া, ক্ষুঞা; ক্ষুঁয়ে দ্র 'খুঁয়া; খুঁয়ে'।

ক্ষুণ্ণ বিণ [√ক্ষুদ্+ত (ক্ত)-র্ম্ম; স্ত্রী -ণ্ণা] ১ চূর্ণিত, চূর্ণীকৃত, পিষ্ট। "উলূখলে ক্ষুণ্ণঃ পা ৪.২.৯২, কাশিকা। মেরুশৃঙ্গাণি ক্ষুণ্ণানি হরিতাং খুরৈঃ কু.স ২.৪৩। ভট্টি ৪.৪২। খেদুখুরে ক্ষুণ্ণা বসুমতী।—ম ৪৬০। ২ প্রহৃত, মর্দ্দিত। "অশ্বক্ষুণ্ণানামেলানাম্ রঘু ৪.৪৭। ৩ অভ্যস্ত, প্রহৃত। "রঘু ১.১৭। মাঘ ১.৩২। ৪ উৎসাদিত, ভগ্ন। "(শশকাঃ) গজপাদ-ক্ষুণ্ণসমাবাসাঃ।—পঞ্চ ৩৮/১। যত অধিকার, ক্ষুণ্ণ না করিয়া কভু কণামাত্র তার, সম্পূর্ণ সঁপিয়া দিব স.ম ৩০। ৫ বিপ্লুত, খণ্ডিত, উল্লঙ্ঘিত। "অক্ষুণ্ণং ব্রহ্মচর্য্যম্ গো.রা ১.৮.৯। ৬ আহত, তাড়িত। "মহা ৩.১৬.২০। কুলিশ° ভ ৬.১৮.৬৫। ৭ আয়াসিত, সংহত। "ব্যায়ামক্ষুণ্ণগাত্র (সুশ্রুত)। ৮ (গণিতে) গুণিত (multiplied)। ৯ পরাভূত, বিজিত (Wilson)। ১০ (বাঙ্লায়) ব্যথিত, পীড়িত, দুঃখিত। "°মতি ম ৩৪১। °মনে দু ৬১। ক্ষুণ্ণ কহিয়াছি কত ভা.চ ৫৬৪। দা ৯। দিগ্গজ কিছু ক্ষুণ্ণ হইয়া কহিলেন ব.প্র ২৭।

ক্ষুৎ[1] স্ত্রী [√ক্ষু+ক্বিপ্ (০)-ভা] ক্ষুত, হাঁচি। "ভা.চ ৫৮৫।

ক্ষুৎ[2] **(-ধ্)** স্ত্রী [√ক্ষুধ্+ক্বিপ্ (০) -ভা-১ব; ছান্দস—যবেন 'ক্ষুধং' (তরেম—ঋগ্বেদ ১০.২৪.১০); Av shudha; ক্ষুধ্ > ক্ষুৎ (সমাসে পূর্ব্বপদ)] ক্ষুধা, বুভুক্ষা। "°ক্ষাম, °তৃট্, °পর, °পিপাসা, °প্রণাশ, °প্রতীকার। ক্ষুদ্ব্যাধিপীড়িত মনু ৪.৬৭; ক্ষুত্তৃষ্ণা ৮.৬৭। ক্ষুৎ-পিপাসাশান্তি কা ১৪০। [°ক্ষাম (বিণ) —ক্ষুধাক্ষীণ, ক্ষুৎপীড়িত। "ক্ষুৎক্ষামকণ্ঠ (পঞ্চ)। °পিপাসা (স্ত্রী)—ক্ষুধাতৃষ্ণা। "°পরিশ্রান্ত

(সুশ্রুত)। ক্ষুদ্রোগ (পুং)—ক্ষুধারূপ রোগ; ক্ষুদ্ব্যাধি। "পক্ষ ১৩১১।]

ক্ষুত স্ত্রী [√ক্ষু+ত(ক্ত)-ভা] ক্ষবথু, হাঁচি। "ময়ি ক্ষুতবতি (চৌরপঞ্চাশিকা)। ভা.চ ৫৮৪। ক্ষুতোৎপতনজৃম্ভাসু জীবোত্তিষ্ঠাঞ্জলিধ্বনিঃ। শত্রোরপি চ কর্তব্যমন্যথা ব্রহ্মহা ভবেৎ॥ (স্মৃতি) —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ক্ষুত।

ক্ষুদ্ সক [রু, এ—ক্ষুণত্তি, ক্ষুন্তে; অনিট্] সংপেষণ, চূর্ণীকরণ।

ক্ষুদ বি [সং ক্ষুদ্র > লি, প্রা খুদ্দ > বা খুদ; অস খুদ; হি খুদ—তলছাট (refuse)] ১ তণ্ডুলের ক্ষুদ্রাংশ; তণ্ডুলকণ, কণা। "ক্ষুদের পুটলি ব.প ৮৯৯। ক্ষুদ দিয়া কিনয়ে ছাওয়ালে ক.চ ৪৯। ক্ষুদ নাহি খেতে শি ৭২। ২ ডাউল প্রভৃতির ক্ষুদ্রাংশ। [ক্ষুদ-কুঁড়া—১ ক্ষুদ ও কুঁড়া। ২ শাকান্ন, সামান্য খাদ্যমাত্র (দৈন্যপ্রদর্শনে)। "বিদুরের খুদকুঁড়া। ক্ষুদের জাউ—ক্ষুদের ফেনভাত। ক্ষুদী—ক্ষুদে মেয়ে।]

ক্ষু(খু)দে বিং [ক্ষু(খু)দ+এ৮; অস খুদীয়া] ১ ছোট, ক্ষুদের মত, কণতুল্য, ক্ষুদ্রাকৃতি। "°জাম, °পি পড়ে, °লঙ্কা। ২ অল্পবয়স্ক, ছোট। "ক্ষুদে ক্ষুদে ছেলেরা হু ৩৮; ১১৫; ক্ষুদে ক্ষুদে কনে বউ ১৬৬। ৩ কনিষ্ঠ, ছোট। "ক্ষুদে ছেলে, মেয়ে।

ক্ষুদ্র বিণ [√ক্ষুদ্+র (রক্)-ক, উ ২.১৩; ছান্দস; ফা খুর্দ; Av. khsudra—semen, seed; তু খুড়্ড'—লঘু, ছোট (দেশী ২.৭৪)] ১ অল্প, লঘু, ছোট। ২ নীচ, অধম। "গো.রা ৩.৮.২। ক.স ১.১২। পু.মে ১৭। ৩ তুচ্ছ, হেয়। "ক্ষুদ্রং হৃদয়দৌর্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ গী ২.৩। ৪ অচিরনির্গত। "ক্ষুদ্রাণ্ডমৎস্যসঙ্ঘাতঃ পোতাধানম্ (অ.কো)। ৫ ক্রূর, হিংস্র (অ.টী)। "°কর্ম্মা রা ২.৫৩.১৮। ৬ কৃপণ, নিকৃষ্ট। ৭ ছলান্বেষী। "মনু ৭.২৭। ৮ দুর্ব্বল। জঘান… ব্যাঘ্রঃ ক্ষুদ্রমৃগং যথা মহা ৩.১০.২৫। ৯ দরিদ্র। ১০ অল্প। "ক্ষুদ্রায়ুষাং নৃণাম্ ভ ১.১৬.৭; ৬.১২.২২। ১১ অপকৃষ্ট। "°শঙ্খ (অ.কো)। ১২ দুরাত্মা। "ময়া ক্ষুদ্রেণ নিকৃতা মহা ৩.৭১.৫। ১৩ লঘু, অকিঞ্চিৎকর, অল্পক, সামান্য। "°শত্রু হি ২.৮৩। ১৪ হ্রস্ব, অনুন্নত, খাঁদা। "°নাসিক। ১৫ অল্প, নিন্দিত। "ক্ষুদ্রোপায় (অ.চি)। ১৬ [বাঙলায়; অপ্র] ইতর, অন্ত্যজ, নীচ, ছোট। "ক্ষুদ্র লোকের ক্ষুদ্র নজর দা ২০৫৯। ক্ষুদ্রলোক সকলেই রোদন করিতে লাগিল কৃ.চ ৬৫। ক্ষুদ্রলোকের সন্তান ব.প ১৭৩৫। ১৭ অনুদার, ছোট। দ্র 'ক্ষুদ্র (১৬)। —দ্র পুং তণ্ডুলাবয়ব, ক্ষুদ, কণা। —দ্রা স্ত্রী ১ ব্যঙ্গা, হীনাঙ্গী। ২ নটী। ৩ বেশ্যা। ৪ ধর্ম্মহীনা বা শীলহীনা নারী। "পা ৪.১.১৩১, কাশিকা। ৫ সরঘা, মধুমক্ষিকা। ৬ মক্ষিকামাত্র। ৭ বাদরতা, কলহপ্রিয়া নারী। ৮ হিংস্রা নারী। ৯ কণ্টকারিকা। ১০ গবেধুকা, গড়গড়া ধান। ১১ অম্ললোণিকা। [ক্ষুদ্রঘণ্টিকা (স্ত্রী)—কটিভূষণবিশেষ, কিঙ্কিণী, ঘুঙুর। "ক্ষুদ্রঘণ্টিকা তাতে বাজে রুনু ঝুনু বি.পা ৪৯; ১৭৭। চ.বি ৭৪। °নাসিক (বিণ)—হ্রস্বনাসিক, খাঁদা। °বুদ্ধি (বিণ)—অল্পবুদ্ধি, নীচমতি, ক্রূর। °জাতি (বি)—নীচজাতি, শূদ্রজাতি। "চন্দ্রধর নাম মোর হই ক্ষুদ্রজাতি বি.পা ১৮৯; ২১১। °শঙ্খ (পুং)—ক্ষুদ্র শঙ্খবিশেষ; জোঙড়া (অ.টী)। ক্ষুদ্রৈলা (স্ত্রী)—ছোট এলাচ (সুশ্রুত)। ক্ষুদ্রাদপি ক্ষুদ্র—ক্ষুদ্র হইতেও ক্ষুদ্র; অতিক্ষুদ্র। 'ক্ষুদ্রাদপি ক্ষুদ্র, পতঙ্গ ন ৭৫৯, ৮৪৮।]

ক্ষুধ্ অক [দি, প—ক্ষুধ্যতি; অনিট্] ক্ষুধা, ভোজনেচ্ছা।

ক্ষুধা স্ত্রী [√ক্ষুধ্+কিপ্ (০)+স্ত্রী আ (টাপ্)] ১ বুভুক্ষা, ভোজনেচ্ছা। "°কর, °শান্তি। ক্ষুধয়া পীড্যমানঃ মহা ৩.৬১.১২। ২ (বাঙলায়) বিষয়ভোগলালসা। "কর্ণপথে কর পান খণ্ড ভবক্ষুধা।—ম ৭। ৩ তৃষ্ণা, আকাঙ্ক্ষা। "কি মহৎ ক্ষুধার আবেশ, পীড়ন করিছে তারে কা ৪২। [ক্ষুধাতুর (বিণ)—ক্ষুধাপীড়িত। "ক্ষুধাতুর ব্যাঘ্র মে ১৯৬। °নিরোধ (পুং)—ক্ষুৎপীড়া। "পক্ষ ১৩১১।]

ক্ষুধার্ত্ত বিণ [ক্ষুধায় আর্ত্ত; সুপ্সুপা] ক্ষুধায় কাতর; ক্ষুধান্বিত, ক্ষুৎপীড়িত। "মনু ১০.১০৭; ১০৮।

ক্ষুধার্ত্তি বিং [সং ক্ষুধার্ত্ত; অপ্র] ক্ষুধার্ত্ত। "কৃ.উ ৭৫।

ক্ষুধিত বিণ [√ক্ষুধ্+ত (ক্ত)-ক, পা ৭.২.৫২; অথবা ক্ষুধা+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে (অ.টী; দ্র 'তত্ত্ববোধিনী'] ১ বুভুক্ষিত, ক্ষুধান্বিত। "রা ৩.৪৭.৩৯। রঘু ২.৩৯। আমার ক্ষুধিত তৃষিত তাপিত চিত, নাথ হে ফিরে এস।—গান ১৫১। ২ (বাঙলায়) সর্ব্বগ্রাসী। "যে সমুদ্র বহুদূরে ছিল,…এক ক্ষুধিত বন্যায়…আমার পায়ের কাছে…সে লুটিয়ে পড়ল ঘ ৭৬।

ক্ষুন্নিবৃত্তি বি [ক্ষুৎ২+নিবৃত্তি] ক্ষুধার নিবৃত্তি; ক্ষুধাশান্তি।

ক্ষুপ পুং [√ক্ষুপ্ অবসাদন+অ(ক)-ক] ১ হ্রস্বশাখামূলবিশিষ্ট বৃক্ষ; ক্ষুদ্র বৃক্ষ; শাকোটাদি (শেওড়া-প্রভৃতি)। "রা ২.২৫.৭। সবৃক্ষক্ষুপলতঃ (গিরিঃ) মহা ১.১৭১.২৮। ২ ইক্ষ্বাকুপিতা। 'মহা ১৪.৪.৩। ৩ দ্বারকাপশ্চিমস্থ পর্ব্বতবিশেষ।

ক্ষুব্ধ পুং [√ক্ষুভ্+ত (ক্ত)-ণ, নিপাতিত, পা ৭.২.১৮] ১ 'ক্ষোভসাধন', মন্থনদণ্ড, মউনী। "মন্দরক্ষুব্ধক্ষুভিত মাঘ ২.১০৭। ২ দ্রবদ্রব্যসম্পৃক্ত সক্তু, মন্থ। ৩ রতিবন্ধবিশেষ। —ব্ধ বিণ ['ক্ষুভিত' সাধু, দ্র 'পা ৭.২.১৮] ১ ক্ষোভযুক্ত, ব্যথিত, অশান্ত। "ক্ষুব্ধো রাজা (সি)। °চিত্ত, °মনস্ (সুশ্রুত)। ক্ষুব্ধ হয়ে শঙ্খ করে শি ৮১। ২ সঙ্কলিত, সমাকুলিত। "°তোয়া (নদী) মহা ৩.১৮২.৬। সমুদ্রহুঙ্কার বাত্যক্ষুব্ধ ন ১০৬২। [ক্ষুবধ' পদ্যে)—ক্ষুব্ধ। "ক্ষুবধ মধুপবৃন্দ ব ২৯।]

ক্ষুভ্ অক [ক্র্যা, দি, প—ক্ষুভ্নাতি, ক্ষুভ্যতি; ভ্বা, আ—ক্ষোভতে; সেট্] সঙ্কলন, বিকার, ব্যথা। —ভ্ সক সঙ্কলন, মন্থন। দ্র 'ক্ষুভিত'। [প্র—সঙ্কলন। বি—বিক্ষোভ। সম্—সংক্ষোভ।]

ক্ষুভ অর্ম্ম [সং √ক্ষুভ্] ক্ষুভিত বা সঙ্কলিত হওয়া। "সিন্ধু যেন ক্ষুভি, বেলা সনে খেলা করি ধীরে গরজয় স্ব.প্র ১৮৩।

ক্ষুভিত বিণ [√ক্ষুভ্+ত (ক্ত)-ক; পা ৭.২.১৮] ১ ক্ষোভযুক্ত, সঙ্কলিত। "সাগরাঃ ক্ষুভিতাঃ রা ১.৭৫.১৪। ক্ষুভিতা ক্ষিতিঃ ভট্টি ১৭.১০৮। ২ বিচলিত, অসংযত, ব্যাকুল, অশান্ত। "ক্ষুভিতেন্দ্রিয় রা (S.W.)। ভ ১.১৪.১৮। ক্ষুভিতং…মনঃ মা.মা ৩.১০। °হৃদয়। —পক্ষ ১৩১৭। ক্ষুভিতচিত্তকে সংযত কর।—কাদ ৫৭। ৩ ব্যথিত, দুঃখিত। "ক্ষুভিতাকার।—রা (S.W.)। ক্ষুভিতাঃ পুররক্ষিণঃ ক.সা ১৩.২৬। ৪ স্খলিত, ভ্রষ্ট। "রা ১.৩৬.১৪। ৫ অত্যর্থবিগলিত, অতিবিস্রুত। "ক্ষুভিতবাষ্পোৎপীড় উ.চ ৭১। ৬ ভীত। ৭ [+ত-র্ম্ম] মথিত, আলোড়িত। "মন্দরক্ষুব্ধক্ষুভিতাম্ভোধি মাঘ ২.১০৭।

ক্ষুমা স্ত্রী [√ক্ষু+ম (মক্)-ক+স্ত্রী আ (টাপ্)—অ.টী] ১ অতসী, তিসি, মসিনা। তু 'ক্ষৌম'। ২ শণ (অ.টী)। ৩ নীলিকা। ৪ লতাবিশেষ।

ক্ষুর্ সক [তু, প—ক্ষুরতি; সেট্] বিলেখন।

ক্ষুর পুং [√ক্ষুর্+অ (ক)-ণ, উ ২.২৮; ছান্দস; cf., Gr. xurón] ১ লোমচ্ছেদক অস্ত্রবিশেষ; খুর। "ক্ষুরস্য ধারা নিশিতা।—কঠোপনিষৎ ৩.১৪। মনু ৯.২৯২। ২ ক্ষুরতুল্য পার্শ্বধার শরভেদ। "সংধায় ধনুষি ক্ষুরম্ গো.রা ৩.৭২.১৪। মহা ১.১৩৯.৬। ৩ শফ, খুর (hoof)। ৪ খট্টাদির পাদ (পায়া); খুরা। ৫ কোকিলাক্ষবৃক্ষ। —রিকা স্ত্রী [ক্ষুরা+ক (কন্) হ্রস্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ হ্রস্বক্ষুর; ক্ষুদ্র ক্ষুর। ২ ছুরিকা। ৩ মৃৎপাত্রবিশেষ, খুরি। ৪ পালঙ শাক। ৫ সর্থ 'ক্ষুর (৫)। —রী স্ত্রী [ক্ষুর+স্ত্রী ঈ (ঙীষ্)] ছুরিকা। তু 'ছুরী'।

ক্ষুরকর্ম্ম (-র্ম্মন্), -কৃত্য ক্লী [উ.লো] ক্ষুরসাধ্য কার্য্য; কেশ-ছেদন, ক্ষৌর, খৌরি।

ক্ষুরধান, -ভাণ্ড ক্লী [ষ.ত] ক্ষুরের আধার; নাপিতের ক্ষুরপাত্র; খুরভাঁড়। "°ধান (শতপথব্রাহ্মণ)। ক্ষুরভাণ্ড (পঞ্চ)।

ক্ষুরধার বিণ [ক্ষুরধারার ন্যায় ধারা যাহার, উ.বহুব্রী; স্ত্রী -রা] ক্ষুর-তুল্য তীক্ষ্ণধার; সুতীক্ষ্ণ। "ক্ষুরধারাংশ্চ পর্ব্বতান্ মহা ১৩.৬৪.৮। খুরপা…ক্ষুরধার কৃ ২৫৩। ক্ষুরধার চক্র ম ১৫। কাটারি ক্ষুরধার ক.চ ২৭; খস্তা ক্ষুরধার ৭২। —ধার পুং ১ তীক্ষ্ণ শরবিশেষ। "মহা ৪.৫. ২৭; ৬৪.২৭। ২ (বাঙ্লায়) ক্ষুরের ধার; (সাদৃশ্যে) মর্ম্মচ্ছেদক। "সতিনী দুর্ব্বার, যেন ক্ষুরধার ক.চ ১৪৭। —ধারা স্ত্রী [ষ.ত] ১ তীক্ষ্ণক্ষুরপ্রান্ত, ক্ষুরের ধার। "মহা ১৩.৩৮.২৯। ২ নরকবিশেষ। "রা ৭.২১.১৫।

ক্ষুরপা, ক্ষু(খু)রুপ, -পা বি [সং ক্ষুরপ্র > লি, প্রা খুরপ্প > বা ক্ষুরপ-রুপ, খুরুপ, -পা; হি খুরপা] বাণবিশেষ। "ক্ষুরপা…টাঙ্গি ম ২৬৯; খুরুপ প্রচণ্ড ৭৪৪; খুরুপা বাণ ৭৬১; ক্ষুরুপ তোমর ৮৩৯; ক্ষুরপা ১১৩২; খুরুপা ১১৫৮। খুরুপা গো.চ ২২৪, টীকা। ব.প ৮৩৪। —রপি বি ঘাস চাঁচিয়া তোলার অস্ত্রবিশেষ; খুরপি।

ক্ষুরপ্র পুং [ক্ষুর + √প্র + অ (ক); 'ক্ষুরপ্রায়'—মূল (?)—অশ্বক্ষুর-তুল্যমুখ (?)—Cf., an arrow with a horse-shoe head—Childers)] ১ ক্ষুরতুল্য তীক্ষ্ণ বাণবিশেষ; আয়তাগ্র শর (শ্রীধর)। "মহা ২.২৪০.১৩। রঘু ৯.৬২; ১১.২৯। ভ ৩.১৩.৩০। ২ ঘাস-ছেদনার্থ অস্ত্রবিশেষ; খুরপি।

ক্ষুরপ্রান্ত পুং [উ.বহুব্রী] ক্ষুরপ্রান্তের ন্যায় যাহার প্রান্ত; ঈষদ্বক্র একধার চতুরঙ্গুলিবিস্তার নাভিসম দৃঢ়মুষ্টি চন্দ্রপ্রভ অস্ত্রবিশেষ। "শু ৪.৭.২১৪।

ক্ষুরিকা, -রী; ক্ষুরুপা দ্র; 'ক্ষুর; ক্ষুরপা'।

ক্ষুল্ল বিণ [ক্ষুদ্ (সম্পেষণ) + √লা গ্রহণ + অ (ক)-ক; ক্ষুধং লাতীতি ক্ষুল্লঃ, পা ৬.২.৩৯, কাশিকা; ছান্দস—'ক্ষুল্লক'; তু 'সং ক্ষুদ্র > লি খুদ্দ; প্রা খুদ্দ,-ড্ড, *খুল্ল; 'খুল্লণা'—খুল্লন' শব্দ ক্ষুদ্রবাচী (পৈ ১.৭, টীকা)] ১ ক্ষুদ্র, অল্প। ২ লঘু। ৩ কনিষ্ঠ, ছোট। "°তাত, °পিতামহ। ৪ তুচ্ছ, হেয়। "°সুখাবহ ভ ৩.৫.১০; °সুখ ৮.২। [°তাত (পুং)—পিতার কনিষ্ঠ ও তাততুল্য; পিতৃব্য, খুড়া।]

ক্ষে[১] 'খে' বিং ['ক্ষয়'—মূল; ক্ষেয় ('খ্যায়'—কথ্যভাষা) > ক্ষে; অপ্র] ক্ষয়প্রাপ্ত, নষ্ট, বিকৃত। "ভাল মন্দ জ্ঞান নাই বুদ্ধি হৈল ক্ষে। —ম.ম ১২; মদন-আনন্দে তোমার বুদ্ধি হইল ক্ষে ১৩। —বি ক্ষয়, নাশ। "ক্ষে যারে ম.ম ৮৩; তার ক্ষে ১২২; বেহুলা যাউ ক্ষে ২২৪; নায়কের বৈরী পদ্মা করুক ক্ষে ২৩২।

ক্ষে[২], **খে** '-খ্যা' বি [ক্ষেয়া > ক্ষে, খে (কথ্যভাষা)] নৌকায় নদীর পরপারে লইয়া যাওয়া; নৌকায় পার করা। [ক্ষে (খে) ঘাট—পার-ঘাটা। ক্ষে উঠে যাওয়া—নৌকায় পার করা রহিত হওয়া। ক্ষে দেওয়া বা পড়া—নৌকায় পার করা। ক্ষে বন্ধ হওয়া—ক্ষেয়া রহিত হওয়া বা বন্ধ হওয়া।]

ক্ষেউরি বিং [সং ক্ষৌর] যাহার ক্ষৌরকার্য্য হইয়াছে বা যাহাকে কামান হইয়াছে। "(মুনি) কহিতেছেন বানরগণে, ক্ষেউরি হ'য়ে স্নান করে সবে এস দা ১৩৭৩। —রি বি ক্ষৌরকর্ম্ম, কামান। "ক্ষেউরি কি তোর এমনি ধারা?—দা ২০৬৮। [ক্ষেউরি করা—কামান। ক্ষেউরি বন্ধ হওয়া—(সামাজিক দোষের জন্য) নাপিতকে ক্ষৌরকার্য্য করিতে না দেওয়া।]

ক্ষেণে ক্রি.বিং [সং ক্ষণে; অপ্র] ১ কোন সময়ে; কখন। "ক্ষণেকে বালক ক্ষেণে বিৰ্দ্ধে জতিনাথ মী ২৫। ক্ষেণে করী ধরী গিলে। ক্ষেণে উগারিয়া পেলে॥—ম.পা ১৩৩; ১৭২। ক্ষেণে বৈসে ক্ষেণে হাঁটে চ.বি ১৫। ২ ক্ষণেক, কিছুক্ষণ। "অর্জ্জুন তুষ্কি ক্ষেণে ক্ষমা কর অ.প ৭৮। [ক্ষেণে ক্ষেণে— ১ অনুক্ষণ, সর্ব্বদা। "ক্ষেণে ক্ষেণে কহে ভ.গ্র ৩৫৮। ২ ঘন ঘন। "ক্ষেণে ক্ষেণে ভুমে পড়ে ক.চ ৫৯। ৩ কখন কখন; কোন কোন সময়ে। "ক্ষেণে ক্ষেণে বাহে বাঁশী…ক্ষেণে ক্ষেণে হাসি ঢলি পড়ে ম.পা ১৭২। ক্ষেণে…ক্ষেণে—কখন…কখন। "ক্ষেণে রোদন করু ক্ষেণে করু হাস রা.শে ৫৪। ক্ষেণে ক্ষেণে…ক্ষেণে—ক্ষেণে ক্ষেণে কান্দে রাজা ক্ষেণে হয় স্থির চ.বি ১৫।]

ক্ষেণেক 'খ্যানেক' ক্রি.বিং ['ক্ষণেক'—মূল; অপ্র] ১ ক্ষণেক কিছুক্ষণ। "রহিয়া ক্ষেণেক নিদ্রাভোলে ক.চ ৫৯। ক্ষেণেক বিলম্ব কর ম ৯৪০। ২ ক্ষণেকে, অল্পক্ষণের মধ্যে। "ক্ষেণেক চৈতন্য পায়া উঠে চ.বি ৮৪। —কে ক্রি.বিং [ক্ষেণেক + এ°; অপ্র] ক্ষণকালমধ্যে, কিছুক্ষণে। "ক্ষেণেকে হৈল স্থির ম ৯৬৫। ক্ষেণেকে করিব নাশ চ.বি ১০৪। [ক্ষেণেকে…ক্ষেণেকে…ক্ষেণেকে—"ক্ষেণেকে করে করে, ক্ষেণেকে গ্রাস করে, ক্ষেণেকে উগারিয়া লয় হস্তেতে ম.পা ১৩২। বি.পা ২৩১। [°মাত্র—ক্ষণকালমাত্র, ক্ষণিক। "সকল ক্ষণেকমাত্র ভ ১৪।]

ক্ষেত[১] 'খ্যাতো' বি [সং ক্ষত; অপ্র; গ্রাম্য] ক্ষত, বিদীর্ণ। "নখে ক্ষেত করি তার অঙ্গ বিদারিলা গো.বি ২।

ক্ষেত[২], **খেত** বি [সং ক্ষেত্র > লি, প্রা খেত্ত > বা খে(ক্ষে)ত; হি, প, ড় খেত; ঠ শেত (তু 'প্রা ছেত); গু খেতর, সি খেতু, -টু; অস খেতর (ক্ষেত্রপাল দেবতা), গেতি (কৃষি), তু 'কেখত্তু' (দো ১০০)] শস্য আনাজ প্রভৃতির উৎপত্তির যোগ্য ভূমিখণ্ড; শস্যাদির আল-বাঁধা জমি; চাষের জমি। "খেতে হৈতে দুটি গরু চোরেতে লইল ভ.গ্র ২৩৮। পল্লীগ্রামে মেয়েমর্দ্দে ক্ষেতে খাটেন পা.প্র ১৫৯। [ক্ষেতখামার—ক্ষেত্র ও গোলাবাড়ী। ক্ষেত-খোলা—ক্ষেত্র ও ধান্যাদির বীজ ফেলিবার স্থান। °পাঁপড়া, -ড়ী (সং ক্ষেত্রপর্পট, -টী)—ক্ষেত্রে জাত ঔষধের উপকরণ ক্ষুপবিশেষ। ক্ষেতোয়াল—ক্ষেতওয়ালা, ক্ষেত্রস্বামী। ক্ষেত বুঝে পা'ট —যেমন জমি তেমনি কার-কিত; ভাব বুঝে বলা-চলা; দেশ-কাল-পাত্র-বিশেষে কার্য্য। ক্ষেতে আজ্ঞায় কপালে ফলে—ক্ষেত্রে শস্যাদির বপন-রোপণ শ্রমায়ত্ত, কিন্তু ফললাভ ভাগ্যাধীন।]

ক্ষেতি[১] বি [সং ক্ষেত্রিয় > প্রা খেত্তিঅ > বা খে(ক্ষে)তি; হি খেতী —ফসল; অপ্র] ক্ষেত্রজাত তৃণ; ফসল, শস্য। "উট গাধা ক্ষেতি খাবে, রাজার নফর হবে ক.চ ৩৬।

ক্ষেতি[২] বি [সং ক্ষতি; গ্রাম্য] হানি, লোকসান। "ক্ষেতি কি নাতনী লো তোর দুদিক বজায় রবে। অতিথসেবা পতির সেবা দুই সেবায় দিন যাবে॥—গোপাল উড়ে। [ক্ষেতির কপাল—ক্ষতি হওয়ার ভাগ্য; দুর্ভাগ্য।]

ক্ষেত্র ক্লী [√ক্ষি + ত্র (ষ্ট্রন্)-ধি; ছান্দস] ১ শস্যাদির উৎপত্তিস্থান; কেদার, ভূমি। "মনু ২.২৪৬। শস্যপূর্ণং ক্ষেত্রম্—হি ১৲২৮। ২ উৎ-পত্তিস্থান। "বাচাং বক্ষ্যে(?)খং ক্ষেত্রম্ ভ ২.৬.১; ৮.১২.৩৩। ৩ ভূ-সম্পত্তি, ভূমি। ৪ (সাদৃশ্যে) কলত্র, নারী। "গো.রা ৫.২.২৪। ক্ষেত্র-ভূতা স্মৃতা নারী মনু ৯.৩৩। অসবর্ণক্ষেত্রসম্ভবা শ ১৲২৮। তাঁর ক্ষেত্রে জন্ম মোর ম ৪৭৭; ১২৭৪। ৫ কর্ম্মবীজপ্ররোহস্থান শরীর। 'ইদং শরীরং…ক্ষেত্রম্ গী ১৩.১। বিষ্ণু ৯৬.৯৭। ৬ ইচ্ছা-দ্বেষ-সুখ-দুঃখাদি। 'ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং সংঘাতশ্চেতনা ধৃতিঃ। এতৎ ক্ষেত্রং…উদাহৃতম্॥ —গী ১৩.৬। ৭ সিদ্ধস্থান, তীর্থস্থান। "কামরূপ°, গয়া°, নারায়ণপুর°, পুরুষোত্তম°, বারাণসী°। শুনি ক্ষেত্রের কাহিনী জ ৫। ভ.গ্র ৩৫০। ৮ ভূমি, স্থান। "ধর্ম্ম° গী ১.১। ক্ষেত্রমারুহ্য মালম্ পু.মে ১৬; ৪৮। "ব্রহ্ম° যাজ্ঞ ২.১৫৬। সে ক্ষেত্র ছাড়িয়া পশে অন্য ক্ষেত্রতল।—হেম

১২০। **৯** আলয়, গৃহ। **১০** নগর। **১১** (জ্যামিতিতে) রেখাবেষ্টিত ত্রিভুজাদি চিত্র। "বৃত্ত°, °ব্যবহার। **১২** (জ্যোতিষে) মেষাদি রাশি। **১৩** অন্তঃকরণ। **১৪** আস্পদ, ভাজন, পাত্র। "(স্ত্রীবয়ম্) ক্ষেত্রম্‌-প্রত্যায়ানাম্ (শান্তিশতক)॥—পঞ্চ ১.২০১। **১৫** (বাঙ্‌লায়) পুরুষোত্তম-তীর্থ, শ্রীক্ষেত্র। "অন্তকালে হয় যেন ক্ষেত্রমধ্যে বাস।—জ ৪৮। কভু ক্ষেত্রে বাস চৈ.চ ৭৭। **১৬** অবস্থা। "আমি যদি যাই ধেয়ে পানে তোর, তাড়া দিতে তোরে এ হেন ক্ষেত্রে।—মন্দ্র ৫৭। **১৭** অধিকার। "সান্নিপাতিক ক্ষেত্রে জ্বর। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—ক্ষেত্র-কার্য্য, কৃষি। "°কৃৎ ক.সা ২০.১১। °গণিত (ক্লী)—ক্ষেত্রবিষয়ক গণিত; জ্যামিতি।]

ক্ষেত্রকর্ম্মবিধান বি অবস্থানুসারে কার্য্যের ব্যবস্থা; ক্ষেত বুঝিয়া পাট করা। "ক্ষেত্রকর্ম্মবিধানে সঙ্কেত করে তায়।—রঙ্গ ২১। [ক্ষেত্র-কর্ম্ম বিধীয়তে—অবস্থানুরূপ কার্য্যের ব্যবস্থা করা।]

ক্ষেত্রজ বিণ [ক্ষেত্র+√জন্+অ (ড)-ক; উ.ত; স্ত্রী -জা] **১** ক্ষেত্রে জাত; ক্ষেত্রোৎপন্ন (শস্যাদি)। **২** শরীরজাত, দৈহিক। —জ পুং ক্ষেত্রে (পত্নীতে) দেবর, সপিণ্ড বা সগোত্র হইতে শাস্ত্রানুসারে জাত দ্বাদশ পুত্রের একতম। "মনু ৯.১৬৭। যাজ্ঞ ১.৬৮; ৬৯ (মিতাক্ষরা)। —জা স্ত্রী **১** ক্ষেত্রজাতা কন্যা। দ্র 'ক্ষেত্রজ'। **২** চবিকা, চই। **৩** শ্বেতকণ্টকারি।

ক্ষেত্রজ্ঞ বিণ [ক্ষেত্র+√জ্ঞা+অ (ক)-ক; উ.ত] **১** যে ক্ষেত্র জানে; ইন্দ্রিয়সহিত ভোগায়তন শরীরের জ্ঞাতা। "গী ১৩.১। **২** ক্ষেত্র-তত্ত্বজ্ঞ (কৃষক)। **৩** সিদ্ধস্থানে অভিজ্ঞ। "মহা ১.৯২.৯। —জ্ঞ পুং **১** আত্মা, পুরুষ, অন্তর্যামী, ঈশ্বর। "গী ১৩.১। **২** দেহাদ্যভিমানী জীব (ত.বা)। **৩** বিষ্ণু (মহা)। **৪** বটুকভৈরব। **৫** ছেক, বিদগ্ধ। **৬** কৃষক।

ক্ষেত্রতত্ত্ব বি [বহুব্রী] যে শাস্ত্রে ক্ষেত্রের তত্ত্ব আছে; ত্রিভুজাদি ক্ষেত্রের তত্ত্ববিষয়ক গণিত; রেখাগণিত, জ্যামিতি।

ক্ষেত্রপতি পুং [ষ.ত] **১** শরীরের অধিপতি; জীব। **২** পরমাত্মা। **৩** অগ্নি (তন্ত্রসার)। **৪** কেদারস্বামী, জমির মালিক, ক্ষেতোয়াল। "হি ১১২৪।

ক্ষেত্রপর্প্পট পুং, **-টী** স্ত্রী [উ.লো] ক্ষেত্রজাত পর্পটী; ক্ষুপবিশেষ, ক্ষেতপাপড়ী।

ক্ষেত্রপাল পুং [ক্ষেত্র+√পালি+অ (অণ্)-ক; উ.ত] **১** শস্য-ক্ষেত্ররক্ষক, শস্যরক্ষক। **২** একোনপঞ্চাশৎসংখ্যক দেবতাগণবিশেষ; ভৈরববিশেষ। "উনকোটি দানা লৈয়া আইল ক্ষেত্রপালে ম ৩১৩। °গণ ম.পা ২৯; ১২৪। **৩** পশ্চিমদ্বারপাল ভৈরববিশেষ। "শি ৫।

ক্ষেত্রফল ক্লী [ষ.ত] **১** (জ্যামিতিতে) রৈখিক ক্ষেত্রতলের পরিমাণ। **২** ভূমির দৈর্ঘ্য-প্রস্থের গুণফল; ক্ষেতের কালি।

ক্ষেত্রবসুধা, -ভূমি স্ত্রী [কর্ম্মধা] ক্ষেত্ররূপভূমি; কৃষিভূমি, চাষের জমি। "বিদার্য্য ক্ষেত্রবসুধাং যস্মাৎ সীতেব চোত্থিতা গো.রা ৩.৪.১৭। °মি প.তৃ ৮।

ক্ষেত্রবিৎ (-দ্) পুং [ক্ষেত্র+√বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত] **১** ক্ষেত্রজ্ঞ, জীবাত্মা। "ভ ৪.২২.৩৭। **২** ক্ষেত্রজ্ঞ বা অনাত্মশরীর-তত্ত্ববিৎ পুরুষ। "কু.স ৩.৫০।

ক্ষেত্রব্যবহার পুং [ষ.ত] **১** ত্রিকোণাদি ক্ষেত্রের ফলাদিজ্ঞাপক নিয়মবিশেষ। **২** ক্ষেত্রাঙ্কণ, ক্ষেত্রফলনির্ণয় (Wilson)।

ক্ষেত্রসন্ন্যাস বি ক্ষেত্রের, অর্থাৎ তীর্থসম্বন্ধী সন্ন্যাস; পরমার্থসিদ্ধির জন্য গৃহত্যাগপূর্ব্বক পুরুষোত্তমাদি তীর্থে যিনি একক বা সপরিবারে বাস করেন, তাঁহার আশ্রম। "ক্ষেত্রসন্ন্যাস মোর যাউক রসাতল চৈ.চ ১৭৬।

ক্ষেত্রসম্ভব বিণ [বহুব্রী, অথবা প.ত; স্ত্রী -বা] **১** ক্ষেত্র হইতে যাহার উৎপত্তি; ক্ষেত্র হইতে জাত; ভূমিজাত। **২** ক্ষেত্রপরিমাণজাত, অর্থাৎ ক্ষেত্রবিষয়ক (ফল—area)। "°ফল (লীলাবতী)। **৩** কলত্র-জাত। "অসবর্ণক্ষেত্রসম্ভবা শ ১২৬। —সম্ভূত বিণ [প.ত] সর্ব্ব 'ক্ষেত্রসম্ভব'।

ক্ষেত্রসীমা স্ত্রী [ষ.ত] **১** অঙ্গারতুষবৃক্ষাদিকৃত ভূমির সীমা; ক্ষেত্র-মর্য্যাদা। "যাজ্ঞ ২.১৫০, মিতাক্ষরা। **২** তীর্থসীমা।

ক্ষেত্রাজীব বিণ [বহুব্রী] ক্ষেত্রজাত শস্যাদি যাহার জীবিকা; কৃষি-জীবী। —জীব পুং কৃষক।

ক্ষেত্রাধিপ পুং [ক্ষেত্রের অধিপ, ষ.ত] **১** ক্ষেত্রস্বামী, ভূম্যধিকারী। **২** তীর্থদেবতা। **৩** (জ্যোতিষে) মেষাদি রাশির অধিপতি কুজাদি গ্রহ।

ক্ষেত্রামলকী স্ত্রী [উ.লো] ভূম্যামলকী।

ক্ষেত্রি, -ত্রী, -ত্রি, -ত্রী বি [সং ক্ষত্রি(ত্রি)য়, ক্ষত্রী; তু 'ক্ষত্রি'] **১** ক্ষত্রিয় জাতি। "ক্ষিতি ক্ষেত্রীপূর্ণ হইল ম. ৫১; ক্ষেত্রিধর্ম্ম ৭৫৮। ক্ষেত্রিকুল-অরি শ্রী ৬২। ক্ষেত্রী জ ৮৬। ক্ষেত্রি হ'য়ে রণে ভয় শ্রী.মা ১৫৫। ক্ষেত্রি শ্রী.ম ৭৪। ক্ষেত্রিতে ক্ষেত্রিয় গণি যদি করে রণ কৃ.উ ৯৪। নিক্ষেত্রী ব.প ৫৩২; নিঃক্ষেত্রী করিল ক্ষিতি ৮৯০। **২** ক্ষত্রিয়ের পুরুষ। "বড় ক্ষেত্রী ব্যাধের নন্দন ক.চ ৯৩।

ক্ষেত্রিক বিণ [ক্ষেত্র+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] ক্ষেত্রযুক্ত, ক্ষেত্র-বান্। —ক পুং **১** ক্ষেত্রস্বামী, ভূস্বামী। "মনু ৮.২৪১,-৪৩। **২** ক্ষেত্রী, স্বামী। "মনু ৯.১৪৫। **৩** কৃষীবল, কৃষক (Wilson)।

ক্ষেত্রিণী বি [ক্ষেত্রি+স্ত্রী ইনী; সং ক্ষত্রিয়াণী] ক্ষত্রিয়-স্ত্রীজাতি। "ক্ষেত্রিণীর গর্ভে দ্বিজ জন্মাল্য তনয় ম ৫১।

ক্ষেত্রিয়[1] বিণ [পরক্ষেত্র+ইয় (ঘচ্) চিকিৎস্য অর্থে; নিপাতনে 'পর' শব্দের লোপ (পা ৫.২.৯২); মতান্তরে 'পরক্ষেত্রে চিকিৎস্য' এই অর্থে 'ক্ষেত্রিয়চ্' নিপাতিত (তত্ত্ববোধিনী); স্ত্রী -য়া; ছান্দস] **১** পর-ক্ষেত্রে চিকিৎস্য; জন্মান্তরশরীরে বা শরীরান্তরে প্রতিবিধেয়; অসাধ্য, অপ্রতিকার্য্য, অপ্রত্যাখ্যেয় (ব্যাধি)। "ক্ষেত্রিয়ো ব্যাধিঃ (সি)। দণ্ডোঽয়ং ক্ষেত্রিয়ঃ ভট্টি ৪.৩২। **২** পরক্ষেত্রে (পরশরীরে) সংক্রামিত করিয়া যাহার চিকিৎসা করা যায়; পরদেহে প্রতীকার্য্য। "ক্ষেত্রিয়ং বিষম্ (কাশিকা)। **৩** শস্যক্ষেত্রে জাত যাহা (যে তৃণাদি) চিকিৎস্য বা নাশয়িতব্য। "ক্ষেত্রিয়াণি তৃণানি (কাশিকা)। **৪** পরক্ষেত্রে (পরদারে) চিকিৎস্য বা নিগ্রহীতব্য। "ক্ষেত্রিয়ঃ পারদারিকঃ (কাশিকা)। —য় পুং **১** দেহান্তরে চিকিৎস্য ব্যাধি; অসাধ্য রোগ। **২** পারদারিক। —য় ক্লী **১** ক্ষেত্রজাত তৃণাদি। **২** পরদেহে প্রতীকার্য্য বিষাদি।

ক্ষেত্রিয়[2] বি [সং ক্ষত্রিয়; অপ্র] ক্ষত্রিয়বীর। "কৃ.উ ৯৪।

ক্ষেদ বি [সং খেদ, খ>ক্ষ (উচ্চারণসাম্যে); অপ্র] সন্তাপ, দুঃখ। "বঙ্গাধিকারির যথেষ্ট ক্ষেদ হইল যে এমন চাকর…পাইব না কৃ.চ ৭। [ক্ষেদিত (সং খেদিত)—খেদযুক্ত; দুঃখিত। "রাজা…পুত্র না হওয়াতে সর্ব্বদা ক্ষেদিত থাকেন কৃ.চ ২০।]

ক্ষেপ[1] পুং [√ক্ষিপ্+অ (ঘঞ্)-ভা] **১** বিক্ষেপ। **২** প্রেরণ। **৩** ত্যাগ। **৪** প্রসারণ। "সক্থ্নোঃ ক্ষেপঃ (সুশ্রুত)। **৫** উৎক্ষেপ, সঞ্চালন, আস্ফালন। "পক্ষক্ষেপপরিক্লিষ্ট গো.রা ৪.৬২.১২। **৬** লেপন। **৭** লঙ্ঘন। **৮** বিলম্ব, অতিপাত, অতিক্রম, যাপন। "কাল°। কৃত-ক্ষণক্ষেপ (মাঘ)। ক্ষণকালক্ষেপ কা ৩২। **৯** সংজ্ঞা, সঙ্কেত। "ভ্রূক্ষেপমাত্রানুমতপ্রবেশ কু.স ৩.৬০। **১০** ইতস্ততঃ চলন; সঞ্চলন। "কুন্দ° পু মে ৪৭। **১১** নিন্দা, আক্রোশ, গালি। "পা ২.১.২৬; ৫.৪.৭০। ক্ষেপযুক্তৈর্ব্বচোভিঃ মহা ১ ২.২৮৪। যাজ্ঞ ২.২১৩। **১২** সঞ্চার, পাত। "সদৃষ্টিক্ষেপ শ ৩২৬। **১৩** অপসারণ, অপনয়ন। "অপটাক্ষেপ শ ৪৪। **১৪** [+অ-র্ম্ম] গুচ্ছ। **১৫** [+অ-ণ] অবলেপ, গর্ব্ব।

ক্ষে(খে)প[২] বিং [সং ক্ষেপ ; হি খেপ ; খেপিবার (গো.চ ২৮৩)] **১** নৌকা গাড়ী প্রভৃতির একবার যাত্রা। **২** একবারে যত দ্রব্য লওয়া যায় ; একবারে বহনীয় ভার (cargo)। **৩** [হি খেরা ; গু খের ; ঠ খেপ] বার, দফা (trip)। [ক্ষেপে ক্ষেপে—বারে বারে। এ ক্ষেপ—এ বার। এক খেপ—এক বার ; এক বার বহনযোগ্য ভার। খেপ দেওয়া—বহনীয় ভার লইয়া যাওয়া।]

ক্ষে(খে)প[৩] সর্ম্ম [সং √ক্ষিপ্—ক্ষেপ > √ক্ষেপ ; হি √খেপ—যাপন, কাটান ; তু √খেঁপ—খেঁপিল] **১** নিক্ষেপ করা ; ফেলিয়া দেওয়া ; ফেলা। "ছোলঙ্গ চিপিআঁ নিমঝোলে খেপিলেঁ। শ্রী.কী ৩০৬। ভুমেতে ক্ষেপিল ব.প ৫৭৭। **২** নিক্ষেপ করা ; ফেলিয়া মারা। "(গজ এক ধরি) ক্ষেপে তাহার উপরি অ.প ২১ ; ক্ষেপিলেক শক্তি ৭৩। ক্ষেপিয়া তাহার (কমণ্ডলুর) নীর দৈত্য সব মারে ম.পা ২৬। **৩** আঘাতপূর্ব্বক দূর করা বা ছুড়িয়া ফেলা। "ক্রুদ্ধ হইয়া চরণে ক্ষেপিল তাহারে ম.পা ১০২ ; ক্ষেপিবেক অন্ধ কূপে ১৪৪। —প অর্ম্ম **১** ক্ষিপ্ত হওয়া ; ক্ষেপা। **২** উদ্দীপ্ত বা উত্তেজিত হওয়া। "দুই পক্ষী করে কেলি, তাহা দেখি ক্ষেপিল অনঙ্গ ম.ম ৭। **৩** অধীর বা অশান্ত হওয়া। "তোমাকে সবাই ক্ষেপায়, তুমিও ক্ষেপ ব.প্র ৪০২। **৪** প্রচণ্ড হওয়া ; চড়িয়া উঠা। "ক্ষেপিল কাল-কূট বিষ হারাইলাম পরাণী ম.ম ৯৮। [খেপিলোঁ—ক্ষেপণ করিলাম দিলায়। দ্র 'ক্ষেপ[৩] সর্ম্ম (১)।]

ক্ষেপক বিণ [√ক্ষিপ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -পিকা] **১** ক্ষেপণ-কারক, ক্ষেপ্তা। "অগ্নি° ক.সা ৬১.৯। **২** প্রেরক। **৩** নিন্দক। **৪** অন্যগ্রন্থমধ্যে স্বকৃতগ্রন্থাংশের সন্নিবেশক (interpolator)। **৫** প্রক্ষিপ্ত (শ্লোকাদি ; interpolated)। —ক পুং **১** গ্রন্থে প্রক্ষিপ্ত অংশ—শ্লোকাদি। "অয়ং শ্লোকঃ ক্ষেপকঃ নৈ ২২.৪৮, নৈষধীয়-প্রকাশ। **২** নৌবাহক, নাবিক (M.W.)। —পণ ক্লী [+অন (ল্যুট্)-ভা ; তু 'খেপন'] **১** বিক্ষেপ। **২** প্রেরণ। **৩** ত্যাগ। "অধ্যয়ন° মনু ৪.১১৯, কুল্লুক। **৪** যাপন, অতিবাহন। "আয়ুধঃ ক্ষেপণার্থম্।—হারীত (S.W.)। কাল° কৃ.চ ২৩ ; ৭৭। ব.প ১৬৮৫। **৫** নিন্দা, কুৎসন। **৬** দূরীকরণ (নীলকণ্ঠ)। "মহা ৩.১৯৬.৮। **৭** লঙ্ঘন। **৮** (মল্লশাস্ত্রে) বলপূর্ব্বক স্বস্থান হইতে প্রচ্যাবন (হটান)। "মহা ৪.১৩.২৮। **৯** [+অন-ণ] লোষ্ট্রাদি ক্ষেপণসাধন যন্ত্রবিশেষ বা রজ্জুরচিত শিক্য ; ছিকাদড়ি, ফিঙ্গা (sling)। "ভ ৬.১৯.১৭। **১০** গোলাসন (গোলাক্ষেপক) নালিকাস্ত্র (নীলকণ্ঠ)। "মহা ৪.৪৫.৮। —পণি, -নী স্ত্রী [+অনি-ণ+স্ত্রী, বিকল্পে ঈ (ঙীপ্)] **১** যাহা দ্বারা নৌকা ক্ষিপ্ত হয় ; নৌকাদণ্ড, দাঁড়, 'চৌড়' (অ.টী)। **২** সর্থ 'ক্ষেপণ (৯ ; ১০)। "গো.রা ৬.৭.২৪। **৩** [+অনি-র্ম্ম] জালবিশেষ, ক্ষেপনা জাল। —পনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ক্ষেপণার্হ। —য় পুং ভিন্দিপাল। "রঘু ৪.৭৭।

ক্ষে(ক্ষ্যা)পলা, খেপলা বি [সং ক্ষেপণি, -নী] ঘুরাইয়া ফেলার মত একপ্রকার ছোট জাল। "লক্ষ্ণৌয়ের বাদ্সা জমি নিলেন, দুই এক বড় মানুষ ক্ষ্যাপ্লা জাল ফেল্লেন হু ১০১।

ক্ষে(ক্ষ্যা)পা[১], **খেপা**[১] বিং [সং ক্ষিপ্ত, 'ক্ষেপ' (নিন্দা) > °পা (?) ; ফা খ.ফা—ক্রুদ্ধ] **১** যাহাকে ক্ষেপায় ; উন্মত্ত, পাগল। "ক্ষেপা দিগম্বর ম ১২, দা ১৫৮৫। ক্ষেপা ঘোড়া।—শ্রী ১২৫। দেখে খেপা যেন…ইষ্টক ফেলিয়া মারে ম.ভা ১১। সা.ম ৩১ ; ৩৪। **২** ভাববিহ্বল, ভাবে ভোর ; বাউল। "ক্ষ্যাপা খুঁজে খুঁজে ফিরে পরশ-পাথর চ.কা ৯৪ ; ৯৫। কোন ক্ষ্যাপা।—গান ১৩৭। বাজবে গো মহেশের হৃদে, আর নাচিস্ নে ক্ষেপা মাগী : মাতা ক্ষেপী পিতা ক্ষেপা চেলা দুটো ক্ষেপা।—রামপ্রসাদ। **৩** উন্মত্তসদৃশ, অস্থির, ব্যাকুল। "হারাইলে তুমি বাপা, চায়্যা বুলি হয়্যা ক্ষেপা ক.চ ২১৯। ক্ষেপা কালা হ'ল রাধী বুক নাহি বান্ধে শ্রী ৪৮। **৪** উচ্ছৃঙ্খল, এলোমেলো। "ক্ষ্যাপা বাতাস প.কা ৩৬। **৫** চঞ্চল, অবুঝ, আবদারে (শিশু ;—আদরে)। "পরাণ নিমাই মোর, খেপা বড় বটে গো।—প.র ৭৪। **৬** কাণ্ডজ্ঞানহীন, অবোধ। **৭** অশান্ত, অধীর, পাগলা। "সে যে কৃতান্তদলনী শ্যামা বড় ক্ষেপা মেয়ে।—রামপ্রসাদ। [ক্ষেপাপারা—ক্ষিপ্তসদৃশ। "ক্ষেপাপারা কাজে বি.সু ৬২।]

ক্ষে(ক্ষ্যা)পা[২], **খেপা**[২] সর্ম্ম [সং ক্ষেপ > √ক্ষে(খে)পা] **১** ক্ষিপ্ত করা ; পাগল করা। **২** ভাবে মত্ত বা বাউল করা। "আমারে, পাড়ায় পাড়ায় ক্ষেপিয়ে (অর্থাৎ 'ক্ষেপাইয়া') বেড়ায়, কোন ক্ষ্যাপা সে।—গান ১৩৭। **৩** উত্তেজিত করা ; অস্থির করা ; অশান্ত করা। "কে আমারে অবিরত, খেপায় খেপার মত সা.ম ৩৪। তোমাকে সবাই ক্ষেপায়, তুমিও ক্ষেপ ব.প্র ৪০২। [ক্ষেপান—ক্ষিপ্ত করা ইত্যাদি। ক্ষেপানী—ক্ষেপানসম্বন্ধী কথা, অর্থাৎ যে কথায় লোকে ক্ষেপে। ক্ষেপিয়ে দেওয়া—ক্ষেপাইয়া দেওয়া ; উত্তেজিত করা। "দেশের ছেলে ক্ষেপিয়ে দিয়ে ক'ল্লে একাকার।—হেম ৩৮২। ক্ষেপিয়ে—ক্ষেপাইয়া। "গান ১৩৭।]

ক্ষে(খে)পাম বি [ক্ষে(খে)পা+আম[৩]] **১** ক্ষেপার কার্য্য ; পাগলাম। **২** ভাববিহ্বলতা, বাউলভাব। "নিমাই এইরূপে গো, খেপাম করিতে ভাল জানে প.র ৭৪। ব.প ১০৯৫।

ক্ষে(খে)পী বি [ক্ষে(খে)পা+স্ত্রী ঈ] **১** ক্ষিপ্তা, উন্মত্তা। **২** অশান্তা, অধীরা (স্ত্রীর প্রতি, আদরে)। "কর্ত্তাটি বলেন, খেপি, তলব রাজার।—হেম ৩৭৭। **৩** মেয়ের আদরের ডাক-নাম।

ক্ষেপ্তা(-প্তৃ) বিণ [√ক্ষিপ্+তৃ (তৃচ্)-ক-১ব] ক্ষেপক, প্রেরক। "গো.রা ৪.৯.৮৪ ; ক্ষেপ্তারঃ গিরিশৃঙ্গাণাম্ ১৮.২১।

ক্ষেম[১] বিণ [ক্ষেম+অ(অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -মা ; ছান্দস] **১** ক্ষেমবান্, কুশলী। **২** হিত, শুভকর। "গী ১.৪৫। **৩** সমৃদ্ধ। "গৃহাণ বিপুলং রাজ্যং ক্ষেমম্ মহা ৩.২৭৫.৩২। **৪** নিরাপদ, নির্বিঘ্ন। "কৃতাঃ ক্ষেমাশ্চ দণ্ডকাঃ গো.রা ৩.৩৭.১৩। মহা ৩.১১.৭২। —ম পুং, ক্লী [√ক্ষি+ম (মন্)-ক ; উ ১.১৩৭] **১** যাহা অশুভ ক্ষয় করে (অ.টী) ; কুশল, শুভ, মঙ্গল। "মনু ২.১২৭। ক্ষেমঙ্করি ক্ষেম কর ভা.চ ৩১৪। **২** লব্ধ-বস্তুর রক্ষণ। "যোগ° গী ৯.২২। মনু ৮.২৩০। **৩** পালন, রক্ষণ। "যস্তাবতারো ভূতানাং ক্ষেমায় ভ ১.১.১৩। **৪** মোক্ষ, নির্ব্বাণ (অ.চি)। **৫** অবিঘ্ন। —ম পুং চোরনামক গন্ধদ্রব্য। "ক.চ ১২৩।—ম ক্লী মুক্তি (ত.বা)। —ম ক্রি.বিং (বাঙলায়) নির্ব্বিঘ্নে, নিরাপদে। "ময়না কাঞ্চনপুরী বস্তা ক্ষেম থায় ব.প ৪৬০। [°কর, °কার, °কৃৎ (বিণ) —মঙ্গলকর, হিতকর। "অন্নারম্ভাঃ ক্ষেমকরাঃ পা ৩.২.৪৪, সি। °কার ভট্টি ৫.৭৭। দুর্লভঃ ক্ষেমকৃৎ সুতঃ।—চাণক্য। °কর (বিণ) —মোক্ষপ্রদ। "পন্থানং বঃ প্রবক্ষ্যামি…ক্ষেমকরম্ মহা ১৪.৩৫.৩৮। °বান্ (-বৎ) বিণ—ক্ষেমান্বিত, কুশলী।]

ক্ষেম[২] সর্ম্ম [সং √ক্ষম্ ; মৈ √ক্ষেম ; অপ্র] ক্ষমা করা ; মার্জ্জনা করা ; সহা। "অপরাধ ক্ষেম : ক্ষেমিলেন দোষ কৃ.উ ৬৪ ; সকল…ক্ষেমিআ ১৬৫ ; ক্ষেম ক্ষেম ১৮৪। ক্ষেমহ ম ৫৮। শ্রী ২১৬। ভ.গ্র ২৩৮। ক্ষেমিমু…অপরাধ অ.প ৩৩ ; ক্ষেমিলু ১৩৭। সব ক্ষেমিবা গ ৭১। অপরাধ ক্ষেমিল ১৬৬। ক্ষেমিসু চ.বি ৩০২ ; দোষ ক্ষেমিওঁ ৩০৪। জা ২২০। বা.দ ১০৯। [ক্ষেম—ক্ষমা কর। ক্ষেমিলু—ক্ষমা করিল।]

ক্ষেমঙ্কর বিণ [ক্ষেম[১]+√কৃ+অ (খচ্)-ক ; উ.ত ; স্ত্রী -রী] মঙ্গলকারক, শুভকর, হিতজনক। "ক্ষেমঙ্করাণি কার্য্যাণি ভট্টি ৬.১০৫। —রী স্ত্রী [ক্ষেমঙ্কর+স্ত্রী ঈ (ঙীষ্)] **১** দেবীবিশেষ, দুর্গা, কালী। "কৃ ৩৫১। রক্ষ ক্ষেমঙ্করি ক.চ ১০৫। ক্ষেমঙ্করি ক্ষেম কর ভা.চ ৩১৪। দু ৯৪। ক্ষেমঙ্করী আমার রাজা।—রামপ্রসাদ। **২** শঙ্খচিল্লী, শঙ্খচিল্।

"ক্ষেমঙ্করীরূপ ধরি…ভগবতী চলিলা উড়িয়া ক.চ ২৪৪। স্বর্ণ ক্ষেমঙ্করী-রূপ মা ১৯০।

ক্ষেমশূর পুং [স.ত] নির্ভয়প্রদেশে শূর, অর্থাৎ নির্ব্বিঘ্ন স্থানে যাহার বীরত্ব ; গেহেশূর। "ভ ১০.৪.৩৬।

ক্ষেমা ১ স্ত্রী [ক্ষেমঙ্করী>ক্ষেমা] দুর্গা, কালী। "আমি ক্ষেমার খাস তালুকের প্রজা।—রামপ্রসাদ।

ক্ষেমা২ বি [সং ক্ষমা ; অপ্র] ১ সহিষ্ণুতা, ধৈর্য্য। "ক্ষেমা কর কাহ্ন মণে শ্রী.কী ২০। অক্ষেমা ম.বি ২১২। ক্রোধ ক্ষেমা কর ম.পা ৫৯। ২ ক্ষমা, মার্জ্জনা। "ক্ষেমা কর ধর্ম্মরাজ ভ ৮৪। ৩ বিরতি, নিবৃত্তি। "ক্ষেমা নাহি দিবা রাত্রি অ.প ৫১। সদাএ জপয়ে জীব ক্ষেমা নাহি তার গো.বি ১৯২। ক্ষেমা দেও রণ ম.পা ৫৮। যুদ্ধে ক্ষেমা দিল চ.বি ৫৯। সবে দেহ ক্ষেমা ভ.গ্র ২২৪। [ক্ষেমাপন্ন হওয়া (কথ্যভাষা)—ক্ষান্ত হওয়া।]

ক্ষেম্য বি [ক্ষেম+য (যৎ) ; স্ত্রী -ম্যা] ১ ক্ষেমে সাধু ; অনাময়াদি-কল্যাণক্ষম ; কল্যাণকর, স্বাস্থ্যজনক (দেশ)। "মনু ৭.২১২। ২ হিত-কর, শুভ। "একা গতিঃ ক্ষেম্যা মহা ১৪.৫৮.২।

ক্ষেয়া বি [সং 'ক্ষেপ'—মূল ; দ্র 'খেয়া'১] ১ নৌকাদি দ্বারা নদী পার করার কার্য্য ; পার করা ; পাড়ি দেওয়া। "ক্ষেয়ার কড়ি।—বি.পা ৬১। ২ খেয়ার নৌকা। "ক্ষেয়ারীর ক্ষেয়ায় বোঝাই দিয়া বিনা কড়িতে পার করিয়া লইয়া যাই ব.প্র ৪৬০।

ক্ষেয়ানী বি [দ্র 'খেয়ানি'] যে ডোমনী ক্ষেয়ায় পার করে ; ক্ষেয়ার ডোমনী। "এহেন যৌবনকালে ঘাটের ক্ষেয়ানী বি.পা ৬০।

ক্ষে(খে)য়ারি, -রী বি ['ক্ষেপকারী'—মূল] যে ক্ষেয়া দেয় ; পাটনী, ঘাটমাঝি। "শুনহ খেয়ারি শ্রী.ম ৬৬। °রী ব.প্র ৪৬০।

ক্ষোণি, -ণী স্ত্রী [√ক্ষু+নি-ধি (অ.টী) ; বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্) ; ছান্দস] ১ যাহাতে শব্দ করে ; পৃথিবী। "ক্ষোণিতলে ভ ৪.২.২১.৩৬। ২ ভূমি, ভূভাগ। "ক্ষোণী যস্য হিরণ্ময়ী (স শৈলঃ)।—সু.র। ৩ (পৃথিবীর সংখ্যানুসারে) এক (১) এই সংখ্যা।

ক্ষোদ পুং [√ক্ষুদ্+অ (ঘঞ্)-ভা] ১ সংপেষণ, চূর্ণন। ২ [+অ-র্ম্ম] রজঃ, চূর্ণ, পিষ্ট। "ইঙ্গুদী° রা ২.১০৪.১৩। খণ্ডখাদ্য° (নৈ)। ৩ বিন্দু। "শীকরক্ষোদশীত।—উ.চ ৩.২। ৪ [+অ-ধি] পেষণস্থান, শিলাপট্ট, পাটা, শিল্।

ক্ষোদিত বিণ [√ক্ষোদি+ত (ক্ত)-র্ম্ম] ১ পেষিত, চূর্ণিত। ২ পিষ্ট, চূর্ণীকৃত। —ত ক্লী পিষ্টদ্রব্য, চূর্ণ ময়দা প্রভৃতি।

ক্ষোভ পুং [√ক্ষুভ্+অ (ঘঞ্)-ভা] ১ চলন। "বীচি° পূ.মে ২৮। মীন° উ.মে ৩৪। ২ উদ্‌ঘাত, ঝাঁকরানি (jerking)। "রথক্ষোভ-পরিশ্রম রঘু ১.৫৮। ৩ বিকার, অসংযম। "ইন্দ্রিয়ক্ষোভ কু.স ৩.৬৯। ৪ প্রবাহ, বেগ। "পবনক্ষোভসঞ্জাতবীচি বিষ্ণু ১.৩৩। ৫ অভিভব। "শোকক্ষোভে চ হৃদয়ং প্রলাপৈরেব ধার্য্যতে উ.চ ৩.২৯। ৬ ব্যথা, পীড়া, তাপ। "লোভে পাপ পাপে মৃত্যু পাছে হয় ক্ষোভ।—ম ৫৬৪। ৭ চিত্তচাঞ্চল্য (শ.ক)। ৮ আন্দোলন, সঞ্চালন। "ক্ষোভোদ্বেগ-সমুচ্ছ্রিতম্ (সাগরম্) ।—মহা ১.২১.১০। শ্বাসে নাসিকার পারাবার সব ক্ষোভ পায় ব.প ৬০৪। —ভক বিণ [√ক্ষোভি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ভিকা] ক্ষোভজনক, পীড়ক, বিকারজনক। —ভণ বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী ; ছান্দস] ১ ক্ষোভকারক, চাঞ্চল্য-জনক। "সমুদ্রাণাং ক্ষোভণম্।—রা ৩.৩২.১১। ২ বিকারজনক। ৩ ব্যথয়িতা, পীড়ক। —ভণ পুং ১ কামশরবিশেষ। ২ বিষ্ণু। ৩ বটুকভৈরব। —ভণ ক্লী [ক্ষুভ্+অন-ভা] ১ ক্ষোভ, চলন। ২ বিকার। ৩ ব্যথা, পীড়া। —ভিত বিণ [√ক্ষোভি+ত (ক্ত)-র্ম্ম] ১ সঞ্চালিত, কম্পিত। "স গিরিঃ ক্ষোভিতস্তেন গো.রা ৫.৫৪.১২। ২ ব্যথিত, পীড়িত। ৩ [ক্ষোভ+ইত (ইতচ্)] সঞ্জাতক্ষোভ, ক্ষুণ্ণ-ক্ষোভযুক্ত। "প্রকৃতি ক্ষোভিত করি করে বীর্য্যাধান চৈ.চ ২১১। ৪ আন্দোলিত, চলিত। "ক্ষোভিত জলধি অপার।—গ ৪৯। ক্ষোভিত হইল ক্ষৌণী দু ৩১। ৫ তাপিত, দুঃখিত, ব্যথিত। "বিদ্যাপতি অতি ক্ষোভিত হোতি বি.প ১০১। ক্ষোভিত হইয়া সব সেবক ছাড়ায় ভ.গ্র ১৭০ ; আপনা ধিৎকার করি ক্ষোভিত হইলা ২২৩। ক্ষোভিত… মধুলোভা।—রঙ্গ ১১৪। —ভ্য বিণ [√ক্ষোভি+য (যৎ)-র্ম্ম] ক্ষোভণীয়, বিচাল্য, বিকার্য্য, কম্পনীয়। "অক্ষোভ্যাণাং সমুদ্রাণাম্ রা ৩.৩২.১১। কিয়ৎক্ষোভ্যা নদী ক.সা ৫৫.১২০।

ক্ষোম পুং, ক্লী [√ক্ষু+ম (মন্) উ ১.১৩৭] ১ গৃহবিশেষ, অট্টালিকা (অ.টী)। ২ মণ্ডপোপরিস্থিত শালা ; চিলেঘর। —ম ক্লী [তু 'সং ক্ষৌম<প্রা খোম] ১ দুকূল। ২ অংশুসীবন (অ.টী)।

ক্ষৌণি, -ণী স্ত্রী [√ক্ষু+নি,-ধি, বাহুলকে বৃদ্ধি, স্ত্রী বিকল্পে ঈ (ঙীপ্)] পৃথিবী। "ভ ৩.১৪.৩। ক্ষোভিত হইল ক্ষৌণী দু ৩১। ক্ষৌণী লোটাইয়া ম.পা ২ ; ৩ ; ৪৫ ; ১২৮। ক্ষৌণীর হরিলে ভার ক.চ ১০৪। [°পতি (পুং)—ভূপতি, রাজা। ."ম.পা ১৩৯। °ভুক্ (-ভুজ্)—'পৃথিবী-পালক', রাজা। "দশরথঃ ক্ষৌণীভুজামগ্রণীঃ (সু.র)। °ভৃৎ (পুং)—ভূধর, পর্ব্বত। "মৌলিনীলশিখরাঃ ক্ষৌণীভৃতঃ উ.চ ২.৩৯। ক্ষৌণীশ (পুং)—ক্ষৌণীর পতি ; ভূপ, রাজা। "°চক্রবর্ত্তী। °সুর (বি)—পৃথিবীদেব ; ভূদেব, ব্রাহ্মণ। "ম.পা ১৭১। ক্ষৌণ্যর্ণববন (বি)—ভব-সিন্ধুজল। "ম.পা ১৬৯।]

ক্ষৌদ্র ক্লী [ক্ষুদ্রা+অ (অঞ্) 'তৎকৃত' অর্থে, সংজ্ঞায়, পা ৪.৩. ১১৯] ১ 'ক্ষুদ্রাকর্ত্তৃক কৃত' ; মাক্ষিক মধু ; মধু। "রা ২.২৬.১৩। মনু ১০.৮৮। °পটল রঘু ৪.৬৩। ২ জল। ৩ [ক্ষুদ্র+অ (অণ্) 'তদ্‌ভাব', অর্থে] ক্ষুদ্রভাব, লঘুতা, নীচতা। ৪ অণুত্ব, সূক্ষ্মতা। ৫ [+অ স্বার্থে] রেণু, ধুলি। —দ্র পুং ১ চম্পকবৃক্ষ। ২ মাগধ ও মাগধী হইতে জাত বর্ণসঙ্করবিশেষ। 'মহা ১৩.৪৮.২২। [°জ (বিণ) —ক্ষৌদ্রজাত, মধুজাত। °জ ক্লী—'মধুজাত বস্তু' ; শিক্থক, মোম্। °পটল (ক্লী)—'ক্ষৌদ্রের সঞ্চয়' ; মধুক্রম, মৌচাক। "রঘু ৪.৬৩।]

ক্ষৌদ্রেয় ক্লী [ক্ষৌদ্র+এয় (ঢঞ্)] মধু হইতে জাত ; মধুচ্ছিষ্ট, মধুত্থ, মোম্।

ক্ষৌম বিণ [ক্ষুমা+অ (অণ্) ; স্ত্রী -মী] ১ 'ক্ষুমাবিকার, ক্ষুমা-সম্বন্ধী', ক্ষমাসূত্ররচিত (বস্ত্র)। "°সূত্র (সুশ্রুত)। ২ ক্ষুমাবীজজাত (তৈল ;—সুশ্রুত)। —ম পুং, ক্লী [দ্র 'উ ১.১৩৭] ১ ক্ষুমাসূত্রজাত বস্ত্র ; অতসীবসন ; দুকূল, পট্টবস্ত্র। "(দদৌ) ক্ষৌমান্ বহূন্ রা ১.৭৪. ৪। °সংবীত মহা ১.১৯৯.৩। মনু ২.৪১। ২ শণজাত বস্ত্র। ৩ বল্কল-জাত বস্ত্র। (মেদিনী)। ৪ অট্টালিকা (অ.টী)। ৫ প্রাকারস্থিত রণ-গৃহ ; (মতান্তরে) মণ্ডপোপরিনির্ম্মিত শালা (চিলেঘর)। —ম ক্লী [ক্ষুমা+অ (অণ্) তদ্বিকারার্থে] ১ অতসীসূত্র। "ক্ষৌমজ।—অত্রি ৩২১। ২ অতসীবীজ, মসিনা (সুশ্রুত)। ৩ অতসীপুষ্প। —মী স্ত্রী [ক্ষৌম+স্ত্রী ঈ (ঙীপ্)] ক্ষুমা, অতসী।

ক্ষৌর বিণ [ক্ষুর+অ (অণ্) ; স্ত্রী -রী] ক্ষুর দ্বারা নির্বৃত্ত ; ক্ষুরকৃত (কর্ম্ম)। —র ক্লী ক্ষুরকর্ম্ম, মুণ্ডন, কামান। "রাজা কহে—উপবাস ক্ষৌর তীর্থের বিধান চৈ.চ ১৪১। —রী স্ত্রী ক্ষুর। [°করণ (ক্লী)—ক্ষুরকর্ম্মসাধন, কামান। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—ক্ষুরসাধ্য কার্য্য ; কামান। "কৃ ৭৭। °শুদ্ধি (বি)—ক্ষৌর দ্বারা শোধন ; ক্ষৌরকর্ম্মসংস্কার। "ম.ম ১৪৯।]

ক্ষৌরিক পুং [ক্ষৌর+ইক (ঠন্)] ক্ষৌরকর্ম্ম-শিল্পী ; নাপিত।

ক্ষ্মা স্ত্রী [দ্র 'ক্ষমা', অকারলোপ, পৃষো ; 'জ্মা'—ভূমি (ঋগ্বেদ ১.৫৪. ৬)] পৃথিবী। "°জল, °শয়ন (মহা), ক্ষান্ত (পঙ্ক), ক্ষাংশ, °পতি,

°পাল। গো.রা ৩.৩৫.৬৩। [°ন্দ্র (বি)—মহীধর, পর্ব্বত। ক্ষ্মান্দ্রেশ—ক্ষ্মান্দ্রের ঈশ; গিরিরাজ হিমালয়। “°দুহিতা। °রুহ (বি)—মহীরুহ, বৃক্ষ।]

ক্ষ্যাপ[1] বি [ক্ষেপ[2] > °প; অপ্র] ক্ষেপ, বার, দফা। “হাজার হাজার প্রজা ধায় এক ক্ষ্যাপে ব.প ১৪১৮। —পা দ্র ‘ক্ষেপা’।

ক্ষ্যাপ[2] অর্ম্ম [ক্ষেপ[3]>°প] ক্ষিপ্ত হওয়া; উত্তেজিত হওয়া। “শিবচন্দ্রের হুকুমেতে সব প্রজা ক্ষ্যাপে ব.প ১৪১৮।

ক্ষ্বেড়্ অক [ভ্বা, প—ক্ষ্বেড়তি; সেট্] ১ অব্যক্তশব্দ, কূজন। ২ [ভ্বা, আ—ক্ষ্বেড়তে; সেট্] স্নেহন। —ড় সক [ভ্বা, আ] মোচন।

ক্ষ্বেড় পুং [√ক্ষ্বিড়্+অ (ঘঞ্)-ভা] ১ অব্যক্ত শব্দ; কূজন। ২ দন্তশব্দ। ৩ স্নেহন। ৪ মোচন, ত্যাগ। ৫ কর্ণরোগবিশেষ, কান ভোঁ-ভোঁ করা। ৬ [+অ-ণ] বিষ। —ড়া স্ত্রী সিংহনাদ। —ড়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অব্যক্তশব্দ; ধ্বনি। ২ মোচন, ত্যাগ। “নিঃশ্বাস° মহা ৩.১৭৮.২৭। —ড়িত ক্লী [+ত (ক্ত)-ভা] ১ ক্ষ্বেড়ন, শব্দ, কূজন। ২ সিংহনাদ। “মহা ১.৬৯.৭।

ক্ষ্বেলন ক্লী [√ক্ষ্বেল্+অন (ল্যুট্)-ভা] ১ ক্রীড়া, খেলা। ২ পরিহাস। “ভ ১১.১৭.৩৩। —লা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ গতি। ২ ক্রীড়া, খেলা। —লিকা স্ত্রী [ক্ষ্বেলা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ] ক্রীড়া। “ভ ৫.৮.২১। —লিত ক্লী [√ক্ষ্বেল্+ত (ক্ত)-ভা] ক্রীড়া, পরিহাস। “ভ ৮.৯.১১; ১০.২২.১২। —লী স্ত্রী [+ই (ইন্)-ভা+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ ক্রীড়া। তু ‘কেলী’। ২ পরিহাসবাক্য। “ভ ৫.১.২৯।

খ

খ[1] দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ ও ক বর্গের দ্বিতীয় বর্ণ। [দ্র ‘ক[1]’।]

খ[2] প্রাচীন বাঙলায় পদ্যে শব্দের মধ্যে ও অন্তে স্থিত ‘ষ’-স্থানে ‘খ’। “নিমিখ, পুরুখ, বরিখ চৈ.ম ১২; ১৮; ৫৫। দোখ শ্রী.ম ১২৮। ভাখা, ভাখ, ভূখণ ভ.গ্র ৩; ২০৬; ৪৫৫। [‘খঃ ষষ্ট্মূতে চ’ (কৈশবী শিক্ষা ৩), অর্থাৎ পদের মধ্যে ‘ষ’-কার ‘খ’-কারের ন্যায় উচ্চারিত হয়, ট-বর্গের উপরিস্থিত, অর্থাৎ ট-বর্গযুক্ত, ষ-কারের এইরূপ উচ্চারণ হয় না, ষ-কারের ন্যায় হয়। যজুর্ব্বেদীয় অন্য শিক্ষাগ্রন্থেও ইহার উল্লেখ আছে। ষ-কারের এইরূপ উচ্চারণ-বিষয়ে বক্তব্য যে, বর্গের দ্বিতীয় বর্ণ ও উষ্মবর্ণ, অঘোষ এবং মহাপ্রাণ, সুতরাং অন্তবর্ণাপেক্ষা উহারা অন্তরতম এবং তজ্জন্যই ষ-কারের স্থানে বর্গের দ্বিতীয় বর্ণমাত্রেরই আদেশ সহজসিদ্ধ (স্থানেঽন্তরতমঃ পা ১.১.৫০)। দ্বিতীয়তঃ, এইরূপে ‘ষ’-স্থানে বর্গের দ্বিতীয়বর্ণমাত্রেরই আদেশ সঙ্গত হইলেও, ‘ক্ষ’ (ক্‌ষ) এই যুক্তাক্ষরে, ‘ক’এর অনন্তর ‘ষ’-স্থানে ‘ক’-বর্গীয় দ্বিতীয় বর্ণ ‘খ’এর আদেশ স্বাভাবিক; ইহা হইতেই অসংযুক্ত ‘ষ’-কারও ‘খ’-কারের ন্যায় উচ্চারিত হয়। ইহাই ষ-কারের খ-বৎ উচ্চারণের মূল বলিয়া বোধ হয়। পালিতে, ‘খণ খন্তি খরণ লক্‌খণ লক্‌খী মোক্‌খ’ ইত্যাদির এবং প্রাকৃতে, ‘খঅ খীণ ভিক্‌খা লক্‌খণ (হে ১.৩; প্রা.ল ৩.১৪) সিক্‌থ (শিষ্য বি.মা ৭২৮ ১)’ ইত্যাদির মূল সংস্কৃত শব্দের আদ্য ও মধ্য ‘ক্ষ’ (ক্‌ষ> ক্‌খ>খ)এর স্থানে ‘খ’ এবং ‘ক্‌খ’, ষ-কারের এইরূপ উচ্চারণমূলক। হিন্দীতে, ‘ভাখা মেখ বিখ’ ইত্যাদি, মরাঠী ও গুজরাটীতে ‘বিখ’, সিন্ধীতে ‘বিখু’ এবং মৈথিলীতে ‘বিখ বিখৈ (বিষয়) বিখম’, ইত্যাদি ইহার উদাহরণ। পালিতে, ‘ছ(ষষ) ছণ ছমা ছুরিকা তচ্ছক কচ্ছা কুচ্ছি’ ইত্যাদির এবং প্রাকৃতে ‘ছণ ছুর(ক্ষুর) ছুরিয়া ছীণ ছমুহ লচ্ছণ’ ইত্যাদির ‘ষ’-স্থানে চ-বর্গের দ্বিতীয় বর্ণ বা খ-মূলক ‘ছ’, পূর্ব্বনিয়মানুযায়ী। প্রাচীন বাঙলায় এইরূপে ‘ষ’-স্থানে ‘খ’-কারের উচ্চারণ ও তন্মূলক লেখন প্রথা ছিল। (দ্র ‘ক্ষ.প ৫৫, ৫৬) আধুনিক বাঙলায় এইরূপ প্রয়োগ নিতান্ত বিরল।]

খ[3] পুং [√খন্+অ(ড)-ক] সূর্য্য। —ক্লী [ছান্দস] ১ আকাশ। “°গম, ‘°চর’, খেচর। মহা ১.১০১.১৩। কু.স ৩.৭২; খে খেলগামী ৭.৪৯। বাড়ী খসমে সমতুলা চ ৭৫। খমুখে রাখি আলোকর রেখা মে ২৬১। দুই এক তারা খ-ভূষণা।—রঙ্গ ৩২। ২ উদরাদ্যবচ্ছিন্ন বা দৈহিক আকাশ। “মনু ১২.১২০। ৩ শিরঃস্থিত ইন্দ্রিয়—চক্ষুঃকর্ণাদি। “মনু ২.৬০। ৪ বিন্দু, শূন্য (লীলাবতী)। ৫ শব্দতন্মাত্র, শূন্য (ether)। “গী ৭.৪; (অহম্) শব্দঃ খে ৮। ৬ ইন্দ্রিয়ছিদ্র—চক্ষুঃ কর্ণ নাসিকা মুখ পায়ু উপস্থ এই নব ছিদ্র। “মনু ৪.১৪৪। ৭ (ইন্দ্রিয়-সংখ্যানুসারে) নয় (৯) এই সংখ্যা। “গুর্বক্ষরৈঃ খেন্দুমিতৈরসুঃ (সিদ্ধান্তশিরোমণি)। ৮ অনুস্বার চিহ্ন। ৯ স্বর্গ। ১০ পুর। ১১ ক্ষেত্র। ১২ অভ্র ধাতু। ১৩ ব্রহ্মাকাশ (ছান্দোগ্য)। ১৪ শর্ম্ম, সুখ। তু ‘সু-খ’ (সুখ)। ১৫ কর্ম্ম। ১৬ সংবেদন, জ্ঞান। ১৭ (জ্যোতিষে) লগ্ন হইতে দশম স্থান বা রাশি। [°মণি (পুং)—আকাশের মণিতুল্য; সূর্য্য। °মূর্ত্তি (পুং)—আকাশমূর্ত্তি শিব; ভীম।]

খ[4], **খো**, **খোয়া** বি [সং ক্ষোদ (চূর্ণ) > প্রা*খোঅ, খোয় (প্রা.ম) > বা খো, খ, খোয়া; হি খোয়া] ১ ইষ্টকখণ্ড, টুকরা ইট বা পাথর। ২ গাঢ় বা শুখনা ক্ষীর; ডেলা-ক্ষীর, মেওয়া। [খোয়া-ক্ষীর—ডেলা-ক্ষীর। খ ভাঙা—ইট ভাঙিয়া খ করা।]

খ[5] বি [দ্র খ[4]; হি খোই (ক্ষয়িত?)] ১ কলে মাড়া চূর্ণ নীরস ইক্ষুদণ্ড; মাড়া আখ (চব্বিশপরগনা)। ২ শুষ্ক নিস্তেজ গুঁড়া চুন। ৩ দ্র ‘ক্ষ[2]’। [খ-পড়া চুন—শুখাইয়া গুঁড়া-হওয়া চুন।]

খই, **খৈ**, **খোই** বি [সং খদিকা > প্রা* খইআ, ‘-য়া’ (প্রা.ম) > বা খই, খৈ; হি খোঈ; তু ‘খৈই’ ম.ম ১০২] ১ ভৃষ্ট ধান্য; লাজ। “খৈ দৈ নৈবেদ্য শ্রী.মা ৪২। রসের ছড়ার খই ফুটে যায় মুখে দা ২০৪৪; ঘটিরাম ডেপুটির মুখে খোই ফুটচে স.এ ৭৪। ২ (সাদৃশ্যে) ভাজা ও ফোটা শস্যাদির বীজ। “দেধানের, ভুট্টার, ঢ্যাপের খই। ৩ ভাজা মৎস্য-খণ্ড (?)। “ছাল খসাইয়া রান্ধে বাইন মৎস্যের খৈ।—ম.ম ৯৬; সাজ কটু তৈলে রান্ধে মৎস্যের খই ১৪৫। ৪ খইএর মত ভাজা দ্রব্য। “সোহাগার, লবঙ্গের খই। [খইচাড়া—চাড়া (ধান্যত্বক্)-যুক্ত খই; আ-ফোটা খই। খই-চালা—খইয়ের চালনী (sieve)। খইচুর—চিনির রসে পাক-করা খই-চূর্ণের মোয়া বা নাড়ু। খইয়া বা খ’য়ে খাড়ু, লোহা—খইএর মত টোপ-তোলা রূপার বলয়বিশেষ। “খ’য়ে জনারে লোহা বালা দা ১৬৩৩। খইয়া বা খ’য়ে খোলা—খই ভাজার খোলা হাঁড়ি। খইয়া বা খ’য়ে গোখুরা—খইএর মত শ্বেত গোক্ষুরসর্পবিশেষ। (the grey variety of the Cobra de Capello); খইয়ান ধান—যে ধানে ভাল খই হয়; কনকচুর ধান। খইয়া বা খ’য়ে বাঁধন—স্তম্ভবেষ্টন-পূর্ব্বক মিলিত অঙ্গুলিদ্বয়ে লাজগ্রহণ হেতু বন্ধন; (গৌণার্থে) উভয়-সঙ্কট, অর্থাৎ ছাড়িলেও বিপদ্, বেড়িলেও বিপদ্। দ্র ‘লাজাবন্ধনন্যায়’। মুখে খই ফুটা—খই ফোটার মত তড়বড় করিয়া কথা বাহির হওয়া। “আমার কাছে সয়ের মুখে খই ফুটতে থাকে লী ১১৯।]

খইর, **খএর**[1], **খয়ের**[1] বি [আ খ.ইর] মঙ্গল, কল্যাণ, ভালাই। “কিয়ে পিছে সিতাব খয়ের খুব হোয় রা.স ১২।

খই(য়)রাত, **খএরাত**, **খৈরত** বি [আ খ.ইরাত্] ভিক্ষা, দান, বিতরণ। “জিউ জা আমার ঠে খৈরত করিয়া।—গো.চ ১৩; খইরাত ১৫; ৩০৮। রাজকর খরচা খয়রাৎ হেন জানি শ্রী ৭০। খয়রাত করিল ভ.গ্র ২২২। তরফ খএরাত E.P. 54; 58। —রাতী [আ খ.ইরাতী] দাতব্য (charitable)। [°খাতা—যে খাতায় দানের হিসাব থাকে;

দানখাতা। °খানা—খয়রাতের স্থান (alms-house)। দান°—একার্থক। খয়রাতী খাতা—দাতব্যের খাতা বা হিসাব। খয়রাতী জমা—দানের নির্দিষ্ট সঞ্চিত অর্থ।]

খই(এ)রী, খৈরী বিং [°র+ঈ°] খএর-সম্বন্ধী, খইএর মত (রঙ্)। [খএরী-বক—বকবিশেষ (Ardea cinnamomea)।]

খইল, খ'ল, খৈল বি [সং খলি ; হি খলী ; ঠ খলী, -লী ; গু খোল. ; তু 'খলী'—তিলপিণ্ডিকা, স্নেহহীন তিলচূর্ণ (দেশী ২.৬৬)] ১ তিলসর্ষপ-প্রভৃতির তৈলহীন পিষ্ট অসার ভাগ ; তৈলমল। "খৈল ভিজাইল গো.চ ১১৮ ; ২৫১। খইলের বেসার ক.চ ১৪২। ২ তেলের কা'ট ; তেল থিতাইলে তলায় যে অসার ভাগ পড়ে। "ত্যাল খইলে হ্যাও ঠাকুরক ছিনান করাএঞা গো.চ ১৪২ ; ২৮৩। ৩ কর্ণমল। [খইলের বেসার—খইলবাটা।]

খএ বি [সং ক্ষয় > প্রা খয় > বা খএ (য় > ইঅ > এ) ; অপ্র] ১ ক্ষয়, অর্থাৎ মৃত্তিকাদির ঘর্ষণে খইয়া যাওয়া (corrosion)। "লাঙ্গল গরাএ যে মাটিএ যাএ খএ ম.গা ১১। গো.চ ৩৪০। ২ বিনাশ, বিধ্বংস। "কইলেঁ অসুরের খএ শ্রী.কী ১ ; পাপ…ধরম করে খএ ২৯৯। [যাএ খএ—ক্ষয়প্রাপ্ত হয়।]

খএর[১], খয়ের[১] দ্র 'খইর'।

খএর[২], খয়ের[২] বি [সং খদির > প্রা খইর, খয়র (প্রা.য়) > বা খএ(য়ে)র ; খর (গ্রাম্য) ; হি, ঠ, প, অস—খৈর ; গু খের ; ড় খইর] খদিরবৃক্ষের নির্যাস (catechu)। "ছাঁচি পানে দিয়া খর, রঞ্জিয়াছি ওষ্ঠাধর জ্ঞা ৪২। খয়েরের গহনা ব.প্র ২৬০। [খএর-কাঠ—খদির কাষ্ঠ। খএর-শালি—শালিধান্যবিশেষ। "শি ১১৩। খএরের টিপ—গোলা খএরের তিলক ; খএরী, খইরী, খয়রা—খদিরবর্ণবিশিষ্ট (brown)।]

খএরখাঁ হি [আ, খ.ইর্ খ.রাহ্] ১ হিতাকাঙ্ক্ষী, হিতৈষী, বন্ধু। ২ (বাঙলায়) স্তাবক, খোসামুদে। [খএরখাই (আ খ.ইর্খ.রাঈ) —হিতৈষিতা ; খোসামুদেপনা।]

খক্ বি [ধ্বন্যাত্মক] কাসির শব্দ। "অকস্মাৎ, খক্ খক্ খক্, সম্মুখেতে ধ্বনিল কর্কশ ন ৯৪৫। [খক খক—ক্রমাগত কাসির শব্দ। খকখকানি—খক্খক্-শব্দ-করণ।]

খগ বিণ [খ+গম্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -গা] যে আকাশে যায় ; আকাশগামী। "(হৈড়িম্ব) বহু তাং খগ মহা ৩.১৪৫.৪ ; ১৭৩.৬০। —গ পুং ১ সূর্য্য। ২ গ্রহ। ৩ দেব। ৪ পক্ষী। "°পতি, °রাজ। মনু ১২.৬৩। মহা ৩.৬১.১৫। ৫ মক্ষিকা। "গো.রা ২.৫৬.১১। ৬ বায়ু। ৭ বাণ। ৮ [বাঙলায় ; অপ্র] গরুড়। "নখাগ্রেতে খগাগ্রজ হৈছে জেন একত্তর ম.পা ১৬ ; অন্তগত হৈল অর্ক খগাগ্রজ সনে ৫২। ব.প ৩৭০। [°গতি (স্ত্রী)—পক্ষীর নভোগতি বা উড্ডয়ন। পক্ষীর গতিভেদ একাধিক শতসংখ্যক (১০১)। দ্র 'মহা ৮.৪১.২৬-২৯, নীলকণ্ঠ। °পতি—পক্ষিরাজ, গরুড়। "ম ২১ ; °ধ্বজ ২৭৬। °বর (পুং)—পক্ষিশ্রেষ্ঠ, গরুড়। "মহা ১.২৩.২৪। ম ২১। °মণি (বি)—খগশ্রেষ্ঠ, গরুড়। "ম ৮৮। °রাজ, °রায় (বি)—পক্ষিরাজ, গরুড়। "রায় ম ২৩ ; খগরাজ ১৯১।]

খগম বিণ [খে গম, স.ত] আকাশে গমনকারী ; আকাশগামী (গন্ধর্ব্বাদি, বাণ)। "মহা ৩.২১.৩। —ম পুং ১ গন্ধর্ব্ব। "মহা ৩.২৪৪.৫। °লোক ভ ২.৬.৪৩। ২ পক্ষী। "রা ৪.৬৩.১৩। মহা ৩.৫৩.২৪। ৩ গগনচারিমাত্র। "বিষ্ণু ১.৩৬।

খগাধিপ পুং [খগের অধিপ, ষ.ত] খগপতি, গরুড়।

খগান্তক পুং [খগের অন্তক ; ষ.ত] ১ পক্ষীর যমতুল্য ; শ্যেন, বাজ-পাখী। ২ ব্যাধের নাম। "ক.চ ১২৫।

খগাসন পুং [খগের আসন, ষ.ত] ১ সূর্য্যের আসন ; উদয়াচল। ২ [বহুব্রী] 'গরুড়াসন', বিষ্ণু।

খগেন্দ্র পুং [খগ ইন্দ্রতুল্য, উপ.স] 'পক্ষিশ্রেষ্ঠ', গরুড়। "°ধ্বজ ভ ১.১৮.১৬। খগেন্দ্রনিন্দিত নাসা চু ৮। খগেন্দ্রে রমা মে ৯৬।

খগেশ, -শ্বর বি [খগের ঈশ ঈশ্বর, ষ.ত] পক্ষিরাজ, গরুড়। "°শ্বর। —ম ২০, ৬৮৮। °শ্বরাগ্রজ।—জ ১। —শ্বর বি [বাঙলায় ; অপ্র] শ্রেষ্ঠার্থে। "খল-খগেশ্বর জ.প ৪৩ ; ৫৫।

খগোল পুং [ষ.ত] ১ আকাশের গোল পরিধি ; আকাশমণ্ডল (celestial sphere)। ২ খগোলের প্রতিরূপ কৃত্রিম গোলক (armillary sphere)। [°বিদ্যা (স্ত্রী)—খগোলসম্বন্ধিনী বিদ্যা ; জ্যোতির্বিদ্যা।]

খগ্‌গড় পুং [প্রা 'খগ্‌গ' (খড়্গ)—মূল (?) ; তু সং 'খড়্গট'] তৃণ-বিশেষ, খাগড়া (Saccharum spontenium)।

খচ্ সক [ভ্বা.প—খচতি ; সেট্] বন্ধন।

খচ '-চ্' বি [ধ্বন্যাত্মক] ১ দন্তাদির আঘাতে ভগ্ন বালুকাকণার শব্দ। ২ আড়ামোড়া খাওয়ায় বা আঘাতে দেহসন্ধির অস্থি স্থানচ্যুত হওয়ার শব্দ বা স্থানচ্যুত হওয়ার জন্য বেদনাবোধ। ৩ বিদ্ধ কণ্টকে সূচিকাদির আঘাত হেতু শব্দ বা খোঁচা লাগার জন্য বেদনাবোধ। [°খচ্—১ ক্রমাগত 'খচ্' শব্দ। "শাকের বালি খচ্ খচ্ করিয়া দাঁতে লাগে। ২ ক্রমাগত খোঁচা লাগার মত বোধ। "চোখে বালি পড়িলে খচ্খচ্ করে। কাঁটা বিঁধিলে আঘাতে খচ্ খচ্ করে। °খচান, -নি—খচ্ খচ্ করা। °খচি—বিরক্তিকর বিষয় ; ঝঞ্ঝাট।]

খচড়া বিং [খচর > °ড়া ; হি খচরা] খচ্চর, দুষ্ট, বদমাশ্। [খচড়াম, -মি—দুষ্টামি।]

খচমচ বি [ধ্বন্যাত্মক] ১ করতালের বাদনধ্বনি। "বাঁশি একাই বাজিতে পারে, কিন্তু দুইর মিল না থাকিলে, করতালের খচমচ জমে না গ.স ১১৯। ২ বিরক্তিকর বিষয়মাত্র ; ঝঞ্ঝাট। "রাজসেবা কত খচমচ ভা.চ ১০৫। ৩ গণ্ডগোল, গোলমাল, বিশৃঙ্খলতা। [খচ্মচান, নি —খচমচ শব্দ করণ।]

খচর[১] বিণ [খ+√চর্+অ (ট)-ক ; উ.ত ; 'খেচর', অলুক্ ; স্ত্রী -রী] আকাশচারী, শূন্যগামী। "পুরঃ…'খচরম্' (পাঠান্তর) মহা ৩.১৭৩.৯। ভ ৩.১৩.২৭। —চর পুং ১ মেঘ। ২ সূর্য্য। "খচর নিশা-কর, যচ্ছু গুণ গায় অনন্ত।—গো ৫৭। ৩ বায়ু। ৪ রাক্ষস। "খচরস্ত সুতস্ত সুতঃ খচরঃ, খচরস্ত পিতা ন পুনঃ খচরঃ। খচরস্ত সুতেন হতঃ খচরঃ, খচরী পরিরোদিতি হা খচর ! [খচর—বায়ু, রাক্ষস, সূর্য্য। খচরী—রাক্ষসী, হিড়িম্বা।] ৫ পক্ষী। "সম্পাতী খচরেশ্বরঃ গো.রা ৪.৬৩.৯। ৬ গ্রহ। ৭ বিদ্যাধর। "°রাজ ক.সা ১১০.১৩৮। ৮ আকাশ-গামিমাত্র—দেবতা-শর-প্রভৃতি (ত.বা)। ৯ (সঙ্গীতে) রূপকবিশেষ। —রী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ রাক্ষসী। দ্র 'খচর[১]' (৪)। ২ বিদ্যাধরী। ৩ গন্ধর্ব্বী।

খচর[২] '-র্' বি [সং খেসর ; হি, গু খচ্চর ; ঠ খচর, খেংচর ; তু 'সং কচ্চর] ১ ঘোটকীতে গর্দ্দভের ঔরসে বা গর্দ্দভীতে ঘোটকের ঔরসে জাত মিশ্রজাতি পশুবিশেষ ; অশ্বতর (mule)। "খচর জন্মিলে যেন গর্দ্দভীর নাশ ম ১৪৫ ; খচরের রথ ৬৮৫। ভা.চ ২১২। ২ (গৌণার্থে) মিশ্রজাতিমাত্র। ৩ দুষ্ট, শঠ।

খচরা বি ['খচর[১]'—মূল ; অপ্র] আকাশগামী (?)। "উদন্ত কর গোঁসাঞি খচরা সমুদ্দর কূর শূ ৯৩।

খচর্মচর বি [ধ্বন্যাত্মক] করতালের শব্দ।

খচাখচ বি [ধ্বন্যাত্মক ; হি ঘচাঘচ] ১ তীক্ষ্ণধার অস্ত্রে নরম বস্তু ক্রমাগত কাটার শব্দ। ২ অসিঘাতে কাটার শব্দ। "কতু তরবারে তরবারে ঘোর রণ। খচাখচ…ভীষণ নিঃস্বন।—রঙ্গ ২৫।

খচারী (-রিন্) বিণ [খ+ √চর্+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে -ক-১ব ;

উ.ত ; স্ত্রী -রিণী] আকাশে গমনশীল; আকাশগামী (পক্ষি-প্রভৃতি)। —রী পুং ১ কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১.৮ । ২ গ্রহ।

খচিত বিণ [√খচ্‌+ত (ক্ত)-র্ম ; স্ত্রী -তা] ১ বন্ধনসংযুক্ত। ২ সম্পৃক্ত, মিশ্র। ৩ বিন্যস্ত, বিনিবেশিত। ৪ ব্যাপ্ত, নিচিত। "শকুন্তনীড়° (পাঠান্তর) শ ৭.১১। ৫ রঞ্জিত, ছুরিত, ভূষিত। "রত্নচ্ছায়া° পূ.মে ৩৫। খদ্যোতখচিতমিবান্তরিক্ষম্ (শঙ্কর)।

খচ্চর বি [দ্র 'খচর২'] ১ অশ্বতর। ২ বর্ণসঙ্কর, মিশ্রজাতি। ৩ জারজ, বেজন্মা। ৪ দুষ্ট, ধূর্ত্ত, বদমাশ্‌। [তিলে খচ্চর—১ তিলচিহ্নযুক্ত অশ্বতর। ২ বড় দুষ্ট লোক ; অতিধূর্ত্ত। খচ্চ্‌রে—দুষ্ট, ধূর্ত্ত।]

খজল ক্লী [উ.লো] ১ খস্থিতজল ; নীহার, শিশির। ২ আকাশপতিত জল ; বৃষ্টিজল। "অপেয়ং খজলমগস্ত্যোদয়াৎ পূর্ব্বম্ (শ.ক)।

খঞ্চা(ঞ্চে)পোশ বি [ফা খ.ান্‌চ—ছোট থালা (tray) ; খ.নপোশ্‌ —a tray cover] থালা রেকাবি প্রভৃতির সূতায় বা উলে বোনা আচ্ছাদন বা ঢাকনী।

খঞ্জ বিণ [√খঞ্জ্‌ গতিবৈকল্য+অ (অচ্‌)-ক ; স্ত্রী -ঞ্জা] ১ একপাদ-বিকল ; খোঁড়া। ২ গতিবৈকল্য-যুক্ত ; বিকৃত (পাদ)। —ঞ্জ পুং ১ খঞ্জ পাদ। ২ [খঞ্জ্‌+অ (অচ্‌) অস্ত্যর্থে (তত্ত্ববোধিনী)] খঞ্জ-পাদযুক্ত, বিকৃতপাদ জন, খোঁড়া। "মনু ৩.২৪২। জ.প ৫৬। [খঞ্জ-কারি (পুং)—খঞ্জের শত্রু ; খেঁসারি (শ.ক)। খঞ্জিয়া—খোঁড়াইয়া। "খঞ্জিয়া খঞ্জিয়া আসি কহিবারে লাগে ব.প ২১১।]

খঞ্জন পুং [√খঞ্জ্‌+অন (ল্যুট্‌)-ক ; স্ত্রী -নী] ক্ষুদ্র পক্ষিবিশেষ (wag-tail)। "নয়ন খঞ্জনযুগ্ম শৃ ৪ ; নেত্রখঞ্জনযুগ ৫। °নয়না ম ১০১৭। শি ১০৩ ; °লোচন ১০৯ ; ১১০। রঙ্গিণী লোচন, খঞ্জন বাঁধিতে, পাতিল বিষম ফাঁদ গো ১০০। খঞ্জন-আঁখি ভা.চ ৩০৪। —ন ক্লী [+অন-ভা] বিকল গতি। —নী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্‌)] খঞ্জন-স্ত্রীজাতি।

খঞ্জনগঞ্জন বিণ [ষ.ত ; স্ত্রী -নী] খঞ্জনের পরাভবকারী ; খঞ্জননিন্দক। "নেত্রে খঞ্জনগঞ্জনে সা.দ ৩৬৬৪। খঞ্জনগঞ্জন নেত্র ম ১০৫১। খঞ্জন-গঞ্জন আঁখি ক.চ ৯। খঞ্জনগঞ্জন গতি ব.প ২৮৫। খঞ্জনগঞ্জন আঁখি অঞ্জনে রঞ্জিত (শি)।

খঞ্জনা স্ত্রী ১ খঞ্জনাকৃতি পক্ষিণী ; ক্ষুদ্র খঞ্জনজাতি। ২ [সং খঞ্জন > °না, দ্র 'আ১৩'] (বাঙ্‌লায়) খঞ্জন পক্ষী। "খঞ্জনা খঞ্জনী, করে নানা ধ্বনি শূ ১০৫। —নী খঞ্জন-স্ত্রীজাতি।

খঞ্জনি, -নী, খঞ্জরি, -রী বি [ধ্বন্যাত্মক ; হি °রী ; 'খঞ্জুনী' গ্রাম্য (হ ১৭৮)] একমুখে চর্ম্মবদ্ধ চক্রাকার বাদ্যবিশেষ। "(বাজে) খনখন খঞ্জরি শ্রী.মা ১২৭। খমক খঞ্জনী শ্রী ১০৪। অমৃত খঞ্জরি দু ৬৬। খঞ্জরি জ.প ৫৬। খোপ-দেওয়া খঞ্জনি দা ৭১। খঞ্জনী।—হেম ২৪৪। খঞ্জনি বাজাও রে বিড়ালভায়া স্ব.প্র ১০০। [ইহা কাষ্ঠচক্রে রচিত। একমুখ চামড়ায় ছাওয়া, অন্য মুখ খোলা ; কাষ্ঠচক্রের গায়ে ছিদ্রে করতাল লাগান থাকে ; খঞ্জনী বাজাইলে ঝন্‌-ঝন্‌ শব্দ হয়।]

খঞ্জনিয়া বি [সং খঞ্জনিকা > প্রা*খংজণিআ, -য়া] খঞ্জনী। "চলয়ে খঞ্জনিয়া পাখি প.র ৪।

খঞ্জর বি [আ খ.ন্‌জর্‌] কৃপাণিকা ; ছোরা। "খঞ্জর-যুগল শ্রী ১৭৮। কোমরে খঞ্জর বি.সু ১৩৭। জ.প ৫৫। ভা.চ ২৬৫। রঙ্গ ২২।

খঞ্জরীট, -টক পুং খঞ্জনপক্ষী। "°ক মনু ৫.১৪। লোলে দৃশৌ রুচিরচঞ্চলখঞ্জরীটৌ।—অমরু ৯৯। খঞ্জরীটকহারীত।—সুশ্রুত ৪৬.৬৪। নয়নাঞ্চল চঞ্চল খঞ্জরীটা।—গো ৯৪। হংস খঞ্জরীটে, দেখি পদে দিটে ভা.চ ৬৬৮।

খট১ পুং [√খট্‌ আকাঙ্ক্ষা+অ (ঘঞর্থে ক)-র্ম] ১ তৃণ। তু 'খড়'। ২ লাঙ্গল। ৩ টঙ্কাস্ত্র। ৪ শস্ত্রবিশেষ। তু 'খেট'। ৫ কফ।

খট২ '-ট্‌' বি [সং ষট্‌ > °ট ; হি খটরাগ] ছয় রাগের মিশ্রণে জাত রাগবিশেষ। [ইহার সময় দিবা ১ম প্রহর, ঠাটে কোমল রি ও ধ, দুই গ ও নি, জাতি সম্পূর্ণ (গী.সা)। প্রবাদ, ষড়াননের ছয় মুখ হইতে ইহার উৎপত্তি।]

খট৩ '-ট্‌' বি [ধ্বন্যাত্মক ; হি খট] কঠিন দ্রব্যদ্বয়ের পরস্পর-আঘাত-জন্য কঠোর ধ্বনি। "একটা কি খট্‌ করে উঠ্‌ল, ফিরে তাকিয়ে দেখি বিমল দরজার কাছ থেকে ফিরে যাচ্ছে ঘ ২৮৫।

খটক পুং [তু 'ঘটক', ঘ > খ] ১ ঘটক। ২ কুঞ্চিত পাণি। "শিবের আদেশে কহে শিবের কথন। খটক ডম্বরু, মুখে শিঙ্গার গর্জ্জন॥ —চৈ.ম ১১৭।

খটকা,-ট্‌- বি ['খট্‌৩—মূল ; হি খটকা] ১ যাহা কার্য্য-সাধনে অভিমুখ বুদ্ধিতে খট্‌ করিয়া আঘাত করে বা প্রতিবন্ধক জন্মায় ; সন্দেহ, সংশয়, দ্বৈধ। "নিখিল চুপ ক'রে রইল। আমি বুঝলুম ওর ন্যায়বুদ্ধিতে খট্‌কা লাগল। ওর খট্‌কার অন্ত নেই। —ঘ ৫২ ; ১৪৪। ২ ভয়, ডর। ৩ পাখী তাড়াইবার নিমিত্ত ফলের গাছে বদ্ধ মাথা-চেরা খট্‌খট্‌ শব্দ-জনক বংশদণ্ড।

খট(ড়)ক্কিকা, খড়ক্কী স্ত্রী [তু 'খড়ক্কিআ, খডক্কী'—লঘুদ্বার (দেশী ২.৭১)] পক্ষদ্বার, অন্তঃপুরদ্বার, পাছদোর, খিড়্‌কি। "খড়ক্কীদ্বার রুদ্ধ ব.প্র ২৭১।

খটখট,-ট্‌-ট্‌ বি [খট২ (পৌনঃপুন্যে দ্বিত্ব)] ১ পুনঃপুন খট্‌ শব্দ ; সানে বা পাকা রাস্তায় জুতার গোড়ালির বা অশ্বাদির খুরের আঘাতজন্য শব্দ। "ঝম্পই ঘোটক খটখট ধায়ে বা.দ ৮৯। ২ (অপ্র) হঠাৎ জোরে হাসার শব্দ। তু 'খলখল'। "খটখট করি বুড়ি মএনা হাসিয়া উঠিল গো.চ ৩৮ ; ২৭৮। ৩ জোরে দরজার কড়া নাড়ার শব্দ। —খটি বি [ট+ই১১ ; তু 'সং খক্‌খট'—কঠোর (শব্দ)] ১ খটখট শব্দ। ২ [হি খটখটা] বড় বিপদ্‌ ; বিষমসমস্যা, মহাকষ্ট। [খটখটান, -নি (হি খটখটানা) —খটখট শব্দ করা। তু 'সং √খটখটায়—খটখটায়েতে মৃ ১৪১। খটখটি —খটখট বা খলখল করিয়া। "চণ্ডিকা হাসেন খটখটি ম.ম ৯০ ; পদ্মা হাসে খটখটি। খটখটে—খটখট শব্দে। "হাসে খটখটে চ.বি ২৮২।]

খটখটিয়া, -খ'টে বিং [খটখট+ইয়া, -এ৮] ১ যাহা খটখট শব্দ করে। ২ শুখাইয়া কঠিন হওয়ায় যাহা খটখট শব্দ করে ; কর্দ্দমহীন, শুখনা (রাস্তা, পথ)। "বর্ষা গেল, শরৎ এল, পথ ঘাট খট'খটে হল ৩ শর্দ্দির গ্লানিশূন্য ; শুক্‌না ঝর্‌ঝরে। "শর্দ্দিতে শরীরটা ম্যাজ্‌মেজে হ'য়েছিল, উপোসে খটখ'টে হ'য়েছে। [খটখ'টে রোদ—শুষ্ক করিয়া খটখটে করে, এমন রোদ ; প্রচণ্ড রৌদ্র।]

খটমট বি [ধ্বন্যাত্মক] ১ সর্থ 'খটখট'। "খটমট খটমট খুরোত্থধ্বনি ভা.চ ৭৪৪। ২ (অপ্র) হঠাৎ জোরে হাসির শব্দ। "খটমট করিয়া নটি হাসিয়া উঠিল গো.চ ২৪৯। —ট অব্য [ভাবাত্মক] সকোপ বা কঠোর দৃষ্টিপাতের ভাব। "'হুঁ! বলিয়া দৈত্য চাহে খটমট স্ব.প্র ১৩৬ ; কাটা মুণ্ড খটমট চাহি রয় ১৬৮। [খটমট ক'রে বা খটমটিয়ে চাওয়া —সকোপ দৃষ্টিপাত করা।]

খটমটি বি [°মট+ই১১ ; হি খটাপট -টী] ১ বিরোধ, ঝগড়া, বচসা, অমিল। "দুইজনে খটমটি লাগায় কোন্দল চৈ.চ ৪১ ; অন্যোন্যে খট-মটি ৩০৩। ২ দুর্বোধতা, গোল, ধাঁধা। [খটমটি লাগা—১ বিরোধ হওয়া। ২ দুরূহ বলিয়া বোধ হওয়া।]

খটরখটর, -মটর বি [ধ্বন্যাত্মক ; মৈ খটর] কঠিন দ্রব্যদ্বয়ের পরস্পর আঘাত-জন্য পুনঃপুন শব্দ (rattling sound)।

খটাখট বি [ধ্বন্যাত্মক] ১ কঠিন দ্রব্য দ্বারা কঠিন দ্রব্যে ক্রমাগত আঘাত করার শব্দ। যেমন, কামারশালে হাতুড়ি দিয়া লোহাপেটার শব্দ। ২ পাকা রাস্তায় ধাবিত ঘোটকের পদশব্দ।

খটাং বি [খট্‌৩+ইতি] হঠাৎ দ্রুত নির্গত খট্ শব্দ; খট্ করিয়া জাত শব্দ। "তালায় চাবি ঘুরাইলে খটাং ক'রে শব্দ হয়।

খ(খো)টাশ, -স বি [সং খট্টাশ, -স; হি খটাস; ঠ খটাস—অল্পত] বন্যজন্তুবিশেষ, গন্ধমার্জার, গন্ধগোকুলা, ভাম (Viverra Zibetha)। "খটাশ ক.চ ৩৫। ভা.চ ১২৮। [খাটাশী—খাটাশের কস্তুরিকাবৎ সুরভি অণ্ডকোষ।]

খ(খো)টি১ বি [সং 'কোটি'—মূল] কোট্, জিদ্; আবদার, বায়্‌না। "ক্ষণে হাসে ক্ষণে রোয়ে ক্ষণে খটি করে চৈ.ম ৩৭; আঁচল ধরিয়া কান্দে নানা খটি করে ৪৩।

খ(খো)টি২ বি [হি খত্তা—খত্তী (স্ত্রী)—ভাণ্ডার, রাশি] যেখানে কোন দ্রব্য প্রচুর থাকে; আদিস্থান, আকর, প্রধান আড্ডা, গোলা।

খটিকা স্ত্রী [খটী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ খটী, খড়ী। "°রস ক.ম ৩.৩৩। ২ বীরণমূল, বেণারমূল। তু 'খড়কা'।

খটিনী, খটী স্ত্রী [তু 'কঠিনী'] খড়ী।

খট্টক বি [ধ্বন্যাত্মক] সর্থ'খট্টাঙ্গ (৩)। "খট্টক ডমুর গ ১৩৩।

খট্টন বিণ [√খট্ সংবরণ অন+(ল্যুট্)-র্ম] যাহা অল্প বস্তুতে সংবৃত করা যায়; খর্ব্ব, খাট।

খট্টা স্ত্রী [√খট্+অ (অচ্)-র্ম+স্ত্রী আ (টাপ্); তু 'সং খট্বা; প্রা খট্টা] ১ খট্বা, পল্যঙ্ক, খাট। "খট্টায়াম্ (পাঠান্তর) মহা ১৩.১২৭.১৬। খট্টাধঃস্থিত হি ৩২১। খট্টাতলে।—ক.চ ১৬২। বি.সু ৯৬। ২ (বাঙলায়) ঠাকুরের সিংহাসন বা খুরশী। "বসিলা বিষ্ণুখট্টার উপরে চৈ.ভা ৩১৪; ৩১৫। ৩ সিংহাসন। "খট্টায় হতে পাড়িব এখন ব.প ৫৩৫। ৪ মহাপুরুষের বা অবতারের সিংহাসন। "হাসে নিত্যানন্দ প্রভু বসিয়া খট্টায় চৈ.ভা ৪৫৭।

খট্টাঙ্গ বি [খট্টা+অঙ্গ] ১ খট্টার অংশবিশেষ; খাটের পায়া। ২ খট্টাঙ্গতুল্য মুদগর; যুদ্ধাস্ত্রবিশেষ। "ম ২৬৯। বা.দ ৭৭; ১১২। ৩ শিবের অস্ত্রবিশেষ। "খট্টাঙ্গ লৈল করে ম ১২। ৪ খাট। "কুড়রাম…খট্টাঙ্গোপরি উঠিয়া বসিলেন য ৫।

খট্টাপদ বি খট্টার মত উচ্চ পদতল; খড়ম-পা। "খট্টাপদ…যদি হয়। প্রভাতে দেখন তারে উপযুক্ত নয়॥— ব.প ২৪৯।

খট্টারূঢ় বি [সং খট্টারূঢ়—উৎপথপ্রস্থিত] পালঙ্কে উপবিষ্ট। "খট্টারূঢ়া সুন্দরী তৎক্ষণাৎ ত্রস্তে গাত্রোত্থান করিলেন ব.প্র ৫৩।

খট্টাশ, -স পুং [খট্ট+অশ; পৃষো] যে সংবৃত হইয়া খায় বা গন্ধে ব্যাপ্ত করে; দ্র 'খটাশ'।

খট্টিক পুং [খট্ট+ইক (ঠন্) অস্ত্যর্থে; তু 'খট্টিক'—কসাই (দেশী ২.৭০)] খট্ট, অর্থাৎ পক্ষি-আবরণ যাহার শিল্প; শাকুনিক।

খট্টিকা স্ত্রী [খট্টা+ক (কন্) হ্রস্বার্থে+স্ত্রী আ (টাপ্); তু 'খট্বিকা] ১ ক্ষুদ্র খট্টা; খাটিয়া। ২ শববহনার্থ খট্টা।

খট্বা স্ত্রী [√খট্ আকাঙ্ক্ষা+ব (ক্বন্)-র্ম+স্ত্রী আ (টাপ্), উ ১.১৪৯] ১ নিদ্রালু যাহা ইচ্ছা করে; পল্যঙ্ক, পালঙ, খাট্। "পা ২.১.২৬। সহখট্বাসন মনু ৮.৩৫৭। ২ প্রেঙ্খা, দোলা, দোলনা। ৩ একপ্রকার ব্যাণ্ডেজ (সুশ্রুত)।

খট্বাঙ্গ পুং সূর্য্যবংশীয় রাজবিশেষ। "ভ ২.১.১৩; ৯.৯.৪২। —ঙ্গ ক্লী [খট্বার অঙ্গ, ষ.ত] ১ খট্বার অবয়ববিশেষ বা পায়া। "°ভৃৎ মনু ১১.১০৩, কুল্লুক। ২ (সাদৃশ্যে) মুদ্গরাস্ত্র। "খট্বাঙ্গধর ভ ৪.১৯.২০। ৩ শিবাস্ত্রভেদ। "°ধর, °ধার, °ভৃৎ। [°ধরা (স্ত্রী)—দুর্গা।]

খট্বারূঢ় বিণ [খট্বা+আরূঢ়; দ্বি.ত, নিন্দার্থে, নিত্যসমাস, পা ২.১.২৬] ১ উৎপথপ্রস্থিত, নিষিদ্ধানুষ্ঠানপর। "ভট্টি ৫.১০। [বেদ ও ব্রত সমাপন করিয়া ব্রহ্মচারী খট্বায় আরোহণ করিবেন, ইহা বিধি। যিনি ব্রহ্মচর্য্যেই ভূমিশয়নার্হ হইয়া, খট্বারোহণ করেন, তিনিই প্রকৃত 'খট্বারূঢ়', অর্থাৎ খণ্ডিতব্রহ্মচর্য্য। (গৌণার্থে) খট্বার আরোহণ করুন বা না করুন, 'নিষিদ্ধানুষ্ঠানপর' সকলই 'খট্বারূঢ়' (তত্ত্ববোধিনী)।] ২ জাল্ম (সি)। ৩ অবিনীত, প্রমাদবান্ (শ.ক)।

খট্বিকা স্ত্রী [খট্বা+ক (কন্) হ্রস্বার্থে+স্ত্রী আ (টাপ্)] হ্রস্ব খট্বা; ছোট খাট্; খাটিয়া।

খড়১ পুং, ক্লী [√খড় ভেদ+অ (ঘঞর্থে ক)-র্ম; অর্বাচীন সংস্কৃত; তু 'খড—তৃণ, ঘাস (দেশী ২.৬৭)] লঘুতৃণ।

খড়২ '-ড়' বি [সং খড়; হি খড়, -র; ঠ গু খড; মৈ খড়, -ড়; খের্ (চট্টগ্রাম); খ্যাড় (বীরভূম); খড়, খেড়, -র (ত্রিপুরা)] ১ তৃণ, ঘাস। "ধান্য খড় নাহি চিনে চাঁদ অধিকারী ম.ভা ১৭। শি ৮০। চুল খড় ধরি, দশন উপরি, যে সব কহিল রাণী রা.শে ১০। ২ শুষ্ক ধান্যতৃণ, বিচালি। "খড়ের বড় ভ.গ্র ২৯৭। ৩ তৃণবিশেষ, উলু (চব্বিশ-পরগনা)। "খড়ের ছাউনি। [খড় কুটা (হি খরখুদ—sweepings, C. G. Sec. 571)—তৃণ ও তৃণখণ্ড। খ'ড়ো ঘর—উলুখড়ে-ছাওয়া ঘর। খড়ের আগুন—(উপমায়) যাহা খড়ের আগুনের মত অল্পে উদ্দীপ্ত হয় এবং পরক্ষণেই শান্ত হয়। "বামুনে রাগ, খড়ের আগুন, একটু পরেই নেই।]

খড়কিমালা বি খ'ড়কার মত শব্দ হার (?)। "গলার…চাঁপাকলি খড়কিমালা দা ১৬৩৩।

খড়কী বি [সং খড়কী] খিড়কি, অন্দরমহল, পাছ-দোর। "ধায় বেগে খড়কীর পথে ক.চ ৭৪।

খ'ড়কে বি [খড়২+ক (হ্রস্বার্থে)—'খড়ক' > °কে; খড়কা, খ'ড়কা (ত্রিপুরা)] আহারান্তে দাঁত খুটার জন্য তৃণখণ্ড। [খ'ড়কে খাওয়া—তৃণখণ্ডে দন্তসন্ধির অন্নাদিকণা বাহির করা।]

খড়ক্কিকা, -ক্কী দ্র 'খটক্কিকা'।

খড়খড় বি [ধ্বন্যাত্মক; হি খড় খড়, -বড়] ১ শুষ্ক তৃণপত্রাদির মধ্যে সর্পকীটাদির সঞ্চারজন্য শব্দ। ২ জানালা-দরজার খড়খড়ি খোলার শব্দ। "এমন সময়ে জানালার দিকে কি একটা খড়খড় শব্দ হইল—কে যেন খড়খড়ি খুলিয়া দেখিতেছিল ব.দ্বি ৩১। ৩ কানের মধ্যে খ'ল-নড়ার শব্দ। [খড়খড়ান, -নি (হি খড়খড়না)—খড়খড় শব্দ করা।]

খড়খড়ি বি [খড়খড়+ই৮] ১ যাহা খড়খড় শব্দ করে; জানালা-দরজার কাঠের শিথিল আবরণবিশেষ; ঝিলমিলি (shutters)। দ্র 'খড়খড় (২)। "জানলার খড়খড়ি ঘ ২৫। ২ [+ই১১] কঠিন দ্রব্যের পরস্পর আঘাত জন্য শব্দ। "চালের খড়খড়ি শব্দ শি ৫৭।

খড়খড়ে বি [খড়খড়+এ৮] প্রখর, তীক্ষ্ণশ্রবণশক্তি-যুক্ত (কান)। [কান° লোক—যে অতিমৃদু কথাও শুনিতে পায়।]

খড়ম বিং ['কাষ্ঠময়'—মূল (?); হি খড়াউ; মৈ খরাম; ড় কঠাউ (কাষ্ঠ-উপানৎ); গু খড়া; অস খরম—"খরম-আকৃতি পদ বি.পা ২৫৩] কাষ্ঠনির্মিত পাদুকাবিশেষ। "°চরণ, °পা, °পেয়ে।

খড়মচরণ, -পা বি [অস খরম-ঘুরীয়া—একজোড় খড়মের মত (পা)] খড়মের মত উচ্চতল পদ; যে পদতল খড়মের মত উচ্চ, মৃত্তিকা স্পর্শ করে না (ইহা নারীর অশুভ লক্ষণ)। "হংস-গমন, নহে খড়ম-চরণ। বধূর দোষে নহে মোর পুত্রের মরণ॥—ব.প ১৮২। খড়মচরণ নহে বা.ম ৩২৫। [খড়মপেয়ে—অ-লিপ্তপদা। "°য়ে…মেয়ে দা ৫১৪; ৭১৯।]

খড়মড়, খড়রমড়র বি [ধ্বন্যাত্মক; অস খমখম্] মাড়-দেওয়া পট্টবস্ত্র, ইস্ত্রী-করা জামা-কাপড়, কাগজ ইত্যাদির নাড়া-চাড়ার শব্দ। [খড়মড়ান, -নি—খড়মড় শব্দ করা। খড়ম'ড়ে (অস খমখমীয়া)—যাহা খড়মড় শব্দ করে (বস্ত্রাদি)।]

খড়(র)রা বি [ধ্বন্যাত্মক'(?); হি খরহরা (খর—তৃণ; হর—হারক)] ঘোড়ার গা ঘসার নিমিত্ত লোহার চিরুণিবিশেষ।

খড়া[1] বি [তু 'খড্ডা'—পর্ব্বতের গর্ত্ত (দেশী ২.৬৬) ; জাটু -'খডা' (trench)] ১ গাঁথনির ইট পাথর প্রভৃতির জোড়ের মুখে ফাঁক বা খাঁজ। "তেলপানা পাঁচিল, খড়া-ফড়া ত নেই ?—গি.ষি ১১৪। ২ দেওয়ালের ফাটল। ৩ তৈলাদি মাপের নিমিত্ত পাত্রের গায়ে কৃত চিহ্ন ; মাপপাত্রের গায়ের দাগ। [খড়া কাটা—মাপপাত্রের গায়ে চিহ্ন করা। খড়া মারা—দাগরাজি করা ; ফাটল বন্ধ করা। খড়াসই—মাপের চিহ্নপর্য্যন্ত ; মাপসই।]

খড়া[2] বি [খরা > খড়া ; অপ্র] রৌদ্র। "অনেক নায় ঝড় বৃষ্টি অনেক নায় খড়া ম.ম ১২১।

খড়ি[1], **-ড়ী**[1] বি [সং খটিকা, -টী ; হি খড়িয়া, -ড়ী ; ঠ, ও খডী] লেখনার্থ শ্বেত প্রস্তরবিশেষ ; কঠিনী। "°মাটি, চক°, চা°, ফুল°। রাজ আজ্ঞা পাই যুশি খড়ি, হাতে লৈল গো.চ ৩৭৭ ; ৪৪৫। লেখা করি বুঝ বাছা ভূমে পাতি খড়ী ভা.চ ২৮৭। ২ খড়ি দ্বারা গণনা। "রজনী দিবস খড়ি করেন বিচার ক.চ ২৫৬। ৩ তৈলহীন শরীরে খড়ির মত শাদা শুষ্ক চর্ম্ম বা খুস্কি। "গায়ে উঠে তব খড়ি ক.চ ২২১। মোর গায়ে উড়ে খড়ি।—শ্রী২২৯। তৈল বিনা…খড়ি উড়ে শি ৩৪। তৈল বিনা তনু যেন খড়ি শ্রী.মা ১১৫। তৈল বিহীন অঙ্গে খড়ি উঠিতেছিল ব.ষি ৮০। ৪ খুস্কিতে খড়ির মত শাদা। [খড়ি উঠা, উড়া—তৈলাভাবে গায়ে সাদা মরা চামড়া বা খুস্কি উঠা। "গায়ে উড়ে খড়ি ব.প ৮৯৮। তৈল বিনা তনুতে কেবল উড়ে খড়ি শ্রী.মা ৭২। খড়ি পাড়া, পাতা—খড়ি দ্বারা অঙ্কপাত করা। "মিছা খড়ি পাড় শ্রী.কী ৫৬। খড়ি পাতি করিছে গণনা শ্রী ৪৯। খড়ি পাতি গণি ভ.গ্র ২৬৬। খড়ি পাতি, গণিয়া গণনে মে ৫৫। [খড়ি মাটি—শাদা মাটি।]

খড়ি[2], **-ড়ী**[2] বি [সং খড় ; মৈ খড়হী ; তু. 'খগ্‌গড় ; তা 'কাড়ু' —বন] ১ নলজাতীয় তৃণবিশেষ। "নল খড়ির বন ক.চ ১৯৯। ২ খড়ির কলম ; লেখনী, কলম। "পরিহাস করিয়া ফেলিয়া দিলে খড়ি ব.প ১৩৫৩। ২ রন্ধনার্থ শুষ্ক তৃণ-প্রভৃতি ; ইন্ধন, কাষ্ঠ। "খড়ি বেচা গো.চ ২ ; ৪৪। খড়ীবেচা।—ব.প ২৮ ; ৪১। শেষে পাছে বল মাসী খেয়াইল খড়ী ভা.চ ২৮৭। ৩ দণ্ড, দণ্ডের আঘাত। "বিন খড়ী দাম্বা ঘড়ী বাজিতে লাগিল ব.প ৮১। ৪ [হি খরী] ইক্ষুবিশেষ, খড়ি-আক। ৫ কাষ্ঠসদৃশ শুষ্ক বা নীরস দ্রব্য। "লখিন্দরের শরীর শুখাইয়া হইছে খড়ি।—বি.পা ৩৪১। [খড়ী খেয়াইল—কড়ির বদলে কাঠ দিয়া নদী পার হইল।]

খড়ি[3] বি [দ্র 'খোড়'] গোরু-প্রভৃতি আটকাইবার স্থান ; গোষ্ঠ, গোঠ। "সথাগণসঙ্গে৹ নানারসরঙ্গে৹ খড়িকে আইলা হরি রা.শে ১৯ ; খড়িকে ডাকিছে ধেনু ৩৫।

খড়িকা স্ত্রী [খড়ি+ক(কন্)স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ খটিকা, খড়ি। ২ (বাঙলায়) খ'ড়কে। [°মুটি (বি)—সূক্ষ্ম ধান্যবিশেষ ও তাহার তণ্ডুল। "ভা.চ ৫৫০।]

খড়িচোঁচ বি ক্ষুদ্রজাতি সর্পবিশেষ। "ভা.চ ১২৯।

খড়িমাটি বি খড়ির মত শাদা মাটি। ২ [হি খড়িয়া মেট্টী] চা-খড়ি (chalk)।

খড়িশ, খরিশ, -স বি ['খরবিষ' -মূল (?) ; খড়িশ (বীরভূম)] তীব্রবিষ সর্প ; গোখুরা সাপ। "কেউটে খরিশ ভা.চ ১২৯। খরিস ধুলিয়া চিতি কৃ.উ ৮০।

খড়ী[1] দ্র 'খড়ি[1]'।

খড়ী[2] দ্র 'খড়ি[2]'।

খড়ী[3] স্ত্রী [√খড়্ ভঞ্জন+অ (অচ্)-ক+স্ত্রী ঈ (ঙীষ্) ; তু 'সং খটী > প্রা খডী] ১ কঠিনী, খড়িমাটি। "লেখা করে কহ্নাঞি আপনে খড়ী পাড়ী শ্রী.ক ৪২ ; ৫৪। ২ [?] কার্য্য, কর্ম্ম। "স্থির চোখে ধীর মনে যে দেখিবে ঘড়ী। সে বলিবে ঠিক যেন ঈশ্বরের খড়ী॥—পদ্যপাঠ, ১ম ভাগ। [খড়ীপাড়া —খড়ী দিয়া গণনার্থ অঙ্কপাত করা।]

খড়্(রু)টি বি ['খড়কুটি'—মূল] খড়ের কুটি, পাটের কুটি বা তুষে মিশ্রিত মাটি ; খড়-মাটি দ্বারা ভিত্তিতে কৃত লেপ। [খড়্‌টি করা—১ খড়মাটি দিয়া লেপ দেওয়া। ২ খড়মাটি দিয়া দেয়ালে লতা-শাখা প্রভৃতির নক্‌শা কাটা। খড়্‌টি-করা—খড়মাটি দ্বারা লেপা (ঘর)।]

খড়্‌গ পুং [√খড্ ভেদ+গ (গন্)-ণ, উ ১.১২১ ; দ্রবিড়ীয় (?)] ১ প্রসিদ্ধ প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ ; খাঁড়া। "তুমি লয়ে এই খড়্গ মহীরে কাটিবে কৃ ৩৩৭। ২ অসি। "রা ১.১.৪৩ ; °নিষ্পেষ ২.২৩.৩৩ ; °ধারা ৩৪ ; খড়্গৌ বদ্ধা চ ধন্বিনৌ ৫২.১১। হি ২.৯৬। [ভ্রান্ত উদ্ভ্রান্ত আবিদ্ধ ইত্যাদি খড়্গের ত্রয়োদশবিধ চালন মহাভারতে বর্ণিত আছে (শ.ক)।] ৩ [হি খগ] (সাদৃশ্যে) গণ্ডকশৃঙ্গ। ৪ ['খড়্গ'—মৃগবিশেষ (বাজসনেয়সংহিতা ২৪.৪০)। (খড়্গাকার শৃঙ্গ হেতু) গণ্ডক, গণ্ডার। "মনু ৩২৭২। রঘু ৯.৬২। ৫ বুদ্ধবিশেষ। ৬ চোরনামক গন্ধদ্রব্য। —গ ক্লী (খড়্গোপকরণ) লৌহ। [°কোশ (পুং)—খড়্গপিধান, খড়্গের খাপ। °ধারা (স্ত্রী)—খড়্গের পাতা ; অসিধারা। "রা ২.২৩.৪৩। °ধেনু (স্ত্রী)—হ্রস্ব খড়্গ ; গণ্ডক-স্ত্রীজাতি। °নাসা (বিং)—যে নারীর নাক খড়্গাগ্রতুল্য সূক্ষ্মাগ্র ও বক্র (?)। "(মেয়ে) খড়্গনাসা…হৈলে পতির অমঙ্গল ঘটে দা ৭১৯। °পত্র (ক্লী)—অসিপত্র, খড়্গের পাতা (sword-blade)। °পাণি (বিণ)—যাহার পাণিতে খড়্গ ; অসিহস্ত। °পাত (পুং)—খড়্গপ্রহার, অসিঘাত। °পিধান (ক্লী)—সর্থ 'খড়্গকোশ'। °বন্ধ (পুং)—খড়্গাকার শ্লোক-রচনাপ্রকার ; চিত্রালঙ্কারবিশেষ। "সা.দ ১০.১৩, টীকা। °বিদ্যা (স্ত্রী)—অসিশাস্ত্র। °মৃগ (পুং)—খড়্গপ্রধান পশু ; খড়্গী, গণ্ডার। "মহা ১.১.১৮০, টীকা। খড়্গাধার (পুং)—সর্থ, 'খড়্গকোশ'।]

খড়্‌গহস্ত বিণ [বহুব্রী] ১ সর্থ 'খড়্গপাণি'। ২ (বাঙলায়) খড়্গাঘাতে উদ্যত ; অতিক্রুদ্ধ, মারমূর্ত্তি। "আপনার মতের বিপরীত কথা শুনিলে (সে) তৎক্ষণাৎ খড়্গহস্ত হইয়া উঠে।—কাদ ৩৫। ৩ শত্রুভাবাপন্ন, প্রতিকূল, বিদ্রোহী। "তাঁহারা নিজ নিজ পূর্ব্বাধিপত্য রক্ষার্থ খড়্গহস্ত হইয়া উঠিলেন ব.প্র ৯।

খড়্‌গী (-ড়্‌গিন্) বিণ [খড়্গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ড়্গিনী] খড়্গযুক্ত, অসিধারক খড়্গযোদ্ধা। "গো.রা ৫.১০.২২। মহা ৩.৩৭.১৩। ভ ৮.১৫.৮। খড়্গী খড়্গী মহারণ ম ৭৪২। —ড়্গী পুং ১ গণ্ডক, গণ্ডার। "খড়্গিকু ক্রীড়িত (কাদম্বরী)। ভীষণ খড়্গী মা ১২২। বা.দ ৯৩। ২ মহাদেব। "মহা ১৩.১৭.৪২।

খণ, -ন বি [সং ক্ষণ > প্রা সণ > বা খন, -ন ; হি, মৈ খন ; খণ, -ন (চ)] ১ সময়ের পরিমাণবিশেষ ; দ্র 'ক্ষণ' (১-৩)। ২ অত্যল্পকাল। ৩ সময়। "সব খন শ্রী.কী ৪১ ; ৫৯। অব সব খণ রহু আঁচরে হাত বি.প ৪০। যতি খণে হোত সুঠান।—গো ১২০। [খণে, -নে —সময়ে। "এখনে। খনহ, -হিঁ—একক্ষণও (চ)। খনহিঁ—ক্ষণে, কখন। খনহিঁ…খনহিঁ…খনহিঁ—"খনহিঁ কান্দই৹ খনহিঁ বিলপই৹ খনহিঁ খিতি গড়ি যায় জ.প ৫৬। খনহিঁ খন —ক্ষণে ক্ষণে। "খনহিঁ খন মুরছান জ.প ৫৬। খণে খণ, খণে(-নে) খণে(-নে)—প্রতিক্ষণ, সর্ব্বদা। "খণে খণে হাসে শ্রী.কী ২ ; চাহে খনে খনে ১৬৭ ; ৩৭৮। অগ্নিবৃষ্টি হয় খণে মণ ম ৬৪৪। কত সাধ খনে খনে ন.প ১৪৮। খণে খণে—কখন কখন। "ছাওআল হঞা কাহ্ন রহে খণে খণে শ্রী.কী ৩৮৮। খনে…খনে…খণে, খনে…খনে (মৈ খন…খন)—কখন…কখন ইত্যাদি। "খনে বসী থাকে কাহ্নাঞি যমুনার তীরে। গেণ্ডুয়া খেলাএ খনে গোকুল ভিতরে॥…খণে বৃন্দাবনে বনে বাঁশী বোলায়িতেঁ।

—শ্রী.কী ৩০৪। খনে বৈসে খনে উঠে ব্র.প ২৭৪। খনে হাসে খনে রোষে। খনে কাঁপএ তরাসে। খনে কান্দে রাধা খনে করএ বিলাসে॥ —ব.প ৯৬৬। খণেক (দ্র 'এক²)—একক্ষণ; কিয়ৎকাল, একটু। "শ্রী.কী ২১১। খণে(নে)কেঁ (দ্র 'এ⁵, এঁ³)—একক্ষণে; অল্পক্ষণে, একটুতে। খণেকেঁ তোর হএ আন চিতে শ্রী.কী ৩২৮। খনে…খনেকেঁ—কখন…একটু পরে। "খনে চাহে মোরে মাহাদানে। খনেকেঁ বোলএ আনচানে॥ —শ্রী.কী ৩৫।]

খণিক ক্রি.বিং [খণেক >°ক; তু 'সং ক্ষণিক; অপ্র] ক্ষণেক, কিছুক্ষণ, একটু। "খণিক নিরখহ যাই জ.প ৪৩ [খণিকে—ক্ষণমাত্রে, অল্পকালে। "খণিকে খণ্ডিলে জ.প ৫৬।]

খণ্ড্(খণ্ড়ি) সক [চু, প—খণ্ডয়তি, খণ্ডতি; সেট্] ভেদন, ভঞ্জন, খণ্ডন। —ণ্ড্ সক [ভ্বা, আ—খণ্ডতে] **১** মন্থন, ভঞ্জন! **২** মন্থন, বিলোড়ন (গণদর্পণ)। খণ্ডতে দণ্ডেন ভাণ্ডং শিশুঃ (ক.ক)। **৩** ছেদন। "মানং খণ্ডয়তি স্ত্রীণাং খণ্ডতে দ্বিষতাং শিরঃ (ক.ক)।

খণ্ড¹ বিণ [√খণ্ড্+অ (ঘঞ্)-র্ম্ম; স্ত্রী ণ্ডা] **১** খণ্ডিত, ভিন্ন, ছিন্ন, বিভক্ত। "হিআ খণ্ড খণ্ড, নখের ঘাএ শ্রী.কী ১৩১। খণ্ডমুণ্ডমালিকে ভা.চ ৪২৬। **২** ভগ্ন। "°চক্র, °শস্ত্র (সুশ্রুত)। মোর অপরাধে তোমার দণ্ড হৈল খণ্ড চৈ.চ ৯৯। **৩** অসম্পূর্ণ। "°চন্দ্রাকার (S.W.)। **৪** [খণ্ড্+অ (অচ্) অস্ত্যর্থে] খণ্ডযুক্ত, ছেদযুক্ত। "শষ্কুলা° পা ২.১.৩০ (সি)। **৫** (বাঙ্লায়) খণ্ডয়িতা, নাশক, ছেদক। "নমো নারায়ণ জন্মবন্ধ-খণ্ডায়।—ম ১০৫১। **৬** মন্দ, ভাঙা, খারাপ, পোড়া। "খণ্ডকপালিনী ছায়া ক.চ ৪২। খণ্ড-কপালিনী ম.ভা ৩৯; ৫৯। মুক্রিখণ্ডকপালিনী শ্রী.ম ১৬৪। **৭** খণ্ডিত, বিনষ্ট, দূর। "দুঃখ কর খণ্ড দু ৪৩। **৮** নিরাকৃত। "সর্ব্ব মত দূষি প্রভু করে খণ্ড খণ্ড চৈ.চ ১২৩। —ণ্ড পুং, ক্লী **১** শকল, দল, অংশ, ভাগ, টুকরা। "কাষ্ঠ°, চীর°, বংশ°, মাংস°, রজ্জু°, সিতা°। শৈলখণ্ডান্ গো.রা ৫.৭৩.৩৬। পূ.মে ৩০। একতর° মাঘ ৯.৯। ভাসে করপদখণ্ড ম ৬৫১। অমৃতের খণ্ড চৈ.ভা ২০৮। **২** একদেশ, কলা। "তারাধিপখণ্ডধারী কু.স ৭.৪৮। **৩** দেশ, বর্ষ। "ভরত°। **৪** কণ, ক্ষুদ্রাংশ। "হিমখণ্ডবহো বায়ুঃ (মার্কণ্ডেয়পুরাণ)। **৫** পুস্তকের অংশ; পরিচ্ছেদ, বিভাগ। "জন্ম°, দান°, নৌকা°, বৃন্দাবন°, যমুনা°, বংশী° (শ্রী.কী)। দানখণ্ড শ্রী.মা ৭৫। দানখণ্ড নৌকাখণ্ড শি ৯৭। মধ্যখণ্ড-কথা বড় অমৃতের খণ্ড চৈ.ভা ২০৮। **৬** স্বরূপ, তদ্রূপ। "রাজ্য° রা ২.১০৫.৫। কেদার° মহা ১.৩.২৬। ধনুঃখণ্ডম্ পূ.মে ১৫। রাজ্যখণ্ড কৃ ৩১; ভা.চ ৪৫। **৭** সমূহ। "কেতকী°, তরু°, পদ্মিনী°, পলাশ°, পাদপ°। কমল° পা ৪.২.৫১, কাশিকা। সভাখণ্ড শুনিছেন কৃ ৩৮৯। দুষ্ট° ক.চ ১৮৯। **৮** [তু 'আ ক.ন্দ—মিছরি; cf., F., Italian—candi; E. candy] ইক্ষু-বিকার, শুষ্কগুড়, খাঁড়, চিনিবিশেষ। "খণ্ডনখণ্ড নৈ ৬.১৩৩। খণ্ডবিচনী শ্রী.কী ৩২১। রান্ধিবে ছোলার দালি তথি দিবে খণ্ড ক.চ ৩০। রামানন্দচরিত তাহে খণ্ড প্রচুর চৈ.চ ১২২। —ণ্ড পুং **১** [+অ-ভা] ভেদন, ছেদ, বিভাগ। "খণ্ডং খণ্ডং যযুর্যনাঃ (চণ্ডী)। **২** [+অ (অচ্)-ক] মণির দোষবিশেষ; পুলক। —ণ্ড ক্লী **১** বিড়্লবণ। **২** ইক্ষুবিকার, খাঁড়। **৩** [বাঙ্লায়; অপ্র] খণ্ডিতচরিত্র জন; দুর্বৃত্ত, দুষ্ট। "মোর নাতি…নহে খণ্ড বাটপাড় চোর ক.চ ২৫৯। **৪** দস্যু, ডাকাত। "চোর খণ্ড দণ্ড।—ম ৩০২; ১২০৭। চোর খণ্ড হৈতে মাতা নাহি কর ভয় ক.চ ৭০; ৯১; ১৪৯। [খণ্ড খণ্ড করা—**১** টুকরা টুকরা করা। "কৃ ৩৪৭। **২** পুনঃপুন নিরাকৃত করা। "চৈ.চ ১২৩। °পাল (পুং)—খণ্ডরক্ষক, মোদক, ময়রা। °লবণ (ক্লী)—বিড়্লবণ। °শর্করা (স্ত্রী)—খণ্ডতুল্যা শর্করা; শর্করাবিশেষ (সুশ্রুত)। °শশী (বি)—খণ্ডিত চন্দ্র; শশিখণ্ড, চন্দ্রকলা। "বা.দ ৮। °শীলা (স্ত্রী)—খণ্ডিতচরিত্রা, অসতী। °সার (বি)—খণ্ডের সার; মিছরির কোন দ্রব্য (?)। "চৈ.চ ১৫৮।]

খণ্ড² সর্ম্ম [সং √খণ্ড্ >প্র √খংড; হি, ঠ √খংড] **১** ছিন্ন করা; তিরোহিত করা; দূর করা। "তনুরুচি খণ্ডে অন্ধকার ক.চ ২; ২৪১। চঞ্চল কুণ্ডল গণ্ডে খণ্ডে অন্ধকার জ ৬। **২** হরণ করা; অপনয়ন করা। "আপনি খণ্ডিব আমি অবনীর ভার ম ৫২। **৩** ব্যর্থ করা; অতিক্রম করা। "ঈশ্বরের মায়া খণ্ডে আছে কোন জন ম ১০৯৭। **৪** প্রতিকার করা; নাশ করা। "রোগ খণ্ডি বৈদ্য না রাখে শেষ রোগ চৈ.চ ২০৫। **৫** অন্যথা করা; লঙ্ঘন করা। "দৈবে নহে খণ্ডি ম.ম ১১। বিধির নিযুক্ত নাহি খণ্ডে মহাজন ম ৪১৬। ব.প ৮২২। লিখন…খণ্ডি ভা.চ ৯৯। **৬** নিরাকৃত করা; প্রত্যাখ্যান করা। "খণ্ডুক দেখি আমার স্থাপন চৈ.ভা ৭২। তর্কেই খণ্ডিল প্রভু চৈ.চ ১০৪; ১২৩। **৭** (গুণে) ন্যূন বা হীন করা। "স্বর্গে রাজা হৈতে চাহে খণ্ডি পুরন্দরে কৃ.উ ১৯২। **৮** পরাজয় করা। "ভরতে খণ্ডিয়া রাজ্য তোমাকে দেওয়াই কৃ ৯৭। **৯** মার্জ্জনা করা; ক্ষমা করা। "সেহো দোষ খণ্ড মোর শ্রী.কী ৩৫৪। **১০** ত্যাগ করা। "কহ না খণ্ডিয়া লাজ, আনিব সাধের সাজ ক.চ ২০৯। **১১** অগ্রাহ্য করা। "বার বার দিও না কথা খণ্ডি দা ৭৭১। **১২** ছেদন করা; ত্যাগ করা। "খেলন ছলে তুহুঁ, খণিকে খণ্ডিলে, খোড় খঞ্জক দাহ জ.প ৫৬। —ণ্ড অর্ম্ম **১** তিরোহিত হওয়া; অপসৃত হওয়া; দূর হওয়া; যাওয়া। "সূর্য্যের কিরণে জেন অন্ধকার খণ্ডে কৃ.উ ৪৭; খণ্ডে অবসাদ ২০১। দুর্গতি খণ্ডে কৃ ৩২৭। সকল অরিষ্ট খণ্ডে। —ম ২৫৬; ভ্রম খণ্ডিবে তোমার ১০৫১। খণ্ডিল মনের যত দুঃখ বা.ম ৩৫; খণ্ডে…লাজ ৮৫। দুঃখ খণ্ডে ম.ম ২১৮। মোর খণ্ডিল বন্ধন ব.প ৭৬৫। দারিদ্র দোষ খণ্ডিল চৈ.ভা ৬৩; খণ্ডে অন্তরপাষণ্ড ২০৮। **২** ক্ষয়প্রাপ্ত হওয়া; নষ্ট হওয়া। "শুনিলে খণ্ডএ পাপ কৃ.উ ২৫৩। **৩** অন্যথা হওয়া; ব্যর্থ হওয়া। "বিধি লিপি না খণ্ডয় বা.ম ১৫৬। **৪** প্রশমিত হওয়া; ঘুচিয়া যাওয়া। "ভোখ শোষ খণ্ডিলেক সুশীতল কটক কৃ.উ ১৯০। কর্ণপথে কর পান খণ্ডু ভবক্ষুধা ম ৭। **৫** সমাপ্ত হওয়া; শেষ হওয়া। "এতেক খণ্ডিল ভাল অজ্ঞাতের পণ ব.প ৬১৪। **৬** অনুপভুক্তভাবে বা ভোগ ব্যতীত যাওয়া। "কর্ম্মভোগ কার খণ্ডে ধরণীমণ্ডলে বি.সু ১১৩। [খণ্ডউ—খণ্ডিত হউক; দূর হউক। "খণ্ডউ সব জঞ্জাল শ্রী.কী ৪১। খণ্ডএ—খণ্ডিত হয়; ঘুচে। "খণ্ডএ সকল আপদে শ্রী.কী ৩১৪। খণ্ডয়—খণ্ডিত হয়। খণ্ডহ—ক্ষমা কর। "সকল দোষ খণ্ডহ শ্রী.কী ৩৫৭। খণ্ডিল—গেল। "কোপ খণ্ডিল শ্রী.কী ২২৮। খণ্ডিব—দূর করিবে। "এ দুখ খণ্ডিব কবেঁ যশোদার পুত শ্রী.কী ৩৫০। খণ্ডিবোঁ—ক্ষমা করিব। "দোষ খণ্ডিবোঁ শ্রী.কী ৩০০। খণ্ডুক—দূর হউক। "শ্রী.কী ২২৮।]

খণ্ডক বিণ [√খণ্ড্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ণ্ডিকা] ছেদক, খণ্ডয়িতা, ভেত্তা। —ক পুং [খণ্ড্+ক (কন্) স্বার্থে)। **১** খণ্ড, অংশ। "কাষ্ঠ° ক.সা ২৬.১২১। **২** খণ্ডনির্ম্মিত খাদ্য; সিতাখণ্ড, শর্করাখণ্ড, বাতাসা প্রভৃতি। **৩** নির্নখ।

খণ্ডকথা স্ত্রী [কর্ম্মধা] খণ্ডিতা কথা; ক্ষুদ্র আখ্যান।

খণ্ডকপালিনী বিং [°পাল+ইনী] খণ্ডভাগ্য, অভাগ্যবতী, অভাগিনী, পোড়াকপালী। দ্র 'খণ্ড¹ বিণ (৬)।

খণ্ডকপালিয়া বিং [°পাল+ইয়া²; অপ্র] খণ্ডকপালযুক্ত, হত-ভাগ্য। "খণ্ডকপালিয়া…জগত-আনন্দ ভাবই জ.প ৪৫; ৫৭।

খণ্ডকাব্য ক্লী [কর্ম্মধা] খণ্ড, অর্থাৎ যৎকিঞ্চিল্লক্ষণহীন কাব্য; কাব্যের একদেশানুযায়ী, অর্থাৎ কোন এক বিষয়ে লিখিত ক্ষুদ্র কাব্য —মেঘদূত, ঋতুসংহার ইত্যাদি। 'সা.দ ৬.৩২৯।

খণ্ডখিরিসা বি [খণ্ড+খিরিসা] খণ্ড-মিশ্রিত শুখা ক্ষীর বা খোয়া।

"খণ্ডখিরিসার বৃক্ষ, ঘরে করি নানা ভক্ষ্য, রাধা যাহা কৃষ্ণ লাগি আনি চৈ.চ ৩৪৭।

খণ্ডজ পুং [খণ্ড + √জন্ + অ (ড)-ক ; উ.ত] খণ্ড হইতে জাত ; যবাসশর্করা ; গুড়বিশেষ।

খণ্ড-ত বি খণ্ড, অর্থাৎ স্বরবর্ণহীন 'ত'-কার ; হসন্ত 'ত' (ৎ)।

খণ্ডতপস্বিনী বিং খণ্ডতপস্যাযুক্তা, খণ্ডিতব্রতা, অর্থাৎ যাহার ব্রত অঙ্গহীন, তাদৃশী তাপসী। "ম.ম ১৯৬।

খণ্ডতাল পুং তালবিশেষ, একতালা (সঙ্গীতদামোদর)।

খণ্ডন বিণ [√খণ্ড্ + অন(ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ খণ্ডক, ছেদক। ২ ভেদকারক। ৩ শমন, দমন, নাশক। "স্মরগরলখণ্ডনম্ (দেহি পদপল্লবম্) গী.গো ১০৮। মদনগরল৹-খণ্ডন রাধা৹…চরণপল্লব আরোপ শ্রী.কী ২১৮। ব.প ২৬৭। পাষণ্ড-খণ্ডন…দণ্ড গো ৫৫। (শশি) সংসারগরল-খণ্ডন…ঐ কর-লেখা আমার মাথায় তুলিয়া দাও ব.প্র ৬০০। ৪ নিরাসক, নিরাকর্ত্তা। —ন ক্লী [+ অন-ভা] ১ ছেদন, ভেদন। ২ দংশন, ক্ষত। "রদ° গী.গো ১০.৩। ওষ্ঠপ্রবাল° (পঞ্চ)। দশনখণ্ডন-মণ্ডন ভা.চ ৫৯০। ৩ ভঙ্গ। "রসখণ্ডনবর্জ্জিত রঘু ৯.৩৬। ৪ বিপ্রলম্ভ। "কৃতখণ্ডনব্যথা রঘু ১৯.২১। ৫ নিরাকরণ, নিরাস। বিপ 'স্থাপন'। "খণ্ডনখণ্ড নৈ ৬.১১৩। মনের ভ্রান্তি হইবে খণ্ডনে ম ১০৫১। সূত্রে-খণ্ডন-স্থাপন চৈ.ভা ৮৪। কুব্যাখ্যা-খণ্ডন চৈ.চ ৭। ৬ পরমতনিরাকরণ শাস্ত্রভেদ। "শ্রীহর্ষ°, শিরোমণিপদার্থ°। ৭ অচরিতার্থতা, অপ্রাপ্তি। "আশানাং বর্দ্ধনং ফলখণ্ডনম্ হি ২.৫৮। ৮ হরণ। "অধিকারেণ বো যুক্তঃ কথং তস্যাস্তি খণ্ডনম্ হি ৪.১৩। ৯ ক্ষয়, নাশ। "পাপের খণ্ডন শ্রী.কী ৭৬। দুর্গতি° শ্রী.মা ৩৬। ১০ ন্যূনীকরণ, কমানো। "শুল্কখণ্ডনার্থ মনু ৮.৪০০, কুল্লুক। ১১ অন্যথাভাব, ব্যর্থতা। "নাহিক খণ্ডন, হউ কন্যা একথানি ম ১০৯। ব্রহ্মশাপ না যায় খণ্ডন গ ১৭৪। দক্ষ পশুমুখ হবে না যায় খণ্ডনে ক.চ ১৮। ১২ ক্ষমা, সহন। "সেবা-অপরাধ-খণ্ডন চৈ.চ ২৪৪। ১৩ প্রতিকূলতা, বিরোধ, ব্যাঘাত, বাধা। [খণ্ডন বা খণ্ডনে যায় না—ব্যর্থতাপ্রাপ্ত হয় না ; ব্যর্থ হয় না। "বিধাতা-নির্ব্বন্ধ কর্ম্ম খণ্ডনে না যায় ব.প ৮৭৭।]

খণ্ডনীয় বিণ [√খণ্ড্ + অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ ছেদনীয়, ভেদার্হ। "ত্বয়া…পাশানি খণ্ডনীয়ানি (পঞ্চ)। ২ নিরাকরণীয়।

খণ্ডপরশু পুং [বহুব্রী] ১ (গজাসুরবধে) খণ্ডিতপরশু যাঁহার (অ.টী) ; শিব। "যঃ খণ্ডপরশুচূড়ামণেঃ কুলালঙ্করণং বা.ভা ১$\frac{৫}{৫১}$। ২ পরশুরাম। ৩ বিষ্ণু (মহা)। —পরশু পুং ১ শিব। ২ রাহু। ৩ ভগ্নদন্ত হস্তী।

খণ্ডপূজা বি খণ্ডিত পূজা ; অসম্পূর্ণ বা অঙ্গহীন পূজা। "খণ্ডপূজা কৈলা…গৌড়েশ্বরে ব.প ৪৫৭ ; ৪৫৯।

খণ্ডপ্রলয় পুং [ষ.ত] ১ ভূমি প্রভৃতির প্রলয় ; ব্রহ্মার দিন চতুঃসহস্রযুগের অবসানে ভূমিপ্রভৃতির লয়কাল (দ্র 'কল্প') ; ঐকদেশিক প্রলয় বা ক্ষুদ্র প্রলয়। "কালরাত্রি বলিয়া তাহার হয় খ্যাতি। খণ্ডপ্রলয় বলি বেদে কয় তথি॥—দু ২৭। ২ [সাদৃশ্যে ; বাঙলায়] তুমুল কলহ ; খুনাখুনি, তুমুলকাণ্ড, দাঙ্গা-হাঙ্গামা।

খণ্ডবিখণ্ড বিং খণ্ডিত-বিখণ্ডিত, ছিন্ন-বিছিন্ন, ক্ষত-বিক্ষত। "অধরহি খণ্ডবিখণ্ড ব ১১৬।

খণ্ডবিয়নী বি [খণ্ড + বিয়নী] বিঘ্নখণ্ডন-কারক দিব্যব্যজনীবিশেষ { ইহাতে ছয় মাসের মড়া জীবিত হয় (ম.ম ২২০)। মনসা বেহুলাকে ইহা দিয়াছিলেন }। "খণ্ডবিয়নী নেও অমৃতের জল। …খণ্ডবিয়নী লোকে বড় ভাগ্যে পায়। মাসেকের মড়া জীয়ে বিয়নীর বায়॥—ম.ম ১৮৪,-৫ ; ২১৯ ; খণ্ডবিয়নীর জল ২২০।

খণ্ডব্রত বি অসম্পূর্ণ বা অঙ্গহীন ব্রত। "করলোঁ খণ্ডব্রত৹…ভেঁ বা দুখিনী মোএঁ শ্রী.কী ৩৮ ; ৩৩৩। খণ্ডতপস্বিনী মুই করিলাম খণ্ডব্রত। —ম.ম ১৯৬। খণ্ডব্রত কৈনু কত, তার ফলে ঘটে এত বা.ম ৩২০। —ব্রতী বিং [°ত + ঈৎ ; ; '°তা' সাধু] যে নারীর ব্রত অসম্পূর্ণ বা অঙ্গহীন ; খণ্ডিতব্রতা, পাপিনী। "খণ্ডব্রতী অভাগিনী কেন না মরিলা চৈ.ম ১৫২।

খণ্ডমধু বি [অপ্র] খণ্ডনিঃসৃত মধুতুল্য রস ; চিনির রস (?)। "খণ্ডমধু হয় লখাই ঝাড়ি ভরিয়া পেম ম.ম ১৭৭।

খ(খা)ণ্ডা[১] বি [সং খড়্গ ; হি খাংডা ; ড় খণ্ডা ; তু 'খণ্ড'] ১ খড়্গ, খাঁড়া। "খাণ্ডা একধারা কৃ ২০৭ ; খাণ্ডা টাঙ্গী ২৭০ ; খাণ্ডা খরশান ২৮৭ ; ৩৩৮। খাণ্ডার চিকিমিকি কৃ.উ ৫৬। খর খাণ্ডা ম ৬৫০ ; ৮৪৪, টীকা। জিভখান খাণ্ডার সমান ক.চ ৭৬ ; হাথে খাণ্ডা ৮৫ ; ৯৭ ; অসি খণ্ডা ২৫৭। ভীমখণ্ডা হাতে।—মা ১০৩। খর্পর খণ্ডা হাতে (মে)। ২ অসি। "খোলি খাপসেঁ, খরগ খণ্ডা জ.প ৫৬। [গলে খাণ্ডা বান্ধা—(গৌণার্থে) বলির পশুবৎ জ্ঞান করা। "গলে খাণ্ডা বান্ধি গেল রাবণের স্থান কৃ.উ ১০৪।]

খণ্ডা[২] বিং [সং খণ্ড ; হি খংডা—তণ্ডুলকণা] ১ খণ্ডিত, ছিন্ন। ২ অসম্পূর্ণ, অঙ্গহীন (ব্রত)। ৩ ন্যূন, কম। "শুনহ খেয়ারি৹ তোমার কিছু না করিব খণ্ডা। পার হৈলে তুমি৹ পাইবে ধরণগণ্ডা।—শ্রী.ম ৬৬। —ণ্ডা বি [তু 'খংডঈ'—অসতী (দেশী ২.৬৭)] খণ্ডিতচরিত্র, দুষ্ট, দুর্বৃত্ত, দস্যু। "চোর খণ্ডা হৈতে তুমি নাহি কর ভয় ব.প ৩৪৪। [খণ্ডা বাছা করা—খণ্ডিত, অর্থাৎ খারাপগুলি বাছিয়া ফেলা। খণ্ডাব্রত—খণ্ডিত (অঙ্গহীন) ব্রত।]

খণ্ডা[৩] সর্ম্ম [√খণ্ড[২] + আ[৯]] ১ উচ্ছেদ করা ; দূর করা ; ঘুচান। "(আইলাঙ) মনে এক সংশয় হয়, তাহা খণ্ডাইতে চৈ.চ ২৪১। ২ প্রশমিত করা ; অপনয়ন করা ; দূর করা। "খণ্ডাইল ত্রাস কৃ.উ ১৮২। খণ্ডাহ…দুর্গতি ক.চ ২৫২। খণ্ডায় নাগেরে মারি পূর্ব্ব জন্ম তাপ বা.ম ৮১। মোর খণ্ডাইলে দুখ শ্রী.ম ১৪৪। বেহুলার স্বামি জীয়াইয়া খণ্ডাও অবশ ম.ম ২১৪। খণ্ডাইলে দুর্গতি চ.বি ১১৩। ৩ প্রতিহত বা অন্যথা করা ; ব্যর্থ করা। "দৈবের ঘটনা আমি খণ্ডাইতে নারি কৃ ৩৯৯। ঈশ্বরের ইচ্ছা যাহা খণ্ডাইতে নারি ম ৪০৬। শাপ দিয়া…খণ্ডাইতে নারি ম.ম ৩৯। দৈবের নির্ব্বন্ধ কেহ খণ্ডাতে না পারে বা.ম ৫৪। বিধির নির্ব্বন্ধ, কহ, কে পারে খণ্ডাতে মা ১৩৪। ৪ চরিতার্থ করা ; মিটান। "তা সভার রণসাধ খণ্ডাইবার তরে অ.প ১৫। ৫ লঙ্ঘন করা ; অতিক্রম করা। "বিধির গঠন কেবা খণ্ডাইবার পারে গো.বি ১৩৪। খণ্ডাইতে নাহি পারে বেদের নিয়ম ম.পা ৩৮। ৬ ক্ষয় করা ; চূর্ণ করা। "যদ্যপি অসম্ভাষ্য বৌদ্ধ…। তথাপি বলিলা প্রভু গর্ব্ব খণ্ডাইতে॥—চৈ.চ ১২৩। ৭ ন্যূন করা ; কমান। "এবার বরিখের কড়ি লিখ কত হয়। পড়সি কারণে কিছু খণ্ডাইব তায়॥—শ্রী.ম ৬৩। ৮ প্রতিকার করা। "ভবব্যাধি খণ্ডাইতে ঔষধ হরিনামে শ্রী ১০০। [খণ্ডাই (ম ৫১৭)। খণ্ডাইতে, -ইব, -ইবার, ই(য়ি)বোঁ (শ্রী.কী)। খণ্ডাইল, -ইলে, খণ্ডাও,- হ। খাণ্ডাইয়া (খণ্ডাইয়া, ছিন্ন করিয়া)—"শির ফেলিল খাণ্ডাইয়া ম.গা ২৩। খণ্ডান—অতিক্রম করা ; এড়ান। "মির্ত্তু খণ্ডান না জায় মী ৪৬। ম.ম ৭৯। দুঃখ খণ্ডান না যাহে বি.পা ১৭৬।]

খণ্ডাতি বি (খণ্ডাত্রী (খণ্ডা + অত্রী) > °তি (?)] ১ খড়্গযোদ্ধা। "রাহুত মাহুত, হানিছে…শ্রীযুক্ত কালু খণ্ডাতি শ্রী ১৪২। ২ নীচজাতিবিশেষ। "খয়রা খণ্ডাতি, কোল খল জাতি শ্রী ১৩।

খণ্ডাভ্র ক্লী [কর্ম্মধা] ১ ছিন্নমেঘ ; মেঘখণ্ড। ২ (সাদৃশ্যে) দন্তক্ষতবিশেষ।

খণ্ডিক বিণ [খণ্ড + ইক (ঠন্) অস্ত্যর্থে ; স্ত্রী -কা] ক্রুদ্ধ। "খণ্ডিকোপাধ্যায়ঃ শিষ্যায় চপেটাং দদাতি (মহাভাষ্য)। —ক পুং ১ কলায়,

কড়াই। ৎ কক্ষ, বগল। —কা স্ত্রী [√খণ্ড্+অক (ণুল্) ভা+স্ত্রী আ (টাপ্)] খণ্ডন, ভেদন, ভঞ্জন। "মোদক" শ ২১।

খণ্ডিত বিণ [খণ্ড্+ত (ক্ত)-র্ম] ১ ছিন্ন। "°বিগ্রহ কি ৫.৪৩। সিন্দুরে মণ্ডিত, মোতিম খণ্ডিত ব ৬৪। ২ ভগ্ন। ৩ নাশিত। "অহো শিশুত্বং ন খণ্ডিতং তব।—নৈ ৩.১৫। ৪ নিরাকৃত, নিরস্ত, দূরীকৃত। "রজনীকরনাথেন খণ্ডিতে তিমিরে হি ২১১১, টীকা। ৫ দষ্ট, ক্ষত। "খণ্ডিতাধরা (পক্ষ)। ৬ আকৃষ্ট। "°ধী ভ ৩.৩১.৩৭। ৭ দ্বিধাকৃত। ৮ [খণ্ড+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] খণ্ডযুক্ত, ছেদযুক্ত। ৯ বিভক্ত, অন্যস্ত্রীবিষয়ক। "অখণ্ডিতং প্রেম লভস্ব পত্যুঃ কু.স ৭.২৮। ১০ হীনাঙ্গ, অঙ্গহীন। ১১ বিস্মিত। "°ধী ভ ৩১৫.১৭। ১২ বিপ্লুত, দোষসম্পৃক্ত। "ব্রহ্মচর্য্যমখণ্ডিতম্ ভ ১.৩.৬। ১৩ নষ্ট, ক্ষীণ। "মানে ম্লাঘিনি খণ্ডিতে চ বসুনি (বৈরাগ্যশতক)। —তা বিণ পতির অন্যস্ত্রীসঙ্গচিহ্ন-জ্ঞান হেতু কলুষিতা (স্ত্রী)। "অবলা নিশি খণ্ডিতেব রঘু ৫.৬৭। —তা স্ত্রী নায়িকাবিশেষ, অর্থাৎ যে নায়িকা নায়ককে অন্যস্ত্রীর সহবাসচিহ্নে দূষিত দেখিলে ঈর্ষ্যাকষায়িতা হয়। 'জ্ঞাতেঽন্যাসঙ্গবিকৃতে খণ্ডিতের্ষ্যা-কষায়িতা (দশরূপক)। সা.দ ৩.৭৫। "খিতি লেখি খত দেই, খাতক হোয়ব, খণ্ডিতা না হোয়ব আর জ.প ৫৫। আপন চিহ্নেতে কেন হইলা খণ্ডিতা ভা.চ ৩৬৫ ; ৬৯২। কোন বা খণ্ডিতা সতী, প্রভাতে আগত পতি, রতিচিহ্ন দেখে কোপান্বিতা বা.দ ২৮।

খণ্ডী (-ণ্ডিন্) বিণ [খণ্ড+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ণ্ডিনী] ১ খণ্ডযুক্ত, অংশবান্। ২ [√খণ্ড্+ইন্ (ণিনি)-ক-১ব] খণ্ডয়িতা, ছেদক, নিরাসক। "রোগ-শোক-দুঃখ-খণ্ডী, অনুদিন পূজি চণ্ডী ক.চ ১৯৩।

খত১, -ৎ বি [সং ক্ষত; তু' আ খ.ত্—রেখা ; খ.তা—দোষ] ১ দোষ হেতু মৃত্তিকায় নাসিকাঘর্ষণ-জন্য ক্ষতচিহ্ন বা ক্ষতরেখা। দ্র 'ক্ষত'। "নাকে দেও খত শ্রী ১৪৩। ম.ম ৫৫। খত বা নাকে লিখিব ভা.চ ৩.৭। নাকে দেওয়া খৎ কা ১১২। নাকে খৎ দিতে রাজি আছি গ.সা ৯৪। ২ ক্ষত, ক্ষতস্থান, ঘা। "খত খরিআ সন ভেল সিনেহ বি.সা ২৫৩। ৩ আঘাত। "নখ খত রেহ বি.সা ১১৩। [খত খরিয়া সন—ক্ষতে লবণ সম।]

খত২ বি [আ খ.ত্—হস্তলিপি, পত্র] ১ ঋণগ্রহণার্থ স্বহস্তলিখিত প্রতিজ্ঞা-পত্র ; ঋণলেখ্য, তমসুক্। "°গ্রহীতা, °দাতা, °পত্র, ফার°, বন্ধকী°, সু°। খত দিতে যায়, যার খুদ নাহি খেতে শি ৭২। আছে খত নে পথে বোসে, কে রমণী সে, শ্যাম কি ধার কিছু তার।—রামবসু। ২ পত্র, চিঠি। "আমি এক খত হাজি মুস্তফাকে লিখিলাম·· মেদনটীন সাহেবকেও এক খত আলাহিদা লিখিলাম।—E.P. 120। ৩ প্রতিজ্ঞা-পত্র। "আপনে যমের রাজাএ লেখি দিল খত ম.গা ১৩। খিতি লেখি খত দেই খাতক হোয়ব জ.প ৫৫। খত পত্র লেখি দিয়ে তব বিদ্যমান। তব ভক্তের মোর দায় না হবে কখন॥—দু ৫৭। মানিনে ও সব খতপত্র দা ৬১৮। তোমাকেও একখানি খত লিখিয়া দিতে হইবে···যে, 'আর ইহাতে সুখ নাই' বলিয়া ইন্দ্রিয়পরিতৃপ্তি ছাড়িয়া দিবে না।—অ.শী ২১। —তী১ বিং খত দিয়া গৃহীত। [খতী কর্জ্জা—খত দিয়া গৃহীত ঋণ। খত দিয়া খাবা—খত দিয়া ঋণ করিয়া খাওয়া। "খত দিয়া খাবা খালি খাট কথা নয় শি ৭২।]

খতবা বি [আ খু.ত্.বহ্] বর্ত্তমান রাজার কল্যাণার্থ শুক্রবারে মসজিদে সাধারণের সমবেতভাবে প্রার্থনা। [খতবা পড়া—কল্যাণকামনায় স্তোত্রপাঠ করা।]

খতম্ বি [আ খ.তম্] সমাপ্তি ; শেষ। "যেমন ব'লে চ'লে এসেছি, তেমনি ব্যস্!—আজ থেকে খতম গি.দ্বি ১০৩। [খতম করা—শেষ করা। খতম হওয়া—শেষ হওয়া ; মরিয়া যাওয়া।]

খতান বি [খত২ > √খতা+অন ; হি খতিয়ানা] আয়-ব্যয়, ক্রয়-বিক্রয় ইত্যাদি প্রত্যেক বিষয়ের খাতায়-খাতায় দৈনিক হিসাব লেখা ; বিষয়মাত্রেরই ভাগে ভাগে হিসাব করা। [খতাইয়া, খতিয়ে দেখা —ভাগে ভাগে হিসাব করিয়া বুঝা।]

খতি, -তী২ বি [হি খত্তী ; খতি (ত্রিপুরা, যশোহর, চব্বিশপরগনা)] টাকা-কড়ি রাখার কাপড়ের বা চটের ছোট থলিয়া।

খতিয়ান, খ'তেন বি [হি খতিয়োনী, খতৌনী] ১ (জমিদারীতে) যে কাগজে প্রজার চিঠার দাগ, কত জমি, কিপ্রকার জমি, কত খাজনা ইত্যাদি বিশেষভাবে লিখিত থাকে ; প্রজার নামীয় জমি জমা ও খাজনা-উশুলবাকী প্রভৃতির পৃথক্ হিসাব। ২ (মহাজনীতে) যে কাগজে ক্রেতার বা বিক্রেতার দেনা-পাওনার হিসাব নামোল্লেখপূর্ব্বক পৃথক্ লিখিত হয় এবং যাহাতে জিনিশের আমদানী ও রপ্তানীর নামে নামে জমা খরচ থাকে (ledger-book)। [খতিয়ান করা—পূর্ব্বোক্তভাবে নামে নামে হিসাব করা। এক-ওয়াল খতিয়ান—প্রত্যেক প্রজার জমির দাগ কালি জমা জিনিশ প্রভৃতির নাম-ওয়ারি বিবরণের কাগজ। দাগবিলি খতিয়ান—প্রজার জমির দাগ পরিমাণ প্রভৃতির একত্র সংগৃহীত হিসাব।]

খতী১ ; খতী২ ; খত্তাল দ্র 'খত২ ; খতি ; খরতাল'।

খদি, -দ্দি বি [সং খদিকা ; হি খীল, লাবা ; ঠ লাহ্না ; 'দধি'র অনুকরণে 'খধি'] খই। "খদি দধি কলা কৃ.উ ৪। দধি খদি ম.বি ২১২। চিড়্যা খদি ক.চ ২৬। খদি কদলক চৈ.ম ৫৬। খদি দধি বা.দ ১৮১। দধি খধি ব.প ৬২৫ ; ৬৩৯।

খদিকা স্ত্রী [তু 'খাজিক (খাদ্য-ক ?)] (বহুব) লাজ, খই।

খদির পুং [√খদ্ হিংসা+ইর (কিরচ্)-র্ম, উ ১.৫৩। ছান্দস—"খদিরস্য সারম্ (ঋগ্বেদ ..৫৩.১৯)] ১ বৃক্ষবিশেষ, খয়ের গাছ (Acacia catechu)। "খদির কুসুম মালা শ্রী.কী ১৬৩। খদির কাঠের খোল ম.ভা ৫৭। ২ খদিরবৃক্ষের নির্য্যাস ; খয়ের (catechu)। ৩ [+ইর -ক] ইন্দ্র। ৪ চন্দ্র। —রিকা স্ত্রী ১ (খদিরবৎ নির্য্যাস হেতু) লাক্ষা। ২ লজ্জাবতী লতা। [°রস, °সার (পুং)—খদিরের নির্য্যাস ; খয়ের। "বিনা খদিরসারেণ হারেণ হরিণীদৃশাম্। নাধরে ধ্রিয়তে রাগো নাম্বুরাগঃ পয়োধরে (সু.র)॥]

খদ্দর বি [দেশী (?)] চরকা-কাটা সূতার মোটা দেশী বস্ত্র।

খদ্দের বি [ফা খ.রীদার্ ; বা খরিদদার] ক্রেতা। "চুলের গার্ডচেনেরও অসঙ্গত খদ্দের হু ২৮৫।

খদ্যোৎ বি [সং খদ্যোত, (উচ্চারণসাম্যে) ত > ৎ ; তু 'বিদ্যুৎ' ; অপ্র] জোনাকি পোকা। "খদ্যোৎ উদয়ে যদি সূর্য্য হয় পাত ব.প ৫৩০। পূর্ণচন্দ্র প্রকাশে খদ্যোৎ যায় দূরে শ্রী ৪ ; ১৭৪। দুটো নেত্র সদা যেন, নিশার খদ্যোৎ হেন চ.কা ৯৪।

খদ্যোত পুং [খে দ্যোত (দ্যুতিকব) স.ত (অ.টী) ; বৈদিক] ১ জ্যোতি-রিঙ্গণ, জোনাকি পোকা। "গো.রা ৬.১৯.২৮। মহা ৬.৬৪.১৩। উ.মে ২০। খদ্যোত-উদয়ে যদি চন্দ্র হয় পাত কৃ ২৫০। খদ্যোতে হরিয়া লবে দ্যুতি চন্দ্রমার প.তৃ ৭৭। ২ [খ+ √দ্যোতি+অ (অণ্)-ক ; উ.ত] যে আকাশ দ্যোতিত করে ; সূর্য্য। —দ্যোতক, -দ্যোতন পুং [ষ.ত] 'আকাশের দীপ্তিকর' ; সূর্য্য। —দ্যোতিকা বি ['°তক'—মূল] খদ্যোত। "নিশির ভূষণ, খদ্যোতিকা তারা ব ১৬২। খদ্যোতিকা মে ২৮।

খধূপ পুং আকাশের ধূপতুল্য ; অগ্নিক্রিয়াবিশেষ, হাউইবাজি। "মুমুচুঃ খধূপান্ ভট্টি ৩.৫।

খন্ সক [ভ্বা, এ—খনতি, -তে, সেট্] বিদার, খনন। "তুষিতো জাহ্নবী-তীরে কূপং খনতি দুর্ম্মতিঃ (ক.ক)। অধঃ—অধঃখনন। উদ্—উৎখনন, উৎপাটন। নি—নিখনন, নিখাত। "রঘু ৪.৩৬।

খন সর্ম [সং √খন্ > প্রা √খণ > বা √খন ; হি √খন ; ঠ, গু √খণ] বিদীর্ণ করা ; খোঁড়া। "খুরে খনে ক্ষিতি দু ৮৬। খন এই স্থান : খনে সর্ব্ব জন গ ৮৩। খন্দক খনিতে বি.সু ১০৩,-৪।

খনক বিণ [√খন্+অক (বুন্)-ক ; স্ত্রী -নিকা] বিদারক, খননকর্ত্তা। —ক পুং [+অক (ণুল্) 'শিল্পী' অর্থে ; স্ত্রী -কী] ১ 'খনন-শিল্পী', সন্ধিচোর, সিঁধেল চোর। ২ সুরঙ্গ দ্বারা গুপ্তমার্গকর্ত্তা (নীলকণ্ঠ) ; সুরঙ্গকারক। "মহা ১.১৪৭.১ ; ১৫ ; ৩.১৫.৫। ম ১৪৯। ৩ কূপবাপী-নির্মাতা। "রা ১.১৩.৭। ৪ খননদক্ষ। "রা ২.৮০.১। ৫ মূষিক। ৬ ভূমিবিত্তজ্ঞ, অর্থাৎ স্বর্ণাদির উৎপত্তিস্থানজ্ঞ। ৭ আকর (ত.বা)।

খনকাল বি ['খনকার' (খনখন-শব্দকারক)—মূল ?] বাদ্যবিশেষ, কাঁসি (?)। "শ্রী.মা ৬৫ ; ৬৬।

খনখন বি [ধ্বন্যাত্মক] ১ কঠিন ভূমিতে ধাতুর দ্রব্য থালা প্রভৃতির পতনশব্দ। ২ খঞ্জনীর শব্দ। "(বাজে) খনখন খঞ্জরি শ্রী.মা ১২৭ ৩ কর্কশ তীব্র স্বর। ৪ কাঁসির বাদ্য। "গলাখানি যেন কাঁসি খনখন কচ্চে হু ৬৭। [°ঝনঝন—১ সর্ব 'খনখন (১)। ২ কঠোরকণ্ঠে সতত ঝগড়াঝাঁটি বা কচকচি। "খনখন-ঝনঝনে, আসে লক্ষ্মী বাস বান্ধে নাই ভ.চ ১০৫। খনখ'নে—কর্কশ, কঠোর (কণ্ঠ)।]

খনতি, -তী বি [সং খনয়িত্রী ; ঠ খণতী—খনন ; অপ্র] খননাস্ত্র-বিশেষ, খোন্‌তা। "হাতেতে খনতী বাড়ী কৃ.উ ১৭৭ ; মারে খনতির বাড়ি: হস্তেতে খনতি ১৭৮।

খনন ক্লী [√খন্+অন (ল্যুট্) -ভা] অবদারণ, বিদারণ, খোঁড়া। "কূপ° রঘু ৮.২৫, মল্লিনাথ। —নয়িত্রী স্ত্রী [√খনি+তৃ (তৃচ্)-ণ +স্ত্রী ঈ (ঙীপ্), নিপাতিত] অস্ত্রবিশেষ, খুনতী।

খনা[১] বি [জ্যোতিঃশাস্ত্রে নিপুণা ভারতীয় বিদুষীবিশেষ। [প্রসিদ্ধি আছে যে, ইনি নবরত্নের একতম বরাহমিহিরের পত্নী। ইঁহার সরল বাঙলায় রচিত জ্যোতিষ কৃষি ও বিবিধ সাংসারিক বিষয়ে প্রবচন বিখ্যাত। বোধ হয়, 'খনা', শব্দের মূল তিব্বতী 'মৃখন' (উচ্চারণ 'খন্') অর্থাৎ 'জ্ঞানী'। 'খনার বচন' বলিলে 'জ্ঞানীর বাক্য' বুঝায়। 'ডাক' ও 'ডাকের বচন'ও এইরূপ।] "কার্ত্তিকের উন জলে। দুনো ধান খনা বলে॥ [খনার বচন—জ্যোতিষাদিবিষয়ক পদ্যে খনা-রচিত উপদেশবাক্য।]

খনা[২] বি [√খন+আ৬ ; অপ্র] খনন, খোঁড়া। "চারি বর্ণ লাগিল খনার কারবার ম.গা ২২ [খনার কারবার—খনন-কার্য্য।]

খনি, -নী স্ত্রী [√খন্+ই-র্ম, উ ৪.১৩৯ ; স্ত্রী বিকল্পে ঈ (ঙীষ্) ; ফা কান্ ; হি খান, -নি ; ঠ খাণ ; গু খাণ, -নী ; মৈ খানি] ১ যাহা রত্নাদি-লাভার্থ খাত হয় (অ টী) ; আকর। "খনিভিঃ সুষুবে রত্নম্ রঘু ১৭.৬৬ ; ১৮.২২। খনির তিমির গর্ভে মে ১১২। ২ আধারমাত্র। "যোষিদ্ অঙ্গলক্ষণসৎখনী (কাশীখণ্ড)। ৩ খাত, গর্ত্ত। ৪ [+ই-ভা] খনন। ৫ (বাঙলায়) উৎপত্তিস্থান। "এ তিন আখর, কেবল দুখের খনি ব ১৪৯। [°জ (বিং)—খনিজাত।]

খনিত বিং [সং খাত ; তু 'জনিত'] কৃতখনন, খাত। "ধনুর টঙ্কার ঘাতে, মেদিনী খনিল তাতে, হৈল সেই খনিত সাগর গ ৮৪।

খনিতা (-তৃ) বিণ [√খন্+তৃ (তৃচ্)-ক -১ব ; স্ত্রী -ত্রী ; ছান্দস] খননকারক, খনক। "কূপস্য খনিতা হি ২.৪৫।

খনিত্র ক্লী [খন্+ইত্র-ণ ; ছান্দস] খননসাধন অস্ত্রবিশেষ ; খন্‌তা। "খনমানঃ খনিত্রৈঃ।—ঋগ্বেদ ১.১৭৯.৬। রা ২.৩১.২৫। মনু ২.২১৮। হি ১২৬৩।

খনিল বি [√খন্+ইল২ ; অপ্র] কৃতখনন, খাত। "পাচনী খনিল কুণ্ড দেখ বিদ্যমান চৈ.ম ১৮১।

খন্তা, খোন্তা বি [সং খনিত্র ; হি খংতা ; খুনতি (ত্রিপুরা)] খননাস্ত্র-বিশেষ, খোন্তা। "বামদিকে কাচস্তি পরশুর তিধার খন্তা শূ ৯২। খন্তা ক্ষুরধার ক.চ ৭২। আমার অনেক কথা কাগজে লেখবার নয়, লোহার খন্তা দিয়ে দেশের বুক চিরে চিরে লেখবার য ১৫৬। —ন্তি,-ন্তী বি [°ন্ত +ই হ্রস্বার্থে ; হি খংতী ; অস খন্তি] ১ ছোট খন্তা। ২ ছোট খন্তার মত হাতোল-দেওয়া চওড়া-মুখ রন্ধনকার্য্যের উপযোগী লোহার দ্রব্য-বিশেষ ; খুন্তি।

খন্তিক, -কা বি [খন্তি+ক১১] খন্তা। "খন্তিক পুতিয়া, মুকুতা ঝুলায়া, কহয়ে গাহকী আগে চ.দা ৩৬। খন্তিকা। চ.সা ৪০।

খন্দ[১] বি [আ খন্‌দক্ ; হি, ঠ খংদক ; মৈ খংধক ; অপ্র] বড় গর্ত্ত। দ্র 'খানা'। "পইল খেতু খন্দর ভিতর গো.চ ১০১।

খন্দ[২]**,খন্ধ** বি [অস খন্দ—শস্যসম্বন্ধে একবৎসর ; 'খন্দ'১—মূল (?)] শস্য, ফসল ; মটর মুগ প্রভৃতি শীতের শস্য ; রবিশস্য। "রবি°, হরিত°। ক্ষেতে হলে খন্দ সে বেচে লয় সব শ্রী.মা ১৩। খাওয়াও পরের খন্দ ব.প ১০৯৭। ক্ষেতে দেখে খন্দ শি ৬৮। খন্দে নাহি নিব বাড়ি ক.চ ৮৪ ; যখন পাকিবে খন্দ ৮৫। সসা নামে খন্দ চৈ.ম ১৭০। খন্ধ নঠ করে শ্রী.কী ১৪২। [খন্দপুজা—খন্দের অধিষ্ঠাত্রী দেবতার পুজা। খন্দমাল —শস্য-পণ্য ; মটর মুগ প্রভৃতি পণ্যদ্রব্য। "খন্দ মালের আড়ত হু ২৫]

খন্দক বি [দ্র 'খন্দ'১ ; অপ্র] ১ বড় গর্ত্ত ; খাই। "খন্দক খুড়িল গো.চ ৪১৬। পগার খন্দক খানা ক.চ ১১৬। ২ সুড়ঙ্গ। "খন্দক খনিতে করে কোটাল হুকুম বি.সু ১০৩ ; খন্দক খনে ১০৪,-১০।

খন্দকার দ্র 'খোনকার'।

খপ দ্র 'ক্ষপ'২।

খপ্,খোয়াব বি [ফা খ.রাব্ ; খপ (গ্রাম্য) ; তু 'সং স্বাপ'] নিদ্রা, স্বপ্ন। "আয় বাঁদি তুই বেগম হবি খোয়াব দেখেছি।] [খোয়াব দেখা (খপে দেখা—গ্রাম্য)—স্বপ্নে দেখা।]

খপখপানি বি [খপখপ+আনি৩] ১ খপখপ-ভাব, অতিক্ষিপ্রভাব, উদ্বেগ হেতু হৃৎপিণ্ডে রক্তপ্রবাহের ক্ষিপ্রতা ; ধড়াশ্-ধড়াশ্-ভাব। ২ কোন কার্য্য হেতু মনের ধুক-ধুকানি বা খুঁতখুঁতানি। "শাস্ত্রে নিষিদ্ধও নহে, অনাচারও নহে, অথচ কার্য্যটা করিবার সময় হইতেই তোমার মনে কেমন একটা খপখপানি হইতে লাগিল (অক্ষয়কুমার সরকার)।

খপর বি [খবর > °র] ১ বার্ত্তা, সংবাদ, জনরব। "ক্রমে সহরের বড় দলে খপর (পাঠান্তর 'খবর') হলো যে, কল্‌কেতার হ্যাচরাল হিষ্ট্রীর দলে একটি নম্বর বাড়লো হু ১৪৫। ২ মঙ্গলামঙ্গলের বা অবস্থার সন্ধান বা তত্ত্ব ; বেওরা। "খপর—খীন পরাণ জ.প ৫৬। তোর বাপের খপর, কাপড় চোপড়, পরার বেওরা রাখি দা ৫৫০। [খপরদার, -রী—দ্র 'খবর'১।]

খপাকর '-র্' বি [সং ক্ষপাকর, দ্র 'খ'২ ; অপ্র] চন্দ্র। "খীন খপাকর জ.প ৫৫।

খপাৎ অব্য ['খপ-ইতি' মূল] ক্ষিপ্রত্বের ভাব ; ঝড়াৎ। [খপাৎ ক'রে (খপাক্ ক'রে)—খপ ক'রে, অর্থাৎ ক্ষিপ্রভাবে।]

খপুর বিণ [খ+পৃ পুরণ+অ (ক)-ক ; উ.ত] অলস। —পুর পুং ১ যাহা উচ্চতায় আকাশ পূর্ণ করে ; গুবাক, সুপারি-গাছ। ২ ভদ্র-মুস্তক। ৩ ব্যালনখ-গন্ধদ্রব্য। —পুর ক্লী [উ.লো] ১ খস্থিত পুর ; আকাশোদিত নগর ; গন্ধর্ব্বনগর। ২ খচরপুর ; কালকেয়পুর। "মহা ৩.১৭৩.১২। ৩ হরিশ্চন্দ্রপুর (ত্রিকাণ্ডশেষ)। ৪ ঘট, কলস। "খপুরে পুন রাখয়ে, বাসিত বারি সমীপ জ্ঞা ১৯৯। ৫ গুবাকফল, সুপারি। "খপুর কপুরিত, খদির তাম্বু জ.প ৫৫। খপুর কপুর, সহিত লোহিত, দশন বসন সাজ ব ৬৪। বাসিত খপুর, কর্পুর পুন বাসই, ভৈগেল মদন-জয়াতি গো ১৮৬।

খপুষ্প ক্লী [ষ.ত] আকাশের, অর্থাৎ আকাশজাত পুষ্প ; আকাশ-কুসুম ; (সাদৃশ্যে) অলীক বস্তু ; অসম্ভব বিষয় ; অপ্রাকৃত দ্রব্যমাত্র। "এষ বন্ধ্যাসুতো যাতি খপুষ্পকৃতশেখরঃ (সু.র)।

খপ্‌পর বি [সং খর্পর (ধূর্ত্ত) >প্রা খপ্পর] ১ ধূর্ত্ততা, চাতুরী, চালাকী। "সাহেবের খপ্পরে পড়লে ছাড়ানো ভার।—নী ৫০। ২ [সং কর্পর >প্রা খপ্পর] কালিকার রুধিরপানার্থ শরাব বা শরা (গ্রাম্য)। [খপ্পরের শরা—অর্থাৎ কর্পর।]

খবর বি [আ খ.বর্] ১ বার্ত্তা, সংবাদ, বৃত্তান্ত। ২ মঙ্গলামঙ্গলের বা অবস্থার বিষয়ে অনুসন্ধান বা তত্ত্ব। ৩ তত্ত্বাবধান, তত্ত্ব-তাবাস, দেখা-শুনা। ৪ মনের ভাব ; অন্তরের কথা। "ব্রহ্মঠাকুরাণী স্পষ্ট জিজ্ঞাসাবাদ আরম্ভ করিলেন। কিছুই খবর পাইলেন না ব.প্র ৪০২। ৫ অনুসন্ধান। "গাঁজার খবর ষোল আনা জা ৪১। [খবর রাখা—সংবাদ বা সন্ধান রাখা। খবর লওয়া—সংবাদ লওয়া ; তত্ত্বাবধান করা ; তত্ত্ব করা। খবর হওয়া—অনুসন্ধান হওয়া ; সাড় জাগা। খবরাখবর—ভালমন্দ সংবাদ ; কোন বিষয়ে তত্ত্বাবধান। খবরের কাগজ—সংবাদপত্র।]

খবরদার বিং [আ খ.বর্‌দার্] ১ সাবধান, সতর্ক, অবহিত। "হুঁসিয়ার খবরদার পহরী পহরা ভা.চ ৩৮৬। ২ সাবধান ! (শাসনবাক্য)। "হো হুঁসিয়ার, খবরদার খবরদার।—রঙ্গ ৯। আমি বলি, 'দাঁড়া খবরদার !' —শিশু ৪৩। খবরদার কেউ নোড়ো চোড়ো না কো।—কা ১৩১। ৩ যে খবর রাখে ; তত্ত্বজ্ঞ, অভিজ্ঞ। "দক্ষিণ অঞ্চলের বাবুরা··· আদালতে গমন করিয়া আদালতের রীতিজ্ঞ অর্থাৎ আইন খবরদার হয়েন ব.প ১৭৩৯। —দারি,-দারী বি [আ খ.বর্‌দারী] ১ সাবধানতা, সতর্কতা। "পিকদানিতে টাকা রাখিয়া বাক্সের ভিতর ছেপ না ফেলি, তাহার খবরদারি করিবে ব.প্র ২২৩। ২ তত্ত্বাবধান, দেখাশুনা। "বহ অন্দরকা খবরদারিকে লিয়ে আতা যাতা হৈ ব.প্র ৪৭৮। সেখানে ছেলেকে লইয়া তাহার খবরদারি করিতে আমার ভালো লাগিত না গ.স ৬১।

খবিচারী (-রিন্) বিণ [খ+বি-√চর্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] আকাশে বিচরণশীল, খচর। "ভট্টি ৫.১৩।

খবি(বী)শ,-স বি [আ খ.বীস্] মুসলমানের অপদেবতাবিশেষ বা ভূত-বিশেষ। "অরে রে খবিস্ তোরে ডাকে ব্রহ্মদূত ভা.চ ৪৯৫ ; খবিস পাইল ৪৯৭ ; (এ ভূত) খবিসের খবিস, যমের যমদূত ভা.চ ৪৯৮ ; এ কভু খবিস নহে হিন্দুর এ ভূত ৪৯৯।

খম সর্ম্ম [সং √ক্ষম্ >লি, প্রা √খম ; হি √ক্ষম ; ঠ √খম (অর্ম্ম); গু √খম (সর্ম্ম) ; অপ্র] ক্ষমা করা ; সহা। "যত দোষ খমিল তোমার অ.প ৫৮। [খমহু—ক্ষমা কর (দো)।]

খমক বি [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "খমক ঠমক বাজে কৃ ২৫৬। খমক ডমরু করে ক.চ ২ ; ২৯১। শ্রী ১০৪ ; ১৫৫। খমক খঞ্জরি জ.প ৫৬। খমক বীণা জ্ঞা ১৯৭।

খমা বি [সং ক্ষমা >লি, প্রা খমা ; হি খমা ; অপ্র] ক্ষমা, মার্জ্জনা। "অপরাধ খমা কর গো.চ ৬৬ ; ৯১ ; ৯২।

খম্ব, খাম্বা,-ম্ভা বি [সং স্তম্ভ >প্রা খংভ ; হি,.প খংভ ; -ভা ; ঠ খাংব ; গু খংভ ; মৈ খংভা, খম্হা ; ড় খংবা ; খম্ভা (চ)] স্তম্ভ, থাম, খুঁটি। "অঙ্গে লোমাবলী যেন খাম্ভের সমান কৃ.উ ৭৩ ; ঘর-খাম্ভা ৮৫। স্ফটিকমণির খাম্বা ভ.গ ৪৩৯। কনক খম্ব জ্ঞা ৫৭।

খয়রা[১] বি [?] ১ জাতিবিশেষ (?)। "শ্রী ১৩। ২ [খয়রা[৩]—মূল ?] খদিরবর্ণ (?) পক্ষিবিশেষ। "শ্রী.মা ৮৬। ৩ ['খর'—মূল (?) ; চাপলি (ঢাকা) ; গাঙচাপলে (যশোহর) ; ড় মাকুণ্ডি] খরগামী ইলীশ-জাতীয় ক্ষুদ্রমৎস্যবিশেষ (Chatoessus manminna)। ৪ ['খর' ছন্দোবিশেষ (পৈ)। 'খর'ছন্দে রচিত গানের তাল 'খরা >খয়রা' (?)] (সঙ্গীতে) তালবিশেষ।

খয়রা[২], **খরা**[১] বি [খরগোশ >খর >খরা, খয়রা (?) ; হি খরহা ; মৈ খরহা] শশক। "মধ্যে মধ্যে লবঙ্গকে শিশুবোধ হইতে 'ক'য়ে করাত, 'খ'য়ে খরা শিখাইতাম ব.প্র ২১১।

খয়রা[৩] বিং [সং খদির >প্রা খয়র ; °র+আ[১০]] খদিরবর্ণযুক্ত।

খয়রাত,-তী ; খ'য়ে খাড়ু ; খয়ের[১] **; খয়ের**[২] দ্র 'খইরাত ; খই ; খইর ; খএর[২]।

খর[১] বিণ [খ+√রা গ্রহণ+অ (ক)-(অ.টী) ; তু 'তা করম্—severity] ১ তীক্ষ্ণ, তিগ্মস্পর্শ, উষ্ণ। বিপ 'মধুর, মন্দ, মৃদু, রূক্ষ'। "পরুষঃ খরঃ (পশ্চিমো মারুতঃ)।—সুশ্রুত ১.২০.২৩। ২ তীক্ষ্ণ, নিশিত, ধারাল। "খর টাঙ্গি ক.চ ৫২। ৩ তীক্ষ্ণ, উগ্র। "(সঃ) ন খরো ন চ ভূয়সা মৃদুঃ রঘু ৮.৯। ৪ কর্কশ, শ্রুতিকটু, নীরস। "খরঃ খরস্বনঃ গো.রা ৩.২৮.৪২ ; ২৯.৯। ৫ নিষ্ঠুর, পরুষ, কটু, তীক্ষ্ণ। "খরতরং বচঃ রা ৩.২২.১। খর শীতল আর বুলিব বচনে শ্রী.কী ৩০ ; ২১৬। খর খর বচন ব'লে দা ৩৭৯। ৬ প্রবল, প্রচণ্ড, বেগবান্। "খরপবনবিলোলিত ক.ম ২.১৪। বহিল খর বাত ব প ৭০৩। বহে খর বাএ শ্রী.কী ১৬০। খরতর বহিল পবন।—ম ৫৭ ; ৬৯৩। গঙ্গা জাএ খরধারে।—গ ১৭৪। বহে খর সমীরণ ব.প্র ১৩২। ৭ প্রচণ্ড, দুঃসহ, দুর্দ্ধর্ষ। "খরে খরপরাক্রমে গো.রা ৩.৩০.১। ৮ কঠিন, দৃঢ়। বিপ 'দ্রব'। "খরবিশদমভ্যবহার্য্যম্ পা ৭.৩.৬৯, তত্ত্ববোধিনী। ৯ ঘোর, ভীষণ, অশুভসূচক। "খরং চাভিমুখা নেদুঃ খরাঃ।—গো.রা ৩.২৯.৯। খরবাচো মৃগদ্বিজাঃ মহা ৩.১৫৫.৫। ১০ প্রচণ্ড, প্রদীপ্ত। "ঘন কাঠি খর জ্বালে রান্ধিবে ভাল ঘণ্ট ক.চ ৩১ ; খর জ্বালে ৪৪ ; ২০৯। খর জ্বালে ধুয়া উঠে ব.প ২১১। বি.পা ১৬৬। ১১ উন্নত, তীক্ষ্ণ, সূক্ষ্মাগ্র। "খরণসঃ পা ৮.৪.৩, সি। ১২ উচ্চ, গম্ভীর। "খরস্বনঃ (মহারথঃ—রা)। ১৩ দুঃস্পর্শ, কর্কশ। "খরদণ্ডজলাশয় ভ ৪.৬.২৯। ১৪ দৃঢ়, শক্ত, কড়া। "ঘৃতে ভাজি খর করি রান্ধিবে ফুলবড়ি ক.চ ৩০। ১৫ (বাঙলায়) অধিক, অতিমাত্রাযুক্ত। "খর লোণ ক.চ ১৫৮। খর ঝালে বি.পা ১৬৮। ১৬ তেজাল, ঝাঁঝাল। "খর চূণ পেয়ে জোঁক পলায় সত্বরে বা.ম ১৮৩। ১৭ শীঘ্র, সত্বর। "খর-খর খুঁজিয়া খড়ের ভাঙ্গে ঘাড় শি ৮০। ১৮ প্রবল, স্রোতোযুক্ত। "খর বড় পাণী শ্রী.কী ১৪৬। —র পুং [খ+র অস্ত্যর্থে (অ.টী) ; ফা খ.র্ ; Av. khara ; Gypsy—kher ; 'খর'রব হেতু 'খর' ?] ১ যাহার অতিশয় মুখবিবর ; গর্দ্দভ। "রথেন খরযুক্তেন রা ২.৬৯.১৫ ; ৩.৪৯.১৯। °যান মনু ১১.২০২। খরধ্বনি ম ৩৪৫। ২ অশ্বতর। ৩ কঙ্কপক্ষী। ৪ কুরর পক্ষী। ৫ কাক। ৬ দৈত্যবিশেষ। "ভ ২.৭.৩৪। ৭ রাক্ষসবিশেষ। "রা ১.১.৪৭। রাবণাবরজঃ কশ্চিৎ খরঃ ৩.১১৬.১১। [খর রাকার গর্ভজাত রাবণের বৈমাত্রেয় অনুজ ভ্রাতা। পঞ্চবটীতে রামের সহিত যুদ্ধে ইহার মৃত্যু হয় (মহা ৩.২৭৩.৮)।] ৮ সূর্য্যানুচরবিশেষ। ৯ ঘর্ম্ম, তাপ, গরম। ১০ পশ্চিমদ্বার গৃহ। ১১ (জ্যোতিষে) বৎসর-বিশেষ। ১২ কণ্টকিবৃক্ষবিশেষ। —রা স্ত্রী দেবতাড়বৃক্ষ। —রী স্ত্রী গর্দ্দভী। [°গৃহ, °গেহ (ক্লী)—গাধার আস্তাবল ; খরশালা।]

খর[২], **খু(খো)য়ার** বি [ফা খ.রার (বিং) ; খ.রারী (বি) ; হি খুআর] কষ্ট, দুর্গতি, দুর্দ্দশা, অনাদর। "জননী জীবিত যার, এতেক খোয়ার তার বি.সু ৭৩। একটা ভাতার, তার এই খর ! জা ১২। [শতেক খর (স্ত্রীভাষায়)—অশেষ দুর্গতি, দুর্দ্দশার একশেষ। শতেকখরী, -খোয়ারী (স্ত্রীভাষায়)—অশেষদুর্দ্দশাপন্না নারী ; গালিবিশেষ। "শতেক-খোয়ারী ! কারও ভাল দেখতে পারেন না, শতেক খোয়ার হ'ক !]

খরকর পুং [বহুব্রী] ১ 'প্রখরকিরণ', সূর্য্য। "কিঙ্করে করুণা কর খরকর হে বা.দ ৩। ২ [কর্ম্মধা] প্রচণ্ড কিরণ।

খরখর[১] বিং [খর[৩]—মূল ; দ্বিত্ব] অতিদ্রুত, অতিশীঘ্র। "চরণ খরখর,

আদেশে ধরধর ক.চ ১৩৯। —খর ক্রি-বিং শীঘ্রশীঘ্র, লঘুলঘু (চলা, কাজ করা)। দ্র 'খর' (১৭)। [খরখর নুন—কিছু অতিরিক্ত বা একটু বেশী নুন। এইরূপ 'খরখর ঝাল'। খরখ'রে—১ দ্রুতগামী, লঘু-হস্ত, চটপটে (active)। ২ যে খর বলে; স্পষ্টবক্তা। ৩ [হি খরখরা] খরস্পর্শ, করক'রে। খরখ'রে বুদ্ধি—প্রখর বুদ্ধি। খরখ'রে ভাজা—বেশী ভাজা।]

খরখর২ '-র্-র্' বি [করকর > °র] ১ কর্কশদ্রব্যের স্পর্শজন্য বোধ; কাঁটা-কাঁটা-বোধ। "গোরুর জিবে হাত দিলে খরখর করে। ২ কাঁকর-বালির খর-বোধ। ৩ [ঠ খরখর] চক্ষুতে কাঁকর বালি পড়িলে তজ্জন্য খরস্পর্শ-বোধ।

খরগ বি [সং খড়্গ; হি খড়্গা; অস খরগ; বৈষ্ণবসাহিত্যে] খড়্গ। "খুরধার খরগ ব.প ১০৮৪। কঙ্কণ-খরগহি (প.ক)।

খরগোশ, -স [ফা খ.রগোশ্ (খ.র্—গর্দ্দভ; গোশ্—কর্ণ); হি °শ্; ঠ °স] শশক, খররা।

খরচ বি [ফা খ.র্চ্; হি, ঠ খরচ, খর্চ] ১ ব্যয়। "খরচ করিলে৹ দ্বিগুণ বাড়য়ে৹ উছলিয়ে বহি যায় চ.দা ১৫০। ২ নিয়মিতভাবে বা কোন কার্য্যে ব্যয়ের জন্য টাকা। "প্রতিমাসে পাঠাইবে প্রচুর খরচ শ্রী ২০৮। ৩ (আদালতে) মোকদ্দমা-প্রভৃতির ব্যয় (costs)। [খরচ-খরচা—নানা বাবদে ব্যয়। "নিজ আবাদে খরচখরচা বাদে খাজনা উঠান ভার হইল আ.দ্র ১৬২। খরচপত্র করা—খরচের হিসাবে দেওয়া; ব্যয় করা। খরচ চলা—ব্যয়নির্ব্বাহ হওয়া। খরচ-খাতে পড়া—খরচের হিসাবে যাওয়া। খরচান্ত—নিঃশেষে ব্যয়; প্রচুর ব্যয়। খরুচে, খরচে—যে অতিরিক্ত খরচ করে; অমিতব্যয়ী।]

খরচা, খর্চা বি [আ খ.রচহ্; হি খর্চা] ব্যয়, খরচ। "ছেলে-মেয়েদের দয়ার চর্চা৹ বেড়ে গেলে,...বাড়ে রে খরচা কা ১১৮।

খরচী বিং [খরচ+ঈ°; ঠ খর্চী—যাহা দৈনিক ব্যয়ার্থ; অস খরচী] ১ দৈনিক ব্যয়ের নিমিত্ত নির্দ্ধারিত (টাকা)। ২ জালবুনার জন্য প্রত্যহ যে সুতা লাগে, তাহা জড়াইয়া রাখার বাঁশের চটার সূচিবিশেষ (চব্বিশপরগনা)। [খরচীতে সুতা ভরা—দৈনিক খরচের সুতা খরচীতে জড়ান।]

খরজ বি [সং ষড়্জ (ষ>খ), দ্র 'খ'১; হি, ঠ খরজ] স্বরসপ্তকের প্রধান বা মূল স্বর 'সা'। দ্র 'ষড়্জ'। "খরজ-গৃহ-মধ্যে বিরাজে ধনী ব.প ১৬২৪,-২৫।

খরতর বিণ [খর+তর (তরপ্), দুইএর মধ্যে একাতিশয্যে] ১ তীক্ষ্ণ-তর, অতিতীক্ষ্ণ, অতিকঠোর। "খরতরং বচঃ রা ৩.২২.১। ২ অতি-প্রখর, বেগবান্। "খরতরা নদী কৃ ৩১৯। ৩ অতিপ্রচণ্ড। "উর গো দেবী খরতর-তেজা ম.ভা ৭৭। ৪ উগ্রস্বভাব, প্রচণ্ড। "রাজা বড় খরতর শ্রী.কী ৭১; ১২৫। ৫ অতিকটু, অতিকর্কশ। "সদাগর বলে খরতর ম.ম ৯৩। ৬ অতিকোপন। "দেবী খরতরা ম.ভা ৬৪। —রী বি (বাঙলায়) অতিকোপনা, প্রচণ্ডা (মনসা)। "বর দিয়া আসি গিয়া বলেন খরতরী ম.ভা ৭৮।

খরতাল বি [করতাল > °ল] সর্ব 'করতাল'। "হ ৬৬।

খরধার বিণ [খরা ধারা যাহার, বহুব্রী; স্ত্রী -রা] তীক্ষ্ণধার, ধারাল (শস্ত্র)। "সুব্রত ১.৮.৮।

খরপদ বি [কর্ম্মধা] দ্রুতপাদক্ষেপ, শীঘ্রগতি। "জয়ন্তী...খরপদে গঙ্গারামের নিকটে আসিয়া গঙ্গারামের বক্ষে...ত্রিশূলাগ্রভাগ স্থাপন করিল ব.প্র ৫০১।

খরপোড় বিং অতিরিক্ত-পোড়; ভাটায় অগ্নিতে অধিক দগ্ধ (হাঁড়ী, ইট প্রভৃতি)। —পোড় বি অতিরিক্ত পোড়। বিপ 'আমাপোড়'। "খরপোড়ের হাঁড়ী।

খরবাদ্য বি দ্রুত বাদ্যযন্ত্রবাদন; দ্রুত বাজান। "খরবাদ্যে সুপদ্যে নর্ত্তকী যেন ফিরে শি ৩২।

খরমুজ, -মুজা বি [ফা খ.রবজ.হ্; সং খর্ব্বুজ, ষড়্ভুজ] রেখাযুক্ত তরমুজের মত ছোট লতাফলবিশেষ (musk-melon)।

খরযান ক্লী [উ.লো] খরযুক্ত শকট; গাধার গাড়ী। "মনু ১০.২০২।

খরল বি [অপ্র] গরল। "মরোঁ খরল খাইআঁ শ্রী.কী ৩১৫।

খরশাণ, -শান৩, **-সান**১ বিং [হি খরসান—অতিতীক্ষ্ণ শান] ১ খর-শাণিত, তীক্ষ্ণ, ধারাল, চোখা। "বজ্র খরসান কৃ.উ ৮৪। খাণ্ডাখরশান কৃ ২৮৭; ৩৩৮। খাঁড়া খরশান চ.বি ২৭৮। বাণ খরশাণ ক.চ ৪৯; ২৬৫। অস্ত্র খরশাণে ম ৫৫২। খরসান কাতি চৈ.ভা ৩০৭। খরশান অস্ত্র ন.প ৩০৩। ২ সূক্ষ্মাগ্র, সূচ্যগ্র। "খরসান অঙ্কুশ কৃ.উ ৪২। ৩ তীক্ষ্ণ, খরখ'রে, চোখো। "বালি খরশান কৃ ২১২। খরসান বালী জ ৮৩। ৪ তীক্ষ্ণ। "ধার অতি খরসান শ্রী.মা ২০। ৫ [অপ্র] সূক্ষ্মাগ্র, সরুমোচ। বিপ 'ভোঁতা'। কলম খরশাণ ক.চ ৮৪। ৬ প্রচণ্ড, দুর্দ্ধর্ষ। "হইল ভাল্লুক-পুত্র তেজে খরসান কৃ.উ ১৩৯। ৭ উগ্র, রূক্ষপ্রকৃতি। "কুম্ভকর্ণ প্রসবিল অতি-খরসান কৃ.উ ২৭। ৮ প্রজ্বলিত। "লবণ বীর কোপে খরসান কৃ ১৮৭। ৯ প্রচণ্ড, প্রখর। "ভানু খরসান গো.বি ১৪৩। ১০ অতিতীব্র, দুঃসহ। "মাঘ মাসেতে গুরু হিম খরশান গো.বি ১৪৩।

খরশান১, **-সান**২ বিং ['খরস্বান'—মূল; সং স্বান>প্রা* সাণ; অপ্র] মহাশব্দকারী, মহারাব। "বরুণের পুত্রের হাথি ঘোড়া খরসান কৃ.উ ৮৪। —শান, -সান ক্রি-বিং ১ মহাশব্দে, মহারবে। "শিঙ্গা বাজে অতিখরসান কৃ ২৯। রায়বাঁশ্যা ধায় খরশান ক.চ ২৬৫। ২ মহাশব্দে, অর্থাৎ প্রবল বেগে। "বায়ু বহে খরশান ম ৯২৫। ঝড় বহে খরশান বা.ম ২২৩। ৩ মহাশব্দে, অর্থাৎ প্রবল প্রবাহে, খরস্রোতে। "নদী বহে খরশান কৃ ১৬৫। ষোল ধার জল বহে সমুদ্র খরশান ম.ম ২২৫। [ধৃত পাঠ 'খরশাণ'] ৪ প্রবল ধারায়, অর্থাৎ সুধারে। "সুরভি দেখিল তথা লক্ষ্মীর সমান। সদাই আপনি ক্ষীর খরে খরশান॥—কৃ.উ ৮৩। —সানি বি [°সান+ই১১; অপ্র] মহাহ্রেষা। "সরগ মরত পাতাল ঘোড়ার খরসানি শূ ৯২। [খরসানে—প্রবল প্রবাহে। "নদী বহে খর-সানে কৃ.উ ১৪৩।]

খরশান২, **খর্সান** বিং ['খরশান'—মূল] অতিতীক্ষ্ণ, ঝাঁঝাল; শুকনা, অর্থাৎ যাহা গুড়-মাখা নয় (তামাক)। "খর্সান তামাক সেজে খায় জা ২। [খরশান তামাক—যে তামাক গুড় দিয়া মাখা নয়, সুতরাং ঝাঁঝাল ও শুকনা তামাক; আলো তামাক।]

খরশান৩ দ্র 'খরশাণ'।

খরশাল ক্লী,**-শালা** স্ত্রী [খরের শালা, ষ.ত, বিকল্পে ক্লীবলিঙ্গ] গর্দ্দভগৃহ, গাধার আস্তাবল।

খরশুলা, -সুল, -সুলা, খশুল, খরুল বি ['খরশফর'—মূল (?)] ভাঙনজাতীয় দ্রুতগামী ক্ষুদ্র মৎস্যবিশেষ। "খরসুলা ক.চ ১৫৬। খরসুল মাছ ম.ম ৯৫। খরুল মীন ম.পা ৮৮। খশুল বা.ম ১৪৯। খরশুলা ভা.চ ১২৬।

খরসা বি টেকো-ঘোরার পুটাকার পাত্রবিশেষ (চব্বিশপরগনা)। [মৃৎপিণ্ডে পুটাকার শামুকের ভাঙ্গা খোল বসাইয়া 'খরসা' প্রস্তুত হয়। টেকো ঘোরার সময়ে 'খরখর' শব্দ হেতু 'খরসা' (খরস্বান) নাম, বোধ হয়।]

খরসান১ দ্র 'খরশাণ'।

খরসান২ দ্র 'খরশান'১।

খরসুল, -লা দ্র 'খরশুলা'।

খরা১ দ্র 'খয়রা'১।

খরা২ বি [সং খর; প্রা খরা—"পরণ বহ খরা (পৈ ২.১৩৯), হি খরস

—গ্রীষ্ম ঋতু ; অস খর—অনাবৃষ্টি ; খরা (ত্রিপুরা)—গরম] ১ রৌদ্র। "বসন্তের খরা ক.চ ৬৮ ; চইতের খরা ৬৯ ; ১৪৯ ; ২২৮ ; বিভা করি নয় দিন না লইবে খরা ২৮৭। দুই পাখা মেলিয়া পোহায় তথা খরা কৃ ১৮৮। চ.বি ২৩। খরা পোহায় ব.প ৪৯৩। ভাদ্রের খরা ১১০৩। জ্যৈষ্ঠে খরা, আষাঢ়ে ধারা। শস্যের ভার না সহে ধরা॥—খনা। ২ অনাবৃষ্টি, শুখা। বিপ 'ঝরা'। "পাঁচ রবি মাসে পায়। ঝরা কিম্বা খরায় যায়॥ পশ্চিমে ধনু নিত্য খরা। পূর্ব্বে ধনু বর্ষে ঝরা॥—খনা। ৩ আতপ, কিরণ। "রবির খরা রা.শে ৩৭। [খরা পোহান বা লওয়া —রোদ পোহান।]

খরা[৩] অর্ম্ম [খর > √খরা ; অস √খর্—অত্যন্ত শুষ্ক হওয়া] ১ আতপে অধিক শুষ্ক হওয়া ; অধিক ভাজা বা প্রায় দগ্ধ হওয়া (কলাই, ডাল)। ২ ভাঁটায় অধিক পোড় হওয়া ; খরপোড় হওয়া (হাঁড়ী, ইট ইত্যাদি)। [খরাইয়া ফেলা—অতিভৃষ্ট করা। খরাইয়া বা (খরিয়ে) যাওয়া—১ অধিক ভাজা হওয়া। ২ আতপে অধিক শুখান (ধান) ; অতিশুষ্ক হওয়া।]

খরাচোরা বি [সং আতপলঙ্ঘন ; অপ্র] আতপরূপ চোর, অর্থাৎ জ্ঞানহারক ব্যাধি ; শরদি-গরমি। "মূর্চ্ছায় মরিল বোন পায়্যা খরাচোরা ক.চ ১৪৯।

খরাপে বিং [খরাপ+এ[৮]] যে মন্দ করে ; দুর্বৃত্ত, সর্ব্বনেশে। "আই-উই খরাপে পাছে আসে অন্তঃপুরে শ্রী ৭৯।

খরিদ বি [ফা খ.রীদ্ ; হি, ঠ, গু খরীদ ; অস খরিদ] ক্রয়, কেনা। "সস্তা খরিদের অবিরত চেষ্টাকে মনুষ্যত্ব বলে ব.প্র ৬১২।

খরিদদার, খরিদার, -দ্দার বি [ফা খ.রীদ্আর্ ; হি খরীদার ; ঠ খরীদদার ; অস খরিদার] যে খরিদ করে ; ক্রেতা। "খরিদার নাহি (চিজ)…আছে ঢের বি.সু ১৯। দোকানদার-খরিদদারে কেবল যুদ্ধ, কে কাকে ফাঁকি দিতে পারে : কাদা ছেচে চাঁদা এনেছি—দেখে খরিদদার পাগল হয়।—ব.প্র ৬১২। [ধৃতপাঠ—'খরিদ্দার']। —দারী বি [ফা খ.রীদ্আরী] খরিদদারের কার্য্য ; ক্রয়, কেনা।

খরিদা বিং [ফা খ.রীদহ্ ; হি, ঠ খরিদ ; অস খরিদা] ক্রীত, কেনা। "খরিদা বয়ারটি য ৮। খরিদা ব্রহ্মত্তর ; নীলাম খরিদা জমি।

খরিশ, খরুল দ্র 'খড়িশ, খরগুলা'।

খর্গ বি [খরগ>খর্গ ; অপ্র] ১ খড়্গ, খাঁড়া। "চ.বি ৮৫। ২ গণ্ডারের শৃঙ্গ। "গণ্ডার খর্গ ম.পা ৪৪।

খর্জ্জ্ সক [ভ্বা, প—খর্জ্জতি ; সেট্] ১ পূজন। ২ কণ্ডূয়ন।

খর্জ্জন ক্লী [√খর্জ্জ্+অন (ল্যুট্)-ভা] কণ্ডূয়ন, চুলকান।

খর্জ্জু স্ত্রী [√খর্জ্জ্+উ (উন্) ; খাউজ (ঢাকা)] ১ কণ্ডূয়ন, চুলকান। ২ কীটবিশেষ। ৩ কণ্ডুরোগ, চুলকানি। ৪ খর্জ্জূরী বৃক্ষ। —খর্জ্জূ স্ত্রী [+উ (কৃ)] সর্ব 'খর্জ্জু (২ ; ৩)।

খর্জ্জূর পুং [√খর্জ্জ্+উর-ক, উ ৪.৯০ ; তা 'কচুর্রম্'] ১ খর্জ্জূরবৃক্ষ, খেজুর গাছ। "খর্জ্জূর, কুম্ভীরনিভ ভীষণ-মূরতি মা ১২৭। ২ বৃশ্চিক। —র ক্লী ১ খর্জ্জূরফল, খেজুর। ২ খল, খামার। ৩ রৌপ্য। ৪ হরিতাল। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ খর্জ্জূরবৃক্ষ। "°স্কন্ধনদ্ধ রঘু ৪.৫৭। ২ বনখর্জ্জূর।

খর্প(র্ব্ব)চ্ছন্দ বি [খর্ব্ব >খর্প ; খর্ব্ব (ক্ষিপ্র) ?—তু 'বহে খর্ব্ব বায়ু (অসমীয়া সাহিত্যের চানেকি)] খর্ব্বচ্ছন্দ, পয়ার। বিপ 'দীর্ঘচ্ছন্দ'। "মী ৬ ; ১৩ ; ১৮। খর্ব্বচ্ছন্দ ম.গা ২৪। চৈ.ম ২৭। ['খর্ব্বচ্ছন্দ' পয়ার ; 'দীর্ঘচ্ছন্দ' নাচাড়ি বা দীর্ঘত্রিপদী (মী ১২, ১৭ ; ম.গা ২৫) ; 'মধ্যচ্ছন্দ' লঘুত্রিপদী (চৈ.ম ৪৩)। দীর্ঘচ্ছন্দের প্রথমার্দ্ধে তিন চরণে ছাব্বিশ অক্ষর (৮+৮+১০) এবং দ্বিতীয়ার্দ্ধেও ছাব্বিশ অক্ষর ; সর্ব্বসুদ্ধ বায়ান্ন অক্ষর। খর্ব্বচ্ছন্দের চার চরণের প্রথম ও তৃতীয়ে আট-আট অক্ষর এবং দ্বিতীয় ও চতুর্থে ছয়-ছয় অক্ষর ; সর্ব্বসুদ্ধ আটাশ অক্ষর। অতএব, ইহা খর্ব্ব বা ক্ষিপ্রচ্ছন্দ, দীর্ঘচ্ছন্দ অপেক্ষাকৃত ধীরগতি। দীর্ঘচ্ছন্দের ন্যায় 'মধ্যচ্ছন্দে' প্রথমার্দ্ধে তিন চরণে কুড়ি (৬+৬+৮) এবং দ্বিতীয়ার্দ্ধেও কুড়ি অক্ষর। ইহা খর্ব্বচ্ছন্দ অপেক্ষা ধীরগতি এবং দীর্ঘচ্ছন্দ অপেক্ষা ঈষৎ দ্রুত, সুতরাং মধ্যচ্ছন্দ।]

খর্পর পুং [কর্পর >°র পৃষো, (ক >খ) ; তু 'সং কর্পর >প্রা খপ্পর (হে ১.১৮১)] ১ কপাল। "পর্ব্বত কন্দরা, সদৃশ খর্পরা ম ৬৫০ ; ১২৬০। কালীর খর্পরে শ্রী.মা ১০৯। °ধারিণি ভা.চ ৫৮ ; ৪২৯। হেম ৯৭। ২ (সাদৃশ্যে) ভিক্ষাপাত্র। ৩ আচ্ছাদক বস্তুবিশেষ ; খাপরা, খোলা। "ছদিঃ খর্পরসম্ভবা শু ১.২৩৬। ৪ ভগ্নমৃৎপাত্রখণ্ড, খোলাকুচি। ৫ ছত্র। ৬ ধূর্ত্ত। ৭ তস্কর, চোর। —র ক্লী, —রী স্ত্রী উপধাতুবিশেষ, তুত্থাঞ্জন, তুতে।

খর্পাম্বর বি [অপ্র] খর্ব্ব-অম্বর, ছোট বা খাট কাপড় ; গামছা। তু 'খর্পচ্ছন্দ'। "বন দিয়া ফুল্লরারে করাইল স্নান। একখানি খর্পাম্বর কৈল পরিধান॥—ম.পা ৩৮ ; খর্পাম্বরে দেহের সলিল ত্যাগ করি। পট্টবস্ত্র পরিধান করিল সুন্দরী॥—১৭৩।

খর্ব্ব্ অক [ভ্বা.প—খর্ব্বতি ; সেট্] ১ গতি। ২ দর্প।

খর্ব্ব বিণ [খর্ব্ব্+অ (অচ্)-ক ; ছান্দস] ১ যাহা পুরুষপ্রমাণ হইতে ন্যূনতা প্রাপ্ত হয় (অ.টী) ; হ্রস্ব, বামন, নীচ, বেঁটে। "দেখিতে খর্ব্বাকৃতি ব.দ্বি ২৭ ; ব.প্র ১৪১। ২ বিকৃত, বিকল। ৩ [বাঙলায় ; অপ্র] ছোট, খাট। "খর্ব্ব জীর্ণাম্বর ম.পা ৭৭। —র্ব্ব পুং, ক্লী ১ সংখ্যাবিশেষ, সহস্র মহাপদ্ম (গো.রা ৬.৪.৫৯), সহস্রকোটি (অ.চি ; লীলাবতী) ; শতকোটি মহার্ব্বুদ (কৃ ২৩৯)। ২ কুবেরের নিধিবিশেষ। ৩ (বাঙলায়) বিত্ত, ধন। "বিপ্র সর্ব্ব, দেখি খর্ব্ব, ভোজ্য বস্ত্র সারিছে ভা.চ ৪৪। —র্ব্ব পুং হ্রস্ব, বামন, বেঁটে মানুষ। "খর্ব্ব যেন চাঁদ ধরিবারে মেলে বাহে চৈ.ম ৩১। [°শাখ (বিণ)—বামন।]

খর্ব্বট পুং, ক্লী [√খর্ব্ব্+অট (অটন্)-ক] ১ চারিশত গ্রামের মধ্যস্থল। ২ পর্ব্বতপ্রান্তগ্রাম। "ভ ১.৬.১১ ; ৪.১৮.৩১।

খল্ সক [ভ্বা.প—খলতি ; সেট্] সঞ্চয়। —ল্ অক চলন। "খলতি খলো ধর্ম্মাৎ (ক.ক)।

খল[১] বিণ [√খল্+অ (অচ্)-ক] ১ ধর্ম্ম হইতে চলিত (অ.টী) ; নীচ, অধম। ২ ক্রূর, পিশুন, সূচক। ৩ দুর্ব্বৃত্ত। ৪ নৃশংস, ঘাতুক, পাপ। —ল পুং ১ দুর্জ্জন, দুরাত্মা, হিংস্র। 'অন্যোদয়াসহিষ্ণুশ্চ ছিদ্রদর্শী বিনিন্দকঃ। দ্রোহশীলঃ স্বান্তমলঃ প্রসন্নাস্যঃ খলঃ স্মৃতঃ শু ৩.২৪৭। "সর্পাৎ ক্রূরতরঃ খলঃ।—চাণক্য। অপূর্ব্বা রসনাব্যালাঃ খলাননবিলেশয়াঃ। স্পৃশন্ত্যন্যং কর্ণমূলে হরন্ত্যন্যস্য জীবিতম্ (সু.র)॥ খলের শরীরে পাপ যদ্যপি না থাকে কৃ ২৫০। খলনাশা ভা.চ ৪২৯। ২ সূর্য্য। তু 'খর'। ৩ তমালবৃক্ষ। ৪ ধুস্তুরবৃক্ষ। ৫ পানদ্রব্যবিশেষ (সুশ্রুত)। —ল পুং, ক্লী [তু 'তা কল.ম্—স্থান, খলাধান] ১ পৃথিবী। ২ ভূমি, স্থান। ৩ খলাধান, অর্থাৎ ধান্যাদি মাড়িবার স্থান ; খামার, খ'লেন। "গোধূম°, যব°, °যজ্ঞ।—ঋগ্বেদ ১০.৪৮.৭। খলেকপোতিকান্যায়াৎ সা.দ ১০.৮৫। মনু ১১.১৭। ৪ ধূলিরাশি। ৫ তৈলাদির অসারাংশ ; কল্ক, খইল। "পঞ্চ ২.৫৫। ৬ যন্ত্র (?)। ৭ দ্র 'খল[২]'। ৮ (বাঙলায়) জাতিবিশেষ। "কোল খল জাতি শ্রী ১৩। [খলকপট—খলতা ও কপটতা। "হৃদয়মধ্যে এত খলকপট কেন?…হীরাকে সূর্য্যমুখীর আসনে বসাইলে হীরার খলকপট কি থাকিত ?—ব.দ্বি ৩৬।]

খল[২] বি [সং খল ; সং 'খল' (তবা) ; তু 'তা কল্, খল্—প্রস্তর (H.B. 63) ; হি খরল] প্রস্তরময় ঔষধ মাড়ার খল্।

খল[৩] অর্ম্ম [সং √স্খল্ >লি, প্রা √খল] ১ স্খলিত হওয়া ; ঝরা। "হরিমণি হের সঘন জল খলই গো ২৬০। খলই পিছিলল জ্ঞ.প ৫৭।

২ স্খলিতপদ হওয়া ; পড়া। "চলইতে খলই বি.প ৯১। ঢুলি ঢুলি চলত খলত গো ২৯। চলত খলত মন্দ ব ১৮ ; খলত পুন উঠত ১৭৫। চলইতে খলয়ে ব.প ১০৩৪। ৩ শিথিলবন্ধ হওয়া ; খুলিয়া যাওয়া। "সঘন খলত নীবি নিবন্ধ জ.প ১৬। অম্বর খলই গো ১৭৪। [খলই, খলত, খলয়ে—স্খলিত হয়।]

খলই, খালুই বি ['খল'—মূল (?) ; তু 'খল্লয়'—খলিয়া (দেশী, —প্রা.ম) ; খলই (দিনাজপুর)] নিম্নস্থূল মুখসরু মৎস্যধানীবিশেষ ; পারা। "খলই হেন পেট হইল বি.পা ২৩৮ ; মার্গ শুধাইয়া হইছে খলই হেন পেট ৩৩৫। বাগদীর খালুই ব.প ১৩৮২।

খলখল বি [ধ্বন্যাত্মক ; অস খল্ খল্ ; তু 'খিল খিল'] ১ বিকট হাস্যধ্বনি ; উচ্চহাস্যশব্দ। "হাসে খলখল ম ৬৫১। হাসয়ে খলখল ক.চ ১৩৯। শ্রী ১৮ ; ৩২। ম.পা ৯৭। শি ৭৭। চ.বি ৬০ ; ২৩০। খলখল হাসিবে খলে দা ৩৭৯। ২ অল্পজলে মৎস্যের দ্রুত সঞ্চার-শব্দ। —খল ক্রি.বিং খলখলশব্দে, পরিস্ফুটস্বরে, স্পষ্ট। "খলপনা ছাড় খলখল কহ চ.সা ২৫৩। [°হাসা (বি)—অট্ট-অট্টহাসিনী। "খণ্ড খণ্ড করে খলে খলখল-হাসা ভা.চ ৪২৯। [খলখলি (তু 'সং √খলখলায় > প্রা √খলকখল)—খলখল করিয়া ; উচ্চশব্দ করিয়া। "দেবাগন। খলখলি হাসে ল।—শ্রী.কী ১৭৭। খলখলি হাসে দেবী ম.ম ১৭ ; ৭৪ ; ১২৮ ; খলখলি রাজার হাস ১২৯। চ.বি ২৩০।]

খলখলি বি [°ল+ই১১ ; অপ্র ; তু 'কলকলি'] পক্ষীর অব্যক্ত ধ্বনি ; কাকলি। "খলখলি করি কাক ডাকে ম.ম ২০৩।

খলতি বিণ [√খল্+অতি (অতিচ্)-অপা, উ ৩.১১২] নিষ্কেশশিরাঃ টাকযুক্ত, টেকো। "পা ২.১.৬৭, সি। —তি পুং ইন্দ্রলুপ্তরোগ, টাক।

খলধান, -ধান্য, খলাধান স্ত্রী [খল ধান, আধান, কর্ম্মধা ; ধান্যের খল, ষ.ত, রাজদন্তাদি] খলরূপ আধার বা স্থান ; ধান্যখল, ধানমাড়ার স্থান। —ধান বি খলে পতিত ধান্য ; ধান আনার সময়ে খলে (খামারে) ঝরিয়া-পড়া ধান ; ফলধান।

খলন বি ['খলপন'—মূল ; হি খলঈ ; অপ্র] ১ খলপনা, খলতা। "খলের খলনে...কলঙ্ক ঘোষয়ে লোকে চ.দা ৫৩। ২ [সং স্খলন > প্রা খলণ] পতন, পড়া (গ্রাম্য)।

খলপূ পুং [খল+ √পূ+ক্বিপ্ (০)-ক ; উ.ত] স্থানশোধনকারক, ঝাড়ুকশ্, মেথর, ফরাশ্।

খলবল অব্য [ধ্বন্যাত্মক] ১অল্পজলে মৎস্যের দ্রুতসঞ্চারজন্য শব্দ। ২ [ভাবাত্মক] আনন্দজন্য হৃৎপিণ্ডের দ্রুত স্পন্দনভাব। "তাহে সে প্রভুর দয়া, খলবল করে হিয়া চৈ.ম ৯।

খল(লি)শা বি [সং খলিশ ; অস খলিহা] মৎস্যবিশেষ। "কুড়িশা খলিশা ভা.চ ১২৬।

খলা বি [সং খল ; অস খলা ; অপ্র] স্থান, ভূমি, জায়গা। "সোনার ঝাড়ু এ জাএ খলা ঝাড়ু দিয়া গো.চ ৩৭০।

খ(খা)লাস বি [আ খ.লাস্] ১ মুক্তি, বন্ধনমোচন, ছাড়ান। "খালাস পাএয়া গোদা জম এ দৌড় ধরিল গো.চ ৪১। আনিনু নাগর...মদনে খালাস দাও বা.দ ২১৫। ২ খলন, মোচন। "বন্ধন খেতু খালাস করি দিল গো.চ ৯৩ ; ১৫৮ ; ২২০। ৩ পাপমুক্তি, উদ্ধার, ত্রাণ। "দান-দক্ষিণে ব্রাহ্মণ-ভোজন না হ'লে ত খালাস পাইনে ঘ ১১৪। ৪ কারা-মুক্তি। "বেতস্কির বেচারা কো দেও জী খালাস বি.সু ১০০। জেল হইতে খালাস পাইয়া আমার সহিত দেখা করিও ব.প্র ৩২৭। ৫ গর্ভ-মোচন, প্রসব। "এক এক গৃহিণী প'ড়েই ধাই, তাঁরা বেশ খালাস কর্‌ান। ৬ সংসারমুক্তি, শান্তি। "বাঁচব...ম'লেই খালাস। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। —স বিং ১ কারামুক্ত। "লাউসেনে এখনি খালাস কর্যা দেও ব.প ৪৬৪। খালাস করিয়া গঙ্গা পার করি দিল শু.প্র ১৫। রা.স ৩২। ভা.চ ১৮। ২ অঙ্গীকার হইতে মুক্ত। "যদি না আইলে কন্যা আমিহ খালাস। সত্যে বন্দী থাকিলে নরকে হয় বাস॥—ব.প ১৩৫৫। ৩ উদ্ধৃত, অপনীত। "বোঝা আমার খালাস হ'ল তখনি সেই দিনে চ.কা ৪৪০। ৪ দায়মুক্ত, নির্দ্দোষ। "ভুলিয়া ভুলাবে দাদা বলিয়া খালাস শ্রী ৯১। আমি ব'লে ক'য়ে খালাস ন.ত ৫। [খালাস করা—১ প্রসব করান। ২ ঋণশোধপূর্ব্বক বন্ধকী দ্রব্য ছাড়ান। "অ.গ্র ৭৯। খালাস-পত্র—মুক্তির আদেশপত্র, বা হুকুমনামা ; ছাড়।]

খলি, -লী পুং [√খল্+ই (ইন্)-ক ; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্) ; হি, ঠ খলী ; অস খলিহৈ] তৈলের অসারভাগ ; তৈলকিট্ট, তেলের কাট্ ; তিলাদির অসারভাগ ; খ'ল। "স্থাল্যাং বৈদূর্য্যময্যাং পচতি তিলখলীং চন্দনৈরিন্ধনৌঘৈঃ। শুষ্কতর্ক-খলি চৈ.চ ১৫৯।

খলিত বিং [সং স্খলিত > প্রা খলিত, প্রা খলিঅ ; হি, অস খলিত ; বৈষ্ণবসাহিত্যে] ১ চ্যুত, পতিত। "পদতল তাল খলিত মণি মঞ্জীর ব ৩৭। ২ স্রস্ত, শিথিল। "অম্বর খালিত ব ১২৬। খলিত বসনে সাধু পালটে অম্বর ক.চ ১৬৯। ৩ চলিত, স্থানভ্রষ্ট। "দিগ্‌গজ চলিত, খলিত মুনি-আসন, ইন্দ্রাদিক ভয় মান।—সুরদাস (হিন্দীশব্দসাগর)।

খলি(লী)ন পুং, ক্লী [খে (মুখগহ্বরে) লীন, স.ত, পৃষো] যাহা অশ্বের মুখমধ্যে থাকে ; কবিকা, লাগাম, কড়িয়ালি। "হেমখলীনমালিনাম্ মহা ১.১৯৯.১১৫। খলীনাকর্ষণ।—পঞ্চ ৫। বক্রিমগ্রীবায়, খলিন চিবায় স্ব.প্র ১৬২।

খলিনী স্ত্রী [খল্+ইন্ (ইনি) তৎসমূহার্থে+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ খল-সমূহ, খামার-সকল। "পা ৪.২.৫১। ২ তালমূলী।

খলিপা, -ফা বি [আ খ.লীফহ্] ১ সম্রাটের উত্তরাধিকারী ; (বিশেষভাবে) মহম্মদের উত্তরাধিকারী অধিপতি (caliph)। "খলিপা দেওয়ান কাজি খোজার প্রধান ব.প ২১৬। খলিফা সকল সাজে ছাড়িয়া কোরাণ বা.ম ৮৩। ২ (বাঙলায়) কর্ম্মপটু, ওস্তাদ। ৩ দরজী (tailor)।

খলিশ, খলেশ, -শয় পুং ['খলেশয়—মূল (?) ; অস—খলিহা] মৎস্যবিশেষ, খলশা মাছ।

খলু ব্য ১ নিষেধ। "পা ৩.৪.১৮। মাঘ ২.৭০। ২ বাক্যালঙ্কার, পাদ-পূরণে। "মাঘ ২.৭০। ৩ জিজ্ঞাসা, প্রশ্ন। "ন খল্বধীতে বেদম্ (গণ-রত্নমহোদধি)। ৪ অনুনয়, প্রার্থনা। "ন খলু ন খলু বাণঃ সন্নিপাত্যো-হয়মস্মিন্ (মৃগশরীরে) শ ১.১০। ৫ নিশ্চয়, অবধারণ। "ন খলু প্রেম চলং সুহৃজ্জনে কু.স ৪.২৮। খলু স্বপ্ন বলিয়াছি ম.পা ৬৩ ; খলু লক্ষপতি সাধু করিব সম্বন্ধ ৬৮ ; বিধিলিপি খলু কেহ খণ্ডাইতে নারে ৮০ ; ১৬১। ইহ খলু নিসর্গের শোভা অনুপম।—রঙ্গ ৮২। ৬ কারণ, হেতু, যে হেতু। "শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধনম্ কু.স ৫.৩৩। ৭ কেবল (Wilson)।

খলেকপোতিকান্যায় দ্র 'ন্যায় (২৫)।

খলেধানী, -বালী স্ত্রী [খলে ধানী বালী, অলুক্] ধান্যাদি মাড়ার সময়ে খলে নিখাত যে স্তম্ভে বৃষ বদ্ধ হয় ; মেধি, মেইখুঁটী।

খ'লেন বি [সং খলধান ; মৈ খরিহান ; হি খরিহান, খলিয়ান] শস্য মাড়ার স্থান ; খামার (চব্বিশপরগনা, যশোহর)।

খল্ল পুং ১ ঔষধমর্দ্দনপাত্র ; খল্। দ্র 'খল২'। ২ পাত্র, আধার। "°মুখ, °তীক্ষ্ণোষ্ঠ।—সুশ্রুত ১.৭.১০। ৩ পত্রাদিকৃত পাত্র ; পত্রাদিপুট। "অশ্বত্থপত্র°।—সুশ্রুত (S.W.)। ৪ গর্ত্ত, খাত, খাল। ৫ ['খল'—চর্ম্ম (দেশী ২.৬৬)] চর্ম্ম, ছাল, খাল। ৬ চর্ম্মনির্ম্মিত পাত্র ; দৃতি, মশক্। ৭ [চর্ম্মসাদৃশ্যে ?] বস্ত্রবিশেষ, "পটবস্ত্র' (?)। ৮ চাতক-পক্ষী। —ল্ল ক্লী কৃশোদর (M.W.)। —ল্লী স্ত্রী হস্তপাদাবমর্দ্দন রোগ ; হাতে পায়ে খাল-ধরা। —ল্লিকা স্ত্রী ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা, খোলা হাঁড়ি।

খজ্ঝাট বিণ খলতি, টেকো। "খল্বাটো বাপ্সন্ দেশমনাতপং বিধিবশাদ্ বিষণ্ণ মূলং গতঃ।—নীতিশতক ৪৪। বিষ্ণু ৪৫.২৮।

খশ১, **-স**৪ পুং, বহুব ১ দেশবিশেষ (বৃহৎসংহিতা); বর্ত্তমান গাড়োয়াল ও তাহার উত্তর প্রান্ত (হিন্দীশব্দসাগর)। "মনু ১০.৪৪। ২ খশদেশবাসিগণ। "মহা ২.৫২.৩। মনু ১০.৪৪। চণ্ডাল যবন খস ভ.গ্র ৩৬৬। [ইহারা ক্ষত্রিয়। ক্রিয়াদিলোপ হেতু শূদ্রত্বপ্রাপ্ত এবং ম্লেচ্ছনামে অভিহিত (হ ১৪শ অধ্যায়)।] ৩ (একব) ব্রাত্য ক্ষত্রিয় হইতে সবর্ণা স্ত্রীতে জাত পুত্র। "মনু ১০.২২। —শা,-সা স্ত্রী ১ দক্ষকন্যা। ২ মুরানামক গন্ধদ্রব্য।

খশ২ বি [ধ্বন্যাত্মক] ১ কাগজে দ্রুত লেখার শব্দ। তু 'খশখশ (৪)। "খশ ক'রে লিখে ফেলা। ২ (গৌণার্থে) দ্রুত, শীঘ্র। "খশ ক'রে করা, বলা, যাওয়া।

খশখশ, খসখস বি [ধ্বন্যাত্মক; ঠ খসখস] ১ শুষ্ক লতাপাতার মধ্যে সর্পাদির সঞ্চারজন্য মৃদুশব্দ। ২ কাগজ বা পট্টবস্ত্রের নাড়াচাড়ার শব্দ। ৩ [ভাবাত্মক; 'কর্কশ'—মূল; তু 'অখখস'—অকর্কশ (অশোক অনুশাসন ১১০)] কর্কশদ্রব্যের স্পর্শজন্য বন্ধুর বোধ। "উকার গা খশখশ করে। ৪ কাগজে ক্রমাগত দ্রুত লেখার শব্দ। [খশখশ ক'রে লেখা—ক্রমাগত দ্রুত লেখা। খশ(স)খশা(সা)ন, -নি—খশখশশব্দকরণ। "বারাণসীর খসখসানি উঠলো মহাধুমে।—হেম ৩৮৬। খশ(স)খ'শে(সে)—১ যাহা নাড়িলে খশখশ শব্দ করে (পট্টবস্ত্রাদি)। ২ কর্কশস্পর্শ, বন্ধুর, আবড়ো-খাবড়ো। "কালিন্দীর ত্বক্ মসৃণ নহে, হাতীর পায়ের মত খসখসে য ৯।]

খস১ পুং রোগবিশেষ, পামা, খোস, চুলকনা।

খস২ বি [ফা খ.স্] গন্ধতৃণবিশেষ; গন্ধবেণা; উশীর, গন্ধবেণার মূল। "খসের (খসখসের) টাটী।

খস৩ অর্ম্ম [✓খস (দেশী,—প্রা.ম; পৈ); হি, ঠ, গু ✓খস; তু 'সং ✓স্রংস্ >প্রা ✓লহস (হে ৪.১৯৭)] ১ স্খলিত হওয়া; স্থানচ্যুত হওয়া। "চৌদিকে খসি পড়ু তারা বি.সা ৩৫৫। বলএ…খসিআঁ পড়এ শ্রী.কী ৩৩৫। উড়নি খসি কোথায় পড়িল ভ.গ্র ৪৪৩।.জীবতারা যদি খসে, এ দেহ-আকাশ হ'তে নাহি খেদ তাহে (মা)। ২ শিথিলবন্ধ হওয়া; শ্লথ হওয়া; ঢিল হওয়া। "ঘগরি খসিল বি.প ১৪১; অম্বর খসল ১৪৬। খসল কুন্তল জ.প ৪৪; ৫৬। বসন খসয়ে চ.দা ২১। ধুতি পড়িছে খসিয়া ভা.চ ৩৩০। পড়িল সুখ-যৌবন, ফুলের মতন খসিয়া স.স্ব ১০। ৩ শিথিলগ্রন্থি হইয়া পড়া; ঝরা। "খসত মণি যোজত জ্ঞা ২৩৬। বাঘছাল খসিলা, উলঙ্গ হৈলা হর ভা.চ ৭৭। ৪ স্খলিত হইয়া পড়া। "খসয়ে কাঁখের কুম্ভ (জ্ঞা)। ৫ পতিত হওয়া। "মহি চলই, গিরি খসই (সং মহী চলতি, গিরিঃ পততি) পৈ ১.১৬০। রোয়ত হসত ধরণী খসত গো ২৯। ৬ ক্ষরিত হওয়া; ঝরা। "ঝলকে ঝলকে খসে লোচনের লোহে ক.চ ২৫। ৭ শিথিলমূল হইয়া পড়া। "অঙ্গ হইতে লোমচয় খসে ক.চ ১০। ৮ বৃষ্ট হওয়া; ধারারূপে পড়া। "হাসিতে খসয়ে মণি মোতি ন.প ৩১৩। ৯ শিথিল হওয়া; খুলিয়া যাওয়া। "তবু না খসিবে নাগপাশের বন্ধন কৃ ২৬০। গল-বন্ধন খসে ব.প ৪৯৭। ১০ নিরাকৃত বা দূর হওয়া। "মখবিঘ্ন খসে সেই কুশে ক.চ ১০। ১১ ধারারূপে ক্ষরিত হওয়া বা ঝরা। "আপনি ক্ষীর খসে খরসান কৃ.উ ৮৩। ১২ দ্রুত ধাবিত হওয়া। "মেঘের ভিতর জেন বিদ্যুৎ ছটা খসে কৃ.উ ১৯৫। ১৩ সঞ্চিত অর্থ ব্যয়িত হওয়া; খরচ হওয়া। "যেমন কৃপণ, তেমনি মেয়ের বিয়েতে বেশ কিছু খসেছে। ১৪ গর্ভস্রাব হওয়া। ১৫ ভাঙিয়া পড়া; ধসা। "বাড়ী পুরাণ হ'লে গাঁথনি খসে। ১৬ সরিয়া পড়া; ভাগা। "মতে না মিললে, দলের লোক এক এক ক'রে খসে। —সা সর্ম্ম [✓খস+আ৮; তু 'খোশা' —"খোশাই, -ইয়া (গো.চ ২১; ২৪)] ১ স্খলিত করা; উন্মোচন করা; খুলা। "নীবিবন্ধ খসাওল কান (বি.প)। বান্ধন খসাআঁ শ্রী.কী ১২৯; খসাআঁ বান্ধল…কুন্তল ২০৮। খসাইয়া গুণ দিব ম ১৮৯। দেখয়ে খসায়ে চুলি চ.দা ৯। ভূষা খসাইয়া রাখে শি ১০৪। খসাইয়া দিল খাসা জোড়া (ক.চ)। ২ স্খলিত করা; ছাড়ান। "কাহ্নাঞি হাথ খসাইআঁ। ডুবেঁ পদ্মবন গিআঁ।—শ্রী.কী ২৫৫। ধনু খসাইয়া পক্ষী করে দিল বাঁশী।—কৃ ২৬৩। ছাল খসাইয়া রান্ধে বাইন মৎস্যের খৈ ম.ম ৯৬। মণ্ডার খসায় খোসা দা ১৩০৯। ৩ স্থানচ্যুত করা; পতিত করা। "মুকুট খসাই তার দুই পদাঘাতে স্ব.প্র ১১৯। ৪ (অপ্র) পাত্রের মুখ খুলিয়া ঢালা। "(মুনি) শুনিয়া খসাইলা গঙ্গাজল গ ২১৩। ৫ (অপ্র) উদ্ঘাটিত করা; খুলা। "করঙী যদি এখনে খসায় বি.পা ৭৭; পেটরা খসাইয়া ২৫২; পুথি খসাইয়া ৩৭২। দ্বার খসাইতে রাধা গুরুজন জাগল গো ১৭৯। ৬ উদ্বর্ত্তিত করা; ডলিয়া তোলা। "খসাএ অঙ্গের মলা ব.প ৭৪৮। ৭ ভগ্ন করা; ভাঙা। "মধ্যখানে খানিক খসায়ে দিল চালা শি ৭৪। [খসই, -সত, -সয়ে—খসে, পড়ে। খসা (✓খস৩+আ৬)—১ স্খলন, ভ্রংশ, শিথিলীভাব। ২ স্খলিত, ভ্রষ্ট, শিথিল, এলো। খসাআঁ, -সাইআঁ —খসাইয়া; খসাওল—খসাইল। খসা-গলা—স্খলিত-গলিত, ছিন্ন-শিথিল। খসান (✓খসা+অন)—পাতন, ভ্রংশন। পয়সা খসান—অর্থ ব্যয় করান। পেট খসান—গর্ভস্রাব করান।]

খস৪ দ্র 'খশ১'।

খসখস দ্র 'খশখশ'।

খসড়া বি [আ খ.স্রহ্] ১ পাণ্ডুলিপি, মুসাবিদা (draft)। ২ গ্রামের সকল জমির তালিকা। ৩ (মহাজনীতে) দৈনিক বেচা-কেনার হিসাব-বহি। ৪ দৈনিক জমা-খরচের সাধারণ খাতা। ৫ কোন বিষয়ের কাঁচা হিসাব-কিতাব।

খসতিল, খস্খস্ পুং [ফা খ.শখ.শ] অহিফেনবৃক্ষ।

খসম্ বি [আ খ.সম্] স্বামী, পতি। "এছিলা গাবুরাক দেখি খসম পাকড়িবে গো.চ ৭২। আর খসম পাব না ম.ম ৬০। নারীর খসম ভা.চ ৪৭৯। [ধৃত পাঠ—"খশম"]। মোল্লারে ধরেছে ঠাসে খসম খসম বলে জ্ঞা ৩৬।

খা সর্ম্ম [সং ✓খাদ্ >প্রা ✓খা (হে ৪.২২৮); হি, ঠ, গু, অস ✓খা] ১ ভোজন করা; খাওয়া। "দিজ্জই কংতা খা পুণবংতা (কান্তা দেয় পুণ্যবান্ খায়) পৈ ২.৯৩। খাহ আহার পানী কৃ.উ ৫৯। কালুকা খাইছি অন্ন ম.গা ১৫। এক পোয়া খান কৃ ১০। খা রে।—দা ৫৯০। চাল্ খেয়ে (খাইয়া) শ্রী.মা ১৫৪। ধৈর্য্য হয়ে খা।—শি ৩২। নাহি ঘরে সদা খাই খাই ভা.চ ১০৪। ২ দংশন করা; কামড়ান। "বুকে খাবে সাপ।—কৃ ১১। ভীমরুলে…খায়।—ম.ম ৫৮; ৮৪। সাপে খাক। —চ.দা ৭৩। মোরে খাইল কি ম.ভা ৩৮। সাপে গেয়েছিল ভা.চ ৮২, সাপে বাঘে যদি খায় ১৮৫। ৩ উপভোগ করা; (স্বত্ব) ভোগ করা। "ময়না খায় লুটে শ্রী.মা ১৪৫। ইনাম…খাই ময়না নগর ১৫৮। এই মুখে খাবে ভাই স্বর্ণলঙ্কাপুরী কৃ ৪০৬। আনন্দে খায় খেলা ম.পা ২৬; সইচান কৈতরে খাএ খেলা ১১২; ভৃত্য সর্ব্বে খাএ খেলা ১১৫; ১৩৩। রাজ্য খাব বসিয়া গো.চ ১৮৬। 'এত সুখ খায় না গো'—কহিলেন প্রিয়া।—মন্ত্র ৪৫। পরের ধন কাড়িয়া খায় ব.প্র ৩৬৪, -৯৭। ৪ (বেতন ঘুষ ইত্যাদি ভাবে) গ্রহণ করা। "বেতন খাও অকারণে ম.পা ২৪। বিনা উপকারে খায় ধুতি ক.চ ৬। চাতুরী করিয়া মাগী কড়ি খায় মোর বি.সু ৩৭। তুমি খাহ সে বর্ত্তন চৈ.চ ১৩৮। ৫ পান করা। "খাহ আহার পানী কৃ.উ ৫৯। সলিল না খায় কেহ শ্বাপদের ডরে শি ৯৪। খান অন্ন পান চৈ.চ ১৪১। ভৃঙ্গ মধু খায় ভা.চ ৩৬৩। ৬ (ধূম) পান করা। "গাঁজা সেজে খাই জ্ঞা ৩১। ৭ ভোগ করা; সহ্য করা। "বাণ খেয়ে রঘুনাথ হইল কাঁপর কৃ ৩০০। দুঃখ খায়: কষ্ট

ব্যথা খান শ্রী ৪২। উৎকট খাই দু ৭২। দেবকী খায় ব্যথা শ্রী.ম ১০। নিগ্রহ খাইয়া ভ.গ্র ৩৩৬। খায় বহু ক্লেশ চৈ.ম ১৩৪, টীকা। তাঁর সাক্ষাতে এ কথা পাড়লে ঝাঁটা লাথি না খাইত বিস্তর ব.প্র ২২। **৮** বিপন্ন করা; দুর্দ্দশাপন্ন করা। "কি ক্ষণে আপনা খাইয়া, আইলাঙ বাহির হইয়া ব.প ৯১১। আপনা খাইআ কেন আলুঁ হেন পথে কৃ.উ ৯৪। ওই খাইয়াছে মোরে।—ম.ম ১০৭। **৯** নষ্ট করা; ধ্বংস করা। "খালি আপন জাতি কুল ক.চ ২৬। ধরিয়া খাইলি জাতি ভা.চ ৩৯৪। রাজার…রাজত্বটা খেয়েছে ঘোড়াশালা হাতীশালা খেয়েছে অ.প্র ৩৪। **১০** কলঙ্কিত করা; নিন্দিত বা লজ্জিত করা। "কেমনে এ কাজ, করিলি খাইয়া মোরে ভা.চ ৩৭১। **১১** আত্মসাৎ করা; ভাঙা, মারা। "আরবার ঐছে না খাইহ রাজধন চৈ.চ ৩১০। **১২** অগ্রাহ্য বা অবজ্ঞা করা। "তিন লোক খাআঁ বোলে আক্ষার গোআলী শ্রী.কী ৮২; আপন খাআঁ বোলে ধামালী ১১১। **১৩** (গণিতে ভাজ্যকে ভাজক দিয়া) গ্রহণ করা বা হরণ করা। "যেমন, ভাজক ৩, ভাজ্য ১২, কতবার খায়? **১৪** শোষণ করা; টানিয়া লওয়া। "শুখনা পাটে অনেক রস খায়। **১৫** সেবন করা। "হাওয়া খাওয়া। **১৬** অভিভূত করা; একেবারে বশ করা। "স্ত্রীই তাকে খেয়ে রেখেছে, তার কোন হাত নেই। **১৭** ক্ষয়প্রাপ্ত করা। "বর্ষায় পাঁকুইএ আঙুলের গলি খায়। **১৮** (ইন্দ্রিয়শক্তি) লোপ করা। "ডাকি বারে বারে মা মা বলিয়ে। মা কি রয়েছ চক্ষু কর্ণ খেয়ে॥—রামপ্রসাদ। **১৯** পোকায় জীর্ণ করা বা কাটা। "বইগুলি সব পোকায় খেয়ে তুঁষ করেছে। ঘুণে খাওয়া কাঠ বা বাঁশ। **২০** জীর্ণ করা; নষ্ট করা। "এসিডে সোনার খাদ খায়, সোনা খায় না। চুনে তেল খায়। **২১** অপব্যয় করা; উড়ান। "বাপের এত টাকা সব খেয়েছে!—সুপুত্র বটে! **২২** পীড়িত করা। "কুপুত্রে জ্বালিয়ে মারে, জান খায়। **২৩** পাওয়া। "ভয় না খাও মহারাজ প্রানে না খাও ডর গো.চ ১২; ২৮, টীকা। **২৪** হৃদ্গত করা; তন্ময় করা। "এবার তুমি খাও কি আমি খাই মা দু'টার একটা করে যাব।—রামপ্রসাদ। —অর্থ, সর্ব্বনাশ করা; মাটি করা। "এই খেয়েছে!—আদত উইল কই, এটা যে নকল! [খাই-খাই—বারংবার 'খাই' এই শব্দ; (গৌণার্থে) খাদ্যের অভাব; খাদ্যের একান্ত ইচ্ছা। "যত আনি তত নাই, ঘুচিল না খাই খাই: নাহি ঘরে সদা খাই খাই ভা.চ ১০৪। খাইছি—খাইয়াছি। খাই দাই—খাওয়া দাওয়া করি; আহারাদি করি। "স্নান করি খাই দাই লেখ দিব শেষে বি.সু ৩৭। খাইতে মাখিতে—ভোজ্য-ভোগ্য উপভোগ করিতে। "বিশেষ কৃপণের ধন,…কখন সুখে পায় না খেতে মাখতে দা ৫৬। খাও গা—খাও গিয়া; খাও গে। খাওসিয়া; খাওসে—খাও আসিয়া; এসে খাও। "চৈ.ভা ৩১৭। গো.চ ৫৬। খা খা করা (খাওঁ খাওঁ করা)—খাই খাই করা; খাওয়ার অত্যন্ত ইচ্ছা করা। খা গা—খা গিয়া; খেগে। "আতপচালি…খুঁটে খুঁটে খা গা।—দা ৮১৩। খায় দায়—খাওয়া দাওয়া করে; আহারাদি করে। "খায় দায় না পালে হাতী ব.প ৭। খায় পরে—ভোগ করে ও পরিধান করে। "রত্নঘরে থাকে রাজা নিত্য খায় পরে চৈ.ভা ৮৯। খাহ—খাও। ডর, ভয় খাওয়া—ভয়ে অভিভূত হওয়া; ভীত হওয়া। দ্র 'খা (২৩)। মনতে না খায় (অপ্র)—মনে না লাগে; পছন্দ হয় না। "মনতে না খায় কাপড় বান্দিক বিলায় গো.চ ১০৫, টীকা; ২৫৩। খায়ন্তে (খাওয়াতে), খাহু (খাও)।—দো। খাঅ, -ই (খাও)।—চ। খাঅ (খাও), খাআঁ খাইআ খাইআঁ খাইএ খাএ (খায়), খাইলে, -লেঁ, খাইলোঁ, -লোঁ (খাইলাম), খাইব (খাইবে), খাই(য়ি)বোঁ, খাউ, খাওঁ (খাই), খাহ, -হা (শ্রী.কী)। খাই (খায়, খাইয়া), খাএ খাএ্যা (খাইয়া), খাঁওসিয়া খাওঁ (খাইঁ), খাবু (খাইবে), খামু (গো.চ)। খাঞা (কৃ.উ ১৩৬)। খয়ে-ফুরো (অপ্র)—যে খেয়েই ফতুর; উদরসর্ব্বস্ব, লক্ষ্মীছাড়া। "যা যখন পাও ঝাঁপিতে পুরো, মিন্‌সে দেখ্‌ছ না খেয়ে-ফুরো দা ৯৮২।]

খাআ, -য়া, খাওয়া[১] সর্ম [√খা+আ[৮], ওয়া[২]; 'খাআ' (অপ্র); হি √খবা; তু '√খাবা—"খাবাই (খাওয়াইবা—গো.চ ৩৫৫); √খোআ—"খোআন, খোআইয়া, -ইলেক (গো.চ ২২; ৬৩; ১৫৭)] **১** ভক্ষণ করান; পান করান; খাওয়ান। "বিষ খাআইলে ম ৮১৬। মর্কট ছাআলে, খাআয় শ্রী.ম ২৯। সুন্দর বলেন শুকে দাড়িম খায়াই ভা.চ ৩৬৩। মকরে তোর শরীর খাওয়াব শ্রী ১৮৬। **২** উপভোগ করান; দংশন করান ইত্যাদি। দ্র—'√খা'। [খাওইঞা (অপ্র) —খাওয়াইয়া; ক্ষয় করাইয়া। "ছান সোণা খাওইঞা শুদ্ধ কর জ্বালে ব.প ৮৩৮। খাওয়ান-দাওয়ান—ভোজন করান ও খাদ্যপরিবেশন করান; আহারাদি করান। খাওয়ালে-মাখালে—ভরণ-পোষণ করিলে; লালন-পালন করিলে। "খাওয়ালে মাখালে কোলে পড়ালে শুনালে শ্রী ৬৫।]

খাই বি [সং খাতি >প্রা খাই; হি, ঠ, গু খাঈ] **১** খাত, পরিখা, খানা। "গড়°। চতুর্দ্দিকে কৈল খাই সমুদ্রসমান (ম)। **২** গর্ত্ত। **৩** গভীরতা, ভাবপ্রকাশে শক্তি। "শব্দে বুঝাইতে যাই, অর্থের না পাই থাই অ.গু ৫৫। **৪** সর্থ 'খে'।

খাইএ বিং [হি খবৈয়া; ঠ খরয়া, -য়্যা] যে বেশ খাইতে পারে; ভোজনপটু, খাওনেওয়ালা। "খাইএ লোককে খাইয়ে সুখ।

খাইখালাসী বিং বিষয়ের আয়ে ঋণশোধ হইলে, বিষয় দায়মুক্ত হইবে, এইরূপ সর্ত্তবিশিষ্ট; আয়ে ঋণমুক্তির সর্ত্তবিশিষ্ট (জমি, জমা)।

খাইদ, খা'দ '-দ' বি [হি খাদি—দোষ (?); অথবা সং 'খাদক' (?)] যাহা বিশুদ্ধ স্বর্ণাদি দূষিত করে বা স্বর্ণাদির উৎকর্ষ নষ্ট করে; পাইন (alloy)। "কে খাঁটি সোনায় দস্তার খাদ মিশাইয়াছে?—ব.প্র ৩০১। স্যাকরা ব্যাটারা সব চোর, খাদে পানেই সর্ব্বনাশ করবে অ.গ্র ৭১।

খাউই বি [ঢ় কপা-খাই] কাপাসের বীজ হইতে তুলা বিচ্ছিন্ন করার যন্ত্র। "বান্ধা দিয়া আনি কড়ি চড়কা খাউই শ্রী ১০২।

খাউজ বি [সং খর্জ্জু] খোস, চুলকনা (ঢাকা)। [খাউজান—চুলকান। খাউজায়—চুলকায়।]

খাওন বি [√খা+ওন; সং খাদন; অপ্র] **১** ভক্ষণ, খাওয়া। "তথাপি এতেক অন্ন খাওন না যায় চৈ.চ ১৭১। **২** পান করা। "তপ্ত তপ্ত দুগ্ধ খাওন না যায় ম.ম ১৮৮।

খাওন্দ্ বি [ফা খ়াবিন্দ্] প্রভু, অধিপতি, স্বামী। "খাওন্দ তোমারে মানি, খোদার সমান জানি ব.প ২১৬।

খাওয়া[১] দ্র 'খাআ'।

খাওয়া[২] বি [√খা+ওয়া; মৈ খাএব, খএবা; তু 'খাবা'] **১** ভক্ষণ করা; পান করা; উপভোগ করা। "ভাত খাওয়া, জল খাওয়া ইত্যাদি। দ্র 'খা'। **২** ভোগ করা; সহা। "মার খাওয়া, ঘা খাওয়া ইত্যাদি। **৩** পাওয়া। "ভয় খাওয়া। দ্র 'খা (২৩)। **৪** কামড়ান, গ্রহণ করা, নষ্ট করা ইত্যাদি। দ্র 'খা'। "সাপে খাওয়া, ঘুস খাওয়া, জাত খাওয়া ইত্যাদি। —য়া বিং ভক্ষিত, পীত, দষ্ট কাটা ইত্যাদি। "কুকুরে খাওয়া ভাত, দুধ; সাপে খাওয়া ফল; পোকায় খাওয়া বই। [খাওয়া-খাই—**১** সামাজিকভাবে একত্র পঙ্‌ক্তিভোজন। **২** কামড়া-কামড়ি। "কপি ঋক্ষ খাওয়া-খাই করে সিদ্ধি খাইয়া দু ১০৪। খাওয়া চলা—সামাজিকভাবে পঙ্‌ক্তিভোজন চলা। খাওয়া-ছোঁওয়া—ভক্ষণ করা বা উপভোগ করা ও স্পর্শ করা; (গৌণার্থে) কোন সম্পর্কে বা সম্বন্ধলেশে থাকা। "না খাইনু না ছুঁইনু বিপাকে মজিনু ভা.চ ৩৬৮। খাওয়া-দাওয়া, 'খাবা-দিবা' (অপ্র)—**১** খাওয়া ও খাদ্য দেওয়া বা খাওয়ান; আহারাদি করা। "রান্ধা বাড়া খাবা-দিবা করে নিরন্তর

শি ১৭। খাওয়া দাওয়া হল, এখন তবে. রাত ঢের হল শোও গে সবে। —কা ৯৭। ২ সামাজিকভাবে পঙ্‌ক্তিভোজন করা বা একত্র বসিয়া আহারাদি করা। "কায়স্থ ব্রাহ্মণ কৈবর্ত্ত সোণার বেণে কপালি তাঁতি জোলা তেলি কলু সকলেই নাকি একত্রে…খাওয়া-দাওয়া করে ?—মা ৩৩০। খাওয়া-পরা—গ্রাসাচ্ছাদন, অন্নবস্ত্র, ভাতকাপড়। খাওয়া বসা শোওয়া—ভোজন উপবেশন ও শয়ন। "একে ঠাক্রি খাই বসি শুই সর্ব্বকাল শ্রী.ম ২১৪। খাওয়া-মলম—যে মলমে ঘা ক্ষয়প্রাপ্ত হয় (caustic ointment)। খাওয়া লওয়া—ভোজন ও বিশ্রাম করা; আহারাদি করা।]

খাঁ বি [ফা খ.ান্] ১ প্রভু, অধিপতি; পাঠানের উপাধিবিশেষ। "ওস্‌মান খাঁ, কতলু খাঁর সেনাপতি ব.প্র ৪১। ২ হিন্দুর উপাধি। "সহায় শ্রীমন্ত খাঁ ক.চ ৬; ১৭৫। ৩ অভিজ্ঞ, পণ্ডিত। "দেবেন্দ্র বাবু আমাকে ইংরাজী খাঁ বলিয়া জানিতেন।—রাজনারায়ণ বসু। [খাঁ চৌধুরী—সম্মানসূচক উপাধিবিশেষ। খাঁ বাহাদুর—সর্থ 'খান্ বাহাদুর'। খাঁ সাহেব—খাঁ মহাশয়। "হুঁকোটি বাস্তবিক খাঁ সাহেবের হু ৫৫।]

খাঁই বি [মৈ 'খাকী'—ভিক্ষুক (মূল ?)] আকাঙ্ক্ষা, তৃষ্ণা, লাভেচ্ছা, লিপ্সা। "এখন আমাদের তপ্ত খোলা, বড় খাঁই আ.দু ৫৫। ছেলে পাশ হ'লো ত মা বাপের হাঁসের মত পেট হ'লো, যত দাও, খাঁই আর মেটে না অ.গ্র ৮০। [খাঁই মেটা—লাভের আকাঙ্ক্ষা পূর্ণ হওয়া; তৃপ্ত হওয়া।]

খাঁক, -খাক[১], -গ বি [সং খগ্‌গড়; বা খাগড়া > খাগ, -ক] ১ শর-তৃণ, ঘাস। "খাক লে যাতা হোঁ মৈঁ।—রা.স ৩৩। ২ কলমের নিমিত্ত ব্যবহার্য্য শরের ডাঁটার মত ডাঁটাবিশেষ। "তাহার (চোঙ্গার) মধ্যে…একটি খাঁকের কলম য ৫।

খাঁ(খা)কতি বি [হি খাঁগ—কমী; খাঁগ+তি, তু 'কমতি' ইত্যাদি; খাক্কত্ (মালদহ); মৈ খাকী—ভিক্ষুক] ১ অভাব, অসঙ্গতি, কমী। ২ রিক্ততা, দারিদ্র্য। "শুক্‌নোপেটা তলাখাঁক্‌তি প্রজারা…স্থালাম করিতে লাগিল আ.দু ১৫৩। —তি বিং রিক্ত, শূন্য, খালি। "আমার তহবিল খাঁকতি।—লী ১৩৬। বাটীতে তিষ্ঠান ভার…আমার হাত খাকতি হইয়াছে আ.দু ১৫৮।

খাঁকরা অর্ক [খাঁকার > √খাঁকরা; হি √খঁ(খ)খার; ঠ √খা(খাং)-কর] ১ শর্দ্দি তোলার নিমিত্ত 'খাক্' করিয়া গলশব্দ করা। ২ স্ত্রী-লোককে সাবধান করার নিমিত্ত পুরুষের গলশব্দ করা বা গলা-খাঁকার দেওয়া। [খাঁকরান (হি খঁখারনা)—সর্থ 'খাঁকরা'। "গলা খাঁকরান। পেট খাঁকরান—পেট ভিতরে টানিয়া নীচু বা পাতলা করা।]

খাঁকরি বি [কাঁকর > কাঁকরি > °রি; হি খাঁখর—অতিশুষ্ক দ্রব্য; মৈ খখড়ী—chaff; কাঁকরি (দিনাজপুর); খাকারি (যশোহর)] কাঁকরের মত দৃঢ় চূর্ণ অসার ভাগ। [ঘিএর খাঁকরি—জ্বাল-দেওয়া মাখনের কাঁকরের মত শক্ত অসারভাগ।

খাঁ(খেঁ)কার[১] বি [খাক্-কার; হি খ(খা)খার—কফ; ঠ খোকলা —কাসি; ধ্বন্যাত্মক] ১ কফনিঃসারণার্থ 'খাক্' এই গলশব্দ; খাক্-করণ। ২ স্ত্রীলোককে সাবধান করার নিমিত্ত পুরুষের গলশব্দ। "গলাখাঁকার দেওয়া।

খাঁকা(খা)র[২] খাকা(খা)র বি ['খাঁকার[১]'—মূল; 'খাঁখার' (দিনাজপুর)] ১ কফসদৃশ ঘৃণাজনক বস্তু বা বিষয়; কলঙ্ক, অপবাদ, অযশ, নিন্দা। "কেল বড়ুয়ি খাঁখার শ্রী.কী ১৩৪; ১৩৬। রন্ধন করিতে ছুঁড়ী আনিবে খাকার ক.চ ১৫৭; দুই কূলে রহিল খাখার ৩০২। কুলের খাঁকার ম.ম ১০৬। মজাল্যে নন্দের বশ থুইলে খাঁখার শ্রী.ম ৬৪; ৮৮। বৃষ্ণিবংশে হইল খাখার ম ৩৯২। পাড়ার লোক করয়ে খাঁখার রা.শে ৪৬। কি কারণে জীমূ মূক্তি রাখিয়া খাখার ব.প ১৮৪। ২ কুৎসিত ব্যাপার; নিন্দিত বিষয়; ঘৃণার কথা। "কাহা নাহি শুনিয়ে এমতি খাকার। করয়ে বিলাস দীপ লই জার॥—বি.প ৭৬। কহি কথা শুনিতে খাখার গো.বি ১৯১। ৩ কলঙ্কস্বরূপ। "আদি কুলে জন্ম তোর কুলের খাঁখার কৃ.উ ১২৩। পুত্র হৈল কুলের খাঁখার ব.প ৪৯৬। এ বেটা জন্মিল তার কুলের খাঁখার বা.ম ৩৩৯। হইলোঁ কুলের খাঁখার জ্ঞা ১৬৭। যৌবনমদেতে মত্ত কুলের খাঁখার ক.চ ১৬৭। —রি বি [°র+ই[১১]; অপ্র] ১ অপবাদ, কলঙ্ক, নিন্দা। "না কহিলে মরি, কহিলে খাঁকারি, এবড় মরম ব্যথা গো ৫০। ২ কলঙ্কস্বরূপ। "পিরীতি লাগিয়া, এ তিন খোয়াইলুঁ, হইলু কুল খাঁখারি ব ১৪৯। —রিণী বি [°র+ইনী] খাঁকারস্বরূপা, কলঙ্করূপা, মূর্ত্তিমতী অকীর্ত্তি। "কলঙ্কিনি নির্লজ্জা কুলের খাঁকারিণি ভ.গ্র ৪৬৬।

খাঁখাঁ, খাখা বি ['খাওঁ-খাওঁ' (খাই-খাই)—মূল; ভাবাত্মক] ভীষণশূন্যতাসূচক ভাব { উদর শূন্য হইলে ক্ষুধিত যেমন খাঁখাঁ (খাই খাই) করে, সেইরূপ শূন্য গৃহাদি যেন খাইতে আসে }। "খালি ঘর খাঁখাঁ করে। ক দিন মহাসমারোহের পর আজ সহরটা খাঁখাঁ কর্ত্তে লাগলো হু ২০০।

খাঁচ, -জ বি ['খাদ'—মূল; হি খাঁচ—সন্ধি, জোড়; অস খাঁজ] ১ বাঁশে বা কাঠে কাটিয়া-করা খাদ; খাবল (চব্বিশপরগনা)। ২ গভীর রেখা। ৩ ইষ্টকাদির জোড়ের মুখের ফাঁক বা খড়া। ৪ কাপড় পরার জন্য নিম্ন কটিরেখা। [খাঁজ কাটা—খাদ করা। খাঁজে খাঁজে লাগা (অস খাঁজে খোপে খা)—খাদে খাদে লাগা।]

খাঁচা বি [হি খাঁচা, খাঁচী (স্ত্রীলিঙ্গ); মৈ খাঁচী] ১ পিঞ্জর, পিঁজরা। "খাঁচার পাখী ছিল সোনার খাঁচাটিতে।—গান ১০৩। ২ বন্দীকরণার্থ লৌহাদিরচিত পিঞ্জরবৎ গৃহ। "বন্দী হৈল দশানন খাঁচার ভিতর : খাঁচার ভিতরে নাচে রাক্ষসের নাথ কৃ.উ ৮৭। ৩ পিঞ্জরতুল্য অস্থিপঞ্জরময় বক্ষের আকৃতি বা ছাতি। বুকের খাঁচা—বুকের ছাতি। খাঁচাকল—ইন্দুরাদি ধরার খাঁচা-যন্ত্রবিশেষ।]

খাঁটি '-টো' বিং ['খণ্ড[২]—মূল; তু 'খাণ্ট' (চ); খণ্ট (মাধবকন্দলি); অপ্র] খণ্ডচরিত্র, শঠ, ছেঁচড়। "লাগ পাইল কাঙ্গাঞি যেহেন খাঁটে শ্রী.কী ১৪১।

খাঁটি, -টী বিং [তু 'খাণ্টি'—"খাণ্টি মণ কেড়ু আল (চ ৫৮)] ১ বিশুদ্ধ, অমিশ্র, অকৃত্রিম, সাঁচ্চা (সোনা, রূপা, জিনিশ)। ২ নির্জ্জল। "তোমার গোরস খাঁটী কিংবা নীরভরা।—রঙ্গ ২০৭। ৩ নির্দ্দোষ, নিখুঁত। "খাঁটি রতন তুই ত চিনিস।—রবীন্দ্র। ৪ অকপট, সত্যবাদী, সরল, সাঁচ্চা (লোক)। ৫ দ্বৈধশূন্য, একান্ত, একাগ্র (মন)। ৬ ন্যূনা-ধিক্যশূন্য, অর্থাৎ যাহা কম বা বেশী নয়; ঠিক, পুরা (ওজন, মাপ)। ৭ যথার্থ, ঠিক (দর)। "নাম কি তোমার বল দেখি খাঁটি কা ১০১। ৮ যথার্থ, সত্য; স্থির, নিশ্চিত, অনড় (কথা)। ৯ ব্যভিচারহীনা, সতী। "হাসিয়া বলিল নটী, হইবে না, আমি খাঁটি ম.ম ৯১। [খাঁটি-খুঁটি—বিশুদ্ধ, সত্য, ঠিকঠাক।]

খাঁড় বি [সং খণ্ড > প্রা খংড > বা খাঁড়; হি খাঁড়; ঠ খংড; ড় কন্দ; আ ক.ন্দ্; F. (Sucre)candi; E. candy] সাফ না-করা চিনি; রাঙা চিনি; শর্করাবিশেষ (হি কচ্চী শক্কর)। "দধি দুগ্ধ খাঁড় শূ ৬২। খাঁড় মিশাইয়া রান্ধ করঞ্জার ফল ক.চ ৩০। খাঁড়গুড় দা ২০৫৯।

খাঁড়া[১] বি [সং খড়্গ > প্রা খগ্গ (প্রা.স ১৮.৭); হি খাংড়া; ঠ খাণ্ডা; গু খাড়ু; ড় খণ্ডা] ১ অসি, তরবার। "চর্ম্ম কাটা গেল, অস্ত্র অবশেষে খাঁড়া ম ৮৪৪, টীকা। চন্দ্রহাস খাঁড়া শূ ৫১। খাঁড়ার চিকিমিকি। —কৃ ৭৭। কোতোয়াল…খাঁড়া ঢাল বাঁকে ভা.চ ৩৯০। ২ ছাগাদি-চ্ছেদনার্থ অস্ত্রবিশেষ। "জীয়ন্তে না পারে কপি মড়ার উপর খাঁড়া

কৃ ৩১২। মারে খাঁড়া খরশান চ.বি ২৭৮। ৩ হিন্দুর উপাধিবিশেষ (চব্বিশপরগনা)।

খাঁড়া², **-খাড়া** বি [?] ডাঁটা। "খাঁড়া বড়ী শাক পাতাড়ে বিলক্ষণ টান।—হেম ৩৯০। পুঁইখাড়া চিঙড়ীর করে ভুষ্টি নাশ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [খাঁড়া বড়ী থোড়, থোড় বড়ী খাঁড়া—একই উপকরণ, উলটাইয়া পালটাইয়া বলা মাত্র; একই বিষয়সমূহের ভঙ্গ্যন্তরে উল্লেখ।]

খাঁড়ি বিং [(?); তু 'মৈ খেড়হী, খেড়ী'—মুগ] খোসা-তোলা আভাঙ্গা (মসুর)। [খাঁড়ি মুসুরির রঙ (উপমায়)—লোহিতাভ গৌরবর্ণ (reddish fair colour)। সূক্ষ্মকাপড়-পরা গৌরবর্ণ পুরুষ বা স্ত্রীর উপমায় সাধারণ কথায় বলে—"যেন মলমলে বাঁধা খাঁড়ি মুসুরি'।]

খাঁতা দ্র 'কাঁথা'।

খাঁদা, **খ্যাঁদা** বিং ['ক্ষুদ্র'—মূল (?), তু 'সং ক্ষুদ্রনাসিক, নঃক্ষুদ্র (পা ৫.১.৬, সি); -দী (স্ত্রীলিঙ্গ)] ১ নতনাসিক, চেপ্টা-নাক; ছিন্ননাসিক। "খাঁদা বোঁচা হৈল কার গেল নাক কান শি ৪১। খ্যাঁদা (কানা?) পুতের নাম পদ্মলোচন হু ৪৪। ২ নত, চেপ্টা, বসা (নাক)। [খাঁদা বোঁচা—নাক-কান-কাটা; (গৌণার্থে) নিলজ্জ, বেহায়া।]

খাক¹ দ্র 'খাঁক'।

খাক² বি [ফা খ.াক্] ভস্ম, ছাই। "দেশ-অনুরাগ-কুন্দ পুড়ে হল খাক।—লী ৭৭। দেহ খাক বা.দ ৫৭। বদমাইসি হলো খাক হু ৬৫। গ্রামটাকে ত পুড়িয়ে খাক করলে আ.দু ১৪৪। ২ [তু 'সং ক্ষ্মা'] পৃথিবী, মাটি, ধুলা। "খাকেতে জে খাক জান রহে মাত্র সার গো.বি ১৯৪। [খাক হওয়া—ছাই হওয়া; (গৌণার্থে) নষ্ট হওয়া।]

খাক³ বি [ধ্বন্যাত্মক] শর্দ্দি তোলার জন্য গলশব্দ। তু 'খাঁকার'।

খাকী¹ বিং [ফা খ.াকী] খাকের মত বর্ণবিশিষ্ট; পাংশুবর্ণ, ছাইএর মত, ছেয়ে; মৃত্তিকাবর্ণ, মেটে (রঙ)। —কী বি খাকী রঙের কাপড়। "খাকীর জামা, প্যাণ্ট, পোশাক।

খাকী², **-গী** বিং [সং √খাদ্ > বা √খাগ (?); তু হি '√খাগ'; খেকো, -গো (পুংলিঙ্গ)] যে নারী খায়, ভোগ করে বা নষ্ট করে; (স্ত্রীভাষায় অন্ত শব্দের পরে) গালিবিশেষ। "আগুন°, খেঙরা°, ঝাঁটা°, ভাতার°, ভাতারপুত°। "গর্ব্বিণী সে গরবখাকী শ্রী ২৮। ভাইখাকীর ভাই: দূর আবাগি ভালখাগি!—জা ২১। বেরালখাকী লী ৭। কোন আবাগী গতরখাগী গরব ক'রে যায়।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। —কুয়া,—খেকো -গো বিং ১ যে পুরুষ খায়, ভোগ করে বা নষ্ট করে; (স্ত্রীভাষায় শব্দের পরে) গালিবিশেষ। "খেঙরা°, গতর°, চোখ°, ঝাঁটা°। সাপে-খেকো মিছা কয় কহিছে নয়ানী শ্রী ৯৮। [চ'রে-খেকো গরু—যে গোরু মাঠের ঘাস খাইয়া পেট পুরায়। "চরে-খেকো দোয়া গোরু এমন কোথা পাবে নাকো।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। তামাকখাকুয়া (অপ্র)—তামাকের ধূমপানে আসক্ত; গুড়ুক-খোর। "তামাকখাকুয়া বুড়া, প্রিয় খেলনক।—রঙ্গ ২২। মা-খেকো,-গো—যে ছেলে মাকে খায় বা নাশ করে; মাতৃনাশী। "গণ্ডযোগে জন্ম হ'লে, সে হয় যে মা-খেকো ছেলে।—রামপ্রসাদ। শ্যালে-খেগো পাঁটী—শৃগালদষ্ট ছাগী। "ন.ত ২৩। সাপে-খেগো—সর্পভক্ষিত (দ্রব্য), সর্পদষ্ট (প্রাণী)।]

খাখা; **খাকার**; **খাগ** দ্র 'খাঁখাঁ; খাঁকার²; খাঁক'।

খাগড়া বি [সং খগ্গড় > বা °ড়া] ১ নলজাতীয় তৃণবিশেষ; নল-খাগড়া। "খাগড়ার বন: খাগড়ার নল বন।—ম ১২৩৭; ১২৩৮। ২ মুরশিদাবাদ জেলার অন্তর্গত কাঁসার জন্য প্রসিদ্ধ স্থানবিশেষ। [খাগড়াই (খাগড়া+ইʼ)—১ খাগড়ায় নির্ম্মিত। "খাগড়াই কাঁসা, বাসন। ২ একপ্রকার মুড়কি (কুষ্টিয়া)।]

খাঙ(ঙ্গ)রা, **খেংরা**, **খেঙ(ঙ্গ)রা** বি [?] সম্মার্জ্জনী, ঝাঁটা। "খেঙ্গরা মেরে খেদিয়ে বেটাকে খেদ নিবৃত্তি হ'ল।—দা ২০৬০। খাঙরা-কাটী: একগাছি খাঙরা পা.প্র ৩৩। খেংরা মারি গি.দ্বি ১১৪। [খাঙ্গরা দিয়া বিছাইয়া দেওয়া—ঝাঁটার আঘাতে পিঠ ছিন্নবিচ্ছিন্ন করা। "আরে তুই বলিয়াই ত খাঙ্গরা দিয়া বিছাইয়া দিতেছি ব.প্র ১৮১। খেঙরা-খেগো—ঝাঁটা-খেগো, গালি। খেংরা-গুঁপো—যাহার গোঁফ ঝাঁটার মুখের মত ছাতরান ও শলা-শলা লোমযুক্ত। "ও খেংরা-গুঁপো মিন্সে, চার আনা দিবি হু ৭। খেঙরান—খেঙরা মারা; ঝাঁটান। খেঙরিয়ে (খেংরে) বিষ ঝাড়ান—ঝাঁটাইয়া নির্ব্বিষ করা, অর্থাৎ দুষ্টামি দূর করা। "খেংরে বিষ ঝেড়ে দেব গি.দ্বি ১১৪।]

খাঙ্গা বিং [হি √খা—খাউংগা (আমি খাইব) > খাঙ্গা (?); অপ্র] যে খাব খাব করে; দরিদ্র, হা-ভাতে। "কি করিব কাত্যায়নী কৃষ্ণ কৈল খাঙ্গা শি ৯৫।

খাজ(জা)না বি [আ খ.জ.ানহ্—ধন, কোষাগার, শস্যাগার] ভূমি ভোগদখল করার জন্য ভূম্যধিকারীকে প্রজার দেয় অর্থ; রাজস্ব, কর। "খাজনা আদি সরবরাহ করিবার কারণ E.P. 84। [খাজনাখানা—ধনাগার, কোষ। "তখন রঙমহালের খাজনাখানার উপর বখ্শিশের পরওয়ানা হইল ব.দ্বি ৩০০। নগদান খাজনা—প্রজার রাজাকে বাৎসরিক দেয় নগদ টাকা। ভাওলী বা ফশলী খাজনা—নগদ টাকার পরিবর্ত্তে প্রজার রাজাকে দেয় উৎপন্ন ফসলের অংশ।]

খাজা¹ বি [সং খাদ্য > লি, প্রা খজ্জ (খাদ্যবিশেষ—প্রা.ম) > বা খাজা; হি খাজা] ময়দার ঘৃতপক্ব মিষ্টান্নবিশেষ। "খাজা গজা কৃ ৩৭৬। গুড়েতে কি খাজা হয়, এক আঙুলে তুড়ি?—হেম ৩৮০। —জা বিং ১ খাজার মত নীরস শক্ত (কাঁটাল)। বিপ 'রসা'। "কতকগুলি খাসা খাজা কাঁটাল ব.প্র ৫৮০। ২ রস-বোধহীন; অরসিক, মূর্খ, নিরেট। [খাজা গোঙড়া, -গোঙার—খাজা ও গ্রাম্য, মূর্খ ও বদরাগী। °সন্দেশ—খাজামিষ্টান্ন, খাজা (?)। "চৈ.চ ২৯৭।]

খাজা² অর্ম্ম [সং √খর্জ্জ্—কণ্ডুয়ন] চুলকান, খাজান (পূর্ব্ববঙ্গ)। [খাজান (খাইজান—ঢাকা)—চুলকান। খাজোয়াইতে—খাজাইতে, চুলকাইতে। "উড়সে কামড়াইতে, দুই হাতে খাজোয়াইতে, স্বর্গের দুর্লভ সুখ পায়।—বি.পা ২২১। খাজোয়ায়—খাজায়, চুলকায়। "চটের কামরে গাও খাজোয়ায় বি.পা ২২২।]

খাজাঞ্চি, **-ঞ্চী**, **-ঞ্জি**, **-ঞ্জী**, **-খাতাঞ্জী** বি [আ খ.জ.ান্চী; অস খাজাঞ্চী] ১ খজানের (কোষাগারের) কর্ত্তা; কোষাধ্যক্ষ (treasurer)। "খাজাঞ্চী সরকারী ব.প ১৪৭৯। খাজাঞ্চি ঘ ২০৫। ২ (জমিদারীতে) সদর কাছারীর তহবিলরক্ষক, অর্থাৎ যে কর্ম্মচারী খাজনার চালান-প্রভৃতি বুঝিয়া জমাখরচ রাখেন ও তহবিল রক্ষা করেন। "খাজাঞ্জী আমার পতি ভা.চ ৪০৭; ৫৪০। ৩ টাকার হিসাব রক্ষকমাত্র। "উকিল সাহেবদের আফিসের খাতাঞ্জী হু ৫৯। [°গিরী—খাজাঞ্চীর পদ বা কার্য্য; তহবিলদারী।]

খাজুয়া বি [সং খর্জ্জুকা > প্রা খজ্জুয়া > বা খাজুয়া; অপ্র] কণ্ডু, চুলকানি, খোস। "রসা চলে খাজুয়া হৈতে চৈ.চ ২৭৭।

খাজু(জূ)র, **খেজুর** বি [সং খর্জ্জুর > লি, প্রা খজ্জুর > বা খাজু(জূ)র; হি, ঠ, অস খজুর; গু খজুর, -রী] ১ বৃক্ষবিশেষ। "খাজুরের বৃক্ষ ক.চ ২০০; (কুম্ভীর) খাজুরের বৃক্ষ যেন ভাসিয়া বেড়ায় ২৩৬। খাজুর কদলি জ ১৪। খাজুর গুবাক ভা.চ ১২৭। ২ খর্জ্জুর ফল। "পাকা খাজুরের গন্ধে ক.চ ১৩০। পাকিল খাজুর জাম শ্রী.ম ৫৭। দিল খাইতে খাজুর কৃ ৩২৯। [খেজুরছড়ি, খাজুরে ছড়ি—১ ধান্যবিশেষ। "শূ ১১৩। খাজুরে ছড়ি ভা.চ ৫৪৯। দা ১১৬। ২ খেজুর-ছড়ার আকারে রঙ-করা শাড়ী। খেজুরথুপি—ধান্যবিশেষ, 'খেজুরছড়ি' (?)। "শি ১১৩। খেজুর-রস—খেজুরগাছের রস (যাহাতে গুড় হয়)। খেজুরের চেটা, খেজুর-চেটা—খেজুর পাতায় বোনা মাদুরবিশেষ। "দা ২০৫৯। খেজুরের মাথি—খেজুরগাছের মাথার মধ্যস্থিত কোমল

ভাগ। খা(খে)জুরে (°র+এ৮)—খেজুরগাছ বা খেজুররস হইতে জাত। "খেজুরের গুড়, চিনি, পাটালি, রস।]

খাঁঞ্চা বি [হি খাঁচা >°ঞ্চা; অপ্র] খাঁচা। "হাঁস কৈতর নেন খাঞ্চা ভরিয়া গো.চ ৪; ব.প ৩০।

খাঞ্চা বি [ফা খ়ান্‌চ; অপ্র] ১ ছোট থালা; পাত্রবিশেষ (tray)। "নারাঙ্গি কমলা নৈল খাঞ্চাএ ভরিয়া গো.চ ৩৫৬। ২ [খাঁচা>°ঞ্চা] খাঁচার মত বক্ষস্থল; ধড়। "উত্তরে থুইল খাঞ্চা দক্ষিণে মুণ্ড আনি ম.গা ২৪। গো.চ ৩৭৪।

খাঞ্চা-খাঁ বি ক্রোধী বিলাসী নবাববিশেষ। "খাঞ্চা খাঁর মতন মাগী মগজ করে তেড়া ব.প ১৪৩৪। [খান্ জাহান্ >খাঞ্চা খাঁঞ্চ: দ্র 'বঙ্গের জাতীয় ইতিহাস, ব্রাহ্মণ খণ্ড', প্রাচ্যবিদ্যামহার্ণব নগেন্দ্রনাথ বসু, ১৬৩ পৃষ্ঠা।]

খাট[১] পুং শবরথ (bier)। —টি স্ত্রী সর্ব 'খাট[১]'।

খাট[২] '-ট্' বি [সং খট্বা >লি, প্রা খট্টা >বা (খাটা) খাট; হি, ঠ, গু খাট; cf., E. cot] কাষ্ঠময় শয়নস্থান বা তক্তাপোশবিশেষ; খট্বা, চারপায়া। "খাট পাড় যমুনার তীরে শ্রী.কী ১৮১। খাট পাট কৃ ৩৭৫; স্বর্ণখাট ৩৭৬। ম ৯৬৭। ম.গা ১৭। খাট পাট দান কৃ.উ ৭৩। [খাট পাট সিংহাসন—খাট, চৌকী ও সিংহাসন। খাট ভাঙলে ভূমি শয্যা—খাটের অভাবে ভূতল শয়নস্থান; আকস্মিক অভাবে অবস্থোচিত ব্যবস্থা।]

খাট[৩] '-টো' বিং [সং খট্টন—খর্ব্ব (হেমচন্দ্র); দেশী (?)] ১ খর্ব্ব, ক্ষুদ্রাকৃতি, ছোট। "খাট খাট নাটি গো.চ ১৮১। খাট খোট গুআ ছ্যাখা যায় ২৪০। ২ ন্যূন, হীন, অধম। "বুঝ ত অতিথি আমি তাহে নহি খাট শ্রী ২৮। ৩ পূজ্যত্বে হীন; লঘু। "কোন মূঢ় বলে তোমায় খাট ব.প ৫৪০। ৪ কুলমর্য্যাদাহীন, কুলগৌরবশূন্য। "ঘাটী কর সম্বন্ধ সভায় হবে খাট শ্রী ১৪৪। ৫ অদীর্ঘ, হ্রস্ব। "পুচ্ছ খাট ম.বি ১২৫। ৬ অবজ্ঞেয়, নগণ্য, সামান্য। "রহমৎ হাঁকে ডাকে খাট নন,... বলিলেন, 'ভয় কি হুজুর! আপনি নিশ্চিন্ত থাকুন'।—ব.দ্বি ৪। ৭ (অপ্র) সামান্য, অল্প, কম। "এ কি খাট দুঃখ?—আ.দ্রু ১৪০। ৮ মন্দ, প্রতিকূল। "দশা খাট হল্য, তব পাছে আছে কাল ব.প ৪৩৩। ৯ হীন, কম। "স্বর্গে যেতে শক্তি খাট সদ্য হল 'খটা' (সেটা?)।—শ্রী.মা ২২২। কুলে শীলে...দক্ষ কিসে খাট শি ৮। ১০ হেয়, তুচ্ছ, সামান্য। "খত দিয়া খাবা খালি খাট কথা নয় শি ৭২। ১১ অলম্বিত, সঙ্কুচিত, অর্থাৎ গুটাইয়া পরিহিত। "কাপড় পরেছে এঁটে, খাট করি হাঁটুর উপর শি ১১০। ১২ অপটু, কম। "কহিতে বলিতে তুমি মুখে নহ খাট শ্রী ১৫৮। [খাট-খোট—ছোট-খাট। দৃষ্টি খাট—অল্প দর্শনশক্তি।]

খাট[৪] অর্ম [সং কষ্ট >প্রা কট্ঠ > বা (খাট্ঠ) খাট > √খাট (?); অস √খাট; তু 'সং কষ্টায়তে—কষ্টং করোতি (পা ৩.১.১৭, কাশিকা)] ১ কষ্ট করা; পরিশ্রম করা; খাটা। "খাটে খাটায় লাভের গাঁতি। তার অর্দ্ধেক মাথায় ছাতি॥—খনা। ২ দাসত্ব করা; অধীনতা স্বীকার করা। "সাগরান্ত পৃথিবী খাঁটিল পদতল ম ৩৩৮। ৩ ভৃত্যকার্য্য করা। "(হাড়িপা) তোমার ঘরে খাটে গো.চ ৩৬৯। যুধিষ্ঠিরবচনে সদাই কৃষ্ণ খাটে ম ৩৪১। [খাট(টু)নি, খাটা[৩]—শ্রম করা। "খাটুনি যে ভাল ছিল জ্বলুনির চেয়ে।—রবীন্দ্র। খাটা-খাট(টু)নি—কষ্ট-মেহনত। "খাটা-খাটুনি করলে শরীরটা ভাল থাকে অ.দ্রু ৩৮। খাটা-খাটি—অত্যন্ত খাটা; গুরুশ্রম। খাটুনে, -স্তে—শ্রমপটু, শ্রমশীল। খেটেখুটে—নিরন্তর খাটিয়া। হাড়ভাঙ্গা খাটনি—কঠোর শ্রম।]

খাট[৫] অর্ম [দেশী (?)] ১ সুসঙ্গত হওয়া; অনুরূপ বা যোগ্য হওয়া। "নীচ সহ যদি মহত্তের খাটে, তুলনা মা ১৩২। যে জন খড় পেতে খেজুরের চেটায় ঘুমিয়ে কাল কাটে। তাকে খাট পালঙ্ক খাসা মশারী, খাটিয়ে দিলে কি খাটে?—দা ২০৫৯। ২ এক হওয়া; অন্যথা না হওয়া; মিলিয়া যাওয়া। "তুমি বল এক সে বলে আর। তোমাদের কথা খাটে কৈ? ৩ কার্য্যকর হওয়া; ফলদায়ী হওয়া। "খলের সঙ্গে সাধুতা খাটে না। ৪ সত্য হওয়া; ফলা। "কাঙালের কথা বাসি হ'লে খাটে।—প্রবচন। ৫ যোগ্য হওয়া; মাপসই বা ঠিক হওয়া। "কাপড়টা একটু ছোট হ'ল, খাটল না, আর এক অঙ্গুল বড় হ'লে খাটত। ৬ মানানসই হওয়া; সুশোভন হওয়া; সাজা। "লালের কোলে জরদ খাটে না, কালা খাটে। [খাটা[৪]—যোগ্য হওয়া ইত্যাদি।]

খাটা[১] বিং [খট্ট (দেশী—প্রা.ম); হি, ঠ খট্টা; গু খটু] অম্ল, টক। —টা বি অম্লব্যঞ্জনবিশেষ, অম্বল। [খাটা-মিঠা (হি খট্টা মীঠা)—১ অম্ল-মধুর (দ্রব্য)। ২ কড়ি-কোমল (বাক্য)।]

খাটা[২] সর্ম [√খাট[৪]+আ[৮]] ১ পরিশ্রম করান; কাজ করান। দ্র 'খাট[৪] (১)'। ২ দাসত্ব করান। ৩ [√পাট+আ[৮]] সঙ্গত করা; যোগ্য করা ইত্যাদি। ৪ [√খট্ট—বিত্তায় খট্টয়েৎ (যোগশাস্ত্র, প্রথম-প্রকাশ—হেমচন্দ্র); বোধ হয়, 'কষ্ট' > √কষ্ট > √খট্ট] ব্যবসায়ে বা ঋণে নিয়োগ করা বা লাগান। "আনা সুদে কর্জ্জ দিয়ে, খাটিয়ে খুটিয়ে সঞ্চয় ক'রে রেখো দা ৯৮২। ব্যবসার জোর হচ্ছে মূলধন খাটানোতেই ঘ ৪০। ৫ যথাস্থানে সন্নিবিষ্ট করা বা লাগান। "যন্ত্রের অংশগুলি খোলা সহজ, খাটান কঠিন। ৬ [খাট[২] > √খাটা; তু 'তা খাট্টা—বাঁধা] খাটে লাগান বা টানান। দ্র 'খাট[৫] (১)'। ৭ বিস্তৃত করা; টানান। "চাঁদোয়া, পাল, সামিয়ানা খাটান। 'খাটায়ে' (পাঠান্তর) তাম্বুঘর, বসিলা সদাগর ক.চ ২০৩। [খাটিয়ে খুটিয়ে—খাটাইয়া খুটাইয়া; (ধন) নিয়োগ করিয়া; (লোককে) কাজ করাইয়া।]

খাটা[৩], **খাটা-খাটনি**, **-টি**; **খাটা**[৪] দ্র 'খাট[৪]; খাট[৫]'।

খাটাগুণ্ডা বি [হি কট্টা+গুংডা—বলিষ্ঠ দুর্বৃত্ত] ষণ্ডাগণ্ডা, ষণ্ডা-বদমাশ, গোঁয়ার-গোবিন্দ।

খাটান বি [√খাটা[২]+অন] ১ কার্য্য করান। "গতর, মজুর, মাথা খাটান। ২ প্রয়োগ করা। "কৌশল, বুদ্ধি খাটান। ৩ (ধন) নিয়োগ করা। "টাকা° ঃ মূলধন-খাটানো ঘ ৪০। ৪ টানান। "চাঁদোয়া, তাঁবু, মশারি, সামিয়ানা খাটান। ৫ যথাস্থানে সংযোজন ইত্যাদি।

খাটাল বি ['খাট[২]—মূল; অস খাটলা—গোসাঁইএর দোলা] ১ খাট। "খাটালে দাঁড়াইয়া নাগ চারিদিকে চায় ম.ম ৮৪; এ খাটাল হইতে সোনা ও খাটালে যায়। মধ্য খাটালে সোনা গড়াগড়ি যায়॥—১৪৬। ২ খাটের দুই পায়ার মধ্যবর্ত্তী অংশ।

খাটাশ, **-শী**; **খাটি** দ্র 'খটাশ; কাটি[২]'।

খাটিয়া বি [সং খট্বিকা >প্রা*খট্টিআ, -য়া >বা °য়া; হি খটিয়া, মৈ খটিআ] ছোট খাট।

খাটুলি বি [হি খাটোলা; তু 'খাটাল'] ১ ছোট খাট; খাটিয়া। "এ তো ভাল মিলন বটে, যেমন খাটুলি আর খাটে দা ৭২৫। ২ [অস খাঠলা—গোসাঁইএর দোলা] দোলা, ডুলি। "যত শিশু মেলি, রাখিল খাটুলি ম.ভা ৩১।

খাটো বিং [খাট[৩] >°টো] ১ খর্ব্ব, ছোট। "খাটো গছি গুআ ছাথ গো.চ ২৯৯; ৩০০। ২ লঘু, হীন, নগণ্য, ক্ষুদ্র। "আমার কাছে হিন্দু-সাম্রাজ্য খাটো হইয়া গেল ব.প্র ৫১১। ৩ মৃদু, অনুচ্চ। "একটু আওয়াজ খাটো করিয়া বলিতে লাগিলেন ব.প্র ৪২৮। ৪ লঘু, কম, ছোট। "বুনিয়াদ চাল খাটো করা যায় না ব.প্র ৩৭৫।

খাট্টা সর্ম 'খাটা[১]'।

খাড় বি [খাল[১] >খাড়] ধানখেতের মাটি উল্টাইয়া দেওয়ার জন্য গর্ত্ত। "ডুবে রয় খাড় যেন দেখা যায় জল শি ৮১। ব.প ১৩২।

খাড়ব বি [সং ষাড়ব (ষ > খ, দ্র 'খ'১)] যে রাগে সপ্ত স্বরের ছয় স্বর লাগে ; ষট্‌স্বরযুক্ত রাগ।

খাড়া১ বি [খাঁড়া১ > °ড়া] ১ পশুচ্ছেদনার্থ অস্ত্রবিশেষ ; খাঁড়া। "নোহার খাড়া না বইসে তার গদ্দানার উপর গো.চ ১০৩ ; ১৩৭, টীকা। ২ দ্র 'খাঁড়া'২।

খাড়া২ বিং [সং খড়ক—স্থাণু (S.W.) ; হি, ঠ খড়া ; গু খড়া—জুতার গোড়ালি] ১ স্থাণুবৎ স্থিত ; দণ্ডায়মান। "জম বেরিয়া খাড়া হৈল গো.চ ১৭, টীকা ; ২৮। করযোড়ে খাড়া আগে বি.সু ৮। রাজা দ্বারে খাড়া রহে ভ.প্র ৩০১। সিংহদ্বারে খাড়া রহে চৈ.চ ২৯৪। খাড়া রও প্রমোদের লোক স্ব.প্র ১১১। ২ ঊর্দ্ধাধোভাবে স্থিত (দণ্ডাদি ; upright)। "দিগ্‌গজ ছ হাত, যেন তালের কাঁড়ি খাড়া।—হেম ৩৭৯। কঙ্কাল রেখেছ খাড়া।—মন্দ্র ৫০। ৩ লম্বভাবে উত্থিত ; উৎসর্পী ; একেবারে সোজা ; সীধা (steep, vertical)। ৪ স্থির, গতিহীন, ঠাড়। ৫ স্থির, নির্দ্ধারিত, ঠিক। "শেষ নিজে এক দূতী খাড়া করিয়া মুরলার কাছে পাঠাইলেন ব.প্র ৪৭৯। ৬ সন্নদ্ধ, সজ্জিত, তৈয়ার। "বিদেশীর লয় ঝাড়া, সেফাই আছয়ে খাড়া, ছুজ্জতে ফেলায় মাথা কাটি বি.সু ১৫। ৭ ['খর'—মূল] শীঘ্র, সত্বর। "আদেশ পাইয়া খাড়া, আটলেন পিন্দন ধড়া গো.চ ৪৮০। চলিলেন খাড়া খাড়া আ.দু ১১৯। [খাড়াই (তু 'হি চড়াঈ)—খাড়াভাব, উচ্ছ্রায়, উচ্চতা। খাড়া করা—১ দণ্ডায়মান করা ইত্যাদি। ২ (পাঠশালে) শাস্তিবিশেষ দেওয়া (ইহাতে দুই পা ফাঁক করিয়া প্রসারিত হস্তে ইট লইয়া দণ্ডবৎ খাড়া থাকিতে হয়)। "যাহার বাড়ীতে থাকে, ইটে খাড়া করে তাকে বি.সু ৮৭। ৩ কোন কার্য্যে বহাল বা প্রবর্ত্তিত। "তাহাকেই খাড়া করিয়া তাহারই মুৎসুদ্দি হইতে হইবে আ.দু ১৪১। খাড়া খাড়া (হি খড়ে খড়ে)—অতিশীঘ্র, স্বল্পদিনেই। "খাড়া খাড়া বনিয়ে যাবে বড়া বাবু রাম অ.প্র ১২৮। খাড়া ফসল—যে ফসল পাকিয়াছে ও ক্ষেতে খাড়া আছে, কাটা হয় নাই ; ক্ষেতের পাকা ফসল। খাড়াবন্দি—সর্থ 'খারাবন্দি'। "গো.চ ৩৮৩। খাড়া হুণ্ডি—দর্শনী হুণ্ডি, অর্থাৎ দর্শনমাত্রেই (উপস্থিত করিলেই), যে হুণ্ডির টাকা দিতে হয় (Hoondi payable at sight)। বিপ 'মুদ্দতী হুণ্ডি'। ঘর খাড়া করা—ঘরতোলা। তাঁবু খাড়া করা—তাঁবু খাটান। ব্যাঙ্ক খাড়া থাকা—ব্যাঙ্ক প্রতিষ্ঠিত থাকা ; ব্যাঙ্কের নেনা-দেনার কাজ চলা। "কেহ বলে আমার ধনে ব্যাঙ্ক খাড়া আছে।—হেম ৩৮০। মামলা খাড়া করা—সাজাইয়া মিথ্যা মোকদ্দমার সৃষ্টি করা। এইরূপ 'হিসাব খাড়া করা'।]

খাড়ি, -ড়ী বি [তা 'খাড়াল'—সাগর ; হি খাড়ী ; ঠ খাডী ; 'খাড়ি' —খাদ (চট্টগ্রাম)—খাড়ি দিতে ন পার পৈর রে নিন্দা] তিন দিকে স্থলবেষ্টিত সাগরাংশ ; উপসাগর (firth, estuary)। "মকর মৎস্য ধরিবার প্রথম উপক্রমেতে ঐ মৎস্যেরা বহুকালপর্য্যন্ত অকুতোভয় হইয়া সমুদ্রের খাড়িতে আসিত।—রামমোহন রায়।

খাড়ু বি [হি খড়্‌আ ; দেশী (?) ; খাড়ু—মল্ (ঢাকা)] ১ বলয়বৎ হস্তাভরণবিশেষ ; চুড়িবিশেষ। "সবে মাত্র দুই গাছা খাড়ু ছিল হাতে। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ মলবিশেষ। "পায় খাড়ু দিল ম.ম ২৬। ব.প ১৮৭। ৩ ['খড়'—মূল (?)] বাড়ন, কোঁস্তা, ঝাঁটা। "খাড়ু মুড়া মারি তারে দূর ক'রে দিতে শি ৭৭। [খাড়ুর ঘায় গাড়ু যাওয়া—অল্পের জন্য বহু নষ্ট হওয়া।]

খাড়ু(লু)ই১, খাড়ৈ বি দ্র 'খলই'। "পঙ্কা মৎস্য মারে খাড়ৈ ধরে নেতা ম.ম ২১৯ ; নলখাঁক কাটিয়া তবে বুনিল খাড়ৈ ২৩০ ; খাড়ৈর জল ২৩১। বাগদীর খালুই গেল ব.প ১৩৮২।

খাড়ুই২ বি [তু 'খাউই'] সর্থ 'খাউই'। "চরখা খাড়ুই ফেলে পলাইল রাঁড়ি শ্রী.মা ১৮৬।

খাণ, -ন বি [সং খণ্ড, প খন্ড ; বা খান, -ণ] ১ খণ্ড, অংশ, টুকরা। "মরা কাষ্ঠ খান কৃ ৪ ; মহীরে করিল দুইখান ৩৩৯। একখান গুআ—গো.বি ৪৪। খাণ খাণ চৈ.ভা ৩০৪। (বাণ) শত শত খান।—রঙ্গ ১০২। ২ বস্তুস্বরূপ, অর্থাৎ তত্বস্তু। "পুরীখান ক.চ ১৮। প্রভুস্থখান শ্রী.মা ৬২। রথখান।—কৃ ২৫৬। ৩ খণ্ড, টা, টি। "চারিখান ঘাট ক.চ ৩৩। খান দুই সগলাদ খান দশ গড়া ২৪৫ ; ২৯৭। খান কত বস্ত্র ম.ম ২১০। ম.ভা ৫৬। খান কত গহনা ব.প ২৮৭। এক খান চটি গো.চ ২৭৫। একখান গুআ গো.বি ৪৪। (মাছের নামের পরে) ইলিস°, ভাঙ্গন°,-ভেটকি°। (কিন্তু, 'রুই-টা, কাতলা-টা)। ৪ প্রকার, রকম। "নানা°, নানান°, সাত°। কেবল কানড়া কল্পা করে এত খান। আমার এমন দশা, ভারির সম্মান॥—শ্রী ১৫৪। [খান কত—কয়েক খণ্ড ; কয়েকটা। খান দুই—দুই খণ্ড, দুইটা। খানখান—১ খণ্ডখণ্ড, টুকরা-টুকরা। "পর্ব্বতেরে করে খান খান কৃ ১৫৫ ; গদা হৈল খানখান ২৬৪। চৈ.ভা ৩০৪। ২ ছিন্ন-বিচ্ছিন্ন। "বহু সৈন্য কৈল খানখান ম ৮৫৫। ৩ শতধা বিদীর্ণ। "তোর তরে মোর প্রাণ, হ'য়ে যাইছে খানখান দু ৫৬।]

খানি, -নিক, -নিক১ ক্রি.বিং [ক্ষণিক > °ণিক, °নিক, °ণি ; 'খাণি,-ক' (অপ্র)] এক ক্ষণ ; অল্পক্ষণ ; কিছুকাল, একটু। "খানিক বিলম্ব করহ কৃ.উ ২৮১। খানিক জীবন রাখ ক.চ ২৬১। খানিক সোহাগ মাগে বি.পা ৪৭ ; ৫০। বসিলেন খানিক চৈ ভা ১১৩; স্থির হও খাণি ১৬৫ ; খাণি রহ ২৫২। খাণিক (চৈ.ভা. শব্দসূচী)। [খাণি এক—ক্ষণেক। "খানি এক বসিলী শ্রী.কী ১৯০। খাণিকেহো—ক্ষণেকের জন্যও। "খাণিকেহো না তেজিবোঁ শ্রী.কী ৩৮৮। খানিএক—ক্ষণেক। "খানিএক গোসাঞি কৃপা কর মনে কৃ.উ ২৮১। খানিক লাগিয়া—অল্পক্ষণের জন্য। "খানিক লাগিয়া স্বর্গ না পেলাম হাতে ম.ম ১২৮।]

খাণ্ডব পুং [খণ্ড (M.W) + অ (অণ্) 'তদ্বিকার' অর্থে] খণ্ড-বিকার ; খণ্ডবিকার মিষ্টান্নবিশেষ ; ভক্ষ্যবিশেষ (রা.টীকা) ; পিপ্পলী-শুণ্ঠীযুক্ত মুদ্গযূষ (মহা ১৪.৮৯.৪১, নীলকণ্ঠ)। "রা ১.৫.৪। মহা ১৩.৫৩.১৭ ; ১১৬.২। —ব ক্লী ইন্দ্রপ্রস্থের নিকটে যমুনাতীরস্থ বনবিশেষ। "মহা ১.২২৩.৬। ভ ১.১৫.৮। [এই বন ইন্দ্ররক্ষিত। অগ্নির প্রার্থনায় অর্জ্জুন ও শ্রীকৃষ্ণ ইহা দগ্ধ করেন।]

খাণ্ডবপ্রস্থ পুং, ক্লী নগরবিশেষ। [খাণ্ডববন দগ্ধ হইলে ঐ স্থানই 'খাণ্ডবপ্রস্থ' নামে অভিহিত হয় (খাণ্ডবপ্রস্থং খাণ্ডবদাহেন খ্যাপিতং স্থানম্।—মহা ২.২৫.১১, নীলকণ্ঠ)। "°বাসঃ (মহা ১.২.১১৯), খাণ্ডবপ্রস্থে যুষ্মদ্বাসঃ ; খাণ্ডবপ্রস্থং ব্রজধ্বম্ (মহা ১.৬১.৩৩ ; ৩৪) ইত্যাদি শ্লোকে ঐ নগর 'ইন্দ্রপ্রস্থ' বোধ হয়।]

খাণ্ডবিক, খাণ্ডিক পুং [খাণ্ডব, খণ্ড + ইক (ঠঞ্)] খাণ্ডব বা খণ্ড যাহার শিল্প ; মোদককারক, ময়রা। [মহাভারতে "রাগখাণ্ডবিক" (১৪.১.১৯) আছে, কেবল 'খাণ্ডবিক' নাই ; উহার অর্থও বিভিন্ন। সুতরাং 'ময়রা' (ত.বা) অর্থ বিবেচ্য।]

খাত বিণ [√খন্ + ত (ক্ত)-র্ম্ম ; ছান্দস] ১ কৃতখনন, অবদারিত। "খাতং পিতৃভির্মার্গম্ রা ১.৪১.৬। খাতে জলাশয়ে।—মহা ১৩.৬৫.৫। দেবখাতবিলে গুহা (অ.কো)। ২ নিষ্কুষিত, জারিত। "কীটখাতস্য (তরোঃ)।—পঞ্চ ২.৯৬। ৩ ছিন্ন, বিদ্ধ (Wilson)। ৪ ভূমিনিহিত, নিখাত। "ন খাতপূর্ব্বং কুর্ব্বীত মহা ১৩.৬১.২৫। —ত ক্লী [তু 'খন্ত' —খাত (দেশী ২.৬৬)] ১ পুষ্করিণী (অ.কো)। "পতন্তি কদাচিন্নভসঃ খাতে (জলম্)।—পঞ্চ ৫.২৯। [শতধনুঃ পুষ্করিণী, ত্রিংশতধনুঃ দীর্ঘিকা, চতুঃশতধনুঃ দ্রোণ, পঞ্চশতধনুঃ তড়াগ, দ্রোণদশগুণ বাপী (শ.ক)।] ২ গর্ত্ত, বিল। "পৃথ্বীখাতনিখাতেন ধনেন হি ১.১.৬৭।

°পুর ভ ৬.৯.৭। খাতেষিব মহাদ্বিপাঃ ক.সা ১১.২৫। কুলেতে কুঁড়িয়া খাত রসদ করিল।—ক.চ ২০০। ৩ পরিখা, গড়খাই। "দুর্গং কুর্য্যান্ মহাখাতম্ হি ৩.৫৫। ৪ কূপ। "নিঘণ্ট ৩.২৩। ৫ গুহা (Wilson)। ৬ [+ত-ভা] অবদারণ, খনন। —তা¹ স্ত্রী পুষ্করিণী। [°ব্যবহার (পুং) —পুষ্করিণী-প্রভৃতির পরিমাণ; পুকুরকালি (লীলাবতী)।]

খাতক¹ পুং [খাত > √খাতি+অক (ণ্বুল্)-ক] ১ পরসৈন্য-বিদারক। "মহা ১২.১১৮.১১। ২ খনক (Wilson)। —ক ক্লী [খাত+ক (কন্) স্বার্থে] ১ খাত, গর্ত্ত। "খাতকোদক ভ ৬.১২.২২। ক.সা ১২.১০৪; ১৩.১৪৮। ২ পরিখা, খাই।

খাতক² পুং ['সং খাদক > °ক; তু 'প্রা মতন (মদন)—হে ৪.৩২৫] যে খত দিয়া ঋণ করে; অধমর্ণ, ঋণকর্ত্তা। বিপ 'মহাজন'। 'উত্তমর্ণো ধনস্বামী অধমর্ণস্তু খাতকঃ (গোপীচন্দ্র—শ.ক)। "খাতক-পাড়া ক.চ ৭৪। খত দেই, খাতক হোয়ব জ.প ৫৫। দা ১৬৯, খাতক বলি খত দিয়ে খালি করেছি লেঠা ২০৬০। খাতক ত্রিভঙ্গী শ্যাম মহাজন শ্রীরাধাপ্যারী লু.র ১০৮। বাধ্য প্রজা বা খাতক বিস্তর লোক ছিল ব.প্র ৪৫৫। পা.প্র ২০৯। নী ৭৩।

খাতা¹ দ্র 'খাত'।

খাতা² বি [আ খ.ত্—a note; হি খাতা] ১ যাহাতে আসামী বা ব্যাপারী প্রভৃতির লেনদেনের হিসাব বরাবর লিখিত থাকে; দেনা-পাওনার হিসাব-বহি; হিসাব-বহি। "ছুটি দেওয়া যায় অতি সত্বর, খুলতে হয় না খাতা-পত্তর।—কা ১২৭। ২ কোন বিষয়ের স্মরণার্থ লিপি-পুস্তক (note-book)। ৩ একত্র গাঁথা বা বাঁধা কাগজ, বহি। "আঁকের খাতা। ৪ বিভাগ। "ধরম°, খরচ°, দান°, মাল°। ৫ ভাগ, দল, ঝাঁক। "পক্ষী খাতা খাতা উড়ে শ্রী.মা ১৪১; খাতা খাতা শৃগাল ১৮৭। ইয়ারের দল…খাতায় খাতায় এর দরজায় তার দরজায় টু মেরে বেড়াচ্চেন হু ৬; ৩৮; ১৯২; মাগির খাতা ১৯৫; বেশ্যারা খাতায় খাতায় ছক্কড় কেরাঞ্চীতে…চলেচে ২০৭। ৬ ভূমিখণ্ড, বন্দ। "খাতায় খাতায় জরিপ করা। [খাতা-খাতা—দল-দল; ঝাঁক-ঝাঁক। খাতায় খাতায়—দলে দলে। খাতা খোলা—হিসাব খোলা; লেনদেন আরম্ভ করা। খাতা-পত্তর—হিসাব-কিতাব, কাগজ-পত্র। খাতা-বন্দি —হিসাববহি-ভুক্ত। খাতা লেখা—দিবসান্তে কারবারের দৈনিক বেচা-কেনার বা আয়-ব্যয়ের হিসাব লেখা।]

খাতির বি [আ খ.াতির] ১ আদর, সম্মান, গৌরব। "গতির তারিফ কত, হাতীর খাতির হত, মতির খাতির নাই দন্তে।—দা ২১০৩। ২ প্রার্থনা, অনুরোধ। "আমি যোড়হাত করিতেছি, শ্রবণ করুন। আমার খাতির। ব.প্র ৪৪৬। ৩ অনুগ্রহ, অনুকম্পা। ৪ মন, ইচ্ছা, আন্তরিক ইচ্ছা। "তোমার ভরসা পেলে আমার খাতির। পার হতে পারিব কি অজয়ার নীর॥—শ্রী.মা ১৫৬। ৫ নিমিত্তে, জন্তে, কারণে। "পরাণ হারায়েছিনু পেটের খাতির শ্রী ১৬৬। তস্‌কির খাতির উসে পীর এতা কিয়া রা.স ৩১। [খাতি(তে)র জমা—১ মনের শান্তি বা সুখ; দৃঢ়বিশ্বাস। "ক্ষুদ্র বেটাকে খাতির ক'রে, খাতির জমায় ছিলাম ভুলে দা ২০৬০। E.P. 60; 62। ২ সন্তুষ্ট, প্রীত; দৃঢ়বিশ্বাসী। "ইহাতে দুই ভ্রাতা খাতির জমা হইয়া গেল ব.প ১৬৯১। আপ খাতের জমা রহিয়ে—কিস্‌ইকা পাস নেহিন্ বোলেঙ্গে ব.ধি ২৯২। খাতির-দারি, -রী (ফা খ.াতির্ দারী)—সমধিক সমাদর; বিশেষ সৎকার; আতিথ্য। "দুই ভ্রাতাকে খিলাত দিয়া খাতিরদারিতে সে দিবস বাসায় বিদায় করিল তাহার দিগকে ব.প ১৬৯১।]

খাতেমা বিং [আ খ.াতিম] শেষ, চূড়ান্ত। "শেষে তিনি আসামী ফেরার বলিয়া এক খাতেমা রিপোর্ট দাখিল করিলেন ব.প্র ৩২৪।

খাদ্ সক [ভ্বা, প—খাদতি; সেট্] ভক্ষণ।

খাদ বি ১ দ্র 'খাইদ'। ২ [সং খাত; হি খাদ; মৈ খদ্ধা, -দ্ধী, খাধি] খাত, গর্ত্ত, খাই। "শ্রীরামের পূর্ব্ববংশ নৃপতি সগর। তিঁহ খাদ করেছেন এই ত সাগর।—কৃ ২০০। ভাগীরথীখাদ ভা.চ ২৬; জান বাচ্চা এক খাদে, গাড়িব হারামজাদে ৩৭৯। খাদোদক চৈ ১৯। ৩ (সঙ্গীতে) গলনালীর খাদে, অর্থাৎ খাতে বদ্ধ (?) মোটা স্বর-বিশেষ; গলা-চাপা সুর।

খাদক পুং [√খাদ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -দিকা] ১ ভক্ষক, ভোক্তা। "মহা ১৩.১১৫.৩১। মনু ৫.৫১। গোমাংস° (গোভিল)। ২ অধমর্ণ। তু 'খাতক'। —দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ভক্ষণ, ভোজন। "রা ২.৫০.৪৫। ২ [+অন-র্ম্ম] খাদ্য, ভক্ষ্য। —ন পুং [+অন-ণ] 'খাদনসাধন', দন্ত। —দিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম; বৈদিক] ভক্ষিত, ভুক্ত। "ভট্টি ৬.৬।

খাদা বি [খাদ+আ¹²; অপ্র] ১ গর্ত্তযুক্ত পাত্রবিশেষ; গামলার মত পাত্র; খোরা। "কেহ বলে খাদার 'টানে' (মানে?) খাব চিড়া কলা ম.ম ৯৪। ২ ষোল বিঘা জমি (প্রাদেশিক)। [বোধ হয়, ষোল বিঘা মাপের পরে চিহ্নস্বরূপ খাদ কাটা হইত।]

খাদি, -দী বি [হি, ঠ, গু খাদী; ড় খদি; 'ক্ষুদ্র'—মূল (?)] ১ গজ-প্রমাণ বা কিঞ্চিদধিক ছোট মোটা কাপড়। "ভুনী ধুতি খাদি বুনে গড়া ক.চ ৮৯। তারি উপযুক্ত খাদি কাচা দা ৬৭। ২ ক্ষুদ্রাংশ, টুকরা (?)। ৩ [ঠ খাংদী—শাখা; 'স্কন্ধ'—মূল] (বৃক্ষস্কন্ধজাত) শাখা; খর্জ্জুর-শাখা। ৪ খাদ, গর্ত্ত (নাটোর)।

খাদিম বি [আ খ.াদিম্] ১ সেবক, ভৃত্য, সহচর। ২ সেবায়ত।

খাদির বিণ [খদির+অ (অণ্); স্ত্রী -রী; ছান্দস] ১ 'খদির-বিকার', খদিরকাষ্ঠনির্ম্মিত। "বাটখাদিরৌ (দণ্ডৌ) মনু ২.৪৫। ২ খদিরসম্বন্ধী। "°সার। —র পুং খদিরসার, খয়ের।

খাদী (-দিন্) বিণ [√খাদ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] যে খায়; ভক্ষক। "নগ° মহা ১৩.১০৪.১৫। মনু ৪.৭১। —দ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম; স্ত্রী -দ্যা] খাদনযোগ্য, ভোজনীয়, ভক্ষ্য। —দ্য ক্লী ভক্ষ্য দ্রব্য; ভোজ্য, আহারসামগ্রী। "খণ্ডনখণ্ড°। বিবিধৈঃ খাদ্যৈঃ মহা ২.৪.৩।

খাদ্য দ্র 'খাদী'।

খান্ বি সর্ব 'খাঁ'। "বুদ্ধিমন্ত খান্ চৈ.ভা ২৮৩। [খান্ বাহাদুর (ফা খ.ান্ বহাদুর্)—সম্মানসূচক উপাধি।]

খান¹ বিং [সি খন্তু—ট্রিহারো খন্তু (থান ত্রিশ, about thirty) C.G. § 429] প্রায় (তৎসংখ্যক)। "খান তিনেক, খান আষ্টেক, খান দশেক ইত্যাদি।

খান² বি [ফা খ.ানহ্; তু 'সং স্থান>প্রা থান] ১ স্থান। "এ°, ঐ°, ও°, সে°, মাঝ°। তারা আইল সেইখানে।—শ্রী.ম ২৩। ২ [সং খনি; হি খান] খনি, আকর। [খান জায়গা—আকরস্থান, আদি-স্থান, মূলস্থান।]

খানক বিণ [√খন্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -নিকা] খনক। "মূল-খানক মনু ৮.২৬০।

খাম(মো)কা, -খা ক্রি-বিং [ফা খ.ামখ.া; হি খামখাহ, খ.াহমখ.াহ, ঠ খাম(মা)খা] ১ অনর্থক, অকারণ, অহেতুক। "খামকা গঞ্জনা সহিতে নারি ব.সু ৫৯। হরবল্লভ রায় অতি পাষণ্ড। খামখা আপনার বেহাইনের জাতি মারিয়াছিল ব.প্র ৩৯৮। আমি খামখা তার মন্দ করিতে চাই না, কিন্তু যদি তার মন্দ করিলে আমার ভাল হয়, তবে না করি কেন?—ব.ধি ৩৭। বুড়ো ঋষিগুলো এত খামকা লিখবে কেন!—অ.প্র ১০৭; এ খামকা খামকা অপেক্ষা করিয়ে রাখলে কেন? ১১০। উড়ে ম্যাড়া খামকা আমার দাড়ীগুলো টেনে ছিঁড়ে দিলে নী ৭২। ২ অকস্মাৎ, হঠাৎ। "ঘুমে না জুটে, খামকা উঠে হাম্বা দিয়ে গিয়ে

সেঁধুল বনে গি.ছি ১০৫। খামকা গিয়ে থানাদার. গেরেপ্তার করিয়া বিচ্ছেদে.…হুজুরে হাজির করে দা ২০৯৪। তা'রা ভাবনার গাড়িকে খামকা এক লাইন থেকে আর লাইনে চালান ক'রে দেয় ঘ ৬২। ৩ নিঃসন্দেহ, ঠিক। "ক্ষেপা ব'লে না দিবে পুত্রী খেদায়ে দিবে খামকা দা ১৬৬৮। ৪ হঠাৎ, অর্থাৎ কর্ত্তব্যাকর্ত্তব্যবিচার-ব্যতিরেকে। "সেবার গুণী গোয়ালানীকে খামকা একটা কথা ব'লে কি চলানটা চলালে ন.ত ৩৩।

খামকী বি [ফা খ.নগী] বারনারী, বেশ্যা। [°খোর—বেশ্যাসক্ত। °গিরী, °পনা—বেশ্যাবৃত্তি; দুষ্টামি। °টোলা—বেশ্যাপাড়া। °বাজ—বেশ্যাসক্ত। °বাজী—লম্পটতা।]

খানপান ক্লী [√খে ভক্ষণ+অন (ল্যুট্)-ভা (শ.ক); খান ও পান, স.দ্ব; তু 'সং খাদন >প্রা খাণ—খাণেণ অ পাণেণ অ (প্রা.ম); হি খানা পীনা] ভক্ষণ ও পান। "ইতরে খানপানেন (তুষ্যন্তি)।—গরুড়পুরাণ, ১০৯তম অধ্যায়। খানপানা শক্তিহেন চ ২৬, টীকা।

খানসামা বি [ফা খ.ান্ সামান্] ভৃত্যবিশেষ, অর্থাৎ যে ভৃত্য প্রভুর প্রয়োজনীয় জিনিশ-পত্র রক্ষা করে; প্রভুর ভাণ্ডারীবিশেষ (house-steward)। "সম যূথ যুঙ্কে খানসামা শ্রী ১৬৬। হেড খানসামা হু ১৫২। [°গিরী—খানসামার কার্য্য বা পদ। খানসামানি—খানসামার কার্য্য। "(দাউদ) জানকীবল্লভকে রাজা বসন্তরায় খেতাব দিয়া খানসামানির দেওয়ান করিলেন ব.প ১৬৮৫।]

খানা[১] বি ['খন্ন'—খাত (দেশী ২.৬৮); P. cano] ১ খাত, খাই, লম্বা গর্ত্ত। "সাত হাত খানা ক.চ ১৮৩। দুশ হাত খানা: গড়খানা শ্রী.মা ১৫৯। ত্রিশ হাত খানা শ্রী ৬৭। ২ গর্ত্ত, কূয়া। "ঘোরতর নিরুপম কূপসম খানা ভা.চ ৩৯৩। আমি তখন খানায় প'ড়ে ব.ছি ৩২। ৩ গড়খাই; পরিখা। "চৌদিকে গভীর খানা গণ্ডকীর বারি শ্রী.মা ১২২। [খানা-খন্দ (খানাখুন্দি—ময়মনসিং)—খাই ও বড়গর্ত্ত। "নানা খানা-খন্দ, করে পথ বন্ধ স্ব.প্র ৯৮।]

খানা[২] বি [খান[১] >খানা] ১ খণ্ড; টুকরা। "খানা খানা করিয়া চিড়ে পৃথিবীর বুক ম.ম ৩১। ২ খণ্ড, টা, টি। "এক খানা সিদা গো.চ ২৭৫। তিনখানা দিলে একখানা রাখে, বাকি কোথা নাহি জানে। একখানা দিলে নিমেষ ফেলিতে তিন খানা করে' আনে॥—চ.কা ১৭১।

খানা[৩] বি [হি খানা; প খাণা; তু 'প্রা খাণ (খাদন)] ১ ভক্ষণ, খাওয়া। "খানা পিনা আয়েব না করে ভা.চ ৪৮০; ৪৮৪। ২ খাদ্য, খাবার। "আবকারী আর উইলসনের খানা ভিন্ন খায় না দা ২০৪৯। খানা. রসাল রসনাতৃপ্তিকরী।—মন্দ্র ৫০। (ঠকচাচা) কাজকর্ম্ম শেষ হইলে, গোসল ও খানা খাইয়া বিবির নিকট বসিয়া…তামাক টানিতেন আ.দু ১০৮। ৩ ভোজ। "ওথায় পেত্নিনী দানা, খাইছে সথের খানা (কাব্যনির্ণয়)॥ বেলগেছেতে খানা দিয়ে খেটে হ'লে খুন।—হেম ৩৮৫। ৪ মুসলমানের শ্রাদ্ধের ভোজ। [খানাপিনা (হি খান পীনা)—পান-ভোজন, খাওয়া-দাওয়া। তু 'সং খানপান'।]

খানা[৪] বি [ফা খ.ানহ্] ১ গৃহ, ঘর, মোকাম। "কার°, খয়রাত°, তয়°, পীল°, বৈঠক°, মাল°, মুসাফীর°, মুদি°; °তল্লাসী, °বাড়ি। ঘড়ি°, নবৎ° ব.প ১৫১৬। ২ কোষ্ঠ; কোঠা, ছক-কাটা ঘর। "°পুরী (জরিপে)। [খানাতল্লাসী (ফা খ.ানা তলাশী)—কোন দ্রব্যের বা আসামীর নিমিত্ত ঘরের ভিতর তন্ন তন্ন করিয়া দেখা। "এদের খানা-তল্লাসী কল্লে মালপত্তর বেরুবে অ.গ্র ৮৮। তোবড়া তুবড়ির খানা-তল্লাসী।—হু ১৩৬। খানাপুরী—নকশার ঘর-পূরণ; (জরিপে) সংখ্যা প্রজার নাম জমা জমি ইত্যাদি লিখিয়া কোঠা পূর্ণ করা। খানা-বাড়ি—বসতবাটী, ভিটাবাড়ী। "॥২ কাঠা জমি খানাবাড়ি হুকুম হয়, তবে বাড়ি বানাইয়া বসত করি E.P. 57; 58; আপন খানাবাড়ির মধ্যে এক হবেলি 60. খানাবাড়ির প্রজা—ভিটাবাড়ীর রাইয়ত। খানাশুমারী (ফা খ.ানহ্ শুমারী)—গৃহগণনা, লোকগণনা (census)। খানেখারাব (ফা খ.ানহ্ খ.রাবী)—সর্ব্বনাশ, বিধ্বংস, উৎসন্ন, নিপাত। "খানেখারাব বা (গালি)। খানেখারাবে—সর্ব্বনেশে।]

খানি[১] বি [খান[১]+ই[১১]; অপ্র] ১ খণ্ড, খান, টুকরা। "সেইক্ষণে তার মুণ্ড হবে খানি খানি ম ৮৭৩। বাঁটে খানি খানি শ্রী ১৬৭। খড়্গ হৈল খানি খানি ম.পা ১৫২। খানি খানি করি চিরি ফেলে চৈ.ভা ৬০; খানি খানি করি তাহা কাটিয়া বেচয় ২২৩। অমিয়ার সার যেন পড়ে খানি খানি রা.শে ১৩২। ২ ['ন[১]+ই[৯]] তৎস্বরূপ, তদ্বস্তু (আদরে)। "শুন বধুখানি শ্রী.ম ১৮৮। দয়াধনখানি দু ৫৫। গরল° বি.পা ২৫। নিরমল কুলখানি চ.দা ৭। ব্রতের প্রভাবখানি শি ৬৬। ৩ টি। "একখানি সিদা গো.চ ২৬০। চলন° ক.চ ১৫৪। কন্যা° শ্রী.ম ১৬; পো° ২৭; ৬৭। হউ কন্যা একখানি ম ১০৯। চৈ.ম ৭৭। দুখানি নয়নে চৈ ৫০। স্থান° চৈ.ভা ২৮৭; একখানিমাত্র ৪৫১; একখানি বাক্য ৪৫৩। মু°, হাসি° জ্ঞা ১৩; কথা° ২১; গা° ৬১। বরণ° ন.প ৩০৮। তুমি ময়মত্ত হাথী, হাম ফুলখানি শ্রী.ম ৮৮। একখানি কথা মী ১৬। নাম° ম.পা ১০৮; অঙ্গ° ১১৫; একখানি নিবেদন ১৪৪। একখানি বর্ বা.ম ৯। নাম° দু ৫৫। কন্যা° গো.বি ৩৯; বি.পা ৩০০, একখানি কথা ৩৩৩। গোপা° ব.প ২৮৬। করতল°; শুধু একখানি ভয়, একখানি আশা চ.কা ১১৯। বাঁশি°।—গান ১৪৬। সেতারখানি গী.লি ৭৬। ৪ বিন্দু, টু। "একখানি অশ্রুভরে নম্র ভালবাসা চ.কা ১১৯। ৫ টু। "শুধু এক প্রান্তে তার প্রলয়মগন. বাকি আছে একখানি শঙ্কিত মিলন চ.কা ১১৯। ৬ মাল্যযষ্টি, ছড়া। "পাঁচখানি (মাল্য): মালা দুখানি: কর্পূরের গলায় দিলেক একখানি। আর খানি পরে তবে আনন্দে আপনি॥—শ্রী.মা ৯৬। ৭ পরিমাণ (quantity); বয়ঃপরিমাণ, আকারপরিমাণ। "একটু খানি জল, ছেলে, কাঠ। [খানি খানি—খান খান; খণ্ড খণ্ড।]

খানি[২] বি ['খানিক >°নি] ১ (অপ্র) কিয়ৎকাল, কিছুক্ষণ, একটু। "স্থির হও খানি বি.পা ১৪৯; ঠাঁই ঠাঁই ধুয়া দেহ যত্ন করিয়া খানি ২৫০; ক্ষমা কর খানি ৩৫৩। ২ (অপ্র) কিয়ৎকাল, একদিনও। "বিভা হৈয়া গৃহমধ্যে না বঞ্চিনু খানি বি.পা ৩৭৬। ৩ (অপ্র) বক্তব্য বিষয়টি। "বৃহস্পতি বলে ইন্দ্র তুমি কহ খানি বি.পা ৩৫৫। ৪ (অপ্র) একটু, অল্প। "স্বামীরে শৃগালে খাইল লজ্জা নাহি খানি বি.পা ৩৬৮। ৫ [খানেক >°নি] (অপ্র) প্রায় তৎপরিমাণ। "লোহার তণ্ডুল সঙ্গে লইল সেরখানি বি.পা ২৫৯। ৬ ক্ষণ, কাল। "একটুখানি ভাব্ব প.কা ১১।

খানিক[১] দ্র 'খাণি'।

খানিক[২] বি ১ কিয়দংশ, কিঞ্চিৎ, একটু। "যে ধনে হইয়া ধনী, মণিরে মান না মণি, তাহারি খানিক. মাগি আমি নতশিরে।—কথা ৭১। ২ অত্যল্প, কিছু। "নিভৃতে টোটা মধ্যে যদি স্থান খানিক পাঙ চৈ.চ ১৪২। —ক বিং ১ কিঞ্চিৎ। ২ কিয়ৎ, অত্যল্প, একটু। "ঠাকুর-মা শুনে খানিক ক্ষণ গম্ভীর হ'য়ে রইলেন হু ৮৩; —ক ক্রি.বিং ১ (অপ্র) ঈষৎ, অত্যল্প, অণুমাত্র। "যক্ষগণ ধরাধরি কত বাহুবলে। তথাপিহ মধুকর খানিক নাহি হেলে॥—বি.প ২৩৭। খানিক না হেলিছে তার কাজলের রেখা ৩৬৪। ২ আংশিকভাবে, কিয়ৎপরিমাণে, একটু। "চান্দর আশা রাজা বুঝিয়া খানিক। পাকরির বদলে রাজা দিলেন মাণিক॥—ম.ম ১২৯। [খানিক দয়া (অপ্র)—একটু দয়া। "নিষ্ঠুর লক্ষ্মণের খানিক নাহি দয়া কৃ.উ ২৫৮।]

খানেক বি [খান[১]+এক] প্রায় এক; প্রায় পুরা। "(কাল-সম্বন্ধে)

ঘণ্টা°, মাস°, বছর° ; (রৈখিক পরিমাণে) কাঠা°, গজ°, ফুট°, হাত° ; (ওজন-সম্বন্ধে) ছটাক°, মণ°, সের° ; (মাপ-সম্বন্ধে) কাঠা°, পালি°, বিশ°, শলি° ; (সংখ্যা-সম্বন্ধে) লাখ°, শ°, হাজার°। প্রহর খানেক নিশা চৈ.ভা ৩৭২। ইঞ্চি খানেক এদিক-ওদিক একটু হবার জো নেই প.কা ৩৫। শ'খানেক পাতা।—রবীন্দ্র।

খানেখারাব, খানেখারাবে দ্র 'খানা[৪]'।

খানেজাদ্ বি [ফা খা.নহ্ জা.দ্] 'গৃহজাত', ঘরে জাত বা পালিত ভৃত্য ; ক্রীতদাস, গোলাম। "চেলা খানেজাদ যত কে করে গণন ভা.চ ২৫ ; খানেজাদ চেলা চোপদার ৩৭৭।

খান্তি বি [সং ক্ষান্তি > °ন্তি, দ্র 'খ[২]' ; অপ্র] ধৈর্য্য, শান্তি, সুখ। "খান্তি না পায় রাজা সদাএ জঞ্জাল কৃ.উ ২০৯।

খান্দা বিং [দ্র 'খাঁদা'] নতনাসিক (চেপ্‌টানাক) বা ছিন্ননাসিক। "খান্দামুখে গর্জ্জে খান্দী।—কৃ ১৪৫। —ন্দা বি খাঁদা (পুরুষ)। —ন্দী নতনাসিকা বা ছিন্ননাসিকা নারী ; খাঁদী। দ্র 'খাঁদা (১)। "কোতয়াল কহে খান্দী তওভি করতি সোর বি.প ১০১।

খাপ[১] বি [মৈ খাপ – আবরণ ; আবরণ, মলাট (ঢাকা, রাজসাহী) ; E. scabbard] ১ অসির আধার ; কোশ। "স্বর্ণমুট খাপ ভ.গ্র ২২৭। খোলি-খাপসেঁ৹ খরগ খরতর৹ মদন মারত ধাবই জ.প ৪৪। ঝিলমের স্রোতখানি বাঁকা৹ আঁধারে মলিন হ'ল—যেন খাপে ঢাকা৹ বাঁকা তলোয়ার চ.কা ৪৭০। ২ অস্ত্রকোষমাত্র, আধারমাত্র। ৩ [সাদৃশ্যে ; অপ্র] বিস্তৃত মুখ ; গাল। "বেঙ্গ ধরিতে ঢোড়া খাপ পাতি যায় বি.পা ৩০৫ ; হরিণ ধরিতে রৈল খাপ পাতিয়া ৩০৬। [খাপ খাওয়া—খাপে ধরা, অর্থাৎ অসির খাপের সহিত অসির সুসঙ্গতি বা মিল হওয়া ; (গৌণার্থে) সঙ্গত হওয়া ; প্রসঙ্গানুরূপ হওয়া ; মিল বা মানানসই হওয়া। খাপখোলা—সর্থ 'খাপছাড়া (১)। খাপছাড়া—১ কোষমুক্ত, বিকোষ। "খাপ-ছাড়া তলওয়ার দা ৯৬। ২ যাহা খাপ খায় না ; অপ্রাসঙ্গিক, সঙ্গতিহীন, বে-মানান, গরমিল। খাপস্তি কায়—কায়-কোষে বদ্ধ হয় (?)। "লোহ মোহ কাম ক্রোধ বরস্তি জিউ খাপস্তি কায় শূ ১৩৬ ; ১৩৭।]

খাপ[২] বি [খাবল >.(খাব) খাপ] সর্থ 'খাবল'। [খাপে খাপে লাগা —খাবলে খাবলে মিলিত হওয়া ; খাঁজে খাঁজে মিলা।]

খাপ[৩] বি [ফা গফ্‌—ঘন-বোনা (কাপড়)] ঘন বা ঠাস বুনন। [খাপী —পাতলার উপর ঠাস-বোনা (কাপড়)।]

খাপকান ক্রি (অপ্র) খাপা হন ; ক্রুদ্ধ হন (?)। "তেনারা খাপকান —তেনাদের নজদিগে এস্তে মোর ডর লাগে আ.দু ১৩১।

খাপড়, -র বি [সং খর্পর > প্রা খপ্পর > খা °র, °ড় ; হি খপড়া, -রা, খপ্পর -ড় ; ঠ খাপর ; গু খাপড়ু ; অস খাপ্‌রি ; প খপ্পর ; ড় খপরা ; অপ্র] ১ ঘটাদির ভগ্ন অংশ ; ভগ্ন কপাল ; খোলা, খাপরা। "তোমার ঘরের টাকা দেখি খোলায়া খাপর।—গো.চ ১৫৬ ; খোলা খাপড় ঘাস জাবুরা চেছিয়া ফ্যালাইন ২১৮। ২ [হি খপড়া, -রা ; অপ্র] চওড়া-ফলা তীরবিশেষ। "মারে কেহ তীক্ষ্ণ খাপর চ.বি ৭৯ ; কাতি খাপর মারে ৮৭ ; ১৬৬ ; ২৩১ ; খড়্গা খাপর ১৪৮। ৩ কালিকার রুধিরপানপাত্র ; খর্পর। "শোণিত সব পুরিয়া খাপরে চ.বি ২২৯। ৪ মৃন্ময় ভিক্ষাপাত্র ; নরকপাল। "হাথে খাপর ভিখ মাঙ্গএ বোগিনী শ্রী.কী ৩১৮। ৫ ঘটাদির কপাল, অর্থাৎ উর্দ্ধভাগ ও অধোভাগ। ৬ ঘটকপালবৎ শিরস্ত্রাণবিশেষ (?)। "রাহুত মাহুতগণ…টোপর খাপর আচ্ছাদন শ্রী.ম ২২৩। —রা বি [°র > রা, দ্র 'আ[১৩]'] ১ ঘটাদির ভগ্ন অংশ ; খোলাকুচি। ২ [সাদৃশ্যে ; অপ্র] শরাব, শরা। "ব্যঞ্জনের তরে দিল নৌতুন খাপরা ক.চ ৫০। খাপরা ভরিয়া জল উর্দ্ধে চাপাইল চৈ.চ ১৪৭। ৩ নরকপাল, মাথার খুলি। ৪ খোলা, টালিখোলা। —রি বি [°র+ই[১১] ; মৈ °রি] সর্থ 'খাপর (১), 'খাপরা (৩)। [জুতিয়ে মাথার খাপরি উড়ান—জুতার চোটে মাথার খুলি উঠান।]

খাপরেল বি [হি খপরৈল] খাপরায় ছাওয়া চাল ; খোলার চাল। "(পিতা) সামান্য খাপরেলের ঘরে বাস করিতেন ব.প্র ১৯৫।

খাপা, -প্‌পা বিং [ফা খ.াফ.া ; তু 'সং খপ্প—ক্রোধ (উ ৩.২৮)] অপ্রসন্ন, ক্রুদ্ধ, রুষ্ট। "কংস রাজা আছে খাপা, যাবা মাত্র সারবে দফা দা ৫৩২। হাঃ, হাঃ, ভায়া খাপ্পা বড়।—গান ২ ; ৩। নী ২০ ; দেওয়ানজি মশাই খাপা হবেন না ৭০।

খাপি, -বি বি ['খাপ[১]—মূল (?)] ১ 'খাপের মত বিস্তৃত মুখ (?) ; মৃত্যুর পূর্ব্বে শ্বাসকষ্ট হেতু মুমূর্ষুর মুখব্যাদান বা হাঁ-করা। "খাবি খেয়ে মরে লোক হাজার হাজার ভা.চ ৪৫৫। খাবি খেয়ে তলিয়ে এলাম ব.প ১৮৪৩। ২ ভাসমান মৎস্যের মুখব্যাদান। ৩ প্রাণভয়ে শ্বাসকষ্ট হেতু ভীরুর মুখবিস্তার। "অক্ষম জনার রঙ্গ-ঘরে, বসি ঘোর তরঙ্গ করে, ধরিলেই প'ড়ে খান খাবি।—দা ৭৮৬। ৪ প্রিয়জনকে কোন বিষয় বলার জন্য ঔৎসুক্য হেতু অস্থিরতা। "যতক্ষণ তোমাকে সব না বলিতেছি, ততক্ষণ আমার প্রাণ খাবি খাইতেছে ব ম্বি ২৩। [°বি খাওয়া—দ্র 'খাপি (১)। "নী ৮৯।]

খাব সর্ম্ম [√খা > √খাব, তু 'ধাবই, দেখাবই (√ধাব, √দেখাব) ; অপ্র ; বৈষ্ণবসাহিত্যে] ভক্ষণ করা ; পান করা ; খাওয়া। "খীর নীর না খাবই জ.প ৪৪ ; খদির তাম্বু না খাবই ৫৫। —বা সর্ম্ম [√খাব +আ[৮] ; অপ্র] ভক্ষণ করান ; খাওয়ান। "বিষ খাবাই বুড়া বেটী ফেলাইমু মারিয়া ম.গা ১৭।

খাবর, -রি, -রী বি [খাপর > °রি, °রী ; দ্র 'ই[১১]' হি খপরিয়া —ছোট খাপরা] ১ খর্পর, কালীর রুধিরপান-পাত্র। "বাম হস্তে তীক্ষ্ণ অসি দক্ষিণে খাবর ম.পা ২৪ ; খাবরাসি ৪৭। আনহ খাবর অসি (সাহিত্যপরিষৎ-পত্রিকা)। ২ ঘট-কপাল, খাবরা। "খাবরি ভরিয়া দিমু পানি গো.বি ৬৩। ৩ দুগ্ধ-আবর্ত্তনার্থ খর্পরবৎ মৃন্ময় পাত্র ; বেসালি। "ভূমিতে ঢালিল রে, এই সব দুগ্ধসরে, খাবরী রহিল আকাশে গো.বি ১৮৭। —রা বি [খাবর > °রা] ১ শরাব, শরা। "ব্যঞ্জনের তরে দিল নূতন 'খাবরা' (পাঠান্তর) ক.চ ৫০। ২ ঘটাদির ভগ্ন অংশ ; খোলাকুচি।

খাবল বি [সং কবল (ক > খ), তু 'খপর'] ১ কবল, গ্রাস, গ্রাস-পরিমিত খাদ্য, একগাল। ২ এক থাবায় যতটা ধরে ; থাবা(কোষ)-পরিমিত খাদ্য। "শুনিয়ে মুনির বোল, করিয়ে খাবল খাবল, গুড়-অম্বল খায় বানর সবে দা ১৩৭৭। ৩ (কবলপরিমিত) থাবা। —লা বি [°ল > °লা] সর্থ 'খাবল'। [খাবলা-খাবলা—গাল-গাল। "আমি ঠাকুর ! হাবলা। ফুল খাও খাবলা খাবলা॥—প্রবচন। খাবলা খাবলা করে খাওয়া—থাবায় থাবায় খাওয়া। খাবলে খাবলে—গ্রাসে গ্রাসে ; থাবায় থাবায়। "মাংস হইল খান খান, খাবলে খাবলে লইল ধুইয়া ম.ম ২০৯। খাবলান—খাবল ধরা ; কামড়াইয়া ধরা।]

খাবা বি [তু মৈ খএবা ; অপ্র) ১ ভক্ষণ, পান, খাওয়া। "রান্ধা বাড়া খাবা-দিবা করে নিরন্তর শি ১৭। ২ ভোগ করা। "কামাইস খাবার আসা নাই।—গো.চ ১৮৬। [খাবা দিবা—খাওয়া-দাওয়া। খাবার —খাওয়া-সম্বন্ধী, ভক্ষ্য, পেয় ; ভোজ্য, খাদ্য। "খাবার জিনিশ, জল। খাবার ত নয় ক্ষিদের অধীন : খাবার চাইতে ক্ষিদের আদর কা ৯৫।]

খাম[১] বি [খম্ব > °ম] স্থূণা, ঘরের থাম বা খুঁটি। "মণ্ডপের খামে বান্ধএ বনমালা শূ ৬১। তেরেণ্ডার খাম ক.চ ৬৮। লতা খাম খুঁটি ভ.গ্র ৪৫৮। খাম গাড়ি চারি কোণে বি.পা ২৬৯। খামের উপরে

তুলি দিল পাইর চারি ম.ম ২৩৫। [খাম-আলু—লম্বা একপ্রকার মেটে আলু। "ক.চ ১৫৬।]

খাম² বি [ফা খ.ম্] পত্রের আবরণ ; লেফাফা। "শ্রীমুখ খাম করি করিলেন ইতি ক.চ ১৩৮। খাম খুলিয়া লেখন পড়িবার লাগিল ব.প ৭৬। পত্রের খাম দা. ৪৯১।

খাম³ বিং [ফা খ.ম্] অপরিণত, অপুষ্ট, অপক্ক। [খাম ধান—অপুষ্ট, অর্থাৎ কিছু কম-পাকা ধান।]

খামকা, -খা দ্র 'খানকা'।

খামখেয়াল বি [ফা খ.ম্ খি.য়ালী ; আ খ.আল-ই-খ.ম্] অসার বা অসম্ভব মনের ভাব ; সর্ব্বদা পরিবর্ত্তনশীল মানসিক অবস্থা ; অব্যবস্থিতচিত্ততা, মন-মরজি। —লী বিং যাহার মনের ভাব প্রতিক্ষণ পরিবর্ত্তনশীল ; অব্যবস্থিতচিত্ত। "খামখেয়ালী লোকের দণ্ডে দণ্ডে মত ফেরে।—আ.চু ৯৭। গৃহী খামখেয়ালী হইলে—আজি করিলাম, কালি করিলাম না…এরূপ করিলে পশ্বাদির পালন হয় না পা.প্র ৩৯।

খামচা, -চি বি [আ খ.ম্সূহ্ (পঞ্চপঙক্তি শ্লোক)—মূল (?)] ১ পঞ্চাঙ্গুলির নখ দ্বারা আঘাত বা নখবিধান। ২ খামচা-পরিমিত দ্রব্য। "একখামচা চূন, নুন, ময়দা। [খামচা-খামচি—পরস্পর খামচা কাটা। খামচান—খামচা কাটা। "পেট°। খামচে উঠা—কামড়ে উঠা। "লোক দেখলেই ঝগড়া করবার জন্য তোমার নাড়ীগুলো খামচে খামচে উঠে অ.গ্র ৫।]

খামাটি বি [হি খাম—(সন্ধি. জোড়) + আট (আঁটিয়া ধরা) (?)] ক্রোধে বা বিক্রমপ্রদর্শনে চোয়াল আঁটিয়া উপরের দাঁতে নীচের ওষ্ঠ কামড়াইয়া বা চাপিয়া ধরা। "করে ধরে খড়্গ ঢাল, হাঁটু পাড়ি কোতোয়াল, খামাটি করিয়া বৈসে পাড়ে বি.সু ১০৮। মুখের খামাটি বা.দ ৯১। কোন্ বাবু তাঁকে এম্নি চাবকে দেচে, রক্ত ফুটে বেরিয়েচে, যেন অসুর খামাটি এঁটে রয়েচে লী ৬৮। [খামাটি এঁটে থাকা—চোয়াল আঁটিয়া বা জোরে মুখ বন্ধ করিয়া থাকা। "দুধ খাওয়ানর সময়ে শিশু খামাটি এঁটে থাকে।]

খামার বি [দেশী (?)] ১ ধান্যাদি মাড়ার স্থান ; খল। ২ পতিত জমি ; খাসখামার। "রাজারে কহিয়া দিব শতেক খামার ধান চাল সরিষাতে পূরিবে হামার॥—ক.চ ২৮৬। রাইয়তি ও খামার ও বাজে জমি E.P. 179। [খামার-খানা 'প'—খামারের খানার মত 'প' এই বর্ণ। খামার পতিত—যাহাতে আবাদ নাই ও যাহার কর ধার্য্য হয় নাই, এরূপ পতিত জমি। আগত খামার—খাসখামার হইতে দাখিল জমি। গত খামার—খাসখামার হইতে খারিজ জমি। খাসখামার—যাহা জমিদারের খাসদখলে আছে ও যাহা প্রজা-বিলি হয় নাই, এরূপ জমি।]

খামি হি [ফা খ.ম্—বক্র ; খামিরা (দিনাজপুর)] ১ হার-প্রভৃতির সন্ধিস্থলের সংযোজক আঙটা বা রিং ; অলঙ্কারের সন্ধিবন্ধ কড়া। ২ হারের মধ্যমণি। "মোহন-মালা মধ্যিখানের পান্না-হীরার খামি কু.কে ১৬৭। ৩ [আ খ.মীর—yeast, clay] মিঠাইএর খামির সহিত মিশ্রিত অপক্ক উপকরণসমূহ। "জিলিপির, বোঁদের, মিহিদানার খামি।

খামী(ম্বী)রা বি [আ খ.মীর্হ্] খমীরমিশ্রিত একপ্রকার সুগন্ধি তামাক। [তামাক সুগন্ধি করার নিমিত্ত কাঁটাল, আনারস প্রভৃতি পচাইয়া প্রস্তুত-করা একপ্রকার দ্রব্যকে 'খমীর' বলে।]

খাম্বা, -ম্ভা দ্র 'খম্বা'।

খার¹, পুং, **খারি, -রী**¹ স্ত্রী [খারী (ঋগ্বেদ ৪.৩২.১৭)] শস্যপরিমাণ-বিশেষ, ষোড়শদ্রোণপরিমাণ, ৪০৯৬ পল বা ৫১২ সের (শ.ক) ; অর্দ্ধ-দুর্গ, ৮ আঢ়ক (অ টী)। "°রী পা ২.৩.৪৬, কাশিকা ; পঞ্চ ৪.২৭। —রিকা স্ত্রী ১৬০ আঢ়ক। "শু ২.৩৮৬।

খার² বিং [সং ক্ষার > প্রা খার] লবণযুক্ত ; লোনা। "আর খারা লাগে যেন খার।—ব.প ২৯৫। —র বি [হি খার ; ঠ খার, -রট] ১ সর্জ্জিকা ; সাজিমাটি। ২ বস্ত্রপরিষ্করণার্থ লবণাংশযুক্ত ছাই ; ক্ষার। "বাসনাতে দেও আগুন জ্বেলে, খার হবে তার পরিপাটি।—রামপ্রসাদ। [খারপানি—খারের জল। "(কাঁথায়) খার-পানি নাহি পড়ে ন কুড়ি বছর গো.চ ১৭৯। খারবাড়ি—ক্ষারবারি। "গো.চ ৩৭।]

খারা¹ বি [সং ক্ষারক ; তু 'খারয়িতা (শ.ক. 'মৎস্যধানী' দ্রষ্টব্য) ; হি খার] মৎস্যধানী, খালই (চব্বিশপরগনা)।

খারা² বিং [হি খরা] ১ বিশুদ্ধ, অমিশ্র, খাঁটি। "°মাল। ২ ন্যূনাধিক্যরহিত, ঠিক, অর্থাৎ বেশী বা কম নহে। "খারা দু'শ দশ মণ শি ৭১। খারা চৌদ্দ বুড়ি গুণ ব.প ১৩৩৪। ৩ অকপট, সাধু, সরল (লোক)। ৪ খাঁটি, অর্থাৎ খরচ-খরচা বাদে, নিট্ (net)। "°আয়। —রা বি 'অমিশ্র করা' ; বীজ হইতে তুলা ছাড়ান। [কাপাস খারা —বীজ হইতে কাপাসের তুলা ছাড়ান। এক খারা তুলা—যতটা তুলা একেবারে ছাড়াইয়া পেঁজা যায়।]

খারাণী, -নী বি [খার² + পানী ; অপ্র] খার-জল, লবণজল, সমুদ্র। "পাইয়া খারাণীর নীর মান্দাস চালান ধীর ব.প ২৯৫।

খারাপ, -ব বিং [আ খ.রাব্হ্] ১ বিধ্বস্ত, নষ্ট, হত। "মোল্লা মরিয়া সব করিল খারাপ ম.ম ৬১। ২ অসৎ, দুষ্ট, দুঃশীল। ৩ হীন, মন্দ, দীন (অবস্থা)। ৪ কর্কশ, কঠোর ; নিন্দিত, গর্হিত ; কটু, অশ্লীল (কথা)। ৫ কলুষিত, পাপ, বদ্ (চরিত্র, স্বভাব)। ৬ বিকৃত, অপ্রকৃতিস্থ, গরম। "কূটকচালে হিসাবে মাথা খারাপ হ'য়ে যায়। গরম প'লেই তার মাথাটা একটু খারাপ হয়। ৭ বিকৃত, কোপান্বিত, গরম। "অন্যায় কথা শুনলে মনটা খারাপ হ'য়ে যায়। ৮ মলিন, বিবর্ণ, শুষ্ক, লাবণ্যহীন, বিশ্রী। "রোগে শোকে চেহারা খারাপ হয়। ৯ বিকৃত, নিষ্প্রভ, ম্লান, মেড়মেড়ে। "ধোপে পাড়ের রঙ খারাপ হয়ে গেছে। ১০ অপরিষ্কৃত, নোংরা (জল, জায়গা)। ১১ অপকৃষ্ট, হীন, নিরেস, খেলো (জিনিশ, মাল)। ১২ কুটিল, ক্রূর, দুষ্ট। "লোকটা ত বড় খারাপ, ওরে বল্লাম ভাল, হ'ল মন্দ। ১৩ উগ্র, রাগী। "তার মেজাজ বড় খারাপ, একটুতেই সে চটে। ১৪ সন্দিগ্ধ। "তার মন বড় খারাপ, কাকেও পূরা বিশ্বাস করে না। ১৫ পীড়িত, ব্যথিত, সন্তপ্ত। "শোকে দুঃখে ভাল লোকেরও মন খারাপ হয়। ১৬ অশুভ (দিন, ক্ষণ, নক্ষত্র)। ১৭ কাঁচা (লেখা, অক্ষর)। ১৮ অসার, অশ্লীল (বই, প্রবন্ধ, লেখা)। ১৯ দুর্দ্দশাপন্ন, উৎসন্ন, নাশপ্রাপ্ত। "ভাগবাঁটোয়ারাতেই সংসারটা খারাপ হ'য়ে গেল। ২০ দূষিত, নিস্তেজ। "রক্ত খারাপ হ'লে খোস্-পাচড়া হয়। ২১ দোষান্বিত, মর্য্যাদাহীন, পতিত। "কুপুত্র জন্মিলেই বংশ খারাপ হয়। ২২ অভদ্র, অশিষ্টোচিত (ব্যবহার, আচরণ)। ২৩ অজীর্ণাক্রান্ত। "অতিভোজনে পেট খারাপ। ২৪ পচা, সড়া। "গরমে ভাত ব্যঞ্জন সব খারাব হ'য়ে গেছে। ২৫ দৃষ্টিশক্তিহীন। "এখন অল্প বয়সেই চোখ খারাপ হয়। ২৬ অস্বাস্থ্যকর, রোগজনক (খাদ্য, দেশ)। ২৭ অপ্রতিবিধেয়, দুশ্চিকিৎস্য (রোগ)। [এইরূপ বিশেষ্যবিশেষে 'খারাপ' শব্দের নানা অর্থ হয়।] —প, -ব বি মূঢ়ের কার্য্য ; গর্হিত কর্ম্ম ; অন্যায়, কুকার্য্য। "ব্যবসা না জেনে ব্যবসায় হাত দেওয়া বড় খারাপ। —রাপি ; -পী, -বী বি [আ খ.রাবী] দুষ্টভাব, দুষ্টামি ; সর্ব্বনাশ, মহাবিপদ্ ; বিরক্তিকর বিষয়। "রাতদিন চেল্লায়, এই খারাপি, তা নইলে এক একটা গান ধরে মন্দ নয় গি.ছি ৮৬। [খারাব করা—নষ্ট করা ; কুকার্য্য করা ; অনিষ্ট করা ; বিশৃঙ্খল করা। মুখ খারাব করা—১ কটু কথা বলা ; গালি দেওয়া। ২ বৃথা বাক্যব্যয় করা। "যে দেবে না, তার কাছে চাওয়া মুখ খারাব করা মাত্র। ৩ মুখ বিস্বাদ করা। "বিকট ঔষধে মুখ খারাব করে। মুখ খারাব হওয়া—১ মুখ বিস্বাদ হওয়া। "জ্বরে মুখ খারাব হয়।

২ মুখে অশ্লীল কথা বাহির হওয়া। "চাষার সঙ্গে কারবারে সহজেই মুখ খারাব হয়; যা-তা বেরোয়।]

খারা-বন্দি বি [ফা খ.আর্+বন্দী ; অপ্র] বেষ্টন, অবরোধ। "জন্মে জন্মে কৈল নাতে পীড়া খারা-বন্দি ম.গা ১৩ ; যম রাজার স্থানে কৈল পীড়া খারাবন্দি ২৭। গো.চ ৩৪৪।

খারি, খারিকা দ্র 'খার১'।

খারিজ বিং [আ খ.ারিজ্] ১ পরিত্যক্ত, অগ্রাহ্য, বাতিল (rejected)। ২ (আদালতে) যে মোকদ্দমার শুনানি হয় নাই ; অগ্রাহ্য (cancelled)। "মোকদ্দমা খারিজ হওয়া। [চাকরি খারিজ করা —চাকরি ছাড়ান ; কর্ম্মচ্যুত করা। "চাকরি খারিজ করবে বিধাতা পাটত বসিয়া গো.চ ১৯। খারিজ দাখিল—যে জমা এক প্রজার নাম হইতে খারিজ (excluded) হইয়া, সেরেস্তায় অন্য প্রজার নামে দাখিল (entered) হয়। খারিজা (আ খ.ারিজ.হ্)—যাহা খারিজ হইয়াছে। ' E.P. 71. খারিজা তালুক—যে তালুকের রাজস্ব একায়েক সরকারে দাখিল করিতে হয় ; হুজুরী তালুক। খারিজী—খারিজ করা সম্বন্ধী (ফি—fee)। নাম খারিজ করা—সেরেস্তায় জমিজমা সম্বন্ধে পূর্ব্ব প্রজার নাম খারিজ করিয়া অন্য প্রজার নাম বসান।

খারী১ দ্র 'খার১'।

খারী২ বিং [খার২+ঈ৮ ; সং ক্ষার ; হি খারী ; ঠ খারী—খারী মাটী] খারযুক্ত, লবণাক্ত, লোনা। "°মাটি (হি খারী মাটী) ; °জমি। [খারী-লুন—ক্ষারমৃত্তিকাজাত লবণবিশেষ ; সমুদ্রলবণ।]

খারু বি [খাড়্ > °রু ; অপ্র] সর্থ 'খাড়ু'। "পাইকেরে তার খার দিল ম.ম ১৬৩। তৈজসের শুভ্র খারু ম.পা ৩৮।

খা(খে)রুয়া, খেরো বি [হি খারুআ, -রা] পুঁথি-বাঁধা-প্রভৃতি কার্য্যে ব্যবহার্য্য একপ্রকার লাল মোটা কাপড়। "তিন খানি খেরুয়া মোড়া খাতা য ৫।

খাল১ বি [সং খল্ল ; তু 'খল্ল'—পার্শ্বস্থ ছিদ্র ; বেড়ার ছিদ্র (দেশী ২.৭৭) ; হি খাল] ১ গর্ত্ত। "খাল কুড়িঞা লুকায় ব.প ৪৯৮। এন্দুর হৈয়া গোদা জম খালতে সোন্দাইল গো.চ ৩৩ ; ৩৫। মাটী খোদাইয়া, খাল বানাইয়া, উপরে দেওল চাপ চ.সা ১৫২। ২ দীর্ঘ খাত ; খাই (canal)। "খাল জোল না দেখি নিকটে নাহি জল কৃ ১৮২। খাল খানা নিঝর শ্রী ১৫৬। [খাল কেটে কুমীর আনা বা নোনা জল ঢুকান —ইচ্ছা করিয়া বিপদের কারণ ঘটান ; সাধ ক'রে শাল নেওয়া। খাল-বিখলা—খাল-ডোবা চ ৫০।]

খাল২ বি [সং খল্ল—leather ; তু 'খল্ল'—চর্ম্ম (দেশী ২.৬৬)] চামড়া, ছাল। "পাঠার খালের দড়ি ব.প ২১৬। [খাল খেঁচে দেওয়া (হি খাল উড়ানা)—মারিয়া ছাল তুলিয়া দেওয়া ; অত্যন্ত মারা। "জুতিয়ে খাল খেঁচে দেব।]

খা(খি)ল৩ বি [সং খল্লি, -ল্লী (চরক)] ১ অঙ্গের নিস্পন্দভাব ; অঙ্গ-গ্রহ, খেঁচিয়া ধরা। ২ গুরু আঘাত জন্য অঙ্গের নিস্পন্দতা বা অবশ-ভাব। "নঠশীল, মারে কীল, লাগে খিল দাঁতে ভা.চ ৩৯১। লাগিল খিল দশনে দা ১১৮৭। [খিল ধরা বা লাগা—অঙ্গ অবশ হওয়া। দাঁতে খিল লাগা—দাঁতে দাঁতে লাগা।]

খাল(লি)সা বিং [আ খা.লিস্হ্ ; হি, ঠ খালসা] রাজ্যসম্বন্ধী, রাজকীয়, সরকারী (ভূমি, সৈন্য)। —সা বি সরকারী জমি, গ্রাম, তালুক বা সম্পত্তি ; খাসমহল। "ব.প ১৬৮৩। E.P. 58 ; 59।

খালা বি [আ খ.ালা] মাতৃস্বসা, মাসী। "তাহার নানার খালা মাঝির মেয়ে ছিল ব.ঝি ৪ ; ২৯৩। [খালাত ভাই (আ খ.ালাজ.াদ্ ভাঈ) —মাসতুত ভাই। "তাহার খালাত ভাই নাম হাজি মিঞা ব.প ২১৪। খালু (আ খ.ালূ)—মাসীর স্বামী ; মেসো।]

খালাস বি দ্র 'খলাস'। —সী বি [আ খ.লাসী] ১ মুক্তি, ছুটী। ২ [উর্দু] জাহাজের পাল চড়ান, রসি বাঁধা বা তাদৃশ কার্য্যকারক ভৃত্য বা নফর। ৩ তাঁবু খাটান, জিনিস পত্র বহিয়া লওয়া, আসবাব-পত্র গুছান প্রভৃতি কার্য্যে নিযুক্ত ভৃত্য।

খালি১, -লী বি [খাল+ই৯, ঈ] ছোট থাল ; থাদ, খানা। "খালি জুলি কৃ ১৯৬ ; ক.চ ৮৩ ; খালি জুলি ভরা হৈল ১৬৪ ; সীতাখালী ২০০ ; শোণিতে খালি জুলি, ভরিয়া বহে কুলি ২৬৮। জ ৮৩। [খালি জুলি, -লী—ছোট খাল ও জোল ; খানা-খন্দ, খানা-ডোবা। "এই ত কার্ত্তিক মাসে শুকায় খালি জুলী ম.ম ২১৭।

খালি২ বি [খাল২+ই১১] কলাগাছের আবরণ ; কলার খোলা ; শ্রাদ্ধাদিতে ব্যবহার্য্য কলার বাকলে প্রস্তুত পাত্র। "লাছিয়া খোলের খালি, আতপ তণ্ডুল চালি, পাত্র লাছিল ম.ম ২৪ ; ১৬৪।

খালি৩ বিং [আ খ.ালী ; তু 'খলইঅ, খল্ল—রিক্ত (দেশী ২.৩৮ ; ৭১); হি, ঠ খালী] ১ রিক্ত, শূন্য (ভাঁড়, কলসী, পাত্র)। বিপ 'ভরা, পূর্ণ'। ২ আধেয়রহিত, অর্থাৎ যাহার উপর কিছু বা কেহ নাই ; শূন্য (আসন, খুরসী, চেয়ার, মেজ্, টেবিল)। ৩ ভুক্তদ্রব্যহীন। "খালি পেট। ৪ লোকশূন্য, গৃহস্থরহিত (ঘর, বাড়ী)। ৫ অনাবৃত, আদুড়, খোলা (গা, পা)। খালি মাথা ক.চ ৮৬। ৬ ভূষণহীন। "খালি হাত (রাঁড় হাত)। ৭ অর্থশূন্য, রিক্ত। "এক পয়সাও হাতে নেই—হাত খালি। ৮ শূন্য, অর্থাৎ কর্ম্মচারিহীন (vacant)। "কর্ম্ম খালি, ম্যানেজারের পদ খালি। ৯ শূন্য (০)। "খালি ছাগলা মেঘে চাঁদা।—খনা। ১০ [আ খ.ালিস্—খাঁটি] বিশুদ্ধ, অমিশ্র, কেবল। "খালি খেসারির দালি : খালি যেমন খাঁড় গুড়, খেতে সুখ তার বাড়া কি আছে?—দা ২০৫৯। ১১ কেবল, একমাত্র। "পরশ, আঘ্রাণ সকলি অবশ, শ্রবণ-ইন্দ্রিয় ব্যাপৃত খালি।—হেম ১৩১ ; এমন স্বামীর নারী বিড়ম্বনা খালি ৩৮৬,-৯০। আমরা খালি সোণার বেণে বড়মানুষ বাবুদের মজলিশে দেখতে পাই হু ৩৪। ১২ ক্রমাগত, বরাবর। "খত দিয়া খাবা খালি খাট কথা নয় শি ৭২। [খালিখালি—১ শূন্যপ্রায়। "একজনেরই অভাবে বাড়ীটা খালিখালি লাগছে। ২ কেবলই, ক্রমাগত, সর্ব্বদা। "খালিখালি একই কথা, ভাল লাগে না। ৩ বৃথা, অনর্থক, অকারণ। "খালিখালি দোষ দিলে হয় না, দোষ দেখিয়ে বল। খালি-ঠেকা—শূন্য বলিয়া বোধ হওয়া। খালি হাত—১ ভূষণহীন (রাঁড়) হাত। ২ রিক্ত বা কপর্দ্দকশূন্য। ৩ শূন্য হস্ত। ৪ কার্য্যের অবকাশ-প্রাপ্ত হস্ত।]

খালিসা ; খালু ; খালুই দ্র 'খালসা ; খালা ; খলই'।

খাস বিং [আ খ.াস্] ১ বিশেষ, অসাধারণ। বিপ 'আম'। "খাস দরবার, আম দরবার। ২ নিজ, স্বীয়, আপনার। "খাস পোষাকের খাসা যোড়া বি.সু ৭। এ গেল আমার খাসের কথা য ১৪৬। ৩ শ্রেষ্ঠ, উত্তম। "খাস আম। ৪ প্রধান, শ্রেষ্ঠ। "এর পেচনে…বরের ইয়ার বন্ধ, খাস দরওয়ানরা হু ১৫২। ৫ স্বয়ং, খোদ। "এ যার তার হুকুম নয়, খাস কর্ত্তার।—কে রদ করে! ৬ সরকারের তত্ত্বাবধানে বা অধিকারে স্থিত। "°মহল। ক্ষেমার খাসে আছি ব'সে, নাই মহালে শুখা হাজা।—রাম-প্রসাদ। [(জমি) খাস করা—(জমি) প্রজার দখল হইতে নিজ দখলে আনা। খাস কামরা—নিজ বসার বা বিশ্রামের ঘর (private room)। খাসখামার—দ্র 'খামার'। খাসগেলাস—বিবাহাদি উৎসবে অভ্র-প্রভৃতির বাতিদান বা গেলাস। "কল্কে ফুলের কুঞ্জবনে জ্বলছে আলো খাসগেলাসে কু.কে ৬৮। দুই ধারে লাল বনাতের খাসগেলাস ধরা…কুদে কুদে ছোঁড়ারা হু ১৫২। খাস তহসীল—রাজার তত্ত্বাবধানে তহসীলদারের কর আদায়। খাসদখল—প্রজার স্বত্ব উচ্ছেদপূর্ব্বক নিজ অধিকারস্থাপন। খাস দরবার—বিশেষ (সাধারণের প্রবেশাধিকার-

শূন্য) দরবার (private court)। খাসনবীস—রাজা-প্রভৃতির স্বকীয় মুনশী (private secretary)। খাসবরদার—যে সিপাই রাজা-প্রভৃতির সওয়ারীর সঙ্গে বা ঠিক আগে যায় "আগে চলে লালপোশ খাসবরদার ভা.চ ৪৫৯।] ধৃতপাঠ 'খাশ°'] । খাসমহ(হা)ল, খাসতালুক—যাহার কর একায়েক সরকারে দাখিল করিতে হয়, সেইরূপ রাজার বা জমিদারের তত্ত্বাবধানে স্থিত তালুক। "আমি ক্ষেমার খাসতালুকের প্রজা।—রামপ্রসাদ।]

খাসা বিং [আ খ.াস্] **১** উৎকৃষ্ট, উপাদেয়, ভাল। "খাসা গুয়া ম.ভা ৪৮। খাসা দাড়িম্ব ঃ নবাৎ খাসা দা ৯৭৭; খাসা মোণ্ডা ১২০১; খাসা গোল্লা ২০৫৯; আ.দু ৬৬। খাসা খাজা কাঁটাল ব.প্র ৫৮০। **২** মূল্যবান্, দামী, উৎকৃষ্ট। "খাসা জোড়া ক.চ ৮৭; ২৯১। খাসা কাপড় জোড়া ম.গা ৪। পট্টযোড়া খাসা শ্রী ৩৩। বি.সু ৭। খাসা পাশা দা ১৬৩৩। **৩** সন্তোষজনক, উৎকৃষ্ট। "ইনাম আমারে দিবা খাসা ম.ম ১২২। **৪** উৎকৃষ্টজাতি, ভাল। "খাসা তাজী ঘোড়া ম.গা ৪। **৫** যাহা বলিতে ও শুনিতে ভাল; মধুর, বেশ। " 'ডিয়ার'টাও একটু ইয়ার-ঘেষা…এর তুলনায় 'ওগো' আমার খাসা কু.কে ৭২। **৬** সুন্দর, রূপবান্ (বর, বউ, মেয়ে)। **৭** গুণবান্, মহাত্মা, সচ্চরিত্র; ভদ্র, সরল, ভাল; সদালাপী, সামাজিক (মানুষ, লোক)। **৮** অঙ্গসৌষ্ঠবসম্পন্ন, সুডৌল, সুন্দর (গড়ন, চেহারা, মুখ)। **৯** উৎকৃষ্ট, শুখো, শুখনা (দই)। বিপ 'রাশ্'। **১০** অতিশয়, অত্যন্ত, চূড়ান্ত (কুঁড়ে)। **১১** সুস্থ, নীরোগ (দেহ, শরীর, বপু)। [এইরূপ বিশেষ্য-অনুসারে ইহার নানা অর্থ হয়।] [খাসাখাসা—ভালভাল, দামী-দামী। "হাতে সাজে খাসাখাসা, কাটা পইছে, রসুনকোসা দা ১৬৩৩। খাসা দই—শুখো দই; যে দই চাপ-বাঁধা, হাতে তুলিয়া লওয়া যায়।]

খাসিয়া বিং খস্‌খসিয়া, কর্কশ (?)। "খাসিয়া পোলতা ম.ম ১৪৫।

খাসী বি [আ খ.স্‌সী, খ.সী; হি খসিয়া, খসী, -স্‌সী; ঠ খসী] **১** ছিন্নমুষ্ক, অণ্ডহীন (castrated)। "খাসী ছাগল, মোরগ। —সী বি মুষ্কহীন ছাগ। "ম.পা ৫৫। **২** মুষ্কহীন পুরুষ, খোজা; হিজড়া। [খাসী করা—মুষ্কহীন করা। "(পাঁটা!) তোমারে করিলে খাসী, মাংস হয় রাশি রাশি।—গান।]

খাস্ত, -স্তা বিং [আ খ.াস্‌তহ্] নষ্ট, বিকৃত। "অনুবাদের অনুবাদ, সে একেবারে সাত নকলে আসল খাস্তা হইয়া প'ড়ে পা.ঝো ১৪৯। —স্ত, -স্তা বিং [হি খস্তা] **১** অধিক ময়ান-দেওয়া যাহা অল্প চাপেই ভাঙে; মুড়মুড়ে, উৎকৃষ্ট (লুচি, কচুরি)। "খাস্তার কচুরি আ.দু ৬৬। **২** উৎকৃষ্ট, ভাল। "পর পুরুষে পিরীতরসে পর-কিতাটা খাস্ত শ্রী ৯৮।

খি, খে, খেই বি [সং ক্ষেপ > প্রা খেঅ > বা খে, খি; তু 'খ্যাও' (গো.চ)] **১** সূতা-প্রভৃতির ক্ষিপ্ত বা পরিত্যক্ত অংশ, অর্থাৎ সূতার গুলি-প্রভৃতি হইতে প্রয়োজন-মত সূতা কাটিয়া লইলে, যে কাটা আগা গুলিতে থাকে; সূতার কাটা মুড়ো, মুখ বা শেষভাগ। **২** সূতা-প্রভৃতির তার (string)। "একখে সূতা, দড়ি। **৩** শণ-প্রভৃতির আঁশ (fibre)। "একখে তুলা, পাট, রেশম, শণ। **৪** কথা বা গল্প বলিতে বলিতে যে স্থানে থামা যায়, সেই অংশ; কথার মুড়ো। "গোপাল বল্লেন, …'একটার জন্য বড় ফাঁক ফাঁক ঠ্যাখাচ্ছে;…যা বল বা কও'—অমনি কেদার, 'ঠিক বলেছো বাপ!' ব'লে কথার খি ধ'রে মিলেন।—হু ১৬৮। **৫** বিষয়মাত্রের শেষভাগ বা প্রসঙ্গ। "কথার খে মেটা। [খে তোলা —সূতার মুখ বা'র করা; কথার খে হইতে কথা আরম্ভ করা। খে মেটা—কোন বিষয়ের, প্রস্তাবের বা কার্য্যের সমাপ্তি হওয়া। খে হারান সূতার মুখ খুঁজিয়া না পাওয়া; কথার প্রসঙ্গ ভুলিয়া যাওয়া।]

খি(খে)আতি, খি(খে)য়াতি বি [সং খ্যাতি > বা (স্বরাগমে) খিয়াতি > খি(খে)আতি, খেয়াতি; পদ্যে] **১** কীর্ত্তি। "মজাবীব বসুমতী রাখিল খিআতি শূ ১১। হেন রাক্ষস মারিয়া তুমি থুইলে খেয়াতি কৃ.উ ২। শ্রী.মা ৮৯; ২১৭। **২** প্রসিদ্ধি। "ব্রহ্মতেজে জন্ম তোর ত্রিভুবনে খেয়াতি ব.প ৫৩৪। জগতে খেয়াতি ম ৬৭২; ৬৮৫। **৩** আখ্যা, নাম। "দণ্ডক বন বলিঞা বনের রহিল খেয়াতি কৃ.উ ২০৫। ধরু দামিনী-কামিনী৹ চঞ্চলা চপলা খেয়াতি জ.প ৭৯। **৪** অখ্যাতি, দুর্নাম, কলঙ্ক। "হউক খেয়াতি। জীতে পাশরিতে নারি তোমার পিরীতি॥—ব ১৪৪। খেয়াতি হবে কাঙ্গালি ভা.চ ১০৫। লম্পট খেয়াতি দা ১৯৯৭। **৫** কলঙ্কস্বরূপ। "তোমার পুত্র বলবান্ হবেক কুলের খেআতি কৃ.উ ২৭। —তি বিং (অপ্র) খ্যাত, কথিত, প্রসিদ্ধ। "ঠাকুর, উলুক দুহে হইলেন্ত স্থিতি। বসুমতী বোলে নাম হইল খিআতি॥—শূ ১১। বিশ্বেশ্বর বলি নাম হইল খেআতি জ ৩৩। [খিয়াতেক (খিয়াতি+এক)—এক খ্যাতি, বা কীর্ত্তি। "গো.চ ৪৮৫।]

খিঁ(খেঁ)চ[১], খ্যাঁচ বি [হি √খিঁচ] **১** আক্ষেপ, টানা, কষা। **২** বড়শীতে মাছ ধবিলে, মাছের মুখে বড়শী বিঁধানর নিমিত্ত জোরে ছিপে টেরচা টান দেওয়া (টানের সময়ে জল ও সূতার সঙ্ঘর্ষে যে শব্দ হয়, তাহা হইতে ঐ ধ্বন্যাত্মক নাম)। "ঘন ঘন মারে খেচ বড় মৎস্য উঠে ম.ভা ৪৮। প্রেম-রশিতে বঁড়শী লাগায়ে,…ইচ্ছামতে মারছে খ্যাঁচ, ধরছে মাছ।—দা ২০২১। [খেঁচ মারা—জোরে ছিপে টান দেওয়া।]

খিঁ(খি)চ[২], খেঁ(খে)চ সর্ম্ম [হি √খিঁচ, √খৈংচ; ঠ √খেংচ; মৈ √খৈচ] **১** আকর্ষণ করা; জোরে টানা। "উলটিতে বসুমতী ধরিল খিচিয়া ম.গা ২৪। বাগ্‌ডোর খিঁচিতে খঞ্জন যেন ফিরে শ্রী ১২৫। আজর খিচিয়া ডিঙ্গা বাহ না রে।—ম.ম ১২০। **২** জ্যা আকর্ষণ করা; ধনুর্গুণ টানা। "নানা অস্ত্রজাল ধরি খেঁচিয়া কামান (চলিল) শি ৫৬। **৩** আক্ষিপ্ত করা; কষা, টানা। "হাত পা খেঁচা [খি(খে)চন, খিঁ(খেঁ)চা—আক্ষেপ, কষা, টানা (spasm, convulsion)। খেঁচাখেঁচি (ঠ খেংচাখেংচ)—কষাকষি, টানাটানি। খেঁচে ধরা—কষিয়া ধরা।]

খিঁ(খি)চা সর্ম্ম [সং √খিংস্ (?) > প্রা √খিংস—নিন্দা (প্রা.ম; অ.রা) > বা (√খিঁছ, -চ) √খিঁ (খি)চা; হি √খিজা—দুঃখিত করা; মুখভঙ্গি করা; তু 'খিজ্জিঅ'—উপালম্ভ (দেশী ২.৭৪); সং √খিদ্ > লি, প্রা √খিজ্জ] **১** নিন্দা করা; তিরস্কার করা। **২** কাহার প্রতি মুখভঙ্গি করা; মুখ খিচান (to make faces at)। "মূর্খ জমিদারে বানরের মুখের চিহ্ন কি?—মুখ খিচোয় (খিচায়) জ্ঞা ৪। [(খিঁ(খি)চান—তিরস্কার করা ইত্যাদি। দাঁত খিচান—দাঁত বাহির করিয়া মুখভঙ্গি করা। মুখ খিচান—মুখবিকৃতি করা।]

খিকখিক বি [ধ্বন্যাত্মক] ক্রমাগত হাস্যের শব্দ। [খিকখিক ক'রে হাসা—ক্রমাগত খিকখিক শব্দে হাস্য করা (বিরক্তিতে)। "তুমি কিছুই বোঝ না, কেবল খিকখিক ক'রে হাস।]

খিখি, -খির পুং [ধ্বন্যাত্মক; কিখি (অ.চি); মৈ খিখির] শিবা-বিশেষ, খেকশিয়াল।

খিচ বি [ধ্বন্যাত্মক; হি খিজ—বিরক্তি; অস খিচ্—কাদা, ময়লা] **১** যাহা দাঁতে লাগিলে 'খিচ' শব্দ হয়; কাঁকর-কণা, বালি প্রভৃতি। "বালিমাটির গুঁড়ায় খিচ থাকে, আটাল মাটির গুঁড়ায় থাকে না। **২** চূর্ণ বা পিষ্ট দ্রব্যে স্থিত অচূর্ণ বা অপিষ্ট কণা; গুঁড়ার বা পিটালির কচা। "তিনি…হরিদ্রা বাটা একটু হাতে তুলিয়া দেখিলেন, বেশ বাটা হয় নাই, একটু খিচ আছে পা.প্র ১৬১। [খিচ-খিচ—বালি কাঁকরের স্পর্শজন্য শব্দ বা বোধ। "শাগে বালি খিচ-খিচ ক'চ্ছে! পিটালি ভাল বাটা হয় নি, এখনও কণা খিচখিচ কচ্ছে। খিচ মারা—কণা নিঃশেষ করিয়া বাটা বা গুঁড়ান; (গৌণার্থে) কোন কার্য্য নিঃশেষে সম্পন্ন করা। নিখিচ করা—নিষ্পিষ্ট করা; নিঃশেষ করা।]

খিচখিচ[1] দ্র 'খিচ'।

খিচখিচ[2] বি [হি খিজ—বিরক্তি ; খিচকান—বিবাদ (ময়মনসিং)] ঝগড়া-ঝাঁটি, বিবাদ-বিসম্বাদ। "রাত দিন খিচখিচ, বিরক্ত হ'য়ে গেছি !

খিচড় বিং ['খচ্চর'—মূল ; ঠ খেংচর—অশ্বতর] অভদ্র, দুষ্ট, দুর্ব্বৃত্ত, বদ্। [খিচড়ামি—দুষ্টামি, বদমাশী।]

খিচড়ি, -ড়ী, -চুড়ি, খিচরি, -রী বি [সং কৃসর, -রা > প্রা•কিসর, 'কিসরা' (হে ১.১২৮) > বা (কিছর > খিচর) খিচরি, -রী, -ড়ি, -ড়ী ; হি খিচড়ী ; ঠ, গু খিচড়ী ; মৈ খিচড়ী, খীচড়ি ; তু 'খিচ্চ'—কৃসরা (দেশী ১.১৩৪)] **১** মিশ্রিত চাউল ডাল ঘৃত প্রভৃতির সিদ্ধ অন্নবিশেষ (hotchpotch)। "আদা কাসন্দা দিয়া করিয়া খিচরী ম.ম ১৩০। কড়িতে কি যোটে মান, বড়িতে খিচুড়ি।—হেম ৩৮০। **২** (গৌণার্থে) বহু দ্রব্যের বা বিষয়ের সংমিশ্রণ। [খিচুড়ি পাকান—সংমিশ্রিত করা। জগা খিচুড়ি—জগন্নাথের খিচুড়ির মত নানা দ্রব্যের বা বিষয়ের সংমিশ্রণ।]

খিচন, -নি, -নী বি [হি খিচনা ; তু 'সং √খচ—খচন] **১** দৃঢ় বন্ধন ; সংযোগ, গ্রন্থন, গাঁথনি। "মধ্যে মধ্যে লাগে হীরা মুক্তার খিচনি চ.বি ৩৭ ; ১৩৯। পাথরে খিচনী, যেন দিনমণি ক.চ ১১৫। মাণিক্য খিচনি গ ৬০,-১। সুবর্ণমুদ্রিকা রত্নে করিয়া খিচন চৈ.ভা ৪৫৮। মুকুতা খিচনি। জ্ঞা ১৯। **২** 'বন্ধনী', কোমরবন্ধ। "দিল কমরে খিচনি মী ১৬। **৩** চালের ছাটনি বা শলা। "জোয়ের 'খিচনী' (পাঠান্তর—'ছাটনি') দিল জোঅের বান্ধনি ক.চ ১৮৩।

খিচরি, -রী দ্র 'খিচড়ি'।

খিচিখিচি, -মিচি বি ['খিচখিচ'—মূল ; 'ই'[১১] স্বার্থে] **১** বিরক্তিকর বিষয় ; গোলমাল। **২** বকাবকি, ঝগড়া-ঝাঁটি, কচকচি।

খি(খে)জমত বি [আ খি.জ্‌মত্ ; গু খিজমত] সেবা, পরিচর্য্যা, ভৃত্যকার্য্য। "খেজমত করি তার এই ফল হৈল ভ.গ্র ৩৩১। [খেজমতকার—সেবাকারক।]

খিটকাল, -কেল বিং ['খিটকাল'—মূল (?)] নিন্দিত কার্য্য ; কুকার্য্য, অপমান, কলঙ্ক।

খিটখিট, -মিট, খিটিখিটি[২], **-মিটি** বি [ধ্বন্যাত্মক (?)] তিরস্কার, ভৎর্সনা, ঝগড়া, বকা। [খিটখিটান—খিটখিট করা ; বকা। খিটখিটে, -মিটে—যে খিটখিট করে ; উগ্রস্বভাব।]

খিটমিট, -মিটে, খিটিমিটি দ্র 'খিটখিট'।

খিটিখিটি[১] বি [ধ্বন্যাত্মক] নগশব্দ। "নগরের °খিটি বা দ ৯১।

খিটিখিটি[২] দ্র 'খিটখিট'।

খিড়কা, খিল(লি)কা বি [আ খি.রক্‌হ্—তালি-দেওয়া জামা] ফকির বা সন্ন্যাসীর তালি-দেওয়া গাত্রাবরণ বা জামাবিশেষ। "খিলকা বানাইল গো.চ ১৬৩ ; তিন হাত বস্ত্রে দিলে খিড়কা বানেয়া ১৬৪ ; রাম খিলিকা গলে তুলি লইল ১৬৫। দুনিয়ায় ফকীর হ'ব গলে খিলকা ডেলে শ্রী ২২৬।

খিড়কি, -কী, খিড়িকি বি [সং খড়ক্কিকা, -কী ; হি খিড়কী ; ঠ খিড়কী ; খড়কি (ঢাকা) ; তু খডক্কিকা, -ক্কী—খিড়কী, ছোট দুয়ার (দেশী ২.৭১) ; খিড়ক্কিআ (ক.ম ৩২/১) ; খিরকি (গো.চ ৯)] **১** পক্ষদ্বার, পাছ-দোর, বাড়ীর পশ্চাদ্‌ভাগের দরজা, অর্থাৎ অন্তঃপুর-দ্বার। "চৌদ্দ ভুবন ভেদ দিল খিড়কীর দ্বার গো.চ ৪৯৯। খিড়কিদুয়ার ভ.গ্র ৪৪১। বাড়ির দুই দ্বার॥ পূর্ব্বদ্বার সদর। দক্ষিণদ্বার খিড়কি। E.P. 37. **২** দুয়ার। "বাহির হইল ত্বোহে খিড়িকি দিয়া কৃ.উ ২৬৭। হেনকালে আইলা কৃষ্ণ বাহির খিড়কি ভ.গ্র ৫৮। নিন্দে ভেল অচেতন, জানিয়া সেবকগণ, খিড়িকে সড়কী ফেলি যায় রা.শে ১০০। **৩** অন্তঃপুর, অন্দরমহল। "জলপান করি কান, মুখে দিয়া গুয়া পান, খিড়িকে চলিল গো-দোহনে রা.শে ৯৬। [খিড়কিদার পাগড়ি—যে পাগড়ির উপরে কোন স্থান খোলা থাকে। "মাথায় খিড়কিদার পাগড়ি আ.চ ৪৯। মাথায় খিড়কীদার পাগড়ী হু ৬১। ব.প ১৭৯৪। খিড়কি-দুয়ার—পাছ-দোর। বাহির খিড়কি—সদর-দরজা।]

খিড়ক্কিকা স্ত্রী [তু 'খড়ক্কিকা'] পক্ষদ্বার, পাছ-দুয়ার। "তদেহি খিড়ক্কিকাদ্বারেণ প্রবিশাবঃ ক.ম ৩২/১।

খি(খে)তাব, খেতাপ বি [আ খি.তাব ; অস খিতাপ] উপাধি, উপনাম। "পাতশা খেতাব ভা.চ ১৭। খেতাব সি. এস্. আই।—হেম ৩৮৫। খেতাব ও খেলাতেতে সম্ভ্রান্ত।—ব.প ১৬৮৫। রাজা খেতাপ হু ৩৫। আমায়…খেতাব দাও, খেলাত দাও ব.ছি ৬১২।

খিতি বি [সং ক্ষিতি (দ্র 'খ'২) > প্রা খিই ; হি খিত ; অপ্র] পৃথিবী, ভূতল। "খিতিজলজল(ন)পবনগঅণ দো ১২৬। খিতিত য়াসিয়া গো.বি ৯ ; ১৫ ; °তল ১৬৮। লোটাইআ খিতি শূ ৬৪ ; ৬৫। খিতি উতরত ন.প ১৩০ ; ২৯৮। স্থির নহে খিতি।—শ্রী ১০৯ ; খিতি অনুপাম ১৯৯। °তল জ.প ৫৬।

খিদ্ অক [দি, রু, আ—খিদ্যতে, খিন্তে ; অনিট্] দৈন্য, দীনভাব, খেদ। —দ্ [তুদা, প—খিন্দতি ; অনিট্] পরিঘাত। "পা ৭.১.৫৯।

খিদমত '-ত্' বি সর্থ 'খিজমত'। [খিদমতগার (আ খি.দ্‌মত্‌গার্) —সেবক, পরিচারক। "ব.প ১৭৯৪।]

খিদা,-দে বি [সং ক্ষুধা ; °দা (অপ্র)] **১** ভোজনেচ্ছা। "বার বৎসরর খিদা ব.প ৮০। খিদা তেসটা গো.চ ২৫০, টীকা। **২** বিষয়-ভোগেচ্ছা, তৃষ্ণা। "তার খুব খিদে ; রাজার রাণী খেয়েছে, রাজত্বটা খেয়েছে অ.গ্র ৩৪। [খিদে প'ড়ে যাওয়া—ক্ষুধার সময়ে খাদ্যাভাবে ক্ষুধা নষ্ট হওয়া। খিদের মাথায়—ক্ষুধার প্রথম ভাগে ; প্রথমবুভুক্ষায়। "খিদের মাথায় খাদ্যবিচার থাকে না।]

খিদ্যমান বিণ [√খিদ্+মান (শানচ্)-ক ; স্ত্রী -না] যে খেদ করিতেছে ; খেদযুক্ত। "খিদ্যমানং তু তং দৃষ্ট্বা সূর্যাঃ কৃষ্ণাত্মজং তদা (সূর্য্যস্তব)।

খিদ্র বিং [সং ক্ষুদ্র ; তু 'খিদা' ; অপ্র] ক্ষুদ্র। "খিদ্র ঘণ্টা চ.বি ১০৩ ; খিদ্র ঘণ্টিকা ১৮৬ ; ২২৮ ; ২৬২।

খিনখিন বি [ঘিনঘিন > °ন, ঘ > খ, তু 'প্রা মেখ (মেঘ ;—হে ৪.৩২৫) ; ভাবাত্মক ; অপ্র] ঘৃণার ভাব ; ঘেন্না-ঘেন্না। "ছি ছি খিনখিন করিয়া এক গ্রাস খাইল ব.প ৮১। গো.চ ২৯৬।

খিনি, -নী বিং [সং ক্ষীণ > বা (খীণ, খীন) খিন+ঈ[৬] ; হি খীন ; বৈষ্ণবসাহিত্যে] ক্ষীণা, শীর্ণা। "খিনি ভেলি রাহি বি সা ৪৪৩। খিনী রাধা ব.প ৯৬৭। —নি, -নী বিং [°ন+ই[১১]] ক্ষীণ, কৃশ। "কেশরী জিনিয়া মাঝারি খিনি বি প ১৫। মাঝা খিনী।—শ্রী.কী ১২ ; ৫৯। [খিন্ন (তু 'খিন্ন')—ক্ষীণ। "খিন্ন মাঞ্জা ম.গা ৩ ; ২৫। গো.চ ৩১৮।]

খিন্ন বিণ [√খিদ্+ত (ক্ত)-ক] **১** খেদযুক্ত, ক্ষীণবল, অবসাদপ্রাপ্ত। "পূ.মে ১৩ ; °বিদ্যুৎকলত্র ৩৮। সুরতায়াসখিন্নপ্রথাঙ্গ (ভর্ত্তৃহরি)। **২** দৈন্যযুক্ত, দুঃখিত। "গী.গো ৩.৭। **৩** পীড়িত, ব্যথিত, ক্লিষ্ট। "হি ৩.৭৫। গী.গো ৩.২। **৪** অসমর্থ, অক্ষম। "খিন্নঃ কার্য্যেক্ষণে নৃণাম্ মনু ৭.১৪১। **৫** অলস। "উপচারাঞ্জলিখিন্নহস্তা রঘু ৩.১১। মাঘ ৯.১১।

খিমচি বি [খামচা > °চি (অল্পার্থে)] অল্প খামচান ; ঈষৎ নখ-বিধান। [খিমচান—খিমচি কাটা।]

খিয়ল ক্রি [সং √ক্ষি > √খি+অল[২] > খিঅল > °ল] ক্ষয়প্রাপ্ত হইল। "খিয়ল নখ খিতি লেখি জ.প ৫৬।

খিয়া বি [খেয়া[১] > খিয়া] সর্থ 'ক্ষেয়া (১)। [খিয়াইব নায় (অপ্র) —ইতস্ততঃ নৌকাচালনাপূর্ব্বক জলক্রীড়া করিব। "সখীগণ মিলি আমরা খিয়াইব নায় ক.চ ২৮৬।]

খি(খে)য়ানৎ, খেমৎ বি [আ খি.য়ানত—তহবিল তছরুপ] ক্ষতি, হানি।

খিয়াল, খেয়াল[১] বি [আ খ.য়াল্ ; হি খিয়াল, খ্যাল] ১ চিত্তের অব্যবস্থিত ভাব ; ক্ষণিক মতলব। ২ অসম্ভব মতলব ; কল্পনা। ৩ অমূলক বা মন-গড়া বিষয়। "ভগ্নী কিংবা ভ্রাতা,—সে আবার কারে বলে ? সে ত প্রকৃতির, খেয়াল।—মন্দ্র ৭। ক্ষ্যাপা তুই আছিস আপন খেয়াল ধরে'। যে আসে তোমার পাশে সবাই হাসে দেখে' তোরে॥—গান ১৩৬। ৪ অনুমান, আন্দাজ। ৫ চিন্তা, বিচার, ভাবনা। ৬ জ্ঞান। "কাজে নিবিষ্ট থাক্‌লে, কে এল গেল, সে খেয়াল থাকে না। ৭ একপ্রকার সঙ্গীত। [সুলতান হোসেন শিকী নামক জোয়ানপুরের এক অধীশ্বর খেয়ালের সৃষ্টি করেন ; ইহা খ্রীঃ ১৫শ শতাব্দীর কথা। বিশেষ বিবরণার্থ দ্রষ্টব্য, গী.সা, পৃষ্ঠ ৮০-৮১।]—লী বিং [°ল+ঈ[৭] ; আ খ.য়ালী ; হি খ্যালী] যাহার খেয়াল আছে ; যাহার মতলব ঠিক নাই ; অব্যবস্থিতচিত্ত। ২ (বাঙ্‌লায়) খেয়ালসঙ্গীতে নিপুণ (গায়ক)। [খেয়াল করা—চিন্তা বা বিচার করা ; ভাবা।]

খির বি [সং ক্ষীর >লি, প্রা খীর ; হি খীর] ১ দুগ্ধ। "খিরবাটী শূ ৪৩। খাবে খির ননী ম.পা ১২৬। ২ স্তনদুগ্ধ। "মাতা নাহি দিল খির গো.চ ৪৬৯। ৩ [হি,প,ঠ, গু খীর ; সি খীরু] দুগ্ধপক্ক শর্করা-তণ্ডুলাদি ; পায়স। "খণ্ডপুরিত, খির ন খাবই জ.প ৫৬।

খিরকিচ বি [ফা খি.র্‌খি.শ্—কোলাহল] গোলযোগ, গোলমাল, বিশৃঙ্খলতা, ঝঞ্ঝাট। "খিরকিচ করেছে বেটা, খিড়কির দুয়ার খুলে দা ২০৬০ ; খিড়কিতে খিরকিচ ভারি ২০৮৭।

খিরদ '-দ্' বি [?] সর্থ 'খিরলি' (?)। "সহস্রথান আনিয়াছে খিরদের যুড় বি.পা ২৮১।

খিরবলী, খিরলি, খিরাবলি বি ['খিরধবল'—মূল (?)] ক্ষীর-তুল্য শ্বেত রেশমী কাপড় (?)। "কাঞ্চনমালাএ পিন্দে কাপড় নামে খিরবলী ম.গা ১০। এক জোড়া খিরলি ধুতি গো.চ ৬৫ ; কাপড় নামে খিরাবলি ৩৭৮।

খির(রি)সা, খির্সা[১] বি [দ্র 'ক্ষীরসা'] গাঢ় ক্ষীর ; খোয়া ক্ষীর। "দধি দুগ্ধ খির্সা ম.পা ১১৮। খণ্ড-খিরিসার বৃক্ষ চৈ.চ ৩৪৭।

খি(খে)রাজ বি [আ খি.রাজ্] রাজস্ব, খাজনা। "খেরাজ করিয়া নিব ময়না নগর শ্রী.মা ১৪৫। [খিরাজী জমি—যে জমির খাজনা দিতে হয় ; মালের জমি। বিপ 'লাখি(খে)রাজ জমি'।]

খিরি বি সং ক্ষীরেয়ী ; ক্ষীরী—গোস্তন (udder)] ক্ষীরনির্ম্মিত খাদ্য-বিশেষ। "শাকরা মিঠিরি খিরি রা.শে ৫১।

খিরিণী বি খরা, মাকড়া শসা (?)। "খরমুজা খিরিণী চৈ.চ ৩৪৭।

খিরে(রো)লা বি ['ক্ষীরগোলা'—মূল (?)] ক্ষীরনির্ম্মিত গোলা-কার খাদ্যবিশেষ (?)। "খিরেলা খাজা নিম্‌কি স.এ ৫৪।

খিল[১] বিণ [√খিল্ (?)+ক (শ.ক)] ১ অপ্রহত, অকৃষ্ট, আচষা (ভূমি)। ২ সারসংক্ষিপ্ত। ৩ ন্যূন। "ভ ৬.৪.৪৯। —ল পুং ১ ব্রহ্মা (মেদিনী)। ২ নারায়ণ (শ.ক)। —ল পুং, ক্লী [তু 'খিল'—প্রাণীর গমনযোগ্য (ভূমি, ঋগ্বেদ ১০.১৪২.৩) ; 'খিল'—ব্রজ (অথর্ব্ব ৭.১২০.৪)] হলাদি দ্বারা অকৃষ্ট বা অপ্রহত ভূমি ; আচষা খেত ; পতিত বা অনুর্ব্বর ভূমি। "খিল ভূমি লিখে লাল ক.চ ৬। খিল ভূমি চাষে যেন লাঙ্গল পিছলে বা.ম ২৩২। খিল ভূমির চাষ বি.পা ২৪১। —ল ক্লী ১ অপ্রহত স্থান (হলায়ুধ)। "রঘু ১১.১৪, মল্লিনাথ। ২ শেষ, অবশিষ্ট। "ভ ৬.৪.১৫। ৩ (বেদে) শাখান্তরস্থিত যে বিষয় আকাঙ্ক্ষাবশতঃ শাখান্তরে পঠিত হয়, তাহা 'খিল' (মহা ১.২.৮২, নীলকণ্ঠ) ; (গৌণার্থে) পুরাণ-পাঠে পুরাণান্তবস্থিত আকাঙ্ক্ষাবশতঃ পাঠ্য বিষয় ; উত্তরখণ্ড, পরিশিষ্ট (যেমন ঋগ্বেদে শ্রীসূক্তাদি, যজুর্বেদে শিবসঙ্কল্পাদি, মহাভারতে হরিবংশ)। "মনু ৩.২৩২। হরিবংশঃ...পুরাণং খিলসংজ্ঞিতম্ মহা ১.২.৮২ ; ৩৮০। নীতিশেষং খিলে বক্ষ্যে।—শু ৫.১। ৪ শূন্যস্থান, শূন্য (M.W.)। ৫ সংক্ষেপ, সার, সংগ্রহ (M.W ; "°ভূমি ক.চ ৬)। [°জমি, °ভূমি —পতিত ভূমি। অচট ভূমির খি(খী)ল ভাঙ্গা—পতিতভূমি-কর্ষণ, আচোট জমি চষা। "শুন নাই অচট ভূমের ভাঙ্গে খীল বি.সু ৬৩।]

খিল[২], **খীল** -'ল্' বি [সং কীল >লি, প্রা খীল (অ.রা) >বা খীল, খিল ; হি খিল্লী, খীল ; ঠ খিল.৷ ; গু খিলী, -লো ; ড় খীল ; মৈ কিল্লী ; অস খিলি] ১ কীল, কাঁটা, প্রেক্। "পাটে পাটে সন্ধি করি, খিল হানে সারি সারি বি.পা ২৬৯। কত নিধি পাবকে পোড়ায়ে করে খিলা শ্রী ৬২। ২ কপাট বন্ধ করার জন্য কাষ্ঠাদির কীলক। "আপনি খসিল খিল : খীল শ্রী.ম ১৫। লোহার কপাট খিল ম.ভা ২৮। ৩ শঙ্কু, গোঁজ। "হরিবোল বলিয়া খিল মারিস ঠোকিয়া গো.চ ১৪৩। ৪ শকটের অক্ষ-প্রান্তস্থ কীলক ; রন্ধ্রকীল। ৫ গহনা-প্রভৃতির সন্ধিস্থলে সংযোজক শঙ্কু বা কাঁটা। "খিল দেওয়া শাঁখা, খাড়ু।

খিল[৩] ; **খিলকা** দ্র 'খাল[৩]' ; খিড়কা।

খিলখিল, খিলিখিলি বি [হি, অস খিলখিল ; ধ্বন্যাত্মক ; তু 'খলখল' ; E. giggle] ক্রমাগত উচ্চ হাস্যশব্দ ; অট্টহাস। "খিলিখিলি হাসয়ে সভাই ভ.গ্র ৫১। হাসিতে লাগিল খিলিখিলি স্ব.প্র ২০৩। খিলিখিলি হাসি।—হেম ৯৫। হেসে চলে খিলিখিলি।—শিশু ৭৩। মতিলাল খিলখিল করিয়া হাসিতে লাগল আ.দু ১৬ ; ১১৮। আশ্‌মানি খিলখিল করিয়া হাসিয়া উঠিল ব.প্র ২৮। [খিলখিলিয়ে হাসা (হি খিলখিলানা ; অস খিলখিলা)—খিলখিল করে হাসা ; অট্টহাস্য করা। "তোমার খুকী খিলখিলিয়ে হাসে। —শিশু ৩২ ; ১০৩।]

খিলনি, -নী বি [সং কীলন—বন্ধ (M.W.) ; হি খীলনা—খীল লাগান ; অপ্র] খিল দ্বারা বন্ধ ; খিল, অর্গল। "যন্ত্রের খিলনি অস্ত্রগৃহ চতুর্ভিত ম ১৪৯ ; সুযন্ত্র খিলনি দিয়া দুআর কপাটে ২৩৫ ; তিন দিন বহির্ভূতে ঘুচাবে খিলনী ১০৫৪।

খিলা[১] দ্র 'খিলি'।

খিলা[২] সর্ম্ম [খিল[২]+আ[১২] ; হি √খীল ; ঠ √খীল.] খিল লাগান ; খিল, কাঁটা বা তাদৃশ দ্রব্য লাগাইয়া বা বিঁধাইয়া বন্ধ করা। [খিলান —খিল লাগান ; খিলি করা (পান-প্রভৃতি) ; (দরজীর ভাষায়) বস্ত্র-খণ্ডদ্বয় হাতসেলাই দিয়া জুড়িয়া দেওয়া।]

খিলাএ ক্রি [হি √খিলা+এ[৬]] খাওয়ায়। "আর মাএ...দুগ্ধ ভাত খিলাএ গো.চ ৩৪০। [খেলায়কে—খাওয়াইয়া। "জাতি লেউ খেলায়কে থুক ভা.চ ৪৮৮।]

খি(খে)লাত, খেলোয়াত বি [আ খি.ল্‌আ'ত্] রাজা বা উচ্চ রাজপুরুষ কর্ত্তৃক প্রদত্ত সম্মানসূচক পরিচ্ছদ। "বিলাতী খেলাত পরে ভা.চ ২৬৪। অতিবৃদ্ধ পিতামহের খেলাত তুলে কেহ। বলে সাহেব, সবার আগে আমায় 'পাস' দেহ॥—হেম ৩৮০। খেতাব ও খেলাতে সম্ভ্রান্ত।—ব.প ১৬৮৫। হে মানদ !...খেতাব দাও খেলাত দাও ব.দ্বি ৬১২। রাজাকে...খেলোয়াত দিয়া বিদায় করিলেন।—বঙ্কিমচন্দ্র।

খিলা(লে)ন বি [খিল[২]—মূল] ১ খিলে বা কাষ্ঠখণ্ডরূপ আধারে গাঁথা ইষ্টক বা প্রস্তরের তোরণ (arch)। ২ [খিল[১] (রিক্ত)+যান —মূল (?)] রিক্ত, অর্থাৎ আরোহিহীন বা ভারশূন্য ; খালি (গাড়ী)। [খিলান গাড়ী—খালি গাড়ী।]

খি(খে)লাপ বিং [আ খি.লাফ্.] বিরুদ্ধ, প্রতিকূল, গরমিল। "খেলাপ না কহো বাবু বি.সু ৯ ; খেলাপ কহগী বাত ১০১। [খেলাপ-হলফ—শপথভঙ্গ, সত্যভঙ্গ। "সাক্ষীরা বলিল, 'খেলাপ হলফের দায়ে মারা যাইব যে' ব.প্র ৩২৭।]

খিলি বি [খিল[২]+ই[১১]] খিল, কাঁটা, বেধক দ্রব্য। "পাণের বুকে চূণের নেওয়া দিয়া। হেট খিলি উপর খিলি মাইরে তুলিয়া॥—গো.চ ৯ ; ব.প ৩২। —লি, -লী বি [হি খিল্লী, খীলী ; অস—খিলা[১]—গোটা পান]

খিল-লাগান সাজা পান ; পানের বিড়া। "যোল পুঠি জ্ঞান দিল খিলিত ভরিঞা ব.প ৩২ ; গো.চ ৯ টীকা ; পানের খিলি ৮২। আ.চু ২৪।

খিলিকা ; খিলিখিলি দ্র 'খিড়কা ; খিলখিল'।

খিলীকৃত বিণ [খিল+অভূততদ্ভাবে চ্বি (০) + √কৃ+ত (ক্ত) -র্ম ; স্ত্রী -তা] দুর্গমীকৃত। "রঘু ১১.৮৭।

খীণ, -ন বিং [সং ক্ষীণ > লি, প্রা খীণ > বা খীণ, -ন ; হি খীন ; বৈষ্ণবসাহিত্যে] ১ কৃশ, তনু। "খাণ কটিতটে জ.প ১০ ; ১৩। ২ ক্ষয়-প্রাপ্ত, শীর্ণ। "উন্নত গণ্ড কপোল খীনে শ্রী.কী ৭। পুত্র দিনে দিনে খীণ : আকার খীণ ভ.গ্র ১৭৫। খীন তনু মদনহুতাশে জ্ঞা ৩১। ৩ ক্ষয়-প্রাপ্ত, শূন্য, নিঃশেষ। "খীনবল ম.পা ৬০। ৪ ক্ষয়প্রাপ্ত, কলামাত্রশেষ। "প-সঞে খিতি তলে, খীন খপাকর, খসি কি পড়ি গড়ি যাবই জ.প ৫৫। খীণ হি কলঙ্কী শ্রী.ম ১৩।

খীর বি [দ্র 'খির'] ১ সর্থ 'খির (১)। "তোমার পরীক্ষা হৈল জেন খীর নীর কৃ.উ ২৭২। খীরম্বুসাগর মী ২। বড়ায়িক খীর যোগাইবোঁ শ্রী.কী ২৭ ; ৮০। ভরত বিনয় শুনি সবই প্রসংসী। খীর-নীর বিবরন গতি হংসী॥ —তুলসীদাস। খীরবাটী শূ ৪৩। ২ ঘন দুগ্ধ। "খীর সর ননী যেই মুখে না রোচয় ভ.গ্র ৩০৫। [খীরকম্বা—ধান্যবিশেষ, 'দুধকলমা' (?)। "শূ ১১৪।]

খীরসা, খীরা, খীরোলা দ্র 'খিরসা ; ক্ষীরা ; খিরেলা'।

খুইয়া, খুঁয়া, -য়ে, খুঞা, -ঞাঁ, -ঞি, -য়া বি [সং ক্ষুমা > বা খুঞা,-ঞাঁ,-ঞি, খুঁয়া,-য়ে, খুয়া,-ইয়া ; তু 'খেইয়া' বি.পা ১৬৩ ; 'খৈয়া, খৈঁয়া' (ব.প ৩২৩ ; ৩৩১)] ১ ক্ষুমা, অতসী ; শণ। "খুঞার বসন ক.চ ৬৮। খুঁয়ার বসন ব.প ৩৩৮। খুয়ার ধুতি বি.পা ২২২। ২ ক্ষুমা-নির্ম্মিত বস্ত্র ; ক্ষৌমবাস, শণবস্ত্র। "খেস খুইয়া চট বি.পা ২১৫ ; খুঞা চট ২২৩ ; ২২৪। পরিবারে দিবে খুঞা ক.চ ১৩৮ ; ১৪০ ; ১৪৩। খেস খুঞি ব.প ২৪৫ ; খুঞা নেত ২৮৮ ; খুঁয়ে পরি ৩৫৭।

খুঁ(খোঁ)চড়া সর্ম্ম [ঠ √খোংচর, -ল, খোসড়া—কুন্তাদির আঘাত ; তু ' √খুঁচা'] কোঁচের মত সুক্ষ্মাগ্র দণ্ডাদি দ্বারা আঘাত করা ; হুল দিয়া বিদ্ধ করা। [খু(খোঁ)চড়ান—সর্থ 'খুঁচড়া'। আগুন খোঁচড়ান—দণ্ড দ্বারা আগুন ঘাঁটা।

খুঁচা, খোঁচা[১] সর্ম্ম [কোঁচ+আ[৯] > √কোঁচা > °চা ; হি √কোঁ(খোঁ) চ ; ঠ √খোংচ ; তু 'তা কুত্তু—to stab] ১ সর্থ 'খুঁচড়া'। ২ চঞ্চু-ঘাত করা ; ঠোকরান। "খুঁচিয়ে (খুঁচাইয়া) আদ মরা করব ন.ত ৭৬। ৩ বারংবার বলিয়া ব্যতিব্যস্ত বা ত্যক্ত করা। [খুঁ(খোঁ)চান, -নি —সর্থ 'খুঁচা'।]

খুঁচি বি [সং কুঞ্চি] ১ অষ্টমুষ্টিপরিমাণ বেত্রনির্ম্মিত পাত্রবিশেষ ; চাউল-ইত্যাদি মাপার পাত্রবিশেষ। ২ [√খুঁচা—মূল ; অস খোহা (খোশা, যাহা খুশিয়া দেয়) ; গোঁজা (বীরভূম)] খড়ের ছাউনীতে সংস্কারার্থ খুঁচাইয়া লাগান বা গুঁজিয়া দেওয়া খড়ের মুষ্টি (চব্বিশপরগনা)। [লক্ষ্মীর খুঁচি—লক্ষ্মীর হস্তস্থিত ধান্যপাত্র ; লক্ষ্মীর আড়ি।]

খুঁ(খু)জ[১] সর্ম্ম [সং √খুজ্—স্তেয় ; হি √খোজ ; আ থ.উজ্—অন্বেষণ] অন্বেষণ করা ; তল্লাশ করা ; খোঁজা। "খুজিনু দেশে দেশে গো.চ ৪২৩। পৃথিবী খুঁজিয়া তাঁরা চলে রসাতলে কৃ ১৪। ঘরে নিধি হারা করি খুজি বুলে বনে শি ৭। ক্ষ্যাপা খুঁজে খুঁজে ফিরে পরশ পাথর চ.কা ৯৪। [খুঁ(খোঁ)জা—অন্বেষণ। খুঁ(খোঁ)জে—অন্বেষণ করে। "উড়ে উড়ে খোঁজে কারে চ.কা ৯৪। খুঁজেপেতে—১ খুঁজিয়া ও পাতি পাতি করিয়া, অর্থাৎ পাতি পাতি করিয়া খুঁজিয়া ; তন্ন তন্ন করিয়া খুঁজিয়া। "যত দিতে সাধ করি মনে মনে, খুঁজেপেতে সে ত পাব না!—শিশু ১০৯। ২ খুঁজিয়া পাওয়া। "না ভজিলে যেবা তারে, পতিতপাবন বলি তারে, হেন প্রভু খুঁজেপেতে ভার চু ৫৮। খোজন্তি খোঁজসি খোজিলেঁ খোজো (খুঁজি)।—শ্রী.কী।]

খুঁজ[২] সর্ম্ম [√খুদ > °জ (মুদ্রাপ্রমাদ ?) ; অপ্র] খনন করা। "চারি দণ্ডে খুজিলেক এ চারি সাগর। সাগর খুঁজিয়া গেল পাতাল ভিতর॥ —কৃ ১৪ ; আমার সাক্ষাতে সীতা হরিলেন ধরা। তাঁহারে খুঁজিয়া নিব সীতা মনোহরা॥ —৪৯২।

খুঁট[১], **খোঁট**[১], **খোট** বি [সং কোটি ; হি খুট ; ঠ খুংট—পথের কোণ ; ড় খুণ্ট ; খোঁট (ত্রিপুরা)] ১ কোণ। "যত্ন করি চারি খুঁটে বাঁধে রক্তডুরি শি ১০৯। ২ ধুতি-প্রভৃতির কোণ। "হেন কালে কোচার খোঁট বাঁধে দক্ষিণ পায় ম.ম ১৭৩। আঁচলের খুঁটটি তুলে অঙ্গমলা ঘষা। —হেম ৩৯০। বাক্সটী একখানি মোটা সাদা গড়ায় খুঁটে খুঁটে গেরো দিয়া বাঁধা য ৫। ৩ প্রান্ত, শেষভাগ। "ঘেঁসে ঘেসে ঘনিয়ে এসে মিলিয়ে দেবে সকল খুঁট,—ধন ঘড়াটি ধরবে আঁট' লাখ আঙুলের লোহার মুঠ!—কু.কে ১৫৩। ৪ পরিহিত বস্ত্রের কাঁকালে-গোঁজা কোণার মত বস্ত্রপ্রান্ত বা কাপড়ের পা'ড়। [খুঁট বদলাইয়া কাপড় পরা—কড়শি খুলিয়া ঝাড়িয়া-ঝুড়িয়া কাপড় পরা। "দিগ্‌ভ্রম হইলে, খুঁট বদলাইয়া কাপড় পরিতে হয়।]

খুঁট[২] বি [সং খণ্ড ; ঠ, গু খুট ; সি খুটি—deficiency] খণ্ডিত বা (ভাঙা-চূরা) পুরাতন কাঁসা (মুরশিদাবাদ)। "খুঁট গলাইয়া নূতন বাসন গড়া।

খুঁট[৩], **খোঁট**[২] সর্ম্ম [সং √তুড্ (√খণ্ড ?) > √খুট্‌ট (হে ৪.১১৬) > বা √খুট, √খুঁট ; হি √খু (খোঁ)ট] ১ বিদীর্ণ করা ; ছিন্ন করা ; তুড়িয়া দেওয়া। "ফোড়াটা বেশ পেকেছে। নরুণ দিয়ে একটু খুঁটলেই পুঁজ বেরোবে। ২ নখ দিয়া মৃদু আঘাত করা ; খোঁটা। "শিশুরা মায়ের একটা মাই খায়, আর একটা নখ দিয়া খুঁটে (খোঁটে)। [খুঁটা, খোঁটা { √খুঁ(খোঁ)ট+আ } —সর্থ 'খুঁট'[৩]।]

খুঁট[৪], **খুট**[১] সর্ম্ম [তা খুটটা—to pick up (H.B. 65) ; হি √খট ; ঠ √খুংট, √খুট, গু √খুংট ; অস √খুঁটিয়া ; √খুট (ত্রিপুরা)] ১ ক্ষুদ্র বস্তু একটি একটি বা কণা কণা করিয়া তুলিয়া লওয়া বা কুড়ান। "লক্ষ্মী বলেন, যে নেয় মোরে খুঁটে। তার বাড়ী যাই হেঁটে॥—প্রবচন। ২ চঞ্চু দ্বারা তুলিয়া লওয়া। "খুঁটিতে খুঁটিতে খুদ কুক্কুট পাইল, একটী রতন মা ৩৫৭। ৩ সংগ্রহ করা ; যোগাড় করা ; লওয়া। "খুঁটে খেতে দুটা নাই টুটা মনস্তাপ।—শি ৩৪। ৪ প্রত্যেকটি বিশেষভাবে ধরা বা গ্রহণ করা। "সকল কথা সে খুঁটিয়া খুঁটিয়া জিজ্ঞাসা করিতে লাগিল।—গল্পগুচ্ছ। [খুঁ (খোঁ)টা—কুড়ান ইত্যাদি। খুঁটে খাওয়া—১ কুড়াইয়া খাওয়া। ২ উপার্জ্জন করিয়া ভাত-কাপড় করা। খুঁটে খেতে শেখা—জীবিকার্জ্জনে সমর্থ হওয়া। দাঁত খুঁটা—খড়কা দিয়া দন্তসন্ধিস্থ অন্নাদির কণা বাহির করা।]

খুঁট[৫] সর্ম্ম [হি √খুঁট—জিজ্ঞাসা করা] বিশেষরূপে, অর্থাৎ সব বিষয়ের অনুসন্ধানপূর্ব্বক জিজ্ঞাসা করা। "সব খবর খুঁটিয়ে আনবি, কি কচ্ছে, কে আছে—সব গি.দ্বি ১০৪। —ট অর্ম্ম দোষ (খুঁত) বাহির করা বা ধরিয়া বিচার করা। "কোন কৌতূহল নাই, কারো গুপ্ত বিষয়ে খুঁটিয়া দেখাই।—মন্দ্র ১৪। [খুঁটিয়ে দেখা—খুঁত ধরিয়া তুলনাপূর্ব্বক বিচার করা।]

খুঁ(খু)ট-আখুরে বিং ['কূটাক্ষরীয়'—মূল ; 'খর+এ[৮]] ১ যাহার হাতের অক্ষর কূট, অর্থাৎ অস্পষ্ট বা কাঁচা ; (গৌণার্থে) যাহার লেখা-পড়া অত্যন্ত অল্প ; অশিক্ষিত। ২ অজ্ঞ, মূর্খ। "খুঁট মিলাতে পারে না এমনি খুট-আখুরে বেটা দা ২০৬০।

খুঁটা, খোঁটা[১], **খুটা** বি [সং ক্ষোড ; প্রা 'খোংটয়'—খোঁটা ; 'খোড —সীমানির্দ্ধারক কাষ্ঠ ; খোঁটা(দেশী—প্রা.ম) ; বা খোঁ(খু)টা, খুঁটা ; হি খুঁটা ; ঠ খুংটা ; গু খুং(খুং)ট ; ড় খুণ্টি ; অস খুঁটা] ১ গো-প্রভৃতির বন্ধনার্থ ভূমিনিখাত কীলক, গোঁজ বা কাষ্ঠখণ্ড। "চৌদিকে

দেওহ খুটা বান্ধিতে বাচুর চৈ.ম ১৮৬। ২ বেড়ার আধার খুঁড়িয়া-পোতা বাঁশ বা কাঠ; খাম্বা। ৩ খুঁড়িয়া-পোতা দণ্ডমাত্র; খুঁটি। "জাতা ছাইয়া তথা খোঁটা জে পুতিল শূ ১১১। ৪ নৌকাচালনার্থ দীর্ঘবংশদণ্ড বা লগী। "না খোঁটা দিয়া রহে নন্দের নন্দন শ্রী.ম ৬৯। পা যেন খোঁটা হয়ে গেড়ে গেল হু ৫৯। ৫ খাটের পায়া। "জড়িয়া রহিল নাগ খাটের খুঁটাতে।—বা.ম ১৩১। ৬ (অপ্র) ইন্ধন, জ্বালানী কাষ্ঠ। "খুটা খড়ি।—গো.চ ৪২; ৪৫; ৪৬, টীকা। [খুড়া ('খুঁটা'—মূল; অপ্র) —১ কাঠ। "রাম (আম) খুড়া চন্দন খুড়া ব্যাল খুড়া গো.চ ৪৩। ২ খাটের পায়া। "পালঙ্গের খুড়াএ গো.চ ১৫৭।]

খুঁ(খু)টি, -টা বি [খুঁ(খু)টা+ই১১; হি খুঁটা (পুংলিঙ্গ)—খুঁটী (স্ত্রীলিঙ্গ); ঠ খুং(খু)টী; গু খুংটী; অস খুঁটি; খুন্টি—নৌকাবাঁধার খুঁটি (চ ১৬); খুণি (দিনাজপুর); খোঁটা (ত্রিপুরা), থাম (ঢাকা)] ১ গৃহাদির বাঁশের বা কাঠের থাম; স্থূণা। "খুটি গাড়িয়া মাচান পাতিল গো.চ ৪৩, টীকা। ২ ছোট খোঁটা; সেতারের তার বাঁধার কাষ্ঠ-কীলক। "সেতারের খুঁটি। ৩ বন্ধনকীলকমাত্র; খোঁটা। "কমল-কলিকা জিনি কিবা কুচ দুটি। যুবক জনের মন বান্ধিবার খুঁটি॥ —শ্রী.মা ৮৫। [খুঁটিগাড়ী—খুঁটিগাড়া-সম্বন্ধী, অর্থাৎ মাছ-ধরা বা নৌকা-বাঁধার জন্য নদী-প্রভৃতির কিনারায় খুঁটি গাড়িতে হইলে, ভূস্বামীকে দেয় কর।]

খুঁটিনাটি; খুঁটা দ্র 'কুটিনাটি; খুঁটি'।

খুঁটো বি [খুঁটা > °টো] ১ সর্ব 'খুঁটা'। ২ খোঁটার মত ভূমিতে দৃঢ়লগ্ন বা নিশ্চলভাবে স্থিত পদ। [খুঁটোর জোরে মেড়া নড়ে—মেড়া দৃঢ়স্থিত পায়ের বলেই স্থির হইয়া যুদ্ধ করে; (গৌণার্থে) প্রবলের আশ্রয়ে দুর্ব্বল শত্রুতা করে। "জা ১৮।]

খুঁ(খু)ড়, খোঁড় সর্ম [সং √তুড় > প্রা √খুড (হে ৪.১১৬) > বা √খুড়, √খু (খোঁ)ড়; হি, ঠ √খোদ; তু 'সং খণ্ডিত' > প্রা খুডিঅ] ১ বিদীর্ণ করা; খনন করা; খোঁড়া। "খন্দক খুঁড়িল গো.চ ৪১৬। ২ খননপূর্ব্বক বাহির করা। "মূষিকে খুঁড়িছে মূল ম ৬; ৭। ধন খুঁড়িব চোয়াড়ে ব.প ৩৪৬। ৩ কটুবাক্যে আঘাত করা; নিন্দা করা। "যে যারে দেখতে নারে, সে তারে হাঁটনায় খোঁড়ে ন.ত ৫৬। ৪ কু-নজরে, অর্থাৎ ঈর্ষ্যার চোখে দেখা। "সেঁজো বাতি নড়েচড়ে, যে আমার গোপালেরে খোঁড়ে, সন্ধ্যা বেলা তার মুখ পোড়ে।—সন্ধ্যায় দীপ জ্বালিয়া শিশুর মুখের কাছে ঘুরাইতে ঘুরাইতে মা এই শ্লোক বলেন, শুনিয়াছি। ৫ প্রতিঘাতে বিদীর্ণ বা খণ্ডিত করা; কোটা। "পুরোহিত …দেখে মরেন মাথা মুণ্ডু খুঁড়ে দা ৬৭। আমি মাথামুড় খুঁড়ে মরব গি.স্থি ১১৩। [খুড়া১, খোঁড়া—১ সর্ব 'খুঁড়'। ২ কৃতখনন, খাত (মাটি)। খুঁ(খোঁ)ড়ান—খনন করান।]

খুঁত, খুদ১ বি [তা 'কুট্রম্, কুত্তম্'—দোষ; হি খোট; ঠ খুট, খোড; গু খুট; অস খুঁত; তু 'সং ক্ষত'; খুদ—"একটুক খুদ নাই (গো.চ ২০৩)] ১ দোষ, ছিদ্র। ২ অসম্পূর্ণতা, ত্রুটি, অপকর্ষ। ৩ অবয়বের অসৌষ্ঠব বা বৈকল্য। "ছেলেটি যেন কার্ত্তিক! চেহারায় কোন খুঁত নেই! [খুঁত ধরা—দোষ বাহির করা। নিখুঁত—১ নির্দ্দোষ; সর্ব্বাঙ্গ-সুন্দর (গড়ন, জিনিস)। ২ অচ্ছিদ্র (কাজ)।]

খুঁতখুঁত, -মুত বি [খুঁত > খুঁতখুঁত (পৌনঃপুন্যে দ্বিত্ব); 'মুত' (অনু.শব্দ)] খুঁতের জন্য পুনঃপুন চিত্তবিকার; অতৃপ্তি, অসন্তোষ, অশান্তিভাব। "মনে বেশ আনন্দ আছে ত? খুঁতমুত কিছু নেই ত? —প্রায়শ্চিত্ত ১০৫। [খুঁতখুঁত, -মুত করা—অসন্তোষ প্রকাশ করা। খুঁতখুঁতে, -মুতে—১ যে খুঁতখুঁত করে; যাহার কোন বিষয় সহজে মনঃপূত হয় না; যাহার কিছুতেই মন উঠে না। ২ সংশয়প্রবণ, সন্দিগ্ধ। *খুঁতনি, -মুতনি—খুঁতখুঁত করা।]

খুঁয়া, -য়ে; খুঁয়াড় দ্র 'খুইয়া; খুয়াড়'।

খুঁয়েতাঁতি, -তী বি যে তাঁতী ক্ষুমার বস্ত্র বয়ন করে; ক্ষৌমবস্ত্র-বয়নে অভ্যস্ত তন্তুবায়। "অযোগ্য হইয়া কেন বাড়াও উৎপাত। খুঁয়ে-তাঁতি হয়ে দেহ তসরেতে হাত॥—ভা.চ ২১৬।

খুক বি [ধ্বন্যাত্মক; থক > খুক (অল্পার্থে); তু 'ঠ খোকলা'—কাস] অল্প বা অনুচ্চ কাসির শব্দ। [খুকখুক—ক্রমাগত 'খুক' (অনুচ্চ কাসির) শব্দ। "কেহ বা খুকখুক করিয়া কাসিতেছেন আ.দু ৭৫। খুকখুকনি—খুকখুক শব্দে ক্রমাগত কাসা।]

খুকি, -কী বি [খোকা+ঈ৬—খোকী > খুকি, -কী; কোকা—কোকি, খোকা—খুকি (ওরাওঁ-ভাষা, H.B. 64; 248); হি খোখা—খো(খু)খী; তু 'খোখী'—খোঁখী, তুমি সসুর-বাড়ি কখুনু যাবে না! —রবীন্দ্র] ১ ছোট মেয়ে, বালিকা। "খুকী তোমার কিচ্ছু বোঝে না মা, খুকী তোমার ভারি ছেলে মানুষ।—শিশু ৩১। ২ মেয়ের আদরের নাম। "বড়°, মেজ°।

খুঙ্গি, -ঙ্গী বি [ঠ 'খোংগা'—অঞ্জলি (মূল); ক্ষুদ্রার্থে ই৯, ঈ] বেতের বা বাঁশের অঞ্জলিসদৃশ (?) পেটিকাবিশেষ। "মসীপাত্র পুথি খুঙ্গি। —ক.চ ২, পুথি খুঙ্গী ২১৭। খুঙ্গি পুথি শ্রী মা ৮। খুঙ্গি পুঁথি কাঁখে শ্রী ২৬। রত্ন-ভরা খুঙ্গী পুঁথি।—ভা.চ ২৬৫; ৩৮৭। কেবল স্মৃতি-খানি খুঙ্গীর মধ্যে লইলেন ব.প ৩০।

খুচখুচ, খুচুরখুচুর বি [ধ্বন্যাত্মক; অস '°র'] ধীরে ও সাবধানে মৃদু আঘাতে মাটি-খোঁড়ার শব্দ। [খুচখুচ ক'রে মারা—ধীর মৃদু আঘাত করা (মৃত্তিকাখননে)।]

খুচনি বি খোঁচা মারা, খোঁচান, বিরক্ত করা। "তাহারা বলিল, মার-পিটের দিনে মতিলাল বৈদ্যবাটীর বাটীতে ছিল, কিন্তু ব্লাকিয়র সাহেবের খুচনিতে এক একবার ঘবড়িয়া যাইতে লাগিল আ.দু ৫০।

খুচ(জ)রা বিং [সং ক্ষুদ্র > বা (স্বরাগমে) খুদর > খুজ(চ)রা; খুদরা (মালদহ)] ১ ক্ষুদ্র, সামান্য, ছোট, অর্থাৎ অনায়াসে ও অল্পক্ষণে সাধ্য (কাজ)। "খুজরা কাজে, মজুরা নাই।—প্রবচন। ২ অল্পব্যয়সাধ্য, ছোট-খাট (কাজ)। ৩ যে অল্প দ্রব্য ব্যবসায়ের বা সংসারখরচের নিমিত্ত ক্রয় করে। বিপ 'পাইকারী'। "খুজরা খদ্দের; খুজরা ব্যবসাদার। ৪ টাকার ভাঙ্গানী (মুদ্রা—আনী, দুয়ানী ইত্যাদি)। —রা বি ১ (নোট-সম্বন্ধে) টাকা আধুলি ইত্যাদি; (টাকা-সম্বন্ধে) আধুলি সিকি ইত্যাদি। "আমার কাছে সব নোট বা বাঁধা টাকা, খুজরা কিছুই নাই। ২ অল্প-স্বল্প ব্যয়; ছোট-খাট খরচ। "ত ও বুঝি হ'তে পারে সিকা ছয় সাত। খুজরার লেগা জোগা বড়ই উৎপাত॥ —বি.সু ৩৬। [খুজরা কথা—সামান্য বা অকিঞ্চিৎকর বিষয়। খুজরা গহনা—ছোট-খাট অল্পমূল্যের গহনা। খুজরা বিক্রী—অল্প-অল্প করিয়া বিক্রয় (retail)। বিপ 'পাইকারী' বিক্রী (wholesale)।]

খুজ সর্ম [খুঁজ১ > খুজ (গৌণার্থে); অস √খোজ; অপ্র] অনুসন্ধান করা, অর্থাৎ চাওয়া; প্রার্থনা করা। "দান খুজিতে মোরে দেখায়সী নণ্ডী শ্রী.কী ১১৬। দান আমি রাজার কাছে খুজি গো.চ ১৫০, টীকা; ভিকখা খুজিতে আমি সরম না করি ২৯১।

খুজলি বি [সং খর্জ্জু; হি খুজলী] কণ্ডুয়ন-রোগ, চুলকানি। [খুজলান (হি খুজলানা)—চুলকান।]

খুঞা, খুঞি; খুট১ দ্র 'খুইয়া; খুঁট৪'।

খুট২ বি [দ্র 'খুঁত'] ১ দোষ, ত্রুটি, ছিদ্র। "খুট মিলাতে পারে না, এমনি খুট-আখুরে বেটা দা ২০৬০। ২ [খুঁট১ > খট] পরা কাপড়ের কোণ। "বলে চৈতন্যের চারি মুট, এত বলি পাতে খুট, মাগীদিগে কার সাধ্য আঁটে দা ৭২।

খুট[৩] বি [খট[২] > খুট (মৃদু অর্থে)] কঠিন দ্রব্যদ্বয়ের ঘাতপ্রতিঘাতে জাত মৃদু ধ্বনি। [খুট-খুট—বারংবার 'খুট' শব্দ। খুট-খাট—কঠিন দ্রব্যের পরস্পর আঘাত-জন্য মৃদু শব্দ।]

খুটা ; খুটি ; খুটিনাটি দ্র 'খুঁটা ; খুঁটি ; কুটিনাটি'।

খুটুর-খাটুর বি [ধ্বন্যাত্মক] ১ সর্থ 'খুট-খাট'। ২ শুষ্কতর্কপূর্ব্বক বিরুদ্ধমত-প্রকাশ। "এত শুনি যোগী করে খুটুর-খাটুর। প্রভু বলে ভক্তি কর, তর্কে বহুদূর ॥—ব.প ১১৫৮।

খুড়তা, খুড়াত বি ['খুল্লতাত'—মূল ; ঢ় খুড়তা খুড়তুত (চব্বিশ-পরগনা) ; খুড়তাত, খুড়াত (ত্রিপুরা)] খুড়া-সম্পর্কীয়, অর্থাৎ খুড়ার সহিত পুত্ররূপে বা কন্যারূপে সম্বন্ধযুক্ত (ভাই, বোন)। "খুড়তা বহিনী ক.চ ১৪০। তাহা ব্যতিরেকেতে যে খুড়াত (ভাই) হয়ে দুই ভ.গ্র ১৪০।

খুড়শাশ, -শাশুড়ী, -শ্বশুর ; খুড়া[১] দ্র 'খুড়া[২] ; খুঁড়'।

খুড়া[২] বি [প্রা খুড্ড (ক্ষুদ্র—দেশী ২.৭৪), খুড্ডঅ (ক্ষুল্লক, হে ২·১৭৪) > বা খুড়া ; সং ক্ষুল্লতাত (ক্ষুদ্রতাত) ; ঢ় খুড়তা ; ঠ চলতা ; খুড়ো (কথ্যভাষা)] ১ তাততুল্য পিতার কনিষ্ঠ ভ্রাতা; পিতৃব্য, কাকা। "খুড়া জেটা শূ ৩২। খুড়া মহাশয় কৃ ২৫০। ভা.চ ৬৮। ২ গ্রাম-সম্পর্কে পিতার ছোট ভাই। "খুড়া জেঠা নিছে কথ গো.চ ৩৩১। খুড়া খুড়া ডাকে কালকেতু ক.চ ৭৪। —ড়ী বি [খুড়া+ঈ ; ঠ চুলতী] খুড়ার স্ত্রী ; কাকী। "শুন গো খুড়ি ক.চ ৭৪। [খুড়শাশ, -শাশুড়ী ('খুড়শোশ'—মালদহ ; 'খুড়শুশ'—দিনাজপুর)—খুড়াশ্বশুরের স্ত্রী। খুড়শ্বশুর—শ্বশুরের ছোট ভাই, স্বামীর বা স্ত্রীর কাকা। খুড়ীমা—মাতৃবৎ পিতৃব্য-পত্নী ; কাকীমা। হরির খুড়ো মাধাই দাস—দূর বা জোড়া-তাড়া সম্পর্কের উল্লেখস্থলে উদাহরণ।]

খুড়াখুড়া বি [ধ্বন্যাত্মক] হুঁকার নলিচা পরিষ্কার থাকিলে, তামাক খাওয়ার সময়ে যে 'গড়্গড়্' শব্দ হয়, তাহারই রসিকতাপূর্ণ অনুকরণ-শব্দ। "ওহে হুঁকাটা পীসে-পীসে বলছে ; খুড়াখুড়া বলছে না কেন ? —আদু ৯। [পীসে-পীসে—হুঁকার নলিচা অপরিষ্কৃত হইলে, যে 'ফিস্ ফিস্' শব্দ হয়, তাহারই অনুকরণ-শব্দ।]

খুড়াত ; খুড়ী, খুড়ীমা ; খুদ[১] দ্র 'খুড়তা ; খুড়া[২] ; খুঁত'।

খুদ[২] বি [দ্র 'ক্ষুদ'] ১ তণ্ডুলকণা। "দিল খুদ কুঁড়া কৃ.উ ৯। খুদের জাউ ক.চ ১৪২। খুদ কুঁড়া শ্রী ২২৮ ; ভা.চ ১১৩। মা ৩৫৭। ২ ডালের কণা। "কলায়ের খুদের গুঁড়া তুলিয়াছে বড়া ক.চ ১৪২। —দ বিং (অপ্র) ছোট। "খুদ বড়সীএ রুহী বান্ধসী শ্রী.কী ২৪২। [খুদ-কণ, -কণা (অস খুদ-কণ্)—খুদ (একার্থক শব্দদ্বয়)। "খুদ-কণা ম ১১০৬। এ তণ্ডুলে খুদ-কণ বিস্তর প্রকাশ চৈ.ভা ২৭৬। °কণ ভা.চ ১০২। [খুদ-কুঁড়া—খুদ ও কুঁড়া ; (গৌণার্থে) অতিসামান্য খাদ্য। "বিদুরের খুদ-কুঁড়া। খুদমাগা—খুদ ভিক্ষা করা ; পুনর্বিবাহে বাড়ী বাড়ী ঘুরিয়া খুদসংগ্রহরূপ স্ত্রী-আচার-বিশেষ ; তদ্বিষয়ক গান। "খুদমাগা কাদা খেঁড়্ নারিনু রচিতে ভা.চ ৩৬৬। খুদল—খুদযুক্ত (চাউল, ডাল)।]

খুদ[৩], **খোদ**[১] সর্ম্ম [হি, ঠ, গু √খোদ ; তু 'সং √ক্ষুদ্ (চূর্ণন, পেষণ) > প্রা √খুদ (খুর খুর খুদি খুদি মহি—পৈ ১.২০৪) ; ফা 'কোদ'গর —খনক] ১ খনন করা। "কুণ্ড খুদ।—ম.গা ১৯ ; গো.চ ৩৬০। বারিনিধি খুদিতে খুদিতে ম ৪৬৯। দক্ষিণে খুদিবে চৈ.চ ২০৬। দেখ মৃত্তিকা খুদিয়া ভ.গ্র ১৯ ; মাটি খুদিয়া উঠাবে ৪১৫ ; খুদিব যে কুণ্ড মোরা ৪৪৬। পুকুর খুদিয়া বি.পা ১৬৩। মাটি ফেলিল খুদিয়া বা.ম ১১৩। খন্দক খুদিল বি.সু ১০৫। ২ উৎকীর্ণ করা ; খোদাই করা (to engrave) ; কাটিয়া আঁকা। —দ অর্ম্ম খনন করা। "খোদয়ে তাহার পার্শ্বে : খুদিতে লাগিল সভে : খুদিতে খুদিতে এক কুণ্ড প্রায় হৈল ভ.গ্র ৪৪৬। [খুদা, খোদা[১]—১ সর্থ 'খুদ[৩]'। ২ উৎকীর্ণ, খোদিত। "আমার নাম খোদা আছে ব.প্র ৩৫১। খুদিবারে—খুদিতে। "ভ.গ্র ৪১৫। খুদিল—খুঁড়িল। "ভ.গ্র ৪১৫।]

খুদ্দ বিং [সং ক্ষুদ্র > প্রা খুদ্দ ; অপ্র] ক্ষুদ্রজাতীয়। "খুদ্দ দুদরাজ বুলেন শূ ১১৪।

খুদ্র বিং [সং ক্ষুদ্র (ক্ষু > খু), দ্র 'খ[২] ; অপ্র] ১ নীচ, কাণ্ডজ্ঞানহীন, মূর্খ। "খুদ্র হাড়ির কথায় আমরা বাগার খাটি মরি গো.চ ২২০। ২ অল্প, ন্যূনতর। "এ বুঝি আমারে মার খুদ্র পাএা বল চৈ.ম ৪৮, টীকা। ৩ হীন, দুর্ব্বল। "খুদ্র হইয়া নড় বেটা আমার বরাবর গো.চ ২২৪, টীকা। —দ্র বি তণ্ডুলকণ, খুদ। "খুদ্রান্ন ম.পা ৭৮ ; খুদ্রান্ন আহার মোব ৭৯।

খুধা বি [সং ক্ষুধা > লি খুধা ; প্রা*খুধা (তু ক্ষুধিত > প্রা খুধিয়) ; দ্র 'খ[২], অপ্র] ক্ষুধা। "খুধায় আহার নহি শূ ৫। খুধার বেদনা অ.প ২৬। খুধাএ ম.পা ৪৩ ; ৭৯। খুধার্ত্তি গো.বি ১২৮ ; খুধাএ পিড়িত ১৭১। [খুধাএ—ক্ষুধায়। খুধার্ত্তি—ক্ষুধার্ত্ত।]

খুন[১] বি [ফা খূন্ ; তু 'তা কোলৈ ; কর্ণাটী—'কুনি'—হত্যা] বিনাশ, বধ, হত্যা। "বুড়ো মেরে খুনের দায়।—প্রবচন। —ন বিং (বাঙলায়) ১ নিহত। "মারিয়া করিব খুন !—রবীন্দ্র। ২ মৃতপ্রায়। "বলির দ্বারে চেড়ীর এঁটো খেয়ে হলি খুন কৃ ২৫২। ছাগ মেষ যথা পায়, মারি খুন করে তায়।—ক.চ ৯০। ৩ নাশপ্রাপ্ত, বিকৃত। "(হে রস !) পুড়ে খুন তবু গুণ ধর গুড় হ'য়ে।—মনোমোহন বসু। ৪ মৃততুল্য, অতিক্লান্ত। "খুন হ'য়েছিনু বাছা, চুন চেয়ে চেয়ে ভা.চ ২৮৭। ৫ অতি-দুঃখিত, মর্ম্মাহত। "কোলে নিধি খরচ করিতে হয় খুন ভা.চ ৪০৭। [খুন চড়া (হি—খূন সির পর চঢনা যা সরার হোনা)—হত্যা করার জন্য চিত্তবিকারে উন্মত্ত হওয়া। "খুন করিতে করিতে মাথায় খুন চড়ে। খুন হ'য়ে মরা—আত্মহত্যা করা ; অত্যন্ত বিরক্ত হওয়া। "খেয়েছে চণের মাথা খুন হ'য়ে মরি শ্রী.মা ৮৫।]

খুন[২] সর্ম্ম [সং √খুণ্ড্—ভেদ, হি √খুন্দ] খনন করা ; খোঁড়া। "দন্তেতে খুনিয়া মাটি ম ৩৯ ; কুশ খুনিয়া ফেলহ ৪৭ ; খুনিল গভীর গর্ত্ত ৭২৮। খন্দক খুনিতে গেল বি.সু ১০৫। [খুনিবারে—খুঁড়িবার জন্য। "দ্বীপ খুনিবারে মুখা করিল গমন ম ৭২৮।]

খুনখারাপ, -রাব বি [ফা খূ.ন্খ.রাব ; হি খুন খারাব] রক্তপাত, রক্তারক্তি, মারামারি-কাটাকাটি। —পি, -বি বি সর্থ 'খুন-খারাপ'। "একটা খুনখারাপি হ'ত।—দ্বিজেন্দ্রলাল রায়। —পী, -বী বি [দ্র 'ঈ[৮]] রক্ততুল্য গাঢ় লাল রঙ্।

খুনসী বিং [হি খুনসী] ক্রুদ্ধ। "আর রামা বলে সই ! ভাল ত মুনসী। বথসী আমার পতি সদাই খুনসী ॥—ভা.চ ৪০৬।

খুনাখুনি বি [খুন[১]-আ+খুন-ই ; 'খুনোখুনি' (কথ্য)] রক্তারক্তি, মারামারি-কাটাকাটি, গুরুতর হানাহানি। "দুই দলে খুনাখুনি পাড়ে ক.চ ১২৪। তোর মোর খুনাখুনি যারে যেবা পারে বা.ম ৩৪২। [খুনাখুনি হওয়া—রক্তারক্তি হওয়া ; নিজে মাথামোড় খুঁড়িয়া রক্তা-রক্তি করা। খুনখুনে বুড়ো, বা বুড়ো খুনখুনে—মৃতপ্রায় বৃদ্ধ ; অতি-বৃদ্ধ।]

খুনী, -নীয়া, -নে বিং [খুন+ঈ[৭], ঈয়া, এ[৮] ; ফা খূ.নী] খুন-সম্বন্ধী, হত্যাবিষয়ক (আসামী, মোকদ্দমা)। —নে বি হত্যাকারক, ঘাতক ; অতিদুর্ব্বৃত্ত, জালিম। "আমি চল্যেম বাছা, এমন খুনের কাছে ভদ্রলোকে থাকে স.এ ৭৩।

খুন্তি বি [খন্তি > °ন্তি] ১ সর্থ 'খন্তি (২)। ২ উড়িষ্যায় প্রচলিত সূক্ষ্মাগ্র লৌহলেখনী। ৩ খুন্তির মত বস্তুবিশেষ। "প্রভু তুরী খুন্তি পোল নিয়ে উপস্থিত হলেন হু ৭২ ; ৭৫। [প্রসিদ্ধি যে, ইহা নবাবের

পাঞ্জার নিদর্শন। ইহা নগরকীর্ত্তনদলের আগে থাকে। ইহা দেখিলে, কোন মুসলমান কীর্ত্তনে বাধা দেয় না। বৃন্দাবনে এখনও ইহার ব্যবহার আছে।]

খুপ(পু)রি, খোপরি বি [হি খোপ—গুহা (মূল ?) ; মৈ খোঁপ —খোপড়ী (হ্রস্বার্থে)—কুটীর] ১ গুহাতুল্য গৃহ ; ক্ষুদ্রগৃহ, কুঁড়েঘর। "থাকিবার শয়ানে ছাও ছাগলের খুপুরি গো.চ ২৬০ ; ২৬১ ; ছাগলের খোপরি ৬৫। ২ [খুবরি (ঢাকা)] দেয়ালে কাটা গর্ত্ত ; কুলঙ্গি। ৩ দেয়ালের ফাটাল বা ছোট গর্ত্ত। ৪ পায়রার খোপ। [খুপরি-কাটা—খুপরি-করা, ছোট ছোট গর্ত্ত-কাটা বা গোপ-কাটা (দেয়াল, বাক্স)।]

খুব বিং [ফা খু.ব্] ১ উত্তম, ভাল, আচ্ছা। "ত্বরায় আসিবি যাবি পাবি খুব চিরা শ্রী ১৭৩। বহুৎ খুব হুজুর ব.প্র ৬৪৮। ২ সিদ্ধ, বাক্সিদ্ধ। "মৈ খুব ফকির হুঙ, লেগা মেরে দুওয়া রা.স ১০। ৩ আচ্ছা-রকম, বেশ, ভারী। "বৃষ্টি খুব এক পসলা হইয়া গিয়াছে আ.দু ১১১। ৪ প্রীতিজনক, সুন্দর। —ব ক্রি.বিং ১ অত্যন্ত, বড়, বেশ। "হাকিম খুব জবরদস্ত, আইন খুব কঠিন, শাসন খুব কড়াক্কড়। —রবীন্দ্র। ২ আচ্ছারকম, সম্পূর্ণভাবে, ভরদম (খাওয়া)। ৩ যথা-শক্তি, অত্যন্ত (খাটা)। ৪ ব্যগ্রতাপূর্ব্বক, বিশেষভাবে, কাতরভাবে। "খুব করি হাত ধরি মোকে দাও ছেড়ে আ.দু ৭৮। ৫ বহুদূর, অনেকটা। "তবে একটু আস্তে হাঁট ; তারা খুব আগু হইয়া যাক ব.প্র ৩২। [খুব করা—১ বেশ করা ; ন্যায্য কাজ করা। "কুকর্ম্ম করেছ, মেরেছি, খুব করেছি ! ২ কালোপযোগী কার্য্য করা। খুব ক'রে ধরা—শক্ত ক'রে ধরা ; সনির্ব্বন্ধভাবে কাহারও সাহায্য প্রার্থনা করা। খুব ক'রে বলা—মনের ঝাল মিটাইয়া দু-কথা শুনান।]

খুবসুরত বিং [ফা খূ.বসূরত্] অতিরূপবান্, পরমসুন্দর, পরমসুন্দরী। "রহ্ কুমারীন্ বড়া খুবসুরত ব.দ্বি ২৯২। শুনিলাম রূপনগরওয়ালী আরও খুবসুরত।—রাজসিংহ। [খুবসুরতী (ফা খূ.বসূরতী)—সুরূপ দিব্যশ্রী।]

খু(খো)বানী বি [ফা খূ.বানী] ফলবিশেষ (apricot)। "খুবানী পর্জ্জুর।—রঙ্গ ৯।

খুবাণী [(?)] "বজ্রাঘাত শব্দে খুবাণী বাজ্যা উঠে ব.প ১৩৬৪।

খুমখাম বি [ধ্বন্যাত্মক ; হুমহাম > °ম (অনুকরণ)] ভীষণ শব্দ বা হুঙ্কার। "হুমহাম খুমখাম ভীমশব্দ ভাষিছে ভা.চ ৪৫ ; সবোরোজ হাঁকে…খুমখাম ৪৯৭।

খুমার, -রি, -রী বি [আ খু.মার, -রী ; হি, ঠ খুমারী] ১ মত্ততা, নেশা। "খাত্যে খাত্যে খুমার কতেক তাল উঠে ব.প ৪৮০। ২ উত্তেজনা, উৎসাহ। "কুরুক্ষেত্রে গদাযুদ্ধ ভীমদুর্য্যোধনে। কথা শুন্যা ডোমের খুমার উঠে মনে॥—ব.প ৪৮১। ৩ নিদ্রালুতা, নিদ্রালসভাব, তন্দ্রা। "সেহি স্বামী অন্ধ, সদা করে দ্বন্দ্ব, ভোজনকালে খুমারী শ্রী ৯২। ৪ নেশাছোটার সময়ে মাতালের শারীরিক অবসাদের অবস্থা ; খোঁয়ারি।

খুয়া ; খুয়ার দ্র 'খুইয়া ; খর[২]'।

খুর্ সক [তু, প—খুরতি ; সেট্] ১ ছেদন। ২ বিলেখন।

খুর পুং [√খুর্+অ (ক)-ণ ; তু 'সং ক্ষুর > লি, খুর (শফ, অস্ত্র), প্রা খুর (অস্ত্র) ; হি খুর—শফ ; ঠ খুর] ১ গবাদি পশুর পদের অগ্রভাগ ; শফ। "গো.রা ৪.৯.৬২। শৃঙ্গাঙ্কিখুর।—মনু ৪.৬৭। খুরোৎক্ষিপ্ত রঘু ১.৮৫ ; খুরন্যাস ২.২। অশ্ব° (সুশ্রুত)। সুবর্ণের খুর দিল খুরের বাহির ম.ম ৬। ২ নখীনামক গন্ধদ্রব্য। ৩ খট্বাদির পাদ ; পায়া, খুরা। ৪ [+অ ঘঞর্থে-ণ] নাপিতাস্ত্রবিশেষ, ক্ষুর। "খুরধার খরশান ব.প ১০৮৪। হীরার কোদাল দিমু খুরের যে ধার ম.গা ১৯। আইহন খুরের ধার শ্রী.কী ৮৩। [°ক্ষেপ, খুরাঘাত (পুং)—গবাদির খুরের আঘাত বা পদাঘাত। খুরে দণ্ডবৎ, নমস্কার—পায়ে নমস্কার (ক্রোধে, ; উপহাসে ; 'খুর' হেতু 'পশুত্ব' ব্যঙ্গ্য)। "ওরে ভাইরে ! কি উৎপাত, বেটার খুরে দণ্ডবত দা ২০৬৯। হাস্য বলে 'তাঁর খুরে নমস্কার' স্ব.প্র ৬৮। খুরের ধার—১ (সাদৃশ্যে) অতিতীক্ষ্ণ ধার। ২ তীক্ষ্ণ বা উগ্র স্বভাব। "শ্রী.কী ৮৩। খুরের তোরপা—খুরভাঁড়। "খুরের তোরপা নিলে নাপিত বগলে করিয়া গো.চ ১৫৭।]

খুরখুর বি [থরথর > °র ('উ' অল্পার্থক) ; ভাবাত্মক] বামনের বা শিশুর দ্রুত অনতিদীর্ঘ পদবিক্ষেপের ভাব। "শিশু খুরখুর ক'রে বেড়ায়। [খুরখুরে—যে খুরখুর করিয়া যায়।]

খুরপা, -পি বি [দ্র 'ক্ষুরপা', °পা+ই[১১]] ঘাস তোলার বা মাটি খোঁড়ার অস্ত্রবিশেষ। —পা বি ১ বাণবিশেষ। "খুরপা ক্ষুরধার কৃ ২৫৩। ২ চর্ম্মকারের চর্ম্মচ্ছেদনার্থ অস্ত্রবিশেষ।

খুরপ্র পুং [তু 'প্রা খুরপ্প (সং ক্ষুরপ্র) ; অর্দ্ধতৎসম] সর্থ 'ক্ষুরপ্র'।

খুরভাঁইড়,-ভাঁড় বি [সং ক্ষুরভাণ্ড ; 'খুরের তোরপা' গো.চ] ক্ষুরের আধার ; ক্ষুর-প্রভৃতি রাখার পাত্র ; ক্ষুরধান। "নাপিত অমনি খুরভাঁইড় বগলদাবায় করিয়া বলিল…আমাকে এক্ষুনি যেতে হবে।—আ.দু ১১১।

খুরমা, খু(খো)র্ম্মা বি [ফা খু.রমা] ১ শুষ্ক খর্জ্জুরবিশেষ ; ছোহারা। ২ (বাঙলায়) পক্কান্নবিশেষ (ইহা দুই প্রকার—মিষ্ট ও লবণ)। "খুরমা কচুরি কৃ ৩৭৬।

খুরলি বি [সং খুরলী] (বাঙলায়) অভ্যাস, মুরলীবাদন-শিক্ষা, বংশী-বাদন। "বিম্ব অধরে মুরলী খুরলি ত্রিভুবন মনোমোহিনী গো ৬২ ; অধর পর মুরলী। চলইতে পন্থে, করই কত খুরলি॥—৬৩। ব্র.প ১২৪।

খুরলী স্ত্রী [খুর+√লা+অ(ক)+স্ত্রী ঈ (ঙীষ্)—ত.বা ; 'খুরকলি' —অস্ত্রপ্রতিদ্বন্দ্বিতা (মূল ?)] ১ অভ্যাস, শ্রম (অ.টী)। "দূরোৎপতন° ম.চ ৫.৫। ২ শরাভ্যাস (ত্রিকাণ্ডশেষ)। ৩ শস্ত্রপ্রয়োগে অভ্যাস। "অস্ত্রপ্রয়োগখুরলীকলহে গণানাম্ ম.চ ২ ৩৪।

খুরসানি বি [খুর+সান+ই[১৯] ; 'খুরস্থান'—মূল ; অপ্র] খুরাঘাতজন্য শব্দ। "সরগ মরত পাতালেত লেগেছে খুরসানি শূ ৬৮।

খুরসি, -সী দ্র 'কুরসি'।

খুরা বি [সং খুর] ১ শফ, খুর। "বৃষপায়ে পরাইল সুবর্ণের খুরা বি.পা ৪৪। ২ খাট-প্রভৃতির পায়া। ৩ গাড়ু কলসী প্রভৃতির তলায় সংলগ্ন ধাতুবলয়।

খুরালিক পুং [খুরের আলি যাহাতে, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] ১ যাহাতে খুরাদি অস্ত্র থাকে ; খুরধান, খুরভাঁড়। ২ নারাচবাণ। ৩ (সাদৃশ্যে ?) উপধান।

খুরি, -রী বি [খোরা+ই[৯], ঈ[৯] ; হি খো(খু)রিয়া ; অস খুরী, খুরীবাটি] ১ ছোট কটোরা বা বাটি। "চন্দন খুরি ঃ খুরি ডাবরে পুরিআ লহি চন্দন শূ ২৬ ; ২৭। ঝারী খুরী গড়ে ক.চ ৮৯। খুরি ঘাট শ্রী ৪৬। ২ (সাদৃশ্যে) মৃৎপাত্রবিশেষ ; কটরা।

খুল[১], খোল[১] অর্ম্ম [সং √স্খল্ > প্রা √খুল ; তু 'প্রা খুলিঅ (স্খলিত) পৈ ১.১৩ ; হি √খু(খো)ল ; গু √খোল ; তু 'তা কষালু (অর্ম্ম), কষটু (সর্ম্ম)] ১ স্খলিত হওয়া ; শিথিলবদ্ধ হওয়া ; খোলা, খসা। ২ উদ্-ঘাটিত হওয়া ; মুক্ত হওয়া। "খুলিল মনের দ্বার ভা.চ ২৬৪। সৌমিত্রির পরশে খুলিল দুয়ার মে ১৯০। ৩ উদ্ভিন্ন বা বিকসিত হওয়া ; ফুটা। "আজি কমল-মুকুল দল খুলিল।—গান ৬৯। ৪ পরিস্ফুট হওয়া ; উজ্জ্বল হওয়া ; ফুটিয়া উঠা (রঙ, ধোপ)। ৫ শোভা পাওয়া ; খাপ খাওয়া ; মানান। "লালের পর জরদা তো খোলে না।—নী ১৭। পোষাকে আপনাকে বড় খুলেচে হু ২০৫। ৬ কার্য্যারম্ভ হওয়া। "ইস্কুল, কলেজ, কারখানা খুলা। ৭ অপ্রতিবদ্ধ বা প্রসন্ন হওয়া ; ভাব-

গ্রহণে সমর্থ হওয়া। "কাজে বুদ্ধি খুলে পা.প্র ৩৩। —ল সর্ম ১ উদ্‌ঘাটিত করা; মুক্ত করা। "খোল দ্বার, খোল দ্রুতগতি।—হেম। তিমির-দুয়ার খোলো।—রবীন্দ্র। খোলো খোলো দ্বার।—গান ৬৮। ২ উন্মীলিত করা। "কোন রাণী…, হেন চিত্তবিনোদন বৈতালিকগীতে. খোলে আঁখি?—মে ১১৬। কমল-নয়ন খুলে, কার পানে চেয়ে আছ স.শ ১১৯। ৩ বন্ধনমুক্ত করা। "গোরু, বাছুর খোলা। বাঁধা গোরু খুললেই ছোটে, সহজে ধরা যায় না। ৪ গোপন না করা; প্রকাশ করা; স্পষ্ট করা। "খোলি কি কহব জ.প ৫৭। খুলে বললে বাকী কিছু রয় না দা ২০০৩। তুমি কোথাকার বল ত খুলি কা ১০২। ৫ প্রতিষ্ঠিত করা; আরম্ভ করা। "নগরের মধ্যভাগে দোকান খুলিল।—পদ্যপাঠ, ১ম ভাগ। ৬ উন্মুক্ত করা; অনাবৃত করা। "প্রথম লিপি-খুলন।—নী ৪৫। বোচকা, পুঁটলি খোলা। ৭ বন্ধনমুক্ত করিয়া ছাড়া (নৌকা, জাহাজ; unmoor)। "নৌকা, জাহাজ খোলা। ৮ প্রস্ফুটিত বা বিকসিত করা; ফুটান। "আজি খুলিয়ো হৃদয়দল খুলিয়ো।—গান ৮৪। ৯ কোষমুক্ত করা। "খোলি খাপসে, খরগ খণ্ডা জ.প ৫৬। —লা সর্ম [°ল+আ৮] উদ্‌ঘাটিত করান ইত্যাদি। [খু(খো)লা—সর্থ 'খুল১'। খু(খো)লান—সর্থ 'খুলা'। খুলে বলা—প্রকাশ বা পরিষ্কার করিয়া বলা; অকপটে বলা। খুলে যাওয়া—উন্মুক্ত হওয়া, দ্বৈধহীন বা অকপট হওয়া (মন)। মাথা খোলা—বুদ্ধি-প্রকাশ হওয়া। মুখ খোলা—বলিতে আরম্ভ করা। খোলি—খুলিয়া।]

খুল২, খোল২ সর্ম [√খুড >°ল; অপ্র] ১ খনন করা; খোঁড়া। "বীর চিয়াড়েতে খুলে ব.প ৩১৪; অগ্নিকুণ্ড খুলেন ৫৭২। আড়ুলি খুলিতে সবে যায় শ্রী ১৮৬। যজ্ঞকুণ্ড খুলি জ ৮৫। খুলে রাবণের চিতে কৃ ৩৬৩। খোলে পাতালের মাটি ম.ম ৩১। ২ বিদ্ধ করিয়া উৎপাটন করা; খুঁড়িয়া তোলা। "তীক্ষ্ণ অস্ত্রে তাহার খুলিব দুই আঁখি ম ৪৩২। ৩ দাঁত দিয়া কাটা বা কামড়ান। "খুলিয়া খুলিয়া পোকা খায় তার মাস।—কৃ.উ ৭৬। গোময়পোকায় তার মাথা খুলি খায় ম ৪৮৮। ইন্দুরে…খুলে খায় বি.পা ৪৬। —লা সর্ম [°লা+আ৮] খনন করান; খোঁড়ান। "পুষ্করিণী খোলাইল জ ৩৭। [খু(খো)লা—সর্থ 'খুল২'। °লান—সর্থ 'খুলা'।]

খুলি১ বি [অপ্র] সর্থ 'কুলি১'। "তোর কারণে ভিক্ষা করিয়া বেড়াই খুলি খুলি ব.প ১২৯। ['খুলি খুলি'—লিপিপ্রমাদ (?)।]

খুলি২, -লী১ বি [খুরি, -রী >°লি,-লী] ১ সর্থ 'খুরি' (২)। ২ [খপডি (কপাল) >খুলি (?)—H.B. § 189] (সাদৃশ্যে) শিরোস্থি, কপাল, মাথার খুলি। "ভাঙ্গিল মাথায় খুলি কৃ ১৫৬। ৩ শম্বুকাদির কঠিন আবরণ বা ছোট খোলা (shell)।

খুলি৩, -লী২ বি [খোল+ই৮. ঈ৭ >খোলি, -লী >°লি, -লী] খোল-(মৃদঙ্গ)-বাদনে কুশল; যে খোল বাজায়; খোলবাদক। "খুলিরে… সজোরে খোল বাজাতে লাগলো হু ৬৭।

খুলী১; খুলী২ দ্র 'খুলি২; খুলি৩'।

খুল্ল বিণ [ক্ষুল্ল >খুল্ল, দ্র 'খ২'; স্ত্রী -ল্লা] ১ ক্ষুদ্র, অল্প। ২ কনিষ্ঠ, ছোট। "°তাত, °পিতামহ, °মাতামহ। —ল্ল ক্লী নখীনামক গন্ধদ্রব্য। —ল্ল বি [খুল্লতাত>°ল্ল; অপ্র] খুড়া। "°পুত্র। [°তাত (ঠ চুলতা) পুং—পিতার কনিষ্ঠ ও পিতৃতুল্য; পিতৃব্য। "দেখিলা…খুল্লতাত বিভীষণে মে ২০১। খুল্লনা (খুল্ল+না, মৈ নেনা—অপত্য, খুল্লনেনা >°না (?)—বণিক্ লক্ষপতির কন্যা, ধনপতির পত্নী ও শ্রীমন্তের মাতা। "খুল্লনা থুইল নাম ক.চ ১১৩। °পত্নী (অপ্র) বি—খুল্লতাত-পত্নী; খুড়ী। °পুত্র (অপ্র) বি—খুল্লতাতপুত্র, খুড়তুত ভাই। "কণ্ডর …শ্রীনন্দের খুল্লপুত্র ভ.গ্র ১৪১।

খুশ১, খোশ, -স১ বিং [ফা খু.শ; হি খুশ, -ষ,-স] প্রীত, হৃষ্ট, প্রসন্ন। "°দিল, °মেজাজ। মুই নি তোমার সাতে বাতচিত করতে বহুত খোস আ.দু ১৩১। —স বি প্রীতি, আনন্দ। "কাজির মনে হৈল খোস ম.ম ৫৭। [খুস বজায়—ইচ্ছাপূর্ব্বক, স্বেচ্ছায়। "খুস বজায়…খাস করিয়া দিলাম E.P. 37। °কবলা—স্বেচ্ছায় জমির নিজস্বত্ববিক্রয়ের কবলা; জমি বেচার দলীল। °খবর—সুসংবাদ। খোস গল্প (ফা খু.শ্ গপ্)—কৌতুকজনক গল্প; চিত্রকথা। °চেহারা—সুন্দর আকৃতি; সুরূপ, সুচেহারা। "আহা! এমন খোসচেহারা কি হানফের ঘরে সাজে?—মা ৩৩৩। °নাম—সুনাম, 'সুখ্যাতি। বিপ 'বদনাম'।]

খুশ২, -ষ সর্ম [কোশ, -ষ—মূল, হি, ঠ √খোস] ১ কোশতুল্য আধারে ঢুকান; গুঁজিয়া রাখা; খোশা (to thrust, drive in)। ২ [√কুষ্—মূল?] একটু খুঁড়িয়া দেওয়া। [খুশনী—মাটি খোঁড়ার বক্রমুখ অস্ত্রবিশেষ। খোশা—গুঁজিয়া রাখা। তিল খোশা—কোশ, অর্থাৎ খোশা হইতে ঘসিয়া তিলশস্য বাহির করা; তিলের খোসা ছাড়ান।]

খুশক '-কো' বিং [ফা খু.শ্‌ক্] শুষ্ক, রুক্ষ, অস্নিগ্ধ। "উশক-খুশক। —কি বি [ফা খু.শ্‌কী—শুষ্কতা] মাথার বা গায়ের শুষ্ক (মরা) চামড়া। "গায়ে খুশকি উঠা।

খুশ(স)খুশ(স) বি [খশখশ >°শ, -স, দ্র 'উ৭';] ১ মৃদু খশখশ শব্দ। ২ [তু 'খুসখুসাই (দো)—খুসখুসায়তি (টীকা)] সর্দ্দিতে গল-নালীর কর্কশতাহেতু কণ্ডূতিবোধ ও তজ্জন্য মৃদু কাসির শব্দ। "সর্দ্দিতে গলা খুশখুশ করে। [খুশখুশান—খুশখুশ শব্দ করা। খুশখুশে কাসি—খুশখুশশব্দে কাসি।]

খুশা, -সি, -সী বি [ফা খু.শী · তু 'খোসি'—"আপন খোসিতে ছাড়িয়া দিলাম E.P. 52] ১ সুখ, আনন্দ, হর্ষ। "তার, হাসি হাসি, মুখ-শশী, খুসি ফোটে চেহারায়।—বিহারীলাল, (বাউলবিংশতি)। তার মনে আজ নেই যে খুসির শেষ প.কা ১৭। মাছ দেখে…খুসীর আর সীমা রইলো না।—হু ২৮। ২ ইচ্ছা। "যথায় খুসী চলিয়া যাবে!—মন্দ্র ৬৮। — সি, -সী বিং [ফা খু.শ; ঠ খুশ, -ষ] সুখী, প্রীত, তুষ্ট। "শুনে খুসী নিরঞ্জন শ্রী.মা ৩২। মএনা বড় খুসি হৈল।—গো.চ ৪৮; ৪৯; ৫৩। অল্পে ছিল খুসী কু.কে ৮৫; দেবযানীরে রাখব খুসী ১৫৩। তোমার মিষ্টি মুখেই খুসি আছি গি.দ্বি ১০৩। [আপন খুসীতে—স্বেচ্ছায়।]

খুশু(সু)র-খুশু(সু)র বি [ধ্বন্যাত্মক; তু 'খুশখুশ'] শুষ্ক পত্রের ক্রমাগত মৃদু স্পন্দনের শব্দ। "কলাবনে চাঁদবেণে খুসুরখুসুর করে ম.ভা ২১।

খৃষ্ট বি [Gr. Khristos; E. Christ] জীশুখৃষ্ট। "খৃষ্টাব্দ, খৃষ্টীয় সন।

খৃষ্টান, খৃ(খ্রী)ষ্টিয়ান বি [P. cristão; E. Christian] খৃষ্ট কর্ত্তৃক প্রবর্ত্তিত ধর্ম্মে বিশ্বাসী; খৃষ্টধর্ম্মাবলম্বী। "নীলকরকে জব্দ করিবার জন্য দুইটী উপায় আছে—প্রথমতঃ লোকের আশ্রয় লওয়া—দ্বিতীয়তঃ খৃষ্টিয়ান হওয়া আ.দু ১৭৬। নীলকর সাহেবেরা খ্রীষ্টিয়ান।—নী ৫৭। ২ (সাদৃশ্যে) আচারভ্রষ্ট হিন্দু। —ন বিং খৃষ্টসম্বন্ধী, খৃষ্টপ্রবর্ত্তিত (ধর্ম্ম)। "খ্রীষ্টিয়ান-ধর্ম্মে মিথ্যা অতি উৎকট পাপ বলিয়া গণ্য হইয়াছে নী ৫৭। —ষ্টানী বিং [°ন+ঈ৭] খৃষ্টানসম্বন্ধী, খৃষ্টানের (মত)। —নী বি খৃষ্টধর্ম্মাবলম্বিনী নারী; খৃষ্টানের স্ত্রী। "কোন…হিন্দু মহিলার সহিত একজন খৃষ্টানীর যেরূপ কথোপকথন শুনিয়াছি, তাহারই উল্লেখ করিয়া এই প্রস্তাব সমাপন করিব পা.প্র ১৪৪। —ষ্টাব্দ বি খৃষ্টের জন্মদিন হইতে আরব্ধ বর্ষগণনাবিশেষ।

খে, খেঞা, খেঞাতি, খেই দ্র 'খি; খেয়া: খেয়াতি; খি'।

খেউ বি [ধ্বন্যাত্মক] কুকুরের ডাক। [খেউ খেউ—ক্রমাগত 'খেউ' রব।]

খে(খেঁ)উড়, খেঁড়ু বি [?] ১ অশ্লীল সঙ্গীতবিশেষ। "নূতন নূতন ঠাটে খেঁড় শুনাইব ভা.চ ৪৪৮। পাঁচালী ও পচা খেউড়ে আনন্দ প্রকাশ

কচ্চি হ ২০১। ২ অশ্লীল ভাষায় গালি; অশ্রাব্য গাল-গালাচ। "উচ্চ-তানে শুনাইব নিছক খেউড়।—হেম ৩৮৪। শেষে অ্যাকৃপক্ষের খেউড়ে জিত ধরাই আছে।—হু ১০২। —ড়্ বি খেউড়-গায়ক। "ন'দে শান্তিপুর হ'তে খেঁড়্ আনাইব ভা.চ ৪৪৮।

খেউর, -রি, -রী, খৌরি বি [সং ক্ষৌর >প্রা খউর (প্রা.ম) >বা খৌরি, °র, -রি, -রী; খেউরি (ত্রিপুরা)] ১ ক্ষৌরকর্ম্ম, কামান। "মুখেতে খেউর করি গো.চ ৪৭৮। খেউরকর্ম্ম করি ম.পা ১৫৯। (শতানন্দ) খেউরী কৈল সবাকারে ম ভা ১৯। ২ মস্তকমুণ্ডন। "মস্তক খেউরি করিল গো.চ ৫১, টীকা; মস্তক খৌরি করি জাব সন্ন্যাস হইয়া ৮৮; ১০৮, টীকা; ১৬০। ৩ অশৌচান্তে ক্ষৌরকর্ম্ম। —রি বিং ক্ষৌরকর্ম্ম-বিশিষ্ট; মুণ্ডিতমস্তক, নেড়া। "নিজালয়ে জাএ পুনর্ব্বার খেউরি হইয়া ম.পা ৬৪।

খেও বি [সং ক্ষেপ >প্রা খেঅ, 'খেঅো (পদ) >বা খেও; খেপ, -ও (ত্রিপুরা)] মাছ ধরার নিমিত্ত জালের ক্ষেপ বা জলে জাল ফেলা। "এক খেও উঠা-উঠি, না বাজিল মৎস্য এক গুটি: আর খেও ম.ম ১০১; ক্ষীরনদী সাগরে জেলে দিল খেও ২১৯।

খেওয়া বি [খেয়া >খেওয়া; হি খেঁৱা; তু 'খ্যাওয়া' (গো চ)] পার করার জন্য নৌকার ক্ষেপ; নৌকায় নদী পার করা, পাড়ি দেওয়া। "তোর নটীর ব্যাভার দেখোঁ খেওয়া নাটর নাও গো.চ ২৫৮। প্রভু নি দেখিছ খেওয়া ঘাটে ম.ম ১০; খেওয়া নায় ১১। বছর ত পড়ে খেওয়া ব.প ৩৫। [খেওয়া-ঘাট (খ্যাওয়া ঘাট—গো.চ)—পার-ঘাট। খেওয়া-না—পারঘাটের নৌকা। খেওয়া পড়া—একবার খেওয়া বা পাড়ি দেওয়া।]

খেঁংরা, খেংরাগুঁপো; খেঁউড় দ্র 'খাঙরা; খেউড়'।

খেঁ(খে)ক বি [ধ্বন্যাত্মক; তু 'সং খিখি] ১ কুকুর ও শৃগালের ডাক। ২ (সাদৃশ্যে) সরোষ কর্কশ বাক্য। [খেঁকখেঁক—পুনঃপুন 'খেঁক' শব্দ বা সরোষ কর্কশ বাক্য। খেঁকাখেঁকি—পরস্পরের 'খেঁক-খেঁক' শব্দ; কুকুর বা শৃগালের ঝগড়ার শব্দ। "শৃগালের খেঁকাখেঁকি বা.দ ২৩৯। খেঁকান—'খেঁক' করিয়া উঠা; সরোষ কর্কশ বাক্য বলা। খেঁকানে—রাগী কর্কশভাষী (ব্যক্তি); রুক্ষ, উগ্র (মেজাজ, স্বভাব)।]

খেঁকশিয়াল, -লি [°ল+ই[১১]; °লী (স্ত্রীলিঙ্গ); সং খিখি] 'খেঁক'রবকারী ক্ষুদ্র শৃগালজাতিবিশেষ। "°লি ভা.চ ১২৮।

খেঁকী বিং [খেঁক+ঈ[৭]] যে 'খেঁক-খেঁক' করে; যাহার খেঁকান স্বভাব; উগ্রপ্রকৃতি, রাগী। —কী বি [তু 'সং খিখি; 'খিংখিণী'—শৃগালী (দেশী ২.৭৪); ধ্বন্যাত্মক] কুক্কুরী। "°কুকুর।

খেঁচ দ্র 'খিঁচ[১], খিঁচ[২]। —চকা সর্ম্ম [হি √খিজা; তু 'সং √খিদ্ >লি, প্রা √খিজ্জ] বিরক্ত করা; জ্বালাতন করা। [খেঁচকান (হি খিজানা)—বিরক্ত করা।]

খেঁচড়া বিং ['খচ্চর'—মূল; ঠ খেংচর—অশ্বতর] বজ্জাত, বদমাশ, দুষ্ট, ধূর্ত্ত। [°পনা, খেঁচড়ামি—বজ্জাতি, দুষ্টামি, ধূর্ত্তপনা।]

খেঁচনি, খেচনি, -নী বি [খিচন+ই[১১] >খেচনি, -নী, খেঁচনি; অপ্র] ১ সর্থ 'খিচন (১)। "চাঁদআ টানাল্য তাথে মুকুতা খেচনী কৃ.উ ৫; নানা রত্নে খেচনি সোনার রত্নমালে ১৬০। স্বর্ণ সুত্র ছিল তাহে হীরার খেচনি ব.প ১২৯৩। তহিঁ দিব্য অলঙ্কার রত্নের খেঁচনি চৈ.ভা ১৯৩। ২ ধারণ, বিন্যাস; রচিত; জড়িত (টীকা)। "অঙ্গে অঙ্গে মণি, মুকুতা খেচনী, বিজুরী চমকে তায় ব ১৫১। মণিমুকুতা খেচনি প.র ৩৪]।

খেঁচা, খেঁচাখেচি, খেঁচুনি দ্র 'খিঁচ[২]।

খেঁট 'খ্যাঁ-' [সং √খেট্] ভক্ষণ করা; খাওয়া। —ট বি ভোজন। [খেঁটন—ভক্ষণ, ভোজন। খেঁটনে মজবুত—ভোজনে পরিপক। খেঁটা —খাওয়া। খেঁটে—খায়।]

খেঁড় বি [সং √খেল্—মূল; খেঁড়ি (বাঁকুড়া); খেড়ো(লো)য়ার (ত্রিপুরা)] ১ স্বপক্ষের খেলোয়ার (playmate); খেলার এক দলের লোক। ২ (গৌণার্থে) এক দলের লোক; সঙ্গী, ইয়ার। "°মদের খেঁড়; গাঁজার খেঁড়।

খেঁড়্ দ্র 'খেউড়'।

খেঁড়ো বি [সং 'কর্কটী'—মূল] ১ কাঁকুড়ের মত শাক-ফলবিশেষ (বীরভূম)। ২ [হি খড়্আ—বলয়; পাড়্যা (নাটোর)] তালপাতার বলয়বিশেষ। [পাঠশালার শিশুরা ইহাতে তালপাতার তাড়ি গুঁজিয়া রাখে।] [খেঁড়ো গাই—যে গাই অনেক দিন বিয়াইয়াছে। "খেঁড়ো গাইএর দুধ ঘন হয়।]

খেঁতখেঁত 'খ্যাঁত্খ্যাঁত্' বি ['খেদ-খেদ'—মূল (?); ভাবাত্মক] শর্দ্দি বা অন্য কোন কারণে শরীরের ঈষৎ খিন্নভাব বা অসুস্থভাব। "শর্দ্দিতে শরীরটা কেমন খেঁতখেঁত কচ্ছে, কিছুই ভাল লাগছে না। [খেঁতখেঁতে —অসুস্থভাবাপন্ন।]

খেঁ(খে)স বি [হি খেস; ঠ খেংস, খেস (ত্রিপুরা); সং—কেশ >প্রা কেস—মূল (?)] ১ দেশী মোটা সূতার বিছানার চাদরবিশেষ। "খেঁস খুঞ্চি ভুটি ব প ২৪৫। ছালা ভুটি খেস বি.পা ১৬৩। ২ লোম-জাত শীতবস্ত্রবিশেষ। "ধোসা খেস পটু, শীতনাশে পটু।—রঙ্গ ৯।

খেঁ(খে)সারি বি [সং খঞ্জকারি; হি খি(খে)সারি, খ্যাসারি (গো.চ)] ১ কলায়বিশেষ, তেউড়ে কলাই (Lathyrus sativus)। ২ খেঁসারির ডাল; তেউড়ে-ডাল। [ইহা দীর্ঘকাল খাইলে খঞ্জত্বরোগ জন্মায়।]

খেকো; খেঘাট; খেঙরা; খেচনি দ্র 'খাকুয়া; ক্ষে[২]; খাঙরা; খেঁচনি।

খেচর বিণ [দ্র 'খচর'; স্ত্রী -রী] আকাশগামী, শূন্যচর। "খেচরৈর্ভূতৈঃ গো.রা ৪.৬১.৪৪; ৬.৮৭.৫। বিমানেন খেচরেণ মহা ৩২৯০.৫৩। জলচর ও খেচরের মধ্যে নৌকো ও ঘুড়ি…খাওয়া নাই হু ২২২। —র পুং ১ শিব। ২ বিদ্যাধর। ৩ সূর্য্য। ৪ মেষাদি রাশি। ৫ বায়ু। ৬ আকাশগামিমাত্র—দেবতা বাণ ইত্যাদি। দ্র 'খচর (৮)। "দূরে থাকি খেচরে সেবন্ত অ.প ২৯। খেচর পালিনি বি.সু ১৩১। °পালন বা.দ ৪। ৭ পক্ষী। "যতেক খেচর, লয়ে সহচর,…কলরব করে। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৮ ঘোটক (ত.বা)। ৯ পারদ। ১০ মেঘ (A.)। ১১ গ্রহ (A.)। ১২ [বাঙলায়; অপ্র] চর। "খেচরে' (লিপি-প্রমাদ?) ইন্দ্রের ঠাঁই কহিল সত্বর অ.প ১৪। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বিদ্যাধরী-প্রভৃতি দেবযোনি-স্ত্রীজাতি। "ভূচরী খেচরী বন্দম বি.পা ৭। ২ ঘোটকী। ৩ দুর্গা (A.)। "ভূত পিশাচাদি বন্দ আর যে খেচরী বি.পা ৭। খেচরীর ভূত ম.ম ১১২। খেচরী খল-ঘাতা দু ৬১। ৪ (যোগশাস্ত্রে) মুদ্রাবিশেষ। (তন্ত্রে) পূজাঙ্গ মুদ্রাবিশেষ। ৫ ডাকিনী। "এবং সখীভিরুক্তাঽং খেচরীসিদ্ধিলোলুভা ক.সা ২০.১০৫।

খেচরান্ন ক্লী [খেচর (দ্বিদলাদিমিশ্রিত) অন্ন, কর্ম্মধা (শ.ক); বোধ হয়, খিচড়ি >খেচর (অর্বাচীন সংস্কৃত)] দ্বিদলাদিমিশ্র পক্বতণ্ডুল; খিচড়ি (পাকরাজেশ্বর)। "খেচরান্ন ভ.গ্র ২১৬। জ ৬৬। ভা.চ ৫৪৯।

খেচাখেচি বি ['কচাকচি'—মূল] পরস্পর ঝগড়া, বকাবকি, বিবাদ, কলহ। "রাতদিন খেচাখেচিতে লক্ষ্মী ছাড়ে।

খেজায় ক্রি [সং √খিদ্ >লি, প্রা >খিজ্জ >বা √খিজ—'খেজায়'; অপ্র] খেদ করে; দুঃখ করে। "খেজায় কেকয়ী তুমি হইলে মূঢ়মতি। পুত্রের তরেতে না চিন্তিলি অব্যাহতি॥ —কৃ.অ ৫।

খেজাড়ি বি [খিচড়ি >খেচাড়ি (ত্রিপুরা, গ্রাম্য); অপ্র] খিচড়ি। "প্রভাতে খেজাড়ি মাঙ্গে কার্ত্তিক গণাই ক.চ ২৯।

খেজুর দ্র 'খাজুর'।

খেট বিণ [√খিট্ ভয়, ভীষণ+অ (অচ্)-ক (অ.টী) ; স্ত্রী -টা] **১** অধম, নিন্দিত, কুৎসিত। **২** সুনিন্দক (ত.বা)। **৩** অস্ত্রবান্, সশস্ত্র (মেদিনী)। **৪** ধনবৃদ্ধিজীবী, সুদখোর (ত বা)। —ট পুং [+অ-অপা] **১** মৃর্ধ্যাদিগ্রহ। **২** ঘোটক। **৩** বলরামের গদা; সুনন্দক। **৪** গ্রামবিশেষ; কর্ষকগ্রাম, চাষীর গাঁ। "ভ ১.৬.১১। **৫** অস্ত্রবিশেষ (ত.বা) ; যষ্টি (শ.ক)। —ট পুং, ক্লী **১** মৃগয়া। তু 'আখেট'। **২** চর্ম্ম, ঢাল। **৩** কফ। "উচ্চারগোচরা বালা খেটশিঙ্ঘানভোজিনঃ (শিক্ষাসমুচ্চয়)। —ট ক্লী **১** তৃণ, খড়। **২** চর্ম্ম, চামড়া।

খেটক পুং [খেট+ক (কন্) স্বার্থে] **১** সর্থ 'খেট' পুং (৩ ; ৪)। **২** চর্ম্ম, ঢাল। **৩** সর্থ 'খেট' পুং (৫)। "খেটকং পূর্ণচাপঞ্চ (দুর্গাধ্যান)। রথ গজ খেটকে বিনাশি চ.বি ৮২। খেটকে খলনাশা ভা.চ ৪২৯। শি ৬৫। খেটক-খর্পরধরা বা দ ৭৭।

খেটে[১] বি [সং খেট] **১** মোটা ছোট দণ্ড। "যেমন শূকর, তেমনি খেটে মারিব দা ৫৭০। **২** মুদ্গর (কুষ্টিয়া)। **৩** ঘাটে নামার জন্য পাতিত স্থূল কাষ্ঠখণ্ড (চব্বিশপরগনা)।

খেটে[২] ক্রি [খেড > °ট, দ্র 'খেড়া' ; অপ্র] (বিবাহে) বরবধূ খেলাচ্ছলে পরস্পরের প্রতি নিক্ষেপ করে। "মুনিবরে খেটে পুষ্প চম্পা নাগেশ্বর। পদ্মাবতী খেটে পুষ্প কেয়ূর তগর ॥—ম.ম ২৬।

খেটেল বি [খাট[৪]—মূল ; অপ্র] যে খাটে ; শ্রমজীবী, ভৃত্য, মজুর। "কখন খেটেল কখন ভাঁড়ারী ভা.চ ৩৪৭।

খেড় বি [সং খেট ; খ্যাড, খ্যাড়বাড়ি (গো চ), তু 'খের' —"ছন আনি কতগাছি খের (বি.পা ২৫০)] তৃণ, খড, উলুখড়, বিচালি। "খেড আগুণী, এক করিআ, বড়ায়ি গেলি এক ভিতে শ্রী.কী ১৩১। সুনার খেড় মন্দির হৈল শূ ৪৭.৪৮। এক পাঁজা এলুয়া খেড় গো.চ ৩৬। ব.প ৪০।

খেড়া, -ড়ি, -ড়ী বি [সং ক্রীড়া > (অপভ্রংশ) প্রা খেড্ড (হে ৪.৪২২), খেড্ডা (প্রা.ম) > বা (খেড) °ড়া, -ড়ি, -ডী ; তু 'সং খেলা, -লি ; হি, প খেল ; ঠ খেল., -লী ; অপ্র] খেলা। "খেলই বহুবিহ খেড়া চ ৬৩। প্রাণ লআ খেড়া ভৈল শ্রী.কী ৮৬ ; খেড়ী খলাইএ আক্ষে ৭৯। জনে জনে দিব খেড়ি সমান বুঝিয়া শ্রী ম ৫৫ ; খেড়ি পাতিলা তথাই ১১২। পাশা-খেড়ি।—ম.বি ৫৪। —ড়ি বি খেলার সাথী ; খেলোয়ার, খেঁড়। "সব খেড়ি লই শ্রী.ম ১১২। —ড়ু বি [হি খেলাড়ী ; ঠ খেল. গড়ী ; খেড়ুয়াল (গো চ)] সর্থ 'খেড়ি'।

খেণ, -ন বি [খণ > খেণ, -ন ; গ্রাম্য] ক্ষণ। —ণে, -নে ক্রি.বিং [খণে, -নে > খেণে, -নে ; অপ্র] **১** ক্ষণে। "আইলে কেমন কুখেনে ব.প ৬৬০। কি খেনে বাড়াইনু পা জলে জ্ঞা ১৪। **২** কখন, কোন সময়ে। "খেনে বহে খরতর স্রোত গ ১৫১। টানি নেত্র খেনে গো চ ৩৬০। খেনে পুরে শিঙ্গা ম.পা ১৯। [খেণে(নে)-ক—কিছুক্ষণ, একটু। "খেনেক রহ বসুমতী ম.পা ২৪। খেণে খেণে, খেনে খেনে—**১** কখন কখন। "খেনে খেনে জুবক হএ (গোর্খনাথ) গো বি ১৩৭। খেনে খেনে…হালিয়া চলিয়া (নৃত্য) করেন ম.পা ১৯। খেণে খেণে ধূলায় লুকায় ভগবতী ক.চ ৫৮। খেণে খেণে গৌর গৌর বলি ধায়ই ব ৩৭। **২** প্রতিক্ষণ, বারংবার। "(ধড়ার খোপ) খেনে খেনে উড়ে বায় রা.শে ৩৬। খেণে(নে)কে—কখন। "খেনেকে ভ্রূকুটি করে ম.পা ১৯। খেনেকে বালক হএ…(গোর্খনাথ) গো.বি ১৩৭। খেণে…খেণে; খেনে…খেনে…খেনে—কখন…কখন…কখন। "খেণে উদাসীন খেণে গৃহকর্ম্ম সহি।—ম ৭৪০। খেনে মুরছিত খেনে হাস।—জ্ঞা ২৪৩। খেনে দীর্ঘশ্বাস খেনে মহাহাস : খেনে যোড় লম্ফ, খেনে দেহে কম্প, খেনে ধায় ন.প ২৪৪। খেনে বাল্য খেনে যুবা খেনে বৃদ্ধ হএ ম.পা ১৯। খেনে …খেনেকে। "ম.পা ১৯।]

খেত দ্র 'ক্ষেত[২]'।

খেতরি বি ['ক্ষেত্র' (তীর্থ)—মূল] নারায়ণীর গর্ভজাত কৃষ্ণানন্দের পুত্র নরোত্তম ঠাকরের জন্মস্থান ও বৈষ্ণবগণের তীর্থবিশেষ। "নিরখিয়া শ্রীখেতরি গ্রাম দিশা পানে ন.বি ৮ ; ১০। [এই গ্রাম রামপুর-বোয়ালিয়ার ছয় ক্রোশ দূরে গড়ের হাট পরগনায় অবস্থিত। নরোত্তম ঠাকুরের জন্মস্থান হেতু ইহা ক্ষেত্র বা তীর্থ। খেতরির উৎসব ও মেলা প্রসিদ্ধ।]

খেতা বি [সং ক্ষত্তা ; অপ্র] বিদুর। "গেলা খেতা ধৃতরাষ্ট্র-স্থান ম ২২১ ; ফাটয়ে হৃদয় মোর খেতা-ব্যতিরেক ৩৮২ ; ১২১৭।

খেতাব দ্র 'খিতাব'।

খেতি বি [ক্ষেতি > °তি, গ্রাম্য] **১** ক্ষতি। "ভাল ভাল খেতি নাক্রি দেখি কি করয় ভ.গ্র ২৭২। **২** কষ্ট (অপ্র)। 'সত্য লাগি…পাইল খেতি কু.উ ২৮২। **৩** [ক্ষেত্রি > খেতি, (অপ্র)] ক্ষত্রিয়। "খেতি-মধ্যে নাহি সম্বরণের সমান ম ১৬৯।

খেতী বি [সং ক্ষেত্রী > প্রা খেত্তি (প্রা ম) ; অপ্র] কৃষক, চাষী, কৃষাণ। "ভীম খেতী ধান দাইলেন আড়াই হালি শূ ১১১।

খেত্রপাল বি [অপ্র] সর্থ ক্ষেত্রপাল'। "ব্রজ কৈল খেত্রপাল কংস-নদীতীরে ম.পা ২৯।

খেদ[১] পুং [√খিদ্+অ (ঘঞ্)-ভা] **১** অবসাদ ; দৈন্য, দীনভাব। **২** গ্লানি, ম্লানভাব। **৩** শোক (হেমচন্দ্র)। **৪** ক্লান্তি, শ্রম। "খেদাচ্চালয়তে শীর্ষম্ রা ১৪০.১৫। অধ্বসঞ্জাতখেদাৎ উ.চ ১.২৬। গী.গো ১.৫। **৫** দুঃখ, বিষাদ। "রোষান্ ময়া কিং কৃতং ?—খেদোঽস্মান্ সা.দ ৩ঙুঁঃ। গুরুং খেদং খিন্নে ময়ি ভজতি বে ১.১১। খেদ খবর কি কহব খলবর জ.প ৫৫। **৬** উপতপ্তীভাব, ব্যথিতভাব। **৭** [+অ-ণ] রোগ। **৮** দারিদ্র্য (A)।

খেদ[২] **-দা**[১] সর্ম্ম [সং √খিদ্— √খেদি (ণিজন্ত) > বা √খেদ, -দা ; হি √খেদ ; অস √খেদ, -দা ; তু 'খ্যাদাইছে,-ইয়া,-দাও,-ইবে (গো.চ)] **১** খেদিত বা খেদযুক্ত করা ; অভীষ্ট দ্রব্য হইতে নিবারিত করা ; তাড়ান, ভাগান, খেদান। "পাকশাট মারি কেহ খেদাইছে দূরে৹ সমলোভী জীবে মে ১৫ ; কুম্ভী জাগে সাবধানে৹ খেদাইয়া মৃগযূথে ১০৫ ; জননী যেমতি৹ খেদান মশকবৃন্দে ২০৬। **২** অপসৃত করা ; দূর করা ; তাড়ান। "মারিয়া খেদাএ মোবে গো বি ৮৭। স্বর্গ হোন্তে দেবগণ দিল খেদাইয়া ম.পা ১৫। অপমান করি খেদাইল যেহি জন চ বি ১৬। বিড়ালে ডুণ্ডুভ দিয়া খেদিছে ইন্দুর শ্রী ১৩ ; লম্ফ মারি খেদে লাউসেনে ৮৭। ভা চ ৪২৪। ক্ষেপা বলি…খেদায়ে দিবে খামকা দা ১৫৬৮। খেদাইবে শৃগালসদৃশ৹ বৈরিদলে মে ১১১। খেদাও গহন-বনে মা ১০১। **৩** আক্রমণার্থ অভিধাবন করা। "গদা হাথে করি বীর খেদিয়া চলিল ম ৭৭৯ ; পর্ব্বতপ্রমাণ বীর খেদিয়া আসিল ১০৯০। **৪** অপসৃত করা ; সরাইয়া দেওয়া। "খেদায় অসতী নারী ছাউনির বেলা শ্রী ২০। **৫** অনুধাবন বা অনুসরণ করা। "লুকাইলে খেদি খুঁজি ধরে সব ঠাঁই শি ১৮। **৬** অপবারিত করা। "শাখা-বাহু উদ্যমিয়া খেদায় আলোক স্ব.প্র ৯০। **৭** চালিত করা ; চালান (কামরূপী ভাষায়—হেমকোষ)। "মার মার করি বীর রথ খেদাইল চ.বি ৫৩। **৮** শিকারের অনুধাবন করা বা পশ্চাৎ তাড়াইয়া যাওয়া। [খেদান—**১** তাড়ান ইত্যাদি। **২** দূরীকৃত। "মায় খেদান, বাপে তাড়ান ছেলে। খেঁদায়্যা—খেদাইয়া। "ম ৮০৫। খেদি, -দিয়া, -দিয়ে—খেদাইয়া। দ্র 'খেদ[২](৩,৫) ; খাওরা'। খেদিয়া আসা—তাড়াইয়া আসা। দ্র 'খেদ[২] (৩)।]

খেদমত বি [আ খি.দ্‌মত্] সেবা, পরিচর্য্যা, ভৃত্যকার্য্য ; চাকরী। "বিতুষ্টা জননী কালী, খেদমত কোতোয়ালী, গালাগালি লতায় ছুতায় বি.সু ৮৫। সর্ব্বের বয়স খেদমত…করিব E.P. 87।

খেদা[১] দ্র 'খেদ[২]'।

খেদা[২] বি [√খেদ+আ[৬] ; হি খেদনা ; অপ্র] ১ খেদান, তাড়া ; পশ্চাদ্ধাবন। "হাথে গদা লঞা রাক্ষসে করে খেদা কৃ.উ ৪৭। পিছে পিছে করিয়া খেদা ক.চ ২৪৩। পাছে পাছে দিল খেদা বীর বড় বড় শ্রী.ম ১৫২। ২ ['খেদ'—মূল] খেদ, কষ্ট, দুঃখ। "উজির হলো রায়জাদা, বেপারিরে দেয় খেদা ক.চ ৬। ৩ [খেদ[১]—মূল (?) ; হি খেদা] ১ বন্য হস্তী ধরার জন্য কাষ্ঠস্তম্ভে বেষ্টিত স্থান বা কাঠগড়া। ২ ['খাদ'—মূল ; অপ্র] খাত, খাদ। "দশ দশ যোজন চৌদিকে হৈল খেদা ম ২০২।

খেদাড় সর্ম্ম [√খেদা > °ড়, 'ড়' স্বার্থে ; হি √খদেড়, -র] ১ অপসৃত করা ; দূর করা ; তাড়ান। "খেদাড়িয়া দেবগণে নিল স্বর্গপুরী কৃ ৩৯। দ্বিজগণে দিবে খেদাড়িয়া ম ১৯০ ; রহিল…কুবেরে খেদাড়ি ৫৪৪। কুবের খেদাড়িঞা নিলেক ঠাকুরাল কৃ.উ ১২ ; রাক্ষসে খেদাড়ি ৯২। বিত্ত নিয়া খেদাড়িল চ.বি ১৯ ; ১৫৫। ২ অনুধাবন করা, তাড়াইয়া যাওয়া। "ভীম খেদাড়িয়া চলে বীর বৃষসেনে ম ৯১৩। ৩ শিকারের জন্য অনুসরণ করা ; তাড়াইয়া ধরা। "অনন্ত বাসুকি তারে (মণ্ডূককে) খেদাড়িআ খাএ শূ ১০। গুহার ময়ূর…সর্প খেদাড়িয়া খায় ক.চ ৩১। ৪ অপনীত করা ; উড়াইয়া দেওয়া। "পবনে খেদাড়ে জেন আকাশের জলধর কৃ.উ ৪৮। ৫ নামান, উলান (বিষ)। "খেদাড়িয়া দেহ বিষ বলেন মনসা ম.ভা ৬১।

খেদিত বিণ [খেদ+ইত (ইতচ্)] ১ জাতখেদ, খিন্ন, অবসন্ন। "গো.রা ৪ ৫৪.১৭ ; পান° ৫.১৩.৪৭। ২ দুঃখিত, ক্লিষ্ট, ব্যথিত। "শুনিয়া খেদিত হৈলা শ্রীল সনাতন ভ.গ্র ২৪। ৩ [√খেদি+ত (ক্ত) -র্ম্ম] অবসাদিত, ক্লেশিত, পীড়িত। "খেদিতো দ্রোণকর্ণাভ্যাম্ মহা ১৪.৬১.১৮। শ্রম°।—ঋতু ৫.৭। ৪ অপাকৃত, তাড়িত। "তেন খেদিতঃ কাকঃ পলায়িতঃ হি ৩২২/৪।

খেদিব্ বি [ক খে.দির্ ; ফা খ দের্] মিশরের রাজপ্রতিনিধির উপাধি। [তুরুস্ক গভর্নমেন্ট ইস্মাইল পাশাকে ১৮৬৭ খৃষ্টাব্দে এই উপাধি দিয়াছিলেন।]

খেদুড় বি [খাদরা (মালদহ) ; ঠ খেংদড়া] অপরিষ্কৃত (স্থান)।

খেদো বিং [খাদ[১]+ও[৬] >খাদো >খেদো] খাদযুক্ত, খাদমিশান (সোনা, রূপা)। "রূপো দেড়শো ভরি দেড়-শো টাকা, একটু খেদো হয়,—তা মরুক গে অ.গ্র ৭১।

খেন্দা, -ন্দী দ্র 'খাঁদা'।

খেপ[১] ; **খেপ**[২] ; **খেপলা** ; **খেপা**[১] ; **খেপা**[২] দ্র 'ক্ষেপ[২], ক্ষেপ[৩] ; ক্ষেপলা ; ক্ষেপা[১], ক্ষেপা[২]।

খেবুর বি [সং কৈবর্ত্তমুস্ত ; ঠ কেরুডী] কৈবর্ত্তমুস্তক, কেশুর।

খেম[১] বি [সং ক্ষেম >লি, প্রা খেম ; হি, ঠ, গু খেম ; বৈষ্ণবসাহিত্যে] কুশল, মঙ্গল। "খেম কি কহব জ.প ৪৩।

খেম[২] সর্ম্ম [সং √ক্ষম্ ; মৈ √ক্ষেম ; অপ্র] ক্ষমা করা ; মার্জ্জনা করা ; সহ্য। "অপরাধ…খেম গো.চ ৩৬৮। যত অপবাদ মাও খেমহ আম্মার ম.গা ২১। খেমিবে মোরে রা.শে ১০১। খেমহ সব অপরাধ জ.প ৫.৬। [খেম, -মহ ,-মাসি—ক্ষমা কর। "দোষ কৈল বারেক খেমাসি কৃ.উ ৯৮।]

খেমচ, -চা বি ['খচমচ'—মূল (?) ; ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "খেমচা বাজে কৃ ২৭০। খেমচ বাজে জ ৩৯।

খে(খ্যা)মটা বি [হি খেমটা] (সঙ্গীতে) ১ তালবিশেষ। [এই ছন্দ তিন তিনটী হ্রস্বমাত্রাবিশিষ্ট সমান চারিপদে বিভক্ত। ইহার মাত্রাসমষ্টি বার, তাহার তিন তিন মাত্রা অন্তরে প্রস্বন ও তালি পড়ে (গী.সা)।] ২ খেমটার তালে নৃত্যবিশেষ। "খ্যামটা বড় চমৎকার নাচ : খ্যামটার অনুপম রসাস্বাদনে রত।—হু ৬২। ৩ খেমটা-নাচ-ওয়ালী। "বাইরা বিদায় হলো—খ্যামটা আসরে নাব্‌লেন হু ৬২ —টী বি খেমটার নর্ত্তকী ; খেমটাওয়ালী। [খে(খ্যা)মটাওয়ালা—খেমটা-দলের পুরুষগায়ক বা দোহার। "খ্যামটাওয়ালা পেছন থেকে… গাচ্চে।—৬৩। খে(খ্যা)মটাওয়ালী—খেমটার নর্ত্তকী ; খেমটী। "খেমটাওয়ালীদের বায়না দিতে আছে আ.হু ১৪০। খ্যামটাওয়ালী ঘুরে কোমর নেড়ে নাচতে লাগলো হু ৬৩। খেমটা-নাচ—খেমটার তালে নৃত্য। খেমটানাচনী—খেমটী। খেমটা নাচা—(গৌণার্থে) খেমটার মত ব্যাপিকা স্ত্রীর ঝগড়ায় উন্মত্তভাবে অঙ্গভঙ্গি। খেমটা-নাচান—খেমটার তালে নৃত্য করান। "হু ৬২।]

খেমা বি [সং ক্ষমা ; অপ্র] ১ ক্ষমা, দোষমার্জ্জনা। "খেমা কর মোরে শূ ৯৫। খেমা কর…দোষ ক.চ ৪২। ২ সহিষ্ণুতা, ধৈর্য্য। "বোলোঁ খেমা কর মনে শ্রী.কী ৩০৪। চিতে দিয়া খেমা (প.ত)। [খেমা ঘেন্না করা—ক্ষমা ও দয়া করা ; ক্ষমা করিয়া দয়া দেখান। খেমা কর (অপ্র)—থামাও ! "কান্দন খেমা কর গো.চ ১০০, টীকা।]

খেমির্ঝাঁপি বি খামি-লাগান বা কব্জা-দেওয়া ঝাঁপি ; পেটরাবিশেষ। "খেমির্ঝাপি পাড়ে ভ.গ্র ৫৮।

খেমী বি ১ সর্থ 'খেমির্ঝাঁপি'। ২ [ক্ষেমঙ্করী>খেমী (সংক্ষেপে)] স্ত্রীলোকের নাম। "খেমী হেমী ভা.চ ৫৪৩।

খেয়[১] বিণ [√খন্+য (ক্যপ্)-র্ম্ম, পা ৩.১.১১১] খননীয়। —য় পুং সেতুবিশেষ। 'তোয়প্রবর্ত্তনাৎ খেয়ঃ (শ.ক)। —য় ক্লী পরিখা, গড়খাই।

খেয়[২] বি [সং ক্ষেপ প্রা* খেঅ, -য় , অস খেও ; অপ্র] মাছধরার জন্য জাল-ফেলা। "পদ্মা বলে, এক খেয় দেয় ফেলাইয়াঃ জালু মালু খেয় দিল জলে বি.পা ১০৬।

খেয়া[১] বি [সং ক্ষেপ >প্রা খেঅ, খেব (মূল) >বা খেআ, -য়া ; হি খেবা ; অস খোৰা] ১ সর্থ 'ক্ষেয়া' (১)। "খেয়ার কড়ি ম.ম ১১ ; ব.প ১৮৫। যেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটনী ভা.চ ২৫৪। খেয়া দিয়া কত পাও কড়ী বা.ম ৫৩। আলোকের খেয়া, হয়ে গেল দেয়া। —গান ৬৯। ২ সর্থ 'ক্ষেয়া' (২)। "খেয়া বাহে ডোমনী বা.ম ৫২। খেয়া রাখিলেক কর্ণধার ব.প ৯১৭। [খেয়া উঠে যাওয়া—খেয়ায় পার করা রহিত হওয়া। খেয়াঘাট—পার-ঘাট। "ম.ম ১০। খেয়াদানী (°দান+ঈ[৭])—খেয়ার (নদীপারের) দানগ্রাহক বা শুল্কগ্রাহী ; ঘাটমাঝি, পাটনী। "খেয়াদানী পিতা : সপ্তম পুরুষ মোর ঘাটে খেয়াদানী বা.ম ৩৯১। খেয়া দেওয়া—খেয়ায় পার করা। খেয়া-না, -নাও—খেয়ার নৌকা। "ম.ম ৭ ; ১১ ; ১২। খেয়া পড়া—খেয়ায় পার করা। খেয়া বন্ধ হওয়া—খেয়ায় পার করা রহিত হওয়া ; নির্দ্দিষ্ট সময়ের পরে খেয়া রহিত হওয়া। খেয়ায় পার—খেয়ার নৌকায় পার। খেয়ার কড়ি (হি খেরাঈ)—পারের পয়সা ; তরপণ্য।]

খেয়া[২] সর্ম্ম [খেআ, -য়া > √খেআ, -য়া, দ্র 'খেয়া[১]' ; হি √ খে] ১ (নৌকা) পরপারে লওয়া, চালান বা বাওয়া। "পবনের প্রায় ডিঙ্গা খেয়াতে যে জানে ব.প ৩৮৩। খেয়াইতে বিষম সঙ্কটেঃ খেয়াইল না শ্রী.ম ৭০। ২ খেয়ার কড়ির জন্য দেওয়া। "শেষে পাছে বল মাসী খেয়াইল খড়ী ভা.চ ২৮৭। ৩ পার হওয়ার জন্য ভাসান। "খেয়াব তনুর তরী প্রবাস-সাগরে ভা.চ ২৬৪। [খেআইলে—পাড়ি দিলে ; অতিক্রম করিলে। "কথো দূর খেআইলে নাঅ চক্রপাণী শ্রী.কী ১৬৩। খেয়াইলোঁ—পাড়ি দিলাম ; পারের নিমিত্ত ভাসাইলাম। "নাঅ খেআইলোঁ রাধা না পাইলোঁ কূল শ্রী.কী ১৫৮। খেআয়—পর পারে লইয়া যায় ; পাড়ি দেয়। "ঢেক সারি হরি নৌকা খেআয় শ্রী.ম ৬৭।]

খেয়াতি ; খেয়ানৎ দ্র 'খিআতি ; খিয়ানৎ'।

খেয়ানি, -নী বি ['খেয়াদানী'—মূল ; অপ্র] সর্থ 'খেয়াদানী'। "ঘাটের খেয়ানী আমি ঃ খেয়ানী ঘাটে ম.ম ২০৭; ঘাটের খেয়ানি বেটা ২১৮ ; আমি জাতি খেয়ানী ২২৮। —নি, -নী বি খেয়াদানীর (পাটনীর) স্ত্রী। "ডাকে শিব 'খেয়ানী খেয়ানী' ম.ম ৬ ; ১৪। ঘাটের খেয়ানি বি.পা ১০৭।

খেয়ার, -রি, -রী বি ['ক্ষেপকার, -কারী'—মূল (?) ; হি খেরন-হার ; অপ্র] যে খেয়া দেয় ; পাটনী। "মহাদানী খেয়ারি আপনি হুই হই শ্রী.ম ৬২ ; যমুনার খেয়ারি ৬৯ ; খেয়ারি হরি ঃ দান খেয়ারের ৭০। ভবনদী-তীরে যেন খেয়ারি বৈসয় ভ.গ্র ৪২২ ; খেয়ারি অহে পার করি দেহ ৪৪১। চৈ.ভা ৪১৩।

খেয়াল[১] দ্র 'খিয়াল'।

খেয়াল[২] বি [খেলা > °ল, অপ্র] খেলা, উন্মাদনাশক্তি। "ভাঙ্গের খেয়ালে শিব ভোলা হ'য়ে যায় ম.ম ১২। —লি বি [সং খেলি] খেলা, লীলা। "অপন সোভাবে কর খেয়ালি বি.সা ১৫।

খেরাজ ; খেরুয়া দ্র 'খিরাজ ; খারুয়া'।

খেল্ অক [ভ্বা, প—খেলতি; সেট্] **১** চলন, কম্পন। **২** ক্রীডা, খেলা। —ল্ সক গতি।

খেল[১] বিণ [√খেল্+অ (অচ্)-ক , স্ত্রী -লা] **১** ক্রীড়াশীল, খেলন-পর। **২** বিলাসযুত, সবিলাস ; সুভগ, সুন্দর। "খেলং গচ্ছতি ভামিনী রা ২.৬০.১৯। সিংহখেলগতিঃ মহা ১.১৮৮.১০ ; সিংহর্ষভখেলগামী ১৮৯.২০। °গামী কু.স ৭.৪৯। লীলাখেল রঘু ৪.২২। °গামী বা.ভা ১.৫৩ ; °গতি ১.৭৪। **৩** কম্পিত, চলিত।

খেল[২] '-ল্' বি [সং খেলা, -লি ; লি খেল. ; হি,প, গু খেল ; ঠ খেল.] **১** খেলা, ক্রীড়া। "তখন আছিলে পাশার খেলে ক.চ ১৩৮। **২** (অপ্র) খেলার স্থান বা আশ্রয়। "সকল চিন্তার খেল তুমি যারে বাম শ্রী ৪। **৩** প্রসার, বিকাশ, কৌশল। "বলিলে কি হয়—বুদ্ধির খেলটা খেলেছ ভাল ব.প্র ২৫৮। [খেল খেলা—খেলা করা; কোন বিষয়ে বুদ্ধিকৌশল প্রকাশ করা।]

খেল[৩] 'খ্যাল্' বি [খেয়াল > °ল] সর্থ 'খিয়াল (৫)। "তখন অতটা খেল কল্লাম না, আর করবোই বা কোত্থেকে ?—অ গ্র ৯০।

খেল[৪] অর্ম্ম [সং √খেল্ > প্রা √খেল ; হি, গু √খেল ; ঠ √খেল. ; অস √খেল্ ; তু ' √খিল—"রন্ধনের খেলা খিলে (গো চ ৩৪২) ; দ্র 'খেড়া'] **১** খেলা করা। "খেলহুঁ নঅ বল চ ২২। খেলেন রাম ফুলধনু হাতে কৃ ৫৬। **২** কৌতুক (তামাশা) দেখান। "অধম ভালুকে। শৃঙ্খলিয়া যাদুকর খেলে তারে ল'য়ে মে ১৭। **৩** কৌশলপূর্ব্বক পাদচারণ করা ; কসরৎ দেখান। "ঢালী খেলে উড়াপাকে ভা.চ ২৬৬। **৪** বিহার বা কামক্রীড়া করা। "নাগর খেলই রাইক সঙ্গে জ্ঞা ১১৫। **৫** বেগে সঞ্চলিত হওয়া। "কপালে বিজুলি খেলে ক.চ ২। খেলিছে বিদ্যুৎ এ কি !—ন ৪৯৯। **৬** অক্ষ-প্রভৃতি দ্বারা ক্রীড়া করা। "পুন আসি খেলুক পাণ্ডুর পুত্রগণ ম ৩৬৫ ; খেল করি পণ ৩৬৬। খেলহ আগে ত পাশা ক.চ ২৮। খেলিব গেড়ুয়া ব.প ৮১৩। **৭** প্রসার লাভ করা ; অপ্রতিবদ্ধ হওয়া। "বুদ্ধি, মাথা খেলা। **৮** প্রতিফলিত হওয়া। "কেন যে প্রাতে, এত রং খেলে মেঘে।—শিশু ১৮। —ল সর্ম্ম অভিনয় করা ; লীলাচ্ছলে প্রকাশ করা। "এ কি কৌশল খেলেছ মায়াবী, বুঝি মোরে দিলে ফাঁকি।—কথা ৬২। [খেলই খেড়া—খেলা করে। "চ ৬৩। 'খাওয়া-খাওয়া' খেলা—তৎক্রীড়াবিশেষের অনুষ্ঠান করা। "আমি যখন 'খাওয়া-খাওয়া' খেলি।—শিশু ৩২। এইরূপ, "হেঁড়েডুডু···ডাণ্ডাগুলি খেলাতে লাগলেন জ্ঞা ৩৩।]

খেলওয়াড়, খেল(লো)য়াড়, -র বি [খেল+ওয়ার (ওয়ালা) ; হি খেলবাড়ী-বার, খিলাড়, -ড়ী ; ঠ খেল.গড়, -গর ; গু খেলাডী ; অস খেলরাই,-রৈ] **১** যে খেলায় কুশল ; দ্যূতাদিক্রীড়ানিপুণ ব্যক্তি ; খেলওয়ার। "খেলওয়াড়ের আহ্লাদ, যেমন পাশাতে পড়িলে আড়ি দা ৩৩১। একজন খেলওয়াড় মাথায় হাত দিয়া ভাবিতেছে আ.হু ২৭। **২** অস্ত্রচালনে পণ্ডিত ; অসিযোদ্ধা। "কানাইবিচ্ছেদে আমরা কি প্রকার ?—(যেমন) ঢালছাড়া খেলওয়াড় দা ৯৬। **৩** কুশ্‌তীগীর, মল্ল ; ঐন্দ্রজালিক, জাদুকর, বাজিকর। **৪** বিষয়মাত্রে কুশল ব্যক্তি। "তুই ···বড় খেলয়াড়, নাগব বলে আনলি, চোর বলে ছাপালি জা ২৮।

খেলন ক্লী [√খেল্+অন (ল্যুট্)-ভা] **১** ক্রীড়া, খেলা। "পুত্তলি° ক.চ ২৭। **২** বিলাস, কেলি। "নব নব খেলন বি.প ৯৭। **৩** কম্পন, চলন। **৪** অভিনয়, রূপণ। **৫** আবর্ত্তন, সবিলাস চলন। "বিলোল-বিলোচনখেলন গী গো ১.৪২। **৬** লীলা, বিলাস। "বি.প ৯৭। **৭** [+অন-ণ] খেলাসাধন দ্রব্যমাত্র ; ক্রীড়নক, খেলনা। —নী স্ত্রী [+অন-ধি+স্ত্রী ঈ (ঙীপ্)] খেলনস্থান, শারিফলক, পাশার ছক্। —নক ক্লী [°ন+ক (কন্) স্বার্থে] সর্থ 'খেলন (৫)। "তামাক-খাকুয়া বুড়া প্রিয় খেলনক।—রঙ্গ ২২। বালকের খেলনক প তৃ ৫৯।

খেল(লে)না বি [সং খেলনক > প্রা খেলণঅ > বা খেলনা ; হি খিলৌনা ; ঠ খেল.ণে , গু খেলণী ; মৈ খেলাওন, খেলৌনা] শিশুর খেলার দ্রব্য ; ক্রীড়নক। "খেলনা-বিক্রেতা।—রঙ্গ ২২। ক্ষণেক খেলে, খেলনা ফেলে, কোথায় যায় সব যায় না জানা।—রাজকৃষ্ণ রায়। কোথায় গেলে খেলেনা মেলে।—শিশু ৭ , রঙীন খেলেনা ১৮। খেলেনা চনেচুর···প্রভৃতির ফিরিওয়ালাদের চীৎকার উঠচে হু ২০৯।

খেলা[১] স্ত্রী [√খেল্+অ-ভা+স্ত্রী আ (টাপ্) , তু 'হি, প খেল ; ঠ খেল. ; খেড়া (চ ৬৩) ; খেডা, ড়ি, -ডী (শ্রী.কী) ; থ্যালা (গো.চ)] **১** ক্রীড়া। "সখেল মহা ২.২৭.২৩। এ কি শুধু হাসি খেলা, প্রমোদের মেলা।—গান ২১৮। জগৎপারাবারের তীরে। ছেলেরা করে খেলা। —শিশু। জুয়া°, তাস°, দাবা°, পাশা°' পুতুল°। **২** (বাঙ্‌লায়) দেবতার বা অবতাবের ইচ্ছানুরূপ ব্যাপার ; লীলা। "অবতার হৈলে হয় এইমত খেলা চৈ.ভা ৩৯২। দেখহ কালীর খেলা ভা.চ ৩৬৭। খেলার ছলে হরিঠাকুর গড়েছেন এই জগৎখানা। চার দিকে তাই খেলার মেলা, খেলার খালি আনাগোনা।—বাজকৃষ্ণ রায়। **৩** ভবলীলা, সংসারযাত্রা। "মা আমার খেলান হলো। খেলা হলো গো আনন্দময়ী। —রামপ্রসাদ। **৪** কামক্রীডা ; বিহার। "পরে জায়ার সঙ্গে লীলা খেলায় অজপা ফুরায়ে গেলো।—রামপ্রসাদ। নূতন নূতন রসে খেলা ভা.চ ৩৬২ ; (সুন্দর) করিল বিস্তর খেলা কহিতে বিস্তর ৩৬৭। **৫** শিশূচিত ক্রীড়া ; শিশুর অবয়বসঞ্চালন। "আগডোম-বাগডোম°, বউবউ°, রাঁধাবাড়ি°। বাল্যকালে কত খেলা, মিছে খেলায় দিন গোঁয়ালো।—রামপ্রসাদ। **৬** অস্ত্রাদির কৌশলপূর্ব্বক সঞ্চালন। "অসি°, তলোয়ার°, লাঠি°, শড়কি°। রাত দিন খেলা-খেলা খেলা। —শিশু ৩০। **৭** কৌতুককর অঙ্গভঙ্গি, ব্যায়ামকৌশল ; হস্তাদির চালন-কৌশল। **৮** ছুটাছুটি। "আকাশ জুড়ে মেঘের খেলা।—শিশু ৮৫। **৯** নৃত্য। "কেবল শুনি কুলুকুলু, এ কি ঢেউএর খেলা ! —শিশু ৯০। **১০** রঙ্গ, তামাশা। "হেলা ফেলা সারা বেলা এ কি খেলা আপন সনে।—গান ১৪৫। **১১** বিষয়বিশেষে আসক্তির কার্য্য। "করেন সারাবেলা। খেলা-খেলা খেলা !—শিশু ৩৯। [খেলা খেলি —খেলা করি। "সোনার খেলা খেলি আমরা ভোরে, রূপোর খেলা খেলি চাঁদকে ধরে !—শিশু ৬৩। খেলা-ধুলা—শিশুর ধুলামাটির খেলা ; ছেলে-খেলা।]

খেলা[২] অর্ম্ম [খেলা[১] > √খেলা ; সং √খেলা (কণ্ড্বাদি)—বিলাস ; তু ' √থ্যালা'—"ছাওয়ালে থ্যালায় (গো.চ ২)] **১** খেলা করা। "চাঁচরী খেলাওঁ শ্রী.কী ৭৯ ; ২১৯ ; গেণ্ডুয়া খেলাএ ৩০৪। রাম

লাঠরি খেলান কৃ ৫৬। বাল্লকে খেলাইত ম.গা ৪। খেলাইতে যান মাঠে ভ.গ্র ৩৩৬। এখন খেলাব ব ৫৪। **২** কৌশলোদ্ভাবনে সমর্থ হওয়া। "তবু. সে বুদ্ধিখানি কেবলি খেলায়. অনুগত এই আমারি বেলায় !—কা ৯৮। —লা সর্ম্ম [√খেল[৩]+আ[৮] ; সং √খেলি (ণিজন্ত); হি √খেলা] **১** খেলায় প্রবর্ত্তিত করা, খেলা করান। **২** কৌতুক বা তামাশা দেখাইতে প্রবর্ত্তিত করা। "কালসর্পসম সবে খেলাইতে পারি। —মন্দ্র ৩। **৩** চালিত বা প্রসারিত করা। "বুদ্ধিবৃত্তিকে খেলাইতে হয় পা.প্র ১৪১। [খেলা খেলায়—খেলা করে; খেলে। "খেলায় জুয়াখেলা ম ম ৫২। খেলান—**১** খেলা করা। "মা আমার খেলান হলো।—রামপ্রসাদ। **২** তামাশা দেখাইতে প্রবর্ত্তন। "বাঁদর খেলান, সাপ খেলান; বুদ্ধি খেলান। খেলানীয়া, -নে—যে খেলাইয়া তামাশা দেখায়। "বাঁদর°, সাপ°, ভালুক°। মাছ খেলান—ছিপে মাছ ধরিয়া যথেচ্ছ সাঁতার কাটিতে দেওয়া।]

খেলাঘর বি বালিকার রাঁধাবাড়ি-প্রভৃতি খেলার সাজান কৃত্রিম ঘর বা সংসার। [খে(খ্যা)লাঘর পাতান—প্রকৃত সংসারের অনুকরণে বালিকার কৃত্রিম সংসার সাজান। "পুতুল নিয়ে খ্যালাঘর পেতেচি হু ১৯৮।]

খেলাড়, -লুড়ে বি [হি খি(খে)লাড়ী ; °ড়্ (অপ্র)] **১** ক্রীড়াসহচর, খেলার সাথী। আছয়ে খেলাড়্রূপে অলক্ষিত হয়্যা শ্রী ম ১১২। সঙ্গের খেলাড়্ যত কান্দিচে বেড়িয়া ম.ভা ৩৩। **২** ক্রীড়াকুশল; ক্রীড়াশীল।

খেলাত দ্র 'খিলাত'।

খেলাদুলা, -দেলা, -দোলা বি ['খেলাদুলা, -দোলা,—মূল] **১** খেলা করা ও দোল দেওয়া; (গৌণার্থে) খেলা ও আমোদ-আহ্লাদ, ক্রীড়া-কৌতুক। "ফিরে আসে সেই ছেলেবেলা, হেসে খুসে করি খেলা-দেলা ব সু ১৩। ফুরাইল খেলাদেলা।—হেম ২২। খেলাদোলা ভাঙ্গিয়া মন্দিরে চলি জায় (চৈ.ম)। খেলাদুলা করিবার বিশেষ তাৎপর্য্য আ দু ২০। **২** রঙ্গ-রস। "আদর কাজের বেলা, তার পরে অবহেলা, জান কত খেলাদেলা, গুণের সাগর ভা চ ৩৬২।

খেলান, -নীয়া, -নে ; খেলাপ দ্র 'খেলা[২] ; খিলাপ'।

খেলি[১] স্ত্রী [√খেল্+ই (ইন্)-ভা; অপ্র] খেলা, ক্রীড়া। "এড়িয়া খেলি চল যাই ঘরে শ্রী ম ৩৪। আমার জীব সঞে করত হি খেলি (গো)।

খেলি[২], -লু বি [খেড়ি, -ড়্ > °লি, -লু ; অপ্র] **১** খেলার সঙ্গী বা সাথী; ক্রীড়াসহচর। "লই সব খেলি ঃ লুফিব ফুলের গেড়্ সব খেলি মেলি ব প ৮১৩। দুজনে সমান খেলু বাঁটিয়া লইল ব ৫৩। **২** স্বপক্ষের খেলয়ার; খেঁড। "যার খেলি এই গেড়্ লুফিতে নারিবে ব.প ৮১৩; ছিদাম হইল খেলি বলরামদিগে ঃ বলাএর খেলিগণ ৮১৪। —লুড়িয়া, -লুড়ে বি ক্রীড়াসহচর; ক্রীড়াকুশল ব্যক্তি। —লুনী বি [°লু+নী] ক্রীড়াসহচরী, খেলার সঙ্গিনী।

খেলুয়া, -লো বিং [খেলা+উয়া; ও৬ ; খালো (যশোহর)] **১** শিশুর খেলার যোগ্য; (গৌণার্থে) যাহা ভাল নহে; অপকৃষ্ট, জঘন্য, খারাব (জিনিস)। **২** অসার, ফাজিল, মিছা (কথা)।

খেলেনা; খেলোয়াড়; খেলোয়াত দ্র 'খেলনা; খেলওয়াড়,; খিলাত'।

খেশ্ বি [ফা খ.খাহিশ্] অভিলাষ, ইচ্ছা। [খেশ্ ক'রে খাওয়া—ইচ্ছা করিয়া খাওয়া। "বড় লোকের মুখে শাক শুখতা ঘণ্ট ভাল লাগে না, তাঁরা এক-আধ দিন খেশ্ ক'রে খান।]

খেশ্কো বিং [ফা খ.খুশ্ক্—শুষ্ক] পচা বা শুখ্না জিনিস হইতে জাত (গন্ধ)। [খেশ্কো গন্ধ—দুর্গন্ধবিশেষ; যেমন, ঘামপচা গন্ধ, শুখ্না চামড়ার গন্ধ।]

খেসট বি [(?)] বাদ্যবিশেষ। "শঙ্খ ঘণ্টা তূষট্ খেসট জ ৫৫।

খেসারৎ বি [আ খ.খসারহ্] ক্ষতি, লোকসান (damage)। [°রতের দাবী—ক্ষতিপূরণের প্রার্থনা। °রতী—খেসারৎ-সম্বন্ধী।]

খেসারি দ্র 'খেঁসারি'।

খেসি বিং [ফা খে শ্—আত্মীয়] আত্মীয়সম্বন্ধী, আত্মীয়োচিত, আপন জনের মত। "রামহরিবাবু সেকস্ত আদমি—ঘেসাট-ঘোসাট করে প্যাট টালে—তেনার সাতে খেসি কামে কি ফায়দা ?—আ হু ৭২।

খৈরত; খৈরী; খো[১] দ্র 'খইরাত; খইরী; খ[৪]।

খো[২] বি [ফা খো, হি ঠ খোয়; গু 'খো'] **১** স্বভাব, প্রকৃতি, মনো-বৃত্তি। **২** নির্ব্বন্ধ, জিদ্, একগুঁয়েমি। [খো ধরা—জিদ করা। বদ খো—বিরক্তিকর একগুঁয়ে স্বভাব।]

খোঁখর বি [হি খোঁখলা—রন্ধ্র; অপ্র] নিম্ন, বসা, দমা। "তাঁর খোঁখর হৃদয় কৃ ১২৫।

খোঁচ বি [কোঁচ > খোঁচ -চা; হি খোঁচ; ঠ খোঁ(খো)চ] **১** কোঁচের মত সূক্ষ্মাগ্র দণ্ডাদির অগ্রভাগ দ্বারা আঘাত; খোঁচা। "°খাঁচ। **২** অপরাধ, দোষ, ত্রুটি। "ইকুটির (equity) খোঁচ ও কমন্‌লার (law) প্যাঁচে বঙ্কবেহারি বাবু দ্বিতীয় শুভঙ্কর ছিলেন।—হু ১৩১। **৩** বেধনাস্ত্রবিশেষ, কোঁচ (?)। [খোঁচ তোলা—দোষের উল্লেখ করা। খোঁচখাঁচ—খোঁচার ঘা-ঘো।]

খোঁচড়া, -ড়ান; খোঁচা[১], -চান দ্র 'খুঁচড়া; খুঁচা'।

খোচা[২] বি [খোঁচ > °চা; ঠ খোঁসড়া—কুন্তাদির আঘাত; তু 'খোঁচা' —কাঁটা (গো চ)] **১** কোঁচের মত দণ্ডাদির সূক্ষ্ম অগ্রভাগ; হুঁজলা আগা। **২** সর্ব 'খোঁচ (১)। **৩** দণ্ডাদির অগ্রভাগের আঘাত বা গুতা। "বাড়ি হাথে করি খোঁচা মারে কোন জনা কৃ.উ ৮৭। মেজো তালুই, তোর হুচলা লাটী গাচটা দে ত, সুমুন্দির গায় গোটা দুই খোঁচা লাগাই ন.ত ৭৮। **৪** চঞ্চুঘাত, ঠোকর। "কাগের খোঁচায়, চঞ্চুটা ওঁচায় স্ব প্র ১০০। **৫** দোষ, ত্রুটি। **৬** হুল বিঁধান; দংশন। "চাকের মধু মিষ্টি কি হইত, মৌমাচি খোঁচা না যদি রইত।—বি.বু ১৫। **৭** দোষা-রোপপূর্ব্বক আঘাত। "সকলকেই খোঁচা দেওয়া খলের স্বভাব। সাফ খোঁচা দিতে সে ছাড়িত না।—গল্পগুচ্ছ। [খোঁচা দেওয়া, লাগান —খোঁচার আঘাত করা, খোঁচা মারা। খোঁচাখুঁচি—**১** পরস্পর খোঁচা দ্বারা আঘাত। **২** পুনঃপুন খোঁচান বা বিরক্ত করা। **৩** ক্রমাগত দোষের আলোচনা বা দোষপ্রদর্শন।]

খোঁ(খো)জ সর্ম্ম **১** সর্ব 'খুঁজ[১]। **২** বি [√খুঁজ[১] > খো(খোঁ)জ; আ খ.উজ্—অন্বেষণ; হি খোঁজ] অন্বেষণ, অনুসন্ধান। "জগন্নাথ খোঁজ করে, চাহে প্রতি ঘরে ঘরে চৈ ম ৫২। **৩** সন্ধান, উদ্দেশ, চিহ্ন, নিশানা, পাত্তা। "খোঁজ পাওয়া। **৪** তত্ত্ব, তথ্যানুসন্ধান। [খোঁজখবর—সন্ধান ও সংবাদ; তত্ত্বতাবাস। খোঁজ-খাঁজ (হি খোঁজখাঁজ)—অনুসন্ধান। খোঁজ-তল্লাস (একার্থক)—বিশেষ অনুসন্ধান। "তাঁকে বলিও,...তোমার জন্য বিস্তর খোঁজ-তল্লাস হইবে।—ব প্র ৫২৩।]

খোঁট[১]; খোঁট[২]; খোঁটা[১] দ্র 'খুঁট[১]; খুঁট[৩]; খুঁটা'।

খোঁটা[২], খোটা বিং [হি, ঠ খোঁটা (বিং), হি খোঁট (বি)] খুঁতযুক্ত, দোষযুক্ত, মেকি। "যটি টাকা দিয়াছিলা সবগুলি খোঁটা ভা চ ২৮৫। —টা বি **১** নিন্দা, অপবাদ, দোষ। "মোরে দিল খোঁটা মী ১০। গো.বি ৪৮। ত্যাশের হবে খোঁটা গো.চ ১৮৬। থাকি জাইবে খোঁটা শ্রী কী ৬৫। আপুছিদ্র না জানিস পরকে দিস খোঁটা কৃ ২৫২; ৪৪৬। চান্দ মোরে দেয় নানা খোঁটা ম.ম ১৩৫। পাছে বল বুনিপোরে মাসী দেয় খোঁটা ভা.চ ২৮৫। সভাই দিল খোঁটা চৈ.ম ১৩৪। দুখে রাখ সুখে রাখ করবো কি আর দিয়ে খোঁটা।—শ্যামাসঙ্গীত। কুলে খোঁটা কুলটা হলি ছি ছি বি.সু ৭৪। **২** অকীর্ত্তি, অযশ। "জগতে হইল

খোঁটা শ্রী.মা ১৭৪। আর খোঁটা কহি শুন বি.পা ৮১। রাখিল খোঁটা যত শত্রুর কাছে দা ৫৩২। ৩ তিরস্কার, গঞ্জনা, লাঞ্ছনা। "লোকে মোরে দিবে খোঁটা ম.ম ১০। আমার প্রসঙ্গে সতি পাবে বড় খোঁটা ক.চ ১২। পরিণামে পাব খোঁটা পুরুষের ঠাঁই শি ৮৪। খোঁটা খেয়ে অধোমুখে পতি তার চায়।—হেম ৩৮৬। [খোঁটা দিয়ে পোঁটা গালা —গঞ্জনায় মৃতবৎ বা মর্ম্মাহত করা।]

খোঁড়, খোঁয়াড়, খোণ্ডাড় বি [ঠ খোংড—বৎসতর; খোঁয়াড় (দিনাজপুর); খোঁ(য়া)ড় (চব্বিশপরগনা); খো(য়া)ড় (ত্রিপুরা)] ১ বাছুর আটকাইয়া রাখার নিমিত্ত আগড় (ঝাপ) দিয়া ঘেরা গোয়ালের অংশবিশেষ; টাটি। ২ গৃহপালিত পশু গো-ছাগ প্রভৃতি আটক করিয়া রাখার স্থান (pound)। ৩ শূকরের ঘর; শূকরশালা। "নয়ন-আনন্দ আর রত্নময় গৃহে। যথা তথা খোণ্ডাড়েতে শূকরীর সহে॥ —ভ.গ্র ১১৬। ৪ শূকরশালার ন্যায় অপবিত্র জঘন্য স্থান বা দেশ। "এই শূয়রের খোঁয়াড় আগুনে পোড়াইয়া মাতা বসুমতীকে আবার পবিত্র করিব ব.ছি ১১২। ৫ কাঙালিবিদায়ের নিমিত্ত ঘেরা জায়গা, কাঠ-গড়া। "সবাই মেলে খোঁয়াড়ে ঢুকে, আমাকে ফেলে কাটগড়া-মুখে, পয়সা নিয়ে মারবে বুঝি দৌড় দা ৯৪১। [খোঁড়দারোগা, খোঁড়বকশি (দিনাজপুর)—খোঁড়ের অধ্যক্ষ।]

খোঁড়া, খোড়[১], -ড়া বি [সং খোড >প্রা খোডউ (পৈ), লি খোণ্ড; তু 'খোঁড'—খঞ্জ (দেশী ২.৮০), ঠ খোঁড—paralytic person; স্ত্রী—খুঁড়ী] ১ খঞ্জ, লেংগড়া। "খণে হএ খোঁড় শ্রী.কী ২। খোঁড়া ভাই গো.বি ১৮৭। খোঁড় খঞ্জক দাহ জ.প ৫৬। খোঁড় বুড় কুব্জী শ্রী.ম ১৭০। ২ বিকৃত, বিকল, ভাঙা (পা)। "পা খোঁড়া হওয়া। [খোঁড়ান—খোঁড়ার মত যাওয়া; বিকৃত পদে গমন। খোঁড়ায় (তু 'সং √খুণ্ড—খঞ্জব্যাপার)—খোঁড়ার মত যায়। খোঁড়ার পা খানায় পড়ে —যেখানে ঘা, সেইখানেই ঘা লাগে; বিপন্নেরই বিপদ্ হয়।]

খোঁপা, খোপা[১], -ম্পা বি [হি খোং(গো)পা; ঠ গোংপা; তু 'খোফা' (ম.পা ১৬১); 'খোম্পা' (অপ্র); cf., F. coiffe, L. cofia—a cap; E. coif—a covering for the head worn by women] কেশবিন্যাসবিশেষ, কবরী। "শম্ভু সদৃশ তোর খোম্পা শ্রী.কী ৩৮১। কানড় খোঁপায় কনক চাঁপা ক.চ ১৬২। বাঁধে খোঁপা বা.ম ৩৩; ধরিল খোঁপাতে ২৩৫। খোঁপার রূপ শ্রী ৫৮; সাধের খোঁপা ২১৭। হেরি খোঁপায় বা.দ ২০১। খোঁপা-বাঁধা চুল।—হেম ৩৮৯,-৯০। [খোঁপাত, খোঁপাএ—খোঁপায়। "°ত শ্রী.কী। °এ গো.চ ৫০। খোম্পাত—খোঁপায়। "শ্রী.কী।]

খোঁয়ারি, -রী বি [দ্র 'খুমার'] সর্থ 'খুমার' (৪)। "নেসার খোঁয়ারি। —হু ৪৯। [খোঁয়ারি ভাঙা—খোঁয়ারি দূর করার নিমিত্ত অল্প মাত্রায় মাদক-সেবন।]

খোকন বি ['খোকাধন'—মূল (?)] আদরের খোকা; খোকামণি। "খোকন যাবে নায়। লাল জুতুয়া পায়॥—ছড়া।

খোকা বি [দ্র 'খুকি'] ১ দুগ্ধপোষ্য বা অল্পবয়স্ক বালক; শিশু; বালক। ২ শিশু পুত্র; ছোট ছেলে। "খোকা বলেই ভালবাসি। ভাল বলেই নয়!—শিশু ১৩। ৩ কোলের ছেলে। ৪ সদ্যোজাত শিশু। ৫ ছেলের আদরের নাম। "বড়°, মেজ°, ছোট°। ৬ শিশুর মত অবোধ বা কাণ্ডজ্ঞানহীন (তিরস্কারে, উপহাসে)। "যত বয়েস হ'চ্ছে, ততই খোকা হচ্ছ, কিছুই বোঝ না। [খোকা ইলিশ—ক্ষুদ্রজাতি ইলিশবিশেষ।]

খোক্কস বি [রাক্কস >°স (অনু.শব্দ)] পিশাচবিশেষ। "ভৈরব রাক্কস, বোক্কস খোক্কস ভা.চ ৪৯২।

খোজ[১]; খোজ[২] দ্র 'খুঁজ[১]'; খোঁজ[২]।

খোজ[৩] [(?)] "ডিহিদার অবোধ খোজ, কড়ি দিলে নাহি। রোজ ক.চ ৮৬। [খোজ-কড়ি—খোঁজ করিয়া ধরার টাকা (?)।]

খোজা বি [ফা খ্বাজহ্; হি, ঠ খোজা; সং 'বর্ব্বর, শণ্ড'] ১ ছিন্ন-মুষ্ক পুরুষ (hermaphrodite)। [ইহারা রাজার অন্তঃপুরের দ্বার-রক্ষক ও সেবক। "ডাক দিয়া আনে খোজা, ম.ম ১৩০। ভা.চ ৩৭৯। খোজাগণ ব.প্র ৯১। ২ খোজা নফর। "এক ডাকে বাহিরিল খোজা তিন লাখ ব.প ২১৬।

খোট; খোটা দ্র 'খুঁট[১]'; খোঁটা[২]।

খোট্টা বি [হি 'খোটা' (ক্ষুদ্র)—মূল] অবজ্ঞাসূচক নীচজাতিবাচক শব্দ। "খোট্টা মোট্টা বুঝি নাই, লুকাইব কোন ঠাঁই ভা.চ ৪৮৭। উড়ে মেড়া খোট্টা বাঙাল কা ৮৬। খোট্টা ডিল্লি নিবাসী অ.গু ৪৯। মাড়ওয়ারি খোট্টার পাল হু ১৯৫; বড়বাজারের দু-চার ধনী খোট্টার উদ্যোগে ১৭৫৭ শকে পুনর্ব্বার 'রামলীলা' আরম্ভ হয়। —২০২। [খোট্টাই—খোট্টাসম্বন্ধী; খোট্টাদের স্বকীয়। "রামলীলা এ দেশের পরব নয়, এটী প্রলয় খোট্টাই!—হু ২০২।]

খোড়[১] দ্র 'খোঁড়া'।

খোড়[২] বিণ [√খোড়্+অ (অচ্)-ক; তু 'খোড'—খঞ্জ (দেশী ২.৮০)] খঞ্জ, খোঁড়া।

খোড়েখাড়ে বি [খোলেখালে >°ড়ে; অপ্র] গর্ত্তে ও খাদে; খানা-খন্দে। "ঘুটা-ঘাটা মুড়ে দিয়া খোড়ে-খাড়ে থাকি ম.ম ৫৭।

খোদ[১] দ্র 'খুদ[৩]'। —দন বি [√খোদ+অন; ঠ খোদনী; অপ্র] খনন। "কোদালি ধরিয়া পৃথ্বী করয়ে খোদন ম ৪৬৯।

খোদ[২] বিং [ফা খুদ] স্বয়ং, নিজে। "খোদ বরকর্ত্তা হু ১৫২। বুঝিসাম চাঁপা খোদ ব.প্র ২০৬, খোদ কাজি ৪৪৫,-৮২; খোদ মহারাণীর কথা ৪৯৮। খোদ ঔরঙ্গজেব তাঁহার আজ্ঞাকারী ব.ছি ২৯৮। [খোদকস্তা—যে প্রজা নিজ বাসগ্রামের জমি চাষ করে; স্থানীয় (প্রজা)। "E.P.81.]

খোদকার, -গার বি [ফা কোদ্গর্—খনক] যে খোদাই করে; যে খোদে (sculptor)। —রী বি [ঠ খোদগিরী] ১ খোদগারের কার্য্য; খোদাই, নকাশি (sculpture)। "পাষাণের খোদগারী ব.প ১৫১৬। খোদার উপর খোদকারী পা.ঝো ১৪৮। ২ কারিকুরী; চাতুরী, ভণ্ডামি। "খোদকারী ঘুচাবেন খোদাবন্দ দা ২০৯৯। [খোদ-গারী করা—খোদাই করা।]

খোদা[১] দ্র 'খুদ[৩]'।

খোদা[২] সর্ম্ম [√খু(খো)দ+আ[৮], হি √খোদরা] ১ খনন করান; খোঁড়ান। "মাটি খোদাইয়া চ.সা ১৫২। দীঘী খোদাইতে তারে মনসীব কৈল চৈ.চ ২৫১; মাটি খোদাইল ২৭৩। কুণ্ডদ্বয় খোদাইল র.প ৬৮। ২ উৎকীর্ণ বা খোদিত করান (মূর্ত্তি-প্রভৃতি)। [খোদান—সর্থ 'খোদা[২]'।]

খোদা[৩] বি [ফা খুদা] ঈশ্বর। "শু ১৪১। খোদা স্মরয়ে কাজি ম.ম ৫৭, ১২৭। [খোদার উপর খোদকারী—ঈশ্বরের কার্য্যের উপরে খোদাইএর কাজ বা শিল্পকর্ম্ম। "যে লোক খনি হইতে সোণা তোলে, তাহার মজুরি যৎসামান্য; কিন্তু যে সেই সোণার উপর কারুকার্য্য করে অর্থাৎ খোদার উপর খোদকারি করে, তাহার বাণী অধিক।—পা.ঝো ১৪৮। খোদার কুদরতী—ঈশ্বরের শক্তি বা প্রভাব। খোদার খাসী —খোদার নামে উৎসৃষ্ট ছাগলের মত স্বচ্ছন্দচারী সংসারচিন্তাশূন্য হৃষ্টপুষ্ট ব্যক্তি।]

খোদাই বি [হি, ঠ, গু খোদাঈ] ১ খোদার (অর্থাৎ কাটিয়া বা আঁক দিয়া লেখার) কার্য্য; খোদন (engraving)। ২ খোদাই করার মজুরী।

খোদাওন্দা, -বন্দ বি [ফা খুদা-বন্দ] প্রভু, স্বামী, মহারাজ, হুজুর। "খোদকারী ঘুচাবেন খোদাবন্দ দা ২০৯৯। খোদাবন্দ ফেল কল্লে পাড়া

শুভ্র হাসি।—হেম ৩৮০। খোদাওন্দা মালিক—মফস্বল আহওালের সবেওার কৈফিয়ত লিখীলাম E.P. 78। আশে পাশে 'খোদাবন্দ'… প্রতিধ্বনি হতে লাগ্‌লো।—হু ২০৪। ম্যাজিষ্ট্রেট্—চাপরাসি! চাপ-রাসি।—খোদাবন্দ!—নী ৬০।

খোদাতালা, খোদায়তালা বি [আ খু.দা-ই-তালা] পরমেশ্বর। "ভজ মন! নন্দলালা, খোদায়তালা, দিন তো গেছে দা ২০৭৩; ২১৩৮। খোদাতালার মর্জ্জি মা ৩২৩।

খোদিত বিং [খোদ+ইত] খাত, উৎকীর্ণ (engraved)।

খোন(ন্দ)কার বি [ফা খ.বন্‌দ্‌গার্] মুসলমান বালকের লিঙ্গচর্ম্মচ্ছেদ-সংস্কার-কারক; মুসলমানের উপাধিবিশেষ। খোনকার ম.ম ৫৬,-৮; খোন্দকার ৬১।

খোনা বিং [আ 'খ.ম্‌না'; সং 'ঘোণা'—মূল, ঘ >খ; নাকাইয়া (ত্রিপুরা)] **১** অনুনাসিক স্বরে উচ্চারিত, সানুনাসিক, নাকী (স্বর, সুর, কথা)। "ভূতে ও পেত্নীতে খোনা কথা কয় হু ১২৮; ২১৬; খোনা আওয়াজে ২১৯। **২** যে নাকীসুরে কথা কয়; সানুনাসিক-ভাষী। [খোনা কথা—নাকীসুরে কথা। যেমন "এঁকি কর এঁকি কর আর পুনর্ব্বার (রামরসায়ন)।]

খোন্তা; খোন্দকার দ্র 'খন্তি; খোনকার'।

খোপ বি [হি খোপ—গুহা; ঠ খোংপ, খোপ, -পা; মৈ; খোঁপ—নীড়, কুটীর; তু 'কূপক, গোফা'] **১** পায়রার ঘর বা বাসা; বিটঙ্ক। "খোপের কৈতর গো.চ ১৭৭। খোপের ভিতর পায়রা যেমন করতেছি বকবকম্।—রবীন্দ্র। **২** দেয়ালের গর্ত্ত বা ফাটাল। "সালিখ লাখে লাখে, খোপের মধ্যে থাকে।—রবীন্দ্র। **৩** ঘরের দীর্ঘ দুই চালের প্রান্তস্থিত ত্রিভুজাকার অংশ, বগল বা পার্শ্বভাগ। "°চাল। **৪** ক্ষুদ্র মৃদ্‌ভাণ্ডবিশেষ; খোপভাড় (চব্বিশপরগনা)। **৫** ছোট আঁধার ঘর; কুঁড়ে, খোপরি। [খোপচাল—খোপের ত্রিভুজাকার চাল (চব্বিশপরগনা)। খোপেখাপে—নিভৃত স্থানে; আঁধার জায়গায়। "(মহাবট) পালিছে চুপেচাপে, খোপেখাপে অযুত নীড় স্ব.প্র ৩৮। শিশু ১৪৬।]

খোপচাল; খোপরি; খোপা[১] দ্র 'খোপ; খুপরি; খোঁপা'।

খোপা[১] দ্র 'খোঁপা'।

খোপা[২] বি ['খাম্বা'—মূল (?)] **১** বেড়ার জন্য বাঁশ-প্রভৃতির দণ্ড; খাম্বা, খাম, খোঁটা। **২** কাটা বাঁশ-প্রভৃতির ভূমিস্থিত গোড়া। **৩** কীলক, গোঁজ। "কুমীরের মত তার খোপা-মারা অঙ্গ। নামটি খেজুরগাছ বাস করে বঙ্গ॥—মনোমোহন বসু।

খোবানি দ্র 'খুবানি'।

খোভ বি [সং ক্ষোভ >প্রা খোভ; অপ্র] ক্ষোভ, বিষাদ। "খোভ মীটব জ.প ৫৭।

খোয়নু, -য়ল, -লি; খোয়া[১] দ্র 'খোয়া[৩]; খ[৪]'।

খোয়া[২] বি [সং ক্ষয় >লি, প্রা খয় >বা (খয়া) >খোয়া] **১** ক্ষয়, বিনাশ, বিলয়। "ক্ষমাঙ্কুশ খোয়া গেল অনঙ্গ-অলসে বি.সু ৪৬। **২** [কুহা >খুয়া >°য়া; অপ্র] কুহেলিকা, কোয়াসা। "প্রেমরস করিয়া আহুতে হৈল ধুয়া। আকাশে স্থাপন কৈল শরতের খোয়া॥—গো.বি ২। **৩** [হি খোয়া, -রা; ঠ খোরা] গাঢ় ডেলাক্ষীর; মেওয়া। —য়া বিং (অপ্র) গাঢ়, ঘন। "খোয়া দুগ্ধ দিনু আর কোটর ভরিয়া গো.চ ৪৪৬। [খোয়া যাওয়া—ক্ষয়প্রাপ্ত বা বিলীন হওয়া।]

খোয়া[৩] সর্ম্ম [খোয়া[১] >√খোয়া] **১** অপব্যয় করা; নষ্ট করা; উড়ান। **২** নষ্ট করা। "ক্ষিপ্ত সেই স্বধর্ম্ম খোয়ায় খোসামোদে বি.সু ১৩৬। **৩** ক্ষয়প্রাপ্ত করা। "দিবস লিখি লিখি, নখর খোয়াইনু বি.প ১৬৭। খোয়াইনু নখের ছন্দ চ.দা ১৩৮। **৪** ক্ষয় করা; শীর্ণ বা ধ্বংস করা। "অনিদ্রায় অনাহারে, খোয়াইবি দেহ আপনার ন ১০৮২। **৫** নষ্ট করা; হারান। "প্রেম করি খোয়ানু পরাণী ব.প ১২২৯। পিরীতি লাগিয়া, এ তিন খোয়াইলুঁ ব ১৪৯; গোপতে বাড়ায়ে প্রেম আপনে খোয়ালুঁ ১৫৩। শূন্যেতে পাপ পুণ্য গণ্য মান্য ক'রে সব খোয়ালে।—রামপ্রসাদ। খোয়াইলাম…নীলরতনে দা ২২০। **৬** নিঃশেষ করা; ত্যাগ করা; ছাড়া। "খোয়নু (পাঠান্তর—'খোয়ানু') এতনু আশে বি.প ১৭৩। **৭** হতমান বা অবজ্ঞাত করা; জঘন্য করা। "ভাঁড়ু রে নিজ দোষে খোয়াল্যে আপনা ক.চ ১০৮। [খোয়নু—খোয়াইলাম। খোয়ল—ক্ষয়প্রাপ্ত হইল। "জ.প ৫৬। খোয়লি—খোয়াইলে, হারাইলে। "খোয়লি এত দিনে রাই জ.প ৪৩; ৫৫। খোয়ান—সর্থ 'খোয়া[২]'।]

খোয়াড় বি [দ্র 'খোঁড়'] সর্থ 'খোঁড় (১)। "খোয়াড়ভাঙ্গার কথা শুন বলি রায় ব.প ১৩৭১।

খোর[১] বি [সং খোরক] গো-প্রভৃতির পাদরোগ হেতু জ্বর।

খোর[২] বি [খোল >খোর] পুষ্করিণী-প্রভৃতিতে মাছের গর্ত্ত।

খোর[৩] বিণ [ফা খ়ুর্—ভক্ষক, পায়ী] **১** ভক্ষক, খাদক। "আফিন°, পাঁটা°, মাংস°। **২** পানকারী। "তাড়ী°, ভাঙ°, মদ°, সিদ্ধি°। **৩** ধূমপায়ী। "গাঁজা°, গুড়ুক°, গুলি°, চরস°। **৪** উপভোগকারক। "বেশ্যা°, রাঁড়°। **৫** প্রিয়। "সুদ°। [সর্ব্বত্রই 'খোর' তাৎপর্য্যার্থে 'অত্যাসক্তি'-সূচক।]

খোরক পুং [খোড় >খোর+ক সংজ্ঞার্থে] পশুদিগের পাদরোগরূপ জ্বর। "খোরকঃ সৌরভেয়াণাম (জ্বরঃ) মহা ১২.২৮২.৫৩। [এই রোগে পশুরা খোর (খোঁড়া) হয়।]

খোরদানী বি [ফা খু.র্‌দানী] খাদ্যদ্রব্যমাত্র, রসদ।

খোরপোশ, -ষ বি ['খোরাক-পোশা(ষা)ক' >°শ] গ্রাসাচ্ছাদন, খাওয়া-পরা, অন্নবস্ত্রার্থ অর্থ। "তিনি যাহাতে তোমার খোরপোষ পাঠাইয়া দেন, তাহা আমায় করিতে হইবে ব.প ৩৫১। প্রসবিনী মাতারও খোরপোষের জন্য কৃতী পুত্রের বিরুদ্ধে নালিস চলিতে পারে না পা.প্র ২১২। [খোরপোশের দাবী—গ্রাসাচ্ছাদনের প্রার্থনা।]

খোরপোষ দ্র 'খোরপোশ'।

খোরা বি [সং খোলক; ফা আব্‌খো র়্হ্—মুখসরু জলপাত্র; হি খোরা—বাটি, গেলাস] পাথরের বড় বাটি বা কানা-উঁচু পাত্র। "খোসবোতে খোসবোতে এক খোরা পান্তা উড়ে যায় অ.গ্র ১৩৯। [°বাটি—বাটির মত ছোট খোরা।]

খোরাক বি [ফা খু.রাক্] **১** খাদ্যদ্রব্য, রসদ। "সপ্তাহ খোরাক দিল ভা.চ ৪৭৭। **২** দৈনিক খাদ্য। "লয়াজীমা খুরাক খাইয়া…খেদমত করিব E.P. 87.। **৩** পথ্য। —কী বি [ফা°কী] খোরাকের নিমিত্ত দেয় অর্থ; রসদের দাম। [°পোশাক—গ্রাসাচ্ছাদন। °পোশাকী… গ্রাসাচ্ছাদন জন্য (ব্যয়)। খোরাকে—খানে-ওয়ালা, ভূরিভোজী।]

খোরাসান বি খোরাসানদেশীয় যবনজাতিবিশেষ। "খুরে হৈতে বাহির হৈল জাতি খোরাসান কৃ.উ ৫৫। শ্রী ১১৯।

খোর্ম্মা; খোল[১]**; খোল**[২] দ্র 'খুরমা; খুল[১]; খুল[২]'।

খোল[৩] বি [সং 'খল্ল'—মূল; হি খোল; ঠ খোল—গভীর; গু খোল. —ক্রোড়; খোল—গভীরতা; অস খোল; তু 'খল্ল'—কোটর, গহ্বর (দেশী—প্রা.ম)] **১** গভীরতা, গর্ত্ত। "বাছার চক্ষের জল চক্ষে থাকে, গড়াতে পায় না, এমনি খোল।—নী ৬। **২** পুষ্করিণী-প্রভৃতির অভ্যন্তরভাগ বা গর্ভ; খাত। "শুষ্ক খাল বিল খোলে।—হেম ১০৭। **৩** নৌকাদির মধ্যভাগ বা খাঁড়। **৪** গৃহাদির মধ্যভাগ বা ভিত্তিবেষ্টিত স্থান। "°সারা। **৫** ঘটী কলসী প্রভৃতি শূন্যগর্ভ দ্রব্যের মধ্যভাগ। **৬** কোষাকৃতি বস্তুর মধ্যভাগ। "নারিকেলের, ডিমের খোল। **৭** আনদ্ধ যন্ত্র মৃদঙ্গাদির কাষ্ঠময় বা মৃন্ময় কোষ; তত যন্ত্র সেতার প্রভৃতির তুম্বী-আদি বা ধ্বনিকোষ। "তবলার, বাঁয়ার, সারঙের খোল।

৮ কোষাকৃতি আবরণ। "দুই শৃঙ্গে তুলি দিল সুবর্ণের খোল ম.ম ৬। ৯ কলাগাছের কোষবৎ আবরণ বা খোলা (ত্রিপুরা, বাখরগঞ্জ, বরিশাল)। "খোলের খালি ম.ম ২৪ ; ১৬৪। ১০ শূন্যগর্ভ দ্রব্য বা আধার। "পরস্ত্রীকে দেখিয়া জে জন ধরে বলে। তপ্ত তাম্রখোল যম দেন তার কোলে॥—কৃ.উ ৭৫ ; পিতলের খোল ভরি নারায়ণ তৈলে ১৯৩। ১১ বালিস-প্রভৃতির তুলা-কোষ। "বালিসের, লেপের, তোশকের খোল। ১২ উদর। "এত খেয়েও খোল পোরে না? (তিরস্কারে)। ১৩ সুপারিগাছের পাতার কোষাকৃতি মূলভাগ বা খোলা (ত্রিপুরা, বরিশাল)। ১৪ কোটর, গহ্বর। ১৫ বাদ্যবিশেষ, মৃদঙ্গ। —ল বিং নিম্ন, নীচু, ডহর। [খোলপিঠ—ভিতর-দিক্। বিপ 'বা'রপিঠ'। খোলভরাট করা—গর্ত্ত মাটিতে পূরান। খোলভরাটী মাটী—গর্ত্ত-পূরণার্থ মৃত্তিকা। খোল-সারা—গৃহাদির মধ্যভাগের কালি। খোলে রক্ত পড়া—অতিরিক্ত আঘাতে পেটের মধ্যে রক্ত জমা। সারিন্দের খোল—সারিন্দাযন্ত্রের খোলের ন্যায় বড় (পেটের উপমায়)।]

খোল[৪] বি ['খোল'—বস্ত্রৈকদেশ (দেশী ২৮০)] কাপড়ের পিঠ বা জমি। "কাপড়ের খোল।

খোলক পুং [খোল+ক (কন্) সংজ্ঞার্থে (শ.ক)] ১ পাকপাত্র-বিশেষ, খোলা। ২ শিরোস্থি, কপাল, খোপড়া (ত.বা), শিরস্ত্রাণ (শ.ক)। ৩ বল্মীক। ৪ পূগকোষ, গুয়ার খোশা।

খোলতা বি [খোল+তা] 'খোলাভাব', বিকাশভাব, ভাস্বরতা, দীপ্তি, পরিস্ফুটতা। [বাড়ীর খোলতা বা খোলতাই—খোলা বা বাধা-মুক্ত হওয়ায় বাড়ীর শোভা। রঙের খোলতা—রঙের খোলাভাব ; বর্ণভাতি।]

খোল(লো)ষ, -স বি [খোল[১]+স ('কোষ'—মূল ?), 'স্খলিতকোষ' (দ্বিজেন্দ্রনাথ ঠাকুর) ; তু 'কুরুস' (গো.চ) ; কলশ (দিনাজপুর)] ১ স্খলিতকোষাকৃতি সর্পচর্ম্ম ; কঞ্চুক। "ছি! ছি! সাপের খোলস ঢাকাই শাড়ীটি তোর অ.গু ৭৯। ২ (গৌণার্থে) আবরণ। "পৈতা-খানা, তেজোহীন ব্রহ্মণ্যের নির্বিষ খোলষ।—রবীন্দ্র। ৩ ঘাএর শুষ্ক চর্ম্ম বা খোসা (slough)। "খোলোস উঠা। [খোলোস-ছাড়া—মুক্ত-কঞ্চুক (সর্প)।]

খোল(লো)সা বিং [আ খ.লাস—মুক্তি] ১ মুক্ত। "প্রতিবেশী ইংরাজ যদি বাটীর দ্বারদেশে আসিয়া নিজ নামাঙ্কিত কার্ড রাখিয়া গেলেন, তাহা হইলেই সামাজিক নিয়মরক্ষার দায় হইতে খোলসা হইলেন পা.প্র ১৮৮। ২ কপটতাহীন, সরল (মন)। "খোলাসা চিত্রে E.P. 95। ৩ জড়তাশূন্য, ঝরঝ'রে। "পেট পরিষ্কার থাকলে, শরীরটা খোলসা থাকে। ৪ মেঘমুক্ত। "এখন মেঘলা কেটেছে, দেবতা খোলসা হ'য়েছে। ৫ স্পষ্ট, সোজা, খাঁটি (কথা)। ৬ ভারমুক্ত, খালি। "মনের দুঃখ ব'লে, ভার ঘোচে, মন খোলসা হয়। ৭ বিশদ, পরিস্ফুট, সবিস্তর। —সা বি [আ খ.লাসহ্] সার, সংক্ষেপ, মর্ম্মকথা। [খোলসা করে বলা—সবিস্তর বর্ণনা করা। মন খোলসা ক'রে বলা—মন খুলিয়া বলা ; সরলভাবে বলা।]

খোলা[১] বি [সং খোলক >প্রা* খোলঅ >বা খোলা ; দ্র 'খোল[২]' ; অস খোলা] ১ ভর্জ্জনপাত্র, ভ্রাষ্ট্র, ভাজনাখোলা। "কাঠ°, খ'য়ে°, বালি°, °হাঁড়ি, °কুচি। খোলায় পিটুলি দেন।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। এমন আমাদের তপ্ত খোলা আ.দ্রু ৫৫। ২ সর্থ 'খোলক (৩)। ৩ বাঁশের কোঁড়ের আবরণ। ৪ কলাগাছের আবরণ ; খোশা, খেটো। "খোলার পসার চৈ.ভা ২২৩ ; খোলা বেচা ২২৪ ; শ্রীধরের খোলে প্রভু প্রত্যহ অন্ন খায় ২২৫। কার শ্রাদ্ধ কে করে। খোলা কেটে বামন মরে॥—আ.দ্রু ১৩৫। ৫ কলার খোলায় নির্ম্মিত পাত্র বা ডোঙা। "খোলা কুশ লইয়া গেলেন যজ্ঞস্থলে কৃ ৭০। ৬ কচ্ছপের পৃষ্ঠাবরণ। ৭ দাড়িমাদির আবরণ বা খোসা। ৮ মৃৎপাত্রের খণ্ড ; কর্পর, খাপরা, খোলাকুচি। "খোলা দিয়া মলি দেউক তোর নাক আর কান গো.চ ২৩৮। আন খোলা সিঁচি জল শি ৮৪। ৯ গৃহাচ্ছাদন, খাপরা ; টাইল। "খোলার ঘর, চাল, ছাউনী। ১০ [সং খল, আ খ.লা—স্থান] স্থান, জায়গা। "ইট°, চড়ক°, হাট°। ১১ খেত, জমি। "বীজ°। ও পারেতে ধানের খোলা, এ পারেতে হাট।—রবীন্দ্র। [খোলা-কাটা বামন—যে ব্রাহ্মণ যজমানের বাড়ীতে কলার খোলা কাটিয়া শ্রাদ্ধাদির পাত্র করেন ; যজমানে বামন (গালিতে, অবজ্ঞায়)। খোলাকুচি (তু 'খোলায়া খাপর—গো.চ) ১ কর্পরখণ্ড, খাপরা। "পুটী মৎস্য ভাজা দিল ভাল খোলাকুচি শি ১৭। ২ (সাদৃশ্যে) হেয় বা অকর্ম্মণ্য বস্তু। "বুকভাঙ্গা হৈল শাগা খোলাকুচি হয় শি ১০৬। খোলা-গাছি (অপ্র)—কলাগাছ। "চৈ.ভা ২২৩। খোলামালা—খোলা ও নারকেলমালা বা তাদৃশ বালিকার খেলনা। খোলামুচি—আসকে পিঠা ভাজার খোলা ও ঢাকনী। খোলা-হাঁড়ি—সর্থ 'খোলা[১] (১)। খেত-খোলা—(একার্থক) ক্ষেত।]

খোলা[২] বিং [√খোল[১]+আ[১১], হি খুলা, আ খ লা—শূন্য, আকাশ] ১ বন্ধনরহিত, উদ্দাম, মুক্ত, ছাড়া (গোমহিষাদি)। ২ স্খলিত, স্রস্ত-বন্ধন, শিথিল (বাঁধন, গিরো)। ৩ পর্য্যাকুল, এলো। "চল্লো খোলা চুলে।—হেম ৩৮১। ৪ অবরোধহীন, অবাধ, মুক্ত (মাঠ, জায়গা)। দ্র '(৫)। ৫ কপটতাহীন, উদার, সরল, সোজা। "বালিকার মত ভোলা খোলা মন ব.সু ৩৫। প্রাণ গড়ের মাঠের মত খোলা হু ২২৬। ৬ সরল, স্পষ্ট, সোজা। "একটু বেশী খোলা কথা ব.প্র ৪৭৭। ৭ উদ্ঘাটিত, উন্মুক্ত (কপাট, জানালা, দোর)। "আজি দখিন দুয়ার খোলা।—গান ৬৭। ৮ যাহা আটকান বা চাবি-দেওয়া নহে (চিঠি, খাম, বাক্স, সিন্দুক)। [খোলাখুলি (হি খুল্লম খুল্লা)—১ প্রকাশ্যভাবে, অকপটে, স্পষ্টাস্পষ্টি। ২ বারংবার খোলা। খোলা ছাদ—যে ছাদের আলিসা নাই ; নেড়াছাদ। "তারা খোলা ছাদে গুলি খাচ্ছে জা ৩১। খোলাভাঁটি—আইনের বন্ধনহীন মদ-চুয়ানর কারখানা।]

খোল্লো বিং [খোরল >খোরলো >খোল্লো ; হি খরল—ঔষধমাড়ার খল ; অপ্র] খোরলে-বসা ; কোটরগত, বসা (চোখ)। "চক্ষু দুটি যেমন ছোট, তেমনি খোল্লো ন.ত ৪।

খোশ, -ষ দ্র 'খুশ[১]'। [°খানা—চিড়িয়াখানা। "তার আগে খোষ-খানা, নানা রঙ্গে পক্ষী নানা বি.হু ১৬। °নবীশ (ফা খু.শ্ নবীশ্) —উৎকৃষ্ট লিপিকর ; উপাধিবিশেষ। "ভীষ্মদেব খোষনবীশ : °পুত্র ব.প্র ৬৩১ ; খোষনবীশ কোম্পানী : খোষনবীশের ছানা ৬৩২। °নবিশী—খোশনবীশের মত। "খোষনবিশী-রচনা ব.প্র ৬৩২।]

খোশা, -সা[২] বি [সং কোশ >লি, প্রা কোস ; হি খোসা ; ফা খে.াশহ্ —শস্যমঞ্জরী (spike)] ১ ফলমূলাদির কোষতুল্য আবরণ-ত্বক্ ; ছাল। "খোসা সহ খায় শসা দা ১৩০৯। ২ বহির্ভাগ, উপরিভাগ। "মণ্ডার খসায় খোসা দা ১৩০৯। [খোসা ছাড়ান—ছাল খোলা। খোসা-সুদ্ধ—ছালসমেত। খোসা ছাড়িয়ে বলা—আবরণ ছাড়াইয়া, অর্থাৎ বিশদভাবে কিছু বলা। ঝুলি খোসাইল—কোশ, অর্থাৎ উদর হইতে নাড়ী বাহির করিল। "মারিয়া জে বিন্দুনাথ ঝুলি খোসাইল গো.বি ১৮৩।]

খোশা(সা)মদ, -মোদ বি [ফা খু.শামদ্ ; হি খুশামদ] চাটুবাক্য, অতিস্তুতি, মিথ্যাপ্রশংসা। "ক্ষিপ্ত সেই স্বধর্ম্ম খোয়ায় খোসামদে বি.সু ১৩৬। —মদী, -মুদী বি [ফা 'খু.শামদী'—চাটুকার] চাটুকারের কার্য্য ; চাটুবাক্য, খোসামোদ। তারে দাও দ্বিগুণ সাজা মা, যে তোর খোসামদী করে।—রামপ্রসাদ। —মুদে বি [ফা খু.শামদী] চাটুকার।

খোশাল, -খা(সো)ল বি [খোশ্‌-য্‌-স+আল৮ ; হি খুসা(স্তা)ল ; ফা 'খুশ্‌ হাল্‌'—মূল (?)] আনন্দিত, হৃষ্ট, খুশী। "নাপিত রজকে রাজা করিল খোশাল শ্রী ৪৩ ; ১৭২। দেখিয়া খোসাল পাত্র দিল খাসা ঘোড়া ২১৮। খোসাল হইয়া রণে রক্ত খায় পেতি শ্রী.মা ১৪৮। খোশাল হইয়া পেতি মশাল যোগায় শি ২৪।

খোস১ বি [সং খস] সর্থ 'খস'। "যেমনি-তেমনি খোস। দেখায় তিন পোষ॥—প্রবচন। [খোসো—খোসরোগযুক্ত।]

খোস২ দ্র 'খুশ'১। [°পোশা(সো)ক (ফা খুশ্‌পোশাক্‌—সুসজ্জিত) —সুসজ্জা, উৎকৃষ্ট পরিচ্ছদ। "খোসপোসাকে সজ্জা করি বাহাল তবিয়ৎ। —হেম ৩৭৭। °পোশা(ষা)কি, -কী—১ উৎকৃষ্ট পরিচ্ছদধারী। "(গাড়ী) খোস-পোষাকি বাবুতে পূর্ণ হু ২০৯। খোসপোষাকী হইয়া উহাদিগের চলা উচিত পা.প্র ১৫৭ ; খোসপোষাকী বাবু ১৫৮। ২ খোশ-পোশাকপ্রিয় ; সুসজ্জাপ্রিয়। "প্যালানাথ বাবু···খোস-পোষাকীর হদ্দ হু ৩৯। °বাই, °বায়, °বো (ফা খুশ্‌ বূ)—প্রীতিকর গন্ধ ; সুগন্ধ, সৌরভ। "আতরের খোসবো মা ৩৩২। খোসবোতে এক খোরা পান্তা উড়ে যায় অ.গ্র ১৩৯। °বাইদার (ফা খুশ্‌-বূ্‌দার)—সুগন্ধি, সুরভি। °বাসী (ফা খুশ্‌বাশ্‌)—ইচ্ছানুসারে বাসকারী ; কিয়ৎকালের জন্য বাসিন্দা (a temporary resident)। "খোসবাসী যত আছে আটকাও আনিয়াঃ হর জীউ গর জীউ খোসবাসী যত ব.প ১৪৭৯।]

খোসকবলা, -খবর, -গল্প, -চেহারা, -নাম দ্র 'খুশ'১।

খোস(সো)লা বিং [(?)] মোটা কোষজাত বা লোমজ (?) শীতবস্ত্র-বিশেষ। "পুরাণ খোসলা ক.চ ৬৯ ; দিহ তারে খোসলা ওড়নে ১৬৩, ১৬৪। পুরাণা খোসালা ব.প ৩৪০।

খোসা১ বি [খোস২—মূল ; অপ্র] যাহাতে খোস (প্রীতি) হয়, উৎকোচ, ঘুশ। "পাঞ্চশ টাকার খোসা দিছে পণ্ডিতক পুস্তকে ধরা পাইলঃ খোসা খাএয়া মিছা গনিল রাজার দরবার গো.চ ১৪২।

খোসা২ দ্র 'খোশা'।

খোস্‌ক বি [খোস১—মূল ; খেসকো (কথ্যভাষা) ; অপ্র] 'খোসযুক্ত', ঘৃণার্হ, নগণ্য। "খোস্‌ক যদি রাজা।—হেম ৩৮০।

খোহচাল বি [(?)] "কাচচাল খোহচাল দেখিতে সুন্দর (পাত্র-মিত্রের ঘর) কৃ.উ ২১৩।

খৌণী বি [সং ক্ষৌণী >প্রা খোণি ; বৈষ্ণবসাহিত্যে] পৃথিবী, ভূতল। "খসল কুন্তল, খৌণী বিলুঠই জ প ৪৪।

খ্যা সক [অদা, প—খ্যাতি ; অনিট্‌] ১ কথন। ২ প্রকাশন, জ্ঞান (ত.বা)। —অক ১ খ্যাতি, প্রসিদ্ধি। ২ দীপ্তি (ত.বা)। [আ—আখ্যান, কথন। উপ-আ—উপাখ্যান, পুরাবৃত্তকথন। প্রতি-আ—প্রত্যাখ্যান, নিবারণ। বি-আ—ব্যাখ্যান, বিবরণ। প্র—প্রখ্যান, প্রকৃষ্ট-ভাবে কথন। বি—বিখ্যাতি, বিশেষ কথন। সম্‌—সম্যক্‌ কথন, সংখ্যান, পরিগণন।]

খ্যাঁদা দ্র 'খাঁদা'।

খ্যাত বিণ [√খ্যা+ত (ক্ত)-ক] ১ খ্যাতিযুক্ত, প্রসিদ্ধ, প্রথিত। "°যশস্‌ গো.রা ১.১৯.২৬। খ্যাতো লোকপ্রবাদোঽয়ম্‌ রা ৩.১৬.৩৪। বন্দ্যবংশ খ্যাত ভা.চ ২৫৪। ২ [+ত-র্ম্ম] অভিহিত, উদাহৃত, সংজ্ঞিত। "ঋষ্যশৃঙ্গ ইতি খ্যাতঃ গো.রা ১.৮.৭। ৩ কথিত, বিজ্ঞাত, প্রকাশিত। —ত ক্লী [+ত-ভা] ১ কথন, বর্ণন। ২ প্রশংসা। ৩ প্রসিদ্ধি। ৪ জ্ঞান। "মাঘ ৪.৫৫। ৫ [+তি -ণ] যশঃ, কীর্ত্তি। "°কর, °জনক। মনু ১২.৩৬। সংসার যুড়িয়া···খ্যাতি বা.ম ৩২৫। ৬ নাম। "খুল্লনা হইবে খ্যাতি ক.চ ৩২। ৭ [বাঙলায় ; অপ্র] অখ্যাতি, দুর্নাম। "তোমার মরণে খ্যাতি রহিল আমার কৃ ৩১৮। [খ্যাতিমান্‌ (সং) বিণ—খ্যাতিযুক্ত, যশস্বী। "ক.সা ১৭.৩৪ ; ২০.৭। খ্যাত্যাপন্ন (বিং ; অপ্র)—খ্যাতিপ্রাপ্ত, খ্যাত, যশস্বী। "পুণ্য কর্ম্ম করিয়া···খ্যাত্যাপন্ন হইয়াছেন কৃ.চ ৭৯ ; এক বাদসাহ যথার্থ বিচার জন্য অত্যন্ত খ্যাত্যাপন্ন ছিলেন।—রামমোহন রায়।]

খ্যাপক বিণ [√খ্যা+ই (ণিচ্‌)+অক (ণুল্‌)-ক ; স্ত্রী -পিকা] ১ খ্যাপনকারক, বাদয়িতা। ২ জ্ঞাপক, নিবেদক। ৩ প্রকাশক ; সূচক। "বীজার্থ° সা.দ ৬.৫৯। —পন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ খ্যাতিপ্রাপণ। ২ প্রকাশন, কথন। "মনু ১১.২২৮। অশ্রদ্ধা° পা.প্র ৫৪ ; চিরকৌমারব্রত-ধারণের অসাধ্যতা খ্যাপন করি নাই ১৩৮। ৩ সূচন। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] প্রকাশিত, জ্ঞাপিত। "মৃতেতি খ্যাপিতং যহিঃ ক.সা ১৭.৭০। পঞ্চ ১.৪০।

গ

গ১ তৃতীয় ব্যঞ্জন ও ক-বর্গের তৃতীয় বর্ণ। দ্র 'ক'১।

গ২ বিণ [√গম্‌+অ (ড)-ক ; স্ত্রী গা] ১ গামী, যায়ী। "অধ্ব°, আশু°, উর°, কাম°, খ°, তুর°, পন্ন°, পার°, সর্ব্ব°। হৃদ্গাভিঃ (অদ্ভিঃ) মনু ২.৬২। শীঘ্র° রা (S.W.)। ২ গত, প্রাপ্ত। "(গ্রহৈঃ) অসূর্য্যগৈঃ রঘু ৩.১৩। তরলো হারমধ্যগঃ (অ.কো)। ৩ পতিত। "অন্ধকূপগ ক.সা ৪.১২৮। ৪ প্রাপক। "শ্রোত্রং তু শব্দগম্‌ ভ ৩.২৬.৩২, ঘ্রাণস্তু গন্ধগঃ ৪৪। ৫ গামী, প্রবাহী। "আপগা, নিম্নগা (অ.কো)। স্বচ্ছন্দপথগাং গঙ্গাম্‌ রা ১.৩৫.১৭। ৬ সহবাসার্থ গামী। "গুরুতল্পগ। ৭ গত, আস্থিত। "আদিত্যগং তদাভূন্‌ মে মনঃ গো.রা ৪.১০.২৯। মৎস্যো বিপণিমধ্যগঃ ক সা ৫.১৬। ৮ [√গৈ+অ (ড) -ক] গায়ক, গাতা। "ছন্দো°, সাম°। [সমাসে উত্তরপদ]—পুং ১ গণেশ। ২ গন্ধর্ব্ব।

গ৩ পুং ১ (ছন্দঃশাস্ত্রে) এক গুরুবর্ণের সংজ্ঞা 'গুরুরেকো গ-কারস্তু (ছন্দোমঞ্জরী ১০৯)। ২ (সঙ্গীতে) স্বরসপ্তকে তৃতীয়স্বর গান্ধারের সংক্ষেপাক্ষর। "তেষাং সংজ্ঞাঃ সরিগমপধনীত্যপরা মতাঃ মাঘ ১.১০, মল্লিনাথ। সুর-সুশ্রেণী সা-রি-গ-ম-প-ধ-নি ব.প ১৬২৪।

গ৪ অব্য [অগ৩ >গ (সংক্ষেপে)] সম্বোধনে, ওগো। "দৈবেরে হইতে মাগ নাহি ত প্রধান কৃ.উ ১৮৫। মাগ মএনামতী ম.গা ৭, ৮ ; ১১ ; শুন গ শাশুরী ১৬ ; বৈশ মাগ ১৭ ; আছে গ খাশুরী ১৯। রাউলের ঝি গ গো.বি ৬৮। বড়ায়ি গ শ্রী.কী ১০০।

গ৫ কা.ক্তি [দ্র 'গো৩ ; ক৭ >গ ; অপ্র] ১ কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি। "কোন দেশি বৈষ্টম রাজাগ নিগায় বাউরা করিয়া গো.চ ১৯৯ ; গুরুবাপ মোগ থুইয়া খা বান্দা ২২৮। ২ [ক৭ >গ] ষষ্ঠী বিভক্তি। "আমাগ, তোমাগ (পূর্ব্ববঙ্গে কথ্যভাষা)।

গ৬ 'ক'-স্থানে 'গ'। "(অন্ত্য 'ক') কাগ, -গী, বগ, -গী, কাগী-বগী ; (মধ্য 'ক') যুগতি (যুকতি) ; (অন্ত্যযুক্ত 'ক') আতঙ্গ, করঙ্গ ইত্যাদি। [তু 'সংস্কৃতে—অজকব, অজগব ; কাক, কাগ। পালি—মূগ (মূক), সাগল (শাকল)। প্রাকৃতে—অমুগ (অমুক), আগার (আকার), এগ (এক), তিত্থগর (তীর্থকর), সাবগ (শ্রাবক), লোগ (লোক)।—হে ১.১৭৭ ; ৪.৩৯৬ ; গাহগ (গ্রাহক—প্রা.ম)। হিন্দীতে—সাগ (শাক), সগর (সকল), ভগতি (ভক্তি), ভগত, মুগতি (মুক্তি)।—C. G. Sec. 102। মরাঠীতে—কাগ (কাক)। মৈথিলীতে—শুগর (শূকর), যুগতি, সাগ।]

গইড়মুণ্ড বিং [গোড় >গইড় ; অপ্র] 'পাদগতমুণ্ড', ভূমিষ্ঠ। "গইড়-মুণ্ড হৈয়া রাজাক প্রণাম জানাইল গো.চ ১৫৮।

গইবি; গইরা দ্র 'গৈবি; গহিরা'।

গউড় বি [সং গৌড় > প্রা গউড, দ্র 'ঔ': পদ্যে] গৌড়দেশ। "গউড় নগর : গউড় পাটন ক.চ ১৩১ ; ১৫০ ; ১৫১ ; ২৮১। গউড় গমন শ্রী.মা ১২৫ ; গউড়েশ্বর ১৪০। গউড়বাসী।—হেম ৪৫ ; গউড়-সন্ততিসার ২৫৭।

গউণ, -ন বিং [সং গৌণ > প্রা গউণ, দ্র 'ঔ' ; পদ্যে] ১ অপ্রধান, গুণীভূত। "গউণ সম্ভোগ ভ.গ্র ১০৮। —ণ, -ন বি ব্যাজ, বিলম্ব। "তখনি ভজিবে ভাই গউন না করিবে ভ.গ্র ১১৯ ; এতেক গউন হৈল কেনে ৩৩১। তিলেক গউন নাই শ্রী.মা ১৪৫।

গউর বিং [সং গৌর > প্রা *গউর, তু 'গউরি' (গৌরি—হে ৪.৩২৯) ; দ্র 'ঔ' ; পদ্যে] গৌর, পীত, স্বর্ণবর্ণ। "গউর অঙ্গ।—দু ৯৫। কার্ত্তিকসমান বর গউরবরণ ক.চ ১১৮।

গউরব বি [সং গৌরব > প্রা গউরব, দ্র 'ঔ' ; পদ্যে] গৌরব, শ্রেষ্ঠতা, পূজ্যতা। "হর চাহ গুরু গউরবে গোরী বি.সা ৫০৬।

গএনা, গয়(হ)না বি [সং গহনা (অর্বাচীন), গ্রহণ (?) ; হি গহনা ; ঠ গহ(হি)না ; সি গহণো] অলঙ্কার জেওর। "গএনার নাম গো.চ ৩২ ; গএনার ঝাপা ২৫৫। অপূর্ব্ব গহনা বস্ত্র ভ.গ্র ২৫। অন্যের বউ পরলে গয়না, অন্যের তাতে জ্বলে যে অঙ্গ কা ৮৪ ; ৮৯। কখন কখন মাসকাবারের পূর্ব্বে গয়নাখানা...বাঁধা পড়ে হু ১৬০। [গহনাগাঁটি (ঠ গহনাগাটা ; হি গহনা + গাঁটা—করভূষণবিশেষ ; ড় গহণাগণ্ঠি)—অলঙ্কারসমূহ, গয়নাপত্র, গয়নাপাতি—ছোট বড় সব গহনা ; ভারী ও খুজরা গহনা ; ভূষণসমূহ। "(গহনাপত্র) দু দশটা যাহা পেরেছ সরাতে কা ১৩৭। এই আমার গহনা-পাতি আছে, সব নাও ব.প্র ৪৭৪।

গএ(য়ে)র, গয়ার বি [ধ্বন্যাত্মক, ঘাড়োত (দিনাজপুর)] গাঢ় শ্লেষ্মা (শ্লেষ্মা তুলিয়া ফেলার চেষ্টায় গলায় যে 'গ-গ' শব্দ হয়, তদনুসারে নাম)। "গয়ারে বয়ারদের পয়ার গয়ারের মত, কিন্তু সরল গয়ার নয়, গলা আঁচড়ে তোলা লী ৫১। (বাবাজী) অনবরত কাস্‌চেন ও গয়ার ফেল্‌চেন হু ২১৬।

গঁদ বি [তা গোন্দু—gum ; ঠ গোংদ ; হি গোঁদ ; তু 'সং কুন্দুরু ; Gr. kommi ; L. gummi ; Old F. gomme ; E. gum] ১ বৃক্ষের নির্য্যাস ; জিওল বাবলা প্রভৃতির আটা। ২ [সং গন্ধ ; অপ্র] গন্ধ, সম্বন্ধলেশ, দূরসম্পর্ক, জোড়া-তাড়া-সম্পর্ক। "লগন লাগান সয়া গঁদে সঁদে নই শি ১০০। [গঁদদানী (হি গোংদদানী)—গঁদ ভিজানর পাত্র। গঁদে সঁদে—গন্ধে সন্ধে, দূর সম্পর্কে। গঁদের গঁদ—সম্বন্ধের সম্বন্ধ ; অতিদূর সম্বন্ধ।]

গঁণাখাঁদা বি [গ্রহণ > গরহণ > গর্ণ > °র্ণা ; তু 'গন্না'—(গ্রহণ)— "চাঁদের গন্না লেগেছে (মালদহ)] জন্ম হইতে চেপ্টানাকযুক্ত ; জন্মখাঁদা (ছেলে, মেয়ে)। "বেচারাম বাবু...জন্মাবধি গঁণাখাঁদা আ.দু ১৬। [প্রসিদ্ধি যে, গ্রহণের সময়ে গর্ভবতী কাটাকুটি করিলে, বা মাটিতে আঁক কাটিলে, গর্ভস্থ শিশুর অঙ্গহানি হয়। এই হেতু সন্তান 'গঁণাখাঁদা' ও 'গন্নাকাটা হয়।]

গঁয়রা, গোঁয়ারা বি [ফা গুম্‌রাহ্—পথভ্রষ্ট] মহরম মাসে কারবালা-ক্ষেত্রে পথভ্রষ্ট হুসেন ও তাঁহার অনুচরগণের মৃত্যুর স্মরণার্থ মুসলমান-দিগের উৎসববিশেষ। [সিয়ারা এই উৎসব করেন, সুন্নীরা মহাত্মা হুসেনাদির জন্য কেবল শোকপ্রকাশ করেন।] [গঁয়রা আখির—গঁয়রা উৎসবের শেষ।

গ-কার পুং [গ কার, কর্ম্মধা] 'গ' এই বর্ণ। "গুরুরেকো গকারস্তু (ছন্দোমঞ্জরী)।

গগন ক্লী [√গম্ + অন (যুচ্)-ক, উ ২.৭৭ ; গগনে ফাল্গুনে ফেনে... মূঢ়ো মূর্দ্ধন্যং গত্বমিচ্ছতি (অ.টী)—অতএব পাঠ 'গগণ' অসাধু ; কিন্তু 'খগগণো গগণোপরি রাজতে' এই যমকে ও অন্যত্র শ্লেষে ইহার প্রয়োগ দেখা যায় (অ.টী)। তু প্রা 'গগণ' ; গঅণ, গঅণঙ্গণ (চ)] ১ যাহা ব্যাপ্ত করে ; আকাশ। "°গতি পু.মে ৪৬। °স্পৃশা...স্বরেণ রঘু ৩.৪৩। °বিহারী হি ১.২০। মৃগমদ কুচযুগ গগন মাঝায় শ্রী.কী ১৫৪। (তুমি) শূন্য গগনবিহারী।—গান ১১৬। গগন-লগন প্রাসাদে। —কথা ১। ২ শূন্য (০) এই অঙ্ক। ৩ (জ্যোতিষে) লগ্ন হইতে দশম রাশি। [°কুসুম, °পুষ্প (ক্লী)—সর্থ 'আকাশকুসুম'। °গতি (পুং)—১ 'আকাশগামী', সিদ্ধগন্ধর্ব্বাদি। "পু.মে ৪৬। ২ দেবতা ; গ্রহ ; সূর্য্য। °ধরা (বিং)—আকাশস্পর্শী, অত্যুচ্চ। "তরঙ্গ গগন-ধরা।—ব.প ১৪৯৬। °পন্থ (বি)—গগনপথ, শূন্যমার্গ। "গগনপন্থ হি গুলাল মেলত।—ন.প ৩৪২। °ফুল (বি)—সর্থ 'গগনকুসুম'। "তুলিয়া আনিব গগনফুল ক.চ ২২১। °বিহারী (-রিন্) বিণ—আকাশচর (সূর্য্যাদি)। "হি ১.২০। °মণ্ডল (ক্লী)—গগনের মণ্ডলাকার ; নভোমণ্ডল। "চ.দা ২৩। গগনাগ্র (ক্লী)—অত্যুচ্চ শূন্য-দেশ। গগনাঙ্গনা (স্ত্রী)—'শূন্যচরনারী', অপ্সরা। গগনালম্বিত (বিং) —গগনাস্থিত, শূন্যালম্বী। "°ত মেঘবিম্ব চা তু ২।]

গগনচর বিণ [গগন + √চর্ + অ (ট)-ক ; বিকল্পে 'গগনেচর' (মহা ১.২৭.১৪), অলুক্‌সমাস ; স্ত্রী -রী] শূন্যগামী, আকাশচারী। —র পুং ১ দেব। ২ সূর্য্যাদিগ্রহ। ৩ রাশিচক্র। ৪ অশ্বিনী-প্রভৃতি নক্ষত্র। ৫ পক্ষী। "গগনচরেশ্বর মহা ১.২৮.২১।

গগা অর্ম্ম [গো-গো > গগ, -গা > √গগা] 'ওগো-ওগো' বলিয়া কাতরস্বরে প্রার্থনা করা ; কাতরান। "তিনি 'জল দে জল দে' বলিয়া গগিয়া (অর্থাৎ গগাইয়া) আকাশ ফাটাইয়াছেন—কিন্তু লাভের মেঘও কখন দেখিতে পান নাই আ.দু ১৮৬। [গগাচ্ছে—গগাইতেছে, কাতর প্রার্থনা করিতেছে। গগান, -নি —কাতর প্রার্থনা।]

গঙ্গ বি [সং গঙ্গা ; হি গংগ ; ঠ গংগ—গংগমুখী ; বৈষ্ণবসাহিত্যে] গঙ্গা। "কুন্তল কুসুম মাল করু সঙ্গ। জনু যমুনা মিলু গঙ্গ তরঙ্গ॥ —বি.প ২১৫। পরিহর গঙ্গজ বিন্দ জ্ঞা ২৩৩। [গঙ্গজ (সং গঙ্গাজ)— গঙ্গাগর্ভজাত অষ্টবসু ; '৮' এই সংখ্যা।]

গঙ্গা স্ত্রী [√গম্ + গ (গন্)-ক + স্ত্রী আ (টাপ্), উ ১.১২০ ; সং গদগদ (তু 'গদ্‌গদনদদ্‌গোদাবরীবারয় উ.চ ২.২৯) > প্রা *গগ্‌গঅ > গগ্‌গা > গংগা (?) ; ছান্দস] ১ আর্য্যাবর্ত্তস্থিত পবিত্র নদী-বিশেষ। "গঙ্গাবতরণ রা ১.৪৫-২। আকাশ° রঘু ১.৭৮ ; °প্রপাত ২.২৬। ব্যোম° কু.স ৬.৫। ২ দেবীবিশেষ, গঙ্গাদেবী। "গঙ্গাষ্টক। গঙ্গা নামে সতা ভা.চ ২৫৫। আপনি আপন সম্ভবে, যেমন গঙ্গাপূজা গঙ্গাজলে ব.প ১৫৪৩। [ইনি মেনকার গর্ভজাতা হিমালয়ের জ্যেষ্ঠা কন্যা (রা ১.৩৫.১৪)। ভগীরথ সগরসন্তানগণের উদ্ধারার্থ কঠোর তপস্যা করিয়া ইঁহাকে ভূতলে আনয়ন করেন। মহাভারতে, শান্তনুর পত্নীরূপে ইনি, বশিষ্ঠ কর্ত্তৃক অভিশপ্ত অষ্টবসুর জননী।] ৩ (বহুব) হ্লাদিনী-প্রভৃতি সপ্ত গঙ্গা। "রা ১.৪৩.১২-১৩। ৪ [বাঙলায় ; অপ্র] নদী ; গাঙ। "গঙ্গার জল গো চ ২১ ; ৪২ ; ৪৩। গঙ্গাতে ফেলায় ম.গা ১৪। গঙ্গা-মধ্যে সাগর আমি !—শ্রী.ম ২৯৬। আমি গঙ্গাপথে আইলাম, তেঁহো রাজপথে চৈ.চ ২৫৬। চৈ.ভা ১২২। [গঙ্গাক—গঙ্গায় ; গঙ্গার। "গঙ্গাক নিগিয়া গো.চ ৪২ ; গঙ্গাক নাগিয়া ৪৩। গঙ্গা ! গঙ্গা !—গঙ্গার বা নদীর জলস্পর্শে দেহশুদ্ধ্যর্থ গঙ্গা-নাম-উচ্চারণ। গঙ্গা-নারায়ণ-ব্রহ্ম—মৃত্যুকালে মুমূর্ষুর কর্ণে উচ্চারণার্থ তারকব্রহ্মনাম ; (গৌণার্থে) মৃত্যুসূচক। "কিসে হবে আর সে সব কর্ম্ম, গঙ্গা-নারায়ণ-ব্রহ্ম—আমার ভাগ্যে দৈবে এখন ঘটিল দা ২০৭০। গঙ্গা পাওয়া—মৃত্যুকালে গঙ্গাতীরগত হওয়া ; (গৌণার্থে) মরিয়া যাওয়া। "তোমার ব্রাহ্মণী গঙ্গা পাইলা নিশ্চিত চৈ.ভা ১০৮। গঙ্গামুখো পা করা—শেষ বয়সে উপস্থিত হওয়া ; মরিতে বসা। গঙ্গায়

দেওয়া—গঙ্গাতীরে সংকার করা। "শাক্ত হয় তো গঙ্গায় দিও, বৈরাগীতে নুন-মাটী দা ৪৬। তুই আমায় গঙ্গা দিস্ নে। তুই বাগ্দী হয়েছিস্ ব.প্র ৪৩৩। গঙ্গা-যমুনা—শুভ্র গঙ্গাজল ও কাল যমুনাজলের মিশ্রণতুল্য শ্বেতকৃষ্ণ ; সাদা-কাল। "আপনার কেশগুলি শাদা-কালোয় গঙ্গা-যমুনা হইয়া গিয়াছে ব.প্র ৬৩৮। গঙ্গা-যমুনা-ঘটী বা ঘড়া—(গৌণার্থে) বর্ণদ্বয়যুক্ত, অর্থাৎ অর্দ্ধেক তামার ও অর্দ্ধেক পিতলের ঘটী বা ঘড়া। গঙ্গা-যমুনা-চুড়ী—'সোনা-রূপার চুড়ী'।]

গঙ্গাচিল্লী স্ত্রী [উ.লো] গঙ্গাতীরস্থিত চিল্লীবিশেষ ; গাঙচিল।

গঙ্গাজ পুং [গঙ্গা+ √জন্+অ (ড)-ক ; উ.ত] ১ 'গঙ্গাগর্ভজাত', ভীষ্ম। ২ কার্ত্তিকেয়।

গঙ্গাজল বি ১ গঙ্গার জল (পবিত্রতা ও নির্ম্মলতার উপমায়)। "(নৃপ মহাশয়) পবিত্র নির্ম্মল, যেন গঙ্গাজল ক.চ ২৪৫। ২ গঙ্গাজলের মত সাদা লাড়ুবিশেষ। "গঙ্গাজল লাড়ু শ্রী ৩৩। ক.চ ১২২ ; ১৫১। চৈ.চ ৩১২ ; ৩৪৭। ব.প ১৩০১। ৩ শ্বেতধান্যবিশেষ ও তাহার চাউল। "দুধপানা গঙ্গাজল ভা.চ ৫৪৯। ৪ গঙ্গাজলধবল চামর। "চামর গঙ্গাজল চ.বি ৩৭ ; ১৩৮ ; ২০১। ৫ শ্বেতপট্টবস্ত্রবিশেষ। "শ্বেত পাট বস্ত্র দিল নামে গঙ্গাজল কৃ.উ ১৪৬। ৬ গঙ্গাজলতুল্য নির্ম্মলচিত্ত নারীদ্বয়ের সখীত্বসূচক সম্বন্ধবিশেষ। "গঙ্গাজলে গঙ্গাজল অঙ্গ ধুয়ে আসি। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। যেও না হে গঙ্গাজল! উজ্জ্বল কুলেতে দিয়ে কালি দা ১৫৮২। কে ও গঙ্গাজল! এ কি ভাগ্য! —ব.দ্বি ৩৫ ; ৪১। পা.প্র ৪৯। ৭ শাদা শাড়ীবিশেষ। "গঙ্গাজল সাড়ী বি.পা ৮৭। ৮ শাদা শীতলপাটী। "তাহাতে বিছাইলা পুনি গঙ্গাজল পাটী ম.গা ২৪। ৯ অসির নাম (?)। "দুহাতে বলয়া দিব্য দক্ষিণে গঙ্গাজল শ্রী.মা ১১৯। ১০ প্রতাপাদিত্যের পিতৃব্য বসন্তরায়ের অসি। [গঙ্গাজল পাতান—'গঙ্গাজল'-সম্বন্ধ করা। গঙ্গাজল স্পর্শ (পরশ) করা—১ দেহশুদ্ধির জন্য গায়ে গঙ্গাজল ছিটান। ২ শপথার্থ গঙ্গাজলে হাত দেওয়া। গঙ্গাজলে ফেলা—সৎপাত্রে দান করা।]

গঙ্গাজলী বি [°ল+ঈ[৭]] ১ 'গঙ্গাজলসম্বন্ধী, অর্থাৎ শুভ্র ; শাদা শাড়ীবিশেষ। "পরে গঙ্গাজলী সাড়ী ব.প ২১০। বা.ম ৩৩৭। ২ শ্বেত চামর। "গঙ্গাজলী চামর কৃ ৭৭। ৩ গঙ্গাজলস্পর্শপূর্ব্বক শপথ। ৪ মুমূর্ষুর গঙ্গাজলে বা নদীর জলে অন্তর্জ্জলী। ৫ [হি গংগাজলী] গঙ্গাজল লইয়া যাওয়ার ধাতুর বা কাচের পাত্রবিশেষ। [গঙ্গাজলী, -জলে জালা—গঙ্গাজল ভরিয়া রাখার বড় জালা।]

গঙ্গাদ্বার ক্লী [ষ.ত] গঙ্গার ভূমিতে অবতরণস্থান ; হরিদ্বার।

গঙ্গাধর পুং [ষ.ত] ১ 'গঙ্গার ধারক শিব। [ভগীরথের তপস্যায় তুষ্ট শিব, আকাশ হইতে অবতরণসময়ে গঙ্গাদেবীকে মস্তকে ধারণ করিয়াছিলেন (রা ১.৪৩.৩)।] ২ 'নদীসমূহের ধারক' ; সমুদ্র। ৩ জীর্ণাতিসার-নাশক চূর্ণবিশেষ। "গঙ্গাধরাখ্যং মহচ্চূর্ণম্ (ত.বা)। [গঙ্গাধর-চূর্ণ (শ্লিষ্ট শব্দ)—১ দ্র 'গঙ্গাধর (৩)। ২ শিবের দর্পচূর্ণ। "গঙ্গাধর চূর্ণ আমারি আলয় দা ৩৬৪।

গঙ্গাপথ বি [গঙ্গা পন্থা, কর্ম্মধা, সমাসান্ত 'অ'] নদীপথ, জলপথ। "আমি গঙ্গাপথে আইলাম, তেঁহো রাজপথে চৈ.চ ২৫৬।

গঙ্গাপুত্র পুং [ষ.ত] ১ 'গঙ্গার সুত' ; ভীষ্ম। ২ কার্ত্তিকেয়। ৩ শবদাহকারী সঙ্কীর্ণজাতিবিশেষ ; মুদ্দাফরাশ। [ইহাদের পিতা লেট, জননী তীবরকন্যা (ব্রহ্মবৈবর্ত্তপুরাণ)।] ৪ (বাঙ্লায়) গঙ্গাদিনদীতীরবাসী ও ঘাটে দানগ্রাহী ব্রাহ্মণবিশেষ। "গঙ্গাপুত্র পাণ্ডা পূজারী…বাপ পিতামহের নামধাম জিজ্ঞাসা ক'রে যজমান সংগ্রহ কচ্ছে হু ২৪২।

গঙ্গাপ্রাপ্তি, -লাভ বি জীবনান্তে গঙ্গাতীরে মৃতের সংকার ও গঙ্গায় অস্থিদান ; (গৌণার্থে) মৃত্যু। "অনুপমের গঙ্গাপ্রাপ্তি হৈল চৈ.চ ২৫৩। গঙ্গার এখন গঙ্গালাভ গণ্য দা ১৭। আমার প্রাচীন শরীর…এক্ষণে গঙ্গালাভ হইলেই হয়।—ব.প্র ১২৭। নী ৪৫। [সজ্ঞানে গঙ্গালাভ—মুমূর্ষুর জ্ঞান থাকিতে থাকিতে গঙ্গায় অন্তর্জ্জলী ও মৃত্যু।]

গঙ্গাফড়িং, -ফড়িঙ বি একজাতীয় শাদা ফড়িঙ (grasshopper)। "গঙ্গাফড়িং লাফিয়ে চলে কু.কে ৩৫।

গঙ্গাফল বি কচ্ছপের ডিম [গাঙের তীরে মাটির মধ্যে এই ডিম পাওয়া যায় বলিয়া, ইহার নাম 'গঙ্গাফল'।] "বড়া কিছু, সিদ্ধ কিছু, কাছিমের ডিম। গঙ্গাফল তার নাম…॥—ভা.চ ৫৪৮।

গঙ্গাবতরণ ক্লী [ষ.ত] ব্রহ্মলোক বা আকাশ হইতে গঙ্গার পৃথিবীতে পতন। "রা ২.৪২.৬ ; ১২।

গঙ্গাবতার পুং [বহুব্রী] ১ যে স্থানে গঙ্গার ব্রহ্মলোক হইতে ভূমিতে অবতরণ ; গঙ্গার ভূপতন-স্থান ; গঙ্গাদ্বার-তীর্থ, হরিদ্বার। "দৃষ্টগঙ্গাবতার (কাদম্বরী)। ২ সর্থ 'গঙ্গাবতরণ'।

গঙ্গাবাস বি [স.ত] বৃদ্ধের মরণকালে গঙ্গাতীরে বাস। "সময় উচিত বলি কর গঙ্গাবাস শ্রী ১০২। ন.প ১৭৯। —বাসী বি মৃত্যুর পূর্ব্বে সজ্ঞানে গঙ্গাতীরে আনীত মুমূর্ষু ব্যক্তি।

গঙ্গামাটি বি গঙ্গামাটির তিলক। "অঙ্গে °মাটি কৃ.উ ২১৮।

গঙ্গাম্বু ক্লী [ষ.ত] ১ গঙ্গাজল। "°পাত ভট্টি ১.৮। ২ আশ্বিনে নির্ম্মল বৃষ্টিজল (A.)।

গঙ্গা-যমুনা দ্র 'গঙ্গা'।

গঙ্গাযাত্রা স্ত্রী [স.ত] ১ গঙ্গাস্নানার্থ যাত্রা (A.)। ২ মুমূর্ষুর গঙ্গাতীরে প্রাণত্যাগার্থ যাত্রা। "গঙ্গাযাত্রা করান। —যাত্রী বি [°ত্রা+ঈ[৭]] গঙ্গাতীরে স্নানার্থ যাত্রী।

গঙ্গারাম বি শুক শারিকা প্রভৃতির আদরের নাম। "কৃষ্ণ কৃষ্ণ রাম রাম। পড় বাবা গঙ্গারাম॥—পাখী পড়ানর শ্লোক।

গঙ্গাসাগর পুং [উ.লো] গঙ্গার সাগরে সঙ্গমস্থান ; গঙ্গা ও সাগরের সঙ্গমস্থলরূপ তীর্থবিশেষ। "ল'য়ে যাবে গঙ্গাসাগর, সুখসাগর দেখাবে। —গোপাল উড়ে। [°সঙ্গম (পুং)—সর্থ 'গঙ্গাসাগর'। "গ ১৮৮। শ্রী ২০৯। ভাচ ৩৪৯। হরিদ্বার আর গঙ্গাসাগর—কোন দুই স্থানের অতিদূরবর্ত্তিতা।]

গঙ্গোত্রী, -ত্রী বি [গঙ্গা+উত্রী, -ত্রী (উত্তরী > উত্রী, -ত্রী) ; হি গংগোত্তরী (গংগা+উত্তরী—তু 'সং অব+ √তৃ > প্রা— √উত্তর (প্রা.ম)] গাড়োয়ালে হিমালয়ের যে স্থানে গঙ্গা অবতীর্ণ (ভূমিতে পতিত) হইতেছেন ; গঙ্গার ভূপতনস্থান তীর্থবিশেষ। "গঙ্গোত্রী।—হেম ১৪৭।

গঙ্গোদ্ভেদ পুং [বহুব্রী] গঙ্গার প্রকাশস্থান ; তীর্থবিশেষ। "মহা ৩.৮৪.৬৫।

গচ, -ছ[২], -ত[১] বি [সং গাত্র > প্রা গত্ত > বা গত, -চ, -ছ (?) ; ঠ গচ্চ —imperviously fastening] কাপড়ের জমির ঘনত্ব বা ঘন বুননি। "কাপড়টা গচে বা গতে আছে ভাল। —ত বি স্ত্রীলোকের চুলের গোছ (a lock of hair)। "চুল খাট, কিন্তু গতে আছে। [গছের শাটী —ঘন-বোনা বা মোটা শাড়ী। "আর গছে না গছের শাটী দা ২০৯৪। গতে গতে থাকা (অস গতে গতে)—গায় গায় (পর পর) সজ্জিত থাকা।]

গচ(জ)গিরি, -রী বি [হি গচগীরী ; ঠ গচগিরী] ১ চুন ও সুরকির পাকা কাজ ; পাকা মেজে। "গচগিরী কী ভীত (কবীর—হিন্দী-শব্দসাগর)। ২ [L, Gr. Gaza—riches] ধনাদিরক্ষার জন্য চুন-সুরকির পাকা আধার ; পাকা আধারমাত্র। "পুকুর খুদিয়া মধ্যে স্থাপে গজগিরি বি.পা ১৬৩। গজমতিতে গজগিরি স্বর্ণের কপাট দা ৭৪৫। এক লক্ষ গ্রন্থ শ্রীশ্রী৺পদ্মাসনে গচগিরি গাড়া ছিল ব.প ১৬৪১। [টাকার গজগিরি—১ টাকার পাকা আধার। ২ (গৌণার্থে) মহাধনী। "লোকটা টাকার গজগিরি।]

গচি, -ছি বি [?] পাঁকাল-জাতীয় পাঁকের ক্ষুদ্র মৎস্যবিশেষ। "গচি মচ্ছ হয়্যা কাদতে মিসাইল ব.প ৩৭। গো.চ ৭৩ ; গছি মাছ ৩৮।

গচ্চা বি [?] বৃথা ব্যয় ; অকারণ দণ্ড। "গচ্চা দেওয়া, লাগা।

গচ্ছ সং.ক্রি [গম্+লোট্-হি (অনুজ্ঞা, মধ্যমপুরুষ, -১ব] যাও, যাউন। "গচ্ছ গচ্ছ নিজ ধাম ক.চ ৩১৩। গচ্ছ গচ্ছ এথা হোন্তে ম.পা ৭ ; প্রিয়া গচ্ছ নিজালয় ৮৮। গচ্ছহ…জনকের ঠাঁই ১২৭।

গচ্ছিত বিং [√গছা—মূল (?)] যাহা গছান হইয়াছে ; ন্যস্ত, ন্যাসভূত, রক্ষিত (deposited)। "গচ্ছিত টাকা, দ্রব্য।

গছ[১] অর্ম্ম [সং √গম্ >প্রা √গচ্ছ >বা √গছ ; হি √গছ] ১ যাওয়া, আসক্ত বা অনুরক্ত হওয়া। "কৃষ্ণে নাহি গছে মন শুনিলে না রিঝে ভ.গ্র ২৭০ ; ৫৭২। ২ সঙ্গত বোধ হওয়া ; লাগা, খাটা। "যতেক কহিল গোসাঞি গছিল অন্তরে ভ.গ্র ২১৮ ; ২২৬। ৩ পছন্দ-সই হওয়া ; মনঃপূত হওয়া ; ভাল লাগা। "আরমানি হয়েছে ঝুঁটি, আর গছে না গছের শাটী দা ২০৯৪। —ছ সর্ম্ম [হি √গছ] আপন জিম্মায় লওয়া। —ছা[৩] সর্ম্ম [°ছ+আ[৮] ; অস— √গছা] ১ যাওয়ান, অর্থাৎ পাওয়ান ; গ্রহণ-করান ; লওয়ান। "তথাচ যতন করি প্রভু গছাইলা ভ.গ্র ২৫১। ২ পাওয়ান, অর্থাৎ দেওয়া। "শ্লোক রাখি কৌটা ঢাকি হীরারে গছায় ভা.চ ২৯৭। ৩ সংঘটিত করা ; ঘটান। "সম্বন্ধ গছায়ে দিল সেই আঁটকুড়া ম.ভা ২৬। ৪ গচ্ছিত করা ; ন্যাস করা ; জিম্মায় রাখা ; জিম্মা করা। "সাধু বান্ধে পিছুমোড়া, কোটালে গছায় নৃপবর ক.চ ২৪৯। তার ঠাঁই গছাইয়া থুইল বি.পা ১৫৮। ধনা রাক্ষসীর ক'র গছাইয়া দিল বা ম ১৩৯ ; গছাইয়া দিব তারে জামাতার স্থানে ১৯৬। ৫ স্থাপন করা ; রাখা। "তার ঠাঁই গছাইব মোর সঙ্গে আয় বা.ম ২৩৮ ; পৃথিবী কূর্ম্মের ঠাঁই গছাইয়া দিল ৩০৪। [গছান—১ সর্থ 'গছা'। ২ ন্যাসীকৃত, গচ্ছিত। ধন-গছান-ব্রত—পর জন্মে ধনপ্রাপ্তির আশায় ব্রাহ্মণকে ধনদানরূপ স্ত্রীলোকের ব্রতবিশেষ।]

গছ[২] দ্র 'গচ'।

গছা[১] বি [গছা (ত্রিপুরা)—কণ্টকমাত্র ; তু গোঁজা] কাঁটা। "হাটিতে বহুল গছা ফুটিয়াছে পাএ ম.গা ২৭।

গছা[২] বি [গোছা >°ছা ; অপ্র] গুচ্ছ, গোছ। "সাবণ মাসেতে ধান হইলেন গছা শূ ১১০।

গছা[৩] দ্র গছ[১]।

গজ[১] পুং [√গজ্ মদ+অ (অচ্)-ক ; তু 'গর্জ্জ' (হস্তিশব্দ) >প্রা গজ্জ ; স্ত্রী -জী] ১ যে মত্ত হয় ; হস্তী। "°পুঙ্গব, °বৃংহিত। গ্রাম্য°, বন° মহা ৩.৬৫.৮। অগজো গজো কি ১.৩৬। ২ (দিগ্‌গজের) সংখ্যানুসারে '৮' এই সংখ্যা। ৩ বাস্তুস্থানভেদ, অর্থাৎ গৃহনির্ম্মাণার্থ গজপৃষ্ঠাকৃতি উচ্চ স্থান। ৪ [তু 'ফা গজ্.] পরিমাণবিশেষ, দুই হাত। ৫ (বৈদ্যকে) ঔষধপাকার্থ হস্তপ্রমাণ গর্ত্ত বা পুট। ৬ মহিষাসুরের পুত্র (কাশীখণ্ড)। ৭ অষ্ট দিগ্‌গজের একতম (Wilson)। [°ঘণ্টা (বি)—গজের গলদেশে লম্বিত ঘণ্টা। "চ.বি ২৬২। °চক্ষু (বি)—হস্তিচক্ষুর ন্যায় মানুষের দেহের অনুপাতে ক্ষুদ্র (বে-মানান) চক্ষু। °দাঁত—সর্থ 'গজদন্ত'। গজ-কচ্ছপের যুদ্ধ—মহাভারতের গজকচ্ছপের যুদ্ধের ন্যায় তুল্যবল পক্ষদ্বয়ের বিরোধ। গ'জো—যাহার গজচক্ষু।]

গজ[২] '-জ্' বি [ফা গজ্.] ১ হস্তদ্বয় পরিমাণ (৩৬ ইঞ্চি)। "দশ গজ গম্ভীর গো.চ ৩৬০ ; ৩৬৬। দীর্ঘে ডিঙ্গা শত গজ ক.চ ২২২। ২ হস্তদ্বয়-পরিমাণ মানদণ্ড (মাপকাঠি)। ৩ (সাদৃশ্যে) বন্দুকে বারুদ গাদার লৌহশলাকা (ram-rod)। ৪ হুঁকার নলিচা পরিষ্কার করার লৌহাদির শলাকা ; ছিক্‌কা। ৫ তালের আঠির অঙ্কুর ; স্থূল অঙ্কুরমাত্র। ৬ [E. Gauze] একপ্রকার পাতলা কাপড় ; গজকাপড়। "তসর গরদ গজে ঢালতে কত রঙ।—হেম ৩৭৮। [ইলাহী গজ—আকবরের প্রবর্ত্তিত ৪১ ইঞ্চির গজ। সেকেন্দরী গজ—সেকেন্দরের (Alexander) প্রবর্ত্তিত গজ। গজা[৩], গজী[৩]—গজ-পরিমিত। যেমন, পাঁচ-গজা বা পাঁচগজী ধুতি।]

গজকা বি [হি গজগাহ] ১ হস্তীর বা অশ্বের সজ্জার্থ ঝালর। "গজকা বান্ধা শিরে শ্রী ১২৫। ২ গজকাতুল্য সাজ। "মনোহর গজকা মাথায় মুড়া ঝাঁটা শি ৭৬।

গজকেতু বি [অপ্র] যাঁহার গজ কেতু ; ইন্দ্র। "শি ২০।

গজগজ 'জ্-জ' বি [সং √গর্জ্ >প্রা √গজ্জ >বা √গজ (দ্বিত্ব) ; ধ্বন্যাত্মক] ১ অসন্তোষ হেতু অস্ফুটভাবে গর্জ্জন, বা ভৎর্সনা ; গজর্-গজর্। ২ চাপে ভরা-পেটের শব্দ। [গজ-গজান, -নি—গজগজ করা। "আমি পেতে বসেছিলুম, তাই দোর খুলিতে দেরি। এই সমস্ত রাত গজগজানি গি.দ্বি ১০৫। পেটে বিদ্যে গজগজ কচ্ছে (কাকু)—অর্থাৎ, বিদ্যার একান্ত অভাব। গজে (অপ্র)—গজগজ করে ; শব্দ করে। "পেটের ভিতরে গজে দাশুরায়ী ছড়া।—হেম ৩৯০।]

গজগড়ি বি [গজগতি >°ড়ি, ত >দ >ড ; অপ্র] গজগমন, মন্থর-হস্তিগতি। "(রাধা) জাএ গজগড়ি ছান্দে শ্রী.কী ২৪০। —গড়ি ক্রি.বিং ['গড়গড়ি'—পাঠ কি ? ; অপ্র] দ্রুত, তাড়াতাড়ি। "(নৌকা) বালুচড়ে ঠেকে গুরু বাহ গজগড়ি মী ২০।

গজগতি বিণ [উ.বহুব্রী ; স্ত্রী -তি] গজগতির ন্যায় যাহার গতি ; ললিতমন্থরগতি। "(দেবী) উতরিলা গজগতি মে ৬২। —তি স্ত্রী [উ.লো] ১ গজগতিতুল্য গতি ; ললিতমন্থর গতি। ২ গজগামিনী-নারী। ৩ অষ্টাক্ষরপাদ ছন্দোবিশেষ। যথা, 'বরিব না ইহ নরে। কহি নহি ধ্বনি করে ॥—বা.দ ১৪৩।

গজগামিনী স্ত্রী [গজ+ √গম্+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; উ.ত] যে নারী গজবৎ গমন করে ; ললিতমন্থরগামিনী নারী। "তুঁহু গজগামিনী গো ৬৯।

গজগিরি ; গজঘণ্টা দ্র 'গচগিরি ; গজ[১]।

গজঘোট বি [?] বস্ত্রবিশেষ (?)। "গজঘোট, একখানি নাহিক ভাণ্ডারে ক.চ ৮৭ ; ১৮৮।

গজঠাটে ক্রি.বিং হস্তীর ন্যায় গম্ভীরভাবে। "বীর গরজায় গজঠাটে ক.চ ৫২।

গজদন্ত পুং [ষ.ত] ১ হস্তিদন্ত। "°শঙ্খ ব.প ৯০৯। ২ (সাদৃশ্যে) দ্রব্যস্থাপনার্থ ভিত্তিলগ্ন গজদন্ততুল্য দণ্ডদ্বয় বা দণ্ড ; নাগদন্ত, দাঁতনে। ৩ দন্তোপরি জাত দন্ত ; অধিদন্ত ; গজদাঁত। ৪ [উ.বহুব্রী] যাহার দন্ত গজতুল্য ; গণেশ।

গজদাঁত দ্র 'গজ[১]'।

গজদান ক্লী [ষ.ত] ১ হস্তিপ্রদান। ২ হস্তীর গণ্ডাদি হইতে ক্ষরিত মদবারি। "রঘু ৪.৪৫।

গজনবী বি [ফা গ.জ্.নবী] গজনী-বাসী ; মুসলমানের উপাধি।

গজনাসা স্ত্রী [ষ.ত] গজের নাসিকা ; হস্তিশুণ্ড। "ধর্ম্মস্তু গজনাসোরু সদ্বিরাচরিতঃ পুরা রা ২.৩০.৩০।

গজনিধি বি [গজ নিধিতুল্য, উপ.স] শ্রেষ্ঠগজ, গজরাজ। "ঐরাবত গজনিধি ব.প ৬৬৪।

গজ(জে)ন্দর বিং [গজেন্দ্র >গজেন্দর >°র] গজরাজের উদরতুল্য ; স্থূল (পেট)। [পেট গজন্দর—স্থূলোদর। "পা'সরু সরু, হাত নালুয়া। পেট গজন্দর, পোঁদ ফেরুয়া।—ম্যালেরিয়া-লক্ষণ।]

গজপতি পুং [ষ.ত] ১ গজশ্রেষ্ঠ, মহাদ্বিপ, গজরাজ। "মাঘ ৬.৫৫। শ্রী.মা ৭৮। °গতি।—মে ৮১। ২ গজস্বামী, গজাধিপতি। ৪ (বাঙ্গলায়) উড়িষ্যার রাজার উপাধি। "হেন বুঝি গজপতি আইলা নীলাচলে ব.প ১২৬৫।

গজপিপ্‌পলী স্ত্রী ১ পিপ্পলীবিশেষ ; হেতেপিঁপুল (Scindapsus officinalis)। ২ চবিকাফল, চইএর ফল (ভাবপ্রকাশ)।

গজপুঙ্গব পুং [গজ পুঙ্গবতুল্য, উপ.স] গজশ্রেষ্ঠ, মহাগজ।

গজপুর ক্লী [ষ.ত] গজের (হস্তিনায়ক রাজার) পুর ; হস্তিনাপুর। "মহা ১৩.১৬৭.৬।

গজব বি [ফা গ.জ.ব্‌] বিপত্তি, আপদ্‌ ; অন্যায় (হিন্দীশব্দসাগর)। "গজব করিলে তুমি আজব কথায় ভা.চ ৪৭৮।

গজবক্ত্র, -বদন, -মুখ পুং [উ.লো] গজমুখের ন্যায় যাহার মুখ ; গজানন, গণেশ। "°মুখ।—কৃ ৩৪। [গজমুখী ঘর—গজমুখাকৃতি (?) ঘর। "গজমুখী ঘর সে ছাউনি সব নাড়া। হনুমান্‌ বলে এই চণ্ডালের পাড়া॥—কৃ ৩৭৬।]

গজবন্ধ পুং [ষ.ত] আকর (গজস্থান) হইতে গজগ্রহণ। "রঘু ১৬.২।

গজবন্ধনী স্ত্রী [ষ.ত] ১ হস্তীর বন্ধনস্থান ; হস্তিশালা, পিলখর। ২ আলান, হস্তিবন্ধনস্তম্ভ (Wilson)।

গজবাহ বি [তু 'অশ্ববাহ'] গজারোহী সৈন্য ; নিষাদী। "দু ৪।

গজভুক্ত বিণ [তৃ.ত] হস্তিভক্ষিত। "আজগাম যদা লক্ষ্মীনারিকেল-ফলাম্বুবৎ। নির্জগাম যদা সা চ গজভুক্তকপিত্থবৎ॥

গজমণ্ডন ক্লী [ষ.ত] হস্তীর সজ্জা বা সাজ ; হস্তীর মস্তকে রঙ্গ দ্বারা রচিত রেখাবলী।

গজমতি, -মুতি, -মোতি বি [সং মৌক্তিক >প্রা মোত্তিঅ, মুত্তি (প্রা.ম) >বা মোতি, মুতি, মতি ; হি গজমোতী ; °মুতী (স্ত্রী.কী)] গজমুক্তা। "পরিল গজমতি গো.চ ৪৫৫ ; °মতিহার ৪৮৮। গীম গজ-মোতিহারা বি.প ৬ ; ১২৮ ; গজমতি হার ১৮৬। গজমুতি হার ম.পা ৭১ ; ১৬০। হার গজমতি বা.ম ৭০। গজমতিহার শ্রী.ম ১৪ ; ৯৩। শ্রী.মা ১৪৫। গজমতিতে গজগিরি দা ৭৪৫। গজমোতির মালাটি।—শিশু ৫৩।

গজমনি বি [হি °ণি, -নি ; অপ্র] গজমুক্তা। "শ্রী.মা ২১৮।

গজমাতা বি [অপ্র] হস্তীর মাতা ; হস্তিনী। "কৃ.উ ১৭১।

গজমুক্তা স্ত্রী, **-মৌক্তিক** ক্লী [উ.লো] হস্তিকুম্ভজাত মুক্তাবিশেষ। "গজমৌক্তিকাবলী কি ১২.৪০। গজমুকুতার ঝারা কৃ ৭৭। গজমুক্তাকার অশ্রু।—রঙ্গ ৬। [গজকুম্ভে মুক্তার উৎপত্তিবিষয়ে প্রসিদ্ধি আছে। মেঘ মৎস্য সর্প বংশ প্রভৃতিও এই মুক্তাযোনিরূপে উল্লিখিত হইয়াছে (দ্র 'কু.স ১.৬ ; কি ১২.৪০, মল্লিনাথ। ভট্টি ১২.১১)]

গজযূথ ক্লী [ষ.ত] গজবৃন্দ, করিকুল। "রঘু ৯.৭১।

গজরগজর বি [সং √গর্জ্‌ >বা √গরজ (স্বরাগমে) > √গজর ; দ্বিত্ব ; ধ্বন্যাত্মক ; তু 'হি গজর'] সর্থ 'গজগজ'।

গজরা১ বি [হি গজরা] স্ত্রীলোকের প্রকোষ্ঠের (কবজির) আভরণ-বিশেষ। "কাকণি গজরা মর্দ্দানা তেথরি দা ১৬৩৩।

গজরা২ অর্ম্ম [√গরজা > √গজরা] গর্জ্জন করা ; ক্রোধে গোঁ-গোঁ করা। "শ্বাশুড়ী মাগী···বিয়স্ত বাগিনীর মত গজরাতে লাগলো ন.ত ২। [গজরান, -নি—সর্থ 'গজরা২'।]

গজরাজ পুং [গজের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্‌)] ১ গজশ্রেষ্ঠ, মহাগজ। "গতি জিনি গজরাজ ক.চ ৪৭ ; ২৪১। ২ কৃষ্ণভক্ত গজেন্দ্র। "যাঁহার উজ্জ্বলচক্র, কাটিয়া মস্তক নক্র, নিস্তার করিল গজরাজ ম ৩৫৫। দ্র 'গজেন্দ্রমোক্ষণ' ভ ৮.৩।

গজল বি [ফা গ.জ.ল্‌ ; তু 'গজলীল'—তালবিশেষ] ১ প্রণয়বিষয়ক বা শৃঙ্গাররসাত্মক কবিতা ; প্রেমসঙ্গীত। [টপ্‌পার রাগিণীতে এবং কেবল পোস্তা তালেই গজল গীত হইয়া থাকে। হিন্দুস্থানে ইহা পারস্য ও উর্দ্দু ভাষায় রচিত হয় ; ঐ গীত ভারতীয় ভাষায় রচিত হইলে, তাহার গজল সংজ্ঞা হয় না, তাহাকে টপ্‌পাই বলা যায় (গী.সা)।] ২ [হি গজর ; দ্র 'গজরগজর'] পেটা ঘড়িতে চারটা আটটা ও বারটা বাজানর পরে পুনর্ব্বার ৪,৮,১২ বার দ্রুত ঘণ্টার শব্দ। "গজল দেওয়া।

গজশাল বি গজের শালা ; গজগৃহ, বারী, পিল্‌খানা। "গজশালে গজ মরে ক.চ ১৮৮।

গজশিক্ষা স্ত্রী [ষ.ত] হস্তিসম্বন্ধিনী শিক্ষা ; হস্তিবিদ্যা, হস্তিচালনাভ্যাস। "মহা ১.১০৯.১৯।

গজস্কন্ধ বিণ [উ.বহুব্রী ; স্ত্রী -ন্ধা] গজস্কন্ধতুল্য সংশ্লিষ্ট স্কন্ধ যাহার ; সংশ্লিষ্টস্কন্ধ, মহাপুরুষলক্ষণযুক্ত। "সিংহগ্রীব গজস্কন্ধ ম ৪৩৭। —স্কন্ধ বি গজস্কন্ধতুল্য স্কন্ধ ; সংশ্লিষ্ট স্কন্ধ। "শ্রী.ম ১৪।

গজস্নান ক্লী [ষ.ত] হস্তীর স্নান ; গজমজ্জন। (গৌণার্থে) ব্যর্থ কার্য্য ; বিফল আরম্ভ। [হস্তী, স্নানের পরে গায়ে কাদা ধুলা ছাই মাখে ; সুতরাং স্নান বিফল। এইরূপ 'হস্তিস্নান' একার্থক।]

গজহস্তী বি [°জ+°স্তী] মহাহস্তী। "গজহস্তীর দন্ত ম.ম ১৩০।

গজা১ বি [হি গোঝা ; তু 'ফা গ ক্ক্‌—তিল ও শর্করায় প্রস্তুত মিষ্টান্ন ; গুজা (রা.শে ২২)] ঘিয়ে ভাজা চিনির রসে ফেলা ময়দার পিষ্টক-বিশেষ। "খাজা গজা কৃ ৩৭৬। [জিবা গজা—জিহ্বাকৃতি গজা।

গজা২ অর্ম্ম [গজ২+আ৯ ; অস √গজ্‌ (গছ—বৃক্ষ)] গজের মত অঙ্কুরযুক্ত হওয়া ; অঙ্কুরিত হওয়া ; কচান। "স্তম্ভ সকল ভাঙ্গিয়া গিয়াছে—তলদেশে ঘাস গজাইতেছে ব.প্র ৪৬৪।

গজা৩ দ্র 'গজ২'।

গজাজিন ক্লী [গজের অজিন, ষ.ত] হস্তিচর্ম্ম। "কু স ৫.৬৭।

গজানন, গজাস্য পুং [উ.বহুব্রী] যাহার গজাননতুল্য আনন ; গজবদন, গণেশ। "ভা.চ ১০৫। [শনির দৃষ্টিতে গণেশের শিরশ্ছেদ হইলে, বিষ্ণু হস্তীর মস্তক গণেশের স্কন্ধে যোজিত করেন। তদবধি গণেশ 'গজানন' নামে খ্যাত (দ্র 'ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, ষষ্ঠ অধ্যায়। কৃ ৩৪)।]

গজারি পুং [গজের অরি, ষ.ত] ১ 'হস্তিশত্রু', সিংহ। "গজারিবাহিনি গৌরি শ্রী.মা ১৫ ; গর্জ্জে যেন গজারি ১৪৬ ; °গর্জ্জনে ১৬৭। ২ গজা-সুরের শত্রু ; শিব। দ্র 'কৃত্তিবাসাঃ'।

গজারোহ পুং [গজ+আ- √রুহ্‌ +অ (অণ্‌)-ক ; উ.ত] হস্তিপাল, হস্তিপক, মাহুত।

গজাল বি ['গজ বা 'গোঁজ'—মূল (?) ; তু ''গোজাল'] ১ মাথাচওড়া লোহার বড় কাঁটা। "গজালে গাঁথিল পাটী ক.চ ২২২। ২ বাঁশের বা কাঠের সূক্ষ্মাগ্র দীর্ঘ গোঁজ বা খোঁটা। "গজালের খিল হানে বা.ম ৩২৯। বাঁশের গজাল ম.ভা ৪৭। [তু 'গোজাল'—"আগে পিছু লাঙ্গলেত এ তিন গোজাল শূ ১০৯।] ৩ [সং গর্জ্জক] শকুলসদৃশ মৎস্যবিশেষ ; গজাড় (গজাল) মাছ।

গজাশন পুং [গজের অশন, ষ.ত] হস্তীর খাদ্য ; অশ্বত্থবৃক্ষ। —না স্ত্রী ১ ভঙ্গা, ভাঙ্‌। ২ শল্লকী বৃক্ষ। ৩ পদ্মমূল।

গজাসুর পুং [উ.লো] গজাকৃতি অসুরবিশেষ। [মহেশ নামে নরপতি দেবর্ষি নারদের শাপে গজযোনিতে নরাকৃতি গজমুখ অসুররূপে জন্মগ্রহণ করেন এবং মহাদেব কর্ত্তৃক নিহত হন (স্কন্দপুরাণ, গণেশখণ্ড, ১০ম অধ্যায়। দ্র 'কৃত্তিবাসাঃ')।]

গজী১ বি [তু 'রথী' ; অপ্র] গজারোহী যোদ্ধা ; নিষাদী। "গজী গজী···যুঝে শি ৫১।

গজী২ বি [ফা গ.জী.] সুতার মোটা কাপড়বিশেষ।

গজী৩ দ্র 'গজ২'।

গজেন্দ্র পুং [গজ ইন্দ্রতুল্য, উ.স] ১ শ্রেষ্ঠগজ, গজরাজ, গজযূথপতি। "°মন্দগমনে শূ ৭। °মোক্ষণ ভ ৮.৩। °গমন বি.সু ১৫৭। ২ ঐরাবত।

গজেন্দ্রমোক্ষণ ক্লী [ষ.ত] গজেন্দ্রের (গ্রাহের গ্রাস হইতে বিষ্ণু কর্ত্তৃক) উদ্ধার (দ্র 'ভ ৮.২য়, ৩য় অধ্যায়)। "ম ১১০৬। °তীর্থে চৈ.চ ১২৮।

গজেশ বি [গজের ঈশ, ষ.ত] গজেন্দ্র, বিষ্ণুভক্ত গ্রাহধৃত গজরাজ (দ্র 'ভ ৮.৩)। "ভ.গ্র ৪৮।

গঞি ক্রি [√গম্—গমি > গঞি ; অপ্র] গমাইয়া, গোঙাইয়া, যাপন করিয়া। "কাল গঞি প্রসবিল, সুন্দর কুমার হৈল গো.বি ৩০। [গঞিয়া গেল—চলিয়া গেল ; গত হইল। "বৃথায় বৃথায় দিন গেল গঞিয়া ম.গা ২০।]

গঞ্জ্ অক [ভ্বা, প—গঞ্জতি ; সেট্ ; তু 'সং √গর্জ্জ > প্রা √গজ্জ > √গংজ, √গঞ্জ] স্বন, শব্দ।

গঞ্জ১ পুং [√গঞ্জ্ + অ (ঘঞ্)-ধি] ১ ভাণ্ডাগার, ভাঁড়ার। ২ যে স্থানে পণ্য আনীত ও রক্ষিত হয় ; হট্ট-স্থান, গোলা। তু 'গঞ্জ২'। ৩ খনি। ৪ গোষ্ঠাগার, গোয়ালঘর। ৫ [+ অ-ভা] অবজ্ঞা (অ.চি)। —ঞ্জ ক্লী ১ সর্থ 'গঞ্জ১ পুং (১)। ২ সর্থ 'গঞ্জ১ পুং (৩)। —ঞ্জা স্ত্রী ১ মদিরাগৃহ, শুণ্ডা (tavern)। "শু ৪.৪.৪২। ২ মদ্যভাণ্ড, সুরাপাত্র। ৩ পামরগৃহ, কুঁড়েঘর। ৪ সর্থ 'গঞ্জ১ পুং (৩)।

গঞ্জ২ বি [ফা গ.ন্‌জ্. ; হি গংজ] ১ হাট, বাজার। তু 'গঞ্জ১'। "শ্রী.মা ১৮৬ ; ২২০। দা ৮১৫। ২ বাণিজ্যস্থান, গোলা। ৩ স্তূপ, রাশি। [হেলের গঞ্জ—একপ্রকার বাজি। গঞ্জ-গোলা (হি গংজগোলা—যে গোলায় অনেক ছোট গুলি থাকে)—একার্থক শব্দদ্বয়।]

গঞ্জ৩ সর্ম্ম [সং √গঞ্জ্ ; দ্র '√গঞ্জ্'] ১ নিন্দা করা ; দোষ দেওয়া ; খোঁটা দেওয়া। "কেহো নাহি গঞ্জে কৃ.উ ১৬৬ ; লোক গঞ্জে ১৬৭। গঞ্জিতে লাগিল মী ৭। চরিত্র দেখিয়া দেবী মনে মনে গঞ্জে ম.ম ১৩। গঞ্জয়ে সকলে চ.দা ৮২ ; গঞ্জে গুরুজনে ১০৭। লহনা গঞ্জিয়া সদাগর কিছু বলে ক.চ ১৭৮। বৃথা গঞ্জ দশাননে মে ১১৪ ; ২০৫। মা ৯৩। ২ পরাজয় করা। "মন্থর চলিত…হংস বারণ গঞ্জ।—ব ৬৮। কুঞ্জর-গতি গঞ্জি গমন জ ২১। মুকুতা গঞ্জয়ে শ্রীদশনের জ্যোতি চৈ.ভা ৭২। ৩ তিরস্কার করা। "আহ্মাক গঞ্জিহ বড়ায়ি শ্রী.কী ৩০। না গঞ্জ না গঞ্জ গোর্থ না গঞ্জ আহ্মারে গো.বি ১৩৪। নরপতি গঞ্জিল তনয় অ.প ১২২। ৪ নিরাকৃত করা ; দূর করা ; নাশ করা। "নাম লইলে… দুরিতগরিমা গঞ্জয়ে দু ৫৩। —ঞ্জ অর্ম্ম, শব্দ করা ; ঝঙ্কার করা। "চরণ কমল পাশে, যাবক রঞ্জন, তাপর মঞ্জীর গঞ্জে (বি.প)।

গঞ্জন বিণ [গঞ্জি + অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ অবজ্ঞাতা, অতিশায়ী, তিরস্কারক। "স্থলকমলগঞ্জনম্ (চরণদ্বয়ম্) গী.গো ১০.৭ ; অলিকুল° ১২.১৮। নয়নে খঞ্জনগঞ্জনে সা.দ ৩৬৬। খঞ্জনগঞ্জন আঁখি ক.চ ৯। অঞ্জন গঞ্জন…বরণ।—গো ৮৪। ঘনগঞ্জন চিকুর পুঞ্জ জ.প ২১। কঞ্জ চরণ, খঞ্জন গঞ্জন ব ৩১। দন্ত মুকুতাগঞ্জন ভা.চ ৮১। অঞ্জন-রঞ্জন আঁখি, গঞ্জন খঞ্জন পাখী শি ১১০। ২ দমন, শাসিতা। "কালিয়বিষধর-গঞ্জন গী.গো ১.১৯। [সমাসে উত্তরপদ] —ন বি (বাঙলায়) তিরস্কার, ভর্ৎসনা, কটুবচন। "কত গুরু গঞ্জন বি.প ১৮০। গুরুর গঞ্জন চ.দা ১০৫। গুরুজন-গঞ্জন বোল গো ২৬৩। তক্ষকে… বহু করিল গঞ্জন ম ৪১। ২ নিন্দা, অপবাদ, অপযশঃ। "লোকের গঞ্জন ক.চ ১২ ; বংশে বংশে থাকিবে গঞ্জন ১৯ ; ২১। —না বি (বাঙলায়) তিরস্কার, নিন্দা, কটূক্তি, বাক্যযন্ত্রণা, খোঁটা। "লোকের গঞ্জনা হ'তে পাইব নিস্তার,—নিশীথে দুষ্কর্ম্মে বল কি ভয় আমার? —পদ্মপাঠ, ১ম ভাগ।

গঞ্জল বি [গজল > °ল (সাধুভাষা ?)] সর্থ 'গজল'। "গৌরি গুর্জ্জরি, গঞ্জলে গাওয়ে গান্ধার জ.প ৫৭।

গ(গে)ঞ্জি বি [E. Guernsey (frock)] পশমে বা সুতায় বোনা এক-প্রকার আঁটা জামা। [ইংলিশ প্রণালীর Guernsey দ্বীপে ইহা প্রস্তুত হয়। তদনুসারে নামকরণ।]

গঞ্জিকা স্ত্রী [গঞ্জা + ক (কন্) স্বার্থে + স্ত্রী আ (টাপ্)] ১ গঞ্জা, মদিরাগৃহ, শুণ্ডা (tavern)। ২ (বাঙলায়) গাঁজা। [হিন্দীতে 'গাঁজা'র পর্য্যায়ে 'গাঞ্জিকা' আছে (হিন্দীশব্দসাগর)।] "রঞ্জিকা গঞ্জিকা ইনি। হাতে স্বর্গ দেন যিনি॥—মনোমোহন বসু। ধানের আবাদ উঠিয়ে দিয়ে ফসল হ'ল গঞ্জিকা? —কু.কে ১৪৫।

গঞ্জিত বিং [√গঞ্জি + ত (ক্ত)-র্ম্ম] তিরস্কৃত, নিন্দিত। "বহ্নিতেজে ত্রিনয়ন খঞ্জন গঞ্জিত দু ৭৫। —ঞ্জিনী বিং [+ ইন্ (ণিনি)-ক + স্ত্রী ঈ (ঙীপ্)] তিরস্কারিণী, অতিশায়িনী। "রোহিণীগঞ্জিনী বধূ মে ১৬৪ ; রাক্ষসবধূ মৃগাক্ষীগঞ্জিনী ১৯৩। লোচন-খঞ্জনগঞ্জিনী ভা.চ ২৮৯।

গ(গ্যা)ট, গেঁট বিং ['ঘট'—মূল ; মৈ গোঠ—যোগাসনে-আসীন] ঘটের মত স্থির বা অটল, নিরুদ্বেগ, নিশ্চিন্ত। "ছিপি-আঁটা কর্পূরের শিশির মত গ্যাট হইয়া বসিয়া আছেন, পাছে বুদ্ধিশুদ্ধি উড়িয়া যায়। —টেকচাঁদ।

গটগট 'ট্-ট্' বি [ধ্বন্যাত্মক] পাকা রাস্তায় দ্রুতগমনে জুতার গোড়ালির শব্দ। "গটগট ক'রে যাওয়া।

গটরা বি [হি গট—দল] দল, সম্প্রদায়। "(রাস্তা) ধুলোয় ধুলো, তার মধ্যে ঢাকের গটরার সঙ্গে গাজন বেরিয়েছে হু ১৭। [গটরা মেরে বেড়ান—দলে মিশিয়া ইয়ারকি দিয়া বেড়ান।]

গটা বিং [দ্র 'গোটা'] সর্থ 'গোটা'। "গটা দস কুআ দিয়া সাজাইল মই শূ ১০৯। নোট বান্ধিল তার নয় গটা চুলে শ্রী.মা ৯৪।

গটিয়া বিং [হি গঠিয়া—(গাঁঠযুক্ত) পোটলী ; অপ্র] গ্রন্থিযুক্ত, গ্রন্থিল-দেহবিশিষ্ট, দৃঢ়কায়, গেঁটে। "গটিয়া গাবর ম.ভা ১০।

গঠ, -ড়২, **-ঢ়**১ সর্ম্ম [সং √ঘট্ > প্রা √গড, √ঘড (হে ৪.১১২), √গঠ (পৈ) ; হি √গঢ়, √ঘড় ; ঠ , ঘড ; অস √গঢ ; তু 'গটই' (চ) —গড়ে] ১ নির্ম্মাণ করা। "গঠিয়া দেউক মী ১০। গঢ়িল শ্রী.কী ৮৮। গঢ়িল সিংহাসন কৃ.উ ১১। গঠিআ শূ ১১১। মঠ গঠে ম.গা ২৯। গঠিছে আওয়াস ঘর কৃ ২৩২। ভাঙ্গিয়া গঢ়িয়া দেখ, গঢ়িয়া ভাঙ্গিয়া রাথ ক.চ ১৭ ; গঢ়ে টাঙ্গী ৮৮ ; গঢ়ে ফুলঘর ৮৯ ; ১৩২, টীকা ; গঢ়ি, গঢ়ে, গড়ে ১৩৩ ; গঢে ডিঙ্গা ২২২। যুগ্মপাট…গঠয়ে রাজন ম ৪০৬। গঠে অলঙ্কার শ্রী.মা ৯২ ; দন্ত গঠে ৯৪। বাসর ঘর গড়ে ম.ভা ২৮। কার বাপে গড়ি শ্রী ৬২। গঠি, গঠিল ; -লেক বি.পা ২৬৯। তনু গঢ়িয়াছে চৈ.ম ৩১। কো বিহি গঢ়ল প.র ৩৪। ব ১৯। গড়িছিল ভা.চ ২৯০। ২ সংশ্লিষ্ট বা সম্মিলিত করা ; যোড়া লাগান। "গড়ন ভাঙ্গিতে পারে আছে কত খল। ভাঙ্গিয়া গড়িতে পারে সে বড় বিরল॥—চ.দা ৯৭। ৩ (অপ্র) রচনা করা। "কিংবা কেহ দম্ভক্রমে বচন গঢ়িল ভ.গ্র ৯৭। [গড়(ঢ়)ল—গড়িল। "কাহে কুলবতী করি গড়ল মোর দেহ বি.প ১৯৯। গড়া১—সর্থ 'গঠ'। গ্রাস গঠে—গ্রাসপরিমিত অন্নের পিণ্ড পাকায়। "গ্রাস গঠে গিরিসুতা গণেশের মা শি ৩৩।]

গঠন বি [√গঠ + অন ; সং ঘটন ; হি গঠন (গ্রন্থন) ; অস গঢ়ন (তু 'গঢ়নি'—গড়ার ব্যয়)] ১ (অপ্র) ঘটন, নির্ব্বন্ধ। "বিধির গঠন কেবা খণ্ডাইবার পারে গো.বি ১৩৪। ২ নির্ম্মাণ। "তারাবতি গঠনে চতুর ম.ম ১৭১। বজ্রসম গঠন ম.ভা ২৮। চম্পক যদি গঠনোপযোগী কাঠিন্য পাইত…তবে তাহাতে সে বাহুযুগল গড়িতে পারা যাইত ব.প্র ১৪১। ৩ নির্ম্মাণপ্রণালী, অবয়বসংস্থান, অঙ্গসৌষ্ঠব। "কৈছে দেহের গঠন চৈ.ভা ৪২৪। সুগঠন নাসা ব.প্র ১৪১। ৪ সৃষ্টি, উৎপাদন। "ভয়ঙ্কর প্রজা পুত্র! না কর গঠন ক.চ ৯। ৫ ব্যূহরূপ আকার। "দেখিতে তেমতি দৈত্য-চমূর গঠন।—হেম ২৩৫।

গঠিত বিং [সং ঘটিত ; গঢ়িঅ (অ.য়া) ; অস গঢ়িত—সুরূপ] ১ ঘটিত, কৃত। "না জানিয়ে ঐছন দৈব ঘটিত বি.প ১৮২। ২ নির্ম্মিত, রচিত। "পাষাণ-গঠিত হিয়া।—ম ১১৫১। কাঠের গঠিত কুচ ভা.চ ৩৮৫। স্ফটিকে গঠিত মে ৪। ৩ সৌষ্ঠবসম্পন্ন ; মানানসই। "অতি

সুগঠিত আকৃতি ব.প্র ৫৫০। ৪ পরিণতিপ্রাপ্ত, পরিপুষ্ট। "যে সকল উপাদানে শান্তির চরিত্র গঠিত, ইহা তাহার মধ্যে একটি প্রধান ব.প্র ১১৩।

গড়়[1] পুং [√গড়্ (সেচন) + অ (অচ্)-ক] ১ মৎস্যবিশেষ, গড়ইমাছ। ২ পরিখা। দ্র 'গড়'[3]। "তৃতীয় দিকে মানবহস্তনিখাত এক গড় ছিল ব.প্র ১২। ৩ ব্যবধান ; অন্তরায়। ৪ দেশবিশেষ। তু 'গড়লবণ'। —ড়ক পুং সর্থ 'গড় (১)।

গড়়[2] দ্র 'গঠ'।

গড়়[3], **-ঢ়**[2] বি [সং গর্ত্ত > প্রা গড্ড (হে ২.৩৫), গড (প্রা.ম) > গাড়, গড়, -ঢ় ; সং (অর্ব্বাচীন) গড়—পরিখা (শব্দরত্নাবলী) ; হি গড়, -ঢ় ; ঠ গড, -টী—ক্ষুদ্র দুর্গ ; গু গঢ—গিরিদুর্গ ; সি খড় ; মৈ গঢ় ; অস গড় ; তু 'গড়'—দুর্গ (দেশী ২.৮১)] ১ দুর্গ। "সুমেরু আন্ধাক গঢ়ে।—শ্রী.কী ৪৯। গো চ ৪১৮। গড়ের বাহির কৃ ২৮৮। গঢ়ের দুস্মারে কৃ.উ ৪১। দুর্জ্জয় গড় শ্রী.মা ১২২। ২ ঢেঁকির মুষলের গর্ত্ত। "আঁকশলী পোয়া মোনা গড়ে মেকামেকী ভা.চ ৭৯। আড় করি পাড় দিতে সিকি গেল গড়ে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। বড় বড় ঢেঁকি গড়ে নাক পুড়িয়া খাড়া হইয়া রহিয়াছে ঃ বাবু-ঢেঁকি বোতল-গড়ে পিতৃধন পিষিয়া বাহির করিতেছে ব.প্র ৬২৮। ৩ পরিখা-সমেত গড় ; দুর্গ। "হাতাহাতি হুকুমে হইল গড় বাড়ী শ্রী ২১। ৪ দুর্গসদৃশ সুরক্ষিত স্থান। "লেজের কুণ্ডলী গড় করিব নির্ম্মাণ কৃ ৩০২ ; লেজের গড় ৩৩৩। [গড়-কাটা বাড়ী—পরিখা-বেষ্টিত বাড়ী। গড়-কাঠ—ঢেঁকির গড়ের তলস্থিত কাষ্ঠখণ্ড (চব্বিশপরগনা)।]

গড়়[4] বি [গড়[2]—মূল ; অস গঢ ; অপ্র] আকৃতি, গঠন, গড়ন। "সেই রীত সেই গড় সেই দেখি ভাও ম.ম ২৩২।

গড়়[5] বি [গু গঢ—পাহাড় ; অপ্র] গড়ের বা পাহাড়ের মত উচ্চ স্তূপ। "বাণের উপরে বাণ বাণে হইল গড় চ.বি ৬৪ ; দৈত্যগণ অস্ত্রে কৈল গড় ১৬৭।

গড়়[6] বি [হি গোড় (গুল্ফ)—পা ; গোড় > গড় ; গোড, -ড্ড'—পাদ, পা (দেশী,—প্রা.ম) ; মৃচ্ছ ৫২-১] মস্তকে পাদস্পর্শপূর্ব্বক প্রণাম ; নমস্কার, সাবা। "গুরু গর্ব্বিতের নাহি গড় ব.প ১১৯। শিব শিব বলি সাত বার করে গড় ম.ভা ১২ ; চরণে করি গড় ৪৯। গড় করি গিরি-নাথে শি ১৩ ; ২২ ; ২৩ ; ৩৮ ; ৯২। আমি টিকীটা আসটা দেখলে, গড় ক'রে চলে যাই অ.গ্র ২৪। [গড় হইয়া প্রণাম করা—পায়ে মাথা লাগাইয়া, অর্থাৎ ভূমিষ্ঠ হইয়া, প্রণাম করা। "ব.প ৬৪।]

গড়়[7] বি [গোড় > °ড় ; অপ্র] শিকড়। "তাতে বাত পাইট পেয়ে লেগে আইল গড় শি ৭৬।

গড়়[8] বি [(?)] প্রত্যেকের মোটামুটি হিসাব ; জন পিছু বা এক-একটার হিসাব (average)। [গড়্-পড়তা—গড়ে যাহা পড়ে ; প্রত্যেকের মোটামুটি হিসাবে যাহা পড়ে। গড়ে—প্রত্যেকের মোটামুটি হিসাবে। "লেখা করি নাহি হয় আধ পোয়া গড়ে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। প্রতিদিন গড়ে ৫০।৬০ খানি পত্রের জবাব ইংরাজিতে দিতে হইয়াছে পা.প্র ১৬৪।]

গড়়[9] অর্ম্ম [√গড়া[6] > √গড় ; অস √গড়্] ১ গড়ান (ঢালু) জমি বহিয়া পড়া ; প্রবাহরূপে যাওয়া ; বহা, গড়ান। "জটা হোতে পড়িলা পর্ব্বতে, গড়িয়া আইলা পৃথিবীতে গ ৪ ; সেই পদে গড়ে জল ৫১ ; ১৯৬। ২ ভূতলে বিলুণ্ঠন করা বা গড়াগড়ি দেওয়া। "ভূমে গড়ে গত দুঃখ স্মরি ব.প ১৫০৬। ক্ষণে গড়ি যায় শ্রী.মা ৩৮। —ড় সর্ম্ম গড়ান। দ্র 'গঠ'। [গড়ি ক্ষিতি—ভূমিতে গড়াগড়ি দিয়া। "ব.প ১৫০৬। গড়ি যাত, যায় (তু 'অস—পানী গড়ি যায়)—বিলুণ্ঠিত হয় ; গড়াগড়ি যায়। "ভূমে গড়ি যায় কেহো ন.প ৩৪৯, ৫০ ; অবনি ঘন গড়ি যাত ৩৯১। গড়ি যায় ধুলি চৈ.চ ৬৬। ভ.গ্র ৮২।]

গড়়[10] অর্ম্ম [সং গত > মাগধী প্রা গড (প্রা.প্র ১১.১৫) > বা √গড় ; তু 'গড়ুঅ' (গত্বা—হে ৪.২৭২)] গত হওয়া ; অতীত হওয়া। "যৌবন গড়িলে মোর তনু হৈবে লাউ শ্রী.কী ৬৫। [বেলা গড়ে যাওয়া—মধ্যাহ্ন অতীত ও অপরাহ্ণ হওয়া।]

গ'ড়় '-ড়্' বি [সং গড়ু] ১ ক্ষুদ্র ব্রণ ; ছোট ফোঁড়া। "ঘামাচির গ'ড় (ঘামাচিজাত ব্রণ)। ২ খড়ের বা গোলের এক স্তর (চব্বিশপরগনা)। [ছাইতে জানি না, গ'ড় চিনি—(গৌণার্থে) কাজ করিতে না জানিলেও, কাজের ভাবগতিক বুঝি।]

গড়়খাই, **-খাত্রি** বি [গড়[2] + খাই ; তু 'গোড়-খাইয়া (গো.চ)] ১ গড়ের চতুর্দ্দিক্‌স্থিত খাদ ; পরিখা। "মুখের গভীর যেন বড় গড়খাই কৃ ২৭৫। দিব্য গড়খাই ম ৬৯১। গড় গড়খাই করে বি.পা ১০২। গড়গাত্রি ভ.গ্র ৪৪০। ২ (সাদৃশ্যে) পরিবেষ্টক খাদ। "অখণ্ড ঐশ্বর্য্য কৃষ্ণের বৈকুণ্ঠাদি ধাম। তার গড়খাই 'কারণাব্ধি' যার নাম॥ —চৈ.চ ১৬৯।

গড়়গড়়[1] বি [ধ্বন্যাত্মক] ; হি গড়গড়াহট ; ঠ, গু গডগড] ১ মেঘের গর্জ্জন ; বজ্রের ধ্বনি। "সঘনে গর্জ্জয়ে যেন ঘন গড়গড় ম ২১৮। চিকুর গড়গড় শ্রী.মা ১৭৮। ২ করকা (শিলা) পতনের শব্দ। "করিয়া গড়-গড়, বড় বড় পাষাণ পড়ে শি ৯১। ৩ ভাতফুটার শব্দ। "গড়গড় করিয়া হাঁড়ীর ভাত ফোটে ম.ম ৮২ ; হাঁড়ী মধ্যে ফুটে ভাত গড়গড় ডাকে ১৮৮। ৪ ঢালু জমিতে বর্ত্তুলাকার দ্রব্যের গড়াইয়া যাওয়ার শব্দ। ৫ গাড়ীর চাকার শব্দ। "চড়ে লেবে ট্রামগাড়ী, গড়গড় যাবে সাহেব বাড়ী অ.গ্র ১২৮। একখানা গাড়ি গড়গড় করিয়া আসিয়া উপস্থিত হইল আ.দু ৪৯ ; গাড়ির গড়গড় শব্দ ১০৫। হু ৩৯। ৬ পেটের মধ্যে অজীর্ণ খাদ্যের শব্দ (rumbling) ; পেট ফাঁপিলে উদ্গার উঠার শব্দ। "পেট গড়গড় কচ্ছে। গড়গড় ক'রে ঢেকুর উঠছে। ৭ ধূমপান-কালে বড় হুঁকার বা গড়গড়ার জল-বুদ্‌বুদের শব্দ। ৮ (বাঁটুলের সাদৃশ্যে) হৃষ্টপুষ্ট শিশুর দ্রুতগমনের ভাব। [গড়গড়িয়ে যাওয়া—গড়গড় শব্দে গড়িয়ে যাওয়া।]

গড়়গড়়[2], **-গড়া**[2] বি [সং গবেডু] শস্যক্ষেত্রে জাত খড়জাতীয় ঘাস (Coixbarbata)। "দেবধান গড়গড় ক.চ ৭৭। গড়গড় নানা খড় উপাড়ে দুরদুর শি ৮০। [যাবৎ ভুঁই, তাবৎ গড়গড়া (প্রবচন)—জমি থাকিলেই গড়গড়া থাকিবেই ; (গৌণার্থে) যত দিন দেহ, তত দিন দুঃখ।]

গড়়গড়়গড়়গড়় বি [ধ্বন্যাত্মক] দগড় বাদ্যের ক্রমাগত শব্দ। "গড়গড়-গড়গড় (দগড় বাজে) ভা.চ ৪৯১।

গড়়গড়া[1] বি [ধ্বন্যাত্মক ; হি গড়গড়া] (তামাক খাওয়ার সময়ে জলবুদ্‌বুদের 'গড়গড়' শব্দ হেতু) একপ্রকার বড় হুঁকা। তু 'গুড়গুড়ি'।

গড়়গড়া[2] দ্র 'গড়গড়[2]'।

গড়়গড়ি বি [°গড়[1] + ই[13] ; তু 'ঘর্ঘর'] ১ রথাদির চক্রের শব্দ। "রথের গড়গড়ি শি ৫৭। ২ ['গড়গড়ি' গ্রাম—মূল] শাণ্ডিল্যগোত্র ব্রাহ্মণের উপাধি। [ভট্টনারায়ণের পুত্র রাম, 'গড়গড়ি' গ্রামে বাস করেন ; তদনুসারে তাঁহার বংশধরগণ এই উপাধিতে পরিচিত।]

গড়়গোয়ালা বি [গৌড়-গোয়ালা > °লা] রণদক্ষ গোপজাতি। "উভয়-পক্ষে বহুসংখ্যক…গড়গোয়ালা দেসোয়ালী জমায়েৎবস্ত হইয়াছিল। —য ৩। [গড়গোয়ালা, অর্থাৎ গড়বাসী বা গৌড়ীয় গোয়ালা। ধর্ম্ম-মঙ্গলের ইছাই ঘোষের সহিত ইহাদের সম্বন্ধ আছে, বোধ হয়। ইছাইএর গড়ের ভগ্নাবশেষ এখনও আছে। ইছাইএর গোপসৈন্য এই গড়গোয়ালা-দের পূর্ব্বপুরুষ বলিয়া মনে হয়। উড়িষ্যায় যাহারা গৌড় বলিয়া অভিহিত, পশ্চিমে যাহারা আহীর বলিয়া খ্যাত ও বঙ্গে গোয়ালা বলিয়া প্রসিদ্ধ, তাহারাই প্রকৃত গোপশব্দ বাচ্য (সম্বন্ধনির্ণয়)। শ্রীকৃষ্ণের নারায়ণী সেনা এই রণপটু গোপগণ (দ্র 'মহা ৫.৭.১৮)।]

গড়(ঢ়)ন বি [গড়২ (৫), -ঢ়+অন ; সং ঘটন] ১ প্রস্তুত করা ; নির্ম্মাণ, গড়া। "ডিঙ্গা গঢ়ন ক.চ ২২১। ২ নির্ম্মাণকৌশল, গঠনসৌষ্ঠব। "সাবাস সাবাস নাক-চোখের গড়ন।—হেম ৩৯০। ৩ অবয়বসংস্থান, অঙ্গসৌষ্ঠব, আকার (shape, cut)। ৪ নির্ম্মিত দ্রব্য ; কারুকার্য্য। "দেব-শিল্পী গড়িছেন অপূর্ব্ব গড়ন মা ১৪২। ৫ গঠিত বিষয় ; প্রণয়-সম্মেলন, দৃঢ় প্রণয়বন্ধন। "গড়ন (পাঠান্তর—'গঢ়ন' প.র ৪৩) ভাঙ্গিতে সই আছে কত খল চ.দা ৯৭। [গড়ন-পি(পে)টন—১ গড়া-পেটা, কোন বিষয় বলিয়া-বুঝাইয়া বা যুক্তি দিয়া ঠিক করা বা খাড়া করা। ২ নির্ম্মাণ ও সৌষ্ঠবসাধন ; আকার ও অঙ্গসৌষ্ঠব।]

গড়ফুটন্ত বি [আ গ.ইর্ > গর্ > গড়্+ফুটন্ত] অফুটন্ত ; অসিদ্ধ, আধ-সিদ্ধ (অন্নাদি—underdone)।

গড়বড় বি [হি গড়বড় ; ঠ, গু গডবড ; অপ্র] অব্যবস্থা, ক্রমভঙ্গ, রচনায় পৌর্ব্বাপর্য্যের অভাব বা অপরিপাটি, উলট-পালটভাব। "তথাপিহ গড়বড় করি যোড়াযাড়ে। রচি, যাতে যদি সে চরণ মনে পড়ে॥—ভ.গ্র ১৩৯। —বড় বিং অব্যবস্থিত, বিশৃঙ্খল। —বড়ি বি [হি গড়বড়ী ; ঠ গডবডী] গোলমাল, কোলাহল। "সহিতে না পারি আমি, লোকের গড়বড়ি চৈ.চ ১৯২।

গড়ল বি [সং গরল ; থরল (শ্রী.কী) ; তু 'তা কল.ম্ ; অপ্র] বিষ। "গড়ল ভক্ষণ গো.বি ১৩৪ ; ১৭৮।

গড়লবণ ক্লী [উ.লো] গডদেশজাত লবণ ; সাম্বরলবণ।

গড়া১ দ্র 'গঠ'।

গড়া২ [গড়+আ১২] ১ নির্ম্মিত, কৃত, গঠিত। "গণ্ডারের শৃঙ্গে গড়া কোষা মে ১৯৫। ২ মূর্ত্ত, সাবয়ব। "সে হৃদয় কেবল সেই হৃদয়েই গড়া যাইতে পারিত ব.প্র ১৪১। আমার…এই ভাবে ভাবনায় গড়া বীণাটা ওঁরই হাতে বাজতে লাগল।—ঘ ৭৬। ৩ সৃষ্ট। "রূপস দেখিএ যর্থা৹ নানা ফুল ফল গড়া৹ সেই সে কাহ্নাঞিঁর দেশ শ্রী.কী ২৯৮। ৪ রচিত, কল্পিত। "মন-গড়া কথা। [গড়া-পেটা—সর্থ 'গড়ন-পেটন (১ ; ২)।]

গড়া৩ বি [হি 'গাঢ়া' (গাঢ়)—মূল] ১ গাঢ়, অর্থাৎ ঘন-বোনা (মোটা) একপ্রকার কাপড়। "পাটের গড়া ক.চ ৭৫ ; বুনে গড়া ৮৯ ; ধুতির বদলে গড়া ১৯১ ; ২৪৫। সূতার কাপড় গড়া ম.ম ১২০। গ্রীষ্মকালে একখানা মোটা গড়া অঙ্গে শুকাইতে হয় ব.প্র ৩৭১ ; দেবী কেবল একখানা গড়া পরিয়াছে ৩৯৬। ২ গড়ার টুকরা। "বাক্সটী একখানি মোটা সাদা গড়ায়…বাঁধা' য ৫। [°বাস—গড়া-কাপড়। "ক.চ ২০৪।]

গড়া৪ বি [হি গড্ডা(গণ) ; ঠ গড্ডা ; অপ্র] সমূহ, স্তূপ ; লেখা কাগজের রাশি। "পর্ব্বতপ্রমাণ গড়া আছে তার সাক্ষী ঃ গড়া ডুবাই প্রচুর চৈ.ভা ২৬৪। [গড়া-গড়া—রাশিরাশি, গাদা-গাদা। "ভূমিতে পড়িল যত নাগ গড়া-গড়া বা.ম ১৯ ; ১১০। কাগজের গড়া—জড়াইয়া বাঁধা কাগজের রাশি বা বাণ্ডিল।]

গড়া৫, -ঢ়া সর্ম্ম [গড়২- ঢ় > √গড়া, -ঢা] ১ নির্ম্মাণ করা। "ভাঙ্গি গড়ায়ব বুঝি কত বেরি বি.প ৫০। ২ [√গড়, -ঢ়+আ৮ ; হি √গঢ়া, √ঘড়া] নির্ম্মাণ করান ; গড়ান। "নাঅ গঢ়ায়িল কাহ্নাঞি শ্রী.কী ১৪০ ; পালঙ্কি গঢ়ায়িবোঁ ৩০০। গড়াইব…বাসর ম.ভা ২৮। গড়াইব লাঙ্গল শি ৬৯। [গড়ান১—১ সর্থ 'গড়া৫'। ২ নির্ম্মিত। গড়ায়ব—গড়াইব। গঢ়ায়িবোঁ—গড়াইব।]

গড়া৬ অর্ম্ম [গড়২+আ৯] ১ সর্থ 'গড়৯'। ২ (কলসী-প্রভৃতি) নিম্ন-মুখ বা কাত হইয়া পড়া ; উল্টাইয়া পড়া। "চরণ-আঘাতে তার পথে গড়াইয়া৹ পড়িল বাসনগুলি।—পদ্যপাঠ, ১ম ভাগ। ৩ বিষয়বিশেষে অভিমুখ বা তৎপ্রবণ হওয়া ; একতর পক্ষ আশ্রয় করা। "নবীন ছাত্র ঝুঁকে আছে৹ একজামিনের পড়ায়, মনটা কিন্তু কোথা থেকে৹ কোন্ দিকে যে গড়ায়—চ.কা ৩২৮। ৪ কোন ঘটনার বা বিষয়ের অবস্থা-বিশেষে পর্য্যবসিত বা পরিণত হওয়া। "পুলিসকে ঘুষ দেওয়া চাই এবং যদি আরো কিছু দূর গড়ায়, তাহ'লে যে-লোকটার নৌকো ডোবানো গেচে আপোসে তারও ক্ষতিপূরণ করতে হবে ঘ ১৪৭। ৫ কার্য্যে পরিণত হওয়া ; ফলা। "এত দিনে গড়াইল যা বলিল নন্দী কৃ ২৭৫। ৬ বিছানায় গড়াগড়ি দেওয়া বা এপাশ-ওপাশ করা ; একটু শোওয়া। "আমি…গিয়ে একটু গড়াই গে অ.গ্র ৮৫। আমি একটু গড়াই গে। —গি.দ্বি ১১৩। —ড়া সর্ম্ম [√গড়া৬+আ৮] ১ নিম্নমুখে প্রবাহিত করান (ণিজন্ত) ; ঝরান, ঢালা (জল)। ২ মাটিতে আবর্ত্তিত করা ; গোল কাষ্ঠাদির খণ্ড ভূমির উপরে ঘুরান বা উল্টান। [গড়ান২—১ সর্থ 'গড়া৬'। ২ নিম্নমুখে প্রবাহিত (জলাদি) ; নিম্নাভিমুখ, ঢালু (জমি)। গড়ানীয়া, -নে, গ'ড়েন—ক্রমনিম্ন, প্রবণ, ঢালু (জমি)। গড়ানে (লোক) —অলস। জল গড়ান—১ জলের নিম্নমুখে বহিয়া যাওয়া। ২ কলসী-প্রভৃতি গড়াইয়া (নিম্নমুখ করিয়া) জল ঢালা। "গৌরী গড়াইল জল শি ৩২। সলতে পাকাব, জল গড়িয়ে (গড়াইয়া) দেব ব.প্র ৬৬৬। গড়াহলি —গড়াইলি, গড়াইয়া পড়িলি। "গাঅ গড়াহলি গিআঁ শ্রী.কী ৭৬।]

গড়া৭ অর্ম্ম [√গোড়া > √গড়া ; অপ্র] পশ্চাৎ গোড়েগোড়ে বা পায়-পায় যাওয়া ; পিছনে পিছনে যাওয়া ; অনুসরণ করা। "কেঁদে কেঁদে সচি তার পশ্চাৎ গড়ায় শ্রী.মা ২২২।

গড়াগড়ি বি [গড়৯-আ+গড়৯-ই] ১ পুনঃপুন গড়ান বা আবর্ত্তন। "গড়াগড়ি দিয়া যায় রামে গিলিবারে কৃ ২৮২। ২ ছড়াছড়ি, ফেলা-ফেলি। "সোনা রূপাএ গড়াগড়ি না ছিল কাঙ্গাল ম.গা ৪। ঘড়া ঘড়া টাকা ঘরে গড়াগড়ি কা ১১৩। [গড়াগড়ি দেওয়া—পুনঃ পুন আবর্ত্তন করা ; শুইয়া একটু এপাশ-ওপাশ করা ; একটু ঘুমান। গড়াগড়ি যাওয়া—বিলুঠিত হওয়া, লুটান। "পড়িলা জমদগ্নি মুনি যায় গড়াগড়ি (ধৃতপাঠ 'গড়াগড়ী') কৃ.উ ৫৭। হাসে কান্দে পড়ে উঠে গড়াগড়ি যায় চৈ.চ ৬৬।]

গড়ান১ ; গড়ান২ দ্র গড়া৫ ; গড়া৬।

গড়ি১ পুং [√গড়া+ই (ইন্)-ক] বৎসতর। —ড়ি বিণ সমর্থ হইয়াও ভারবহনে অলস ; অলস, গ'ড়ে (গবাদি)। "সুখং স্বপিতি গৌর্গড়িঃ (গলিঃ) কা.প্র ১০.৪৮০।

গড়ি২ বি [√গড়৯ > গড়ি ; অপ্র] বিলুণ্ঠন, গড়ান, গড়াগড়ি। "হাসে কেহ কাঁদে কেহ ভূমে গড়ি দিছে দু ৪৫।

গড়িমসি, -সী বি [সং গড়ি+মসি, -সী (?) ; ড় গড়মসল] আলস্য, দীর্ঘসূত্রতা, কুঁড়েমি। "কোনোমতেই সুবোধটার গড়িমসি চাল ঘুচাইতে পারিলাম না গ.স ১০৭।

গড়িয়া, গ'ড়ে, -ড্যা বিং [সং গড়ি১ ; √গড়া৬—মূল (?)] ১ যে গড়াইতে (শুইতে) ভালবাসে ; অলস, কুঁড়ে। "গড়িয়া বলদ হেন শুইয়া নিদ্রা যায় ম.ম ১৭৭। ২ [√গড়৯—মূল] যাহা গড়াইয়া যায় ; গোল মোটা কাষ্ঠখণ্ড ; গাছের গুঁড়ির ছিন্নাংশ ; ছে। ৩ 'যাহা বুকে গড়ায়' (?) ; রজ্জুবৎ স্থূল মাল্য ; মোটা মালা। "গজরাজে গড়া মালা।—ব.প ৪৯৭। গলা ভরি গড়া মালা শি ১৫ ; গলে দিল গ'ড়ে মালা ১১০। এক ছড়া যুঁই ফুলের গ'ড়ে সেই কেশরাজি সংবেষ্টন করিতেছে ব.প্র ৩৭৯।

গড়িয়ান, গ'ড়েন বিং ['গর্ত্তবান্'—মূল (?) ; তু 'প্রা গড্ড (গর্ত্ত) ; হি গড়হা, -হী] গর্ত্তযুক্ত, নিম্ন, ক্রমনিম্ন, ঢালু (জমি, জায়গা)।

গড়ু পুং ১ গলগণ্ড। "°কণ্ঠ পা ২.২.৩৫, সি। ২ পৃষ্ঠগুড়, অর্থাৎ ঘাড় ও মস্তকের মধ্য-স্থলে মাংসবৃদ্ধি (শ.ক)। ৩ পৃষ্ঠগত কুব্জ বা কুঁজ (অ.টী)। ৪ শল্যাস্ত্র। ৫ কিঞ্চুলক, কেঁচো। ৬ গ্রন্থি, গাঁট। "কাব্যান্ত-র্গড়ুভূত সা.দ ১০.২৬। ৭ জলপাত্র, গাড়ু (Wilson)।

গড়ুই বি [সং গড়ক ; অস গড়ৈ] ১ মৎস্যবিশেষ, চেঙ্গমাছবিশেষ (Ophiocephalus punctatus)। "ফলুই গড়ুই কই শি ৮৫। ২ শকুলার্ভক (অ.কো), শোলমাছের বাচ্চা। "লাঠা গড়ই উলকা ভা.চ ১২৬।

গড়ুর বি [সং গরুড় (বর্ণবিপর্য্যাস) ; অপ্র] গরুড়। "আইল গড়ুর-কেতু অ.প ৩০। গড়ুর বাহনে নারাঅন শূ ৩৫ ; গড়ুর মুনি ৩৭। যোড়হস্ত করা পাথরের গড়ুর হু ১০৪।

গড্ডর, -ল পুং [গাড়ল > গড্ডল, -র (অর্ব্বাচীন সংস্কৃত) ; তু 'গড্ডরি(লি)কা' ; ধ্বন্যাত্মক (?)] মেষ, গাড়ল। —রিকা, -লিকা স্ত্রী [°র, -ল + ইক (ঠন) অনুগমনার্থে + স্ত্রী আ (টাপ্)] মেষযূথ কর্ত্তৃক অনুগম্যমানা মেষী (শ.ক) ; মেষের অনুগামী মেষপঙ্‌ক্তি (ত.বা) ; মেষী (কা.প্র)। "গড্ডরি(লি)কাপ্রবাহ সা.দ ৬২১১১। কা.প্র ৮৩৪৪, টীকা। [°প্রবাহ (পুং)—১ গড্ডরিকার প্রবাহ, অর্থাৎ মেষযূথ কর্ত্তৃক অবিচ্ছেদে মেষীর অনুগমন (কা.প্র, টীকা)। ২ গতানুগতিকন্যায়। "সা.দ ৬২১১, টীকা। গড্ডরি(লি)কাপ্রবাহন্যায়—দ্র 'ন্যায়' (২৭)।]

গড্ডারি(লি)কা স্ত্রী সর্থ 'গড্ডরিকা'। [°প্রবাহ (পুং)—দ্র 'গড্ডরিকাপ্রবাহ'।]

গড্ডুক পুং [গাড়ু > গড্ডুক (অর্ব্বাচীন সংস্কৃত) ; তু 'প্রা গড্ড (গর্ত্ত)] ভৃঙ্গার ; গাড়ু।

গড্যা ; গঢ়১ ; গঢ়২ ; গঢ়া দ্র 'গড়িয়া ; গঠ ; গড়৩ ; গড়া৫।

গঢ়িল বিং [√গঢ়১ + ইল২ ; সংঘটিত ; অপ্র] গঠিত, নির্ম্মিত। "বজরে গঢ়িল বুক না জাএ ফুটিআঁ শ্রী.কী ৩৯২।

গণ১ সক [অদন্ত চু, প, চু, ঞ (ত.বা)—গণয়তি, -তে ; সেট্] ১ সংখ্যান, গণনা। ২ জ্ঞান। [অব—অবগণন, অবজ্ঞা। বি—জ্ঞান, নিশ্চয়, বিগণন।]

গণ২ পুং [√গণ + অ (অচ্)-র্ম্ম ; ছান্দস ; তু 'গন (শ্রী.কী ; শূ ৩৩)] ১ সমূহ, নিচয়, সমুদয়। "অরি°, গুণি°, পিতৃ°, সখী°, হরি°। ঋগ্বেদ ১.৩৯.১৫। যোধাশ্ব° রা ২.৪১.২০। মনু ১.২২। গণস্যাগ্রতঃ হি ১.২৮। সর্ব্ব দাসগণ চৈ.ভা ১৭২। উপবনগণ চৈ.চ ১৬০ ; উপশাখাগণ ১৯৯। ব্যঞ্জনের গণ শি ৩২। ২ যাহারা মিলিতভাবে এক কার্য্য দ্বারা জীবিকার্জ্জন করে (মেধাতিথি) ; সমবায়, সঙ্ঘ। "মনু ৩.১৫৪। সাগর লঙ্ঘিয়া হৈল সে গণে পদাতি ক.চ ৫৪। ৩ যূথ, দল। "পশু°, হস্তি°। ৪ বর্গ, শ্রেণী, বিভাগ। "তাহে অধিষ্ঠান দেব দেবী যত গণ দু ৩। ৫ অনুচরবর্গ, পার্ষদবৃন্দ, পারিষদসমূহ, স্বপক্ষ। "শ্রীরামের মন গণ ভাল জানে কৃ.উ ১৭৮। ক্রীড়য়ে কালীর গণ ম ৬৫১। অন্তর্দ্ধান কৈলা প্রভু নিজ গণ লঞা চৈ.চ ২৭ ; যত প্রভুর গণ ১৩৫ ; সব গণ নিমন্ত্রিল ১৭৬। ছাড়িয়া দেহ গণ ব.প ৩৯০। আপন গণ শ্রী.ম ২০৬। গণ সহ : সর্ব্বগণ চৈ.ভা ১৭৮। গণসনে ন.প ৭০। আমাদিগের গণ কৃ.চ ৬০। ৬ জাতি। "মহা ২.২৭.১৬। রঘু ৪.৭৭। ৭ প্রমথ, রুদ্রানুচর। "গো.রা ৫.৮৯.৭। কি ১৪.৩২। কু.স ১.৫৫। পু.মে ৩৩ ; ৫৫। ৮ সেনাসংখ্যাবিশেষ (দ্র 'অক্ষৌহিণী')। "মহা ১.২.২১। ৯ ধর্ম্মসম্প্রদায়, সম্প্রদায়। "যার যত গণ লৈয়া বৈসে নানা ভিতে চৈ.ভা ৭২। ১০ গণপতি, গণেশ। তু 'বল' (পুং)। ১১ মহাদেব (মহা)। ১২ চোরনামক গন্ধদ্রব্য। ১৩ (জ্যোতিষে) অশ্বিন্যাদি-নক্ষত্রের বিভাগত্রয় ; দেবরাক্ষসমানুষসূচক তারাভেদবর্গ। "দেব°, নর°, মানুষ°, রাক্ষস°। গণ পণ দান আদি নিলয় হইল ব.প ৯৩৯। ১৪ ধ্রুবাদি-সংজ্ঞক নক্ষত্রবিশেষ-সমূহ। ১৫ (ছন্দঃশাস্ত্রে) মাত্রানুযায়ী অক্ষর-সমবায়ের ম-কারাদি সংজ্ঞাবিশেষ। "ভ-গণ, ম-গণ, ল-গণ। ১৬ (ব্যাকরণে) ধাতুরূপানুযায়ী ধাতুমালার শ্রেণীবিভাগ—ভ্বাদিগণ, অদাদিগণ ইত্যাদি। "°দর্পণ। সূত্রবৃত্তিগণ চৈ.চ ৫৬। ১৭ গণপাঠ-গ্রন্থ। "গণবৃত্তি আর ব্যাকরণ ক.চ ২১৫। ১৮ পাণিনিকৃত স্বরাদি-স্বরূপপ্রতিপাদক গ্রন্থ (ত.বা)। ১৯ গ্রামাদিজনসমূহ। "যাজ্ঞ ২.১৯০। ২০ বণিগাদিসমূহ। "মনু ১.১১৮। যাজ্ঞ ১.৩৬১। ২১ [+ অ-ণ] সংখ্যা। ২২ (বাঙ্‌লায়) ভক্ত। "গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ শ্রী.কী ২ ; ৩। "যে হয় আমার গণ, না হরিহ দ্বিজধন শ্রী.ম ২০৬। ২৩ [দ্র 'গন'] পথ। "তুমি করি দিলে গণ, পারায়াবে রাক্ষসগণ ক.চ ২৩৯। ২৪ কায়স্থের উপাধিবিশেষ। "নন্দী কুণ্ড গণ ব.প ৩১৭।

গণ৩ সর্ম্ম [সং √গণ১ > প্রা √গণ ; হি √গিণ ; ঠ, গু √গণ ; অস √গণ্ ;] ১ সংখ্যা করা ; গণনা করা। "গণইতে মোতিম হারা বি.প ৫৯। গণি পদে পদে, কত দূর লয়্যা যাহ ॥...পদে পদে গণি, দশ চরণ লইল ম ৪৪৬। গালে গুঁতা গণে গণে গোটা বিশ গায় বি.সু ৯৫। ২ গণনা করা ; হিসাব করা। "কহ সহদেব শীঘ্র গণিয়া পঞ্জিকা ম ৬৫৭। পরে মলমাস কাল গণি শ্রী ১৪৫। ৩ রাশির ফলাফল নির্ণয় করা বা বিচার করা। "গণক আনিয়া তবে দুই রাশি গণ ম.ভা ২৩। ৪ মনে করা ; চিন্তা করা ; ভাবা। "মনে গণে শ্রীধর 'উদ্ধত বিপ্র বড় চৈ.ভা ৮৯ ; সভে গণে মনে মন ২৯৩। ধর্ম্ম নাহি গণে চৈ.চ ১৯৯। বিষাদ হরিষ গণি কৃ ৩৫৪। ৫ বোধ করা ; জানা। "সরহ ভণই গণেঁ পমাএ চ ৫৯। শুনিয়া রাক্ষসগণ গণিল প্রমাদ।—কৃ ২৩৪। মহাত্রাস গণি।—শ্রী ৭২। রাজা গণিল প্রমাদ।—ম ৫৫৫। কারাগারের শিলাশয্যায় শয়ন করা রাজপুতেরা অমঙ্গল বলিয়া গণে না ব.প্র ৭৭। ৬ হিসাবে ধরা ; বলা। "রুক্মমানি রুক্মকেশ কনীয়ানে গণি।—শি ৪৫। ৭ স্বীকার করা ; বলা। "ভকতিবিহীন, নৃপ গণি দীন ম.পা ১৪। যে না দেয় তারে মনুষ্য কেবা গণে বি.পা ৩৬২। ৮ গ্রাহ্য করা ; অবেক্ষা করা ; সম্মান করা। "পিয়াক গরবে হাম কাহুক না গণলা বি.প ১৭৬। গজ দেখি সিংহ যেন মনে নাহি গণে কৃ.উ ৬৯। আহ্মি সব না গণিয়া করএ সন্ধান অ.প ১৬। ৯ সমর্থ বলিয়া মনে করা। "কোন খানে গণি ইন্দ্র চড়া দিতে চাপে শ্রী ১৫৭। ১০ বিচার করা। "সখীগণ গণইতে তুহুঁ সে সেয়ানী বি.প ১০৮। অতি কোপে ব্যাকুল দেবী পাছে নাহি গণি ম.ম ১৭। নাহি গণে আগা পিছা বি.সু ৮৫। ১১ মনে করা ; করা। "এই অশ্বে যাইবা না গণিবা সংশয় ম.বি ১২৫। ১২ মনে করা ; আশঙ্কা করা। "সহচরী গণত হি শেষা বি.প ১৯৩। [গণইতে—গণনা করিতে, বিচার করিতে। গণত—গণে, মনে করে ; আশঙ্কা করিতেছে। "গণত জগত জন বিপাক দু ৮৮। গণতে গাঁথতে—গণনা করিয়া লিখিতে ; হিসাব কিতাব করিতে। "ব.প ১০। গণবি—গণিবে। "চিতে নাহি গণবি আনে (বি.প)। গণলা—গণিলাম, অবেক্ষা করিলাম। গণলুঁ—গণিলাম। গণিয়া গাঁথিয়া—১ সংখ্যাত ও গ্রথিত করিয়া ; গণনাপূর্ব্বক মিলাইয়া, ঠিক দিয়া বা একত্র করিয়া। "গণিয়া গাঁথিয়া তাহারা জোর পঞ্চাশ জন হইবে ব.প্র ৫৩৪। ২ বিচারপূর্ব্বক সিদ্ধান্ত করিয়া। "গণিয়া গাঁথিয়া নাম হইল জাম্বুবান কৃ.উ ১৩৯। গণিয়া বাছিয়া—গণনা করিয়া ও মেকিগুলি বাদ দিয়া। "গণিয়া বাছিয়া আগে খেয়ার কড়ি দে ম.ম ১২। গনিয়া বাছিয়া।—ম.গা ১৭। গন (গণনা কর), গনাইতে, গনিবু, গনেঁ। (গো.চ)।]

গণক বিণ [√গণ১ + অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ণিকা] সংখ্যাকারক, গণয়িতা। —ক পুং ১ দেবল হইতে বৈশ্যাগর্ভে জাত সঙ্কীর্ণ জাতি-বিশেষ। [তিথিবারাদিজ্ঞাপন ইঁহাদের কর্ম্ম (পরাশরপদ্ধতি)।] ২ জ্যোতির্ব্বিদ্, জ্যোতিষিক, দৈবজ্ঞ, গ্রহাচার্য্য। "রা ১.১৩.৭। গণক-ঠাকুর ! বল দেখি, আমি আর জন্মে কি ছিলুম ?—গি.দ্বি ৬৬। ৩ অঙ্ক-শাস্ত্রবিৎ, আয়ব্যয়ব্যবহারী (financial minister)। "কচ্চিচ্চায়-ব্যয়ে যুক্তাঃ সর্ব্বে গণকলেখকাঃ মহা ২.৫.৭২। —কী স্ত্রী [+ স্ত্রী ঈ (ঙীষ্)] গণকের স্ত্রী। "পা ৪.১.৪৮, কাশিকা।

গণক্কার, -ণৎকার বি [গণিতকার > গণৎকার > °র] গ্রহাচার্য্য, দৈবজ্ঞ। "গণক্কার ঠাকুর। তোমার ঝুলিতে কি দেখি ?—গি.ছি ৬৬।

গণতি বি [হি গিনতী] গণনা, সংখ্যান। "ব্রাহ্মণের স্ত্রীগণ ক্রমেতে গণতি ভ.গ্র ১৪৩। [গণতির দিন—গণিত দিনের সংখ্যা ; গণা দিন। "ক্রমে হ'য়ে এলাম ক্ষীণ, বাড়িছে দুঃখ দিন দিন, গণতির দিন ক'টা মর্ত্ত্যে আছি দা ১৭।

গণদেব বি সর্থ 'গণদেবতা'। "°গণ।—হেম ১৪১।

গণদেবতা স্ত্রী [উ.লো] গণভূতা বা সঙ্ঘভূতা দেবতা ; আদিত্যাদি দেবতাগণের সমষ্টিভূত দেবগণবিশেষ। 'আদিত্যবিশ্ববসবস্তুষিতাভাস্বরা-নিলাঃ। মহারাজিকসাধ্যাশ্চ রুদ্রাশ্চ গণদেবতাঃ॥—আদিত্য ১২, বিশ্বদেব ১০, বসু ৮, তুষিত ৩৬, আভাস্বর ৬৪, অনিল ৪৯, মহারাজিক ২২০, সাধ্য ১২, রুদ্র ১১—সর্ব্বসুদ্ধ ৪২২ গণদেবতাগণ (অ.টী)।]

গণদ্রব্য ক্লী [ষ.ত] ১ সঙ্ঘের দ্রব্য ; গণস্বামিক দ্রব্য ; গ্রামাদিজন-সমূহের সাধারণ দ্রব্য (property of corporation)। "যাজ্ঞ ২.১৯০। গণদ্রব্যাপহর্ত্তা বিবাস্যঃ।—বিষ্ণু ৫.১৬২। ২ [দ্রব্যের গণ, ষ.ত, রাজদন্তাদি] দ্রব্যসমূহ।

গণন ক্লী [√গণ+অন (ল্যুট্)-ভা ; তু 'গনণ' (গো.চ)] ১ সংখ্যা-করণ, সংখ্যান, গণা। "ক্রিয়াভ্যাবৃত্তিগণনে পা ৫.৪.১৭। কৃতং গণনম্ বি.মা ৬২১/২। ২ সঙ্কলন, যোগ। ৩ বিচারণা, সমীক্ষা। ৪ অবেক্ষা, সম্মাননা, আদর। "বিদ্বোদ্ধত্যে কাহাকেহো না করে গণন চৈ.চ ৬০। —না স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্) ; তু 'গননা' (গো.চ)] ১ সংখ্যান। "অমরগনালেখ্য রঘু ৮.৯৫ ; ১১.৬৬। গুণিগণ° হি ১৫ (কথারম্ভ)। ২ বিচারণা। "অয়ং নিজঃ পরো বেতি গণনা লঘুচেত-সাম্ হি ১.৭২। ৩ অবেক্ষা। ৪ (বাঙলায়) রাশিনক্ষত্রাদি-অনুসারে শুভাশুভফলনিরূপণ।

গণনাথ পুং [ষ.ত] ১ সঙ্ঘস্বামী, বহুস্বামী। ২ প্রমথগণের পতি ; গণেশ। "গৌরীর নন্দন গণনাথ শি ৪। ৩ শিব।

গণনায়ক পুং [ষ.ত] ১ গণাধিপতি, সেবকগণের মুখ্য। "ভ ৫.১৭.১৩। ২ প্রমথনাথ, শিব। ৩ গণেশ। "মহা ১.১.৭৭। দু ২। —নায়িকা স্ত্রী 'শিবশক্তি', দুর্গা।

গণনীয় বিণ [√গণ+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ গণনার যোগ্য ; গণনার্হ; সংখ্যেয়। ২ বিচারণীয়, গ্রাহ্য। ৩ যাহার গণনা অসাধ্য নহে ; গণনাসাধ্য (numerable)।

গণপতি পুং [ষ.ত] ১ গণনামক দেবগণের পতি ; গণেশ। "পঞ্চ ১.১৭০। ২ প্রমথগণের পতি ; শিব (মহা)। ৩ দেবগণপতি ইন্দ্র। ৪ বৃহস্পতি (ঋগ্বেদ)। ৫ অগ্রে পূজনীয় প্রধান দেবতাবিশেষ (শুক্লযজুর্ব্বেদ,—শ.ক)। ৬ সঙ্ঘপতি, গণনায়ক, নেতা।

গণপর্ব্বত পুং [ষ.ত] গণের বাসগিরি, কৈলাস, গণাচল।

গণরাজ বি [গণের রাজা, ষ.ত, অ (টচ্)] গণপতি। "ম ১।

গণরাত্র ক্লী [রাত্রির গণ, ষ.ত, রাজদন্তাদি, ক্লীবত্ব প্রামাদিক (অ.টী)] রাত্রিসমূহ।

গণরায় বি [সং গণরাজ > প্রা °য় (প্রা.ম)] গণরাজ, গণেশ। "মূষিক বাহনে গণরায় বা.ম ১। দু ৫৬। ম.ভা ৫।

গণা[১] বি ['গণাই' > গণা] গণেশ। "গণার মূষা ঝুলি কাটে ক.চ ৩১। গণার ইন্দুর ম.ভা ১৩।

গণা[২] বি [√গণ৩+আ৪ ; তু 'গনা' (গো.চ)] গণনা করা ইত্যাদি। —ণা বিং [√গণ৩+আ১২] ১ গণিত, সংখ্যাত (টাকা, কড়ি ইত্যাদি)। ২ একটি একটি করিয়া গণিত ; ঠিক তৎসংখ্যক (একটি কমও নহে বা বেশীও নহে)। "গণা পাঁচ জন, গণা দশটি আম। [গণা-গাঁথা—১ গণনা করা ও গ্রথিত করা ; গণনাপূর্ব্বক একস্থানে রাখা। ২ গণিত ও গ্রথিত ; গণনাপূর্ব্বক সমষ্টীকৃত। গণাগুণতি—গণনা। গণা পড়া করা ; গনা পাড়া করা (গো.চ)—গণনা করা ও খড়িপাত করা ; খড়ি পাড়িয়া গণা ; ঠিক করিয়া গণা। গণা যায়—গণিতে পারা যায়। "লম্বোদর অস্থিসার শিরা গণা যায় কু ১২৬। হাত গণা—হাতের রেখা দেখিয়া ফলাফল ঠিক করা।]

গণা[৩] সর্ম্ম [গণ৩+আ৮ ; তু 'লি গণাপয়' ; হি √গিনা ; তু 'গণাইতে (গণনা করিতে গো.চ)] ১ গণনা করান ; গণান। ২ রাশিনক্ষত্রাদি-অনুসারে ফলাফল নির্ণয় করান। [গণাই—গণাইয়া। "পরমায়ু গণাই পুত্র বাড়াইলু বলে গ ৮৭। গণান—গণনা করান। হাত গণান—হাত দেখাইয়া ফলাফল নির্ণয় করান।]

গণাই বি [সং গণপতি > প্রা গণবই, * গণঅই > বা °ই] গণেশ। "কার্ত্তিক গণাই ক.চ ২৯। শি ৮৩। বি.পা ৮০ ; ৯১ ; ৩৪৮।

গণাগণ বি [গণ+অগণ ; অপ্র] স্বগণ ও পরগণ ; স্বপক্ষ ও বিপক্ষ। "কৃষ্ণ ভীম প্রদ্যুম্ন যত জন। সব আদি করিয়া যতেক গণাগণ॥—অ.প ১১৪।

গণাধিপ, -ধিপতি পুং [ষ.ত] ১ গণের অধীশ্বর ; শিব। "°ত্রিমূর্ত্তি মাঘ ৯.২৭। ২ গণেশ। "গণাধিপ জ্ঞানবীজ শ্রী.মা ৪। হেম ঘটে গণাধিপ কৈল আরোহণ ক.চ ১২৩। ৩ সেনানায়ক, সেনানী। ৪ সংঘ-পতি, গণনায়ক।

গণান্ন ক্লী [ষ.ত] গণের অন্ন ; মঠাদিতে বহু লোকের উদ্দেশে কৃত অন্ন বা খাদ্য। "মনু ৪.২০৯ ; ২১৯।

গণি বি [গুণি > °ণি ; অপ্র] গুলি। "ঘতগণি বাস শ্রী.ম ৬০।

গণিকা স্ত্রী [গণ+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] ১ গণ (সমূহ) যাহার ভর্ত্তৃরূপে আছে ; বেশ্যা। "সলজ্জা গণিকা নষ্টাঃ।—চাণক্য। গণিকান্ন মনু ৪.২০৯ ; ২১৯। ২ 'বহুদল(petal)-যুক্তা' ; যূথিকা। ৩ হস্তিনী। (তু 'কুনকা, -কী'। ৪ গণিকারিকাবৃক্ষ।

গণিত বিণ [√গণ+ত (ক্ত)-র্ম্ম] ১ সংখ্যাত, কৃতগণন। "গণিতঃ কালঃ মহা ব ৩.৭০.২৫। ২ গণনাপূর্ব্বক নির্ণীত। "শতেন নিষ্কং গণিতম্ মহা ১৩.৯৩.৪৩। ৩ বিচারিত। ৪ মত, সম্ভাবিত। ৫ চিন্তিত (শ.ক)। —ত ক্লী [+ত-ভা] ১ গণনা, সংখ্যাকরণ। "নৈ ৩.৪০। ২ গ্রহের গতিস্থিতিপ্রভৃতি-গণন। "গণিতাধ্যায়। ৩ [+ত-ণ] 'গণন-সাধন', অঙ্কশাস্ত্র। "পাটী°, বীজ°, রেখা°। মৃ ১.৪। ৪ রাশি (sum)। [°শাস্ত্র (ক্লী)—অঙ্কশাস্ত্র (Mathematics)। "°জ্ঞ, °বিৎ।]

গণেশ পুং [ষ.ত ; তু 'গণেস' (গো.বি ১)] ১ প্রমথগণের অধিপতি ; শিব। "মহা ৩.৩৯.৭৯। ২ গণদেবতার পতি ; গণপতি। "মহা ১.১.৭৪। গণেশকে ও বলে যে মা গাণুশ !—শিশু ৩৩। [শ্রীকৃষ্ণ বালক-রূপে পার্ব্বতীর মন্দিরে বিহারশয্যায় অবস্থান করেন এবং পার্ব্বতী কর্ত্তৃক পুত্ররূপে গৃহীত হন। ইনি হস্তিমুণ্ড (দ্র 'গজানন')। পরশুরামের সহিত যুদ্ধে ইঁহার এক দন্ত ভগ্ন হয় ; তদবধি ইনি 'একদন্ত'। ব্যাসের প্রার্থনায় ইনি মহাভারতের লেখকত্ব গ্রহণ করেন (১.১.৭৭)। ইনি চতুর্হস্ত রক্তবর্ণ লম্বোদর স্থূলতনু মূষিকবাহন। ইনি জ্ঞানদাতা, বিঘ্ন-নাশক বলিয়া 'বিঘ্নরাজ', সর্ব্বাগ্রে পূজ্য এবং কার্য্যসিদ্ধিকারক।]

গণেশ-আঁক(কুঁ)ড়ি বি বিঘ্ননাশার্থ বিঘ্নরাজ গণেশের স্মরণসূচক লেখনাদিকার্য্যে লেখনীয় গজশুণ্ডচিহ্ন। "দ্বিজ লয়ে হাতে খড়ি, অবধি গণেশ-আঁকুড়ি, ষড়ক্ষর লিখে দেয় ভূমিতে।—দা ১১১ ; আমার ত গণেশের মাতা, গণেশ-আঁকুড়ি দেন নাইক পেটে ৪৮৯। [ইহার বর্ণনা —অঙ্কুশং প্রথমং দত্তান্ মঙ্গলার্থং বিচক্ষণঃ। মধ্যে বিন্দুসমাযুক্তম্ অধঃ সপ্তাঙ্কসংযুতম্॥ এতদনুসারে ইহার আকৃতি (৭°) এইপ্রকার ; '/৭' এরূপও (ব.প ১৭১৭) লিখিত হয়।]

গণেশান পুং [ষ.ত] গণের ঈশান ; গণেশ। "মহা ১.১.৭৫।

গণেশ্বর পুং [ষ.ত] ১ সমূহের পতি ; গণনায়ক। "হর্ষ্যক্ষাণাং গণেশ্বরঃ গো.রা ৪.২৭.২২। ২ [কর্ম্মধা] গণাত্মক ঈশ্বর ; রুদ্রাদি দেবতাগণ। "মহা ১৩.১৫০.২৫। [রুদ্র ১১ ; আদিত্য ১২, বসু ৮, অশ্বিনীকুমার ২।] ৩ গণেশ। "ভা.চ ২। ৪ শিব।

গণ্ড বিণ [গম্+ড, উ ১.১১১] ১ শ্রেষ্ঠ (ত্রিকাণ্ডশেষ)। "°গ্রাম। ২ স্থূল। "°শৈল। °শিলা ভ ৩.১৩.২২। —ণ্ড পুং ১ কপোল, গাল। "অরুণ° কু.স ৭.৮২। °স্বেদ পু.মে ২৭। °পার্শ্ব রা (S.W.)। গণ্ডেষু পাণ্ডুঃ।—ঋতু ৬.১০। জ ১৪। ২ হস্তিকপোল, কট। "মদ গলে গণ্ড-যুগে গ ১। ৩ গণ্ডক, গণ্ডার। ৪ স্ফোটক, ফোড়া। "গণ্ডস্য উপরি পিণ্ডকঃ সংবৃত্তঃ শ ২৭। মু ৫২২। ৫ গ্রন্থি, গাঁট। ৬ পিটক, জড়ুল। ৭ ঘাড়ের মাংসবৃদ্ধি ; পৃষ্ঠগুড় (সুশ্রুত)। ৮ বুদ্বুদ। ৯ চিহ্ন, দাগ। ১০ অশ্বভূষণ। ১১ বীর। ১২ (জ্যোতিষে) দোষজনক অশ্বিনী-প্রভৃতি নক্ষত্রের ভাগবিশেষ। ১৩ যোগবিশেষ, গণ্ডযোগ। —ণ্ড স্ত্রী বীথী-নাটকের অঙ্গবিশেষ। 'সা.দ ৬.২৬০। [গণ্ডে-পিণ্ডে বা গাণ্ডে-পিণ্ডে গেলা ('গণ্ডপিণ্ড'—মূল)—গণ্ডপিণ্ড-পর্য্যন্ত, অর্থাৎ কুচকি-কণ্ঠা-পর্য্যন্ত ঠাসিয়া খাওয়া। "একে ত স্বাভাবিক লম্বোদর, তাহার উপর ভূরি-ভোজন, গণ্ডেপিণ্ডে গিলিয়া গণ্ডস্যোপরি পিণ্ডঃ সংবৃত্তঃ পা.ঝো ৭১। গাণ্ডে-পিণ্ডে গিলে ফ্যাল ফ্যাল করে চেয়ে দেখবো অ.গ্র ৩৬। গাণ্ডে-পিণ্ডে গিলান—গাণ্ডে-পিণ্ডে খাওয়ান। "মাগী গাণ্ডে-পিণ্ডে সব গিলিয়ে শুকিয়ে শুকিয়ে দড়ী হবে অ.গ্র ২৯।]

গণ্ডক পুং [√গণ্ড+ক (কন্) স্বার্থে] ১ খড়্গী, গণ্ডার। ২ গ্রন্থি। ৩ ভূষণ। তু 'গণ্ড' (১০)। "গণ্ডকাভরণা (বালগ্রীবা)।—কাদম্বরী। ৪ অবচ্ছেদ। ৫ অন্তরায়। ৬ বিদ্যাবিশেষ। ৭ সংখ্যাবিশেষ, গণ্ডা (৪-টা)। —কী স্ত্রী ১ গণ্ডকস্ত্রীজাতি, মেয়ে গণ্ডার। ২ নদীবিশেষ। [এই নদীর একস্থানে শালগ্রামশিলা পাওয়া যায়। কাশীদাসী মহাভারতে 'গণ্ডকী' পর্ব্বত—"গণ্ডকী পর্ব্বতে শিলা, দেবমানে বহুকাল ছিল (ম ৪০১)। গণ্ডকীশিলা (স্ত্রী)—গণ্ডকীনদীজাত শাল-গ্রামশিলা।]

গণ্ডগোল বি [তা 'গোল্লা গোল'—a tumult or noise (H.B. 64) ; তু 'গোণ্ডগোল' (কৃ.উ ২৬৮)] ১ কোলাহল, গোলমাল, তুমুল শব্দ। "সকল পৃথিবী যুড়ে উঠে গণ্ডগোল কৃ ২৫৭ ; প্রলয়ের কালে যেন উঠে গণ্ডগোল ২৮৮। বাজে ঢাক জয়ঢোল, করি মহাগণ্ডগোল॥—বা.ম ৮৪। ঘোর বোল গণ্ডগোল ভা.চ ৪৪। ২ বিবাদ, ঝগড়া, বচসা। "আমি যদি কই তবে হবে গণ্ডগোল ভা.চ ১০১ ; অধর-বান্ধুলি মুখ-কমল আশায়। দুই গণ্ডে গণ্ডগোল অলি মাছি তায়॥—৩৬৭। মনসা সহিত কেন করে গণ্ডগোল ম.ভা ৭৪ ; ৫১৬। ৩ (অপ্র) উদ্‌ঘোষণ, উচ্চশব্দে ঘোষণ বা প্রচার। "বলিকে জিনিল বলি করে গণ্ডগোল কৃ.উ ৮৮। [গণ্ডগুলে—গণ্ডগোলপ্রিয়, ঝগড়াটে।]

গণ্ডগ্রাম পুং [কর্ম্মধা] শ্রেষ্ঠ গ্রাম ; বৃহৎ সমৃদ্ধ ও ভদ্রসমাজযুক্ত গ্রাম। "গণ্ডগ্রাম বলাগড় আ.ছু ১১৯।

গণ্ডদেশ পুং, **-স্থল** ক্লী, **-স্থলী** স্ত্রী [কর্ম্মধা] ১ গণ্ডরূপ স্থান ; কপোল। "বালোলগণ্ডস্থল (গণেশধ্যান)। গণ্ডস্থলীঃ প্রোষিতপত্র-লেখাঃ রঘু ৬.৭২। ২ হস্তিকপোল, কটদেশ।

গণ্ডপিণ্ড পুং [কর্ম্মধা] গণ্ডস্থান ; গণ্ডস্থল। °"কষণ উ.চ ২.৯।

গণ্ডফলক ক্লী [উপ.স] ১ গণ্ড ফলকতুল্য ; বিস্তৃতগণ্ড, প্রশস্তকপোল। ২ [কর্ম্মধা] গণ্ডরূপ কর্ণিকা। "ধৃতমুগ্ধ° মাঘ ৯.৪৭।

গণ্ডভিত্তি স্ত্রী [কর্ম্মধা] গণ্ডই ভিত্তি ; গণ্ডদেশ, কপোলপ্রদেশ। "রঘু ৫.৪৩। [দ্র 'মল্লিনাথ-টীকা']

গণ্ডমালা স্ত্রী [ষ.ত] গণ্ডসমূহের মালা ; গ্রীবাজাত স্ফোটকবিশেষ-সমূহ ; গলগণ্ড। "শাতাতপ ১.৭। —মালী (-লিন্) বিণ [°লা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -লিনী] গণ্ডমালারোগযুক্ত। "মনু ৩.১৬১।

গণ্ডমূর্খ বিণ [কর্ম্মধা ; অর্ব্বাচীন সংস্কৃত] মহামূর্খ, অতিমূঢ়। "কোথাকার গণ্ডমূর্খ পাষণ্ড নাস্তিক চ.কা ৮৬।

গণ্ডযোগ বি [কর্ম্মধা] (জ্যোতিষে) গণ্ডনামক যোগবিশেষ (শিশু এই যোগে সন্ধ্যায় জন্মিলে আত্মঘাতী, রাত্রিতে জন্মিলে পিতৃঘাতী ও দিবসে জন্মিলে মাতৃঘাতী হয়)। "গণ্ডযোগে জন্ম হলে, সে হয় যে মা-খেকো ছেলে।—রামপ্রসাদ।

গণ্ডলেখা স্ত্রী [কর্ম্মধা] গণ্ডস্থল, কপোলদেশ। "কু.স ৭.৮২। কি ১৬.২।

গণ্ডশৈল পুং [শৈলের গণ্ডতুল্য, ষ.ত, রাজদন্তাদি] ১ ভূকম্পাদি হেতু গিরিচ্যুত স্থূলপাষাণ ; স্থূলোপল, গণ্ডশিলা। "ঘনকোমল° মাঘ ৪.৪০ ; উরোজ° ৮.২৫। গণ্ডশৈল-সম…দুই স্তন শ্রী.ম ২২। মেরু মন্দরপর্ব্বত ডুবায় যথা-তথা। এই দুই গণ্ডশৈল, ইহার কা কথা॥ —চৈ.চ ১৫৯। গণ্ডশৈলসমান নির্ম্মাণ করে গ্রাস শি ৭৫। ২ গণ্ডস্থল। "মাঘ ৪.৪০। ৩ (বাঙলায়) মহাগিরি। "সুমেরু বাহিয়া পড়িলা গণ্ড-শৈলে গ ১৫০। ওই গণ্ডশৈল শিরে…বিকাশে গৈরিকঘটা ছটা রক্তময় সা.ম ৪৯।

গণ্ডস্থল, -স্থলী দ্র 'গণ্ডদেশ'।

গণ্ডা১ বি [সং গণ্ডক >প্রা গংডঅ >বা গণ্ডা ; হি, ঠ গেংড়া ; অস গঁড়্, -র্ ; অপ্র] গণ্ডার। "গণ্ডা বলি দান শূ ১২৯। শ্রী ১৫৮ ; ১৫৯। ম.পা ৩৭। গ ১০২। শ্রী.মা ১৪২ ; ১৪৫।

গ(গো)ণ্ডা২ বি [দ্র 'গণ্ডা১' ; গণ্ডা (মুণ্ডারি)] ১ চার কড়া বা পয়সা। "গণ্ডা কড়ি গুন্তে গেলে জানের বাড়ী যান।—হেম ৩৯০। যত আনা তত গণ্ডা।—শুভঙ্করী। ২ দ্রব্যমাত্রের চারিটি। "চৌদ্দ গোণ্ডা গো.চ ১৮৩। ৩ এক আনা। "গণ্ডার জিনিস কত গুন শিশু-গণ।—শুভঙ্করী। ৪ হিসাবে প্রাপ্য অর্থ দ্রব্য ইত্যাদি। "পার হৈলে তুমি পাইবে ধরণ গণ্ডা শ্রী.ম ৬৬। উচিত গণ্ডা যে বা হয়, না দিলেও যাইতে পার তুমি ব ১৪২। আপন গোণ্ডা বুঝে নেবা, পরের গোণ্ডা পরকে দেবা জা ৩৫। [গণ্ডা গণ্ডা—বহু গণ্ডা ; অনেক, ভূরি। গণ্ডায় এণ্ডা (এ্যাণ্ডা) দেওয়া বা বলা—সুরে সুর মিলান ; গোলে হরিবোল দেওয়া ; বেমালম ফাঁকি দেওয়া। "পাঠশালার ছেলেরা য্যামন ঘোসাবার সময় সদ্দার পোড়োর সঙ্গে গোলে হরিবোল দিয়ে গণ্ডায় এ্যাণ্ডা বোলে সায় দিয়ে যায়, সেই প্রকার জ্ঞানানন্দ প্রেমানন্দের সঙ্গীত শুনে,…দুই অ্যাকটা তান মারতে লাগলো হু ২১৯। গণ্ডায় গণ্ডায়—গণ্ডা হিসাবে ; গণ্ডা অনুসারে। গণ্ডায় গণ্ডায় ভুল—এত ভুল যে, গণ্ডার হিসাবে গণা যায় ; রাশি রাশি ভুল। আপন গণ্ডা—হিসাবে আপনার প্রাপ্য।]

গণ্ডাকীয়া, -কে বি ['গণ্ডাকীয়া'—মূল] শতপর্য্যন্ত গণ্ডাসম্বন্ধী গণিতপাঠ-বিশেষ ; গণ্ডাশিক্ষার হিসাব।

গ(গা)ণ্ডার বিং [সং গণ্ড, -ক ; বা গণ্ডা-ল >°র ('ল'স্বার্থে)] চতুষ্পদ স্থূলচর্ম্মী জন্তুবিশেষ (rhinoceros)। "গণ্ডারের শৃঙ্গে গড়া কোষা কোষী মে ১৯৫।

গণ্ডি১ পুং [অর্ব্বাচীন সংস্কৃত] তরুর শাখাবধি ভাগ ; গুঁড়ি (অ.চি)।

গণ্ডি২**, -ণ্ডী**১ বি [প্রা গংডী—কমলকর্ণিকা { প্রা.ম ; সং গণ্ডী (?) } ; হি গণ্ডী—বৃত্ত ; তু 'সং প্রগণ্ডী'] ১ ভূতাদির বা দুর্বৃত্তের উপদ্রব হইতে রক্ষার্থ মন্ত্রোচ্চারণপূর্ব্বক অঙ্কিত বৃত্তরেখা। "গণ্ডি দিয়া বেড়িলেন লক্ষণ সে ঘর। প্রবেশ না করে কেহ ঘরের ভিতর॥—কৃ ১৪০। নব গণ্ডি দিলে যেন পূর্ব্ব গণ্ডি হেলা ম ২৬৪। ২ সীমাসূচক বেষ্টনরেখা-মাত্র। "পদ প্রসারিতে মানা চারিদিকে গণ্ডি আঁকা ঘর স্ব.প্র ২১০।

ভব্যতার গণ্ডীমাঝে, শান্তি নাহি মানি চ.কা ৭৯। ভেদের গণ্ডী কু.কে ২৬। [গণ্ডি-আঁকা ঘর—সীমারেখায় বেষ্টিত স্থান। গণ্ডী-রেখা—গণ্ডি। "পঞ্চ ক্রোশ যুড়ি হর দেন গণ্ডী-রেখা কৃ ২০।]

গণ্ডি৩, -ণ্ডী২ বি [সং গাণ্ডি(ণ্ডী)ব > প্রা॰ গংডি(ডী)অ, -র (প্রা.ম) > বা গণ্ডি, -ণ্ডী ; তু 'গাণ্ডি, -ণ্ডী'] ধনু। "হাথে গণ্ডি কৃ.উ ১২ ; ৭২ ; ধরি গণ্ডীবান ১৮৭ ; ২২৩ ; হাথে গণ্ডিবাণ ২৩২ ; ২৫৩। গণ্ডিখান ভাঙ্গিলেন রাম শ্রী.মা ১৪৪ ; গণ্ডি ১৪৬।

গণ্ডী১ ; গণ্ডী২ দ্র 'গণ্ডি২ ; গণ্ডি৩'।

গণ্ডু পুং, **-ণ্ডূ** স্ত্রী **১** উপধান, বালিশ, 'গালবালিশ' (?)। **২** [তু 'সং গ্রন্থি > প্রা গংঠি] গ্রন্থি।

গণ্ডূষ পুং [√গণ্ড্ +উষ (উষন্), উ ৪.৭৮] **১** মুখপূরণ। **২** মুখপূরণ-পরিমাণ বা মুখমধ্যধৃত জলাদি। 'অসঞ্চার্য্যা তু যা মাত্রা গণ্ডূষঃ স প্রকীর্ত্তিতঃ।—সুশ্রুত ৪.৪০.৪৪। "গঙ্গাং গণ্ডূষীকৃত্য যোঽপিবৎ ভ ৯.১৫.৩। **৩** মুখপূরণপরিমিত অংশ। "পয়সঃ গণ্ডূষসংক্রান্তয় উ.চ ৩.১৬। **৪** প্রসৃতিপরিমাণ (একেকোষ) জলাদি। "°মদ্য, শীধুগণ্ডূষ উ.মে ১৭, টীকা। °ধারণ, স্নেহ° (সুশ্রুত)। গণ্ডূষ জলমাত্রেণ শফরী ফরফরায়তে (উদ্ভট)। গণ্ডূষে করিলে গঙ্গা উদর-ভিতর।—ক.চ ২৩৩। **৫** হস্তি-শুণ্ডাগ্র। **৬** উন্নতনাভি (ত.বা), গোঁড়। **৬** ভোজনের পূর্ব্বে বা পরে শাস্ত্রানুসারে ব্রাহ্মণাদির পানার্থ প্রসৃতিপরিমাণ জল। "উদর হইল পূর্ণ উঠিল উদ্গার। অবশেষে গণ্ডূষ করিতে নারে আর॥—শি ৩৩। **৭** (বাঙলায়) গণ্ডূষসদৃশ স্বল্প গ্রাস বা খাদ্য-কবল। "মাধব কহে সার, মুক্তি হইল তার, পূতনা প্রথম গণ্ডূষ শ্রী.ম ২১। —বা স্ত্রী গণ্ডূষ। [গণ্ডূষ করা—ভোজনের পূর্ব্বে কিঞ্চিৎ জল পান করা ; ভোজন আরম্ভ করা। গণ্ডূষ ত্যাগ করা—ভোজন শেষ করা। কেঁচে গণ্ডূষ করা—পুনর্ব্বার কার্য্য আরম্ভ করা।]

গণ্ডোপধান ক্লী [ষ.ত] গণ্ডের স্থাপন-স্থান ; গণ্ডস্থাপনার্হ উপধান ; গালবালিশ্। "মৃদুগণ্ডোপধানানি।—সুশ্রুত।

গণ্ডোপল পুং [কর্ম্মধা] গণ্ডশিলা, গণ্ডশৈল। "ম.চ ৬.২৪।

গণ্য বিণ [√গণ+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -ণ্যা ; ছান্দস] **১** গণনার যোগ্য ; গণনার্হ, সংখ্যেয়। **২** [গণ+য (যৎ) লব্ধা অর্থে (পা ৪.৪.৮৪)] অবেক্ষণীয়, পূজ্য, মাননীয়। "অগ্র°, ন°। **৩** সম্ভাবনীয়। "নৈ ১১.২০। **৪** গ্রাহ্য, বিবেচ্য, বিচারণীয়। [গণ্যমান্য—গণনীয় ও মাননীয়.; সম্ভ্রান্ত।]

গৎ বি ['গতি'—মূল ; হি গত] **১** যন্ত্রাদিতে যে সকল স্বরবিন্যাস ছন্দ অবলম্বন করিয়া বাদিত হয় এবং যাহা গাওয়া যায় না, তাহা 'গৎ' (গী.সা ৭৫, টীকা) ; বাজনার বোল। "গোবিন্দলাল একটা সেতার লইয়া বাজাইবার চেষ্টা করিলেন, কিন্তু গৎ-সকল ভুলিয়া যাইতে লাগিলেন ব.প্র ৩১৮। **২** (গৌণার্থে) ভাবাবিশেষের বাঁধা বোল বা বুলি ; পরিপাটিযুক্ত শব্দবিন্যাস। "পাপড়িভাঙ্গা ইংরাজি গৎ পা.প্র ১৬৩ ; আমি কখনই...ইংরাজি গৎ অভ্যাস করি নাই : ইংরাজি গৎ-রূপ বিষম অন্তরায় ১৬৬।

গত১ দ্র 'গচ'।

গত২ বিণ [√গম্+ত (ক্ত)-ক ; ছান্দস] **১** প্রস্থিত, চলিত। "ঋতুপর্ণে গতে মহা ৩.৭৩.৩০। **২** পলায়িত। "চৌরে গতে বা কিমু চাবধানম্ (উদ্ভট)। **৩** অতীত, অতিক্রান্ত। "গতাঃ সংবৎসরা দশ রা ১.৬৩.১১। বয়সি গতে কঃ কামবিকারঃ (মু.র)। গতবয়সামপি পুংসাম্।—পঞ্চ ১.১০। হইল বয়স গত ম.পা ৮০। **৪** অন্তর্হিত, নাশপ্রাপ্ত। "°চেতন, °জ্বর, °ব্যথ, °সংজ্ঞ, °সত্ত্ব, °সৌহৃদ, অত্যন্ত°। গতক্লম মনু ৭.২২৫। **৫** অবসিত, অবসন্ন, প্রভাতপ্রায়। "রাত্রির্গতা রঘু ৫.৬৬। **৬** প্রাপ্ত। "পুত্রাংশুভস্ত গতো নৃপঃ রা ১.৫৭.১৪ ; তির্য্যগ্‌যোনি° ৪.৫৬.১০। গতো বধ্যান্তরম্ রঘু ৫.২৪। **৭** আরূঢ়। "রথ° গো.রা ৩.২৮,৩৩। প্রাসাদ° মহা ৩.৬৫.৪৯। **৮** প্রবিষ্ট। "স্থানান্যপি গতাগতম্ মনু ৫.১৪১। **৯** পরলোকপ্রস্থিত, মৃত, উপরত। "গত এব (স সখা) কু.স ৪.৩০। গতজীবে শোক বৃথা ম ১০২২। এখন তিনি গত হইয়াছেন। এখন ভিন্ন কথা ব.প্র ৪৯৭। **১০** আশ্রিত, অধিষ্ঠিত, আস্থিত। "অশোক-বনিকাং গতাম্ রা ১.১.৭৩ ; ভর্ত্তৃপুত্রগতে পথি ২.৫২.৫৮। কায়গতং ব্রহ্ম মনু ১১.৯৮। আদিত্যগতং তেজঃ গী ১৫.১২। বৃক্ষগত লতা, জিহ্বাগত কথা দা ১৮২। **১১** অধ্যাসীন, অধিষ্ঠিত। "সদোগত রঘু ৩.৬৬। সভা° (পঞ্চ)। **১২** অভিনিবিষ্ট। "তদ্গতেনৈব মনসা রা ১.২.২৮। **১৩** তদ্গোচর, তদ্বিষয়ক। "সখীগতং পৃচ্ছামঃ শ ১২১। স্থলপদ্মিনীগতং বিতর্কম্ কি ৪.৫। কুশল জিজ্ঞাসিল বন্ধুগত শ্রী.ম ২১৪। **১৪** সংঘটিত, সংবৃত্ত। "ইতোগতং বৃত্তান্তং স্মরতি শ ৪৮। **১৫** অধিগত, প্রাপ্ত। "সকলকলাপারং গতঃ।—পঞ্চ ১ (কথামুখ)। **১৬** নিবৃত্ত, মন্দীভূত। "গতার্ত্তবা, গতোৎসাহ। **১৭** অপেত, উৎক্রান্ত। "°জীবিত, °প্রাণ, গতাসু। **১৮** পতিত, প্রাপ্ত। "আপদ্গত মনু ৯.২৮৩। **১৯** অবগত। **২০** সমাপ্ত (ত.বা)। **২১** [+ত -র্ম্ম] বিজ্ঞাত, বিখ্যাত। "ভীমেতি শব্দোঽস্য গতঃ পৃথিব্যাম্ (মহা)। —ত ক্লী [+ত-ভা] **১** গমন, গতি। "বৈহায়সগতেন রা ২.২৭.৯। শ ৭.৭। রঘু ২.১৮ ; মদালসং গতম্ ৮.৫৯। কু.স ১.৩৪। **২** খ্যাতি। **৩** গোচর, বিষয়। "যাবন্নাম্নো গতম্।—ছান্দোগ্য ৭.১.৫। **৪** প্রকার। **৫** বৃত্তান্ত। **৬** [+ত -র্ম্ম, -ধি] প্রাপ্ত স্থান। "ইদমেষাং গতম্ পাণি ২.২.১৩ (S.W.)। [°কল্য (বি)—পূর্ব্বদিন। °ক্লম (বিণ)—বিগতক্লেশ, বিশ্রান্ত। "মহা ৬.৬৩.১। মনু ৭.২২৫। বিগতক্লম।—কাদ ৪০। °খামার (বি)—খাসখামার হইতে গত বা খারিজ জমি। °চেতন (বিণ)—চেতনাহীন, অসংবিৎ। "মহা ৩.৬২.১৯। °জীব, °জীবিত (বিণ)—গতাসু, মৃত। "গতজীব মেঘনাদ মে ২১২।]

গতজ্বর বিণ [বহুব্রী] **১** জ্বররহিত, বিজ্বর, অরোগ। **২** বিগতখেদ, দুঃখরহিত, অশোক। "সীতে সুস্থা ভব গতজ্বরা গো.রা ৬.৯৮৭। মহা ৩.৭২.৩৯ ; ৪৩।

গতপ্রত্যাগত বিণ [কর্ম্মধা] যে গিয়াছে এবং পুনর্ব্বার আসিয়াছে ; যাতপ্রত্যায়াত (ভৃত্যাদি)। "মনু ৭.১৮৬।

গতপ্রায় বিণ [বহুব্রী ; স্ত্রী -য়া] যাহার প্রায় (অধিকাংশ) গত ; প্রায় অতীত। "বর্ষে গতপ্রায়ে মহা ৪.১৪.৪। গতপ্রায়ঃ স শাপঃ ক.সা ২.২৭।

গতব্যথ বি [গতা ব্যথা যাহার, বহুব্রী ; স্ত্রী -থা] ব্যথাহীন, গতভয় (শঙ্কর), আধিশূন্য (শ্রীধর)। "গী ১২.১৬।

গতর বি [সং গাত্র > বা (স্বরাগমে) গাতর > °র ; মৈ 'গতর'—অবয়ব ; গতোর (Austro-Asiatic ; সাঁওতালী)] দেহ, সুস্থসবল শরীর, কার্য্যপটু দেহ। "দুঃখে গেল গতর।—শ্রী ২২৯ ; ব.প ৪৯। [গতরখাগী—**১** যে স্ত্রীলোক আলস্য করিয়া দেহের কার্য্যপটুতা নষ্ট করিয়াছে ; শ্রমপরাঙ্মুখ সুস্থদেহ স্ত্রীলোক ; কুঁড়ে মেয়েমানুষ। **২** গালি-বিশেষ। "কোন আবাগী গতরখাগী গরব করে যায় ?—ঈশ্বরচন্দ্র গুপ্ত। গতর খাটান—শারীরিক শ্রম করা ; খাটা। "আমাদের আর উপায় নাই বলিয়া গতর খাটিয়ে খেতে এসেছি ব.প্র ২৭৪। গতরখেগো—শ্রমবিমুখ, কুঁড়ে ; গালিবিশেষ। গতর নেড়ে খাওয়া—শরীর খাটাইয়া জীবিকার্জ্জন করা। গতর-পোষা (মালদহ), গতরসোগা—যে দেহের পুষ্টিই চায় বা দেহের প্রতি যাহার সোহাগ ; অলস, কুঁড়ে (লোক)। গতর লাগা—গাত্রপুষ্ট হওয়া। গতরে পোকা ধরা—গতর নষ্ট হওয়া ; দেহশ্রমে অপটু হওয়া]।

গতরস বিণ [বহুব্রী] রসহীন, নিষ্পীড়িতরস, শুষ্ক। "গী ১৭.১০।

গতরাইয়তী, -রায়তী বি জমা হইতে গত, অর্থাৎ খারিজ-করা রাইয়তের জমি।

গতসঙ্গ বিণ [বহুব্রী] যাহার কর্ম্মে আসক্তি নাই ; ফলে অনাসক্ত ; ফলাসঙ্গশূন্য, নিষ্কাম। "গী ৪.২৩।

গতস্পৃহ বিণ [গতা স্পৃহা যাহার, বহুব্রী ; স্ত্রী -হা] স্পৃহাহীন, নিস্পৃহ, বিতৃষ্ণ, বিরক্ত। "মাঘ ১.৩০।

গতা সর্ম্ম [গত > ✓গতা ; অস ✓গতা] অনিচ্ছাসত্ত্বে গত (প্রাপ্ত) করান ; হস্তগত করান ; গ্রহণ করান ; লওয়ান, গছান। "এবার পনর বিষের দাদন গতিয়েচে (গতাইয়াছে) নী ২৮। [গতাইয়া দেওয়া, গতান—লওয়ান। "ময়রাগণ···রাস্তার লোক ধরিয়া সন্দেশ গতাইয়া দিয়া, হাত পাতিতেছে ব.প্র ৬১৫।]

গতাগত ক্লী [স.দ্ব] ১ গত ও আগতের সমাহার ; গমনাগমন, যাতায়াত। "গতাগতেন বা কালো দীর্ঘ এব ভবিষ্যতি গো.রা ২.৫৯.২৩। গতাগতং···লভন্তে গী ৯.২১। কি ১৭.৩৮। মা.মা ৮.৪৭। পুর বাহির পথ করত গতাগত বি.সা ৪৬। গ ৭২। ২ পক্ষীর গতি-বিশেষ, অর্থাৎ গমন ও যথোদ্দিষ্ট স্থানে পুনরাগমন। "মহা ৮.৪১.২৯। ৩ তিরোভাব ও আবির্ভাব ; স্থিতি ও ক্ষয় ; বৃদ্ধি ও নাশ। "সঃ··· রাজ্ঞো বংশস্থাহ গতাগতম্ রা ৭.৫১.২৩।

গতাগতি স্ত্রী [উ.লো] ১ গতির সহিত আগতি ; গমন ও আগমন ; পরলোকগমন ও পুনর্ব্বার ইহলোকে আগমন ; মৃত্যু ও জন্ম। "জাবালিরপি জানীতে লোকস্যাস্য গতাগতিম্।—রা ২.১১০.১। করমবিপাকে গতাগতি বি.প ২২০। দূর কর গতাগতি দোষ শি ১১১। এ দুর্গতি গতাগতি নিবৃত্তি না হবে।—রামমোহন রায়। ২ গমনাগমন, যাতায়াত। "সদা করে গতাগতি দু ৯। গতাগতি করি ঐ ছলে ব.প ৮৫৪। লোক° ম ৩০৭। চৈ.চ ৮৮। ন.প ১৩০ ; ৪২০। চৈ.ম ১৭৭। হৈব গতাগতি শ্রী.ম ৬৭। ৩ (বাঙ্‌লায়) সূর্য্যের গমন ও আগমন ; অস্ত ও উদয়। "গতাগতি করি লক্ষ্য, দিবানিশি মাস পক্ষ, হৈল ঋতু অয়ন বৎসর ক.চ ১০। [গতাগতিক—গমনাগমন। "বা.দ ২০৯।]

গতানুগত ক্লী [গতের অনুগত, ষ.ত] লোকপরম্পরাপ্রচলিত আচারাদি বিষয়ের অন্ধভাবে অনুগমন ; বিষয়মাত্রের অবিচারে অনুসরণ।

গতানুগতিক বিণ [°গত+ইক (ঠন্) অস্ত্যর্থে] গতানুগতিযুক্ত, অবিচারে বিষয়মাত্রের অনুগামী, অপারমার্থিক। "একস্য কর্ম্ম সংবীক্ষ্য করোত্যন্যোঽপি গর্হিতম্। গতানুগতিকো লোকো ন লোকঃ পার-মার্থিকঃ॥—পঞ্চ ১.৩৭৩। হি ১.৯। পূর্ব্বেকার গতানুগতিক লোকের ঐ বোধ অপেক্ষাকৃত স্বল্প-প্রখর ছিল পা.প্র ১১০। বিদ্যাসাগর আর যাহাই হউন, গতানুগতিক ছিলেন না চা.পু ৬০ ; আমরা গতানুগতিক ; যেখানে দশজনের বেদনা বোধ নাই, সেখানে আমরা অচেতন ৬৩। [°ন্যায়—দ্র 'ন্যায়'।]

গতায়াত বি [গত ও আয়াত, দ্বন্দ্ব] ১ যাতায়াত, গমনাগমন। "লোক গতায়াত যত ন.প ১৬৬ ; ৪১১। অনন্ত ব্রহ্মাণ্ড কত, গতায়াত করে লোমকূপে শ্রী.ম ৪৫। ২ মরণ-জনন, জন্ম-মৃত্যু। "দাশরথি! ঘুচাও দাশরথির গতায়াত।—দা ১৩৪৪।

গতায়ুঃ (-য়ুস্) বিণ [বহুব্রী ; স্ত্রী -য়ুঃ] ১ যাহার আয়ুঃ নিঃশেষ ; গতজীবিতকাল, মৃত। "বানরাণাং গতায়ুষাম্ গো.রা ৬.১.১০ ; ৮২.৩৬। গতায়ুঃ জনে চিরজীবী করে দু ৬৯। ২ প্রাপ্তচরমকাল, অতিবৃদ্ধ। "গো.রা ৩.২৩.৪৩। ৩ ক্ষীণায়ুঃ, আসন্নমৃত্যু। "দীপনির্ব্বাণগন্ধঞ্চ সুহৃদ্বাক্যমরুন্ধতীম্। ন জিঘ্রন্তি ন শৃণ্বন্তি ন পশ্যন্তি গতায়ুষঃ॥

গতায়ুষ বি [সং গতায়ুস্ ; অস গতায়ুষ ; অপ্র] মৃত। "বাহির হইল এক নর-মূর্ত্তি, গতায়ুষ-প্রায় স্ব.প্র ২০১।

গতার্থ বিণ [গত অর্থ যাহার, বহুব্রী] ১ যাহার অর্থ জ্ঞাত ; জ্ঞাতার্থক (পদাদি)। ২ বিগতার্থ ; অর্থশূন্য, অভিধেয়হীন। ৩ ধনহীন, দরিদ্র।

গতাসু বিণ [গত অসু যাহার, বহুব্রী ; স্ত্রী -সু] ১ গতপ্রাণ, মৃত। "গী ২.১১। ২ গতপ্রায়প্রাণ, ক্ষীণায়ুঃ।

গতি স্ত্রী [✓গম্+তি (ক্তিন্)-ভা ; তু 'গই' (চ) ; ছান্দস] ১ গমন, চলন। "লঘু° পু.মে ১৬ ; গগন° ১৭। কু.স ১.১১। ২ গমনপ্রকার, চলনভঙ্গি। "ন চৈবাস্যানুকুর্বীত গতিভাষিতচেষ্টিতম্ মনু ২.১৯৯। গজরাজ গতি শ্রী.কী ৬৯। মন্দ গতি ম ১৯১। ৩ প্রয়াণ, প্রস্থান, নির্বাণ। "যাজ্ঞ ৩.১৭০। ৪ প্রাপ্তি, উপস্থিতি, পঁহুছান। "সেসি প্রকারে বৃন্দাবনে গতি হএ শ্রী.কী ২০০ ; তোহ্মার গতি শক্তিআঁ রচয়ে শয়নে ২০২। ৫ প্রবেশ, সঞ্চার। "মণৌ বজ্রসমুৎকীর্ণে সূত্রস্যে-বাস্তি মে গতিঃ রঘু ১.৪। ৬ প্রসর, প্রবেশক্ষমতা। "কু.স ৩.১৯। অব্যাহত বুদ্ধিগতি ক.চ ২১৫। ৭ নভোগমন, উৎপতন। "খগ° (অ.কো)। গত্যা ললিতয়া।—মহা ৮.৪১.২৮, নীলকণ্ঠ। ৮ শরাদি অস্ত্রের উৎপতন। "সর্ব্বাস্ত্রগতিকোবিদঃ গো.রা ৫.৭৬.৭। ৯ পরিণাম, পরিণতি। "দুরধিগমা হি গতিঃ প্রয়োজনানাম্ কি ১০.৪০। দৈবী বিচিত্রা গতিঃ (উদ্ভট)। ১০ প্রাপ্তি, লাভ। "ভোগৈশ্বর্য্যগতিং প্রতি গী ২.৪৩। মনু ১.১১০। ১১ যাত্রা (march, procession)। ১২ গ্রহের কক্ষভ্রমণ। ১৩ পদপ্রাপ্তি (নীলকণ্ঠ), নিষ্ঠা (শ্রীধর)। "অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে গী ১২.৫। ১৪ উৎপত্তি, সম্ভব। "মনু ১.৫০। ১৫ জন্মপ্রাপ্তি, পুনর্জন্মলাভ। "মনু ৬.৭৩ ; ১২.৩। ১৬ জ্ঞান, অবগতি। ১৭ নির্গমন। "প্রাণাপানগতী রুদ্ধ্বা গী ৪.২৯। ১৮ গর্ভে ভ্রূণের অবস্থানবিশেষ। "গর্ভস্য গতয়শ্চিত্রা জায়ন্তেঽনিলকোপতঃ।—(সুশ্রুত)। ১৯ [+তি-র্ম্ম] অবস্থা, দশা, ভাব, প্রকার। "গী ৬.৩৭। পরার্দ্ধ° রঘু ৮.২৭। আরাধিয়া পশুপতি, পাইলে পশুর গতি ক.চ ১৪ ; কার্য্যের গতি ১২৪ ; ২২০। দেখিয়া শিবের গতি, চিন্তান্বিতা পদ্মাবতী ম.ম ৪৪। দপ্তরী আমার পতি তার গতি শুন ভা.চ ৪০৮। ২০ ভিন্ন ভিন্ন শারীরিক অবস্থা—কৌমার যৌবন জরা। ২১ পদ, স্থান। ২২ বৃত্তি। "কুসুমস্তবকস্যেব দ্বে গতী স্তো মনস্বিনঃ।—ভর্ত্তৃহরি। ২৩ স্বরূপ। "কি ৬.৩৬। ২৪ বিষয়। "মনোরথানামগতির্ন বিদ্যতে কু.স ৫.৬৪। ২৫ কর্ম্মফল (শঙ্কর)। "গতির্ভর্ত্তা (অহম্) গী ৯.১৮। ২৬ গম্য-পুরুষার্থ, গম্য (শ্রীধর) ; প্রাপ্য। "তমাহুঃ পরমাং গতিম্ গী ৮.২১। স্বার্থগতি ভ ৭.৫.৩১। ২৭ গম্যস্থান। "গতয়ো ভিন্নপথা হি দেহিনাম্ রঘু ৮.৮৫। ২৮ স্বর্গাদিফল, স্বর্গাপবর্গ। "প্রাপ্নোতি পরমাং গতিম্ মনু ১২.১১৬। বাসুদেব পরা গতিঃ ভ ১.২.২৯। ২৯ রক্ষক, শরণ, আশ্রয়। "প্রথমা গতিরাত্মৈব দ্বিতীয়া গতিরাত্মজঃ।—গো.রা ২.৬২.৩৮। রা ২.৬৪.৪৩। ভ ২.৪.২০। তুমি গতি ম ৮১৮। পথ ছাড়ি নাহি দিলে তোমার গতি নাই ব.প ৭৭০। অগতির গতি।—দা ১। রথীর গতি হয় সারথি ; যোগীর গতি বৃক্ষমূল ৭৩০। ৩০ ভাগ্য, অদৃষ্ট। "ভর্ত্তুর্গতির্গন্তব্যা (দশকুমার)। ৩১ [+তি-ণ] উপায়, অভ্যুপায়। "দণ্ডস্তুগতিকা গতিঃ যাজ্ঞ ১.৩৪৬। জীবন সংশয় হইল এবে কোন গতি গো.বি ১০৯। সভার মরণমাত্র গতি ম ৯৯২। স্বধর্ম্মে রাখিলে মতি, গতি সর্ব্ব ঠাঁই শ্রী ১০০। ৩২ মার্গ, সরণি, পথ। "শুক্লকৃষ্ণে গতী হ্যেতে গী ৮.২৬। ৩৩ নক্ষত্রের গমনপথ (A.)। ৩৪ প্রমাণ। "কি ১৪.১৫। ৩৫ জ্ঞান, বিদ্যা। "দদাববিহতাং গতিম্ ভ ৯.৭.২৪। ৩৬ নাড়ীব্রণ। ৩৭ (ব্যাকরণে) ক্রিয়াযোগে উপসর্গ-প্রভৃতি। "পা ১.৪.৬০ ; ৬১। ৩৮ (বাঙ্‌লায়) মোক্ষলাভের অনুকূল অন্তর্জলী ও যথাবিধি অন্ত্যেষ্টিক্রিয়া-প্রভৃতি। "মরিলে কি গতি তাই তোমরা করিবে ভ.প্র ২৩০। ৩৯ শিষ্য, অনুচর। "চারি সঙ্গ গতি : চলিলেন গতিগণে শূ ৩৩, -৪, -৭। ৪০ রীতি, আচার, পদ্ধতি। "এখনও ফিরিয়া দেখ না চাহিয়া, জগতের গতি, ভ্রমেতে ডুবিয়া।—হেম ২৮৬। ৪১ মুক্তি, মোক্ষ, উদ্ধার। "কেমনে হইবে মোর বংশের সদ্গতি

কৃ ১৫ ; ১৭। **৪২** বেগ (motion)। **৪৩** পরিবর্ত্তন। "গতিই সংসারের সুখ ব.প্র ৬২০। [গতি করা—অন্ত্যেষ্টি করা ; উপায় করা ; উদ্ধার করা। গতি-মুক্তি (একার্থক)—মোক্ষ, উদ্ধার।]

গতিক বি [সং গতি+ক] **১** অবস্থা, দশা, ভাব। "কিছুক্ষণ পরে চিকিৎসক কহিলেন, 'গতিক মন্দ' ব.প্র ৫৫। ঠকচাচা দেখিলেন, গতিক বড় ভাল নয় আ.দু ৫০। আজকের গতিক ভাল নয়। —গি.দ্বি ১১৪। **২** অবস্থা, অর্থাৎ আড়ম্বর। "মেঘের গতিক দড়, নিশ্চয় মজিব জলমধ্যে ম.ম ১৩৯। **৩** উপায়, কৌশল। "বিমলার মুখ অতি হর্ষপ্রফুল্ল, তিনি গতিকে মনোরথ সিদ্ধ করিয়াছেন।—ব.প্র ৪০। **৪** চাল-চলন, ভাবভঙ্গি। **৫** পরিণাম, ফল। "তাঁর এক ভৃত্য নিজ কর্ম্মের গতিকে। মরিয়া হৈল ভূত কৃতান্ত অন্তিকে॥—ভ.গ্র ১৭৪। **৬** নাড়ীর স্পন্দন (beating)। "নাড়ীর গতিকটা দেখা আবশ্যক নী ৮৫। —কে ক্রি.বিং **১** ক্রমে, প্রভাবে, বশে। "গৃহী হইতে গেলে বিবাহ করিতে হয়, এই যে প্রাচীন সংস্কার ছিল, তাহা কালগতিকে ক্রমশঃ দুর্ব্বল হইয়া আসিতেছে পা.প্র ১৩৫। **২** অনুসারে। "তাঁহারা দেশের সুদূর ও সুবিস্তীর্ণ মঙ্গলকে শান্তভাবে সত্যভাবে বিচার করিতে অবস্থাগতিকেই অক্ষম।—রবীন্দ্র। [গতিক-গাতাক—চাল-চলন, ভাবভঙ্গি, আকার-প্রকার, উদ্যোগ-উপক্রম। প্রাণগতিক মঙ্গল—প্রাণে-প্রাণে ভাল।]

গতিপথ বি গমনের পথ ; প্রবাহ-খাত। "পার্ব্বতীয় বারি পৃথিবী হৃদয়ে বিচরণ করিয়া, গতিপথ নিখাত করে ব.প্র ১৬১।

গতিবিধি বি **১** উপায়ের বিধান ; বিপদ্মুক্তির উপায়নির্দ্ধারণ। **২** শবের সংকারের ব্যবস্থা ; শবসংকার। **৩** গমনাগমনের ব্যবস্থা ; চলাফেরার নিয়ম বা ভাব ; কুচ-কাওয়াজের ব্যবস্থা। "ব্রাহ্মণ বৈদ্যাদির বেশে নানা স্থানে ভ্রমণ করিয়া, পাঠান-সেনার গতিবিধির সন্ধান আনিয়া দিত।—ব.প্র ১৯। **৪** গমনাগমন, যাতায়াত, মেলা-মেশা। "ডিটেক্‌টিভের সব জায়গায়, সব দলেই কাজেই গতিবিধি করতে হয়।

গতিভঙ্গ পুং [ষ.ত] গমনবিরতি, গতিস্তম্ভ ; থামা (stoppage)। "গতিভঙ্গং রূপয়িত্বা শ ৪$\frac{১৩}{১৪}$।

গতিশক্তি স্ত্রী [ষ.ত] গমনের ক্ষমতা ; চলনসামর্থ্য।

গতিহীন বিণ [তৃ.ত] আশ্রয়হীন, অশরণ। "ঝরঝর বরিষে বারি-ধারা। …হায় গতিহীন, হায় গৃহহারা॥—গান ১৯৫।

গতে [গত+এ^৫ (ভাবে সপ্তম্যন্ত, সংস্কৃত পদ)] **১** গত হইলে; অতীত হইলে ; গেলে। "দিবা গতে থাকে গৃহে আপন পালা বুঝে ব.প ১৩৭৩ ; ১৩৭৪। ছয় মাস গতে কর্ম্ম সুধাও কি জাতি বি.সু ১২৯। **২** প্রশমিত হইলে ; ঘুচিলে। "কষ্ট গতে হইবেক শুভ ম.পা ১২৫। [গতে (পঞ্জিকায়)—অতীত হইলে।]

গত্ত বি [সং গর্ত্ত > প্রা গত্ত (প্রা.ম) ; কথ্যভাষা] গর্ত্ত। "ফণীর সে গত্ত স্ব.প্র ১৮৮।

গত্যন্তর বি **১** অন্য উপায় ; উপায়ান্তর। **২** অন্য আশ্রয়।

গদ্‌ সক (ভ্বা, প—গদতি ; সেট্‌] কথন, ব্যক্তভাষণ। —দ্‌ অক [অদন্ত চু.প—গদয়তি ; সেট্‌] মেঘধ্বনি (বোপদেব)।

গদ পুং [√গদ্‌+অ (ঘঞর্থে ক)-ভা] **১** ভাষণ, কথন। **২** [√গদ্‌ হিংসা+অ (অচ্‌)-ক (অ.টী)] যাহা পীড়িত করে ; রোগ, ব্যাধি। "জনপদে ন গদঃ পদমাদধৌ রঘু ৯.৪। **৩** যাহা রোগকে হিংসা করে ; ঔষধ, মর্দ্দ্যমান ঔষধ (নীলকণ্ঠ)। "মহা ১.৪৩.২২। সর্পের যতেক গদ ঔষধি সংসারে ম ৩২। **৪** রোহিণী গর্ভজাত বাসুদেবপুত্র। "ভ ৯.২৪. ৪৬। —দ ক্লী **১** কুষ্ঠ বিষ ; কুড়। তু 'গর'। **২** [হি গন্দ ; বাঙ্‌লায়] ভুক্ত অপরিপক্ব খাদ্য।

গদগদ বিণ [সং গদ্‌গদ > °দ, পৃষো, 'অ' আগম ; তু 'প্রাকৃত-স্বরাগম'] **১** অব্যক্ত, অস্ফুট। "কণ্ঠৌষ্ঠতালুনামস্তমে গদগদবাক্যতা। —সুশ্রুত। কেবা কৈল দুরক্ষর, কেন গদগদস্বর কৃ.উ ২৩৮। কি কহয়ে গদগদভাষে বি.প ৫১। ক.চ ১১। বি.পা ১৯০। ভাবভরে গদগদ …বাণী রা.শে ১৩২। চৈ.ম ১০। গদগদ বোল গো ২৭। **২** (বাঙ্‌লায়) ভাবাবেশাদি হেতু বিহ্বল ; আত্মহারা। "মঝু মুখ হেরই গদগদ ভেল বি.প ১৩০। গদগদ নাগর হেরি ভেল ভীত প.র ৫৮। গদগদ গৌড়পতি গোবিন্দের গুণে শ্রী.মা ৩৯ ; ১৭৭ ; গদগদ অত্যানন্দে ২০৮। ভাবে গদগদ।—হেম ২৪২। মাগ্‌ গ্যাদায় গদগদ জা ২৩। —দ বি ভাব-বিহ্বলতা, ভাবাবেশ। "গদগদ রোধয়ে ভাষ।—গো ২৬৭। [গদগদ করে প্রাণ (অসাধু)—প্রাণ ব্যাকুল হয়। "চ.বি ১৮৭।]

গদড়া, গন্দড় বিং [হি গদরা, -ন্দর] স্থূল, মোটা (কাপড়)। তু 'খদ্দর'। [মোটা গন্দড়—অত্যন্ত মোটা (thick)।]

গদা স্ত্রী [√গদি+অ (অচ্‌)-ক+স্ত্রী আ (টাপ্‌)] **১** যাহা মেঘবৎ শব্দ করে ; লৌহময় অস্ত্রবিশেষ বা মুদ্গরবিশেষ। "°ধর, °ভৃৎ। [গদ-নামক অসুরের অস্থিনির্ম্মিত অস্ত্র 'গদা' (বায়ুপুরাণ, গয়ামাহাত্ম্য)। তৎসাদৃশ্যে লৌহাদিকৃত অস্ত্রও গৌণার্থে 'গদা'।] **২** পাটলাবৃক্ষ। **৩** (বাঙ্‌লায়) মুগুর। [রামায়ণে ও মহাভারতে ইহার ভূরিপ্রয়োগ থাকিলেও, অমরকোষে 'গদা' শব্দ নাই, 'ত্রিকাণ্ডশেষে' আছে। গদা-যোদ্ধার বিবিধ মার্গপ্রহারাদিবিষয়ে দ্রষ্টব্য—'শল্যপর্ব্ব', ৫৭শ অধ্যায়, ১৭-২০। বহ্নিপুরাণ—'ধনুর্ব্বেদ'। গদালক্ষণ—পঞ্চাশ, চল্লিশ ও ত্রিশ অঙ্গুলি দীর্ঘ গদা, যথাক্রমে শ্রেষ্ঠ মধ্যম ও কনিষ্ঠ (ত.বা)]। [গদাবাড়ি —গদাঘাত। "ম ৫৭০। °ভৃৎ (পুং)—গদাধর বিষ্ণু। "ভ ১.১৩.১০। গদামুঠি—গদামুষ্টি, গদার বাঁট। "গদা কাটা গেল রৈল গদামুঠি ম ৬৪২। °যুদ্ধ (ক্লী)—গদা দ্বারা যুদ্ধ। "°পর্ব্ব।]

গদাই-নাচ বি ঝুমুরের দল { গদাধারী বলরামের মতো মত্ত আবেশে নৃত্য (পরিহাসে) }। "অ্যাকদল ঝুমুর বা গদাই-নাচ আসরে উপস্থিত হবামাত্র তর্কাগ্নিতে অ্যাকবারে জল দেওয়া হলো হু ২২২। [গদাই-লস্করী চাল—গদাধর লস্করের মত মৃদু চলন ; (গৌণার্থে) কার্য্যে উদ্যমহীনতা ; কার্য্যে আলস্য ; কুঁড়েমি।]

গদাধর বিণ [ষ.ত] **১** গদার ধারক ; গদাধারী। "গদাধর যথা মুরারি মে ৩৩। —ধর পুং গদাপাণি, বিষ্ণু। [দেবপ্রদত্ত গদাস্ত্র ধারণ করিয়া 'হেতি' অসুরকে বিনাশ করেন বলিয়া, বিষ্ণু 'গদাধর' নামে খ্যাত (বায়ুপুরাণ, গয়ামাহাত্ম্য)। **২** শ্রীকৃষ্ণ। "ভ ১.৮.৩৯। **৩** [বাঙ্‌লায় ; অপ্র] গদাযুদ্ধে পণ্ডিত। তু 'ধনুর্দ্ধর'। "গদাযুদ্ধ করে দোঁহে গদাধর ম ৮২৭।

গদি, -দী[১]**, গাদি**[১]**, -দী**[১] বি [হি গদ্দী ; ঠ গাদী ; ড়, মৈ গদী] **১** তুলা-প্রভৃতি দিয়া ভরা নরম মোটা বিছানা বা আসনবিশেষ (cushion)। "হুজুর…গদির উপরে তাকিয়ে ঠেস্‌ দিয়ে বসে আছেন হু ২৯। **২** ঘোড়া-প্রভৃতির পৃষ্ঠে স্থাপিত জিনের আধারবিশেষ। **৩** রাজার আসন ; সিংহাসন। "রাজগদি। **৪** জমিদারের বা তাদৃশ ধনবানের আসন ; উচ্চ পদ ; বড় অধিকারীর স্থান। "তাহারা …মতিলালকে তাহার পিতার গদির উপর বসাইল।…এক বামুন শুনিয়া বলিল—'গদিপ্রাপ্ত কি হে?…এ কি জগৎসেটের গদি, না দেবিদাস বালমুকুন্দের গদি?'—আ.দু ১৩৬। **৫** ধর্ম্মসম্প্রদায়ের মোহন্তের বা মহারাজের (প্রধান নায়কের) আসন বা পদ। "গাদির মহান্ত করি তারে বসাইয়া ঃ প্রভুর যে গাদি বড় গৌড়ীয়া-আখ্যান ভ.গ্র ৩৩৯। **৬** মূলধনীর বা ব্যবসায়ীর বসার স্থান ; কারখানা, আড়ত। [গদিতে বসা—**১** অধিকার পাওয়া। **২** সিংহাসনে বসা।]

গদিত বিণ [√গদ্‌+ত (ক্ত)-র্ম] **১** কথিত, উক্ত। "ক.সা ৬০.৬৩। **২** কীর্ত্তিত। "মহা ৩.১৯৯.৭৬। —ত ক্লী [+ক্ত-ভা] কথন, ভাষণ, কীর্ত্তন।

গদিয়ান বি ['গদ্দিয়ান'—মূল] গদির অধিকারী; কারখানার মূলধনী বা প্রধান ব্যক্তি ; কর্তা, বড়বাবু। "বড়বাবু! তুমি কেবল গদিয়ান হইয়া থাকিবে, কারাকর্ম্মার ভার আমাদিগের উপর আ.ছ ১৪১।

গদী১ দ্র 'গদি'।

গদী২ **(-দিন্)** বিণ [গদা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -দিনী] গদাযুক্ত, গদাধারী। "গী ১১.১৭। —দী পুং বিষ্ণু।

গদ্গদ বিণ [গদ্গদ+অ (অচ্) অস্ত্যর্থে, স্ত্রী -দা] ১ হর্ষভয়াদি হেতু গদ্গদযুক্ত; বাক্যস্খলনযুক্ত, অস্ফুটবাক্, রুদ্ধকণ্ঠ। "(অনসূয়া) হর্ষগদ্গদা গো.রা ৩.৩.১৩। ২ অস্ফুট, অব্যক্ত, গলদক্ষর, ভাঙা। "°বাক্, °বাক্য, °শব্দ, °স্বর। বাক্যং বাষ্পগদ্গদম্ গো.রা ৩.২৫.১০। বাষ্পগদ্গদয়া গিরা ভ ১.১৫.৪। সানন্দগদ্গদপদ গী.গো ১০.১। কিং রোদিষি গদ্গদেন বচসা।—অমরু ৫৩। রাম…গদ্গদবচনে কহিতে লাগিলেন সী ৮। ৩ অব্যক্ত। °ধ্বনি। গদ্গদনদদ্গোদাবরীবারি উ.চ ২.২৯। ৪ (বাঙলায়) বিহ্বলতাজনক। "তুমি সঙ্গে নিয়ে এলে ফুলের নিশ্বাস, আনিলে চেতনা দুখের গদ্গদ সুখ কু.কে ১৮। ৫ অস্পষ্টভাষী, অস্ফুটবক্তা। "(বায়ুঃ) নরান্ করোতি গদ্গদান্ (মাধবকর)। ৬ স্খলিতভাষী, তোতলা। "গদ্গদেষু জড়েষু চ (ন দোষঃ পরিদেবনে)। —পরাশর ৪.২৩। —দ পুং [√গদ্গদ বাক্স্খলন+অ (ঘঞ্)-ভা] বাক্যস্খলন, অস্ফুট উচ্চারণ, অব্যক্ত ধ্বনি, ভয়হর্ষাদির আবেশে কণ্ঠকম্পন (নীলকণ্ঠ)। "(কিরীটী) আহ কৃষ্ণং সগদ্গদম্ গী ১১.৩৫। গদ্গদ বৈবর্ণ্য চৈ.চ ৩৪।

গদ্দান,-না বি [দ্র 'গর্দান' ; অপ্র] ঘাড়। "নোহার খাড়া না বৈসে তার গদ্দানার উপর গো.চ ১০৩,-৪২,-৪৩।

গদ্দি বি [গদ্য>গদ্দ (উচ্চারণানুসারে)+ই১১] ১ উপহাস, কৌতুক, ঠাট্টা। "চাষার গদ্দি কাস্তের ঠোকর। ২ মৃদঙ্গের বোল। "গদ্দি ঘেড়ে লাগ্।

গদ্য বিণ [√গদ্+য (যৎ)-র্ম্ম ; স্ত্রী -দ্যা] ১ কথনীয়, বাচ্য। "ভট্টি ৬.৪৭। গদ্যা বাক্, গদ্যোঽর্থঃ, গদ্যং বচঃ (অ.টী)। ২ উচ্চার্য্য। —দ্য ক্লী ১ কথ্য ভাষার ন্যায় পদচ্ছন্দোবন্ধ-হীন ও তান-সাম্য(harmony)-যুক্ত কবিকৃত রচনাবিশেষ ; বৃত্তলেশহীন শ্রব্যকাব্য। 'বৃত্তগন্ধোজ্ঝিতং গদ্যম্ সা.দ ৬.৩৩০। অপাদঃ পদসন্তানঃ গদ্যম্ (দণ্ডী)। ২ (বাঙলায়) (গদ্যবৎ নীরস বলিয়া) উপহাসবাক্য, পরিহাস, ঠাট্টা। "হেন বুঝি গদ্য মোরে করিল যুবতী ক.চ ১৫৮। (দেখিয়া) নিজ আচরণে গদ্য চৈ.ম ৪৯। গোপীনাথ গদ্য করে পৌত্রবধূ হেরি শি ৬০ ; গদ্য করি পাঠায়েছে গণেশের মা ৭৮। বৃন্দা কন করি গদ্য, কোথা যাও নবীন বৈদ্য দা ৩৫৯। এ কথাটি…অতিগদ্যময়ী।—মন্দ্র ৯৯।

গন বি [সং গমন >অপভ্রংশ প্রা॰ গর্ঁণ (হে ৪.৩৯৭) >বা (গঅন) গন ; হি গবন, গৌন—গজগৌন, -নী (গজগমন, -নী) ; তু 'গঅণা—অবগতি (চ ৩৯, টীকা)] ১ পথ, রাস্তা। "সঙ্গোপনে কর দিব যাবে গুপ্ত গনে শ্রী ১৪ ; বলে দেহ গন ২৭ ; ধরে ময়নার গন ১৭৩ ; মোরে ছেড়ে দেও গন ২৫১। এলে…কোন গনে শ্রী.মা ১১০। ২ নদীপথ, জলপথ। "বেহুলা বলে,…যাব আমি ছয় মাসের গন।—ম.ভা ৪২। ৩ জলপ্রবাহের পথ। "বিদীর্ণ করিয়া গুহা করে দিব গন।—শ্রী ১৫৪। ৪ নদীপথে গমনের অনুকূল স্রোত ; উজান বা ভাটি। "গনে আসা বা যাওয়া। [গন-বেগন—অনুকূল ও প্রতিকূল স্রোত। "জলপথের প্রধান অন্তরায় গন-বেগন। গন মারা যাওয়া—অনুকূল স্রোতের সুবিধা নষ্ট হওয়া। গন যাওয়া—গন অতীত হওয়া। গন হওয়া—গমনের অনুকূল স্রোত হওয়া।]

গনগন '-ন্, -ন্' বি [ধ্বন্যাত্মক] ১ গজঘণ্টার গম্ভীরধ্বনি। "গনগন গজঘণ্টা বাজে রে ভা.চ ৫৩৯। ২ [সং অগ্নি >প্রা অগণি (প্রা.ম)>বা গনি> °গন (?)] অগ্নির অতিদীপ্তভাব ; দগদগেভাব। "উনলে আগুন গনগন ক'চ্ছে। ৩ অসন্তোষ প্রকাশ করিতে না পারায় ক্রোধে অস্ফুট গর্জ্জন বা গজগজ করা। [গনগনে আগুন—প্রদীপ্ত বা সমুজ্জ্বল অগ্নি।]

গনগনি বি [ধ্বন্যাত্মক ; তু 'গুনগুন'] ভ্রমরাদির অব্যক্ত ধ্বনি। "ভ্রমরের গনগনি ভা.চ ৪৪৬।

গন-বেগন দ্র 'গন'।

গন্তব্য বিণ [√গম্+তব্য-র্ম্ম ; স্ত্রী -ব্যা] ১ গমনীয়, যাতব্য, প্রাপ্তব্য। "অরণ্যং তেন গন্তব্যম্।—পঞ্চ ৪.৫০। গন্তব্যা তে বসতিরলকা পূ.মে ৭। ২ উপস্থাতব্য, অভিগমনীয়। "রাজা স্তেনেন গন্তব্যঃ মনু ৮.৩১৪। ৩ অতিক্রমণীয়। "গন্তব্যোঽধ্বা পা ১.৪.৫১, সি। মহা ৩.৭১.১৫। অল্পদেশে গন্তব্যে ক.সা ২৫.৪১। ৪ মন্তব্য, জ্ঞেয়। "নাবাং দোষেণ গন্তব্যৌ মহা ১৩.১.৬৫ ; ৬৮। ৫ কর্ত্তব্য। "গন্তব্যো ন তু বিশ্বাসঃ গো.রা ৩.১.৩২। বিশ্রব্ধস্তু ন গন্তব্যঃ মহা ১৩.২৩৮.৬। ৬ অভিগন্তব্য, সম্ভোগার্হ। "পরদারা ন গন্তব্যাঃ মহা ১২.১০৪.২০। —ব্য ক্লী [+তব্য -ভা] গমন। "গন্তব্যেঽনুমতং ত্বয়া গো.রা ৩.১২৮। গন্তব্যে সতি।—অমরু ৩১। —ন্তা (-ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী-ন্ত্রী ; ছান্দস] ১ গমনকর্ত্তা। ২ স্ত্রীগমনকারী। "ভ ১১.১৮.৪৩। ৩ [+তৃ (তৃন্) -১ব] গমনশীল, যাতা। "গন্ত্রী বসুমতী নাশম্ যাজ্ঞ ১.১০ ; কাত্যায়ন ২২.৬। —ন্ত্রী স্ত্রী [+ত্র (ষ্ট্রন্)-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] গোবাহ্যশকট, গোযান (অ.কো)।

গন্ধ্ সক [চু, আ—গন্ধয়তে ; সেট্] ১ অর্দ্দন, হিংসা। ২ গতি। ৩ যাচন।

গন্ধ পুং [√গন্ধ্+অ (অচ্)-ক ; ছান্দস] ১ ঘ্রাণেন্দ্রিয়গ্রাহ্য পৃথিবীগত গুণবিশেষ। "রূপরসগন্ধবতী পৃথিবী (কণাদসূত্র)। পার্থিবশ্চ সদা গন্ধঃ মহা ১৪.৫০.৪১। পুণ্যো গন্ধঃ পৃথিব্যাং গী ৭.৯। (তুমি) এস গন্ধে বরণে, এস গানে।—গী.লি ৮। [গন্ধ দশ প্রকার—ইষ্ট অনিষ্ট মধুর অম্ল কটু নির্হারী সংহত স্নিগ্ধ রুক্ষ বিশদ (মহা ১৪.৫০.৪২)।] ২ সৌরভ, আমোদ। "ঘৃত°, মদ°, হবির্গন্ধ, হব্য°। কৃষ্ণের শ্রীঅঙ্গ-গন্ধঃ কৃষ্ণগন্ধ-লুব্ধ রাধা ব.প ১২২৮। [বহুব্রীহি সমাসে সু উদ্ পূতি সুরভি শব্দের পরবর্ত্তী 'গন্ধ' শব্দের উত্তর 'ই' হয়। যথা—সুগন্ধি, উদ্গন্ধি, পূতিগন্ধি, সুরভিগন্ধি।] ৩ গন্ধক। ৪ লেশ, কণ। "সূপগন্ধি (সি)। তাঁহা বিনা এই প্রেমার কাঁহা নাহি গন্ধ চৈ.চ ১৮৬। সাধনের গন্ধ চৈ ১১৪। অকুমারীর স্তন যেন ক্ষীরের নাই গন্ধ ম.ম ৩৩। ভক্তির নাহিক গন্ধ দু ৫৬। একটু কোন্দলের গন্ধ ব.প্র ২৯১ ; একটুখানি বিস্ময়ের গন্ধ ৫৩০। ৫ সম্বন্ধ। "ইন্দ্রিয়গণের সঙ্গে গন্ধ সর্ব্বদায় শ্রী.ম ১৯৩। ৬ গর্ব্ব, অহঙ্কার। "আত্ত°। চাতকস্তে সুগন্ধঃ পূ.মে ৯। ৭ প্রতিবেশী। ৮ শোভাঞ্জন। ৯ দ্রব্য। "সুগন্ধঃ আপণিকঃ (সি)। ১০ [গন্ধ+অ (অচ্) অস্ত্যর্থে] গন্ধযুক্ত মৃগমদাদি (নীলকণ্ঠ)। "মহা ২.৫১.২৯। গন্ধ আমলকী দিয়া মস্তক মাজিল : গন্ধ-মালা-চন্দন চৈ.ম ৫৬। ১১ চন্দন ; ঘৃষ্টচন্দন, চন্দনপঙ্ক। "কাশ্মীরগন্ধমৃগনাভিকৃতাঙ্গরাগাম্ (S.W.)। ভা.চ ৫৮০। সিংহলে আসিল আঙ্কি গন্ধের কারণে ম.পা ১৫৮। মহী গন্ধ।—ক.চ ৪৭। ন.প ১৪৭। ১২ শিব। —ন্ধ ক্লী ১ কৃষ্ণাগুরু। ২ সৌরভ। —ন্ধা স্ত্রী [+স্ত্রী আ (টাপ্)] ১ চম্পককলিকা। ২ শটী। ৩ শালপর্ণী। [গন্ধ ছাড়া—গন্ধ বিস্তার করা। গন্ধে আমোদ করা—সৌরভে বহুদূর ব্যাপ্ত করা। গন্ধে গন্ধে আসা—গন্ধ পাইয়া আসা ; ছুতা করিয়া আসা। নাম-গন্ধ—দ্র 'নাম'। তু 'গোন্ধো' (গন্ধ—গো.চ)। গোন্দায়—গন্ধ বাহির হয়। "ব.প ৩৩।]

গন্ধক পুং [গন্ধ+ক (কন্) স্বার্থে] ১ গন্ধযুক্ত পীত উপধাতুবিশেষ (sulphur)। [রক্ত পীত শ্বেত কৃষ্ণ ভেদে গন্ধক চতুর্ব্বিধ।] ২ (তীব্রগন্ধ) শোভাঞ্জন, শজনাগাছ।

গন্ধকালী স্ত্রী [গন্ধক+আলী (?)] ১ ব্যাসদেবের জননী সত্যবতী।

'মহা ১.৯৫.৪৮'। [পরাশরের বরে গাত্রসৌগন্ধ্য হেতু ইঁহার অন্য নাম 'গন্ধবতী' (মহা ১.৬৩.৮২)।] ২ গন্ধমাদনে সরোবরস্থিতা অপ্সরো-বিশেষ। "গো.রা ৬.৮২.১৬০। কু ৩২০।

গন্ধকাষ্ঠ ক্লী [উ.লো] ১ গন্ধযুক্ত কাষ্ঠ ; অগুরুচন্দন। ২ শম্বরচন্দন।

গন্ধকুটী স্ত্রী [উ.লো] ১ 'গন্ধযুক্ত গৃহ' ; বুদ্ধদেবের বাসার্থ গৃহ ; শ্রাবস্তি-স্থিত বুদ্ধদেবের বাসগৃহ। ২ [ষ.ত] মুরানামক গন্ধদ্রব্য।

গন্ধখড় বি [সং গন্ধখেড়, -ক] গন্ধতৃণ, গন্ধবেনা।

গন্ধগোকুলো, -কুলা বি [সং 'গন্ধনকুল—মূল (?)] গন্ধপ্রধান নকুলজাতীয় পশুবিশেষ ; পুষ্যলক।

গন্ধতৃণ ক্লী [উ.লো] গন্ধযুক্ত তৃণবিশেষ ; সুগন্ধিতৃণ, গন্ধবেনা (Andropogon Schœnanthus)। "গন্ধতৃণে গন্ধ রেখে তুমি যেতে সরে কু.কে ২০।

গন্ধতেল বি সর্থ 'গন্ধতৈল'। "লী ৬৫।

গন্ধতৈল ক্লী [উ.লো] ১ গন্ধদ্রব্যমিশ্র তৈল। "গো.রা ৪.২৪.১৬। মহা ৬.৯৭.৩১। ২ যন্ত্রপাক দ্বারা কৃত তৈলবিশেষ ; চন্দনী আতর (ত.বা)।

গন্ধদারু ক্লী [উ.লো] গন্ধপ্রধান কাষ্ঠ ; অগুরুচন্দন।

গন্ধদ্বিপ পুং [উ.লো] গন্ধপ্রধান হস্তী ; মদগন্ধযুক্ত হস্তী। "রঘু ৬.৭ ; ১৭.৭০।

গন্ধনকুল, -মুষিক পুং [উ.লো] গন্ধপ্রধান নকুলজাতীয় জন্তু ; ছুছুন্দরী, ছুঁচা।

গন্ধপুষ্প ক্লী [উ.লো] ১ গন্ধযুক্ত কুসুম ; সুরভি পুষ্প। "অলংচকার তাং বেদিং গন্ধপুষ্পৈঃ রা ১.৭৩.২১। ২ [দ্বন্দ্ব, দ্বিব] চন্দন ও পুষ্প ; সচন্দন পুষ্প। —পুষ্প পুং [বহুব্রী] ১ যাহার পুষ্প গন্ধযুক্ত ; কেতক-বৃক্ষ। ২ বেতসবৃক্ষ। —পুষ্পা স্ত্রী ১ কেতকী। ২ নীলী।

গন্ধবণিক্(-জ্) পুং [ষ.ত] গন্ধদ্রব্যের বণিক্ ; গন্ধদ্রব্যব্যবসায়ী জাতি-বিশেষ। [অম্বষ্ঠ হইতে রাজপুত্রীর গর্ভে ইঁহাদের জন্ম (ব্রহ্মবৈবর্ত্ত)।]

গন্ধবতী স্ত্রী [গন্ধ+বৎ (বতুপ্ অস্ত্যর্থে)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'গন্ধযুক্তা' ; পৃথিবী। দ্র 'গন্ধ (১)। ২ সত্যবতী। দ্র 'গন্ধকালী'। ৩ বনমল্লিকা। ৪ মুরা। ৫ সর্থ 'গন্ধকুটী(২)। ৬ বায়ুপুরী।

গন্ধবহ বিণ [ষ.ত] গন্ধের বাহক ; গন্ধবাহী। "সর্ব্বগন্ধবহঃ (বায়ুঃ) মনু ১.৭৬। বায়ুর্গন্ধবহঃ ভ ২.১০.২০। হে সমীর, গন্ধবহ তুমি মে ১২৯। দূরবনগন্ধবহ…তপ্তবায়ে, সারাদিন বাজাইলি বাঁশী!—চ.কা ১৫৯। স.স্ব ১২। —বহ পুং বায়ু। "মহা ২.১০.৭। কু.স ৩.২৫। গন্ধবহঃ সুগন্ধঃ ভট্টি ২.১০। মন্দ গন্দবহ বয়।—ভা.চ ৪৪৭। সুগন্ধবহ বহিল।—মে ৪৪। গন্ধবহবাহনে আরোহি।—মা ১২৩। গন্ধবহে গন্ধ বহে বা.দ ৬০। রঙ্গ ২৯। —বহা স্ত্রী নাসিকা।

গন্ধবাণ্যা, -বেনিয়া, -বেনে বি [সং গন্ধবণিক্ ; তু 'সং বণিজ্ > প্রা বণিঅ ; হি বনিয়া] জাতিবিশেষ। "পুরে বৈসে গন্ধবাণ্যা ক.চ ৮৯।

গন্ধবান্(-বৎ) বিণ [দ্র 'গন্ধবতী'] গন্ধযুক্ত, গন্ধাঢ্য। "গন্ধবান্… বাতঃ গো.রা ৩.৭৯.৩। কু.স ৬৪।

গন্ধবাহ বিণ [গন্ধ+√বহ্+অ (অণ্)-ক ; স্ত্রী -হী] গন্ধবাহী, গন্ধবাহক। —বাহ পুং ১ বায়ু। "গী.গো ১.৩৬। গন্ধ কুসুমক, গন্ধ লই বহ, গন্ধবাহ সুধীর জ.প ৫৯। ২ কস্তুরীমৃগ। —বাহী স্ত্রী নাসিকা।

গন্ধবিরজা, -বিরাজ বি [সং সরলস্রাব ; হি °রোজা] হিমালয়ে জাত সরল বৃক্ষের (Pinus longifolia) তৈলবৎ নির্য্যাস। "ফুলে উঠিলে কুঁচকিটী গন্ধবিরাজের পটি দা ৩৬৩।

গন্ধবেনা বি ['গন্ধবীরণ'—মূল] গন্ধতৃণ (Lemon-grass)।

গন্ধভাদাল, -ভাদুলি, -ভাদুলে বি [সং গন্ধভদ্রা] দুর্গন্ধ লতা-বিশেষ ; গাঁধাল (Pæderia fœlida)।

গন্ধমাদন পুং, ক্লী [তৃ.ত] গন্ধ দ্বারা মাদয়িতা ; সুগন্ধিবনযুক্ত পর্ব্বত-বিশেষ। "রা ২.৫৪.২৯। কু ৩২০। [ইহা ইলাবৃত ও ভদ্রাশ্ব বর্ষের সীমাপর্ব্বত এবং মেরুর পূর্ব্বে অবস্থিত (ভ ৫.১৬.১০)।] —মাদন পুং ১ 'গন্ধ যাহার মাদক' ; ভ্রমর। ২ রামসৈন্যস্থ বানরবিশেষ। —মাদন ক্লী গন্ধমাদনস্থ বনবিশেষ। —মাদনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ মদিরা। ২ লাক্ষা। ৩ গন্ধদ্রব্যবিশেষ—চাড়ী, মুরা।

গন্ধমার্জ্জার, -মৃগ পুং [উ.লো] খাটাশ।

গন্ধমালতী স্ত্রী ১ গন্ধদ্রব্যবিশেষ (ভাবপ্রকাশ)। ২ সুগন্ধি ধান্যবিশেষ। "ভা.চ ৫৫০।

গন্ধমূলক পুং মুলা, **-মূলিকা, -মূলী** স্ত্রী শটী।

গন্ধমূষিক ; গন্ধমৃগ দ্র 'গন্ধনকুল ; গন্ধমার্জ্জার'।

গন্ধরস পুং [বহুব্রী] ১ যাহার রস গন্ধযুক্ত ; উপধাতুবিশেষ, বোল (myrrh)। "স্বর্ণধূপদানে পুড়িছে অগুরু, গন্ধরস।—মে ২৮। মা ১২৮। ২ [দ্বন্দ্ব] গন্ধ ও রস। "অন্নম্…গন্ধরসোপপন্নম্ মহা ৫.২৭. ১১ ; দিব্য° ৬.১২১.২৫।

গন্ধরাজ পুং [গন্ধের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ পুষ্পবৃক্ষ-বিশেষ। ২ কণগুগ্গুলু। —রাজ ক্লী ১ গন্ধরাজপুষ্প। ২ চন্দন। ৩ জবাদি-নামক গন্ধদ্রব্য।

গন্ধর্ব্ব পুং [গান ধর্ম্ম ইহার, মনীষাদি (অ.টী) ; ছান্দস] ১ স্বর্গগায়ক দেবযোনিবিশেষ—হাহা হুহু প্রভৃতি। [মর্ত্ত্য ও দিব্য ভেদে গন্ধর্ব্ব দ্বিবিধ। হাহা হুহু চিত্ররথ হংস বিশ্বাবসু গোমায়ু তুম্বুরু নন্দি প্রভৃতি গন্ধর্ব্ব নামে খ্যাত। ইহাদের একাদশ গণ (শ.ক)] "রা ১.৪.১০। মনু ১.৩৭। গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ গী ১০.২৬। ২ গায়কমাত্র। "নটনর্ত্তক-গন্ধর্ব্ব ভ ১.৪১.২১। ৩ পুংস্কোকিল। ৪ সারঙ্গজাতি পশুবিশেষ (অ.টী) ; কস্তুরীমৃগ (ত.বা)। ৫ খেচর (অ.টী)। ৬ ঘোটক। "মহা ৩.১৬১.২৪। [রামায়ণ ও মহাভারতে গন্ধর্ব্বী ঘোটকজাতির মাতা (গো.রা ৩.২০.২৮। মহা ১.৬৬.৬৮)। ঋগ্বেদে (১.১৬৩.২) দিব্যগন্ধর্ব্ব সূর্য্যের অশ্বের নিয়ন্তা বলিয়া বর্ণিত হইয়াছে (M.W.)। বোধ হয়, ইহাদের সহিত এই অর্থের কোন সম্বন্ধ আছে।] ৭ অন্তরাভব সত্ত্ব, অর্থাৎ মরণ জন্মের মধ্যস্থিত যাতনাশরীর সত্ত্ব (স্বামী) ; যে মরণের পরে কায়ান্তরপ্রাপ্ত হয় নাই, তাদৃশ অশরীর সত্ত্ব (সুভূ) ; গর্ভ, জ্রূণ (অ.টী) ; গুপ্তপ্রাণী (রমানাথ—শ.ক)। "গন্ধর্ব্বাঃ পতয়ো মহ্যম্ মহা ৪.৯.৩০। ৮ দেবাদি অষ্টবিধ গ্রহের একতম। "সুশ্রুত ৬.৬০.৫ ; ৯। ৯ বালাস্ত্রীর প্রথমযৌবনের উপভোক্তা রূপশরীরাধিষ্ঠাতা দেব-বিশেষ (শ.ক)। "সোমঃ প্রথমো বিবিদে গন্ধর্ব্বো বিবিদ উত্তরঃ। —ঋগ্বেদ ১০.৮৫.৪০। স্ত্রিয়ঃ পূর্ব্বং সুরৈর্ভুক্তাঃ সোমগন্ধর্ব্ববহ্নিভিঃ। —পঞ্চ ৩.১৯৮। ১০ শিব (মহা)। ১১ (বহুব) জাতিবিশেষ। "রা ৭.১০০.১০। —র্ব্বী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ গন্ধর্ব্বজাতি-স্ত্রী। "মহা ৪.৯.১৪। ২ গন্ধর্ব্বপত্নী। ৩ রাত্রি। "ভ ৪.২৯.২১।

গন্ধর্ব্বনগর ক্লী [ষ.ত] ১ গন্ধর্ব্বের পুর। "গন্ধর্ব্বনগরোপম গো.রা ৪.১২.৪৫। মহা ২.২৮.৬। ২ আকাশে কল্পিত নগর (ইহা মরীচিকার ন্যায় দৃশ্যবিশেষের প্রতিরূপ কি ?)। "অবিদ্যারচিতস্বপ্নং গন্ধর্ব্বনগরো-পমম্ ভ ৪.১২.১৫ ; ৫.১৪.৫।

গন্ধর্ব্ববিদ্যা স্ত্রী [ষ.ত] সঙ্গীতশাস্ত্র।

গন্ধর্ব্ববিবাহ পুং [ষ.ত] পরস্পর অনুরাগ হেতু বর ও কন্যার আলিঙ্গনাদিরূপ সংযোগ ; গন্ধর্ব্বপরিণয়। 'মনু ৩.৩২।

গন্ধর্ব্ববেদ পুং [ষ.ত] গন্ধর্ব্বের সঙ্গীতবিষয়ক বেদ বা মূলগ্রন্থ ; উপবেদবিশেষ, সঙ্গীতবিদ্যা। [ঋগ্বেদের আয়ুর্ব্বেদ, যজুর্ব্বেদের ধনুর্ব্বেদ, সামবেদের গন্ধর্ব্ববেদ এবং অথর্ব্ববেদের শস্ত্রশাস্ত্র উপবেদ (চরণব্যূহ)।]

গন্ধর্ব্বমা'র '-র্' বি গন্ধর্ব্ব-কৃত প্রহার ; ভূতগত-প্রহার, সাঙ্ঘাতিক

প্রহার ; হাড়-গোড়-ভাঙা মা'র। [বিরাটপর্ব্বে কুম্মাণ্ডের ন্যায় কীচকের মৃতদেহ ইহার উদাহরণ। বোধ হয় কীচকবধই ইহার মূল। তু 'কোথা গেল হস্ত পদ কোথা গেল শির। কুম্মাণ্ডের প্রায় দেখি কাহার শরীর॥ কেহ বলেন গন্ধর্ব্বেরা মারে এইমত (ম ৬০৩)।]

গন্ধর্ব্বরাজ পুং [গন্ধর্ব্বের রাজা, ষ.ত, সমাসান্ত অ (টচ্)] গন্ধর্ব্ব-পতি, চিত্ররথ।

গন্ধলেপ পুং [দ্বন্দ্ব] মলমূত্রের গন্ধ ও মললেপন। "°ক্ষয়করং কুর্য্যাচ্ছৌচম্ যাজ্ঞ ১.১৭। "°ক্ষয় মনু ৫.১৩৬, কুল্লুক।

গন্ধশালি পুং [উ.লো] গন্ধপ্রধান শালি ; বাসমতী ধান।

গন্ধসার পুং [বহুব্রী] যাহার সারভাগ গন্ধযুক্ত ; চন্দনবৃক্ষ, চন্দনকাষ্ঠ। "কৃষ্ণ সাজায়েন কাষ্ঠ দিয়া গন্ধসারে ম ৮৭২।

গন্ধহস্তী (-স্তিন্) পুং [উ.লো] মদগন্ধযুক্তহস্তী ; মত্তগজ। "ইক্ষ্বাকুসিংহাবগৃহীতদেহঃ সুপ্তঃ…রাবণগন্ধহস্তী রা ৬.১০৯.১০।

গন্ধাজীব পুং [গন্ধ আজীব যাহার, বহুব্রী] 'গন্ধদ্রব্যবিক্রয়োপজীবী' ; গন্ধবণিক্।

গন্ধাঢ্য বিণ [গন্ধ দ্বারা আঢ্য, তৃ.ত ; স্ত্রী -ঢ্যা] সৌরভপূর্ণ, সুগন্ধময়, সৌরভসম্পন্ন। "স্রজশ্চোত্তমগন্ধাঢ্যাঃ মহা ৩.৫৭.৩৮। গন্ধাঢ্যা… কেতকী (ভ্রমরাষ্টক)। —ঢ্য পুং নারঙ্গবৃক্ষ। —ঢ্য ক্লী ১ চন্দন। ২ সর্থ 'গন্ধরাজ ক্লী (৩)। —ঢ্যা স্ত্রী ১ স্বর্ণযূথী। ২ গন্ধালী, গাঁধাল।

গন্ধাধিবাস পুং [গন্ধ দ্বারা অধিবাস, তৃ.ত] গন্ধাদি দ্বারা বাসিত করা ; বিবাহাদিতে গন্ধমাল্যাদি দ্বারা অনুষ্ঠেয় আভ্যুদয়িক সংস্কার-বিশেষ। "শুভগন্ধাধিবাসকর্ম্মাহং করিষ্যামি (সঙ্কল্পমন্ত্র)। ফুল্লরার গন্ধ-অধিবাস ক.চ ৪৭ ; ১২৩। চৈ.ম ৫৬। গন্ধাধিবাস ভা.চ ১৪৬।

গন্ধাধিবাসন বি [গন্ধ দ্বারা অধিবাসন, তৃ.ত] সর্থ 'গন্ধাধিবাস'। "°ম ৪০৯। গৌরীর গন্ধাধিবাসনে ক.চ ২৪ ; ২৮৩।

গন্ধামোদ বি ['আমোদ' সাধু] দূরগামী সৌরভ। "গন্ধরস কুন্দুরু অগুরু, গন্ধামোদে আমোদিছে সুনিকুঞ্জবন মা ১২৮।

গন্ধার পুং ১ দেশবিশেষ। "পা ৪.২.১৩৩। ছান্দোগ্য ৬.১৪.১। ২ (বহুব) গান্ধাররাজগণ।

গন্ধালী স্ত্রী তীব্রগন্ধা লতাবিশেষ ঃ গন্ধভদ্রা, গাঁধাল।

গন্ধি [গন্ধ+ই ('ইৎ'-সমাসান্ত)] গন্ধযুক্ত (সমাসে উত্তরপদ)। "পদ্ম° (রা), পূতি°, সু°, সুরভি°।

গন্ধিক পুং [গন্ধ+ইক (ঠন্) অস্ত্যর্থে] ১ 'গন্ধযুক্ত', গন্ধক। ২ 'গন্ধ-বিক্রয়ী', গন্ধবণিক্।

গন্ধিত বিং [তু 'পুষ্পিত' ; অপ্র] গন্ধযুক্ত, পূতিগন্ধি। "গুহ নামে চণ্ডাল গন্ধিত তার দেহ শি ১০০।

গন্ধী (-ন্ধিন্) বিণ [গন্ধ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ন্ধিনী] ১ গন্ধযুক্ত, গন্ধবান্। "সুরভি° রা ২.৭৪.১৭। গাবঃ সুরভিগন্ধিন্যঃ মহা ১৩.৭৮.৫ ; যন্নৈব গন্ধি ১৪ ৫০.৩২। ২ প্রশস্তগন্ধযুক্ত, সুরভি। "বনেষু মধুগন্ধিষু রা ২.২৭.১৩ ; উ.চ ২.১৮। শালনির্য্যাস° রঘু ১.৩৮ ; আহুতি° ৫৩ ; পুষ্প° ২.১৩ ; শমীপল্লবলাজ° ৭.২৬ ; বসা° ১৫.১৬। উৎপলগন্ধিনী ভ ৩.৩৩.২৯।

গন্ধেন্দ্রিয় ক্লী [উ.লো] গন্ধগ্রাহক ইন্দ্রিয় ; নাসিকা (সুশ্রুত)।

গন্ধেশ্বরী বি গন্ধদ্রব্যের অধিষ্ঠাত্রী দেবী ; গন্ধবণিকের উপাস্যদেবতা। "বুঝিয়া কার্য্যের গতি, (সাধু) দিল গন্ধেশ্বরীর দোহাই ক.চ ১৭৮। হ ৯। ২ শালিধান্যবিশেষ। "ভা.চ ৫৫০।

গন্ধোপজীবী (-বিন্) পুং [গন্ধ+উপ √জীব্+ইন্ (ণিনি) -ক-১ব ; উ.ত] যাহার গন্ধবিক্রয় উপজীবিকা ; গন্ধবণিক্।

গন্নাকাটা বিং [হি ওঁঠ-কাটা ; ড় গ্রহণ-খণ্ডিয়া] জন্ম হইতে যাহার উপর ঠোঁট কাটা সেইরূপ (ছেলে, মেয়ে) ; (গৌণার্থে) উপর ঠোঁট-কাটামাত্র। দ্র 'গঁণা-খাঁদা'। "রাজা।—শ্যালে-খেগো পাঁট কিরূপ ? মাধব।—আজ্ঞে, এই গন্না-কাটা মেয়ে।—ন.ত ২৩।

গপ, -ব বি [ধ্বন্যাত্মক ; হি গপ ; cf., E. gobble—to eat hurriedly and noisily.] অতিক্ষুধায় আগ্রহের সহিত দ্রুত গলাধঃকরণের শব্দ। [গপ(ব)গপ(ব)—(হি গপাগপ, গবগব ; ঠ, গু—গপগপ, গপাগপ) —ক্রমাগত 'গপ' শব্দ। "বড় ক্ষিধেয় গপগপ ক'রে খায়। গপসে গপসে খাওয়া (হি গপ সে খানা), গপগপিয়ে খাওয়া—গপগপ করে খাওয়া। গপাগপ বা গবাগব খাওয়া—গপগপশব্দে অতিদ্রুত খাওয়া।

গপগপ দ্র 'গপ'।

গপ্প বি [গল্প > গপ্প (কথ্যভাষা) ; হি, ঠ গপ, -প্প ; গু গপ ; মৈ গপ্প] ১ কল্পিত-বিষয়ক আখ্যান ; উপকথা, কথা। ২ অনাবশ্যক বা অমূলক কথা ; বন্ধুগণের সহিত বিশ্রম্ভালাপ বা কথোপকথন। ৩ গল্পের মত মিথ্যা সংবাদ ; ঝুটা খবর। ৪ [গর্ব্ব > গপ্প ; অপ্র] গর্ব্বের বা স্পর্দ্ধার কথা। "কি গপ্প কচ্ছিলা দাদার বরাবর গো.চ ১১৬। [°গেলা, °সপ্প, গ'প্পে—দ্র 'গল্প'।]

গফ্ বিং [ফা গ.ফ্] ঠাসবোনা (close-woven), ঘন, পুরু, মোটা (কাপড়)।

গব, গবগব দ্র 'গপ'।

গব(বু)চন্দ্র বি [সং গো > গব, -বু (তু 'গবেশ') + চন্দ্র (রামচন্দ্রের অনুকরণে) ; Av. gava—a bull] ষণ্ডতুল্য বিচারশক্তিহীন ; নির্ব্বোধ, মূঢ়। "হবচন্দ্র রাজা যেন গবচন্দ্র পাত্র বি.সু ১২৯। অর্থ তার ভাবি ভাবি গবুচন্দ্র চুপ চ.কা ৮২।

গবয় পুং [গৌরিব গবয়ঃ (পা ৫.৩.৯৬, সি) ; ছান্দস] ১ গলকম্বল-হীন গোসদৃশ পশু। "ক.চ ৫৩। ভা.চ ১২৮। ২ সর্থ 'গন্ধমাদন পুং (২)। —য়ী স্ত্রী গবয়-স্ত্রীজাতি।

গবা বি [গব > গবা, দ্র 'গবচন্দ্র'] গোবোধা, কাণ্ডজ্ঞানহীন, নির্ব্বোধ, বোকা। "পাঠ করি পুরাণ পণ্ডিত প্রেমে ভাসে। গবাগণ গুপ্তে গো-ভঙ্গিমা করি হাসে॥—বি.সু ১৪৬। গবাগুলা গ্রন্থ যেন গোবরায় নাই রা.স ৪০। পাত্র মিত্র যত জন সকলেই গবা।—হেম ৩৮৩। [°রাম —বোকারাম, বোকাচন্দ্র।]

গবাক্ষ পুং [গো (কিরণ) + অক্ষি (রন্ধ্র), ষ.ত, সমাসান্ত 'অ' (অচ্), 'অচক্ষুঃ' অর্থে, পা ৫.৪.৭৬] ১ কিরণসমূহের রন্ধ্রতুল্য (অর্থাৎ পথের মত) ; বাতায়ন, জানালা। "গবাক্ষৈঃ (হেমজালাবৃতৈঃ) গো.রা ৩.৬১. ১৩। রঘু ৭.৭ ; অযোধ্যাম্…কুবলয়িতগবাক্ষাং লোচনৈরঙ্গনানাম্ ১১.৯৩। °জাল ভট্টি ১.৮। গগনগবাক্ষ যেন চকিতে খুলিয়া ন ৪১১। ২ সর্থ 'গন্ধমাদন পুং (২)। —ক্ষী স্ত্রী ১ অপরাজিতা। ২ ইন্দ্রবারুণী, রাখালশশা। ৩ গোড়ুম্বা, গোমুক। ৪ শাখোট, শাওড়াগাছ।

গবারাম দ্র 'গবা'।

গবালি বি গোয়াল (?)। "নহ কিছু ধনবান, না দেখি গবালি থান, হরিয়া আনিলে কার কান্তা ব.প ৩১০।

গবাশন পুং [গো অশন যাহার, বহুব্রী] চর্ম্মকার, চামার।

গবাশ্ব ক্লী [স.দ্ব] গোঘোটকসমূহ। "ম ৪৪।

গবী স্ত্রী [গো+স্ত্রী ঈ (ঙীপ্) ; তু 'লি গারী'] গোজাতি-স্ত্রী, গাভী, গাই। "স্ত্রী-গবী পা ৩.৩.৭১, কাশিকা। যথা স্ত্রীগবী গব্যাং নিষ্ফলা মনু ২.১৫৮, কুল্লুক।

গবেড়ু, -ড়ুকা, গবেধু, -ধুকা স্ত্রী ধান্যবিশেষ, গড়গড়া।

গবেষ সক [অদন্ত চু.প—°ষয়তি ; সেট্ ; 'গো+ √ইষ'—মূল (?) ; তু 'গবাং গবেষণপরা) (ঋগ্বেদ, অনুক্রমণিকা—S.W.)] অন্বেষণ।

গবেষণ ক্লী, **-ণা** স্ত্রী [√গবেষ+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ টাপ্)] ১ অনুসরণ (অ.টী), অনুসন্ধান, অন্বেষণ, গবেষণা।

চান্তি…দোষো দোষগবেষণে গো রা ৬.১০৯ ৪০। ২ তর্কাদি দ্বারা যথা-বোধিত ধর্ম্মাদির অন্বেষণ (অ.টী)। ৩ বিচারণা। "অর্থ° নৈ ৪.১০৭। ৪ বিষয়বিশেষের তত্ত্বান্বেষণ (research)। —ণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] অনুসন্ধেয়, বিচার্য্য। —ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] অনুসৃত, বিচারিত, কৃতান্বেষণ।

গবৃত্ত বি [সং গর্ত্ত ; প্রা গৰ্‌ভ ; গ্রাম্য ; অপ্র] গর্ত্ত, জ্রূণ ; জ্রূণের জন্মস্থান ; পেট। "গবৃত্তের ভিতর গো চ ১৩৯।

গব্য বিণ [গো+য (যৎ) ; ছান্দস] ১ গোসম্বন্ধী (চর্ম্মাদি)। "গব্যে বিষাণকোষে।—মহা ১.১৩৫ ২৪। "গব্যেন পয়সা পায়সেন চ মনু ৩২৭১ ; গবাক্ষ পেয়ুষম্ ৫.৬। ২ গো'বিষয়ে হিতকর। "পা ৫.১.৫, সি। —ব্য ক্লী ১ গোবিকার, দধিদুগ্ধঘৃতগোময়াদি। "মধুমচ্চ গব্যম্ কু.স ৭.৭২। পঞ্চগব্য সদা ভুঞ্জে যেন পুত্রগণ।—ম ৬৫৮ ; হব্য গব্য ১১১৪। গব্যমাত্র আহার করয় ভ.গ্র ৩৩৮। গব্যভোজন চৈ.চ ৯১। ২ গোরোচনা। ৩ (গোতন্ত্রজাত ?) জ্যা, ছিলা। —ব্যা স্ত্রী [+য সমূহার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ গোসমূহ। ২ ক্রোশদ্বয়। তু 'গব্যূতি'। ৩ জ্যা। ৪ গোরোচনা। [গব্যার্ণব—ক্ষীরোদসাগর। "°মথনান্তে। —ম.পা ৮২ ; ১৭০। °সুনু (বি)—ক্ষীরোদসুত, চন্দ্র। "ম.পা ৪। গব্যার্ণবোদ্ভবা—ক্ষীরোদসাগরজাতা (লক্ষ্মী)। "°ভবা দেবী ম.পা ১০।]

গব্যূতি স্ত্রী [গো+যূতি, পা ৬.১.৭৯, বার্ত্তিক ; বৈদিক ; °তী (অ.চি)] অধ্বপরিমাণবিশেষ, ক্রোশদ্বয়। "গো রা ৬ ৩৩ ১৩। ভ ৫.২১.১৯।

গভর বি [সং গহ্বর > প্রা গৰ্‌ভর (প্রা স ৩ ৬২ ; প্রা.ম) > বা °র ; অপ্র] ১ গহ্বর, গুহা। "পর্ব্বত গভর-ভিতরে চৈ.ম ১৭১। ২ গর্ত্ত। "পঞ্চবিংশ যোজন গভর ক্র ৮৪।

গভর্(র্ন)মেন্ট্ বি [E. government ; গবর্ণমেন্ট (জ্ঞা ৫)] রাজ্যের শাসনক্ষমতাপন্ন রাজপুরুষগণ ; রাজা, সরকার। [গভরমেন্টের খাস মহাল—রাজার খাসদখলে স্থিত মহাল। গভর্নর্—প্রাদেশিক শাসনকর্ত্তা ; ছোট লাট।]

গভস্তি পুং [তু 'গভুস্তি'—হস্তগৃহীত (ঋগ্বেদ ১.৫৪.৪)] কিরণ। [°মান্ (-মৎ), °হস্ত পুং—সূর্য্য। "রঘু ৩.৩৭।]

গভীর বিণ [√গম্+ঈর (ঈরন্)-র্ম্ম ; বিকল্পে 'গম্ভীর', উ ৪.৩৫ ; স্ত্রী -রা ; ছান্দস] ১ যে স্থানে জল যায় ; নিম্ন, গর্ত্তযুক্ত (স্থান)। ২ অগাধ, অতলস্পর্শ, গম্ভীর। "গভীরপয়সঃ…সরিৎসঙ্গমাঃ উ চ ২.২৯। গভীর জলধি সী ২৫। ৩ প্রচণ্ড, প্রবল। "ভ ৫.১.১৮। আমি কেমন করিয়া জানাব আমার, পরাণ কি নিধি কুড়ালো,—ডুবিয়া নিবিড় গভীর শোভাতে।—রবীন্দ্র। ৪ গহন, দুরধিগম, দুর্ব্বোধ। "মহিমা গভীর কু ২৯১। ৫ গহন, নিবিড়, দুর্গম (বন)। ৬ গম্ভীর, অক্ষোভ্য। "পরম গভীর রাম কৃ.উ ১৬৯। ৭ মন্দ্র, মাংসল, উচ্চ (ধ্বনি)। ৮ প্রগাঢ়, গম্ভীর, দুরবগাহ। "সমুদ্র-সদৃশ বুদ্ধি অত্যন্ত গভীর ম ১৯৭। ৯ অনন্ত। "তমঃ…গহনং গভীরম্ ভ ৮.৩৫। ১০ ধীর, প্রশান্ত। "কেমন তাহার (প্রেমসুধানিধির), গভীর গম্ভীর, উপরে শেহালা দল চ.সা ৩৩৬। গভীর গম্ভীর স্থির মেঘের মতন সা.ম ৫৭। ১১ দুঃসহ তীব্র, মর্ম্মপীড়াকর। "গভীর মরম বেদনা।—গান ২১৮। কর গভীর-দারিদ্র্যভঞ্জন।—রবীন্দ্র। ১২ নিঃশব্দ, নিস্তব্ধ। "গভীর রজনী নামিল হৃদয়ে, আর কোলাহল নাই।—রবীন্দ্র। ১৩ শান্তরস। "দিকে দিগন্তে যত আনন্দ, লভিয়াছে এক গভীর গন্ধ হে।—রবীন্দ্র। ১৪ দীর্ঘ (নিঃশ্বাস)। ১৫ (অপ্র) মন্থর। "গমন কিমত গভীর চ.বি ১৮৪। [গভীর জলের মাছ—যে মাছ অগাধ জলে থাকে—রুই মিরগাল ইত্যাদি ; (গৌণার্থে) বিষয়বিশেষে গভীরজ্ঞানসম্পন্ন ব্যক্তি ; প্রচুর ধনের অধিকারী।]

গম্ সক [ভ্বা, প—গচ্ছতি ; অনিট্ ; ছান্দস] ১ গতি, গমন। "আ গমন্তা ঋগ্বেদ ১০.১৫.৫। জগাম গহনং বনম্ (চণ্ডী)। অহ ণ গমই (অধো ন গচ্ছতি) দো ১২৭। ২ প্রাপ্তি। "চণ্ডালত্বং গমিষ্যসি রা ১.৫৮ ৯। গন্তা সন্তঃ কলভতনুতাম্ উ মে ২০। ৩ জ্ঞান। ৪ অতিক্রম। "ক্রোশার্দ্ধং…গন্তা (রঘু)। ৫ স্ত্রীসম্ভোগ। "অগম্যাং চ স্ত্রিয়ং গন্তা (স্মৃতি)। —ম্ অক ১ গমন। "গচ্ছতি পুরঃ শরীরম্ শ ১৩১। ২ অত্যয়। "কাব্যশাস্ত্রবিনোদেন কালো গচ্ছতি ধীমতাম্ হি ৪৮ (কথারম্ভ)। [অতি—অতিক্রম। বি-অতি—ব্যতিক্রম। অধি—প্রাপ্তি, অধিগম। অনু—অনুগমন। অন্তর্—অন্তর্গমন, মধ্যগমন। অপ—অপগম, অপায়। অভি—অভিমুখগতি, অভিগমন। অব—অবগতি, বোধ। আ—আগমন। অধি-আ—অধ্যাগম, প্রাপ্তি। অভি-আ—অভিমুখগতি। উপ-আ—সমীপগতি। প্রতি-আ—প্রত্যাগমন। উদ—উর্দ্ধগমন; উত্থান। অভি-উদ্—অভিমুখে গমন। প্রতি-উদ্—প্রত্যুদ্গমন। উপ—সমীপগমন। অভি-উপ—স্বীকার ; প্রতিজ্ঞা। নি—নিয়মপূর্ব্বক প্রাপ্তি। নির্—নির্গমন, নিষ্ক্রমণ। পরি—পরিগমন, পরিক্রম ; বেষ্টন। প্রতি—বিপরীতগতি। বি—বিশেষগতি, বিচ্ছেদ, অত্যয়। সম্—সঙ্গম, মেলন, সঙ্গ।]

গম[1] বিণ [√গম্+অ (খচ্)-ক ; স্ত্রী -মা] ১ গামী। "বিহঙ্গম, ভুজঙ্গম, সাগরঙ্গম, হৃদয়ঙ্গম। শাস্ত্রপারংগমঃ।—পঞ্চ (কথামুখ)। ২ [+অ (অচ্)-ক] গামী, গন্তা। "কাম°, খ°। সুরাঃ শক্রপুরোগমাঃ (রা)। —ম পুং [+অ (অপ্)-ভা] ১ গমন। ২ উপভোগ। "গুর্ব্বঙ্গনাগম মনু ১১.৫৫। ৩ দ্যূতবিশেষ। ৪ [+অ-ণ] মার্গ, পথ।

গ(গো)ম[2] '-ম্' বি [সং গোধুম > প্রা গোহুম > বা গোম, গম ; হি গো(গে)হুঁ, ঠ গহু, গংর ; প ঘেউ ; গু ঘউ ; সি ঘেউ ; মৈ গহুম ; ড় গহম, গম ; নেপালী—গঁহু] রবিশস্যবিশেষ। "গোম তিল মুগ ক.চ ৮৮।

গম[3] '-ম্' বি [আ গ.ম্ ; গু গোম—সংশয়, বিতর্ক] দুঃখ, কষ্ট, মনোবেদনা, শোক। [গম খেয়ে থাকা (হি গম খানা—ক্ষমা করা)—দুঃখের বা শোকের আবেগে স্তব্ধ হইয়া থাকা।]

গমক বিণ [√গমি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -মিকা] ১ গময়িতা, প্রস্থাপক। ২ প্রাপক। ৩ বোধক, জ্ঞাপক। "সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ (মহাভাষ্য)। মা.মা ১.৭। —ক পুং ১ স্বরবিশেষ, স্বরকম্পন। 'স্বরস্য কম্পো গমকঃ (সঙ্গীতরত্নাকর)। [গীত-বাদ্যে যে প্রকার আশ্ মিড়্ ঘষিট্ কুন্তন গিটকারী প্রভৃতি আভরণ ব্যবহৃত হয়, প্রাচীন গ্রন্থকারেরা তাহাদিগের এক সাধারণ নাম 'গমক' রাখিয়াছেন (গী সা)। কম্পিত স্ফুরিত লীন ভিন্ন স্থবির আহত ও আন্দোলিত ভেদে গমক সাত প্রকার।] "গাওত গমকে।—গো ৬৪। গমক স্বরজাতি চ.চ ১৮। ২ (বাংলায়) বাদ্যবিশেষ। "গমক থমক শ্রী ১৮৯। ব.প ৪১৩। ৩ [হি গমক] তবলার ঈষৎ-কম্পিত ধ্বনি। ৪ সাদা কাঁকুড়বিশেষ।

গমগম[1] বি [ধ্বন্যাত্মক] গোলার গম্ভীর ধ্বনি। "গমগম তোপ আবাজে ভা.চ ৪৯১।

গমগম[2] বি [ভাবাত্মক ; 'গরমগরম'—মূল] ঈষৎ গরমের বা উত্তাপের ভাব। "গাটা গমগম ক'চ্ছে, একটু জ্বর হ'য়েছে। [গমগমে—ঈষৎ গরম, অল্পতাপযুক্ত। "গাটা এখনও একটু গমগমে আছে, একটু জ্বর আছে।]

গমন ক্লী [√গম্+অন (ল্যুট্)-ভা] ১ গতি, চলন। "ধর্ম্মেণ গমনমূর্দ্ধং গমনমধস্তাদ্ ভবত্যধর্ম্মেণ।—সাংখ্য ৪৪। হস্তিনী যেবা নারী হস্তির গমন গো.চ ৩১৯। শমন-ভবন, না হয় গমন, যে লয় রামের নাম কৃ ১৭৫। ২ পাদক্ষেপ, বিক্রম। "অলসগমনা উ.মে ২১। গজেন্দ্রমন্দগমনে শৃ ৭। ৩ প্রস্থান, প্রয়াণ। "গমনায় মতিং দধুঃ ; গমনারোপ-

চক্রাম দিশাং বরুণপালিতাম্ রা (S.W.)। ৪ গতি, প্রাপ্তি। "দণ্ডকারণ্য° রা ১.৩.১৭ ; ঋষ্যমূকস্য গমনম্ ২৩। সংসার° মনু ১.১১৭। ৫ জগাধুর প্রয়াণ ; অভিনয্যাণ, কুচ। ৬ (বৈশেষিকে) পঞ্চবিধ কর্ম্মের একতম। দ্র 'কর্ম্ম (১১)। ৭ উড্ডয়ন, উৎপতন। "অন্তরিক্ষ° শ ৫.২১। ৮ মরণ (সায়ণ)। ৯ উপভোগ, স্ত্রীসম্ভোগ। "স্ত্রী° গো.রা ৩.১৩.৬। অন্ত্যা°, গো°, পশু°।—বিষ্ণু ৫.৪০-৪৪। দুহিতা° ম ১০৬৫। পরবধূ° শি ১০১। ভা.চ ১৯৭। ১০ (অপ্র) ঘৃণিত। "°লোচনী চ.বি ২৩০। আনন্দে গমন কালীর এ তিন নক্রান ২৩৪। ১১ (অপ্র) আগমন। "কেনে কেনে গুরু ব্রাহ্মণ এত দূর গমন গো.চ ৫৪। [গমনাগমন—যাতায়াত। "কৃ ৩৪৪।]

গমনীয় বিণ [√গম্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ গন্তব্য, গমনার্হ। ২ প্রাপ্য, লব্ধব্য। ৩ বোধনীয়, জ্ঞেয়, অবগম্য। —নীয় স্ত্রী ১ বিষয়। "বিকারস্য গমনীয়র্মম্মি সংবৃত্তা।—শ ১২২/৩। ২ [+অনীয়-ভা] গমন, উপভোগ। "পরস্ত্রী° মনু ১১.১০৩।

গমর বি (অপ্র) গুমর, লজ্জা। "ভিক্‌খা করিতে আমরা গমর না করি গো.চ ১৬৬।

গমস্তা, গোম(মা)স্তা বি [ফা গু.মাশ্‌ত ; হি গুমাশ্‌তা] ১ যে কর্ম্মচারী জমিদারীর বা তালুকের অংশ ডিহী মৌজা প্রভৃতির খাজনা আদায়-উসুল করেন ; তহসিলদার। ২ প্রতিনিধি, কর্ম্মচারী। "গোমস্তা হইয়া কড়ি গণ্যে লবে তুমি।—শি ৮৪। (কোম্পানির) গোমস্তা জব্ চারনক আ.দু ৪৫। ৩ অধ্যক্ষ। "ভাণ্ডারগোমস্তা-স্থানে গেলেন ধাইয়া ভ.গ্র ৩১৩। [°গিরি (ফা গুমাশ্‌ত গরী)—গোমস্তার পদ বা কার্য্য।]

গমা সর্ম্ম [সং √গমি > লি √গমাপে ; প্রা √গমার > বা √গমা ; হি √গঁবা, √গমা ; মৈ √গমার ; ওঠ √গমারি ; অপ্র] গত বা অতীত করা ; যাপন করা ; কাটান, গোঁয়ান। "তোরি কহিনি দিন গমার বি সা ৬৭। পাঁচ মাহ মৈ তঁহ গমায়কে ভা.চ ৪৩৬।

গমাগম ক্লী [গম ও আগমের সমাহার, স দ্ব] গমনাগমন, যাতায়াত। "নিশি কুর্ব্বন্ গমাগমম্ ক.সা ৭৭.৩। বনে গমাগম নাই ব.প ২৬৮।

গমি বি [আ গ ম্] মনোব্যথা, দুঃখ। "তোমার ছোট লেড়্‌খার ঢৌল নেগা করে মোর বড় গমি হচ্ছে আ.দু ৯২।

গমিত বিণ [√গমি+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রস্থাপিত, প্রেরিত। ২ প্রবেশিত। "মা.মি ৪.২। ৩ প্রাপিত, নীত। "শাপেনাস্তঙ্গমিত-মহিমা পূ.মে ১। কি ৬.৩৩। ৪ বোধিত, জ্ঞাপিত। ৫ যাপিত (কাল)।

গম্বল বি (?)। "গহল গম্বল ছাতা নাহি দিশপাশ শ্রী.ম ১৬৯। তু 'বম্বল°' (পাঠান্তর), 'বম্বুনল' (শ্রী.ম ১০৫ ; ২২৩)। গাছল বম্বল ভাটি কৃ.উ ৫৬।]

গম্বুজ, গুম্বজ বি [ফা গু ম্বজ্] প্রাসাদ মন্দির প্রভৃতির অর্দ্ধ-গোলাকৃতি শূন্যগর্ভ শিখরভাগ ; অন্তঃশূন্য গোল ছাদ (cupola, dome)। "নীলাভ আকাশনিভ, বিশাল গুম্বজ বক্ষ ন ১০৩৭। বুরুজ গম্বুজে কীর্ত্তি।—হেম ১১১। গুম্বজে তোমার সোনার পদ্ম কু.কে ১১৯ ; দম্ভ যবে মূর্ত্তি ধরি' গুম্ভ ও গুম্বজ দিন রাত, অভ্রভেদী হ'য়ে ওঠে ১২৩।

গম্ভারী স্ত্রী বৃক্ষবিশেষ, গামারী বা গাম্ভীর গাছ।

গম্ভীর বিণ [দ্র 'গভীর' ; স্ত্রী -রা, ছান্দস] ১ গভীর, নিম্ন। "নাতি গম্ভীর শ্রী.কী ৩২। দশ গজ গম্ভীর কুণ্ড ম.গা ১৯। নাতি গম্ভীর গ ১১২। ২ অগাধ, অতলস্পর্শ। "তাহাত গম্ভীর আছ এ কালীদহে শ্রী.কী ২৩১। গম্ভীর বহে জল ক চ ২০২ ; ২৪১। গভীর জল ম.ভা ৪৯। গম্ভীর সলিলে বা.দ ৬৮। ৩ মন্দ্র, উদাত্ত। "°নির্ঘোষ রঘু ১.৩৬। গম্ভীরে অম্বরে যথা নাদে কাদম্বিনী।—মা ১০৩। ৪ অর্থ-গুরু। "প্রসন্নগম্ভীরপদা সরস্বতী কি ১৪.৩। ৫ দুরবগাহ, দুর্বোধ, বোধাতীত। "গম্ভীর চৈতন্যলীলা চৈ.চ ৫৫ ; আমি সব না জানি গম্ভীর হৃদয় তোমার ২৬৭। ৬ গাঢ়, নিবিড়। "স্তম্ভিত গম্ভীর আধারে জাগে কে জাগে।—রবীন্দ্র। ৭ ধীর, অচপল। "অতিশয় কৃসান তনু বহুত গম্ভীর ভ ১১০। মূ° স.শ ৮২। —র পুং ১ জম্বীর, জামীরগাছ। ২ পদ্ম। ৩ ঋগ্‌মন্ত্রবিশেষ। ৪ শিব (মহা)। —রা স্ত্রী ১ হিক্কাবিশেষ (সুশ্রুত)। ২ উদাত্ত নায়িকা, নদীবিশেষ। "পূ.মে ৪০।

গম্ভীরা বি ['গম্ভীর'—মূল] ১ পুরীধামে কাশীমিশ্রের ভবনে চৈতন্য-দেবের বাসস্থান নিভৃতগম্ভীর প্রকোষ্ঠ ; অলিন্দের পর দালান, তার ভিতরের ক্ষুদ্রগৃহ। "গম্ভীরাভিতরে রাত্রো নাহি নিদ্রালব চৈ.চ ৩১৩ ; গম্ভীরাতে স্বরূপগোসাঞি প্রভুকে শোয়াইল ৩৫০। ২ জগন্নাথ দেবের শয়নমন্দির। "গম্ভীর গম্ভীরা কক্ষে অন্ধকার অতি : গম্ভীরাকুহরে জ্বলে প্রদীপ-সপ্ততি।—চৈ ১০৩। ৩ গ্রাম্যদেবতার স্থান (দিনাজপুর)। ৪ শিবের মন্দির ; গাজন-ঘর ; গাজন-উৎসব।

গম্য বি [√গম্+য (যৎ)-র্ম্ম, স্ত্রী -ম্যা] ১ গন্তব্য, গমনার্হ। "অবশ্য-গম্যা কনকপুরী ক সা ২৫৫৬। গম্য স্থানে স.শ ২৬। ২ শক্যগমন, গমনযোগ্য। "অগম্যো হি ততো মেরুঃ গো রা ৪.৪৩.৪৯। পঞ্চ ১.৪০১। ৩ প্রাপ্য, লভ্য। "দুর্জ্জনগম্যা নার্য্যঃ হি ২.১৫৪। শ্রুতিপথগম্যা শ্রী ম ১৩৩। ৪ দৃশ্য, শক্যদর্শন। "লোচনাভ্যামগম্যঃ (পাঠান্তর) উ.মে ৪২। ৫ জ্ঞেয়, বোধ্য, বেদ্য। "বুদ্ধের্বুদ্ধিমতাং লোকে নাস্ত্যগম্যং হি কিঞ্চন। —পঞ্চ ৫.৪৫। জ্ঞান° গী ১৩ ১৭। নবদ্বীপলীলা মোর অতি গম্য হয় ন.প ৩০। ৬ বিবক্ষিত (অর্থ)। ৭ প্রতিবিধেয়, চিকিৎস্য। "স্মরাপ-সারঃ) ন গম্যো মন্ত্রাণাম্ (ভর্ত্তৃহরি)। ৮ গমনার্হ, বাঞ্ছনীয়, অভীষ্ট। "যাজ্ঞ ১.৬৪। ৯ উপভোগ্য, সম্ভোগার্হ (স্ত্রী, পুরুষ)। "ভ ১ ১৪.৪২ ; ৫ ২৬.২০। —ম্য পুং উপভোগ্য পুরুষ। —ম্যা স্ত্রী সম্ভোগার্হা স্ত্রী। "যাজ্ঞ ২.২৯৩।

গয় পুং ১ রাজর্ষিবিশেষ। "মহা ৩.৯৫.১৮-২৯ ; ৭.৬৪তম অধ্যায়। ২ সর্প 'গন্ধমাদন(২)। ৩ অসুরবিশেষ। ৪ (বহুব) দেশবিশেষ। "মহা ৯.৩৮.২০ ; ২। —য়া স্ত্রী বিহারের অন্তর্গত নগরীবিশেষ ও তীর্থ-বিশেষ। গয়রাজর্ষিপুরী (অ.চি)। [ইহা রাজর্ষি গয়ের পুরী। বিষ্ণু প্রভৃতি দেবতার বরে ঐ পুরী গয়ের নামানুসারে পুণ্যতীর্থ গয়াপুরী নামে খ্যাত হয় (শ.ক)। মতান্তরে, গয়াসুরের দেহত্যাগ হেতু এই স্থান অসুরের নামে খ্যাত হইয়াছে (বায়ুপুরাণ, গয়ামাহাত্ম্য ; ভা.উ, ২য় খণ্ড, ২১৪ পৃষ্ঠা)।] [গয়ার পাপ—গয়ায় পিণ্ডদানে মৃতের পাপমোচন ও মুক্তি হয়, কিন্তু গয়ায় পাপ করিলে, মুক্তি নাই ; (গৌণার্থে) বিরক্তিকর অপরিহার্য্য বিষয় বা ব্যক্তি। গয়ংগচ্ছ, গয়াংগচ্ছ—কার্য্যে 'শৈথিল্য'-সূচক ; উদ্যোগহীনতা, দীর্ঘসূত্রতা, কুঁড়েমি। "নায়েব ফাঁপরে পড়িয়া গয়ংগচ্ছ-রূপ আমতা আমতা রকমে চলিতে লাগিলেন আ দু ১৬২। শ্রাদ্ধে পিণ্ডদানান্তে কথনীয় 'পিণ্ড গয়াং গচ্ছ' এই বাক্য ইহার মূল, বোধ হয়।]

গয়ঘড় '-য়্ -ড়্' বি শাণ্ডিল্যগোত্রীয় ব্রাহ্মণের উপাধি। "বন্দ্যঘটী গয়ঘড় ব.প ৩১৫। [ভট্টনারায়ণের অধস্তন ত্রয়োদশ পুরুষ অনন্তের বংশের বাদবেন্দ্র, গয়ঘড় গ্রামে বাস করিতেন বলিয়া, তদীয় বংশধরগণ গয়ঘড় বা গয়ঘড়ী নামে খ্যাত (সম্বন্ধনির্ণয়, ৪৩৬ পৃষ্ঠা)।]

গয়না, -নাগাঁটি ; গয়রহ দ্র 'গএনা ; ওগয়রহ'।

গয়লা, গোয়াল, -লা বি [সং গোপাল > প্রা গোআল, *গোআল > বা গোয়াল, -লা, গয়লা ; তু 'গোঅল্লা'—দুগ্ধ বিক্রয়কর্ত্রী (দেশী ২.৯৮) ; হি গুপাল, গ্বাল, -লা, ঠ গবলী] ১ দুগ্ধব্যবসায়ী হিন্দুজাতি-বিশেষ ; গোপ, আহীর। "গোয়ালা গোয়ালী যত,...অপমান করিল

লাঞ্ছনা বা ম ৮৩। গোয়ালা শত শত ম.প ২১। এতদিন গয়লাদের জল মিশাবার অবকাশ ছিল না হু ২৩। ২ গোপালক, রাখাল। "ধেনুর সহিত দান দিলাম গোয়াল কৃ ১০০। কষ্টে সৃষ্টে ধেনু সব রাখিল গোয়াল চৈ.চ ১৮৬। গোপ গোয়াল, সভাজন মণ্ডল, বৈঠল ব্রজ কি ভূপ।—গো ২০। —লানী, -য়ালানী, -লিনী, -লী বি [+আনী, ইনী, ঈ৬ (পত্নী, স্ত্রীজাতি অর্থে)] গোয়ালার স্ত্রী বা মেয়ে; গোপী। "জাতি গোয়ালিনী হাম বি.প ১১৯। দধি দধি ডাকে গোয়ালিনী ক.চ ৫৭। গোয়ালা গোয়ালী যত বা ম ৮৩। গোয়ালী সব আমি রা.প ১৭। গয়লানী প.কা ৪০। °লী ব প্র ৬৪৭।

গয়সাল '-ল্' বি [?] মুসলমানধর্মাবলম্বী হিন্দু। "হিন্দু হয়ে মুসলমান বৈসে গয়সাল ক চ ৮৬।

গয়া, গয়াংগচ্ছ; গয়ার দ্র 'গয়; গএর'।

গয়াল [সং গরল >প্রা *গঅ(য়)ল >বা গয়াল] বন্যমহিষ। 'বরাহ গয়াল গণ্ডা বধিলেক শরে ম পা ৩৭।

গয়ালি, -লী বি [হি গয়াবাল, গয়ালী] গয়াতীর্থের পাণ্ডা ব্রাহ্মণ (ইঁহারা তীর্থযাত্রীর তীর্থকার্য্যের পৌরোহিত্য করেন)।

গর¹ বিণ [গ+অ (অচ্)-ক] ভক্ষক, খাদক, গ্রাসকারী। "অজ°।—র পুং ১ রোগ, পীড়া। ২ বিষ। "সপত্নৈ সগরং দদৌ রা ১ ৭০.৩১। গরং দত্বঃ ভ ৬.১৪ ৪৩। ৩ উপবিষ। —র স্ত্রী ১ সর্ব 'গর¹ পুং(১)। ২ বিষঘ্ন ঔষধ। ৩ (জ্যোতিষে) করণসমূহের অন্তর্গত পঞ্চম করণ। "গব°।

গর² '-র্' বিং [আ গ.ইর্] ১ নিষেধার্থক, তদ্‌ভিন্ন। "গর আবাদী E.P. 95. [সংস্কৃতে নঞের মত শব্দের প্রথমে ব্যবহৃত হয়।] ২ [ফা গর, গার্—কমান্‌গর্, খি‌দ্‌মত্‌গার্; তু 'সং কর, কার—সুখকর, কুম্ভকার] নির্ম্মাতা, কারক। "কারি°। [শব্দের শেষে প্রযোজ্য] [গর আবাদী—যাহাতে আবাদ বা চাষ হয় না; অকৃষ্ট (জমি)। "গর আবাদী ও বঞ্জর E.P. 95. °কবুল—অস্বীকৃত। °জানবিৎ—যে জানবিৎ বা ওয়াকিভাল নয়; অজ্ঞ, অজানা। °পছন্দ—যাহা মনঃপূত নহে; অপছন্দ, অনভিমত। °বিবেচনা—অবিবেচনা। °বিলি—যাহা বিলি হয় নাই; বেবন্দবস্তী। "অনেক জমি গরবিলি থাকিল।—আ.দ্রু ১৬২। °মজবুত—যাহা মজবুত বা পাকা নয়; অচিরধ্বংসী; গরপোক্ত। °মানান—বেমানান, অশোভন, বেথাপ। °মিল—১ অনৈক্য, বিভিন্ন (কথা, সাক্ষী)। ২ ছোট-বড়, নানাপ্রকার। "লিখতে বসলেই অক্ষরগুলো গরমিল হয় যে সবই।—দ্বিজেন্দ্রলাল রায়। ৩ হিসাবে অমিল বা অনৈক্য। "আদায় করিয়া শেষ তহবিল গরমিল হইলে শূলে যাব না কি?—ব.প্র ৫১৯। ৪ দুর্লভ, দুষ্প্রাপ্য। ৫ বেমানান, বেথাপ। °রাজী—অসম্মত, অনিচ্ছুক। °লায়েক—১ শস্যোৎপাদনের অযোগ্য (জমি)। ২ ধনোপার্জ্জনে অক্ষম; নাবালগ। °হাজির—অনুপস্থিত। "ভা.চ ৪০৬। °হিসাবী—১ যে হিসাব করিয়া কাজ করে না; অপরিণামদর্শী। ২ যে আয়ের হিসাব না করিয়া ব্যয় করে; অমিতব্যয়ী। ৩ হিসাবের বহির্ভূত; হিসাব-ছাড়া (আয়, ব্যয়)।]

গরই বি [সং গড়ক] মৎস্যবিশেষ, গড়ুইমাছ। "ম ম ১৪৭।

গরগণ্ড বি [অপ্র] সর্ব 'গলগণ্ড'। "গলায় গরগণ্ড।—ধর্ম্মপূজাবিধান, ২৪৮।

গরগর¹ বিং [সং গদ্‌গদ >প্রা গগ্‌গর (প্রা.ম) >বা °র; বৈষ্ণব-সাহিত্যে] ১ ব্যাকুল, বিহ্বল, আত্মহারা, বিভোল। "রাই রূপ হেরি গরগর অন্তর বি প ১৬। অন্তর গরগর গো ১১; প্রেমে গরগর ২৭, ১৯০। চৈ.চ ১৮৭। চৈ ম ১০৫। গরগর রাইদরশন-আশে ব্র.প ১০৮; ১৩৮। গরগর অন্তর রা.শে ৪৩। ভাব-ভরে গরগর ব ৪; ২১; ১৮২। ক্রোধে গরগর করী শ্রী ১২৩। ন ১১২৭, -৮৫। ২ গদ্‌গদ, অস্ফুট, অব্যক্ত। "গরগর স্বরে রোর জ.প ৪৬। [(কোপে) গরগর করা—১ কোপব্যাকুলতা প্রকাশ করা; কোপজ্বলিত বা ক্রোধান্ধ হওয়া। "গরগর করিয়া,...ধেয়ে এসে ধরিল সেনে শ্রী.মা ৭৯। শ্রী ৮৬; কোপে করিছে গরগর ১৮৬। ২ কোপে ব্যাকুলতা অনুভব করা। "ভবানন্দ মনে মনে গরগর করিতেছে ব দ্বি ১২৬। গরগরি—বিহ্বল, বা বিভোল হইয়া। "অতিরসে গরগরি, কাঁপে পঁহু থরহরি।—ব ৯৭। গরগরিয়ে যাওয়া—ক্রোধে গরগ'রে (জ্বলিত) হইয়া চলিয়া যাওয়া। "ধাক্কা দিয়ে গরবিনী গরগরিয়ে যায়। কাঁপরে পড়িয়া কবি ফ্যাল ফ্যাল চায়। —হেম ৩৮৮। গরগরি—বিহ্বল আত্মহারা। গরগরে ঝাল—এত ঝাল যে ব্যাকুল করিয়া ফেলে; অত্যধিক ঝাল (too hot)]

গরগর² বি [ধ্বন্যাত্মক; তু 'গড়গড়'] ১ ভাত তরকারি ফোটার শব্দ। "গরগর করে কলাই না লয় উতাল ম.ম ১৬২। ২ মেঘগর্জ্জন। "(ধারাধর) গরজে গরগর।—ব.প ৮১৯। নীরদ গগনে, গরগর গরজে।—গান ১৯৫। ৩ সর্পের গর্জ্জন। "গরগরগর গরজে ফণী।—ভা চ ১১৬।]

গরজ¹ বি [আ গ.রজ্.] আবশ্যক, প্রয়োজন, দরকার। "সরোজ আঁখির এত কি গরজ দা ৮১০ (ধৃতপাঠ 'সরোজ')। "(ওগো) গরজ নিয়ে সবাই আসে কু কে ৪৫। [গরজী (আ—গ রজী) —প্রয়োজনীয়, দরকারী। গরজে—প্রয়োজনসিদ্ধির নিমিত্ত। গরজে গয়লা ডেলা বয়—গয়লা একটা দুধের হাঁড়ি হইলে, বাঁকের অন্যদিকে সাম্যের নিমিত্ত ডেলা চাপাইয়া লয়; (গৌণার্থে) প্রয়োজনসিদ্ধির নিমিত্ত অনাবশ্যক কার্য্যও করিতে হয়। আত্ম-গরজে—যে আপনার গরজ বেশী বুঝে, একান্ত স্বার্থপর।]

গরজ², **-জা** অর্ম্ম [সং √গর্জ্জ্ >বা (স্বরাগমে) √গরজ, -জা; হি, ঠ, গু, মৈ √গরজ; পদ্যে] ১ গর্জ্জন করা; উচ্চ শব্দ করা; ডাকা। "গগনে গরজে মেঘ চ.কা ৮০; গুরু গুরু মেঘ...গরজে ৩৫৪। গগনে গরজে ঘন ব প্র ১৩২। ২ সকোপে হুঙ্কার ছাড়া; বীরদাপ করা। "বীর গরজায় গজঠাটে ক.চ ৫২। পঞ্জাব আজ গরজি উঠিল।—'অলখ নিরঞ্জন'।—কথা ৭২; শিশু গরজয় ৭৫। ৩ হাম্বারব করা। "গোধন গরজত বড়ই গম্ভীর (গো)। [গরজায়, গরজে—গর্জ্জন করে। যত গরজায় (গর্জ্জে), তত বরষায় (বর্ষে) না —মেঘ যত গর্জ্জন করে, বর্ষণ তদনুরূপ হয় না; অধিক গর্জ্জনে অল্প বর্ষণ, (গৌণার্থে) বহ্বারম্ভে লঘুক্রিয়া। গরজন, -জান (হি গরজন)—গর্জ্জন। গরজন্তি—গর্জ্জন করিতেছে। "ঘন গরজন্তি সন্ততি বি.প ১৭২।]

গরদ¹ বিণ [গর+√দা+অ (ক)-ক; উ ত; স্ত্রী -দা] যে বিষ দেয়; বিষদাতা। —দ পুং প্রাণনাশার্থ বিষদাতা; ষড়বিধ আততায়ীর একতম। "মনু ৩ ১৫৮। —দ স্ত্রী বিষ।

গরদ² '-দ্' বি [?] তুঁতের গুটি হইতে প্রস্তুত একপ্রকার রেশমী কাপড়। "পরণেতে ধুতি গরদ কিম্বা সুতি।—দ্বিজেন্দ্রলাল রায়। [গরদের জোড়—গরদের ধুতি ও চাদর।]

গরব বি [সং গর্ব্ব >বা (স্বরাগমে) গরব; পদ্যে; হি—গরভ] ১ গর্ব্ব, অহঙ্কার। "গরবে না কর হঠ বি প ৭৭। যৌবন গরবে নাচ ক.চ ১১২। গরব-হর জ প ১১। তোমায় চিনি বলে আমি করেছি গরব লোকের মাঝে।—রবীন্দ্র। ২ [সং গৌরব >প্রা গারব >বা °ব] আদর, ভালবাসা। "পিয়াক গরবে হাম কাহুক না গণলা।—বি প ১৭৬। তোমার গরবে গরবিনী হাম, গরবে ভরল বুক।—চ.সা ৩১৮; ব.প ৯৯০। [°থাকী, °থাগী—গালিবিশেষ (অর্থাৎ সে গর্ব্ব থাক, তাহার গর্ব্ব চূর্ণ হ'ক)। "গর্ব্বিনী সে গরবথাকী তিন ছেলের মা। পরের পুরুষ দেখে ধরতে না রে গা।—শ্রী ৮৯। গরবান্বিত—গৌরবিত, পূজিত। "গো গিরিধারী, গূঢ় গরবান্বিত।—গো ৬৪। গরবিণী, -নী—গৌরবিণী, আদরিণী। দ্র 'গরব (২)। ব.প ৯৯০।

গরবিত—গর্ব্বিত ; গৌরবিত, পূজিত। "গুরু গরবিত জনা চ.সা ৫২। ব.প ৯৭৫। গরবী—গর্ব্বী, গর্ব্বিত। "হরী বড় গরবী গোপী মাঝে বসই বি.প ১০৭।]

গরভ বি [সং গর্ভ > বা (স্বরাগমে) °ভ, তু 'সং গরভ (অ.চি) ; হি °ভ] ১ গর্ভ, উদর। ২ অভ্যন্তর, মধ্য। "গিরি গোবর্দ্ধন-, গহন গহ্বর-, গেহ গবভে লোটায়।—জ প ৪৬। ৩ পুষ্পকোষমধ্য। "ইন্দীবর বর, গরভ গরব হর, রু চির কলেবর কাঁতি জ.প ১১। [গরভিত—১ গর্ভ-যুক্ত, সংশ্লিষ্ট, মিশ্রিত। "গোরস গরভিত, গোরোচনা রু চির ধারী গো ৬৪। ২ (অপ্র) গর্ভবতী। "মহাদেবী হইল গরভিত গো.বি ৩০।]

গরম বিং [সং ঘর্ম্ম ; Av. garema ; ফা গ র্‌ম্‌ ; হি, ঠ, গু গরম ; cf., Gr thermos ; L. formus ; E. warm] ১ তপ্ত, উষ্ণ, তপ্ত। "গরম ভাতে ঘি। তার তুল কি ? ২ কুপিত, ক্রুদ্ধ। বিপ 'নরম'। "দরবারে বসিল রাজা হইয়া গরম (শ্রী)। ঠকচাচা…কখন নরম—কখন গরম আ.দু ১০৮। উকীল তখন গরম হইয়া বলিলেন ব.প্র ৬৪৪। ৩ তীব্র, কোপন, রাগী (মেজাজ)। বিপ 'ঠাণ্ডা'। ৪ উগ্র, বায়ুপ্রধান, কড়া (ধাতু)। ৫ উগ্রবীর্য্য, গুরুপাক, কড়া (ঔষধ, খাদ্য)। "পেঁয়াজ রশুন বড় গরম। ৬ শরীরের তাপরক্ষক, অর্থাৎ যাহা শীত নিবারণ করে ও শরীর গরম রাখে (কাপড়, পোষাক, জামা)। ৭ মহার্ঘ, চড়া, তজ, তেজী (বাজার, দর)। —ম বি ১ উত্তাপ, তাপ (আগুনের)। ২ [তু 'ফা গর্‌মা—গ্রীষ্মকাল] গ্রীষ্মাতিশয্য। "আজ বড় গরম হচ্ছে, জল হবে। [গরম কথা—কড়া কথা। গরম কাল—গ্রীষ্মকাল। গরমগরম—১ কড়া-কড়া (কথা)। ২ ঈষদুষ্ণ। গরমনরম, নরমগরম (ঠ গরম নরম)—মিঠে-কড়া, মধুর ও কটু (বাক্য) ; উগ্র ও স্নিগ্ধ (মেজাজ)। গরম মশলা—উগ্রবীর্য্য মশলা—ছোট এলাচ, লবঙ্গ ও দারুচিনি। গরমা-গরম—ঈষদুষ্ণ, তাজা, টাটকা (পুরী, হালুয়া)। কুশুম কুশুম গরম—দ্র 'কুশুম'। পচা গরম—যে গরমে অত্যন্ত ঘাম হয় এবং গা যেন পচিয়া গেল, বোধ হয় ; ভেপসা গরম। চোখ গরম করা—ক্রোধে চক্ষু আরক্ত করা। পেট গরম হওয়া—গুরুপাক খাদ্য হেতু পাকস্থলী অজীর্ণরোগাক্রান্ত হওয়া। মাথা গরম হওয়া—বায়ুপ্রকোপে বা ক্রোধে মস্তিষ্ক বিকৃত হওয়া। টাকার গরম—অর্থোষ্মা, ধনগর্ব্ব। মনের গরম—ক্রোধাদি হেতু মানসিক তাপ বা উত্তেজনা। মানুষের গরম—জনতা হেতু তাপাধিক্য।]

গরমাই বি [ফা গ.র্‌মাঈ—উত্তেজক দ্রব্য ; হি গরমাঈ—উত্তাপ] উত্তাপ, গরম, গ্রীষ্ম।

গরমি, -মী, -র্ম্মী বি [ফা গ.র্‌মী] ১ উত্তাপ, উষ্ণতা, গ্রীষ্ম। "গর্ম্মীরে বিনাশিয়ে, শীতল করিলে হিয়ে, বাহবা রে হাওয়া ভা.চ ৭৩৬। গর্ম্মী ব প্র ১৮৮। তুমি বাবু…গরমিকালে হোল্‌ মোজা পায় স.এ ২২। ২ গ্রীষ্মকাল। "গরমির ছুটি। ৩ রুক্ষভাব, ঔদ্ধত্য ; কড়া মেজাজ। "মনে গরমি না জন্মিয়া এত নম্রতা কি প্রকারে হইল ?—আ.দু ৮২। বোধ হয়, ওটা কলেজের গরমি, গোরা মাষ্টারদের কাছে পড়ে কি না অ প্র ৮৩। ৪ উপদংশ (syphilis)। দ্র 'ফিরঙ্গ'। ৫ তেজ, উগ্রতা, গর্ব্ব (টাকার)। [গরমি কাল—গ্রীষ্মকাল। গরমির ঘা—উপদংশ-ক্ষত। গরমির ছুটি—গ্রীষ্মাবকাশ। সর্দ্দি গরমি—দ্র 'সর্দ্দি'।]

গররা বি [আ গ রারা—জলপ্রবাহের শব্দ (gurgle)] অশিষ্ট অট্টহাস্য-প্রবাহের শব্দ। "বৈঠকখানায় কান পাতা ভার—কেবল হো হো শব্দ—হাসির গররা আ দু ২১, ১১৬। শালী-শেলোজ-মহলে হাসির গররা পড়লো হু ৭০ ; অ্যাক্‌ অ্যাক্‌ বারের হাসির গররায় শিয়াল ডাকে ১৯৬। হাসির গররা উঠিলে, তাঁহারা (স্ত্রীলোকেরা) লজ্জিত…হইয়া যান পা.প্র ২৯।

গরল ক্লী [গর+ল (লচ্‌) স্বার্থে (অ.টী) ; √গৄ+অল (অলচ্‌) ; তু 'তা কল.ম্‌] ১ বিষ। "কণ্ঠে ন সা গরলদ্যুতিঃ গী.গো ৩.১১ ; স্মর-গরলখণ্ডন ১০.৮। কণ্ঠে গরল নহে মৃগমদসার বি.প ১৫৭। ২ সর্পবিষ। "গরল গরাসনে গোবিন্দ গেল গো ২৪৯। ৩ তৃণপূলক, খড়ের পুলা, আটি বা গল্লা। ৪ পরিমাণবিশেষ। ৫ (বাঙলায়) বিষবৎ প্রাণনাশক। "কানুর পিরীতি, বাহিরে সরল, অন্তরে গরল হয়।—চ দা ১০৮। [°সহোদর—কালকূটবিষের সহোদর ; (এক-সমুদ্রমন্থন-জাত) চন্দ্র। "গরলসহোদর, গুরুপত্নী-হর বি.প ১২১।]

গরশাল '-ল্‌' বিং ['গরসান'—মূল ; লিপিপ্রমাদ (?)] যে টাকার শব্দ ভাল টাকার মত নয় ; যে টাকা ভাল বাজে না ; কালা (টাকা)। "ছটা ছিল গরশাল ছটা ছিল মেকী। হরে-দরে বুঝিতে টাকার নাই সিকী॥—বি সু ৩৬।

গরাক '-ক্‌' বি [সং গ্রাহক > বা (স্বরাগমে 'গরাহক) °ক ; অপ্র] গ্রাহক, ক্রেতা। "ভ্রমরা হাটের বাদ্য, পসরা যৌবন। গরাক রসিকবর মদনমোহন॥—চৈ.ম ১৮৫।

গরাণ, -ন বি সুন্দরবনে জাত একপ্রকার দৃঢ়কাষ্ঠ বৃক্ষ (mangrove)। "অতি লম্বা পদ দুটী, যেন গরাণের খুঁটী জা ২। [ইহার ছালে রঙ্‌ এবং কাঠে খুঁটি ও বেড়া হয়।] [গরানহাটা—যেখানে গরানের হাট ; কলিকাতার অন্তর্গত স্থানবিশেষ। গরানের কোড়া—গরান কাঠের দণ্ড।]

গরাদে বি [P. grade ; গরাদ (ত্রিপুরা)] ১ জানালার মধ্যভাগে সংলগ্ন লোহার বা কাষ্ঠের দণ্ড (bar)। "শিল্পকৌশলের গুণে জানালার কবাট চৌকাট গরাদে সকল সমেত দেয়ালের মধ্যে এক রন্ধ্রে প্রবেশ করিল ব.প্র ৩৮। ২ কাঠরার বা রেলের লোহার শিক বা কাষ্ঠদণ্ড।

গরাস বি [সং গ্রাস > প্রা গবাস (পৈ) ; হি গরাস ; মৈ √গরস ; অস গরাহ ; পদ্যে] ১ গ্রাস, কবল। ২ ভক্ষণ ; আহার। "ত্রিভুবন করিব গরাস ব.প ৪২৮। [গরাস করিব—কবল করিব, ভক্ষণ করিব। "রবি শশী বলি মুখ রাহু গরাসয় ব.প ১০৯৮। গরাসন—গ্রসন, গ্রাস। "গরল গরাসনে গোবিন্দ গেল।—গো ২৪৯। গরাসয়—গ্রাস করে (প.ক)। গরাস(সি)ল—গ্রাস করিল। "তিমির শশি সূর গরাসল বি.সা ৩৫৫। তিমিরে গরাসিল মোরে জ্ঞা ৭। গরাসি—গ্রাস করিয়া। "রাহু গরাসি নিশি তেজল চন্দা ব প ৭০।]

গরি(রী)ব বিং [আ গ রীব্‌] ১ দরিদ্র, কাঙাল। "ওদের সাতে পারবো কিসে আমরা গরিব।—হেম ৩৭৮। অদৃষ্টে যার নেইক গয়না, গরীব হয়ে সে গরীব হয় না।—কা ৮৯। জেলখানায় যাহাতে মাস দুই ব্রাহ্মণ-ভোজনের নিমন্ত্রণ হয়, সে ব্যবস্থা যদি আপনি করেন, তবে গরীব ব্রাহ্মণ উদ্ধার পায় ব প্র ৬৪৮। ২ নির্দ্দোষ, নিরাশ্রয়, বেচারা। "মন গরীবের কি দোষ আছে। তুমি বাজীকরের মেয়ে শ্যামা, যেমনি নাচাও তেমনি নাচে।—রামপ্রসাদ। ছোড় দে দো গরিবকো রা.স ৩১। [°খানা—দীনের কুটীর ; গরীবের কুঁড়ে (শিষ্টাচারে)। "কাজি।—দৌলতখানার কুশল সংবাদ ত ? সীতারাম।—হুজুরের একবালে গরিব-খানার অমঙ্গলের সম্ভাবনা কি ?—ব প্র ৪৪৬। [°গুরবা, -গুরবো (হি গরীব গুরবা ; ঠ গরীব গুরীব)—দীন-দুঃখী, দীনহীন। গরিবানা (আ গ.রীবানা)—গরীবের অনুরূপ ; দারিদ্র্যোচিত (চা'ল)। গরিবীয়ানা—দরিদ্রভাব। "গরিবীয়ানায় সে মাগী শ্রেষ্ঠ কা ৮৯।]

গরিমা (মন্‌) পুং [গুরু+ইমন্‌ (ইমনিচ্‌)-১ব] ১ গুরুভাব, গুরুত্ব, ভার। "মাঘ ৩.২৮ ; ৯.৪৯। ভ ৮ ২.২৩। ২ শ্রেষ্ঠত্ব, পূজনীয়তা, গৌরব। "নিরতিশয়ং গরিমাণং তেন জনন্যাঃ স্মরন্তি বিদ্বাংসঃ।—পঞ্চ ১.৩১। গুরু গঙ্গা গোবিন্দ গরিমা গুণ গেয়ে।—শ্রী ১৮৪। ৩ গুরুতর। "ভ ৪.৫.২১। ৪ উৎকর্ষ, শ্রেষ্ঠতা। "কোটি কোটি চান্দ জিনি লাবণ্য গরিমা—শ্রী.ম ১৪। লাবণ্য-গরিমা গ ৩৯ ; ৪৩। ৫ শিবের অষ্টসিদ্ধির একতম (?) (M.W.)। ৬ গৌরব। "হায় রে গরিমা-হীন গরিমা-নিদান মা ১২৩। পুত্র ! আমি জানি যে, তুমি রাজপুতকুলের গরিমা ব.প্র ১১। ৭ মাহাত্ম্য, ঔদার্য্য। "মাঘ ৩.২৮।

গরিষ্ঠ বিণ [গুরু+ইষ্ঠ (ইষ্ঠন্) বহুর মধ্যে একাতিশয্যে ; স্ত্রী -ষ্ঠা ; তু "ষ্ট' (গো.বি ৫)] ১ অতিশয় গুরু ; গুরুতম, অতিদুর্ভর ; বিপ 'লঘিষ্ঠ'। ২ পূজ্যতম, অতিপূজ্য, শ্রেষ্ঠ। "ইহা সভা হৈতে তোমা গরিষ্ঠেতে গণি ম ৪৩০। ৩ গৌরবযুক্ত। "গী গো ১.৭। ৪ অত্যাবশ্যক। ৫ ন্যায্যতম, যুক্ততম, সুসঙ্গত। "বিশেষ গরিষ্ঠ বাক্য ম ৩৯২। ৬ অতিগুরু, দুষ্পচ (খাদ্য)। "হইল অজীর্ণ কালি গরিষ্ঠ-ভোজনে ন.প ৩০৩। ৭ নিপুণ, কুশল, রণপণ্ডিত। "চৌদিকে বেষ্টিত গরিষ্ঠ ভটগণ শ্রী ম ১৬৫। ৮ [বাঙলায় ; অপ্র] অতিদুর্দমনীয়, অতিদুর্বৃত্ত। "কেহ বলে কংসাসুর আছিল গরিষ্ঠ শ্রী.ম ১৪৪।

গরিহণ বিং [সং গর্হণ ; (স্বরাগমে) °ণ ; অপ্র] তিরস্কারক, অতিশায়ী, গঞ্জন। "ভুবন-গরিহণ রূপে গোলাহাট আলো শ্রী মা ৯৫।

গরিহা বি [সং গর্হা >প্রা গরিহা (প্রা.ম) ; অপ্র] নিন্দা, ভর্ৎসনা, তিরস্কারবাক্য। "এতেক গরিহা যদি বলিলেন ধর্ম্ম। শুনি দুর্য্যোধন কোপে জ্বলি গেল মর্ম্ম ॥—ম ৯৩৬।

গরীয় বিং [সং গরীয়স্ >বা গরীয় ; অপ্র] গুরুতর, অতিগুরু, সাতিশয়। "পরবধূ-গমনে গরীয় অপরাধ শি ১০১।

গরীয়ান্ (-য়স্) বিণ [গুরু+ঈয়স্ (ঈয়সুন্), দুই-এর মধ্যে একাতিশয্যে ; স্ত্রী -য়সী] ১ গুরুতর, অতিগুরুতর, অতিদুর্ভর। বিপ 'লঘীয়ান্'। ২ গুরুতর, পূজ্যতর। "গুরুর্গরীয়ান্ গী ১১.৪৩। মাতা তাভ্যো গরীয়সী মনু ২.১৩৩। স্বর্গাদপি গরীয়সী যে ভূমির নাম প.তৃ ৫। জ্ঞান-গরীয়ান্ (দাদা) ব.সু ৩৮। ৩ প্রশস্ততর, শ্রেষ্ঠ (কুল্লুক)। "কতরন্নো গরীয়ঃ গী ২.৬। গরীয়ো যদ্‌যদ্‌উত্তরম্ মনু ২.১৩৬। রঘু ১৪.৩৪। গুণ-গরীয়ান্ গণ্য গায়ক।—রঙ্গ ৫। ৪ বলবত্তর, প্রধান। "বীজাদ্ যোনির্গরীয়সী মনু ৯.৫২। ৫ প্রেয়ান্, প্রিয়তর। "প্রিয়াং ভর্তুঃ প্রাণেভ্যোঽপি গরীয়সীম্ গো রা ৩.৫৫.৫১। বৃদ্ধস্য তরুণী ভার্য্যা প্রাণেভ্যোঽপি গরীয়সী হি ১.১১৮।

গ(গো)রু, -রূ বি [সং গো >প্রা গোণ (হে ২.১৭৪) >বা গোরু, গরু (ণ >ড় >র, 'উ'আগম) ; তু 'গোণ—বৃষ (দেশী ২.১০৪) ; হি গোরু ; ঠ গুরু ; ড় গোরু] ১ গোজাতি—বৃষ, গাভী। "গরু রাখোয়াল শ্রী.কী ১৯ ; ১০১ ; গরু রাখে ৩৪৫। যুদ্ধ জিনতে এসেছিল রথে বেঁধে গরু কৃ ২৮৯। গরু-চোর ম বি ১৯৫। গরু গোপী গোপ নিত্য কৃষ্ণ-পরিবার চৈ ১৮৯। কাল গোরুর গাঁজ ক চ ১৩৬। গরু জ্ঞানে গৃহস্থ করয়ে হায় হায় চৈ.ভা ৫২। ২ বৃষ। "সাত পেয়ে গরু।—হু ৯৯। বুড়া গরু ভা.চ ১০২। ৩ গাভী, বকনা। "গোরুর দুধ, বাছুর। এসেছিল বকনা গরু পরগোয়ালে জাবনা খেতে ব.ছি ৩৫। ৪ (সাদৃশ্যে) কাণ্ডজ্ঞানহীন, নির্বোধ, মূর্খ (গালিতে)। "হিতোপদেশ কি বুঝবি শোন রে বেটা গরু কৃ ২৫১। [°খোর—গোমাংসভক্ষক, গোখাদক। "নী ১৫। গোরু মেরে জুতা দান করা—গোবধ মহাপাপ করিয়া সেই পাপ-ক্ষয়ের নিমিত্ত তাহার চর্ম্মে নির্ম্মিত জুতা দান করা ; (গৌণার্থে) মহা-পাপের নগণ্য প্রায়শ্চিত্ত করা। গরুচরাণে—যে গরু চরায় ; রাখাল। "গরু-চরাণে গুরুর টোলে, সুরু করে দাও গে জেতের পুঁথি দা ১১২।

গরুঅ বিং [সং গুরুক >প্রা গ(গু)রুঅ (প্রা.ম) ; হি, মৈ গরুআ ; বৈষ্ণবসাহিত্যে] ১ দুর্ভর, ভারী। "গরুঅ পসার শ্রী.কী ১৭০ ; ভার গরুঅ ১৭৪ ; ১৭৮। ২ মহান্, দুর্জ্জয়। "গিরিসম গরুঅ মান নাহি মুঞ্চসি।—বি.প ১২০। ৩ স্থূল, পীন। "গরুঅ জঘন শ্রী.কী ৯১ ; গরুঅ…পয়োভার ১৫৯। ৪ (অপ্র) হর্ষভারগুরু, হর্ষপূর্ণ। "হাসো হাসে খলিখলি কাহ্নাঞিঁ গরুঅ মনে শ্রী.কী ২৬০। —আ বিং প্রচণ্ড, তীব্র। "উমত সবরো গরুআ রোষে চ ৪৪।

গরুড় পুং [√গৄ+উড় (উড়চ্)-ক, উ ৪.১৫৫ ; গুরু+√ডী+অ (ড)-ক (মহা ১.৩০.৭, নীলকণ্ঠ), পৃষো ;—যে গুরু ভার লইয়া উড়িয়াছিল (গুরুং ভারং সমাসাদ্য উড্ডীনঃ); গরুৎ >গরুত, -দ, -ড (?) ; বৈদিক] ১ পক্ষিরাজ। "গরুড় গরুড় করি ডাকে সর্ব্বজন চৈ.ভা ৩০। [ইঁহার মাতা বিনতা, পিতা কশ্যপ। স্বর্গ হইতে সুধা আনিয়া ইনি কদ্রুর নিকটে দাসীপণে বদ্ধ জননীকে উদ্ধার করেন ; তদবধি ইনি সর্পগণের পরম শত্রু। সুধানয়নের সময়ে বিষ্ণুদত্ত বরে সুধাপান ব্যতীত ইনি অজর অমর হন এবং বিষ্ণুর উপরে স্থিতি লাভ করেন। নারায়ণও ইঁহার প্রদত্ত বরে ইঁহাকে বাহনরূপে ও রথের ধ্বজরূপে গ্রহণ করেন (মহা ১.২৩ ; ২৯ ; ৩৩ অধ্যায়)।] ২ গরুড়াকৃতি ব্যূহবিশেষ। "মনু ৭.১৮৭। ৩ গরুড়সংস্থান (গরুড়াকৃতি) অগ্নিসঞ্চয়। "রা ১ ১৩. ২৯। ৪ [হি গরুড়] (বাঙলায় অপ্র) হাড়গিলা। "ক.চ ১২৬। ৫ গৃধ্রজাতি বলবান্ পক্ষিবিশেষ। ৬ (সাদৃশ্যে) গরুড়তুল্য মহাবীর। "হিড়িম্বার স্নেহনীড়ে পালিত গরুড়, ঘটোৎকচ মে ১৬। [গরুড়! গরুড়!—গরুড় সর্পশত্রু ; সর্পভয়নিবারণার্থ গরুড়ের নামোচ্চারণ। দ্র '(১)। গরুড়শয়ন (অপ্র)—গরুড়ের মত যুক্তকরে, অর্থাৎ জড়সড় হইয়া নিশ্চেষ্টভাবে শয্যায় অবস্থান। "রাত্রি হৈলে নিদ্রা যাই গরুড়শয়নে ক চ ২৬ ; ১১৯। গরুড়ের মত থাকা—গরুড়মূর্ত্তির ন্যায় সর্ব্বদা সভয়ে যোড়করে কৃপার্থী হইয়া থাকা।]

গরুড়ধ্বজ পুং [বহুব্রী] ১ গরুড় যাঁহার চিহ্ন ; বিষ্ণু। দ্র 'গরুড় (১)। "দু ৭১। গরুড়ে গরুড়ধ্বজ শ্রী মা ১৭০। ২ (বাঙলায়) শ্রীকৃষ্ণের রথ। "দারুক গরুড়ধ্বজ করিল সাজন ম ২৭৬। কৃষ্ণের গরুড়ধ্বজ শ্রী.ম ১৪৯।

গরুড়পুরাণ ক্লী [উ.লো] গরুড়সম্বন্ধী পুরাণ ; বিষ্ণু কর্ত্তৃক গরুড়-সমীপে কথিত পুরাণ ; মহাপুরাণবিশেষ।

গরুড়ব্যূহ পুং [উ.লো বা কর্ম্মধা] গরুড়াকৃতি সৈন্যরচনাবিশেষ ; গরুড়নামকব্যূহ। "মনু ৭.১৮৭, কুল্লুক।

গরুড়মণি বি [সং গরুড়াশ্মা, গরুড়মাণিক্য] গরুড়তুল্য সর্পভয়-নিবারক মণি ; মরকতমণি। "গলায় গরুড়মণি শ্রী.মা ৬৪। সাপুড়ে গরুড়মণি আনি রাখ কাছে ভা.চ ৩৮৩।

গরুড়াগ্রজ পুং [ষ.ত] ১ অরুণ। ২ [বাঙলায় ; অপ্র] অরুণসদৃশ লোহিত। "মনোহর ওষ্ঠাধর গরুড়-অগ্রজ ম ১৫।

গরুৎ পুং [√গৄ+উৎ (উতি)-ক, উ ১.৯৪] 'শব্দকারক', পক্ষ, ছদ, পাখা। "গরুত্মান্।

গরুৎমন্ত বি [গরুৎ+মন্ত ; সং গরুত্মান্] 'পক্ষবান্', পক্ষী। "নাগারি গরুড়, গরুৎমন্ত-কুলপতি মা ১৩১।

গরুত্মান্ (-ত্মৎ) বিণ [গরুৎ+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -মতী] গরুদ্‌যুক্ত, পক্ষবান্, পত্রী। "স সুপর্ণো গরুত্মান্।—ঋগ্বেদ ১ ১৬৪.৪৬। রঘু ৩.৫৭। গরুত্মান্ শৈল মা ১৪৭। বিনতাতনয়, গরুত্মান্ মহাবীর। —হেম ১৬৩। —ত্মান্ পুং ১ পক্ষী। "নিপেতুস্তে গরুত্মন্তঃ মহা ৩.৫৩. ২৩। ২ গরুড়। "গো.রা ৩ ৩৫.৬১। ভ ৩ ১৯ ১০ ; ৮.৩.৩২। মে ২৩৯। —ৎমতী বিং (বাঙলায়) পক্ষযুক্তা, অর্থাৎ পা'ল-খাটান (নৌকা)। "চলিলা যথা গরুৎমতী তরি মে ৮৯। তরণী গরুৎমতী প.তৃ ৬৮।

গরুবে বিং [গরব+এ° ; পদ্যে] গর্ব্বযুক্ত, দেমাকে। "গরুবে সবার, আঁতে ঘা দিবার, মন্ত্র এক শেখ'সে…বাণ-মারা স্ব.প্র ২০৯।

গরুয়া বিং [গরুঅ >গরুআ >°য়া ; পদ্যে] ১ গুরু, স্থূল, পীন। "গরুয়া নিতম্ব ব.প ৫৬৭। ২ তীব্র, প্রচণ্ড, অত্যন্ত। "মাঘ মাসেতে কন্যা গরুআ লাগে শীত ব.প ৩২৩।

গর্গ পুং [√গৄ+গ-ক ; উ ১.১২৫] ১ আঙ্গিরস মুনিবিশেষ (ঋগ্বেদ)। ২ ব্রহ্মার পুত্র মুনিবিশেষ। [ইনি ব্রহ্মার মানসপুত্র। গয়াক্ষেত্রে যজ্ঞার্থ ইনি সৃষ্ট হন (বায়ুপুরাণ, গয়ামাহাত্ম্য, ২য় অধ্যায়)। ইনি যদুবংশের পুরোহিত ও আচার্য্য। কৃষ্ণ ও বলরামের নামকরণার্থ বসুদেব ইঁহাকে ব্রজে প্রেরণ করেন (ভ ১০.৮)।] ৩ (বহুব) গর্গের গোত্রা-

পত্যাগণ। "পা ২.৪.৬৪, সি। ৪ (সঙ্গীতে) তালবিশেষ। ৫ [ধ্বন্যাত্মক (?)] বৃষ।

গর্গর পুং [গর্গ+√রা+অ (ক)-ক; ধ্বন্যাত্মক; তু 'গাগর (দেশী, প্রা.ম) >গর্গর (সংস্কৃতরূপ)] ১ গর্গ (গবগর্)-শব্দকারক মৎস্যবিশেষ; গাগরা টেংরা। ২ বাদ্যযন্ত্রবিশেষ, ঘাগর। "ঋগ্বেদ ৮.৬৯.৯। ৩ দধিমন্থনভাণ্ড, মন্থনকলস, মন্থনী। "মহা ১২.৬৮.২৩। ৪ [Cf., L. gurges—whirlpool] জলাবর্ত্ত, আওড় (A)। —রী স্ত্রী ['র+স্ত্রী ঈ (ঙীষ্); তু 'গগ্‌গরী, গাগরী (দেশী, প্রা.ম) >গর্গরী (সংস্কৃতরূপ)] ১ মন্থনী, মন্থনকলস। ২ কলসী, গাগরী। "বারিপূর্ণা চ গর্গরী (তিথ্যাদিতত্ত্ব)। সুবর্ণ-গর্গরী ব.প ৩৯৫। গৌরী সে গর্গরী হৈতে গড়াইল জল শি ৩২। ৩ স্বল্পঘট, ছোট ঘড়া।

গর্জ্জ্[১] অক [ভ্বা, প—গর্জ্জতি; সেট্] শব্দ, গর্জ্জন।

গর্জ্জ[১] পুং [√গর্জ্জ্+অ (ঘঞ্)-ভা] ১ শব্দ, গর্জ্জন, মহাধ্বনি। "ক্রোধে মিশ্র পাছে থাকি তর্জ্জ গর্জ্জ করে চৈ.ভা ৩৬। তর্জ্জ গর্জ্জ করে লোক চৈ.চ ৬৪; ২৮৯। উন্মাদ শঙ্খের গর্জ্জে স.স্ব ৬৯; চক্রের গর্জ্জে মুখর ৮৬। ২ হস্তিধ্বনি। ৩ মেঘধ্বনি। ৪ [+অ (অচ্)-ক] গর্জ্জনকারী হস্তী। —র্জ্জক পুং [+অক (ণ্বুল্)-ক] মৎস্যবিশেষ, শাল বা গজাল মাছ।

গর্জ্জে[২] অর্ম্ম [সং √গর্জ্জ্ >প্রা √গজ্জ; হি √গরজ] ১ গর্জ্জন করা, ভীষণ শব্দ করা। "গর্জ্জিল জলধি মে ৭২। তুমি যে হে গর্জ্জিছই।—মন্দ্র ৪২। বায়ু গর্জ্জিল, মেঘ গর্জ্জিল, বায়ুতে মেঘেতে একত্র হইয়া গর্জ্জিল ব.খ্রি ৩৪। ২ ক্রোধে উচ্চ রব করা বা চীৎকার করা; ক্রোধে হুঙ্কার করা। "প্রবোধ না মানে কালসর্প যেন গর্জ্জে কৃ ৯৭। তর্জ্জিস গর্জ্জিস সভাকারে ম ৯৩৬। গর্জ্জ গর্জ্জ ওরে মূঢ় আর একক্ষণ দ্রু ৮৭। গর্জ্জিলা শূরেন্দ্র।—মে ১৩০। সরোষে গর্জ্জিয়া ন ৪৯৮; গর্জ্জিল মোহনলাল ৫০০। ৩ আনন্দে উচ্চ রব করা; জয় শব্দ করা; জোকার দেওয়া। "হুররে! হুররে! করি গর্জ্জিল ইংরাজ ন ৪৯৯। ৪ ক্রোধে শাসনবাক্য বলা; শাসান। "মহাদেবের তরে দেবী গর্জ্জিয়া বিস্তর। সিংহ-পৃষ্ঠে চড়ি দেবী চলিল সত্বর॥—ম.ম ১৩৬। ৫ গর্জ্জন, অর্থাৎ বৃংহণ করা। "গজগণ গর্জ্জিছে শ্রী.মা ৬৭। গর্জ্জে গজ।—মা ১১৭। ৬ আনন্দে হুঙ্কার করা। "শ্রীঅদ্বৈত শান্তিপুরে, গর্জ্জয়ে আনন্দভরে ন.প ১৭৩। [গর্জ্জান, -নি—গর্জ্জন করা। গর্জ্জানই সার—গর্জ্জন করাই সার (আর সব অসার); কেবল পৌরুষহীন শূন্যগর্ভ চীৎকার। যত গর্জ্জে তত বর্ষে না—দ্র 'গরজ'[২]।]

গর্জ্জন[১] ক্লী [√গর্জ্জ্+অন (ল্যুট্)-ভা] ১ শব্দ, ভীষণ শব্দ, স্তনিত। "ঘনঘোর' হি ১$\frac{১৭}{৮৮}$। গোলা করে গর্জ্জন শ্রী.মা ১২৭। ২ বীরের গর্জ্জন; সিংহনাদ। "ইহার গর্জ্জন মোর প্রাণে নাহি সয় চ.বি ৩৫। ৩ সিংহাদির শব্দ; সিংহনাদ, বৃংহণ। "হস্তীর গর্জ্জন চ.বি ১৬২। গজের গর্জ্জনে শ্রী মা ১২৭। ৪ তিরস্কার, ভর্ৎসন। "রাবণগর্জ্জন রা (S.W.)। ৫ [+অন-ণ] কোপ। ৬ [+অন-ধি] যুদ্ধ। ৭ (বাঙ্‌লায়) হুঙ্কার। "গৌড়েশ্বর-গোসাঞির হইল গর্জ্জন চৈ.ভা ৬৩।

গর্জ্জন[২] বি [(?)] উচ্চ বৃক্ষবিশেষ (Dipterocarpus turbinatus)। [গর্জ্জন-তেল—গর্জ্জন-গাছের নির্য্যাস। ইহা বার্নিশে ও ঠাকুর ঘামাইতে ব্যবহৃত হয়।]

গর্জ্জর ক্লী [গাজর >'র (সংস্কৃত?)] গৃঞ্জন, গাজর।

গর্জ্জিত বিণ [√গর্জ্জ্+ত (ক্ত)-ক] কৃতগর্জ্জন, শব্দিত। —ত ক্লী [+ত-ভা] ১ গর্জ্জন, ভীষণ ধ্বনি। "ভ ৩.১৩.২৪। ২ মেঘশব্দ, স্তনিত। "গর্জ্জিতানন্তরাং বৃষ্টিম্ কু.স ২ ৫৩। পূ মে ১১; ৬১। সন্ধ্যা' ষাজ্ঞ ১.১৪৫। ঘন ঘন গরজিত বি.প ১৬৬। ৩ স্পর্দ্ধাবাক্য। "গো.রা ৩.২৯.২৪। ৪ যুদ্ধে সিংহনাদ। "গর্জ্জিতেন চ দৈত্যানাম্ মহা ৩.১৭১.৬। ৫ সিংহাদির গর্জ্জন; সিংহনাদ, বৃংহণ। "মন্দ্রকণ্ঠগর্জ্জিতম্ (গজস্য)।—বিক্র (S.W.)। করি' (অকো)। —ত পুং ['ত+অ (অচ্) অস্ত্যর্থে] মত্তগজ।

গর্ত্ত পুং [√গৃ+ত (তন্)-ক, উ ৩.৮৬; তু 'কর্ত্ত'—গর্ত্ত (ঋগ্বেদ ১.১২১.১৩; আশ্বলায়নগৃহ্যসূত্র ২.৮.১; ১৬)] ১ বিল, ছিদ্র, রন্ধ্র, বিবর। "মনু ৪.৪৭। মোহগর্ত্তে নিপাতিতঃ।—চণ্ডী। রোম' ভ ৩.১৩.৩৪। ২ নিতম্বস্থ কূপদ্বয়; ককুন্দর। ৩ ত্রিগর্ত্তদেশ। ৪ রোগবিশেষ। ৫ অষ্ট সহস্র ধনুর (৩২০০০ হাতের) ন্যূন জলাশয়বিশেষ। "মনু ৪.২০৩।

গর্দ্দভ পুং [√গর্দ্দ্+অভ (অভচ্)-ক, উ ৩.১২২; স্ত্রী -ভী; ছান্দস] ১ রাসভ, গাধা। "ত্রীণি শিক্ষেত গর্দ্দভাৎ।—চাণক্য। ২ গন্ধ। ৩ (বাঙ্‌লায়) গর্দ্দভসদৃশ, মূর্খ, হিতাহিতজ্ঞানহীন (গালিতে)। —ভী স্ত্রী ['ভ+স্ত্রী ঈ (ঙীষ)] গর্দ্দভ-স্ত্রীজাতি; রাসভী। "প্রাপ্তে তু ষোড়শে বর্ষে গর্দ্দভী হ্যপ্সরা ভবেৎ (সু.র)।

গর্দ্দা বি [ফা গ.র্‌দ্] ধুলা, মাটি, ময়লা, গাদ। [গর্দ্দা উড়ান—হাওয়ায় ধুলা-মাটি উড়ান। গর্দ্দা জমা—ময়লা আটকান।]

গর্দ্দান, -না, গরদান বি [ফা গ.র্‌দন্] গলা, ঘাড়, গ্রীবা। "গর্দ্দানত ধরিল গো.চ ৩৫.১৩৭, 'না ১৩৯। —নি, -নী বি [ফা গ.রদনী] ১ অর্দ্ধচন্দ্র, গলাধাক্কা, ঘাড়ধাক্কা। "কোনখানে বা পাণটি খাও, কোনখানে গর্দ্দানী দা ২০৫৫। কর সারাদিন, মর্দ্দানি গর্দ্দানি ন ১১২৫। ২ গর্দ্দান, ঘাড়। "কাটিলে গর্দানী, কোথায় মর্দানী, দেখিতে অতি করাল।—রঙ্গ ৯।

গর্দ্ধভ বি [সং গর্দ্দভ; 'ভ' হেতু র্দ>র্ধ, র্দ্ধ; অপ্র] গাধা। "ম ২৯৬।

গর্দ্ধন বিণ [√গৃধ্+অন (যুচ্)-ক; স্ত্রী -না] ১ লুব্ধ, লোভী। ২ অভিলাষশীল। "ভট্টি ৭.১৬। —র্দ্ধী (-র্দ্ধিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব; স্ত্রী -র্দ্ধিনী] ১ গর্দ্ধনশীল, লোভী। ২ অভিলাষী। "পুত্রগর্দ্ধিনী রা ২.৭৩.১৭। [সমাসে উত্তরপদ]

গর্ব্ব[১] পুং [√গর্ব্ব্+অ (ঘঞ্)-ভা] ১ অহঙ্কার, দর্প। "মা কুরু ধনজনযৌবনগর্ব্বম্ (মোহমুদ্গর)। জ্ঞানমগর্ব্বম্ হি ১১৭৩। ২ অভিমান, শ্লাঘা। "আর্য্যপুত্রের স্নেহ দয়া ও মমতার কথা মনে হইলে, আমার সৌভাগ্যগর্ব্ব হইয়া থাকে সী ৩৪। ৩ (অলঙ্কারে) ব্যভিচারি-ভাববিশেষ। 'সা.দ ৩.১৫৪।

গর্ব্ব[২] বি [[সং গর্ভ, -র্ব্ভ >বা গর্ব্ব; অপ্র; গব্ব (গ্রাম্য)] ১ গর্ভ, ভ্রূণ। "'ছারা, 'স্রাব। ২ গর্ভাশয়, উদর। "গর্ব্বে বাস হইল গো.চ ১৬৯। ['ছারা, 'স্রাব (স্রাব >ছারা)—গা লিবিশেষ। "গর্ব্বছারা বলিয়া পুত্রের গালি দিলা ম.গা ১১। হালা গর্ব্বস্রাব, হুয়ার!—স.এ ২৫। গর্ব্ববতী—গর্ভবতী। "মোহাদেবী হইল গর্ব্ববতী মী ৬।]

গর্ব্বিত বিণ [গর্ব্ব+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] ১ জাতগর্ব্ব, অবলিপ্ত, দৃপ্ত। "যৌবন'; বল'। গুণাঢ্যা ন চ গর্ব্বিতাঃ রা (S.W.)। রঘু ৯.৫৫। প্রেম' ১৯২০। বহুমানগর্ব্বিতা শ ৬$\frac{২}{৮}$। তিরস্করণী' ৬$\frac{২}{৮}$। ২ আত্মশ্লাঘী, বিকত্থন। ৩ [সং গৌরবিত >প্রা গারবিয় >বা (গারবিত) গরবিত >'ত (?); তু 'গুরুগরবিত; অপ্র]। (বাঙ্‌লায়) পূজনীয়, মান্য, পূজিত। "রথেতে গর্ব্বিত আছে নাহি বাস লাজ কৃ.উ ৯৬; পরম গর্ব্বিত তুমি পিতার সমান কৃ.উ ১৫৭; গুরুজন গর্ব্বিত জে মাতুল শ্বশুরে ২১৬। পদ্মা আমার পরম গর্ব্বিত ম.ম ২৯। গর্ব্বিত সনে স্থায় করি না হয় উচিত ব.প ৪৯৯। জগতের নাথ রাম পরম গর্ব্বিত কৃ ৪৮৭। কি তার গর্ব্বিত গুরু কিবা ভয় লাজ ম ৩৫৫। [গুরুগর্ব্বিত—পূজিত, মান্য।]

গর্ব্বী (-র্ব্বিন্) বিং [গর্ব্ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে ১ব; স্ত্রী -র্ব্বিণী] গর্ব্বযুক্ত, গর্ব্বিত, দর্পী। "গর্ব্বি-গর্ব্ববিমোচন।—ম ২৯২; ৩৩৪;

৬১৬। গর্ব্বিণী যে গরবথাগী তিন ছেলের মা শ্রী ২৮। 'কহিব না' —কহিল গর্ব্বিণী ন ১৪০৫।

গর্ভ পুং [√গৃ+ভ (ভন্) -ক, উ ৩.১৫২ ; cf., Hebrew—'cilfin' —the belly ; Ger. kalb] ১ গর্ভাশয়, কুক্ষি, উদর। "মাতুর্গর্ভে। —ঋগ্বেদ ৮.৭২.৮। মনু ৬.৬৩। জননীর গর্ভতলে শ্রী.ম ৪৫। ২ কুক্ষি-গত সত্ত্ব (অ.টী); ভ্রূণ। "স্ত্রিয়ঃ প্ররূঢ়গর্ভাঃ রা ১.১৬.৩২। উত্থেণা-বৃতো গর্ভঃ গী ৩.৩৮। হত্বা গর্ভম্ মনু ১১.৮৮। (রাজ্ঞী) গর্ভমাধত্তে রঘু ২.৭৫। ৩ গর্ভাধান, গর্ভধারণ-কাল, গর্ভবর্ষ। "গর্ভাষ্টমেঽব্দে কুর্বীত ব্রাহ্মণস্যোপনায়নম্ মনু ২.৩৬। ৪ গর্ভজাত পুত্র। "অস্তা-ষ্টমাষ্টমো গর্ভো হন্তা ভ ১০.১.৩৪। ৫ শিশু। ৬ অভ্যন্তর, মধ্য। "শুকগর্ভকোটর শ ১ ১৪ ; হিমগর্ভৈঃ...ইন্দুময়ূখৈঃ ৩.৩ ; অগ্নিগর্ভাং শমীম্ ৪৪। কুশগর্ভমুখ রঘু ৯.৫৫। স্নেহ° (তিল), জল° (বাত), কেকা° (কণ্ঠ), বিষ° (বাষ্প), বেদ° (হরি), কমল°, স্থায়°, স্মিত° (ভৎর্সনা), স্বর° (S.W.)। হেমঝারি জলগর্ভা।—ক চ ১৯২ ; জাহ্নবীজলগর্ভা (ঝারী) ২২৫। (ঘনাবলী) বাতগর্ভ মে ২৬৪। ৭ শয়নমন্দির, গর্ভাগার, অপবরক (অ.চি)। ৮ নদীখাত, অর্থাৎ ভাদ্র কৃষ্ণচতুর্দ্দশীতে নদীর যতদূর জলপ্লাবিত হয়, তাবৎপর্য্যন্ত দেশ ; গঙ্গাদিসন্নিহিত স্থান ; নদীর আবরা। "(গঙ্গার) গর্ভে বসি করে কেহ মস্তক-মুণ্ডন ক.চ ১৯৬ ; ২২৮। ৯ সূর্য্যকিরণে বাষ্পীভূত বায়ুমণ্ডলস্থ জলবিন্দুসমূহ। "রা ৪.২৮৩। ১০ আভ্যন্তরিক বস্তুমাত্র (শ ক)। ১১ গহ্বর। ১২ (কোষ্ঠমধ্যস্থ বলিয়া) অগ্নি। ১৩ অন্ন। ১৪ পনস-কণ্টক, অর্থাৎ কাঁটালের কণ্টকময় আবরণ ; ভোঁতা। ১৫ ফলমাত্র। ১৬ (অলঙ্কারে) পঞ্চসন্ধির তৃতীয় সন্ধি। 'সা.দ ১.৭৫। ১৭ পদ্ম-কোষ (calyx of a lotus)। [°ধারণ (ক্লী)—গর্ভগ্রহণ। "গর্ভ-ধারণপোষাভ্যাং নন্মু মাতা গরীয়সী। °ধারিণী (বি)—গর্ভধারণকর্ত্রী জননী। °পাত (পুং)—গর্ভস্রাব। "যদি থাকে শূন্য সাত। তবে নারীর গর্ভপাত॥—খনা। °পোষণ (ক্লী)—গর্ভের পুষ্টিসাধন ; ভ্রূণ-পুষ্টিকর বিধি। °বতী (স্ত্রী)—গর্ভিণী, অন্তঃসত্ত্বা। °বাস (পুং) ১ গর্ভে বসতি। ২ গর্ভের বাসস্থান ; ভ্রূণস্থান, কুক্ষি। "মনু ১২ ৭৮। °ভর (পুং)—গর্ভভার, গর্ভগৌরব। "গর্ভভরালস সা.দ ৩১২৬। °মাস (পুং)—গর্ভধারণ-মাস। °মোচন (ক্লী)—গর্ভত্যাগ, প্রসব। °যুগল (বি)—ভ্রূণদ্বয়। "সী ৮২। °লক্ষণ (ক্লী)—গর্ভধারণ-চিহ্নবিশেষ (সুশ্রুত)। "সী ২। °শয্যা (স্ত্রী)—ভ্রূণের শয্যা-তুল্য ; ভ্রূণোৎপত্তি-স্থান (ভাবপ্রকাশ)। °সংক্রমণ (ক্লী)—গর্ভে দেহান্তরগ্রহণার্থ প্রবেশ। "মহা ১৪.১৭.১৯।]

গর্ভক পুং [গর্ভ+ক (কন্) সংজ্ঞার্থে] কেশমধ্যে নিবেশিত মাল্য ; খোপার মালা ; গাভা। —ক ক্লী মধ্যবর্ত্তী দিবস-সহিত রাত্রি-দ্বয় (অ.চি)।

গর্ভকেশর বি [কর্ম্মধা] কুসুমের গর্ভরূপ কেশর ; পরাগকেশরের মধ্যস্থ স্থূল কেশর (pistil)। [ইহার মাথায় আঠার মত যে পদার্থ থাকে, তাহাতে রেণু পড়িলে ফলের উৎপত্তি হয়।]

গর্ভকোশ, -ষ পুং [ষ.ত] ভ্রূণের আধার ; গর্ভাশয় (uterus)।

গর্ভগৃহ, -ভবন ক্লী [উ.লো] ১ গর্ভস্থিত গৃহ ; মধ্যবর্ত্তী গৃহ, অন্তর্ভবন। "অলব্ধাবকাশঃ সমীরণঃ সংবৃতত্বাদ্ গর্ভগৃহস্য বে ২১২২। গর্ভগৃহবাসেন স্বেদসলিলসিক্তগাত্রা।—ক.ম ৩১২৩। ২ শয়নগৃহ, গর্ভা-গার। "(রেমে) গর্ভগৃহেষু মহা ৫.১১৮.১৯। ৩ গৃহমধ্যভাগ (ত.বা)। ৪ মন্দিরের মধ্যস্থ গৃহ (যেখানে বিগ্রহ প্রতিষ্ঠিত হয়)। "ক.সা ৭.৮।

গর্ভঘুটিক পুং লঘুনালাস্ত্রের গুলি (ছররা)। "শু ৪.৭২০৪।

গর্ভথোড় বি যে মোচা কেবল বাহির হইয়াছে, কলা বাহির হয় নাই, তাহার থোড় ; পাত-থোড়। "ম ৬৫১, টীকা। শ্রী ১০৭।

গর্ভদাস পুং গর্ভ হইতে, অর্থাৎ জন্ম হইতে দাস ; গৃহজাত দাসীতে উৎপন্ন দাসবিশেষ ; আজন্মকিঙ্কর। —দাসী স্ত্রী আজন্মকিঙ্করী (প্রায় গালিতে)। "এষা গর্ভদাসী...ন মাং কাময়তে (মৃ)।

গর্ভর বি [তু 'সং গহ্বর >লি, প্রা গব্ভর ; অপ্র] গর্ত্ত। "গ ১৪৯।

গর্ভস্থ বিণ [গর্ভ+ √স্থা+অ (ক) -ক ; উ.ত] ১ গর্ভস্থিত ; কুক্ষিস্থ। "পঞ্চ ২.৮৫। ক.সা ৬.২৯। ২ মধ্যস্থিত, অন্তর্বর্ত্তী। "সূচীপদ্মস্য গর্ভস্থঃ ...ব্যূহঃ মহা ৭.৮৫.২৩।

গর্ভস্নান বি প্রসবের পরে শিশুর নাভিচ্ছেদপূর্ব্বক গর্ভের ক্লেদাদি-দূরীকরণার্থ প্রক্ষালন। "নাভিচ্ছেদ করিয়া...। গর্ভস্নান করাইল ব্যাধের কুমার॥—ম.পা ৩৫ ; ১১৬। ব.প ৩৭৩।

গর্ভস্রাব পুং [ষ.ত] ১ প্রসবকালের পূর্ব্বে রোগাদি হেতু গর্ভের পতন ; গর্ভচ্যুতি, গর্ভপাত। "মনু ৫.৬৬। পঞ্চ ৫ (কথামুখ)। ২ (বাঙ্গলায়) অকালপ্রসূত শিশুতুল্য ব্যর্থজন্মা ; অকালকুষ্মাণ্ড, গালি-বিশেষ। "পাপিষ্ঠ গর্ভস্রাব বি.বৃ ৪৮। হালা গর্ভস্রাব স.এ ২৫।

গর্ভাগার ক্লী [গর্ভস্থ বা গর্ভতুল্য আগার, উ.লো] ১ গৃহের মধ্যস্থ গৃহ ; গৃহান্তর্গৃহ। ২ বাসগৃহ, শয়নমন্দির। ৩ গৃহমধ্যভাগ (শ.ক)। ৪ অন্তঃপুর (A.)। ৫ মন্দিরের মধ্যস্থ বিগ্রহাধিষ্ঠিত গৃহ। "একৈব দেবং দ্রষ্টুং চ গর্ভাগারমথাবিশৎ ক.সা ৭.৭১। ৬ [ষ.ত] ভ্রূণের গৃহ ; গর্ভাশয়, জরায়ু।

গর্ভাঙ্ক পুং [উলো] অঙ্কের গর্ভগত অঙ্ক ; অঙ্কান্তর্গত মঙ্গলাচরণ-প্রস্তাবনাদিযুক্ত সবীজ ফলবান্ অপর অঙ্ক। 'সা.দ ৭২০।

গর্ভাধান ক্লী [ষ.ত] ১ গর্ভের (কুক্ষিস্থ জন্তুর) উৎপাদন ; ভ্রূণোৎ-পাদন। "°ক্ষণ পু.মে ৯। ২ গর্ভের আধানসাধন কর্ম্ম ; সংস্কারবিশেষ, দ্বিতীয়বিবাহ। "যাজ্ঞ ১.১১।

গর্ভাশয় পুং [ষ.ত] গর্ভের শয়নস্থান ; গর্ভশয্যা, কুক্ষি, জরায়ু।

গর্ভিণী বিণ [গর্ভ+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্, ছান্দস] গর্ভবতী, অন্তঃসত্ত্বা (স্ত্রী), পোয়াতী। "যে চাস্য ভার্য্যে গর্ভিণ্যৌ রা ১.৭০.৩০। —নী স্ত্রী গর্ভবতী স্ত্রী। "মনু ৩.১১৪। গর্ভিণীব্যাকরণ। —সুশ্রুত ৩.১০। [°দোহদ (ক্লী)—গর্ভিণীর অভীষ্ট দ্রব্য ; সাধ।]

গর্ভিত বিণ [গর্ভ+ইত (ইতচ্)] ১ জাতগর্ভ, গর্ভযুক্ত। ২ গর্ভসন্ধি-সূচিত। "সা.দ ৬.১৪২। ৩ পূরিত, অন্তর্ধৃত। "গোরসগরভিত, গোরোচনারুচিধারী।—গো ৬৪। [গোরসগরভিত—গোরসরূপগর্ভ-যুক্ত, গোরসমিশ্র।]

গর্ভোদক বি [গর্ভ উদক, কর্ম্মধা] গর্ভরূপ সলিল ; বিশ্বোৎপত্তির কারণভূত সলিল। "গর্ভোদক হৈল তাঁর যতেক সাগর বি.পা ১২। গর্ভোদক নদী সপ্ত সাগরের জল গ ৯।

গর্ভোপঘাতিনী স্ত্রী [গর্ভ+উপ √হন্+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] ঋতুভিন্ন কালে বৃষোপগমন হেতু যে গাভীর গর্ভপাত হয় ; গাবড়া-ফেলা বা পাল-ঝাড়া গাই।

গর্হ্ সক [ভ্বা, আ—গর্হতে ; সেট্] কুৎসা, নিন্দা। —র্হ্ সক [চু.প —গর্হয়তি, গর্হতি ; সেট্] নিন্দা। [বি—নিন্দা]

গর্হণ ক্লী [√গর্হ্+অন (ল্যুট্)-ভা] ১ নিন্দা, কুৎসন, অপবাদ। "কৈকয়ী° রা (S.W.)। ২ (অলঙ্কারে) ভাবালক্ষণবিশেষ। 'সা.দ ৬.১৭৪,-৯০। —ণা স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] নিন্দা। "মনু ২৮০। —ণীয়, -র্হ্য বিণ [+অনীয়, য (অনীয়র্, যৎ)-র্ম্ম] নিন্দনীয়, কুৎসার্হ, নিন্দিত। "গর্হ্যে কুর্য্যাদ্ভবে কুলে মনু ৫.১৪২। —র্হা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] নিন্দা, কুৎসা। "মহা ১.১৫৫. ১৫। জন° ।—পঞ্চ ১.১৮৭। 'অপি', 'গর্হা' অর্থ কয় চৈ.চ ২৪১। —র্হিত বিণ [+ত(ক্ত) -র্ম্ম] ১ নিন্দিত, কুৎসিত। "রা ২.৯২.১৬। সজ্জন° মনু ১০.৩৮। সর্ব্বমত্যন্তগর্হিতম্।—চাণক্য। ২ অবজ্ঞাত,

ঘৃণার্হ। ৩ নিষিদ্ধ, অবৈধ, মন্দ। —ত ক্লী ১ নিন্দিত বাক্য। "ন রামো গর্হিতং বদেৎ রা।

গল্ অক [ভ্বা, প—গলতি; সেট্] স্রাব, ক্ষরণ, পতন। "স্বয়ং হারা-কারা গলতি জলধারা কুবলয়াৎ (ক.ক)। —ল্ অক [চু, আ—গালয়তে; সেট্] স্রবণ, স্মরণ। "গালয়তে রক্তং ক্ষতস্থ (ক.ক)। —ল্ সক [ভ্বা, প—গল,ত] ভক্ষণ। [অব—ভ্রংশ। পরি-আ—নিঃসরণ। নির্—নিঃসরণ। বি—ভ্রংশ।]

গল১ [√গল্+অ (ঘ)-ণ (অ.টী); তু 'ফা গল্, গুলূ—গলা, কণ্ঠনালী; তা কলম্; cf., L. gula] ১ গ্রীবার পুরোভাগ; কণ্ঠ, গলা। "অজাগলস্তন।—হি ২৬ (কথারম্ভ)। অন্তর্গলগত (পঙ্ক)। গদ্গদ° (ভর্তৃহরি)। ২ কন্ধর, গ্রীবা, ঘাড় (neck)। "বদ্ধা গলে শিলাম্ মহা (S.W)। গলে সর্পকলেবরম্ (পিতরম্) ভ ১.১৮.৩৮। গল-মোটনপূর্ব্বং বিনাশিতা (S.W)। হাথ পাঅ গল জড়ী রাখিল তথাঞি শ্রী কী ২৩১। রুদ্রাক্ষ তুলসীমালা সেই ধরে গলে। তার গলে হরিহরে থাকি গলে গলে॥—ভা.চ ১৬৯। ৩ (বাঙ্লায়) স্বর। "তবে বড় গল করি বুইল জগন্নাথে শ্রী.কী ২৬০। ৪ [+অ (অচ্)-ক] যাহা গলে; সর্জ্জরস, ধুনা। ৫ বাদ্যবিশেষ। ৬ গড়কমৎস্য। ৭ রজ্জু, গড়া (M.W.)।

গল২ অর্ম [সং √গল্ > প্রা √গল (প্রা.ম); হি √গল; মৈ √গড়; ঠ, গু √গল.] ১ ক্ষরিত হওয়া; বিন্দুরূপে পতিত বা নির্গত হওয়া; ঝরা, গলা। "বাণে চন্দ্র বিন্ধিল অমৃত গলে ধার কৃ.উ ৯১। নয়নে গলত হি লোর বি.প ১৮৭। নয়নে গলয়ে জল চৈ.ম ৭৬। ২ দ্রব্যের ঘনত্ব নষ্ট হওয়া; দ্রবীভূত হওয়া। "ঘামি গলয়ে তনু ঃ তনু…গলি গলি মিলত ধরণী। —গো ২৪৮; গলত গাত ২৪৯। হুতাশন-তেজে, গলে লৌহ মে ১২৭; প্রচণ্ড উত্তাপে পিণ্ড, হায় রে, গলিল!—১৯৭। ৩ সিদ্ধ হওয়া; মিলাইয়া যাওয়া; গলা (ডাল, ভাত ইত্যাদি)। ৪ আর্দ্র হওয়া; অভিভূত হওয়া; দ্রব হওয়া। "সঙ্গে সঙ্গে সেই বিশাল চক্ষুর অব্যর্থ কটাক্ষসন্ধান; প্রহরী একেবারে গলিয়া গেল ব.প্র ৪৩; প্রফুল্লের হৃদয় প্রজাবর্গের দুঃখের কাহিনী শুনিয়া গলিয়া গিয়াছিল ৩৭৪। ৫ বিহ্বল বা আত্মহারা হওয়া। "জ্বলিল আগুন ঘোর…হের হনু আহ্লাদে গলিল দা ১১৭৯। ৬ ক্ষয়প্রাপ্ত হওয়া; নিঃশেষ হওয়া। "গহনাপত্র গলিয়া গিয়া আমার হিসাবের খাতার গোটাকতক কালীর অঙ্কে পরিণত হইল গ.স ১০৬। ৭ ছিদ্রপথে ফোঁটা ফোঁটা করিয়া পড়া (মধু, গুড় ইত্যাদি)। ৮ দূরীভূত বা অন্তর্হিত হওয়া; চলিয়া যাওয়া। "গো.বি ৯৮। সে বাপের কাছে খুব বকুনি খেয়েছে, আদর গ'লে গিয়েছে (তু 'শৈশবেন সহ গলতি গুরুজনস্নেহঃ।—কাদম্বরী।)। ৯ স্খলিত হওয়া; খসিয়া পড়া। "মড়ামাংস জলে গলে ম.ভা ৫০। মাংস গলে ভা.চ ২৯। ১০ শিথিল হওয়া; দুর্ব্বল বা শীর্ণ হওয়া। "গহীন নিগড়ে মাতা গলয়ে শরীর ক চ ১০৩। ১১ ভিতর দিয়া বাহির হওয়া; অতিক্রান্ত হওয়া। "যাবৎ না গলে গাঁটি তাবৎ জঞ্জালঃ গাড়িয়া বসিল শঙ্খ গলে নাহি গিয়া শি ১০৫। ১২ ফাঁস হইতে বাহির হওয়া; ফাঁসাইয়া যাওয়া। [গলগল—প্রায় গলিত; গলা-গলা (ঘি)। গলত—গলিতেছে, ঝরিতেছে। গলয়ে—গলে, ঝরিতেছে। "চামরে গলয়ে জনু মোতিম হারা বি প ১৮। চৈ.ম ৭৬। আদর গলিয়া যাওয়া—আদর নষ্ট হওয়া। পাছা গলা—মলদ্বার দিয়া অল্প পাতলা মল নির্গত হওয়া। ফোড়া গলা—ফোড়া ফাটিয়া পুঁজ বাহির হওয়া। শরীর গলা—রোগাদিতে দেহ শীর্ণ হওয়া। সন্ধি গলা—সন্ধি ঝরা।]

গলই, -হি, -লুই, -লৈ বি ['গল১—মূল; হি গলহী] নৌকার গলা; নৌকার মাথার নিকটবর্ত্তী স্থান; নৌকার সম্মুখভাগ (prow)। "চামরে ঢাকিছে গলৈ ম.ম ১২৪; ভাঙ্গিল নৌকার গলই ১৩৮; ডিঙ্গার গলই ঃ গলহির উপর হাট বাজার ১৪০। [গলুয়ে—গলুইতে। "কেহ বা গলুয়ে বসিল আ.ছু ৯। গলেআর মাজি—কাণ্ডারি। "গো.চ ১৯৩; -৫, টীকা। গলৈয়া (হি গলহৈয়া)—যে নৌকায় পা'লের কাজ করে (boat-swain)। "কাড়ারি গলৈয়া মারে চড় চাপড়ে বি.পা ২৩৫।]

গলগণ্ড পুং [উ.লো; ঘ্যাগ্ (ত্রিপুরা, নাটোর)] ১ গললম্বিত গণ্ড, অর্থাৎ অণ্ডবৎ পিণ্ড; গলরোগবিশেষ; গরগণ্ড। "সুশ্রুত ২.১১.১৭। গলায় গলগণ্ড কৃ ৪১৯। বি.পা ২৮৭। শ্রী.মা ৯৩। গলগণ্ড রোগ অনিবার্য্য দা ৩৬৩। ২ (বাঙ্লায়) গলগণ্ডের ন্যায় অপরিহার্য্য ও অপ্রতিবিধেয় পীড়াকর বিষয়; গলগ্রহ। "মরমে যাতনা ভারি, সরমে কহিতে নারি, গণ্ডমূর্খে করেছি গলগণ্ড।—দা ২০৬১। পিতৃ-গলগণ্ড হ'য়ে কত কাল রব।—হেম ৬।

গলগল১ বি [ধ্বন্যাত্মক; ভাবাত্মক; হি গলগল—gurgling sound; ঠ 'গলগল'—কোলাহল] ১ ক্রমাগত বক্‌বক্ করিয়া বকার শব্দ; বক্‌বক্ করার ভাব (garrulity)। "গলগল করিয়া মাগী আপনা-আপনি বকিতেছে ব.প্র ১২৮। আপনি গলগল করে, এত কথা বলে' যান কেমন করে'?—ঘ ২৪৫। ২ শিশুর অনর্গল মধুরাস্ফুট বাক্য-পরম্পরা। ৩ অনর্গল পাঠ করার ক্রমাগত শব্দ। "গলগল ভাটে যশ পড়িছে ডাকিয়া ব.প ১৪৮৬। ৪ কলসীতে জল পোরার ক্রমাগত ধ্বনি। "কলসী তখন বক্‌বক্ গলগল করিয়া বিস্তর আপত্তি করিল—ব.প্র ২৬৮। ৫ [গল২—মূল, পৌনঃপুন্যে দ্বিত্ব] ক্রমাগত গলার (ঝরার) ভাব। "গলগল ক'রে আটা পড়ছে। [গলগ'লে—যে ক্রমাগত বকে।]

গলগ্রহ পুং [গলে গ্রহ (গ্রাহক), স.ত] ১ রোগবিশেষ। "সুশ্রুত ১.৪৫.২১। ২ ব্যঞ্জনবিশেষ, মৎস্যঘণ্ট। ৩ তিথিবিশেষ—কৃষ্ণপক্ষের চতুর্থী সপ্তমী অষ্টমী নবমী ত্রয়োদশী ও তৎপরবর্ত্তী দিনত্রয়—এই আট তিথি। ৪ পাঠারম্ভের পরবর্ত্তী অনধ্যায়দিবস। ৫ (বাঙ্লায়) গলগ্রহ-রোগের ন্যায় অপরিহার্য্য পীড়াজনক পোষ্য; যে কেবল অন্নধ্বংসে পটু, কিন্তু উপার্জ্জনে অক্ষম; গলার ভারস্বরূপ (বোঝার মত) পোষ্য। "গলগ্রহ গৌরীকে গোবিন্দ দিল কেন শি ৩৪। একজনকে অপর আর একজনের গলগ্রহ হইয়া থাকিতে নাই পা.প্র ১৭০।

গলগ্রাহিতা বি গলগ্রাহীর ভাব; গলগ্রহ হইয়া থাকা; পরান্নবর্ত্তিতা, পরোপজীবিতা। "তিনি নিজ ভার অন্যের উপর ক্ষেপণ করিয়া গলগ্রাহিতা-দোষে দূষিত হইলেন পা.প্র ১৭১।

গলৎ বিণ [√গল্+অৎ (শতৃ)-ক; ন্ (পুং), -ন্তী (স্ত্রী)] ১ যাহা গলিতেছে বা ঝরিতেছে। "গলদ্‌ঘর্ম্ম, গলদশ্রু। ২ যাহা হইতে রুধিরাদি ক্ষরিত হইতেছে, গলিত। "গলৎকুষ্ঠ।

গলৎকুষ্ঠ ক্লী [কর্ম্মধা] গলিতকুষ্ঠ। "ভ্রাতৃ-জায়াভিগমনাদ্ গলৎকুষ্ঠঃ প্রজায়তে (শাতাতাপ)। ব.প ১২২১। চৈ.চ ২৮২।

গলতী বি [আ গ.লতী] ১ ভ্রম, ভুল, চুক। ২ দোষ, ত্রুটি, খুঁত।

গলদ্ বি [আ গ.লত্] ১ ভ্রম, ভুল। ২ দোষ ত্রুটি, খুঁত। "তাতেও গলদ্ এত—কি কন লো দিদি!—হেম ৩৮৬। [গলদ্ থাকা—ভ্রম বা ত্রুটি থাকা। গলদ্ মারা—ভ্রম বা ত্রুটি সারা।]

গলদশ্রু বিং [গলৎ+অশ্রু; বহুব্রী] যে চক্ষু হইতে জল গলিতেছে; গলদ্বাষ্প। "গলদশ্রুলোচনে…কহিতে লাগিলেন সী ২০।

গলদ্‌ঘর্ম্ম বিং [বহুব্রী] যাহার ঘর্ম্ম গলিতেছে; (শ্রমে ভয়ে লজ্জায়) ঘর্ম্মাক্তদেহ। "এই কথা বলিতে আরম্ভ করায়, অমরনাথ গলদ্‌ঘর্ম্ম হইয়া উঠিল। বলিল ক্ষমা কর।—ব.প্র ২৪০।

গলদ্ধার বি [গলৎ+ধার (ধারা); অপ্র] গলিতেছে যে ধারা; গলদশ্রুধারা। "গলদ্ধার বয় ব.প ১৪৯৭। ['রে—গলিত ধারায়, অবিরলক্ষরিত ধারায়। "আনন্দধারা বহে গলদ্ধারে ভ.প্র ২১।

গলদ্বার ক্লী [ষ.ত] গলের দ্বার; মুখ। "মহা ৭.১৫৪.৭৫।

গলন স্ত্রী [√গল্+অন (ল্যুট্)-ভা] ১ ক্ষরণ, ঝরা, গলা। ২ ছিদ্র-পথে নিঃসরণ। ৩ পতন। ৪ দ্রবীভব, গলা।

গলবস্ত্র বিং [বহুব্রী] গললগ্নবাস। "ম.পা ১৫৫।

গললগ্নীকৃতবাস বিং [গলে লগ্নীকৃত বাস যাহার বা যাহাতে, বহুব্রী ; স্ত্রী -সা] গলদেশে বেষ্টিতবস্ত্র ; গলে কৃতবস্ত্রবেষ্টন। "°বাসে করি সম্ভাষণ ম ২১৩। °বাসে দা ৮৮৭ ; রঙ্গ ৩৬। কমলমণি স্বামীর নিকটে গিয়া গললগ্নীকৃতবাসা হইয়া প্রণাম করিলেন ব.ত্বি ২২।

গলস্তন পুং [উ.লো] ছাগীর গলে স্থিত স্তনবৎ মাংসপিণ্ড। "অজা-গলস্তন হি ২৬ (কথারম্ভ)। —স্তনী স্ত্রী [বহুব্রী ; স্ত্রী ঈ (ঙীপ্)] যাহার গলে স্তন ; অজা, ছাগী।

গলহস্ত পুং [উ.লো] ১ গলে ন্যস্ত হস্ত ; অপসারণার্থ গলে অর্পিত হস্ত, অর্দ্ধচন্দ্র, গলাটিপ, গলাধাক্কা। "গলহস্তেন তাভির্নির্ব্বাসিতঃ ক.সা ৪.৬৮। গলহস্তিত নৈ ৬.২৫। ২ (সাদৃশ্যে) অর্দ্ধচন্দ্রবাণ। ৩ কৃষ্ণ-ত্রিবৃৎ।

গলা[1] বি [সং গল ; Av. garah ; Pahlavî—garûk · ফা গ.লূ ; গুলু ; হি গলা ; ঠ গল.া ; গু গলু. ; cf., L. gula ; O. Ger. kela] ১ গ্রীবার পুরোভাগ ; কণ্ঠ (throat)। ২ সর্থ 'গল'[১](২)। "কাটিআ নিল গুণিআ গলার শ্রী.কী ১৩৪। ৩ কণ্ঠনালী। "একদা এক বাঘের গলায় হাড় ফুটিয়াছিল।—বিদ্যাসাগর। ৪ কণ্ঠস্বর, স্বর, সুর। "°ভাঙা, কাঁচা°, মোটা°, সাধা°। টাকা যদি পাই বাক্স ভ'রে, আমার গলাতে গলাবে তোরে কা ৮৭। ৫ কলসী গাড়ু প্রভৃতির গলভাগ। "গলা তল ঝাঁড় আদি যতেক মাপিবে।—শুভঙ্কর। ৬ দণ্ডায়মান ব্যক্তির গলাপর্য্যন্ত উচ্চতার বা গভীরতার পরিমাণ। "°জল, °বন। [গলা উঠা—সুর উচ্চ হওয়া। গলা ক'রে বলা—উচ্চ-কণ্ঠে বা মুক্তকণ্ঠে বলা। "পা.ঝো ১০৪। গলা-খেঁকার—শ্লেষ্মানিঃসারণ-চেষ্টা হেতু গলার 'খেঁক' শব্দ ; সাবধান করার নিমিত্ত গলাশব্দ। গলা ঘড় ঘড় করা—কণ্ঠে সর্দ্দি জমায় ঘড় ঘড় শব্দ হওয়া। গলা চাপা—কণ্ঠনালী রোধ করা ; গলা-চাপা বা গলা-জাঁতা মেয়ে—প্রায় বরের তুল্য-বয়স্কা (বড়) কন্যা। গলা ছাড়া—১ উচ্চ রব করা ; চেঁচান। "গলা ছেড়ে আর বাজিয়ো না ঢাক কা ৯৩। ২ কণ্ঠনালীর শ্লেষ্মাজন্য দোষ পাওয়া। গলা ছুটা—গলা ছাড়া পাওয়া ; অবিরল কথা বাহির হওয়া। "তখন আবার চারিদিক হইতে চার পাঁচ রকমের গলা ছুটিল ব.প্র ২৭৫। গলা টানা—গলা খেঁকার দেওয়া ; শ্লেষ্মা তোলার উপক্রম করা। গলা টেপা—গলা চাপা ; (গৌণার্থে) জব্দ করা। গলা তাড়া—স্বর পরিস্ফুট করার জন্য গলা-খেঁকরান। গলা ধরা—১ শ্লেষ্মাজন্য স্বর রুদ্ধ হওয়া বা বসা। ২ ওল কচুতে কণ্ঠনালী চুলকান। গলা বসা—শ্লেষ্মা হেতু স্বর বদ্ধ হওয়া। গলা ভাঙা—স্বরভঙ্গ হওয়া ; চীৎকার হেতু স্বর বিকৃত হওয়া। গলা ভার—১ ভারী বা মোটা সুর। ২ বাষ্প-গদ্‌গদ-কণ্ঠ। গলা সাধা—গলায় সরগম সাধনা করা। গলায়—গলে, অর্থাৎ সংসারে, ঘরে। "বুদ্ধির চূড়ান্ত ফল,—গলায় সতিনী দুটি!—ন ৯৬৮। গলায় করা—স্বীকার করা (ঋণাদি) ; ঘাড়ে করা ; ভার লওয়া। গলায় কাপড় দেওয়া—দৈন্যপ্রকাশার্থ গলবস্ত্র হওয়া। গলায় কুঠার বাঁধা—কুঠারজীবী কাঠুরিয়ার মত নিজ মূঢ়তা প্রকাশ করা। "কুঠার বান্ধিয়া গলে, আপনি মশানে চলে ভা.চ ৪৩৭। গলায়-গলায়—১ গলাপর্য্যন্ত, আকণ্ঠ (ভোজন)। ২ ঘনিষ্ঠভাবে প্রণয়বদ্ধ। গলায় দড়ি!—উদ্বন্ধনে মৃত্যু ; তিরস্কারবাক্য, ধিক্কার। "তোদের গলায় দড়ি এই জন্য যে, এখনও তোরা বলিতে পারিলি না যে, কথাটা কি। —ব.প্র ২৭৫। গলায়-দ'ড়ে—উদ্বন্ধনে মৃত ব্যক্তির প্রেতাত্মা। গলায়-দ'ড়ে জাত—ব্রাহ্মণ (হেয়তায়, উপহাসে)। "গলায়-দড়ে জাত প্রায় বড় ধূর্ত্ত আ.হু ৫৯। গলায় পড়া—গলগ্রহ হওয়া। "কুন্দ নগেন্দ্রের গলায় পড়িল ব.ত্বি ৮। গলায় পা দেওয়া—গলায় পা দিয়া চাপিয়া মারা। "তবে দাদা আমার গলায় দেও পা।—শ্রী.মা ১০০,-৮৬। এঁড়ে গলা—উচ্চ রব, চীৎকার।]

গলা[2] [√গল[2]+আ[৬]] ক্ষরিত হওয়া ইত্যাদি। দ্র 'গল[2]'। —লা বিং [+আ[১২]] ১ দ্রবীভূত, দ্রব (ঘি, তেল)। ২ অতিসিদ্ধ (ভাত)। ৩ অতিজীর্ণ। "খসা গলা কাপড়। ৪ পচা (মৎস্যাদি)। [গলাগলা—১ প্রায় গলা ; কাদা-কাদা (ভাত)। ২ গলায়-গলায়, আকণ্ঠ। "গলাগলা পেট যদি ভরি মাংস খাইয়া। এক হাই ছাড়িলে ফুরায় পাক পাইয়া॥—ব.প ১৩৭০।]

গলা[3] সর্ম্ম [√গল[2]+আ[৮] ; হি √গলা] ১ ক্ষরিত করা ; ঝরান, গলান। ২ দ্রবীভূত করা ; জলবৎ তরল করা (ঘি, তেল সোনা, রূপা)। ৩ আর্দ্র করা ; বিহ্বল করা বা অভিভূত করা। আত্মহারা করা। "মদন-জ্বালায়, মরম গলায়, বকুলতলায়, বসিয়া অই ভা.চ ২৭৬। গলায় গলায় রতিকান্তে দা ২১০২। আমি যদি পাই বাক্স ভরে, আমার গলাও গলাবে তোরে।—কা ৮৭। ৪ ছিদ্র বা সঙ্কীর্ণ পথ দিয়া নিঃসারিত বা বাহির করা। ৫ অতিশয় সিদ্ধ বা পক্ব করা ; অতি সিজান ; অত্যন্ত পাকান (ভাত, ফল)। [গলান—ঝরান ইত্যাদি।]

গলাকাটা বি ১ যে গলা কাটিয়া মারে ; দস্যু, ডাকাত। "গলাভরা মালা তোমার কপাল-জুড়ি ফোঁটা। দিনে হও ব্রহ্মচারী রাত্রে গলা-কাটা॥—শি ৩৫। ২ ছিন্নগল, কবন্ধ, কন্ধ-কাটা।

গলাখুসকি, -খুসখুসনি বি শ্লেষ্মায় কণ্ঠনালীর কণ্ডূয়ন হেতু 'খুসখুস' গলশব্দ।

গলাগলি বি [গল-আ+গল-ই] ১ পরস্পরের গলায় গলায় ধারণ ; পরস্পর কণ্ঠাশ্লেষ বা কণ্ঠালিঙ্গন। "গলাগলি করি কান্দে শ্রী.মা ২৫। মেনকার বেহুলার সঙ্গে গলাগলি বি.পা ৩৬৩। দেখ যাত্রী যায়, জয়গান গায়, রাজপথে গলাগলি স.স্ব ৯৪। ২ প্রণয় হেতু ঘনিষ্ঠতা বা মিশামিশি। —লি ক্রি.বিং পরস্পর কণ্ঠাশ্লেষপূর্ব্বক। "গলাগলি যুড়িল নাচ চ.বি ৩২৯। মানুষ শত শত,...হাসিছে গলাগলি চ.কা ৭।

গলাটিপ, -টিপি বি গলা টিপিয়া ধরা ; গলহস্ত, অর্দ্ধচন্দ্র, গলাধাক্কা। "গলাটিপি দিয়া শাঁখা গুণাগার লব শি ১০২।

গলাধঃকরণ বি গলার অধোদেশে নয়ন ; ভক্ষণ, ভোজন। —কৃত বিং ভক্ষিত। "পা.প্র ১৪১।

গলাধাক্কা বি বহিষ্করণার্থ গলায় হাত দিয়া ধাক্কা বা বলপ্রয়োগ ; অর্দ্ধচন্দ্রপ্রদান। "গি.ত্বি ১১২।

গলাবন্ধ, -বন্ধ, -বাঁধ, গলুবন্দ বি [ফা গুলুবন্দ্] গলায় বাঁধার লোমজ দীর্ঘ বস্ত্রখণ্ড ; কমফর্টার্। "গলুবন্দ।—রঙ্গ ৯।

গলাবাজি, -জী বি [°জ+ঈ[৯]] গলাবাজের ধর্ম্ম ; উচ্চরব, চীৎকার, হাঁকডাক। "প্রেমানন্দ সঙ্গীতবিদ্যার বড় প্রিয় ছিলেন...আড়ালে ও নির্জ্জনে সর্ব্বদা গলাবাজী কত্তেন হু ২১৮। উত্তর হক্ না হক্ গলাবাজীতে মাত করি ন.ত ৫৮। বি.বু ৩।

গলাভাঙ্গা বিং স্বরভঙ্গযুক্ত, বিকৃতকণ্ঠ, ভাঙা-সুর। "আর সে বসন্ত নাই—এখন গলা-ভাঙ্গা কোকিলের কুহুরব। কেহ শুনিবে কি? —ব.প্র ৬৪২।

গলাশি, -সি বি ['গলরশ্মি'—মূল] ১ ঝুলাইয়া লওয়ার জন্য দোয়াত-প্রভৃতির গলায় বাঁধা সূত্র। "একটী গলাসি দেওয়া কাচের দোয়াত য ৫। ২ গো-প্রভৃতির গলে বদ্ধ রজ্জু ; গলান।

গলি বি [হি, গু গলী ; ঠ গল্লী ; তু 'সং গল—কণ্ঠনালী] ১ গৃহশ্রেণী-দ্বয়ের মধ্যবর্ত্তী সঙ্কীর্ণ পথ। "ষোল গলি বত্রিশ বাজার ভা.চ ২৭২। ২ অঙ্গুলিদ্বয়ের মূলের মধ্যবর্ত্তী সঙ্কীর্ণ স্থান। ৩ নৌকার সম্মুখস্থ স্থান ;

গলই। "আগা°, পাছা° (ঢাকা)। [গলি-গালি—গলিঘুঁজি। "জ্ঞাত হ'য়ে গলিগালি গড়ের দুয়ার শ্রী ১৩৮।]

গলিকুচা, -ঘুজি বি [ফা কূচহ্—সরু পথ; ঠ গল্লী-কূচী; গু গলী-কুংচী] গলি ও সরু পথ। "চৌদিকে প্রাচীর উচা, কাছে নাহি গলিকুচা ভা.চ ২৮১। গলিঘুজি দিয়া আপনি শীঘ্র বাটী আইলেন আ.দু ১৯৪।

গলিত বিণ [√গল্+ত (ক্ত)-ক] ১ ক্ষরিত, ঝরা। "গলিতাশ্রুবিন্দু রঘু ১৯.২২। গলিত সঘন শ্রমজল দু ৮৮। শোকাশ্রু গলিত স.শ ৬। ২ স্রস্ত, স্খলিত, শিথিলবন্ধ। "গলিতম্ (বসনম্) মাঘ ৯.৭৫। অঙ্গং গলিতম্ (মোহমুদ্গার)। গলিত বসন শ্রী.কী ২০৩। বি.প ২০৩। দু ২৫। রা.শ ৩৯। গলিত করহ দুর্গা গলার জিঞ্জির ক.চ ১০৩। ৩ পর্য্যাকুল, মুক্ত, এলো। "গলিত কুন্তলে কান্দে ব.প ১৪৯৮। গলিত-চিকুর-ভারে কাঁদে প.তৃ ৮৪। ৪ পতিত। "চলিত কর্ণকুণ্ডল অতি, গলিত গণ্ডমণ্ডল প্রতি।—দু ৮৮। ৫ ভ্রষ্ট, চ্যুত, অবতীর্ণ। "ভ ১.১.৩। ৬ শিথিল, নত, পতিত। "গলিত হয়েছে কুচ ভা.চ ৫২৭। ৭ জীর্ণ, ক্ষয়প্রাপ্ত। "°নগদন্ত হি ১৺; °নখনয়ন ১৫৺। ৮ পরিণত, পশ্চিম। "°বয়সামিক্ষ্বাকূণাম্।—রঘু ৩ ৭০। ৯ অতীত। "গলিতে যৌবনে (ভর্ত্তৃহরি)। গলিত যৌবন চ.বি ১৯০,-৯২। ১০ ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ, নষ্ট। "°বিভব (ভর্ত্তৃহরি)। তনিম্না শোভন্তে গলিতবিভবাশ্চার্থিষু নৃপাঃ রঘু ৩.১৭, মল্লিনাথ। ১১ বিগত, নষ্ট। "বীরৌ বিপক্ষে গলিতাদরৌ ভট্টি ৫.৪৩। গলিতত্রপা (সা.দ)। ১২ দ্রবীভূত। "গলিতাঙ্গরাগ রঘু ১৬.৫৮। তখন যেতেছে অস্তে মলিন তপন।...সমুদ্র গলিত স্বর্ণ চ.ক ৯৮। ১৩ ক্ষরিতরক্তপূযাদিযুক্ত, বিশীর্ণ, পচা। "গলিত ধবল মূর্ত্তি ম ৪০৪। ১৪ ছিদ্রপথে বহির্গত। ১৫ (বাঙ্লায়) গলিতকুষ্ঠাক্রান্ত। "সেই অপরাধে মুনি গলিত হইল শূ ৬৭। [°কুষ্ঠ (ক্লী)—সর্থ 'গলৎকুষ্ঠ'।]

গলুই, গলুয়ে, -লেআ, -লৈ, -লৈয়া দ্র 'গলই'।

গল্দা, গল্লা[১] বি [গর্লা (মালদহ); গল্দা (ত্রিপুরা); সং গরল (খড়ের আটি) >বা গর্লা >গল্লা, গল্দা (?)] (খড়ের আটির সাদৃশ্যে) বড় চিংড়িবিশেষ, মোচাচিংড়ি।

গল্প বি [সং জল্প >°ল্প (?); দ্র 'গপ্প'] ১ উপাখ্যান, উপকথা। "শিল্প-কাজ গল্প হয়ে রবে স্ব.প্র ১১৮। এটা যদি গল্প তবে সত্য কোন্ কথা?—ব.প্র ২৪০। ২ সর্থ 'গপ্প'। [গল্প-কথা—গল্পের বিষয়; রচা কথা। "গল্প-কথা নয় ত?—ব প্র ৫২৪। গল্প(প্প)গুজব—গল্প ও জন-শ্রুতি; নানা কথাবার্ত্তা। গল্প(প্প)গেলা—যাহাকে গল্পে গেলে; যে গল্পে তন্ময় হয়; গল্পে আত্মহারা। গল্প(প্প)সল্প (হি গপ শপ; ঠ গপছপ, -শপ, -সপ; 'সল্প'—অনু.শব্দ)—গল্প-গুজব। গ'ল্পে,-প্পে—যে গল্প করিতে ভালবাসে; গল্পরসিক।]

গল্ভ্ অক [ভ্বা, আ—গল্ভতে; সেট্] প্রাগল্ভ্য, ধৃষ্টতা। [প্র—প্রগল্ভতা।]

গল্ল পুং [তু 'গল্ল'—কপোল, গাল (দেশী ২ ৮১)] কপোল। "যাজ্ঞ ৩.৮৭, মিতাক্ষরা। মা.মা ৫.২২।

গল্লর্ক পুং (তু 'সং গল্বর্ক >প্রা গল্লক; গল্লক—স্ফটিকমণি (দেশী—প্রা.ম)] ১ মণিবিশেষ। ২ পদ্মরাগমণি। ৩ চষক, সুরাপানপাত্র। "গল্লর্কশতপরিবৃত (মৃ)।

গল্লা[১] দ্র 'গল্দা'।

গল্লা[২] [সং গরল >বা গরলা >গল্লা; আ গ.ল্লা, গু.ল্লা—শস্য; হি, ঠ গল্লা—ফসল] ১ খড়ের (বিচালির) বা উলুখড়ের আটি; তৃণপুলক। ২ [ফা গু.লেলা—বর্ত্তুল] গোলক। [গল্লা গল্লা ধোঁয়া—বর্ত্তুলাকার ধূম; ধূম্ররাশি। গল্লান—গল্লা বাঁধা; আটি করা। "খড় গল্লান।]

গল্বর্ক পুং সর্থ 'গল্লর্ক'। "গো.রা ৫.৯.১৮। মহা ৭.১৫.৫৪।

গসগস বি [গজগজ >°স] মৃদুস্বরে গর্জ্জন বা অসন্তোষপ্রকাশ। "পুলিস গসগস করিতেছে...সকলেই সশঙ্ক আ.দু ৪৮।

গস্ত বি [ফা গ.শ্ত্] পর্য্যটন, পরিভ্রমণ, চক্কর দেওয়া; ব্যবসায়ের মাল খরিদ করার নিমিত্ত দোকানে হাট-বাজারে ঘোরাফেরা। "বলে যারা জবরদস্ত, তাদের ঘুরে লাভের গস্ত।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [গস্ত করা—মাল খরিদ করার নিমিত্ত ঘোরাফেরা। গস্ত-ফেরা—পুলিস কর্ম্মচারীর রোঁদে বাহির হওয়া। গস্তিদার—যে মাল গস্ত করে।]

গস্তান, -নি, -নী বি ['গস্ত'—মূল; হি গশ্তী] ১ যে নারী পরপুরুষের সন্ধানে ঘুরে; ব্যভিচারিণী, কুলটা। "কুটিনী গস্তানী, বড় যে মস্তানী ভা.চ ৩৯৫। পাড়ার গস্তানীরে ন.ত ১২। ২ কুটনী। "গস্তানি বিটি বলে কি...ক্ষেত্রকে ছোট সাহেব...দেখে পাগল হয়েছে নী ২১; ৮৪; ৯২। গস্তানীর মাথাটা ভাঙতি পাত্তাম, তা হলি গাটা ঠাণ্ডা হতো মা ৩২৭। ৩ দুর্ব্বৃত্তা স্ত্রী; ব্যাপিকা।

গহ[১] সক [অদন্ত চু, এ—গহয়তি,-তে; সেট্] গহন, দুর্বোধ।

গহ[২] বি [সং গ্রাহ >প্রা গাহ >বা গহ; বৈষ্ণবসাহিত্যে।] ১ গ্রাহ, মকর। "গহন বিরহ গহ, কবহু না দূর রহ।—গো ১৮৫। ২ [সং গৃহ >প্রা গহ (প্রা.ম); অপ্র] গৃহ, ঘর। "জাঅ জাউ ধন, পতি গহ জন।—রসমঞ্জরী (পীতাম্বর)।

গহ[৩] সর্থ [সং √গ্রহ্ >প্রা √গহ; অপ্র; তু 'গাহই, গাহিঅ—গৃহীত্বা (দো ১১৫; ১১৮)] গ্রহণ করা; লওয়া। "কৃষ্ণের জে হাত হোতে তাম্বূল গহিল অ.প ৩৫। প্রেম হেম গহি গো ১৯৫। বাহ গহি জ.প ৮। মুকুর কর গহি ন.প ১৪০; বীণ গহি ১৪৬; গহি, কর কাঞ্চন পিচকারি ৩৪০। [গহি—গ্রহণ করিয়া। গহু—গ্রহণ করুক। "আগে গহু বাস (বি.প)।]

গহন বিণ [√গহ্+অন (ল্যুট্)-র্ম্ম; স্ত্রী -না] ১ দুষ্প্রবেশ, দুরবগাহ, দুর্গম। "গহনোঽয়ং ভৃশং দেশঃ রা ২ ৮৫.৪। গহনাং গুহাম্ গো.রা ৩.৭৪.৭। তমঃ...গহনম্ ভ ৮.৩.৫। গহন দুই বাটে বি.প ১১৮। হিমালয় বড়ই গহন।—গ ১৫২। গহন গুহাগত।—গো ৬৪। গহন ঘন বন।—গান ১৯৩। ২ নিবিড়, নিরন্তর, ঘন। "গহনং বনম্ গো.রা ৩.৭৪.৭। চ.দা ১০০। ম ৫৭৬। গহন কাননে ক.চ ১৪১। মে ২। মা ১৪৮। ৩ সূচিভেদ্য, নিবিড়, গাঢ়। "গহন আঁধার।—কথা ২৮। গহনতিমির রাত্রি।—রবীন্দ্র। গহন আঁধার কু কে ১৮৭। ৪ দুর্বোধ, দুর্জ্ঞেয়, বিষম। "গহনা কর্ম্মণো গতিঃ গী ৪.১৭। মায়য়া গহনয়া ভ ৪.৭.৩০। সেবাধর্ম্মঃ পরমগহনঃ (ভর্ত্তৃহরি)। পঞ্চ ১.৩০৮। কে বুঝয়ে অদ্বৈতের চরিত্র গহন চৈ.ভা ১৯১। গহন গম্ভীর গুণবরে ম.ভা ৫। ৫ ক্লেশকর, দুঃখকর, পীড়াকর। "গহনঃ সংসারঃ (ভর্ত্তৃহরি)। গহন মদন-দুখ।—গো ৬৫; গহন বিরহ গহ ১৮৫। ৬ সান্দ্র, নিবিড়। "গহনাঃ কৌতুকরসাঃ উ.চ ৬.৩৩। গহন ঘন ছাইল গগন।—গান ১৯৪। ৭ অত্যধিক, প্রবল, বিবৃদ্ধ। "মহামোহগহনো বিকারঃ মা.মা ১.২৯। গহন গম্ভীরা গঙ্গা।—গ ৬০; গহন গম্ভীর ধারে ১০০; ১০৫,-৮৯। সিংহনাদ করিলেক গহন অ.প ১৪। মনহি গহন উনমাদ ব ১১১। গহন সমরে দেই নাগর ভঙ্গ গো ১৫। ৮ গভীর, নিবিড়। "শ্রাবণ-ঘন-গহন-মোহে গী.লি ২৩। ঘন পাতার গহন ঘটা।—শিশু ১৪১। ৯ গম্ভীর। "ভূম্না রসানাং গহনাঃ প্রয়োগাঃ মা.মা ১.৪। ১০ গভীর, অগাধ। "মোহাবর্ত্তসুদুস্তরাভিগহনা (আশা নদী)।—ভর্ত্তৃহরি। গহন পানী মাহা জ্ঞা ১৩৫। গহন সমুদ্র ম.ম ১১৮; ১২১,-৪৩। গহন প্রাণকুহর কু.কে ৩। —ন পুং বিষ্ণু। —ন ক্লী ১ কানন, বন। "গুহো গহনগোচরঃ রা ২.৮৫.৫। গোবর্দ্ধন-গহন-গহ্বর-গেহ জ.প ৪৬। গহনে গহনে যা রে তোরা।—গান ১৬; ১০৬।

লতা-গহনের অভ্যন্তরবর্ত্তী শিলাতলে।—কাদ ৫৫। ২ নিবিড়ারণ্য, নিবিড়বনভাগ, বিবিক্তবনদেশ। "বনগহনে।—পঞ্চ ১২১১৬। বৃক্ষ গহন ক.স ১০.৯১। গহন গহ্বর বন।—রঙ্গ ৮২। তাঁহারে কোথা খুঁজিছ ভব-অরণ্যে...গহনে।—রবীন্দ্র। ৩ নিভৃতস্থান, গূঢ়প্রদেশ, নিভৃত। "গহনানি নদীনাম্ গো.রা ৪.৪৮.১৪। শ্মশান-গহনে মানব বসিয়া একা।—হেম ৯৫; পলাইল পাতকীরা সে কুহা-গহনে ১০১। ৪ দুঃখ, কষ্ট, বৈষম্য। "হেলাএ তরিবা তুমি সংসার-গহনে গ ১৩৬। ৫ দুর্গমস্থান। ৬ গহ্বর। ৭ [গণ>গহণ >ন° (স্বরের জন্য দীর্ঘ)] (বাঙলায়) গণ, সমূহ, সঙ্ঘ। "চকিতে চন্দ্রমুখী সহচরীগহনে। ধাই ধরল গিরিধারীক বসনে॥—গো ৭২। ৮ লোকসংঘাত, সংমর্দ্দ, ভিড়। "ভূমিতে নাহিক স্থল লোকের গহনে।—ম ১৯১। মনুষ্য-গহন চৈ.চ ৭২। তু 'লোকারণ্য'। ৯ রাজি, সমূহ, পুঞ্জ। "পুলকগহন, সিচয়ে সঘন ন.প ২৯৩। —না১ স্ত্রী অলঙ্কার, গয়না (শব্দার্থ-চিন্তামণি; দেবী-পুরাণ)। গহনা-গাঁটি, -পত্র, -পাতি—দ্র 'গএনা'।]

গহনা১ দ্র 'গহন'।

গহনা২ বি [গঅন>গহন>°না, গয়না; দ্র 'গন'] গমন, যাত্রীর যাওয়া। [গহনার ইষ্টিমার—ভাড়া দিয়া যাতায়াত করার ইষ্টিমার। "ভাগ্যক্রমে সেই সময় পাশের ঘাটের গহনার ইষ্টিমারখানি খোলে নাই।—হু ২৩০। গহনার কেরাঞ্চী—যাতায়াতের ভাড়াখাটা ঘোড়ার গাড়ি। "রাস্তায় গহনার কেরাঞ্চী থাক্‌বার সম্ভাবনা কি!—হু ২১৫। গহনার ছক্কড়—যাতায়াতের ঠিকা ঘোড়ার গাড়ি। "কুটীওয়ালারা গহনার ছক্কড়ের ভিতর থেকে উঁকি মেরে দেখে চক্ষু সার্থক কচ্চেন হু ৩। গহনার নৌকা ('গয়নার নাও'—ত্রিপুরা)—যে নৌকায় আরোহীরা বা যাত্রীরা ভাড়া দিয়া যাতায়াত করে; যাত্রীর নৌকা। "গহনার নৌকায় গেলে দুই চার পয়সায় হতে পারে আ.দু ৮। একখানা গহনার নৌকা যাইতেছিল, সেই নৌকার লোক আমাকে ভাসিতে দেখিয়া উঠাইল ব.প্র ২২০।

গহিরা বিং [সং গভীর >প্রা গহী(হি)র; হি গহ(হি)রা; ঠ গহিরা] গভীর, অগাধ। —হি(হী)র, -রা বি সর্থ 'গহরা'।

গহরী বিং [হি গহর (বিলম্ব)+ঈ৭] বিলম্বসম্বন্ধী, দেরি করার জন্য। [°ভাড়া—বিলম্ব হেতু দেয় ভাড়া (demurrage)।]

গহল '-ল্' বি ['গহন'—মূল, ন >ল; অপ্র] সংমর্দ্দ, ভিড়। "লোকের গহল চৈ.ভা ৩৭৭; লোকের গহলে ৪১৩।

গহি(হী)ন বিং [ঠ গহীন—mild, calm; অস গহীন—ধীর, স্থির; দ্র 'গহরা'] ১ গভীর, অগাধ। "সাগর গহিন মী ২৫। নদী...গহিন গ ১০২। সমুদ্র গহিন গো.বি ১৩৮। ঘন রসময় তনু অন্তর গহীন। নিমগন কতহুঁ রমণীমন-মীন॥—গো ১৭৭। ২ নিবিড়, ঘন। "গৌর গহীন বনে যেও না বা.ম ৪০৫। ৩ নিম্ন নীচু। "মাছে চিনে গহিন গমিন (জমিন) গো.চ ১০০। ৪ গভীর, অধিক। "গহিন রাতে... নিঝুম চারিভিত।—শিশু ১৪৪। ৫ (অপ্র) ভীষণ, কঠিন, সুদৃঢ়। "গহীন নিগড়ে মাতা গলয়ে শরীর ক চ ১০৩।

গহির, -রা, গহীর, -রা দ্র 'গহরা'।

গহুর বিং [সং গৌর >প্রা* গউর (তু 'গউরী'—প্রা ম) >বা গহুর; (হ-আগম); অপ্র] গৌর, পীত, হলদে। "গহুর রঙ্গের সারি গো.চ ১০৫।

গহ্বর বিণ [√গাহ্+বর (ষ্বরচ্)-র্ম্ম, নিপাতিত, (অ.টী), উ ৩.১; স্ত্রী -রা, -রী] ১ গভীর। ২ দুষ্প্রবেশ, দুর্গম। "(মূর্ধনি) জটামণ্ডল-গহ্বরে রা ১.৪৩.৮। কুশকীচক° (বিপিন) ভ ১.৬.১৩। ৩ দুর্বোধ, মোহময়। "গহ্বরী মায়ানিদ্রা হ ৫১.২৬। —র পুং নিকুঞ্জ, লতাগৃহ। —র ক্লী ১ গুহা। "গৌরীগুরোর্গহ্বরম্ রঘু ২.২৬। ২ বন। ৩ নিভৃত, গূঢ়স্থান। "মহা ৪.২২.৩৩। ৪ ছল, ছদ্ম। ৫ প্রহেলিকা। ৬ গভীর-গর্ত্ত, অগাধখাত। —রী স্ত্রী গুহা।

গা১ বি সং গাত্র >প্রা গাত্ত (প্রা.ম), গাআ (পৈ) >বা গাও, গা; অস গার] ১ দেহ, শরীর। "পাপে তোর বেআপিল গা শ্রী.কী ২৮২। হৃদে হাতী লুকাইল গা ক.চ ৫৩; বিরহী জনের পোড়ে গা ১৪৪। উলসে পুলক গা।—ন.প ২৮৮; ৩৯৬। পরের পুরুষ দেখে ধরিতে নারে গা।—শ্রী ৯৮; চাঁপাফুল গা ২১৭। সুখ নাই গায় শ্রী.মা ১০০। ২ অবয়ব। "আলাইয়া পড়ে সকল গা ক.চ ৪৪। ৩ পূর্ব্বকায়। "নীল উড়নি তায় শোভে ভাল হেমগায়।—ব ১৩৮। ৪ স্ত্রীলোকের বক্ষঃস্থল; স্তন। "পালাইয়া গেল কাক আঁচড়িয়া গা কৃ ১০৭। এত বলি চন্দ্রকলা গাএ বস্ত্র দিল ব.প ৫৭৫। [গাএ—১ গাত্রে। "শ্রী.কী ১৯। ২ গাত্র (কর্ত্তৃকারক)। "বিরহে পোড়েক সব গাএ শ্রী.কী ১১০। গাএ মাখিয়া নেওয়া—স্বীকার করা। "ও কথা তো হাড়ি গায় মাখিয়া নিল গো.চ ২০১-৪। গা করা—মন দেওয়া; গ্রাহ্য করা; সচেষ্ট হওয়া। গা কষ কষ করা—ক্রোধানলে শরীর যেন কষিত হওয়া; রাগে গা জ্বলা। গা (গায়) কাঁটা দেওয়া—ভয়াদিতে শরীর কণ্টকিত হওয়া। "শুনে তোমার গায় দেবে কাঁটা।—শিশু ৪৩। গা কেমন করা—১ শারীরিক অসুস্থতা-বোধ হওয়া। "কেমন করে আন্ধার গা শ্রী.কী ২৯৮। ২ ঘৃণায় গা বমিবমি করা। গা খ'সে পড়া—অতিশ্রমে শরীর শিথিল হওয়া। গা-গানি—গা-টি, দেহটি। গা-গতর—অঙ্গ-প্রত্যঙ্গ। গা গমগম বা ঘমঘম করা—জ্বরে গা একটু গরম হওয়া। গা ঘামান—শ্রমে দেহ ঘর্ম্মাক্ত করা; গতর খাটান। গা-ঘেঁষা হওয়া—নিকটে আসা; পরিচিত বা নেওটো হওয়া (শিশুসম্বন্ধে)। গা ঘেঁষে যাওয়া—গায় লাগ-লাগ হয়, এমনভাবে যাওয়া। গা ছাড়া—শোকা-দিতে দেহ-রক্ষা° উদাসীন হওয়া। গা-ছাড়া মারা—গাত্র প্রসারণ করা; দেহ বাড়ান। "গা-ছাড়া মারিলে হই পর্ব্বত দেউল ব.প ১৩৭০। গা জুড়ান—জ্বরত্যাগে গা ঠাণ্ডা হওয়া; আনন্দে মনস্তাপ দূর হওয়ায় শরীরের জ্বালা যাওয়া। গা-জুরী (ফা গাও জো.রী)—হঠাৎকার (violence)। গা-জুরী কথা—গায়ের জোরে বলা অন্যায় কথা। গা জ্বলা—জ্বরাদিতে গাত্রদাহ হওয়া। গা-জ্বালা—গাত্রদাহ। গা-জ্বালান কথা—কর্কশভাষা। গা ঝাড়া দিয়া উঠা—শ্রমখেদ বা জ্বরজ্বালা দূর করিয়া সুস্থ হওয়া। গা ঝিম-ঝিম করা—শারীরিক দুর্ব্বলতা অনুভূত হওয়া। গা টলা—মত্ততাদি হেতু শরীর দোলা। গা-টা-ময়—সর্ব্ব-শরীরব্যাপী। "ঘিরেছে আহ্লাদ গা-টা-ময়।—দা ৫৩২। গা টেপা—হাত দিয়া গা চাপিয়া সঙ্কেত করা; গাত্র সংবাহন। গা ঠাণ্ডা হওয়া—১ সর্থ 'গা জুড়ান। গা ডোল দেওয়া—ভয়ে শরীর দুলিয়া বা শিহরিয়া উঠা।' গা-ঢাকা গহনা—গা-সাজান (প্রত্যেক অঙ্গের) গহনা। তু 'ভেবেছিনু দেবে গয়না গা ঢেকে কা ৮৯। গা-ঢাকা দেওয়া, হওয়া—লুক্কায়িত হওয়া; সরিয়া পড়া। "(রসরাজ-সম্পাদক) ভয়ে গা-ঢাকা দিলেন হু ১২০; হিতাহিত বিবেচনা দেনদার বাবুদের মত গা-ঢাকা হলেন ১৪৩। ওয়ারিণ বাহির হইলে...গা-ঢাকা হয়।—আদু ২৮। একটু গা-ঢাকা হইয়া ছিলাম ব.প্র ২২৮। এখন একটু গা-ঢাকা হও। —অ.প্র। গা ঢালা—হাত পা ছড়াইয়া শোওয়া। গা টিসমিস করা—শারীরিক শৈথিল্য অনুভূত হওয়া। গা তোলা—১ গাত্রোত্থান করা; উঠা। "ভোজন-মন্দিরে সাধু তুলিলেন গা।—ক.চ ১৫৮। গা তুলে ভোজন কর শ্রী.মা ১০০; ১০১। প্রস্তুত হয়েছে সমুদয়, গা তুলিতে আজ্ঞা হয় দা ৮৮৭। ২ নিদ্রা ত্যাগ করিয়া উঠা; জাগা। "অন্যদিন গা তুলে গগনে দেখি তারা শ্রী ৪৮। গা তোল আরে পুত্র কত নিদ্রা যাও।—ম.ম ৩। গা তোল হে অনন্ত।—দা ১৩। ৩ কার্য্যে উদ্যোগী হওয়া। "গা তোল গা তোল কর্ম্মী শ্রী ৬২। ৪ (অপ্র) উত্তীর্ণ হওয়া; উঠা। "সব গোপীগণ কূলে তোলে গা।—শ্রী.ম ৭০। গা-তোলা—১ গাত্রোত্থান। ২ মহাযাত্রা, দেহত্যাগ। "অমঙ্গলের কথাটা বলা,...

ঠাকুরদাদা গা-তোলার মধ্যে।—দা ৯৮২। গা দেওয়া—মনোযোগ করা; মন দেওয়া। গা ধরা—দেহ বা মন বশে রাখা; ধৈর্য্য ধরা। "পরের পুরুষ দেখে ধরিতে নারে গা শ্রী ৯৮। গা ধসা—দেহবন্ধ শিথিল হওয়া। গা নরম করা—সর্দ্দিতে শরীর জ্বরভাবাপন্ন হওয়া। গা নাড়া—অঙ্গচালনা করা; শ্রম করা। গা না থাকা—মন বা ইচ্ছা না থাকা। গা পাতিয়া লওয়া—বিনা আপত্তিতে স্বীকার করা। গা ভাঙ্গা—অঙ্গমোটন; আলস্যে আড়মোড়া খাওয়া; আলস্য প্রকাশ করা। "গা ভাঙ্গে হাই তোলে বি.সু ৩২। গা মথরান—শরীর কার্য্যে মন্থর, অলস বা অপটু হওয়া। গা-ময়—সর্ব্বশরীরে ব্যাপ্ত। "গা-ময় চন্দন শি ১৫। গা-ময় বেড়া—সর্ব্বশরীর ব্যাপিয়া বেড়া। "বেড়ে সাপ গা-ময় শি ২২। গা-মরা হওয়া—গায় শুখাইয়া হ্রস্বায়তন হওয়া। "ভিজা জুতা শুখাইলে গা-মরা হয়, পায় লাগে না। গা মাটি-মাটি—মাটির মত শরীরের শিথিল বা এলো-এলো ভাব। "এখনো…গা মাটি-মাটি সারে নি।—হু ৫০। গা মারা—গাত্র সঙ্কুচিত করা। গা মেলে বেড়ান—অসঙ্কুচিতভাবে বেড়ান। গা-মোড়া দেওয়া—নিদ্রান্তে বা উপবেশনের পরে উঠিয়া আড়ামোড়া খাওয়া। "উলটিয়া লক্ষ্মীন্দর গা দিল মোড়া ম.ম ২২০। বেণীবাবু অধ্যয়নানন্তর গা-মোড়া দিয়া উঠিয়া তামাক খাইতেছেন আ.চু ১৩। (রাগে) গা রি রি করা (সং √রিষ্—হিংসা)—ক্রোধে হিংসাপ্রবৃত্তির উত্তেজনা হওয়া। গা লাগা—মনঃসংযোগ হওয়া। গা লাগান—মন দেওয়া। গা শিড় শিড় করা—শীতে শরীর শিহরিয়া উঠা। গা-সাজান (গহনা)—প্রত্যেক অঙ্গে পরিধেয় (গহনা)। "গা-সাজান এ দিকে সমস্তই দেবে; চুড়ি সুট—ওপর হাতের সমস্ত অ.গ্র ৭১। গা সারা—শরীর সুস্থ করা। "নেমন্তন্নেদের গা সারতে আফিসে এক সপ্তাহ ছুটি নিতে হয় হু ২৮। গা হালা—ভয়ে শরীর কাঁপা। "ঢেউ দেখি মোর হালে সব গা শ্রী.কী ১৬০। গায় করা—১ স্বীকার করা। ২ গায় দেনা লওয়া। "ফাঁকি দিয়া চাকি ভুক্তে গায় করে ফিরা বি.সু ৩৭। গায় পেতে নেওয়া—স্বীকার করিয়া লওয়া। "সকল কথা গায় পেতে নিয়ে জবাব দেয় লী ৪৫। গায় গায় শোধ—পরস্পরের দেনা-পাওনায় কাটাকাটি করিয়া ঋণশোধ। গায় গু মাখলে যমে ছাড়ে না—(গৌণার্থে) দোষীরা কোন প্রকারেই নিষ্কৃতি পায় না। গায় থু-থু দেওয়া—ধিক্কার দেওয়া; ঘৃণা করা। গায় দেওয়া—(খেলায়) বিপক্ষের কাছে পা'ড় প্রাপ্য করা। "খেলি ফুলঘুটিং পুখুর দেই গায় শি ১৮। গায়(য়ে)-পড়া হ'য়ে বলা—অজিজ্ঞাসিত বা উপযাচক হইয়া বলা। "তিনি জিজ্ঞাসা না করিলে গায়ে-পড়া হইয়া কি তাঁহাকে কিছু বলিতে আছে?—পা.প্র ১১৭। গায় ফুঁ দিয়া বেড়ান—গায় ধূলিকণাও পড়িতে না দিয়া, অর্থাৎ কিছুই না করিয়া, বাবু সাজিয়া বেড়ান; ফুর্ত্তি করিয়া স্বচ্ছন্দে কাল কাটান। "হু ১০২। গায়ে ভ'রে উঠা—পরিপুষ্টদেহ হওয়া; মোটা-সোটা হওয়া। "গায়ে ভ'রে উঠবে খেতে মাখতে দা ৯৮১। গায় না মাখা—লিপ্ত বা আসক্ত না হওয়া; গ্রাহ্য না করা। গায় লাগা—১ মোটা হওয়া। ২ গায়ে ব্যথা জন্মান; পীড়াজনক হওয়া। "ওটা বুঝি বড় গায় লাগিবে মনে করেছ?—ব.প্র ২৩৬। গায় সারা—পুষ্টদেহ হওয়া। গায়(য়ে)-হলুদ—বিবাহে 'গাত্রহরিদ্রা'-সংস্কার। "গায়ে-হলুদ, আইবুড়-ভাত, নান্দীমুখ…এ সব নিয়ে পঞ্চাশের কম আর হচ্ছে না!—অ.গ্র ৭৯। গায় বা গায়ে হলুদ দেওয়া—বিবাহে 'গাত্রহরিদ্রা'-সংস্কারের অনুষ্ঠান করা। "আজ তোমার গায়ে হলুদ দিব ব.প্র ১৮৩। গায়ে হাত তোলা—প্রহার করা; মারা। "পিশাচীর গায়ে যে হাত তুলিতে নাই, এ কথা তত মানি না ব.প্র ২৯৩। গায়ে হাত দেওয়া—১ গাত্রস্পর্শ করা। ২ পুরুষের অসদভিপ্রায়ে স্ত্রীলোকের অঙ্গস্পর্শ করা। গায় হাত দিয়া কথা না বলা—আপনার দোষের কথা ঢাকিয়া পরের দোষ বলা। "গায়ে হাত দিয়া কথা কও নাহি বটে শি ৬৯। গার জোরে—গাএর বলে (ন্যায়বলে নহে); অন্যায়পূর্ব্বক। গার ঝাল ঝাড়া—গার জ্বালা মিটান। গাহে—গাএ, গাত্রে। "ফকিরের গাহে দিত খাসা কাপড় জোড়া ম.গা ৪।]

গা² বি [গান্ধার > গা (সংক্ষেপে)] স্বরগ্রামের তৃতীয় স্বর।

গা³, **গাহা** বি [হি গ্যারহ (এগার) > গাহ > গাহা, গা] সুপারির এগারটা (যশোহর-অঞ্চলে ১১টায়, কোন কোন স্থানে ১০টায় এক গা হয়)। "গাহা দুই গুয়া নিল ক.চ ১৩৫। [এক গা বা এক ঘা সুপারি—১১টা সুপারি।]

গা⁴ অব্য [গ⁴ > গা] ১ সম্বোধনে, গো। "কেন গা! ফুল-ওয়ালী হইলে কি ভদ্রলোকের মেয়ে হয় না?—ব.প্র ১৯৮। হাঁ গা, তুমি কি আমাদের মা ঠাকুরাণী গা?—ব.দ্বি ৫১; যমুনা দিদি! কি গা?—৪২৭। দিদি! এ মাসের আর ক দিন আছে গা?—নী ১৭; ২৬। মাসী, দ্যাখ ত গা!—গি.দ্বি ১১৩। জামাইটী কেমন গা?—মা ৩২৬। ২ সরোষ সম্বোধনে। "রোজ রোজ চেয়ে খাব কেন গা?—ব.প্র ৩৩৯। ৩ বিস্ময়ে। "ও মা! এ বুড়ো মিন্‌সে তো কম নয় গা!…ও কি গা! বুকের দিকেই তাকিয়ে রয়েছে!—মা ৩২৬। কি চমৎকার রূপ গা!—৩২৭; বাঃ! কি রকম বিছানা গা!—৩৩১। মেসো, তোমার কি আক্কেল গা!—গি.দ্বি ১১৩। ৪ ঘৃণাপ্রকাশে। "কি দুর্গন্ধ গাঃ! ঃ পচা মড়ার গন্ধ যে গা!—গি.দ্বি ১১৩। ৫ সবিস্ময় ধিক্কারে। "বাবা! বাবা! বাবা! একি বেটার বে দেওয়া গা! আহা, বেচারার মেয়ে হ'য়েছে বলে কি যত অপরাধ!—অ.গ্র ৮০। ৬ বিরক্তিপ্রকাশে। "এত যন্ত্রণা গা, আমার কপালে ছিল! স্ব.প্র ১৩৫।

গা⁵ সক [সং √গৈ > লি, প্রা √গা; হি, ঠ, গু, অস √গা; মৈ √গার] ১ তাল ও স্বরের যথানিয়মে উচ্চারণ করা; গান করা; গাওয়া। "অপ্সরা…গীত গায়ন্তি কৃ.উ ২৮৭। মধুর সঙ্গীত গায় ক.চ ২৬। গায়ত নব নব গীত ব.প ২৫৬। গায় মেঘমল্লার ন ৪১৪। উর্দ্ধহাত বিশ্বনাথ নাম গীত গাইছে ভা.চ ৪৫। কে রমণী অই, পথে পথে গাই, চলেছে।—হেম ২৮৬। ২ কীর্ত্তন করা; উচ্চে উচ্চারণ করা; বর্ণন করা। "গুণ গাএন গ ১২। গায়েন গোবিন্দগুণ শি ৩০। আগমে তোমার গুণ গাই ভা.চ ৯৩। ৩ গুণ গান করা। "চৈতন্য গাও চৈ.চ ৭১। সভে মিলি শ্যামর গাই জ্ঞা ১১৯। ৪ মিষ্টস্বরে রব করা বা বাজা। "চলিতে পঞ্চম গায় চরণে নূপুর শ্রী.মা ৯৬। ৫ (নাম) উচ্চারণ করা। "তখন গোবিন্দ গেয়ে গোয়ালের ঘরে। গব্য নিল গৌরী গুহ গণেশের তরে॥—শি ৩০। ৬ ছন্দে বর্ণনা করা। "আদি-কাণ্ড গান কৃত্তিবাস বিচক্ষণ কৃ ৩। গাইল বড়ু চণ্ডীদাস শ্রী.কী ২। গায়ই মাধব, গঙ্গামঙ্গল গ ৭২। ৭ ভক্তিপূর্ব্বক উল্লেখ করা। "এই তিন তত্ত্ব সবে 'প্রভু' করি গাই চৈ.চ ৩২। ৮ গুঞ্জনচ্ছলে গান করা "কি গাওসি ষট্‌পদ তুআ যদুনাথ শ্রী.ম ১৪২। ৯ অভিহিত করা; বলা। "অইসন চর্য্যা কুক্কুরপাএঁ গাইড় চ ৫। সর্ব্বলোকে গায় তোমা সেবক-বৎসলা ক.চ ২৫৫। ১০ (স্বর) উচ্চারণ করা। "কোকিলে পঞ্চম শর গায় ম ৭। পঞ্চম শর গাএ পিকগণে শ্রী.কী ১৩। ১১ ঘোষণা করা। "কেহ অপযশ গাব বি.প ১৩৭। প্রভাত হইলে লোকে গাবে অপভাষ শ্রী ৫৭। ১২ তন্ত্রধ্বনিতে উচ্চারণ করা। "গাও বীণা, বীণা গাও রে। অমৃত মধুর তাঁর প্রেমগান।—রবীন্দ্র। ১৩ পালা গান করা। "স্বপ্নাধ্যায় পালা গাই এইখানে সোসর ম.ম ৫। —অর্দ্ধ ১ গান করা। "গান্তি দেবী চ ৩০। কে বাজায় নাচে গায় শুনিতে না পান ভা.চ ২৫৮। ২ কূজন করা; রব করা। "জাতি-অনুরোধে গাও ক.চ ১৪৫। কোকিল…গাওয়ে জ্ঞা ১২৮। ৩ গুঞ্জন করা; গুন্‌গুন্ করা। "ভ্রমর গাওয়ে জ্ঞা ১২৮। গাইছে ভ্রমরী মে ৭৯। ৪ মঙ্গলকাব্য গান করা।

"গাএন পণ্ডিত রামএ ধর্ম্ম পদতলে শূ ৬৮। কেতকাদাসে গায় ম.ভা ১৯ ; ৩২। [গাইড় (গীত, অভিহিত)। "চ ৫। গাআঁ (গাইয়া), গাইল, গাএ (গায়), গাওঁ (গাই) ।—শ্রী.কী। গাএ, গাএন (গ ১২)। গাওত—গায়। "নাচত গাওত জ্ঞা ১৩০। গাওব—গাইব। "চরিত …গাওব (গো)। গাওয়া—গান করা ; গীত (গান)। গাওয়ে—গায়। "বিদ্যাপতি গাওয়ে বি.প ২১। জ্ঞা ১২১ ; ১২৮। গাওল—গাইল। "বিদ্যাপতি কবি গাওল বি.প ২২৩। গাওসি—গাইতেছ। দ্র 'গা^৫ (৭)। গান—গান করেন। "শ্রীকবিকঙ্কণ গান ক.চ ২৩। গাব—গাইবে। দ্র 'গা^৫ (১০)। গায়ই (তু, প্রা গাঅই),—গায়। "গ ১০১।

গা^৬, গাহ্ সর্ম্ম [সং √গাহ্ >প্রা √গাহ >বা √গাহ, √গা ; হি √গাহ] জাহাজ বা নৌকার তক্তার সন্ধিস্থলে শণ পাট ইত্যাদি ভরিয়া মেরামত করা। "মোম ধুনা দিয়া সাধু গাহিল সাত না্য় ক.চ ১৯১। [নৌকা গাওয়া—উক্ত প্রকারে নৌকা মেরামত করা।]

গা^৭, গ্যা ক্রি [গিয়া (গিআ) >গ্যা >গে, গা ; অপ্র] গিয়া, যাইয়া, গে। "মুনির যতেক ধন আন গা সকলি কৃ.উ ১৫৫ গাও গা ঃ কর গা ২০২ ; ২১৩। ইহাএ কহগ্যা ব.প ৪২৩। প্রেষিত করগ্যা তাকে শ্রী মা ২৬। লহ গা শরণ চ.বি ২২৪। লুট্যা নিব গা।—ব.প ৪৬১, বল গা রঘুনাথে ৫৩০ ; যা মর্ গা ৫৩৬ ; কহ গা শ্যামেরে ৮৫৩ ; উনিও সামগ্রী আয়োজন করুন গা, আমিও করি গা ১৬৮০। কহ গা চৈ ১৪। শরণ লহ গা ভ.গ্র ২০৮ ; আন গা যতনে ২১৫। শরণে নে গা।—শ্রী ১৯১। জন্ম গা ভুবনে।—দু ৩০। নৌতুন আন গা গড়াইয়া ব ১৩৫। [করি গা (আমি, আমরা), কর গা (তুমি, তোমরা), কর্ গা (তুই, তোরা), করুক্ গা (সে, তা'রা), করুন গা (উনি, আপনি, আপনারা)।]

গাঅ বি [দ্র 'গা^১ ; অপ্র] গাত্র, শরীর, অবয়ব। "কণআ সদৃশ রাধা তোহ্মার গাঅ শ্রী.কী ৭৯ঃ ডরে কাঁপে গাঅ ১১৮। হাতের ঠমকে নাচে গাঅ নাহি লড়ে গো.বি ৯৫। [গাঅ—গায়ে, গাত্রে। "গাঅ বিষ জলে শ্রী.কী ৮২।]

গাঅন বি [সং গায়ন >প্রা গাঅণ >বা °ন ; অপ্র] পালাগানের গায়ক ; গাইন। "পণ্ডিত রমাই গাঅন শূ ৭৯।

গাই^১ বি [সং গো, গব়ী >লি গাৱী ; প্রা গাঈ, -রী (হে ২.১৫৮ ; ২.১৭৪) ; গাই (পৈ ২.৯৩) ; হি গায় ; ঠ গাঈ, -য ; ড় গাই ; মৈ গাই, -ঈ ; গু গউ ; জাটু—গা (সবৎসা গবী), ফা গাও ; Av. gāe ; 'তু 'গাই—গাঁই বার শত ম.গা ৬] **১** গো-স্ত্রীজাতি, গাভী। "শত সংখ্যা গাই শ্রী.কী ১০ ; কাল গাইর ক্ষীর ৯২ ; ৯৩। তৈলঙ্গা গাই চৈ.চ ২৯৭। তুমি ষাঁড়, আমি গাই।—য ১০। **২** পয়স্বিনী গাভী, অর্থাৎ যে গাই দুধ দিতেছে। "বাছুর হারায়ে বনে ব্যগ্র যেন গাই (শ্রী)।

গা(গাঁ)ই^২, গাঞি, -ঞী বি [সং গ্রামী >প্রা গামী, *গাৱী >বা গাঁ(গা)ই ; গাই (ত্রিপুরা)] গ্রামের অধিপতি ; কান্যকুব্জাগত পঞ্চ ব্রাহ্মণের পুত্রগণ যে যে গ্রামে বাস করেন, তদনুসারে তাঁহাদের বংশধর-গণের পরিচয়বিশেষ। "কুসুমগাঁই, নন্দীগাঁই, পূর্ব্বগাঁই, রাইগাঁই, সাঁইগাঁই, হিজলগাঁই। গাঁই নাই গোত্র আছে ক.চ ৮৬। গাই গোত্র উল্লেখিয়া শাখা সে প্রবর বি.পা ১০০। গাঙ্গুলি-গাঞি শ্রী.মা ১১। গাঞি গোত্র ব.প ৭৪৭। কেশরিগাঁই ভা.চ ২৫১। [গাঁই-গোত্র —গাঁই ও গোত্রের ঋষি।]

গাইটা, -ঠা বি [গাঁইঠ, -ট+আ^{১২}] গাইটযুক্ত, গ্রন্থিযুক্ত। "বার গাইটা দড়ি গো.চ ২২৯ ; বার গাইটা ম্যাংটি ২৭৩ ; বার গাইঠা ধড়ি ২৭৪ ; বার গাইটা ধড়ি ২৭৫।

গাইন^১, গা'ন বি [সং গায়ন >বা গাইন, গাএন, গায়েন (য়>ইঅ >ই, এ)] **১** গায়ক। "আইসে গাইন শুনিনে।—মী ১৮। গাইন …নানা দেসেত বেড়াএ গো.বি ৮৭ ; ৯১। গাইনে গায় গীত ম.ম ১৭৮। **২** পালাগান-গায়ক। "গাইন বন্দম ম.ম ৩ ; ৭ ; ১০ ; গাইনে গীত গায় ২১৭। এইকালে গাইনে উত্তম বস্ত্র পায় বি.পা ৩৬০। **৩** হিন্দুর ও মুসলমানের উপাধিবিশেষ। [গাইন বাইন, গা'ন বা'ন —গায়ক বাদক। "ম.ম ২৩৭।]

গাইন^২ বি [ঘাতিন—মূল (?) ; গাইন (ত্রিপুরা) ; অপ্র] **১** ঢেঁকির মুষল বা ছে-কাঠ। "ঢেকিঘরাতে পাইল ধান বানা গাইন গো.চ ১০২, -৩,-১২। **২** মুষল, কণ্ডনী। "কলাই ছেটা গাইন গো.চ ২৩৭।

গাইয়ে বি [সং গায়ক ; হি গবৈয়া ; ঠ গবঈ] গায়ক, কালোয়াত্। "গীতে গায় 'গাইয়ে' (ধৃত পাঠ 'গাইলে') বি.পা ২৮৪। পাতা গাইয়ে, লতা 'গাইয়ে', জল গাইয়ে, হাওযা গাইয়ে—সৃষ্টি শুদ্ধ গাইয়ে হ'লে, আমরা দাঁড়াই কোথা ?—গি.দ্বি ৯৫।

গাইল, গা'ল বি [গালি >গাইল, গা'ল ; জাটু—গাল ; গাইল (ত্রিপুরা)] গালি। "কপাল তুলিয়া নারী যদি দেএ গাইল ম.গা ৩। ব.প ১৬৭৭। [গা'ল পাড়া (হি গালী পড়না)—গালি দেওয়া।]

গাউন, গৌন্ বি [E gown] স্ত্রীলোকের ব্যবহার্য্য একপ্রকার ঢিলা জামা। "সোনার গাউন দিল বি.পা ৩০০। কোন২ লোক আমারদের বীবী লোকের মত গৌন পরে কেন ?—ব.প ১৭৯৩। কলেজ-আউট্ বাবুদের গৌনপরা মাগ নী ৭৫।

গাউনী বি [সং গায়নী ; হি গায়িনী ; মৈ গাউনি] গায়িকা। [নাচুনী গাউনী—নর্ত্তকী গায়িকা।]

গাএ(য়ে)ন বি [দ্র 'গাইন^১] **১** গায়ক। "নৃত্যক গায়েন সুধাম্বর ম ২১১। গায়েন নাটুআ কৃ.উ ২৬৩ ; গায়েনের গীত ২৭০। খুলীরা মূল গায়েনকে মজলিসে রেখে…চম্পট দিলেন হু ১২০। **২** পালাগান-গায়ক। "গাএন বাএন শূ ৭০। ব.প ২২। উর গো গায়েনে ক.চ ৪। গায়েন বায়েন সব গাজনের মূল শ্রী ২০৩। গাএন বাএন ব.প ৪৬৮। গায়েন বায়েন দু ১। শ্রী.মা ৯।

গাও বি [দ্র গা^১ ; গাও (ত্রিপুরা) ; অপ্র] শরীর, অবয়ব, গা। "চমকিত গাও ম.পা ১২ ; গাও মোরামোরি ১৯। তুলিলেক গাও মী ১৬। মএনা ঝাড়িয়া তোলে গাও গো.চ ৮০। গাও নারিবারে নারি ম.পা ৬০। লুন্ঠিত বরণ গাও গো.বি ৬০ ; পুলকিত হইল গাও ৯১। গাও ঝাড়া বাম ৩০৭,-১২। চ বি ৫৯ ; ৬৪ ; ৮৪। স্থির নহে গাও রা.প ২৯। নির্ম্মল হইল গাও ম.ম ২৩১। [গাও এড়—শরীর পাতিত কর ; শয়ন কর। "তাহার উপরে প্রভু তুব্দি এড় গাও গো.বি ১৬৩। গাও-ঝাড়া—গাত্রকম্পন। "বা.ম ৩০৭। গাও ঝাড়া —শারীরিক ক্লেশ দূর করা ; সুস্থ হওয়া। "চ.বি ৫৯। গাও তোলা —গাত্রোত্থান করা ; উঠা। "আথেব্যাথে শিষ্যগণে তুলিলেক গাও ম.ম ৮৫ ; ঝাটে তোল গাও ১৯৪। গাও ধোওয়া—স্নান করা। "রাজার বুকথে গাও ধুইম গো.চ ২৬০, হিরা নটি গাও ধোয় বুকথত চড়িয়া ২৭৪। গাও-ঢাকা দেওয়া—লুকান। "দেবী সিং পালাইলা দিয়া গাও-ঢাকা ব.প ১৪১৮। গাওয়ান—দুগ্ধপোষ্য শিশুর অসুস্থ হওয়া।]

গাওক বি [সং গায়ক >প্রা গাঅ (প্রা.ম) >বা (গাঅক) গাওক ; অপ্র] গায়ক। "গাওক বাদক ব.প ১৭৩৯।

গাওন বি [সং গায়ন >প্রা গাঅণ >বা °ন ; অস গাঁওতা ; অপ্র] গায়ক। "নাটুয়া গাওন ব.প ৯০৯। —না বি [গা^৫+অন>গাওন >°না ; সং গান ; হি গানা] গীতিকরণ, গান। "কোন বৈঠকখানায় আগমনী গাওনা হচ্ছে হু ১৮৮ ; অনেক বাড়িতে বিজয়া গাওনা হলো ১৯৭ ; রামভদ্দর বাবুর গাওনা-বাজনায় বড় সক্ ২১৩। রাত-দিন…গাওনা বাজনা আ.দু ১৩৭।

গাওয়া[১] বিং [সং গব্য > বা (গাবা) গাওয়া] গোদুগ্ধজাত (ঘি)।

গাওয়া[২] বি [ফা গ.ৱাহ্ ; অপ্র] সাক্ষী। "শিয়ালদার পুষ্করিণী হইতে জাল করিবার কল ও তথাকার দুই একজন গাওয়া আনীত হইয়াছে আ.দু ১৭২।

গাওয়া[৩], **গায়া** সর্ক [√গা+ওয়া[২] ; √গা+আ[৮] ; সং √গাপি ; হি √গৱা] গান করান ; গাওয়ান। "এ গান গায়াবে যেবা দু ২ ; যে গায় গাওয়ায় ভাবে শুনে যত জনা। নিত্যানন্দময়ী মাতা করেন করুণা॥—১৬। জগভরি গাওয়াইলা নিজ পরিবাদ ব ২৪। গান গাওয়ালে আমায় তুমি, কতই ছলে যে—গী.লি ১৭৫। [গাওয়ান (হি গৱানা)—গান করান।]

গাং, গাঙ, -ঙ্গ বি [সং গঙ্গা ; হি গংগ] ১ (অপ্র) গঙ্গা। "তোহ্মে গাঙ্গ বারানসী সরুপেসি জাণ শ্রী.কী ৪৮। শিরে শোভে গাঙ্গ কু উ ৭। কোন দেব হইয়া···মস্তকে ধরে গাঙ্গ ম ম ১৩। ত্রিবেণীর গাঙ্গে ম.ভা ৫৪। গাঙ্গে ফেল, যেন দুঃখ পায় চিরকাল চৈ.ভা ১২২। ২ গঙ্গা-তুল্য বড় নদী। বিপ 'খাল'। "যদি গাঙ্গ উজান বহে শ্রী.কী ৫৪। গাঙ্গতে এড়িয়া যাইমু ম.গা ৫। তিথি য়বসেসে যে ভাটা পড়ে গাঙ্গ গো.বি ১২৪। স্রোত নাহি গাঙ্গে ১৭৫। অতি বড় গাঙ্গ হইলে ঝাটে পড়ে চর ম.ম ১৯ ; মধ্য গাঙ্গ ২০৭। নেয়ে যেমন চেনে গাঙ্গের বারি। —দা ৪৫৬। মরা গাঙ্গে বান এসেছে।—গান ২৩৩। ৩ (অপ্র) গঙ্গাসদৃশ বিস্তৃত সাগরাংশ। "মধ্যগাঙ্গে দেখি কেন খাগড়ার বন ক.চ ২৩৬। [গাঙ(ঙ্গ)চিল (সং গঙ্গাচিল্ল)—নদীতীরস্থ একপ্রকার চিল। "লিখিল গাঙ্গচিল ক.চ ৬৩ ; ১২৫। ব.প ৩৮৭। গাঙ(ঙ্গ)দাড়া (ড় গঙ্গিতুড়ি)—দীর্ঘচঞ্চু লম্বা সরু নদীর মৎস্যবিশেষ। কাঁকলেশ মাছ (Belone cancila)। "গাঙ্গদাড়া ভা.চ ১২৬। গাঙ পার হ'য়ে কুমীরকে কলা দেখান—(গৌণার্থে) দুর্বৃত্তের অধিকার ছাড়াইয়া ফাঁকি দেওয়া। গাঙ্গ(ঙ্গ)মাছ।—নদীর (নদীজাত) মাছ। গাঙ(ঙ্গ)শালিক (অস গাংশালিক)—নদীর তীরের গর্ত্তবাসী একপ্রকার শালিক। "গাঙশালিকের ঘর॥—শিশু ৭৮।]

গাঁ বি [সং গ্রাম > লি, প্রা গাম > বা (গাম্) গাঁ ; হি গাঁৱ ; ঠ গাংৱ ; মৈ গাঁও ; সি গাংউ, গামু ; অস গাওঁ] ১ গ্রাম। "ভিন্ন গাঁয়ে জানে না কেউ, গাঁয়ে মরে গাঁয়ের ঢেউ, গেলে রাষ্ট্র হবে মথুরায় দা ৫৩৩। ২ বাসগ্রাম। "সহায় শ্রীমন্ত খাঁ, চণ্ডীবাটী যার গাঁ ক.চ ৬। ৩ গ্রামবাসী। "গাঁয়ে মানে না আপনি মোড়লগিরিও করা চাই (টেকচাঁদ)। [গাঁ-অন্তর—গ্রামান্তর, অন্যগ্রাম। "(কর্ত্তা) কখন গাঁ-অন্তর নিমন্ত্রণ খেতে যান না।—নী ৫৩। গাঁকে গাঁ—গ্রামের পর গ্রাম। "গাঁকে গাঁ ক্যোন চসে ফেল না।—নী ২৮। গাঁ-ঘর—গ্রামবাসী গৃহস্থ পাড়া-প্রতিবেশী। গাঁয়ে মানে না আপনি মোড়ল হওয়া—(গৌণার্থে) উপযাচক হইয়া নিজেই কর্ত্তা সাজা। "বাবুরা পরের ঝকড়া টাকা দিয়ে কিনে গাঁয়ে মানে না আপনি মোড়ল হতে চান হু ১০২। গাঁ সুদ্ধ লোক—সব গ্রামবাসী। বিরানা গাঁ, ভিন গাঁ—অন্যগ্রাম।]

গাঁই-গুঁই বি [ধ্বন্যাত্মক] কোন বিষয়ে অস্পষ্টভাবে অসম্মতিসূচক শব্দ ; গোঁ-গোঁ। "পিসিমা এই প্রস্তাব শুনে প্রথমে গাঁইগুঁই কত্তে লাগ্লেন, কিন্তু মনে মনে যাবার ইচ্ছাটাও ছিল হু ১৭২।

গাঁইট, -ঠ, গাঁট, -ঠ বি [সং গ্রন্থি > লি, প্রা গণ্ঠি > বা গাঁঠি, -টি, গাঁইঠ, -ট ; গাঁঠ, -ট ; হি গাঁঠ ; ঠ গাংঠ ; অস গাঁঠি, 'গাঙঠি'—gland ; গাইট (ত্রিপুরা) ; গাইটা (গো.চ ২৭৩)] ১ অবয়বের সন্ধিস্থল বা জোড়ের মুখ ; গ্রন্থি। "গেঁটে বাতে গাঁটে গাঁটে ব্যথা হয়। ২ আখ বাঁশ ইত্যাদির পর্ব্বসন্ধি বা গিরো। ৩ বৃক্ষলতাদির শাখা-প্রশাখার সন্ধিস্থল। "লতিকার গাঁটে গাঁটে ফুটাইল ফুল স্ব.প্র ৩৩। ৪ রশি দড়ী ইত্যাদির বন্ধ বা গিরো (tie)। "হস্তী শুঁড় দিয়া দড়ীর গাঁট খুলিতে পারে। ৫ আঁচল চাদর প্রভৃতির খোঁটের গিরো। "সোনা ফেলে আঁচলে গাঁট বা গিরো। ৬ পরিহিত বস্ত্রের খোঁটের গ্রন্থিস্থল ; টেক। "দুরলহ রতন জনু, দরশন মানই, পরশন গাঁঠক হেম গো ২৬৭। থেকে থেকে গাঁঠের পানে, গাঁঠ-কাটারা দৃষ্টি হানে।—গান ১০। ঘরের স্ত্রী আপনা নয় গাঁইঠে পয়সা নাই (চট্টগ্রাম-প্রবাদ)। ৭ আদা হলুদ ইত্যাদির গ্রন্থিল মূল বা জড়। "আদার গাঁট, হলুদের গাঁট। ৮ তেঁতুলের গ্রন্থি বা একটি বীজ-পরিমিত অংশ। "একগাঁট তেঁতুল। ৯ দৃঢ় মাংসপিণ্ড। ১০ পাট কাপড় প্রভৃতির মোট বা পুলিন্দা। "বাবাজিরা···লোকের চপ্‌টানে···ইস্ক্রু-কলের গাঁটের মত জাঁত সহ্য ক'রে···কথঞ্চিৎ আরাম পেলেন হু ২৩০। —ইটা বি [গাঁইট+আ[১২] ; গাটা (মালদহ)] গ্রন্থি, গিরো। "বারো গাইটা হ্যাংটি গো.চ ২৭৩। —টা বিং গ্রন্থিযুক্ত, গ্রন্থিল, অর্থাৎ দৃঢ়দেহ ও বলবান্। "দেখ ভাই গাঁইটা গাবরে ক.চ ২০১।

গাঁইতি বি [হি গৈন্তী] ইষ্টককঙ্করময় স্থান খোঁড়ার কোদাল।

গাঁক-গাঁক, গাঁ-গাঁ বি [ধ্বন্যাত্মক] ১ বৃষের গুরুগম্ভীর ধ্বনি। "ডাকিল বৃটিষ-বৃষ গাঁক-গাঁক ডাক।—হেম ৩৮৩। ২ বিকট চীৎকার ; ভীষণ উচ্চরব। "সেজেগুজে গিয়ে গাঁ-গাঁ শব্দে পড্‌লো গি.ষ্বি ৮৬।

গাঁগদাড়া বি সর্থ 'গাঙদাড়া'। "ভাসে···গাঁগদাড়া শ্রী.মা ৮১।

গাঁজ, গেঁজা বি [হি গাজ] ১ ফেন, ফেনা। "কাল গরুর গাঁজ আন্য ঔষধের সার ক.চ ১৩৬। বকি বকি মুখে উঠিয়াছে গেঁজা স্ব.প্র ১৩০। [গাঁজ—মুখের ফেনা]। ২ অগ্নির তাপে আখ খেজুর ও চিনির রসের উপরে ভাসমান ফেনবৎ অসারভাগ। [গাঁজলা, গেঁজলা—১ ফেন, ফেনা। ২ গাঁজ-পারা, ফেনসদৃশ।]

গাঁজা[১], **-জাই, গাঞ্জা** বি [সং গঞ্জিকা—মদিরাগৃহ ; হি, মৈ গাঁজা ; ঠ গাংজা, ড় গঞ্জা ; তু 'গংজা'—সুরাগৃহ (দেশী ২.৫৮, টীকা)] ১ সিদ্ধিজাতীয় গাছের শুষ্ক মঞ্জরী ; ধূপপানার্থ মাদকবিশেষ (Cannabis sativa)। "গাঞ্জা খাবো গো.চ ৭৯, টীকা ; গাঞ্জার ডাল ৮১, টীকা। গাঁজাই নিল ধার ক.চ ২৬। গাঁজা ঝাড়া শি ৩২। গাঁজার কল্‌কে জা ৩১। ২ গাঁজা গাছ। "তুলসী কাটিয়া বুড়া রুপিল গাঁজাই কু.অ ১৫ ; ১৯। [গাঁজাখোর—যে গাঁজা খায়। "আমি গাঁজা খাই বটে, কিন্তু গাঁজাখোরের মত কাজ করি না।—য ১৭। গাঁজাখোরী—১ গাঁজাখোরের মত (গল্প)। ২ গাঁজাখোরের কার্য্য বা স্বভাব। গাঁজা টেপা—হাতের তেলোয় আঙুলের চাপে গাঁজা টিপিয়া গুলি করা। গেঁজেল (হি গঁজেবী, গংঝেল ; গাঁজেলি (মালদহ)—গাঁজাখোর।]

গাঁ(গেঁ)জা[২] অর্ম্ম [গাঁজ+আ[৯] > √গাঁ(গেঁ)জা] গাঁজযুক্ত (ফেনিল) হওয়া ; মাতিয়া উঠা ; টক্ হওয়া (to ferment)। [গাঁ(গেঁ)জান —সর্থ 'গাঁজা[২]'। গাঁ(গেঁ)জায়—ফেনিল হয় ; মাতিয়া উঠে।]

গাঁজিয়া, গেঁজিয়া, -জে বি [হি গংজিয়া] ১ সূতা দিয়া বোনা টাকা-কড়ি রাখার জালিদার থলী ; ভস্ত্রা, তোড়া (purse)। "জ্ঞানানন্দ···সামুকটা ট্যাঁকে হতে বার করবার সময় দেখেন যে, তাঁর টাকার গেঁজেটি নাই হু ২৩০ ; টাকার গেঁজেওয়ালা যাত্রী ২৪০। ২ [মৈ 'গাঁজ-জী'—মাছ রাখার শৃঙ্গাকৃতি পাত্র] মাছ জীয়াইয়া রাখার মৃদঙ্গাকৃতি বাঁশের পাত্রবিশেষ।

গাঁট দ্র 'গাঁইট'।

গাঁট(ঠ)-কাটা বি [সং গ্রন্থিচ্ছেদক, -ভেদ, -মোচক ; হি গঁ(গ)ঠ-কটা ; অস গাঁঠি-কটা] যে গাঁট কাটিয়া অন্যের টাকা পয়সা চুরি করে ; উচক্কা (pick-pocket, cut-purse)। "গাঁঠের পানে গাঁঠ-কাটারা দৃষ্টি হানে।—গান ১০। কোন খানে···কাছ থেকে দু ভরি রূপো গাঁট-কাটারা ক্যেটে নিয়েছে হু ১৮৫।

গাঁট(ঠ)-ছড়া বি ['গ্রন্থিশাটক'—মূল (?) ; হি গাঁঠজোড়া—গ্রন্থি-

বন্ধন ; ঠ গাংঠ সোড়ারণ—গাঁঠছড়া খোলার জন্য কন্যার ভগিনীকে দত্ত উপহার] বিবাহে বরের উত্তরীয়ের সহিত বধূর অঞ্চল-বন্ধনার্থ বস্ত্র ; গ্রন্থিবন্ধন-বস্ত্র। "দ্বিজে বান্ধে গাঁঠছড়া।—ক.চ ১২৪ ; ২৮৩। বেদের বিধান সিদ্ধ বান্ধে গাঁটছড়া শ্রী ২০ ; ১৪৭। [গাঁঠছড়া বাঁধা—১ বর-কন্যার বস্ত্র অন্য বস্ত্রখণ্ড দ্বারা সংযোগপূর্ব্বক বন্ধন। ২ (গৌণার্থে) গাঁঠছড়া-বাঁধা বর-বধূর ন্যায় দুইজনের সতত সাহচর্য্য-সূচক।]

গাঁট(ঠ)-বন্দি বিং গ্রন্থিবদ্ধ, মোট-বাঁধা (packed up)।

গাঁট(ঠ)রি, -রী বি ['গ্রন্থিল'—মূল (?) ; হি গট্‌ঠর, -ঠরী ; ঠ গাংঠোড়েং, -লে ; মৈ গেঠরী] গাঁঠ দিয়া বাঁধা ছোট মোট ; পুঁটলী, বুচকী। "পাপগুলি আমরা গাঁটরি বাঁধিয়া, বৈতরণীর সেই ক্ষেয়ারীর ক্ষেয়ায় বোঝাই দিয়া বিনা কড়িতে পার করিয়া লইয়া যাই ব.প্র ৪৬০।

গাঁট(ঠ)-শূল বি অবয়বের সন্ধিস্থলের বেদনা ; গাঁট-ব্যথা।

গাঁটি, -ঠি বি [দ্র 'গাঁইট'] ১ অবয়বের সন্ধিস্থল ; গাঁঠ, গিরো। "যাবৎ না গলে গাঁটি তাবৎ জঞ্জাল শি ১০৫। ২ বস্ত্রাদির প্রান্তে কৃত গ্রন্থি। "বাহিরে রতন আচরে দেই গাঁঠি।—বি.প ৭৫। ৩ বস্ত্র-প্রান্তদ্বয়ের গ্রন্থি। "টান পড়ি গেল বস্ত্রে দেখে গাঁঠি বান্ধা ভ.গ্র ৪৪৯। সখী দুহুঁ বস্ত্রে গাঁঠি দিলা সঙ্গোপনে ব্র.প ৯৫। আঁচলে আঁচলে দিলাম গাঁঠি ম.ম ১০। ৪ ছিন্নবস্ত্রের গ্রন্থি। "দেখিলাম গাঁঠি দশ ঠাঞি চৈ.ভা ৮৯। কাপড়ে গাঁঠি চৌদ্দবুড়ি দা ৫৬। শতগাঁঠি ছেঁড়া টেনা ভা.চ ২১০। ৫ টাকা কড়ি বাঁধিয়া রাখার জন্য বস্ত্রপ্রান্তস্থিত গ্রন্থি ; বস্ত্রনির্ম্মিত ধনাধারবিশেষ ; গেঁজে, তোড়া ; কাপড়ের খোঁট গোঁজার গ্রন্থি ; টেক। "এক পর্শমণি গাঁঠিতে আছয় ভ.গ্র ৩২০। গাঁঠিক হেম বদনমাহা ঝলকই গো ৯৬। ৬ গ্রন্থিমাত্র। "তোমার প্রেমায় আমি ছাড়িতে না পাবি। তে কারণে তোর প্রেমা গাঁঠিতে সম্বরি॥—চৈ.ম ১৫৭। ৭ বন্ধন, সংযম। "নাগর হে গিয়াছিনু নাগরীর হাটে। তারা কথায় মনের গাঁটি কাটে॥—ভা.চ ২৮৫। [সাতগাঁটী বাস—বহুগ্রন্থিযুক্ত, অর্থাৎ অতিজীর্ণ বস্ত্র। "দা ১২০০।]

গাঁটী(ঠী)য়া, গেঁটে, -ঠে বিং [গাঁট, -ঠ+ঈয়া, এ৮] ১ গ্রন্থিযুক্ত, গাঁট-ওয়ালা। "কানে দোলে গেঁটে (কড়ি) বি.সু ৩৮। গেঁটে কড়ি দা ৯০। ২ গ্রন্থিল, দৃঢ়-বলিষ্ঠ। "বেঁটে-গেঁটে মানুষ। ৩ দেহসন্ধিসম্বন্ধী। "গেঁটে বাত। ৪ গ্রন্থিযুক্ত, গিরা-দেওয়া। "সাত-গেঁটে টেনা ম.ভা ১১। ৫ গাঁট-তোলা। "গেঁটে কন্ধে জা ২।

গাঁট্টা, গাট্টা বি [হি গট্টা—গাঁঠ] মুষ্টিবদ্ধ পাণির অঙ্গুলির দ্বিতীয় গ্রন্থিশ্রেণী, অর্থাৎ মুঠা বাঁধিলে যে গাঁঠগুলি বাহির হয়। [গাঁট্টা মারা—গাঁট্টা দ্বারা আঘাত করা।]

গাঁট্টাগোঁট্টা, গাটাগোটা, গেঁটাগোঁটা বিং [হি গট্টা (গাঁঠ) >গাট্টা >গাঁট্টা, গাটা, গেঁটা ; গোঁট্টা, গোটা, গোঁটা (অনু.শব্দ)] গ্রন্থিযুক্ত, দৃঢ়কায়, সবল, বেঁটে-গেঁটে। "ক্ষীরি আসিয়া দাঁড়াইল—মোটাসোটা গাটাগোটা—মল পায়, গোট-পরা ব.প্র ২৮৪। খুব গেঁটাগোঁটা…একজন ঋষিকে আনালেন জা ৩২।

গাঁঠল 'ঠোলো' বিং [সং গ্রন্থিল >প্রা গংঠিল্ল (প্রা ম) ; হি গঁঠীলা ; ঠ গাংঠল] গ্রন্থিযুক্ত, গাঁঠ-ওয়ালা, গিরো-দেওয়া।

গাঁঠা বি [হি গাংঠ—নারীর করভূষণবিশেষ ; ঠ গাঠা—রৌপ্যকণ্ঠ-ভূষণবিশেষ] গ্রন্থিযুক্ত (গাঁট-তোলা) স্বর্ণ-কর্ণভূষণবিশেষ। "শ্রবণে সোণার গাঁঠা ব.প ২৭২।

গাঁঠিছড়া বি সর্থ 'গাঁটছড়া'। "দ্বিজে বান্ধে গাঁঠিছড়া ক.চ ৪৮।

গাঁঠলি বি ['গাঁঠ+ধূলি'—মূল] সর্পদষ্ট ব্যক্তির ক্ষতস্থানের বিষের গতি রোধ করার নিমিত্ত মন্ত্রপূত ধূলার বেষ্টন বা তাগা। [গাঁঠুলি করা—ঐরূপ তাগা দ্বারা বিষের উর্দ্ধগতি রোধ করা।]

গাঁ(গা)ঠ্যার বি ['গাঁঠ-আকার'—মূল (?)] যাহার গ্রন্থিল আকৃতি ; দৃঢ়কায়-সবল। "নায়ের বাঙ্গাল কান্দে গাঁঠ্যার গাবর ক.চ ২০৭ ; গাঠ্যার গাবর ২৯৫। গাঠ্যার গাবর বাহে ম.ভা ৬৫। [পাঠান্তর—'গাইঠা গাবর'।]

গাঁড়[১] বি [গাড়[১] >গাঁড় (দ্র গড়[২]) ; হি গাঁড়, ঠ, গু গাংড ; মৈ গাঁড়ি ; ড় গাণ্ডি] পায়ু, গুহ্যদেশ। তু 'গাঁড়ীয়া'। [গাঁড় মারা—পুং-মৈথুন করা। গেঁড়া দেওয়া—(গৌণার্থে) ফাঁকি দিয়া লওয়া। গেঁড়ে—অশ্লীল গালি।]

গাঁড়[২] বি [সং গণ্ড >প্রা গংড >বা গাঁড় ; অস গাঁড়, -র্] স্ফোটক, ফোড়া। [রাজগাঁড়—উদরমধ্যস্থ স্ফোটক।]

গাঁড়ি(ড়ী)য়া, গাড়িয়া বিং [গাঁড়[১]+ঈয়া] ১ পুংমৈথুনকারী। ২ গালিবিশেষ। "হেন প্রভু যে না মানে সে ভাড়িয়া গাঁড়িয়া শূকর ব.প ৩৫৯। মএনামতি গাড়িয়া শুঅব গো.চ ১৮৮।

গাঁত বি [গাঁট >গাঁত] মালের গাঁট। [গাঁতের মাল—গাঁট কাটিয়া চুরি করা মাল। "(রামভদ্দর) কোম্পানীর কাগজের দালালী ও গাঁতের মাল কেনার দরুণ বিলক্ষণ দশটাকা রোজগার কচ্চেন হু ২১। গাঁতের মাল লইয়া হজম করিত (টেকচাঁদ)।]

গাঁ(গা)তা বি ['গ্রন্থ'—মূল] একসঙ্গে কাজ করার নিমিত্ত দলবদ্ধ দুই বা ততোধিক চাষীলোক। "মোরা গাতা দিতি তো নারাজ নই নী ২৮। [গাঁতা দেওয়া—গাঁতায় কাজ করা। গাঁতা ক'রে কাজ করা—দলবদ্ধ হইয়া কাজ করা।]

গাঁতি[১] বি সর্থ 'গাঁইতি'। "নাহি গাঁতি ধরে বিশাই ক.চ ৭৯।

গাঁতি[২] বি ['গ্রন্থি'—মূল] ১ জমিদারীর অন্তর্গত বড় বা ছোট জমা। ২ সর্থ 'গাঁতা'। [গাঁতিদার—যে গাঁতি রাখে ; গাঁতির মালিক। গাঁতিদারী—গাঁতিদারের স্বত্ব বা প্রভুত্ব। দর গাঁতি—গাঁতির অন্তর্গত গাঁতি।]

গাঁথ সর্ম্ম [সং √গ্রন্থ্ >লি √গন্থ্ ; প্রা √গংথ >বা গাঁথ, হি, মৈ, অস √গাঁথ ; ঠ √গাংথ ; তু '√গাথ'] ১ সজ্জিত করিয়া সূত্রবদ্ধ করা ; গাঁথা (ফুল, মুক্তা ইত্যাদি)। ২ রচনা করা। "একলি আছিনু হাম গাঁথইতে হার বি.প ১৪১। (হার) গাঁথিয়ে পুন অনুপাম জ্ঞা ২১৩। (মালিকা) গাঁথে বিনা গুণে ভা.চ ২৯৪। গাঁথিব নূতন মালা মে ১০৯। ৩ সংযুক্ত করা, উপর্য্যুপরি রাখিয়া জোড়া দেওয়া (ইষ্টকাদি)। ৪ কবিতারূপে বা প্রবন্ধরূপে বিন্যাস করা ; সাজান। "কথা গেঁথে গেঁথে নিতে করতালি।—গান ২১৮। ৫ (গান) রচনা করা। "সারা দিন গাঁথি গান।—গান ১৪৫। নাই বা গাঁথিনু গান চ.কা ১২৪। ৬ বিদ্ধ করা ; বিঁধান। "মারি শক্তি দৈত্যপংক্তি গাঁথেন একত্রে দু ৮১। গাঁথিনু বড়িশে মাছ আর কোথা যায় ভা.চ ২৯৩। ৭ দন্তবিদ্ধ করা ; দংশন করা। "অভয়ার সৈন্য কত মারে দন্তে গাঁথি দু ৮৭। ৮ বিদ্ধ করিয়া সংযুক্ত করা। "গজালে গাঁথিল পাটা ক.চ ২২২। ৯ বন্ধন করা। "অপরূপ প্রেমপাশে তনু গাঁথল (বি.প)। [গাঁথই—গাঁথে। "কুসুম তোড়ি কোই গাঁথই হার (গো)। গাঁথইতে—গাঁথিতে। গাঁথল—গাঁথিল।]

গাঁথন বি [√গাঁথ+অন ; সং গ্রন্থন ; হি গাঁথনা ; ঠ গংথণ ; অস গাঁথন্] ১ গ্রন্থন, রচনা। "চিকণ গাঁথনে বাড়িল বেলা জ্ঞা.চ ২৯৯। ২ উপর্য্যুপরি সাজাইয়া বা বসাইয়া সংযোগ করা (ইষ্টকাদি)। ৩ সূত্রাদি দ্বারা পুষ্পাদির পরস্পর সংযোজন। —থনি, -থুনি [°ন+ই[১১] ; 'উ' আগম ; অস গাঁথনি] ১ গ্রন্থন, গুম্ফন, বিন্যাস। "এলাইয়া বেণী, ফুলের গাঁথনি, দেখয়ে খসায়ে চুলি চ.দা ৯ ; প্রবাল মুকুতা, গাঁথনি আটনি কত ৬৫। হীরা মুক্তা মণি, চৌদিকে গাঁথনি দু ৮। মুকুতার মোহন গাঁথনি শ্রী.মা ১৯৩। ২ মাল্য-রচনা। "এ গাঁথনি আই নহে

তোমার ভা.চ ২৯৯। ৩ ক্রমে বিন্যাস, শ্রেণিবদ্ধ, পর পর সাজান। "মুক্তার গাঁথনি যেন চক্ষে জল ঝরে কৃ ৩৭৭। দন্তপাঁতি করে দ্যুতি মুক্তার গাঁথনি ম ১৫। কণ্ঠে কনকহার, হীরার গাঁথুনি তার ক.চ ৫৮। মুক্তার গাঁথনি যেন চক্ষে পড়ে পানী।—চৈ.ম ৬৬। ৪ পদ-বিন্যাস, রচনা, সন্দর্ভ। "পীযূষ প্রকাশে যেন পদের গাঁথুনি শ্রী.মা ২। (সঙ্গীতের ধ্বনি) শুনা গেল বামাস্বরে মধুর গাঁথনি।—হেম ২৯।

গাঁথা[১] বিং [√গাঁথ+আ[১২]] ১ গ্রথিত, সম্বদ্ধ, আশ্লিষ্ট, সংমিশ্রিত। "এ পীন পয়োধরে দেলহি হাতা। তুরিতে লুকায়লী দেহই গাঁথা॥—রা.শে ১৩। ২ অনুবিদ্ধ, অনুস্যূত, খচিত। "মস্তকে জড়োয়া সিঁতি, তার মাঝে গাঁথা মতি দা ১৪৮১। ৩ রচিত, নির্ম্মিত। "সুন্দরের গাঁথা মালা ভা.চ ২৯৭। মালা গাঁথা ফল ফুলে মে ১১০। পাষাণ-গাঁথা প্রাসাদ পরে চ.কা ৩২৭। মালা গাঁথা হল না।—গান ১৪৮। ৪ নিবেশিত, অন্তর্নিহিত। "শ্রীবৎসচিন্তার কথা, অরণ্যপর্ব্বেতে গাঁথা।—ম ৪০৮। ৫ বিন্যস্ত, স্থাপিত, বসান। "দৃষ্টি-বিহীন নয়নযুগল, কপালে যেমন গাঁথা।—হেম ১১৬। ৬ সংলগ্ন, হৃদয়নিহিত, স্মরণারূঢ়। "করুণা তোমার, হৃদয়ে রহিল গাঁথা।—কথা ৮৩। —থা বি [মৈ গাঁথব] ১ গ্রন্থন, রচনা, গাঁথন। "সে যে ভুলে গেছে মালা গাঁথা।—গান ২০৭। বনে বনে ফুল ফুটেছে, দোলে নবীন পাতা, কার হৃদয়ের মাঝে হল তাদের মালা গাঁথা।—রবীন্দ্র। ২ তাঁতীরা একসঙ্গে যতগুলি কাপড়ের টানা দেয়, ততটা টানার সূতা।

গাঁথা[২] বি [সং গাথা, ৺আগম] ১ গান, যশোগীত, গুণকথা, গুণবর্ণনা। "প্রসিদ্ধ শ্রীরামায়ণে, দেব নর গায় যেই গাঁথা।—ভ.গ্র ৪৯। সকল ভুবনে গুণ-গাঁথা চৈ.ম ২৪। ২ বিষয়বিশেষের বর্ণনাত্মক কবিতা। "রজনী-বিলাস,...অমিয় অধিক গাঁথা চ.দা ৭৪।

গাঁথা[৩] সর্ম্ম [√গাঁথ+আ[৮]] গ্রথিত করান, গাঁথান।

গাঁথিল বিং [√গাঁথ+ইল[২] ; সং গ্রথিত ; অপ্র] গ্রথিত, রচিত। "গাঁথিল যেমন মালা—মণ্ডলী তেমনি চৈ.ম ১৮৪।

গাঁদা, গেঁদা বি [সং 'গেন্দুক'—মূল ; হি গেঁদা ; ঠ গেংদ ; মৈ গেনা] গোলাকৃতি পুষ্পবিশেষ ও তাহার গাছ (Marigold)। "উঠল সেজে সাঁঝের আলোয় দার্জ্জিলিং পাহাড়, ফুটল যেন ভুবনজোড়া গাঁদা ফুলের ঝাড়।—কু.কে ১১৫।

গাঁদা(ধা)ল, গেঁদাল বি [সং গন্ধালী] উৎকটগন্ধ-যুক্ত লতাবিশেষ ; গন্ধভাদুলী।

গাঁদি বি [গাদি >গাঁদি] ১ রাশি, গাদা। "মানুষের গাঁদি যেন—ঠেকাঠেকি কোল।—হেম ৩৮৮। ২ সংমর্দ্দ, ভিড়। [গাঁদি লাগা—১ রাশি বা ভিঁড় হওয়া। ২ ঝাঁক বাঁধিয়া মাছ ভাসা।]

গাঁধি, গাঁধিপোকা বি [সং গান্ধিক >প্রা গংধিঅ >বা (গংধি) গাঁধি] পুতিগন্ধযুক্ত কীটবিশেষ (tree-bug ; ricebug)। [ইহারা ধানের দুধ চুষিয়া খাইয়া, ধান চিটা করিয়া ফেলে। ঐ ধানকে ফড়িঙ্-চোষা ধান বলে।]

গাগর, -রা বি [সং গর্গর >প্রা গগ্গর >বা গাগর, -রা ; তু 'গাগর' (দেশী—প্রা.ম) ; অস গাগল্] মৎস্যবিশেষ, গাগরা-টেঙরা। "মাগুর গাগর শি ৮৫ ; গাগর আড়ি ভা.চ ১২৬।

গাগরি, -রী বি [সং গর্গরী >প্রা*গগ্গরী >বা °রী, -রি ; 'গাগরী' (দেশী—প্রা.ম), হি গগরী, গাগর, -রী ; ঠ ঘাগর ; প গাগর ; গু গগরী, গাগর ; অস গাগরী] কলসী, ছোট ঘড়া। "কুচযুগগিরি, কনক-গাগরী, উলটি পড়ল মেরু চ.দা ২৩ ; সোণার গাগরী ১০৯। গাগরি-বারি, ঢারি করি পিছল, চলত হি অঙ্গুলি ঝাঁপি গো ১৩৭। দোঁহে প্রেমের গাগরি ভ.গ্র ১৪১। বধূ চলে জলে লইয়া গাগরী।—গান ১৬৩।

গাঙ,-ঙ্গ দ্র 'গাং'।

গাঙি(ঙ্গি)নী বি [গাঙ, -ঙ্গ+ইনী] ১ ক্ষুদ্র গাঙ ; ছোট নদী। "গাঙিনীর তীর কু.কে ২৪। ২ বাগুয়ান পরগণায় বড়গাছি গ্রামের পূর্ব্বস্থ নদী (ভা.চ ২২৫)। "গাঙ্গিনী ভা.চ ২৫৩,-৪।

গাঙু (ঙ্গু)লী, গাঙ্গুলি বি [গাঙ্গুল ('গঙ্গাকূল' ?)+ঈ[৭] ; 'গাঙ্গুলী' সাধু] সাবর্ণগোত্র ব্রাহ্মণের উপাধিবিশেষ। "বাঙ্গাল গাঙ্গুলি গাঞি শ্রী.মা ১১। [ইঁহাদের পূর্ব্বপুরুষ হল গাঙ্গুলি গ্রামে বাস করেন, তদনুসারে তদীয় বংশধরগণের ঐ উপাধি (সম্বন্ধনির্ণয়)। গাঙ্গুল গ্রাম বর্দ্ধমান জেলার বাঁকানদের তীরে অবস্থিত। ইহার চলিত নাম 'গঙ্গুর' (গাঙ্গপুর ?) বা 'গাঙ্গুড' (বঙ্গের জাতীয় ইতিহাস, ১২৪ পৃষ্ঠা)]

গাঙ্গ বিণ [গঙ্গা+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -ঙ্গী] ১ গঙ্গাসম্বন্ধী (জলাদি)। "গাঙ্গস্য তোয়স্য গো.রা ৫.৫০.১৬। সিকতা গাঙ্গ্যঃ মহা ৭.৫৬.৭। আপো গাঙ্গ্যঃ ভ ৩.২০.৫। গাঙ্গৈঃ সলিলৈঃ কু.স ৫.৩৭। রঙ্গতরঙ্গিতগাঙ্গজটাচয় অর্পয় সপকলাপম্ ভা.চ ২০৩। ২ গঙ্গাভব, গঙ্গাস্থিত। —ঙ্গ পুং [+অ তদপত্যার্থে] ১ গঙ্গাপুত্র, ভীষ্ম। ২ কার্ত্তিকেয়। —ঙ্গ ক্লী ১ আশ্বিনে বৃষ্ট মেঘজল। "সুশ্রুত ১.৪৫.৫। ২ সুবর্ণ। [°চিল, °দাড়া—দ্র 'গাং'।]

গাঙ্গরী, -ঙ্গুড়, -র বি ['গাঙ্গ'—মূল] গাঙ, বড় নদী। "ভাসাইয়া দিব গাঙ্গরীত ম.ম ১০০, ভাসায় গাঙ্গরী ২০০ ; গাঙ্গরীর কূলে ২০৬, ২০৭। গাঙ্গুড় ম.ভা ৪২ ; গাঙ্গুরের জলে ৪৪।

গাঙ্গি বি [গাঙ্গ—গাঙ্গী >°ঙ্গি (স্ত্রীলিঙ্গে) ; তু 'নদ—নদী' ; অপ্র] গাঙ, বড় নদী। "গাঙ্গিক পূজেন রাইয়ত গো.চ ৬। গাঙ্গি জমক দেখিল ২৩ ; ৯৩ ; গাঙ্গিক তরে ঃ গাঙ্গি বেটি ১২৫।

গাঙ্গিনী ; গাঙ্গুড় ; গাঙ্গুলি দ্র 'গাঙিনী ; গাঙ্গরী ; গাঙুলি'।

গাঙ্গেয় বিণ [গঙ্গা+এয় (ঢক্) ; স্ত্রী -য়ী] গঙ্গাভব, গঙ্গাস্থিত ; গঙ্গাসম্বন্ধী (জলাদি)। "গাঙ্গেয়ং বারি মহা ৩.৩.৩৫। পূত অম্ভোরাশি, গাঙ্গেয় মে ৩১২। —য় পুং [+এয় তদপত্যার্থে] ১ সর্থ 'গাঙ্গ পুং (১)। "ব্যূহভঙ্গ দেখি ক্রোধ হইল গাঙ্গেয় ম ৭৭০। ২ সর্থ 'গাঙ্গ পুং (২)। ৩ ইল্লিস মৎস্য। —য় ক্লী ১ সর্থ গাঙ্গ ক্লী (২)। ২ ধুস্তূর। ৩ কশেরু, কেশুর। ৪ মুস্ত।

গা-চাবি বি [গা[১]+চাবি] কপাট বাক্স প্রভৃতির গায়ে লাগান চাবির কল। বিপ 'তালাচাবি'। "কবাটের ভিতর দিকে পূর্ব্ববৎ গা-চাবির কল ছিল ব.প্র ৩৮।

গাছ বি [সং গচ্ছ (S.W.) ; হি গাছ ; অস গছ—তরু ; ড় গছ, গছ (কোচবিহার)] ১ উদ্ভিদ্, বৃক্ষমাত্র। "গাছ পাঁচ-সাত গুয়া।—চৈ.ভা ৪৫৭। ২ ঘানিযন্ত্র, ঘানিগাছ। "ভবের গাছে জুড়ে দিয়ে মা, পাক দিতেছে অবিরত।—রামপ্রসাদ। ৩ গাছের মত খাড়া ও মাটিতে পোতা ঘানির স্থূল কাষ্ঠখণ্ড। ৪ দীর্ঘ সরু বস্তুর পরে প্রযোজ্য তদভিন্নতা-সূচক শব্দ। "ছড়ি°, দড়ী°, লাঠি°। জটাগাছ এড়ে কৃ ৩৪২। ৫ সংখ্যা-বাচকের পরে 'টা' 'টি' অর্থে। "একগাছ লাঠি, দুগাছ দড়ী, চারগাছ সূতা, এক গাছ চুল, একগাছ শাগ, গাছ তিনেক ছড়ি, গাছ তিন-চার সূতা ইত্যাদি। ৬ (গাছের সাদৃশ্যে) দীর্ঘাকৃতি, লম্বা, ঢেঙা। "দেখতে দেখ্‌তে মেয়েটা যেন গাছ হ'য়ে উঠলো। [গাছকয় চুল—দুই চারিটি চুল। "ব.দ্বি ৮। গাছ-কোমর বাঁধা—(মেয়েদের সম্বন্ধে) পরিবেশনাদির সময়ে আঁচল, কাঁধের উপর দিয়া ঘুরাইয়া কোমর জড়াইয়া বাঁধা। গাছ-কৌটা—গাছের মত উঁচা বা খাড়া কৌটা। গাছ গাছ—গোটা গোটা। "মাগুর মৎস্য দিয়া রান্ধে গিমা গাছ গাছ ম.ম ৯৫। গাছ-গাছড়া, গাছ-গাছালি (তু 'গাছানি গাছরা'—গো.চ)—গাছ ও গুল্ম-লতাদি। "গাছ-গাছালি ঘন সবে না। গাছ হবে তার ফল হবে না॥—খনা। গাছ-গাড়ু—অলাবু খোলের গাড়ু ; তুম্বীপাত্র। "ভাঙ্গা গাছ-গাড়ু ভা.চ ১০২। গাছ-পাকা—যে ফল গাছে পাকিয়াছে ; স্বভাবপক্ক (আম্রাদি)। গাছ-পাগল—গাছে বাঁধার মত পাগল ; উন্মাদ-পাগল। গাছ-পাথর—গাছ

ও পাথরের পাত্র। "বয়সের গাছ-পাথর নেই ন.ত ৬। গাছ-পান—গাছ জড়াইয়া উঠে, এইরূপ একজাতীয় পানগাছ। "বি.পা ১৬৩। গাছ-ফল—হরীতকী (?)। "গাছফলবদলে, জায়ফল দিবে ক.চ ১৯১; ২৪৫। গাছ-মরিচ (হি গাছমির্চ)—লঙ্কা, ঝাল। গাছ-বাঁদর—গাছে-চড়া, অর্থাৎ প্রকৃত বানর; আদত বাঁদর। গাছ-মোণ্ডা—গাছের মত চূড়া-তোলা সন্দেশ (ইহা মূল-নৈবেদ্যের চূড়ায় থাকে)। গাছসিন্দুক—পূর্ব্বকালের উঁচা-পায়া-লাগান সিন্দুকবিশেষ। গাছে কাঁটাল গোঁপে তেল—অনিশ্চিত ভবিষ্যৎ বিষয়ের আশায় নানা অনুষ্ঠানের কল্পনা। গাছে তুলে দিয়ে মই কাড়া—বিপদে ফেলিয়া বিপদুদ্ধারের উপায়ে বঞ্চিত করা। গাছের পাড়া তলার কুড়ান—গাছের ফল পাড়িয়া লওয়া ও তলার ফল কুড়ান, অর্থাৎ সকল প্রকারে অভীষ্ট দ্রব্য সংগ্রহ করা। "গাছের পাড়ি তলার কুড়ই কাদা উড়ুই ফুএ ব.প ১৪৩৩। তোমরা গাছের পাড় তলার কুড়াও দা ২০৫৩। গাছের ফল না—ফলের মত অনায়াসলভ্য বস্তু নহে। "টাকা গাছের ফল না, যে ছিড়ে দিলেই হল। তু 'বিরিখের ফল. নহে তপিরীতি. নাহি মিলে যথা তথা চ.দা ১২৮।]

গাছড়া, -লা বি [গাছ+লা স্বার্থে; লা >ড়া; তু 'গাছরা' (গো.চ)] গাছ, গাছ-পালা। "মানুষ মরে যাতে। গাছলা সারে তাতে ॥—খনা। [°ওষধ—গাছের মূলপত্রাদি দ্বারা প্রস্তুত ঔষধ। গাছড়ীয়া, গাছুড়ে—যে গাছে উঠিতে নিপুণ।]

গাছল (?) "গাছল বস্বল ভাটি কৃ.উ ৫৬।

গাছা বি [গাছ >গাছা; তু 'গচ্ছা'—নালিচ গচ্ছা (নালিতা গাছ, পৈ ২.৯০)] ১ গাছ। "আগাছা; পরগাছা। ২ টা, খানা। "একগাছা ছড়ি, লাঠি। খড় গাছা বি.সু ৮৫। হাতে কেবল একগাছা কড় ব.প্র ৩৯৬। ৩ (সাদৃশ্যে) প্রদীপের উচ্চ আধারবিশেষ; দেল্‌কো (ঢাকা, মালদহ, যশোহর)।

গাছি বি [গাছ+ই; হি, মৈ 'গাছী'—বাগান] ১ ছোট গাছ; ক্ষেতের ঘাস খড় ইত্যাদি। "গাছি মার···আড়ে ফেল তুলে শি ৭৫। ২ [+ই] (সংখ্যাবাচকের পরে) টি। "পঞ্চগাছি কলার গাছ গো.চ ৫৪। লোহা একগাছি ভা.চ ২২৬। নব নব শাখা গাছি ব.প ৬৪২। এক গাছি গেল আর দুটি গাছি রয় শি ১০৫। ৩ একটি। "গাছি গাছি করি সবে উপাড়িল দাড়ি বি.পা ২৭৯। গাছি গাছি গুছাইল চক্ষে চক্ষে থুয়ে শি ১০৪। ৪ সূতার একতার। "তানা বুনান সময়, শয় মিলাইতে শয়, বিচারি করিতে গাছি গাছি বা.ম ৮৮। ৫ (অপ্র) খানি। "পরায়েছে মায় ধড়াগাছি আঁটি ন.প ১০২। [গাছি গাছি গুছান—একটি একটি করিয়া সাজান।]

গাজ[১] বি [সং গর্জ্জ >প্রা গজ্জ >বা গাজ; বৈষ্ণবসাহিত্যে] গর্জ্জন। "বিজয় ডিণ্ডিম গাজ ব ৬৭।

গাজ[২] বি [E. Gauze] রেশমের বা সূতার সূক্ষ্ম বস্ত্রবিশেষ। "গাজের উড়নি।—হেম ৩৮০। গাজের মেরজাই আ.দু ৬৬।

গাজ[৩] অর্ম্ম [সং √গর্জ্জ >লি, প্রা √গজ্জ >বা √গাজ; হি. ঠ, গু, অস √গাজ; তু 'গজ্জিয়া' (গো.চ ২৪৩, টীকা); পদ্যে] ১ গর্জ্জন করা; ভীষণ শব্দ করা; সিংহনাদ করা; হুঙ্কার করা; হাঁকা, ডাকা। "অণহ কসণ ঘণ গাজই চ ২৯। মামুদা মারহ গাজে শ্রী ১৬৬। ধাইল গেজে শ্রী.মা ৭৩; পাঁওদলে ধায় গাজিয়া ১২৭; গজ-ঐরি তদ্‌বৈরি সমতুল গাজে ১৯৮। জয় কালি···যত ঢালী গাজে ভা.চ ৩৯০। ২ গর্জ্জন করা; হ্রেষা করা; ডাকা। "গাজি অশ্ব উঠিল আকাশে ব.প ১৪০২। ৩ গর্জ্জন করা; ডাকা। "হুঙ্কারে···মেঘ যেন গাজে।—শি ৭৫। ৪ বাদ্যধ্বনি করা; বাজা। "গাজই দামা ব.প ৪৪৪। শঙ্খ গাজে চৈ.ম ৬৭। ধাঁধাঁ ধামসা গাজে ৫৩৯। ৫ শিঞ্জন করা; ধ্বনি করা; বাজা। "নূপুর গাজে (ভা.চ)। কাঞ্চী মৃগাজে বা.দ ২২৬। ৬ গর্জ্জন করা; কোঁশ-কোঁশ করা। "ফণী ফণ গাজে জ্ঞা.চ ৪২। ৭ গুঞ্জন করা; গুনগুন করা। "রাঙা পায় ভ্রমর গাজে গি.দ্বি ১০৮। ৮ উচ্চে কূজন করা; ডাকা। "সাথী. ত্রিধুবন ভরি গাজে জ.প ৩৯। ৯ হর্ষধ্বনি করা। "কণ্ঠ চরণে গতি. ইতি উতি পেখি জগত গাজে জ.প ৭১। [গাজা[২]—গর্জ্জন করা ইত্যাদি।]

গাজন বি [সং গর্জ্জন >লি গজ্জন, প্রা গজ্জণ >বা °ন; হি গাজনা; ঠ গাজণং; প গজ্জণা; গু গাজর্ং; সি গজণু] ১ ধর্ম্মরাজের উৎসব। "গাজনে পণ্ডিত রাম শূ ৩৭। বাদ্য বাজে আদ্যের গাজনে শ্রী ২৩; গাজন করিবে ২৪; ৩৫। ধর্ম্মের গাজনে শ্রী.মা ১৮৪। [ধর্ম্মের উৎসবে ভক্তগণ 'জয় জয় নিরঞ্জন' 'ধর্ম্ম জয়' (শ্রী ৩৫; ২১১) 'জয় জয় ধর্ম্ম' (শ্রী.মা ১৮৩) ইত্যাদি বলিয়া উচ্চৈঃস্বরে গর্জ্জন করে বা ডাকে; এই-জন্য ধর্ম্মের 'উৎসব', 'ভক্তগণ', 'ধর্ম্মমন্দির' সবই 'গাজন' শব্দে অভিহিত হয়। চড়কপার্ব্বণেও শিবের উৎসবে 'গাজন' শব্দ ঐ সকল অর্থেই ব্যবহৃত হয়। শিবের গাজন, ধর্ম্মের গাজনেরই পরিণাম।] ২ ধর্ম্মের ভক্তগণ। "গাজন সাজন কর সহিত উৎসব শ্রী.মা ১৮৩। গাজন লইয়া এল ময়নামণ্ডলে: পুরে প্রবেশে গাজন শ্রী ২৩; ২৪; ৭৫। ৩ ধর্ম্মমন্দির। "গাজন দুআরে উপনীত শূ ৩৪। ৪ চড়কপর্ব্বে শিবের উৎসব। "অধিক দিন থাকলে গাজন, কেবা করিত শিবের ভজন, সে গাজনে সন্ন্যাসী কি হ'ত?—দা ৪৫২। ৫ শিবের ভক্তগণ বা সন্ন্যাসীর দল। "ঢাকের গটরার সঙ্গে গাজন বেরিয়েচে হু ১৭; পুলিশের হুকুম মত সব গাজন ফিরে গেল ১৮। [গাজন-ঘর—ধর্ম্মের বা চড়কপর্ব্বে গাজনীয়া-শিবের মন্দির। গাজন-তলা—গাজনের স্থান; ধর্ম্মতলা; চড়কপর্ব্বে শিবমন্দিরের স্থান। "মেলা বসবে গাজনতলার হাটে।—শিশু ৩৮। ছেলেরা গাজনতলাই বাড়ী করে তুলেছে হু ২; গাজনতলা লোকারণ্য ৩; ৪। গাজনীয়া, গাজুনে—যাহারা গাজন করে; গাজন-সম্বন্ধী। "যেন গাজুনে সন্ন্যাসীর প্রতি ধর্ম্মরাজের ভর দা ৩৫৫। গাজুনে শিব—গাজন-উৎসবের শিব। বিস্তর সন্ন্যাসীতে গাজন নষ্ট—(গৌণার্থে) অধিক লোকে গোলই হয়, কার্য্যসিদ্ধি হয় না]

গাজর বি [সং গর্জর; হি. ঠ গাজর] মূলার মত মূলশাকবিশেষ (carrot)।

গাজা[১] বি [হি গাজ; অপ্র] ফেনা, গেঁজা। "বদনে উগরে রক্ত ভুমি বাহ্মে গাজা শ্রী.ম ২৩৭।

গাজা[২] দ্র 'গাজ[৩]'।

গাজী বি [আ গ.জী] ১ ধর্ম্মের জন্য বিধর্ম্মীদিগের বিজেতা মুসলমান বীরপুরুষ। "গনেশ হইলা গাজী শূ ১৪১। ২ যোদ্ধা, বীরপুরুষ। "থামে বান্ধা কত বাজী, ···মধ্যে গাজী বসেছে সবাই বি.সু ১৫। [গাজীতলা—গাজীর অধিষ্ঠিত স্থান। গাজীর পট—গাজীর যুদ্ধাদিবিষয়ক সুদীর্ঘ চিত্র; (গৌণার্থে) কোন বিষয়ের সবিস্তর বর্ণনপত্র।]

গাজুরী, -জ্বালা; গাঞি, -ঞী দ্র 'গা[১]; গাই[২]।

গাটি, -ঠি বি ['গাঁটি, -ঠি'—মূল; অপ্র] ১ গ্রন্থি, গাঁট, টেঁক, বস্ত্রপ্রান্ত-গ্রন্থি। "চান্দেরে ধরিল দ্রব্য পাইয়া গাঠিত বি.পা ২৪৩; বিধি আনি মিলাইছে গাঠিত বান্ধিয়া ২৯৯। ২ গ্রন্থি, ছিন্ন বস্ত্রের গাঁট। "বার গাটি ধড়ি গো.চ ২৬১; বার গাঠি ধড়ি ২৭৩। [গাঠিত—গ্রন্থিতে, টেঁকে। গাঠিয়া—গ্রন্থিযুক্ত। "বার গাঠিয়া ধড়ি গো.চ ২৭২। গাঠ্যায়—গাঠিতে, বোচকায়, পোঁটলায়। "হাঁড়ী চালু গাঠ্যায় বান্ধ্যা দেখন-হারা কত (এস্তাছে) ব.প ৭৪৭।]

গাট্টা দ্র 'গাঁট্টা'।

গাঠ বি [গাঁঠ >°ঠ; অপ্র] গ্রন্থি, সন্ধিস্থল। "তেঁতুলিয়া নাগ আল্যা গাঠে গাঠে বন্ধা কৃ.উ ৮১।

গাঠি, -ঠিত, -ঠিয়া; গাঠ্যায় দ্র 'গাটি; গাঁঠ্যায়'।

গাড়[১], **-ড়া**[১] বি [গাড় >°ড়া; দ্র 'গড়[৫]'; প্রা গড্ডা (হে ১.৩৫); হি গড়হা, -ড়্ঢা; গাড়া (চট্টগ্রাম, ত্রিপুরা)] ১ গর্ত্ত। "ভল্লুক সভায় গাড়ে

ক.চ ৪৯ ; ৫৩। এক গাড়ে গাড়িবে সুগ্রীব রাজা দেশে কৃ ২৬১। ভল্লুকের গাড়ে (লুকাইতে) শ্রী ২৪৩। নিম্ন গাড়ে চৈ.চ ৩৩৬। সবংশে গাড়িব এক গাড়ে বি.সু ৮০। ভুঁয়েসের গাড়া এটা : শেয়ালের গাড়া ভা.চ ৩৮২। ঝোড় গাড়া অ.গ্র ৮ ; কোমোরভর গাড়া ১৫৭। ২ ডোবা, খানা-খন্দ। "প্রথম আষাঢ়ে ভরবে গাড়া।—খনা।

গাড়[2] সর্ম্ম [গাড়[1] > √গাড় ; হি, মৈ, সি √গাড় ; ঠ, গু √গাড ; প √গড্ড—গড্ডণা] ১ গাড়ে ঢুকান ; নিখাত করা ; পোতা। "গাড়িয়া রাখিব গো.চ ৩৬০ ; সব রাখিবে গাড়িয়া ৩৬১। এক গাড়ে গাড়িবে সুগ্রীব রাজা দেশে কৃ ২৬১। ধন্বন্তরি ওঝা নিয়া গাড়িল উত্তরে ম.ম ২১৭। কণ্টক গাড়ি, কমল সম পদতল (চলত হি) গো ১৩৭। সবংশে গাড়িব এক গাড়ে বি.সু ৮০। এক খাদে, গাড়িব হারামজাদে ভা.চ ৩৭৮। ২ লম্বভাবে গর্ত্তে স্থাপিত করা ; খাড়া করিয়া পোতা। "বৃক্ষ গাড়িতে নাগিল গো.চ ২২১। তিন খুঁটা গাড়ি (রাঁধিল অন্ন) বি.পা ২৬৩ ; খাম গাড়ি ২৬৯। গাড়ে চন্দ্রবান বটী শ্রী ৩৫। গাড়িল নিশান শ্রী ১২। ৩ মাটিতে প্রবেশ করান ; চালাইয়া দেওয়া ; ঢুকান, বসান (শিকড়)। ৪ প্রবেশ করান ; বিদ্ধ করান ; বিধান। "তীক্ষ্ণ বাণ তার হৃদয় গাড়িল অ.প ১৮ ; ৪২। শেল হিয়ে গাড়ল ব ১৮৬। ৫ পাতিত করা : পাতা, পাড়া। "হস্তী…পড়িলা, হাঁটু গাড়ি মে ২৪৭। [গাড়ল—বিদ্ধ করিল। গাড়িয়া বসা—পুতিয়া বা চাপিয়া লাগা। "গাড়িয়া বসিল শঙ্খ শি ১০৫।]

গাড়গড়ি বি [ধ্বন্যাত্মক (?)] বাদ্যবিশেষ। "কৃ.উ ২১৯।

গাড়র, -ল বি [সং গড্ডর, -ল > বা °র, -ল ; হি, ড় গাড়র ; তু 'গড্ডরী' —ছাগী, মেষী (দেশী ২.৮৪)] ১ মেষ, ভেড়া। "গাড়রের গালের গুয়া ক.চ ১৩৬। °র কৃ ১৭৫,-৬। ম ৪৬৩। বি.পা ১৮৮। ২ (সাদৃশ্যে) নির্ব্বোধ, বোকা।

গাড়রী বি ['গারুড়ি'—মূল] বিষবৈদ্য। "গাড়রীর পাড়া বি.পা ১৪৪।

গাড়া[1] দ্র 'গাড়[1]'।

গাড়া[2] [√গাড়[2] + আ[6]] নিখাত করা ; পোতা ইত্যাদি। —ড়া বিং [+ আ[12]] গর্ত্তে নিহিত ; নিখাত, পোতা। "(অনেকগুলি টাকা) মাটির ঘরেতে হবে না গাড়া দা ৯১৪। [গাড়া গেল—নিখাত হইল ; গাড়িয়া বা পুতিয়া বসিল। "পাকে গাড়া গেল গাড়ী ভা.চ ৪৫৫।]

গাড়া[3] সর্ম্ম [গাড়[2] + আ[8] ; অপ্র] ১ নিখাত করান ; পোতান। "আসন করিয়া গড়ে গাড়াইল বাঁশ শ্রী ২১।

গাড়ি[1], **-ড়ী**[1] বি [সং গন্ত্রী > প্রা গংতী ; হি, জাটু গাড়ী ; ঠ গাড়ী ; প গড্ডী ; গু গাড়ী, -ড়ু ; সি গাডো ; মৈ গাড়া, ড়ী ; ড় গাড়ী, শগড় ; তা 'কাটি'—cart ; 'গড্ডী'—গন্ত্রী, গাড়ী (দেশী ২.৮১) ; দ্রবিড়ীয়— গড্ডা, -ড্ডী ; 'গর্ত্ত' (প্রা গড্ড)—রথ (ঋগ্বেদ ৫.৬২.৮) ; E cart] ১ শকট, গোরু ঘোড়া প্রভৃতির যান। "তোমার হাতের বাঁধনটা গাড়ীর চাকার উপরে রাখ ব.ধি ৯৫। ভাই ! অ্যাকুটা অ্যাক্‌গাড়ি গোঁসাই দেখেছিস !—হু ২১৬। ২ রেলগাড়ী। "গাড়ীতে পড়িল চাবি—আর নাহি গোল।—হেম ৩৮৮। ৩ এক গাড়ীতে বহনযোগ্য দ্রব্য বা ভার। [গাড়ী-ওয়ালা—গাড়ীর অধিকারী। গাড়ী করা—গাড়ী ভাড়া করা। গাড়ী গাড়ী মাল—গাড়ীভরা রাশি রাশি দ্রব্য। গাড়ী-ঘোড়া চড়া— গাড়ীতে ও ঘোড়ায় চড়া ; বাবুগিরি করা। "লেখা পড়া করে যে। গাড়ী-ঘোড়া চড়ে সে॥—প্রবচন। গাড়ী ডাকা—গাড়ী ভাড়া করিয়া আনা। গাড়ী ধরা বা পাওয়া—ঠিক সময়ে ষ্টেশনে গিয়া রেলগাড়ী পাওয়া। গাড়ী ফেল করা—বিলম্ব হেতু রেলগাড়ী ধরিতে না পারা। গাড়ী বারাণ্ডা—নামা বা উঠার নিমিত্ত বাড়ীর যে স্থানে ঘোড়ার গাড়ী থাকে। গাড়ী হওয়া—যাওয়ার নিমিত্ত গাড়ীর বন্দোবস্ত হওয়া। উটের গাড়ী—উষ্ট্রযান। এক্কা গাড়ী—এক ঘোড়ার দ্বিচক্র শকটবিশেষ। কলের গাড়ী—রেলগাড়ী। গোগাড়ী, গোরুর গাড়ী—গোযান। ছেকড়া গাড়ী—চার চাকার ভাড়াটিয়া ঘোড়ার গাড়ী। ট্রাম্ গাড়ী—সাধারণ রাস্তায় পাতা রেলের উপরে চলিত ঘোড়ায় টানা বা তাড়িতে চালিত গাড়ী (tram-car)। ডাক-গাড়ী—ডাকবাহক রেলগাড়ী বা ঘোড়ার গাড়ী। এইরূপ 'পালকী-গাড়ী, 'বগি-গাড়ী' 'হাওয়া-গাড়ী'।]

গাড়ি[2], **-ড়ী**[2] বিং [সং গাঢ় : হি গাঢ়া—গাঢ়ী (স্ত্রীলিঙ্গ) ; ঠ গাঢা ; অপ্র] ১ যে মনের কথা প্রকাশ করে না ; চাপা। "নানা গুণ জানে নেতা অন্তরে বড় গাড়ি ম.ম ৮২। ২ দৃঢ়, শক্ত, কঠিন। "ছয় পুত্র মরে বেটার বুক বড় গাড়ী ম.ম ২১৭।

গাড়ু বি [সং গড়ু(ড্ড়ু)ক ; হি গড়ুরা ; 'গাড়[1]'—মূল (?) ; তু 'ঘাড়ু'— ছোট ঘর (গো.চ)] ১ গর্ত্তযুক্ত তৈজস জলাধারবিশেষ ; ভৃঙ্গার, ঝারী। "সোবর্ণের গাড়ু মী ১০। ভাঙ্গা গাছগাড়ু ভা.চ ১০২। ২ গাড়ুপরিমিত পানীয়। "জল বলি খাওয়াইল মধু গাড়ু গাড়ু কৃ ৪৩। [গাড়ুর দায় খাড়ু যাওয়া—অল্পের নিমিত্ত বহুমূল্য দ্রব্যের ক্ষয় হওয়া।]

গাড়েলা বি [গাড়[1]—মূল, 'ল' স্বার্থে ; অপ্র] গর্ত্ত, খাদ। "গেল… কূয়া-গাড়েলা-ভিতরে ভ.গ্র ৪১৫।

গাড়োয়ান বি [হি গাড়ীবান ; ঠ, গু গাড়ীবান] শকটচালক, কোচোয়ান্। "গাড়োয়ান ফুকারয় ভ.গ্র ৩৬১। [গাড়োয়ানী— গাড়োয়ানের কাজ ; গাড়ী চালান।]

গাড়্(র্ড)চেন্ বি [E. guard-chain] গলায় বেড়-দেওয়া ঘড়িতে বাঁধা চেন্ বা সুতা। "কারুর…চুলের গাড়চেন্ (পাঠান্তর 'গার্ডচেন) গলায় হু ১৬ ; ২২৪।

গাঢ়[1] বি [√গাহ + ত (ক্ত)-ক ; স্ত্রী -ঢ়া] ১ অতিশয়, নির্ভর, দৃঢ়, তীব্র, একান্ত। "গাঢ়তপ্ত উ.মে ৪১। প্রাপ্তগাঢ়প্রকম্পা শৃ ১২। গাঢ় সুরতী শ্রী.কী ২৯১। ২ তীব্র, প্রচণ্ড, প্রবল। "গাঢ়োৎকণ্ঠা উ.মে ২২। গাঢ়োদ্বেগ উ.চ ৩.৩১। °শোকপ্রহার হি ৪.৮৬। গাঢ়হুঁ বাঢ়ল খেদ রা.শে ১। ৩ নিবিড়, নিরন্তর, নীরন্ধ্র। "গাঢ়োপগূঢ়ম্ উ.মে ৩৬। গাঢ়ালিঙ্গন-বামনীকৃতকুচ।—অমরু ৩৬। ৪ নিবিড়, দুষ্প্রবেশ, দুর্গম, গহন (বনাদি)। ৫ অতরল, ঘন। ৬ নির্ভর, গভীর (নিদ্রা)। ৭ অবগাঢ়, প্রবিষ্ট, কৃতাবগাহন। ৮ শ্লিষ্ট, সংসক্ত। "গাঢ়াঙ্গদৈর্বাহুভিঃ রঘু ১৬.৬০। ৯ [+ ত-র্ম্ম] সেবিত, জুষ্ট। "তপস্বিগাঢ়াং তমসাং প্রাপ রঘু ৯.৭২।

গাঢ়[2] '-ঢ়্' বি [গাড়[1] > °ঢ় ; হি গাড়—গভীর ; অপ্র] ১ বিল, গহ্বর, গর্ত্ত। "নকুল লুকায় গাঢ়ে ক.চ ৫৩ ; গাঢ়ের ভিতরে : গাঢ়ে ঢালে পানী ৫৪। গাঢ়ে থাকি বারাইল চেঙ্গ শি ৭৫। ২ ক্ষতস্থিত গর্ত্ত। "রক্ত পড়ে দাঁড় কাকে গাঢ় করে খেয়ে।—শি ৭৯। —ঢ়া[1] বি [গাড়া > গাঢ়া] নিম্ন-স্থান, গর্ত্ত, ডহর। "উঠছে আলে নামছে গাঢ়ায় কু.কে ৩০। [গাঢ়িলেক— প্রবেশ করাইল ; বিদ্ধ করিল। "(বাণ) গাঢ়িলেক গুণ টানি অ.প ৭১।]

গাঢ়া[1] দ্র 'গাঢ়[2]'।

গাঢ়া[2] বিং [সং গাঢ় ; হি গাঢ়া ; ঠ °ঢা] ১ অতরল, ঘন (দুধ, রস, পুঁজ)। ২ ঘন, ঠাস, মোটা (কাপড় ইত্যাদি)। ৩ গভীর, একান্ত, অতিশয়। "যাহার যেমত পিরীতি গাঢ়া। তাহারে তেমতি করিলা বাঢ়া চ.দা ১৪৩।

গাণপত্য ক্লী [গণপতি + ষ (যক্), পা ৫.১.১২৮] গণপতিভাব, গণপতিত্ব। "মহা ৩.৮২.৫১। —ত্য পুং গণপতির উপাসক। "গাণপত্যে বলে গণেশ।—রামপ্রসাদ। আ.চূ ২০৬।

গাণ্টি বি [সং গ্রন্থি > লি, প্রা গণ্ঠি > বা °ণ্টি ; অপ্র] গ্রন্থি, বন্ধন, গাঁট। "কটির কাপড় গাণ্টি কতবার খোলে বি.সু ৩২।

গাণ্ডি, -ণ্ডী বি ['গাণ্ডীব'—মূল ; অপ্র] ১ গাণ্ডীব ধনু। "ধাইলেন পার্থবীর হাতে গাণ্ডীশর ম ১১৬৫। ২ ধনুমাত্র। "হাতে গাণ্ডি লইল মুনি কৃ.উ ৫৫। শর গাণ্ডী এড়ি বীর হৈল নতিমান ক.চ ৭০। শর গাণ্ডী ব.প ৩২৯।

গাণ্ডি(ণ্ডী)ব পুং, ক্লী [গাণ্ডি, -ণ্ডী+ব অস্ত্যর্থে, সংজ্ঞায়, পা ৫.২.১১০ ; গণ্ডী খড়্গমৃগঃ, তস্য পৃষ্ঠবংশং, তদ্বিকারো গাণ্ডিবং ; দীর্ঘমধ্যোঽপ্যয়ং শব্দঃ কচিদস্তি, তদার্ষম্ (মহা ১.১.১৮০, নীলকণ্ঠ) ; তু 'গংডীর'—ধনুঃ (দেশী ২.৮৪)] ১ অর্জ্জুনের ধনু। "গী ১.২৯। কিশোর গাণ্ডীবধারী। —হেম ২৯১। [অগ্নি খাণ্ডবদাহার্থ বরুণের নিকট হইতে গ্রহণপূর্ব্বক এই ধনু অর্জ্জুনকে সমর্পণ করেন। অর্জ্জুন ইহা পঞ্চষষ্টিবর্ষ ধারণ করেন। ইহা ব্রহ্মার নির্ম্মিত (মহা ১.২২৫.১০ ; ৪.৪৩.৬ ; ২০।)] ২ ধনুমাত্র, কার্ম্মুক। "অনঙ্গের গাণ্ডীব যিনি ভুরুর ভঙ্গিমা ব.প ৩৭১ ; ৫৪৫। গাণ্ডীব শর লৈয়া করে বধে পশুগণ ম.পা ৩৪ ; ৪১ ; ৪৬। গাণ্ডীব লইয়া দৈত্য করে চ.বি ৯৭ ; ১০৩ ; ১৬৪। গাণ্ডীবি! গাণ্ডীবমাত্র করেতে তাঁহার ন ১২৬৬।

গাণ্ডী দ্র 'গাণ্ডি'।

গাণ্ডীব দ্র 'গাণ্ডিব'।

গাণ্ডীবধন্বা(-ন্বন্) বিণ [গাণ্ডীব ধনুঃ যাঁহার, বহুব্রী, অন্ (অনঙ্) আদেশে ধনুস্>ধন্বন্] গাণ্ডীবচাপধর (অর্জ্জুন)। "অর্জ্জুন গাণ্ডীবধন্বা। —প.তু ৫১। —ন্বা পুং অর্জ্জুন। "মহা ৫.৫.১০। পু মে ৪৮।

গাণ্ডীবী(-বিন্) পুং [°ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ 'গাণ্ডীবযুক্ত', অর্জ্জুন। "মহা ১৩.১৪৮.২৯। ন ১২৬৬ ; গাণ্ডীবীর গাণ্ডীবের শর ১৪৫২। ২ অর্জ্জুনবৃক্ষ।

গাণ্ডু বি [সং গণ্ডু, দ্র 'আ'১৩] উপধান, বালিশ। "এক তুলী গাণ্ডু গোবিন্দের হাথে দিল চৈ.চ ৩২৩।

গাত লি [সং গাত্র>লি, প্রা গত্ত>বা গাত ; অপ্র ; হি, ঠ, গু, মৈ, জাটু গাত ; বৈষ্ণবসাহিত্যে] গাত্র, দেহ। "যাঁহা পহুঁ অরুণ-চরণে চলি যাত। তাঁহা তাঁহা ধরণী হইএ মঝু গাত ॥ —ব.প ১০৫০। পুলকে ভরয়ে গাত চ.দা ২৭। গলত গাত।—গো ২৪৯। পুলকিত গাত ব ৭৯ ; কাঁপয়ে গাত ১৮৬। ভ.গ্র ৪ ; উলসিত গাত ৩০৩। দু ৬১। পুলকিত গাত।—ন.প ৩৯১। [গাত (গা২+ত)—গাএ, গাত্রে। "সকল গাত, দুকুল দৃঢ় অতি বি.প ৮৫। পুলক গাত ন.প ১৫৮। গেতো—যে গাএর সুখ চায় ; গতরসুখা ; অলস।]

গাতব্য বিণ [√গৈ+তব্য-র্ম্ম] গানযোগ্য, গেয়। —তা (-র্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; বৈদিক] ১ গানকর্ত্তা, গায়ক। "রা ৭.৯৪.৯। ২ গন্ধর্ব্ব। ৩ পুংস্কোকিল। ৪ মক্ষিকা।

গাতর 'র্' বি [সং গাত্র>বা গাতর (স্বরাগম) ; তু 'গতর' ; অপ্র] শরীর, অঙ্গ। "গাতরভরা রাধা পেলা আভরণে শ্রী.কী ১৯৪।

গাত্র ক্লী [√গম্+ত্র (ত্রন্)-ণ উ ৪.১৬৮ ; ছান্দস] ১ দেহ, শরীর। "°প্রকম্প।—রা ৩.৪৭.৪৯। তনুগাত্রি শ ৩.১৪। ২ অবয়ব, অঙ্গ। "সর্ব্বগাত্রাণি রা ১.৪.৩৪। সীদন্তি মম গাত্রাণি গী ১.২৮। গাত্রাণ্যুপচার-মর্হন্তি শ ৩.১৫। ৩ হস্তীর পৃষ্ঠজঙ্ঘাদি (ত.বা) ; হস্তীর পূর্ব্বজঙ্ঘাদিভাগ (অ.টী)। বিপ 'অবর'। । "মাঘ ১৮.৪৬। [°প্রক্ষরণ (ক্লী)—ঘর্ম্ম-চ্যুতি, ঘাম ঝরা। °ভঙ্গ (পুং)—অঙ্গমোটন, গা মোড়া, আড়ামোড়া খাওয়া। "সা.দ ৩.১৫৭। শু ২.২১৯। °মার্জ্জনী (স্ত্রী)—গাত্রের মার্জ্জনার্থ বস্ত্রখণ্ড ; গামোছা, তোয়ালে। °যষ্টি, °লতা (স্ত্রী)—কৃশাঙ্গ, তনুযষ্টি। "°যষ্টি রঘু ৬.৮১। °রুহ (ক্লী)—'গাত্রজাত', লোম। "গাত্ররুহেযু হর্ষঃ ভ ২.৩.২৪। °শোষণ (বিণ)—শরীরশোষক, দেহ-নাশক (দুঃখ, শোক)। °সঙ্কোচ, °সঙ্কোচন (বি)—শরীরসংক্ষেপ, গা মারা। গাত্রাবরণ (ক্লী)—গাত্রাচ্ছাদন, চর্ম্ম, ঢাল। "মহা ৭.২.২৮। গাত্রোত্থান (বি)—গা তোলা, উঠা। গাত্রোৎসাদন (ক্লী)—সুগন্ধিদ্রব্যে গাত্রমার্জ্জন ; উদ্বর্ত্তন। "মনু ২.২১১। গাত্রোপঘাত (পুং)—অঙ্গবৈকল্য, বিকলাঙ্গ। "শ ২১]

গাত্র-শোঁকাশুঁকি, গা-শোকাশুঁকি বি পরস্পরের গাত্রঘ্রাণ ; (গৌণার্থে) আত্মীয় পর-নির্দ্ধারণ, স্বপক্ষবিপক্ষনির্ণয় ; (গোরু অন্ত গোরুর গা শুঁকিয়া আপন-পর বুঝে। তু 'গাবো ঘ্রাণেন পশ্যন্তি'। ইহা হইতে ঐরূপ গৌণার্থ।) "পল্লীবাসী 'ফ্রেণ্ড'দের গাত্রশোঁকাশুকি।—হেম ৩৭৮।

গাথ সর্ম্ম [গাঁথ> √গাথ ; √গাথ (ত্রিপুরা)] সাজাইয়া সূত্রে বদ্ধ করা ; গাঁথা। "মাহলী মালতী ফুল গাথিবোঁ শ্রী.কী ২৯৯ ; ৩০০।

গাথক পুং [√গৈ+থক (থকন্)-ক 'শিল্পী' অর্থে ; তু 'গাথা'] ১ গীতকলাবিৎ, গায়ক। "কণন্তিরলিগাথকৈঃ (ভট্টি)। কত গাথকের মেলা বা.দ ১২৫। আত্মগুণগাথকের যশ হয় কবে স.শ ১৫১। ২ স্তোত্রপুরাণ-পাঠক।

গাথন বি ['গাথক'—গাথন ; অপ্র] গীত, গান। "গাইলে বীণার তারে মধুর গাথন।—রঙ্গ ৫।

গাথ(থু)নি বি [গাথ+অন+ই১১] গ্রন্থন, রচনা, গাঁথা। "যিনি সূতে হার যেন বিচিত্র গাথনি রা.প ৩৮। গলায় গুড়ের মালা গোচর্ম্মে গাথুনি শ্রী.মা ২০০।

গাথা১ স্ত্রী [√গৈ+থ (থন্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্), উ ২.৪ ; ছান্দস ; Av. gāthā] ১ যাহা গীত হয় ; গেয় শ্লোক ; ছন্দোবিশেষযুক্ত বাক্য (কুলুক) শ্লোক, 'প্রবন্ধ' (শ্রীধর)। "ইমে চ গাথে দ্বে দিব্যে গায়েথা মুনিপুত্রক।—রা ১.৬২.২০ ; ২১। গাথা বায়ুগীতাঃ মনু ৯.৪২। আত্মাশ্রিতা গাথাঃ।—ভ ৪.১৬.২৬। গোরাগুণগাথা চৈ.ম ১৭৬। রচি গাথা, শিখাইব পল্লীবাল-দলে মা ১০২। মহাগাথা গান চ.কা ৯৫। ["ধর্ম্মনিষ্ঠ নৃপতিগণের প্রশংসাসূচক সংগীতবিশেষের নাম গাথা। ঋগ্বেদসংহিতার চতুর্থ মণ্ডলের ৪২ সূক্তে, ঐতরেয় ব্রাহ্মণের শেষ পরিচ্ছেদে, শতপথব্রাহ্মণের ত্রয়োদশ কাণ্ডে এবং মহাভারতের শান্তি-পর্ব্বে ঐ সকল গাথা সন্নিবিষ্ট আছে ; তবে কোন কোন স্থলে কিছু কিছু প্রভেদ দেখিতে পাওয়া যায়" (ভা.উ, দ্বিতীয়ভাগ, উপক্রমণিকা, ১৮৬, টীকা)। "গাথাস্তু পিতৃপৃথ্বীপ্রভৃতিগীতয়ঃ"—গাথা পিতৃবিষয়ক ও পৃথ্বীবিষয়ক গীত ও অন্যান্য কোন কোন গীতের নাম গাথা।" (ঐ ১৯৮, টীকা। The Gāthās···are comparatively small collections of metrical composition, containing short prayers, songs and hymns, which generally express philosophical and abstract thoughts about meta-physical subjects. That they were sung is not to be doubted, their recital is always designated by a separate word:—frasrâvayēiti."—Avesta Dictionary.] ২ গানমাত্র। ৩ আর্য্যাশ্লোক, শ্লোক। ৪ (গাথাচ্ছন্দ হেতু) আর্য্যাচ্ছন্দঃ। ৫ সংস্কৃতভিন্ন ভাষা ; প্রাকৃতভাষা, অর্থাৎ গাথার ভাষা। ৬ (বাঙলায়) মঙ্গলকাব্যের পালাগান। "দেবীর পূজার গাথা ক.চ ৩০৩। গঙ্গামঙ্গল রস-গাথা গ ১৫।

গাথা২ বি [গাথ+আ৬] গ্রন্থন, রচনা, গুম্ফন। —থা বিং [গাথ+আ১২] গ্রথিত। "(বেণী) শোভিত মালতী গাথা গ ৫৮।

গাথিকা স্ত্রী [গাথা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ গাথা, যজ্ঞগাথা ইন্দ্রগাথাদি (মিতাক্ষরা)। "যাজ্ঞ ১.৪৫। ২ গ্রাম্যগীতিবৎ স্বরবর্ণবিকৃতা গীতিকা (নীলকণ্ঠ)। "মহা ৩.৮৫.৩০।

গাদ১ বি [সং 'কর্দ'—কর্দম ; ফা গ.র্দ্—ধুলি ; হি গাদ ; মৈ গাদি] তরল পদার্থের নিম্নে জমাট-বাঁধা অসার ভাগ ; মল, ময়লা (sediment)। [গাদ কাটা—ময়লা বাহির করা। চিনির (রসের) গাদ কাটা—চিনির রস পাক করিয়া ময়লা বাহির করা।]

গাদ২ সর্ম্ম [হি √গাদ ; ঠ √গাদ—মলিন বা ঘোলা হওয়া] দণ্ডাদির অগ্রভাগ দ্বারা সবলে চূর্ণাদি প্রবেশ করান বা ঘা দিয়া ঢুকান ; নিরেট করিয়া বোঝাই করা ; ঠাসা। [গাদা২—ঠাসা। বারুদ গাদা—কামান

প্রভৃতিতে দণ্ড দ্বারা বারুদ ঠাসা। গেদে গেদে খাওয়ান—ঠেসে ঠেসে খাওয়ান।]

গাদন বি [গাদ২ + অন] ১ নিরেটভাবে পূর্ণ করা; ঠাসন, গাদা। ২ ঠাসিয়া উদর পূর্ণ করা; ঠেসে খাওয়া। "যেমন গাদন তেমনি নাদন। ৩ ঠাসন, গুতা, খোঁচা। "নীলের দাদন, ঠেঙ্গার গাদন।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৪ খেলাবিশেষ, হিঙে বা মুনদাঁড়ি-খেলা (চব্বিশপরগনা)। [গাদনি—সর্থ 'গাদন' (১-৩)।]

গাদমনি বি [অন্য নাম—'গাদপুষ্পা'] পুনর্নবাশাক।

গাদ(দো)লা বি [গা১ + দোলা (?)] গাত্রাবরণবিশেষ? "গাএ গুরু গাদলা বুকেতে বন্ধ বান্ধে ব.প ৪৩২। গাদোলা শ্রী ১১৯।

গাদা১ দ্র 'গাদ২'।

গাদা২ বি [হি গদ্দা—তুলা-তৃণ-প্রভৃতির বোঝা; ঠ গড্ডা—রাশি; অস গাদি—ছুরী-প্রভৃতির ধারের উপরিভাগ] ১ রাশি, স্তূপ, পুঞ্জ, বোঝা। "দর্শনশাস্ত্রের গাদা, কেবল বাড়ায় বাঁধা।—বিহারীলাল চক্রবর্তী। ২ মাছের দাঁড়ার, অর্থাৎ পেটের উপরিভাগ (যেখানে প্রচুর মাছ থাকে); মাছের দাঁড়ার উপরের মাছ; মাছের দাঁড়ার কাঁটা। "কচু দিয়া মুণ্ড রান্ধে রোহিতের গাদা বি.পা ১৬৭। ৩ (কাষ্ঠাধিক্য হেতু) লাঙলের মুড়া বা সচ্ছিদ্র বক্র কাষ্ঠখণ্ড (চব্বিশ-পরগনা)। [গাদাগাদি—ঠেসাঠেসি; গায় গায় লাগালাগি। গাদা দেওয়া—রাশীকরণ, স্তূপ করা। গাদার মাছ ('দাগামাছ'—চব্বিশ-পরগনা)—দাঁড়ার মাছ।]

গাদালি বি [গাদা২ + লি স্বার্থে] গাদা-গাদা, রাশি-রাশি। "ঝড়ে যেন গাদালি পড়িল কলাগাছ শ্রী.মা ১২৮। পড়েছে গাদালি, বন উপবন তরু ব.প ১৩৬২।

গাদি, -দী বি [গাদা + ই৯, ঈ হ্রস্বার্থে; হি গড্ডী, গদ্দী; ঠ গড্ডী] ১ ছোট গাদা বা স্তূপ। ২ [+ ই১১] রাশি, স্তূপ। "পুষ্প গাদি কৃ.উ ৪৬; যে না ভাসে গাদি গাদি ১১১। (হস্তী ঘোড়া রথরথী) পর্বত-প্রমাণ গাদি গাদি কৃ ২৮৯। পড়িল সকল সেনা হয়ে গাদি গাদি।—ক.চ ২৯৯। সেনা পড়ে গাদী গাদী চ.বি ৮৫। ৩ তৃণাদির স্তূপ; খড়ের (বিচালির) পালুই। "খড় এখনো গাদি দেওয়া হয় নি।—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। [গাদি দেওয়া—রাশি করা। গাদি-গাদি—রাশিরাশি।]

গাদী দ্র 'গাদি'।

গাধ্ অক [ভ্বা, আ—গাধতে; সেট্] প্রতিষ্ঠা, স্থিতি। —ধ্ সক ১ গ্রন্থ, রচনা। ২ ইচ্ছা।

গাধ বিণ [√গাধ্ + অ (ঘঞ্)-ধি; স্ত্রী -ধা; তু 'গাধ'—অবস্থান-যোগ্য স্থান (ঋগ্বেদ ১.৬১.১১; ৭.১৮.৫)] ১ যেখানে প্রতিষ্ঠা বা স্থিতি আছে; অগভীর, সুপ্রতর, সুখোত্তরণীয়। "অগাধোঽহম্।—গো.রা ৫.৯৪.৬। সরিতঃ কুর্বতী গাধাঃ রঘু ৪.২৪। ২ পরিচ্ছিন্ন। "অগাধ-বোধ ভ ৩.৫.১। —ধ পুং [+ অ-ভা; ছান্দস] ১ স্থান, প্রতিষ্ঠা, স্থিতি। "অনাসাদিতগাধশ্চ পাতালতলম্ মহা ১.২১.১৩। ২ তলস্পর্শ। —ধ ক্লী তরণস্থান, ঘাট।

গাধা বি [সং গর্দ্দভ > লি গদ্দভ; প্রা গড্ড (দ্দ)হ > বা (গাদহ, -হা) গাধা (হলোপে দ > ধ); হি গদহা, গধা; ঠ গাঢব; প গদ্দা, -ধা; সি গডহু; গু গধা(ধে)ড়ু, গধা(ধে)ড; মৈ গদহা; ড় গধা; অস গাধ; নেপালী—গদাহ] ১ গর্দ্দভ। "ভ.গ্র ৩৫৬। ২ [সাদৃশ্যে] হিতা-হিতজ্ঞানহীন ব্যক্তি; মূর্খ (গালিতে)। [গাধা বোট্—মাল বহার নিমিত্ত নৌকাবিশেষ। গাধায় চড়ান—দুর্বৃত্তের অপমানসূচক রাজ-বিহিত দণ্ডবিশেষ। দ্র শু ৪.১.৪৭। গাধার টুপি—নির্বোধ ছাত্রের লজ্জাজনক দণ্ডবিশেষ। "একদিন আমরা পড়া বলতে না পারায় ...গাধার টুপি মাথায় দিয়ে দাঁড়িয়ে রয়েছি হু ৮৫।]

গাধি, গাধী (-ধিন্) পুং [√গাধ্ + ই (ইন্), + ইন (ণিনি)-ক -১ব] চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ, বিশ্বামিত্রের পিতা। "শীঘ্রমাখ্যাত মাং প্রাপ্তং কৌশিকং গাধিনঃ সুতম্ রা ১.১৮.৪০। [ইঁহার পিতা কুশনাভ এবং ঋচীকপত্নী সত্যবতী ইঁহার জ্যেষ্ঠা সহোদরা। কান্যকুব্জ ইঁহার রাজধানী (রা ১.৩৪)। দ্র 'কৌশিক (৩)। মহা ১৩.৫৬।] [°নন্দন, °সুত (পুং)—গাধিপুত্র বিশ্বামিত্র। "গাধিসুত ভট্টি ১.১৭।]

গাধেয় পুং [গাধি + এয় (ঢক্) তদপত্যার্থে, পা ৪.১.১২২] গাধিপুত্র, বিশ্বামিত্র। "রা ১.৫২.১৯; ৫৫.২৫। —য়ী স্ত্রী [°য় + স্ত্রী ঈ (ঙীপ্)] গাধিকন্যা সত্যবতী। "মহা ১৩.৪.৪৩।

গান ক্লী [√গৈ + অন (ল্যুট্)-ভা] ১ গীতি, গাওয়া। "সাম°। মাঘ ৯.৫৪। কখন বসন্ত গেল, এবার হল না গান।—গান ১২৪। ২ [√গা স্তুতি + অন-ভা] স্তবন, স্তুতি; প্রশংসা। ৩ ধ্বনি, শব্দ। ৪ (বাঙলায়) গানসদৃশ মধুর ধ্বনি; কূজন, গুঞ্জন, শিঞ্জন বা ভূষণ-ধ্বনি। "কটিতে কিঙ্কিণী বাজে রুণু রুণু গান।—জ্ঞা ৪৭। সে গানে তোমার মহিমা প্রচার করে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। মনে হয় কার মনের বেদন কেঁদে বেড়ায় বাঁশির গানে।—গান ১৪৫; বকুলগুলি আকুল হয়ে বাঁশির গানে মুঞ্জরে ১৪৬। ৫ কীর্তন। "গুন্ গুন স্বরে, করে তব গুণ গান।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৬ [+ অন-র্ম্ম] যাহা গীত হয়; গীত, গীতিকা। "সারা দিন গাঁথি গান।—গান ১৪৫। ৭ (বাঙলায়) মঙ্গলকাব্য-গীতি, পালা-গান। "এ গান গায়াবে যেবা...মনোভীষ্ট পুরিবে পার্ব্বতী দু ২।

গান্থ্ সর্ম্ম [দ্র 'গাঁথ'; অপ্র] ১ গ্রথিত করা; গাঁথা। "গান্থি আঁ নৈল মাহ্লী।—শ্রী.কী ১৫; গান্থি ৩৮১। ২ সংশ্লিষ্ট করা; বাঁধা। "তোহ্মার আহ্মার দুই মণে। এক করী গান্থিল মদনে॥—শ্রী.কী ২২৯।

গান্দিনী স্ত্রী ১ কাশীরাজকন্যা, শফল্কের ভার্য্যা ও অক্রূরের জননী (হ ৩৪শ অধ্যায়)। ২ গঙ্গা। [°সুত (পুং)—১ অক্রূর। ২ ভীষ্ম। ৩ কার্ত্তিকেয়।]

গান্ধর্ব্ব বিণ [গন্ধর্ব্ব + অ(অণ্); স্ত্রী -র্ব্বী; ছান্দস] ১ গন্ধর্ব্বসম্বন্ধী। "°কলা গী.গো ১২.২৮। ২ গন্ধর্ব্বদেবতাক (অস্ত্র)। "গান্ধর্ব্বমস্ত্রম্ রা ১.২৯.১৪। অস্ত্রং গান্ধর্ব্বম্ রঘু ৫.৫৭। ৩ গন্ধর্ব্বাধিষ্ঠিত। "লোকং গান্ধর্ব্বমেয়িবান্ ভ ৯.১৪.৪৯। ৪ গন্ধর্ব্বপ্রথানুসারে নির্ব্বর্ত্তিত। "গান্ধর্ব্বেণ বিবাহেন শ ৩.২০। ক.সা ৬.১৪। —র্ব্ব পুং [+ অ স্বার্থে] ১ গন্ধর্ব্ব। ২ অশ্ব। ৩ অনুরক্ত বরকন্যার ইচ্ছানুসারে নির্বৃত্ত অন্যোন্য সংযোগরূপ বিবাহবিশেষ। 'মনু ৩.৩২। যাজ্ঞ ১.৬১। ৪ সামবেদের গীতবিষয়ক উপবেদবিশেষ। —র্ব্ব ক্লী সঙ্গীত গান। "প্রবৃত্তং মধুরং গান্ধর্ব্বম্।—রা ৭.৯৪.১১। প্রবৃত্তে গান্ধর্ব্বে মহা ১৩.১৯.৪৭। °জ্ঞ ক.সা ১১.১১। —র্ব্বী স্ত্রী দুর্গা। [°শালা (স্ত্রী)—নাট্যশালা। "ক.সা ১২.৩১।]

গান্ধার পুং ১ দেশবিশেষ, কান্দার। "কাঁপিত...গান্ধার-অবধি জলধি-সীমা।—হেম ২৭৩। ২ গান্ধারবাসী। ৩ সিন্দুর। ৪ (সঙ্গীতে) স্বরগ্রামের তৃতীয় স্বর। [ইহা ছাগরব-তুল্য। ইহা গন্ধ (নাসিকা) ও কর্ণ চালিত করিয়া নির্গত হয়, তজ্জন্য 'গান্ধার' নামে খ্যাত (শ.ক)।] ৫ রাগবিশেষ। "গাওত...গান্ধার।—গো ৬৪। ৬ [গান্ধারি + অ (অঞ্), পা ৪.১.১৬৯] গান্ধারির অপত্য। ৭ গান্ধাররাজ। —র ক্লী গন্ধরস।

গান্ধারি পুং ১ গান্ধার দেশ। "পা ৪.১.১৬৯। ২ [গান্ধার + ই (ইঞ্) তদপত্যার্থে] গান্ধাররাজের অপত্য; শকুনি। —রী স্ত্রী [°রি + স্ত্রী ঈ (ঙীপ্)] ১ গান্ধাররাজকন্যা; সুবলসুতা ধৃতরাষ্ট্রের ভার্য্যা ও দুর্যোধনাদির জননী। [ইনি শিবের বরে শত পুত্র লাভ করেন। পতির অন্ধত্ব হেতু ইনি স্বীয় চক্ষু বহুগুণ বস্ত্রে বন্ধন করিয়া

রাখিতেন ; তজ্জন্য ইহার সতীত্ব বিখ্যাত। ইঁহারই অভিশাপে হতবন্ধু হতামাত্য হতপুত্র শ্রীকৃষ্ণ কুৎসিত উপায়ে নিধনপ্রাপ্ত হন (মহা ১.১১০; ১১.২৫)।] ২ নাড়ীভেদ। ৩ দুরালভা লতা। ৪ মাদকদ্রব্য গাঁজা (শ.ক)।

গান্ধারী দ্র 'গান্ধারি'।

গান্ধিক পুং [গন্ধ+ইক (ঠক্)] ১ গন্ধদ্রব্য যাহার পণ্য ; সুগন্ধিদ্রব্যের বণিক্ ; গন্ধবণিক্। [ইঁহারা অম্বষ্ঠ হইতে রাজপুত্রীর গর্ভজাত সঙ্কীর্ণ জাতি (পরাশরপদ্ধতি)। ২ লেখক, লিপিকর। ৩ গন্ধযুক্ত কীটবিশেষ ; গাঁধিপোকা। —ক ক্লী [গন্ধ+ইক (ঠন্) অস্ত্যর্থে] গন্ধযুক্ত দ্রব্য ; গন্ধদ্রব্য। "পণ্যানাং গান্ধিকং পণ্যং কিমন্যৈঃ কাঞ্চনাদিভিঃ।—পঞ্চ ১.১৩। [°ব্যবহার (পুং)—গন্ধদ্রব্যের ব্যবসায় বা বাণিজ্য। "পঞ্চ ১২১১।]

গান্ধিচুষা বিং গান্ধিপোকায় চুষিয়া খাওয়া (ধান) ; ফড়িঙ-চোষা। "গান্ধিচুষা ধান ব.প ১০।

গাপ বি [আ গ.ইব্] গুপ্ত, লুক্কায়িত, অস্বীকৃত, আত্মসাৎ। "সে টাকা একেবারে গাপ হইবে।—টেকচাঁদ। আ.দু ১২৮। তুই বেটা সমস্ত টাকাটা গাপ কল্লি, আর আমি ডামিজ দেব?—অ.গ্র ৯৩। [গাপ করা—গোপন করা ; লুকান, ভাঁড়ান।]

গাফিল বিং [আ গ.াফিল] অমনোযোগী, অসাবধান। "তাহারা গাফিল ছিল আচানক মারি পড়নেতে অনেকং মারা গেল বক্রিরা …পলায়ণ করিল ব.প ১৬৮৯। —লি,—লী বি [°ল+ই ; আ গ.ফ.লত্] অমনোযোগ, অসাবধানতা, অবহেলা। "যদি কদাচিত গাফিলি কর তবে আমার হত্যার ভাগী হইবা।—E. P. 116. যখন কথা দিয়েছি, তোমার কাজে গাফিলি পাবে না গি.দ্বি ১১১। তাঁর শারীরিক তদ্বিরে বিলক্ষণ গাফিলী হয় হু ১৩০।

গাব[১] বি [সং গালব (?) ; হি গাব] ১ বৃক্ষবিশেষ, গাবগাছ। ২ গাবফল। "গাবের কস বি.পা ২৮৭। পাকা গাব ম.ম ১৩২। ৩ গাবফলের কষ ও কষের দাগ। ৪ গাবের কষের দাগের মত দাগ ; কলঙ্ক। ৫ তবলা বাঁয়া প্রভৃতি আনদ্ধ যন্ত্রের আচ্ছাদনচর্ম্মের মধ্যস্থিত গোল খদির-প্রভৃতির আঠার জমান লেপ। "কেহ বাঁয়ার গাব আছে কিনা তাহা ধপ্ ধপ্ করিয়া পিটে দেখে আ.দু ১৪৩। [গাব করা বা ধরান—তবলা-প্রভৃতির ছাউনীতে গাব লাগান। গাব-কষা, -কস—গাবের সিদ্ধ-কষ-জল। "গাব-কষা দিয়া নায় বা.ম ১৪৭ ; ২১৩। গাব-কস দিয়া নাও করহ সুসারা ব.প ২৪৫। গাব দেওয়া—নৌকায় গাবের কষ-জল দেওয়া। "গাব দিয়া করিলেক সারা বা.ম ১৪১। গাব ধরা—ধাতু-পাত্রে গাবের কষের মত কলঙ্ক ধরা ; দাগ ধরা। গাবান[২]—গাবের সিদ্ধ কষ-জল মাখান। জাল গাবান—গাবের কষ-জলে জাল ডুবাইয়া কষ ধরান।]

গাব[২], **-ভ** বি [সং গর্ভ > লি.প্রা গব্ভ > বা গাভ, -ব ; হি, ঠ, গু, মৈ গাভ ; প গব্ভ, গাভ ; সি গভু, গরভু] ভ্রূণ, গর্ভস্থ শিশু। "অদুনার কান্দনে গাবীর গাব ছারে ম.গা ৮। [গাভ ছাড়া—গর্ভস্রাব হওয়া। তার নামে গাভিনী গাভ ছাড়ে—অর্থাৎ সে এরূপ দুর্ব্বৃত্ত যে তাহার নাম শুনিলেই ভয়ে গর্ভিণীর গর্ভস্রাব হয়। গাভ থোড়—সর্থ 'গর্ভথোড়' (রাজসাহী)।]

গাব[৩] সর্ম্ম [সং √গৈ > প্রা √গার (প্রা.ম) √গাব (পৈ) ; মৈ √গার ; পদ্যে] ১ গান করা। "সখী সকল মিলিত, মধুমঙ্গল গাবত ভা.চ ৪৪৪। ২ কূজন করা। "কোকিল পঞ্চম গাবই রে জ্ঞা ২৩৪। ৩ গুঞ্জন করা। "গাবই ভ্রমর জাল ব ৬৫ ; (মধুকরপুঞ্জ) গাবই ১১১। [গাবই ('গাউ, -র'—পৈ)—গায়।]

গাবগুবাগুব 'ব-ব,' বি [ধ্বন্যাত্মক] 'গাব-গুবা-গুব' ধ্বনিকারক বাদ্যবিশেষ ; গুপীযন্ত্র, আনন্দলহরী।

গাবছাড়া বি [গাবছাড়া'—মূল (?) ; গাবর (বীরভূম) ; গাভড়া (দিনাজপুর) ; পাল-ঝাড়া (চব্বিশপরগনা) ; সং গোবেহৎ (পা ২.১.৬৫)] যে গাভীর গর্ভস্রাব হয়, অর্থাৎ যাহার গর্ভধারণের শক্তি নাই ; গাবছাড়া গাই।

গাবদা বিং [হি গাবদী—জড় ; গেবদো (গ্রাম্য)] ১ অসৌষ্ঠব স্থূলকায় ; অসভ্যরকম মোটা। ২ স্থূল (কাষ্ঠখণ্ডাদি)। [গাবদো-গুবদো—অসভ্যরকম মোটাসোটা (লোক)।]

গাবর বি [হি গবরূ—যুবক, সাদা-সিদা ; অস গভরু—যুবক, যুবতী ; গাবর (ত্রিপুরা)—দাশ, কৈবর্ত্ত, নৌজীবী ; গাবর (ঢাকা)—মজুর ; জেলের গাব্বর (চব্বিশপরগনা)—কাণ্ডজ্ঞানহীন জেলে (গালিতে)] ১ যুবা ; জোয়ান। "গাবর পাইক ম.ম ১৬৮ ; ১৭৩। ২ নৌকার দাঁড়ী ; মাল্লা। "চাপিয়া তাতে বসিল গাবর।—ক.চ ১৯১ ; হাথে কেরোয়াল সব বসিল গাবর ১৯৫,-৯৯ ; ২২৭,-৯২। নায়ের বাঙ্গাল কান্দে গাঠ্যার গাবর ২০৭। গটিয়া গাবর ম.ভা ১০ ; গাঠ্যার গাবর বাহে ৬৫। হাথে দণ্ড কেরুয়াল বসিলা গাবর ব.প ৪৭০। কূল পাইয়া গাবরে করে হুড়াহুড়ি ম.ম ২৩২,-৩৩। ৩ (গৌণার্থে) কাণ্ডজ্ঞানহীন, মূর্খ।

গাবলগণি পুং [গবলগণ+ই (ইঞ্), তদপত্যার্থে]] গবলগণের অপত্য ; সঞ্জয়। "মহা ১.১.২২২।

গাবান[১] অর্ম্ম ১ আলোড়নপূর্ব্বক জল ঘোলা করা। "পুখুর গাবানে যেন চিলে তুলে মীন (পাঠান্তর—'পুকুর গাবালে মড়া হৈল মীন') ক.চ ২৬৭। ২ [হি গরানা—গান করান] ঘোষণা করান ; প্রচার করান ; বলান। [গাবিয়ে বেড়ান—ঘোষণা করান। পুখুর গাবানে—পুখুরের জল ঘোলা করা হইলে।]

গাবান[২] দ্র 'গাব[১]'।

গাবি বিং [সং গব্য > গবিয় > °বি ; অপ্র] গোজাত, গোদুগ্ধজাত। "গাবি ঘৃত রা.শে ২৩।

গাবী[১], **-ভী** বি [সং গবী ; লি গাবী, প্রা গাবী (হে ২.১৭৪) > বা গাভী ; 'গাবী' (অপ্র) ; ফা গ.াব ; Av. gava—a bull, a cow] ধেনু, গাই। "গাবীগণ দোহনান্তে ম ৩৮ ; নন্দিনী গাবীর তরে : কোটি গাবী ১৭০ ; ২২৯ ; ৩০৬ ; গাবীর রক্ষক ৫০৭ ; ৬৩০,-৫৬। গাবীতে উঠে হাস কৃ.উ ৫২,-৪। °ঘটা চৈ.চ ১৮৬ ; °গণ ১৯২ ; ২৯৭ ; তেলেঙ্গা গাবীগণ ৩৪১। শ্রীসুরভি গাবী ন.প ২৬। শ্রী.ম ৫৭। °মাংস দু ৪৭। প.র ১৫। ভ.গ্র ১৬২।

গাবী[২] বি ['গাভিন্'—মূল ; অপ্র] গর্ভিণী। "অদুনার কান্দনে গাবীর গাব ছারে ম.গা ৮।

গাবুর, -রা বি [দ্র 'গাবর'] ১ যুবক। "এছিলা গাবুরাক দেখি থসম পাকড়িবে গো.চ ৭২। গাবুর সিন্ধাই মী ১৯। কাছিয়া কাপড় পিন্ধে গাবুর পুরুষ।—ম.ম ১৭৮। ২ যুবতী। "লজ্জা নাই গাবুর বউরী (রঙ্গপুরের জাগের গান)]

গাবুরয়ালি, গাবুরালী, -রাল, -লি, -লী বি [গাবুর+আলি[৪], আল, আলী] ১ গাবুর-অবস্থা ; যৌবন। "এমন বয়সে ছাড়ি যাও আমার বৃথা গাবুরালী ব.প ৪৬। ব্রথায় গাবুরালি গো.চ ১৭৪ ; পুরুষের গাবুরালী ৪৩৮। ২ যুবকের শক্তি ; যুবকসুলভ দুঃসাহস। "যুঝায় থাইলে (পোস্ত) নিত্য বাড়ে গাবুরাল বি.পা ২২০ ; ব.প ২৪৩। (কোটয়ালে) ভাঙ্গিবেক গাবুরয়ালি মী ১৩। ৩ যুবকোচিত স্পর্দ্ধা। "মোর দেশে আসি বেটার এত গাবুরাল।—মী ১৫। ৪ বৃদ্ধের যুবকতুল্য শক্তি। "আচল ধরিয়া নিবু মিনাইর পুরী। তবে সে জানিবা তুমি বিদ্ধের গাবুরালি মী ১৯।

গাভ দ্র গাব[২]।

গাভা বি [সং গর্ভক > প্রা*গব্ভঅ > বা (গব্ভা) গাভা ; হি গাভা —মুকুলস্থ পত্র, কলার থোড় ; ঠ গাভা—কলা গাছের গর্ভস্থ মোচা বা

খোঁড়।] ১ খোপায় জড়াইবার ফুলের কুঁড়ির মালা। "বিচিত্র কবরী বাঁধে, মালতী-মল্লিকা-চাঁপা-গাভা ক.চ ১১২; কবরী বাঁধিয়া দিল কুসুমের গাভা ১৫৩। ২ পাগে বা পুরুষের চুলে পরার ফুলকুঁড়ির মালা। "শিরে লটপটি পাগ—চম্পকের গাভা চৈ.ম ১০৪; স্কন্ধ-বিলম্বিত-কেশে মালতীর গাভা ১২৮। ৩ গৃহের গর্ভস্থিত সজ্জা। "কনক-গাভা ভবন সুসার শ্রী.ম ১৪৭। [গাভা জল—গর্ভস্থ অবস্থায় শিশুর শরীরস্থ জলীয়াংশ বা রস। গাভা দুধ—গাভীর প্রসবের পরেই যে দুধ দুহিয়া ফেলিয়া দেয়।]

গাভিন বিং [সং গর্ভিত >প্রা গব্‌ভিণ (হে ১.২০৮), সং গর্ভিণী> লি গব্‌ভিনী>বা গাভিন; 'গাবিন' (গ্রাম্য); হি গাভিন, -নী; ঠ গাভীণ; গু গাভণ, -ণী; অস গাভিণী; মৈ গাভি(ভী)নি; প গব্‌ভণ; সি গভিণি] গর্ভবতী (গাভী-প্রভৃতি পশু)। [গাভিনী—"তার নামে গাভিনী গাভ ছাড়ে (দ্র 'গাব[২]')।]

গাভুর বি [দ্র 'গাবর'] যুবা। "গাভুর বয়সে যাতে কাশ। বলে ডাক তার নাই জীবনের আশ॥—ব.প ৯। গাভুর সিধাই গো.বি ২১,-৩; গাভুর যোগী ৬০,-৬। তরুণ গাভুর ম.ম ১৩২।

গাভুরাল, -রালি, -লী বি [গাভুর+আলি[৪], -লী] ১ যৌবনসুলভ স্পর্দ্ধা বা দুঃসাহস। "কতোয়ালে নিব ধরি, ভাঙ্গিবেক গাভুরালি গো.বি ৭২; মোর দেসে আসি বেটা এত গাভুরালি ৭৫। ২ যুবকধর্ম্ম, কামকেলি। "সোল সয় কদলি লইয়া কর গাভুরালি গো.বি ১০৭। ৩ যৌবনসুলভ শক্তি। "নারীর নিশ্বাসে, শরীর শুখাইবে রে, দিনে দিনে জাইব গাভুরালী গো.বি ১৮৭। ৪ যৌবন, জোয়ান বয়স। "কন কালে ন টুটিব তোমার গাভুরালি গো.বি ১৮৭। [টীকা—'গাভুরাল, -লী']

গাম বি [সং গ্রাম>লি, প্রা গাম; হি, গু, জাটু—°ম] ১ গ্রাম। "গোকুলগামবিহারী।—গো ৬৪। গাম গোকুল জ ৪৫। ২ সমূহ। "গণএ তুয়া গুণ গাম জ ৫৯।

গামছা বি [হি গামছা, অঁগোছা; গু অংগুছ; সং গাত্রসম্মার্জ্জনী; 'পানছা' (মালদহ)—'পানীমোছা' (?)] গামোছার বস্ত্রখণ্ড; তোয়ালে। "ঝাড়ির মুখের গামছা গো.চ ৮৯; ৯১। ভ.গ্র ১৭৪।

গামলা বি [P. gamella—বড় কাঠের খোরা; মৈ ঘমলা] ১ পিত্তলের মুখ-চওড়া পাত্রবিশেষ। ২ গোরুর জাব-খাওয়ার মাটির বড় পাত্র-বিশেষ। "যেন রাঙ্গা আমলা, তুলে মামলা, গামলা ভাঙ্গে না, আমরা ভুসি পেলেই খুসী হব, ঘুসি খেলে বাঁচব না।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৩ জলা বা নদী পার হওয়ার নিমিত্ত বড় মাটির গোল পাত্রবিশেষ; চাড়ী। "বাঙ্গাল…গামলা চড়ে বুড়িগঙ্গা পার হয় স.এ ৫২।

গামার, -রি বি [সং গম্ভারী] বৃক্ষবিশেষ, গাম্ভীরগাছ (Gmelina arborea)। "গামারি মঙ্গলে, চলিল ভকতাগণে শ ৭৯। গামারের পীড়ি শ্রী ৩১; গামার কাটে ২০৩। গামারের কাট ব.প ৪৬৮।

গামাল বি ['গ্রামালয়'—মূল] গ্রামস্থ গৃহস্থের বাড়ী। [গামাল করা—গ্রামে গৃহস্থের বাড়ী ঘুরিয়া পণ্য বিক্রয় বা ফেরি করা।]

গামী (-মিন্) বিণ [√গম্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -মিনী] ১ যে যায়; গমনশীল, যায়ী। "সিংহবিক্রান্ত° রা ৩.৪৭.৩৫। মনঃপবন° মহা ৩.৪৬.১৬। হংসবারণগামিনী মনু ৩.১০। মৃগেন্দ্র° রঘু ২.৩০; দ্বিরদ° ৪.৪। গজহ গামিনী বি.প ১; করিবর-রাজহংস-গতি-গামিনী ৮৬। ২ বিচরণশীল। "আকাশ° বিমান°। উৎপথ° ভ ১.১২.২৬। উন্মার্গ° হি ১/২ (কথারম্ভ)। ৩ ভ্রমণশীল। "গো°, মহিষ্যুষ্ট্রখরী°।—পরাশর ১০.৬। ৪ প্রসরণশীল, প্রসারী। "বুদ্ধয়ঃ কুজগামিন্যো ভবন্তি মহতামপি।—পঞ্চ ২.৫। ৫ প্রাপক (leading to)। "বিদর্ভগামী পন্থাঃ; চিত্রকূটগামী মার্গঃ। ৬ সহবাসকারী। "অগম্যা°, বিধবা°। ৭ যায়ী, প্রবাহী। "সাগর° (নদী)। (গঙ্গা) সাগরগামিনী কু ২২। ৮ সম্বন্ধী (applicable to)। "দ্বিতীয়গামী ন হি শব্দ এষ নঃ রঘু ৩.৪৯। ৯ অভিপ্রায়ী। "কর্ত্তৃ° পা ১.৩.৭২, সি। ১০ যায়ী, অর্থাৎ প্রাপ্য (passing over to)। "দুহিতৃ° (ধন), পিতৃ°, মাতৃ°, বন্ধু°, ভ্রাতৃ°।—বিষ্ণু ১৭.৫-১৩। যাজ্ঞ ২.১৪৮। ১১ লব্ধা, অর্থাৎ লাভকারী। "ইয়ম্…সদৃশভর্ত্তৃগামিনী ভবিষ্যতি মা.মি ৫/১৬। ১২ [+খন্ ভবিষ্যতার্থে] ভাবিগমনকারক। "ব্রজং গামী পা ২.৩.৭০, সি। গ্রাম° (কাশিকা)। তে নরাঃ স্বর্গগামিনঃ হি ১.৬৬। [সমাসে উত্তরপদ]

গাম্ভারি, -রী বি [সং গম্ভারিকা, -রী] বৃক্ষবিশেষ, গাম্ভীরগাছ। "কাটিল গাম্ভারি ক.চ ৭৭। গাম্ভারী শ্রী.ম ৮২। মা ১২৭।

গাম্ভীর্য্য ক্লী [গম্ভীর+য (ষ্যঞ্) তদ্ভাবার্থে] ১ গম্ভীরভাব, অগাধাশয়ত্ব; মহাশয়ত্ব। "সমুদ্র ইব গাম্ভীর্য্যে রা ১.১.১৭; ২.৩৪.৯। ২ অগাধত্ব, গভীরতা। "রা ১.১.১৭। মাঘ ১.৫৫। ৩ অবিকারিত্ব, নির্বিকারতা। "নিরস্ত° মাঘ ১.৫৫। সা.দ ৩.৫৩। ৪ অচাপল, ধীরতা। "গাম্ভীর্য্যমনোহরং বপুঃ।—রঘু ৩.৩২। মুখকান্তি জ্ঞান° ব্যঞ্জক ব.দ্বি ১৩৬। ৫ মন্দ্রতা, মাংসলত্ব, গভীরতা। "মেঘনির্ঘোষ° (S.W.)। ৬ অর্থগৌরব, দুর্ব্বোধতা।

গায়[১] বি [সং গাত্র >গাঅ (প্রা.ম), গায় (অ.রা)—গায়দাহ; তু 'গাত' >গাঅ, -য়; অপ্র] শরীর, সর্ব্বাবয়ব। "কোপে কাঁপে গায় ম ১১০৫। আমার বলদের গায় তুলা হেন ভার ম.ম ১২; বসনে ঢাকিয়া গায় ১৭৮; লোমাঞ্চিত গায় ২২৯। বি.পা ২৩০।

গায়[২] সর্ম্ম [সং √গৈ >প্রা √গাঅ, -য় (হে ৪.৬)] গান করা; মঙ্গল-কাব্য গান করা। "গায়ই মাধব, গঙ্গা দেবীর মঙ্গল গ ২২; ৩২; ৫১; ৫৯। আপনে গায়ই চৈ.ভা ২১১। কানু কত কত গায়ই জ্ঞা ১১৭, গায়ত ১২৬। গায়িলেন ব.দ্বি ৯৭। [গায়, গায়ই (প্রা 'গাঅই'—গায়তি)—গান করে। গায়ত (সং গায়তি)—গান করে। "ন.প ১৫২। গায়বি—গান করিবে। "রজনী দিবস গুণ গায়বি মোর বি.প ১৫১। গায়িতেঁ (গাইতে), গায়িল (শ্রী.কী)। গাএন। —গ ১২। চৈ.ভা ৮; ৩৬৬; ৫৩৬)।]

গায়ক পুং [√গৈ+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -য়িকা] ১ গানকর্ত্তা, গাথক, গাইন। "রা ২.৬৫.২। সুর° ভ ৩.২২.৩৩। গায়ক বাদক ন.বি ১০। গাইছে গায়ক (ভা.চ)। গাইছে সুতানে, গায়ক মে ১১০। ২ গানোপজীবী নট।

গায়কী বি [সং গায়িকা; তু 'নর্ত্তকী'; অপ্র] গায়িকা। "গাইছে গায়কী মে ৩১০; মা ১০১।

গায়ত্রী, -ত্রী স্ত্রী [গায়ৎ+ √ত্রৈ+অ (ড)-ক+স্ত্রী ঈ (ঙীষ্); নিরুক্ত—'গায়ত্রী', গায়তেঃ স্তুতিকর্ম্মণঃ (৭.১২.৫); (ছান্দস) 'গায়ত্রী' (একতকারপাঠ)] ১ যে গাতাকে ত্রাণ করে; যাহা দ্বারা দেবতা স্তুত হন (নিরুক্ত); বৈদিক ত্রিপাদ মন্ত্রবিশেষ; ছন্দোমাতা। [গায়ত্রী —তৎ সবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ —ঋগ্বেদ ৩.৬২.১০।] ২ ষড়ক্ষরপাদ বৈদিক ছন্দোবিশেষ। "গায়ত্রীচ্ছন্দ-সামহম্।—গী ১০.৩৫। ৩ দুর্গা (দেবীভাগবত)। ৪ গঙ্গা (কাশীখণ্ড)।

গায়ন পুং [√গৈ+অন (ল্যুট্)-ক; 'শিল্পী কর্ত্তা' অর্থে; স্ত্রী -নী] ১ 'গীতশিল্পী', গায়ক। "তৎপৌরুষগায়নীকৃতাঃ নৈ ১.১০৩। তুম্বুরু গায়ন ম ৪২৮; দ্রৌপদীর ছিলাম গায়ন ৫৯০। ক.চ ১২২। শ্রী.ম ৪। ২ গানবৃত্তিজীবী, গা'ন। "মনু ৪.২১০। গায়নে সুগীত গায় শ্রী.ম ২২০। গায়ন বায়ন চৈ.ম ১১৩। ৩ স্তুতিপাঠক, স্তাবক। "দৈত্যানামসি গায়নঃ মহা ১.৭৮.৩২। ৪ জল্পক, বাচাল। —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা, -র্থ, তু 'পা ৩.১.১৪৭] ১ গান, গীতি। মৃগরোর্গায়নং যথা ভ ৩.৩১.৪২;

ত্বদ্বীর্য্যগায়নমহামৃত ৭.৯.৪৩। তোহ্ম গায়নে প্রভু হইবেন অস্থির গ ১০; গায়ন কর উচ্চস্বরে ১১; গন্ধর্ব্বে করে গায়ন ১০০। করএ গায়ন ম.পা ৬; ৮; ৯; ২৬; ১৩৪। রাম নাম পঞ্চমুখে করেন গায়ন জ ২৯; সামবেদগায়ন ৪৩; ৭৭। চৈ.চ ১৬০। ২ (বাঙ্‌লায়) মধুর কূজন। "(পিক) আনন্দে গায়ন করে ম.পা ১১৫। —নী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ গায়িকা। "পা ৩.১.১৪৭। হেমা গানেতে গায়নী কৃ ১৮৩। বিবিধ রাগ গায়নী জ্ঞা ১২৫। ব ১৩৩। ২ (বাঙ্‌লায়) গান। "কেলি কতহুঁ গায়নী জ্ঞা ১২৬। [মিলের জন্য 'ঈ']

গায়ন্ত ক্রি [√গা[৫], √গায়[২] +অন্ত; সং গায়ন্তি; অপ্র] গান করে বা করেন। "সভেই গায়ন্ত চৈ.ভা ৩২০।

গায়িত্রী বি [সং গায়ত্রী > °ত্রী (য় > ইঅ > ই > য়ি); কথ্যভাষা] গায়ত্রী। "বেদমাতা গায়িত্রী…তোমা জানি চ.বি ৩৪।

গায়েতা বি [সং 'গাতা'র অনুকরণে 'গায়েন'> °তা; অপ্র] গায়ক। "একখান দুআরে গায়েতা গিত গায় গো.চ ১০৪।

গার হি [গাড় > গার; অপ্র] গর্ত্ত। "গুরুর বচন বাবু পাষাণব গার ব.প ৯১। [গারিয়া—১ গাড়িয়া, পুতিয়া। "গারিয়া রাখিব দুষ্ট ম.গা ১৮; রাখিবে গারিয়া ১৯। ২ গর্ত্তে ঢুকান বা বসান। "গোজ গারিয়া ফেলিল গো.চ ৪৬।]

গারড় বি [গাড়র > °ড় (বর্ণস্থানপরিবর্ত্তন); অপ্র] মেষ। "সেই দহে ফেল্যা দিল পোড়ায়ে গারড় ক.চ ২০০।

গারড়ি(ড়ী)য়া, -রড়ী, গারুড়িয়া বি [সং গারুড়িক > প্রা* গারুডিঅ,-য় > বা গারু(র)ড়িয়া, -ড়ীয়া, -ড়ী] গরুড়মন্ত্রজীবী, বিষবৈদ্য, সাপের ওঝা। "শঙ্কুর গারড়ী ম.ম ৬৭; গারড়ীয়া ১০০,-৯৯; গারড়িয়া ওঝা ১৭২,-৩,-৯৬। [গারড়ী বিদ্যা—গারুড়িকের বা বিষবৈদ্যের বিদ্যা; বিষ-চিকিৎসা-বিদ্যা। "বাদিয়া তুমি গারড়ী বিদ্যার বি.পা ১২৯। গারড়ী মন্ত্র—বিষঘ্ন মন্ত্র। "গারড়ী মন্ত্রের পুথি বি.পা ১২৭। (ধৃত পাঠ —'গাড়রী')।]

গারত বিং [আ গা.রত্] নষ্ট, বিধ্বস্ত, নিহত। "তোবের গোলার চোটে…সমস্ত সেনা গারত করিয়া দেয় ব.প ১৬৮৮।

গার(রো)দ বি [E. guard; হি গারদ] যে ঘরে পাহারা থাকে; কারাগার। "ননদ ভাবে গারদঘরে বউকে পূরেছে।—রাজকৃষ্ণ রায়। ছোটলোক মাতালের ভাগ্যে…একরাত্রি গারোদে বাস হু ৫২। সে… গারদে কয়েদ আছে।—কৃষ্ণকান্তের উইল। [গারদ ঘর—কারাগৃহ; (সাদৃশ্যে) চারিদিকে ঘেরা বাড়ী।]

গারস্ত বি [সং গৃহস্থ; অপ্র] গৃহী। "জত দূর ধম্মর ওঁকার জান। গারস্তের মহাপাপ দুরত পালান॥—শূ ১০৭। —স্তি বি [সং গার্হস্থ্য] গৃহস্থকর্ম্ম, গৃহীর কার্য্য। "কালাইবেচি খাউক এথন গারস্তি করিয়া গো.চ ২৩৭।

গারস্থ, গারিহস্থ বি [সং গার্হস্থ্য > প্রা গারিহত্থিয় (প্রা.ম); অপ্র] গৃহস্থধর্ম্ম, সংসারধর্ম্ম। "গারস্থ ছাড়িয়া প্রভু করিব সন্ন্যাস চৈ.ভা ৩৪৮; গারিহস্থ বাস আমি ছাড়িব নিশ্চয় ৩৫৫।

গারা বি রাগবিশেষ। "°ভৈরবী। [ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাটে দুই নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

গারি[১] -রী[১] বি [সং গালি; হি গারী] ১ গালি, দুর্বাক্য, নিন্দা, তিরস্কার। "কাঁদন মাখি হাসি দেয় গারি বি.প ৩৯। লাখ গারি দেয়সি গো ২১৮। কহ কেবা গারী বা দেলি জ্ঞা ৮৭। মন্দিরে গুরুজন গারি ব.প ১০৩৭। গারিভয় জ.প ৪৬। ননদিনী দেয়ব গারি ব ১২১। বি.সু ১৬; ১৩৮। ২ অপবাদ, কলঙ্ক, দুর্নাম। "সাধু বিনে হয় দুঁহার গারি ক.চ ১৩৯।

গারি[২], -রী[২] বি [সং অগার > প্রা গার (প্রা.ম; অ.রা) > বা (গার+ই[১১]) °রি, °রী] ১ আগার, গৃহস্থলী, বাড়ী। "তিমিরে আজি পূর্ণ হৈল গারি।—ম ১২১৫। চ.বি ১৮১। লণ্ডভণ্ড হৈল গারী ক.চ ১০৪; অপুত্রক যার গারী ১৭৯। লুঠি নিল নারী গারী ভা.চ ১৮। ২ গৃহস্থধর্ম্ম, সংসারধর্ম্ম, গৃহস্থাশ্রম। "না মজে নন্দের কুল গারি চ.দা ২৬। বনে ফিরে যার নারী, বিফল তাহার গারী ক.চ ১৭৭; নট কৈলি মোর গারী ১৯৩। অবলা প্রবলা হৈলে নষ্ট হয় গারি শ্রী ১১২। ৩ সংসার, গৃহীর সম্পদ্ বা বৈভব; গৃহস্থের অবস্থা। "পুণ্যবান লোক পান লক্ষ্মীরূপা নারী। উত্তম উদ্যোগ করি উথলায় গারি॥ অভাগার ঘরে আসে অলক্ষণা মেয়ে। শতেকের গারি দেয় পঙ্কাশে উড়ায়ে॥ —শি ৬৮। ৪ গৃহ, সংসার। "শিশু গারীমধ্যে কেহ নাহি অপেক্ষণ। এবার পাঠাও প্রভু অন্য এক জন॥—ক.চ ১৮৮। ৫ ['গাগরী'—মূল (?)] দেবীর আধার—ঘট। "খুল্লনা করেন গারী (বারি?) সিন্দূরে মার্জ্জন। —ক.চ ১৮১। [গারি-ঘর—ঘর-বাড়ী; স্থাবর ও অস্থাবর সম্পত্তি। "সভাকারে সমর্পণ কৈল গারি-ঘর ক.চ ১৯৫। নিব ঘর গারি ব.প ৩৯৮। [গারির বাট্টা—বাড়ীর ভাগ। "হ্যাদে বাঁজি তুই মোরে না বাঁটা। গৌরবে দে মোরে গারির বাট্টা॥ এই মুখে চাহ গারির বাট্টা ক.চ ১৩৯।]

গারিম বি [সং গরিমা; বৈষ্ণবসাহিত্যে] গুরুত্ব, গৌরব। "গিরি-ধারিম৹ বহু গারিম৹ রহু কারিম দাগে জ.প ৩৩।

গারুড় বিণ [গরুড়+অ (অণ্); স্ত্রী -ড়ী] ১ গরুড়সম্বন্ধী। ২ গরুড়াকৃতি (বূহ)। —ড় ক্লী ১ বিষহরমন্ত্রবিশেষ, বিষমন্ত্র। ২ বিষনাশক মণি; মরকতমণি, গরুড়মাণিক্য। "(বটঃ শ্যামঃ) রাশিমণীনামিব গারুড়ানাম্ রঘু ১৩.৫৩। ৩ গরুড়াকৃতি ব্যূহবিশেষ। "গো.রা ৬.৬.১১। মহা ৬.৫৬.২। ৪ (বিষনাশকত্ব হেতু) স্বর্ণ। ৫ গরুড়দেবতাক অস্ত্র-বিশেষ। "গো.রা ৬.৮৬.৩৩। ৬ গরুড়পুরাণ। ৭ গারুড়ী বিদ্যা (শ.ক)। —ড়ী স্ত্রী গারুড়বিদ্যা (দ্র 'গরুড়পুরাণ, ২০২তম অধ্যায়')।

গারুড়ি বি [সং গারুড়, -ড়ী; অপ্র] গারুড়বিদ্যা, বিষমন্ত্র। "দিব্য মন্ত্র গারুড়ি ম ১৯; গারুড়ি অজ্ঞাত যেন ধরে কালফণী ২৫৯; গারুড়ি না জানি সর্পমুখে হাথ ভরি ৬৩২। —ড়ি, -ড়ী বি [সং গারুড়িক > প্রা* গারুডিঅ > বা °ড়ি, °ড়ী; হি গারুড়ি, -ড়ী; ঠ গারু(রো)ডী; গু °ডী] গারুড়বিদ্যাবিৎ, বিষবৈদ্য। "তোহ্মার যৌবন৹ কালভুজঙ্গম৹ আহ্মাহো ভাল গারুড়ী শ্রী.কী ৯৮।

গারুড়িক পুং [°ড়+ইক (ঠক্)] গারুড়মন্ত্রজীবী, বিষবৈদ্য।

গারুড়িয়া দ্র 'গারড়িয়া'।

গারুড়ী দ্র 'গারুড়ি'।

গারুড়ীয় বি [°ড়+ঈয়; সং °ড়িক] বিষবৈদ্য। "চৈ ১২২।

গারুত্মত বিণ [গরুত্মৎ+অ (অণ্; স্ত্রী -তী] ১ গরুত্মৎসম্বন্ধী। ২ গরুত্মদ্দেবতাক (অস্ত্র)। "রঘু ১৬.৭৭। —ত ক্লী ১ গরুড়দেবতাক অস্ত্র। ২ মরকতমণি। দ্র 'গরুড়মণি'।

গার্গী স্ত্রী [গার্গ্য+স্ত্রী ঈ (ঙীপ্) য-লোপ] গর্গের গোত্রাপত্য-স্ত্রী, অর্থাৎ পৌত্রী-প্রভৃতি। —র্গ্য পুং [গর্গ+য (যঞ্)] গর্গের গোত্রাপত্য, অর্থাৎ গর্গের পৌত্রাদি।

গার্জেন্ বি [E. guardian] ১ অভিভাবক। ২ (আদালতে) নাবালগের বিষয়াদির তত্ত্বাবধায়ক বা অভিভাবক; অলি।

গার্টার্ বি [E. garter] মোজার মুখের বন্ধনরজ্জু; মোজাবাঁধা ফিতা। "হোলমোজা পায়, তাতে আবার ফুলকাটা গার্টার স.এ ২২।

গার্ড বি [E. guard] ১ রক্ষক, পাহারা। "বডি°। ২ রেলওয়ের কর্ম্মচারিবিশেষ; যে ট্রেনে শেষ গাড়ীতে থাকে এবং যাহার কথায় চালক গাড়ী রাখে ও ছাড়ে।

গার্ডচেন্ দ্র 'গাড়চেন্'।

গার্হপত্য পুং [গৃহপতি+য (যঞ্) তৎসংযুক্ত অর্থে, পা ৪.৪.৯০]

গৃহপতি, অর্থাৎ যজমান কর্তৃক সংযুক্ত অগ্নি ; অগ্নিত্রয়ের একতম। "মনু ২.২৩১। [দক্ষিণাগ্নির উত্তরভাগে ইহার স্থান। গৃহপতি পিতার নিকট হইতে এই অগ্নি প্রাপ্ত হন এবং তিনিই ইহা রক্ষা করেন। তাঁহার পরে তদীয় পুত্রাদি ইহার অধিকারী। যজ্ঞীয় আহবনীয় অগ্নি ইহা হইতে সংগৃহীত হয়।]

গার্হস্থ্য ক্লী [গৃহস্থ+য (ষ্যঞ্)] ১ গৃহস্থভাব, গৃহস্থের কর্ত্তব্য—পঞ্চযজ্ঞাদি কর্ম্ম ; গৃহস্থধর্ম্ম। "মহা ১৪.৭.১০। ২ গৃহস্থকার্য্য, সাংসারিক কর্ম্ম। ৩ গৃহস্থাশ্রম, গৃহিজীবন। "রা ২.১০৬.২২। ভ ৩.৩৪.১৫।

গাল১ '-ল্' বি [গল্ল > গাল ; দ্র 'গল্ল' ; হি, ঠ, মৈ গাল ; গু গল্ল] ১ গণ্ডদেশ, মুখের দুই পাশ। "গাল দুটা ফুলাইয়া গো.চ ১০২ ; দুই গাল চারি চওড় ১৩৪। দুই গালে দেহ চুণ কালি ক.চ ১০৯। ববম্ ববম্ বম্ ঘন বাজে গাল ভা.চ ১১০ ; নাচেন শঙ্কর বাজায়ে গাল ১১৬। কিম্বা দিয়া চুণ কালি গালে। খেদাও গহন বনে মা ১০১। ২ মুখবিবর, মুখ, হা। "গাড়রের গালের গুয়া ক.চ ১৩৬। সেনাগণ ধরি ধরি গালে কালী পুরে চ.বি ৩১৪। ৩ গালের প্রান্ত ; সৃক্কণি ; গালাসি। "দু গাল বাহিয়া পরে ফেণা ম.ম ১৮৫। ৪ মুখবিবরপূরক খাদ্য ; গ্রাস, কবল। "এক গাল ভাত, চিঁড়ে, ঘাস। ৫ (অপ্র) গালগল্প, মিথ্যা কথা। "জুয়া চোর বেটার সকল কথা গাল শ্রী ১২২। [গাল ক'রে বলা (হি গাল করনা)—স্পর্দ্ধা করিয়া বলা। গাল-গল্প—যে গল্প কথামাত্রে পর্য্যবসিত ; কল্পিত কথা ; বৃথা বাগাড়ম্বর, খোসগল্প। "রাণী বলে গাল-গল্পে জ্বলে মোর অঙ্গ বা.দ ২৩১। কর্ত্তাদের গাল-গল্প গুড়ুক টানিয়া।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। গালগল্পে কেবল কাল যায় ব.প ১৭৩৬। মিছা করি গল্পগাল বি.সু ৬৬। হয় তো মিথ্যা গাল-গল্প কিম্বা দলাদলির ঘোট আ.দু ১২। গাল-ফুলো—স্ফীতগণ্ড, স্থূলগণ্ড। "রূপের ধ্বজা। যেন গাল-ফুলো গোবিন্দের মা ব.প্র ৪৩২। গালভরা—গাল-পোরা, একগাল। "গালভরা হাসি। তু 'ভুবনব্যাপিনী চারু চন্দ্রিকার ভাস। বোধ হয় প্রকৃতির আস্য ভরা হাস।—স.শ ৮২। গালে কামড় খাওয়া —চিবাইতে চিবাইতে অসাবধানতা হেতু গালের পাশ কামড়ান। গালে কালি চুণ দেওয়া—এক গালে কালি ও এক গালে চুণ দেওয়া, অর্থাৎ বিদ্রূপ করিয়া অপমান করা { কালি কলঙ্কের এবং চূণের ধবলতা কীর্ত্তির চিহ্ন এবং উভয়ের সংযোগে, যশে (সুনামে) কলঙ্ক (দুর্নাম)-কালিমারোপ তাৎপর্য্যার্থ, বোধ হয় }। "দুই গালে দেহ কালি চুণ ক.চ ১০৯। গালে দিলি কালি চুণ বি.সু ৭৫। গালে মাছি যাওয়া—(গৌণার্থে) গভীর চিন্তায় মগ্ন হওয়া (গভীর চিন্তায় অজ্ঞাতভাবে গাল ফাঁক হয় ও মাছি ঢোকে)। গালে হাত দেওয়া—(গৌণার্থে) অত্যন্ত বিস্মিত হওয়া (অতিবিস্ময়ে লোকে গালে হাত দেয়)। গালে হাত দিয়া বসা—করতলে কপোল বিন্যস্ত করিয়া বসা ; গভীর চিন্তায় মগ্ন হওয়া। গালের মত চড় (মুখচপেটিকা)—যেমন স্পর্দ্ধাপূর্ব্বক বলা তেমনই দর্প-চূর্ণ-করা জবাব।]

গাল২ সর্ম্ম [সং √গালি (চুরাদি) > প্রা √গাল (প্রা.ম) ; ঠ, গু √গাল.] ১ ক্ষরিত করা ; নিসৃত করা ; ঝরান। "নয়ন সলিল পড়ে বদনে তাহার। রাহু গালিল যেন চাঁদ সুধাধার॥—শ্রী.কী ৩৭৯। ২ দ্রবীভূত করা, গলান। "বিরহে জ্বালিয়া, সোহাগে গালিয়া, হারে মিলাইয়া পরিলে সাজে ভা.চ ২৭৬। ৩ ছিদ্র করিয়া গলিত করা বা গলান। "নখ দিয়া গালে যত ক্ষুদ্র ক্ষুদ্র ফোড়া ম.ম ৭৯। ৪ ছাকিয়া বাহির করা (to strain)। [গালা—ঝরান, গলান। চোখ গালা—চোখ বিদ্ধ করিয়া গলিত করা। দিব্বি গালা—দিব্যরূপ গালি উচ্চারণ করা ; দিব্য করা। "হু ১৮৭।]

গা'ল ; গালগল্প দ্র 'গাইল ; গাল'।

গাল(লি)গালাজ বি [হি গালী গলৌজ—পরস্পর গালিপ্রদান ; ঠ গালিগলোচী—abuse and vituperation] ১ কটূক্তি ও নিন্দাবাদ ; দুর্ব্বাক্যপ্রয়োগ। "যে চ'ড়ে কথা কহিতেছে, অমনি বাবুরাম বাবু তাহাকে গালগালাজ দিয়া বাহির করিয়া দিতেছেন আ.দু ২৭। সতীরাম গঙ্গারামকে নানাবিধ গালিগালাজ করিয়া,…পলাইতে লাগিল ব.প্র ৪৫০ ; ৫২৫। ২ পরস্পর গালিপ্রদান ; গালাগালি।

গাল(লি)চা বি [ফা গ়ালীচা] মেষাদির লোমের বা সুতার মোটা বেল-বুটা-কাটা রঞ্জিত আসনবিশেষ। "গো.চ ৩৪৬।

গালচাল্লা (?) "মাথায় মুখে গালচাল্লা বাঁধা ব.প্র ৪৯০।

গালন ক্লী [√গালি+অন (ল্যুট্)-ভা ; ঠ গালণ] ১ ক্ষারণ, নিঃসারণ, ঝরান। "মণ্ডগালনরহিতঃ (চক্রঃ—ভবদেব)। ২ দ্রবীকরণ, গলান। ৩ নিন্দাবাদ, কটুবাক্যপ্রয়োগ। "'লড়য়তি'—শত্রুমুদ্দিশ্য গালনাদি করোতি (তত্ত্ববোধিনী)।

গালপাটা, -ট্টা বি ['গণ্ডপট্ট'—মূল (?) ; হি গলগুচ্ছা, -মুচ্ছা] দুই গালের পাটার মত দাড়ি (লোকে ইহা সখ করিয়া রাখে। দুই গালে দাড়ি থাকে, মাঝে চিবুকে দাড়ি থাকে না, কামাইয়া ফেলে)। "মাতঙ্গ-মুক্তা কানে কাছে গালপাটা ব.প ৪২৯। তাহার বলিষ্ঠ গঠন, চৌগোঁপ্পা ও ছাটা গালগাট্টা আছে ব.প্র ৩২৫।

গালব পুং ১ মুনিবিশেষ। ২ শ্বেতলোধ্র। ৩ কেন্দুকবৃক্ষ।

গালবাদ্য বি গাল ফুলাইয়া দুই গালে বৃদ্ধাঙ্গুলি ও মধ্যমার অগ্রভাগের আঘাতে কৃত 'বম্‌বম্' শব্দ (শিবপূজার উপচারবিশেষ)। "গালবাদ্য কৈলে সদ্য শিবে কিনি লয়।—দু ৬। গালবাদ্য দিয়া সাধু পূজিল শঙ্করে ম.ভা ১৭।

গালবালিশ বি [সং গণ্ডোপধান, অসিগণ্ড] গণ্ডস্থাপনার্থ ক্ষুদ্র উপধান ; কানবালিশ।

গালমুচ্চ বি [হি গলমুচ্ছা] সর্ব 'গালপাটা'। "সব শির উচ্চ, গালে গালমুচ্চ, যেন দুই মেঘ পশি।—রঙ্গ ৮।

গালয়িতা (-তৃ) বিণ [√গালি+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] যে গালি দেয় ; 'ভৎ'সয়িতা'। "মহা ৫.৩৭.৩৬, নীলকণ্ঠ।

গাল(লা)সি বি [সং গল্ল+অস্রি—গল্লাস্রি > প্রা*গল্লস্‌সি > বা °সি] গালের, অর্থাৎ মুখবিবরের কোণ বা প্রান্তভাগ ; সৃক্কণি ; কস। "বাম গালসি গো.চ ৩৫ ; ৩৬।

গালা১ বি [সং 'গল'—সর্জ্জরস ; হি, ঠ, ড় লাগ (লাক্ষা)] ১ চিঠি-প্রভৃতি আঁটার নিমিত্ত ধুনা ও সিন্দূরে মিশ্রিত লাক্ষা (sealing wax)। ২ ধুনা সুরকি সরিষার তেল—এই তিনের মিশ্রণে জাত আঁটা-বিশেষ (স্বর্ণকার ইহার তার করিয়া ফাঁপা গহনার মধ্যে পুরিয়া দেয়)।

গালা২ বি [গাল১ > °লা] ১ ইটের পাঁজার বা ভাঁটার তলার গালের মত ছিদ্র (ইহাতে কয়লা বা কাঠ দিয়া ভাঁটায় আগুন দেয়)। ২ [সং গল ; দ্র 'গলা'১ ; অপ্র] গলা, কণ্ঠ। "গালাএ রতনের মাল গো.চ ৫৭ ; ৫৮ টীকা ; ৯৫।

গালা৩ সর্ম্ম [√গাল২+আ৮] ১ ক্ষরিত করান ; নিঃসারিত করান ; কাহার দ্বারা ঝরান। ২ [√গলা৩ > °লা] দ্রবীভূত করা ; গালান (স্বর্ণাদি)। [গালান—১ সর্থ ' √গালা৩। ২ দ্রবীকৃত (স্বর্ণাদি)। গালানী—গালানর খরচ ; দ্রবীকরণার্থ ব্যয়।]

গালাগালি বি ['গালি'—মূল ; হি গালী গলৌজ] ১ পরস্পর কটুবাক্যপ্রয়োগ। "দুইজনে হৈম গালাগালি কৃ ২৭২ ; ৩২২। গালাগালি হইল বিস্তর চ.বি ৪৬। ভা.চ ৮০। ২ কটুবাক্যপ্রয়োগ, নিন্দাবাদ। "গালাগালি দেওয়া।

গালাঘুষা বি [গাল১+ঘুষা (ঘোষণা)] গালের (মুখের) কাছে ঘোষণা ; মুখের কাছে মুখ লইয়া কোন কথা বলাবলি ; চুপে চুপে বলা-কওয়া বা আলোচনা। তু 'কানাঘুষা'।

গালি, -লী স্ত্রী [√গালি+ই (ইন্)-ভা ; স্ত্রী -ঈ (ঙীষ্) বিকল্পে ; হি, গু গালী ; ঠ গালি] ১ শাপ। ২ আক্রোশ, ভৎর্সনা, কটুবাক্য-প্রয়োগ, নিন্দাবাদ। "দদতু দদতু গালীর্গালিমন্তো ভবন্তঃ। বয়মিহ তদভাবাদ্ গালিদানেঽসমর্থাঃ ॥—উদ্ভট। পাছে মোরে না দিহলি গালী শ্রী.কী ৬৪। রাবণ রাজারে কিছু দিয়া এস গালি কৃ ২৪৭।

গালিত বিণ [√গালি+ত (অ)-র্ম্ম] ১ ক্ষারিত, স্রাবিত। ২ দ্রবীকৃত। "গালিতস্য সুবর্ণস্য (বৈদ্যক)। ৩ নিস্যন্দিত।

গালিনী স্ত্রী (তন্ত্রে) মুদ্রাবিশেষ। [দক্ষিণ হস্তের উপর বাম হস্ত রাখিয়া দক্ষিণ হস্তের বৃদ্ধাদি অঙ্গুলি বাম হস্তের কনিষ্ঠাদির সহিত যথা-ক্রমে সরলভাবে মিলিত করিলে 'গালিনী' মুদ্রা হয়।]

গালিম্ বি [আ গালিম্ ; হি গালিম] প্রবল, বলবান্, বিজেতা, শত্রু। "শুনিয়া গাজির সুখ, সকল দক্ষিণমুখ, কখন গালিম আসি চাপে ব.প ১৩৬৯। গালিম কয়েদ হৈল।—ভা চ ৪৭৬। —মী বি [গালিম+ঈ৮] গালিমের কার্য্য ; প্রবলতা, স্বেচ্ছাচারিতা, শত্রুতা। "(প্রতাপ-আদিত্য) গালিমী করিল ভা.চ ৪৮১।

গাস বি [সং গ্রাস >প্রা গাস ; অপ্র] গ্রাস, অন্ন-কবল। "এক গাস রন্ন গো.চ ২৯৫,-৬ ; আড়াই গাস ব.প ৮১।

গাহ্ সক [ভ্বা, আ—গাহতে ; বেট্] ১ বিলোড়ন। ২ প্রবেশ, প্রাপ্তি। [অব—অবগাহন, প্রবেশ। বি—নিমজ্জন ; প্রবেশ।]

গাহ সর্ম্ম [√গা >'হ (আগম)] ১ গান করা। "গাহনা গাহিয়া… বেড়াই মী ১৭। ২ গীতস্বরে উচ্চারণ করা। "নকীব সেলাম গাহে ভা.চ ৪১২। ৩ কীর্ত্তন করা ; ঘোষণা করা। "সারা দিন গাথি গান, কারে চাহে গাহে প্রাণ।—গান ১৪৫। ৪ মঙ্গলকাব্যে বর্ণনা করা। "গোবিন্দ-পদারবিন্দ-৹ বিগলিত মকরন্দ৹ অলি-কবিকঙ্কণ গাহে ক.চ ৮৫। —হ অর্ম্ম গান করা ; গাওয়া। "নাচিয়া গাহিয়া খাও কেমত পৌরুষ মী ১৯। নাচন্ত গাহন্ত কুতূহলে নারীগণ অ.প ১০৬। আমায় বোলো না গাহিতে বোলো না।—গান ২১৮। [গাহক² (গ্রাম্য)—গায়ক। গাহন্ত—গায়।]

গাহক¹ বি [সং গ্রাহক >লি °ক, প্রা °গ ; হি °ক ; °ক (বীরভূম) ; অপ্র] ১ ক্রেতা, খরিদদার। "চাতুরী বেচহ গাহক ঠাম জ্ঞা ২০৪। ২ গ্রাহক, বেত্তা, জ্ঞাতা। "রায় শিবসিংহ, সব গুণ গাহক।—বি.প ১২৫। গুণ গাহক বি.সা ৫৮। ৩ রসজ্ঞ, রসিক। "বিদ্যাপতি৹ ও রস গাহক বি.প ১৪৯। ৪ নাশক, পীড়ক। "কুসুমসায়ক৹ জীবনগাহক৹ তুহুঁ সে রতি রসে ভোর গো.দা ২৪১। ৫ যাচক, প্রার্থী, অভিলাষী। "তেজহ দারুণ৹ মান মানিনি৹ নাহ গাহক তোরি রে ব.প ১৩২৭। —কিনী, -কী বি [°ক+ইনী, ঈ ; হি °কী] ক্রেত্রী, ক্রয়কারিণী। "গাহকী গণ : গাহকী আগে : গাহকিনী…দোকান নিকটে লাগে : গাহকী নহি যে মোরা চ.দা ৩৬।

গাহক² দ্র 'গাহ'।

গাহন¹ ক্লী [√গাহ্+অন (ল্যুট্)-ভা] ১ বিলোড়ন। ২ অবগাহন, নিমজ্জন, স্নান। "যদি গাহন করিতে চাহ, এস নেমে এস, হেথা৹ গহন-তলে চ.কা ১৩৪।

গাহন², -না বি [√গাহ্+অন >°ন, -না ; হি গানা ; তু 'গাওন, -না'] গীতিকরণ, গান গাওয়া। "গাহনা গাহিয়া…বেড়াই মী ১৭। দুন্দুভীর সহিত গাহনা।—রঙ্গ ২৮। গাহন বাজন।—হেম ৫]

গাহিত বিণ [√গাহি (স্বার্থে ণিজন্ত)+ত (ক্ত)-র্ম্ম ; অণিজন্ত 'গাঢ়'] ১ প্রবিষ্ট। "গাহিতমখিলং গহনম্।—ভামিনীবিলাস ১.২০। ২ বিলোড়িত।

গিআ, -আঁ, -য়া ক্রি [সং গত্বা >প্রা গচ্ছিয় (হে), গই (পৈ) >বা (গ-ইআ, -ইআ, -ইয়া) গিআ, -য়া ; তু 'সং কৃত্বা >প্রা করিয় (হে) >বা করিয়া ; গই—"কহি গই করিব নিবাস (চ ১৪) ; গাআ—যায় (চ ৯) গিআ, -আ (অপ্র)] ১ গমন করিয়া ; উপস্থিত হইয়া। "গিআ বৃন্দাবনে শ্রী.কী ৬ ; ঘর গিআ ১১৭। তার থান গিআ ১৪৩। তথা গিয়া বিড়ম্বিল জয়বিষহরি ম.ভা ১৭। ২ প্রবেশ করিয়া। "আপনে রহিলা রোহিণীগর্ভে গিআ শ্রী.কী ৪ ; সপত পাতাল গিআ ১০১। ৩ অতিক্রম করিয়া। "কথো দূর পথ গিআ দেখিল বড়ায়ি শ্রী.কী ১০। ৪ প্রত্যাবৃত্ত হইয়া ; ফিরিয়া। "আমরা সকলে অযোধ্যায় গিয়া তোমার ক্রোড়দেশ একেবারে নবকুমারে সুশোভিত দেখিব।—সী ৪। ৫ অতীত সমাপিকা ক্রিয়ার পূর্ব্বভাগ। "(তুমি) গিয়া-ছ, (আমি) গিয়া-ছি, (সে) গিয়া-ছে ; গিয়া-ছিলে, -ছিলাম, -ছিল ; সম্ভ্রমে—(আপনি, তিনি) গিয়া-ছেন, -ছিলেন ; (কথ্যভাষায়) গেছ, গি(গে)ছি, গেছে ; গি-ছিলে, -ছিলাম, -ছিল ; সম্ভ্রমে—গেছেন, গিছিলেন ; অসম্ভ্রমে—(তুই) গিছিস, গিছিলি ; গেইছে (গিয়াছে)—"ছাইলা গেইছে মরিয়া গো.চ ২৮৪। গেছিলাম (গিয়াছিলাম)—"গো.চ ২৭।]

গিআ(য়া)ন বি [সং জ্ঞান ; হি গিআন, গ্যান >বা গিআ(য়া)ন, গেআ(য়া)ন ; মৈ গেআন ; অপ্র] ১ জ্ঞান, চেতনা। "পড়ে রাজা হরিআ গিয়ান কৃ অ ১২। সুরপতি হরএ গিআন শূ ১৩৪। ২ তত্ত্ববিদ্যা, পরমার্থ জ্ঞান, অধ্যাত্মবিদ্যা। "অমর গিয়ান…শিখাই গো.চ ১৪ ; গিয়ানে ডাঙ্গর ৬০, ৮৩। ৩ মহামন্ত্র-বিদ্যা। "মহামন্ত্র গিয়ান নইল হৃদএ জাপিয়া গো.চ ১৭ ; ২৫।

গিঁট, -ঠ, -ঠা, গিট, -ঠ [গাঁইট, -ঠ >গিঁট, -ঠ, -ঠা, গিট, -ঠ] ১ গ্রন্থি, গাঁঠ, গিরা। "হাড়ি শালার হাতত নাগাই বস্‌সি গিট দিয়া গো.চ ২২২ ; ২৩৭। ২ শরীরগ্রন্থি, সন্ধিস্থল। "(আমি) বাঁধা যে গিঁঠাতে গিঁঠাতে চ.কা ৩৮৮।

গিজগিজ বি [ভাবাত্মক ; হি ঘিস্‌সম্ ঘিস্‌সা (√ঘৃষ্—ঘর্ষণ)—খুব ভিড়-ভাড়] বহুলোকের সমাবেশের বা জনতার ভাব। "আত্মারাম বাবুর…সাত ব্যাটা, পাঁচ মেয়ে…এ সওয়ায় ভাগ্নে জামাই কুটুম্ব সাক্ষাৎ বাড়িতে গিজগিজ করে হু ১৫০।

গিঞ্জিগিঞ্জি বিং ['গঞ্জ'—মূল (?)]গঞ্জের মত ঘন-ঘন বা গায়-গায় ; লেপ্টা-লেপ্টি। "গিঞ্জিগিঞ্জি বসতি, লোক।

গিটকিরি, -রী বি [হি গিট্‌কিরী, -কারী ; তু 'গীতকীরি'—গাওত গমকে৹ গীতকীরি গুর্জ্জরী (গো ৬৪)] (সঙ্গীতে) কতকগুলি দ্রুত-গতি সুরের আশ্ সহকারে উচ্চারণ। [গিটকারী দুই প্রকার ; শাদা ও সগমক। টপ্পা ও ঠুংরীতে শাদা গিটকারী এবং ধ্রুপদ ও খেয়ালে সগমক গিটকারী ব্যবহার হইয়া থাকে (গী.সা)।]

গিড়িগিড়ি বি [ধ্বন্যাত্মক] দুন্দুভিধ্বনি। "গিড়িগিড়ি…দুন্দুভি বাজে শি ৫৭।

গিদ্দা, গিরদা.-র্দ্দা বি [ফা গিরদা ; °দ্দা (অপ্র) ; তু 'গ্রিদা' (ব.প ২৪৪)] গোলবালিশ, পাশবালিশ, তাকিয়া। "গিরদা গো চ ২৫২ ; গির্দ্দা ৪৮৯। "গিদ্দায়…হেলায়েছে গা।—শ্রী.মা ১০৫। গির্দ্দা বি.পা ২৫৪। গিরদা শিয়রে সখী রাখে বি.সু ৫০।

গিধিনী বি [সং গৃধ্রী >হি, ঠ, গু গীধ >বা গিধ+ইনী ; অপ্র] শকুনিজাতিবিশেষ (ইহাদের কানের কাছে লাল লোল চর্ম্ম আছে ; কবিরা ইহার সহিত কানের উপমা দেন। সাধারণের বিশ্বাস, ইহারা স্ত্রীজাতি শকুনি)। "গিধিনী শ্রবণ বিশেপি বি.প ৮৬। কু.উ ৫৭। চ.বি ২৬৩।

গিনি বি [E. guinea] ইংলণ্ডে প্রচলিত স্বর্ণমুদ্রাবিশেষ—২১ শিলিং (প্রায় ১৫ টাকা)। "ডেপুটির ভার্য্যা কন, আমাদের তিনি। চৌকিদারী কাজে পটু, মফস্বলে 'গিনি' ॥—হেম ৩৮৭। [গিনিসোনা—গিনিমুদ্রার স্বর্ণ ; মিশ্র স্বর্ণবিশেষ (২২ ভাগ স্বর্ণ+২ তাম্র)। হাফ গিনি—গিনির অর্দ্ধেক ; মুদ্রাবিশেষ।]

গিন্নী বি [সং গৃহিণী > প্রা গিহিণী > বা (গিন্‌হী) গিন্নী] ১ গৃহকর্ত্রী। "কর্ত্তাই কি, আর গিন্নীই কি, অন্যায় দেখলে তিনি কাহাকেও রেয়াত করেন না লী ২৩। গিন্নী বিরলে ব্রজেশ্বরকে ডাকিলেন ব.প্র ৪৩১। ২ স্ত্রী। "যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর।—কথা ৭। [গিন্নীপনা—গৃহিণীর কার্য্য ; গৃহকর্ত্রীত্ব। গিন্নী-বাড়নী, -বান্নী—গৃহিণী ও খাদ্যাদির ব্যবস্থাকর্ত্রী ; সর্ব্ববিষয়ে গৃহের কর্ত্রী ; প্রবীণা নারী ; পুরন্ধ্রী। "গিন্নী-বান্নী যারা॰…তারা॰ করে মঙ্গল আচরণ ব.প ৯৪১।]

গি(গী)ম বি [সং গ্রীবা > লি, প্রা গীব ; হি গীবা ; মৈ গৃম > বা গিম, গীম ; তু 'গিবত'—গ্রীবাতে (চ ৪৩) ; বৈষ্ণবসাহিত্যে] গ্রীবা, গলদেশ। "গীম গজমোতি হারা বি.প ৬ ; বকিম গীম ৫২। উন্নত গীম গো ২৬ ; গীম শোহন ৬৩। বিহি উদ্‌গীম চাহি দিল ভঙ্গ জ্ঞা ২৮ ; গীম দোলনে ৪৪। গিম-দোলনি প.র ২৯। গীম মনোহর ব প ১৩২০। গিমপাতি—গ্রীবাপত্র, গলার পত্রবৎভূষণবিশেষ। "গিমপাতি মনোহর গ ৫৮।]

গি(গী)মা বি [সং গ্রীষ্মসুন্দরক—'গ্রীষ্ম' > লি, প্রা গিম্‌হ > বা গিমা, গীমা ; ঠ গীম] পত্রশাকবিশেষ (Erythraea roxburghii)। "আমার সাধের সীমা, হেলাঞ্চা কলমী গিমা ক.চ ৪৪ ; রান্ধ্যাছে কলমী গীমা ১৪২। [°কুমড়া—চালকুমড়ার মত সাদা গ্রীষ্মকালের কুমড়াবিশেষ।]

গিয়াস্তা বি [অপ্র) জ্ঞাতি। "গো.চ ২৪ ; ৪২।

গির১**, -রা, -রে, -রো** বি [ফা গি.রহ্] ১ গ্রন্থি, বন্ধন, গাঁঠ। "গিরো : ঝোলঙ্গার গিরা : ঝোলার গির গো চ ২২৮। গিরে শ্রী.মা ১১৫। গিরা শ্রী ৮৮। গিরো ভ.গ্র ১৮৯। বাহিরে সুবর্ণ রেখে অঞ্চলেতে গিরে বা.দ ২৩৫। গণ্ডা দশ গিরে শ্রী.মা ১১৫। ২ অবয়বসন্ধি (joint)। "গাড়িয়া বসিল শঙ্খ গলে নাহি গিরা শি ১০৫। ৩ গজের ষোল ভাগের একভাগ ; তিন আঙুল পরিমাণ।

গি(গী)র২ অর্ম্ম [হি √গির ; তু 'সং √গল্ ; বৈষ্ণবসাহিত্যে] ১ ক্ষরিত বা গলিত হওয়া ; ধারারূপে পড়া ; ঝরা। "গিরত নিরত যনু সুরধুনী-ধার ন.প ২৮৬। যৈছন কীর॰ চঞ্চু গীর॰ পড়ত দাড়িম বীজ ব ৬৩ ; সুধারস গীর ১৩০। ২ পতিত হওয়া ; পড়া। "অম্বর খসি॰ গিরল আসি॰ কিএ মহীতল পাতিয়া জ.প ২৬। গীরত মহী মাহ গো ২৪৯। ভুজযুগবল্লী পাশে করি বন্ধ। গিরব গিরায়ব কতহুঁ করি ছন্দ॥—ব ৮৯। গিরত সহচর কোর ন.প ৩৯১। [গিরত—পড়ে। গিরল—পড়িল। গিরায়ব (হি √গিরা)—গিরাইব, পাতিত করিব ; ফেলিব।]

গিরগিটি, -টী, গীরগিট বি [হি গিরগিট] টিকটিকীজাতীয় জন্তুবিশেষ ; কৃকলাস (chameleon)। "দা ১৪৭৫। গীরগিটের মত উভয়ে অ্যাকবার ঘাড় নাড়ানাড়ি মাত্র হয়ে থাকে হু ১৯২। [ইহারা সূর্য্যকিরণের সাহায্যে নানা বর্ণ ধারণ করে ; এই হেতু ইহাদিগকে বহুরূপীও বলে।]

গিরস বি [গৈরিক রস > °স ?] গেরিমাটির রঙ। "কটীতে কৌপীনমাত্র তাহাতে গিরস বি.সু ৯০।

গিরস্ত, -স্থ বি [সং গৃহস্থ ; হি গিরহস্ত, মৈ গির্হস্থ ; ড় গুরস্ত ; গারস্ত (শূ ১০৭) ; গেরস্ত (কথ্যভাষা) ; তু 'গিরথানী' (কোচবিহার)] গৃহস্থ, গৃহাশ্রমী। "নারিচোরা বলিয়া গিরস্তে না দ্যায় ঠাঞি গো.চ ১৭৩। দশ গিরস্থ ব.প ৪৯ ; ১৩৬৯।

গিরা দ্র 'গির১'।

গিরি১ পুং [√গৄ+ই (কি)-র্ম্ম, উ ৪.১৪২ ; 'গিরি'—মেঘ (ঋগ্বেদ ৬.৬৭.১১) ; সাদৃশ্যে 'পর্ব্বত' ; Av. gairi] ১ 'যে স্তুত হয় ; স্তবার্হ' ; পর্ব্বত। "গিরৌ সন্ধ্যাভ্রসন্নিভে রা ৪.৩৭.৪। ২ গেন্দুক, গেঁড়ুয়া। ৩ তান্ত্রিক সন্ন্যাসিবিশেষ। ৪ শঙ্করাচার্য্যকৃত ব্রহ্মচারী পরিব্রাজকের দশ নামের একতম। দ্র—'অরণ্য'। "আনন্দগিরি। গিরি পুরী ভারতী, আসিয়া করিল যতি।—ব.প ১০৯৩। ৫ নেত্ররোগবিশেষ। ৬ পারদের দোষবিশেষ। ৭ (কুলাচলের সংখ্যানুসারে) '৮' এই সংখ্যা। ৮ [+ই-ক] বালমূষিকা, নেংটি। —রি স্ত্রী [+ই-ভা] নিগরণ, ভক্ষণ। ৯ (বাঙ্‌লায়) গৌরীপিতা হিমালয়। "গিরি এবার আমার উমা এলে আর উমা পাঠাব না।—রামপ্রসাদ। যাও যাও গিরি, আনিতে গৌরী (আগমনী গান)। [°গহ্বর (ক্লী)—পর্ব্বতগুহা। "রঘু ২.৪৬। °চর (বিণ)—পর্ব্বতীয়। "শ ২.৪। °ধাতু (পুং) —গৈরিক ধাতু। "চৈ.চ ১৬৩। °নন্দিনী (স্ত্রী)—পার্ব্বতী ; গঙ্গা ; নদীমাত্র। °পৃষ্ঠ (ক্লী)—পর্ব্বতের উপরিভাগ। "মনু ৭.১৪৭। °প্রপাত (পুং)—পর্ব্বতের অবসর্পিণী ভূমি বা উচ্চপ্রদেশ ; উৎসঙ্গ। °প্রস্থ (পুং)—গিরির উপরিস্থ সমভূমি ; মালভূমি। "রা ২.৯৬.১। °মল্লিকা (স্ত্রী)—কুটজ বৃক্ষ, কুরচি। °সানু (ক্লী)—সর্থ "গিরিপ্রস্থ'।]

গিরি২**, -রী, গীরি** বি [ফা গর্—গরী > বা গিরী, -রি ; হি—গরী —সিপাহ° ; ঠ গিরী—দুশমন°] কর্ম্ম, ধর্ম্ম, ভাব। "আরিন্দা° কেরানি°, বাবু°, বামন°, মুটে°, মুহুরি°। দস্যুগীরি কর্ত্তে বেটা এসেছ হেথায় ব.প ৯২৫। দেবীর রাণীগিরিতে গুটিকতক চমৎকার গুণ জন্মিয়াছিল ব.প্র ৪১৪ ; রাজরাণীগিরি চাকরি ৪৮১।

গিরি৩ বি [সং গৃহী > বা (গির্‌হী) গিরী, -রি ; অপ্র] গৃহস্থ। "দশ গিরির মা ও বইন ব.প ৪৮। গিরি লোক গো.চ ১৭১।

গিরিকা স্ত্রী [গিরি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'গিরি১(৮)।

গিরিচক্রবর্ত্তী (-র্ত্তিন্) পুং [ষ.ত ; উ.ত] পর্ব্বতাধিরাজ, হিমবান্। "কু স ৭.৫২।

গিরিজ বিণ [গিরি+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] পর্ব্বতজাত, পর্ব্বতীয়। —জ পুং ১ মধুক, মউয়া গাছ। ২ গৌরশাক। —জা স্ত্রী [°জ+স্ত্রী আ (টাপ্)] ১ 'গিরিজাতা', হিমবৎসুতা, পার্ব্বতী। ২ গঙ্গা। ৩ গিরিকদলী। ৪ মল্লিকা লতা। —জ ক্লী ১ অভ্রক। ২ গৈরিক। ৩ শিলাজতু। ৪ লৌহ। [গিরিজাকুমার, °তনয়, °নন্দন, °সুত (পুং)—কার্ত্তিকেয় ; গণেশ। °ধব, °পতি (পুং)—উমাপতি, শিব। "°পতি।—হেম ৩৬৫।]

গিরিণ(ন)দী স্ত্রী [উ.লো ; বিকল্পে ণত্ব] গিরিনিঃসৃতা নদী বা জলধারা। "°নদী মহা ৩.৬৫.৭। গিরিনদীবেগোপমং যৌবনম্ (পঞ্চ)। °নদী।—কাদ ৯০।

গিরিণি(নি)তম্ব পুং [ষ.ত ; বিকল্পে ণত্ব] পর্ব্বতের নিতম্বদেশ, অর্থাৎ মধ্যভাগ। "পা ৮.৪.১০, বার্ত্তিক।

গিরিদুর্গ ক্লী [কর্ম্মধা] পর্ব্বতপৃষ্ঠরূপ দুরারোহ স্থান (দ্র 'কুল্লুক')। "মহা ১২.৮৬.৫ ; মনু ৭.৭০।

গিরিবি, গির্‌বি বি [ফা গির্‌বী—pledged] বন্ধকপত্র। "বিষয়রক্ষার্থ গিরবি লিখিয়া বাবুরাম বাবু দেনা করিয়া সরকারের মালগুজারি দাখিল করিলেন আ.দু ১৬২।

গিরিব্রজ ক্লী [বহুব্রী] যে স্থানে গিরির সমূহ ; মগধ-স্থিত জরাসন্ধপুর। "মহা ২.১৯.২৩।

গিরিভূ বিণ [গিরি+ √ভূ+ক্বিপ্ (০)-ক ; উ.ত ; স্ত্রী -ভূ] গিরিজাত, পর্ব্বতীয়। —ভূ স্ত্রী ১ পার্ব্বতী। ২ গঙ্গা। ৩ [ষ.ত] গিরির ভূমি, পর্ব্বতভূমি।

গিরিমান পুং [উ.বহুব্রী] গিরির পরিমাণতুল্য বস্তু ; গিরিসদৃশবস্তু। "কু ১৯৮।

গিরিয়াল বি ['গিরিপাল'—মূল ; অপ্র] গিরিরাজত্ব, পর্ব্বতাধিপত্য। "তোমা ঝি হৈতে মোর মজিল গিরিয়াল ক.চ ২৯।

গিরিরাজ পুং [গিরির রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] পর্ব্বতগণের রাজা বা শ্রেষ্ঠ ; হিমালয়। "কু স ১.১৩। °বর গ ১৯১। চ.বি ৭৪। [°রাণী বি—গিরিরাজমহিষী মেনকা। "ব.প ১৫০।]

গিরিরায় পুং [সং °রাজ >প্রা °রায় (প্রা.ম)] গিরিশ্রেষ্ঠ, হিমালয়। "কন্যাসম্প্রদানকালে কহে গিরিরায় শি ২৮। ব.প ১৫০।

গিরিশ পুং [গিরি+শ অস্ত্যর্থে, পা ৫.২.১০০, গিরি+ √শী+অ (ড)-ক (বেদে), পা ৩.২.১৫, সি ; দ্র 'রঘু ১৬.৫১, মল্লিনাথ ; ছান্দস] গিরি যাহার নিবাসরূপে আছে ; শিব। "°প্রভাব রঘু ২.৪১। কু.স ১.৬০। ভা চ ১১৭ ; ১৫৮। [°গৃহিণী, °গেহিনী—বি শিবপত্নী, দুর্গা, কালী। "°নী শ্রী মা ১৬৬। °নী বি.সু ১৩১।]

গিরিষী, -স, গীরিষ বিং [সং গ্রীষ্ম ; অপ্র ; গিরিষ্‌ষি (গ্রাম্য)] গ্রীষ্মকাল। "পিয়া, গিরিষীর বা।—বি পা ২১০। দিব গিরিস কালে বাও গো.চ ১৭৫। আওল্‌ গীরিষ কাল দুরন্ত : গুরুতর গীরিষ গো ২৪৯।

গিরিসঙ্কট বি পর্ব্বতমধ্যস্থ সঙ্কীর্ণ পথ (mountain-pass)।

গিরিসার পুং [ষ.ত] ১ লৌহ। ২ বঙ্গ, টিন। ৩ [স.ত] 'পর্ব্বতশ্রেষ্ঠ', মলয়।

গিরিসুত পুং [ষ.ত] হিমালয়পুত্র ; মৈনাক। —তা স্ত্রী ১ হিমালয়-কন্যা, পার্ব্বতী। "অবতু বো গিরিসুতা শশিভৃতঃ প্রিয়তমা, অবু তবু গি.রিসুত। মায় বলে পড় পুত॥—ব.প ১৭৩৬। ২ গঙ্গা। [গিরিসুতা-সুত-মাসে—কার্ত্তিকমাসে। "ব.প ৩২৩।]

গিরী দ্র 'গিরি^২'।

গিরীন্দ্র পুং [গিরি ইন্দ্রতুল্য, উপ.স] ১ শ্রেষ্ঠ গিরি ; হিমালয়। ২ মহাগিরি, গিরিবর। ৩ [ষ.ত] গিরির (কৈলাসের) অধিপতি ; শিব। ৪ (কুলপর্ব্বতের সংখ্যানুসারে) '৮' এই সংখ্যা। "শ্রুতবোধ ৩৮।

গিরীশ পুং [গিরির ঈশ, ষ.ত] ১ কৈলাসপতি ; শিব। "°প্রতিসক্ত-মানসা কু.স ৫.৩। কৃ ২০। ২ গিরিরাজ, হিমালয়। ৩ গির্ (বাক্য), তাহার ঈশ ; গীষ্পতি, বৃহস্পতি।

গিরে দ্র 'গির^১'।

গিরেপ্তার, গেরেপ্তার, গ্রেপ্তার বিং [ফা গি.রিফ্‌.তার, তু '√গৃভ্‌—সংগৃভ্য (সম্যক্ গৃহীত্বা,—ঋগ্বেদ ১.৫৩.৩) ; গৃভ্‌ (স্ত্রী) —seizing, গৃভ স্ত্রী—গৃহ (ঋগ্বেদ) ; Av. √garew (√গ্রভ্‌, √গ্রহ্‌) ; cf., A. S. gripan ; E. graft, gripe] ধৃত, বন্দী-কৃত, কয়েদ (arrested)। "হুকুম হলো গেরেপ্তার দা ২০৯২। বড়বাবু! ঠকচাচা জাল এৎতাহামে গেরেপতার হইয়াছে আ.দু ১২৯ ; ১৫৮। কেহ বলিল যে, সে ছোটরাণীর মহলে গিরেপতার হইয়াছিল ব.প্র ৪৯৩। —রি, -রী বি [ফা গিরিফ্‌.তারী] বন্দীকরণ, বন্দি করার হুকুম। "তোমার উপর গেরেপতারি থাকিলে বাটী ঘর অনেকক্ষণ ঘের হইত আ.দু ১৫৮। বাপের গ্রেপ্তারির জন্য পরওয়ানা বাহির হইয়াছে ব.প্র ৩৭৬। [°তারি, -রী পরোয়ানা—বন্দি করার হুকুমনামা (warrant)। "শুনে রাজা—উম্ম ভারি্‌...গেরেপ্তারি্‌-পরোয়ানা হয় পুলিশের উপরে দা ২০৮৯।]

গিরো দ্র 'গির^১'।

গির্জ্জা; বি [P. Igreja] খৃষ্টানদিগের উপাসনা-মন্দির (church)। "তিনি নিকটে কি দূরে, অন্তরে বাহিরে, মসজিদে কি গির্জ্জে মন্দিরে॥ —গান।

গির্দ্দা, গিরবি দ্র 'গিদ্দা ; গিরিবি'।

গিল্‌ সক [তুদা, প— √গৄ— √গির্‌ > √গিল্‌—গির(ল)তি, √গিল্‌ (ত.বা) ; সেট্‌ ; সার্ব্বধাতুকবিষয়] ভক্ষণ, গিলন।

গিল^১ বিণ [√গিল্‌+অ (ক)-ক ; স্ত্রী -লা] ভক্ষক, খাদক। "তিমিঙ্গিল-গিলোঽপ্যস্তি তদ্‌গিলোঽপ্যস্তি রাঘবঃ শু ৩.২২২।

গিল^২ সর্ম্ম [সং √গিল্‌ >লি, প্রা √গিল, সং √গৄ >প্রা √গিল (প্রা.স ৭.২৪) ; হি, মৈ √গিল ; ঠ √গিল ; অস √গিল্‌] ১ ভক্ষণ করা ; খাওয়া ; পান করা। "অমিয়া আচ্ছন্তে বিস গিলেসি রে চিত্ত চ ৬০। মাধাই।—মদ দে। জগাই।—গিল্লি, আর পাব কোথা? গি.দ্বি ৭৫। ২ না চিবাইয়া খাওয়া ; গিলিয়া ফেলা। "সীতারে গিলি গ্রাসে কৃ ১৩১ ; ২৬৩ ; তাহারে গিলিব ২৭৬, যায় রামে গিলিবারে ২৮২ ; ৩৪৪। উগারি গিলে করিবরে ক.চ ২০১ ; -৪১। মে ২৬৭। [গিলা^৩, গেলা^১—১ সর্থ 'গিল^২'। ২ ভক্ষিত, গিলিত।]

গিলন স্ত্রী [√গিল্‌+অন (ল্যুট্‌)-ভা, নিপাতিত] ভক্ষণ, গলাধঃ-করণ। "কবলগিলনে কণ্ঠব্যথা (ভাবপ্রকাশ—শ.ক)। [গি(গে)লন —ভক্ষণ। "কুকুর...তাহা চর্ব্বণ লেহন গেলন এবং হজমকরণে প্রবৃত্ত হইল ব.প্র ৬৩৪।]

গি(গে)লা^১ সর্ম্ম [√গিল^২ +আ^৮] ভক্ষণ করান, খাওয়ান, গিলান। "কুপী ভরি গিলাইব হারামের হাড় ভা.চ ৪৯৫। [গিলান, গেলান —সর্থ 'গিলা^১'।]

গিলা^২ বি [ঢ় গিল] ১ বৃহৎ লতাবিশেষ (Entada hursaetha)। "ম ১২৫৭। ২ গিলার গোল চেপ্টা ফল (ইহাতে কাপড় কোঁচায়)।

গিলা^৩ দ্র 'গিল^২'।

গি(গে)লাপ -ফ বি [আ গি.লাফ্‌, গ.লাফ্‌] ১ আবরণ, চাদর। "পাটের গিলাপ (গেলাপ) তাথে চৈ ম ৩৮। ২ গায়ের চাদর। "গায়ে গেলাপ দা ৫৬। ৩ বালিশের ওয়াড়। ৪ আবরণ। "সুবর্ণের বাটা নিল গেলাপ করিয়া গো.চ ৩৫৫ ; ৩৫৬। ম.গা ১৭।

গিলিত বিণ [√গিল্‌+ত (ক্ত)-র্ম্ম] ভক্ষিত, ভুক্ত, চর্ব্বিত, গ্রস্ত (অ.কো)। [গিলিত চর্ব্বণ করা—ভক্ষিত খাদ্য উদ্গিরণপূর্ব্বক চিবান ; জাবর কাটা।]

গিল্‌টি বিং [E. gilt] সোনার অতিসূক্ষ্ম পাত দিয়া মোড়া ; সোনার রসে রঞ্জিত ; সোনালি-হল-করা। "গিল্‌টি গয়না।—কা ১০১। এ পিত্তল শুদ্ধ গিল্‌টি করা।—মন্দ্র ৩৩। [গিল্‌টি-করা গহনা—সোনালি-হল-করা গহনা। "বি.বু ৩০।]

গিসগিস বি [ভাবাত্মক ; 'গ্রীষ্ম'—মূল (?)] ১ ক্রোধ হেতু উত্তেজনার বা গা-জ্বালার ভাব। "রাগে গা গিসগিস করে। ২ সর্থ 'গিজগিজ'। "ব্রাহ্মণ পণ্ডিতে বাড়ী গিসগিস কচ্ছে হু ১৮৬।

গিহ বি [সং ঘৃত >প্রা ঘিঅ >বা গিহ ('হ' আগমে ঘ >গ)? ; অপ্র] ঘৃত। "অগ্নির প্রশনে (স্পর্শনে) গিহ উনাই পড়ে পুনি গো.চ ৩১৬ ; ম.গা ২।

গীঃ(গির্‌) স্ত্রী [√গৄ+ক্বিপ্‌ (০)-র্ম্ম-১ব] ১ বাক্য, বচন। "ভবতীনা শূনৃতয়ৈব গিরা কৃতমাতিথ্যম্‌ শ ১$\frac{২}{৬}$। কোকিলনাদিনী, গীঃপরিবাদিনী ভা.চ ২৯০। ২ পক্ষিরব, কূজন। "কূজদ্ভির্বিবিধা গিরঃ।—মহা ৩.১০৮.৭। ৩ স্তুতি। ৪ সরস্বতী। ৫ বেদ। "কু.স ২.১২।

গীত বিণ [গৈ+ত (ক্ত)-র্ম্ম] ১ উচ্চারিত, পঠিত (chanted)। "(শ্লোকঃ) স্বয়ং গীতঃ স্বয়ম্ভুবা গো.রা ২.৬১.৯। গাথা বায়ুগীতা মনু ৯.৪২। ২ কথিত। "গীতশ্চায়মর্থোঽঙ্গিরসা ২$\frac{১}{৬}$। ৩ শব্দিত। ৪ স্তুত। ৫ কৃতগান। "গীতা সুগীতা কর্ত্তব্যা (শ্রীধর)। ৬ [+ত-ভা] যে গান করিয়াছে। "আর্য্যে সাধু গীতম্‌ শ ১$\frac{৪}{৫}$। —ত ক্লী [+ত-ভা] ১ গান (singing)। ২ গেয় পদ ; গান (song)। "°পুস্তক, °প্রিয়, °রাগ। ঢুণ্ঢণ পাত্রর গীত চ ৫১। অপ্সরা...গীত গায়ন্তি কৃ.উ ২৮৭। গাইতাম গীত শুনি কোকিলের ধ্বনি মে ১২৯। মুগ্ধ হৃদয়, গাঁথিয়াছে গীতহার চ.কা ৭২। ৩ গীততুল্য মধুর কূজন। "শুনি কোকিলের গীত মা ৯৩। [গীত দ্বিবিধ—বীণাদিযন্ত্রজাত ও মুখজাত।] [°গোবিন্দ (পুং)—কবি জয়দেবকৃত কৃষ্ণচরিতাত্মক কাব্যবিশেষ। °প্রিয় (বিণ) —১ গীত যাহার প্রিয়বিষয় ; গানানুরক্ত। ২ (পুং) মহাদেব। °রাগ (পুং)—গীতমাধুর্য্য। "গীতরাগেণ হারিণা শ ১.৫। °শাস্ত্র (ক্লী) —গীতবিদ্যা, গীতকলা। °হার (বি)—গানরূপ হার। "চ.কা ৭২।]

গীতা স্ত্রী [গীত+স্ত্রী আ (টাপ্‌)] ১ তত্ত্বজ্ঞানার্থ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অর্জ্জুনের প্রতি প্রশ্নোত্তররূপে উপদিষ্ট আত্মবিদ্যাবিষয়ক শ্লোকনিবদ্ধ গ্রন্থবিশেষ।

"গীতা সুগীতা কর্ত্তব্যা (শ্রীধর)। ২ শ্লোকনিবদ্ধ তত্ত্বপূর্ণ গ্রন্থমাত্র। "ব্রাহ্মণ°" 'ভগবতী°', রাম°, শিব°। শ্রীরাধার প্রেমালাপ ভ্রমরগীতাতে চৈ.চ ৩৫২।

গীতি স্ত্রী [√গৈ+তি (ক্তিন্)-ভা] ১ গান (singing)। ২ [+তি-র্ম্ম] গেয় পদ, গান (song)। "রাগপরিবাহিণী গীতিঃ শ ৫-১। অপ্সরোগীতি কু স ৩৪০। গীতিচ্ছন্দে কহি ম ২; গীতিচ্ছন্দে বিরচিল ৭। মধুপগুঞ্জন-গীতি।—কথা ১৭। কি মধুগীতি তুলিলে নদীকল্লোলে।—রবীন্দ্র। ৩ গুঞ্জন, মধুরাস্ফুটধ্বনি। "মধুলেহি" ভট্টি ২.৭। ৪ আর্য্যাচ্ছন্দোবিশেষ। —তিকা স্ত্রী [+ক (কন্) স্বার্থে, হ্রস্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ গীতি, গান। "মহা ৩৮১.৭৩। গীতিকা পুণ্য কু.উ ২৮৭। ২ হ্রস্বগীতি; ছোট গান। ৩ বিংশত্যক্ষরপাদ বর্ণবৃত্তবিশেষ। [°কাব্য (বি)—গীতিময়-কবিতা; গীতচ্ছন্দে রচিত কবিতাগ্রন্থ—চণ্ডীদাস বিদ্যাপতি-প্রভৃতির গেয় পদাবলী ও কবিকঙ্কণচণ্ডী-প্রভৃতি মঙ্গল-কাব্য। °নাট্য (বি)—গীতিময় নাটক (অর্থাৎ যে নাটকের বিষয় গীতচ্ছন্দে রচিত ও গীত)—রবীন্দ্রনাথের 'বাল্মীকিপ্রতিভা' গ্রন্থ। °চ্ছন্দ (বি)—গানের ছন্দ; পয়ার ত্রিপদী প্রভৃতি গানের যোগ্য ছন্দ। "ম ২; ৭।

গীতী (-তিন্) পুং [গীতি+ইন্ (ইনি)-অস্ত্যর্থে-১ব] যে গীতিস্বরে কবিতা আবৃত্তি করে; গীতিগায়ক। "গীতী শীঘ্রী শিরঃকম্পী তথা লিখিতপাঠকঃ (শিক্ষা)। সকরুণ গীতে গীতী গাইছে কাঁদিয়া. রক্ষোদ্রুঃথ। মে ৩১০।

গীর বি [সং গির্ (গীঃ) >বা গীর; বৈষ্ণবসাহিত্যে] বাক্য, কথা, পাখীর বুলি। "কৈছনে শারী শুক বোলত গীর।—গো ২৪১। পড়ই ঐছন আমিয়া গীর ব ১১৩; প.র ৪০।

গীর্ণ বিণ [√গৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ ভক্ষিত, গিলিত। তু 'উদ্গীর্ণ'। ২ স্তুত। ৩ বর্ণিত।

গীর্ব্বাণ পুং [গীঃ (বাক্য) বাণ যাঁহার, বহুব্রী] বাক্য যাঁহার বাণতুল্য কার্য্যসাধক; দেবতা, সুর। "গীর্ব্বাণবৃন্দ কু.স ১৩.৩১। °চেতোহর (ভামিনীবিলাস)। গীর্ব্বাণপ্রধান শ্রী.মা ২। গীর্ব্বাণের ভূপ শি ১২; ৩৬। —র্ব্বাণী বি [.ণ+স্ত্রী ঈ৬] দেবী। "হে শিবে…গীর্ব্বাণি দা ২১৬৯।]

গীষ্পতি পুং [গীর্+পতি; ষ.ত; গীঃপতি, গীর্পতি (বিকল্পে)] ১ বাক্যের পতি; বৃহস্পতি। ২ পণ্ডিত।

গু[১], গূ বি [সং গুদ (?), গূথ, গূ >প্রা গূহ >বা গূ, গু; হি, ঠ, গু—'গূ'; ফা গুহ্; Av. gūtha; Pahlavî—gūh; Afgan—gul; Kurdish—gū] ১ মল, বিষ্ঠা। "আমা হেন মহাপাতকীর মুখে গু।—ভ.গ্র ৩০৭। ২ অসারভাগমাত্র। "লোহার গু। ৩ (সাদৃশ্যে) বিষ্ঠাবৎ জঘন্য বা কুৎসিত বস্তু; ঘৃণাজনক দ্রব্যমাত্র। [গু করা—অত্যন্ত অপরিষ্কৃত করা। গু-ঘাঁটা পাগল—উন্মাদ পাগল। গু-মুত কাটা—বিষ্ঠামূত্র পরিষ্কার করা (শিশুপালনে, রোগপরিচর্য্যায়)। গুএর অধম করা—অতিহেয় প্রমাণ করা। গুএর এ পিঠ, আর ওপিঠ—(দুই বিষয়ের অপকৃষ্টতার তুলনায়) বিষ্ঠার দুই পিঠের মত, দুইই সমান অপকৃষ্ট; এক ভস্ম, আর ছার। গুএর জিনিস—অতিজঘন্য দ্রব্য। গু-বন—আবর্জ্জনাময় স্থান; আদাড়-আস্তাকুড়। গু-মুতে বা গু-গোবরে থাকা—অত্যন্ত অপরিষ্কৃতভাবে থাকা। গু হওয়া—(বস্ত্রাদি) অতিমলিন হওয়া। গুয়ে-বাবলা—একপ্রকার বাবলাগাছ (ইহার ফুলে উগ্র গন্ধ)। গুয়ে-শালিক (সং বিট্শারিকা)—বিষ্ঠাকীটপ্রিয় শালিক-বিশেষ।]

গু[২] ক্রি.বিভ [কু[৪] >গু; অপ্র] কর্ত্তৃবাচ্যে আদেশসূচক প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "তোর হগু বংশনাশ কৃ.উ ১৫৫। মাপ হগু শ্রী.মা ১০৮; লগু, কগু ১১০; চাগু, দেগু, ১১২; যাগু ১৫৯; রাখুগু ১৯৫; পাগু, যাগু ১৯৬; যায় জাগু: রগু ১৯৭।

গুআ, -য়া বি [সং গুবাক >প্রা * গুআঅ >বা গুআ, গুও, গুয়া; হি গুআ, গুয়া, -য়াক (গো.চ); গোয়া বি.পা ২৭৮,-৯] ১ পূগফল, সুপারি। "গুআ পান শ্রী কী ২৪; ২৫। চাউল গুআ শূ ৬৬। গুয়া গো.চ ৯; ৫৪; গুআ চাবাইয়া ৫৯; গুআ মুরি ৮৪। গুআ নারিকেল গো.বি ৫৬, টীকা। গুআ কাটায় হৈল গণ্ডগোল ক.চ ৪৮; গুয়া পান ২৬; ২০৪; ২৪৫। ধর গুয়া পাণ ম ম ১১৮; গুয়ার বাখান ১৭৫; গুয়া চাউল ১৮০। ঝুঝিতে আরতি কৈল দিয়া গুয়া পান।—কৃ ২৮৭। গুয়া পান।—চ.বি ১৮৮। পান গুয়া।—শ্রী ৫৫। গুয়ার দোকান।—রঙ্গ ১০। ২ সুপারি গাছ। "চান্দর গুয়াবাড়ী ম.ম ৬৬। গাছ পাঁচ সাত গুয়া চৈ.ভা ৪৫৭। [গুআ(য়া)-কাটা—বিবাহে স্ত্রী-আচারবিশেষ। গুআ মুরি—গুয়া ও মৌরি। গুয়াগুটি—সুপারির গুটি; ছোট সুপারি। "ক চ ১৫৪। গুয়া-বাড়ী—সুপারি-বাগান। গুয়া পড়া—আভিচারিক কার্য্যে সুপারি অভিমন্ত্রিত করা। "আমি গুয়া পড়া জানি বি.পা ২৯১। গুয়ামুটি—গুয়ার আকারে (?) কবরীরচনাবিশেষ। "কবরী বান্ধিল রামা নাম গুয়ামুটি ক.চ ১৫৪।]

গুইসাপ বি [সং গোধিকা >প্রা গোহিয়া >বা (গোহি) >(গোই) গুই; মৈ গোহি (গোধি)—কুম্ভীর] দ্র 'গোসাপ'।

গুও, গো বি [দ্র 'গুআ'] সুপারিগাছ বা সুপারি ফল। "আট চার গুও। আম নাড়ায় টুকটুকী, কাঁঠাল নাড়ায় ভুও॥—খনা। তিন নাড়ায় গো। কাঁটাল নাড়ায় ভো॥

গুওটা বি ['গু-খেকোর-বেটা'—মূল] বাপান্ত গালিবিশেষ। "এ গুওটা শীঘ্র খারাপ হবে স এ ৯। গুওটা-নন্দন-বংশ, ভোগোলের শেষ নী ৭০; তুমি গুওটা ব্রাইগু ৭২।

গুঃ 'গুজরং' শব্দের সংক্ষেপাক্ষর [গুঃ খোদ—গুজরং খোদ।]

গুঁ(গু)জ সর্ম্ম [গোঁজ > √গুঁজ, √গুজ; তু 'হি গোঝা (গুহ্য)—পকেট; 'গুজিয়া'—"খোপাএ গুজিয়া গো.চ ৫০] ১ গোঁজের মত বলপূর্ব্বক প্রবেশ করান; খুসিয়া রাখা; ঢুকান, বসান। "তুসের নৌকা বৈঠা মএনা খোপাএ গুজি নিল গো.চ ১২৫। আপন বাসার চালে রাখিল গুজিয়া (চৈ.চ)। মুখে দিব বস্ত্র গুজি।—স্ব.প্র ১০৭। ২ অন্তরালে বা ফাঁকে প্রবেশ করান; গলান, ফাশান। "রাক্ষসের হাতে রহে সকল বন্ধন। মাথা গুঁজি বাহিরায় পবননন্দন॥—কৃ ২১৬। ৩ ['গুহ্য'—মূল?] গুপ্ত বা লুক্কায়িত করা; নত করা। "গরুড় হুঙ্কার দিয়া উত্তরিল গিয়া। মাথা গুঁজে যত সাপ যায় পলাইয়া॥—ভা.চ ৭৭। [গুঁজা, গোঁজা—সর্থ 'গুঁজ'।]

গুঁজি বি [গোঁজ+ই[১২] >গোঁজি >°জি; হি গুজী—ছড়ি] ১ ছোট গোঁজ; সূক্ষ্মাগ্র ক্ষুদ্র কীলক বা খিল। "মতিহারে বাঁশের গুঁজি দা ৫৭৬। ২ খোপায় গোঁজার কাঁটা বা কাঠি। "রাখ বোন ফুল তেল গুঁজিকাটি তোর অ গু ১০৩। ৩ উপনয়নে কর্ণবেধার্থ সূক্ষ্মাগ্র রূপা-প্রভৃতির ক্ষুদ্র কীল।

গুঁটলি, -লে বি [গুঁটি+ল স্বার্থে; হি গুটঠল, 'গুঠলী' (ফলের বীজ); ঠ গুলী] ১ ক্ষুদ্র দৃঢ় পিণ্ড; গুলি। ২ স্ফোটকের ও স্তনের অন্তর্গত মাংসপিণ্ড। ৩ মলের দৃঢ় গুটিকা; মলপিণ্ড।

গুঁ(গু)টি বি [সং গুটিকা, গুটী; হি, ঠ গোটী; অস গোট্—ফল]। ১ ছোট গোল ইট-পাথরের খণ্ড; গুলি। "গুঁটি খেলা। ২ পাশাখেলার স্তনাকৃতি ক্ষুদ্র হস্তিদন্ত অস্থি বা কাষ্ঠের খণ্ড। "পাকা গুঁটি। পড়িল সরস দান চালাইল গুটি রা.শে ৭৪। ৩ মৃদঙ্গ-তবলার চর্ম্মরজ্জুর বেষ্টনে বদ্ধ বালিশের মত গোল কাষ্ঠখণ্ড। ৪ তসরপোকার বা কুল-পোকার কোষ বা কোয়া (cocoon)। "°পোকা। ৫ কচি আম;

ছোট আম। "মাঘে বোল ফাগুনে গুঁটি। চৈতে কাটাকুটি॥ ৬ গো-বসন্ত (small-pox)।

গুঁড়া১, -ড়ি১, গুড়া১ বিং [সং গুণ্ডিত > প্রা গুংডিঅ > বা (গুঁড়িয়া) গুঁড়ি, -ড়া] ১ নিষ্পিষ্ট, চূর্ণীকৃত। "গুঁড়া সিদ্ধি।—শি ৩১। গুঁড়ি ঝালে রাণাকে চেতন করে দাই শ্রী ৪২। ২ চূর্ণিত, নাশপ্রাপ্ত, চূর্ণ। "গুমান হইল গুঁড়া, না মিলিল খুদ কুঁড়া।—ভা.চ ১১৩; ৩৯০। —ড়া, -ড়ি, -ড়া বি [সং গুণ্ডক > প্রা॰গুংডঅ > বা গুণ্ডা, গুঁ(গু)ড়া, -ড়ি] ১ চূর্ণ, পিষ্ট (powder)। "মাথা করে গুঁড়া কৃ ২৮৯। বজ্র হইল গুড়া চ.বি ৫৯; ৯৫। গুঁড়ি কুটি সাজাইল পিঠা শ্রী ১০৭। সিদ্ধি গুঁড়া ভা.চ ১০৪। গুঁড়া খেলে বুড়া লোক পড়ে থাকি পাছে শি ৩১। ভাঙ্গের গুড়ি গো.চ ৩৭। ভাঙ্গিয়া করি গুঁড়া ৭২। ফাগুয়ার গুঁড়ি ভ.গ্র ৩৮৮। চেলের গুঁড়ি জা ১৮। ২ ধ্বংসাবশেষ। "আছিল বিস্তর ঠাট প্রথম বয়েসে। এবে বুড়া তবু কিছু গুড়া আছে শেষে॥ —ভা.চ ২৭৯। ৩ মৃত্তিকাদির চূর্ণ। "কপাট না নড়ে, গুড়াটী না পড়ে, কেমনে আইল নর ভা.চ ৩১৯। কুন্দলের গুড়া শি ৭৭।

গুঁড়া২, গুড়া২ বি [হি গোংড়া—a cross timber of a boat; তু 'গুঢ়া' (শ্রীকী); গুঁড়ো (কথ্যভাষা)] নৌকার ডালিতে সংলগ্ন আড়কাঠ। গুঁড়া চাপি চাপি৹ বৈসে সব গোপী: গুঁড়া ছাপায়্যা ভরিছে পানী শ্রী.ম ৬৭। ভাঙ্গা নাএর গুড়া গো.চ ৭৪। লাগাইল বাঁক গুড়া বা.ম ১৪৬। চন্দন কাষ্ঠে তার গুড়া ম.ম ১২১। পাশে গুড়া বসিতে কাণ্ডার ক.চ ২২২। গুড়া জড়াইয়া ধরে ভ.গ্র ৪৪৩। [গুড়-লা—নৌকার গুঁড়া। "গুড়-লায়ে পাক পাড়ে ঢেউয়ে আছাড়ে বি.পা ২৩১।]

গুঁড়া৩ সর্ম্ম [গুঁড়া১+আ৯; সং √গুণ্ডি] ১ চূর্ণ করা; ধূলার মত করা; গুঁড়ান। ২ [গুঁড়া+আ৮] চূর্ণ করান; পেষান। [গুঁড়ান—১ সর্ম 'গুড়া৩'। ২ চূর্ণীকৃত, পিষ্ট।]

গুঁড়ি২, গুড়ি১ বি [সং গণ্ডি (অ.চি); 'গোড়'—মূল (ঢাকা), ড় গর] ১ বৃক্ষের মূলাবধি স্কন্ধ পর্যন্ত অংশ; কাণ্ড। "গুঁড়িকাষ্ঠ।—হেম ৩৯০] ২ গুঁড়ির নিম্নভাগ; গোড়া। "গাছের গুঁড়ি কৃ.উ ১১। গাছের গুঁড়ি কৃ ৪৪৩। ৩ (সাদৃশ্যে) আকমাড়া কলের লৌহপিণ্ডদ্বয় (roller)। ৪ (অপ্র) ধান্যনালের মূলভাগ; গোড়া। "ঘাস থুইয়া চান্দ ধান্যের কাটে গুঁড়ি ম.ম ১৫০।

গুঁড়িকচু বি একপ্রকার গুঁড়া (ছোট) কচু।

গুঁড়িগুঁড়ি, গুড়িগুড়ি বিং [গুঁড়ি১ > °ড়ি, দ্বিত্ব] গুঁড়ির মত ক্ষুদ্র ক্ষুদ্র (বৃষ্টিবিন্দু)। [গুড়িগুড়ি বৃষ্টি—গুঁড়ার মত বৃষ্টিবিন্দু; মুনগুড়নি (drizzle)।]

গুঁ(গু)ড়িপিঁপড়া বি [গুঁড়ি১+°ড়া] ক্ষুদ্র পিপীলিকাবিশেষ।

গুঁড়ী, গুড়ী বি [গুড়+ঈ৭, ই৮] গুড়দ্রব্যের শিল্পী; ময়রা। তু 'গুড়ীয়া'। "গুড়ী মুড়ী শ্রী ১৩। ধোবা জেলে গুঁড়ী ভা.চ ২৭৩।

গুঁতা১, গুতা১ বি (আ গো.তা—ডুব (a dive); হি গোতা—ডুব; ঠ গুংতা, গুতা—বিপদ্; গোতা—আঘাত, দংশন; গুঁ(গু)তো (কথ্যভাষা)] ১ (ডুব দেওয়ার সাদৃশ্যে?) মাথা বা শিঙ দিয়া আঘাত; ঢু-মারা, ঢুসান। "গোরুর মাথার, শিঙের গুতা। ২ লাঠির আগার আঘাত; হুড়া। "কিল গুঁতা শ্রী ১৫। 'ব্যাটন' গুঁতোর চোটে।—হেম ৩৭৮। রেলওয়ের চাপরাসীরা গুঁতো লাগাচ্ছে, তথাপি নিবৃত্তি নাই। হু ২২৮। ৩ আঘাত, প্রহার। "গালে গুঁতা—গোটা বিশ বি.সু ৯৫। সাধে কি বাবা বলি গুতার চোটে বাবা বলায়।—দ্বিজেন্দ্রলাল রায়। ৪ বিপদ্। "লোকমুখে শুনি সর্ব্ব বুদ্ধি হরে গুঁতা ব.প ৪৭৮। ৫ উৎপীড়ন, দৌরাত্ম্য, শাসানি, ঠেলা। "একের নম্বর গুঁতো মেজেষ্টরের; দুয়ের নম্বর গুঁতো সেসান জজের, তিনের নম্বর গুঁতো হাইকোর্টের; চারের নম্বর গুঁতো গবরণমেণ্টের, পাঁচের নম্বর গুঁতো বেনামী দরখাস্তের। গুঁতাং পঞ্চ উপর্য্যুপরি।—জ্রা ৫। [গুতা খাওয়া—মার খাওয়া; উৎপীড়ন ভোগ করা। গুতাগাতা—মা'র-ধ'র, খোঁচাখুঁচি। গুতাগুতি (ঠ গুন্তাগুত—দুঃখ, বাধা)—পরস্পর আঘাত; খোঁচাখুঁচি; পরস্পর শৃঙ্গাঘাত। গুতা দেওয়া, মারা, লাগান—আঘাত করা। গুতার চোট—মারের ধমক।]

গুঁতা২, গুতা২ সর্ম্ম [°তা+আ৯; হি √গঁথ—ছুঁই দিয়া গাঁথা] ১ লাঠির বা শিঙের আগা দিয়া আঘাত করা; ঢুসান, গুতান। "মহিষ গুঁতায় কভু, ব্যাঘ্র কভু ধরে স্ব.প্র ১৮৮। ২ পীড়ন করা; শাসান। ৩ প্রহার করা; মারা, খোঁচান। "নাহি গণে আগা পিছা, যার যায় খড়গাছা, প্রথমেতে আমারে গুঁতায় বি.সু ৮৫। [গুঁতান—সর্ম 'গুঁতা২'। গুঁতানে—যাহার গুঁতান স্বভাব; ঢুসুনে (গোরু, মহিষ)। গুঁতান দেওয়া—প্রহার করা। গুঁতা(তু)নি—মা'র, উৎপীড়ন। "কোণে বোসে কুণো গুঁতুনি পাই ব.সু ৫৯।]

গুখেগো, গুখোর বিং [গু+খেগো, খোর] বিষ্ঠাখাদক। [গুখেগোর বেটা—বাপান্ত গালি। গুখো(খু)রী—গুখোরের কার্য্য; অপকর্ম্ম, ঝকমারি। "চাকরী, না গুখুরী।]

গুগুলি, গুগ্‌গুলি, -গ্‌লি বি [তু 'ঘুগ্‌ঘুরি'—ভেক (দেশী ২.১৬)] পুখুর-প্রভৃতির স্থির জলের ছোট শামুক; গেড়ি। "গুগ্‌গুলি খুঁজিতে হস্তে মিলয়ে রতনে ভ.গ্র ১৮; গুগুলি উঠয়ে ৩৭১। গুগ্‌লি হাঁড়ি ভরে শি ৮৫। [গুগ্‌লির জল—গুগ্‌লি হইতে নির্গত জলবৎ পদার্থ।]

গুগ্‌গুল, -লু পুং, ক্লী [ছান্দস] গুগ্‌গুলবৃক্ষের সুগন্ধি নির্য্যাস (Bdellium)। [মহিষাক্ষ মহানীল কুমুদ পদ্ম হিরণ্য—গুগ্‌গুল এই পঞ্চবিধ (ভাবপ্রকাশ)।] "সর্জ্জরস গুগ্‌গুলু প্রভৃতি।—রঙ্গ ৪৩। গুগ্‌গুলেতে বাতের বিরাম দা ৩৬৩।—গুল, -লু পুং গুগ্‌গুল বৃক্ষ (Amyris Agallochum)।

গুচি, -ছি বি [গোছ, -ছ+ই১১; হি গুচী—এক শ পানের তাড়া; অস গুছি—কুড়িটা পান; দ্র 'গোছ'] ১ ছোট গোছ বা তাড়া (bundle)। "চুলের গুছি। ২ পানের সংখ্যাবিশেষ; পানের গোছ (পাঁচ গণ্ডা, একপণ, একশ)। ৩ ধানগাছের গুচ্ছ। কোল পাতলা ডাগর গুছি। লক্ষ্মী বলেন ঐখানে আছি॥—খনা। চুলের গুছি —চুল বাঁধার নিমিত্ত ছেঁড়াচুলের ছোট গোছ।]

গুচ্চা(চ্ছা)র বিং ['গুচ্ছাকার'—মূল] গুচ্ছীকৃত, রাশ-করা, কতকটা, কতকগুলা (অবজ্ঞাসূচক)। "গুচ্ছার ভাত, তরকারি, ফল, ফুলুরী ইত্যাদি।

গুচ্ছ পুং [তা 'কুচ্চম্,; তু 'সং গুৎস'] ১ কলিকাকুসুমাদির স্তবক; পুষ্পাদিস্তবক; ফুল-ইত্যাদির থলো বা থোকা (অ.টী)। "অযুক্‌চ্ছদগুচ্ছ-সুগন্ধয়ঃ সততগাঃ মাঘ ৬৫০। তাপিঞ্ছগুচ্ছাবলী গী.গো ১১.১১। ২ স্তবক, থোকা (bunch); গুচ্ছ, গোছা (bundle)। ৩ তৃণ-ধান্যযবাদির গুচ্ছ বা গোছ। ৪ যাহাদের মূল হইতে লতাসমূহ জন্মে এবং কাণ্ড নাই তাদৃশ উদ্ভিদ্—মল্লিকা-প্রভৃতি (কুল্লুক)। "মনু ১.৪৮। ৫ দ্বাত্রিংশদ্‌যষ্টিক (বত্রিশ-নরী) হার (অ.চি)। ৬ মুক্তাহার (অ.টী)। ৭ স্তবক, নিচয় (clump)। ৮ ময়ূরপুচ্ছ, কলাপ। ৯ গুচ্ছকরঞ্জ। [°ফলা (স্ত্রী)—যাহার গুচ্ছাকৃতি ফল; কদলী; দ্রাক্ষা।]

গুচ্ছা বি [সং গুচ্ছ; হি গুচ্ছা] ১ স্তবক, গোছা। "মাধবী লতার গুচ্ছা ভ.গ্র ৩৯৬। ২ বত্রিশনরী হার। (দেন) যুত মুক্তামণি, গুচ্ছা যারে ভণি হু ৪৩।

গুচ্ছা সর্ম্ম [গুচ্ছ+আ৯ > গুচ্ছা > °ছা] ১ গুচ্ছাকারে বদ্ধ করা; গোছ বাঁধা; মিলিত বা একত্র করা। "গুছাইয়া রাখিলে উজায়ে থাকে বাই শি ১০৫। ২ পরিপাটিপূর্ব্বক রাখা; সজ্জিত করা;

সাজান (কাপড়-চোপড়, জিনিশ-পত্র ইত্যাদি)। ৩ শৃঙ্খলাবদ্ধ করা ; নিয়মিত করা (সংসারের কাজকর্ম্ম, সংসার)। ৪ সুসঙ্গত করা ; যথাক্রমে সাজান। "কোন বিষয় গুছাইয়া বলা বা লেখা। [গুছান—সর্থ 'গুছা'। গুছানে—যে গুছাইতে জানে ; সংসারের বিধি-ব্যবস্থায় নিপুণ ; গোছাল। গুছিলেক—গুচ্ছ করিয়া বাঁধিল। "গু.ছিলেক কেশ।—ব.প ১৩২২। কাজ গুছান—কার্য্য সিদ্ধ করা ; কাজ সারা। সংসার গুছান—সংসারের আসবাব-পত্র ঠিক-ঠাক করা।]

গুজ বিং [কুব্জ৪ > গুজ ; অপ্র.] কুব্জপৃষ্ঠ, কুঁজা। "মেরুদাড়া ভাঙ্গিল গুরু হইলেক গুজ গো.বি ১০৯। মী ২১।

গুজগাজ, -গুজ বি [ধ্বন্যাত্মক ; সং √গুজ—শব্দ ; ঠ গুজগুজ ; গু গুচপুচ, -পুছ, গুজ (গুহ্য) ; cf, Av guz (√গুহ্‌) ; প্রা গুজ্‌ঝ (গুহ্য)] ১ পরস্পর গুহ্যভাষণের (চাপা সুরে কথা বলার) শব্দ। ২ মৃদুস্বরে ভারী গলায় কথোপকথনের শব্দ। ৩ কোন অপ্রিয় বিষয়ের গুহ্যভাবে মৃদুস্বরে সমালোচনার শব্দ। "চারদিকে অসন্তোষের গুজগাজ পড়ে গ্যাল হু ১০৩। [গুজগুজানি—গুজগুজ করা। গুজ-গুজানি ফুসফুসানি—গুজগুজ ফুসফুস করিয়া কথা বলা। গুজগুজে—যে গুজগুজ করে ; যে ফুটিয়া মনের কথা বলে না।]

গুজব বি [ফা গ.জ.ফ্‌, গু.জ.ফ্‌] অসম্ভব কথা ; মুখে মুখে প্রচারিত কথা ; জনরব। "বন্ধুত্ব ও দুদণ্ডের হাসি ও তামাসা. গল্প ও গুজব।—মন্দ্র ৭। [গুজব উঠা বা রটা—জনরব হওয়া।]

গুজর অর্ম্ম [√গুঞ্জর > √গুজর ; তু 'সং √গুঞ্জ—কূজন, অপ্র] গুন্‌গুন্‌ করা। "গুজরে ভ্রমর শ্রী.কী ৮০ ; ৩৪২।

গুজরৎ [ফা গু.জ.ার্‌ ; গু.জ.ারদন্‌—to hand over, give ; ঠ গুজারত—medium (of persons)] যাহার হাতে প্রাপ্ত ; যে দেয় ; মারফৎ। ['গুজরৎ' সংক্ষেপে 'গুঃ'। যেমন, 'গুঃ খোদ, গুঃ অমুক পাইক'—মারফৎ খোদ, মারফৎ অমুক পাইক।]

গুজরা অর্ম্ম [হি গুজরনা—to pass, go] বলিয়া যাওয়া ; সাক্ষ্য দেওয়া ; বলা। "তৃতীয় সাক্ষীও ঐরূপ গুজরাইল ব.প্র ৩২৭।—রা সর্ম্ম [হি গুজরান—to present] উপস্থাপিত করা ; দাখিল করা ; দেখান। "জানাইব কেমন ছেলে মোকদ্দমায় দাঁড়াইলে। যখন গুরুদত্ত দস্তাবিজ গুজরাইব মিছিলকালে॥—রামপ্রসাদ। হস্তবুদের উক্তে সনন্দ গুজরিয়া…জমিতে দখল পাইয়া…সেবা পূজা করিতেছি E.P. 62; নকসা…হুজুরে গুজরাইবার কারন…সেরেস্তাদারের নামে হুকুম হইয়াছিল 75 ; কাগজ হুজুরে গুজরাইবা 76.

গুজরাট বি [সং গুর্জ্জর+রাষ্ট্র ; হি °রাত ; ঠ °রাত,-থ। তু 'গুজুরাট' (ম.পা ৫৬ ; ৫৭)] ১ গুর্জ্জর জাতির অধিষ্ঠিত দেশ ; ভারতের পশ্চিমপ্রান্তস্থিত সমুদ্রতীরস্থ দেশবিশেষ ; গুর্জ্জরদেশ। ২ গুজরাটের নগর বা পুর। "গুজরাটপুর ক.চ ৮০ ; মালী বৈসে গুজরাটে ৮৯। —রাটী বিং [গুজরাট+ঈ৭ ; হি °রাতী ; ঠ °রাথী] গুজরাট-দেশীয়, অর্থাৎ গুজরাটে জাত, স্থিত বা প্রচলিত। "গুজরাটী চিরা বি.পা ২৯১।—টী বি ১ গুজরাটের অধিবাসী। ২ গুজরাটে প্রচলিত ভাষা। [গুজরাটী (গুজরুটে) এলাচ (হি গুজরাতী)—গুজরাটে জাত এলাচ ; ছোটএলাচ। গুজরুটে (গৌণার্থে)—খর্ব্বাকৃতি, বেঁটে।]

গুজরান, গুজারণ, -না -গুজুরান, বি [ফা গু.জ্‌.-রান্‌ ; হি °ণ—জীবিকা ; অস °ণ] ১ নির্ব্বাহ, কালক্ষেপ, কাটান। "দিন গুজ-রান করি…কাটনা কেটে ব.প ১৪৩৩। আমি নিজ কায়িক পরিশ্রম দ্বারা স্বচ্ছন্দে দিন গুজরান করি ব.প্র ৬৪। ২ জীবিকা, বৃত্তি। "সিংহাদি পশু ব.ধি কৈল গুজারণ ম.পা ৬১। চাকুরি ছাড়িলে যে গুজুরান না চলিবে।—ভ.গ্র ২২৭। [দিন গুজরান করা—দৈনিক জীবিকা নির্ব্বাহ করা।]

গুজরী বি [হি, গু গুজরী—করভূষণবিশেষ ; হি গুজরী, ঠ গুজরী—পাদভূষণবিশেষ] পাদাভরণবিশেষ। [হি গুজরী—গুজর-নামক আভীরজাতির স্ত্রী ; পাদালঙ্কারবিশেষ। বোধ হয়, স্ত্রীবাচক গুজরী হইতে গুজরীর পরিধেয় অলঙ্কার 'গুজরী'। গুজরী পঞ্চম—গুজরী ও গুজরীর সহিত পরিধেয় ভূষণবিশেষ।]

গুজস্তা, গোজেস্তা বিং [ফা গু.জ.শ্‌তা ; ঠ গুদস্ত, -স্তা] অতীত, গত (বৎসর, মাস, কাল) ; সাবেক, পূর্ব্ববৎসরের। "গত বৎসরের ফসল ছাড়ানি নজর করিয়া হুকুম দেওয়া যাইতেছে মাফিক গুজস্তা পয়স্তা জমী ছাড়িয়া দিবা E.P. 65. গোজেস্তা সুরত খাজনা আদায় না হইলে তোমার রুটী যাইবে আদ্র ১৬২। [গুজস্তা বাকী—হিসাব নিকাশী বাকী ; পূর্ব্বের বাকী। জমা গুজস্তা—পূর্ব্ব বৎসরের খাজনা।]

গুজুরগুজুর বি [ধ্বন্যাত্মক ; অস গুজুব ; পৌনঃপুন্যে দ্বিত্ব] ভারী গলায় মৃদুস্বরে কথা বলার বা কথোপকথনের শব্দ।

গুঞ্জ্‌ অক [ভ্বা, প—গুঞ্জতি, সেট্‌] কূজন, অব্যক্ত শব্দ। "গুঞ্জতি ভ্রমরঃ কুঞ্জে (ক.ক)।

গুঞ্জ১ পুং [√গুঞ্জ্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ গুঞ্জন, অব্যক্তধ্বনি, গুন্‌গুন্‌-শব্দ। "মধুপ-শব্দ গুঞ্জ গুঞ্জ জ.প ২১। ২ [+অ-ধি ; তু 'সং গুচ্ছ >প্রা গুংচ] যেথানে গুঞ্জন করে ; পুষ্পস্তবক, গুচ্ছ। "(মধুকর) কুসুমিত লতাকুঞ্জে, বেড়িল বিবিধ গুঞ্জে শ্রী কী ২০৭। মুঞ্জে মুঞ্জে গুঞ্জে গুঞ্জে মধুপান করে স.শ ১৫ ; গুঞ্জে গুঞ্জে পুষ্পদলে ৭৮।

গুঞ্জ২ অর্ম্ম [সং গুঞ্জ্‌ >প্রা √গুংজ ; হি, ঠ √গুংজ] ১ গুন্‌গুন্‌-শব্দ করা। "গুঞ্জত ভ্রমরী ভ্রমর উতরোল ব.প ১০.৮। মুগর মধুকর, মাতি মধু পিবি গুঞ্জ।—গো ২৪৮। গুঞ্জিতে গুঞ্জিতে ভৃঙ্গ গেল পাদমূলে শ্রী.ম ১৪২। মন্দ মন্দ ভৃঙ্গ গুঞ্জে।—ভানুসিংহ। ২ অব্যক্ত শব্দ করা। "অলস পতঙ্গ গুঞ্জে দীর্ঘ দিন।—কথা ৪০। [গুঞ্জ—গুঞ্জন করে। গুঞ্জত, গুঞ্জই (সং গুঞ্জতি)—গুঞ্জন করে। "অলি গুঞ্জই (গো।]

গুঞ্জ৩ বি [সং গুঞ্জা ; ঠ গুংজ] গুঞ্জাফল, কুঁচ। "অবতংশ গুঞ্জদাম গ ৭। [গুঞ্জদাম, -মালা (বি)—গুঞ্জাফলের মালা।]

গুঞ্জন ক্লী [√গুঞ্জ্‌+অন (ল্যুট্‌)-ভা] অব্যক্ত শব্দ ; কূজন, গুন্‌গুন্‌-শব্দ। "ভ্রমর গুঞ্জন স.শ ১ ; ১৫। মধুপ গুঞ্জনগী.ত।—কথা ১৭। ভ্রমর° অ.গু ১১৭। গুঞ্জন ছন্দে।—গান ৬৯ ; মঞ্জুল গুঞ্জন কুঞ্জে ১৭৫। পতঙ্গ গুঞ্জনে চ.কা ৪৫১ (৩য় সংস্করণ)।

গুঞ্জর১ বি [°রব > °র] গুঞ্জন। "অলির গুঞ্জর মা ৯৩ ; ৯৪।

গুঞ্জর২ অর্ম্ম [গুঞ্জর > √গুঞ্জর ; তু '√কুহর' ; হি √গুংজর ; অস √গুঞ্জর] ১ গুন্‌গুন্‌ রব করা ; কূজন করা। "গুঞ্জরে ভ্রমর বি.প ১৮৭। মী ৫। গ ৮০। গুঞ্জরে ভ্রমর কৃউ ১৬৩। ম ১২৫৫। অলি গুঞ্জরিয়া পদে মা ১০৬ ; গুঞ্জরিল অলি ১৪৭ ; গুঞ্জরয়ে সুখে অলি ১৬৫। মে ৩৫ ; ১২৯। গুঞ্জরিছে চ.কা ২৩। ২ গুঞ্জনতুল্য মধুর অব্যক্ত শব্দ করা। "শত নূপুরের রুণুঝুনু বনে যেন গুঞ্জরিয়া বাজে।—চ.কা ২১ ; সঙ্গীততরঙ্গধ্বনি উঠিবে গুঞ্জরি ১২৪ ; গান তা' শুনি' গুঞ্জরিয়া গুঞ্জরিয়া কহে ৩২৬। —র সর্ম্ম গুঞ্জিত করা ; অস্ফুট মধুর রব করান। "নূপুর গুঞ্জরি যাও আকুল-অঞ্চলা চ.কা ২০২।

গুঞ্জরণ বি [গুঞ্জর১+অন ; পদ্যে] ১ গুঞ্জন, গুন্‌গুন্‌ ধ্বনি। "কতক্ষণ মধুকরী, গুঞ্জরণে থাকে বা বিরত ?—রঙ্গ ১৪। মরি কি মধুর গুঞ্জরণ।—অ.গু ১১৭। ২ গুঞ্জনতুল্য মৃদুমধুর উচ্চারণ। "দক্ষিণের মন্ত্র-গুঞ্জরণে,…মাধবী-মঞ্জরী, যেই ক্ষণে দেয় ভরি, মালঞ্চের চঞ্চল অঞ্চল চ.কা ৪৬২।

গুঞ্জরি, -রী বি [সং গুর্জ্জরী >প্রা গুজ্জরী, *গুংজরী >বা °রী ; হি গুজ্জরী] রাগিণীবিশেষ। দ্র 'গুর্জ্জরী'। "রাগ গুঞ্জরী গো.বি ১৩১। গুঞ্জরী রাগ গ ১২ ; গুঞ্জরি রাগ ৬৬।

গুঞ্জা স্ত্রী [√গুঞ্জ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ কলধ্বনি, গুঞ্জন, কূজন। ২ চর্চ্চা। ৩ [+অ (অচ্)-ক+স্ত্রী আ] যাহা অব্যক্ত শব্দ করে ; লতাবিশেষ, কুঁচগাছ। "গুঞ্জাফলসমাকারাঃ যোষিতঃ।—পঞ্চ ১.২০৯ ; ৪.৫৫। (বৃন্দাবনসম্পদ্) গুঞ্জাফলময় চৈ.চ ১৬৩। ৪ গুঞ্জা-ফল, রক্তিকা, কুঁচ। "তুল্যা যবাভ্যাং কথিতাত্র গুঞ্জা (লীলাবতী)। শ্যামসুন্দর…গুঞ্জাবিভূষণ চৈ.চ ৬৮। 'হার ব্র.প ৭১। ৫ যবদ্বয়-পরিমাণ দুই যব। দ্র 'গুঞ্জা (৪)। ৬ গোধূমদ্বয়পরিমাণ (রাজনির্ঘণ্ট) ; চতুর্ধান্য-পরিমাণ, চার ধান (শুভঙ্কর) ; চতুর্যবপরিমাণ, রতি (শার্ঙ্গধর —শ.ক)। ৭ পটহ, ঢাক। ৮ [+অ-ধি] মদিরাগৃহ। তু 'গঞ্জা'।

গুঞ্জার বি [সং গুঞ্জারব >প্রা *গুংজারঅ >বা গুঞ্জার ; বৈষ্ণব-সাহিত্যে] গুঞ্জন, গুন্‌গুন্ রব। "ভ্রময়ে ভ্রমর-পুঞ্জ করয়ে গুঞ্জার ন.প ৩৩৮। ব্র.প ১৭৩।

গুঞ্জিকা স্ত্রী [গুঞ্জা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ গুঞ্জা, গুঞ্জাফল। ২ ত্রিযবপরিমাণ, তিন যব (শ.ক)।

গুঞ্জিত ক্লী [√গুঞ্জ্+ত (ক্ত)-ভা] গুঞ্জন, কূজন। "ন গুঞ্জিতং তন্ন জহার যন্ মনঃ ভট্টি ২.১৯।

গুটা, -ঠা -ড়া সর্ম্ম [সং √গোষ্ঠ্ (সংঘাত) >প্রা* ৲গুট্‌ঠ >বা (√গুঠ) ৲গুঠা, -টা -ড়া] ১ সংহত করা ; একত্র করা ; জড় করা ; গুটান। ২ টানিয়া তোলা ; উঠান। "জল জানি নরপতি গুটায় বসন ম ৩৩৭। ৩ সংক্ষিপ্ত করা ; মিলিত করা। "ফাঁস জড়াইয়া, গুণ গুড়াইয়া, থুলা ভুরু-ধনু-ছলে ভা.চ ৩০৪। ৪ দণ্ডাদিতে সূত্রাদি জড়ান। —টা, -ড়া অক্ম সংক্ষিপ্ত বা সঙ্কুচিত হওয়া ; কোঁকড়ান। [গুটা(ড়া)ন, গোটান—১ সর্ম 'গুটা'। ২ সংহত, সংক্ষিপ্ত, রাশ-করা, জড়ান। গুঠান করিয়া—গুটাইয়া, ভাঁজ করিয়া। "একখান চট ধনা গুঠান করিয়া। রাজার সাক্ষাতে দিল হস্ত বাড়াইয়া॥—ম.ম ১৩২। জাল গুটান—১ জলে ছড়াইয়া-ফেলা জাল টানিয়া একত্র করা। ২ ডাকাতী হইতে নিবৃত্ত হওয়া (ডাকাতের সঙ্কেত)। পা গুটান—পদ সঙ্কুচিত করা। গোটা কৈল্লে (অপ্র)—গুটাইলে, জড়াইলে। "গোটা কৈল্লে সেই কাপড় মুটুতে লুকায় গো.চ ১০৫।]

গুটি[১] দ্র 'গুঁটি'।

গুটি[২], **-টী** বি [গোটি, -টী >গুটি, -টী] ১ টি, তৎসংখ্যক। "গাবী গুটী কৃ উ ৫৪ ; শিশু দুই গুটী ২২৯। এই ফল গুটী ম ৩৪। এক গুটি ফল : আর গুটি ফুল ম ম. ২৬। গুটি পাঁচ ছয়…বালিকা।—চৈ ৪৫। ২ গুলি। "যত গুটি প্রদীপ নাই তোর নগরিয়ার ঘরে। অত গুটি প্রদীপ হাড়ির খপরার ভিতরে॥—গো.চ ৬২। ৩ একটি। "কারে দেন গুটা গুটা কারে দেন মুটা মুটা।—শূ ৯৩। —টি, -টী বিং অল্প-পরিমাণ। "গুটি গুটি দুটি হাতে যত দিতে পার শি ৩২। অন্ন দেন গুটি গুটি ভা.চ ২০৬। [গুটিকত—দুই-একটি, অত্যল্প। "প্রীতিবাক্যে কব গিয়া গুটিকত কথা কৃ ৩৩৭। গুটিকত কিল ম.ম ১২২। গুটিকত …কুটীর।—কথা ৫৩। গুটি-গুটি, গুটা-গুটা—১ একটি একটি। "কত কব বানরের নাম গুটা-গুটা কৃ ১৪১, কতেক রাজার নাম নিব গুটি-গুটি ২১৬। ২ একটি-একটি, অর্থাৎ অত্যল্প। "কৈলাসে সুবর্ণ মাত্রে রহে গুটা-গুটা। রঘুর মন্দিরে সোণা পেলে শতকোটা॥—কৃ.উ ১৫৪। ৩ একটি-একটি, অর্থাৎ এক-এক করিয়া অনেক। "চাই পাতিয়া রাখাল মৎস্য ধরে গুটি-গুটি ম.ম ১৯০। ৪ একে একে, পর্যায়ক্রমে। "ফেরাফেরি ভক্ষণ করিছে গুটা-গুটা ব.প ৪৮০। এইরূপে গুটি-গুটি, দেবতা তেত্রিশ কোটি, আইল বনরক্ষার কারণে ম ২৬৮। ৫ একটু-একটু করিয়া, অর্থাৎ ধীরে-ধীরে। "ভোরে উঠি গুটি-গুটি চলিল কমল। —হেম ৪।]

গুটিক বি [গুটি+এক] ১ এক গুটি ; একটি, অত্যল্প, স্বল্পসংখ্যক। "হৃদয় মুখেতে, এক সমতুল, কোটিকে গুটিক পাই বি.প ১০৬। ২ অল্পপরিমাণ, কিঞ্চিৎ। "অন্ন গুটিক লইল গো.চ ১৬৮। লখাইর কল্যাণে মোরে দেও গুটিক ভাত : গুটিক জানিয়া দেও…ভাত ম.ম ২২৮। ৩ কতকটা, একরাশ (তিরস্কারে)। "এসেছ, গুটিক গিলে আবার আড্ডা মারতে যাও!

গুটিকা, -টী স্ত্রী [গুটী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ বটিকা, বড়ি, গুলি (সুশ্রুত)। ২ বর্ত্তুলাকার পদার্থ ; গোল শিলা-খণ্ড ; গোলক। "লোষ্টগুটিকয়া তাড়য়িষ্যামি।—মৃৎ২ৢ২ৢ। ৩ মুক্তা। ৪ ক্ষুদ্রব্রণ (A.)। ৫ তসরকীটের কোষ (Wilson)। ৬ (বাঙলায়) বর্ত্তুলাকার ফল। "গুয়াগুটি ক.চ ১৫৪। নারিকেল গাছে লুনে মাটী। শীঘ্র শীঘ্র বাঁধে গুটী॥—খনা। —কাপাত পুং [ষ.ত] বিষয়নির্দ্ধারণার্থ গুলিকানিক্ষেপ ; গুলিবাট। "গুটিকাপাতাদিনা বাণ্টনম্ (দায়ভাগ)। (জ্যোতিষে) সমুদ্রে গুটিকাপাতঃ।

গুটিয়া বি [সং গুটিকা >প্রা গুডিআ, -য়া >বা 'য়া ; বৈষ্ণব-সাহিত্যে] গুটিকা, গুলিকা, গুলি। "দুইটা গুটিয়া, ফেলাঞা লুকিয়া, বুকের উপর ধরে চ.দা ২৮।

গুটিসুটি বিং ['√গুটা'—মূল ; 'সুটি' অনু শব্দ] শরীর গুটাইয়া বা সঙ্কুচিত করিয়া অবস্থিত ; পিণ্ডবৎ সঙ্কুচিতদেহ। "সাতটি ভায়ে গুটিসুটি, চাঁপা ফুলের ঘরে।—শিশু ৯২। [গুটিসুটি মারা—সঙ্কুচিত-দেহ হওয়া।]

গুঠা বি (?)। "গুঠা লাগিছে কিবা পাইয়াছে ভূতে বি.পা ২১৮।

গুড়্ সক [তুদা, প—গুড়তি ; সেট্] ১ রক্ষণ। ২ ব্যাঘাত।

গুড় পুং [√গুড়্+অ (ক)-ক (অ.টী) ; √গু অব্যক্ত শব্দ+ড-ক, অগুণ, উ ১ ১১২] ১ মৃত্তিকাদিকৃত বর্ত্তুলাকার পদার্থ ; গোল, গোলক, গোলা। "মহা ৩.৪২.৫। অয়োগুড় মনু ৩.১৩৩। ২ ক্রীড়াগোলক, বৃত্তক্রীড়নক, বল্ (ball)। ৩ (সাদৃশ্যে) গ্রাস-কবল। ৪ কার্পাস-বৃক্ষ। ৫ হস্তিসজ্জাবিশেষ। ৬ ইক্ষুপাক, ইক্ষুসার, আকের গুড়। 'ইক্ষো রসো যঃ সংপক্বো জায়তে লোষ্টবদ্ দৃঢ়ঃ (স গুড়ঃ)।—ভাব-প্রকাশ। 'ধানাঃ পা ২.১.৩৫, সি। গো.রা ৫.১৪.৪৫। মহা ৫.৩৮.৫। গুড়বিকারঃ (শিশিরসময়ঃ)।—ঋতু ৫.১৬। ৭ (বাঙলায়) খর্জ্জুর-রসবিকার, খেজুরগুড়। ৮ কাশ্যপগোত্র রাঢ়ীয় ব্রাহ্মণের গ্রামানুসারে উপাধি। "পুতিতুণ্ড বৈসে গুড় ক.চ ৮৬। [দক্ষের পুত্র ধীর গুড়গ্রামে বাস করেন, তজ্জন্য তাঁহার বংশধরগণের গ্রামানুসারে ঐ উপাধি (সম্বন্ধ নির্ণয়)।] ৯ মধুর, মিষ্ট। "সই, কে বলে ইক্ষুরস গুড় চ.দা ১০৮। —ড়া স্ত্রী ১ গুড়িকা, বটিকা। ২ মুহীবৃক্ষ, সিজগাছ। ৩ উশীরী। [গুড়-অম্বল—গুড়মিশ্র অম্লব্যঞ্জন বা টক্। গুড়ে বালি—গুড়ে বালি-মিশার ন্যায়, অভীষ্ট বিষয়ে দুরপনেয় বিঘ্ন ; বড় সুখের আশায় নৈরাশ্য। "মনে করেছ রামের মা কোলে করবে নাতি। তোমার সে গুড়ে পড়েছে বালি, বউ নয় পোয়াতি॥ মনে করিয়াছিলাম হলা ও গদা এক গণ্ডুষ জল দিবে, এখন সে গুড়ে বালি।—টেকচাঁদ। আ.দু ১১৭। যত গুড় দেবে, তত মিষ্টি হবে—গুড়ের আধিক্যানুসারে মিষ্টতাবৃদ্ধির ন্যায়, ব্যয়ের বাহুল্যানুসারে ক্রিয়াকাণ্ডের বা দ্রব্যের উৎকর্ষ হয়। লাভের গুড় পিঁপড়ায় খায়—যাহা-কিছু গুড় লাভ হইল, পিঁপড়া তাহা খাইয়া ফেলিল ; (গৌণার্থে) একদিকে যেমন কিঞ্চিৎ লাভ, অন্য দিকে তেমনি ক্ষতি হইল।]

গুড়ক পুং [গুড়+ক (কন্) স্বার্থে] ১ গোলক, গোলা, বর্ত্তুল। ২ গ্রাস, কবল। ৩ গুড়পক্ক ঔষধবিশেষ। —ড়িকা স্ত্রী ['ক+স্ত্রী আ (টাপ্)] ১ গোলক, বর্ত্তুল। ২ বটিকা (A.)। ৩ বীজ, আঁঠি (M.W.)।

গুড়গাঁঞি, -ঞী বি ['গুড়গ্রামীয়'—মূল] রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি। দ্র 'গুড় (৮)'। "°ঞি ব.প ৩১৫।

গুড়গুড়¹ বি [ধ্বন্যাত্মক ; হি °ড়; ঠ গুড়গুড—হুঁকার শব্দ] ১ মেঘের মৃদুগম্ভীর শব্দ। "গুড়গুড় করে মেঘ ডাক্‌চে হু ৩৭। ২ আনন্ধ বাদ্যযন্ত্র দুন্দুভি-প্রভৃতির শব্দ। "গুড়গুড় (জগঝম্প) শ্রী.মা ১৫। গুড়গুড় ঝাঁ ঝাঁ সুরনর-দুন্দুভি বাজে।—শি ৫৭। গুড়গুড় বাজে নাগারা ভা.চ ৪৫৮। ৩ বন্দুকের গুলির শব্দ। "গোলা করে গর্জ্জন গুড়গুড় গুলি শ্রী.মা ১২৭। ৪ তামাক খাওয়ার সময়ে হুঁকার জলের বুদ্‌বুদের শব্দ। তু 'গুড়গুড়ী'। [গুড়গুড়ানি (হি °ড়ানা)—গুড়গুড়শব্দ-করণ। গুড়গুড়ি—গুড়গুড়ধ্বনি। "দগর গুড়গুড়ি শ্রী ম ১৬৮।]

গুড়গুড়² বি [ভাবাত্মক] বাঁটুল গড়াইয়া যাওয়ার মত বেঁটে গোল-গাল-দেহ শিশুর দ্রুতগমনের ভাব। "গুড়গুড় করে আসা, চলা, যাওয়া, হাঁটা। [গুড়গুড়ে—যে শিশু গুড়গুড় করিয়া চলে ; বেঁটে বাঁটুলের মত (শিশু)]

গুড়গুড়³ বি [ধ্বন্যাত্মক ; °ড়ি (গ্রাম্য)] ভূমিচর ক্ষুদ্রপক্ষিবিশেষ ; তিতির (?)। "হরিতাল গুড়গুড় ভা.চ ১২৮। রঙ্গ ১৯১।

গুড়গুড়ি, -ড়ী বি [°ড়+ই⁶, ঈ⁷ ; ঠ গুড়গুডী] ১ হুঁকাবিশেষ, ফুরশী (তামাক খাওয়ার সময়ে 'গুড়গুড়' শব্দ হেতু নাম)। "সংসার হয় অসহ্য প্রায় গুড়গুড়ি বিনা।—দ্বিজেন্দ্রলাল রায়। °ড়ি আ.দু ১০৮। ব.দ্বি ১৮। ২ সর্থ 'গুড়গুড়³'।

গুড়চাউলি, -লী, -চাল, -চালু বি [°উল+ই⁶, ঈ⁷] চিটা গুড়ে মাখা চাউল। "কেহ আগাইয়া বীরে গুড়চাউলী মারে ক.চ ৪৮। বরেরে ফেলিয়া মারে সগুড়চাউলি।—শ্রী ১৯ ; ১৪৭। ম.ভা ৩১। গুড়চালু শি ২৬। গুড়চালেতে মিলিয়ে কারা ছিটায় গায়ে জলের ছাটে? —কু.কে ৬৮। [বরের আসার সময়ে পথে গুড়চাউলি ফেলিয়া মারার প্রথা প্রাচীন।]

গুড়(ড়ু, ড়ূ)চী স্ত্রী লতাবিশেষ (সুশ্রুত) ; গুলঞ্চ (Cocculus cordifolius)।

গুড়ত্বক্(-ত্বচ), -ত্বচা স্ত্রী [বহুব্রী] যাহার ত্বক্ গুড়বৎ মধুর ; দারুচিনি। °ত্বক্ চৈ চ ৩৩৮। —ত্বচ ক্লী ১ রাজভোগ্য, জয়িত্রী। ২ দারুচিনি।

গুড়পিঠা, -ঠে বি [সং গুড়পিষ্ট] গুড়মিশ্র গোধূমচূর্ণের বা তণ্ডুল-চূর্ণের পিষ্টকবিশেষ ; পাটিসাপটা (?)। "°ঠে কৃ ৩৭৬।

গুড়পিপুলী বি গুড়মিশ্র পিপ্পলীচূর্ণ, ঔষধবিশেষ। "দা ৩৬২।

গুড়পিষ্ট ক্লী, **-ড়াপূপ** পুং [উ.লো] গুড়মিশ্র পিষ্টক ; গুড়পিঠা।

গুড়পুষ্প পুং [বহুব্রী] যাহার পুষ্প মধুর ; মধুক, মহুয়াগাছ।

গুড়মুড়ো বি ['গুল্‌ফমূল'—মূলশব্দ ; সং পার্ষ্ণি] গোড়ালি।

গুড়শর্করা স্ত্রী [উ.লো] ইক্ষুগুড়জাত শর্করা (সুশ্রুত)।

গুড়া¹ ; **গুড়া**² ; **গুড়া**³ দ্র 'গুঁড়া¹ ; গুঁড়া² ; গুটা'।

গুড়াকু বি [হি গুড়াকু (গুড়+তামাকু) ; ঠ গুডাকু, -খু] গুড়মাখা তামাক ; গুড়ুক তামাক। "°তামাকু বি.সু।

গুড়াকেশ পুং [গুড়াকা (নিদ্রা, ধনুর্ব্বিদ্যা), তাহার ঈশ ষ.ত (ভ ১.১০.১৭, শ্রীধর)] ১ নিদ্রার বা ধনুর্ব্বিদ্যার ঈশ; জিতনিদ্র বা ধনুর্ব্বেদপারগ অর্জ্জুন। "গী ১.২৪। ম ৮৫৭। ২ শিব।

গুড়াপূপ, দ্র 'গুড়পিষ্ট'।

গুড়ি¹ দ্র গুঁড়ি²।

গুড়ি² বি [গুড় > °ড়ি] হাত-পা-গুড়ান পিণ্ডাকার ; পিণ্ডের ন্যায় শরীরসঙ্কোচ। "গুড়ি মারা। [গুড়ি মারিয়া চলা বা যাওয়া—পূর্ব্বোক্ত-রূপে শরীর-সঙ্কোচ করিয়া যাওয়া। গুড়িগুড়ি মারা (গুড়ি+'গুড়ি' অনু.শব্দ)—গুড়ি মারা। "ব্রাহ্মবাবুর চাপনে জ্ঞানানন্দ…গুড়িগুড়ি মেরে পেনেল সই হয়ে রইলেন হু ২২৩।]

গুড়ি³ বি ['গোড়'—মূল ; অপ্র] গোড়ের (গুল্‌ফের) আঘাত ; লাথি। "বুড়ি কাকো মারে গুড়ি গো.চ ১০৬।

গুড়িকা ; গুড়িগুড়ি¹ দ্র গুড়ক ; গুঁড়িগুঁড়ি'।

গুড়িগুড়ি² ক্রি বিং ['গুড়ি²—মূল ; দ্বিত্ব] ১ বার্দ্ধক্যোচিত শরীর-সঙ্কোচ-ভাবে, বার্দ্ধক্য হেতু নতদেহে, অর্থাৎ গুড়ি মারিয়া। "বিভীষণে দেখি বুড়ী যায় গুড়িগুড়ি কৃ ৩৩৩। (বুড়ি) পলায় গুড়িগুড়ি শ্রী.মা ৭২। বুড়ী পলাইলা গুড়িগুড়ি রা.শে ৭২। বুড়ী যায় গুড়িগুড়ি দা ৩২৮। ঈরিষা-বড়াই-নামে দুই বুড়ি, নড়ি হাতে…আসিয়া গুড়িগুড়ি।—স্ব.প্র ১৩৬। ২ [গুটিগুটি > °ড়ি] একটু-একটু করিয়া, অর্থাৎ অল্পে-অল্পে, ধীরে-ধীরে, ক্রমে-ক্রমে। "গ্রহবিপ্র গুড়ি-গুড়ি, প্রবেশি রাজার বাড়ী, খুড়ি-খুড়ি বলি ঘন ডাকে শ্রী ৪৯। কেরাঞ্চি গুড়িগুড়ি চলতে লাগলেন হু ২১৮। ৩ [ধ্বন্যাত্মক] গুড়গুড়-শব্দে, শীঘ্র। "দশনে রসনা কাটি গুড়িগুড়ি যায়।—ভা.চ ৭৮।

গুড়ী দ্র 'গুঁড়ী'।

গুড়ীয়া বি [গুড়+ঈয়া] গুড়ের দ্রব্যের ব্যবসায়ী ; ময়রা।

গুড়ুক বি [দ্র 'গুড়াকু'] গুড়ে মাখা তামাক। "হরিনাম খাসা গুড়ুক ভুড়ুক ভুড়ুক টান রে মন দিবানিশি (বাউল)। [°খোর, গুড়ুকে—তামাকের ধূমপানপ্রিয়। °তামাক—গুড়ুক।]

গুড়ু(ড়ূ)চী দ্র 'গুড়চী'।

গুড়ুম বি [ধ্বন্যাত্মক] কামানের গর্জ্জন ; তোপের ডাক। "গুড়ুম করে ন'টার তোপ পড়ে গেলো।—হু ৩৭। যেই যমপুরে পদার্পণ করিল, আর গুড়ুম করিয়া তোপ পড়িয়া গেল য ৫। 'গুড়ুম গুড়ুম গুম' ইংরেজের কামান ডাকিল ব.দ্বি ১৩৫।

গুড়ে বিং [গুড়+এ⁹] গুড়সম্বন্ধী, গুড়ে প্রস্তুত। "সংবাদপত্রলেখক নামে ময়রাগণ গুড়ে সন্দেশের দোকান পাতিয়া নগদমূল্যে বিক্রয় করিতেছে ব প্র ৬১৫। [গুড়ে চিনি—গুড়ের মত লাল চিনি ; গোঁড়। গুড়ে ফুট—খেজুর বা আখের রস পাকে ঘন হইয়া গুড় হইলে, যে বড়-বড় ফুট (বুদ্‌বুদ্) উঠে।]

গুণ¹ সক [অদন্ত চু. প—গুণয়তি (ক.ক) ; সেট্] ১ মন্ত্রণ (to advise)। ২ আমন্ত্রণ (to invite)। ৩ আবৃত্তিগণন, পূরণ (to multiply)। ৪ অভ্যাস।

গুণ² পুং [√গুণ্+অ (অচ্)-ক] ১ যাহা আমন্ত্রণ করে ; ব্যাবর্ত্তক সিদ্ধ বা নিত্য বস্তুধর্ম্ম—শুক্লত্বাদি। 'গুণো বিশেষাধানহেতুঃ সিদ্ধো বস্তু-ধর্ম্মঃ সা.দ ২⅞। ২ ধর্ম্ম, ভাব (a quality, good or bad)। "সুগুণ, কুগুণ (A.)। ৩ বিশিষ্টতা, পাত্রতা, উৎকর্ষ, বিশেষ, শ্রেষ্ঠতা। "বসন্তি হি প্রেম্ণি গুণা ন বস্তুষু।—কি ৮.৩৭। দোষা গুণা গুণা দোষা দোষা দোষা গুণা গুণাঃ। রক্তে বিরক্তে মধ্যস্থে স্বামিনি ত্রিবিধা গুণাঃ॥—হি ২.৬০। শোভে নানাগুণে ভা.চ ২৯৪। দ্র 'গুণ²' (১৩)। ৪ রজ্জু, দড়ি। "গুণবন্তোঽপি সীদন্ত ন গুণগ্রাহকো যদি। সগুণোঽপি পূর্ণকুম্ভো যথা কূপে নিমজ্জতি॥ —উদ্ভট। ৫ বন্ধনসাধনমাত্র, বন্ধনসূত্র। "স্মরসি স্মর মেখলাগুণৈঃ (বন্ধনম্) কু.স ৪.৮ ; রশনাগুণাস্পদম্ ৫.১০। নীবিরিয়ং তব শ্লথগুণা বি.মা ৭.৪০। কাঞ্চী° পু.মে ২৮। ৬ সূত্র, সুতা। "গাঁথে বিনা গুণে ভা.চ ২৯৪। ৭ দীপবর্ত্তি, দশা (A.)। ৮ তন্ত্র, তাঁত, তার। "বল্লকীগুণস্বান।—মাঘ ৪.৫৭। ৯ ধনুকের ছিলা ; মৌর্ব্বী, জ্যা। "ত্রিদর্শায়ুধম্…তড়িদ্গুণসংযুতম্ রঘু ৯.৫৪। চাপ° রা (S.W.)। গুণহীন ধনুঃ মে ২৫৭। ১০ হার। "মুক্তা° পু.মে ৪৭। ১১ নৌকার মাস্তুলে বদ্ধ আকর্ষণ-রজ্জু। "°বৃক্ষক (অ.কো)। নৌবাহী নৌকা টাণ্ডন্ত গুণে।—চ ৬৮। ১২ স্নায়ু। ১৩ (রজ্জুসাধর্ম্ম্যে) সত্ত্ব রজঃ

তমঃ এই ত্রিবিধ পদার্থ। [ইহারা দেহে দেহীকে বন্ধন করে; এই গুণসাধর্ম্ম্যে সত্ত্বাদি 'গুণ' নামে অভিহিত। '(গুণাঃ) নিবধ্নন্তি মহাবাহো দেহে দেহিনমব্যয়ম্ (গী ১৪.৫)।] "গুণাগ্রাবর্ত্তিনা রঘু ৩.২৭। গুণত্রয়-বিভাগায় কু.স ২.৪। অগুণো বিভুঃ ভ ১.২.৩০। কোন গুণ নাহি তার।—ভা.চ ২৫৫। **১৪** বিদ্যাবিনয়াদি, জ্ঞানাদি। "রঘু ১.২২; ৩.২৭। বরমেকো গুণী পুত্রঃ।—চাণক্য। **১৫** ধর্ম্মভেদ, বিশেষধর্ম্ম। "দাক্ষিণ্যং চানুরক্তিশ্চ সত্যতা চ সুহৃদ্গুণাঃ হি ১.৯৭। **১৬** দেশ-কালজ্ঞতাদি চতুর্দ্দশ ধর্ম্মভেদ (ত.বা)। **১৭** ভব্যাশ্রিত শৌর্য্যাদি (অ.টী)। **১৮** (বৈশেষিকে) যাহা দ্রব্যও নয়, কর্ম্মও নয়, কিন্তু দ্রব্যাশ্রিত; পৃথিব্যাদিদ্রব্যাশ্রিত রূপ রস গন্ধ স্পর্শ শব্দ সংখ্যা প্রভৃতি চতুর্বিংশতি বিষয়। **১৯** রূপাদি পঞ্চ বিষয়; পঞ্চ তন্মাত্র। **২০** (অলঙ্কারে) শরীরী আত্মার শৌর্য্যাদি গুণের ন্যায় কাব্যে রসের অঙ্গী ও উৎকর্ষহেতু ধর্ম্ম—মাধুর্য্যাদি। বিপ 'দোষ'। 'কা.প্র ৮.২; সা.দ ৮.১। **২১** (নীতিশাস্ত্রে) সন্ধি বিগ্রহ যান আসন সংশ্রয় দ্বৈধীভাব—এই ষড়্‌বিধ; ষাড়্‌গুণ্য। "মনু ৭.১৬০। রঘু ৮.২১। মাঘ ২.২৬। **২২** শব্দাদি-গুণযুক্ত আকাশাদি। "ভ ১.২.৩১; ১০.২০.২৮। **২৩** রাজশক্তিত্রয়, উৎসাহাদি। "উৎসাহ° কু.স ১.২২। **২৪** অপ্রধানধর্ম্ম। **২৫** বিশেষণ, গুণবাচকশব্দ। **২৬** ইন্দ্রিয়। **২৭** (অন্নাপেক্ষা অপ্রধান) ব্যঞ্জন। "গুণাংশ্চ সূপশাকাদ্যান্ (বিন্যসেৎ) মনু ৩.২২৬। **২৮** (সত্ত্ব-প্রভৃতির সংখ্যানুসারে) তিন (৩) এই সংখ্যা। **২৯** (জ্যামিতিতে) বৃত্তখণ্ডের জ্যা (chord)। **৩০** (ব্যাকরণে) পাণিনিকৃত সংজ্ঞাবিশেষ—'অকার' 'একার' 'ওকার'। "অদেঙ্ গুণঃ পা ১.১.২। **৩১** বিবার-প্রভৃতি একাদশ বাহ্য প্রযত্ন। "পা ৮.২.১। **৩২** মুমুক্ষাসাধন বিবেকবৈরাগ্য-শুশ্রূষা-প্রভৃতি (ত.বা)। **৩৩** সাদৃশ্যাদিবস্তুধর্ম্ম; বস্তুধর্ম্মমাত্র (ত.বা)। **৩৪** অষ্টবিধ বীর্য্য—উষ্ণ শীত স্নিগ্ধ রূক্ষ বিশদ পিচ্ছিল মৃদু তীক্ষ্ণ (সুশ্রুত)। **৩৫** সূদ, পাচক। **৩৬** (বিরাটভবনে পাচকরূপী) ভীমসেন। "যুধিষ্ঠিরোঽপি গুণপ্রিয়ঃ (A.)। **৩৭** গুণক (multiplier) **৩৮** দূর্ব্বা। **৩৯** মূর্ব্বা (Wilson)। **৪০** জাতি গুণ ক্রিয়া দ্রব্য—এই চতুর্ব্বিধ শব্দধর্ম্মের একতম। **৪১** [+অ-ভা] ত্যাগ। **৪২** উপকার (অ.টী)। **৪৩** আবৃত্তি, অভ্যাস, বার (repetition), পূরণ। "আহারো দ্বিগুণঃ স্ত্রীণাং বুদ্ধিস্তাসাং চতুর্গুণা। ষড়্‌গুণো ব্যবসায়শ্চ কামশ্চাষ্টগুণঃ স্মৃতঃ॥—চাণক্য। **৪৪** ফল, অর্থ, শ্রেয়ঃ। "কঃ স্থান-লাভে গুণঃ।—হি ১.৫৩। বুঢ়াকে না করে গুণ মোহন ঔষধ ক.চ ১৩৭। **৪৫** গুম্ব (বিশ্ব)। **৪৬** আতিশয্য (A.)। **৪৭** (বাঙ্‌লায়) বশী-করণার্থ মন্ত্রৌষধের প্রয়োগ। "পাখীটি মারিলে কাঁদিয়া খুন, না জানি কে তোরে করিল গুণ।—গান ২০। **৪৮** গুণাঢ্য-কৃত বৃহৎকথা (?)। "(পড়ে) প্রসন্নরাঘব রাম গুণে ক.চ ২১৫। **৪৯** (অপ্র) দোষ। "জত দুঃখ পাইলাঙ শ্রীরামের গুণে: রাজ্য নাশ হৈল জার গুণে কৃ.উ ১৬৯। গীর্ব্বাণে গুমান গুণে গিয়াছিল জ্ঞান শি ৩৬। **৫০** অলৌকিক উপায়; মন্ত্রসিদ্ধি। "কি গুণ জানিস কানু কি গুণ জানিস। বিষম বিপদ নাশ কি করে করিস॥—ব.প ৮১৭। **৫১** নবগুণ, পৈতা। "সোবর্ণের গুণ গঠিয়া দেউক যে পিতা।—মী ১০। —ণক পুং [+অক (ণুল্)-ক] **১** পূরক অঙ্ক (multiplier)। **২** গণয়িতা (?)।—Wilson [°দড়ি—নৌকার মাস্তুলে বদ্ধ রজ্জু। °পনা—মন্ত্রতন্ত্রপ্রয়োগে পাণ্ডিত্য; ওঝা-গিরী। গুণ করা—**১** পূরণ করা (to multiply)। **২** মন্ত্রৌষধের গুণে বশ করা। দ্র 'গুণ (৪৭)। গুণে ঘাট বা ত্রুটি নাই—**১** গুণের কমী নাই, অর্থাৎ বহুগুণ আছে। "কদাকার রূপ বটে গুণে নাই ত্রুটি।—রঙ্গ ২১। **২** (উপহাসে) কোন গুণ নাই। গুণের নিধি, সাগর—বহুগুণাকর; (উপহাসে) গুণের একান্ত অভাবসূচক। সকল গুণের গুণমণি—গুণসমূহের একমাত্র আধার; সর্ব্বগুণাকর; (উপহাসে) গুণের অত্যন্ত অভাব।]

গুণ[৩], **-ন**[১] বি [সং গোণী > বা (গোণ) গুণ, -ন; হি গোন; ঠ গোণ; গু গুণ; প, জাট্ট—গূন, ড় গৌনি; cf., E. gunny] দড়ির বড় থলিয়া। "গুন গুন করে তায় গুণের নাইক লেশ। বৃষভবাহনে চলে নহে ত মহেশ॥ ভোজন করিলে তার মথ হয় বন্ধ। মুর্খেতে বুঝিবে কি পণ্ডিতের লাগে ধন্ধ॥—প্রহেলিকা। [গুনচট—গুণের জন্য প্রস্তুত মোটা চট। গুনছুঁই,-ছুঁচ—গুন সেলাই করার মোটা ছুঁচ।]

গুণ[৪] সর্ম্ম [সং √গণি > প্রা √গণ, √গুণ (বীজী পংক্তি গুণেহি—দ্বিতীয়-পঙ্‌ক্তিং গুণয়—পৈ); হি √গিণ; মৈ √গুন; অস √গুণ; তু 'গুনি'—"মনে মনে গুনি (গ ৯২)] **১** গণনা করা; গণা। "চউষঠ্‌ঠি কোঠা গুণিয়া লেহ চ ২২। কেমনে কাটে সে দিন দিন গুণিয়ে। —গান ৭৭। গণ্ডা কড়ি গুণতে হলে জানের বাড়ী যান।—হেম ৩৯০। **২** স্বীকার করা; মানা, বলা। "কুন্তী বলে হেন কর্ম্ম না গুণি অদ্ভুত ম ৩৩৬; কৌরবের মধ্যেতে বীর গুণি দুর্য্যোধন ৯৪০ (টীকা)। **৩** চিন্তা করা, ভাবা। "চিতে নাহি গুণবি আনে বি.প ১৫৬; রাধা সঞে যব গুণত হি মাধব ১৩৯। পাছু না গুণিয়া কৈলু হেন কর্ম্ম ম ১০০১। মনে মনে গুণে কৃ.উ ২৬। রাত্রি দিন গুণি ক.চ ১৩৫। **৪** স্মরণ করা। "গুণি গুণি প্রেম তোহারি বি.প ১৭৫; মনে গুণি পুরব সিনেহ ১৮৯। গুণি গুণি তুয়া। গুণ ব ১৮৮। **৫** গ্রাহ্য করা; গণ্য করা। "কোন বীর ইছাই গুয়ালা কিসে গুণি ব.প ৪৩১; কাহাকে না গুণে তেহেঁ। তৃণ হেন জ্ঞান।—চ বি ১০। **৬** স্থির করা, মনে করা। "সেনাগণ গুণিল প্রমাদ ম ৮৫২। লোক গুণে পরমাদ।—চ বি ২৪৯। রাজা গুণে পরমাদ ব.প ৭৬৭,-৮। **৭** উচ্চারণ করা; বলা। "দেখিয়া নারদ মুনি, ধনি ধনি মনে গুণি চৈ ম ২৮। **৮** বিচার করা। "(সিংহনাদ মুনি) আস পাস চাহে মীনে নিজ মনে গুণি গো.বি ৭৫। প্রত্যুত্তর করিলেক নিজ মনে গুণি অ.প ৫। ধর্ম্মাধর্ম্ম মনে না গুণসি ম.বি ২৭৮। গ ৮৬। **৯** বোধ করা। "ক্ষণেক বিরহে যার যুগশত গুণে শ্রী.ম ৫৬। —ণা সর্ম্ম [গুণ+আ[৮]] সংখ্যা করান; গণান। [গুণত—গুণে, ভাবে। গুণবি—ভাবিবে। গুণসি—বিচার করিতেছ। গুণান—সংখ্যা করান। গুণি গুণি—পুনঃ পুনঃ স্মরণ করিয়া। গুণিঞা, গুণিতে, গুণিলোঁ, গুণী (গণিয়া, গণি)।—শ্রী কী। গুণ, গুণিনু (গো.চ)।]

গুণকথন বি [ষ.ত] গুণব্যাখ্যান, গুণকীর্ত্তন। "হরিগুণকথনং ভা.চ ৩১৪।

গুণকরণ বি বশীকরণার্থ মন্ত্রৌষধ-প্রয়োগ। "তিনি মন্ত্র তন্ত্র গুণকরণ …নানাপ্রকার দৈব বিদ্যা ভাল জানেন আ.দু ১০৮।

গুণকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [কর্ম্মধা] **১** অপ্রধান বা গুণীভূত কর্ম্মপদ। "পা ২.৩.৬৫, সি। **২** অপ্রধান বা প্রধানাঙ্গভূত কার্য্য; গৌণ ক্রিয়া। **৩** [দ্বন্দ্ব] গুণ ও কর্ম্ম। "°বিভাগ গী ৩.২৮।

গুণকীর্ত্তন, -গান ক্লী, **স্তুতি** স্ত্রী [ষ.ত] গুণকথন।

গুণ(ন)গার, -ণা(না)গার বি [ফা গু.নাহ্‌গা.র্—পাপী, দোষী] **১** পাপী। "কর্ণবেধে যদি হয় হিন্দু গুণাগার। সুন্নতের গুণ তবে কত গুণ তার॥—ভা চ ৪৮৩। **২** [ফা গুনাহ্‌গারী—ক্ষতি] ক্ষতির জন্যে অর্থদণ্ড; ক্ষতিপূরণের টাকা। "গলাটিপি দিয়া শাঁখা গুণাগার লব —শি ১০২। —র, —রি বি অর্থদণ্ড। "যে না দেয় তার সত্ত্ব গুণাগার করে শ্রী.মা ১৩। ইন্দ্রিয়পরিতৃপ্তিতে কখন কেহ কোন বাধা দিবে না। কেহ নিন্দা করিবে না—যদি কেহ করে, আমি গুণাগারি দিব অ.লী ২১।

গুণগুণ, গুনগুন, গুনগুনগুন '-ন্-ন্' বি [ধ্বন্যাত্মক; হি °ন; ঠ, গু, অস °ণ; দ্বিত্ব, ত্রিত্ব] **১** মধুরাস্ফুট ধ্বনি; গুঞ্জন। "ভ্রমরেতে গুণগুণ করে ব.প ১৬২৬। গুণগুণ করি তারা কৃষ্ণগুণ গায় শ্রী.মা ৫৪। ভ্রমর গুনগুন ভা.চ ১৪১। গুনগুনগুন রবে বি.পা ১১; স.শ ১৫। **২** অস্ফুট রব; চাপাস্বর; ঘুন-ঘুন-রব (কথোপকথনে, পাঠে, গানে)।

"বাবু···গুনগুন করিয়া সখীসংবাদ গাইতেছেন আ.দু ৮। [গুনগুণোনি —গুনগুনরবে গান। "(প্রেমানন্দের) দিবারাত্র গুনগুণোনির কামাই ছিল না দু ২১৮। গুনগুনানি (হি গুনগুনানা)—গুনগুনশব্দ-করণ, গুঞ্জন। "মৌমাছিদের পাখার গুনগুনানি।—প.কা ৩৭। গুনগুনিয়ে —গুনগুন করিয়া। "ভ্রমর এল গুনগুনিয়ে।—গান ৭৭। গুনগুনায় —গুনগুন করে। "ভ্রমর ভ্রমরী গুনগুনায় ভা.চ ২৯৪। গুন্গুনু—মৃদু-গুঞ্জন। "ব.সু ৩২।]

গুণগ্রাম পুং [ষ.ত] গুণসমূহ, গুণগণ। "গী.গো ২.১০। সীতার গুণগ্রাম কৃ ১৪৬।

গুণগ্রাহক বিণ [ষ.ত ; স্ত্রী -হিকা] গুণগ্রহণকারী, গুণজ্ঞ। "গুণ-বন্তোঽপি সীদন্তি ন গুণগ্রাহকো যদি।—উদ্ভট। —গ্রাহী (-হিন্) বিণ [গুণ+ √গ্রহ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -হিণী] সর্থ 'গুণ-গ্রাহক'।

গুণজ্ঞ বিণ [গুণ+ √জ্ঞা+অ (ক)-ক ; উ.ত] যে গুণ জানে ; গুণ-গ্রাহী। "গুণিনি গুণজ্ঞো রমতে।—হি ১.২০০।

গুণজ্ঞান বি ১ গুণ ও জ্ঞান। "গোয়ালার গুণজ্ঞান গোভারিতপণ। ব.প ৪৩৪। ২ বশীকরণার্থ মন্ত্র ও ঔষধ ; আভিচারিক কার্য্য ; বশী-করণবিদ্যা। "গুণজ্ঞান কারে বলে কিছু নাহি জানি ম.ম ৭৭। বুঝিব গুণজ্ঞান শ্রী ১০৪। কিবা গুণজ্ঞান৹ সদাই অন্তরে টান গো ৬১। গুণ-জ্ঞান জানে ভ.গ্র ২৪৮। মানুষ গেছে, গুণ-জ্ঞান কর, অন্য মানুষ ছাগ গি.দ্বি ১১৮।

গুণতাই বি ['গুলতি'—মূল ; অপ্র] বাঁটুল ছোড়ার ধনুক। "হাথে ধর গুণতাই কৃ.উ ২৩৪ ; ভরতের কাড়িয়া লইল গুণতাই ২৩৫ ; ধরে কেহ গুণতাই ২৪০,-৫৩।

গুণ(ন)তি বি [√গুণ[৪]—মূল ; হি গিনতী] গণনা, শুমার।

গুণত্রয় ক্লী [ষ.ত] ১ সত্ত্বাদি তিন গুণ। "°বিভাগ কু.স ২.৪।

গুণধর বিণ [ষ.ত] ১ গুণের ধারক ; গুণবান্, গুণসম্পন্ন। "তোর গুণধর, যত কারিকর, হইবে দুঃখী বেগার ভা.চ ২০২। ২ (বাঙলায়, উপহাসে) গুণহীন, দুর্বৃত্ত।

গুণধাম বি গুণের ধামতুল্য ; গুণাকর, গুণভাজন। "ভা.চ ২৩।

গুণন ক্লী [√গুণ্+অন (ল্যুট্)-ভা] ১ গুণ করা ; পূরণ। ২ সংখ্যান, গণনা (Wilson)। ৩ গুণকীর্ত্তন, মাহাত্ম্যবর্ণন। "ইহ রসভণনে কৃতহরিগুণনে মধুরিপুপদসেবকে গী.গো ৭.২৯। —নিকা স্ত্রী [গুণনী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ পুনঃ পুনঃ অনুশীলন ; আম্রেড়ন। "মাঘ ২.৭৫। ২ বিচারপূর্ব্বক গ্রন্থের পাঠনিশ্চয়। ৩ নৃত্য। ৪ শূন্যাঙ্ক (cypher)। ৫ নাটকের প্রস্তাবনা। ৬ মাল্য। "দ্ররিদ্রাণাং চিন্তা-মণিগুণনিকা (আনন্দলহরী)। —নী স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ অনুশীলন। ২ পাঠনিশ্চয়। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ পূরণীয়, গুণ্য। ২ মন্ত্রয়িতব্য। —নীয় পুং [+অনীয়-ভা] অভ্যাস, অনুশীলন। —নীয় ক্লী গুণ্যরাশি (multi-plicand)।

গুণনিধি পুং [ষ.ত] ১ গুণের আধার ; গুণাকর, গুণসিন্ধু। "গুণ-নিধিম্ (রামং বন্দে)।—মহানাটক। কৃ ১। ময়নার গুণনিধি শ্রী.মা ২১০। ২ [বাঙলায়, উপহাসে] গুণহীন, মূর্খ।

গুণনীয়ক পুং [গুণনীয়+ক (কন্) স্বার্থে] যে অখণ্ড সংখ্যা দ্বারা অন্য একটি অখণ্ড সংখ্যাকে ভাগ করিলে কিছুই অবশিষ্ট থাকে না, তাহা ঐ দ্বিতীয় রাশির গুণনীয়ক, পরিমাপক বা উৎপাদক (mea-sure)। যেমন ২, ৪ এর গুণনীয়ক। [গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক—দুই বা ততোধিক সংখ্যার অনেকগুলি সাধারণ গুণনীয়কের মধ্যে গুরুতম বা সর্ব্বাপেক্ষা বড় গুণনীয়ক (Greatest common measure)।]

গুণবচন, -বাচন পুং [ষ.ত] ১ যে শব্দ গুণ বলিয়া তদ্গুণযুক্ত দ্রব্যকে বলিয়াছে বা প্রকাশ করিয়াছে (তত্ত্ববোধিনী) ; গুণবদ্দ্রব্য-বাচক (শুক্লাদি)। "পা ২.১.৩০ ; ৪.১.৪৪। ২ গুণবাচক শব্দ ; বিশেষণশব্দ, বিশেষণবৎ বিশেষ্য বা বিধেয় বিশেষণ।

গুণবন্ত, -মন্ত বিং [সং গুণবৎ >প্রা °বন্ত, °মন্ত] ১ গুণবান্, গুণ-যুত। "সকল পুরুষ নারী নহে গুণবন্ত বি.প ৫৩। প্রভু গুণবন্ত চৈ.ম ১৫। °বন্ত ম ১৬৭। °বন্ত গো ২৪৬। ২ (নিন্দায়) নিগুর্ণ, দুর্বৃত্ত, দুরাত্মা। "এই দুই গুণবন্ত পাসরিল ধর্ম্ম চৈ.ভা ২৫০।

গুণবাদ পুং [ষ.ত] ১ গুণকথন, গুণকীর্ত্তন, প্রশংসা। ২ ত্রিবিধ অর্থবাদের একতম। দ্র 'অনুবাদ (৪)।

গুণবান্ (-বৎ) বিণ [গুণ+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -বতী] ১ গুণযুক্ত, গুণসম্পন্ন, গুণী। "রা ১.১.২। ২ হিত, শুভকর। "(প্রাজ্ঞঃ) গুণবদ্বাক্যমাদত্তে হংসঃ ক্ষীরমিবাম্ভসঃ।—সু.র। ৩ প্রশস্ত, প্রশস্য। "নির্গেকো গুণবত্তরঃ মনু ৫.১১৩। বিশিষ্টেন বিশিষ্টায়াঃ সঙ্গমো গুণবান্ ভবেৎ মহা ৩৫৩.৩৯। ৪ সত্ত্বাদি গুণত্রয়বিশিষ্ট। "সাংখ্য ৬০। ভ ১.২.৩১। ৫ [বাঙলায় ; অপ্র] দুর্গুণান্বিত, দুঃশীল, দুর্বৃত্ত। "গুণবান্ পুরুষ প্রবেশে যেই পাড়া। বাপে পোয়ে গণ্ডগোল স্ত্রী পুরুষে ছাড়া শি ৭৭।

গুণবাস বি [ষ.ত] কার্পাসসূত্রে নির্ম্মিত বস্ত্র। "বয়সে অশীতিপরা পরা গুণবাস ক.চ ২৬১।

গুণবৃক্ষ, -বৃক্ষক পুং [ষ.ত ; স্বার্থে ক (কন্)] নৌকাকর্ষক রজ্জুর বৃক্ষতুল্য বন্ধনাধার ; গুণবন্ধনস্তম্ভ, মাস্তুল (অ.কো)। "(দেখ জলযান) গুণবৃক্ষ যার···ধ্বজা উড়ায়।—হেম ২৬৪।

গুণবৃত্তি স্ত্রী [সুপ্সুপা] ১ লক্ষ্যমাণ সাদৃশ্যাবলম্বনে শব্দের অর্থ-প্রকাশনে শক্তি ; লক্ষণাবৃত্তি (ত.বা)। ২ গুণীভূত বৃত্তি।

গুণবেদী (-দিন্) বিণ [গুণ+ √বিদ্+ইন্ (ণিনি)-তাচ্ছীল্যে-ক -১ব ; উ.ত ; স্ত্রী -দিনী] গুণজ্ঞ, উপকারজ্ঞ। ষাড়্গুণ্যগুণবেদিভিঃ মনু ৭.১৬৭।

গুণভূপ বি [অপ্র] গুণের রাজা ; বহুগুণসম্পন্ন। "নিত্যানন্দচন্দ্র গুণভূপ ন.প ৩৮৫ ; অদ্বৈত···গুণভূপ ৩৯১।

গুণমই বিং [সং গুণময়ী (য়ী >ঈ >ই) ; অপ্র] গুণসম্পন্না, সত্ত্বাদি-গুণরূপা। "সত্ত্বগুণমই গ ১৬৫।

গুণমণি, -নি বি ['°ণি'—সাধু] ১ গুণসম্পন্ন মণি ; বহুগুণবান্ ; গৌরবসূচক, শ্রেষ্ঠার্থক। "দেব গুণমণি শূ ৫। প্রভু শুন গুণমণি কৃ ৩। লক্ষ্মণ গুণমণি কৃ.অ ১৮ ; ২৪। বাছা শুন গুণমণি শ্রী মা ২১১। গোরা গুণমণি চৈ.ম ২৬। ২ পতি, প্রিয়, দয়িত, বঁধু। "কৈল গুণমণি কৃ.অ ২০। গৃহ ছাড়ে গুণমণি ক.চ ১৩৫। লয়্যা গুণমণি ব.প ৮৫৭। বা.ম ৩৩২। বিরহক আগুনি৹ জরি জরি গুণমণি৹ ঝামর শ্যামর অঙ্গে ব ১৮৪। কি বলিলে গুণমণি, ফিরে দিব চুম্ব আলিঙ্গন।—ভা.চ ৩৪৪। মা ১৫৫ ; রূপ হেরি, গুণমণি ১৫৬। ৩ গুণবান্ অধিপতি। "ময়নার গুণমণি শ্রী.মা ১৮৩ ; ২০৯। ৪ (অপ্র) গুণবতী। "তুহু ধনী গুণমণি কয়লি পয়ান রা শে ৪.৩।

গুণময় বিণ [গুণ+ময় (ময়ট্) ; স্ত্রী -য়ী] ১ গুণপ্রচুর, বহুগুণবান্, গুণাঢ্য। "গুণময়ী প্রিয়া মম।—পদ্যপাঠ, ২য় ভাগ। ২ গুণবিকার, গুণাত্মক। "তয়া বদ্ধমনশ্চক্ষুঃ পাশৈর্গুণময়ৈঃ।—মহা ১.১৭১.৩১। ৩ সত্ত্বাদিগুণবিকার, কামলোভাদিগুণবিকার। "ত্রিভির্গুণময়ৈর্ভাবৈ ···জগৎ (মোহিতম্) গী ৭.১৩ ; °ময়ী মায়া ১৪। (আত্মমায়য়া) গুণ-ময্যা ভ ১.২.৩০ ; ৩৩।

গুণলুব্ধ বিণ [স.ত] গুণে লোভযুক্ত ; গুণগৃধ্নু, গুণপক্ষপাতী। "বৃণতে হি বিমৃশ্যকারিণং গুণলুব্ধাঃ স্বয়মেব সম্পদঃ কি ২.৩০।

গুণশীল বিণ [গুণ+√শীল+অ (অণ্)-ক ; উ.ত] গুণযুক্তস্বভাব, গুণী। "নাগুণশীলস্য গুণিনি পরিতোষঃ হি ১.২০০।

গুণসংখ্যান ক্লী [বহুব্রী] সত্ত্বাদির সংখ্যান (কার্য্যভেদে প্রতিপাদন) যাহাতে ; সাংখ্যশাস্ত্র, কাপিলশাস্ত্র। "গী ১৮.১৯।

গুণসংগ্রহ পুং [ষ.ত] গুণের (সর্ব্বপুরুষার্থের) সমাহার ; পুরুষার্থ-সংগ্রহ। "ভ ৪.২০.২৬।

গুণসঙ্গ পুং [স.ত, অথবা তৃ.ত] গুণসমূহে সঙ্গ, অথবা শুভাশুভকারী ইন্দ্রিয় দ্বারা সঙ্গ ; সত্ত্বাদিসংসর্গ, বিষয়াসক্তি। "কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্‌যোনিজন্মসু গী ১৩.২১।

গুণসমুদ্র, -সাগর পুং [ষ.ত] ১ গুণের সাগরতুল্য ; বহুগুণাধার, গুণভাজন। ২ ব্রহ্মা। ৩ বুদ্ধবিশেষ।

গুণসম্পৎ (-স্পদ্) স্ত্রী [ষ.ত] গুণসম্পত্তি, গুণপ্রাচুর্য্য। "কো নিধির্গুণসম্পদাম্ গো.রা ১.১.৫। কি ৫.২৪।

গুণস্তুতি স্ত্রী [ষ.ত] গুণপ্রশংসা, গুণকথন। "হি ১২২৩।

গুণহীন বিণ [তৃ.ত] ১ গুণরহিত, নির্গুণ। ২ সত্ত্বাদিগুণরহিত, প্রাকৃতগুণশূন্য, ত্রিগুণাতীত। "গুণহীন-মহীশ (শিবাষ্টক)।

গুণা, -না[১] বি [সং গুণ ; হি গুণা—times ; অপ্র] ১ রজ্জু, দড়ি, সূতা। "সোনার গুনায় রূপার গুনায় করিব সিয়ানি গো.চ ১৮১। রজতের গুণা দিয়া লইয়াছে বান্ধনি চ.বি ৩৬। ২ [ফা গুণাহ্] দোষ, পাপ। "কি গুণা করিনু আমি জন্ম-জন্মান্তরে বা.ম ৮৭। সুন্নতের গুণা তবে কত-গুণ তার ভা.চ ৪৮৩। হু ১৩৮।

গুণাকর পুং [ষ.ত] ১ গুণসমূহের আকরতুল্য ; বহুগুণাধার, গুণাস্পদ। ২ মহাদেব। ৩ বুদ্ধদেব। ৪ (বাঙ্‌লায়) কবি ভারতচন্দ্রের উপাধি। "ভা চ ২৭।

গুণাগার দ্র 'গুণগার'।

গুণাগীর বিং [সং গুণ+ফা গীর্ ; অপ্র] গুণগ্রাহী। "মহানন্দে জাহাঙ্গীর গুণাগীর হ'য়ে। চলিলেন ভবানন্দ মজুন্দারে ল'য়ে॥ —ভা.চ ৫০৮।

গুণাগুণ পুং [দ্বন্দ্ব] গুণ ও অগুণ ; গুণ-দোষ। "অনপেক্ষ্য গুণাগুণৌ মাঘ ১৬.৪৪। দ্রব্য° ব.প ৩১৭।

গুণাঢ্য বিণ [তৃ.ত] গুণসম্পন্ন, গুণভূয়িষ্ঠ, বহুগুণান্বিত। [°ঢ্যিকা (বিং)—গুণসম্পন্না, গুণময়ী। "গুণাঢ্যিকা গণেশজননী শ্রী মা ১৫।]

গুণাতীত বিণ [দ্বি.ত] গুণাতিক্রান্ত, সত্ত্বাদিগুণধর্ম্ম সুখদুঃখাদির অতীত ; ত্রিগুণধর্ম্মরহিত। দ্র 'উদাসীনবদাসীনো গুণৈর্যো ন বিচাল্যতে। …সর্ব্বারম্ভপরিত্যাগী গুণাতীতঃ স উচ্যতে॥—গী ১৪.২৩-২৫। —ত পুং ১ পরব্রহ্ম। ২ আত্মজ্ঞ।

গুণানুবাদ বি গুণানুকীর্ত্তন, মাহাত্ম্যবর্ণন। "তোমার গুণানুবাদ শ্রী.মা ৫। সাহেবের গুণানুবাদ কৃ.চ ৬৫।

গুণানুরাগ পুং [স.ত] গুণে আসক্তি ; গুণপক্ষপাত।

গুণান্তর ক্লী [নি.স, ময়ূরব্যংসকাদি] অন্য গুণ।

গুণান্বিত বিণ [তৃ.ত] গুণকর্ত্তৃক অন্বিত ; গুণযুত, গুণোপেত।

গুণাপবাদ পুং [ষ.ত] ১ গুণের অপভাষণ ; পরের দোষাবিষ্কার ; গুণনিন্দা। ২ (ব্যাকরণে) গুণের সূত্রসম্বন্ধে নিষেধ। "পা ৬.১.৮৮, সি।

গুণাবতার বি সত্ত্বাদি গুণত্রয়ের অবতার—বিষ্ণু ব্রহ্মা ও শিব। '(গুণাবতারাঃ) বিষ্ণুর্ব্রহ্মা চ রুদ্রশ্চ স্থিতিসর্গাদিকর্ম্মণে।—লঘুভাগবত। ব্রহ্মা বিষ্ণু শিব—তিন গুণাবতারে গণি চৈ.চ ৩।

গুণাশ্রয় পুং [ষ.ত] গুণের আধার ; গুণভাজন।

গুণিআ বি ['গুণিত'—মূল (?) ; অপ্র] কণ্ঠাভরণবিশেষ। "কাঢ়িআ নিল গুণিআ গলার শ্রী.কী ১৩৪।

গুণিত বিণ [√গুণি+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতগুণন, পুরিত, আহত। "পঞ্চধা গুণিতা দ্বাদশসংখ্যা ষষ্টির্ভবতি (ভরত)। সহস্র°।—মহা ৩.৮৩.১৫৯। শত° বিক্র ৩.২২। ২ পরিপূরিত। "সাসকৃৎ স্নেহগুণিতা ভ ১১.৭.৬৬। ৩ [গুণ+ইত (ইতচ্)] সঞ্জাতগুণ, আবৃত্তি-বিশিষ্ট। —তক পুং কোন রাশি দ্বারা নিঃশেষে বিভাজ্য রাশি (multiple)।

গুণিন বি [সং 'গুণী (-গিন্)'—মূল ; তু 'রঙিন'] ১ বিদ্যাবিশেষের অধিকারী বা গুণবান্ ; পণ্ডিত। "গাইন গুণিন গো বি ৮৭। গায়ন গুণিন লেই (নহি ?)।—ক.চ ৬। গায়ক গুণিন নহি বা.ম ২১৭। ২ গীতবিদ্যায় নিপুণ ; গায়ক। "বিনি নাটে গীতে বিদায় না হএ গুণিন গো.বি ৮৫। ৩ বিষের মন্ত্র-তন্ত্রে পণ্ডিত ; বিষবৈদ্য, ওঝা। ৪ ভূতের চিকিৎসক বা ওঝা।

গুণী (-ণিন্) বিণ [গুণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ণিনী] ১ গুণবান্, গুণান্বিত। "নাগুণী গুণিনং বেত্তি গুণী গুণিষু মৎসরী। গুণী চ গুণরাগী চ সরলো বিরলো জনঃ॥—সু.র। গুণিগণগণনা হি ১৫ (কথারম্ভ)। ২ জ্যাযুক্ত, অধিজ্য ; শৌর্য্যাদিগুণবান্। "কার্ম্মুকেণেব গুণিনা মাঘ ২.৯৭। ৩ সত্ত্বাদিগুণান্বিত। "গুণিনী মায়ার গুণে শি ৩৭। ৪ শুভ, হিতকর। "গুণিস্তনি (দশকুমার)। ৫ (বাঙ্‌লায়) বশীকরণাদির মন্ত্রতন্ত্রজ্ঞ ; অভিচারপণ্ডিত। "আন গুণিজন, যে প্রভু আনিতে পারে ক.চ ১৩৫, -৭০। ৬ বিষবৈদ্য। "চতুর্দ্দিকে জাগিয়া গুণিগণ ম ৩২। ৭ সঙ্গীতকলাজ্ঞ, গায়ক। "কিন্নরাদি গুণিগণ নানা গান করে দ্রু ৬৬ ; ১০৪। গুণিভূপ, গায়ত মধুর রাগ ন.প ২০৫। —ণী পুং 'জ্যাবান্', ধনুঃ।

গুণীভূত বিণ [গুণ+অভূততদ্ভাবে চ্বি (০)+ √ভূ+ত (ক্ত)-ক] ১ অপ্রধানীভূত ; গৌণভাবগত। "গুণীভূতা গুণাঃ সর্ব্বে তিষ্ঠন্তি হি পরাক্রমে মহা ২.১৬.১১। ২ মুখ্যার্থহীন। ৩ গুণরূপে পরিণত ; গুণত্ব-গত। ৪ সমাস হেতু গৌণভাবগত (শব্দাদি)। "কৃতপূর্ব্বীকটম্ (সি) —'কৃত' সমাসে গুণীভূত। ৫ অনুত্তম, চমৎকারিত্বহীন। "°ব্যঙ্গ্য। ৬ (বাঙ্‌লায়) ঔষধাদিপ্রয়োগে প্রশমিত। "আমার গুণীভূত যক্ষ্মাকাশ আছে য ১০। [°ব্যঙ্গ্য (ক্লী)—যাহাতে ব্যঙ্গ্য গুণীভূত, অর্থাৎ যে কাব্যে ব্যঙ্গ্যার্থ অপেক্ষা বাচ্যার্থের চমৎকারিত্ব থাকে ; মধ্যমকাব্য। 'অপরং তু গুণীভূতব্যঙ্গ্যং বাচ্যাদনুত্তমে ব্যঙ্গ্যে সা.দ ৪.১৩। প্রকারোঽন্যো গুণীভূতব্যঙ্গ্যঃ কাব্যস্য দৃশ্যতে। যত্র ব্যঙ্গ্যান্বয়ে বাচ্যচারুত্বং স্যাৎ প্রকর্ষবৎ॥—ধ্বনিকার।

গুণেশ্বর পুং [ষ.ত] ১ সত্ত্বাদির প্রভু, পরমেশ্বর। ২ চিত্রকূট।

গুণো, -ন[২], **-না**[২], **-লা**[২] বি [সং গণ ; কুল ; তু 'তা কল ; গল্ (H.B. 67) ; কর্ণাটী—গুল] সমূহ (বহুবচনসূচক)। "কুমড়াগুলা গো.চ ২ ; কৈতর গুনা ৭ ; সোকল গুলা ২৪ ; টাকা গুন ১৪৮ ; ২৮৬। রাক্ষসগুলা কৃ ৯৯। কামারগুলা ভ.গ্র ২৮৮। কচ্ছপগুলা : মশাগুলা ক.চ ২২০। হাত-পা-গুনো স.এ ১৬। [গুলান—সমূহ। "তোমার মহিমা গুলান বুঝিতে না পারি গো.চ ২০১। এতগুলা—এতৎ-পরিমাণ ; এতৎসংখ্যক। কতগুলা—কি-পরিমাণ, কিয়ৎসংখ্যক (প্রশ্নে) ; অনেকগুলা, অনেক। "পদনখে পড়ে তার আছে কতগুলা ভা.চ ২৯০। কতকগুলা—কিছু, কয়েকটা ; অনেকগুলা।]

গুণোৎকর্ষ পুং [ষ.ত] গুণাতিশয্য, গুণবৃদ্ধি। "ভূয়স্তব গুণোৎকর্ষমেতে বিদ্বে করিষ্যতঃ (রা)।

গুণোৎকীর্ত্তন ক্লী [ষ.ত] গুণকথন, গুণবাদ, গুণগান।

গুণোৎকৃষ্ট বিণ [স.ত] গুণে উত্তম ; গুণবরিষ্ঠ। "মনু ৮.৭৩।

গুণোত্তর বিণ [স.ত] সর্থ 'গুণোৎকৃষ্ট' (সুশ্রুত)।

গুণোপেত বিণ [তৃ.ত] গুণান্বিত, গুণসম্পন্ন। "পুত্রমেবংগুণোপেতম্ শ ১.১২। সর্ব্বস্বামি° হি ১৬ (কথারম্ভ)।

গুণ্ঠ্ (-ঠি) সক [চু.প—গুণ্ঠয়তি, -ঠতি ; সেট্] বেষ্টন। [অব —অবগুণ্ঠন, আবরণ ; শিরঃপ্রচ্ছাদন, ঘোমটা দেওয়া।]

গুণ্ঠন ক্লী [√গুণ্ঠ্+অন (ল্যুট্)-ভা] ১ বেষ্টন, আচ্ছাদন। "বদন গুণ্ঠনাবৃত, আত্মাদেহী।—হেম ১০২। ২ লেপন। "ভস্ম°। —ন্ঠিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম ; তু 'গুংঠিঅ'—আচ্ছাদিত (দেশী ১.৮৫)] ১ বেষ্টিত, আবৃত। "ভোগিভরাভুতিগুণ্ঠিত হে।—বা.দ ৬। ২ গুণ্ডিত, নিষ্পিষ্ট, চূর্ণীকৃত। ৩ কৃতধূলিধূসর (রমানাথ)।

গুণ্ড্ (-ণ্ডি) সক [চু.প—গুণ্ডতি ; সেট্] ১ বেষ্টন, পরিবৃতি। ২ রক্ষণ। ৩ চূর্ণীকরণ, নিষ্পেষণ।

গুণ্ড পুং [√গুণ্ড্+অ (ঘঞ্)-ভা] ১ চূর্ণীকরণ, নিষ্পেষণ। ২ [+অ (অচ্)-ক] গণ্ডতৃণবিশেষ। ৩ [+অ-র্ম্ম] চূর্ণ, গুঁড়া। "°সম্মিশ্রং তদ্বীজম্ কু.স ৩৪। —ণ্ডক পুং [গুণ্ড+ক (কন্) সংজ্ঞার্থে] ১ চূর্ণ, গুঁড়া। "(সারম্) কৃত্বা গুণ্ডকরূপিণম্ কু.স ১০৮। ২ ধূলি। ৩ মলিন (মেদিনী), পাপী (?)। ৪ কলোক্তি, মিষ্টভাষা। ৫ তৈলপাত্র। —ণ্ডিক পুং [গুণ্ড+ইক (ঠন্) অস্ত্যর্থে] ১ চূর্ণ, গুঁড়ি। ২ তণ্ডুলাদিচূর্ণ; ময়দা; সক্তু।

গুণ্ডা[১] বি [দ্র 'গুঁড়া[১]'] চূর্ণ, গুঁড়া। "জত বজ্র চিবাইয়া কর্যা দিমু গুণ্ডা কৃ.উ ১১২। এক মুঠকির ঘাএ শিশু হবে গুণ্ডা ২২৫।

গুণ্ডা[২] বি [সং 'গোণ্ড' বা 'গুণ্ডক'—মূল (?), হি গুণ্ডা] ১ দুর্বৃত্ত, কুকর্ম্মী, বদমাশ। "ব.প ১৪৮৮। ২ (সাদৃশ্যে) অবিবেক, কর্ত্তব্যবিমূঢ়। "স্মরণ করুক পাণ্ডারূপী গুণ্ডাদিগের হার কু.কে ১৩৯। [গুণ্ডামি —গুণ্ডার কার্য্য ; বদমাশী।]

গুণ্ডি বি [সং গুণ্ড+ই[১১] ; অপ্র] গুঁড়ি, গুঁড়া। "যত্ন করি গুণ্ডি করি পুরাণ সুকুতা চৈ.চ ৩১১।

গুণ্ডিচা বি সুন্দরাচলনামক স্থানে জগন্নাথদেবের মন্দিরবিশেষ। 'সর্ব্ব-পাপনিয়ন্তৃত্বাৎ পূজ্যত্বাৎ সর্ব্বদৈবতৈঃ। গুণ্ডিচাখ্যাপি সা প্রোক্তা ব্রহ্ম-তেজোঽবগুণ্ঠনাৎ॥—স্কন্দপুরাণ, উৎকলখণ্ড। "চৈ.চ ৭১; ১৪৭। [জগন্নাথদেব রথযাত্রায় নবরাত্র এই মন্দিরে লীলা করেন। এই হেতু উড়িষ্যাবাসীরা রথযাত্রাকে 'গুণ্ডিচা-যাত্রা' বলে।]

গুণ্ডিত বিণ [√গুণ্ড্+ত (ক্ত)-র্ম্ম] ১ চূর্ণীকৃত, পিষ্ট। ২ বেষ্টিত, ধূলিসমাকীর্ণ।

গুণ্য বিণ [√গুণি+য (যৎ)-র্ম্ম] ১ যাহাকে গুণ করা যায় ; পূরণীয় (multiplicand)। "গুণ্যান্ত্যমঙ্কং গুণকেন হন্যাৎ।—লীলাবতী। ২ প্রশংসনীয়, শ্লাঘ্য। ৩ সংখ্যেয়। ৪ [+য (যৎ), পা ৫.২.১২০, সি] গুণবান্, প্রশস্তগুণ। "গুণ্যা ব্রাহ্মণাঃ।

গুত বি [সং গুপ্ত >প্রা গুত্ত > বা গুত ; অপ্র] কায়স্থের উপাধি-বিশেষ। "রণা রাহা গুত ব.প ৩১৭।

গুতা[১], গুতাগুতি ; গুতা[২], -তুনি দ্র 'গুঁতা[১] ; গুঁতা[২]'।

গুতিয়া, -তে বি [গুত+ইয়া[২], এ[৭]] ক্ষুদ্রমৎস্যবিশেষ (ইহারা পাঁকে গুপ্ত হইয়া থাকে)। "মাথাপুতে ছিল গুতে শি ৮৫। গুতিয়া ভা.চ ১২৬।

গুৎস পুং [গুধ্ (ক্রীড়া) + স-র্ম্ম, উ ৩.৬৮] ১ গুচ্ছ, স্তবক, থোকা, থ'লো। ২ তৃণাদির গুচ্ছ ; গুম্ব। ৩ পুষ্পগুচ্ছ, কুসুমস্তবক। ৪ দ্বাত্রিংশদ্-যষ্টিক (বত্রিশনর) হার। ৫ ময়ূরপুচ্ছ, কলাপ। ৬ গ্রন্থিপর্ণবৃক্ষ। —ৎসক পুং [°স+ক (কন্) স্বার্থে] ১ স্তবক, কুসুমস্তবক। ২ চামর, গোপুচ্ছ। ৩ গ্রন্থবিচ্ছেদ, অধ্যায়। [গুৎসার্দ্ধ (পুং)—চতুর্বিংশতি-যষ্টিক (চব্বিশনর) হার।]

গুদ্ অক [ভ্বা, আ—গোদতে ; সেট্] ক্রীড়া।

গুদ ক্লী [√গুদ্+অ (ক)-ক ; ছান্দস] ১ যাহা কুঞ্চনাকুঞ্চন দ্বারা ক্রীড়া করে ; মলনির্গমমার্গ, গুহ্যদেশ, পায়ু। "অবশর্দ্ধয়তো গুদম্ (ছেদয়েন্নৃপঃ) মনু ৮.২৮২। বিষ্ণু ৫.২২। উলটি পালটি গুদ দেখাইয়া যায় শ্রী.ম ২১১,-২৯। ২ [বাঙ্লায় ; লক্ষণায়] যোনি। [°কীল, °কীলক (পুং)—পায়ুর কীলতুল্য ; অর্শোরোগ। °গ্রহ, °স্তম্ভ (পুং)—পায়ুর অবষ্টম্ভ ; উদাবর্ত্ত রোগ, মলাবরোধ (constipation)। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—গুহ্যদ্বার। গুদাঙ্কুর (পুং)—পায়ুর অঙ্কুরতুল্য ; অর্শোরোগ।]

গুদড় বি [হি গূদড়—ছিন্ন পুরাতন বস্ত্র] মোটা রেশমী বস্ত্রবিশেষ (টীকা)। "ব.প ১৫১২। —দড়ী, -ধড়ী, -ধুড়ি বি [হি গূদড়ী ; ঠ গোধড়ি—কন্থা, 'কুধটি'—মূল (?) ; তু 'সং √গ্রন্থ্ >প্রা √গুধ (প্রা স ৭.২৩)] ১ ছিন্ন পুরাতন বস্ত্র। "গ্রন্থিত গুধড়ী রা.স ১০। ২ কন্থা, কাঁথা। গুধুড়ি এড়িয়া পাইলা খাসা মাণিকমণি মী ২৪। চিকণ গুধড়ী গায় ব.প ৫৬৪। বি.সু ৯০।

গুদম, -দাম, -দোম বি (E. godown ; P. gudao ; হি গোদাম ; তা কৃ৩াম্] মালখানা, ভাঁড়ার। "এব (পেটের) ভিতরে তেতালা গুদোম ন.ত ৬৬। [°জাত—গুদামগত, গুদামে আটক। সাত পুরুষে সভ্য মোরা হলেম গুদামজাত।—হেম ৩৮৬। পাঁঠাগুলি…বলিদান হ'লেই গুদোমজাত হয় হু ১৫৬ ; গুদমজাত সং গুলির মত আড়ষ্ট হয়ে বসে রইলেন ২১৮। °সরকার—গুদামের প্রধান কর্ম্মচারী ; ভাঁড়ারী।]

গুন[১] ; গুন[২] ; গুন(না)গার ; গুনগুন ; গুনতি দ্র 'গুণ[৩] ; গুণো ; গুণগার ; গুণগুণ ; গুণতি'।

গুনা[১] ; গুনা[২] দ্র 'গুণা ; গুণো'।

গুপ্ সক [ভ্বা, প—গোপায়তি ; বেট্] রক্ষণ। —প সক [ভ্বা, আ—গোপতে ; সেট্] ১ গোপন, অপহ্নব। ২ [জুগুপ্সতে ; সেট্] নিন্দা, জুগুপ্সা। —প্ অক [চু, প—গোপয়তি ; সেট্] দীপ্তি। —প্ অক [দি, প—গুপ্যতি ; সেট্] ব্যাকুলতা, ব্যাকুলীভাব।

গুপগাপ, -গুপ, -পাগুপ বি [ধ্বন্যাত্মক] ক্রমাগত জোরে কিল মারার শব্দ। "গুপাগুপ গুপাগুপ কিলে করে শব্দ ঃ গুপগাপ বেড়ে উঠে দাঙ্গা আড় ৭৭। —গাপ বি জলে মৎস্যের আস্ফালনশব্দ। "থেকে থেকে গুপগাপ করে মৎস্যগণ স.শ ৮৪।

গুপত বিং [সং গুপ্ত >(স্বরাগমে) °ত ; বৈষ্ণবসাহিত্যে] গুপ্ত, গূঢ়, লুকান। "গুপত প্রেমধন গো ৯৬। —ত ক্রি.বিং গুপ্তভাবে। "গোপি গুপত বিলাপই ঃ গুপত গোরসপান জ.প ৫৮।

গুপীযন্ত্র বি [ধ্বন্যাত্মক] 'গুপগুপ'-শব্দকারী বাউলের একতারা বাদ্যবিশেষ ; আনন্দলহরী।

গুপ্ত বিণ [√গুপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ রক্ষিত, ত্রাত, পালিত। "ভার-দ্বাজেন…গুপ্তম্ (ব্যূহম্)।—মহা ১.১.১৯০। মনু ৭.৭৬। কুবের° (দিক্) কু.স ৩.২৫। স্ববীর্য্যগুপ্তা রঘু ২.৪ ; ১০.৬০। বিপদ পাইয়া গুপ্ত করে কুল নারী ম.বি ১৩২। ২ গূঢ়, সংবৃত, প্রচ্ছন্ন। "ধনাযুষী গুপ্ততমে তু কার্য্যে।—বসিষ্ঠ। ৩ নিয়মিত, সংযত, বশীকৃত। "গুপ্ত-তমেন্দ্রিয়াঃ (মুনয়ঃ) রঘু ১.৫৫। ৪ অবিদিত, অপ্রকাশিত। —প্ত পুং ১ বৈশ্যের নামের পরে প্রযোজ্য উপপদবিশেষ। 'গুপ্তদাসাত্মকং নাম প্রশস্তং বৈশ্যশূদ্রয়োঃ মনু ২.৩২, কুল্লুক। "চন্দ্র°, সমুদ্র°, স্কন্দ°। ২ বিষ্ণু (মহা)। —প্তা স্ত্রী ১ পরকীয়ার অন্তর্গত নায়িকাবিশেষ। [বৃত্তসুরত-গোপনা, বর্ত্তিষ্যমাণসুরতগোপনা ও বর্ত্তমানসুরতগোপনা ভেদে গুপ্তা ত্রিবিধা (রসমঞ্জরী)। হয়েছে হতেছে হবে পরসঙ্গে রতি। গুপ্ত করে যে জন সে জন গুপ্তমতি॥—ভা.চ ৬৮৪।] ২ রক্ষিতা স্ত্রী। "ব্রাহ্মণীং যত্নগুপ্তাং তু সেবেতাং বৈশ্যপার্থিবৌ।—মনু ৮.৩৭৬,-৮২,-৮৪। [°কাশী (বি)—ভুবনেশ্বর তীর্থের নামান্তর। দ্র 'চৈ.ভা ৩৯২-৩৯৫। °গতি (পুং)—গূঢ়গতি, চর। °চর (বিণ)—গূঢ়চারী। °চর (পুং)—১ গূঢ় চর। ২ যাহার চর গূঢ় ; রাজা। ৩ যোগসংবৃতৈশ্বর্য্য নররূপচারী

বলরাম। °দান (ক্লী)—গূঢ় দান ; অজ্ঞাতত্যাগ। °ধন (ক্লী)—১ সুরক্ষিত বিত্ত। ২ (বাঙলায়) স্ত্রীলোকের ব্রতবিশেষ। এই ব্রতে সন্দেশে গুপ্ত মুদ্রা সংক্রান্তিতে ব্রাহ্মণকে দান করিতে হয়।]

গুপ্তি [√ গুপ্+তি (ক্তিন্)-ভা ; ছান্দস] ১ রক্ষা, ত্রাণ। "সর্ব্বস্যাস্য চ গুপ্তয়ে মনু ১.৯৪ ; ৯৯। ব্রহ্মকোষস্য গুপ্ত্যৈ উ.চ ৬.৯। ২ গোপন, অপহ্নব, অপ্রকাশ। "আকার°, ক্রিয়া°। ৩ আচ্ছাদন, সংবরণ। ৪ যম, নিয়মন, নিরোধ। "ইন্দ্রিয়°। ৫ রক্ষণ, পালন। বিপ 'পরিত্যাগ'। "তস্য শান্তিঃ পরিত্যাগো গুপ্তাবপনয়ো মহান্ মহা ১.১১৫.৩৬। ৬ সংবরণ। "গুপ্তাবপি মনোহরম্ কু.স ৬.৩৮। কোম° (কাদম্বরী)। ৭ [+তি-ণ] (তন্ত্রে) গ্রহণীয়মন্ত্রসংস্কারবিশেষ। 'তর্পণং দীপনং গুপ্তির্দশৈতা মন্ত্রসংক্রিয়াঃ। ৮ [+তি-ধি] অবস্কর (আবর্জ্জনা)-স্থান, আঁস্তাকুড়। ৯ কারাগার, বন্দিগৃহ ; বন্ধন (মল্লিনাথ)। "°ক্ষোট মাঘ ১১.৬০। ১০ ভূগর্ত্ত, গহ্বর ; কন্দর, গুহা। ১১ গর্ত্তার্থ মৃত্তিকোৎখনন। ১২ [+তি-র্ম্ম] নৌকাচ্ছিদ্র (ভরত) ; নৌতল (lower deck of a boat)। ১৩ অহিংসাদি যোগাঙ্গ।

গুপ্তী বি [সং গুপ্তি (?) ; হি, ঠ গুপ্তী] যষ্টিমধ্যে প্রচ্ছন্ন তরবারি (sword-stick)।

গুফা বি সর্থ 'গোফা'। "মুনি গুফাতে বসিল গো চ ৩৯৯।

গু(গূ)বাক পু [√গু মলত্যাগ+আক-ক, নিপাতিত, উ.৪.১৫ ; তু 'গুয়াক (গো.চ)] পূগবৃক্ষ, সুপারিগাছ। —ক ক্লী পূগফল, সুপারি। "অবাক্ হইনু হাটে দেখিয়া গুবাক ভা চ ২৮৬। [গুবাকের পাটী—সুপারির খোলার আসন (?)। "বসিতে আনিঞা দিল গুবাকের পাটী কৃ.উ ১৫৬।]

গুম বি [ফা গু.ম্—অপহৃত, নষ্ট] ১ গুপ্ত মৃতদেহ। "আমরা এখানে গুম তল্লাস করিব আ.দু ১০১। ২ [ধ্বন্যাত্মক] কিল মারার শব্দ। "কিল গুমগুম বি স্থ ১০২। [গুমখুন—গোপনে নিহত। "কথা সোজা নয়, ছেলে গুমখুন হয়েছে অ.গ্র ৮৮। গুমগুম—ক্রমাগত গুম শব্দ। "কিলের গুমগুম, মেঘ যেন শিলা বরিষণ ক.চ ১৩৯। গুমগুমান—গুম-গুমশব্দে কিল মারা। গুম হয়ে থাকা (ফা গু.ম্ সুম—মৌনী, নিস্তব্ধ)—আকস্মিক বিপদে হতবুদ্ধি হইয়া চুপ করিয়া থাকা। গুমিয়া গুমিয়া (অপ্র)—স্তব্ধ থাকিয়া থাকিয়া ; রহিয়া রহিয়া। "গুমিয়া গুমিয়া৹ কাঁদিয়া কাঁদিয়া৹ বিরসাননে (বলে)।—হেম ২২।]

গুমট '-ট্' বি ['গ্রীষ্মতা'—মূল (?)] ১ গ্রীষ্মের উত্তাপ, গরম। ২ মেঘলা দিনে বায়ুপ্রবাহরোধ হইলে যে পচা গরম হয় ; ভেপসা গরম। "হঠাৎ গুমট ভাঙ্গিয়া হুহু করিয়া একটা বাতাস দিল। গল্পগুচ্ছ। [°কাল—গ্রীষ্মকাল।]

গুমটি বি [ফা গু.মবদ্ ; হি গুমটী) গুম্বজের মত একদোয়ারী ছোট ঘর ; প্রহরীর কুটীর।

গু(গো)মর[১] বি [ফা গু.মান্ ; হি গুমর, ঘমংড] অহঙ্কার, অভিমান, গৌরব। "সুমর নাই—গুমর কত দা ২০৪৬। বাঙ্গালীরা জাতির গুমর সর্ব্বদাই করিয়া থাকেন আ.দু ৫২।

গুমর[২] অর্ম্ম [ফা গু.ম্ সুম্ (মৌনী, নিস্তব্ধ)—গুম্ > √গুমর (?) ; সং √মুহ্ > প্রা √গুম্মড > বা √গুমর (?)] ১ স্তব্ধ হওয়া ; চুপ করা। "গুমরিয়া রহে নারে দুঃখ নিবেদিতে ভ.গ্র ২৫০। ২ ফুটিয়া কাঁদিতে না পারায় দম চাপিয়া কাঁদা ; ফোঁপান। "দীর্ঘশ্বাস ছাড়ি, কান্দে গুমরি গুমরি ন.বি ৫। ৩ বেদনা প্রকাশ করিয়া বলিতে না পারায় ভিতরে যন্ত্রণা ভোগ করা। "গুমরি গুমরি মরি (চ.দা)। অন্তরে গুমরে প্রাণ চৈ.ম ১৩৯। গুমরে গুমরে মরি! হৃদয় বিদরে দা ১৯৮৪। বুকফাটা দুখে গুমরিছে বুকে, গভীর মরম বেদনা।—গান ২১৮। (না যায় কহন) গুমরিয়া গুমরিয়া রোষানলে৹ তাপি' উঠে কলেবর স্ব.প ১৭৭॥ মেয়ে পুরুষের সমান জ্বালা, পুরুষে চেঁচামেচি করে, মেয়েরা গুমরে গুমরে মরে বি.বু ৪২। ৪ দুঃখাদির আবেগে ব্যাকুল হওয়া। "বারমাসের যত দুঃখ৹ কহিতে বিদরে বুক৹ গুমরি গুমরি উঠে প্রাণ ব.প ৮৫৩। ৫ বাহির হইতে না পারায় প্রবল হওয়া। "অন্তরে গুমরে দহে বিরহজ্বলন বা.দ ৪২। ৬ [ধ্বন্যাত্মক] গোঁ-গোঁ শব্দ করা ; গম্ভীর শব্দ করা বা ডাকা। "গুরু গুরু মেঘ গুমরি গুমরি৹ গরজে গগনে গগনে চ.কা ৩৫৪। ৭ ক্রোধে গরম হইয়া হুঙ্কার করা। "তর্কসিদ্ধান্ত মুখ বিকটসিকট করিয়া গুমরে উঠিলেন—'কচুপোড়া খাও—উঠছি আর অমনি পেছু ডাকছ আ.দু ১৪৩। —রা অর্ম্ম [°র> °রা] সর্থ 'গুমর'। [গুমরান—গোঁ-গোঁ শব্দ করা ইত্যাদি।]

গুমসা, -সো বিং [হি গুমসা] পচা, গন্ধযুক্ত (musty, stale)। [গুমসা গরম— পচা গরম। গুমসান—গুমট করা।]

গুমা বিং ['গ্রীষ্ম'—মূল] গরমে বিকৃত বা পচা-পচা। "গুমা চাউল, ধান, খড়।

গুমান বি [ফা গু.মান্] ১ অহঙ্কার, গৌরব, অভিমান। "যাহার স্বামী ঘরে তার যৌবনের গুমান গো.চ ৪৫৮। কাহার গরবে তুঞি করিস গুমান চ.বি ২০৮। গুমান-গুণে শি ৩৬। গুমান হইল গুঁড়া ভা.চ ১১৩ ; গুমানে (অর্থাৎ গো মানে) মরিয়া গুমান রবে ২৭৭ ; ৩৯০। ২ অভিমান। "কামবসে হরি যবে করয়ে মিনতি। গুমান করয়ে প্যারী ঔদার্য্যের রীতি॥—ভ গ্র ৩৯৫। ৩ গৌরব, প্রভাব। "তবু তো না মরে রাহু অমৃত গুমান গো.চ ৪৬৭; অমৃত গুমানে ৪৬৮। [গুয়ান (অপ্র)—গুমান। "নারী হয়া না করে যেন এতেক গুয়ানে চ.বি ২২৫।]

গুমি বিং [ফা গু.ম্] ১ গুপ্ত, লুক্কায়িত। "তাঁহাকে রমানাথ চৌধুরীর কাছারিতে…গুমি কবিয়া রাখিবে য ৫। নী ৭৪। —মি বি ১ গুপ্ত মৃতদেহ। "পেয়াদারা চারিদিকে তল্লাস করিল, কিন্তু গুমি পাইল না আ.দু ১০১। ২ মৃতদেহ-গোপন ; লাশ লুকান। "এখন গুমি গেরেপ্তারি লাঠি দাঙ্গা…চলবে না।—হু ৬৬।

গুম্ফ্ সক [তুদা, প—গুম্ফতি ; সেট্] গ্রন্থন, গুম্ফন, গাঁথা।

গুম্ফ পুং [√গুম্ফ্+অ (ঘঞ্)-ভা] ১ গ্রন্থন, গাঁথা। ২ বন্ধ, সন্দর্ভ, রচনা। "পুরুষাঃ সংস্কৃতগুম্ফাঃ প্রাকৃতগুম্ফোঽপি ভবতি সুকুমারঃ ক.ম ১.৮। ৩ বিন্যাস, পরিপাটী, সাজান। ৪ [+অ-র্ম্ম] অলঙ্কারবিশেষ, 'গোঁফহার' (?)। ৫ শ্মশ্রু, গোঁফ, মোচ। —ম্ফন ক্লী, —ম্ফনা স্ত্রী [+অন (ল্যুট্, যুচ্)-ভা, স্ত্রী আ (টাপ্)] ১ গ্রন্থন। ২ সন্দর্ভ, রচনা ; উৎকৃষ্ট রচনা। 'বাক্যে শব্দার্থয়োঃ সম্যগ্রচনা গুম্ফনা মতা (ত.বা)। —ম্ফিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ গ্রথিত, রচিত। "মাঘ ১৪.৩০। ২ আবদ্ধ, নিয়ন্ত্রিত, বশীকৃত। "গুণগৌরব° (ভামিনীবিলাস)। গানগুণ°…সুরবৃন্দ গো ৬৪।

গুম্ফা বি [দ্র 'গোফা'] গুহা। "গিরির শরীরমধ্যে হস্তিগুম্ফা নামে গুম্ফা ছিল ব.প্র ৪৬৪।

গুম্ব(ম্বু)জ বি [ফা গু.মবদ্,-বজ্.] অট্টালিকা মন্দির মসজিদের উপরিস্থ গোল ছাদ ; গির্জার চূড়া (dome)। "নীলাভ আকাশনিভ, বিশাল গুম্বজবক্ষ ন ১০৩৭। দম্ভ যবে মূর্ত্তি ধরি স্তম্ভ ও গুম্বজে দিনরাত৹ অভ্রভেদী হয়ে উঠে, তুমি না দেখাও পক্ষপাত কু.কে ১২৩। [°দার—গুম্বজ-ওয়ালা (domed)।]

গুয়া, গুয়াকাটা, -গুটি, -বাড়ী, -মুটি দ্র 'গুআ[১]'।

গুর্ সক [তু, আ—গুরতে ; সেট্] অবগোরণ, উদ্যমন, উঁচান। [অব—অবগোরণ। "মনু ৪.১৬৫। উদ্—উৎক্ষেপ।]

গুরগুর, গুরগুরগুর বি [ধ্বন্যাত্মক] গম্ভীর মেঘধ্বনি। "গুরগুরগুর, গভীর গর্জ্জন শুনি ব.প ১৩৬১। দ্র 'গুরুগুরু'।

গু(গূ)রণ ক্লী [√ গু(গূ)র্+অন (ল্যুট্)-ভা; কুটাদি, গুণাভাব; 'গোরণ' (ভরত)] হননার্থ দণ্ডাদির উদ্যমন (উঁচান)।

গুরিয়াপুতুল বি [হি গুড়িয়া] মেয়েদের খেলনা কাপড়ের পুতুল। "ছেঁড়া ন্যাকড়ার তইরি গুরিয়া পুতুল হু ২২; ১৬৪।

গুরু বিণ [গৃ+উ (কু)-ক, উ ১.২৪; স্ত্রী -রু, -র্ব্বী, ছান্দস; তু 'লি, প্রা গরু; সং গরিষ্ঠ, -রীয়স্; Gr. garus] **১** মহান্, বিশাল, বৃহৎ। **২** দুর্ভর, ভারবান্, ভারী। বিপ 'লঘু'। "°ভারঃ—ঋগ্বেদ ৪ ৫.৬। গদাং গুর্ব্বীম্ মহা ৩.১২.৩৭। ধূর্জ্জগতো গুর্ব্বী রঘু ১.৩৪। প্রতিমাম্... গুরুম্ মাঘ ৯.৭৩। শর লাগে গুরু ম ৮৪৯; গদা গুরু ৯৮২। **৩** দুর্জ্জর, দুষ্পচ, গুরুপাক। "তৎফলম্ (প্রিয়ঙ্গুফলম্)...শীতলং গুরু (ভাবপ্রকাশ)। **৪** দুস্তর। "কান্তাবিরহগুরুণা (শাপেন) পূ.মে ১। **৫** অতিশয়, উৎকট, নির্ভর। "গুরুঃ প্রহর্ষঃ রঘু ৩.১৭। গুরু ভীত পাইলুম ম.পা ১৯; গুরু লজ্জা ৭১; ১৩১। **৬** মহান্, অতিতীব্র। "ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে গী ৬ ২২। **৭** বিস্তীর্ণ, বিশাল। **৮** সুদীর্ঘ। "গুরুষু দিবসেষ্বেষু গচ্ছৎসু উমে ২২। **৯** (ছন্দঃশাস্ত্রে) দীর্ঘমাত্রক, দ্বিমাত্রক (বর্ণ)। বিপ 'লঘু, হ্রস্ব'। 'সংযুক্তাদ্যং দীর্ঘং সানুস্বরং বিসর্গসম্মিশ্রম্। বিজ্ঞেয়মক্ষরং গুরু পাদান্তস্থং বিকল্পেন॥—শ্রুতবোধ ২। **১০** পূজ্য, মান্য। "মাঘ ৯.৭৩। **১১** প্রিয়, অভিমত, ইষ্ট। "(স্বদেহাৎ) যশোধনানাং হি যশো গরীয়ঃ রঘু ১৪.৩৫। প্রাণ হৈতে গুরুতর দেখি। —ম ৫৮৮। **১২** গম্ভীরার্থ। "মধুচ্যাদ্ গুরু (বচঃ)।—ভ ১.১৯.২২। **১৩** সর্ব্বাতিশায়ী, উত্তম, শ্রেষ্ঠ, প্রধান। "গুরুর্নৃপাণাম্ রঘু ২.৬৮। নাগর গুরু বি.প ৭৭। কুরুগুরু ম ৯৮৯; বিদুর পণ্ডিতগুরু ৯৯২। নাগর° শ্রী.ম ৮৭। **১৪** মহান, গুর্ব্বর্থ, অত্যাবশ্যক। "কার্য্যে গুরুণ্যাত্মসমং নিযোক্ষ্যে কু.স ৩.১৩। **১৫** দুর্ব্বহ, কষ্টসাধ্য। "বিভবগুরুভিঃ কৃত্যৈঃ শ ৪.১৯। **১৬** মহার্হ, গুণান্বিত, সারবান্। **১৭** পরাক্রান্ত, প্রবল, বলবান্। বিপ 'লঘু'। "সোৎসাহশক্তিসম্পন্নো হন্যাচ্ছত্রুং লঘুর্গুরুম্।—পঞ্চ ৩.২৮। অতিগুরুপুরুষ-ভিদ্যমান (বিষ্ণুপুরাণ)। **১৮** ভারায়মাণ, অলঘু। "মদগুরুপক্ষৈঃ (অলিবৃন্দৈঃ) রঘু ১২.১০২। **১৯** দুর্নিগ্রহ, দুরাক্রম, দুর্জয়। **২০** দারুণ, পীড়াকর। **২১** (ব্যবহারে) বলবান্ (মিতাক্ষরা), শ্রেষ্ঠ। "পূর্ব্বং পূর্ব্বং গুরু জ্ঞেয়ং ব্যবহারবিধৌ নৃণাম্ যাজ্ঞ ২.৩১। **২২** মহান্, প্রধান, বহুফলপ্রদ। "°ক্রতুফল।— যাজ্ঞ ৩.৩২৭। **২৩** স্থূল। "গুরুদরত্ব (সুশ্রুত)। **২৪** গভীর, অগাধ। "°জলাশয় (পঞ্চ)। **২৫** দৃঢ়, কঠিন। "(পৃষ্ঠে) ধরণিধারণকিণচক্রগরিষ্ঠে। —গী.গো ১.৬। **২৬** [বাঙলায়; অপ্র] গভীর, তীক্ষ্ণ। "°বুদ্ধিহীন ম.পা ১৩। **২৭** ঘন, নিবিড়। "তিমির হইয়াছে গুরু ম.পা ২৯। **২৮** অতিশয়, বড়। "গুরু আশা করি আইল ম.পা ১৪৩। —রু পুং **১** যিনি গর্ভাধানাদি উপনয়নপর্য্যন্ত সংস্কার করিয়া বেদশিক্ষা দেন। 'স গুরুর্যঃ ক্রিয়াঃ কৃত্বা বেদমস্মৈ প্রযচ্ছতি যাজ্ঞ ১.৩৪। তু 'আচার্য্য, উপাধ্যায়'। "°দক্ষিণার্থী রঘু ৫.১; ২৪। **২** ধর্ম্মোপদেশক; বেদাধ্যাপক। "মনু ৩১। **৩** যিনি গর্ভাধানাদিসংস্কারকারক ও অন্ন দ্বারা প্রতিপালক, পিতা। 'মনু ২.১৪২। "°দার ভ ৪.১২.৪১। গৌরী° রঘু ২.২৬; ৩.৩১; ৩৩। °বিয়োজন ক.চ ১৭৪। °গুরু শি ২৩। থুইলে গুরুকুলে লাজ রা.প ৬। **৪** পিতৃপিতামহাদি পূর্ব্বপুরুষ। "গুরুর্বদন্তে গুরূণামপি উ.চ ৫.২৮। **৫** মন্ত্রোপদেষ্টা, তান্ত্রিকমন্ত্রোপদেশক। 'গকারঃ সিদ্ধিদঃ প্রোক্তো রেফঃ পাপস্য হারক। উকারো বিষ্ণুরব্যক্তস্ত্রিতয়াত্মা গুরুঃ পরঃ॥ "রঘু ১.৫৭; ২.৬৮। হ ক্ষ আশ্রয় ভুরু, নিতান্ত কহিলা গুরু।—শ্যামাসঙ্গীত। **৬** উপাধ্যায়াদি একাদশজন। 'উপাধ্যায়ঃ পিতা জ্যেষ্ঠভ্রাতা চৈব মহীপতিঃ। মাতুলঃ শ্বশুরস্ত্রাতা মাতামহপিতামহৌ॥ বর্ণজ্যেষ্ঠঃ পিতৃব্যশ্চ পুংস্বেতে গুরবঃ স্মৃতাঃ॥ "°তল্পগ। **৭** পূজ্যমাত্র। "গুরূনহত্বা হি মহানুভাবান্ গী ২.৫। গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ। পতিরেকো গুরুঃ স্ত্রীণাং সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ॥—হি ১.১১২। গুরু-আজ্ঞা-ভঙ্গ।—ম ৩৪৩। গুরুগৌরব সিংহদ্বার।—জ.প ৪৯। ব্রহ্মাদি প্রাচীন গুরুগণ সী ৬। **৮** শ্বশুরভ্রাতৃশ্বশুর প্রভৃতি। "শুশ্রূষস্ব গুরূন্ শ ৪.১৮। 'গৃহ।—ঋতু ২.২১। **৯** নিয়ামক, শাসিতা। "বর্ণাশ্রমাণাং গুরবে স (আচচক্ষে) রঘু ৫.১৯। **১০** সম্প্রদায়প্রবর্ত্তক। **১১** ধর্ম্মোপদেশক। **১২** সুরগুরু বৃহস্পতি। "কু.স ২.২৯। গুরু আরাধিয়া বলি মহাবল ধরে ম ৬৮১। **১৩** বৃহস্পতিগ্রহ। "গুরুকাব্যানুগাং বিভ্রচ্চান্দ্রীম্...শ্রিয়ম্ মাঘ ২.২। গুরুযুত শশী ক.চ ৭৯। সপ্তমে বৈসয়ে গুরু।—জ্ঞা ২৪৭। **১৪** বিষ্ণু। **১৫** শিব। **১৬** ব্রহ্মা। "গুরুর্বিধিবলাপেক্ষী।—রঘু ১৫৮৫। **১৭** পরমেশ্বর। **১৮** গুরুদেবতাক পুষ্যানক্ষত্র। **১৯** ধনুর্ব্বেদগুরু দ্রোণ। "ম ৮৯৫। **২০** বিদ্যাদাতা; শিক্ষকমাত্র। "°শিষ্য। গুরু দ্রোণ ম ১২৭; গুরু-অধিকার ১৩৩। গুরুমশাই (যেন কশাই)।—হাসির গান। **২১** (ছন্দঃশাস্ত্রে) দীর্ঘবর্ণ। **২২** কপিকচ্ছু। —রু স্ত্রী মাতৃমাতামহীপ্রভৃতি। 'মাতামহী মাতুলানী মাতা মাতুশ্চ সোদরাঃ। শ্বশ্রূঃ পিতামহী জ্যেষ্ঠা ধাত্রী চ গুরবঃ স্ত্রীষু॥ —রুক বিণ [°রু+ক (কন্) স্বার্থে] **১** গুরু, দুর্ভর। **২** দীর্ঘমাত্রক (বর্ণ)। **৩** [+ক অল্পার্থে] ঈষদ্‌গুরু। [°কথা (বি)—প্রয়োজনীয় বিষয়। °করণ (বি)—গুরুর কার্য্য; গুরুকৃত মন্ত্রদীক্ষা। °কার্য্য (ক্লী) —**১** প্রয়োজনীয় কার্য্য; কার্য্যবিশেষ। **২** গুরুর কর্ত্তব্য। °ক্রম (পুং) —গুরুপরম্পরাগত উপদেশ; গুরুপরম্পরা। °গতি (অপ্র)—শীঘ্রগতি। "গুরুগতি উত্তরিল।—শ্রী ১০৩; গুরুগতি গৌড় যাব ১০৫। °গর্ব্বিত (বি)—গুরুগৌরবিত জন; গুরুজন। "কৃ.উ ৭৫; ২২৩। গুরুগর্ব্বিতের নাহি গড় ব.প ১১৯; গুরুগরবিত ১৭৫। গুরুগর্ব্বিত বি.পা ২৪৫; গুরুগর্ব্বিত শ্বশুর ২৮১। গুরুগর্ব্বিত...না করি বিচার শ্রী.ম ২৯৯। গুরুগরবিতমাঝে।—জ্ঞা ৬১,-৬২; ১৭২। °গিরী (বি) —শিক্ষককার্য্য; মন্ত্রদাতার কার্য্য। °গুষ্টি, -ষ্ঠী (বি)—গুরুবংশ। "ভাটপাড়ার গুরুগুষ্টিরে প্রকৃত হিন্দু।—হু ৮৮। °চণ্ডালী (বি)— গুরুচণ্ডালের মিলনের ন্যায় উত্তমাধমমিলন; অসঙ্গতসংযোগ। °চর্য্যা (স্ত্রী)—গুরুসেবা। "মা.মা ৯.৫২। °জন (বি)—পূজ্যব্যক্তি, পূজ্যগণ, পিতা মাতা শ্বশুর শাশুড়ী ইত্যাদি। "নাপেক্ষিতো গুরুজনঃ (কাদম্বরী)। গুরুজনজ্বালা, জলের শিহালা চ.দা ৫৪। °তম (বিণ)—দুর্ভরতম, অতিগুরু, গরিষ্ঠ। °তর (বিণ)—দুর্ভরতর, গরীয়ান্। °দক্ষিণা (স্ত্রী) —বিদ্যাগ্রহণ হেতু গুরুকে দেয় অর্থাদি। "°ণার্থী।—রঘু ৫.১। °দশা (বি)—পিতামাতার মৃত্যুজন্য দুর্দ্দৈব। "গুরুদশার বৎসর। °দৈবত (পুং)—বৃহস্পতিদেবতাক পুষ্যনক্ষত্র। °পত্নী (স্ত্রী)—**১** গুরুর স্ত্রী; মাতা, বিমাতা। **২** গুরু যাহার পতি; গুরুর সবর্ণা বা অসবর্ণা স্ত্রী। °পা (°পাব—দো)—গুরুপাদ, পূজ্যপাদ গুরু। "গো.চ ১৭২। °পাক (বিণ)—দুর্জ্জর, দুষ্পাচ্য (খাদ্য)। °প্রসাদ (পুং)—গুরুর প্রসন্নতার ফলরূপ বিদ্যালাভ। °বল (বি)—গুরুর প্রভাব বা কৃপাবল; বৃহস্পতির আনুকূল্য। "আমার বড় গুরুবল যে, অদ্যাপিও সরকারগিরি কর্ম্মটি বজায় আছে আ.দু ২৬। °বাপ—পিতৃতুল্য পূজ্য গুরু। "গো.চ ২১১,-২৮। °বার, °বাসর (পুং)—বৃহস্পতিবার। °বাসী (-সিন্) পুং —গুরুকুলবাসী বা গুরুগৃহবর্ত্তী ব্রহ্মচারী। °বৃত্তি (স্ত্রী)—গুরুবিষয়ে শিষ্যের কর্ত্তব্য আচারবিশেষ। °ভ (ক্লী)—গুরুদৈবত পুষ্যনক্ষত্র; ধনুঃ ও মীন রাশি। °ভাই—মন্ত্রগুরুসম্বন্ধে ভ্রাতৃতুল্য; এক গুরুর শিষ্য। °মতী (স্ত্রী) দুর্ভরভ্রূণযুক্তা, গর্ভবতী, গুর্ব্বিণী। "ভ ১০.২.২১। °মর্দ্দল (পুং)—ডিণ্ডিমবাদ্য। °মা, °মাতা (বি)—মাতৃতুল্যা শিক্ষয়িত্রী; আচার্য্যা। °মা গো.চ ১২। °মাতা ব.প ৯০১।

(বিণ)— গুরুনিতম্বা। "রা ২.৬৩.২৩। °সারা (স্ত্রী)—শিংশপা বৃক্ষ।]

গুরুগুরু বি [ধ্বন্যাত্মক] ১ মেঘের গম্ভীর ধ্বনি। "গুরুগুরু গগনে গরজে ঘন বা.দ ১৪৭। গুরুগুরু মেঘ…গরজে গগনে গগনে চ.কা ৩৫৪। গুরুগুরু দেয়া ডাকে।—গান ৯৬। ২ দগড়ের শব্দ। "গুরুগুরু…বাজাএ দগর।—ম.পা ৩১; ১৩৪। —গুরু, বি [ভাবাত্মক; 'গুরু'—মূল] অতিদ্রুত কম্পনের ভাব। "উরু গুরুগুরু…কাঁপয়ে আবেশরসে ভা.চ ৩১৬। গুরুগুরু দুরুদুরু কাঁপয়ে হৃদয় বা.দ ১৮৭; ২০৬।

গুরুঘ্ন বিণ [গুরু+√হন্+অ (ক)-ক, উ.ত] গুরুঘাতক। —ঘ্ন পুং শ্বেতসর্ষপ; রাজিকা।

গুরুতল্প পুং [ষ.ত] ১ গুরুর তল্প, অর্থাৎ ভার্য্যা; গুরুপত্নী। "°গমন। ২ বিমাতা। "°গ। ৩ গুরুভার্য্যাগমন (কুল্লুক)। "°সম মনু ১১.৫৯; গুরুতল্পাপনুত্তি ১০৭। [°গ (পুং)—১ গুরুপত্নীগামী, মহাপাতকিবিশেষ। "মনু ৯.২৩৫। ২ বিমাতৃগামী। "গুরুতল্পগো দুশ্চর্ম্মা।—বিষ্ণু ৪৫.৬। °ব্রত (ক্লী)—পিতৃব্যপত্নীভ্রাতৃজায়াগমন হেতু অনুষ্ঠেয় প্রায়শ্চিত্তবিশেষ। পিতৃব্যদারগমনে ভ্রাতৃভার্য্যাগমে তথা। গুরুতল্পব্রতং কুর্য্যাৎ…॥—সংবর্ত্ত ১৫৮। °ল্পাভিগমন (ক্লী)—গুরুভার্য্যাগমন। "ক.সা ২০.১৫৪। °তল্পী (-ল্পিন্) পুং—গুরুভার্য্যাগামী, বিমাতৃগামী। "মনু ১১.১০৪।]

গুরুতা স্ত্রী, -ত্ব ক্লী [গুরু+তা (তল্), ত্ব] ১ গুরুভাব, দুর্ভরত্ব। ২ আধিক্য, স্থূলতা। "গুরুত্বাদ্ বপুষঃ রঘু ২.১৮। ৩ পূজ্যতা। "রঘু ১০.৬৪। ৪ সারবত্তা। "উ.চ ৬.১৯। ৫ গৌরব। "বচনৈঃসতাং মহীয়সো ন খলু ব্যেতি গুরুত্বমুদ্ধতৈঃ মাঘ ১৬.২৭।

গুরুপ্রসাদী বি গুরুর প্রসাদসম্বন্ধী প্রথা; স্ত্রীপুরুষের প্রথম সহবাসদিনে গুরুগোস্বামীর আচরণীয় কুৎসিত প্রথাবিশেষ। "বৈষ্ণব তন্ত্রের গুরুপ্রসাদী প্রথা হু ৬৮। [বিশেষবিবরণার্থ দ্রষ্টব্য 'হু ৬৮-৭৪ পৃষ্ঠ'।]

গুরুমারা-বিদ্যা বি ১ গুরুকে মারার বা গুরুর প্রতি অত্যাচার করার বিদ্যা। "যদি এত বেত্রাঘাতে সুযুত না হইল, কেবল গুরুমারা-বিদ্যাই শিক্ষা করিল, তবে এমত শিষ্যের হাত হইতে ত্বরায় মুক্ত হওয়া কর্ত্তব্য আ.দু ৪। [বোধ হয়, অর্জ্জুনকৃত 'দ্রোণাচার্য্যবধ' ইহার মূল।] ২ [গৌণার্থে, উপহাসে] গুরুকে পরাজয় করার বিদ্যা; গুরু অপেক্ষা অধিকতর পাণ্ডিত্য।

গুরুয়া বিং [গুরুঅ >°য়া; দ্র 'গরুঅ'; বৈষ্ণবসাহিত্যে] ১ গুরু, তীব্র, দুঃসহ। "গুরুয়া দুখভার বি.প ১৮৫। গুরুয়া লাগে শীত।—ব.প ৩৩৬। ২ পীন, স্থূল, বিপুল। "গিরিবর গুরুয়া। পয়োধর পরশিত বি.প ৬। নিতম্ব…গুরুয়া।—ম ২৩৪। গুরুয়া নিতম্বভর ক.চ ৬৬। গুরুয়া নিতম্ব গো ৪৫। ৩ দুর্ভর, বিশাল। "গুরুয়া কবরীভার শ্রী.ম ৮৩। ৪ অতিশয়, উৎকৃষ্ট; উত্তম। "মনোহর বনমালী আমোদ গুরুয়া শ্রী.ম ৮২।

গুরুলাঘব ক্লী [গুরুলঘু+অ (অণ্), উত্তরপদবৃদ্ধি] গুরুত্ব ও লঘুত্ব, গৌরব-লাঘব, গুণাগুণ, দোষাদোষ। "গুরুলাঘবমর্থানামারম্ভেষবিতর্কয়ন্। গুণতো দোষতশ্চৈব বাল ইত্যুচ্যতে বুধৈঃ॥—গো.রা ১.৬৫.৬। মহা ৩.১৩১.১২; ১৩।

গুর্জ্জর পুং ১ গুজরাট দেশ। ২ গুর্জ্জরবাসী। —রী স্ত্রী ভৈরব রাগের রাগিণী। "°রাগেণ…গীয়তে গী.গো ২। [ইহার সময় দিবা ২য় প্রহর, ঠাট কোমল রি, গ, ধ ও নি, জাতি সম্পূর্ণ (গী সা)]

গুর্জ্জরাতী বি ['গুর্জ্জররাষ্ট্রীয়'—মূল; গু গুজরাতী] গুজরাটসম্বন্ধী, গুজরাটবাসী। "ব.প ৩১৫।

গুর্ব্বঙ্গনা স্ত্রী [ষ.ত] ১ গুরুর অঙ্গনা; গুরুপত্নী। "চৈ.ম ১১২; ১১৫। ২ [কর্ম্মধা] পূজ্যা নারী।

গুর্ব্বর্থ বিণ [নি.স; স্ত্রী -র্থা] ১ যাহা গুরুর নিমিত্ত; গুরুনিমিত্তক। ২ [বহুব্রী] যাহার অর্থ (প্রয়োজন) গুরু; অত্যাবশ্যক। —র্থ পুং [ষ.ত] গুরুর ধন; গুরুদক্ষিণা। "গুর্ব্বর্থমাহর্ত্তুমহং যতিষ্যে রঘু ৫.১৭।

গুর্ব্বিণী স্ত্রী [গুরু+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্); উ ২.৫৪] ১ গুরু (গর্ভ)-যুক্তা; গর্ভিণী। "উত্তরাং ত্বমবেক্ষস্ব গুর্ব্বিণীম্ মহা ১৪.৬১.৩৬। সহেন গুর্ব্বিণী এই যাতনা সকল।—পদ্যপাঠ, ২য় ভাগ। ২ [গুরু+স্ত্রী ইনী; অপ্র] (বাংলায়) পূজনীয়া, প্রবীণা, বয়োবৃদ্ধা। "গুর্ব্বিণী ব্রাহ্মণী তিনি বিধি দেন বলা। শি ৪৯। ৩ বিগতযৌবনা, প্রৌঢ়া। "মোরা আজি হয়েছি গুর্ব্বিণী। লাজ বাসি যাইতে একাকিনী॥—ক.চ ১৬১। ৪ স্ত্রীলোক, এয়ো। "গুর্ব্বিণী সকল গিরিরাজে গালি পাড়ে শি ২৬।

গুর্ব্বী বিণ [গুরু+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ দুর্ভরা, ভারান্বিতা। ২ পূজ্যা, অর্চ্চনীয়া। ৩ শ্রেষ্ঠা, প্রধানা। "ধনাশা জীবিতাশা চ গুর্ব্বী প্রাণভৃতাং সদা।—হি ১.১১৮। —র্ব্বী স্ত্রী ১ গুরুপত্নী। ২ গর্ভিণী। "ন হি বন্ধ্যা বিজানাতি গুর্ব্বীপ্রসববেদনাম্ (হি)। ৩ [বাংলায়, অপ্র] গুর্ব্বী ক্রিয়া; মলত্যাগ। বিপ 'লঘ্বী'। "কারো ঘরে দ্বার দিয়া বান্ধয়ে বাহিরে। লঘ্বী গুর্ব্বী গৃহস্থ করিতে নাহি পারে॥—চৈ.ভা ৫২।

গুল[১] পুং [তু 'গুড়', ড় >ল] গুড়, ইক্ষুগুড়। —লী স্ত্রী ১ বটিকা, গুটিকা। ২ মসূরিকা।

গুল[২] বি [সং গুড় >প্রা গুল; লি গুল.ক (গুণ্ডক), হি গুল; ঠ গুল., তু 'ফা গুল্] ১ অঙ্গারচূর্ণে নির্ম্মিত বর্ত্তুল। "গুলের আগুন। ২ ক'লকার মধ্যস্থিত পোড়া তামাক। "তামাকের গুল। ৩ হাতের ও পায়ের গোল মাংসপেশী; হাত-পায়ের ডিম (হাত কাঁধের দিকে কুঞ্চিত করিলে এই পিণ্ড উঁচা হইয়া উঠে)। "হাতের গুল। ৪ পোড়া তামাকের (গুলের) গুড়া; পোড়া তামাকের গুঁড়া; তামাকপোড়া। "কসেতে রসনা ভরা—গালে ভরা গুল।—হেম ৩৮৯। ৫ [ফা গুল্] গোলাপফুল, ফুল; পশমে বা সুতায় রচিত ফুল। "গুল-বসান শাড়ী। [°বাঘা—গোলচিহ্নযুক্ত ব্যাঘ্রবিশেষ; তরক্ষু (hyena)।]

গুল[৩] সর্ম্ম [দ্র 'ঘুল'; তু 'সং √গুড়্'] জলাদি দ্রব দ্রব্যে ঘূর্ণিত করিয়া মিশ্রিত করা; গোলা। —ল অক ১ মিশ্রিত হওয়া; মিশিয়া যাওয়া। "জলে চিনি গুলে যায়। ২ [গোল >গুল] গোলমাল হওয়া; বিশৃঙ্খল হওয়া। "মাথা, হিসাব গুলিয়ে যাওয়া।

গুলকন্দ বি [ফা গুল্‌ক.ন্দ্; হি গুলকঁদ] চিনির সহিত মিলিত অগ্নিপক বা রৌদ্রপক গোলাপের পাপড়ি; গুলশকর্।

গুলগুলা বি [ফা গুল্‌গুলা; মৈ গুলগুলাহটি—whisper; অপ্র] জনরব। "এক্ষণেও যদি আপনি উহাদের তথায় গতি করেন…অবশ্য আপনাকে পদার্পণ করে আমি এই গুলগুলা শুনিলাম সহরের মধ্যে ব.প ১৬৯২।

গু(গো)লজার বিং [ফা গুল্‌জ.ার্] লোকে পরিপূর্ণ; কোলাহলপূর্ণ। "কলকেতা সহর বড়ই গুলজার—গাড়ির হররা, সইসের পয়িস্ পয়িস্ শব্দ হু ২৪; ১০১; সহর আবার পূর্ব্বানুরূপ গুলজার হয়েছে ২২১। কলিকাতা…সহর হইয়া গুলজার হইতে লাগিল আ.দু ৪৫। বড় বড় গুলজার চাঁদনী।—বঙ্কিমচন্দ্র।

গুলঞ্চ বি [সং গুড়চী; দ্র 'গুলুঞ্চ'] লতাবিশেষ। ২ [ফা 'গুল্ আচীন্'—মূল?] পুষ্পবৃক্ষবিশেষ ও তাহার ফুল (গোলকচাঁপা)।

গুলতাই, -তি বি [তু 'কুলিতা'; ফা গু.লেল্—pellet bow; মৈ গুলেতী; তু 'গুলাল' (গো.চ)] বাঁটুল ছোড়ার ধনুক। "গুলতাই নিল তুলে গভীর গর্জ্জনে। চারিগোটা বাঁটুল যুড়িল চারি গুণে॥—শ্রী.মা ১৬০। হেমগুলতাই বাঁটুল শ্রী ২৬।

গুলতান বি [ফা গ.লতান্; গুলতুনি (কথ্যভাষা) কোন বিষয়ে দশজনের প্রতিকূল আলোচনা ; জটলা ।

গুলদার বি [ফা গুল্+দার] ফুলতোলা, অর্থাৎ ফুলের সূচিকর্ম্ম-বিশিষ্ট ; ফুলকাটা (শাড়ী, উড়নী) । "কেউ বলে,—মোর গুলদার,··· সিপাই-পেড়ে দা ২৪৭ । গুলদার উড়নি হু ২৩ ; ১৬২ ।

গুলনকশ বি [ফা গুল্+আ নক্‌শ্] ১ ফুলের নকশা, কাপড়ের পাড়ে তোলা ফুল ; পাড়ে ফুল-তোলা রেশমী কাপড় । ২ খেয়ালের রাগে গানবিশেষ (দ্র 'গী.সা ৮৫) ।

গুলবন্দি, -ন্ধী বিং ['°ন্দি'—মূল ; ফা গুল্—a brand] নজরবন্দি, জামিনস্বরূপ, জামিন । "গুলবন্ধী রাখ্যা যাকু জনক জননী ঃ গুলবন্ধী অতেব চাহিএ বাপধন ব.প ৪৬২ ; গুলবন্দি জনক নিগড় তার পায় ৪৬৭ ।

গুল-বসান, গুলবাঘা দ্র 'গুল২ ।

গুলবাহার বি [ফা গুল্‌বহার] সাদা জমির উপরে ফুলতোলা সুন্দর শাড়ীবিশেষ ।

গুলমেখ বি [ফা গুল্ মেখ্.] বর্ত্তুলাকার-মাথা বড় প্রেক্ ।

গুলল, গুলাল২ বি [ফা গুল্] ১ পুষ্পবিশেষ । "ফুল আনিবে গুলাল ক.চ ১৩৭ । ২ পুষ্পবৃক্ষবিশেষ । "শ্রী.কী ২০৫ ।

গুলা১ বি [সং গোল, -লা ; গুলো (কথ্যভাষা)] ১ ঢেঁকীর মুষলের প্রান্তসংলগ্ন বৃত্তাকার লৌহখণ্ড (লোহার বেড়) । ২ [?] জমিদারকে দেয় দলিলে শস্যের নির্দ্দিষ্ট অংশ । "গুলাধান ।

গুলা২**, গুলান** দ্র 'গুণো' ।

গুলাপ, -ব, গোলাপ বি [ফা গুলাব্,,] ১ গোলাপফুল ; গোলাপ গাছ । "গোলাপের বন চ.বি ৩৮ ; ২৬০ । গুলাব সেউতি ভা.চ ২৯৫ । ২ গোলাপজল । "আতর গুলাপ দিলে পালঙ্গে ছিটাইয়া গো.চ ২৫২ । গুলাবস্নান মর্ম্মর আগারে ।—মন্দ্র ৮৯ । [°জাম (ফা গুলাব্ জামুন্) —১ গোলাপের গন্ধবিশিষ্ট ফলবিশেষ (rose apple) । ২ মিঠাই-বিশেষ । °পাশ—(ফা গুলাব্ পাশ্)—গোলাপজল ছিটানর পাত্র বা পিচকারী । গোলাপী (ফা গুলাবী)—গোলাপের বর্ণবিশিষ্ট (rosy) ; গোলাপের রঙ (rose colour) ।

গুলামুথি বি একপ্রকার মুথাঘাস । "গুলামুথি পাতি শি ৮০ ।

গুলাল১ বি [ফা গুল্লালা ; হি গুলাল ; গুল (গুঁড়া)+লাল (?)] ১ হোলী-উৎসবের সময়ে হোলী-খেলার নিমিত্ত হিন্দুর ব্যবহার্য্য এক-প্রকার লালগুঁড়া ; ফাগু, আবির । "গুলাল গেলিলা তথা সহ সখীগণ ভ.গ্র ৪৭১ । উড়ায়ত আবির গুলাল ন.প ৩৪০ ; গগন পন্থ হি গুলাল মেলত ৩৪২ । ২ বাবুই তুলসী । ৩ [ফা গু.লেল ; অপ্র] সর্থ 'গুলতাই' । "হাতে ছিল গুলাল বাটইল কাগাক মারিল গো.চ ১৩৭ ।

গুলাল২ দ্র 'গুলল' ।

গুলি১**, -লিন** বি [গুলা২+ই৯] ১ সমূহার্থক (বহুবচনে, আদর-সূচক) । "অপোগুগুলিন দা ৫৫৪ । ছেলে°, মেয়ে° । পাতাগুলিন ছেঁড়া-খোঁড়া চ.কা ৩২৯ । আঙ্গুলগুলিন কাঁকড়া ।—লী ৫৪ । আপনার অর্দ্ধচন্দ্রগুলিন যার পর নাই edifying স.এ ৭৩ । আভরণগুলিন নী ৪৩ । ২ সংখ্যা । "খেলার বাঁটুল পড়ে আছে কতগুলি কৃ ৩২৫ । (আন রে) সকলগুলি৹ যতগুলি ধুতুরার ফল ভা.চ ১০৩ ; যটি টাকা দিয়াছিলা সবগুলি খোঁটা ২৮৫ । কতকগুলিন লোক আদু ১৭৮ । অনেকগুলিন গল্প ব.প্র ২১৩ । [কতকগুলি, কতগুলি—কিয়ৎসংখ্যক ; যতগুলি—যাবৎসংখ্যক, যতটি । সকলগুলি, সবগুলি—সর্ব্বগণ, সব-কটি । জলগুলি (অপ্র)—সব জল । "ধান্যক্ষেত্রের জলগুলি নামে ফুটফুট ম.ম ১৯০ । অৰ্দ্ধগুলি (অপ্র)—অৰ্দ্ধপরিমাণ, অর্দ্ধেক । "অর্দ্ধগুলি তণ্ডুল কৃ.উ ৭ ।]

গুলি২**, -লী, গোলী** বি [সং গুলিকা, -লী ; হি গোলী, ফা গু.লেলা —বাঁটুল] ১ বর্ত্তুল, বাঁটুল । "সঘনে পড়য়ে গুলী ক.চ ৫২ ; মালবিদ্যা গুলী চাপগারি ৮৭ । ২ বন্দুকের গুলিকা (ছররা) । "গোলা ধম ধম৹ গোলী ঝম ঝম৹···আবাজে ভা.চ ৪৯১ । ৩ বটিকা, বড়ি । "সিদ্ধিগুলি ম ১১ । বিভূতির গুলি ব.প ১৩৮ । পারাগুলি দা ৩৬২ । ৪ খেলার প্রস্তরগুলিকা ; মার্ব্বেল (marble) । ৫ বর্ত্তুলাকার দ্রব্যমাত্র । ৬ [মদং (মালদহ)] আফিনের বর্ত্তুলাকার মাদকদ্রব্য । "°খোর, °খুরী । ৭ খেলার প্রায়-গোল কাষ্ঠখণ্ডবিশেষ । "°ডাং, ডাংগুলি °ডাণ্ডা, ডাণ্ডাগুলি জা ৩৩ । তুমি ডাণ্ডা আমি গুলি ।—য ১০ । ৮ হাত-পায়ের বর্ত্তুলাকার মাংসপেশী ; হাত-পা-এর ডিম (গুল) । [গুলিখুরী —গুলিখোরের উপযুক্ত ; আজগবী ; আজগবী কথা । গুলিখোর—যে গুলি খায় । গুলিডা(দা)ণ্ডা খেলা—গুলি ও ডাণ্ডা দ্বারা বালকের খেলা-বিশেষ । "হু ১৩৯ । গুলিদাঁড়া—গুলি ও ডাণ্ডা । "গুলিদাঁড়া নিয়া রাম লাঠরি খেলান কৃ ৫৬ ।]

গুলি(লে)কলম বি গাছের ডালের ছাল চারিদিকে চাঁচিয়া তাহা গুলির আকারে মাটি দিয়া বেড়িয়া বাঁধিলে যে কলম হয়, তাহা 'গুলকলম' । তু 'জোড়কলম' ।

গুলিকা স্ত্রী [গুড়িকা>°কা] ১ বটিকা, বড়ি । ২ (সাদৃশ্যে) মুক্তা । "নির্দ্ধৌতহারগুলিকাবিশদং হিমাম্ভঃ রঘু ৫.৭০ । ৩ বসন্তরোগবিশেষ ।

গুলিবাঁট বি গুলি দ্বারা বণ্টন ; গুলিনিক্ষেপ দ্বারা অংশনির্ণয় ; গুলিকা-পাত, সুরতিখেলা । "গুলিবাঁট করি উঠাইল তিন জনে ভ.গ্র ৩২২ ।

গুলিয়া বি [গুলিকা >°য়া] গুলিকাকৃতি মিষ্টান্নবিশেষ (?) । "মনোহরা···গুলিয়া শ্রী.ম ৭৪ ।

গুলুচ্ছ, -ঞ্ছ পুং [তু 'গুলুংছ'—গুচ্ছ (দেশী ২.৯২)] গুচ্ছ, স্তবক । "উল্লসিতশ্যামলপলাশগুলুচ্ছা বি.মা ৬ ।

গুলো বি [গুল >°লো, দ্র 'গুণো'] সমূহার্থক (বহুবচনে) । "ম্যাপ°, পাহাড়°, সাগর°, দেশ° প.কা ৭৫ । ফাটল° ঘ ২৬৬ ।

গুল্‌ফ পুং [√গুর্+ফ (ফক্)-র্ম, র >ল (অ.টী) ; √গল্+ফক্ (উ ৫.২৬) ; তু 'কুল্‌ফ'—গুল্‌ফ (ঋগ্বেদ ৭.৫০.২)] পাদগ্রন্থিদ্বয়, ঘুটিকা, ঘুন্টি (ankle) । "আগুল্‌ফকীর্ণাপণমার্গপুষ্পম্ কু.স ৭.৫৫ । গুল্‌ফের উপরে শোভিল গোটামল শি ১৬ ।

গুল্ম পুং [√গুড়্+ম (মক্)-ক, ড় >ল ; ছান্দস ; তু 'গুমা' (চ)] ১ প্রকাণ্ডহীন বহুপত্র ঝিণ্টিকাদি (অ.টী) ; একমূল সংঘাতজাত ইক্ষু-শরাদি ; অপ্রকাণ্ড বৃক্ষ ; অপ্রকাণ্ড লতাদি (ত.বা) ; গুল্ম, ঝোপগাছ । "মনু ১.৪৮ ; ৭.১৯২ । ২ সৈন্যসংখ্যাবিশেষ, সৈন্যৈকদেশ (কুল্লুক) । দ্র 'অক্ষৌ-হিণী' । "মনু ৭.১৯০ । ম ৬৩১ । ৩ রক্ষকপুরুষসমূহ ; রক্ষিগণ । "মনু ৭.১১৪ । ৪ সৈন্যরক্ষণ (মেদিনী) । ৫ ঘট্টভেদ (শ.ক) ; ঘট্টদেশে রক্ষার্থ স্থাপিত সৈন্য (ত.বা) । ৬ দুর্গ (A.) । ৭ শত, দ্বিশত বা ততোধিক সেনাদল (রাখালদাস বন্দ্যোপাধ্যায়) । ৮ প্লীহারোগ ; রোগবিশেষ । —ল্মী স্ত্রী ১ (গুল্মরোগনাশিকা) আমলকী । ২ এলালতা । ৩ বস্ত্রগৃহ, তাবু । ৪ লবলী ; গৃধ্রনখীবৃক্ষ । ৫ বৃক্ষরাজি (A.) । [°কেশ (বিণ) —জটিল । °মূল (পুং)—আর্দ্রক । °শূল (পুং)—রোগবিশেষ ।]

গুল্মিনী স্ত্রী [গুল্ম+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ গুল্ম-যুক্ত লতা, শাখাপত্রসমূহবতী লতা ; তাম্বূলী বাসন্তী প্রভৃতি লতা । ২ লতামাত্র (ভরত) । —ল্মী বিণ গুল্মরোগযুক্ত, গুল্মরোগী ।

গুষ্টি, -ষ্টী, -ঠী বি [সং গোষ্ঠী] বংশ, বংশজাত ব্যক্তি, একবংশীয় পরিবারবর্গ । "অতিথ পুরুত কুটুম্ব গেলে, গুষ্টি শুদ্ধ মরে জ্বলে দা ৫৬ । [গুষ্টীর মাথা—গালিবিশেষ । "তোমার গুষ্টীর মাথা পড়ে, ঢেকিরাম ! —লী ৪৩ । গুষ্টীর ধারা—বংশের ধারা । গণাগুষ্টী—গণ ও গোষ্ঠী ; স্বদল ও স্বগোষ্ঠী । বৃহৎ গুষ্টী—বড় পরিবার ।]

গুহ্ সক [ভ্বা, উ—গূহতি, -তে ; বেট্ ; ছান্দস] সংবরণ, আচ্ছাদন, গোপন, অপহ্নব। [উপ—উপগূহন, আলিঙ্গন। "মাং তরঙ্গহস্তৈরুপগূহতী রঘু ১৩.৬৩। ভট্টি ১৪.৫২। নি—নিগূহন, গোহন। "হৃদয়ং নিগূহতঃ কি ১৪.১২।]

গুহ পুং [√গুহ্+অ (ক)-ক ; অথবা গুহা+অ (অচ্) অস্ত্যর্থে—'গুহাবাসাদ্ গুহোঽভবৎ মহা ১৩.৮৫.৮২] ১ 'দেবসেনারক্ষক, গুহাবাসী', কার্ত্তিকেয়। "কু.স ৫.১৪। ভা.চ ১০৫। ২ অশ্ব। ৩ শৃঙ্গবেরপুরাধিপতি রামচন্দ্রের মিত্র নিষাদরাজ ; গুহক। "রা ২.৫০.৩৩। ৪ বিষ্ণু (মহা)। ৫ মহাদেব। —হা স্ত্রী [+অ (অঙ্)-ধি+স্ত্রী আ (টাপ্) ; ছান্দস] ১ 'সংবরণস্থান', অকৃত্রিম পর্ব্বতরন্ধ্র, দেবখাতবিল ; পর্ব্বতাদির গহ্বর (মেদিনী)। "°নিবদ্ধপ্রতিশব্দ রঘু ২.২৮। ২ গর্ত্ত। "°কন্দরশায়িভিঃ (সিংহৈঃ) মহা ৩.১০০.১৭ ; °কন্দরসংলীন ১০৮.৬। ৩ (সাদৃশ্যে) হৃদয়। "তস্মাদিদং গুহা হৃদয়ম্।—শতপথব্রাহ্মণ ১২.২.৬.৫। ৪ বুদ্ধি। ৫ গুপ্তস্থান, নিভৃত ; বুদ্ধির অবিষয় স্থান। "ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াম্ মহা ৩.৩১৩.১১৭। ৬ শালপর্ণীবৃক্ষ, শালপান। ৭ সিংহপুচ্ছালতা, চাকুলিয়া। ৮ [+অ-ভা] সংবরণ, গোপন। ৯ [গুহ > °হা, অপ্র] (বাঙ্‌লায়) কার্ত্তিকেয়। "গুহার ময়ূর ক.চ ৩১। [গুহষষ্ঠী (স্ত্রী)—গুহাপ্রিয়া ষষ্ঠীর জন্মদিবস—অগ্রহায়ণ-শুক্লষষ্ঠী। °হাগৃহ (ক্লী)—গুহারূপভবন। °হাচর (ক্লী)—'বুদ্ধিচারী', ব্রহ্ম (মাণ্ডুক্যোপনিষৎ)। °হামুখ (বিণ)—গুহাবৎ বিস্তৃত মুখ। °হাহিত (পুং)—গুহায় আহিত ; বুদ্ধিস্থ বা হৃদয়স্থিত পরমাত্মা (কঠোপনিষৎ)।]

গুহক বি [সং গুহ] সর্থ 'গুহ (৩)। "কৃ ৬১। দা ১০৯২।

গুহাল বি [সং গোশাল > প্রা গোসাল > বা °ল ; অস গোহালি] গোশালা, গোয়াল। "গুহালে ঘুমায় গরু ব.প ২৭৪।

গুহাশয় বিণ [গুহা+ √শী+অ (অচ্)-ক ; উ.ত ; স্ত্রী -য়া ; বৈদিক] গুহাশায়ী। "রঘু ৪.৭২। —শয় পুং ১ সিংহব্যাঘ্রাদি জন্তু। 'সিংহব্যাঘ্রবৃকা ঋক্ষতরক্ষুদ্বীপিনস্তথা। বভ্রুজম্বুকমার্জ্জারা ইত্যাদ্যাঃ স্যুর্গুহাশয়াঃ ॥ ২ মূষিক। ৩ 'হৃদিস্থ', বিষ্ণু, পরমাত্মা। "সর্ব্বভূতগুহাশয় (শ্বেতাশ্বতর)। ভ ৩.২৮.১৯।

গুহ্য বিণ [গুহ্ √য (ক্যপ্)-র্ম্ম (কাশিকা) ; তু 'গোহ্য' ; ছান্দস] ১ আচ্ছাদ্য, গোপনীয়, রহস্য। "স গুহ্যঃ মনু ১১.২৬৬। জন্ম গুহ্যং ভগবতঃ ভ ১.৩.২৯। ২ বিবিক্ত, গূঢ়, বিজন, নিভৃত। ৩ রহস্য (শঙ্কর)। "জ্ঞানম্...গুহ্যাদ্ গুহ্যতরম্ গী ১৮.৬৩। —হ্য পুং [গুহা+য (যৎ) অর্হার্থে] ১ গুহার্হ ; 'হৃদয়নিহিত', বিষ্ণু (মহা)। ২ মহাদেব। ৩ উপদেবতাবিশেষ। "মহা ৩.৩.৪৩। ৪ কচ্ছপ। ৫ দম্ভ (মেদিনী)। —হ্য ক্লী ১ গোপ্য, রহস্য, গূঢ়বিষয়। "রাজ° গী ৯.২ ; মৌনং চৈবাস্মি গুহ্যানাম্ ১০.৩৮ ; ১৮.৬৩। গুহ্যমাখ্যাতি পৃচ্ছতি।—পঞ্চ ২.৫১। আর গুহ্য তাঁরে স্মরণ করাইহ চৈ.চ ২৬৯। ২ গুহ্যদ্বার। "শ্রেয় হবে মোর গুহ্যে করহ বাতাস ম ৪০ ; ৪১। ৩ উপস্থ, স্ত্রীপুংসচিহ্ন। ৪ নিভৃতস্থান, বিবিক্ত। —হ্যা স্ত্রী [°হ্য+স্ত্রী আ (টাপ্)] ১ গায়ত্রীস্বরূপা দেবী (শ.ক)। ২ শাখাপুর (মেদিনী)। [°গুরু (পুং) —হৃদিস্থ গুরু ; শিব। °দীপক (পুং)—গুহ্যে দীপযুক্ত ; খদ্যোত। °দ্বার (বি)—পায়ু। °নিষ্যন্দ (পুং)—মূত্র। °পুষ্প (পুং)—'অদৃশ্যপুষ্প', অশ্বত্থ। °ভাষিত (ক্লী)—গূঢ় কথা ; রহস্য ; মন্ত্র, পরামর্শ।

গুহ্যক পুং [√গুহ্+য (ক্যপ)-ক বাহুলকে+স্বার্থে ক (কপ্) —অ.টী] কুবেরের নিধিরক্ষক ; কুবেরানুচর দেবযোনিবিশেষ ; মণিভদ্রাদি যক্ষ। 'নিধিং রক্ষন্তি যে যক্ষাস্তে স্যুর্গুহ্যকসংজ্ঞকাঃ (অ.টী)। গো.রা ৩.১৭.৩০। পূ.মে ৫। শি ৩৬। [°কাধিপতি, °কেশ্বর (পুং) —যক্ষপতি, কুবের।]

গূ স্ত্রী [√গু মলত্যাগ+ক্বিপ্ (০)-র্ম্ম ; দ্র 'গু'] বিষ্ঠা।

গূঢ় বিণ [√গুহ্+ত (ক্ত)-র্ম্ম ; তু 'গূল্‌হ' (ঋগ্বেদ ২.১১.৫)] ১ গুপ্ত, অসংলক্ষ্য। "°বিগ্রহ রঘু ৩.৩৯। তপোধনেষু গূঢ়ম্...অস্তি তেজঃ শ ২.৭ ; বড় গূঢ় নিত্যানন্দ চৈ.ভা ১৭৮। ২ আচ্ছাদিত, সংবৃত। "উপানদ্‌গূঢ়পাদ হি ১.১৫১। ৩ অপ্রকাশ, অব্যক্ত। "গূঢ়াকারেঙ্গিত রঘু ১.২০। ৪ প্রচ্ছন্ন, ছদ্মবেশ। "°পুরুষ। মনু ৯.২৬১। ৫ গম্ভীরার্থ (বাক্য)। "ভ ৪.২১.২০। ৬ মাংসলত্ব হেতু নিমগ্ন। "°জত্রু রা ১.১.১০। °সন্ধিসিরাস্নায়ু (সুশ্রুত)। ৭ অলক্ষ্য, অদৃশ্য। "°পাদ্। —ঢ় ক্লী ১ নিভৃত, একান্ত। ২ রহস্য, গুহ্য। "গূঢ়াদপি গূঢ়তত্ত্ব ব.প্র ২২২। [°চার, °চারী (-রিন্)—বেষান্তরধারণপূর্ব্বক বিচরণকারী ; গুপ্তচর, চর। "যাজ্ঞ ২.২৭১। °জ (পুং)—'গূঢ়ভাবে জাত' ; ভর্ত্তৃগৃহে পরপুরুষের গূঢ় সংসর্গে জাত পুত্রবিশেষ ; গূঢ়োৎপন্ন। 'যাজ্ঞ ২.১৩২। °পথ (পুং)—গুপ্ত মার্গ ; অন্তঃকরণ। "পাৎ (-দ) পুং—'অলক্ষ্যচরণ', সর্প। °পুরুষ (পুং)—গুপ্তচর। °বাঙ্গ্য (স্ত্রী)—লক্ষণাবিশেষ। "সা.দ ২.১০। °মার্গ (পুং)—ভূমিমধ্যস্থ পথ ; সুরঙ্গ। °মৈথুন (ক্লী)—১ গুপ্তমৈথুন। "°ধর্ম্ম (চাণক্য)। ২ (পুং) কাক। °সাক্ষী (-ক্ষিন্) পুং—বাদী যাহাকে গূঢ় রাখিয়া প্রতিবাদীর কথা (জবানবন্দি) শুনায়, তাদৃশ সাক্ষী। 'অর্থিনা স্বার্থসিদ্ধ্যর্থং প্রত্যর্থিবচনং স্ফুটম্। যঃ শ্রাব্যতে তদা গূঢো গূঢসাক্ষী স উচ্যতে ॥—নারদ। গূঢ়াঙ্গ (পুং)—'গুপ্তদেহ', কচ্ছপ। গূঢ়াঙ্ঘ্রি (পুং)—সর্থ 'গূঢ়পাৎ'।]

গূঢ়োৎপন্ন পুং [সুপ্‌সুপা] 'অপ্রকাশজাত' ; সর্থ 'গূঢ়জ'। দ্র 'মনু ৯.১৫৯,-৭০।

গূথ পুং [√গু মলত্যাগ+থ (থক্)-র্ম্ম, উ ২.১২] বিষ্ঠা, গু।

গূহন ক্লী [গুহ্+অন (ল্যুট্)-ভা] আচ্ছাদন, সংবরণ।

গৃঞ্জন পুং [√গৃঞ্জ্ ধ্বনি+অন (ল্যুট্)-ক] মূলবিশেষ, রক্তলশুন ; সালগম (শ.ক)। —ন ক্লী স্থূলকন্দশাকবিশেষ (কুল্লুক), গাজর (?)। "মনু ৫.১৯।

গৃত বি [সং ঘৃত ; তু 'গৃস্তেত' (ম.গা ১২) ; অপ্র] ঘি। "ম.গা ২।

গৃদা বি [অপ্র] সর্থ 'গিদ্দা'। "সীথানে পৈথানে গৃদা বি.পা ২৯৭।

গৃধ্ সক [দি, প—গৃধ্যতি ; সেট্] অভিলাষ, আকাঙ্ক্ষা।

গৃধিনী বি [সং গৃধ্র+ইনী—গৃধ্রিনী > °নী ; হি গিদ্ধ, -ধ, গীধ ; ঠ গীধ ; গিরধিনী (ত্রিপুরা) ; তু 'গ্রিধিনি' (শ্রী মা ১৪১)] গাঢ় কৃষ্ণবর্ণ শকুনিবিশেষ ; গিন্নীশকুন। "পেচক গৃধিনী বা.ম ৪১। ম.পা ১০৯। নিন্দিয়া গৃধিনীশ্রুতি শ্রবণযুগল বি.সু ৪। গৃধিনীগঞ্জিত (শ্রুতিমূলে) ভা.চ ৩০৪। মে ১৩৫। ন ৫০২। ['গৃধিনী', স্ত্রীজাতি গৃধ্র। কিন্তু যাহাকে 'গৃধিনী' বলে, তাহা বস্তুতঃ গৃধ্রের স্ত্রীজাতি নহে, শকুনিবিশেষ, উহার স্ত্রীপুরুষ-ভেদ আছে। সাধারণের বিশ্বাস, উহা শকুনির স্ত্রীজাতি ও 'গৃধিনী'।]

গৃধ্নু বিণ [√গৃধ্+নু (ক্নু) তাচ্ছীল্যে-ক ; স্ত্রী -ধ্নূ ; ছান্দস] ১ অভিলাষুক, লোলুপ, লুব্ধ। "অগৃধ্নুরাদদে সোঽর্থঃ রঘু ১.২১। ২ লিপ্সু, লাভেচ্ছু। "প্রাণগৃধ্নুরয়ং দ্বিজঃ মহা ৩.১৩১.১৩। ৩ পক্ষপাতী, প্রিয়। "যে চান্যে গুণগৃধ্নবঃ ভ ৩.১৪ ২১।

গৃধ্য বিণ [√গৃধ্+য (ক্যপ্)-র্ম্ম] অভিলষণীয়। "°মর্থম্ ভট্টি ৬.৫৫।

গৃধ্র বিণ [√গৃধ্+র (ক্রন্)-ক, উ ২.২৪ ; স্ত্রী -ধ্রা] গৃধ্নু, লুব্ধ। "জয়গৃধ্র (পাঠান্তর) মহা ৭.৬.৩২। মধুগৃধ্রৈঃ (পাঠান্তর)...অলিভিঃ। —পঞ্চ ১.২০০। —ধ্র পুং [স্ত্রী -ধ্রী] 'মাংসগৃধ্নু', শকুনি। "হতো গৃধ্রো জরদ্গবঃ হি ১.৫৭। রঘু ১২.৫৪। ২ পক্ষিমাত্র (ত.বা)। —ধ্রী স্ত্রী [°ধ্র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ গৃধ্র-স্ত্রীজাতি। ২ কশ্যপসুতাবিশেষ (হ)। [গৃধ্রকূট (পুং)—গৃধ্রদেশস্থ পর্ব্বতবিশেষ। "মহা ১২.৪৯.৮২। হি ১৬৮ ২ । °রাজ (পুং)—গৃধ্রপতি, জটায়ু। "জটায়ুর্নামঃ গৃধ্ররাজঃ রা ৩.৫০.৪। উ.চ ২.২৩। °বট (পুং)—তীর্থবিশেষ (মহা)।]

গৃবা বি [সং গ্রীবা, গ্রী > গৃ (উচ্চারণে) ; অপ্র] গলা। "বি.পা ২৮৭।
গৃষ্টি স্ত্রী [√গ্রহ্ +তি (ক্তিচ্)-ক, পুষো ; ছান্দস] সকৃৎপ্রসূতা গবী, অর্থাৎ যে গাভী একবার প্রসব করে। "রঘু ২.১৮। **২** সকৃৎপ্রসূতা স্ত্রীমাত্র। **৩** বরাহক্রান্তা। **৪** বদরবৃক্ষ।
গৃহ ক্লী [√গ্রহ্ +অ (ক)-ক, পা ৩.১.১৪৪ ; ছান্দস ; তু 'গ্রিহ্' (মী ২১) ; গ্রিহ (ম.গা ৩)] **১** 'ধান্যাদিগ্রাহক', ইষ্টকাদিরচিত বাসস্থান; বাড়ী। "ন গৃহং গৃহমিত্যাহুর্গৃহিণী গৃহমুচ্যতে।—পঞ্চ ৩.১৪৪। ধনপতি° উ.মে ১৪। **২** প্রাসাদ, প্রকোষ্ঠ। "ভট্টি ১.৮। **৩** মন্দির, দেবায়তন। "চণ্ডিকা° ক.সা ২৫.৮৬; চণ্ডী° ১১১। **৪** আশ্রয়, আধার, স্থান। "ভয়কার্কশ্যকোপানাং গৃহং হি ছান্দসা দ্বিজাঃ ক.সা ১৮.১০৮। কপটশত°।—পঞ্চ ১.২০১। গীতা মে পরমং গৃহম্ (গীতামাহাত্ম্য)। **৫** কলত্র, স্ত্রী। দ্র 'গৃহ (১)'। **৬** গৃহস্থাশ্রম। "রঘু ৫.১০; ন হি সতি কুলধুর্য্যে সূর্য্যবংশ্যা গৃহায় ৭.৭১। **৭** রাশিচক্রে রাশিস্থান। **৮** [+অ-ণ] 'নির্দ্দেশসাধন', নাম, সংজ্ঞা (শ.ক)। —হ পুং, বহুব **১** ভবন, বাসস্থান। "মনু ৪.২৫০। কু.স ৫.৪। **২** দার, স্ত্রী। 'তাৎস্থ্যাদ্গৃহা দারাঃ পা ৩.১.১৪৪, সি। **৩** গৃহজন, কুটুম্ব, পরিবারগণ। [°কন্যা (স্ত্রী)—ঘৃতকুমারী। °কপোত (পুং)—গৃহপালিত পারাবত। বিপ 'বনকপোত'। °করণ (ক্লী)—গৃহকার্য্য, ঘরকন্না; গৃহনির্ম্মাণ। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—সাংসারিক কার্য্য; কুলধর্ম্ম। °কলহ, °বিবাদ (পুং)—স্বজনবিরোধ, ঘরোয়া বিবাদ। °কারক (পুং)—গৃহনির্ম্মাতা, রাজমিস্ত্রি, ঘরামী। "যাজ্ঞ ৩.১৪৬। °কারী (-রিন্) পুং—গৃহকারক কীটবিশেষ ; কুমীরেপোকা। "গৃহকার্য্যুপস্করম্।—বিষ্ণু ৪৪.৩৬। °গোধা, °গোধিকা (স্ত্রী)—'গৃহস্থিত গোধাতুল্য' ; জ্যেষ্ঠী, টিকটিকী। °চুল্লী (স্ত্রী)—চুল্লীবৎ উত্তপ্ত পূর্ব্বাভিমুখ ও পশ্চিমাভিমুখ প্রকোষ্ঠদ্বয়যুক্ত গৃহ। °ছিদ্র (গৃহচ্ছিদ্র) ক্লী—স্বজনাপবাদ, জ্ঞাতিদোষ ; জ্ঞাতিবিরোধ। °জ, °জাত (পুং)—গৃহে দাসীগর্ভজাত দাসবিশেষ। °তটী (স্ত্রী)—গৃহের তটতুল্য: বীথী, রক্, দাওয়া। 'তরু (বি) গৃহসন্নিহিত তরু। "ব.প্র ১১৯। °দীপ্তি (স্ত্রী)—গৃহের জ্যোতিস্বরূপা সাধ্বী। °দেবতা (স্ত্রী)—গৃহীর নিত্য অনুষ্ঠেয় দেবযজ্ঞে অর্চ্চনীয় অগ্ন্যাদি দেবতা। "মনু ৩.৮৫-৯০। °নাট (অপ্র) বি—গৃহকার্য্য, সংসারের কাজ। "দিবা যায় গৃহনাটে বি.সু ১৫৩। °পিড়া (বি)—বারাণ্ডা, রক্। "ভ.গ্র ১১৭। °প্রবেশ (পুং)—নূতনগৃহে গমনার্থ সংস্কারবিশেষ। °বাজ (বি)—পারাবতবিশেষ (tumbler pigeon)। °বাটিকা, °বাটী (স্ত্রী)—গৃহসংলগ্ন উদ্যান। °বাসী (বি)—গৃহস্থ। "জেন তুন্ধি হইবা গৃহবাসী গো.বি ৬৪। °ব্যবহার (বি)—গৃহীর ধর্ম্ম; গৃহস্থাচার। "পাদ্য অর্ঘ্য দিল তারে গৃহ ব্যবহার কৃ.উ ১২৪। °ভূমি (স্ত্রী)—বাস্তু, ভিটা। °ভেদী (-দিন্) বিণ—যে বিবাদ ঘটাইয়া বন্ধুবিচ্ছেদ করে; জ্ঞাতিভেদকারক, ঘরভাঙা। °যন্ত্র (ক্লী)—গৃহস্থিতধারাদারু। "কু.স ৬.৪১। °রন্ধ্র (ক্লী)—সর্থ 'গৃহচ্ছিদ্র'। °লক্ষ্মী (বি)—গৃহের লক্ষ্মীস্বরূপা সাধ্বী। "প.তৃ ৩৮। °শুক (পুং)—ক্রীড়ার্থ গৃহপালিত শুক। °শূন্য (বিং)—স্ত্রীহীন, বিপত্নীক। "শি ২০। স্ত্রী-বিয়োগ হইলেই 'গৃহশূন্য' হইয়াছে বলে পা.প্র ১১৯,-২০। °স্থূণ (ক্লী)—গৃহস্তম্ভ, খুঁটি। °হারা (বিং)—আশ্রয়হীন, নিরাশ্রয়। "ঝরঝর বরিষে বারিধারা।···হায় গৃহহারা॥—গান ১৯৫।]
গৃহপতি পুং [ষ.ত ; স্ত্রী -তি, -ত্নী ; '°তি'—অগ্নি (ঋগ্বেদ ১.১২.৬)] **১** গৃহস্বামী, গৃহকর্ত্তা। **২** গৃহস্থ, দ্বিতীয়াশ্রমী। "অথর্ব্ববেদ ১৪.১.৫১। **৩** যাগকর্ত্তা, যজমান, সত্রী। **৪** গৃহস্থধর্ম্ম, আতিথ্যাদি। **৫** (বাঙ্লায়) স্বামী। "গৃহপতি গরজনে, গুরুজন তরজনে গো ১৮৩। ছাড়ে ছাড়ুক—গৃহপতি জ্ঞা ১৭২।—পতি.—পত্নী স্ত্রী গৃহস্বামিনী, গৃহকর্ত্রী, গিন্নী।

গৃহপাল পুং [গৃহ+ √পালি+অ (অণ্)-ক ; উ.ত] **১** গৃহরক্ষক। **২** গৃহপালক কুক্কুর ; কুক্কুর। "ভ ১.১৩.২৩।
গৃহবলি পুং [উ.লো] বিশ্বদেব, দিবাচর ও রাত্রিচর ভূতগণ, এবং কুক্কুরবায়সাদি পশুপক্ষীর উদ্দেশে গৃহে প্রদত্ত অন্নাদি ভক্ষ্যদ্রব্য (দ্র 'মনু ৩.৯০ ; ৯২)। "মনু ৩.২৬৫। [°প্রিয় (পুং)—বক ; কাকাদি (শ.ক)। °ভুক্ (-ভুজ্) পুং—কাক, বক, চটক ; কাকাদিগ্রামপক্ষী (মল্লিনাথ)। "পূ.মে ২৩।]
গৃহভঙ্গ পুং [ষ.ত] **১** গৃহধ্বংস। **২** সন্ধিচ্ছেদ, সিঁধকাটা।
গৃহমেধ পুং [বহুব্রী] **১** দারে যাহার মেধ (সঙ্গ) ; কৃতদারপরিগ্রহ, গৃহস্থ। **২** [স.ত] গৃহে পঞ্চসূনাত্মক হিংসা ; তাদৃশ হিংসার্থ যজ্ঞকর্ত্তা গৃহস্থ। —মেধী (-ধিন্) পুং [গৃহ+ √মেধ্ +ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] **১** দারে সঙ্গত (মিলিত) ; কৃতদার, গৃহাশ্রমী। "মনু ৪.৩১। প্রজায়ৈ গৃহমেধিনাম্ (রঘূণাম্) রঘু ১.৭। উ.চ ৪২/১। ভ ১.১৯.৩৯। **২** গৃহে হিংসাকারক ; গৃহে পঞ্চসূনাপর। "ভ ২.১.২। —মেধিনী স্ত্রী গৃহস্থপত্নী, গৃহপত্নী।
গৃহস্থ পুং [গৃহ+ √স্থা+অ (ক)-ক ; উ.ত] **১** 'গৃহে স্থিত' ; দ্বিতীয়াশ্রমী, গৃহী। "পঞ্চ সূনা গৃহস্থস্য মনু ৩.৬৮ ; ৬.৯০। **২** (বাঙ্লায়) গৃহস্বামী। "যে ঘরে গৃহস্থ হেন, সে ঘরে গৃহিণী কেন ভা.চ ১০৪। [°তা (স্ত্রী)—গৃহস্থধর্ম্ম, গৃহস্থধর্ম্মপালন। "সঙ্কটা হ্যাহিতাগ্নীনাং প্রত্যবায়ৈর্গৃহস্থতা উ.চ ১.৮। °ধর্ম্ম (পুং)—গৃহস্থের নিত্যকর্ম্ম আতিথ্যাদি ; গৃহস্থতা। "হি ১৬/১৬। °স্থাশ্রম (পুং)—দ্বিতীয়াশ্রম।]
গৃহস্থালি, -লী বি [গৃহস্থ+আলি[৪], -লী] গৃহস্থধর্ম্ম, গৃহিকার্য্য, গৃহস্থাশ্রম। "গৃহস্থালি পাতিয়াছে ত্রিলোকরঞ্জন ভ.গ্র ১৩৮ ; বিবাহ করি গৃহস্থালি কৈল ৩৬৩। ভূমিকম্পে গৃহস্থালি উঠত যেন টলে' প.কা ৫৫। এ গৃহস্থালি কে দিল শিখায়ে অ.গু ২৭। গৃহস্থালী-সুখ কু.কে ১৪৬।
গৃহাগত বিণ [দ্বি.ত] গৃহপ্রাপ্ত। —ত পুং অতিথি।
গৃহাধিপ পুং [ষ.ত] **১** গৃহস্বামী। **২** গৃহস্থ। **৩** (জ্যোতিষে) রাশির অধিপতি।
গৃহাবগ্রহণী স্ত্রী [ষ.ত] 'গৃহের পরিচ্ছেদসাধনী', দ্বারপিণ্ডিকা, দ্বারাগ্রস্থান ; (মতান্তরে) হাতিনা (অ.টী)।
গৃহাম্ল ক্লী [উ.লো] গৃহজাত অম্ল ; কাঞ্জিক, কাঁজি।
গৃহায়নিক পুং [°ন+ইক (ঠন্) অস্ত্যর্থে] গৃহাশ্রমী, গৃহস্থ।
গৃহারাম পুং [উ.লো] গৃহসমীপস্থ কৃত্রিমবন ; উপবন।
গৃহার্থ পুং [ষ.ত] গৃহকৃত্য, গৃহকর্ম্ম। "মনু ২.৬৭।
গৃহাশ্রম পুং [কর্ম্মধা] গৃহরূপ আশ্রম ; দ্বিতীয়াশ্রম। "মনু ৬.১। ভ ৫.১৪.৪। —শ্রমী (-মিন্) পুং [°ম+ইন্ (ইনি)-১ব] গৃহাশ্রমবান্; গৃহস্থ। "গৃহাশ্রমী জনে ম ৭৪০।
গৃহিণী[১] স্ত্রী [দ্র 'গৃহী'] **১** গৃহি-স্ত্রী, ভার্য্যা। "গৃহিণী গৃহমুচ্যতে।—পঞ্চ ৩.১৪৪। গৃহিণী সচিবঃ সখী মিথঃ রঘু ৮.৬৭ ; ১৯.১৯। ঈশানগৃহিণী চ.বি ৩৩। ভা.চ ৩৯। [গৃহিণীকর্ত্তব্য কর্ম্ম দ্র 'মহা ৩.২৩২ ; শুক্রনীতি, ৩য় অধ্যায়] **২** গৃহকর্ত্রী পুরন্ধ্রী। "°পদ। ভা.চ ১০৪। —হী (-হিন্) পুং [গৃহ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -হিণী ; তু 'গিন্নী' (শ্রী.কী) 'গিরি' (গো.চ)] গৃহাশ্রমী, গৃহস্থ। "শ ৪.৫। জ্যেষ্ঠাশ্রমী গৃহী।—দক্ষ ২.৪৩। গৃহী বলা দায়, ভিক্ষা মাগি খায় ভা.চ ৩৯। [°নেত্র (বিণ)—যাহার গৃহিণী নেত্রতুল্য কার্য্যজ্ঞানকারণ ; কলত্রপ্রধানবৃত্তি। "প্রায়েণ গৃহিণীনেত্রাঃ কন্যার্থেষু কুটুম্বিনঃ কু.স ৬.৮৫। °পণা, -না—গৃহিণীকার্য্য, গিন্নীপনা। "কি করে গৃহিণীপণে, ধনধন ঝনঝনে, আসে লক্ষ্মী বেড় বান্ধে নাই ভা.চ ১০৫। গৃহিণীপনা রসাল বটে, কিন্তু দাঁত বসে না ব.প ৫৮২। °পদ (ক্লী)—গৃহিণীর স্থান ; পুরন্ধ্রীপদ। "শ ৪.১৮। সেই সে গৃহিণীপদ পায় বি.সু ১৬৩।]

গৃহিণী২ বি [সং গ্রহণী > °ণী ('গৃহিণী'র অনুকরণে) ; গ্রাম্য] রোগ-বিশেষ। "দৈবাত্ত শরীরে হৈল গৃহিণী অস্বাস্থ্য ভ.গ্র ২৬৩। গৃহিণীরে সব গৃহিণীরোগের বাড়া দা ৬৪।

গৃহীত বিণ [√গ্রহ্ +ত (ক্ত)-র্ম ; তু (ছান্দস) 'গৃভীত'] ১ আদত্ত, স্বীকৃত। ২ ধৃত। "গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ।—হি ৩ (অবতরণিকা)। গ্রহ° ভ ৫.৫.৩১ ; কৃষ্ণগ্রহগৃহীতাত্মা ৭.৪.৩৭। ৩ লব্ধ, প্রাপ্ত, অধিগত। ৪ আক্রান্ত ; অভিভূত। "পরিগ্রহগ্রাহগৃহীত-বুদ্ধি (বিষ্ণুপুরাণ)। ৫ অবগত, বুদ্ধ, জ্ঞাত। "ময়াপি মৃৎপিণ্ডবুদ্ধিনা তথৈব গৃহীতম্ শ ৬২। ৬ শিক্ষিত। "°বিদ্য। ৭ মুষিত, অপহৃত। ৮ সংগৃহীত (A.)। ৯ অনুসৃত। "গৃহীতোঽনেন পন্থা উন্মত্তানাম্ শ ৬২৩। ১০ উচ্চারিত। "সুগৃহীতনামা। (তে) ময়া গৃহীতনামানঃ স্পৃষ্টস্ত ইব পাপ্মনা উ.চ ১.৪৮। ১১ যুক্ত, বশীকৃত। "°চিত্ত, °হৃদয়। বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া গী ৬.২৫। উপকারগৃহীতেন শত্রুণা শত্রুমুদ্ধরেৎ। —চাণক্য। ১২ অধিগত, আবিষ্ট, উপহত। "পিশাচ°, বেতাল°। ১৩ ক্রীত। "কিয়তা মূল্যেনৈতৎ পুস্তকং গৃহীতম্ (পঞ্চ)। ১৪ পরিহিত (বস্ত্রাদি)। ১৫ অধ্যবসিত, অবলম্বিত, আচরিত (ব্রতাদি)। [°গর্ভা (স্ত্রী)—গর্ভবতী, অন্তঃসত্ত্বা। °দিক্ (-শ্) বিণ—পলায়িত ; তিরোহিত। °নামা (-মন্) বিণ —উচ্চারিতনামা। দ্র 'গৃহীত (১০)। °বিদ্য (বিণ)—উপাত্তবিদ্য, বিদ্বান্।]

গৃহীতা বিং [সং গ্রহীতা ; তু 'গৃহীত'] গ্রাহক। "কবুলতি°, পাট্টা° (দলিলে)। "আমি সে গৃহীতা।—কৃ ৬০। দাতা এমন ভাবে দান করিবেন, যেন গৃহীতার বোধ হয় যে, উনি দান করিতে পাইয়া আপনাকে…কৃতার্থ মনে করিতেছেন পা.প্র ৫৮।

গৃহেনর্দ্দী (-র্দ্দিন্) পুং সর্থ 'গেহেনর্দ্দী'।

গৃহেশ, -শ্বর পুং [ষ.ত] গৃহের অধিপতি ; গৃহস্বামী।

গৃহ্য বিণ [√গ্রহ্ +য (ক্যপ্)-র্ম, সম্প্রসারণ, পা ৩.১.১১৯] ১ অস্বৈরী, পরতন্ত্র, অধীন। ২ বহির্ভূত, বাহ্য। "গ্রামগৃহ্যা সেনা (সি)। ৩ পক্ষপাতী। "গুণ° কি ২.৫। ৪ স্বপক্ষীয়, পক্ষ্য, পক্ষাশ্রিত। "আর্য্য° (সি)। ৫ [গৃহ+য (যৎ)] ১ গৃহে ভব ; আবসথ্য। "গৃহ্যেঽগ্নৌ (হোমং কূর্য্যাৎ) মনু ৩.৮৪ ; ৬.৪। —হ্য পুং ১ গৃহস্থিত (গৃহপালিত) পশুপক্ষী। ২ গৃহনিমিত্ত অগ্নি। 'গৃহনিমিত্তোঽগ্নিঃ গৃহ্যঃ (আশ্বলায়ন)। —হ্য ক্লী ১ কাত্যায়নগোভিলাদিকৃত বেদোক্তকর্ম্ম-প্রয়োগজ্ঞাপক সূত্রগ্রন্থবিশেষ। ২ গুহ্যদেশ। ৩ গৃহোচিত কার্য্য। "ভ ১০.৮.২৫। —হ্যা স্ত্রী শাখাপুর (suburb)। —হ্যক বিণ [°হ্য+ক (কন্) অনুকম্পার্থে] পরতন্ত্রীকৃত। "গৃহ্যকাঃ শুকাঃ (সি)। —ক পুং গৃহাসক্ত (গৃহপালিত) পক্ষিমৃগাদি (অ.কো)।

গৃহ্যসূত্র ক্লী [ষ.ত] গৃহ্যগ্রন্থের সূত্র। [গৃহস্থের সম্পাদনীয় যজ্ঞসমূহ ইহার বিষয়। সূত্রকারগণ ইহাতে সপ্ত পাকযজ্ঞের নির্দ্দেশ করিয়াছেন। —(১) পিতৃগণের শ্রাদ্ধ, (২) পূর্ণিমায় ও অমাবস্যায় সম্পাদনীয় পার্ব্বণ, (৩) মাংসাষ্টকা শ্রাদ্ধ, (৪) শ্রাবণমাসে শ্রাবণীযজ্ঞ, (৫) আশ্বিনমাসে আশ্বযুজী যজ্ঞ (মহালয়া পার্বণ), (৬) অগ্রহায়ণ মাসে আগ্রহায়ণী যজ্ঞ (নবান্ন ?), (৭) চৈত্রমাসে চৈত্রী যজ্ঞ। এতদ্ভিন্ন, ব্রহ্মযজ্ঞাদি পঞ্চ মহাযজ্ঞ, গর্ভাধানাদি বিবাহান্ত সংস্কারযজ্ঞ ও অন্ত্যেষ্টিকরণ-সংস্কার ইহার বিষয়।—হিন্দুশাস্ত্র।]

গৄ সক ১ [তুদা, প—গিরতি ; সেট্] ভক্ষণ। ২ [ক্র্যা, প—গৃণাতি ; সেট্] শব্দ, স্তুতি, উক্তি। ৩ [চু, আ—গারয়তে ; সেট্] বিজ্ঞান। [অব—ভক্ষণ। "ভট্টি ৮.৩০। উদ্—উদ্গিরণ, বমন। নি—নিগরণ, ভক্ষণ। সম্—প্রতিজ্ঞা।]

গে ক্রি [দ্র 'গাও'] ১ গিয়া। "ভাথ গে মরিয়া গেইছে গো.চ ৯৭। জনম লভগে শ্রী.মা ২১ ; বিদায় হইগে চল ৫৮ ; পক্ষীকুলে জন্ম নিগে ১১৮। ধুম উঠিলা গে উপর আকাশে ব.প ৭৩৬। আন গে সেই শুভঙ্করী দা ২৩ ; একলা যদি না পারিস গে রহিতে ৫৫৪ ; বাদ করেন গে ইন্দ্ররাজার সনে ৭৫৪। দেখি গে প্রাণের হরি মা ১৫৫। শোও গে সবে কা ৯৭। ২ বাক্যালঙ্কার। "তা মরুক গে, সে নয়ানবৌ বুঝবে ব.প্র ৩৬৮। ওদিককার বড় ধর গে চন্দ্র চক্রবর্ত্তীদের কাছ থেকে বাড়ীখানা খালাস করে নেবার অ.গ্র ৭৯। [গেছুঁ—গিয়াছি, গেছি। "গেছুঁ আনলের ভিতর গো.চ ৮৬। এসোগে—১ কার্য্যার্থ গিয়া ফিরিয়া আইস। "সঙ্গোপনে এসোগে শ্রী ৪৪। ২ যাও (বিদায়কালে)। "হাঁ এসোগে মা ৩২৭। থাকে গে—বাদ গিয়া অবশিষ্ট থাকে। "পঞ্চাশ আর কুড়িতে সত্তর, (দুশ-এর) থাকে গে একশ ত্রিশ অ.গ্র ৭৯। পড়িগে গিয়ে—'পড়ি গে' বা 'পড়ি গিয়ে' সাধু। "চরণে পড়িগে গিয়ে কেঁদে শ্রী.মা ২৪। এইরূপ, 'বলিগে গিয়ে' (দ্র ৭৯), 'বসিগে যাই (স্ব.প্র ৭৫)।]

গে(আ)য়ান বি [দ্র 'গিআন' ; তু 'গেঞান' (আ > ঞা)—বি.সা ৪৪৩) ; মৈ গেআন ; অপ্র] ১ চেতনা, সংবিৎ। "পুন হেরইতে কাহে হরল গেয়ান বি.প ৪৫। রাজা হারাইল গেআন কৃ.উ ৪৮ ; ভৃগুরাম পাইল গেআন ৬০ ; ২৪৯। তব অঙ্গ দেখি মোর হরল গেআন ম ১৬ ; গেয়ান ২০০ ; গেআন ৬৪৯। অঙ্গে অনঙ্গ হেরি হরল গেয়ান গো ২৪৪। ব ১৬। ২ হিতাহিতবোধ, বিবেক, প্রজ্ঞা। "গেআন বাণে ছেদিলোঁ মদন বাণ।—শ্রী.কী ৩৫৯। বুঝিলাম গঙ্গাধর তোমার গেআন ম ১৭। হাম অবলা অতি অলপ গেয়ান বি.প ৫৭। হরল গেয়ান তোহারি অভিলাষে গো ২৬১। ৩ তত্ত্ববোধ, পরমার্থবোধ। "ব্রহ্ম গেআন শ্রী.কী ৩৫৮। দেব আরাধনে কিবা সাধিল গেয়ান চৈ.ম ৭০। রতিকেলিছলে হরি বুঝাএ গেয়ান রা.প ২০। ৪ অপকর্ম্ম জন্য দোষবোধ। "ভুমি ছুইআঁ হাথ পরসওঁ দুঈ কানে। এভোঁহো কহ্নাঞিঁ তোত না ভৈল গেআনে॥—শ্রী.কী ১০৩। ৫ জাগরণে জ্ঞান। "সপনে গেআনে মনে তোহ্মাক চিন্তিলোঁ শ্রী.কী ৩৬২ ; ৩৬৬। ৬ জ্ঞান, বোধ। "কোকিলকলরবে কুলিশ গেয়ান ব.প ১০৮৪। —নী বিং [°ন+ঈ৭] ১ জ্ঞানবান্, তত্ত্বজ্ঞানী। "ক্রতু পুলহ আইল পরম গেআনী কৃ.উ ২১২। ২ পণ্ডিত, প্রাজ্ঞ। "আগেয়ানি বি.প ৩৩। [ছাওয়াল গেয়ান—শিশুবুদ্ধি, অপরিপক্কবুদ্ধি। "বিপ্রের বচনে কর ছাওয়াল গেয়ানে কৃ.উ ২১২। বুড়ার গেয়ান—বুড়া বলিয়া জ্ঞান। "লক্ষ্মণেরে না করিহ বুড়ার গেআনে কৃ.উ ২২৩। মানুষ গেয়ান—সামান্য মানুষ বলিয়া জ্ঞান। "অর্জ্জুন রাজাকে না করিহ মানুষ গেয়ান কৃ.উ ৪৬।]

গেও ক্রি [সং গত > প্রা* গঅ ; হি, মৈ গএ] গেল, গিয়াছে। "হরি গেও মধুপুর ঃ নিন্দ গেও ঃ সুখ গেও পিয়া সঙ্গ বি.প ১৬৪।

গেঁজ 'গ্যাঁজ' বি ['গজ২—মূল] ১ অঙ্কুর, কলা। "তালের আঁটির গেঁজ। ২ গোদের আব। ৩ শিশুর স্ফীত নাভি ; গোঁড়।

গেঁজে ; গেঁ(গাঁ)জলা ; গেঁজেল ; গেঁটাগোঁটা ; গেঁটে

দ্র 'গাঁজিয়া ; গাঁজ ; গাঁজা১ ; গাঁট্টাগোঁট্টা ; গাঁটিয়া'।

গেঁড়, -ড়ো বি [সং গেণ্ডুক > প্রা *গেংডুঅ > বা (গেঁড়ুআ) গেঁড়ুয়া, -ড়, -ড়ো, -ড়, -ড়া ; হি গেড়ুআ] গেণ্ডুকতুল্য গোল মূল (bulbous root) ; এটে। "তুমি কেন একটু পটলের গেঁড় খাওয়ালে না জা ১৯।

গেঁড়া১ বিং [দ্র 'গেঁড়' ; ঠ গিড্ড, -ড্ডা—হ্রস্ব ও ঘন ; ড় গেড়া] বর্ত্তুলসদৃশ, বেঁটে ও গোলগাল। "মামী চেঙ্গা এ যে গেঁড়া শি ৮৩। —ড়ি বি ১ হ্রস্বাকৃতি (বেঁটে) ধান্যবিশেষ। "(বুনে) বিঁড়ি গেঁড়ি ব.প ১১৭। ২ বর্ত্তুলাকৃতি শম্বুকবিশেষ। [গেঁড়ি-ভাঙ্গা-কেউটে—একজাতীয় কেউটে (ইহারা ছোবল মারিয়া গেঁড়ি-শামুক ভাঙ্গিয়া খায়)। "হু ১০৯। পেট গেঁড়া দেওয়া—অতিভোজনে পেট বাঁটুলের মত হওয়া ; (রোগে) পেট ফাঁপা।]

গেঁড়া[২] বি [সং গণ্ডক >প্রা গংডঅ >বা (গঁড়া) গেঁড়া ; হি গৈঁড়া ; অপ্র] গণ্ডার। "বা.ম ৬২ ; ২১০।

গেঁড়ু, -ড়ুয়া, গেড়ু, -ড়ু(ড়ো)য়া বি [দ্র 'গেঁড়'] শিশুর ক্রীড়া-গোলক ; ভাঁটা। "গেঁড়ু লয়া গেলে ম ১২৩৩। ফুলের গেড়ুয়া লুফিয়া ধরয়ে চ.দা ২২। ফুলে রচিয়া গেড়ুয়া শ্রী.ম ৮৭। গেঁড়ু খেলি ঃ গেঁড়ুয়া খেলায় চৈ.ম ৪৮, টীকা। খেলিব গেড়ুয়া ঃ ফুলের গেড়ু ব.প ৮১৩। গেড়োয়া বি.পা ২২০। [গেড়ুখোর (অপ্র)—কন্দুকক্রীড়াপ্রিয়। "নন্দীশ্বর…দেখ গেড়ুখোর ব্র.প ১২৫।]

গেঁ(গ্যা)দড়া বি [গেঁদ (হি গেংদ) + পারা ?] কন্দুকতুল্য গোলাকার মিষ্টান্নবিশেষ (?)। "গ্যাঁদড়া…ও আস্তর…সওগাত পাঠান হলো হু ১৫০।

গেঁয়ে বিং [গাঁ + ইয়া >গাঁইয়া >°য়ে ; সং গ্রামীয় ; মৈ গোঁআঁ] গ্রামবাসী। "গেঁয়ে লোকে দিয়াছে পদ্মিনী নাম তার ভা.চ ২২৫। [গেঁয়ে ফকির ভিক্ পায় না—(গৌণার্থে) গ্রামস্থ বা নিকটস্থ মাননীয় ব্যক্তি সম্মান পায় না।]

গেঙ্গান, -নি বি [ধ্বন্যাত্মক] ভয়াদিতে 'গেঁ-গেঁ' শব্দ করা।

গেছো বি [গাছ + ওঙ] গাছসম্বন্ধী, গাছে উঠিতে নিপুণ (ব্যক্তি)। [গেছো মেয়ে—পুরুষভাবাপন্ন স্ত্রীলোক ; দজ্জাল মেয়েমানুষ। "আমাদের বাবু যে একটা গেছো মেয়ের হাতে পড়েছেন দেখতে পাই।—বঙ্কিম।]

গেজা বি [সং কন্দুক ; হি 'গেংদ, -দা'—মূল ?"] কন্দ, মূল, কচু। "শুকরের মুখে গুরু রাখিয়াছে গেজা নী ২৩। শূকরের হাতে তুমি সপি-আছ গেজা গো.বি ১২২।

গেজেট বি [E. Gazette ; Italian—'Gazzetta,' a small coin ; so called because this coin was paid either for the newspaper itself or for the privilege of reading it (The Century Dictionary). ইটালীয় ভাষায় 'Gazzetta' —মুদ্রাবিশেষ। ১৫৩৬ অব্দে ভেনিসনগরে সাধারণের জন্য প্রথম সংবাদপত্র বাহির হয়। …এই প্রথম সংবাদপত্র হস্তে লিখিত হইয়া নগরের কোন প্রকাশ্য স্থানে রক্ষিত হইত এবং তাহা পাঠকগণকে এক একটি 'গেজেটা' মুদ্রা প্রদান করিয়া পাঠ করিতে হইত। টীকা—গেজেটা মুদ্রার বিনিময়ে পাওয়া যাইত বলিয়া, এই পত্রিকাও 'গেজেটা' বলিয়া পরিচিত ছিল (বাঙ্গালা সাময়িক সাহিত্য)। ইহা হইতে সাধারণ-ভাবে 'গেজেট'—'সংবাদপত্র'।] **১** সরকারের রাজস্বাদিবিষয়ক সংবাদপত্র। "কলিকাতা গেজেট। বেঙ্গল গেজেট। **২** সংবাদপত্রমাত্র। "এডুকেশন গেজেট।

গেঞ্জি দ্র 'গঞ্জি'।

গেট বি [E. gate] তোরণ, ফটক। "গ্যাসের আলোর গেট হু ২৮।

গেঠ্যালা বি [হি 'গঠিয়ানা' (গ্রন্থিবন্ধন)—মূল (?) ; অপ্র] গ্রন্থি। "ব্রাহ্মণে গেঠ্যালা বান্ধে বেদের বিধান শ্রী.মা ৪২০।

গেড়া, -ড়ে বি ['গাড়'[১]—মূল ; গ'ড়ে (বীরভূম) ; অপ্র] গর্ত্ত, ডোবা। "সরোবর ত্যাগ করে পচা গেড়ায় সরে শ্রী.মা ৮৭। কলম্বীর শাক খেয়ে উজাড়িল গেড়ে শি ৭৫। গেড়ে ভা.চ ৭৩৮।

গেড়িয়া বি [(?) ; অপ্র] গেঁড়া (বেঁটে) ভূত (?)। "গোমুণ্ডা গেড়িয়া বুলে গিলে রথ রথী শ্রী.মা ১৪৮।

গেড়ু ; গেড়ু(ড়ো)য়া দ্র 'গেঁড়ু'।

গেণ্ডু, -ণ্ডুআ, -ন্দুয়া বি [সং কন্দুক >প্রা গেন্দুঅ (হে ১৫৭) >বা (গেন্দুআ) °আ, °য়া, °ণ্ডু] গেঁড়ুয়া, ভাঁটা। "গেণ্ডু খেলাওঁ শ্রী.কী ২১৯ ; গেণ্ডুআ ৩০৪। গেণ্ডুলীলা ম ১৯৭। গেন্দুয়া ৬৫১। গেণ্ডু ভ.গ্র ২০৩ ; ৪৩১।

গেণ্ডু(ণ্ডু)ক, গেন্দু(ন্দু)ক পুং [তু 'সং কন্দুক >প্রা গেন্দুঅ (হে ১.৫৭)] কন্দুক।

গেদা বি [তু 'গব্দিঅ'—গর্ব্বিত (দেশী ২.৮৩)] গর্ব্ব, দেমাক। "ওরে আমার কুলীনকুমারী গেদায় মরি জা ২১।

গেবে বি ['জেব'—মূল ; গ্রাম্য] **১** জেব, পকেট। **২** বাক্সের খোপ ; টেবিলের টানা দেরাজ (drawer)।

গেয় বিণ [√গৈ + য (যৎ)-র্ম] গাতব্য, গানার্হ। "গেয়ং সাম জনেন (সি)। —য় পুং [+ য-ক, পা ৩.৪.৬৮] গায়ক। "গেয়ঃ সাম্নাময়ম্ (সি)।—য় স্ত্রী **১** গীত, গান। "গেয়ে কো নু বিনেতা বাম্ রঘু ১৫.৬৯। মাঘ ২.৭২। **২** [য + ভা] গান।

গেয়ান, -নী দ্র 'গিআন'।

গেরস্থারী (?)। "গাড়ী খানির ভিতরে অ্যাকজন ছুতোর বাবু গুটি দুই গেরস্থারী রাঁড় হু ২১১।

গেরস্ত, -স্তো বিং [সং গৃহস্থ ; হি গিরহস্ত] গৃহস্থ। "°স্ত গো.চ ৩০৫। °স্তো হু ৩৩।

গেরি বি [সং গৈরিক >প্রা গেরি (রু)অ ; গেরুয় (অ.রা) >বা °রি, গেরুয়া ; হি, ঠ গেরু] গেরিমাটি। "মলয়পর্ব্বতের বানর বর্ণে যেন গেরি কৃ ২৩৮। —রুয়া বিং [হি গেরুয়া] গৈরিকরঞ্জিত, গেরিমাটিতে রঙ-করা। "গেরুয়া বসন জ্ঞা ২৩৩। [গেরিমাটি, -টী (সং গিরিমৃৎ)—গৈরিক। "°মাটী ব.দ্বি ১১৬।

গের্দ্দে বি [ফা গির্দ—around] চারিদিকে। "পাঁচ লক্ষ সামন্ত দিল্লি গের্দ্দে ছিল ব.প ১৬৮৮।

গেল বিং [সং গত >গল (ত >দ >ড >ল)—"লেউটী গলা ঃ চলি গলা (ব প ৯৪) ; গল >(গইল >গৈল) গেল ; তু 'গল, -লা, গৈলা —"গঙ্গা লৈ গলা ঃ কেহে লৈ গল ঃ স্বর্গক গৈলা ঃ কৈলাস গৈলা (অসমীয়া সাহিত্যর চানেকি—১ম ভাগ) ; ঠ গেলা ; মৈ—গেল ; হি গয়া, গইল, -লা, গই (C.G § 307) ; বিহারী—গৈল ; ড় গলা ; গেইল (গো.চ ২৫৫)] **১** অতীত, গত। "গেল জউবন পুনু পলটি ন আবএ।—বি.সা ৫৮। **২** অব্যবহিত পূর্ব্ববর্ত্তী। "ঠাকরুণ গেল হাটে মহাশয়কে আনতে বলেছিলেন।—নী ১৭। [গেল—**১** (অপ্র) উপস্থিত হইলাম। "অকস্মাত গেলঁ আন্ধি বীরের সদন।—ম.পা ৫৫। **২** প্রভাত হইল। "গেল বিভাবরী ব.প ৩৫৬। **৩** মরিল। "গরল গরাসনে গোবিন্দ গেল।—গো ২৪৯। **৪** নষ্ট হইল ; হারাইল। "কুড়া গেল মুখারি গেল গেল ভাঙ্গের ঝুলি ব.প ১২৯। **৫** প্রাপ্ত হইল ; পাইল। "দুঃখ নাশ গেল শ্রী ৯৭। এবে কৃষ্ণতাকে গেল ঃ তদ্রূপতাকে গেল চৈ.ম ২০। অস্ত গেল যবনের গৌরব-ভাস্কর ন ৫০৮। **৬** প্রস্থান করিল। "বীরগণ গেল অন্যদেশ কৃ ১৪৪। কহি গেল শ্রী.কী ১৪৫। গৃহ ত্যাগ করিয়া গেল ব.দ্বি ৩২। **৭** সমাপ্ত হইল। "এই গেল আমার খাবের কথা।—ঘ ১৪৬। **৮** অনুরক্ত হইল ; আসক্ত হইল। "তোহ্মার যৌবনে রাধা মোর গেল মন শ্রী.কী ১১৪। **৯** অসমাপিকা ক্রিয়ার পরে সমাপ্তিসূচক। "পঙ্কনালে উঠে গেল পাণী চ ৭১। ভিজিআঁ গেল শ্রী.কী ১৩৭। [গেলা[২] মৈ 'গেলা, গেলাহ'—১ম পুরুষে)—গমন করিল (১ম, মধ্যম)। "রাধা গেলা শ্রী.কী ১১৬ ; তোহ্মে গেলা ১৩৬ ; সামী গেলা ১৫০। অস্তে গেলা দিনমণি মে ৪৪। গেলাঙ—গেলাম। "কেনে গেলাঙ জল ভরিবারে জ্ঞা ৭। গেলি[২] (অসম্ভ্রমে)—**১** মরিলি, সর্ব্বস্বান্ত হইলি। "গেলিরে অভাগ্য তুই গেলি এত দিনে ব.প ৫৩৩। **২** গমন করিল। "পালটি আওলি যমুনা নাহি গেলি ব ৭৬। গেলে—অতীত হইলে। "এই কাল গেলে সুখে থাকিব দুজনে কৃ ৯৯। গেলান্ত (গমন করিলেন), গেলেঁ, গেলোঁ (গেলাম)—শ্রী.কী। গেলেন্ত (গো.চ)। গেও—গেল। "পড়ি গেও ধন্দ ক.চ ১৬২। দূর গেও ভজী শ্রী.ম ৮৭। গেনু (মৈ গেলহুঁ >লুঁ >°নু)—গেলাম। "ভৈগেনু গোরা (গো)। কাটা গেল—'খণ্ড প্রাপ্ত হইল' ; খণ্ডিত (ছিন্ন) হইল। "মাথা কাটা

গেল কৃ ৩৪৬। এইরূপ 'অঙ্গ গেল ঢাকা (শ্রী.মা ২০৮) ; বাঁচা গেল ; মারা গেল ইত্যাদি। নিদ গেল—নিদ্রাগত হইল। "চ ৫। বহি গেল—অতীত হইল। "চৌঠ মাস বহি গেল গো ২৪৯। গেল,-লা,-লি,-লী (চ)।]

গেলন ; গেলান ; গেলাপ দ্র 'গিল২ ; গিলা১ ; গিলাপ'।

গেলা১ দ্র 'গিল২।

গেলা২ দ্র 'গেল'।

গেলাস, গ্লাস বি [E. glass] ১ কাচ, শারশি। "গ্লাসের ঝাড় ব.প ১৬৮১। ২ কাচ-নির্ম্মিত পানপাত্রবিশেষ। "এক গেলাসে পিতা পুত্রে, মদ খাওয়ায় কৌশলেতে।—দা ২০২১। কাচের গ্লাসে সোনার ঢাকনি হু ১৪। মদের গেলাস ব.দ্বি ৩২। ৩ কাচের গ্লাসের মত আধার। "কল্কে ফুলের কুঞ্জবনে জ্বলছে আলো থাস গেলাসে কু.কে ৬৮। ৪ গেলাসের মত ধাতু-প্রভৃতির পানপাত্র। "কাঁসার, পিতলের, মাটির, সোনার গেলাস। [একগ্লাসে খেঁড়ু—মদের ইয়ার।]

গেলি১ বি [E. galley,] (মুদ্রাযন্ত্রবিষয়ে) সাজান অক্ষর রাথার আয়তাকার আধারবিশেষ ; সংশোধনার্থ গেলির আকারের ছাপান পত্র; গেলিপ্রুফ্।

গেলি২ দ্র 'গেল'।

গে(গ্যা)স্ বি [E. gas] ১ পচা দ্রব্য বা সেঁতসেঁতে জমি হইতে উত্থিত বায়বীয় পদার্থ। ২ কয়লা-প্রভৃতি হইতে উৎপন্ন বায়বীয় পদার্থ, যাহা অগ্নিস্পর্শে জ্বলে। "গ্যাসের আলো-জ্বালা মুটেরা মৈ কাঁদে করে দৌড়ুচ্চে হু ৩৪। [আবেগের গ্যাস—আবেগজাত চিত্তবৃত্তিসমূহ। "আমার মন…তীব্র আবেগের গ্যাসে আগাগোড়া আচ্ছন্ন হয়ে রইল ঘ ৪৭।]

গেহ পুং, ক্লী [√গ্রহ্+অ (অন্)-ক মনীষাদি (অ.টী) ; 'গেহ' (বাজসনেয়িসংহিতা ৩০৯ ; পা ৩.১.১৪৪) ; গৃহ (ঋগ্বেদ ১০.১১৯.১৩) ; তু '(ছান্দস) গৃহ, গেহ ; প্রা গিহ (গৃহ > গ্রিহ > গিহ) > গেহ (?) ; ফা গাহ (স্থান)—আরাম°, ঈদ্°, শিকার° ; হি, মৈ গেহ] ১ গৃহ। "সতাং গেহে মনু ৩.১০১। হি ১.৬১। কুঞ্জ গেহে শ্রী.কী ৩০১। চৈ.ম ৫৮। যজ্ঞ° ভা.চ ৪৫। স্বুবর্ণ° মে ৫৭। চ.কা ৪৪৯। নিরাশ্রয় জন, পথ যার গেহ, সেও আছে তব ভবনে।—রবীন্দ্র। ২ (সাদৃশ্যে) দেহ। "আত্মলব্ধ্যাস্মহে পূর্ণা গেহয়োর্জ্যোতিরক্রিয়াঃ ভ ১০.৭০.২০।—হিনী স্ত্রী [দ্র 'গেহী' ; তু 'সং গৃহিণী > প্রা গিহিণী (প্রা.ম)] ১ গৃহিণী, গৃহকর্ত্রী। "তুমি হবে…জননী গেহিনী কা ২৯। ২ ভার্য্যা, পত্নী। "মদ্° উ.মে ১৬। স্বামিসেবক°।—পঞ্চ ২.১১৪। শান্তিশ্চিরং গেহিনী—ভর্ত্তৃহরি। মুনির গেহিনী কৃ ১২৫। শ্রী.মা ৬৫। শ্রীরাম° চৈ.চ ১২৮। গোপ° জ.প ৪৫। শিব° ভা.চ ১৭৯। স.শ ৭২। মোর মর্ম্মের গেহিনী চ.কা ১২২। —হী (হিন্) বিণ [°হ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -হিনী] গৃহবান্। —হী পুং গৃহী, গৃহস্থ। [গেহপতি (পুং)—গৃহপতি। "ভ ৭১০.৪০। °নর্দী (র্দিন্), °শূর (পুং)—১ কাপুরুষ। ২ স্বগৃহে আত্মশ্লাঘী।]

গৈ সক [ভ্বা, প—গায়তি ; সেট্] গান, কীর্ত্তন। [অনু—অনুগান, পশ্চাদ্গান। অব—নিন্দা। উদ্—উচ্চৈর্গান। উপ—সমীপগান ; শব্দ। "ভৃঙ্গকুলৈরুপগীতবনে (ছন্দোমঞ্জরী)। নি—পাঠ। "মনু ৯.১৯। পরি—কীর্ত্তন। প্র, সম্—সম্যগ্ গান। বি—নিন্দা।]

গৈড়, -র বি [গড়ি২ > °ড়, °র ; অপ্র] লুণ্ঠন, গড়াগড়ি। "তিনটা গৈড় দিল গো.চ ৮০ ; ১৯৪। [গৈড় পাড়ি—গড়াগড়ি দিয়া। "গো.চ ২২৩। গৈড় হইয়া প্রণাম (দ্র গড়৫)—গোড়ে মাথা ঠেকাইয়া (ভূমিষ্ঠ হইয়া) কৃত প্রণাম। "গো.চ ১৭১। গৈড়(র)মুণ্ড হইয়া—গোড়ে মাথা ঠেকাইয়া। "গো.চ ৫ ; ২৪৭।]

গৈন্নারি বি [সং গণিকারিকা, -রী] বৃক্ষবিশেষ। "ম.ম ১৪৫।

গৈবি বিং [আ গ.ইব্ ; হি গৈব] গুপ্ত, অদৃশ্য, লুকান। "এবার গৈবি চালে চরকার পাকে ঘোরাচ্ছে অ.গ্র ২৪। [গৈবি খুন—গুপ্ত হত্যা। গৈবি খেলা—ছক না দেখিয়া শতরঞ্চখেলা। গৈবি চাল—ছক না দেখিয়া চাল।]

গৈর, গৈরমুণ্ড দ্র 'গৈড়'।

গৈরব বি [সং গৌরব ; তু 'মৈ কৈতুক] মহত্ত্ব, আদর, সম্মান। "পূর্ব্ববঙ্গের গৈরব এখনও বোর্ত্তমান : পূর্ব্ববঙ্গের গৈরব, বিশেষতঃ ঢাকার গৈরব রইক্ষা করা আমার কৈর্ত্তব্য।—তাজ্জবব্যাপার ৬৭।

গৈরিক বিণ [গিরি+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] গিরিভব, পর্ব্বতস্থিত, গিরিজ। —ক ক্লী ১ উপধাতুবিশেষ, গিরিধাতু, গেরিমাটি। "চৈ.চ ৩২৩। মে ২৫৫। ২ স্বর্ণ। —রেয় বিণ [+এয় (ঢক্) ; স্ত্রী -য়ী] গিরিভব। —য় ক্লী গিরিমাটি।

গৈরী বি [সং গৌরী] গৌরী। "গঙ্গা গৈরী দুই নারী মী ২১।

গো১ পুং [√গম্+ও (ডো)-ক, -ণ, উ ২.৬৭ ; ছান্দস ; Av. gao ; ফা গাও ; Gr. Bôus ; L. Bos ; Lithuanian—Cow ; Kelt.—Bo ; E. cow. সমাসে 'গো'-স্থানে 'গু' 'গব'—"শতগু, সহস্রগু (মনু ১৪.১১) ; পঞ্চগবধন' ইত্যাদি।] ১ যে যায় ; যাহা দ্বারা স্বর্গে যায় ; বৃষভ, ষাঁড়। "°যান। হলমষ্টগবং ধর্ম্ম্যং ষড়্গবং মধ্যমং স্মৃতম্—পরাশর ২.৩। মনু ৪.৭২। ২ গোজাতি, গরু। "গোব্রাহ্মণ-মনুষ্যবধ হি ১৯। কৃ ২। বটো, ভিক্ষামট গাঞ্চানয় চৈ.চ ২৪১। ৩ বৃষরাশি। ৪ সূর্য্য। ৫ চন্দ্র। ৬ গোমেধযজ্ঞ। ৭ ইন্দ্রিয়। "গোঠে গোচর গূঢ়গোপাল গো ৬৪। ৮ ঋষিবিশেষ। ৯ গায়ক। ১০ গৃহ। ১১ (জম্বুদ্বীপের নব বর্ষ হেতু) নয় (৯) এই সংখ্যা। —স্ত্রী ১ গোজাতি-স্ত্রী, ধেনু, সৌরভেয়ী। "যথা গৌর্গবিচাফলা মনু ২.১৫৮। °রূপধরা রঘু ২.৩। ২ দিক্। ৩ বাক্, ভারতী। "রঘু ৫.১২। মাঘ ৪.৩৬। তোমার গোরসে গো পাইব করতলে (কাব্যনির্ণয়)। ৪ বাক্যাধিদেবতা সরস্বতী। ৫ পৃথিবী। "গী ১৫.১৩। রঘু ১.২৬। গামটমানঃ (ব্যাসপুত্রঃ) ভ ১.১৯.২৫। গোভূচ্ছিৎপরেষু ভা.চ ৩২৩। বি.সু ৫৫। গোগিরিধারী গো ৬৪। —পুং স্ত্রী ১ স্বর্গ। "দ্র 'গো' স্ত্রী (৩)। ২ বজ্র। ৩ অম্বু, জল। "গবিষ্ঠো (আকাশস্থঃ সূর্য্যঃ) গাঃ (উদকম্) গতস্তদা ভ ১.১০.৩৬। ৪ আকাশ। দ্র '(৩)। ৫ রশ্মি, কিরণ। দ্র 'গবাক্ষ'। তিগ্মগু ১০.৫৬.৭। ৬ চক্ষুঃ। "মৃগগোধর : সহস্রগোভূষণ ভা.চ ৩২৩। বি.সু ৫৫। ৭ বাণ। ৮ লোম। ৯ কেশ। "°দানবিধি।—রঘু ৩.৩৩। ১০ হীরক। ১১ গোসম্বন্ধী দুগ্ধঘৃতচর্ম্মাদি। ১২ (বহুব) গৃহপালিত পশুগণ। ১৩ সিংহ। "গোমধ্যমধ্যে : গো-শব্দে সিংহ-লোচন-ধরণী ভা.চ ৩২৩। [এই অর্থ অভিধানে নাই।] [°কল (বি)—গোকবল-পরিমিত তৃণ ; গোগ্রাস। "গোরুরে গোকল দেহ শ্রী.ম ৭৪। °কুল (ক্লী)—১ গোসমূহ। ২ গোগৃহ, গোশালা। "অত্রি ১৮৮। ৩ মথুরার সন্নিহিত নন্দের বাসস্থান গ্রামবিশেষ। "কাজ কি গোকুল! কাজ কি গোকুল!—দা ২৭২। ৪ গোকুলবাসিজন। "লোকং বৈকুণ্ঠমুপনেষ্যতি গোকুলং স্ম ভ ২.৭.৩১। গোকুলের কুল সব হ'ক প্রতিকূল।—দা ২৭২। °ক্ষীর (ক্লী)—গোদুগ্ধ। "°কুন্দেন্দুমৃণালরজতপ্রভঃ (রামঃ) মহা ৩.১১৯.৪। °ক্ষুর (পুং)—১ ক্ষুপবিশেষ। ২ গোরুর ক্ষুর। "শ্রী.মা ২৫৪। °রেণু ব ৫৫। ব.প ৭৮২। প.র ১০। জ্ঞা ৫৩। ৩ (বি)—গোখুরা সাপ। "বা.ম ১৬৯। °খুর (পুং)—গোরুর খুর। "গোখুরজলে কৃ ৩২২। সমুদ্র তরিয়া মরি গোখুরের জলে।—ম ৯৮৩। °রেণু। —ব.প ৮৬২। °গ্রন্থি (পুং)—গোষ্ঠ ; করীষ ; ঘুঁটে। °গ্রহ (বি)—গোশালা। "উত্তর গোগ্রহে।—ম ৬৬৩ ; ৬৬৫। °ঘৃত (ক্লী)—১ ঘৃতবৎ পৃথিবীর পুষ্টিকর বৃষ্টি। ২ গোদুগ্ধজাত ঘৃত ; গব্যঘৃত। °জননী (বি)—গোমাতা সুরভি। "ম ৬৯৫। °জন্ম (-ন্মন্) বি গোযোনিতে উৎপত্তি ; বিদ্যাহীন ব্যর্থ মনুষ্যজন্ম (গালি)। "°পরিত্যাগ।—নী ২। °জর (পুং)—জীর্ণ (বৃদ্ধ) বৃষ। °জল (ক্লী), °নিষ্যন্দ (পুং) গোমূত্র

°নাথ (পুং)—১ গোপালক, গোপ (ছান্দোগ্য)। ২ ভূমিনাথ, রাজা। ৩ বৃষ। °রেণু (বি)—গোধূলি। "°রঞ্জিত শ্রী.ম ১১৭। °লাঙ্গূল (পুং)—বানরবিশেষ। "মহা ১.৬৬.৬৪। °বিসর্গ (পুং)—গোমোচনকাল, প্রভাত। °সব (পুং)—গোমেধ-যজ্ঞ। "ম ৪১৮।]

গো২ বি [গুআ > গো] সুপারি। "তিন নাড়ায় গো।—খনা।

গো৩ কা.ক্তি [গ° > গো; অপ্র] ১ বহুবচনে কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি। "তাহাগো ত্যজিয়া…যাই ম.ম ১৯৪। শালা রাইওৎ বেচারিগো জানে মারে।—মা ৩২৭; ৩৩৫। ২ [গ° > গো] বহুবচনে ষষ্ঠী বিভক্তি। "আমাগো, তোমাগো, তাগো। [গোর (গো+র)—বহুবচনে ষষ্ঠী বিভক্তি। "তাগোর (রাইওৎদের) সব লুটে লিয়ে তার পর এই করে।—মা ৩২৭। তু 'বেটার গো' (মা ৩৪৩)]

গো৪ অব্য [অগো > গো] ১ সম্বোধনে। "এই মতে গো দেবী আইলা দেবলোকে।—গ ৫৭। শ্রী.কী ২৯। হেদে গো ডোমের বেটী শ্রী.মা ১৯০। আসিলা মনসা দেবী গো।—ম.ম ২। দিবে গো উচিত মূল্য লবে গো বিয়মি ব.প ২৮১। ক্ষেমঙ্করী খেতে দে না গো।—শি ৩৪। ২ সভক্তি কাতর সম্বোধনে। "আমারে গো কহিবা জননী কৃ ৩। কহি গো অঞ্জলিপুটে।—ক.চ ২; উর গো গায়েনে ৪। ৩ সরোষ সম্বোধনে। "বুঝিতে না পারি গো তোমার ব্যবহার। যে হও সে হও গো আমার নমস্কার॥—ক.চ ৭০। মে ৩। ৪ সবিস্ময় কোমল সম্বোধনে। "অমিয়া মাখিয়া কেবা, নবনী তুলিল গো: গা খানি মাজিল গো চৈ.ম ৯৬। ৫ শোকদুঃখাদি হেতু কাতর সম্বোধনে। "ভারত কহিছে মা গো কত কহ আর ভা.চ ১০৩। আল্লা! মা গো গেলাম নী ৩০। ৬ সবিস্ময় সম্বোধনে। "কিবা হল কাল গণ্ডা কোথা ছিল গো শ্রী.মা ১৮৬। ৭ পরমার্থজ্ঞানে নম্র কোমল সম্বোধনে। "বড়াই কর গো মিছে কাজে ম.ম ১২। জানি গো দিন যাবে চ.কা ৪৪১।

গোআল, -লা বি [সং গোপাল > প্রা গোৱাল; *গোআ(য়া)ল > বা °ল °লা; স্ত্রী -লিনী, -লী; হি গ্বাল, -লা; গ্বালিন (স্ত্রীলিঙ্গ); মৈ গোআর, -রী; জাটু—গোরাল; তু 'গোঅল্লা'—দুগ্ধবিক্রয়কর্ত্রী (দেশী ২.৯৮)] গোপজাতি। "গোআল শ্রী.কী ২৪; গোআলা ৬০; গো-আলার মায়্যা ৬৬। জাতিয়ে গোআল ম ৫৮৭; °লা ৬৫৩; °ল ১১৬৪। গোআলাভাগ শ্রী.ম ৩৫। —লিনী, -লী বি [°ল+ইনী, ঈ৬] ১ গোপজাতি-স্ত্রী; গোপী, গোপপত্নী। "বকুল তলাত গোআলী। বড়ায়ির পন্থ নেহালী॥—শ্রী.কী ৯; গোআলিনী: গোআলী রাধা ২৩; গোআলী ৬৫। মোহিত গোআলী শ্রী.ম ২৭; ৬৫। ২ রতিরসহীনা গোপবালা। "প্রথম বএসেঁ মোঁ রাধিকা গোআলী শ্রী.কী ৮৪।

গোই ক্রি [সং √গুপ্—বা √গোপ √ই৭ > গোপি > °ই; বৈষ্ণব-সাহিত্যে] ১ গোপন করিয়া; লুকাইয়া, ঢাকিয়া। "আঁচরে ঝাপি বদন ধরু গোই বি.প ৮০। আঁচরে মুখশশী, গোই ঘন রোয়সি জ্ঞা ১২৭; রাখত কাহে মনহি গোই ১৪১। ২ [√গোপ √ই৬] গোপন করে; ঢাকে। "খণে মুখ গোই, রোই খণে হসই।—গো ২৫৯; ভরমহি ভরম সঘন মুখ গোই ২৬০। মুখ গোই (প.ক)। ৩ সঙ্কুচিত করিয়া। "হাম অতি ভীতা রহলু তনু গোই বি.প ৭১।

গোই(য়ে)ন্দা বি [ফা গোইন্দহ্; হি গোইন্দা] গুপ্তভাবে সন্ধান লওয়ার নিমিত্ত নিযুক্ত ব্যক্তি; গুপ্তচর (spy)। "গোইন্দা কহেন এই চোর চুরি কৈল ভ.গ্র ৩৬০। গয়ার গোয়েন্দা দা ২০৯৮। তিনিই কি গোইন্দা?—ব.প্র ৪১০; ৪১৯। বলি মশায় ত গোয়েন্দা নন?—গি.দ্বি ২০৭। [°গিরী—গোইন্দার কার্য্য। "ব.প্র ৪২৪।]

গোউড় বি [প্রা গউড > °ড়; দ্র 'উ'] গৌড়দেশ। "গৌউড় নগরে ক.চ ১৬১। শ্রী.ম ৯১; গোউড়ের বারতা ১১৮; "গৌউড়রাজা ১৪১। ব.প ৩৯৫।

গোউর বি [গউর > °র] গৌরচন্দ্র। "ন.প ২৬৭।

গোঁ১ বি [গোঁয়ার > গোঁ (?); তু 'খো'] নির্ব্বন্ধাতিশয়, একরোখা-ভাব, জিদ। "গোঁ করা, ধরা। থাকে যদি টাকা করবে গোঁ। চৈত্রমাসে ভুট্টা রো॥—খনা। [শূয়রে গো—শূকরের মত একরোখা স্বভাব।]

গোঁ২ বি [ধ্বন্যাত্মক] বুকচাপা বা কণ্ঠরোধ হেতু কাতর অস্ফুট স্বর। "(ভগবতী বুকে দিল পা) গোঁ করে গোঁগান্ত বুড়া গৌরী বলে ছি! —শি ৯২। [গোঁ-গোঁ—ক্রমাগত গোঁ শব্দ। "খেনে গোঁ-গোঁ করে গোরা বলিতে না পারে ন.প ৩৭৫। কভু গোঁ গোঁ করে চৈ.চ ৩৪৫। গোঁ-গোঁ কচ্চে যে।—জা ৪৩। পড়ে কে গোঁ-গোঁ কচ্ছে গো!—গি.দ্বি ২১৩।]

গোঁআ, -য়া, গোঙা, -ঞা সর্ম্ম [√গমা > √গঁআ > √গোঁআ, -য়া, √গোঙা, -ঞা; বৈষ্ণবসাহিত্যে] সর্থ 'গমা'। "অনুদিন পতিসঙ্গে কাল না গোঁআইব ম.গা ৩। জনম গোঙায়বি রোই একান্ত বি.প ১০৩; জনম গোঙায়লঃ মধু যামিনী…গোঙায়লু ১১৮; কৈছে গোঙায়বি, হরি বিনে দিন রাতিয়া ১৭২; ১৭৩; কত মধু যামিনী রভসে গোঁয়ায়লু ২১৪। বিংশ দিন আনন্দে গোঁআল অ.প ৪৫। দিবস গোঁয়'ইব ম.বি ১৫৪। দ্বাদশ বৎসর…গোঙাইল চৈ.চ ৭৩। রজনী গোঞায় ন.প ১৬০; ৩২২। —য়া, -ঙা অর্ম্ম কাল কাটান। "গোঁয়াইনু এই বনে পুরুষ পঞ্চাশ কৃ ৩২। গোঙায় গীত নাটে ক.চ ৮৭। গোঙায়।—ম ৫৬৫। গাজনে গোঁয়ায় শ্রী ৩৫। এবে তাঁহা গোঙাইলা।—ব ২৩। [গোয়াইনু, -য়নু, গোঙায়নু—যাপন করিলাম। গোঁয়ান, গোঙান—কালযাপন। গোঙায়ল—কাটাইল। গোঙাই, গোঙায়, -য়ব, -য়বি, -য়লি, -য়লু (প.ক)। গোঞাই (গো.বি ১৯)। গোঞাইল (অ.প ১১৪। ম.বি ৭)। গোঞাবে (ম.গা ২৬)।]

গোঁগা১**, গোঙ্গা**১ বিং [ফা গুংগ্; হি গুং(গূং)গা, -গী (স্ত্রীলিঙ্গে); ঠ গুংগ; গঙ্গা (কোচবিহার); ধ্বন্যাত্মক] যে স্পষ্ট কথা বলিতে পারে না, গোঁ-গোঁ করে; অস্পষ্টভাষী, মূক, বোবা [গোঙ্গড়া (গোঙ্গা-পারা)—মূর্খ। গুঙী, -ঙ্গী—বাক্‌শক্তিহীনা।]

গোঁগা,২ **গোঙ্গা**২ অর্ম্ম ['গোঁগা'—মূল; হি √গুঁগুআ; ঠ √গুংগ] গোঁ-গোঁ শব্দ করা; অস্পষ্ট কথা বলা; গোঙান। "গুহ গজানন বলে গোঁগাইল কি? শি ৯২। [গোঁগান, গোঙ্গান, গোঙ্গরান—সর্থ 'গোঁগা২'। গোঁগানি, -নী, গোঙ্গানি (বি)—গোঁ-গোঁ করা। "গোঙ্গানি।—শ্রী ২২১। মানুষের গোঁগানীর শব্দ।—মা ৩৩৫। গোঁগান্ত ('গোঁগানীয়া'—মূল)—গোঁ-গোঁ শব্দকারী। "গোঁ করে গোঁগান্ত বুড়া শি ৯২।]

গোঁড়ার, -য়ার বিং [প্রা 'গমার'—অবিদগ্ধ (সংক্ষিপ্তসার) > গঙার (প.ক) > গোঙার, গোঁয়ার; হি গমার; গঁৱার; মৈ গমার; জাটু গোরার; গাঁওয়ার (গো.চ ১৮০)] ১ অরসিক, গ্রাম্য, মূর্খ। "শোন রে গোঁয়ার লোক, ছোড় দে উপাস রোগ ভা.চ ৭৪৫। ২ অশিষ্ট, উদ্ধত। "গড়েতে গোঁয়ার পুত্র হয়েছে দুর্জন শ্রী ১৪। ৩ বিবেকহীন, মূঢ়, কাণ্ডজ্ঞানশূন্য। "কীচক গোঁয়ার ম.বি ১৭৭। এটা যে দেখি গোঁয়ার।—ভা.চ ৩৮৯। একে মনমাঝি আনাড়ী, তাতে ছ-জন গোঁয়ার দাঁড়ী।—শ্যামাসঙ্গীত। —র বি ১ অশিষ্ট, অসভ্য, গুণ্ডা। "ঠেকিয়াছিলাম গোঁড়ারের হাথে শ্রী.ম ৬৯। ২ অরসিক। "অধর নিরস করু কোন গোঁয়ার রা.শে ৩। [গোঁয়ারি—গোঁয়ার। "কহিও আরে দূত গোঁয়ারি ম.ম ১১৩।]

গোঁজ বি [হি গোজা—অঙ্কুর, পাঁচনবাড়ি; তু 'গোংজী'—মঞ্জরী, মুকুল (দেশী ২.৯৫)] ১ [সাদৃশ্যে] কীলক, বাঁশ ইত্যাদির খোঁটা। "গোঁজে বান্ধি ডিঙ্গা ক.চ ২০২; ২৪২। দাঁড়াত এ শিশু গোঁজের মতন!—ব.সু ৩৯। ২ [সাদৃশ্যে] অসন্তোষ হেতু নিষ্প্রভ ও সঙ্কুচিত (মুখ)। "মানের ত্রুটি হইলেই…কেহ কেহ মুখটি গোঁজ করিয়া বসিয়া থাকে।—আ.দু ২৬; বাঞ্ছারাম বাবু বিরক্ত হইয়া মুখখানা

গোঁজ করিলেন ১৬০। [প্রসন্ন মুখ স্ফীত হয়, বিষণ্ণ মুখ সঙ্কুচিত হইয়া সরু হয়।] —জা বি **১** সর্ব 'গোঁজ (১)'। "পাটের গোঁজা। **২** গোঁজার মত পীড়াজনক বিষয়। "গোঁজাবিদ্যা না জানে হিসাবে দেয় গোঁজা। নিকাশে তাহার গোঁজা তারে হয় গোঁজা॥—ভা.চ ৪০৭। **৩** চালের ছাউনীতে গুঁজিয়া-দেওয়া গোঁজের মত সূক্ষ্মাগ্র খড়ের গুচ্ছ; খুঁচি। "চালে গোঁজা দেওয়া। **৪** হিসাব গরমিল হইলে, মিল করার নিমিত্ত মিথ্যা খরচ গুঁজিয়া দেওয়া বা ঢুকান। দ্র 'গোঁজা (২)'। তু 'গুজ'। [গোঁজ গোঁজ করে যাওয়া —প্রয়োজনে বা ক্রোধাদি হেতু দ্রুত যাওয়া। গোঁজড়ান ('গোঁজ-পারা'—মূল)—গোঁজের মত করিয়া ঢুকান; গুঁজিয়া রাখা। গোঁজামিল, -মিলন—গোঁজা দিয়া হিসাব মিলান। "আজ তাঁকে দাওয়ানজীর কুটকচালে খতেনের গোঁজামিলন ধত্তে হবে হু ১৬। গোঁজামিল দেওয়া—মিথ্যা খরচ গুঁজিয়া (ঢুকাইয়া) হিসাব মিল করা। ঘোলে গোঁজা দেওয়া—ঘোলে জল মিশান। "দা ১১৮।]

গোঁড় বি [সং গোণ্ড >প্রা*গোংড >বা °ড়; তু 'তেলগু—'কোণড' (পাহাড়)] **১** বৃদ্ধিপ্রাপ্ত নাভি; নাভিস্থিত মাংসপিণ্ড। **২** (সাদৃশ্যে) তৎসদৃশ পিণ্ডাকার বস্তুমাত্র। তু 'গোঁড়া'। **৩** [গুড় >°ড়] গুড়ের মত একপ্রকার লাল চিনি। —ড়া বিং [°ড়+আ[১২]] **১** গোঁড়যুক্ত, নাভিবৃদ্ধিবিশিষ্ট। **২** ['গোড়া'—মূল?] ধর্ম্মবিষয়ে নির্ব্বিচারে অনুরাগী; একান্ত নিষ্ঠাবান্; ধর্ম্মভক্ত [orthodox]। "গোঁড়া হয়ে মাতে সব দেখে নাক গোড়া।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। **৩** ব্যক্তিবিশেষে নির্ব্বিচারে অনুরক্ত; অন্ধভাবে পক্ষপাতী। "সে অমুকের গোঁড়া। **৪** প্রধান, আদি, মূল। "দলের, পালের গোঁড়া। [°ঝিনুক—নাই-তোলা একপ্রকার পুরু ঝিনুক। °নেবু—বোঁটার কাছে নাইতোলা কমলাজাতীয় অতি টক নেবু। গোঁড়াম, -মি—গোঁড়া-পনা, ধর্ম্মাদিতে একান্তনিষ্ঠতা। "ফের যদি কর দ্বেষ হয়ে প্রতিবাদী। ঘুচাব গোঁড়ামি রোগ দিয়া ছাগনাদী॥—ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

গোঁৎ বি [গোঁ[১] >°ৎ] সর্ব 'গোঁ[১]'। "গোঁৎ করে সোঁৎ ঠেলে ভাটি গাঙ ছেড়ে। উজানের পথে চলে…॥—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

গোঁধলা বি ['গন্ধ'—মূল?] পচা গোবরের সার; গুবুরে সার। "পচা সড়ায় গাছলা সারে। গোঁধলা দিয়ে মানুষ মারে॥—খনা।

গোঁপ, -ফ বি [সং গুম্ফ >প্রা*গুংফ >বা গোঁফ, -প; তু 'গোপ' (ম.পা ৬৪। ব.প ১৩৭১)] **১** উপর ঠোঁটের লোমপঙ্‌ক্তি; মোছ। "ঈষদ্ গোঁফের রেখা ভা.চ ৪৪; ৩০৪। বা.দ ১৫২। **২** তপসে ও চিঙ্গড়ি মাছের গোঁফের মত সরু শুঁড়। "(চিঙ্গড়ি) গোঁফ উভ করে যেন খাগড়ার বন ক.চ ২৩৬। গালভরা গোঁপ-দাড়িঃ উজানের পথে চলে দাড়ি গোঁপ নেড়ে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [°খেজুরে—যে গোঁফে খেজুর পড়িলে, তাহাও আলস্যবশতঃ মুখে তুলিয়া দিতে কষ্ট বোধ করে; অত্যন্ত অলস; খাসা-কুঁড়ে। "কিন্তু গোঁফখেজুরে হয়ে থাকা কি যায়। খেজুরটি গোঁফে আছে আছেই; কেহ না মুখের ভিতরে না দিলে খাওয়া হইবে না।—টেকচাঁদ। এক ব্যক্তি খেজুর তলায় শুইয়াছিল। এমন সময়ে একটী খেজুর তাহার গোঁফে পড়িল। কিন্তু সে আলস্য ত্যাগ করিয়া গোঁফের খেজুর মুখে দিতে পারিল না, অপর ব্যক্তিকে মুখে দিতে বলিল। ইহা হইতেই প্রবচন—"আমি গোঁফখেজুরে ভাই। গোঁফের উপর খেজুর পড়েছে, মুখে দেত খাই॥ °হার (সং গুম্ফ; ঠ গোফ—গলার ভূষণ)—হারবিশেষ। গোঁফে তা দেওয়া—গোঁফের লোম তায় তায় (একে-একে) আঙুল দিয়া সাজান।]

গোঁয়া; গোঁয়ার; গোঁয়ারা দ্র 'গোঁঞা; গোঁঙার; গঁয়রা'।

গোঁষা, -সা, গোষা-সা, সুসা বি [আ গু.সা; তু 'গোস্তা, (ব.প ৭৩)] ক্রোধ। "গোসা গো.চ ২৪২; গোস্সা ৪২২,-৩। বা.ম ৩১০। গোসা শ্রী.মা ৫২; গোঁসা করে বান হয় ১৭৩। গোসা মা ৩২৭। গোল করি মারে…বাড়ি শি ১৫; ৯৪। বাঙালে গোসা—হেম ৩৮০; গোঁষাঘর ৩৮৭। গোসা ব.প্র ৪৬। [গোঁসাঘর—সর্ব 'ক্রোধাগার'।]

গোঁসাই, -ঞি, গোসাঁই, -সাই, -সাঞি, -সাঞী বি [সং গোস্বামী; বা (গোস্‌সামী >গোসাঁঈ) গোসাঁই-সাই, -সাঞী, -ঞি; হি, প—গোসাঈং; ঠ গোসাঁয়ী, -সামী; মৈ গোসৈঞা, -সাঁঈ, সি গোসাংঈং; ড় গোশাঈং; গোসাই, -ঞি (গো.চ); গোঁশাই, গোশাই, -ঞি (ম.গা ৮, ১৪)] **১** নিরঞ্জন, ধর্ম্মদেব। "ঝুরি কদাল নাঞি, সঙরে গোসাঞি শূ ১০০। **২** নারায়ণ। "অনন্তশয়নে গোসাই শয়ন তোহ্মারে গ ৯। **৩** কর্ত্তা, স্রষ্টা, আদিদেব। "কথার সঙ্গতি নাই চিন্তিলেন গোঁসাই ক.চ ৮। **৪** দেব, ঠাকুর। "আচম্বিতে প্রলয় সৃষ্টি কি হল গোসাই বি.পা ৫৪। গোসাঞি করো নিবেদন: গোসাঁই ত্রিদশ ঈশ্বর গ ১২৬। গেছেন গোসাঞি বা.ম ৪৯। গোসাঞি যদুবংশপতি অ.প ৮১। চিন্তিলেন গোঁসাই ক.চ ৩০। বসেছেন গোসাঞি ম.ম ২১১। হাসেন গোসাঁই ভা.চ ১১১। **৫** ঈশ্বর, ভগবান, বিধাতা। "দেবতার ভোগ লাগি সৃজিলো গোসাঞি ম.ম ১৩৩,-৯৬। বঞ্চিল গোসাঁই ক.চ ১৪৭; ১৬৯। কুবুদ্ধি কি লওয়াল গোঁসাই বি.সু ১৫৭। চীরজীবী করিল গোঁসাই ভা.চ ১৮৫। **৬** ঠাকুর, ব্রাহ্মণ। "বামন গোঁসাঞি গ ৪২,-৬। দৈবজ্ঞ গোসাঞি ম.ম ১৮১। **৭** দেবাদি-দেব, দেবদেব। "সমাধান গোসাঞি করিবা আপনি ম.বি ২৪৪। ম.ম ৪১; মহেশ গোসাঞি ৪৬। **৮** প্রভু, স্বামী। "যার তরে কৈলে গোসাঞি ঘোর মহামার ব.প ৫০৩; জগৎ-গোসাঞি ৫০৯। ম.ম ১১০। **৯** ইষ্টদেব। "এইমাত্র সার গোসাঞি আর মিছা মায়া শ্রী.ম ১২৫। চন্দ্রহাস বলে গোসাঞি করো নিবেদন অ.প ১৩৫। ম.ম ১৪৭। কৃ.উ ১৯৫। মার গোসাঞী দুষ্ট কংসরায় ব.প ৭৬০,-৫। **১০** দেব, পূজ্য। "চৈতন্য গোসাঞী ব.প ২৪৭। গোরা গোসাঞি ব ১। **১১** মুনি, ঋষি। "কৃ.উ ১৯৯। নারদ গোঁসাই শ্রী ৬। গোসাই ব.প ৯৩৩; ৯৩৪। গোসাঞী চ.বি ২৬। **১২** অধিপতি, রাজা। "বঙ্গের গোসাই গো.চ ৭৫। কৃ.অ ১৯। কৃ.উ ১৭৮। ব.প ১৪৮৯। **১৩** পিতৃদেব। "অমৃত মন্থনে তোরে সৃজিল গোসাঞি ম.ম ২১৯। ক.চ ১০। **১৪** পতি। "দ্বাদশ বৎসর বাছা খেয়েছি গোঁসাই বি.সু ১২২। **১৫** পূজ্য, মান্য। "ভিক্ষা নাও অতিথ গোঁসাঞি ব.প ৮১। **১৬** আচার্য্য, শিক্ষক। "আজ্ঞা কর গোঁসাই দক্ষিণা কিছু দিব ম ৪০। **১৭** পূজ্য অগ্রজ। "গোসাঞি না হও বিকল কৃ.উ ১৭৩; গোসাঞী ২০৬। **১৮** যতি বৈষ্ণব ও পণ্ডিতের উপাধি। "অদ্বৈত গোঁসাই।—চৈ ২০৮; অদ্বৈত গোসাঞি ২০৯। সুত গোসাঞি চৈ.চ ৭; ২৭৫। শ্রীজীবগোসাঞী ন.বি ২৩। **১৯** বৈষ্ণবের দীক্ষা-গুরু। —সাইনী, -সাঞিনী বি [গোঁসাই, -ঞি+নী; তু 'গোসাঞ্‌নি (বি.সা ৫০৬); গোসানী—লক্ষ্মী' (কৃ.উ ২০০)] **১** দেবী। "সীতা গোসাঞিনী কৃ.উ ২; গঙ্গা গোঁসাইনী ৭; ১৬৮,-৮৫; ২৫৮। [গোঁসাই গোবিন্দ মানুষ—বৈষ্ণব সাধু। "আমরা দুজনেই গোঁসাই গোবিন্দ মানুষ।—হু ২২৪। গোঁসাই-ঘর—চণ্ডীমণ্ডপ, ঠাকুরঘর। ভাত দেবার ভাতার নন, নাক কাটবার গোঁসাই—ভরণপোষণের সময়ে ভর্ত্তা নন, দণ্ডমুণ্ডের কর্ত্তা; (গৌণার্থে) পালনে কর্ত্তা নন, কেবল শাসনে কর্ত্তা। "ন.ত ৩৬।]

গোকর্ণ পুং [ষ.ত] **১** গোরুর কান। **২** গোকর্ণতুল্য অনামিকাযুক্ত বিস্তৃতাঙ্গুষ্ঠ রৈখিক পরিমাণ; বিতস্তি। "গোকর্ণপ্রমাণ স্থান ম ১০৯। **৩** [উ.বহুব্রী] গোকর্ণতুল্য যাহার কর্ণ, অশ্বতর। **৪** রুরুমৃগ, রঙ্কু (অ.চি)। **৫** চক্ষুঃ যাহার কর্ণ; সর্প। "নদন্তি গোকর্ণশরীরভক্ষ্যাঃ

ভা.চ ৩২৩। গোকর্ণ-শরীর-ভক্ষ।—বি.সু ৫৫। **৬** গণদেবতাবিশেষ। **৭** তীর্থবিশেষ। "রঘু ৮.৩৩। **৮** কাশীস্থশিবলিঙ্গভেদ। **৯** রুদ্রবিশেষ। **১০** মুনির্বিশেষ। "রা ৬.৯.৪৭। °পুরী।—কৃ ২৭৭। **১১** বাণবিশেষ (A.)। **১২** পীঠস্থান (শ.ক)। —র্ণী স্ত্রী মূর্ব্বালতা।

গোখরি বি [গোখুর > °রি] গহনায় গোখুরাকৃতি টোপ। [°বালা—গো-খুরাকৃতিটোপ-তোলা বলয়। "°বালা দা ১৪৮০।

গোখুর দ্র 'গো১'। [°চাঁপা—গোখুরের মত টোপতোলা চাঁপার আকারে কর্ণভূষণবিশেষ। "দা ১৬৩৩।]

গোখুরা বি [গোখুর > °রা; খড়িষ (খরবিষ) —বীরভূম; গহমা (মালদহ); গমা (নাটোর)] মাথায় গোখুরাকারচিহ্ন-যুক্ত বিষধর সর্পবিশেষ।

গোগ্রাস পুং [ষ.ত] **১** গোরুর গ্রাসপরিমিত তৃণ; গোতৃণকবল। "হারীত ৩.২। **২** প্রায়শ্চিত্তে গোরুকে দেয় তৃণকবল। [গোগ্রাসে খাওয়া—খাদ্য গোরুর মত মুখ দিয়া খাওয়া।]

গোঘ্ন বি [গো+ √হন্+অ(টক্)-ক; উ.ত, পা ৩.৪.৭৩] গোনাশকর (দ্রব্য)। —ঘ্ন পুং [+অ(ক)-ক; উ.ত] **১** গোঘাতক। "মনু ১১.১০৯। গোঘ্নস্বঘ্নঃ।—বিষ্ণু ৪৫.১৯। হি ১.৯। ম ৩৩১। **২** [+অ-স, পা ৩.৪.৭৩] যাহার নিমিত্ত গোবধ করে; অতিথি। [পূর্ব্বে অতিথির আগমনে মধুপর্কার্থ গোবধ বিহিত ছিল (মহোক্ষং বা মহাজং বা শ্রোত্রিয়ায় প্রকল্পয়েৎ।—স্মৃতি)। কলিকালে ইহা নিষিদ্ধ (মধুপর্কে পশোর্বধঃ।—বৃহন্নারদীয়পুরাণ)। দ্র 'উ.চ ৪২।] **৩** ঋত্বিগাদি। দ্র 'পা ৩.৪.৭৩, কাশিকা।

গোঙা, গোঙান দ্র 'গোঁআ'।

গোঙার বিং [দ্র 'গোঁঙার'; তু 'গোঞার' (গো.চ ১৭৬)] **১** অবিবেচক, কাণ্ডজ্ঞানহীন, মূঢ়। "হাম অবুঝ নারী তুহুঁত গোঙার বি.প ৭৮। ছাড় ছাড় গোঙার শ্রী.ম ৮৮। **২** অবিদগ্ধ, অরসিক, মূর্খ। "রতিরস না জানয়ে কানু সে গোঙার বি.প ৬৭; ১১৭; গোপ গোঙারক সঙ্গ ১১৮। তুহুঁ…কমলিনী বিপিনগোঙারি গো ১৬১। হাম নিরগুণ রতি রভসে গোঙারি ব ১৭১। **৩** দুর্বৃত্ত, দুরাচার। "কৃষ্ণেরে কহয়ে তুমি কেমন গোঙার। ছি ছি তব কেমন নিষ্ঠুর ব্যবহার॥—ভ.গ্র ৪৩৮। হেন গোঙারের ঠাঁই কভু নাহি ঠেকি শ্রী.ম ৬৪। ব.প ৯১৪। বি.পা ২৭৮; ২৭৯। **৪** দস্যু, গুণ্ডা। "অমূল্যরতন সাথে। গোঙারের ভয় পথে। —ব.প ১০৯৯। মাইনে না পেয়ে হয়েছে গোঙার।—কা ১২৩। —রি, —রিণি বি [°র+ই১°, ইনী, -নি] অবিদগ্ধা, অরসিকা, রতিরসহীনা। "তুচ্ছ গোঙারিণি সহজে আহীরিণী বি.প ১১৮। কোন গোঙারি। তোহে অবহুঁ পরশব। হেরি তুয়া ঝামর দেহ গো ১৯৫। [°গোবিন্দ (গবেন্দ্র > গোবিন্দ?)—গোঙার-গণ্ডমূর্খ। °তুমি—দুর্বৃত্ততা, গুণ্ডামি। °বর—অতি-গোঙার, অতিদুরাচার। "মার গোঙারবর রাতি (অরাতি?) জ.প ২৪।]

গোঙ্গা১; গোঙ্গা২, -ঙ্গান, -নি দ্র 'গোঁগা১; গোঁগা২'।

গোচ, -ছ বি [সং গুচ্ছ > প্রা গোচ্ছ (প্রা.ম) > বা গোছ, -চ; হি, প গুচ্ছা; ঠ ঘোংস; গু গুচ্ছ; সি গোশ; ড় গোছ] **১** তৃণাদির গুচ্ছ; আটি, হালা। **২** কেশগুচ্ছ, চুলের কোশা। "চুল ছিঁড়িব গোছে গোছে ব.প ৫০৩। **৩** ধান্যাদির স্তম্ব বা গোছা। **৪** পরিপাটি, সুশৃঙ্খলতা, সজ্জিতভাব। "বাসন গোছ করে রাখা। **৫** পায়ের গোড়ালির উপরি-ভাগ হইতে ডিমের নিম্নপর্য্যন্ত অংশ; গুল্ফাগ্রভাগ (ankle)। "পায়ের গোছ। **৬** পানের সংখ্যাবিশেষের স্তবক (থাক)। **৭** প্রকার, রকম, ধরন। "ঘাগিগোচের পাল্লায় পড়ে শেষে সর্ব্বস্বান্ত হয়ে বাড়ী যেতে হয় হু ১৩; ভদ্দরলোকগোচের দর্শক ১৯৯। অকালকুষ্মাণ্ডগোচ একজন ঋষিকে আনালেন জা ৩২। —চা১, -ছা১ বি [সং গুচ্ছক > প্রা*গুচ্ছঅ > °ছা °চা; হি, মৈ গুচ্ছা; তু 'গোচ্ছ'—মঞ্জরী (দেশী ২.৯৫)] **১** সর্থ 'গোচ (১)। **২** সর্থ 'গোচ (২)। "গোছায় গোছায় কেশ পৃষ্ঠে…পড়িয়াছে ব.প ৩৭৯। **৩** সমষ্টি, বাণ্ডিল, তাড়া। "বাঁ হাতে পাঁজের গোছা শ্রী ২১৭। **৪** সূত্রগুচ্ছ। "সন্ধ্যা-আহ্নিক অষ্টরম্ভা গলায় পৈতার গোছা দা ১৯৯৬। গলায় গোছা করা পৈতা অ.শী ৬৬। **৫** স্তবক, থোকা, থ'লো। "আঙুলের, ফলের, চাবির গোছা। [গোছ-গাছ-করা—সাজান-গোছান। কাঞ্চন পাটের গোছ—স্বর্ণসূত্রযুক্ত রেশমের গুচ্ছ (ফিতা)। "কাঞ্চন পাটের গোছে বান্ধিল কবরী ব.প ৩৮৫।]

গোচর বিণ [গো+ √চর+অ (ঘ)-ধি; নিপাতিত, পা ৩.৩.১১৯; স্ত্রী -রা] **১** যে স্থানে গবাদি বিচরণ করে, তাদৃশ দেশ। **২** যাহা ইন্দ্রিয়-চরণস্থান, তাদৃশ (বিষয়); ইন্দ্রিয়ের বিষয়ীভূত। "কর্ণ°, নয়ন°, বুদ্ধি°, শ্রবণ°। ম ২৩৮; সব তোমাতে গোচর ৪১৫। বচনগোচর নহে বেশ ক.চ ৮। বুদ্ধির গোচর নহে যাহার প্রভাব চৈ চ ১৮। **৩** প্রত্যক্ষীভূত। "তারকের রণ ইন্দ্র করিল গোচর ক.চ ২০। গোঠে গোচর গূঢ় গোপাল। —গো ৬৪। গোচর করিলুঁ চৈ.ম ৬৩। **৪** [+অ (ট)-ক; স্ত্রী -রী] ভূমিচর, ভূচর।—চর পুং **১** গোচরণস্থান, গোপ্রচার বনাদি। "পরাশর ৯.৫। উপারতাঃ পশ্চিমরাত্রিগোচরাৎ (গবাং গণাঃ)।—কি ৪.১০। যো গিরি গোচর (সো চঞ্চল হরি…কৈছনে ধরলি সয়ানি) গো ১৭৮। **২** শব্দাদিবিষয়; ইন্দ্রিয়বিষয়; জ্ঞানমাত্রবিষয়, বিষয়। "পঞ্চ চেন্দ্রিয়-গোচরাঃ গী ১৩.৫। অবাঙ্‌মনসগোচর।—রঘু ১০.১৫। শর°।—পঞ্চ ২.৮৮। **৩** স্থান, দেশ। "গুহো গহনগোচরঃ রা ২.৮৫.৫। জ্ঞানমস্তি সমস্তস্য জন্তোর্বিষয়গোচরে (চণ্ডী)। বনগোচর কি ১৩.১০। বিষয়-গোচরে জ্ঞান আছে সভাকার শ্রী.মা ২০৭। **৪** আশ্রয়। "শ্মশান° মনু ১০.৩৯। পিতৃসদ্ম° কু.স ৫.৭৭। শরীর° রঘু ৮.১৯। মৃগয়ুর্বন-গোচরঃ ভ ৪.১৩.৪০; নিষাদা গিরিকাননগোচরাঃ ১৪.৪৬। **৫** বাসভূমি, বাসস্থান। **৬** অধিকার, বশ। "কঃ কালস্য ন গোচরান্তরগতঃ।—পঞ্চ ১.১৫৭। **৭** দিঙ্‌মণ্ডল। **৮** গন্তব্যদেশ, প্রচরণমার্গস্থানীয়। "ইন্দ্রিয়াণি হয়ানাহুর্বিষয়াংস্তেষু গোচরান্।—কঠোপনিষৎ। **৯** (জ্যোতিষে) জন্ম-রাশ্যবধি গ্রহাক্রান্ত রাশি। "বুধস্য গোচরফলম্। গোচর বিলগ্ন আদি …গনায় শ্রী.মা ২০৬। **১০** [+অ (অচ্)-ভা] গ্রহের গতিভেদ (ত.বা)। **১১** [বাঙ্‌লায়; পদ্যে] প্রত্যক্ষীভূত স্থান; সমীপ; সম্মুখ। "পক্ষীরাজ পড়িল গোচর ম.গা ২৮। ব্রহ্মার গোচর কৃ ১; হাটখানি বৈসে বারাণসীর গোচর ১০। কহে রাজার গোচরে ম ৭। শ্রী.মা ১১২। চ.বি ১২৮। বি.পা ৭। **১২** (অপ্র) প্রত্যক্ষীভাব, সাক্ষাৎকার, দর্শন। "শত শত যজ্ঞফল কৃষ্ণের গোচর ম ১২০৬। [গোচর করা—জ্ঞানবিষয়ী-ভূত করা; জানান। "যাহা জানিতে পারিত রামের গোচর করিয়া যাইত সী ১৭। গোচর করাবে—জানাইবে। "কৃ.উ ২৭১। গোচরি (অপ্র)—জানাই। "তোমাকে গোচরি কৃ.উ ১৯৮। গোচরি, -রিআ (অপ্র)—জানাইয়া। "°আ কৃ.উ ২০৪। °রি চ.বি ১৫১। গোচরে (অপ্র)—জানায়। "মুনিকে গোচরে কৃ.উ ১৭০। গোচরিঞা, -রিল; -রী (শ্রী.কী)।]

গোচর্ম্ম (-র্ম্মন্) ক্লী [ষ.ত] **১** গোরুর চর্ম্ম, গোত্বক্। **২** ভূমি-পরিমাণবিশেষ। 'একোঽপ্যশীয়াদ্ যত্নুৎপন্নং নরঃ সংবৎসরং ফলম্। গোচর্ম্মমাত্রা সা ক্ষৌণী…॥—বিষ্ণু ৫.১৭৯। (মতান্তরে) গবাং শতং সৈকবৃষং যত্র তিষ্ঠত্যযন্ত্রিতম্। তৎ ক্ষেত্রং দশগুণিতং গোচর্ম্ম পরি-কীর্ত্তিতম্॥—পরাশর ১২.৪৩। [°বসন—মহাদেব (মহা)।]

গোচা১ দ্র 'গোচ'।

গোচা২-ছা২ সর্ম্ম [গোচ, -ছ+আ৯] গোছ (গুচ্ছরূপে বদ্ধ) করা; সুশৃঙ্খল বা পরিপাটিযুক্ত করা; সাজান। "মা ও মাসি। গোছান যত গহনা আর বস্ত্র রাশি রাশি।—মন্দ্র ৬৯। [(কথা) গোছাইয়া বলা —(কথা) সুসঙ্গত বা হৃদয়গ্রাহী করিয়া বলা। গোছাইয়া লওয়া—কিছু

সঙ্গতি করিয়া লওয়া। গোচা(ছা)ন—সর্থ 'গোচ'। গোছান সম্পর্ক —পাতান বা কৃত্রিম সম্পর্ক। সংসার গোছান—সুশৃঙ্খল করা।]

গোচারক পুং [ষ.ত] গোপাল, রাখাল। —চারণ ক্লী [ষ.ত] গোরু চরান। "°রত।—গো ৬৪। জ্ঞা ২।

গোচী স্ত্রী [গবাচী (রাজবল্লভ)] পাঁকালজাতীয় মৎস্য ; গ'চে মাছ।

গোচ্ছা বি [দ্র 'গোচ'; অপ্র] ১ গুচ্ছ, আটি। "দুই গোচ্ছা তৃণ করে, এক গোচ্ছা দন্তে ধরে ভ.গ্র ১৬। ২ গোছা, তাড়া। "পইতে গোচ্ছা করে গলায় হু ৩৭।

গোছ(স)ল বি [আ গু.স্ল্] স্নান। "আ.দু ১০৮। [°খানা (আ গু.স্ল্+ফা খ়ানহ্)—স্নানাগার (bath-room) ।]

গোছা[১] ; **গোছা**[২], **গোছান** দ্র 'গোচ ; গোচা[২]।

গোছাল বিং [গোছ+আল[৮]] ১ গোছযুক্ত, গুচ্ছবদ্ধ, আটিবাঁধা। ২ সুশৃঙ্খলাযুক্ত, অভাবরহিত, সুসারযুক্ত (সংসার)। ৩ যে কাজের ব্যবস্থা বুঝে ; কাজে হিসাবী (লোক)। ৪ সাংসারিক কার্য্যে হিসাবী ; মিতব্যয়ী। [গোছাল-গাছাল—সর্থ 'গোছাল'। গোছালো গোছালো —সুবিধানুযায়ী, অভীষ্টসিদ্ধির অনুকূল। "গোঁসাইরা···বস্ত্রহরণ ···প্রভৃতি শ্রীকৃষ্ণের গোছালো গোছালো লীলেগুলি করে থাকেন হু ৬৮।]

গোজাল; গোজেস্তা; গোঞা দ্র 'গজাল; গুজস্তা; গোঁআ'।

গোট[১] বি [সং কটিত্র—'কটি' >কোটি >(কোট) গোট (?) ; হি গোট—কাপড়ের মগজী ; ঠ গোট—স্ত্রীভূষাবিশেষ] কটিদেশের ভূষণ-বিশেষ। "(কোমরেতে) কিবা শোভা···গোটে।—দা ১৬৩৩। [°হা.র —গোটের মত গাঁথা হারবিশেষ।]

গোট[২], **-ঠ** বি [সং গোষ্ঠ >প্রা গোট্‌ঠ >বা গোঠ, -ট ; হি গোঠ ; ঠ গোঠা ; মৈ গোঠ—আসনবিশেষ] ১ গোচারণের পরে যেখানে গোসমূহ আবদ্ধ থাকে ; ব্রজ, গোস্থান, গোশালা। "রাখাল-ছেলে সকাল করে, ফিরেছে আজ গোঠে।—শিশু ৫৩। ২ (গোষ্ঠসন্নিহিত) গোচারণস্থান। "কে না বাঁশী বাএ বড়ায়ি এ গোঠ গোকুলে শ্রী.কী ২৯৪। গোঠে গোচর গূঢ় গোপাল গো ৬৪। গোঠে হতে (চলে গাভী-পাল) বা.দ ১০৪। ৩ গোসমূহ, গোযূথ। "গোঠ রাখোআল শ্রী.কী ৩৩। ৪ [গোষ্ঠী—মূল ; অপ্র] গোষ্ঠী, পরিবারবর্গ। "সকল গোঠ মেলাইবোঁ শ্রী.কী ২৬। [°ছাড়া—যূথভ্রষ্ট ; (উপহাসে) দলছাড়া (লোক)। °লড়ি—পাচন-বাড়ি। "করে গোঠলড়ি শ্রী.ম ৫৯। গোঠে মাঠে—(গৌণার্থে) বহির্দেশে ; ঘরের বাহিরে যে-কোন স্থানে। "মন্দ যায় গোঠে মাঠে মেয়ে থাকে ঘরে শি ৭২।]

গোটা[১] বিং [সং এক>প্রা এক্ক+টা>এককটা>এক-'কটা'—কটা >গটা, গোটা (?) ; মৈ গোট ; ড় গোটা ; অস—গোট, -টা—সমুদয় (তু 'সং √গোষ্ঠ—সংঘাত) ; গোষ্ঠক > °টা (C.G § 426)] ১ তৎ-সংখ্যক, তৎসমুদয়, টা। "একগোটা মূল ঃ ম ৬ ; দুইগোটা পুত্র ঃ ষোল-গোটা বাণ ১১৫৮। গোটা তিনবাণ ক.চ ৪৮। এক গোটা ভূত ম.ম ৬২ ; ডিঙ্গা চৌদ্দ গোটা ১৩৪ ; প্রদীপ সাত গোটা ১৭৬। এক গোটা কায়া বা.ম ৭। নথ কুড়ি গোটা চৈ.ম ৪২। ২ টা, টি, তদ্বস্তু। "নহি ইন্দুগোটা বি.প ২২২। বাণ° কৃ.উ ১১৬। করঙ্গ°, দন্ত° ম.ম ৩৭ ; মালা° ৩৯ ; ঘট° ৬২ ; হেতালগোটা ১৬৭। বলদগোটা। —বি.পা ৫২ ; বিষ গাছের গোটা ২০৯ ; কদম্ব° ২১২ ; মাথা° ৩৩২। বজ্র° চ.বি ৫৯ ; নাভি° ২৩০। পাতিল° বা.ম ৩২ ; সর্প-ফণা° ৩৩। মুণ্ড° শ্রী.ম ১২৪। ৩ [তেলেগু—'ওকটি' (H B 291)] একটি। "গন্ধ চন্দনের কোটা, যেন উয়ে গগনে চান্দ গোটা শ্রী.কী ৩৪৬। ৪ অখণ্ডিত, সম্পূর্ণ, আস্ত। "গোটা বেগুন, শিম। (সফরীর পোঁটা) পোড়াবে যতনে যেন থাকে গোটা গোটা শ্রী.মা ৩৯। ৫ সকল, সব। "গোটা গায়ে উড়া ধুলা শ্রী.মা ৯৩। ৬ ;(সংখ্যাবাচকের পূর্ব্বে) প্রায় তৎসংখ্যক। "গোটাচারেক কথা কৃ ২৫০। কীল গোটা পাঁচ ছয় শি ৬৫। গোটা দশ শ্রী.মা ৯৩। গুঁতা···গোটা বিশ বি.সু ৯৫। তু 'মৈ—গোট পাঁচ এক' (গোটা পাঁচেক)। [গোটা-কত, -কতক —কিয়ৎসংখ্যক, কতকগুলি, দু-চারটা। "গোটাকত শ্লোক ভা.চ ৪২০। তাহাতে (দামামায়) গোটাকতক ঘা দিল।—ব.প্র ৩৬৩। গোটাকতক কথা শিখে আসেন, তাই আওড়ান ন.ত ২৪। গোটা-গোটা গোট —মোটা-মোটা বেড়ের গোট , মোটা গোট। "দা ৯৮১। গোটা-গোটা ছাপার অক্ষর—বড় বড় ছাপার অক্ষর। "হেম ৩৭৯। গোটা নাল, -লাল—মুখনিঃসৃত লালারাশি। "কালীবিষজ্বাল, মুখে গোটালাল ম.ভা ৩৯। (বালিশটে) গোটানালে রাতদিন রসবতী।—জ্ঞা ১৩। গোটা-গোটা (বাজনার) বোল—স্পষ্ট-স্পষ্ট বোল। গোটামল—মোটা মল। "শি ১৬। গোটাসিদ্ধ—অখণ্ডিত শিম বেগুন ইত্যাদি তরকারির ব্যঞ্জন (শীতলষষ্ঠীর ভোগ)। গোটেক (অপ্র)—এক-গোটা ; একটা, টা। "ফুল গোটেক দেখিয়া ফুল না ফাড়িম্ গো চ ১৭১। গোটে গোটে (মৈ গোট গোটে)—১ একে একে। "রুদ্রসৈন্য বিন্ধে গোটে গোটে কৃ.উ ১১৩। গোটে গোটে দংশিব তুরুক ম ম ৫৬। ২ সারি-সারি। "গোটে গোটে গোঠে হৈতে চলে গাভীপাল) বা দ ১০৪।] ৩ গোটায়-গোটায়, আস্ত আস্ত। "রাক্ষসে মানুষ ধরিঞা গিলে গোটে গোটে কৃ.উ ৪২।]

গোটা[২] বি [কোটা (কুট্টিত) > °টা] ঢেঁকীতে কোটা সরিষা ধনিয়া জিরা মরিচ লবঙ্গ ইত্যাদি ভাজা মশলার চূর্ণ। "গোটা কাসুন্দিতে দিবে জম্বীরের রস ক.চ ৩১।

গোটা[৩] বি [হি °টা] কাপড়ের কিনারায় লাগানর নিমিত্ত পাতলা সোনার বা রূপার ফিতা। "(জামদানী) গোটাদার ব.প ১৫২১। গোটাদার···আঁচলা দা ২৪৭ ; (শাড়ী) গোটা-আঁটা ১৫৭৩। [°দার —গোটা-বসান।]

গোটান ; গোটানাল, -মল দ্র 'গুটা , গোটা[১]।

গোটি, -টী বিং [গোটা[১]+ই[৯] , অপ্র ; তু 'গুটি'] ১ তৎসংখ্যক, টি। "কটক নাহি এক গোটী কৃ.উ ৫৩, এক গোটি গাবী ৫৪। (জীব জন্তু) একগোটি না রহিল ম ১০। ২ একটি। "একমেলি হঞা আইলা পর্ব্বত গোটী গোটী কৃ.উ ১৪। বানর বাড়ি লইল গোটি গোটি ব.প ৫০৬।

গোড় বি [সং ঘুট, -টিকা ; 'গোড়' (দেশী) মৃ ৫২১৭ ; হি গোড়, -ড়া ; ঠ খোংট ; জাটু—গোড়া ; মৈ গোড়] ১ পাঞ্চি, পায়ের গোড়ালি (heel)। "গোড়ে গোড়ে কাপড় পরা। ২ পা। "বান্ধিয়া রাখিল তারে ঐরাবত গোড়ে কৃ.উ ১১৪। ৩ (অপ্র) মূল, গোড়া। "মান-গাছের গোড়ে ম.ম ২২৮। শ্রীফলের গোড়ে বি.পা ৬৩। ব.প ৭৮১। শ্রী.ম ৩০। —ড়া বি [°ড় > °ড়া ; তেলেগু 'গোড়া'—গৃহভিত্তি, দেয়াল] ১ বৃক্ষমূল, শিকড়। "গোড়া কেটে আগায় জল ঢালা দা ৭৭১। লী ৩৮। ২ আদি, মূলকারণ। "বিধাতা নষ্টের গোড়া বি.সু ৭৩। সেই আবাগীইত সর্ব্বনাশের গোড়া ব.প্র ২৭৫। ৩ গৃহভিত্তি, ভিত। "°পত্তন। ৪ প্রারম্ভ, প্রথমভাগ, মূল। "গোড়ার কথা কোনটা?—ব.প্র ২০২ ; গোড়াতেই একটা বড় মিথ্যা বলিয়া আরম্ভ করিব ; সেটা কি ভাল?—৬৪৪। ৫ কোন দ্রব্যের অচূর্ণ অংশ। "তিলির খৈলের গোড়া কাসন্দী বদলি বি.পা ২৯৫। ৬ আদি, প্রধান। "কোটালিয়া বিনষ্টের গোড়া বি.সু ৮৭। (ছেলেটা) কিন্তু কুলীনের গোড়া।—জ্ঞা ২। ৭ পদ। "°তালি। ৮ গোড়ালি। "পায়ের গোড়া দিয়া গোড়া চুলকাইল গো.চ ২০০। ৯ [হি—°ড়া] পা, ঠ্যাঙ। "মহিষের গোড়া ব.প ১০৭০। [গোড়(ড়া)তালি—গোড়ের আঘাতজন্য

শব্দ ; গুল্‌ফাঘাতশব্দ, পদাঘাতশব্দ। "বাহ বাহ বলি, তুয়া দেই হরি, ঘন ছাড়ে গোড়তালি শ্রী.ম ৬৭। পায়া তার গোড়াতালি, মুতলে কম্পিত বলি।—ব.প ১২২। গোড়বালা—পায়ের বলয়াকৃতি ভূষণ-বিশেষ ; মল (?)। "পদে গোড়বালা।—রঙ্গ ২০৬। গোড়মুড়ো—('গুল্‌ফমূল'—মূল) গোড়ালির শেষভাগ। "পথে কাঁকর দেখেছিস, মা গো, গোড়মুড়োটা জ্বলে গেল অ.গ্র ১৩৮। গোড়শূল—গোড়ালির বেদনা। গোড়াগুড়ি—গোড়া থেকে ; প্রথম হইতে। "তোর বাপ তো ...দক্ষিণদেশে থাকতো গোড়াগুড়ি দা ৯৪০। গোড়া-ঘেঁষা—গোড়ায় লাগা ; ভিত্তিতে সংলগ্ন। 'গোড়া ছেঁছুরিয়া (অপ্র)—গোড়ালিতে লুটাইয়া ; আগুল্‌ফলম্বিত করিয়া। "ধুতি পরে গোড়া ছেঁছুরিয়া গো.চ ১৪৮। গোড়া বাঁধা—কোন বিষয়ের বা কথার মূল দৃঢ় করা ; পাকা ভূমিকা করা। গোড়ে গোড় দেওয়া—পদাঙ্কে পদার্পণ করা ; মতে মত দেওয়া।]

গোড়া অর্ম্ম [গোড়+আ² > √গোড়া] গোড়ে-গোড়ে যাওয়া ; পদানুসরণ করা ; পশ্চাৎ যাওয়া (Cf., 'to beat the heel of')। "পতিব্রতা সীতাদেবী পশ্চাৎ গোড়ায় কৃ ১০২ ; ২৪১। তক্ষক গোড়াইল ম ৪০। দুর্ব্বলা গোড়ায় ক.চ ১৪২। যাহ পাছে গোড়ায়্যা শ্রী.ম ১১৮। গোড়াইতে নারে শি ১৯ ; ৩০। [গোড়ান —পশ্চাৎ গমন ; অনুসরণ।]

গোড়ালি বি [গোড়া+লি (স্বার্থে) ; °রি' (বা.ম ২৫০)] গুল্‌ফমূল, গোড়মুড়া (heel) ; পদ। "মনসার গায়ে লাগে গোড়ালির পানি ম.ভা ২৬।

গোডিম বি ['গুডিম'—মূল] পক্ষিশাবকের উদরস্থ অণ্ডাকৃতি মল। [গোডিম-ওয়ালা ছেলে—যে ছেলের গোডিম আছে ; অতিশিশু। "একপাশে কতকগুলো গোডিম-ওয়ালা ছেলে ন্যাংটা দাঁড়িয়ে রয়েছে হু ৭০। গোডিম ভাঙা—একটু বড় হইলে পাখীর গোডিম থাকে না ; ইহাকে 'গোডিম ভাঙা' বলে।]

গোড়ে বি ['গড়িয়া'—মূল] অলস। "শুয়ে অন্ন মাগে গোড়ে দা ৩৩।

গোণী স্ত্রী [গোণ (আবপন)+স্ত্রী ঈ (ঙীষ্), পা ৪.১.৪২ ; গুণ (রজ্জু)—গৌণ (গুণজাত) >প্রা *গোণ (?)] **১** ধান্যাদির আধার ; গুন, বস্তা। "মাঘ ১২.১০। **২** (সাদৃশ্যে) কর্কশবস্ত্র ; ছিন্নবস্ত্র। **৩** দ্রোণপরিমাণ ; দ্বিশূর্পপরিমাণ (ত.বা)।

গোণ্ড বিণ [গোর অণ্ড, ষ.ত ; গোণ্ড+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -ণ্ডা] গোণ্ডবান্, বৃদ্ধনাভিযুক্ত, গোঁড়-ওয়ালা। —ণ্ড পুং [দ্র 'গোঁড়'] **১** বৃদ্ধনাভি, গোঁড়। **২** [তু 'প্রা গোংড—কানন (দেশী ২.৯৪)] বিন্ধ্যপর্ব্বতে গণ্ডবনাবাসী অসভ্য জাতিবিশেষ।

গোণ্ডকরী, -কিরী, -ণ্ডাকরী, -ক্রী স্ত্রী ['গোণ্ডগিরি'—মূল (?)] রাগবিশেষ। "°কিরীরাগেণ গীয়তে গী.গো ৬ [ইহার সময় রাত্রি ২য় প্রহর, ঠাটে কোমল গ নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

গোণ্ডগিরি বি [সং °কিরী] রাগবিশেষ। "জ.প ৫৭।

গোতম পুং [গো-ধ্বস্ত তমঃ যাঁহার, বহুব্রী, পৃষো ; দ্র 'নিরুক্তি মহা ১৩.৯৩.৯৪] **১** 'যাঁহার তমঃ (অজ্ঞানান্ধকার) জ্ঞানবিধ্বস্ত' ; ব্রহ্মার পুত্র অহল্যার পতি শতানন্দের পিতা ঋষিবিশেষ। [ইনি ব্রহ্মার মানসপুত্র (বায়ুপুরাণ), অঙ্গিরোবংশীয় এবং গোত্রপ্রবর্ত্তক।] **২** ন্যায়-দর্শনপ্রণেতা ঋষিবিশেষ। **৩** সংহিতাকার 'গৌতম'। "ভা.চ ১৩২। **৪** [গো+তম (তমপ্)] অতিশয় গো ; অতিজড়। "নৈ ১৭.৭৫, টীকা। —তমী স্ত্রী গোতমভার্য্যা অহল্যা। [°মীপুত্র (পুং)—শতানন্দ।]

গোতালা বিং যে গানের তালে অজ্ঞ ; তালকানা (গায়ক)।

গোতীর্থ ক্লী [উ.লো] **১** গোকৃত তীর্থভূত স্থান ; গোশালা ; গোঠ। **২** তীর্থবিশেষ। 'ভ ৩.১.২২।

গোত্র পুং [গো+ √ত্রৈ+অ (ক)-ক ; উ.ত] 'পৃথিবীরক্ষক', পর্ব্বত। "°ভিদ্। ভ ২.৭.১৩। গোত্রের প্রধান পিতা ভা.চ ২৫৪। —ত্র ক্লী [√গু শব্দ+ত্র-ক, উ ৪.১৬৬] **১** যে পূর্ব্বপুরুষের নাম শব্দিত করে ; স্বর্গে বা পৃথিবীতে যে ত্রাণ করে (অ.টী) ; অন্বয়, বংশ, কুল। "কাশ্যপ°, শাণ্ডিল্য°। **২** বংশপরম্পরা, সন্তান, অপত্য, পৌত্রাদি (অজয়)। "গোত্রং নো বর্দ্ধতাম্। গোত্র বাড়াউক কৃষ্ণ আমা সভাকার চৈ.ভা ১৪২। **৩** গোত্রপরম্পরাপ্রসিদ্ধ আদিপুরুষ শাণ্ডিল্যাদি মুনি। [শাণ্ডিল্যাদি চতুর্বিংশতি মুনি ব্রাহ্মণের গোত্রপ্রবর্ত্তক (বৃদ্ধমনু)। ক্ষত্রিয় বৈশ্য শূদ্র ও অন্ত্যবর্ণসঙ্করগণের গোত্রপ্রবরাদি পুরোহিতের গোত্রপ্রবরানুসারে নির্দ্দিষ্ট (অগ্নিপুরাণ, বর্ণসঙ্করোপাখ্যান)।] **৪** বান্ধব ; জ্ঞাতি, স্বজন। "(কৃষ্ণঃ) গোত্রভেদভয়াচ্চ শক্তোঽপি (স্যমন্তকম্) ন জহার (বিষ্ণুপুরাণ)। **৫** নাম, আখ্যা। "স্বকুল° মনু ৩.১০৯, কুল্লুক। গোত্রেষু স্খলিতঃ শ ৬.৫। কু.স ৪.৮। **৬** (ব্যাকরণে) অপত্যরূপে বিবক্ষিত পৌত্র-প্রভৃতি। 'পা ৪.১.১৬২। **৭** [ছান্দস] 'গোরক্ষক', গোষ্ঠ, গোশালা। **৮** কানন' **৯** ক্ষেত্র। **১০** বর্ত্ম, মার্গ। **১১** 'রৌদ্র হইতে ত্রাতা' ; ছত্র (অ.চি)। **১২** সঙ্ঘ, সমূহ। **১৩** বৃদ্ধি। **১৪** বিত্ত, ধন। **১৫** সম্ভাবনীয়বোধ, ভাবিজ্ঞান। **১৬** (বাঙলায়) উপায়। "তার গতি গোত্র প্রভু হওত আপনে ম ৮১৯। —ত্রা স্ত্রী **১** পৃথিবী। **২** [গো+ত্র সমূহার্থে+স্ত্রী আ (টাপ্), পা ৪.২.৫১] গোসমূহ। [°কর্ত্তা (-র্ত্তৃ), °কারী (-রিন্) পুং—বংশপ্রবর্ত্তক, গোত্রকার। "°কর্ত্তা।—মহা ১৩.৪.৪৯। °জ (পুং)—'বংশজাত', বংশজ, সমানোদক সপিণ্ড জন। "যাজ্ঞ ২.১৩৮। °ধর (বি)—বংশধর, সন্তান। "ম ৭১৪। °পট (পুং)—বংশের তালিকা ; কুলপ্রশস্তি। °প্রবর (পুং)—গোত্রের প্রধান ; গোত্রপ্রবর্ত্তক। °রিকৃথ (ক্লী)—পৈতৃক ধন ; দায়।]

গোত্রভিৎ (-ভিদ্) পুং [গোত্র+ √ভিদ্+ক্বিপ (০)-ক-১ব ; উ.ত ; ছান্দস] 'পর্ব্বতপক্ষচ্ছেদক', ইন্দ্র। "ঋগ্বেদ ৬.১৭.২। যজুর্বেদ ২০.৩৮। ভট্টি ১.৩। (এল) গোত্রভিত গজে শ্রী.মা ১৭০। [ইন্দ্র কর্ত্তৃক পর্ব্বতের পক্ষচ্ছেদনবিবরণ অগ্নিপুরাণে দ্রষ্টব্য।]

গোত্রস্খলন ক্লী [স.ত] নামবিষয়ে স্খলন ; একের নামগ্রহণাশায় অন্যের নামগ্রহণরূপ বাগ্‌হেতুক স্খলন ; নামব্যত্যাস। "ব.প ১৩২৬, -৭। —স্খলিত ক্লী সর্থ 'গোত্রস্খলন'। "কু.স ৪.৮।

গোদ[1] পুং [গো+ √দা+অ (ক)-ক ; উ.ত] গোদাতা, স্ত্রী গবীপ্রদ (কুল্লুক)। "মনু ৪.২৩১। —দা স্ত্রী গোদাবরী নদী।

গোদ[2] 'দ্' বি [হি গুদ্দা—স্থূল শাখা ; গবদা—স্থূল, মাংসল ; ড় গোদরা ; অস গোধ্ ; তু 'সং গোণ্ড'] পায়ে রসজমা রোগবিশেষ ; শ্লীপদ (elephantiasis)। "ক.চ ২৬। —দা বি [°দ+আ[১২]] **১** গোদ-রোগী, গোদযুক্ত, শ্লীপদী। "গোদা পা।—কৃ ৩৮। গোদা পতি ক.চ ২৬। ম.ভা ৪৮। গোদা বর শি ২৮। **২** [ঠ 'গোদা'—গোদাবরী (শ্রেষ্ঠ নদী) ; ইহা হইতে 'শ্রেষ্ঠার্থক (?)] প্রধান, দলপতি, গোঁড়া। "গোদা যম ব.প ৩৬। গো.চ ৮। ঠকচাচা গিয়া পালের গোদা হইয়া বসিলেন আ.দু ১০৯। [°ইলিশ—একপ্রকার বড় ইলিশ। °খয়রা—একপ্রকার বড় খয়রা মাছ। °চিল—একপ্রকার কাল বড় চিল। "শঙ্খ-চিলের ঘটী বাটি। গোদাচিলের মুখে লাথি॥ °ফড়িঙ—স্থূলপাদ পতঙ্গ-বিশেষ। গোদা পায়ের লাথি—গোদা পা দেখিতেই ভীষণ, কিন্তু তাহার আঘাত তাদৃশ ভীষণ নহে ; (গৌণার্থে) বাহ্যদর্শনে ভয়ঙ্কর, কিন্তু কার্য্যতঃ তাদৃশ নহে, এরূপ বিষয়। গোদের উপর বিষফোড়া (গণ্ডস্যোপরি পিটকা)—জ্বালার উপর জ্বালা ; বিপদের উপর বিপদ্। "পোড়ার উপর পোড়া, যেন গোদের উপর বিষফোড়া।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

গোদের গেঁজ বা বেঁজি—গোদের উপরে জাত মাংসাঙ্কুর বা বীজবৎ-মাংসপিণ্ড। দ্র 'গোধ'।]

গোদন্তী বি [সং গোদন্ত] হরিতাল। "দা ৩৫৯ ; ২১৭৬।

গোদাগা বি গোচিকিৎসকবিশেষ (ইহারা লোহা পোড়াইয়া দাগিয়া গোরুর চিকিৎসা করে)।

গোদান ক্লী [ষ.ত] ১ গোপ্রদান, ধেনুদান। ২ বিবাহের পূর্ব্বে ক্ষত্রিয়ের অনুষ্ঠেয় গোবিতরণরূপ মঙ্গলাচার। "কৃত °মঙ্গল উ.চ ২২৮। ৩ [গোর (লোমের) দান (ছেদন) যাহাতে, বহুব্রী ; বৈদিক] দ্বিজাতির ষোড়শাদি বর্ষে বিধেয় কেশচ্ছেদনসংস্কারবিশেষ ; কেশান্ত। "মনু ২.৬৫। "°মঙ্গল গো.রা ১.৭৩.২২। রা ১.৭২.২৪। মহা ১৩.৯৫.২৫। গোদানবিধি রঘু ৩.৩৩।

গোদানা বি গোদানব, ভূতযোনিপ্রাপ্ত গোরুর আত্মা, গোভূত।

গোদাবরী স্ত্রী [গো+ √দা+বন্ (বনিপ্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্) ; উ.ত] 'জলদাত্রী', দাক্ষিণাত্যের পবিত্রনদীবিশেষ। "গদ্গদনদদ্গোদাবরীবারয়ঃ উ.চ ২.২৯। সী ১০।

গোদারণ ক্লী [ষ.ত] 'ভূমিবিদারক', কুদ্দাল ; লাঙ্গল।

গোদুহ পুং [গো+ √দুহ্+অ (ক)-ক ; উ.ত] 'গোদোহক', গোপ। —দোহ পুং [ষ.ত] ১ গাভীর দোহন ; গোদোহন। ২ গোদোহনমাত্র কাল। "গোদোহমাত্তে পা ১.৪.৫১, সি। গোদোহমাত্রমাকাঙ্ক্ষেদতিথিং প্রতি বৈ গৃহী।—হারীত ৪.৫৫। ৩ গোদুগ্ধ। —দোহন ক্লী [ষ.ত] ১ সর্ব 'গোদোহ (১)। "°কালমাত্র শি ৩৮। ২ গোদোহনমাত্র কাল। "ভ ১.১৯.৩৯। —দোহনী স্ত্রী গোদোহনপাত্র। [গোদোহনমাত্র (ক্লী) —গোদোহকালমাত্র। "ভ ১.৪৮।]

গোধ বি [অস গোধ্] ১ সর্ব 'গোদ২'। "গোধের বিচি বি.পা ৩৩২। ২ (সাদৃশ্যে) স্ফীতি, ফুলা। "হাতে গোধ বি.পা ৩৩৩। —ধা বি সর্ব 'গোদা'। "গোধা হাসে বি.পা ৩৩২ ; গোধার মেলা ৩৩৩। [গোধের বিচি—দ্র 'গোদ'। বি.পা ৩৩১।]

গোধন ক্লী [ষ.ত ; Av. gaodhana] ১ গোসমূহ, গোকুল (অ.টী)। "মহা ৪.৪৭.৩২। গোকুলে গোধন হৈল কাল।—গো ৬৮। জ্ঞা ৩২,-৩। ২ [কর্ম্মধা] গোরূপ ধন। —ধন পুং স্থূলাগ্রবাণবিশেষ।

গোধর বিণ [ষ.ত] নেত্রধারক। "মৃগ°। —ধর পুং পৃথিবীর ধর (ধারক) ; ভূধর, পর্ব্বত। [মৃগগোধরা—মৃগনেত্রধারিকা, হরিণাক্ষী "ভা.চ ৩২৩।]

গোধা স্ত্রী [√গুধ্ বেষ্টন, রোষ+অ (ঘঞ্)-ণ+স্ত্রী আ (টাপ্)] ১ 'প্রকোষ্ঠবেষ্টক', জ্যাঘাতবারণার্থ প্রকোষ্ঠে বদ্ধ চর্ম্মপট্টিকা। "বদ্ধগোধাঙ্গুলিত্রাণ রা ১.২২.৯ ; ২.২৩.৩৫। মহা ১.১৩৫.৮, ৪.৫.১। ২ [+অ (অচ্)-ক] গোসাপ। "মনু ৫.১৮। ৩ (সাদৃশ্যে) কুম্ভীর। ৪ গোধাতুল্য জন্তু। "গৃহ° (জ্যেষ্ঠী), তৃণ° (গিরগিটি)। —ধি পুং, -ধিকা স্ত্রী [+ই (ইন্)-ক ; °ধা+ক (কন্) স্বার্থে+স্ত্রী-আ] সর্ব 'গোধা (২)। "সুবর্ণগোধিকা, কাঞ্চন°, হেম° ক.চ ৫৯। —ধি পুং কুম্ভীর।

গোধি, গোধিকা দ্র 'গোধা'।

গোধু(ধূ)ম পুং [ফা গ.নদুম্ ; দ্র 'গম'] ব্রীহিবিশেষ, গম, গমের গাছ। [°চূর্ণ (ক্লী)—ময়দা। °সার (পুং)—গোধূমের সারাংশ (পালো)।]

গোধূলি, -লী স্ত্রী [বহুব্রী] ১ গোখুরোত্থিত ধূলি যে সময়ে ; গোপ্রচারদেশ হইতে গোসমূহের গৃহে আগমনকালে খুরোত্থাপিতধূলিযুক্ত সময়বিশেষ। "গোধূলি সময় বেলি বি.প ১৪। গোধূলিসময় চৈ.ভা ৭৫। আইলা গোধূলি,—একটি রতন ভালে মে ৪৪। ঊর্দ্ধপুচ্ছ গাভী ঐ পাইয়া গোধূলি। ধাইতেছে ঘরমুখে উড়াইয়া ধূলি॥—হেম ১। মালঞ্চের চঞ্চল অঞ্চল, বিদায়-গোধূলি আসে ধূলায় ছড়ায়ে ছিন্নদল চ.কা ৪৬২। [হেমন্তে ও শিশিরে সূর্য্য মৃদুতাপ-পিণ্ডীকৃত হইলে, বসন্তে ও গ্রীষ্মে সূর্য্য অর্দ্ধাস্তমিত হইলে এবং বর্ষায় ও শরতে সূর্য্য অস্তগত হইলে, গোধূলি হয়।] ২ (বাঙলায়) গোখুরাঘাতে উত্থিত ধূলি। "গোধূলি-ধূসর, বিশাল বক্ষঃস্থল জ্ঞা ৩৫। শ্রী.ম ২২।

গোধেনু স্ত্রী [ত.পু, পা ২.১.৬৫] ১ নবপ্রসূতিকা গবী (সি) ; দুগ্ধবতী গবী (সংক্ষিপ্তসার)। ২ (বাঙলায়) বৃষ ও ধেনু। "ম.পা ৮২।

গোনর্দ্দ পুং [স.ত] ১ 'জলে শব্দকারক'; সারসপক্ষী। ২ দেশবিশেষ। —নর্দ্দ ক্লী কৈবর্ত্তীমুস্তক। [°র্দ্দীয় (পুং)—গোনর্দ্দদেশজাত পতঞ্জলি।]

গোন(না)স পুং [গোনাসিকাতুল্য নাসিকা, গোনাসাতুল্য নাসা যাহার, উ. বহুব্রী, নাসিকা > নস, নাসা > নাস] ১ সর্পবিশেষ, বোড়, বোড়াসাপ (অ.টী)। 'গোনাস গোমুখাকারঃ স্বল্পতুণ্ডোঽতিদুর্বিষঃ (অ.টী)। [দ্র 'সর্পবিবরণ'—সুশ্রুতে, কল্পস্থান, চতুর্থ অধ্যায়।] —নস বি বাদ্যবিশেষ। "গদগদ গোনসে গোবিন্দগুণ গায় শ্রী.মা ৬৫।

গোনা বি [ফা গু.নাহ্] পাপ, অপরাধ। "বড় গোনা কেজিয়ে করা কাজিকো হয়রাণি : গোনা বরাবর নাইকো বিষ জ্ঞা ৩৫।

গোপ[১] বিণ [√গুপ্+অ (অণ্)-ক ; স্ত্রী -পী] ১ রক্ষক, ত্রাতা, পালক। "পৃষ্ঠগোপে বৃকোদরে মহা ১.২০১.১৩। সেনা° ৮.৮.২২। শালিগোপ্যঃ রঘু ৪.২০। ২ উপকারক। [সমাসে উত্তরপদ]। —প পুং ১ [+অ-ক] বোল, গন্ধরস। ২ [+অ (ঘঞ্)-ভা] গোপন। ৩ রক্ষণ। —পক পুং বোল। —পক বিণ [+অক (ণ্বুল্)-ক] রক্ষক। "গোপী গোপ, গরিম গুণ গোপক গো ৬৪।

গোপ[২] পুং [গো+ √পা+অ (ক)-ক ; উ.ত] ১ গোপালক, গোপাল, রাখাল। "মনু ৮.২৩১। ২ গোপালক জাতিভেদ ; আভীর, গোয়ালা। "মনু ৮.২৬০। গোপবল্লভ ভা.চ ১৬০। [মণিবন্ধীতে তন্তুবায় হইতে ইহাদের উৎপত্তি (পরাশর)।] ৩ নবশায়কবিশেষ, সদ্গোপ। ৪ গোষ্ঠাধ্যক্ষ। ৫ ভূপ, রাজা। ৬ গ্রামাধিকৃত, গ্রামাধ্যক্ষ, বহুগ্রামপতি। —পক পুং বহুগ্রামাধিপতি। [°কন্যা (স্ত্রী)— ১ গোপসুতা। ২ শারিবা ওষধি। °বধূ (স্ত্রী)—১ গোপনারী ; গোপপত্নী। "গী.গো ১.৪১। ২ সর্ব গোপকন্যা(২)। °বধূটী (স্ত্রী)—গোপযুবতী, যুবতী গোপী। "°দুকূলচৌর (ভাষাপরিচ্ছেদ)। °বল্লী (স্ত্রী)— মূর্ব্বালতা ; শ্যামালতা।]

গোপ[৩] সর্ম্ম [সং √গুপ্—গোপ > বা √গোপ ; হি √গোপ বৈষ্ণবসাহিত্যে] গোপন করা ; লুকান, ঢাকা। "(উরজ) কতনা যতনে কতনা গোপসি বি.প ১৩। [গোপবি—(প.ক)।]

গোপকন্যা দ্র 'গোপ২'।

গোপত বিং [গুপত > °ত] গুপ্ত, গূঢ়, অপ্রকাশ। "গোপত পীরিতি বি.প ১৫১। চ.দা ১০৩। গণ্ডি অতি গোপত জ্ঞ.প ২৫। ব ২৩ ; কবহু গোপত, কবহু বেকত ৬৭। [গোপতে—গুপ্তভাবে। "গোপতে আনিবা বহুঁ রা.শে ১০। গোপতে পালায় শ্রী.মা ১৪২।]

গোপতি পুং [ষ.ত] ১ বৃষভ। "গো.রা ৩.৫১.৪। কু.স ৭.৩৭। ২ ভূপতি, রাজা। ৩ স্বর্গপতি, ইন্দ্র। ৪ রশ্মিপতি, সূর্য্য। "নীহারমিব গোপতিঃ ভ ১.১২.১০। ৫ বিষ্ণু (মহা)। ৬ শিব (মহা)। ৭ 'ইন্দ্রিয়পতি', হৃষীকেশ, কৃষ্ণ। ৮ গোপ্রভু, গোস্বামী। ৯ শ্রেষ্ঠার্থক।

গোপন ক্লী [√গুপ্+অন (ল্যুট্)-ভা] ১ রক্ষণ, পালন। ২ অপহ্নব, অপ্রকাশন, ভাঁড়ান। ৩ [বাঙলায় ; পদ্যে] গুপ্ত, গূঢ়। "তোমার গোপন কথাটি, সখি রেখোগো মনে।—গান ১৪৪। ৪ নিঃশব্দ। "গোপন তব চরণ ফেলে,···সবার দিঠি এড়ায়ে এলে গী.লি ২৩। —নীয় বিণ [+অনীয় (অনীয়র)-র্ম্ম] ১ গুহ্য, অপ্রকাশ্য। ২ রক্ষণীয়।

গোপানসী স্ত্রী [√গুপ্ (√গোপায়)+নস (নসট্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্), য়-লোপ (শ.ক)] ১ গৃহাগ্রভাগে (মটকায়) দত্ত বক্র কাষ্ঠ-

খণ্ড, মুধনি (শ.ক)। ২ ছাদনার্থ ধারক বক্রীকৃত কাষ্ঠ (অ.টী)। ৩ পটলের (চালের) অধোবংশপঞ্জর (ভট্ট); ছাদনাধার বংশপঞ্জর (মল্লিনাথ)। "মাঘ ৩.৪৯। ৪ বক্রীভূত ধারণকাষ্ঠ (পাড়?)।

গোপায়ক বিণ [√গোপায়+অক (ণ্বুল্)-ক; স্ত্রী-য়িকা] গোপক, রক্ষক, পালক। —য়ন বিণ [+অন (ল্যুট্)-ক] রক্ষক। "মহা ৭.৭০.১৩। —য়ন ক্লী [+অন-ভা] গোপন, রক্ষণ, ত্রাণ। "গোপায়নং প্রকুরুতে জগতঃ (হ)। —য়িত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] রক্ষিত, ত্রাত, পালিত।

গোপাল পুং [গো+ √পালি+অ (অণ্)-ক; উ.ত; ছান্দস] ১ গোপালক, গোপ, গোয়াল। "তি ৩২ ৪/৫। [ক্ষত্রিয় হইতে শূদ্রকন্যায় ইহাদের উৎপত্তি (পরাশর ১১.২২)।] ২ গোরক্ষক, রাখাল। "অগোপালা যথা গাবঃ রা ২.৬৭.২৯। মনু ৪.২৫৩। দ্র 'গোপাল (৫)। ৩ গোপালক কৃষ্ণ। "মহা ৩২৬২.১০। গোপাল! গো-পালে থাক সদা দা ৬০৬। °দেব ব.প ৮৪৩। গোঠে গোচর গূঢ় গোপাল।—গো ৬৪। ৪ শ্রীদামাদি দ্বাদশ (মতান্তরে) ষোড়শ গোপবালক। ৫ ভূপাল, রাজা। "গোপালেন প্রজাধেনোর্বিত্তদুগ্ধং শনৈঃ শনৈঃ (গ্রাহ্যম্)।—পঞ্চ ১.২৪১। ৬ শিব। ৭ (বাঙলায়) যশোদার স্নেহ-পাত্র 'গোপালের' সাদৃশ্যে পুত্রাদির আদরের ডাক। —পালক পুং [ষ.ত] ১ গোপ, গোয়ালা। "মহা ৩.২৩৯.৬। ২ সর্থ 'গোপাল (২)। ৩ [°ল+ক (কন্) স্বার্থে] কৃষ্ণ। ৪ শিব। —পালিকা স্ত্রী [°লক+ স্ত্রী আ (টাপ্)] ১ গোপালকপত্নী, গোপী। ২ সর্থ 'গোপকন্যা (২)। —পালী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ গোপালপত্নী, আভীরী। ২ গোপালয়িত্রী। [°কর্কটী (স্ত্রী)—ক্ষুদ্রকর্কটী, রাখালশসা। °ধানী (স্ত্রী)—গোষ্ঠ। °ভোগ (বি)—শালিধান্যবিশেষ। "শূ ১১৪। শি ১১৩।]

গোপাষ্টমী স্ত্রী কার্ত্তিকের শুক্লাষ্টমী (এই দিনে কৃষ্ণ রাখাল হইয়াছিলেন—কূর্ম্মপুরাণ)।

গোপিকা স্ত্রী [গোপী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ গোপী, গোপপত্নী। "°গণমোহন ভা.চ ১৬০। ২ [গোপক+স্ত্রী আ] পালয়িত্রী, রক্ষিকা।

গোপিত বিণ [√গোপি+ত (ক্ত)-র্ম্ম] রক্ষিত, ত্রাত। "বিষ্ণুনা গোপিতং শক্রম্ মহা ৩.১০১.১১।

গোপিত্ত ক্লী [ষ.ত] গোর পিত্ত; গোরোচনা, রোচনা। "গোপিত্ততো রোচনা।—পঞ্চ ১.১০৩।

গোপিনী বি [গোপ+ইনী] গোপপত্নী, গোপী। "শ্রী.ম ৬৮। ব.প ৭৮৭। ভা.চ ১৬৪। ন ৮০৮।

স্ত্রী [গোপ+স্ত্রী ঈ (ঙীপ্)] গোপপত্নী, আভীরী। "গোপীভর্ত্তুর্বিরহবিধুরা কাচিৎ (পদাঙ্কদূত)। গোপী গোপ, গরিম গুণ গোপক।—গো ৬৪। [°গীত (ক্লী), °গীতা (স্ত্রী)—গোপী কর্তৃক কৃষ্ণস্তুতি (ভ ১০.৩১)। °চন্দন (ক্লী)—বৃন্দাবনে কৃষ্ণের রাসলীলাস্থলের ঈষৎ পীত মৃত্তিকা; গোপীমাটি। "চৈ.চ ১২৯। °মাটী (বি)—সর্থ 'গোপীচন্দন'। "দা ১৯৯৯। °নাথ (পুং)—কৃষ্ণবিগ্রহবিশেষ। "ক্ষীর-চোরা গোপীনাথ। °মৃত্তিকা (স্ত্রী)—সর্থ 'গোপীচন্দন'। "হু ২১৪।]

গোপুচ্ছ পুং [ষ.ত] ১ গোলাঙ্গুল। "সা.দ ৬.১১। ২ (সাদৃশ্যে) হার-বিশেষ। ৩ বাদ্যবিশেষ। ৪ বানরজাতিবিশেষ।

গোপুর ক্লী [গুপ্+উর (উরচ্)-র্ম্ম] ১ 'যাহা রক্ষণীয়'; নগরদ্বার, পুরদ্বার। "কি ৫.৫। শি ৫৬। ২ দ্বারমাত্র (অ.টী)। "গোপুরৈর্মন্দরোপমৈঃ মহা ১.১০৭.৩২। ৩ মুস্তকবিশেষ।

গোপেন্দ্র পুং [গোপ ইন্দ্রতুল্য, উপ.স] ১ 'গোপশ্রেষ্ঠ', গোপরাজ নন্দ। ২ কৃষ্ণ। "মহা ৬.২৩.৭। —পেশ পুং [ষ.ত] ১ গোপপতি নন্দ। "মুগ্ধবোধ ২৮৬। ২ কৃষ্ণ।

গোপ্ত বিং [সং গুপ্ত; তু 'গোপ্তা'; অপ্র] প্রচ্ছন্ন। "গোপ্ত বেশে চ.বি ৩০১; °ভাবে ৩৪৯। [গোপ্তে, -প্তেতে (অপ্র)—গুপ্তভাবে। "গোপ্তে করে পূজা চ.বি ৩৪৯। গোপ্তেতে আনিল ব.প ৮২৩,-২৬,-৩০।]

গোপ্তা(-প্তৃ) বিণ [√গুপ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী-প্ত্রী] ১ রক্ষিতা, পালক। "রা ১.৫১.১৫। শাশ্বতধর্ম্ম°।—গী ১১.১৮। মনু ৭.১৪। রঘু ১.৫৫; ২.১৪। ২ প্রচ্ছাদয়িতা, সংবারক। "স্বরন্ধ্র° (নরাধিপ) যাজ্ঞ ১.৩১০। —প্ত্রা পুং বিষ্ণু (মহা)।

গোপ্য বিণ [√গুপ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ রক্ষণীয়, পালনীয়। ২ অপ্রকাশ্য, গোপনীয়; গূঢ়, রহস্য। "অতিগোপ্য কথা দু ৯২। —পা দাসীপুত্র। [গোপ্যাধি (পুং)—রক্ষণীয় কিন্তু ভোগ্য নহে, এরূপ বন্ধকদ্রব্য। বিপ 'ভোগ্যাধি'। "যাজ্ঞ ২.৬০।]

গোপ্রচার পুং [ষ.ত] গবাদির প্রচারণার্থ ভূভাগ; গোচারণস্থান। "যাজ্ঞ ২.১৬৯।

গোপ্রত(তা)র পুং [ষ.ত] ১ গবাদির প্রতরণস্থান, অর্থাৎ যে স্থানে গবাদি নদী উত্তীর্ণ হয়। "°তরকল্প রঘু ১৫.১০১। ২ সরযূ নদীর তীর্থ-বিশেষ। "মহা ৩.৮৪.৭০; ৭১। রঘু ১৫ ১০১।

গোপ্রবেশ পুং [ষ.ত] ১ গবাদির বনাদি হইতে গৃহে প্রবেশ। "°সময় (বৃহৎসংহিতা)। ২ গবাদির গৃহপ্রবেশকাল; গোধূলি।

গোফা বি [সং গুহা; হি গুফা; গুম্ফা (কোচবিহার)] ১ গুহা, কন্দর। "গোফার দুয়ারে ভ.গ্র ৪২৬। গোফার ভিতরে চৈ.চ ১৮৯। ব্র.প ৭৯; ১১১। ২ (সাদৃশ্যে) সাধুর ভজনার্থ নির্জ্জন গহ্বর। "গঙ্গাতীরে থাক গিয়া নির্জ্জন গোফায় চৈ.ভা ১২৩,-৪। চৈ.চ ২৭৫। মণিকোটা ত্যাজ্য ক'রে, মান্য করলে গোফা দা ৫৭৬।

গোবদা বিং [হি গবদা] স্থূল, মোটা (বস্তু); মাংসল, হৃষ্টপুষ্ট; স্ফীত, ফুলা। "গোবদা পা, মুখ।

গোবধ পুং [ষ.ত] গোহত্যা। —বধী (-ধিন্) বিং ['গোঘাতী'—সাধু] গোঘাতক।

গোবর বি [সং গোবিট্,-ড়্; গোবর (ক্লী)—শুষ্কচূর্ণিতগোময় (ভাব-প্রকাশ); হি, মৈ গোবর; ঠ গোব্বর, -রী; গোবর—গোময় (দেশী ২.৯৯)] গোময়। [গোবর দেওয়া—গোবর দিয়া নিকান। গোবরান—গোবর দেওয়ার মত লেপা অস্পষ্ট লেখা। গোবরায়—অশুদ্ধ অস্পষ্ট ও জড়িতভাবে পড়ে। "পুস্তক পড়িতে দিবে পণ্ডিতের ঠাঁই। গবাগুলা গ্রন্থ যেন গোবরায় নাই॥ —রা স ৪০। গোবরে পদ্ম ফোটা [সং ইন্দীবরং গোময়াৎ (প্রাকাশ্যং গচ্ছতি—পঞ্চ ১.১০৩)—অস্থানে উৎকৃষ্ট বস্তুর উৎপত্তি। "ঐ কি পীতাম্বরের মেয়ে পক্ষী? এ যে গোবরে পদ্মফুল ফুটেছে মা ৩২৬।]

গোবরকুড় বি গোবরের রাশি; গোবর-গাদা। "সে যে গোবরকুড়ে পদ্মফুল আ দু ৮২। [গোবরকুড়ে পদ্মফুল—অসদ্বংশে জাত সাধু-ব্যক্তি।]

গোবরগণেশ বি [হি °শ—মূর্খ, অকর্ম্মণ্য; ঠ °শ—মোটা বেঁটেখেটে লোক] অকর্ম্মণ্য বিষয়বোধ-হীন ব্যক্তি। "পাত্র মিত্র গোবরগণেশ ভা.চ ৩৭৮। [গণেশপূজায় কার্য্যসিদ্ধি হয়, গোবরগণেশ-পূজায় কিছুই হয় না, উহা অকর্ম্মণ্য।]

গোবরাঠ '-ব্-ঠ্' বি ['গর্ভকাঠ'?; হি দেহ্‌লী; ফা দেহ্‌লীজ্.] দরজার চৌকাঠের নীচের আধার-কাষ্ঠ (threshold)।

গোবৰ্দ্ধন পুং [ষ.ত] ১ তৃণাদি দ্বারা গবাদির বৃদ্ধিকর বৃন্দাবনস্থ পর্ব্বতবিশেষ। "°কন্দরা রঘু ৬.৫১। ধর ধর জনার্দ্দন, পাপভার-গোবৰ্দ্ধন।—দা ৩৫৬। ২ (সাদৃশ্যে) স্তূপ, রাশি। "অম্বুরি ও ইরানি তামাকের গোবৰ্দ্ধন হু ৪৬। [°ধর, °ধারী (-রিন্) পুং—গোবর্দ্ধনের ধারক; কৃষ্ণ। কৃষ্ণ, ইন্দ্রযজ্ঞ নিবারিত ও গিরিযজ্ঞ প্রবর্ত্তিত করিলে,

কুপিত ইন্দ্র সপ্তাহ বৃন্দাবনে প্রচুর বারিবর্ষণ করেন। তখন কৃষ্ণ বাম হস্তে গোবর্দ্ধন ধারণ করিয়া বৃষ্টিনিপীড়িত গোপগোপীগণ ও গোসমূহকে রক্ষা করেন ও ইন্দ্রের দর্প চূর্ণ করেন (হ, ৭৪তম অধ্যায়)।]

গোবলীবর্দ্দ পুং [কর্ম্মধা] ১ ইহা গো এবং বলীবর্দ্দ ; গোজাতিক বলীবর্দ্দ (সামান্যবিশেষ-নির্দ্দেশ, অর্থাৎ 'গো' শব্দে সামান্যভাবে গোজাতি, এবং 'বলীবর্দ্দ' শব্দে তদ্বিশেষনির্দ্দেশ)। ২ [দ্বন্দ্ব] গো(গবী) ও বলীবর্দ্দ'; গাই ও ষাঁড় ('গো' শব্দ দ্বারা উভয়ের বোধ হইলেও, 'বলীবর্দ্দ' শব্দ হেতু 'গো' শব্দ তদ্‌ভিন্ন গোজাতি 'গবী'র বাচক)। [°ন্যায় (পুং)—দ্র 'ন্যায় (২৮)।]

গোবাগা, -ঘা বি ব্যাঘ্রবিশেষ (ইহারা প্রায়ই গরু বাছুর ধরে)। 'গোবাগা জনওআর হৈল কায়া বদলিয়া গো.চ ২৯৮।

গোবাট, -বাস পুং [ষ.ত] গোস্থান, গোষ্ঠ, গোশালা। "সার্গল-দ্বারগোবাট।—হ ৬১.২৭। °স মহা ২২১.২৮।

গোবাসন বিণ [ষ.ত] গোসমূহের বাসয়িতা (পোষক) ; বলীবর্দ্দ-পোষক ক্ষেত্রাদিবৃত্তিমান্ (ব্রাহ্মণ)। "মহা ২.৫১.৫।

গোবিট্ (-ষ্), -বিষ্ঠা স্ত্রী [ষ.ত] গোময়। "°বিট্ পা ৬.৪.১১, কাশিকা।

গোবিন্দ পুং [গো+ √বিদ্+অ (শ)-ক ; উ.ত ; তু 'সং গোপেন্দ্র >প্রা গোবিংদ (প্রা.ম)] যিনি বেদোক্তি ভূমি ধেনু স্বর্গ বা প্রলয়-সলিল প্রাপ্ত হন ; কৃষ্ণ। দ্র 'অ.টী ; হ ১৬৪৪। মহা ১.২১.১২। ভ ১.৮.৪৩, শ্রীধর। ২ গবাধ্যক্ষ ; বৃহস্পতি (মেদিনী)। [°দ্বাদশী (স্ত্রী)—ফাল্গুনের পুষ্যানক্ষত্রযুক্তা শুক্লদ্বাদশী।]

গোবিন্দাই বি [°ন্দ+আইঙ] ১ পূজ্য বা দেব গোবিন্দ। "সর্ব্বমূর্ত্তি হৈয়া রস ভুঞ্জ গোবিন্দাই দ্র ৯৫। ২ [+আই⁸] স্নেহপাত্র গোবিন্দ। "ম.গা ১ ; বাপু রাজা গোবিন্দাই গো.চ ৩১৪। ৩ সখা গোবিন্দ। "(পঞ্চ ভাই) রাজদ্বারে আসিয়া দেখিল গোবিন্দাই ব.প ৭৩৯। ৪ ভক্তবৎসল গোবিন্দ। "তবে গোবিন্দাই বৈল তার হাতে ধরি ব.প ৭৬৫।

গোবৃত্তি বি গো-প্রভৃতির চরণস্থান ; গোচারণস্থান। "শি ৭১।

গোবৃষ পুং [গো বৃষতুল্য, উপ.স] গোশ্রেষ্ঠ, মহাবৃষ। "রা ৪.২৩.২৬। মহা ৩.৩০.২৬। ১৩.১৪.৩২২। ভ ১০.৫৮.৪৩। [°ন্যায় (পুং)—সর্ব 'গোবলীবর্দ্দন্যায়'।]

গোবেচারা, -রি বিং [গো+°রা, -রি] গোসদৃশ নির্ব্বোধ ও নিরাশ্রয় ; নিতান্ত নিরীহ।

গোবৈদ্য বি [গো (হেয়)+বৈদ্য] ১ গোচিকিৎসক। ২ (ব্যঙ্গে) অজ্ঞ বৈদ্য ; অনভিজ্ঞ চিকিৎসক ; হাতুড়ে বোদ্যি। "ডাক্তারভায়ারা অন্যবিষয়ে গোবৈদ্য বটেন, কিন্তু কাটাকুটির বিষয়ে ভাল নী ৮৫।

গোব্রজ পুং [ষ.ত] ১ গোষ্ঠ, গোশালা। "রা ২.৩২.৩৮। ন মূত্রং পথি কুর্ব্বীত···ন গোব্রজে মনু ৪.৪৫ ; ১১৬। ২ গোসমূহ।

গোব্রত ক্লী [উ.লো] গোবধনিমিত্তক ব্রত, গোবধে গবানুগমনাদি বৈধ অনুষ্ঠান। "বিষ্ণু ৫০.২৪।

গোভঙ্গিমা বি [অপ্র] মুখভঙ্গি, বিকৃতমুখ। "গবাগণ গুপ্তে গোভঙ্গিমা করি হাসে বি.হ্ন ১৪৬।

গোভাগাড় বি [গো+°ড়] গবাদির মৃতদেহনিক্ষেপার্থ স্থান। "এক এক জনের পাত গোভাগাড়কে হারিয়ে দিলে হু ১১৭।

গোভৃৎ পুং [গো+ √ভৃ+ক্বিপ্ (০)-ক ; উ.ত] ভূধর, পর্ব্বত। "গোভৃচ্ছিখর (চৌরপঞ্চাশিকা)। ভা.চ ৩২৩। বি.হ্ন ৫৫।

গোমক বি [সং গোডুম্বা] একপ্রকার সাদা কাঁকুড়।

গোমক্ষিকা স্ত্রী [উ.লো] গোপীড়ক মক্ষিকা ; দংশ, ডাঁশ।

গোমখুনি বি [দ্র 'গুম'] গুপ্তহত্যা। "°খুনির নালিস আ.দ্র ১০১।

গোমড়ক বি গোরুর মহামারি, অর্থাৎ সাজাতিক দেশব্যাপী পীড়া। [গোমড়কেই মুচির পার্ব্বণ—দশের সর্ব্বনাশে একের উৎসব। "মা ৩২৬।]

গোমতী স্ত্রী [গো+মৎ (মতুপ্) অস্ত্যর্থে আতিশয্যে+স্ত্রী ঈ (ঙীপ্) ; 'গোমতী'—বহুগোযুক্তা (ঋগ্বেদ ১.৪৮.২)] ১ প্রচুরজলা বা বহুগোযুক্তা স্বনামখ্যাতা নদী। "গোমতীং গোযুতানূপাম্ রা ২.৪৯.১০ ; ১১। দুই কূলে গরু চরে মধ্যেতে গোমতী কৃ ১৭৩। ২ ঋগ্‌বিশেষ, 'গোম্ অগ্নে-রিমা অশ্বী'—এই মন্ত্র (নীলকণ্ঠ)। "মহা ১৩.৭৮.২২ ; ৮১.৪৪। ৩ গোমন্তপর্ব্বতস্থিতা ভগবতী ; চণ্ডী। 'গোমন্তে গোমতী দেবী। —দেবীভাগবত ৭.৩০.৫৭। গোকুলে গোমতী ক.চ ৭২। চ.বি ৫। ৪ গবাদির অস্থিযুক্ত স্থান, গোভাগাড়। "মরণং গোমতীতীরেহপরং বা কিং ভবিষ্যতি (উদ্ভট)। দ্র 'অপরম্বা'। —মান্ পুং বহুগোযুক্ত ; গোস্বামী।

গোমধ্যমধ্যা স্ত্রী [বহুব্রী] যে নারীর কটি সিংহকটি-সদৃশ ; কৃশো-দরী। "ভা.চ ৩২৩। বি.হ্ন ৫৪।

গোমন্ত পুং [তু 'সং গোমৎ >প্রা * °ন্ত] সহ্যপর্ব্বতবিবরস্থ পর্ব্বত-বিশেষ। দ্র 'হ, ৯৯তম অধ্যায়'। "মহা ২.১৪.৫৪।

গোমস্তা দ্র 'গমস্তা'।

গোময় পুং, ক্লী [গো+ময় (ময়ট্) পুরীষার্থে, পা ৪.৩.১৪৫] ১ গো-পুরীষ, গোবর। "পা ১৪.৩০, কাশিকা। °গোময়' মাঘ ৩.৪৮। ইন্দী-বরং গোময়াৎ।—পঞ্চ ১.১০৩। °পোকা।—ম ৪৮৮। [গোময়-মাহাত্ম্য, দ্র 'মহা ১৩.৮২।] ২ করীষ, ঘুঁটে। [°চ্ছত্র (ক্লী) —গোময়জাত ছত্রবৎ উদ্ভিদ্‌বিশেষ ; কবক, বেঙের ছাতা। গোময়োত্থা (স্ত্রী)—গোময়জাত কীট, গুবরে পোকা।]

গোমা বি [দ্র 'গোখুরা'] ১ গোখুরা সাপ। "বা.ম ১০৯ ; ১৬৯। ২ কদলীবিশেষ। "বি.পা ১০২।

গোমাই বি [সং গোময় > °ই (য় >ইঅ>ই)] গোবর। "গোমাই লিপিয়া ছিটা ম.ম ১৬৪ ; ১৭৫,-৬।

গোমাউ বি [সং °মায়ু (য়ু >উ) ; অপ্র] শৃগাল। "শ্রী.মা ১৫৯।

গোমাতা (-তৃ) স্ত্রী [ষ.ত] গোজননী। "ম ২১৮ ; ৪০৫।

গোমায়ু পুং [গো+ √মি+উ (উণ্)-ক (অ.টী)] 'বিকৃতরবকারী', শৃগাল। "ভ ৫.১৩.২। পঞ্চ ১৩২২। [°ভক্ষ (পুং)—নীচজাতি-বিশেষ, শিয়ালখেগো (বৃহৎসংহিতা)]

গোমী (-মিন্) পুং [গো+মিন্ (মিনি) অস্ত্যর্থে-১ব] ১ 'বহু-গোযুক্ত', গোস্বামী, পশুস্বামী। "যাজ্ঞ ২,১৬৪। ২ স্ত্রীগবীস্বামী (কুল্লুক)। "মনু ৯.৫০। ৩ 'বীজমন্ত্রযুক্ত', উপাসক। ৪ 'কর্কশধ্বনি-যুক্ত', শৃগাল। ৫ বুদ্ধশিষ্যভেদ।

গোমুখ পুং [উ.বহুব্রী] ১ যাহার গোমুখসদৃশ মুখ ; কুম্ভীর। ২ যক্ষ-বিশেষ। ৩ মাতলিপুত্র। —মুখ ক্লী ১ যাহার প্রবেশদ্বার গোমুখতুল্য ; কুটিলদ্বার গৃহ। ২ চৌরকৃত গোমুখাকার সন্ধি(সিঁধ)-বিশেষ। ৩ কুটিলা-কার লেপন ; বিলেপন। "গোময়" মাঘ ৩.৪৮। ৪ (যোগশাস্ত্রে) আসনবিশেষ। —মুখ পুং, ক্লী গোমুখাকৃতি বাদ্যভেদ। "গো.রা ৫.১৩.৪৯। গী ১.১৩। ম ১১৭৫। —মুখ ক্লী, -মুখী স্ত্রী (সাদৃশ্যে) জপমালা-গোপনার্থ বস্ত্রনির্ম্মিত যন্ত্র-জপের থলী। "নিধায় গোমুখে মালাং গোপয়ন্ মাতৃজারবৎ (মুণ্ডমালাতন্ত্র)। —মুখী স্ত্রী হিমালয়ের গো-মুখাকৃতি গঙ্গাবতরণ-গুহা। "গোমুখীর মুখ মে ১১৫। °পথে প.তৃ ৬৬।

গোমুণ্ডা বিং ['গোমুখা'—মুল (সং মুখ >প্রা মুহ >বা (মুঅ,-আ) মুণ্ডা] গোমুখতুল্য-মুখ। "গোমুণ্ডা গেড়িয়া বুলে শ্রী.মা ১৪৮। [গেড়িয়া —ভূতবিশেষ।]

গোমুড়ি বি গোরুর মুড়া (মাথা)। "দ্বারে···স্থাপিল গোমুড়ি ক.চ ২১১।

[আঁতুড়ের দরজায় শিশুর অনিষ্টনিরাকরণের নিমিত্ত গোমস্তক রাখার প্রথা ছিল।]

গোমুত্রিকা স্ত্রী [°ত্র+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] চিত্র-কাব্যবিশেষ। "কি ১৫.১২।

গোমূর্খ বিং গোসদৃশ মূর্খ; অতিমূর্খ। "নায়েব মতিলালকে গোমূর্খ দেখিয়া নিজমূর্ত্তি…প্রকাশ করিতে লাগিল আ.দু ১৬৪।

গোমৃগ পুং [উ.লো; ছান্দস] গবাকৃতি পশু; গবয়।

গোমেদ পুং [ষ.ত] চক্ষুর স্নিগ্ধতাজনক মণিবিশেষ।

গোমেধ পুং [বহুব্রী] যে যজ্ঞে গোহিংসা আছে; গোসব।

গোযান ক্লী [উ.লো] গোযুক্ত শকট; গোশকট (মুগ্ধবোধ)।

গোয়াল১, -লা বি [দ্র 'গোআল'] সর্ব 'গোআল'। "°ল গো.চ ২৩৫। °লা বা.ম ৮৩। —লিনী, -লী বি [°ল, °লা+স্ত্রী ইনী, ঈ৬] গোয়ালের স্ত্রী। "°নী গো.চ ২৩৫। °লী বা.ম ৮৩। [°পাড়া —গোপপল্লী; °গোপগণ। "সাজিল—গোয়ালপাড়া জ্ঞা ৩৩।]

গোয়াল২ বি [সং গোশাল >প্রা * গোসা (হা)ল >বা °ল; তু 'গোহালী' (চ ৬০); গোআল (ম.গা ৩); গোহা(য়া)ইল (ঢাকা); শুদ্ধ 'গোহাল' ভালা (চট্টগ্রামপ্রবাদ)] গোশালা।

গোযুগ ক্লী [ষ.ত] ১ গোদ্বয়, বৃষযুগল। "কল্মাষ° মহা ১৩.৯২.১৮। ২ (বাঙলায়) নেত্রযুগল। "গোযুগে গলিত ধারা বি.সু ৫৪; ৭৮।

গোয়েন্দা, গোয়েন্দাগিরি দ্র 'গোইন্দা'।

গোর১ বিং [সং গৌর >প্রা গোর; গু গোরু; বৈষ্ণবসাহিত্যে] ১ গৌরবর্ণযুক্ত, সুন্দর। "গোর শরীর শ্রী.কী ১৩২। না চিহ্নিনু কাল কি গোর প.র ৩১। অঙ্গ সুগোর জ.প ৩। ২ পীতবর্ণযুক্ত। "কমল-পরাগে গোর (অলিকুল) ক.চ ২৪০।

গোর২ '-র্' বি [ফা গোর্] সমাধি, কবর। "নিস্তব্ধ গম্ভীর গোরস্থান ব.সু ২। [গোরেত—গর্ত্তে, ডোবায় (?)। "মৈস্চের গোরেত দিলা পহরি উন্দুর গো.বি ১২১।]

গোরক্ষ বিণ [গো+ √রক্ষ্+অ (অণ্)-ক; স্ত্রী -ক্ষী] গোরক্ষক, পশুপালক। —রক্ষ পুং ১ গোপাল, রাখাল। "গোরক্ষঃ সহদেবশ্চ নকুলো হয়রক্ষকঃ। বৈরাটে কুরুদায়াদো নরাণাং মাতুলক্রমঃ॥ ২ লতা-বিশেষ, চাকুলিয়া। ৩ নাগরঙ্গ। ৪ [ষ.ত] গোরক্ষণ, পশুপালন। "কৃষি° মনু ১০.৮২। —রক্ষক বিণ [ষ.ত] গোপালক, রাখাল। "মনু ৮.১০২। —রক্ষণ, -রক্ষ্য ক্লী [ষ.ত] গোপালন, পশুপালন। "°ক্ষ্য গী ১৮.৪৪। মনু ১০.১১৬। [°তণ্ডুলা (স্ত্রী), °চাকুলিয়া (বি) —ক্ষুপবিশেষ।]

গোরক্ষক, -ক্ষণ, -ক্ষ্য; গোরণ দ্র 'গোরক্ষ; গুরণ'।

গোরথ পুং [উ.লো] গোযুক্ত রথ; শকট। "রা ২.৮৩.১৬।

গোরশুনা বি রশুনের মত গন্ধযুক্ত একপ্রকার ঘাস।

গোরস পুং [ষ.ত] ১ গোদুগ্ধ। "°বিক্রিয়া যাজ্ঞ ১ ১৭০। বিষ্ণু ৫০.২৩। শ্রী.ম ১১৪,-৪৭। গোরস উথলি গেল।—ব ৪২। °দান গো ৭০। জ্ঞা ১৪১। গোরস সব চোরে ব.প ৭৭৭। ২ [বাঙলায়; অপ্র] বাক্য-রস, সরসবাক্য। "গোরস গাহি…গাওত গোবিন্দদাস (প.ক)। তোমার গোরসে গো পাইব করতলে (কাব্যনির্ণয়)। [°জ (ক্লী) 'গোদুগ্ধজাত', তক্র; ঘোল।]

গোরা বিং [গোর১ >°রা; হি, ঠ গোরা; মৈ, সি গোর; গরা (কোচবিহার)] ১ গৌরবর্ণবিশিষ্ট, সুন্দর, ফরসা। "শ্যাম কাল কি গোরা চ.দা ৭৩। গোরাগায়ে অরুণ বসন উজিয়ার চৈ.চ ১৫৩। গোরা ছিনু ভাবিতে ভাবিতে হৈনু কাল ভা.চ ৪০৩। ২ পীতবর্ণবিশিষ্ট, স্বর্ণবর্ণ। "শচীর দুলাল হেমগোরা চৈ.ম ৮০। কুন্দন কনক গোরা ব ৩১। —রা বি ১ গৌরচন্দ্র। "বন্দো গোরা ক.চ ৫। ২ ইংরাজসৈন্য। "গোরা আছে? না কোল সিপাহী ব.দ্বি ১৩৫। [°চাঁদ, °চান্দ—গৌরচন্দ্র। "°ন্দ চৈ.ম ৪০; °দ ১৫৩। °দ ক.চ ৫। °রায়—গৌররাজ, গৌরচন্দ্র। "ন.প ১৬৬; ৩৪৭।]

গোরি, -রী বিং [সং গৌরী >প্রা গোরী; হি গোরী; বৈষ্ণব-সাহিত্যে] গৌরবর্ণা, স্বর্ণবর্ণা, সুন্দরী। "গোরোচনা গোরী, নবীন কিশোরী চ.দা ২৪। প.র ২২। উহারি হাতে রাঙ্গা শাখা অই বরণে গোরী ক.চ ১৫৪। —রি, -রী বি ১ গৌরবর্ণা নারী; সুন্দরী, গৌরাঙ্গী। "গোরি কলেবর নুনা বি.প ১৪; নাহলি গোরী ১৮; ২৩, অপরুব গোরি ২৯; ৯২। অষ্ট নব-গোরী ভ.গ্র ১৫১। ২ গৌরাঙ্গী রাধিকা। "শ্যামর গোরী সাঙ্গাতি গো ১০৭; হিরন্ময়ী গোরী ২৬০,-৪; জ্ঞা ৯৭। গোরি পুন শুতলি ব ১২০; গোরীতনু ১২২। ৩ গৌরী, পার্ব্বতী। "কাহাঁ তুহু গোরি আরাধলি কান (প.ক)। [°পিয়লি—গৌরবর্ণা ও পীতবর্ণা (একার্থক)। "আমা সভার মাতৃ-ভাগ গোরিপিয়লি কৃ.উ ২৭৪।]

গোরুত ক্লী [ষ.ত] ১ গোশব্দ, গোরুর ডাক। ২ যত দূর পর্য্যন্ত গোরব শ্রুত হয়, তাবদ্দূর; ক্রোশদ্বয়। তু 'ক্রোশ'।

গোরূপ ক্লী [ষ.ত] ১ গোমূর্ত্তি, গবীরূপ। "°ধরাম্ (উর্ব্বীম্) রঘু ২.৩। ২ শিব (মহা)।

গোরো বিং [গোর >°রো] সর্ব 'গোরা'। "এই ভেবে ভেবে গোরো তনু হলো শ্যাম বা.দ ২১৮। কেহ গোরো, কেহ দুধে।—হেম ৩৭৮। —রো বি গৌরাঙ্গী, সুন্দরী। "গোরোরি গৌরব করে লোকে দা ৪৭৬; কালো-কালো বৈষ্ণবীগুলি, তাদের নাকে রসকলি, মানায় যেমন,—গোরোতে তা হয় না ৪৩৭।

গোরোচনা স্ত্রী [উ.লো] গোজাত রোচনা, অর্থাৎ দীপ্তিমান্ দ্রব্য-বিশেষ; গোমস্তকস্থ পীতবর্ণ শুষ্কপিত্ত (শ.ক); রোচনা। "°গোরী, নবীনা কিশোরী চ.দা ২৪। গোরোচনা জন্মে দেখ গাভীর ভাণ্ডারে ১৫১। °রুচি-ধারী গো ৬৪। বিন্দু বিন্দু গোরোচনা শোভা করে অতি কৃ ১৮৩। রুদ্রচণ্ডা গোরোচনা-আভা দু ১০। °তিলক চৈ.ম ৩৭।

গোল১ পুং [√গুড়+অ (অচ্)-ক, ড়>ল] ১ জারজাত বিধবাপুত্র। তু 'গোলক'। ২ (বর্ত্তুলাকার ফল হেতু?) মদনবৃক্ষ, ময়না গাছ। ৩ পদ্ধরস, বোল। ৪ (জ্যোতিষে) ষড়গ্রহের বা সপ্তগ্রহের একরাশিতে যোগবিশেষ। "°যোগ'! ৫ খগোলভূগোলজ্ঞাপক গোলাধ্যায়াখ্য গ্রন্থ (ত.বা)। —ল পুং, ক্লী ১ বৃত্ত, বৃত্তাকার পদার্থমাত্র। ২ [তু 'ফা গু.ল্লা—বাঁটুল] বর্ত্তুল, বর্ত্তুলাকার পদার্থপাত্র। তু 'গুড়'। "অক্ষি°। ৩ ভূগোল, খগোল। ৪ নালাস্ত্রের লৌহময় গর্ভঘুটিক বা গুলি। "শু ৪.৭.২০৪,-১১। —লা স্ত্রী ১ মণ্ডল, গোলদ্রব্য, গোলপিণ্ড। "বিভূতির গোলা ভা.চ ৩৪৯। সিদ্ধি° দু ৯০। ২ বালকের ক্রীড়নক; ভাটা, বল্। ৩ বৃহৎ জলাধার; অলিঞ্জর। ৪ পত্রাঞ্জন, মসী। ৫ মনঃশিলা (red arsenic)। ৬ [গো+ √লা গ্রহণ+অ (ক)-ক +স্ত্রী আ (টাপ্)] 'প্রলয়ে পৃথিবীধারিণী'; দুর্গা। ৭ [তু 'গোলা' —সখী (দেশী ২.১০৪)] 'সখীবাক্যগ্রাহিকা', সখী। ৮ [তু 'গোদা] গোদাবরী নদী। ৯ [মৈ গোলা; আ গু.ল্লা—শস্য] (বাঙলায়) ধান্যাদির বৃত্তাকার আধারবিশেষ; ধান্যের মরাই বা পুঁড়া। ১০ [হি গোলা] পণ্যদ্রব্যের বড় গুদাম বা আড়ত। "চলে বীর গোলাহাট ক.চ ৭৫; চিনিগোলা ৭৭। দা ৮১৫। কাটের ও চুণের পাঁচ খান গোলা দু ২৫। ১১ যুদ্ধে ব্যবহার্য্য কামানের গুলি-প্রভৃতিপূর্ণ লৌহপিণ্ড (bomb)। "তালসম গোলা পুরে কামান ভিতরে।—ক.চ ২৬৭। ন ৪৯৯। ১২ ধুসরবর্ণ সাধারণ জঙ্গলী পায়রা। [গোলা-গঞ্জ—গোলা-হাট। "চতুঃপার্শ্বে গোলা-গঞ্জ সহর বাজার ব.প ১৬৮৭। গোলাজাত—গোলায় রক্ষিত। গোলাট (অপ্র)—গোলাহাট। "মৃগ বধি ভাল ছিনু

গোলাট নগরে ম.পা ৫৯; গোলাটভুবন ৬১। গোলাটেতে গেল চন্দ্রধর। —বা.ম ২৬২। গোলাবাড়ি,-ড়ী—ধান্যাদির গোলার স্থান; খামার। "গোলাবাড়ি,—মাঠ আর ঘর, ভরি গেছে ফসলে ফসলে অ.গু ১১২।

গোল² '-ল' বিং [গোল¹—মূল; হি গোল] ১ বৃত্তাকার, মণ্ডলাকার (দাগ, রেখা)। ২ বর্তুলাকার, অণ্ডাকৃতি। "গোলগাল গড়ন। —ল বি ১ ওজনের নিমিত্ত বৃত্তাকার বা পিণ্ডাকার লৌহনির্ম্মিত ভার। "আড়াইসেরী, পাঁচসেরী গোল। ২ (মনে কোন বিষয়ে নানা ভাবের উদয় হেতু) সংশয়, সন্দেহ। "তোমার চরিত্রে মোর মনে লাগে গোল ম.ম ২১৫। [°আলু—অণ্ডাকৃতি আলুবিশেষ। °গাল—প্রায় বর্তুলাকৃতি; বেঁটে-খেটে-পরিপুষ্ট। "°গড়ন, °চেহারা। সৌদামিনি, তুমি বেশ গোলগাল স.এ ১৬। °বেঁকি—পাদাভরণবিশেষ। "দা ১৫৭৩। °মরিচ—গোল রন্ধনের মশলাবিশেষ। °মল—বৃত্তাকার মল (বাঁকমল?)। "দা ১৪৮০; ১৫১৯।]

গোল³ বি [ফা গু.ল্] ১ কোলাহল, উচ্চরব, মহাশব্দ। "হাস্য গোল হৈল হৈমবতী পাইল লাজ শি ১০৭। ২ বিবাদ, বিসংবাদ, বচসা। "মিথ্যা গোল অকারণ কর দ্বিজগণ। গোল করি কন্যা কোথা পাইবে ব্রাহ্মণ॥ —ম ১৯৩। ৩ বিপদ্, দুর্ঘটনা। "সেইত করলে এত গোল দা ৫১৬। ৪ [আ গো.ল্] লোকসংমর্দ্দ, জনতা, ভিড়। [°পাতা —ঘরের চাল ছাওয়ার গোলগাছের পাতা। "হু ৭৬। গোলে হরিবোল দেওয়া—সকলে যখন হরি বলে, সেই সঙ্গে সব কথা না বলিয়া শেষে সুর মিলাইয়া সায় দেওয়া; কার্য্যমাত্রে সকলের সঙ্গে শেষে সায় দিয়া সমাপ্ত করা। "সন্ধ্যাকালে ছাত্রদিগকে ঘোষাইতে আরম্ভ করিলে, মতিলাল গোলে হরিবোল দিত আ.দু ৩। হু ২১৮।]

গোলক পুং [°ল+ক (কন্) স্বার্থে] ১ জারজ বিধবাপুত্র। 'মৃতে ভর্ত্তরি গোলকঃ (অ.কো)। ২ মণ্ডল, পিণ্ড, গুড়, গোলদ্রব্যমাত্র। "তেজসাং গোলকঃ সূর্য্যঃ। ৩ নালাস্ত্রের লৌহময় গর্ভঘুটিক বা গুলি। "শু ৪.৭.২১১। ৪ বালকের গোল খেলনক; ভাঁটা, বল্। ৫ মৃন্ময় জলাধার; কোলা(?)। ৬ গন্ধরস। ৭ কলায়, মটর। ৮ (জ্যোতিষে) একরাশিতে ষড়গ্রহের সংযোগ। —ক ক্লী ১ গোলোক। "গোলকং ধাম (তন্ত্রসার)। °বিহারী কৃ ২৯১। গোলকের পতি শ্রী.মা ২১১। ২ ইন্দ্রিয়াধিষ্ঠানভেদ। "চক্ষুর্গোলক।

গোলকধাঁদা, -ধা বি [হি গোরখধংধা; মৈ গোরখধনহারী—'গোরক্ষনাথের ধনাগার'। এই গৃহে এত কুটিল পথ ছিল যে, কেহই ইহার মধ্যে প্রবেশের পথ নির্ণয় করিতে পারিত না, সকলেরই ধাঁধা লাগিত। "ঈংগিত গোরখধন্‌হারী (বি.প)।] (গৌণার্থে) বহুকুটিলপথসঙ্কুল গোলাকার স্থান, যাহাতে প্রবেশপথ ঠিক করা যায় না (labyrinth, maze); কূট সমস্যাপূর্ণ বিষয়; প্রহেলিকা (puzzle)। "বেদীর গোলকধাঁধা, তাহাতে পড়িল বাধা, চপলার চঞ্চল চরণ (অ.গু)।

গোল(লো)কধাম বি একপ্রকার খেলা। [ইহার ছক আছে। ছকে চৌষট্টি ঘর। "গোলকধাম' সর্ব্বোচ্চ ঘর। গুঁটি সকল ঘর অতিক্রম করিয়া 'গোলকধামে' উঠিলে খেলা শেষ হয়।]

গোলগাল; গোলজার দ্র 'গোল²; গুলজার'।

গোলদার বি ['গোলাদার'—মূল] ১ গোলা-ওয়ালা, গোলার মালিক, আড়তদার। "মহাজন গোলদার দোকানদার হেটোরাই বারোইয়ারি পুজোর প্রধান উদ্যোগী হু ২৬। ২ হিন্দুর উপাধিবিশেষ। [°দারী —গোলদারের কাজ; আড়তদারী।]

গোলন্দাজ বি [হি গোলা+ফা অন্দাজ্—নিক্ষেপক; হি গোলন্দাজ] গোলানিক্ষেপক, যে গোলা চালায় বা তোপ দাগে (cannoneer)। [°জী—গোলন্দাজের কাজ। "দিনেমার…করে গোলন্দাজী ভা.চ ২৬৯।]

গোলমাল বি [গোল³ + মাল (অনু.শব্দ?); ঠ গোংগাট] ১ কোলাহল, গোলযোগ। ২ বিবাদ, বিসংবাদ। —মাল বিং [গোল³ +মাল (মেল?; তু 'হি ঘোলমেল—মিশ্রণ); হি গোলমাল] বিশৃঙ্খল, অব্যবস্থ, মিশ্রিত। [গোলমেলে—গোলমালপ্রিয়, কুটিল (লোক); জটিল, কুটকচালে; বিশৃঙ্খল। দেবতার গোলমাল—দেবতার অত্যুযোগ; আকাশের মেঘ-মেঘ-ভাব। পেটের গোলমাল—উদরাময়।]

গোলযোগ পুং [কর্ম্মধা] ১ (জ্যোতিষে) গোলনামক যোগবিশেষ। দ্র 'গোল (৪)। 'সপ্ত গ্রহা যদৈকস্থা গোলযোগস্তদা ভবেৎ (ময়ূরচিত্রক)। ২ (বাঙলায়) বিশৃঙ্খলতা, অব্যবস্থা। ৩ কোলাহল, গোলমাল। ৪ বিঘ্ন, ব্যাঘাত, বিপদ্।

গোলা¹ বি ১ মিশান ইত্যাদি। দ্র 'গুল³। ২ তণ্ডুলাদির চূর্ণে মিশ্রিত জল দুধ প্রভৃতি তরলদ্রব্য। "পিঠার, নুনের গোলা। ৩ নিকানর নিমিত্ত গোবর-মাটি-মিশ্রিত জল। "°ভাড়, হাঁড়ি। —লা বিং মিশ্রিত, ব্যাপ্ত। "আধির°, কাদা°, পিটালি°, হলুদ° সিদ্ধি° (জল)। ঘোলা সেই আলোক-আঁধার গোলা স্ব.প্র ১১২।

গোলা² বি [আ গো.ল্—mob] ১ রোজ-নামাজ-হীন মুসলমান। "রোজ নামাজ না করিয়া কেহ হইল গোলা ক.চ ৮৬। ২ সাধারণ লোক; অশিক্ষিত। "ডাকাইতের দলে জনকতক খেলোয়াড় থাকে, আর সব গোলা। ৩ দ্র 'গোল¹।

গোলাট দ্র 'গোল¹।

গোলাধ্যায় পুং [উ.লো] ভাস্করাচার্য্যকৃত গোলবিষয়ক জ্যোতিষিক গ্রন্থবিশেষ।

গোলাপ, -ব বি [ফা গু.লাব্ (গু.ল্-আব্—গোলাপজল)] ১ গোলাপফুল। "বলি, ও আমার গোলাপ বালা, তোল মু'খানি। —গান ১১১। ২ গোলাপজল। "আতর গোলাপ মারয়ে ব ১৩২। ছিটাও…গোলাব।—রঙ্গ ৯৯। আতর-গোলাপ-গন্ধে বিহ্বল (সমীরণ) ন ৪৬৮। ৩ গোলাপগাছ। "গোলাব-কণ্টকে বস্ত্র বা আটকে স্ব.প্র ৬৫। [°জাম—ফলতরুবিশেষ ও তাহার ফল। °পাশ (ফা গু.লাব্পাশ্)—গোলাপজল ছিটানর বোতল বা পিচকারী। "°পপাশ দা ২০৮৫। গোলাবপাশ হইতে গোলাব লইয়া…কপোলে সিঞ্চন করিলেন ব.প ৪৮; ৩৮৫। হু ১৯২। °ফুল—স্ত্রীলোকের সখীত্বসূচক সম্বন্ধ; সই-বিশেষ। "পা.প্র ৪৯। °সরু—গোলাপের গন্ধযুক্ত শালিধান্য-বিশেষ।]

গোলাপী, -বী বিং [°প, °ব+ঈ°; ফা গু.লাবী] ১ গোলাপসম্বন্ধী, গোলাপের মত (রঙ)। ২ গোলাপের বর্ণযুক্ত (rose-coloured)। "গোলাবী সোহা ব.প ১৫২১। গোলাপী উষায় অ.গু ২৩। (উষা) গোলাপী বসনপরা (মিত্রবিলাপ)। ওষ্ঠাধর দুখানি গোলাবী ব.প্র ১৭। ৩ গোলাপের গন্ধযুক্ত। "গোলাপী খিলি আ.দু ৬৬। গোলাবী খিলি হু ২০৯। —পী, -বী বি গোলাপের রঙ, পাটলবর্ণ, দুধে-আলতা-রঙ। [গোলাপী-রকম নেশা—যে নেশায় চক্ষুর গোলাপের মত রঙ হয়; অল্প মত্ততা; একটু নেশা। "রামহরি বাবু…গোলাপীরকম নেশায় তর হয়ে বসেছিলেন হু ৫৪।]

গোলাম বি [আ গু.লাম্] ১ ক্রীতদাস, ভৃত্য, নফর। "গোলাম গোলামী কৈল ভা.চ ৪৭৬,-৭। ২ ক্রীতদাসবৎ অনুগত জন। "ভাই গোলাম খেতু গো.চ ৬২; ৮৭। ৩ তাসের কাগজবিশেষ (knave)। "নব্য বাবু…সমাজের রঙ্গের গোলামস্বরূপ।—হু ২২০। —মী বি [আ গু.লামী] ১ গোলামের কার্য্য; ভৃত্যকর্ম্ম। দ্র '(১)। ২ দাসবৃত্তি, চাকরী। "গোলামের জাতি শিখেছে গোলামী।—হেম ২৭৩। [°গর্দিস্ (আ গু.লাম্ গ.র্দিশ্)—গোলামের বিশ্রামস্থান। "গোলামগর্দিসে খাড়া গোলাম সকল ভা.চ ৪১১। °ঘণ্ট—ভৃত্যাদির নিমিত্ত নানা তরকারির মিশ্র ব্যঞ্জন; (গৌণার্থে) নানা দ্রব্যের মিশ্রণ। "ঘোড়ার গলায় আর আমার হাত পায় একত্রে জড়িয়ে যেন একটা

গোলামঘণ্ট হয়ে গেল অ.গ্র ৮। °চোর—একপ্রকার তাসখেলা (এই খেলায় নির্দিষ্ট রঙের গোলাম যাহার কাছে থাকে, সেই চোর।]

গোলাল '-লো' বিং [গোল১+আল৮] ১ গোলত্বযুক্ত, বর্ত্তুলাভ, ঈষৎগোল (roundish)। ২ বৃত্ত, বেঁটে-মোটা-সোটা। "গোলাল গঠন লী ৭৪। —ল '-ল্' বি সর্থ 'গুলল'। "ম.পা ১৭৬।

গোলাহাট বি যে হাটে পণ্যদ্রব্যের গোলা থাকে; বড় হাট। "কৃ.উ ২৬৭,-৯। ক.চ ৪৭; ৪৯; ৩০৪। শ্রী ৮০। শি ৯৮।

গোলোক পুং [উ.লো] গো প্রচুর (তেজোময়) লোক; শ্রীকৃষ্ণের নিত্যধাম বৈকুণ্ঠের ঊর্দ্ধস্থিত লোক। "রা ২.৩০.৩৭। গোলোক বৈকুণ্ঠ পুরী সবার উপর কৃ ১। [গোলোকের নিম্নে পরব্যোম বিষ্ণুলোক—নারায়ণাদি অনন্তস্বরূপের বাস ও অনন্ত বৈকুণ্ঠের আধার। ইহার পরে পরিখারূপা বিরজা নদী। বিরজার অন্য পারে অখণ্ডব্রহ্মাণ্ডধাম—বাহ্যাবাস। গোলোক ও বিষ্ণুলোক প্রকৃতির অতীত; বাহ্যাবাস প্রকৃতির অধিকৃত ও মায়িক বিভূতির লীলাভূমি (দ্র 'ব্রহ্মবৈবর্ত্তপুরাণ'। চৈ.চ ২১৭)।]

গোল্লা বি [ফা গুল্লা—বর্ত্তুল; তি গুল্লা, তু 'সং গোলা'] ১ গোলবস্তু, পিণ্ড; গোলাকার মিষ্টান্ন। "রস°। ২ সন্দেশ। "গোল্লা মিছরী দা ৭৪১; ৯৭৭। খাসা গোল্লা আ.দু ৬৬। ৩ [অপ্র] কামানের গোলা। "গোল্লাঘায় বহু সৈন্য হইল নিপাত।—ব প ১৮৫৩। ৪ শূন্য, কিছুই না। "পরীক্ষায় গোল্লা পাওয়া। [গোল্লা-গোল্লা চোখ—গোলার মত বড় বড় চোখ। গোল্লাই, -য় যাওয়া (গর্হা >গোল্লা?)—নিন্দার্হ হওয়া; চরিত্রহীন হওয়া, অধঃপাতে যাওয়া; বিগড়াইয়া যাওয়া। "গোল্লায় গেলি, লাজ খেলি হায় বি.সু ৬২। কুমতি।—স্ত্রীর সঙ্গে মোকর্দ্দমা করিব? সুমতি। —তবে আর কি করিবে? গোল্লায় যাও।—ব.প্র ৩০৪। রূপ ত গোল্লায় গেল—গুণ কি? —ব.দ্বি ২৯। পীলের অনুরোধে মদ ছাড়া কাপুরুষের কাজ…শরীর অসুস্থ হন গোল্লাই যান স.এ ৩।]

গোশাল ক্লী, **-শালা** স্ত্রী [ষ.ত; বিকল্পে ক্লীবলিঙ্গ] গোগৃহ, গোয়াল। "পা ২.৪.২৫, সি।

গোশীর্ষ ক্লী [ষ.ত] ১ গোমস্তক। ২ (সাদৃশ্যে) মলয়জাত উৎপলগন্ধি চন্দনবিশেষ (অ.টী)।

গোষ্ঠ পুং, ক্লী [গো+ √স্থা+অ (ঘঞর্থে ক)-ধি, ষত্ব, ছান্দস] ১ গোসমূহস্থান, গোস্থান, গোঠ। "নি গাবো গোষ্ঠে অসদন্।—ঋগ্বেদ ১.১৯১.৪। নন্দ° চৈ ভা ৪৮৬। ২ গোপালকের আশ্রয় (A.)। ৩ (বাঙলায়) গোষ্ঠবিষয়ক কীর্ত্তনগান। "উত্তর°, পূর্ব্ব°, ফেরত°। —ষ্ঠ পুং ১ সমাজ, সভা। "(মুনিগণ) জ্ঞানগোষ্ঠে বসিলেন সুরম্য নৈমিষে শি ৬। ২ স্থান (নীলকণ্ঠ)। "সিংহ° মহা ২.৬৭.৩। —ষ্ঠ ক্লী গোষ্ঠীশ্রাদ্ধ। "মনু ৩.২৫৪। —ষ্ঠি, -ষ্ঠী স্ত্রী [√গোষ্ঠ্+ই (ইন্) -ধি; স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সভা, পরিষদ, সমাজ। "মহা ৪.২৬.৯; অসজ্জনগোষ্ঠী।—হি ১.২১৭। গোষ্ঠীমাঝে চৈ.ভা ৫৫; ২৫৩। সন্ন্যাসি-গোষ্ঠী চৈ.চ ৩৩; ইষ্ট° ২০৩। ভক্ত° ন.প ৮১। ২ পারিষদ, গণ। "জগন্নাথ°, চৈতন্য° চৈ.ভা ৪৯৪। ৩ পরস্পর আলাপ; সম্ভাষণ, সংলাপ। "°সুখ; বিবিধসাধু° (পঞ্চ)। মাঘ ১২.৩৮। ৪ পোষ্যবর্গ, পরিজনগণ। "বিষং গোষ্ঠী দরিদ্রস্য।—চাণক্য। পদ্মা গোষ্ঠী জীয়াইল বি.পা ৭৩। ৫ সঙ্ঘাত, সমূহ। ৬ উপরূপকবিশেষ। [ইহাতে একটি অঙ্ক থাকে, গর্ভ ও বিমর্ষ সন্ধি থাকে না (সা.দ ৬.২৭৪,-৫)।] [°গৃহ (বি)—গোষ্ঠ। "মে ১৯৬। °পতি (পুং)—গোষ্ঠের স্বামী; গোষ্ঠাধ্যক্ষ। °বেদিকা (স্ত্রী)—গোষ্ঠস্থ ক্ষুদ্র বেদি। °লীলা (বি)—গোষ্ঠে শ্রীকৃষ্ণের গোচারণলীলাপর্ব্ব। গোষ্ঠে পণ্ডিত (পুং)—বৃথা-গর্ব্বিত। গোষ্ঠেশয় (বিণ)—গোত্রতার্থ গোষ্ঠে শয়নকারক। "যাজ্ঞ ৩.২৬৩। গোষ্ঠেশূর (পুং)—ভীরু।]

গোষ্ঠিক বিণ [গোষ্ঠ+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] গোষ্ঠসম্বন্ধী, সভাসম্বন্ধী, সমাজসম্বন্ধী। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—গোষ্ঠসম্বন্ধী বাণিজ্য; ব্যাঙ্কের কাজ (banking); "°নিযুক্ত।—পঞ্চ ১.১৫।]

গোষ্ঠীপতি পুং [ষ.ত] ১ গোষ্ঠীর অধ্যক্ষ; সভাপতি, সমাজপতি। ২ পোষ্যবর্গপালক, পরিজনাধ্যক্ষ। ৩ কুলীন ও শ্রোত্রিয়েরা যাঁহার অন্ন ভোজন করেন এবং যিনি কুলীনকে কন্যাদান করিয়াছেন, তাদৃশ ব্যক্তি। "গোষ্ঠীপতি দ্বিজস্বামী (কৃষ্ণচন্দ্র মহারাজ) ভা.চ ৬৬৫। পূর্ব্বকালের গোষ্ঠীপতিরা কন্যাজামাতাকে ভূসম্পত্তি দান করিতেন পা.প্র ৯৫।

গোষ্ঠেশয়, গোষ্ঠেশূর দ্র 'গোষ্ঠ'।

গোষ্পদ বিণ [গো+ √পদ্+অ (ঘঞর্থে ক)-ধি, সেবিত-প্রভৃতি অর্থে, সু (সুট্ আগম), ষত্ব, পা ৬.১.১৪৫] গোসেবিত (দেশ)। 'গোভিঃ সেবিতো দেশো গোষ্পদঃ। অগোষ্পদান্যরণ্যানি (কাশিকা)। —দ ক্লী ১ গোপদপ্রমাণ। 'গোষ্পদমাত্রং ক্ষেত্রম্ (কাশিকা)। ২ গোপদজাত গর্ত্ত। "গোষ্পদপূরং বৃষ্টো দেবঃ। গোষ্পদে সংপ্লুতোদকে মহা ১.৩১.৯। কে করে জলধিতনু গোষ্পদ-সোসর? স.শ ৮৯। ৩ গোপদজাতগর্ত্তপরিমিত জল; অত্যল্পজল; ক্ষুদ্রজলাশয়, ডোবা। "তীর্ত্বা সাগরমক্ষোভ্যং ভ্রাতরৌ গোষ্পদে হতৌ গো.রা ৬.২৩.১৯; ৬৯.১৬। (সাগরং তীর্ত্বা সাত্যকিঃ) গোষ্পদং প্রাপ্য সীদেত মহা ৭.১৩৯.৩৩। কে করে গোষ্পদে ঘোর জলধি দুস্তর স শ ৮৯। কু.কে ৪১।

গোসংখ্য পুং [গো+সম্ - √খ্যা+অ (ক)-ক; উ.ত] ১ 'গো-সংখ্যাকারক', গোপ। ২ গোপরীক্ষক। "মহা ৪.১০.১০। —খ্য বিণ [বহুব্রী] পঞ্চসংখ্য, পঞ্চম। "মহা ৪.১০.৫, নীলকণ্ঠ।

গোসর্প পুং [সং গোধা >প্রা গোহা >হি গোহ+সর্প >°র্প; অথবা গোসদৃশ চতুষ্পদ হেতু 'গোসর্প' (?)] গোধা, গোসাপ।

গোসল বি সর্থ 'গোছল'। "আ.দু ১০৮। °খানা অ.গ্র ৭৯।

গোসা; গোসাই, -সাঁই, -সাঞি দ্র 'গোঁসা; গোঁসাই'।

গোসাপ বি [সং গোসর্প; হি, প, সি গোহ; গু গো; ড় গোধ; অস গুঁই; গুইল, ইসাপ (ঢাকা), গোমা (নাটোর); গোধ (হুগলী, হাবড়া, বর্দ্ধমান); গুইঘড়েল, ঘড়েল (যশোহর); গোহাড়গেল (চব্বিশপরগনা); গোধি (সিংভূম); গুইহাপ (চট্টগ্রাম)] কুম্ভীরাকৃতি সর্পবিশেষ (iguana)।

গোস্ত বি [ফা গোশ্ত্] মাংস। [°খোর—মাংসপ্রিয়। গাওয়া গোস্ত—গোমাংস।]

গোস্তন পুং [ষ.ত] ১ গবীর স্তন; আপীন, পালান, বাঁট। "(নয়ন-বুদ্বুদম) গোস্তনাকারম্।—সুশ্রুত ৬.১৪। ২ (সাদৃশ্যে) চতুর্ষষ্টিক হার; (মতান্তরে) চতুস্ত্রিংশদ্‌যষ্টিক হার (শ.ক)। "রঙ্গ ২১৮। °হার। —হেম ১৪০। ৩ পুষ্পগুচ্ছ, কুসুমস্তবক। —না, -নী স্ত্রী [°ন+স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীষ্)] ১ দ্রাক্ষা। ২ কপিলদ্রাক্ষা, মনাক্কা।

গোস্তাকি বি [ফা গুস্তাখী] ১ অবিনয়, ঔদ্ধত্য, অশিষ্টতা, বেয়াদবী। "সে…হাত জোড় ক'রে বল্লে, হুজুর গোস্তাকি হয়েছিল ঘ ১৪১। ২ [ফা গুস্তাখ্] অশিষ্ট, অসভ্য, বেয়াদব। "গোস্তাকি! তোর দাদনের জন্যে দশখানা গ্রামের দাদন বন্ধ রহিয়াছে নী ১৬।

গোস্থান ক্লী [ষ.ত] গোষ্ঠ। "°সঙ্কুল হ ৬০.২৭।

গোস্বামী (-মিন্) পুং [ষ.ত] ১ গোরুর অধিকারী; গোপ্রভু। "মনু ৮.২৩১। ২ ইন্দ্রিয়ের প্রভু; জিতেন্দ্রিয়। ৩ (জিতেন্দ্রিয়তা হেতু) বৈষ্ণব যতির উপাধিবিশেষ। "বোপদেব°, রূপ°, সনাতন°। —স্বামিনী বি গোস্বামীর পত্নী; দেবী। "শ্রীজাহ্নবা গোস্বামিনী ন.বি ৩৬।

গোহত্যা স্ত্রী [গো+ √হন্+য (ক্যপ্)-ভা+স্ত্রী আ (টাপ্); উ.ত] গোবধ।

গোহাড় বি গোরুর হাড়। "গোহাড় যেন দশন ধবল বা.ম ১৯২।

গোহারি বি [হি গোহার (গোহরণ), -রি, -রী—পূর্ব্বকালে কেহ গোহরণ করিলে, গোরক্ষার্থ যে চীৎকার করিত, তাহাই ইহার মূল। গুহাড়া(চ)] ১ রক্ষার্থ বা সাহায্যার্থ চীৎকার; দোহাই। "নাহি শুনে প্রজার গোহারি ক.চ ৬। ২ অভিযোগ, নালিস। "বালীর ঠাঁই করিল গোহারি কৃ.উ ১৩৪; ১৭৮; ২৬৮। পশুগণে করয়ে গোহারি ক.চ ৩৫; ৫০। (গোপিনী সব) গোহারি করে যশোদার ঠাঞি শ্রী.ম ২৭। বা.ম ১৮০। চৈ.ভা ১৪২। ৩ বিনয়প্রদর্শন, নমস্কার। "খুড়ী খুড়ী করি ঠগা করিল গোহারি ক.চ ৯৯।

গোহাল, -হালি বি [সং গোশাল > প্রা *গোসা(হা)ল; বা °ল +ই১১; দ্র 'গোয়াল২; অপ্র; গোহালী (চ)] গোশালা। "°লি ক.চ ১৪০। °ল, °লি ভ.গ্র ৩০৭। °লি চৈ.চ ২৭৩।

গোহালিয়া স্ত্রী গোয়ালে লতা। "°মূল (গরুড়পুরাণ)।

গোহাল্যা বিং ['°লীয়া'—মূল; অপ্র] গোহালসম্বন্ধী, গোশালা-বিষয়ক (গীত)। "গোহাল্যা গাইয়া গীত, কোয়ালি ফিরয়ে নিত ক.চ ৯০।

গোহ্য বিণ [√গুহ্ +য (ণ্যৎ)-র্ম্ম; তু 'গুহ্য'] ১ গোপনীয়, অপ্রকাশ্য। ২ সংবরণীয়, আচ্ছাদনীয়।

গৌড়১ পুং ১ দেশবিশেষ। [পা ৬.১.১০০] 'বঙ্গদেশং সমারভ্য ভুবনেশান্তগঃ শিবে। গৌড়দেশঃ সমাখ্যাতঃ…॥—স্কন্দপুরাণ। "গৌড়েশ্বর শ্রী.মা ১৩। চৈ.চ ১৭৫। °জন মে ৪। ২ (বহুব) গৌড়বাসিগণ। "কি জানি হারায় বিদ্যা হাসিবেক গৌড় ভা.চ ২৯২। ৩ ঔপনিবেশিক বা পশ্চিমা ব্রাহ্মণ। [ইঁহারা, সারস্বত কান্যকুব্জ মৈথিল গৌড় ও উৎকল এই পঞ্চ গৌড়-ব্রাহ্মণের একতম। ইঁহারা পশ্চিম দেশ হইতে বঙ্গদেশে আসিয়া বাস করিয়াছেন (দ্র 'সম্বন্ধনির্ণয়, ৫৬ পৃষ্ঠ)।] —ড়ী স্ত্রী [°ড়+অ (অণ্) তৎসম্বন্ধার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'গৌড়দেশসম্বন্ধিনী', ওজোগুণব্যঞ্জক সমাসবহুল কাব্যের রীতিবিশেষ (সা.দ ৯.৩)। ২ মেঘরাগের পত্নী রাগিণীবিশেষ (শ.ক)। [°সারঙ্গ ভা.চ ৮.৯৮]

গৌড়২ বিণ [গুড়+অ (অণ্); স্ত্রী -ড়ী] ১ গুড়বিকার, গুড়জাত। ২ গুড় (রজত)-জাত, রাজত, রৌপ্যময়। "ভাজনানি…গৌড়ানি রা ১.৫৩.৪। —ড়িক বিণ [+ইক (ঠক্); স্ত্রী -কী] গুড়সম্বন্ধী, গুড়-জাত। —ড়িক ক্লী সর্থ 'গৌড়ী'। —ড়ী স্ত্রী [°ড়+স্ত্রী ঈ (ঙীপ্)] গুড়বিকার সুরাবিশেষ; গুড়ে মদ। "মনু ১১.৯৫।

গৌড়িয়া বি [গৌড়ীয় > °য়া] ১ গৌড়বাসি গোপ; গোড়গোয়ালা। "কাটিতে চাহে, গৌড়িয়া সব কাঁপিতে লাগিল চৈ.চ ১৯২,-৩। ২ গৌড়বাসী। "অদ্বৈতাদি যত গৌড়িয়া।—চৈ ২১০,-১। —ড়ীয় বিং গৌড়সম্বন্ধী, গৌড়জাত, গৌড়বাসী।

গৌণ১ বিণ [গৌণী+অ (অণ্); স্ত্রী -ণী] ১ গৌণী বৃত্তি (লক্ষণা) হইতে আগত; গৌণীবৃত্তিবোধিত, গৌণীলক্ষণাগত। "গৌণশ্চেন্নাত্মশব্দাৎ (বেদান্ত)। ২ অমুখ্য, অপ্রধান, ঔপচারিক। বিপ 'মুখ্য'। "তদা গৌণমনন্তস্য নামানন্তেতি বিশ্রুতম্ মহা ১২.১৮২.৩৩। ৩ (ব্যাকরণে) অবিবক্ষিত, অকথিত, অপ্রধান (কর্ম্ম—indirect)। "গৌণে কর্ম্মণি দুহ্যাদেঃ প্রধানে নীহৃকৃষ্বহাম্। বিভক্তিঃ প্রথমা জ্ঞেয়া দ্বিতীয়া চ তদন্যতঃ॥ ৪ [গুণ+অ] গুণসম্বন্ধী, গুণবিশেষ। ৫ গুণজাত, সর্ব্বজ্ঞত্বাদিজন্য। "গৌণানি তত্র নামানি কর্ম্মজানি চ কানিচিৎ মহা ১২.৩৪১.১০। ৬ (অঙ্কশাস্ত্রে) পূরণসম্বন্ধী, গুণবিষয়ক। ৭ (বাঙ্‌লায়) গুণীভূত, হীন। "গৌণ তেজ মৌন নাহি কর রঘুমণি।—দু ৪। ৮ গৌরবহীন, হেয়। "গৌণ হয়ে গৌড়ে আল শ্রী.মা ১৩; ৯৯; ২০৬। [°কাল (পুং)—অপ্রধান কাল।]

গৌণ২ '-ন' বি ['গৌণ১—মূল; অস গৌন্] (অপ্রধানতা হেতু) কার্যশৈথিল্য; বিলম্ব, গহরী, দেরী। "তবে গৌণ গমনে না কর এক-দণ্ড শ্রী ১৪। শ্রী.ম ১১৪। চৈ.ভা ২৩০। কাল° বি.সু ৭। কালগৌণে কৃ.চ ৫; ৬৪। [°হীনে (অপ্র)—অবিলম্বে। "গিয়া শীঘ্র গৌণহীনে কহ গোপরাজে ব.প ৪২২। অগৌণে—শীঘ্র।]

গৌণচান্দ্র পুং [কর্ম্মধা] গৌণচান্দ্রমাস, অর্থাৎ কৃষ্ণপক্ষের প্রতিপদবধি শুক্লপক্ষের পূর্ণিমাপর্য্যন্ত মাস। বিপ 'মুখ্যচান্দ্র'। 'গৌণঃ কৃষ্ণপ্রতিপদাদিপৌর্ণমাস্যন্ত ঈরিতঃ (শ.ক)।

গৌণিক বিণ [গুণ+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ গুণসম্বন্ধী, গৌণ। ২ ঔপচারিক, অপ্রধান। ৩ সত্ত্বাদিনির্বৃত্ত, সত্ত্বাদিযুক্ত।

গৌণী স্ত্রী [গৌণ১+স্ত্রী ঈ (ঙীপ্)] গুণসম্বন্ধী বা গৌণবৃত্তিবোধিতা লক্ষণা; লক্ষণাবিশেষ। 'সা.দ ২০৯।

গৌতম পুং [গোতম+অ (অণ্)] ১ গোতমগোত্রাপত্য, অর্থাৎ গোতমের পৌত্রাদি। ২ অহল্যাপতি ঋষিবিশেষ। "রা ১.৪৮.২৩। কৃ ৬৮। ৩ গৌতমপুত্র শতানন্দ। "গৌতমশ্চ শতানন্দঃ উ.চ ১.১৬। ৪ কৃপাচার্য্য। "মহা ৯.৫.১। ৫ ন্যায়দর্শনকার মুনিবিশেষ। ৬ শাক্য-মুনি। —তমী স্ত্রী ১ গোতমের পৌত্রী প্রভৃতি। ২ দ্রোণপত্নী কৃপী। ৩ দুর্গা। "হ ১৭৮.৭। ৪ গোদাবরী। "গো.রা ৬.২.২৭। ৫ গোরোচনা। ৬ গোতমপ্রণীত ষোড়শপদার্থবিদ্যা (ত.বা)। [°বংশজ (বি)—কৃপাচার্য্য। "ম ৬১৯। °সম্ভবা (স্ত্রী)—গোদাবরী।]

গৌতমি বি [সং গৌতম; অপ্র] কৃপাচার্য্য। "ম ৬৪২।

গৌতমী; গৌন দ্র 'গৌতম; গউন'।

গৌর বিণ [গোর+অ (অচ্) অন্ত্যার্থে; স্ত্রী -রা, -রী; ছান্দস] ১ গৌর-বর্ণযুক্ত, পীত, হরিদ্রাবর্ণ। "জাম্বুনদশুদ্ধ° মহা (S.W.)। রোচনা° রঘু ৬.৬৫। °দুকূল গী.গো ১১.২৬। চম্পকদামগৌরী ভা.চ ৫৬৫। ক.চ ২৭৭। ২ শ্বেত, ধবল। "শশি° রা ৪.৩৯.১৩। মৃণাল° (S.W.)। কৈলাস° রঘু ২.৩৫। তুষার°।—ঋতু ১.৬। পু.মে ৫২। ৩ অরুণ, লোহিত। "তরুণাদিত্যগৌরৈঃ বানরৈঃ গো.রা ৪.৩৯.১৪। গোরোচনাক্ষেপনিতান্ত গৌরে (কপোলে) কু.স ৭.১৭; ৩৮। ৪ উজ্জ্বল, বিশুদ্ধ, বিশদ। "°কান্তি ভা.চ ৫৬৭। —র পুং [√গু শব্দ +র (রন্), উ ২.২৮] ১ পীতবর্ণ, স্বর্ণবর্ণ। ২ শ্বেতবর্ণ। ৩ অরুণবর্ণ। ৪ গৌরসর্ষপ। ৫ চন্দ্র। ৬ গৌরমৃগ। "গৌরো ন তৃষিতঃ পিব।—ঋগ্বেদ ১.১৬.৫। ৭ ধববৃক্ষ। ৮ রাজসর্ষপত্রয়পরিমাণ। "যাজ্ঞ ১.৩৬৩। —র ক্লী ১ পদ্মকেশর। ২ কুঙ্কুম। ৩ স্বর্ণ। —রা স্ত্রী 'বিশুদ্ধা', গৌরী। —রী স্ত্রী [°র+স্ত্রী (ঙীষ্)] ১ পার্ব্বতী। "°নাথ। °গুরু রঘু ২.২৬। ২ গৌরবর্ণা স্ত্রী; গৌরাঙ্গী। ৩ অষ্টবর্ষা কন্যা। 'অষ্টবর্ষা ভবেদ্ গৌরী। ৪ অরজস্কা কন্যা; কুমারী (A)। 'পঞ্চ ৩.২০০। ৫ বরুণপত্নী। ৬ মাতৃকাবিশেষ। "গৌর্য্যাদি মাতৃ পুজে বি পা ২৮৪। ৭ হরিদ্রা; দারুহরিদ্রা। ৮ গোরোচনা। ৯ মঞ্জিষ্ঠা। ১০ শ্বেতদূর্ব্বা। ১১ মল্লিকা। ১২ তুলসী। ১৩ সুবর্ণকদলী। ১৪ প্রিয়ঙ্গু। ১৫ পৃথিবী। ১৬ গঙ্গা (কাশীখণ্ড)। ১৭ রজনী (মেদিনী)। ১৮ রাগিণীবিশেষ। [ইহার সময় দিবা ৪র্থ প্রহর, ঠাট কোমল রি ধ, ও দুই ম, জাতি সম্পূর্ণ (গী.সা)।] [°জীরক (পুং)—শ্বেতজীরা, সা-জীরা। °ধাম (বি)—গৌরবর্ণের ধামতুল্য; গৌরচন্দ্র। "চৈ.চ ৬৩; ১৭৬। °মুখ (পুং)—শমীক-শিষ্যবিশেষ। ইনি পরীক্ষিৎকে ব্রহ্মশাপবৃত্তান্ত নিবেদন করেন। °সর্ষপ (পুং)—শ্বেতসর্ষপ। °সিংহ (বি)—পূজ্য গৌরচন্দ্র। "ন.প ২৮০।]

গৌরচন্দ্র পুং [কর্ম্মধা] চৈতন্যদেব। [ইনি ১৪০৭ শকে ফাল্গুনি-পূর্ণিমায় নবদ্বীপে মায়াপুরে আবির্ভূত হন। ইঁহার পিতা জগন্নাথ মিশ্র এবং মাতা শচীদেবী। ইনি গয়ায় ঈশ্বরপুরীর নিকটে দশাক্ষরমন্ত্র

গ্রহণ করেন এবং কাটোয়ায় কেশবভারতীর নিকটে সন্ন্যাসমন্ত্রে দীক্ষিত হন। ইনি প্রেমের অবতার।]

গৌরচন্দ্রিকা বি ১ গৌরচন্দ্রসম্বন্ধিনী গীতি; কীর্ত্তনারম্ভে গৌরচন্দ্রের কৃপা প্রার্থনাদিবিষয়ে ভক্তের গীতি। [গৌরচন্দ্র কীর্ত্তনের প্রবর্ত্তক; এই হেতু কীর্ত্তনগায়কেরা কীর্ত্তনের প্রারম্ভে গৌরচন্দ্রিকা গাইয়া থাকেন।] ২ (গৌণার্থে) কোন বিষয়সূচনার পূর্ব্বে তদনুকূল ভূমিকা। "দ্বিতীয়বারের গৌরচন্দ্রিকা (হু)।

গৌরব বিণ [গুরু+অ (অণ্)] গুরুসম্বন্ধী। "গৌরবং কুলম্ ভ ১.৭.৪৬। —ব ক্লী ১ গুরুভাব, দুর্ভরতা, গুরুত্ব। "বজ্রনিষ্পেষ° মহা ৩.১১.৪০। গর্ভ° রঘু ৩.১১। জঘন°।—শ ৩.৪। চৈ.চ ১৬। জড়-পিণ্ড গৌরবপীড়িতে বসুন্ধরে।—ব.প্র ৬৩৯। ২ শরীরগুরুত্বরূপ গর্ভিণীধর্ম্মভেদ। "কাব্যাদর্শ ১.৯৯। ৩ পূজ্যতা, সম্মান, মর্য্যাদা, আদর। "মনু ২.১৪৫। প্রায়শ্চলং গৌরবমাশ্রিতেষু কু.স ৩.১। গুরুরিত্যস্তি গৌরবম্ মাঘ ২.৭১। মুনির গৌরবে আমি মাগি তোমার ঠাই কৃ.উ ৫৪। দুই সতীনে গৌরব করে যে জানে অসুদ ম.গা ১০। গুরুগৌরব সিংহদ্বার ব.প ১১২৫। ৪ উৎকর্ষ, শ্রেষ্ঠতা। "স্ববিক্রমে গৌরবমাদধানম্ (বৃত্তম্) রঘু ১৪.১৮। সৌরভগৌরবে কত গুঞ্জরিছে অলি।—শ্রী ৪০। ৫ জন্মস্থানোৎকর্ষ। "মহা ৩.১২.১২৭। ৬ প্রতিষ্ঠা, প্রতিপত্তি। ৭ অলঘুতা, অবশ্যকরণীয়তা, আবশ্যকতা। "অর্থ°। গো.রা ৩.৪০.২৪; কার্য্য° ৪.১৬.৪৭। কার্য্যের গৌরবে যদি যাও দৈবগতি ম.ম ৬; ৪৪; ১৫৮। ৮ অনুরোধ, অনুবর্ত্তন। "মাতুর্বচনগৌরবাৎ রা ১.৪৬.২১। তদ্গৌরবাৎ সমুপসংহৃতসম্প্রহারঃ উ.চ ৬.৭। আমার গৌরবে চল কৃ উ ৬। ৯ অনুভাব, প্রভাব। "ভুবনে গৌরব বা.দ ২১। ১০ গাম্ভীর্য্য, দুরূহতা। "যচ্চার্থতো গৌরবম্ মা.মা ১.৬। ভারবেরর্থগৌরবম্। ১১ বাহুল্য, বিস্তার। "গ্রন্থগৌরবভয়ে তাহা না লেখিল অ.প ১২৭। ১২ (ছন্দঃশাস্ত্রে) বর্ণগুরুত্ব, দীর্ঘমাত্রতা। ১৩ অতিভার, প্রাচুর্য্য। "(ঐ আসে) ঘনগৌরবে নবযৌবনা বরষা চ.কা ২৫০। [গৌরবে (অপ্র)—গম্ভীররবে। "গৌরবে গর্জ্জিয়া, (শার্দ্দূল)…ধরিল সেনে শ্রী.মা ৭৯। গৌরব রাখিয়া—সম্মান অক্ষুণ্ণ রাখিয়া। "গৌরব রাখিয়া দেও তিন সনের কর। ক.চ ১০৯। আপনা গৌরব রাখি ছেলী লইয়া যাও।—ব.প ৩৩১। গৌরবিণী (বিং) —গৌরবযুক্তা, আদরিণী। "ব.সু ৫৯। গৌরবী (-বিন্) বিং—গৌরবিত, আদৃত। "জামাতা তুমি দক্ষের গৌরবী ব.প ১২৪।]

গৌরবচন বি [সং 'গৌগৌঁঃ (গৌরগৌঃ) > গৌরগৌর > 'গৌর'-বচন] 'গৌর্গৌঃ' এই বাক্য। "গৌরবচন তিন বার বলিল নাপিত।—বি.পা ১০০; ২৯৪। [বিবাহে মুখচন্দ্রিকার পরে নাপিত তিন বার 'গৌরগৌর' বলে। বিবাহে প্রথমে গোসাধন মধুপর্ক দ্বারা ব্রহ্মচারী বরকে পূজা করার বিধি আছে (মনু ৩.৩)। কিন্তু মধুপর্কে এই বিধি পাক্ষিক, অতএব গোশব্দে তৎসাধন কর্ম্মশেষ লক্ষিত হইয়াছে (মেধাতিথি)। এইজন্য মধুপর্কে গোদান হয় না, কেবল 'গৌর্গৌঃ' পদ উচ্চারিত হয়।]

গৌরবিত বিণ [°ব+ইত (ইতচ্) 'সঞ্জাত' অর্থে] ১ সঞ্জাতগৌরব, গৌরবযুক্ত, পূজ্য। "°ক্রিয়াহেতুর্ভক্তিঃ (ত.বা)। °ভর অ.প ৮৪। মমাধিক গৌরবিত কেবা ম.পা ২০। ম.ম ১৮৫। তুমি আমার গৌরবিত ব.প ৪৯৯। ২ (বাঙলায়) আদৃত। "গৌরবিত সতীনের বনী ম.ম ১৮; পুত্রবধূ গৌরবিত ২৩৫। [গুরু গৌরবিত—উভয়শব্দ একার্থক। "গুরু গৌরবিত বলি কেন ভাঙ্গ ডর ম.ম ১৯। গুরু গৌরবিত মাঝে বা.ম ২৩৫।]

গৌরবী (-বিন্) দ্র 'গৌরব'।

গৌরাং, -রাঙ বি [গৌরাঙ্গ > °রাঙ, -রাং] গৌরচন্দ্র। 'গৌরাং বা.ম ৩৭৭। গৌরাং দা ২৪৩; ৯২৭।

গৌরাঙ্গ পুং [বহুব্রী] ১ 'যুগাবতারভেদে শ্বেতদেহ বা পীতদেহ', বিষ্ণু। তু 'শ্বেতো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ (ভ)। ২ 'বিশুদ্ধদেহ', শ্রীকৃষ্ণ (কৃষ্ণযামল)। ৩ গৌরচন্দ্র। "°সুন্দর চৈ.ভা ৪১৪। —ঙ্গী বিং [সং °ঙ্গী] গৌরবর্ণা। "ন ৪১৬।

গৌরিক পুং [°র+ইক (ঠন্)] 'শ্বেতবর্ণ': শ্বেতসর্ষপ (সুশ্রুত)।

গৌরিন বিং [গৌর+ইন, তু 'রঙ্গিন'; অপ্র] গৌরবর্ণরঞ্জিত, পীত। "গৌরিন শাড়ী ব.প ২৫৮।

গৌরী দ্র 'গৌর'। [°কাজল (বি)—ধান্যবিশেষ। "শি ১১৩। °কান্ত, °নাথ, °পতি (পুং)—শিব। °গুরু (পুং) —গৌরীপিতা, হিমালয়। "রঘু ২.২৬। শ ৬.১৭। কি ৫.২১। °জ, °পুত্র, °সুত (পুং) —'গৌরীজাত', কার্ত্তিকেয়; গণেশ। °দান (বি)—অষ্টবর্ষবয়স্ককন্যা-দান। "গৌরীদানের ফল।—লী ২৭। °পট্ট (পুং)—শিবলিঙ্গের আসনভূত গৌরীযোনিরূপ শিলাপট্ট বা পেনেট। °ললিত (ক্লী)—হরিতাল। °শঙ্কর (বি)—হিমালয়শৃঙ্গবিশেষ। (Everest)।]

গৌল্মিক পুং [গুল্ম+ইক (ঠক্)] গুল্মে (রক্ষণার্থ স্থানভেদে) নিযুক্ত পুরুষ; গুল্মরূপরক্ষণার্থস্থান-নিযুক্ত যামিক সেনাভেদ (ত.বা); এক-গুল্মের অধিনায়ক {(দ্র 'গুল্ম (৭)} | "মধ্য° মহা ১০.৮.৩৯; ৯৭। গৌল্মিকগণ ব.প্র ১২৬।

গ্রথ সর্ম্ম [সং √গ্রন্থ্—গ্রথিত > √গ্রথ; অপ্র] রচনা করা; গাঁথা। "রুদ্রাক্ষ গ্রথিয়া ম.পা ৭; (পুষ্প) গ্রথিলেক ২৭; ৩০; গ্রথিয়া…মালা ৯২; ১৬২।

গ্রথন ক্লী [√গ্রন্থ্+অন (ক্যু) বাহুলকে,-ভা] গ্রন্থন, গাঁথা (সুশ্রুত)। —থিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতগ্রন্থন, গুম্ফিত, রচিত। "কুসুমৈর্গ্রথিতাম্ (স্রজম্) রঘু ৮.৩৪। বিমানগ্রন্থে গ্রথিত (অক্ষরমালা--নক্ষত্রমণ্ডল) প.তৃ ৩৬। ২ রচিত, নিবদ্ধ। "কলিদাসগ্রথিতবস্তুনা। —শ ১২। ৩ আক্রান্ত। ৪ হিংসিত।

গ্রন্থ্ সক [ক্র্যা, প—গ্রথ্নাতি; সেট্] গ্রন্থন, রচনা। —ন্থ্ সক [চু.প—গ্রন্থয়তি; সেট্] গ্রন্থন। —ন্থ্ (গ্রথি) অক [ভ্বা, আ—গ্রন্থতে; সেট্] ১ কৌটিল্য, কুটিলীভাব। ২ (সক) কুটিলীকরণ। [উদ্—উদ্গ্রন্থন, উত্তোলনপূর্ব্বক বন্ধন। "রঘু ২.৮। সম্—রচনা। "কি ৮.৩৭।]

গ্রন্থ পুং [√গ্রন্থ্+অ (ঘঞ্-ভা] ১ গুম্ফন, গাঁথা। ২ নিবন্ধ, রচনা। ৩ [+অ-র্ম্ম] গ্রথিত বিষয়; সন্দর্ভ, প্রবন্ধ, পুস্তক। "গ্রন্থারম্ভ, °বিস্তর, °সমাপ্তি, উত্তর°। °গ্রন্থি।—নৈ ২২.৩। পূর্ব্ব গ্রন্থে ইহা করিয়াছি নিবেদন চৈ.চ ৩৪৬। ৪ দ্বাত্রিংশদক্ষরী (ত্রিকাণ্ডশেষ); অনুষ্টুপ্‌ছন্দঃ। ৫ শাস্ত্র। ৬ ধন, বিত্ত। —ন্থন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ গুম্ফন, রচনা। "°রজ্জুর মূল।—হেম ১৫৩। ২ সর্থ 'গ্রন্থ' পুং (২)। —ন্থনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'গ্রন্থন'। [°কর্ত্তা (-র্ত্তৃ), °কার, °কৃৎ (পুং)—সন্দর্ভকারক, পুস্তকরচয়িতা। °কুটী (স্ত্রী)—পুস্তকালয়। °কীট (বি)—গ্রন্থের কীটতুল্য; গ্রন্থপ্রিয় পাঠক। °বিস্তর, -স্তার (পুং)—সন্দর্ভবাহুল্য, গ্রন্থবৃদ্ধি।]

গ্রন্থি পুং [√গ্রন্থ্+ই (ইন্)-ভা] ১ গ্রন্থন, বন্ধন, বাঁধা। ২ সর্থ 'গ্রন্থ্' অক (১,২)। ৩ [+ই-ণ] 'গ্রন্থনসাধন', বংশাদির সন্ধি, গাঁট। ৪ কাণ্ডসন্ধি। ৫ শরীরসন্ধি। "শিথিলশরীর° প.তৃ ১৪। ৬ রজ্জু-প্রভৃতির বন্ধ; গাঁট, গিরো। "মনু ২.৪৩। সূক্ষ্মগ্রন্থিনা (বন্ধলেন)।—শ ১.২৮, টীকা। পর্য্যঙ্কগ্রন্থিবন্ধ মৃ ১.১। ৭ মাত্রাভস্ত্রা, টাকার থলিয়া; ধন, অর্থ। "পরকরগত°।—পঞ্চ ১.১১; সুবর্ণ° ২১৪৬। ৮ চিজ্জড়-গ্রন্থনরূপ অহঙ্কার (শ্রীধর); মায়াপাশ (শ.ক)। "ভিদ্যতে হৃদয়-গ্রন্থিঃ ভ ১.২.২১। ৯ ভদ্রমুস্তা; গ্রন্থিপর্ণবৃক্ষ। ১০ রোগবিশেষ। "সুশ্রুত ৪.১৮.১। ১১ (বাঙলায়) গ্রন্থিযুক্ত ত্রিগুণ উপবীত। [গ্রন্থে—

শরীরের গ্রন্থিতে গ্রন্থিতে। "গ্রন্থে গ্রন্থে কাটিতে লাগিল ক.চ ১৬।]

গ্রন্থিক পুং [গ্রন্থ+ইক (ঠন্) অস্ত্যর্থে] ১ 'পঞ্জিকাদিজ্যোতিষগ্রন্থযুক্ত', দৈবজ্ঞ, গণক। ২ বিরাটগৃহে গুপ্তাকার নকুল। "মহা ৪.১২.৮। [কাশীদাসীতে 'দারুগ্রন্থী']। ৩ করীরবংশ। ৪ কর্ণরোগবিশেষ। —ক ক্লী ১ পিপ্পলীমূল। ২ গুগ্গুলু।

গ্রন্থিচ্ছেদক, -ভেদ, -ভেদক, -মোচক পুং [ষ.ত ; গ্রন্থি+√ভিদ্+অ (অন্) ; উ.ত] যে গ্রন্থি ছেদন বা মোচন করে ; চৌর-ভেদ; গাঁঠ-কাটা (cut-purse)। "°দ মনু ৯.২৭৭। °ক বিষ্ণু ৩.১৩৫। °দ যাজ্ঞ ২.২৭৭। °ক শ ৬২।

গ্রন্থিত বি [√গ্রন্থি+ত (ক্ত)-র্ম্ম] ১ সর্থ 'গ্রথিত (১)'। "গ্রন্থিত মালতীমালা কুঞ্চিত কুন্তলে চ.কা ২১৪। প্রশ্নোত্তরমালা মনোমধ্যে গ্রন্থিত হইতে লাগিল ব.প্র ১৫১। ২ নিবদ্ধ, লিখিত। "তাহার বিবরণ কিঞ্চিত পারস্যভাষায় গ্রন্থিত আছে ব.প ১৬৮২।

গ্রন্থিপর্ণ ক্লী [বহুব্রী] ১ যাহার পর্ণ গ্রন্থী ; বৃক্ষবিশেষ, গাঁঠিয়ালা। ২ গন্ধদ্রব্য 'চোরক'।

গ্রন্থিবন্ধন ক্লী [ষ.ত] ১ গ্রন্থির বন্ধন ; গাঁঠবাঁধা। ২ বিবাহে বর-কন্যার বস্ত্রদ্বয়ের বন্ধন ; গাঁঠ-ছড়া-বাঁধা। ৩ জন্মতিথিতে গোরোচনাদি-যুত-সূত্রবন্ধন (ত.বা)। ৪ দেহসন্ধিবন্ধন, সন্ধিবন্ধ (ligament)।

গ্রন্থিমান্ (-মৎ) বিণ [গ্রন্থি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -মতী] গ্রন্থিযুক্ত, গ্রন্থিল, গাঁঠ-দেওয়া। "কৃষ্ণত্বচং গ্রন্থিমতীং দধানম্ কু.স ৩.৪৬। —মান্ পুং অস্থিসংহারক বৃক্ষ ; হাড়জোড়া (ভাবপ্রকাশ)।

গ্রন্থিল বিণ [গ্রন্থি+ল (লচ্) অস্ত্যর্থে] গ্রন্থিযুক্ত, গাঁঠওয়ালা। —ল পুং ১ পিপ্পলীমূল। ২ আর্দ্রক। ৩ চোরনামক গন্ধদ্রব্য। ৪ পিণ্ডালু। —লা স্ত্রী ১ ভদ্রমুস্তা। ২ গণ্ডদূর্ব্বা ; মালাদূর্ব্বা।

গ্রন্থিহর পুং [গ্রন্থি+ √হৃ+অ (অচ্)-ক ; উ.ত] মন্ত্রী।

গ্রন্থী(-ন্থিন্) পুং [গ্রন্থ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ 'সমস্তগ্রন্থার্থবান্', সমগ্রগ্রন্থাধ্যেতা। "অজ্ঞেভ্যো গ্রন্থিনঃ শ্রেষ্ঠাঃ মনু ১২.১০৩। ২ বিদ্বান্, পণ্ডিত (A.)। ৩ গ্রন্থযুক্ত। ৪ [√গ্রন্থ্+ইন্ (ণিনি)-ক-১ব] গ্রন্থনকর্ত্তা।

গ্রস্ সক ১ [ভ্বা, আ—গ্রসতে ; সেট্] গ্রাস, ভক্ষণ। "হিমাংশুমাশু গ্রসতে (স্বর্ভানুঃ) মাঘ ২.৪৯। ২ [চু, ভ্বা, প—গ্রাসয়তি, গ্রসতি] গ্রাস। "গ্রাসয়তি ফলং লোকঃ (ক.ক)। গ্রসতি তব মুখেন্দুং পূর্ণচন্দ্রং বিহায়। ৩ গ্রহণ (ক.ক)। [সম্—বিনাশন। "ভট্টি ১২.৪।]

গ্রসন ক্লী [√গ্রস্+অন (ল্যুট্)-ভা] ১ ভক্ষণ, গ্রাস। ২ রাহুকৃত চন্দ্রসূর্য্যের উপরাগ বা গ্রহণ। ৩ গ্রহণ। ৪ [+অন-ণ] মুখান্তর্ব্বর্ত্তী ছিদ্র। "ভ ৩.১৩.৩৬। —সিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক ; স্ত্রী -ষ্ণু] গ্রসনশীল। "গী ১৩.১৬। —সিষ্ণু পুং পরমাত্মা।

গ্রস্ত বিণ [√গ্রস্+ত (ক্ত)-র্ম্ম ; তু 'গ্রস্থ'—"বৈরী° ম.পা ৫০ ; বিপদ্° ৫১] ১ ভক্ষিত, গিলিত। ২ অভিপন্ন, আক্রান্ত, পীড়িত। "শোক° (S.W.)। চিত্রামিব রাহুগ্রস্তাম্ গো.রা ৫.১৮.১৪। চিন্তা°।—পঞ্চ ৫.১১। তীব্রাময়° যাজ্ঞ ৩.২৪৪। আশাগ্রহ° হি ২.২১। আত্মা চ জরয়া গ্রস্তঃ ভ ১.১৩.২১। ৩ নিমীলিত। "উচ ৫.১৩। ৪ রাহুভক্ষিত, উপপ্লুত, উপরক্ত। "রূপং গ্রস্তস্যাংশুমতঃ রা ২.৪২.১২। মহা ৩.৬৮.১৪। ৫ গুপ্ত, প্রচ্ছন্ন, অস্পষ্টীকৃত। "সা.দ ১০। ৬ লুপ্ত, অনুচ্চারিত। ৭ গৃহীত, ধৃত (A.)। —স্ত ক্লী লুপ্ত (অনুচ্চারিত) বর্ণ বা পদ (অ.টী)। [গ্রস্তাস্ত (পুং)—গ্রস্ত হইয়া অস্তগত সূর্য্য বা চন্দ্র ; অদৃষ্টমোক্ষ গ্রস্তাস্তমিত সূর্য্যচন্দ্র। গ্রস্তোদয় (পুং)—রাহুগ্রস্ত সূর্য্যচন্দ্রের উদয়।]

গ্রহ্ সক [ক্র্যাদি. এ—গৃহ্ণাতি -হ্নীতে ; সেট্ ; তু (ছান্দস) √গ্রভ্] ১ গ্রহণ ; স্বীকার। "স তাভ্যো বলিমগ্রহীৎ।—রঘু ১.১৮। ২ ধারণ। "তন্নোর্জ্জগৃহতুঃ পাদান্ রঘু ১.৫৭। ৩ প্রাপ্তি। ৪ অবলম্বন। ৫ আশ্রয়। ৬ জ্ঞান। ৭ বশীকরণ। "রঘু ১৮.১৩। [অতি—অতিক্রমপূর্ব্বক গ্রহণ। অনু—অনুগ্রহ। অব—অনাদর, নিগ্রহ। উদ্—উদ্যম। "শক্তিমুদগ্রহীৎ।—ভট্টি ১৫.৫২। উপ—উপগ্রহ। নি—নিগ্রহ, পীড়ন। পরি—পরিগ্রহ, আদান। প্র—প্রকৃষ্টগ্রহণ। প্রতি—প্রতিগ্রহ, স্বীকার। বি—বিগ্রহ, বিরোধ, বিভাগ। সম্—সংগ্রহ, সঞ্চয়।]

গ্রহ[১] বিণ [√গ্রহ্+অ (অচ্)-ক] গ্রাহক। "যূয়ং ফলগ্রহাঃ ভ ৮.৬.২৩। —হ পুং ১ ফলদায়করূপে গ্রাহক ; সূর্য্যচন্দ্রাদি নব। "তারা° রঘু ৬.২২। ২ গ্রহের সংখ্যানুসারে নয় (৯) এই সংখ্যা। ৩ রাহু। "রঘু ১২.২৮। ৪ পূতনাদি বালঘাতিনী অপদেবতা। দ্র 'সুশ্রুত ৬.২৭.১-৫। ৫ অপদেবতামাত্র। ৬ গৃহ। "অগ্রহ, খর°, °ক্রম, °পতি (S.W)। উত্তর গোগ্রহে ম ৬৮৬। শ্রী.মা ২১৪। ৭ মকর। দ্র 'গ্রাহ'। ৮ [+ অ (অপ্)-ভা] গ্রহণ, স্বীকার, প্রাপ্তি। "যথা দায়স্তথা গ্রহং মনু ৮.১৮০। জন্ম° শৃ ২। ৯ ধারণ। "পাদ°। ১০ আকলন, আকর্ষণ। "(তং প্রিয়াঃ) রুরুধুঃ কচগ্রহৈঃ রঘু ১৯.৩১। ১১ বোধ, জ্ঞান, গ্রহণ। "অর্থ°, শব্দ°। ১২ গ্রহণ, অপহরণ। "অঙ্গুলী গ্রন্থিভেদস্য ছেদয়েৎ প্রথমে গ্রহে মনু ৯.২৭৭। ১৩ গ্রহণ, উচ্চারণ। "নামজাতি °মনু ৮.২৭১। ১৪ নির্ব্বন্ধ, আসক্তি, আগ্রহ। "তদীয়াস্ত্রং গ্রহীতুং গ্রহমকরবম্।—হি ১। পঞ্চ ১.২৮৩। পুত্র দারা ধন কিবা তারে নাহি গ্রহ।—অ.প ১২৩। ১৫ গ্রহণ, আক্রমণ। "মোক্ষয়িত্বা গ্রহম্ রিপোঃ মহা ৩.১৫৭.১১। বকঃ...মৃতঃ কর্কটকগ্রহাৎ।—পঞ্চ ১.২৩২। ১৬ অভিনিবেশ। "অনবগ্রহ° নৈ ১.১২০। ১৭ উপরাগ ; রাহুগ্রাস। "হিমকরধ্বংসে চ রাহুগ্রহঃ শৃ ২। ১৮ অনুগ্রহ, অনুকম্পা। ১৯ নাশন, ক্ষয়। "প্রাণ° (A.)। ২০ রণোদ্যম। ২১ মলবন্ধ (ত.বা)। ২২ [+অ-র্ম্ম] যুদ্ধাদিতে গৃহীত (লুণ্ঠিত) দ্রব্য ; লোপ্ত্র (booty)। ২৩ ধনুমধ্যভাগ। ২৪ [+অ-ণ] 'গ্রহণসাধন', দর্ব্বি, হাতা। ২৫ (বাঙ্লায়) গ্রহজন্য বিপদ্ ; দুর্দ্দৈব। [°ওঝা—গ্রহাচার্য্য, দৈবজ্ঞ। "ক.চ ১২১ ; ২২২। °চিন্তক (পুং)—দৈবজ্ঞ। °গ্রস্ত (বিং)—গ্রহাক্রান্ত, গ্রহপীড়িত। "চৈ ১৬০। °দশা (স্ত্রী)—গ্রহের ফলদানের অবস্থা। °দেবতা (স্ত্রী)—সূর্য্যাদির অধিদেবতা। °নায়ক (পুং)—সূর্য্য ; শনি। °নিগ্রহ (পুং)—অনুগ্রহ ও নিগ্রহ। °নেমি (পুং)—নিম্নাবস্থান হেতু গ্রহগণের নেমিতুল্য ; চন্দ্র। °পতি (পুং)—সূর্য্য ; চন্দ্র। °পীড়ন (ক্লী), °পীড়া (স্ত্রী)—১ গ্রহকৃত দুর্দ্দৈবঘটন। ২ রাহুকৃত পীড়ন ; রাহুগ্রাস। "হি ১.৫২। °পূজা (স্ত্রী), °যাগ (পুং)—গ্রহার্চ্চনা, গ্রহযজ্ঞ। °বলি (পুং)—গ্রহযজ্ঞ। °বিপ্র (পুং)—গ্রহাচার্য্য। "ক.চ ৮৭। শ্রী ৪৯। °বৈগুণ্য (বি)—গ্রহপ্রতিকূলতা, দুর্দ্দৈব। °রাজ (পুং)—১ গ্রহপতি, সূর্য্য। "তেজে গ্রহরাজ।—ম ১২৫৩। শ্রী.মা ২১৪। ২ চন্দ্র ; বৃহস্পতি। °শান্তি (স্ত্রী)—যাগাদি দ্বারা দুর্দ্দৈবনিবারণ। গ্রহাধার, -শ্রয় (পুং)—গ্রহগণের আশ্রয়ভূত ধ্রুবনক্ষত্র। গ্রহাধীশ, -হেশ, -হেশ্বর (পুং)—গ্রহপতি সূর্য্য। গ্রহাচার্য্য (পুং)—দৈবজ্ঞ। গ্রহাময় (পুং)—ভূতাদির আবেশজন্য পীড়া।]

গ্রহ[২] সর্ম্ম [সং √গ্রহ্ >প্রা √গহ ; অপ্র] গ্রহণ করা। "তূণীর গ্রহিল অ.প ১২ ; গ্রহিব ১৭ ; গ্রহ তাম্বুল ৩৫ ; ৩৭। ব.প ৫৭৭। [গহিল—গ্রহণ করিল। "তাম্বুল গহিল অ.প ৩৫। গ্রহিবারে—গ্রহণ করার নিমিত্ত (প.ক)।]

গ্রহণ ক্লী [√গ্রহ+অন (ল্যুট্)-ভা] ১ আদান, লওয়া। ২ স্বীকার, ধারণ। "মূর্ত্তি°, বেশ°, শরীর°। নেপথ্য° রঘু ১৭.২১। ৩ আকলন, ধারণ। "ন শেকুর্গ্রহণে তস্য ধনুষঃ।—রা ১.৬৬.১৯। ৪ দর্শন। "দূর°। —ভ ৫.৫.৩৫। ৫ আদর। "সতাং গ্রহণমুত্তমম্ (সুশ্রুত)। ৬ প্রাপ্তি, লাভ। "অগস্ত্যস্য ধনুষো গ্রহণম্ রা ১.৩.১৯। ৭ স্বীকার, পান। "অম্ভোবিন্দু° পু.মে ২২। ৮ বোধ, উপলব্ধি। "গুণানাং গ্রহণম্ মহা

১৪.৪৩.২৮। লিপের্যথাবদ্‌গ্রহণেন রঘু ৩.২৮। **৯** মারণ, হনন। "শ্বা মৃগগ্রহণে শুচিঃ মনু ৫.১৩০। **১০** সংস্পর্শ। "আচারধূমগ্রহণ রঘু ৭.২৭। **১১** আকর্ষণ। "কেশ°, রস°। **১২** আদান, উচ্চারণ, নির্দ্দেশ। "বহুল° (ব্যাকরণে)। নামগ্রহণে অধিকারী সী ২২। **১৩** রাহুগ্রাস, উপরাগ। "°সময়বেলা বর্ত্ততে শীতরশ্মেঃ শূ ৬। **১৪** অবরোধ, বন্দীকরণ। **১৫** অধ্যয়ন, অভ্যাস। "ব্রহ্মণো গ্রহণম্ মনু ২.১৭৩; ৩.১। **১৬** মূল্য-বিনিময়ে স্বীকার; ক্রয়। **১৭** ভারাদিধারণ। **১৮** প্রবৃত্তি। "ভ ৩.১৪৪। **১৯** [+অন-র্ম্ম] বন্দি। **২০** শব্দ। **২১** [+অন-ণ] 'জ্ঞানসাধন', ইন্দ্রিয়। **২২** 'গ্রহণসাধন', হস্ত। **২৩** অনুগতসংস্থানব্যঞ্জন, ব্যাবৃত্ত-সংস্থান। "আকৃতিগ্রহণা জাতিঃ পা ৪.১.৬৩। —ণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] গ্রহণযোগ্য, আদেয়, স্বীকার্য্য; অবলম্বনীয়, জ্ঞেয়। —হীতব্য বিণ [+তব্য-র্ম্ম] **১** সর্ব 'গ্রহণীয়'। **২** অভ্যসনীয়, শিক্ষণীয়। **৩** জ্ঞেয়, অবগন্তব্য। —হীতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] **১** গাহক, স্বীকর্ত্তা। **২** ক্রেতা। —হীতা পুং ১ ঋণকর্ত্তা, অধমর্ণ। "মনু ৮.১৬৬। **২** পরিণেতা, বর। "সর্ব্বতঃ প্রাঙ্মুখো দাতা গ্রহীতা চ উদঙ্মুখঃ।

গ্রহণি, -ণী স্ত্রী [√গ্রহ্+অনি-ক, উ ৫.৬৭; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] **১** অগ্ন্যধিষ্ঠাননাড়ী। **২** গ্রহণীর রোগবিশেষ; গ্রহণীর রোগ; প্রবাহিকা।

গ্রহন্থ বি [সং গ্রন্থ, 'হ'-আগম; অপ্র] পুস্তক। "গ্রহন্থ জ্যোতিষ ম.পা ৬২, ১০৭; ১২৫। —ন্থি বি [সং গ্রন্থি] গ্রন্থি, গাঁট। "যুগ্ম গ্রহন্থি ম.পা ৩৮।

গ্রাবা (-বন্) পুং [√গৃ+বন্ (ক্বন্)-ক, গৃ > গ্রা (অ.টী); ছান্দস] **১** পর্ব্বত। **২** প্রস্তর। "ভ ৪.৫.১৮। উ.চ ১.২৮। **৩** (সাদৃশ্যে) মেঘ।

গ্রাবু বি [?] দুই পক্ষে দুই জন করিয়া চার জনের তাস খেলা।

গ্রাম পুং [√গ্রস্+ম (মন্)-ধি, উ ১.১৪০; √গম্+অ (ঘঞ্)-র্ম্ম, নিপাতিত (অ.টী); ছান্দস] **১** যেখানে ভোগী ভোগ্য গ্রাস করে; লোকের গমনস্থান; বিপ্রাদিবর্ণপ্রায় প্রাকারপরিখাদিহীন বহুজনবসতি (অ.টী); সংবসথ। বিপ 'অরণ্য, পুর, নগর'। 'বিপ্রাশ্চ বিপ্রভৃত্যাশ্চ যত্র চৈব বসন্তি তে। স তু গ্রাম ইতি প্রোক্তঃ শূদ্রাণাং বাস এব চ॥ —ভাগবতটীকা। "ঋগ্বেদ ১০.১৪৬.১। রা ২.৬০.১২। °দশেশ, °শতেশ মনু ৭.১১৬,-৭। রঘু ১.৪৪। [একক্রোশপরিমিত ও সহস্র-রৌপ্যমুদ্রারাজস্ব ভূভাগ 'গ্রাম' (শু ১.১৯৩)] **২** সমূহ, নিচয়। "অস্ত্র°, তন্ত্র°, দুঃখ°, মন্ত্র°, বিষয়°, শব্দ°। পা ৮.২.৮৪, কাশিকা। ইন্দ্রিয়°গী ৬.২৪; ভূত° ৮.১৯। গুণ° কু ১৪৬। রাক্ষস° মে ১৭৬; শৃঙ্গনাদি° ১৯৮। [সমাসে উত্তরপদ]। **৩** (সঙ্গীতে) ষড়্জ মধ্যম ও গান্ধার—এই ত্রিবিধ স্বরবিভাগ। 'ষড়্জমধ্যমগান্ধারাস্ত্রয়ো গ্রামা মতা ইহ। "ন.প ১৫২। সপ্ত সুর তিন গ্রাম ভা.চ ১৩। [°কণ্টক (পুং) —গ্রামের পীড়ক; কু-গ্রামবাসী। °কুক্কুট (পুং)—গৃহপালিত কুক্কুট। বিপ 'আরণ্য-কুক্কুট, বনকুক্কুট'। °গৃহ্য (বিণ)—গ্রামবহির্ভূত। দ্র 'গৃহ্য'। °ঘাত (পুং)—গ্রামলুণ্ঠন। "মনু ৯.২৭৪। °ঘাতী (-তিন্) বিণ —সমূহহন্তা (নীলকণ্ঠ); গ্রামস্থলোকপোষণার্থ পশুঘাতক (ত.বা)। "মহা ১২.৩৪.৬। °চর্য্যা (স্ত্রী), °ধর্ম্ম (পুং)—স্ত্রীসম্ভোগ। °চূড়া (বি)—শ্রেষ্ঠগ্রাম, গণ্ডগ্রাম। "বা.দ ১৫। °চৈত্য (ক্লী)—গ্রামস্থ রথ্যাবৃক্ষ। "পু.মে ২৩। °জাত (বিণ)—অফালকৃষ্টভূমিজাত, গ্রাম্য (ফল, মূল)। "মনু ৬.১৬। °জাল (ক্লী)—গ্রামসমূহ, চক্র। °তা (স্ত্রী)—গ্রামসমূহ। °দশেশ (পুং)—দশগ্রামাধ্যক্ষ। "মনু ৭.১১৬। °পাল (পুং)—গ্রামাধ্যক্ষ; গ্রামরক্ষকসৈন্য। °ভৃত (পুং)—গ্রামজন-পালিত অপকৃষ্টব্রাহ্মণ। °মৃগ (পুং), °সিংহ (বি)—কুক্কুর। "ভ ৩.১৮.১০। °সিংহ ম ৮৪২, টীকা। °যাজক, °যাজী (-জিন্) পুং—গ্রামস্থ নানাবর্ণের পুরোহিত; অপকৃষ্টবিপ্রবিশেষ। "°ক মহা ৩.১৯৯.৭। °জী মনু ৪.২০৫। যাজ্ঞ ১.১৬৩। °বাসী (-সিন্; বিকল্পে 'গ্রামেবাসী') বিণ—গ্রামস্থিত। °সম্বন্ধ (বি)—একগ্রামে বাস হেতু সম্পর্ক। "গ্রামসম্বন্ধে তুমি আমা সবাকার ভাই চৈ.চ ৫৫; ৬৪।]

গ্রামণী পুং [গ্রাম+√নী+ক্বিপ্ (০)-ক, ণত্ব (পা ৩.২.৬১, সি); উ.ত] **১** গ্রামনায়ক, গ্রামাধ্যক্ষ; প্রধান। **২** নাপিত। "শ্রী.মা ৩৯। **৩** 'ভূতগ্রামনায়ক', বিষ্ণু (মহা)। —ণী স্ত্রী **১** বেশ্যা। **২** নীলিকা, নীলগাছ। [°পুত্র (পুং)—বেশ্যাপুত্র।]

গ্রামভাটি বি ['গ্রামবৃত্তি'—মূল] গ্রাম্যদেবতার বৃত্তি—অর্থাদি। "গ্রামভাটি ও নানাপ্রকার বাবের কথা উঠিতে লাগিল আ.দু ৭৪। বওআটে ছোঁড়ারা গ্রামভাটির জন্য বরকর্ত্তাকে ঘিরে দাঁড়ালো ছ ১৫৩।

গ্রামাধিকৃত, -ধিপতি, -ধ্যক্ষ পুং [ষ.ত] গ্রামণী।

গ্রামান্ত ক্লী [ষ.ত] গ্রামান্তিক, গ্রামসমীপ। "মনু ৪.১১৬।

গ্রামান্তর ক্লী [ময়ূরব্যংসকাদি, নি.স] অন্যগ্রাম।

গ্রামিক বিণ [গ্রাম+ইক (ঠক্) তৎসম্বন্ধার্থে; স্ত্রী -কী] **১** গ্রাম-সম্বন্ধী, গ্রাম্য। **২** অশিষ্ট, অসভ্য। **৩** (সঙ্গীতে) গ্রামসম্বন্ধী। —ক পুং **১** গ্রামবাসী। **২** গ্রামরক্ষণে নিযুক্ত; গ্রামাধিপতি। "মনু ৭.১১৬।

গ্রামী (-মিন্) বিণ [গ্রাম+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -মিণী] **১** গ্রামবাসী। "গ্রামিপুত্র মহা ৩.৬৫.৪৮। গ্রামী দেশী লোক, চৈ.চ ২৫১। **২** মৈথুনযুক্ত, লম্পট। —মী পুং **১** গ্রামস্বামী, গ্রামাধ্যক্ষ। "চৈ.চ ১৮৮।

গ্রামীণ বিণ [গ্রাম+ঈন (খ); স্ত্রী -ণা] **১** গ্রামে ভব; গ্রামস্থ। "গ্রামীণবধ্বঃ মাঘ ১২.৩৭। **২** গ্রাম্য, অশিষ্ট। **৩** ষড়্জাদিগ্রামসম্বন্ধী। —ণ পুং **১** গ্রামবাসী। **২** কুক্কুর। **৩** কাক। **৪** গ্রাম্যশূকর।

গ্রামীয় বিণ [গ্রাম+ঈয় (ছ)] গ্রামসম্বন্ধী, গ্রামজাত, গ্রামবাসী (জন)। —মীয়ক পুং [°য়+ক (কন্) স্বার্থে] গ্রামিকজন, গ্রাম-বাসী। "°কুল মনু ৮.২৫৪।

গ্রামেয় বিণ [গ্রাম+এয় (ঢক্); স্ত্রী -য়ী] গ্রামভব, গ্রামস্থিত। "গ্রামেয়ান্ গুণদোষান্ মনু (ত.বা)। —য়ক বিণ [°য়+ক (কন্) স্বার্থে] গ্রামভব।

গ্রাম্য বিণ [গ্রাম+য (যৎ); ছান্দস] **১** গ্রামভব, গ্রামস্থিত, গ্রাম-বাসী। বিপ 'আরণ্য'। "জ্ঞায়তাং কিমেতদারণ্যং গ্রাম্যং বা।—পঞ্চ ১৩১৫। **২** গ্রামসম্বন্ধী, গ্রামসুলভ। "গ্রাম্যমাহারম্ মনু ৬.৩। গ্রাম্যৈঃ ...কামৈঃ ভ ৬.১.৬৪; গ্রাম্যোহোপরম ৭.১১.৯। **৩** অশিষ্ট, অভদ্র। "গ্রাম্য ব্যবহারে পণ্ডিত চৈ.চ ২০৫। **৪** অবিদগ্ধ, রসকলানভিজ্ঞ, প্রাকৃত। "ভ ১০.৩৯.২৪। **৫** প্রাকৃত, মূঢ়। "°ভাব মাঘ ১৪.৬৪। **৬** প্রাকৃতোচিত, অশ্লীল, কুৎসিত। "গ্রাম্য কথা ভ.গ্র ২৯১; °বার্ত্তা-হীন ৩৬১। °বার্ত্তাভয়ে চৈ.চ ৯৪; ২২৬,-৯৫। **৭** বিদূষকাদি অধম বক্তার যোগ্য; গ্রাম্যতাদোষযুক্ত। 'কটিস্তে হরতে মনঃ'। অত্র কটিশব্দো গ্রাম্যঃ সা.দ ৭.২ (উদাহরণ)। **৮** ইন্দ্রিয়গ্রামার্হ, কামবিষক। "সক্তং গ্রাম্যেষু ভোগেষু গো.রা ৩.৩৭.৩। গ্রাম্যান্ কামানভীপ্সসে।—ভ ৪.২৫. ৩৬। গ্রাম্যরস ভুঞ্জিয়া সে করিলা সন্ন্যাসে চৈ.ভা ৪০৩। **৯** (সঙ্গীতে) ষড়্জাদি গ্রামসম্বন্ধী। —ম্য পুং **১** গ্রামবাসী প্রাকৃতজন; ঘোষাদি জন। "মাঘ ১২.৩৮। **২** গো অশ্ব অশ্বতর গর্দ্দভ উষ্ট্র প্রভৃতি গ্রাম্যপশু (সুশ্রুত); (মতান্তরে) গো মেষ ছাগ অশ্ব অশ্বতর গর্দ্দভ মনুষ্য (পৈঠীনসি)। "গ্রাম্যা বাতহরাঃ সর্ব্বে (সুশ্রুত)। **৩** পালিত শূকর (A.)। **৪** (জ্যোতিষে) মেষ ও বৃষরাশি। **৫** কাব্যের শব্দগত ও অর্থগত দোষবিশেষ। "সা.দ ৭.২। —ম্য ক্লী **১** গ্রাম্যসুখ, মৈথুনাদি ইন্দ্রিয়সুখ। "°মতি ভ ৪.২৮.৫৫। **২** স্ত্রীকরণ, মৈথুন। "মহা ২.৬৮. ২০। **৩** ভাণ্ডাদিবাক্য; অশ্লীল হালিকাদিবাক্য; অশ্লীল কথা।

৪ প্রাকৃতভাষা, গ্রামবাসীর কথা। ৫ গ্রামজাত ব্রীহিযবাদি ভক্ষ্য। "মনু ৬.৩। —ম্যা স্ত্রী ১ নীলী। ২ তুলসী। ৩ তিল মাষ ব্রীহি যব প্রিয়ঙ্গু গোধুম (ত.বা)। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী, °ধর্ম্ম (পুং)—মৈথুন। °ধর্ম্ম মহা ৩.৪৮.৪। °কর্ম্ম ভ ৫.১৪.৩১। °দেবতা (স্ত্রী)—গ্রামে স্থানবিশেষে অধিষ্ঠিত দেববিগ্রহ। °পশু (পুং)—দ্র 'গ্রাম্য' পুং (২)। °মৃগ (পুং)—কুক্কুর।]

গ্রাম্যতা স্ত্রী, -ত্ব ক্লী [গ্রাম্য+তা (তল্), +ত্ব] ১ গ্রাম্যভাব, অশ্লীলতা। "তিনি মুনিবেশ ধারণ করিতেন, সুতরাং মুনিবেশে আর গ্রাম্যতা রহিল না।—কাদ ৫২। ২ সর্ব 'গ্রাম্য' পুং (৫)।

গ্রাস পুং [√গ্রস্+অ (ঘঞ্)-ভা] ১ গলাধঃকরণ, ভক্ষণ। ২ গ্রহণ, রাহুস্পর্শ। ৩ অস্পষ্ট, উচ্চারণ (A.)। ৪ [+অ-র্ম্ম] মুখপূরক অন্নাদি; কুক্কুটাণ্ডমিত অন্নাদিপিণ্ড; কবল, পিণ্ড। 'কুক্কুটাণ্ডপ্রমাণস্তু যাবদ্ বা প্রবিশেন্ মুখম্। এতং গ্রাসং বিজানীয়াৎ…॥—পরাশর। "যাবতো গ্রসতে গ্রাসান্ মনু ৩.১৩৩; ১১.২১৪। পঞ্চ ৪.৭৫। গ্রাস কত খাই। —ক.চ ৪৪; ছোট গ্রাস তুলে যেন তে-আঁটিয়া তাল ৫০। ৫ ভোজ্যদ্রব্য, খাদ্যমাত্র। "তৃণঞ্চ গোভ্যো গ্রাসার্থম্ মনু ৮.৩৩৯। গ্রাসং দদৎ খাণ্ডবে পাবকায় (মহা)। ৬ সূর্য্যচন্দ্রের রাহুগ্রস্ত অংশ। ৭ পরস্পরখণ্ডিত বৃত্তদ্বয়ের মধ্যস্থ সাধারণ অংশ। [গ্রাসি—গ্রাস করিয়া। "বিচ্ছেদরাশি, চরাচরে আর সব ফেলিয়াছে গ্রাসি চ.কা ১১৯।]

গ্রাসশল্য ক্লী [উ.লো] গ্রাসস্থিত শল্য; অন্ন-কবলে স্থিত মৎস্যকণ্টকাদি। "গ্রাসশল্যে কণ্ঠাসক্তে…স্নেহং মদ্যং পানীয়ং বা পায়য়েৎ (সুশ্রুত)।

গ্রাসাচ্ছাদন ক্লী [স.দ্ব] অশন-বসন। "মনু ৯.২০২।

গ্রাহ বিণ [√গ্রহ্+অ (অণ্)-ক] গ্রহীতা, গ্রাহক। "কর্ণ°, ধনুর্°, পাণি°, পার্ষ্ণি°, ব্যাল°, হস্ত°। (রাক্ষসী) ছায়াগ্রাহী গো.রা ৪.৪১.৩৮। ঋক্‌থ° যাজ্ঞ ২.৫২। [সমাসে উত্তরপদ] —হ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ গ্রহণ, আদান। ২ স্বীকার। ৩ নির্ব্বন্ধ। "উরুগ্রাহগৃহীত মহা ৪.৫১.৭। ৪ আগ্রহ, নিশ্চয়। "মোহাদ্ গৃহীত্বাসদ্গ্রাহান্ গী ১৬.১০; মূঢ়° ১৭.১৯। ৫ জ্ঞান, বোধ। ৬ [+অ (ণ)-ক] 'গ্রাহক' হিংস্র জলজন্তুবিশেষ; মকর, কুম্ভীর। "কৈকেয়ীগ্রাহসঙ্কুল (শোকসাগর) রা ২.৭৭.১৩। (কালসাগরে) জরামৃত্যুমহাগ্রাহে।—মহা ১২.২৮.৪৪। ভ ২.৭.১৫। দুষ্টগ্রাহো যথা হ্রদঃ (নাধিগম্যতে)।—পঞ্চ ১.৪১৫। °রূপী ম ১০৫৫। ভ.প্র ৪৮। ৭ হিংস্র জলচরমাত্র। "নানাগ্রাহসমাকীর্ণ (সমুদ্র) মহা ৩.১০৪.২৩। ৮ জলহস্তী; শিশুক (শ.ক)। ৯ সর্প। "অজগরো গ্রাহঃ মহা ৩.৬৩.২১। ১০ (সাদৃশ্যে) রোগ। —হক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী হিকা] ১ গ্রহীতা। "অধমর্ণো গ্রাহকঃ স্যাৎ (অ.কো)। ২ বিষয়গ্রহীতা (ইন্দ্রিয়)। "মহা ৩.২১০.১৩। —ক পুং ১ শ্যেনপক্ষী, বাজ, শিকরে। ২ ব্যালগ্রাহী, বিষবৈদ্য, সাপুড়ে। ৩ পণ্যগ্রহীতা, ক্রেতা, খরিদদার। "পরিচিতগ্রাহকাগম।—পঞ্চ ১২৪৫। মদনমোহনের নাট, পসারি গন্ধের হাট, জগন্নাথী গ্রাহক লোভায় চৈ.চ ৩৫২। অরসিক গ্রাহকে এ রস চায়। মূল শুনে কানে, মাথা নোওয়ায় লু.র ১৫২,-৩। ৪ রাজপুরুষ স্থানপাল-প্রভৃতি (মিতাক্ষরা); চৌরোদ্ধরণিক (?), পুলিসের কর্ম্মচারী। "গ্রাহকৈর্গৃহ্যতে চৌরঃ যাজ্ঞ ২.২৬৯। ৫ (বাঙলায়) সংবাদপত্রাদির গ্রহীতা (subscriber)। "ইংলিশম্যান হরকরা…গ্রাহকদের দরজায় উপস্থিত হয়েছে।—হু ১০। —হিত বিণ [√গ্রাহি+ত (ক্ত)-র্ম্ম] বোধিত। "অসারং গ্রাহিতো বালঃ।—বিষ্ণুপুরাণ ১.১৭.১৭। —হী (-হিন্) বিণ [√গ্রহ্+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -হিণী] ১ গ্রাহক, গ্রহণশীল। "কর°, ব্যাল°, সার°, বিনয়° (অ.কো)। ২ ধারী, ধারক। "চামর°, ধনুর্°। ৩ গন্তা, গামী। "উৎপথ°। ৪ ভক্ষয়িতা। "(চিতাম্) নৃমাংসগ্রাহিণীম্।—ক.সা ২৫.১০০। ৫ মোহয়িতা, আকর্ষক। "কোকিলো হৃদয়গ্রাহী রা ১.৬৪.৬। মনোগ্রাহী (S.W.)। ৬ প্রতিরোধক, প্রতিকূল। "মা স্ম ভূগ্রাহিণী ভীরু ভট্টি ৫.৯৩। ৭ মলবন্ধক, ধারক। "(দাড়িমম্) গ্রাহি (ভাবপ্রকাশ)। ৮ ধারক (containing)। —হী পুং (মলরোধকত্ব হেতু) কপিত্থবৃক্ষ। —হী স্ত্রী [°হ+স্ত্রী ঈ (ঙীষ্)] মকরী, কুম্ভীরা। "গো.রা ৬.৮২.১৫৭। —হ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম; ছান্দস] ১ গ্রহণযোগ্য, গ্রহীতব্য। "বিষাদপ্যমৃতং গ্রাহ্যম্ মনু ২.২৩৯। ২ ধারণীয়। "শরঃ ক্ষত্রিয়য়া গ্রাহ্যঃ মনু ৩.৪৪। ৩ স্বীকার্য্য। ৪ জ্ঞেয়, বোধ্য। "সুখম্…বুদ্ধিগ্রাহ্যম্। গী ৬.২১। চক্ষুর্গ্রাহ্যং ভবেদ্ রূপম্ (ভাষাপরিচ্ছেদ)। ৫ উপসংগ্রহণীয়। "ব্রহ্মারম্ভেঽবসানে চ পাদৌ গ্রাহ্যৌ গুরোঃ সদা মনু ২.৭১। ৬ পরিণেয়, উদ্বাহ্য। "অবরা পতিতা চৈব ন গ্রাহ্যা ভূতিমিচ্ছতা।—মহা ১৩.১০৪.১৩৬। ৭ নিরোধনীয়। ৮ উপাদেয় (ত.বা)।

গ্রীক বি [E. Greek] গ্রীসদেশবাসী; গ্রীসের ভাষা। "তিন শত গ্রীক প.তৃ ৫৭।

গ্রীবা স্ত্রী [√গৄ+ব-ণ+স্ত্রী আ (টাপ্), নিপাতিত (অ.টী); উ ১.১৫২; °°বা' (বহুব—ধমনীসজ্ঘাত) "পা ৪.৩.৫৭; ছান্দস] ১ 'নিগরণসাধন', শিরোধি, কন্ধরা, গলা। "মনু ৮.২৮৩। °ভঙ্গ শ ১.৭। কম্বুগ্রীবা প.তৃ ১৮। শাবকহিংসাশঙ্কায় উত্তেজিতা হংসীর ন্যায় গ্রীবা ব.প্র ১৪১। ২ (বাঙলায়) গ্রীবার পশ্চাদ্‌ভাগ; ঘাড়। "বেণী বাঁকিলেও সে গ্রীবার উপরে অবন্ধ…কেশ সকল আসিয়া কেলি করে ব.প্র ১৪১। —বী (-বিন্) পুং [গ্রীবা+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] 'দীর্ঘগ্রীবাবান্', উষ্ট্র। [°পত্র (বি)—গ্রীবাভূষণবিশেষ। "গলে গ্রীবাপত্র পরে বি.পা ৪৯; ৭৭; ৮৭। ব.প ২১০। গ্রীবাম্বরে—গললগ্নীকৃতবাসে। "গ্রীবাম্বরে (অর্চ্চিল পদ) ম.পা ২; ৮, ২১; ১৩৬।]

গ্রীষ্ম বিণ [°ষ্ম+অ (অচ্) অস্ত্যর্থে] 'উত্তাপবান্', উত্তপ্ত, উষ্ণ। —ষ্ম পুং [√গ্রস্+ম (মক্)-ক, নিপাতিত, উ ১.১৪৭; ছান্দস] ১ 'রসগ্রাসক', নিদাঘ, উষ্ণকাল। দ্র 'ঋতু'। "গ্রীষ্মে পঞ্চতপাস্তু স্যাৎ মনু ৬.২৩। অন্তসি গ্রীষ্মসুখে রঘু ১৬৫৪। °সময় শ ১২৬। ২ উত্তাপ, উষ্মা। [°কালীন (বিণ)—গ্রীষ্মকালসম্বন্ধী। °জা (স্ত্রী)—'গ্রীষ্মজাতা', লবণী, লোণা; নবমল্লিকা। °ভবা (স্ত্রী)—নবমল্লিকা। °মণ্ডল (বি)—বিষুবরেখার উভয়পার্শ্বস্থ কর্কট-মকর ক্রান্তির অন্তর্গত গ্রীষ্মপ্রধান ভূভাগ (Torrid Zone)। °সুন্দর (পুং)—শাকবিশেষ, গিমাশাক। °হাস (পুং)—'গ্রীষ্মের হাসতুল্য'; ইন্দ্রতুল, বুড়ীর সুতা।]

গ্রেন্ বি [E. Grain] ইংরাজী ওজন—ভরির ১৮০তম ভাগ।

গ্রেপ্তার, -গ্রেপ্তারি, -রী দ্র 'গিরেপতার'।

গ্রৈব বিণ [গ্রীবা+অ (অণ্); স্ত্রী -বী] গ্রীবাভব, গ্রীবাস্থিত। —ব ক্লী ১ গ্রীবাভূষণ (necklace)। ২ হস্তীর গ্রীবায় বদ্ধ শৃঙ্খল; কণ্ঠবন্ধন। "নাগ্রসৎ করিণাং গ্রৈবম্ রঘু ৪.৪৮। —বেয় বিণ সর্থ 'গ্রৈব'। —বেয় ক্লী ১ গ্রীবালঙ্কার শৃঙ্খলাদি (রা.টীকা); কণ্ঠশৃঙ্খল। "হৈরণ্যকক্ষগ্রৈবেয় রা ১.৫৩.১৭। মহা ৬.৫৪.৫৪। মাতঙ্গ° রঘু ৪.৭৫। ২ কণ্ঠভূষণ। —বেয়ক বিণ [+এয়ক (ঢকঞ্), পা ৪.২.৯৬] গ্রীবাভব, গ্রীবাস্থ (অলঙ্কার)। "গ্রৈবেয়কোঽলঙ্কারঃ (সি)। —বেয়ক ক্লী ১ কণ্ঠভূষণ। "নূপুরম্…গ্রৈবেয়কমনুত্তমম্ (শ.ক)। ২ সর্থ 'গ্রৈব (২)।

গ্রৈষ্ম, -ষ্মিক বিণ [গ্রীষ্ম+অ (অণ্),+ইক (ঠঞ্); স্ত্রী -ষ্মী, -কী) গ্রীষ্মভব, গ্রীষ্মকালজাত। —ষ্মী স্ত্রী নবমল্লিকা।

গ্লপন বিণ [√গ্লৈ+ই (ণিচ্)—√গ্লপি+অন (ল্যুট্)-ভা; স্ত্রী -নী] গ্লানিকারক। —ন ক্লী [+অন -ভা] গ্লানিকরণ। "তদ্ বৈশদ্যলাঘব-

গ্লপন…করম্ (সুশ্রুত)। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম ; পক্ষে 'গ্লাপিত'] ১ খেদিত, অবসাদিত। ২ কর্শিত। "গরিম° মাঘ ৯.৪৯।

গ্লহ পুং [√গ্রহ্ +অ (অপ্)-র্ম্ম, 'দেবন' অর্থে, র >ল, পা ৩.৩.৭০ ; ছান্দস] অক্ষক্রীড়ায় পণ ; বাজি। "অক্ষ° মহা ২.৫৯.৮ ; ৭৬.৯। যাজ্ঞ ২.২০২।

গ্লান বিণ [√গ্লৈ+ত (ক্ত)-ক] ১ গ্লানিপ্রাপ্ত, অবসন্ন, খিন্ন। ২ রোগ হেতু ক্ষীণ (দেহাদি)। ৩ রোগী। —নি স্ত্রী [+তি (ক্তিন্) -ভা [১ হর্ষক্ষয়, খেদ, অবসাদ, গাত্রভ্রংস। "সুরত° পু.মে ৩১। অঙ্গ-গ্লানিং সুরতজনিতাম্ উ.মে ৯। তাঁর অঙ্গ গ্লানি৹ হরেছ, যমুনে প.তৃ ৫০। অন্তরগ্লানি।—রবীন্দ্র। ২ দৌর্ব্বল্য, বলহীনতা। ৩ হানি, হ্রাস। "ধর্ম্মস্য গ্লানির্ভবতি গী ৪.৭। ৪ স্বকর্ম্মে বৃত্তিরাহিত্য বা অসামর্থ্য। "মনশ্চ গ্লানিমৃচ্ছতি।—মনু ১.৫৩। ৫ (অলঙ্কারশাস্ত্রে) রতিশ্রমাদি-জাত অসামর্থ্যাদিকর ব্যভিচারিগুণভেদ। 'সা.দ ৩.১৭০। ৬ অমুৎসাহ। "ভ ৫.২৪.১৩। ৭ [+তি-ণ] রোগ (শ.ক)। ৮ (বাঙলায়) ঘৃণা, অবমাননাবোধ ; কলঙ্ক, অপবাদ। ৯ গ্লানিস্বরূপ। "ক্ষত্রকুলগ্লানি… লক্ষ্মণ !—মে ২০০ ; বীরকুলগ্লানি,—তুই !—২০৮। —স্নু বিণ [+স্নু (গস্নু) তাচ্ছীল্যে ; স্ত্রী -স্নু] গ্লানিশীল, অবসাদশীল। "ভট্টি ৭.৪।

গ্লানি, -স্নু ; গ্লাস্ দ্র 'গ্লান ; গেলাস'।

গ্লৈ অক [ভ্বা, প—গ্লায়তি ; অনিট্] ক্লম, হর্ষক্ষয়, ধাতুক্ষয়, বিষাদ। "ন হৃষ্যতি গ্লায়তি বা মনু ২.৯৮।

গ্লৌ পুং [√গ্লৈ+ঔ (ডৌ)-ক, উ ২.৬৪] ১ (প্রতিমাসে ক্ষয় হেতু) চন্দ্র। ২ কর্পূর।

ঘ

ঘ চতুর্থ ব্যঞ্জনবর্ণ ও ক-বর্গের চতুর্থ বর্ণ। দ্র 'ক১।

ঘগরি বি [হি ঘগ(ঘ)রী] ঘাগরা। "ঘগরি খসল বি.প ১৪১।

ঘগ্ঘগ্ বি [সং √ঘগ্ঘ্—হসন ; ধ্বন্যাত্মক] উচ্চহাস্যধ্বনি।

ঘচ(চা)ঘচ বি [হি ঘচাঘচ ; ধ্বন্যাত্মক] ধারাল অস্ত্রে নরম দ্রব্য ক্রমাগত কাটার শব্দ।

ঘট্ অক [ভ্বা, আ—ঘটতে ; সেট্] ১ চেষ্টা, যত্ন। "নানভীষ্টে ঘটামহে। —ভট্টি ২০.২৪। ২ সম্ভব, নিষ্পত্তি। "মা.মা ১.৮। নৈ ২২.২২। ৩ [চু, প—ঘাটয়তি ; সেট্] সজ্ঘাত, সংযোগ। "বিঘাটয়তি (সংহতা ভবতি) চাম্ফোটে বৈরিণাং করিণাং ঘটা (ক.ক)। —ট্ সক [চু, প —ঘাটয়তি] ১ সঙ্ঘাত, সংযোজন। "ঘাটয়তি কবাটং দ্বারি জনঃ (ক.ক)। ২ হিংসা, বধ। [প্র—প্রারম্ভ। "প্রজঘাট যুদ্ধম্ ভট্টি ১৪.৭৭। বি—১ বিঘটন, বিশ্লেষ, ভেদ। "বিজঘটে শৈলৈঃ ভট্টি ১৪.৬৬। ২ (ণিজন্ত) বিয়োজন। সম্—১ সংঘটন, সংযোগ। ২ (ণিজন্ত) সংযোজন। উদ্-ঘাট—উদ্‌ঘাটন, নিরাবরণ।]

ঘট১ পুং [ঘট্+অ (অচ্)-ক] ১ যাহা মৃত্তিকাদি দ্বারা ঘটে ; কলস, কুম্ভ। "অম্বু°, কনক°, ঘৃত°, মৃদ্°, সেচন°। কাঞ্চনৈর্ঘটৈঃ রা ২.৬৫.৮। চৈ.চ ১৪৬। ২ (সাদৃশ্যে) হস্তিশিরঃ, করিকুম্ভ। ৩ শিরঃ। দ্র 'মহা ১.১৫৫.৩৮, নীলকণ্ঠ। ৪ কুম্ভরাশি। ৫ কুম্ভপরিমাণ, দ্রোণ-পরিমাণ। ৬ সমাধিবিশেষ, কুম্ভক। ৭ স্তম্ভাংশ (A.)। ৮ ['ঘটা'-কাশ >'ঘট' (?) ; হি ঘট—দেহ, মন] (বাঙলায়) দেহ, মন। "আত্মরূপে সর্ব্বঘটে ভ্রমিয়া বেড়ায়।—ম ৫৪০ ; ১০০৮। উর গো আমার ঘটে ক.চ ২। উর ঘটে।—শ্রী ২ ; ৬২। তুমি সর্ব্বঘটময় বা.ম ২। ম.ভা ৫। সর্ব্বঘটে আছ কৃষ্ণ ব.প ৭৫০। ম.পা ১২৬। ঘটে তার কত বুদ্ধি ঘটে দা ২১২। এক অক্ষর যার ঘটে নাই।—হেম ৩৮০। স্নেহ মায়া কিছু কি নেই ঘটে ?—প.কা ৩৮। ৯ আবাহিত দেবতার অধিষ্ঠানভূত মৃত্তিকাদির কলস। "আমা সনে করি হঠ, চরণে লঙ্ঘিল ঘট ক.চ ১৯৩,-৪। ঘট জন্তে স্বর্ণঘট নিল।—দু ১৩। গণেশ-ঘটে ম.ভা ৫। ১০ ক্ষুদ্র মৃন্ময় কলসবিশেষ। —টা১ স্ত্রী [+অ (অঙ্) -ভা+স্ত্রী আ (টাপ্)] ১ ঘটন। ২ চেষ্টা, যত্ন। ৩ সঙ্ঘাত, সমূহ। "কৌশিক° উ.চ ১.২৭। অম্ভোদ° ভ ৩.১৭.৬। প্রলয়ঘন° (বে)। কাপালী° ক.চ ৮৭ ; সুপণ্ডিত° ১০১ ; বীরদানা° ২৬২,-৩ ; মাতঙ্গ° ২৬৫ ; দ্বিজ° ২৮৩। মেঘের ঘটা ম ৪৭৬ ; দৈত্য° ৫৪৩। বিপ্র° দু ১৫ ; জটার ঘটা ২৪। পদ্মিনী° শি ২৬ ; যদুবংশ° ৫৬। যোগিনী°, রিপু° বি.সু ৫ ; কমঠ° বা.দ ৬৮। নীরদ° ব.সু ১৫। ঝালর°। —হেম ৩৫৮। ৪ করিসমূহ, যুদ্ধাদিতে হস্তিসংঘাত। ৫ সভা, গোষ্ঠী। ৬ (বাঙলায়) পুঞ্জ, রাশি। "সিঁদুরের ঘটা।—হেম ১। বিকাশে গৈরিকঘটা-ছটা রক্তময়।—সা.ম ৪৯। ৭ আড়ম্বর, সমারোহ, জাঁক-জমক। "মহতী ঘটা করিয়া রাজা রঘুরাম কৃষ্ণচন্দ্র রায়ের বিবাহ দিলেন কৃ.চ ২৬ ; ৭৯। অর্কফলার ঘটাটা জাঁকাল রকম ব.প্র ২৪ ; বসনভূষণের ঘটা ২১২। ৮ বৈচিত্র্য, কৌশল। "শব্দের উপরে এত নির্ম্মাণের ঘটা শি ৯৯। যৌবনে…হাসি-চাহনির ঘটা ব.প্র ২১২। —টী স্ত্রী [°ট+স্ত্রী ঈ (ঙীষ্) অল্পার্থে, মুগ্ধবোধ ২৭৪] ১ অল্প ঘট ; ক্ষুদ্রকুম্ভ। ২ কালমানজ্ঞাপক সচ্ছিদ্রতাম্রঘটীসূচিত কাল ; দণ্ডাত্মক কাল ; দণ্ড, ঘড়ী, চব্বিশ মিনিট। দ্র 'ঘটিকা'। "বেলা সাত ঘটী কৃ.উ ১০৪, সপ্ত ঘটী বেলা ১০৫। সাত ঘটী রাতি শ্রী ৬২। ঘটী একে শত শ্লোক গঙ্গার বলিলা চৈ.চ ৫৮ ; ঘটী ক্ষণ পল ৮০। ৩ (বাঙলায়) কাঁসার বা পিতলের ঘটীর মত ক্ষুদ্র জলপাত্র। "এক ঘটী জল। [ঘটাখানা—আড়ম্বরটা। "মেঘের ঘটাখানা।—শিশু ৮৭। ঘটাপটা—আড়ম্বর-উদ্যোগ। "বড় ঘটাপটা কিছু হইল না ব.প্র ৪৩১। ঘটাপূর্ব্বক—সমারোহে, সমৃদ্ধ-সম্ভারে। "রাজা…ঘটাপূর্ব্বক যজ্ঞ সম্পূর্ণ করিলেন।—কৃ.চ ২৯। ঘটে ঘটে—দেহে দেহে ; হৃদয়ে হৃদয়ে। "সর্ব্ব জীবের ঘটে ঘটে বসতি তোমার ম.পা ১৪১। ঘটে ঘটে বিরাজিত বি.পা ৮। তু 'হি অন্তরযামী ঘট ঘট বাসী। উলঙ্গের ঘটা—নগ্নসমূহ। "অনঙ্গ তরঙ্গ হোলো উলঙ্গের ঘটা শ্রী.মা ৩৬।]

ঘট২ অর্ম্ম [সং √ঘট্ >লি √ঘট, প্রা √ঘড] ১ সংঘটিত হওয়া ; ঘটা, হওয়া। "দশাদোষে দুঃখ ঘটে শ্রী ৪। লাভে হৈতে মোরে ফের ঘটে ভা.চ ৩৪৩। ২ ন্যায্য বা যুক্তিসঙ্গত হওয়া ; উচিত হওয়া। "নারী বলে দূতে দণ্ড দিতে নাই ঘটে শ্রী.মা ১৯১। ৩ সম্ভব হওয়া। "বিবাহ করিতে তবে আমাকে না ঘটে শ্রী.মা ১৪৫। বস্ত্রাভাবে কটিতটে, যদি কারু কপনি ঘটে, উলঙ্গ হতে তো ভাল দৃষ্ট দা ৪৯ ; ঘটে তার কত বুদ্ধি ঘটে ২১২ ; ৮১৪। ৪ আবির্ভূত হওয়া। "ভাবিতে ভাবিতে ভাব ঘটে তখনি দা ৭২। ৫ কার্য্যে পরিণত হওয়া। "যা বলেছি, তাই ঘটেছে। ৬ সম্মিলিত হওয়া। "বিঘটি কি ঘটল চকোরক জোর (গো)। —টা২ সর্ম্ম [সং √ঘটি—ঘটয় >লি √ঘটাপে, প্রা √ঘডার ; বা √ঘট+আ৮] ১ উপস্থাপিত করা ; যোজনা করা। "শুনিয়া আনন্দে ধনী নানার্থ ঘটায় ভা.চ ৩২৪। ২ সংঘটিত করা ; ঘটান। "ঘটাবি একটা দুর্যোগ, তারি কচ্ছিস্ উদ্যোগ দা ৯৪৮। বিধিবাদশা কেন ঘটাইবি।—মে ২৪৯। ৩ কার্য্যে পরিণত করা। "যে মোর করমে৹ লিখন আছিল৹ বিধি ঘটাওল মোরে জ্ঞা ১৭৩। ৪ যোজনা করা ; হওয়ান। "হাবাগোবা বোবা, বিধাতা ঘটালো মোরে শ্রী ৯২। বুড়া বর ঘটাব তোমারে ভা.চ ৫৯ ; রাজাকে রাণীকে কয়ে ঘটাইতে পারি ৩৩৯। কো ঘটাওল৹ শ্যামর গোরী সাঙ্গাতি।—গো ১০৭। হরি সঞে নেহ ঘটায়ল (প.ক)। ৫ সম্পাদন করা ; করা। [ঘটল —মিলিল। ঘটা৩—সর্ম 'ঘট২। ঘটান—সর্ম 'ঘটা২। ঘটাও(য়)ল —ঘটাইল।]

ঘটক বিণ [√ঘটি+অক (ণুল্)-ক ; স্ত্রী -টিকা] ঘটয়িতা ; যোজক, সাধক। "তে তে সৎপুরুষাঃ পরার্থঘটকাঃ স্বার্থস্য বাধেন যে।—ভর্তৃহরি। "ইহার ঘটক কেবা ভা.চ ৩৭০। —ক পুং ১ বরকন্যার বিবাহে যোজক ; কুলাচার্য্য (match-maker, genealogist)। 'অংশং বংশং তথা দোষং যে জানন্তি মহাজনাঃ। ত এব ঘটকা জ্ঞেয়াঃ…॥ "ঘটক নারদ ভায়া ভা.চ ৩৯, ঘটকেরা কুল কয় ৪২৫। °চূড়ামণি ব.দ্বি ১৭২। ঘটকচূড়ামণি (ঘট-কচু-ড়ামণি) লী ২৪। ২ বনস্পতি। [ঘটকালি, -লী (ঘটক+আলি)—ঘটকের কার্য্য, বিবাহসম্বন্ধকরণ ; ঘটকালিতে প্রাপ্য অর্থাদি। "ঘটকালী তাতে ওঝা পাবে বার পোণ ক.চ ৪৬। °লি ব.দ্বি ১৭২। °চূড়ামণি, °রাজ—নিপুণ ঘটক। "ব.দ্বি ১৭২। ঘটকী—যে স্ত্রীলোক বিবাহে যোজকতা করে।]

ঘটকর্পর পুং [ষ.ত] ১ ভগ্নঘটাবয়ব, ঘটের খাপরা। "°তীক্ষ্ণাগ্র —পঞ্চ ৪৩১৮। ২ বিক্রমাদিত্যের নবরত্নের একতম।

ঘটকার, -কারক, -কৃৎ পুং [ঘট+ √কৃ+অ (অণ্),+ক্বিপ্ (০),-ক ; উ.ত ; ষ.ত] ঘটনির্ম্মাতা, কুম্ভকার।

ঘটদাসী স্ত্রী [কর্ম্মধা] ১ 'ঘটয়িত্রী দাসী' ; নায়কনায়িকার প্রণয়-সংঘটনে যে নারী দাসীতুল্যা ; কুট্টনী, কুটনী। ২ (বাঙলায়) যে নারী ঘটে পঞ্চতীর্থের জল লইয়া ধর্ম্মকে স্নান করায় ; ধর্ম্মের কিঙ্করীবিশেষ। "আইল বসুআ ঘটদাসী॥ পঞ্চ তীর্থের জল পরভুকে স্নান করাইল। —শূ ২৪ ; ৪৬।

ঘটন[১] ক্লী [√ঘট্+অন (ল্যুট্)-ভা] ১ চেষ্টা, প্রযত্ন। ২ সম্ভব, সংঘটন। "গ ২১১। —ন ক্লী,—না স্ত্রী [√ঘটি+অন (ল্যুট্, যুচ্)+স্ত্রী আ (টাপ্)] ১ সম্পাদন, সাধন। "পরার্থঘটনা।—নাগানন্দ ৪.২। ২ সংযোজনা, মেলন। "অঘটনঘটনপটীয়সী মায়া (বেদান্ত)। তপ্তেন তপ্তময়সা ঘটনায় যোগ্যম্।—বিক্র ২.১৬। অভীষ্টভর্ত্তৃঘটনে ক.সা ২৪.২৩২। ৩ মেলন, সন্দর্শন। "উ.চ ৩.১৩। যৌবনে রমণ, নহিল ঘটন, বুড়াইলে পাবে ভালে।—ভা চ ৩০১। ৪ সংঘাতীকরণ, সমূহীকরণ, মেলন। "করিণাং ঘটনা ঘটা (অ কো)। ৫ নির্ম্মাণ, গঠন। "(দেখে) ঘরবাড়ী-ঘটনা সকল সৌধময় শ্রী ১৩৯। ৬ বিরোধ, শত্রুভাব। "পরিগ্রহস্য ঘটনা শত্রোঃ।—পঞ্চ ১৮০। ৭ (বাঙলায়) সংঘটন, ব্যাপার। "ছমাসের পথে যাহা হতেছে ঘটনা। এখনি এখানে তাহা হইবে রটনা॥—পদ্যপাঠ, ১ম ভাগ। ৮ (অপ্র) সংযোগ, অর্থাৎ বিবাহ। "এ কন্যা আমার পুত্রে হউক ঘটনা চৈ.ভা ১১০। [ঘটনাক্রমে—দৈবগতিতে, দৈবাৎ। °নাচক্রে—ঘটনাপরম্পরায়।]

ঘটন[২] বি [সং ঘট্টন ; বৈষ্ণবসাহিত্যে] ১ সঙ্কলন, বিক্ষেপ। "নটন-ঘটন পগ ধরত ধরণিপর ন.প ১৯৩। ২ সঞ্চালন, সংমিশ্রণ। "(ঘষিল চন্দন) ঘোলি ঘনরসে। ঘটন করি ঘটে। ঢারুকত অনিবার জ.প ৪৮।

ঘটনা দ্র 'ঘটন'[১]।

ঘটপটিয়া বিং [°পট+ইয়া[২]] যে কেবল ঘটপট জানে ; নৈয়ায়িক, শুষ্কতর্কনিষ্ঠ। "ঘটপটিয়া মূর্খ-তুঞি ভক্তি কাঁহা জান ?—চৈ.চ ৪২৭।

ঘটবারি বি দেবতার অধিষ্ঠানভূত ঘটে ধৃত মন্ত্রপূত জল ; দেবতার সজল অধিষ্ঠানঘট। "মনসার ঘটবারি বা.ম ৯২,-৩।

ঘটযোনি পুং [বহুব্রী] কুম্ভযোনি, অগস্ত্য। দ্র 'অগস্ত্য'।

ঘটর-ঘটর বি [ধ্বন্যাত্মক] কঠিন দ্রব্যদ্বয়ের ঘাতপ্রতিঘাতজন্য শব্দ ; যেমন, খলে ঘোঁটনার শব্দ ; পাথুরে রাস্তায় গাড়ীর চাকার শব্দ।

ঘটস্থাপন ক্লী [ষ.ত] আবাহিত দেবতার অধিষ্ঠানার্থ বিধিপূর্ব্বক বেদিকায় ঘটাধান।

ঘটা[১], **-খানা ; ঘটা**[২], **ঘটা**[৩], **-টান** দ্র 'ঘট'[১] ; ঘট[২]।

ঘটাটোপ পুং [অর্ব্বাচীন সংস্কৃত ; তু 'ঝটা°'] ১ আড়ম্বর ; ২ [হি °প] গাড়ী পালকী বাক্স প্রভৃতির আবরণ ; ঘেরাটোপ।

ঘটারোল বি [°টা+°ল ; অপ্র] ঘটার সহিত শব্দ ; শব্দাড়ম্বর, মহাশব্দ। "কেন দেবালয়ে বাজিছে ঝাঁঝরি শঙ্খ ঘণ্টা ঘটারোলে ?—মা ১০১।

ঘটি বি [সং ঘটিকা, -টী ; হি ঘটী] ১ দণ্ড, চব্বিশ মিনিট্। দ্র 'ঘটিকা'। "সব ঘটি ম ৭৭০। সাত ঘটি শ্রী ১০৯। [ঘটি মারা (হি ঘটি—ন্যূনতা ; অপ্র)—অস্তগত হওয়া। "চান জ্যান ঘটি মারিলে পৃথিবি হয় অন্ধকার গো.চ ২০১।] ২ ধাতুনির্ম্মিত ক্ষুদ্র ঘটবৎ জলপানপাত্র। "ঘটি বাটী থালা শ্রী ৪৬।

ঘটিকা স্ত্রী [ঘটী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ ক্ষুদ্র ঘট ; ক্ষুদ্র কলস। "নার্য্যঃ শ্মশানঘটিকা ইব বর্জ্জনীয়াঃ।—পঞ্চ ১.২০৩। ২ দণ্ড, একঘড়ি, চব্বিশ মিনিট্। ৩ একমুহূর্ত্ত, দুই দণ্ড বা আটচল্লিশ মিনিট্। 'ঘটিকা ষট্‌শুণে প্রোক্তা মুহূর্ত্তোহপি চ সা স্মৃতা। ৪ (সাদৃশ্যে) নিতম্ব। ৫ গুল্ফ। তু 'ঘুটিকা'। ৬ (বাঙলায়) ঘড়ী। [পশ্চিম দেশে প্রত্যেক রাজ্যে পাঁজী গণিবার দক্ষ লোক নিযুক্ত আছেন, আমাদের দেশেও ছিলেন। তাঁহারা গ্রহাচার্য্য। পশ্চিমভারতে তাঁহাদের নাম জোশী (জোষী—জ্যোতিষী)।…রাজার জোষী রাজ্যের প্রজাদের নিমিত্ত পাঁজী গণিতেন, রাজার আদেশ কিম্বা অনুমতি-ব্যতীত পাঁজী চলিতে পারে না। প্রত্যেক রাজার ঘড়িআল থাকিত। ঘটিকা দেখিয়া বেলা নিরূপণ না করিলে রাজকৃত্য সম্পন্ন হইতে পারে না। 'ঘটিকা' এক মাপঘট, তাম্রনির্ম্মিত। ইহার তলে সরু ছিদ্র থাকিত। জলে ভাসাইয়া দিলে, যত সময়ে ঘটিকা জলপূর্ণ হইয়া ডুবিয়া পড়িত, তত সময়ের নাম এক 'ঘটিকা'। ঘটিকার পরিমাণ এমন যে, এক অহোরাত্রে ঠিক ষাটিবার ডুবিত। দ্র 'দণ্ড (১১)। এক ঘটিকার জলের ওজন ষাটি পল হইত। ইহা হইতে এক ঘটিকার ষাটি ভাগের এক ভাগ কালের নাম 'পল'। এক ঘটিকা কাল ইদানীং বিলাতী ঘড়িতে ২৪ মিনিট। সপ্তঘটী বেলা হইলে রাজার সভাভঙ্গ হইত। এক এক ঘটিকা বেলা হইত, সভামণ্ডপের এক স্তম্ভে বা প্রাচীরে দণ্ডাকার চিহ্ন বা দাঁড়ি করা হইত। দাঁড়ির সংস্কৃত দণ্ড। ইহা হইতে ঘটিকা অর্থে বঙ্গে দণ্ড চলিয়াছে। ঘটিকার অপর নাম নাড়ী। দেহের নাড়ী, নালী বা নল। ভারতের অন্যত্র সর্ব্বত্র হয় ঘটিকা, নয় নাড়ী নাম পাঁজীতে চলিতেছে। বঙ্গের পাঁজী সেই দুই নামের পরিবর্ত্তে দণ্ড নাম ধরিয়াছে। কতদিন ? বোধ হয় চারি শত বৎসর। কে প্রবর্ত্তক, জানি না ("প্রবাসী"—যোগেশচন্দ্র রায়)]

ঘটিত বিণ [√ঘট্+ত (ক্ত)-ক] ১ সংবৃত্ত, আপতিত। ২ [ঘটি+ত-র্ম্ম] যোজিত। "কাক্কা দূয়ত এবেতি বিধ্যর্থে ঘটিতঃ।—সা.দ ১০১০। ৩ নিবদ্ধ, নির্ম্মিত, রচিত, গঠিত। "(কায়েৎ) মার্গান্ সুধাশর্করৈর্বা ঘটিতান্।—শু ১.২৬৮। লৌহভারঘটিতা…তুলা।—পঞ্চ ১৪৪৪। রক্ত মাংসে ঘটিত দু ৬০। সুঘটিত স্বর্ণ মৃত্তিকা পাষাণ কাষ্ঠাদিতে ঐ ঈশ্বরের উপাসনা করাতে ঈশ্বরের অসম্মান করা হয় ?—রামমোহন রায়। ৪ যোজিত, সম্পাদিত। "দৃঢ়বজ্রলেপঘটিতবন্ধনিশ্চলং হতজীবিতম্ উ.চ ৪১৮। ৫ সংযোজিত, বদ্ধ। "মদয়ন্তিকা…প্রথমানুরাগঘটিতা মা.মা ১০.২৩। ৬ রচিত, গ্রথিত। "কিছু 'খ'কারঘটিত খেদের কথা, খেদ মিটায়ে বলি দা ২০৫৯। ৭ জনিত, কৃত। "পারদ°, স্বর্ণ° (ঔষধ)। ৮ (বাঙলায়) সংক্রান্ত। "অনেকে পুলিষের অত্যাচার-ঘটিত অনেকগুলিন গল্প বলিলেন ব.প্র ২১৩।

ঘটী দ্র 'ঘট'[১]। [°কার (পুং)—কুম্ভকার। °যন্ত্র (ক্লী)—১ কূপ হইতে জলোত্তোলনার্থ ঘটীসহিত যন্ত্রবিশেষ ; অরঘট্ট। ২ দণ্ডকালজ্ঞাপক ঘটীরূপযন্ত্রবিশেষ ; ঘড়ী। দ্র 'ঘটিকা'।]

ঘটোৎকচ পুং [ঘট উৎকচ যাহার, বহুব্রী ; ঘট ইব উদ্গতঃ কচোঽস্য (শ.ক)] যাহার মস্তক কেশহীন (মহা ১.১৫৫.৩৮, নীলকণ্ঠ) হিড়িম্বার গর্ভজাত ভীমপুত্র রাক্ষসবিশেষ। "হিড়িম্বার স্নেহনীড়ে পালিত

গরুড়. ঘটোৎকচ মে ১৬। [কুরুক্ষেত্রযুদ্ধে অলম্বুষ ও অলায়ুধ ইহার হস্তে নিহত হয়। কর্ণ শক্তিঅস্ত্রে (একঘ্নী অস্ত্রে) ইহাকে নিহত করেন] [°চান্তক (পুং)—'ঘটোৎকচনাশক', কর্ণ।]

ঘটোদর পুং [বহুব্রী] অসুরবিশেষ। "মহা ২.৯.১৩। —দরী বিং ঘটবৎ স্থূলোদরী ; স্থূলকটি। "যৌবনবিহীনা তুমি হলে ঘটোদরী ক.চ ১৩৪। ব.প ৩৫৪।

ঘটোদরী দ্র 'ঘটোদর'।

ঘটোধ্নী বিণ [ঘটতুল্য উধঃ যাহার (বহুব্রী)—ঘটোধস্+স্ত্রী ঈ (ঙীষ্), অন্ (অনঙ্)] যে ধেনুর উধঃ (পালান) ঘটতুল্য ; ঘটা-পীনা। "গা.…ঘটোধ্নীঃ রঘু ২.৪৯। প্রসন্ন এবং তাহার গাই—উভয়েই স্থূলাঙ্গী, এবং ঘটোধ্নী ব.প্র ৫৯৭।

ঘট্ট্ অক [ভ্বা, আ—ঘট্টতে ; সেট্] চাল, চলন। "ঘট্টতে মেঘঃ (ক.ক)। —ট্ট্ সক চালন। "বায়ুঘট্টিতা লতাঃ (A.)। —ট্ট্ অক [চু, প—ঘট্টয়তি ; সেট্] চলন। "ঘট্টয়তি মেঘো বায়ুনা (ক.ক)। —ট্ট্ সক ১ চালন। ২ ঘর্ষণ। "তুণ্ডেনাঙ্গানি ঘট্টয়ন্।—কাব্যাদর্শ ৩.১১০। [আ—আঘট্টনা, আঘাত। "কি ১৭.৩৮। মাঘ ১.১০। উদ্—বিঘাত, অতিক্রম। "উদ্ঘট্টতে ন কস্যাপি ধর্ম্মং ধর্ম্মপরায়ণঃ (ক.ক)। বি—বিঘট্টন, অভিঘাত। সম্—সংঘট্টন, সংঘর্ষণ। "রঘু ৬.৭৩।]

ঘট্ট পুং [ঘট্ট্+অ (ঘঞ্)-ধি ; তু 'ঘট্ট'—নদীতীর্থ (দেশী ২.১১১)] ১ নদী-প্রভৃতিতে অবতরণস্থান ; জলাবতার, ঘাট। ২ শুল্কস্থান, কুতঘাটা। ৩ উত্তরণস্থান, খেয়াঘাট। ৪ [+অ-ভা] চলন ; চালন। [°কুটী (স্ত্রী)—ঘট্টস্থিতা কুটী ; নৌকার শুল্কগ্রহণস্থান। °কুটীপ্রভাত (ক্লী)—ঘাটের কুটীতে প্রভাতরূপ ন্যায়বিশেষ। শুল্কদানভয়ে বিপথে পলায়মান চৌর-বণিকের ঘট্টকুটীর সমীপে প্রভাত হওয়ায় অভীষ্টসিদ্ধির ব্যাঘাতের ন্যায়, দোষপরিহারার্থ বিপথে ধাবমান ব্যক্তির তদ্দোষাবস্থা-প্রাপ্তি। "তদিদং ঘট্টকুটীপ্রভাতবৃত্তান্তমনুহরতি (খণ্ডনখণ্ডখাদ্য)।]

ঘট্ট-ঘট্ট বিং ['অট্ট-অট্ট' হইতে অনু.শব্দ] অত্যুচ্চ। "অট্ট-অট্ট ঘট্ট-ঘট্ট, ঘোরহাস্য-হাসিকে ভা.চ ৪২৭।

ঘট্টজীবী (-বিন্) পুং [ঘট্ট+জীব্+ইন (ণিনি)-ক-১ব ; উ.ত] ১ ঘট্ট (পারঘাটে) প্রাপ্য শুল্কদ্বারা জীবিকানির্ব্বাহক ; সঙ্করজাতি পাটনী। [বৈশ্যার গর্ভে রজক হইতে ইহাদের উৎপত্তি (বিবাদার্ণব-সেতু)।] ২ ক্ষেয়ারী, ঘাটমাঝি।

ঘট্টন ক্লী [√ঘট্ট্+অন (ল্যুট্)-ভা] ১ চলন। চালন। ২ অভিঘাত। "গো রা ৬.৯৮.২৫। দণ্ড° রঘু ১১.৭১। মাঘ ১.৫৪। —না স্ত্রী [√ঘট্টি+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] ১ চালন ; ২ ঘর্ষণ। ৩ [+অন-ণ] বৃত্তি (অ.চি)। —ট্টিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ চালিত। ২ ঘৃষ্ট। "নখঘট্টিতেব বীণা মৃ ১.২৪। কর° ভট্টি ১৪.২।

ঘট্টপাল বি ঘট্টরক্ষক, অর্থাৎ যে ঘাটিতে থাকিয়া পণিকের নিকটে দান আদায় করে ; ঘাটিয়াল, ঘাটোয়াল। "গ্রামে গ্রামে বড়ই কপট ঘট্টপাল চৈ ৮৬ ; ২০৪।

ঘট্টরাজ বি ঘাটের অধ্যক্ষ ; দানী, জগাতী। "চৈ ৫০।

ঘড় বি [সং ঘটা >প্রা ঘডা ; অপ্র] সমূহ। "রাউত° ঃ হস্তীর ঘড় কৃ.উ ৫৬, ৬৪।

ঘড়ই বি গড়পতি, দুর্গাধ্যক্ষ (?)। "শ্রী.ম ২২৩।

ঘড়ঘড় বি [ধ্বন্যাত্মক ; ফা খ.র্ খ.র্—নাকের ডাক ; বিড়ালের গলশব্দ] ১ নিদ্রাকালে নাকের ডাক। "নাসিকার শ্বাস দেবীর বহে ঘড়ঘড় ম.ম ৬। যদি কেহ…ঘড়ঘড় করিয়া নাক ডাকাইয়া ঘুমাইতে থাকেন, তাঁহাকে দেখিয়া…হাসি আইসে পা.প্র ২৮। ২ বিড়ালের গলশব্দ (purring)। ৩ বড় গ্রাস গেলার শব্দ। "ভোজন করিতে গলা ডাকে ঘড়ঘড় ক.চ ৫০। ৪ শ্লেষ্মায় কণ্ঠরোধ জন্য গলশব্দ। ৫ [সং ঘর্ঘর] গাড়ীর চাকার শব্দ। —ঘড়ি বি মৃত্যুকালে শ্লেষ্মাজন্য গলশব্দ। [ঘড়ঘড়ি চাপা—শ্লেষ্মায় ঘড়-ঘড় শব্দে কণ্ঠরোধ। তু 'কাসশ্বাস-কৃতায়াসঃ কণ্ঠো ঘুরঘুরায়তে ভ ৩.৩০.১৬।]

ঘড়রঘড়র বি [ধ্বন্যাত্মক] ১ সর্থ 'ঘড়ঘড় (৪)। ২ সর্থ 'ঘড়ঘড় (২)।

ঘড়া বি [সং ঘট >প্রা ঘড >বা ঘড়া ; হি, ঠ, প ঘডা ; গু, সি ঘড ; ড় গরা ; ঘয়লা (মালদহ) ; তু 'ঘাড়া'—কলসী (মী ১৪)] ১ কলসী। "ধন-ঘড়া ক.চ ৭৩। ২ ঘড়াপরিমিত দ্রব্য। "দুঘড়া ধন ঃ এক ঘড়া ধন ক.চ ৭৩। খাওয়াইল বারণে বারুণী বার ঘড়া।—শ্রী ১২২। ৩ পিতলের কলসী। [ঘড়া ঘড়া—বহু ঘড়াপরিমিত, অর্থাৎ প্রচুর। "ঘডা ঘড়া টাকা ঘরে গড়াগড়ি কা ১১৩।]

ঘড়াঞ্চে বি ['ঘড়া-মঞ্চ'—মূল ; হি ঘড়োংচী—জলকলসের মঞ্চ] কলসী-প্রভৃতি রাখার কাঠের মঞ্চবিশেষ।

ঘড়ালে বি সর্থ 'ঘড়িয়াল'। "লিখে ঘড়ালে হাঙ্গর ক.চ ৬৩।

ঘড়ি, -ড়ী বি [সং ঘটিকা, -টী >প্রা ঘডিআ, -ডী >বা ঘড়ি, -ডী ; হি, °ড়ী ; প, ঠ, গু, সি, ড় ঘডী] ১ কালজ্ঞাপক যন্ত্র ; ক্লক্ ওয়াচ্ ইত্যাদি। "টেক°। কোঠায় কাঙ্গুরা ঘড়ী।—ভা.চ ২৬। ঘুঘু ঘড়ী।—য ১। ২ বাজাইয়া সময় জানাইবার কাঁসার চাকি ; পেটাঘড়ি (bell)। "ঘড়ী পিটে মরে ঃ তার ঘড়ী কে বাজায় তল্লাস না করে ভা.চ ৪০৯। ৩ দণ্ড, কিয়ৎকাল, ক্ষণ। "গত ঘড়ী ব্রহ্মা ঘৃতের বাস পাইল গো চ ৪৪ ; এক ঘড়ি দম ন্যাও ২১১,-২,-৯৪। যেন ঘড়ি ব.প ৩৪। এক ঘড়ী বৈঠে নীচে বি.সু ৮। থোড়া ঘড়ি বাদ।—আ.দু ১০৫। ৪ ঘণ্টা। "নৌকার বদলী চারি ঘড়ি অন্তর হয়।—রামমোহন রায়। [ঘড়িক—এক ঘড়ি, এক দণ্ড ; কিয়ৎকাল। "ঘড়িক বিলম্ব গো.চ ১৬৬। ঘড়িকি, -কে—১ ক্ষণেকে। "মরন তিরিশ ঘড়িকে নাগাইল গো.চ ২০ ; ঘড়িকি আসিয়া ১১০। ২ প্রত্যেক ঘড়ি ; দণ্ডে দণ্ডে ; প্রতিক্ষণ। "ঘড়িকে অপঘন. ঘামে ঘন ঘন জ.প ৪৮। ঘড়িকের ভিতর—এক ঘড়ির মধ্যে ; অল্প ক্ষণে। "গো.চ ৬৫ ; আসন কে নড়াইলে মোর ঘড়িকের ভিতর ২১৩। ঘড়ি ঘড়ি—সর্থ 'ঘড়িকে (২)। "ঘণ্টা বাজে ঘড়ি ঘড়ি ভা.চ ২৬৬। মূরছিয়া পড়ে আর ঘড়ি ঘড়ি স্ব.প্র ১১৫। ক্ষিদের জ্বরে কচি কাঁচা মরছে নিত্যি ঘড়ি ঘড়ি।—কু.কে ১৩১। ঘড়ি পেতে থাকা—ঘড়ির দিকে তাকাইয়া থাকা ; প্রতিক্ষণ সতর্ক থাকা। "দিনে রেতে থাকি ঘড়ি পেতে নিয়ত দা ৪১। দুঘড়ি—দুই দণ্ড। "রাতি নাহি পোহাইতে দুঘড়ী বাজায় ভা.চ ৪০৯।]

ঘড়িআল, ঘড়িয়াল[1] ঘড়েল[1] বি [হি ঘড়িয়াল ; ড় ঘড়ীআল. ; 'ঘড়েল' —গোসাপ (ফরিদপুর) ; তু 'ঘড়য়াল' (গো.চ)] কুম্ভীর-বিশেষ, মেছোকুমীর। "শিশু ঘড়িআল গো.চ ৮২ ; মৎস্য-গণে ঘড়িয়াল ক.চ ২৫৬।]

ঘড়ি(ড়ী)য়াল[2], ঘড়ে(ড়্যা)ল[2] বি ['ঘড়িওয়ালা'—মূল ; হি ঘড়িয়ালী] যাহার কাছে ঘড়ী থাকে ; যে ঘড়ী বাজাইয়া সময় জানায়। "ঘড়িয়াল কার্ত্তিক ভা.চ ২৫ ; ঘড়েল পতি ৪০৮ ; ঘড়ীয়াল দুই পাশে হাতে বালী ঘড়ী ৪১১ ; ঘড়িয়াল ঠন্ঠন্ বাজাইছে ঘড়ি ৫৪০। বারদণ্ড বেলা বাজাইছে ঘড্যালেতে ব.প ১৪৮৩। ঘড়েল সাবুই বাগ।—হেম ৩৮১।

ঘড়েঘড় বিং ['গলেগলে'—মূল (?) ; অপ্র] শ্রেণীবদ্ধ, সজ্জিত। "বীরভাগ সব লড়ে হয়্যা ঘড়েঘড় শ্রী.ম ১৬৯। —ঘড়ে ক্রি.বিং শ্রেণীবদ্ধ-ভাবে, সারি-সারি। "ঘড়েঘড়ে পাইক পড়ে শ্রী.ম ২০৯।

ঘণ্ট পুং [সং '√ঘট্ট্'—মূল (?)] ১ (ঘাঁটিয়া-রাঁধা) ব্যঞ্জনবিশেষ। "মৎস্য° (রাজবল্লভ)। ঘন কাটি থর জালে রান্ধিবে ভাল ঘণ্ট।—ক.চ ৩১ ; ১৫৮। ভা.চ ৫৪৬। ঘণ্ট কচু শাকের দা ৭৪১। ২ [সাদৃশ্যে ; বাঙলায়] ঘাঁটিয়া-মিশান (সংমিশ্রিত) দ্রব্য।

-ণ্টকর্ণ পুং ক্ষুপবিশেষ, ঘেঁটকোন্, ঘেঁটকোল (?)।

ঘণ্টা স্ত্রী [ঘণ্ট্ শব্দ+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ কাংস্য-নির্ম্মিত বাদ্যবিশেষ। "বদ্ধঘণ্টাঃ (কুঞ্জরাঃ) রা ২.৬৭.২০। সর্ব্ববাদ্যময়ী ঘণ্টা (স্কন্দপুরাণ)। বাজিছে···শঙ্খ ঘণ্টা মা ১০১। ঢাকীরা···ঘণ্টা ও ঘুমুর বেঁধে···সন্ন্যাসী সংগ্রহ কচ্ছে হু ২। ২ ঘণ্টাপাটলী বৃক্ষ। ৩ অতিবলা; নাগবলা। ৪ (বাঙলায়) পেটাঘড়ি। ৫ পেটাঘড়ির ধ্বনিতে সূচিত ষাটমিনিট্পরিমিত কাল। [ঘণ্টায় ঘণ্টায়—প্রত্যেক ষাটমিনিটে। ঘণ্টা পড়া—ঘণ্টাবাদ্যে সূচিত কার্য্যকাল আরম্ভ হওয়া। ঘণ্টাগরুড়, ঘণ্টার গড়ুর (দ্র 'বিষ্ণুধর্ম্মোত্তর; হরিভক্তিবিলাস, ৬ষ্ঠ বিলাস')—ঘণ্টাদণ্ডের অগ্রে স্থাপিত যুক্তকর গরুড়মূর্ত্তি (সবিনয়ে একান্তভাবে প্রভুর আরাধনার উদাহরণে)। "ঘণ্টাগরুড় খাড়া থাকেন, কাচেন কাপের কাচ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ঘণ্টার গড়ুরের মত উমেদারিতে···দু-চারখানা সই সুপারিসও হস্তগত হলো হু ১৪০।]

ঘণ্টাকর্ণ পুং শিবানুচরবিশেষ, ঘেঁটুঠাকুর (শিবপুরাণ)। "°কর্ণ নন্দী মহাকাল ভা.চ ৪৩৩। [চৈত্রসংক্রান্তিতে আরোগ্যার্থ ও বিস্ফোটক ভয়ে রক্ষার্থ ইঁহার পূজা হয় (কৃত্যচিন্তামণি)। দ্র 'হ ২৭১-২৭৪।]

ঘণ্টাতাড় পুং [ঘণ্টা+√তাড়ি+অ (অণ্)-ক; উ.ত] ১ কাল-সূচনার্থ ঘণ্টাবাদক; ঘড়িয়াল। ২ আয়োগবী স্ত্রীতে বৈদেহ-জাত 'মৈত্রেয়' নামক সঙ্কীর্ণজাতি। [ইহারা বৃত্তির নিমিত্ত প্রাতঃকালে ঘণ্টা বাজাইয়া রাজাদির স্তব করে (মনু ১০.৩৩)।]

ঘণ্টানাদ, -বাদ, -রাব, -শব্দ পুং [ষ.ত] ঘণ্টাধ্বনি। "ঘণ্টা-বাদ, ঘণ্টারাব হি ২৮৪৮।

ঘণ্টাপথ পুং [ঘণ্টার পন্থা, ষ.ত সমাসান্ত অ (অচ্)] ১ ঘণ্টাদি-বাদ্যের বা ঘণ্টাযুক্তহস্তি-প্রভৃতির পথ, প্রধান পথ; রাজমার্গ, বড় রাস্তা। 'দশধন্বন্তরো রাজমার্গো ঘণ্টাপথঃ স্মৃতঃ।—কৌটিল্য। ২ (সাদৃশ্যে) ভারবিকাব্যের মল্লিনাথকৃত বিশদব্যাখ্যা। "ঘণ্টাপথং কমপি নূতন-মাতনিষ্যে।—মল্লিনাথ।

ঘণ্টাপাটলি পুং বৃক্ষবিশেষ, ঘণ্টাপারুলিগাছ।

ঘণ্টালী স্ত্রী [ষ.ত] ১ ঘণ্টাশ্রেণী। ২ কোষাতকী, ঝিঙ্গা।

ঘণ্টি বি ['ঘণ্টিক'—মূল; অপ্র] ১ জন্তুবিশেষ। "ঘণ্টিশার্দ্দূল মহিষে। —ম ২৭১। ২ ['ঘণ্টিকা'—মূল; অপ্র]। ক্ষুদ্র ঘণ্টা। "তদুপরি শোভে ক্ষুদ্র ঘণ্টিতে দু ৯৩।

ঘণ্টিকা পুং কুম্ভীর (ভাবপ্রকাশ—M.W.)। —কা স্ত্রী [ঘণ্টা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ ঘণ্টা। "কিঙ্কিণী ক্ষুদ্রঘণ্টিকা (অ.কো)। যশ-ঘণ্টিকা জ.প ৪৮। ২ [+ক অল্পার্থে] ক্ষুদ্রঘণ্টা। ৩ (সাদৃশ্যে) তালুস্থ জিহ্বা; আলজিভ।

ঘণ্টেশ্বর পুং [ষ.ত] ঘণ্টাকর্ণাদির প্রভু মঙ্গলপুত্র ব্রণদাতা দেবতা-বিশেষ (ব্রহ্মবৈবর্ত্ত); ঘেঁটু। —শ্বরী বি ১ চণ্ডী। "ক.চ ৭২; ২৭১। ২ রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধিবিশেষ। "ক.চ ৮৬। [বেদগর্ভের পুত্র মাধব ঘণ্টাগ্রামের অধিপতি ছিলেন। সেই হেতু তদীয় বংশধরগণের ঐ গাঁই বা উপাধি।]

ঘন বিণ [√হন্+অ (অপ্)-র্ম্ম, কাঠিন্যার্থে হন্>ঘন্, পা ৩.৩.৭৭; 'ঘন'—হন্তা (ঋগ্বেদ ১.৪.৮)] ১ নিরবকাশ, নিরন্তর, নিবিড়, সান্দ্র। "হৃদি শোকঘনে রঘু ৮.৯১। ঘন ঘন ঘন ঘন গাজে।—ভা.চ ৪৫৪। ঘনসন্নিবিষ্ট বিবিধ বনপাদপ।—সী ১০। ২ অদ্রব, মূর্ত্ত। ৩ গাঢ়। "ঘনয়াঙ্গং মৃদালিপৎ ক.সা ২৪.৯৩। ৪ দৃঢ়, কঠিন। "শিলাঘনে তাড়কোরসি রঘু ১১.১৮। বপ্রঘনেন বক্ষসা কি ১৪.৪০। ৫ সান্দ্র, পূর্ণ। "জলধারাঘনৈর্ঘনৈঃ মহা ১.১৩৫.২৮; তমোঘনায়াং···নিশায়াম্ ১৩.৮৫.৩৩। রসো নির্বৃতিঘনঃ উ.চ ৩.১১। ৬ উপচিত, স্থূল। "জঘনেন ঘনেন ভট্টি ৪.১৭। ঘনজঘনমণ্ডলে গী.গো ১০.৬। ৭ গম্ভীর, উচ্চৈঃ। "গৌর্হ্বারবঘনস্বনা।—মহা ১.১৭৫.৩৩। মা.মা ২১১। ৮ সম্পুট (শ.ক), সংশ্লিষ্ট। ৯ নিঃশেষ, নিরবশেষ, পর্য্যাপ্ত। "(তৈল-কজ্জলম্) ঘৃতং ঘনম্ ক.সা ৪.৫৩। ১০ গাঢ় (বর্ণ, রঙ্গ, রস)। "°শ্যাম। ১১ অভেদ্য। ১২ অতিশয়, অধিক। ১৩ (বাঙলায়) নিরন্তর, অবিরত। "ঘন লম্ফ ঘন ঝম্ফ ঘন তার গোঁফে।—শ্রী.মা ১৯৮। (শিখিসমূহ) নাদে ঘন শ্রী.ম ২১৬। ১৪ ঠাস, পুরু, মোটা, জমাট। "কাপড়ের ঘন বুনন, জমি; ঘন কাপড়। ১৫ প্রবল, গভীর। "গগনে গরজে মেঘ, ঘন বরষা চ.কা ৮০। —ন ক্রি-বিং নিরন্তর, অবিরত, সদা। "ঘন ডাকে কাট কাট ক.চ ৯৬; ঘন বাজে সিঙ্গা ১৮৯। বেণু পুরি ঘন শ্রী.ম ১০৫। ঘন বাজে গাল।—ভা.চ ১১০। —ন পুং ১ মেঘ। "শরদ্ঘনং রঘু ৫.১৭। ঘনোদয় শ ৭.৩০। ঘনচ্ছন্ন (দৃষ্টি, অর্ক)।—বেদান্তসার। পঙ্ক ৩.২২। প্রাবৃষমিব ঘনকেশজালাম্ (কাদম্বরী)। ঘন ঘন গাজে ভা.চ ৪৫৪। ঘনদল মে ৬৪। [মেঘের উৎপত্তি-ভেদাদি-বিষয়ে এবং বায়ুবিশেষকৃত ঘনভেদবিষয়ে দ্রষ্টব্য 'ব্রহ্মাণ্ডপুরাণ; মহা ১৩.৩২৮.৩৬-৫২।] ২ দেহ, রূপ, মূর্ত্তি। "আনন্দ°, চিদ্°। জ্ঞান ঘন ভ ৮.৩.১২। করুণাঘন ন.প ২৬৬। ৩ অভ্রক ধাতু। ৪ কফ। ৫ মুস্তা, মুথা। ৬ সমূহ, রাশি, পুঞ্জ। "পত্রঘনে নিলীনঃ গো.রা ৫.১৬.৫৫; সন্ধ্যাভ্র° ৬.৩৫.১২। কেশ° (S.W.)। তুষার° কু.স ৫.৫৫, মল্লিনাথ। ৭ পিণ্ড। "সৈন্ধবঘন (শতপথব্রাহ্মণ)। ৮ মূর্ত্তিগুণ, কাঠিন্য (অ.টী), দার্ঢ্য। "দ্বারং তমোঘনপ্রথাম্। ৯ বিস্তার। ১০ মুদ্গরাকৃতি লৌহাস্ত্রবিশেষ (অ.টী); লৌহমুদ্গর। "ঘনৈরিব মুষ্টিভিঃ কি ১৮.১। ১১ (গণিতে) সমরাশি-ত্রয়ের পূরণফল (cube)। 'সমত্রিঘাতশ্চ ঘনঃ প্রদিষ্টঃ (লীলাবতী)। —যেমন, ২×২×২=৮। ১২ বেদপাঠবিশেষ। —ন ক্লী ১ কাংস্য-তালাদি কাংস্যনির্ম্মিতবাদ্য, করতাল কাঁসী জয়ঘণ্টা ক্ষুদ্রঘণ্টিকা ঘর্ঘর ঘণ্টা নূপুরাদি ত্রয়োদশবিধ। ২ মধ্যমনৃত্য, অর্থাৎ যে নৃত্যে কর-চরণাদির গতি বিলম্বিত বা দ্রুত নহে। ৩ লৌহ। ৪ রঙ্গ, টিন। ৫ ত্বক্, বল্কল। ৬ নাসাস্থিবিশেষ। "নাসা 'ঘনাস্থিকা' (ঘনসংজ্ঞকা-স্থিবতী—মিতাক্ষরা) যাজ্ঞ ৩.৮৯। ৭ (বাঙলায়) দৈর্ঘ্য বিস্তার ও বেধ (উচ্চতা বা খাড়াই, গভীরতা) এই তিনের গুণিতাঙ্ক। "°ফল। [°কফ (পুং)—মেঘের কফতুল্য; করকা, শিলা। °কাল, °সময় (পুং)—বর্ষাকাল। °গর্জ্জিত (ক্লী)—মেঘগর্জ্জন। °ঘটা (বি)—মেঘ-সমূহ, মেঘাড়ম্বর। "গগনে ঘনঘটা।—গান ১৪। ঘনঘটার···ঘর্ঘর ঘোষ।—কাদ ৩৮। °ঘন (পুং)—১ ঘনফলের ঘনফল। ২ (বি) —নিবিড়মেঘ। "ঘনঘনাকারে রেণু উড়িল।—মে ৮৫। ৩ (বিং) অবিরল। "ঘনঘন-ঘুজ্ঘুর-ঘোষক বা.দ ৪। ৪ কাছাকাছি, লাগালাগি (বসতি)। °ঘনৌঘ (পুং)—নিবিড়মেঘমালা। °ঘোর (বিং)—মেঘ-মালাভীষণ, মেঘতিমিরময়। "এমনি ঘনঘোর বরিষায়।—গান ৮৭। °ঘোষিণী (বিং)—মেঘগম্ভীররবা। "ভা.চ ১৮০। °জ্বালা (স্ত্রী)—বজ্রাগ্নি। °তনু (বিং)—ঘনশ্যামদেহ (বিষ্ণু)। "বা.দ ৪। °ধ্বনি (পুং)—১ গম্ভীর-শব্দ; মেঘগর্জ্জিত। ২ মেঘনাদ, ইন্দ্রজিৎ। "ভট্টি ৯.৮৯। °পদবী (স্ত্রী)—মেঘপথ, আকাশ। "কি ৫.৩৪। °ফল (ক্লী)—সমরাশিত্রয়ের গুণফল; (বাঙলায়) দৈর্ঘ্য বিস্তার ও বেধের গুণফল (cubic measure)। °বর (বি)—মহামেঘ। "যথা বাসবের ধনু ঘনবরশিরে মে ১১৬। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—আকাশ। "কি ৫.১৭। °বাহন (পুং) —মেঘবাহন, ইন্দ্র; (ঘনশুভ্রবৃষবাহন) শিব। °বীথি (স্ত্রী)—মেঘ-মালা; আকাশ। °ব্যপায় (পুং)—শরৎকাল। "রঘু ৩.৩৭। °মূল (ক্লী)—ঘনের (অর্থাৎ সমান তিন রাশির গুণফলের) মূলরাশি; যেমন, '৮' (২×২×২) এই ঘনের মূল '২' (cube-root)। °রব, °শব্দ, °স্বন (পুং)—মেঘশব্দ। °রস (পুং)—১ গাঢ়রস। ২ কর্পূর।

৩ (পুং, ক্লী) 'মেঘদ্রব', জল। "ঘনরসে সিঁচল স্থলচর জাতি ব ১১। বা.দ ১০৯,-৭৮। ৪ পীলুপর্ণীবৃক্ষ। °শ্যাম (বিণ)—মেঘশ্যামল, নিবিড়-কৃষ্ণবর্ণ (রামচন্দ্র, কৃষ্ণ)। "অয়ে রাম ঘনশ্যাম (মহানাটক)। নবঘনশ্যাম (কৃষ্ণ)। "শি ৭৫। °সময় (পুং)—বর্ষাকাল। °সার (পুং) —১ জল। ২ 'ঘনতুল্যশ্বেতসার', কর্পূর। "মৃগমদ সঞে ঘনসার ব.প ১০৮২। ঘন ঘনসার গো ২৫৮। জ.প ৪৮। ৩ 'নিবিড়সার', পারদ। [ঘনে ঘন বা ঘনে (পদ্যে)—অবিরত, বারংবার, মুহুর্মুহুঃ। "ঘনে ঘনে ছাড়ে নিশ্বাস কৃ.উ ১২। ডাক পাড়ে ঘনে ঘন ক.চ ৮০। চাহে ঘনে ঘন ভ.গ্র ৪৪১।]

ঘনা[১] বি [সং 'ঘন'—মুদ্গর; ঠ ঘণা বৃহৎ মুদ্গর; অপ্র] তৈলব্যবসায়ী *হিন্দুবিশেষ; তেলিবিশেষ।* "তেলি বৈসে শত জনা, কেহ চাষী কেহ ঘনা, কিনিয়া বেচয়ে কেহ তেল ক.চ ৮৮। [ঘানির সর্ষপ-নিপীড়ন-মুদ্গর (জাঠ) 'ঘন বা ঘনা'; ইহা হইতে সর্ষপনিপীড়ক যন্ত্র 'ঘনা' বা 'ঘানি' এবং ঘানিতৈলের ব্যবসায়ী 'ঘনা'। ঘনাগাছ—ঘানিগাছ।]

ঘনা[২] অর্ম্ম [ঘন। আ৯; হি ঘনা—নিকটস্থ] নিকটবর্ত্তী হওয়া; কাছে আসা। "এ পাপ কালিদহ৹...প্রাণী না ঘনায়ে তরাসে শ্রী.ম ৫০। ঘনাইয়া শিশুগণে বলিল ম ম ৭২। কহে ঘনাইয়া বসি ব.প ১৫১১। ঘনাঞা বংশী বায়।—গো ১০৭। ঘনাইয়া এসে দা ১৩২। ঘনায়ে এসেছে...দুর্দ্দিন কা ১১। ঘনিয়ে এসে কু.কে ১৫৩। একরাত্রেই মৃত্যু ঘনিয়ে আসে ঘ ২৩৩। ২ ঘন বা নিবিড় হওয়া; মূর্ত্ত হওয়া। "এর পদে-পদেই আমার আনন্দ ঘনিয়ে উঠ্‌চে ঘ ৫৫। ৩ গুরুতর হওয়া। "বিপদের উপর বিপদ ঘনিয়ে আসছে। [ঘনাইতে কাছে—কাছে আসিতে। "যমের না হবে সাধ্য ঘনাইতে কাছে কু ৩৪১। ঘনাইয়া কাছে আসা—অভিমুখে অগ্রসর হইয়া অতি নিকটে আসা। "ঘনাইয়া আইস কাছে না বুঝি চরিতি ম ১৫। ঘনাইয়া কাছে—নিকটে আসিয়া। "কেহ ঘনাইয়া কাছে৹...পুছে শ্রী.ম ৫৪। ঘনা দেওয়া—নিকটে আসা; ঘনান। ঘনান—সর্থ 'ঘনা[২]'। ঘনিয়ে এল—নিকট হইল; আইল। "আষাঢ় সন্ধ্যা ঘনিয়ে এল।—গান ৮৯। নিকটে ঘনাইতে—নিকটে আসিতে। "নিকটে ঘনাইতে তার লাজ পায় রতি ম.ম ৩৭। নিকটে ঘনায়—নিকটে আসে। "বা.দ ২৩১। ঘোনাইতে—ঘনাইতে; ঘোনাইয়া—ঘনাইয়া। "ম.ম ১৯; ৭৮।]

ঘনাকর, -গম পুং [ষ.ত] মেঘের আকরতুল্য; মেঘের আবির্ভাব-কাল; বর্ষাকাল। "ঘনাগমঃ কামিজনপ্রিয়ঃ।—ঋতু ২.১। (শিখি-সমূহ) নাদে ঘন ঘনাগমে শ্রী.ম ২১৬।

ঘনাঘন বিণ [√হন্+অ (অচ্)-ক—ঘন, দ্বিত, আ (আক্), পা ৩.১.১৩৪, সি; ছান্দস] নিরন্তর ঘাতুক (অ.চি); ঘাতুক। —ঘন পুং ১ অন্যোন্যঘট্টন; পরস্পরসংঘর্ষ। ২ ঘাতুকমত্তহস্তী (অ.কো); মত্তহস্তী (বিশ্ব)। "দন্তিনা ঘনাঘনেন মহা ৮.১৮.১২। ৩ বর্ষণশীল মেঘ। 'বর্ষমোক্ষকৃতারম্ভাস্তে (মেঘাঃ) ভবন্তি ঘনাঘনাঃ (মহা S.W.)। "অবাদয়ন্...বাদিত্রাণি ঘনাঘনাঃ ভ ৩.২৪.৭।`এ কি ঘনাঘন ঘন করিছে গর্জ্জন বা.দ ৬৮; ৭৭। ৩ ইন্দ্র। —ঘনা স্ত্রী কাকমাচী।

ঘনাঘনি বিং [ঘন-আ+ঘন-ই] অতিনিকটবর্ত্তী, লাগালাগি। —নী বি ['°ঘন'—মূল; অপ্র] মেঘসমূহ। "যেন ঘনাঘনী তৃণ ধূলা-ধূলীগণে। একত্র করিয়া ভিন্ন করে সমীরণে॥—শ্রী.ম ২৪৯।

ঘনাত্যয়, -নান্ত পুং [বহুব্রী] যে সময়ে মেঘের অপগম, নাশ; শরৎকাল। —ত্যয় পুং [ষ.ত] মেঘাপগম।

ঘনান দ্র 'ঘনা[২]'।

ঘনাবর্ত্ত বিং কাঠি দিয়া ঘন ঘন নাড়িয়া জ্বাল দেওয়া; ঘন-আওটান, গাঢ়। "ঘনাবর্ত্ত দুগ্ধ কৃ.উ ৯। দুগ্ধ ঘনাবর্ত্ত করি বা.ম ১৪৯। ব.প ৫৬৮। চৈ.চ ৮৪; ঘনাবর্ত্ত দুগ্ধ ২৯০।

ঘনিষ্ঠ বিং অতিনিকট, পৈতৃকশোণিতসম্বন্ধে আত্মীয়; অন্তরঙ্গ (সম্পর্ক, সম্বন্ধ)। [°তা—নিকট সম্বন্ধ; অন্তরঙ্গতা। "পৈতামহিক ঘনিষ্ঠতা পা.প্র ৭০।]

ঘনেশ্বর বি ঘনবর, মেঘরাজ। "মা ১৫৬।

ঘনোপল পুং [ষ.ত] ঘনের উপলতুল্য; করকা, শিলা।

ঘ(ঘা)বড়া অর্ম্ম [হি √ঘবড়া, -রা] হতবুদ্ধি হওয়া; ভেবাচাকা মারা; বোকা হওয়া। "(মতিলাল) ব্লকিয়ার সাহেবের খুচনিতে এক একবার ঘবড়িয়া (ঘবড়াইয়া) যাইতে লাগিল আ.দু ৫০। [ঘ(ঘা)বড়ান —সর্থ 'ঘবড়া'।]

ঘর বি [সং গৃহ > লি গহ, ঘর; প্রা ঘর; হি, ঠ, মৈ ঘর; তু 'সং ঘর] ১ *গৃহ, বাড়ী।* "বিরহিনী চলি গেল ঘর মী ৭। হাড়ি গেল ঘরে কু ১০। অভিমানে ঘর ছাড় কেনি ক.চ ১৬; বাস্থাঘরে ১২৩। ঘরে গিয়া চৈ.ভা ৮২। সার শ্বশুরের ঘর ভা.চ ৪৪৯। যেরূপ কৃষ্ণবর্ণ আপনার ঘরে থাকিলে শ্যামবর্ণ বলি, পরের ঘরে হইলে পাতুরে কাল বলি।—ব.প্র ১১৬; প্রফুল্লকেই তিনি ঘরে স্থান দিবেন ?—৪২৮। ঘরের প্রদীপকে ঘরের আগুণ করে' তুলেচি ঘ ৯৭। ২ প্রকোষ্ঠ, কামরা, কুঠরি; বাড়ীর অংশভূত গৃহ। "রানির ঘর আইল গো.চ ৩০৬। প্রতি ঘরে ঘরে ঃ সান্ধাইল...ঘরে কু ৫৪; ২১৭। ৩ গার্হস্থ্য, গৃহধর্ম্ম। "সুখে সভে ঘর করে ম ৪০৫। তার সঙ্গে কর ঘর বা.ম ৩৩৮। ৪ গৃহস্থাশ্রম, সংসার। "এই পাপ ঘরে, রহিতে না জুয়ায় ক.চ ৩১; ঘরে সতা স্বতন্তর ৩২। দুসতীনা ঘরে ভা.চ ৫৩১। সম্বল-সঙ্কোচ হয় ঘরে চৈ.ভা ৬১। সকল ঘরে কথান্তর দা ৬৫। ৫ শয়নমন্দির। "ছোটমার ঘরে ভা.চ ৫২৯; যাইতে ছোটর ঘরে বড় মনোরথ ৫৩০,-৮। ৬ পরিবার। "আমাদের গ্রামে একঘর দরিদ্র কায়স্থ ছিল ব.প্র ২১৩। ৭ বংশ, কুল। "অন্যপূর্ব্বা ঘর ঘর, অসতী হইত কত শত।—রঙ্গ ১৫। ৮ পরিজন, পরিবারবর্গ। "পরের ঘর আপন করা...নব বঙ্গবধূর মহা কঠিন সে ব্রত।—মন্দ্র ৭৪। ৯ আত্মীয়, স্বজন। "না দেখিল ঘর পর ব.প ৮৩৭। জানল ঘর পর রা.শে ১১০। ১০ বাড়ীর ভিতর; অন্দর। বিপ 'বাহির'। "ঘর কৈনু বাহির, বাহির কৈনু ঘর চ.দা ৮১। বলতে হয়, তা বল ঘরে৹ পরে জানতে পারলে পরে৹ লজ্জা পেতে হয়।—দা ৬৫। ১১ (অপ্র) সহচর, দল, সমূহ। "জমের ঘর রাজাক দেখিল গো.চ ২০৩; রানির ঘর কান্দন জুড়িল ২৬৪; ৩০৭। ১২ (সাদৃশ্যে) আধার, আকর। "নিগূঢ় পিরীতিখানি আরতির ঘর চ.দা ১১৮। দুর্য্যোধন... অনর্থের ঘর ম.বি ২৫১। দুসতীনা ঘরে দাসী অনর্থের ঘর ভা.চ ৫৩১। ১৩ ছিদ্র, ছেঁদা। "জলুইএর, বোতামের ঘর। ১৪ খোপ, খুপরি। "পায়রার ঘর। ১৫ দাবার বা পাশার গুঁটির ছক্। ১৬ দপ্তর, আফিস। "ডাক°, তার°। ১৭ গৃহচ্ছিদ্র, ঘরের দোষ। "°ভেদী। ১৮ এক ঘরে যত ধরে, তাদৃশ পরিমাণ; প্রচুরপরিমাণ। "তণ্ডুল...ঘর দুই চারি ঃ ঘর-পাঁচ দেখে ঘট ঃ ঘর-দশ বার...খোলা পাত চৈ.ভা ৪৪২। [°কথা —আপনা-আপনির মধ্যে কথা। "সয়া সই পর নই ঘর-কথা হৈল শি ১০০। °ঘেঁষা, °ঘাঁসা—১ গৃহসংলগ্ন। ২ পরিচিত, বন্ধুভাবাপন্ন। "নীলকরেরা...উকীল ও জজেদের স্যামপীন্ খাইয়ে ও ঘরঘাঁসা ক'রে... গায়ের জ্বালা নিবারণ কল্লেন হু ১০৭। °চড়া—যে অন্যের ঘরে বা অধিকারে চড়াও করে বা বলপূর্ব্বক আসে। তু 'ঘর চড়ি ঘাড় ভাঙ্গি রক্ত খেতে আইসে শি ৮২। °চোর—ঘরোয়া চোর; চোর-পরিজন। বিপ 'পর(বা'র)-চোর'। °জামাই °জামাতা, °জামায়ে—(হি °জমাঈ) শ্বশুরের ঘরবাসী জামাই। "°জামাতা শি ২৯। ঘরজামায়ের পোড়ার মুখ জা ৯; ঘরজামায়ে শ্বশুরবাড়ী মেগের নাতি খায় ৩৬। °জোড়া—যাহা ঘর পূর্ণ করে। "ঘরজোড়া সতরঞ্চি। °জ্বালানী—১ ঘরে আগুন-দেওয়া-সম্বন্ধী; গৃহদাহবিষয়ক (মোকদ্দমা)। ২ যে নারী চরিত্রদোষে পরিজনকে জ্বালায় বা পীড়িত করে। "ঘরজ্বালানী পর-জ্বালানী গুলো

ধনি !—গান। °জ্বালানে—পরিজনপীড়ক, গালিবিশেষ। ঘরজ্বালানে ···.কুমন্ত্র কুতন্ত্র জানে দা ৯৫০। °দল—ঘরের লোক; স্বপক্ষ। বিপ 'পরদল'। "নহি ঘরদল আমি নহি পরদল ক.চ ২০৩, -৪৩। °দ্বার—বাড়ী, সংসার। "মিছা ঘরদ্বার কু.অ ১০। ঘরদ্বার ফেলাই ভাঙ্গিয়া কৃ ১০১। শ্রী ৯৪। °পালানী—যে বউ স্বামীর ঘর হইতে পালাইয়া বাপের বাড়ী যায়; হুড়কো। °পোড়া—লঙ্কাদাহক হনুমান্। "জন্মে যে দুঃখ না পাই ঘরপোড়া তা দিলে কৃ ২৪৮; ৩০৯। °বসতি—গৃহস্থাশ্রম, সংসার। "তোমরা আসিয়া লহ এ ঘরবসতি ভ.গ্র ৭৭। °বাড়ী—বাড়ী, বাস্তু। "কাহে বা ছাড়িব ঘরবাড়ী ক.চ ১০৯। ঘরবাড়ী মহেশের নাহিক জ ২৮। কর্ম্মচারীরা বাকিদারের ঘরবাড়ী লুঠ করে ব.প্র ৩৭৪। °বাসী—যে ঘরেই থাকে, কখনও অন্যত্র যায় না; অপ্রবাসী। "কর্ত্তা আমার ঘরবাসী মানুষ, কখন গাঁ-অন্তরে নিমন্ত্রণ খেতে যান না নী ৫৩। °ভরা বউ—যুবতী বধূ; বয়োধিকা নববধূ। "হাসি হাসি কহে ঘরভরা বউ বটে বি.সু ১৬৬। ঘরভাঙান—গৃহবিচ্ছেদ ঘটান। °ভাঙানী, °মজানী—যে নারী কুমন্ত্রণা দিয়া সংসার নষ্ট করে। "°মজানী দা ৯৫৪। °ভাত (অপ্র)—ঘরে রাঁধা ভাত। বিপ 'প্রসাদান্ন'। "কেহো ঘরভাত করে, কেহো প্রসাদান্ন চৈ.চ ১৬৫; ৩১৫। °ভেদী—যে গৃহচ্ছিদ্র ভেদ করে, অর্থাৎ শত্রুর কাছে প্রকাশ করে। "ঘরভেদী বিভীষণ কৃ ৩৫৬। ঘরভেদী হতে নষ্ট লঙ্কার রাবণ (শ্রী)। °মজানে—যে সংসার নষ্ট করে; গৃহস্থতার শত্রু। "(কৃষ্ণ) আয়ান দাদার ঘর-মজানে দা ৩২৬; ৫৩৫। °মুখ, -খো—গৃহগমনোন্মুখ। "ভিজিয়ে দিলে ঘরমুখো ঐ পায়রাগুলোকে কু.কে ৬০ বারফটকা বাবুরা ঘরমুখ হয়েচে হু ৮। °সংসার—গৃহস্থাশ্রম। "পুরুষমানুষ স্ত্রীলোকের তৈজসের মধ্যে। না থাকিলে ঘর-সংসার চলে না ব.প্র ৩৯০। °সন্ধানী, -নে—যে গৃহচ্ছিদ্রের সন্ধান রাখে বা ঘরের দোষ জানে। ঘর আলো করা—গৃহ সুশোভিত করা। "আহা মরি, জামাইর রূপে আলো কৈল ঘর শি ২৮। ঘর-আলো-করা—গৃহের শোভাজনক, অর্থাৎ রূপগুণবান্ (জামাই, বউ)। ঘর করা—গৃহস্থতা করা; সংসারধর্ম্ম করা। "তোলা ঘরে তুঞি করিস ঘর ক.চ ১০৯; মনেতে ভাবিয়া দেখ কার ঘর কর ২৯২। ঘর করিতে যাওয়া—নববধূর পতিগৃহে প্রথম যাওয়া। "যে দিন তুই ঘর করিতে যাইবি, সেই দিন তোকে বিষ খাওয়াইয়া মারিব ব.প্র ২০৬। ঘর ক'রে রাখা—গৃহস্থের আবশ্যক বলিয়া রাখা। ঘর ঘর, ঘরে ঘরে—প্রতিগৃহে। "ঘর ঘর বাঘিনী পোষে (তুলসীদাসের দোহার অনুবাদ) ব.প ৪৮৪। ঘরে ঘরে পালেন্ত বাঘিনী গো.বি ১৮৭। ঘর ঘুচান—আত্মীয়তা নষ্ট করা। "তোমরাই আমাদের কলঙ্ক রটাইয়া সে ঘর ঘুচাইয়াছ ব.প্র ৩৫৩। ঘর তোলা—গৃহ নির্ম্মাণ করা। ঘর পিছে (হি ঘর পীছে)—প্রতি ঘরে, এক এক ঘরে। ঘর বারি বা বা'র করা—উৎকণ্ঠায় অস্থিরভাবে ঘরে-বাহিরে যাতায়াত করা। "ফুলবাণ-বাণফলে, অঙ্গ দেই ধরাতলে, ঘর বারি করে কতবার ভা.চ ৫৩৮। ঘর বুঝা—পরিজনের মনের ভাব জানা। "ঘর না বুঝে পরকে মেলে, মন্দ হয় পাছে লো।—দা ৯৫৬। ঘর ভাঙা—গৃহবিচ্ছেদ ঘটান। ঘর সামলান—পরিজনকে বশে রাখা। "ঘরে নন্দের বেটা শ্যাম এলে, রাখতে নারিস ঘর সামলে দা ৯৫৬। ঘরে ঘরে—আপনা আপনির মধ্যে। ঘরে পরে—আত্মীয় ও অনাত্মীয়ের মধ্যে; ঘরে বাহিরে। "সকলি তোর কেনা, আছে ঘরে পরে দা ১৫৪; কলঙ্ক হয় ঘরে পরে ৪৫১। ঘরে ভোজন করা বা খাওয়া—কুলমর্য্যাদাপন্নের ঘরে পাককরা অন্নাদি সামাজিকভাবে খাওয়া। "গঙ্গার দুকূল-কাছে, যতেক কায়স্থ আছে, মোর ঘরে করযে ভোজন ক.চ ৮৫। ঘরে রহা—(নারীপক্ষে) শয়নগৃহে থাকা; পুরুষের সহবাস করা। "তার ঘরে সপ্তরাত্রি রব বল তারে কৃ ১৯। ঘরের কথা—আত্মীয়স্বজনবিষয়ক কথা। ঘরের খেয়ে বনের মোষ তাড়ান—গাঁঠির পয়সা খরচ করিয়া অনাবশ্যক বিষয়ের উদ্যোগ করা। "হেম ৩৭৮। ঘরের ছেলে—ঘরবাসী ছেলে। "এই রকম ধরপাকড়ের পর···আমরা রৈ রৈ করে ঘরের ছেলে ঘরে ফিরে এলাম হু ১৩৬। ঘরের ছেলে ঘরে যাও, আমাদের পিছনে আর লেগো না ব.প্র ৪২৬। ঘরের লোক—পরিজন, স্বজন। ঘরের সেবক—বাড়ীর চাকর। "কৃ.উ ১০। ঘরের সেবক বলি না করিল আস্থা। —কৃ ২৩৬। দুঃখের ঘর—দুঃখের আধার। "কানুর পিরীতি, কেবল দুঃখের ঘর চ.দা ৯৮। বড় ঘর—কুলমর্য্যাদা-সম্পন্ন বংশ; বড়লোকের বাড়ী। "বড় ঘর হক, ছোট বর হক (কুমারীর আশীর্ব্বাদে)।]

ঘরকন্না, -করণ, -করনা বি [করণ>(করণা) করনা, (কর্না) কন্না] ১ সংসার-করণ, গৃহস্থতা, গৃহধর্ম্মানুষ্ঠান। "এ ঘরকরণ চ.দা ১১২। কি মোর ঘরকরণে।—ক.চ ৩১; ১৩৫। গিন্নিবারে আইসে মোরে এ ঘরকরণ চৈ.ম ১৪৪। এ ঘর. করণ তোমরা দুজন রা.শে ৩৩। °কন্না দা ৪৬১; করিতে বলে ঘরকন্না ৫৩৬। ঘরকন্নায় জলাঞ্জলি।—হেম ৩৯০। ঘুঘুবা করিছে ঘরকরনা।—শিশু ১০। উনি ঘরকন্নার পানে একবার ফিরে দেখবেন না আ.দু ১৪৩। তোমার ঘরকন্নার কথায় থাকিব না ব.প্র ৩৪৩। আমি বৌ নিয়ে ঘরকন্না করিয়া সুখী হই পা.প্র ১৫৫; তাহারা ঘরকরনার নানা জ্বালায় বিব্রত ২১২। ২ ঘরবাড়ী। "দিই যদি হে সম্ভ্রমের দাবী।···বিকিয়ে যাবে ঘরকন্না দা ২৫০। [ঘরকারী (অপ্র)—ঘরকরণ। "সেই নারী লইআ তোমার ঘরকারী অ.প ৩৬। মিলের নিমিত্ত '°করণ' স্থলে '°কারী'।]

ঘরগারি, -রী বি [দ্র 'গারি', অপ্র] ঘরবাড়ী। "স্বামী দিব আন জনে, সঞ্চয় করিয়া ঘরগারী ক.চ ১২০। নিব ঘরগারি শ্রী.মা ২২০। ব.প ১৬৮৭।

ঘরঘর বি [ধ্বন্যাত্মক; তু 'সং ঘর্ঘর] ঘর্ষণশব্দ। "ঘরঘর স্বরে, ···ঘষই মুখশশী রাই জ.প ৪৭। [ঘরঘরঘর—নিরন্তর ঘূর্ণনশব্দ। "ঘরঘরঘর, ঘুরিছে আবর্ত্ত।—হেম ৬৮।]

ঘরট্ট পুং [ধ্বন্যাত্মক?] গোধূমাদিপেষণ-পাষাণ। "নৈ ২.৮৫।

ঘরণী, ঘরিণি -ণী, -নি, -নী বি [সং গৃহিণী > লি ঘরণী, প্রা ঘরিণী (প্রা.ম), ঘরণি, ঘরিণি, -ণী (পৈ); হি ঘরনী; ঠ—ঘরণ; গু ঘরণী; মৈ ঘরণি; তু 'ঘরি' ম.গা ১৪] গৃহিণী, স্ত্রী। "ঘরণী চ ৪৩। ঘরণি দো ১২৭। শিবের ঘরিণি ঃ.শিবের ঘরিণী মী ৩; হরের ঘরিনি ৬। ঘরিণী ম.গা ১। রাঘব রাএ ঘরিনী বি.সা ২৩৫; ৫৪৯। শিবের ঘরিণী গো.বি ১৮। কৃশানু-ঘরিণী ম.পা ১১৪,-৫৬। ঘরণী ভ.গ্র ২৪০। ন.প ১৫৬। [ঘরণী গৃহিণী—স্ত্রী ও গৃহকর্ত্রী। "তবে তুমিই ঘরণী গৃহিণী ব.প্র ৩৪৩,-৪।

ঘরম বি [সং ঘর্ম্ম > (স্বরাগমে) °ম; বৈষ্ণবসাহিত্যে] ঘাম। "রতিরণ ছরমে ঘরমে ভেলি শ্যামা রা.শে ২। [ঘরমাইত—ঘর্ম্মিত, ঘর্ম্মযুক্ত; ঘরমি—ঘর্ম্মী, ঘর্ম্মাক্ত (প.ক)।]

ঘরময় বিং ঘরের সকল স্থান; সকল ঘর। "দেখে খোকা ঘরময়, হামাগুড়ি দিয়ে ফিরে সঘনে।—শিশু ৯। তুমি দাও হামাগুড়ি; বেড়াও রে চতুষ্পদ ঘরময় জুড়ি।—মন্দ্র ৫।

ঘরাও, -রোয়া বিং [হি ঘরৈয়া] গৃহসম্বন্ধী, স্বজনসম্বন্ধী, পরিজনবিষয়ক, ঘরের (কথা)। [ঘরোয়া বিবাদ—জ্ঞাতিবিরোধ। ঘরোয়া মিটমাট—আপনা-আপনির মধ্যে বিবাদমীমাংসা।]

ঘরানা বি [হি ঘরানা] বংশ, বংশজাত। "তোমার জন্য রাজসিংহ সর্ব্বস্ব পণ করিবে কেন। বিশেষ তুমি মাড়বারের ঘরানা।—বঙ্কিম।

ঘরামি, -মী বি ['ঘরকামী'—মূল; হি ঘরামী] যে ঘরের কাম (কর্ম্ম) করে; খড়ের ঘরের শিল্পী; বাড়ই। "°গিরী।

ঘরিণি, -ণী, -নি, -নী দ্র 'ঘরণী'।

ঘরিষণ বি [সং ঘর্ষণ >প্রা ঘরিসণ (প্রা.ম) >বা °ণ ; অপ্র] ঘর্ষণ। "ম ৯। ব.প ১০৯২। চৈ.ম ১৬।

ঘ'রো বিং [হি ঘরুআ] ১ ঘরসম্বন্ধী, সংসারবিষয়ক, ঘরোয়া (কথা)। ২ গৃহবাসে অভ্যস্ত ; গৃহবাসপ্রিয়। ৩ গৃহস্থঘরসম্বন্ধী, কুলজাত, গৃহস্থের। "লোকে বলে সউরে মেয়েগুলো কিছু ঠমকমারা, আর ঘরো বাজারে চেনা যায় না।—নী ৬৯। [ঘরো বিবাদ—স্বজনবিরোধ। ঘরো লোক—১ যে ঘরেই থাকে, কখন বিদেশে যায় না; ঘরবাসী। ২ ঘরের লোক; স্বজন।]

ঘর্ঘর বিণ [ঘর্ঘর+অ (অচ্) অস্ত্যর্থে] ১ ঘর্ঘরযুক্ত, পরুষ। "°স্বর নৈ ২.৮৫। ২ অব্যক্ত, অস্পষ্ট। "°রবা…সরিৎ মা.মা ৫.১৯। ৩ বিকট। "ঘোরঘনঘর্ঘরঘোষ (চাপ) উ.চ ৪.২৯ ; ঘর্ঘরঘোষিণী ভা.চ ৪২৯ ; ঘর্ঘর নির্ঘোষ ৪৩২। —র পুং [ঘর্ঘ+ √রা+অ (ক)-ক ; উ.ত] ১ ঘরট্ট-প্রভৃতির ধ্বনিবিশেষ ; ঘরঘরশব্দ। "রথের ঘর্ঘর শব্দ।—কৃ ২৯০। ঘনঘটার ঘোরঘর্ঘর ঘোষ।—কাদ ৩৮। ২ অস্পষ্ট ধ্বনি ; ধ্বনিমাত্র। "কণ্ঠ-ঘর্ঘর চৈ.চ ৩৩০। কণ্ঠশব্দ হয় ঘর্ঘর চৈ ১০৪। রা.শে ৮৪। (ঘোটনা) ঘর্ঘর ঘুরান ভা.চ ৮৭। ঘর্ঘর কোদণ্ডটঙ্কারে মে ১০ ; কোদণ্ড° ৯৫। ৩ চলদ্‌বারিধ্বনি (মেদিনী)। ৪ পর্ব্বতদ্বার। ৫ দ্বার। ৬ হাস্য। ৭ উলূক। ৮ তুষানল। ৯ নদবিশেষ। —রা, —রী স্ত্রী ১ ক্ষুদ্র-ঘণ্টিকা। "কলঘর্ঘরারব (মাঘ)। ২ ক্ষুদ্রঘণ্টীযুক্ত কটিভূষণ (A.)। ৩ বীণাবিশেষ। ৪ গঙ্গা। ৫ নদীবিশেষ। "ছাপরায় ঘর্ঘরায় করি আলিঙ্গন।—সুরধুনীকাব্য। —রিকা স্ত্রী [°রী+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'ঘর্ঘরা (১)। ২ বাদ্যবিশেষ। ৩ ভৃষ্টধান্য। —রিত ক্লী শূকর-ধ্বনিভেদ। "ভ ৩.১৩.২৫। [°মন্দ্র—ঘর্ঘরগম্ভীরশব্দ। "রথের ঘর্ঘরমন্দ্রে স.স্ব ৬৯। ঘর্ঘরে—ঘর্ঘর (বিকটশব্দ) করে। "মে ১৫৫। বজ্রঘর্ঘরিত—বজ্রের ন্যায় বিকটশব্দযুক্ত। "রথচক্রধ্বনি…বজ্রঘর্ঘরিত কা ২৩।]

ঘর্ঘরা, -রী, ঘর্ঘরিকা দ্র 'ঘর্ঘর'।

ঘর্ম্ম বিণ [ঘর্ম্ম+অ (অচ্) অস্ত্যর্থে ; cf., Gr. thermos—hot ; E. thermal] উত্তাপযুক্ত, উত্তপ্ত। "ঘর্ম্মাংশু, °দীধিতি। —র্ম্ম পুং [√ঘৃ ক্ষরণ, দীপ্তি+ম (মক্)-ণ ; গুণ, উ ১.১৪৬ ; 'ঘর্ম্ম'—আতপ (ঋগ্বেদ) ; cf., Gr. therme] ১ আতপ, সূর্য্যকর, রৌদ্র। "°স্রংসিত-বন্ধন উ.চ ২৮। ঘর্ম্মার্ত্ত।—হি ১.৯৮। ঘর্ম্ম-বৃষ্টি চৈ.চ ৩৫৩। ২ উত্তাপ, উষ্মা। ৩ গ্রীষ্মকাল, নিদাঘ। "ঘর্ম্মে পঞ্চতপা ভূত্বা রা ১.৬৩.২৩। রঘু ১৬.৪৩। সঘর্ম্ম গ ২৭। ৪ আতপযুক্ত দিবস। ৫ [+ম-ক] যাহা গাত্র হইতে ক্ষরে ; শ্রমবারি, স্বেদ, ঘাম। "ঘর্ম্মাক্ত। [°চর্চ্চিকা, °বিচর্চ্চিকা (স্ত্রী)—ঘর্ম্মকৃতা চর্চ্চিকা ; ঘামাচি। °দীধিতি, °দ্যুতি °রশ্মি (পুং)—'উত্তপ্তকর', সূর্য্য। "°দীধিতি রঘু ১১.৬৪। °দ্যুতি উ.চ ৬২১/২। "পয়ঃ(-য়স্-) ক্লী—ঘর্ম্মজল। ঘর্ম্মাংশু—'তপ্তকর', সূর্য্য। "তমস্তপতি ঘর্ম্মাংশৌ কথমাবির্ভবিষ্যতি শ ৫.১৫। ঘর্ম্মান্ত (পুং)—তাপান্তকাল, বর্ষাকাল। ঘর্ম্মার্ত্ত (বিণ)—আতপপীড়িত। "হি ১.৯৮। ঘর্ম্মাম্বু, -ম্ভঃ (ম্ভস্) ক্লী—ঘর্ম্মজল। "ঘর্ম্মাম্ভসাং জালকম্ শ ১.২৭।]

ঘর্ম্মিত বিং [ঘর্ম্ম+ইত ; অপ্র] সঞ্জাতঘর্ম্ম, ঘর্ম্মযুক্ত। "ঘর্ম্মিত বদন শ্রী.ম ২০৪। [ঘর্ম্ম ঘর্ম্মিত (অপ্র)—ঘর্ম্ম ক্ষরিত। "ভাবের অনলে ঘর্ম্ম ঘর্ম্মিত তখন গো.বি ২।]

ঘর্ষ১, পুং, **-র্ষণ** ক্লী [√ঘৃষ্ +অ (ঘঞ্),+অন (ল্যুট্),-ভা] ঘষা। —ণী স্ত্রী হরিদ্রা। —র্ষিত বি [√ঘর্ষি+ত (ক্ত)-র্ম্ম] ঘৃষ্ট, কৃতঘর্ষণ।

ঘর্ষ২ **-ষ, -স** সর্ম্ম [সং √ঘৃষ্ >প্রা √ঘস>বা √ঘস, -ষ ; সং ঘর্ষণ > √ঘর্ষ ; হি √ঘ(ঘি)স ; ঠ √ঘাস ; গু √ঘস] ঘর্ষণ করা ; ঘষা, ডলা। "চমক উপরে যেন পাথর ঘসয় গো.বি ১৯৪। ঘসএ মী ৪৩। ঘষিয়া করহ ক্ষয় : পাষাণে ঘর্ষয়ে সন্তে ম ১২৩০। মাটিতে মুণ্ড ঘষে কৃ ১১৩ ; তাহার উপরে মুখ ঘর্ষে হনুমান ২১২। ঘষে মেজে রূপ কখনই হয় না স.এ ১৩। —ষা১, —সা সর্ম্ম [√ঘষ, -স+আ৮] ঘর্ষণ করান ; ঘষান, ডলান। "সাত বার কানা কড়ি রাজার চক্ষে ঘসায় গো.চ ৬৭। [ঘষা২—সর্থ 'ঘর্ষ২। ঘষাঘষি—পরস্পর ঘর্ষণ ; অত্যন্ত ঘর্ষণ। ঘষান—সর্থ 'ঘষা১। ঘষিল—ঘৃষ্ট, শাণ-দেওয়া। "ঘষিল খরশর ক্র.প ৪৭ ; ৪৮। ঘস্তে—ঘসিয়া। "ঘস্তে দিস লোন বি.স্থ ৬৩।]

ঘর্ষণ, ঘর্ষণী দ্র 'ঘর্ষ১।

ঘষ দ্র 'ঘর্ষ২।

ঘষঘষ বি [ধ্বন্যাত্মক] ঘর্ষণশব্দ। "শিলে ঘষঘষ ক'রে বাটা।

ঘষটা, -ড়া, ঘষাড় সর্ম্ম [সং 'ঘৃষ্ট'—মূল ; হি √ঘসি (-সী)ট] ঘৃষ্ট করা ; ঘষড়ান। "কাটিল লোচন নাক ঘষাড়িল ভূঞে শ্রী ১১৩। [ঘষটা(ড়া)ন—সর্থ 'ঘষটা'।]

ঘষা১**, ঘষা**২**, ঘষান, ঘষিল** দ্র 'ঘর্ষ২।

ঘষী, -সি, -সী বি [সং করীষ ; হি করসী ; মৈ করসি ; ড়—ঘষি ; ঘষি (ঢাকা, যশোহর)] শুষ্ক গোময়খণ্ড ; ঘুঁটে। "তোর বাঁশী মোএ ঘসি না ঘাটো শ্রী.কী ২৪২ ; ৩২৫ ; ঘসির আগুণ ৩৪৯। তুষ ঘসী ম.ম ১২। ঘসীর অগ্নি বি.পা ২২১। তুষ ঘসি শি ৮০। পেট ভরলে ভাজা মাছ ঘসী ঘসী লাগে।—প্রবচন। [ঘসির ধুলা—ঘুঁটের ছাই। "ঘসির ধুলা দিয়া বদন ঢাকিল ব.প ৬২। গো.চ ১৬৪। ঘুস ঘুসাঁআ পোড়ে—ঘসির আগুনের ন্যায় মৃদুতাপে পোড়ে। "শ্রী.কী ৫৩৫।]

ঘষ্টি-ঘর্ষণা বি ['ঘৃষ্টি-ঘর্ষণ'—মূল ; '°ষণ' (কথ্যভাষা)] গুণদোষের নানা আলোচনা বা কল্পনা-জল্পনা। "রামপালের সংক্রান্ত ঘষ্টি-ঘর্ষণা এইরূপ হইতে লাগিল আ.দু ৯৩।

ঘস্ সক [ভ্বা, প—ঘসতি ; অনিট্] ভক্ষণ।

ঘস, -সা দ্র 'ঘর্ষ২।

ঘস্মর বিণ [√ঘস্+মর (ক্মরচ্) তাচ্ছীল্যে; স্ত্রী -রা] ভক্ষণশীল। "ভট্টি২.৩৮।

ঘা বি [সং ঘাত >প্রা ঘায় *ঘাঅ >বা ঘা, ঘাও ; হি, ঠ ঘায়, -র ; মৈ ঘাও ; গু, ড় ঘা ; ঘাও (ঢাকা)] ১ আঘাত, প্রহার। "এক ঘায়ে বাঘা তবে ত্যজিল জীবন ক.চ ৫১। পায়া পদ-ঘা ব.প ৪৩৫। কপালে মারিয়া ঘা শ্রী.ম ১৩৩। সেই ঘায় গঙ্গাপুত্র হৈল অচেতন ম ৭৬২। অস্ত্রের ঘায় ম.ভা ২৮। খুরের ঘাএ।—ম.পা ৬৪। শেলের ঘা।—ব ১৪৪। পদঘায় : মুষ্টিঘায় ভা.চ ৪৫। সাংঘাতিক ঘায়ে ন ৪৯৯। ২ আঘাতজন্য ক্ষত। "ঘায়েতে লাগিলে ঘা যেন বড় জ্বলে কৃ ১১২। ঘাএর দাহে ব.প ৫০০। নাহি মুখে হৈল ঘা ম ১৩৩। মুখে মোর হইল ঘা ম.ম ৯৩। ৩ স্ফোটকাদিজন্য ক্ষত। ৪ দন্তাঘাত, দংশন। "উদয়-কাল দিল ঘা বা.ম ১৩৫ ; যার ঘায় নাহিক নিস্তার ১৬৯। ম.ম ৮৪ ; ম'ল সাপের ঘায় ২৩২। বি.পা ১৫৬। ৫ দংশনজন্য ক্ষত ; দষ্টস্থান। "বিষ খুইল ঘামুখে ম.ম ২০ ; ৮৫ ; ২১৯। ৬ বেধন, ফুটা। "পড়ে রক্ত কণ্টকের ঘাএ ম.পা ৩৪। ৭ বাদ্যে আঘাত। "দামামায় পড়ে ঘা ক.চ ২৬৪। মৃদঙ্গেতে দিয়া ঘা বা.ম ১৫৯। ম.ম ২১১। দগড়ে পড়ে ঘা শ্রী ১৬৪। ৮ বাদ্যধ্বনি। "মন্দিরার ঘা ম.ম ২। ৯ করাঘাত, চাপড়। "পৃষ্ঠে মারে ঘা ম.ম ২১। ১০ করতালি, তালি। বন্দিলাম…তালে দিয়া ঘা ম.ম ১৬। ১১ ক্ষেতের আ'লের ভগ্নস্থান ; হানা। "পদাঘাতে যোগ মারে ঘায়ে দেই চেলা শি ৮১। ১২ বিঘ্ন, ব্যাঘাত। "লুবধ হইয়া যে মোর আসরে করে ঘা ক.চ ৬। যদি কেহ স্বরে দেয় ঘা শ্রী.মা ৭। ১৩ [গু 'ঘায়'—এক দিস্তা কাগজ—২৪ খান ; দ্র 'গা৩] দশটা সুপারি। "চারি ঘা গুয়া ম.ম ১২৪ ; ১২৫। ১৪ ধূর্ত্ততা, শঠতা। "ঠেকিয়াছে এইবার কায়েতের ঘায় নী ৪২। [ঘা কত, কতক—কয়েক ঘা ; দু-চার ঘা। "তাহাকে ভালরূপে ঘা কত ঝাঁটা দিয়াছি ব.প্র ১৮৩। তোমার পিঠে ঘা কতক কাঠের চালা দেবেন অ.প্র ২৯। ঘা খাওয়া—আঘাত পাওয়া ; বাক্যে ব্যথিত হওয়া। ঘা দিয়া বলা—মনে আঘাত করিয়া বলা। ঘা মারা—আঘাত করা। ঘায়-অঘায়—

আঘাতে ও মর্ম্মস্থানে আঘাতে। ঘাএ, -এঁ—আঘাতে ; ঘাএ—আঘাত (শ্রী.কী)। দু এক ঘা বসিয়ে দেওয়া—দু-চার ঘা প্রহার দেওয়া। "আ.দু ১৪। সকল গায় ঘা, ওষুদ দি কোথায়? —(গৌণার্থে) অনেক দোষ, কোনটার প্রতিকার করি।]

ঘাঅ বি [দ্র 'ঘা'; অপ্র] ১ আঘাত। "বুকে ঘাঅ দিল।—শ্রী.কী ১৭৮। ২ ক্ষত। "আথায়িল ঘাঅত শ্রী.কী ৩১৮।

ঘাই বি [সং ঘাতি > প্রা *ঘাই; হি ঘাঈ—আঘাত] ১ আঘাত; জলে মৎস্যের পুচ্ছাস্ফালন বা আফালি। "অই দেখ ঘাই মেরে সরসী-হৃদয়ে। মীনচয় মগ্ন হয় নিজ দল লয়ে॥—রঙ্গ ৫। ২ জালের প্রান্তে স্থিত ফাঁসবিশেষ।

ঘাইট, ঘাটি[২], **-টী**[৩] বি [হি ঘাটি—পাপ, দুষ্টামি; মৈ ঘট্টী, ঘাটি—ন্যূনতা, ত্রুটি; ঘাট (কথ্যভাষা)] ১ ত্রুটি, দোষ, অপরাধ। "তাহারে সন্তোষ করি যার স্থানে ঘাটি ম ১০৭৯। ঘাটি না পাইল শ্রী.ম ১৯৪। ঘাটি কি তোমার শ্রী ১১৬। পদে পদে ঘাটী ম.ম ৮; ঘাইট ২৩৭। পদ্মার ঘাইট বি.পা ৩৫৩। ঘাটি হইল এই কর্ম্ম ভা.চ ৩৫৯। ঘাটী বি.সু ৮১। ২ ন্যূনতা, কমী। "তার নাকি কখন অর্থের আছে ঘাটি শি ১০০। ৩ ত্রুটি, অভাব। "লক্ষ্মণ বলেন ভাই বুদ্ধি কেন ঘাটি। রাক্ষসের দুই হাত দুই ভাই কাটি॥—কৃ ১৪৯। —টি, —টী বিং ১ ন্যূন, কম। "ঘাটি নহে সাত রতি কৃ ১০। ঘাটি মূল্য চৈ.চ ৩০৭। কিছু ঘাটি ঘাটি (কিছু কম ঘ'াট) ভা.চ ৪০৯। ২ কুলমর্য্যাদায় ন্যূন, অর্থাৎ যাহা সঘরে কৃত নহে। "ঘাটী কর সম্বন্ধ সভায় হবে খাট শ্রী ১৪৪। ৩ কুলশীলাদিতে মর্য্যাদাহীন বা হেয়। "জানি বাপপিতামহে, গোকুল-নগরে নহে ঘাটী শ্রী.ম ৭৩। [ঘাট মানা—দোষ স্বীকার করা।]

ঘাইটঘিলা, ঘাঁটঘিলা বি স্ত্রীলোকের গাত্রপরিষ্কারার্থ একপ্রকার ফল। "ঘাইটঘিলা আমলকি, হরিদ্রা পীঠাল মাখি বি.পা ২৮৫। ঘাঁটঘিলা দিয়া স্নান ব.প ২২১।

ঘাই(য়ে)ল, ঘা'ল বিং [হি ঘায়ল—আহত; গু ঘায়াল, -য়েল] আহত, হত। "ক্ষণেক কাল মারামারি লাঠালাঠি হইলে…কয়েক জন ঘায়েল হইল আ.দু ১৬৫। একজন বীর এয়েচে…এক চড়ে আট্টা কাহার ঘাল করেছে ঘ ৬।

ঘাও বি [দ্র 'ঘা'] ১ করাঘাত, চাপড়, চড়। "বুক্কে মারে ঘাও ম.গা ১৬। কেহো লাথি ঘাও মারে গ ৮৫। ম.ম ১৮৩। শিরে ঘাও খায়া চ.বি ৮৩। ২ বাণাঘাত। "সহিয়া সে ঘাও তবে কর্ণের সন্ততি। আর বাণ এড়িলেক…॥—অ.প ১৮। ঘাও সম্বরিয়া দোঁহে এড়ে নানা বাণ কৃ.উ ২৩৪,-৫। ৩ দন্তাঘাত, দংশন। "হেন পবিত্র অঙ্গে কি মতে দিব ঘাও বি.পা ৩১৫। ৪ কণ্টকাঘাত, বেধন। "কণ্টকের…ঘাও লাগে ম.পা ৩৪। ৫ পদাঘাত, লাথি। "সেই ঘাও সহিয়া ভূমিতে পড়িলেন্ত অ.প ১২১। ৬ আঘাত। "শিলা-তৃণ-অঙ্কুরে লাগয়ে যদি ঘাও রা.প ২৯।

ঘাঁঘর দ্র 'ঘাগরা'[১]।

ঘাঁট, ঘাট[৪] সর্ম্ম [সং √ঘট্ট > প্রা √ঘট্ট, * √ঘংট > বা √ঘা(ঘাঁ)ট; ঠ √ঘাট; তু 'ঘাণ্ট' (কমলকুলিশঘাণ্ট—কুলিশাঙ্কসংযোগঘৃষ্টৌ—টীকা)—চ] ১ চালিত করা; আবর্ত্তিত বা আলোড়ন করা; নাড়া-চাড়া করা; ব্যস্ত করা। "তোর বাঁশী মোএঁ ঘসি না ঘাটো শ্রী.কী ২৪২; ৩২৫। বুড়োসুড়ো লোক,…ঘাঁটিও না বেশী—দোহাই!—মন্ত্র ১৪। ২ উলটাইয়া-পালটাইয়া দেখা; তন্নতন্ন করিয়া দেখা। "ছি রাজেন্দ্র, কাল কাটালে পুথি ঘেঁটে ঘেঁটে।—হেম ৩৮৫। হিসেব কিতেব হয় যে ঘাঁটতে কা ১২৭। কি ছাই ঘাঁটিয়া মরি!—ন ১১১৮। উনি রাতদিন পাঁজিপুথি ঘাটবেন আ.দু ১৪৩। ৩ চালনাপূর্ব্বক মিশান; চটকান, ছানা। "কেবল ঘাঁটলে গোবর উড়ালে ছাই দা ৫৫। ঘাঁটা[৩], ঘাটা[৪] সর্ম্ম আঘাতাদি বা যুদ্ধার্থ আহ্বান দ্বারা উত্তেজিত করা; রাগান। "রামে ঘাটাইয়া যে মজালি লঙ্কাপুরী কৃ ২৫২; তবে গিয়া ঘাটাইস অর্জ্জুন নৃপতি ৪১১। আপনারে না জানিয়া আমাকে ঘাঁটায় ম ৪৭৬। কালসর্প ঘাঁটাইলি শ্রী.ম ১০৭। ওলো কলঙ্কিনি সব, হয়ে মত্ত সজে কেশব, ঘটা করি ঘাঁটালি ঘাটে আসি দা ২৬৭। মূঢ় যে ঘাঁটায়, সখে, হেন বাঘিনীরে মে ৯৪। যমেরে ঘাঁটায় আসি' কে এমন ব্যক্তি।—ব.প্র ১৭১। দুই একজন…মেচুনী ঘেঁটিয়ে বাপান্ত খাচ্চেন হু ৭। [ঘাঁটা[৪]—সর্থ 'ঘাঁট'। ঘাঁটাঘাঁটি—অত্যন্ত ঘাঁটা; পরস্পর ঘাঁটা। ঘাঁটান—সর্থ 'ঘাঁটা'। আদালত-ঘাঁটা লোক—যে আদালতের বিষয়ে বিশেষ সন্ধান রাখে। "(মতিলালের) বাঞ্ছারাম ও ঠকচাচার উপর বড় বিশ্বাস, কারণ তাহারা আদালত-ঘাঁটা লোক।—আ.দু ১৩২। ঘাটাল্যে—ঘাঁটাইলে। "ঘাটাল্যে মারিতে যেন রোষে কালসাপ কৃ.উ ২২২।]

ঘাঁটঘিলা দ্র 'ঘাইটঘিলা'।

ঘাঁটা[১] বি [সং ঘণ্টা, ঘণ্টিকা] ১ ক্ষুদ্রঘণ্টিকা, কিঙ্কিণী। "চরণে বাজে ঘাঁটা শ্রী ৫১; ৬৬। ২ ঘণ্টা। "(হাতীর) গলায় জয়-ঘাঁটা শ্রী.মা ১০৭। ৩ ['ঘাটি' —মূল] ঘা'ট, দোষ। "শুভ দশা হৈল এবে কারে নাই ঘাটা।—ব.প ৫০৩। —টি[২] বি সর্থ 'ঘাঁটা'[১] (১)। "চলিতে চপল ক্ষুদ্র ঘাঁটি শ্রী.ম ১২৮।

ঘাঁটা[২] বি [প্রা ঘট্ঠ (সং ঘৃষ্ট)—মূল; ঠ ঘটা, -ট্টা] ঘর্ষণজন্য দৃঢ় মাংস-পিণ্ড; কিণ, কড়া।

ঘাঁটা[৩], **ঘাঁটা**[৪], **ঘাঁটান** দ্র 'ঘাঁট'।

ঘাঁটি[১] বি ['ঘাট'—মূল] ১ ঘাট, প্রহরীর স্থান বা আড্ডা; থানা। "কল্যাণী নগরের ঘাঁটিতে আসিয়া উপস্থিত ব.ছি ১৪২; ঘাঁটিতে ঘাঁটিতে তাহার লোক ছিল ১৪৭। ঘাঁটি রাখবে কারা?—গি.ছি ২৪। ২ ডাকাইতের আড্ডা। [°দার—চৌকিদার, প্রহরী।]

ঘাঁটি[২] দ্র 'ঘাঁটা'[১]।

ঘাঁটু বি [সং ঘণ্টাকর্ণ] ঘাঁটুঠাকুর। "ঘাঁটু মহাকাল ভা.চ ৫০২।

ঘাঁত বি [সং 'ঘাত'—মূল; হি, ঠ ঘাত] কার্য্যের অনুকূল সময়; সুযোগ, অবসর। [ঘাঁতঘুঁ(ঘোঁ)ত—সুযোগ-সুবিধা। "(তিনি) ঘাঁতঘুঁত সকল ভাল বুঝিতেন আ.দু ৪৭।]

ঘাগর, -ঘর বি [সং ঘর্ঘরা, -রী > প্রা *ঘগ্ঘরা, -রী > বা ঘাঘ(গ)রা, -রী, -র; ঠ ঘাগরী] সর্থ 'ঘাঁটা'[১] (১)। "ঘাগরের রোলে মী ১৮। ঘাঘরের রোলে গো.বি ৯৪। চারি পায়ে বাঁধিল ঘাঘর ক.চ ১৮; ঘাঘর ৮৯। চ.বি ১৪৮। ঘাগর পরে কটি বেড়ি ব.প ২২৭। বি.পা ১৭৭। ঘাঘর শ্রী.মা ৬৫,-৮। শ্রী.ম ৩৬। প.র ৪। শুখান শোণের গুঁটি ঘাঘরের ঘটা শি ৭৬। "ঘাঘর মগর পায় শ্রী.কী ৩৪৬। —রা[২] বি কিঙ্কিণী। "রত্নের ঘাঘরা দিল বা.ম ৪৫। [ঘাঘড়—ঘাঘর। "পরাইল পীতধড়া, তাহাতে ঘাঘড় বেড়া রা.শে ৩৬।]

ঘাগ(ঘ)রা[১], **-রি, -রী** বি [সং 'ঘর্ঘরা, -রী'—মূল (?); হি ঘাঁঘরা, -রী, ঘাঘরী; ঠ ঘাগ(ঘ)রা] কোমর হইতে গোড়ালিপর্য্যন্ত-ঝুল স্ত্রীলোকের ঘেরদার ঢিলা বস্ত্রবিশেষ; একপ্রকার গাউন। "নাগরী ঘাগরী-আঁটা দা ১৫৭৩। অশোক চম্পক পদ্ম অতসীকাঞ্চন, অনন্ত শাটীতে ঘেরা —অদ্ভুত ঘাঘরি!—অ.গু ৯৫। [ঘাঁঘর—ঘাঘরা। "কটি কিঙ্কিণী, ঘাঁঘর তাহে মোড়া ব.প ১১৩৫। ঘাঘরের উপরে—ঘাঘরার উপরে। "শি ১৬।]

ঘাগী, -গী বি [হি ঘাঘ] চতুর, চালাক, শঠ, সেয়ানা (পুরুষ, স্ত্রী)। "এ বড় কুটিনী ঘাগী ভা.চ ৩৯৫। (তুমি মেয়ে) ঘাগী বটে বি.সু ৬৩। ঐ বুড়ী অভাগী, পুরাণো ঘাগী দা ১৮১; ঘাগী মাগীদের চালাকী বড় ৩৭৪; লো পুরাণো ঘাগি ৯৫৪। [ঘাগিগোচের পাল্লায় পড়া—ধূর্ত্ত-লোকের হাতে পড়া। "হু ১৩।]

ঘাগু(ঘু)রি বি [ঘাঘরি > °রি; অপ্র] সর্থ 'ঘাঘরা'। "উল্লা কৈলে ঘাগুরি দণ্ডেক পাইবা হুক ম.গা ১। ঘাগুরি ম.পা ১। উচ্চ পেট ঢাকে ঘাঘুরিতে ভা.চ ৩৮৫।

ঘাঘড় দ্র 'ঘাগর'।

ঘাঘর দ্র 'ঘাগর'।

ঘাঙ্ঘর বি [অপ্র] ঘাগর। "ঘাঙ্ঘর…কটীতটে দু ২।

ঘাট[১] পুং [√ঘাট+অ (অচ্)-ক] ১ 'দেহের সহিত শিরঃসংযোজক' ; গ্রীবার পশ্চাদ্‌ভাগ ; ঘাড়। ২ নদ্যাদির অবতরণস্থান ; ঘট্ট। —টা স্ত্রী ১ সর্থ 'ঘাট[১]' (১)। ২ গবাদিপ্রচারস্থানবিশেষ (ত.বা)।

ঘাট[২] '-ট্' বি [দ্র 'ঘট্ট' ; হি, ঠ, গু, মৈ, অস—ঘাট] ১ নদী-প্রভৃতিতে অবতরণস্থান। "বরণ গোরী৹ পেথলু ঘাটের কূলে চ.দা ২২ ; নাহিতে দেখিলু ঘাটে ২৪। কোন ঘাটে খাবে পানী ক.চ ৬৪। নদীর ঘাট। —ম.পা ১৩৫। ২ নদীপারে যাওয়ার স্থান ; খেয়াঘাট। "কিসের দান কাহ্নাঞি কিসের ঘাট শ্রী.কী ৫৬। ম ৪১১। সেই ঘাটে দান সাধে ঘাটের জগাতী ম.ভা ৫০। ব ১৪২। ভা চ ২৫৪। ৩ ধোপার কাপড় কাচার স্থান। "বেহুলা আইল সেই ঘাটে ম.ভা ৫৪,-৫। ৪ পর্ব্বতদ্বয়ের মধ্যস্থ পথ ; গিরিসঙ্কট। ৫ পুরীর প্রবেশপথ। "অন্যরূপে যেতে নারি ঘাটে ঘাটে থানা শ্রী ১৩৮। চারি ঘাট বন্দ করে চোর ধরে দিবি শ্রী.ম্না ১০৮। ৬ যুদ্ধস্থলে প্রবেশপথ। "একারণে ধূমসী আগুলে চারি ঘাট শ্রী.মা ২০৫। ৭ তবলার চাকে চর্ম্মরজ্জুদ্বয়ের মধ্যস্থ স্থান। দ্র 'আটঘাট'। —টি বি ঘাটের পথ। "নীপমূলে করি থানা৹ ঘাটি করিয়াছে মানা (·প.ক)। —টা[২] বি ঘাট। "আঘাটা, কুত°, জগাতী°, পাটনী°। [°কামান—মরণাশৌচের শেষ দিনে ঘাটে করণীয় মস্তকমুণ্ডনাদি কার্য্য। "পা.প্র ২০৫। °কুটী (ঘট্টকুটী)—শুল্কস্থান, কুতঘাটা। °কূল—ঘাটের ধার। "চন্দ্রধর উঠে ঘাট-কূলে বা.ম ৯৬ ; ৩৯৫। বি.পা ৩২৩,-৭। °বাট—ঘাটপথ। "রঙ্গ ১০২। ঘাট সরা—ঘাটে স্নানাদির নিমিত্ত যাওয়া। ঘাট মারা—আইনের বিরুদ্ধে, অর্থাৎ বিনাশুল্কে বা গুপ্তভাবে জলপথে পণ্যের আমদানী-রপ্তানী করা (smuggling)। ঘাটে-পড়া—মড়া (গালিতে)। ঘাটে-পড়ারা পড়ে থাকিস ঘাটে দা ৫১৬। ঘাটের কড়ি—খেয়ার পয়সা ; তরপণ্য। যমরাজার ঘাটা—যমের পথ ; যমদ্বার। "ইঙ্গিতে বান্দিল আমি যমরাজার ঘাটা মী ১০।]

ঘাট[৩] অর্ম্ম [হি, ঠ, গু √ঘট ; অস √ঘাট্] ১ ন্যূন হওয়া ; কমা। "খরচ ঘাটিলে মোর অল্প ব্যথা নাই বি.পা ১২৯। আধবুড়া হৈলি তবু ঠাট ঘাটে নাই ভা.চ ৩৫৬। ২ ক্ষতিগ্রস্ত হওয়া ; ঠকা। "মূলে নাহি ঘাটি মিতা বি.পা ২১৮ ; মূলেতে ঘাটিলে বদলের কিবা ফল ২১৯। যেন না ঘাটি বেপারে বা.ম ২০৫ ; মূলে যদি ঘাটি হয় বদলে কি ফল ২০৮। ৩ হীন হওয়া। "ভরত ধর্ম্মেতে নাহি ঘাটে কৃ.অ ২৩। এত দুঃখ পায়্যা তবু ধর্ম্মে না ঘাটিল ম ৬৮৬। ৪ বিকৃত হওয়া। "পদ্মার কপটে, চাঁদের বুদ্ধি ঘাটে বি.পা ২০০। ৫ বিকৃতবুদ্ধি বা হতবুদ্ধি হওয়া। "আমা হেন পণ্ডিতকে মরণ বেলায় ঘাটে ব.প ৪৯৭। জাত্যংশে হীন হওয়া। "বি.পা ২৫৭। ঘাটিয়া সম্বন্ধ করাইব কি কারণ ব.প ২৪৮। —টা[৩] সর্ম্ম [°ট+আ৮] ১ কম করা ; কমান। "পঞ্চ দিন ঘাটাইল চৈ.চ ১৭০ ; মূল্য করে ঘাটাইয়া ৩০৭ ; রামচন্দ্রপুরী ভয়ে ঘাটাইল নিমন্ত্রণ ৩১৫। ২ প্রতারিত করা ; ঠকান। "আমি ঘাটিলে তবু পরে না ঘাটাই।—বা.ম ২০৯। বদল করিবা তুমি, তাতে ঘাটাইব আমি বি.পা ২১৮। [ঘাটিয়া টুটিয়া—কম-সম করিয়া। "ঘাটিয়া টুটিয়া কিছু দিব হে মিত্রেরে বি পা ২২০। দ্বার ঘাটিল (উদ্‌ঘাটিল > বিপরীত অর্থে 'ঘাটিল')—দ্বার রুদ্ধ করিল। "দ্বার ঘাটিল তাথে নির্ঘাত করিয়া বি.পা ৩০২। ঘাটিলুঁ—ঘাট মানিলাম। হারিলাম (চৈ.ভা)।]

ঘাটওআল, -টোআল বি ['ঘট্টপাল'—মূল ; হি ঘট্টবার, -ল] খেয়াঘাট-ওয়ালা ; ঘাটের দানী ; পাটনী। "পার কর মথুরাক ঘাটোআল কহী শ্রী.কী ১৪৫। আমরা ঘাটওয়াল, আমরা আগে পাব অ.প্র ১৯। —য়ালী বি ঘাটোয়ালের কার্য্য। "ঘাটওয়ালী তোমার কাজ নয় অ.প্র ১৯।

ঘাটতি, -তী বি [হি ঘটতী] ন্যূনতা, কমী। বি.প 'বাড়তী'। "দালাল ও সরকারেরা…দরদামের ঘাটতি বাড়তি…বলিত আ.দু ১৪৯। [ঘাটতি-কমতি—একার্থক শব্দদ্বয়। "কেহ ঘাটতি-কমতি তদারক করে আ.দু ১৪৪।]

ঘাটা[১] বি [ঘাট[১] √°টা ; অপ্র] ১ মহল। "কটক সহিত লখাই রহিছে বাহির ঘাটা ম.ম ১৭৬। [বাহির ঘাটা—বাড়ীর বহির্ভাগ ; বা'র বাড়ী।] ২ ['ঘাত'—মূল (?)] আঘাত, যন্ত্রণা। "যদি বল সুন্দরী গো সতীনের ঘাটা ম ম ২০৬। ৩ সর্থ 'ঘাঁটা[২]'।

ঘাটা[২] ; **ঘাটা**[৩] ; **ঘাটা**[৪] দ্র 'ঘাট[২] ; ঘাট[৩] ; ঘাঁট'।

ঘাটি[১], **-টী**[২] বিং [হি ঘাটি] ন্যূন, কম। "সাত কোটি লব, ঘাটি নহে সাত রতি কৃ ১০। —টি, —টী বি ১ ক্ষতি, লোকসান। "ঘাটি মম সমুদয় বা.ম ২১১ ; বাণিজ্য হইল ঘাটি ২১২। ঘাটি ব.প ২৪৩। ২ ন্যূনতা, হীনতা। "বড় জিনিয়া ছোট জিনিলে পৌরুষে ঘাটি কৃ.উ ৭১ ; জ্ঞানে নাহি ঘাটী ১৫৫ ; যুদ্ধে নাহি ঘাটী ২৫১। [ঘাটী টুটী—কিছু ক্ষতিগ্রস্ত হইয়া। "ঘাটী টুটী আগে কিছু দিবাম তোমারে ব.প ২৪৩।]

ঘাটি[২] দ্র 'ঘাইট'।

ঘাটি[৩] বি [ঘাট[১]+ই[১৩] ; হি ঘাটী] পাহাড়ী পথ ; পথ। "শিবানন্দ সেন করে ঘাটি সমাধান চৈ.চ ১৭৩। [ঘাটি সমাধান—পথের নিরূপণ বা সন্ধান। "চৈ.চ ২৫৫ ; ৩১৯।]

ঘাটিআল, -য়াল বি [দ্র 'ঘাটওয়াল'] ১ পাটনী। "ঘাটের ঘাটিআল শ্রী.কী ১৪৫। পার কর রে ঘাটিয়াল গো.চ ২৫ ; ২৮১। ২ ঘাটির অধ্যক্ষ ; পথরক্ষক, ঘাটোয়াল। "ঘাটিয়াল প্রবোধি দেন সভারে বাসস্থানে চৈ.চ ১৭৪ ; একদিন শিবানন্দে ঘাটিআলে রাখিলা ২৫৫ ; ৩১৯। চৈ ২০৪।

ঘাটী[১] বি সর্থ 'ঘাটি[৩]'। "°দানী চৈ.চ ৯৩ ; °দান ৯৪। [ঘাটীদান—পথের কর। "সঙ্গে এক বট নাহি ঘাটীদান দিতে চৈ.চ ৯৪। ঘাটীদানী—পথের করগ্রাহক। "ঘাটীদানী ছাড়াইতে (রাজলেখা করি দিল) চৈ.চ ৯৩।]

ঘাটী[২] দ্র 'ঘাটি[১]'।

ঘাটী[৩] দ্র 'ঘাইট'।

ঘাটোয়াল বি [দ্র 'ঘাটওয়াল'] ১ ঘাটরক্ষক পথের দানী। [ইহারা রাজকর্ম্মচারী। তীর্থপথে থাকিয়া যাত্রীর নিকটে কর গ্রহণ করিত। এই কার্য্যের বিনিময়ে ইহারা যে জমি পাইত তাহার নাম 'ঘাটোয়ালী'।] ২ হিন্দুস্থানী জাতিবিশেষ। —য়ালী বি ঘাটোয়ালের অধিকৃত চাকরান ভূমি।

ঘাড় বি [সং ঘাট > প্রা ঘাড] ১ গ্রীবার পশ্চাদ্‌ভাগ। "ঘাড় ভাঙ্গ্যা রক্ত খাই ক.চ ৫৫। [°কাতা, °ঢাকা, °ধাকা, °ধাক্কা—ঘাড়ে হাত দিয়া ধাক্কা। "দেয় ঘাড়কাতা ম ম ৫৪। শুক্রে দিলা ঘাড়ঢাকা ব.প ১২৪। মারি ঘাড়ধাকা শি ১০৫। °ধাক্কা।—শ্রী ৪৪। °কাতা ১৫৪। ঘাড় ধরে করান—বলপূর্ব্বক করান। ঘাড় নাড়া—হাঁ বা না করা। ঘাড় পাতা—শকটাদি ভারে বলদের ঘাড় দেওয়া ; (গৌণার্থে) কোন বিষয়ের দায়িত্ব গ্রহণ করা। বরদাবাবু তাহাতে ঘাড় পাতেন না আ দু ১০২। ঘাড় ফুলান—স্পর্দ্ধা প্রকাশ করা। ঘাড় বেড় দিয়া নাক দেখান—সহজসাধ্য কাজ ঘুরাইয়া করা। ঘাড় মটকান—ঘাড় ভাঙা। ঘাড়-মোড়—ঘাড় ও মুড়া। "ঘাড়মোড় ভেঙে এমন সর্ব্বনাশের তলায় তলিয়ে যাব যেখান থেকে ইহজীবনে আমার আর উদ্ধার নেই ঘ ৮৮। °মাগরো—ঘাড়ের উপরে জাত ফোড়া। ঘাড়ে—উপরে। "ভাল মন্দ তাঁর ঘাড়ে আরের তা কি বি.সু ৭০। ঘাড়ে করা—(ভার) ঘাড়ে লওয়া ; (কোন বিষয়ের) দায়িত্ব লওয়া। ঘাড়ে গদ্দানে (এক)—ঘাড় বা গদ্দান ছোট বলিয়া মাথা ও ধড়ে সংলগ্ন। "শরীরটা ঘাড়ে গদ্দানে হ ৪৪। ঘাড়ে মুড়ে—১ ঘাড়ে ও মাথায়। ঘাড়ে মুড়ে…তাড়ে শ্রী ১২৩। ঘাড়ে মুড়ে বেত্রের প্রহার চৈ.ভা ১২৬। ২ ঘাড়-মুড়া-বেষ্টনপূর্ব্বক। "ঘাড়ে মুড়ে বান্ধি ফেলে কৃ ৪১৭। কার ঘাড়ে দুটা মাথা—কাহার

দ্বিগুণ বা অতিশয়িত সাহস ও শক্তি: কাহার এত বড় বুকের পাটা। "কার ঘাড়ে দুটা মাথা এ কর্ম্ম করিবে ভা.চ ৩৩৯। কে পারে ভুলাতে কার ঘাড়ে মাথা দুটা বি.সু ৩৭। তোমার ঘাড় যে সে দেবে—অর্থাৎ তোমার ঘাড় ধরিয়া বাধ্য করিয়া দেওয়াইব বা তোমাকে বলপূর্ব্বক দিতে বাধ্য করিব। "লী ৪০। ঘাড়ান—ভার ঘাড়ে লওয়া; দায়িত্ব লওয়া।]

ঘাণ্টিক পুং [ঘণ্টা+ইক [ঠক্)] ১ 'ঘণ্টাশিল্প', দেবতাদির অগ্রে ঘণ্টাবাদন-পূর্ব্বক স্তুতিপাঠক (অ.টী); শ্রাবক (স্বামী)। ২ রাজগণের জাগরণকালে ঘণ্টাবাদনপূর্ব্বক স্তুতিপাঠক। 'রাজ্ঞাং প্রবোধসময়ে ঘণ্টাশিল্পাস্তু ঘণ্টিকাঃ। "ঘাণ্টিকঃ স্তেনঃ।—বিষ্ণু ৪৫.২৫। ৩ (ঘণ্টাকার পুষ্প হেতু) ধুস্তূরবৃক্ষ।

ঘাত পুং [√হন্+অ(ঘঞ্)-ভা] ১ আঘাত, প্রহার। "বিবিধৈর্ঘাতৈঃ গো.রা ৬.৯৮.২৩; পার্ষ্ণি°, বাহু° ২৪। পাষাণ°, বজ্র°, শর° (S.W.)। খরনয়নশর° গী.গো ১০.৩। বুকে মারি ঘাত গো.বি ১০১! শিরে মারে ঘাত।—ম ১২১৬। ম.পা ২০। ২ বধ, বিনাশ। "খর° গো.রা ৩.৬৫.১৫। মৎস্য° মনু ১০.৪৮। ব্রাহ্মণ°।—পঞ্চ ১.৩১২। রিপু° উচ ৩.৪৬। ৩ লুণ্ঠন। "গ্রাম° মনু ৯.২৭৪। ৪ হানি, ক্ষতি। "শস্য-ঘাত যাজ্ঞ ২.১৬২। ৫ শক্তিক্ষয়। "ইন্দ্রিয়° (S.W.)। ৬ ভঙ্গ। "বিশ্বাসঘাতাদন্যন্নাস্তি পাপতরম্ (পঞ্চ)। ৭ ঘর্ষণ। "জ্যা°। ৮ পূরণ, গুণন। "সমত্রিঘাতশ্চ ঘনঃ প্রদিষ্টঃ (লীলাবতী)। ৯ (গণিতে) পূরণ-বোধক শক্তি (power)। ১০ [+অ-ণ] 'ঘাতসাধন', বাণ। ১১ (দাবা-খেলায়) এক বল দ্বারা অন্য বলের আক্রমণ, বলক্ষয়। ১২ (জ্যোতিষে) জন্মনক্ষত্র হইতে 'নিধন'-নামক সপ্তম ষোড়শ ও পঞ্চবিংশ নক্ষত্র (ত.বা)। ১৩ [বাংলায়; অপ্র] আহত। "ঘাত হ'য়ে গোর ঘায়ে ঘরমুখে ধায় শি ৬৫। —তক বিণ [+অক (ণ্বুল্)-ক, স্ত্রী -তিকা; °কী (আশ্বলায়ন-শ্রৌতসূত্র ৯.৭.৮); মিত্রস্য ঘাতকীয়ম্ (বেতালপঞ্চ-বিংশতিকা)] ১ হন্তা, নাশক। "নৃ°, পিতৃ°, ব্রাহ্মণ° (S.W.)। মাতৃ° রা ২.৭৮.২২। [ঘাতক অষ্টবিধ—"অনুমন্তা বিশসিতা নিহন্তা ক্রয়বিক্রয়ী। সংস্কর্ত্তা চোপহর্ত্তা চ খাদকশ্চেতি ঘাতকাঃ॥—মনু ৫.৫১।] ২ হানিকারক। "স্বার্থ° মহা ৩.৩৩.১৪। ৩ ভঙ্গকারক। "বিশ্বাস° (পঞ্চ)। ৪ (বাঙলায়) জহ্লাদ। "ঘাতক সে নাম শুনি আতঙ্কে কম্পিত প.তৃ ৩৯। ৫ পীড়ক। "ঘাতক মদন ততহি ভেল বাম গো ২৫৮। —তন বিণ [√ঘাতি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] হন্তা, ঘাতক। "কংসদানব° ভা.চ ১৬০। —ন পুং ঘাতক।—ন ক্লী [+অন-ভা] ১ মারণ, হনন, বধ। ২ যজ্ঞার্থ পশুবধ। "পশুবদ্ ঘাতনং (ক্রিয়তাম্)।—মহা ২.৪২.৪০। ৩ আঘাত। "ভাগো কর্ণমূলে বাণ না কৈল ঘাতন ম ৬৩৫; কেমতে তাঁহার অঙ্গে করিব ঘাতন ৬৪১। নখ-ঘাতন-যাতন বি.সু ৫৯। —নী স্ত্রী লগুড়বিশেষ। "গো.রা ৬.৩৭ ৫৪। হ ৪৮.১০। —তি স্ত্রী [√হন্+ই (ইন্)-ভা,-ণ] ১ পক্ষিবন্ধন; প্রহরণ (শ.ক)। ২ পক্ষিপাশ, ফাঁদ (A.)। —তী (-তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী তিনী] ১ ঘাতক, হন্তা। "পতিঘাতিনি রা ২.৭৪.৭। কুমার°, কৃমি°, বিপ্র°, রিপু° (S.W.)। অপত্যঘাতিনী প.তৃ ৭৭। ২ নাশক, ক্ষয়কর। "(কর্ম্মসু) শ্রেয়োঘাতিষু মহা ৩.২ ১৭; (কর্ম্মসু) ধর্ম্মঘাতিষু ১৪৬.৮৮। মূল°, সর্ব্বার্থ° (রা)। ৩ আঘাতকারক। "নিঘাতির্লোহঘাতিনি উ ৪.১২৪। ৪ লুণ্ঠনকারক। "গ্রাম° (মহা)। [সমাসে উত্তরপদ] —তুক বিণ [+উক (উকঞ্) তাচ্ছীল্যে-ক; স্ত্রী -কা; বৈদিক] ১ হিংসাশীল, হিংস্র। "দৈত্যান্ ঘাতুকো হরিঃ পা ২.৩.৬৯, সি। ২ ক্রূর, দারুণ। —ত্য বিণ [+যৎ (ণ্যৎ)-র্ম্ম] ১ হননীয়, বধ্য, বধার্হ। "সুখ° (পঞ্চ)। ২ গুণনীয়। [°চন্দ্র (পুং)—জন্মরাশি-অনুসারে অশুভচন্দ্র। °বার (পুং)—রাশিবিশেষে অশুভ দিন। যেমন, মকরে মঙ্গলবার। °স্থান (ক্লী)—১ শ্মশান, মশান; বধ্যভূমি। ২ সূনা। ঘাততি—আঘাত করে; ঘাতবি—বিনাশ করিবি (প.ক)।]

ঘাতা বিং [সং °তী; অপ্র] ঘাতিনী। "খেচরী খলঘাতা দ্রু ৬১।

ঘা'ন, ঘানি, -নী বি ['ঘনীয়'—মূল, দ্র 'ঘনা'[১], হি, মৈ ঘানী; ড় ঘণ্য] ১ সর্ষ 'ঘনা'[১]। ২ (গৌণার্থে) কূটকৌশল, ক্রূর উপায়। [ঘানে পড়া—কূটকৌশলে বদ্ধ হওয়া।]

ঘানাঘুনা ক্রি.বিং ['কানাঘুষা'—মূল (?)] লোকের মুখামুখি; জনরবভাবে। "লোকমুখে শুনি ঘানাঘুনা (ইঙ্গিতে বুঝিল কাজ) চৈ.ম ১৩৯।

ঘাপটি বি ['গুপ্তি'—মূল (?)] গোপন, গূঢ়ভাব। "কোথাও বা উকিলদিগের দালাল ঘাপটি মেরে জাল ফেলিতেছে আদ্রু ৪৮; ২১০। আমি আছি ঘাপটি মেরে গি.ছি ১২২। [ঘাপটি মেরে থাকা—লুকাইয়া থাকা।]

ঘাবড়া দ্র 'ঘবড়া'।

ঘাম[১] বি [সং ঘর্ম্ম >প্রা ঘম্ম >বা °ম; হি. জাটু—ঘাম (সূর্য্যাতপ); ঠ, গু, মৈ, অস ঘাম—স্বেদ, ড ঝাল.] ১ স্বেদ। "বহে ঘামজল ক.চ ৫৩। সাগরেরও গায়ে ঘাম দিতেছিল ব.প্র ৩৭৮। ২ আতপ, রৌদ্র। "জ্যৈষ্ঠ মাসের ঘামে তারে কৈল পরীক্ষণ চৈ.চ ৩৫৬। ৩ (গৌণার্থে) আচ্ছাদিত উত্তপ্ত দুগ্ধাদির বাষ্পজাত জল। [ঘাম ছোটা—গলগল করিয়া ঘাম বাহির হওয়া। ঘাম দিয়ে জ্বর ছাড়া বা যাওয়া—১ ঘর্ম্মনিঃসারণপূর্ব্বক, অর্থাৎ সম্পূর্ণ জ্বরবিচ্ছেদ হওয়া। ২ (গৌণার্থে) নিঃশেষে উদ্বেগশান্তিতে সম্পূর্ণ সুস্থ হওয়া। "রাম বল মন!—ঘাম দিয়ে গেল জ্বর দা ৫৩৩। সর্ব্বরক্ষে! আমার ঘাম দিয়ে জ্বর ছাড়ল!—লী ৯। মাথার ঘাম পায় ফেলা—কঠোর পরিশ্রম করা। যেমো—ঘামসম্বন্ধী, ঘামের (গন্ধ)।]

ঘাম[২] অর্ম্ম [ঘাম[১] > °ম] ঘর্ম্মযুক্ত হওয়া; ঘামা। "ঘামল সব তনু জ্ঞা ৮২। ঘামই (প ক)। মুখ ঘামেচে বুক ঘামেচে বিবির ভাসে যাচ্চে হিয়ে জা ৩৬।

ঘামকিরণ বি [তু 'সং ঘর্ম্মাংশু'; বৈষ্ণবসাহিত্যে] সূর্য্য। "ঘামকিরণ সম মানই চন্দ।—গো ২৫৮।

ঘামতেল বি গর্জ্জনতেল (এই তেল প্রতিমার গায়ে দিলে, প্রতিমা ঘামিয়াছে মনে হয়)।

ঘামা সর্ম্ম [√ঘাম[২]+আ[৮]; হি √ঘমা—রোদ লাগান বা পোহান] ঘর্ম্মযুক্ত করা। [গা ঘামান—শরীর ঘর্ম্মাক্ত করা; অত্যন্ত পরিশ্রম করা। ঠাকুর ঘামান—প্রতিমার গায়ে ঘামতেল দেওয়া (ঘামতেলে ঠাকুর ঘর্ম্মাক্তের মত দেখায়)। মাথা ঘামান—মস্তিষ্ক পরিচালনা করা।]

ঘামাচি বি [সং ঘর্ম্মচর্চ্চিকা] ঘর্ম্মজন্য ফুসকুড়ি। "জাড়কালে জাড়কাঁটা নিদেঘকালে ঘামাচি। কোন কালে ছিলে বউ পরম রূপসী॥—প্রবচন।

ঘায় বি [দ্র 'ঘা'; অপ্র] ১ আঘাত, ঘা। "ভূমে মারে ঘায় শ্রী.ম ২১৭। ২ দন্তাঘাত, দংশন। "কোন অঙ্গে দিব ঘায় বি.পা ৩১৫।

ঘায়েল দ্র 'ঘাইল'।

ঘার্ত্তিক পুং [ঘৃত+ইক (ঠঞ্)] 'ঘৃত দ্বারা নির্বৃত্ত'; ঘৃতপক্ব ছিদ্র-বহুল পক্বান্নবিশেষ; ঘৃতপুর, ঘিওর। "অন্নস্য ঘার্ত্তিকভোজনং দত্তম্ (পাঠান্তর—শ.ক)। তত্রাপি পণ্ডিতেনোক্তম্—ছিদ্রেষ্বনর্থা বহুলী-ভবন্তি'।—পঞ্চ ৫৪৯২।

ঘা'ল দ্র 'ঘাইল'।

ঘালি বি [সং ঘাতি] আঘাত, প্রহার, ঘা। "ঘালি খেয়ে ঘরপানে পলায় লস্কর শ্রী ৮০; ৮৫,-৭; ১৬৬।

ঘাস পুং [√অদ্+অ (ঘঞ্)-র্ম্ম, পা ২.৪.৩৮; তু 'সং গ্রাস >প্রা ঘাস; ঠ ঘাস—গ্রাস, কবল; cf., Gothic, Ger. gras; E. grass; ছান্দস] ১ 'গবাদিখাদ্য', তৃণবিশেষ। "°মুষ্টি মহা ১৩.৬৯.১২। ২ খাদ্যমাত্র, 'আহার' (নীলকণ্ঠ)। "অপানীয়মঘাসকম্ (প্রহর্ত্তব্য-

মরেৰ্বলম্) ।—মহা ১.১৪০ ৭৮ । [°কর (বি)—ঘাসের খাজনা। "ঘাসকর-দায় ক.চ ৯০ । °জল—গবাদির খাদ্য ও পানীয় । ঘাসজল ফুরান—(গবাদিসম্বন্ধে) পরমায়ু শেষ হওয়া । ঘাস কাটা—বৃথা শ্রম করা । (ঘেসেড়া ঘোড়ার ঘাস কাটিয়া যোগায়, ঘোড়ায় চড়িতে পায় না ; তাহার শ্রম ব্যর্থ) । ঘাসিয়াড়া, ঘেসেড়া (হি ঘসিয়ারা)—যে ঘাস যোগায় বা বিক্রয় করে । "ঘাসিয়াড়া ধরে তারে বা.ম ২৬৫ । ঘেসেড়া মরিল ডুবে ভা.চ ৪৫৫ । পা.প্র ১৬২ । ঘেসেড়ানী (হি ঘসিয়ারিন)—ঘেসেড়ার স্ত্রী । "ঘাসের বোঝায় বসি ঘেসেড়ানী ভাসে ভা.চ ৪৫৫ । দন্তে ঘাস করা—তৃণজীবী পশুবৎ আপনাকে মূঢ় জ্ঞান করা। "দন্তে ঘাস করি বলে রাথ দেবী মাই ম.ম ১৪০ ।]

ঘি, ঘিই, -উ, ঘী বি [সং ঘৃত >প্রা ঘিঅ >বা ঘি ; হি, প ঘিউ, ঘী ; ঠ, গু, মৈ 'ঘী' ; সি ঘিহু ; ড় ঘিঅ ; ঘিই, -উ (অপ্র) ; ঘেউ (গো.চ)] ১ ঘৃত । "দুর্ব্বলা দিল ঘি ক.চ ১৫৮ ; তৈল ঘী ১৫৬ । ঘি খ্যাও গো.চ ৪৩ ; তৈল ঘিউ ৪৬, ঢালি দিলা ঘিই ৩৫২ । ঘিউ ম.ম ৮৩ । কটোরা ভরি ঘিউ গো ২১১ । ২ মস্তিষ্ক, মগজ, ঘিলু । "রাজার মাথার থাব ঘি শ্রী.মা ৬৭ । [ঘিএ কড়ি—ঘিএর মত পীতাভ কড়ি। ঘি-কলম্বা—ঘৃতগন্ধি লেবুবিশেষ । °কলা—ধান্যবিশেষ ও তাহার তণ্ডুল । "ভা.চ ৫৪৯ । °করোলা, °কাঁকরোল—ফলশাকবিশেষ । °ভাত—মৎস্য-মাংসহীন পলান্নবিশেষ । °শালী—শালিধান্যবিশেষ । "ভা.চ ৫৪৯ । উর্দ্ধ আঙ্গুলে কভু বাহির না হয় ঘি (ম.ম ১৩৪)—সোজা আঙ্গুলে ঘি বেরোয় না, আঙ্গুলের মাথা বাঁকাইলে ঘি আসে ; (গৌণার্থে) সরল হ'লে কাজ মিটে না (কূট কৌশল চাই) ।]

ঘিওর, -য়ড় বি [সং ঘৃতপূর >প্রা *ঘিঅউর ; হি ঘেরর] ময়দাচিনির ঘৃতপক্ক মিঠাইবিশেষ । "°র—রঙ্গ ২২ । °ড় ভা.চ ৫৪৮ ।

ঘিচাঘিচি বি ['খেঁচাখেঁচি' > °চি ?] টানাটানি । "গো.চ ২৩২ ।

ঘিচিঘিচি বিং ['ঘেষাঘেষি' > °চি ?] গায়-গায়, লাগালাগি, ঘন-ঘন (বসতি) ।

ঘিচিমিচি বিং [হি ঘিচপিচ (ঘৃষ্ট-পিষ্ট)] অস্পষ্ট (লেখা) ।

ঘিঞ্জির বি ['কুঞ্জর'—মূল ?] শূকর । "ঘিঞ্জিরের হাতে প্রভু সমর্পিল গেজা ম.গা ১১ । দ্র 'গেজা' ।

ঘিন বি [সং ঘৃণা >প্রা ঘিণা >বা °ন ; হি ঘিন ; প ঘিণ ; মৈ ঘিনা ; ঘিন (মালদহ, কোচবিহার), ঘিণ (চ) ; অপ্র] ঘৃণা । "মনে লাগে ঘিন মী ২৪ । না করিও ঘিন গো.চ ১৬১ । ব.প ২৯ । [(গা) ঘিন ঘিন করা—(মনে) ঘৃণা-ঘৃণা-ভাব হওয়া ; (গা) বমি-বমি করা । ঘিনঘিনে—যাহার অল্পকারণেই ঘৃণাবোধ হয় ; ঘৃণাপ্রবণ-স্বভাব । ঘিনাও—ঘৃণা কর । "মাথা কামাইতে না ঘিনাও গো.চ ১৬১ । ঘিনে—ঘৃণায় । "গো.চ ২ ।]

ঘির, ঘের সর্ম্ম [তু 'সং—ঘৃ (চু)— √ঘারি—আচ্ছাদন ; হি ঘি(ঘে)র ; ঠ, গু, মৈ ঘের] ১ আচ্ছাদন করা ; ঢাকা । "ঘেরিল যামিনী, নিবিল আলো ।—রবীন্দ্র । ২ বেষ্টন করা ; বেড়া, ঘেরা । "চতুরদিক ঘিরি নিল বৈত্য বামনে গো.চ ৫৭ । বসিল ঘেরিয়া তাঁরে । —রঙ্গ ১০৬ । —রা, —রা সর্ম্ম [°র, °র+আ৮] বেষ্টিত করান ; বেড়া দেওয়ান ; আচ্ছাদিত করান ; ঘেরান ।

ঘিলা বি ১ সর্থ 'ঘাইটঘিলা' । "তৈল ঘিলা দিয়া স্নান করাইল বি.পা ২৫২ ; ২৮৯ । ২ গিলা লতা । "ঘিলালতা ম.ম ১৪৫ । ৩ হাঁটুর মালা (চক্রাকার অস্থি) ; মালাইচাকি । "পড়িল হাঁটুর ঘিলা সমুদ্র-ভিতর বা.ম ৩৫১ ; ৩৭৫ ।

ঘিলু বি [ঘি+লু (স্বার্থে ?)] ১ মাথার ঘি ; মগজ (ঢাকা, যশোহর, চব্বিশপরগনা) । ২ চিংড়ীর মাথার ঘৃতবৎ পদার্থ ।

ঘীঁচি ক্রি [√খিঁচ২—মূল ; অপ্র] খিঁচিয়া ; টানিয়া । "ঘীঁচি ধনু গুণ৹ ঘষিল থরশর৹ ঘাতে মানস পুর জ.প ৪৭ ।

ঘু পুং [√ঘু শব্দ+উ (ডু)-ভা ; ধ্বন্যাত্মক ; cf., E. coo] ১ ধ্বনি, বনকপোতের (ঘুঘুর) রব । ২ 'দা-ধা'-ধাতুদ্বয়ের সংজ্ঞা । "পা ১.১.১২০ । দ্র 'নৈ ১৯.৬১ ।

ঘুংঘুরু বি [দ্র 'ঘুঙ্গর'] ঘুমুর । "পিত্তল ঘুংঘুরু বা.ম ২১০ ।

ঘুঁঘুট, ঘুঙ্ঘুট বি অবগুণ্ঠন, ঘোমটা । "ঘুঁঘুট দেই জ.প ৬ । ঘুঙ্ঘ্‌ট দেই (প.ক) ।

ঘুঁঘুর বি সর্থ 'ঘুংঘুরু' । "ঘাজ্বর ঘুঁঘুর কি কটীতটে দ্রু ২ ।

ঘুঁজি বি [ফা কূচহ্‌] সরু বাঁকাচূরা পথ । [গলি°—দ্র 'গলিকুচা']

ঘুঁট, ঘুট সর্ম্ম [সং √ঘট্ট্‌, √ঘুট্‌—আবর্ত্তন, ঘোঁটা (ত.বা) ; হি √ঘুট—পিষ্ট হওয়া ; অস √ঘোঁট] ১ পেষণ করা ; গুঁড়া করা । "সিদ্ধি ঘুঁটি দিতে মোরে তুমি বড় শক্ত ভা চ ৮৫ । ২ আবর্ত্তিত করা ; আলোড়ন করা ; ঘুঁটা (দুগ্ধাদি) । ৩ তন্নতন্ন করিয়া দেখা ; বিশেষ করিয়া দেখা । "কাগজপত্র, বই, শহর ঘুঁটা । ৪ বিশৃঙ্খল (এলোমেলো) করা । —টা, —টা সর্ম্ম [°ট, °ট+আ৮ ; হি √ঘুটা] গুঁড়া করান ; পেষান ; আবর্ত্তিত করান । "দেশ বিদেশে লয়ে যাবে, ভাঙ সিদ্ধি ঘুঁটাইবে (ভা চ) । [ঘুঁটা২—সর্থ 'ঘুঁট' । ঘুঁ(ঘোঁ)টান—হস্ত-পদাদির আক্ষেপ ; হাত-পা ছোড়া । "মৃগী রোগীর ঘোঁটান । ঘোঁ(ঘো)টন —পেষণ, গুঁড়ান ; আবর্ত্তন । "সিদ্ধিঘোটন ভা.চ ৮৫ । কাটীতে ঘোটন ।—হেম ৩৯০ । ঘোঁ(ঘো)টনা (অস ঘোঁটনী)—পেষণ-(ভাঙ-গুঁড়ান)-দণ্ড । "ঘুরাও ঘোটনা ঃ ঘোটনা কুঁড়া ভা চ ৮৬,-৭ । ঘোঁট—গুঁড়া কর । "ভা.চ ৮৬ । ঘোঁটা—১ সর্থ 'ঘুঁট' । "ভাঙ্গ ঘোঁটা লাঠি ব.প ১২৯ । ২ আবর্ত্তিত (দুগ্ধাদি) ।]

ঘুঁটা১, -টে, ঘুটে বি [সং গোরিষ্ঠা >প্রা *গোইট্‌ঠা >বা (গোইঠা >গুঠা) ঘুটে, ঘুঁটা, -টে ; হি গোইঁঠা, মৈ গোইঠা ; প—গুহা : ড় গোঁইঠা ; গোঠা (মালদহ)] ১ ইন্ধনার্থ শুষ্ক গোময়খণ্ড । ২ গোরুর চর্ম্মরোগবিশেষ (চব্বিশপরগনা) । [ঘুঁটেকুড়ানী—যে স্ত্রীলোক ঘুঁটে কুড়ায় ; অতিদরিদ্রা । "ঘুঁটেকুড়ানীর মেয়ে সদর নায়েব নী ১৩ । ঘুঁটেবুদ্ধি—গুবুরে মাথা ; স্থূলবুদ্ধি । "সন্ন্যাসী ।—(মাথার) খোল পূরাইল কি দিয়া ? যমরাজা—গোময় । সন্ন্যাসী ।—সেই জন্যে এমন ঘুঁটেবুদ্ধি পো.ম ২৫ । ঘুটোপাস—ঘুঁটের ছাই । "শ্রী.মা ১২৬ । ঘুটে পোড়ে গোবর হাসে । এমন দিন সবার আসে ॥—ঘুঁটেকে পুড়িতে দেখিয়া গোবর আনন্দে হাসে, কিন্তু সে ভাবে না যে, তাহারও এ দুর্দ্দিন আসিবে ; (গৌণার্থে) একের বিপদে অন্যে আনন্দিত হয়, কিন্তু সেও যে বিপন্ন হইতে পারে, তাহা ভাবে না । "হেতা ঘুটে পোড়ে গোবর হাসে বলিহারি ঐক্যতা হু ৭৬ ।]

ঘুঁটা২ দ্র 'ঘুঁট' ।

ঘুঁটি বি [সং 'ঘুণ্ট, -ণ্টিকা'—মূল] (সাদৃশ্যে) প্রস্তরাদির গোল টুকরা ; গুঁটি ।

ঘুঁড়ী, ঘুড়ী১ বি [হি গুড্‌ডী ; ঘুন্নি (ঘূর্ণি)—যশোহর] আকাশে উড়াইবার কাগজের খেলনাবিশেষ । "কাগজের ঘুড়ী খেলে বা.য ১৪০ । শ্যামা মা উড়াচ্ছে ঘুড়ী (ভব-সংসারে বাজারের মাঝে) ।—রামপ্রসাদ ।

ঘুঁশঘুঁশ বি [ধ্বন্যাত্মক] নিদ্রাকালে নিঃশ্বাসের শব্দ । "ঘুঁশঘুঁশ নাসিকা নিশ্বাসে বহে ঝড় শ্রী ১২২ ।

ঘুগনি, -নী বি [হি ঘুঁঘনী] ঘিএ বা তেলে ভাজা ভিজা ছোলা বরবটী মটর ইত্যাদি । [°দানা—সর্থ 'ঘুগনি' !]

ঘুঘরা বি [সং ঘুর্ঘুর ; ঘুগড়ি, -রি (গো.চ)] একপ্রকার লম্বা গর্ত্তবাসী পোকা ; ঘুরঘুরে ।

ঘুঘু বি [ঘু+ঘু ; সং ঘুঘুকৃৎ (বৈদ্যক) ; ধ্বন্যাত্মক] ১ 'ঘুঘু'রবকারক

পক্ষী ; বনকপোত। "ঘুঘু শব্দে ঘুঘু পক্ষী ডাকে ঘনে ঘন শ্রী.ম ৮৬। **২** 'ঘুঘু' এই ধ্বনি। "ঘুঘুঘড়িতে ঘুঘু করিয়া এগারটা বাজিল।—য ৯। [ঘুঘুঘড়ী—ঘড়ীবিশেষ (ইহার বাজার সময়ে ঘুঘুর মুখে 'ঘুঘু' শব্দ হয়)। "দেয়ালে…ম্যাকেব নির্ম্মিত ঘুঘু ঘড়ী।—য ১। ভিটে ঘুঘু চরা—অর্থাৎ নির্বংশ হওয়া ; ভিটা নিষ্প্রদীপ হওয়া (ঘুঘু নিভৃতে চরে, নির্বংশের ভিটা নিভৃত। সুতরাং 'ঘুঘু চরা' নির্বংশ হওয়ার গালি)। "এখনো এদের ভিটে ঘুঘু কেন চরে নি ? —বা.প্র ২২৮। ঘুঘু সই করা—শিশুকে 'ঘুঘুসই' খেলা দেওয়া। ইহাতে চিত হইয়া শুইয়া কুঞ্চিত ও মিলিত পায়ের পাতায় ঘোড়ায় চড়ার মত শিশুকে বসাইয়া 'ঘুঘু-সই, পুত কই' ইত্যাদি ছড়া বলিয়া দোলাইতে হয়।]

ঘুঘুর বি [সং ঘর্ঘরা ; হি ঘুঁঘরু; মৈ ঘুঘুরু] ঘুমুর, মঞ্জীর। "ঘাঘর ঘুঘুর বাজে শ্রী.মা ৪৩ ; ৬৫ ; ৬৮। জ্ঞা ১৯৫।—রা বি সর্থ 'ঘুঘুর'। "ব.প ১৮৭৩।

ঘুঙট, ঘোমটা বি [সং অবগুণ্ঠন ; সং √গুণ্ঠ্ > বা (গুণ্ঠা) ঘোমটা ; হি ঘূংঘট ; গু ঘূংগট, -ঘট ; মৈ ঘোঘট ; জাটু—ঘূংঘট ; ঘোঙট (দিনাজপুর)] স্ত্রীলোকের মুখাবরণরূপ মাথার উপরিস্থ সাড়ী বা চাদরের প্রান্তভাগ। "(কহে) পিরিতি-কাহিনী অলপ ঘুঙট দিয়া। —ন.প ১৪৩ ; মুখে ঘুঙট ১৪৪ ; ১৬০। কপট ঘুঙট চ.চ ১৯। (মেনকা) দেয় টানিয়া ঘোমটা ভা.চ ৭৭। মে ১২৬। [ঘোমটা টানা, ফেলা—মাথার সাড়ী টানিয়া মুখ ঢাকা। "আই মা লো চেয়ে রৈল ফেলিয়া ঘোমটা ভা.চ ৮০। ঘোমটার ভিতর খেমটা নাচ—বাহিরে সতীপনা, আড়ালে অসতীত্ব ; (গৌণার্থে) বাহিরে সাধুতা, ভিতরে খলতা।]

ঘুঙ্গড়ি বি [সং ঘুর্ঘুরিকা ; হি ঘুঁঘরু ; ঘ্যাঙ্গার (গো.চ) ; ধ্বন্যাত্মক] কণ্ঠে কফবসা হেতু ঘড়ঘড়ি শব্দ।

ঘুঙ্গ(ঙ্গু)র, ঘুঙ্গু(ঙুঘু)ট, ঘুঙ্ঘুর বি [সং ঘর্ঘরা ; হি ঘুঁঘরু ; ঠ ঘুংগুর ; মৈ ঘুঘুরু ; ধ্বন্যাত্মক] সর্থ 'ঘুঘুর'। "চরণে…ঘুঙ্গর বোল জ্ঞা ১২৫,-৬। ঘুঙ্গুর বাজে ভ.গ্র ৩৩৭ ; ৪৪০। ঘুঙ্গুট সাত শত বি.প ১৭৬। ঘুঙ্ঘুট।—ব.প ২২৬। ঢালের ঘুঙ্ঘুর শ্রী.মা ১৯৩। ঘুঙ্ঘুর।—দু ৮। অঙ্গুলে ঘুঙ্ঘুর বাজে ভা.চ ৩২৯। বোলিছে ঘুঙ্ঘুরাবলী মে ৯৫। ঘুঙ্ঘুর।—দা ১৪৮০। ঘুঙ্গুর ঘোষক বা.দ ৪ ; ৭৭। কটিতটে ঘুঙ্গুর সাজ (প.ক)। —ঙ্গুরু, -ঙ্ঘুরু বি **১** কিঙ্কিণী, ঘাঘর। "কটিতটে ঘুঙ্গুরু বাজে প.র ২। **২** নূপুর। "পাদোপরে মকর খারু। সহিত জে ঘুঙ্ঘুরু॥ —ম.পা ২৪ ; ৪২।

ঘুঙ্গুর, -রু, ঘুঙ্ঘুর, -রু দ্র 'ঘুঙ্গর'।

ঘুঙ্গানি বি [ধ্বন্যাত্মক ; অপ্র] প্রবল বর্ষণে 'ভেকের 'ঘোঁ-ঘোঁ' শব্দ। [ঘুঙ্গানি বৈস্‌সন—ঘুঙ্গানিশব্দযুক্ত বর্ষণ ; প্রবল বৃষ্টিপাত। "(ইন্দ্ররাজ) ঘুঙ্গানি বৈস্‌সন তুই দে আরো ছাড়িয়া গো.চ ২৩৪।]

ঘুচ অর্ম্ম [হি √ঘুস—দূর হইয়া যাওয়া ; ঠ √ঘুস ; অস √গুচ্—তিরোহিত হওয়া ; তু 'ঘুঁচ'—"ঘুঁচাইতে, ঘুঁচে (ন.প ৩৬১,-৯৯)] **১** দূরে যাওয়া ; অপসৃত হওয়া ; সরা। "ঝাঁট ঘুচ আন্ধার পাশে শ্রী.কী ১১৫। ঘুচ ঘুচ বলি আমি তমু নাহি ঘুচে কৃ.উ ১৭৯। ঘুচ ঘুচ মহাপাপী ! বিদ্যমান হৈতে।—চৈ.ভা ৪৩৭। **২** তিরোহিত হওয়া ; যাওয়া। "ঘুচুক মনের দুঃখ কৃ.উ ২৪০। ঘুচে নাই ঘূর্ণা।—শ্রী ২২৭। চক্ষুর ঘোচে ছান্দা ম.ম ২২০। **৩** মিটিয়া যাওয়া ; শেষ হওয়া। "ফিরিআ যাউক রাম ঘুচুক ঝগড়া কৃ.উ ২৪১। **৪** নষ্ট হওয়া ; ক্ষয়প্রাপ্ত হওয়া। "পরসাদেঁ ঘুচে বিরহ শ্রী.কী ৩৭০। সর্ব্ব ধর্ম্ম ঘুচে তারে চৈ.ভা ৩০০,-১৩। —চা সর্ম্ম [°চ+আ ; হি √ঘুসা] **১** অপসৃত করা ; সরান। "ঘুচাও অন্তম্পট ম.ম ২৭। **২** অপনীত করা ; দূর করা। "লোকের অপযশ ঘুচাও ম.ম ২১। কালি, সব ঘুচালে লেঠা।—রামপ্রসাদ। **৩** দূর করা ; তাড়ান। "লাথি মারি ঘুচাইল তারে ম ১০২১। তাঁহারে ঘুচাইয়া শিব তথায় করে বাস ম.ম ৫। **৪** ত্যাগ করা ; ছাড়া। "ঘুচাহ কচাল কানাক্রি শ্রী.কী ৭০। বচন ঘুচাও বাড়া বাড়া।—শ্রী ৩০। **৫** উন্মোচন করা ; খুলিয়া ফেলা। "কাঞ্চুলী ঘুচাঞা রাধা দেহ মোরে কোল শ্রী.কী ৫৭। ঘুচাইলি হাতের আয়ত শ্রী ১৮৪। **৬** নিঃশেষ করা ; নির্ম্মূল করা। "(ব্যাধিশেষ) কোনরূপে ঘুচাইলে হয় শ্রী.মা ১০৯। **৭** খলিত করা ; খসান। "(গুণ) ঘুচাইতে নাহি প্রয়োজন ম ১৮৯। **৮** উদ্ঘাটন করা। "লোহার বাসর দেখে কপাট ঘুচাইয়া ব.প ২৮৩। ঘুচাল কপাট শ্রী ৪৬। রড় দিলা ঘুচাইয়া দ্বার চৈ.ভা ২৭৮। ঢাকন ঘুচাই চৈ.ম ১৯১। **৯** নির্ব্বাণ করা। "হিয়ার ঘুচায় আগি চ.দা ১০৭। [ঘুচা—সর্থ 'ঘুচ'। ঘুচান—সর্থ 'ঘুচা'। ঘুচাআঁ—ঘুচাইয়া (শ্রী.কী)। ঘুচব—ঘুচিবে (প.ক)। ঘোচ—যাও। "দূরে ঘোচ পদ্মা ম.ম ১৩৫,-৯৮ ; ২১০।]

ঘুট্ অক [ভূা, আ—ঘোটতে ; সেট্] **১** পরিবর্ত্তন, প্রত্যাগমন। **২** বিনিময় (ক.ক)। —ট্ সক [তু, প—ঘুটতে ; সেট্] **১** প্রতিঘাত। **২** আবর্ত্তন, ঘোটা (ত.বা)। [বি-আ—ব্যাঘুটন, প্রত্যাবর্ত্তন।]

ঘুট পুং, **ঘুটি**[২], **-টী**[২] স্ত্রী, **ঘুটিক** পুং, **-কা** স্ত্রী [√ঘুট্+অ (অচ্), +ই (ইন্),-ক ; °টি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] চরণ-গ্রন্থি, গুল্ফ (ankle)।

ঘুটঘুট বিং ['ফুটফুট'এর অনুকরণে বৈপরীত্যে 'ঘোর' হইতে ঘ-কারাদি °°ট (?)] অতিঘোর, অতিনিবিড়। "ঘুটঘুট আঁধার ভা.চ ৪৫৫। [ঘুটঘুটে, -মুটে—সর্থ 'ঘুটঘুট'। "এক লহমার মধ্যে চারিদিকে ঘুটমুটে অন্ধকার হইয়া আসিল আ.দু ৫২। অন্ধকার ঘুটঘুট কচ্ছে, জ্যোৎস্না ফুট-ফুট কচ্ছে—অন্ধকার অতিগাঢ় বোধ হচ্ছে, জোৎস্না পরিস্ফুট দেখাচ্ছে।]

ঘুটা বি ['কুটা'—মূল (?) ; অপ্র] খড়-কুটা প্রভৃতি আবর্জ্জনা "স্ত্রীলোকেতে ঘুটা বাছে বিবস্ত্র হইয়া ম.ম ১২৩। [ঘুটা ঘাটা—কুটা-কাটা। "ঘুটা ঘাটা মুড়ি দিয়া খোড়ে গাড়ে থাকি ম.ম ৫৭।]

ঘুটি[১], **-টী**[১] বি [সং 'ঘুটি, -টী] ঘুটিসদৃশ প্রস্তরাদির খণ্ড, গুঁটি। "পাকা ঘুটী নাহক পার কাঁচাতে দা ১১৬।

ঘুটি,[২] **-টী**[২] দ্র 'ঘুট'।

ঘুটিং, -টিঙ্গ বি ['ঘুটি'—মূল] ঘুটির মত চূণের কঙ্করবিশেষ। "বৃহৎ ঘুটিঙ্গ দিল রোহিতের মুড়া শি ১৭ ; খেলি ফুল ঘুটিং ১৮।

ঘুড়িনী, -ড়ী[২] বি [সং ঘোটী > প্রা ঘোডী > বা ঘুড়ী ; ঘোড়া > °নী (স্ত্রীলিঙ্গে) ; °নী (অপ্র) ; 'ঘুঁড়ী—"রণ ঘুঁড়ী (শ্রী ১৭০ ; ২৪০,-৪১) ; হি ঘোড়ী ; ঠ, প, গু ঘোডী] ঘোটকী। "অশ্ব ঘুড়ীরূপ হৈল ম ১১৬৬। °ড়ী শ্রী.মা ১৫০ ; °ড়িনী ১৫১। "°ড়ী শ্রী.ম ২২৩।

ঘুড়ী[১] ; **ঘুড়ী**[২] দ্র 'ঘুঁড়ী ; ঘুড়িনী'।

ঘুড্ডী বি [হি গুড্ডী ; °ড্ডী (ঢাকা)] ঘুড়ী। "হু ৮২।

ঘুণ [√ঘুণ্ ভ্রমণ+অ (ক)-ক ; হি ঘুন ; মৈ ঘুন ; 'ঘূর্ণ—মূল ?] **১** কাষ্ঠভক্ষক কীটবিশেষ, বজ্রকীট (মল্লিনাথ), ঘুনপোকা। "ঘুণোপহত কাষ্ঠ (সুশ্রুত)। পাঞ্জর দহিল কালঘুণে ম.গা ২০। পাষাণ বিন্ধিল ঘুণে ব.প ৪৮৪। তুই ঘুণে ধরা বাঁশী।—ব.প্র ৬৪২। **২** [বাঙলায় ; সাদৃশ্যে] বিষয়মাত্রে নিপুণ। "স্থায় শাস্ত্রে ঘুণ বি.সু ১৬৯। **৩** ঘুণে-খাওয়া কাঠের গুঁড়া। [°ক্ষত (বিণ)—ঘুণোৎকীর্ণ (বর্ণ)। "মাঘ ৩.৫৮। °লিপি (স্ত্রী)—সর্থ 'ঘুণাক্ষর'। ঘুণে (অপ্র) —গুণে, ভাবে। "মনে মনে ঘুণে ম.গা ১২।]

ঘুণাক্ষর ক্লী [উ লো] ঘুণকৃত অক্ষর ; কাষ্ঠাদিতে ঘুণকীটকৃত ছিদ্র দ্বারা অযত্ননিষ্পাদিত রেখাকৃতি বর্ণ ; ঘুণোৎকীর্ণছিদ্র সংযোগে কথঞ্চিৎ নিষ্পন্ন অক্ষর। (গৌণার্থে) অনুদ্দিষ্টভাবে বা যাদৃচ্ছিকভাবে সিদ্ধ অভীষ্ট বিষয়। "সকৃজ্জয়মরেবীয়া মন্তন্তে হি ঘুণাক্ষরম্ (রাজতরঙ্গিণী)। [°স্থায় (পুং)—ঘুণাক্ষরবৎ অনুদ্দিষ্টভাবে অভীষ্টসিদ্ধিরূপ স্থায়বিশেষ। দ্র 'স্থায় (৩০)। "ঘুণাক্ষরস্থায় ব্রতে ব্যাধ গেলা তরি।—শ্রী ৭৭। ঘুণাক্ষরে—যাদৃচ্ছিকভাবে। "ওস্মান

কতক কতক ঘুণাক্ষরে পূর্ব্বেই এরূপ সন্দেহ করিয়াছিলেন ব.প্র ৯০। ঘুণাক্ষরে জানা বা বুঝা—ঘুণাক্ষরন্যায়ে দৈবাৎ বুঝা। 'এই প্রবঞ্চনা যদি বুঝে ঘুণাক্ষরে, সিংহ-পরাক্রমে এই প্রবঞ্চনা-জাল, ফেলিবে ছিঁড়িয়া ন ১১৩০। ঘুণাগ্রেতে (অপ্র)—ঘুণাক্ষরে। "তুমি ঘুণাগ্রেতে জান না শঠতা কেমন লু র ৮৩।]

ঘুণিত বিং ঘুণকীট-বিদ্ধ, (গৌণার্থে) জর্জ্জরিত। "কমলকোরক, ভ্রমে কি কৈল, গুণেতে ঘুণিত তনু।—গো ১৭৬।

ঘুণুঘুণু বি [ধ্বন্যাত্মক] কঙ্কণাদির ধ্বনি। "ঘন বাজে ঘুণুঘুণু কঙ্কণ কিঙ্কিণী ভা.চ ৫৪৫।

ঘুণ্ট, -ণ্টক পুং, **-ণ্টিকা** স্ত্রী গুলফ, ঘুটিকা।

ঘুণ্টি, -ণ্টিকা বি [হি ঘুংডী ; তু 'সং ঘুণ্টিকা] গ্রন্থি, বোতাম। "তিন ঘুণ্টি ব.প ১৪৮২। ঝুমকাতে ঘুণ্টির বাহার।—দা ১৪৮১। ক্ষুদ্র ঘুণ্টিকা তাতে বি.পা ১৭৭। [ঘুণ্টিঘরা—বোতামের ঘর।]

ঘুৎকার পুং [কর্ম্মধা] 'ঘুৎ'-শব্দ, উলূকরব ; "°বৎকীচকস্তম্ব উ.চ ২.২৯। ঘুৎকার করে উলূক অমনি কু কে ২৭।

ঘুন[১] বি [সং ঘুণ] ১ ঘুণপোকা। "গো.চ ১৭৭ ; পঞ্জরে বিন্দায় ঘুন ১৮৭। চিন্তিতে গো পঞ্জরে হল্য ঘুন।—ব.প ৪৬৯। ২ (সাদৃশ্যে) বিষয়-বিশেষে পটু। "সে লোকটা সদাগরি কর্ম্মে ঘুন আদু ১৪১। [°ধরা—অতিজীর্ণ, অতিবৃদ্ধ। "ঘুনধরা বনেদি বুড়ো।—হেম ৩৭৮।]

ঘুন[২] অর্ম্ম [ঘন > ঘুন ; তু '√ঘনা'] নিকট হওয়া ; অভিমুখে অগ্রসর হওয়া। "একবার কাছ ঘুনিয়ে যায়।—দা ৯৬৪ ; বয়স প্রায় ঘুনাল আশী ১৯৬৭। [ঘুনি (হি √ঘুম—মূল)—ঘুরিয়া। "সকল শরীর ঘুনি চাহে ঠাই ঠাই।—ব.প ১৭৭।]

ঘুনঘুন বি [ধ্বন্যাত্মক] ১ অস্ফুট মোটা স্বর। তু 'গুনগুন'। "ঘুনঘুন ক'রে গান করা। ২ গান করার আগে মৃদু রাগিণী-আলাপের সুর। তু 'গানের আগে কুনকুনি (চট্টগ্রাম)।

ঘুনশি বি [হি ঘুম+বা রশি ; ডুরী (দিনাজপুর) ; তাগা (ঢাকা)] কটিবেষ্টন-সূত্র, মাজায় বাঁধার সুতা।

ঘুনুঘুনু বি [ধ্বন্যাত্মক] কিঙ্কিণীরব। "ঘুনুঘুনু করে বাজে ঘাঘর ঘুঘুর শ্রী.মা ৮৬। ঘুনুঘুনু ঘুঙুর বোলে ভা.চ ৩৪৫ ; ৪২৯। বোলিছে ঘুঙুরাবলী ঘুনুঘুনু-বোলে মে ৯৫।

ঘুম[১] বি [সং ঘূর্ণ > প্রা ঘুম্ম > বা ঘু(ঘু)ম ; তু 'বংসে ঘুম্মাউলমৃহি। তা⋯সুরিস্সম্ (বংসে ঘূর্ণাকুলাস্মি। তস্মাৎ⋯স্বপ্স্যামি)।—বি.মা ৩৪১৬ ; হি ঘুম—ফের, চক্কর] ১ 'ঘূর্ণন', নিদ্রাঘোর, তন্দ্রা, নিদ্রা। "কারও উঠিল ঘুম গো.চ ২৭ ; ঘুম পাড়ি স্থাও ২১২। সবাই যায় ঘুম। —শ্রী ৪৬। ঘুমায় না সে ধনের লেগে, সে ঘুমেরে ঘুম পাড়িয়েছে।—রামপ্রসাদ। ২ মহানিদ্রা। "পাগলিনী, ঘুমিয়েছে⋯ও বড় মজার ঘুম ! ও ঘুম একদিন বই দু'দিন আসে না।—অ.গ্র ৪৩। [°গড়া, °গ'ড়ে—ঘুমকাতুরে, নিদ্রালু। "কালু বীর ঘুমায় সহজে ঘুমগড়্যা ব.প ৪৭৪। পুরীশুদ্ধ নিদ্দাটী করেছে ঘুমগড়ে।—শ্রী ২১৭। °চোখ—নিদ্রাজড়িত-নেত্র। °পাড়ানি(নী)য়া, -পাড়ানি, -নী—যে ঘুম পাড়ায়। "°নিয়া মাসি। —দ্বারকানাথ অধিকারী ; শিশু ১৩০ ; ঘুমপাড়ানি মাসি-পিসির দেশে ১৪৭। °পাড়ানী—ঘুমপাড়ানসম্বন্ধী (গান)। "ক.চ ২১১। °ভরা—তন্দ্রাবিল, নিদ্রালস। "ঘুমভরা আঁখি কু.কে ২৫। ঘুম পাড়ান—'ঘুমে পাতিত করা' ; নিদ্রিত করা। ঘুমেরে ঘুম পাড়ান—ঘুমকে জয় করা। সজাগ ঘুম—যে ঘুম অল্প কারণেই বা সহজেই ভাঙে। "কুকুরের ঘুম সজাগ। ঘুম—"ঘুমে আলাপয়ে। ঘুমল[১]—নিদ্রিত। "ঘুমল সখিগণে জাগব শয়নে (প.ক)।

ঘুম[২], **-মা** অর্ম্ম [সং √ঘূর্ণ > প্রা √ঘুম্ম, √ঘুম (পৈ) > বা √ঘুম, -মা ; হি √ঘুম—চারি ধারে ফেরা ; ঠ √ঘুম—চলিত হওয়া] ১ (অপ্র) চারি ধারে ঘোরা ; পরিভ্রমণ করা ; ঘোরা। "দেবীর পদ-সরোরুহ-মকরন্দ আশে। অলি প্রাএ ঘুমি রৈছে শ্রীশঙ্কর দাসে॥—ম.পা ১৪ ; ২৭ ; (কীট) বীতিহোত্রে পড়ে ঘুমিয়া ৫৩ ; কবুতর, লক্ষপতি গৃহোপর, পড়িলেক ঘুমিয়া ৬৮। ২ নিদ্রিত হওয়া ; ঘুমান। "ঘুমনু হাম।—বি.প ১৪৫। ঘুমি ভূমি পড়ি জ.প ৪৭। ৩ (গৌণার্থে) তন্দ্রা-যুক্ত হওয়া ; মোহে নিরুদ্যম হওয়া। "আর ঘুমাইও না, দেখ চক্ষু মেলি: ভারত শুধুই ঘুমায়ে রয়।—হেম ২৭২ ; ভারত শুধু কি ঘুমায়ে রবে ২৭৪। যে লোক ঘুমতে ঘুমতে চল্‌চে তাকে হঠাৎ চমকিয়ে দেওয়া কিছু নয়।—ঘ ৬১।—মা সর্ম্ম [°ম+আ[৮]] (অপ্র) ঘূর্ণিত করা ; ঘুরান। "মাথার উপরে তুলি ঘুমায় জ্যান কুমারের চাক গো.চ ১১১। [ঘুম(মা)ন—সর্থ 'ঘুম'। ঘুমল, ঘুমল[২]—ঘুমাইল। "(পহুঁ) ঘুমল মুখে মুখ ঝাঁপি প.র ৫০। হিয়ে ঘুমল (প.ক)। ঘুমলু—ঘুমাইলাম। "ঘুমলু হাম রা.শে ১৩। ঘুমাওল—ঘুমাইল ; ঘুমায়ত—ঘুমায় ; ঘুমিতে—ঘুমাইতে (প.ক)।]

ঘুমন্ত বিং [√ঘুম+অন্ত[৩]] ১ যে ঘুমাইতেছে ; নিদ্রিত। "তাই ঘুমন্ত পৃথ্বীরে, অসংখ্য চুম্বন কর।—চ.কা ১১১। ঘুমন্ত বিহগে কেন বধে রে।—গান ১৭। ২ নিদ্রাঘোরযুক্ত, নিদ্রালস। "শচীর ঘুমন্ত মুখ দেবরাজ ! দেখ নি ?—বিহারিলাল চক্রবর্ত্তী। ৩ অপরিস্ফুট, অনভিব্যক্ত। "এই উদাসীন, ঘুমন্ত ঘুমন্ত, মেঘে ঢাকা চন্দ্রোদয়।—ন ১০১৩ ; ঘুমন্ত প্রতিভা অঙ্কে ১০৮৭। ৪ নিষ্ক্রিয়, নিস্পন্দন। "তব পরশে হরষে জেগেছে প্রাণের, ঘুমন্ত এ ভালবাসা—মন্দ্র ৩৭। ৫ মুদ্রিত, অফুটন্ত। "ঘুমন্ত কেতকীর শাখে কু.কে ২৫। ৬ মহা-নিদ্রাভিভূত। "এই যে আমি কত ঘুমন্তর কাপড় ছাড়িয়ে নিচ্ছি অ.গ্র ৪৩। [ঘুমন্তে—নিদ্রিতাবস্থায়। "ঘুমন্তে জাগা!—স্ব.প্র ২।]

ঘুম্মুর বি [ঘুঙুর > °র] ক্ষুদ্র ঘণ্টিকা। "°গাঁথা মল।

ঘুর[১] বি [সং ঘূর্ণ ; হি ঘূরা] ১ ঘূর্ণন, ঘূর্ণি, পাক। "নেচে নেচে, ঘুর লেগেছে, তাধিন্ তাধিন্।—গান ৭৩। আমি কখন নৌকাতে চড়ি নাই আমার এজন্য ঘুরও লাগিল ব.প ১৭৭৯। ২ বেড়। "ও পথে ঘুর হবে, এইটা সোজা। ৩ অসরলভাব, পেঁচ। "এ সোজা কথা, ঘুর নেই। ৪ দুর্বোধতা, জটিলতা। "হিসাবের ঘুর। [°ঘার, °ফের—মার-পেঁচ। °ঘুর্যো—ঘুঘরা পোকা। "কালো ঘুরঘুর্যো, খাবে বুক কুর্যো!—স্ব.প্র ১৩৯। °পাক—বৃত্তাকারে ভ্রমণ ; ঘূর্ণন। "ক্ষণে ঘুরপাক দিয়া ক্ষণে রহে ঠায় শ্রী.ম ২১৭। °পাক খাওয়া—ঘুরিয়া পাক দেওয়া। ঘুর-ঘুর করে বেড়ান—ঘুরে ঘুরে বেড়ান।]

ঘু(ঘূ)র[২] অর্ম্ম [সং √ঘূর্ণ > প্রা √ঘুল ; হি, অস √ঘুর ; মৈ √ঘুর] ১ চক্রাকারে ভ্রমণ করা ; বেষ্টন করা ; বেড়া। "শূন্যে শূন্যে ঘেরি ঘেরি, রূপসী চাঁদের মালা ঘুরিয়া বেড়ায় সা.ম ১৩। সে দুরাত্মা (ভ্রমর) ঘুরিয়া ঘুরিয়া⋯ভোঁ বোঁ করিতে লাগিল ব.প্র ৬৩৫। ২ পরিভ্রমণ করা ; প্রদক্ষিণ করা। ৩ চক্রাকারে প্রবাহিত হওয়া ; পাক খাওয়া। "চক্রাকারে ঘুরে জল ম ১০৯০। ঘূর্ণী বাতাস ঘুরে ঘুরে যায়।—শ্রী.মা ২০৩। ঘূর্ণী ঘুরিছে।—শ্রী ১৮। নদীর আবর্ত্ত ঘুরে।—হেম ৭০। ৪ আবর্ত্তিত হওয়া। "কমল-নয়ন ঘন ঘুরত ন.প ৩০৯। চক্ষু ঘুরে যেন চাক ভা.চ ৩৭৫। পুনঃ ঘূর্ণিজলে, ঘুরে পড়ে অকস্মাৎ।—হেম ৭০। ৫ ভ্রমি বোধ করা। "গা, মাথা ঘুরা। ৬ প্রত্যাবর্ত্তন করা ; ফিরা। ৭ বহা। "শ্বাস ঘুরত না মন্দ জ.প ৪৮।—রা সর্ম্ম [°র+আ[৮] ; অস √ঘুরা] ১ চক্রাকারে ভ্রমণ করান ; প্রদক্ষিণ করান ; ঘুরান। "মা! আমায় ঘুরাবে কত। কলুর চোখ-ঢাকা বলদের মত॥—রামপ্রসাদ। ২ পাক দেওয়া। ৩ প্রত্যাবৃত্ত করান ; ফিরান। ৪ বেষ্টন করান ; বেড় দেওয়ান। ৫ আবর্ত্তিত করান (চক্রাদি)। ৬ পরিভ্রমণ করান। [ঘুরন, ঘুরা, -রান—সর্থ 'ঘুর, -রা'। ঘুরিয়া ফিরিয়া বলা—

প্রকারান্তরে বা ভঙ্গ্যন্তরে বলা। "আ.চু ১২৮। ঘুরা জল—ঘূর্ণিত জল; আবর্ত্ত। "ঘুরা জলে নৌকা পড়্যা চাক পারা ফিরে ব.প ৪৭১। ঘুরান—১ উন্নত ও নত। "(ওষ্ঠাধর) একটু ঘুরান ব.প্র ১৭। ২ আবর্ত্তিত। "(মুখ) ঘুরান পৃষ্ঠের দিকে।—হেম ১০১। ঘুরান সিঁড়ি—বৃত্তাকারে পাক-দেওয়া সিঁড়ি; সর্পবেষ্টনাকৃতি সোপান। ঘুরে যাওয়া—গোলমাল হওয়া; ঘুলান। "যা যা যা! আমার মালা জপ ঘুরে গেল ব.প্র ৩৪৯। ঘুরত—ঘূর্ণিত। "(গোবিন্দ) গৌরগুণার্ণবে৹ ঘুরত অহনিশি (প.ক)। ঘোরে—ঘুরে। "শি ৯৫।]

ঘুরঘুট্টী বি ['ঘোরঘটা'—মূল] ভীষণ মেঘাড়ম্বর। "অমাবস্যার রাত্তির—অন্ধকারে ঘুরঘুট্টী হু ৩৭।

ঘুরঘুরী বি [ধ্বন্যাত্মক] টিনের খেলনাবিশেষ। "এদিকে চড়কতলায় টিনের ঘুরঘুরী···বিক্রী কত্তে বসেচে হু ২২।

ঘুরণ(ণা)পাক বি। সং ঘূর্ণ > °ণ; পদ্যে] ঘূর্ণিযুক্ত পাক; ঘূর্ণাবর্ত্ত। "কেহর ঘুরণাপাক পাথর ভাসায় ব.প ২৪৬। কোথাও বিষম ঘুরণপাক গি.দ্বি ১০৩।

ঘুরণি(ণী)য়া বিং [ঘুরণ+ই(ঈ)য়া২; 'ঘুরুণে' (কথ্যভাষা)] ঘুরন-যুক্ত, ঘূর্ণিবিশিষ্ট, আবর্ত্তিত (জল, বাতাস)। "ঘুরণিয়া ঝড়ে ডিঙ্গা ঘন দেয় পাক ক.চ ১৯৮। —রুণি বি [সং ঘূর্ণি] ঘূর্ণন, আবর্ত্তন। "(এ বিষে) সদা ছটফট৹ ঘুরুণি নিপট চ.দা ১১৫। —রুণে, -ণ্যা বিং সর্থ 'ঘুরণিয়া'। "ঘুরুণে বাতাস শ্রী.মা ২০৩। ঘুরুণ্যা বয় বা শি ৯৫। —রুলী বি ['ঘূর্ণি'—মূল] ঘূর্ণিবায়ু। "ঘোররবে ঘুরুলী ঘুরিছে ঘনে ঘন শ্রী ১৮। —রুলে১ বিং সর্থ 'ঘুরণিয়া'। "ঘুরুলে বাতাস ভা.চ ৭৯। ঘুরুলে বায়ু। —হেম ১০১। —রুলে২ বি আবর্ত্ত, পাক। "জলের ঘুরুলে ভা.চ ৭৯।

ঘুরণী বি [সং ঘূর্ণি > °ণী] মাথা ঘোরা (রোগ)। "আমার আহার নিদ্রা হইবে না···ঘুরণী রোগই বা উপস্থিত হয় ব.দ্বি ২৩।

ঘুরণীয়া দ্র 'ঘুরণিয়া'।

ঘুরা দ্র 'ঘুর২'।

ঘুরুণি, ঘুরুলী, ঘুরুলে১, -লে২ দ্র 'ঘুরণিয়া'।

ঘুর্ঘুর পুং[ধ্বন্যাত্মক] ১ যমকীট, ঘুগরাপোকা। ২ শূকরশব্দ। —রিকা স্ত্রী কাসোপদ্রবজন্য রোগবিশেষ; গলার ঘড়ঘড়ি। "কণ্ঠঘুর্ঘুরিকা (সুশ্রুত)।

ঘুর্ণা বি [সং ঘূর্ণি; অপ্র] জলের ঘূর্ণি; আবর্ত্ত। "ঘুর্ণায় ঘুরিয়া বুলে শ্রী.মা ১৬৪।

ঘুল সর্ম্ম [সং √ঘূর্ণ্ > প্রা √ঘুল > বা °ল, -লা; হি √ঘুল; তু 'ঘোলই (ঘোলয়িত্বা—চ, টীকা)—ঘূর্ণিত করিয়া (?)।] ঘূর্ণিত করিয়া মিশ্রিত করা বা মিশান। "(সিদ্ধির তাল) গঙ্গাজলে ঘুলি কৈল সমুদ্র-সমান ভা.চ ৮৭। —লা অর্ম্ম ঘূর্ণিত হইয়া পঙ্কিল হওয়া; ঘোলান। "জল ঘুলাইয়া (ঘুলিয়ে) গেল। —লা সর্ম্ম [°ল+আ৮] ঘূর্ণিত করিয়া পঙ্কিল করা (জল)। [ঘুলান—পঙ্কিল হওয়া বা করা। ঘুলা নাগি—দিশা লাগিয়া। "গো.চ ২৭।]

ঘুলঘুলি বি [ঠ ঘোল—ছিদ্র] দেয়াল-প্রভৃতিতে কৃত ছিদ্র।

ঘুষ্ সক [ভ্বা, প—ঘোষতি; সেট্] ১ বিশব্দন, ঘোষণা (শব্দ দ্বারা স্বাভিপ্রায়প্রকাশন); আবিষ্করণ, কথন (ক.ক)। [আ—সতত ক্রন্দন (ক.ক)। উদ্—উদ্‌ঘোষণ।]

ঘুষ, ঘোষ২ সর্ম্ম [সং √ঘুষ্ > প্রা *ঘুস; তু √'ঘুস'—ভাগীরথী ঘুষিব সংসারে (গ ১৭৬); ঘুসসি, ঘুসিএ, ঘোসসি (শ্রী.কী); ঘুসয়ে, ঘুসে (কৃ.উ ১৬৫)] ঘোষণা করা; কীর্ত্তন করা; বলা। "এই যশঃ আমার ঘুষিবে ত্রিভুবনে কৃ ৭৪। অদ্যাপি ভারতভূমি ঘোষে ভূমণ্ডলে ম ৬১; ঘুষিবে ···অপযশ ৯৭৩। লোকে ঘোষে অপযশ ক.চ ১৯। ঘুষিবে পৌরুষ ম.ম ২১৪। জয় জয়ঙ্করী ঘুষয়ে সংসার দ্বু ১৮। সর্ব্বলোকে ঘোষে ম.পা ৫৪। এ যশঃ তব ঘোষিবে জগতে মে ২১২। [ঘোষব, ঘোষসি (প.ক)।]

ঘুষঘুষে বিং যে স্বর ফোটে না; অস্পষ্ট, চাপা (স্বর)।

ঘুষিত বিণ [√ঘুষ+ত (ক্ত)-র্ম্ম, 'ই' (ইট্)-আগম; অনিট্-পক্ষে 'ঘুষ্ট', পা ৭.২.২৩] বিশব্দিত, প্রতিজ্ঞাত, শব্দ দ্বারা প্রকটীকৃতাভিপ্রায়। "ঘুষিতং বাক্যম্ (সি)। —ষ্ট বিণ ১ উৎপাদিত, আয়াসিত (বালমনোরমা)। "ঘুষ্টা রজ্জুঃ (সি)। ঘুষ্টৌ পাদৌ (কাশিকা)। ২ শব্দিত (S.W.)। —ষ্ট স্ত্রী [+ত-ভা] কূজিত। "পরপুষ্ট° নৈ ৩.৭০। [ঘুষ্টান্ন (স্ত্রী)—'কে অভোক্তা আছ, এস' ইত্যাদি শব্দ দ্বারা ঘোষণা করিয়া সত্রাদিতে প্রদত্ত অন্ন। ঘুষ্টান্ন অভোজ্য—দ্র 'মনু ৪.২০৯।]

ঘুষ্ট, ঘুষ্টান্ন দ্র 'ঘুষিত'।

ঘুস১ বি [হি ঘূংস, ঘূস] কার্য্যোদ্ধারার্থ অনুচিতভাবে কাহাকে দেয় অর্থাদি; উৎকোচ। "ঘুস খাওয়া। [ঘুসখোর—যে ঘুস লয়।]

ঘুস২ দ্র 'ঘোস'।

ঘুসকি, -কী বি ['ঘুস'—মূল (?)] যে দুশ্চরিত্রা নারী সদরে নাম লিখাইয়া ব্যভিচার করে না; গ্রামস্থিতা গোপনে পরপুরুষগামিনী স্ত্রী। "কেউ ঘুসকি কেউ সদর দা ২০৫৪। খানকি ঘুসকি ও গেরস্ত মেয়েদের ম্যালা লেগে গ্যালো হু ৮১; ১৯২।

ঘুসা১, -সি বি [হি ঘূং(ঘূ)সা; ঠ ঘুসা, -স্সা; গু ঘুস্স; সং √ঘৃষ্—মূল (?)] ১ মুষ্টি, মুঠি। ২ ঘুসার আঘাত; মুষ্টিঘাত। [ঘুসা-ঘাসা—ঘুসা ও চড়-কিল। ঘুসাঘুসি—পরস্পর ঘুসা মারা; ঘুসিযুদ্ধ করা (boxing)। ঘুসান—ঘুসা মারা। ঘুসি লড়া—সর্থ 'ঘুসাঘুসি'।]

ঘুসা২ বিং [ঠ ঘূস—শস্যের তুষ, ভুসি; ড় ঘুষো] ভুসির মত অসার; ছোট, চুনা, গুঁড়া (মাছ)। "ঘুসা চিংড়ী, মাছ।

ঘুসৃণ ক্লী [(?)] কুঙ্কুম। "নৈ ৮.৮০। মসৃণঘুসৃণালেপনোক্ষা কুচশ্রীঃ (A.)। চন্দন ঘুসৃণ চিত (চিত্র) ব ৬৬। মসৃণ ঘুসৃণ (প.ক)। ঘুসৃণ ঘনসার জ.প ৪৮।

ঘূক পুং [ধ্বন্যাত্মক] 'ঘূ(ঘূৎ)-শব্দকারক'; উলূক। "ঘূক হেন লুকাইল গিরিদরীমাঝে চৈ ৯। [ঘূকারি (পুং)—কাক।]

ঘুঘু বি সর্থ 'ঘুঘু'। "ঘুঘু ঘন ঘোষত ঘোর জ.প ৩৬।

ঘূমল১; -ল২ দ্র 'ঘুম১; ঘুম২'।

ঘূর দ্র 'ঘুর২'।

ঘূর্ণ্ অক [ভ্বা, আ—ঘূর্ণতে; তুদা, প—ঘূর্ণতি, -তে; সেট্] ভ্রমণ, ঘূর্ণন। [আ—চক্রবৎ ভ্রমণ।]

ঘূর্ণ বিণ [√ঘূর্ণ্+অ (অচ্)-ক; স্ত্রী -র্ণা] ১ ভ্রান্ত, ঘূর্ণিত। "°বায়ু। চক্ষু ঘূর্ণ নিরন্তর জ ১৩। লোচন ঘূর্ণ দু ৫৭। ঘূর্ণআঁখি অ.গু ১৪২। ২ প্রচলিত। "(সা) গজকুলৈর্হ্ণদিনীব ঘূর্ণা।—ভ ৯.১০.১৭। তূর্ণ ঘূর্ণ রাতুল চরণে।—দু ৭৮। —র্ণ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ঘূর্ণন, ভ্রমণ, আবর্ত্তন। ২ [√ঘূর্ণি+অ (অচ্)-ক] ঘূর্ণিকারক রোগ; ঘূর্ণিরোগ। ৩ গিমাশাক। —র্ণন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ভ্রমণ, চক্রাকারাবর্ত্ত, ভ্রমি, ঘূরণ। "মদনমদঘূর্ণন৹ মন্ত্রী যার এ দুই নয়ন।—চৈ.চ ২২০। চক্রের ঘূর্ণনে স.শ ৩৭। ব.প্র ৬৩৫। ২ ধুনন, কম্পন। "মৌলিঘূর্ণন-চলদম্বধার গী.গো ৮.১১। ৩ [বাঙ্লায়; অপ্র] জলাবর্ত্ত, আওড়। "প্রাবৃট্ সময়ে৹ উঠয়ে ঘন ঘূর্ণন।—জ্ঞা ১৩৫। —র্ণিত বিণ [+ত (ক্ত)-ক] ১ ভ্রান্ত, প্রচলায়িত, নিদ্রাদি হেতু ঘূর্ণিযুক্ত। "মদঘূর্ণিতনেত্র (S.W.)। ঘূর্ণিত লোচন বীর উঠে বৈসে খাটে কৃ ২৭৬। মদিরাপানে ঘূর্ণিত লোচন।—ম ১২৩৪। রতিরসে···অতিঘূর্ণিত।—গো ২৪। ভা.চ ৩৫৮। স.শ ২৩। ২ [√ঘূর্ণি+ত-র্ম্ম] ভ্রমিত, আবর্ত্তিত।

ঘূর্ণমান বিণ [√ঘূর্ণ্+মান (শানচ্)-ক] যাহা ঘুরিতেছে; আবর্ত্ত-মান, ঘূর্ণিত। "ঘূর্ণমান বায়ু ম ৪৫; ১০৯০। আঁখিযুগ ঘূর্ণমান জ্ঞা ৩৪। ব.প ৬০৩। ঘূর্ণমান সংশয়-সাগরে গি.দ্বি ৬৯। —ঘূর্ণায়মান বিণ [√ঘূর্ণায়+মান-ক] সর্থ 'ঘূর্ণমান'। "সতত ঘূর্ণায়মান দ্বারকায় জন

শ্রী.ম ৩১৭। আমরা যে প্রকাণ্ড ভূমিখণ্ডের উপর অধিষ্ঠিত রহিয়াছি, তাহা …আকাশমার্গে প্রচণ্ডবেগে ঘূর্ণায়মান হইতেছে চা.ভূ ১৩৭। —র্ণ্যমান বিণ [√ঘূর্ণি+মান-র্ম্ম] ভ্রাম্যমাণ, আবর্ত্তমান। "বায়ুনা ঘূর্ণ্যমানাঃ (বৃক্ষাঃ)। —মহানাটক। সংসারবাত্যায় আমি ঘূর্ণ্যমান ধূলিকণা ব.প্র ৬২০।

ঘূর্ণা বি [সং ঘূর্ণি] ১ ঘূর্ণন, আবর্ত্তন। "ঘূর্ণাবায়ে পাক দেয় ব.প ২৪৭। ২ ঘূর্ণিবোধ, ভ্রমি। "এখনো লখের ভয়ে ঘুচে নাই ঘূর্ণা শ্রী ২২৭। ৩ জলাবর্ত্ত। "মধ্যে ঘোরে ঘূর্ণায় (লা)।—শি ৯৫। শ্রী.ম ৩০৩। —র্ণি পুং [√ঘূর্ণ্+ই (ইন্)-ভা] ১ ভ্রমণ, ঘূর্ণন। ২ (বাঙলায়) মাথা-ঘোরা-রোগ। "ঘুরে ঘুরে ঘূর্ণি হয়েছে।—নী ৫৪। —র্ণী বি [সং ঘূর্ণি] ভ্রমি, আবর্ত্ত। "ঝটিকার ঘূর্ণী ঘোরে মাথার ভিতর।—সা.ম ২৬। [ঘূর্ণাবর্ত্ত, ঘূর্ণিজল, ঘূর্ণীপাক—জলাবর্ত্ত, নদীর পাক। "°বর্ত্তন ১১৬১। °ল।—হেম ৭০; °ক ৬৯। ঘূর্ণাবায়ু (পুং)—বাতাবর্ত্ত।]

ঘৃ সক [ভ্বা, প—ঘরতি; অনিট্] সেচন। —সক [চু, এ—ঘারয়তি, -তে; সেট্] ১ সেচন। ২ আচ্ছাদন। ৩ প্রস্রবণ, স্রাবণ।

ঘৃণা স্ত্রী [√ঘৃ+ন (নক্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ 'হৃদয়সেচক', দয়া, করুণা, কৃপা। "বনিতাবধে ঘৃণাম্…মুমোচ রাঘবঃ রঘু ১১ ১৭। কি ১৫.১৩। ২ জুগুপ্সা, নিন্দা। "(যেন) প্রাগজীয়ত ঘৃণা ততো মহী।—রঘু ১১.৬৫। নৈ ৩.৬০। ৩ (বাঙলায়) অশ্রদ্ধা, বিরাগ। —ণী (-ণিন্) বিণ [°ণা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ণিনী] ১ ঘৃণা-যুক্ত, দয়াবান্। "হি ১.২৪। পঞ্চ ১.৪৫৮। ২ জুগুপ্সু, নিন্দক।

ঘৃণালু বিণ [ঘৃণা+আলু (আলুচ) বাহুলকে, অস্ত্যর্থে; স্ত্রী -লু] সর্থ 'ঘৃণী (১)। "ভগবদ্ভির্ঘৃণালুভিঃ।—ভ ৪.২২.৪৩।

ঘৃণি বিণ শুদ্ধতেজোময়। "ভ ৭.২.৭। —ণি পুং [√ঘৃ দীপ্তি+নি (ক্নি)-ক] ১ কিরণ, কর। ২ জ্বালা। ৩ সূর্য্য।

ঘৃণিত বিং [তু 'দুঃখিত' ইত্যাদি] ঘৃণার পাত্রভূত; নিন্দিত, অবজ্ঞাত, হেয়। "ঘৃণিত কুক্কুর ন ৪২৮; আমার ঘৃণিত ৪৩৩। চণ্ডাল ঘৃণিত। —হেম ২৫৩। মিথ্যাবাদিরা ঘৃণিত হয়।—রামমোহন রায়। বাপের ঘরে ঘৃণিত হইয়াই বা কি প্রকারে থাকিব ব.প্র ১৩১; সকলের ঘৃণিত হইব ১৪৩।

ঘৃণ্য বিং [তু 'সং দণ্ড্য, বধ্য'] ঘৃণার যোগ্য; অশ্রদ্ধেয়। "তোমার ব্যবসা ঘৃণ্যতর কা ৩০। যদুবংশের কোন কুল ঘৃণ্য?—ব.প্র ১৯।

ঘৃত পুং, ক্লী [ঘৃ+ত (ক্ত)-ক, -ণ] ১ যাহা ক্ষরিত হয়, অথবা যাহা দ্বারা বহ্নি দীপ্ত হয় (অ.টী); সর্পিঃ, আজ্য, হবিঃ (অ কো)। "ঘৃতং পূতম্।—ঋগ্বেদ ৪.১০.৬। আয়ুর্বৈ ঘৃতম্। ২ ঘনীভূত সর্পিঃ; বসা ঘি। 'সর্পির্বিলীনমাজ্যং স্যাদ্ ঘনীভূতং ঘৃতং ভবেৎ (সায়ণ)। ৩ নব-নীত (A.)। ৪ জল। [°করঞ্জ (পুং)—ঘিকরমচা। °কুমারিকা, -রী (স্ত্রী)—গুল্মবিশেষ (Aloe Indica)। °কুম্ভ (পুং)—ঘৃত-কলস। "ঘৃতকুম্ভসমা নারী।—চাণক্য। °কুল্যা (স্ত্রী)—ঘৃতের কৃত্রিম সরিৎ। °গন্ধি (বিণ)—ঘৃতলেশযুক্ত, অল্পঘৃতবিশিষ্ট (সি)। °পক্ব (বিং)—ঘিএ ভাজা। "ঘৃতপক্ব লুচি।—শ্রী ১০৭। °পূর (পুং)—ক্ষীর নারিকেল ঘৃতাদির সহিত মর্দ্দিত গোধূমচূর্ণের ঘৃতপক্ব পক্বান্ন-বিশেষ; ঘিওর। °প্রাশ (পুং), °প্রাশন (ক্লী)—ঘৃতভোজন। "°প্রাশন মনু ৫.১৪৪; °প্রাশ ১১.১৪৪। °মণ্ড (পুং)—ঘৃতসার, জমাদানা ঘি (ত.বা)। °রসা (বি)—ফল ও ফলতরুবিশেষ। "ফুটি বাঁকি ঘৃতরসা বা.ম ১৯১; ২০৭। বি.পা ১০২,-৯৫।]

ঘৃতাচী স্ত্রী ঘৃত (জল) হইতে জাতা অপ্সরোবিশেষ।

ঘৃতার্চ্চিঃ (-র্চ্চিস্) পুং [বহুব্রী] ঘৃতজন্য যাহার তেজঃ, অগ্নি।

ঘৃতোদ পুং [ঘৃত উদক যাহার, বহুব্রী; উদক > উদ] ঘৃতসমুদ্র।

ঘৃষ্ সক [ভ্বা, প—ঘর্ষতি; সেট্] ১ ঘর্ষণ, মর্দ্দন; সঙ্ঘর্ষ। ২ স্পর্দ্ধা (ত.বা)। [বি, সম্—সঙ্ঘর্ষণ।]

ঘৃষ্ট বিণ [√ঘৃষ্+ত (ক্ত)-র্ম্ম] কৃতঘর্ষণ, মর্দ্দিত। "ঘৃষ্টং ঘৃষ্টং পুনরপি পুনশ্চন্দনং চারুগন্ধম্ (সু.র)। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ঘর্ষণ, মর্দ্দন। ২ স্পর্দ্ধা। ৩ [+তি -ক] শূকর। "ম ২৭১। ব.প ৮৪৬। [ঘৃষ্টি (অপ্র)—ঘর্ষণ (চর্ব্বণ) করিয়া। "(ধেনু খাইল) দন্তে ঘৃষ্টি তৃণ ব.প ৭৮৪।]

ঘেউঘেউ বি [ধ্বন্যাত্মক] কুকুরের গম্ভীর ডাক। তু 'খেউখেউ'।

ঘেউয়া, ঘেও বিং ১ ঘা-ওয়ালা, ক্ষতযুক্ত (কুক্কুরাদি)। ২ দন্তাঘাত-যুক্ত, দষ্ট (ফলাদি)।

ঘেঁচড়া, ঘেঁষটা, -ড়া সর্ম্ম [সং '√ঘৃষ্—ঘৃষ্ট'—মূল; তু 'ঘেসেরায়' —ঘৃষ্ট করে; ঘষে (গো.চ)] ঘৃষ্ট করা; ঘসা। "ঘেঁচড়িয়া (ঘেঁচড়াইয়া) টানিয়া টানিয়া দেহ, পিতে চায় পয় স্ব.প্র ১৮৪। [ঘেঁচড়ান, ঘেঁষটান, -ড়ান—ঘৃষ্ট করা; ডলা, মলা। নাক ঘেঁষড়ান—নাকে খত দেওয়া।]

ঘেঁ(ঘে)চিকড়ি বি [ড় গন্থি কৌড়ি] গেঁঠে কড়ি। "বাছা ঘেচিকড়ি ক.চ ১৩৪। ঘেচিকড়ি কৃষ্ণতিল ব.প ৪৬৯।

ঘেঁচু বি [সং ঘেণ্টুলিকা; মৈ ঘেঁচ] কচুর মত বন্যশাকবিশেষ (Typhonium trilobatum)।

ঘেঁটু[১] বি [সং ঘণ্টাকর্ণ; ঘণ্টা > °টু] শিবানুচর চর্ম্মরোগের দেবতা-বিশেষ। [°ঠাকুর, °রাজ—ঘণ্টাকর্ণদেবতা। "°জ (হেম)। °পূজা —ঘণ্টাকর্ণপূজা। °ফুল—ঘেঁটুর প্রিয় ভাঁটফুল। "ব.প্র ৩৩৪।]

ঘেঁটু[২], **-টকোল** বি [সং ঘণ্টক] কচুজাতীয় বন্য শাকবিশেষ।

ঘেঁত-ঘোঁত বি [ধ্বন্যাত্মক] নিদ্রিতের নাসিকাধ্বনি। [ঘেঁত-ঘোঁত ক'রে ঘুমান—নাক ডাকাইয়া গাঢ় নিদ্রিত হওয়া]

ঘেঁষ[১], **-স**[১] বি [সং ঘর্ষ; হি ঘিস্‌সা] ঘর্ষণ, ঘর্ষণজন্য আঘাত। "ঘেঁষ লাগা। খোস দাউদ না রহিবে এ বস্ত্রের ঘেসে বি.পা ২২২। [ঘেঁষ-বুনন—কাপড়ের ঘন বুনন। ঘেঁষ সহা—অন্যের সহিত একত্র বাস করিতে পারা। "একাসেঁড়ে কারো ঘেঁষ সইতে পারে না।]

ঘেঁষ[২], **-স**[২] সর্ম্ম [সং √ঘৃষ্; হি, ঠ √ঘিস; গু √ঘিস—ঘুসি মারা] ১ ঘর্ষণ করা; (গৌণার্থে) স্পর্শ করা। "গা ঘেঁসিয়া যাওয়া। ২ লক্ষ্য করা; উদ্দেশ করা। "নটী বলে এখন চাতুরী আমা ঘেঁসে শ্রী ১০৫। —ষ অর্ম্ম নিকটে আসা। [ঘেঁষা—নিকটে যাওয়া। ঘেঁষাঘেঁষি— ১ মিশামিশি, পরস্পর মিলন। "দান করা-টরা যত হয় বেশি, গরীবের সাথে তত ঘেঁষাঘেঁষি।—কা ১১৭। ২ লাগালাগি, গায়-গায়-লাগা। "কু.কে ৮৬। ঘেঁষে বসা—খুব কাছাকাছি বসা। গা-ঘেঁষা—১ গায়-লাগা, সংলগ্ন। ২ যে নিকটে আসে; একটু পরিচিত। বেসুর-ঘেঁষা —একটু বেসুরা। "বেসুর-ঘেঁষা মোটা ভাঙ্গা গলা।—ঘ ২১৭। ভদ্র-ঘেঁষা—ভদ্রলোকের বা ভদ্রপল্লীর নিকটবর্ত্তী।]

ঘেঁষটা, -ড়া, ঘেঁষটান, -ড়ান দ্র 'ঘেঁচড়া'।

ঘেণ্ডা(ণ্ডো)ন বি [ধ্বন্যাত্মক] সর্থ 'ঘ্যাঙা'।

ঘেচিকড়ি দ্র 'ঘেঁচিকড়ি'।

ঘেণ্টুলিকা স্ত্রী কচুজাতীয় শাকবিশেষ; ঘেঁচু।

ঘেটেল বি ['ঘাটিয়াল'—মূল] ঘাটরক্ষক, পথের প্রহরী; ঘাটের দানী বা করগ্রাহক। "কখন ঘেটেল, কখন কাঁড়ারী ভা.চ ৩৪৭। [ঘেটালি, ঘেটেলী—ঘেটেলের বৃত্তি বা কার্য্য। "রাখালি ঘেটালি করে বেড়ায় ব.প ৯৩৭। চোরের ঘেটেল—চোরের পথরক্ষক। "চোরের ঘেটেল,… বুঝলাম তোকে দা ৫৪১।

ঘেটি বি [সং ঘাট, -টা] ঘাড়, মাথা। "ঘৃণায় না খায় যত ছাগলের ঘেটি ম.ম ৫৭। [ঘেটি ভাঙা হওয়া—ঘাড়-ভাঙা হওয়া; অতিক্লেশে অবসন্ন হওয়া। ঘেটি ভেঙে পড়া—প্রচণ্ড রৌদ্রে বা মূলচ্ছেদনে নতাগ্র হওয়া (গাছ ইত্যাদি)।]

ঘেন্না হি [সং ঘৃণা > প্রা ঘিণা; তু 'নিগ্‌ঘিণ্ণ (নির্ঘৃণ—নাগানন্দ ৪টু); কথ্যভাষা] ঘৃণা, অশ্রদ্ধা। "আর ঘেন্নার কথা বলিস নে।— ন.ত ৩। [ঘেন্না পিত্তি নেই—ঘৃণা ও ক্রোধ নাই।]

ঘেয়াল্ল বি ঘিওর। "আ.দ্রু ২১২।

ঘের বি [হি, ঠ, গু, অস ঘের ; (জাটু) 'ঘের'—গোশালা ; তু 'ঘার' —প্রাকার (দেশী ২.১০৮)] ১ প্রাকারসদৃশ বেষ্টন ; বেড়া। "এখন নিরুদ্ধ সেই গহ্বরের ঘেরে।—হেম ১০৪ ; ৩৭৮। আঁধারের ঘের স্ব.প্র ১৩২। ২ জামা-প্রভৃতির পরিধি বা বেড় (skirt)। —রা বি [দ্র '√ঘির'] ১ বেষ্টন করা ; বেড়া। ২ [হি, ঠ ঘেরা ; গু ঘের] জমির চারি ধারের বেষ্টন ; বেড়া। ৩ চারি ধারের মাপ। ৪ বেষ্টন, আচ্ছাদন। "দুই তন বান্ধিমু নেতে ঘেরা দিয়া।—গো.চ ১৭৭। ৫ চারা গাছ রক্ষা করার নিমিত্ত বংশাদির বেষ্টন। ৬ বস্ত্রের বেষ্টন ; কাপড়ের কাণ্ডার। "উঠিল লক্ষীন্দর ঘেরার ভিতর।—বা.ম ৩৭৭। —রা বিং ১ বেষ্টিত, আচ্ছাদিত, বেড়া। "তড়িল্লতা তিমিরে (?) তপন আছে ঘেরা শ্রী.মা ৩১। সমুদায় শাখা তার ঘেরা আছে জালে।—পদ্যপাঠ, ২য় ভাগ। ২ প্রাচীরে বেষ্টিত ; আঁটা। "বাড়ী মোর ঘেরা।—ভা.চ ২৮০। [ঘের-দার (হি)—ঘের-ওয়ালা (জামা-ইত্যাদি)। ঘেরাও (হি ঘিরাব) —বেষ্টন, অবরোধ। "তোমরা…যখন নিশ্চিন্ত থাকিবে, তখন আসিয়া ঘেরাও করিবে ব.প্র ৪৫। ঘেরা জরিপ—জমি-প্রভৃতির চৌহদ্দি ঠিক করার নিমিত্ত চারি পার্শ্বে মাপ করা। ঘেরাটোপ—বাক্স-প্রভৃতির কাপড়ের টোপের মত ঘের বা বেষ্টন। ঘেরঘার (হি ˚র)—চারিধারে বেড়া ; অবরোধ। "ঘেরঘার করি মহা-উৎপাত করিল ভ.গ্র ৩৩১। ঘের ঘার—চারিদিক বেষ্টন কর্। "ঘের ঘার হান হান হাঁকিছে ভা.চ ৪৫।]

ঘেরাটোপ দ্র 'ঘের'।

ঘেরোয়াল বি [ঘের+ওয়াল ; অপ্র] 'ঘেরবিশিষ্ট আবরণ' ; বেষ্টন, কাণ্ডার। "কাপড়ের ঘেরোয়াল দিল পদ্মাবতী বা.ম ৩৭১ ; ঘেরোয়াল ভিতরে ৩৭৭।

ঘেসাট-ঘোসাট বি ['ঘৃষ্ট'—মূল ; অপ্র] ঘষ্টাঘষ্টি, কায়ক্লেশ, অত্যন্তকষ্ট। "রামহরিবাবু সেকণ্ড আদমি—ঘেসাট-ঘোসাট করে প্যাট টালে আ.দ্রু ৭২।

ঘেসেড়া, ঘেসেড়ানী দ্র 'ঘাস'।

ঘেঁঘর বি [হি ঘুঁঘরূ] নূপুর। "কিঙ্কিণী ঘেঁঘর ব.প ১৩২১।

ঘেঁজ বি [ঘুঁজি > ˚জ] সর্ব 'ঘুঁজি'। [˚ঘাঁজ—বাঁকাচুরা পথ ; আড়-ওড়, নিভৃত স্থান।]

ঘেঁাট বি [√ঘুঁট > ˚ট] আন্দোলন, সমালোচনা, বাদানুবাদ। "দলাদলির ঘেঁাট।—আ.দ্রু ১২। একটা গোল বাধিল…ঘেঁাট চলিল। —টেকচাঁদ। মাতালো মাতালো জায়গায় ঘেঁাট পড়ে গ্যাল হু ১০৩ ; দলাদলির অধিক ঘেঁাট ১৪৮। ঘেঁাট বসেছে মোড়ে অ.গ্র ১০৯। [ঘেঁাট বাধান—ঘেঁাট করা। "হু ১৫০।]

ঘেঁাটন, -টনা, -টা, -টান দ্র 'ঘুঁট'।

ঘেঁাড়া বি [ঘোড়া > ˚ড়া, '৺' আগম ; স্ত্রীলিঙ্গে 'ঘুঁড়ী'] ঘোড়া। "হস্তি ঘেঁাড়া শূ ১৩০। শ্রী ১৩৭ ; ঘেঁাড়ারে প্রবোধ করে ঘুঁড়ী কিছু কয় ১৭০,-৮৭।

ঘেঁা(ঘো)ড়ারু বি ['ঘোড়া+রুরু'—মূল ; ড় ঘোড়ারু] ঘোড়া-রুরু-লক্ষণান্বিত বন্য পশুবিশেষ। "ঘোড়ারু ক.চ ৫৪,-৬। ঘেঁাড়ারু ভা.চ ১২৮।

ঘেঁাৎঘেঁাৎ বি [ধ্বন্যাত্মক] ১ নিদ্রিতের নাসিকাধ্বনি। "কামিনী ঘেঁাৎঘেঁাৎ করে ঘুম জা ১২। ২ শূকরের শব্দ।

ঘোগ১, -ঘ বি [সং কোক, ঘোক্ক ; ড় খগ] কুক্কুরাকৃতি ব্যাঘ্রবিশেষ ; বৃক, অরণ্যশ্বা (অ.চি)। "এ দেখি বাঘের ঘরে ঘোঘের বসতি কৃ ১৩১। বাঘের ঘরে ঘোগে করে বাসা দা ১৫৮। বাঘের ঘরে ঘোগের বাসা! —ব.প্র ২৭৪। সুড়ঙ্গ কাটতে পাল্লো ব্যাটার বাঘের ঘরে ঘোগের বাসা করি।—স.এ ৬৬। [ঘোঘ বাঘের ক্ষুদ্রশত্রু, ইহারা বাঘের পাছে লাগিয়া বাঘকে বড় বিরক্ত করে, এই হেতু বাঘ ইহাদিগকে ভয় করে।] [বাঘের ঘরে ঘোঘের বাসা—প্রবলশত্রুর নিকটে ক্ষুদ্র শত্রুর অবস্থান।]

ঘোগ২ বি [সং ভূক ; জাটু—'ঘোগ্'—মাটি খুঁড়িয়া লওয়ার গর্ত ; গোগাল (বীরভূম)] আল ভেড়ি প্রভৃতিতে জল বাহির হওয়ার ছিদ্র। "পদাঘাতে ঘোগ মারে।—শি ৮১৭।

ঘোঘ দ্র 'ঘোগ১'।

ঘোঙ্গট, -র, -ঙ্ঘটা বি [দ্র 'ঘুণ্ট' ; অপ্র] ঘোমটা। "নাচে মএনা মাথায় ঘোঙ্গর দিয়া গো.চ ৯৫। শিরেতে ঘোঙ্ঘটা দিয়া চলিল খুল্লনা ম.পা ৯১। ঘোঙ্গট কাড়িতে রূপ৹ নয়নে লাগিয়া গেল (প.ক)।

ঘোঙ্গা বিং [হি 'ঘোংগা—কড়ি, মূর্খ] ১ বড় কড়ি। ২ খারাপ। "ঘোঙ্গা সন্দেশ।

ঘোণ্ডুঘ পুং জন্তুবিশেষ, ঘোঘ (?)। "বাসবদত্তা (M.W.)।

ঘোট, -টক পুং [√ঘুট্+অ (অচ্),+অক (ণ্বুল্),-ক ; তেলেগু গুররম্ > ঘোড়া > ঘোট, -ক (?)] অশ্ব। —কী স্ত্রী [˚ক+স্ত্রী ঈ (ঙীষ্)] অশ্বা, ঘুঁড়ী।

ঘোটন, ঘোটনা দ্র 'ঘুঁট'।

ঘোড় বি [সং ঘোট > প্রা ঘোড > বা ˚ড় ; হি ঘোড় ; ঠ 'ঘোড' —'ঘোড'শাল ; গু 'ঘোড'—'ঘোড'দোড'] ঘোড়া (সমাসে পূর্ব্বপদ)। [˚গাড়ী—ঘোড়ার গাড়ী। ˚দৌড় (হি ˚ড়) ঘোড়ার দৌড়ের প্রতি-যোগিতারূপ জুয়াখেলাবিশেষ (horse-race)। "হেম ৩৮৬। ˚সোয়ার —অশ্বারোহী।]

ঘোড়তোলা বিং ['গোড়'—মূল] যে জুতার গোড়ালির চামড়া উঁচা (চটীর মত সমান না)। [˚জুতা—মোজা জুতা।]

ঘোড়া বি [সং ঘোটক > প্রা ঘোডঅ > বা ঘোড়া ; হি, প, মৈ ঘোড়া ; ঠ, ˚ড় ; ঘোড়া ; গু, সি ঘোড ; তেলেগু—গুররম্ ; তা কুদিরই (তু 'সং √কূর্দ্দ্')] ১ অশ্ব। ২ ছাতার বাঁটে লাগান ঘোড়ার মুখের মত বাঁকা তার ; ছাতার কল। ৩ বন্দুকের কল, যাহা টিপিলেই গুলি বাহির হয় (trigger)। [˚কেল্লা—পীতবর্ণ বড় কেল্লা। "বি.বু ১৯। ˚মুখো—ঘোড়ার মুখের মত নতাগ্র (ধানের শীষ)। "(ধান) খোড় তিরিশে, কুলো বিশে, ঘোড়ামুখো বার দিন।—খনা। ˚মুগ —সোনামুগ অপেক্ষা বড় মুগ। ˚ঘোড়া—ঘোড়া ও শালের জোড়া, অর্থাৎ উত্তম পুরস্কার। "আমি পাব ঘোড়াঘোড়া শ্রী ১৫৩। ˚শাল, ˚শালা (সং অশ্বশাল, -লা ; হি ঘোড়সাল ; ঠ ঘোড়শাল)—আস্তাবল। "˚ল কৃ উ ৮৭। ক.চ ১০১। ব.প ১৩৫৮। ˚শালা দা ২০৩৮। ঘোড়ার কামড়—দুষ্পরিহর আক্রমণ। প্রবাদ আছে, মেঘ না ডাকিলে ঘোড়া কামড় ছাড়ে না। ঘোড়ার ডিম—(সাদৃশ্যে) অলীক বস্তু বা বিষয়। "কাজে ঘোড়ার ডিম ব.দ্বি ৬৮। ঘোড়ার ঘাস কাটা—দ্র 'ঘাস'। যেন ঘোড়ায় চড়ে এলে—যেন রাজা-রাজড়া এলে। "ঘোড়া দে না বল্লে, যেন ঘোড়ায় চড়ে এলে দা ১৪৪৩।]

ঘোড়ারু দ্র 'ঘেঁাড়ারু'। —রুরু বি হরিণবিশেষ (elk—Haughton)।

ঘোড়ারোগ বি ঘোড়ায় চড়ার বায়ু ; ঘোড়ার বাতিক। [কাঙালের ঘোড়ারোগ—(গৌণার্থে) গরীবের ধনীর মত চাল-চলনের ইচ্ছা ; অবস্থাতিরিক্ত আকাঙ্ক্ষা।]

ঘোণা স্ত্রী [√ঘুণ্ গ্রহণ+অ (ঘঞ্)-ণ+স্ত্রী-আ (টাপ্) ; তু 'ঘন' (নাসাস্থি)] ১ 'গন্ধগ্রহণসাধন', নাসিকা। "চারুঘোণ মহা ১.১৮৯.২২। প্রচণ্ড˚ (S.W.)। ২ অশ্বনাসিকা। "ভুগ্নঘোণ কি ৭.১৯। ৩ শূকর-নাসা। —ণী (-ণিন্) পুং [˚ণা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'ঘোণা-বান', শূকর।

ঘোমা বি ['ঘূর্ণ'—মূল ; 'ঘোমা'—কাপড়ে কাঁটা বা পিন্ বিঁধাইয়া

কয়া মশারি (যশোহর)] কাপড়ের বেড়। "কাড়আর করিছে তাতে ঘোনা টানাইয়া বি.পা ২৯৭।

ঘোপা বি ['গোপন'—মূল (?); প্রাদেশিক] গুপ্ত (নিভৃত) স্থান; নদীর অল্পস্রোতোযুক্ত ঘোঁজ বা খাড়ি। "পুবিয়া পচ্ছিয়া বাও, ঘোপা চায়া সাধু আটকান নাও (রঙ্গপুরের গান)।

ঘোমটা দ্র 'ঘুঙট'।

ঘোর বিণ [√ঘুর ভীষণীভাব+অ (অচ্)-ক; উ ৫.৬৪; ছান্দস] ১ ভীষণ, ভয়ানক। বিপ 'শান্ত'। "ঘোরান্ শকান্ রা ১.৫৪.২১। °রূপ মনু ৭.১২১। তুমি বিনা মোর, ঘর হৈল ঘোর ক.চ ১৮৫; ঘোর-রূপা ঘোররণে ২.৫২। ২ ক্রূর, হিংসাদিবহুল। "কর্ম্মণি ঘোরে গী ৩.১। °চরিত, °মতি (S.W.)। ৩ অতিবিষম। "উপস্থিতং ভয়ং ঘোরম্ রা ১.৭৪.১২। আপদ্যপি হি ঘোরায়াম্ মনু ২.১১৩। ৪ বিকট-শব্দকারী। "পক্ষিণো ঘোরাঃ রা ১.৭৪.১০। ৫ প্রচণ্ড, প্রবল। ৬ বিকট, দারুণ, কর্কশ। বিপ 'মঞ্জু'। "ঘোরস্বনা রঘু ১২.৩৯। ৭ (বাঙলায়) নিবিড়, গাঢ়। "ঘন ঘোর (প.ক)। ঘোর ঘনঘটা (রবীন্দ্র)। ঘোর কাল, লাল। ৮ গভীর (নিদ্রা)। ৯ গাঢ়তমোময়। "ঘোর যামিনী গি.দ্বি ১১১। ১০ ভাবাবেশময়। "অন্তর্দশার কিছু ঘোর কিছু বাহ্য জ্ঞান।—চৈ.চ ৩৪৮। —র পুং ১ শিব (মহা)। —র ক্লী ১ বিষ। ২ ভয়, ত্রাস। "অগ্নে পরি পাহি ঘোরাৎ (শতপথব্রাহ্মণ)। বাক্যং ঘোরাভিসংহিতম্ রা ১.৫৮.৮। ৩ ভীষণতা। "ক্ষাত্রং ঘোর-মুপেয়ুষঃ ভ ৪.৮.৩৬। ৪ কুঙ্কুম। ৫ আভিচারিক মন্ত্র (A.)। ৬ (বাঙলায়) অন্ধকার, অস্বচ্ছতা। "আমি চক্ষুতে দেখি ঘোর ম.ম ১৬৭। ঘর ঘোরময় চৈ.ম ১৪৪। ৭ জড়িমা, আবিলতা। "যামিনী বিভোরা, নিদ্রাঘনঘোরা।—গান ১৫০। ৮ মাদকতা, নেশা। "ভাঙ্গের ঘোরে, নয়ন ফিরে দু ২৪। তার বৈরাগ্যের ঘোর ভেঙেচে ঘ ১১৫। ৯ বিষম সঙ্কট। "ডরে ছিরা মরে ঘোরে ক.চ ২৫৩। —রা স্ত্রী ১ রাত্রি। ২ (সাংখ্যে) রাজসমনোবৃত্তি (ত.বা)। ['ঘট্ট (বিং)—অতিভীষণ। "ঘোরঘট্ট অট্টহাসি সা.ম ৪১। ঘোরতর (পুং)—শিব। °দর্শন (বিণ) ১ ভীষণাকৃতি। ২ (পুং) উলূক। °ফের (বি)—ঘোরা-ফেরা, ঘুরিয়া ফিরিয়া গমন। "চলিল দৈত্য বক্রপথে করি' ঘোর-ফের স্ব.প্র ১৩২। ঘোর-ঘোর (বিং)—একটু ঘোর; অল্প অস্বচ্ছ।]

ঘোরাল, -লো বিং [°র+আল[৮]] ১ ঘোরযুক্ত; ভয়াল, ভীষণ। "পারাবার...ঘোরাল ধূম্রল ন ১৪২৬। যুদ্ধ বিষম ঘোরাল স্ব.প্র ১১০। ২ অন্ধকারময়। "এখন ঘোরাল দিবা নাহি যেন দিবাকর ন ১৪৬৭। অরণ্য ঘোরালো, হয়ো-ওঠে আলো স্ব.প্র ৮৮। [ঘোরাল রঙ—গাঢ় (deep) রঙ। °রাল স্বাদ—অধিক সুরস।]

ঘোল[১] পুং, ক্লী [√হন্+অ (অচ্)-র্ম্ম, হন্ > ঘর, উ ৫.৬৪; তু 'সং √ঘূর্ণ্ > প্রা √ঘোল (হে)] সস্নেহ (নবনীতযুক্ত) মথিত দধি; মথিত। 'যত্ত্ব সস্নেহমজলং মথিতং ঘোলমুচ্যতে।—সুশ্রুত ১.৪৫.৭৮। "ঘোল বর্ণ আঁখি গো.বি ১০৯। [মাথা মুড়াইয়া ঘোল ঢালা—শাস্তি-স্বরূপ দোষীর মাথা মুড়াইয়া ঘোল ঢালিয়া দেওয়া (দ্র 'ক.চ ১০৯। শ্রী.মা ১৩৯। ম.পা ৬৪)। "আমার মাথা মুড়াইবেন, ঘোল ঢালিয়া দিবেন ব.প্র ২৭৩, ২৭৮। শিবরাত্রিব্রতে শিবপূজায় শিবের মাথায় দুধ দই ঢালিয়া পূজার বিধি আছে। সগররাজ পরাজিত ক্ষত্রিয়-দিগকে অর্দ্ধমুণ্ডিত ও পূর্ণমুণ্ডিত করিয়া ধর্ম্ম ও বেশ পরিবর্তন করিয়া দিয়া অপমান করিয়াছিলেন (হ, ১৪শ অধ্যায়)। (এই দুই বিষয় হইতে অপমানসূচনার্থ দোষীর মাথায় ঘোল-ঢালা ও মাথা মুড়ানর ব্যবস্থা হইয়াছে কি?)। দুধের তেষ্টা ঘোলে মেটে না—উৎকৃষ্ট বিষয়ের ভোগেচ্ছা অপকৃষ্টের ভোগে তৃপ্ত হয় না।]

ঘোল[২] '-ল' বি [সং ঘূর্ণি > প্রা॰ঘুম্মি > বা °ল; °লা (যশোহর); চাক (ত্রিপুরা)] ১ জলাবর্ত্ত (eddy)। ২ জলাবর্ত্তযুক্ত নদীর স্থান। [ঘোল খাওয়া—ঘোলে পড়িয়া ঘুরপাক খাওয়া; (গৌণার্থে) বিশেষ কষ্ট ভোগ করা।]

ঘোলমউনি, -নী বি ['ঘোলমথনী'—মূল] দধিমন্থনদণ্ড। "ঘোল-মউনি ব.প্র ৬৫০।

ঘোলা[১] বিং [ঘোল+আ[১০]] ১ ঘোলসদৃশ, পঙ্কিল, ময়লা (জল)। ২ নিষ্প্রভ, সতিমির, অস্পষ্ট (dim)। "ঘোলা সেই আলোক আঁধার-গোলা স্ব.প্র ১১২। হেমন্তের বিকেলের দিকে দিনের আলোর রং যেমন ঘোলা হয়ে আসতে থাকে ঘ ১৭২। ৩ অস্বচ্ছ, নিষ্প্রভ। "চক্ষু দুই ঘোলা।—রঙ্গ ৯। [ঘোলাটে—অল্প ঘোলা। (ডিম) ঘোলা পড়া—ডিম পচিয়া যাওয়া।]

ঘোলা[২] সর্ম্ম [ঘুলা > °লা, দ্র 'ঘুল'] ১ সর্থ 'ঘুলা'। ২ [হি √ঘোল] ঘূর্ণিত করিয়া মিশান; গোলা (to mix)। "ঘষিল চন্দন...ঘোলি ঘনরসে...ঢারু জ্ঞ.প ৪৮। [ঘোলান—সর্থ 'ঘোলা'।]

ঘোষ[১] পুং [ঘুষ্+অ (ঘঞ্)-ভা; ছান্দস] ১ ধ্বনি, শব্দ। "রথ°, শঙ্খ° (S.W.)। গী ১.১৯। তূর্য্য° মনু ৭.২২৫। ধনুকঘোষ ম ৬৪৪। ২ রব, নাদ, ডাক। "ভীমঘোষাণাম্...মৃগপক্ষিণাম্ রা ২.৬৬.১০। ৩ মেঘগর্জ্জিত। "গম্ভীর° উ.মে ১। ৪ কোলাহল। ৫ উচ্চারণ। "ব্রহ্ম° রা ৩.৪৬.১৪। পুণ্যাহ° মহা ২.৪.৬। ৬ শব্দ দ্বারা প্রকটীকরণ; ঘোষণ। ৭ (ব্যাকরণে) ঘোষবদ্বর্ণের উচ্চারণে বাহ্যপ্রযত্নবিশেষ। "পা ৮.২.১, সি। ৮ [+অ-র্ম্ম] জনশ্রুতি, কিংবদন্তী। ৯ [+অ-ধি] যেখানে গোসমূহ শব্দ করে; আভীরপল্লী, গোপনিবাস। "রা ২.৮৩.১৫। ভ ৪.১৮.৩১। গঙ্গায়াং ঘোষঃ সা.দ ২৬। ১০ গোত্রজ (নীলকণ্ঠ), গোষ্ঠ। "ঘোষা দ্বৈতবনে সর্ব্বে ত্বৎপ্রতীক্ষাঃ মহা ৩.২৩৭.২৩। °যাত্রা ম ৪৯৯। ১১ [+অ (অচ্)-ক] গোপাল, গোয়াল। "°বৃদ্ধ রঘু ১.৪৫। ১২ মশক, মশা। ১৩ কায়স্থের উপাধি। "কি ঘোষ, গয়লা ঘোষ, না কায়েত ঘোষ স.এ ৩৬। ১৪ শিব (A.)। —ষ ক্লী [+অ-ণ] কাংস্য, কাঁসা। —ষক বিণ [+অক (ণুল্)-ক; স্ত্রী -ষিকা] ১ শব্দকারক। "কর্কশঘোষক জন্তু বা.দ ৬৮। ২ শব্দ দ্বারা প্রকটীকারক (জ্ঞাপক)। —ষণ বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] ঘোষক। "°ভূষণাদ্রিঃ ভ ৪.৫.৬। —ষণ ক্লী [+অন-ভা] ১ শব্দ দ্বারা প্রকটীকরণ বা বিজ্ঞাপন; ঢেঁটরা দেওয়া। "জয়° মু ৩.২৬। ২ শব্দ, ধ্বনি। "জয়° রঘু ১২.৭২। রথের ঘোষণ ম.বি ১২৫। চ.বি ৪৩। —ষণা স্ত্রী [√ঘোষি+অন-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ শব্দ, ধ্বনি। "রথের ঘোষণা ম.বি ২১৩। চ.বি ১৪২,-৯। ২ সর্থ 'ঘোষণ' ক্লী (১)। ৩ (বাঙলায়) নামখ্যাতি, কীর্ত্তিকথা। "ঘোষণা রাখিব বীরের অবনীভিতরে ক.চ ৮১। —ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] প্রকটীকৃত, প্রখ্যাপিত। "সু° মহা ৭.১১.৩১। [ঘোষজ, -জা—ঘোষ-বংশজাত ব্যক্তি। "ঘোষজা খুড়া।—হেম ৩৭৭। ঘোষজ মহাশয় ব.প্র ২৫৭। ঘোষজ sillliest হলো কেন? —স.এ ৩৭। ঘোষপুর—গোপনগর, গোকুল। "ঘোষপুরে বশ-ঘণ্টিকা তব জ্ঞ.প ৪৮।]

ঘোষ[২] দ্র 'ঘুষ'।

ঘোষবান্ (-বৎ) বিণ [ঘোষ+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] ১ ঘোষযুক্ত, শব্দিত। ২ (ব্যাকরণে) ঘোষপ্রযত্ন দ্বারা উচ্চারিত (sonant)। "ব্যঞ্জনশেষো ঘোষবান্।—তৈ ১.১৪। —বতী স্ত্রী বীণা।

ঘোষবতী দ্র 'ঘোষবান্'।

ঘোষযাত্রা স্ত্রী [স.ত] ঘোষ (গোত্রজে) গমন; গোসমূহতত্ত্বাবধানার্থ দুর্য্যোধনের স্বীয় গোষ্ঠে যাত্রা। "ঘোষযাত্রাপদেশ মহা ৩.২৩৭.২৩। [দুর্য্যোধন, কর্ণপ্রভৃতির পরামর্শে ঐশ্বর্য্যপ্রদর্শনার্থ ঘোষযাত্রাচ্ছলে পাণ্ডবের অধ্যুষিত দ্বৈতবনে গমন করিয়াছিলেন, ইহা 'ঘোষযাত্রা' নামে

প্রসিদ্ধ।] [°পর্ব্ব (-র্ব্বন্)—ঘোষযাত্রাবিষয়ক মহাভারতের বন-পর্ব্বান্তর্গত পর্ব্ব।]

ঘোষয়িত্নু পুং [√ঘোষি+ইত্নু (ইত্নুচ্)-ক, বাহুলকে] ১ 'ঘোষণ-শীল', ব্রাহ্মণ। ২ কোকিল। ৩ বন্দী, স্তুতিপাঠক।

ঘোষা[১] স্ত্রী [°ষ+স্ত্রী আ (টাপ্)] ১ শতপুষ্পা; মধুরিকা (মৌরি); কর্কটশৃঙ্গী; কোশাতকী। ২ (বাঙ্লায়) ধ্রুবপদ, ধুয়া। "ঘোষা ॥ দুর্গে দুর্গতিনাশিনি ম.পা ১; ৬। [পালাগানে প্রত্যেক শ্লোকের পরে ঘোষা গীত হয়। মূলগায়ন ছাড়া দলের সকলেই ঘোষাগানে যোগ দেয়। ঘোষার সহিত মূল প্রবন্ধের সংস্রব নাই, উহা ভিন্ন পঙক্তি। 'ময়নামতীর গানে'র ঘোষা ভিন্নপ্রকার, উহা মূল-প্রবন্ধের দুই পঙ্‌ক্তি (ম.পা ২; ৬)। 'গোপীচন্দ্রের গানে'ও ঠিক পূর্ব্বোক্ত মূলপ্রবন্ধের দুই পঙ্‌ক্তিই ঘোষা (গো.চ ৩১৬, -২৬)] [°তকী (স্ত্রী)—কোশাতকী।]

ঘোষা[২] সর্ম্ম [°ষ+আ°] ঘোষিত করা; উচ্চৈঃস্বরে আবৃত্তি করান; পড়ান। "সন্ধ্যাকালে ছাত্রদিগকে ঘোষাইতে আরম্ভ করিলে, মতিলাল গোলে হরিবোল দিত আ.দু ৩।

ঘোষাল বি বাৎস্যগোত্রীয় রাঢ়ী ব্রাহ্মণের উপাধি। "বাপেরা ঘোষাল ক.চ ৬৩। [ইঁহাদের পূর্ব্বপুরুষ ছান্দড়ের পুত্র সুরভি ঘোষাল, (ঘোষালয়?) গ্রামে বাস করিয়াছিলেন; তজ্জন্য তদীয় বংশধরগণের ঐ উপাধি।] [স্বামী ঘোষাল পঞ্চানন—স্বামী ঘোষাল উপাধিধারী ও তাঁহার নাম পঞ্চানন; (স্তুতিতে) স্বামী ঘোষযুক্ত, অর্থাৎ ইষ্টনাম-গানে রত শিব। "ক.চ ২৫৯।]

ঘোষী(-ষিন্) বি ঘোষ (শিব) যাহার দেবতা, শৈব। "গোত্রে আমি দুর্ব্বা ঋষি মোর কুলে সভে ঘোষী ক.চ ২৮২।

ঘোস, ঘুস[২] সর্ম্ম [সং √ ঘোষি—ঘোষয় >প্রা √ ঘোস; অপ্র] ঘোষণা করা; কীর্ত্তন করা; রটনা করা। "অনন্ত সিদ্ধাএ সুনি ঘুসিব কুনাম গো.বি ১০৮। মহাবল রঘু রাজা সর্ব্ব লোকে ঘোসে কৃ.উ ১৫৫; সভে যশ ঘোসে ১৬৫। —সা সর্ম্ম [সং √ ঘোষি—ঘোষয়>প্রা √ঘোসায়>বা √ঘোসা; অপ্র] সর্থ 'ঘোষা[২]'। "পাঠশালার ছেলেরা য্যামন ঘোসাবার সময়…গোলে হরিবোল দিয়ে…যায়, সেই প্রকার জ্ঞানানন্দ…দুই অ্যাকটা তান মার্‌তে লাগ্‌লেন হু ২১৮। [ঘোষা(সা)ন —পাঠশালার ছুটির পূর্ব্বে গুরুমহাশয় ছাত্রদিগকে শ্রেণীবদ্ধ করিয়া তাহাদের দ্বারা সর্দ্দার পড়ুয়ার ঘোষিত যে 'পাঠ্যবিষয়ের আবৃত্তি করান,' তাহাই 'ঘোষান'।

ঘ্ন বিণ [√হন্+অ (টক্, অমনুষ্যকর্ত্তৃকে), +অ (ক) মনুষ্যকর্ত্তৃকে,-ক; স্ত্রী ঘ্নী] ১ ঘাতক, নাশক। "জায়া°, পতি° (সি)। স্ত্রীবালব্রাহ্মণ° মনু ৯.২৩২। ২ ক্ষয়কর, হারক, নাশক। "যশোঘ্ন মনু ৮.১২৭। ধর্ম্ম° যাজ্ঞ ১.১৩৮। কণ্ডূ°, কাস°, কৃমি°, বিষ°, মেদোঘ্ন (S.W.)। ৩ দোষনাশক। "পিত্তঘ্নং ঘৃতম্ (সি)।

ঘ্যাঙা বি [ধ্বন্যাত্মক] ঘ্যাঙঘ্যাঙ করিয়া সনির্ব্বন্ধ অনুরোধ বা কাতর প্রার্থনা। "যা হয় একটা ব'লে দাও না বাবু, আমার কাছে আর এ ঘ্যাঙা কেন?—অমৃতলাল বসু। [ঘ্যাঙান—পূর্ব্বোক্তভাবে অনুরোধ বা প্রার্থনা করা।]

ঘ্যানঘেনে বিং যে ক্রমাগত ঘ্যানঘ্যান করে। "যিনি…স্বাধীন হইয়া উকীল হইলেন, তিনি আবার সনদী ঘ্যানঘেনে ব.প্র ৬৩৬। ঘ্যানঘেনে মিনসে গি.দ্বি ১২৩। —ঘ্যান বি [ধ্বন্যাত্মক] ১ করুণস্বরে ক্রমাগত বিরক্তিকর বিফল বক্তৃতা। "কোন দেশে বৃষ্টি হয় নাই—এসো বাবু ঘ্যানঘ্যান করি; বড় চাকরি পাই না—এসো বাপু ঘ্যানঘ্যান করি; রমাকান্তের মা মরিয়াছে—এসো বাপু স্মরণার্থ ঘ্যানঘ্যান করি ব.প্র ৬৩৬। ২ করুণ সুরে ক্রমাগত বিরক্তিকর প্রার্থনা; অনুনয়। "এ বঙ্গ-ভূমে জন্মগ্রহণ করিয়া ঘ্যানঘ্যান করিব না ত কি করিব?—ব.প্র ৬৩৬। ৩ ক্রমাগত বিরক্তিকর বকুনি (বক-বক করা)। ৪ অসুস্থ শিশুর আবদারের কান্না। "সর্দ্দী হয়েছে ছেলেটা ঘ্যানঘ্যান কচ্ছে। —ঘ্যানানি বি ঘ্যানঘ্যান করা। "যিনি…উমেদওয়ার—তাঁর ঘ্যানঘ্যানানির ত আর অন্ত নাই।—ব.প্র ৬৩৬। [ঘ্যানঘ্যান প্যানপ্যান—ক্রমাগত কাতরভাবে অনুনয় ও কাঁদাকাটি। "সুবিধা পাইলে সহসা তাঁহাকে …ধরিয়া লইয়া যাইত; তার পর…ঘ্যানঘ্যান প্যানপ্যান ব.প্র ৪৫৮। পেশাদার ঘ্যানঘেনে—যে জীবিকার্থে ঘ্যানঘ্যান করে; উকীল। "ব.প্র ৬৩৬। মিছে ঘ্যানঘ্যান—বৃথা ক্রমাগত বকুনি। "তপ-জপ-ধ্যান, মিছে ঘ্যানঘ্যান! —স্ব.প্র ১০৮।]

ঘ্রা সক [ঘ্রা. প—জিঘ্রতি; অনিট্] গন্ধগ্রহণ, আঘ্রাণ। [অব, আ, উপ—আঘ্রাণ।]

ঘ্রাণ বিণ [√ঘ্রা+ত (ক্ত)-র্ম্ম; পক্ষে '°ত'] গৃহীতগন্ধ, আঘ্রাত। —ণ ক্লী [+অন (ল্যুট্)-ভা; বৈদিক] গন্ধগ্রহণ, সোঁকা। "ঘ্রাণেন শূকরো হন্তি মনু ৩.২৪১। —ণ পুং, ক্লী [+অন-র্ম্ম] ১ গন্ধ। "ন তথা ঘ্রাণযুক্তাশ্চ সর্ব্বগন্ধাঃ। মহা ৩.১৮৮.৪০। চন্দন-ঘ্রাণ দু ৪২। বিপরীত ঘ্রাণ ম.ভা ৫০; ব.প ২৬৮। ২ [+অন-ণ] 'ঘ্রাণসাধন', নাসিকা। "ঘ্রাণকর্ণ-বিট্ মনু ৫.১৩৫। ভ ২.১.২৯; ঘ্রাণস্ত গন্ধগঃ ৩.২৬.৪৪। °কান্ত রঘু ১৯.১১। —ত বিণ [দ্র 'ঘ্রাণ']। —তব্য বিণ [+তব্য-র্ম্ম] গন্ধগ্রহণযোগ্য, ঘ্রাণার্হ। —তব্য ক্লী [বৈদিক] গন্ধাত্মকবিষয়, গন্ধ, সৌরভ। "ঘ্রাণং চ ঘ্রাতব্যম্।—প্রশ্নোপনিষৎ ৪.৮। —তা(-তৃ) পুং [বৈদিক] ঘ্রাণকর্ত্তা। মহা ১৪.২০.২১। ব.প ১৮০৩। —তি স্ত্রী [+তি (ক্তিন্ [-ভা] ১ গন্ধগ্রহণ, আঘ্রাণ। "ঘ্রাতিরঘ্রেয়মদ্যয়োঃ মনু ১১.৬৮। বিষ্ণু ৩৮.২। ২ [+তি-ণ] নাসিকা। [°কান্ত, °তর্পণ (বিণ)—ঘ্রাণতৃপ্তিকর; সুরভি, সুগন্ধি। "°কান্তমধুগন্ধ রঘু ১৯.১১। °পাক (পুং)—নাসিকারোগবিশেষ। °বিট্ (-ষ্) স্ত্রী—নাসিকামল, কফ। "মনু ৫.১৩৫। ঘ্রাণেন্দ্রিয় (ক্লী)—নাসিকা। ঘ্রাণিআ (অপ্র) —আঘ্রাণ করিয়া। "মস্তক ঘ্রাণিআ (আলিঙ্গিল) অ.প ৩০।]

ঘ্রেণা বিণ [সং ঘৃণা (ঘৃ >ঘ্রি >ঘ্রে); তু 'ঘ্রেতা' (মৃত), ঘ্রেন্না; অপ্র] অশ্রদ্ধা। "গো.বি ৫৯।

ঘ্রেয় বিণ [√ঘ্রা+য (যৎ)-র্ম্ম] ঘ্রাণার্হ, ঘ্রাণযোগ্য। "মনু ১১.৬৮। —য় ক্লী গন্ধ, সৌরভ।

ঙ

ঙ[১] কবর্গের পঞ্চম বর্ণ এবং পঞ্চম ব্যঞ্জন ও স্পর্শ বর্ণ। [ইহা অনুনাসিক বর্ণ, ইহার উচ্চারণে নাসিকা প্রথম স্থান, কবর্গানুসারে হনুমূল দ্বিতীয় স্থান ও জিহ্বামূল করণ; নাভি হইতে প্রযত্নপ্রেরিত বায়ু প্রথমে নাসিকায় লইয়া গিয়া জিহ্বামূল দ্বারা হনুমূল স্পর্শ করাইয়া মুখপথে বাহির করিলে, ঙ-কার-ধ্বনি উচ্চারিত হয় (তৈ ২.৩৫; ৪৯-৫১)। এইরূপ, ঞ ণ ন ম এই চারি অনুনাসিকের উচ্চারণে নাসিকা প্রথম স্থান, বর্গানুসারে যথা-ক্রমে তালু মূর্দ্ধা দন্তমূল ও উত্তরোষ্ঠ দ্বিতীয় স্থান এবং জিহ্বামধ্য, প্রতি-বেষ্টিত (মূর্দ্ধাভিমুখে বক্র) জিহ্বাগ্র, যথাবস্থিত জিহ্বাগ্র ও অধরোষ্ঠ করণ; অর্থাৎ, ঞ-প্রভৃতির উচ্চারণে বায়ু নাসিকায় লইয়া গিয়া তত্তদ্বর্গের করণ জিহ্বামধ্য-প্রভৃতির দ্বারা দ্বিতীয় স্থান তালু-প্রভৃতি স্পর্শ করাইয়া মুখপথে বাহির করিতে হয় (তৈ ২.৩৬-৩৯; ৪৯-৫১)। সকল অনুনাসিকের প্রথম স্থান সাধারণ, দ্বিতীয় স্থান ও করণের প্রভেদেই একই অনুনাসিক ধ্বনি ঙ-প্রভৃতি দ্বারা বর্ণিত হয়। বাঙলায় 'ঙ'-কারের উচ্চারণ 'উঙ, ওঁআ'; সুতরাং উচ্চারণানুসারে উহা কণ্ঠৌষ্ঠ্য হয়। অন্যান্য বর্ণসম্বন্ধে তত্তদ্বর্ণ দ্রষ্টব্য। অনুস্বার অনুনাসিকবর্ণবৎ ব্যঞ্জন, ইহা অর্দ্ধগকাররূপ (তৈ ২.৩০)। প্রাচীন বাঙলায়, 'হংসরাজ'

(ম.পা ৫), 'সিঙ্গাসন' (গো.বি ৩০) শব্দের অনুস্বার স্থানে 'ঙ্গ' এর মূল, এইরূপ উচ্চারণ, বোধ হয়।

ঙ² পুং **১** ইন্দ্রিয়গোচর বস্তু। "বিষয় ঙকার ভা.চ ৪২৯। ঙকার বিষয় চণ্ড অভিধানে ধ্বনি। ঙকার নাহি চাহি মাগো ঙকারদমনী॥ —বা.দ ১১। **২** ইচ্ছা। "ঙকারস্বরূপা ভা.চ ৪২৯। **৩** ভৈরব। "ঙকার ভৈরব ভা.চ ৪২৯।

ঙ³ ক্রি. ক্তি দ্র 'ওঁ³'। "হঙ যাঙ বি.প ১৬৫। বাজ্বিবারে চাঙ শ্রী.ম ১৪৩; থাঙ ২০৭। পাঙ চৈ.চ ৮১; গোয়াঙ, পাঙ, হঙ, দেঙ ১৪২,-৬৯,-৯০; ৩১০। পাঙ ভ.গ্র ৪২৩। নিবেদঙ চৈ.ম ১৩৯। দেঙ রা.স ১২; জাঙ ১৬। যাঙ জ.প ১। করঙ চ.বি ১৯৪; কাটঙ, হরঙ ২১৬। যাঙ ব.প ৭৮৩। পাঠাঙ ম.বি ১৫৩। হারাঙ ব ১৯৮।

ঙ⁴ [ম > ঙ] মকারের স্থানে ঙ-কার। "রঙন (রমণ) জ.প ৭। সুঙাইল কৃ.অ ২১। আঙ (আম), কঙলি (কমলী), কাঙর কাঙুর চৌঙকি বাঙ বাঙন 'বাঙভাগ' (ক.চ ৫৭), সাঙর (শ্যামল)। সাঙলী। দ্র 'ইতাঙ, ইবাঙ, ইলাঙ। [অনুনাসিক হেতু 'ঙ']—ভঙন (ভবন জ.প ৭। বেঙনী (ব্যজনী); পাঙমো (পাইব রা.স ১২)। 'জ্ঞ' স্থানে 'ঙ্গ', অর্থাৎ গঁ > ঙ্গ (লিপিকরপ্রমাদ)—ঙ্গাতি (জ্ঞাতি) গো.বি ৬৬; ঙ্গান ৭৬; ১০৬,-২৮,-৩০; ঙ্গানহিন ১১৯; গুণঙ্গান ১৮৩।]

ঙকার পুং [কর্ম্মধা] ঙ-বর্ণ। "পঞ্চপ্রাণময়ং বর্ণং ঙকারং প্রণমাম্যহম্ (তন্ত্র)। দ্র 'ঙ²।

চ

চ¹ চবর্গের প্রথম বর্ণ এবং ষষ্ঠ ব্যঞ্জন ও স্পর্শবর্ণ। [চ বর্গের উচ্চারণ-স্থান তালু এবং জিহ্বামধ্য করণ, অর্থাৎ চ-বর্গের উচ্চারণে জিহ্বামধ্য দ্বারা ঐ বর্গীয় বর্ণসমূহকে তালু (জিহ্বার অধস্তন প্রদেশ) স্পর্শ করাইতে হয় (তৈ ২.৩৬)। পাণিনিমতে চ-বর্গ তালব্য (পা ১.১.৯)। বাঙ্লায় চ-বর্গের উচ্চারণ সংস্কৃতানুরূপ। দ্র 'ক¹'।

চ² ব্য **১** অন্বাচয়, অর্থাৎ প্রধানভাবে উক্ত কার্য্যের সহিত গৌণভাবে উক্ত কার্য্যের আনুষঙ্গিকভাব। "ভো বটো, ভিক্ষামট গাং চানয় (শ.ক)। 'চ'শব্দ—অন্বাচয়ে অর্থ কহে আর। 'বটো! ভিক্ষামট গাঞ্চানয়' যৈছে প্রকার॥—চৈ চ ২৪১। [ভিক্ষুর ভিক্ষার্থ গমন প্রধান কার্য্য এবং গবানয়ন আনুষঙ্গিক কার্য।] **২** সমুচ্চয়, অর্থাৎ পরস্পর-নিরপেক্ষ অনেক পদের একত্র অন্বয়; সংযোগ, এবং, ও। "অহং চ ত্বং চ।—ঋগ্বেদ ৮.৫১.১১। যস্মাচ্চ যেন চ যদা চ যচ্চ যাবচ্চ যত্র চ শুভাশুভামাত্মকর্ম্ম। তস্মাচ্চ তেন চ তথা চ তদা চ তচ্চ, তাবচ্চ তত্র চ বিধাতৃবশাদুপৈতি॥ —হি ১.৪১। রঘু ১.৫৭। যষ্ঠে চ শ্রীরামরূপে দশমুখ-বম শ্রী.ম ৫। তবে যে চকার সেই সমুচ্চয় কয় চৈ.চ ২৩৮। কার্য্যঞ্চ E.P.47; প্রয়োজনঞ্চ 49. **৩** ইতরেতরযোগ, মিলিতান্বয়, অন্যোন্য-সংযোগ। **৪** সমাহার, সমূহ (combination)। "হস্তী চ অশ্ব চ হস্ত্যশ্বম্। [সমাহার বহুর সমাঙ্গতভাব বুঝায়, সুতরাং ইহা তিরো-হিতাবয়বভেদ। ইতরেতরযোগ আবিভূর্তাবয়বসঙ্ঘাত, অর্থাৎ ইহা প্রকটীভূত অবয়বসমূহের যোগ বুঝায়। অসামর্থ্য হেতু 'চ' এর প্রথম দুই অর্থে দ্বন্দ্বসমাস হয় না, পরবর্ত্তী দুই অর্থে হয় (পা ২.২.২৯)।] **৫** অবধারণ, নিশ্চয়। "চ' অবধারণে ইহা চৈ.চ ২৩৯; 'চ' শব্দ 'এব' অর্থে ২৪০। **৬** বিয়োগার্থ, পক্ষান্তর, কিন্তু। "শান্তমিদমাশ্রমপদং স্ফুরতি চ বাহু শ ১.১৫। স্বল্পং তথায়ুর্বহবশ্চ বিঘ্নাঃ।—পঞ্চ ৯ (কথা-মুখ)। **৭** বিকল্প, বা, অথবা। "উ.চ ১.২৬। **৮** হেতু। "মনু ২.৮৪। **৯** অবিলম্ব, যৌগপদ্য। "তে চ প্রাপুরুদন্বন্তং বুবুধে চাদিপুরুষ রঘু ১০.৬। **১০** চেৎ, যদি। "জীবিতুং চেচ্ছসে মূঢ় হেতুং মে গদতঃ শৃণু (মহা)। **১১** পাদপূরণ, অর্থাৎ নিরর্থকতা। "তৌ তু রাক্ষসৌ চ মহাবলৌ। মারীচশ্চ সুবাহুশ্চ যজ্ঞবিঘ্নং করিষ্যতঃ॥ —রা ১.২০.১৯। ভিক্ষা মাগা নৈব চ নৈব চ।—ভা.চ ১৩৫। **১২** তুল্যযোগিতা। "সঙ্কুচন্তি সরোজানি স্বৈরিণীবদনানি চ।—কুবলয়ানন্দ ৪৩। **১৩** বিনিয়োগ।

চই, চৈ বি [সং চবি > প্রা*চই > বা চই > চৈ; দ্র 'ঐ¹'; হি চঈ] লতাবিশেষ ও তাহার মূল। "চই-মরিচ সুক্তা চৈ.চ ৮৪। চৈ মেতি ক চ ১৫৬; চইয়ের বদলে চন্দন দিবে ২৪৬। ছেঁচিয়া দিল চৈ ম.ম ৯৬। [চই-মরিচ—কটু (ঝাল) চই।]

চইত বি [সং চৈত্র > প্রা চইত (হে ১.১৫২) > বা °ত; হি, মৈ চৈত; গু চঈ (চৈ)তর] চৈত্রমাস। "চইতের খরা ক.চ ৬৯।

চউ বিং [সং চতুর্ > প্রা চউ (প্রা.ম; পৈ); হি, গু চউ (চউদস), চহুঁ; ঠ চৌ; মৈ চহু; চউ, চউথণ,-দিস (চ)] চা'র। "চউগুণ বি.সা ৫২। চউদিগে শ্রী.ম ২৭৬। চ.বি ২৭০। [°চির—চারিখণ্ডে চেরা বা বিভক্ত; খণ্ডখণ্ড। "চউচির, দেহড়ীর, খিড়কীর পাল্লা।—রঙ্গ ১১২।]

চউক, -খ বি [সং চক্ষুঃ > লি, প্রা চক্খু > বা চখু > চউখ, -ক > চৌখ, -ক; চোখ, -ক; অপ্র] চোখ। "গোচ ১০১; ২৫০।

চউকি, -চৌকি বি [সং চতুষ্ক > প্রা চউক্ক) > বা চউক) °কি, চৌকি; চক; হি, ঠ চৌকী; তু 'চউক্ক'—চত্বর, চতুষ্পথ (দেশী ৩.২)] চারপায়া চৌ-কোণ কাঠের বা পাথরের আসনবিশেষ। "চৌকির আসন ভ.গ্র ২৬৮।

চউতোর বি [সং চত্বর; হি চব্‌তরা, চৌতরা; ঠ চব্‌তরা, -ত্রা] ইষ্টকাদির চৌরস উচ্চ উপবেশনস্থান; চাতাল। "ব্র.প ১৭৩।

চউথ, চৌথ বি [সং চতুর্থ > চউত্থ, -থ (প্রা.ম; পৈ), চউট্ঠ (অ.রা) > বা °থ, চৌঠ, -ট; হি চৌথ; ঠ চৌত, -থ; মৈ, ড় চৌঠ; সি, গু চোথ; চউঠ্ঠ (দো)] **১** চতুর্থাংশ, প্রজার নিকটে জমিদারের প্রাপ্য বৃক্ষাদির মূল্যের চতুর্থাংশ। **২** মহারাষ্ট্রীয়েরা মুসলমানদিগের নিকট হইতে সংগৃহীত রাজস্বের যে চতুর্থাংশ গ্রহণ করিত, তাহা 'চৌথ'। "সেতারাগড় হইতে, বরগী আইল চৌথ লৈতে ব.প ১৪২৩।

চউদ্দ স.বিং [সং চতুর্দ্দশ > প্রা চউদস, -দ্দস; বা °দ্দ, চৌদ্দ; চৌদ (শ্রী.কী) হি, মৈ চৌদহ; ঠ চৌদা; প চৌদাং; সি চোডহঁ; গু, ড় চৌদ; ফা চাহারদহ্;] চতুর্দ্দশ। "চউদ্দ সহস্র কৃ.উ ২৭৩।

চউরি, -রী, চৌরি বি [চউরিয়া, -রী—বিবাহমণ্ডপ (দেশী—প্রা.ম); গু চৌরী] চার-চালা ঘর। "চউরী কৃ.উ ১১, চউরী ১৮৯। কৃ ৩৭৫। শ্রী.ম ৩৫। চার চৌরি ক.চ ৭৯।

চওড় বি [চড় > °ড়; অপ্র] চপেটাঘাত। "গো.চ ১৩৪,-৪৯।

চওড়া, -চৌড়া বিং [হি, মৈ চৌড়া; ঠ চৌপট্টা—বিস্তৃত সমতল ভূমি; ড় চউড়া] বিস্তারযুক্ত, প্রশস্ত, ওসার। "রাস্তা চৌড়া করিতে গেলে বাড়ী পড়িবে য ৮। চৌড়া ব.প্র ৩৮০। [চোড়াই (হি চৌড়াঈ) —বিস্তার।]

চওর বি [সং চামর; হি চৌরী; ঠ চৌ(চৌং)রী; গু চৌরী; মৈ চঅর; অপ্র] চামর। "ঢুলায় চওর গো.চ ৬১; ৩৩৯।

চক্ অক [ভ্বা, আ—চকতে; সেট] **১** তৃপ্তি। —ক্ সক ঘাত, ব্যাঘাত। —ক্ অক [ভা, প—চকতি; সেট] ভ্রান্তি (ত.বা)।

চক '-ক্' বি [সং চক্র > প্রা চক্ক > বা চাক, চক; হি, ঠ চক] **১** বহুদূরব্যাপী বিস্তৃত মাঠ; প্রান্তরের বৃহৎ অংশ। "পরাণ চক শ্রী.মা ৩৯। শঙ্কর চক; দেবীচক শি ৭১। **২** পঙ্‌ক্তি, পট্টী, পটী। "চকেতে প্রধান যার শতেক দোকান ব.প ১৪৭৯। **৩** [দ্র 'চউকি'] চতুঃশাল, চৌশালা। "সম্মুখে দেখেন চক চাঁদনী ভা.চ ২৭০। [°দার—চকের প্রজা; সম্পত্তিশালী ব্যক্তি। °নামা (ঠ °মা)—চকের তালিকা; এষ্টেটের জমিজমার বিশেষ বিবরণ ও সীমাদির তালিকা। °বন্দী

(ঠ °বন্দী)—এষ্টেট্ জমি ইত্যাদির চতুঃসীমা-নির্দ্দেশ। চকবন্দী কপাট—যে কপাটে লতা-পাতা-ফুল-কাটা তকতায় ভরা চৌকা খোপ থাকে। চকবন্দী, চকমিলান (বাড়ী)—যে বাড়ীর চারি পোতার ঘর পরস্পর লাগালাগি। "সন্ধি নাই চকবন্দী চিক্কণ গাঁথনি বা.দ ১৮৭। °বাজার—চকের বাজার। "চকবাজারের প্যালানাথ বাবু হু ৩৮।]

চকচক১, চকর-চকর বি [ধ্বন্যাত্মক ; ঠ °ক] জিহ্বাগ্রে দুগ্ধাদি চাটিয়া খাওয়ার শব্দ। "চকচক পেয় পিয়া ভা.চ ১১৫। বিড়ালে দুধ চকচক করিয়া খায়। [°চকি—চকচক শব্দ করিয়া। "(শোণিত) চকচকি পিয়ে চ.বি ২২৯। চকোচকো—চকচক। "(চিতাবাঘ) জল চকোচকো করি চাটে।—শিশু ৮১।]

চকচক২ বি [সং √চকাস্ ; ঠ °ক—দীপ্তভাবে ; ভাবাত্মক] দীপ্তি-প্রকাশের ভাব। "কাচ, জল, তৈজস দ্রব্য চকচক করে। [°চকীয়া, °চকে (হি °কা ; ঠ °কীত)—দীপ্ত, উজ্জ্বল। "চকচকে ভাল বাঁধা বইগুলি চাই।—মনোমোহন বসু। ঝকঝক করুক অঙ্গ যেন চকচকীয়া চান্দা।—রঙ্গপুরের জাগের গান। °কী (ঠ °কী)—দীপ্তি, দীপ্তি-প্রকাশ। "বিদ্যুৎ চকচকী ভা.চ ৪৫৪। °মক—চকমক। "বিজুরি লতা চকচকমক কর বি.সা ১৮২।]

চকদার, -বন্দী দ্র 'চক'।

চকমক বি ['চকচক২—মূল ; প্রা °ক (পৈ ১.১০৪) ; হি, ঠ, গু °ক—অগ্নিপ্রস্তর ; ঠ √°ক—দীপ্তি পাওয়া ; মৈ °ক—দীপ্ত ; ভাবাত্মক] দীপ্তিপ্রকাশ, প্রভাবিস্তার। "চকমক চামর-দণ্ডেতে জ্বলে চুণি ব.প ১৪৮৬। মণিময় আভরণ করে চকমক ভা.চ ২৬৫ ; ৪৫৮। রঙ্গ ৮৭। —মকি১ বি প্রভাপ্রকাশ। "বিদ্যুৎচকমকি ভা.চ ৪৪৭।—মকি২, -কী বি [র্ক চক্.-মাক্. ; ফা চক্মাক্ ; হি, ঠ °ক] অগ্নিপ্রস্তর (যে পাথর হইতে আঘাতে অগ্নি বাহির হয়) ; অগ্নিপ্রস্তর ও ঘাতার্থ লৌহখণ্ড। "নে কয়লা চকমকী আর হুঁকো দা ৯৬৯ ; বেটা দিলে এক চকমকি, সকলি যে আগুন-পোরা ২০৬১। এ দাঁড় বহে, ও চকমকি নিয়ে আগুন করে।—আ.দু ১৪৪। আমি···চকমকি সোলা সকলই আনিয়া রাখিয়াছি ব.প্র ১২২। —ম'কে বিং [°ক+এ৮] দীপ্ত, উজ্জ্বল। "চকম'কে হীরা ভা.চ ২৬৪। চকম'কে থাল জা ৩২। [চকমকি ঠোকা বা ঝাড়া—চকমকি ঠুকিয়া অগ্নি বাহির করা। "চকমকি ঝেড়ে এক ছিলিম তামাক সাজো তো আ.দু ৮।]

চকমকি১, -মকি২, -ম'কে দ্র 'চকমক'।

চকমিলান দ্র 'চক'।

চকা বি [সং চক্রবাক >প্রা চক্কাঅ (অ.রা),-য় (গৌড়বধ), চক্কা (বিক্র ৪.৩৬ ; প্রা.প্র, পরিশিষ্ট ১০) >বা °কা ; ঠ, গু—চকবা] চক্রবাকপক্ষী। "চক্রবাক চক্রবাকী একই পিঞ্জরে। নিশিতে নিষাদ আনি রাখিলেক ঘরে॥ চকী বলে চকা ভাই এ বড় কৌতুক। বিধি চেয়ে ব্যাধ ভাল বড় দুখে সুখ॥—রসসাগর। —কী বি [°কা+ঈ৬ ; সং চক্রবাকী ; ঠ, গু চকবী] চক্রবাকস্ত্রী-জাতি। দ্র 'চকা'।

চকার পুং [কর্ম্মধা] ১ চ-বর্ণ। "'চকার-বকার' শব্দ উচ্চ করি বোলে চৈ.ভা ২৪৯। ২ অব্যয় 'চ'। "চৈ.চ ২৩৫। [চকার-বকার শব্দ—অশ্লীলশব্দ।]

চকাস্ অক [অদা, প—চকাস্তি ; সেট্] দীপ্তি।

চকি বি [চৌকি >°কি ; অপ্র] পাহারা। "খড়্গ চর্ম্ম ধরিয়া তোমার চকি থাকে মী ২৯। চকি বসাইল গো.চ ১৯৫। পথে পথে···চকি খাড়া ব.প ১৪১৮,-৯।

চকিত বিণ [√চক্+ত (ক্ত)-ক] ১ সম্ভ্রান্ত, বিস্মিত, কর্ত্তব্যবিমূঢ়। "রাম দোষকীর্ত্তনকথার উল্লেখ করিবামাত্র, সে চকিত ও হতবুদ্ধি হইয়া···রহিল সী ১৮। ২ ভীত। "°হরিণীপ্রেক্ষণে।—উ.মে ৪৩। রঘু ১০.৭৩। ব্যাধানুসারচকিতা হরিণী মৃ ১.১৭। °বিলোকিত গী.গো ২.১১। জনপদবধূ তড়িৎচকিত-নয়না চ.কা ২৫০। ৩ (বাঙ্লায়) চঞ্চল। "°বিলোকিত গ ৫৮। গো ১৫১। প্রশস্তলোচনের চকিত কটাক্ষ ব.প্র ২১। —তক্রী [+ত-ভা] ১ সম্ভ্রম, বিস্ময়। "সভয়-চকিত গী.গো ৬.৯। ২ ভয়। "সচকিত বা.দ ৬৩। ৩ (অলঙ্কার) নায়িকার যৌবনে স্বভাবজ সাত্ত্বিক অলঙ্কারবিশেষ। "সা.দ ৩.৯২ ; ১১০। চমকি চললি ধনী চকিত নেহারি বি.প ২৪। ৪ [বাঙ্লায় ; পদ্যে] প্রকাশ, স্ফুরণ। "তড়িৎ-শিখার চকিত আলোকে চ.কা ৩৫৫। গগন-গবাক্ষ যেন চকিতে খুলিয়া।—ন ৪১১। ৫ বিদ্যুৎস্ফুরণপরিমিত কাল ; অত্যল্পকাল, ক্ষণকাল। "অপূর্ব্ব আলোকে, পুরিল চকিতে ভুবনত্রয়।—হেম ২৪৩। —ত, -তে ক্রি-বিং ১ তৎক্ষণাৎ, তখনিই। "যদি বাজাইবি বীণে, প্রাণে মরিবি ও নবীনে! চকিত।—দা ৪৭১। রমণীর উচ্চহাসে, চকিতে উঠিল জাগি নবভয় ত্রাসে, ভয়ঙ্কর কারাগারে।—কথা ৩৮। ভূমিতলে, চকিতে পড়িল রাণী।—শিশু ৯৬। ২ একটু, কটাক্ষক্ষেপে। "চকিতে চাহিলে মাতা যাই নিজ পুর ক.চ ১০৩। —ত ক্রি-বিং চঞ্চলভাবে। "চমকি চলিল ধনি চকিত নেহারি (প.ক)। [°মাত্র—বিদ্যুৎস্ফুরণমাত্র-কাল। "ঐ সময় একবার বিদ্যুৎপ্রকাশ হওয়াতে পথিক সম্মুখে প্রকাণ্ড ধবলাকার কোন পদার্থ চকিতমাত্র দেখিতে পাইলেন ব.প্র ৩।]

চকীচকী বি [ধ্বন্যাত্মক ; অপ্র] রথচক্রের ধ্বনি। "রথের চকীচকী ম.বি ২০৬।

চকুবুহ বি [ধ্বন্যাত্মক ; তু 'সং চুকুবুঃ (√কৃ+লিট্ উস্) ; অপ্র] পক্ষীর কূজন। "পক্ষী সকল চুকুবুহ চুকুবুহ করিতেছে আ.দু ১৫৩।

চকুয়া বি [সং চক্রবাক ; ঠ চকবা >°য়া, অপ্র] চক্রবাক পক্ষী। "ব.প ৮৬। —কুই বি চক্রবাকী। "ব.প ৮৬।

চকেবা বি [দ্র 'চকুয়া' ; বৈষ্ণবসাহিত্যে] চক্রবাক। "কুচযুগ চারু চকেবা বি.প ২১। যুগ চকেবা (প.ক)।

চকো 'চো' '-চো-' বিং যাহা চকচক করে, অর্থাৎ তীক্ষ্ণ। "চকো ছুরী কাটারি শ্রী ১৯০। ব.প ৪০৭।

চকোআ বি [চকুয়া >°আ ; অপ্র] চক্রবাক। "গো.চ ১০৭।

চকোর পুং [√চক্+ওর (ওরন্)-ক, উ ১.৬৪] 'চন্দ্রকরপানে তৃপ্ত' ; পক্ষিবিশেষ। "চকোরাক্ষি রঘু ৬.৫৯ ; মত্তচকোরনেত্রা ৭.২৫। লোচন° গী.গো ১০.২। চিত্ত° সী ১৬। [কবিসিদ্ধান্তে ইহা প্রসিদ্ধ যে, চকোর চন্দ্রকর পান করে (জ্যোৎস্না পেয়া চকোরৈঃ—সা.দ ৭.২৩) এবং চন্দ্র-দর্শনে অত্যন্ত আনন্দিত হয়। কাব্যে চন্দ্রচকোরের রূপক প্রসিদ্ধ।] —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] চকোর-স্ত্রীজাতি। —র বি [চক্রবাক —'চক্র' >বা (স্বরাগমে) চকর >°র ; বৈষ্ণবসাহিত্যে] চক্রবাক। "বিঘটি কি ঘটল চকোরক জোর গো ১৪৭।

চকোরিণী বি [°র+ইনী, পদ্যে] ১ চকোরী। "জিনি শশধর, বদন সুন্দর, চকোরিণী চারি পাশে জ্ঞা ১১৪। চাঁদে মত্ত চকোরিণী ব.প ১৬২৯। ২ [দ্র '°রী (২) ; বৈষ্ণবসাহিত্যে] চক্রবাকী। "শোহে কুচ-যুগ, লাজে চকোরিণী ভোর রে।—ব ৬০।

চক্ক(ক্কো)র বি [সং চক্র >বা (স্বরাগমে) চক্কর ; হি, ঠ, গু চক্কর ; দ্র 'চক্র'] ১ চক্রাকার শ্রেণী ; গোল সা'র। "চক্কর দিয়ে বসা। ২ শঠতাপূর্ণ কৌশল ; ষড়যন্ত্র। "দশচক্করে ভগবান্ ভূত। ৩ মায়া, কুহক। "দাদা, ও গোআলনি নয় মএনার চক্কর গো.চ ২৫ ; জনোআর নয় গুরু গ্যাবের চক্কর ২৯৮। ৪ সর্পের ফণা। "বিষের সঙ্গে খোঁজ নাই কুলোপানা চক্কর জা ১৩। ৫ [ফা চর্খ্.—বৃত্তাকার গতি] ঘোরা, পাড়াঘোরা (round)। "চক্কর দে আসা।

চক্খু বি [সং চক্ষুঃ >প্রা চক্খু ; অপ্র] চোখ। "গো.চ ২৪৪,-৭৩। [°দান দিল—চোখ দিল। "গো.চ ১০৯।]

চক্র ক্লী [√কৃ+অ (ঘঞর্থে 'ক'),-ণ, নিপাতিত (অ.টী) ; ছান্দস; Av. chakhra ; ফা চরখ্—চক্র ; অর্দ্ধর্চ্চাদি ; তু 'চক্কল—কুণ্ডল, বর্ত্তুল (দেশী ৩.২০)] ১ রথাঙ্গ, চাকা। "°ভঙ্গ, রথ°, সপ্ত°। চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ।—হি ১.১৮২। ২ কুম্ভকারোপকরণ, কুমারের চাক। "পশ্য চক্রস্য মাহাত্ম্যং মৃৎপিণ্ডঃ পাত্রতাং গতঃ (সু.র)। ৩ চক্রাকার আয়ুধবিশেষ। দ্র 'শু ৪.৭.২১৬। "রঘু ৭.৪৬। ৪ সুদর্শন-চক্র। "°শালিনম্ (শার্ঙ্গিণম্) মাঘ ১২.৩। ৫ হস্তস্থিত চক্রাকার রেখা। "মাঘ ১২.৩। ৬ জলাবর্ত্ত, জলভ্রমি। ৭ বৃত্তাকার ব্যূহবিশেষ। ৮ আবর্ত্ত, ঘূর্ণি। "°বাত। খরপবন° ভ ১০.৭.২৪। পড়েছি ভবঘোর-চক্রে দা ৫৪। ৯ চক্রাকার বস্তুমাত্র; মণ্ডল। "অলাত°, নাভি°, সপ্তর্ষি°। কলাপ°।—ঋতু ২.১৪। এই সংসারের অনন্ত চক্র দয়া-দাক্ষিণ্যশূন্য ব.প্র ২০৭। ১০ দিগ্‌বলয়, দিঙ্‌মণ্ডল। ১১ তৈলযন্ত্র, ঘানি। ১২ নদীর বক্রগতি (বাঁক)। ১৩ পক্ষীর চক্রাকার উড্ডয়ন। ১৪ (জ্যোতিষে) রাশিচক্র। ১৫ (তন্ত্রে) মূলাধারাদি ষট্‌পদ্ম। "চতুর্দ্দলচক্র বি.সু ১৩১। ১৬ বর্ষাপর্য্যায়, বর্ষক্রম। ১৭ বৃত্ত (S.W.)। ১৮ কূটমন্ত্রণা, কূটবুদ্ধি, কপটকৌশল। "দেবচক্র না বুঝিবে মনুষ্য বর্ব্বর বি.পা ১৭০। বা.ম ২৪। তুই এলি একটা চক্র করি দা ২৭১; ১৬২৯। 'কি দারুণ চক্র!—ন ৯৫৮। ১৯ সৈন্য। ২০ সীমা, বিভাগ (department)। ২১ গণ, সমূহ, নিকর। "মকরোরগনক্র° ভ ২.৭.২৪; রাজন্য° ১০.৫৩.৫৬। যদুচক্রভয়হারী শ্রী.ম ১৩; রিপু° ১৫৫; রাজ° ১৬৫। চকোর° ব.প্র ৬০০। ২২ রাষ্ট্র, রাজ্য। ২৩ আজ্ঞা (নীলকণ্ঠ), রাজাদেশ। "তস্যাপ্রতিহতং চক্রং প্রাবর্ত্তত মহাত্মনঃ।—মহা ৩.১২৬.৩৬। ২৪ রাজপরিষদ্‌মণ্ডল। "চক্রং সেব্যং নৃপঃ সেব্যো ন সেব্যঃ কেবলো নৃপঃ (সু.র)। ২৫ গ্রামজাল, জনপদ, প্রদেশ, চাক্‌লা। ২৬ কার্য্যকারণভাবে পরিবর্ত্তমান বিষয়-পর্য্যায়। "এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ গী ৩.১৬। যাজ্ঞ ৩.১২৪। ২৭ পরম্পরাশ্রয়াশ্রিতসম্বন্ধ। "বৃত্তিচক্র।—পঞ্চ ১.৮৭। ২৮ শালগ্রামস্থিত বৃত্তাকার চিহ্ন। ২৯ দম্ভবিশেষ। ৩০ (সাদৃশ্যে ?) তগরপুষ্প। ৩১ সর্পফণা। "°ধর। যেমন চক্র ধ'রে এসে ফণী।—দা ২৭১। ৩২ (তন্ত্রে) মদ্যপায়ীর বা যোগিনীর মণ্ডল। "যোগিনীচক্রেতে বসি করায় আহার ব.প ১২৩১। —ক্র পুং [√চক্+র-ক, সংজ্ঞার্থে (অ.টী); তু 'চক্রবাক'—'চক্র' (শব্দাংশ)] চক্রবাক। "হংস চক্র-বিহরে বিস্তর ম ১২৬৬। চৈ.চ ৩৪৭। —ক্রক পুং (সাদৃশ্যে) দদ্রুরোগ। [°গতি (স্ত্রী)—আবর্ত্তন। °গ্রহণী (স্ত্রী)—সৈন্যনিগ্রাহিকা, মোর্চ্চা (নীলকণ্ঠ)। "মহা ৩.১৫.৬। °জীবক, জীবী (বিন্) পুং—কুম্ভকার। °তীর্থ (ক্লী)—প্রভাসস্থ তীর্থভেদ। °দহ (বি)—চাকদহ। "এবে চক্রদহে লোকে চাকদা কহয় ন.প ৭৭। °ধারা, °নেমি (স্ত্রী)—চক্র প্রান্ত, প্রধি। "নীচৈর্গচ্ছত্যুপরি চ দশা চক্রনেমিক্রমেণ উ.মে ৪৮। °নায়ক (পুং)—সৈন্যাধ্যক্ষ। °পাণি, °ভৃৎ, °হস্ত (পুং)—সুদর্শনধর বিষ্ণু। °পাল (পুং)—১ সেনাপতি। ২ প্রদেশাধ্যক্ষ। °বাত (পুং) —চক্রাকার বায়ু; ঘূর্ণিবায়ু। "বংশীধ্বনি চক্রবাত, নারীর মন তৃণপাত চৈ.চ ২১৯। °বাত্যা (বি)—সর্থ 'চক্রবাত'। "ন ৯৭০। °ব্যূহ (পুং) —চক্রাকারব্যূহবিশেষ। "ম ৮৩৬; ১২৭৮। °মর্দ্দ, -র্দ্দক (পুং) —চাকন্দা গাছ। °যান (ক্লী)—রথ, শকট। চক্র দেওয়া—চক্রাকারে পরিভ্রমণ করা; বেড় দেওয়া। "বরাহ অর্দ্ধেক বন চক্র দিয়ে শেষে একেবারে অদৃশ্য হয়ে গেল অ.গ্র ১৪।]

চক্রধর বিণ [ষ.ত; স্ত্রী -রা] ১ চক্রধারক। ২ চক্রবর্ত্তী। "চক্রধরা নৃপাঃ মহা ৩.৮৫.৭৮। —ধর পুং ১ সুদর্শনধারী বিষ্ণু। "রঘু ১৬.৫৫। ২ গ্রামজালী, গ্রামসমূহাধ্যক্ষ। ৩ অজগরসর্প।

চক্রবন্ধু, -বান্ধব পুং [ষ.ত] চক্রবাকের বন্ধু; সূর্য্য। [প্রসিদ্ধি যে, চক্রবাকমিথুন রাত্রিতে বিচ্ছিন্ন থাকে এবং সূর্য্যোদয়ে মিলিত হয়। তু 'চক্রবাকবধূ আমন্ত্রয়স্ব সহচরম্, উপস্থিতা রজনী শ ৩২।।]

চক্রবক্র বি চক্র ও বক্রতা; কূটকৌশল ও ছল; ফিকির, ফন্দি। "শিব বলে শত্রু কিছু চক্রবক্র আছে শি ৭০।

চক্রবর্ত্তী (-র্ত্তিন্) পুং [চক্র+ √বৃৎ+ইন্ (ণিনি) তাচ্ছীল্যে-ক-১ব; উ.ত] ১ যিনি চক্রে (দ্বাদশ রাজসমূহে) প্রভুভাবে অবস্থান করেন (অ.টী) সার্ব্বভৌম। "পুত্রম্...চক্রবর্ত্তিনমাপ্নুহি শ ১.১৩। ২ সমুদ্রপর্য্যন্তক্ষিতির অধীশ্বর। ৩ অধিরাজ, প্রধান, শ্রেষ্ঠ। "গিরি° কু.স ৭.৫২। ন্যাসী-চক্রবর্ত্তী ব.প ১১৬৯। ৪ ব্রাহ্মণের সম্মানসূচক উপাধিবিশেষ। "ম.ম ১৬৪।

চক্রবাক পুং [চক্রেণ চক্রশব্দেন উচ্যতে চক্রবাকঃ (অ.টী); ধ্বন্যাত্মক —'চক্র' (তাদৃশরব) বাক (ভাষা) যাহার (?) ; পক্ষিবিশেষ] কোক, চকা। "রা ৩.১৫.১৩। °বধূ শ ৩২।। স্তন° শৃ ১। যমুনাং চক্র-বাকিনীম্।—রঘু ১৫.৩০। চক্রবাকে পদ্ম আস্বাদয় চৈ.চ ৩৪৭। —বাকী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ্)] চক্রবাক-স্ত্রীজাতি, কোকী, চকী। "উ.মে ২২।

চক্রবাড়, -ল পুং [চক্র+ √বল্+অ (অণ্)-ক; ল>ড়, পৃষো; উ.ত] ১ 'ভূমিচক্রবেষ্টয়িতা', সদ্বীপসাগরা মহী প্রাকাররূপে বেষ্টন করিয়া স্থিত পর্ব্বত (অ.টী); লোকালোক পর্ব্বত। —ড়, -ল ক্লী [চক্রতুল্য বাল (বলয়) যাহার, বহুব্রী (অ.টী)] ১ মণ্ডলাকার দিক্-সমূহ; দিঙ্‌মণ্ডল, দিগ্‌বলয়। ২ মণ্ডল, মণ্ডলাকৃতিসমূহমাত্র। "কিরীট-হারাঙ্গদ চক্রবাল মহা ১.১৮৭.১৭; ২০। অর্চ্চিষাং চক্রবালম্।—রত্নাবলী ৪.১২। কৈরব-চক্রবাল (ভামিনীবিলাস)। ৩ গণ (S.W.)।

চক্রবান্ (-বৎ) বিণ [চক্র+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] ১ চক্রযুক্ত, সচক্র। ২ চক্রাকারবান্, বৃত্ত। —বান্ পুং 'সুদর্শনধর', বিষ্ণু। ২ চক্রবর্ত্তী, সার্ব্বভৌম। ৩ 'তৈলযন্ত্রবান্', তৈলিক। "মনু ৪.৮৪।

চক্রবাল দ্র 'চক্রবাড়'।

চক্রবিভেদিনী বিং ষট্‌চক্রভেদকারিণী (কুণ্ডলিনী)। "বি.সু ৪৮।

চক্রবৃদ্ধি স্ত্রী [ষ.ত] ১ চক্রের (চক্রাবর্ত্তনের ন্যায় মূলরূপে পরিগণিত বৃদ্ধির) বৃদ্ধি; সুদের সুদ (compound interest)। 'বৃদ্ধেবৃর্দ্ধিশ্চক্র-বৃদ্ধিঃ মনু ৮.১৫৩, কুল্লূক। ২ চক্রযুক্তশকটাদির ভাটকরূপ বৃদ্ধি; মাল বহার গাড়ীভাড়া। "মনু ৮.১৫৬।

চক্রাঙ্গ পুং [উ.বহুব্রী] ১ চক্রাঙ্গের (চক্রবাকগাত্রের) ন্যায় যাহার অঙ্গ; হংস। "মহা ৮.৪১.২১। ২ [বহুব্রী] 'চক্রাবয়ব', শকট। ৩ চক্রবাক। "মনু ৫.১২। —ঙ্গী স্ত্রী [°ঙ্গ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ হংসী। ২ হিলমোচিকা; মঞ্জিষ্ঠা; কর্কটশৃঙ্গী।

চক্রান্ত বি যাহাতে শাসনচক্রের অন্ত হয়; কুমন্ত্রণা, ষড়্‌যন্ত্র। "এ চক্রান্ত, কৃষ্ণনগরাধিপের উপযুক্ত নয়।—ন ৪৩২।

চক্রাবর্ত্ত পুং [উ.লো] ১ চক্রাকার আবর্ত্তন; ঘূর্ণন। "চক্রাবর্ত্তে ...মন্দির ফিরিয়া।—ম ১০৯৫। চক্রাবর্ত্তে ফিরে ক.চ ৫৮। ২ (বাঙ্‌লায়; অপ্র] ঘূর্ণিবায়ু। "বায়ুভূত হৈয়া আল্য যেন চক্রাবর্ত্ত ব.প ৭৭৬।

চক্রাবলী বি উপর-কানের চক্রাকার ভূষণ। "বি.পা ৮৭।

চক্রায়ুধ পুং [বহুব্রী] ১ চক্রাস্ত্রধর, বিষ্ণু। "মহা ১.১৯.৬। ২ চক্রাস্ত্র-ধারী যোধ; চক্রযোদ্ধা।

চক্রাশ্ম (-শ্মন্) ক্লী যাহা দ্বারা ঘুরাইয়া বৃহৎ শিলাখণ্ড অতিদূরে নিক্ষেপ করা যায়, তাদৃশ কাষ্ঠময় যন্ত্র (নীলকণ্ঠ; sling)। মহা ১.২২৭.২৫।

চক্রাহ্ব, -হ্বয় পুং [চক্র আহ্বা আহ্বয় যাহার বহুব্রী] 'চক্রনামা' চক্রবাক। "(বাপ্যাঃ) জুষ্টাশ্চক্রাহ্বসারসৈঃ ভ ৪.৯.৬৪।

চক্রিক বিণ [চক্র+ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী -কা] চক্রবান্, চক্রধারী।

—ক পুং ১ চক্রধারী পুরুষ (M.W.)। ২ [তু 'চক্রী'] (বাঙলায়) শবর, চণ্ডাল। "শি ৪৫। —কা স্ত্রী 'চক্রাকার অস্থিযুক্তা', জানু।

চক্রিকা দ্র 'চক্রিক'।

চক্রী (-ক্রিন্) বিণ [চক্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ক্রিণী] ১ সর্থ 'চক্রিক (বিণ)'। "গী ১১.১৭। ২ চক্রযুক্তরথাদিযানারূঢ়। "মনু ২.১৩৮। ৩ মণ্ডলাকৃতি, বৃত্ত। "হিয় চক্রী কুচ ব ১১৬। ৪ কূটবুদ্ধি, সূচক, খল। ৫ (বাঙলায়) কূটকৌশলী, চক্রান্তকারী। "সকল চক্রের চক্রী চক্রপাণি দা ৫৪। —ক্রী পুং ১ সুদর্শনধর, বিষ্ণু ; কৃষ্ণ। "মাঘ ১৩.২২। চক্রীর চক্রেতে ম ৯৬০। চক্রীর কে বুঝে চক্র দা ২২৯। ২ চক্রবাক। ৩ 'চক্রযুক্ত', সর্প। ৪ 'তৈলযন্ত্রবান্', তৈলিক। "যাজ্ঞ ১.১৪১। ৫ কুম্ভকার। ৬ চক্রবর্ত্তী, সার্ব্বভৌম। ৭ গ্রামজালিক, গ্রামসমূহাধ্যক্ষ। ৮ ঐন্দ্রজালিক, বাজিকর। ৯ কাক। ১০ গর্দ্দভ। ১১ চক্রমর্দ্দ, চাকুন্দা। ১২ বৈশ্যায় শূদ্র হইতে জাত সঙ্কীর্ণ জাতি-বিশেষ (ত.বা)। ১৩ শিব। "মহা ১৩.১৪.১৫৪। ১৪ (বাঙলায়) উপর কানের চক্রাকার ভূষণ ; কানবালা (?)। "সুবর্ণের চক্রী ঊর্দ্ধ শ্রবণেতে দিল ব.প ১২৯২। —ক্রিণী স্ত্রী [চক্রিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ দুর্গা। "ক.চ ৭২। ২ [বাঙলায় ; অপ্র] শকট, গাড়ী। "বিচিত্র চক্রিণী।—হেম ৩২৪।

চক্রীবান্ (-বৎ) পুং [চক্র+বৎ (বতুপ্)-১ব, নিপাতিত, পা ৮. ২.১২ ; '°বান্'—চক্রযুক্ত (বৈদিক)] গর্দ্দভ। "মাঘ ৫.৮।

চক্রু বি [সং চক্র ; অপ্র] চক্রবাক। "জলজ্ঞানে পিল চক্রু পাখী ম.ম ৭।

চক্রেশ, -শ্বর পুং [ষ.ত] চক্রাধিপ, চক্রবর্ত্তী। "চক্রেশঃ পুনরিন্দ্রতাম্ ...বাঞ্ছতি (সু.র)।

চক্ষ্ সক [অদা, আ—চষ্টে ; সেট্] ১ কথন। ২ দর্শন। [আ—কথন। প্রতি-আ—প্রত্যাখ্যান, নিরাকরণ। বি-আ—ব্যাখ্যান। প্র—প্রকীর্ত্তন, প্রকথন। "মনু ২.১৭।]

চক্ষণ স্ত্রী [√চক্ষ্+অন (ল্যুট্)-ভা] ১ কথন। ২ [+অন-র্ম্ম] অবদংশ, সুরাপানাদিরোচক খাদ্যবিশেষ ; চাখনি, চাট।

চক্ষু বি [সং চক্ষুঃ ; (ছান্দস) চক্ষু—চক্ষোঃ সূর্য্যো অজায়ত (ঋগ্বেদ ১০.৯০.১৩) ; সহস্রচক্ষো।—অথর্ব্ববেদ ৪.২০.৫ ; প্রা চক্খু ; হি, গু চক্ষু ; তু 'চখুদান' (অশোক-অনুশাসন)] চোখ। [°কোণ—অপাঙ্গ, কটাক্ষ। "কোটি কাম জন্মিতেছে তব চক্ষুকোণে ম ১৬। চক্ষু কর্ণের বিবাদ ঘুচান—কোন বিষয় স্বচক্ষে দেখিয়া ও স্বকর্ণে শুনিয়া সন্দেহ মিটান। "হেম ১৩৩। চক্ষু খাওয়া—দৃষ্টিশক্তিহীন হওয়া ; গালি-বিশেষ। "চক্ষু খায়ে তবু লোক কত কথা কয় লো ভা.চ ৬৮৪। চক্ষু চাপা—চক্ষুর পাতা ঈষৎ নিমীলিত করিয়া নিষেধার্থ সঙ্কেত করা। "শি ২৮। শ্রী ১২০। চক্ষু-ঠারা—চক্ষু দ্বারা কৃত সঙ্কেত ; চোখের ভাব-ভঙ্গি। "ভুলিব না তোর চক্ষুঠারায় দা ৫৬৯। চক্ষু ফুটান—চক্ষু উন্মীলিত করা। "আমার হৃদয়ের মধ্যে চক্ষু ফুটাইয়া দে...নারীজন্ম সার্থক করি ব.প্র ১৯৯। চক্ষুশোকী—দর্শনে শোক-যুক্ত ; চোখখাগী, গালিবিশেষ। "মোরে বুড়ী বলে চক্ষুশোকী। —ম.ম ১৭৮। চক্ষু স্থির হওয়া—ভয়ে বা বিস্ময়ে চক্ষু নিস্পন্দ হওয়া, অর্থাৎ মৃতবৎ হওয়া। চক্ষে চক্ষে থুয়ে—শাঁখার মুখে আঁকা চোখে চোখে মিল করিয়া। "(শঙ্খ) গাছি গাছি গুছাইল চক্ষে চক্ষে থুয়ে শি ১০৪। চক্ষে ধূলা দেওয়া—দৃষ্টিশক্তি, অর্থাৎ দর্শনজন্য বিচারশক্তি লোপ করা। "কেবল চটক দেখাইয়া মহাজনের চক্ষে ধূলা দেয় আ.দু ২৮। চক্ষের বালি—যাহার দর্শন চোখের বালির ন্যায় পীড়া-জনক, তাদৃশ ব্যক্তি। "সকুন্তা চক্ষের বালি বনবাস দে।—শ্রী.মা ১২৩। চক্ষের বিষ হওয়া—বিষবৎ চক্ষুর জ্বালাজনক হওয়া। "লী ১৩।]

চক্ষুঃ (-ক্ষুস্) ক্লী [√চক্ষ্+উস্ (উসি)-ণ, উ ২.১১৮ ; ছান্দস] ১ 'দর্শনসাধন', নয়ন, চোখ। "মৈত্রেণেক্ষস্ব চক্ষুষা।—রা ১.৫২.১৭। কৃষ্ণসারে দদচ্চক্ষুঃ শ ১.৬। কাণেন চক্ষুষা কিম্ হি ১২ (কথারম্ভ)। পাপচক্ষুঃ মে ২৭৬। °পাত ব.প্র ৮১। ২ (চক্ষুঃসাদৃশ্যে) জ্ঞানমাত্র-সাধন। "নয়° রা ১.৭.১৬ ; ধর্ম্ম° ২.১১১.২২। বেদশ্চক্ষুঃ মনু ১২.৯৪। দিব্যম্...চক্ষুঃ গী ১১.৮ ; জ্ঞান° ১৫.১০। চার°।—বিষ্ণু ৩.২০। ৩ দৃষ্টিশক্তি। "মনু ৪.৪১,-২। ৪ তেজঃ (ত.বা)। [°পীড়া (স্ত্রী) —চক্ষুর কষ্ট। "হি ১২ (কথারম্ভ)। °শূল (বি)—শূলবৎ চক্ষুর পীড়াকর বস্তু। "তুমি অলঙ্কার পরিয়াছ, আমার চক্ষুঃশূল হইয়াছে ব.প্র ৮১। °শ্রবাঃ (-বস্) পুং —যাহার চক্ষু শ্রবণ ; সর্প। "নৈ ১.২৮। কি ১৬.৪২। চক্ষুঃ স্থির হওয়া—দ্র 'চক্ষু'। "এই সংবাদে বুকদাবা পাইয়া তাঁহার একেবারে চক্ষুঃ স্থির হইয়া গেল আ.দু ১৫১। চক্ষুঃ স্থির ! —হতবুদ্ধি অবাক্। "কহে সত্যভামা—'তবে প্রেম-অভিনয়। দেখিবে কি ভগিনীর ? এইবার চক্ষুঃ স্থির !'—ন ৯২৮।]

চক্ষুদান বি ১ সর্থ 'চক্ষুর্দান'। ২ দৃষ্টিশক্তিদান। "অঞ্জন শুনিলে সে পায় চক্ষুদান ম ৮১৯। ৩ কার্য্য দ্বারা কাণ্ডজ্ঞান জন্মান। [চক্ষুদান দেওয়া—চক্ষু অঙ্কিত করা। "দুটি চক্ষুদান দিল দিয়া চুণ কালী শি ৭৬।]

চক্ষুর্দান ক্লী [ষ.ত] মন্ত্রোচ্চারণপূর্ব্বক প্রতিমার চক্ষুতে ঘৃতকজ্জলদান-রূপ বিধিবিশেষ।

চক্ষুর্বিষয় পুং [ষ.ত] ১ নেত্রগোচর স্থান ; দৃষ্টিপথ। "মনু ২.১৯৮। তেষু চক্ষুর্বিষয়মতিক্রান্তেষু।—হি ১৩৬। ২ নেত্রগ্রাহ্য বস্তু ; রূপ।

চক্ষুলজ্জা বি ১ চক্ষে চক্ষে দেখা-দেখি হেতু লজ্জা ; প্রত্যক্ষদর্শনজন্য সঙ্কোচবোধ। "শুনেছি আছ সর্ব্ব ঘটে, চক্ষে দেখিলে লজ্জা ঘটে, জলে আছ,—তায় চক্ষুলজ্জা নাই।—দা ২৬০। ২ সামনে বা দেখাদেখি কিছু করিতে বা বলিতে লজ্জাবোধ। "দলাদলিতে তবুও কতকটা শাসন থাকে ; সুতরাং লোকের কতকটা চক্ষুলজ্জাও থাকিয়া যায় পা.প্র ২০৭। [চক্ষুলজ্জায় পড়া—চক্ষুলজ্জা পাওয়া। "বড়মানুষ কুটুম্ব ও আলাপী অনেক আছে বটে, কিন্তু তাহাদিগের নিকট চক্ষুলজ্জা বা দায়ে পড়ে... কখন কখন যাই আ.দু ৪০।]

চক্ষুষ্মত্তা স্ত্রী [°ষ্মৎ+তা (তল্)] চক্ষুষ্মদ্ভাব, চক্ষুঃফল। "চক্ষুষ্মত্তা তু শাস্ত্রেণ রঘু ৪.১৩। —ষ্মান্ (ষ্মৎ) বিণ [চক্ষুস্+মৎ (মতুপ্) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -ষ্মতী ; ছান্দস] ১ প্রশস্তনেত্রবান্। ২ নেত্রবান্। বিপ 'অন্ধ'। "চক্ষুষ্মাংশ্চ ভবিষ্যসি মহা ১.৩.৭৩। চক্ষুষ্মতাং প্রীতিঃ রঘু ৪.১৮। চক্ষুষ্মতান্ধা ইব নীয়মানাঃ ভ ৫.১.১৫। ৩ তীক্ষ্ণদৃষ্টি।

চক্ষুষ্য বিণ [চক্ষুস্+য (যৎ) ; স্ত্রী -ষ্যা] ১ চক্ষুর্হিতকর, নেত্রোপ-কারক। ২ সুভগ, প্রিয়দর্শন। ৩ [+য] চক্ষুর্ভব, নেত্রজাত। "চক্ষুষ্যঃ খলু মহতাং পরৈরলজ্যঃ মাঘ ৮.৫৭। —ষ্য পুং ১ প্রিয়। দ্র 'চক্ষুষ্য বিণ (৩)। ২ কেতকবৃক্ষ ; পুণ্ডরীকবৃক্ষ। ৩ রসাঞ্জন ; খর্পরীতুথ ; সৌবীরাঞ্জন।—ষ্যা স্ত্রী ১ সুভগা, প্রিয়া। ২ কুলখিকা।

চক্ষুষ্মান্ বিং [সং চক্ষুষ্মান্ ; অসাধু] নেত্রযুক্ত, দৃষ্টিশক্তিবিশিষ্ট। "চক্ষুষ্মান্ হয় তবে দেখিবারে পায় ভ.গ্র ২৮১ ; ৩৫৫।

চক্ষূরাগ পুং [ষ.ত] ১ নেত্রপ্রীতি, নেত্রাকর্ষক অনুরাগ। "পুরশ্চক্ষূ-রাগস্তদনু মনসোঽনন্যপরতা মা.মা ৬.১৫। চক্ষূরাগঃ কোকিলেষু ন পরকলত্রেষু (কাদম্বরী)। ২ চক্ষুর লৌহিত্য।

চক্ষূরোগ পুং [ষ.ত] নেত্ররোগ (ophthalmia)।

চখা বি [দ্র 'চকা'] চক্রবাক। "নীরব চখা-চখীরা।—শিশু ৯ ; ৪৭। চখা আর চখী স্ব.প্র ৩৩। —খী বি চক্রবাকী।

চখু বি [দ্র 'চউক' ; অপ্র] চক্ষু। "শ্রী.কী। [চখুত, -তে—চক্ষুতে (শ্রী.কী)।]

চঙকি ক্রি [বৈষ্ণবসাহিত্যে] চমকিয়া, চঞ্চল হইয়া। "চঙকি চলয়ে খন খনে চলু মন্দ ব.প ১০০৬। চৌদিশে চঙকি, চঙকি করু চুম্বন. চঞ্চরিচয় বনমাল জ.প ১৩।

চঙর‍্যাভঙর‍্যা বিং ['চেঙড়া'—মূল ?; ঠ চংগ—নিপুণ] যুদ্ধকুশল (?)। "কালুর রমণী এল করে বীর দাপ। চঙর‍্যাভঙর‍্যা সেনা সভে চুপ চাপ॥ —শ্রী.মা ১৯৩।

চঙ্ক বি [চমক >চঙক >°ঙ্ক; বৈষ্ণবসাহিত্যে] ১ দীপ্তি, প্রভা। "ঝলকত বিজুরী নয়ন তরু চঙ্ক গো ১৩৮; ব.প ১০৩৪। ২ [সং চক্র >প্রা চক্ক, *চংক; অপ্র] চক্র। "বন্দী কৈল ভরত রথের পাইল চঙ্ক ব.প ৭৪১।

চঙ্ক্রমণ ক্লী [ক্রম্+য (যঙ্)— √চঙ্ক্রম্ (যঙ্‌লুক্)+অন (ল্যুট্)-ভা] অতিশয় বা পুনঃ পুনঃ গমন বা ভ্রমণ। "জানুচঙ্ক্রমণ প্রভু করে এ অঙ্গনে ন.প ৯৪। ২ পরিভ্রমণ, পর্য্যটন। "বিষং চঙ্ক্রমণং রাত্রৌ (চাণক্য)। ভ ১.১০.২৬। চক্রনিভ° নৈ ১১৪৪। ৩ অতিবেগে গমন। ৪ উল্লম্ফন। "দীর্ঘতর° ।—পঞ্চ ৪$\frac{1}{2}$$\frac{1}{8}$।

চঙ্গ[1] বিণ [চংগ—সুন্দর (দেশী ৩.১)] ১ সুন্দর, রম্য। "নিসর্গ° ক.ম ১.৩১। ২ [ঠ চংগ—চতুর] দক্ষ। —ঙ্গ বি [হি চঙ্গা] (বাঙলায়) সুস্থ; বলবান্ সৈন্য। "ভিড়নে চলিল চঙ্গ বাইশ হাজার ক.চ ২৬৪।

চঙ্গ[2], **-ঙ্গড়ক** '-ঙ্গ' বি [ফা চংগ্] বীণাবিশেষ। "°ঙ্গ দ্রু ১৩; ৩৩। °ঙ্গ ন.প ১৫১; চঙ্গড়ক ২০৫।

চচ্চড় বি [ধ্বন্যাত্মক; হি চরচর; তু 'সং √চট্—ভেদন] ১ কাঠ ফাটার শব্দ। "কাঠ চচ্চড় ক'রে ফাটে। ২ অগ্নিতাপে জলীয়াংশ শুষ্ক হওয়ার শব্দ। "চচ্চড়ি চচ্চড় করিয়া শুখায়। বন চচ্চড় করিয়া পোড়ে। ৩ ফাটিয়া যাওয়ার বোধ (sensation)। "শীতে পা চচ্চড় করিয়া ফাটে। [চচ্চড়ান, -নি—চচ্চড় শব্দ করা। চচ্চড়ে রোদ—যে রোদে কাঠ চচ্চড় করিয়া ফাটে; প্রচণ্ড রৌদ্র। চচ্চড়ে পিঁপড়ে—যে পিঁপড়ায় কামড়াইলে ক্ষত স্থান চচ্চড় করে; চরচা পিঁপড়ে। চচ্চড়ী—দ্র 'চড়চড়ী'। অনভ্যাসের ফোঁটা কপাল চচ্চড় করে—অনভ্যস্ত বিষয় আপাততঃ অস্বস্তি জন্মায়।]

চঞ্চরি, -রিক বি [সং °রী, -রীক] ভ্রমর। "চঞ্চরিগণ করু রোলে বি.সা ৩৫৫। চঞ্চরিচয় জ.প ১৩; °রি ৩৫। °রিক শ্রী.ম ৮৭। গুঞ্জে চঞ্চরিক জ ১।

চঞ্চরী স্ত্রী [তু 'চংচরীঅ'—ভ্রমর (দেশী ৩.৬)] ভ্রমরী। "চঞ্চরীগণ করু বোলে বি.প ১৪৬। °কুল গো ২৩৬। —রীক পুং ভ্রমর। চিত্ত-চঞ্চরীক বি.মা ৩$\frac{1}{8}$। °রমণীয়া কেশপাশচ্ছটা বা.ভা ২.৫০।

চঞ্চল বিণ [√চল্+য(যঙ)— √চঞ্চল্ (যঙ্‌লুক্)+অ(অন্)-ক (মুগ্ধবোধ); √চঞ্চ্+অল (অলচ্)-ক] ১ অতিশয় বা পুনঃ পুনঃ চল; অস্থির, চপল, তরল। "(শক্তিঃ) নাগজিহ্বেব চঞ্চলা (মহা)। চঞ্চলং হি মনঃ গী ৬.৩৪। ভোগাঃ…সৌদামিনীচঞ্চলাঃ (ভর্ত্তৃহরি)। ২ অনবস্থিত। ৩ নশ্বর, ক্ষণিক। "সর্ব্বমালোক্য চঞ্চলম্ ক.সা ৫.১২৬। ৪ কম্পমান, চলিত। ৫ [বাঙলায়; অপ্র] শীঘ্র। "গড় বেড়ে চৌদিকে চঞ্চল দিল থানা শ্রী ২১৮। —ল পুং ১ বায়ু। ২ কামুক, লম্পট। ৩ [বাঙলায়; অপ্র] অস্থিরমতি ব্যক্তি; অপরিণামদর্শী, ছেলে মানুষ। "চঞ্চলের বুদ্ধ্যে আজি প্রাণ সে হারাই: আমি নহিয়ে চঞ্চল চৈ.ভা ২৫২। —লা স্ত্রী ১ বিদ্যুৎ। "চঞ্চলা চঞ্চলা দেখি হাস্যের ভঙ্গিমা ভা.চ ১৭৬। নিরখি রূপ গগনে চঞ্চলা চঞ্চলা দা ১৮৯১। কত দ্রুত…চঞ্চলা চলয় স.শ ১৫৩। ২ লক্ষ্মী। [চঞ্চল টাকা—যে টাকা বস্তুত কাহারও নয়, সর্ব্বদা হাতে হাতে ফেরে। "সেই চঞ্চল টাকা…দেশসেবকদের সেবায় যদি লাগে, তা হ'লে তা'কে নিন্দা করলেই সে কি নিন্দিত হবে ?—ঘ ২০৮।]

চঞ্চলিত বিং [সং চঞ্চল; তু 'চলিত'] ১ অস্থির। "চঞ্চলিত মন ব.প ২৬৯। ২ অতিদ্রুত বাদিত। "চঞ্চলিত বীণার তারে যৌবন মোর উঠল কেঁপে কেঁপে প.কা ৪৭।

চঞ্চলায়মান বিং [তু 'শঙ্কায়মান'; অপ্র] কম্পমান। "রোমাঞ্চ সঙ্করে চঞ্চলায়মান গাত্র চৈ ১১৮।

চঞ্চা স্ত্রী ১ নলাদিরচিত আস্তরণবিশেষ; চাঁচ। "চৌখণ্ড চঞ্চার ঘর বি.পা ২৫৪। ২ তৃণময় পুরুষ বা পুতুল। "পা ৫.২.৯৮, সি। ৩ চঞ্চাতুল্য মনুষ্য (ঘৃণায়)।

চঞ্চু পুং [√চঞ্ গতি+উ-ক] ১ মৃগ। ২ এরণ্ডবৃক্ষ। ৩ 'খ্যাত' অর্থে প্রত্যয়। তু 'চুঞ্চু'। "অক্ষর° (অ.চি)। ললিতে বিশ্রাম্যতু তবেয়ং…বচনচঞ্চুতা বি.সা ৪$\frac{1}{2}$$\frac{1}{8}$। —ঞ্চু, -ঞ্চূ স্ত্রী [°ঞ্চু+বিকল্পে স্ত্রী উ (উঙ্)] ত্রোটি, পক্ষীর তুণ্ড (ঠোঁট)। [°চুম্বন (বি)—চঞ্চু দ্বারা কৃত চুম্বন। "ঘন চঞ্চুচুম্বনের অবসরকালে চ.কা ২১১। °পুট, -টক (পুং) —চঞ্চুপাত্র, সংযোজিত চঞ্চুদ্বয়। "ন পতন্তি চঞ্চুপুটকে স্তিত্রাঃ পয়োবিন্দবঃ (চাতকাষ্টক)। °ভৃৎ (পুং)—'চঞ্চুধারক', পক্ষী। °সূচি, -চিক (পুং)—কারণ্ডবপক্ষী।]

চট্ সক [ভ্বা, প—চটতি; সেট্] ১ ভেদন। ২ বর্ষণ। ৩ আবরণ। —ট্ সক [চু, প—চাটয়তি; সেট্] ১ ভেদন। ২ বধ। "চাটয়তি শত্রুং শূরঃ (ক.ক)। [উদ্—উচ্চাটন, অপসারণ, উত্রাসন।]

চট[1] বি [সং 'কট'—মূল (?); হি, ঠ চটঈ; ড় চট; চট (নাটোর) —মাদুর] পাটের বা শণের সুতার মোটা কাপড়বিশেষ (gunny)। "চটের চান্দয়া খসায় চটের মসারি বি.পা ২২১। চটের ভুনি ম.ম ১৩০,-৩২।

চট[2] ক্রি.বিং [সং ঝটিতি >ঝাট, ঝট, চট; হি চট] শীঘ্র। "যা, চট যা অ.গ্র ৮৫। —ট বি ১ ক্ষিপ্রতা। "চট চট করে বলুন স.এ ১২। ২ [ধ্বন্যাত্মক] চড়-চাপড়ের শব্দ। "চট চট…শব্দ—রঙ্গ ১১১। [চটকিয়া—চট করিয়া। "গো.চ ১৫৪।]

চট[3] অর্ম্ম [সং √চট্, হি √চটচটা—চটচট শব্দে ফুটা ধ্বন্যাত্মক] ১ চট শব্দে ভিন্ন হওয়া বা ফাটা; চিড় খাওয়া। "আগুনের তাপে হাঁড়ি চটে। ২ ক্রুদ্ধ হওয়া; রাগ করা। —টা সর্ম্ম [°ট+আ[b]] ফাটান; রাগান। [চটা[1]—১ সর্থ 'চট'। ২ স্ফুটিত, ফাটা; ক্রুদ্ধ, রাগী। "চটা মেজাজ। ৩ কাষ্ঠাদির চটিত অংশ; চাকলা, চালা। "চটা উঠা। ৪ বাঁশের চটিত (ফাড়া) অংশ; বাকারি (চব্বিশপরগনা)। চটাচটি —রাগারাগি। চটান—সর্থ 'চটা'। বাজি চটা—দাবা খেলায় উভয় পক্ষ সমবল হওয়া। রঙ চটা—রঙ শুখাইয়া ফাটা। চটকিয়া—১ লাফাইয়া। "গো.চ ২১০। ২ টুটিয়া ফাটিয়া। "গো.চ ৩৩৭। ম.গা ১০।]

চটক[1] পুং [√চট্+অক (বুন্)-ক; স্ত্রী -কা] কলবিঙ্ক, চড়া পাখী। —কা স্ত্রী ১ চটকস্ত্রী, চড়ী। ২ শ্যামাপক্ষী।

চটক[2] 'ক্' বি [হি চটক; ঠ চটক—কৌশল; গু চটক—টকটকে লাল] ১ কান্তি, সৌন্দর্য্য, সৌষ্ঠব। "চটকের রূপে মন চটা যার ব.সু ৩৬। চেহারার চটক দেখে কে ?—ন.ত ৪। ২ আড়ম্বর, ভড়ং। "দা ১৮০। চটক দেখাইয়া মহাজনের চক্ষে ধুলা দেয় আ.দু ২৮; চটকের জন্য কোন কর্ম্ম করেন না ৪৩। ৩ বাহার, শোভা, চাকচিক্য। "সুন্দর কটক, চটকে তাটক, লাগল কামের আঁখি রা.শে ৭৩। ৪ শীঘ্রতা, ফুর্ত্তি। "গিয়ে চর চটকপায়, বৌবাজারে রূপকে পায়। —দা ২১০৩। ৫ মোহজনকতা, মনোহারিত্ব। "কি চেহারার চটক! —নী ২৭। [°দার (হি °র)—চমকদার, জমকাল। "চেহারাখানা চটকদার এখন দেখাচ্ছে—কেমন? —অমৃতলাল বসু। চটকি—চটকওয়ালা, আড়ম্বরপূর্ণ। "চটকি প্রবন্ধ শ্রী.ম ১২৮। চটুকে—আড়ম্বরপ্রিয়। "তিনি চটুকে মানুষ নহেন আ.দু ৪৩।]

চটকা[১] বি [চটক > °কা ; °কী (স্ত্রীলিঙ্গ), দ্র 'আ[১৩]; অপ্র] চটক। —কিনী বি [°ক+ইনী ; পদ্যে] চটক। "যৈছে চটকিনী বোলই।—ব ৬০। —কী বি চটকা। "চটকা চটকী শ্রী ৫৬।

চটকা[২] বি [ঠ চটকা—পীড়া, যন্ত্রণা ; হি চটকা—শীঘ্রতা ; গু চটক —পীড়া, কষ্ট] ১ যন্ত্রণাজন্য অবসাদ ; কষ্ট হেতু নির্জীব ভাব। ২ ঘুমের ঘোর ; নিদ্রাবেশ। ৩ অন্যমনস্কতা। [চটকা-ভাঙা—১ অবসাদের বা নিদ্রাবেশের অবসান। ২ অবসাদহীন, সজীব, তেজাল; নিদ্রাবেশহীন।]

চটকা[৩] সর্ম্ম [সং √চট্—ভেদন ; হি √চটকা—ছিন্ন করা] দলিত বা মর্দ্দিত করিয়া গ্রন্থিহীন করা ; পেষণ করা ; ডলা, মলা, ঘাঁটা। [চটকান—১ সর্থ 'চটকা'। ২ পিষ্ট, দলিত, মর্দ্দিত।]

চটকাল '-লো' বি [চটক[২]+আল[৮] ; হি চটকীলা] ১ চটকওয়ালা, খোলতা(রঙ)। ২ আভাযুক্ত, চমকদার। ৩ ঘোরাল, মজাদার (স্বাদ)। ৪ চটকা-ভাঙা, সজীব, তেজাল।

চটচট '-ট্-ট্' বি [সং চটচটা ; হি 'ট ; ঠ °ট—ছড়ি বা চাবুক মারার শব্দ ; ধ্বন্যাত্মক] ১ চড়মাড়ার শব্দ। "চটচট চাপড় ক.চ ১৩৯। চাপড়ের চটচট শি. ৮০। (করাঘাত মুষ্টিকপ্রহার) চটচট শব্দে বাজে ম ১৮৭। পিটে চটচট চাপড় পড়িত আ.দু ১৪৫। ২ বেত্রাদির আঘাতের শব্দ। "চটচট শব্দে চৌদিকে বহে ছাট ব.প ৬৭৭। চটচট শব্দে চৌদিকে পড়ে ছাট ম ৩১৮। চটচট…শব্দ।—রঙ্গ ১১১। ৩ গদার ঘাতপ্রতিঘাতের শব্দ। "গদায় গদায় পুন॰…চটচট শব্দ অনুপাম শ্রী.ম ২২৮। ৪ মুষ্টিঘাতের শব্দ। দ্র 'চটচট (১)। ক্রুদ্ধ হইয়া করে বীর মুষ্টির প্রহার। চটচট শব্দ শুনি…॥ ম.বি ৬৪। ৫ পয়জার বা চটিজুতার প্রহারের শব্দ। "পয়জার চটচট বি.সু ১০২। ৬ চটিজুতার শব্দ। ৭ আঠার বা তেলচিটার আঁট-আঁট-ভাব। "আটা চটচট করে। —চটি, টী বি [°ট+ই[১৩]] ১ সর্থ 'চটচট (২)। পড়ে ছাট লাগে চটচটি কু ৩৬৬। বাড়ির চটচটি ব.প ৫০৬। ২ সর্থ 'চটচট (৫)। "চর্ম্মপাদুকার চটচটি ভা.চ ২৭১। ৩ বাণের ঘাতপ্রতি-ঘাত শব্দ। "বাণের চটচটি কৃ.উ ৬৪ ; বাণের…উঠে চটচটি ২৫১। চটচটি শব্দ বাণ ম.বি ২০৪। ৪ বাহ্বাস্ফোটনের শব্দ। "ঘোর চটচটী, দোঁহার আস্ফোটী ম ২৯১। ৫ লাঙ্গুলতাড়ন শব্দ। "লাঙ্গুলের চটচটি বা.দ ৯১। ৬ [হি চটপটী] ব্যাকুলতা, ঔৎসুক্য। "নৈবেদ্য দেখিয়া সব পেয়াদার চটচটি ম.ম ৫৭। [চটচটে—আঠাযুক্ত, আঠাল।]

চটচটা ব্য [ধ্বন্যাত্মক] ১ গদার পরস্পর আঘাতশব্দ। "°শব্দ মহা ৩.১৪৩.১৮। ভ ১০.৭২.৩৬। প্রহারবেগে রণস্থলে ঘোরতর চটচটা শব্দ উঠিল।—কালীপ্রসন্ন সিংহ। ২ মুষ্টিঘাতশব্দ। "(মুষ্টিভিশ্চাপি জঘ্নতুঃ) ততশ্চটচটাশব্দঃ…হ্যভবৎ তয়োঃ মহা ১.১৯০.২৬। ৩ অগ্নিতাপে কাষ্ঠভেদশব্দ।

চটচাট বি [ধ্বন্যাত্মক] চড়চাপড়ের শব্দ। "চটচাট শুনি চড়চাপড় নির্ঘাত শি ৭৯।

চটপট ক্রি.বিং [চট[২]+পট (পদ ?), হি, ঠ, গু, মৈ—চটপট] শীঘ্র তাড়াতাড়ি। "চটপট পাক করে দি শ্রী.মা ৬৩ ; চটপট চলিল ৬৭ ; ১২৭। চটপট চন্দ্রচূড় চলে শি ১৯ ; সেরে চটপট ৮০ ; ৮২ ; ১০৮।

চটপটে, -পোটে বি [°পট+এ[৮] ; ঠ °পটী, -ট্যা—চতুর ; উৎসাহী] ১ কার্য্যতৎপর, উদ্যোগী। ২ চালাক, চতুর। ৩ যে চটপট বলে ; বলিতে-কহিতে তৎপর ; মুখফোঁড়। "অধ্যাপকের মধ্যে একজন চট-পোটে ব্রাহ্মণ উঠিয়া বলিলেন,—'তুই বেটা কেরে?'—আদু ১৩৪।

চটা[১] দ্র 'চট[৩]'।

চটা[২] বি বক্রীকৃত বাঁশের বাকারির চটিত (ফাটা) ত্বক্ ; চেঁচাড়ি, চাকলা। "এত বলি ঈষৎ আবেশে বাঁশ গোটা। টানিয়া টঙ্কার দিতে পিঠে উঠে চটা॥ —শ্রী ২২।

চটাচট বি [ধ্বন্যাত্মক ; হি °ট—ফাটার শব্দ ; ঠ °ট—বেত মারার শব্দ] ১ বাহ্বাস্ফোটনের (তাল ঠোকার) শব্দ। "চটাচট…বাহুর আস্ফোটে।—রঙ্গ ২৩। ২ জুতামারার বা চড়ের শব্দ। "জুতো চড় চটাচট !—হেম ৩৮৪। ৩ অস্ত্রের চোটহানার শব্দ। "চটাচট চৌদিকে চাপিয়ে হানে চোট শ্রী ২২৫। ৪ অগ্নির তাপে কাঠ-কয়লা ফাটার শব্দ।

চটাৎ, -টাশ বি [ধ্বন্যাত্মক] জোরে চড় মারার শব্দ। "চটাশ করে চড় মারা। (মশার) কটাশ কামড়, চটাশ চাপড়।

চটাপট বি [ধ্বন্যাত্মক] বেত্রাদির আঘাতের বা চড়চাপড়ের শব্দ। "গুরুমহাশয়ের পাঠশালাটি প্রায় যমালয়ের ন্যায়, সর্ব্বদাই চটাপট পটা-পট…শব্দই হইত আ.দু ১৪৫।

চ(চে)টাল, -লো বিং [চেটা+আল[৮]] চওড়া। "প্রায় আধ হাত চেটালো লাল পেড়ে ধুতি হু ৩৭।

চটি বি [ধ্বন্যাত্মক ; হি চটী] ১ যাহা চটচট শব্দ করে ; গোড়ালির চামড়া-রহিত একপ্রকার জুতা। "ধুলায় ধূসর বাঁকা চটি কু.কে ১৩৮। ২ [দ্রবিড়ীয় 'চারডি'—মূল (?) ; হি, ঠ চট্টী—লোকসান ; মৈ চট্টী —ক্ষুদ্রবাজার] পান্থশালা (inn)। ৩ মকরধ্বজ ঔষধ। ৪ (অপ্র) চট(gunny)। "একখান চটি গো.চ ২৬০। [চটি বই—পাতলা বই।]

চটিত বিণ [√চট্+ত (ক্ত)-র্ম্ম] ১ ভিন্ন, খণ্ডিত। "চাপচটিতকোটিম্ …ভঙ্ক্যয়িতুং প্রবৃত্তঃ।—পঞ্চ (S.W.)। ২ বিভাজিত, বণ্টিত। "অহো, ধনমেতন্ন কিঞ্চিন্মম চটিতম্।—পঞ্চ [illegible]। ৩ [+ত-ক] আরূঢ়। "তচ্চক্রং তৎক্ষণাৎ তস্য শিরসো ব্রাহ্মণমস্তকে চটিতম্।—পঞ্চ[illegible]।

চটু পুং, ক্লী [√চট্+উ (উন্)-ক] ১ 'চিত্তভেদক' চাটু, প্রিয়বাক্য। "নিজস্ত্রীচটুলালস মাঘ ৪.৬। —টু পুং ১ ব্রতীর আসনবিশেষ। ২ উদর [চটুল্লোল (বিণ)—চাটুকার ; চঞ্চল।]

চটুল বিণ [চটু+ল (লচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -লা] ১ চঞ্চল, চপল। "ত্রাসাতিমাত্রচটুলৈঃ (স্মরনেত্রৈঃ) রঘু ৯.৫৮। চটুলা সফরী মে ২৭। ২ শীঘ্র, লঘু। "চটুলশফরোদ্বর্ত্তন পূ.মে ৪০। ৩ মনোহর। "চটুলচাটু-পটুচাক (বচনজাতম্) গী.গো ১০.৯। চটুল…শরীর ব.সু ৩৮। ৪ অব্যবস্থিত (fickle)। "চটুলপ্রেম্ণা দয়িতেন।—অমরু। —লা স্ত্রী চঞ্চলা, বিদ্যুৎ।

চট্ট বি রাঢ়ীয় কাশ্যপগোত্র ব্রাহ্মণের উপাধি। "চট্ট বলরাম ভা.চ ২৩। [ইঁহাদের পূর্ব্বপুরুষ দক্ষের সন্তান সুলোচন 'চট্ট'গ্রামে বাস করিয়া-ছিলেন ; এই হেতু তদীয় বংশধরগণের ঐ উপাধি (সম্বন্ধনির্ণয়)। চট্ট বা চাটুতি গ্রাম বর্দ্ধমান জেলায় খানা জংসন হইতে প্রায় দেড় ক্রোশ পশ্চিমে অবস্থিত (বঙ্গের জাতীয় ইতিহাস)।] [চট্টোপাধ্যায়—ইঁহাদের পূর্ব্বপুরুষ 'চট্ট'-গ্রামবাসী ও উপাধ্যায় ছিলেন ; এই হেতু ঐ উপাধি।]

চট্টরাজ বি রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি। "চট্টরাজ রামকৃষ্ণ ন.বি ৬৫। [যাঁহারা কেশরভাবাপন্ন চাটুতি, তাঁহারাই 'চট্টরাজ'। ভবানন্দ মজুমদারের জ্ঞাতিবংশীয়দিগের কন্যাগ্রহণকারী…চট্টরাজ উপাধিতে সুনির্ণীত (সম্বন্ধনির্ণয়)।]

চড়[১] '-ড়্' বি [সং চপট √প্রা*চঅড > বা চড় ; হি চপত ; ঠ চডক] ১ চপেটাঘাত, থাপ্পড়। "শ্রী.কী ২৬। চন্দ্রচূড় চালাইল চড় শি ৭৯। ২ করাঘাত। "কপালে মারিয়া চড় কান্দিতে লাগিল গো.চ ১২ ; ৬৪। ৩ (অপ্র) নদীর চড়া। "বালু চড়ে ঠেকে মী ২০। [চড় চাপড় —একার্থক শব্দদ্বয়। "ক.চ ১০৩। শ্রী.ম ৩৯। ব.প্র ২৯০। চড় বসান, লাগান—চড় মারা। চড়াচড়ি—পরস্পর চপেটাঘাত। "ভা.চ ৭৩। চড়ান —চড় মারা। চড়িয়া (অপ্র)—চড়াইয়া, করাঘাত করিয়া। "গো.চ ২৪।]

চড়[২], **-ঢ়** অর্ম্ম [সং আ+ √রুহ্, √চট্ > প্রা √চড (হে ৪.২০৬ ; ব—Appendix) > বা √চড়, -ঢ় ; হি, মৈ √চঢ় ; ঠ √চড ; গু √চড, -ঢ] ১ আরোহণ করা ; উপরে উঠা ; চাপা। "তহি চড়ি

চ ১৯ ; রথে চড়িলা ১৯। নাএ চড়ে শ্রী.কী ১৫৪ ; চড়িলী রাধা নাএ ১৫৬। চঢ়ে, চঢ়েন, চঢ়িএগ্রা কৃ.উ ৭ ; ১০। রতি চতুর্দ্দোলে চঢ়ে ক.চ ২২। আকাশে চড়িল।—চ.বি ১০৩। মহাপাপ মোর স্কন্ধে চড়ে। —ম ২২৯। নায়ে চড় ভা.চ ২৫৫। **২** বৃদ্ধি পাওয়া ; বাড়িয়া যাওয়া (দর, দাম, রাগ)। "নেশা চড়িয়া যায় চা.পূ ৭৬। **৩** তীব্র হওয়া ; উচ্চ বা তেজ হওয়া (স্বর)। **৪** আরব্ধ হওয়া। "প্রাতে হৈতে চড়িল রন্ধন চৈ.চ ৯১। **৫** [√চট্—মূল] উত্তেজিত হওয়া ; রাগা। **৬** গরম হওয়া (মেজাজ)। **৭** [' √চল্'—মূল] চলিত হওয়া ; সরা। "নড়াচড়া।—দা ১৭। —ড়া, -ঢ়া^{১} সর্ম্ম [চ° + আ^{৮}] **১** আরোহণ করান ; উঠান। "নায়ে চড়াওল ওই।—গো ৬৭। **২** স্থাপন করা ; সংলগ্ন করা ; বসান, চাপান। "চড়াইল তুলে তবু সমতুল নহে।—ম ২৪৮। সোনা চঢ়াইল ভ.গ্র ২৩৮ ; কড়াই চঢ়ায় ৩৬১। ধনুকে গুণ চড়ান। বন্দুকে সঙ্গিন চড়ান। **৩** তীব্র করা ; উঠান (স্বর) ; বাড়ান (দর)। **৪** রন্ধনার্থ রন্ধনপাত্রে স্থাপন করা বা চাপান। "বিণি জলে চড়াইলোঁ চাঔল শ্রী.কী ৩০৬। সোরু চালের ভাত চড়াব কি? —ব.প্র ২৬০। **৫** যোজনা করা ; খাটান। "দানেশ খাঁ গায়ক তখন তম্বুরায় নূতন তার চড়াইতেছিল ব.প্র ৩১৭। **৬** ধারণ করা। "তাম্র বাহুতে চড়ায় শূ ১৩৭ (ঘন ঘন আভরণ, অঙ্গে চড়ায়ই গো ১৮৬। **৭** পরিস্ফুট করা ; ফুটান (রঙ)। **৮** (অপ্র) লেপন করা ; মাথান। "ভুসঙ্গ (ভস্ম) চড়াইল গো.চ ৪৭৮। [চড়া^{১}—সর্থ 'চড়^{২}। চড়ান—সর্থ 'চড়া'। খুন চড়া—হত্যাজন্য মত্ততা বৃদ্ধি পাওয়া। রঙ চড়া—বর্ণ ফুটিয়া উঠা।]

চড়ই বি সর্থ 'চড়া^{২}। "ব.প ৮০২।

চড়ক^{১} বি [সং চক্র > (স্বরাগমে) চকর > (বর্ণবিপর্যয়ে) চরক > °ক(?); তু 'ফা চরখ্—চক্র, ঘূর্ণ] **১** চক্রাকারে ঘূর্ণন বা পাক খাওয়া। "°গাছ। **২** চৈত্রসংক্রান্তিতে অনুষ্ঠেয় শিবের পার্ব্বণবিশেষ। "জিহ্বা ফোঁড়ে করয়ে চড়ক ক.চ ৩৬। —কী বি চড়কপর্ব্বে শিবের গাজনের সন্ন্যাসী বা ভ'ক্তে। "চারিদিকেই ঢাকের বাজনা শোনা যাচ্ছে ; চড়কীর পিঠ সড়-সড় কচ্ছে হু ১। দে চড়কীর পাক গি.দ্বি ১০৪। [চড়ক-খোলা, -তলা—যেখানে চড়কপর্ব্ব অনুষ্ঠিত ও চড়কের বাজার হয়। "°তলা হু ২২। °গাছ—চড়কপর্ব্বে পাক খাওয়ার নিমিত্ত মাথায় আড়বাঁশ-বাঁধা কাষ্ঠস্তম্ভ। °সংক্রান্তি—চড়কপর্ব্বের চৈত্রসংক্রান্তি]

চড়ক^{২} বিং [চটক^{২} > °ক] **১** পরিষ্কৃত, অর্থাৎ গৃহকার্য্য করিলেও যাহা নোঙরা হয় না। "চড়কা পীড়ি চড়ক ধুতি। রান্ধে বাড়ে গায় না লাগে কালী॥—ব.প ৬। **২** উজ্জ্বল জমকাল। "কপালে চড়কফোঁটা ভা.চ ১৫১। —কা^{১} বিং **১** সর্থ 'চড়ক (১)। **২** চরকা। "চটকিয়া ধরিল চড়কার ছত্তর ব.প ৮৩। গো.চ ৩০৭।

চড়কা^{১} দ্র 'চড়ক^{২}।

চড়কা^{২} বি [ধ্বন্যাত্মক ; হি কড়ক] **১** (চড়-চড়-শব্দকারক) বজ্র। "চড়কা চড়চড় শ্রী.মা ১৭৮। চড়কা চড়চড় (করিয়া···পড়ে) শি ৯১। **২** [হি কড়কা] বজ্রের চড়চড় শব্দ। "চমক চড়কা, বজ্র যে হড়কা ব.প ১৩৬৩।

চড়চড় বি [ধ্বন্যাত্মক ; হি চরচর—ফাটার শব্দ ; ঠ চডচড —বেত্রাদির আঘাত শব্দ] **১** বজ্রধ্বনি। দ্র 'চড়কা^{২} (১)। **২** [ঠ তডতড] চুল বা শিকড় ছেঁড়ার শব্দ। "চড়চড় চড়চড় দাড়ি তার ছেঁড়ে আ.দু ৭৭। চড়চড় ছিঁড়িতেছে শিকর সকল স.শ ১৪৬। **৩** বনদাহের বা লতা-পাতা পোড়ার শব্দ। "পোড়ে বন শুনি চড়চড় ম ২১৮। **৪** অধিক ভারে ভাঙা বা ছেঁড়ার শব্দ। "কিবা জগৎপ্রাণ সুসন্তান-কলেবর-ভরে। নাহি সহিবারে সে শিখরে চড়চড় করে॥ —কৃ ১৯৮। **৫** সর্থ 'চচ্চড়'। —চড়ি^{১} বি [°ড় + ই^{১১}] **১** সর্থ 'চড়চড় (৩)। নানাজাতি বৃক্ষ পোড়ে শুনি চড়চড়ি ম ২৬৭। **২** মেঘগর্জন। "চড়চড়ি মেঘরবে যায় যেন সৃষ্টি বা.দ ২৪৭। **৩** বাণের ঘাতপ্রতিঘাত-শব্দ। "শুনি যে বাণের চড়চড়ি চ.বি ২৭৯। —চড়ি^{২}, -ড়ী বি ব্যঞ্জনবিশেষ, চচ্চড়ি। "মীনচড়চড়ী ক.চ ৪৩। °ড়ী ভা.চ ৫৪৮। (সে) চড়চড়ি সড়সড়ি···ইত্যাদিতে সিদ্ধহস্ত ব.প্র ২৬০।

চড়চড়ি^{১}, -চড়ি^{২} দ্র 'চড়চড়'।

চড়তী বি [চড়^{২}—মূল ; হি, মৈ চঢ়তী ; ঠ চঢতী ; গু চড(ঢ) -তী] বৃদ্ধি উন্নতি, বাড়, উঠতী। [চড়তীর মুখ—বৃদ্ধির সময়।]

চড়ন বি [চড়^{২} + অন ; হি চঢ়ন ; ঠ চঢণ ; গু চডণ] আরোহণ, চড়া। "গাছে চড়ন ব.প ৯। চড়নের ঘোড়া ক.চ ১৮৭। রাজ-চড়নের ঘোড়া শ্রী.মা ১০৮। শ্রী১১ ; ১২৪। [নড়ন°—অঙ্গ-বিক্ষেপ ও চলন। °দার (হি চঢ়নদার)—আরোহী।]

চড়া^{১} দ্র 'চড়^{২}।

চড়া^{২} বি [চড়^{২}—মূল] **১** যাহা ধনুকে চড়ায় ; জ্যা, ছিলা। "চাপে দিল চড়া কৃ ১১৬। কৃ.উ ২২০। মুরুগার চড়া ক.চ ৫১ ; ২৬২। চড়া দিতে চাপে শ্রী ১৫৭। শ্রী.মা ১৫৬। **২** [হি চঢ়াঈ] বৃত্তখণ্ডের উচ্চতা (height of an arc)। —ড়া বিং **১** তীব্র, প্রচণ্ড, কড়া (গন্ধ, ঝাল, রৌদ্র)। **২** অতিরিক্ত। "চন্দ্রচূড় একটা চড়া দর হাঁকিলেন ব.প্র ৪৭৭। সুদের হার খুব চড়া ছিল ঘ ১১। **৩** কোপন, রাগী (মেজাজ)। **৪** কটু, কড়া (কথা)। **৫** [ঠ চঢা] উচ্চ, তার (স্বর)। **৬** আরূঢ়। "ঘোড়া-চড়া ভা.চ ২৬৭,-৮। —ঢ়া^{২} বি সর্থ 'চড়া^{২}(২)। "ধনুকে দিএগ্রা চঢ়া কৃ.উ ৪২।

চড়া^{৩}, চড়া(ড়ু)ই^{১} বি [সং চটক (পুং), -কিকা (স্ত্রী) > প্রা—*চডঅ, -ডইআ > বা চড়াই, চড়া, -ড়া(ড়ু)ই, চোটুই] চটক পক্ষী। "চড়াই পাখী —শিশু ৩০। —ড়ী বি চটকা। [চড়ি(ড়ুই)ভাতি—বনভোজনবিশেষ (picnic)। "চড়ুইভাতি আ.দু ১৪৭।]

চড়া^{৪} বি [সং তট, -টা ; হি চর ; ঠ চঢ—উচ্চতা] নদীগর্ভে পলি হইতে জাত তটবৎ উন্নত স্থান। "(গঙ্গা কন) আমার সর্ব্বাঙ্গে ঘেরেছে চড়া, সাধ্য নাই আর নড়া-চড়া দা ১৭।

চড়াই^{১} দ্র 'চড়া^{৩}।

চড়াই^{২} বি [হি চঢাঈ] **১** আরোহণ, উত্থান ; উচ্ছ্রায়, উচ্চতা। বিপ 'উতরাঈ'। **২** [হি চঢ়াঈ ; ঠ চঢাঈ ; গু 'চডা(ঢাঈ)] আক্রমণ, অভিযান। "হুকুম হইল গৌড়ে চড়াই করিতে ব.প ১৬৮৮। —ড়াও বিং [দ্র 'চড়াই^{২} (২)] আক্রমণকারী। "ঐ ব্যক্তি সঙ্কেত করিলে (অস্ত্রধারী লোক) চড়াও হইবে আ.দু ২১০। —ড়াও বি (অপ্র.) ক্রোধ। "রাজার চড়াও হল কাঁউর উপর (শ্রী)। —ঢ়াউ বি [হি চঢ়াউ—আরোহণ] সর্থ 'চড়াই^{২}(২)। "রাজধানীর উপর চঢ়াউ করা কর্ত্তব্য ব.প ১৭৪১।

চড়াৎ বি [হি চটাক] **১** কাষ্ঠাদি হঠাৎ ফাটিয়া যাওয়ার শব্দ। **২** চপেটা-ঘাতের শব্দ। "চড়াৎ করে চড় লাগান। **৩** হঠাৎ ফাটিয়া যাওয়ার অনুভব। "চড়াৎ করে ঠোঁট ফাটে। [চড়াৎ ক'রে ঘুম ভাঙা—হঠাৎ কোন কারণে গভীর নিদ্রার ঘোর ছুটিয়া যাওয়া। "আনন্দে অঙ্গনাকুল দিল হুলুধ্বনি। চড়াৎ করিয়া ঘুম ভাঙ্গিল অমনি॥ —লী ১১৬।]

চড়ান ; চড়ি(ড়ু ই)ভাতি, চড়ুই দ্র 'চড়^{১} ; চড়া^{৩}।

চড়ুকে বিং **১** চড়কগাছের মত লম্বা (গাছ)। **২** ['চটক'—মূল] চটক-দার, অর্থাৎ যাহা বাহ্যত চটক-দেখান বা জমকাল। "রাজ্ঞীর মুখ-ভঙ্গিমায় কুড়রামের পেটের ভাত চাল হইয়া গেল,···একটু চড়ুকে হাসি হাসিয়া বলিলেন য ১০।

চড়োয়া বিং ['চড়াও'—মূল] আক্রমণার্থ অনধিকারে বলপূর্ব্বক প্রবিষ্ট। "লোকের বাড়ী চড়োয়া হ'য়ে দাঙ্গা করেন হু ১৩।

চঢ়, চঢ়া^{১} ; চঢ়া^{২} ; চঢ়াউ দ্র 'চড়^{২} ; চড়া^{২} ; চড়াই^{২}।

চণক পুং [√চণ্ দান + অ (অচ্)-র্ম্ম + ক (কন্) স্বার্থে (অ.টী)] শস্য-বিশেষ, চানা, ছোলা। "পঞ্চ ১.১৪৩। **২** মুনিবিশেষ। [চণকাত্মজ (পুং)—চণকপুত্র, চাণক্য (অ.চি)]

চণ্ড্(চড়ি) অক [ভ্বা, চু, আ—চণ্ডতে, চণ্ডয়তে; সেট্] কোপ।

চণ্ড বিণ [√চণ্ড্+অ (অচ্)-ক ; স্ত্রী- ণ্ডা, -ণ্ডী] ১ খর, উষ্ণ। "চণ্ডাংশু। চণ্ডার্চ্চি বি.সু ১২৩। ২ তীক্ষ্ণ, নিশিত। "°ধারা। ক্ষুর প্রবেশিল চণ্ড ম ৯১৮। ৩ প্রবল, বেগবান্। "°বাত মহা ৩.১৪৩.৭। ভ ৩.১১.৩১। ৪ অত্যন্তকোপন, অতিরোষণ। "অপরাধ° রঘু ২.৪৯; ১২.৫। ৫ দারুণ, ভীষণ। "°কোদণ্ড ভ ৩.২১.৫২। ৬ উগ্র, তীব্র। "°কোপ মহা ৩.১১৩.১৪। °শাসন ভ ৭.৪.১২। ৭ দুঃসহ, দুর্দ্ধর্ষ। "°বিক্রম গো.রা ৫.৩৯.২৪। ৮ উচ্চৈঃ, অতিতার, গম্ভীর। "চণ্ডাট্টহাস (S.W.)। চণ্ড শব্দ ব.প ৬০১। চণ্ড-নাদ হাস্য।—চ.বি ১৬। চণ্ড আরাবে।—হেম ৯৫। —ণ্ড পুং ১ শিব। "ম ৮৮২। ২ কার্ত্তিকেয়। "মহা ৩.২৩১.৪। ৩ অপদেবতাবিশেষ, ভূতযোনিবিশেষ। "চণ্ড দানা স্ত্রী ১২১; ১৬৭। ৪ শুম্ভসেনাপতি। ৫ যমকিঙ্কর। ৬ ভৈরববিশেষ। "ভা.চ ৫৪। ৭ তিন্তিড়ীবৃক্ষ। ৮ (বাঙ্লায়) দুর্বৃত্ত। "চড় চাপড়েতে মা গো চণ্ড কর দূর ক.চ ১০৩। —ণ্ড ক্লী ১ কোপ। ২ উত্তাপ। —ণ্ডা স্ত্রী [°ণ্ড+স্ত্রী আ (টাপ্)] ১ দুর্গানায়িকাভেদ। ২ জিনদেবতাবিশেষ। ৩ শ্বেতদূর্ব্বা; কপিকচ্ছু। —ণ্ডা, -ণ্ডী স্ত্রী [°ণ্ড+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ দুর্গা। ২ কোপনা, হিংস্রা। "উ.মে ৪৩। গী.গো ১০.১৪। গৃহিণী ভাগ্যের মত পাইয়াছি চণ্ডী ভা.চ ৯৯। চণ্ডী তাহার গালে একটা চাপড় মারিলেন ব.প্র ৮০। —ণ্ডী স্ত্রী ১ মার্কণ্ডেয়পুরাণান্তর্গত দেবীমাহাত্ম্য। "চণ্ডী হৈল অশুদ্ধ তখন কৃ ৩৫৪। ২ নায়িকাবিশেষ। 'পতি প্রতি অকারণ করে যেই ক্রোধ। 'চণ্ডী' তার নাম…। ভা.চ ৬৯৬। ৩ ছন্দোবিশেষ। —ণ্ডা বি জাতিবিশেষ। "কৃ.উ ৫৬; ৬৪। [চণ্ড নামান—মন্ত্রবলে চণ্ডকে অবতীর্ণ করা।]

চণ্ডকৌশিক পুং [কর্ম্মধা] কোপন কুশিকনন্দন বিশ্বামিত্র। —ক ক্লী নাটকবিশেষ।

চণ্ডনায়িকা স্ত্রী [কর্ম্মধা] ১ দুর্গা (শ.ক)। ২ দুর্গানায়িকাবিশেষ। "দু ৯০।

চণ্ডবতী স্ত্রী [চণ্ড+বৎ (বতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'কোপবতী,' দুর্গা। "ক.চ ৭২। চ.বি ৭। ২ সর্থ 'চণ্ডনায়িকা (২)' 'দু ৯০।

চণ্ডমুণ্ডা স্ত্রী [°ণ্ড+অ (অচ্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] যাঁহার চণ্ডমুণ্ড গ্রাহ্য; চামুণ্ডা। "ক.চ ৭২।

চণ্ডসিদ্ধ বিং যে মন্ত্রবলে চণ্ড নামাইতে পারে; ভূতবিশেষের ওঝা। "কখন কখন—'ভূতনাবানো', 'চণ্ডসিদ্ধ' প্রভৃতিরা পেটের দায়ে এসে পড়েন হু ১২২।

চণ্ডাংশু পুং [বহুব্রী] 'খরকিরণ', সূর্য্য। "ক.ম ১.৩৫।

চণ্ডাল পুং [√চণ্ড+আল (আলঞ্)-ক, উ ১.১১৬; স্ত্রী -লী] ১ ব্রাহ্মণীতে শূদ্র হইতে জাত সঙ্কীর্ণ জাতিবিশেষ; চাঁড়াল। '(শূদ্রাৎ) চণ্ডালো ব্রাহ্মণস্ত্রিয়াম্ (অ.চি)। মনু ১০.১৬। বিষ্ণু ১৬.৬। যাজ্ঞ ১.৯৩। ব্যাস ১.১০। গৌতম ৪। [চণ্ডালের আকৃতি রামায়ণে, নিবাসস্থান- ও কর্ম্মাদি-বিষয় শব্দকল্পদ্রুমে দ্রষ্টব্য।] ২ তজ্জাতীয় জন। "মনু ৫.১৩১। —লী স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীন্)] ১ চণ্ডালজাতি-স্ত্রী (পা ৪.১.৭৩); চণ্ডালপত্নী। ২ চণ্ডালবৎ ক্রূরকর্ম্মা। "চণ্ডালী হইল মোর কৈকেয়ী সতিনী কৃ ৯৬। চন্দ্রচণ্ডাল।—কাদ ৬২। [°বল্লকী (স্ত্রী)—চণ্ডালের বীণাবিশেষ; কণ্ডোলবাদ্য। °রোগ—ঘৃণার্হ রোগ। "সে চণ্ডাল-রোগ শান্তি হৈল ভ.প্র ৩৫৩।]

চণ্ডালিকা স্ত্রী ১ চণ্ডালবীণা। ২ ওষধিভেদ। ৩ দুর্গা।

চণ্ডিকা স্ত্রী [চণ্ডী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ চণ্ডী। ২ কোপনা।

চণ্ডিমা(-মন্) পুং [চণ্ড+ইমন্ (ইমনিচ্) তদ্ভাবার্থে] ১ চণ্ডভাব, প্রচণ্ডতা। "ভুজদণ্ডচণ্ডিমা চৈ ৯। ২ কোপনভাব, ক্রোধ। ৩ প্রখরভাব, তীক্ষ্ণতা, তীব্রতা।

চণ্ডীমণ্ডপ বি চণ্ডীর গৃহ: দুর্গাদি প্রতিমার পূজার্থ গৃহ; (গৌণার্থে) বাহিরের ঘর। "বড় চণ্ডীমণ্ডপ চৈ.ভা ৭৩।

চণ্ডীশ্বর পুং [ষ.ত] চণ্ডীপতি, শিব। "পু.মে ৩৩।

চণ্ডু বি ['চণ্ড'—মূল; হি চংডূ; ঠ চংডোল] অহিফেনের মাদকদ্রব্যবিশেষ। "°খোর।

চণ্ডেশ্বর পুং [ষ.ত] ১ চণ্ডাপতি, শিব। "দ্র (২)। ২ কবিরাজী ঔষধবিশেষ। "আমি এ ব্রহ্মাণ্ডে আনি চণ্ডেশ্বর দা ৩৬৫।

চন্নামৃত, চন্নামেত্ত বি ['চরণামৃত' —মূল; কথ্যভাষা] দেবপূজায় দেয় পাদ্য; পিতা মাতা গুরু বা ব্রাহ্মণের পাদোদক। "এমন নইলে চন্নামৃত গি.দ্বি ১০০। বাল্‌সির চন্নামেত্ত হু ৭২; চন্নামেত্ত ধারণ হলো ১২৩।

চতুঃ(-তুর্) স.বিণ [উ ৫.৫৮; Av. chathru; L. quatuor; R. chetvero (সং চত্বারঃ)] চারি। [সমাসে পূর্ব্বপদ—চতুঃপার্শ্ব, -ষ্পার্শ্ব' চতুঃশাল' ইত্যাদি।] [°পার্শ্ব (ক্লী) —চারিপাশ, চতুর্দ্দিক। °শালা (বি)—চৌশালা। "ক.চ ৭৯। °শ্লোকী (বি)—চতুঃশ্লোকময় নিবন্ধ; চারিশ্লোক। "চৈ.চ ২৪৮। °সীমা (স্ত্রী) —১ চতুষ্পার্শ্বের সীমা; চৌহদ্দী। ২ (অপ্র) চতুঃসীমা-বদ্ধ বিস্তৃত সমভূমি। "পরে এক চতুঃসীমা তাতে ঈশ্বরের আলয় কৃ.চ ৩১।]

চতুঃপঞ্চাশৎ স.বিণ [উ.লো; পু.বা—°শত্তম, °শ (স্ত্রী -মী, -শী)] চতুরধিক পঞ্চাশৎ; চতুঃপঞ্চাশৎসংখ্যক। —শৎ স্ত্রী চতুঃপঞ্চাশৎ (৫৪) সংখ্যা।

চতুঃশাল, -শালক ক্লী, **-শালী** স্ত্রী [চারি শালার সমাহার স.দ্ব; স্ত্রী ঈ (ঙীপ্)] পরস্পরাভিমুখ গৃহচতুষ্টয়, চৌশালা, চকমিলান বাড়ী। "°শালক।—মৃ ৩২১/২। ম ৩৯১।

চতুঃশালা, -শ্লোকী দ্র 'চতুঃ'।

চতুঃষষ্টি স.বিণ [উ লো; পু.বা—°ষ্টিতম, °ষ্ট (স্ত্রী -মী, -ষ্টী)] চতুরধিক ষষ্টি; চতুঃষষ্টিসংখ্যক। "চতুঃষষ্টি কলা বা.দ ১৫৮। —ষ্টি স্ত্রী চতুঃষষ্টি (৬৪) সংখ্যা। [°কলা (স্ত্রী)—চতুঃষষ্টিপরিমিতা বিদ্যা। দ্র 'কলা'।]

চতুঃসন পুং [বহুব্রী] ভগবানের যে অবতারে চারি সন, অর্থাৎ সনক সনন্দ (সনন্দন) সনাতন সনৎকুমার; অবতারবিশেষ। "স চতুঃসনোঽভূৎ ভ ২.৭.৫। চতুঃসনকসম্প্রদায় ভ.প্র ১৬৭ [ইঁহারা কৌমারসর্গ। ব্রহ্মার ধ্যানপূত মানস হইতে ইঁহারা অবতীর্ণ হন। ইঁহারা কুমারবয়স্ক ও গৌরবর্ণ (ভ ৩ ১২.৩-৪; লঘুভাগবত)।]

চতুঃসপ্ততি স.বিণ [উ.লো; পু.বা—°তিতম, °প্তত (স্ত্রী -মী, -তী)] চতুরধিক সপ্ততি; চতুঃসপ্ততিসংখ্যক, চুয়াত্তর। —সপ্ততি স্ত্রী চতুঃসপ্ততি (৭৪) সংখ্যা।

চতুঃসম ক্লী [বহুব্রী] ১ যাহাতে লবঙ্গ জীরক হরীতকী ও যমানী—এই চারি দ্রব্যের সমভাগ থাকে; লবঙ্গাদির সমভাগমিশ্রণজাত ঔষধবিশেষ। 'লবঙ্গং জীরকং পথ্যা যমানী চ চতুঃসমম্ (বৈদ্যক)। ২ কস্তূরী চন্দন কুঙ্কুম ও কর্পূর—এই চারি দ্রব্যের মিশ্রণে জাত অনুলেপনবিশেষ। "চৈ.ভা ২১৯। গো ৪৭। অঙ্গে চতুঃসমের গন্ধ চৈ.চ ২৮২।

চতুঃসাগরী বি চতুঃসাগরের পবিত্র বংশ। [দুর্গাদাসের চারি পুত্র—রামকৃষ্ণ, রামেশ্বর, রাঘব ও রামকান্ত। ইঁহারা চারি চক্রবর্ত্তী নামে প্রসিদ্ধ এবং বন্দ্যবংশ সাগরদিয়া নামে বিশেষ খ্যাত। সাগরের এই চারি অংশ যে কুল পবিত্র করিয়াছেন, তাহার নাম চতুঃসাগরী (সম্বন্ধনির্ণয়)।]

চতুঃসীমা দ্র 'চতুঃ'।

চতুনা বি [হি চৌতনী—শিশুর চারবন্ধ-ওয়ালা টুপি] শিশুর একপ্রকার টুপি। "সুরঙ্গ চতুনা মাথে ন.প ১০২।

চতুর বিণ [√চত্ প্রার্থনা+উর (উরচ্)-র্ম, উ ১.৩৮] ১ কার্য্যদক্ষ,

পটু। "প্রপঞ্চ°, বচনরচনা°। ২ বিদগ্ধ, পণ্ডিত, রসিক। "(তম্) মৃগয়া জহার চতুরেব কামিনী রঘু ৯.৬৯। বুঝহ সকল লোক যে হও চতুর চৈ.ম ১১৯। চতুর চতুরা পেয়ে চাতুরীর মেলা ভা.চ ৩৬২। ৩ উপভোগক্ষম, উপভোগযোগ্য। "ন পুনরৈতি গতং চতুরং বয়ঃ রঘু ৯.৪৭। ৪ সুভগ, মনোজ্ঞ, মনোহর। "তাং (কান্তিম্)…লীলাচতুরাম্ কু.স ১.৪৭; ৩.৫। ৫ মধুর। "চতুরাবলোকী কু.স ৫.৪৯। ৬ ধূর্ত্ত। "পক্ষিণাং মধ্যে চতুরোঽয়ং বায়সঃ শ্রূয়তে (পঞ্চ)। ৭ আলস্যহীন (ত.বা)। —র পুং ১ বক্রগতি। ২ হস্তিশালা। ৩ নায়কবিশেষ (রসমঞ্জরী)। —র ক্লী চাতুরী, পাটব, দক্ষতা।

চতুরং বি [সং চতুরঙ্গ] ১ দাবাখেলায় হারিবিশেষ। [রাজা ব'ড়ের চারিদিকে ঘুরিলে 'চতুরং' হারি হয়।] ২ গানবিশেষ। দ্র 'চতুরঙ্গ (৩)। "কত কত কলায়ত…চতুরং নক্সাগুলে মশগুল হইয়া আছে আ.দু ২০৭।

চতুরঙ্গ বিণ [বহুব্রী; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী; ছান্দস] চতুরবয়ব, অঙ্গচতুষ্টয়যুক্ত। "°বল রা ২.৩৩.৬। (বলেন) চতুরঙ্গেণ।—মহা ৩.২০.১৪। —রঙ্গ ক্লী ১ হস্তী অশ্ব রথ পদাতি—এই চতুর্বিধাঙ্গ সৈন্য। ২ হস্তী অশ্ব নৌকা ও পদাতি (বড়িয়া)—এই চতুর্বিধ বলের ক্রীড়াবিশেষ; দাবাখেলা। ৩ (বাঙলায়) গানবিশেষ। [ইহার চারিটি কলি, ত্রিবটের (দ্র 'ত্রিবট') তিনটি এবং আর একটি কলিতে রাগের সারগম থাকে (গী.সা ৮৫)।] ৪ পাশাখেলা। "সারি চতুরঙ্গ খেলা জানি যে বিচিত্র ম.বি ১৬৮। ৫ (অপ্র) চতুষ্পদ জন্তু। "ম.পা ৪১। —রঙ্গিণী (বিণ) চতুরঙ্গবিশিষ্টা (সেনা)। "সেনা চ চতুরঙ্গিণী রা ১.৬৯.৬। বাহিনী চতুরঙ্গিণী (মহা)।]

চতুরন্ত বিণ [বহুব্রী] যাহার চতুঃসাগর অন্ত; চতুঃসমুদ্রাবসান, সমুদ্রবেষ্টিত। "চতুরন্তাং মহীম্ রা ২.১০৪.১২। মহা ৩.১২৬.৪০। °মহীসপত্নী শ ৪.১৮। —ন্তা স্ত্রী পৃথিবী।

চতুরপণ, -ন বি [চতুর+পণ] চতুরতা, বৈদগ্ধ্য, পাণ্ডিত্য। "আপন চতুরপণ, পরহাতে সোঁপনু বি.প ১৫৬। °ন (প.ক.)।

চতুরশীতি স.বিণ [উ.লো; পূ.বা—°তিতম, °ত (স্ত্রী -মী, -তী)] চতুরধিক অশীতি; চতুরশীতিসংখ্যক, চৌরাশী। —তি স্ত্রী চতুরশীতি (৮৪) সংখ্যা।

চতুরস্র, -স্র বিণ [চতুর্ অস্রি (অশ্রি) যাহার বহুব্রী, সমাসান্ত 'অ' (অচ্); নিপাতিত; '°শ্র' (পা ৫.৪.১২০)] ১ চতুষ্কোণ, চারকোণা। "চতুরস্রং ত্রিকোণং বা (মণ্ডলম্)।—বৌধায়ন। ২ অন্যূনাতিরিক্ত, অঙ্গসৌষ্ঠবসম্পন্ন। "চতুরস্র (স্র)-শোভি বপুঃ কু.স ১.৩২। —শ্র, -স্র পুং ১ বর্গক্ষেত্র (square), সমকোণী চতুর্ভুজ। ২ লগ্ন হইতে চতুর্থ ও অষ্টম স্থান (শ.ক)।

চতুরা বি [সং চত্বর; অপ্র] অঙ্গন, আঙিনা। "ব.প ৩৪। তারে চতুরার বা'র করে গো.চ ২৪০,-৭।

চতুরাই বি [চতুর+আই°; হি, ঠ, গু, মৈ °ঈ; ঠ চতরাঈ (কথ্যভাষা); জাটু--চত্রাঈ] ১ চতুরতা, চাতুরী, বৈদগ্ধ্য, রসিকতা। "আজু বুঝব হাম তুয়া চতুরাই বি.প ১০৭; চতুরক আগে কিয়ে চতুরাই ১৩৯। ২ কৌশল, উপায়। এক চতুরাই কৈলা তবে সনাতন ভ.গ্র ১৭; সনাতন চতুরাই ছাড় ১৮। ৩ শঠতা। "তুয়া বাক্ত হৈল চতুরাই শ্রী.ম ৮৮।

চতুরাক্ষ বি [অপ্র] চারি অক্ষির মিলন; নব বরবধূর পরস্পর মুখাবলোকন; মুখচন্দ্রিকা। "সপ্তবার প্রদক্ষিণ চতুরাক্ষ হইল ব.প ৬৩৯।

চতুরানন পুং [বহুব্রী] চতুর্মুখ, ব্রহ্মা। "ক.সা ২৪.৯৬। কত চতুরানন, মরি মরি যাওত, ন তুয়া আদি অবসানা বি.প ২১৯।

চতুরালি, -লী বি [°র+আলি°, -লী] চতুরতা, ধূর্ত্ততা, চালাকী। "বুঝহ চতুর সব কি এ চতুরালী ভা.চ ৩৪০। বা.দ ২৩৪।

চতুরাশ্রম ক্লী [স.দ্বি] স্মৃতিবিহিত ব্রহ্মচর্য্যাদি আশ্রমচতুষ্টয়।

চতুরিম বি [°মা > °ম] চতুরতা, চাতুরী। "°বাণী বি.প ১০৮।

চতুর্গব বিণ [°ব+অ (অচ্) অস্ত্যর্থে] চতুর্বৃষভযুক্ত (হল)। "আপস্তম্ব ১.২৩।

চতুর্থ পু.বা [চতুর্+থ (ডট্, থুক্, পা ৫.২.৫১); স্ত্রী -র্থী] চতুঃসংখ্যাপূরক, চার সংখ্যার পরবর্ত্তী। "বাক্ চতুর্থী চ সুনৃতা—হি ১.৬১। —র্থ পুং [°র্থ+অ (অন্) ভাগার্থে, পা ৫.৩.৪৯] ১ চতুর্থভাগ, চতুর্থাংশ। ২ বর্গের চতুর্থ বর্ণ। ৩ (বাঙলায়) পিতামাতার মৃত্যুর চতুর্থ দিনে বিবাহিতা কন্যার করণীয় শ্রাদ্ধ। [তু 'চতুর্থা'—"চাইর দিন অন্তরে রাজার চতুর্থা করাইল গো.চ ৫১।] —র্থক পুং যে জ্বর প্রতি চতুর্থ দিনে হয়; বিষমজ্বরভেদ। —র্থী স্ত্রী ১ চন্দ্রের চতুর্থ কলার ক্রিয়াকালরূপ তিথি। ২ (ব্যাকরণে) বিভক্তিবিশেষ। ৩ ভূঃ ভুবঃ স্বঃ—এই ব্যস্ত ব্যাহৃতিত্রয়ের পরবর্ত্তী সমস্ত ব্যাহৃতি 'ভূর্ভুবঃস্বর্', অথবা 'মহঃ' ব্যাহৃতি (ভ ৩.১২.৪৪, শ্রীধর)। "ব্যাহৃত্যাদি প্রণবপূর্ব্বক চতুর্থ্যান্ত। স্মরণে সারূপ্য দেন ষড়ক্ষর মন্ত্র।—শি ৪৩। [°ভাক্ (-ভাজ্) পুং—ধান্যাদির চতুর্থাংশকরগ্রাহী রাজা (মনু ১০.১১৮); পৃথিবীর চতুর্থাংশভাগী (নীলকণ্ঠ)। "মহা ২.১৪.২১। চতুর্থাশ্রম (পুং)—সন্ন্যাসাশ্রম।]

চতুর্দ্দন্ত বিণ [বহুব্রী; স্ত্রী -ন্তা, -ন্তী] যাহার চারি দন্ত; চতুর্দ্দংষ্ট্র। "(ঐরাবত) চতুর্দ্দন্ত ম ৯। —ন্ত পুং ঐরাবত।

চতুর্দ্দশ (-শন্) স.বিণ [উ.লো; পূ.বা—°শ (অকারান্ত); °শম (আর্ষ, ভ ৮.১৩.৩৩, শ্রীধর)। স্ত্রী -শী; ছান্দস] চতুরধিক দশ; চতুর্দ্দশসংখ্যক, চৌদ্দ। —র্দ্দশ ক্লী চৌদ্দ (১৪) এই সংখ্যা। —শী স্ত্রী [°শ+স্ত্রী ঈ (ঙীপ্)] চন্দ্রের চতুর্দ্দশ কলার ক্রিয়াকালরূপ তিথি। "মনু ৪.১১৩। [°ভুবন (ক্লী, বহুব)—ভূ-প্রভৃতি ঊর্দ্ধ সপ্ত লোক এবং অতলাদি সপ্ত অধোলোক (দ্র 'লোক')। "ভূরাদিচতুর্দ্দশ ভুবনানি (বেদান্তসার)। °রত্ন (ক্লী, বহুব)—সমুদ্রমন্থনজাত লক্ষ্মী কৌস্তুভ পারিজাত সুরা ধন্বন্তরি চন্দ্র সুরভি ঐরাবত রম্ভাদি-অপ্সরা উচ্চৈঃশ্রবাঃ কালকূট শার্ঙ্গধনুঃ পাঞ্চজন্যশঙ্খ ও অমৃত—এই চতুর্দ্দশ উৎকৃষ্ট দ্রব্য। °বিদ্যা (স্ত্রী, বহুব)—চারি বেদ, বেদের ষড়ঙ্গ, ধর্ম্মশাস্ত্র, পুরাণ, মীমাংসা ও তর্ক। 'অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। পুরাণং ধর্ম্মশাস্ত্রং চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ॥]

চতুর্দ্দিক্ (-দ্দিশ্) ক্লী [স.দ্বি; তু 'চক্রদিগ (গো.চ)] ১ চতুর্দ্দিকের সমাহার; চারিদিক্। "ভজতে…স চতুর্দ্দিশম্ মহা ২.১৪.৬। চতুর্দ্দিশমভিষ্যন্দন্তী ভ ৫.১৭.৫; মেরোশ্চতুর্দ্দিশম্ ২১.৭। ২ [কর্ম্মধা, সংজ্ঞার্থে] চারি দিক্। "শিবাভিঃ…চতুর্দ্দিক্ষু সমন্বিতাম্ (কালীধ্যান)।

চতুর্দ্দোল পুং, ক্লী [উ.লো] চতুর্বাহ্য দোল; চারি বাহকের বহনীয় যানবিশেষ। 'চতুর্ভির্বাহ্যতে যত্ত্ব চতুর্দ্দোলং তদুচ্যতে। "সীতা চতুর্দ্দোলে চড়ে।—কৃ ৩৬৬। [দৈর্ঘ্য বিস্তার ও উচ্চতা ভেদে চতুর্দ্দোল, জয় কল্যাণ বীর ও সিংহ—এই চতুর্ব্বিধ।] —র্দ্দোলী বি চতুর্দ্দোলবাহক, চৌদুলী। "বহিতে না পারে বাট যত চতুর্দ্দোলী কৃ ৩৬৬।

চতুর্নবতি স.বিণ [উ.লো; পূ.বা—°তিতম, °বত (স্ত্রী -মী, -তী)] চতুরধিক নবতি; চতুর্নবতিসংখ্যক, চোরনব্বুই। —তি স্ত্রী চতুর্নবতি (৯৪) সংখ্যা।

চতুর্ব্বর্গ পুং [ষ.ত] ১ ধর্ম্মাদিচতুষ্টয়ের বর্গ; ধর্ম্মার্থকামমোক্ষ। "°ফল রঘু ১০.২২। ধর্ম্ম অর্থ কাম মোক্ষ চতুর্ব্বর্গ পায় ম ৫১। ২ বিষয়চতুষ্টয়মাত্রের বর্গ বা সমবায়। "পূর্ব্বশ্চতুর্ব্বর্গঃ মহা ৩.২.৭৬। হি ১.৮।

চতুর্ব্বর্ণ পুং [কর্ম্মধা] ১ ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্র। "°ময়ো লোকঃ রঘু ১০.২৩। ম ৫১। ২ চারিটি প্রধানরঙ্গ। ৩ চারিটি অক্ষর।

চতুর্ব্বাহু বিণ [বহুব্রী ; স্ত্রী -হু] চতুর্ভুজ (বিষ্ণু)। "ভ ৮.১৭.৪ —হু পুং বিষ্ণু। —হু ক্লী চতুর্ভুজক্ষেত্র।

চতুর্ব্বিংশতি স.বিণ [উ.লো ; পূ.বা—°তিতম, °শ (স্ত্রী -মী, -শী)] চতুরধিক বিংশতি ; চতুর্ব্বিংশতিসংখ্যক, চব্বিশ। "এতচ্চতুর্ব্বিংশতিকং গণং প্রধানিকং বিদুঃ ভ ৩.২৬.১১। —তি স্ত্রী চতুর্ব্বিংশতি (২৪) সংখ্যা। [°মূর্ত্তি (স্ত্রী)—বিষ্ণুর হস্তভেদে চক্রাদিবিন্যাসভেদ হেতু চতুর্ব্বিংশতি মূর্ত্তি (অগ্নিপুরাণ)।]

চতুর্ব্বিদ্য বিণ [বহুব্রী] যাহার চতুর্ব্বেদরূপা বিদ্যা আছে, চতুর্ব্বেদাভিজ্ঞ। —র্ব্বিদ্যা স্ত্রী [কর্ম্মধা, সংজ্ঞার্থে] ঋক্ যজুঃ সাম অথর্ব্ব—এই চতুর্ব্বেদরূপা বিদ্যা।

চতুর্ব্বিধ বিণ [চতুর্ বিধা যাহার, বহুব্রী ; স্ত্রী -ধা] চতুঃপ্রকার, চারপ্রকার। "গী ৭.১৬।

চতুর্ব্বেদ বিণ [°দ+অ (অণ্), প্রত্যয়লোপ] চতুর্ব্বেদপাঠক, চতুর্ব্বেদবিৎ, বেদাভিজ্ঞ। —দ পুং ১ পরমেশ্বর। ২ (বাঙলায়) চারি বেদ। [°বিৎ (-বিদ্)—১ চতুর্ব্বেদাভিজ্ঞ। ২ বিষ্ণু।]

চতুর্ব্যূহ পুং [বহুব্রী] সৃষ্ট্যাদিকার্য্যার্থে যাঁহার বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্ন অনিরুদ্ধ—এই চারি বিভাগ বা মূর্ত্তি ; বাসুদেবাদি চতুর্ম্মূর্ত্তি বিষ্ণু। "চৈ.ভা ৭০ ; ৩৯৮। চৈ.চ ১২ ; ২২। তু 'চতুষ্কলঃ পাদো ব্রহ্মণ আয়তনবান্নাম (ছান্দোগ্য ৪.৮.৩)।]

চতুর্ভদ্র ক্লী [স.দ্বি] ১ চতুঃশ্রেয়োবিষয়, ধর্ম্মার্থকামমোক্ষ। ২ ধর্ম্মার্থকামবল। 'বলতুর্য্যাশ্চতুর্ভদ্রম্ (অ.চি)। ৩ চতুঃশ্রেয়োবিষয়মাত্র। "হি ১.১৭৩।

চতুর্ভুজ বিণ [বহুব্রী ; স্ত্রী -জা] ১ চতুর্ব্বাহুযুক্ত, চতুষ্কর। "রূপেণ চতুর্ভুজেন গী ১১.৪৬। ২ চতুর্ব্বাহু (ক্ষেত্র)। "মাঘ ১.৭০। —ভুজ পুং বিষ্ণু।

চতুর্ম্মাস ক্লী [স.দ্বি] ১ মাসচতুষ্টয়, চার মাস। "ম ৭৩০। চৈ.চ ১২৭। ২ আষাঢ়শুক্লদ্বাদশী হইতে কার্ত্তিকশুক্লদ্বাদশীপর্য্যন্ত চারি মাস। তু 'চাতুর্ম্মাস্য'। —স্য বি [°স সাধু] চার মাস। "চতুর্ম্মাস্য তথায় বঞ্চিল রঘুনাথ ম ৫৫৪।

চতুর্ম্মুখ বিণ [বহুব্রী ; স্ত্রী -খা, -খী] মুখচতুষ্টয়যুক্ত, চতুর্ম্মুখরূপী। "(ব্রহ্মা) চতুর্ম্মুখঃ রা ১.২.২৩। রঘু ১০.২২। —খ পুং ১ চতুরানন, ব্রহ্মা। ২ শিব (মহা)। ৩ ঔষধবিশেষ। "বজ্জর পড়ুক চতুর্ম্মুখের মাথায় ভা.চ ৪০৫। আমারি সৃষ্টি করা চতুর্ম্মুখ দা ৩৬৪। বা.দ ৪৪। —খ ক্লী ১ চতুর্দ্বার গৃহ। ২ [উ.লো] চতুঃসংখ্যক মুখ ; মুখচতুষ্টয়। "°সমীরিত কু.স ২.১৭।

চতুর্যুগ বিণ [বহুব্রী] যাহাতে চতুর্যুগ আছে ; যুগচতুষ্টয়াত্মক। "কালাবস্থাশ্চতুর্যুগাঃ রঘু ৫০.২২। —যুগ ক্লী [স.দ্বি] যুগচতুষ্টয়, চারিযুগ। "একান্তর চতুর্যুগে এক মন্বন্তর চৈ.চ ৯।

চতুর্হোত্র পুং [বহুব্রী] বিষ্ণু। "হ ২৩৮.৯। —র্হোত্রক ক্লী যাহাতে চারি হোতা ; চতুর্হোতৃসাধ্যকর্ম্ম। "ভ ৭.৩.৩০।

চতুশ্চত্বারিংশৎ স.বিণ [উ.লো ; পূ.বা—°শত্তম, °শ (স্ত্রী -মী, -শী)। চতুরধিক চত্বারিংশৎ ; চতুশ্চত্বারিংশৎসংখ্যক, চুয়াল্লিশ। —শৎ স্ত্রী চতুশ্চত্বারিংশৎ (৪৪) সংখ্যা।

চতুশ্চন্দ্রবাহী (-হিন্) বিং চন্দ্রচতুষ্টয়সমন্বিত। "°বাহী বৃহস্পতি ব.প্র ২৪৩।

চতুষ্ক বিণ [চতুর্+ক (কন্) অবয়বার্থে] যাহার চারি অবয়ব ; চতুরবয়ব। —ষ্ক ক্লী ১ চতুর্গণ, চতুষ্টয়, চারিটি। "এতৎ কষ্টতমং বিদ্যাচ্চতুষ্কম্ মনু ৭.৫০। অক্ষিকর্ণ° যাজ্ঞ ৩.৯৯। ২ চতুঃসংখ্যক মুদ্রাদি। "মনু ৮.১৪২। ৩ চতুঃস্তম্ভ গৃহবিশেষ। "কু.স ৫.৬৮। ৪ চতুষ্কোণ অঙ্গন। ৫ চতুষ্কোণ আসন ; চৌকি। "রচিত°—পঞ্চ ৪১২। ৬ চতুষ্পথ, চৌমাথা। ৭ চতুর্যষ্টিক (চারনর) হার। ৮ [+ক (কন্) স্বার্থে] চার (৪) এই সংখ্যা। —ষ্কী স্ত্রী [°ষ্ক+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ চতুষ্কোণপুষ্করিণী ভেদ। ২ মশহরি, মশারি।

চতুষ্কর্ণ বিণ [বহুব্রী ; স্ত্রী -র্ণা -র্ণী] যাহার চারি কর্ণ, অর্থাৎ দুই জন শ্রোতা ; রাজা ও মন্ত্রী এই দুই জনের বিদিত। "ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রশ্চতুষ্কর্ণঃ স্থিতো ভবেৎ।—পঞ্চ ১.১০৮।

চতুষ্কি বি [সং °ষ্ক] সর্থ 'চতুষ্ক (৭)। "চতুষ্কি গাঁথিল ব.প ১২৯৪।

চতুষ্কোণ বিণ [বহুব্রী] চতুরস্র, চারকোণা। —ণ ক্লী চতুষ্কোণক্ষেত্র।

চতুষ্টয় বিণ [চতুর্+তয় (তয়প্) অবয়বার্থে ; স্ত্রী -য়ী ; ছান্দস] চতুরবয়ব, চতুর্ব্বিধ, চারি। "প্রবৃত্তিরাসীচ্ছব্দানাং চরিতার্থা চতুষ্টয়ী কু.স ২.১৭। ভাগচতুষ্টয় শ্রী.মা ২৭। —ষ্টয় ক্লী ১ চতুঃসংখ্যা, চতুঃসমবায়, চতুর্গণ। "দৃষ্টান্ত°, নীতি°। মনু ৮.১৩০। মণিস্তম্ভ° কু.স ৭.১২। মাস° হি ১২১১৬। ২ (জ্যোতিষে) লগ্ন হইতে চতুর্থ সপ্তম দশম স্থান।

চতুষ্পথ পুং, ক্লী [চতুর্ পথের সমাহার, স.দ্বি, সমাসান্ত 'অ' ; বৈদিক] পথিচতুষ্টয়ের মেলনস্থান ; চৌমাথা। "মনু ৪.৩৯ ; ১৩১ ; চতুষ্পথাশৈত্যবৃক্ষাঃ ৯.২৬৪। —ষ্পথ পুং যাহার ব্রহ্মচর্য্যাদি চারি পথ ; ব্রাহ্মণ।

চতুষ্পদ বিণ [বহুব্রী] ১ চতুশ্চরণ (গবাদি)। "বি.সু ১৩৬। ২ (জ্যোতিষে) মেষ বৃষ সিংহ রাশি এবং মকরের আদ্যার্দ্ধ ও ধনুর অন্ত্যার্দ্ধ। ৩ [বাঙলায় ; অপ্র] চার-পায়াবিশিষ্ট (খাট ইত্যাদি)। "চতুষ্পদের মধ্যে কেবল খাট খাওয়া নাই হু ২২২। ৪ হামাগুড়ি-দেওয়া শিশু। "তুমি দাও হামাগুড়ি ; বেড়াও রে চতুষ্পদ ঘরময় জুড়ি।—মন্দ্র ৫। —ষ্পদ ক্লী ১ (জ্যোতিষে) করণবিশেষ। ২ রতিবন্ধবিশেষ।

চতুষ্পদী দ্র 'চতুষ্পাৎ'।

চতুষ্পাঠী স্ত্রী [চতুর্ (চারিবেদ) তাহার পাঠ যেথানে, বহুব্রী. স্ত্রী ঈ (ঙীষ্)] চতুর্ব্বেদাধ্যয়নস্থান, ছাত্রাধ্যয়নগৃহ, চৌপাঠী, টোল।

চতুষ্পাৎ (-ষ্পাদ্) বিণ [চতুর্ পাদ যাহার. বহুব্রী, পাদ > পাদ্] ১ চতুশ্চরণযুক্ত, চতুষ্পদ (গবাদি)। ২ চতুরবয়ব। "বৃষশ্চতুষ্পাদ্ ভগবান্ ধর্ম্মঃ গো.রা ১.৬১.১৪। [তপঃ শৌচ দয়া সত্য অথবা বিদ্যা দান তপঃ সত্য—ধর্ম্মের এই চারি পাদ (ভ ১.১৭.২৪ ; ৩.১২.৪১)।] —ষ্পাৎ পুং ১ চতুষ্পদ, পশু। ২ বাদ প্রতিবাদ প্রত্যুত্তর (rejoinder) ও দণ্ড—এই চতুরবয়ব বিচার। —ষ্পাদ বিং (অপ্র) চারপোয়া, ষোল-আনা, সম্পূর্ণ। "আপন ইচ্ছায় শস্য ফলে চতুষ্পাদ।—জ ৭০। —ষ্পদী স্ত্রী [°ষ্পাদ্+স্ত্রী ঈ (ঙীষ্), পাদ্ > পদ্] ১ চতুশ্চরণ স্ত্রী-পশু। ২ পঙ্‌ক্তিচতুষ্টয়যুক্ত ছন্দোবিশেষ ; চৌপদী।

চতুস্ত্রিংশৎ স.বিণ [উ.লো ; পূ.বা—°শত্তম, °শ (স্ত্রী -ত্তমী, -শী) চতুরধিক ত্রিংশৎ ; চতুস্ত্রিংশৎসংখ্যক, চৌত্রিশ। —শৎ স্ত্রী চতুস্ত্রিংশৎ (৩৪) সংখ্যা।

চতুস্থল বি [সং চতুঃশাল ; অপ্র] চৌশালা। "ক.চ ৫।

চত্বর বি [সং চত্বর > প্রা চত্তর ; অপ্র] ১ অঙ্গন, উঠান ; আবাসস্থান, গৃহ। "বিপাকে চত্তর ছাড়ি প্রজা দিল রড় ক.চ ৮২। ২ ইষ্টকাদিময় চতুষ্কোণ সমতল স্থান ; চাতাল। "নগরচত্তর-মাঝে, শিবের মণ্ডপ সাজে ক.চ ৭৯। সেই দিন দেহেরা চত্তরে শ্রী ৭৩। ৩ চতুষ্পথ, চৌমাথা। "সুচারু চত্তর কুলি পরিসর বাট শ্রী ১৩৯। রোপিল গুবাক কলা চত্তরে চত্তর চ.প ৬৩৯।

চত্বর ক্লী [√চত্ প্রার্থনা+বর (বরচ্)-র্ম্ম, উ ২.১২১] ১ যাগার্থ সংস্কৃতভূভাগ (অ.টী) ; স্থণ্ডিল। ২ অঙ্গন, উঠান, চাতাল ; গৃহপ্রান্তভাগ (রা.টীকা)। "শুদ্ধচত্বরবেশ্মাঢ্যাম্ (পুরীম্) রা ২.৪২.২৫।

৩ বীথী, পঙ্‌ক্তি, পাড়া। "স খলু শ্রেষ্ঠিচত্বরে প্রতিবসতি মৃ ২৳। **৪** চতুষ্পথ, চৌমাথা। "মহা ৩.১৫.২০। ক.সা ৬.৫১। (নগরের প্রজাগণ) চত্বরে চত্বরে বসিয়াছে থরে থরে ম ৭১২। হাট চত্বর মাঠে, নাট গীত।—ক.চ ১০৮। করিয়া চত্বর, বসা'ল নগর শ্রী ১২। **৫** (বাঙ্‌লায়) প্রতিবেশিমণ্ডল, পাড়া। "ত্বরা করি নগরে চত্বরে যায় চেড়ী। সই সাঙ্গাতি ডাকিয়া আনিল বাড়ী বাড়ী॥—ক.চ ১১৯। কি নগরে কি চত্বরে কিবা জলে বনে। নিরন্তর অশ্রুধারা বহে শ্রীনয়নে॥—চৈ.ভা ৩৪২। **৬** ইষ্টকাদিময় চতুষ্কোণ সমতল স্থান; চাতাল, চৌতারা। "ধুইল চত্বর প্রাঙ্গণ চৈ.চ ১৪৮।

চত্বারিংশৎ স.বিণ [চতুর্ দশৎ (দশক)—চত্বারিন্+শৎ (শতি) পরিমাণার্থে, নিপাতিত (পা ৫.১.৫৯); পু.বা—°শত্তম; °শ (স্ত্রী -মী, -শী)] চারি দশক যাহার পরিমাণ; চল্লিশ। —শৎ স্ত্রী চত্বারিংশৎ (৪০) সংখ্যা।

চন বা ['চন'—অপি (ঋগ্বেদ ১.৫৫.১)] অসাকল্য (অ.কো)। "কদাচন, কিঞ্চন। দ্র 'কথঞ্চন'।

চনচন বি [ধ্বন্যাত্মক; তু 'সং √চন্—শব্দ] গো-মহিষাদির মূত্র-ত্যাগের শব্দ। "গোরু চনচন করে চোনায়।

চ(চা)না বি [সং চণক >প্রা চণঅ >বা চণা, -না, চানা; হি চণা; ঠ, গু চণা] ছোলা। "চণাভাজা ভ.গ্র ৩০৩; ৪২০। চানা চাবায় চৈ.চ ১৯৮। [চানাচুর—তৈলাদিমিশ্রিত ভাজা ছোলার ডালের খাদ্য-বিশেষ।]

চন্দ্ (চদি) অক [ভ্বা, প—চন্দতি; সেট্] **১** আহ্লাদ, হর্ষ। **২** দীপ্তি। —ন্দ্ সক [ভ্বা, উ—চন্দতি, -তে; সেট্] যাচন।

চন্দ পুং [√চন্দ্+অ (অচ্)-ক; তু 'সং চন্দ্র >লি, প্রা—চংদ, চন্দ(চ)] **১** চন্দ্র। "অরুণনিয়ড়ে পুন চন্দ।—গো ৭৪; মুখ° ৭৬; ২২১; চন্দ মন্দ ভেল ২৫৩। **২** কর্পূর। —ন্দক পুং [°ন্দ+ক (কন্) স্বার্থে] **১** চন্দ্র। **২** (সাদৃশ্যে) মৎস্যবিশেষ, চাঁদামাছ। **৩** (বাঙ্‌লায়) চন্দ্রবৎ আনন্দজনক বস্তু। "ও নাগর গোকুলের চন্দ।—ব ১৪৭।

চন্দন পুং, ক্লী [√চন্দি+অন (ল্যুট্)-ক] **১** 'আহ্লাদজনক', চন্দন-বৃক্ষ। "চন্দনাঃ রা ৩.১.৮২। রঘু ৪.৪৮। পঞ্চ ১.৪২। **২** চন্দনকাষ্ঠ। "ঘৃষ্টং ঘৃষ্টং পুনরপি পুনশ্চন্দনং চারুগন্ধম্ (সু.র)। °রস।—ঋতু ৩.২০। °পঙ্ক, °বারি (S.W.)। **৩** চন্দনপঙ্ক, চন্দনরস। "চন্দনং কিল শীতলম্।—পঞ্চ ৫.২০। "চন্দনচর্চ্চিতনীলকলেবর।—গী.গো ১৪০। নিঃশেষচ্যুতচন্দনং স্তনতটম্ সা.দ ২৲৺। চন্দনচর্চ্চিতাঙ্গা ভা.চ ৫৭৮। চিতাভস্ম-চন্দনে চর্চ্চিতকলেবর শি ৩৪। **৪** শ্রেষ্ঠার্থ। দ্র 'পা ২.১.৫৬। [সমাসে উত্তরপদ] **৫** [বাঙ্‌লায়; সাদৃশ্যে] আনন্দজনক, প্রীতিকর। "চন্দন চাঁদনি রাতি।—গো ২৩৯। —না স্ত্রী শারিবাভেদ। [°কলিকা (বি)—নাসিকায় চন্দনরচিত পুষ্পকলিকাকার চিত্র। "ব.প ৯৪২। °গিরি, °পর্ব্বত (পুং)—মলয়াচল। °চান্দ (বি)—চন্দনরচিত চন্দ্রাকৃতি তিলক। "ভালে সে চন্দনচান্দ, কামিনী মোহন ফান্দ প.র ২৬; ২৭। ব ৬৯। চন্দন-চান্দের মাঝে জ্ঞা ৯। °পঙ্ক (পুং, ক্লী)—চন্দনরস, ঘৃষ্টচন্দন। "যদন্তরং চন্দনবারিপঙ্কয়োঃ রা ৩.৪৭.৪৬। লেপহুঁ চন্দনপঙ্কা বি.প ১৯২। ক.চ ১৬৮। °পাটা, °পীঁড়ি—চন্দন ঘষার পাথরের চাকি। °রুহ ('°মহীরুহ'—মূল; অপ্র)—চন্দনতরু। "সজনি কানু সে বরজ ভুজঙ্গ। সো মঝু হৃদয়-চন্দনরুহে লাগল।—গো ১৭১। °শাল (বি)—চন্দনগন্ধি শালিধান্য-ভেদ। "শূ ১১৪। °সার (পুং)—**১** উৎকৃষ্টচন্দন; সারচন্দন। **২** বজ্রক্ষার।]

চন্দনধেনু স্ত্রী [উ.লো] চন্দনাঙ্কিতা ধেনু, পতিপুত্রবতী মৃতা নারীর উদ্দেশে উৎসৃষ্টা চন্দনলিপ্তা সবৎসা ধেনু। 'পতিপুত্রবতী নারী ম্রিয়েত ভর্ত্তুরগ্রতঃ। চন্দনেনাঙ্কিতাং ধেনুং তস্যাঃ স্বর্গায় কল্পয়েৎ॥

চন্দনবোড়া বি হরিচন্দনের ন্যায় পীতবর্ণ বোড়াসাপ।

চন্দনা, -নীয়া[২] বি পাখায় রক্তচন্দনের মত চিহ্নযুক্ত একজাতীয় টিয়া। "চন্দনীয়া বা.ম ১১৮।

চন্দনাচল, -নাদ্রি পুং [উ.লো] চন্দনজনকগিরি; মলয়াচল।

চন্দনাদিতৈল বি [সং চন্দনাদ্য] চন্দনাদি শীতদ্রব্যে কৃত তৈল-বিশেষ। "ক.চ ২৮৫।

চন্দনি, -নী বি [সং °নীয়া] গোরোচনা। "°নি।—শি ৩১।

চন্দনীয়া[১] স্ত্রী [√চন্দ্+অনীয় (অনীয়র্)-ণ] গোরোচনা।

চন্দনীয়া[২] দ্র 'চন্দনা'।

চন্দা বি [চন্দ্র >প্রা চংদ >°ন্দা; হি, মৈ চংদা; বৈষ্ণবসাহিত্যে] **১** চন্দ্র। "লাখ উদয় করু চন্দা।—বি.প ২০৯। **২** শ্রেষ্ঠার্থ। "শুন হে নাগরচন্দা চ.দা ২৫।

চন্দিম বি [চন্দ্রিম >°ম] চন্দ্রিকা, জ্যোৎস্না, অর্থাৎ আলোক, প্রকাশ। "রামা হে অধিক চন্দিম ভেল বি.প ১২।

চন্দ্র বিণ [√চন্দ্+র (রক্)-ক, উ ২.১৩; স্ত্রী -ন্দ্রা; 'চন্দ্র'—আহ্লাদক (ঋগ্বেদ ১.৫২.৩; ৯)] দীপ্ত, কমনীয়। —ন্দ্র পুং [ছান্দস] **১** দেবতা-বিশেষ, চাঁদ। "হীনচন্দ্রেব যামিনী।—রা ২.৭৬.৯। °সালোক্য মনু ৪.২৩১। শর্ব্বরীভূষণং চন্দ্রঃ।—চাণক্য। যেই শ্লোকচন্দ্র জগৎ করয়াছে আলোক চৈ.চ ৯৪। গোকুলচন্দ্রের নখচন্দ্রে চন্দ্র লয় শরণ।—দা ৪৮। চন্দ্রমধ্যে চন্দ্র দীপ্ত সুচন্দনবিন্দু বি.সু ১০৭। [চন্দ্র, ব্রহ্মার মানসপুত্র অত্রির নেত্রনীর হইতে উৎপন্ন হন (হ, ২৫শ অধ্যায়। রঘু ২.৭৫)। মহাভারতে, সমুদ্রমন্থনে জাত চতুর্দ্দশ রত্নের মধ্যে চন্দ্র একতম (মহা ১.১৮.৩৪)। অশ্বিনী-প্রভৃতি সপ্তবিংশতি দক্ষকন্যা চন্দ্রের পত্নী। রোহিণীর প্রতি অত্যাসক্তি হেতু দক্ষশাপে চন্দ্র যক্ষ্মা রোগে আক্রান্ত ও ক্ষয়প্রাপ্ত হন। পরে দক্ষ, কন্যাগণের প্রার্থনায়, 'চন্দ্রের একপক্ষে ক্ষয় ও এক পক্ষে বৃদ্ধি হইবে'—এইরূপ বর দেন। দেবীপুরাণে, অগ্নি-প্রভৃতি দেবগণের পর্য্যায়ানুসারে চন্দ্রকলাভক্ষণ হেতু চন্দ্রের ক্ষয় হয় (তু 'সিন্ধু অগ্নি রাহু মুখে, শশী ঝাঁপ দেয় দুখে, যার যশে হয়ে অভিমানী।—ভা.চ ৬৬৫)। চন্দ্রের পুত্র বুধ। চন্দ্র হইতে চন্দ্রবংশের উৎপত্তি।] **২** গ্রহ-বিশেষ। **৩** কর্পূর। **৪** (সাদৃশ্যে) স্বর্ণ। **৫** জল। **৬** বিসর্গবর্ণ। **৭** ময়ূরপুচ্ছস্থ গোলচিহ্ন; চন্দ্রক। **৮** রক্তমুক্তাফল। **৯** চন্দ্রদেবতাক ঈড়া নাড়ী। **১০** আহ্লাদজনক দ্রব্যমাত্র। "রাম°, চৈতন্য°। দিনকর-কুল° উ.চ ৬.৮। ব্রজভূমি-চন্দ্র তিঁহো চৈ ৪০। যদু° শি ৫৬। **১১** শ্রেষ্ঠার্থক। "পার্থিব° পা ২.১.৫৬ কাশিকা। অবধূত-চন্দ্র চৈ.ভা ১৭১। [সমাসে উত্তরপদ] **১২** দ্বীপবিশেষ। **১৩** (যোগশাস্ত্রে) ভ্রূমধ্যস্থ সোমমণ্ডল। **১৪** চন্দ্রদেবতাক মৃগশিরোনক্ষত্র। **১৫** এক (১) এই সংখ্যা। **১৬** চন্দ্রসদৃশ জ্যোতিষ্কমণ্ডল। "চতুশ্চন্দ্রবাহী বৃহস্পতি।—ব.প্র ২৪৩। **১৭** চন্দ্রগুপ্ত। "মু ১.৬। —ন্দ্রা স্ত্রী **১** (চন্দ্রচিহ্নযুক্ত?) বিতান, চন্দ্রাতপ। **২** এলালতা। **৩** গুড়ূচী। [°কাইত, °কান্তি—লড্ডুকাকার শ্বেত পিষ্টকবিশেষ। "বি.পা ১৬৮; ২৯৬। ব.প ১৩০১। চৈ.চ ১৫৮। °ক্ষয় (পুং)—অমাবস্যা। °নাড়ু—শ্বেত-লড্ডুকবিশেষ। "শ্রী.মা ৯৯। °নিভ (বিণ)—চন্দ্রসদৃশ, সৌম্য। °পাদ (পুং)—চন্দ্রকিরণ, জ্যোৎস্না। "উ.মে ৯। °পুলী (বি)—ক্ষীর-শর্করানারিকেলাদিকৃত চন্দ্রকলাকৃতি পিষ্টক। "বি.পা ২৯৬। কা ৮০। °প্রভা (স্ত্রী)—**১** চন্দ্রকর, কৌমুদী। **২** বাকুচি ওষধি। °ফলক (বি)—চন্দ্রকলা। "তুমি আমার চান্দ্রায়ণের চন্দ্রফলক ব.প্র ৬০০। °বংশ (পুং)—চন্দ্রের সন্তানপরম্পরা (হ, ২৫শ অধ্যায়)। °বদনী (বিং)—চন্দ্রবৎ কপালে শ্বেতরোমাঙ্কযুক্তা (গবী)। "কৃ.উ ৫৪। তু

'রঘু ১.৮৩। °বল্লরী (স্ত্রী)—সোমলতা। °বল্লী (স্ত্রী)—১ সোমলতা। ২ মাধবীলতা। °বাণ (বি)—চন্দ্রাকৃতি-মুখ অস্ত্রবিশেষ। "নিরমিয়া চন্দ্রবাণ ঝাঁপ দিল তায় শ্রী.মা ২০,-১,-৩। গাড়ে চন্দ্রবাণ বঁটা শ্রী ৩৫। গাড়ীতে কামান চলে বাণ চন্দ্রবাণ ভা.চ ৪৫৯। °বিন্দু (পুং) —চন্দ্রার্দ্ধযুক্ত বিন্দুরূপ অনুনাসিক বর্ণভেদ। °বিম্ব (ক্লী)—চন্দ্রমণ্ডল। "চৈ.চ ১৫৩। °ব্রত (ক্লী)—চন্দ্রলোকপ্রাপ্ত্যর্থ নিয়ম; চান্দ্রায়ণ। °ভাগা (স্ত্রী)—কাশ্মীরদেশীয়া নদী (Chinub)। °মণি (পুং) —চন্দ্রপ্রিয় মণি; চন্দ্রকান্ত মণি। °মণ্ডল (ক্লী)—১ শশিবিম্ব। ২ (বাঙলায়) ধবল রাজচ্ছত্র। "কৃ.উ ২৪১। °মল্লিকা (বি)—শুভ্র-পুষ্প ক্ষুপবিশেষ। "দু ৬৩। ঘ ১৭৩। °মল্লী (স্ত্রী)—অষ্টাপদী, চন্দ্র-মল্লিকা। °মালতী (বি)—শ্বেতপুষ্প পুষ্পবৃক্ষ; চন্দ্রমল্লিকা (?)। "শ্রী ২১২। °মালা, °মালী (বি)—সর্থ 'চন্দ্রমল্লিকা,-মল্লী'। 'শ্রী ৩০; ১০৬। °রেখা, °লেখা (স্ত্রী)—১ চন্দ্রের মণ্ডলসূচক রেখা; শশি-কলা। ২ অপ্সরোভেদ। ৩ ছন্দোভেদ। °লাড়ু (বি)—সর্থ 'চন্দ্রনাড়ু'। "শ্রী.ম ৪৭; ১৩৩। °লোক (পুং)—চন্দ্ররূপ ভুবন; চন্দ্রমণ্ডল। °লোহক, °লৌহ (ক্লী)—চন্দ্রবৎ শুভ্রধাতু; রৌপ্য। °শিলা (স্ত্রী) —চন্দ্রকান্ত-মণি। "ভট্টি ১১.১৫। °সম্ভব (পুং)—'চন্দ্রজাত', বুধ। °সালোক্য (ক্লী)—চন্দ্রলোকপ্রাপ্তি। °হা (-হন্) পুং—'চন্দ্রহিংসক', রাহু।]

চন্দ্রক পুং [চন্দ্র+ক (কন্) স্বার্থে] ১ চন্দ্র। ২ [+ক সংজ্ঞার্থে] ময়ূরপুচ্ছস্থ চন্দ্রাকার চিহ্ন, বর্হনেত্র। "°কলাপ মে ৯০। (শিখী) দেখায় উন্মুক্ত পুচ্ছে চন্দ্রকের রাশি প.তৃ ৩৪। ৩ নখ। ৪ চাঁদা মাছ। ৫ চন্দ্রা-কার মণ্ডল। "মাঘ ৫.৪০। চূড়ে মণি-চন্দ্রক গো·৮৮। —ক ক্লী শ্বেত মরিচ। —কী (-কিন্) পুং [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'চন্দ্রক-বান্', ময়ূর।

চন্দ্রকান্ত পুং [বহুব্রী] 'চন্দ্রপ্রিয়', মণিবিশেষ। "দ্রবতি চ হিমরশ্মা-বুদ্গাতে চন্দ্রকান্তঃ উ চ ৬.১২। পঞ্চ ১.৮৪। —কান্ত পুং, ক্লী কৈরব, কুমুদ। —কান্ত ক্লী [উ.তৎ] 'চন্দ্রতুল্য স্নিগ্ধ'; শ্রীখণ্ডচন্দন, চন্দন। —কান্তা স্ত্রী [ষ.ত] ১ চন্দ্রপত্নী। ২ রাত্রি। ৩ চন্দ্রিকা। ৪ ছন্দো-ভেদ। ৫ চন্দ্রকেতু-রাজধানী। "রা ৭.১০২.৯। —কান্তি স্ত্রী [ষ.ত] ১ চন্দ্রকিরণ। ২ [উ. বহুব্রী] চন্দ্রকান্তিবৎ শুভ্র; রজত।

চন্দ্রগুপ্ত পুং মৌর্য্যবংশীয় রাজবিশেষ। "ভ ১২.১.১২।

চন্দ্রগোল পুং [কর্ম্মধা] চন্দ্রমণ্ডল। [°স্থ (পুং)—চন্দ্রলোকস্থ পিতৃ-গণ। 'বিধূর্দ্ধভাগে পিতরো বসন্তি (সূর্য্যসিদ্ধান্ত)।]

চন্দ্রচূড়, -চূড়ামণি, -মৌলি, -শেখর পুং [বহুব্রী] 'চন্দ্র যাহার চূড়ায়, চূড়ামণি, শিরোভূষা'; শিব। "°র কু.স ৫.৫৮; 'লি ৫.৮৬। °চূড়পদদ্বন্দ্ব ম ৭৬.৮। °মৌলি চ.চ ১৪। °শেখর ম.ম ৪২; মে ৪৮; °চূড় ১৫৪। —চূড়া বি [অসাধু; অপ্র] চন্দ্রচূড়পত্নী দুর্গা। "কৃ ৩৫১। —শেখরা বি [অপ্র] চন্দ্রশেখরপত্নী দুর্গা। "দা ১৭৩৬।

চন্দ্রমা বি [সং চন্দ্রমস্ (°মাঃ); হি, ঠ, গু চংদ্রমা; মৈ চন্‌রমা; পদ্যে] চন্দ্র। "চন্দ্রমার কলা কৃ.উ ২৩৪। ম ২৫; ১৯৭; °মুখ ১৮৮। শ্রী ৪০। °শালিনী ব.প্র ২১৬। দারা চন্দ্রমার প.তৃ ৩৫। চন্দ্রমা-উদয়। —হেম ২৫৫। চন্দ্রমা পবন—রামমোহন রায়।

চন্দ্রমাঃ(-মস্) পুং [চন্দ্র+√মা+অস্ (অসি)-র্ম, উ—৪.২২৮; তু 'চন্দ্র+মাঃ (মাস্), উভয়শব্দ একার্থক] ১ 'রজতের সদৃশীকৃত'; চন্দ্র। "মহা ৩.৭৬.৩৪। ২ আহ্লাদজনক বস্তুমাত্র। "কু নন্দকুলচন্দ্রমাঃ। —ললিতমাধব ৩.২৫। চৈ.চ ৩৪৯। ৩ কর্পূর। [°মসি (বাঙলায়; অপ্র)—চন্দ্র। "রূপ যেন চন্দ্রমসি ম.বি ১১৬।]

চন্দ্রমুখী বি যে স্ত্রীর মুখ চন্দ্রতুল্য কমনীয়; চন্দ্রাননা, সুন্দরী। "চন্দ্র-মুখী সীতা।—কৃ ১৪৭। চন্দ্রমুখী ভার্য্যাগণ।—দা ৪৮; হেসে চন্দ্র-মুখী কন ৪৭৭।

চন্দ্রশালা স্ত্রী [বহুব্রী] ১ চন্দ্র যাহার আধার; জ্যোৎস্না। ২ [উ.লো] চন্দ্রস্পর্শী গৃহ; প্রাসাদোপরিস্থ গৃহ; বলভী, চিলেঘর। "রঘু ১৩.৪০। —শালিকা স্ত্রী [°লা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] চন্দ্রশালা।

চন্দ্রহার বি ১ স্ত্রীলোকের কটিভূষণবিশেষ (ইহার থামি চন্দ্রাকৃতি)। "কোমরেতে চন্দ্রহার, চন্দ্র দেখে মানে হার।—দা ১৬৩৩। ২ কণ্ঠহার-বিশেষ। "চন্দ্রহার গলায় শ্রী.মা ৯৬।

চন্দ্রহাস পুং [উ.বহুব্রী] ১ চন্দ্রপ্রভার ন্যায় যাহার প্রভা; খড়্গ; অসি। "কটিতটে চন্দ্রহাস, চন্দ্রহাস পরকাশ।—রঙ্গ ৭। ২ রাবণের খড়্গ। ৩ কেরল দেশের নৃপতিবিশেষ। দ্র 'ম ১১৯৫। ৪ (বাঙলায়) চন্দ্রপ্রভা। দ্র 'চন্দ্রহাস (১)। ৫ অসির নাম। "শ্রী.মা ১৬। —হাস ক্লী রৌপ্য। —হাসা স্ত্রী গুড়ূচী।

চন্দ্রাণী বি [তু 'ইন্দ্রাণী', অপ্র] চন্দ্রপত্নী। "ইন্দ্রাণী চন্দ্রাণী তুমি বা.ম ৮৮।

চন্দ্রাতপ পুং [ষ.ত] ১ চন্দ্রকিরণ, জ্যোৎস্না। ২ (সাদৃশ্যে ?) বিতান, চাঁদোয়া। "নীল চন্দ্রাতপ স.শ ৮২।

চন্দ্রানন বিণ [বহুব্রী; স্ত্রী -না] যাহার চন্দ্রবৎ সৌম্যমুখ; সৌম্য-দর্শন। "উমা চন্দ্রাননা মে ২৯। —নন পুং ১ কার্ত্তিকেয়। ২ (বাঙলায়) চন্দ্ররূপ মুখ। "শ্রীরামের চন্দ্রাননে অমৃতবচন কৃ ৫৬। —ননী বিং [সং °ননা] চন্দ্রমুখী, সুন্দরী। "ম ৪৪৯। কহ চন্দ্রাননি শ্রী.ম ২৭১। রাই চন্দ্রাননী দা ১৭৩।

চন্দ্রাপীড় পুং [চন্দ্র আপীড় যাহার, বহুব্রী] ১ চন্দ্রশেখর, শিব। ২ কাদম্বরীর নায়ক।

চন্দ্রাবলী স্ত্রী ১ বৃন্দাবনস্থা গোপীবিশেষ। "বি.মা ৭.২৬। [ইহার পিতা চন্দ্রভানু, মাতা বিন্দু, স্বামী কংসের মল্ল গোবর্দ্ধন। ইনি কৃষ্ণের নিত্যপ্রিয়া সখী।] ২ (বাঙলায়) কর্ণভূষণবিশেষ। "বি.পা ১৭৭।

চন্দ্রাভাস বি [অপ্র] চন্দ্রের আভাস, অর্থাৎ চন্দ্রসদৃশ মণ্ডলাকার ভূষাবিশেষ (?)। "সুবর্ণের চন্দ্রাভাস দিলেন কপালে বা.ম ৪৫।

চন্দ্রায়ণ বি [সং চান্দ্রায়ণ] পাপক্ষয়ার্থ প্রায়শ্চিত্তবিশেষ। "হেরে চন্দ্রানন, চন্দ্রের চন্দ্রায়ণ, অমনি হয় গো।—দা ৪৮; ৪৭৭। বা.দ ২৩৯।

চন্দ্রার্দ্ধ পুং [ষ.ত] ১ চন্দ্রাংশ, চন্দ্রখণ্ড, শশিকলা। "ভগবাংশ্চন্দ্রার্দ্ধ-চূড়ামণিঃ হি ১.২২৬। ২ চন্দ্রকলাকৃতি পাণিভাগ, অর্দ্ধচন্দ্র, গলাধাক্কা। "তদ্দীয়তাং দ্রাগেতস্য চন্দ্রার্দ্ধঃ।—পঞ্চ ৪৩৮।

চন্দ্রিকা স্ত্রী [চন্দ্র+ইক (ঠন্)-অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] ১ 'চন্দ্রা-শ্রয়বতী', জ্যোৎস্না। "অভিব্যক্তায়াং চন্দ্রিকায়াং কিং দীপিকাপৌন-রুক্ত্যেন।—বিক্র ৩৩। রঘু ১৯.৩৯। °ধৌতহর্ম্ম্যা পূ.মে ৭। নব° মাঘ ৯.২৮। ২ (সাদৃশ্যে) আনন্দদায়িনী। "মহালক্ষ্মীঃ হরিলোচন-চন্দ্রিকাম্ (কুবলয়ানন্দ-টীকামুখ)। ৩ বিশদব্যাখ্যা, সুস্পষ্ট বিবৃতি। "অলঙ্কার°, কাব্য°, শব্দ°, স্মৃতি°। ৪ চন্দ্রকমৎস্য, চাঁদা মাছ। ৫ মল্লিকালতা। ৬ স্থূলৈলা, বড় এলাচ। ৭ চন্দ্রভাগা নদী। ৮ মেথিকা। ৯ ছন্দোভেদ। [°পায়ী (-য়িন্)—চকোর পক্ষী। ময়ূর-চন্দ্রিকা (অপ্র)—ময়ূরচন্দ্রক, অর্থাৎ ময়ূরপুচ্ছ। "চূড়ার টালনী বামে, ময়ুর-চন্দ্রিকা ঠামে জ্ঞা ৭।]

চন্দ্রিম, -মা বি [সং চন্দ্রমাঃ >লি চন্দ্রিমা, প্রা চংদিমা (চন্দ্রিকা); অপ্র] ১ চন্দ্র। "বামন হইয়া চাহ চন্দ্রিমা ধরিতে ম ১০৮৫। চন্দ্রিমাকরে ভ.গ্র ৮৩। বদনচন্দ্রিমা শ্রী.মা ৯৭। করুণ-চন্দ্রিমা চৈ.ম ৩৮; সচন্দ্রিম রজনী চন্দ্রিমমুখী বালা ৬৫। বদনচন্দ্রিমা দু. ৩৭। সরসীর জলে, চন্দ্রিমা করিছে কেলি।—মাইকেল। শারদচন্দ্রিমা ন ৪২২। ২ (সাদৃশ্যে) আনন্দদায়ক বস্তুমাত্র। "এই সে সৈরিন্ধ্রী

হবে বিদর্ভচন্দ্রিমা ম ৪৪৯। ৩ গোলাকার তিলক। "(কপালে) চন্দনচন্দ্রিমা ব.প ৩৮৫। ৪ চন্দ্রিকা, জ্যোৎস্না। "চন্দ্রিমা যথা সরসীর জলে, মনোহর মা ১৬৭।

চন্নন বি [সং চন্দন; হি চনন; মৈ চানন; কথ্যভাষা] চন্দন। "চন্ননের বাটি ব.প ১৬৫। —না বি সর্থ 'চন্দনা'। [°পাটা, °পীড়ি—চন্দন-ঘর্ষণার্থ প্রস্তরফলক।]

চপ্ সক [ভ্বা, প—চপতি; সেট্] ১ সান্ত্বন। ২ উপশম।—প্ সক [চু, প—চপয়তি; সেট্] ১ শাঠ্য। ২ চূর্ণীকরণ।

চপ[১] বিং [চুপ > °প] মৌনী, চুপ। [চপ!—চুপ কর; চপ রাও (হি চুপ রহো)—চুপ কর। "রেলওয়ে পুলিশের পাহারাওয়ালা…'চপ রাও' 'চপ রাও' করে উঠলো হু ২৩০।]

চপ[২] অব্য [চট > °প; অপ্র] শীঘ্র। "চপ ক'রে চান্দ্রুষে আকাশ নিল ঢেকে শি ৭৫।

চপ[৩] বি [E. chop] ভাজা মাংসখণ্ড।

চপচপ বি [ধ্বন্যাত্মক; তু 'সং √চর্ব্ব্; চপুচপু—ন চপুচপুকারকং ভুঙ্ক্তিসস্যামি (ভিক্খুপাতিমোক্খ)] ১ চর্ব্বণশব্দ। "চপচপ চিবায়ে চলেন হাতী ঘোড়া শ্রী.মা ১৪৮। ২ আঘাতজন্য শব্দ। "দশনে অধর চাপি চপচপ পিটে শি ৭১। [এই অর্থে 'চপচপ' অসঙ্গত, বোধ হয়, 'চাপি'র সহিত অনুপ্রাস হেতু 'চপচপ'।]

চপ(পে)ট[১] পুং [তা শপ্পট্টে—flat; চারুডী—শ্লিষ্টকরসংপুট (দেশী ৩.৩)] বিস্তৃতাঙ্গুলি-পাণি; চর্পট, চড়। —পেটা,—পেটিকা স্ত্রী চপেটা-ঘাত, চড়। "খণ্ডিকোপাধ্যায়ঃ শিষ্যায় চপেটাং (চপেটিকাম্) দদাতি। —মহাভাষ্য; পা ১.৪,৩২, তত্ত্ববোধিনী)।

চপট[২] '-ট্' বি ১ (অপ্র) আঘাত। "চরণ চপটে সেনা চৌদিকে বিনাশ শ্রী.মা ২০৩। ২ চাপ, আধিক্য, প্রচুর আয়োজন। "জল সপ্সপানি, লুচি মণ্ডা দই ও আঁবের চপটে একরকম ভ্যাপসো গন্ধে বাড়ী মাতিয়ে তুল্লে হু ১১৪।

চপটান বি [অপ্র] চাপ দেওয়া; চাপ। "বাবাজীরা লোকের চপটানে হট্প্রেসের ফরমার মত…জাত সহ্য করে পরে কথঞ্চিৎ আরাম পেলেন হু ২৩০।

চপল বিণ [√চপ্+অল (কল)-ক (অ.টী); √চুপ্+কল, উ ১.১০৮] ১ শীঘ্র, সত্বর, দ্রুত; চঞ্চল। "গতং শৈশবাচ্চপলমপ্যশোভত রঘু ১১.৮। ২ ক্ষণিক, নশ্বর, চঞ্চল। "নলিনীদলগতজলমতিতরলম্, তদ্বজ্জীবন-মতিশয়চপলম্ (মোহমুদ্গার)। মানুষ্যং জলবিন্দুলোলচপলম্।—হি (S.W.)। চপল সুখলব।—গো ২৬৯। ৩ চঞ্চল, তরল, অস্থির। "জিহ্বয়া …বিদ্যুচ্চপললোলয়া মহা ৩.১২৪.২৪। ৪ জাতপ্রবাহ, চলিত। "কুল্যাম্ভোভিঃ পবনচপলৈঃ শ ১.১৪, টীকা। ৫ বেগবান, প্রবল। "অতিচপল (বায়ু)।—পঞ্চ (S.W.)। ৬ অব্যবস্থিত, চল, লোল। "জঘনচপলা (পুংশ্চলী)।—পঞ্চ ১.১৮৪। চপল চরিত তুয়া, চপল বচনে আর, কতই করব বিশোয়াস জ্ঞা ২৪৬। ৭ অব্যবস্থিতচিত্ত, চলমতি। "চপলোঽয়ং বটুঃ। কদাচিদস্মৎপ্রার্থনাম্ অন্তঃপুরেভ্যঃ কথয়েৎ শ ২২২/৮। ৮ বহুগর্হিতবাদী, পরুষভাষী। "ন স্যাদ্ বাক্চপলঃ মনু ৪.১৭৭। ৯ অনুপযুক্তবস্তুগ্রাহী; বৃথা ভ্রমণকারী। "ন পাণিপদচপলঃ স্যাৎ মহা ১৪.৪৫.১৮। মনু ৪.১৭৭। ১০ বিকল। ১১ অবিনিশ্চিত-কারী (অ.টী), অর্থাৎ যে দোষ নিশ্চয় না করিয়া বধবন্ধনাদি করে। "অহর্নিশ ভ্রমি বুল চপলসমাজে শ্রী.ম ৬৪। —ল পুং ১ রস, পারদ। ২ মৎস্যভেদ, চেলামাছ (?)। ৩ জাতক। ৪ মূষিকভেদ। "সুশ্রুত ৫.৬.১। ৫ চোরনামক গন্ধদ্রব্য। ৬ ক্ষয়রোগ। ৭ প্রস্তর-ভেদ। ৮ কৃষ্ণ সর্ষপ (A.)। —ল ক্লী শীঘ্র (মেদিনী)। —লা স্ত্রী ১ লক্ষ্মী; চাপলবতী স্ত্রী। "°জন মাঘ ৯.১৬। ২ বিদ্যুৎ। "কুরুবক-কুসুমং চপলাসুষমম্ গী.গো ৭.২৩। চপলা চপলাগতি বা.দ ১৫৩। ৩ পুংশ্চলী। ৪ পিপ্পলী। ৫ মদিরা। ৬ বিজয়া, ভাঙ। ৭ জিহ্বা। ৮ আর্য্যাচ্ছন্দোবিশেষ (বৃত্তরত্নাকর)। [চপলতা (স্ত্রী)—ব্যভিচারি-ভাববিশেষ। 'সা.দ ৩.১৬৯। °লাঙ্গ (পুং)—শিশুমার। চপলে (অপ্র)—শীঘ্র। 'চপলে আসিয়া ম.পা ১৩,-৭। শ্রী.মা ২৬।]

চপেট, -টা, -টিকা দ্র 'চপট[১]'।

চপেটী স্ত্রী ভাদ্রশুক্লষষ্ঠী, চাপড়াষষ্ঠী।

চবক বি ['ফা চোবক্'—ক্ষুদ্র যষ্টি] দণ্ডের অগ্রভাগে সংলগ্ন সূক্ষ্মাগ্র-লৌহফলকযুক্ত অস্ত্রবিশেষ।

চবচব, জবজব '-ব্-ব্' বি ['জাব' > জবজব (দ্বিত্ব), > চবচব; ভাবাত্মক] জাবের মত অতিসিক্তভাব; সম্পূর্ণ ভিজার বা তৈলাদি-যুক্তের ভাব। "ঘৃতে জবজব কৈল নালিতার শাক ক.চ ২১০। (বুকের কলিজা) ভাজে ঘৃত জবজব শ্রী ৩১। (চুল) নারিকেলের তেলে জবজব জা ৯।

চবি, -বিকা, -বী স্ত্রী, **-ব্য** ক্লী, **-ব্যা** স্ত্রী লতাবিশেষ, চই।

চবুতারা, চৌতারা বি সর্থ 'চউতোর'। "লক্ষ লক্ষ চৌতারা কৃ ৮৯; বাহির চৌতারায় ৩৮১; চৌতারা ৪৩৫। বসিবার চৌতারা চৈ.ম ১৭৯। চবুতারা মণ্ডপ ভ.গ্র ১৬২। চারিদিকে কেয়ারি ও মধ্যে মধ্যে চবুতারা আ.দু ২০৪।

চব্বিশ স.বিং [সং চতুর্বিংশতি > লি চতুব্বীসতি, প্রা চউব্বীস, -ব্বীস; হি চৌবীস; ঠ চো(চৌ)ব্বীস; গু চোবীস] চতুর্বিংশতিসংখ্যক। —শ বি চব্বিশ (২৪) এই সংখ্যা।

চম্ সক [ভ্বা, প—চমতি, আচামতি; সেট্] ভক্ষণ। [আ—আচমন, উপস্পর্শ; ভক্ষণ।]

চমক[১] বি [সং চমৎকার > প্রা চমক্ক (প্রা.ম) > বা °ক] ১ আশ্চর্য্য, বিস্ময়, চমৎকার। "ছিরারে চমক লাগে ক.চ ২৬১। ত্রিভুবনে লাগিল চমক শ্রী.ম ২০১। চমক আবেশে ভ.গ্র ২৪৪; শুনিঞা যে চমক পড়ি গেলা ৩৩৬। হেরি চমক মোহে লাই।—গো ১২৯। ভাঁড়িয়া গেল পরাণে চমক লাগে ম.ম ১০। লোকচমকের (ভণ্ডামি)।—কা ১৩৯। (তিনি) চমক লাগাইবার জন্য…যাদুগিরি করিতে চাহেন নাই চা.পু ৭৫। ২ সবিস্ময় ভয়। "কহ বলরাম, চমক মোহে লাগল ব ১৭৫। ৩ দীপ্তি, ক্ষণিক প্রভাপ্রকাশ। "তড়িতের চমক উজ্জ্বল।—রঙ্গ ৮২। জানালা দিয়ে মেঘের থেকে, চমক মেরে যাব দেখে চ.কা ৪০৮। ৪ (অপ্র) অগ্নিস্ফুলিঙ্গপ্রকাশক চকমকীর পাথর বা লৌহখণ্ড। "চমক উপরে জেন পাথর ঘসয়। দীপ্তিমন্ত অনল জেহেন নিকলয়॥—গো.বি ১৯৪। চমক পাথরে যেন পলাদ ঘসএ মী ৪৩। ৫ চৈতন্য, হুঁশ। "হঠাৎ একটু চমক হইল। কৃষ্ণকান্ত সটকা হাতড়াইলেন, পাইলেন না।—ব.প্র ২৬৩। ৬ [অস চমক্] আতঙ্ক। "চমক লাগা। —ক বিং বিস্ময়কর, মোহন। "চমক চন্ননি জ্ঞা ৬৭। —কা বি মোহ, নিশ্চেষ্টতা, অসাড়-ভাব। "প্রজার দুরবস্থা শুনতে ইণ্ডিগো কমিশন বসলো। ভারতবর্ষীয় খুড়োর চমকা ভেঙ্গে গ্যাল হু ১০৬। [থমক চমক—থমক ও চমক বাদ্য ('চমক' লিপিপ্রমাদ?)। "শ্রী.ম ১৬৮। চমক পড়া—বিস্ময় জন্মান। চমক ভাঙা—বিস্ময় বা তজ্জন্য অন্যমনস্কতা দূর হওয়া। চমক লাগা—বিস্ময়াবেশ বা আতঙ্ক হওয়া।]

চমক[২] অর্ম্ম [চমক[১] > √°ক; হি, ঠ, গু √চমক] ১ দীপ্তি পাওয়া; স্ফুরিত বা প্রকাশিত হওয়া। "সৌদামিনী চমকে ব.প ৬০৪। চপলা চমকে স.শ ৮৫। চমকিছে রূপজ্যোতিঃ।—ন ৪১১। ২ [অস √চমক্] অকস্মাৎ ভয়ে কাঁপিয়া উঠা বা থাড়্মাড় খাওয়া (to be startled)। "নখর পরশে ধনী চমকই গোরী। দংশইতে চমকি উঠই তনু মোরি॥ —গো ১৫২। ছেন ছেনে চমকই রা.শে ৮৮। চমকি মুদিত আঁখি মিলিলা

রাবণি মে ১৯৬। ৩ চকমক করা। "চমকে চিক্কণ অসি দু ৮০; ৮৮। ৪ [হি √চমক] চঞ্চল হওয়া। "চমকি চুম্বি, চঞ্চরি পদ্ম.-মিনিক সদন সাজে জ.প ৩৫। —কা অর্থ [হি √চমকা] ১ সর্থ 'চমক (১)। "বিজুলি থেকে থেকে চমকায়।—গান ৮৮। ২ সর্থ 'চমক (২)। [চমকউ, -কয়ে, -কায় (প.ক)। চমকান—সর্থ 'চমকা'। চমকানি —যে চমকিত (বিস্মিত) করে; মোহিনী। "(রাধা) শ্যাম নিহারিণী চমকানি রে।—গো ৯১। চমকে নেওয়া—চমকান, অল্প ভাজা (যব, মশলা)। চমকি, -কী (গ্রী.কী)।]

চমকিত বিং [°ক+ইত; দ্র 'চমক'১; তু 'দুঃখিত'] ১ বিস্মিত, চমৎকৃত। "ব্যাখ্যা শুনি…চমকিত মন (চৈ.চ)। ২ চঞ্চল, অধীর। "তোর মৃদু রায়, কামশর তায়, চিত কৈল চমকিত ক.চ ১৪৪। ৩ কম্পিত। "বাণশব্দে চমকিত এ তিন ভুবন।—ম ১১৫৬। [চমকিনি, -কিলী—চমৎকৃতা। "°নি (প.ক)। °লী (গ্রী.কী)।]

চমচম '-ম্-ম্' বি [হি চমচম] ছানা ও ক্ষীরজাত মিঠাইবিশেষ। —চমা বি ['চমক'—মূল] বিস্ময় বা আতঙ্ক হেতু কর্ত্তব্যবিমূঢ়তা। [চমচমে রোদ (হি চমাচম)—প্রখর রৌদ্র।]

চমচমা, -চমে দ্র 'চমচম'।

চমৎকরণ ক্লী, **-কার** পুং [চমৎ+ √কৃ+অন (ল্যুট্),+অ (ঘঞ্) -ভা] ১ বিস্ময়। "সচমৎকার ক.সা ২২.১৪৭; °কারকারিচরিত ২৫৭। স্বর্গ মর্ত্ত পাতালে লাগিল চমৎকার কৃ.উ ২৫০,-৫৩। দেখিয়া লাগে চমৎকার ম.ম ৪২। শুনিয়া…চিত্তে চমৎকার হল শ্রী.মা ২৪। চমৎকারকারী।—ভ.গ্র ৩৩৬। ২ [+অন,+অ,-ণ] কাব্যের মোহন-শক্তি। —কার পুং ১ আস্বাদ। "'চমৎকার' আস্বাদঃ কা.প্র ১৫, টীকা। ২ অপামার্গ। ৩ (বাঙলায়) আশ্চর্য্যজনক, বিস্ময়কর। "আ মরি মরি, কি চমৎকার চিত্র করিয়াছে!—সী ৭। ৪ আশ্চর্য্যান্বিত, বিস্মিত। "চমৎকারচিত্ত হয়্যা যান ধর্ম্মরাজ ম ১২৬৮। বা.ম ১৭১। ম.ম ৩০। চমৎকার চন্দ্রচূড় চণ্ডীপানে চান শি ৩৩। চৈ.ভা ৪৪২। —কারিত বিণ [+ √কারি+ত (ক্ত)-র্ম্ম] জনিতবিস্ময়; বিস্মাপিত। "বিচিত্রচরিতোল্লেখচমৎকারিতচেতন ক.সা ২৫.২২৫। —কারী (-রিন্) বিণ [+ √কৃ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] বিস্ময়কর; স্বাদু, উপভোগ্য। "°রিত্ব কা.প্র ১.৫, টীকা। —কৃত বিং বিস্মিত। —কৃতি স্ত্রী [+ √কৃ+তি (ক্তিন্)-ভা] চমৎকার, বিস্ময়; স্বাদ, উপভোগ্যতা। "চেতশ্চমৎকৃতিপদং কবিতেব রম্যা (ভামিনীবিলাস)। বিরোধালঙ্কারে ইহা মহাচমৎকৃতি চৈ.চ ৫৯।

চমর পুং [√চম্+অর (অরচ্)-ক, উ ৩.১৩২] মহিষাকৃতি মৃগভেদ; চমর-গো (yak)। "রা ২.২৯.৩। —র পুং, ক্লী চমরপুচ্ছজাত ব্যজন-বিশেষ; চামর। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ চমরজাতি-স্ত্রী, চমরগবী। "কু.স ১.১৩; ৪৮। ২ (চমরসাদৃশ্যে) মঞ্জরী।

চমস পুং [√চম্+অস (অসচ্)-র্ম্ম] ১ পর্পট, পাঁপর। ২ লড্ডুক। —স পুং, ক্লী যজ্ঞপাত্রবিশেষ, চামচবিশেষ।

চমূ স্ত্রী [√চম্+উ-ক, উ ১.৮১] ১ 'শত্রুনাশক', সৈন্য, সেনা, বল। "গী ১.৩। ম.পা ৫৪। রাঘবীয় চমূ মে ৮০; রক্ষ° ১৯৮। ২ অক্ষৌহিণী-বিভাগবিশেষ। দ্র 'অক্ষৌহিণী'। [°চর (পুং)—সৈন্য। "মাঘ ৩.৮০। °নাথ, °পতি (পুং)—সেনাপতি। "°নাথ ভ ৪.২৬৩; °পতি ৮.১০. ১৬; রঘু ১৩.৭৪। ম.পা ৫৮,-৯।]

চমূরু পুং মৃগবিশেষ। "°চর্ম্ম মাঘ ১.৮।

চম্প পুং [√চম্প, গতি+অ (অচ্)-ক] কোবিদারবৃক্ষ। —ম্প ক্লী কোবিদারপুষ্প। —ম্পা স্ত্রী ১ অঙ্গদেশস্থ কর্ণপুরীবিশেষ; ভাগলপুর। "বা.ভা ১৪৬। ২ কাঁটালের চাঁপা। [চম্পাধিপ (পুং)—চম্পারাজ কর্ণ। চম্পাবতী (স্ত্রী)—কর্ণ-রাজধানী।]

চম্পক পুং [√চম্প,+অক (ণ্বুল্)-ক; দ্রবিড়ীয় (?)] ১ পুষ্পবৃক্ষ-বিশেষ। [স্ত্রীলোকের বক্ত্রবাত (ফুঁ) চম্পকের দোহদ (উ.মে ১৭, টীকা)।] ২ (চাঁপাফুলের পাপড়ির মত) কাঁটালের চাঁপা। ৩ কদলী-তরুভেদ, চাঁপাকলা গাছ। —ক ক্লী ১ চম্পকপুষ্প। "°দামগৌরী মহা ১৫.২৫.১৩; ভা.চ ৫৬৫। ২ চাঁপা কলা। [°চতুর্দ্দশী (স্ত্রী) —জ্যেষ্ঠ-শুক্লচতুর্দ্দশী (ইহাতে চাঁপাফুলে শিবপূজা করিতে হয়)। °মালা (স্ত্রী)—১ চম্পকরচিত মাল্য। ২ স্ত্রী-কণ্ঠাভরণবিশেষ। ৩ বর্ণবৃত্তবিশেষ। °লতা (বি)—গামছাবিশেষ। "বৈশাখে চম্পকলতা নূতন গামছা ব.প ১১০৩।]

চম্পট বি [তু 'সং √চম্প,—গতি; হি চংপৎ] অন্তর্দ্ধান, পলায়ন, প্রস্থান। "মুখে যত চোট, কাজেতে চম্পট।—অমৃতলাল বসু। চম্পট করিয়াছেন আ.দু ১৫১। ফেরুগুরা পুলিশের ভয়ে সকলেই চম্পট দিলেন হু ৫৮। 'ওগো—বাবা গো'—বলিয়াই দিগ্‌গজ চম্পট ব.প্র ৩২। [চম্পট দেওয়া, করা (অপ্র)—পলায়ন করা। "পরের খেয়ে চম্পট, করি আমি দা ১৯৯৬; ২০৮৫।]

চম্পূ স্ত্রী [?] গদ্যপদ্যময় কাব্য (সা.দ ৬.৩৩৬)। "°ভারত, °রামায়ণ, গোপাল°, নল°।

চয় পুং [√চি+অ (অচ্)-ভা] ১ রাশীকরণ। ২ পুষ্পাদিচয়ন। ৩ অগ্নিচয়ন। ৪ [+অ-ধি] সমূহ, রাশি, পুঞ্জ। "চয়ত্বিষাম্ মাঘ ১.৩। মৃদাং চয়ঃ উ.চ ২.৪। ভ্রমর° গী.গো ১২.২০। ও নহে তারকা-বলী, নব ফেনচয় (প.তৃ)। ৫ সজ্ব, গণ। "চমরী° মাঘ ৪.৬০। ৬ প্রাকার-মূলবন্ধ, অর্থাৎ যাহার উপরে প্রাকার অবস্থিত হয়। খাতোদ্ধৃতমৃত্তিকাস্তূপ; বপ্র (rampart)। "মহা ৩.১৬০.৩৯। ৭ প্রাকার (S.W.)। ৮ পরিখোদ্ধৃতমৃত্তিকাস্তূপ (ত.বা)। ৯ পীঠ, আসন। ১০ কাষ্ঠরাশি। ১১ শোথ (শ.ক)। —য়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ রাশীকরণ। ২ আহরণ, সংগ্রহ। "পুষ্প°। চয়ন করিয়া সেই চরণের রজঃ শি ৯৬। ৩ [+অন-ণ] সংস্কার-সাধন যূপাদি। "মহা ৭.৫৮.১। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্) -র্ম্ম] আহরণীয়, রাশীকরণীয়।

চর্ সক [ভ্বা, প—চরতি; সেট্] ১ গতি, ভ্রমণ। ২ ভক্ষণ। ৩ আচরণ (ক.ক)। [অতি—লঙ্ঘন। অনু—অনুগমন। অভি—অতিক্রম; মারণ। আ—আচরণ। উদ্—উচ্চরণ, লঙ্ঘন। উপ—উপ-চার, পূজা। পরি—পরিচর্য্যা, সেবা। প্র—প্রচার। বি—বিচরণ, ভ্রমণ। বি-অভি—ব্যভিচার, অতিক্রম। সম্—সঞ্চরণ, গমন। সম্-আ—সমাচরণ, সম্যগনুষ্ঠান। সম্-প্র—সম্যক্‌প্রচার বা প্রকাশন।]

চর১ বিণ [√চর্+অ (অচ্)-ক; স্ত্রী -রা; বৈদিক] ১ চল, গতিশীল, জঙ্গম। বিপ 'অচর, স্থাবর'। "ভূতং চরাচরম্।— গী ১০.৩৯; ১৩.১৫। জগৎ সর্ব্ব চরং স্থাণু মনু ৩.২০১; ভূতানি স্থাবরাণি চরাণি চ ৭.১৫। চরাণি ভূতানি…ধ্রুবাণি ভ ৫.৫.২৬। পুলকিত স্থির চর জাতি।—গো ৩০। ২ অনবস্থিত, নশ্বর। ৩ ভ্রমণকারক। "কাম°, ক্ষপা°, খ°, খে°, গগন°, গিরি°, জল°, নিশা°, রজনী°, বন°, সহ°। ৪ চরণকারক, তৃণাদিভক্ষক (grazing)। "ধর্ম্মারণ্যচরেষু…প্রাণিষু।—শ ৫.৯। ৫ চল, কম্পমান। ৬ অনুষ্ঠাতা। "বকব্রত° মনু ৪.১৯৬। ৭ 'ভূতপূর্ব্ব' অর্থে প্রত্যয়। "অদৃষ্ট°, আঢ্য°। —র পুং ১ স্বপররাষ্ট্রবৃত্তান্ত-জ্ঞানার্থ নিযুক্ত রাজপুরুষ; প্রণিধি, চার। দ্র 'পঞ্চবর্গ (৫)'। "গো.রা ৪.১.৭। মনু ৭.১২২। ২ কপর্দ্দক। ৩ খঞ্জনপক্ষী। ৪ অক্ষক্রীড়াভেদ। ৫ মঙ্গল-বার। ৬ মেষ কর্কট তুলা ও মকর রাশি। "°লগ্ন (ত.বা)। —রণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ভ্রমণ, গতি। "ঋগ্বেদ ৯.১১৩.৯। ২ ভক্ষণ। "ভৈক্ষ° মনু ২.১৮৭। ৩ অনুষ্ঠান, আচরণ। "তপশ্চরণৈ-রুগ্রৈঃ মনু ৬.৭৫। ৪ আচার। ৫ আচরণ, চরিত। ৬ [+অন-ণ]

'গমনসাধন', মার্গ, পথ। —ণ পুং, ক্লী ১ পাদ, পদ। "নিপীড্য মাতুশ্চরণৌ রা ২.২৫.৪৫। °লেহন।—ন ৮১২। ২ চলনসাধনমাত্র, চক্রাদি। "ধৃতরথ° ভ ১.৯.৩৭; ৫.১.৩১। ৩ আশ্রয়, আলম্বন। ৪ বেদৈকদেশ, বেদশাখা; শাখাধ্যেতা (তত্ত্ববোধিনী)। "পা ৪.১.৬৩, সি। ন পৃচ্ছেচ্চরণং গোত্রম্।—পঞ্চ ৪.৩। ৫ শ্লোকের চতুর্থাংশ; শ্লোকপাদ (foot)। "শ্রুতবোধ ৩০। ৬ চতুর্থভাগমাত্র, সিকিভাগ। ৭ বৃক্ষমূল। "°প। —ণ পুং ১ পদাতিসৈন্য। ২ সূর্য্যকিরণ। ৩ (বাঙ্লায়) পাদ (গৌরবসূচক)। "মাসির চরণে, কহিয়া বচনে, গোপতে আনিবে বহুঁ রা.গে ১০। অবিদিত নহে কিছু তোমার চরণে মে ২০৩। ও পাড়ার মতি রাণীমাতাজির, চরণে দেখতে হয়েছে হাজির।—কা ১১১। শ্রীচরণকৃপাতে E.P. 124. ৪ পদচিহ্ন। রা.প ২০। ৫ গবাদির তৃণাদিভক্ষণ। "চরণে চলিল পাল।—ব.প ৭৮৪। ৬ (অপ্র) চড়ন, চড়া। "তোহ্মার চরণ ঘোড়া ম.গা ৬। গো.চ ৩২৭। [চরণগ্রন্থি (পুং), °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—গুল্‌ফ। °প (পুং)—পাদপ। °চালনি (বি)—পাদন্যাস। "ন.প ৩৪৯। °পদ্ম (বি)—পদ্মসদৃশ স্ত্রীলোকের পাদভূষণবিশেষ। "চরণে চরণপদ্ম দা ১৫৭৩; ১৬৩২। °পাত (পুং)—পাদন্যাস। চরণ-না, চলন-নৌকা—চড়ার নৌকা (মালের নৌকা নহে)। "চান্দর চলন নৌকা ম.ম ১২৯; চরণ-নায় ২২৪।]

চর² বি সর্থ 'চড়া'³। "চরে পাছে ঠেকে ডিঙ্গাখান ক.চ ২০০। শ্রী.ম ৬৮। বা.ম ৩৪৫। ম.ম ১৯। রেণুময় চরে স.শ ১৩৯।

চর³ অর্ম্ম [সং √চর্; হি, ঠ, মৈ √চর] ১ পশুপক্ষীর ঘুরিয়া ঘুরিয়া তৃণকীটাদি খাওয়া। "চামর চরই বি.প ১৮১। চরত সব ধেনু (প.ক)। ২ উড়িয়া বেড়ান। "(খেচর) কভু বনে চরে, বিমানে বিহরে। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। ৩ (অপ্র) প্রবাহিত হওয়া। "পবন ভুবনে চরে স.শ ২৪। ৪ (অপ্র) ভ্রমণ করা। "(কতশত মহাজন) প্রেমভরে অহর্নিশ বনে বনে চরে স.শ ২। ৫ (বৈষ্ণবসাহিত্যে) গমন করা; চলা। "ঐছন চরিতে, মিলল যাঁহা সুন্দরী বি.সা ৩২৮। দুজনে দ্বন্দ্ব করে, দাসী আনন্দে চরে ভা.চ ৫৩৩। —রা সর্ম্ম [°র+আ⁸] (পশুকে) তৃণাদি খাওয়ান; খাওয়ান। "ধেনু চরাওত (প.ক)। সব পশু ওর গোচরে, না চরালে কেবা চরে দা ২৭০। [চরন্ত মৃগ—যে মৃগ চরিতেছে। "চমকি চরন্ত মৃগ চায় চারিদিকে সা.ম ৫০। চরাই (হি চরাঈ)—পশুর তৃণাদি ভক্ষণ। "আমি (উষ্ট্র)···মুখ বাড়াইয়া চরাই করি ব.প ১৭১৫। চরাওঁ—চরাই (গো.চ)। চরা করা—পক্ষীর খাওয়া; চরা। "ম.গা ৯। চরা করি পদ্মবন বা.ম ৫৬,-৭। চরান—সর্থ 'চরা'। চরত, চরাওত (চরায়), চরায়ব (প.ক)। ইন্দ্রিয় চরান —বিষয়ভোগে ইন্দ্রিয় তৃপ্ত করা। "চৈ.চ ২৬৭। তু 'চড়াইতে' (চরাইতে) চড়াইব (ম.পা ৭৬; ৮৫)।]

চরক পুং [চর+ক (কন্) স্বার্থে] ১ চর। ২ আয়ুর্ব্বেদবিৎ মুনিবিশেষ। [ইনি অনন্তদেব। চরসদৃশ গূঢ়ভাবে পৃথিবীর ঘটনাবলী দেখিতে আসিয়াছিলেন বলিয়া, ইনি 'চরক' নামে খ্যাত। আত্রেয় শিষ্য অগ্নিবেশাদি মুনির চিকিৎসাগ্রন্থ সংগ্রহ ও সংস্কার করিয়া ইনি নিজ নামে খ্যাত 'চরক'-গ্রন্থ রচনা করেন (ভাবপ্রকাশ)] ৩ চরককৃত চিকিৎসাশাস্ত্র। ৪ ভিক্ষু।

চরকা, -খা বি [সং চক্র > বা (স্বরাগমে 'চকর > চরক') °কা,-খা; হি চরখ, -খা; ঠ চরকী, -খী; ড় অরট (অরঘট্ট); তেলেগু—রট; cf., Av. chakhra; ফা 'চরখ'—চক্র] কাপাস হইতে সূতা কাটার চক্রযন্ত্রবিশেষ। "চরখা কাটি ভাত খায়।—গো.চ ১; ৯০। কত রাঁড়ি ভেসে গেল চরকা দিয়ে বুকে শ্রী.মা ১৭৯; চরখা···ফেলে পলাইল রাঁড়ি ১৮৬। চরকা ব.প ১৩৮২।—কি, -কী, -খি, -খী বি [°কা, -খা+ঈ; হি চরখী; মৈ চকরী—পেষণচক্র] ১ ছোট চরকা; সূতার ফেটি পরাইয়া তার খোলার ছোট চক্রযন্ত্রবিশেষ। "বাপ! যেন চরকি ঘুরিয়ে দিলে জা ২৭। ২ আতসবাজিবিশেষ। "চরখি হইয়া চলে কেহ শি ২৪। বোঁবোঁ বোঁবোঁ চরকি লোটে সা.ম ৫৯। [চরকা কাটা—চরকায় সূতা প্রস্তুত করা। চরকী-বাজি—চরকীর আতসবাজিবিশেষ।]

চরখা দ্র 'চরকা'।

চরচা বি [সং চর্চ্চা > বা (স্বরাগমে) °চা; বৈষ্ণবসাহিত্যে] আলোচনা, বিচারণা। "পর চরচায়, যে থাকে সদায় চ.দা ৭৩। লোক° (প.ক)। [চরচায়—১ চর্চ্চা করে। "লোকে চরচায় (প.ক)। ২ চর্চ্চা হেতু। "লোক চরচায়, ফিরিয়া না চাই চ.সা ১৫৮।]

চরণ, চরণগ্রন্থি, চরণপর্ব্ব দ্র 'চর'¹।

চরণব্যূহ পুং [বহুব্রী] বেদশাখাসমূহের বিভাজক গ্রন্থবিশেষ।

চরণামৃত, -ণোদক ক্লী [ষ.ত] দেবতাকে দেয় পাদ্য; গুরুর বা ব্রাহ্মণের পদপ্রক্ষালন-জল; পাদোদক। "প্রভুর চরণোদক চৈ.চ ১৮৩। চরণামৃত গি.দ্বি ১০০।

চরণাম্বুজ, -ণারবিন্দ ক্লী [উপ.স] কমলসদৃশ কোমল পদ; পাদপদ্ম; বরণীয় পদ। "°জে ম ১৬। °বিন্দ শ্রী.মা ৬৩। মে ১।

চরণায়ুধ বিণ [বহুব্রী] যাহার চরণ যুদ্ধাস্ত্র; চরণযোদ্ধা। "জটায়ুশ্চরণায়ুধঃ গো.রা ৩.৫৬.৩৫। —যুধ পুং কুক্কুট।

চরন্তী বিণ [অপ্র] যাহা চরিতেছে; চরতি। "চরন্তী শোয়ারগুলো··· পালিয়ে গ্যাল হু ১৭৫।

চরম বিণ [√চর্+অম (অমচ্)-ক, উ ৫.৬৯; ছান্দস] ১ অন্ত্য, অন্তিম, শেষভব। "সুতানাং চরমক্রিয়া মহা ৪.২৪.৬। ২ পশ্চিম, পাশ্চাত্য। ৩ গলিত, পরিণত (বয়ঃ)। —ম ক্লী পশ্চাদ্ভাগ। "পৃষ্ঠস্তু চরমং তনোঃ (অ.কো)। —ম ক্রি.বিণ পশ্চাৎ। "উত্তিষ্ঠেৎ প্রথমঞ্চাস্য চরমঞ্চৈব সংবিশেৎ মনু ২.১৯৪। [°কাল (পুং)—মৃত্যুকাল। চরমাচল, -মাদ্রি (পুং)—পশ্চিমপর্ব্বত, অস্তাচল। "সগণ রজনীচর, চলু চরমাচল ওর।—গো ১৬৬।]

চরস বি [হি °স; 'চ্যুতরস'—মূল (?)] গাঁজার আঠার মাদকদ্রব্যবিশেষ (hasheesh)। [°সী (হি °সী)—চরসখোর।]

চরাচর বিণ [√চর্+অ (অচ্)-ক, দ্বিত্ব, অভ্যাসের পরে 'আ' (আক্) আগম, পা ৩.১.১৩৪, সি; স্ত্রী -রা; ছান্দস] ১ জঙ্গম, গমনশীল। ২ [°র+অ (অচ্) অস্ত্যর্থে] জঙ্গমস্থাবরবান্, স্থাবরজঙ্গমাত্মক। "চরাচরং বিশ্বম্ কু.স ২.৫; ৬.৬৭। লোকাশ্চরাচরাঃ ভ ৩.৬.৫। লোকস্য চরাচরস্য গী ১১.৪৩। ৩ [দ্বন্দ্ব] চর ও অচর; জঙ্গম ও স্থাবর। "সর্ব্বে ভাবাশ্চরাচরাঃ গো.রা ৪.৪৩.৪৪। —চর ক্লী [স.দ্ব] চর ও অচরের সমাহার; জঙ্গমস্থাবরসমূহ; চরাচরাত্মক জগৎ। "জগৎ···সচরাচরম্ গী ১১.৭। ইদং সর্ব্বং চরাচরম্ মনু ১.৫৭; ৬৩। °গুরু (বিষ্ণুপুরাণ)। [চরাচর (অপ্র)—ইতস্ততঃ বিচরণ। "দিব্যজল সরোবর, রাজহংস চরাচর ম.ম ৫০।]

চরাট '-ট্' বি [চর+কাঠ (?); অস চরঠ্] নৌকায় ছইএর বাহিরে দুই পাশে বসিবার বাঁশের বা তক্তার আস্তরণ বা পাটাতন। "আগে পাছে চরাট মাঝারে রৈঘর শ্রী.ম ৬৯।

চরিত বিণ [√চর্+ত (ক্ত)-র্ম্ম] ১ আচরিত, অনুষ্ঠিত, কৃত। "চরিতার্থ। ২ [+ত-ক,-র্ম্ম] চলিত, গত; প্রাপ্ত; জ্ঞাত। ৩ ভক্ষিত। —ত ক্লী [+ত-ভা; ছান্দস] ১ আচরণ, অনুষ্ঠান, ক্রিয়া। ২ কৃত বিষয়; কার্য্য, কৃত। "স্ব° রঘু ৯.৭৭। সর্ব্বং খলস্য চরিতং মশকঃ করোতি।—হি ১.৮২। মাঘ ৯.৩৩। ৩ আচরণ, বৃত্তি, ব্যবহার। "আর শুন্যাছ বড়মা সতার চরিত ক.চ ১৫০। ৪ জীবনবৃত্ত, লোকোত্তরক্রিয়া, সৎকার্য্য। "রামস্য চরিতং কৃৎস্নম্ রা ১.২.৩২। উত্তরং রামচরিতম্ উ.চ ১.২। °ময়ী (কথা) ক.সা ৮.৩৫। ৫ উপাখ্যান। "মাহাত্ম্য°। ৬ প্রকৃতি, স্বভাব। "উদারচরিতানাং তু বসুধৈব কুটুম্বকম্।

—হি ১.৭২। বিচিত্রচরিতাঃ প্রিয়ঃ।—পঞ্চ ৪.৫৩। —তব্য বিণ [+তব্য-র্ম্ম] অনুষ্ঠেয়, কার্য্য। "ন চাপ্যধর্ম্মো বিদ্বদ্ভিশ্চরিতব্যঃ কথঞ্চন মহা ১.১৯৬.৮। মনু ১১.৫৪। [°ব্রত (বিণ)—কৃতকার্য্য, কৃতার্থ। চরিতামৃত (বি)—১ অমৃততুল্য চরিত; মধুর চরিতকথা। "চৈতন্য°। ২ চৈতন্যচরিতামৃত। "চরিতামৃতখানি দা ৭১।]

চরিতার্থ বিণ [বহুব্রী] ১ কৃতপ্রয়োজন, কৃতার্থ। "চরিতার্থ করি মাত্র চাহি যার পানে শি ৯৩; চাঁদমুখ চেয়ে যেন চরিতার্থ হই ১০২। ২ প্রাপ্তফল, সফল, সার্থক। "চরিতার্থা চতুষ্টয়ী কু.স ২.১৭। রঘু ১২.৮৭। °তা শ ৫ষ্ঠ। কি ১৩.৭২। ৩ অন্বর্থ, সঙ্গতার্থ। "সুচরিতার্থপদ কু.স ৪.৪৫। ৪ প্রীত, তুষ্ট (A.)।

চরিত্র ক্লী [চর্+ইত্র-ণ; ছান্দস] ১ 'চরণসাধন', স্বভাব। ২ [+ইত্র-ভা; বাহুলকে] অনুষ্ঠান, ব্রতাদ্যনুষ্ঠান। ৩ চেষ্টিত, কার্য্য। "বিহিত-বহিত্রচরিত্র গী.গো ১.৫। ভোজন° চৈ.চ ১৭৩। ৪ আচার, শিষ্ট-ব্যবহার। 'মনু ২.২০; ৯.৭। ৫ কুল, বংশ। "উ.চ ১.৪২। ৬ সুচরিত, সদ্ধর্ম্ম, চারিত্র। "স্বচরিত্রাভিগুপ্তাং তাম্ গো.রা ৫.৫১.১৭। ৭ জীবন-চরিত, জীবিতকার্য্য। —রিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্) তাচ্ছীল্যে; স্ত্রী -ষ্ণু] চরণশীল, জঙ্গম, গতিশীল। বিপ 'স্থাস্নু'। "বীজং স্থাস্নু চরিষ্ণু চ মনু ১.৫৬। ভ ২.৬.৪২।

চরু পুং [চর্+উ-র্ম্ম, উ ১.৭; তা 'চরু'—অন্ন; ছান্দস] ১ 'দেবভক্ষ্য', পক্বদেবান্ন (অ.টী), হব্যান্ন। ২ (উপচারে) পাকভাণ্ড, স্থালী।

চরুচরু বিং ['চড়'—মূল; অপ্র] চপেটতুল্য, অর্থাৎ চেপটা; চড়ান। "চরুচরু দুই গাল ম.ম ১৭৭।

চর্চ্চ্ সক [ভ্বা, তু, প—চর্চ্চতি; সেট্] ১ কথন। ২ ভর্ৎসন, তর্জ্জন। —র্চ্চ্ সক [চু, প—চর্চ্চয়তি; সেট্] ১ অধ্যয়ন, অনুশীলন। ২ অনু-লেপন। দ্র 'চর্চ্চিত'।

চর্চ্চ সর্ম্ম [সং √চর্চ্চ্] অনুসন্ধান করা; বিশেষরূপে জানা; নির্ণয় করা। "চর্চ্চ গিয়া রামের কটক কৃ ২৩৬.৭। প্রতিজনে জগন্নাথ চর্চ্চিয়া বেড়ায় ম ৩১৬; কটক চর্চ্চিল আমি ১১৭০। চৌদিকে চর্চ্চিয়া আইস শ্রী১৮০। সখী পাঠাইল চর্চ্চিবার ম.বি ১৩০। [চর্চ্চান—অনুসন্ধান বা নিরূপণ করা।]

চর্চ্চরি বি [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "চর্চ্চরি বীণা জ ৫৫।

চর্চ্চরিকা, -রী স্ত্রী [√চর্চ্চ+অর (অরন্)-র্ম্ম+স্ত্রী ঈ (ঙীষ্), °রী +ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ গীতবিশেষ। [বোধ হয়, এই গীত চর্চ্চরী ছন্দে রচিত হইত, তদনুসারে নামকরণ। গীতের প্রবন্ধবিশেষ 'চর্চ্চরী' (সৌরীন্দ্রমোহন ঠাকুরের 'সঙ্গীতশাস্ত্রপ্রবেশিকা')।] "অনন্তরে চর্চ্চরী; চর্চ্চরিকয়া বিচিন্ত্য বিক্র ৪। ২ করধ্বনি, তালি। ৩ কাপটিকের হর্ষক্রীড়া (অ.টী); বসন্তসময়ক্রীড়া। ৪ তৌর্য্যত্রিক। ৫ উৎসবক্রীড়া; উৎসব, চাঁচর। ৬ চাটুবাদ, অতিপ্রশংসা। ৭ ['চর্চ্চরী'—কেশ (অ.রা)] —কুঞ্চিতকেশ, চাঁচর চুল। ৮ দুই জনের পর্য্যায়ে আবৃত্তি (A.)। ৯ বর্ণবৃত্তবিশেষ। "পৈ ২.১৮৪।

চর্চ্চা স্ত্রী [√চর্চ্চ্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অধ্যয়ন। ২ আলোচনা, বিচারণা। "লোকের চর্চ্চায় সীতা যায় পাতালপুরে ম.ম ১১৯। ৩ অনুশীলন। ৪ চিন্তা, বিমর্শন। ৫ চন্দনাদিবিলেপন, স্থাসক, ঠসক্। "শ্রীখণ্ডচর্চ্চা বিষম্ গী.গো ৯.১০। মৃগমদকৃতচর্চ্চ (শ.ক)। কর্পূর সনে চর্চ্চা অঙ্গে চৈ.চ ৩৫১। ৬ সংখ্যান, গণনা (অ.চি)। ৭ গায়ত্রীরূপা মহাশক্তি (শ.ক)। ৮ [+অ-র্ম্ম] দুর্গা। —র্চ্চিকা স্ত্রী [চর্চ্চা+ক (কন্)-স্বার্থে+স্ত্রী আ] ১ চর্চ্চা। ২ দুর্গা। "ক.চ ৭২। দু ১৩। —র্চ্চিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম-] ১ আলোচিত, বিচারিত। ২ অনুশীলিত। ৩ দিগ্ধ। "চন্দনপঙ্ক° (ঋতু)। চন্দনচর্চ্চিতনীলকলেবর গী.গো ১.৪০। চন্দনে চর্চ্চিত (গণ্ডে) ম ১। চিতাভস্ম-চন্দনে চর্চ্চিত কলেবর শি ৩৪। চৈ.ম ৬৩। বা.দ ৭৫। ৪ মণ্ডিত। "মধুবনং পুণ্যাং হরেশ্চরণচর্চ্চিতম্ ভ ৪.৮.৬২। মণিময়ীচিমঞ্জরীচর্চ্চিতচরণযুগল—পঞ্চ ষ্ট (কথামুখ)। ৫ [বাঙ্‌লায়; অপ্র] লিপ্ত। "চুন-কালি দিলেক চর্চ্চিত করে মুখে।—শ্রী.মা ২০৫। —চর্চ্চিত ক্লী [+ত-ভা] লেপন।

চর্পট পুং[√চ্প্‌ দীপ্তি+অট (অটন্)-ক] ১ চপেট, চাপড়। ২ বিস্তার, বিপুলতা। ৩ পর্পট, পাঁপর। —টা স্ত্রী ভাদ্রশুক্লপক্ষীয়া ষষ্ঠী, চাপড়া ষষ্ঠী। —টী স্ত্রী পিষ্টকবিশেষ।

চর্ব্ব্ সক [ভ্বা, চু, প—চর্ব্বতি, চর্ব্বয়তি; সেট্] ভক্ষণ, চর্ব্বণ।

চর্ব্বণ ক্লী [√চর্ব্ব্+অন (ল্যুট্)-ভা] ১ দন্ত দ্বারা চূর্ণন; চিবান। "উগ্রণ চর্ব্বণে শি ৩২। ২ আস্বাদন। ৩ কাব্যরসাস্বাদ। ৪ ভক্ষণ। "যচ্চর্ব্বণং তে ভগবন্নগ্নিহোত্রম্ ভ ৩.১৩.৩৬। তুলসীসেবন করে চর্ব্বণ উপবাস চৈ.চ ২৭৩; কভু উপবাস কভু চর্ব্বণ করিয়া ২৭৭,-৯৬। ৫ [+অন-র্ম্ম] চর্ব্ব্য দ্রব্য। —র্ব্বণা স্ত্রী [+অন (যুচ্) +স্ত্রী আ (টাপ্)] চর্ব্বণ; রসাস্বাদন। "সা.দ ৩.২৬। —র্ব্বিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] ১ দন্ত দ্বারা চূর্ণিত; দন্তপিষ্ট। ২ আস্বাদিত; ভক্ষিত। —র্ব্বিত ক্লী ১ কৃতচর্ব্বণ দ্রব্য। ২ চর্ব্বিত তাম্বুলাদি। "°পাত্র। চর্ব্বিত চর্ব্বণে পড়িছে বদনে শোভিত পিচ্চন ধার চ.দা ১৮। —র্ব্ব্য বিণ [+য(যৎ) -র্ম্ম] চর্ব্বণীয়, চর্ব্বণযোগ্য (খাদ্য)। —র্ব্ব্য ক্লী চর্ব্বণীয় খাদ্যবিশেষ —লড্ডু মোদকাদি। "চুষ্যপেয়লেহ্যচর্ব্ব্য (ব্রহ্মবৈবর্ত্ত)। চর্ব্ব্য চুষ্য লেহ্য পেয় ভক্ষ্য চতুর্ব্বিধ কৃ ৩৭৬। [চর্ব্বিতচর্ব্বণ (ক্লী)—চর্ব্বিত দ্রব্যের চর্ব্বণ; পিষ্টপেষণ; (গৌণার্থে) ব্যর্থ পুনরুক্তি। "ভ ৭.৫.৩০। চর্ব্বিত পাত্র (ক্লী)—চর্ব্বিততাম্বূলাদিত্যাগার্থ আধার; পিকদানী। "°পাত্রক (পদ্মপুরাণ)]

চর্ব্বি, -ব্বী বি [ফা চরবী] মেদ, বসা (fat)।

চর্ব্বুট্টি, -ট্টী, -ট্য বি [সং চর্ভটী (চর্ষক্রীড়া)—মূল (?) অপ্র] ঠাট্টা-তামাশার খেলা। "পঞ্চার কির্ত্তায় হেন চান্দর মনে লয়। চর্ব্বুয়ে চর্ব্বুট্যা কৈল এইমাত্র কয়॥—বি.পা ২৮০; চর্ব্বুট্টীর সজ্জা: চর্ব্বুট্টের সজ্জ বার কোশ ভরি ২৯৮।

চর্ম্ম(-র্ম্মন্) ক্লী [√চর্+মন্ (মনিন্)-ক, উ ৪.১৪৪; ছান্দস] ১ ত্বক্, চামড়া। "মনু ২.৪১। ২ স্পর্শেন্দ্রিয়। ৩ চর্ম্মময় তনুত্রাণ; ফলক, ঢাল। "অসি°, অসিচর্ম্মভৃৎ (মহা)। মে ১১। রঙ্গ ৭। —র্ম্ম ক্লী [চর্ম্মন্+অ (অচ্) অস্ত্যর্থে; তু 'লি, প্রা চর্ম্ম] ফলক। [°চি (চী) ল (বি)—চর্ম্মতুল্য কালচিল; গোদাচিল। "শ্রী ৫৬; ১৫৫,-৬৮। °জ (ক্লী)—রোম; রুধির। °তরঙ্গ (পুং)—চর্ম্মসঙ্কোচ, বলি। °দড়ি—চামের দড়ি (যমদূতের সজ্জা)। "বা.ম ১৬৫। বি.পা ৩১৯। °দণ্ড (পুং), °যষ্টি (স্ত্রী)—কশা, চাবুক। °দল (ক্লী), °দূষিকা। (স্ত্রী)—কুষ্ঠভেদ। °পট্টিকা (স্ত্রী)—চর্ম্মময় পট্টিকা; চামাটি। °পত্রা (স্ত্রী)—চামচিকা; বাদুড়। °পাদুকা (স্ত্রী)—জুতা। °পুট (পুং)—চর্ম্মপাত্র, কুপা। °প্রভেদিকা(স্ত্রী)—চর্ম্ম-কারাস্ত্র, আরা, ফোঁড়। °বন্ধ (পুং)—চর্ম্মরজ্জু (strap)। °মুণ্ডা (স্ত্রী)—চামুণ্ডা। °বসন (পুং)—কৃত্তিবাসাঃ, শিব। দ্র 'গজাসুর'।]

চর্ম্মক পুং [চর্ম্মন্+√কৃ+অ(ড)-ক] চর্ম্মকার। "অত্রি ২৮২।

চর্ম্মকার, -কারক, -কারী (-রিন্), -কৃৎ পুং [চর্ম্মন্] + √কৃ+অ (অণ্),+ইন্ (ণিনি),+ক্বিপ্ (০),-ক,-১ব; উ.ত; ষ.ত] 'চর্ম্ম-কর্ম্মকারী', চামার। [চণ্ডালীর গর্ভে তীবরজাত সঙ্করজাতিবিশেষ (পরাশরপদ্ধতি)।] —রী স্ত্রী চর্ম্মকার-স্ত্রীজাতি। "পরাশর ৬.৪১।

চর্ম্মকীল পুং, ক্লী [ষ.ত] ১ কিণ, ঘাটা, জাঁমুড়া। "সুশ্রুত ২.১৩.৩৭। ২ কীলবৎ গুহ্যচর্ম্ম, গুহ্যরোগবিশেষ, হালিশ।

চর্ম্মচক্ষু, -নয়ন বি চামড়ার চোখ; প্রাকৃত বা সাধারণ চক্ষু। "সংজাত

সহিত সেন চর্ম্মচক্ষে দেখে শ্রী ২৫৩। চর্ম্মচক্ষে দেখে যৈছে সূর্য্য নির্ব্বিশেষ চৈ.চ ২; ২। চর্ম্মচক্ষে চিনিতে নারিলে চন্দ্রচূড় শি ২৭। নারায়ণ নিরখিব এ চর্ম্মনয়নে জ ১৬। ম.ম ১৫। দেখিলে না চর্ম্মচক্ষে হেন চমৎকার।—হেম ৩৭৮।

চর্ম্মচটক পুং, **-চটকা, -চটিকা, -চটী** স্ত্রী চামচিকা। "°চটিকা চা. তু ৯৭।

চর্ম্মণ্বতী স্ত্রী [চর্ম্মন্+বৎ (বতুপ) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্), নিপাতিত পা ৮.২.১২] বুন্দেলখণ্ডস্থ নদীবিশেষ; চম্বল নদী। [ইহা দানপুরপতি রন্তিদেবের যজ্ঞে নিহত গোসমূহের চর্ম্মের রক্তে উৎপন্না। "মহা ১২.২৯.১২৩; ১৩.৬৬.৪২। পূ.মে ৪৫, মল্লিনাথ।]

চর্ম্মপ্রসেবক পুং, **-সেবিকা** স্ত্রী [চর্ম্মের প্রসেবক (সীবন) যাহাতে, বহুব্রী, স্ত্রী আ (টাপ্), পা ৩.৩.১০৯] অগ্নিদীপনার্থ চর্ম্মসীবনযুক্ত যন্ত্রভেদ; ভস্ত্রা, জাঁতা।

চর্ম্মাম্বরধর বিং [কর্ম্মধা; ষ.ত] চর্ম্মরূপ বস্ত্রের ধারক; ধৃতচর্ম্মবস্ত্র। "°ধর (ব্যাস বন্দ) শ্রী.ম ৪।

চর্ম্মার পুং [চর্ম্ম+ √ঋ+অ (অণ্)-ক; উ.ত; তু 'সং চর্ম্মকার>প্রা চম্মার (প্রা.ম)] চর্ম্মকার।

চর্ম্মিক, -র্ম্মী(-র্ম্মিন্) বিণ [চর্ম্মন্+ইক (ঠন্), +ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] চর্ম্মবান্, ফলকী। —ক,—র্ম্মী পুং চর্ম্মযোধ, ঢালী। "ধানুষ্কে শত-চর্ম্মিণঃ মহা ৬.২০.১৭। খেলিছে চর্ম্মী অসি চর্ম্ম ধরি মে ২৮৫। —র্ম্মী পুং ১ ভূর্জ্জবৃক্ষ। ২ কদলী।

চর্য্য বিণ [√চর্+য (যৎ)-র্ম্ম] ১ আচরণীয়, অনুষ্ঠেয়। "ষট্‌ত্রিংশ-দাব্দিকং চর্য্যম্ (ব্রতম্) মনু ৩.১। ২ গমনীয়। —র্য্যা স্ত্রী [+য-ভা+ স্ত্রী আ (টাপ্)] ১ অনুষ্ঠান, আচরণ। "ব্রত° মনু ১.১১১। ধর্ম্ম°, জীবন° পা.প্র ৩০। ২ গমন, ভ্রমণ। "বন° গো.রা ২.২৯.১৬। তীর্থ° ভ ৪.১৬.১। ৩ বৈধকার্য্যানুষ্ঠান। "মনু ৬.৩২। ৪ সেবা, শুশ্রূষা, পরিচর্য্যা। "বনবাসস্থ শূরস্থ মম চর্য্যা হি রোচতে রা ২.২৯.১৫। সহচরী ভাল জানে চর্য্যা বি.সু ৪৯। ৫ ব্যবহার। "বয়ম্ অনভ্যস্তরথচর্য্যাঃ। —উ.চ ৫৪১/২। ৬ ব্যবহার, আচার। "চর্য্যা বুঝিলাম আমি। মানব-রাক্ষসী তুমি বি.সু ৭৩। ৭ ভক্ষণ, ভোজন। —র্য্য ক্লী ১ আচরণ, ব্যবহার। ২ অবশ্যচরণ, সর্ব্বথা অনুষ্ঠান।

চল্ সক [ভা, প—চলতি; সেট্; ণিজন্ত—'চালয়তি'] গতি। "চল সখি কুঞ্জম্ গী.গো ৫.১১। —ল্ অক কম্পন। —ল্ অক [তু, প— চলতি; ণিজন্ত 'চলয়তি' (ঘটাদি), তু 'খেদাচ্চালয়তে শীর্ষং ভূমি-কম্পস্তদা ভবেৎ রা ১.৪০.১৫] বিলাস, ক্রীড়ন। [উদ্—প্রস্থান; উদ্গমন। প্র—প্রচলন, কম্পন; প্রসিদ্ধি। বি—বিচলন, চ্যুতি। সম্—সঞ্চলন। সম্-চালি—সঞ্চালন।]

চল[১] বিণ [√চল্+অ (অচ্)-ক; স্ত্রী -লা] ১ চঞ্চল, তরল, অস্থির। "°কাকপক্ষ রঘু ৩.২৩, প্রিয়ম্…রন্ধ্রচলাম্ ৯.১৫। লক্ষ্যে চলে শ ২.৫। °চামর।—পঞ্চ ৩.২৪৯। ২ কম্পযুক্ত, কম্পিত। "°দল। চল চীর বা.দ ৪। ৩ গতিশীল, জঙ্গম। "তুমি গৌরব্রহ্ম চল চৈ.চ ১৩৭। ৪ ধাবমান। "চলোর্ম্মি (রা)। চলোর্ম্মি পূ.মে ২৪। চলোর্ম্মি-আঘাতে মে ৩০। ৫ অনিয়ত, বিনাশী, নশ্বর, বিধ্বংসী। "তৎ(তপঃ) রাজসং চলম্ গী ১৭.১৮। চলং বিত্তং চলে জীবিতযৌবনে (সু.র)। ৬ অনবস্থিত, অস্থির। "প্রায়শ্চলং গৌরবমাশ্রিতেষু কু.স ৩.১; ন খলু প্রেম চলং সুহৃজ্জনে ৪.২৮। °চিত বা.দ ৯৬। —ল পুং ১ বায়ু। ২ পারদ। ৩ [+অ (ঘঞর্থে ক)-ভা] চলন, কম্প। "(চল্) মিচ্চলে (ক.ক)। —লা স্ত্রী ১ লক্ষ্মী। ২ বিদ্যুৎ। ৩ সিহ্লকনামক গন্ধদ্রব্য। [°চপল (বিং)—অতিচঞ্চল। "চলচপল চোখের কোণে প.কা '৪। চিত্ত (বিণ)—অব্যবস্থিতমনাঃ। "রঘু ১৪.৩৪। সী ৫১। °দল,°পত্র (পুং)—১ 'চঞ্চলপত্র', অশ্বত্থবৃক্ষ। ২ (বাঙ্লায়) অশ্বত্থপত্র। "চলদল প্রায় হইল অচল সকল দু ৭৮; ৮৭।]

চল[২] অর্ম্ম [সং √চল্>প্রা √চল; হি, ঠ √চল; গু √চাল] ১ গমন করা; যাওয়া। "শ্রীরাম চলিতে পথে চলেন লক্ষ্মণ কৃ ৫৬। স্নানেরে চলিল ম ৬৪। চলত গতি মন্থর ন.প ৩৮৭। নৌকাপথে চলি চৈ ১৬৭। ২ (অপ্র) প্রস্থান করা; যাত্রা করা। "চলহ সত্বর অ.প ১৩০। চল অশ্বত্থামা ম ৯৭৭। চল্ দ্বিচারিণি ক.চ ২১৮। চল অন্বেষণে শ্রী.ম ১৯৯। চলহ চ.বি ১৯৯। ম.পা ১৮। দেখিনু এখন চল ভ.গ্র ৩৮৭। চল সন্ধ্যা কর গিয়া চৈ.ভা ১০৯। বাসায় আজি চল ভা.চ ৩৫১। [আধুনিক বাঙ্লায়, আদেশকারী আদিষ্টের সহগমন করিলে, 'চল', নতুবা 'যাও' বলে। "চল, সখি! ত্বরা করি, দেখি গে প্রাণের হরি মা ১৫২।] ৩ পদব্রজে যাওয়া; হাঁটা। "চলিতে না পারে কুন্তী ধর্ম্ম যুধিষ্ঠির ম ১৫১। ৪ কম্পিত হওয়া; নড়া। "সূক্ষ্ম তুলা আনি নাসা অগ্রেতে ধরিল। ঈষৎ চলয়ে তুলা—দেখি ধৈর্য্য হৈল॥—চৈ.চ ৯৯। ৫ (অপ্র) সরিয়া যাওয়া; সরা। "চল চল নিলজ্জ না লোড় দধিভাড়ে শ্রী.ম ৬৪। ৬ প্রবাহিত হওয়া; বহা। "সৈন্যপথ রুদ্ধ হৈল না চলে বাতাস ম ৭৭৩। জল চলে কল কল।—মনোমোহন বসু। ৭ স্পন্দিত হওয়া। "সোনেকার গর্ভ চলে ম.ম ১৪৫। দোঁহে দোঁহা দেখি দোঁহার না চলয়ে আঁখি চৈ.চ ৬৮। ৮ চড়িয়া যাওয়া। "ক্ষণেক বাঘেতে চলম, ক্ষণেক চলম মহিষের পৃষ্ঠে ব.প ১৯৬। ৯ নির্ব্বাহিত হওয়া; সম্পন্ন হওয়া। "তাঁহারা থাকিতে কিছু না দেখিলেও (রাজকর্ম্ম) চলে ব.প্র ৫১২। ১০ বিনিময়ের যোগ্য হওয়া। "টাকা, নোট চলা। ১১ অন্যথা হওয়া; নড়া। "পুন যেন নাহি চলে এ সব বচন চৈ.চ ৯৭। ১২ প্রবিষ্ট হওয়া; ঢোকা। "যেথানে না চলে ঝুট সেখানে চালাই বেটে ব.প ১৪৩৩। ১৩ তৎকার্য্য চলিতে থাকা। "কল, ঘড়ি, দোকান ব্যবসা, স্কুল চলা। ১৪ স্বকার্য্যে সমর্থ হওয়া। "ব্রহ্মার মায়াতে তার মুদ্গর না চলে কৃ ২। পা, মুখ, হাত চলা। [চল চল—১ যাও যাও। "মী ১৪। গো.বি ৭১। ম ৫। শ্রী.ম ২৮৪। ২ যাও যাও, অর্থাৎ নিবৃত্ত হও। "লাজ নাহি চল চল, কেমনে এমন বল ভা.চ ৩৪৩। ৩ হাঁট হাঁট; শীঘ্র চল। "চল চল এল জল ব.প ৯৫২। চল যাও—যাও যাও। "চল যাও ঘূর্ণিকা ম ৬৫। চল রহ—যাও বা থাক। "আপন ইচ্ছায় চল রহ কে করে বারণ চৈ.চ ১৮০। চলি চলি পা-পা—শিশুকে ধরিয়া হাঁটানর শ্লোক। "শিশু ১০১। চলিব—যাইব। "হনুমান্ বোলে কার্য্যগৌরবে চলিব চৈ.ভা ৬৫। চলিতেঁ, চলিলী (চলিল), চলিলোঁ (চলিলাম), চলিহ (শ্রী.কী)। চলই চলউ চলত চলনি (প.ক)। (বিবাহে) দান-আপ্তান চলা—বৈবাহিক কার্য্যের যোগ্য হওয়া। জল চলা—সমাজে জল ব্যবহারযোগ্য হওয়া। জলকে চল—স্নানাদির নিমিত্ত ঘাটে চল। "বেলা যে পড়ে' এল, জলকে চল!—চ.কা ৫৪। দূরে চল —সরিয়া যাও; যাও। "দূরে চল বেহুলা তুমি না কর উৎপাত ম.ম ১৮২। সমাজে চলা—সামাজিক কার্য্যে যোগ্য হওয়া। হাত চলা—মন্ত্র-শক্তিতে হস্ত চলিত হওয়া।]

চলকা অর্ম্ম [সং √চল্; হি √ছলক (সং √উচ্ছল্)] তরল দ্রব্যের নাড়া-চাড়ায় চলিত হওয়া; উছলান। "জল, দুধ চলকায়।

চলচল বি [ধ্বন্যাত্মক] জলপ্রবাহের শব্দ। "নদীর জল অবিরল চলচল চলিতেছে ব.দ্বি ৩।

চলচল-ছলছল বিং ১ অত্যন্ত চলিত ও উচ্ছলিত। "চলচল-ছলছল, …তরলতরঙ্গে (গঙ্গে) ভা.চ ৪৫২। ২ বি [ধ্বন্যাত্মক] জলপ্রবাহের শব্দ। "শোন চলচল-ছলছল, সদাই গাহিয়া চলেছে জল।—শিশু ৭১।

চলচ্চিত্ত বিং [চলৎ+চিত্ত] বিচলিতমনাঃ, অশান্ত। "সী ১৮।

চলতি বিং [সং চলৎ; হি চলতা (পুংলিঙ্গ), -তী (স্ত্রীলিঙ্গ)—চলতী

গাড়ী] ১ যাহা চলিতেছে; গতিবিশিষ্ট (গাড়ী)। ২ যে পথে চলিতেছে; পথ-চলা, পথিক (লোক)। ৩ উহ্যমান, বাহিত। "আগে আগে দুটী চলতি নবত ছিল হু ১৫১। ৪ ভাড়া-খাটা (যান)। "চলতি পানসি চার পয়সায় ভাড়া করা আমার কর্ম্ম নয় আ.দু ৮। [চলতি কারবার—যে ব্যবসা চলিতেছে (current)। চলতি খাতা—যে হিসাব চলিতেছে (current account)। চলতি-গোছ—ব্যবহারযোগ্য, মাঝারি। চলতি দর—বর্ত্তমান দর। চলতি নৌকা—যে নৌকা ভাড়া-করা নয়, কোন কার্য্যে যাইতেছে। চলতি ভাষা—প্রচলিত (current) ভাষা; সাধারণের ভাষা। চলতি লণ্ঠন—চলতি লোকের হাতের লণ্ঠন। "কৃশ্চানি হুজুক রাস্তার চলতি লণ্ঠনের মত প্রথমে আস পাশ আলো ক'রে শেষে অন্ধকার ক'রে চলে গ্যালো হু ৮৮। চলতি মুখ—যাওয়ার সময়।]

চলৎফিরৎ বি [হি চলতা ফিরতা] (বিং) চলা-ফেরা, নড়া-চড়া। "°ফিরৎ করা।

চলৎশক্তি বি ['চলনশক্তি' সাধু] চলার শক্তি; গমনসামর্থ্য। "নাই চলৎশক্তি দা ১৮১। চলৎশকতি-হীন।—হেম ৭৪। ব.প ১৭১৬। যখন আমার চলৎশক্তি রহিত হইবে, তখন আমাকে...ভাগীরথীতীরে লইয়া যাইবে।—কালীপ্রসন্ন সিংহ।

চলন বিণ [√চল্+অন (যুচ্)-ক; স্ত্রী -না] চলনশীল, কম্প্র, কম্পন (অ.কো)। —ন ক্লী [+অন-ভা] ১ গমন, গতি। "চলনাত্মকং কর্ম্ম (S.W.)। ভরতের চলনে কৃ ৫৬। চলনসময় চৈ.চ ৭৬। চলন-খানি ক.চ ১৫৪। বিদ্যার চলন ভা.চ ২৯১। ২ কম্পন। "গর্ভ°, ভূমি°। হনু° পা ৩.১.১৫। তরু পাত চলনে শ্রী.কী ২০২। ৩ স্পন্দন। "তরলদৃগঞ্চল° গী.গো ১১.২৭। ৪ গতি, স্থানভ্রংশ। "চলনং শৈলরাজস্য গো.রা ৫.৩৬.২১। ৫ ভ্রংশ, চ্যুতি। "স্বধর্ম্মাদ্ধি চলনম্ মহা ৩.৩৩.৫৬। ৬ ভ্রমণ, পরিক্রমণ। —ন পুং ১ হরিণ। ২ [+অন-ণ] চরণ। —নী স্ত্রী ১ হরিণী। ২ বস্ত্রঘর্ঘরী, ঘাঘরা (অ.টী)। ৩ গজবন্ধনী, হস্তিবন্ধনরজ্জু। [°নৌকা—চড়ার নৌকা (মালের নহে)। "ম.ম ১২৯। °ফেরন—চলা-ফেরা, উঠা-হাঁটা। "(বৈষ্ণবীর) চলন-ফেরন এ সকলও পৌরুষ ব.দ্বি ১৫। °বাদ্য—যাত্রাকালের বাদ্য। "বাজায়ে চলনবাদ্য প্রবেশিল পুরী বা.ম ২৭০। °সই—যাহাতে কাজ চলে; ব্যবহার-যোগ্য, মাঝারি। "চলন-সই জুতো হু ১২১। °সিক্কা—প্রচলিত মুদ্রা। (current coin)। "চলনসিক্কা ৫০ টাকা কর্জ্জ লইলাম (দলিলে)।]

চলনবলন বি ১ চলা ও বলা; চাল ও কথাবার্ত্তা। "চলনবলন...সব বিপরীত অ.গ্র ১০৬। ২ [ঠ °রলন] গমন ও কার্য্য, শিশুর চলা-ফেরা ও দুরন্তপনা। "চলনবলন ঠাটে হইল দামাল শ্রী ৫০।

চলনি বি [°ন+ই১১; বৈষ্ণবসাহিত্যে] গতি, পাদন্যাস। "মন্থর চলনি ছাঁদে গো ৫০। জ্ঞা ৫৩। চমক চলনি প.র ২৯।

চলন্ত বিং [√চল২+অন্ত৩] যাহা চলিতেছে; গতিবিশিষ্ট। "দূরে সনকা চলন্ত বাদ্য শুনি (লোক পাঠাইল) বি.পা ৩০১। চলন্ত নূপুর পায় ম.ম ৯০।

চলবল বিং [সং চল, 'বল' (অনু.শব্দ)] বিচলিত, আন্দোলিত। "(না) চলবল স্রোতসা জ্ঞা ১৩৭।

চলবেচল বি [হি °রিচল] ১ ভ্রম, ভুল; ব্যতিক্রম। ২ অশিষ্ট ভাষা, কটু-কাটব্য। "ঠকচাচাকে...চলবেচল বলিয়া হিড় হিড় করিয়া লইয়া আসিতেছে আ.দু ১৫৭।

চলল বিং [চলিত > °লিল > °লল] চলিত। "(নাগর) চলল সিন্ধুর গতি (প.ক)। —লি চলিতা। "চললি নিতম্বিনি যমুনা (প.ক)।

চলা১ বি [চল২+আ৬; হি √চলা] চলন, গমন ইত্যাদি। —লা বিং চলিত, গতিবিশিষ্ট (গাড়ী)। [চলা-ফেরা—যাওয়া-আসা; নড়াচড়া। চলা-বলা—জীবিকানির্ব্বাহ ও ব্যবসায়ের কথাবার্ত্তা। "(বলিছে তাঁতি) সেটা চলা-বলার জায়গা কেমন, সেটা শুনতে চাই দা ৫৫৪। চলা-বুলা—চলা-ফেরা, গতায়াত। "চলাবুলা গেল নদীনালা আসে বান শি ৭৬।]

চলা২ সর্ম্ম [চল৩+আ৮] ১ চলিত করা; চলান। ২ হাঁটান। ৩ সরান, নাড়ান। [চলান—সর্থ 'চলা'।]

চ(চা)লা৩ বি [হি চৈলা; চলা (ঢাকা, চব্বিশপরগনা)] কুঠারের আঘাতে কাটিয়া চালিত (চেরা) কাষ্ঠখণ্ড। [চালা কাঠ—চালা। "কাঁটালের কোষ যেন চালাকাঠ।]

চলাচল বিণ [√চল্+অ (অচ্)-ক, দ্র 'চরাচর'; স্ত্রী -লা; ছান্দস] ১ চল, চঞ্চল। "(কপিঃ) মারুতবন্ মনোজবশ্চলাচলঃ গো.রা ৫.৪২.১১। কি ১১.৩০। ২ অনবস্থিত, অব্যবস্থিত। "মর্ত্ত্যস্য পার্থ চিত্তং চলাচলম্ মহা ৫.৭৫.১৯। ৩ ক্ষণিক, নশ্বর। "চলাচলমিদং সর্ব্বম্ (সু.র)। ৪ [বাঙলায়; অপ্র] অস্থির, অধীর। "অসুরের সেনা সব হইল চলাচল দু ৮০; ৮৩। ৫ জঙ্গম ও স্থাবর; চলিত ও স্থিত। "সম্প্রতিক দুই ব্রহ্ম ইঁহা চলাচল। জগন্নাথ অচল ব্রহ্ম তুমিত সচল॥—চৈ.চ ১৩৭। —চল বি ১ (অপ্র) চাল-চলন, ভাব-গতিক। "তুমি নারী সচঞ্চল, বুঝিলাম চলাচল বা.ম ২৮৮। ২ [চরাচর > °ল; অপ্র] চরাচর জগৎ। "ন ছিল চলাচল শূ ১। চলাচল কম্পমান।—ম ১২৭০। তুমি স্বর্গ চলাচল শ্রী.ম ৮৮; চলাচল সচঞ্চল ১৭২। ৩ গমনাগমন, যাতায়াত। "অগম্য সে রণস্থল নহে চলাচল।—দু ৮১। উচ্চ পর্ব্বতে আরোহণ করিলে, অধোদিকে মেঘের চলাচল দেখিতে পাওয়া যায় চা.তৃ ৩০।]

চলাচলি ক্রি.বিং [হি চলাচলী—প্রস্থানকালে কোলাহল] স্বগণসহিত পদব্রজে। "চলাচলি কটক আইল চৈ.চ ১৭৪।

চলিত বিণ [√চল্+ত (ক্ত)-ক] ১ গত, প্রস্থিত। "মাঘ ১২.৩৬। মৃগান্তিকং চলিতঃ (হি)। ২ কম্পিত। ৩ চল, চঞ্চল। "°মানস গো.রা ৫.৩০.১৩। চলিত কর্ণ-কুণ্ডল দু ৮৮। ৪ বিকৃত, বিকল। "(সঃ) উবাচ রামং তিষ্ঠন্তং প্রাঞ্জলিশ্চলিতেন্দ্রিয়ঃ।—গো.রা ৩.৮.৯। ৫ গলিত, ক্ষয়প্রাপ্ত। "°বিত্ত।—পঞ্চ ৪৩০। ৬ প্রাপ্ত। ৭ স্খলিত, ভ্রষ্ট। "°মানস গী ৩.৩৬। হবৌ স বব্রেঽচলিতাং স্মৃতিম্ ভ ৪.১২৮। চুম্বনে চলিত হোলো চন্দনের ফোঁটা শ্রী.মা ৩৬। ৮ অন্যথাভূত, বিতথ। "তব প্রতিজ্ঞাং চলিতাং নিশম্য।—রা (S.W.)। ৯ ব্যতি-প্রাপ্ত, ব্যভিচরিত। "(রম্ভাম্) চলিতাভিনয়াং দৃষ্ট্বা জহাস স পুরূরবাঃ ক.সা ১৭.২০। ১০ টলিত, শিথিলমূল, নড়া। "দন্তস্য চলিতস্য চ (উদ্ধরণং সুখম্)—হি ২.১২৭। ১১ [√চলি+ত-র্ম্ম] কম্পিত। "পবনে চলিত সব নব নব দল।—শ্রী.ম ৮৬। ১২ চালিত, বাহিত। "স্রোতোভিশ্চলিতম্ (বপুঃ)—গঙ্গাষ্টক। ১৩ ভ্রংশিত। "ছন্নয়া চলিত-স্থম্নি স্ত্রিয়া রা ২.৩৪.৩৬। ১৪ [বাঙলায়; অপ্র] চল্তি। "ঘাটে খেয়া বা চলিত নৌকা ছিল না।—আ.দু ৭। —ত ক্লী [+ত-ভা] ১ চলন, গতি। "মন্থর চলিত।—ব ৬৬। ২ কম্পন। ৩ নৃত্যভেদ (A.)। [চলিত কথা, ভাষা;—চলতি ভাষা কথ্য ভাষা। চলিত কলম—প্রবন্ধ-লেখনে ব্যাপৃত লেখনী। "আমার পলিত কেশ, চলিত কলম, এসব স্থানে তোমার ডাকাডাকিতে বড় আসে যায় না ব.প্র ২৬৫। চলিত সিক্কা—প্রচলিত মুদ্রা (current coin)।]

চল্লিশ স.বিং [সং চত্বারিংশৎ > লি চত্তালীসতি তালীসতি, প্রা চত্তালীস (প্রা.ম), চলি(লী)স (পৈ); হি, মৈ চালীস; ঠ—চালীস; প চালী] চত্বারিংশৎসংখ্যক। —শ বি চল্লিশ (৪০) এই সংখ্যা।

চশ(সে)মখোর বিং [ফা চশ্ম্+খো়র] যে চোখ খাইয়াছে; চক্ষু-

লজ্জাহীন, নির্লজ্জ, বেহায়া। "কুচক্রী চসমখোর শ্রী ৩। [°খোরী —নির্লজ্জের কার্য্য; বেহায়াম।]

চশম-নামাই বি [ফা চশ্‌ম্‌নুমাঈ] তিরস্কার, ভৎর্সনা। "যে লিখেছিল তার চশম-নামাই হলো স.এ ৩০।

চশমা বি [ফা চশ্‌ম্‌] দৃষ্টিশক্তিবর্দ্ধক কাচের বা পাথরের চক্ষুর আবরণ-বিশেষ (spectacles)। "আইনের চসমা নাকে তাঁহাকে প্রত্যক্ষ দেখিতে পারেন ব.প্র ৬৪৪।

চষ, -স সর্ম্ম ['চাস' (হলবিদারিতভূমিরেখা—দেশী ৩.১) >চাস, -ষ, চাসা, -ষা, চষ, -স; সং √কৃষ্‌ >লি √কস; 'চর্ষণি'—মনুষ্য (ঋগ্বেদ ১.৭.৯) >চাষা (?)] লাঙ্গলে কর্ষণ করা; চষা। "সে ভূমি চসয় গো.বি ১৩৮। যজ্ঞভূমি চষি কৃ ৪৯; ৫০। চষিয়া ম ৪২০। —ষা, -সা [°ষ, -স+আ৮] কর্ষণ করান; চষান। [চষা—১ সর্থ 'চষ'। ২ কৃষ্ট (ভূমি)। চষান—সর্থ 'চষা'। চাষ চষা—চাষ করা। "দামিন্যায় চাষ চষি ক.চ ৬। চষ ত্রিলোচন চাষ: চাষ চষ শি ৬৮। চাষ চষান —চাষ করান। "চষালেক চাষ সেই শি ৮০।]

চষক পুং, ক্লী [√চষ্‌ ভোজন+অক (ক্‌ন্‌)-ণ] ১ 'ভোজনসাধন', সুরাপান-পাত্র। "রঘু ৭.৪৯। পরমেষ্ঠিকপালচষক ক.ম ৪.১৮। (দিলেন) চষক যক্ষের রাজা ক.চ ২৫৮। চষকচুবিকা ভা.চ ৪২৯। —ক ক্লী [+অক-র্ম্ম] ১ মদ্যবিশেষ। ২ মধু।

চষত বি ['চাষবৃত্তি'—মূল (?); অপ্র] চাষকাজ। "শঙ্করচক চষতের স্থান: চষতের তরে শি ৭১।

চষা, চষান, চস, চসা দ্র 'চষ'।

চসম বি [ফা চশ্‌ম্‌; অপ্র] চক্ষু। "বিবি...দেখে চসমে ম.ম ৫৭।

চহু, -হুঁ বিং [চউ >°হু, 'হ' 'ঁ' আগম; বৈষ্ণবসাহিত্যে; হি চহুঁ; মৈ চহু] চার। "চহু দিশ। ন.প ১২৯; চহুঁ ওর ২০৫; চহু পাশ ২৬৭; ৩৪০।

চা১ বি [সং স্পৃহা > প্রা ছিহা (হে ২.১৩) >বা (ছা) চা (?); হি চাহ; ঠ চহা] ১ ইচ্ছা, অভিলাষ। ২ অনুরাগ, প্রীতি।

চা২ বি [Chinese—te; ts'a, ch'a; P. cha,; ফা চা; ঠ চহা] আসামে জাত ক্ষুপবিশেষ ও তাহার শুষ্ক পত্র। ২ চাএর পাতা দ্বারা প্রস্তুত পানীয়বিশেষ। [চা-কর—চা-বাগানের মালিক; চাএর কৃষক। "হেম ৩৮৪। চা-দানী—চাএর পাত্র।]

চা৩ বিং [হি সা >বা (ছা) চা; সদৃশ >সা (C.G. § 292)] সদৃশ, তুল্য; ঈষৎ, অল্প। "কালচা (হি কালসা), লালচা।

চা৪ [ফা 'চা' (হ্রস্বার্থক)] ক্ষুদ্র, ছোট। "বাগ—বাগিচা, ন'লচা (হুঁকার)।

চা৫, চাহ১ সর্ম্ম [সং √চায়্‌—চাক্ষুষজ্ঞান; হি √চাহ (সং √চক্ষ্‌ >চক্‌খ > √চাখ > √চাহ?); চাহঅ (চাহে—চ)] ১ দেখা, বিচার করিয়া দেখা বা বুঝা। "কৌতুকে গেল তথা চাহিতে শিশুগণ অ.প ১৩০। মনেতে ভাবিয়া চাহ মী ১০। কেমন আনিছ বন্দক এথা আন চাই ম.গা ২৭। যে পথে কুশল হয় সেই পথ চাহ ম.বি ২৬২। আর এক খান দুআরে ব্রাহ্মনে তিতি চায় গো.চ ২৫৪। ভালমতে পুঁথি চাহ চৈ.ভা ৮২; ১৫০। ২ অন্বেষণ করা; খোঁজা। "যমপুরে গুরুর লেখা চাই মী ৯। তোমারে চাহিয়া আনু দ্বারকানগরে ম ৩৯৩। চাহিয়া চিন্তিয়া ক.চ ৭৩; চাহি ছাগল ১৪৬। চাহিলা বসন শ্রী.ম ১৭৯; ২০১। চাহিয়া ভারত ভা.চ ২৮৭; যৌবন বহিয়া গেল বর চেয়ে চেয়ে ৪০৯। ৩ বিচারপূর্ব্বক নির্ণয় করা। "পরিচয় করবি সময় ভাল চাই বি.প ১০৭। ৪ দিব্য চক্ষে দেখা। "বুড়ি ধ্যান করি চায় ব.প ৭৭। ৫ অনুভব করা। "(অন্ন) হস্ত দিয়া চাঁদ চায়, কোমল তুলার প্রায় বা.ম ২৫৪। ৬ কৃপাদৃষ্টিতে দেখা। "গগনায়ক চাও দু২; মাতা চাও বা না চাও ৫৫। যদি কৃষ্ণ চান কথা কহিব ইহার শ্রী.ম ১৯। আমারে চাহিয়া চৈ.ম ১৩। একান্তেরে চাও ভা.চ ৪২৮। ৭ পরীক্ষা করা; বুঝা। "হাসিয়া অঙ্গুলির আগে টিপ দিয়া চায়। কাঁচা দেখি থাল হতে ঠেলিয়া ফালায়॥—বি.পা ২৯৫। মর্ম্ম শ্বাস চাহে ম.ম ২০; ৪৩। বি.পা ২৬৪। ব.প ৩৩১। ৮ মায়া-মমতার চক্ষে দেখা। "নাহি চাহিলেন সীতা উভয় ছাওয়ালে কৃ ৪৯১। ৯ মনে করা; ভাবা। "এতেক দুঃখ সহি আমি গুরুজন চাহি ম বি ২৬১। ১০ লক্ষ্যরূপে দেখা; লক্ষ্য করা। "সন্ধিল যুগল অস্ত্র উত্তর (দিক্‌) চাহিয়া ম ৬২৫। [চাইহ—খুঁজিও (শ্রী.কী)। চাএ—দেখে (গো.চ)। চাহ—দেখ। "মী ১। চাহিতে চাহিতে—খুঁজিতে খুঁজিতে। "চাহিতে চাহিতে ভাল, দুকুল করিলাম কাল।—ক.চ ১১। চাহি দেখি—পরীক্ষা করিয়া বুঝি। "চৈ.ভা ৪২৬। মনে ভাবি চাও বা চাহ—মনে ভাবিয়া (বিচার করিয়া) দেখ। "গো.বি ১০৭। ম.গা ৩। মুখ চাঞা—মুখ দেখিয়া, অর্থাৎ মমতা করিয়া। "সেই ফল কিছু দেহ মোর মুখ চাঞা ভ.গ্র. ২। বুঝি চাহ; বিচারিয়া চাহে; ভাবি চাহ (গো.বি ৯; ৪৭)। জিজ্ঞাসিয়া চাহ; চিন্তিয়া চাহিল (ম.বি ৪৯; ৫১)। বুঝিয়া চাহিলে; পরপুরুষ চাহিতে (ম.ম ১৯; ১৫৮)। জিজ্ঞাসি চাহ; ভাবি চাহ (ব.প ২৯১; ৬৫৮)। (ডিম্ব) চাহিলে ভাঙ্গিয়া—ভাঙ্গিয়া দেখিলে। "বা.ম ১৩। কৌতুক চাহিতে; এড় চাহি বাণ—ছাড় দেখি বাণ; পঠি চাহ-সিয়া—আসিয়া পড়িয়া দেখ। অ.প ১৪; ৭০, ১১৫। চাহিল দেখিয়া —দেখিয়া চাহিতেছিলাম। "চ.বি ৩০৪।]

চা৬, চাহ২ সর্ম্ম [সং √বাঞ্ছ্‌ >প্রা √চাহ (প্রা.ম) >বা √চাহ, √চা; হি, মৈ √চাহ; ঠ √চাহ্‌—to love] ১ যাচ্ঞা করা; প্রার্থনা করা। "জো চাহহি সো লেহি পৈ ১.৯। নাহি চাহি তোমার ধন মী ১৭। গো.চ ৩৪৯। চাহি বাসা-প্রসাদ চৈ.চ ১৪০। আনিলাম চেয়ে ভা.চ ২৮৭। ২ ইচ্ছা করা। "জীবণ চাহসি সুরূপ জই (জীবনে চাহ সুখ যদি) পৈ ১.১৬৯। চাহে রূপে চাহে মারে চাহে লবে ছিন ভ.গ্র ২৭৩। ঝাট আসিবারে চাহ চৈ.ভা ৮২। পিতৃ-পিতামহ-পূর্ব্ব বাক্য হ'তে চায় শি ২৮। ৩ অপেক্ষা করা; রক্ষা করা। "এ কুল ও কুল, দুকুলে চাহিতে, সংশয় পড়িল রাধা।—জ্ঞা ১৬২। [চাই আমি খাই, চাই আমি না খাই—ইচ্ছা করি খাই, ইচ্ছা করি না খাই।—অর্থাৎ ইচ্ছানুসারে খাব বা খাব না। "চাই আমি...না খাই, তুমি আর কথা কহিতে পাবে না ব প্র ৫১৪। চাই রাখ, চাই মার (হি 'চাহিএ' >'চাই', অর্থাৎ উচিত হয়)—উচিত হয়, রাখ, উচিত হয়, মার। "সেই দশা করেছ আমার—চাই রাখ, চাই মার স্ব.প্র ৬৫। চাহিএ—চাই। "না চাহিয়ে ব্রত ব.প ৮০৯। আসিবারে চাহ —আসিতে ইচ্ছা করিও; নিশ্চিত আসিও। "ঝাট আসিবারে চাহ চৈ.ভা ৮২। এইরূপ, 'বলিবারে চাহ' (চৈ.ভা ৯৭)।]

চাইট্টা স.বিং [চারিটা >চাইর্‌টা>°ট্টা; অপ্র] চতুঃসংখ্যক। "চাইট্টা মোমের বাতি গো.চ ১৩; চাইট্টা প্রদীপ ১৯।

চাই(হি)তে [হি চাহি; √চাহ১+ইত২+এ৫ (?)—চাহিত (দৃষ্ট) হইলে, অর্থাৎ দেখিলে; (গৌণার্থে) অপেক্ষায়] অপেক্ষা, চেয়ে। "এ বস্ত্র দিগে চাইতে আমার বস্ত্র পচা বি.পা ২২২। কিবা হয় কোটি মণি সে নখ চাহিতে চৈ.ভা ১৭৯। খাবার চাইতে খিদেয় আদর কা ৯৫।

চাইর স.বিং [চারি>°র] ১ চতুঃসংখ্যক। "চাইর কলসী জল গো.চ ১৩; চাইর ঝন (জন) ১৫; চাইরটা ৪৬। ২ [?] মাছ ধরার যন্ত্র-বিশেষ। "মৎস্যের লোভে চাইর মধ্যে ঢোকে ম.ম ১৯০।

চাইল বি [চালি >°ল] ১ জীবনযাত্রার রীতি; সমাজে চলন। "বাবু বন্দেী বড়মানুষ; চাইল স্বতন্তর হু ১৯৩। ২ রীতি, পদ্ধতি।

"দৈন্যদশার...সকল লক্ষণ সত্ত্বেও...চিক্কণাইয়ের চাইল প্রচলিত হইয়া উঠিতেছে পা.প্র ১৫৭ ; বাটীর কৃতবিদ্যেরাও সাহেবী চাইলে...চলেন না ১৮৭। ৩ [চালি > °ল ; অপ্র] তণ্ডুল। ব.প ৮৩।

চাউ(ও)নি বি [চা৪+ওনি ; চাওনি > চাউনি] ১ চাওয়া, দেখা। "আড়নয়নের চাওনি ন.ত ৭১। ২ বরবধূর ছাউনীতে পরস্পর দেখা-দেখি ; মুখচন্দ্রিকা। "মনসা আসে চাওনি করিতে মুনি চাহে একদৃষ্টে ম.ম ২৭ ; লখাই বেহুলা চাওনি করে ১৮৬।

চাউল বি [°ল (দেশী ৩.৮) ; হি চারল ; ঠ তান্দুল, মৈ চাউর ; ড় চাইল.] তণ্ডুল। "অকারিয়া চাউল গো.চ ৬৫ ; ৬৭। হাটে না বিকায় চাউল চৈ.চ ৩৪৮।

চাওয়া বি [চা৪+ওয়া] ১ দেখা, দৃষ্টিপাত। ২ [চা৬+ওয়া] প্রার্থনা, প্রার্থিত বস্তু। "ফেলে যেতে চায় এই কিনারায় সব চাওয়া সব পাওয়া।—গান ৯৫। —য়া বিং দৃষ্ট ; প্রার্থিত (বস্তু)। [°চাই, °চায়ি. °চাওয়ি—দেখাদেখি। "°চায়ি বা.দ ২১০। মুখ চাওয়াচাওয়ি হু ২২০। চোখ-চাওয়াচাই—কেবল চোখে-চোখে দেখা (কথাবার্ত্তা নহে)।]

চাঁই বি [হি চাঁঈ ; চঈঁ—নেপালের বন্যজাতিবিশেষ। ইহারা ডাকাতি করে (হিন্দীশব্দসাগর)।] ১ প্রধান, সরদার। "মৌলভী বলেন, আমি মুসলমানের চাঁই।—হেম ৩৮০। নানাসাহেবকে চাঁই করে ইংরেজদের রাজত্ব নেবে হু ৮৮। ২ চতুর, চালাক, ঝানু। ৩ ['চাঙ্গ' —মূল (?)] পিণ্ড, চাপ। "সোনার চাঁই।

চাঁকরাই বি ['চিকারাই' পাঠান্তর ; 'চিৎকার'—মূল ; অপ্র] চিৎকার। "তুলিতে নারে পর্ব্বত চাঁকরাই করে কৃ.উ ৩৮।

চাঁচ১ বি [সং চঞ্চা ; ড় চাঁচ] বাঁশের বা নলের বেতি দিয়া রচিত আস্তরণবিশেষ। "চাঁচের বেড়া।

চাঁচ২, **-ছ** সর্ম্ম [সং √তক্ষ্ > লি √তচ্ছ, প্রা √চচ্ছ, √*চংছ > বা √চা(চাঁ)ছ, -চ ; প √তচ্ছ ; ঠ, গু √তাস] কাষ্ঠাদি স্তরে স্তরে কাটিয়া পাতলা বা সরু করা ; চাঁছা (to scrape)। 'চাঁচিয়া কাঁটাল শাল, করে দণ্ড কেরোয়াল ক.চ ২২২। করে নখরঞ্জনী, চাচয়ে নখের কণি চ.দা ৩২। লৌহ কাটে লৌহ চাছে ম.ভা ২৮। —চা, -ছা সর্ম্ম [°চ, -ছ+আ৮] কাহারো দ্বারা কাটিয়া পাতলা করান। [চাঁছা —১ সর্ম 'চাঁচ২'। ২ [সং তষ্ট > প্রা চচ্ছিঅ] পাতলা-করা (বাঁশ ; কাঠ)। চাঁছা গলা—মার্জ্জিত (স্বর-দোষহীন) কণ্ঠ। চাঁছা-ছোলা —তনূকৃত ও ত্বকশূন্য ; সর্ব্বথা পরিষ্কৃত (polished)। চাঁছান— সর্থ 'চাঁচা'। চাঁছা-পুঁছা—অন্নাদির লেশশূন্য ; খাদ্যলেশহীন (হাঁড়ী, ভাঁড়, পাত্র)। চেঁছে-পুঁছে খাওয়া—পাত্র চাঁছিয়া-পুঁছিয়া, অর্থাৎ নিঃশেষ করিয়া খাওয়া। "দাসদাসী সকলে সকল দিয়া পিছু। চেঁছে-পুঁছে খাইল রাণী রেখেছিল কিছু ॥—শি ১০৮। ব.প ১৩৬।

চাঁচ(ছ)নী বি ১ [সং তক্ষণী] সূত্রধরের কাঠ চাঁছার অস্ত্রবিশেষ (adze)। ২ পাত্রের গা চাঁছিয়া-তোলা খাদ্যাংশ। [সোনার চাঁছনী —সোনা চাঁছিয়া (কাটিয়া)-লওয়া অংশ।]

চাঁচর বিং [সং চর্চ্চরী > *চংচরী > বা চাঁচরী ; °র] ১ কুঞ্চিত, কোঁকড়া। "চাঁচর চিকুর কৃ ২৯৮। ক.চ ৩ ; ১১৪,-৬১। ২ [হি চাচর, -রি] দোলে বা হোলী পর্ব্বে করণীয় অগ্ন্যুৎসবাদি হর্ষক্রীড়া (খেলাতামাশা)। দ্র 'চর্চ্চরী'। —র বি কুঞ্চিত কেশ। "তখন পশিল কর রমণী-চাঁচরে ন ১০১৬। —রী বি ক্রীড়াবিশেষ। "চাঁচরী খেলাওঁ মোএঁ শ্রী.কী ৭৯।

চাঁচি, -ছি বি [সং √তক্ষ্ > প্রা চচ্ছিঅ, *চংছিঅ > বা চাঁছি, -চি] দুগ্ধাদির পাত্রের গা চাঁছিয়া-তোলা ঘন দুগ্ধাংশ বা খাদ্যাংশ। "কড়া-চাঁচি। রম্ভা চাঁছি ছেনা দু ১০০।

চাঁছা, -ছোলা, -পুঁছা দ্র 'চাঁচ২'।

চাঁটি দ্র 'চাটি'।

চাঁড় বি [সং 'চণ্ড'—মূল (?) ; হি চাঁড় ; ঠ চাঁড—ইচ্ছা, রুচি ; ড় চাণ্ড—শীঘ্র] ১ প্রবল ইচ্ছা ; উৎসাহ, উদ্যোগ, চেষ্টা। "কাজে, লেখাপড়ায় চাঁড়। ২ [সং চাণ্ড ; হি চাঁড়—প্রবলতা] বল, জোর (force)। "চাঁড় দেওয়া।

চাঁড়া, চাড়া১ বি [হি চাঁড় ; মৈ চাঁড়ী] থাম্বা, খুঁটি, অবলম্বনদণ্ড (prop)। "চাঁড়া লাগান, দেওয়া।

চাঁড়াল বি [সং চণ্ডাল > প্রা চংডাল > বা °ল ; হি, ঠ চাংডাল] চণ্ডালজাতীয় ও তজ্জাতীয় ব্যক্তি।—লনী বি [°ল+নী] চণ্ডালের স্ত্রী বা স্ত্রীজাতি। [চাঁড়ালে দাদ—দদ্রুবিশেষ।]

চাঁদ বি [সং চন্দ্র > লি চন্দ, প্রা চংদ > বা °দ ; হি, ঠ, গু, ড় —চাংদ ; হি, প চংদ ; সি চংডু, মৈ চাঁদ ; অস চান্দ] ১ চন্দ্র। "পুনমী চাঁদ শ্রী.কী ৭৬ ; কপালে তিলক চাঁদ ২৭৪। চাঁদমুখে চুম্বন করে মুখচাঁদে শ্রী ৫০। চাঁদ চাঁদ চাঁদ চাঁদের বামে চাঁদবদনী দাঁড়াল পা.ঝো ১৫৭। ২ (সাদৃশ্যে) গোল তিলক। "মাঝে চন্দনের চাঁদ ব ১৫৯ ৩ তাকিয়া-প্রভৃতির উভয় পার্শ্বের চন্দ্রাকৃতি বস্ত্রখণ্ড। "বালিসের চাঁদ। ৪ শিশুর প্রতি প্রযোজ্য আদরসূচক শব্দ। "তুই কি আমার গয়চাঁদ।—মতিলাল রায়। ৫ শ্রেষ্ঠার্থে। "প্রাত হি দোহন করত যদুচাঁদ গো ৫। ৬ চন্দ্রবৎ আনন্দদায়ক বস্তু (নামের পরশব্দ)। "কালা°, গোরা°। গোবিন্দ° ব.প ৮০০। গোকুল° দা ৪৭। ৭ চন্দ্রবৎ সৌম্য। "আহা দিব্বি ছেলেটি, যেন চাঁদ হু ১৫২। [চাঁদগালা—চন্দ্রবৎ গোল পাতলা লাক্ষাখণ্ড। °পানা —চাঁদের মত ; সৌম্য, সুন্দর। "চাঁদপানা মুখ ব.প্র ৩৪২। °বদনী, °মুখী—চন্দ্রাননা, সুন্দরী। "°নী।—গো ২০১। হাস নয়ান জুড়াক চাঁদমুখী ব ১৭৯। চাঁদ হাতে দেওয়া—(গৌণার্থে) অত্যন্ত প্রীতি উৎপাদন করা। "যখন পিরীতি কৈলা, আনি চাঁদ হাতে দিলা জ্ঞা ১৫৫। চাঁদের হাট—১ দ্র 'চান্দ'। ২ পুত্রাদি প্রিয় আত্মজনের সংসার। "ভাইপো ভাইঝি নাতিনী নাতি, হাট বসে গেছে সোনার চাঁদের। —কথা ৭৮।]

চাঁদআ, -ওয়া বি [সং চন্দ্রাতপ ; হি চংদরা ; ঠ চাংদরা ; অপ্র] চাঁদোয়া। "চাঁদআ টানাল্য কৃ.উ ৫। কিংখাপের চাঁদওয়া ব.প্র ৩৯৯।

চাঁদড়, -র বি [চাঁদ+ওড় (?) ; ঠ চংদর, চাংদোড়, চাংদবড (চন্দ্রবট ?)] সর্পবিষঘ্ন ক্ষুপবিশেষ। "চাঁদর ঈশার মূল ভা.চ ৩৮৫।

চাঁদ(দি)নি, -নী বি [সং চন্দ্রিকা > প্রা চংদিআ, -দিমা ; চংদিণ (দেশী—প্রা.ম) > বা চাঁদি(দ)নি ; হি চংদনী, চাঁদনী ; ঠ চাংদণে ; গু চাংদনী ; মৈ চাননী ; ড় চান্দনি] ১ চন্দ্রিকা ; জ্যোৎস্নাময়ী। "চাঁদনি রজনী গো ১৩৮ ; চাঁদনি রাতি ১৪১ ; ২৩৯। চাঁদনী রজনী ব ১৮৭। চাঁদিনী রজনী ব.প ১০৩৫। শরৎ চাঁদের চাঁদিনী।—হেম ২৫৮। চাঁদিনী রাতে প.তৃ ৮৩। ২ চাঁদিনী-আঁটা স্থান। "দেখেন চক চাঁদিনী সুন্দর ভা.চ ২৭০। [চাঁদনী চক (হি চাঁদনী চৌক)—চাঁদনী-আঁটা প্রশস্ত চক বা বাজার। চাঁদনী বেলি—চাঁদনি রাতি। "জ্ঞা ৫৫। চাঁদনী রাত (হি চাঁদনী রাত ; ঠ চাংদণী রাত্র)—জ্যোৎস্নাময়ী রজনী।]

চাঁদবা, -য়া বি [দ্র 'চাঁদআ' ; অপ্র] চন্দ্রাতপ। "চাঁদয়া কৃ ৩৭০। রূপার চাঁদবা ব.প্র ৪৯৫।

চাঁদমারী বি [হি °রী] দেয়াল বা কাপড়ে চন্দ্রাকৃতি চিহ্ন লক্ষ্য করিয়া গুলি মারার অভ্যাস ; বন্দুকের গুলি নিশানে লাগানর অভ্যাস।

চাঁদমালা বি ১ সোলার বা রাঙতার চাঁদের মালা। "ধবল বর্ণের চাঁদমালা শ্রী.মা ৫ ; ৯৯ ; ২১৬। ২ (সাদৃশ্যে) ফুলের মালাবিশেষ। "কপালে চন্দন শোভে গলে চাঁদমালা শ্রী ১০৩। মালীরা...পদ্ম চাঁদ-মালা...ফুলের দোকান সাজিয়ে বসেচে হু ১৮৮।

চাঁদর দ্র 'চাঁদড়'।

চাঁদা১ বি [চাঁদ > °দা ; হি চংদা] ১ চাঁদ। "কাঁদিয়ে আঁধার, কনক

চাঁদার. শরণ লইল আসি চ.সা ৯। ২ শ্রেষ্ঠার্থক। দ্র 'চন্দা'। "নাগর-চাঁদা শ্রী ১১০। শুনেছে নাগরচাঁদা চ.দা। ৩ [সং চন্দ্রক >প্রা চংদঅ >বা চাঁদা] গোল সাদা মৎস্যবিশেষ। [°কুড়া—গুঁড়া চাঁদামাছ। তু 'চান্দাগুঁড়া'। "শি ৮৫। °মামা—কুলীনের বহুবিবাহের ফলে কুলীন-সন্তানেরা মাতুলালয়েই থাকিতেন, পিতৃকুলের সহিত বিশেষ সম্পর্ক থাকিত না; মাতুলালয়ে মাতৃসম্পর্কে মামাই অধিক। এই হেতু চন্দ্র-সূর্য্যও 'মামা'। মামা-মামীর ঘুমপাড়ানগানও অনেক আছে।]

চাঁদা² বি [সং 'ছন্দ, -ক'—মূল; লি ছন্দক (বিনয়পিটক); বা ছাঁদা, চাঁদা; ফা চন্দা; মুণ্ডারি—'চান্দা'] কোনো কার্য্যের ব্যয়নির্ব্বাহার্থ বহু লোকের নিকট হইতে সংগৃহীত অর্থ (subscription)। "চাঁদা দিতে চাঁদি ফাটে।—হেম ৩৮৬।

চাঁদাড় বি ['চন্দ্রাকার'—মূল (?); চান্দর (ত্রিপুরা); চান্দরা (ঢাকা), মুণ্ডারি—'চাণ্ডাএ' (eaves)] চাঁদের আকৃতির মত বাঁকা বাঙলা ঘরের দেওয়ালের মাথা; (গৌণার্থে) দেয়ালের মাথা ও চালের মধ্যস্থ ফাঁক; গৃহের পশ্চাদ্‌ভাগ।

চাঁদি, -দী বি ['চাঁদ'—মূল; হি চাঁদী; ঠ চাংদী, মৈ চানী] ১ (চাঁদের মত শুভ্রতা হেতু) বিশুদ্ধ রৌপ্য; খাঁটি রূপা। "বেটা রাং দিয়ে নিয়েছে চাঁদি, ফেলে ভারি ভোগায় দা ২০৬০। ২ [হি চঁদিয়া; চান্দি (যশোহর); চান্দিয়ামাথা (কোচবিহার)] মস্তকের মধ্যস্থল; ব্রহ্মতালু, খাপরি। "চাঁদা দিতে চাঁদি ফাটে।—হেম ৩৮৬।

চাঁদিনি, -নী; চাঁদী দ্র 'চাঁদনি; চাঁদি'।

চাঁদোয়া, চান্দোয়া বি [দ্র 'চাঁদআ'; চান্দোয়া (রা.শে ১০৬)] চন্দ্রাতপ। "শুক্লবর্ণ চান্দোয়া ম ১২৮০। চান্দোয়া জ ৫৯। নেতের চান্দোয়া বি.পা ১৬২।

চাঁন, চান¹ বি [চান্দ >চান; মৈ চান; অপ্র] চাঁদ। "তনু দেঅ চান রাহু কর পান বি.প ২২১। পচ্ছিমের চাঁন শূ ২৪। চান গো.বি ১৪৩। গো.চ ২০২। আঁতর চান কুমুদ কত দূর ব.প ১০১৬।

চাঁপ(পা)কলি বি চাঁপাফুলের কলিকার মত সোনার কণ্ঠভূষণ। "শোভে কণ্ঠে চাঁপকলি ভ.গ্র ৩৮০। চাঁপাকলি দা ১৪৮১; ১৬৩৩।

চাঁপা বি [সং চম্পক >প্রা চংপঅ >বা (চংপা) চাঁপা; হি চংপা] ১ চম্পক পুষ্প। "চাঁপা কুঁড়ী শ্রী.কী ৪৬। হেমচাঁপা ম ৬২৪। ব্র.প ১৩৫। ২ চম্পকবৃক্ষ। "চাঁপাতলায় পুতি রাপ মেলানীর ভার।—ম.ভা ৪৬। ৩ কদলীবিশেষ। "ক.চ ১২২। ৪ কাঁটালের কোষে সংলগ্ন চাঁপার পাপড়ির মত কোষবিশেষ। [°গাভা—চাঁপাকলির মালা। দ্র 'গাভা'। °ন'টে—একজাতীয় নরম ন'টে শাক।]

চাক¹ বি [সং চক্র >লি, প্রা চক্‌ক >বা চাক; হি, ঠ, গু, মৈ, অস চাক; প চক্ক; সি চকু; 'চক্ক'(চ)] ১ চক্র, চাকা। "ঘুরা জলে নৌকা পড়্যা চাক পারা ফিরে ব.প ৪৭১। চাকপারা চক্ষু শি ৭০। শ্রী.মা ৭২। ২ কূপের চক্রাকার মাটির পোড়ান বেড় বা পাট। "(কূপের ভিতরে) রহিয়াছি দুটি চাক ধরিয়া ঢুকরে স.শ ৩৬। ৩ কূপের পাকা গাঁথনির ভিত্তি কাষ্ঠচক্র। ৪ কুম্ভকার-চক্র; কুলাল। "কুমারের চাক যেন মাণিক অঙ্গুরী কৃ ২৮০। হাঁড়ী…অচাক-নির্ম্মাণ শ্রী.মা ৯৯। ঘুরে আঁখি কুমারের চাক বি.ম ১৫। ৫ মৌমাছি-প্রভৃতির চক্রাকার গৃহ। "মৌ°। তুমি বোলতা, আমি চাক য ১০। ৬ মাটির গোল চাপড়া। "বড় বড় চাকে মাটি ভাঙ্গিয়া ত পেলে গ ৮৪। ৭ চক্রাকারে কাটা দ্রব্যমাত্র। "সাজ কটু তেলে রান্ধে কুমারের চাক ম.ম ৯৫। ৮ তবলা-প্রভৃতির ছাউনীর প্রান্তলগ্ন চর্ম্মবৃত্ত (চামড়ার বেড়)। [চাক চাক করিয়া কাটা—চাকার মত খণ্ড খণ্ড করিয়া কাটা। চাকপূজা—কুমারের চাকের পূজা।]

চাক², **-খ** সর্ম্ম [সং আ+ √স্বাদি (√ জক্ষ্?) >প্রা √চক্‌খ (প্রা.ম) >বা √চাখ, -ক; হি, ঠ, গু √চাখ; অস √চাক্] ১ আস্বাদন করা; স্বাদ লওয়া; চাখা, খাওয়া (to taste)। "চাকিতে চাকিতে…পহিলে লাগিল মীঠ চ.দা ১০৮। চাকি বুঝ স্বাদুপানা ক.চ ২৩৫। চাখি এক কণ চৈ.চ ৪৯। প্রসাদ কিছু চাখ রা.শে ৭২। [চাখনদার—যে চাখিয়া ভাল মন্দ পরীক্ষা করে। চাখা—১ সর্ব 'চাক²'। ২ (সং আস্বাদিত >প্রা চক্‌খঅ—হে ৪.২৫৮) আস্বাদিত।]

চাকচক্য, -চিক্য ক্লী [চকচক+য (ষ্যঞ্); °চিক্য, পৃষো; দ্র 'চকচক²'] চকচকভাব, উজ্জ্বলতা, দীপ্তি। "°চক্যাকার, °চক্যসন্দর্শন (ত.বা)। তাহার অঙ্গ…চাকচক্যবিশিষ্ট ব.প্র ১১৬।

চাকণ(ন)চিকণ, -ন বিং [চিক্কণ >চিকণ, -ন; 'চাকণ, -ন' অনু. শব্দ] বেশভূষায় সজ্জিত; পরিষ্কার-পরিচ্ছন্ন, ফিট-ফাট, সাফ-সোফ। "নারী হবু চাকনচিকন পুরুস কেম্বা ওড়া গো.চ ১৭৬। চ.প ৪৯। —চিকণ, -ন বি চাকচিক্য, বেশভূষার সজ্জা, ফিট-ফাটভাব। "কতক-গুলো ফতো বড়মানুষ আছে, তাহাদের উপরে চাকণচিকণ ভিতরে খ্যাড় আ.দু ২৮।

চাকতি বি ['চক্রপত্রী'—মূল; হি, ঠ, গু চকতী] গোল পাতলা বস্তু। "ছোলার, মুড়ির চাকতি।

চাক(কু)ন্দা বি [সং চক্রমর্দ্দ] বর্ষাকালের ক্ষুপবিশেষ। [চাকুন্দার দোর দেওয়া—চাকুন্দার পত্রদ্বয় সংযুক্ত হওয়া। অল্প বেলা থাকিতে চাকুন্দাপাতা সংযুক্ত হয়, ইহা বেলাশেষের লক্ষণ।]

চাকভাউরি, -রী, -ভাঁওরি, -ভাভুরি বি [হি চাক+ভাঁরর, -রী (সং ভ্রামর); মৈ চকভউর] ১ চক্রাকারে ভ্রমণ। "চাক-ভাঁওরিতে, ফিরিয়া নাচিতে, হৈল তার তালভঙ্গ শ্রী ৯। ২ চক্রাকারে ঘূর্ণন। "চুলে ধরি সীতারে দিল চাকভাউরী কৃ ২৭০। —রি, -রী ক্রি.বিং চক্রাকার ভ্রমণে; চক্রাবর্ত্তে। "(ডিঙ্গা) চাকভাউরি ফিরে ব.প ২৪৭; (হস্তী) শুণ্ড তুলিতে নারে বুলে চাকভাউরি ৭৭১। (নায়ে) চাকভাঁওরি ফিরে বি.পা ২৩২। অসুরেক ফিরাইল চাকভাভুরি চ.বি ৩২৮। [চাকভায়—চক্রাবর্ত্তে। "গো.চ ২৭৯।]

চাকর বি [ফা চাকর্] ১ ভৃত্য, পরিচারক; কর্ম্মচারী। "রাজার চাকর গো.চ ১৫০। ২ দ্র 'চা²'। —রাণী -নী বি [°র+আনী] পরিচারিকা, দাসী। "ব.প্র ২৬৫। —রি, —রী বি [ফা চাকরী] ভৃত্যকার্য্য; দাসত্ব, সেবা। "মিনের চাকরি করে যতেক গোসাই মী ১। [°বাকর ('বাকর' অনু.শব্দ)—ভৃত্য ও তাদৃশ ব্যক্তি; ভৃত্যাদি। "স্বামী চাকর-বাকরের সামিল জা ২৩। চাকরীচাকরী—কাজকর্ম্ম। চাকরাণ, -ন (ফা চাক্‌রান্)—কাজের নিমিত্ত বেতনের পরিবর্ত্তে চাকরকে প্রদত্ত নিষ্কর ভূমি। "°ন E.P. 95.]

চাকলা¹ বি [ফা চক্‌লহ্; হি চকলা] কতকগুলি পরগনার সমষ্টি; জিলা। "E.P. 51. [°দার—চাকলার অধিকারী।]

চাকলা² বি [তু 'চক্কল'—বর্ত্তুল, গোলাকার বস্তু (দেশী ৩.২০);—চক্কচক্কল (চক্রবর্ত্তুল) ক.ম ২.৩৪] ১ চক্রাকার খণ্ড; চাক। "আমের চাকলা; এক চাকলা আম। ২ চক্রাকার চিহ্ন। "চাকলা চাকলা হইল মারণের দাগ বি.পা ৩০৭।

চাকা বি [চাক¹ >°কা; হি চক্কা; চকা(চ)] ১ চক্র। "তোমার হাতের বাঁধনটা গাড়ীর চাকার উপর রাখ ব.দ্বি ৯৫। ২ চক্রাকার খণ্ড। "আমের চাকা। —কা বিং চক্রাকৃতি, গোল। "(চিতাবাঘ) তাহার গায়ে চাকা চাকা দাগ।—শিশু ৮১।

চাকি, -কী বি [চাক+ই⁶, ঈ⁷; হি চাকী—জাঁতা; ঠ চাকী; গু চক্কী—জাঁতা] ১ ছোট গোল টুকরা। ২ লুচি-প্রভৃতি বেলার ছোট কাঠের বা পাথরের পাটা। ৩ চক্রাকার কর্ণভূষণবিশেষ। "উপর কানে চাকি গো.চ ২৫৫। কনক নাগে কৈলা কর্ণের চাকি ব.প ১৭৪; উপর কর্ণে চাকি পরে ২৮৭। ম.ম ৮৯। ৪ খাদ্যবিশেষ। "রা.শে ২২।

৫ টাকা। "ফাঁকী দিয়া চাকি ভুক্তে গায় করে ফিরা বি.সু ৩৭। [চাকি-চাকতি—সর্থ 'চাকি (৫)। "বুলু রিবন, চাকি-চাকতি কিম্বা জরির খোপা।—হেম ৩৮৮। চাকি চাকি—ছোট ছোট গোল টুকরা। "আদা কুমড়া চাকিচাকি বি.পা ৩৬৬, -৮ ; বাঁসের গোড়া চাকি চাকি ২৯৫।]

চাকী দ্র 'চাকি'।

চাক্খ(খু)সে বিং [সং চাক্ষুষ >প্রা চকখুস; অপ্র] প্রত্যক্ষ। "চাক্খসে…দেখিল গো.চ ২৩ ; চাকখুসে…দেখিল ৩৯।

চাক্র বিণ্ [চক্র+অ (অণ)] চক্রদ্বারা নিবৃত্ত (যুদ্ধ) "হ ১০০.৯৯।

চাক্রিক বিণ [চক্র+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ চক্রসম্বন্ধী, রাষ্ট্রসম্বন্ধী। ২ গণসম্বন্ধী, সাধারণ। —ক পুং ১ যে জনসমূহের সহিত গিয়া দেবতাদির অগ্রে স্তুতি পাঠ করে ; ঘাণ্টিক (অ.কো) ; শ্রাবক (স্বামী)। ২ [+ইক, শৈষিক] 'চক্রজীবী', 'যন্ত্রজীবী', তৈলিক, তেলি; (মতান্তরে) শাকটিক, গাড়োয়ান। "যাজ্ঞ ১.১৬৫।

চাক্ষুষ বিণ [চক্ষুস্+অ (অণ্), শৈষিক ; স্ত্রী -ষী] ১ চক্ষুগ্রাহ্য। "চাক্ষুষং রূপম্ পা ৪.২.৯২, সি। ২ চক্ষুঃ দ্বারা নিবৃত্ত ; চক্ষুঃসম্বন্ধী। "চাক্ষুষী বিদ্যা ম ১৬৬। অতি সুন্দর চক্ষুঃ…। কিন্তু চাক্ষুষ স্নায়ুর দোষে অন্ধ।—ব.প্র ২২২ ; সে চাক্ষুষ প্রত্যঙ্গ—চক্ষের প্রত্যক্ষ ৪৩৪। —ষ পুং চক্ষুর পুত্র ষষ্ঠ মনু। "ভ ৮.৫.৭। —ষ ক্লী চক্ষুনির্বৃত্ত জ্ঞান ; প্রত্যক্ষজ্ঞান, প্রত্যক্ষ, চোখের দেখা। "শুনি মন করে ধ্যান প্রাণেরে বাঁচাতে। চাক্ষুষ বিহীনে নাহি উপায় ইহাতে॥—নিধুবাবু। [চাক্ষুস, -ষে—প্রত্যক্ষভাবে। "চাক্ষুষ দেখিল ভ.গ্র ১৭৫। (মহামেঘ) চাক্ষুষে আকাশ নিল ঢেকে শি ৭৫।]

চাক্ষুষিক ক্রি-বিং [সং চাক্ষুষ; অপ্র] প্রত্যক্ষ। "দেখি চাক্ষুষিক ম.পা ১৬৮।

চাখ দ্র 'চাক২'।

চাখড়ি বি [E. chalk >চা] সাধারণ খড়ি ; ফুলখড়ি।

চাখলিয়া (?)। "চাখলিয়া তের হাজার চলে ব.প ২৫৪।

চাগুনি বি [ফা চংগ্—অঙ্কুশ] শূয়ার তাড়াইবার দণ্ড। "দেখেছি চাগুনি হাতে সোকর চরান শ্রী.মা ১৬০।

চাঙ, -ঙ্গ১ বি [ফা চংগ—claw] থাবা-পরিমিত দ্রব্য ; পিণ্ড, চাপ, তাল। "মাটির, সোনার চাঙ।

চাঙড়া, চাঙারি সর্থ 'চাঙ্গড়া ; চাঙ্গারি'।

চাঙ্গ১ দ্র 'চাঙ'।

চাঙ্গ২ বি [অস চাং—মঞ্চ] প্রাণদণ্ডার্থ উচ্চস্থান বা মঞ্চ। "গোপীনাথকে বড়জানা চাঙ্গে চড়াইল ঃ চাঙ্গ চড়াই লই কৌড়ি চৈ চ ৩০৭। ['চাঙ্গে চড়ান'—প্রাণনাশার্থ রাজদণ্ডবিশেষ। ইহাতে চাঙ্গের নীচে খড়্গ পাতা থাকে, দণ্ডনীয় ব্যক্তিকে চাঙ্গে চড়াইয়া ঐ খড়্গের উপরে ফেলিয়া দেয়। (চৈ.চ ৩০৭)]। ২ মঞ্চ, মাচা (ঢাকা)।

চাঙ্গড়, -ড়া বি ['চাঙ্গ+পারা'—মূল] পিণ্ডসদৃশ, তাল, চাপ। "সুবর্ণ চাঙ্গড়া ক.চ ১৮৩। এ যে আঁস্তাকুড়ে সোণার চাঙ্গড় মা ৩৩৩। —ড়া বি [চাঙ্গারি >°ড়া ('বৃহৎ' অর্থে)] বড় চেঙ্গারি। "শুনিয়া পসারী সব চাঙ্গড়া উঠাইয়া। প্রসাদ দিল প্রভুকে আনন্দিত হৈয়া॥—চৈ.চ৩১৮।

চাঙ্গড়া দ্র 'চাঙ্গড়'।

চা(চে)ঙ্গদোলা বি ['সাঙ্গদোলা' অথবা অস 'চাঙ্গী (দুই পাশে বাঁশের বাঁট-লাগান মাটি-বহার বাঁশের পাত্রবিশেষ)+দোলা'—মূল] সাঙ্গে বা চাঙ্গীতে ভার বহার মত, হাত-পা ধরিয়া কোন লোককে ঝুলাইয়া লওয়া বা শূন্যে উঠান [চাঙ্গদোলা করিয়া আনা—হাত-পা ধরিয়া শূন্যে তুলিয়া আনা।]

চাঙ্গা বিং [দ্র 'চঙ্গ১'] ১ সুস্থ, নীরোগ ; সজীব, অবসাদহীন। ২ শুদ্ধ, নির্মল। "মন চাঙ্গা ত কঠৌতী মে গঙ্গা।

চা(চে)ঙ্গারি বি [লি চঙ্গোটক—ঝুড়ি ; 'চংগরের' (দেশী)—কাষ্ঠ-পাত্রী ; 'চংগেরী (দেশী)—ঝুড়ি ; হি চঁগের, -রী] বাঁশের বেতির চওড়ামুখ গোল পাত্রবিশেষ ; ঝুড়িবিশেষ।

চাঙ্গী বি [দ্র 'চাঙ্গ১'—মূল (?)] স্বর্ণনির্ম্মিত চক্রাকার রাজসজ্জাবিশেষ। "উঠিছে কনক চাঙ্গী তপন সমান।—রঙ্গ ২০ ; ১০৪।

চাচর বিং [দ্র 'চাঁচর১'] কুঞ্চিত। "চারু চাচর চিকুর ব.প ৪৬।

চাচা বি [সং তাত (?) ; হি চ(চা)চা ; গু চাচ, -চা (বহুব)] পিতৃব্য, কাকা। "চৈ চ ৬৪। ঠকচাচা আ.দু ২৮। —চী পিতৃব্যপত্নী, কাকী। —চ্চা বি চাচা, বাবা। "ন হি ঠৌর মারেঙ্গা রখেগা কোন চাচ্চা রা.স ৩১। [চাচা, আপন বাঁচা—(গৌণার্থে) সকলই নিজ প্রাণ বা স্বার্থ রক্ষা কর। "দোয়ার ও খুলীরে…'চাচা, আপন বাঁচা' কথাটি স্মরণ করে…চম্পট দিলে হু ১২০। চাচাতো—খুড়তাতো (ভাই, বোন।]

চাঞী বি [সং চামীকর—'চামী' >°ঞী] ধুস্তুরবীজ। "শি ৩১।

চাঞ্চল্য ক্লী [চঞ্চল+য (ষ্যঞ্)] ১ চঞ্চলভাব, চপলতা। ২ অধীরতা, অশান্তি। "চিত্ত° সী ৩৬। ৩ অব্যবস্থা, অস্থিরতা। "চাঞ্চল্যই সংসারের সুখ ব.প্র ৬২০।

চাট১ পুং [√চাটি+অ (অচ্) -ক] বিশ্বাসোৎপাদনপূর্ব্বক ধনাপহারক ; প্রতারক। "যাজ্ঞ ১.৩৩৬। বাপের কামানো টাকা বিলাতী চাটকে। দিয়ে, নিজে জুজু হয়ে ঢোকেন ফাটকে॥—হেম ৩৮৭।

চাট২ বি [√চাট—মূল, হি চাট—লঙ্কা লবণ অম্ল দ্রব্যাদি দ্বারা কৃত স্বাদু বস্তুবিশেষ] 'চাটিয়া খাওয়ার দ্রব্য' ; নেশায় মুখরোচক খাদ্য বা অনুপান। "মদের, গুলির চাট। আমি বলি এক এক শালাকে ধরি, আর কামড়ে চাট করি গি.দ্বি ৭৫।

চাট৩ সর্ম [ধ্বন্যাত্মক ; হি, ঠ, গু, ড় √চাট] মধু-প্রভৃতি তরল দ্রব্য 'চটচট' শব্দে জিভ দিয়া মুছিয়া খাওয়া ; লেহন করা; চাটা (to lick)। "চাটি চাটি মাটী করে বড় বড় থাল শ্রী.ম ১০৭। স্নেহে গাবী শ্যাম-অঙ্গ চাটে প.র ১৫। [চাটাচাটি—পরস্পর চাটা। গা-চাটাচাটি করা—(গৌণার্থে) ভালবাসা জানান (গো-প্রভৃতির গা-চাটাচাটি ভালবাসার লক্ষণ)।]

চা'ট, চাটি বি [সং √চট্—মূল (?)] গোরু ঘোড়া প্রভৃতির পেছনের পায়ের লাথি। "আগু দুই খুরে চাটি জুড়িলেক শ্রী.ম ১১১।

চাটনী বি [চাটন+ঈ৭ ; হি চাটনী ; ঠ চাটণী, -নী : গু চাটণী] চাটিয়া খাওয়ার দ্রব্য ; অম্লমধুর ব্যঞ্জনবিশেষ।

চা(চাঁ)টি, -টী বি [সং 'চপেটী'—মূল ; হি চাঁটী ; মৈ চাটী] ১ চপেটাঘাত। "চাটী (চাঁটি) চড় চাপড়ে, কামড়ে পাড়ে হাতী ঘোড়া শ্রী ১৬৬ ; ব.প ৪৪৬। ২ তবলার সংজ্ঞাফদার মগজী (বাজনার সময়ে যাহাতে অঙ্গুলির আঘাত পড়ে) ; চাটীতে অঙ্গুলির আঘাতজন্য শব্দ। "তবলার মুখে চাটি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

চাটিগাঁ, -গ্রাম বি চট্টগ্রাম। "°গাঁ চৈ.ভা ১৬। °গ্রাম অ.প ৩।

চাটিম-কলা বি [?] মর্ত্তমানজাতীয় কলা।

চাটিয়াল বি চটিওয়ালা, থানাদার, চৌকিদার। "ম.ম ২৩২।

চাটু১ পুং, ক্লী [√চট্+উ(ঞুণ্)-ক, উ ১.৩] ১ 'চিত্তভেদকারক', প্রিয়বাক্য। "প্রিয়ঃ প্রিয়ায়াঃ প্রকরোতি চাটু।—ঋতু ৬.১৪। পটুচাটু-শত গী.গো ২.১২। ক্রমে ন চাটুং মৃষা (কুরঙ্গ)—ভর্ত্তৃহরি। ২ মিথ্যা-প্রিয়বাক্য, খোসামুদে কথা। "সা…অনেকচাটুপরা বভুব (পঞ্চ)। ৩ স্ফুটবাক্য (A.) ; স্ফুটবাদী (S.W.)। [°কার (বিণ)—প্রিয়-বচন-প্রযোক্তা, মিথ্যা প্রিয়বাদী। "প্রার্থনাচাটুকার পু.মে ৩২। °পটু (পুং)—'চাটুবাক্যে কুশল', ভণ্ড, ভাঁড়। °বটু (পুং)—বিদূষক, ভাঁড়। °লোল (বিণ)—চাটুকার। °শত (ক্লী)—বহু প্রিয়বচন। চাটূক্তি (স্ত্রী)—চাটুবাক্য।]

চাটু২ বি [হি 'চট্ট', (পাথরের বড় থল)—মূল?] রুটি-প্রভৃতি সেকার অল্প-গভীর লৌহপাত্রবিশেষ। "চাটু যেন নাহি জানে পিষ্টকের স্বাদ ম ৩৪২।

চাটুতি-ট্যাতী বি চাটুতিগ্রামবাসী রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি (দ্র 'চট্ট')। "°তি ক.চ ৮৬। ভা.চ ২৩। চাট্যাতী ব.প ৩১৫।

চাট্টি, -ড্ডি বি [চারটি > °ট্টি, -ড্ডি] (গৌণার্থে) অল্প, কিছু, কম। "(পাতা) আচলে করে চাড্ডি চাড্ডি করে···নিয়ে এস অ.গ্র ৩৬। —ট্টি স বিং চতুঃসংখ্যক, চারিটি। —ট্টে স.বিং [°ট্টি > চাট্টে (বিরক্তিতে)] চার। "আমি একলা···আর কোন দিগে যাব? —আমার কি চাট্টে হাত চাট্টে পা?—আ.দু ১১১।

চাড়১ বি ১ কলা, চেঁদে (অশ্লীল)। "বুড়া ভাতার ধরব কেন চাড় কেঁদেছে মোর শি ৮৪। ২ সাড়, ইঙ্গিত (?)। "চক্ষু চাপে চাড করে চাড় বলে কি।—শি ২৮। [সাড় > °ড় (অনুপ্রাসে?)]

চাড়২ বি [চাঁড় > °ড়] ১ বলপ্রয়োগ, ধাক্কা। "দুড় দাড়, হুড় মাড়, পড়ে চাড় পেয়ে।—রঙ্গ ১১১। ২ দণ্ডদ্বারা ঊর্দ্ধদিকে বলপ্রয়োগ বা চাপ। "সাবল আনিয়া, তাহার চাড়ে তক্তা উঠাইল ব প্র ৩৫৭। ৩ ভারজন্য নিম্নাভিমুখ চাপ। "অল্প পেয়ে চাড়, ভাঙ্গি পড়ে পাড় স্ব.প্র ১২৩।

চাড়া১ দ্র 'চাঁড়া'।

চাড়া২ বি [চড়া১ > °ড়া] ১ ধনুকের গুণ (ছিলা)। "বাণ যুড়ে রাক্ষস ধনুকে দিয়া চাড়া কৃ ২৫৭। ২ নারিকেলের মালা। দ্র 'চাড়া২ (৪; ৫)। "চাড়াতে কামড় ফুটে বি.পা ২০০; ছোল চাড়া ২১০; চাড়ার ভিতরে জল অমৃত সমান ২১৩। ৩ ['চড়াই'—মূল?] নৌকা উর্দ্ধে যত দূর বোঝাই করা যায়, ততটা খোল। "বি.পা ১৬২। চাড়া দ্বিগুণ করে গুণ, যত হাত তত মণ।—শুভঙ্কর। ৪ [সং চন্দ্রক] নখ (নদীয়া)। ৫ (সাদৃশ্যে?) কচ্ছপের কঠিন পৃষ্ঠাবরণ। ৬ ['চাঁড়'—মূল] গোঁফের আঙ্গুলের চাঁড়ে উপরে তোলা। "গরবেতে গোঁফে দেয় চাড়া।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। বসিয়াছে রথিগণ গোঁফে দিয়া চাড়া।—রঙ্গ ২২। আ.দু ১০৬। ৭ চাঁড়। "উঠে ফুলে বুকে দিয়ে চাড়া।—রঙ্গ ২১। —ড়ি, -ড়ী বি কাঠের গামলা; কাঠকো। "বড় বড় চাড়ি বি.পা ১৬৩; ২১৯। চাড়ীগুলা ব.প ২৪২। [চাড়া দিয়া উঠা—প্রবল হওয়া। "বিনাশ কালেতে জরা চাড়া দিয়ে উঠে দা ৮৪৬।]

চাড়ি, -ড়ী দ্র 'চাড়া২'।

চাণক্য পুং [চণক+য (ষ্যঞ্) গোত্রাপত্যার্থে] চণকমুনির গোত্রাপত্য নীতিশাস্ত্রজ্ঞ পণ্ডিত; বাৎস্যায়ন, কৌটিল্য। [ইনি নীতিকৌশলে নন্দবংশ ধ্বংস করিয়া চন্দ্রগুপ্তকে মগধের সিংহাসন প্রদান করেন (দ্র 'বৃহৎকথা; বিষ্ণুপুরাণ; ভ ১২.১.১২)।] —ক্য ক্লী চাণক্যপ্রোক্ত নীতিশাস্ত্র। "চাণক্যসারসংগ্রহম্।

চাণূর পুং কংসের মল্লবিশেষ। [চাণূর কংসের ধনুর্যজ্ঞে শ্রীকৃষ্ণ কর্ত্তৃক নিহত হয়।] [°মর্দ্দন, °সূদন (পুং)—শ্রীকৃষ্ণ।]

চাণ্ডাল পুং [চণ্ডাল+অ (অণ্) স্বার্থে; ছান্দস] ১ চণ্ডাল। "মনু ৩.২৩৯। অপূর্ব্বকর্ম্মা° উ.চ ১.৪৬। আচাণ্ডাল চৈ চ ৭৭। ২ নির্দ্দয় বিপ্র। 'নির্দ্দয়ঃ সর্ব্বভূতেষু বিপ্রশ্চাণ্ডাল উচ্যতে।—অত্রি ৩৭৪। —লিকা স্ত্রী [°ল+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] চণ্ডালবীণা। —লী স্ত্রী [°ল+ঈ (ঙীষ্)] চণ্ডালজাতি-স্ত্রী।

চাতক পুং [√চত্ প্রার্থনা+অক (ণ্বুল্)-ক] 'মেঘজলপ্রার্থী', পক্ষি-বিশেষ। "পূ.মে ৯। চাতকস্তু জীমূত ভবানেবাবলম্বনম্ (চাতকাষ্টক)। —কী স্ত্রী চাতকপক্ষি-স্ত্রীজাতি। [°বান্ধব (অপ্র)—মেঘ। "ম.পা ১১০।]

চাতকিনী বি [চাতক+ইনী; সং চাতকী; পদ্যে] চাতকী। "আঙ্খি চাতকিনী নারীর জন্মিছে পিপাসা ম.পা ১৬২। °গণ জ্ঞা ১১৪। °দল মা ১৩১। চাতকিনী কুতুকিনী বা.দ ৯৫। মেঘদরশনে হায়, চাতকিনী ধায় রে।—ব.প্র ১২৬।

চাতর১ বি [সং চাতুরী; হি চাতর] ষড়যন্ত্র, কূটকৌশল। "হায় প্রভু কোটালের পড়িলে চাতরে ভা.চ ৩৮৮। কে বলে—'ধন্নার কাছে, কালের চাতর আছে'।—বিহারীলাল চক্রবর্ত্তী।

চাতর২ বি [সং চত্বর > প্রা চত্তর > বা °র] ১ চতুষ্পথ, চৌরাস্তা, চৌমাথা। "বুলে চাতরে চাতরে কৃ.উ ১১৪; গাইল গীত চাতরে চাতরে ২৭০। লৈয়া বেড়াও চাতরে চাতর কৃ ২১৬। নগরচাতরে ক.চ ৪৯; ২১৮। ম ৭১০। শ্রী.ম ২১২। ম.বি ১৮। ব.প ১৬৮৭,-৯০। ২ অঙ্গন, উঠান। "আওআস চাতর কৃ.উ ৭৭; ৮৫। —তার বি [°র > চাতার] সর্থ 'চাতর২ (১)। "চৈ.ভা ৩৪২, টীকা। [চাতরে হাঁড়ি ভাঙ্গা—সর্ব্বসমক্ষে রহস্য ভেদ করা। "প্রসাদ বলে মন জান তো মনে মনে যেটা। চাতরে কি ভেঙ্গে হাঁড়ি বুঝাইব সেটা।]

চাতাল বি [চাতার > °ল] ১ উঠান। "খোকার খেলা, ঘরের চাতাল। —শিশু ২১। ২ পাকা চতুষ্কোণ সমতল স্থান। "ঘাটের চাতাল স্ব.প্র ১২।

চাতুর বিণ [চতুর+অ (অণ্) স্বার্থে; স্ত্রী -রী] ১ চতুর, নিপুণ। ২ নিয়ন্তা। ৩ নেত্রগোচর (মেদিনী)। —র ক্লী [চতুর্+অ তৎ-সম্বন্ধার্থে] চতুশ্চক্র শকট। —রী স্ত্রী ১ চতুরতা, নৈপুণ্য। "তদ্ভট-চাতুরীতুরী নৈ ১.১২। ২ (বাঙলায়) শঠতা, ধূর্ত্ততা। ৩ (অপ্র) চত্বর, চতুষ্পথ। "বাজার চাতুরী কৃ.উ ১৮৯।

চাতুরাই বি [চাতুর+আই৫; দ্র 'চতুরাই'] চাতুরী, ধূর্ত্ততা। "(নায়া) চাতুরাই করে, সভে ভাবে মনে মন ব.প ৯১৩।

চাতুরালি, -লী বি [চাতুর+আলি৩] ১ চতুরতা, পাণ্ডিত্য, বাক্-পটুতা। "সহজে চতুরমুখ বাণী-অধিকারী। বিশেষে বেদের মুখ নিজ চাতুরালী॥—শ্রী.ম ১২। প্রভু কহে—চাতুরালী ছাড় সনাতন চৈ.চ ২১৪। ২ ধূর্ত্ততা, শঠতা, ছিনালী। "দুষ্টমতি দুরাচারী, কত কর চাতুরালী বি.পা ২৯৫,-৬।

চাতুরাশ্রমিক বিণ [চতুরাশ্রম+ইক (ঠক্)] ১ চতুরাশ্রমে বিহিত; ব্রহ্মচর্য্যাদি আশ্রমে বিহিত (ধর্ম্ম)। ২ চতুরাশ্রমসম্বন্ধী। "বর্ণাংশ্চাতুরা-শ্রমিকান্ মহা ১৩.৩৫.৩৭। —রাশ্রমী (-মিন্) বিণ [চাতুরাশ্রম+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] চতুরাশ্রমবান্, ব্রহ্মচারি-প্রভৃতি। "°মিণাং পুণ্যৈঃ মহা ৭.৭৬.২৭। —শ্রম্য ক্লী [°শ্রম+য (ষ্যঞ্) 'তৎকর্ম্ম' অর্থে; স্বার্থে] ব্রহ্মচারি-প্রভৃতি চতুরাশ্রমের কর্ম্ম; চতুরাশ্রম। "মহা ১২ ৪৬.২২।

চাতুর্থক পুং [চতুর্থ+অক (বুঞ্) 'তত্র তব' অর্থে] চতুর্থ দিনে প্রকাশিত জ্বর (সুশ্রুত)।

চাতুর্ব্বর্ণ্য ক্লী [চতুর্ব্বর্ণ+য (ষ্যঞ্) স্বার্থে, পা ৭.৩.১১, সি] ১ ব্রাহ্ম-ণাদি বর্ণচতুষ্টয়। "রা ১১৯৬। গী ৪.১৩। মনু ১২.১। [চতুর্ব্বর্ণের উৎপত্তি যথা—'ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ' ইত্যাদি (ঋগ্বেদ)। মুখতো ব্রাহ্মণা জাতা উরসঃ ক্ষত্রিয়াস্তথা। ঊরুভ্যাং জজ্ঞিরে বৈশ্যাঃ পদ্ভ্যাং শূদ্রা ইতি শ্রুতিঃ॥—রা ৩.১৪.৩০।] ২ [+য] চতুর্ব্বর্ণের কর্ম্ম বা ধর্ম্ম। [চতুর্ব্বর্ণ ও সংকীর্ণ জাতির সাধারণধর্ম্ম—দ্র 'মনু ১০.৬৩।]

চাতুর্ব্বিদ্য বিণ [চতুর্ব্বিদ্য+য(ষ্যঞ্) স্বার্থে, দ্র 'নীলকণ্ঠ'] চতুর্ব্বিদ্যাবিৎ, বেদত্রয়ান্বিক্ষিবিৎ (নীলকণ্ঠ)। "চাতুর্ব্বিদ্যে চ যৎ পুণ্যম্ (তদাপ্নোতি) মহা ৩.৮৫.৮৫।

চাতুর্ব্বৈদ্য বিণ [চতুর্ব্বেদ+ইক (ঠক্)+য (ষ্যঞ্) স্বার্থে, পা ৭.৩.৩১, তত্ত্ববোধিনী] চতুর্ব্বেদবিৎ। "চাতুর্ব্বৈদ্যা দ্বিজাতয়ঃ মহা ৫.১৪০.১৬।

চাতুর্মাস বিণ [চতুর্মাস+অ (অণ্); স্ত্রী -সী] চতুর্মাসভব, মাস-চতুষ্টয়স্থিত। —র্মাসী স্ত্রী [+অ সংজ্ঞার্থে+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৫.১.৯৪, সি] আষাঢ়ী পৌর্ণমাসী (সি)। —র্মাস্য ক্লী [+য (ণ্য)] ১ চতুর্মাসভব যজ্ঞকর্ম্ম (সি); চতুর্মাসসাধ্য যজ্ঞবিশেষ। ২ চতুর্মাসসাধ্য বার্ষিক ব্রত-বিশেষ। [ইহা আষাঢ় শুক্লদ্বাদশীতে আরব্ধ এবং কার্ত্তিক শুক্লদ্বাদশীতে সমাপ্ত হয়।] ৩ চাতুর্মাস্যব্রতের আষাঢ়াদি মাসচতুষ্টয়। "ভট্টমারিগ্রামে

চাতুর্ম্মাস্য স্থিতি কৈল ভ.প্র ২৪। চৈ.চ ৭৩; ৯৪। চাতুর্ম্মাস্য বঞ্চিল চৈ.ম ১৭৫। ব্র.প ২২।

চাতুর্য্য ক্লী [চতুর+য (ষ্যঞ্)] চতুরভাব, চতুরতা, নৈপুণ্য। "সম্ভোগ-স্নেহ° মহা ১.৯৮.১০।

চাদর বি [ফা চাদর্, চদ্দর্] ১ উত্তরীয়, উড়ানী। "হ'চ্ছে শুভদৃষ্টি বুঝি মেঘের চাদর আড়াল দিয়ে কু.কে ৬৮। ২ শয্যাচ্ছাদন, আস্তরণ। "বিছানার চাদর; বোম্বাই চাদর। ৩ (সাদৃশ্যে) ধাতুর পাত (sheet)। "°কাটা ঘড়া; লোহার চাদর। [চাদর ফাদর—চাদর বা জামা। "চাদর ফাদর নাহি কিছু গায়ে আ.দু ৭৯।

চান[১] দ্র 'চাঁন'।

চান[২] বি [সং স্নান > বা সান > (ছান) °ন; কথ্যভাষা] স্নান। "মুক্তা চান শূ ১০৬; চান দান ১০৭। [মুক্তা চান—মুক্তিস্নান। চানক—চাঁদোয়া (?)। "শূ ৫৭।]

চানকা সর্ম্ম [হি √চনক—ফাটিয়া যাওয়া] ১ অল্প ভাজা; চানকান (মশলা)) ২ শীতকালে রৌদ্রতাপে জড়তাহীন করা (শরীর); কার্য্য-তৎপর করা। ৩ ['চোঁথ-আঁকান'—মূল?] চক্ষুষ্মান্ করা (প্রতিমা)। ৪ [হি √চমকা] রঙ-প্রভৃতি দ্বারা উজ্জ্বল করা; ঝকঝকে করা (আলমারি, টেবিল ইত্যাদি)। [চানকান—সর্থ 'চানকা'।]

চানা, চানাচুর দ্র 'চনা'।

চান্দ বি [চন্দ > °ন্দ; বৈষ্ণবসাহিত্যে] ১ চন্দ্র। "গো.চ ৬১। দশ নখে দশ চান্দ ভাসে ক.চ ৮; গগন° ২১১। °মুখ চ.বি ৪০। ব ৮৪। মুখ জিতি পদ্ম চান্দ চৈ.চ ৩৩৪; চান্দের হাট ৩৫২। মুখচান্দের চন্দ্রিকা জ্ঞা ১৯। গৌরচন্দ্র অন্তরের চান্দ চৈ.ম ১২১। ২ চন্দ্রবৎ সৌম্য। "শ্রীগৌরাঙ্গ° চৈ.ম ৮৩। ৩ চন্দ্রসদৃশ চন্দনতিলক। "কপালে শোভে চন্দনের চান্দে ব ১৫১। চন্দন-চান্দের মাঝে জ্ঞা ৯। ৪ শ্রেষ্ঠার্থ। "যদু° ব.প ৭৮৭। আঁখি-আড় যদুচান্দ শ্রী.ম ৮৯। অবধোত° (প.ক)। ৫ (অপ্র) চন্দন। "স্বামীর সম্ভোগ চান্দ রাখিবে যতনে ক.চ ১৩৭। [°কলা—চন্দ্রকলা। "বি.প ৪৯। °পারা—চন্দ্রতুল্য। "চান্দপারা মু। —ক.চ ১৫৭। °বদনী, °মুখী—চন্দ্রাননা, সুন্দরী। "°মুখী শ্রী.ম ৬৩; ২৪৯। °বদনী ধনী ব ৮৪। °মুখ—চন্দ্রতুল্য সৌম্যমুখ। "শ্রী.মা ১৫০।]

চান্দআ, -য়া বি [দ্র 'চাঁদআ'; অপ্র] চন্দ্রাতপ। °আ কৃ.উ ২৬৫। °য়া ম.গা ২৩। °য়া বি.পা ৫৩। —ন্দোয়া বি চন্দ্রাতপ। "বি.পা ২৫৪। চৈ.ভা ২৮৩। ব.প ৫৬৭। [চান্দোয়াম্বর (অপ্র)—চাঁদোয়া। "ম.পা ৮৪।]

চান্দড় বি সর্থ 'চাঁদড়'। "চান্দর ইশর মূল ব.প ২১৩।

চান্দনি বি [দ্র 'চাঁদনি'] চন্দ্রিকা। "চান্দনি রজনি (প.ক)।

চান্দনিক বিণ [চন্দন+ইক (ঠক্), পা ৫.১.৯৯] চন্দন হেতু সম্পাদী, অর্থাৎ প্রাপ্তশোভ। "বপুশ্চান্দনিকং ভট্টি ৪.২৫।

চান্দা[১] [চান্দ > °ন্দা] ১ চন্দ্র। "কনক চান্দা প.র ২৩। চৈ.ম ৩৮। ২ চন্দ্রবৎ চন্দনতিলক। "চন্দনের চান্দা ক.চ ১৫৩। ৩ শ্রেষ্ঠার্থ। "নাগরচান্দা (প.ক)। ৪ চন্দ্রতুল্য আনন্দদায়ক বস্তু। "গোকুলের চান্দা ব.প ৮৪৭। [°গুঁড়া—গুঁড়া চাঁদামাছ। "ভা.চ ১২৬।]

চান্দা[২] বি [চন্দ্রাতপ—চন্দ্রা > °ন্দা; অপ্র] চাঁদোয়া। "উপরে বান্ধেন চান্দা ম ২৪৫। টাঙ্গায় চান্দা ক.চ ১২২,-৫৯।

চান্দয়া, চান্দোয়া দ্র 'চান্দআ'।

চান্দ্র বিণ [চন্দ্র+অ (অণ্); স্ত্রী -ন্দ্রী] চন্দ্রসম্বন্ধী (দিন, মাস)। "বিভ্রচ্চান্দ্রীম্...শ্রিয়ম্ মাঘ ২.২। চতুর্ণাং মাসানাং সৌরসাবননাক্ষত্র-চান্দ্রাণাম্ (বৃহৎসংহিতা)। চান্দ্র রামধনু চা.তু ৩২। —ন্দ্র পুং ১ চান্দ্র-মাস। "গৌণ°, মুখ্য°। ২ চন্দ্রকান্তমণি। ৩ শুক্লপক্ষ। ৪ চান্দ্রব্যাকরণ-বিৎ। "পা ৭.১.৫, সি, কারিকা। —ন্দ্র ক্লী ১ চান্দ্রায়ণব্রত। ২ চন্দ্র-দেবতাক মৃগশীর্ষনক্ষত্র। ৩ আর্দ্রক। —ন্দ্রক ক্লী শুণ্ঠী। —ন্দ্রী স্ত্রী [°ন্দ্র+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'চন্দ্রসম্বন্ধিনী', জ্যোৎস্না। ২ শ্বেতকণ্টকারী।

চান্দ্রমস বিণ্ [চন্দ্রমস্+অ (অণ্); স্ত্রী -সী] চন্দ্রমঃসম্বন্ধী, চান্দ্র (দিন মাস)। "চান্দ্রমসং জ্যোতিঃ গী ৮.২৫। চান্দ্রমসীব সুধা রঘু ২.৩৯। কু.স ১.২৫। —মস ক্লী চন্দ্রমোদেবতাক মৃগশীর্ষনক্ষত্র।

চান্দ্রমাস পুং [কর্ম্মধা] চন্দ্রসম্বন্ধী মাস; ত্রিশ তিথিতে গণিত মাস। 'ত্রিংশতা তিথিভির্ম্মাসশ্চান্দ্রঃ (সূর্য্যসিদ্ধান্ত)। [চান্দ্রমাস গৌণ ও মুখ্য ভেদে দুইপ্রকার। কৃষ্ণপক্ষের প্রতিপদ্ হইতে পূর্ণিমাপর্য্যন্ত মাস 'গৌণ-চান্দ্র' (কৃষ্ণপ্রতিপদাদি পৌর্ণমাস্যন্তঃ গৌণচান্দ্রঃ) এবং শুক্লপক্ষের প্রতিপদ্ হইতে অমাবস্যাপর্য্যন্ত মাস 'মুখ্যচান্দ্র' (শুক্লপ্রতিপদাদির্দর্শান্তঃ মুখ্যচান্দ্রঃ)।]

চান্দ্রায়ণ ক্লী [উ. বহুব্রী; সংজ্ঞায় ণত্ব, পা ৮.৪.৩; °ণ (পুং)—এব চান্দ্রায়ণো যবমধ্যঃ ইত্যাদি (বিষ্ণু ৪৭)] যে ব্রতে চন্দ্রের অয়নের (হ্রাস-বৃদ্ধিরূপ গতির) ন্যায় অয়ন, অর্থাৎ ভোজ্যপিণ্ডের হ্রাসবৃদ্ধিরূপ গতি; ব্রতবিশেষ। [এই ব্রত, পিপীলিকামধ্য যবমধ্য যতিচান্দ্রায়ণ ও শিশু-চান্দ্রায়ণ ভেদে চতুর্ব্বিধ। পিপীলিকামধ্যে, পূর্ণিমায় পঞ্চদশ পিণ্ড বা গ্রাস খাইয়া ও কৃষ্ণপ্রতিপদাদিক্রমে এক এক পিণ্ড কমাইয়া চতুর্দ্দশীতে একটি পিণ্ড খাইতে হয় এবং অমাবস্যায় উপবাস করিয়া শুক্লপ্রতি-পদাদিক্রমে এক এক পিণ্ড বাড়াইয়া পূর্ণিমায় পঞ্চদশ পিণ্ড খাইতে হয়। যবমধ্যে, শুক্লপ্রতিপদ্ হইতে পূর্ণিমাপর্য্যন্ত এক এক পিণ্ড পূর্ব্ববৎ বাড়াইয়া খাইতে হয় এবং কৃষ্ণপ্রতিপদ্ হইতে পূর্ব্ববৎ এক এক পিণ্ড কমাইয়া অমাবস্যায় উপবাস করিতে হয়। ইহা মাসসাধ্য ব্রত (দ্র 'মনু ১১.২১৭-২২০। পরাশর ১০.২; ৩। বিষ্ণু; ৪৭শঅধ্যায়)।]

চাপ[১] পুং [চপ (বংশভেদ)+অ (অণ্) 'তস্বিকার' অর্থে; °প (পুং—অ.টী)] ১ 'চপবংশজাত', ধনুঃ, কার্ম্মুক। "°ধর রা ২.৮৬.২৫। রঘু ৩.৬০। ক্রোধস্য জ্বলিতুং ধগিত্যবসরশ্চাপেন শাপেন বা।—উ.চ ৪২৪। ২ ইন্দ্রধনু। "ভ ১.১১.২৮। ৩ (জ্যামিতিতে) বৃত্তক্ষেত্রার্দ্ধ (arc)। ৪ ধনুঃ রাশি। [°সহোদর (বি)—ধনুর সহোদর, ধনুঃসদৃশ। "ভুরুযুগ চাপসহোদর ক চ ৯।]

চাপ[২] বি [চাপড় > °প?; মৈ চেপ] ১ করতলসদৃশ চওড়া মৃত্তিকাখণ্ড; চাপড়া। "মাটি খোদাইয়া৹ খাল বানাইয়া৹ উপরে দেওল চাপ চ.সা ১৫২। ছোট হালুয়া হুঙ্কারে চোটায়ে তোলে চাপ শি ৭৪। ২ তাল, পিণ্ড, ফলক। "বড় পাথরের চাপ৹ খসে' পড়ে ঝুপঝাপ।—শিশু ৭৫। ৩ জমাট দ্রব্য; চাঙ্গড়া। "রক্তের চাপ। ৪ সমবেতগণ, দল। "এক চাপে চলে ঠাট।—কৃ ২৩৪। (অমরপরিবারে) হইয়া একই চাপে শ্রী.ম ১৮৯; ঠাট যায় এক চাপে ২০০। ৫ প্রাকৃতিক দৃশ্যসমুদায় (?)। "দেশের চাপ দেখিয়া কৌতুক সর্ব্বজনা ম.ম ২৩২। ৬ [P. chapa, E chop (seal-impression)—Campos; হি চাপ] ভর (pressure)। "না চাপিতে চাপ পাও এ বড় আনন্দ ভা.চ ৪০৪। ৭ লোক-সংমর্দ্দ, ভিড়। "কটকের চাপ দেখে হাতে নিল ছাট কৃ ৩৬৬। ৮ ভার (weight)। "পিপীলিকা মরিবেক আমার চাপেতে কৃ ২। পাথর চাপে কৃ.উ ১৪৩। [চাপ-চাপ—ডেলা-ডেলা, তাল-তাল। চা(চাঁ)প দাড়ি—গালজোড়া ঘন দাড়ি। "মুখে পাকা চাঁপদাড়ি বা.ম ১০৩। চাঁদমুখে চাঁপদাড়ি বি.সু ১৩৭। চাপচুপে থাকা—চাপ হেতু (ভয়ে) চুপ করিয়া থাকা। "তোমার সাক্ষাতে কেবল চাপচুপে থাকে ব.প ৪৬১। কাজের চাপ—কর্ম্মবাহুল্য।]

চাপ[৩] সক [সং √চপ্—চূর্ণীকরণ; হি, ঠ √চাপ; মৈ √চাপ; ড় √ছপ; দ্র 'চাপ[২] (৬)] ১ চাপ দেওয়া; চাপা (to press)। "না চাপিতে চাপ পাও ভা.চ ৪০৪। ২ সংবাহন করা; টেপা। "চাপয়ে চরণ ম ২৩৭। চাপেন দুই পা শ্রী ৭; ৯৯। গোবিন্দ চাপে অঙ্গ চৈ.চ ৩১৪,-৫১।

৩ ইঙ্গিতার্থ টেপা। "রাজা মিশ্রের চরণ যবে চাপিতে লাগিলা। তবে মিশ্র তাঁরে কিছু ভঙ্গীতে কহিলা॥—চৈ.চ ৩০৯। ৪ বাহির না করা; গোপন করা; ঢাকা (to suppress)। "কি যেন হৃদয়ব্যথা. চাপিয়া রাখিছে কথা।—ন ৮৮৪। পেসকার…বিপক্ষীয় জবানবন্দি চাপিয়া সপক্ষীয়…কথা আরম্ভ করিল আ.দু ১৬৭। ৫ রোধ করা; প্রকাশ না করা। "মুখের হাসি চাপলে কি হয়, প্রাণের হাসি চোখে খেলে। ৬ আবৃত করা; ঢাকা। "চক্ষু চেপে ছেড়ে দিলে পড়ে যায় রঙ্গ শি ১৮। সুরজ আভা. বিহরে তিমির চাপিয়া।—জ.প ২৭। ৭ [উচ্চম্প (আরূঢ়—দেশী ১.১০০)—চাপ > √চাপ?] আরোহণ করা। "আইল দেব চক্রপাণি চাপিয়া গরুড় ক.চ ১১; চাপিয়া কুঞ্জর ১৭৫,-৮। চাপে নৌকার উপর ১৯৫; চাপে নায় ২১২। চাপ উহার কাষ্ঠের বোঝায় ম.ভা ১৬। ৮ অধিষ্ঠান করা; আশ্রয় করা। "গুরুর আসনে কিবা চাপিআঁ বসিলোঁ শ্রী.কী ৩২১। দুয়ার চাপিয়া দেয় থানা ক.চ ৬। ফুলিয়া চাপিয়া হৈল তাহার বসতি ব.প ৪৮৯,-৯৩। কৃ ২৩৪। ৯ অধিকার করা। "দণ্ডকানন চাপি বৈসে মোর থানা কৃ.উ ৯৭। চাপিল গিয়া পুর্ব্বকার দ্বার কৃ ২৫৭। ১০ পূর্ণ করা; ব্যাপ্ত করা। "দুই কুল চাপিয়া বহে নর্ম্মদার জল কৃ.উ ৪৫। চৌদিক চাপিয়া হৈল ধুলি বরিষণে ব.প ৭৭৬। চারিদিক চাপিয়া লোক আইল লাখে লাখে ম.ম ২৩৪। ১১ বিশেষ পীড়িত করা। "এখন চাপিয়া করব বাদ বি.পা ৩২২। বা.ম ৩২৭। ১২ আবিষ্ট বা অভিভূত করা। "নিদ্রাহো আসিআঁ. চাপিল কাহ্নে শ্রী.কী ৩১১। —পা[১] সর্ম্ম [°প+আ[৮]] ১ আরোপণ করা; স্থাপন করা; চাপান (দোষ, ভার)। "বুকে চাপাইল তার পর্ব্বতশিখর কৃ.উ ১৪৩। পাথর চাপায় ভা.চ ৩৮৯। ২ ন্যস্ত-করা; অর্পণ-করা (কাজের ভার)। ৩ (যানে) আরূঢ় করা; চড়ান, উঠান। ৪ (নৌকা) তীরলগ্ন করা। "নাও চাপায়িআঁ ঘাটে শ্রী.কী ১৪৫, -৬। শ্রী.ম ৬৭। চাপাও নাও ম.ম ২৩২। [চাপিয়া ধরা—১ বিশেষভাবে পীড়াপীড়ি করা। "বুড়ী ব্রজেশ্বরকে একদিন একা পাইয়া চাপিয়া ধরিল ব.প্র ৩৬৮। ২ বিশেষভাবে পরীক্ষা করা। "দেখিলাম যে, একটু হটিয়াছি—সুতরাং (সন্ন্যাসীকে) আমাকে চাপিয়া ধরিতে হইল ব.প্র ২৩০। পদযুগ চাপি—পা টিপিয়া। "চলে পদযুগ চাপি ব ১০৫। ভুত ঘাড়ে চাপা—ভুতে আবিষ্ট করা। "ভ.গ্র ২৮৮। চেপে যাওয়া—না বলিয়া চুপ করিয়া যাওয়া। "একবার একটু চেপে যাও না, সাগরটা পার হও অ.গ্র ১০২। ছাপাই—চাপাইয়া। "গো.বি ১২০। ছাকাও—চাপাও। "ম.পা ১১২।]

চাপকান বি [হি চপকন] একপ্রকার লম্বা জামা।

চাপগারি বি [চাপ[১]+গারি (?)] ধনুর্ব্বিদ্যা (?)। "ক.চ ৮৭।

চাপজরিপ বি মৌজায় কোন্ শ্রেণীর কত জমি আছে, তাহা মাপিয়া নির্ণয় করা।

চাপট, -ড় বি [সং চর্পট > প্রা* চপ্পড > বা °ড়, -ট; ঠ চাপট, -টী —চড়; হি চাপড়—চওড়া; তু °র—বজ্র চাপর (চবি ৯৪)] ১ চপেটাঘাত, চড়। "কপির পতি চাপট প্রহারে কৃ ২৬৭। উরুতে চাপড় ম ৯৮০। °ড় গো.চ ১০২। বজ্র চাপড়, ম.ম ১৭। চাপট মারে বা.দ ৯৩। ২ আঘাত। "চরণ চাপটে. চুরমার হইয়া যায় শ্রী.ম ৭৯। ৩ সংমর্দ্দ, ভিড়। "সেনার চাপটে. সরণি পরটে. দিবসে অন্ধকার হল শ্রী.মা ৬৭। [চাপড় চোপড়—চড় কিল ঘুসা ইত্যাদি। চাপড়ান—চাপড় মারা। "শোকে বুক চাপড়ান। চাপড়াইয়া ঘুমপাড়ান—মৃদুকরাঘাতে নিদ্রিত করা।]

চাপড় দ্র 'চাপট'।

চাপড়া বি [চাপড়+আ[১০]] ১ চাপসদৃশ চওড়া মৃত্তিকাখণ্ড; চাপ। ২ হাঁড়ি কলসী ইত্যাদির তলার (অধোভাগের) নিমিত্ত গোল চেপটা মাটির পাত (চব্বিশপরগনা)। [চাপড়া তাড়া—চাপড়ের আঘাতে চাপড়া প্রস্তুত করা। ঘাসের চাপড়া—ঘাসে ঢাকা মাটির চাপ।]

চাপড়াষষ্ঠী, চাপদাড়ি দ্র 'চর্প টা; চাপ[২]।

চাপন বি [√চাপ[৩]+অন] ১ সর্থ 'চাপ[৩]। ২ চাপ, ভার। "বেটা পড়িবে চাপনে কৃ ২৮১। ডুবিল আমার রথ পর্ব্বতচাপনে ম ৩৯৫। গ্রাম সহিত মরে পর্ব্বতচাপনে শ্রী.ম ২১১। ব্রাহ্মবাবুর চাপনে জ্ঞানানন্দ মৃতপ্রায় হয়ে…রইলেন হু ২২৩। —নী বি [হি চপনী] ১ চাপা দেওয়ার পাত্র; হাঁড়ি-প্রভৃতির ঢাকনী; শরা ইত্যাদি। ২ নিষ্পেষণ, নিষ্পীড়ন। "ধরি মাংসপিণ্ড করে হস্তের চাপনে চ.বি ২৩৩; দুইদিগ চাপনে ২৩৬। চাপনের ভরে ব.প ৭৭৪। দিও না চাপন আর জিয়াদা দা ৮১৪।

চাপরাস বি [হি চপ°; চাপ[২]+হি রস্সী (রশ্মি)—রসীতে বাঁধা চাপ (?)] ১ সিপাহী আরদালি প্রভৃতির ধৃত মালিক আফিস ইত্যাদির নাম-খোদা পিত্তলাদিধাতুর ফলক। "চাপরাস যদ্দিন, মান তদ্দিন, চাপরাস গেল মান ফুরাল।—জা ৮। ২ পরিচায়ক বস্তু; অভিজ্ঞান। —রাসী বি [হি চপ°] চাপরাস-ওয়ালা, আরদালি; পেয়াদা, সিপাহী। "দা ২০৯৮। ঘরজামায়ে আর থানার চাপরাসী সমান জা ৮।

চাপল, -ল্য ক্লী [চপল+অ (অণ্),+য (ষ্যঞ্)] ১ চপলভাব, চঞ্চলতা। "কু.স ৩.৪১। পরীহাসং গুরোঃ স্থানে চাপলঞ্চ বিবর্জ্জয়েৎ। —চাণক্য। ২ অস্থৈর্য্য, নশ্বরতা। "কি ২ ৪১। ৩ ঔদ্ধত্য, দুর্দ্দমতা। "সুতনিবিদ্ধ° (অশ্ব) রঘু ৩.৪২। ৪ চপলকর্ম্ম, অবিমৃশ্যকারিতা। "রঘু ১ ৯। শ ৫২৩। ৫ ধার্ষ্ট্য, ধৃষ্টতা, প্রগল্ভতা। "দ্বিজাতিভাবাদুপপন্নচাপলঃ কু.স ৫.৪১। ৬ ক্ষিপ্রতা, দ্রুতভাব। ৭ (অলঙ্কারে) চপলতা, ব্যভিচারিভাববিশেষ। "উঠিল ভাব চাপল চৈ.চ ৮১,-২।

চাপা[১] দ্র 'চাপ[৩]।

চাপা[২] বি [চাপ[৩]+আ[৬]] ১ চাপ দেওয়া ইত্যাদি। দ্র 'চাপ[৩]। ২ চাপা দেওয়ার নিমিত্ত ভারী দ্রব্য। "কাগজচাপা (paperweight)। ৩ আচ্ছাদন, ঢাকা। "(স্বর্ণমুদ্রা) আমি রাখিয়াছি ধুলামাটি-চাপা দিয়া ভ.গ্র ৩২৯। —পা বিং ১ চাপ-দেওয়া, সংহত (compressed)। বিপ 'ফাঁপা'। ২ অপ্রকাশিত, অস্ফুট (suppressed)। "পোড়া শাশুড়ীর মুখে চিরদিন চাপা হাসি. বউটী ফুটন্ত হাসিডালা ন ১০৮৬। ৩ বদ্ধ, অস্ফুট, কফজড়িত। "চাপা গলা, স্বর। বিপ 'দরাজ'। ৪ আবৃত, ঢাকা। "ঝুড়ি°, বাটী°, মাটি°। ৫ গুপ্ত, অপ্রকাশিত (কথা)। "এমনি বুঝিলে বাপা, অমনি রহিবে চাপা ভা.চ ৩১০। ৬ যে মনের কথা খুলিয়া বলে না; সংবৃতচিত্ত (reticent)। ৭ (অপ্র) মুদ্রিত, ছাপা। "লন্দন মহানগরে চাপা হইল কৃ.চ। সা.সা ২৩; ১৩৯। ৮ (অপ্র) চাপ, ঘাসের চাপড়া। "গো.চ ২১৭। চাপাচাপি—পীড়াপীড়ি, পেষাপিষি। চাপা দেওয়া—ঢাকা; গোপন করা (কথা)। চাপা পড়া—১ ভারের নীচে পড়া; আবৃত হওয়া। ২ বিষয়ান্তরে ঢাকা পড়া বা আলোচিত না হওয়া (কথা, বিষয়)।]

চাপান '-নো' বি [চাপা+অন] ১ আরোপণ (দোষ)। ২ স্থাপন, রাখা, উঠান (মাল)। ৩ ভারার্পণ, দায়িত্ব দেওয়া। ৪ আরোহণ করান; চড়ান। ৫ তীরলগ্ন করা; ভিড়ান (নৌকা)। —ন বিং চাপে (ভারে)। পীড়িত; চাপা। "কত দিন ছিলা মিতা চাপান শিথর কৃ.উ ১০৩। —ন বি ১ চাপন, চাপ, ভর। "হাঁটুর চাপান দিয়া চারি ধনু ভাঙ্গে কৃ ২৬৯। ২ চাপ, দল। "বেড়িয়া মশান, পাইকের চাপান ক.চ ২৬৩। ৩ তর্জ্জা-প্রভৃতি গানে বিপক্ষের প্রতি পৌরাণিকাদি কূটপ্রশ্ন।

চাপুরচুপুর বি [প্রা 'চোপ্পড' (ম্রক্ষণ)—মূল] তৈলজলাদিতে সুসিক্ত বা জবজবে।

চাপ্‌পানি বিং ['ঝাপ্পানি' সাধু; মুদ্রাপ্রমাদ (?)] দ্র 'ঝাপ্পানি'। "বুকেতে চাপ্পানি ঢাল বি.সু ১৩৭।

চাবকান দ্র 'চাবুক'।

চাবা সর্ক্ম [সং √চর্ব্ব্ >প্রা (√চব্ব) √চাব >বা √চাবা; হি √চাব; ঠ, গু √চাব; E. chew] চর্ব্বণ করা; চিবান (পূর্ব্ববঙ্গে)। "হাড়…চাবাও গো.চ ৮৭। চনা চাবাইয়া ভ.গ্র ৪২০। চানা চাবায় চৈ.চ ১৯৮। দন্তে চাবাইয়া চ.চ ১৪। চাবায় বা.ম ৮৫; চাবায়ে খায় ১৩৪। [চাবা (ঠ চাবা—চর্ব্বিত অংশ)—চর্ব্বিত দ্রব্য; চর্ব্বিত পান (পূর্ব্ববঙ্গ)। "°পান (নাটোর)। চাবান—চিবান; চর্ব্বিত (দ্রব্য)।]

চাবাড়ি বি ['চাপড়'—মূল; অপ্র] চড়, থাপ্পড়। "নগরিয় মেলি তারে মারিবে চাবাড়ি ক.চ ১০৯।

চাবালি বি [ঠ চাবড়া; গ্রাম্য] চোয়াল (jaw)। "এমনি থাপ্পোড় ঝাকি, সুমুন্দির চাবালিডে আসমানে উড়িয়ে দেই নী ২৫।

চাবি বি [P. chave; E. chabee (Campos), হি, ঠ, গু চাবী] ১ তালা খোলার কাঠি; কুঁজি, ছোড়ান (key)। "চাবির শিকলি গোটে দা ১৬৩৩। ২ (গৌণার্থে) কল ঘুরাইয়া খোলার চাবিমাত্র। "খাটের, হারমোনিয়মের চাবি। [°কাঠি—চাবি। °জাল—চাপা দিয়া মাছ ধরার চূড়াকৃতি (conical) একপ্রকার জাল। °জিঞ্জির, °শিকলি—গোটে ঝুলান আগায় চাবি-গাঁথা রূপার সরু শিকলি। "চৌ-নরগোট চমৎকার, চাবিশিকলি চাবিগাঁথা তায় দা ১৪৮০। চাবি দেওয়া, লাগান—চাবি দিয়া তালা বন্ধ করা। ঘড়ির চাবি—ঘড়িতে দম দেওয়ার চাবি। খুলি দিল রহস্যের চাবি—রহস্য উদ্‌ঘাটিত করিল। "স্ব.প্র ২।]

চাবুক বি [ফা চাব্‌ক্; তু 'চাম্বুক' (চাবুক) ব.প ২৫৬] অশ্বতাড়নার্থ বেত্রবিশেষ; কশা, কোড়া (whip)। "দড়বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক।—ভা.চ ২৬৫। [চাবকান—চাবুক মারা। চাবুক দেওয়া, লাগান—চাবুক মারা।]

চাম বি [সং চর্ম্ম >লি, প্রা চম্ম >বা চাম; Av. careman; হি, ঠ, গু, মৈ, অস 'চাম'; প চম্ম; সি চমু; ড় চম] চামড়া, ছাল। "চামের দড়ি গো.চ ২০৩। গাড়রের চাম ম.ম ৯৬। চামফাটা রাম্পি ভ.গ্র ২৫১। [°আটালু—একপ্রকার ছোট আটালু। °ঠুলী—চামড়ার ঠুলি। "ক.চ ২০৪। °দল—বসন্তরোগবিশেষ। °বাদুড়—ক্ষুদ্র বাদুড়-বিশেষ।]

চামচ, -চা, -চে বি [সং চমস; ফা চম্‌চা; হি, ঠ চমচা; গু চমচো] ছোট হাতাবিশেষ (spoon)। "°চ কু.কে ১৭১। °চে ব.প্র ২২৩। [চামচাভর—একচামচা (spoonful)।]

চামচিকা বি [সং চর্ম্মচটকা; ঠ চামচিরাঈ; চামচিরলা (চট্টগ্রাম)] চর্ম্মপক্ষবিশিষ্ট বাদুড়বিশেষ (bat)। "কু.কে ১৭১।

চাম(মা)টি, -টী বি ['চর্ম্মপটী'—মূল; হি, মৈ চমোটী] নাপিতের ক্ষুর-প্রভৃতি ঘষার নিমিত্ত চর্ম্মখণ্ড। "চামটিরহিতে পদতলে ঘষে ক্ষুর ক.চ ১০৯।

চামড়া বি [চাম+ড়া (স্বার্থে লা >ড়া?); হি, মৈ চমড়া; ঠ, গু চামডী; তু 'ছরডী'—চর্ম্ম (দেশী ৩.২৫)] চর্ম্মমাত্র (skin, hide, leather)। [পিঠের চামড়া তোলা (হি চমড়া উধেড়না)—মারিয়া পিঠের ছাল তোলা; অত্যন্ত মারা।]

চামর পুং, ক্লী [চমরী+অ (অণ্) তদ্বিকারার্থে; হি চৌরী; ঠ, প চৌংরী; গু চোরী; সি চৌরু; ড় চঁঅর] ১ চমরীপুচ্ছকৃত ব্যজন; বালব্যজন, চৌরী। "রঘু ৩.১৬। নিষ্কম্পচামরশিখাঃ (রথ্যাঃ) শ ১.৮। বাই° ভ ৮.১০.১৩। °ব্যজন, °হাস (S.W.)। চামর ঢুলান কু ১। মে ৪; (বাজী) অকম্প চামর শিরে ৬৭। [চামরলক্ষণাদি—দ্র 'যুক্তি-কল্পতরু'।] ২ [সং চমর] (বাঙলায়) চমরপুচ্ছ। "কেশ নিঙাড়িতে বহে জলধারা। চামরে গলয়ে জনু মোতিমহারা বি.প ১৮। ৩ চমরমৃগ। "কুয়ল কবরী উলটি উরে পড়ই। জনু কনয়াগিরি চামর চরই।—বি.প ১৮১। —রী স্ত্রী [তু 'হি চৌরী] চামর। "চামর চামরী ভোট ক.চ ৮৭; ১৮৮। [°গ্রাহ, °গ্রাহী (-হিন্) বিণ—চামরবীজনকারী। °গ্রাহিণী—চামরবীজনকারিণী। "বৈরাগ্যশতক ৬৬। °পুষ্প (পুং)—গুবাকবৃক্ষ; আম্রবৃক্ষ; কাশতৃণ; কেতকবৃক্ষ।]

চামরিক পুং [°র+ইক (ঠন্) অস্ত্যর্থে] চামরধারী।

চামরিণী বি [সং °রগ্রাহিণী] চামরবীজনকারিণী। "মে ৩১১।

চামরিয়া বি [চামর+ইয়া²] সর্থ 'চামরিক'। "শ্রী.ম ১৬৯। চামরিয়া ঢালি বি.পা ২৭৭।

চামরী (-রিন্) পুং [°র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ 'চামর-তুলাপুচ্ছবান্', ঘোটক। ২ [সং চমরী; হি চামরী] (বাঙলায়) চমরী মৃগী। "কবরী-ভয়ে চামরী, গিরিকন্দরে বি.প ৮। চামরী চিকুর দেখি,…হৈল সেই কানন-নিবাসী ব.প ৫৪২।

চামসা বিং [চাম+হি সা (সম)] গুগনা চামড়ার মত (গন্ধ)।

চামাটি, -টী দ্র 'চামটি'। —মাতি, -মুটি বি [°টি—মূল; অপ্র] চর্ম্মরজ্জু, চামড়ার দল। "দুই হাথে চামাতি দিল গলায় জিঞ্জিরে ক.চ ১০০; দুই হাথে চামুটি ২৫৪।

চামার বি [সং চর্ম্মার, চর্ম্মকার >প্রা (চম্মআর) চম্মার >বা °র; হি, গু চামার; ঠ চাংভার, চাম্‌হার] চর্ম্মকার, মুচি। —রণী বি [হি চমারী, -রণী] চর্ম্মকারজাতি-স্ত্রী, চর্ম্মকার-স্ত্রী।

চামীকর ক্লী [চমীকর+অ (অণ্) 'তত্র ভব' অর্থে] ১ 'চমীকর-নামক স্বর্ণাকরে ভব'; স্বর্ণ। "°বিভূষিত গো.রা ৩.২৬.৬। °কিঙ্কিণীক কু.স ৭.৪৯। প্রতপ্তচামীকরলোচন ভ ৭৮.২০। °বরনূপুর দ্রু ৯৩। শ্রী.ম ৩০; ১৫৬। চারু চামীকর অঙ্গে বি.সু ৫২। বা.দ ১৫৭; ২০৫। ২ ধুস্তুর বৃক্ষ। —করীয় বিণ [°র+ঈয় (ছ) শৈষিক] স্বর্ণময়, হিরণ্ময়। "°য়ৈঃ কমলৈঃ কু.স ১৩.২৭।

চামুণ্ডা স্ত্রী [চণ্ড-মুণ্ড >°ণ্ডা—"যস্মাচ্চণ্ডঞ্চ মুণ্ডঞ্চ গৃহীত্বা ত্বমুপাগতা। চামুণ্ডেতি…ভবিষ্যতি॥—চণ্ডী] দেবীবিশেষ, দুর্গামূর্ত্তিভেদ। "মা.মা ৫.২৪। জয় চামুণ্ডে ভা.চ ৩১৩।

চামেলি, -লী বি [চম্পবেলী'—মূল; হি চঁবেলী, চমেলী; ঠ চংবেলী, চমেলী; গু চংপেলী, চমেলী; মৈ চমেলী] জাতিগাছ; জাতিফুল। "চম্পক চামেলি বা.দ ৭৫।

চাম্পা বি [সং চম্পক; হি চংপা; ঠ চাংপা; গু চংপ, চাংপু; অপ্র] চাঁপাফুল। "ম ৬২৪। চাম্পাফুল ব প ২৮৭।

চাম্পেয় পুং [চম্পা+এয় (ঢক্)] ১ 'চম্পাভব', চম্পক বৃক্ষ। ২ নাগকেশর। —য় ক্লী ১ 'চম্পানদীজাত' স্বর্ণ। ২ ধুস্তূর।

চায়নাকোট বি [China+কোট²] চীনবাসীর পরিধেয় জামা-বিশেষ। "হু ১৬; ৪৮; ৫০; নীল মেরিনোর চায়নাকোট ২২৩।

চায়েন বিং [হি 'চৈন'—আরাম, সুখ] সুস্থ, তাজা, চাঙ্গা।

চার¹ পুং [√চর্+অ (ঘঞ্)-ভা] ১ গতি, গমন। "কুটিল°, গ্রহ°। পাদ° পু.মে ৬০। চরণ° ভা.চ ৫১৯। ২ প্রচার, প্রসার। "নিবৃত্তচারঃ সহসা গতো রবিঃ প্রবৃত্তচারা রজনী হ্যপস্থিতা রা।—২.৬৬.২৬। ৩ অতিক্রম। "ভ ৫.২২.১২। ৪ নভোগতি, উড্ডয়ন। "মণ্ডলচারশীঘ্রঃ (বিহগঃ) বিক্র ৫.২। ৫ আচরণ, অনুষ্ঠান। "কাম°। ৬ ব্যবহার, ব্যাপার। "ভৃত্যৈর্ব্বাণিজ্যচারং (সেবেত) মন্থ ৫.৩৮.১৩। ৭ [চর্+অ (অণ্) স্বার্থে] চর, গুপ্তপুরুষ। "মনু ৭.১৮৪। °চক্ষুঃ ভট্টি ৫.৮। ৮ [+অ-র্ম্ম] কারাগার। ৯ পিয়ালবৃক্ষ। —র ক্লী কৃত্রিমবিষ (অ.চি)।

চার[2] 'র্' বি [হি চারা, ঠ, গু 'চার'—তৃণাদি ; ঠ চারা—পশুপক্ষীর খাদ্য (তৃণকীটাদি) ; তা 'চোর'—ভাত (প্রা.ল, ৩৯ পৃষ্ঠ)] ১ খাদ্য। "রিপুমাঝে ফেলিয়া কৌশল-চার, চাহি' আছে বীররস স্ব.প্র ১৬০। ২ পক্ষীর খাদ্য। "একদিন গরুড় যমুনা করে চার শ্রী.ম ৫৪। পাতিয়াছে মুখফান্দ, তাতে অধরমধুস্মিত চার চৈ.চ ৩৩৪। হাস্তসুধা-চার জ.প ৪৯। ব.প ১১২৫। ৩ মৎস্যের খাদ্য। "আ.চু ৯২। ৪ লোভজনক বস্তুমাত্র। [চার করা—মাছ ধরার নিমিত্ত চার দেওয়া। চার গেলা—চার খাওয়া ; (গৌণার্থে) লোভজনক বস্তু গ্রহণ করা। চার ফেলা—বশীকরণার্থ লোভজনক বস্তু দেওয়া।]

চা'র, চারি স.বিং [সং চতুর্—চত্বারঃ (পুং), চত্বারি (ক্লী) > প্রা চত্তার, -রি (প্রা.ল, ৩৯ পৃষ্ঠ), চারি (পৈ) > বা চারি, চা'র ; Av. cathra ; Pahlavi—cahar ; ফা চোহার্ ; হি, ঠ, প, গু চার ; মৈ চারি] চতুঃসংখ্যক। "চারি কার্য্যের তরে কৃ ২৫০। চারডেলে দেয়াল-গিরি হু ৩৮। —র, —রি বি চার (৪) এই সংখ্যা। "চারের পিঠে চার চুয়াল্লিশ। [চার চাল বেঁধে ঘর করা—গৃহস্থধর্ম্ম আশ্রয় করা। "চার চাল বেন্ধে করলে ঘর, তার বিধি স্বতন্তর দা ৬৩। চারপাই (হি °ঈ) —খাটিয়া। "ব.প্র ২৭১। চারিপানে—চারিদিকে। "কৃ.উ ৪৫। চার পো, পোয়া—(গৌণার্থে) সম্পূর্ণ, পরিপূর্ণ। "উঃ! এখনও নদী যেন রণমুখী ; নদী চারপো হয়েছে গি.দ্বি ১১৫। চারি চক্ষে চাওয়া-চায়ি —বিবাহে বরবধুর শুভদৃষ্টি। "আ.চু ১১৮। চারপাই, -পায়া (হি চারপাঈ)—খাটিয়া, খাট। "°পাই ব.প্র ২৭১। °পায়া ম ৩।]

চারক পুং [চার[1] + ক(কন্) স্বার্থে] ১ গুপ্তচর, চর। ২ পিয়ালবৃক্ষ। ৩ [√চারি + অক (ণ্বুল্)-ক] 'পশুচারণকারক', পশুপালক। ৪ চালক, নেতা।

চারচক্ষুঃ (-ক্ষুস্) বিণ [বহুব্রী] যাহার চার (চর) চক্ষুঃসদৃশ ; চর দ্বারা দূরস্থ সকল বিষয়ের দ্রষ্টা (রাজা)। 'যস্মাৎ পশ্যন্তি দূরস্থান্ সর্ব্বানর্থান্ নরাধিপাঃ। চারেণ তস্মাদুচ্যন্তে রাজানশ্চারচক্ষুষঃ ॥—গো.রা ৩.৩৭.৯। "(রাজা) চারচক্ষুঃ স্যাৎ।—বিষ্ণু ৩.২০। —চক্ষুঃ পুং রাজা। —চক্ষুঃ ক্লী [কর্ম্মধা] চররূপ নেত্র।

চারণ পুং [√চারি + অন (ল্যুট্)-ক] ১ 'কীর্ত্তিপ্রচারক', কুশীলব, নটবিশেষ (অ.টী)। ২ কথকাদি (অ.টী)। ৩ নটাদি (কুল্লুক)। "মনু ১২.৪৪। ৪ গুপ্তভৃত্য, চর। "ভ ৪.১৬.১২। ৫ দেবযোনিবিশেষ। "রা ১.১৭.৯। ভ ২.১.৩৬।

চারভট পুং [স.ত] কীর্ত্তিপ্রচারে ভট ; বীর (অ.চি)। ("কন্দ্বতি ......বেশ্যাধরপল্লবম্) চারভট-চৌর-চেটক-নট-বিট-নিষ্ঠীবনশরাবম্ ॥ —ভর্ত্তৃহরি।

চারা[1] বি [চেরা (ত্রিপুরা)—চেরাপুঞ্জি ; চেরাই (প্রাচীন ত্রিপুরা)] ছোট গাছ। [চারান—বীজ হইতে অঙ্কুরোৎপাদন। চারা মাছ—ছোট মাছ ; মাছের বাচ্চা।]

চারা[2] বি [ফা চারা] উপায়, প্রতিকার, গতি। "বেচারা। চারা নাহি কার শি ৬১ ; ১০২। যা করেন শিবা, আর চারা কিবা বি.মু ৩৮ ; ৭৭। কি করিব চারা নাহি আর।—ন ৯৭২। তাহাতে চারা কি কৃ.চ ৬২। চারা কি। নিয়তিঃ কেন বাধ্যতে ব.প ১৬৯২।

চারা[3] বি [দ্র 'চার[2]'] পশুর খাদ্য। "আমি তোদের মাহুত ভাই চারা কাটিয়া গো.চ ২০৪ ; ৩০৩। উইচারা খাই পশু নামেতে ভালুক ক.চ ৫৪।

চারাচুরি বি [অপ্র] চালাচালি, বলাবলি। "মদন কবি ভাবে,...ও কথা করে চারাচুরি বা.দ ১৬০।

চারাজ বি [?] অস্ত্রবিশেষ (?)। "চারাজের চোট শ্রী.ম ১২৮৭।

চারিত্র, -ত্র্য ক্লী [চরিত্র + অ (অণ্), + য (ষ্যঞ্), স্বার্থে ; √চর্ + ণিত্রন্, উ ৪.১৭১] ১ চরিত্র, স্বভাব। "ধিক্ তে চারিত্রমীদৃশম্ গো.রা ৩.৫৯.৯। ভার্য্যা দুষ্টচারিত্রা।—পঞ্চ ৪.৫১। ২ সচ্চরিত, সদ্বৃত্ত, বৃত্তসম্পদ্। "চারিত্রেণ চ কো যুক্তঃ রা ১.১.৩। চারিত্রাঢ্যা গো.রা ৫.১৯.৫। চারিত্রভ্রংশকারণ মৃ ৩.২৬। চারিত্রোপচিতকল্যাণসমুদায় উ.চ ৭২৪। ৩ পাতিব্রত্য, সাধ্বীভাব, সতীত্ব। "প্রাণাংশ্চারিত্রকবচান্ ধারয়ন্তি বরস্ত্রিয়ঃ মহা ৩.৭০.৯। হা চারিত্রদেবতে উ.চ ৭২৬। —ত্রা স্ত্রী তিন্তিড়ীবৃক্ষ। [°কবচ (পুং, ক্লী)—সচ্চরিতবর্ম্ম।]

চারিবেদী বিং [সং চাতুর্ব্বৈদ্য] চতুর্ব্বেদবিৎ। "ম ৭২০।

চারী (-রিন্) বিণ [√চর্ + ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -রিণী] ১ গামী। "মনুষ্যেষু নিত্যং প্রচ্ছন্নচারিষু গো.রা ৩.৫১.২৬। গূঢ়° রঘু ১৯.৩৩। যা প্রেষ্যান্তঃপুরচারিণী (অ.কো)। অন্তঃপুর° সী ১৭। ২ বিচরণকারী, বিহারী। "রক্ষোভিরভীতচারিভিঃ গো.রা ৫.৩৭.৩৯। অম্বু°, খ°, গিরি°, জল°, মধ্য°, বন° (S.W.)। ৩ সঞ্চারী, প্রবাহী। "প্রাণাপানৌ নাসাভ্যন্তরচারিণৌ গী ৫.২৭। ৪ অনুষ্ঠাতা, আচরিতা। "ধর্ম্ম°, পাপ°, ব্রহ্ম°, শুভ°, স্বচ্ছন্দ°। দুষ্টচারিণি রা ২.৭৪.২। [সমাসে উত্তরপদ]। —রী স্ত্রী নৃত্যবিশেষ।

চারু বিণ [√চর্ + উ (ঞুণ্)-ক, উ ১.৩ ; স্ত্রী -রু, -র্ব্বী ; 'চারু' —শোভন (ঋগ্বেদ ১.৫৮.৬)] ১ 'চিত্তচারী' মনোজ্ঞ, মনোহর, রুচির। "°স্মিতা, °বক্ত্রা, °নেত্রা গো.রা ৫.২২.২৯। দেখ চারু যুগ্ম ভুরু ম ১৯১। ২ মধুর, ললিত। "°নিঃস্বন (ক্রৌঞ্চ) রা ১.২.৯ ; °রব ২৯। ৩ অনিন্দ্য, শুভ, সাধু। "°কর্ম্মা (মৃ)। °কৃত্য (পঞ্চ)। —রু পুং বৃহস্পতি। —রু ক্লী কুঙ্কুম। —র্ব্বী স্ত্রী ১ সুন্দরী নারী। ২ কুবেরপত্নী। ৩ জ্যোৎস্না। ৪ দীপ্তি। ৫ বুদ্ধি। [°তা (স্ত্রী)—সৌন্দর্য্য। "প্রিয়েষু সৌভাগ্যফলা হি চারুতা কু.স ৫.১। °দর্শন (বিণ)—প্রিয়দর্শন, সুন্দর। °দেষ্ণ (পুং)—শ্রীকৃষ্ণপুত্র। °নালক (ক্লী)—রক্তপদ্ম। °নেত্র, °লোচন (পুং)—'সুনয়ন', হরিণ। °নেত্রা, °লোচনা (স্ত্রী)—বাম-লোচনা নারী। °ফলা (স্ত্রী)—দ্রাক্ষালতা। °শিলা (স্ত্রী)—মণি, মনোহরশিলা। "চারুশিলোপবেশম্ ভট্টি ২.১১। °শীল (বিণ) —সচ্চরিত্র। °হাসী (-সিন্) বিণ—মধুরহাস্যকারী, চারুস্মিত। চার্ব্বঙ্গী (স্ত্রী)—'চারুদেহা', সুন্দরী নারী।]

চার্ব্বাক পুং [চারু বাক্ যাহার বহুব্রী, পৃষো] ১ আপাতলোক-মনোরম যাহার বাক্য ; বৃহস্পতিমতানুসারী নাস্তিকবিশেষ ; লোকায়তিক। [ইনি আকাশ ভিন্ন চারি ভূত স্বীকার করেন এবং প্রত্যক্ষপ্রমাণবাদী। ইঁহার মত লোকায়ত বা অনাত্মবাদ (materia-lism) ; শাস্ত্র, পরলোক নাই ; মৃত্যুই অপবর্গ। যাবজ্জীবেৎ সুখং জীবেদ্ ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ। ভস্মীভূতস্য দেহস্য পুনরাগমনং কুতঃ॥ ইত্যাদি (দ্রষ্টব্য সর্ব্বদর্শনসংগ্রহ)।] ২ (বহুব) চার্ব্বাকশিষ্যগণ। "প্রত্যক্ষমেকং প্রমাণমিতি চার্ব্বাকাঃ (ন্যায়সংগ্রহ)। ৩ দুর্য্যোধনের সখা রাক্ষসবিশেষ। দ্র 'মহা ১২.৩৮শ ; ৩৯শ অধ্যায়।

চার্ম্মণ ক্লী [চর্ম্মন্ + অ (অণ্) 'তৎসমূহ' অর্থে] চর্ম্মসমূহ ; ফলক-সমূহ। —র্ম্মিক বিণ [+ ইক (ঠক্)] 'চর্ম্ম দ্বারা নির্বৃত্ত' ; চর্ম্মনির্ম্মিত। "°ভাণ্ড মনু ৮.২৮৯।

চাল[1] পুং [√চল্ + অ (ঘঞ্)-ভা] ১ চলন, গতি। ২ [+ অ (ণ)-ক ; মৈ চার ; দ্র 'চালা'] গৃহের বংশাদিপঞ্জরময় আচ্ছাদন ; পটল ; ছদি ; চাল ; ছাদ (শ.ক)। "বড় ঘরের চাল কৃ ২১৭। ম.গা ১১। চালেতে পেচক ডাকে ম ৭৩৩। উপরে বিচিত্র চাল শ্রী.ম ১৭১। প্রতিচালে ক.চ ১৫৯। ৩ [√চালি + অ (অচ্)-ভা] চালন, চালা। ৪ (বাঙ্গালায়) দুর্গাদি প্রতিমার উপরিস্থিত বা পশ্চাদ্বর্ত্তী চিত্রসংবলিত বৃত্তাকৃতি অংশ। ৫ দাবা-পাশা-খেলায় বলের বা ঘুঁটির চালন ; বলচালা, ঘুঁটিচালা। ৬ (অপ্র) খেলার বাজি বা পা'ড়। "সে চালে জিনিল কন্যা

মত্ত-মনা : সেহ চালে জিনে শ্রী.ম ১৯৬। একচাল সারি খেলি জিনিল রাজ্য ধন ম.বি ৬১। ৭ প্রসার, বৃদ্ধি। "পাতকী জনা মারিলে পাপের চাল ভাগে ব.প ৪৯৯। ৮ অশ্বের গতিবিশেষ। ৯ জীবনযাত্রার রীতি; আহার-ব্যবহারের পদ্ধতি। "আমীরী, নবাবী চাল। ১০ ব্যবহার, ভাব-গতিক। ১১ বৃথা বড়াই; বারফট্টাই। "চালবাজ। চাল মারা। ১২ কৌশল, ছল, ফন্দি। "চাল চালা। ১৩ ধনমানাদি হেতু দাম্ভিক ভাব বা কথাবার্ত্তা। ১৪ স্বভাবের গতি বা রীতি। "ধীরে সুস্থে চলা আমার চাল নয় ঘ ৬১। [°কুমড়া, -রা —দেশী কুমড়া; কুষ্মাণ্ড। "°রা গো.চ ৩৪০। °চলন—আচার-ব্যবহার, রীতি-নীতি, ভাব-গতিক। "বড় লোক তুমি ভাগ্যিমন্ত, সেই মত চাই চাল-চলন ত?—কা ৮৭। তাহার চালচলন সহজরকম নহে চা.পু ৩। চাল চালা—চাল দেখান। °চুল্—১ চালচলন। "ভদ্র চালচুল নাই আ.দু ৭১। তাদের চালচুল দেখে অনেক সহুরে লোক তাক হ'য়ে থাকেন হু ১৩। ২ পাশাখেলায় ঘুঁটির চাল। "দেখে চালচুল, তোমাকে সুজন বুঝিলাম আজি দা ৮৫৯। °চুলা, °চুলো—অর্থাৎ ঘর-দোর ও ভাত-কাপড়। "নাহি যার চাল-চুলা (তা'র এত অভিমান) চ.কা ৯৪। চাল না চুলো, ঢেঁকি না কুলো, পরের বাড়ী হবিষ্যি।—বঙ্গভাষা ও সাহিত্য। চালে চালে ঘর বা বসতি—ঘন ঘন বসতি। "চালে...ঘর ম.ম ৫৯। চালে...বসতি শ্রী.মা ৮৩; শ্রী.৯০। চালে চালে বসান—গায়-গায় বাস করান। "কৃ.উ ১৮৮। চালে চালে বোঝাই—নীরন্ধ্রভাবে (ঠেসে) বোঝাই করা (ঘর ইত্যাদি)।]

চাল² '-ল্' বি [চাউল > °ল, চেল (সাঁওতালী)] চাউল। [চাল চিঁড়ে বাঁধা—দূর যাত্রায় খাদ্যাদি লইয়া সজ্জিত হওয়া। চেলে—চাউলে। "উড়ি চেলে গুঁড়ি কুটি সাজাইল পিঠা শ্রী ১০৭।]

চাল³ সর্ম্ম [সং √চালি > প্রা √চাল (প্রা.ম); হি √চাল; ঠ, গু √চাল (অর্ম্ম)—চলা; চালিউঅ (চ)] ১ চালিত করা; গতিযুক্ত করা; চালান। কখন না চালিলাম সুপথে চরণ স.শ ৪৯। ২ (খেলায়) অন্য ঘরে লওয়া বা সরান। "চালি জান না চালতে এসো কি মনে বুঝি দা ৮৫৯। ৩ বিক্ষিপ্ত করা; ছড়ান। "কোদালে চালিয়ে মাটি, পরিপাটি প্রকাশিলা স্থল শ্রী ২১২। চৌরস কৈল চেলে শি ৮০। ৪ বীজিত করা (to fan)। "স্ত্রীগণ চামর চালে।—কৃ.উ ৯২। ৫ মন্ত্রবলে চালিত করা। "বাটী, নল, হাত চালা। ৬ মন্ত্রবলে দংশনার্থ চালিত বা উত্তেজিত করা। "সাপ চালে চন্দ্র মতিমান্ ক.চ ১৮১। ৭ উত্তেজিত করা; খেপান। "তাবত চালেন শ্রীহট্টিয়ারে ঠাকুর। যাবত তাহার ক্রোধ না হয় প্রচুর।—চৈ.ভা ১৯৯। ৮ পরীক্ষা করা। "বিশেষ প্রকারে আজি চালিয়া বুঝিল শ্রী.ম ১৯৪। সভারে চালয়ে প্রভু ফাঁকি জিজ্ঞাসিয়া চৈ.ভা ৫৬; ৭১; ৮২। ৯ চালনীতে নাড়িয়া নিস্তুষ করা। "আটা, খই চালা। —লা সর্ম্ম [°ল+আ'; হি √চলা] ১ সর্ম 'চাল³ (১)। "চালাহ রথ কৃ ৩১৮। চালাইয়া দিল রথ।—ম ২৫৮। ২ চরণ-চালনে প্রবর্ত্তিত করা (to drive)। "গোরু, ঘোড়া, হাথী চালান। ৩ বাহিয়া লওয়া; বাহা। "ডোঙা, নৌকা, ভেলা চালান। ৪ স্ব স্ব কার্য্যে ব্যাপারিত করা (কল, চরখা, তাঁত)। নাহি জানি, চালাইতে লেখনী মা ১৪০। ৫ কার্য্যনির্ব্বাহে সমর্থ বা উপযুক্ত করা। চালিত করা। উঠান। "চৈ.চ ৯০। ৬ পরিচালিত করা (ইস্কুল, কলেজ, কারবার, ব্যবসা)। ৭ ব্যবহারে (লেন-দেনে) লাগান; বিনিময়ে ব্যবহার করা। "মেকী টাকা চালান। ৮ প্রেরণ করা; পাঠান। "জৌতুক দিবার তরে...ভারে ভারে চালায় কাঞ্চন অ.প ২৭। ৯ প্রবর্ত্তিত বা প্রচলিত করা। "পূর্ব্বে ভাল ছিল এই নিমাই পণ্ডিত। গয়া হইতে আসিয়া চালায় বিপরীত।—চৈ.চ ৬৩। ১০ প্রবেশ করান; ঢুকান। "(নাগর) পুনঃ পুনঃ কর, চালাহ আমার, হৃদয়ে কি বা আছয় ভ.গ্র ৩৯৭। যেখানে না চলে সুঁচ সেখানে চালাই বেটে ব.প ১৩৩৩। ১১ প্রহারার্থ ব্যবহার করা বা প্রয়োগ করা (ঘুসি, তলয়ার, লাঠি, শড়কি)। "চন্দ্রচূড় চালাইল চড় শি ৭৯। ১২ নিক্ষেপ করা; ছোড়া (গুলি, তীর)। ১৩ নির্ব্বাহ করা (কাজ, সংসার)। [চালা³ —সর্থ 'চাল³'। চালাচালি—পরস্পর চালান; নাড়া-নাড়ি। "কথা চালাচালি। চালান¹—সর্থ 'চালা¹'। উত্তম চালাও (অপ্র)—উদ্যোগ কর। "এত কাল কেহো নাহি কৈল হিন্দুয়ানী। এবে যে উত্তম চালাও, কোন বল জানি?—চৈ.চ ৬৪। পেট চালান—পেটের ভাত করা।

চালক বিণ [√চালি+অক (ণুল)-ক] ১ গময়িতা, স্থানান্তরপ্রাপক। ২ অঙ্কুশদুর্দ্ধর হস্তী; মত্ত হস্তী। [ভূতের চালক—যে ভূত ঝাড়ায়; ভূতের ওঝা।]

চালকি বি [চাল+বিকি ?] চালের ব্যাপারী, তণ্ডুলবিক্রয়ী। "চাল লেই চালকি ঘরে, কড়ি চাহিতে মারে তারে ক.চ ৯০।

চালন ক্লী [√চালি+অন (ল্যুট্)-ভা] ১ স্থানান্তরনয়ন, অপসারণ। ২ কম্পন। "পর্ব্বতস্যেব চালনম্ মহা ১৬.৮.১৩] ভ ৩.২৬.৩৭। ৩ বিক্ষেপ, আস্ফালন। "লাঙ্গূল° মহা ১৬.৮.৭১। চরণচালনে কাঁপাইল ত্রিভুবন চৈ.চ ২৩৩। ৪ প্রেরণ, প্রস্থাপন। ৫ (মল্লশাস্ত্রে) কণ্ঠাদিতে লগ্ন হস্তাদির নিঃসারণ। "ভ ১০.৪৪.৫, শ্রীধর। ৬ চালনী দ্বারা তুষাদি পৃথক্করণ (sifting)। ৭ [+অন-ণ] তণ্ডুলাদিচালনার্থ বংশাদিরচিত সচ্ছিদ্র পাত্রবিশেষ; চালুনী (sieve)। ৮ (বাঙ্লায়; অপ্র] অসৎপথে নয়ন; "না বাঁচিবে যে আমারে করিবে চালন ম ৫৯৩। —নী¹ স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] সর্থ 'চালন (৭)। চালনলড়ি—চালনের সুবিধার নিমিত্ত করধৃত যষ্টি। "করেতে চালনলড়ি শ্রী.ম ১৮।]

চালনা বি [চালন > °না] ১ চর্চ্চা, অনুশীলন, আলোচনা। ২ খাটান, ঘামান। "মস্তিষ্ক°। ৩ প্রয়োগ। "অস্ত্র°। ৪ দৌড় করান। "অশ্ব°। —রঙ্গ ৬। ব.প্র ৩।

চালনি, -লুনী বি [সং চালন, -নী; হি চালনী; ঠ চাল.ণ; মৈ চালনি; চলৈন (চট্টগ্রাম)] সর্থ 'চালন (৭)। "সকল সৈস্তেরে বিন্ধি করিল চালনি ম ৬৩৯। চালুনী ক.চ ৯০। হু ৩৫।

চালনী¹ দ্র 'চালন'।

চালনী² বি [বাঙলায়; বৈষ্ণবসাহিত্যে] ১ চালন, বিক্ষেপ। "চরণ-চারুচালনী ন.প ৩৯৬। ২ চলনি, কম্পন, স্পন্দন। "চূড়ার চালনী বামে চ.দা ৮।

চালমুগরা বি [?] বন্যতরুবিশেষ ও তাহার বীজ (Taraktogenos kurzii)। "চালমুগরার তেল।

চালশা, -সে বি [চল্লিশ—মূল; হি চালীস; ঠ চালীস—চল্লিশ] চল্লিশবৎসর বয়সে দৃষ্টিক্ষীণতা। "চালশা ধরা। [চালসে-ধরা—চল্লিশ বৎসর বয়স হেতু ক্ষীণদৃষ্টি। "ওরে বেটা চালসে-ধরা, ক্ষেউরি কি তোর এমনিধারা দা ২০৬৮,-৭০।]

চালা¹ বি [চাল²+আ³] ১ চালন, সরান। ২ মন্ত্রবলে চালন। "বাটী°, নল°, হাত°। ৩ কম্পন, ঘূর্ণন। "ভূ°, মাথা°। ৪ [মুণ্ডারি —'চালা'] ছোট চালনী। "খ'ল°, গুঁড়ি°। ৫ কাষ্ঠ হইতে চালিত, অর্থাৎ ফাড়িয়া বাহির-করা কাষ্ঠখণ্ড; চেলাকাঠ। ৬ মাটির চাপড়া। "মধ্যখানে খানিক খসায়ে দিল চালা। দক্ষিণ মোহান হৈল জল যেতে নালা।—শি ৭৪। —লা বিং [+আ¹²] চালিত, চালনীতে পরিষ্কৃত (খই)।

চালা² বিং [চাল¹+আ¹¹] চালযুক্ত। "আট°, চৌ°, দো°। —লা বি ['শালা'—মূল; 'চালা'—ঘর (ত্রিপুরা)] চালের ঘর। "চালা কোটা সব বড়ে ভা.চ ৪৯৭। [°ঘর—চালের ঘর ব.প্র ৬০১। "চালি

—বড় ও ছোট চাল। "উড়াএ যে চালাচালি ব.প ১৩৬২। হাট° —হাটে বাঁধা দো-চালা ঘর।

চালা৩ দ্র 'চাল৩'।

চালাক বিং [ফা °ক্] ১ চতুর; ব্যবহারনিপুণ, দক্ষ (clever)। ২ ধূর্ত্ত, শঠ, চালবাজ। —**কী** বি [ফা °কী] ১ চতুরতা, ধূর্ত্ততা, শঠতা। ২ কৌশল, ফন্দি। [°চোস্ত (হি চুস্ত চালাক)—সমঝদার ও কার্য্যতৎপর। "প্রেমানন্দ...চালাকচোস্ত হু ২২৪।]

চালান১ '-নো' দ্র 'চাল৩'।

চালান২ '-ন্' বি [হি °ন; মৈ চলানা] ১ প্রেরণ, রওনা। "চালান করিল যথা মদনমোহন ভ.গ্র ৩৬১। ২ বিক্রয়ার্থ পণ্যপ্রেরণ (মালপাঠান)। "বিলাতে চালান দিব সামগ্রী অনেক (পদ্যপাঠ, ১ম ভাগ)। ৩ মফস্বল হইতে সদর কাছারিতে খাজনার টাকা পাঠান; প্রেরিত টাকা বা প্রেরিত টাকার হিসাব। ৪ প্রেরিত পণ্যের (মালের) হিসাব (invoice)। ৫ বিচারের নিমিত্ত থানায় বা আদালতে আসামী পাঠান। [চালানী —১ চালান-সম্বন্ধী (কারবার)। ২ চালানের ব্যবসায়ী; চালানে।]

চালি বি [চাল১ + ই১১; অপ্র] ১ সর্থ 'চাল১ (৫)। "চালি জ্ঞান না চালতে এসো কি মনে বুঝি!—দা ৮৫৯। ২ সর্থ 'চাল১ (৯)। "সদাই নবাবী চালি দা ১৯৯৬। ৩ [চাল১ + ই৯] ছোট চাল; বালিস-ইত্যাদি রাখার বাঁশের বা কাঠের ছোট চালের মত আধার। ৪ শবাদিবহনার্থ মঞ্চ বা খাট (bier)।

চালিত বিণ [√চালি+ত (ক্ত)-র্ম্ম] ১ স্থানান্তরনীত, অপসারিত। ২ প্রেরিত। ৩ তাড়িত। "যেনাহম্...চালিতঃ পদা (S.W.)।

চালিতা বি [সং 'চরিত্রা', শেলু (তিন্তিড়ীবৃক্ষ)—মূল (?)] অম্লফল বৃক্ষবিশেষ (dillenia speciosa), তাহার ফল। "ক.চ ৭৭।

চালু বি [চাউল > °লু; অপ্র] তণ্ডুল। "ক.চ ৪৩; ৬৯; ২৮৬। শ্রী.মা ১৫৪। চৈ.চ ৫৫। খেতে চারি চালু নাঞি।—রা.স ৭। চৈ.চ ৫৫। ভা.চ ৫৪৮,-৫০।

চালুনী দ্র 'চালনী'।

চাল্লিশ স.বিং [দ্র 'চালশা'] চল্লিশ। "প্রায় জন চাল্লিশ।—হু ১২৫। —শ বি চল্লিশ (৪০) এই সংখ্যা।

চাষ১, **-স**১ পুং [√চাষি ভক্ষণ+অ (অচ্)-ক (অ.টী); ধ্বন্যাত্মক?] স্বর্ণচাতক (অ.টী); সোনাচড়া, নীলকণ্ঠ (শ.ক)। "পরাশর ৬.৫। রঙ্গ ১৯১।

চাষ২, **-স**২ বি [দ্র 'চষ, -স'] কৃষি। "চাষ চষি ক.চ ৬; ২৯। চাষ শি ৬৭; ৭০। চাস করে ভ.গ্র ২৩৮; ৪১৪। —ষা, -সা বিং [ড় তসা] কৃষিজীবী, কৃষক, চাষী। "চাষাকৈবর্ত্ত, চাষালোক। —ষা, -সা বি ১ কৃষিজীবী লোক বা জাতি। "চাষাপাড়া। খনা বলে ডেকে শুন রে চাষা। ২ সদ্‌গোপ (বীরভূম)। ৩ (সাদৃশ্যে) অসভ্য; মূর্খ। "মহাচাষা বেটা চৈ.ভা ২২৪। রাজার তনয় বটে রাজবংশে চাষা ভা.চ ৩০৬। —ষী বি কৃষিজীবী লোক। "°লোক। [চাষা কৈবর্ত্ত—কৃষিজীবী কৈবর্ত্ত; হেলে কৈবর্ত্ত। "ভা.চ ২৭৩। চাষা (সা) গাঁ—চাষাপ্রধান গ্রাম। "ছোটবাবুর ন্যাকাপড়া দেখে চাসা গাঁ মানলে না।—নী ৬৯। চাষাড়ে—চাষার মত; অসভ্য (স্বভাব, ভাব)। °ধোবা—কৃষিজীবী হিন্দুজাতিবিশেষ। °ভু (ভু)বো (সং 'বুস, -ষ' > ভুষ)—অশিক্ষিত চাষালোক। "চাষাভুষো মুটে।—কা ৯৫। কি, চাষাভুষোর কাজ করবো?—অ.গ্র ১০৫। চাষিপণা—চাষীর কাজ; কৃষি। "কাদা পানি থেয়ে খেটে করে চাষিপণা শি ৬৮। চাষ চষা—কৃষি করা। চাষার পো, বেটা—চাষীর ছেলে (খনা)। জনমের চাসা—জন্ম-চাষা, গালি। "সাধু জনমের চাসা ক.চ ২০০।]

চাষ-কারকিত বি [চাষ+ফা কিশ্‌ত্-ও-কার্] কৃষি ও বীজবপন; চাষ-আবাদ। "জমিতে চাষকারকিত করিতে থাকহ (দলিলে)।

চাষবাস বি [চাষ+'বাস' (অনু.শব্দ)] চাষকারকিত্, কৃষি-কার্য্য। "চাষবাস বাণিজ্য ব্যাপার ভা.চ ১০৪। আ.দু ১৬২। [চাষে বাসে—চাষবাসে। "কাজ নাই চাষে বাসে শি ৭০।]

চাষা, -ষী দ্র 'চাষ২'।

চাস১; **-স**২, **-সা**; **চাহ**১; **চাহ**২ দ্র 'চাষ১; চাষ২; চা৫; চা৩।

চাহন বি [চাহ১+অন] দৃষ্টিপাত। "মুনি মনমোহ করে কটাক্ষ চাহনে বা.ম ৭০; ৩৫৬,-৭৪। —নি, -নী বি [°ন+ই১১] ১ অপাঙ্গ-দর্শন, কটাক্ষ। "দারুণ চাহনি তার চ.দা ১৫; চাহনি মোহিনী ২০। প.র ২১। নয়ন-চাহনী তীক্ষশর ম ২৩৪। চাহনি চারু ন.প ২৮১। চাহনি চাও ভা.চ ২৭২। চাহনির মর্ম্মভেদী শ্বণ স্ব.প্র ৬৫। ২ দৃষ্টিপাত। "বাঘা বুলে ধায়্যা, দেখিয়া তাহার চাহনি ক.চ ৩১। আলাপী চাহনি অ.গু ২৩। ঘ ৭৫। [হাসির চাহনি—সস্মিত কটাক্ষ। "চ.দা ১৫। রথত চাহন কলাও বেচন—রথ দেখা, কলাও বেচা (চট্টগ্রাম-প্রবচন)।]

চাহন্ত, -ন্তি ক্রি [চাহ১+অন্ত৪ -ন্তি৩; অপ্র] চাহেন, দেখেন। "গুণ তুণ না চাহন্ত না চাহন্ত ধনু অ.প ১৮। কেহ না চাহন্তি ম.বি ১৮৪ (দ্রোণপর্ব্ব)।—ন্তি ক্রি [চাহ২+অন্তি৩] চাহেন, ইচ্ছা করেন। "পরীক্ষা চাহন্তি ধৃতরাষ্ট্র ম.বি ১৩।

চাহা বি [হি চাহ; অপ্র] ইচ্ছা, অভিলাষ। "কিংবা কিছু খাদ্য, লাড়ু কি মোদক, আছয়ে, তা কর চাহা ভ.গ্র ৩৯৭।

চাহারম্ বিং [ফা চোহারুম্] চতুর্থ। [চাহারম্ জমি—যে জমিতে চতুর্থাংশ বা সিকি ফসল হয়।]

চাহি, -হিয়া ক্রি [চাহ১+ইয়া৩ > °য়া, °হি; হি চাংহি—উস চাংহি ধর্ম্মী (উহা চেয়ে ধার্ম্মিক ;—G.H. § 210); 'চাহি'—কুলিসহু চাহি কঠোর (তুলসী—হিন্দীশব্দসাগর)] আপেক্ষিকভাবে দেখিয়া, অর্থাৎ অপেক্ষায়, চেয়ে। তু 'চাইতে'। "জীবন চাহি যৌবন বড় রঙ্গ বি.প ৪৯। রূপ চাহি গুণ নহ উন।—গো ৯৬। শ্রীকৃষ্ণ চাহিয়া কৃষ্ণনাম ধন বড় ম ২৪৮।

চাহিদা বি [হি 'চাহিতা'—প্রিয়; চহেতা—প্রিয় (হিন্দীশব্দসাগর)] (প্রিয়ত্ব হেতু) প্রয়োজন, বাজারে কোন পণ্যের টান (demand)।

চি১ সক [ভা, স্বা, এ—চয়তি, -তে, চিনোতি, -নুতে; অনিট্] চয়ন, রাশীকরণ। —সক [চু, প—চয়য়তি, -তে, চপয়তি, -তে (সি); চায়য়তি, -তে; চাপয়তি, -তে (কাশিকা); সেট্] সর্থ 'চি১'। [অপ—অপচয়, হানি। অব—অবচয়ন। আ—আচয়ন, সঞ্চয়; ব্যাপ্তি। উদ্—উচ্চয়, উত্তোলনপূর্ব্বক আদান। উপ—উপচয়, বৃদ্ধি। নি—নিচয়, নিঃশেষচয়ন; ব্যাপ্তি। পরি—পরিচয়, অভ্যাস। প্র—প্রচয়, ব্যাপ্তি; বৃদ্ধি। বি—অন্বেষণ; ধ্যান। "রঘু ১০.২৩; ১৩.২৩। সম্—সঞ্চয়, সমাহার। "তপঃ...সঞ্চিনোতি শ ২.১৪]

চি২ অর্ম্ম [সং √চিৎ—জাগরণ] জাগরিত হওয়া; জাগা। "চিয় চিয় মহাবীর শ্রী ২১৯,-২৭।

চিআড়ি বি [হি চিকারী—a hunting knife; অপ্র] যুদ্ধাস্ত্র-বিশেষ। "মারে কাণ্ড চিআড়ি কৃ.উ ৪২।

চিংড়ি বি [সং চিঙ্গট, -ড়] মৎস্যবিশেষ। "কুচো°, ঘুষো° (shrimp), গলদা°, গল্লা° (lobster), বাগদা°, মোচা° (prawn)।

চিঁ চিঁ বি [ধ্বন্যাত্মক] ১ দুর্ব্বলতা হেতু ক্ষীণ স্বর; পীড়িতের আর্ত্তস্বর। "হাত ধরলে চিঁ চিঁ করে। ছেড়ে দিলে পাখসাট মারে।—প্রবচন। ২ পক্ষিশাবকের ক্ষীণস্বর। "ধাড়ীতে আধার আনিয়া দিতেছে, শিলে চিঁ চিঁ করিতেছে আ.দু ১৪৫।

চিঁড়া, চিড়া, -ড্যা বি [সং চিপিটক > প্রা-চিইডঅ > বা চিড়া; হি চিড়্বা, চূড়া, -রা; মৈ চূড়া (সং চিপুট); ড় চিড়া; চুরা (চট্টগ্রাম)] ভিজা ধান ভাপাইয়া ঢেঁকিতে কুটিয়া চেপটা-করা খাদ্যবিশেষ। "চিড়া

ক.চ ২৬ ; চিড়া ৮৯ ; চিঁড়া ১৫৮। চিঁড়া : চিড়া শ্রী ৪৬। [চিঁড়ে-দই —অর্থাৎ কাঁচা ফলার। চিঁড়ে চেপটা—চিঁড়ের মত পিষ্ট ; অতিপিষ্ট। কথায় চিঁড়ে ভেজে না—চিঁড়ে ভিজাইতে হইলে, জল দিতে হয়, কেবল মুখের কথায় ভিজে না ; (গৌণার্থে) মুখের কথায় কাজ হয় না, কার্য্যতঃ অনুষ্ঠানেই কাজ হয়।]

চিঁ(চি)ড়িতন বি [হি চিড়ী (চিড়িয়া—মূল ?)] কাল গোল তিন-বুটাওয়ালা তাসের রঙ্‌বিশেষ (club)।

চিঁ(চি)ড়িয়া বি [হি চিড়িয়া (সং 'চটকা'—মূল) ; মৈ চিড়িআ] পক্ষী। [°খানা (হি চিড়িয়াখানা)—পক্ষিশালা ; পশুপক্ষিশালা।]

চিঁহি, -হিহি বি [ধ্বন্যাত্মক] অশ্বধ্বনি, হ্রেষা। "ঘোড়ার চিঁহি… রাতদিন হইতে লাগিল আ.চ ১৪৬।

চিক[1] বি [চিকচিক > চিক ; সং চিলমীলিকা] ১ স্বর্ণের কণ্ঠভূষা-বিশেষ। "গায়ে আলো করে ঝিকঝিক। যেন পরেছে হীরার চিক ॥—শিশু ৭৪। ২ স্নিগ্ধ কিরণের চুম্বন। "আই আই চাঁদ আই আই আই আরে, মণির কপালে মোর চিক্ দিয়ে যা রে।—দ্বারকানাথ অধিকারী। প.তৃ ৮৩। ৩ উজ্জ্বলরেখা। "আলতার চিক পদে ব.প ১৮৭৩। [°মালা—সর্থ 'চিক১'। "দ্র 'চিকচিক'।]

চিক[2] বি [র্ক চিক্.] সরু বাঁশের শলার ঝাঁঝরা পর্দ্দা। "তুই বারেণ্ডায় চিক ঝুলিয়ে দে।—জা ২২।

চিকচিক '-ক্-ক্' বি [চকচক > °ক (অল্পার্থে)] অল্পদীপ্তিপ্রকাশ। "চিকমালায় চিকচিক করিবে গলা দা ৯৮১। [চিকচিকিয়ে—চিক-চিক করিয়া। "পাতায় পাতায় রোদ পড়েছে, চিকচিকিয়ে ওঠে।—শিশু ৮৯।]

চিকটা বিং [হি চিকট, -টা ; ঠ চিকট ; ড় চিকটা] তেলা ও ময়লা ; চটচটে ময়লাযুক্ত ; তেলচিটা (কাপড়)।

চিকণ, -ন বিং [ফা চিকন্—সূচিকর্ম্ম ; (তেলেগু) 'চিক্কণি'—সুন্দর (H.B. 64)] ১ মনোহর, সুন্দর। "চূড়া চিকণ বনান জ্ঞা ১২। চিকণ গাঁথনি বি.সু ৩৯। চিকণ গাঁথনে বাড়িল বেলা ভা.চ ২৯৯। ২ সূক্ষ্ম, পাতলা (fine)। "চিকণ কাপড় ম.ম ৫৯। চিকণ মশারি বি.সু ৫০। শাড়ী পর চিকণ ভা.চ ৫২৬,-৭। ৩ সূক্ষ্মাগ্র, ছুলন্ত। "দশন চিকণ নহে মুকুতার পাতি।—বা.ম ৩২৫। ৪ নিষ্পিষ্ট, সরু (fine)। "নোড়াটা যা-ইচ্ছা-তা, এতে কি চিকণ বাটা হয় ব.প ১৭১১। ৫ সরু। "চিকন সুত মী ১৩। চিকন সুতি গো.বি ৬৬। ৬ [সং চিক্কণ ; হি চিকনা ; ঠ চিকণ ; গু চিকণূ ; মৈ চিকন] মসৃণ, স্নিগ্ধ, চকচকে। "পাষাণ চিকন কৃ.উ ৯৪। চিকণ দেহা চ.দা ৪। চিকণ কালা গো ১০৬। চিকণ কালিয়া রূপ জ্ঞা ১৩। বরণ চিকণ কালা ভা.চ ২৭৮। অভ্র চিকণ টিকলি জলের কু.কে ৬৮। [°চাকন—সর্থ 'চিকণ (৬)'। "মেখে মাখন, চিকণচাকন, ঢাকন দিয়ে থাকা দা ২১০৫। °মালা—মালাবিশেষ। "°লা তেনরি দা ১৬৩৩। °কাজ—বস্ত্রাদিতে সূচিকর্ম্ম (embroidery)।]

চিকনি(নি)য়া বিং [হি চিকনিয়া ; মৈ চিকনিআ—শৌকীন] ১ চিক্কণ, স্নিগ্ধ। "শ্যাম কান্তি চিকনিয়া জ্ঞা ৪৫। ২ চিকণ, মনোহর। "হলদী জিনিয়া তনু চিকণিয়া ভা.চ ২৭৬। ৩ সুছাঁদ। "চিকণিয়া বিনোদ কবরী ভা.চ ১৭৬। ৪ চিকণ-গাঁথা, সুগ্রথিত। "চিকণিয়া চন্দ্রমুখী মালা গাঁথি পরে প.তৃ ৫৮। [রসে চিকণিয়া—রসে চিক্কণ (স্নিগ্ধ) করিয়া। "(সে তনু খানি) অমৃতে ছানিয়া, রসে চিকণিয়া, গড়েছে বিধাতা জ্ঞানী বা.দ ২১৩।]

চি(চে)কনাই বি [হি চিকনাঈ ; ঠ, গু চিকণাঈ] চিক্কণতা, মসৃণতা, চকচকেভাব।

চিকণিয়া দ্র 'চিকণিয়া'।

চিকমিক বিং [চকমক > °ক (অল্পার্থে)] অল্পদীপ্তিবিশিষ্ট। "কোথাও জল একটু ফুটিয়া উঠিতেছে—সেখানে (চন্দ্রের কিরণ) একটু চিকমিক ব.প্র ৩৭৮। °কিয়ে কু.কে ৬১।

চিকরা অর্দ্ধ [সং চীৎকার > প্রা চিক্কার > বা চিকারা > √চিকরা, হি √চিকার ; মৈ √চিকর] চীৎকার করা ; চিকরান। [চিকরাই (অপ্র)—চীৎকার। "চিকরাই পাড়ে কৃ.উ ৩৮ ; ছাড়ে চিকরাই ৭৬ ; ১১৪ ; ২২১,-৪১।]

চিকা বি [চাকা > °কা ?] ১ ঢ্যারার (×) মত চিহ্ন। ২ শিশুদের ক্রীড়াবিশেষ (?)। "খেলে কড়ি চিকা কোড় ভেটা ক.চ ২১৫। ৩ [সং চিক্কির, -ক্কা] ছুঁচা (ঢাকা)।

চিকি বি [সং চিক্কণ, -ণী, -ক্কা ; হি চিকনী সুপারী ; ঠ চিকণী সুপারী ; গু চিকণী সোপারী] সিদ্ধ-করা একপ্রকার নরম সুপারি।

চিকিচিকি বি [চিকচিক + ই[11]] চিকচিক। "বালি চিকিচিকি করে চরে।—শিশু ৮০।—চিকি বি [ধ্বন্যাত্মক] ১ পেচকের রব। "চিকিচিকি কালপেচা ডেকে উঠে কাছে শ্রী ১৫৫। ২ বানরের রব। "(শাখামৃগ) চিকিচিকি শব্দে ডাল কাঁপায় ত্বরিত শ্রী.ম ২১১।

চিকিচ্ছা বি [সং চিকিৎসা ; তু 'লি, প্রা √চিকিচ্ছ ; ড় °চ্ছা ; গ্রাম্য] চিকিৎসা। "চিকিচ্ছার কাজে, বসিলা রোগীর কাছে চ.দা ৪২। [চিকিচ্ছিলে—চিকিৎসা করিলে। "তুমি রোগ চিকিচ্ছিলে সুস্থ হই আমি চৈ.ভা ২৫৬।]

চিকিৎস সক [ভ্বা, ঞ—চিকিৎসতি, তে (√কিৎ + সন্ স্বার্থে—√চিকিৎস, পা ৩.১.৫ ; ৬) ; সেট্] রোগপ্রতিকার, রোগনির্ণয় ; বিনাশ, নিগ্রহ। "দ্র 'চিকিৎস্য'। [চিকিৎসিল—চিকিৎসা করিল। "তারে বৈদ্য চিকিৎসিল ম বি ১১।]

চিকিৎসক পুং [√চিকিৎস + অক (ণ্বুল্)-ক] ব্যাধিপ্রতিকারক, ভিষক্, বৈদ্য, ডাক্তার। —কিৎসন ক্লী [+ অন (ল্যুট্)-ভা] রোগ-প্রতিকার। —কিৎসা স্ত্রী [+ অ-ভা + স্ত্রী আ (টাপ্)] রোগাপনয়ন, ব্যাধিনির্ণয়। —কিৎসিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] কৃতরোগপ্রতিকার। —ত ক্লী [+ ত-ভা] ১ চিকিৎসা ; ভেষজ (শ্রীধর)। "তাপত্রয়° ভ ১.৫.৩২। ২ চিকিৎসা ব্যবসায়। "গু ১.৩০৪। —কিৎস্য বিণ [+ য (যৎ)-র্ম্ম] ১ প্রতিকার্য্য, প্রতিবিধেয়। "পা ৫.২.৯২। মভা ১২.১৪.৩৫। ২ বিনাশয়িতব্য ; নিগ্রহীতব্য। "পা ৫.২.৯২, তত্ত্ববোধিনী।

চিকিমিকি বি [চিকমিক + ই[11]] সর্থ 'চিকিমিক'। "খাঁড়ার চিকিমিকি কৃ ৭৭। জোৎস্নার °কি ব.প্র ৩৭৯।

চিকীর্ষক বিণ [√কৃ + স (সন্)— √চিকীর্ষ + অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -র্ষিকা] করণেচ্ছু (করিতে ইচ্ছু)। —কীর্ষা স্ত্রী [+ অ-ভা + স্ত্রী আ (টাপ্)] করণেচ্ছা। "ক্ষত্রধর্ম্ম° (রা)। নানাকর্ম্ম° ভ ২.১০.২৪। —কীর্ষিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] করণার্থ অভিলষিত। —কীর্ষিত ক্লী [+ ত-ভা] চিকীর্ষা। —কীর্ষু বিণ [+ উ-ক ; স্ত্রী -র্ষু] করণাভিলাষী, করণেচ্ছু। "চিকীর্ষুর্লোকসংগ্রহম্ গী ৩.২৫।

চিকুর বিণ [চি (অব্যক্তশব্দ) + √কুর উচ্চারণ + অ (ক)-ক] চপল, অর্থাৎ যে দোষনিশ্চয় না করিয়া বধবন্ধনাদি করে ; অবিনিশ্চিতকারী (অ.টী)। —র পুং ১ কেশ। "ঘনচয়রুচিরে…চিকুরে গী.গো ৭.২৩। চিকুরে গলয়ে জলধার বি.প ২০ ; ১৪৯। °রাশি চ.দা ২৪। কৃ ২২৩। ক.চ ৩। ব.প ৬২৫। নিবেকমসৃণ সেই চিকুরজাল ব দ্বি ১২৮। ২ সরীসৃপ, সর্প। ৩ পর্ব্বত। ৪ পক্ষিবিশেষ। ৫ গন্ধমূষক, ছুঁচা, চিকা। ৬ ['চিকচিক'—মূল ? ; অপ্র] (বাঙ্‌লায়) বিদ্যুৎ ; বজ্র] "ঈশানে উড়িল মেঘ সঘনে চিকুর ক.চ ৮২ ; ১৯৭। ঝঞ্ঝনা চিকুর পড়ে ব.প ৫৫৩, ৯০২ ; ১১২২। চিকুরের ঝনঝনি প.তৃ ৭১। [°কলাপ. °পক্ষ, °পাশ, °ভার, °হস্ত (পুং)—কেশসমূহ। "স্খলিতচিকুরভার প.তৃ ৮৪।]

চিক্ক পুং [ধ্বন্যাত্মক] ১ 'চিক্কণধ্বনকারী', ছুঁচা, চিকা। —ক্কা স্ত্রী পুগ-ফল, সুপারী।

চিক্কণ বিণ [√চিং+কণ, উ ৪.১৭৫ ; দ্র 'চিকণ'] ১ মসৃণ, স্নিগ্ধ, তেলা, চকচকে। "তপস্বিন ইঙ্গুদীতৈলমিশ্রচিক্কণশীর্ষস্ত শ ২১১। ২ পিচ্ছিল, পিছল। ৩ [বাঙলায় ; অপ্র] চিকণ, পাতলা। "গোরা গায় চিক্কণ কাবাই বি.মু ১৫। —ণ পুং পুগবৃক্ষ, সুপারিগাছ। —ণ স্ত্রী পুগফল। —ণী স্ত্রী ১ চিক্কণদেহা উত্তমা গবী। ২ পুগফল। —ণী স্ত্রী পুগবৃক্ষ ; পুগফল।

চিক্কণাই বি [হি চিকনাঈ > °ই (সাধুভাষা)] চিক্কণতা, স্নিগ্ধতা, চকচকেভাব, ফিটফাটভাব। "দৈন্যদশার এই সকল লক্ষণসত্ত্বেও দেশীয় লোকদের মধ্যে একরকম চিক্কণাইয়ের চাইল প্রচলিত হইয়া উঠিতেছে পা.প্র ১৫৭।

চিক্কার বি [সং চীৎকার > প্রা চিক্কার ; অপ্র] চীৎকার। "চিক্কার ছাড়িয়া চলে ব.প ৬৬৭।

চিক্কির পুং [ধ্বন্যাত্মক] মূষিকবিশেষ, চিকা। "সুশ্রুত ৫.৬.২।

চিঙ্গট, -ড় পুং চিঙ্গড়িমাছ, গল্দাচিংড়ি। —টী স্ত্রী ['চেঙ্গাটি'—চিঙ্গড়ি (গো.চ)]। ঘুষাচিংড়ি (shrimp)। —ঙ্গড়ী, -ঙ্গুড়ি বি চিংড়ীমাছ। "°ড়ী ক.চ ১৫৬। °ড়ি শি ৮৫।

চিচ, -জ, চীজ বি [ফা চীজ্] ১ বস্তু, দ্রব্য। "হায় রে পুজিব কিসে কোন চীজ নাই ভা.চ ৫০৭। ২ মূল্যবান্ বা উপাদেয় বস্তু। ৩ পণ্যদ্রব্য। "বিলাতি বহুত চিজ বেশ বিস্ময়ের বি.মু ১৯। আধা চিজ দেও মুঝে রা.স ৩৩।

চিচড়া বি [?] দেধান বা ভুট্টা (?)। "চিচিড়ার খই বি.পা ১৬৮।

চিচিঙ্গা বি [সং চিচিণ্ড ; হি চিচিণ্ডা] লম্বা শাকফলবিশেষ।

চিচ্চিড় বি [চড়চড় > °ড়] অল্প কাটার শব্দ বা বোধ।

চিচ্চিড়া বি [হি চিচ্চড়া] অপামার্গ, শীষ-আকন্দ।

চিচ্চি(চি)ণ্ড পুং চিচিঙ্গা ও তাহার গাছ (ভাবপ্রকাশ)।

চিচ্ছক্তি স্ত্রী [চিৎ শক্তি, কর্ম্মধা] চৈতন্যশক্তি ; চৈতন্য, পরমেশ্বরের স্বরূপশক্তি। "মায়াং বুদস্য চিচ্ছক্ত্যা কৈবল্যে স্থিত আত্মনি ভ ১.৭.২৩। "চৈ.চ ৮ ; ১০৪।

চিঞ্চা স্ত্রী [তু 'চিংচা'—তেঁতুলের চারা (দেশী ৩.১০)] ১ তিন্তিড়ীবৃক্ষ ও তৎফল। ২ গুঞ্জা। [চিঞ্চাম্ল (ক্লী), °সার (পুং)—আমরুলশাক।]

চিট্ সক [ভ্বা, চু, প—চেটতি, চেটয়তি ; সেট্] প্রেষণ, প্রেরণ।

চিট বি [হি, ঠ 'চিকট, -টা'—মূল্য] ১ তেল-ধুলায় মিশ্রিত ময়লা ; আটাল ময়লা ; (সাদৃশ্যে) আঠা। ২ আঠাল গুড় ; চিটাগুড়। —টা, -টে বিং চিটযুক্ত, আঠাল। "°গুড়, তেল°। —টা১, -টে বি আঠাল অসার গুড় ; কোঁৎরা গুড়। "সুরস পায়স, চিনি পরিহরি, চিটাতে আদর এত চ.দা.১৪২। তা'র চিটে চিনি জ্ঞান নেই ঘ ৮১। [পাকা চিটে—নিজ্জ'লা চিটে।]

চিটকে বিং প্রায় চেটা, অর্থাৎ অগভীর (পাত্র)। "চিটকে কড়া।

চিটা১ দ্র 'চিট'।

চিটা২ ['চিপিট'—মূল ; চিপ্টা (ত্রিপুরা)] চেপ্টা, অর্থাৎ চাউলশূন্য ধান ; অসার ধান ; তুষধান। "দিলে চিটা বাঁশের গোড়ে। দু কাঠা ভুঁই বেড়বে ঝাড়ে॥—খানা। ব.প ১৪।

চিটি, -ঠি, -টী, -ঠী বি [হি চিঠ্ঠী ; ঠ চিটী,-ট্টী,-ঠী, -ঠ্ঠী ; মৈ চাঠী] পত্র। [চিটিচপাটী (ঠ চিঠ্ঠীচপাটী)—পত্র ও টুকটাক-লেখা (letters and notes)।]

চিট্যা-ফটা বি [অপ্র] চিত্র-ফোটা ; ছাপ-তিলক। "চিটা-ফটা দেখ দূত গলাত তুলসী শূ ৫১।

চিঠা বি [হি,প চিট্ঠা ; ঠ চিঠ্ঠা] ১ জমা-খরচের বা লেনদেনের হিসাব বা খাতা। "হাত°। ২ জমিজরিপের তালিকা, অর্থাৎ যে কাগজে জরিপের দাগ, জমির পরিমাণ কালি চৌহদ্দী ও শ্রেণী লিখিত থাকে। [চিঠা তাঁওয়ান—চিঠায় লিখিত দাগ-অনুসারে জমি মিল করা।]

চিড়১ বি [ফা চীন্—wrinkle ; ঠ চীণ ; তু 'সং চীর'] ফাট, ফাটল, ফাটাচিহ্ন। [চিড় খাওয়া—ফাটা (কাঠ, দেয়াল)।]

চিড়২ সর্ম্ম [চিড়১ > °ড় ; অপ্র] বিদীর্ণ করা ; চেরা, ফাটান। "খানা খানা করিয়া চিড়ে পৃথিবীর বুক ম.ম ৩১ ; নখে চিড়িয়া পাত করে দুইখান ১৮৬ ; কপাল চিড়িয়া চান বিধি কি লিখিল ১৯৬ ; ২০৪,-৫। দশনে চিড়ে চ.বি ২২৯। [চিড়া—ছেঁড়া, ফাটা। "চিড়া খাখা (ছেঁড়া কাঁথা) মী ২৪।]

চিড়চিড় বি [চড়চড় > °ড়] ১ অল্প চড়চড় বা ফাটার শব্দ। ২ অল্প ফাটার 'বোধ' (sensation)।

চিড়চিড়া, -ড়ে বিং [ঠ চিডচিড়্যা—কোপন ; হি চিঢ়—অপ্রসন্নতা] রাগী (irritable)। "বেচারাম বাবু অল্প অল্প পিটপিটে ও চিড়চিড়ে আ.দু ১৬।

চিড়বিড় বি [চিড়১+বিড় (অনু.শব্দ)?] ফাট-ফাট-বোধ ; জ্বালাজনক দ্রব্যস্পর্শে গা ফাটার মত বোধ। "গা জ্বালা কচ্ছে, চিড়বিড় কচ্ছে অ.প্র ১২।

চিড়িক বি [চিড়১—মূল] আকস্মিক তীক্ষ্ণ বেদনায় ক্ষতস্থানে ফাট-ফাট-বোধ। "ঘাএর মধ্যে চিড়িক মারা।

চিড়িতন ; চিড়িয়া, চিড়িয়াখানা ; চিড়্যা দ্র 'চিঁড়িতন ; চিঁড়িয়া ; চিঁড়া'।

চিৎ১ সক [ভ্বা, প—চেততি ; সেট্] ১ জ্ঞান। "চিচেত রামস্তৎকৃচ্ছ্রম্ ভট্টি ১৪.৬২। ২ [অক] জাগরণ। "অবিদ্যানিদ্রয়াক্রান্তে জগত্যোকঃ স চেততি (ক.ক)। —২ সক [চু, আ—চেতয়তে ; সেট্] জ্ঞান, সংবেদন।

চিৎ২ স্ত্রী [√চিৎ+ক্বিপ্ (০)-ভা ; ছান্দস] ১ জ্ঞান, উপলব্ধি, চেতন। ২ চৈতন্য, সংবিৎ। "চিচ্ছক্তি, চিন্মাত্র। সচ্চিদানন্দ বিগ্রহ (ত.বা)। সৎ-চিৎ-আনন্দময় ঈশ্বর-স্বরূপ চৈ.চ ১০৪। চিদানন্দ ভা.চ ১১১। —২ ব্য ['চিৎ'—অপি (ঋগ্বেদ ১.৫৫.১)] অসাকল্য। "কশ্চিৎ, কদাচিৎ।

চিৎ৩ বিং [হি, মৈ চিত ; ঠ, গু চীত—backed (in wrestling) ; তু 'চিত(ত্ত)র' (গো.চ)] ১ ঊর্দ্ধমুখ হইয়া শয়িত ; উত্তানশয়িত। "চিৎ ক'রে সে মামার বুকে দেই পা। —শি ৭৭। তোমার শত্রুরা রণক্ষেত্রে চিৎ ব.ঋ ৬১১। ২ (খেলায়) ভূমিলগ্নপৃষ্ঠ (কড়ি)। [চিতপাত—চিৎ হইয়া পতন। "পড়িল চিতপাত শ্রী.মা ১৯৫। ভা.চ ৪৯৫। চিতান—চিৎ হওয়া। চিৎসাঁতার—চিৎভাবে সন্তরণ।]

চিত১ বিণ √চি+ত(ক্ত)-র্ম্ম] ১ সংগৃহীত, সঞ্চিত, রাশীকৃত। ২ আচ্ছন্ন, ব্যাপ্ত, আকীর্ণ। "মুক্তাহেমচিতৌ (পয়োধরৌ) গো.রা ৩.৫২.২৪। স্বেদচিতাঙ্গ।—ঋতু ১.৭। অয়ঃশঙ্কু° (শতঘ্নী) রঘু ১২.৯৫। ৩ কৃতচয়ন। ৪ সম্পাদিত (ত.বা)। "কর্ম্ম°, পুণ্য°।

চিত২, **চীত**১ বি [সং চিত্র > প্রা চিত্ত > বা চী(চি)ত ; বৈষ্ণবসাহিত্য] ১ চিত্র। "চিত-পুতলি বি.প ১৯১। চিত-পুতলিসম গো ৬৫। জ্ঞা ৩১। চীতপুতলিসম দেহ (জ্ঞা) ; চীত-নলিনি : চীত-পুতলি (প.ক)। ২ চন্দনাদিরচিত চিত্র বা লেখা। "অগুরুরচিত, বাহু যুগ চিত ব ৬৫ ; (অঙ্গে) চন্দন ঘুসৃণ চিত ৬৬। ৩ বিচিত্র। "দরশনে ইহ চিত রঙ্গ (প.ক)। ৪ [প 'চিট্টা'—শ্বেত] গো-প্রভৃতির কপালে শ্বেত রোমচিহ্ন। "(তোর অর্থাৎ মহিষের) কপালে ত চিত চ.বি ১০৩। [চিত-কপালে—শ্বেতরোমচিহ্নযুক্ত (গোমহিষাদি)। চিতাওল—চিত্রিত করাইল (প.ক)।]

চিত৩, **চীত**২ বি [সং চিত্ত > প্রা চিত্ত > বা চী(চিত) ; হি চি(চী)ত ; মৈ চিত ; পদ্যে] ১ চিত্ত, মন। "হেন বুঝি চিতে চ.দা ৯ ; চমকে চীত

১০০। চমকরে চীত (প.ক)। উষা-পদে হিত-চিত ক.চ ৯; ১০; ১১। চিতচোর বা.দ ১০৬। ২ সর্থ 'চিৎ৩।

চিত(তু)ই বি [সং চিত্রাপুপ] আসকেপিঠে। "চিতুই কৃ৩৭৬।

চিতর বিং [চিত্র>(স্বরাগমে) °র] সর্থ 'চিৎ৩। "চিতর করিয়া ফেলাইয়া যমক নেদাবার লাগিল গো.চ ৩৪; ৬৪। ব.প ৭৮।

চি(চী)তল, -খল বি [সং চিত্রকল; হি চীতল—বিন্দুযুক্ত; ঠ চিতল. —রঘু; ড় চিতল.] ফলুইএর মত বিন্দুযুক্ত মৎস্যবিশেষ। "চিতল ক.চ ১৫৬। শ্রী ১৭৯। চিথল শি ৮৫। চীতল ভা.চ ১২৬। [°মুড়ো 'ভ'—চিতলমুড়ার মত 'ভ' এই বর্ণ।]

চিতা১ স্ত্রী [√চি+ত (ক্ত)-ধি, বাহুলকে+স্ত্রী আ (টাপ্)] যাহাতে অগ্নি চিত হয়; শবদাহার্থ অগ্ন্যাধার; চিলু। "গো.রা ৩.৭৩.৩৬। কু.স ৪.৩৫। চিতা চিন্তা দ্বয়োর্মধ্যে চিন্তা নাম গরীয়সী। চিতা দহতি নির্জীবং চিন্তা প্রাণৈঃ সমং বপুঃ॥ মৃত দেহ দাহ করে চিতার অনলে। সজীব শরীর সদা দহে চিন্তানলে॥ —শ্রী ৪। চিতাভিসায়ক শুভঙ্কর ভা.চ১৫৮। [চিতাধিরোহণ (ক্লী)—চিতারোহণ। "রঘু ৮.৫৭।]

চিতা২ বি [সং চিত্রক>প্রা চিত্তঅ>বা চী(চি)তা>°তা; হি চীতা; ঠ চিতা; গু চিত্ত; মৈ চিত্তা; চিতিয়াবাঘ (গো.চ ২৫৬)] ১ চিত্রকায় ব্যাঘ্রবিশেষ (leopard)। ২ চিতাগাছ। "বেড়া°, লাল°, শ্বেত°। ৩ তিলক, উল্কী। "ভালে চিতা যেন ফুল্ল কমলেতে অলি।—রঙ্গ ২০৬। ৪ [সং চিত্রা>প্রা চিত্তা>বা° তা] চিত্রকায় সর্পবিশেষ। —তি১ বি চিতাসাপ। "ক.চ ৬৩। [চিতি-কাঁকড়া—এক প্রকার ছোট চিত্রিত কাঁকড়া। চিতি বোড়া—চিত্রিত বোড়াসাপবিশেষ। "ভা.চ ১২৯।]

চিতি১ দ্র 'চিতা২।

চিতি২ স্ত্রী [√চি+তি (ক্তিন্)-ভা] ১ চয়ন, রাশীকরণ। ২ অগ্ন্যাদি-চয়ন-সংস্কারভেদ। ৩ সমূহ, চয়, রাশি। ৪ [+তি-ধি] চিতা। ৫ অগ্নিচয়নাধার ইষ্টকাভেদ (ত.বা)। ৬ সমচতুষ্কোণ আয়তক্ষেত্র (A.) ৭ [√চায়্+তি-র্ম] দুর্গা। ৮ চিৎ, চৈতন্য। —তিকা স্ত্রী [°তি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'চিতি২ (৪)। "পঞ্চ ৩.১২৯। ২ কটিশৃঙ্খলা।

চিতুই; চিতেন দ্র 'চিতই; কবি২।

চি(চী)ৎকার পুং [চিৎ কার, কর্ম্মধা, দীর্ঘ, পুষো] ১ 'চিৎ'-শব্দকরণ, পশুরব, গর্দ্দভশব্দ, হস্তিগর্জ্জন। "স বিষীদতি চিৎকারাৎ তাড়িতো গর্দ্দভো যথা।—হি ২.২৯। ন হি করিণি দৃষ্টে চি(চী)ৎকারেণ তমনুমি-মতেঽনুমাতারঃ।—বাচস্পতি মিশ্র। চিৎকার শবদে…পরাণ তেজিল হস্তী শ্রী.মা ১১১। (সিংহের) চিৎকারে চিৎকার (অর্থাৎ চিৎ) হয়ে পড়ে কত পশু বা.দ ৯১। ২ (বাংলায়) উচ্চ রব; মহাশব্দ। "(কীচক) গন্ধর্ব্বমারণে মরে করিয়া চিৎকার ম.বি ১৮৯। নিশাচর গৃধ্র সবে করিতেছে অশুভ চিৎকার কা ১০। [°শব্দ (পুং)—চিৎকার।]

চিত্ত১ বিণ [√চিৎ+ত (ক্ত)-র্ম; ছান্দস] ১ সংজ্ঞাত, জ্ঞাত। ২ জ্ঞাতা (ত.বা)। —ত্ত ক্লী [+ত-ণ, বাহুলকে] ১ 'জ্ঞানসাধন', মনঃ, মানস। "ভীত°, হৃষ্ট°। নরচিত্তপ্রমাথিভিঃ রা ১.১০.৪। যত°গী ৪.২১। শোকোন্মথিত° মহা ৩.৬২.৮। কবির চিত্ত-ফুলবনমধু।—মে ৩। ২ অনুসন্ধানাত্মিকা অন্তঃকরণবৃত্তি (বেদান্তসার)। ৩ সঙ্কল্প। "অনেক-চিত্তবিভ্রান্ত।—গী ১৬.১৬। ৪ বিচারশক্তি, বিবেক (A.)। [°চাঞ্চল্য (বি)—চিত্তক্ষোভ। "সী ৪০। °জ, °জন্মা (-ন্মন্) (পুং)—মনোজ, কাম। °জ্ঞ (বিণ)—মনোগতবেত্তা; আশয়াভিজ্ঞ। °নাশ (পুং)—বিবেকহানি। °প্রশম (পুং)—চিত্তশান্তি। °প্রসন্নতা (স্ত্রী)—হর্ষ। °প্রসাদন (ক্লী)—চিত্তের প্রসন্নতাকরণ; মৈত্র্যাদিভাবনাজন্য চিত্তসংস্কারভেদ। °বিক্ষেপ (পুং)—চিত্তের অপ্রকৃতিস্থতা। "পা ৩.২.১১৩, সি। °বিপ্লব, °বিভ্রম (পুং)—চিত্তের অনবস্থান; উন্মাদরোগ (অ.চি)। °বিশ্রাম (বি)—বিশ্রামভবন। "রাজা চিত্তবিশ্রামে চলিয়া গেলেন ব.প্র ৫১৯। °বৈকল্য (বি)—চিত্তবিকার। "সী ৩৮। °ভূ, °যোনি (পুং)—মনোজ, কাম। "°যোনি রঘু ১৯.৪৬। °রাগ (পুং)—চিত্তাসক্তি, অনুরাগ। °সমুন্নতি (স্ত্রী)—মান (অ.কো)। °হারী (-রিন্)—মনোহর।]

চিত্ত২ বি [সং চিত্র>লি, প্রা চিত্ত; অপ্র] চিত্র, ছবি। "চিত্তের পুতলি ম ১২১৬। চিত্তপুতুলি শ্রী ৭১। শ্রী.মা ২১১,-৩।

চিত্তচোর বি ১ চিত্তাপহারক, সুভগা, সুন্দর। "(লহনা) যদি হবে স্বামীর চিত্তচোর।—ক.চ ১৩৭। ২ মনোহর। "চিত্তচোর চরণে নূপুর শ্রী ৩।

চিত্তবৃত্তি স্ত্রী [ষ.ত] ১ চিত্তের বৃত্তি, অর্থাৎ প্রমাণাদি পঞ্চ (পা.দ ১.৬)। "যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ পা.দ ১.২। ২ চিত্তের বিষয়গ্রহণ-প্রবৃত্তি; মনোধর্ম্ম। "রাগবন্ধচিত্তবৃত্তিঃ…রঙ্গঃ শ ১½।

চিত্তর বিং [চিত্র >(স্বরাগমে) °র; অপ্র] চিৎ। "হীরা নটিক ধর চিত্তর করিয়া গো.চ ২৮৮। —ত্তির বিং [চিত্র >°র] চিত্রিত। "চিত্তির-করা হাঁড়ি হ ২২।

চিত্তান্তর বিং অন্যবিধ চিত্ত; অশান্ত। "কদাচিত চিত্তান্তর নহে দ্বিজবর ম ১০৬১।

চিত্তাভোগ পুং [ষ.ত] একবিষয়ে চিত্ততৎপরতা (অ.টী)।

চিত্য বিণ [√চি+য (ক্যপ্)-র্ম; স্ত্রী -ত্যা] ১ চয়নীয় (অগ্নি)। "চিত্যোঽগ্নিঃ পা ৩.১.১৩২, সি। ২ [চিতা+য (যৎ)] চিতাভব (পুষ্পাদি)। "রা ১.৫৮.১১। —ত্য [+য-ধি] ক্লী ১ চিতা। ২ চৈত্য, স্তূপ (monument)। —ত্যা স্ত্রী চিতা (অ.কো)।

চিত্র১ সক [অদন্ত চু, প—চিত্রয়তি; সেট্] ১ আলেখ্য, চিত্রীকরণ। "চিত্রয়তি প্রতিমাং লোকঃ (ক.ক)। ২ ক্ষণিক দর্শন। "চিত্রয়তি রাহুং লোকঃ (ক.ক)। —ত্র অক অদ্ভুত, আশ্চর্য্যান্বিত হওয়া। "চিত্রয়তি লোকঃ (ক.ক)। [চিত্রিলে—চিত্রিত করিলে। "যেই কাল রঙ্গে সবে চিত্রিলে নবাবে ন ৪৩২।]

চিত্র২ বিণ [√চিত্র+অ (অচ্)-ক; √চি+ক্র (উ ৪.১৬৩); স্ত্রী -ত্রা; ছান্দস] ১ অদ্ভুত, অপূর্ব্ব। "কিমত্র চিত্রং যদি কামসূর্ভূঃ রঘু ৫.৩৩। এ সব কথা কিছু চিত্র নয় ম ৫৯০। ২ নানাবর্ণযুক্ত, শবল। "মৃগঃ…চিত্রো রজতবিন্দুভিঃ রা ৩.৩৬.১৮। কাঞ্চন চিত্রকার্ম্মুক; রথ° (রথ)।—রা (S.W.)। পুষ্পং চিত্রম্ যাজ্ঞ ১.২৮৮। মাঘ ১.৮। ৩ মধুর। "বক্তা…চিত্রকথঃ শু ৩.৫৬। °স্বনৈঃ পত্ররথৈঃ ভ ১.৬.১৩। °গন্ধ ক.চ ২৪০। ৪ আশ্চর্য্যজনক কৌতুককর। "চিত্রং সংক্রীড়-মানাস্তাঃ ক্রীড়নৈঃ গো.রা ১.৯.১৩। চিত্রা কথা মা.মা ১.৪। °কথালাপ (হি)। ৫ উজ্জ্বল, ভাস্বর। "°ধাতুবিচিত্রাদ্রি ভ ১.৬.১২। ৬ উদ্বেগ-কর। "চিত্রৈর্ব্বধোপায়ৈঃ মনু ৯.২৪৮। —ত্র পুং ১ নানাবর্ণ, কর্ব্বুরবর্ণ। ২ সর্পবিশেষ, চিতাসাপ। ৩ যমবিশেষ, চিত্রগুপ্ত (যমতর্পণ)। ৪ চিত্রক, চিতাগাছ। ৫ অশোক। ৬ এরণ্ড বৃক্ষ। —ত্র ক্লী ১ আশ্চর্য্য, অদ্ভুত। "বাক্যমপ্রতিরূপং তু ন চিত্রং স্ত্রীষু রা ৩.৪৫.২৯। ন বা ইদং …চিত্রম্ ভ ১.১৯.২০। ২ আলেখ্য, ছবি। "শ ২.৮। এই চিত্র অতি ভয়ঙ্কর ন ৪৩২। কি চমৎকার চিত্র করিয়াছে সী ৭। ৩ বিচিত্র বর্ণন (A.)। ৪ তিলক। ৫ আকাশ। ৬ শ্বেত কুষ্ঠ। ৭ চিহ্ন, দাগ। ৮ ছন্দোবিশেষ। ৯ শব্দালঙ্কারবিশেষ;—পদ্মবন্ধ, চক্রবন্ধ, মুরজবন্ধ ইত্যাদি। (দ্র 'মাঘ ২১তম সর্গ)। "সা.দ ১০.১৩। কা.প্র ৯.৮৫। —ত্রা স্ত্রী [ত্র+স্ত্রী আ (টাপ্)] ১ মায়া। ২ চিতাসাপ। ৩ নক্ষত্র-বিশেষ। "রঘু ১.৪৬। [এই নক্ষত্রে জন্মিলে নর মহাপ্রতাপ নীতিশাস্ত্র-জ্ঞ বিচিত্রবাসা ও শাস্ত্রে বিচিত্রবুদ্ধি হয়।] ৪ মঞ্জিষ্ঠা। ৫ অপ্সরো-বিশেষ। ৬ (তন্ত্রে) নাড়ীবিশেষ। "শ্রী.ম ৩০০। [ইহা সুষুম্নানাড়ীর মধ্যস্থিত মৃণালতন্তুসদৃশ।] ৭ ছন্দোবিশেষ। ৮ নদীবিশেষ। [°ক

(পুং)—কপোত। °কম্বল (পুং)—বিবিধবর্ণ কম্বল—গালিচা-প্রভৃতি, হস্তীর আস্তরণ। °কাব্য (ক্লী)—কাব্যবিশেষ। দ্র 'চিত্র২ (৯)'। °কূট (পুং)—বুন্দেলখণ্ডস্থিত পর্ব্বতবিশেষ; রামগিরি। "°বন রঘু ১২.১৫। °যায়িনি বর্ত্মনি উ.চ ১২৪। সী ৯। °গ, °গত (বিণ)—চিত্রপ্রাপ্ত, চিত্রার্পিত, চিত্রিত। °গন্ধ (ক্লী)—হরিতাল। °তণ্ডুল (ক্লী), -লা (স্ত্রী)—বিড়ঙ্গ। °নেত্রা, °লোচনা (স্ত্রী)—সারিকা। °ন্যস্ত (বিণ)—চিত্রলিখিত। "কু.স ২.২৪। °পট, -ট্ট (পুং)—রঞ্জিত বস্ত্র; চিত্রযুক্ত বস্ত্র; আলেখ্য। "°পট সী ১১। °পাটি (বি)—বারাণ্ডার খুঁটির মাথার লগ্ন রঞ্জিত কাষ্ঠপট্ট (পা'ড়)। "শ্রী ২০২। °পিচ্ছক (পুং)—ময়ূর। °পুঙ্খ (পুং)—বাণ। °পুত্তলি, -লী, -লিকা (বি)—চিত্রস্থিত মূর্ত্তি; ছবি। °তলি শ্রী.মা ৪৭। °লিকা ম ৩৫২; রঙ্গ ১০৮। °ফলক (পুং)—১ চিত্রাঙ্কণার্থ কাষ্ঠফলকাধার। ২ চিতল মাছ। °বর্হ (পুং) ময়ূর। °বাঘিনী (বি)—স্ত্রীজাতি চিতাবাঘ। "মে ৯৩। °বিচিত্র (বিণ)—১ নানাবর্ণ, শবল। "চিত্রবিচিত্র খেলাত ব.প ১৬৮৪। ২ (বাঙলায়) অদ্ভুত-কৌতুককর। "চিত্রবিচিত্র কথন।—ম ৩। °বিদ্যা (স্ত্রী)—চিত্রকলা। °বৃত্তি (স্ত্রী)—অদ্ভুত কার্য্য। °ভূত (বিণ)—চিত্রসদৃশ, চিত্রগত। °মৃগ (পুং)—বিন্দুযুক্ত মৃগভেদ। °ল (বিণ)—চিত্রযুক্ত, নানাবর্ণ, কর্ব্বুর। °লতা (স্ত্রী)—মঞ্জিষ্ঠা। °লিখিত (বিণ)—চিত্রন্যস্ত, চিত্রার্পিত। °লেখক (পুং)—চিত্রকর। °লেখনিকা, -নী (স্ত্রী)—চিত্রার্থ তূলিকা। °শাল (ক্লী), -লা (স্ত্রী)—চিত্রলেখনার্থ গৃহ (studio); জালিনী (অ.চি)। °শালিকা (বি)—চিত্ররক্ষার্থ গৃহ। "বিচিত্র চিত্রশোভিত চিত্রশালিকা।—কাদ ২৯। °শিখণ্ডী (-ণ্ডিন্) পুং—'চিত্রশিখণ্ডবান্', মরীচি প্রভৃতি সপ্তর্ষি। °সংস্থ (বিণ)—চিত্রস্থিত। °সেন (পুং)—গন্ধর্ব্বরাজবিশেষ। [ইঁহার সহিত যুদ্ধে দুর্য্যোধনাদি পরাজিত ও বদ্ধ হন। দ্র 'ঘোষযাত্রাপর্ব্ব ২৩৯-২৪৩তম অধ্যায়]। °হস্ত (পুং)—হস্তের অতিবেগে আকুঞ্চন প্রসারণ ঊর্দ্ধাধশ্চালন মুষ্টীকরণ (নীলকণ্ঠ)। "মহা ২.২৩.১৩।]

চিত্রক পুং [চিত্র+ক (কন্) স্বার্থে] ১ ব্যাঘ্রবিশেষ, চিতাবাঘ। "পঞ্চ ১৩২৩৪। ২ চিতাগাছ। "সুশ্রুত ১.৩৬.১২। ৩ এরণ্ডবৃক্ষ। ৪ মুচুকুন্দবৃক্ষ (ভাবপ্রকাশ)। ৫ [√চিত্র+অক (ণ্বুল্)-ক] চিত্রকর। ৬ শূর। —ক ক্লী ১ তিলক। ২ চিত্রীকরণ, আলেখন। "°স্থান হ ১২৫.৩০।

চিত্রক(কা)র, -কৃৎ পুং [ষ.ত; চিত্র+√কৃ+অ (অণ্), +ক্বিপ্ (০),-ক; উ.ত] 'চিত্রকারক', রঙ্গাজীব, পটুয়া। [ইহারা বিশ্বকর্ম্মার ঔরসে শূদ্রাগর্ভজাত বর্ণসঙ্করবিশেষ।]

চিত্রকর্ম্মা(-র্ম্মন্) বিণ [বহুব্রী; স্ত্রী -র্ম্মা] অদ্ভুতকার্য্যকারক। —কর্ম্মা পুং ১ চিত্রকর। ২ ঐন্দ্রজালিক, মায়িক। ৩ তিনিশবৃক্ষ। —র্ম্ম ক্লী [কর্ম্মধা] ১ অদ্ভুত কার্য্য। ২ [ষ.ত] চিত্রের কার্য্য; আলেখনকর্ম্ম, চিত্রাঙ্কন। "°বিং। ৩ চিত্র, ছবি। ৪ ইন্দ্রজাল, মায়াবিদ্যা।

চিত্রগুপ্ত পুং [বহুব্রী] ১ যাহার কর্ম্মরক্ষণ বিচিত্র; চতুর্দ্দশ যমের একতম। "চিত্রগুপ্তায় বৈ নমঃ (যমতর্পণ)। ২ যমের লেখক (মেদিনী)। "লেখনী দক্ষিণ হস্তে তালপত্র বামে। জাতিয়ে কায়স্থ হৈল চিত্রগুপ্ত নামে॥—ম ২১৬। ঐ যে চিত্রগুপ্ত বড় শক্ত, যা করেছি তাই লিখেছে।—রামপ্রসাদ। চিত্রকার্য্যে চিত্রগুপ্ত—পীঁড়িতে আলপনা।—হেম ৩৯০।

চিত্রজল্প পুং [কর্ম্মধা] নানাভাববৈচিত্র্যযুক্ত চমৎকারজনক বাক্যবিশেষ। [চিত্রজল্প দশপ্রকার;—প্রজল্প পরিজল্পিত বিজল্প উজ্জল্প সংজল্প অবজল্প অভিজল্পিত আজল্প প্রতিজল্প ও সুজল্প (উজ্জ্বলনীলমণি)।]

চিত্রভানু পুং [বহুব্রী; '°নু'—বিচিত্রদীপ্তিযুক্ত (অগ্নি)।—ঋগ্বেদ ২.২৭.৬] ১ 'বিচিত্রকিরণ', অগ্নি। "গো.রা ৫.৭.৬২। মহা ১.৫২.৫। ম ২৩৭,-৯৯। ভালে চিত্রভানু মে ৬৩। ২ সূর্য্য। ৩ চিত্রকবৃক্ষ। ৪ অর্কবৃক্ষ। ৫ ভৈরব। ৬ (দ্বিব) অশ্বিনীকুমারদ্বয়। ৭ বৃহস্পতির ষষ্টিবর্ষের ষোড়শ বর্ষ।

চিত্রযোধী (-ধিন্) বিণ [চিত্র+√যুধ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] বিচিত্রযুদ্ধকারী, যুদ্ধবিদ্যাবিৎ। "দ্রোণঃ...চিত্রযোধী মহা ১.১.১৮৮। —যোধী পুং অর্জ্জুন।

চিত্ররথ পুং [বহুব্রী; '°রথ'—উজ্জ্বলরথ (অগ্নি—ঋগ্বেদ)] ১ 'নানাবর্ণ-রথ', সূর্য্য। ২ গন্ধর্ব্বরাজবিশেষ। "গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ গী ১০.২৬। [ইঁহার মাতা দক্ষকন্যা মুনি, পিতা কশ্যপ (মহা ১.৬৫.৪৩)। দ্রুপদ-নগরে গমনকালে অর্জ্জুনের সহিত ইঁহার যে যুদ্ধ হয়, তাহাতে ইনি পরাজিত ও বন্দীকৃত হন এবং 'অঙ্গারপর্ণ নাম' ত্যাগ করিয়া 'দগ্ধরথ' নাম গ্রহণ করেন।—ইঁহার ইন্দ্র দত্ত নাম 'চিত্ররথ' (মহা ১.১৭০তম অধ্যায়)।]

চিত্রলেখ বিণ [চিত্রা লেখা যাহার, বহুব্রী] মনোরমরেখাকৃতি। "চিত্রলেখে ভ্রুবৌ গী.গো ১০.১৫। —লেখা স্ত্রী 'বিচিত্রচিত্রলেখনা', বাণকন্যা ঊষার সখী। দ্র 'অনিরুদ্ধ'।

চিত্রাঙ্গ বিণ [বহুব্রী; স্ত্রী -ঙ্গা, -ঙ্গী] বিচিত্রকায়, শবলদেহ। —ঙ্গ পুং ১ চিত্রকবৃক্ষ; রক্তচিত্রক। ২ চিতাসাপ। —ঙ্গ ক্লী ১ হিঙ্গুল। ২ হরিতাল। —ঙ্গী স্ত্রী মঞ্জিষ্ঠা।

চিত্রাঙ্গদ পুং ১ সত্যবতীর গর্ভজাত শান্তনুপুত্র। [ইনি ভীষ্মের বৈমাত্রেয় ভ্রাতা, বিচিত্রবীর্য্যের সহোদর। চিত্ররথের মায়াবলে কুরু-ক্ষেত্রে ইনি নিহত হন (মহা ১.১০১তম অধ্যায়)।] ২ গন্ধর্ব্ববিশেষ। —ঙ্গদা স্ত্রী ১ মণিপুররাজ চিত্রবাহনের কন্যা অর্জ্জুনের পত্নী ও বভ্রু-বাহনের মাতা। "মহা ১.২১৮.২৩, -৪। ২ বীরবাহুর জননী। "কৃ ২৯৪। মে ১৯। ৩ অপ্সরোভেদ।

চিত্রাপূপ পুং [চিত্র অপূপ, কর্ম্মধা] পিষ্টকভেদ, চিতুই পিঠা।

চিত্রারম্ভ পুং [উ.লো] ১ চিত্রলিখিত পুত্তলিকাদি। ২ [ষ.ত] চিত্রের বাহ্যলেখ (outline)।

চিত্রার্পিত বিণ [স.ত] চিত্রলিখিত, চিত্রস্থ। "রঘু ২.৩১।

চিত্রিণী স্ত্রী [চিত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্); তু 'চিত্রাণী' (ব.প ৫৬১), চিন্তিনি (গো চ ৭৬), চিন্তনি (ম.গা ৩; ৪)] 'চিত্র-গুণযুক্ত', চতুর্ব্বিধ নারীর দ্বিতীয়প্রকার নারী। 'ভবতি রতিরসজ্ঞা নাতিখর্ব্বা চ দীর্ঘা, তিলকুসুমসুনাসা স্নিগ্ধনীলোৎপলাক্ষী। ঘনকঠিন-কুচাঢ্যা সুন্দরী বদ্ধশীলা, সকলগুণসমেতা চিত্রিণী চিত্রবক্ত্রা—রসমঞ্জরী। "ভা.চ ৭২২। ম.পা ১৩৫। —ত্রী (-ত্রিন্) বিণ চিত্রযুক্ত।

চিত্রিত বিণ [√চিত্রি+ত(ক্ত)-র্ম্ম] ১ চিত্রীকৃত, আলিখিত। ২ নানাবর্ণ-রঞ্জিত, শবলীকৃত। "(পৃষতাঃ) কুসুমৈরিব চিত্রিতাঃ রা ২.৯৩.১৯। ময়ূরাশিচত্রিতা যেন হি ১.১৮৯।

চিত্রীকরণ ক্লী [চিত্র+অভূততদ্ভাবে চ্বি (০)+√কৃ+অন (ল্যুট্)-ভা] চিত্রাঙ্কন, আলেখন; শবলীকরণ। —কৃত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] আলিখিত; শবলীকৃত।

চিত্রোক্তি স্ত্রী [কর্ম্মধা] ১ অদ্ভুত কথন। ২ আকাশবাণী।

চিৎস্বরূপ বিণ [বহুব্রী] চৈতন্যস্বরূপ। —প ক্লী পরমাত্মা।

চিদংশ পুং [ষ.ত] চৈতন্যাংশ, জ্ঞানরূপ। "চিদংশে 'সংবিৎ', যারে 'জ্ঞান' করি মানি চৈ.চ ১৪।

চিদম্বর ক্লী [কর্ম্মধা] চিদ্রূপ বা চৈতন্যরূপ আকাশ। "হের চিদম্বরে মঙ্গলে সুন্দরে।—রবীন্দ্র।

চিদাকাশ বি সর্থ 'চিদম্বর'। "কারো চিদাকাশে সদা বোধেন্দু বিকাশে স.শ ৩৩।

চিদাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] চিৎ যাহার দেহ; চৈতন্যস্বরূপ, চিন্ময়। "ভগবতোহস্বরূপস্য চিদাত্মনঃ ভ ১.৩.৩০।

চিদানন্দ বি চিন্ময় শিব। "চেত ডাকে চিদানন্দ ভা.চ ১১১।

চিদাভাস পুং [ষ.ত] চৈতন্যের প্রতিবিম্ব ; চিৎপ্রতিবিম্বরূপ জীবাত্মা। [°সা (অপ্র) বিং—চিৎপ্রতিবিম্বস্বরূপা। "দু ১৭।]

চিদ্ঘন বিণ [বহুব্রী] চৈতন্যদেহ, চিন্ময়। —ঘন পুং পরাত্মা।

চিদ্রূপ বিণ [বহুব্রী] ১ চিৎস্বরূপ, জ্ঞানময়। ২ হৃদয়ালু, মহামনাঃ (অ.চি)। ৩ স্ফূর্ত্তিমান্ (ত.বা)। —প ক্লী আত্মা, ব্রহ্ম।

চিন[১], চীন[১] বি [সং চিহ্ন > লি চিন্‌হ, প্রা চিণ্‌হ > বা চী(চি)ন ; হি চীন্‌হ, -হা ; ঠ চিন্‌হ ; প চিহন্ ; সি চিহ্নু ; বিহারী—'চীন' ; নেপালী —'চীংন্থ'] ১ চিহ্ন, দাগ। "রতি চীন বি.প ১২২। লেজের চিন কৃ ২৪৯। চিন ম ৫৮৭ ; রাজচীন ৯৬৬। পদ-চিন ব.প ৫৯৪। ২ লক্ষণ। "আজি হৈতে সম্পদের চিন ক.চ ৬৫। দুঃখ ঘোচে কালুয়ার হেন দেখি চিন ম.ম ১০১। ৩ দাগ, ছাবা। "গায়ে নানা তীর্থ-চীন ক.চ ৮৭। ৪ সৃষ্টির লক্ষণ। "নহি ছিল বন্ন চিন শূ ১। ৫ বিশেষ বা ভেদ-কারক লক্ষণ। "দিবারাত্রি নাহি চিন গো.চ ৪৮০। ৬ নিদর্শনার্থ পুরস্কার। "সোনা দিয়া খুর বান্দিব মানিক দিব চিন গো ৫ ১৬১।

চিন[২] সর্ম্ম [চিন[১] > √চিন ; হি √চীন্‌হ ; মৈ √ চি(চী)ন্‌হ ; গু √চিন] ১ চিহ্নে বা লক্ষণে জানা ; চেনা। "হয় নয় চিন মিত্র সীতার ভূষণ কৃ ১৫৩। কতবার দেখিয়াছ নাহি চিন কেনে ম ২৮৯ ; ১২৭৫। চিন কি না চিন গো বি ১০২,-৩। না চিনসি মোক অ.প ১১০। আমা নাহি চিন ঝিএ ক.চ ১৪৮। পর কি পর পারে চিনিতে, আপনার হইলেই চিনিতে ব.প ১৫৮২। ২ পরমার্থভাবে জানা ; স্বরূপে জানা। "ব্রাহ্মণেরে নাহি চিন মত্ত দুরাচার ম ২৪। (বৈকুণ্ঠ-নায়ক) ক্রীড়া করে, চিনিতে না পারে কোন দাসে চৈ.ভা ৭৩। ৩ দুই-এর প্রভেদপূর্ব্বক জানা। "ধান্য খড় নাহি চিনে চাঁদ অধিকারী ম.ভা ১৭। অন্য লোকে ভুরা দেয় ভাগ্যে আমি চিনি ভা.চ ২৮৬। ৪ আপনার অবস্থাদি বা স্বরূপ জানা। "আপনা চিনহ কাহ্নাঞি ছাড় মোর আশে শ্রী.কী ৭২। আপনা চিনিঞা তারে পাঠাহ কাঞ্চন কৃ.উ ১৫৪। —না সর্ম্ম [চিন[২] + আ[৮]] পরিচিত করান ; জানান, চেনান। "হনু-মন্তে চিনহিল কুমার লক্ষ্মণ ব প ৫৭৮। অর্জ্জুন চিনাইল ম.বি ২১৭। [চিনন—প্রভেদ জানা ; চিনা। "ম গা ৪। চি(চে)না[২]—১ সর্থ চিনা'। ২ পরিচিত, জানিত (লোক, মুখ)। চি(চে)না-চিনি—পরস্পর পরিচয়। "অনেকের সঙ্গে চেনাচিনি, করিতে হবে লুচি-চিনি দা ৯৮২। চি(চে)নান—সর্থ 'চিনা'। চিনা, চেন্না (হি চিন্‌হা ; মৈ চেন্‌হ) —চিহ্ন, দাগ (mark)। "চেয়ে দেখ চরে দিয়া চিনা শ্রী ১৩২। অঙ্গুলির চিনাগুলি ব.প ১১০৮। চেনাশোনা—আলাপ-পরিচয়। "চেনাশোনার খেলাধুলা প.কা ৪।]

চিনচিন 'নি' [ঝিনঝিন > °ন] ১ দুর্ব্বলতা-বোধ। "ক্ষুধায় গা চিন-চিন করে। ২ অল্পবেদনা-বোধ। "চিনচিন করি ব্যথা জঠরে জন্মিল বা.ম ২১৬।

চিনা[১], চীনা[১] বি [সং চীন, -ক > প্রা চীণ, -অ > বা °না ; তু 'প্রা চীণ' —ছোট (প্রা.ম) ; তামিল, তেলেগু 'চিন্না'—ক্ষুদ্র (H.B. 64) ; হি, মৈ চীন] ক্ষুদ্র ধান্যবিশেষ। "যদি বর্ষে ফাগুনে। চিনা কাউন দ্বিগুণে ॥—খনা। ব.প ১৪। ক.চ ২৪৬।

চিনা[২] দ্র 'চিন[২]'।

চিনাজোঁক বি [সং তৃণজলৌকা ; তু 'চিন্না—ক্ষুদ্র (দ্র 'চিনা')] তৃণস্থিত জলৌকাবিশেষ : ছিনেজোঁক।

চিনি, -নী বি ['চীনীয়'—মূল (?) ; হি চীনী ; ঠ চিনী (from China) ; গু চীনী—চীনদেশীয় ; thang (Chinese)—৬২০ খৃষ্টাব্দে চীনদেশে চিনি প্রস্তুত হয়] শর্করা। "চিনি গো.চ ৫৪। খণ্ড চিনী ক.চ ২৬। চিনি হওয়া ভাল নয় মা, চিনি খেতে ভালবাসি। —রামপ্রসাদ। চিনি ভা.চ ২৮৬। যতদিন নির্ব্বাণ না হয়, কদাপি চিনি হইব ভাবিয়া তৃপ্ত হইতে পারিবে না। অবশ্যই চিনি খাইবার ইচ্ছা থাকিবে পা.প্র ১৯। [°কাটালী—মিষ্ট কদলীবিশেষ। °চাঁপা—মিষ্ট চাঁপাকলা। "শ্রী মা ৯৯। ম.ভা ৪৫। °পাক—চিনির রসে পাক। "চিনি-পাকে লাড়ু কৈল চৈ.চ ৩১২। °পাতা—চিনি দিয়া করা (দই)।]

চিনিচিনি বি [ধ্বন্যাত্মক] তত যন্ত্রের মৃদুকোমল ধ্বনি। "রবাব চিনিচিনি ক.চ ২৪২।

চিনী দ্র 'চিনি'।

চিন্ত্ সক [চু. প—চিন্তয়তি ; সেট্] চিন্তা, স্মৃতি। [পরি, বি, সম্ —একান্ত চিন্তা ; ধ্যান।]

চিন্ত সর্ম্ম [সং √চিন্ত্ > প্রা √চিংত ; হি, গু √চিংত ; চিন্তই, চিন্তজ্জই (দো)] ১ চিন্তা করা, ভাবা। "জো চিন্তই তত্ত দো ৯৬। চিন্ত উপাএ শ্রী.কী ১৭। বিবাহের কার্য্য মনে চিন্তে চৈ ভা ৭৩। ২ চিন্তা করিয়া স্থির করা। "পক্ষী…চিন্তিল আগে দিশা শ্রী ২৪৬। ৩ (অপ্র) আলোচনা করা ; চর্চ্চা করা, বুঝা। "আপনি চিন্তয়ে পুঁথি চৈ.ভা ৭২,-৩। ৪ ধ্যান করা ; একমনে ভাবা। "চিন্তিতে…একচিত্তে দেবরাজ, তনু হইতে হইল প্রকৃতি ক.চ ৮। ৫ বোধ করা। "চিন্তিলেন গোঁসাই, আপনারে অশক্ত সমান ক.চ ৮। ৬ স্মরণ করা। —ন্তা সর্ম্ম [°ন্ত + আ[৮]] চিন্তা করান ; আলোচনা করান, ভাবান। "পড়িয়া বৈসেন প্রভু পুঁথি চিন্তাইতে চৈ.ভা ৭২। [চিন্তিআঁ, -এঁ।, চিন্তিলো, চিন্তিবোঁ, চিন্তো (শ্রী.কী)। চিন্তায়েন—ভাবান (চৈ.ভা)।]

চিন্তক বিণ [√চিন্তি + অক (ণ্বুল্)-ক] ১ চিন্তয়িতা, ভাবক। "দৈব°, ধর্ম্ম°, শাস্ত্র°। ২ আলোচক, দ্রষ্টা। "সর্ব্বার্থ° মনু ৭ ১২১। —ন্তন ক্লী, -না স্ত্রী [+ অন (ল্যুট্, যুচ্)-ভা + স্ত্রী আ (টাপ্)] ১ ভাবনা, চিন্তা ; আলোচনা। "একচিন্তনমর্থানাম্ মহা ২.৫.১০৮। ভূভার° ক.সা ৯ ১২। ২ অনুধ্যান, স্মরণ। "তদাহং চিন্তনং জ্ঞাত্বা গতবাংস্তস্য দর্শনম্ (মহা)। ৩ আকাঙ্ক্ষা। "মনসানিষ্টচিন্তনম্ মনু ১২ ৫। ৪ চিন্তা, উৎকণ্ঠা। —ন্তনীয়, -ন্তয়িতব্য বিণ [+ অনীয় (অনীয়র্), + তব্য,-র্ম্ম] ভাবনীয়, ধ্যেয় ; বিচার্য্য। —ন্তা স্ত্রী [+ অ (অঙ্) -ভা + স্ত্রী আ (টাপ্)] ১ ভাবনা, উদ্বেগ। "চিন্তয়াবিষ্ট রা ১.৫৫.৮। চিন্তাচক্রমারূঢ (পঞ্চ)। পুত্রীতি জাতা মহতীহ চিন্তা।—পঞ্চ ১.২২২। চিন্তাজড়ং দর্শনম্ শ ৪ ৬। চিন্তানল।—শ্রী ৪। °বিষ।—হেম ১। চিন্তাবান্ ভা.চ ৫৫। ২ অনুধ্যান। ৩ বিমর্শ, বিচার। "আশান্তচিন্তা-স্তিমিত কু.স ৭.৮৭। ৪ (অলঙ্কারে) ব্যভিচারিভাববিশেষ। 'সা.দ ৩.১৭১। —ন্তিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] ১ ভাবিত ; আলোচিত। ২ বিচারিত, বিচারপূর্ব্বক নির্ণীত। "সুচিন্তিতমৌষধম্ হি ১.১৮০। ৩ [চিন্তা + ইত (ইতচ্)] জাতচিন্ত, চিন্তান্বিত। ৪ [+ ত-ভা] চিন্তা। —ন্ত্য বিণ [+ য (যৎ)-র্ম্ম] ১ ভাবনীয়, ধ্যেয়, অচিন্ত্য। "কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোঽসি ভগবন্ ময়া গী ১০.১৭। ৩ বিচার্য্য, বিবেচ্য। "ধর্ম্মশ্চিন্ত্য-তমো মতঃ মহা ১৩.৪৪.২।

চিন্তনীয়, চিন্তয়িতব্য ; চিন্তা দ্র 'চিন্তক'।

চিন্তাবেশ্ম (-শ্মন্) ক্লী [উ.লো] চিন্তনার্থ গৃহ ; মন্ত্রণাগার।

চিন্তামণি পুং [উ.লো] ১ চিন্তিতার্থপ্রদ কাল্পনিক মণিবিশেষ। "কাচমূল্যেন বিক্রীতো হন্ত চিন্তামণির্ময়া।—ভর্ত্তৃহরি। সীতা চিন্তামণি কৃ ১৪৭। চিন্তামণি নাশ কৈলে কাচের বদলে ক চ ১২০। চিন্তামণিময় ভূমি।—গ ৬ ; ৭। চিন্তামণি ছাড়ি দিলে গলে সর্পহার অ.প ১২২। চিন্তামণি বেশ্যার সে বাক্য-চিন্তামণি ভ.প্র ১৯৯। চিন্তামণি ভূমি চৈ.চ ২২ ; চিন্তামণিগণ দাসীচরণভূষণ ১৬৩। °বেদী ভা.চ ১৬২। ২ (সাদৃশ্যে) অভীষ্টার্থ-দাতা। "সামর্থ্যসম্পাদিতবাঞ্ছিতার্থশ্চিন্তামণিঃ স্যান্ ন কথং হনুমান্ ভট্টি ১০.৩৫। ৩ স্পর্শমণি (Philosopher's stone)।

"যথা চিন্তামণিং স্পৃষ্ট্বা লৌহং কাঞ্চনতাং ভজেৎ।—পদ্মপুরাণ। ৪ ব্রহ্ম। ৫ অশ্ববিশেষ। ৬ সর্ব্বকামদ পরমেশ্বর। "চিন্তামণি তবে, চিন্তিত বৈভবে, সৃষ্টি সৃজিবার জন্যে শ্রী.মা ৯। ৭ (বাঙলায়) পুজ্যমাত্র। "যাইব চল যথায় শিবিরে. চিন্তাকুল চিন্তামণি দাসের বিহনে মে ২১১।

চিন্তাযজ্ঞ পুং [তৃ.ত] চিন্তাসাধ্য যজ্ঞ; মানসযজ্ঞ, অর্থাৎ সঙ্কল্পমাত্রে দেব-ঋষিগণের তর্পণ (নীলকণ্ঠ)। "মহা ১৩.৯২.১৮।

চিন্ময় বিণ [√চিৎ+ময় (ময়ট্) বিকারার্থে; স্ত্রী -য়ী] চিদ্বিকার, চিৎস্বরূপ, চৈতন্যময়। —য় ক্লী শুদ্ধচৈতন্য, পরমাত্মা।

চিপ সর্ম্ম [√চাপ >°প; হি > চিপক (অর্ম্ম),-কা (সর্ম্ম); ঠ, গু √চিপ (সর্ম্ম)] চাপ দেওয়া; চাপা, নিঙড়ান। "চিপি গো.চ ৭। দুই হস্তে চিপি তার সত্য (অর্থাৎ 'সত্ব') করে পানে চ.বি ২৩৩,-৪৬। নেতা চিপি ঘর্ম্ম শিব ফেলিল বা.ম ৫৫। [চিপ (বিং)—চাপা, আঁটা। "(শঙ্খ) চিপ হৈল চতুর্ভাগ নাহি চলে আর: দুই বাই চিপ যদি হয় শি ১০৫। চিপা—চাপা। চিপিআ—চাপিয়া। "শ্রী কী ৩৭৬। চিপি দিয়া —চাপিয়া। "গলা চিপি দিয়া জিভ উপাড়িল টানে ব.প ১২৪।]

চিপ(পি)ট বিণ [নি+পিট (পিটচ্) 'নাসিকানতি' অর্থে, নি> চি পা ৫.২.৩৩; চিপিট>চিপট, পৃষো; তু 'চপট'] ১ নত, চেপ্টা (নাসিকা)। "চিপিটঘ্রাণা ক.সা ৬১.১৫। ৩ চিপিটাকৃতি, চিড়ার মত চেপ্টা। "(অশ্বস্য) ন স্থূলা নাপি চিপিটা গ্রীবা শু ৪.৭.৬২। করতল-পীড়নচিপিটীকৃতশ্রবণপুট (কাদম্বরী)। —ট পুং ১ নতনাসিকা (ত.বা)। ২ (সাদৃশ্যে) চিড়া। [°নাস, °নাসিক (বিণ)—নতনাসিক, খাঁদা।]

চিপিট দ্র 'চিপট'।

চিপিটক, -পুট পুং চিঁড়া। "ক ম.ভা ৪৪। —পীট, -পীটক বি [হি চিপীটক] চিঁড়া। "°ক চৈ.ভা ৪৪২। °ট চৈ.চ ২৯২।

চিপ্‌প, -প্য পুং [?] অঙ্গুলিরোগবিশেষ, উপনখ, আঙ্গুলহাড়া। "সুশ্রুত ২.১৩.১৬।

চিবা সর্ম্ম [√চাবা>°বা; cf., O.H. Ger. chiuwan; E. chew] চর্ব্বণ করা; চিবান। "(তুরঙ্গ) খলিন চিবায় স্ব.প্র ১৬২। [চিবা(ব)ন —১ চর্ব্বণ। ২ চর্ব্বিত (দ্রব্য)]

চিবি, -বু পুং, **-বুক** ক্লী [√চীব্ (আদান)+উ (ডু)-র্ম্ম (অ.টী); তু 'ছুবুক' (ঋগ্বেদ ১০.১৬৩.১); 'চুবুক (আপস্তম্ব)] দাড়ির শেষভাগ; থুতনি (chin)। "চিবুক যাজ্ঞ ৩.৯৮।

চিমটা বি [হি, ঠ চিমটা; গু চিমটো; 'চিপট'—মূল (?)] জ্বলন্ত কয়লা ইত্যাদি ধরার লোহার বা পিতলের যন্ত্রবিশেষ (tongs)। "চিমটা লবে হাতে গো.চ ৪৩০। [চিমটান (ঠ √চিমট)—বৃদ্ধাঙ্গুলি ও তর্জ্জনীর অগ্রভাগ দিয়া চিমটার মত ধরা।]

চিমটি বি [হি চিমটী—ছোট চিমটা; ঠ °টা, °টী; গু চিপ(ম)টী] ১ বৃদ্ধাঙ্গুলি ও তর্জ্জনীর অগ্রভাগ দ্বারা চিমটার মত গাত্রচর্ম্ম ধরিয়া টিপুনি (pinch)। "চিমটি কাটা। ২ [ঠ চিমট] চিমটি দিয়া ধরা দ্রব্যাংশ। "এক চিমটি নস্য।

চিমড়া, -ড়ে বিং [হি চিমড়া, চীমড়; গু চিম্মড; 'চামড়া'—মূল (?)] ১ শুষ্ক চামড়ার মত যাহা ফাটে না বা টুটে না; দৃঢ়, শক্ত (tough)। "চিমড়ে লুচি। ২ চর্ম্মসার, রোগা, পাকানে। "দেখতে এমন কি! চিমড়ে ছুঁচোপানা গি.ছি ১০৪; চিমড়ে চিমড়ে গড়ন ১০৫। [°ড়ান—শুষ্ক চামড়ার মত সঙ্কুচিত হওয়া।]

চিমনি বি [E. chimney; তু 'সং তেমনী—চুল্লীভেদ] ১ কল-ইত্যাদির ধূমনির্গমার্থ লোহার বা ইঁটের খাড়া উঁচা নল বা চোঙা। "কারখানা-ঘরের চিমনি ঘ ১৬৬। ২ ল্যাম্পের কলের উপরে বসান কাচের চোঙা।

চিমসা, -সিয়া, -সে বিং [চামসা >°সা, -সে] ১ সর্ব 'চামসা'। ২ চর্ম্মসার, চিমড়া, রোগা। "চিমসিয়া অঙ্গুলিতে বক্র নখ-ধার স্ব.প্র ৯৬; চিমসা হাত ১৩৮।

চিয়া সর্ম্ম [সং √ চিৎ— √চেতি (ণিজন্ত)- √চেতয় >প্রা √চেঅ (প্রা.ম); হি √চিতা] ১ জাগরিত করা; জাগান। "নিদ্রা কালে স্বামী, চিয়াইয়া আমি, মুখে তুলে দেই গুয়া ক.চ ১৩৬। চিয়ায়: চিয়াব শ্রী ২২৭। যারে ঘুমে চিয়াইয়ে. দুগ্ধ পিয়াইতে নারি। —ব ৪৯; কোন চিয়ায়ব মোর ১২৩। ২ সচেতন করা; জ্ঞান দেওয়া। "পতিব্রতা শিবশক্তি,…সাধুকে চিয়ান কুতূহলে ক.চ ১৬২। পাশরিতে নারি হিয়া চিয়াইল আঁখি চৈ.ম ১১। —য়া অর্ম্ম [চিয় >°য়া] জাগরিত হওয়া; সচেতন হওয়া। "চিয়াও বলি রামা বসিল শিয়রে ক.চ ১৬১; চিয়াইয়া সদাগর বসিলা আসনে ১৬২। —য় অর্ম্ম [সং √চিৎ >প্রা √চেঅ (প্রা.ম)] জাগরিত হওয়া। "নাথ চিয় চিয়: চিয় চিয় প্রাণনাথ শ্রী ২২৭। [চিয়ায়ন—চিয়ান, জাগান। "চললি চিয়ায়নে. তুরিতহিঁ সখীগণ ব ১২১। চিয়ায়ব—জাগাইবে। চিয়াইয়া-ইল-ওল-য়ব (প.ক)।]

চিয়াড়, -ড়ি, য়ার বি [হি চিকারী—মৃগয়ার্থ ছুরী] ১ ব্যাধের ব্যবহার্য্য একপ্রকার ছুরী। "মিথ্যা হৈলে চিয়াড়ে কাটিব তোর নাসা ক.চ ৬৯; ধন কুড়িব চিয়াড়ে ৭২, -৩; ৯৬। চিয়াড়িতে খুলে ব.প ৩১৪। ২ প্রতিমার গা পালিশ করার নিমিত্ত ব্যবহার্য্য বাঁশের চেঁচাড়ি বা চটা। "চিয়াড়ে চৌদিক মাঠে চৌরস কপালে শ্রী ১৮২।

চির[১] বি [√চি+র (রক্)-ক (?); ছান্দস] ১ দীর্ঘ। "সুচিরং কালম্ রা (S.W.)। °কালোপার্জ্জিতঃ প্রিয়সুহৃৎ হি ১২৬। ২ দীর্ঘকালবর্ত্তী, চিরকালীন। "°সন্তাপ (মহা)। °বিরহ পু.মে ১২; °বিলসন ৩৮। °লোকপাল ভ ৩.২.২১। আমি বাসরঘরের চির-প্রদীপের শিখা; আমি মিলনরাত্রির চিরচুম্বন ঘ ৭৩। ৩ অত্যন্ত। "°প্রনষ্ট গো.রা ৫.১৯.২০। ৪ (বাঙলায়) বহু, অনেক। "চিরদিনে আসিলাম ম ৫৩৫; ৬৩৯,-৪১; ১০০২। ৫ নিত্য; অম্লান। "°শোভা জ ১। চিররুচি, চিরবিকচিত. কুসম-রতন-রাজী মে ৫৬। ৬ আমরণ, যাবজ্জীবন। "চিরভাগ্যহীন আমি মে ২৫৬। ৭ অনন্ত-কালব্যাপী, নিরবধি। "চির বন্ধু, চির নির্ভর, চির শান্তি, তুমি হে প্রভু।—রবীন্দ্র। নদী চিরদিন চিরনিশি (র'বে)।—শিশু ৮৪। ৮ জন্মজন্মান্তরসম্বন্ধী। "(তুমি) চিরসঙ্গী চিরজীবনে।—রবীন্দ্র। ৯ সর্ব্বকালসম্বন্ধী, সতত। "তুমি চিরমঙ্গল সখা হে: চিরপ্রীতিসুধা-নির্ঝর তুমি।—রবীন্দ্র। —র ক্লী দীর্ঘকাল। "আশ্রমং চিরসংবৃদ্ধম্। —রা ১.৫৫.২৭। [চিরম্, চিরেণ, চিরায়, চিরাৎ, চিরস্য, চিরে (ব্য) —দীর্ঘকাল, দীর্ঘকালে। "অচিরেণ, অচিরাৎ, অচিরে। চিরে কুর্য্যাৎ। —শতপথব্রাহ্মণ। চিরম্ রঘু ৩.৬২; চিরেণ ৫.৬৪; চিরায় ১৪.৫৯।] [°কারী (-রিন্) বিণ—যে দীর্ঘকালে অল্প করে; দীর্ঘসূত্র, চিরক্রিয়। "শু ৩.৭৩। °ক্রিয় (বিণ)—যাহার ক্রিয়া চিরব্যাপিনী; চিরকারী। °জাত (বিণ)—দীর্ঘকালজাত, প্রাচীন। °পুষ্প (পুং)—বকুলবৃক্ষ। °প্রবাসী (-সিন্)—দীর্ঘকাল পরদেশবাসী। "হি ১.১৪৮। °বিল্ব (পুং) —করঞ্জবৃক্ষ। °বেলা (স্ত্রী)—কালাতিক্রম। °মিত্র (ক্লী)—পুরাতন বন্ধু। "হি ১২৬। °রাত্র (ক্লী)—দীর্ঘকাল। "চিররাত্রোষিত মহা ১.৬৮.৩। °রাত্রায় (ব্য)—চিরকাল। "মহা ৫.১২৯.৫। মনু ৩.২২৬৬। °রুচি (বিং)—চিরশোভাযুক্ত, অম্লান। দ্র 'চির (৫)। °সূতা, °সূতিকা (স্ত্রী)—দীর্ঘকাল কৃতপ্রসবা (গবী); কেজেন গাই। °সেবক (পুং)—পুরাতন ভৃত্য। °স্থ, °স্থায়ী (-য়িন্), °স্থিত (বিণ) —দীর্ঘকালস্থিতিশীল (lasting)। "চিরস্থায়ী ক্ষীরসার চৈ.চ ৩১২। °স্থিত (বিণ)—দীর্ঘকালস্থিত, অনেককালাবস্থিত। "মনু ৫.২৫।

চিরানন্দ (বি)—যাবজ্জীবন আনন্দের বিষয়। "চিরানন্দ তুমি আমার মে ২৫৮। চিরানুকূল (বিং)—চিরসহায়। "সী ১৫।]

চির২, চীর১ '-র্' বিং [সং চীর্ণ ; হি, ঠ, গু চীর] ১ বিদীর্ণ, খণ্ডিত। "কার বুক হৈল চির ম ২৫। ২ দ্বিখণ্ডিত, দো-ফাক। "তীক্ষ্ণধারে সকলের জিহ্বা হৈল চির ম ২৮ ; অস্ত্রাঘাতে কোন রথী উভে হৈল চীর ৬৩৯। —র বি চীর্ণ অংশ ; খণ্ড, টুকরা, ফালি। "হনুমান্ মহাবীর, নখে করে দুই চীর,…তাল শাল ক.চ ২২১। উভে গেল দুই চির শ্রী.ম ২২৯। [চির খাওয়া, দেওয়া—বিদীর্ণ হওয়া ; ফাটা।]

চির৩, চীর২ সর্ম্ম [চি(চী)র২ > √°র ; হি, মৈ, গু √চীর ; ঠ √চির] ১ বিদীর্ণ করা ; চেরা, ফাড়া। "পাট চিরী নাও দিল শ্রী.কী ১৪০। করাতে চিরিয়া পাপী করে খান খান কৃ.উ ৭৬। ঐরাবত পর্ব্বত চিরিয়া দেয় দাঁতে।—কৃ ১৯। তোর বুক চিরি পান করিব রুধির ক.চ ৫১। বৃক্ষশাখা চিরিল শ্রী.ম ২২৯। ২ অন্তরালে বাহির হওয়া। "গুল্মরাজি চিরে চিরে, বিকশে…ছটা সা.ম ৪৯। বিজুলি ধায়…আকাশ চিরে চিরে।—শিশু ৫১। ৩ খণ্ড খণ্ড করা ; ছেঁড়া। "পাঁজী পুথী তোহ্মার চিরিবোঁ বাম হাথে শ্রী.কী ৫৬। ঠোঁটেতে চিরিয়া ফেলে ম ২৫। ৪ দ্বিখণ্ডিত করা। "দুই করে ধরিয়া চিরিল বেণাপাত ম ২৯২ ; চীরি লৈয়া অর্দ্ধ সাড়ী (ছাড়ি গেল) ৪৫০। ৫ আঁচড়ান। "চিরণীতে চিরিয়া চিকুর বন্ধ কৈল (শ্রী.মা)। কুচগিরি, নখাঘাতে চির চিরি ভা.চ ৪৬০। —র অর্ম্ম [হি √চির] বিদীর্ণ হওয়া; ফাড়া। [চি(চে)রা—১ সর্থ 'চির৩'। ২ বিদারিত, খণ্ডিত। "গো.চ ১৫৮। চি(চে)রাই (হি চিরাঈ) —চেরার মজুরী। চি(চে)রান—ফাড়ান।]

চিরকাল পুং [কর্ম্মধা] দীর্ঘকাল। "দ্র 'চির১ (১)। 'ভৃত (রা)। চিরকাল রবে আয়ত্তে কৃ ৩৬২। চিরকাল হইল কথা নারে দড়াইবারে। —গ ১৮২। চিরকাল গেল দুঁহে রা.স ২৯। —কালিক বিণ [°ল+ ইক (ঠন্), অস্ত্যর্থে] যাহার সম্বন্ধে দীর্ঘকাল আছে ; দীর্ঘকালস্থিত। —কালীন বিণ [°ল+ঈন (খ), 'দ্র পা ৪.৩.১১] সর্থ 'চিরকালিক'।

চিরকুট বি [সং চীর+কুট [কুট্টিত] ; হি °ট ; ঠ °গুট] ১ ছিন্ন মলিন বস্ত্রখণ্ড ; টেনা, গুধড়ি। ২ কাগজের টুকরা।

চিরকুমার বি আমরণ অবিবাহিত। "গঙ্গার কুমার, চিরকুমার ধার্ম্মিক প.তৃ ৫২।

চিরজীবক বিণ [দ্বি.ত] দীর্ঘকালজীবী। —জীবক পুং জীবকবৃক্ষ। —জীবিকা স্ত্রী [দ্বি.ত] দীর্ঘকালপর্য্যন্তবৃত্তি। "বৃণীষ্ব বৃত্তিং চিরজীবিকাং চ।—কঠোপনিষৎ ১.১.২৩। —জীবী (-বিন্) বিণ [চির+ √জীব্ +ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -বিনী] ১ দীর্ঘকালজীবনযুক্ত, দীর্ঘজীবী। "রাজ্ঞঃ…বৃদ্ধস্য চিরজীবিনঃ রা ২.১.৩৬। হও চিরজীবী কৃ ৯৬। ২ [হি °বী—অমর] (বাঙলায়) অমর। "সভাই মরিবে কেহ নহে চিরজীবী ম ৫৬৪। —জীবী পুং ১ বিষ্ণু। ২ মার্কণ্ডেয়। ৩ অশ্বত্থামাদি সপ্ত জন। "অশ্বত্থামা বলির্ব্যাসো হনুমাংশ্চ বিভীষণঃ। কৃপঃ পরশুরামশ্চ সপ্তৈতে চিরজীবিনঃ॥ ৪ কাক। ৫ জীবকবৃক্ষ। ৬ শাল্মলীবৃক্ষ।

চিরঞ্জি বি [হি চিরোংজী] পিয়ালফল। [ইহা স্বাদুতৈলময়।]

চিরঞ্জীব বিণ [চিরম্ জীব, দ্বি.ত, স্ত্রী -বা] চিরজীবী, দীর্ঘজীবন। "বি.প ১৫। —ব পুং কামদেব। —বী (-বিন্) বিণ [চিরম্+ √জীব্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -বিনী] ১ সর্থ 'চিরঞ্জীব'। "হঅ চিরঞ্জীবী কৃ.অ ৯। চিরঞ্জীবী হৈয়া কুশলে রহ ন.প ১৪২। ২ (বাঙলায়) অমর ; দীর্ঘকালস্থায়ী। "চিরঞ্জীবী দেহ কৈল চ.দা ৫৯। —বী পুং ১ সর্থ 'চিরজীবী পুং (১)। ২ সর্থ 'চিরজীবী পুং (৪)। ৩ সর্থ 'চিরজীবী পুং (৫)। ৪ সর্থ চিরজীবী পুং (৬)।

চির(রু)ণ, -ণী, -ণী বি [চির৩—মূল (?)] যাহা দ্বারা চুল চিরে বা আঁচড়ায় ; কাঁকই (comb)। "চিরুণী গো.চ ৪৮৭। শিরে না দেও চিরণী ক.চ ১২০। চিরণ দশন ব.প ১৮২ ; চিরণ দাঁত যার ২৪৯। রতনচিরণী ভ.গ্র ১৬৫। চিরণী রা.শে ১৫। [চিরণদাঁতিনী, চিরনীএা-দাঁতী, চিরুণী(ন)দাঁতী—চিরুনের দাড়ার মত যে স্ত্রীর দাঁত ফাঁক ; বিরলদশনা (নারী)। "বেহুলা চিরুণীদাঁতী ম.ভা ৪০ ; °দাঁতিনী ৪২। °এাদাঁতী ব.প ২৬২। চিরুনে 'ঘ'—চিরুনের মত 'ঘ' এই বর্ণ।]

চিরণ্টী স্ত্রী [চির+ √অট্+অ (অচ্)-ক+স্ত্রী ঈ (ঙীপ্), পৃষো] ১ পিতৃগৃহস্থিতা উঢ়া বা অনূঢ়া নারী (অ.টী)। ২ [চিরণ্ট+অ (অচ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ, পা ৪.১.২০] যৌবনবতী, যুবতী।

চির(রা)তা বি [সং চিরাতক, চিরতিক্ত ; হি চিরায়তা ; ঠ কিরাঈত] সর্থ 'চিরতিক্ত'।

চির(রা)তিক্ত পুং [বহুব্রী] যাহাতে সতত তিক্তরস ; ভূনিম্ব, চিরতা (Swertia chirata)।

চিরৎকার বি [চিরৎ (ধ্বন্যাত্মক)+কার ; অপ্র] হ্রেষা। "চিরৎকার শব্দ করি চলে অশ্বগণ চ.বি ১৬২।

চিরথাই বিং ['চিরস্থায়ী'—মূল ; বৈষ্ণবসাহিত্যে] দীর্ঘকালস্থায়ী, আমরণান্ত। "এ বড় মনের দুখ রহু চিরথাই বি.প ১২৭।

চিরদিন ক্রি.বিং ১ বহুদিন, দীর্ঘকাল। "চিরদিন বিহরিতে ইহ মর্ত্ত্য-লোকে, চাহি না প.তৃ ৩৭। ২ যাবজ্জীবন, আমরণ। "যেন চিরদিন এইরূপ স্নেহ ও অনুগ্রহ থাকে সী ১৫। [চিরদিন বিলম্বে, চিরদিনে—দীর্ঘকালপরে। "চিরদিন বিলম্বে দেখি তোমার বদনে ম.বি ২২০। চিরদিনে…হইল দেখা ব.প ৯০১। দ্র 'চির১ (৪)।]

চিরনিদ্রা বি দীর্ঘনিদ্রা, মহানিদ্রা, মৃত্যু। "তার স্পর্শে জীব চিরনিদ্রায় মগন প.তৃ ১৯।

চিরন্তন বিণ [চিরম্+তন (ট্যুল্, তুট্) ; স্ত্রী -নী] চিরকালভব, প্রাচীন, পুরাতন, পুরাণ। "মুনিশ্চিরন্তনঃ মাঘ ১.১৫।

চিরযুগ বি বহুযুগ, যুগযুগান্তর। "চিরযুগ রাজ্য করহ কৃ.উ ৩১।

চিরশ্যামল, -হরিৎ বিং সকল ঋতুতে হরিদ্বর্ণ, অর্থাৎ পত্রযুক্ত (বৃক্ষ ; evergreen)।

চি(চী)রা১ বি [সং চীর ; হি চীরা—পাগড়ীর ঢেউ-খেলান রঙিন কাপড়] চীরা-কাপড়ের পাগড়ী ; বস্ত্রখণ্ড। "পাবি খুব চিরা শ্রী ১৭৩ ; মস্তকের চিরা ২১৮। চীরা ভা.চ ২৬৪। চিরা বান্ধে ব.প ৪২৯ ; শিরে চীরা ১৪৮৬। খাসা চীরা বহির্ব্বাস রাঙ্গা চিরা মাথে বি.সু ৯০ ; ১৭৩।

চিরা২ অর্ম্ম [সং √চিরায় >প্রা √চিরাঅ >বা °রা ; অপ্র] 'বিলম্ব করা' ; (গৌণার্থে) বিশ্রাম করা ; জিরান। "চিরাইয়া পর্ব্বতদিকে কথো জন গেল চৈ.চ ৩৪৫।

চিরাই, -উ বিং [চির+আই, -উ ; সং চিরায়ুঃ] চিরজীবী, দীর্ঘায়ুঃ। "হওরে চিরাই শূ ৫ ; ১২। হউক চিরাই ব.প ৩০১। নহি বি চিরাই কৃ ১০ ; ১৫। চিরাউ চৈ.ম ৫০।

চি(চে)রাগ বি [ফা চিরাগ্] প্রদীপ, বাতি। "চেরাগ জ্বালা। [°গী (ফা চিরাগী)—মুসলমান সাধুর সমাধিস্থানে প্রদীপ দেওয়ার নিমিত্ত মোল্লাকে প্রদত্ত অর্থ বা ভূমি। "তরফ চেরাগী মোং জমীদারের সনন্দ E.P. 59 ; 60।]

চিরানন্দ, চিরানুকূল দ্র 'চির১'।

চিরায় অক [কণ্ডাদি, এ—চিরায়তি, -তে ; সেট্] বিলম্ব। "কথং চিরায়তি পাঞ্চালী (বে)।

চিরায়ু বিং [সং °য়ুঃ] ১ দীর্ঘজীবী। "চৈ.ভা ২৬,-৭। হইবে চিরায়ু চৈ.চ ৫৫। ২ অমর। "চিরায়ু ত নহে কোন নর ম ৫২৬।

চিরায়ুঃ (-য়ুস্) বিণ [বহুব্রী ; স্ত্রী -য়ুঃ] দীর্ঘজীবী। "লব্ধদোহ্রদা… চিরায়ুষং চ পুত্রং জনয়তি (সুশ্রুত)।

চিরায়ুষ্মতী বিং (স্ত্রীলিঙ্গে) দীর্ঘায়ুঃ, দীর্ঘজীবিনী। "সখি মণিমালিনী,

তুমি চিরায়ুষ্মতী হও ব.প্র ১২৫। শ্রীমতী কমলমণি দাসী চিরায়ুষ্মতীষু ব.খি ১৯।

চিহ্ন বি [সং চিহ্ন ; গ্রাম্য] লক্ষণ। "গর্ভের জে চিহ্ন ম.পা ৬৬।

চির্ভটী স্ত্রী কর্কটী, কাঁকুড়, ফুটি। "পক্ব ৫৫৫।

চি(চী)ল বি [সং চিল্ল ; হি চীল ; চিলা, -লাও (চিল) ; চিলানি (স্ত্রী-চিল) ।—গো.চ] গৃধ্রজাতীয় মাংসাশী পক্ষিবিশেষ (kite)। "লুপে লয় চীলে শ্রী ৯০ ; ১৬৮। [চিল পড়া—চিলের ছোঁ-মারা। চিলে ঘুঁড়ি —ছোট ঘুঁড়ি।]

চিলতা, -তে বি [আ 'জিলদ্'—চর্ম্ম] (সাদৃশ্যে) কলার পাতা। [চিলতে ধরা—পাঠশালে শিশুর তালপাতায় লেখার পরে কলার পাতে লিখিতে আরম্ভ করা]

চিলমচী বি [ফা °চী] হাত মুখ ধোয়ার গামলাবিশেষ।

চিলা, -লে বি [সং চূড়া] ১ অট্টালিকার উপরিস্থ গৃহ ; (প্রায়ই সিঁড়ীর ঘর)। "চিলা (চিলের) ঘর। চিলের ছাদ স.এ ১০। ২ গাছের শাখায় জাত একপ্রকার পরগাছা। "চিলের গাছ।

চিলিচিম পুং বালিয়া মাছ (অ.টী) ; চেঙ্গ মাছ (ভরত)।

চিলু বি ['চুল্লী'—মূল] চিতা। [চিলুতে গিয়ে শোওয়া—মরা। "মুখে আগুন, চিলুতে গিয়ে শোও বি.বু ৪৯।]

চিল্ল পুং [√চিল্ল (ভাবকরণ) + অ (অচ)-ক ; ধ্বন্যাত্মক ; তু 'চিল্লা'—শকুনিকা (দেশী ৩ ৯)] ১ চিলপাখী। "ব প ১৬৯৭। ২ ক্ষতযুক্ত-চক্ষুঃ। —ল্লা স্ত্রী চিলের স্ত্রীজাতি। "বন্ধনভ্রষ্টো গৃহকপোতশ্চিল্লায়া মুখে পতিতঃ (পাঠান্তর) মা মি ৪৯৭।

চিল্ল(ল্লি)কা, -ল্লী স্ত্রী [ধ্বন্যাত্মক] ঝিল্লিকা। "মহা ৭.২৯.১৯।

চিহ্ন[১] সক [অদন্ত চু. প—চিহ্নয়তি ; সেট] লক্ষণ।

চিহ্ন[২] ক্লী [√চিহ্ন + অচ্)-ণ] ১ 'লক্ষণসাধন', লাঞ্ছন, লিঙ্গ, লক্ষণ। "চিহ্নভূতং ত্বভিজ্ঞানম্ গো.রা ৪.১২.৪৪। সংনিপাতস্য চিহ্নানি।—পঞ্চ ১.১৮৮। যূপ° (গ্রাম) রঘু ১.৪৪ ; স্তম্ভ° ২.৭। ধরিস বাঁঝীর চিহ্ন ক.চ ১৪৮। ২ অঙ্ক। "স্বনামচিহ্ন (সায়ক) রঘু ৩.৫৫। মৃগচিহ্ন হলে যার ম ৬২১। ৩ পতাকা (মেদিনী)। ৪ অভিজ্ঞান। ৫ মুদ্রা, সংস্কার, দাগ (print, impression)। "পদ°। —হ্নিত বিণ [+ ত (ক্ত)-র্ম্ম] ১ অঙ্কিত, লাঞ্ছিত, চিহ্নযুত। "(তে চরেয়ুঃ) চিহ্নিতা রাজ-শাসনৈঃ মনু ১০.৫৫। ২ উপলক্ষিত। "মৌঞ্জীবন্ধন° মনু ২ ১৭০। পিতৃনামাদি° (লেখ্য) যাজ্ঞ ২.৮৫। ৩ (বাঙলায়) পরিচিত, জ্ঞাত-শীল। "তোমার চিহ্নিত আমি বটি বি.সু ৪২। [°কারী (-রিন্) বিণ —১ চিহ্নকর্ত্তা। ২ আঘাতকারী।]

চিহ্ন[৩] সর্ম্ম [সং √চিহ্ন ; অপ্র] ১ চিনা, জানা। "হার কেয়ুর সীতার কিছু নাহি চিহ্নি কৃ.উ ৩। না চিহ্নি কাহার পুত্র অ.প ১৬। তোহ্মাকে না চিহ্নি ব.প ৬৫৩। তোমারে চিহ্নিতে নারি ক.চ ১৪৮। চিহ্নি চৈ ২৭। ২ পরিচিত বলিয়া জানা (to recognize)। "হেরি না 'চিহ্নই' (চিহ্নয়ি—ব.প ১০১২) নাগররাজ বি.প ৯৪। নিরখি বদন, চিহ্নল তখন চ.দা ৪০। চিহ্নলুঁ আপন নাতি ক.চ ২৫৯। চিহ্নিলেন্ত সেই ঘোড়া গ ৮৫। ৩ প্রভেদপূর্ব্বক বুঝা ; নিরূপণ করা। "তরুণিম শৈশব চিহ্নই না জান বি.প ৩৬। মুখমাত্র জলে ভাসে, পদ্মে মুখে নারি চিহ্নিতে চৈ.চ ৩৪৭। না চিহ্নসু কাল কি গোরা প.র ৩১। ৪ স্বরূপে বুঝা বা নির্ণয় করা। "অলপে চিহ্নিলু, যৈছন কুটিল কান বি.প ১০৬। আপনা চিহ্নিঞা ঘর জাহ নিশাচরে কৃ.উ ৩৭। ৫ নামানুসারে নির্ণয় করা বা ঠাহরান। "না চিহ্নে মানুখ, নিমিখ নাই চ.দা ২৭। —হ্না সর্ম্ম [°হ্ন + আ[৮]] পরিচিত করা ; চিনান, জানান। "তাহাকে চিহ্নাও মোরে কর্ণের নন্দন অ.প ২৩ ; সভাইকে চিহ্নাও তুহ্মিঃ প্রদ্যুম্ন চিহ্নাইল পঞ্চজন ১১২। [চিহ্নই, -হ্নি—চিনে। দ্র 'চিহ্ন (২)'।]

চী [ফা 'চী'] ১ হ্রস্বার্থক, ছোট। "ডেক—ডেকচী। ২ বাহক। "মশাল—মশালচী।

চীঁচীঁ বি [ধ্বন্যাত্মক, হি চীচী] ১ পাখীর বাচ্চার ক্ষীণ রব। দ্র চিঁচিঁ। ২ উপবাসে ক্ষীণ কণ্ঠস্বর। "যারা নীতির উপবাসে শুকিয়ে শুকিয়ে…পাৎলা সাদা হয়ে গেচে, তাদের চীঁচীঁ গলার ভৎর্সনা আমার কানে পৌছাবে না।—ঘ ৩৯।

চীঁহি বি [ধ্বন্যাত্মক] হ্রেষা, ঘোড়ার ডাক। "ঘ ২৬১।

চীন[১] দ্র 'চিন[১]'।

চীন[২] পুং ১ দেশবিশেষ (China ;—শক্তিসঙ্গমতন্ত্র)। "চীনদেশোদ্ভব মহা ৫.৮৬.১০। °ভব জ.প ১০। ২ (বহুব) চীনবাসিগণ। "মহা ২.২৬.৯। [ইহারা ক্রিয়ালোপ হেতু শূদ্রত্বপ্রাপ্ত ক্ষত্রিয় (মনু ১০.৪৪। হ, ২৬শ অধ্যায়)।] ৩ চীনরাজগণ। ৪ মৃগবিশেষ। ৫ ধান্যভেদ, চীনাধান। ৬ সূত্র ; বস্ত্রবিশেষ, চীনাংশুক। "খসে পড়ে চীন ভা.চ ৬৭১। —ন ক্লী ১ পতাকা। ২ সীসক। —নক পুং ১ ধান্যভেদ। ২ চীনকর্পূর-বিশেষ। ৩ চীনবাসিগণ। [°কর্পূর (পুং) —কর্পূরবিশেষ। °জ (ক্লী) —চীনজাত ; তীক্ষ্ণলৌহ, ইস্পাত। °ধটি (বি)—চীনদেশীয় বস্ত্র। "জ.প ৬২। °পিষ্ট (ক্লী)—সিন্দুরভেদ, চীনের সিঁদুর ; সীসক। °বঙ্গ (ক্লী) —সীসক। °বাস, °বসন (বি)—চীনজাত বস্ত্র ; চীনাংশুক। "°ন ন.প ১৮৮। চীনবাস ব.প্র ৭৯। °বাসঃ (-সস্) ক্লী—সর্থ 'চীনবাস'।

চীনা[১] দ্র 'চিনা[১]'।

চীনা[২] বি [চীন + আ[১০]] ১ চীনদেশীয়, চীনসম্বন্ধী, চীনজাত (মাটি, কচু, কামরাঙা, বাদাম, বেগুন)। ২ চীনে নির্ম্মিত (বাসন, সিঁদুর)। [°বাদাম—একপ্রকার বাদাম। °মাটি—চীনের সাদা মাটি (China-clay, kaolin)। চীনা (চীনের) সিঁদুর—টুকটুকে লাল চীনদেশীয় সিন্দুর। "লাল টুকটুকে, যেন চীনের সিঁদুর।]

চীনাংশুক ক্লী [কর্ম্মধা] চীননামক পট্টবস্ত্রবিশেষ (রেশমী কাপড়)। "চীনাংশুকমিব কেতোঃ প্রতিবাতং নীয়মানস্য শ ১.৩২। কু.স ৭.৩। অমরুশতক ৭৫।

চীনাক পুং কর্পূরবিশেষ। "°সংজ্ঞঃ কর্পূরঃ (ভাবপ্রকাশ)।

চীবর ক্লী [চি + বর (ষরচ)-র্ম্ম, দীর্ঘ, উ ৩.১] ১ ভিক্ষুপ্রাবরণ, চীর। ২ বস্ত্রখণ্ড, কানি। "প্রেতচীবরবসা (তন্বী) রঘু ১১.১৬। ৩ বল্কল, মুনিবাসঃ (অ.টী)। —বরী (-রিন্) পুং [°র + ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] 'চীবরধারী', বৌদ্ধভিক্ষু, ভিক্ষু।

চীর[১], **চীর**[২] দ্র 'চির[২]' ; চির[৩]।

চীর[৩] ক্লী [√চি + র (ক্রন্)-র্ম্ম (?), দীর্ঘ, উ ২.২৬] ১ সর্থ 'চীবর (২)'। "মনু ৬.৬। চীরাণি কিং পথি ন সন্তি ভ ২.২.৫। চীর পরিধান ক.চ ৪। ভিখারী নারীর চীরবাস।—কথা ৫৪। ২ সর্থ 'চীবর (৩)'। "মহা ৩.১১.৫০ ; "জটাধর ১৮৭.৬। ৩ বস্ত্রভেদ। ৪ রেখা। ৫ রেখা-কৃত লেখনভেদ। ৬ চতুর্যষ্টিক হার (A.)। ৭ গোস্তন। ৮ চূড়া। ৯ সীসক। ১০ বৌদ্ধভিক্ষুর পরিচ্ছদবিশেষ। ১১ বস্ত্র, পরিচ্ছদ (A.)। "না পরে চীর চ.দা ২৭। ভিজিল হিয়ার চীর চৈ.ম ১৩৯। [°পর্ণ (পুং)—শালবৃক্ষ। °বসন (বিণ)—বল্কলবাসাঃ (রা)।]

চীরবাসাঃ(সস্) বিণ [বহুব্রী] চীর যাহার বাসঃ ; চীরধারী, বল্কল-বসন। "মনু ১১.১০২। —বাসাঃ পুং শিব।

চীরভৃৎ পুং [চীর + √ভৃ + ক্বিপ (০)-ক ; উ.ত] 'চীরধারী', তাপস। "রঘু ১৩.২২।

চীরা দ্র 'চিরা[১]'।

চীরী(-রিন্) বিণ [চীর + ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -রিণী] 'চীরবান্', চীরধারী, বল্কলবাসাঃ। "কৃশ° মহা ৭.১৬.২৩। ভ ৩.৩.১৪।

চীর্ণ বিণ [√চর্ + ন (নক্)-র্ম্ম পূর্বো] ১ চরিত, সম্পাদিত।

"°ব্রত (ত.বা)। চীর্ণং তপো যৎ তু জলাশ্রয়েণ (বিষ্ণুপুরাণ)। ২ পীলিত। ৩ বিদারিত। [°পর্ণ (পুং)—নিম্ববৃক্ষ; খর্জ্জুরবৃক্ষ।]

চীল দ্র 'চিল'।

চুওয়াল বি [অপ্র] যাহারা মদ চোঁয়ায়; শুঁড়ি। "ব.প ২৫৬।

চুংগি বি [অপ্র] বাঁশের ছোট চোঙ্গা। "গো.চ ১৯৫।

চুঁ(চু)চি বি [সং চুচুক; হি চুঁচী, চুচী; গু চুংচী] যুবতীর স্তন।

চুঁ(চু)য়া[১] অর্ম্ম [সং √চ্যুত > প্রা √চুঅ (হে ২ ৭৭) > বা √চু(চুঁ)য়া; হি √চূ] ক্ষরিত হওয়া; ঝরা। "ঝরনায় জল চুঁয়ায়। —য়া সর্ম্ম [প্রা √চুঅ > বা (√চুয়+আ[৮]) √চু(চুঁ)য়া; হি √চুআ; তু 'সং √স্নু] ক্ষরিত করা; ঝরান, চোঁয়ান (to distill)। [চু(চুঁ)য়ান—ক্ষরণ, ঝরা; ঝরান (distillation)। মদ-চুঁয়ান—সুরাসন্ধান।]

চুঁ(চোঁ)য়া[২] অর্ম্ম [চোঁ [ব্যঞ্জনাদি পোড়ার শব্দ) + আ[৯] > √চো (চুঁ)য়া; ধ্বন্যাত্মক] তাপে ব্যঞ্জনাদি চোঁ-চোঁ করিয়া অল্প পুড়িয়া যাওয়া বা ধরা। "অধিক আঁচে তরকারি, দুধ চোঁয়ায়। [চোঁয়া-চোঁয়া—পোড়া-পোড়া, কড়া-কড়া। "চোঁয়া-চোঁয়া করি ভাজ পলতা কাঁকড়ি ক.চ ৩০। চোঁয়া বা চোঁয়া-পোড়া ঢেকুর—অজীর্ণজন্য তীব্র উদ্‌গার। "এখনো অনেকের চোঁয়া ঢেকুর…সারেনি হু ৫০। চুঁঞা পড়া, চোঁয়া-পোড়া—(একার্থক) পোড়া, ধরা। "চুঁঞা পড়া আম্রান শূ ১১২।]

চুঁশব্দ বি [উঁচু > চুঁ; হি 'চুঁ শব্দ'] উচ্চ কথা; কোন কথা বা বাদ-প্রতিবাদ। "ফাষ্টক্লাস সাহেব বিবির স্কুল; সেখানে চুঁশব্দটি নাই হু ২২৮।

চুক[১] বি [হি, ঠ চুক; গু চুক; তু 'চুক্ক সং কেঅা' (বিস্মৃতসংকেতা), চুক্কাসি (ভ্রষ্টাসি)।—গাথাসপ্তশতী ৪.১৮; ৫.৫৬] ভ্রম, ভুল, গলতী ত্রুটি।

চুক[২] অর্ম্ম [সং ভ্রংশ্ > প্রা √চুক্ক (হে ৪.১৭৭) > বা √চু(চ)ক; হি চুক; ঠ, গু, মৈ √চুক] ১ ভুল করা; গলতী করা; ভোলা। "বচন মোঞে চুকলিহু সখিহ্নি সমাজে বি.সা ৪১। ২ কর্ত্তব্যভ্রষ্ট বা লক্ষ্যচ্যুত হওয়া; কাজ ভোলা; হতবুদ্ধি হওয়া। "বুকে বজ্র খাঞা বীর তিলেক না চুকে কৃ.উ ১১২। অপমানে চন্দ্রধর ক্ষণেক না চুকে বা.ম ২৩৭। তথাপি নাহিক চুকে পুনঃ পুনঃ কহে ভ.গ্র ২৭০। ৩ সুযোগ ছাড়া। [চু(চো)কা[১]—সর্ম 'চুক[২]। চুকে কথা বলা—অপ্রিয় সত্য গোপন করিয়া কিছু বলা।]

চুক[৩] অর্ম্ম [হি, ঠ √চুক; প √চুক্ক] ১ সমাপ্ত হওয়া; সম্পন্ন হওয়া (কাজ)। ২ নিঃশেষ হওয়া; মিটিয়া যাওয়া (আপদ, গোলমাল, দেনা, বিবাদ, হাঙ্গামা, হিসাব)। "বাদাবাদে পঁচাত্তর হাজারে চুকিল ব.প ১৪৮৩। —কা সর্ম্ম [°ক+আ[৮]; হি √চুকা; ঠ √চুকারি] ১ সমাপ্ত করা; শেষ করা (কাজ)। ২ নিঃশেষ করা; শোধ করা; মিটান (আপদ, গোলমাল ইত্যাদি)। দ্র 'চুক (২)। [চু(চো)কা[২]—সর্ম 'চুক[৩]। চু(চো)কান—সর্ম চুক[৩]।]

চুকচুক বি [ধ্বন্যাত্মক] শিশুর বা শাবকের স্তন্যপানশব্দ।

চুকচুকে বিং [°চুক+এ[৮]; দ্র 'কুচকুচ'] চকচকে, চিকণ। "বাবাজীর বর্ণ…হুঁকোর খোলের মত…চুকচুকে কাল হু ২১৪।

চুকতি, -ক্তি বি [চুক[৩]—মূল; হি চুকতী, -তি; ঠ চুকতা] ১ ব্যবস্থা, নিষ্পত্তি, মিটমাট, চোকা (Settlement)। "ভাড়া চুক্তি হইল আ.দু ৮। ২ প্রাপ্য অর্থাদির ব্যবস্থা বা স্থিরতা। "আমলা ফয়লা…ঠারে ঠোরে চুক্তির কথা কহিতেছে আ.দু ১০২।

চুক(কু)লি বি [ফা চুগলী; 'চুকুল, -লি'—পরনিন্দক (কোচবিহার)] পরোক্ষে নিন্দা; আড়ালে লাগান (back-biting)। 'চুকলি যে কৈল তারে বধিতে কহিল ভ.গ্র ২২৮। সম্মুখে চুকলি খায় বেটা শ্রী ১২৯। বৌ শাশুড়ী ননদ ভেজের, চুকলি করা গেল উঠে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। মা, আমি চুকলি কচ্চিনে স.এ ৫২। [চুকলি খাওয়া (হি চুগলী খানা)—আড়ালে নিন্দা করা।]

চুকা[১]; **চুকা**[২] দ্র 'চুক[২]; চুক[৩]।

চুকা[৩] বিং [সং 'চুক্র, -ক্রা'—মূল; হি চুকা; ঠ চুকা] অম্ল, টক। "ঘোল চুকা কি মধুর ম.ম ৭১,-২। [°পালম—টকপালমবিশেষ।]

চুকুচুকুচুকু বি [ধ্বন্যাত্মক] চুষিয়া খাওয়ার মৃদু শব্দ। "চুকুচুকুচুকু চুষ্য চুষিয়া ভা.চ ১১৫।

চুক্র পুং [√চক্+র (রক্)-প, উ ২.১৫] ১ অম্লরস। ২ অম্লবেতস। —ক্র ক্লী ১ চুকাপালম। ২ কাঞ্জিক, কাঞ্জিকভেদ। ৩ তিন্তিড়ীক, তেঁতুল। ৪ শুক্তবিশেষ। ৫ অম্লত্ব। —ক্রা স্ত্রী ১ অম্ললোণিকা, আমরুল। ২ তিন্তিড়ী। —ক্রিকা স্ত্রী ১ সর্থ 'চুক্র' ক্লী (১)। ২ সর্থ 'চুক্রা'।

চুঙি, -ঙ্গি বি [চোঙা, -ঙ্গা+ই[৯]; অস চুঙ্গা] ছোট বা সরু চোঙা; সরু নাল। "আদ আঙ্গুল চুঙ্গিতে আট আঙ্গুল বারুদ পুরিলে কাজেই ফাটে নী ১৩।

চুঙ্গী বি [হি চুংগী] বাহির হইতে শহরে আনীত মালের উপর মাশুল (town-duty)।

চুচু(চূ)ক, চূচুক পুং,ক্লী [ধ্বন্যাত্মক] স্তন্যপানে 'চুচু'-শব্দকারক; স্তনবৃন্ত (teat)। "সহকার পল্লব চুচুক দেবি (দিব) বি.প ২০৫। চুচুকের ছলে বা.দ ৩১। চুচুক-চুম্বিত লী ৭৪।

চুচুক্রতি বি 'চুচু'শব্দ, চুম্বনশব্দ। "চুম্বন° ভা.চ ৩৩৪।

চুঞ্চ বি [সং চঞ্চু; হি, ঠ চুংচ] চঞ্চু। "রাজহংস রাজহংসী চুঞ্চে চুঞ্চ দিয়া (তরে) ব.প ৬৩৫।

চুঞ্চু পুং ১ (চঞ্চুতুল্য মুখ হেতু) ছুছুন্দরী, ছুঁচা। ২ সঙ্করজাতিবিশেষ। "মনু ১০.৪৮। ৩ উদ্ভিজ্জবিশেষ। ৪ (ব্যাকরণে) 'খ্যাত' অর্থ। "অক্ষর°, বিদ্যা°। ওষ্ঠেন…চুম্বনচুঞ্চুনা মাঘ ২.১৪।

চুট সক [তু, চু, প—চুটতি, চোটয়তি; সেট্] ছেদন।

চুট, -টা, চোটা[২] সর্ম্ম [সং √চুট্; হি √চুটা—চোট খাওয়া] ১ ছেদন করা; আঘাতপূর্ব্বক, অর্থাৎ চোট মারিয়া কাটা। "ছোট হালুয়া হুঙ্কারে চোটায়ে তুলে চাপ শি ৭৪। ২ ছেদনার্থ আঘাত করা। "চোটায় দুহাতে শ্রী.মা ১৬; ৭৭; ১৪৪; চুটিয়া গণ্ডার গায় ঠাঁয় ঘুরে মরে ১৪৬। [চু(চো)টান—সর্থ 'চুট'। চুটিয়ে কাটা—অস্ত্রের চোটে (আঘাতে) কাটা। চুটিয়ে কাজ করা—শরীরে আঘাত দিয়া, অর্থাৎ যথাশক্তি কার্য্য করা। চুটিয়ে ফসল কাটা—যথাশক্তি বা সাধ্যানুসারে শস্য কাটা। "এখন আপন ভেবে যতন করে, চুটিয়ে ফসল কেটে নে না। —রামপ্রসাদ।]

চুটকি[১], **-কী** বি [হি, ঠ চুটকী; চুলটী (গো.চ)] ১ পায়ের আঙ্গুলের আভরণবিশেষ। "রতন চুটকি হইল জ্ঞান জ্ঞা ১৯৫। চুটকী দা ৯৮২; ১৪৮০। তোমার শ্রীচরণের চুটকি হ'য়ে পড়ে আছি জা ২৩। ২ [হি চুটকী—চিমটি (pinch)] চুটকিভর আটা; অল্প আটা। "ভ.গ্র ২১; চুটকি না কর সিধা লহ মোর স্থানে ২০৯। ৩ অল্প কথায় ভাব-প্রকাশক সরল সরস ঈষদ্‌গম্ভীর ভাষার সাহিত্যবিশেষ। "একটু চুটকী ভিন্ন যায় না সময়।—রজনীকান্ত সেন। [দ্রষ্টব্য, ললিতমোহন বন্দ্যোপাধ্যায়ের 'ফোয়ারা', ৩য় সংস্করণ, ৭৬ পৃষ্ঠা।]

চুটকি[২] [সং জুটিকা; হি চোটী; ড় চুটি; তু 'চোট্টি'—শিখা (দেশী ৩.১)] টিকি। "চৈতনচুটকি।

চুটকি[৩] বিং [হি ছোটকা; ঠ চুটকা—a witty song] ১ সামান্য, সাধারণ, সাদাসিধা। "চুটকি সুর। চুটকি অঙ্গের গান। ২ তুচ্ছ, খ্যাতিহীন, ওঁচা। "চুটকি যাত্রার দল। চুটকি বই।

চুড়ি বি [সং চূড়া; হি চূড়া, -ড়ী; ঠ চুডা; গু চুড; মৈ চুড়ি; তু 'চুড' —করভূষণ বলয় (দেশী ৩.১৮; ৭.৫২৬)] সোনা রূপা কাচ বা

গালার হাতের বালাবিশেষ। [°কার—যাহারা চুড়ি করে। "শ্রী ১৩। °মুট—চুড়ি ও তদানুষঙ্গিক অন্য গহনা। "অ.গ্র ৭১।]

চুড়িদার বিং [হি চূড়ী+ফা দার্ > °র] চুড়ি বা আঙটির মত ঘের-যুক্ত ও কোঁচকান (আস্তিন)। "কম্মে চুড়িদার।—হেম ৩৮৯। চুড়িদার পায়জামা হু ৪০।

চুড়িপা'ড় বি [হি চুড়িয়া—ডোরা-দেওয়া কাপড়] ধুতির ডোরা-দেওয়া পা'ড়। [°পেড়ে—চুড়িপা'ড়যুক্ত (ধুতি)।]

চুড়েল বি [হি চুড়ৈল] পেতনী, পিশাচী। "পিশাচ…চুড়েল আজ সারারাত মশানে ফিরবে : ভূত চুড়েলের ঘটা অ.গ্র ৪২।

চু(চূ)ণ, -ন বি [সং চূর্ণ > লি, প্রা চুন্ন > বা চু(চূ)ন, -ণ ; হি চুনা, চুন্না ; ঠ চুনা ; গু চুন ; মৈ চুন, -না ; প চুনা, -নী ; সি চুনু ; জাটু —চুন ; P. chunme] পাথর শামুক ঝিনুক ঘুটিং ইত্যাদি পোড়াইয়া করা ক্ষারবিশেষ (lime)। "চুণ শ্রী ৩৪। চুন ভা.চ ২৮৭। [চুনকাম —চুনের গোলা টানা (white-wash)। °কালি—চুন ও কালি ; কলঙ্ক। "চুনকালি দহে দিলি ঝাঁপ—শ্রী ২৩৭। শ্রী.মা ৪৩। গালে বা মুখে চুনকালি দেওয়া—বিকৃত করিয়া অপমান করা (দ্র 'গাল')। "গো.বি ১২৯। শ্রী ২২৩। ভা.চ ৬৯২। মা ১০১। তু 'চুনকালী কপালে (শ্রী.মা)। চুণের পুটলি, চুনো—গুঁড়া চুনের থলি (ইহা দেশী ব্লটিং কাগজ)। "নায়েব লিখিতেছে ও চুনো বুলাইতেছে আ.দু ১৬৫। য ৫। মুখ চুন হওয়া—ভয়ে বা বিষাদে মুখ চুনের মত বিবর্ণ হওয়া। "আহা মল্লিকের মুখখানি চুন হয়ে গেছে, ভাতার রাজবাড়ী গেল, হয় ত রেতে আসবে না।—ন.ত ৭০।]

চুণা, -না, -নো বি [সং চূর্ণ ; দ্র 'চুন'] গুঁড়া, অর্থাৎ ক্ষুদ্র ; ছোট (মাছ)। [চুনো-পুঁটি—ক্ষুদ্র মৎস্যমাত্র ; (গৌণার্থে) সাধারণ দীন দুঃখী লোক। "মনের মত কটাল হলে চুনোপুঁটিও এড়ায় না হু ১১।]

চু(চূ)ণাতি বি ['চূর্ণপাত্রী'—মূল ; হি চুনৌটী ; ঠ চুনাল. (চূর্ণালয়), চুনোটা, -টী] চুনের পাত্র ; চূর্ণাধার। "চুণাতি ক.চ ৮৯।

চু(চূ)ণারী বি ['চূর্ণকারী'—মূল] যাহারা চুন প্রস্তুত করে। "চৌদুলী চুণারী ক.চ ৮৯।

চুণী, -নী বি ['চূর্ণ'—মূল ; হি চুন্নী, চুনী ; ঠ চুণী, -নী ; গু চুনী] রক্ত-কণ, মণির ক্ষুদ্রখণ্ড ; লালমণিবিশেষ, পদ্মরাগ (ruby)।

চুত 'ত্' বি [সং চ্যুতি, চূত ; হি, ঠ চুত] যোনি। [°মারানী (গ্রাম্য) —অশ্লীলগালি।]

চুদ্ সক [চু, প—চোদয়তি ; সেট্] প্রেরণ, ক্ষেপণ, চালান, নিয়োগ। [প্র, সম্—প্রেরণ।]

চুদ সর্ম [সং √চুদ্ ; হি √চুদ ; মৈ √চোদ] স্ত্রী-সহবাস করা।

চুনট, চোনাট বি ['চূর্ণপট'—মূল ; হি চুনট, -ত, চুনাবট] চাপ হেতু কাপড় কাগজ ইত্যাদি সঙ্কোচ ; বস্ত্রভঙ্গ, কোঁচান (frill)। "চোনাট করা বান্ধা পাগড়ি ব.প ১৭৯৪। [চুনট করা—কাপড় কোঁচান।]

চুন(নু)রি বি [হি চুনরী] মধ্যে মধ্যে অন্যবর্ণে বিচিত্র, লাল বা অন্য-রঙের রঞ্জিত শাড়ী। "তোমার যে চুনুরী শাড়ীতে বড় সাধ মা।—নী ৮৭।

চুনায়লি ক্রি [হি √চুনা ; বৈষ্ণবসাহিত্যে] চুনাইল, বাছিয়া লওয়াইল ; পছন্দ করাইল (to cause to select)। "রসভরে মন্থর, লহু লহু চাহনি, কি দিঠি চুনায়লি ভাতি ব ৭৩।

চুন্নী বি ['চৌরনী'—মূল ; মৈ চোরনী—চোরপত্নী ; চোরনী (মালদহ) —স্ত্রী-চোর ; অস চুরুণী] স্ত্রীলোকচোর, চোরের স্ত্রী। [চুন্নী গরু—পালানীয়া বা দুষ্টা গাই। "গো.চ ২৯৯।]

চুপ্ অক [ভ্বা, প—চোপতি, সেট্] মন্দগতি, মৃদুগমন।

চুপ বিং [সং √চুপ—মন্দগতি, অর্থাৎ নিঃশব্দগমন ; হি, ঠ, গু চুপ] নিঃশব্দ, বাক্যহীন, নীরব। "বোল না ফুরে মুখে চুপ শ্রী.ম ২১। আর সব রহে চুপ কু.কে ২৫। [চুপ ! চোপ !—চুপ কর (silence !)। "বিদ্যা বলে চুপ চুপ ভা.চ ৩১০। চুপ করিয়া (অপ্র)—মৃদু করিয়া, আস্তে। "যাদু চুপ করিয়া কহিস কথা গো.চ ৬২। চুপ করে থাকা—নীরবে থাকা ; প্রতিবাদ না করা। "চুপ করে থাক বেদে চ.দা ৩২। চুপচাপ (হি, ঠ, গু °প)—১ নীরব, নিঃশব্দ। ২ নিরুদ্যম, নিশ্চেষ্ট। ৩ গোপনে ; ধীরে। চুপ চাপ করিয়ে দেওয়া—ক্ষমাপন্ন বা ক্ষান্ত করা ; থামান। "গুণী গয়লানীকে…পায় হাতে ধরে চুপচাপ করিয়ে দিলাম ন.ত ৩৩। চু(চো)প রও (হি চুপ রহো)—চুপ কর। চুপিচুপি—নিঃশব্দে, অজ্ঞাতভাবে, আস্তে আস্তে। "কুলবধূ নাচে চুপি-চুপি দা ৮৫। চুপি-চুপি (গেলাম) স.শ ৩৫। চুপু-চুপু—নিঃশব্দে, মনে-মনে। "চুপু-চুপু…চিন্তিব শ্রী.মা ৭৪। চুপে-চুপে (মৈ চুপ্‌পে)—নিঃশব্দে, অজ্ঞাত-ভাবে। "তাই বলি চুপে-চুপে, বিয়া হয় কোন রূপে ভা.চ ৩১০।]

চুপ(ব)ড়ি, -ড়ী বি [হি ছবড়া, -ড়ী ; ঠ ছবডী ; টুপড়ী (নাটোর)—টোপের মত ? ; 'ছব্বডী'—চর্ম্ম (দেশী ৩.২৫)—'চর্ম্ম হইতে 'চর্ম্মপাত্র', পরে তৎসদৃশ 'চুপড়ি' (?)] কঞ্চির বাঁশের বা বেতের মুখ-চওড়া পাত্রবিশেষ ; টুকরী, ছোট ঝুড়ি। "সিঁদুর°। কুঁজ নহে তার সে বুদ্ধির চুপড়ি কু ৪০। চুপড়ি মুলায় দস্ত বেচেন ফুল্লরা ক.চ ৪৯। ফুলের চুপড়ী ভা.চ ২৭৯। চুবড়ি হু ৩৪। [চুপড়ি মুলায়ে—চুপড়ি-মূল্যে ; এক এক চুপড়ি হিসাবে। চুপড়ি-আলু—চুপড়ির মত গোল দেশী আলুবিশেষ।]

চু(চো)পসা অক [চুষকা (চব্বিশপরগনা)—সং √চুষ্ (?)] ১ রস চুষিয়া আর্দ্র হওয়া। "ব্লটিং কাগজ কালিতে চোপসায়। ২ ভিতরের রস বা বায়ু বাহির হওয়ায় সঙ্কুচিত হওয়া। "ফোড়া, ফুটবল, চোপসায়। ঐ শব্দটাকে নিজের ফুঁয়ে ফুলিয়ে…সামলে বেড়াচ্চ—জান,…একটা পিন্ ফুটলেই এক মুহূর্ত্তেই হাওয়া বেরিয়ে সমস্তটা চুপসে যাবে!—ঘ ৭১। [চু(চো)পসান—১ সর্থ 'চুপসা'। ২ রস-বায়ু-নিঃসরণ হেতু সঙ্কুচিত ; তোবড়ান (sunk)]

চুবক বি [হি চোআ-না ; ঠ চুবা] চুয়া। "চুবক লইয়ে : চন্দন চুবক চ.দা ৪৪।

চু(ব)বান বি [√চুবা+অন] নিমজ্জন, ডুবা। "চুবন খেয়ে হাঁপিয়ে উঠে, দুনিয়া দেখে ফাঁক গি.দ্বি ১০৩। —নি বি [°ন+ই১১] সর্থ 'চুবন'। "চক্ষু রাঙ্গা তার পেট চুবানি খাইয়া ম.ভা ১১।

চুবা সর্ম [হি √চুভা—মগ্ন বা লীন করা] নিমজ্জিত করা, ডুবান। "হিন্দুর ভূত মার চুবাইয়া ম.ম ৫৮। দণ্ড জনে রাজা যেন নদীতে চুবায় চৈ.চ ২০৬। [চু(চো)বান, -নি—সর্থ 'চুবা'।

চুম সর্ম [সং √চুম্ব্ > প্রা √চুংব ; হি √চুম ; ঠ √চুংব ; পদ্যে] চুম্বন করা। "তিলে শতবার মুখ চুমে (প.ক)। নমাজে দরগার চুমে ধূলি ভা.চ ১২৪। দেবতা চুমে ধরার আঁখি অলক চুমে রুক্ষ : চুমিয়া তনু কুহুমি তোলে কু.কে ৬৫। [চুমওবাহ—চুম্বন করিবেন। "বি.সা ৫০৭।]

চুম, -মা বি [সং চুম্ব, -ম্বা ; হি, মৈ চুম্মা, চুমা ; ড় চুম্ব ; অস চুমা] চুম্বন। "দেহ চুম কোল শ্রী.কী ৭২। মড়ামুখে মাতা দেন চুম শ্রী ৩০ ; ২৬০। কেহ বা দিছেন চুম ব.প ১৩৫৬। ভালে দিল চুম বা.ম ১০৬।

চুমকি, -কী বি [হি, ঠ চমকী] ১ 'চমকযুক্ত,' দীপ্তিশীল সোনার রূপার বা সোনালী রূপালী ছোট চাকতি (sparkler ; spangle)। "ডিজার দিলেক আঁখি, সোণা-রূপার চুমকী ব.প ২২০। সৈকতপুলিনে তার চুমকি বসার প.ভূ ৮২। ২ চুমুক দিয়া জল খাওয়ার ছোট ঘটি। "চুমকী ঘটী হু ১৮৪। [আলোর চুমকি—আলোকরচিত চুমকি। "ছায়ার

উপরকার আলোর চুমকিগুলি আমার চোখের উপর কেবলি নাচিতে লাগিল গ.স ৬৫।]

চুমকুড়ি বি ['চুম্বকৃতি'—মূল (?) ; হি চুম্বকার, -রী ; মৈ চুচুকার ; চুঙ্গুড়ি (যশোহর)] চুম্বনের ওষ্ঠপুটের শব্দ। "চুমকুড়ি দিয়া গোরু থামান। (চুমকুড়ি দিয়া)...পড় বাবা আত্মারাম !—অ.গ্র।

চুমরা সর্ম্ম [হুমরাচুমরা—'চুমরা' > °রা] ১ মিথ্যা গুণারোপ করিয়া প্রশংসা করা ; কার্য্যসিদ্ধির নিমিত্ত চাটুবাক্য বলা। ২ [চমর+আ°] চমরের লোমের ন্যায় (লোম) সজ্জিত করা ; কুল্লান। "এটা আমাকে দেখিতে আসিয়াছে, সন্দেহ নাই। এই ভাবিয়া দিগ্বিজয় একবার গোঁফ-দাড়ি চুমরিয়া লইল ব.প্র ১৮০। [চু(চো)মরান—সর্থ 'চুমরা'।]

চুমুক বি ['চুম'—মূল ; সং চুলুক] ১ চুম্বনের ন্যায় ওষ্ঠ ঠেকাইয়া পান-করা যে-পরিমাণ জলাদিতে মুখ পূর্ণ হয়, তাবৎপরিমাণ পানীয় (sip)। "করিলা গরল পান একই চুমুকে ম ১৪ ; ৪৬৭। চুমুকে চকচক পেয় পিয়া ভা.চ ১১৫। ২ ['চুমকী'—মূল ; অপ্র] (চুমকীর মত) জল-বিম্ব। "আসন ছাড়িআ পরভু বৈসেন চুমুক উপরে। পরভুর আসন বিম্বু সহিতে না পারে॥ —শূ ২। ৩ [অপ্র] চুম্বন। "ছাইলা ছোটর চুমুক খাইলে গো.চ ১৫৪।

চুমুর, -রি বি ['চমর'—মূল (?)] চমরাকৃতি নারিকেলের পুষ্পকোষ।

চুম্ব্ (চুম্বি) সক [ভ্বা, চু, প—চুম্বতি, চুম্বয়তি ; সেট্] চুম্বন। "মুখ চুম্বতি সুন্দর হৃষ্টমনে বি.সু ৫৮।

চুম্ব[1] পুং, **-ম্বা** স্ত্রী [√চুম্ব্+অ (ঘঞ্), +অ, -ভা, স্ত্রী আ (টাপ্)] চুম্বন। "চুম্বাবিরামে বদনং প্রমার্ষ্টি (বৃহৎসংহিতা)। বলে চুম্ব চাহ। —শ্রী.কী ১০৫। চুম্ব দেউক।—কৃ ৪১। মুখে চুম্ব দিল ম ১০৩৫। চুম্বা ম.ম ১১৮। চুম্ব দেই।—ব ৫৭। চুম্ব ভা.চ ৪০৪। —ম্বক বিণ [+অক (ণুল্)-ক] ১ চুম্বনকারী। ২ কামুক। ৩ শঠ, ধূর্ত্ত। ৪ বহুগ্রন্থের একদেশজ্ঞ ; পল্লবগ্রাহী। —ক পুং ১ লৌহাকর্ষক লৌহ-বিশেষ ; অয়স্কান্ত, কান্তলৌহ (load-stone)। "এখনো চুম্বকচিত্ত ধাইছে আমার, সে মেরুর পানে, সদা বেগে অনিবার (মিত্রবিলাপ)। ২ ধটের (তুলার) ঊর্দ্ধাবলম্বন (pivot)। ৩ (বাঙলায়) বস্তুসংক্ষেপ, পুস্তকাদির বিষয়সার (subject-matter)। ৪ (অপ্র) চুম্ব, বেগে আকর্ষণ। 'চাপিয়া বুক টানে, চুম্বক দিল প্রাণে শ্রী.ম ২১। —ম্বন ক্লী [+অন (ল্যুট্)-ভা] মুখসংযোগবিশেষ, চুমা। "মহ্যং সমর্প্য মদর্পিত-চুম্বনং চ।—অমরুশতক ৯৪। সা.দ ৩১৮৬। ওষ্ঠবিম্ব° মাঘ ২.১৪। °দান গী.গো ২.১৬। মুখ° ভা.চ ৪০৩। —ম্বিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতচুম্বন। "মুখং...ন চুম্বিতং তৎ শ ৩.২১। প্রিয়েণ হসতা বালা চিরং চুম্বিতা সা.দ ১৬। ২ দষ্ট। 'দয়িততমেন চুম্বিতায়াঃ মাঘ ৮.১৩। ৩ স্পৃষ্ট। "ইন্দুময়ূখচুম্বিতস্যন্দিচন্দ্রমণি উ.চ ১.৩৪ ; চূড়াচুম্বিতকঙ্কপত্র ৪.২০। অম্বর-চুম্বিত ভাল হিমাচল।—গান ২২১। —ম্বী (-ম্বিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ম্বিনী] চুম্বক, স্পর্শী। "পীনোন্নত-স্তনযুগোপরিচারুচুম্বিমুক্তাবলি (চৌরপঞ্চাশিকা)। ভা.চ ৬০২।

চুম্ব[2] সর্ম্ম [সং √চুম্ব্ > লি √চুম্ব ; প্রা √চুংব] ১ চুম্বন করা। "মুখ চুম্বই চাঁদ চকোর হ'য়ে ভা.চ ৩৩০ ; নয়ন চুম্বিয়া ৩৬৩। ২ স্পর্শ করা। "কেশের আগ, চুম্বয়ে টাগ চ.দা ২১। কোন কোন ফুল চুম্বি কি ধন পাইলা মে ৪৪। [চুম্বওঁ, -ম্বো (চুম্বন করি), চুম্বিআঁ, চুম্বী (শ্রী.কী) ।]

চুম্বক, -ম্বন, -ম্বিত, -ম্বী দ্র 'চুম্ব[1]'।

চুমুক বি [চুমুক > °ক ; অপ্র] চুমুক। "জল রাজা খায় চুমুক ('চুম্বক' —টীকা) দিয়া গো.চ ১৬৯। ব.প ৬৪। —কী বি [চুমকী > °কী ; অপ্র] চুমকী। "সোণার চুমুকী কৃ.উ ৬৪।

চুয়া[1] বি [চুয়া[2]—মূল ; হি চোআ ; ঠ চুআ ; ড় চুআ ; ভু 'সং চ্যুত' (extracted) ; চ্যুত > প্রা চুয় (অ.রা)] ধুনা ইত্যাদি চুয়াইয়া-করা সুগন্ধি নির্য্যাসবিশেষ। "চন্দন চুয়া কুমকুম গো.চ ৪৫৭। চন্দন চুয়া কৃ ৯৯। গন্ধ চুয়া ক.চ ১২২, -৫৫, -৯২। চন্দন চুয়া ভা.চ ২৮৬।

চু(চো)য়া[2] সর্ম্ম [সং √সু—সুরাসন্ধান ; হি √চুয়া, √চু(চো)আ] ক্ষরিত করা ; ঝরান, চুয়ান (to distill)। "সদ্য দিল চুয়াইয়া সাত ঘড়া সুরা শ্রী.মা ১১১। —য়া অর্ম্ম ক্ষরিত হওয়া ; ঝরা (to trickle)। "চিবুকে চুয়ায়া সুধা পড়ে দু ৮ ; হাস্যযুক্ত মুখ যেন অমৃত চুয়ায় ১০। চাঁদ চুয়াইয়া পড়ে ব.প ২৭৭। মুখে চুয়াইছে ঘাম।—ব ১৩৮। [চুয়ত, চোয়ত—চুয়ায়, ঝরে। "স্বেদ মকরন্দ, বিন্দু বিন্দু চুয়ত (প.ক)। চুয়ল—চ্যুত হইল। "চুম্বনে চুয়ল অধরক দাগ (প.ক)। চু(চো)য়ান —১ সর্থ 'চুয়া[2]'। ২ ক্ষরিত, ঝরান (জল)।]

চু(চো)য়াড় বি [হি চুহড়া—চণ্ডাল ; চোয়াড়—পর্ব্বতীয় দস্যু ; ঠ চহাড়—নিন্দক] ১ ব্যাধজাতি, চণ্ডাল। "জাতি চোয়াড় ক.চ ৭৩। ['চোয়াড়'—'পুরীরক্ষক' (শ্রী) ; 'যুদ্ধব্যবসায়ী' (ভা.চ)। "চৌদিকে চোয়াড়, পুরী রক্ষিবার শ্রী ১৩। চোয়াড়ে লোফে কাঁড় ভা.চ ৭৫৯।] ২ (গৌণার্থে) অসভ্য, উগ্রস্বভাব ব্যক্তি।

চুয়া(হা)ত্তর স.বিং [সং চতুঃসপ্ততি > লি চতুসত্ততি, প্রা চউহত্তরি ; হি চৌহত্তর ; ঠ চৌরে(হ্যা)হত্তর ; গু চুংরোতের ; অস চৌসত্তর] চতুঃ-সপ্ততিসংখ্যক। —ত্তর বি চুয়াত্তর (৭৪) সংখ্যা।

চুয়ান্ন স.বিং [সং চতুঃপঞ্চাশৎ > লি চতুপঞ্চাসা, প্রা চউপন্ন, -পন্নাস, চউঅন্ন (পৈ) ; হি চৌরন ; ঠ চৌপন্ন ; গু চোপন ; চোয়ান্ন (চৈ.চ ৮৫)] চতুঃপঞ্চাশৎসংখ্যক। —ন্ন বি চুয়ান্ন (৫৪) সংখ্যা।

চু(চো)য়াল বি [সং হনু (jaw) ; হি চৌভ(হ)ড় ; মৈ চৌল] খাদ্য-চর্ব্বণার্থ মাড়ির দাঁত ; মাড়ি। "গজ গিলে কামিনী চোয়াল নাহি নাড়ে ক.চ ২০২। [চোয়াল ধরা—হনুগ্রহ।]

চুয়াল্লিশ স.বিং [সং চতুশ্চত্বারিংশৎ ; লি চতুচত্তারী(লী)সতি, প্রা চউচত্তা (প্রা.ম), 'চউআলিস, চোআলীসই' (পৈ) ; হি—চৌআলিস, চৌবালিস ; ঠ চৌরেচা(তা)লীস ; গু চুংবালীস] চতুশ্চত্বারিংশৎ-সংখ্যক। —শ বি চুয়াল্লিশ (৪৪) সংখ্যা।

চুর্ সক [চু, প—চোরয়তি, 'চোরতি' (বোপদেব) ; চোরয়তি (কর্ত্তৃ-গামিফলে) ; সেট্] স্তেয়, চৌর্য্য।

চুর[1], **চূর**[1] বি [সং চূর্ণ ; হি চুর ; চুরণ ; প, ঠ, গু চুর ; সি চুর ; ড় চুরা ; মৈ চুরন] চূর্ণ, গুঁড়া। "শঙ্খ কর চুর বি.প ১৮৬। রথ হৈল চুর কৃ ১৪২ ; কায় করে চুর ২৬৪ ; ৩৪০। বজ্রে করে চুর ম ৬২৬। (পুর) ভাঙ্গিয়া করে চুর ক.চ ১৯। মেরে করি চুর শ্রী.মা ১৫৯। মরিচচুর রা.শে ৬। —র বিং ১ চূর্ণিত, খণ্ড-খণ্ড, বিদলিত, মর্দ্দিত। "দশ মুণ্ড চুর হবেক...শরে কৃ.উ ৪৬। দর্প চুর করি ১৪৫। যৌবন কমলাঙ্কুর, লোভে না করিও চুর ভা.চ ৬৬৯। ২ প্রভাবহীন, বিফল, ব্যর্থ। "মোর ঠাঁই আজি বেটার মায়া হবে চুর কৃ ৩২২। চাতুরী হৈল চুর ভা.চ ৩৮৭। ৩ অভিভূত, মত্ত। "গাঁজায়, নেশায়, মদে চুর। [চুর চুর—অত্যন্ত অভিভূত বা মত্ত। "কয়েফেতে চুরচুর বি.সু ৯১। চুরচুরে মধুপান—অতিমত্ততাজনক সুরাপান। "(মাজিষ্ট্রেট্) খুব চুরচুরে মধুপান করিয়া ...আদালতে আইলেন আ.দু ১৬৭। চুরণী—চূর্ণ, গুঁড়া। "ঘবের চুরণী রা.শে ২২।]

চুর[2], **চূর**[2] অর্ম্ম [চু(চূ)র > °র] চূর্ণ হওয়া ; গুঁড়া হওয়া। "ভেঙে চুরে যাওয়া। —রা সর্ম্ম [চু(চূ)র+আ° ; সং √চূর্ণ > প্রা √চুর ; হি √চুর ; ঠ √চুর] চূর্ণ করা ; গুঁড়া বা টুকরা-টুকরা করা। [চুরা—চূর্ণ হওয়া। "ভাঙা°। চু(চূ)রান—গুঁড়ান ; চূর্ণিত।]

চুর(রু)ট বি [তা চুরুট্ ; E- cheroot] ধূমপানার্থ পাকান শুখনা তামাকের বাতি (cigar, cigarette)। "চুরট হু ১৪।

চু(চু)রমার বিং [চুর+মার ; হি চুর চুর ; ঠ চুরচার] চূর্ণ ও বিনষ্ট ; খণ্ড-খণ্ড ; ধূলাগুঁড়ায় পরিণত। "লঙ্কা করিবে চুরমার কৃ.উ ১৫ ; ২৩১ ; কঙ্কণ…চুরমার ২৭২ ; পড়িল রথের ঘোড়া হৈল চুরমার ২২৪। বৃক্ষাঘাতে প্রচণ্ড হইল চুরমার কৃ ২৫৭। (ঘর) চুরমার শ্রী.ম ২১। অস্ত্রে করে চুরমার গ ২৪। চুরমার হইল হাড় শ্রী.মা ৭৯। (জীবন) চুরমার বিনি বজ্রাঘাতে সা.ম ১৮।

চুরানব্বুই, চোরনই, -নব্বুই স.বিং [সং চতুর্নবতি >লি চতুনর্‌তি, প্রা চউণউই ; হি চৌরানবে ; ঠ চৌষ্যান্নব ; গু চোরণু] চতুর্নবতিসংখ্যক। —ই বি চোরনব্বুই (৯৪) সংখ্যা।

চু(চো)রাশী, চৌরাশী স.বিং [সং চতুরশীতি >লি চতুরাসীতি, প্রা চউ(চৌ)রাসী, চুলসী ; হি চৌরাশী ; ঠ চৌষ্যাসী ; গু চোরাসী] চতুরশীতিসংখ্যক। "চৌরাশীটা নরকের কুণ্ড কৃ ৩৫৯। —শী বি চোরাশী (৮৪) সংখ্যা।

চুরি বি [সং চৌর্য্য >প্রা চোরিঅ >বা (চোরি) °রি, হি, ঠ, গু চোরী] **১** অপহরণ। "ভা.চ ৩০২। যার লাগি চুরি করি সেই বলে চোর কা ১০৫। °ডাকাতি ব.দ্বি ৯৭। **২** গোপনকর্ম্ম। "তোর জিম্মা মোর পুরী, বিদ্যার মন্দিরে চুরি ভা.চ ৩৭৮। [চুরি করা—গোপন-প্রণয়ে আকৃষ্ট বা আসক্ত করা। "বিদ্যারে করিয়া চুরি এ হইল চোরা। ইহারে যদ্যপি পাই চুরি করি মোরা॥—ভা.চ ৪০২। °চামারী—চৌর্য্য ও জুয়াচুরি ইত্যাদি অপকর্ম্ম। °দারি—চৌর্য্যাদি অপকর্ম্ম। "চুরিদারি নাহি করি চ.দা ৩২। মাংস চুরি করা—আঁটো শাঁখা পরাইবার সময়ে পোঁছার মাংস আঙুলে টিপিয়া শাঁখা গলাইয়া বাহিরে আনা। "মাংস চুরি করিয়া মাধব ঠেলে শাঁখা শি ১০৫।]

চুল, -লি² বি [সং চুল, তু 'সং চূড়া (শিখা) >প্রা চুল (বৃত্তচুল—রঘু ৩.২৮) ; হি বাল, চুল (শিখা) ; ঠ বাল ; ড় ব্লাল.] **১** কেশ। "নাহি বান্ধে চুলি কৃ.উ ৭৬। সীতার ধরে চুলে কৃ ৩০৫। ফুলের গাথনি, দেখয়ে খসায়ে চুলি চ.দা ৯। চুলি ক.চ ১০৯। আউদর চুলি ম.ভা ২৩। **২** চূড়া, অত্যুচ্চ স্থান। "পরাণ রতন, পিরীতি পরশ, জুকিনু হৃদয়তুলে। পিরীতিরতন, অধিক হইল, পরাণ উঠিল চুলে॥—চ.দা ১২৬। [চুলচেরা (hair-splitting)—অতিসূক্ষ্ম (ভাগ, বিচার)। "চুলচেরা ভাগ জা ১৫। চুল তফাৎ—অত্যল্প প্রভেদ। চুল ফাঁক—অত্যল্প বিশ্লেষ। চুলমুঠা—কেশমুষ্টি, মুষ্টিধৃতকেশ। "কৃ ৪৯১। চুলা(লো)-চুলি, -চুলী—চুল ধরিয়া টানাটানিপূর্ব্বক বিবাদ ; কেশাকেশি। "চুলা-চুলি কৃ ৩২২। চুলাচুলী চৈ.ভা ৬৬। চুলোচুলি…আরম্ভ হইল ব.প্র ৩০৪।

চুলকা সর্ম্ম [সং √কণ্ডূয় ; হি চুল (কণ্ডূয়ন)—√চুলচুলা] কণ্ডূতি-নিবারণার্থ নখ দিয়া (গাত্র) ঘর্ষণ করা ; চুলকান। —কা অর্ম্ম কণ্ডূতি অনুভূত হওয়া। "আলকুশিতে গা চুলকায়। [চুলকনা, -কুনি কণ্ডূরোগ (itches)। চুলকা(ক)ন—সর্ম্ম 'চুলকা'।]

চুলবুলে বিং [হি চুলবুলা] চঞ্চল, অস্থির। "যেন ভৈরবের গায়…ফণা তুলে চুলবুলে ফণী অগণন সা.ম ৫৪। চুলবুলে লোকেরা একভাবে স্থির থাকিতে পারে না।—পা.প্র ১৯০।

চু(চু)লা, -লো বি [সং চুল্লী ; হি চুল্‌হা ; ঠ চুল ; গু চু(চূ)ল ; মৈ চুল্‌হি] উনান। "চুলোতে রাখি বেসালি প.র ৫২। চুলা চৌকা ভ.গ্র ২১৬। শত চুলা চৈ.চ ১৭১। [চুলায় যাওয়া—পুড়িয়া মরা বা যাওয়া ; নষ্ট হওয়া (গালিতে, বিরক্তিতে)। "বিধাতা চুলায় যাক !—ন ৯৬৩। চুলোমুখো, -মুখী (স্ত্রীলিঙ্গে)—পোড়ামুখো, পোড়ামুখী (গালি)। °মুখী ব.প্র ৩৬৬।]

চু(চু)লি¹ বি [সং চুল্লী] চিতা। "রাবণের চুলির মত জ্বলছে আ.দু ১৬০।

চুলি² দ্র 'চুল'।

চুলুক পুং [√চুল্‌ উন্নতি+উক (উকঞ্‌)-ক (?)] **১** নিবিড় কর্দ্দম ; ঘন কাদা। **২** প্রসৃতি, অঞ্জলি। "নৈ ৮.৪৫। কথারসো যৎ চুলুকৈ-শ্চুলুম্প্যা বা.ভা ১.১৭। **৩** মুখগহ্বরমিত জল, গণ্ডূষ, চুমুক (A.)। —ক ক্লী মাষমজ্জনমাত্র জল।

চুল্লি, -ল্লী² স্ত্রী [√চুল্ল্‌ ক্রীড়া+ই (ইন্‌)-ধি ; স্ত্রী -ঈ (ঙীষ্‌) ; তু 'চুল্লী'—শিলা (দেশী ৩.১৫) ;—'শিলার উনান' প্রথম, পরে 'উনান-মাত্র' (?)] 'অগ্নিক্রীড়াস্থান', চুলা, উনান। "চুল্লী মনু ৩.৬৮।

চুল্লী¹ স্ত্রী **১** চিতা, চুলি। **২** ত্রিশাল, অর্থাৎ উত্তরপূর্ব্বপশ্চিমদিগভিমুখ প্রকোষ্ঠত্রয়যুক্ত গৃহ (বৃহৎসংহিতা)।

চুল্লী² দ্র 'চুল্লি'।

চু(চু)ষ, -স সর্ম্ম [সং √চুষ্‌ ; হি √চুস] জিহ্বা ও ওষ্ঠ দ্বারা রস টানিয়া খাওয়া ; চোষা। "ইন্দিরার জল তুই ফ্যালাক চুসিয়া গো.চ ২০। চুষি চোকা আঠিঃ চোকা চুষে চৈ.চ ৩৩৬। চূষ্য চুষিয়া ভা চ ১১৫। [চু(চো) ষা —সর্ম 'চুষ'। চুষি, চুষিকাঠি—শিশুর চুষিবার খেলানাবিশেষ। চুষি—পিষ্টকবিশেষ। "চুষি রুটি ভা.চ ৫৪৮। চোষান—চূষণ করান।]

চু(চৌ)হান বি ['চৌহান'>°ন ; হি চৌহান] অগ্নিকুলের অন্তর্গত ক্ষত্রিয়ের এক প্রসিদ্ধ শাখা ; তদ্বংশীয় ক্ষত্রিয়। "সঙ্গে বিংশতি চুহান শ্রী.মা ১৪১। চোহান রাজপুত্র শ্রী ১৬ ; ২৩২। [প্রসিদ্ধি যে, এই বংশের আদিপুরুষের চারি হস্ত ছিল ; রাক্ষসনাশার্থ বসিষ্ঠের যজ্ঞকুণ্ড হইতে ইঁহার উৎপত্তি হয়। দিল্লীর শেষ সম্রাট্‌ পৃথ্বীরাজ চৌহানবংশীয় ছিলেন (হিন্দীশব্দসাগর)।]

চূচুক ক্লী [দ্র 'চুচুক' ; তু 'চুঅ'—স্তনশিখা (দেশী ৩.১৮)] কুচাগ্র। "স্তনৌ…মে মগ্নচূচুকৌ গো.রা ৬.২৩.১৩। —চুক পুং [ধ্বন্যাত্মক] যে চুচু (তো-তো) করে ; স্খলদ্‌বাক্য, তোতলা। "(তে) ভবন্তি মূক-চূচুকাঃ মহা ১৪.৩৬.৩০।

চূড় বি ['চূড়'—বলয়াবলী (দেশী ৩.১৮] বলয়, বালা, চুড়ি। "প্রকোষ্ঠে হীরকমণ্ডিত চূড় ব.প্র ৫।

চূড়(ড়া)ন্ত বিং [চূড়া+অন্ত>চূড়া(ড়)ন্ত (যুক্তাক্ষরের পূর্ব্ব দীর্ঘ স্বর হ্রস্ব, তু 'সং শকন্ধু ; লি উপন্তিক ; প্রা তুহদ্ধ (তুহ-অদ্ধ—সং তব+অর্দ্ধ)] **১** চূড়ায় যাহার শেষ ; উচ্চতম স্থানে সমাপ্ত, অর্থাৎ কোন বিষয়ের যতদূর সম্ভব তদবধি ; চরম, শেষ। "জ্ঞানের চূড়ান্ত ফল,—গলায় সতিনী দুটি ! —ন ৯৬৮। দ্র 'চূড়া (১০)। এই জীবনের ভার, যত হাল্কা হ'তে পারে করলে এরা চূড়ান্ত তাহার প.কা ২৬। এই ত হ'ল কাপুরুষতার চূড়ন্ত !—ঘ ১৮৪। **২** সবিশেষ, সবিস্তর। "যে দিন যত দুঃখ পেয়েছিল। যাবৎ বৃত্তান্ত ধীর চূড়ান্ত কহিল॥—বা.দ ২৫৭। **৩** অতিশোভন, খুব ভাল। "গোটা গোট একছড়া, পুরন্ত পাছায় চূড়ন্ত লাগবে দেখতে দা ৯৮১। —ন্ত বি পরাকাষ্ঠা ; একশেষ, চরমসীমা। [চূড়ান্ত জবাব—শেষ বা সুসঙ্গত উত্তর।]

চূড়া স্ত্রী [√চুল্‌ উন্নতি+অ (অঙ্‌)-র্ম, অন্তর্ভাবিতণ্যর্থ+স্ত্রী আ (টাপ্‌) ভিদাদি, দীর্ঘ] **১** যাহা উন্নমিত হয়, শিখা, জুটিকা, টিকি। "উন্নদ্ধচূড় রঘু ১৮.৫১। °চুম্বিতকঙ্কপত্র উ.চ ৪.২০ ; চঞ্চৎপঞ্চচূড় ৫.২। **২** চূড়া-করণ সংস্কার। "চূড়া কার্য্যা যথাকুলম্‌ যাজ্ঞ ১.১২। বৃত্তচূড় রঘু ৩.২৮। **৩** ময়ূরশিখা। **৪** কুক্কুটমস্তকস্থ শিখাবৎ অবয়ব। তু 'তাম্রচূড়'। **৫** অগ্রভাগ, শিখর। "অস্তাচল° (হি)। উচ্চবৃক্ষ-চূড়ে মে ১১৫। **৬** বলভী, চন্দ্রশালা, চিলাঘর। **৭** মস্তক (A.)। **৮** [দ্র 'চূড়'] হস্তা-ভরণবিশেষ, বলয়, চুড়ি। **৯** কূপ। **১০** (বাঙলায়) শ্রেষ্ঠ, প্রধান, পূজ্য। "গ্রামের চূড়া ক.চ ১০৮। মেয়ের চূড়া ভা.চ ৭৯ ; ভারত রসের চূড়া ৩০৫ ; চতুরের চূড়া ৩৯০। ব্রাহ্মণচূড়া দা ৪ ; ক্রমেতে ভুবনের চূড়া, জল হইতে দেখান চূড়া ১৪২ ; ঐ ত ভুবনের চূড়া, চূড়ার মাথায় দিয়ে চূড়া, অবিচার কি চূড়ান্ত করেছে !—২৩২। গ্রাম° বা.দ ১৫। [চাঁদের চূড়া—চাঁদের চূড়াতুল্য, অর্থাৎ অতিসৌম্যসুন্দর। "উমার মুখ

চাঁদের চূড়া ভা.চ ৭৯। ঢেমনের চূড়া—(?)। "তেন্তলি আম্বল দিল ঢেমনের চূড়া শি ১৭।]

চূড়াকরণ, -কর্ম্ম(-র্ম্মন্) ক্লী [বহুব্রী ; কর্ম্মধা] চূড়ার করণ, অর্থাৎ কার্য্য যাহাতে ; চূড়ারূপ কার্য্য ; সংস্কারবিশেষ। "চূড়াকরণ মনু ২.৩৫, কুল্লুক। চূড়াকর্ম্ম ন.প ১১২। চূড়াকর্ম্ম সী ৬২। [প্রথম বা তৃতীয় বর্ষে চূড়াকরণ কর্ত্তব্য। কুলধর্ম্মানুসারে ইহার ব্যবস্থাবিকল্প আছে (মনু ২.৩৫)।]

চূড়ামণি পুং [উ.লো, অথবা ষ.ত] ১ চূড়াস্থ মণি ; মুকুটস্থ নায়কমণি ; শিরোরত্ন, শিরোমণি। "(আসনম্) চূড়ামণিভিরুদ্ঘৃষ্টপাদপীঠং মহীক্ষিতাম্ রঘু ১৭.২৮। চন্দ্রার্দ্ধ° হি ১.২২৬ ; ২.৭০। পঞ্চ ১.৭৮। (ধ্রুবঃ) অভূৎ ত্রয়াণাং লোকানাং চূড়ামণিরিব ভ ৪.১২৩৭। বাল্মীকি! হে ভারতের শিরঃচূড়ামণি মে ১০৮। ২ মুকুট, শিরোভূষণ (অ.চি)। ৩ শ্রেষ্ঠ, প্রধান। "আচার্য্য°, আচার্য্যচক্র°, কর্ণাট°, বাদীন্দ্রচক্র°, ভট্টাচার্য্য°। খলগণ° ম ৪৫। চাঁদচূড়ামণি বা.ম ৩৯৭। দেব° শ্রী.মা ৪। গৌড়ের চূড়ামণি ব.প ৪৬১। নির্গুণের চূড়ামণি দা ৯৪৯। চোর° বি.সু ৮৯। বীর° মে ১ ; ৬। খগ° বা.দ ১৫০। পতি° ন ৯৭৩। ভুবনত্রয়° কাদ ৫৯। ঘটক° লী ২৫। (সমাসে উত্তরপদ)। ৪ যোগবিশেষ। "সূর্য্যগ্রহঃ সূর্য্যবারে সোমে সোমগ্রহস্তথা। চূড়ামণিরয়ং যোগঃ…॥ —গরুড়পুরাণ। ৫ কাকমাচিকাফল।

চূড়ারত্ন ক্লী [উ.লো, অথবা ষ.ত] সর্ব 'চূড়ামণি'।

চূড়াল বিণ [চূড়া+ল (লচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -লা] চূড়াবান্, শিখাযুক্ত। "মহা ১০.৭.৩৭। —ল ক্লী মস্তক। —লা স্ত্রী ১ শ্বেতগুঞ্জা। ২ নাগরমুস্তা।

চূড়ালা দ্র 'চূড়াল'।

চূত পুং [√চুৎ ক্ষরণ+অ (ক)-ক, দীর্ঘ (অ.টী)] আম্রবৃক্ষ। "°মঞ্জরী গো.রা ৩.৭৯.১৭। °কোরক শ ৬.২। চূতাঙ্কুরস্বাদ কু.স ৩.৩২। °পোত ভ ৩.২১.৪২। চূতপল্লবিত ঘট ম.পা ৩১,-৭। [কবিপ্রসিদ্ধি যে, চূত স্ত্রীগীতে বিকসিত হয় ; স্ত্রীগীত ইহার দোহদ। 'চূতো গীতাৎ (বিকসতি)। —উ.মে ১৭, মল্লিনাথ।] —ত ক্লী ১ 'চূতবিকার', আম্রফল। ২ চূতকুসুম। "কু.স ১.২৭। চূতরেণু-মাখা কু.কে ৫। ৩ গুহ্যদেশ। [°লতা (বি)—ক্ষুদ্রচূত, আম্রবৃক্ষ। "মুকুলিত চূতলতা কোরক জালে ব.প ১৩২২। চূত-লতা-কুঞ্জবনে কা ২৬।]

চূয়া দ্র 'চুঁয়া[১]'।

চূর[১] ; চূর[২] ; চূরমার দ্র 'চুর[১] ; চুর[২] ; চুরমার'।

চূর্ণ সক [চু, প—চূর্ণয়তি ; সেট্] ১ পেষণ, চূর্ণীকরণ। ২ প্রেরণ। [প্র, বি, সম্—সম্যক্ পেষণ।]

চূর্ণ[১] বিণ [চূর্ণ+অ (অচ্) অস্ত্যর্থে] চূর্ণযুক্ত, ভঙ্গযুত, বক্র। "°কুন্তল। —র্ণ ক্লী [√চূর্ণ্+অ (অচ্)-ভা] ১ চূর্ণন, পেষণ, গুঁড়ান। ২ [+অ-র্ম্ম] চূর্ণিত দ্রব্য ; ক্ষোদ, চুর, ফাকি, গুঁড়া। "অশ্ম°, তিল°, চূর্ণ হৈল হাড়। দন্তশোধন°, ধানা° বদর°, যব°। চূর্ণৈশ্চ সুগন্ধিভিঃ গো.রা ১.৯.১৭। —কৃ ২৬৫। চূর্ণবৎ…রথ হয় ম ৭৪৫। ২ পেষণজাত গোধূম ; ময়দা। "অন্নাদষ্টগুণং চূর্ণং চূর্ণাদষ্টগুণং পয়ঃ (বৈদ্যক)। ৩ চূর্ণ, আবির (ভরত)। ৪ কুঙ্কুমচন্দনাদিরজঃ, বাসযোগ, পটবাসক্ষোদ, গন্ধদ্রব্যের গুঁড়া। "কল্যাশ্চন্দনচূর্ণৈঃ…অবাকিরঞ্জাস্তনবম্।—মহা ৬.১২১.৩। °মুষ্টি উ.মে ৭। (তেন) অলকেষু চমূরেণুশ্চূর্ণপ্রতিনিধীকৃতঃ—রঘু ৪.৫৪। —র্ণ পুং ১ ক্ষারবিশেষ, চুন। "শঙ্খ°। চূর্ণমানীয়তাং তূর্ণং পূর্ণচন্দ্রনিভাননে (উদ্ভট)। জোকাননে বারি চূর্ণ দিল কুম্ভ হোন্তে ম.পা ১১১। ২ ধূলি। [°কার (পুং)—সঙ্করজাতিবিশেষ, চুনারী। নটকন্যায় পুণ্ড্রক হইতে ইহাদের জন্ম (পরাশরপদ্ধতি)। °কুন্তল (পুং)—ভঙ্গযুক্ত কেশ ; অলক। °খণ্ড (ক্লী) চূর্ণজনকখণ্ড, কর্কর, কাঁকর, ঘুটিং। °পারদ (পুং) হিঙ্গুল ; সিন্দুর। °মান (বিং, অপ্র)—চূর্ণ। "চূর্ণমান খড়্গ হইল দু ৮৩,-৪। চ.বি ৮৪। মুষ্টি (স্ত্রী)—°মুষ্টিমিত কুঙ্কুমাদিচূর্ণ। "উ.মে ৭।]

চূর্ণ[২] সর্ম্ম [সং √চূর্ণ] পিষ্ট করা ; গুঁড়া করা। "মারিব. শিলাঘাতে চূর্ণি শিরঃ মে ১৫৩। চূর্ণিয়াছিল শৈলকুল-পাখা মা ১২৩।

চূর্ণক পুং [চূর্ণ+ক (কন্) স্বার্থে] সক্তু, ছাতু। —ক ক্লী ১ সর্ব 'চূর্ণ'। ২ কোমলাক্ষর স্বল্পসমাস গদ্যবিশেষ। 'অকঠোরাক্ষরং স্বল্পসমাসং চূর্ণকং বিদুঃ (ছন্দোমঞ্জরী)। সা.দ ৬.৩৩১।

চূর্ণন ক্লী [√চূর্ণ্+অন (ল্যুট্)-ভা] পেষণ, গুঁড়া করা। —র্ণি, -র্ণী স্ত্রী [+ই (ইন্)-ভা, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] ১ চূর্ণন। ২ [+ই-ক] 'তর্কচূর্ণয়িতা', মহাভাষ্য। ৩ [+ই-র্ম্ম] রজঃ, গুঁড়া। ৪ [√চুর্+নি, উ ৪.৫৩] কপর্দ্দক ; কপর্দ্দক-শত ; কার্ষাপণ (ত.বা)। —র্ণিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পিষ্ট। "চূর্ণিতৈরুত্তমাঙ্গৈঃ গী ১১.২৭। [চূর্ণিকৃৎ (পুং) —মহাভাষ্যকার পতঞ্জলি।]

চূর্ণী (-র্ণিন্) বিণ [চূর্ণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্ণিনী] চূর্ণবান্, চূর্ণমিশ্র, চূর্ণসংসৃষ্ট। "চূর্ণিনোঽপূপাঃ পা ৪.৪.২৩, কাশিকা।

চূর্ণীকৃত বিণ [চূর্ণ+চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] পিষ্টীকৃত, চূর্ণিত। "সা (গদা) চূর্ণীকৃতা…পপাত মহা ৬.১১৬.৫১।

চূল পুং [দ্র 'চুল'] কেশ। "হ ৪৫.৪৪। চৈ.ভা ২৯৩। জা ১৫। —লা স্ত্রী [চূড়া > °লা] ১ চূড়া, শিখা। ২ চূড়াকরণসংস্কার। "বৃত্তচূল রঘু ৩.২৮। ৩ (সাদৃশ্যে) বলভী, চিলাঘর। ৪ ধূমকেতুশিখা। "ত্রিচূল (ধূমকেতু)। —বৃহৎসংহিতা।

চূলা দ্র 'চুল'।

চূলি দ্র 'চুলি[১]'।

চূলিক ক্লী ঘৃতপক্ব গোধূমচূর্ণপিষ্টক, লুচি। —কা স্ত্রী [চূলা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ শিখা। "মূলোৎপাটিতচূলিকাবিকলং শীর্ষং করিষ্যে ক.ম ৪.২। ২ কুক্কুটশিখা। ৩ হস্তিকর্ণমূল। ৪ (অলঙ্কারে) জবনিকান্তঃস্থ পাত্র দ্বারা অর্থসূচনারূপ-নাটকাঙ্গবিশেষ। "সা.দ ৬৫৮।

চূলিকা দ্র 'চূলিক'।

চূষ্ সক [ভ্বা, প—চূষতি ; সেট্] পান, চোষা।

চূষক বিং চূষণকারক, পানকারী। "চষকচূষিকা ভা.চ ৪২৯।

চূষা স্ত্রী [√চূষ্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ চূষণ, পান। ২ হস্তিমধ্যবন্ধনরজ্জু ; কক্ষা। ৩ কটিবন্ধ (A)।

চূ(চো)ষ্য ক্লী [√চূষ্+য (ণ্যৎ)-র্ম্ম ; গুণ, পৃষো] চূষণযোগ্য খাদ্য, চতুর্ব্বিধ খাদ্যের একতম। "ভক্ষ্যং ভোজ্যং চ চোষ্যং চ লেহ্যং চ বিবিধং বহু রা ২.৯১ ২০। চোষ্য মহা ১.১৭৫.১১ ; চূষ্য (পাঠান্তর) ১২.১৯১.১৬। চর্ব্ব্য চূষ্য লেহ্য পেয় (চতুর্ব্বিধ ব্যঞ্জনের গণ) শি ৩২। চুষ্য চুষিয়া ভা.চ ১১৫। চোষ্য মে ২৮৩।

চেআড় বি সর্ব 'চিআড়ি'। "জর্জ্জর করিল চন্দ্রে বিন্ধিয়া চেআড়ে কৃ.উ ৯১।

চেংড়া, চেঙ(ঙ্গ)ড়া বি [হি চাংগলা—পুষ্ট, চতুর ; ঠ—'চাংগলা' —মনোহর ; চেঙ্গরা (কোচবিহার)—পুত্র ; চেঙ্গড়া (ঢাকা)—বালক] ১ তরলমতি বাচাল বালক ; হ্রস্ব-দীর্ঘ-জ্ঞানহীন ষণ্ডা বকাটে ছোকরা। "জন কয়েক চেংড়া পশ্চাতে মতিলাল—'ভজ নর শম্ভুসুতেরে' বলিয়া চীৎকার করিতে করিতে আসিল আ.দু ১৪। ২ ফচকে বকাট যুবা। "চেঙ্গড়া ভুলায়ে খায় জানে কত ঠুলি ভা.চ ২৭৯। গৌরাং ঠাকুরের ভণ্ড চেংড়া দা ৯২৭। আমি নয়নতারাকে বলে দিব, তুই বড় চেঙ্গড়া হয়েছিস্ ব.প্র ৩৪৯। ৩ (অপ্র) বালক। "চেঙ্গড়া বয়সে বিবাহ কৈরে যুবায় ছাড়িয়া যাও।—গো.চ ১৮৩। [চেঙ্গড়া বয়স—শিশুকাল, শৈশব। চেঙ্গড়াম, -মি—চেঙ্গড়াপনা, ফচকামি।]

চেঁ(চে)চা অর্ম্ম [সং চিৎকার—'চিৎ'—মূল? হি √চিল্লা : তু 'বা চিচকার'] ১ চিৎকার করা ; রব করা ; ডাকা। "ত্রাহি ত্রাহি করি মহী সঘনে চেঁচায় চ.বি ২৩৬। চেঁচায় পাগল-পারা দাম্ভিক দর্দ্দুর প.তৃ ৭০। ২ (অপ্র) ক্রন্দন করা। "সারাদিন চেচাইল সব মেহারকুল দেশ ম.গা ১৮ ; ১৯। [চেঁচাচেঁচি, -মেচি—কোলাহল, গোলমাল ;

প্রকাশপূর্ব্বক বলাবলি। "মেয়ে পুরুষের সমান জ্বালা, পুরুষে চেঁচামেচি করে, মেয়েরা গুমরে গুমরে মরে বি.বু ৪২। চেঁচান, -নি—চিৎকার।]

চেঁচাড়ি বি [সং চঞ্চা] পাতলা ধারাল বাঁশের ছাল, চেয়াড়ি।

চেঁচুড়া বি একপ্রকার ফাঁপা ঘাস। "শি ৮০।

চেক্ বি [E. check, cheque] ১ ব্যাঙ্কের টাকা দেওয়ার আজ্ঞা-পত্র। ২ জমিদারের খাজনাপ্রাপ্তির নিদর্শনস্বরূপ রসিদ। "°বহি, °দাখিলা, মুড়ী°। ৩ [E. checker] ছক, চৌখুপি। [°কাটা—ছক-কাটা। চেকের কাপড়—ছক-কাটা কাপড়।]

চেকিতান পুং ১ শিব। "মহা ৭.২০০.৬৩। ২ যাদববিশেষ।

চেগরা বি [?] স্পর্দ্ধা, সাহস। "কি বলে ডেগরা, বড় যে চেগরা, ঐ কথা ফিরা ফিরা ভা.চ ৩৯৭।

চেঙ, -ঙ্গ বি [সং চলদঙ্গ] ক্ষুদ্রমৎস্যবিশেষ।

চেঙ(ঙা)মুড়ী বি [যাহার মুড়া (মাথা) চেঙমাছের মাথার মত; চেঙের মত মস্তকবিশিষ্টা (মনসা)। "চেঙমুড়ী বেটী ম.ভা ৯; কালী চেঙ-মুড়ী ১০,-৩; ২১। বলে মোরে চেঙামুড়ী বা.ম ১০৫। [সং 'সিহুণ্ড'—স্নুহিবৃক্ষ। ইহার তৈলঙ্গী নাম 'চেংমুড়ু'। 'চেংমুড়ু' মনসার প্রিয় বৃক্ষ; বোধ হয়, এই শব্দ 'চেঙমুড়ী'র মূল।]

চেঙ্গ; চেঙ্গদোলা; চেঙ্গারি দ্র 'চেঙ; 'চাঙ্গদোলা; চাঙ্গারি'।

চেঙ্গুয়া, -ঙ্গো বি পাঁকের মধ্যস্থ একজাতীয় ক্ষুদ্রমৎস্য।

চেট, -টক, চেড়, -ড়ক পুং [√চেট্ প্রেষণ+অ (ঘঞ্)র্ম; ক(কন্) স্বার্থে; ট>ড; স্ত্রী -টী, -টিকা; তু 'প্রা চেড, -ডয়—দাস] ১ 'কার্য্যার্থ প্রেষণীয়'; দাস। "রাজচেটক ক.সা ৬.১২৪। কখন নাটক কখন চেটক ভা.চ ৩৪৭। [শৃঙ্গারবিষয়ে চেট নায়কের একতম সহায় (সা.দ ৩.৪০)।] ২ সন্ধানদক্ষ উপপতি নায়কবিশেষ (রস-মঞ্জরী)। 'সন্ধানচতুর যেই সময়-ঘটক। কবিগণ তার নাম বলয়ে চেটক। "ভা.চ ১০৯। —টিকা, -টী, -ড়িকা -ড়ী স্ত্রী [স্ত্রী আ (টাপ্), ঈ (ঙীপ্); তু 'প্রা চেডী, -ডীআ—দাসী] দাসী। "°কা ক.সা ৪.৫১। °ড়ী কৃ ২০৭। দুরন্ত চেড়ী মে ১১১।

চেটক দ্র চেট'।

চেটা বিং ['চিপিট'—মূল] চেপটা; চওড়া। —টা, -টাই বি খেজুরের বা তালের পাতার বুনিয়া-করা চওড়া আস্তরণবিশেষ। "খেজুর°। [চেটা-চোটা গড়ন—লম্বা-চওড়া, অর্থাৎ দোহারা আকৃতি। চেটি—ছোট চেটা, তালপাতার ছোট আসন।]

চেটাং বিং ['চটান'—মূল] যাহা চটায় বা ক্রুদ্ধ করে; কোপজনক, কর্কশ, কটু (কথা)। "ছি! তুমি বড় চটানে লোক—চেটাং ছেড়ে একটু মোলাম ডাক না গি.দ্বি ৯৯। [চেটাং চেটাং কথা—ক্রোধো-দ্দীপক, অর্থাৎ কড়া-কড়া কথা।]

চেটাস বি [?] গর্ব্ব (?)। "কিসের চেটাস কর শ্রী.মা ১৯৫।

চেটিকা, -টী দ্র 'চেট'।

চেটো বিং ['চটুল'—মূল (?)] ১ চঞ্চলা, অর্থাৎ তরুণী, যুবতী। "সহজে অবলা জাতি তায় তুমি চেটো শ্রী ১২৫; চেটো বউড়ী ঝিউড়ী ২৩৫। ২ ['চপেট'—মূল; মৈ চাট [সং চপট)] করতল, পদতল, হাত-পায়ের তেলো।

চেটোনেটো, চেট্টে-নেট্টে বিং [চেটো+নেটো > °ট্টে] তরুণী ও নাটপ্রিয়া, অর্থাৎ রসিকা। "°নেটো যায় জলে, তার নাকি ধর চুলে চ.সা ৩৭। °নেট্টে যায় জলে চ.দা ২৬।

চেড়, -ড়ক, -ড়িকা, -ড়ী দ্র 'চেট'।

চেৎ, চেদ্ ব্য [চ+ইৎ (পদপাঠ—S.W.); ছান্দস] ১ যদি, পক্ষান্তরে। "নো চেদনাহারেণাত্মানং…ব্যাপাদয়িষ্যামি হি ১২৩ ২ অসন্দেহে সন্দেহ-বচন (শ.ক)। "সত্যঞ্চেদ্ গুরুবাক্যমেব…স্থান্ মে জয়ঃ সর্ব্বদা (শ.ক)।

চেত[১] বি [সং চেতঃ >লি চেত, প্রা চেঅ, হি চেত; পদ্যে] চিত্ত। "চেত রে চেত রে চেত ভা.চ ১১১।

চেত[২] সর্ম্ম [সং √চিৎ] ১ জানা, বুঝা; তত্ত্ব জানা। "চেত রে চেত রে চেত ডাকে চিদানন্দ ভা.চ ১১১। জাগিল পশুপতি ঈষৎ চেতিয়া। —হেম ৩৩৮। ২ সতর্ক হওয়া; সাবধান হওয়া। —তা সর্ম্ম [°ত+আ[৮]; হি √চিতা] ১ তত্ত্বজ্ঞান দেওয়া; তত্ত্ব বুঝান। "কিরূপে চেতাইমু মুই গুরু মোচন্দর গো.বি ৪৮; গুরুকে চেতাই ৪৯; ১১৯। মী ১৫। ২ বুদ্ধি দেওয়া; বুঝান। "চাষ চষালেক সেই চেতালেক ফিরে শি ৮০। ৩ সাবধান করা; হুশিয়ার করা। "ক্ষমা কর, সুরেশ্বরি, এ কথা… চেতাইতে সে বলিতে হয়।—হেম ১৪০। ৪ জাগরিত করা; জাগান। "নিদ্রা হইতে চেতাইয়া দিবা সহসাত ম.ম ২৭; ৮৪। চেতাইলে বুঝি চেত, যৌবনে অলস এত ভা.চ ৩৪৩। [চেতান—সর্ম 'চেতা'।]

চেতঃ(-তস্) ক্লী [√চিৎ+অস্ (অসুন্)-ণ-১ব; ছান্দস] ১ 'জ্ঞান-সাধন', চিত্ত, হৃদয়, মন। "ধাবতি পশ্চাদসংস্থিতং চেতঃ শ ১.৩২। ২ [+অস্-ভা] চৈতন্য, চেতনা, জ্ঞান। "পাঞ্চালী সুখমাসাদ্য লেভে চেতঃ শনৈঃ শনৈঃ মহা ৩.১৪৪.১৮। ৩ বিবেক, বিচারশক্তি। "তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ গী ৩.৩২। গতচেতস্ মহা ৩.৬০.১; লব্ধা বুদ্ধিং চেতো ধনানি চ ৬৩.২৫। ৪ ইচ্ছা (A.)। —তঃ বিণ [+অস্-ক] জ্ঞাতা (ত.বা)। [চেতসি (সং)—চিত্তে। "কৌতুক চেতসি শ্রী.মা ২১৩,-২৬।]

চেতন বিণ [√চিৎ+অন (ল্যুট্)-ভা; স্ত্রী -নী; চেতনা+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -না; ছান্দস] জ্ঞাতা, চৈতন্যযুক্ত, প্রাণবান্। —ন পুং ১ আত্মা; পরমেশ্বর। ২ জীব, প্রাণী। "কামার্ত্তা হি প্রকৃতিকৃপণা-শ্চেতনাচেতনেষু পু.মে ৫। ৩ মনুষ্য। ৪ সহৃদয় (অ.চি)। ৫ (বাঙ্লায়) চেতনা, চৈতন্য। "দু ৫১। মূর্চ্ছিত হইলা চেতন না হয় শরীরে চৈ.চ ১০০। চৈ.ম ১৩৯। চেতন পাইয়া নাথ কহিলা মে ২৫৬। —ন ক্লী মনঃ (A.)। "সে কথা না উদিলা চেতনে।—হেম ১৪০। —না স্ত্রী [√চেতি+অন (যুচ্)-ণ+স্ত্রী আ (টাপ্)] ১ 'জ্ঞানসাধন', বুদ্ধি, প্রজ্ঞা, সংবিৎ। "কামোপহতচেতন মনু ৯.৬৭। রঘু ১৭.১। ২ জ্ঞানা-ত্মিকা মনোবৃত্তি; বুদ্ধিবৃত্তি (শ্রীধর)। "গী ১০.২২.; ১৩.৬। ৩ চৈতন্য, সংজ্ঞা। "উদ্ভ্রান্তচেতনাম্ (সীতাম্) রঘু ১২.৭৪। শীঘ্র-চেতন।—চাণক্য। ৪ মনঃ। 'ষষ্ঠস্তু চেতনা নাম মন ইত্যভিধীয়তে মহা ৩.২০৯.১৯।

চেতরা বিং [চতর (চট্টগ্রাম); 'চত্বর'—মূল (?)] ১ অগভীর (shallow)। ২ গোশকটের ধুরার উপরে লম্বভাবে স্থাপিত ছাকড়ার আধার চওড়া কাষ্ঠ (চব্বিশপরগনা)।

চেতোজন্মা(-ন্মন্), -ভব, -ভূ পুং [বহুব্রী; স.ত; উ.ত] চিত্তে জাত; মনোভব, কাম। "চেতোজন্মশর নৈ ৩.১৩০।

চেতোমান্(-মৎ) বিণ [চেতস্>মৎ (মতুপ্)-১ব; আর্ষ; 'চেতস্বান্' সাধু] চেতোযুক্ত, চৈতন্যবান্। "মহা ৩.৯৯.৫৯।

চেদি পুং, বহুব ১ দেশবিশেষ। "°পতি, °রাজ। মহা ১.১৮৮.২৪। মাঘ ২.৯৫। ২ চেদিবাসিগণ; চেদিরাজগণ। [°পতি, °রাট্ (রাজ্), °রাজ (পুং)—১ চেদির অধিপতি শিশুপাল। ২ উপরিচরবসু। "চেদিরাজ পূজি নান্দীমুখ কৈল সারা শি ২৫।]

চেন বি [E. chain] শিকল। "ঘড়ির, জরিপের চেন।

চেনা, -মাপরিচয়, -নাশোনা, চেন্না দ্র 'চিন[২]'।

চেপটা বিং ['চিপিট'—মূল; হি, ঠ চপটা; ড় চেপপা (দী ৭১)] ১ চিঁড়ার মত চওড়া; চাপে প্রসারিত। ২ চাপা, থেবড়া, বসা (flat)। "চেপটা নাক। [চেপটান—চেপটা হওয়া। চিঁড়ে চেপটা—চিঁড়ের মত চাপে প্রসারিত।]

চেন্তা বিং [?] চেপটা (?)। "নাক ফুলিয়া চেন্তা হয় ব.প ১৪২৬।

চেয় বিণ [√চি+য (যৎ)-র্ম্ম] চয়নীয়, চয়নযোগ্য, রাশীকরণীয়।

চেয়া সর্ম্ম [সং √চেতি—চেতয়্ >প্রা √চেঅ >বা (√চেয়) °য়া; তু 'চেতা'] ১ আত্মবোধ দেওয়া। "কোন মতে চেয়াইমু গুরু মোচন্দর গো.বি ৪৮; গুরুকে চেয়াই ৪৯। ২ জাগরিত করা; চেতন করা। "নিদ্রায় চেয়ায় মন আসি কোন জন গো.বি ১৮৮।

চেয়াড়ি বি সর্থ চেঁচাড়ি। "(তেজে অগ্নি পিপুল শুঁট, তখন দিলে হরির লুট) ছেলের বাপের নাড়ী টেনে, কংস চেয়াড়ি দিয়ে কাটতো দা ১৩। —য়ার বি [চিয়াড় >°র] সর্থ 'চিয়াড়'। "মহাবীর চেয়ার চাপড়ে করে রণ ক.চ ৫২।

চেয়ার[১] দ্র 'চেয়াড়ি'।

চেয়ার[২] বি [E. chair] চৌপায়া ঠেস দিয়া বসার আসনবিশেষ; কেদারা, কুর্সি। "হু ১৪। [°ম্যান (E. chairman)—সভার অধিপতি; সভাপতি।]

চেয়ে [চাহিয়া > (চাইয়া > চাএআ > চায়ে) চেয়ে; তু 'হি সে; মৈ সেঁ— "অল্প বয়স হাম কান্সেঁ তরুণা (বি.প ৬৯)] অপেক্ষা, হইতে। "ধরলে পোকা দিবে ছাই। এর চেয়ে আর উপায় নাই॥ ভরার চেয়ে খালি ভাল, যদি ভরতে যায়। আগের চেয়ে পাছে ভাল, যদি ডাকে মায়॥—খনা।

চের-আট, চেরয়াট বি সর্থ 'চরাট'। "নায়ের চের-আট বি.পা ২৩৭। চেরয়াট ব.প ২২০।

চেরা, -রান দ্র 'চির'[৩]।

চেরাক বিং [ফা চালাক্—active] চপল, ক্ষিপ্র, লঘু। "নাচয়ে চরণ চারু চেরাক ফাল্গুনী শ্রী ১২৫।

চেল বিণ [সং চেট >প্রা চেড >চেল (?)] নিন্দার্থক, অধম। "ব্রাহ্মণিচেলী পা ৬.৩.৪৩, সি। —ল পুং [√(চল্+অ (অচ্)-ক; দ্র 'চেল' (বিণ); তু 'চিল্ল'—বাল (দেশী ৩.১০); শিষ্য (প্রা.ম); cf., E. boy—a page] প্রেষ্য, দাস, চেলা। "মহা ২.৭০.৭। সচেলে যাঞা কৈল গঙ্গাস্নান চৈ.চ ৬২। —ল ক্লী [√চিল পরিধান+অ (ঘঞ্)-র্ম্ম] বস্ত্র। "সচেল মনু ৫.১০৩; মৃত° ১০.৫২। নৈ ২২.৪২। [°নির্ণেজক (পুং)—বস্ত্রধাবক, ধোবা। "মনু ৪.২১৬।]

চেলগোজা বি মেওয়াফলবিশেষ। "চেলগোজা।—রঙ্গ ৯।

চেলা[১] বি [সং চেল; হি, ঠ, প, মৈ চেলা; সি. গু চেল] ১ দাস, ভৃত্য। "চেলা খানেজাদ যত কে করে গণন ভা.চ ২৫; ৩৭৭। ২ শিষ্য, বিদ্যার্থী, ছাত্র, শাকরেদ। "তের কোটী চেলা গো.চ ৩৪৪,-৯৪। সন্ন্যাসীর চেলা ম ২৪৬। [চেলাদার (অপ্র)—চেলা। "বলির নিকটে গিয়া কহে চেলাদার কৃ.উ ৮৬।]

চেলা[২] বি ['সং চিলচিম'—মূল (?)] চপল ক্ষুদ্র মৎস্যবিশেষ। "খয়রা চেলা ভা.চ ১২৬। [চেলা গিন্নি—সাধারণ লোকের গৃহিণী। "পোনা পুঁটি খয়রা চেলা গিন্নি আর যত। পাড়ায় পাড়ায় কেঁদে বেড়ান সে কত॥—হেম ৩৮৭।]

চেলা[৩] বি ১ সর্থ 'চালা' (৫)। "°কাঠ। ২ [চেল্লা (ঢাকা)] বহুপদ বিছা-বিশেষ। "তেঁতুলেচেলা। ৩ মাটির চাপড়া। "পদাঘাতে ঘোগ মারে ঘায়ে দেই চেলা শি ৮১। [চেলান—কাঠ হইতে ফাড়িয়া চেলা বাহির করা।]

চেলাদার দ্র 'চেলা'[১]।

চেলি বি [সং °লিকা] রেশমী বস্ত্রবিশেষ। "গোলাপীরঙ্গের চেলি।

চেলিকা স্ত্রী [চেল+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] পট্টবস্ত্র, চেলির কাপড়। "রক্তচেলিকয়াচ্ছন্না (পদ্মপুরাণ)।

চেল্লা অর্ম্ম [হি √চিল্লা] চিৎকার করা; চেঁচান। "শালারা… মালপো ঠুসছে, আর চেল্লাচ্ছে গি.দ্বি ৭৫; রাত দিন চেল্লায় ৮৬।]

চেষ্ট অক [দ্বা, আ—চেষ্টতে; সেট্] ঈহা, যত্ন। "ভট্টি ১৫.৭০।

চেষ্টক বিণ [√চেষ্ট্>অক (ণুল্) -ক; স্ত্রী -ষ্টিকা] চেষ্টাকারক।

—ক পুং রতিবন্ধবিশেষ। **ষ্টন** ক্লী [+অন (ল্যুট্)-ভা] চেষ্টা, যত্ন, ব্যাপার। "স্পর্শন মনু ১২.১২০। উত্থান° ভ ৩.৩১.২৬। —ষ্টমান বিণ [+মান (শানচ্)-ক] চেষ্টাযুত, যতমান। —ষ্টা স্ত্রী [+অ-ভা+ আ (টাপ্)] ১ কৃতিজন্য কায়িক ব্যাপার; ঈহা, প্রযত্ন, ব্যাপার। "°ষ্টোপরম, °স্তম্ভ (সুশ্রুত)। ন কুর্ব্বীত বৃথা চেষ্টাম্ মনু ৪.৬৩। সংরুদ্ধচেষ্ট রঘু ২.৪৩। ২ ক্রিয়া, কর্ম্মানুষ্ঠান। "যুক্তচেষ্ট (শ্বেতাশ্বতর)। যুক্তচেষ্টস্য কর্ম্মসু।—গী ৬.১৭। কি অদ্ভুতচেষ্টা ন.প ১২; প্রেম° ৪০৯। ৩ প্রাণাপানাদিব্যাপার, প্রাণনাদি। "বিবিধাশ্চ পৃথক্ চেষ্টাঃ গী ১৮.১৪। ৪ গমন। "°ভোজনবাগ্‌রোধ যাজ্ঞ ২.২২০। ৫ গতি, স্পন্দন। "চেষ্টাং সংচলনাড়িষু রা ২.৬৫.১৪। ৬ ক্রিয়াশক্তি। "ভ ৩.৬.৩। ৭ লীলা। "ভ ১০.১৮.১৫। ৮ করাস্ফা-লনাদি ক্রিয়া। "ইঙ্গিতাকারচেষ্টাজ্ঞ মনু ৭.৬৩; ৮.২৬। —ষ্টিত বিণ [+ত (ক্ত)-ক] কৃতচেষ্ট; চেষ্টান্বিত। "স.শ ৪১। —ত ক্লী [+ত -ভা] ১ চেষ্টা, ব্যাপার। "গতিভাষিত" মনু ২.১৯৯। রঘু° রঘু ৪.৬৮। উন্মাদ° চৈ.চ ৩৪৩। ২ হস্তাস্ফালনাদি। "ইঙ্গিত° মনু ৭.৬৭; ৮.২৫। [চেষ্টানিরূপণ (ক্লী)—ক্রিয়ানুসন্ধান। "হি ২২৮। চেষ্টানাশ (পুং)—প্রলয়কাল। চেষ্টা পাওয়া—চেষ্টা করা। "কৃ.চ ৬৩; ৭০।]

চেহলা বি [হি চহল, -লা—কর্দ্দম] পাঁক, কাদা। "কাদা চেহলায় আদ মরা আ.দু ১১৯। [কাদা চেহলা—একার্থক।]

চেহারা বি [ফা চেহ্‌রা] মুখমণ্ডল; আকৃতি, মূর্ত্তি। "প্রেমের মানুষ চেনা যায়। তার, হাসি হাসি মুখশশী, খুসি ফোটে চেহারায়।—বিহারী লাল চক্রবর্ত্তী।

চৈক্কণ্য বি [অপ্র] চিক্কণতা, বাহ্য ফিটফাট বা বাবুয়ানা। "°লালসা পা.প্র ১৫৭; চৈক্কণ্যের বৃদ্ধি ১৫৮।

চৈত বি [সং চৈত্র >প্রা চইত্ত >বা (চৈত্ত) °ত; হি চৈত] চৈত্রমাস। "শ্রী.কী ৩৩২। চৈতক চারু চাঁদনি রাতি জ.প ৬৩।

চৈতন বি [কৃষ্ণ-'চৈতন্য'—মূল (?); তু 'চৈতন'—চৈতন্য, চেতনা (ব.প ৩০০)] শিখা। °চুটকি। —নক বি চৈতন। "মস্তকে মধ্যভাগে একটি চৈতনক য ৪। [°চুটকি, চৈতন(ন্য)ফক্কা—টিকি। "চৈতন্য-ফক্কার জায়গায় আলবার্ট ফেসান ভর্ত্তি হলেন হু ২১; চৈতনফক্কা ঝুটি ক'রে বাঁধা ৪৪; মধ্যস্থলে লম্বা চুলের চৈতনচুটকি ২১৪। চৈতনচুটকি গি.দ্বি ৮৩।]

চৈতন্য ক্লী [চেতন+য (ষ্যঞ্)] ১ চেতনভাব, চেতনা, জ্ঞান, বুদ্ধি। "চেতনাবৎসু চৈতন্যম্ মহা ১৪.১৮.৩৩। উ.চ ১.৩৫; রামে চৈতন্য-মাহিতম্ ৪৭। রঘু ৫.৪। ২ (বেদান্তে) চিৎস্বরূপ পরমাত্মা; (ন্যায়ে) আত্মরূপ চেতনা (ত.বা)। ৩ প্রকৃতি। —ন্য পুং কলিকালে ভগবদবতার-বিশেষ (অনন্তসংহিতা)। [ইঁহার মাতা শচীদেবী, পিতা জগন্নাথ মিশ্র। 'বিশ্বম্ভর' ও 'শ্রীকৃষ্ণচৈতন্য' ইঁহার নামান্তর (চৈ.চ ৯। চৈ.ভা ৩৬৭)। ঈশ্বরপুরী ইঁহার দীক্ষাগুরু, কেশবভারতী ইঁহার সন্ন্যাসমন্ত্র-দাতা। ইনি বঙ্গে হরিনামসঙ্কীর্ত্তনের প্রবর্ত্তক। জগাই মাধাই উদ্ধার, যবন হরিদাসের প্রতি কৃপা ইঁহার বিশ্বজনীন প্রেমের পরিচায়ক। স্বরূপ দামোদর, রায় রামানন্দ ইঁহার প্রধান পার্ষদ ও গোবিন্দ সেবক ছিলেন। জগন্নাথক্ষেত্রে ইঁহার তিরোভাব হয়।]

চৈতালি বি ['চৈত্রশালি'—মূল (?); হি চৈত্] চৈত্রের ফসল; রবি-খন্দ মুগ মসুর ইত্যাদি।

চৈত্ত্য পুং [চিত্ত+য (ষ্যঞ্)] 'চিত্ত-ভব', ক্ষেত্রজ্ঞ। "ভ ৩.২৬.৬১; ৭০; ১১.২৯.৬। —ত্ত্য ক্লী স্মরণ, স্মৃতি।

চৈত্য পুং [চিত্যা+অ (অণ্) তৎসম্বন্ধার্থে (মল্লিনাথ)] ১ পথিপার্শ্বস্থ অশ্বত্থাদি; রথ্যাবৃক্ষ। "গ্রাম° পূ.মে ২৩। ২ গ্রামস্থ একমাত্র পত্র-ফলান্বিত বৃক্ষ। 'একো বৃক্ষো হি যো গ্রামে ভবেৎ পর্ণফলান্বিতঃ।

চৈত্যো ভবতি… ॥ মহা ১.১৫১.৩৩। ৩ উদ্দেশবৃক্ষ, দেবতরু, দেবাবাস (শ.ক)। ৪ বুদ্ধ, জিন। —ত্য ক্লী ১ চিতানির্ম্মিত স্তূপ বা স্তম্ভ (A.)। ২ ভূমিসীমানির্দ্ধারণার্থ পাষাণস্তূপ; পাষাণাদিবন্ধ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.১৫৪। ৩ [চিত্যা+অ] দেবকুল, দেবায়তন, দেউল। "°যজ্ঞ। চৈত্যস্থানে স্থিতং বৃক্ষম্ মহা ১৩.১৬৬.১৩। ৪ আয়তন, যজ্ঞগৃহ। "°যূপশতান্বিত মহা ১.১০৯.১৩। ৫ পুণ্যস্থান। ৬ [+অ স্বার্থে] চিতা। [°তরু, °দ্রু, °দ্রুম, °বৃক্ষ (পুং)—১ গ্রামাদির প্রসিদ্ধ বৃক্ষ (ত.বা); অশ্বত্থবৃক্ষ। ২ গ্রামাদি চিহ্নভূত বৃক্ষ। "°বৃক্ষ মহা ২.২৪.২৩। °পাল (পুং)—দেবকুলরক্ষক, মন্দিরাধ্যক্ষ। "গো.রা ৫.৩৮.২৯; °বিহার (পুং)—জিনগৃহ (অ.চি)। °যজ্ঞ (পুং) দেবায়তনস্থ দেবতার যজ্ঞ। "আশ্বলায়ন গৃহ্যসূত্র ৫.১৩.১।

চৈত্র পুং [চৈত্রী+অ (অণ্)] ১ চৈত্রী (চিত্রানক্ষত্রযুক্তপৌর্ণমাসী-বিশিষ্ট) মাস; মধুমাস। ২ চিত্রাগর্ভজ বুধপুত্র। ৩ বর্ষপর্ব্বত। —ত্র ক্লী দেবকুল (মেদিনী)। তু 'চৈত্য'। [°সখ (পুং)—চৈত্রের সখা; কাম। চৈত্রাবলী (স্ত্রী)—চৈত্রপূর্ণিমা, মধুৎসব।]

চৈত্ররথ, -রথ্য ক্লী [চিত্ররথ—অ (অণ্),+য (ষ্যঞ্)] 'চিত্ররথ কর্ত্তৃক নির্বৃত্ত'; কুবেরের উদ্যান। "রঘু ৫ ৬০। চৈত্ররথ্যে চ স রেমে ভ ৩.২৩.৪০। শ্রী মা ৫৪। [°রথপর্ব্ব (-র্ব্বন্) ক্লী—মহাভারতের আদিপর্ব্বান্তর্গত পর্ব্ব। "মহা ১.২.৪৩।]

চৈত্রিক পুং [চৈত্রী+ইক (ঠক্)] 'চৈত্রীপৌর্ণমাসীযুক্ত', চৈত্রমাস। —ত্রী স্ত্রী [চিত্রা+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] চিত্রানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী। —ত্রী(-ত্রিন্) পুং [চৈত্র+ইন্ অস্ত্যর্থে-১ব] 'চৈত্রী-পৌর্ণমাসীযুক্ত', চৈত্রমাস।

চৈদ্য পুং [চেদি+য (ষ্যঞ্) 'তদ্রাজা' অর্থে, বাহুলকে] চেদিরাজ, শিশুপাল। "মহা ১.১.১৩১। মাঘ ২.১; ৩৮। [°হরি (বি)—'চৈদ্য-হারক', শ্রীকৃষ্ণ। "বা.দ ৪।]

চৈল বিণ [চেল+অ (অণ্), স্ত্রী -লী] চেলবিকার, বস্ত্রনির্ম্মিত। —ল ক্লী [+অ স্বার্থে] চেল, বস্ত্র। "চৈলাজিনকুশোত্তর (আসন) গী ৬.১১। [°ধাব (পুং)—বস্ত্রধাবক, রজক। "যাজ্ঞ ১.১৬৪।]

চোউরি বি সর্থ 'চউরি'। "সোনার চোউরি কৃ.উ ১৩২।

চোওর বি [সং চামর; হি চৌর, -রী; অপ্র] চামর। "চোওরে… করে বাও গো.বি ১৬৪। বি.পা ২৯৭।

চোংদার, চোঙ্গদার বি [ঠ চুংগ (সৈন্যদল)+দার] ১ সৈন্যদলের অধিপতি; সেনানী। "পীঠ নামে চোংদার শ্রী.ম ১৮৫; চোঙ্গদার ১৮৬; ২২৩। ২ ব্রাহ্মণের উপাধি (বীরভূম)।

চোঁ বি [ধ্বন্যাত্মক] ১ অতিতৃষ্ণায় চুমুকে জলপানের শব্দ; অতিতাপে পাত্রে জল শুখানর শব্দ। "চোঁ চোঁ করে জল খাওয়া বা জল শুখান। ২ অতিবেগে ধাবনে প্রতিকূল বায়ুর শব্দ; (গৌণার্থে) অতিবেগে। "কবিরাজ এই দেখিয়া চোঁ করিয়া পিট্টান দিলেন আ.দ্র ৯৭। [চোঁচা (চোঁ + হি 'সে'?) দৌড়—অতিবেগে ধাবন। "(বালকেরা) চোঁচা দৌড়ে ঘরে গেল আ.দ্র ১৪৮। গোস্বামী…চোঁচা দৌড়ে রাস্তায় এসে হাঁপ ছাড়লেন হু ৫৬। চোঁৎ (চোঁ-ইতি) ক'রে—অর্থাৎ অতিবেগে।]

চোঁচ বি [সং চঞ্চু; হি চোঁচ; ঠ চোংচ] চঞ্চুবৎ তীক্ষ্ণাগ্র বাঁশ তাল ইত্যাদির শক্ত আঁশ। "বাঁশের, তালের চোঁচ। [চোঁচাল—চোঁচযুক্ত, খোঁচাল।]

চোঁ-বোঁ বি [ধ্বন্যাত্মক] ভ্রমরেরর গুঞ্জন। "সে (ভ্রমর) দুরাত্মা… আমার মাথামুণ্ড বেড়িয়া চোঁ-বোঁ করিতে লাগিল ব.প্র ৬৩৫।

চোঁয়া, চোঁয়া-চোঁয়া, -পোড়া দ্র 'চুঁয়া[২]'।

চোক[১], চোক[৩] বি [সং চতুষ্ক>প্রা চউক্ক (বস্তুচতুষ্টয়)>বা (চউক) চৌ(চো)ক] চার পণের বা আনার সমষ্টিসূচক চিহ্ন (।॰)। [বিঘা ও মণের চতুর্থাংশও চোক দ্বারা লিখিত হয়।]

চোক[২], -খ[১] বি [দ্র 'চউক'; হি চখ (পদ্যে); চখু (কোচবিহার); চখু, -খুত (শ্রী.কী)] ১ চক্ষুঃ। "চোকেতে পানি গো.চ ২৬৭। আর চোখে দেখে ম.গা ১৯। কলুর চোখঢাকা বলদের মত।—রামপ্রসাদ। ২ বাঁশ আখ ইত্যাদির গ্রন্থিতে অঙ্কুরোদ্গমস্থান। তু 'অক্ষি'। [চোখ-ওঠা—চক্ষুরোগবিশেষ (ophthalmia)। এই রোগে অক্ষিগোলক ফুলিয়া উঠে। চোখ খাওয়া—দৃষ্টিশক্তিহীন হওয়া। "ক.চ ২৫। চোখ-খাগী—দৃষ্টিহীনা, গালি। চোখ টাটান—চক্ষুযন্ত্রণা হওয়া; পরশ্রীদর্শনে কাতর হওয়া। "এ সব দেখে কেবল চোখ টাটায় বই তো না!—আ.দ্র ১৪০। চোখ টেপা, ঠারা—চক্ষুভঙ্গিতে ইশারা করা। চোখ দেওয়া—সস্পৃহচক্ষে দেখা; ঈর্ষ্যার চক্ষে দেখা। চোখ পড়া—বিশেষ দৃষ্টিপাত হওয়া; মনোযোগ আকৃষ্ট হওয়া। চোখ ফুটা—পশুপক্ষি-শাবকের চক্ষুর আবরণচর্ম্মস্ফুটিত হওয়া; রহস্য বা প্রকৃত অবস্থা বুঝা। চোখ বুজা—চক্ষু নিমীলিত করা; মরা; কোন বিষয়ের তত্ত্বাবধান না করা। চোখ বুলান—তাড়াতাড়ি উপরি-উপরি দেখা। চোখ রাখা—সতর্ক দৃষ্টি রাখা; তত্ত্বাবধান করা। চোখরাঙ্গান, -নি—কোপদৃষ্টি করা; ভয় দেখান। "ভয়ে ভুলবো নাক চোখ রাঙ্গালে।—রামপ্রসাদ। মর্দ্দ বড় তবু এতে চোখ-রাঙ্গানি কত!—হেম ৩৮৭। চোখে আঙুল দিয়ে বুঝান—কোন বিষয় সুস্পষ্টভাবে দেখাইয়া বুঝান। চোখে চোখে রাখা—দৃষ্টির বহির্ভূত না করা; সর্ব্বদা তত্ত্বাবধান করা। "ব ১৫৯। চোখে ধরা—দেখিলে সুন্দর বোধ হওয়া, নজরে লাগা। চোখে ধুলো দেওয়া—(গৌণার্থে) বিচারশক্তিহীন করিয়া প্রতারণা করা। চোখে পড়া—অনুকূলভাবে দৃষ্টিগোচর হওয়া। "ভাগ্যি ক'রে মান যে, বাবুর চোখে পড়েছিস্ মা ৩৩৪। চোখে লাগা—সর্থ 'চোখে ধরা'; চোখে বিসদৃশ দেখান। চোখের চামড়া না থাকা—নির্লজ্জ হওয়া। চোখের বা চক্ষের বালি হওয়া—চক্ষুতে পতিত বালির ন্যায় দর্শনে বিরক্তিকর হওয়া; চক্ষুশূল হওয়া। "আমি হৈব স্বামীর চক্ষের যেন বালি ক চ ১৪৯। কোন দোষে দাদার চক্ষের হনু বালি শ্রী ৬৭। চোখ-গেল-পাখী—পাপিয়া। "চোখ গেল পাখী 'চোখ-গেল' হাঁকে।—পদ্মমালা। চোখলো-মুখলো—দেখিয়া-শুনিয়া বিচারে সমর্থ ও বুঝিয়া বলিতে-কহিতে পটু। চোখো-চোখি, -খী—সামনা-সামনি। "বসিয়া চোখোচোখী…হাসিছে শিশুগুলি চ.কা ৭।

চোক[৩], -কা,[১] চোখ[২], -খো বিং [সং চোক্ষ; হি চোখা; ঠ চোখ, -খা; মৈ চোখ; তু 'চোক্‌খ'—শুদ্ধ; পবিত্র (দেশী—প্রা.ম)] তীক্ষ্ণ, শাণিত, ধারাল। "চোক চোক ধার কৃ.উ ২৪৯। চোখ চোখ শর।—কৃ ৭১। ম ৫৫২। চোখো শর ক.চ ৯৭। চোক ধার ম.ম ১০৯; চোখা ধার ১৯৯। চোখা ধারে বি.পা ৩১৫। চোকা বাণ বা.ম ৪৩। চোখ চোখ বাণ ব.প ৬১৮। চ বি ৪৮। —কা, —খা বিং ১ বিশুদ্ধ, খাঁটি। "রোকা কড়ি চোকা মাল। ২ ঠিক, ন্যায্য, উচিত। "দ্বারে বসিয়া বেচি কড়ি লই চোখা ম.ম ৭৪। ৩ ধার্ম্মিক, সাঁচ্চা, খাঁটি (লোক, আসামী)। ৪ চতুর, চালাক, তোখড় (লোক)। ৫ কটু, কড়া। "বাঁকা মুখে কথা কহে চোখা ভা.চ ২৮৪। [চোকাইয়া—তীক্ষ্ণাগ্র (ছুঁচাল) করিয়া। "বাঁশ চোক্কাইয়া ম.গা ১৯। গো.চ ৩৬১। চোখান—ধারাল করা। চোখাল—চালাক। চোখো তামাক—তেজাল বা কড়া তামাক। চোখো বালি—ধারাল বালুকাকণা।]

চোকড়া, -লা বি ['চোকা'—মূল; হি চোকর; তু 'বাকলা চুকলা' (ত্রিপুরা)] ১ ফল তরকারি ইত্যাদির খোসা; যব গম প্রভৃতির ছিলকা বা ভুসি। ২ মাছের আঁইষ-নাড়ী ইত্যাদি। তেল°।

চোকলা দ্র 'চোকড়া'।

চোকা[১] দ্র 'চোক[৩]'।

চোকা[২] বি [সং চোচ ; হি চোকর ; চোকা (ত্রিপুরা)—খোসা, চিটা-ধান] ফল তরকারির খোসা। "চোকা আঠি চৈ.চ ৩৩৬।

চোক্ষ বিণ [তু 'চোক্‌খ'—শুদ্ধ, পবিত্র (দেশী—প্রা.ম)] ১ শুচি। ২ দক্ষ। "°জনপ্রিয় মহা ১০.১৪৪.৩৭।

চোখ[১]; **চোখ**[২], **-খো, চোখান,-ন** দ্র 'চোক[২]; চোক[৩]।

চোগা বি [ফা চোগহ্ ; cf., E. toga] বুককাটা ঢিলা লম্বা জামা-বিশেষ। "রঙ্গ ৯।

চোঙ, -ঙা, -ঙ্গা বি [হি চোংগা ; ঠ চোংগা—a hand breadth] এক দিকে গাঁঠ-যুক্ত এবং অন্য দিকে গাঁঠহীন অর্থাৎ খোলা, বাঁশের পাঁবের নল ; নলমাত্র। "বন্দুকের চোঙ।—গল্পগুচ্ছ। [চোঙ্গাকাটা—চোঙ্গার মত লম্বা ও সরু। "মাথায়...চোঙ্গাকাটা টুপী হু ১৭ ; ২২৩।]

চোঙক বি [চমক > °ক ; হি চৌঁক] চমক, বিস্ময়। "চোঙক পড়ল জগ ভরিয়া (প.ক)। [চোঙকি, চৌঁকি—চমকিত হইয়া।]

চোঙ্গ বি [দ্র 'চোংদার'] সৈন্যদল, দল। "চোঙ্গে চোঙ্গে পদাতিক লড়ে শ্রী.ম ১৫৪।

চোঙ্গদার দ্র 'চোংদার'।

চোঙ্গা দ্র 'চোঙ'।

চোচ ক্লী [তু 'চোয়'—ছাল (দেশী—প্রা.ম)] ১ বল্কল, ছাল। ২ চর্ম্ম। ৩ গুড়ত্বক্, দারচিনি। ৪ কদলীফল। ৫ তালফল। ৬ উপভুক্তফলা-বশিষ্ট, চোঁচা (S.W.)।

চোচলঙ্গ বি খেলাবিশেষ (কি খেলা ?)। "ম.ম ৫৩।

চোট বি [সং √চুট্ ; হি, ঠ, মৈ চোট] ১ অস্ত্রাঘাত। "এক চোটে কাটে ম ৯২৪। উভ চোট হানে শ্রী ৩০ ; ৮৮ ; ১৬০। ভ.গ্র ১২৫। খাঁড়ার চোট বি.স্থ ৬৩। ২ আঘাত, ঘা। "লাথির চোটে কপাট ভেঙ্গে প্রবেশিল গড় কৃ ২৪৯। চলিতে চরণ-চোটে চমকিত মহী শ্রী ৬৯ ; চড়ের চোটে ৯৩ ; পদচোটে ১১৭। বজ্রসম চোটে মা ১৪০। বেতের চোটে স্ব.প্র ১১১। ৩ দংশন। "নাগে নাহি চোট করে গো.চ ৪৮৩। ৪ প্রচণ্ডতা, মহাবেগ। "দৈত্যগণ টানে-চোটে, পর্ব্বত ভাঙ্গিয়া উঠে।—বা.ম ২২। ৫ স্রোতোবেগ। "বিষয় জলের চোট ব.প ৪৭২। ৬ প্রভাব, শক্তি। "কি জানি গেয়ানের চোটত তুমি জান পালেয়া গো.চ ৯৩। বেঁচে থাকো মুখুর্য্যের পো খেল্লে ভাল চোটে।—হেম ৩৮৫। ৭ তীব্রতা। "ঝালের চোটে মূত খায় গো.চ ১০১। গঞ্জনার চোটে ফাটে মাটি।—হেম ৩৮৬। ৮ হলকর্ষণ, চাষ। "আচোট জমি। ৯ উচ্চরব ; মহাধ্বনি। "উলুউলুর চোটে বাড়ি সরগরম হয়ে উঠলো হু ১৫৩। [চোট খাওয়া—বিঘ্ন-বিপত্তিজন্য ক্লেশ ভোগ করা। "চোট না খাইলে...মন স্থির হয় না আ.দু ৮৩। চোট-পা—দ্রুতগতি। চোটের ধমকে—আঘাতের বেগে। শ্রী.মা ১৪৬। চড়ের চোট—চপেটাঘাত। "ব.প ৫৩৫।]

চোটখণ্ডী বি ['চোংখণ্ডী'—মূল] বাৎস্যগোত্র রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধিবিশেষ। "ক.চ ৮৬। "ব.প ৩১৫। [ইঁহাদের পূর্ব্বপুরুষ ছান্দড়-পুত্র গুণাকর চোংখণ্ডী গ্রামে বাস করেন ; তদনুসারে ঐরূপ উপাধি।]

চোটপাট বি [চোট+পাট] ১ 'আঘাত ও পাটন' ; আঘাতপূর্ব্বক ছেদন ; অস্ত্রাঘাতে ছেদন। "কোন প্রয়োজনে মূর্খ কর চোটপাট শ্রী ৬২ ; ঢাল চালে চঞ্চল চৌদিকে চোটপাট ১৯৯। ২ তীব্রতা, কঠোরতা। "কি সব কথার চোটপাট দা ২০৯৩।—পাট বিং ১ নির্ভীক সতেজ ও কঠোর। "ঝট-পট চোট-পাট, বলিছে হান কাট শ্রী ১৬৬। ভয় নাই চোটপাট কথা কহে হীরা বি.সু ১০১। ২ যে যুদ্ধে অত্যন্ত হানাহানি ; তুমুল। "হাতাহাতি মহিম বাধালে চোটপাট শ্রী ২৩২।

চোটা[১] বি [সং চতুর্থ ; হি 'চৌথ'—মূল ; তু 'শিখাবৃদ্ধি'] টাকার চতুর্থাংশ সুদ ; (গৌণার্থে) অত্যধিক সুদ ; সুদ। "চোটাখোর বেণে হু ১১ ; নগদ দশ বার লাক টাকা দাদন ও চোটায় ২৫ ; ৩২।

চোটা[২], **-টান** দ্র 'চুট'।

চোটা[৩] বি [হি °টা] মাত গুড় ; ঝোলা গুড়। "কমলালেবুর রসে, হা অদৃষ্ট ! অবশেষে, চৌটাগুড় দিল খোট্টা অ.গু ৪৯।

চোটুই বি সর্থ 'চড়াই'। "ফিঙ্গা চোটুই বাদুড় ব.প ৩৮৭।

চোট্টা বি [হি চোট্টা (চোর+টা)] চোর। "ব.প ১৪৮৪।

চোঠাই বি [হি চৌঠাঈ] সিকি। "চোঠাই সহর বি.সু ১০৫।

চোড পুং [তু 'চোল'] ১ কঞ্চুলিকা। ২ দেশবিশেষ, চোলদেশ।

চো(চৌঁ)তা বি ['চ্যুত'—মূল ; ঠ 'চৌঁ(চো)থা,—শিঠা] 'শিঠার তুল্য' ; পরিত্যক্ত, জঘন্য, ওঁচা, বাজে (কাগজ)।

চোত্রা বি [(?)] কণ্ডূতিজনক লতাবিশেষ ; চোটকা "ম.ম ৫৮।

চোদ বিণ [√চুদ্+অ (অচ্)-ক ; ছান্দস] প্রেরক, প্রবর্ত্তক। —দ পুং প্রেরক কশা ; চাবুক। "জঘনে চোদ এষাম্।—ঋগ্বেদ ৪.৬১.৩।—দক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ সর্থ 'চোদ' (বিণ)। ২ বিধিবাক্যে প্রবর্ত্তক। "কর্ম্ম°। —দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রবর্ত্তন, প্রেরণ। ২ প্রয়োজন, প্রবর্ত্তন। "কার্য্যকারণসন্দেহো ভবত্যন্যোন্যচোদনাৎ মহা ১৩.১.৪১। ৩ শ্রবণ (কুল্লুক), শাসন। "শ্রুতি° মনু ২.১৬৯। —দনা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'চোদন (১-৩)। ২ [+অন-ণ] প্রবর্ত্তক বাক্য ; বিধি। "চোদনালক্ষণোঽর্থো ধর্ম্মঃ (জৈমিনি)। ৩ প্রবৃত্তিহেতু। "কর্ম্ম° গী ১৮.১৮। ভ ৫.১৪.১৮। —দিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম ; ছান্দস] ১ প্রেরিত, প্রবর্ত্তিত, প্রযোজিত। "রাবণঃ কালচোদিতঃ রা ১.১.৫১। ২ প্রেরিত, চালিত। "তৈশ্চোদিতা নৌকা (পাঠান্তর) রা ২.৫২.৮১। ৩ দেশিত, অনুশিষ্ট। "বিধি° মনু ২.১৬৫। ৪ আক্ষিপ্ত ; পৃষ্ট। "ভ ৩.৭.৮। মাঘ ১৪.৫৩। ৫ প্রেরিত, মুক্ত। "শরৈর্মন্মথচোদিতৈঃ (অতিবিদ্ধেন) মহা ৩.৪৬.২। —দ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ প্রেরয়িতব্য, প্রবর্ত্তনীয়। ২ আক্ষেপ্য। "মাঘ ৯.১৬। —দ্য ক্লী ১ অদ্ভুত। ২ প্রশ্ন, পূর্ব্বপক্ষ। ৩ তর্ক (নীলকণ্ঠ)। "মহা ৫.৪৩.৩৪।

চোদ্দ স.বিং [দ্র 'চৌদ্দ'] চতুর্দ্দশসংখ্যক। "চোদ্দ পুরুষ। চোদ্দ বেদ। —গো.চ ৪৪৭।—দ্দ বি ১ চৌদ্দ (১৪) এই সংখ্যা। ২ (তাসখেলায়) চোদ্দ ফোটার রঙের নওলা। [চোদ্দই (হি চৌদস ; দ্র 'আটই')—মাসের চতুর্দ্দশ দিন। চোদ্দ-পো হওয়া—সটান হইয়া শোওয়া ; শোওয়া (শরীরের দৈর্ঘ্য চৌদ্দ পোয়া বা সাড়ে তিন হাত)। "বাসায় গিয়া চোদ্দ-পো হওয়া যাউক আ.দু ১০৪। চোদ্দ পোয়া জমি—দেহ (বাউলগানে)।]

চোনা বি [হি 'চুনা'—মূল] গোমূত্র। "পইতের যে চোনা লাগবে লী ৫। [চোনান —গো-প্রভৃতির মূত্রত্যাগ।]

চোপ বি [Cf. E. chop] ১ অস্ত্রাঘাত, কোপ। "চোপ দেওয়া, মারা, লাগান। ২ [ধ্বন্যাত্মক] তরবারে চোপানর শব্দ। 'চোপ চোপ চোপ, তরবার কোপ।—রঙ্গ ৯। ৩ সর্থ 'চুপ'।

চোপ(ব)দার বি [ফা চোব্‌দার্] যে ভৃত্যের কাছে চোব বা আসা থাকে ; রাজা-রাজড়ার পার্শ্বচরভৃত্য ; আসাবরদার। "চোবদার ভ.গ্র ৪২১। চোপদার...হুজুরে খাড়া আছে বি.সু ১২৩। চোপদার হাতে হেমছড়ি ভা.চ ৪১১। চোপদার।—হেম ৩৮০।

চোপসা, চোপসান দ্র 'চুপসা'।

চোপা[১] বি [ঠ 'চোখা'—ছিবড়া ; হি 'চোবা'—শিম্বি (pod) ; ড চোপা ; 'চোবা' (চট্টগ্রাম)—চিটাধান ; অপ্র] ফলের খোসা। "এ টো চোপা ক.চ ১৭৬। কদলীর চোপা : কলার চোপা ম.ভা ১৭।

চোপা[২] বি [সং 'চুব্র'—মুখমণ্ডল ; 'চ্যাপ'—মুখ] ১ মুখমণ্ডল (face)। "যদি দেখ মাকুন্দ চোপা। এক পাও না বাড়াও বাপা॥—খনা। ২ কড়া জবাব ; মুখের উপর স্পষ্ট উত্তর (বউ-ঝি-সম্বন্ধে), মুখরতা। "মেয়েগুলো বেঁধে খোপা, তবু মুখে করে চোপা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। বৌ যে খুব চোপা করিতে শিখিয়াছে পা.প্র ১৫৩।

চোপাড় বি [চাপড় 'চোপড়'—চোপাড় ; অপ্র] চড়। "বুড়া জোগি পাইলে °চোপাড়ে ভাঙ্গে গাল গো.বি ৬০। [°চাপড়—সর্থ 'চাপড়-চোপড়'। "চোপাড়-চাপড় মারে ম.ম ৫৪,-৫ ; ১৪৯।]

চোবচীনী বি [ফা চোব্‌চীনী] চীনের ক্ষুপবিশেষের কাষ্ঠ, অর্থাৎ শিকড়।

চোবে, চৌবে, -বেদী বি ['চতুর্ব্বেদ,-দী—মূল ; হি—চৌবে] চতুর্ব্বেদজ্ঞ হিন্দুস্থানী ব্রাহ্মণের উপাধি। "মথুরাচোবের নারী ভ.গ্র ২০। চৌবেদী আ.দ্র ২০৬।

চোমর বি [সং চ(চা)মর ; তু 'চোঙরী'—চমরী ছাগী (ক.চ ১৪১) ; হি চৌঁর ; মৈ চৌঁরু] চামর। "সেত চোমরে বাঅ তোমার অঙ্গে করি গো.বি ১৬৪। —রা বিং চামরের স্থায় দীর্ঘপুচ্ছবিশিষ্ট। "ওরে বেটা ভ্রমরা! ক'রে বেঁড়ে চোমরা, মান বাড়ালাম—তার ফল দিলি দা ২১১১। [বেঁড়ে চোমরা করা—যে গোরুর লেজ নাই, তাহাকে চোমরা বলা ; বৃথা স্তুতি করা।]

চোয়র বি [চোমর > চৌঅর > °র ; অপ্র] চামর। "চোয়রে বাতাস করি গো.বি ২৭। সারি সারি চোয়র বি.পা ১৬২। [চোয়রি তাল—"গ ২১।]

চোয়া, -য়ান ; চোয়াড় ; চোয়াল দ্র 'চুয়া ; চুয়াড় ; চুয়াল'।

চোর পুং [√চুর+আ (অচ্)-ক] ১ চৌর্য্যকারক, তস্কর। "যাহার লাগিয়া, চুরি করি গিয়া, সেই জন কহে চোর ভা.চ ৩০২। চোরের বেটা চোর৹ চোরের ভাগিনা ন ১০৮১। দ্র 'চুরি (১)। ২ অপহারক। "ইন্দীবরদলপ্রভাচোরং চক্ষুঃ—ভর্ত্তৃহরি। যুবতিচেতন চোর চূড়হি জ.প ৯ ; (বদন) নয়ন-চেতন-চোর ২০। ননী°, নারী°, মন° ভ.গ্র ৩০২। রাজ্যচোর ব.প্র ১০৯। ৩ গন্ধদ্রব্যবিশেষ। "°কুঙ্কুমরোচনা (শ.ক)। ৪ কবিবিশেষ। 'কবিরমরুঃ কবিরমরঃ কবী চোরময়ূরকৌ (উদ্ভট)। "°পঞ্চাশিকা। °পঞ্চাশৎ ভা.চ ৬৬৫। ৫ (বাঙলায়) মনচোর, লম্পট। "এ বড় চতুর চোর।···চিত চুরি কৈল মোর ভা.চ ৩৮০। ৬ অসৎকর্ম্মা, কপট। "চোরপুত্র চোর তুই চুরি কর রণ কৃ ২৫৭। ৭ আত্মভাব-গোপনকারী, মায়াবিগ্রহধারী। "অদ্বৈতের ঠাঞি চোর !···। চোরের উপরে চুরি করিব এথাই॥—চৈ.ভা ১৬২। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—চৌর্য্য, চুরি। °কাঁটা (বি)—ভাঁটুইএর মত তৃণবিশেষ (বীরভূম)। "চোর-কাঁটাতে মাঠ রয়েছে ঢেকে।—শিশু ৪২। °কুঠরী (ঠ—চোরঘর) (বি)—ধনাদিরক্ষার্থ গুপ্তগৃহ। "মাটীর নীচে অনেক চোরকুঠরী বাহির হইল ব.প্র ৩৫৯। চোর(রা)গাই—যে গাই দোহনকালে নিঃশেষে দুধ দেয় না। "চোর-গাই ব.প ৯ ; ১০। চোর-চোর খেলা—শিশুর ক্রীড়াবিশেষ, পালাপালি-খেলা। "হু ১৩৯। °বাদ (বি)—চোর বলিয়া প্রদত্ত অপবাদ। "দুধ দিব চোরবাদে শ্রী ১১৭। °মুড়া (সং শক্রমূর্দ্ধা)—বল্মীক। চোরে কামারে সাক্ষাৎ না হওয়া—চোর রাত্রিতে গোপনে কামারশালে সিঁধকাঠির লোহা রাখিয়া আসে; কামার বুঝিয়া কাঠি গড়াইয়া সেই স্থানে রাখে, রাত্রিতে চোর লইয়া যায় ; (গৌণার্থে) চাক্ষুষ পরিচয় বিনা কার্য্যসিদ্ধ হওয়া। "নিমন্ত্রিতে ও কর্ম্মকর্ত্তায় চোরে কামারের মত সাক্ষাৎও হয় না।—হু ১৯২। চোরে চোরে মাসতুতো ভাই—শঠের সহিত শঠের ঘনিষ্ঠ সম্বন্ধ।]

চোরগণেশ পুং [কর্ম্মধা] (তন্ত্রে) গণেশবিশেষ (জপের সময়ে অঙ্গুলিসন্ধি ছাড়িলে, ইনি জপের ফল হরণ করেন)।

চোরনই, চোরনব্বুই দ্র 'চুরানব্ব্‌ই'।

চোরা[১] বি [সং চোরিত > বা °রা, দ্র 'আ'[১২]] ১ অপহৃত (মাল)। "চোরা ধন বাটপাড়ে লয়।—হেম ৩৭। চোরাধন সহ৹ আনিয়াছি চোর ন ৮৩০। আমার কাছে চোরা নোট ?—ব.প্র ৩১৩। ২ [চোর+আ[১০]] চোরসম্বন্ধীয়, চৌর্য্যপ্রিয়। "চোরা যে স্বভাব তোর আছে পূর্ব্ব হৈতে ভ.গ্র ৩০২। —রা বি [চোর+আ[১৩]] ১ চোর, অপহারক। "ক্ষীর°, ননী°, মাখন°। পরনারী° কৃ ৩৭০। চোরা নাহি শুনে কভু ধর্ম্মের কাহিনী ম ৫২৯। বস্ত্র° ব.প ১৩৯২। শ্রী ২১০। চোরা বর ভা.চ ৩৯৫ ; বিদ্যারে করিয়া চুরি এ হইল চোরা ৪০২। নাগরীপরাণ° ন.প ২৯২। ঘুমচোরা কার ঘুম হরিবে।—শিশু ১১। ২ উপদেবতা। "পেঁচো°। ছায়া দেখি সভে বোলে এই চোরা যায় : ধর ধর এই চোরা যায় চৈ.ভা ২৮। ৩ সর্থ 'চোর (৭)। "কতি যাবে চোরা আজি চৈ.ভা ১৬২। ৪ (নাগসম্প্রদায়ে) ঈড়াপিঙ্গলার মধ্যস্থ গূঢ় সুষুম্না। "মৈদ্ধখানে আনিআ জে বন্দি কর চোরা গো.বি ১৪০। [°গর্ত্ত—বন্যপশু ধরার নিমিত্ত আচ্ছাদিতমুখ গর্ত্ত (pit-fall)। °গলি (হি চোর গলী)—অত্যন্ত সরু ও প্রায় অজ্ঞাত গলি। °গাঁঠ (ঠ চোর গাংঠ)—হস্তাদির গূঢ় গ্রন্থি। °গোপ্তা মারা—চোরের মত গুপ্তভাবে কার্য্য সিদ্ধ করা। "বাজে দর্শকের মধ্যে দু-একজন কুটেল চোরাগোপ্তা মাচ্চেন হু ৫। "গোপ্তান চলা—প্রকৃত বিষয় গুপ্ত রাখা। "আজকালও অনেক অনেক কাগজে চোরাগোপ্তান চলে হু ৮৭। চোরা ঘা—অজ্ঞাতসারে আক্রমণ। "চোরা ঘায় নষ্ট করে ময়না নগর ব.প ৪৭৬। °পকেট—জামার মধ্যে অজ্ঞাত পকেট। °পথ—গুপ্তপথ। চোরা বাণ—গুপ্তযোদ্ধার বাণ। "চোরা বাণে বালিকে পাঠাল্য স্বর্গধাম ব.প ১৩৫৩। °বালি (হি চোর বালূ)—যে বালি ভিতরে দলদল করে, পা দিলেই পা ডুবিয়া যায় (quick-sand)। "চোরাবালিতে পা দিয়ে ফেলেচি—আর ওঠবার জো নেই ব ১৯৩। চোরা ব্যাপার—চোরা ধনের ব্যবসায়। "ব.প্র ১১৭। °যুদ্ধ—গুপ্ত যোদ্ধার যুদ্ধ। "চোরাযুদ্ধে আমার পিতারে করে হত কৃ ১৮৬।]

চোরা[২]**, চোরায়** সর্ম্ম [সং √চুর্— √চোরি, চোরয় ; হি √চোরা ; মৈ √চোরায় ; তু '√চোর'—চোরল, -রি (প.ক) ১ চুরি করা ; হরণ করা। "চোরাঁআ আহ্মার বাঁশী শ্রী.কী ৩২০। তোঁ মোর চোরায়িলি বাঁশী ৩২৫। দশনে চোরায়সি মোতিম পাঁতি জ্ঞা ১৪১। সরবস ধন তুয়া কোন চোরায় (প.ক)। ২ গুপ্ত করা ; লুকান। "(কনককলস স্থৌ) হৃদয়ে চোরায়সি৹ আঁচরে ঝাঁপাই গো ৭২। ৩ হরণ করা ; মুগ্ধ করা। "যাক গীতে জগত চিত চোরায়ল।—গো ৫৯। শ্যামর চান্দে চোরায়ল চিত জ্ঞা ১০১। [চোরায়িআঁ, -য়িতেঁ, -য়িল, -য়িলেঁ, -য়িব (শ্রী.কী)। চোরায়ত, -য়ল, -য়লি, -য়সি, -রাহ (প.ক)।]

চোরাই বিং ['চোরায়িত'—মূল] অপহৃত (মাল)। —ই বি [হি চুরাঈ] ১ চৌর্য্য ; আত্মগোপন। "অদ্বৈতের ঠাঞি চোর ! না লাগে চোরাই চৈ.ভা ১৬২। ২ চোরা, অপহারক। "যেমন চোরাই৹ হরণ করিল৹ মানসে কাটিল সীদ চ.দা ৬৬। প.র ৫৩।

চোরায় ; চোরাশী দ্র 'চোরা[২] ; চুরাশী'।

চোরি বি [দ্র 'চুরি'] চৌরকর্ম্ম, চুরি। "চান্দকি চোরি বি.প ৯২। চোরিক পন্থ গো ১০৪। জ.প ১৮। —রী বিং চৌর্য্যকারিণী। "ভালে নাপিতানী চোরী (প.ক)।

চো(চৌ)রিকা স্ত্রী [তু 'পা ৩.৩.১১৯] চৌর্য্য, অপহরণ।—রিত বিণ [√চোরি+ত (ক্ত)-র্ম্ম] অপহৃত।

চোল পুং ১ (বহুব) দাক্ষিণাত্যস্থ দেশবিশেষ ; তাঞ্জোরদেশ। [ইহা পুরুরাজ চোলের রাজ্য ও তদনুসারে নামকরণ (হ, ৩২তম অধ্যায়)।] ২ [√চুল্+অ (অচ্)-ক ; 'চোল (১)—মূল?] কঞ্চুলিকা, কাঁচুলি। "নিরমল চোল গো ২৫৪। লোহিত কুচ নেত চোলে ভা.চ ৩৩৩। ৩ নিচোল (শ.ক)। —ল ক্লী কঞ্চুলিকা। —লী স্ত্রী ১ কঞ্চুলিকা ; নিচোল। ২ স্ত্রীলোকের আপদলম্বিত বস্ত্র।

চোলক পুং ১ (বহুব) চোলদেশ। ২ কঞ্চুলিকা। ৩ বল্কল ; বল্কল-রচিত পরিচ্ছদ। ৪ কবচ।—লকী (-কিন্) পুং [°ক+ইন্ (ইনি)

অন্তার্থে-১ব] ১ কবচধারী সৈন্য। ২ (গোধাচ্ছাদন হেতু) মণিবন্ধ, কবজি। ৩ নারঙ্গ। ৪ বংশাঙ্কুর। —লিকা স্ত্রী কঞ্চুলিকা।

চোলাই বি [হি √চুলা > °ই ; তু 'হি চরাঈ-ইত্যাদি] বকযন্ত্র দ্বারা পাত্রান্তরে পাতন ; চোয়ান (distillation)।

চোষ সর্থ 'চুষ'।

চোষা, -ষান ; চোষ্য দ্র 'চুষ ; চুষ্য'।

চোস্ত বিং [ফা চুস্‌ত্] ১ যাহা খুব ঢিলা বা খুব আঁট নয়; ঠিক মাপমত; আঁটসাঁট (জামা-ইত্যাদি—tight)। "গায়…একটি সাটিনের চোস্ত লম্বা কুর্‌তি ছিল লী ১০। ২ চতুর, চালাক; উদ্যোগী, কার্য্যোৎসাহী। "লোকটা …সকল কাজে চোস্ত অ.গ্র ১০৮। [চোস্তচালাক—চালাক চতুর]

চোহুড় বি [(?) ; 'চোড়' (চব্বিশপরগণা)] নৌকার লগি ; ধ্বজি। "লায়ের চৌহুড় দুইখান গো.চ ৪৫১।

চোহেল বি [হি চুহল] হাসি-তামাশা, ঠাট্টা, মসখরাম। "আমোদ-প্রমোদ—মোয়াফেল—চোহেল—স্রোতের ন্যায় অবিশ্রান্ত চলিতে লাগিল আ.দু ১৩৭। হু ৫৯; চোহেলের হদ্দ ১৭৮; বৈঠকখানায় চোহেলের রৈ রৈ ১৯৩।

চৌ স.বিং [সং চতুর্ > প্রা চউ ; হি, ঠ 'চৌ'—চৌদিশি] চতুঃসংখ্যক, চার। "চৌ যুগ শ্রী.কী ৬৭। [চৌকোণা (হি °না)—চতুষ্কোণ। চৌগুণ (হি °ন)—চতুর্গুণ।]

চৌউরি বি [সং চতুর্দোল ; বা চৌহুলি > °রি] চতুর্দোল। "নেতের কানাৎ দিয়া ঘেরিল চৌউরি কৃ ৩৭৩।

চৌঁরি বি [দ্র চওর' ; অপ্র] চামর। "দুই পাশে চৌরি ঝাড়ে হাবেশী গোলাম বি.সু ১৯।

চৌক[১] -ক্‌' বি [দ্র 'চউক'] চক্ষু। "গো.চ ১০১; চৌক ধর চিপিয়া ২৯৬।

চৌক[২] **-কা** '-কো' বিং [দ্র 'চোক'১ ; হি, ঠ, প, চৌক] সমকোণ-চতুষ্টয়যুক্ত, সমচতুষ্কোণ (জমি-ইত্যাদি)। —কা বি [হি চৌকা] ১ হিন্দুর রন্ধনভোজনার্থ স্থান। "চুলা চৌকা নাহি দিয়া (অন্ন) সেইখানে ঢালি। ভোগ লাগাইয়া বাই আনন্দআকুলি॥—ভ.গ্র ২১৬ ; ৩৬১। ২ উনান। "নিল খেতু চৌকা খুড়িয়া গো.চ ৮৮। ব.প ৫৪। —কি বি [°ক+ই ; হি চৌকী ; তু 'সং চতুষ্কী ; চ(চো)কি (ঢাকা)] কাঠের বা পাথরের চৌকোন চারপায়া ছোট কাষ্ঠাসন। "ছিনান করায়া ফুল চৌকিতে রাখে বসায়া গো.চ ২৫১। চৌকির আসন ভ.গ্র ২৬৮। [চৌকিয়া পিঁড়া—জল চৌকি। গো.চ ১৬৮। চৌকীয়া—শুভঙ্করীতে চৌক গণনার নামতা।]

চৌক[৩] দ্র 'চোক'১।

চৌকন বি [হি চৌকোনা—চতুষ্কোণ অস্ত্রবিশেষ (?)। "চৌকনিয়া পাইক চৌকন হাতে করে ক.চ ২৬৪।

চৌকস বিং [হি, জাটু—°স] ১ সতর্ক, সাবধান, হুঁশিয়ার। "যেথানে মনিব চৌকস, সেখানে চাকরের কারিকুরি বড় চলে না আ.দু ১৬৪। ২ নানাবিষয়ে অভিজ্ঞ ; নানাকর্ম্মে দক্ষ (square)।

চৌকা, -কি দ্র 'চৌক'২।

চৌকাঠ বি [চৌ+কাঠ ; হি চৌখট ; ঠ চৌকট] চারিখণ্ড কাষ্ঠে রচিত কপাটের আধার। [চৌকাঠ মাড়ান (হি চৌখট লাঁঘনা)—চৌকাঠে পা দেওয়া ; গৃহদ্বারে আসা ; ঘরে ঢোকা। "সেরূপ লোক কখনও সে চৌকাঠ মাড়ায় নাই ব.গ্র ৩১৫।]

চৌকী বি [হি চৌকী] ১ যেথানে আশ-পাশ রক্ষা করার নিমিত্ত সিপাহী থাকে ; পাহারাওয়ালার ঘাটি ; ফাঁড়ি, থানা। "চমকিত চৌকিতে চঞ্চল চৌকী থানা শ্রী ২৬। ২ প্রহরীর কার্য্য ; পাহারা। "তার আগে দড় দড়, পাঠানের চৌকী বড় বি.সু ১৫। গো.চ ১৯৭। ৩ প্রহরী। "দ্বারে চৌকি কত জনা ভা.চ ২৬৬। ৪ যেখানে দেওয়ানী আদালত আছে, ফৌজদারী নাই। [°দার (হি °র)—পাহারাওয়ালা, সিপাহী ; গ্রাম্যপ্রহরী। °দারী (হি °রী)—চৌকীদারের কাজ বা পদ।]

চৌকীয়া দ্র 'চৌক'২।

চৌক্ষ, -খ বি [চক্ষু > চউক্ষ > °ক্ষ, দ্র 'চউক' ; অপ্র] চক্ষু। "চৌখে নিন্দ না আইসে শ্রী.কী ৩০। চৌক্ষে চৌক্ষে গো.বি ১৩৬,-৭২।

চৌখণ্ড, -ণ্ডি, -ণ্ডী বি চারখণ্ড চালের ঘর ; চৌচালা। "চৌখণ্ড…ঘর বি.পা ২৫৪। সোণার চৌখণ্ডী কৃ.উ ১০ ; ঘর চৌখণ্ডী ১১ ; °ণ্ডী ৭২ ; °ণ্ডি ১৬২।

চৌখণ্ডিয়া বিং ১ চার খণ্ড কাঠের পায়া-লাগান ; চৌপায়া। "বসিতে আসন দিল চৌখণ্ডিয়া পীড়ি ক.চ ৬১। ২ চার দিকে ধারযুক্ত। "চোখণ্ডিয়া কাঁড় ক.চ ৯৬।

চৌখান বিং চারখানা। "তবে…প্রমাণ চৌথান যদি হয় শ্রী ১৬২।

চৌখুপী বিং চৌকাখোপ-কাটা, চেক-কাটা (কাপড়, র‍্যাপার)।

চৌখুরি, -রী বি চার খুরার কাষ্ঠাসন বা চৌকি। "°রী ব.প ২৪৩। °রি ক.চ ১৮৭।

চৌগাম বি [ফা চৌগান্] হকি বা পোলো খেলার মত খেলাবিশেষ (এই খেলায় ঘোড়ায় চড়িয়া দৌড়িতে দৌড়িতে খেলোয়াড়কে হাতুড়ির মত দণ্ডের অগ্রভাগ দিয়া বল মারিতে হয়)। "তাহার কনিষ্ঠ পুত্র শ্রীকর যে নাম। ঘোড়ার পৃষ্ঠাতে থাকি খেলায় চৌগাম॥—বি.পা ১৫৬। [মিলের জন্য 'চৌগাম'।

চৌগোঁপ্‌পা, -ফা বি [যে দাড়ি দুইভাগে চিরিয়া গোঁফের সহিত উপরে তুলিয়া-দেওয়া। "চৌগোঁফা ব্রজাই দাড়ি তুলিয়াছে ভাল বি.সু ১৯। তাহার…চৌগোঁপ্পা…আছে ব.প্র ৩৬৫ ; (তার) এক জোড়া চৌগোঁপ্পা আছে ৩৮০। —গোঁপ্পা বিং যাহার চৌগোঁপ্পা আছে। "বাবুরাম বাবু চৌগোঁপ্পা আ.দু ৭।

চৌঘাট বি চার ঘাট ; চারিদিক্। "চৌঘাট করে বন্দি শ্রী.মা ১৪৭। নিমেষে ছাইল মেঘ, চৌঘাট কলিঙ্গ নগর ক.চ ৮২।

চৌঘুড়ি, -ড়ী বি [হি চৌঘোড়ী ('ড়ীয়)] চারঘোড়ার গাড়ী। "°ড়ি।—হেম ৩৮৫। °ড়ি হু ২০৪। °ড়ী ষ ৮।

চৌঙকি ক্রি [বা √চমক ; হি 'চৌক'—মূল] ১ চকিত হইয়া। "চৌঙকি চলয়ে ক্ষণে ক্ষণে চলু মন্দ বি.প ৩৫। ২ বিস্মিত বা ভীত হইয়া। "চৌঙকি কহত শুক সারীক জোর গো ১৬৬। ৩ চৌকী, প্রহরী। "আলোর ভিতরে, কালোটি আছে, চৌঙকি রয়েছে সেথা ব.প ১০০২।

চৌচাপটে ক্রি.বিং [চৌ+চাপট] ১ চারি দিকে ; চাপটের মত বিস্তৃতভাবে ; সটানভাবে। "চৌচাপটে আছাড় খাওয়া। ২ সকল বিষয়ে ; সর্ব্বতোভাবে। "অধ্যাপকদিগের তর্ক করাই সার, ইয়ার-গোচের বামুনদিগের চৌচাপটে জিত আ.দু ১৩৫। [কথা মনে চৌচাপটে লাগা—কথা মনের ভাবের সহিত বর্ণে বর্ণে ঠিক হওয়া। "বাঞ্ছারামের উক্ত কথা তাঁহার মনে একেবারে চৌচাপটে লেগে গেল আ.দু ১৯১।]

চৌচালা বি চার চালের ঘর ; চউরিঘর। "বি.পা ২৬৯।

চৌচীর বি চারি খণ্ডে চেরা (বিদীর্ণ)। "ঘন গগনে গরজে গভীর। হিয়ে হোয়ত যেও চৌচীর॥—ব.প ১০৮৭।

চৌট বি [দ্র 'চউথ'] সর্থ 'চউথ'। "আমাকে চৌট মাফ করিতে হুকুম হউক।—আ.দু ১৬৩। —টি বি [°ট+ই১১] চতুর্থাংশ, সিকি। "যত দূর যাবে তার চৌটি নাহি আসি কৃ ১৮৫। —ঠ বিং চতুর্থ। "চৌঠ প্রহরে শ্রী.কী ৩০৯। ইহা আস্বাদিতে আর নাহি চৌঠ জন চৈ.চ ৯৪।—ঠা বি মাসের চতুর্থ দিবস। —ঠি, -ঠী বি [°ঠ+ই১১ ; হি চৌথি, -থী] চতুর্থাংশ, সিকিভাগ। "লোকপালের অংশে হইলা চৌঠী ভাগে কৃ.উ

২০১। একচৌঠি ধন দিল কুটুম্বভরণে : চৌঠি সঞ্চয় করিল চৈ.চ ১৯৪ ; পিণ্ডাভোগের একচৌঠী : একচৌঠী ভাত ৩০৫।

চৌড় বিণ [চূড়া+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -ড়া] চূড়াসম্বন্ধী ; চূড়াকরণসম্বন্ধী। —ড় ক্লী ১ চূড়াকরণকর্ম্ম। "°মৌঞ্জীনিবন্ধনৈঃ মনু ২.২৭। ২ [+অ স্বার্থে] চূড়াকরণ।

চৌড়া, চৌড়াই দ্র 'চওড়া'।

চৌতরা, -তারা[১] বি [দ্র 'চউতোর'] চত্বর। "সহস্র স্তম্ভে নির্ম্মাইল… চৌতারা কৃ.উ ১১। চৌতারা কৃ ৮৯। চৌতরা কৈল ন.বি ১৩। চৌতরা-উপরে : চৌতরা-তলানে চৈ.চ ২৯০।

চৌতারা[১] দ্র 'চৌতরা'।

চৌতারা[২] বি [চৌতার+আ[১২] ; হি চৌতরা] চারতারের বাদ্যবিশেষ। "সেতারা চৌতারা কৃ ২৮৮ ; ৩৬৩।

চৌতাল বি [হি চৌতাল] ১ (সঙ্গীতে) তালবিশেষ। [ইহাতে ৬ দীর্ঘ বা ১২ লঘু মাত্রা এবং ৪ আঘাত ও ২ ফাঁক।]

চৌতিশা বি ককারাদি ক্ষকারান্ত চৌত্রিশ ব্যঞ্জনে রচিত স্তোত্রবিশেষ। "ক.চ ১৫৩।

চৌত্রিশ স.বিং [সং চতুস্ত্রিংশৎ > লি চতুত্তিংশতি, প্রা চউতি(তী)স, চোত্তীস (অ.রা) ; হি চৌতি(তী)স ; ঠ চৌতীস ; গু চোত্রীস] চতুস্ত্রিংশৎসংখ্যক। —শ বি চৌত্রিশ (৩৪) সংখ্যা।

চৌথ বি দ্র 'চউথ'। —থাই বি [হি, ঠ চৌথাঈ ; মৈ চৌঠাঈ] ১ চতুর্থভাগ। "যত্নকের সিরণি তার চৌথাই দক্ষিণা রা.স ৪০। ২ সর্ব 'চউথ (২)। "সাহু রাজা পাঠায় মোরে, চৌথাই নিবার তরে ব.প ১৪২৩।

চৌথাই দ্র 'চৌথ'।

চৌদন্তী বিং ['চতুর্দন্ত'—মূল, হি চৌদংতা (পুংলিঙ্গ), চৌদংতী (স্ত্রীলিঙ্গ)] চতুর্দন্তবিশিষ্ট। "কুঞ্জর চৌদন্তী শ্রী.ম ১৮৭।

চৌদল বি [সং চতুর্দোল ; হি চংডোল] চতুর্দোল। "চৌদলে চড়িয়া চলে বা.ম ১৯০। দু ১০৩,-৪। বি.পা ২২০,-৭৮। শ্রী.মা ১৬৩। ন.প ১২৯,-৫১। —দলি, -লী বি [°লা+ই[৮], ঈ[৭]] চৌদলের বাহক। "ডুলা দিয়া কার্য্য কি চৌদলি পাব কই বি.পা ৫২। কান্ধে দোলার পথ না পায় চৌদলী ব.প ৫০৬। [চৌদল ঘর—চৌতল গৃহ (?)। "সোনার চৌদল ঘর বা.ম ২৪৩।]

চৌদশী বি [সং চতুর্দ্দশী ; হি, ঠ চৌদস, গু চৌদশ ; বৈষ্ণবসাহিত্যে] কৃষ্ণচতুর্দ্দশী তিথি। "ক্ষণে ক্ষণে ক্ষীণ তনু চৌদশী চাঁদ সমান বি.প ১৭৫,-৮৯ / জ্ঞা ২৪৩।

চৌদানী বি [হি °নী (চৌ+দানা+ঈ[৭])] চারদানা মোতিবসান কানবালাবিশেষ। "চিক চৌদানী ব.প ১৮৯৮। অ.গু ৬৩।

চৌদিক বি [চৌ+দিক্ ; সং চতুর্দ্দিশ্] চার দিক্ ; চতুষ্পার্শ্ব। "চৌদিকে চৌরস কৈল চেলে শি ৮০।

চৌদিশ বি [সং চতুর্দ্দিশ্ ; মৈ চৌদিশি, -দিস, -সি ; গু চৌদিশ ; বৈষ্ণবসাহিত্যে] চারিদিক্। "চৌদিশ হেরি বি.প ১৭৫। ধাইল চৌদিশে ম ২৯৪। চৌদিশে চায় জ.প ১৭। চৌদিশে ব ১২৯। গো ১২৯।

চৌদুলী বি [°দোল+ঈ[৭]] চৌদোলবাহকজাতিবিশেষ। "ক.চ ৮৯।

চৌদোল, -লা বি [চৌ+দোলা ; সং চতুর্দ্দোল] চতুর্দ্দোল। "°দোল বা.ম ২০৯,-৬৬। ঢুলিয়া চৌদোল করে কাঁধে ক.চ ২৭০। °দোল শ্রী ১৪৯ ; ব.প ৫০৫। °দোলা চৈ.চ ১৬০। [চৌদোয়ালিয়া—চৌদোলীয়া, চতুর্দ্দোলবাহক। "ম.ম ১৮৭।]

চৌদ্দ স.বিং [দ্র 'চউদ্দ'] চতুর্দ্দশসংখ্যক। "ভাই চৌদ্দ জন কৃ ১৩২। —দ্দ বি চৌদ্দ (১৪) সংখ্যা। [চৌদ্দ বুড়ি—তিন পণ ও দশ গণ্ডা (কড়ি ইত্যাদি) ; (গৌণার্থে) বহু, অনেক। "কাপড়ে গাঁট চৌদ্দ-বুড়ি দা ৫৬।]

চৌধুরী বি [হি, ঠ চৌধরী ; চতুর (তাকিয়া, মসনদ)+ধর (ধারক) —হিন্দীশব্দসাগর] ১ জাতি সমাজ বা মণ্ডলের মুখ্য ব্যক্তি ; গ্রামাধ্যক্ষ, প্রধান, মণ্ডল। "সপ্তগ্রামমুলুকের হয় সে চৌধুরী চৈ.চ ২৮৯। ২ ব্রাহ্মণাদির সম্মানসূচক উপাধি। —রাণী বি চৌধুরীর পত্নী।

চৌনরগোট বি চারনহর-ওয়ালা গোট। "দা ১৪৮০।

চৌপথ বি [হি °থ] চতুষ্পথ। "চৌপথর মাঝত ব.প ৫৪।

চৌপদ বি [হি চৌপদ] চতুষ্পদ, পশু। "দ্বিপদ চৌপদ হয় কর্ম্ম-অনুসারে ম ৭৯।

চৌপদী বি [সং চতুষ্পদী > প্রা চউপ্পঈ, 'চউপ্পদী' (অ.রা) ; হি চৌপাঈ] ছন্দোবিশেষ। [ইহার প্রথমার্দ্ধে চারি পদ ও দ্বিতীয়ার্দ্ধে চারি পদ থাকে ; তদনুসারে আট স্থানে যতি পড়ে। প্রথমার্দ্ধে ও দ্বিতীয়ার্দ্ধে প্রথম তিন পদে অক্ষরসংখ্যা সমান ও মিত্রাক্ষর থাকে ; চতুর্থ ও অষ্টম পদেও এই নিয়ম। "এক কাণে শোভে মণিমণ্ডল ইত্যাদি (ভা.চ ৯৫)—দীর্ঘচৌপদী। কি মেরুশিখর, কিবা বিধুবর ইত্যাদি (বি.সু ২২)—লঘুচৌপদী।]

চৌপল বি [হি চৌপহল] চারিপার্শ্ববিশিষ্ট, চতুস্তল, দৈর্ঘ্যপ্রস্থবেধযুক্ত। "শ্রী ৪০।

চৌপা(বা)ড়ি, -ড়ী বি [সং চতুষ্পাঠী] সংস্কৃতপাঠশালা, টোল। "ঘরে ঘরে অধ্যাপক চৌবাড়ী সবার (শ্রী)। চৌদিকে চৌপাড়িময়, পাঠ চায় পড়ুয়াচয় বি.সু ১৪। —বাড়ি বি [অপ্র] চার বাড় (পাশ)। "গো.চ ১১০।

চৌপায়া বি [হি চৌপাঈ (চতুষ্পদী)] খাট। "ব.প ১৩৫৬।

চৌপালা বি [হি °পহলা, -পাল] কপাটহীন একপ্রকার দোলা।

চৌপাশ বি [চৌ+পাশ] চতুষ্পার্শ্ব, চারিদিক্। "ম ৪১৬।

চৌবাচ্চা বি [ফা চৌবচ্চা] ইষ্টকরচিত চতুষ্কোণ জলাধার।

চৌবেড় বি চতুর্দিকে বেষ্টন। "°ড় বেড়্যাছে গড় ব.প ৩৮৩।

চৌমহলা বিং [হি °লা] যে বাড়ী চার মহলে বিভক্ত।

চৌমাথা, -মুনী বি [হি চৌমুহানী] চার রাস্তার মাথা বা মেলনস্থল চতুষ্পথ। "চৌমুনী এড়াইল ম.ম ২২৪।

চৌমুড়া ক্রি.বিং [অপ্র] চারিদিকে বেষ্টনপূর্ব্বক। "রাজাক চৌমুড়া বান্ধিল গো.চ ৪৯২।

চৌযুগ বি [সং চতুর্যুগ] সত্যাদি চারি যুগ। "চৈ.ম ২০।

চৌর পুং [চুরা+অ (অণ্) তাচ্ছীল্যে, অথবা চোর+অ স্বার্থে] ১ চোর। ২ কবিবিশেষ। "°পঞ্চাশিকা। —রক ক্লী [°র+অক (বুঞ্)] চৌরভাব, চৌরকর্ম্ম, স্তেয়। —রী স্ত্রী চুরাশীলা নারী।

চৌরঙ্গ বি ['চতুরঙ্গ'—মূল ; হি চৌরংগ] ১ খড়্গপ্রহারবিশেষ (যেরূপ আঘাতে আহত দ্রব্য কাটিয়া চারখণ্ড হয়) ; চারখণ্ড। "চৌরঙ্গ করিয়া কাটে কোন কোন জন চ.বি ১৬৪ ; ২৯৪।

চৌরশ, -স বিং [সং চতুরশ্র, -স্র > প্রা চউরংস (প্রা.ম), *চউরস্স >বা °স ; হি, ঠ °স] ১ চতুষ্কোণ। "চৌরস কাট।—শ্রী ৬২। চৌরস করিয়া পত্র শ্রীমুখ করিল শ্রী.মা ১৫৪। ২ সমতল, সমপৃষ্ঠ (ভূমি)। "(তরুবরে) চারিখণ্ড করিয়া চৌরস করি চাঁচে শ্রী ৬২। চৌদিকে চৌরস কৈল চেলে শি ৮০। ৩ প্রসর, প্রশস্ত। "চৌরস ললাট কৃ.উ ৫৪। চৌরস কপাল কৃ ২৯৮ ; শ্রী.মা ১৭২। চৌরস কপাল ব.প ৫৩৭।

চৌরাশি, -শী স.বিং [সং চতুরশীতি > লি চতুরাসীতি, প্রা চউরাসী, -ই >বা °শী, -শি ; হি চৌরাসী ; ঠ চৌঙ্যাশী ; গু চোরাসী] চতুরশীতিসংখ্যক। "চৌরাশী লাখ কৃ.উ ৬৪। চৌরাসি গো.চ ৮০। চৌরাশী ম ৮১৮। ভ.গ্র ১১। —শি, -শী বি চৌরাশী (৮৪) সংখ্যা। —শীতি স.বিং [অপ্র] চৌরাশী। "ভ.গ্র ৪৪৫।

চৌরাস্তা বি [হি চৌরাহা] চতুষ্পথ, চৌমাথা। "ছ ১৮৮।

চৌরি বিং [মৈ 'চৌরি'—চৌর্য্য] গুপ্ত, গোপন। "চৌরি পিরীত হয় লাখ গুণ রঙ্গ বি.প ৫০।

চৌরিকা স্ত্রী [চোর+অক (বুঞ্) + স্ত্রী আ (টাপ্)] চোরভাব, চোরকর্ম্ম, চৌর্য্য। "চৌরিকানৃতমায়া মনু ১.৮২।

চৌরোদ্ধরণিক, -দ্ধর্ত্তা(-র্ত্তৃ) পুং মার্গপাল, দিক্‌পাল (মিতাক্ষরা), কোটপাল ?। "°দ্ধর্ত্তা যাজ্ঞ ২.২৭৪। চৌরোদ্ধরণিক ব.প্র ১২৬,-৩৯, -৪০। প্রভাতে চৌরোদ্ধরণিক আসিয়া তাহাকে কারাগারে লইয়া গেল ('শশাঙ্ক' —রাখালদাস বন্দ্যোপাধ্যায়-কৃত)।

চৌর্য্য ক্লী [চোর+য (ষ্যঞ্)] চোরভাব ; চোরকর্ম্ম, স্তেয়, চুরি। [°পনা (অপ্র)—চৌর্য্য। "দা ১৮০। °বৃত্তি (স্ত্রী)—চৌর্য্য।]

চৌশাল বি [সং চতুঃশাল] চক-মিলান বাড়ী ; চকের বাড়ী।

চৌষট্টি স.বিং [সং চতুঃষষ্টি > লি চতুসট্টি, প্রা চউসট্টি বা °ট্ঠি ; হি চৌসঠ ; ঠ চৌসট, -সষ্ট ; গু চোসট, -ঠ ; অস চৌষষ্টি ; চৌষাট (শ্রী.কী)] চতুঃষষ্টিসংখ্যক। —ট্টি বি চৌষট্টি (৬৪) সংখ্যা।

চৌহদ্দী বি [হি °দ্দী (হি চৌ+আ হদ্দ্—সীমা] চতুঃসীমা।

চৌহান বি সর্ব 'চুহান'। "চক্ষে [illegible] বাহির হৈল জাতি চৌহান কৃ.উ ৫৫।

চ্যবন পুং [√চ্যু+অন (ল্যুট্)-ক] মুনিবিশেষ। [ইঁহার জনক ভৃগু, মাতা পুলোমা, পত্নী শর্য্যাতিসুতা সুকন্যা এবং পুত্র প্রমতি। ইনি গর্ভচ্যুত হইয়াছিলেন বলিয়া 'চ্যবন' নামে খ্যাত (মহা ১.৫ম, ৬ষ্ঠ অধ্যায় ; ৩.১২৩শত অধ্যায়)। ইনি অশ্বিনীকুমারের ব্যবস্থানুসারে ঔষধ পান করিয়া জরামুক্ত ও রূপবান্ যুবা হইয়াছিলেন। ঐ ঔষধ 'চ্যবনপ্রাশ' নামে খ্যাত।] —ন ক্লী [+অন -ভা] ক্ষরণ, ভ্রংশ। [°প্রাশ (পুং)—ঔষধবিশেষ।]

চ্যাংরা বি [দ্র 'চেংড়া'] ১ কিশোর, যুবা। "চ্যাংরা বয়ক্রমে গো.চ ২০৭। ২ ছেলে। "পরামানিকের চ্যাংরা গো.চ ১৯৮।

চ্যাঙ্গামুথা বি মুথাবিশেষ। "°মুথা আমার ভক্ষণ ক.চ ৫৪।

চ্যাবন ক্লী [√চ্যু+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] পাতন, ভ্রংশন। "ইন্দ্রস্য স্বপদচ্যাবনারোহণম্ (বিষ্ণুপুরাণ)।

চ্যু অক [ভ্বা, আ—চ্যবতে ; অনিট্] চ্যুতি, গতি, পতন। —[চু, প—চ্যাবয়তি ; সেট্] হাস ; সহন।

চ্যুৎ অক [ভ্বা, প—চ্যোততি ; সেট্] আসেচন, ঈষৎ বা সম্যক্ আর্দ্রীকরণ ; ক্ষরণ। "মধুচ্যুৎ ভ ১.১৯.২২।

চ্যুত বিণ [√চ্যু+ত (ক্ত)-ক] ১ গত। "রতিশ্চ্যুতা।—রঘু ৮.৬৬। °মন্যু ভট্টি ৩.১১ ; চ্যুতাশ ২০। ২ নির্গত, নিঃসৃত। "(সরযূঃ) ব্রহ্মসরশ্চ্যুতা (রা)। দেহাচ্চৈব মলাশ্চ্যুতাঃ।—মনু ৫.১৩২। রঘু ৩.৫৮। ভট্টি ৯.৭১। ৩ গলিত, ক্ষরিত। "ত্বন্মুখাম্ভোজচ্যুতং হরিকথামৃতম্ (ভ)। ৪ পতিত, ভ্রষ্ট। "দ্বাবিবার্কৌ নভশ্চ্যুতৌ মহা ১.২১২.২০। পথিচ্যুতম্ ভ ৭.২.৪০। ৫ স্রস্ত, স্খলিত। "কণ্ঠচ্যুতভুজ উ.মে ৩৪। ৬ ক্ষত, ব্যাহত। "চ্যুতো বিধিঃ রঘু ৩.৪৫। ৭ নষ্ট। "চ্যুতাত্মনা কু.স ৫.৮১। [চ্যুতাক্ষরা (স্ত্রী)—প্রহেলিকাবিশেষ। "কূজন্তি কোকিলাঃ 'সালে'—'রসালে' স্থলে 'সালে,' 'র' চ্যুত (সা.দ ১০.১৩)।]

চ্যুতি স্ত্রী [√চ্যু+তি (ক্তিন্)-ভা] ১ গতি। ২ পতন, ভ্রংশ। "সত্যাচ্চ্যুতিঃ ক্ষত্রিয়স্য মহা ১.১০৩.২৪। ৩ ক্ষরণ। "গণ্ডশ্যামমদ° (পঞ্চ)। ৪ স্রংসন, স্খলন। "গর্ভ°। ৫ হানি। "ধৈর্য্য° কু.স ৩.১০। চেতনা° (সুশ্রুত)। ৬ [+তি -অপা] স্ত্রীযোনি ; গুহ্য।

চ্যুপ পুং [√চ্যু ভাবণ+প-ণ, উ ৩.২৪] বক্ত্র, মুখ, চোপা।

চ্যোত পুং [√চ্যুৎ+অ(ঘঞ্)-ভা] আর্দ্রীকরণ ; ক্ষরণ।

ছ[1] চ-বর্গের দ্বিতীয় বর্ণ এবং সপ্তম ব্যঞ্জন ও স্পর্শবর্ণ। দ্র 'ক[1], চ[1]।

ছ[2] স.বিং [সং ষষ্ > লি, প্রা ছ ; হি, গু ছ ; মৈ ছও ; প ছক্কা ; cf. Gr. hex ; L. sex ; Ger. Sechs ; A. S., E. Six] ষট্‌সংখ্যক। "ছ ছ মাস শি ৮০। পাঠাও আমার ছ-ছয় পেয়াদা কা ১১১। —বি ছয় (৬) এই সংখ্যা। "°ত্রিশ, °চল্লিশ। [ছকড়া-নকড়া করা—তুচ্ছ-তাচ্ছিল্য করা। "নদের চাঁদকে যে ফাঁকি দিয়ে ঘরে আসি ; তবু উনি আমাকে একদিন দুদিন রাত্রে ছকড়া-নকড়া করেন লী ৯।]

ছই, ছৈ, ছৈঁ বি [সং ছদি > প্রা ছই] গাড়ীর বা নৌকার ছতরি। "ছৈঘর চাপিয়া বসিলা সদাগর ক.চ ২৯২। ছইঘর থান থান বি.পা ২৩২। ছই ব.প ২৪৭। ছৈয়র উড়ায় বা.ম ২২৩। ছৈ সব উড়ে ম.ভা ১০। —ই বি শিম (?)। "বেত আগে খউরের ছই ব.প ২২২। [ছই (ছৈ)ঘর (তু 'সং ছত্রি > প্রা ছই)—নৌকায় রচিত সুসজ্জিত কাষ্ঠগৃহ বা ছতরি ঘর (?)।]

ছঁই, ছঁউই বি [ছ[2] + ই, দ্র 'আটই'] মাসের ষষ্ঠ দিবস।

ছইল বি [ছালি > ছাইল > °ল, 'ছইল'—বিদগ্ধ, চতুর (দেশী ৩.২৪)] আপদ, বালাই। "মরি গেল দুষ্ট বুড়া দেশের গেল ছইল ম.গা ১৮।

ছঅ স.বিং [প্রা ছঅ (পৈ) > ছয় > ছঅ ; অপ্র] ষট্‌সংখ্যক। "ছঅ তঙ্কা ম.গা ৫ ; ছঅ মাস ৭ ; ১৭ ; ২৪।

ছক[1] বি [চক > °ক] ১ চৌকা ঘর ; দাবা বা পাশা খেলার ছক-আঁকা বস্ত্রখণ্ড, পিচবোর্ড ইত্যাদি। ২ [সং ষট্‌ক > প্রা ছক্ক > বা °ক] ছয় সংখ্যা। "চার ছক চব্বিশ (হি চার ছক্কে চৌবীস—G.H. § 238)। [°কাটা—ছক-আঁকা]

ছক[2] সর্ম্ম [ছক[1] > °ক] ১ ছক কাটিয়া চিহ্নিত করা (বস্ত্রাদি)। ২ [ধ্বন্যাত্মক] 'ছক' শব্দে ব্যঞ্জন সাঁতলান। —ক অৰ্ম্ম [হি √ছক ; অপ্র] দিক হওয়া ; বিরক্ত হওয়া ; কষ্ট পাওয়া। "ছল ছল আঁখি ছকি ছাওয়ালের বাদে শি ১৭। [ছকা—সর্ব 'ছক[2]'।]

ছকড়া, ছক্কড় বি [সং শকট > প্রা সগড ; হি সগড, ছকড়া ; ঠ ছকডা ; মৈ সগড় ; ড় ছকড়া ; ছেকড়া (গ্রাম্য)] ১ গোরুর গাড়ি। "অপূর্ব্ব অপূর্ব্ব ছকড়া ব.প ১৭৩৯। ২ নিকৃষ্ট ঘোড়ার গাড়ি। "গরু দুটা হন-হন চলিয়া একখানা ছকড়া গাড়িকে পিছে ফেলিয়া গেল আ.দু ২৫। গহনার ছক্কড় হু ৩, ২০৭।

ছকা দ্র 'ছক[2]'।

ছক্কা বি [সং ষট্‌ক > প্রা ছক্ক ; হি ছক্কা] ১ ছয় ফোটার তাস। ২ ছয়, অর্থাৎ নানা আনাজের ব্যঞ্জনবিশেষ। ৩ খোল বা ঢোলের গৎবিশেষ (তেহাইএর ডবল ?)। "(ঢুলী) একবার কাছ ঘনিয়ে যায়, ছক্কা দিয়ে শিরোপা চায় দা ৭৬৪। [ছক্কা ধরা—তাসখেলায় বিপক্ষের পরাজয়ের চিহ্নস্বরূপ ছক্কা ধরা। ছক্কা-পঞ্জা (হি)—চাল-বাজী, চালাকী।]

ছগল পুং [√ছো ছেদন+অল (কলচ্)-র্ম্ম, 'গ' আগম, উ ১.১১০ ; ছান্দস] ১ ছাগল। ২ অত্রি ঋষি। "পা ৪.১.১১৭। ৩ (বহুব) দেশ-বিশেষ ; তদ্দেশবাসিগণ। —ল ক্লী নীলবস্ত্র। —লী স্ত্রী ছাগী। [ছগলান্ত্রী (স্ত্রী)—বৃদ্ধদারক, বীরতাড়ক গাছ।]

ছ(ছে)চল্লিশ স.বিং [সং ষট্‌চত্বারিংশৎ > লি ছচত্তারি(লী)সতি, প্রা ছচত্তালীস (?) ; হি ছিয়ালি(লী)স] ষট্‌চত্বারিংশৎসংখ্যক। —শ বি ছচল্লিশ (৪৬) সংখ্যা।

ছচি বিং [অপ্র] অশুচি, উচ্ছিষ্ট। "অন্ন ছচি করিলেক চঞ্চল বালকে চৈ.ভা ৩৫।

ছচ্ছড় বি [ছড়ছড় > °ড় ; ধ্বন্যাত্মক] বেগে বৃষ্টিপাতের শব্দ। "ছচ্ছড় ক'রে বৃষ্টি এলো।

ছটক[1] বি [ছটা > °ক ; অপ্র] ছটা, প্রভা। "গৌরবরণ সোনা, ছটক চাঁদের জোনা ন.প ২৯৩।

ছুটক[২]**, -কা** অর্ম্ম [সং √চট—ভেদন ; হি √ছটক ; ঠ √ঝটক] ১ বেগে ভিন্ন হওয়া বা ছুটিয়া যাওয়া ; বিক্ষিপ্ত হওয়া ; ঠিকরাইয়া যাওয়া। ২ দল বা সঙ্গ ছাড়িয়া যাওয়া। "ছুটকিয়া পড়ে সবে, কে কারে আটকে স্ব.প্র ১৬৯। ইহার সঙ্গে প্রণয় রাখার কি ফল এক্ষণে ছুটকে পড়া শ্রেয় আ.দু ১৯৬। [ছুটকা-চিঙড়ি—একজাতীয় ছোট চিঙড়ি। ছুটকান—সর্থ 'ছুটকা'।]

ছুটছুটি বি [ধ্বন্যাত্মক] ১ বেগে শরপতনের শব্দ। "সঘনে বরিষে বাণ শুনি ছুটছুটি চ.বি ৯১। ২ বীণাধ্বনি (অসাধু)। "চারিদিকে উঠিল বীণার ছুটছুটী কৃ ৭৭।

ছুটকা দ্র 'ছুটক[২]'।

ছুটপটি বি [হি °টী ; তু 'সং √পট্—গতি] যন্ত্রণায় হস্তপদাদির বেগে বিক্ষেপ ; ব্যাকুলতা। "ঘায়ে…করে ছুটপটি কৃ.উ ৫৮।

ছুটফট[১] বি [হি ছটপটী] যন্ত্রণাজন্য ব্যাকুলতা ; অধীরভাব। "ছুটফট করে প্রাণ ব.প ৮২৬। ব ১৭৯। পৃথিবীতে যে জাত আপনার জাতকে বাঁচিয়েচে তা'রা ছুটফট করেনি, তা'রা কাজ করেচে ঘ ৬৪। —ফটি, -টী বি [°ট+ই[১১]] সর্থ 'ছুটফট'। "তিন কোটি গন্ধর্ব্ব মৈল করি ছুটফটী কৃ.উ ২৭৯। °ফটী শ্রী ১৬৬। বিন্ধার ধরেছে ছুটফটি বি.সু ৪২। বিষের জ্বালায় ছুটফটি।—রামপ্রসাদ। —ফটে বিং [°ট+এ[৭]] যে ছুটফট করে ; চঞ্চল, অস্থির। "ছুটফটে ছেলে ফেলে ছাড়ি গেল ঘর শি ৭৩।

ছুটফট[২]**, -ফটা** অর্ম্ম [°ফট+আ[৯] ; হি √ছটপটা] ছুটফট করা ; ব্যাকুল হওয়া; ধড়ফড় করা। "ছুটফটি জলজন্তু শুখাইল বারি ম ৪৬৭। বিষম আঘাতে, ছুটফটি পড়ে ভূমে বিহঙ্গী।—মে ১২২ ; ২৭০। [ছুটফটান, -নি—ছুটফট করা ; অস্থিরভাব। "স্কুলে থাকিতে গেলে ছুটফটানি ধরে আ.দু ২৪।]

ছুটফটা ; -ফটে দ্র 'ছুটফট[২] ; -ফট[১]'।

ছুট(র)রা বি [হি ছরা ; E, shot] বন্দুকের ছিটে (ছোট) গুলি। "ছররাভরা পাখী-মারা গন্।—হেম ৩৮৩। [ছররা ধোঁয়া—মুখ হইতে নির্গত ধূমরাশি। "তামাক চরস গাঁজার ছররা ধোঁয়াতে অন্ধকার হইতে লাগিল আ.দু ২১।]

ছুটা স্ত্রী [√ছো+অট (অটন্), কিৎ,-ক+স্ত্রী আ (টাপ্) ; তু 'ছড়া' —বিদ্যুৎ (দেশী ৩.২৪) ; সং 'সটা'] ১ দীপ্তি, প্রভা। "হারচ্ছটা বা.ভা ২.৪৮। বীরপট্টাঞ্চল°, প্রতাপাংশু° (S.W.)। দশন ছটা বি.সা ৬। বন্ধুককুসুমচ্ছটা ক.চ ৮ ; উঠে বিন্দু ছটাধৌত ১০ ; ৫৩। মহামেঘছটা শি ৫৬। মাণিকের ছটা ভা.চ ৩২১। দিবাকরছটা।—হেম ১। ২ পরম্পরা। "তড়িচ্ছটাকড়ার উ.চ ৬ষ্ঠ। ৩ সমূহ (মল্লিনাথ)। "সটাচ্ছটাভিন্নঘন মাঘ ১.৪৭। কটাক্ষ° (সা.দ)। কটাক্ষ ছটা বি.প ২৪ ; দশন-ছটাছট হাস ৩৫। ৪ (বাঙলায়) চমৎকারিত্ব। "বুঝিলাম মহাকবি শ্লোকের ছটায় ভা.চ ৩২৪। [ছটাক[২] (ছটা+ক[৭])—ছটার। "তেজ দেখি বদন ছটাক চৈ.ম ১৬৭। ছটাভা (স্ত্রী)—বিদ্যুৎ।]

ছুটাক[১] বি [হি, ঠ ছটাংক (ছ+টাংক—চারমাষা)] ১ সেরের ষোড়শাংশ বা পোয়ার চতুর্থাংশ ; পাঁচ তোলা। ২ কাঠার ষোড়শাংশ। "এক ছটাক জমি।

ছুটাক[২] দ্র 'ছটা'।

ছুটাভা[২] দ্র 'ছটা'।

ছুটি বি ['ছড়ি > °টি ; অপ্র] ছাট। "সুবর্ণের ছুটি গো.বি ৪৯। ধরিতে চলিলা শচী হাতে ছুটি করি চৈ.ম ৪০ ; ৪১। ন.প ১০৪।

ছুড়[১] বি [ছাল > ছাড় > °ড় (?) ; তু 'ছবডী—চর্ম্ম (দেশী ৩.২৫)] ১ পশুচর্ম্ম, ছাল। "কেওদা বাঘর ছড় শূ ১০৮। হরিণের ছড় ক.চ ৬৯। ২ কণ্টকাদির আঘাতজন্য গাত্রচর্ম্মচ্ছেদ। "ছেঁছড়িয়া নিল সব গায়ে গেল ছড় কৃ.উ ১১৪। চিচড়িয়া লয়ে যায় বুকে ছড় যায় কৃ ৪৩৮। গায়ে ছড় ক.চ ৫৯। আঁঠুর গেল ছড় ব.প ২৫৬। জ ৮৩। ৩ আঘাতজন্য দাগ। "ছড় নাহি গেল শূলে গড় করি ছাড়ে শি ৭১। ৪ [ছড়া > °ড় ; অপ্র] ছড়া, জলছিটান। "ছড় দ্যাওয়া নাশ্বিয়া মস্তকে করিয়া গো.চ ৮১। ৫ [হি ছড়] খণ্ড, টুকরা। "নিষ্ঠুর কালের চর, ছড়ে-ছড়ে দেহস্তর, ছিঁড়িছে।—হেম ১২২ ; মাটি ফেটে ছড়ে-ছড়ে (পড়ে) ৩১৫। —ড়া[১] বি সর্থ 'ছড়[১] (১)। "হরিণের ছড়া ক.চ ৪৯। ব্যাঘ্র-ছড়া : মৃগ-ছড়া ব.প ৩১৬।

ছুড়[২] বি [হি ছড় ; জাটু—'ছড়ী' (ছোটছড়ি)] ১ যষ্টি, লাঠি। ২ বীণাদি ততযন্ত্রের বাদনদণ্ড ; শারিকা, ছড়ি। "ছড়ের আঘাতে ঝন-ঝনঝন।—ন ১০৮০। ৩ থামে ছড়ির মত চুনবালির দীর্ঘনাড়ী। "°কাটা থাম। ৪ বারুদ গাদিবার লৌহশলাকা (ramrod)।

ছুড়[৩] অর্ম্ম [ছড়[১] > °ড়] কণ্টকাদির আঘাতে গাত্রের চর্ম্ম ছিন্ন হওয়া। "কাঁটায় গা ছড়ে যায়। —ড় সর্ম্ম ১ গাত্রচর্ম্ম ছিন্ন করা। "উঙানি হইয়া ক্ষেতে খায় যেন ছড়ে শি ৭৭। ২ [হি √ছড়] ছিন্ন করা ; ছাড়ান, ছেঁড়া। "ডাল থেকে পাতা ছড়া।

ছুড়র-ছুড়র বি [ধ্বন্যাত্মক] ছকড়া গাড়ীর শব্দ। "বেচারাম… ছকড়া গাড়িতে ছড়র-ছড়র শব্দে…চলিয়াছেন আ.দু ১৫৯।

ছুড়া[১] দ্র 'ছড়[১]'।

ছুড়া[২] বি [সং ছটা > প্রা ছডা (জলবিন্দু, ছিটা—প্রা.ম) > °ড়া] ১ জলাদি তরল দ্রব্যের বিন্দু-বিন্দু-বর্ষণ ; ছিটা। "বরের চক্ষেতে দিল সেই জল-ছড়া বা.ম ২৮৩। চন্দনের ছড়া ব.প ৪৯৩। কৃ ৩৬৫, ৪৮৬। ম ১৮০ ; অগুরুচন্দনছড়া ৭০৯। অমৃতের ছড়া বি.বু ৪২। ২ গোবরজলের ছিটা। "উদয় হৈলে ছড়া ব.প ৭ ; ছড়া ঝাঁট ৪৮২। ঝাঁট ছড়া শ্রী.ম ১৮। মোলে…শেষে দিবে গোবড়-ছড়া।—রামপ্রসাদ। ৩ পশলা। "একছড়া বৃষ্টি। ৪ [হি ছড়া ; ছড়ি (দিনাজপুর)] গুচ্ছ, থোকা। "কলাছড়া ; এক ছড়া কলা। ৫ হারাদির যষ্টি ; নহর (string)। "এক ছড়া হার বা মালা। ৬ ধান্যের গুচ্ছ বা স্তম্ব (stem)। "জন্মিয়া সে ধানে যদি ছড়া মেলে হেথা বা.ম ৩৩০ ; সিদ্ধ ধানে ছড়া মেলে ৩৯২। ৭ কোন বিষয় লইয়া রচিত গ্রাম্য কবির কবিতা। ৮ [সং সরিৎ > প্রা সরিআ > ছড়া ; অপ্র] ক্ষুদ্র নদী ; স্রোত। "মুরার কিনারে, ছড়াখানি বহে রে, তাহাতে উজাএ দাড়িপুটী গো.বি ১৮৭। [ছড়া কাটা —ছড়া আবৃত্তি করা। ছড়া-তেঁতুল—খোলাছাড়ান গোটা তেঁতুল।]

ছুড়া[৩] সর্ম্ম [ছড়া[১] > °ড়া] ১ বর্ষণ করা ; ছিটান। "এই জল ছড়াইয়া দেহ তপোবনে কৃ ৪৮৬। ২ বিক্ষিপ্ত বা বিকীর্ণ করা ; বপন করা (বীজাদি) ; ৩ প্রসারণ করা। "সাগর পা ছড়াইয়া কাঁদিতে বসিল ব.প্র ৩৭৭। —ড়া অর্ম্ম বিকীর্ণ হওয়া। "(সলিলরাশি) ঘুরিয়ে ছড়িয়ে পড়ে সা.ম ৫৩। গোপনে প্রেম রয় না ঘরে, আলোর মত ছড়িয়ে (ছড়াইয়া) পড়ে।—রবীন্দ্র। [°ছড়ি—ফেলাফেলি ; (গৌণার্থে) প্রাচুর্য্য, বাহুল্য। "অনুচিকীর্ষু সংস্কারকের ছড়াছড়ি পা.প্র ১৪৪। ছড়ান—সর্থ 'ছড়া[৩]'।]

ছুড়ি বি [ছড়[২] > °ড়ি ; হি ছড়ী] ১ সরু লাঠি ; বেত। "কেমনে এমন গায়ে মারিয়াছে ছড়ি ভা.চ ৪০২। তুমি লাঠি !…ছড়িত্ব প্রাপ্ত হইয়া…বাবুবর্গের হাতে শোভা কর ব.প্র ৪০৪। ২ সর্থ 'ছড়[২] (২)। ৩ [ছড়[১] > °ড়ি] পশুচর্ম্ম। "ব্যাঘ্র ছড়ি মী ৫। ৪ [ছড়া[১] > °ড়ি] সর্থ 'ছড়া[১] (৫)। "সোল ছড়িহার মী ১৬। ৫ সর্থ 'ছড়া[১] (৬)। "গোতম পলাল বুনে পাতল জার ছড়ি শূ ১১৩। [°দার, °বরদার (হি ছড়ীদার,-বরদার)—চোবদার। °ভঙ্গি—যোড়-খোলা ও ভাঙ্গা ; ভাঙ্গা-চুরা। "ছড়িভঙ্গি পড়ি আছে থান কত, উচা-উচা কাঠাসন স্ব.প্র ৯৯।]

ছুড়ী বি সর্থ 'ছড়[১] (১)। "বিচিত্র ব্যাঘ্রের ছড়ী বা.ম ৫।

ছুণ্ড বি [সং ছমণ্ড ; অপ্র] পিতৃহীন শিশু। "শিশুকালে পিতা মৈল আমি হৈল ছণ্ড ম ১০০০। সুযোগ কনকদণ্ড, ইথে জাত নহে ছণ্ড, পিতার উদ্ধারে হবে হেতু ক.চ ২১১।

ছত(ত্ত)র বি [ছত্র > °র ; হি ছত্তর ; অপ্র] চরকার ছত্রাকার অংশ। "চটকিয়া ধরিল চড়কার ছতর ব.প ৮৩। চরকার ছত্তর গো.চ ৩০৭। —তরি বি [ছতর+ই[১১]] ১ ছত্রবৎ ছায়াকর ; ছই। ২ [হি ছতরী] পায়রার বসার নিমিত্ত ছত্রাকার বংশরচিত আধার। ৩ কর্ণধারের দাঁড়াইয়া হাল ধরার নিমিত্ত উচ্চ স্থান ; হালমাচা। "(মতিলাল) এক এক বার ছতরির উপর বসছে, এক এক বার হাইল ধ'রে ঝিকে মারছে আ.দু ৫২। ৪ মশারি ঝুলানর কাঠের চতুষ্কোণ ফ্রেম। —ত্তর বি ছত্র, ছাতা। "গুরু মাথাতে ছত্তর গো.বি ১০৬। মাথার ছত্তর শ্রী ২২৭।

ছতরি, ছত্তর দ্র 'ছতর'।

ছত্র, -ত্র পুং (ছত্রসাদৃশ্যে) ছত্রাক, বেঙের ছাতা, ছাতকোঁড়। "বল্মীকের ছত্র ম ৩৩১। —ত্র ক্লী [√ছাদি+ত্র (ষ্ট্রন্)-ণ, হ্রস্ব (পা ৬.৪.৯৭), ই-লোপ, উ ৪.১৫৮ ; 'ছত্র' ইতি একতকার পাঠ বিবেচ্য ; অর্দ্ধর্চাদি] ১ 'আচ্ছাদনসাধন, আতপত্র, ছাতা। "°ধারণ মনু ২.১৭৮ ; ৭.৯৬। ২ রাজচ্ছত্র। "রঘু ৩.১৬। আমি বিদ্যমানে ধর ছত্র নব দণ্ড কৃ ৮৭। মরকতপত্রচ্ছত্র মে ২৯১। ৩ গুরুর দোষাবরণ ; আবরণমাত্র (ত.বা)। "পা ৪.৪.৬২। [°ছায়া (°চ্ছায়া) স্ত্রী— রাজচ্ছত্রের ছায়া, রাজশাসন। °তল(বি)—সর্থ 'ছত্রচ্ছায়া'। "সব রাজা আসিয়া থাটিল ছত্রতলে ম ৩৩৬,৫৪৫। °ধর, °ধার, °ধারক, °ধারী (-রিন্) পুং—ছত্রধারণার্থ দাসভেদ ; ছায়াকর, রাজচ্ছত্রধারী পুরুষ। "ছত্রধর মে ৫। °পতি (পুং)—সম্রাট্। °পত্র (পুং)— 'ছত্রাকারপত্রযুক্ত', স্থলপদ্ম ; ভূর্জ্জবৃক্ষ ; সপ্তপর্ণবৃক্ষ। °ভঙ্গ (পুং)— ১ রাজচ্ছত্রের নাশ, নৃপনাশ, রাষ্ট্রবিপ্লব। "শ্রী ১২৩। ২ 'রক্ষিতার নাশ ; স্বাতন্ত্র্য, স্বেচ্ছাচার। ৩ বৈধব্য। ৪ (বাঙলায় ; অপ্র) ছত্র-পতন। "বিয়াকালে ছত্রভঙ্গ অশুভ লক্ষণ ম.ম ১৮০।]

ছত্রক পুং [ছত্র+ক (কন্) স্বার্থে] ১ মৎস্যরঙ্গ, মাছরাঙা পাখী। ২ শিবমন্দিরবিশেষ। ৩ রাঙা কুলেখাড়া। —ক ক্লী ১ ছত্র। ২ ছত্রাক। —ত্রিকা স্ত্রী ছত্রাক।

ছত্রা স্ত্রী, **-ত্রাক** ক্লী [ছত্র+স্ত্রী আ (টাপ্)] শিলীন্ধ্র, ছাতকোঁড়। "°ক মনু ৫.১৯। —কী স্ত্রী রাস্না। —ত্রিকা স্ত্রী শিলীন্ধ্র।

ছত্রাক দ্র 'ছত্রা'।

ছত্রী (-ত্রিন্) বিণ [ছত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব, স্ত্রী -ত্রিণী] ছত্রবান্, আতপত্রযুক্ত। "রা ৩.৩.৩। —ত্রী পুং নাপিত।

ছত্র বি [সং সত্র ; হি ছত্তর] ১ অন্নাদিবিতরণ-স্থান, সদাব্রতের স্থান। "অন্নচ্ছত্র ব.প ১১৪৭ ; °শালা ১২৮৩ ; °বাটী ১৫১৬। ছত্রে মাগি খায় চৈ.চ ৭৫। ২ [আ স.তর্] অক্ষরের পঙ্‌ক্তি বা লাইন। "কয়েক ছত্র লেখা হইতে না হইতে আবার পত্র অশ্রুকলঙ্কিত হইল ব.প্র ৯৮ ; ৩১৭। [°শালা (ছাত্রশালা ?)—পাঠশালা। "°গৃহে : °ঘরে ম.পা ১২০।

ছত্রিয়, -ত্রী বি [সং ক্ষত্রিয়, -ত্রী ; হি ছত্রী] ক্ষত্রিয়। "ছত্রিয় বি.সু ৯। ছত্রী চৈ.চ ৭৫।

ছত্রিশ স.বিং [সং ষট্‌ত্রিংশৎ > লি ছত্তিংসতি, প্রা ছত্তীস ; হি, ঠ ছত্তীস ; গু ছত্রীস ; তু 'ছত্তিস' (চ.বি ২৬৬)] ষট্‌ত্রিংশৎসংখ্যক। "ছত্রিশ জেতে যোগী দা ২০৭১। —শ বি ছত্রিশ (৩৬)।

ছত্রী দ্র 'ছত্রিয়'।

ছদ্ সক [চু, এ—ছাদয়তি, -তে ; ভ্বা, এ—ছদতি, -তে ; সেট্] সংবৃতি, আচ্ছাদন, গোপন। —দ্ সক [অদন্ত চু, এ—ছদয়তি, -তে ; সেট্] সংবৃতি। [আ—১ আচ্ছাদন। ২ পরিধান। "শাটীমাচ্ছাদ্য রা ২.৩২.৩২। প্র—গোপন, আবরণ।]

ছদ পুং [√ছদ্+অ (ঘ)-ণ সংজ্ঞার্থে, হ্রস্ব] ১ 'ছাদনসাধন', পক্ষ, পত্র, পাখা। "শকুনান্…হিরণ্যসদৃশচ্ছদান্ মহা ৩.৬১.১২। হেম ৭০। ২ পত্র, দল, পাতা। "ন্যগ্রোধম্…হরিতচ্ছদম্।—রা ২.৫৫.৬। বিলুপ্তচ্ছদ (ক্রম)।—পঞ্চ ২.২। ৩ পত্র, দল, পাপড়ি। "পুষ্করগর্ভচ্ছদ উ.চ ৬.১৩। ৪ আবরণ, আচ্ছাদন। "অমরা ঘনচ্ছদাঃ ভ ৭.৮.২৬। ৫ গ্রন্থিপর্ণবৃক্ষ। ৬ তমালবৃক্ষ। —দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আবরণ, আচ্ছাদন, ঢাকা। "নিচোল আধ ছদন শ্রী.ম ১৭১। ২ [+অন -ণ] আচ্ছাদন, আবরণ, ঢাকনা। "তাং (শালাম্) বৃক্ষপর্ণচ্ছদনাম্ রা ২.৫৬.৩৪। ৩ পক্ষ, পাখা। "পাণ্ডুরচ্ছদনৈর্দ্বিজৈঃ মহা ৩.১৫৮.৭২। ৪ পত্র। ৫ পিধান, অসিকোষ। ৬ তমালপত্র। [°পত্র (পুং)—ভূর্জ্জবৃক্ষ।]

ছদি স্ত্রী, **-দিঃ (-দিস্)** ক্লী [√ছদ্+ই (কি), +ইস্ (ইসি), -ণ ; °দিঃ (ছান্দস)] ১ পটল, চাল। "(গৃহম্) ছদিষা হীনম্ ক.সা ২.৪৯। ছদিঃ খর্পরসম্ভবা শু ১.২৩৬। ২ শকটের আচ্ছাদন ; ছই। ৩ [+ই -ক] আচ্ছাদক। "কায়মাত্মা নভশ্চদিঃ ভ ৭.১৪.১৩।

ছদ্ম (-দ্মন্) ক্লী [√ছদ্+মন্ (মনিন্)-ণ, হ্রস্ব, উ ৪.১৪৪] ১ কপট, শাঠ্য। "ছদ্মনাচরিতং যচ্চ ব্রতম্ মনু ৪.১৯৯। তম্ব জানি ছদ্ম কৈল পবন-অঙ্গজম্ব ম ৪৭৬। চৈ ১৩৭। দেখিয়াও ছদ্ম কৈল যেন দেখি নাই চৈ.চ ১৩৭ ; কৌড়ি নাহি দিবে এই বেড়ায় ছদ্ম করি ৩০৭। ২ ব্যাজ, ছল। "ধর্ম্মচ্ছদ্মাভিসংবৃত রা ৪.১৭.২৩। পলিতচ্ছদ্মনা জরা রঘু ১২.২। দোহদ° উ.মে ১৭। অস্বাস্থ্যের ছদ্ম করি রহে নিজ ঘরে চৈ.চ ১৯৫। ৩ কপটবেশ। "ব্রাহ্মণান্ ছদ্মসংবৃতান্ মহা ২.২১.৪০ ; ৩.২৯৯.২৬। ৪ স্বরূপাচ্ছাদন। "শশী জিনি মুখপদ্ম, কেন করিয়াছ ছদ্ম ম ৫৯২। ৫ পটল (A.)। [°তাপস (পুং)—কপটতপস্বী, বৈড়ালব্রতিক। °বেশী (-শিন্) বিণ—কপটবেশধর, ধূর্ত্ত।]

ছদ্মী (-দ্মিন্) বিণ [ছদ্মন্+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -দ্মিনী] ছদ্মযুক্ত, কপটবেশী। "বাহুকচ্ছদ্মিনং নলম্ মহা ৩.৭৭.৮।

ছন[১] বি সং [ক্ষণ > প্রা ছণ (উৎসব), খণ (কাল) ; হি, মৈ ছন ; বৈষ্ণব-সাহিত্যে] ১ অত্যল্প কাল ; সময়। "ত্যজি আবর্ত্তন…ঐছন সে চলি গেল চ.দা ৬৬। ঐছনে হৃদয়ে পাইল বড় ব্যথা শ্রী.ম ১১৫। ২ [সং সম > মৈ সন > °ন] সম, প্রকার। "নাম পরতাপে যার ঐছন করিল গো। অঙ্গের পরশে কি বা হয় চ.দা ১ ; ঐছন দেখি পীতাম্বর ৪ ; ৫। —নি বিং [°ন+ই[১১]] ছন, সম। "বদন চাঁদ ছনি। বচন অমিঞা জিনি গো ১৪৬।

ছন[২] বি ['ছাদন'—মূল ; হি 'ছান'—চাল] চাল ছাওয়ার খড়বিশেষ। "তিনকোণার ছন আনি কত গাছি খেড় বি.পা ২৫০। রাজার তালুক ছন হইয়া গেল গো.চ ৩ ; ব.প ২৯।

ছনছনি বি ['শন্‌শন্'—মূল] শন্‌শন্ করিয়া গতি ; দ্রুত স্ফুরণ। "বর্ষাকালে বিদ্যুতের যেন ছনছনি কৃ ৬৮।

ছননন-ছননন বি [ধ্বন্যাত্মক] ছকড়াগাড়ীর শব্দ। "ছকড়া ছননন-ছননন করিয়া নিকটে গেল আ.দু ১৬০।

ছন্দ্ (ছাদি) সক [চু, প—ছন্দয়তি ; সেট্] সংবরণ, গোপন, আচ্ছাদন। [উপ—প্রলোভন, প্রার্থনা।]

ছন্দ পুং [√ছন্দ্+অ (অচ্)-র্ত্ম] গোপনীয়, রহঃস্থিত, রহস্য। —ন্দ পুং ১ অভিপ্রায়, ইচ্ছা। "রা ২.৯.৭। স্বচ্ছন্দোঽত্র বিধীয়তাম্ রা (S.W.)। পরচ্ছন্দমবিদুষা ভ ৩.৩১.২৫। ছন্দানুবর্ত্তিন্।—পঞ্চ ১.৭৫। ভূপতি করিল সত্য না বুঝিল ছন্দ কৃ ৯। রা.শে ৬৮। ২ বশ। "স্বচ্ছন্দবনজাতেন শাকেন।—হি ১.৭০। ৩ কামচার, যথেচ্ছচিত্তবৃত্তি। ৪ তাৎপর্য্য, আশয়। ৫ আকার, অবয়বসংস্থান, নির্ম্মাণপ্রকার, গঠন। "বয়ান সুছন্দ বি.প ২। লিখিনু দিবসে। খোয়াইনু নখের ছন্দ চ.দা ১৩৮। ছন্দ দেখি ভিনুভাঁতি : সাধুর অক্ষর ভিনুছন্দ ক.চ ১৩৮। নেত্তের দোলনী নানাছন্দ ব.প ২২০। ৬ বিষ। ৭ (বাঙলায়) প্রকার, ভাব। "কোমর বান্দে কতছন্দ পাগে শ্রী.মা ১৯৩। করি নানা ছন্দ, ঔষধ প্রবন্ধ, করিল ক.চ ২৪। ঈষত হসিত ছন্দ।—ব ৬৩। ৮ বেশ। "কিসেরে বেড়াও পাগল

শিব তপস্বীর ছন্দে ম.ম ১৩। ৯ [সং ছন্দস্ >প্রা ছন্দ; হি, ঠ ছন্দ; ছান্দ (চ ১)] পদ্য। দ্র 'ছন্দঃ (২)। "কেমন কবিতা ছন্দ আমি নাহি জানি কৃ ৪। লাচারীর ছন্দে ম.ম ২২৯। নানা ছন্দে ভা.চ ১৪২। গুন্ গুন্ গুঞ্জন ছন্দে।—গান ৬৯। মধুর ছন্দ: আমরা ছন্দ-ভাঙার দল ঘ ৫৮। ১০ ছন্দোবদ্ধ বাজনার গৎ। "এক ছন্দে বাদ্য বাজে কৃ.উ ৪৫। ১১ [সং 'সন্দান'—মূল] গবাদি-নিয়মনার্থ পদবন্ধন রজ্জু; ছাঁদনদড়ি। "ধেনু-চরণে দেহ ছন্দ (প.ক)। [°বন্দ ('°বন্ধ'—মূল)—১ অভিপ্রায়ের গূঢ়ভাব। "কে বুঝিতে পারে গৌরের কৃপাছন্দবন্দ চৈ.চ ৩০৮। ২ অভিপ্রায়সিদ্ধির কৌশল। "যত করি ছন্দবন্দ, ভাল ভাবি হয় মন্দ, পড়িনু প্রমাদে ভা.চ ৯৪। ছন্দ না শিখিলে প্রভু নাহি হয় কড়ি—রঙ্গ ২০৭। ৩ গাভীদোহনার্থ ছাঁদন-দড়ির বাঁধন। "ছন্দবন্দ বিনা ধবলী দোহত।—গো ৬। °বিছন্দ—নানা আকারপ্রকার; নানাভাব। "ছন্দবিছন্দে কত জানে অঙ্গভঙ্গি ন.প ১৯১। ছন্দে বিছন্দে—নানাপ্রকার কৌশলে। "ছন্দে বিছন্দে যুঝে অসুর মহাবলী শ্রী.ম ২৭৯। ছন্দে বন্দে—১ ছন্দোবন্ধে, বাজনার বোল-অনুসারে। "এমত মাদলে কহে, ছন্দে বন্দে নাথে বাহে মী ১৮। ২ কলে-কৌশলে। "শ্রী.কী ৩৭৫।]

ছন্দঃ (-ন্দস্) স্ত্রী [√চন্দি আহ্লাদন+অস্ (অসুন্)-ক, চ >ছ (অ.টী); উ ৪.২১৯; ছন্দসাং মন্ত্রাণাং ছাদনাচ্ছাদস্ম্।—ছান্দোগ্য ১.৪.২, শঙ্কর; ছান্দস] ১ বেদ। "গী ১৩.৪; ছন্দাংসি যস্য পর্ণানি ১৫.১। প্রণবশ্ছন্দসামিব রঘু ১.১১। ২ নিয়তাক্ষরমাত্রাযুক্ত চতুশ্চরণ লৌকিক পদ্য; কবিতা। "গায়ত্রী ছন্দসামহম্ গী ১০.৩৫। আদ্যশ্ছন্দসাং যঃ প্রযোক্তা উ.চ ৩.৪৮। ছন্দসাং দ্রষ্টা রামায়ণমহাকবিঃ বা.ভা ১.১৫। নাই বা চলিনু, ছন্দোবদ্ধ পথে।—চ.কা ১২৪; ওরে ছন্দোময়ী, সেথায় করিবি যাত্রা?—৩২৭। [লৌকিক ছন্দঃ চতুষ্পদী। বৃত্ত-জাতি-ভেদে ইহা দ্বিবিধ। চরণে অক্ষরসংখ্যানুসারে বৃত্ত এবং মাত্রাসংখ্যানুসারে 'জাতি' হয় (বৃত্তমক্ষরসংখ্যাতং জাতির্মাত্রাকৃতা ভবেৎ।—ছন্দোমঞ্জরী)। সমবৃত্ত বিষমবৃত্ত অর্দ্ধসমবৃত্ত—এই ত্রিবিধ বৃত্তের অবান্তর ভেদ চরণের অক্ষরসংখ্যানুসারে হয়।] ৩ বেদাঙ্গভূত ছন্দঃশাস্ত্র (Prosody)। ৪ [+অস্-ভা] অভিপ্রায়, ইচ্ছা। "পা ৪.৪.৯৩, কাশিকা। ৫ স্বৈরাচার, কামচার। ৬ আশয়, তাৎপর্য্য। ৭ কপট, শাঠ্য, ছল। [ছন্দঃশাস্ত্র (স্ত্রী)—পদ্যবিষয়ক শাস্ত্র। 'ম্যরস্তজভ্নগৈর্লান্তৈঃ পদ্যং যত্র প্রমাণতঃ। কল্পাতে ছন্দঃশাস্ত্রং তদ্ বেদানাং পাদরূপধৃক্॥—শু ৪ ৩.৪৬।]

ছন্দন বি [বৈষ্ণবসাহিত্যে] ছাঁদ, আকৃতি। "ইন্দুনিন্দন, নখর ছন্দন ব ৩১। লোভন ছন্দন, ঐছে সুরঙ্গিণি সঙ্গে (প.ক)।

ছন্দস্কৃত বিণ [ছন্দঃ দ্বারা কৃত, তৃ.ত] গায়ত্র্যাদিছন্দোযুক্ত (মন্ত্রজাত)। "মনু ৪.১০০।

ছন্দানুবর্ত্তী (-র্ত্তিন্) বিণ [ছন্দ+অনু+ √বৃৎ+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -র্ত্তিনী] ইচ্ছানুসারী। "পরচ্ছন্দানুবর্ত্তী।—বৃত্ত স্ত্রী, -ত্তি স্ত্রী [ষ.ত] ইচ্ছানুবর্ত্তন, কামচারানুসরণ। "°বৃত্তি সী ৮৪।

ছন্দি বি [সং সন্ধি (স >ছ, প্রা.ল ৩.১৪); অপ্র] রহস্য, সন্ধান। "কহে জ্ঞান ফন্দি আর ছন্দি ম.গা ২৭।

ছন্দোগ পুং [ছন্দস্+ √গৈ+অ (টক্)-ক; উ.ত] সামগ, সাম-বেদাধ্যায়ী (মেধাতিথি)। "মনু ৩.১৪৫। [°পরিশিষ্ট (ক্লী)—সামগ-কাত্যায়ন-কৃত সামবেদীয়কর্ম্মবোধক গোভিলসূত্রের পরিশিষ্টগ্রন্থ। "মনু ২.৪৪, কুল্লুক।]

ছন্দোবিচিতি স্ত্রী [ষ.ত] ১ গায়ত্র্যাদিছন্দঃসমূহ। ২ [বহুব্রী] প্রতিচ্ছন্দঃসমূহের প্রত্যায়ক শাস্ত্র (শ.ক)। [ইহা দণ্ডিপ্রণীত, এইরূপ জনশ্রুতি (দ্র 'সা.দ ভূমিকা, ১৪শ পৃষ্ঠ।]

ছন্ন বিণ [√ছাদি+ত (ক্ত)-র্ম্ম; পক্ষে 'ছাদিত'] ১ সংবৃত, আচ্ছাদিত। "(যঃ) শরীরে ছন্নঃ ভ ৩.৩১.১৪। মাঘ ৩.৫৬। ২ গূঢ়, গুপ্ত। "ছন্নং ছন্নভয়ং বনম্ গো.রা ৫.৭৪.২২। ছন্নং দুহিতৃবিক্রয়ম্ মনু ৯.৯৮; ১০০। ছন্নরূপে ভ.গ্র ২১১,-৩৩। ৩ গূঢ়াভিপ্রায়। "ছন্নয়া চলিতধ্বন্মি স্ত্রিয়া রা ২.৩৪.৩৬। ৪ নিভৃত, নির্জন, বিবিক্ত। ৫ ব্যাপ্ত। "শরৈশ্ছন্নাঃ… সৈনিকাঃ মহা ৩.২০.২৪। সরোবর ছন্ন যেন কৈল মত্ত করী চ.বি ৮৫। হেম ৮৬; কুহেলি° ১০১। ৬ (বাঙলায়) মোহগ্রস্ত, বিমূঢ়, হতবুদ্ধি। "হারিয়া হইল ছন্ন ম ১৭১; পাণ্ডবের তেজে ছন্ন হৈল রাজগণ ৩৩৮। ক্ষুধা হেতু হইয়াছি ছন্ন ম.প ৪১। ছন্ন হইলেন সভে শিক্ষা নাহি স্ফুরে চৈ.ভা ৬৫। ৭ বিচারশক্তিহীন, মূঢ়, অবিবেকী। "বুদ্ধিমন্ত হ'য়ে কেন ছন্ন হৈল মতি।—কৃ ৩৪০। দেখ হের মতিছন্ন হৈল ব্রাহ্মণার ম ১৯৫। ছন্ন হইল…সেনাগণ চ.বি ৮৪। ৮ অভিভূত, পীড়িত। "খুধাএ দেহ হৈল ছন্ন।—ম.পা ৪৩। ৯ ছদ্মবেশী। "অন্তর্দ্ধান কৈল তবে ছন্ন রঘুবীর ভ.গ্র ২৪৬। ১০ ছদ্মযুক্ত, কপট। "ছন্নরূপে ভ.গ্র ১৯০; ছন্নভাব ৩০৬। ১১ বিকৃতবুদ্ধি। "আমি পাগলও নই, ছন্নও নই যে কথায় কথায় আমাকে ঠাট্টা করবে জা ২৩। —ন্ন ক্লী নিভৃতস্থান, একান্ত। [ছন্নছাড়া—উচ্ছন্ন ও ভিটাছাড়া। ছন্নতা—নির্বুদ্ধিতা, মূঢ়তা। "ছন্নতার দোষে হেন কৈল পদ্মাবতী বা.ম ৩৭২। ছন্নমতি—হতবুদ্ধি, মোহগ্রস্ত। "জীবকুল ধাইছে চৌদিকে ছন্নমতি মে ২৩৮।]

ছপ বি [ধ্বন্যাত্মক; হি ছপ] ক্ষুদ্রদ্রব্যের জোরে জলে পতনের শব্দ। [°ছপ[২] (হি °ঝপ)—পুনঃপুনঃ ছপ শব্দ।]

ছপছপ[১] বি [ভাবাত্মক; 'চাপ-চাপ'—মূল (?)] অতিভয়ে, যেন কেহ চাপিয়া ধরিল, এইরূপ বোধ; ছমছম। "এখানে আমার গা ছপ-ছপ করে ন.ত ৭১।

ছপছপ[২] দ্র 'ছপ'।

ছপটি বি [হি ছপটী; 'শপাৎ'—মূল (?)] (মারার সময়ে 'শপাৎ' শব্দ হেতু) সরু ছড়ি।

ছপর বি [ছ+পর (প্রহর)] ১ ছয় প্রহর, অর্থাৎ সন্ধ্যার প্রাক্কাল। "ছদ্ম দিয়া ছপরে ছলনা করি গেলা শ্রী.মা ২৮। ২ সফর, অর্থাৎ গবাদির চারণস্থান; মাঠ। "ছবুড়ি ছাগল লয়ে ছপরে যাবেন শ্রী.মা ৯৮। [কেবল অনুপ্রাস হেতু ইহা প্রযুক্ত হইয়াছে।]

ছপ্‌প(প্পা)য় বি ['ষট্‌পদী'—মূল; হি ছপ্পয়] হিন্দীর ষট্‌চরণ ছন্দোবিশেষ। "ছপ্পয় ভ.গ্র ১৬৮। ছন্দ ছপ্পায় শ্রী.ম ২২০।

ছপ্‌পর বি [হি, ঠ ছপ্পর] ১ ঘরের চাল। "উড়ে গিয়েছে ছপ্পর দা ২০২৪। ২ [ছাপড় (ময়মনসিং)] ছই, ছতরি। [বেছপ্পর করা—নিরাশ্রয় বা ভিটাছাড়া করা।]

ছবছব বি [ধ্বন্যাত্মক] জলপতনের শব্দ। "ছবছব জলযন্ত্র ছোটে ব.প ১৪৮৬।

ছবড়ি বি [হি ছবড়ী] টুকরী, চুপড়ী। "কবিরাজ দেখিলেন যে ছবড়ির ফলে অমিত্তি হারাইতে হয় আ.দু ৯৭; ১৩৫।

ছবি[১] স্ত্রী [√ছো+বি (ক্বিন্)-ক, হ্রস্ব, উ ৪.৫৬] ১ দীপ্তি, প্রভা, দ্যুতি (অ.কো)। "বিরলাতপচ্ছবিঃ (সূর্য্যানয়নো দিবসঃ) মাঘ ৯.৩। অধরবিম্বকদ্যুতি, দশন মাণিকপাঁতি, দুঁহেতে বদল করে ছবি ক.চ ৮। দু ৭৫, রবিছবি ৭৯। শি ১০৩। তনুছবি ঝলকয়ে ন.প ১২৯। কনক-কুণ্ডল-ছবি ঝলকে জ্ঞা ৪৬। কোটি চন্দ্রচ্ছবি ব.প ৮২৮। আলো করে …অঙ্গছবি বি.সু ৫২। রবি°।—রঙ্গ ৬। রক্তছবি…রবি।—কথা ৭১। ২ কান্তি, শোভা, সৌন্দর্য্য। "ছবিকরং মুখচূর্ণম্ রঘু ৯.৪৫। ছবিঃ পাণ্ডুরা শ ৩.৬। কণ্ঠছবি পু.মে ৩৪। মুক্তাচ্ছদন্তচ্ছবি উ.চ ৬.২৭। পুলক° হ ৩০৬.৬। ছটার কি ছবি চ.দা ৫। অধর অরুণ ছবি জ্ঞা ১৪১। ছবিধাম ন.প ২৬৬। ব্র.প ১২৯। দন্ত দাড়িম্ববীজ-ছবি জ ১। ৩ বর্ণ। "হরিদ্রাসদৃশচ্ছবি মহা ৩.১৭৮.২৫। মধুকচ্ছবির্গণ্ডে গী.গো ১০.১৪। ৪ চর্ম্ম। [ছবীল (হি ছবীলা)—কান্তিযুক্ত, সুন্দর। দ্র 'ছয়ল'।]

ছবি² বি [আ শবীহ] ১ প্রতিমূর্তি, প্রতিকৃতি (image)। ২ চিত্র (picture)। ৩ মূর্তি, দেহ। "যে রবির ছবি পানে চাহি বাঁচি আমি যে ৮০। প্রণমিল কবি, পুলকিতচ্ছবি স্ব.প্র ২২২।

ছবোরা বি [?] গহনাবিশেষ (?)। "বাজা দিয়া খাইয়া যাও স্ত্রীর ছবোরা বি.পা ১২৯।

ছমছম বি [চমক-চমক > চমচম > °ম; ভাবাত্মক] ভীত-ভীতভাব। "যে অন্ধকার, গাটাও কেমন ছমছম করে মা ৩৩৩। গাটা কেমন ছমছম কচ্ছে অ.গ্র ৫। —ছমে বিং ভীত-ভীতভাববিশিষ্ট। "এক একবার ছমছমে ভাবে চারিদিকে দেখিতেছেন আ.দু ১৭৬।

ছমণ্ড পুং [√ছম্ ভক্ষণ+অণ্ড (অণ্ডন্)-ক (শ.ক); ছেমড়া > °ণ্ড (সাধুভাষা) ?] মাতৃপিতৃহীন বালক; ছেমড়া, ছোঁড়া।

ছয় স.বিং [প্রা ছঅ (পৈ) > °য়; দ্র 'ছ'] ষট্‌সংখ্যক। "গো.চ ৪। কার্ত্তিকেয় ছয় মুখে খায় ভা.চ ১০২। —য় বি ছয় (৬) এই সংখ্যা। [ছয়-নয় ('ক্ষয়-লয়'—মূল; হি ছয়-ক্ষয়)—ক্ষয়-লয়প্রাপ্ত, বিনষ্ট, বিশৃঙ্খল। "গিন্নীর অভাবে সংসার ছয়-নয় হয়। শ্রী.মা ১৫। ছয় মাস ওসার (অপ্র)—ছয় মাসে পারে যাওয়া যায়, এরূপ বিস্তার, অর্থাৎ অতিবিস্তৃত পাতা। "ছয় মাস ওসার নদী বছরত পড়ে খেওয়া গো.চ ২৬; ১১৬,-৯। [প্রাচীন বাঙলায় ভূরিপ্রয়োগ]। ছয়মাসি—ষাণ্মাসিক শ্রাদ্ধবিশেষ। "লখাইর ছয়মাসি সাধু দেই সেই মাসে ব.প ২৭৯,-৮০।]

ছয়ল বিং ['ছইল, -ল্ল'—বিদগ্ধ (দেশী ৩.২৪)] বিদগ্ধ, চতুর, রসিক। "ছয়ল ছবীলে (প.ক)। [°পন—বৈদগ্ধ, রসিকতা, চতুরালি। "বুঝব ছয়লপন আজ বি.সা ৯০।]

ছয়লাপ, -ব বি [আ স.ইলাব্] জলপ্লাবন, বন্যায় ভাসা। —প বিং প্লাবিত; পরিব্যাপ্ত, পরিপূর্ণ। "আলিপুর যুড়ি ঘুড়ি-গাড়ীতে ছয়লাপ। —হেম ৩৮০। —লাবী বিং [আ স.ইলাবী—বন্যা] যে বন্যায় বহু দেশ প্লাবিত হয়। "ছয়লাবী বন্যা।

ছয়াল বি [?] মদচুয়ান (?)। "ছয় মাস হল্য নাঞি ছয়ালের কায ব.প ৪৭৮।

ছয়েপ বি [(?)] অস্ত্রবিশেষ। "তেপা-তলোয়ার ছয়েপ দেখে যার করে ব.প ১৪৭৯।

ছরকট বি [ক্ষর-কূট ?] ১ বিশৃঙ্খলা, গোলযোগ। ২ প্রচুর-বৃষ্টি। "কর্কটে ছরকট সিংহে শুখা, কন্যা কানে কান। বিনা বায় বর্ষে তুলা, কোথা রাখবি ধান ॥—খনা।

ছরকুটি ক্রি [ছরকট > °টি ?] দাঁত বাহির করিয়া; খিচাইয়া। "প্রলাপে কত কি বকে দন্ত ছরকুটি স্ব.প্র ৯৭।

ছরবন বি [শ্রবণ > (স্বরাগমে) শরবণ > °ন; বৈষ্ণবসাহিত্যে] কর্ণ। "কোকিল কলরব, সো ভেল ছরবন শেল ব ১৯৩।

ছরম বি [শ্রম > (স্বরাগমে) শরম > °ম; বৈষ্ণবসাহিত্যে] শ্রম, খেদ, অবসাদ। "রতি-রস-ছরমে গো ১৬৫। রতিরণ-ছরমে রা.শে ২; ৮৭। জ্ঞা ৩৯। ছরম ভরে শুতলি ব ১২৪,-৮; রতিরণ ছরমে ২০৮। ছরম ঘরম জ.প ৩৩।

ছরাদ, -ধ বি [সং শ্রাদ্ধ; হি, প সরাধ; তু 'শ্রাধ' (আ.দু ১৩৫); হরাদ (চট্টগ্রাম)—"কার হরাদ কনে করে] শ্রাদ্ধ। "ছরাদ মা ৩২৯।

ছরি বি [সং সর] হার। "ছরি সব নিমু মুঞি চৈ.ভা ৪৬৩।

ছর্দ্দ্ সক [চু, প—ছর্দ্দয়তি; সেট্] বমন, উদ্গিরণ।

ছর্দ্দি, -র্দ্দন স্ত্রী [√ছর্দ্দ্+অ (অচ্), +অন (ল্যুট্)-ভা] বমন। —ন পুং ১ 'বমনকারক', নিম্ববৃক্ষ। ২ মদনবৃক্ষ। —র্দ্দি, -র্দ্দিকা, -র্দ্দী স্ত্রী [+ই (ইন্)-ভা; ক (কন্)] স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ বমন। "সর্ব্বদা ওয়াক ছর্দ্দি মুখে উঠে জল ভা.চ ৩৭৮। ২ বমিরোগ। —র্দ্দিঃ (র্দ্দিস্) স্ত্রী [+ইস্ (ইসি)-ভা, উ ২.১০৮] ১ বমন। ২ বমিরোগ।

ছর্দ্দি, -র্দ্দিঃ, -র্দ্দিকা, -র্দ্দী; ছর্‌য়া দ্র 'ছর্দ্দ; ছটরা'।

ছল¹ ক্লী [ছো ছেদন+অল (কলচ্)-ক (অ.টী)] ১ 'মর্য্যাদাচ্ছেদক', কপট, শাঠ্য, ছদ্ম। "রাবণেন হৃতা ছলাৎ গো.রা ৪.৫৭.১০। ছাবালেরে ছাড়়…ছল ভা.চ ৪২৯। ২ ব্যাজ, ব্যপদেশ। "উপদাচ্ছলেন রঘু ৭.৩০। কথাচ্ছলেন হি ১.৮ (অবতরণিকা)। ভুবনহিতচ্ছলেন ভট্টি ১.১। কেন চাহ—কার তরে, কত ছলভরে।—গান ১১৩। ৩ কপটাদিযুক্ত সাধন; ঋণশোধে রাজার আচরণীয় কপট উপায়বিশেষ। "শু ৪.৫.১৬৫। মনু ৮.৪৯। ৪ কপটযুদ্ধাদি, স্খলিত (অ.টী)। ৫ রন্ধ্র, ব্যাজ। "বহুচ্ছলাঃ শ্রিয়ঃ কি ২.৩৯। ৬ নিদ্রাদি অবস্থা। "পৈশাচঃ কন্ত-কাচ্ছলাৎ যাজ্ঞ ১.৬১। ৭ (ন্যায়ে) বাক্যাদির প্রকৃত অর্থ গোপন করিয়া সঙ্গতিপূর্ব্বক অপ্রকৃত অর্থের যোজনা দ্বারা উত্তর-প্রত্যুত্তর দান। "বিতণ্ডাছলনিগ্রহাদি অনেক উঠাইল।—চৈ.চ ১০৪। —লী (-লিন্) বিণ [°ল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ছলবান্, প্রতারক। [বাক্‌ছল সামান্যচ্ছল উপমাচ্ছল ভেদে ছল ত্রিবিধ।] [ছলে কলে—কলে কৌশলে। "ভ.গ্র ৪৪৭।]

ছল² সর্ম্ম [সং ছল¹ > √ছলি > প্রা √ছল; হি √ছল] প্রতারিত করা; ঠকান; "ছলিয়া আনিবে বসুমতী ক.চ ৩২। ম.ভা ২৭। [ছলা²—সর্থ 'ছল²'।]

ছল³ '-ল্' বি [আ সরাল্] কারণজিজ্ঞাসা, প্রশ্ন। "জাতি নাহি ধরে ছল ক.চ ১৪৮। [ছলজব—প্রশ্ন ও উত্তর।]

ছলক অর্ম্ম [সং √চল্; হি √ছলক; তু 'চলকা'] ১ উচ্ছলিত হওয়া। "বলয়িত জল ছলক ব্র.প ৬২। ২ উপচাইয়া পড়া। "চৌদলে ছবি ছল-কয়ে ন.প ৪১৩। —ক সর্ম্ম [হি √ছলকা] উচ্ছলিত করা। "কেন জলে ঢেউ তুলি ছলকি ছলকি কর খেলা।—গান ১১৩।

ছলচ্ছল বি [ছলছল > °ল, যুক্তাক্ষর ওজোব্যঞ্জক] উচ্ছল-উচ্ছল, অতিশয় উচ্ছলিত। "ছলচ্ছল…তরঙ্গা (গঙ্গা) ভা.চ ৪২।

ছলছল বি [উচ্ছল—'ছল'; দ্বিত্ব] অশ্রুপরিপূর্ণভাব। "ছলছল করে দুটী আঁখি কু.উ ২৩৮,-৯। আঁখি করে ছলছল বা.দ ২৩৬। বিলোচন ছলছল করে সা.ম ৯। চোখে, অশ্রু করে ছলছল।—কথা ২৩। —ছল বিং অশ্রুপরিপূর্ণ। "আঁখি ছলছল ভ.গ্র ৪৩৩। চৈ.ম ১০। ভা.চ ৪২৯। জ.প ৮। লোচন ছলছল জ্ঞা ৮৭।—ছল বি [ধ্বন্যাত্মক] জলপ্রবাহের শব্দ। "শোন চলচল ছলছল, সদাই গাহিয়া চলেছে জল।—শিশু ৭০। ছলছলছল, ছুটিছে তটিনী।—হেম ৬৮। [ছলছলি—ছলছল করিয়া; উচ্ছলিত হইয়া। "চক্ষুর জল পড়ে ছলছলি বি.পা ৩৬৩। °ছলে—ছলছল শব্দ করে। "পুলকে উছলি ঢেউ ছলছলে।—কথা ৪৯।]

ছলন ক্লী, **-না** স্ত্রী [ছল— √ছলি (নামধাতু)+অন (ল্যুট্), +অন (যুচ্),-ভা; স্ত্রী আ (টাপ্)] প্রতারণা, বঞ্চনা। "ছলন।—মহা ৬.১.২৮। আশার ছলনে ভুলি কি ফল লভিনু, হায় (মা)। একি… শুধু মিছে কথা, ছলনা।—গান ২১৮। —লিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] প্রতারিত। —ত ক্লী [+ত-ভা] ছলন।

ছলনি বি [ছলন+ই¹¹] কৌশল, চাতুর্য্য। "যৌবনে…কথার ছলনি …একপ্রকার দোকানদারি ব.প্র ২১২।

ছলা¹ বি [সং ছল; পদ্যে] ছল, ব্যাজ; শঠতা। "কামিনী মায়ায়বি করিয়া ছলা রা.শে ১১৮। তালভঙ্গ করি ছলা ক.চ ৩২। ছলা করে শ্রী.মা ১১। আইসেন অগ্রজের লবার ছলায় চৈ.ভা ৪৮। [°কলা—ছলবিদ্যা, শঠতাবিদ্যা। "দেববালা ছলাকলা জানে না কখন সা.ম ২৪। ছাড়ি ছলাকলা, ডাক রে মরণে অ.শু ৮২; ১১৮। তোমাদের ও…ছলাকলার অন্ত নেই ঘ ২৪৫।]

ছলা² দ্র 'ছল²'।

ছ(ছু)লি বি ['ছল্লি'—মূল ; ড় ছোই ; (সং 'ছবি'—চর্ম্ম >প্রা ছই) ; ছউদ (ঢাকা)] চর্ম্মরোগবিশেষ (psoriasis)।

ছলিক, -কা, ছলুকা বি [হি শলূকা] হাত-কাটা কাঁকালপর্য্যন্ত-ঝুল ফতুয়া।

ছল্লি, -ল্লী স্ত্রী [ছদ্+√লা+ই (কি)-ক ; স্ত্রী ঈ (ঙীষ্) ; তু—'ছল্লী'—ত্বক্ (দেশী ৩.২৪)] ১ ত্বক্, ছাল। ২ বৃক্ষত্বক্, বল্কল। ৩ লতা। ৪ সন্ততি।

ছষট্টি সং.বিং [সং ষট্‌ষষ্টি >লি, প্রা ছসট্টি ; হি ছিয়াসঠ ; ঠ সহাসষ্ট] ষট্‌ষষ্টিসংখ্যক। —ট্টি বি ছষট্টি (৬৬) এই সংখ্যা।

ছা[১]**, ছাঁ** বি [সং শাব >প্রা ছাব >বা ছাঅ, ছাও, ছা, ছাঁ ; হি ছাবর, -রা ; ঠ ছাবড়া ; গু ছাব ; ড় ছুআ, ছা (বহুব) ; ছাও (ঢাকা, দিনাজপুর)] ১ শাবক, ছানা। "ডিম্ব ছা।—ম ৯৭৩। ডিম ছা শ্রী ৩৩। ম.ম ৬৮। কপি বলে শুন মা, আমার সকল ছাঁ, সভারে বেচিল মহাবীর ক.চ ৫৫। কুকুর-ছা চৈ.ম ৪৪। কুকুরের ছাঁ শি ২৮। বানরের ছা-টা দা ৮০৪। ২ শিশু, ছোটছেলে। "(কত নারী) ছায়ে মায়ে ভূমে গড়ে ঘুমে শ্রী ২১৭। [ছাঁ-পোষা—যাহার পোষ্য কতকগুলি আপোগণ্ড শিশু। "°বা রাইয়ত নী ৫৭।]

ছা[২] বি [সং ছাগ >প্রা *ছাঅ >বা ছা ; অপ্র] ছাগ। "লিখিল তেত্রিশ ছা, বোকা তার কুড়িটা ক.চ ১৪১।

ছা[৩] সর্ম্ম [সং √ছাদি—√ছাদয় >প্রা √ছায় >বা √ছা ; হি √ছা] ১ আচ্ছাদন করা ; ঢাকা। "মেঘেঁ ছাইল দক্ষিণ প্রদেশ শ্রী.কী ৩৯২। নিমিষে ছাইল মেঘ (কলিঙ্গ) ক.চ ৮২। ২ খড় দিয়া চাল ঢাকা। "মোউরর ছাইল ভাণ্ডার ঘর শূ ৫৮। কে ঘর ছাইল ভ.গ্র ১৮৬। ৩ চর্ম্ম দ্বারা আচ্ছাদিত করা। "জাতা ছাইআ লইল শূ ১১০,-১১। ব.প ১১৪। ৪ ব্যাপ্ত করা। "বিষে তনু ছায় বি.পা ৩১৫। বিষ ছাইল সর্ব্ব গায় ম.ম ৯৮ ; ১৯৪। বা.ম ১১৯। বিহগ-গীত গগন ছায়। —রবীন্দ্র। —ওয়া সর্ম্ম [ছা+ওয়া২] আচ্ছাদিত করান ; ঢাকান। "ছিনা জোঁকে ছাওয়াইবে তনু শি ৭৮। [ছাওয়া৩—১ সর্থ 'ছা৩'। ২ ব্যাপ্ত, ঢাকা। "মেঘেতে আকাশ ছাওয়া।—রবীন্দ্র। ছাওয়ান—সর্থ 'ছাওয়া']।

ছাঅ বি [দ্র 'ছা১' ; অপ্র] শাবক। "বাসাতে নাহিক ডিম্ব ছাঅ কেনে উড়ে গো.বি ১৩৭।

ছাআল বি [ছাওয়াল >°ল ; অপ্র] ১ শিশু, বালক। "ছাআল বয়সে ম ১০২। ছাআল মুরতি শ্রী.ম ১৫ ; ২৭ ; ২০৯। ২ শিশুপুত্র, ছোট ছেলে ; ছেলে। "কাহার সঙ্গে থাকি আমরা দুই ছাআল কৃ.উ ২৭৪। ৩ পুত্রবৎ স্নেহপাত্র ; ভ্রাতুষ্পুত্রাদি। "বৃষকেতু মেঘবর্ণ এ দুই ছাআল ম ১১১২। ৪ শাবক, ছানা। "মর্কট ছাআলে খাআয় শ্রী.ম ২৯ ; ভল্লুক ছাআল ১৭৬।

ছাই[১] বি [ছার >ছারি >°ই ; হি ছাঈ ; মৈ ছাউর ; ছালি (চট্টগ্রাম) —"রান্ধা ভাতে ছালি] ১ ভস্ম। "চন্দনে কি করে, ঘন ক'রে মাখ ছাই ভা.চ ৭১। তুমি হাতা, আমি ছাই ষ ১০। ওলে কুটি, মানে ছাই। —খনা। ২ (সাদৃশ্যে) হেয় বস্তু ; তুচ্ছদ্রব্য। "ধর্ম্মশাস্ত্ররাশি, কি ছাই ঘাঁটিয়া মরি!—ন ১১১৮। কি ছাই, ও সব ভাবনা।—মন্ত্র ১৫। ছাই টাকা।—ব.প্র ৪০৭। ৩ বিরক্তিসূচক। স্বপনে যদ্যপি ছাই, সে কথা ভুলিতে চাই, দেবের স্বপন নাহি আসে।—হেম ১৩৭। বলিলাম 'ছাই হবে!' —ব.প্র ২০২। দূর হোক ছাই!—৬৪৫। [ছাই-কপালে—পোড়া-কপালে। "ভা.চ ৭৯। ছাই-পাঁশ—তুচ্ছ বস্তু। "কত ফুল, কত ফল, কত ছাই-পাঁশ, দেখাইল ন ৭৭৪। ছাই-মাটি—ছাই ও আবর্জ্জনা। "ভা.চ ১১১। ছাই-মুখো—পোড়া-মুখো, গালিবিশেষ। "ভা.চ ৪০৭। ছাই খাওয়া (তু 'যুষ্মাভির্ভস্ম ভক্ষিতব্যম্—হি)—বিরক্তিসূচক গালি-বিশেষ। ছাই দেওয়া—অনাদর করা। "কুলে দিয়া ছাই ভজি উহারে ভা.চ ২৭৬। ছাই ফেলতে ভাঙা কুলো—জঘন্য কার্য্যের নিমিত্ত তদনুরূপ পাত্র। ছাইমুটো ধরে সোনামুটো হয় —ভাগ্যোদয়ে যৎসামান্য কার্য্যেও বেশ দুপয়সা আসে। "হু ১৪১। মুখে ছাই—গালিতে, অনাদরে। "চাকুরির মুখে ছাই ভা.চ ২৬৮। ছেয়ে রঙ—পাংশুবর্ণ, পাঁশুটে রঙ।]

ছাই[২] বি [সং ছায়া (য়া >ইআ >ই) ; অপ্র] ছায়া। "গো.চ ৪২২।

ছাইলা বি [সং 'ছল্লি'—সন্তান ; 'ছাইল্ল'—সুরূপ (দেশী ৩.৩৫) ; হি, মৈ ছৈলা শৌকীন, বাবু ; ছাইলা (ঢাকা) ; তু 'কা গোস.াল্হ্—গো-শাবক ; 'ছাইল'কো পুতিম্ রে (রঙ্গপুরের ভাওয়াইয়া গান)] পুত্র, ছেলে। "গো.চ ৪৮,-৯।

ছাউনি বি [সং ছাদন >প্রা ছাঅণ (পৈ ১.১৭৪) >ছাওনি >°নি ; হি ছাবনী ; মৈ ছাউনী ; ছাবনি (গো.চ), -নী (ব.প ৫৫)] ১ চালের আচ্ছাদন ; আবরণ। "মউর পুচ্ছর ছাউনি শূ ৫৯। জৈতার ছাউনি ম.গা ২১। পত্রের ছাউনি কৃ.অ ১৮। মুকুতা ছাউনি বা.ম ১৫৬ ; নেতের ছাউনি ২০৯। তালপাতের ছাউনি ব.প ৩৩৮। জোঁয়ের ছাউনি ক.চ ১৮৩, টীকা। ছাউনি চারু চামরের শ্রী ৪০। পাতার ছাউনি কৃ ৩৭৪,-৬। ২ বর-কন্যার বস্ত্রাচ্ছাদনের মধ্যে পরস্পরের শুভদৃষ্টি ; মুখচন্দ্রিকা। "খেদায় অসতী নারী ছাউনির বেলা : বরকন্যা করয়ে ছাউনি শ্রী ২০ ; ১৪৭। ৩ সেনানিবাস, ফৌজ-বারিক। "তবে ত রহিল তথা ছাউনি করিয়া ব.প ১৪০৬। [ছাউনি নাড়া—দ্র 'ছামনি-নাড়া'। "ব.প ৪২০। পুষ্পের ছাউনি—বরকন্যার মালা-বদল ও পরস্পরের প্রতি পুষ্পবৃষ্টি (দ্র 'ছামনিনাড়া')। "অহল্যাকে দেখিয়া সানন্দ মহামুনি। পুনর্ব্বার করিলেন পুষ্পের ছাউনি॥—কৃ ৬৯।]

ছা(সা)এল বি [আ স.াএল্] (আদালতে) অর্থী, দরখাস্তকারী।

ছাও বি [দ্র 'ছা১'] ১ শাবক, ছানা। "বাসাতে নাহিক ডিম্ব ছাও কেন উড়ে মী ২৫ ; গো.বি ১৩৭। গো.চ ১৮০। ডিম্ব ভাঙ্গি ছাও হয় চ.বি ২৩। কুঁচিয়ার ছাও ম.ম ৫৯ ; ৬১। ভাল্লুকের ছাও ব.প ১৪০৫। সিংহ ছাও ম.বি ৫, টীকা। বি.পা ৯৬। ২ (অপ্র) পুত্র। "তুই পবনের ছাও ম.ম ১৪১। —ওল বি [ছাও+ল স্বার্থে ; হি ছাবর, -রা] শাবক। "পক্ষীর ছাওল দুটী বি.পা ৯৬।

ছাওআল বি [সং শাব >প্রা ছাব+ল স্বার্থে >ছাবল >(ছাউঅল) ছাওআল ; অপ্র] ১ পুত্র। "রাজার ছাওআল গো.চ ২২১। ২ শিশু, বালক। "ছাওয়াল না দেখ মোরে শ্রী.কী ৮৬ ; ৯৪। সর্ব্বদেশ নষ্ট কৈলি না রাখ ছাওআল কৃ.উ ১৮৮ ; দুই ছাওআলে মুনি ডাক দিয়া আনে ১৯০ ; ২৫৭,-৭৪। —ওাল বি [°ল >ছাওাল ; অপ্র] ১ শাবক, ছানা। "কার ডিম্ব হয় কেহ বোলেত (কোলেত?) ছাওাল চ.বি ২১। ২ পুত্র। "শিশু ছাওাল ম.গা ১। গো.চ ৩৬৬। ৩ বালক, শিশু। "নানা কৌতুক করে ছাওাল সকলে বি. ২৭৭। ছাওালের রূপে দেখা দিল যদুপতি বা.ম ১৫ ; ৩২। ৪ শিশুবুদ্ধি, রসকলাজ্ঞানহীন। "ছাওাল বেহুলা নাহি জানে ভাল মন্দ বি.পা ২৯৯। —ওালিয়া বি বালক। "এত শুনি রুষিলেক যত ছাওালিয়া বি.পা ২৮৮ ; °বর্গ ৩০২।

ছাওামণ্ডপ বি [ছায়া >ছাওা (অপ্র)] চাঁদোয়ার ঢাকা তাম্বুর ঘর। "ছাওামণ্ডপ করি তাম্বু সাহেবানা বি.পা ২৮৪ ; নামাইল কন্যা-বর ছাওামণ্ডপে ২৯৩।

ছাওনি, -নী বি [দ্র 'ছাউনি'] ১ আচ্ছাদন। "পাতার ছাওনি কৃ.উ ১৮৪ ; ২২১। পত্রের ছাওনি শ্রী.মা ১১৭। পতাকার ছাওনি বি.পা ৩৬৫। ছাওনি চামরে চ.বি ১৩৮। ২ সর্থ 'ছাউনি (২)'। "স্ত্রীগণ ছাওনি নেড়ে মঙ্গলিল হাড়ি শ্রী.মা ১৩৩। ছাওনীর উপরে চলিল তোমার স্বামী ম.ম ১৯৫।

ছাওয়া[১] বি [হি ছারা (শাবক) >বা (ছাউআ) °য়া ; অপ্র ; ছাওয়া (কোচবিহার)] পুত্র, ছেলে। "পরের ছাওয়া নাকি পরেকে বাবা বোলে গো.চ ১৮৫ ; ছোট নোকের ছাওয়া ১৯৮।

ছাওয়া[২] বি [হি ছাবঁ ; জাটু—ছায়া (য়া >উয়া >ওয়া) ; অপ্র] ছায়া। "যাঁরা আপনার ছাওয়া দেখে ভয় পান হু ৯০।

ছাওয়া[৩] দ্র 'ছা[৩]'।

ছাওয়াল বি [ছাওআল >°ল ; °ল (ঢাকা, ময়মনসিং)] ১ পুত্র। "অষ্ট লোকপাল রাখ আমার ছাওয়ালে কৃ ৯৮। ব্রাহ্মণ ছাওয়ালে ব.প ৭৪৮। নন্দের ছাওয়াল ব.প ৭৭২। গ ৮২। ছাওয়াল-বেদন দু ১০০। শি ১৬। চৈ.ম ৩৯। ২ শিশু, বালক। "ছাওয়াল কাহ্নাঞি শ্রী.কী ৩৩। অবোধ ছাওয়াল হেন কান্দে ম.ম ৪৪ ; আমি তখন ছাওয়াল ৭৩ ; ৮১। রাজপুত্র দেখিতে ছাওয়াল কৃ ২১৩। ক.চ ৪৯। কোলের ছাওয়াল বি.পা ৩২৮। দুগ্ধের ছাওয়াল শ্রী.মা ২২২। রা.শে ৩৭। ৩ সন্তান, ছেলে। "বৃদ্ধকালে হইল ছাওয়াল ম.ম ১৪৬। ৪ শিশুতুল্য অনভিজ্ঞ। "যত বল ছাওয়ালের ভাষ ম ৭৯। ছাওয়াল ভগিনী তুমি ম.ভা ৪৫। কেবল ছাওয়াল তুহ্মি না জান সন্ধান ম.পা ২১ ; ৫১। ৫ অল্পবয়স্ক বালক। "ছাওয়ালের মতি তুমি কৈল কোন কর্ম্ম ম ৩১। ব.প ৭৭৩। দেখিতে ছাওয়াল অতি বুদ্ধিতে সাগর ম.পা ১৩৭ ; না কাটিয় সাধুর পুত্র কেবল ছাওয়াল ১৫১। কেমতে এড়িব বিষ ছাওয়ালের গায় বি.পা ৩১৪। ৬ অল্পমতি বা সরলা বালিকা। "পদে পদে দুঃখ দিল দেবী বিষহরী। ছাওয়াল চরিত্র আমি কি করিতে পারি॥ —ম.ম ১৮২। ৭ দুগ্ধপোষ্য শিশু। "স্তন্যপ ছাওয়াল : ছাওয়ালকে দেহ দুগ্ধ রা.প ৭। ৮ পুত্রবৎ স্নেহভাজন। "ছাওয়ালেরে ছেড়ে দেহ বি.মু ১৩১। —লিয়া বিং বালকোচিত। "ছাওয়ালিয়া মতি কৃ ৩২১। [°চরিত —শিশুবুদ্ধি। "শিশু সব ছাওয়ালচরিত ম.ম ৭৫। ছাওয়ালীয়াবর্গ—বালকগণ। "বি.পা ২৮১। কোলের ছাওয়াল—স্নেহাস্পদ পুত্র। "ব.প ৭৭১।]

ছাওলা বি [ছাঁদলা >°লা ; অপ্র] বিবাহার্থ মণ্ডপ, ছায়ামণ্ডপ। "শ্রী.ম ১৬৯,-৭০।

ছাঁ দ্র 'ছা[১]'।

ছাঁই বি [ঠ শাঈ—মৃদঙ্গের গাব ; ছাই (ত্রিপুরা) ; 'ছাদিত'—মূল (?)] পিষ্টকের মধ্যস্থ নারিকেল-প্রভৃতির পুর।

ছাঁ(ছা)ক সর্ম্ম [হি √ছাক ; অস √ছাক্] ১ কাপড় বা জাল দ্বারা তরল ও চূর্ণ দ্রব্য গলিত ও চালিত করিয়া আবর্জ্জনাহীন করা ; ছাকা (to strain, sift)। "কলঙ্ক পানায়, সদা লাগে গায়, ছাঁকিয়া খাইল যদি চ.দা ৫৪। বস্ত্র বিনা ব্যস্ত হইলেন ছাকিবেন কিসে ভা.চ ৮৭। ২ তরল দ্রব্য হইতে পৃথক্ করা। "অঙ্গুরী ফেলিল তাতে, তুলিয়া লইল হাতে, তার মধ্যে ছাঁকিয়া বিপুলা বা.ম ৪০৪। [ছাকা, ছাঁকা[১] ১ সর্থ 'ছাঁক'। ২ বস্ত্রাদিশোধিত ; আবর্জ্জনাহীন। "কৌটাভরা ছাকা চূণ বি.মু ৫০। ছাকা বা ছাকা কথা—খাঁটি কথা। ছাকা তেলে ভাজা—ছাকিয়া তোলা যায় এরূপ-ভাসা তেলে ভাজা (বেগুন ইত্যাদি)। ছাকা দিয়া মাছ ধরা—কাপড় জলে ডুবাইয়া, তাহাতে চুনামাছ সুদ্ধ জল তুলিয়া ছাকিয়া মাছ লওয়া। "বিল খালে আপনি ছাকা দিয়া মাছ ধরিত ব.প্র ৩৭১। ছেকে ধরা—ছেকে লওয়ার মত সর্ব্বতোভাবে বেড়িয়া ধরা।]

ছাঁ(ছা)কনা, -নি বি [ছাঁ(ছা)কন >°না, -নি] ছাঁকার পাত্র ; চালনীবিশেষ, টাকনী। "ভাঙ্গের ছাকনা গেল ক.চ ২০৮।

ছাঁকা[১] দ্র 'ছাঁক'।

ছাঁকা[২] বি [ছেঁকা >°কা] অগ্নির বা তপ্তদ্রব্যের স্পর্শ। "আগুণের ছাঁকা, যেই দিল ঈরিষা, উঠিল ধড়মড়ি স্ব.প্র ১৪০।

ছাঁচ বি [সং সত্য >প্রা সচ্চ, *সংচ >বা (সাঁচ) °চ ; হি সাঁচা ; ঠ সাংচা ; মৈ ছাঁছ ; ড় ছাঁচ] ১ সত্য বস্তু, অর্থাৎ যে আদর্শে চাপিয়া বা ঢালিয়া তৎপ্রতিরূপ প্রস্তুত হয়। ২ আকৃতি, গড়ন। "দেখি কার কিবা ছাঁচ ন ১১২৪। [ছাঁচে গড়া—ছাঁচে চাপিয়া বা ঢালিয়া নির্ম্মিত। ছাঁচে ঢালা—ছাঁচে ঢালিয়া প্রস্তুত। ক্ষীরের ছাঁচ—ছাঁচে গড়া ক্ষীরের জিনিশ।]

ছাঁ'চ বি ['সঞ্চয়'—মূল (?) ; সং নীধ্র, বলীক ; হি ওলতী ; ঠ ৱল.চণ ; ড় ছৰ্ছি ; ছন্চা (ঢাকা, দিনাজপুর, ফরিদপুর) ; সঞ্চা (নদীয়া)] চালু চালের প্রান্তভাগ (যেখানে চালের জল সঞ্চিত হয়) ; যেখানে ছাঁচের জল পড়ে, সে স্থান। [ছাঁ'চ কাটা—ছাঁ'চের খড় সমান করিয়া কাটা। ছাঁ'চতলা—ছাঁ'চের নিম্নস্থ স্থান।]

ছাঁচি বিং [সাঁচি >°চি ; দ্র 'ছাঁচ'] সত্য, আসল, দেশীয় (বিলাতী নহে)। [ছাঁচি কুমড়া—দেশী কুমড়া ; চালকুমড়া। ছাঁচি গুড়—ইক্ষু-গুড় (খেজুরগুড় নহে)। ছাচি চিনি—ইক্ষু-চিনি। ছাঁচি তেল—সর্ষপ তৈল। ছাঁচি পান—একজাতীয় উৎকৃষ্ট পান। "জা ৪২। ছাঁচি বেত—একপ্রকার সরু বেত।]

ছাঁট, ছাট[২] সর্ম্ম [হি √ছাঁট ; ঠ √ছাট ; তু 'সং √শাতি (শাতন) —"অধিকাশ্লাতয়েৎ ইত্যাদি (দ্র 'পাওুলেখ')] ১ ছেদন করা ; কাটা। "চুল ছাটা। ২ গাছের ছোট শাখা কাটা (to prune)। ৩ তণ্ডুলাদির তুঁষকুঁড়া আঘাতে পৃথক্ করা ; কাঁড়ান। "ঢেঁকিছাটা, আড়নছাটা চাল। ৪ অপ্রয়োজনীয় অংশ কাটিয়া বা বাছিয়া পৃথক্ করা। ৫ অধিক অংশ বাদ দিয়া সংক্ষিপ্ত করা। ৬ পুস্তকের পাঠ খণ্ডিত করা বা কাটা। "সেই গীতাপাঠ ছাঁটি তাহে আঁচড়িল ভ.গ্র ১৯৫। ৭ সামাজিক কার্য্যে ত্যাগ করা বা বাদ দেওয়া। "মামী ভাগ্নেকে ছাঁটলেন—ভাগ্নে···বিলক্ষণ বিপক্ষ হয়ে পড়লেন হু ১১৯। —টা সর্ম্ম [°ট+আ[৮]] ছেদন করান ; কাটান। [ছাঁ(ছা)ট—দ্র 'কাটছাঁট'। ছাঁটা, ছাটা[২]—১ সর্থ 'ছাঁট'। ২ ছিন্ন, কাটা ; কাঁড়ান (চাল) ; সমাজে পতিত। ছাঁ(ছা)টাই—ছাঁটার কার্য্য বা ব্যয়। ছাটাছোটা—মাপসই করিয়া কাটা ; আঁটাসাটা। "(যবন পণ্ডিত আসে) গায়ে···ছাটা-ছোটা কুর্ত্তি চ.কা ৮৪। ছাঁ(ছা)টান—সর্থ 'ছাঁটা'।]

ছাঁৎ বি [তু 'ছিত্ত'—স্পৃষ্ট (দেশী ৩.২৭) ; ভাবাত্মক] শাকাদি তরকারির অগ্নিস্পর্শে 'ছাঁৎ' শব্দের ন্যায়, উদ্বেগজনক বিষয়ের হঠাৎ দর্শন শ্রবণাদিজন্য কষ্টবোধ। "মহারাজ, নামটা শুনে মনটার ভিতর কেমন ছাঁৎ করে উঠলো অ.গ্র ৬।

ছাঁদ[১] বি [সং ছন্দ >প্রা ছংদ >বা °দ ; হি ছাঁদ] ১ আকার, গড়ন। "বদন-ছাঁদ, কামের ফাঁদ চ.দা ২১। পরম সুন্দর ছাঁদ, উঠিল নূতন চাঁদ ম.ম ৪২। ২ প্রতিমূর্ত্তি, প্রতিরূপ। "যার পিছে চাঁদ-ছাদ ডাকিলেক সেই ভা.চ ৩২৫। ৩ ভঙ্গি, ভাব। "মন্থর চলনি ছাঁদে গো ৫০। চূড়াছাঁদে বাঁধা চুল ভা.চ ৫২৯। অপ্সরা-ছাঁদে নৃত্য ব.প্র ৫৯৯। ৪ বর্ণলেখনভঙ্গি। "অক্ষরের ছাঁদ। ৫ বিচিত্র প্রকার। "বরণ কালিম ছাঁদে, বৃষ্টি-ছলে মেঘ কাঁদে ভা.চ ২৭৮। আলোকের ছাঁদ। —রঙ্গ ১১১। ৬ বাক্যবিন্যাসকৌশল। "লক্ষ্য করি অন্য জনে কথা কহে ছাঁদে।—হেম ৩৮০। ৭ [সং 'সন্দান'—মূল] দোহনকালে গাভীর পাদবন্ধনরজ্জু ; ছাঁদনদড়ি। "(যদুচাঁদ) তুরিত হি দেয়ল দোহন-ছাঁদ গো ৫। ৮ (ছাঁদের সাদৃশ্যে) বেষ্টন। "গলায় ধরে ছাঁদে শ্রী ৫০। ৯ বর্ণনাপ্রকার। "পতিশোকে রতি কাঁদে, বিনাইয়া নানা ছাঁদে ভা.চ ৬৫। নানা ছাদে গল্প ফাঁদে (পদ্যপাঠ, ২য় ভাগ)। ১০ ঘোড়া বা গাধার আগের দুই পায়ে বাঁধার দড়ি। [°ডোরি, °দড়ি—সর্থ 'ছাঁদ[১]' (৭)। "চৈ.ভা ৪৫৮,-৭৩। ছেঁদো কথা—ছলপূর্ব্বক বা বাঁকা কথা। "ছেঁদো কথা ছাড়িয়া দাও—তুমি কি আমার সঙ্গে রজনীর সম্বন্ধ করিতে আসিয়াছ?—ব.প্র ২২৮।]

ছাঁদ[২] সর্ম্ম [ছাঁদ[১] >°দ ; হি √ছাঁদ] ১ দোহনকালে গাভীর পিছনের দুই পা বাঁধা। ২ (সাদৃশ্যে) বেড়িয়া ধরা। "মামী পিসী সবে কাঁদে,

গৌরীর গলায় ছাঁদে (ছাঁদিয়া) শি ১১১। ছেঁদে ধরে গলা শ্রী.মা ৪৩। ছেঁদে ধরি গলা ভা.চ ৫৯। [ছাঁদা১—১ সর্থ 'ছাঁদ'১। ২ ছাঁদনদড়ি দ্বারা বদ্ধ। "ছাঁদা গোরু, বাঁধা দুধ।]

ছাঁদন বি [√ছাঁদ২+অন] ১ সর্থ 'ছাঁদ'২। ২ [সং সন্দান] গাভীর পা-ছাঁদা দড়ি। "নাহি ছাঁদন বান্ধন শ্রী.ম ১৩৭। ৩ মন্থনদণ্ডের বেষ্টন। "বাসুকী হ'ল ছাঁদনের দড়ি বা.ম ৩৭৭। ['দড়ি, 'পাশ—১ সর্থ 'ছাঁদন (২)। "'দড়ি শ্রী.ম ৫৯; 'পাশ ১৪৫। ২ (সাদৃশ্যে) বন্ধনরজ্জু। "ছাঁদনদড়ি বাহুলতা, ছেদন কঠিন।—হেম ৩৭৭। ছাঁদন দড়ি গোদা বাড়ি —(গৌণার্থে) যে যখন যার কাছে থাকে, সে তখন তার; জয়কেতে লোক। "এই মহাপুরুষরা ঠিক সেই ছাঁদনদড়ি গোদা-বাড়ি হু ১৪৩। ছাঁদনি—১ সর্থ 'ছাঁদ'২ (১)। ২ বাক্যপ্রয়োগকৌশল। "কথার ছাঁদনি।]

ছাঁদনা, -লা বি ['ছাঁদন'—মূল] বিবাহার্থ রচিত মণ্ডপ। "বান্ধিল ছাঁদলা ম ১২০০। ছাঁদনাতলা হু ১৫৩।

ছাঁদা১ দ্র 'ছাঁদ'২।

ছাঁদা২ বি ['ছন্দ, -ন্দক'—মূল; প্রা ছন্দঅ, -দঅ >বা 'দা] নিমন্ত্রণে ভোজনের পরে কর্মকর্তার ইচ্ছানুসারে ব্রাহ্মণকে দেয় খাদ্য। "ছাঁদা বাঁধা।

ছাঁল্লাতলা বি [ছানলা >ছাঁল্লা] বিবাহমণ্ডপের তলদেশ; কন্যা-সম্প্রদানের স্থান। "ছাঁল্লাতালায় শাশুড়ী মাগী চীৎকারধ্বনি কত্তে লাগলো ন.ত ৮।

ছাঁহ বি [সং ছায়া; হি ছাঁহ] প্রতিবিম্ব। "জল ছলক ছাঁহ ছুটত ছবি ভারী ব.প্র ৬২।

ছাক, -কা; ছাকনা, -নি দ্র 'ছাঁক; ছাঁকনা'।

ছাগ বিণ [ছাগ+অ (অণ্); স্ত্রী -গী] ছাগসম্বন্ধী। "'পার্থিবৈঃ (মাংসৈঃ) যাজ্ঞ ১.২৫৮। 'মুণ্ড ভা.চ ৪৮। —গ পুং [√ছো ছেদন+গ (গন্)-র্ম, উ ১.১২১; ছান্দস] ১ ছাগল। "'মাংস মনু ৩.২৬৯। 'পয়স্, 'মাংস (সুশ্রুত)। ২ মেষরাশি। —গ ক্লী [ছাগী+অ] ছাগীদুগ্ধ। —গী স্ত্রী ছাগলী। ['ভোজী (-জিন্) পুং—'ছাগভক্ষক', বৃক। 'মুখ (পুং)—কার্ত্তিকেয়। 'মহা ৩.২২৭.৩। 'বাহন, 'রথ (পুং)—অগ্নি।]

ছাগল পুং [ছাগল+অ (অণ্) স্বার্থে] ছাগ। —লী স্ত্রী ছাগী। ['দাড়ি—ছাগলের দাড়ির মত অল্পকেশ দীর্ঘ দাড়ি। "আ.দু ৯।]

ছাগলা বি ছাগল, মেষরাশি। "খালি ছাগলা, বৃষে চাঁদা।—খনা।

ছাগা বি [দ্র 'আ'১৩, ছাগী (স্ত্রীলিঙ্গে)] ছাগ। "ব.প ৩৫৭।

ছাওনিতলা বি [ছাঅণ >বা ছাওন >'নি, দ্র 'ছাউনি; অপ্র] সর্থ 'ছাঁল্লাতলা'। "ভ.গ্র ৪৬৬।

ছাওলা বি [ছাঅণ>বা ছাওনা>'লা, দ্র 'ছাউনি'; অপ্র] আচ্ছাদন-পট। "টানাইল পাটের ছাওলা কৃ.উ ৫।

ছাঞি বি [ছাঁই >'ঞি] সর্থ 'ছাঁই'। "নারিকেল ছাঞির পিঠা ক.চ ২০৯।

ছাচা বিং [সং সত্য >প্রা সচ্চ >বা (সাচা) 'চা; অপ্র] সত্য। "ছাচা করি দেই জ্ঞান তুমি মিছা করি ধরো গো.চ ১২; গুরু ছাচা পিণ্ডি কাচা ৭০।

ছাচিবেত বি [ছাচা > 'চি] একপ্রকার দেশী সরু বেত। "সরুয়া কাকালি মাজা ভরে বান্ধে ছাচিবেত ব.প ২৮৮।

ছাট১ বি [হি সাঁটা >ছাঁটা >'ট] ১ গবাদির তাড়নদণ্ড; পাঁচন। "ছাট হাতে···ধীরে ধীরে যায় ক.চ ১৪২,-৬৩। ২ যষ্টি, লাঠি, ছড়ি। "হাতে নিল ছাট কৃ ৩৬৬। চৌদিকে পড়ে ছাট ম ৩১৮। চৈ.ম ৪০; ৪১; ৫৫। ৩ কশা, চাবুক। "সারথি ঘোড়ার গায়ে মারিলেক ছাট (কৃ)। ৪ আঘাত। "পাথের ছাটে দূর করে মহানদীর জল ম.ম ৬৩। ৫ ['ছটা'—মূল] ছটাসদৃশ বায়ুতাড়িত জলকণাসমূহ। "গুড়চালেতে মিলিয়ে কারা ছিটার গায়ে জলের ছাটে? —কৃ.কে ৬৮।

ছাট২ দ্র 'ছাঁট'।

ছাটনি বি [ছাট >'ন (?); ছাঁটন (গো.চ)] ১ চালে রুয়ার উপরে লম্বা করিয়া বাঁধা বাঁশের শলা। "জোয়ের ছাটনি ক.চ ১৮৩। কনকের সারক রুয়া কনকের ছাটনি চ.বি ৩৬; সোণার ছাটনি ১৩৮; ২০১। ২ পাখার শলা। "ম.ভা ৭০।

ছাটা১ বি [ছটা>'টা; অপ্র] কান্তি, সৌন্দর্য্য, শোভা। "নটির ছাটাএ খোপার ছাটাএ এক লাগ্য পায় গো.চ ২৫৫।

ছাটা২**, ছাটাই, ছাটাছোটা, ছাটান** দ্র 'ছাঁট'।

ছাড়১ বি [ছাড়২ >'ড়] ১ মুক্তি, ছাড়া। "দ্র (৩)। ২ [হি—ছা-(ছাঁ)ড় চিট্‌ঠী] ছাড়ার অনুমতিপত্র; মুক্তিপত্র (pass)। ৩ জমি ব্রহ্মোত্তর বলিয়া ছাড়িয়া দেওয়ার প্রমাণপত্র। "ক্রোসাহেবের ছাড় দেখাতে পার। তবে দিতে পারি ছাড়, নচেৎ বিষয় পাওয়া ভার দা ৯। ৪ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র বা সার্টিফিকেট। "বিশ্ববিদ্যালয়ের ছাড় পা.ঝো ৬১। ৫ ছাড়া বা বাদ-দেওয়া জমি। "এখানে এতটা ছাড়, ওখানে এতটা বাড় অ.গ্র ১৫৭। ৬ [ছোড়াই (দিনাজপুর)] বৃষাদির অণ্ডনিষ্কাশন (castration)। [ছাড়চিঠি—সর্থ 'ছাড়'১ (২)।]

ছাড়২ সর্ম [সং √ছর্দ্দ্, √মুচ্ >প্রা √ছড্ড >বা √ছাড়; হি √ছাঁ-(ছা)ড়; প √ছড্ড; সি √ছড; ড় √ছাড; তু ' √ছার—"ছারি, -রে, -র‍্যা ম.পা ১৬২,-৭৫,-৮] ১ ত্যাগ করা। "ছাড়ি বাড়ি ঘর গো.চ ৮৭। ছাড়স্তি নিশ্বাস কৃ.উ ১৩৮; ২৫৮। ছাড়িব কৃ ২৪১। তুহুঁ সব ছাড়সি প্রসূন শ্রী.ম ১৪২। ২ ত্যাগ করা; ফেলিয়া দেওয়া। "ছাড় ছাড় ছাট কৃ ৩৬৬। ৩ রুদ্ধ না করা। "দ্বার না ছাড়িও কৃ ৩৩৩। ছাড় দ্বার মে ২০২। ৪ বাদ দেওয়া; মাপ করা (to omit)। ৫ প্রাপ্য বা ন্যায্য বিষয় ত্যাগ করা। "আমি অত ছাড়িতে পারিব না, বড় জোর ৫৲ টাকা ছাড়িতে পারি।—বঙ্কিম। ৬ ভূতাবিষ্টকে ত্যাগ করিয়া যাওয়া। "ফতেমা বিবির আজ্ঞা ছাড় ছাড় ছাড় ভা.চ ৪৯৫। ৭ বন্ধনাদি হইতে মুক্ত করা। "ছেড়ে দেও বনে আমি করি বিচরণ (পদ্যপাঠ, ২য় ভাগ)। ৮ চাপমুক্ত করা; নিক্ষেপ করা। "ছাড়ে কোটি কোটি বাণে চ.বি ৫১। ৯ পদত্যাগ করা। ১০ রক্ষকহীনভাবে ফেলিয়া রাখা। "ছটফটে ছেলে ফেলে ছাড়ি গেল ঘর। দশ হাতে দুমদাম্ দিবে অতঃপর। —শি ৭৩। ১১ উল্লেখ বা উত্থাপন না করা। "এক্ষণেতে ও সব কথা ছাড় দা ৯। ১২ যাইতে বা আসিতে দেওয়া; বিদায় দেওয়া। ১৩ অতিক্রম করা। "ডানি বামে ছাড়্যা যায় কত মহাদেশ ক.চ ১৯৯। ১৪ প্রত্যাখ্যান করা। "ও সম্বন্ধ ছেড়ে দিতে হল জা ১। ১৫ অগ্রাহ্য করা। "গুরুর বচন ছাড়ি কৈলা নারীর ঠাট মী ২৪। ১৬ সঙ্গে না লওয়া। "তুমি ছাড়ি গেলে আমি ত্যজিব জীবন কৃ ৯৯। ১৭ শিক্ষা না করা। "লাঠি ছাড়িয়াই বাঙ্গালী নির্জীব হইয়াছে।—বঙ্কিম। ১৮ গতি-শক্তি দেওয়া। "গাড়ী, ইষ্টিমার ছাড়া। ১৯ খুলিয়া দেওয়া। "নৌকা, বোট ছাড়া। ২০ বিচারে নির্দ্দোষতা হেতু মুক্তি দেওয়া; খালাস দেওয়া। "আসামী ছাড়া। ২১ (ধ্বনিসম্বন্ধে) উচ্চৈঃস্বরে উচ্চারণ করা। "কপি ছাড়ে সিংহনাদ কৃ ৩১১। মার মার ডাক ছাড়ে ক.চ ৫৩। শ্রী ৫২। ডাক এখন কেন ছাড়ি ম.ম ১২। ২২ (অপ্র) বমন করা। "বদনে রুধির ছাড়ি ত্যজিল জীবন ম.বি ৫৮। ২৩ আটক না করা; লইতে দেওয়া। "ফসল ছাড়িয়া দিবা E.P. 63. ২৪ ত্যাগ করা; বদলান। "কাপড় ছাড়া। ২৫ মুক্ত করা। "গলা ছাড়িয়া গাওয়া। —ড়া১ সর্ম ['ড়+আ'৭; লি √ছড্ডাপে] ১ ত্যাগ করান ইত্যাদি। "বাড়ী ঘর ছাড়াম্ গো.চ ৮৭। মুক্তিসুখ ছাড়ায় যার গন্ধে চৈ.চ ২৩৪; জানি ভূত ছাড়াইতে ৩৪৫। ২ উন্মোচন করা। "যন্ত্র পাতি বাঘ মারে ছাড়ি (ছাড়াইয়া) লয় ছালে ক.চ ৪৯। ৩ খোসা

হইতে মুক্ত করা (ফল)। [ছাড়ি-উড়ি—উন্মীলন করিয়া। "চক্ষু ছাড়ি-উড়ি সেনে দেখে চেয়ে শ্রী ৮৮। ছাড়িঞা, -লেঁ, -ড়্-ড়োঁ (শ্রী.কী)। ছাড়েক (গো.চ ২৩১)।]

ছাড়তক '-ড়্-ক্' বি [সং ধোরিতক] অশ্বের গতিবিশেষ।

ছাড়ন বি [√ছাড়[২]+অন] ১ মোচন। "বন্ধন ছাড়ন তাক দিল বৃকোদর ম.বি ১৯১। ২ ত্যাগ করান। "প্রভু ছাড়াইলে পদ ছাড়ন না যায় চৈ.চ ১১৯। —ড়া[২] বি [+আ[৬]] মুক্তি। "ছাড়া পাওয়া। —ড়া বিং ১ পরিত্যক্ত, পরিহিত-পরিত্যক্ত। "ছাড়া কাপড়। ২ কোষমুক্ত। "খাপ-ছাড়া তলওয়ার দা ৯৬। ৩ বিহীন। "ঢাল-ছাড়া খেলওয়াড়ঃ ছাপ্পরছাড়া ঘর, লক্ষ্মীছাড়া নর দা ৯৬। ৪ অবিহিত, বহির্ভূত। "শাস্ত্রছাড়া মত দা ৯৬। ৫ তদ্ভিন্ন স্থানে কথিত। "মজলিসছাড়া গল্প দা ৯৬। ৬ ত্যাগী, ভ্রষ্ট। "মন কেন মায়ের চরণ ছাড়া।—রামপ্রসাদ। ৭ পৃথক্। "তিলার্দ্ধ তোমার আমি তনুছাড়া নই শ্রী.মা ৪৭। ৮ অবিদ্যমান। "আমার ঐ ফুলবাগানে৹ তিলেক নাই বসন্ত ছাড়া ব.প ১৬২৬। ৯ বন্ধনমুক্ত (গবাদি)। ১০ ভিন্ন, পৃথক্। "স্ত্রী পুরুষে ছাড়া শি ৭৭। —ড়ান বি [ছাড়া+অন] ১ ত্যাগ করান। "ছাড়িলে ছাড়ান, না যায় সে জন জ্ঞা ১৬২, টীকা। ২ মুক্তি, নিষ্কৃতি। "তুমি পাইলে ছাড়ান শ্রী.মা ৯১। না বলিলে ছাড়ান নাই আ.দ্র ১১৬। ৩ কারামোচন, মোচন। "বসন কাঞ্চন দিয়া করিল ছাড়ান ক.চ ১০৬। ছাড়ান করিল সহচর শ্রী.ম ১১২। —ড়ি বি ছাড়ার আদেশপত্র। "সেই জমির ছাড়ি এক সনন্দ পাই E.P. 63. [ছাড়াছাড়ি—পরস্পর ছাড়া। "(সাধী) করিতে চায় ছাড়াছাড়ি ভা.চ ৫৩২। খাপছাড়া কথা—সঙ্গতি-হীন বাক্য। তা-ছাড়া—তদ্ব্যতীত। সৃষ্টিছাড়া—সৃষ্টিবহির্ভূত।]

ছাড়ন্ত বিং যাহা লোককে লক্ষ্মীছাড়া করে; সর্ব্বনাশকর। "তোমার ছাড়ন্ত শনি ধরিয়াছে নী ৭৪।

ছাড়া[১]; ছাড়া[২], ছাড়ান, ছাড়ি দ্র 'ছাড়[২]; ছাড়ন।

ছাত বি [সং ছাদ; হি ছ(ছা)ত; ঠ ছত] ১ অট্টালিকার পাকা চাল। "ভ.গ্র ১৭৯। ২ নৌকার ছতরির উপরিভাগ। "একখানি বোট নঙ্গর কল্লে—বাবু ছাতে উঠলেন হু ১৭৫।

ছাতরা বিং ['ছত্রাকার'—মূল] ছত্রাকারে বিস্তৃতশাখাযুক্ত (গাছ)। [ছাতরান—ছত্রাকার হওয়া।]

ছাতা[১] বি [সং ছত্র >প্রা ছত্ত >বা °তা; হি ছাতা; মৈ ছত্তা] ১ ছত্র। ২ রাজছত্র। "সুরথে দিলাঙ ছাতা দণ্ড কৃ.উ ২০২। সুবর্ণের ছাতা ম ১০০৭। শ্রী.মা ২০০। ৩ (সাদৃশ্যে) তাপনিবারক, দুঃখনাশক। "ভূপতি রাজ্যের ছাতা শ্রী ৪৩। —তি[১] বি ছাতা। "খাটে খাটায় লাভের গাঁতি। তার অর্দ্ধেক মাথায় ছাতি॥—খনা। [ছাতা-ছাতি—ছোট ও বড় ছাতা। "শ্রী ১২৬। ছাতা দিয়ে মাথা রাখা—বিপদে সহায় হইয়া রক্ষা করা।]

ছাতা[২] বি [সং ছত্রা >প্রা ছত্তা >বা °তা] ১ ছত্রাক, বেঙের ছাতা (toad's stool)। ২ শেওলা, ছেদলা (fungus)। "ব.প্র ৪৬৪। গয়না সব বাক্সয় ছাতা ধরে যাচ্চে লী ৬৫।

ছাতার, -রিয়া বি সাতভেয়ে পাখী। "°রিয়া ভা.চ ১২৮। [ছাতারের নেত্য—(গৌণার্থে) অসম্ভবের সম্ভব। "তুই…তামাক খেতে কোথায় শিখলি রে? এ যে ছাতারের নেত্য!—মা ৩৩১।]

ছাতি[১] দ্র 'ছাতা[১]।

ছাতি[২] বি ১ [হি, ঠ, গু, মৈ ছাতী] ১ (ছাতির সাদৃশ্যে) বক্ষঃস্থল। "ছাতি ফেটে যায় শ্রী.মা ২৬। শ্রী ৬৮। ধরিতে নারে ছাতি ব.প ১৩৫৮। কৌতুকে উথলে…ছাতি ন.প ৩৩৮। ছাতি গেল হে ছাতি ফাটে দা ৭৪৯। মন্দ যান ছাতি ঠুকে।—হেম ৩৭৭। তৃষায় ফাটিল ছাতি।—কথা ৪৬। তখন তাহার দশ হাত ছাতি হইয়াছে। আ.দ্র ৬১। ২ হৃদয়। "না দরবে কঠিন নরহরি ছাতি ন.প ৩৫৩। ৩ বুকের পাটা বা বিস্তার। ৪ সাহস, হিম্মত। [ছাতি দশ হাত হওয়া—আশায় বক্ষঃস্থল বিস্ফারিত হওয়া।]

ছাতিনা, -তিম, -তেন বি [সং সপ্তপর্ণ >প্রা ছত্ত(ত্তি)-বন্ন >বা (ছাতিন) °না, °ন, °ম; হি সতিবন; ড় ছাতিঅনা] সপ্তপর্ণবৃক্ষ। °না ব.প ১৩৬২। °ন কৃ.উ ১৬৩।

ছাতিয়া বি [ছাতি > °য়া; বৈষ্ণবসাহিত্যে] বক্ষঃস্থল। "মত্ত দাদুরী ডাকে ডাহুকী৹ ফাটি যাওত ছাতিয়া·বি.প ১৭২। ফুটত মরম ছাতিয়া প.র ৭৭। ব ২৮; কাঠ-কঠিন ছাতিয়া।—গো ২৯।

ছাতু বি [সং সক্তু >প্রা সত্তু >বা (সাতু) °তু; হি সত্তু, -তুআ ঠ সাতু] ভাজা যব ছোলা ইত্যাদির চূর্ণ। [ছাতু হওয়া (সাদৃশ্যে)—চূর্ণ-বিচূর্ণ হওয়া।]

ছাত্র পুং [ছত্র+অ(ণ) শীলার্থে; স্ত্রী -ত্রী; 'ছাত্র' অপপাঠ] 'গুরুর দোষাবরণশীল'; শিষ্য, অন্তেবাসী, পড়ুয়া। —ত্র ক্লী বরটার ছত্রাকার-পটল-জাত মধুবিশেষ (ভাবপ্রকাশ)। —ত্রী স্ত্রী শিষ্যা। [°শালা (অপ্র)—পাঠশালা। "বা.ম ১২৭।]

ছাদ ক্লী [√ছাদি+অ(অচ্)-ক] 'আচ্ছাদক', পটল, ছাত, চাল। "স্বর্ণছাদ মে ৪। —দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ আচ্ছাদন, আবরণ। "ছাদনার্থং প্রকীর্ণৈশ্চ কটৈঃ হ ৬৬.২৪। দিক্ সব৹ ছাদন করিল ব.প ৬০০। দু ৬। ২ [+অন-ণ] 'আবরণ-সাধন', পত্র। ৩ যবনিকা, আবরণ। ৪ পরিচ্ছদ, পরিধান। "মহা ১.৯৩.২৩। —নী স্ত্রী [স্ত্রী ঈ (ঙীপ্)] চর্ম্ম। —দিত বিণ [+ত(ক্ত)-র্ম্ম] আচ্ছাদিত, আবৃত।

ছাদনাতলা বি [ছাদনতলা> °লা; অপ্র] সর্থ 'ছাঁল্লাতলা'। "ছাদনা-তলাতে ছিল যত রামাগণ ব.প ১৪৪।

ছাদ্মিক বিণ [ছদ্মন্+ইক (ঠক্)] ছদ্মচারী, ছদ্মব্যবহারী, কাপটিক। "মনু ৪.১৯৫।

ছান[১] বি [সং ছাদন >প্রা ছাঅণ >বা °ন; হি ছান] ১ ছপ্পর, চাল; ছাউনি। "কি সুন্দর ছান ভ.গ্র ১৮৬। ২ [সং স্নান >সান> °ন; অপ্র] স্নান। "গো.চ ২৬৩।

ছান[২] সর্ম্ম [হি, ঠ √ছান; গু √ছাণ] ১ সর্থ 'ছাঁক'। "সুধা ছানিয়া কেবা৹ ও সুধা ঢেলেছে গো চ.দা ৪; অমিয়া ছানিয়া (গড়িল) ২০। জল আনিল ছানিঞা চৈ.চ ৯০; শৃঙ্গাররস ছানি৹…বিধি নিরমিল তায় ৩৪৯। নব মকরন্দ৹ ছানি জনু যতন হি৹ সিকত ন.প ১৪২। ২ [সং সম্— √ধা > √সন্ধা; হি √সান] চাপ দিয়া পিণ্ড করা; চটকান, মিশ্রিত করা। "ভুবন ছানিয়া৹…আনিনু প্রেমের বীজ চ.দা ৬১। জগৎ ছানিয়া কে না৹ রস নিঙ্গাড়িল গো।—প.র ৭৮। হলদী জিনিয়া, তনু চিকণিয়া, স্নেহেতে ছানিয়া, হৃদয়ে মাখি ভা.চ ২৭৬। [ছানা[৩]—১ সর্থ 'ছান[২]। "শিবপূজার নিমিত্তে গঙ্গামৃত্তিকা ছানা হইতেছে আ.দ্র ৫৫; ২ চটকাইয়া পিণ্ডীকৃত (ময়দা)]

ছান[৩] বিং ['ছান[২]—মূল] মিশ্রিত, খাদযুক্ত। "ছান সোণা থাওইঞা শুদ্ধ কর জ্বালে ব.প ৮৩৮।

ছানলাতলা বি সর্থ 'ছাঁল্লাতলা'। "অ.গ্র ৫।

ছা(ছে)না[১] বি ['ছিন্ন'—মূল (?); হি, ড় ছেনা] অম্লযোগে ছিন্ন (ছেঁড়া) দুধ হইতে জাত পিণ্ডাকার দ্রব্য। "ছেনা শ্রী.ম ৬৫। শ্রী ৪২। ক.চ ১৫৬। ছানা চৈ.চ ৮৪, ছেনা ১৫৮। গো ২০। প.র ১৪। ব্র.প ৮৫। ছানা রা.শে ২৩। [ছানা(ছেনা)-বড়া—চিনির রসে পক্ব ছানার বড়া। "ছানা° কৃ ৩৭৬। চৈ.চ ১৭০। ছেনাবড়া দা ৯৭৭। ছেনা-পানা—ছানার সরবৎবিশেষ। "ন.প ৩৩৩। °ভাজা—খাদ্যবিশেষ। "কৃ ৩৭৬।]

ছানা[২] বি [ছা[১] >ছাঁ > °না (?); হি ছৌনা] শাবক, বাচ্চা, ছাঁ। "পোড়ো মোর বেড়াল…ছানাটি।—শিশু ২৯।

ছানা[৩] দ্র 'ছান[২]।

ছানি[১] বি ['ছাদনী'—মূল; হি ছানী—ইক্ষুরসের নাদের ঢাকনি] ১ দৃষ্টিশক্তির আবরণরূপ চক্ষুরোগবিশেষ (cataract)। "চক্ষে পড়ুক ছানি ক.চ ২৫ ; ছানি কাটে ৯০ ; ৩০৩। ২ গর্ভিণীর স্তনাগ্রের কৃষ্ণ আবরণ ; ভেলা। "কুচাগ্রেতে ছানি পড়ে পেটে নড়ে ছেলে শ্রী.মা ৩৭। ৩ ছাউনি, শিবির। "এইখানে সকল করিয়া থাক ছানি বি.পা ২৫৯। ৪ চালের আচ্ছাদন বা ছাউনি। "ছানি কলার পাত বি.পা ৩৩৪ ; মরকতের ছানি ৩৬৪। ৫ খড় (?)। "শ্মশানের ছানি আর কবরের মাটি বি.পা ২৯১। —নী[১] বি খাটের ছাউনি। "নেয়ারের ছানী খাট ব.প ২৪৩।

ছানি[২] বি [সং স্বান >প্রা *সান >বা (ছান) °নি ; অপ্র] শব্দ, বাদ্যধ্বনি। "কাব্য নাম মাদল দেউক বিচিত্র যে ছানি মী ১০।

ছানি[৩] বি [হি, প, মৈ সানী] খইল কুঁড়া ইত্যাদির সহিত ছানা (মিশ্রিত) কাটা খড় ; গোরুর জাব।

ছানি[৪] বি [সানি[১] > °নি] ইঙ্গিত, সঙ্কেত। "হাত°।

ছানি[৫], **-নী**[২] বি [আ সানী (বিং), সানিয় (বি)] 'দ্বিতীয়', মকদ্দমার দ্বিতীয়বার বা পুনর্ব্বার বিচারের প্রার্থনা।

ছানী[১] দ্র 'ছানি[১]'।

ছানী[২] দ্র 'ছানি[৫]'।

ছানুবানু বিং ['ছিন্নভিন্ন'—মূল ; ছিয়া-বিয়া (ঢাকা)] অতিবিশৃঙ্খল। "গিন্নী বিনে সংসার ছানুবানু হয়।

ছানতা বি ['ছান্দা (ছেঁদা)—মূল (?)] ঝাঁঝরি হাতা।

ছান্দ[১] বি [ছন্দ > °ন্দ] ১ আকার, গড়ন। "কানন করয়ে আলা কপালের ছান্দে ক.চ ৫৪। নখছান্দ ব ২০। ২ সাজ। "বিচিত্র মুকুট শিরে, সে না ছান্দে কে নাহি ভুলে ন.প ১৫০। ৩ রচনাপ্রকার, নির্ম্মাণভঙ্গি। "বিবিধ ছান্দে, মস্তকে মুকুট বান্ধে ম ১২৭৫। চূড়া ছান্দে ব ৮। তিলক কে দিল এমন ছান্দে।—জ্ঞা ৮৬। ৪ অবয়বসংস্থান, আকার, ভাব। "ত্রিভঙ্গিম ছান্দে জ্ঞা ১৭। ধড়া আঁটি দাঁড়াইল চাপিবার ছান্দে ব.প ৮১৪। ৫ গমনভঙ্গি। "শচী ঠাকুরাণী চারু ছান্দে। হাঁটন শিখায় গোরাচান্দে॥—ন.প ৯৬। ৬ [হি ছাঁদ] গাভী ছাঁদার দড়ি। "স্কন্দে ছান্দ জ্ঞা ৩৬।

ছান্দ[২] সর্ম্ম [ছাদ[২] > °ন্দ] ১ বেড়িয়া বা জড়াইয়া ধরা। "চরণে চরণ ছান্দি যায় গড়াগড়ি ন ১৮৬। দুটী ভাইয়ে ধরে তার দু চরণ ছান্দিয়া শ্রী.মা ৪৫। ছান্দে পায় পায় শ্রী ৬৮। ২ নির্ম্মাণ করা ; বাঁধা। "দুটী গোলা দুআরে ছান্দিল গো.চ ৩। ৩ দোহনকালে গাভীর পা বাঁধা।

ছান্দন বি [ছান্দ[১]+অন] ১ সর্থ 'ছান্দ[১]' (৬)। ২ মন্থনদণ্ডের বেষ্টন-রজ্জু। "ছান্দন নাগরাজ ম.ম ৪১। ৩ গাভীর পদবন্ধন। "ছান্দনদড়ি ম ৫৯১। ছান্দন ডোর গো ৬। রা.শে ২০। ব ৪৩। —ন্দা বি [+আ[৬]] ১ সর্থ 'ছান্দন (২)। "ছান্দা দড়ি ব.প ২১৫। ২ (অপ্র) নিদ্রাজন্য চক্ষুর আবিলতা ; ঘুমের ঘোর। "হাতে জল দিয়া চক্ষুর ঘোচে ছান্দা ম.ম ২২০।

ছান্দলা বি [ছাঁদলা > °ন্দা] সর্থ 'ছাদলা'। "ক.চ ৪৭ ; ২৮৩।

ছান্দস বিণ [ছন্দস্+অ (অণ্) ; পা ৪.৩.৭১ ; স্ত্রী -সী] ১ ছন্দোভব, বেদস্থিত। ২ বেদসম্বন্ধী। "ছান্দসীভিঃ...শ্রুতিভিঃ হ ২২৩.৭। ৩ বেদাধ্যেতা। "পা ৫.২.৮৪, কাশিকা। —স পুং ১ বেদব্যাখ্যান-গ্রন্থ। ২ বেদাধ্যেতা ব্রাহ্মণ। ৩ বৈদিক বিষয়। "স্নাতমন্ত্রত্র ছান্দসাৎ ভ ১.৪.১৩।

ছান্দা দ্র 'ছান্দন'।

ছান্দোগ্য ক্লী [ছন্দোগ+য (ঞ্য), পা ৪.৩.১২৯] ১ ছন্দোগগণের (সামগানকারিগণের) ধর্ম্ম বা আম্নায় ; ছান্দোগ্যোপনিষৎ। ২ ছন্দোগসমূহ।

ছাপ[১] বি [হি ছাপ ; ঠ ছাপা ; P. chapa ; তু 'চাপ'] ১ মুদ্রাচিহ্ন, মোহরের চিহ্ন, মুদ্রা (print, impression)। "করিল মোহরছাপ ময়নার নাথ (শ্রী)। ২ চিহ্ন, দাগ। "আঙুলের, রঙের ছাপ। ছাপ পড়া, লাগা। ৩ বৈষ্ণবের অঙ্গে কৃত চন্দনাদির চিহ্ন ; ছাবা। "ছাপ কাটা।

ছাপ[২] সর্ম্ম [হি, ঠ, গু √ছাপ ; মৈ ছাপা ; তু 'চাপ[৩]'] ১ চাপ দিয়া চিহ্নিত করা ; মুদ্রিত করা। ২ ছাঁচে বস্ত্রাদি রঙে অঙ্কিত করা। ৩ ['চাপ[৩]—মূল ; হি √ছিপা] গোপন করা ; লুকান। "যব তোঁহে সখীগণ৹ নিরজনে পুছল৹ তব তুহুঁ ছাপলি কায় জ্ঞা ১০৩। (কথা) না ছাপলেই ছাপিয়ে উঠে দা ৪৯৯। ৪ ঢাকিয়া ফেলা ; ডুবান। "প্রলয়পয়োধি জলে৹ জনু ছাপল বি.প ১৪৬। —প অর্ম্ম অগোচর বা অজ্ঞাত থাকা ; গুপ্ত থাকা। "ভব্য সভ্য হৈলে শ্রাব্য ছাপে নাই তাকে রা.স ৪০। সুড়ঙ্গ কিরূপে ছাপে ভাবিছেন রায় ভা.চ ৩৩৯। রাত্রে পরামর্শ করিলে কভু নাহি ছাপে ব.প ১৩৭৭। —পা সর্ম্ম [°প+আ[৮] ; হি √ছপা] ১ মুদ্রিত করান ; ছাপান। ২ [মৈ √ছপ,-পার—ঢাকা] আবৃত করা ; ঢাকা। "অম্বরে বদন ছাপাই বি.প ১৮৩। ৩ গোপন করা ; লুকান। "চোরি রাখল ছাপায় জ.প ১৮। থাকি ছাপিয়ে সে কথাটী দা ৪৯৯। (তুই) নাগর বলে আনলি চোর বলে ছাপালি।—জ্ঞা ২৮। ৪ প্লাবিত করা ; ভাসাইয়া দেওয়া ; অতিক্রম করা। "বর্ষায় তীর ছাপাইয়া নদীর জল উঠে। ৫ [চাপা > °পা] তীরে লাগান ; চাপান। "বিঘাটে ছাপাই নৌকা রৈছ সুখি গো.বি ১২০। —পা অর্ম্ম ১ উচ্ছলিত হওয়া ; উপচান। "প্রলয়-কালে৹ জলধি-জলে৹ যেন যুগ নাশে ছাপিয়া (ছাপাইয়া) জ.প ২৭। ২ প্লাবিত হওয়া ; ভাসিয়া যাওয়া। "বর্ষায় পুকুর ছাপায়। ৩ প্রকাশিত বা জানাজানি হওয়া। "(কথা) না ছাপলেই ছাপিয়ে (ছাপাইয়া) উঠে দা ৪৯৯। ৪ [মৈ √ছপ,-পা] আত্মগোপন করা ; লুক্কায়িত হওয়া। "তোমার যে ভক্তিরসরঙ্গ দেখিবারে। ছাপাইয়া আসিয়া রহিনু তব ঘরে ভ.গ্র ৩০৮। [ছাপান—সর্থ 'ছাপা'। ছাপলি (লুকাইলা), ছাপসি, ছাপাই (লুকাইয়া), ছাপায়ল (লুকাইল), ছাপায়লুঁ (লুকাইলাম), ছাপি (প.ক)।]

ছাপড় বি [ধ্বন্যাত্মক ?] বাদ্যবিশেষ। "শ্রী.মা ১৩০।

ছাপরখাট বি [হি ছপরখ(খা)ট] ছপ্পর-ওয়ালা খাট ; মশারি-ওয়ালা বা চাঁদোয়া-টানান পালঙ্ক। "সে এখন ছাপরখাটে শুয়েছে গি.দ্বি ১১২।

ছাপা বি [ছাপ[২] +আ[৬]] ১ সর্থ 'ছাপ[২]'। ২ সাম্প্রদায়িক মুদ্রাচিহ্ন। "কেউ কেউ...তেলক ছাপা কেটে...বাড়ি ফেরেন হু ১৫৫। ৩ ছাপ, চিহ্ন। "প্রেমের ছাপা বা.দ ৪১। ৪ নূতন কাপড়ে লাগান ছবি। —পা বিং [+আ[১২]] ১ মুদ্রিত। ২ লুক্কায়িত, গুপ্ত ; অবিদিত। "কভু গর্ভ ছাপা নাহি রহে বি.সু ৭৫। এ তোর মাসীর বাপা, কোন কর্ম্ম নাহি ছাপা ভা.চ ২৮৩ ; মায়ের পোয়ের ভাব রহে না কি ছাপা ৫৩০। তোমার বিক্রম যত মোর নাহি ছাপা শ্রী.মা ১২৩। বা.দ ৪১। [ছাপাই (হি ছপাঈ)—ছাপার খরচ ; মুদ্রাঙ্কণ। °খানা—মুদ্রাযন্ত্রালয়, প্রেস্। ছাপাছাপি—১ পরস্পর গোপন। ২ কানায় কানায় পূর্ণ।]

ছাপিত বি [ছাপা+ইত[২] ; অপ্র] লুক্কায়িত, গুপ্ত। "কৌতুকে ছাপিত তঁহি রহ কান বি.প ১৬৪।

ছাপ্পর বি [ছপ্পর > °র] ঘরের চাল। "তৃণকাষ্ঠহীন ছাপ্পর দা ১২০১।

ছাপ্পান্ন স.বিং [সং ষট্‌পঞ্চাশৎ >লি ছপ্পাসা ; প্রা ছপ্পণ্ণ, -ন্ন ; হি, ঠ, গু ছপ্পন ; মৈ ছপন] ষট্‌পঞ্চাশৎসংখ্যক। —ন্ন বি ছাপ্পান্ন (৫৬) এই সংখ্যা।

ছাব বি [ছাপ > °ব] ১ মুদ্রাচিহ্ন, মুদ্রাঙ্কণ। ২ মোহরের চিহ্ন। "জোয়ের মোহর তার ছাব উতরিয়া ক.চ ১৯১। ৩ সাম্প্রদায়িক মুদ্রা-চিহ্ন। "সর্ব্বাঙ্গে তিলক ছাব ভ.গ্র ৪২৭। ঠাঁই ঠাঁই ছাব বি.সু ৯০। —বা বি ১ সর্থ 'ছাব (১)। ২ সর্থ 'ছাব (৩)। "বাহুমূলে...ছাবা দিয়া ভ.গ্র ৩৫৫। ভা.চ ১৫১। দা ৫৫০। ৩ ছাপ-দেওয়া মিষ্টান্নবিশেষ ;

ছাবা সন্দেশ। "বরফি ছাবা দা ৯৭৭। ৪ নাকের গহনা, নাকছাবি। "দা ১৪৮০। [দর্পণের ছাব—কাচ-বসান আঙোট-বিশেষ। "দুই বৃদ্ধাঙ্গুষ্ঠে সাজে দর্পণের ছাব শি ১৬।]

ছাবাল বি [ছাবল > °ল (শাব+বাল) ; দ্র 'ছাওয়াল'] ১ সন্তান; ছেলে। "আমি রাজবংশের ছাবাল ভা.চ ৪১৫। ইংরেজ ছাবাল।—হেম ৩৮৪। ২ শিশু। "দুধের ছাবাল তুমি!—স্ব.প্র ১০৬। ৩ পুত্র। "শি ৮৭। দামাল ছাবাল দুটি ভা.চ ১০১; ৩৩৮। ৪ পুত্রবৎ স্নেহপাত্র। "ছাবালের ছাড় ছদ্ম ছল ভা.চ ৪২৯। ৫ শিশুতুল্য অবোধ। "ওরে বাছা ব্যাস তুমি বড়ই ছাবাল ভা.চ ২০৩। [°খেলা—ছেলে-খেলা। "ভাচ ১০৫।]

ছাব্বিশ স.বিং [সং ষড়্‌বিংশতি > লি ছব্‌বীসতি, প্রা ছব্‌বীস; হি, গু ছব্‌বীস] ষড়্‌বিংশতিসংখ্যক। —শ বি ছাব্বিশ (২৬)।

ছাম(মা)নি, -মনী, -মুনি, -নী বি [সং ছাদন > প্রা ছাঅণ > (ছাঅনি) ছাম(মা, মু)নি, -নী] ১ বস্ত্রাচ্ছাদনের মধ্যে অথবা অন্তঃপটের অপসারণে বরকন্যার শুভদৃষ্টি; মুখচন্দ্রিকা। "হরগৌরীর হৈল ছামনি কৃ উ ৮। দুজনে ছামনি ক.চ ২৬; ছামনী হইল কন্যার ৪৮; দুজনে ছামনী ২৮৩। ছামনি হইল শুভক্ষণে।—শ্রী.ম ১৬৯; সাতবার ছামনি করিয়া ১৭০। ২ (গৌণার্থে) বিবাহ, রাক্ষসবিবাহ। "কন্যাগণে ডাকিয়া সম্মতি নিল রাণী। একে একে সভাকারে করিল ছামনি॥—কৃ.উ ৯৭; (কনিষ্ঠা বুহিনী) মোর বিদ্যমানে মধু করিল ছামুনি ৯৯। [ছাউ(ম)নি নাড়া—অন্তঃপট অপসারিত করা। কন্যা বরকে সাতবার প্রদক্ষিণ করিয়া নমস্কার করিলে, অন্তঃপট অপসারিত হয় ও বরবধূর চারি চক্ষুর মিলনে শুভদৃষ্টি হয়। ইহার পরে উভয়ের মালাবদল ও ফুলখেলা হয়। চৈতন্যমঙ্গলে ইহার নাম 'কুসুমবিহার' (শ্রী.ম ১৭০। চৈ.ম ৬৮, ৮৩। শি ২৬)।]

ছামুতে [অপ্র] সম্মুখে; সামনে। "ব.প ১৪৩১।

ছায়নি, -নী বি ['ছাদন'—মূল; অপ্র] আচ্ছাদন, ছাউনি। "উপরে ছায়নি দিল পাটের পাছোড়া ক.চ ২২৩। রূপার ছায়নি শ্রী মা ১১৯।

ছায়া স্ত্রী [√ছো+ষ-ক+স্ত্রী আ (টাপ্), উ ৪.১০৯; কা স.ায়; ছান্দস] 'সূর্য্যকর-চ্ছেদক', অনাতপ। "পাদচ্ছায়া রা ২.২৭.৯। কল্পতরু° রঘু ১.৭৫। কু.স ১.৫। [তৎপুরুষে উত্তরপদ 'ছায়া' বিকল্পে ক্লীবলিঙ্গ 'ছায়' হয়। যথা, বৃক্ষচ্ছায়া, -চ্ছায়ম্। পূর্ব্বপদের বাহুল্যে সতত ক্লীবলিঙ্গ হয়। যথা, 'ইক্ষুচ্ছায়ম্', অর্থাৎ 'ইক্ষুসমূহের ছায়া (রঘু ৪.২০); এইরূপ 'বৃক্ষচ্ছায়ম্' ইত্যাদি।] ২ প্রতিবিম্ব (reflection)। "রা ৪.৪০.৩৭। দেবতানাং...ছায়াম্ মনু ৪.১৩০। ছায়া ন মূর্চ্ছতি মলোপহতপ্রসাদে (দর্পণতলে)।—শ ৭.৩১। ৩ সাদৃশ্য (A.)। ৪ কান্তি, দ্যুতি, ছবি, শোভা। "রত্ন° পু.মে ৩৫। ক্ষামচ্ছায় উ.মে ১৯। °মণ্ডল রঘু ৪.৫। লাবণ্যময়ী ছায়া শ ৩৬। কনকরচিত সীতার শ্রবণ-কুণ্ডল। লেগেছে তাহার ছায়া গগনমণ্ডল॥—কৃ ৩৬৫। চৈ ৩৪। ৫ বর্ণ। "(সিন্ধুঃ) পাণ্ডুচ্ছায়া পু.মে ২৯। ৬ তমঃ, অন্ধকার। ৭ পঙ্‌ক্তি। ৮ উৎকোচ। ৯ রক্ষণ। "আপনি থাকিব আজ্ঞি ছায়া তবে করি অ.প ১২৮। ১০ আশ্রয়। "চিরং দেবস্থ ভুজচ্ছায়ায়াং মহতা সুখেন বিশ্রান্তা।—হি ৩৬৩। দেহ মোরে পদচ্ছায়া ভা.চ ১৪। ভগীরথে দিয়ে ছায়া,...(দয়া) প্রকাশিয়া রয়েছ বা.দ ৭১। ১১ সংজ্ঞা-প্রতিকৃতি সূর্য্যপত্নী (দ্র 'বড়বা')। "সংজ্ঞা ছায়া নারী ধন্যা ভা.চ ৫। ছায়াপথে ছায়া পলাইয়া দূরে মে ২৬১। [ইঁহার পুত্র সাবর্ণি ও শনি এবং কন্যা তপতী (ভ ৮.১৩.৮-১০)।] ১২ কাত্যায়নী। [°কর (পুং)—ছত্রধারক। °গর্ভোদ্ভব (বি)—শনি। "ম.পা ৭৪। °গ্রহ (পুং)—বিম্বগ্রাহক, দর্পণ। °চিত্র (বি)—ছায়াজাত চিত্র; ফটো। °চুর (বি)—ধান্যবিশেষ। "ভা.চ ৫৪৯। °তনয়, °সুত (পুং) —শনি। °তরু, °দ্রুম (পুং)—ছায়াপ্রধানতরু। "পু.মে ১। °দ্বিতীয় (বিণ)—ছায়াসহচর, একাকী। °ধব, °নাথ (বি)—ছায়াপতি, সূর্য্য। "ম.পা ৯৫। °নাথ বা.দ ৩। °নট (বি)—রাগবিশেষ। ইহার সময় রাত্রি ১ম প্রহর, ঠাট খাভাবিক, জাতি সম্পূর্ণ (গী.সা)। °পথ (পুং)—জ্যোতিশ্চক্রমধ্যবর্ত্তী দক্ষিণোত্তরায়ত তিরশ্চীন আকাশস্থান-বিশেষ (milky way), যমের জাঙাল। "রঘু ১৩.২। মে ২৬১। খগোল নিতম্ব-বিম্ব; শোভিল তাহাতে, মেখলা, গগনে, মরি, ছায়াপথ যথা মা ১৪৪। (গগনে) আভাময় ছায়াপথের পারা ব.সু ২৩। °বাজি (বি)—প্রতিবিম্বের তামাশা; অলীক বিষয়। "শ্রী ২৫৬। °ভৃৎ (পুং)—'ছায়ারূপকলঙ্কধর', চন্দ্র। °মান (ক্লী)—ছায়াপরিমাণ। °মৃগধর (পুং)—'ছায়ারূপমৃগধারক', চন্দ্র। °যন্ত্র (ক্লী)—শঙ্কুযন্ত্র, সূর্য্যঘড়ি (sun-dial)। ছায়া মাড়ান—প্রতিবিম্ব স্পর্শ করা; কোন-প্রকার সংস্রবে থাকা। "তার (পাপের) ছায়া মাড়ান নি' কভু।—মন্ত্র ৮২। ব.প্র ২৭০।]

ছায়াভিনয় বি রঙ্গমঞ্চে অভিনয়ের পূর্ব্বে শিক্ষার্থ করণীয় অভিনয় (rehearsal)।

ছায়ামণ্ডপ বি ১ বিবাহার্থ মণ্ডপ; কন্যাসম্প্রদান-স্থান, ছাঁদনাতলা। "কৃ.উ ১০। কৃ ৭৮। ক.চ ৪৭,-৮। শ্রী.ম ১৬৯। ব.প ৬৩৯। ম.ম ২৫। বি.পা ৮৯। শি ২৪। ২ চণ্ডীমণ্ডপ। "বা.ম ৯৪।

ছায়াল বি [ছাআল > °ল; অপ্র] ১ শিশু, বালক। "অ.প ১৩০। কথা কহিতে নাই জানেন লক্ষ্মণ ছায়ালে কৃ.অ ২৭। ২ পুত্রবৎ স্নেহ-পাত্র। "ছায়ারূপা ছ'লনা ছায়ালে বা.দ ৭৮।

ছায়ালোক বি ছায়ামিশ্র আলোক; আলোছায়া। "বর্ণে ছায়ালোকের চাঞ্চল্য ব.দ্বি ১০৯।

ছার বি [সং ক্ষার > প্রা ছার; হি ছার] ১ ভস্ম, ছাই। "মুখে দিমু ছার ম.ম ১০। ভা.চ ৩৭৭। এক ভস্ম আর ছার। দোষ গুণ কব কার॥ ২ হেয় জন; অভাজন, অপাত্র। "হেন ছার আমার জামাতা ক.চ ১১। কোন ভাগ্যে তুমি আমা ছারের দুয়ারে চৈ.ভা ৮৭। ৩ কুলাঙ্গার। "কেন্দ্রে বর্ত্তি আইলে ছার অ.প ৩৭। ৪ হেয় কাপুরুষ। "কি ছার সে নর, তারে ডরাও আপনি।—মে ৪১। ৫ ধ্বংসাবশেষ। "উড়িয়া করিল ছার লুটিয়া পুটিয়া ভা.চ ১৮। —র বিং ১ ভস্মীভূত, পোড়া, মন্দ (গালিতে, ধিক্কারে)। "বিধাতার ছার মুখ শ্রী ৪২। ছার কপাল শি ৮২; শ্রী.মা ৬৫। ভা.চ ৭৯। আমি ছার-মুখে চৈ.ভা ২৩৭। ২ হেয়, অপকৃষ্ট, জঘন্য। "কোন ছার মন্ত্রী ল'য়ে তোমার মন্ত্রণা কৃ ২৭৯। এ ছার কার্য্যে আছ ম.ম ১৩। ছার জীবন ব.প ১৩৫৭। ৩ [তু 'ছাড়'—ছাড় জাতি (গো.চ ৬১)] হীন, অধম। "মায়্যা ছার জাতি ব.প ১৩৫৭। ইহা ছারকে (দূর করে দে) শ্রী.মা ১৮। ৪ ঘৃণার্হ, অশ্রদ্ধেয়, নীচ। "বাণিয়া নগরিয়া ছার ম.ম ১০৬। ৫ বিষাদময়, আঁধার, শূন্য। "ছার ঘরে আর রব কার মুখ চাহিয়া দু ৯৯। ৬ আত্ম-ভৎ'সনায়। "কহিতে নাহিক ঠাঞি ছার পরাধিনী ব ১৫৪। [°কাল —পোড়াকপাল; দুর্ভাগ্য। °কপালী—পোড়াকপালী, হতভাগিনী। "কোন ছারকপালী ছাই দিয়েছে মেখে।—দা ৪২৩। °কপালে— ১ হতভাগা (ধিক্কারে, গালিতে)। "শিশুপেলে ছারকপালের কারখানা দা ৭৬৬। কেমন করে এমন কথা বল্লি ছারকপালে ব.প ১৪৩৩। ২ লক্ষ্মীছাড়া। "ছারকপালের দশা দা ৯৩২। ৩ পোড়াকপালে, দুরদৃষ্ট। "ভা.চ ৭৯। ছারখারে যাওয়া—হেয় বা অপদস্থ হওয়া। "অহঙ্কারে গেলে ছারখারে ভা.চ ৩৭৬। ছারে খারে যাওয়া—বিনাশপ্রাপ্ত হওয়া; অধঃপাতে যাওয়া; মরা। "শ্রী.কী ১৩০। ছারে খারে যাও না বুরা মোরগ বাজাই লই ম.গা ১৬। তুমি গেলে ছারে খারে ম.ভা ২৭। ধর্ম্মরাজা ছারে খারে যাইবে ব.প্র ৫১২। ছার পাঁস, পাঁশ—ছাই-পাঁশ,

ছাই। "ছার পাঁস উড়িআত জাত্ম শূ ১১২। ব.প ১১৫। ছার রাও—সর্ব্বনাশের বা ঘৃণার কথা। "ম.গা ১৬।]

ছারক্কার, -খার বি [ছার+ক্কার, খার (একার্থক)] ১ ভস্ম, ছাই। "বাণে সব হয় ছারখার কৃ.উ ১৮৮। কাষ্ঠে করে ছারখার ম ২৪১। হলো ছারক্কার, ভুবন আমার।—হেম ২৪২। ২ ধ্বংসাবশেষ। "লুটিয়া স্বর্গ কৈল ছারখার ম ২৪১। সৌধ অট্টালিকা ভাঙ্গি করে ছারখার ব.প ১২৩। —খার বিং ১ ভস্মবৎ অসার বা হেয়। "এই পঞ্চ দোষে শ্লোক হৈল ছারখার চৈ.চ ৫৯। ২ বিনাশপ্রাপ্ত। "প্রণাম করিলে তুমি হবে ছারক্কার শ্রী.ম ১১৯। ৩ ক্ষতবিক্ষত। "আঁচোড়ে বীরের পৃষ্ঠে, করজে করিল ছারখার ক.চ ৫৩।

ছারপোকা বি [ছার+পোকা ; ঢ় °পোক ; ছাইপোকা (নাটোর)] শয্যাকীটবিশেষ, উৎকুণ (bug)। [ছারপোকার বিয়ন—(সাদৃশ্যে) বহু প্রসব।]

ছাল বি [সং শল্ক, ছাল ; দ্র 'ছল্লি' ; হি, মৈ, গু ছাল ; ঠ সাল] ১ বৃক্ষত্বক্, বল্কল। ২ চর্ম্ম। "বাঘছাল ভা.চ ৩২ ; ৭২ ; ১০৩। —লা[১] বি [ছাল > °লা ; হি ছালা ; পদ্যে] ছাল, চর্ম্ম। "বাঘের ছালা গো.চ ৪৭৮। ম.ম ১১। ব.প ২৮৫। হস্তি-ছালা ভা.চ ৪৩ ; মৃগ° ৩৪৯। ছাগছালা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। [ছালঠ—ছাল-কাঠ, গুড়িকাঠের দুই পাশের ছালসহিত তক্তা।]

ছালটি বি ['ছাল-পট'—মূল ; হি ছালটী] তিসিছালের সূতায় নির্ম্মিত বস্ত্র (linen) ; শণের বা পাটের সূতার বস্ত্র।

ছালঠ দ্র 'ছাল'।

ছালন, -ম বি [হি সালন] ব্যঞ্জন, তরকারি। "সালম বলি কি ব্যঞ্জন বলি চাই রে।—দা ২০৭২। [ছালন-চাখা—যে সব তরকারি একটু চাখে ; (গৌণার্থে) পল্লবগ্রাহী, সবজান্তা (Jack of all trades)।]

ছালনাতলা বি [ছান্দলা > ছানলা > °না+তলা] সর্থ 'ছাদনাতলা'। "(বর) ছালনাতলায় লয়ে যায় দা ১৫৭৯।

ছালা[১] দ্র 'ছাল'।

ছালা[২] বি [সং শাণ > লি, প্রা সাণ > বা (ছাণ) ছালা] ১ শণসূত্ররচিত চটের থলিয়া ; বস্তা। "ছালার মধ্যেতে ম.গা ২১। দুইটা স্তন যেন দুই খান ছালা ম.ম ১৫১। ছালা হেন দুই স্তন বি.পা ২৫১। ছালা ছালা ছিনা জোক।—শি ৭৮। ২ শণসূত্রের চট। "ছালা ভুটি খেস বি.পা ১৬৩।

ছালি, -লী, ছালিক্য বি [ছার > ছারি > °লি ; অপ্র] ১ ছাই। "ছালি মী ২৬। ম.গা ২১। গো.চ ৩৬৭। ছালী গো.বি ১৪০,-৪৮। ছালী বা.ম ২৮৮। ছালি আর মাটি বি.পা ২১০। ২ [ছাল+ই[১১]] বল্কল, বল্কলজাত সূত্র। "মুকুন্দ পাটের ছালি বি.পা ১৫৯।

ছালিয়া, ছাল্যা, ছেল্যে বি [ছাইলা > ছাল্যা, -লিয়া, ছেল্যা -ল্যে ; তা 'ছেল্লা'—darling (জান্হ)] বালক, শিশু ; পুত্র, ছেলে। "ছাল্যা-কালে : ছেল্যে বুদ্ধি ব.প ১৩৮৩।

ছাহ বি [সং ছায়া > প্রা ছাহা > বা °হ ; হি ছাহ ; বৈষ্ণবসাহিত্যে] ১ ছায়া। "কদম্বক ছাহ।—গো ১০১। পদযুগ ছাহ ব ৬০। ২ প্রতিবিম্ব। "মুকুরে নিজ ছাহ হেরি।—গো ১৫৪ ; ২১২।

ছি, ছিঃ অব্য [সং ধিক্ ধিক্ > প্রা ছি ছি (হে ২.১৭৪) > বা ছি ; হি ছী ; ঠ ছিঃ, ছী ; গু ছী ; অস ছিঃ, ছিন্] ১ ধিক্কারে, নিন্দায়। "যারে ব'লে ছি। তাতে থাকলো কি।—প্রবচন। ২ ঘৃণায়। "ছিছি …করি রত্নের কাছে গেল।—গো.চ ২৯৩। বাগ্দিনী বলে সয়া ছুঁহো নাহি ছি।—শি ৮৫। ৩ লজ্জায় বা ঘৃণায়। "কেহ বলে মা, কেমন মেয়ে আই আই মা ছি।—দা ৮২২। [ছিছি, ছেছে (ঠ ছেছে)—ধিক্ ধিক্ (নিন্দায়, ঘৃণায়)। "লোক ছিছি বলে ভা.চ ৪২৯। ছি ছি কেমন ধারা।—শিশু ১২। ছি-ছিক্কার—ধিক্‌ধিক্-কার, ছি-ছি বলা।]

ছিঁ(ছি)চকা, -কে, ছিঁচিকা বি [শিক+চা[৪] > °কা] ১ ছোট শিক ; হুঁকা-ইত্যাদির নলচে সাফ করার লোহার ছোট শিক। "রাম হুঁকায় ছিঁচিকা দিয়া…হুঁকা আনিয়া দিল আ.দ্রু ৯। ২ সূক্ষ্মাগ্র লৌহশলাকা। "ছিদ্র করে ছিঁচকার আগে শ্রী.ম ২৮।

ছিঁ(ছি)চকাচোর বি [সং সূচক > ছুচকা, ছিঁচকা + চোর] 'থলচোর', ছোট জিনিশের চোর ; পাতিচোর (petty thief)।

ছিঁ(ছি)চকাঁদুনে বিং [ছিঁচ (ছিছি ?) কাঁদন+এ[৭]] যে একটুতেই কাঁদে ; যাহার কাঁদুনে স্বভাব। "ভাল ছেলের লক্ষণ এই, ছিচকাঁদুনের মত প্যান প্যান করে কাঁদে না লী ৪৫।

ছিঁড় সর্ম্ম [সং √ছিদ্ > লি, প্রা √ছিন্দ > বা √ছিণ্ড, > ছিঁড় ; হি √ছিদ ; ঠ √ছিংদ] ১ ছেদন করা ; কাটা। "কে ছেঁড়ে (ছিঁড়ে) পদ্মের পর্ণ? —মে ১১৩। (এ রসি) ছিঁড়ব না আর, ছিঁড়ব না।—গান ১৪১। ২ বিদীর্ণ করা ; চেরা। —ড় অর্ম্ম ১ ছিন্ন হওয়া ; ছেঁড়া। "ছিঁড়িল রথের দড়া কৃ ৩৩। ২ ভাল জমাট না বাঁধা। "সই দধি কেনে ছিঁড়ি গেল চ.দা ১০৮। —ড়া সর্ম্ম [°ড়+আ[৮]] ছিন্ন করান। [ছিঁ(ছেঁ)ড়া—১ সর্থ 'ছিঁড়'। ২ ছিন্ন। "ছিঁড়া কম্বল ক.চ ৮৪। ছিঁড়া টেনা ভা.চ ২৯০। ছেঁড়া চট দা ৯৬৪ ; ছেঁড়া চেটা ২০৬৩। ছেঁড়া মেঘ। —শিশু ১২। ছিঁ(ছেঁ)ড়ান—সর্থ 'ছিঁড়া'। ছিঁড়েখুঁড়ে—ছিন্ন ও খণ্ডিত করিয়া। "কাপড়খানা ছিঁড়েখুঁড়ে এলে।—শিশু ১২। ছেঁড়া-খোঁড়া—ছিন্নখণ্ডিত ; ছিন্ন-বিচ্ছিন্ন। "পাতাগুলিন ছেঁড়া-খোঁড়া চ.কা ৩২৯। ছেঁড়া চুলে খোপা—(গৌণার্থে) হেয় দ্রব্যে সজ্জা ; অশোভন বিষয়। "এখন করলে বেশ,…ছেঁড়া চুলে খোপা দা ৫৭৬। দুধ ছেঁড়া—অম্লযোগে দুগ্ধ নষ্ট হওয়া বা ফাটা।]

ছিঁদনদড়ি বি সর্থ 'ছাঁদনদড়ি'। "জ্ঞা ৩২।

ছিক্ অব্য [ছি > °ক্ ; তু 'ধিক্'] ধিক্, ঘৃণায়, লজ্জায়। "ছিক্ লো ছি !—ন.ত ৩৬ ; জ্ঞা ১২। [ছিক্কার—ধিক্কার। "ছি°।]

ছিকল, -লি বি [শিকল > °ল, -লি] শৃঙ্খল। "সুবর্ণ শিকল মী ১৫। —লি বি শিকলের কড়ার মত পরস্পরসম্বদ্ধ কবিতাসমূহ। "দ্বিজ বংশীদাসের ছিকলি বি.পা ১৬৭। ছিকলির মধ্যে গাইও পয়ার লাচারী ম.ম ৩। [ছিকলান—শৃঙ্খলবদ্ধ করা।]

ছিকা, -কে বি [সং শিক্যা > প্রা *সিক্কা > বা °কা ; ছিক্কা (চট্টগ্রাম)] ১ কিছু দ্রব্য তুলিয়া রাখার নিমিত্ত দড়ির বা সূতার ঘরে-ঝুলান শিকলবিশেষ। ২ ভারবহনার্থ বাঁকের আগায় বাঁধা দড়ির শিকল। "°বাঁক। ৩ [শিকে (বীরভূম)] ঢিল ছোড়ার নিমিত্ত দড়ির ফাঁদ (sling)।

ছিক্কা স্ত্রী [ছিক্+ √কৈ শব্দ+অ (ঘঞর্থে ক)-আ ; তু 'ছিক্ক'—ক্ষুত (দেশী ৩.৩৬) ; ধ্বন্যাত্মক ; হি ছীংক ; ঠ শীংক ; গু ছিংক ; মৈ ছিক্কা] ক্ষুত, হাঁচি।

ছিঙ্গার বি [সং শৃঙ্গার > লি সিঙ্গার ; প্রা সিঙ্গার (হে ১.১২৮) ; হি সিঙ্গার ; মৈ সিংগার] রতি। "গো.বি ১১ ; ২৪,-৫।

ছিচ সর্ম্ম [সং √সিচ্] সেচন করা ; ছেঁচা। "ছিচএ দিব পানী ব.প ১১২। শূ ১০৮।

ছিচকা, -কে ; ছিচকাচোর দ্র 'ছিঁচকা ; ছিঁচকাচোর'।

ছিট বি [সং চিত্র ; হি ছীং(ছী)ট ; ঠ চী(ছী)ট ; গু ছীংট ; সি চিট ; E. chintz] ১ রঙ-বিরঙের বেল-বুটাদার বা নক্সার ছাপ-দেওয়া কাপড়। ২ [ছাট > °ট হি ছীং(ছী)ট] সর্থ 'ছাট' (৫)। "°বৃষ্টি। ৩ জলকণ ; দ্রবদ্রব্যমাত্রের বিন্দু। ৪ [সং শিষ্ট > প্রা সিট্ঠ > বা °ট] অবশিষ্ট ভাগ ; শেষ। "পাগলের ছিট, তেলের চিট একেবারে যায় না। ৫ [ছোট > °ট] ক্ষুদ্র, ফড়কি ; টুকরা। "ছিট ডাল, দড়ি। —টকী বি [ঠ ছিপাটী] সরু ডাল। [°জমি—ভিন্ন মৌজায় জমি।]

ছিটকা অর্ম্ম [ছটকা > °কা। হি √ছিটক (অর্ম্ম), -কা (সর্ম্ম)] সর্থ 'ছটকা'। [ছিটকান, -নি—সর্থ 'ছিটকা'।]

ছিটকিনি বি [হি সিটকিনী ; 'ছিটকা '—মূল ?] কপাট মুক্ত রাখার নিমিত্ত চৌকাঠে লগ্ন কাষ্ঠখণ্ড।

ছিটনি বি সর্থ 'ছাটন'। "ছিটনি তখির উপর শূ ৫৮। সোণার ছিটনি ব.প ২৭৫। ২ কপাটের মাথায় বা নীচে সংলগ্ন বক্রাগ্র লোহার ছোট খিল।

ছিটা[১], **-টে** বি [ছিট > °টা] ১ প্রক্ষিপ্ত জলবিন্দু ; ছাট। 'তুলসী-মঞ্জরী হাতে, গঙ্গাজলবিন্দু তাতে, ছিটা দিল রাক্ষস উপর গ ২১৩। ২ (অভিচারে) মন্ত্রপূত জলাদির ছাট। "তন্ত্র মন্ত্র ছিটা (একে একে লাগাইলা)।—মা ১২৪। ৩ বর্ষণ, প্রক্ষেপ, ছড়া। "মুণের ছিটে (চ.দা)। চুয়া চন্দনের ছিটা বা.ম ২৬৮। গোবরগোলার ছিটে দা ৮২২। ৪ বিন্দু, ফুট। "শিয়রে চন্নের বাটী বুকে ছিটা পড়ে রে ব.প ১৬৫। করুণ রসের একটু ছিটে ঘ ২৪। ৫ বন্দুকের ছটরা। "ছিটে গুলি পোরা বন্দুক পা.প্র ১২৬। ৬ মাদকবিশেষের ছোট বড়ী ; গুলি। ৭ [অস ছিটা] লম্বা ফালি ; অত্যল্প। "এব ছিটা আম, গুড়। [ছিটা-ফোটা—১ বৃষ্টির দু-এক ছিটা ও ফোটা ; অল্প বৃষ্টি। ২ তরলদ্রব্যের অত্যল্পমাত্রা। ৩ বশীকরণার্থ পড়া জলের ছিটা ও মন্ত্রপূত ঔষধের তিলক ; আভিচারিক ক্রিয়া। "ছিটাফোটা করিয়াছে ঔষধ প্রবন্ধে ক.চ ১২৫। ছিটা-ফোটা আদি ভ.গ্র ১৪৯ ; ৪০৯। ছিটা ফোটা মন্ত্রতন্ত্র ভা.চ ২৭৯। ৪ রঙের ছটা ও বিন্দু। "(প্রজাপতি) কিবা ছিটা-ফোটা দিয়ে সাজায়ে রেখেছ।—হেম ৩১৮। ছিটা টানা —গুলি খাওয়া।]

ছিটা[২] সর্ম্ম [ছিট+আ[৭] ; হি √ছীট] ১ বর্ষণ করা ; প্রক্ষিপ্ত করা ; ছড়ান (জল, মুন)। "চন্দন…ছিটাইল গো.চ ২১৮। গুড়চালেতে মিলিয়ে কারা ছিটায় গায়ে কু.কে ৬৮। ২ বপন করা ; বোনা। "তিল…দিল ছিটাইয়া গো.চ ৪৩। বীজ ছিটিয়ে, (ছিটাইয়া) বুনেছি ফসল।—চ.কা ৯১। [ছিটাছিটি—পরস্পরের প্রতি ছিটান (বর্ষণ)। "গোপিকা করে জল ছিটাছিটি রা.প ৪২। ছিটান—সর্থ 'ছিটা'। ছিটায়ঞা—ছিটাইয়া (গো.চ)। ছিটি—ছড়াইয়া। "পুষ্প ছিটি ডানে বামে ফেলে উড়াইয়া বা.ম ২৮৫। ছিটে—ছিটায়, ছড়ায়। "ফুল ছিটে বা.ম ৮৫।]

ছিণ্ড সর্ম্ম [দ্র 'ছিঁড়'] ১ ছিন্ন করা ; ছেঁড়া। "ছিণ্ডসি হার শ্রী.কী ৯৪। ম ২৩৬,-৭। ছিণ্ডিয়া ফেলিল…জটা ক.চ ১৫। ২ মোচন করা ; ছাড়ান। "বাহির হইলা ছিণ্ডি সংসার-বন্ধন চৈ.ভা ৫০৮। —গু অর্ম্ম ১ ছিন্ন হওয়া ; ছেঁড়া। "ছিণ্ডিল সকল গজমুতী শ্রী.কী ২৬৬। ছিণ্ডিল বসন ক.চ ১৫। ২ অপনীত বা দূর হওয়া। "অশেষ জন্মের বন্ধ ছিণ্ডে চৈ.ভা ৭। [ছিণ্ডা—ছিণ্ডিত, ছিন্ন। "ছিণ্ডা চর্ম্মপাদুকা ম ১৯৪। ছিণ্ডা বস্ত্র ভ.গ্র ২১১,-৫৬ ; ৩৪৬। ছিণ্ডা কানি চৈ.চ ২৯৭। ছিণ্ডিআঁ —ছিঁড়িয়া (শ্রী.কী)।]

ছিত্তি স্ত্রী [√ছিদ্+তি (ক্তিন্)-ভা] ছেদন। —ত্তি পুং করঞ্জবৃক্ষ। —ত্বর বিণ [+বর (ধরপ্)-ক, নিপাতিত, উ ৩.১ ; স্ত্রী -রী] ১ ছেদক। ২ বৈরী ; ধূর্ত্ত। —দা স্ত্রী [+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ছেদন। —দুর বিণ [+উর (কুরচ্)-ক, তাচ্ছীল্যে ; স্ত্রী -রা] ১ ছেদনশীল, ছেদক। "মৎসর° মাঘ ৬.৮। ২ বৈরী। ৩ ধূর্ত্ত। ৪ [+উর কর্ম্মকর্তৃবাচ্যে] স্বয়ং ছিন্ন। "সংলক্ষ্যতে ন ছিদুরোঽপি হারঃ রঘু ১৬.৬২।

ছিত্বর দ্র 'ছিত্তি'।

ছিদ বি [সং ছিদ্র > প্রা ছিদ্দ > বা ছিদ ; অপ্র] দোষ, ত্রুটি। "কয়েদ করে নানা দেশিক ছিদ পাইয়া ব.প ১৪৭৮। [ছিদুশ (ছিদ+দোষ) —ছিদ্র, দোষ। "নিশ্বাসে ছিদুশ, চাহিয়া বুলয়ে, সে বড় বিরম ঘর রা.শে ৩৪।]

ছিদা, ছিদুর দ্র 'ছিত্তি'।

ছিদাম[১] বি [সং শ্রীদামা] কৃষ্ণের সখা গোপবালক। "ক্ষণে ছিদামের কাঁধে অবলম্ব।—গো ১০৭।

ছিদাম[২] বি [হি ছদাম (ছ+দাম)] পয়সার সওয়া (চতুর্থ) ভাগ ; সিকি পয়সা।

ছিদ্র বিণ [ছিদ্র+অ (অচ্) অস্ত্যর্থে] ছিদ্রবান্, সচ্ছিদ্র। "°কর্ণ পা ৬.৩.১১৫। °কুম্ভ রা (S.W.)। ছিদ্র কুম্ভে বারি আনিব দা ৩২২। —দ্র ক্লী [√ছিদ্+র (রক্)-র্ম্ম, উ ২.১৩ ; ছান্দস ; তু 'ছিল্ল'—ছিদ্র (দেশী ৩.৩৫)] ১ ভূগর্ভস্থ গর্ত্ত ; রন্ধ্র, বিবর, বিল। "পৃথিব্যাং যত্র বৈ ছিদ্রং পূর্ব্বমাসীৎ।—মহা ৩.৮২.৫৫। ২ অবকাশ, ফাঁক। "মনু ৮.২৩৯। ছিদ্রপথ ম ১৮৯। ৩ দেহস্থ কর্ণাদিবিবর। "নবচ্ছিদ্রাণি যাজ্ঞ ৩.৯৯। ৪ বস্ত্রাদির ছিন্নস্থান ; ফুটা। "অয়ং পটচ্ছিদ্র-শতৈরলঙ্কৃতঃ মৃ ২.৯। ৫ সন্ধি, ভিত্তিভেদ। ৬ বিঘ্ন, ব্যাঘাত। "যজ্ঞ-চ্ছিদ্র রা ২.৩৯.১০ ; অচ্ছিদ্র ১১। ব্রতচ্ছিদ্র ভ ৬.১৮.৫৮। নিশ্ছিদ্র। —পরাশর ৪.৫৯। শঙ্খ ঘণ্টা না বাজিল কি ছিদ্র হইল। কৃষ্ণ কহে মহৎ ছিদ্র বৈষ্ণবে না খাইল॥—ভ.গ্র ৬৮। ৭ দূষণ, দোষ। "(খলঃ) ছিদ্রং নিরূপ্য সহসা প্রবিশত্যশঙ্কম্ হি ১.৮২ ; ছিদ্রেষনর্থা বহুলীভবন্তি ২১৮। ছিদ্র পাইয়া প্রবেশিল কলি তার দেহে ম ৪০৯। ছিদ্র ছাড় শ্রী.মা ১৬৬। ছিদ্র পাইলে পুন, শোণিত-ভক্ষণ, খলের লক্ষণ সব শি ৭৯। চৈ.চ ১৪৬। নিজচ্ছিদ্র নাহি জানে পরচ্ছিদ্র গান ব.প ১৩২৫। ৮ (জ্যোতিষে) লগ্ন হইতে অষ্টম স্থান। ৯ (দেহের নবচ্ছিদ্রানুসারে) নয় (৯) এই সংখ্যা। ১০ [বাঙলায় ; অপ্র] সুযোগ। "এই ছিদ্রে যমেরে বান্ধিল হাতে পায় বা.ম ১৭৪। [°দর্শী (-র্শিন্) বিণ—ছিদ্রান্বেষী। ছিদ্রানুসারী (-রিন্), ছিদ্রান্বেষী (-ষিন্) বিং—দোষানুসন্ধায়ী, দোষদর্শী।]

ছিদ্রিত বিণ [√ছিদ্র+ত(ক্ত)-র্ম্ম] রন্ধ্রীকৃত, কৃতবেধ, বিদ্ধ (অ.কো)। —দ্রী (-দ্রিন্) বিণ [ছিদ্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -দ্রিণী] ছিদ্রবান্ (সুশ্রুত)।

ছিনা সর্ম্ম [সং 'ছিন্ন'—মূল ; হি √ছীন] ছিন্ন করিয়া লওয়া ; বল-পূর্ব্বক গ্রহণ করা ; কাড়িয়া লওয়া। "ডাকু তোমাগ নিগাইবে ছিনাইয়া গো.চ ১৮১। [ছিন, ছেনাইয়া (অপ্র)—ছিনাইয়া। "ভ.গ্র ২৭৩ ; ১১৯। ছিনান[২]—সর্থ 'ছিনা'।]

ছিনাজোঁক বি [অন °জোক] সর্থ 'চিনাজোঁক'। "ক.চ ১৩৬। ছালা ছালা ছিনাজোঁকে ছাওয়াইবে তনু শি ৭৮।

ছিনান[১] বি [সিনান > °ন] স্নান। "গো.চ ৭ ; ৮২।

ছিনান[২] দ্র 'ছিনা'।

ছিনার, -ল বি [সং ছিন্না ; 'ছিন্ন, -ন্নাল'—জার, 'ছিন্না, -ন্নালী'—জারস্ত্রী (দেশী ৩.২৭) ; ছিন্নাল (অ.রা) ; হি ছিনাল ; ঠ ছিনাল (পুরুষ, স্ত্রী) ; গু ছিনাল] ব্যভিচারিণী। "ডাকাত ছিনার চোর ভা.চ ২৭১। ছিনালের রীতি দা ২১৪২। —লি বি [°ল+ই[৮] ; হি °লা ; ঠ °লী] ব্যভিচার, লাম্পট্য। "চুরি ছিনালির দায় দুই কান চিরা বি.পা ৩৩২।

ছিন্ধি সং, ক্রি [√ছিদ্+হি (অনুজ্ঞা-মধ্যমপুরুষের ১ব)] ছেদন কর, কাট। "ছিন্ধি-ছিন্ধি-ভাষিকে ভা.চ ৪২৭।

ছিন্ন বিণ [√ছিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃত্ত, লূন, কৃতচ্ছেদন। "টঙ্কচ্ছিন্নমনঃশিল।—রঘু ১২.৮০। °মূলক্রম (হি)। ২ খণ্ড, খণ্ডিত, বিভক্ত। "ছিন্নাভ্র গো.রা ৩.৫০.১২ ; গী ৬.৩৮ ; ছিন্নং ছিন্নং পুনরপি পুনঃ স্বাদু চৈবেক্ষুদণ্ডম্ (সু.র)। ৩ নিরাকৃত, নিরস্ত। "°সংশয় গী ১৮.১০। ৪ ব্যাহত। "ছিন্নে চ গতিকর্ম্মণি (হ)। অর্কতাপচ্ছিন্নদৃষ্টি (মৃ)। —ন্না স্ত্রী ১ পুংশ্চলী, কুলটা। ২ গুড়ূচী। [°দ্বৈধ, °সংশয় (বিণ)—নিঃসন্দেহ, দ্বৈধহীন। °মস্তা (স্ত্রী)—মহাবিদ্যাবিশেষ। "ভা.চ ৩৩। °রুহা (স্ত্রী)—গুড়ূচী ; শল্লকী।]

ছিন্না দ্র 'ছিন্ন'।

ছিন্নি বি [ফা শীরীনি ; শিন্নি > °ন্নি] মিষ্টান্ন ; দ্র 'শিন্নি'। "পীরের ছিন্নি ম.ম ৬১। মা ৩২৩।

ছিপ বি [হি, মৈ ছীপ ; ঠ ছিপটী ; 'ছিপ্পি'—পুচ্ছ, লাঙ্গুল (দেশী ৩.৩৬)] ১ (লাঙ্গুলসাদৃশ্যে ?) সূতায় বড়শি বাঁধিয়া মাছ ধরার আগা-সরু বাঁশের চটা বা বাঁশ (fishing-rod)। ২ [সং ক্ষিপ্র > ছিপ্র > বা ছী(ছি)প ; হি ছীপ—বেগবান্ ; তু সং 'সীপ'] দ্রুতগামী দীর্ঘ সরু নৌকাবিশেষ। "সেখানি ছিপ—ষাট হাত লম্বা, তিন হাতের বেশী চৌড়া নয় ব.প্র ৩৮০। ৩ [তু 'সং সীপ'] কোশা। "ছিপ কুশী কৃ ২৩১। [ছিপছিপে—লম্বা, রোগা। "ছিপছিপে বাঙ্গাল বাবু রাগেতে ফোঁপায়। হেম ৩৭৯। রোগা ছিপছিপে হু ১০০। লম্বা ছিপছিপে গড়ন ঘ ৫০।]

ছিপটী বি [ঠ ছিপটী—সরু ডাল] (সাদৃশ্যে) চাবুক, সরু ছড়ি।

ছিপি[1] বি [সিপ্পি—শুক্তি (সেতুবন্ধকাব্য) ; হি 'সীপ'—ঝিনুক, 'সীপী'—shell ; 'ন্বিপ্প'—পলাল (দেশী ৮.২৮)] শিশি ইত্যাদির মুখ বন্ধ করার গুঁজি ; কাক (cork, stopper)।]

ছিপি[2] [সং শিল্পী > প্রা ছিপ্পী ; হি ছীপী] যে কাপড়ে ছাপ দেয় বা বেল-বুটা ছাপে ; ; বস্ত্ররঞ্জক, রঙরাজ। [ছিপিকর্ম্ম, ছিপিবৃত্তি—বস্ত্র-রঞ্জকের ব্যবসায়। "°কর্ম্ম ভ.গ্র ১৮০ ; °বৃত্তি ১৮২।

ছিবড়া, -ড়ে, -বে বি ['চাবাপারা'—মূল (?)] 'চর্ব্বিতাংশতুল্য' ; চর্ব্বিত অসার ভাগ ; শিঠা। "কোথাও…বেশ্যা বসিয়া পানের ছিবে ফেলছে আ.দু ৪৭।

ছিম বি [শিম > °ম ; ছিম (ঢাকা, যশোহর, চব্বিশপরগনা, রাজসাহী) ; ছিমুইর (ময়মনসিংহ) ; হি ছীমী (ছিবী)] শিম্বীযুক্ত শাকফলবিশেষ।

ছিয়া(হা)ত্তর স.বিং [সং ষট্‌সপ্ততি > লি ছসত্তরি, প্রা ছাহত্তরি (প্রা.ম), ছেহত্তরি (পৈ) ; হি ছিহত্তর] ষট্‌সপ্ততিসংখ্যক। —ত্তর বি ছিয়াত্তর (৭৬) এই সংখ্যা।

ছিয়ানই, -নব্বুই, ছেয়ানই স.বিং [সং ষণ্নবতি > লি ছন্নবতি, প্রা ছনবই, -ন্ন (ণ্ণ) উই ; হি ছানবে ; তু 'ছেয়ালৈ' (চ.বি ৩৮৫)] ষণ্নবতি-সংখ্যক। "ছেয়ানই ভ.গ্র ৩৭৬। —ই বি ছিয়ানই (৯৬) এই সংখ্যা।

ছিয়াশী স.বিং [সং ষড়শীতি > লি ছাসীতি ; প্রা ছাসীই ; হি ছিয়াসী] ষড়শীতিসংখ্যক। —শী বি ছিয়াশী (৮৬) এই সংখ্যা।

ছিয়ে অব্য [ছি > °য়ে ; বৈষ্ণবসাহিত্যে] তুচ্ছীকরণে। "কিয়ে ছিয়ে ফুলধনু কুসুমক বাণ ব ৮৯। [ছিয়ে ছিয়ে—ছিছি, ধিক্কারে, লজ্জায়। "ছিয়ে ছিয়ে তেহারি রভসময়ভাস বি.প ১২৩। ছিয়ে ছিয়ে কহইতে লাজ।—গো ২২২।]

ছিরক, -রিকা সর্ম্ম [হি √ছিরক ; মৈ √ছির ; তু '√ছিটা' ; বৈষ্ণবসাহিত্যে] বর্ষণ করা ; ছিটান। "হলদি-দধি পঙ্ক-অঙ্গে ছিরকত ন.প ৩২৫। কেনে ছিরিকাইলে বারি ভ.গ্র ২৪৭।

ছিরা বি ['শ্রীমন্ত > ছিরিমন্ত (প্রা 'সিরিমন্ত'—য)—ছিরি, -রা দ্র 'আ'[11]] ধনপতি সদাগরের পুত্র। "ক.চ ২১৭।

ছিরি বি [সং শ্রী > প্রা সিরী (ষ) > বা ছিরী, -রি] ১ সৌন্দর্য্য, শোভা। "মাণিক ছিরি জ্ঞা ৫৫। ঘিরি ব'স বাছা সব ছিরি বাহিরুক স্ব.প্র ১০০। কিবা জিনিষের ছিরি।—শিশু ১১৩। ২ লক্ষ্মী-শ্রী, দেহ-কান্তি। "ভাগ্য বুদ্ধি নাহি তার পুরুষের নাহি ছিরি গো.চ ৩১৭। ম.গা ৩। ৩ সুব্যবস্থা, পরিপাটি। "কথায় কথায় রাত পোহালো, এমনি কাজের ছিরি।—গান ১২। ৪ বিবাহাদি মঙ্গলকার্য্যে মাঙ্গলিক দ্রব্যবিশেষ। দ্র 'আক'[2]। "শ্রী.ম ১৬৮। "হদ্দ বাহাদুরি—'ছিরি'। —হেম ৩৯০। ৫ তীর্থাদির প্রথমে ব্যবহৃত 'শ্রী'। "ছিরি বৃন্দাবন ম ১১০৪। [°ছাদ—সৌন্দর্য্য ও গঠন। °পতি—শ্রীমন্ত সদাগর। "ক.চ ২২৬। —°ফল (সং শ্রীফল > প্রা সিরিফল)—শ্রীফল, বেল। "কুচ ছিরিফল বি.প ১৬। জ্ঞা ৮৮। স্তন ছিরিফল ব.প ৭০৮।]

ছিরিকা দ্র 'ছিরক'।

ছিল ক্রি [সং স্থিত > প্রা থিঅ, *থিদ > বা (থিল) °ল ; হি 'থা'। মৈ ছল ; ড় থিল—তু 'পাইথিলে', 'যেণিথিলে' (গ্রহণ করিয়াছিলে), 'মারিথিল' (ব.প ৯০ ; ৪৯৬)] কর্তৃবাচ্যে অতীতকালে প্রথম পুরুষের সম্ভ্রমসূচক ক্রিয়া। [ছিলা, -লে (মধ্যম পুরুষ)। তু 'মৈ দেখৈতছলাহ—দেখিতেছিলা। ছিলাম (উত্তম পুরুষ)। ছিলেন (প্রথম পুরুষ, সম্ভ্রমে)। তু 'আছিলন্ত,-লন্তি ইত্যাদি। দ্র 'আছ'। শ্রী.কী—ছিতে—স্থিতে, বিদ্যমানে। "তোঁ হেন বড়ায়ি ছিতে মোর হএ ডর। ছিআঁ—থাকিয়া। "আগুছিআঁ (আগু ছিআঁ) বাটে তবে কাহ্নাঞি রহাএ। ছিল্যা—ছিলা। "(দুইজনে) বসি ছিল্যা দু ২১।]

ছিলা বি [সং 'ছল্লি'—মূল ; হি, ঠ চিল্লা ; তু 'আ সি.লক্—সূত্র] ১ ধনুকের গুণ। "হেম ১২০। [সাঁওতালেরা ধনুকে বাঁশের ত্বকের বা পাতলা চটার গুণ করে। ইহাকে বাঁশের 'ছাল' বলে।] ২ কাপড়ের শেষের সূতা ; দশি বা ঝুঁপি।

ছিলিকা বি [সং 'ছল্লি'—মূল ; হি ছিলকা] ছাল, খোসা। "ছিলিকা ফেলিয়া রম্ভা শ্রীহস্তেতে দেয় ভ.গ্র ৫৮।

ছিলিন্দা বি [সং শিলিন্দ] মৎস্যবিশেষ।

ছিলি(লে)ম বি [হি চিল(লি)ম ; ঠ চিল(লী)ম] তামাক সাজার কল্‌কা। "এক ছিলিম তামাক সাজ তো আ.দু ৮। এক ছিলেম অম্বুরি তামাক টামাক খাওয়া না।—মা ৩৩১।

ছিলিমিলি বিণ [হি 'ঝিলমিলা'—দীপ্তিশীল] চকচ'কে, অর্থাৎ স্ফটিক-প্রভৃতির গুলির (মালা)। "ছিলিমিলি মালা ধরে ক.চ ৮৫। ভা.চ ২৭০ ; ৪৯০।

ছিষ্টি, ছিসটি বি সৃষ্টি > °ষ্টি (সৃ > স্রি > সি > ছি)] সৃষ্টি, ব্রহ্মাণ্ড। "নহি ছিল ছিষ্টি শূ ১ ; ১৪ ; ১১২। ব.প ১১৫। ছিষ্টি খুঁজে মিষ্টি নামটি, তুলে রাখুন বাক্সে নয়।—শিশু ১০৫। [ছিষ্টিছাড়া—সৃষ্টিবহির্ভূত ; অদ্ভুত। ছিষ্টে—সৃষ্টিতে। "শ্রী.মা ১৬২।]

ছিহথ বি [শ্রীহস্ত > প্রা *সিরিহত্থ ; অপ্র] দেবতাদির হস্ত। "গোসাঞি ছিহথ বুলাইল শূ ১১৩।

ছুআ বিং স্পৃষ্ট, উচ্ছিষ্ট, এঁটো। "ছুআ পাত গো.চ ৬১।

ছু, ছুঁ সর্ম্ম [সং √ছুপ্ > লি √ছুপ ; প্রা √ছুব ; হি √ছুব, √ছু ; মৈ √ছু ; ড় √ছুঁ ; তু 'ছুপই (চ ১২) ; ছইছোই'—স্পৃষ্টা স্পৃষ্টা (টীকা, —চ ১৯)] স্পর্শ করা। "হাথেঁ না ছুইল সামী শ্রী.কী ২৫। ছুয়ে ক.চ ২২০। মোর মন ছুঁইতে নারে ইহার এক বিন্দু চৈ.চ ২৩২। ছুঁইমু মে ১১৩। ছুঁয়োনাঃ ছুঁইলে।—হেম ২৪৬। [ছুঁতে নাহি ছুঁতে —ছুঁতে-না-ছুঁতে ; স্পর্শমাত্রে। "কথা ৭০। ছুঁতে মাছি কাটে—স্পর্শ-মাত্রে অতিলঘু মাছিও ছিন্ন হয়, অর্থাৎ অতিতীক্ষ্ণধার। "খরধার ছুঁতে কাটে মাছি ভা.চ ২৬৮। ছো(ছোঁ)বা (মৈ ছুঅব)—স্পর্শ। "ছোবা-মাত্রে কৃ.উ ৭৮ ; ছোঁবামাত্র নিদ্রা হএ ১১৪। ছোবার আছুক কার্য্য দেখে পাপচক্ষে।—ম ৫৯৩। ছো(ছোঁ)য়া—১ স্পর্শন। "দ্র 'ছোআ'। ২ স্পৃষ্ট। ছোঁয়া-ছুঁয়ি—পরস্পর বা বারংবার স্পর্শন। ছোঁয়া পড়া—অপবিত্র দ্রব্যের স্পর্শ হওয়া। ছোঁয়া-লেপা অস্পৃশ্যের স্পর্শ ও সংস্রব।

ছুঁই, ছুঁচ বি [সং সূচি, -চী > প্রা *সূই, -ঈ ; হি, ঠ সূঈ ; মৈ সুই ; হুঁইচ (চট্টগ্রাম)] সূচি (needle)। "ছুঁচ চালাইতে চালাইতে বেটে চালাইতে লাগিল আ.দু ১৬৭। [ছুঁইএর পুঁটে—সূচিছিদ্র (eye of a needle)। ছুচ(চো)ল—তীক্ষ্ণাগ্র।]

ছুঁ(ছু)চা, -চো বি [সং ছুচ্ছুন্দরী ; ধ্বন্যাত্মক ; তু 'চিকা' (ঢাকা) ; চিয়া (চট্টগ্রাম)] ১ গন্ধমূষিক (musk-rat)। ২ [সং তুচ্ছ > প্রা চুচ্ছ > বা ছুঁছা, -চা] তুচ্ছ, হেয় (গালি)। "পাজি"।] ছুঁচো বাজি

—অগ্নিক্রীড়াবিশেষ। বাইরে কোঁচার পত্তন, ভিতরে ছুঁচোর কেত্তন—(গৌণার্থে) বাহিরে চূড়ান্ত বাবু, ভিতরে লক্ষ্মীছাড়া; বারোয়ারির সং বিশেষ। "হু ৪৩।]

ছুঁড়ী বি [দ্র 'ছোড়া'] ১ বালিকা (অবজ্ঞায়)। ২ তরুণী। "চারি ছুঁড়ী বধূ শ্রী ১৭৩। কচকে ছুঁড়ী জা ২৮।

ছুকরী বি [ছোকরা > °রী (স্ত্রীলিঙ্গে); হি ছোকরী; °ড়ি (গো.চ)] বালিকা, তরুণী।

ছুছুন্দ(ছু)ন্দর, -রি পুং ['ছুচ্ছু, -ছু' (অব্যক্তশব্দ) + 'উন্দুর'—মূল (?)] মূষিকবিশেষ, ছুঁচা। "ছুচ্ছুন্দরি।—মনু ১২.৬৫। ছুচুন্দর।—সুশ্রুত ৫.৬.২; ৩। ছুছুন্দর।—রঙ্গ ২২৯। —ন্দরী স্ত্রী মূষিকাবিশেষ, স্ত্রী-ছুঁচা। "ছুচ্ছুন্দরী যাজ্ঞ ৩.২১৩।

ছুট¹ বি ['ছুট²—মূল] ১ দৌড়। "(উট) চালকের ইঙ্গিতমাত্রেই দেয় ছুট।—রঙ্গ ২১। ২ [হি ছুট] যাহা ছাড় যায়; পরিত্যাজ্য অংশ; অতিরিক্ত ভাগ; বাদ। "একেবারে টাকা চুকিয়ে দেবো, কিছু কিছু ছুট দেবে না অ.গ্র ৮৫। ৩ [সূত্র > সুত > °ট] চুল বাঁধার নিমিত্ত বিনান চুলের সূতা বা সরু দড়ি। "নী ১৭। ৪ ['ছদ' (উত্তরচ্ছদ) —মূল (?)] পরিধেয় বস্ত্র। [একছুটে যাওয়া—এককাপড়ে (অর্থাৎ উত্তরীয় বিনা) যাওয়া। কাপড়ের দাগের ছুট—নূতন কাপড়ে লিখিত অঙ্কের ত্যাজ্য অংশ। কথার ছুট—ফাজিল কথা। দোছু(ছো)ট —দ্বিতীয়চ্ছদ, উত্তরীয়।]

ছুট² অর্ম্ম [সং ক্ষিপ্ত > প্রা ছুড (হে), ছুট্ঠ, √ছুট্ট (প্রা.ম) > বা ছু(ছু)ট > √ছুট; হি √ছুট; ঠ √সুট; গু, মৈ, অস √ছুট] ১ বেগে যাওয়া; দ্রুত যাওয়া। "লক্ষ্মণ বরিষে বাণ তারা যেন ছুটে কৃ ২৭৩, অগ্নি হেন ছুটে ২৭৪। ২ ধাবিত হওয়া; দৌড়ান। ৩ বেগে বহিত্র চালিত হওয়া। "আকাশের তারা যেন ছুটি গেল নাএ শ্রী.কী ১৬০। ৪ বেগে চালিত হওয়া। "রক্তপ্রবাহ ছুটিল ব.প্র ৫৩। ৫ লোপপ্রাপ্ত হওয়া; দূর হওয়া; ছাড়া। "বেয়াধি কেমনে ছুটে চ.দা ৪৩। যে তোমায় দেখিল, তার ছুটিল সংসার চৈ.চ ৬৩। তবু এ আশার নেশা ছুটিল না, এ কি দায়?—মাইকেল। সহসা বিস্মৃতি ছুটে।—কথা ৭০। ৬ বন্ধন হইতে মুক্ত হওয়া; ছাড়া পাওয়া। "যৈছে তৈছে ছুটি আইস চৈ.চ ১৯৫; ছুটিবার বাত ২০৩; কেমনে ছুটিলে ২০৪। ৭ খলিত হওয়া; শিথিল হওয়া। "ছুটল কুন্তল-বন্ধ ব ১২৬। ৮ উদ্‌ঘাটিত হওয়া; খুলা। "কপাট আপনে যদি ছুটে বা.ম ৩৩০। ৯ বিচ্ছিন্ন হওয়া; ছাড়িয়া যাওয়া। "অস্থিসন্ধি ছুটিল চৈ.চ ৩৪৫। ১০ ছাড়িয়া যাওয়া; খুলা। "(কল) ছুটিবে যখনি ভা.চ ২৯৭; বিদ্যা খোলে কৌটা কল ছুটিল ৩০০। ১১ বিলীন হওয়া। "(বিচ্ছেদে) ছুটল মুখের হাস রা.শে ৮৪। ১২ ভাঙিয়া যাওয়া; ছাড়া। "নিশার স্বপন ছুটল রে এই. ছুটল রে।—গী.লি ৪৫। —ট সর্ম্ম ত্যাগ করা; ছাড়া। "(গোপী) মুক্তি-পদ পাইল—দেহ ছুটি কর্ম্মময় রা.প ৩। —টা¹ সর্ম্ম [°ট + আ⁸] ১ ধাবিত করান; দৌড় করান ইত্যাদি। দ্র 'ছুট'। ২ শিথিল করা; খুলা। "ছুটায় কেশবন্ধ চৈ.চ ৩৫১। বন্ধন ছুটাহ ভ.গ্র ২৫৪। [ছুটা¹, ছোটা²—সর্থ 'ছুট²। ছুটা(টো)ছুটি, ছোটাছুটি—১ দৌড়াদৌড়ি। "ছুটাছুটি।—শিশু ৫০। ২ শীঘ্র, সত্বর। "ভা.চ ৫৩১। ছু(ছো)টান—সর্থ ছুটা¹। মুখ ছুটা—মুখ হইতে অনর্গল কথা বহির্গত হওয়া। "তার বেটা হয়ে কেন এত মুখ ছোটে শ্রী ১৯১। মুখ ছুটান—মুখ ছাড়া; চোটপাট কথা বলা। "শুনবে একবার গাল? ছুটাবো মুখ? —অ.গ্র ৮৪।]

ছুটা¹ দ্র 'ছুট²'।

ছুটা² বিং [ছুট² + আ¹²] খলিত, খোলা, খিলি-না-করা। "ছুটাপান-বিড়া চৈ.চ ৩২৩,-৭। (পান) রাখে ছুটা বিড়া বান্ধি খিলি সাজাইয়া ভা.চ ৩২৯। —টি বি ['ছুট²—মূল; হি ছুট্টী, ছুট] ১ মুক্তি, কর্ম্মবিরতি, অবকাশ, ফুরসত(vacation, leisure)। "শনিবারের ছুটি।—শিশু ৫১। ২ পর্ব্বাদিতে কর্ম্মের বিরাম বা বন্ধ (holiday)। "পূজার ছুটি। ৩ দৈনিক কর্ম্মের বিরাম; বিদ্যালয়ের কর্ম্মাবসান (closing)। "ছুটি হয়ে গেলে৹ খেলার সময় খেলা কোরো।—শিশু ৩১। ৪ প্রয়োজন-বশতঃ অবকাশ; বিদায় (leave)।

ছুড় সর্ম্ম [ছুট² > ছুড় (?); হি, মৈ √ছোড়; ঠ সোড] ১ ক্ষিপ্ত করা; নিক্ষেপ করা; ছোড়া। "ঢিল ছুড়া। ২ বিক্ষেপ করা। "হাত পা ছুড়া। [ছু(ছো)ড়া—সর্থ 'ছুড়'। বন্দুক দ্বারা গুলি নিক্ষেপ করা (to fire a gun)।]

ছুৎ বি ['ছু'—মূল; হি ছুত] স্পর্শ, অশুচি দ্রব্যের বা অস্পৃশ্যজাতির স্পর্শ-জন্য অশুচিতা বা দোষ (untouchability)। [ছুৎ পড়া—অস্পৃশ্যের ছোঁয়াচ লাগা। ছুৎ-মার্গ—স্পর্শদোষসম্বন্ধী ধর্ম্মমতবিশেষ। "°পরিহার।]

ছুতা, -তো বি ['সূত্র'—মূল; ঠ সুত—উপায়] মিথ্যা কারণ; ছল; অছিলা। [ছুতালতা, ছুতোনতা (হি 'নাতা'—আত্মীয়তা)—ছলকল। "(পরিচারিকা) ছুতালতা করিয়া দুই একটা কাজ করিতে লাগিল ব.প্র ৩৭৭। অন্য লোকের মাগ, বাবু ঘরে এলে ছুতোনতায় ঘরে আসে লী ৭।]

ছুতার বি [সং সূত্রধার > প্রা সুত্তহার > বা (সুত্তার) °র; হি, ঠ সুতার] সূত্রধার। "ক.চ ৮৯। [°পাখী (ঠ সুতার পক্ষী)—কাঠ-ঠোকরা।]

ছুতুক বি ['ছুৎ'—মূল; অপ্র] সর্থ 'ছুৎ'। "(বাগদি) ছেলে পুলে ছুঁইলে ছুতুক হবে ঘোর শি ৮৭।

ছুপ্‌ সক [তুদা, প—ছুপতি; অনিট্] স্পর্শ, ছুঁয়া।

ছুপ¹ পুং [√ছুপ্ + অ (ঘঞর্থে ক)-ভা] ১ স্পর্শন। ২ [তু 'সং ক্ষুপ > প্রা ছুর] হ্রস্বশাখ বৃক্ষ; ঝোপগাছ।

ছুপ² সর্ম্ম [হি √ছুপা—অদৃশ্য করা] চাপ দিয়া বসান বা গুপ্ত করা; চাপ দেওয়া। [ছু(ছো)পা—১ সর্থ 'ছুপ'। ২ চাপ-দেওয়া, বসান, হ্রস্ব। "ছোপা গড়ন; ঘাড়-ছোপা (হ্রস্বগ্রীব)। ছোপাছুপি—পরস্পর চাপ দেওয়া। ছোপ খাওয়া—ভয়ে দমিয়া যাওয়া।]

ছু(ছো)বা সর্ম্ম [হি √ছুবা—স্পর্শ করান] 'দন্তস্পৃষ্ট করান'; দংশন করান; লেলাইয়া দেওয়া। "তাড়িয়া শশারু ধরে, দূরে গেলে ছুবায় কুকুরে ক.চ ৪৬। ভিক্ষা নাহি দিল আর ছোবাল কুকুর শ্রী ৩৬; দূর কর ছোবাইয়া কুকুর: ছোবাইতে কুকুর ৭৮।

ছুর্ সক [তুদা, প—ছুরতি; সেট্; তু '√ক্ষুর, √খুর'] ১ ছেদন। ২ রঞ্জন। তু 'ছুরিত'। ৩ লেপন (ত.বা)। —র্ সক [চুরা, প —ছোরতি; সেট্] ছেদ (ত.বা)।

ছুরণ ক্লী [ছুর্ + অন (ল্যুট্)-ভা] ১ ছেদন। ২ রঞ্জন। "(দর্ধাত্তি) ক্ষণকুঙ্কুমচ্ছুরণবিভ্রমং শিখাঃ উ.চ ৬.৪। ৩ লেপন। —রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ছিন্ন। ২ রঞ্জিত, ভূষিত, রঞ্জিত। "পরস্পরেণ ছুরিতামলচ্ছবী।—মাঘ ১.২২; ধাতুচ্ছুরিতাশ্মরাশি ৩.৪। ৩ লিপ্ত। ৪ ব্যাপ্ত, সম্বদ্ধ, কর্ব্বুরিত। "শশিকিরণচ্ছুরিতোদরজলধর গী.গো ১১.২৯।

ছুরতি বি [সং সুরতি; অপ্র] মৈথুন। "আমি ভুঞ্জিব ছুরতি গো.চ ৪৯০। গঙ্গা⋯ছুরতি দেহি দান গ ১৫৬।

ছুরি বি [সং ছুরিকা > প্রা ছুরিয়া, -আ] > বা °রি; হি ছুরী; ঠ সুরী; মৈ ছুরী] সর্থ 'ছুরিকা'। "ছুরি চালান—ছুরি বসান। "(আত্রে) তারপর ছুরি চালাইয়া স্বচ্ছন্দে খাইতে পার ব.প্র ৫৮১।]

ছু(ছো)রিকা, -রী স্ত্রী [√ছুর্ + অ (অচ্)-ক + স্ত্রী ঈ (ঙীষ্); স্বার্থে ক (কন্) + স্ত্রী আ (টাপ্); দীর্ঘ, পৃষো; তু 'সং ক্ষুরিকা > প্রা ছুরিয়া (হে); সং ক্ষুরী > প্রা ＊ছুরী] কৃপাণিকা, অস্ত্রবিশেষ। "ছুরিকা মনু ৮.৩২৫।

ছুল সর্ম [সং √তক্ষ্ >প্রা √ছোল্ল (হে ৪.৩৯৫) >বা (ছোল) °ল; হি √ছাল, √ছীল] ছাল বা খোশা তুলিয়া ফেলা; খোশা ছাড়ান; পরিষ্কার করা; মাজা। "নারিকেল ছুলিয়া থুইল আথেব্যথে ম.ম ১২৮। [ছোলা—১ সর্থ 'ছুল'। ২ ছোল-ছাড়ান (নারিকেল, ডাব)। ৩ পরিষ্কৃত, মার্জ্জিত। "দন্তগুলি ছোলা ম.ম ১৫৮। জিব ছোলা —জিবের ময়লা চাঁচা (to scrape)।]

ছুলি দ্র 'ছলি'।

ছে বি [সং ছেদ>প্রা ছেঅ>বা ছে] ১ ছিন্নাংশ, খণ্ড, কাষ্ঠখণ্ড। "এক ছে কাঠ। ২ ঢেঁকির ধান্যকণ্ডনার্থ কাষ্ঠখণ্ড বা মুষল। ৩ [সং ছেক >প্র ছেঅ >বা ছে] পণ্ডিত, রত্নবিশেষ। "তাঁর এক এক ছেলে এক এক ছে। [ছে-কাঠ—ঢেঁকির মুষল।]

ছেইলা বি [ছাইলা > °লা; অপ্র] পুত্র, ছেলে। "গো.চ ২৯; ৪৮।

ছেওয়া বি [সং ছেদ >প্রা ছেয় >বা (ছেয়া) °য়া] খণ্ড, কাষ্ঠখণ্ড (?)। "চারিকোণে রুপিলেক চারি গাছি ছেওয়া ম.ম ১৭৫।

ছেঁ(ছ্যাঁ)ক বি [ধ্বন্যাত্মক] তপ্ত পাত্রে জল ঢালার, জলে তপ্ত দ্রব্য ফেলার অথবা তপ্ত তৈলে বা ঘৃতে তরকারি ইত্যাদি দেওয়ার শব্দ। "ছ্যাঁক ছ্যাঁক শব্দ হয় ঢাকা দেন মুচি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। —কা বি তপ্ত দ্রব্যের স্পর্শ; সেক্। "জিবে ছেঁকা দেওয়া (অতিলোভে)। [গা ছ্যাঁকছ্যাঁক করা—গা অল্প গরম বোধ হওয়া।]

ছেঁকচি, ছেঁচকি বি [ধ্বন্যাত্মক] নাড়িয়া-চাড়িয়া নীরস করা তরকারিবিশেষ। "থোড়°, লাউ°।

ছেঁকা দ্র 'ছেঁক'।

ছেঁচ সর্ম [সং √সিচ্—সিঞ্চ >প্রা √সিংচ >বা (ছিঁচ) °চ] ১ আর্দ্র করা; ভিজান। ২ আধার হইতে তুলিয়া ফেলা। "জল ছেঁচিয়া মাছ ধরা। ৩ মূল-পত্রাদি আঘাতে সিক্তবৎ অর্থাৎ রসে আর্দ্র করা; থেঁতলান। "আদা, পান ছেঁচা। —চা সর্ম [ছেঁচ+আ৮] আর্দ্র করান ইত্যাদি। [ছেঁচা—১ সর্থ 'ছেঁচ'। ২ তুলিয়া-ফেলা (জল)। ৩ থেঁতো-করা (আদা, হলুদ)। "ছেঁচা গুয়া শ্রী ৪০। ৪ থেঁতলান বাঁশের পাটাবিশেষ। "ছেঁচার বেড়া। ছেঁচা-ঘা—আঘাতে থেঁতলান হেতু ঘা। ছেঁচান—সর্থ 'ছেঁচা'। ছেঁচা-বোঁচা—ঠেঁটবেহায়া। "যে বেটারা ছেঁচা-বোঁচা,…হয় কোটালের হরকরা বি.সু ৮৮।]

ছেঁচড়, -ড়া বিং ['সূচক-চোর'—মূল; হি ছিছোরা, -ড়া; তু 'ছেছড়া' —"অতিথ ছেছড়া (ব.প ৮২); 'ছেছড়ি'—"ছেছড়ি বেটি (গো.চ ২৩৬)] খল, নীচপ্রকৃতি, ধূর্ত্ত। "চোর°। —ড়া বি [হি ছিছোরা —ওঁছা] আনাজের খোশা ইত্যাদি ও মাছের তেল কাঁটা চোকলা ইত্যাদির মিশ্রিত ব্যঞ্জন।

ছেঁচা দ্র 'ছেঁচ'।

ছেঁচু(ছু)ড়, ছেছুড় সর্ম ['ছেঁচাপারা'—মূল] ১ ছেঁচার মত করা; বন্ধুর ভূমিতে ঘর্ষণে ছিন্ন-বিছিন্ন করিয়া টানা; ছিঁচড়াইয়া লওয়া। "চুলে ধরি কারে তাহে পেলায়ে ছেঁছুড়ি কৃ.উ ৭৪; ছেছুড়ি ৭৬; ছেঁছুড়িয়া নিল সব গায়ে গেল ছড় ১১৪। নিমু ছেছুড়িয়া চ.বি ১৯৪; চুলেত ধরি লইব ছেঁছুড়িয়া ২০৮,-৯। ছেঁছুড়ি আনিল কৃষ্ণ চুলেতে ধরিয়া চৈ.ম ১৮৭। ২ মর্দ্দন করা; চটকান। "(মালিনীকে) গায়ে ছেঁছুড়িয়া, লইল চোরের পাশে ভা.চ ৩৯৬। [ছেঁচড়াইতে—মাটিতে পাছা ঘেঁসড়াইয়া যাইতে। "ছেচড়াইতে প্রাণ যায় হাটিতে নাহি শক্তি বি.পা ২৪০।]

ছেঁড়া, ছেঁড়াখোড়া, ছেঁড়ান দ্র 'ছিঁড়'।

ছেঁদা বি [সং ছিদ্র >প্রা * ছিংদ >বা (ছেন্দা) °দা; হি ছেদ] ছিদ্র; রন্ধ্র। "কাণে ছেঁদা ভা.চ ৪৮৪। —দা বিং ছিদ্রযুক্ত, সচ্ছিদ্র। "চালনী বলেন ধুচনী তুমি নাকি ছেঁদা?—প্রবচন।

ছ্যাঁক দ্র ছেঁক'।

ছেক বিণ [√ছো+এক (ডেকন্)-ক (ত.বা)] ১ নাগর, নগরবাসী (মেদিনী)। ২ বিদগ্ধ, পণ্ডিত। ৩ গৃহপালিত, পোষা (A.)। —ক পুং ১ গৃহাসক্ত (গৃহপালিত) পশু বা পক্ষী; গৃহক। ২ (অলঙ্কারে) অনুপ্রাসবিশেষ। 'ছেকো ব্যঞ্জনসঙ্ঘস্য সকৃৎসাম্য-মনেকধা সা.দ ১০.৩। "জয় 'নন্দ'-'নন্দ'ন (এখানে 'নন্দ' ছেকানুপ্রাস)। [ছেকানুপ্রাস (পুং)—সর্থ 'ছেক (২)। ছেকাপহ্নুতি (স্ত্রী)—অপহ্নুতি-বিশেষ। 'ছেকাপহ্নুতিরন্যস্য শঙ্কাতস্তথ্যনিহ্নবে।—কুবলয়ানন্দ ২৯। ছেকোক্তি (স্ত্রী)—বিদগ্ধবচন, ভঙ্গিভাষণ। "°শিক্ষারতি বা.ভা ১.২৯।]

ছেঞা বি [সং ছায়া; হি ছাঁহ; অপ্র] ছায়া। "টেড়িয়া করি পাগড়ি বান্ধি ছেঞার দিগগে চায় গো.চ ১৯৪; ২১২।

ছেত্তা (-ত্তৃ) বিণ [√ছিদ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ ছেদক, কর্ত্তক। "হি ১.৬০। ২ নাশয়িতা, নিবর্ত্তক; নিরাসক। "সংশয়স্যাস্য ছেত্তা গী ৬.৩৯। ছেত্তারঃ সংশয়ানাম্ হি ১.২৫।

ছেদ[1] পুং [ছিদ্+অ (ঘঞ্)-ভা] ১ ছেদন, কর্ত্তন। "অঙ্গুলি° মনু ৮.৩৬৮,-৭০। কু.স ২.৪১। দ্রুম°, পল্লব°, পাশ°, মূল°, সূত্র° (S.W.)। ম.পা ১৪২। ২ অপগম, ক্ষয়। "মেদশ্ছেদ শ ২.৫। ৩ নাশন, নিরসন। "সংশয়°। ৪ ভঙ্গ, বিরহ। "স্নেহ° হি ১.৯৬। ৫ নিবর্ত্তন। "বৃত্তি° মহা ১৩.২৩.৬৫। দান°।—যাজ্ঞ ১.৩২০। ৬ লোপ, অভাব। "সন্ততি° শ ৬২⅔। ৭ ভেদ, বিয়োগ। "মিত্র°, দার° মহা ১৩.২৩ ৬৫। ৮ ছেদন, ধ্বংস। "গৃহ°।—মহা ১৩.২৩.৬৫। ৯ অভাব, অপ্রাপ্তি। "সপ্তাতে কাষ্ঠচ্ছেদেঽতিবৃষ্টিভিঃ ক.সা ৬.৪৬। ১০ [+অ-র্ম] ছিন্নাংশ, শকল, খণ্ড। "বিসকিসলয়° পূ.মে ১১। বলাহক° কু.স ১.৪। মৃণালকাণ্ডকবল উ.চ ৩.১৬। ১১ [+অ (অচ্) -ক] ভাজক (divisor,—লীলাবতী)। ভগ্নাংশের হর (denominator)। —দন বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -নী] ছেদক। "(চক্রম্) ছেদনং সোমহারিণাম্ মহা ১.৩৩.৩। ২ নিরাসক। "মোহ° (মহা)। —ন ক্লী [+অন -ভা] ১ কর্ত্তন। "মনু ১১.১৪২। পাণি°, পাশ°, যূপ°, লক্ষ্য° (S.W.)। ২ নিরসন, নাশন, উৎসাদন। "সংশয়° মহা ৩.১৮৫.২৪। ৩ [+অন-র্ম] খণ্ড, শকল। —দনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] কর্ত্তনীয়, বিভাজনীয়। —দিত বিণ [√ছেদি+ত (ক্ত)-র্ম] ছিন্ন, খণ্ডিত; বিভাজিত। —দী (-দিন্) বিণ [√ছিদ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] ১ ছেদক, কর্ত্তক। "তৃণচ্ছেদী মনু ৪.৭১। ত্রিপদী° রঘু ৪.৪৮। ২ নিরাসক, নিবর্ত্তক। "সংশয়চ্ছেদি বচনম্ শ ৩⅘। বিপদ-ছেদিনী কৃ ৩৫২। [সমাসে উত্তরপদ] —দ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম] সর্থ 'ছেদনীয়'। "অচ্ছেদ্য গী ২.২৪। মহা ১.১.৯৩। —দ্য ক্লী [+য-ভা] ছেদন। "°ভেদ্য-বিশারদ মহা ৫.১৬৪.২০।

ছেদ[2] সর্ম [সং √ছেদি; হি, ঠ, গু √ছেদ; পদ্যে; তু 'হি √ছের, ছেব (সং √ছিদ, ছেদ); বা ছেবই, ছেব (ছিনত্তি, ছেদ—চ)] ছেদন করা; কাটা। "ছেদিলো মদন বাণ শ্রী.কী ৩৫৯। ছেদল খৈরজ শাখী (প.ক)।

ছেদলা বি ['ছাদ+ল'—মূল] ১ সর্থ 'ছাতা (২)। "আ.দু ১৪৫। ২ জমাট ময়লা।

ছেন বিং [ছিন্ন>ছিন >°ন; বৈষ্ণবসাহিত্যে] শিথিলবেশ। "ছেনহুঁ ছেনহুঁ হেরহুঁ তোই রা.শে ১৩।

ছেনা, ছেনাবড়া দ্র 'ছানা'।

ছেনারি বি [দ্র 'ছিনার'; অপ্র] ব্যভিচারিণী। "ছেনারি নারী শ্রী.কী ৮৩। —নাল বি সর্থ 'ছিনার'। —লি বি [°ল+ই৮] দুষ্টামি, অবাধ্যতা। "এইবার তোমার ছেনালি ভঙ্গ হইবে নী ৫১। —লী বি

[°ল+ঈ°] ছেনালের হাব-ভাব ; বেশ্যাধর্ম্ম। "ছুঁড়ীর…একটু ছেনালীও আছে মা ৩২৭।

ছেনী, ছেয়ানি বি [ছেদনী > প্রা *ছেঅ(য়)ণী > বা ছেয়ানি ; হি ছেনী ; প ছেদনী] লোহা পাথর ইত্যাদি কাটার বা নকাশি করার লোহার বাঁটালি; টাকি (cold chisel)। "ছেয়ানিতে কেহ কাটে ক.চ ১৩২।

ছেনে ক্রি.বিং [খেনে > °নে ; বৈষ্ণবসাহিত্যে] ক্ষণে। "ছেনে ছেপে উঠত, ছেনে ছেনে বৈঠত রা.শে ৮৮।

ছেন্দা বি [দ্র 'ছেঁদা' ; অপ্র] ছিদ্র। "ব.প ৪৮০।

ছেপ বি ['ক্ষেপ'—মূল (?) ; হি ছেপ—'আটা, পুঁজ' ; ধ্বন্যাত্মক (?)] নিষ্ঠীবন, থুথু। "ব.প্র ২২৩।

ছেপ(ফ)লা বি ['চাপিলা'—মূল] ক্ষুদ্রমৎস্যবিশেষ। "ছেফলা ব.প ৩৭। ছেপলা গো.চ ৩৩।

ছেবড় 'ছ্যা-' বিং ['ছাবল'—মূল, দ্র 'ছাওআল' ; অপ্র] অবোধ, ছেবলা। "লক্ষ্মীছাড়া হইলে কত কুবুদ্ধি সংঘটে। ঠক ঠেঁটা নাবড় ছেবড় লোকে রটে॥—শ্রী ৩।

ছেবলা 'ছ্যা-' বিং [ছাবাল > °লা] যাহার ছেলে বুদ্ধি ; অবোধ, বুদ্ধি-শুদ্ধিহীন। [ছেবলামি—ছেবলাপনা, ছেলেমি।]

ছেমড়া বি [ছেমণ্ড > °ড়া ; °ড়া (চট্টগ্রাম) ; তু 'ছেমরা' । "ম.ম ৫৬] বালক, ছোঁড়া (অবজ্ঞায়)। —ড়ী বি ছুঁড়ী।

ছেমণ্ড পুং [ছমণ্ড > °ণ্ড, পৃষো] সর্থ 'ছমণ্ড'।

ছেমন্তন বি [সং সীমন্তোন্নয়ন, গ্রাম্য] গর্ভিণীর সংস্কারবিশেষ।

ছেয়, -য়া বি [ছেঅ > °য়, দ্র 'ছে' ; অপ্র] খণ্ড, টুকরা, ছে। "(ডাল) ছেয় দিয়া ভাগে ভাগে করিলেক ভিটা বি.পা ১৬১। [ছেয় দিয়া—খণ্ড করিয়া ; ছে দিয়া।]

ছেয়া[১] দ্র 'ছেয়'।

ছেয়া[২] বি [অপ্র] ছায়া। "শ্রী ১০৬।

ছেরেফ বিং [আ সি.র্ফ্] বিশুদ্ধ, অমিশ্র, কেবল।

ছেল বি [শেল > °ল ; অপ্র] শল্য, বরশা। "ঐরাবত মাথে ছেল মারে গ ২৩। ছেল কাতী বি.পা ৩০৩,-১০।

ছেলক পুং [দ্র 'ছেলি'] ছাগ। —কা স্ত্রী ছাগী।

ছেলাম বি [আ স.লাম্] নমস্কার, প্রণাম। "শ্রী ১৪৮।

ছেলি, -লী বি ['ছেল'—ছাগ (দেশী ৩.৩২) ; ছেলিআ, -লী (স্ত্রীলিঙ্গ, প্রা.ম) হি ছেরী, -লী ; ঠ শেলী] ছাগী। "ছেলি-অপেক্ষণে।—ক.চ ১৩৮ ; ১৪১,-৫,-৭,-৮। ছেলি।—ম.পা ৭৮। ছেলী ব.প ৩২৯। —লি, -লী বি [হি সেলী] ফকিরের গলার সুতার মালা। "গলে ছেলি মুখে গোঁপ ভা.চ ৭২৯।

ছেলে, -ল্যে বি [দ্র 'ছালিয়া' ; তু 'ছোলে—ছোলেব্যালা (হু ১৯৮)] ১ পুত্র। "ছেলেটা দুই বিয়ে কত্তে চায় না।—জা ১। ২ কন্যা। "ননীর পুতুলী ছেলে (গৌরী) শি ৯৬। ৩ সন্তান (child)। "বেটা°, বিটী°, মেয়ে°। ৪ শিশু ; বালক। "পার্ব্বতীর পাক প্রশংসিলা সব ছেল্যা শি ১৭। কার কোলে ছেলে ভা.চ ৫৪৪। রাগিয়া আগুন ছেলে।—শিশু ১১৬। ছেলেটা কিছু বেদড়া দেখিতে পাই যে আ.দু ১৬। ছেলে ভোলানে কথা ঘ ৭৩। ৫ ভ্রূণ। "পেটে নড়ে ছেলে শ্রী.মা ৩৭। ৬ (পুত্রবৎ) স্নেহ-পাত্র ; ছাত্র ; শিষ্য। ৭ বিবাহের পাত্র। "ছেলের বাপের মত কি ?—জা ১। [°কালে—শৈশবে। °লী ১০৩। °খেলা—শিশুর ক্রীড়াতুল্য সহজসাধ্য বিষয়। "ধর্ম্মাচরণ ছেলেখেলা নহে।…অতিদুরূহ ব্যাপার অ.লী ২১। °মানুষ—অবোধ শিশু ; অল্পবয়স্ক বালক বা বালিকা। "খুকি তোমার ভারি ছেলে মানুষ।—শিশু ৩৩। "সাগর ছেলে মানুষ। স্বামীর সঙ্গে জিয়াদা কথা কয় না ব.প্র ৩৫০। °মানুষি—ছেলেমানুষের মত অসার কথা বা বৃথা অনুষ্ঠান। "অমূল্য, ওসব ছেলেমানুষি রাখ ঘ ১৮৩। ছেলেমুখ—শিশুর মুখ। "ছেলে-মুখে বুড়োকথা ভাল লাগে না আ.দু ৯১। ছেলেমি, -মো—শিশুবুদ্ধি, শিশুর কাজ ; বালকস্বভাব। "গেল সে ছেলেমো খেয়াল দূরে ব.মু ৪০।]

ছেলেধরা বি যাহারা ছেলে ধরে ; দুর্বৃত্তলোকের দলবিশেষ। "দা ১৬৯। অ.গু ৪১। ব.প ২৭৬৮। হু ৭৯। ব.প্র ৩৬৭,-৭২। [ইহারা বলিষ্ঠ বালক-বালিকা ভিন্ন দলে রাখিত না (ব.প্র ৩৬৭)। 'হুতোমপ্যাঁচার নকসা'য় পাওয়া যায়, ইহা তৎকালে প্রচলিত কাল্পনিক জনশ্রুতি মাত্র (দ্র 'হু ৭৯)। 'সাহিত্যপরিষৎ-পত্রিকা, ১৮শ ভাগ, ১ম সংখ্যায়, 'বঙ্গে পর্ত্তুগীজ-প্রভাব' প্রবন্ধে দেখা যায় যে, "দাসব্যবসায়ী পর্ত্তুগীজের চরেরা সুন্দরবনে নদীতীরে অনুক্ষণ ঘুরিয়া বেড়াইত, এবং পূর্ণবয়স্ক পুরুষ ও অল্পবয়স্ক বালকদিগকে তাহাদিগের আবাসভূমি হইতে বলপূর্ব্বক হরণ করিয়া, হয় গোয়ায় দাসহট্টে চালান দিত, নতুবা নিজ দলভুক্ত করিয়া লইত।" এই পর্ত্তুগীজেরা কি "ছেলেধরা" ? সেকালে রচিত ছেলেধরার গান—"ছেলেধরার ভয় হয়েছে জাদু কোথায় যেও না। চিনি দেবে খাবা খাবা, মন্তরেতে করবে হাবা, ঝুলির মধ্যে পুরবে বাবা, বাবা বলতে দেবে না॥"]

ছেলেপিলে, -পুলে বি [তেলেগু—'পিল্লে'] ১ পুত্র-কন্যা, ছেলে-মেয়ে। "কটি ছেলেপুলে শি ৮৩ ; ৮৭। বিয়ে দিলে, বেটের কোলে হ'ত ছেলেপিলে বা.দ ১১৮। আমার ছেলেপিলে নাই আ.দু ১৬। ২ (সাদৃশ্যে) স্নেহের পাত্র ও পাত্রী। "আপনি…পিতৃতুল্য, ছেলে-পিলেকে এইরূপ তাড়না কত্তে হয় বি.বু ৩৩।

ছেলেবুদ্ধি বি শিশুচিত বুদ্ধি ; কোমল মতি। "যে পর্য্যন্ত ছেলেবুদ্ধি থাকিবে, সেপর্য্যন্ত নানাপ্রকার সৎ অভ্যাস করান আবশ্যক আ.দু ৬২।

ছৈ, ছৈঘর দ্র 'ছই'।

ছৈল বিং [ছইল (দেশী ৩.২৪) > °ল] চতুর, রসিক। "কানু সে ছৈল সোনার (প.ক ৭০৭)। সো……ছৈল সুজান রা.শে ১৪।

ছো, ছোঁ[২] সর্ম্ম [√ছু > √ছো, √ছোঁ] স্পর্শ করা। "ভুমি নাহি ছোএ ঘোড়া কৃ.উ ২২১। ছোঁয় কি না ছোঁয় মাটি স্ব.প্র ১।

ছোআ, -য়া, ছোঁয়া সর্ম্ম [ছো, ছোঁ+আ[৮] > °আ, °য়া] স্পর্শ করান ; ছোঁয়ান। "দুইজনে ছোআল্য আগুনি কৃ.উ ৬৬। দুই গোটা মরা মাছ, ছোঁয়াইল গাছে গাছ বি.পা ১৫১। রজকে ছোঁয়ায় থার ম.ম ১৬৫। [ছো(ছোঁ)য়ান —সর্থ 'ছোআ'। ছোয়ায়—স্পর্শ করান হেতু। "মৎস্য জীয়ে যেই গাছ ছোয়ায় বি.পা ১৫১।

ছোআল বি [ছাওআল > °ল ; অপ্র] ছেলে, শিশু। "দুধের ছোআল গো.চ ৩।

ছোঁ[১] বি [হি ছোপ ; তু 'সং √ছুপ—স্পর্শ] ১ পক্ষীর চঞ্চুর বা নখের আঘাত। "পক্ষী ছোঁ দিয়া সে পড়ে কৃ ১৪২। ২ সর্পের দন্তাঘাত। "সাপে মারে ছোঁ ক.চ ২৫ ; শি ২৬। [ছোঁ মারা—পক্ষীর চঞ্চু বা নখ দ্বারা আঘাত করা। "রূপো চিলের মত ছোঁ মারিয়া…টাকা লইয়া উপরে সংবাদ দিতে গেল ব.প্র ৩১৬।]

ছোঁ[২] দ্র 'ছো'।

ছোঁচকা বিং [সং সূচক] খল, দুষ্ট। "ফুটো ঘটী ছোঁচকা গাই। চোর পড়সী ছেঁচড়া ভাই॥ ঘর উর্সে বেটা মূর্খ। এই ছটা বড় দুখ॥

ছোঁচা[১], **-চ্চা** বিং [সং সূচক] খল, ধূর্ত্ত, বদমাশ। "ওরে ছোঁচা ভেড়া শ্রী.মা ১৮ ; মর বেটা ছোঁচা ১১০। কেহ ছোঁচা…কেহ বা সরল ক.চ ১৫৭। ছোঁচা-বোঁচা সূচক-বঞ্চক, খল-প্রতারক। "চিরকাল সাঁচা মেয়ে ছোঁচা-বোঁচা নই শি ৯৩।]

ছোঁ(ছো)চা[২] অর্ম্ম [সং √শুচ্—শোচ > বা (শোচ+আ[৯] > শোচা) °চা] মলত্যাগের পরে শৌচ করা। "আজি নাহি ছোচাইল ভ.প্র ৩৩৮। [ছোঁ(ছো)চান—সর্থ 'ছোঁচা'।]

ছোঁছোঁ, ছোছো বি [ধ্বন্যাত্মক] কুকুরের গন্ধগ্রহণের শব্দ। "ছোছো করিয়া ভূমি শুঁকিয়া বেড়ায় ম.ভা ৫০। ব.প ২৬৯।
ছোঁড়¹ বি [শুঁড় > °ড় ; অপ্র] শুঁড়। "গুয়া বৃক্ষ সম দেখি বোয়ালের ছোঁড় বা.ম ৩৪৯।
ছোঁড়² বি [সং ছমণ্ড ; হি ছোরা ; নেপালী—'ছোর'] বালক, নাবালগ। "অনাথিনী হৈলুঁ তোর ছোঁড় পুত্র লঞা চৈ.ম ৬১। —ড়া বি [দ্র 'ছোঁড়' ; স্ত্রীলিঙ্গ—'ছুঁড়ী' (হি ছোরী)] ১ বালক, ছোকরা (ক্রোধে, অবজ্ঞায়)। "প্রস্থাদিয়া ছোঁড়া দেখ পাগল হইল ভ.গ্র ১২১। এ ছোঁড়া কান ঝালাপালা কল্লে আ.হু ১৬। ২ যুবা। "বেলেল্লা ছোঁড়াদের আয়েসে আশ মেটে না আ.হু ৯৪।
ছোঁবা ; ছোঁয়া, -য়ান দ্র 'ছু ; ছোআ'।
ছোঁয়াচ, -ছি বি [ছোঁয়া-অশুচি > °চি, -ছি, -চ (?)] ১ অস্পৃশ্য-স্পর্শ-জন্য অশুচিতা। "ছোঁয়াছি পড়িলা না কর ভোজন। কৃ.উ ৯। ২ স্পর্শজন্য দূষণ বা দোষোৎপাদন (contagion)। "তার ছোঁয়াচ যে বড় ভয়ানক ঘ ২৩৩। [ছোঁয়াচে—ছোঁয়া-জন্য, সংক্রামক (contagious)। "ছোঁয়াচে রোগ।]
ছোঁহর বি [চোমর > °র ; অপ্র] চামর। "হারিয়া ছোঁহর ম.গা ৬।
ছোকরা বি [সং তোক ; হি, প ছোকরা ; ঠ ছাৱডা ; গু ছোকর ; সি ছোকড় ; মৈ ছোকড়া ; ড় টোক ; আ সেগ.রাহ্. ; স্ত্রীলিঙ্গ—'ছুকরী'] বালক। [ছোকরান—ছেলেদের। "গো.চ ১৯৩। °বয়স—অল্পবয়স।]
ছোচ, -ছা বি [সং সূচক] ধূর্ত, ছেঁচড়া। "খেতু ছোছা গো.চ ৯০। চান্দকে বানাল যেন কালি চুন্নার ছোচ ম.ম ১৪৯।
ছোচা দ্র 'ছোঁচা²'।
ছোট বিং [সং ক্ষুদ্র > প্রা ছুড্ড, ছুট্ট (লঘু—পাইঅলচ্ছীনামমালা) > বা (ছোড, -ট) °ট ; হি, মৈ ছোট ; ড় ছুটিয়া] ১ হ্রস্বাকৃতি। ২ অল্প-বয়স্ক। "ছোট বড় সাজিয়া আস্থক মম সনে কৃ ৩৪১। ৩ নীচ, অধম। "ছোট হয়ে খোঁটা দিবে কৃ ৩৪১। কুলে শীলে নহে ছোট রা.শে ১১। এত ছোট মোরা।—কা ১২২। ৪ সামান্য, তুচ্ছ, নগণ্য। "সকল বানর কান্দে ছোট নহে কাজ কৃ ২৬১। ছোট নহে কথা ম.ম ২০ ; চান্দ ছোট জন নহে ৮৯। ৫ হীন, দরিদ্র। "সাহের কুমারী তুমি নহ ছোট জনা ম.ম ২০৫। ৬ কনিষ্ঠ। "ছোট হৈয়া মুকুন্দ এবে হৈলা মোর জ্যেষ্ঠ।—চৈ.চ ১৪২। ৭ অনুদার, নীচ (মন, নজর)। ৮ নীচজাতি, ইতর (লোক)। ৯ খর্ব্ব, বেঁটে। ১০ দরিদ্রোচিত। "তোমা সভা সম আঢ্য কে আছয়ে আর। ছোট কথা উপযুক্ত না হয় তোমার॥ —ভ.গ্র ৪৪২। ১১ তদ্বিষয়ে অযোগ্য। "ছোট মুখে তার. এত বড় কথা ন ৮২৮। ছোট মুখে বড় কথা তোমরা ভাল বাস না ব.প্র ২১০। ১২ সম্পর্কে লঘু। "ছোট বউ, মা। ১৩ সঙ্কুচিত। "ঘাএর মুখ ছোট হওয়া। ১৪ ক্ষমতায় বা পদে নিম্ন। "ছোট আদালত ; ছোট বাবু। ১৫ মৃদু, অনুচ্চ। "বউ ঝির গলা ছোট হওয়া ভাল। ১৬ অল্পপ্রসর, অপূর্ণ। "ছোট ভাষায় বড় দুঃখ কি প্রকাশ করা যায় ?—ব.প্র ২১০। ১৭ যুবা। "ছোট বিপ্র চৈ.চ ৯৬। ১৮ দ্বিতীয় পক্ষের স্ত্রী। "ছোট পাছে পথে করে টানাটানি ভা.চ ৫৩৬,-৩৭। —টি বিং [ছোট+স্ত্রীলিঙ্গে 'ই' ; বৈষ্ণবসাহিত্যে] ১ বালিকা, রসকলানভিজ্ঞা। "একে ধনি পদুমিনী সহজহি ছোটি বি.প ৬০ ; বিলাসিনী ছোটি ৭৯। ২ অল্পক্ষণস্থায়ী। "রয়নি ছোটি বি.সা ১৫৫। [ছোট খাট, -টো—ছোট। ছোটখাটো গ্রামখানি। —শিশু ৭৭। ছোটচাঁদড় (হি ছোটা চাঁদ)—একপ্রকার বিষঘ্ন ওষধি-বিশেষ। ছোটবড়—১ বালকতরুণাদি সব। দ্র 'ছোট (২)। ২ উচ্চ-নীচ, যোগ্য-অযোগ্য, ভাল-মন্দ। "(সব) অশ্বচালনায় দড়, ছোট-বড় জানা নাহি যায়।—রঙ্গ ৬। ৩ হ্রস্ব-দীর্ঘ, ক্ষুদ্রবৃহৎ। ছোট-মা—১ বিমাতা। ২ প্রভুর দ্বিতীয় পত্নী। "ছোট-মার ঘরে ভা.চ ৫২৯,-৩১।]

ছোটকি বি তালবিশেষ। "বড়ারি রাগ, ছোটকিতাল। গ ৩১।
ছোটা¹ বি [ছুট (৩) > °টা ; তু 'সং সটা] মোটা ছুট ; দড়ির মত কলার বাসনা বা তাদৃশ বাঁধার দ্রব্য।
ছোটা², ছোটাছুটি, ছোটান ; ছোটি দ্র 'ছুট²' ; ছোট'।
ছোটিকা স্ত্রী [ধ্বন্যাত্মক ; ঠ চুটকী] তর্জ্জন্যঙ্গুষ্ঠধ্বনি, তুড়ি।
ছোট্ট, -ট্টো বিং [ছুট্ট > °ট্ট, দ্র 'ছোট'] ১ ছোট (আদরসূচক)। "ছোট্ট ছায়াখানি।—শিশু ৬৬। ছোট্ট বাড়ি প.কা ১৭। জল ভরে না ছোট্টো গেলাসেতে কু.কে ৮৪। ২ কনিষ্ঠ। "ছোট্ট যে জন ছিল রে সব চেয়ে. সেই দিয়েছে সকল শূন্য ক'রে কু.কে ৮৬। ৩ ক্ষীণ, সরু। "ছোট্টো মাজা।—জা ৭।
ছোড়¹ বিং ['ছোঁড়'—মূল ; অপ্র] বিযুক্ত, বিচ্ছিন্ন। বিপ 'জোড়'। "দুটী ভেয়ে ছোড় হয়ে, ঘরে যাব কি বলিয়ে শ্রী ১৯২।
ছোড়² সর্ম্ম [ছুড > °ড় ; হি √ছোড় ; তু 'সং √ছুর্—ছোরণ] ত্যাগ করা ; ছাড়া। "কুলজা রীতি ছোড় জনু লাগি বি.সা ৩০৩। বি.প ১৮০ ; তিল এক না ছোড়ল অঙ্গ ১৯৬। —ড়া সর্ম্ম [°ড়+আ⁰] ত্যাগ করান ; মোচন করা ; ছাড়ান। "(কমর) নিল ছোড়াইয়া গো.চ ২৩৫। সেবকেরে লও ছোড়াইয়া শ্রী.ম ২২১। আরতি ছোড়ায়ল দেশ ব ১৭৪।
ছোড়না বি ['ছালনা²—মূল] চন্দ্রাতপ, চাঁদোয়া। "ছোড়না টাঙায় ক.চ ১২৩।
ছোড়লা বি বিবাহমণ্ডপ। "চৈ.ম ৯৮ ; দাণ্ডাইলা ছোড়লা ভিতরে ৮২। দাঁড়াইলা···ছোড়লায় ন.প ১৩১,-৫৫।
ছোড়ান বি [ছোড়া+অন] ১ মোচন। "এত শুনি রাবণের করিল ছোড়ান কৃ.উ ৮৮। দাঁড়কা ছোড়ান করি শ্রী.ম ১৭ ; আনিব ছোড়ান করি ২২৩। —ন, -নি কল-ছোড়ানের কাঠি ; চাবি-কাঠি। "বিন ছোড়ানে ধম্মর কপাট আপনে লাগিল গো.চ ১৯৭ ; ছোড়ানি ৩০৪। ব.প ৬৫।
ছোপ¹ বি [দ্র 'ছোঁ' ; অপ্র] ১ সর্থ 'ছোঁ (২)। "নাগে মারিলেক ছোপ ম.ম ১১১,-৭০। ২ সর্থ 'ছোঁ (১)। "ছোপ দিয়া নিতে চাহে লখাইর পাঁজর ম ম ২০৯। ৩ শ্বাপদের নখের বা দন্তের আঘাত। "হরিণ দেখিয়া যেন বাঘে মারে ছোপ ম.প ১১১। ৪ রঙের সংস্পর্শ ; দাগ। "ছোপ ধরা, লাগা। —ব বি [°প > °ছোব] সর্থ 'ছোপ (২)। "ফণী···নাহি মারে ছোব স্ব.প্র ১১৪। [ছোপান—ছোপ ধরান ; রঙান।]
ছোপ², -পা ; ছোপান, ছোব দ্র 'ছুপ²' ; ছোপ¹'।
ছোবড়া বি [চোপা > ছোবা, (ছোবলা) ছোবড়া] নারিকেল ইত্যাদির খোশা ; ফলের খোশা।
ছোবল বি [ছোব+ল স্বার্থে] সর্থ 'ছোঁ (২)। [ছোবলান—ছোবল মারা। বিষয়ের উপর ছোবল মারা—বিষয়ে ঘা দেওয়া ; বিষয় লওয়ার নিমিত্ত বিশেষ চেষ্টা করা। "আ.হু ৯১।]
ছোবা¹ বি [দ্র 'ছোবড়া' ; ছোবা (ঢাকা)] সর্থ 'ছোবড়া'। "ছোবায় ভরিল গ্রাস বি.পা ২০০। কলার ছোবা ভ.গ্র ৫৮।
ছোবা², ছোয়া ; ছোয়ান দ্র 'ছুঁ' ; ছোআ'।
ছোরণ ক্লী [√ছুর্+অন (ল্যুট্)-ভা, তু 'হি ছোড়না] ত্যাগ।
ছোরতী বি [অপ্র] সর্থ 'ছুরতি'। "বি.পা ২৯৯।
ছোরা¹ বি [হি ছুরা ; মৈ ছুরা ; ঠ সুরা] বড় ছুরী।
ছোরা² সর্ম্ম [ছোড়া > °রা, দ্র 'ছোড়'] সর্থ 'ছোড়া'। "ধন বৃত্তি সর্ব্ব দিয়া, কুমারেরে ছোরাইয়া, শ্রদ্ধা করে লৈয়া বক্ষি কোলে ম.পা ১৪২। [ছোরান—১ সর্থ 'ছোরা²'। ২ ছোড়ান, চাবি-কাঠি। "গো.চ ১০৫।]
ছোল¹ সর্ম্ম [দ্র 'ছুল'] সর্থ 'ছুল'।—লা সর্ম্ম [°ল+আ⁰] খোশ ছাড়ান। "(নারিকেল) ফল ছোলাইয়া (রাখে) চৈ.চ ১৬৬। [ছোলা —দ্র 'ছুল'। ছোলান—সর্থ 'ছোলা'।]

ছোল[২]**, লা**[১] বি [ছোল[১]—মূল ; তু 'তা তোল'—চর্ম্মমাত্র] ফলের খোসা বা ছোবড়া। "(নারিকেলের) ছোল চাড়া বি.পা ২১০। ছোলা ম.গা ২৩। গো.চ ৩৭১,-২। ম.ম ১২৮। বা.ম ২০০। [ছোলদার—যাহারা পথ চাঁছিয়া-ছুলিয়া সমতল করে। "ছোলদার…সরণি সমতল করে শ্রী ২১৫।]

ছোলঙ্গ পুং [সং মাতুলুঙ্গ ; 'সুরঙ্গ'—মূল (?)] লেবুবিশেষ, টাবালেবু। "ম ১২৫৭। শ্রী.কী ২০৬। ক.চ ৭৮। চৈ.চ ১৫৮।

ছোলা[১] দ্র 'ছোল[২]'।

ছোলা[২] বি [সং চণক ; হি চনা ; ড় সোলা ; তু 'তা চোল্লাম্—maize ; 'খল্ব', 'খল্ব'—চণক (শুক্রযজুর্ব্বেদ ১৮.১২)] রবিশস্যবিশেষ। ছোলা-শাক—ছোলার গাছের পত্রশাক।]

ছো(ছু)হারা বি [ছু(ছো)হারা] শুষ্ক খর্জ্জুরবিশেষ। "ছোহরা চৈ.চ ১৫৮। ছোহারা রা.শে ১১৩।

ছ্যাঁক ; ছ্যাবলা দ্র 'ছেঁক ; ছেবলা'।

ছ্রিকালি বি [সং শৃগালী, শৃ > শ্রি > ছ্রি ; গ > ক, দ্র 'ঋ[১]' ; হে ৪.৩২৫ ; অপ্র] শিয়ালী। "সকুন ছ্রিকালি গো.বি ৫৯।

জ

জ[১] চ-বর্গের তৃতীয় বর্ণ এবং অষ্টম ব্যঞ্জন ও স্পর্শ বর্ণ। দ্র 'চ[১], ক[১১]'।

জ[২] বিণ [√জন্+অ(ড)-ক ; স্ত্রী -জা] **১** জাত, জন্য। "অণ্ড°, অত্রি°, কাম°, ক্রোধ°, জরায়ু°, দ্যূত°, বংশ°, মনো°, সরো°। অগ্নি°, বাত° রা ১.১.৯২। বিরহজাম্…শুচম্।—শ ৪.১৯। পঙ্ক°, অম্বু°, আপ°, বন°, নীর°, বারি° ম.পা ১৩২। [সমাসে উত্তরপদ] **২** [√জি+অ -ক] জেতা। **৩** [√জু+অ-ক] বেগিত, শীঘ্র। —পুং **১** পিতা। **২** মৃত্যুঞ্জয়, শিব। **৩** বিষ্ণু। **৪** জন্ম। **৫** তেজঃ। **৬** বেগ। **৭** (ছন্দঃশাস্ত্রে) মধ্যে গুরুবর্ণবিশিষ্ট গণবিশেষ। 'জো. গুরুমধ্যগতঃ (Amphibrachys)।

জ[৩] বি [সং যব > প্রা জব, *জঅ > বা জ] যবোদরপরিমাণ, সিকি ইঞ্চি (ছুতারের ভাষা)। "এক-জ কাঠ।

জ[৪] শব্দের আদ্য য-স্থানে 'জ'। "(প্রাচীন বাঙলায়) জুবতী, জোজন, জেমন (শূ)। জথন, জত, জতন, জবে (শ্রী.কী)। জত, জতেক, জদি, জম, জস (গো.চ)। জনি, -সু (যেন), জাও (যাই), জেও (যেন) (বৈষ্ণবসাহিত্যে)। তু 'সং √জভ্, √যভ্। হি জতন, জতী, জতেক, জথা, জদু। মৈ জুগল, জুগুতি, জুদ্ধ, জুবতি। ঠ জতন, জংতর, জংত্র (যন্ত্র), জাত্রা (যাত্রা), জব (যব), জস (যশঃ)। গু জতী (যতী), জথা, জশ, -স, জংতর (যন্ত্র)। প্রাকৃতে শব্দের আদ্য 'য'-স্থানে 'জ' হয়। "জই (যদি), জকৃখ, জদু, জব ; কিন্তু মাগধীতে ইহার বিপরীত, 'জ'-স্থানে 'য' হয়। "যণরদ (জনপদ), অয্যুণ (অর্জ্জুন), মযয (মদ্য > মজ্জ)। পালিতে 'গরয' > 'গরজ'।

জই বি ['যব'—মূল ; হি জঈ] যবজাতীয় শস্যবিশেষ (oat)।

জইমিনি, -য়মি(মু)নি বি [সং জৈমিনি, ঐ > অই ; অপ্র] মুনিবিশেষ। "জই° জ ৫। জয়মিনি শ্রী.মা ৯৪। °মুনি অ.প ৪৬।

জইসন বিং [সং যাদৃশ > প্রা জইস > বা °সন ('স'স্থানে মৈ 'সন' অর্থাৎ 'সম') ; হি জৈসা] যাদৃশ, যেমন। "জইসন রাহি আজু হম পেখল বি.সা ৪৬৬।

জউ, জৌ বি [সং জতু > প্রা জউ > বা °উ, জৌ, দ্র 'ঔ'] লাক্ষা, লাহা। "জউ ম ১৪৯ ; জউগৃহ : জৌ ঘৃত ১৫০ ; ২১২ ; ৭১৪। জৌয়ের দেয়াল : জৌর আড়া ক.চ ১৮৩। জউগৃহ চৈ.ভা ৩৭৯। বুন কান্দে শোকে হ'য়ে জউ শ্রী ২৩৫। [জউপোকা—লাক্ষাকীট। জৌঘর —জতুগৃহ ; জৌঘরে সতীত্বপরীক্ষাদান। "জৌঘর করিল সীতা ক.চ ১৮২।]

জউবন, জৌবন বি [সং যৌবন (যৌ > জৌ > জউ, দ্র 'ঔ'] তারুণ্য। "গেল জউবন বি.সা ৫৮ ; জৌবন বিনু তন, তনু বিনু যৌবন, কী জৌবন পিয় দূরে ৩৯১। নতুন জৌবন গো.বি ৭। জৌবন শূ ১৫। ক.চ ১৩৮।

জওাবদেহি বি [আ জবাব্‌দেহি] দায়িত্ব। "E.P.80.

জওজ বি [আ জৌজ্] স্বামী (দলিলে)।

জওত বি ['জাগ্রৎ'—মূল ; অপ্র] সদ্যঃফলদাতা। "জওত সত্যপীর মেরা, জওত সত্যপীর রা.স ১২।

জওয়ান্ বি [ফা জবান্ ; তু সং যুবন্] তরুণ, যুবা। "জওয়ান খসম। —মা ৩২৮। যমের মত জওয়ান ব.প্র ৩৬৩।

জওসম বি [ফা জওশন্] গাঁথা পল-তোলা লম্বা সোনার মাদুলির উপর হাতের গহনা। "জওসম…চৌদানি অ.গু ৬৩।

জক বি [সং যক্ষ > প্রা যক্‌খ > বা °ক ; হি জক] যক্ষ। —ক বি [সং জলৌকা ; অপ্র] জোঁক। "জকের বরণ শ্রী.মা ২০৬।

জকজক বি [ঝকঝক > °ক ; ভাবাত্মক] আলোকদীপ্তভাব। "বাতি জ্বলচে, মজলিস জকজক কচ্চে হু ৩৮।

জক(গ)জকা, -গা বি [হি জগজগা ; তু 'ঝকঝক'] রাঙতা ইত্যাদির চকচকে পাত (tinsel)।

জকার পুং [কর্ম্মধা] জ-বর্ণ। "জননী জন্মভূমিশ্চ জাহ্নবী চ জনার্দ্দনঃ। জনকঃ পঞ্চমশ্চৈব জকারাঃ পঞ্চ দুর্লভাঃ (সু.র)। জন্মভূমি জননী জনক জনার্দ্দন। জাহ্নবী জকার পঞ্চ দুর্লভ রাজন্॥—শ্রী ২৫৬। বি.সু ১৩১।

জক্কী বি [যক্ষ > প্রা জক্‌খ > বা জক্‌খী, -ক্‌কী (স্ত্রীলিঙ্গ) ; সং যক্ষিণী] যক্ষ-স্ত্রীজাতি ; অতিকৃপণা নারী। "মাগী যে জক্কী হু ৯।

জক্ষ্ সক [অদা, প—জক্ষিতি ; সেট্] ভক্ষণ। তু '√ঘস্—'জক্ষ'তুঃ, 'জক্ষুঃ' (লিট্)। —ক্ষ্ অক হসন।

জখন ক্রি.বিং [যখন > °ন, দ্র 'জ[৪]'] **১** যে সময়ে। "শ্রী.কী ৮০। গো.চ ১১। শূ ৫। **২** যে হেতু। "জীয়াইমু আপন ভাই মারিছি জখন গো.বি ১৮৫। [জখনে—যখন। "শ্রী.কী ২৩২। গো.চ ১৫। ম.পা ৪ ; ৪৫। গো.বি ৫৮,-৯।]

জখম বি [ফা জ.খ.ম্ (বি), -মী (বিং)] আঘাত, ক্ষত। —ম বিং **১** আহত। **২** পীড়িত। "নাচনায় করে কাণ জখম স্ব.প্র ৯২। মনের কথা বল্‌লে খুলে, টিটকারী সে করবে জখম কু.কে ৭৯।

জগ[১] [সং জগৎ > প্রা জগ ; হি, ঠ, গু, মৈ জগ ; তু 'জগস্ত, জগে (ললিতবিস্তর)] **১** জগৎ। "জগ ভরি কলঙ্ক রহিল চ.দা ৮৩। চৈ.চ ৫২। **২** জগদ্‌বাসী। "জগ জাগে শ্রী.কী ১০৫ ; পারে জগ মোহিবার ২৯৩। জগমনফাঁদ ম ৪৫৯। জগমনোলোভা চৈ ৪৫। [জগ-অনপাম—জগতে অনুপম। "শ্রী.ম ২৯। °জন—জগতের লোকসমূহ। "জগজনে বন্দে।—গ ১৯০। শ্রী.মা ২০৬। হু ৫৭। ম ১৩৬। ক.চ ৭। ব ৪। জগজন মনোলোভা ভা.চ ৭২। জগজনমনময়ন-লোভা ব.সু ২৩। °জন্য—জগৎপিতা "ম ৭৮৯। °জীবন—জগতের প্রাণস্বরূপ। "যামিনী জাগি জাগি, জগজীবন, জপতহি যদুপতি নাম।—গো ৪০। °তারণ—জগতের ত্রাতা। "তুহু জগতারণ বি.প ২১৮। °নাথ —জগন্নাথদেব। "জ ৩৩। °মণ্ডল (বি)—জগন্মণ্ডল। "চাঁদকিরণ জগমণ্ডল লাগি বি.প ৯৪।

জগ[২] 'গ' বি [E. jug] পেট-টেপা মুখ-সরু হাতোল-দেওয়া পিত্তলের জলাধারবিশেষ। "জগে করা জল হু ১৪।

জগজগা দ্র 'জকজকা'।

জগঝম্প বি [হি °ম্প] ঢাকবিশেষ (kettle-drum)।

জগৎ বিণ [√গম্+ক্বিপ্ (०)-ক, দ্বিত্ব, 'ম্'-লোপে 'ৎ' (তুক্); √গম্+অতি (উ ২.৮৪); স্ত্রী -তী, -ন্তী; ছান্দস] ১ গমনশীল, জঙ্গম। "সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ।—ঋগ্বেদ ১.১১৫.১। তমীশিষে জগতস্তস্থুষশ্চ ভ ৭.৩.২৯। ২ চরাচরলক্ষণ। "ঈশোপনিষৎ ১। —ৎ পুং বায়ু। —ৎ ক্লী ১ ভুবন, লোক। "জগতঃ পিতরৌ বন্দে রঘু ১.১। জগৎ কৃৎস্নম্ গী ১১.৭। কি ৫.২০। ২ বিশ্ব। "জগদ্‌যোনি কু.স ২.৯। —তী[১] স্ত্রী [°+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পৃথিবী, মহী। "রা ২.৬৯.১১। °ভুক্ কি ২.৫৬; ৫.২০। °তল পা.প্র ২৭। ২ চতুর্দ্দশ ভুবন; বিশ্ব। "যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।—ঈশোপনিষৎ ১। ৩ জন (মেদিনী)। ৪ বাস্তু (কি ১.৭, মল্লিনাথ)। ৫ জম্বুক্ষেত্র। ৬ দ্বাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। [°কর্ত্তা (-র্ত্তৃ) পুং—ঈশ্বর; ব্রহ্মা। °পতি (পুং) —বিশ্বস্বামী, পরমেশ্বর; মহীপতি, রাজা। °প্রাণ (পুং)—সমীরণ; পবনদেব। "°সুসন্তান কৃ ১৯৮। বা.দ ১৫৪,-৭০। °রায় (পদ্যে) বি—জগতের রাজা; বিশ্বপতি। "দেব জগৎরায় ম ৮০১। °সাক্ষী (-ক্ষিন্) পুং—জগতের কর্ম্মের সাক্ষাৎ দ্রষ্টা; ঈশ্বর; সূর্য্য। °সেতু (পুং)—পরমেশ্বর, বিষ্ণু (মহা)। °স্রষ্টা (-ষ্টৃ) পুং—জগৎকর্ত্তা, ব্রহ্মা।]

জগত বি [সং জগৎ; অপ্র] জগৎ। "°মোহন কৃ.উ ১৪৫। ত্রিজগতেশ্বর ম.পা ১৯; আক্কি কি জগতান্তর ২১; ১৩৪। জগত-ঈশ্বরী চ.বি ৩৪। °জননী দু ৫৭। ন.প ২০০। জগত-আনন্দ-হৃদয়ে জ.প ১১। °নিবাস ব.প ১৩৩০। শ্রী.ম ২৪। জগতনয়নানন্দ মে ২১০। [অকারান্ত উচ্চারণের মূল বৈষ্ণবসাহিত্য (?)।]

জগতগৌরী বি [সং জগদ্‌গৌরী] জগতের গৌরীতুল্য হিতকরী মনসা (গৌরী অপেক্ষা আধিক্যবর্ণনায়)। "পদ্মার জগতগৌরী নাম বি.পা ৬৬।

জগতি বি ['জগৎ'—মূল] জগৎকর্ত্তা; আদিদেব ধর্ম্ম। "জগতিমন্দির ম ৩৬০। জগতি হাকণ্ডে যান শ্রী.ম ২১২।

জগতী[১] দ্র 'জগৎ'।

জগতী[২] স্ত্রী ১ [বাঙলায়; অপ্র] জগন্মাতা, জগদ্‌গৌরী মনসা। "জগতী কমলা ব.প ২৬৮; সেবিয়া জগতী ২৬৯। ২ আদিদেব নিরঞ্জনের শক্তি; আদ্যাদেবী। "ভকতা কৈল জগতী নির্ম্মাণ শ্রী.মা ৩০; ১৮৫। দেবী জগতীর ঠাঁই শ্রী ৩৩।

জগৎগৌরী বি সর্থ 'জগতগৌরী'। "ম.ম ২; জগতের হিতকরী নাম জগৎগৌরী ৮; ১৫৯।

জগৎময় বিং [সং জগন্ময়; পদ্যে] জগদ্‌ব্যাপী; বিশ্বপ্রথিত। "হলো রাষ্ট্র জগৎময়, যা করেছেন জগৎময়, মান হারায়ে জগৎময়, অন্ধকার নিরখি দা ২৭৯। —ময় বি ঈশ্বর। "দা ২৭৯।

জগৎযোনি বিং [সং জগদ্‌যোনি; পদ্যে] জগৎকারণ। "জগৎযোনি! অযোনি আপনি (তু 'কু.স ২.৯) মা ১৩৯।

জগদন্ত বিণ [ষ.ত] জগতের সংহারক। "জগদন্তো নিরন্তকঃ কু.স ২.৯। জগদন্ত নিরন্তক মা ১৩৯। —ন্তক পুং 'জগন্নাশক', মৃত্যু। "শূলং জগদন্তকান্তকম্ ভ ৪.৫.৬।

জগদম্বা, -দম্বিকা স্ত্রী [ষ.ত] জগতের মাতা; দুর্গা। "প্রসীদ জগদম্বিকে দু ৬৫। °দম্বে ম.পা ৬০। মে ৫৪; °দম্বা ১৭৯।

জগদল বিং ['জগদ্দল'—মূল] 'জগদ্দলনকারী', অতিবিশাল ও অতি-গুরু (পাথর)। "বুকে তুলি দেহ পাসান জগদল শূ ৫০। পাষাণ জগদল ক.চ ২০৮। পাথর জগদল শ্রী ৮৫। শ্রী.মা ৮৮; ১৯১। রোবরক্ত গবর্ণমেণ্ট…পুনা সহরের বক্ষের উপর রাজদণ্ডের জগদল পাথর চাপাইয়া দিলেন।—রবীন্দ্র।

জগদাত্মা (-ত্মন্) পুং [ষ.ত] ১ জগৎপ্রাণ। "বায়ুনা জগদাত্মনা গো.রা ৬.৮২.১৫৩। ২ পরমেশ্বর।

জগদায়ু, -য়ুঃ (-য়ুস্) পুং [ষ.ত] জগৎপ্রাণ (বায়ু)। "বায়ুনা °দায়ুনা মহা ৩.১৪৭.২৭। বায়ুনা…°দায়ুষা (শান্তিপর্ব্ব)।

জগদীশ পুং [ষ.ত] ১ জগৎপতি, বিষ্ণু, কৃষ্ণ। "জয় জগদীশ হরে গী.গো ১.৫। ২ ব্রহ্মা। "কু.স ২.৯। ৩ শিব। ৪ নৈয়ায়িক পণ্ডিত-বিশেষ। —দীশ্বর পুং [ষ.ত] ১ চতুর্দ্দশভুবননিয়ন্তা। "মহা ১.৩.১৪৯। ২ পরমেশ্বর। "মনু ৭.২৩, কুল্লুক। ৩ শিব। "(শক্যা হর্ত্তুম্) উমা বা জগদীশ্বরস্য গো.রা ৩.৫৩.৬০।

জগদেকনাথ পুং [ষ.ত] জগতের অদ্বিতীয় পতি; সম্রাট্। "জগাদ ভূয়ো জগদেকনাথঃ রঘু ৫.২৩।

জগদেকচন্দ্র বি জগতের একমাত্রচন্দ্র, অর্থাৎ আনন্দজনক। "হা বৎস! জগদেকচন্দ্র! তোমার কি ঘটিয়াছে ?—কাদ ১২৯।

জগদ্‌গুরু পুং [ষ.ত] ১ জগৎপূজ্য, পরমেশ্বর। "কৃষ্ণং বন্দে জগদ্‌-গুরুম্। ২ বিষ্ণু। "রঘু ১০.৬৪। ৩ শিব। "কু.স ৬.১৫। ৪ জগৎ-কর্ত্তা, ব্রহ্মা। "ভ ২.৫.১২।

জগদ্‌গৌরী স্ত্রী [ষ.ত] জগতের গৌরীতুল্যা; মনসা (শ.ক)। [ভূশ্ জগৎসু গৌরী সা (জগদ্‌গৌরীতি বিখ্যাতা) দ্র 'মনসা' শব্দ (শ.ক)।]

জগদ্ধাতা (-তৃ) পুং [ষ.ত] জগতের ধাতা; বিধাতা, ব্রহ্মা। —দ্ধাত্রী স্ত্রী [°তৃ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ দুর্গামূর্ত্তিভেদ দেবীবিশেষ। ২ (বাঙলায়) জগৎপালিকা। "সর্ব্বাভরণভূষিতা জগদ্ধাত্রী-মূর্ত্তি: জগদ্ধাত্রীরূপিণী মাতৃভূমি ব.দ্বি ৯৯।

জগদ্‌যোনি স্ত্রী [ষ.ত] ১ জগতের উৎপত্তিস্থান; পরমেশ্বর। ২ ব্রহ্মা। "কু.স ২.৯। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ পৃথিবী।

জগদ্রূপ বি জগৎ যাহার মূর্ত্তি; বিশ্বরূপ। "জগদ্রূপ হয় ঈশ্বর, তবু অবিকার চৈ.চ ১০৪।

জগধি বি ['জলধি' > °ধি (লিপিপ্রমাদ)] জলের আধার; বড় নদী। "প্রকাশ করিয়ে ঘাট বাঁধাও জগধি শ্রী ২১১,-২।

জগন্নাথ পুং [ষ.ত] ১ বিশ্বপতি, বিষ্ণু। ২ পুরীস্থ পুরুষোত্তমবিগ্রহ। ৩ দত্তাত্রেয়। ৪ (বাঙলায়) বিশ্বনাথ শিব। "ম.ম ২১৩। [°ক্ষেত্র (ক্লী)—শ্রীক্ষেত্র। °ভোগ (বি)—ধান্যবিশেষ। "শি ১১৩।]

জগন্নিবাস পুং [ষ.ত] ১ জগৎসমূহের আধার; জগদাশ্রয়। "মাঘ ১.১। ২ বিরাট্‌পুরুষ, বিষ্ণু। "প্রসীদ…°বাস গী ১১.৪৪।

জগন্মঙ্গল ক্লী ১ কালীকবচভেদ। ২ (বাঙলায়) জগতের হিতকর। "জগন্মঙ্গল নাম হরি ভ.গ্র ৩৬৮।

জগন্ময় বিং [জগৎ+ময়] বিশ্বব্যাপক, সর্ব্বগ। "গোঁসাই বলেন আমি জগন্ময় যতি শ্রী ২৫১। —য়ী বিং বিশ্বব্যাপিনী, সর্ব্বগা। "জয় দেবী জগন্ময়ি ভা.চ ৫৭।

জগন্মাতা (-তৃ) স্ত্রী [ষ.ত] ১ বিশ্বজননী, দুর্গা। ২ লক্ষ্মী।

জগবন্ধু বি [জগ+বন্ধু; 'জগদ্বন্ধু' সাধু] জগতের হিতকর; কৃষ্ণ। "শি ৪৫। দা ৫৪, ২২৯।

জগমোহন বি [জগ+মোহন; 'জগন্মোহন'—মূল] জগন্নাথের মন্দিরের গর্ভগৃহের সমীপস্থ বৃহদ্‌গৃহ। "শোধিলেন শ্রীজগমোহন চৈ.চ ১৪৭,-৮; ৩১৩।

জগাখিচুড়ি বি জগন্নাথের খিচুড়িভোগ; (গৌণার্থে) বহুদ্রব্যমিশ্রণ-মাত্র (hotchpotch)।

জগাত বি [আ জ.কাত্; হি জগাত] শুল্ক, খেয়ার পয়সা, দান (duty)। "জগাত দেহ চলি যাহ পাছে চৈ ৫১। —তি[২], -তী[২] বি [ফা জ.কাতী; হি জগাতী] ১ ঘাটের দানী; ঘাটওয়ালা। "সেই ঘাটে দান সাধে ঘাটের জগাতী: জগাতি ম.ভা ৫০; ৫১। ২ রাজ-পথের ঘাটরক্ষক কর্ম্মচারী। "ম্লেচ্ছদেশ—দূরপথ, জগাতি অপার

চৈ.চ ৯৪। উড়িয়া জগাতি চৈ ২০২। [জগাতিঘাটা—দানীর ঘাট ; খেয়াঘাট। "ম.ভা ৫১।]

জগাতি১, -তী১ বি [জগতী > °তি, -তী] মনসা দেবী। "জগাতী যোগেন্দ্র-সুতা : জগাতি ম.ভা ৭ ; ৩২ ; ৭৭ ; জগাতী ৭৮।

জগাতি২, -তী২ দ্র 'জগাত'।

জগ্ধ বিণ [√অদ্+ত (ক্ত)-র্ম্ম] ভক্ষিত। —গ্ধ ক্লী [+ত-ভা] ভক্ষণ। —গ্ধি স্ত্রী [+তি (-ক্তিন্)-ভা ; বৈদিক] ১ ভক্ষণ। "মনু ৩.১১৫ ; ১১.৫৭। ২ [+তি-র্ম্ম] ভক্ষ্য, খাদ্য।

জঘন ক্লী [√হন্+অ (অচ্)-র্ম্ম, উ ৫.৩২] ১ স্ত্রীকটির পুরোভাগ (তলপেট)। "বিবৃত° পূ.মে ৪১। বৃহজ্জঘনসেতু।—মাঘ ৫.২৯। ঘাট ত্রিবলি, ঘন জঘন পুলিনে শ্রী.কী ৭৩। জথনে জঘনে যুগ্ম বদনে বদন। নাগর নাগরী কোলে নিদ্রায় মগন ॥—শ্রী ২১৭। জঘনে জঘনে সঘনে মেলি (অপার কেলি) শ্রী.ম ৮৬। জঘনে জঘন শ্রী.মা ৩৭। ভা.চ ৩৩৩। ২ [ছান্দস] নিতম্ব, শ্রোণিফলক, অপর শ্রোণিভাগ (যাদব), পাছা (buttock)। "যত্র দ্বাবিব জঘনাধিষবণ্যা কৃতা। —ঋগ্বেদ ২.২৮.২। ছান্দোগ্য ২.২৪.৬। বিশালং জঘনম্ গো.রা ৩.৫২.৩২। রঘু ৯.৬০। ঘনজঘনমণ্ডলে গী.গো ১০.৬। স্থূলতা উদরে ছিল, বলে তা লুঠিয়া নিল, উরঃস্থল জঘন দুজনে ক.চ ১৯। জঘনে ঘনে কিঙ্কিণী বাজিছে বা.দ ৭৪ ; ১৩৯। ৩ [বাঙ্লায় ; অপ্র] (জঘন-সামীপ্য হেতু) উরু। "জিনি করিকর জঘন সুন্দর ক.চ ৪। রামরম্ভা জিনিঞা জঘন-যুগ-শোভা ব.প ১৩৬০। বাম জঘন পর ব ১২৬। [°কূপক (পুং)—নিতম্বস্থ কূপকদ্বয় ; কুকুন্দর। °গৌরব (ক্লী)—শ্রোণিভার। "শ ৩৪। °চপলা (স্ত্রী)—১ নৃত্যকুশলনারী। ২ পুংশ্চলী। "পত্যৌ বিদেশযাতে পরমসুখং জঘনচপলায়াঃ (পঞ্চ)। °তট (বি)—শ্রোণিফলক, নিতম্বস্থপরিসর। "জঘনতটে ধৃতরসনা বা.দ ২০১,-২৬।]

জঘন্য বিণ [জঘন+য(যৎ) ; স্ত্রী -ন্যা] ১ জঘনভব, নিতম্বস্থ। ২ [+য] জঘনতুল্য, গর্হিত, নিন্দিত। ৩ নীচ। "দ্যূতমভবন্ নো জঘন্যম্ মহা ৩.৩৪.১৩। ভ ৭.১১.১৭। ৪ চরম, অপর। "জঘন্যরাত্রে মহা ৩.১৩৮.৫। ৫ নিকৃষ্ট, নিন্দ্য। "°গুণবৃত্তিস্থ গী ১৪.১৮। মনু ৮.২৭০। ৬ চরম, কনিষ্ঠ। "রামস্তেষাং জঘন্যোঽভূৎ মহা ১.৬৬.৪৮। —ন্য পুং শূদ্র ; হীনজাতি। "মনু ৮.৩৬৬। —ন্য ক্লী শিশ্ন। [°জ (পুং) —১ চরমে জাত ; কনিষ্ঠ। "রাম আসীজ্জঘন্যজঃ মহা ৩.১১৬.৪। ২ সর্থ 'জঘন্য' (পুং)।]

জঙ্গ বি [বি ফা জঙ্গ্ ; তু 'যঙ্গ' (শ্রী.মা ৫২)] ১ যুদ্ধ। "মহাকাল মাতাইল জঙ্গ শি ১২ ; মাঠে পেয়ে মাছি ডাঁশ মাতাইল জঙ্গ ৭৯। ২ বিবাদ, কোঁদল। "তাহার সনে বয়ে যায় জঙ্গ শ্রী.মা ৯৬। পার্ব্বতী-সাথে বয়ে যায় জঙ্গ শি ৩৩। ৩ [ফা জ.ঙ্গ্] মরিচা (rust)। —ঙ্গী বিং [ফা জঙ্গী] যুদ্ধসম্বন্ধী। [জঙ্গডিঙ্গা—রণতরি ; বৃহৎ নৌকা। "জঙ্গডিঙ্গা লয়ে···আইসে ক.চ ১৯৬। জঙ্গ ধরা—মরিচা ধরা। জঙ্গী-লাট্—প্রধান সেনাপতি।]

জঙ্গম বিণ [√গম্+য(যঙ্-লুক্)— √জঙ্গম্+অ (অচ্)-ক ; স্ত্রী -মা ; বৈদিক] সততগতিযুক্ত, গতিশীল, চরিষ্ণু, সঞ্চারী। বিপ 'স্থাবর, স্থাণু ; স্থির'। "যচ্চ কিঞ্চিৎ···স্থাণুজঙ্গমম্ মহা ২.১১.৫৩। (ইদম্) স্থাবর-জঙ্গমম্ মনু ১.৪১। স্থিরজঙ্গমানামন্তর্বহিঃ ভ ১.১৭.৩৪। চিতাগ্নিরিব জঙ্গমঃ (লবণঃ) রঘু ১৫.১৬ ; ১৬.২৬। সাললতেব জঙ্গমা ভট্টি ২.৪৭। ব্রাহ্মণা জঙ্গমং তীর্থম্।—পরাশর ৬.৯০। বিধি কৈল জঙ্গম কনক প্রতিমা শ্র.কী ৬৮। জঙ্গম জগতনাথ শচীর কুমার চৈ.চ ১৩১,-৩৮। সন্ন্যাসী তুমি জঙ্গম নারায়ণ ১৯১ ; °রূপে, °ব্রহ্মা ২৮৮। জঙ্গম হেম-লতাসম সো ধনী।—গো ২৪২। মা ১৪৪। —ম ক্লী ১ গতিশীলমাত্র, মনুষ্যাদিপ্রাণিজাত। "রঘু ২.৪৪। জঙ্গমের ধর্ম্ম চৈ.চ ৪০। মুখর জঙ্গম প.তূ ১৬। ২ অস্থায়িদ্রব্য। "শু ২.১০১। [জঙ্গমেতর (বিণ)—স্থাবর।]

জঙ্গল বিণ [√গল্+য (যঙ্-লুক্)— √জঙ্গল্+অ (অচ্)-ক ; পৃষো ; তু 'ফা জঙ্গল্] নির্জ্জল, নির্জ্জন। —ল পুং, ক্লী ১ মাংস। ২ নির্জ্জনস্থান, নিভৃত (মেদিনী)। ৩ নির্জ্জলদেশ ; মরু। ৪ বন। "গো.চ ৮৫। [°বাড়ি, °বেড়—মরুপ্রদেশ। "গো.চ ৬৬ ; ২২৫। জঙ্গলবুড়ি—জঙ্গল কাটিয়া আবাদ করার নিমিত্ত অত্যল্প খাজনায় বিলি-করা জমি। জঙ্গলী (ফা জঙ্গলী)—বন্য ; অসভ্য।]

জঙ্গাল পুং [দ্র 'জাঙাল'] সেতু, আলি, জাঙাল।

জঙ্গুল ক্লী ['জঙ্গম'—মূল (?)] বিষ। তু 'জাঙ্গুলিক'।

জঙ্ঘা স্ত্রী [√হন্+য (যঙ্-লুক্)— √জঙ্ঘ+অ (ড)-ণ+স্ত্রী আ (টাপ্) ; উ ৫.৩১] ১ 'গমনসাধন', জানু-গুল্ফের মধ্যভাগ ; প্রসৃতা, জাঙি। ২ পদের উপরিভাগ, উরু (A.)। তু 'হি জাঁঘ ; ঠ জাংঘ'। ৩ রথ-শকটের অংশবিশেষ। "রথ°। ৪ খট্বার অংশবিশেষ (A.) ; বাজু (?)। [°কর, °করিক (পুং)—ধাবক, ধাউড়ে (courier)। °ত্রাণ (ক্লী)—জঙ্ঘারক্ষক কবচবিশেষ। °শূল (ক্লী)—জঙ্ঘারোগবিশেষ।]

জঙ্ঘাল বিণ [জঙ্ঘা+ল (লচ্) অস্ত্যর্থে] জঙ্ঘাবান্, দ্রুতগামী। —ল পুং ১ ধাবক। ২ হরিণবিশেষ (ভাবপ্রকাশ)।

জজ বি [E. judge] বিচারপতি, প্রাদেশিক বিচারক। [জজপণ্ডিত, জজমৌলবী—ইংরাজ জজদিগকে বিচারে হিন্দুর ও মুসলমানের শাস্ত্রানুসারে পরিচালিত করার নিমিত্ত তাঁহাদিগের সঙ্গে নিয়োজিত পণ্ডিত ও মৌলবী। জজসাহেব—জজমহাশয়। জজিয়তি (জজবৃত্তি)—জজের পদ বা কার্য্য। "জজের গৃহিণী কন 'ভ্যালা জজিয়তি'।—হেম ৩৮৬।]

জঞ্জাল বি [হি, মৈ জংজাল ; 'ঝঞ্ঝাট'—মূল (?)] ১ বিপদ্, আপদ্। "বুঝিয়া না বুঝ কথা এ বড় জঞ্জাল গো.চ ৬০। কৃ.উ ২৫০। বিষম জঞ্জাল ক.চ ৫৩। বাড়িবে জঞ্জাল শ্রী ১৪। ঘটিছে জঞ্জাল ম.ম ১২৪। দেখিয়া আমারো মনে, উপজিছে ভক্তি, কি জঞ্জাল ন ৯৫০। ২ অস্বস্তি, উৎপাত, অনর্থ। "খণ্ডউ সব জঞ্জালে শ্রী.কী ৪১। এই কাল জঞ্জালের মূল বি.সু ১১৭। কেন···বাড়াও জঞ্জাল ভা.চ ৪১৫। ৩ কষ্ট, দুঃখ। "জঞ্জাল ঘুচুক যাও জনকের ঘরে শি ৯০ ; ১০৫। ব.প ১২৯। ৪ বিঘ্ন, বাধা। "কেনে মাও পাতহ জঞ্জাল বা.ম ৩৭৫। পাতিল জঞ্জাল ম.ম ১৫০,-৮। ৫ ঝঞ্ঝাট, লেঠা, গোলযোগ। "দূর কর ও সব জঞ্জাল শ্রী ৭৮। শিবে জিয়াইতে আর না কর জঞ্জাল বি.পা ৬৮। উভয় জঞ্জাল সারি আইনু শি ২৪। চৈ.চ ১৯২। আমি মৈলে ফুরায় জঞ্জাল ভা.চ ৩৭৭। জঞ্জাল···ঘটাইল মে ১২১। বাধালে জঞ্জাল।—গান ১৩। ৬ বিরক্তিকর বিষয়। "গুরুর বচন তোহ্মার হইল জঞ্জাল গো.বি ১৭৭। কৃ.উ ২০৯। ৭ বিবাদ। "নিত্য আসি জঞ্জাল করহ মোর সনে ম ২২। ৮ উদ্বেগ, ভয়। "নিঃশত্রু হইব তবে ঘুচিবে জঞ্জাল ম ৫২৭। ৯ অসুখের হেতু। "যুগল জঞ্জাল হল শ্রী.মা ৯৯। প্রেম এমনি জঞ্জাল ভা.চ ৩০৯। ১০ অপ্রাপ্য বিষয়ে নির্ব্বন্ধ। "মহাদেব বলিলা জঞ্জাল কর মিছা ম ৫৩৩। ১১ মোহ। "টুটি গেল কায়াখানি না যাসিব আর। তবে সে ভাঙ্গিব গুরু জঞ্জাল তোহ্মার ॥—গো.বি ১৩৩। ১২ দুঃসাধ্য বিষয়। "তার ঠাঁই পানি কৌটা পাইতে জঞ্জাল ভা.চ ৪০৭। ১৩ আবর্জ্জনা। "ঝাঁটা দিয়া ফেলি তারা-কুসুমের এ সব জঞ্জাল স্ব.প্র ২১২। ১৪ পাপ। "ব্রহ্মহত্যা মহেশ্বরে লাগেন জঞ্জাল বি.পা ২৭। ১৫ সংশয়। "তত্ত্ব কহি চতুর্ম্মুখ ঘুচাহ জঞ্জাল চৈ.ম ১৭। [জঞ্জাল-জাল—বিপদ্রূপ জাল। "(কাল-ধীবর) টানিবে কর্ম্মসূত্রে, ফেলিয়া জঞ্জাল-জাল দা ২১৭৯। জঞ্জাল-বচন—অপ্রাসঙ্গিক কথা। "ছাড়

জঞ্জালবচন বা.ম ২৮৩। জঞ্জালে—বিপজ্জনক। "বিষম ব্রাহ্মণজাতি বড়ই জঞ্জালে ম ১০৬৩।]

জট্ অক [ভ্বা, প—জটতি ; সেট্] সঙ্ঘাত, সংহতি।

জট বি [সং জটা] ১ সংহত দীর্ঘ কেশ। "জটে দড়ি দিয়া টাঙ্গে ব.প ৪৬৩ ; ৫৩১,-৬। জটে ধরি কীল…মারে ক.চ ৯০ ; ১০২। জট-জালিনি ভা.চ ১৭৯। ২ জটের মত জড়িত বস্তুমাত্র। "মহাবট শিরে জট স্ব.প্র ৩৮। ৩ (অপ্র) তিল, জড়ুর (pimple)। "বাম ধারে আছে তব কালা এক জট ম.ম ১৫৪। [জট পড়া, বাধা—জড়াইয়া যাওয়া। জট বান্ধা—সমবেত হওয়া। "বাস্তুড়ের গড়ে এসে বান্ধিলেক জট শ্রী.মা ১৪২।]

জটলা বিং [সং √জট্] ১ সংহতভাব, জনতা, ভিড়। "জটলা করে তীরে রাখাল এসে চ.কা ৫৫। ২ [হি জটল] একত্র মিলিত লোকের কথাবার্ত্তা ; গল্প-গুজব। "জন দশেকে জটলা করি তক্তপোষে ব'সে স.স্ব ৫৮।

জটা[১] স্ত্রী [√জট্+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্) ; উ ৫.৩০] ১ লগ্নকচ, সংহতকেশ। "জটাবন্ধন রা ১.৪.২৪। °মণ্ডল শ ৭.১১। রচিতকচজটকমনিয়া ভা.চ ৪৪৩। °বন্ধন সী ৯। ২ ব্রতীর শিখা। ৩ (সাদৃশ্যে) বৃক্ষমূল, শিফা, শিকড়। "মাণিকের তরুজটা।—হেম ৭৯। ৪ শাখা (A.)। ৫ শতাবরী। ৬ জটামাংসী ; রুদ্রজটা। ৭ কপিকচ্ছু। ৮ বেদপাঠবিশেষ। ৯ (বাঙলায়) জটার মত বস্তুমাত্র। "জটাজুট-শির (তাল) ন ১৭৯। মেঘের জটা উড়িয়ে দিয়ে৹ নৃত্য কে করে।—গান ৯১। ১০ সিংহকেশর। ১১ বটের শাখা-শিকড়। "শিশু ১৪১। [°চীর, °টঙ্ক (পুং)—শিব। °জূট (পুং)—জটাসমূহ, ঝুটী ; শিবজটা। "°গ্রন্থি, °বন্ধ। উত্তুঙ্গ° ক.সা ১.১৮। °ব্রতী ক.চ ২৫৪। লটপট জটাজূট ভা.চ ৪২ ; °মুকুট ৮৪। জটাজুট শিরে মে ১৫৩। মেঘ°।—গান ১৬০। °মাংসী (স্ত্রী)—গন্ধদ্রব্যবিশেষ। জটা পাকান—জটা বাঁধা ; জটা করা। পাকাল জটা আটা মেখে চুলে কু ২১৯।]

জটা[২] বিং ['জটিত'—মূল ; দ্র 'আ ; অপ্র] জড়িত, খচিত। "আলিসা…স্বর্ণমণিজটা ভ.গ্র ৪৪০।

জটাই, -উ বি [দ্র 'আই, আউ' ; সং জটায়ুঃ ; অপ্র] জটায়ু পক্ষী। "°ই শ্রী.ম ২৭৪। °উ কৃ.উ ২৪৬।

জটাধর বিণ [ষ.ত ; স্ত্রী -রা] জটাধারক, জটী। "কি ১.৪৪।—ধর পুং ১ শিব। "ক.চ ২৩। মে ৪৯। ২ সন্ন্যাসী। ৩ বুদ্ধবিশেষ। ৪ কোষকারবিশেষ।

জটায়ু, -য়ুঃ(-য়ুস্) পুং [বহুব্রী] যাহার আয়ু জট (সংহত, প্রচুর) ; পক্ষিরাজবিশেষ। "জটায়ো পশ্য রা ৩.৪৯.৩৮ ; ৪০। জটায়ুং চ স্তুথ ভট্টি ৭.৮৬। [ইনি শ্যেনীগর্ভজাত অরুণের পুত্র, সম্পাতির অনুজ (রা ৪.৬০.২) ও দশরথরাজের সখা। ইনি সীতাদেবীর রক্ষার্থ রাবণের সহিত যুদ্ধ করিয়া নিহত হন। রামচন্দ্র ইঁহার নিকটে সীতাহরণবৃত্তান্ত অবগত হন এবং পিতৃবৎ পিতৃবন্ধুর অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদন করেন।]

জটাল বিণ [জটা+ল(লচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -লা] ১ জটাবান্, জটিল। ২ সংহত, মিলিত। —ল পুং ১ বটবৃক্ষ। ২ গুগ্গুলু। —লা স্ত্রী জটামাংসী।

জটালা দ্র 'জটাল'।

জটাসুর পুং অসুরবিশেষ। [এই অসুর ব্রাহ্মণবেশে দ্রৌপদী-সহিত যুধিষ্ঠির নকুল ও সহদেবকে হরণ করে এবং ভীম কর্ত্তৃক নিহত হয় (মহা ৩.১৫৭তম অধ্যায়)।]

জটি, -টী স্ত্রী [√জট্+ই (ইন্)-ভা+স্ত্রী বিকল্পে ঈ (ঙীষ্)] ১ সংহতি, সমূহ। ২ [+ই-ক] বটবৃক্ষ। ৩ জটা।

জটিত বিং [হি °ত] ১ সংহত, মিলিত। "ফণীগণ জটিত জটাতে দ্রু ৩৫। ২ জড়িত, খচিত। "মণিগণজটিত…খারিপর ন.প ২০৪। ৩ বেষ্টিত। "ক্ষীণ কটিতট৹ জটিত কিঙ্কিণী ন.প ২৬৮।

জটিল বিণ [জটা+ইল (ইলচ্) অস্ত্যর্থে] ১ জটাবান্, জটী। "জটিলঞ্চ শিরঃ রঘু ১৩.৭৮। কু.স ৫.৩০। অগ্নিশিখাকলাপজটিলাৎ…বনাৎ। —পঞ্চ ২.৮৮। ২ সংমিশ্র, বিমিশ্রিত। "বিপজ্জালজটিলান্ (কামান্)। —ভর্ত্তৃহরি। তৃণজটিলচলৎপাংশুদণ্ডঃ (চণ্ডারম্ভঃ সমীরঃ) বে ২.১৯। ৩ নিবিড়। ৪ (বাঙলায়) দুর্ব্বোধ, কূট। ৫ জড়িত। "লুটিয়ে পড়ে জটিল জটা৹…পুকুরধারে বট।—শিশু ১৪১। —ল পুং ১ 'সটাবান্', সিংহ। ২ ছাগ (A.)। ৩ ব্রহ্মচারী। "মনু ৩.১৫১। ৪ তাপস, যোগী। —লা স্ত্রী ১ পিপ্পলী, বচা ; জটামাংসী। ২ রাধিকার শ্বশ্রূ।

জটিলা দ্র 'জটিল'।

জটী (-টিন্) বিণ [জটা+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -টিনী] জটাবান্, জটিল। "মহা ৩.১১৯.৫। মনু ১১.৯৩। —টী পুং ১ প্লক্ষ, পাকুড়গাছ। ২ শিব। ৩ ষষ্টিবর্ষবয়স্ক হস্তী।

জটু(ডু)ল পুং [(?)] সর্থ 'জট (৩)। "°ডুল কু কে ২১।

জ'টে বিং [জট+এ[৭] ; তু 'জটিয়া (গো.চ)] 'জটযুক্ত', শিব। "নেংটা মেয়ের যত আদর জ'টে ব্যাটা ত বাড়ালে।—শ্যামাসঙ্গীত।

জট্ট বি [জট > ট্ট, দ্বিত্ব ওজোজনক] জটা। "লট্টপট্ট দীর্ঘজট্ট ভা.চ ৪২৬। —ট্টা বি [°ট্ট > জট্টা ; অপ্র] জটা। "খট্টায় হতে জট্টায় ধরে পাড়িব এখন যাঞা ব.প ৫৩৫।

জঠর বিণ [তু 'জরঠ'] ১ কঠিন, দৃঢ়। ২ বদ্ধ। ৩ বৃদ্ধ। —র পুং, ক্লী [√জন্+অর ধি, উ ৫.৩৮ ; ছান্দস] ১ কক্ষি, উদর। "অন্ত-র্বৃত্রস্য জঠরেষু পর্ব্বতঃ।—ঋগ্বেদ ১.৫৪.১০। জঠরেণ হুতাশনম্ (সেবয়েৎ) হি ২.৩২। °পিঠর।—পঞ্চ ৫.৯১। ২ গর্ভাশয়, ভ্রূণস্থান। "ভ ৭.৭.৯। রোহিণী-জঠরে ম.পা ৪ ; ৬৬ ; ৭২। ৩ মধ্যভাগ, অভ্যন্তর। "হেম ১০৩ ; জ্বলিছে আলো সে লোক-জঠরে ১০৬। [°জ্বালা, °ব্যথা (স্ত্রী)—উদরবেদনা (colic)। °যন্ত্রণা, °যাতনা (স্ত্রী)—ভ্রূণের গর্ভবাসজন্য ক্লেশ।]

জঠরাগ্নি পুং [উ.লো] জঠরস্থ পাচকরস (gastric juice)।

জঠরানল বি [উ.লো] সর্থ 'জঠরাগ্নি'। "মে ২৭০।

জঠরাময় পুং [ষ.ত] উদররোগ, জলোদররোগ (dropsy)।

জঠুর বিং [জঠর > °র] কঠিন, শক্ত (মাংসাদি)।

জড়[১] বিণ [৴জল্ ঘনীভাব+অ (অচ্)-ক ; ল > ড ; স্ত্রী -ড়া] ১ শীতগুণযুক্ত, হিমগ্রস্ত, শিশির, শীতল। "হর্ষজড়েন পাণিনা রঘু ৩.৬৮। চন্দ্রচন্দনস্যন্দজড়স্তব স্পর্শঃ।—উ চ ৬.১৩। ২ মন্থর, নির্ব্যাপার। "চিন্তাজড়ং দর্শনম্ শ ৪.৬। সহজলজ্জাজড়দৃশঃ উ.চ ৬.২৮। ৩ নিস্পন্দ, স্তব্ধ। "জড়ীকৃতত্র্যম্বকবীক্ষণেন রঘু ২.৪২। পাপে জড় জিহ্বা রাম বলিতে না পারে কৃ ৪। স্ত্যায়্যা পাইক জড় হৈল শীতে।—ক.চ ১৯৮। ম.ভা ১১। ৪ মোহিত। "অভিষঙ্গজড়ম্ (তম্) রঘু ৮.৭৫। ৫ অপ্রাজ্ঞ, মূর্খ, মূঢ়, বুদ্ধিবিকল (কুল্লুক)। "°মূকান্ধবধির মনু ৭.১৪৯ ; °মূক ৯.২.১। ৬ বেদাভ্যাসে অসমর্থ। "বেদাভ্যাস° বিক্র ১.৮। ৭ অনুদ্যম, নিশ্চেষ্ট। "ভ ১.৭.৩৬। ৮ মূক। "মনু ২.১১০। ৯ বধির। "মনু ৮.৩৯৪। —ড় ক্লী ১ জল। ২ সীসক। ৩ (বেদান্তে) চেতনভিন্ন অজ্ঞানাদিসমূহ ; অচেতন পদার্থ ; অবস্তু। 'অজ্ঞানাদিসকলজড়বস্তু অবস্তু (বেদান্তসার)। [°ক্রিয় (বিণ)—চিরক্রিয়, দীর্ঘসূত্র। °জগৎ (বি)—জড়াত্মক বিশ্ব। "জড়জগৎ জগৎ, অন্তর্জগৎ কি জগৎ নয়? —ব.প্র ২১২।]

জড়[২] বি [সং জটা > প্রা জডা ; হি জড় ; ঠ, গু জড ; মৈ জড়ি (জড়িত)] ১ বৃক্ষমূল, শিকড়। "বেনার জড় চ.দা ৪৪। বি.পা ২৯০। ব.প ১১৪৪। ২ ভিত্তি, ভিত (foundation)। "পাথরের জড় ক.চ ৯৩।

৩ মূল, আদি-কারণ। "অহিতের জড়। [জড়গড় (একার্থক) —মূল-শিকড়, মূল। "যার সঙ্গে লাগি তার মারি জড়গড় শ্রী.মা ১০৮।]

জড়[৩] '-ড়ো' বিং [জড়িত'—মূল] মিলিত, সমবেত। "সব বীর জড় হঞা ছাড়ে সিংহনাদ কৃ.উ ১৩৭। দুজনে একত্র জড় ক.চ ৪৬। সব দেব হৈল জড় চ.বি ৫৬। শি ৯৬। রড়ে জড় সবে হয়ে মে ৮৯। [জড় করা—একত্র করা। "সকল···জড় কৈল ব.প ৭৩৭। তৃণ জড় করি ভ.গ্র ২১। পাল জড় কর প.র ১৩।]

জড়ওয়া, জড়োয়া বিং ['জড়িত'—মূল; হি জড়াউ] মণিমুক্তাদি রত্নে জড়িত বা খচিত (গহনা)। "জড়োয়া সিঁথি দা ১৪৮১। জড়ওয়া গহনার পুঁটলী হু ১৮৬।

জড়তা স্ত্রী [জড়+তা (তল্) তদ্ভাবার্থে] ১ জড়ভাব, শীতকাল। ২ মূঢ়তা, অপটুতা। ৩ উদ্যমহীনতা। ৪ শৈথিল্য, নিস্পন্দতা। "রঘু ৯.৪৬। আনন্দনেন জড়তাং পুনরাতনোতি উ.চ ৩.১২। ৫ ব্যভিচারিভাবাবশেষ। "সা.দ ৩.১৪৮। ৬ বিরহে জীবনমাত্রস্থিতি (রসমঞ্জরী)। ৭ জড়পদার্থের ধর্ম্ম। ৮ (বাঙ্‌লায়) অস্পষ্টতা, স্খলন (কথার)।

জড়ভরত পুং [কর্ম্মধা] ১ 'মূক ভরত'; আঙ্গিরসবংশীয় যোগিবিশেষ। [ইনি ঋষভদেবের পুত্র। পূর্ব্ব জন্মে ইঁহার নাম 'ভরত' ছিল। ইনি বানপ্রস্থাশ্রমে এক হরিণশিশু পালন করেন এবং মৃত্যুকালে স্নেহবশে তৎস্মরণহেতু হরিণযোনি প্রাপ্ত হন। পরজন্মে আঙ্গিরসবংশে এক তপস্বী ব্রাহ্মণের পুত্ররূপে ইনি জন্মগ্রহণ করেন এবং জড়, অর্থাৎ মূক বলিয়া 'জড়ভরত' নামে খ্যাত হন। ইনি পরমজ্ঞানী ছিলেন; সিন্ধু-সৌবীরপতি রহূগণের প্রতি ইঁহার তত্ত্বোপদেশ তাহার পরিচায়ক (ভ ৫,৪-১১শ অধ্যায়)।] ২ [ঠ °ত—অলসব্যক্তি] (গৌণার্থে) অকর্ম্মণ্য, কুঁড়ে; বুদ্ধিশুদ্ধিহীন।

জড়সড়, -ড়ো বিং [জড়+'সড়' (অনু.শব্দ)] লজ্জায় ভয়ে বা শীতে সঙ্কুচিত; পিণ্ডীভূত, গোটো-সোটো। "(বিদ্যা) লাজে ভয়ে জড়সড় ভা.চ ৩৭৩। (প্রাণের ভয়ে) কুড়িয়ে লেঙ্গুড় জড়সড়ো করে দা ১৪৫৫। মার কোলে শুয়ে, জড়সড় হ'য়ে আঁধারের ভয়ে।—হেম ৩১৯। আমার ভয়েই জড়সড় প.কা ৩৩। হরি তিরস্কার খাইয়া জড়সড় হইয়া বসিল আ.দু ৮।

জড়া[১] বিং [জড়িত >°ড়া, দ্র 'আ'[১২]; অপ্র] ১ খচিত, মণ্ডিত। "শ্যাম নব কাদম্বিনী, রাই তাহে সৌদামিনী, কিংবা হেমজড়া নীলমণি ভ.গ্র ৪৮২। ২ বেষ্টিত। "কটি পীত বসন রসনা তাহে জড়া জ্ঞা ৯। —ড়া বি [জড়া[২]—মূল; অপ্র] মণ্ডন, বেড়া। "মতি পলা কাঞ্চনের জড়া চ.বি ৩৫; ২৫৯।

জড়া[২] সর্ম্ম [সং √জট্; হি √জড়; ঠ √জড] ১ জড়িত বা বেষ্টিত করা; বেড়া, জড়ান। "যথা শুণ্ডধর টানে শুণ্ডে জড়াইয়া, শৃঙ্গধরশৃঙ্গে মে ২০১। ২ লিপ্ত করা; লাগান। "কোণের বহুড়ী লয়ে কন্দলে জড়ায়।—ভা.চ ৭৯। —ড়া অর্ম্ম ১ সংলগ্ন হওয়া; লাগা। "কাঁটায় কাপড় জড়ায়। ২ অস্পষ্ট হওয়া (কথা)। ৩ [জড় >°ড়া, দ্র 'আ'[৯]] জড়বৎ অবশ হওয়া। "জাড়ে জড়াইল হাথ কৃ.উ ৯১। [জড়াজড়ি করা—পরস্পর জড়াইয়া ধরা। "জড়াজড়ি করি দোঁহে পড়ে ভূমিতলে ম ৮৬০। ভা.চ ৭৩। জড়ান—১ সর্ম্ম 'জড়া'। ২ বেষ্টিত। "কটিতে জড়ানো···কৌপীন চ.কা ৯৪। জড়ি—জড়াইয়া। "চ.বি ১০৩। জড়িয়া, -ড়ে, -ড়েয়া (গো.চ)। চুল জড়ান—চুল পাক দিয়া বাঁধা; চুল জট-বাঁধা।]

জড়াও বিং [হি, মৈ জড়াউ,] জড়িত, রত্নমণ্ডিত, খচিত। "গৃহ সব হেমময় জড়াও মণিতে ভ.গ্র ৪৩৯; স্বর্ণেতে জড়াও ৪৫৮। রতনে জড়াও কবজা ব.প ১৪৮৩; জড়াও ডিবি ১৪৮৭। জড়াও ঝুমকা দা ১৯৩৩। —ড়াও বি [হি জড়াব; ঠ জডাব] গহনায় মণি-প্রভৃতি বসান; মণ্ডন।

জড়াক্ষ বি (?)। "জড়াক্ষের বাটা দিবা ইহার বদলে বি.পা ২১৯।

জড়ি বিং [জড়িত >°ড়ি; অপ্র] মণ্ডিত, খচিত। "ব্যাঘ্রনখ হেমজড়ি চৈ.চ ৫৩। মণিমুকুতায় জড়ি, অঙ্গে অঙ্গে সহজ ভূষণে ব.প ৭৮৩। —ড়ি বি [সং জড় (জল)—মূল?] রস। "লুন নেবু-জড়ি বি.পা ৩৪৭। [জড়ির পটুকা—রত্নখচিত কটিবন্ধ। "জড়ির পটুকা আনি, কাঁকালে বান্ধিল রাণী ব.প ৬৯৫।]

জড়িত বিং ['জটিত'—মূল; হি °ত; তু 'জড়িঅ'—খচিত (দেশী ৩.৪১)] ১ বেষ্টিত, বেড়া। ২ লিপ্ত। "রুধিরে জড়িত অঙ্গ ম.বি ১৫৯। তুয়া প্রেম বিষসে, জড়িত ভেল অন্তর (প.ক)। ৩ নিরুদ্ধ, অস্পষ্ট, গদ্‌গদ। "জড়িমা-জড়িত কথা সা.ম ৩৮। অশ্রু-জড়িত কণ্ঠে। —গান ১৪৫। ৪ আসক্ত, ব্যাপৃত। "সংসারে জড়িত। ৫ ব্যাপ্ত, আক্রান্ত। "(ক্রৌঞ্চী···শোক করে) চক্ষে করি দরশন, জড়িমা-জড়িত মন সা.ম ৭। ৬ সর্থ 'জড়ি' (বিং)। "হেমজড়িত (ধৃতপাঠ 'জরিত') মুকুট ম.পা ১৬০।

জড়িমা (-মন্) পুং [জড়+ইমন্ (ইমনিচ্)] ১ জড়ভাব, জাড্য, জড়ধর্ম্ম। ২ নিশ্চেষ্টতা। "ক্ষণেক জড়িমশূন্য জরতীর দশা।—রঙ্গ ১৮। স্বপ্নজড়িমা।—কথা ৩০। ৩ মন্থরতা, নির্ব্যাপারভাব। "চক্ষে করি দরশন, জড়িমাজড়িত মন ব.সু ৭। ৪ মূঢ়তা, বুদ্ধিমান্দ্য। "স্মরণে জড়িমা যায় দূরে ক.চ ২। ৫ স্তব্ধতা; নিস্পন্দতা। ৬ ব্যভিচারিভাববিশেষ। 'ইষ্টানিষ্টাপরিজ্ঞানং যত্র প্রশ্নেষ্বনুত্তরম্। শ্রবণদর্শনাভাবো জড়িমা সোঽভিধীয়তে॥—উজ্জ্বলনীলমণি। ৭ (বাঙ্‌লায়) জড়িতভাব, অস্পষ্টতা। "গলে গলে বাহুলতা, জড়িমা-জড়িত কথা সা.ম ৩৮।

জড়ীভাব পুং [জড়+চ্বি (॰)+ √ভূ+অ (ঘঞ্)-ভা] ১ জড়ত্ব; শৈত্য। ২ মূর্খতা। ৩ নিস্পন্দতা। —ভূত বিণ [+ত (ক্ত)-ক] ১ নিস্পন্দীভূত, জড়ভাবাপন্ন। ২ মূঢ়ভূত। ৩ [সং জটীভূত, পা ৩.১.২১, সি] (বাঙ্‌লায়) রাশীভূত, জড়িত।

জড়ুর বি সর্থ 'জটুল'।

জড়ুল দ্র 'জটুল'।

জড়োয়া দ্র 'জড়ওয়া'।

জত বিং [সং যাবৎ, যতি >প্রা জেত্তিঅ, 'জত' (পৈ); হি জিতনা, -ত্তা, জেতিক; মৈ জত; অপ্র] ১ যাবৎপরিমাণ, যত। "জত অপরাধ শ্রী.কী ২২০। জত শ্রম কৃ.উ ১৬১। জত ছিল ছার পাঁস শূ ১১২। ২ যৎসংখ্যক, সকল। "জত দেবগণ কৃ.উ ১৯৭। জত শোনে গিয়াস্তা গো.চ ২৪। জত দিবস চৈ ৮৭। জত গ্রাম ন.প ৬। ৩ যেপ্রকার, যেমন। "জত বড় উপজিল জরে শ্রী.কী ২২।

জতন বি [সং যতন (য >জ); অপ্র] যত্ন। "শ্রী.কী ৩৬২,-৩।

জতি বি [সং যতি; হি জতি; অপ্র] ১ তালবিশেষ, যৎ। "জতি তাল।—গ ১৫৭। ২ যোগী, সন্ন্যাসী। "জতি গোরখাই গো.বি ৯৮। ৩ [সং জ্যোতিস্ >লি জোতি >°তি; অপ্র] দীপ্তি। "অঙ্গে হইল জতি গো.চ ৮৩।

জতু ক্লী [√জন্+উ,-ক, উ ১.১৯] ১ লাক্ষা, জৌ (lac)। "পা ৪.৩.১৩৮। °গৃহ মহা ১.২.৪৩। ক্ষুদ্র জতুগৃহ যেন উঠিল জ্বলিয়া।—ন ১১৭৯। ২ অলক্ত, আল্‌তা। [°গৃহ, °ধাম (-মন্) ক্লী—জতুনির্ম্মিত গৃহ। "দ্র 'জতু (১)। জতুধাম বা.ভা ১.৭১। °পুত্রক (পুং)—পাশার ঘুঁটি। °মণি (পুং)—জড়ুর। °রস (পুং)—জতুরাগ, অলক্তক, আলতা।]

জতুক ক্লী [জতু+ক (কন্) স্বার্থে] ১ জতু। ২ [সং 'জতুমণি'] (বাঙ্‌লায়) জড়ুর। ৩ [সং যৌতুক] বিবাহে প্রাপ্ত স্ত্রীধনবিশেষ। —কা স্ত্রী ১ জতু। ২ পর্পটী। ৩ চামচিকা।

জতেক বিং [যতেক >°ক; হি জেতিক; অপ্র] যৎপরিমাণ, যৎ-

সংখ্যক, যতগুলি, সকল। "জতেক অস্ত্রের শিক্ষা তিন বীরে জানে। সভে সভাকারে সব সেই অস্ত্র হানে॥ —কৃ.উ ২২৩। চলিল রণে জতেক কর্ণিকার চ.বি ৪২। মহানদী জতেক ন.প ৪।

জৎকুচ্ছিত, যৎকুৎসিত বিং [সং জুগুপ্সিত > লি জুগুচ্ছিত ; প্রা জুগুচ্ছিয় ; °সিত (সাধুভাষা)] ১ ঘৃণিত, নিন্দিত। ২ অতীব অশ্লীল। "যৎকুৎসিত সম্পর্কবিরুদ্ধ গালাগালি লী ৪৮। ৩ বিশ্রী, কদাকার।

জৎঘড়ি ক্রি.বিং [অপ্র] যে সময়ে ; যেইমাত্র, যখনই। "জৎঘড়ি শাপিল হাড়ি তৎঘড়ি পোআইল গো.চ ২২৪।

জত্তন বি [সং যত্ন > প্রা জত্ত > বা °ন ; তু 'জতন' ; অপ্র] যত্ন, উদ্যোগ, চেষ্টা। "পুসিমু জত্তন করি গো.বি ৬৪ ; ১০৫,-৬। রাখিব জত্তনে ম.পা ৪৭ ; ১৭৪।

জত্রু ক্লী [√জন্+রু, উ ৪,১০২ ; ছান্দস] স্কন্ধবক্ষঃসন্ধি, তৎসন্ধিগত অস্থি (collar-bone)। "দৃঢ়°, °দেশ। গূঢ়° ।—রা ১.১.১০। যাজ্ঞ ৩.৮৮। নিগূঢ়° ভ ১.১৯.২৭।

জথ বিং [যত > °থ ; অপ্র] ১ যৎপরিমাণ, যৎসংখ্যক, যতগুলি, সব। "জথ সিদ্ধা ছলিল কটাক্ষ শরে হানি গো.বি ১৮; জথ ধন কৌড়ি ১৮০। তারক জথ গ ৬৪। জথ দিন ম.পা ১ ; জথ অশ্বপতি ৮৩ ; জথ ধন জন ১২৩ ; জথ ক্ষণ ১২৫ ; ১৬৫। ২ যৎকিঞ্চিৎ, যাহা-কিছু। "জথ সুনিয়াছ প্রভু কিছু নহে সার গো.বি ১৬৯। [জথ সব—নিঃশেষে সমুদয় ; সকল। "মানকচু সপিআছ জথ সব সেজা গো.বি ১২২।]

জথা অব্য [সং যত্র > প্রা জথ > বা °থা ; তু 'যথা'] ১ সেথানে। "গ ৬৪। ২ [সং যথা > প্রা জহা] যে-প্রকার। "জথাচার সুখ কর্ম্ম করিল সকল গ ৪১। [জথা তথা, তথাতে—যেখানে-সেখানে ; যে-কোন স্থানে। "গ ৪৬ ; ৯৭। জথাতে—সর্থ 'জথা'। "জথাতে মহেশ ম.পা ৩৩ ; ৯১ ; ১২১।]

জথেক বিং [যতেক > °ক ; অপ্র] যত, যৎসংখ্যক, সকল। "জথেক সকল সিদ্ধা ডাকিয়া আনিল গো.বি ১৭। জথেক দেবতা : জথেক অসুর ম.পা ১৪ ; ৫১ ; ১১৭। [জথেক…তথেক—১ যতটা…ততটা। "জথেক (জল) গড়িয়া পড়ে, তথেক ব্রহ্মাণ্ড ভরে গ ৫৩। ২ যতগুলি …ততগুলি। "গ ৬৪।]

জদি অব্য [সং যদি > প্রা জদি ; হি জদ (গ্রাম্য) ; মৈ জদি ; অপ্র] যদি। "লন জদি গেল তুআ ভাবে শ্রী.ম ১১৭। গো.বি ৮৫। ম.পা ১০। [জদি কালে—যদি উপস্থিতিকালে। "গো.চ ২৯।]

জন্ অক [দি, আ—জায়তে ; সেট্ ; ছান্দস ; cf., Gr. genos ; L. genus ; E. oxygen] ১ জনন, উৎপত্তি ; প্রাদুর্ভাব, স্ফুটীভাব। ২ সত্তা, হওয়া। "অনিষ্টাদিষ্টলাভেঽপি ন গতির্জায়তে শুভা। —হি ১.৫। [অনু—পশ্চাৎ উৎপত্তি। অধি—অধিজনন, অধিক (শ্রেষ্ঠ) হওয়া। "মনু ১.৯৯। অভি—অভিজনন, উৎপত্তি। উপ —উৎপত্তি। "হি ১.৪৪। প্র, বি—প্রসব। "প্রজায়স্তে সুতান্ নার্য্যঃ। বিজায়তে পা ৫.২.১২। সম্—সমুৎপত্তি। (ণিজন্ত) √জনি—উৎপাদন, প্রসব। "মা স্ম সীমন্তিনী কাচিজ্ জনয়েৎ পুত্রমীদৃশম্ রা ২.৫৩.২১। হি ২.৭।]

জন[১] পুং [√জন্+অ(অচ্)-ক ; 'জন'—প্রাণী ; সজ্ঞ (ঋগ্বেদ ১.৩৭.১২ ; ৫০.১০)] ১ জন্মী, প্রাণিমাত্র, জীব (creature)। "গতিস্তয়োরেষ জনঃ (হংসঃ)।—নৈ ১ ১৩৫। জীবজন্তু…যত জন ম ১০ ; প্রাণী যতজন ৫৬৪ ; সেইজন (গন্ধর্ব্ব) ৯৯৭ ; চরাচর° ১০৫৬। দুই জন (পক্ষী) কৃ ৩২ ; দুষ্ট জন রাক্ষসের থানা ১৪৬। যেই জন (সর্প) ম.ভা ৩৫। ত্রৈলোক্যের জন জ ৫২। ২ [তু 'ফা জ.ন্—নারী, স্ত্রী] লোক (নর ও নারী)। "সখী° রঘু ৩১। কন্তা° শ ২৳ ; মৃগশাবৈঃ সমমেধিতো জনঃ ২.১৭। প্রিয়ো জনঃ উ.চ ২.১৭। দ্বারকাবাসি° (বিষ্ণুপুরাণ)। এষ জনঃ (রাধিকা) বি.মা ৭৳। স্বজনবিরোধ ; প্রমদাজনবিশ্বাস।—হি ২.১৬৯। ফুল্লরা নারীজন ক.চ ৬.৯। বেরুণিয়া জনে ৭৬। ৩ লোকসমূহ, লোক, মানবজাতি (the people)। "সমবায়ে জনস্য মনু ৪.১০৮। সতীমপি জ্ঞাতিকুলৈকসংশ্রয়াং জনোঽন্যথা ভর্ত্তৃমতীং বিশঙ্কতে।—শ ৫.১৮। ৪ প্রজা। "সম্বন্ধো নৃপতের্জনঃ (শ্রেয়ান্) হি ৩.৩৬। রঘু ১৮.৩২। সভে তোমার জন চৈ.চ ৬৬। ৫ দেহ। "ভ ৭.২.৪২। ৬ মহর্লোকের উর্দ্ধলোক ; জনলোক। "°লোক কৃ ২৯১। শিরোরুহ তপঃ সত্য জন ক.চ ১০। ৭ পামর, নীচ। ৮ অসুরবিশেষ। "জনার্দ্দন। ৯ (বাঙলায়) পুরুষ। "জানেন সে জন৹ অন্তর্যামী যিনি মে ১৬। ১০ [মৈ—জন, না] শ্রমজীবী, মজুর। "জনখাটা ভরসা আ.দু ১৭৫। ১১ [অপ্র] দেবতাসূচক। "(ভাস্করাদি) পূজি জনে জনে দু ১। তিন জন জমক দেখিল গো.চ ১৪। [°চক্ষুঃ (-ক্ষুস্) পুং—সূর্য্য। °ত্রা (স্ত্রী)—ছত্র। °দেব (পুং) —'শ্রেষ্ঠজন', নরদেব, রাজা। °প্রবাদ (পুং)—লোকাপবাদ ; কিংবদন্তী। °প্রাণী (বি)—লোক ও জীবমাত্র। "জা ৪৭। °প্রিয় (পুং)—১ লোকহিতৈষী ; শিব। ২ ধন্যাক। °বান্ (বিং)—লোকসহায়বান্। "ধনবান্ জনবান্ ধরণীর ফুল।—হেম ৩২১। °মরক (পুং)—সংক্রামক রোগ। °মানব হীন (বিং)—নির্জন। "ব.প ১৬৯০। °রঞ্জন (বিণ) —লোকপ্রীতিকর। °রব (পুং)—সর্থ 'জনপ্রবাদ'। °বাদ (পুং) —১ সর্থ 'জনরব'। ২ লোকের সহিত নিরর্থক বাক্যকলহ। "মনু ২.১৭৯। °লোক (পুং)—সপ্তলোকের অন্তর্গত পঞ্চম লোক। "ম ৯৪৮। ইহা সনকাদি, যোগীন্দ্র, উর্দ্ধরেতাঃ ও ব্রহ্মচারি-প্রভৃতির বাসস্থান (স্কন্দপুরাণ)। °শ্রুত (বিণ)—লোকখ্যাত, প্রসিদ্ধ। °শ্রুতি (স্ত্রী) —কিংবদন্তী। °সম্বাধ (পুং)—লোকসংমর্দ্দ, ভিড়। °সাধারণ (বি) —সাধারণলোক (the public)। °স্রোতঃ (বি)—অবিচ্ছিন্ন জনশ্রেণী। "নিরন্তর জনস্রোতঃ মা ১০১। দুটি জন প্রাণী—কেবল দুইজন লোক। "শুধু অতি কাছাকাছি দুটি জন প্রাণী৹ অসীম নির্জ্জনে চ.কা ১১৯।]

জন[২] '-ন্' বিং [সং যুবন ; ফা জৱান্] তরুণবয়স্ক, যুবা। [জনমর্দ, -মরদ—বলিষ্ঠ যুবা পুরুষ।]

জনওআ(য়া)র, -নোআর বি [ফা জন্ৱর্ ; অপ্র] পশু, বাঘ, গোবাঘা। "শিয়ালক দেখি জনওয়ার পালায় গো.চ ১২৪ ; গোবাগা জনওআর হৈল.ঃ জনোআর ২৯৮।

জনঃ (-নর্, -স্) ক্লী সর্থ 'জন[১]' (৬)। "ভূর্ভুবঃ স্বর্মহর্জনস্তপঃ সত্যম্ (বেদান্তসার)। জনস্তপঃসত্যনিবাসিনঃ ভ ৩.১৩.২৫। [জনর্লোক, -নোলোক (পুং)—সর্থ 'জন[১]' (৬)।]

জনক বিণ [√জনি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -নিকা] উৎপাদক, জনয়িতা। "দুঃখ°, শোক°। তনুশুক্রঃ স্ত্রীজনকঃ (বৃহৎসংহিতা)। জনকঃ সর্ব্বরোগাণাম্…জ্বরঃ (শ.ক)। —ক পুং ১ পিতা। ২ মিথিপুত্র রাজর্ষি জনকের পূর্ব্বপুরুষ। 'জনকো মিথিপুত্রকঃ রা ১.৭১.৪। "নিমিজনকবংশনন্দিনি উ.চ ১৳। [(ভাগবতে) ইনি, নিমি হইতে জন্ম হেতু 'জনক', বিদেহ নিমি হইতে জাত বলিয়া 'বৈদেহ' এবং নিমির দেহমন্থনে উৎপত্তি হেতু 'মিথিল' নামে খ্যাত। 'মিথিলা' ইঁহার নির্ম্মিত (ভ ৯.১৩.১২,-৩)।] ৩ মিথিলরাজ হ্রস্বরোমার পুত্র ও কুশধ্বজের জ্যেষ্ঠ ভ্রাতা। "রা ১.৭১.১২,-৩। [সীতা ইঁহার পালিতা কন্যা। ইনি ব্রহ্মবিৎ রাজর্ষি ছিলেন। যাজ্ঞবল্ক্য ইঁহার সভায় অবস্থান করিতেন। তু 'তদ্ধৈতজ্জনকো বৈদেহো যাজ্ঞবল্ক্যং পপ্রচ্ছ।—শতপথব্রাহ্মণ ১১.৩.১.২।] [°তনয়া, °নন্দিনী, °সুতা (স্ত্রী)—সীতা। "°য়া পু.মে ১ ; সী ১। জনকাত্মজা (স্ত্রী) সীতা।]

জনতা স্ত্রী [জন+তা (তল্)] ১ জনসমূহ। "রঘু ১১.৮২ ; ১৫.৬৭। এ মহাজনতা।—ম ১২২৮। ২ (বাঙলায়) জনসংমর্দ্দ, ভিড়। "লোকের জনতা ম ৯৩৫।

জনন বিণ [√জনি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] জনয়িতা, উৎপাদক। "ভয়°। (সৌগন্ধিকবনম্) অপশ্যৎ প্রীতিজননম্ মহা ৩.১৫২.১৪। বীজপ্ররোহজননী রঘু ৯.৮০। একাদশে স্ত্রীজননী (অধিবেত্তা) মনু ৯.৮১। —ন পুং বিষ্ণু (মহা)। —ন ক্লী ১ উৎপাদন। "অপূর্ব্বাণাং চ জননে শক্তঃ।—রা ১.২১.১৮। অন্যোন্যশোভা° কু.স ১.৪২। মাঘ ২০.৪১। সন্তোষ° স.শ ১৫৬। ২ [√জন্+অন-ভা] উৎপত্তি, উদ্ভব, জন্ম। বিপ 'মরণ'। "জননান্তরসৌহৃদ শ ৫.২। কু.স ১.৫৩। যাবজ্জননং তাবন্মরণম্ (মোহমুদ্গর)। কন্যার জনন কৃ ৫০। ভকতি° ।—হেম ৩। ৩ আবির্ভাব। ৪ [+অন-ধি] বংশ, কুল। —নী স্ত্রী ১ 'প্রসবিত্রী', মাতা। 'জননাজ্জননী স্মৃতা মহা ১২.২৬৫.৩২। "রঘু ২.৬১। হি ১.৩৩। ২ জননীসদৃশী ; উৎপাদিকামাত্র। "বদামস্তে কিং বা জননি (কালীস্তব)। দীনজনজননি কৃ ৩৪৭। জনক-জননী-জননি স.স্ব ৬৬। ৩ দয়া। ৪ যূথিকা। ৫ মঞ্জিষ্ঠা। ৬ কটুকা। ৭ অলক্তক। ৮ চর্ম্মচটিকা।

জননি স্ত্রী [√জন্+অনি-ক] মাতা (বৃহৎসংহিতা)।

জননী দ্র 'জনন'।

জনপদ পুং [বহুব্রী ; বৈদিক] ১ 'জনসমূহের স্থান যেখানে' ; দেশ। বিপ 'পুর, নগর'। "জনপদে ন গদঃ পদমাদধৌ রঘু ৯.৪। গ্রামং জনপদস্যার্থে (ত্যজেৎ)।—পঞ্চ ৩.৮২। রথ অযোধ্যা হইতে বহির্গত হইয়া জনপদে প্রবিষ্ট হইল সী ৩৪। [জনপদসমূহের নাম—দ্র 'মহা ৬.৯।] ২ পল্লী (মল্লিনাথ)। "°বধূ—পূ.মে ১৬। ৩ জনপদবাসী, প্রজা, জন (public)। "জনপদহিতকর্ত্তা ত্যজ্যতে পার্থিবেন্দ্রৈঃ। —পঞ্চ ১.১৪২। মনু ৮.১, মেধাতিথি। দ্বারকাবাসিজন (বিষ্ণুপুরাণ)। —পদী (-দিন্) পুং [°দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] জনপদস্বামী। "পা ৪.৩.১০০, সি।

জনম বি [সং জন্ম >বা (স্বরাগমে) জনম ; পদ্যে ; হি, মৈ জনম] ১ জন্ম, উৎপত্তি। "নারী জনমে বি.প ১৫২। জনম অবধি৹ মায়ের সোহাগে৹ সোহাগিনী বড় আমি চ.দা ১৪৪। জনম অবধি৹ পীরিতি বেয়াধি চ.সা ১৪২। ২ জীবিতকাল। "আধ জনম হাম নিন্দে গোঙায়নু বি.প ২১৯। আজনম তুয়া গুণ করবহুঁ গান রা.শে ৮০। জনম গোঁয়ানু দুখে চ.সা ১৫৭। [°আইয়তি—আমরণ সধবা। "জনম-আইয়তি হৈয়া থাক রা.শে ৭১। °দুখিনী—জন্ম হইতে দুঃখিনী। °ভিখারী—আজন্ম ভিক্ষোপজীবী। "ক.চ ৪১ ; স্বামী মোর জনম-ভিখারী ৬৪। জনমি (হি √জনম)—জন্মিয়া, উৎপন্ন, হইয়া। "তোহে জনমি পুন৹ তোহে সমাওত বি.প ২১৯। জনমে জনমে—প্রতিজন্মে। "জনমে জনমে৹ প্রাণনাথ হৈয় তুমি চ.দা ১৪৫।]

জনমেজয় পুং [জন+ √এজি কম্পন+অ (খশ্)-ক ; উ.ত] 'জনকম্পয়িতা', ইরাবতীর গর্ভজাত পরীক্ষিতের পুত্র চন্দ্রবংশীয় রাজবিশেষ। [উতঙ্কের মুখে তক্ষকদংশনে পিতার মৃত্যুকথা শ্রবণ করিয়া, ইনি সর্পক্ষয়ার্থ সর্পসত্রের অনুষ্ঠান করেন। সত্রে তক্ষক ভিন্ন সর্পকুল নিহত হইলে, আস্তীক ইঁহার নিকটে সত্রবিরতি-বর গ্রহণ করিয়া মাতুলবংশ রক্ষা করেন। সত্রাবসানে ইনি ব্যাসশিষ্য বৈশম্পায়নের মুখে পূর্ব্বপিতামহগণের চরিতকথা মহাভারত শ্রবণ করেন (মহা ১.৪.১৭৮ ; ৪৮-৬০ তম অধ্যায়)। অকালকৃত অশ্বমেধযজ্ঞে ব্রহ্মহত্যা পাপে দূষিত হইলে, ইনি বৈশম্পায়নের নিকটে মহাভারত শ্রবণ করিয়া পাপমুক্ত হন (রাজাবলী, ১ম পরিচ্ছেদ ; ম ৪৮-৫০ পৃষ্ঠা)।]

জনয়িতা (-তৃ) বিণ [√জনি+তৃ (তৃচ্)-ক-১ব স্ত্রী -ত্রী] উৎপাদয়িতা, জনক। "দশরথঃ পিতা জনয়িতা মম রা ২.১১১.১১। —তা পুং জনক, পিতা। "মনু ৯.১৪২। —ত্রী স্ত্রী [°তৃ+স্ত্রী ঈ (ঙীপ্)] প্রসবিত্রী, মাতা। "রঘু ১০.৭০। —য়িষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক ; স্ত্রী -ষ্ণু] জননশীল, জনয়িতা। "এবমেতে সমুৎপন্না মরুতো জনয়িষ্ণবঃ (মহা)।

জনস্থান ক্লী [ষ.ত] ১ দণ্ডকারণ্য। "°নিবাসিনী রা ১.১.৪৬। °মধ্যগো গিরিঃ প্রস্রবণঃ উ.চ ১২৬ ; ১.২৮। °মধ্যবর্ত্তী প্রস্রবণগিরি সী ১০। ২ দণ্ডকান্তর্গত তপস্বিগণের অধ্যুষিত স্থানবিশেষ। 'তপস্বিনঃ স্থিতা হ্যত্র তজ্জনস্থানমুচ্যতে রা ৭.৮১.২০। "রঘু ১২.৪২ ; ১৩.২২। ৩ লোকের বাসস্থান ; লোকালয়। "জনস্থানে ভ্রান্তম্ সা.দ ৪৩২। কোলাহলপূর্ণ…জনস্থান স.শ ৮২।

জনা[১] বি [সং জন ; প জণা ; মৈ জনা ; অস জনা ; দ্র 'আ'[১৩]] ১ জন, ব্যক্তি। "মোঁহ যুবতি জনা বি.প ২২২। দুত যাউক এক জনা কৃ ২৪৭। সাধুজনার সংহতি ম ১১৪৬। সে জনার প্রশংসা ক.চ ৩। জনা দুই চৈ.চ ৯৩ ; জনা চারি ৩১৮। এমত জনাকে ব.প ৮৯০। ন.প ৪০৬। ২ জন (অবজ্ঞাসূচক)। "তোমার সভায় মন্ত্রী নাহি এক জনা কৃ ২৭৯। পাষণ্ডজনার মুণ্ড ম ১১৪৬। ৩ স্ত্রী জন। "যে জনার মৈল স্বামী, তারে কি বলিব আমি।—ক.চ ২৯৩। [জনা কতক লোক—কয়েকজন। "কৃ.অ ৩২। জনা জাত—প্রতিজন, প্রত্যেকে।]

জনাতিগ বিণ [জন+অতি- √গম্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -গা] লোকাতীত, লোকোত্তর।

জনাধিপ, -ধিনাথ পুং [ষ.ত] ১ নরপতি, রাজা। ২ বিষ্ণু।

জনান্ত পুং [ষ.ত] ১ জনসমীপ। ২ দেশ, জেলা (শ.ক)। ৩ জনান্তক, যম (A.)। ৪ জননিমিত্ত প্রতিঘাত।"ভ ৬.৮.১৮।

জনান্তিক ক্লী [জনান্ত+ইক (ঠন্) অস্ত্যর্থে] ১ 'জনান্তসম্বন্ধী'. (নাটকে) ত্রিপতাক করে অন্য পাত্র অপবারিত করিয়া কথামধ্যে পরস্পর গুহ্যভাষণ বা অপপ্রকাশকথন। 'ত্রিপতাককরেণান্যাপবার্য্যান্তরা কথাম্। অন্যোন্যামন্ত্রণং যৎ স্যাজ্জনান্তে তজ্জনান্তিকম্॥ সা.দ ৬.১৩৯। ২ [ষ.ত] জনসমীপ।

জনাব বি [আ জনাব্] দেবপাদ, প্রভু, মহারাজ (your honour)। "অপর যে কিছু পাওয়া না যায় জনাবে শ্রী ১২০।

জনার বি [সং যবনাল ; হি জনেরা ; মৈ জনের] ভুট্টা, মক্কা। "ভা.চ ৪৯৬। [জনারে লোহাবালা—জনারের মত বুটা-কাটা লোহার খাড়ু। "দা ১৬৩৩।]

জনারণ্য বি অরণ্যসদৃশ ঘন-দণ্ডায়মান লোকসমূহ ; লোকারণ্য। "হো হো করি জনারণ্যে হাস্যরস ফুটে।—রঙ্গ ২৪।

জনার্দ্দন পুং [জনের অর্দ্দন, ষ.ত] ১ সমুদ্রবাসী জনাসুরের পীড়ক ; জনের প্রার্থনীয় বস্তু ; ভক্তের জন (জনন)-নাশক ; ব্রহ্মরূপে জনক ও হররূপে নাশক (অ.টী) ; বিষ্ণু, কৃষ্ণ। "ভ ৩.৫.৩। গী.গো ৭.১২। ২ গয়াস্থ বিষ্ণুমূর্ত্তিভেদ।

জনাশ্রয় পুং [ষ.ত] অতিথি-প্রভৃতির গৃহ ; মণ্ডপ।

জনি[১], **-নী**[২] স্ত্রী [√জন্+ই (ইন্)-ভা, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.১২৯] ১ জন্ম, উৎপত্তি। "অম্ভোজন্মজনিঃ (ব্রহ্মা) ভ ১০.১৩.১৫। ২ [+ই-ধি] জননী। ৩ নারী। ৪ জায়া, বধু। "পা ৪.৪.৮২। ৫ স্নুষা। --নিকা স্ত্রী সর্থ 'জনি'।

জনি[২] অব্য [হি, মৈ জনি] ১ নিষেধার্থক, না। "সুপুরুখ প্রেম কবহু জনি ছাড়ি ; চুম্বন বেরি৹ জনি মুখ বেড়বি (প.ক)। উরজ উঠল জনু বদরী। করে জনি ঝাপহ সগরি॥—জ্ঞা ৯৭। ২ যেন না। "হরি হরি পিরীতি করয়ে জনি কোই বি.প ১৮০। শ্রী.কী ৩২৭। ভুলহ জনি পাঁচবাণ (প.ক)। —নু[২] সর্থ 'জনি[২]' (১)। "গোপ ভরমে জনু বলত গমার ঃ অধিক কর জনু মান বি.সা ৫৯ ; ৩০৩। ভেদ সাধু কর জনু,

শিব শক্তি এক তনু ক.চ ২৯০। [কহ জনি—কহ না, অর্থাৎ কহ। "কহ জনি সজনি কোন গতি মোরা বি.প ১৮৪।]

জনি³ অব্য [সং ইব > প্রা জণি, -ণু (হে ৪.৪৪৪), জাণে (সং জানে —"ক.ম ৩১/২) ; হি জনে ; মৈ জনি ; ড় যেনে] **১** যেন, বোধ করি (as if)। "হেম মুরতি জনি বি.প ৬২ ; (কুচযুগ) হৃদি পৈঠব জনি পহু দিল পাণি ১৪৩। জনি কহ গরবে৹ পাণিতলে বারব৹ ও থলকমল উজোর গো ১০৯ ; ঘন আঁধিয়ারে৹ রজনী জনি কাকর ১৩৬ ; বদন চাঁদ ছনি৹ বচন আমিঞা জনি ১৪৬,-৮৮। জ্ঞা ১৮; ত্রিবলী যৌবন জনি তরঙ্গ ৫৬। গতি জনি মত্ত করী শ্রী.মা ২১২। **২** জানি। "কি জনি সজনি রজনি ভোর জ.প ৩৬ ; কি জনি কতিখণে৹ কব কি হোঅব ৪১। **৩** যদি, পাছে। "হসইতে কেহ জনি করে পরিবাদ বি.প ১৩৭। —নী³, —নু¹ অব্য যেন। "নব বারিদ বিদ্যুত থীর জনীঃ গোরাতনু৹ করিল কাঞ্চন জনু (প.ক)। ভ্রমর ভুলল জনু বি.প ১৬ ; ২১ ; অধর সুরঙ্গ জনু নীরস পঙার ৬৫ ; জনু কনয়গিরি চামর চরই ১৮১। তনু জনু তরুণ তমাল জ.প ১২ ; ২০। দলিত অঞ্জন জনু চ.দা ৩। ক.চ ৮২৮। বান্ধুলি অধরে৹ হেরি জনু নীলিম ব ১৭৬। সূর্য্যসম তেজ জনু ব্র.প ১৪৪। জনু ব.প ৫৪০। হার ভার জনু লাগয়ে গো ১৪৪,-৬১। জ্ঞা ৩৭। মল্লিপুষ্প জনু ভ.গ্র ১০।

জনিত বিণ [√জনি+ত (ক্ত)-র্ম্ম] **১** উৎপাদিত, কৃত। "অঙ্গ-গ্লানিং স্মরতজনিতাম্ উ.মে ৯। প্রহারজনিতা ব্যথা।—পঞ্চ ৫.৫৬। **২** প্রসূত। "জননীজনিত-দেহখণ্ডযুগলঃ (জরাসন্ধঃ) বা.ভা ১। **৩** [হি, ঠ °ত ; সংজাত ; অপ্র] (বাঙলায়) উৎপন্ন, জাত। বিপিনজনিত ফুলে বাঁধি হে কবরী মা ১০৪। কুসুমবনজনিত (সমীর) মে ২৮৪। —তা (-তৃ) পুং [√জিন্ (অন্তর্ভাবিতণ্যর্থ)+তৃ (তৃচ্)-ক-১ব] জনয়িতা, জনক। —ত্রী স্ত্রী [°তৃ+স্ত্রী ঈ (ঙীপ্)] জনয়িত্রী, জননী।

জনী¹ বি [সং জনি, -নী ; Av. jaini ; হি, মৈ জনী ; পদ্যে ; তু 'সজনি (-নী)] নারী। "কহ কহ সুবদনী, সাচে তুমি কোন জনী ম.ম ৮।

জনী² ; **জনী**³, **জনু**¹ ; **জনু**² দ্র 'জনি¹ ; জনি³ ; জনি²।

জনু³, **-নূ** স্ত্রী [√জন্+উ-ভা ; স্ত্রী উ (উঙ্) ; তু 'জনুঃ'] **১** জন্ম, উৎপত্তি। "পাপ তনু হ'তে জনু জানি পাপভাগ শি ১২। ধন্য মানে নিজ জনু বি.সু ১৫৬। অঙ্গ° ভা.চ ৪১। **২** [বাঙলায় ; অপ্র] দেহ। "দ্রোণাচার্য্য মারিলে ব্রাহ্মণ ক্ষুদ্রজনু ম ১১৬৪। পাপজনু পবিত্র হবেক শ্রী.মা ২৩ ; ৭৬। **৩** পুত্র। "গঙ্গার জনু ম ৭৭৭। **৪** উৎপত্তি, আবির্ভাব। "কর্ণ হৈল গর্ভে, কর্ণপথে যার জনু ক.চ ১৭৯।

জনুঃ (-নুস্) ক্লী [√জন্+উস্ (উসি)-ভা, উ ২.১১৪ ; ছান্দস ; cf., Gr. genos ; L. genus] **১** জন্ম, উৎপত্তি। "অঙ্গ° ; জনুষান্ধ। ধিগ্ বারিধীনাং জনুঃ (ভামিনীবিলাস)। **২** [+উস্-ধি] জন্মস্থান (A.)। **৩** বর্গ, গণ (genus ; A.)।

জনে(নৈ)ক বি [জন্+এক ; অপ্র] এক জন ; কোন এক ব্যক্তি। [জনেক {(জনে+ক) ; অপ্র } —জনে, জনেক। "ভকত জনেক দাতা হবে বরদায় চ.বি ৩৩।]

জনেশ্বর পুং [ষ.ত] নরপতি, নরেশ ; (গৌণার্থে) রাজা। "ইদমাহ জনেশ্বরঃ (হিরণ্যকশিপুঃ) ভ ৭.২.১৯।

জন্তা বি [সং যন্তা, দ্র 'জ¹' ; অপ্র] সারথি। "যুধিষ্ঠির নৃপতিরাগ্রজ-জনকের৹ জন্তার সদৃশ বর্ণাধর হএ তোর॥—ম.পা ৮৩।—অর্থাৎ, যুধিষ্ঠিরের অগ্রজ কর্ণের পিতা সূর্য্যের সারথি অরুণের সদৃশ-বর্ণ তোর অধর।

জন্তি বি [সং জয়ন্তী] বৃক্ষবিশেষ ও তাহার ফল। "ও পারে রে জন্তি গাছ জন্তি বড় কলে ৭৫।

জন্তু পুং [√জন্+তু (তুন্)-ক, উ ১.৭২ ; 'জন্তু'—মনুষ্য (ঋগ্বেদ ১.৪৫.৮ ; ৫০.৮)] **১** প্রাণী, জীবমাত্র। "বায়ুং সমাশ্রিত্য বর্ত্তন্তে সর্ব্বজন্তবঃ মনু ৩.৭৭। শ ৫.২। **২** মনুষ্যেতর প্রাণী। **৩** পুত্র। "মনু ১০.৯। —ন্তুকা স্ত্রী লাক্ষা। [°ঘ্ন (পুং)—'কৃমিনাশক', জম্বীর। °ঘ্ন (ক্লী)—হিঙ্গু ; বিড়ঙ্গ। °নাশন (ক্লী)—হিঙ্গু। °ফল (পুং)—উডুম্বরবৃক্ষ।]

জন্ম¹ **(-ন্মন্)** ক্লী [√জন্+মন্ (মনিন্)-ভা, উ ৪.১৪৪ ; তু 'জন্মানি'—ভূতজাতানি (ঋগ্বেদ ১.৫০.৭)] **১** উৎপত্তি, উদ্ভব। "অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ গী ৪.৪। জন্ম কাচমণেঃ হি ৪৪ (কথারম্ভ)। তাং জন্মনে প্রপেদে কু.স ১.২১ ; প্রাক্তনজন্মবিদ্যা ৩০। নিখিল হচ্চে একেবারে জন্ম-স্থূল-বয়।—ঘ ১৫১। **২** গর্ভ হইতে যোনি-পথে নিঃসরণ। **৩** জীবন। °পূর্ব্বেষু…জন্মসু মনু ৯.১০০। জন্ম যাক আয়তে শ্রী ১৮৪। **৪** রোপণ। "দ্রুমেষু সখ্যা কৃতজন্মসু স্বয়ম্ কু.স ৫.৬০। **৫** [+মন্-ধি] (জ্যোতিষে) জন্মনক্ষত্র ; তদবধিক দশম ও একোনবিংশ নক্ষত্র। **৬** জন্মলগ্ন ; জন্মরাশি (ত.বা)। **৭** জন্মস্থান। **৮** জন (নিরুক্ত)। [°কৃৎ (পুং)—পিতা। °ক্ষেত্র (ক্লী)—জন্ম-ভূমি। °ঘর (বি)—প্রসবগৃহ, আঁতুড়-ঘর। "ন.প ৮৫। °জন্মান্তর¹ (ক্লী)—এই জন্ম ও পর জন্ম। "জন্মজন্মান্তরং দুঃখী স নরঃ স্যাৎ। —পঞ্চ ১.৩৯৩। শোধিতে নারিব ধার জন্মজন্মান্তর।—ব.প ৫১১। °তপস্বিনী (বি)—আশৈশব মুনিব্রতধারিণী। "ম ২১৬। °তিথি (স্ত্রী)—জন্মকালের তিথি। "গ ৩৭। °দ (পুং)—জন্মদাতা, পিতা। °দা (বি)—মাতা, জন্মভূমি। "কহ গো শ্যামা জন্মদে!—মাইকেল। °দুখী—চিরদুঃখিনী। "শ্রী.মা ২৫। °প (পুং) —জন্মরাশিপতি ; জন্মলগ্নপতি। °পত্র (ক্লী)—কোষ্ঠী। °প্রতিষ্ঠা (স্ত্রী)—জন্মস্থান ; জনয়িত্রী। "মেনকা কিল সখ্যাস্তে জন্মপ্রতিষ্ঠা। —শ ৬২/১০। °ফলারে (বিং)—শৈশব হইতে ফলাহারপ্রিয়। "জন্ম-ফলারে…বামুনেরা হু ২৩। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—যোনি। °ভ (পুং) —জন্মনক্ষত্র। °ভাক্ (-জ্) পুং—জন্মী, প্রাণী। "°ক্।—মৃ ১০.৬০। °ভাষা (স্ত্রী)—মাতৃভাষা। °ভীরু (বিণ)—পুনর্জন্মভীরু, সংসারভীরু। "রঘু ১৮.৩৩। °ভূমি (স্ত্রী)—জন্মস্থান। °ভৃৎ (বিণ)—**১** সফলজন্মা। "ভ ১.১৮.১৮। **২** সর্থ 'জন্মভাক্'। °যোগ (পুং)—কোষ্ঠী। °রোগী (-গিন্) বিং—জন্ম হইতে রোগযুক্ত ; চিররোগী। °শয্যা (স্ত্রী) —প্রসবশয্যা, অরিষ্টশয্যা। "মহা ৬.১২২.৩। °শোধ (বিং)—জন্মের মত। "জন্মশোধ খাও কিছু ভা.চ ৩৭। °শোধন (ক্লী)—জন্মজন্য ঋণত্রয় হইতে নিস্তার। °স্থান (ক্লী)—জন্মভূমি ; গর্ভ। °হেতু (পুং) —জন্মমাত্রকর্ত্তা, কেবল উৎপাদক। "রঘু ১.২৪।]

জন্ম² ক্লী [তু 'সং জন্মন্ > লি, প্রা জন্ম] উৎপত্তি।

জন্ম³ অর্ম্ম [তু 'সং √জন্ > প্রা √জন্ম] উৎপন্ন হওয়া ; জন্মগ্রহণ করা। "জন্মিয়াছে কৃ.উ ৮৩। পুত্র জন্ময়ে উদরে ম ৫৯। জন্ময়ে চৈ.ভা ১৬। জন্মিলে মরিতে হবে (মা)। (তুমি) জন্মিলে না, মরিলে না। —রামপ্রসাদ। —ন্মা সর্ম্ম [জন্ম+আ^৮] **১** গর্ভে উৎপাদন করা। "জন্মাইয়া কৃ.উ ১৩৯। সন্ততি জন্মায়্যা কর বংশের রক্ষণ।—ম ৬ ; জন্মাল্য ৫১ ; জন্মাহ তনয় ১০৮। জন্মাইয়াছি বি.পা ২২৭ ; ৩৫৬। **২** মন্ত্রাদিপ্রভাবে আবির্ভূত করা। "এক অস্ত্রে জন্মাইলা সহস্রেক সাপ ম ৭৪৫। **৩** সঞ্চারিত করা। "তাহারে (পুত্রে) মারিয়া রাখে, পুনরপি জন্মায় জীবন ম.ভা ৫৪। **৪** সংঘটিত করা ; ঘটান। "কৃষ্ণসঙ্গে পাছে কোন বাধা জনমায় ভ.গ্র ৩৭৯। **৫** জন্মগ্রহণ করান ; অবতীর্ণ করা। "তোমা হেতু জগতে জন্মাল (আমাকে) জগন্নাথ শ্রী ১২৫। (কৃষ্ণ) ভক্ত সব জন্মায়েন।—চৈ.ভা ১৬। **৬** উৎপাদন করা। ("বাল্যলীলায়) জন্মায়েন সন্তার সন্তোষ ন.প ১৭৯। —ন্মা অর্ম্ম [জন্ম+আ^৯]

উৎপন্ন হওয়া (শস্যাদি) ; জন্ম লওয়া। "(দয়াময়) পুত্রভাবে আসি জন্মাইল দা ৭৮। [জন্মান—সর্থ 'জন্মা'।]

জন্ম-আয়তি বিং জন্মায়ুষ্মতী, যাবজ্জীবন সধবা। "শি ২০।

জন্ম-এয়(য়ি)স্ত্রী বি যাবজ্জীবন সধবা নারী। "°এয়িস্ত্রীর লক্ষণযুক্ত লী ১০৩। [°এয়স্ত্রীশাটী—শাটীবস্ত্রবিশেষ। "কেউ (পরেছে) জন্ম-এয়স্ত্রী-শাটী দা ১০৫২।]

জন্ম-কুঁড়ে বিং আশৈশব অলস। "আমি সুবোধকে বলিতাম জন্ম-কুঁড়ে গ.স ১০৭।

জন্মকুণ্ডলী স্ত্রী [ষ.ত] (জ্যোতিষে) জন্মকালে গ্রহগণের স্থিতিসূচক কোষ্ঠীর চক্রবিশেষ। "জন্মকুণ্ডলী অঙ্কিত করিয়া…দ্বাদশভাগে গ্রহগণের যথাযথ সমাবেশ করিলেন ব.প্র ৪৬৫।

জন্মজন্মান্তর[১] দ্র 'জন্ম'[১]।

জন্মজন্মান্তর[২] ক্লী (বাঙলায়) এইজন্ম হইতে অন্য-জন্ম ; পরজন্ম, জন্মান্তর। "বিষ্ণুর রমণী হৈব জন্মজন্মান্তরে কৃ.উ ৩৯। তারা তৈছে তোমা মারিবে জন্মজন্মান্তরে চৈ.চ ২৪২।

জন্মজয় বি [সং জনমেজয় ; অপ্র] পরীক্ষিতের পুত্র। "জন্মজয় নরপতি অ.প ৮৮।

জন্মান্তর ক্লী [নি.স, ময়ূরব্যংসকাদি] ১ অন্য জন্ম ; পরজন্ম। "°শত (S.W.)। প্রাণা জন্মান্তরে ভূয়ো ন ভবন্তি ভবদ্বিধাঃ।—পঞ্চ ২.১৮৫। ভা.চ ৬৩৩। যেন জন্মান্তরে তোমার মত গুণের দেবর পাই সী ৪৮। ২ পূর্ব্বজন্ম। "জন্মান্তরকৃতং পাপমাপতিতম্ মহা ৩.৬৫.৩৩। মনো হি জন্মান্তরসঙ্গতিজ্ঞম্ রঘু ৭.১৫। ৩ পরলোক। ৪ পুনর্জন্ম।

জন্মান্তরীণ বিণ ['°রীয়' সাধু] জন্মান্তরসম্বন্ধী, পরজন্মভব। "°রমণ সা.দ ১০১। জন্মান্তরীণ সমুদায় কর্ম্ম।—কাদ ১৩৫।

জন্মান্তরীয় বিণ [°র+ঈয় (ছ)] সর্থ 'জন্মান্তরীণ'।

জন্মান্ধ বিণ [সুপ্সুপা] আজন্ম অন্ধ (ভাবপ্রকাশ)।

জন্মাবচ্ছিন্ন বি এই জন্ম কর্ত্তৃক অবচ্ছিন্ন (বিভক্ত) কাল ; ইহজীবন, বর্ত্তমান জীবিতকাল। " জন্মাবচ্ছিন্নে তোমার মুখাবলোকন করিব না সী ১৮ ; ৭৮।

জন্মায়(য়ো)তি বিং [জন্ম+আয়তি[২]] যাবজ্জীবন সধবা। "জন্মায়তি হয়ে বাছা জিয়া থাক সুখে শ্রী.মা ১৩২। হয়ে থাকো জন্মায়োতি দা ৩৮৭। —তি বি যাবজ্জীবন সধবাত্ব (এয়োত্ব)। "জন্মায়তি এ দাসীর ন ১০১৭।

জন্মাষ্টমী স্ত্রী [উ.লো] কৃষ্ণের জন্মের ভাদ্রকৃষ্ণাষ্টমী তিথি।

জন্মিত বিং [অপ্র] জন্মপ্রাপ্ত, উৎপন্ন। "ত্রিগুণে জন্মিত দেহ ক্ষণেকে চঞ্চল ম ১০৯৯।

জন্মী(-ম্মিন্) পুং [জন্মন্+ইন্ (ইনি) অস্ত্যর্থে, ১ব] জন্মবান্, উৎপত্তিধর্ম্মক, প্রাণী। "কি ১১.৩০।

জন্মেজয় পুং [জনমেজয় > °য়, পৃষো ; জন্মন্+ √এজি+অ (খশ্) -ক, পৃষো (দেবীভাগবত ২.১১.৪৬, টীকা)] ১ জনমেজয়। "ভ ১২.৬.১৬। ম ৩ ; ৪১। ২ সূর্য্যবংশীয় অনরণ্যরাজের পুত্র। "কৃ.উ ৪১।

জন্য বিণ [√জন্+য (যৎ)-ক, নিপাতিত ; স্ত্রী -ন্যা] ১ জায়মান, জাত। "অবিগীত ব্রাহ্মণ ব্রাহ্মণী-জন্য সেই ভা.চ ১৯৬। ২ [√জনি+য-র্ম্ম] জননীয়, উৎপাদ্য। বিপ 'জনক'। "জনকস্য স্বভাবো হি জন্যে তিষ্ঠতি নিশ্চিতম্ (শ.ক)। ৩ [+য-ক] জনিতা (মেদিনী)। ৪ [জন+য(যৎ) হিতার্থে] জনহিত। —ন্য পুং ১ জনক (মেদিনী)। ২ [জনী (বধূ)+য, তদ্বাহক অর্থে, পা ৪.৪.৮২] 'বধূর বাহক', বা 'প্রাপয়িতা' ; নব বধূর জ্ঞাতি বা ভৃত্য ; বরের স্নিগ্ধজন (মেদিনী) ; বধূবন্ধু (রঘু ৬.৩০, মল্লিনাথ)। "মা.মা ৬.২। যাতেতি জন্যানবদৎ কুমারী রঘু ৬.৩০। ৩ জননীজ, সোদর (অ.টী)। ৪ জনের জন্ম ; জনবাদ, জনশ্রুতি। "পা ৪.৪.৯৭। ৫ (বাঙলায়) নিমিত্ত, কারণ, হেতু। "তজ্জন্য, সেজন্য। মন্যু-জন্য ক্ষুণ্ণ দা ৯। এজন্য সী ২। বৌয়ের মুখ দেখিবার জন্য লোকে ঝুঁকিয়াছে ব.প্র ৩৩০। তাহার অনুশীলন জন্য সময় অ.শী ১৯। —ন্য ক্লী [√জন্+য-ভা] ১ জনন, উৎপত্তি। ২ উৎপাদ্যমাত্র। "জন্যানাং জনকঃ কালঃ।—ভাষাপরিচ্ছেদ ৪৫। ৩ পরীবাদ, নিন্দা। ৪ নির্ব্বাণ (অ.টী)। ৫ [+য-ক] যুদ্ধ। "রঘু ৪.৭৭। শ্রী.মা ১৬। ৬ হট্ট, হাট, মেলা। ৭ জন্মকালের দুর্নিমিত্ত। ৮ দেহ। "তুষ্টাব জন্যং বিসৃজন্ জনার্দ্দনম্ ভ ১.৯.৩১। এক ব্রহ্ম দুই নয়, জন্য জন্য ভিন্ন ভিন্ন নাম রা.স ৬। ৯ জনসমূহ, সমাজ (A.)।—ন্যা স্ত্রী ১ মাতৃবয়স্যা, মাতৃসখী। "রঘু ৬.৩০। ২ জামাতৃবয়স্যা। "পা ৪.৪.৮২, কাশিকা। ৩ প্রীতি। [জন্যে—নিমিত্তে, কারণে। "ঘ ১৫০।]

জপ্ সক [ভ্বা, প—জপতি ; সেট্] ১ হৃদুচ্চারণ, জপ। ২ কথন, পাঠ। [অভি—অভিমন্ত্রণ। উপ—উপজাপ, ভেদ। "মনু ৭.১৯৭।]

জপ[১] পুং [জপ্+অ (অপ্)-ভা] ১ হৃদয়োচ্চারণ, মন্ত্রাদির মানস উচ্চারণ বা আবৃত্তি। ২ সপ্তশতীপাঠ (ত.বা)। ৩ ব্রহ্মযজ্ঞ, বেদপাঠ। "মনু ৩.৭৪। ৪ [+অ-ক] জপকারক। "কর্ণেজপ।—ভট্টি ৩.৭। ৫ [+অ-র্ম্ম] মন্ত্র। "ভ ৪.৮.৫৩। —পন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'জপ (১)। "স্বপনে জপন মোর তোহরি ও নাম জ্ঞা ২২৩। —পা স্ত্রী [+অ-ণ+স্ত্রী আ (টাপ্)] ১ 'তান্ত্রিকের জপসাধন' ; জবাপুষ্প-বৃক্ষ। ২ জবাকুসুম। "রা ৭.৩৫.২৩। —প্য বিণ [+য (যৎ)-র্ম্ম] জপনীয়। —প্য ক্লী [+য-ভা] জপ। "মনু ২.৮৭। এক° (সূর্য্যস্তব।) [°পরায়ণ (বিণ)—জপনিরত। °মালা (স্ত্রী)—জপসাধন মালা (rosary)। °যজ্ঞ (পুং)—জপরূপ যজ্ঞ (ইষ্টপূজা)। "গী ১০.২৫। হারীত ৪.৩৯ ; ৪৩। জপমালা করা—জপমালার ন্যায় সর্ব্বদা কোন বিষয় মনে করা।]

জপ[২] সর্ম্ম [সং √জপ্ >লি √জপ, প্রা √জব ; হি, ঠ, গু, মৈ, ড় √জপ] জপ করা। "জপতহিঁ তুয়া গুণমালা (প.ক)। সদত, তুয়া নাম জপই জ্ঞা ২১১। ন.প ৩৯২। —পা সর্ম্ম [°প+আ[৮]] জপ করান ; মন্ত্রণা দেওয়া ; ভজান। [জপইতে—জপিতে। জপা—সর্থ 'জপ'। জপান—সর্থ 'জপা'।]

জব[১] বিণ [জব+অ (অচ্) অস্ত্যর্থে] জববান্, বেগযুক্ত। —ব পুং [√জু+অ (অপ্)-ভা ; ছান্দস] ১ বেগ। "শীঘ্রজবৈর্হয়ৈঃ রা ২.৬৮.৩। °তীব্রহয় রঘু ৯.১০। মৃগজবাক্ষমা শ ১.৮। মনজবে যায় জবে সেই বাজিরাজ বা.দ ১০৩। ২ ক্ষিপ্রতা। "জবেন পীঠাদুদতিষ্ঠদচ্যুতঃ মাঘ ১.১২। ৩ ধাবক। —বন বিণ [+অন (যুচ্)-ক ; স্ত্রী -না ; তু '°নী' —প্রেরয়িত্রী (ঋগ্বেদ ১.৫১.২)] ১ বেগবান্, ত্বরিত। "°বাজিগতেন রাজ্ঞা রঘু ৯.৫৬। জবন পবন যেন প্রলয়সময়ে বা.দ ৯০। ২ দ্রুত, শীঘ্রগামী। "জবনা দূতা গচ্ছন্তু রা ২.৬৮.৩। ৩ দূরগামী (S.W.)। —ন পুং ১ বেগবান্ অশ্ব ; অশ্বমাত্র। ২ শীকারী মৃগ। ৩ দেশবিশেষ, ইউরান (শ.ক)। "মনু ১০.৪৪। ৪ ম্লেচ্ছজাতিবিশেষ, যবন। "শ্রী.ম ২ ; °রাজা ১৫০,-৫১। —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বেগ।

জব[২] '-ব্' বি জবাব, উত্তর। "কাইল দিম জব গো.চ ১১১ ; ২৮৪।

জবজব বি [জাব—জাবজাব > °ব ; ভাবাত্মক] সুসিক্ত।

জবড়জং, -জঙ্গ, -জঙ্গী বিং [জবর+জঙ্গ (?)] অসম্ভবরকম ভারী বা গরমানান (পোষাক-প্রভৃতি)।

জবড়াঞা ক্রি [অপ্র] জাবের মত সুসিক্ত করিয়া। "ঘৃতে মাংস জবড়াঞা অগ্নিতে হুনে মুনি কৃ.উ ২৬৩।

জবত অব্য [সং যাবৎ >প্রা জাব ; অপ্র] যে পর্য্যন্ত ; যতক্ষণ। "জবত আইসঁ মএনামতি ছিনান করিয়া গো.চ ১১৭। [জবতে…তবতে—যতক্ষণ…ততক্ষণ। "গো.চ ৮০।]

জবনিকা স্ত্রী [জবনী+ক(কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ তিরস্করিণী, অপটী, পর্দ্দা। "মাঘ ৪.৫৪। মায়া জবনিকা ভ ১.৮.১৯। ২ নৌবসন, নৌকার পাইল। ৩ ওষধিবিশেষ।—নী স্ত্রী [জবন+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সর্থ 'জবনিকা'। ২ ঘোটকী। ৩ জবন-স্ত্রী। তু 'যবনী'।

জবর বিং [আ জ.বর্ ; Av. zavare—strength] ১ উৎকৃষ্টতর, অপেক্ষাকৃত ভাল। ২ বলবান্। ৩ মজবুত। —র বি জোর। "গো-হত্যা করিল তথা করিয়া জবর ব.প ২১৭। [°দস্ত (জ.বর্ দস্ত্)—বলবান্ অত্যাচারী, অত্যাচারপূর্ব্বক, অন্যায়পূর্ব্বক। "জবরদস্ত শাসনের ঘন ঘন বজ্রপাত।—রবীন্দ্র। °দস্তি, -স্তী (জ.বর্ দস্তী)—প্রবলতা, অত্যাচার, অন্যায়, বলপ্রয়োগ। "সে সম্বন্ধ স্থাপন করিতে গেলে কাছে আসিতে হয়, তাহা শুদ্ধমাত্র জবরদস্তির কর্ম্ম নহে।—রবীন্দ্র। জবর-দস্তিকে…দুর্ব্বলতা বলেই জানি ঘ ৩৩; বক্তৃতা পর্য্যন্ত চলবে, কিন্তু জবরদস্তি চলবে না ১১১। চা.পু ৯।]

জবা স্ত্রী [তু 'সং জপা >প্রা জবা; দ্র 'জপ'] সর্থ 'জপা'। "°কুসুমসঙ্কাশ। আদিত্য জবাকুসুম-সঙ্কাশ ন ১৪৬২। পায়ে আলতার বাহার, কালোতে রাঙ্গা, যেন যমুনাতেই জবা ব.দ্বি ৪২৭।

জবাই বি [আ জ.রহ্] মুসলমানশাস্ত্রানুসারে গলনালীচ্ছেদনপূর্ব্বক পশুবধ। "বা.ম ৮৩। আর দেখ পাঁঠা পাঁঠী না করি জবাই। উভচোটে কেটে বলে খাইল গোঁসাই॥—ভা.চ ৪৭৯। মারো না কোপ, এরূপ কেন জবাই করে' বধ? —মন্দ্র ৬৯। [জবাই হওয়া—নিহত হওয়া। "গোষ্ঠী শুদ্ধ জবাই হব দেখ্‌তে পাচ্চি ব.প্র ৫১১। জবাই-ঘর—কশাই-খানা।]

জবাদি স্ত্রী সুগন্ধিদ্রব্যবিশেষ, গন্ধরাজ।

জবান বি [ফা জ.বান্] ভাষা, কথা; জিহ্বা।—নি বি সর্থ 'জবান'। "মোর কেতনা ফিকির…তা জবানিতে বলা যায় না আ.দু ১০৯।—নী বিং [ফা জ.বানী] মৌখিক, কথামত। কথানুসারে লিখিত। [জবান-বন্দি, জোবানবন্দী—লিখিত এজাহার বা সাক্ষ্য (written deposition)। "বিপক্ষীয় জবানবন্দি আ.দু ১৬৭। জোবানবন্দীর আভ্যুদিক আছে নাকি?—ব.প্র ৬৪৫,-৬-,৮। জবানবন্দিনবিস—জবানবন্দির লেখক। "°নবিস হন হন করিয়া জবানবন্দি লিখিতেছে আ.দু ১০৫।]

জবাব, জোয়াব বি [আ জ.রাব্ ; তু 'জওাব' E.P. 63] ১ উত্তর। "জোয়াব গো.চ ৪৫। ম.গা ৬। ভাল মন্দ দরবারে জবাব কেবা করে শ্রী ১৩০। যখনি বলেছি পেয়েছি জবাব।—রবীন্দ্র। ২ পক্ষসমর্থন; মোকদ্দমায় প্রতিবাদীর উত্তর। ৩ উত্তর, কথা। "মুখের জবাবে তার দরিয়া বান্ধা রয় গো.চ ৬১। [জবাবদিহি (ফা জবাব্ দেহী)—দায়িত্ব; কারণ প্রদর্শনপূর্ব্বক উত্তর; কৈফিয়ৎ। "পাপের জবাবদিহি: ডাকাত-সভ্যতারও জবাবদিহির দিন কখন্ আসে তা…দেখা যায় না ঘ ২৯।]

জবাবি (?)। "গোপাল সন্তর্পণে জবাবির চৌপলের শোলার ছিপিটি খুলে ফেল্লেন হু ১৬৫।

জবী (-বিন্) বিণ [জব+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বিনী] জববান্, দ্রুতগামী। "ঋগ্বেদ ২.১৫.৬। জবী নরঃ যাজ্ঞ ২.১১১। ক.সা ২৫.২৯১। —বী পুং ১ উষ্ট্র। ২ ঘোটক।

জবুনা বি [সং যমুনা >প্রা জর্উণ (হে); অপ্র] যমুনা। "গো.বি ১৪২, টীকা। গো.চ ৩১০। —মুনা বি যমুনা। গো.বি ১২০।

জবুস্থবু বিং ['যুবস্থবির'—মূল] যুবা বয়সে স্থবিরতুল্য অসমর্থ; জড়তুল্য, নড়ন-চড়ন-হীন (inert)।

জবে অব্য [যবে >°বে ; হি, মৈ জব ; জবে, -বেঁ, -ব্বে (চ)] যখন। "গো.চ ৩৫৬। একথা কহিলা জবে কমল-লোচন কৃ.অ ২৬। এথাতে থাকিবা জবে, কোন জন দেখি তবে, ঝুলি কাথা সব নিব কাড়ি গো.বি ৬৩। বা.দ ১০৩।

জব্দ বিং [আ জ.ব্‌ত্ (বি)] ১ নিজ অধিকারভুক্ত; দখলে আনীত। "হাসিল জে (জমী) আছে তাহা জব্দ করিয়া…দখল দিলাইবা E.P. 49. ২ শাসিত, নিগৃহীত, নাকাল। "ধরা পড় তবু হও না জব্দ?—কা ৯৮। জমিদার নীলকরকে জব্দ করিবার দুইটি উপায় আছে।—আ.দু ১৭৬। ৩ পরাজিত। "কিঙ্কিণী শবদে, জবদ করিল, চটকচটকী ভাষ রা.শে ৩২।

জম[১] বি [সং যম>প্রা জম; হি জম; অপ্র] যম। গো চ৮। ম.পা ১২৪। [°ঘর, °পুরি, °লানি (যমরাণা)।—গো.চ।]

জম[২] অর্ম্ম [জমা > √জম; হি, ঠ √জম] ১ সঞ্চিত হওয়া; জমা (টাকা, জল)। ২ পুঞ্জীভূত হওয়া; রাশি হওয়া (আবর্জ্জনাদি)। মেঘের উপর মেঘ জমেছে।—গান ৮৯। ৩ সমবেত হওয়া, একত্র হওয়া (লোক)। গাঢ় বা ঘন হওয়া (জল, দুধ, দই)। ৫ স্থায়িত্বপ্রাপ্ত হওয়া (গান, সুর)। ৬ সংসক্ত হওয়া, আঁটিয়া যাওয়া। ৭ অসম্পাদিতভাবে থাকা (কাজ)। ৮ গাঢ় বা ঘোরাল হওয়া। "শক্তির মদ…খেয়েছি, নেশা জমে উঠেচে ঘ ১৮০। —মা সর্ম্ম [°ম+আ[৮]; হি √জমা] সঞ্চিত করা ইত্যাদি। [জমা[১]—১ সর্থ 'জম[২]'। ২ সঞ্চিত। জমান—সর্থ 'জমা'। আসর জমা—আসর শ্রোতায় পূর্ণ হওয়া।]

জমক[১] বিং [সং যমজ, -মল; 'জমক' (কথ্যভাষা); তু 'জমগ'—এক সাথ, যুগপৎ (দেশী—প্রা.ম)] যমজ (twin)।

জমক[২] বি [চমক >°ক] ১ আড়ম্বর, সমারোহ। "জাক°। ২ শোভা। "আলতায় রাঙ্গা পায় অধিক জমক।—রঙ্গ ২০৬। ৩ সোনার রঙ উজ্জ্বল করার নিমিত্ত লবণ ফটকিরি ও সোরার জল।

জমকা অর্ম্ম [জমক+আ[৯]; হি √জমক] আড়ম্বরযুক্ত হওয়া; জাঁকিয়া উঠা; জমা। "সাহেবের মুৎসুদ্ধি না হইলে আমার কর্ম্মকাজ জমকাবে না আ.দু ১৪১। —কা সর্ম্ম [হি √জমকা] আড়ম্বরযুক্ত করা; সুশোভিত করা। [জমকান—সর্থ 'জমকা'। আসর জমকান—আসরের লোকের মধ্যে চমক লাগান।]

জমকাল বিং [জমক+আল[৮]; হি চমকীলা] জমকযুক্ত, আড়ম্বর-পূর্ণ; দীপ্তিমান্, সমুজ্জ্বল।

জমজম বি ['জমা-জমা'—মূল] লোকের সমবায়ে ভরপুরভাব। "আসর, সভা জমজম করে। —জমা বিং লোকসমাগমে ভরপুর। "টালমাটাল না করিলে বৈঠকখানা লোকে সরগরম ও জমজমা হয় না আ.দু ২৮।

জমদগ্নি পুং [জমৎ (হুতভক্ষক, প্রজ্বলিত) অগ্নি, নিত্য কর্ম্মধা] 'প্রজ্বলিত অগ্নিবৎ তেজস্বী'; মুনিবিশেষ। [ইঁহার পিতা ভৃগুপুত্র ঋচীক, মাতা গাধিসুতা সত্যবতী এবং পত্নী প্রসেনজিতের কন্যা রেণুকা। ইঁহার পাঁচ পুত্র; পরশুরাম কনিষ্ঠ। ইঁহারই আদেশে পরশুরাম মাতৃবধ করেন এবং পিতৃবরে মাতৃবধপাপ হইতে মুক্ত হন (মহা ১.১১৫,-১৬শ অধ্যায়)।]

জমধর বি [হি জমডাঢ়, -ধর; সং যমদংষ্ট্রা (মহা ১.১৯.১১, নীলকণ্ঠ)] ধারাল-আগা কাটারির মত অস্ত্রবিশেষ। "যোড়া জমধর বান্ধে ব.প ৪২৯।

জমল বিং [সং যমল] যুগল, যমজ। "কৃ.উ ২৫৮।

জমা[১] দ্র 'জম[২]'।

জমা[২] বি [আ জমা[১]] ১ সমষ্টি, মোট সংখ্যা। ২ আয়, সঞ্চিত অর্থ। বিপ 'খরচ'। ৩ রাইয়তের অধিকৃত ভূমিসমূহ। "গাঁতি-জমা। ৪ হাট ঘাট ইত্যাদির বার্ষিক কর। [জমা-ওয়াশীল—আয়-ব্যয়ের হিসাব। "সেথা জমা-ওয়াশীল দাখিল আছে।—রামপ্রসাদ। জমা-ওয়াশী(সি)ল-বাকী—জমা ওয়াশীল ও বাকীর লতা-কাটা হিসাব। "আ.দু ১৬২। জমাবন্দী (ফা জমা'বন্দী)—১ প্রজার নাম ওয়ারী রাজস্বের হিসাব। "E. P. 79. ২ বিঘার দরে জমির খাজনা নির্দ্ধারণের

শুভঙ্করী নিয়ম। "জমাবন্দী কর শিশু আনন্দিত মনে।—শুভঙ্কর। জমানবিশ—জমার হিসাব-রক্ষক। জমানবিশী—জমানবিশের কাজ। জমার ঘাট—বাষিক করে সরকার হইতে জমা-লওয়া খেয়াঘাট। এইরূপ 'জমার হাট'।]

জমাট বিং [হি জমাৱট ; ঠ জমাত] ১ ঘনীভূত, কাঠিন্যপ্রাপ্ত। "মদন আগুন যত শীতল হইতেছে, দেহখানি ততই জমাট বাঁধিতেছে ব.প্র ১৩। ২ নড়-চড়-রহিত, পাকা। "কারু ক-দিনই জমাট বন্দোবস্ত হু ১৭৮। ৩ স্থায়িভাবপ্রাপ্ত, জমিয়া-যাওয়া (গান, সুর)। —ট বি [আ জ.মাদ্] লেপ, পলস্তারা (plaster)। "চূন-বালির জমাট। [জমাট বাঁধা—ঘন হওয়া।]

জমাত, -মায়ত বি [আ জমা'অৎ ; ঠ জমাত] সমবায়, মিলন, দল। [জমাত ঘর—সমবেত মুসলমানের নামাজ-ঘর। জমায়(য়ে)তবস্ত—একত্র মিলিত; সমবেত, দলবদ্ধ। "বৈকুণ্ঠপুরের জঙ্গলমধ্যে···ডাকাইতির দল জমায়তবস্ত হইয়াছে ব.প্র ৪০০। বহুসংখ্যক লাঠিয়াল···জমায়েৎবস্ত হইয়াছিল য ৩।]

জমাদানী বি জমার ঘাটের দানী বা শুল্কগ্রাহক। "জমাদানী বাঁকে: আগু বাঁকে রহে গিয়া হয়ে জমাদানী বা.ম ৩৩৭।

জমাদার, -দ্দার বি [আ জমা'+দার; হি °দার; ঠ জমাতদার] ১ 'দলের অধ্যক্ষ'; সিপাহিগণের প্রধান। "লইয়া তরবার, ছুটিল জমাদার শ্রী.ম ৬৭; ১২৭। সেফাহীর জমাদার ভা.চ ২৫। গঙ্গারাম অনুচরকে হুকুম দিল যে, জমাদ্দারের পাগড়ি পোষাক কাপড় সব কাড়িয়া লয় ব.প্র ৪৯০। ২ প্রহরিগণের অধ্যক্ষ। "ব.প্র ৪১৯। কোতওয়াল ও জমাদারান্ সুচরিত্রেষু E.P. 48. ৩ পুলিসের সাধারণ সিফাহির অধ্যক্ষ বড় সিফাহি; হেড্কনেষ্টবল্। ৪ দ্বারিগণের অধ্যক্ষ; প্রধান দ্বারপাল। "দ্বারী কহে তবে (ছাড়িতে) পারি, জমাদ্দার বক্সীরে কয়ে ভা.চ ২৬৮। [°রী (হি °দারী)—জমাদারের পদ বা কার্য্য।]

জমানী বি [সং যমানী] জোয়ান। "ম.ম ৯৫।

জমায়ত, জমায়(য়ে)তবস্ত দ্র 'জমাত'।

জমি, -মী, জমীন বি [ফা জ.মীন্; Av. zaem] ১ পৃথিবী। "আশমান জমীন ফারাক। ২ ভূতল, মাটি। "এমন মানব-জমি রইল পতিত, আবাদ কল্লে ফলতো সোনা।—রামপ্রসাদ। বন্দগী করিবে বন্দা জমীন ঠুকিয়া ভা.চ ৪৮০। ৩ কৃষিক্ষেত্র, চাষের ভুঁই। "জমি জমা আছে কিছু···অল্প স্বল্প পাই।—কথা ৬৯। জমীজেওরাত ব.প্র ৪৪৭। ৪ কাপড়ের পিঠ (surface) বা বুননি (texture)। ৫ চিত্রপটের তলদেশ (ground)। [জমিজমা—জমি ও জমা; ভূসম্পত্তি। জমিজিরাত, -জেওরাত (ফা জি.রা'ত্)—জমি ও কৃষি; চাষের জমি; ভূসম্পত্তি। "জমী-জেওরাত, বিষয়-আশয় সর্ব্বস্ব দিতেছি ব.প্র ৪৪৭। জমিদার (ফা জ.মীন্-দার্)—ভূস্বামী, রাজা। জমিদারী (ফা জ.মীন্দারী)—১ ভূসম্পত্তি, এষ্টেট্ (যাহার রাজস্ব রাজাকে দিতে হয়)। ২ জমিদারের স্বত্ব, পদ বা প্রভুত্ব। ৩ জমিদারসম্বন্ধী (কাছারি)।]

জমেয়াৎ বিং [দ্র 'জমাত'] মিলিত। "দোয়াররা···রাত্তির দশটার পর একত্রে জমেয়াৎ হন হু ৩৭।

জম্পতি পুং, দ্বিব [জায়া ও পতি, দ্বন্দ্ব, জায়া >জম; দ্র 'দম্পতি'; পক্ষে 'জায়াপতি';] দম্পতি, মিথুন।

জম্বাল পুং [?] ১ কর্দ্দম। "°শেষম্ এতৎ সরঃ সম্প্রাতম্।—পঞ্চ ১৩৪৪২। ২ শৈবাল। ৩ কেতকী। —লিনী স্ত্রী নদী।

জম্বি(ম্বী)র পুং জামীর লেবুর গাছ। —র ক্লী জম্বীরফল।

জম্বু, -ম্বূ স্ত্রী [√জম্ ভক্ষণ+উ (কু)-র্ম্ম, 'ব' আগম, পৃষো, উ ১.৯৩] ১ জামগাছ। "জম্বোঃ ফলরসঃ।—মহা ৬.৭.২৪। জম্বুপাদপঃ সদাফলঃ।—পঞ্চ ৪২। ২ জম্বুদ্বীপ।—ম্বু স্ত্রী, -ম্বূ স্ত্রী [জম্বু, -ম্বূ+অ (অণ্) তদ্বিকারার্থে, প্রত্যয়লোপ] জম্বুফল, জাম। "পা ৪.৩.১৬৫,-৬। [°নদী (স্ত্রী)—দ্র 'জম্বুখণ্ড'।]

জম্বু(ম্বূ)ক পুং [জম্বু,-ম্বূ+ক (কন্) স্বার্থে] ১ জম্বুবৃক্ষ। ২ গোলাবজাম গাছ। ৩ শৃগাল। ৪ (সাদৃশ্যে) নীচ। —কী স্ত্রী শৃগালী। "ব.প ২৭০। —কিনী বি [জম্বুক+ইনী; অপ্র] শৃগালী। "যত জম্বুকিনী, এ পড়ে উহার গায় ব.প ২৭১।

জম্বু(ম্বূ)খণ্ড পুং, -দ্বীপ পুং, ক্লী [উ.লো] জম্বুবৃক্ষযুক্ত ভূখণ্ড; সপ্ত দ্বীপের একতম। [ইহা ভুবনকমলের মধ্যকোশ; অন্য ছয় দ্বীপ ইহার চতুর্দ্দিকে স্থিত। ইলাবৃতাদি নব বর্ষ জম্বুদ্বীপান্তর্গত। ইলাবৃতের নাভিদেশে মেরু, উত্তরে রম্যক হিরণ্ময় কুরুবর্ষ, দক্ষিণে হরি কিম্পুরুষ ভারতবর্ষ, পূর্ব্বে ভদ্রাশ্ব, পশ্চিমে কেতুমাল অবস্থিত। ইহাতে 'জম্বুনদী' প্রবাহিতা; ইহার তীর 'জাম্বুনদ'-সুবর্ণ (ভ ৫.১৬শ অধ্যায়। মহা ৯.৭ম অধ্যায়। কৃ ১৭৮)।]

জম্বুনদ বি [সং জাম্বুনদ] স্বর্ণ। "তপ্ত জম্বুনদ অঙ্গ দ্রু ১০।

জম্ভ্(জম্ভী) অক [ভ্বা, প—জম্ভতি; সেট্] ১ গাত্রবিনাম, জৃম্ভণ। ২ রমণ, মৈথুন। ৩ [চু.প—জম্ভয়তি; সেট্] নাশন। "জম্ভয়তি পাপং গঙ্গা (শ.ক)।

জম্ভ পুং [√জম্ভ্+অ (ঘঞ্)-ভা] ১ জৃম্ভণ, হাই তোলা। ২ ঔষধি-সাধন (নীলকণ্ঠ)। "জম্ভকবার্ত্তিক মহা ৫.৬৪.১৬; °সাধক ২। ৩ [+অ-র্ম্ম] ভক্ষ্য (মেদিনী)। ৪ অংশ। ৫ [+অ-ণ] 'নাশনসাধন', দন্ত। "পা ৫.৪.১২৫। ৬ হনু। ৭ তূণ। ৮ জম্বীরবৃক্ষ। ৯ দৈত্যবিশেষ। [ইহার পিতা মহিষাসুর। জম্ভ ইন্দ্রের সহিত যুদ্ধে নিহত হয় (মার্কণ্ডেয়পুরাণ)। বিষ্ণু কর্ত্তৃক নিহত অসুরবিশেষ (মহা ৩.১০২.২৪)।] —ম্ভক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ জৃম্ভণকারক। ২ ভক্ষক। ৩ নাশক। ৪ কামুক। ৫ জম্বীর। —ম্ভন ক্লী রমণ। [°দ্বিট্ (-ষ্), °ভেদী (-দিন্), °রিপু (পুং)—জম্ভাসুরনাশক ইন্দ্র। "°ভেদী ম ২৬৯। হেম ১৮৪।]

জম্ম অর্ম্ম [সং √জন্ >প্রা √জম্ম (হ ৪.১৩৬); গ্রাম্য; অপ্র] উৎপন্ন হওয়া; জন্মগ্রহণ করা। "আকাসে জম্মিল প্রাণ মী ৪৫। [জম্ম (সং জন্ম >প্রা জম্ম ; গ্রাম্য)—জন্ম। "জম্মের মধ্যি কম্ম নিমার চৈত্তির মাসে রাস। জম্মিত—উৎপাদিত, জনিত।]

জয়[১] পুং [√জি+অ (অচ্)-ভা] ১ উৎকর্ষপ্রাপ্তি। ২ ন্যূনীকরণ, অভিভব। ৩ শত্রুপরাঙ্মুখীকরণ, যুদ্ধজয়, বিজয়। বিপ 'পরাজয়'। "মনু ৭.১৮৩। ৪ চরিতার্থতা, সাফল্য, স্বার্থসিদ্ধি। "জয়োহস্তু পাণ্ডু-পুত্রাণাং যেষাং পক্ষে জনার্দ্দনঃ। ৫ বশীকরণ, নিগ্রহ। "ইন্দ্রিয়াণাং জয়ে মনু ৭.৪৪। ৬ ন্যূনীভাব, পরাজয়। ৭ অতিক্রম। ৮ [+অ-ক] 'জেতা', বিষ্ণু (মহা)। ৯ বিষ্ণুপার্ষদ। "ভ ৩.১৬.২। ম ৫৩৭। ১০ অর্জ্জুন। তু 'বিজয়'। "বীর্য্যং জয়াত্মজস্য (অভিমন্যোঃ) মহা ৩.১২০.১২। ১১ সূর্য্য (A.)। ১২ জয়ন্ত। ১৩ ছদ্মবেশী যুধিষ্ঠির। "মহা ৪.৫.৩৫। ম ৬০৩। ১৪ অগ্নিমন্থবৃক্ষ। ১৫ [+অ-ণ] সংসার-জয়ী গ্রন্থ; মহাভারত; পুরাণাদি (মহা ১.১.১, নীলকণ্ঠ); সংসারজয়-সাধন গ্রন্থ (ভ ১.২.৪, শ্রীধর)। —য়া স্ত্রী ১ দুর্গা। "মহা ৬.২৩.৩। কৃ ৩৫১। ক.চ ৭২। ২ দুর্গাসহচরীবিশেষ। "ভা.চ ১০৫। ৩ (রোগ-হরা) জয়ন্তীবৃক্ষ। ৪ হরীতকী। ৫ বিজয়া, ভাঙ। ৬ নীলদূর্ব্বা। ৭ অগ্নিমন্থবৃক্ষ। ৮ পতাকাবিশেষ। ৯ অরণ্য ঔষধবিশেষ (শ.ক)। ১০ রক্ষোঘ্ন অস্ত্রবিদ্যাবিশেষ। "ভট্টি ২.২১। [°কোলাহল (পুং)—জয়ধ্বনি; পাশকক্রীড়াভেদ। °ঘণ্টা (বি)—জয়ঘোষক ঘণ্টাবিশেষ। "কৃ ২৬৪। শ্রী.ম ১৪৮। °ঘোষ (পুং), °ঘোষণা (স্ত্রী)—জয়োৎ-কীর্ত্তন, বিজয়ঘোষণা। °ডালি (বি)—জয়সূচক উপহার। "ইন্দ্রজিতে

জয়ডালি. দিয়াছে এদেশে কবি মা ৩৫৬। °ঢক্কা (স্ত্রী)—জয়সূচক ঢক্কা, বৃহৎ ঢাক। °ঢাক (বি)—সর্থ 'জয়ঢক্কা'। "ম ৯৩২। °ঢোল (বি)—জয়ঢক্কা। "কৃ ২৫৭। ম ৯৩২। ম.পা ২৬; ১৭১। শ্রী.মা ১৪৮। °দুর্গা (স্ত্রী) দুর্গামূর্ত্তিভেদ। °পতাকা (স্ত্রী)—জয়সূচক ধ্বজ। "গঙ্গাষ্টক ৪। জয়পতাকা (জয়পত্রিকা?) লিখে দেন ঘোড়ার কপালে দা ১৪৪১। °মালা (বি)—জয়সূচক (মঙ্গল) মাল্য। "লম্বে হেম কলস-উপরে জয়মালা ব.প ৮৪৪। °যজ্ঞ (পুং)—অশ্বমেধ। °যাত্রী (বি)—ধর্ম্মপূজার যাত্রী। "শ্রী.মা ২১০,-১১,-১২। °লক্ষ্মী, °শ্রী (স্ত্রী)—বিজয়াধিষ্ঠাত্রী দেবী। "°শ্রী কৃ.স ২.৫২। °বাহিনী (স্ত্রী)—'জয়দাত্রী', শচী। °শঙ্খ (বি)—জয়সূচক শঙ্খ। "শ্রী.মা ১৪৮। °শব্দ (পুং)—জয়ধ্বনি। °শীল (বিণ)—'জয়ধারক', জয়ী। °শৃঙ্গ (ক্লী)—জয়ঘোষক শিঙ্গা। °স্তম্ভ (পুং)—জয়চিহ্নভূত স্তম্ভ। "রঘু ৪.৩৬। জয় জয় দিয়া—'জয় জয়' উচ্চারণ করিয়া; 'জয় হউক, জয় হউক' বলিয়া। "আসরে ব'স জয় জয় দিয়া শ্রী.মা ২। জ্ঞা ১৯৭।]

জয়[২] সং, ক্রি [√জি+হি (অনুজ্ঞা মধ্যমপুরুষ ১ব)] জয়যুক্ত হও; সর্ব্বোত্তম হও। "জয় জগদীশ হরে গী.গো ১.৫। জয় জয় জয় দুর্গা শ্রী.মা ২। জয় জয় জয় গঙ্গা গ ৫৩। চৈ.চ ২। জয় শিবেশ ভা.চ ১৫৭; জয় জয় গঙ্গে জয় গঙ্গে ৪৫২।

জয়কার বি 'জয় হউক' এই ধ্বনি; আশীর্ব্বচন, জয়োচ্চারণ। "দিলেন জয়কার কৃ.উ ১৮৯। শ্রী.ম ৩৪। নারীগণ জয়কার পুরে চৈ.ভা ২৫। ন.প ১১৩,-২৬। [জয়কার দিয়া—জয়ধ্বনি করিয়া। "বা.ম ৩২। °ধ্বনি—জয়ধ্বনি। "বা.ম ৩২। ম.পা ৭২; ৮৩; ১১৫,-৭৩। জয়কার পড়িছে—জয়োচ্চারণ হইতেছে। "কৃ.উ ২১৫।]

জয়কেতু বি ১ জয়পতাকা। "রঘুকুল° মে ২৫৭। ২ যে স্বার্থসিদ্ধির নিমিত্ত যখন যাহার কাছে থাকে, তখন তাহারই জয়গান করে; খোশামুদে, জয়কেতে। "সহরে কতগুলি বেকার জয়কেতু আছেন হু ১৪২; সহরে জয়কেতুরা যখন যার তখন তার ১৪৩।

জয়কেতে বিং সর্থ 'জয়কেতু (২)। "জয়কেতে যত মাগীরে, সেই ছেলের রূপ বলিছে চমৎকার দা ৪৯; জয়কেতে যোগীন্দ্র তুমি, লওগে শরণ, হও গো রামের পক্ষে ১৩৩৬।

জয়ঙ্করী বি [তু 'ভয়ঙ্করী'] 'জয়দাত্রী', চণ্ডী, দুর্গা, কালী। "ক.চ ২৫২। দু ১৪। বি.সু ১৩২।

জয়জয়কার, জয়জোকা(গা)র বি [সং জয় জয়কার >প্রা জোকার; হি জৈজৈকার] ১ 'জয়জয়' শব্দ; 'জয় হউক, জয় হউক' ধ্বনি। "জয়কার কৃ.উ ৬৫; ১৪৬,-৫০। হরিধ্বনি জয়জোকার ম.ম ১৫; জয়জোকার ২২; ২৫; ১৬৫। জয়জোগার দিয়া নৌকা বরিয়াত ছাড়িয়া দিল গো.চ ১২৫; জয়জোকার ২৫৩। ২ মঙ্গলধ্বনি, হুলুধ্বনি। "জয়জোকারে তবে (দুই কুষ্ঠী) এড়িল বান্ধিয়া বি.পা ২৬৬,-৮৫। ফুল্লরা রমণী দিল জয়জয়কার ক.চ ৭২।

জয়জয়ন্তী বি রাগিণীবিশেষ। "জপ জয় জয় জলদকান্তি, মিশাইয়ে জয়জয়ন্তী দা ৭১৩। [ইহার সময় রাত্রি দ্বিতীয় প্রহর, ঠাট কোমল নি ও দুই প, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

জয়ট্যামটেমি বি তর্কে পরাজয়সূচক টেমটেমিবাদ্য (উপহাসে)। "আমি সেখানে থাকলে বুড়োর গলায় জয়ট্যামটেমি বেঁধে দিতেম বি.বু ৩।

জয়তি সং, ক্রি [√জি+তি (বর্ত্তমানকাল-প্রথমপুরুষ, ১ব)] জয়যুক্ত হয়; সর্ব্বোত্তম হয়। "জয়তি নীলাদ্রিনাথ।—ম ৬৩০। চৈ.চ ১৫৭। চৈ ১০৫,-৬৬। —তে ['তি' সাধু] সর্থ 'জয়তি'। "কে বলে সত্যমেব জয়তে! জয় হবে মোহের! ঘ ১৫৯।

জয়ত্রী দ্র 'জয়িত্রী'।

জয়দেব পুং কেন্দুবিল্ববাসী গীতগোবিন্দরচয়িতা মহাকবি। [ইঁহার পিতা ভোজদেব, মাতা রাধাদেবী, পত্নী পদ্মাবতী। ইনি পুরীতে দ্বাদশ-সর্গাত্মক গীতগোবিন্দ রচনা করেন (ভ.গ্র ১৮৬)।]

জয়দ্রথ পুং [জয়ৎ রথ যাহার, বহুব্রী] সিন্ধুপতি বৃদ্ধক্ষত্রপুত্র রাজাবিশেষ। [ইঁহার পিতা বৃদ্ধক্ষত্র (মহা ৭.১৪৪.১১৮,-২২)। ইনি দুর্য্যোধনের ভগিনীপতি, দুঃশলার স্বামী (মহা ১.১১৭-১৮)। দ্রৌপদীহরণ হেতু ইনি ভীম কর্ত্তৃক বিশেষ নিগৃহীত হন। অভিমন্যুবধে ইনি সপ্তরথীর একতম। কুরুক্ষেত্রযুদ্ধে ইনি অর্জ্জুন কর্ত্তৃক নিহত হন।]

জয়ন ক্লী [√জি+অন (ল্যুট্)-ভা] ১ বিজয়, বশীকরণ। ২ [+অন -ণ] তুরঙ্গাদির সন্নাহ; অশ্বগজাদির পল্যয়নাদি। "°যুজশ্চ বাজিনঃ মাঘ ১৭.২৩। —নী স্ত্রী ইন্দ্রসুতা।

জয়ন্ত পুং [√জি+অন্ত (ঝচ্)-ক, উ ৩.১২৮; তু 'লি, প্রা গচ্ছন্ত (গচ্ছৎ)] ১ বিষ্ণু। ২ শিব। ৩ চন্দ্র। ৪ রুদ্রবিশেষ। মহা ১৩.২০৮. ২০। ৫ ইন্দ্রপুত্র। 'কৃ.উ ১২৫। ৬ ছদ্মবেশী ভীম। 'মহা ৪.৫.৩৫। ম ৬০৩। ৭ দশরথমন্ত্রিবিশেষ। 'রা ১.৭.৩। ৮ যাত্রিক যোগবিশেষ। —ন্তিকা স্ত্রী ১ দুর্গাসহচরী। ২ হরিদ্রা। —ন্তী স্ত্রী ১ গৌরী। "ভা চ ৪২৯। ২ সর্থ 'জয়নী'। ৩ পতাকা। ৪ বৃক্ষবিশেষ (Sesbania aegyptiaca)। ৫ রোহিণীসহিত শ্রাবণের কৃষ্ণাষ্টমী তিথি (শ.ক)। ৬ বিজয়মুহূর্ত্তযুক্ত রাত্রি, শ্রীকৃষ্ণের জন্মরাত্রি। "জয়ন্তী নাথ শর্ব্বরী হ ৬০.১৬।

জয়পত্র ক্লী [উ.লো] ১ জয়সূচক লিপি; বিবাদবিষয়ে অর্থীর জয়-বোধক লেখ্য; ডিক্রী (decree)। "শু ২.২৯৯; ৪.৫.১৫০। ২ অশ্বমেধীয় অশ্বের কপালে বদ্ধ লিপি। "গ ৮০। ৩ (বাঙলায়) বাদবিচারে জয়সূচক পত্র। "চাহ যদি জয়পত্র লিখে দিতে পারি ব.প ১১৫৮। চৈ.ভা ৯৪। ৪ বিদেশযাত্রাকালে স্ত্রীর চরিত্রে সন্দেহ-ভঞ্জনার্থ পতিপ্রদত্ত লেখ্য। "জয়পত্র লিখিবারে সাধু কৈল মতি ক.চ ১৯০। ৫ সামাজিক কার্য্যে সমাজবিষয়ক বিবাদভঞ্জনার্থ লিপি। "ক.চ ১৭৫।

জয়পাল পুং [জয়+ √পালি+অ (অণ্)-ক; উ.ত] ১ ব্রহ্মা। ২ বিষ্ণু। ৩ নৃপতি। ৪ বৃক্ষবিশেষ (Croton tiglium)।

জয়বিষহরি, -রী বি জয়দাত্রী বিষহারিণী মনসা। "°হরি ম.ভা ৫৯। °হরী ম.ম ১৭।

জয়মঙ্গল পুং [সুপ্সুপা] ১ জয় হেতু শুভ; রাজবাহ্য হস্তী; পাটহস্তী। ২ জরঘ্ন ঔষধবিশেষ। "জ্বরান্তক জয়মঙ্গলাদি দা ৩৬২,৬৪। ৩ ধ্রুবক (ধুয়া)-বিশেষ। [°রস (পুং)—সর্ব্বজ্বরনাশক ঔষধবিশেষ।]

জয়াজয় পুং [দ্বন্দ্ব] জয়পরাজয়। "গী ২.৩৮। ভা.চ ১৮০।

জয়াবতী স্ত্রী [জয়+বৎ (অস্ত্যর্থে)+স্ত্রী ঈ (ঙীপ্), দীর্ঘ] ১ 'জয়যুক্তা', কুমারানুচরমাতৃকাবিশেষ। ২ দুর্গা। "ভা.চ ৪২৯।

জয়াবহ বিণ [ষ.ত; স্ত্রী -হা] জয়ের বাহক; জয়প্রদ।

জয়ি(য়)ত্রী বি সর্থ 'জাতীপত্রী'। "জয়ত্রী ভা.চ ৩২৯।

জয়িষ্ণু বিণ [√জি+ইষ্ণু (ইষ্ণুচ্); স্ত্রী -ষ্ণু] জয়শীল।

জয়ী (-য়িন্) বিণ [√জি+ইন্ (ইনি) তাচ্ছীল্যে-১ব; স্ত্রী -য়িনী] জয়শীল, বিজয়ী। "রঘু ৪.৩৪। কৃ.চ ৬৪।

জয্য বিণ [√জি+য (যৎ)-র্ম্ম] জয়ে শক্য। "সোঽয়ং মনুষ্যলোকঃ পুত্রেণৈব জয্যো নান্যেন কর্ম্মণা (শতপথব্রাহ্মণ)।

জর[১] বিণ [√জৄ+অ (অচ্)-ক] জীর্ণতাপ্রাপ্ত, জীর্ণ, প্রাচীন। —র পুং [+অ (অপ্)-ভা] জীর্ণভাব, ক্ষয়।

জর[২] [সং জ্বর >লি, প্রা °র] জ্বর। "শ্রী.কী ২২; বিরহজরে ৮৬। [জরিলা—জরপীড়িত হইল। "বিরহ জরেঁ, তেঁহে জরিলা. পাঠাইলা তোহ্মা বেধা শ্রী.কী ১৯।]

জর[৩] অর্ম্ম [সং √জৄ > প্রা √জর (হে ৪.২৩৪) ; তু 'জরই—জরা-গ্রস্ত হয় (দো) ।] **১** জীর্ণ হওয়া ; জরিয়া যাওয়া । "নুনে হাঁড়ি জরে । **২** পরিপাকপ্রাপ্ত (হজম) হওয়া । "আইবড় এত বড় বেটা হইল ঘরে । কেমন করিয়া দেখে পেটে ভাত জরে॥—শি ১৭ । **৩** লীন (অন্তর্হিত) হওয়া । "তোহারি দরশনে॰ মঝু মনে মনসিজ॰…জরি গেল ।—গো ১৯৭ । —রা সর্ম্ম [°র+আ॰] জীর্ণ করা । [জরা[২] —১ সর্থ 'জর[৩]' । **২** জীর্ণ (লেবু, সোনা) । জরান—১ সর্থ 'জরা' । **২** জারিত (আম, লেবু) । জরিল (অপ্র)—জীর্ণ করিল । "দুরিত দুরন্ত, জরিল অত্যন্ত ম.পা ১৬৩ ।]

জর[৪] অর্ম্ম [সং √জ্বল্ > প্রা √জল > বা √জর ; হি √জর ; বৈষ্ণব-সাহিত্যে] **১** জ্বলিত হওয়া ; দগ্ধ হওয়া । "(বজরনিপাত) শুনইতে শ্রবণে মরমে জরি যাত গো ১৩১ । **২** দগ্ধ (বিনষ্ট) হওয়া । "তিরখি বরত শম॰—শশ জাম্বুকী জরি জাতি ব ১৮ ।

জর[৫] বি [ফা জ.র্] সোনা, সোনার গহনা । "মোর দেল বড় চায় যে জরি জর পিনে…রেশুির বিচে ফিরি আ দু ৩০৯ ।

জরকশী, -সি বিং [ফা জ.র্ (সোনা) + কশীদহ্] স্বর্ণসূত্রের সূচীকর্ম্ম-যুক্ত ; সোনার জরির কাজ-করা । "জরকশী চীরা ভা.চ ২৬৪ । °সি ব.প ১৫০৭ ।

জরজর বিং [সং জর্জ্জর > (স্বরাগমে) °র, হি, ঠ, গু °জর ; পদ্যে] **১** জীর্ণ, বিকল, নিপীড়িত । "হিমে তনু জরজর গ ১০৮,-১৩ । হিয়া জরজর (মুরলীস্বরে) ব ১৫৬,-৭ । (রসে) হিয়া…জরজর ভা.চ ৩০৫ । জরজর কামে শ্রী ৪১ । **২** পরিব্যাপ্ত । "লক্ষ্মীন্দর মুখপদ্ম বিষে জরজর । —বা.ম ৩১৭ । **৩** ক্ষত-বিক্ষত, বিদীর্ণ । "(বরা) তোর দন্তে ক্ষিতি জরজর ক.চ ৫৬ । বিষম কুসুমশরে॰ পাজর জরজর গো ১৮৮ । পদ-পঙ্কজ॰…কণ্টকে জরজর ব.প ১০৩৯ । তীরে তীরে জরজর বি.সু ১১৪ । (কামড়ে) জরজর হইল অঙ্গ ।—শি ৭৯ । **৪** শিথিলবন্ধ, জীর্ণ । "যো রস ধাধসে॰…পঞ্জর জরজর হোই গো ১৮৫ । [জরজরি (প্রা √জজ্জর) —জর্জ্জর করিয়া । "জরজরি সর্ব্ব জনে কটাক্ষের শরে মে ৯০ ।]

জরঠ বিণ [√জৄ+অঠ-ক, উ ১.১০০] **১** জীর্ণ । **২** বৃদ্ধ । "স্ত্রীণাং জরঠোঽহমসম্মতঃ ভ ৯.৬.৪১ । মাঘ ৪.২৯ । **৩** কঠিন । "মাঘ ৪.২৯ । **৪** কর্কশ, কঠোর । **৫** পাণ্ডু, বিবর্ণ । **৬** পরিণত, সম্যগ্‌বৃদ্ধিপ্রাপ্ত (full-grown)। "°কমলকন্দচ্ছেদ মাঘ ১১.১৪ । জরঠ কমঠ ক.চ ১৫৬ । **৭** নম্র, অবনত । **৮** ক্রূর, নিষ্ঠুর । —ঠ পুং **১** জরা, বার্দ্ধক্য । **২** বৃদ্ধ । "মুমুদে জরঠো ভৃশম্ ভ ৬.১.২৫ ।

জরণ বি [√জৄ+ই (ণিচ্) + অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] **১** জারক, পরিপাকশক্তিবর্দ্ধক । **২** [√জৄ+অন-ক, বাহুলকে] জরাপ্রাপ্ত, জীর্ণ । —ণ পুং **১** জীরক ; কৃষ্ণজীরক । **২** সৌবর্চ্চল-লবণ । —ণ ক্লী **১** হিঙ্গু । **২** শ্বেতজীরক । —ণা স্ত্রী জরা ।

জরৎ বিণ [√জৄ+অৎ (অতৃন্)-ক ; স্ত্রী-তী] **১** বৃদ্ধ, প্রাচীন । "জরদ্গব । জরদযোবা মহা ৩.১১০.৫৫ । **২** জীর্ণ । —তিকা, -তী স্ত্রী [°ৎ+স্ত্রী ঈ (ঙীপ্) ; ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] বৃদ্ধা । "°তী ক.চ ২৫৯ । জরতীবেশ ভা.চ ২০৯ ।

জরৎকার বি [সং °কারু ; পদ্যে মিলের নিমিত্ত ; অপ্র] জরৎকারুমুনি । "ম ৭ ; ৩০ । —কারী বি মনসা । "ম ৭ ; °গর্ভে ৩০ ।

জরৎকারু পুং [বহুব্রী] যাহার কারু (দারুণ শরীর) তপস্যায় ক্ষয়-প্রাপ্ত (মহা ১.৪০.৩) ; যাযাবর মুনিবিশেষ । [বংশনাশ হেতু বীরণ-মূলাশ্রিত গর্ত্তে লম্বমান অধোমুখ পিতৃগণকে দেখিয়া ইনি বংশরক্ষার্থ সনামা কন্যা বিবাহ করিবেন, এই অঙ্গীকার করিয়া, বাসুকিভগিনী জরৎকারুকে বিবাহ করেন । আস্তীক জরৎকারুগর্ভজাত জরৎকারুর পুত্র (মহা ১.৪৫-৪৭তম অধ্যায়) ।] —কারু স্ত্রী বাসুকিভগিনী জরৎকারুমুনির পত্নী আস্তীকজননী মনসা ।

জরদ বিং [ফা জ.র্দ্] পীতবর্ণযুক্ত । "কারপট্ট জরদ শ্রী ১১৯ ; জরদ জোড় ১৪৭ ; ২২৪ । —দ বি পীতবর্ণ । "লালের পর জরদ ত খোলে না ।—নী ১৭ । —দা বি [হি °দা] **১** পীতবর্ণ । "জরদা রঙ্গের পরদাগুলি দা ২০৮৫ । **২** সুগন্ধি সুরতী । [জরদালু (ফা আ'লূ, হি °লূ)—খুবানী মেওয়া (apricot) ।]

জরদ্গব পুং [জরন্ (জরৎ) গো, কর্ম্মধা, সমাসান্ত অ (টচ্)] **১** জীর্ণবৃষ । "°ধনঃ শর্ব্বঃ ।—পঞ্চ ২.১৬৭ ; ৪.৭৯ । জরদ্গব হঞা যুবা হয় আরবার চৈ.চ ৬৫ । **২** জীর্ণেন্দ্রিয় গৃধ্রবিশেষ । "হি ১.৫৭ । **৩** ক্ষীয়মাণধর্ম্মরূপবৃষ (মহা) ।

জরম বি [জর্ম্ম > (স্বরাগমে) °ম ; অপ্র] জন্ম । "শ্রী.কী ৪ । [জরমক (জন্মের), জরমে, -র্মে (জন্মে) ।—শ্রী.কী ।]

জরা[১] স্ত্রী [√জৄ+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্) ; ছান্দস] **১** বয়ঃকৃত শ্লথমাংসাদি অবস্থা ; বয়োহানি, বার্দ্ধক্য । "ঋষির্জরয়াবিষ্টঃ ।—গো.রা ৩.১.৯ । গী ৭.৯ । °পরিপক্বশরীর (সুশ্রুত) । জরয়া গ্রস্তঃ ভ ১.১৩.২১ । রঘু ১২.২ । °জীর্ণ, জরান্বিত, জরাভিভূত (S.W.) । **২** পরি-পাক, জীর্ণাবস্থা । "রা ৩.৪৭.৪৮ । **৩** জরাসদৃশ দেহক্ষয়করমাত্র । "ভর্ত্তুঃ প্রীতিকরী নিত্যং স ভার্য্যা হীতরা জরা ।—দক্ষ ৪.১৩ । **৪** ক্ষীরিকাবৃক্ষ । **৫** রাক্ষসীবিশেষ । দ্র 'জরাসন্ধ' । **৬** (বাঙ্লায়) জরান্বিত, বৃদ্ধ । "যদি পতি হয় জরা শ্রী.মা ৫০ ; জরাকে যৌবন দিলে বিফল ১৪৬ । জরাকে যৌবন দিব কেনে শি ৮৬ । [°গ্রস্ত, °জীর্ণ, জরাতুর (বিণ)—বৃদ্ধ, বার্দ্ধক্যগলিত । "°তুর নৈ ১.১৩৫ । °জীর্ণ প.তৃ ৩৭ । পুষ্ট (পুং)—জরাসন্ধ । °ভীরু (পুং)—মদন ।]

জরা[২] দ্র 'জর[৩]' ।

জরাজরা বিং জর্জ্জর, ক্ষতবিক্ষত । "জরাজরা হ'য়ে কেহ হইল দুইখান ঃ জরাজরা করে শি ৫১ ।

জরায়ু পুং [জরা+ √ই+উ (ঞুণ্)-ক, উ ১.৪ ; '°য়ুস্ (কেশব —অ.টী)] গর্ভাবরণচর্ম্ম, গর্ভাশয় (uterus) । **২** (সাদৃশ্যে) নির্মোক, সাপের খোলোশ (A.) । **৩** অগ্নিজারবৃক্ষ । [°জ (বিণ) —জরায়ুমধ্যজাত (viviparous) ; জরায়ুতে প্রাদুর্ভূত এবং পশ্চাৎ মুক্ত ও ভূমিষ্ঠ (মনুষ্যাদি) । "মনু ১.৪৩ ।]

জরাসন্ধ পুং [জরা কর্ত্তৃক সন্ধা (দেহসংযোজন) যাহার, বহুব্রী] চন্দ্রবংশীয় রাজাবিশেষ । [ইঁহার পিতা বৃহদ্রথ, মাতা কাশীরাজকন্যাদ্বয়, রাজ্য মগধ, রাজধানী গিরিব্রজপুর । কংসরাজ ইঁহার জামাতা । ঋষিদত্ত আম্র বিভক্ত করিয়া ভক্ষণ করায়, ইনি মাতৃদ্বয়ে দ্বিখণ্ডিত হইয়া জন্মগ্রহণ করেন এবং তদ্রূপে ভূমিষ্ঠ ও পরিত্যক্ত হন । জরা রাক্ষসী খণ্ডিত দেহ সংযোজিত করিয়া বৃহদ্রথকে দান করে । এই হেতু এই শিশুর নাম 'জরাসন্ধ' । যুধিষ্ঠিরের রাজসূয়ারম্ভে, গিরিব্রজপুরে শ্রীকৃষ্ণের পরামর্শে মল্লযুদ্ধে ভীমকর্ত্তৃক ইনি নিহত হন । ইঁহার ভীষণ কারাগারে যে ২০৮০০ শত পরাজিত নৃপতি অবরুদ্ধ ছিলেন, শ্রীকৃষ্ণ তাঁহাদিগকে মুক্ত করেন । কংসবধ হেতু, ইনি সপ্তদশ বার মথুরা আক্রমণ করিয়া পরাজিত হন । কালযবন মথুরা অবরোধ করিলে, শ্রীকৃষ্ণ ইঁহার আক্রমণসম্ভাবনায় দ্বারকার দুর্গে পরিজনগণ সুরক্ষিত করেন (মহা ২.১৬.২৪ ; ভ ১০.৫০, ৭৩) ।] [°কারাগার (বি)—(গৌণার্থে) ভীষণ অবরোধস্থানমাত্র । "ফাটক হইল জরাসন্ধকারাগার ভা.চ ৩৮৭ । °জিৎ (পুং)—ভীমসেন ।]

জরি, -রী বি [ফা জ.রী] সোনার সূতার সহিত বোনা (জড়িত) দ্রব্যমাত্র (ফিতা-প্রভৃতি) ; সূতায় বোনা সোনালী বা রূপালী তারের ফিতা । "জরীর পহিরন ভা.চ ৪৬০ । জরীকষ ।—রঙ্গ ৯ । জরির খোপা ।—হেম ৩৮৮ । দ্র 'জর[৫]' । [°জহরৎ—স্বর্ণহীরকাদির অলঙ্কার ।]

"জরি-জহরৎ···পরিব আ.দু ৬৫। °পট্ট, °বস্ত্র—জরি-বসান কাপড়। "°পট্টশ্রী ১৪৭। °বস্ত্র ভ.গ্র ২৫৬। °শাল—জরি-বসান শাল। "শ্রী ৬৪।]

জরিত বিণ [জরা+ইত (ইতচ্)] জাতজর, বৃদ্ধ। "মহা ১.২২৯.২০।

জরিপ বি [আ জরীব্—চেন্ (৬০ গজ)] চেনে জমির দৈর্ঘ্য প্রস্থ মাপিয়া পরিমাণনির্ণয় করা ; জমি মাপা (survey)।

জরিমানা বি [আ জুর্মানা] অর্থদণ্ড। "ব.প্র ৬৪৮।

জরী দ্র 'জরি'।

জরীকষ বি [জরী+কষ (কষীদহ্)] জরী-খচিত। "জরীকষ খোপ। —রঙ্গ ৯।

জরু বি [হি জোরু (জোড়া)] স্ত্রী। "গো.চ ৭১ ; জরু প্রানের বৈরি ১৮২। জরু ছাবাল জা ৩৫।

জরুয়া বিং [জর²+উআ²] জ্বররোগী। "দ্র 'উআ²'।

জরুর বিং [আ জ.রূর্] আবশ্যক, প্রয়োজনীয় ; অপরিহার্য্য। —র ক্রি.বিং অবশ্য, নিশ্চিত। —র বি (বাঙ্‌লায়) প্রয়োজনীয় বিষয়। "এই সমস্ত জরুর যখন তাগিদ করে, আখেরকে তখন ভাসিয়ে দিতে হয়।—য ২৪৯। —রি, -রী বিং [আ জ.রূরী] প্রয়োজনীয়, দরকারী। "এমন জরুরি খবর দিলে শিরোপা পাইব ব.প্র ৪৫। সেটা···জরুরি য ১৪৭। উভয়ই···'জরুরি' শব্দাঙ্কিত য ১।

জর্জ্জর বিণ [√জর্জ্জ্ হিংসা+অর, উ ৩.১৩০ ; জর¹+জর¹—মূল (?)] ১ জরাতুর। "জরয়া জর্জ্জরদেহে (মোহমুদ্গর)। ২ জীর্ণ, বিচ্ছিন্ন, শিথিল। "°বংশখণ্ড হি ১২১২৩১৬। °স্নানশাটী (মৃ)। °তর (কৌপীন)।—ভর্ত্তৃহরি। (গৃহ) ভিত্তিবিশ্লেষ° ক.সা ২.৪৯। ৩ জীর্ণ, পুরাতন। "দ্রুমাঃ···জর্জ্জরপত্রাঃ (বৃহৎসংহিতা)। ৪ বিশীর্ণ, শকলীভূত, চূর্ণিত, খণ্ডিত। "(জলমুচঃ) জর্জ্জরা নিপতন্তি উ.মে ৮। জর্জ্জরা নির্ঝরৌঘাঃ মাঘ ৪.২৩। (বাষ্পৌঘঃ) °কণঃ উ.চ ১.২৯। ৫ বিমিশ্র। "বিস্ময়ানন্দসন্দর্ভজর্জ্জরাঃ করুণোর্ম্ময়ঃ উ.চ ৭.১২। ৬ খণ্ডিত, বিক্ষিপ্ত। "বাণে বিন্ধি হনুমানে করিল জর্জ্জর কৃ ২৭৪। ম ৫০৮। ৭ জীর্ণ, পীড়িত, কাতর। "ভয়ঙ্কর° মা.মা ৯.৫৪। পরিতাপজর্জ্জরপরাণে চ.কা ১৪১। ৮ পৃথগ্‌ভূত। "জৃম্ভাজর্জ্জরডিম্ব মা.মা ৯.১৬। ৯ [বাঙ্‌লায় ; অপ্র] সুসিক্ত। "রক্তেতে জর্জ্জর হৈল সভার শরীর ম ২৫। —র পুং ১ শৈলজ (benzoin)। ২ শক্রধ্বজ। —রীক বিণ [+ঈক (ঈকন্) -ক, উ ৪.২০] ১ জীর্ণ, জরাতুর। ২ প্রাচীন।

জর্জ্জরিত বিণ [°র+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম] ১ জর্জ্জরীকৃত, জীর্ণীকৃত। "জরাজর্জ্জরিতং পতিম্ মহা ৩.১২৩.৯। গাত্রং জরাজর্জ্জরিতম্ ম.চ ৭.১৮। জরা° বিষাণকোটয়ো মৃগাঃ (কাদম্বরী)। ২ শকলীকৃত, খণ্ডিত, বিক্ষত। 'জর্জ্জরিতাঙ্গস্ত কুঞ্জরস্ত হ ৮৬.৩৪। শরে হানি জর্জ্জরিত কৈল মত্ত গজ ম ৭৯১। ৩ নিপীড়িত, ব্যথিত, কাতর। "স্মরশর° গী.গো ৮.১। গর্ভভারজর্জ্জরিতা কা ১৪।

জর্ত্তন বি [জন্তন > °ন, 'র' আগম ; অপ্র] যত্ন। "মী ২০।

জর্ম্ম¹ বি [জন্ম > °র্ম্ম, 'র' আগম ; অপ্র ; তু 'কর্ম্ম'] জন্ম, আবির্ভাব। "ম.পা ৭ ; জর্ম্মান্তরে ৪৯ ; ৬৬ ; ১০৪। গো.বি ৮।

জর্ম্ম² অর্ম্ম [জর্ম্ম¹ > °র্ম্ম ; অপ্র] ১ জন্মগ্রহণ করা। "পুত্র জর্ম্মিয়াছে ম.পা ১১৫ ; আঙ্কি জার্ম্মিল ১৭৯। ২ উৎপন্ন (আবির্ভূত) হওয়া ; হওয়া। "জর্ম্মিছে অহঙ্কার ম.পা ৫৫ ; ক্রোধ জর্ম্মিব ১৭১,-৭৪। হুঙ্কারে জর্ম্মিল ব্রহ্মা গো.বি ২ ; ৬ ; ৮। —র্ম্মা অর্ম্ম সর্থ 'জর্ম্ম (১)। "খুল্লনারোদরে জর্ম্মাইলেন মালাধার ম.পা ১০৪।

জল্ সক [ভ্বা, প—জলতি ; সেট্] ১ ঘাতন। ২ আচ্ছাদন। —ল্ অক ১ জীবন। ২ তীক্ষ্ণীভাব। ৩ সমৃদ্ধি। —ল সক [চু,প—জালয়তি ; সেট্] আচ্ছাদন।

জল¹ বিণ [জড় > °ল] জড় (মেদিনী)। —ল ক্লী [√জল্ জীবন +অ (অচ্)-ণ (অ.টী)] ১ বারি। "ন তজ্জলং যন্ন সুচারুপঙ্কজম্ ভট্টি ২.১৯। প্রলয়পয়োধি° গী.গো ১.৫। কর্ণে প্রবেশিল জল, জল দিলে জল বারি হয় লো ধনি দা ৩৬৮। ২ অশ্রু। "নেত্রজৈর্জ্জলৈঃ ভ ১.১১.৩০। ৩ দ্রব। "তদঙ্গনিস্যন্দ° রঘু ৩.৪১। ৪ রস। "মাংস°, কষায়° (বৃহৎসংহিতা)। ৫ চাকচক্য, দীপ্তি। "প্রক্ষালয়ন্ গগনকুহরং কান্তিজ্যোৎস্নাজলেন (মুখেন্দুঃ) ক.ম ২.৩০। ৬ [তু 'ফা আব্, E. water] গোকলন, গাভীর জরায়ু ; জলাম। ৭ সুগন্ধি দ্রব্য-বিশেষ ; হ্রীবের। ৮ (তোয়-দেবতাক) পূর্ব্বাষাঢ়ানক্ষত্র। ৯ (বাঙ্‌লা) বৃষ্টি। "করিকর সমান বরিষে জলধারা ক.চ ৮২। চল চল জল এল ব.প ৯৫২। ১০ (জলতুল্য) সুপ্রবেশ, সুগম, সহজবোধ্য। "দুর্বোধ যা কিছু ছিল হ'য়ে গেল জল চ.কা ৮৮। ১১ জলবৎ তাপনাশক দ্রব্য। "জুড়াইতে এ অনল, মৃত্যু ভিন্ন অন্য জল, বুঝি আর নাই এ ভুবনে ব.সু ৯। ১২ (অপ্র) জলক্রিয়া, তর্পণ। "জলপিণ্ড-আশ ম ১১৪৮। শ্রী.মা ৩। [°কণ্টক (পুং)—শৃঙ্গাটক, পানীফল ; কুম্ভীর। °কর (পুং)—১ নদী-প্রভৃতি হইতে গৃহীত কর। ২ ডিঙ্গিবিশেষ। "ব.প ১৪৭৮। °করঙ্ক (পুং)—নারিকেল ; শঙ্খ ; মেঘ ; পদ্ম। °কল্ক (পুং) —পঙ্ক। °কাক (পুং)—পানকৌড়ি। °কান্ত (বি)—জলপতি, সমুদ্র। "মে ৬২। °কুক্কুট (পুং)—জলচর কুক্কুটবৎ পক্ষিবিশেষ। "মহা ৩.১০৮.৭। °কুন্তল (পুং)—শৈবাল। °কেলি (পুং, স্ত্রী), °ক্রীড়া (স্ত্রী) —জলসম্বন্ধী ক্রীড়াবিশেষ। "°ক্রীড়া মহা ১.১২৮.৩৬। °ক্রিয়া (স্ত্রী) —জলসাধ্য কার্য্য ; তর্পণ। "রা ১.৪২.৬ ; ২.১০৩.২০। °জন্ম (-ন্মন্) ক্লী—জলজ, পদ্ম। °জীবী (-বিন্) পুং—জালিক, জেলে। °তাড়ন (ক্লী, অর্ব্বাচীন সংস্কৃত)—জলে আঘাত ; অনাবশ্যক কার্য্য। তু 'জলবেড়োবেড়ি' (চব্বিশপরগনা)। °ত্রাস (পুং)—জলদর্শনে জাত ত্রাস ; কুকুরদষ্ট ব্যক্তির জলভয় (hydrophobia)। °দর্দ্দুর, °মড্ড্ (ডু)ক (পুং)—জলরূপ দর্দ্দুরবাদ্যবিশেষ (দ্র 'মল্লিনাথ')। "°র হ ১৪৮.৪৩। °মড্ড্(ড্ডু)কবাদ্যবল্গু মাঘ ৫.২৯। °মণ্ডূকবাদ্য চৈ.চ ১৫৯। °দলপতি (বি)—বরুণ। "হে ২৩১। °দেব (পুং)—পূর্ব্বাষাঢ়ানক্ষত্র। দ্র 'জল (৭)। °দেবতা (স্ত্রী)—বরুণসহচর জলস্থিত দেবতা। "হ ২৪৩.৪১। °দ্রোণী (স্ত্রী)—নৌকার জলসেচনপাত্র। °নকুল (পুং) —উদ্বিড়াল। °নাড়ী, °নালী (স্ত্রী)—পয়ঃপ্রণালী। °নাথ (বি)—সমুদ্র। "মে ৬১। °নিধি (পুং)—সমুদ্র। °নির্গম (পুং)—জলনিঃসরণ-পথ, জলনালী, ড্রেন্। °নীলী (স্ত্রী)—শৈবাল। °পটল (ক্লী)—'জলরাশি', মেঘ। °পতি (পুং)—১ বরুণ। "ম ৪২৭। ২ সমুদ্র। "মে ১৮৯। °পথ, °মার্গ (পুং)—জলরূপবর্ত্ম, নদ্যাদিপথ। "শিবজলপথঃ রঘু ১৭.৮১। °পাত (পুং)—বৃষ্টিপাত (চাতকাষ্টক)। °পিপ্পলী (স্ত্রী) —জলজাত পিপ্পলীবিশেষ (ভাবপ্রকাশ)। °পুষ্প (ক্লী)—জলজ কমলাদি পুষ্প। °পুর (পুং)—জলপ্রবাহ। "যমুনা° গী.গো ১১.২৫। °প্রদান (ক্লী)—তর্পণ। °প্রপা (স্ত্রী)—জলদানার্থ শালা ; জলসত্র। °প্রপাত (পুং)—নির্ঝর (water-fall)। °প্রলয় (পুং)—জলপ্লাবন। °প্রায় (ক্লী)—জলপ্রচুর স্থান, অনূপ। °প্লব (পুং)—উদ্বিড়াল। °ফল (ক্লী)—শৃঙ্গাটক (ভাবপ্রকাশ)। °বন্ধ (পুং)—জলরোধক শিলাদিস্তূপ ; সেতু, বাঁধ। °বহ (বি)—জলবাহক। "মে ৩১১। °বাদ্য (ক্লী)—পাণিতাড়নে বাদ্যতুল্য জল। "হ ১৪৮.৪৩। °বায়স (পুং) —পানীকৌড়ি। °বায়ু (বি)—আব-হাওয়া (climate)। °বাস (পুং)—১ জলে বসতি (মহা)। "কৃ.উ ১৯৭। ২ উশীর। [°বিড়াল, °মার্জ্জার (পুং)—উদ্বিড়াল। °বিম্ব, °বুদ্‌বুদ্ (ক্লী)—শূন্যগর্ভ জলমণ্ডল (bubble)। °বিষুব (ক্লী)—তুলাসংক্রান্তি। °বিহার (পুং)—জলকেলি। °বৃশ্চিক (পুং)—চিংড়ি মাছ। °বেতস (পুং)—বেতসবিশেষ। °ব্যাল (পুং)—আলাদ (কেউটিয়া) সাপ (অ.টী)। °ব্রহ্ম (বি (

—জলমূর্ত্তি ব্রহ্ম। "ভাগীরথী…জলব্রহ্মসম চৈ.চ ১৬৮। °ভৃৎ (পুং) ১ জলধর, মেঘ। ২ জলাধার কলসাদি। ৩ কর্পূর। °মডড্(ড়ু)ক—দ্র 'জলদর্দ্দুর'। °মদগু (পুং)—মৎস্যরঙ্ক। °মুক্ (-চ্) পুং—১ জলমোচক, মেঘ। "উ.মে ৮। ২ কর্পূরবিশেষ। °মূর্ত্তি (পুং)—শিবমূর্ত্তিবিশেষ। "ভবায় জলমূর্ত্তয়ে নমঃ। °মূর্ত্তিকা (স্ত্রী)—করকা। °যাত্রা (স্ত্রী) —জলপথে গমন ; সমুদ্রযাত্রা। °যান (ক্লী)—জলগমনসাধন পোতাদি। "জলযানৈরিবার্ণবম্ ভ ৩.১৪.১৮। °রঙ্ক (পুং)—দাত্যুহপক্ষী, ডাহুক। °রস (পুং)—লবণ ; জলস্বাদ। °রাক্ষসী (স্ত্রী)—সমুদ্রজলস্থিতা সিংহিকা। "মহা ৩.২৮১.৫৯। °রাজ, -জা (বি)—বরুণ। "কৃ.উ ৯০। ম ৯। °রাশি (পুং)—সমুদ্র। °রুহ (ক্লী)—'জলজাত', পদ্ম। "যতনে শুতায়লু জলরুহপাত গো ২৫৭। °লতা (স্ত্রী)—তরঙ্গ। °শয়, °শয়ন, °শায়ী (-য়িন্) পুং—ক্ষীরোদশায়ী বিষ্ণু। °শুচি (বিণ)—স্নাত, ধৌত। °শোষ (পুং)—অনাবৃষ্টি। °শৌচ (বি)—মলত্যাগান্তে জল দ্বারা গুহ্যদ্বারশোধন। "ভ.গ্র ৩৩৮। গোলাপজল দিয়ে জলশৌচ হু ৩৩। °সত্র (বি)—পেয় জল ও খাদ্যের সদাদান। °সূচি (পুং) —কঙ্কত্রোট (কাঁকিলা) মৎস্য ; শিশুমার ; জলৌকা। °স্পর্শ (বি)—জলগ্রহণ। "জলস্পর্শ করব না আর, চিতোর-রাণার পণ।—কথা ৯৮। °হরি (বি)—'জল হারক', পয়োনালী। "ক.চ ৭৯। °হস্তী (-স্তিন্) পুং—জলচর হস্তিবৎ জন্তুবিশেষ। °হাস (পুং)—জলের হাসতুল্য ; ফেন ; সমুদ্রফেন। জল উঠা—১ কূপাদিতে পাতাল হইতে জল আসা। ২ ছিদ্রপথে নৌকাদির খোলে জল আসা। ৩ গর্ভিণীর মুখ হইতে জলবৎ ছেপ বাহির হওয়া। "বদনে সদাই উঠে জল ক.চ ৪৪। ভা.চ ৩৭৪। জল করিয়া ফেলা—ভাবাবেশে হৃদয় বিগলিত করা। মিষ্ট কথায় শান্ত (ঠাণ্ডা) করা। জল-ক্ষয় করা—মূত্র-ত্যাগ করা। "ম.ম ৯২। জল খরচ করা—মলত্যাগান্তে শৌচ করা। জল খেলে—জলক্রীড়া করে। "চৈ.চ ১৫৯। জল গড়ান—১ কলসী কা'ত করিয়া জল ঢালা। "গৌরী গর্গরী হৈতে গড়াইল জল।—শি ৩২। ২ জল ঝরা। জল গলা—ছিদ্রপথে জল বাহির হওয়া। "হাত দিয়া জল গলে না (কৃপণতা-সম্বন্ধে)। জল গালা—জল ঝরান। জল গ্রহণ না করা—জলবিন্দু-পর্য্যন্ত না খাওয়া (প্রতিজ্ঞায়)। "জাতি-ভ্রষ্টার কন্যার পাকস্পর্শে জলগ্রহণ করিব না ব.প্র ৩৪১। জল তাড়া দেওয়া—মাছ একত্র করিয়া জালে ধরার নিমিত্ত জল তাড়িত করা (জলে ঘা দেওয়া)। "দালাল বিশ্বাসের কলসী ধরে গা ভাসান দে জল তাড়া দেন,…চুনো পুঁটিও এড়ায় না হু ১১। জল পড়া—মন্ত্র পড়িয়া জল অভিচারসমর্থ করা। "বা.ম ২৮২। জল ভাঙা—জলস্রাব হওয়া ; বৃষ্টির জল নিঃসৃত হওয়া ; হাঁটিয়া জল পার হওয়া। জল সরা—জল নিঃসৃত হওয়া; ঘাটে নিত্য জলের কাজ করা। জল ভরা, সহা বা সওয়া—বিবাহাদি মঙ্গল কার্য্যে ঘাটে করণীয় স্ত্রী-আচারবিশেষ। দ্র 'ম.পা ৭০ ; ১৭১। ন.প ১২৬,-৪০। জল হওয়া—১ বৃষ্টি হওয়া। ২ জলে পরিণত হওয়া। "বর্ষায় নুন জল হয়। যেমন জলের বিম্ব জলে উদয়, জল হ'য়ে সে মিশায় জলে।—রামপ্রসাদ। ৩ (ক্রোধা-দিতে) শান্ত হওয়া। জলে কড়ি—দুগ্ধে মিশ্রিত জলে (দুধের দরে) টাকা। "আমাদের জলে কড়ি দা ১১৮। জলে কুমীর ডেঙ্গায় বাঘ —দ্র 'কুমীর'। জলে জল বাধা—জলাশয়ে কিঞ্চিৎ জল থাকিলে, বৃষ্টিতে জল বাড়ে (শুখাইয়া যায় না) ; (গৌণার্থে) সম্পন্নের সম্পদ্ বাড়ে ; ভাগ্যবানের ভাগ্য-বৃদ্ধি হয়। "তোমারি লভ্যের অঙ্ক, জলে জল বাধিল জলদাঙ্গ দা ৬৩১। জলে পড়া—বৃথা ব্যয়িত (নষ্ট) হওয়া। "আমাদের জলে কড়ি, না হয় জলে পড়বে দুই চার আনা দা ১১৮। জলে ফেলা—১ অপব্যয় করা। ২ (গৌণার্থে) অযোগ্য পাত্রে কন্যাদান করা। "(ঝি) বাপ হয়ে জলে ফেলে আনে কব কি শ্রী ১৪৪। জলে যাওয়া—১ অপব্যয়িত হওয়া। ২ (স্নানাদির নিমিত্ত) ঘাটে যাওয়া। "বাইতিবনিতা হেথা গিয়াছিল জলে ব.প ৪৪৮। জলের দাম—জলের যেমন মূল্য নাই, সেইরূপ পণ্যের প্রকৃত মূল্যের তুলনায় অত্যল্প মূল্য (যাহা মূল্যই নহে)। "ইট-কাট জলের দামে…বিক্রয় করিয়া যাহা কিছু পাইলেন, তাহা লইয়া কলিকাতায় গেলেন ব.প্র ৩২৮। জলের মত…জলবৎ তরল (দ্রব্য) ; সহজবোধ্য (বিষয়) ; যাহা সহজে খোলে (কল, যন্ত্র)। জলের মত বুঝান —অতি সহজে বোধগম্য করা। "জননী জলের মত, লাগিলেন বুঝাইতে সেই ধর্ম্মতত্ত্বরাশি।—ন ১০৯৭।]

জল² **অর্ম্ম** [সং √জ্বল্ >লি, প্রা √জল ; হি √জল ; ঠ, গু √জল. ; তু 'জলিঅ' (জ্বলিত ;—চ) ; অপ্র] ১ জ্বলিত হওয়া, দীপ্তি পাওয়া। "ভিতরে অনঙ্গ, -আনল জলে শ্রী.কী ৭৪ ; বিরহশিখে হৃদএ জলএ ২৯৭। ২ জ্বালাজনক হওয়া। "জলত চীর (প.ক)।

জল-আচরণী বিং যে জাতির ছোঁয়া জল ব্রাহ্মণাদির সমাজে ব্যব-হার্য্য ; জল-শুদ্ধ (জাতি)। "জল-আচরণী ভৃত্য ব.প্র ৪২৬।

জল(লো)ই, জোলুই বি [হি জলঈ ; 'জোড়-ঈ'—মূল (?)] ১ নৌকা-প্রভৃতির তথ্তা মুখে মুখে জোড়ার নিমিত্ত ব্যবহার্য্য দুমুখ-সরু লোহার পাত-প্রেক্। "সোণার জলই তাহে (নায়) শ্রী.ম ৬৯। সোণার জলই লইয়া (দাড়া বিন্ধে) বি.পা ১৬১ ; ১৬২। ২ মাথা-মোটা লোহার প্রেক্। "দু মোণের দু জলোই শি ৭১ ; জলুয়ে নেজনা জুড়ি মুড়ে রাখে আল ৭২।

জলকন্যা বি জলজাত কন্যা ; অপ্সরা (দ্র 'অপ্সরাঃ')। "ম.ম ১৪৩ ; ২১০।

জলকুমরী বি ['জলকুমারী'—মূল ; সং কুমারী >প্রা কুমরী] জলবাসিনী কুমারী অপদেবতাবিশেষ ; যক্ষী।

জলখাবার বি জলপানার্থ খাদ্য—ভাজাভুজি, মিষ্টান্নাদি।

জলখেংরা বি জলে ভিজান ঝাঁটা (ভিজা খেংরা চাবুকের মত হয়)। "(ওরে) এরে জল-খেংরা খাইয়ে বিদায় করি ন.ত ৪।

জলগোজা বি [ফা চিল্ গে.।জ.। ; হি চিলগোজা] হিমালয়জাত বৃক্ষবিশেষের ফলের বীজ ; মেওয়াবিশেষ। "আ.দু ২১২।

জলচর বিণ [জল+ √চর্+অ (ট)-ক ; উ.ত ; স্ত্রী -রী] জলে বিচরণকারী (জন্তু)। —চর পুং জলজন্তুমাত্র, মৎস্যগ্রাহাদি। "নানাজল-চরসনাথ।—পঞ্চ ১২৬৩। —চারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; উ.ত ; স্ত্রী -রিণী] সর্থ 'জলচর'। —চারী পুং সর্থ 'জলচর'। "মহা ৩.১৫৮.৫৪।

জলচল বিং সর্থ 'জল-আচরণী'।

জলচোরা বিং জলসম্বন্ধে চোরতুল্য ভীরু, অর্থাৎ যে জলের সংস্পর্শে ভয় পায়, স্নানাদি করিতে চায় না।

জলচৌকী বি স্নানাদির নিমিত্ত ছোট চৌকি।

জলছত্র বি জলসত্র (দ্র 'জল¹')। "পথে…জলছত্র দান ম ৭০৯।

জলছবি বি যে ছবি জলে ভিজাইয়া অন্য কাগজে তুলিতে হয় (transfer picture)।

জলজ বিণ [জল+ √জন্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -জা] জলজাত। "জলজান্যপি সত্ত্বানি গো.রা ২.৫৯.১০। জলজানাঞ্চ পদ্মানাম্ মহা ২.৩.৩৬। জলজৈঃ কুসুমৈঃ হ ৬৮.২৯। জলজ ফুল ভা.চ ২৭৪। —জ পুং ১ জলজাত প্রাণিমাত্র। ২ মৎস্য। "জনয়িত্বা সুতশ্রেষ্ঠো জলজে-নাম্বুজো যথা গো.রা ২.৬২.৩২। ৩ শৈবাল। "জলজৈর্হরিতো-দকাম্ (যমুনাম্) হ ৬৮.২৯। ৪ (সমুদ্রমন্থনজাত) চন্দ্র। ৫ হিজ্জল বৃক্ষ। ৬ বানীর বৃক্ষ। ৭ কর্কট কুম্ভ মীন রাশি ; মকরশেষার্দ্ধ। —জ ক্লী ১ শম্বুক। ২ শঙ্খ। "দধ্মৌ জলজং কুমারঃ রঘু ৭.৬৩।

প্রখ্যায় জলজোত্তমম্ ভ ৮.৪ ২৬। ৩ পদ্ম। "কু.স ২.৩০। °লোচনী। জ.প ১৭। জলজারুণ আঁখি ন.প ৩৮০। [জলজাসন (পুং)—'পদ্মাসন', ব্রহ্মা। "কু.স ২.৩০।]

জলজ(জ্ব)লাট বি ['জ্বল-জ্বল'—মূল (?); হি জলজলাহট—রোষ] ১ ধন-জনে জাজ্বল্যমানভাব বা সমৃদ্ধভাব। "পূর্ব্বে মিত্তির বাবুদের বড় জলজলাট ছিল, মধ্যে পরিবারের অনেকে মরে যাওয়ায় ভাগাভাগী ও বহুগুষ্টি নিবন্ধন কিঞ্চিৎ দৈন্যদশায় পড়তে হয়েছিলো হু ১৩৮। ২ ধনে জনে ভরপুর বা জাজ্বল্যমান। "জলজ্বলাট সংসার অ.গ্র ৫।

জলজীয়ন্ত বিং ['°জ্যান্ত' (কথ্যভাষা)] যাহা জলে জীবিত ছিল; সম্পূর্ণ জীবিত (মাছ)। [°ন্ত মিছা কথা—সম্পূর্ণ মিথ্যা কথা।]

জলঝারা বি জলধারা। "(পুত্রবধূ) প্রধান মন্দিরে নিলা দিয়ে জলঝারা শ্রী ১৫০।

জলটঙ্গী, -টুঙ্গি, -ঙি বি [অস টঙ্গ—শত্রুরক্ষার্থ উচ্চ মঞ্চ; টোঙ] জলাশয়ের মধ্যে নির্ম্মিত উচ্চ গৃহ। "জলটঙ্গী দেখিলেক সরোবর পরে বা.ম ২৫০।

জলটল বি ['টল' (অনু.শব্দ)] খাবার জল পান ইত্যাদি। "তোমরা জলটল খাবে, না কেবল নাচ দেখবে জা ৪১। আসুন আপনি কিছু জলটল খাবেন অ.গ্র ৮৫।

জলতরঙ্গ পুং [ষ.ত] ১ ঊর্ম্মি। ২ জলের তরঙ্গজন্য সুরের বাদ্যবিশেষ। [ধাতুনির্ম্মিত সাতটি বাটি এরূপ জলপূর্ণ করিতে হইবে, যেন ঐ বাটিগুলি হইতে শলাকাঘাতে সা-প্রভৃতি সপ্ত স্বর নির্গত হয়। পরে শলাকাঘাতে পর্দ্দার মত ঐ বাটিগুলি বাজাইতে হয়।] ৩ (বাঙলায়) পাক-দেওয়া পায়ের মল। "পায়ে চারগাছি জলতরঙ্গ মল য ১১। ৪ একপ্রকার কাচের চুড়ি। "ব. দ্বি ১৭। —তরঙ্গী বিং জলতরঙ্গযুক্ত, ঢেউ-খেলান। "(বাঁক) হীরাকাটা জলতরঙ্গী দা ১৬৩২।

জলদ১ বিণ [জল+ √দা+অ (ক)-ক; উ.ত; স্ত্রী -দা] জলদাতা। "মনু ৪.২২৯, কুল্লুক। —দ পুং ১ মেঘ। "গো.রা ৩.৫৮.২৫। উ.মে ৫৪। °পটল।—পঞ্চ ৫.৩৪। ২ মুস্তক। ৩ কর্পূর। [°কাল (পুং) বর্ষাকাল। °ক্ষয় (পুং)—শরৎকাল। "তম্মুতাং যান্তি জলানি জলদক্ষয়ে হ ৭২.১৮। °পঙ্ক্তি (স্ত্রী), °পটল (ক্লী)—মেঘমালা। °মন্দ্র (বি) —মেঘগম্ভীর-রব। "(সান্ত্বনার বাক্য) আষাঢ়ের জলদমন্দ্রের মত চ.কা ১১৫। °সময় (বি)—বর্ষাকাল। "°পরবেশ জ্ঞা ২৯০।

জলদ২ '-দ্' বিং [ফা, হি জল্দ্; ঠ জলদ] শীঘ্র, দ্রুত। [°তেতালা —তালবিশেষ।]

জলদল বি [অপ্র] জলসমূহ, জলরাশি। "গভীর গহ্বরে বন্ধ···জলদল নীরবিলা মে ৬২। [°পতি (বি)—জলরাশির পতি; বরুণ। "মে ১৭। হেম ২৩১। °দলেশ্বরী—বরুণপত্নী। "মে ২৯।]

জলদস্যু বি জলপথের ডাকাত; বোম্বেটে। "চৈ.চ ১১৮।

জলদাগম পুং [বহুব্রী] বর্ষাকাল। "মহা ৩.৭৩.৪।

জলদি বি [ফা জল্দী] ক্ষিপ্রতা, ফুরতী। —লদি ক্রি.বিং [হি —জল্দি] জলদ, শীঘ্র। "জলদি জলদি বল—জলদি জলদি জবাব দিই ব.প্র ৬৪৯।

জলদোষ বি কোষবৃদ্ধি। "তোমার যে মধুকোষ, খেতে বড় সন্তোষ, হ'ত যদি জলদোষ, তাতে কিবা হ'ত দোষ, দোষে গুণ প্রধান (পাঁটার গান)।

জলদ্রোণী স্ত্রী [উ.লো] নৌকার জলসেচন-পাত্র; সেউতি।

জলধনু বি [পদ্যে] জলবিন্দুজাত ধনু; ইন্দ্রধনু। "°শোভা—হেম ২৪৩; জলধনুস্তনু ২৬১।

জলধর বিণ [ষ.ত] জলের ধারকমাত্র। —ধর পুং ১ মেঘ। "পু.মে ৩৪। °কম্ব গী.গো ৬.৭। °পটল হি ৩৪। °শ্যাম বি.পা ২১। °পটল-সংযোগে সী ১০। ২ সমুদ্র। ৩ মুস্তক। [°মালা (স্ত্রী)—মেঘপঙ্ক্তি, কাদম্বিনী। °সময় (পুং)—বর্ষাকাল। "জলধরসময়ে মানসং যান্তি হংসাঃ সা.দ ৭.২৩।]

জলধার বিণ [জল+ √ধৃ+অ (অণ্)-ক; উ.ত; স্ত্রী -রী] জলধারক। —ধারা স্ত্রী [ষ.ত] জলসন্ততি। "ভ ৫.১৭.১।

জলধি পুং [জল √ধা+ই (কি)-ধি] ১ 'জলধারণ-স্থান', সমুদ্র। "°রসনা। জলদ গায় জলধি গায়।—রবীন্দ্র। ২ সংখ্যাবিশেষ। ৩ চা'র (৪) এই সংখ্যা। [°কুমারী (বি)—লক্ষ্মী। "ম ৪১১। °গা (স্ত্রী) —নদী। °জ (পুং)—'সমুদ্রজাত', চন্দ্র। °জা (স্ত্রী), °তনয়া, °নন্দিনী, °সুতা (বি)—সমুদ্রকন্যা, লক্ষ্মী। "°য়া ম ৪০৫; °তা ৩৯৬। ব.প ৩৪৫। °নী বি.সু ৪। °জা।—রঙ্গ ৩০। °রসনা (স্ত্রী) —সমুদ্রমেখলা, পৃথিবী।]

জলনর, -পুরুষ, -মানুষ পুং [উ.লো] নরাকৃতি-পূর্ব্বকায় মীনাকার-নিম্নার্দ্ধ জলবাসী নরবিশেষ (merman)। "°মানুষ ক.সা ৭১.৫; কা.দ ১১৯।

জলনলিনী বি জলজাত পদ্ম। "আয়েষার সৌন্দর্য্য নবরবিকরফুল্ল জলনলিনীর ন্যায় ব.প্র ৫২।

জলনিধি পুং [ষ.ত] ১ জলের আধার; সমুদ্র। "জলনিধের্ব্বেলা।—পঞ্চ ৩.২৫। ২ চা'র (৪) এই সংখ্যা।

জলনির্গম পুং [ষ.ত] ১ জলনিঃসরণ। ২ জলনিঃসরণমার্গ।

জলপড়া বি পড়া জল; মন্ত্রশক্তিবিশিষ্ট আভিচারিক জল। "সে মন্ত্রে বাঁচাও সবে জলপড়া দিয়া বা.ম ১০৬।

জলপাই বি [?] বৃক্ষবিশেষ ও তাহার অম্লফল (Elæocarpus serratus)।

জলপাত্র বি ১ জলাধার, ঝারি, গাড়ু, টুকনি। "হাতে হৈতে জলপাত্র অমনি পড়িল ব.প ৯৪৫। চৈ.চ ১০৮। সবে ধন এক জলপাত্র দা ৭৫১। ২ রক্ষিতা স্ত্রী।

জলপান বি [°পানী > °পান; হি °ন] ১ জলপানের নিমিত্ত খাদ্য ইত্যাদি; জল-খাবার, জলযোগ, টিফিন্। "আধা জলপান মোর মহিষের গোড়া ব.প ১৩৭০। মুষাতে তাহা কৈল জলপান ক.চ ৩১। হালুয়া যবে করে জলপান শি ৭৫। জলপান খায় ভা.চ ৩৩৬। (কাঙালে) বসায়ে যতনে দিত জলপান ব.সু ৪০। জলপান দিই আশীটা ইঁদুর কা ১০০। কোঁচড় থেকে একগাল জলপান খাইত আ.দু ১৪৫। কুক্কুট আমার জলপান ব.দ্বি ৬১২। আটকৌড়ের দিন আসিস, তোরে জলপান দেব নী ৮৪। ২ দই চিঁড়া কলা ইত্যাদির কাঁচা ফলাহার। "ঠাকুর বসিয়া রাত্রে জলপান কৈলা ব.প ১২০১। ৩ সর্থ 'জলপানি (২)। "বৈকালিক জলপান ঠাকুররে দিয়া ভ.গ্র ৪২১। ৪ (গৌণার্থে) খাদ্য। "বৃক্ষের পাকল পত্র সেই জলপান শ্রী.ম ২৯৮। —পানি, -নী বি ১ ['°নীয়'—মূল] বিদ্যালয়ে পরীক্ষায় উৎকৃষ্ট ছাত্রকে প্রদত্ত বৃত্তি (scholarship)। "পাস করে' ফের পেয়েছে জলপানি প.কা ৩৩। জলপানি আট টাকা পাই বি.বু ২৮। ২ ভাজা ফলমূল লুচি মিষ্টান্ন ইত্যাদি ভোগ। "জলপানী-দ্রব্য দা ৯৭৭।

জলপিপি বি ['পিপি' ধ্বন্যাত্মক] সর্থ 'দলপিপি'। "শ্রী ৫৬।

জলবাট বি জলপথ। "উদ্ধার করিলে জলবাটে ব.প ২৯৪।

জলবাস বি জল মোছার বস্ত্র; গামছা। "জলবাসে···দুঁহু কেশ সমার্জ্জিল ব.প ২৯৪।

জলবাহ বিণ [জল+ √বহ্+অ (অণ্)-ক; উ.ত; স্ত্রী -হী] জলবাহক। "জলবাহাস্তথাঃ মেঘাঃ মহা ২.৭.২০। —হ পুং ১ বারিবাহ, মেঘ। "°পথ কি ১২.২১। ২ কর্পূরবিশেষ। —বাহক, -বাহন পুং জলবাহী, জলের ভারী। "জলবাহক।—পঞ্চ ৩৪৬। —বাহনী স্ত্রী পয়োনালী।

জলবিচাটি বি (পাঠশালে) জলে ভিজান বিচাটিপাতার শাস্তি। "কাহার নাকখত…কাহার জলবিচাটি আ.চু ১৪৬।

জলময় [জল+ময় (ময়ট্)] ১ জলপ্রচুর, জলপ্রায়, জলাত্মক। "°ময়ে শশিনি (বৃহৎসংহিতা)। ২ জলাবয়ব, জলরূপ। "মূর্ত্তির্জলময়ী মম কু.স ২.৬০। গঙ্গাজল-স্পর্শে শিব হৈল জলময় চৈ.ভা ৩৮৩। ৩ জল-ব্যাপ্ত, জলপ্লাবিত। "কল্পক্ষয়ে বৃত্তে জাতং জলময়ং জগৎ ক.সা ২.১০।

জলযন্ত্র ক্লী [উ.লো] ১ জলোত্তোলনার্থ যন্ত্র ; অরঘট্ট। ২ জলোৎ-ক্ষেপক যন্ত্র ; পিচকারী। "°হস্ত হ ১৪৮.৪২। ন ৮৬৮। ৩ কালজ্ঞাপক ঘটীযন্ত্র। দ্র 'ঘটিকা'। ৪ ধারাযন্ত্র, ফোয়ারা। "খেলিছে অদূরে জলযন্ত্র মে ১৫৭। [°গৃহ, °নিকেতন, °মন্দির (ক্লী)—১ জলযন্ত্রযুক্ত গৃহ ; ফোয়ারার ঘর। "°মন্দির।—ঋতু ১.২। ২ জলমধ্যকৃত গৃহ, জলটুঙি (শ.ক)।]

জলযুদ্ধ, -রণ বি পরস্পর জলপ্রক্ষেপরূপ ক্রীড়াকলহ ; জলক্রীড়া-বিশেষ। "°যুদ্ধ চৈ.ভা ২৬০,-৬১ ; ৪৯৫। °রণ চৈ.চ ১৫৯।

জলযোগ বি কিছু খাইয়া জল খাওয়া ; জলখাবার, ফলমিষ্টাদি। "দোঁহাকার জলযোগ দিব্য দ্রব্য বা.দ ১৯২। [জলযোগ করা—জলখাবার খাওয়া। "কুটিওয়ালা…জলযোগ করে সেতারটি নিয়ে বসেচেন হু ৬।]

জলশায় বিং ['°শায়ী'—মূল ; অপ্র] জলে নিক্ষিপ্ত। "আগে নবপত্রি প্রভু কৈলা জলশায় দু ১০৪।

জলশার, -সার বি [তু 'ফা আব্-শার্—জলপ্রপাত] বিষাদিনাশার্থ মন্ত্রোচ্চারণপূর্ব্বক জলধারা-পাত। "বিষে না মানে জলসার,…আর তো না দেখি উপায় লু.র ১১৪।

জলস(সা)ই বিং ['°শায়ী'—মূল] জলমগ্ন। "লক্ষ্মী কন, কি বল সই ! হবকি আমি জল-সই দা ৭২৯ ; মেয়েটাকে জল-সাই করবে নাকি ১৪৩৪। প্রতিমারা সকালেই জলসই হলেন হু ১৯৭।

জলসা বি [আ জল্সা ; হি °সা] ১ সভা ; বিনোদন, উৎসব ; নৃত্য গীত বাদ্য বা আমোদ-প্রমোদের নিমিত্ত সভা। ২ ['জলস্বাদ'—মূল] জলের মত স্বাদযুক্ত ; জ'লো।

জলসার দ্র 'জলশার'।

জলা বি [জল+আ[১০]] জলমগ্ন নিম্নভূমি ; বিল (marsh)।

জলাকার বিং [অপ্র] জলময়। "নিভাইল অগ্নিরাশি হৈল জলাকার কৃ.উ ৫৭। [°ময়—জলময়। "বা.ম ১৮৬।]

জলাকাশ পুং [উ.লো] জলবিম্বিত মেঘনক্ষত্র-সহিত আকাশ ; বিম্বাকাশ। "পঞ্চদশী ৬.১৯।

জলাগম পুং [জলের আগম যাহাতে, বহুব্রী] ১ বর্ষাকাল। "কালো-হভ্যর্ণজলাগমঃ সা.দ ৩৮১। ২ [ষ.ত] জলপ্রাপ্তি, বর্ষণ। "অভ্যর্ণ-জলাগমো দিবসঃ।—রত্নাবলী ৩.১০।

জলাচরণীয় সর্থ 'জল-আচরণী'।

জলাজলি বি [জল-আ+জল-হ্] পরস্পরের প্রতি জলপ্রক্ষেপপূর্ব্বক জলকেলিবিশেষ। "চৈ.চ ৩৪৬।

জলাঞ্জলি পুং [ষ.ত] ১ জলের অঞ্জলি ; অঞ্জলিপরিমিত জল। ২ পিতৃগণের তর্পণক্রিয়া। "কুপুত্রমাসাদ্য কুতো জলাঞ্জলিঃ।—চাণক্য। বংশে না রহিল কেহ দিতে জলাঞ্জলি ম.ভা ৪০। ব.প ২৬২। শ্রী ২৯। [জলাঞ্জলি দেওয়া—তর্পণ করা ; (গৌণার্থে) মৃত করা, অর্থাৎ ধ্বংস করা ; ত্যাগ করা। "লাজে জলাঞ্জলি দিনু ক.চ ৬৫ ; ২১৮। আমাকে লজ্জায় জলাঞ্জলি দিতে হইল।—কাদ ৫৫।]

জলাত্যয় পুং, ক্লী [জলের অত্যয় যাহাতে, বহুব্রী] ১ শরৎকাল। "রা ২.৪৫.২২। ২ [ষ.ত] জলাপগম।

জলাধার পুং [ষ.ত] জলাশয়, তড়াগাদি। "যাজ্ঞ ৩.১৪৪।

জলাধিদৈবত পুং [ষ.ত] জলের অধিদেবতা ; বরুণ। —দৈবত ক্লী পূর্ব্বাষাঢ়ানক্ষত্র। —ধিপ পুং বরুণ।

জলাবতার পুং [ষ.ত] (নদ্যাদির) অবতরণস্থান ; তীর্থ, ঘাট।

জলাবর্ত্ত পুং [ষ.ত] জলের আবর্ত্ত ; জলভ্রমি (whirlpool)।

জলায়ুকা স্ত্রী [জল আয়ু যাহার, বহুব্রী, সমাসান্ত ক (কপ্)+স্ত্রী আ (টাপ্)] জলৌকা। "সুশ্রুত ১.১৩.৮।

জলারণ্য বি [অপ্র] জলের অরণ্যতুল্য ; সমুদ্র। "মে ২৮৪।

জলার্ক পুং [উ.লো] জলপ্রতিবিম্বিত সূর্য্য। "ভ ৩.২৭.১।

জলার্দ্র বিণ [তৃ.ত] জলসিক্ত। "ব্যোমগঙ্গা° পু.মে ৪৩।

জলালুক ক্লী পদ্মকন্দ। —লু(লো)কা স্ত্রী জলৌকা।

জলাশয় বিণ [জলে আশয় (শায়ী), স.ত] জলশায়ী। "মহিষাংশ্চ জলাশয়ান্ মহা ৩.১৪৩.৫৪। —শয় পুং [ষ.ত] ১ জলাধার, পুষ্করিণী-প্রভৃতি। "মনু ৪.১২৯। ২ সমুদ্র। ৩ শৃঙ্গাটক।

জলাশ্রয় পুং [ষ.ত] ১ জলাধার (A.)। ২ [স.ত] জলে বসতি। "চীর্ণং তপো যত্তু জলাশ্রয়েণ (বিষ্ণুপুরাণ)। —শ্রয়া স্ত্রী [বহুব্রী] ১ জল যাহার আশ্রয় ; বলাকা। ২ শূলীতৃণ।

জলাস বি ['জলাশ'—মূল (?)] শৈবাল। "শ্রী.মা ৯৯ ; ১০০।

জলিকা, জলু(লূ)কা স্ত্রী জলৌকা, জোঁক।

জলুই দ্র 'জলই'।

জলুস, জৌলস বি [আ জলূস্] ঔজ্জ্বল্য, জেল্লা।

জলেচর বিণ [অলুক্ ; দ্র 'জলচর'] জলচারী। "°চরান্ পক্ষিগণান্ গো.রা ৪.৫০.১৮। নাস্মি পক্ষী জলেচরঃ মহা ৩.৩১২.৩৬। —চর পুং হংসাদি পক্ষী।

জলেন্দ্র পুং [ষ.ত] জলের ইন্দ্রতুল্য ; বরুণ। "জলেন্দ্রের প্রায় ম ৬৯ ; ১২৭২। ব.প ৬৮২।

জলেন্ধন পুং [জল ইন্ধন যাহার, বহুব্রী] বড়বানল।

জলেশ, -লেশ্বর পুং [জলের ঈশ ঈশ্বর, ষ.ত] ১ জলপতি, বরুণ। "মহা ১.২২৫.১। °র রঘু ৯.২৪। জলেশ ম ৯ ; °র ১০। ২ জলাধি-পতি। "জলেশ পাশী মে ২৬। ৩ সমুদ্র। "রসনং জলেশম্ ভ ৮.৭.২৬। ৪ (জ্যোতিষে) জলাধিপ রবি-প্রভৃতি। —শ্বরী বি বরুণপত্নী। "অনুমতি দেহ৹ জলেশ্বরি মে ২৬।

জলেশয় বিণ [অলুক্, পক্ষে 'জলশয়'] ১ জলে স্থিত। "কূর্ম্মোঽপ্যন্ত-র্জ্জলেশয়ঃ মহা ১.২৯.২৭। ২ প্রলয়সলিলশায়ী (বিষ্ণু)। "সপ্তার্ণব° রঘু ১০.২১। —শয় ১ বিষ্ণু। ২ মৎস্য।

জ'লো বিং [জল[১]+ও[৬]] ১ জলমিশ্রিত। "জ'লো দুধে পুষ্টদেহ। —হেম ৩৯০। ২ সজল (মেঘ)। ৩ জলবৎ স্বাদযুক্ত (ডাঁটা)।

জলোই দ্র 'জলই'।

জলোচ্ছ্বাস পুং [ষ.ত] ১ সমধিকজলের উপায়পূর্ব্বক নিষ্কাসন ; পরীবাহ। ২ নদীর জলবৃদ্ধিজন্য প্লাবন (A.)।

জলোদর ক্লী [জল উদরে যাহা হইতে, বহুব্রী] উদরাময়বিশেষ, উদরী (dropsy)।

জলোদ্ভব বিণ [বহুব্রী] জল হইতে যাহার উৎপত্তি ; জলজাত। —দ্ভব বি জলের উৎপত্তিস্থান ; অগ্নি। "ম ৪ ; ২৯৯।

জলৌকস, -কা, -কাঃ(-কস্) স্ত্রী [জল ওক ওকস্ যাহার, বহুব্রী ; স্ত্রী আ (টাপ্) ; °কাঃ (১ব) ; জল ওকস্[১](কর্ম্মধা)—°স্+অ (অচ্) অন্যার্থে ; ফা জা.লূ ; ঠ জলূ.] জোক। "জলৌকা কুঞ্জর-শুণ্ডাকার। —ক.চ ১৮৯। জলৌকা বেড়িয়া ধরে ম.পা ৮২। [জলৌকা দ্বাদশ-বিধ ; ছয়প্রকার সবিষ ও ছয়প্রকার নির্ব্বিষ। দ্র 'সুশ্রুত ১.১৩.৮ ; ৯।]

জল্প্ সক [ভ্বা, প—জল্পতি ; সেট্ ; বৈদিক] জল্পন, কথন। [অনু—অনুকথন, কথনোত্তর কথন। "ভ ৪.২৫.৫৮। অভি—অভিমুখ কথন। "অন্যোন্যমভিজল্পতঃ রা ২.১১৬.৩। উপ—সমীপকথন। "রা ২.৬০.১৪।

প্রতি—প্রত্যুত্তরকথন। "মহা ২.৭২.৮। বি-অতি—অন্যোন্যকথন। "পা ১.৩.১৫, সি।]

জল্প[1] পুং [√জল্প্‌+অ (ঘঞ্‌)-ভা] **১** জল্পন, কথন, ভাষণ। "বহু-বিচিত্র" ভ ১.৭.১৭। অল্প° ভ.গ্র ২৯০। **২** সম্ভাষা। **৩** অনর্থক বাক্যপ্রয়োগ; গল্প। **৪** [+অ-র্ম্ম] (ন্যায়ে) পরমতনিরাকরণপূর্ব্বক স্বমতস্থাপনরূপ বিজিগীষুর কথাবিশেষ। 'বিজিগীষোঃ কথা জল্পঃ। **৫** বাক্য। "রা ২.৬০.১৪। —ল্পক বিণ [+অক (ণ্বুল্‌)-ক] **১** বাচাল, বকাট। "প্রবচনপটুর্বাতুলো জল্পকো বা।—হি ২.২৪। **২** কথয়িতা। —ল্পন বি [+অন (ল্যু)-ক; স্ত্রী -না] কথক। —ল্পন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] কথন। "অযথোচিত°।—পঞ্চ ১.১৮৮। —ল্পনা বি [সং °ন] বৃথাভাষণ। "শ্রী.ম ২০৯। —ল্পাক বিণ [+আক (ষাকন্‌)-ক; স্ত্রী -কী] সর্ব 'জল্পক'। —ল্পিত [+ত (ক্ত)-র্ম্ম] কথিত, উক্ত। —ত ক্লী [+ত-ভা] কথন।

জল্প[2] অর্ম্ম [সং √জল্প্‌ >প্রা √জল্প; হি √জল্প] ব্যর্থ বাক্যপ্রয়োগ করা। "যতশাস্ত্রে বিরুদ্ধার্থ লোকে জল্পি বোলে ভ.গ্র ২৩।

জল্লাদ বি [আ °দ্‌] ঘাতক, দণ্ডিতের বধকারক (executioner)। "ভা.চ ৪৮৭।

জশম বি [দ্র 'জওসম'] করাভরণবিশেষ।

জস বি [সং যশস্‌ >লি যস, প্রা জস; হি °স; ঠ °স (গ্রাম্য)] যশঃ। "গ ১৯১। গো.চ ৩৮১। জস অপজস বি.সা ৩০৯।

জসদ ক্লী [তু 'সং যশদ'; হি °দ, জস্ত, -স্তা; ড় জাস্তা] ধাতুবিশেষ, দস্তা (zinc); "শু ৪.৫.৩৩১।

জসু সর্ব্ব [সং যস্য >প্রা জস্‌ (হে); মৈ জসু; বৈষ্ণবসাহিত্যে] যাহার। "কুলজা রীতি ছোড় জসু লাগি বি.সা ৩০৩।

জহৎস্বার্থা স্ত্রী [জহৎ স্বার্থ যাহাকে, বহুব্রী; স্ত্রী আ (টাপ্‌)] যে লক্ষণাকে শব্দের মুখ্যার্থ ত্যাগ করে; লক্ষণাবিশেষ, লক্ষণলক্ষণা। [বাক্যার্থে অন্বয়সিদ্ধির নিমিত্ত মুখ্যার্থ পরিত্যক্ত ও লক্ষ্যার্থ গৃহীত হইলে, 'জহৎস্বার্থা' হয়। যেমন, 'কলিঙ্গ সাহসিক', 'কলিঙ্গ'—দেশ, অন্বয়সিদ্ধির নিমিত্ত এই মুখ্যার্থ পরিত্যক্ত এবং 'কলিঙ্গবাসিজন' এই লক্ষ্যার্থ গৃহীত হইয়াছে (সা.দ ২.৭)।]

জহদজহল্লক্ষণা স্ত্রী [কর্ম্মধা] জহৎ অজহৎ স্বার্থ যাহাকে, তাদৃশী লক্ষণা; লক্ষণাবিশেষ। দ্র 'ভাগলক্ষণা'।

জহর[1] বি [ফা. জ.হ.র্‌] বিষ। "গো.চ ৬৩। ম ১০০০। [জহরব্রত—শত্রু-হস্ত হইতে স্বধর্ম্মরক্ষার্থ রাজপুতনারীগণের বিষপানে বা অগ্নিকুণ্ডে প্রাণ-ত্যাগ-রূপ ব্রতবিশেষ।]

জ(জৌ)হর[2] বি [আ জউহর্‌; হি জ(জৌ)হর] মণি, রত্ন। "জৌহর ব.প ১৪৮৩। [জহরৎ (আ জবাহির্‌)—মণিমুক্তাদি। "ম ৩৯৭। জহ(হু)রী (আ জউহরী)—**১** মণিমুক্তাদিবিক্রেতা (jeweller)। "জহরী বা.দ ১৮৭। **২** দোষগুণবিচারক, গুণগ্রাহক। **৩** পাকা লোক। "এ কোন্‌ জহরীর রচনা?—ন.ত ৫৩।

জহল্লক্ষণা স্ত্রী [উ.লো] জহৎ স্বার্থ যাহাকে তাদৃশী লক্ষণা; সর্ব 'জহৎস্বার্থা'। "গঙ্গায়াং ঘোষঃ প্রতিবসতীতিবজ্জহল্লক্ষণা ন সঙ্গচ্ছতে (বেদান্তসার)।

জহি, -হিঁ অব্য [সং যস্মিন্‌ >প্রা জহিং (হে), 'জহিঁ' (পৈ)>বা °হি, -হিঁ] যেখানে, যাহাতে। "জহি।—চ ৪৮। জহিঁ দো ১৩০।

জহীন বিং [আ জ.হীন্‌] বুদ্ধিমান্‌, সমঝদার। "জহীন কিম্বা চালাক বললে আমরা বুঝতে পারি।—মা ৩৩০।

জহুরা বি [আ জ.হুর্‌; অপ্র] ঠাট, আড়ম্বর, অলৌকিক শক্তিমত্তা। "রাজা কহে তোমার জহরা লোকে কহে। কেরামত কিছু আজ দেখাইবে মোহে॥ —ভ.গ্র ১৮২।

জহ্নু পুং [√হা+নু-ক, দ্বিত্ব, আ-লোপ, উ ৩.৩৬] ভরতবংশজাত আজমীরপুত্র নৃপবিশেষ (মহা ১৩.৪.২; ৩)। [ভগীরথ যখন ভূতলে গঙ্গাদেবীকে আনয়ন করেন, তখন গঙ্গাস্রোতে ইঁহার যজ্ঞবাট প্লাবিত হইলে, ইনি কুপিত হইয়া সমস্ত গঙ্গাজল পান করেন এবং দেবগণ ও ভগীরথের প্রার্থনায় কর্ণপথে (মতান্তরে, উরুভেদপূর্ব্বক) গঙ্গাদেবীকে নিঃসারিত করেন। তদবধি গঙ্গা 'জহ্নুসুতা, জাহ্নবী' নামে খ্যাত (রা ১.৪৩.৩৪,-৩৮। গ ১৭৬। ক.চ ২৩৪)।]

জহ্নুকন্যা, -তনয়া, -নন্দিনী, -সুতা স্ত্রী [ষ.ত] জাহ্নবী। "°তা রা ১.৪৩.৩৮। °ন্যা রঘু ৮.৯৫। °তা চৈ.ভা ১৪৬।

জা[1] বি [সং যাতা, 'জা' (একাক্ষরকোষ); প্রা জাউআ (যাতৃকা); হি জা; ঠ জাউ; গু জাউ—মাতা; জাও (নাটোর); জাল (ত্রিপুরা, শ্রীহট্ট, ময়মনসিং); জা (চব্বিশপরগনা)] স্বামীর ভ্রাতৃপত্নী। "জায়ে জায়ে একঠাঁই ব'সেছেন ঘরে কু ৪৪৬। জা ললিতা ভ.গ্র ১৫০। ঘ ১৮০।

জা[2] সর্ব্ব [সং যদ্‌ >প্রা জ (হে), জা (পৈ); হি, মৈ জা; জা (চ); অপ্র] যাহা। "পাপী হবে জারা কৃ.উ ২০৮। জার শূ ১১৩। জা হোন্তে ম.পা ১। জার জে ভোগ হএত অ.প ১২৭। পুলকিত সব গা, আপাদ মস্তক জা চৈ.ম ২৫। জার ন.প ২১। [জাক (জা+ক[1]; মৈ জকর; হি জা কর)—যার। "জাক দরশ বি.প ১০২। অ.প ১২২। জাকে —যাহাকে। "গ ২৫। জান (সং যেষাম্‌ >প্রা জাণ—হে)—যাঁর। "জান পাদপদ্ম ব.প ৮৯৫। জার—যাহার। "অ.প ১২৭,-৩২। ম.পা ৩; ৮৩।]

জা[3] [জ[2] >বা জা] তদ্বংশজাত। "ঘোষ°, দত্ত°, বসু°, মিত্র°। ভড়জা ঘোষজা বোসজা প্রভৃতি হু ১৪৩।

জা[4] অর্ম্ম [সং √যা >প্রা √জা; হি, মৈ √জা; তু 'ঝা ঝা (গো.চ ১৬); অপ্র] যাওয়া। "কার বধু জায় কৃ.অ ১৬। জা জা রে জম বেটা গো.চ ১৫; ২৪০। জা রে তুলসী কৃ.অ ৩৩। অনিলগতি জায় শ্রী.মা ১৯৩। [জাঅ—যায়। "মী ১৩। শূ ৬। জাই—যাই। "চল জাই গো.বি ৬২। কৃ.অ ১৬। ম.পা ৬০। জাইলা—গেলা। "জাইলা সীতাঠাকুরাণী কৃ.অ ১৬। জাইগ (যাউক), জাইম, -মু (যাইব), জাইব (যাইব)। "অ.প ১৩০। ন.প ১৪। জাএ (যায়), জাএন্ত (যান), জাওছোঁ (যাইতেছি), জাওঁ (যাই)। "গো.চ। জাউক —যাক। "ম.পা ৬০। জাএ—যায়। "গো.বি ১। গ ১০। অ.প ১২১। জাও—যাই। "গো.বি ১৬৭। অ.প ১৩১। জাকু—যাউক। "কৃ.অ ৬। কৃ.উ ১৫১। জাঙ—যাই। "কৃ.উ ১৭০। রা.শে ১৬। জাত্যে—যাইতে। "কৃ.উ ৯৬; ১৫৮। জান, -নু, -ন্ত, -ন্তি—যান। "°ন কৃ.অ ২; অ.প ৫১। °নু কৃ.উ ২৭২। °ন্তি ২২; ১৯৯। °ন্ত অ.প ৫১। জাবা —যাওয়া। "কৃ.উ ২৬৭। জাবে—যাইবে। "জাবে অধোগতি কৃ.উ ২৩২। জাবো—যাইব। "ম.পা ৪৮। জাম—যাইব। "গো.বি ৩২। অ.প ২৯। জায়, -য়ে—যায়। "কৃ.অ ৩। কৃ.উ ২৫০। জাহ—যাও। "কৃ.অ ২। শূ ১৬৭। জায়া—যাইয়া। "দু ১৯; ৩৮। জা (যাও), জাঅ (যাও), জাই (যাইয়া), জাইএ (যাই, যায়), জাইতেঁ, -বেঁ, -বোঁ, জাইহ (শ্রী.কী)। জাঅ, জাঅই, জাই (যায়), জাইউ (যাও), জাইবেঁ, জাউ, জাসি, -হী, -হু (চ; দো)।]

জাই বি [সং জাতি >প্রা জাই; অপ্র] পুষ্পবিশেষ। "শূ ২৯; ৩০। কুটজকাঞ্চন জাই ম.ম ৭।

জাইগীর বি [ফা জাগীর্‌] 'নিষ্করভূমি', কার্য্যের বা যুদ্ধের পুরস্কারস্বরূপ পাতশাহের প্রদত্ত নিষ্কর ভূমি। "ন লাক টাকার...°গীর শ্রী.মা ৪৬। [°দার (ফা °দার্‌)—জাইগীরের অধিকারী।]

জাউ বি [সং যবাগূ >লি যাগূ] মণ্ড (gruel); চালের বা খুদের ফেন-ভাত। "দধির সহিত খুদের জাউ ক.চ ৪৪। উদর পুরিয়া খেত আউটিয়া জাউ শ্রী.মা ১৬৯। খুদের জাউ দা ২০৫৯।

জাওর বি [জাবর > °র] সর্থ 'জাবর'। "সহচরেরা…তামাক খেতে খেতে রামলীলার জাওর কাটতে লাগলেন হু ২১২।

জাঁওয়াতি বি [সং জন্মপত্র, -পত্রিকা] কোষ্ঠী। "ক.চ ৮৭।

জাঁক[১] বি [জমক > °ক] ১ গর্ব্ব, গুমর। "এলি ক'রে বেঁড়ে জাঁক, ধনুক দেখে সকলে কাঁক দা ১০৩৮; ২০৫১। ২ আস্পর্দ্ধা। "যেতে তোকে বামুন-পাড়া, নিত্যি আমি দিই লো তাড়া,…থাক লো বেটি! থাক।…পা কেটে দিয়ে ঘুচাব সকল জাঁক দা ৩৭৪। ৩ আড়ম্বর; সমারোহ; হর্ষধ্বনি। "পুরমধ্যে বাজে শাঁক, রমণীমণ্ডলে জাঁক। —রঙ্গ ২৮। বড় নাম, বড় জাঁক, বোঝা গেছে জারি।—হেম ৩৮৬। দেওড়ের জাঁক।—রঙ্গ ১১১। নিশাকরও বেশভূষা-সম্বন্ধে একটু জাঁক করিয়া গিয়াছেন ব.প্র ৩১৫। [°জমক—মহা আড়ম্বর। "কা ১৩৯।]

জাঁক[২] অর্ম্ম [জাঁক[১] > °ক] ১ সমৃদ্ধ হওয়া; বৃদ্ধি পাওয়া। "(হীরালাল) একখানা খবরের কাগজ করিল। দিনকতক তাহাতে খুব লাভ হইল, বড় পসার জাঁকিল ব.প্র ২০৪। ২ আড়ম্বরপূর্ণ হওয়া। —কা সর্ম্ম [°ক[২]—আ[৮]] আড়ম্বরযুক্ত বা সমৃদ্ধ করা। [জাঁকা[১]—সর্থ 'জাঁক[২]'। জাঁকান[১]—সর্থ 'জাঁকা[১]'।]

জাঁকড় বি [হি জা°] 'কেনা জিনিশ পছন্দ না হইলে বিক্রেতাকে ফেরত দিব'—এই শর্ত্ত। "জাঁকড়ে কেনা।

জাঁকা[১] দ্র 'জাঁক[২]'।

জাঁকা[২] বি [হি জকড়—কষিয়া বাঁধা] আঁটিয়া বা সাপুটিয়া ধরা। "মাংস চুরি করিয়া মাধব ঠেলে শাঁখা। কড় কড় করে কর যত যায় জাঁকা॥ —শি ১০৫।

জাঁকান[১] বি [হি জকড়না] চাপিয়া ধরা; চাপন, ঠেসন। "জান নাই যেমন জাঁকানে পড়ে মর শি ১২; জাঁকানে মরিয়া যাবে ৯২।

জাঁকান[২] দ্র 'জাঁক[২]'।

জাঁকার বি [দ্র 'জয়জয়কার'] জয়-শব্দ, প্রশংসাবাদ।

জাঁকাল বিং [জাঁক[১]+আল[৮]] ১ জাঁকযুক্ত, আড়ম্বরপূর্ণ। ২ সমৃদ্ধ, বহুপরিবার (গৃহস্থ)। ৩ মনোমোহকর, জমকাল। "সাহানা বাগীশ্বরী —কত জাঁকাল রাগিণী বাজিল ব.প্র ৩৭৯।

জাঁত[১] বি [সং যন্ত্র >প্রা জংত >বা °ত; হি, মৈ জাঁত—জাঁতা] ১ নিয়ন্ত্রণ, নিরোধ, চাপ। "কণ্ঠে জাঁত দিয়া ধরে দ্রোণের নন্দন ম ৯৭৬। ২ পেষণ, পীড়ন, চাপ। "(বাবাজীরা) ইসক্রু কলের গাঁটের মত জাঁত সহ্য করে পারে পড়ে কথঞ্চিৎ আরাম পেলেন হু ২৩০। কতকগুলা (আম) জাঁতে পাকা ব.প্র ৫৮১।

জাঁত[২] সর্ম্ম [জাঁত[১] > °ত; সং √যন্ত্র্ >প্রা √জংত] ১ নিয়ন্ত্রিত করা; সংলগ্ন করা। "বাহুযুগ পৃথিবীতে জাঁতি দিল ভর ম ৯৬৭। ২ সংবাহন করা; চাপা, টেপা। "কেহ কেহ চরণ জাঁতিছে ব.প ৭৮৫। ৩ জাঁতা টানা বা তাওয়ান। "ভীষণ ভৈরব জাঁতা জাঁতে হাতে পায় শি ৭১। —ত অর্ম্ম জাঁত দেওয়া; চাপ দেওয়া; চাপা। "বুকেতে পাথর জাঁতে বা.ম ১৯৮; জাঁতিয়া চাঁদের বুকে দেয় পদ ভর ২৪০। তবে ত শকটখান পড়িল জাঁতিয়া শ্রী.ম ৩৫। —তা সর্ম্ম [°ত[২]+আ[৮]] জাঁত দেওয়ান; চাপান। [জাঁতা[১]—সর্থ 'জাঁত[২]'।]

জাঁতা[১] দ্র 'জাঁত[২]'।

জাঁতা[২] বি [সং যন্ত্র >প্রা জংত>বা (জাঁত) °তা; হি জাংত, -তা; ঠ জাং(জা)তে; মৈ জাঁত; ড় চকী] ১ শস্যপেষণার্থ চক্রাকৃতি প্রস্তরখণ্ডদ্বয়ের যন্ত্রবিশেষ (handmill)। ২ কর্ম্মকারের অগ্ন্যুদ্দীপন চর্ম্মাবৃত যন্ত্র; ভস্ত্রা। "জাঁতা হেন দুই স্তন বা.ম ২৪১। শি ৬৯; ফোঁস ফোঁস করে জাঁতা ৭১। [জাঁতা তাওয়ান—জাঁতা টানিয়া তাপ উৎপাদন করা।]

জাঁতি বি [জাঁত[১]+ই[১১]] সুপারি কাটার যন্ত্রবিশেষ। "ম.ভা ৩৮। [°কল—ইঁদুরমারার জাঁতির মত চাপা কল।]

জাঁদরেল বি [E. general] সেনাপতি; (সাদৃশ্যে) লম্বাচওড়া জমকাল চেহারার লোক।

জাঁয়তিপত্র বি সর্থ 'জাঁওয়াতি'। "পিতার জাঁয়তিপত্র ম ৪৮।

জাঁহা সর্ব্ব [যাঁহা > °হা] যিনি। "°জাঁহার প্রসাদে কৃ.উ ২০০।

জাঁহাপনা, জাহাপনা বি [ফা জহান্ পনাহ্] 'পৃথিবীর আশ্রয়'; বাদশাহের সম্মানসূচক সম্বোধনপদ (His Majesty)। "কহে জাঁহাপনা সেলামত ভা.চ ৪৭৬,-৮২,-৯৮। তাহা হইবে না, জাঁহাপনা ব.বি ৩৫৮।

জাঁহাবাজ, জাহাবাজ বিং [ফা জান্‌বাজ] দুর্দ্দান্ত, সাহসিক। "ওটা (নিমাইটা) খুব জাঁহাবাজ আছে গি.দ্বি ৭৭।

জাগ[১] অর্ম্ম [সং √জাগৃ >প্রা √জগ্গ >লা √জাগ; হি, ঠ, গু, মৈ, অস √জাগ] ১ জাগরিত হওয়া; জাগা। "সসুরা নিদ গেল বহুড়ী জাগঅ।—চ ৫। সকল রজনী জাগিল শ্রী.কী ৩৬০। হের পুষ্প-বনে জাগে বিহঙ্গ।—রবীন্দ্র। ২ উদ্যোগী বা সচেষ্ট হওয়া। "সব খন তোর কাজে জাগে মোর চিত শ্রী.কী ৩০৮। সব জড়তা হ'তে জাগ জাগ রে।—রবীন্দ্র। কে জাগিবে আজ, কে করিবে কাজ।—গান ২১৮। ৩ প্রকাশ পাওয়া; আবির্ভূত হওয়া। "কালা অন্তরে জাগয়ে চ.দা ১০০। সীতা সদা মনে জাগে কৃ ১৪৬। ম ৪৮৮। হাসনি সদাই মনে জাগে ব.প ১০৬৩। (এ নাম) জাগিল এই ভবে দু ২৪; এই খ্যাতি…জাগয়ে জগতে ৩৭। শ্রী ১২২। মম গভীর অন্তর-বেদনে জাগে কে জাগে।—রবীন্দ্র। তুষারগিরি উন্নত জাগে কৃ.কে ১১২। ৪ উত্থিত হওয়া। "তোমারি নামে জীবন-সাগরে জাগিল লহরীলীলা।—রবীন্দ্র। ৫ দৃষ্টিগত হওয়া; ভাসিয়া থাকা। "সর্ব্বাঙ্গ জলের মধ্যে জাগেমাত্র মুখ কৃ ২১৭। ৬ আভিচারিক কার্য্যে শক্তিসম্পন্ন হওয়া। "ধোপানীর মহাজ্ঞান চারিযুগে জাগে ম.ম ২২০। জাগ জাগ জাগ মাটী কাজে লাগ মোর শ্রী ২১৭। ৭ উত্তেজিত বা উদ্রিক্ত হওয়া। "জাগল মনসিজ, মুদিত নয়ান বি.প ৩৭। ৮ ফলদানোন্মুখ হওয়া। "সেই মত কাল যবে, জাগে, তারে সভয়ে অকাল কহে সবে কা ২৩। ৯ প্রবাহিত হওয়া। "ফাগুন মাসে জাগল পাগল দখিন হাওয়া প.কা ২। ১০ গাহিয়া উঠা। "জাগ জাগরে জাগ, সঙ্গীত!—রবীন্দ্র। ১১ উন্মীলিত বা বিকসিত হওয়া। "এবার বসন্তে কি রে, যূথীগুলি জাগে নি রে॥—গান ১২৪। ১২ তত্ত্বজ্ঞানোন্মুখ হওয়া (মন)। —গা সর্ম্ম [°গ+আ[৮]] ১ জাগরিত করা; জাগান। "মোহে জাগায়ল তঁহি নিদ গেল বি.প ১৩৩। জাগা'ত প্রভাতে…পিকরাজ মে ১১৬। ২ উত্তেজিত করা। "এবেঁ মলয় পবন ধীরেঁ বহে। লা, মনমথক জাগাএ শ্রী.কী ১৯৯। কুটিল দৃগঞ্চল মদন জাগাই।—রা.শে ৮০; বসন উদাসল, পিয়া হিয়া মদন জাগায় ১১৭। ৩ অভিচারে শক্তিসম্পন্ন করা। "শনি মঙ্গলবারে জাগাইবে নিশারাতি ক.চ ১৩৬। জাগাল গামার গাছে শ্রী ৩৪; জাগায়ে ছোঁয়াল সিঁদকাটী ৪৫। ঔষধ জাগাইয়া…আস্তিক স্মরিবা বি.পা ৩০৩। ৪ সচেতন করা। "ক্ষণে মোহ যায়, সখীরা জাগায়, বঁধু এল এই বোলে ভা.চ ৩১৮। ৫ উদ্‌বুদ্ধ বা উন্মুখ করা। "দিল-জাগানো দক্ষিণতা কৃ.কে ৩৭। চণ্ডীর গানওয়ালারা খানিকক্ষণ আসর জাগিয়ে বিদায় হলো হু ১৯১। ৬ উৎপাদিত (অঙ্কুরিত) করা। "দক্ষিণের সমীরের ভাষা,…নিকুঞ্জে জাগায় নব আশা কা ৪৪। ৭ নবীভূত করা; উদ্দীপ্ত করা। "যোগিনী জাগাইলে শোক বেহুলার বদলে ব.প ২৭৫,-৬। ক্ষত হৃদয়ের ব্যথা জাগায়ে আবার ন ৫১৬। (কণ্ঠস্বর) জাগাইছে অপূর্ব্ব বেদনা কা ১৪৬। ৮ বিকসিত করা; ফুটান। "অরুণ-কিরণ,… জাগায় পঙ্কজ-বন চারুপরশনে স্ব.প্র ৩০। এবার কি সমীরণ, জাগায়নি ফুলবন।—গান ১২৪। ফুল-জাগানো দখিন হাওয়া কৃ.কে ৩৭। ৯ প্রসিদ্ধ বা চিরস্মরণীয় করা। "দ্বিগুণ বাহিনে দিয়া জাগাইব নাম শ্রী ২১৬। পুরী করি মোক্ষধাম, জাগাইব নিজ নাম ভা.চ ১৮৬।

১০ প্রজ্বলিত করা। "ধুঞী জাগাইয়াছিল ফুঁক দিল তায় শি ৯২। [জাগন্তে—জাগিতেছে (চ)। জাগা২—সর্থ 'জাগ১'। জাগান১—সর্থ 'জাগা২'। জাগিতে—জাগরিত হইলে। "জাগিতে স্বপনে দেখি কালরূপ খানি।—ব ২৫০। জাগিল ঘর—যে ঘরে লোক জাগরিত। "ম.ম ৮৫।]

জাগ২ বি [সং যজ্ঞ >বা °গ, (জ্ঞ >গ্‌গ); হি, গু জাগ] যজ্ঞ। "জাগশত জাগই বি.প ৭।

জাগ৩ বি [হি 'জকড়'—মূল; জাঁক (মালদহ, যশোহর)] আম ইত্যাদি পাকাইবার নিমিত্ত পাতার চাপ। [জাগান২—জাগে পাকান (আম, কলা ইত্যাদি)।]

জাগন্ত বিং [জাগ১+অন্ত৩; সং জাগ্রৎ >প্রা জগ্‌গংত (পৈ) >বা °ন্ত] যে জাগিয়া আছে। [জাগন্ত-নিদ্রা—সজাগ ঘুম; আধঘুম। "আমি যেন ডুবে আছি জাগন্ত-নিদ্রায় অ.গু ৩০।]

জাগর বিণ [√জাগৃ+অ (অচ্)-ক; স্ত্রী -রা] ১ জাগরিত। "বিরহজরে জাগরি (রামা)।—গো ১৮৮। ২ জাগরাবস্থাজন্য। "যাজ্ঞ ৩.১৭২। ৩ অপ্রমত্ত, সাবধান। ৪ (বাঙলায়) প্রকাশিত, আবির্ভূত। "(অভিনব নাগর) গোবিন্দদাসচিতে নিতি নিতি জাগর গো ৯০। —র পুং [+অ (অপ্)-ভা] ১ জাগরণ। "স্বপ্ন° (S.W.)। মহা ৮.৯৬.৪১। রাত্রি° রঘু ১৯.৩৪। শৃ ১০। °রাগকষায়িতম্ (নয়নম্)।—গী.গো ৮.২। জাগরপুণফলে৹ প্রাতরে ভেটব্রু গো ১৯৭। জাগরে নাগর ভোর ব ১১৩। রজনীজাগর-ক্লান্ত।—গান ৭৪। ২ অপ্রমাদ। ৩ [+অ-ণ; 'জগর' পৃষো (অ.টী)] কবচ (শ.ক)। —রক বিণ [+অক (ণ্বুল্)-ক] নিদ্রাহীন। —রণ ক্লী [+অন (ল্যুট্)-ভা; ছান্দস] ১ নিদ্রাভাব, অনিদ্রা। "জাগরণপূর্ণ আলো চ.কা ১৪৮। ২ প্রজ্বলন। "পা ৩.১.১২৭, কাশিকা। ৩ (বাঙলায়) রাত্রিজাগরণপূর্ব্বক গেয় চণ্ডী-প্রভৃতির মঙ্গলপালাগান; নিশাপালা। "মঙ্গলচণ্ডী বিষহরী করি জাগরণ চৈ.চ ৬৬। জাগরণ যে করে কামনা ভা.চ ১৪৯। ৪ বৈষ্ণবপর্ব্বদিনে জাগরণপূর্ব্বক ইষ্টগোষ্ঠীপ্রভৃতি। "একাদশী জাগরণ-রাত্রেঃ অনেক বৈষ্ণব তথা জাগরণে আইসে ভ.প্র ৩১৪। ৫ (অপ্র) জাগরূক, প্রদীপ্ত। "সেই কোপ বরুণে জাগরণ কৃ.উ ১০৬। —রিত বিণ [+ত (ক্ত)-ক] প্রবুদ্ধ। —রিত ক্লী [+ত-ভা] জাগরণ। —রিতা (-তৃ) বিণ [+তৃ (তৃন্)-১ব; স্ত্রী -ত্রী] জাগরণশীল। —রী (-রিন্) বিণ [°র+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] জাগরণবান, জাগরিত; সাবধান। —রূক বিণ [+উক (উকঞ্)-ক; স্ত্রী -ক] ১ জাগরণশীল, সম্যক্ জাগরিত। ২ সাক্ষিরূপে নিত্যপ্রবুদ্ধ। "রঘু ১০.২৪। ৩ সাবধান, অপ্রমত্ত, অবহিত। "ধীমান্বর্ণাশ্রমাবেক্ষণজাগরূকঃ রঘু ১৪.৮৫। শ্রেয়সি জাগরূকঃ ভট্টি ২.২২। ৪ অশিথিল, উদ্যোগী। "জাগরূকঃ স্বকার্য্যে শু ৪.২.৩৫। ৫ (বাঙলায়) সম্পূর্ণ বিদ্যমান। "বৈরনির্য্যাতনসঙ্কল্প অনুক্ষণ অন্তঃকরণে জাগরূক সী ১১। সমস্ত ঘটনাই তাঁহার অন্তঃকরণে জাগরূক রহিয়াছে চা.তৃ ১৩৮। ঐ সাম্যভাবটি উঁহাদিগের মনোমধ্যে জাগরূক থাকে পা.প্র ৮০; ১০৭। ৬ আবির্ভূত, সমুদিত। "স্মৃতি জাগরূক হইয়া পূর্ব্বানুশোচনার কবাট উন্মুক্ত করিয়া দিয়াছে পা.প্র ৭৮। ৭ অভিব্যক্ত। "সন্তান-সন্ততিকে লেখাপড়া শিখাইতে হয়, এই বোধটি…সকলেরই মনে জাগরূক হইয়া উঠিয়াছে পা.প্র ১১০। —র্য্যা [+অ (শ)-ভা, য (যক্)+স্ত্রী আ (টাপ্)] জাগরণ। [°গরি—জাগরিত। "রা.শে ১৩।]

জাগরক, -রণ, -রি, -রী, -রূক, -র্য্যা দ্র 'জাগর'।

জাগা১ বি [দ্র 'জায়গা'] ১ স্থান। "বার জাগায় চৌকি পহরা ব.প ৬৫; ১৬৭৯। ২ ঘটনাবিশেষসম্পৃক্ত স্থান। "স্থানে স্থানে জাগা দেখাএন গঙ্গার তরে গ ১৮২। ৩ জমি, মাঠ। "আমার্দ্দের গরু চরাইতে আর জাগা নাই E.P. 56.

জাগা২, **জাগান**১; **জাগান**২ দ্র 'জাগ১'; জাগ৩।

জাগাত বি [জগাতী >°ত] সর্থ 'জগাতী'। "এতদিন মোরা৹ করি আনা গোনা৹ জাগাত নাহিক শুনি চ.সা ৬০।

জাগির বি সর্থ 'জাইগীর'। "(আন্দুয়া) জাগির চ.বি ৩১৭।

জাগৃ অক [অদা, প—জাগর্ত্তি; সেট্] ১ জাগরণ, নিদ্রাক্ষয়। ২ ইন্দ্রিয় দ্বারা বোধ; প্রবোধ। "যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী গী ২.৬৯। [প্র—জাগরণ; অবধান। "ভট্টি ৬.২।]

জাগৃতব্য বিণ [জাগৃ+তব্য-ভা; 'জাগরিতব্য' সাধু] ১ জাগরণীয়। "জাগৃতব্যং চ তেঽনিশম্ মহা ১৩.৫২.৩১। ২ বোদ্ধব্য। "উত্থাতব্যং জাগৃতব্যম্ মহা ৫.১৩৫.২৯।

জাগ্রৎ বিণ [√জাগৃ+অৎ (শতৃ)-ক; স্ত্রী -তী] ১ জাগরণকারী, জাগরিত। "আমি গেলে যদি জাগ্রৎ থাক, (চক্ষু) চাহিও ব.প্র ২৩২। ২ অবহিত, অপ্রমত্ত। ৩ প্রকাশমান, আবির্ভূত। "আমার মধ্যে দেশের সেই জাগ্রৎ শক্তিকে দেখতে পাবেন ঘ ২০। —গ্রৎ পুং (?) [ছান্দস] ১ জীবের শব্দাদিবিষয়জ্ঞানের অবস্থাবিশেষ; জাগ্রদবস্থা, গুণত্রয়াত্মক বুদ্ধির বৃত্তিবিশেষ (অধ্যাত্মরামায়ণ—রামগীতা),। "°স্বপ্ন মনু ১.৫৭। ২ জাগরণ। "নিদ্রাবেশে সুখ যত, জাগ্রতে কি হয় তত ভা.চ ৩৫৮। জাগ্রতে, নিদ্রায়, পুনঃপুনঃ যে মনোমোহিনী মূর্ত্তি স্মরণপথে স্বপ্নবৎ যাতায়াত করে ব.প্র ১৬; (প্রহরিগণ) কেহ জাগ্রতে অচেতন ৮৩। —তী বিং (অপ্র) সুপ্রকটশক্তিমতী, ভক্তবাঞ্ছাসাধনে অপ্রমত্তা। "কলিকালে জাগ্রতী থাকিবে মহামায়া ১২৬০। [জাগ্রদবস্থা—জাগরণের সময়। "নিদ্রা-বস্থায় আহারের পরিপাক জাগ্রদবস্থা অপেক্ষা ভাল হয় পা.প্র ১৯৮।]

জাগ্রত বিং [জাগ্রৎ >°ত] ১ জাগরিত। "(কুলকুণ্ডলিনী শক্তি) জাগ্রত করিলা দু ২০; ২৮। জাগ্রত আমার প্রিয় ভা.চ ৬৮৩। আমি জাগ্রত ছিলাম ব.প্র ২০৭। ২ জাগরূক, অবহিত, সচেতন। "যাহারা নিয়ত৹ রাখে নাই আপনারে উদ্যত জাগ্রত স.স্ব ৭২। ৩ প্রকাশমান, সুপ্রকট। "সকল দ্বন্দ্ব-বিরোধমাঝে জাগ্রত যে ভালো৹ সেই ত তোমার ভালো চ.কা ৪৪৯। ওষ্ঠে তার জাগ্রত কৌতুক কু.কে ১২। ৪ প্রবুদ্ধ, বিষয়োন্মুখ। "সেই তব জাগ্রত বাসনা চ.কা ১৪৪; জাগায়ে জাগ্রত চিত্তে…কঠিন সন্তোষ ২৮৮। [°স্বপন—জাগ্রদবস্থায় স্বপ্ন। "ন ৪৫৬।]

জাঙাঞি বি [অপ্র] জামাই। "জাঠার জাঙাঞি ব.প ৩২২।

জাঙা(ঙ্গা)ল বি [সং জঙ্গাল; ফা জ.ংগার্] ১ সেতু, বাঁধ (dam)। "তাঁহার জাঙ্গালে গেলা প্রভু বিশ্বম্ভর চৈ.ভা ৩১০। বিশারদের জাঙাল ন.প ৩০৪। পলাইল…রঘুসৈন্য, জল যথা জাঙাল ভাঙিলে মে ২৫০। ২ সেতু, সাঁকো। "উত্তরের জাঙ্গাল ঠেকিল দক্ষিণের কূলেঃ জাঙ্গাল বান্ধিল কৃ ২৩৩। যাঁর কীর্ত্তি সমুদ্রে জাঙ্গাল ক.চ ৩। নৌকার জাঙ্গাল ভা.চ ১৯। জাঙাল ভাঙি৹ দূর কর অপবাদ মে ১৭। ৩ উচ্চ পথ; রাস্তা। "চড়িয়া জাঙ্গালে আইও দিল বাহু নাড়া।—ক.চ ২৫; ১১৯। দিল…জাঙ্গাল ম.গা ৪। দেহি আলি জাঙ্গাল গ ৯৯। শ্রী.মা ৪৬। দেউল জাঙ্গাল দিলুঁ শ্রী.ম ২৪: ২০৫। বান্ধিল জাঙ্গাল চৈ.ম ১৭৬। ৪ গড়খাইএর তীরস্থিত রাস্তা। "বাহের জাঙ্গালে কদম্ব সারি সারি বি.পা ১০২। ৫ (?)। "সিন্দুরের জাঙ্গাল রাণী দিয়া মনোহরে। একমনে পূজা করেন পার্ব্বতী শঙ্করে॥—কৃ.অ ৪।

জাঙি(ঙ্গি)য়া বি [হি জাঁঘিয়া] হাঁটুর উপর-পর্য্যন্ত-ঝুল একপ্রকার পা-জামা (short-breeches)।

জাঙ্ঘ, -ঙ্ঘিব বি [সং জঙ্ঘা; হি জাঁগ, -ঘ; ঠ, গু জাংগ, -ঘ; অপ্র] ১ উরু। "মূর্ত্তিমান্ ধর্ম্ম তপ পুরুষের জাঙ্গে কৃ.উ ৯২। ২ পশুর পিছনের পাএর উপরিভাগ। "হানিছে ঘোড়ার জাঙ্ঘি শ্রী ১৬৫। [জাঙ্গী-ঘা—জঙ্ঘার ক্ষতবিশেষ।]

জাঙ্গড়া বি ['জঙ্গাল'—মূল; ঠ 'জাংগড়'—কুৎসিত জঙ্ঘা] দীর্ঘজঙ্ঘ

পুরুষ ; অশ্বারোহী সৈনিক। "যতেক জাঙ্গড়া,…ঘোড়া সনে ভূমে লোটে শ্রী ১৬ ; ১৪২ ; রঙ্গে লোটে…সিফাই জাঙ্গড়া ২২৪,-৩৭। [তাল° মর্দ্দ—দীর্ঘজঙ্ঘ পুরুষ (নিন্দায়)।]

জাঙ্গল বিণ [জঙ্গল+অ (অণ্) ; স্ত্রী -লী] ১ জঙ্গলভব, বনস্থিত, বনপ্রায়। ২ আরণ্য, বন্য। ৩ অসভ্য, বর্ব্বর। ৪ অল্পজলতৃণ প্রবাত প্রচুরাতপ বহুধান্যাদিযুত (দেশ)। "মনু ৭.৬৯, কুল্লুক। —ল পুং ১ কপিঞ্জলপক্ষী। ২ নির্ব্বারিদেশ। ৩ হরিণ এণ কুরঙ্গ ঋষ্য ইত্যাদি নয়প্রকার মৃগবিশেষ (দ্র 'শ.ক)। —ল ক্লী ১ জঙ্গলস্থ হরিণাদিপশু-মাংস। ২ মাংস। "নর° মা.মা ৫.৫।

জাঙ্গলি, -লিক পুং [জাঙ্গল+ই (ইঞ্),+ইক (ঠন্) অস্ত্যর্থে] 'জঙ্গলসর্প-গ্রাহক', ব্যালগ্রাহী, বিষবৈদ্য, সাপুড়ে। —ঙ্গুলি, -লিক পুং সর্থ 'জাঙ্গলি'। —ঙ্গুলী স্ত্রী বিষবিদ্যা।

জাঙ্গুলী দ্র 'জাঙ্গলি'।

জাঙ্ঘিক বিণ [জঙ্ঘা+ইক (ঠঞ্)] জঙ্ঘাবান্। —ক পুং ১ ধাবক, দূত। ২ উষ্ট্র।

জাচ সর্ম্ম [সং √যাচ্ ; হি √জাঁচ—পরীক্ষা বা নির্ণয় করা] উপযাচক হওয়া। "এই পঞ্চ বর দিলেন জাচাই (যাচিয়া) শ্রী.ম ১২৫। —চা সর্ম্ম [°চ+আ] পরীক্ষা করান ; জাচান। [জাচাই (হি জাঁচ) —পরীক্ষা, পরখ। জাচান—সর্থ 'জাচা'।]

জাজিম বি [র্ক জাজম্] বেল-বুটা-দার মেজেয় বিছাইবার বড় চাদর। "ন্যায়লঙ্কার…রঙ্গিণ কফজল জাজিমে পুঁচ্চেন হু ১৮৬।

জাজ্বল বিং [পদ্যে] অতিদীপ্ত। "জ্বালা…উজ্জ্বল-জাজ্বল কু.কে ৪০।

জাজ্বল্য বিং [সং °ল্যমান ; হি °ল্য] প্রজ্বলিত। "ভ.গ্র ১২৩।

জাজ্বল্যমান বিণ [√জ্বল্+য (যঙ্) + মান (শানচ্)-ক] ১ দেদীপ্যমান, অতিজ্বলিত। "(মেঘঃ) °শরীরঃ।—পঞ্চ ৫$\frac{২৪}{৫}$। ২ প্রজ্বলিত। "জাজ্বল্যমানং কোপেন গো.রা ৪.৩৮.১৫ ; মহা ৪.২২.৪২। ৩ দিব্যদ্যুতি, তেজঃসম্পন্ন। "(স্ত্রিয়ম্) জাজ্বল্যমানাং বপুষা মহা ১.৯৭.২৭। ৪ (বাঙলায়) সুপ্রকট, অভিব্যক্ত। "তোমার সগোত্র সপিণ্ডগণের মধ্যে অনেকেরই গুণ এই দুনিয়াতে জাজ্বল্যমান ব.প্র ৪০৪। জাজ্বল্যমান মূর্ত্তি পা.প্র ১৩৪।

জাট, -টি বি [সং যষ্টি >প্রা জট্‌ঠি >বা জাঠি, -টি, জাঠ, -ট ; হি জাঠ, -ঠি ; মৈ জাট, -টি, -ঠি ; জাট (বীরভূম)] ১ পুষ্করিণীর মধ্যস্থলে নিখাত দীর্ঘ কাষ্ঠদণ্ড ; নাগযষ্টি। "চন্দনর মাল জাট শূ ১০৪ ; জাটি ১০৬। ২ ঘানির হাঁড়ির মধ্যস্থিত খাড়া পেষণদণ্ড। ৩ [সং জর্ত্তিক (দ্র 'বাহীক') ; হি জাট] রাজপুতজাতিবিশেষ।

জাঠর বিণ [জঠর+অ (অণ্) ; স্ত্রী -রী] জঠরস্থিত, জঠরসম্বন্ধী। "বৈদ্যুতো জাঠরশ্চাগ্নিঃ মহা ৩.৩.১৯। জাঠরাগ্নি।—পঞ্চ ২.১৯২। —র পুং ১ জঠরস্থিত বহ্নি। ২ পুত্র। "জাঠরাধম ভ ৩.১৪.৩৯। ৩ স্কন্দানুচর (মহা)।

জাঠা বি [জাঠ > °ঠা, দ্র 'জাট'] ১ যষ্টিসদৃশ লৌহাস্ত্রবিশেষ। "জাঠা-গাছ কৃ ১২৬ ; ৩০০। ম ২০১। জাঠা বাজে বচনে।—শ্রী ৪২। কি না ধ্বনি শুনি কর্ণে, মাইল যেন জাঠা চৈ.ম ১২৩। ২ [অপ্র] জ্যেঠা। "জাঠার জাঙাক্রি ব.প ৩২২। —ঠি, -ঠী বি [দ্র 'জাট'] সর্থ 'জাঠা' ; ছোট জাঠা। "জাঠি কৃ ৩৯ ; ১৪৭। জাঠা জাঠী ব.প ৮৩৪। জাঠী ম ২০১। জাঠি শ্রী ১৬৪।

জাড় বি [সং জাড্য >প্রা জড্ড, 'জড্ডা' (পৈ) >বা °ড়, -ড়া ; হি, ড়, জাটু—জাড়] ১ শৈত্য, ঠাণ্ডা। "ব.প ৪২। সেনা মরে জাড়ে : জাড়ে জড়াইল হাথ কৃ.উ ৯১। কটকের হৈল জাড় কৃ ৪২৫। ২ জড়তা, নিশ্চেষ্টতা। "জাড় চাপল্য দুই সে উপজায় চৈ ৭২। —ড়া [হি °ড়া] বি জাড়। "বা.ম ১৬৫। পৌষে গরমি বৈশাখে জাড়া। প্রথম আষাঢ়ে ভরবে গাড়া॥—খনা। [জাড়কাঁটা—কাঁটার মত শীতকালের চর্ম্মরোগ-বিশেষ। "জাড়কালে জাড়কাঁটা নিদাঘকালে ঘামাচি।—প্রবচন।]

জাড়াও বি [হি জড়াব্র (জড়+আব্র) ; অপ্র] শীতের আবরণবস্ত্র ; গরম কাপড়। "জাড়াও…সালাদি ভ.গ্র ৩১৩।

জাড়ি বি [Cf., E. Jar ; অপ্র] ১ ভাণ্ড, পাত্র। "ধনের জাড়ি পড়িবেক তোমার হাততে চৈ.চ ২০৬। ২ [সং জারী ; তু 'জাডী'—গুল্ম (দেশী ৩.৪৫) ; 'জড়'—মূল] শিকড়-ঔষধ। ৩ ['জাড্য >বা (স্বরাগমে) জাড়িয় > °ড়ি] জড়তা, অসাড়ভাব। "জ্বর যাবে তোমা ছাড়ি, খণ্ডিবে মুখের জাড়ি বা.ম ৩৫৯।

জাড়িবেঙ্গ বি কোলাবেঙ্গ। "°বেঙ্গ ধরে বলে ধর ধর সয়া শি ৮৫।

জাড্য ক্লী [জড়+য (ষ্যঞ্)] ১ জড়ভাব, জড়ধর্ম্ম। ২ আলস্য। ৩ মান্দ্য। "জাড্যং ধিয়ো হরতি (সৎসঙ্গতিঃ)।—ভর্ত্তৃহরি। ৪ মূঢ়তা, মূর্খতা। ৫ শৈত্য, শীততা। ৬ জিহ্বার রসগ্রহণে অসামর্থ্য। ৭ ব্যভি-চারিভাববিশেষ ; জড়তা। "চৈ.চ ৯৪।

জাত[১] বিণ [√জন্+ত (ক্ত)-ক ; ছান্দস] ১ উৎপন্ন, উদ্ভূত, প্রসূত। "°রোষ রা ১.১.৪ ; জনকস্য কুলে জাতা (বধূঃ) ২৭। পুত্রেণ জাতেন।—পঞ্চ ৬ (কথামুখ)। পূ.মে ৬। সুখ°।—ভট্টি ৫.৩৮। ২ ভূমিষ্ঠ। "জাতো নামৈষ কং ধাস্যতি (বিষ্ণুপুরাণ)। ৩ ব্যক্ত, আবির্ভূত। ৪ ভূত, সংবৃত্ত। "সৈব জাতা…গতেরবলম্বনার্থা শ ৫.৩। উ.মে ২২। ৫ সার্থকজন্মা। "স জাতো যেন জাতেন যাতি বংশঃ সমুন্নতিম্ হি ১৪ (কথামুখ)। —ত পুং ১ [তু 'ফা জা.দ্,-দা (শাহ্‌জা.দা)] পুত্র। ২ মাতৃতুল্য-গুণ পুত্র। 'মাতৃতুল্যগুণো জাতঃ।—পঞ্চ ১.৪২৭। ৩ (নাট্যে) তাত, বৎস, জাদু। "জাত অস্তি তে মাতা উ.চ ৪$\frac{২৩}{৩}$। ৪ প্রাণিমাত্র। —ত ক্লী [+ত -ভা] ১ উৎপত্তি, উদ্ভব। ২ জন্ম। "°কর্ম্ম। °দিনাবধি বি.সু ১৬৮। ৩ শিশু। ৪ [তু 'ফা জ.াত্] জাতি, প্রকার, গণ। ৫ ব্যক্তিত্ব (individuality)। ৬ [তু 'ফা জ.াত্] সমূহ। "আয়ুধ° গো.রা ২.৩৯.১৯। রিক্থ° মনু ৯.১৫২। কোষ° রঘু ৫.১। অপত্য° শ ৫.২৩। পাত্র° ভট্টি ৩.৩৩। কার্য্য° ক্ষত্র° দেব° বচন° বাক্য° মন্ত্র° সুখ° (S.W.)। বস্তু° বি.পা ২৮১। দ্রব্য° ক.চ ৭৩। [সমাসে উত্তরপদ] —তা স্ত্রী [তু 'ফা জ.াদী—শাহ্‌জ.াদী] কন্যা, বৎসা, বাছা (প্রায় সম্বোধনে)। "জাতে! অপি লঘুসন্তাপানি তে অঙ্গানি শ ৩$\frac{২}{৬}$। [°কলাপ (বিণ)—উদ্গতপুচ্ছ (ময়ূর)। °ক্রোধ (বিং)—যাবজ্জীবন কুপিত। °দন্ত (বিকল্পে 'দন্তজাত'—পরাশর ৩.২১)—উদ্গতদন্ত। "মনু ৫.৫৮। °বিশ্বাস (বিণ)—প্রতীতিযুক্ত। "হি ১$\frac{৩}{৬}$। °স্পৃহ (বিণ)—স্পৃহান্বিত, ইচ্ছু। °হারিণী (বি)—বাল-ঘাতিনী পূতনাদি। "চৈ.ভা ২৮। দুই বাপের জাত—দুই পিতার ঔরসজাত। "তোমরা চারি ভাই দুই বাপের জাত কৃ ২৪৬।]

জাত[২] '-ত্' বি [সং যাত্রা >প্রা জত্তা >বা (জাতা) °ত] উৎসব। "ধূলা-খেলা-জাত চৈ.ম ১৭৬। লইয়া শতেক আইও জাত পাতাইল ম.ভা ৩২। কত পিঁড়া উঠানে মেয়ের পড়ে জাত (ধৃতপাঠ 'যাত') শ্রী ২৩। ভারত রচিল অন্নদার এয়োজাত ভা.চ ৫৪৫।

জাত[৩] '-ত্' বি [সং জাতি ; হি, ঠ, প, গু জাত] ১ জাতি ; জাতিধর্ম্ম। "আমায় ছুঁয়োনা রে শমন, আমার জাত গিয়েছে।—রামপ্রসাদ। ২ প্রকার, রকম (kind)। "তা'রা এক জাতের মানুষ, আমি সে জাতের না ঘ ২৮৩। ৩ মূল, আদি (origin)। [জাতঃপাত (তু 'অধঃপাত')—জাতিচ্যুত। "অমন করিস ত লোকে তোকে জাতঃ-পাত করবে গি.দ্বি ১০৯। °কাঠ—সদ্বংশে উৎপত্তি। °কুমড়া—চাল-কুমড়া। °ভাই—স্বজাতীয় লোক। °বোষ্টম —সর্থ 'জাতিবৈষ্ণব'। °সাপ—গোখুরা-প্রভৃতি বিষধর সর্প। জাত খাওয়া, লওয়া—জাতিধর্ম্ম নষ্ট করা। জাত দেওয়া—স্বজাতিধর্ম্ম ছাড়িয়া জাত্যন্তরে যাওয়া।

জাতমারামারি করা—পরস্পরের জাতি ধর্ম্ম নষ্ট করা। "কায়েত বামুণেরা জাত-মারামারি করে (টেকচাঁদ)। জাত যাওয়া—জাতিধর্ম্ম-চ্যুত হওয়া। জাত হারান—জাতিধর্ম্ম নষ্ট করা। জাতাজাত—সবর্ণা-জাত ও অসবর্ণাজাত। "মিতাক্ষরায় পৈতৃক ধনসম্পত্তিতে জাতাজাত সমস্ত সন্তানসন্ততির এক-প্রকার স্বত্ব স্বীকৃত হয় পা.প্র ১৬৮। জাতে উঠা—সমাজে চলা। জেতে— ১ জাতিতে। "পাছে রহিত করে জেতে দা ১৩৩। ২ জাতিবিষয়ে। "জেতে নারী দা ১৩৩। জেতের—জাতির। "দা ১৩৩।]

জাত[৪] '-ত্' বিং [আ জ.াদ্—provision] রক্ষিত, সঞ্চিত। "গুদাম°, গোলা°, ভাঁড়ার°।

জাতক বিণ [°ত + ক (কন্) স্বার্থে; স্ত্রী -তিকা] জাত। "জার° মনু ৯.১৪৩। —ক পুং ১ সদ্যোজাত শিশু। ২ ভিক্ষু। —ক ক্লী ১ জাতসম্বন্ধী কর্ম্ম; জাতকর্ম্ম। "ভ ১.১২.১৩। ২ জাত শিশুর শুভাশুভনির্ণয়ের গ্রন্থ। "°চন্দ্রিকা, লঘু°। ৩ হোরাতন্ত্র (ত.বা)।

জাতকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [ষ.ত] পুত্রের জন্মসম্বন্ধী পিতৃকর্ত্তব্য সংস্কারবিশেষ। "যাজ্ঞ ১.১১। বিষ্ণু ২৭.৪। রঘু ৩.১৮। সী ৫৯।

জাতবেদাঃ (-দস্) পুং [জাত + √বিদ্ + অস্ (অসুন্) -ক (অ.টী); বেদাস্তদর্থং জাতা বৈ জাতবেদাস্ততোঽসি (মহা ২.৩১.৪২); দ্র 'ভ ৫.৭.১৪, শ্রীধর; '°দাঃ'—প্রাণিবেদিতা, সর্ব্বজ্ঞ (ঋগ্বেদ ১.৫০.১); উৎপন্ন সর্ব্ববস্তুবিষয়জ্ঞানাগ্নি (১০.১৫.১৩)] ১ যে জাতসমূহ লাভ করে; যাহার নিমিত্ত বেদনমূহ জাত; অগ্নি। "°বেদোমুখ কু.স ২.৪৬। জামাতা জঠরং জায়া জাতবেদা জলাশয়ঃ। পূরিতা নৈব পূর্য্যন্তে জকারাঃ পঞ্চ দুর্ভরাঃ (সু.র)। ম ২৯৯। ২ চিত্রকবৃক্ষ।

জাতমাত্র বিণ [নি.স] অচিরজাত, সদ্যোজাত, সদ্যঃপ্রসূত। "মাঘ ৫.৫৭। জাতমাত্রং ন যঃ শত্রুং রোগং চ প্রশমং নয়েৎ।—পঞ্চ ১.২৫৬।

জাতরূপ বিণ [বহুব্রী] উৎপন্নরূপ, জাতসৌন্দর্য্য। "জাতরূপপক্ষ-জাতরূপতা নৈ ১.১২৯। —রূপ ক্লী [দ্র 'নিক্ষিপ্তমাত্রে গর্ভে···জাত-রূপমিতি খ্যাতম্ (সুবর্ণম্)।—রা ১.৩৭.২১,-২; মহা ১৩.৮৫.৮৪; বৈদিক] স্বর্ণ। "পা ৪.৩.১৫৩। ভ ১.১৭.৩৯।

জাতাপত্যা স্ত্রী [বহুব্রী; স্ত্রী -আ] 'জাতসন্তানা', মাতা।

জাতি স্ত্রী [√জন্ + তি (ক্তিন্) -ভা] ১ জন্ম, উৎপত্তি। "মহা ১৩.১১৬.২৮; ৩.২০৮.৩৩। জাতি অনুরোধে গাও ক.চ ১৪৫। ২ গায়ত্র্যুপদেশে আচার্য্য কর্ত্তৃক উৎপাদিত জন্ম। "মনু ২.১৪৮। বিষ্ণু ৩০.৪৬। ৩ [+ তি-ধি] গোত্র, বংশ (শ.ক)। ৪ [ফা জ.াত্] গুণ-কর্ম্ম-বিভাগ হেতু মনুষ্যবিভাগ—ব্রাহ্মণাদি। ৫ আকারগত অসাধারণ ধর্ম্মভেদ—গোত্বাদি। "জাতিদ্রব্যবলানাঞ্চ সামামেষাং ময়া সহ হি ১.৪৬। ৬ প্রকার, গণ, বর্গ। ৭ (ব্যাকরণে) অপত্যপ্রত্যয়ান্ত ও শাখাধ্যেতৃবাচী শব্দ। "পা ৪.১.৬৩, সি। ৮ চুল্লী। ৯ জাতীফল, জায়ফল। ১০ মালতী; মালতীপুষ্প। ১১ পুষ্পবৃক্ষবিশেষ (চামেলী); চামেলীফুল। "পা ৪.৩.১৬৬, সি। ১২ আমলক। ১৩ মাত্রানিবদ্ধ ছন্দোবিশেষ; মাত্রাবৃত্ত। 'জাতির্মাত্রাকৃতা ভবেৎ (ছন্দোমঞ্জরী)। ১৪ শব্দালঙ্কারবিশেষ। 'সংস্কৃতপ্রাকৃতয়োঃ সমা জাতিঃ। ১৫ (ন্যায়ে) ব্যাপ্তিনিরপেক্ষ সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যগ্রহণপূর্ব্বক দোষার্পক বাদিবাক্য; সদোষ-প্রত্যুত্তর। [সাধর্ম্ম্যসম বৈধর্ম্ম্যসম ইত্যাদি ভেদে ইহা চতুর্ব্বিংশতি-প্রকার।] ১৬ (সঙ্গীতে) ষড়্‌জাদি সপ্ত স্বর [শুদ্ধ (সম্পূর্ণ) সপ্ত এবং ঔড়ব খাড়ব ভেদে সঙ্কীর্ণ একাদশ—সর্ব্বসুদ্ধ এই অষ্টাদশ জাতি।] "(স শুশ্রাব) অপূর্ব্বাং পাঠ্যজাতিম্ রা ৭.৯৪.২। 'বিশারদ যাজ্ঞ ৩.১১৫। ন.প ১৬২; ২৭০। ১৭ (বাঙলায়) জাতিগত ধর্ম্ম ও কর্ম্ম। ১৮ উচ্চ বংশ। "মামী মোর সাবাস জাতির বেটি বটে শি ৮৬। ১৯ স্ত্রীজাতির ধর্ম্ম; সতীধর্ম্ম। "নলকুবেরের শাপে সীতার জাতিরক্ষা কৃ.উ ৯৫। জাতিনাশ ১১৯। তোমারে বধিয়া জাতি লইবে আমার ক.চ ৬৯। জাতি যেত আজি যদি যুবা হইতাম শি ৯৪। ধরিয়া খাইলি জাতি ভা.চ ৩৯৫। [°কোশ, -ষ (ক্লী)—জাতিফল, জায়ফল। °কোশী, -ষী (স্ত্রী)—জাতিপত্রী। °ধর্ম্ম (পুং)—১ ব্রাহ্মণাদির শাস্ত্রবিহিত কর্ম্ম। "গী ১.৪২। ২ জাতিগত বিশেষ লক্ষণ। °পত্রী (স্ত্রী)—জাতিফলত্বক্, জয়িত্রী। °ফল (ক্লী)—জাতিনামক ফল; জায়ফল। °ব্রাহ্মণ (পুং)—তপঃস্বাধ্যায়হীন জন্মমাত্রে ব্রাহ্মণ। 'তপঃ শ্রুতং চ যোনিশ্চ ত্রয়ং ব্রাহ্মণ্যকারণম্। তপঃশ্রুতাভ্যাং যো হীনো জাতিব্রাহ্মণ এব সঃ॥—শব্দার্থচিন্তামণি। °বর্ণ (বি)—জন্ম ও জাতি। "ম ২১১। °বাদ (বি)—জাতির অপবাদ। "ক.চ ১৭৬,-৭। °বৈর (ক্লী)—স্বাভাবিক শত্রুতা। [স্ত্রীকৃত বাস্তুজ ইত্যাদি ভেদে ইহা পঞ্চবিধ (শ.ক)।] °বৈরী (-রিন্) পুং—স্বভাবশত্রু। °ব্যবহার (বি)—জাতিগত ব্যবসায়। "কড়ীর পোঁটলী বাঁধি জাতিব্যবহার ক.চ ১৭৬। °সঙ্কর (পুং)—সঙ্কীর্ণ বা মিশ্র জাতি। °সম্পন্ন (বিণ)—কুলীন। °সর্প (বি)—গোখুরা-প্রভৃতি বিষধর সর্প। "ম.ম ২১৩। চৈ.ভা ৩০। °স্মর (বিণ)—পূর্ব্বজন্মস্মারক। "শ্রী ১২৫। ভ.গ্র ২০৬। ভা.চ ৫৫৮। °হীন (বিণ)—অন্ত্যজ। জাতি দেওয়া—স্বীয় জাতিধর্ম্ম ত্যাগ করিয়া জাত্যন্তর গ্রহণ করা। "ডোমনীর সঙ্গে জাতি দিলা ম.ম ১৩। জাতি-মারা—জাতিচ্যুত। "এড়া রুটী খাওয়াইয়া করিল জাতি-মারা ম.ম ৫৬। জাতিয়ে (জাতি + এ[৫]; সং জাত্যা)—জাতিতে। "জাতিয়ে ব্রাহ্মণ আমি ম ১৪১।]

জাতিকচু বি বড়জাতির কচু; মানকচু। "বি.পা ১০২,-৬৩।

জাতিকলা, -রম্ভা বি কাঁটালী কলা (?)। "জাতিকলা দিয়া রান্ধে ঝুনা নারিকেল ব.প ৩৩৩। জাতিরম্ভা নারিকেল ম.পা ১৭৬।

জাতিবৈষ্ণব বি বৈষ্ণবের ছেলে। —বী বি বৈষ্ণবের মেয়ে। "আমি জাতিবৈষ্ণবী নহি ব.দ্বি ১৬।

জাতিস্মর বিণ [ষ.ত] যে পূর্ব্বজন্ম জানে; পূর্ব্বজন্মস্মারক। "শ্রী ১২৫। ভ.গ্র ২০৬। বি.পা ৩০৩। প্রিয়ার চিঠিতে ভোলামন আজ০ হয়েছে জাতিস্মর কু.কে ২২। —স্মরা বিণ পূর্ব্বজন্মস্মরণকারিণী। "বি.পা ২২৭। জন্মিয়াছ হ'য়ে জাতিস্মরা ম.ম১৫৭। "জাতিস্মরা আমি রে জৈমিনিমুনি-বরে শ্রী.মা ১৮৩।

জাতী স্ত্রী [জাতি + স্ত্রী ঈ (ঙীষ্); হি, ঠ জাঈ; ড় জাই (প্রা জাই)] ১ জাতীপুষ্পবৃক্ষ; জাতীপুষ্প, চামেলী। ২ মালতী। [°কোশ, °পত্রী, °ফল দ্র 'জাতি']

জাতীয় বিণ [জাতি + ঈয় (ছ); স্ত্রী -য়া] ১ জাতিসম্বন্ধী, জাতিভব। "সজাতীয়গৃহ মনু ১১.১৬৩। ব্রাহ্মণ° পা ৫.৪.৯। (কন্যা) জাতীয় পদ্মিনী ব.প ৩৬৩। আমার ব্রাহ্মণী স্ত্রীজাতীয় ব.দ্বি ১২৩। ২ (ব্যাকরণে) 'প্রকার'-বাচক তদ্ধিত। "পটু° পা ৫.৩.৬৯। কি-জাতীয় কথা শি ৮৮। প্রাণ যেন কিজাতীয় করে বা.দ ১৭১। [জাতীয় মনুষ্য (অপ্র)—স্বজাতীয় লোক। "আপনকার কাছে জাতীয় মনুষ্য আছে এবং সকলকে জিজ্ঞাসা করিবেন কৃ.চ ৬০।]

জাতু ব্য [ছান্দস] ১ কদাচিৎ। "রা ২.৫৭.১৩। গী ২.১২। ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি মহা ১.৮৫.১২। মনু ২.৯৪। ২ সম্ভাবনা। ৩ নিন্দা, ভৎ‍্সনা। "জাতু তত্রভবান্ বৃষলং যাজয়তি পা ৩.৩.১৪২, কাশিকা। ৪ অমর্ষ। "পা ৩.৩.১৪৭।

জাতুধান পুং [জাতু (কদাচিৎ) ধান (সন্নিধান) যাহার (অ.টী); তু 'যাতুধান'] রাক্ষস। "কু ৪০৭।

জাতুষ বিণ [জতু + অ (অণ্), ষ্ (ষুক্) আগম; স্ত্রী -ষী] জতু-বিকার, জতুনির্ম্মিত। "জাতুষাদ্ বেশ্মনঃ মহা ১.১.১৫৩।

জাতেষ্টি স্ত্রী [জাতের ইষ্টি, ষ.ত] জাতকর্ম্ম।

জাত্য বিণ [জাতি+য (যৎ) ; স্ত্রী -ত্যা] ১ জাতিভব, জাতীয়। "(শুদ্রঃ) নিষাদজাত্যঃ রা ২.৫০.৩৩। মনু ১০.৫। ২ কুলীন। "রঘু ১৭.৪। ৩ সগোত্র। ৪ উত্তমজাতীয়। "জাত্যাস্তরঙ্গমাঃ।—রা ২.৪৫.১৪। ৫ কান্ত, সুন্দর। ৬ শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। "কাঞ্চনেন গণনা কা নাম জাত্যেন ক.ম ৩.১।

জাত্যংশ বি জাতিবিভাগ, জাতিবিষয়। "জাত্যংশে বণিক্ ভ.গ্র ১৭৪। জাত্যংশে কুলীন বড় নেড়া দা ৯২৮।

জাত্যন্ধ বিণ [সুপ্‌সুপা] জন্মান্ধ। "মনু ৯.২০১।

জাদ[১] বি [আ জাদ্‌বল্—marginal line (পা'ড়্)] কেশবন্ধনরজ্জু, ফিতা। "জাদ দিলা চুল বান্দিবার ম.গা ৯। গো.চ ৩৩৪। কাল জাদ চ.সা ৫২। পাটের জাদ ক.চ ৭৬ ; জাদে৹ বিচিত্র কবরী বাঁধে ১১২ ; মণিময় জাদ ১৫৩। জাদ কেবা নাহি পরে গো ৭১। পাটের জাদ প.র ৭০। কুসুমমাল্য পড়ে বেড়ি জাদে শ্রী.ম ১৯। জাদ দিয়া কুন্তল বাঁধিল ব.প ৯১০। ন.প ১৪২। [কুসুমক জাদ—কুসুমময় সূত্র ; পুষ্পমালা। "কবরী বেড়ি কুসুমক জাদ জ্ঞা ৫৪।]

জাদ[২], **-দা** বিং [ফা জ়াদ্ ; তু 'জাত[১]'] জাত। "হারামজাদ, -দা। —দা বি [তু 'সং জাত > প্রা জাদ] পুত্র। "পীর°, শাহ°। সেলাম কর বাদশাজাদে।—কথা ৮১। সেকজাদা ব.প ৩১৯। সাহেব জাদা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। —দী বিং জাতা। "হারামজাদী শ্রী ৯৮। —দী বি [ফা জ়াদী ; তু 'সং জাতা > প্রা জাদা] কন্যা। "বাদশা°, শাহ°। নবাব° ব.প্র ১০৪।

জাদী দ্র 'জাদ[২]'।

জাদু[১] বি সং জাত > প্রা জাদ (উ.চ ৪২১৬) > বা °দু ; তু 'যাদু']। বৎস, তাত, বাছা। "জাদু ! তুমি আবার কেমন হবে বলিতে পারি না আ.দু ৩৫। [°মণি—বাছাধন। "কবে আসি জাদুমণি, মাগিবেক ক্ষীর লনী ম.পা ১২৫।]

জাদু[২] বি [ফা জাদু] কুহক, ইন্দ্রজাল, ভেল্‌কি (magic)। "(তিনি) তুকতাক জাদু ভেল্‌কি…ভাল জানেন আ.দু ১০৮। [°কর { ফা জাদুগ.র্ ; (স্ত্রীলিঙ্গে)-করী } ঐন্দ্রজালিক, কুহকী। °গিরী (ফা জাদুগ.রী)—জাদুবিদ্যা, মায়া। °ঘর—মায়ার ঘর ; যে ঘরে কৌতুকজনক দ্রব্যসমূহ দেখিয়া দর্শক মুগ্ধ হয় (museum)। °বিদ্যা—কুহক, মায়া।]

জান[১] বি [সং জ্ঞান > প্রা জাণ > বা °ন ; গু জাণ] ১ জ্ঞান। "চৌদ্দ জুগ গেল পরভুর এক বস্তু জানে শূ ৩। ২ [সং জ্ঞানী > প্রা জাণি > বা °ন ; হি জানী, -ন (C.G. § 191) ; ঠ জাণ] জ্ঞানবান্, পণ্ডিত। "সর্ব্বগুণজান শ্রী.ম ১৬৯। ৩ বিদগ্ধ, রসিক। "তুহু রসবতী পহু সব রস জান বি.প ১৩৫। ৪ দৈবজ্ঞ, গণৎকার। "হবে কি না জানিতে জানের বাড়ী যান শ্রী ২৩। হেম ৩৯০। [জানবিৎ—১ অভিজ্ঞ। ২ জানা, পরিচিত। "আমার জানবিৎ একটি মেয়ে মানুষ গদাঈ বাবুকে সুপারিস কোরছিল অ.গ্র ১৩০।

জান[২] বি [ফা জান্] ১ প্রাণ, প্রাণবায়ু। "যায় জান বা.দ ৫৮। ২ উৎসাহ, প্রাণশক্তি, তেজ। ৩ (সঙ্গীতে) রাগের সংবাদী সুর।

জান[৩] বি [হি 'জানি'—স্ত্রী] স্ত্রী। "জান বাচ্চা এক খাদে, গাড়িব হারামজাদে ভা.চ ৩৭৮। [জান-বাচ্চা—স্ত্রী-পুত্র।]

জান[৪] সর্ম্ম [সং √জ্ঞা—জানা > লি √জানা, প্রা √জাণ > বা °ন ; হি, মৈ √জান ; ঠ, গু সি, প √জাণ] ১ অবগত হওয়া ; জানা। "তহঁ বর চতুরী হম কিয় জান বি.সা ৩০৩। হাম অবলা নারী কিয়ে গুণ জান রা.শে ১৪। ন জানামি মন্ত্রার্চ্চন ম.পা ১৭৯। ২ বিশেষরূপে অবগত হওয়া। "আমি জানি তোমাকে তুমিহ মোরে জান শি ৯৫। ৩ বুঝিতে পারা ; বুঝা। "যোই কহল মোহে মুই সে জান রা.শে ১৪। না জানিয়ে অপরাধ কোথা বা হইল ন.প ২১৭। জানি অনেক কারসাজি।—দা ৫৬৯। ৪ পরিচিত বোধ করা ; চিনা। "উজানি নগরে বৈসে ঘত জন জানি ক.চ ১৬৬। ৫ বোধ করা ; মনে করা ; ভাবা। পর পুরুষের ধন জানেন্ত আপন ম.গা ৩। কুচযুগ চারু ধরাধর জানি বি.প ১৪৩। হসইতে খসে মণি জানি ব.প ১০৩২। চ.বি ২৩। ৬ পরীক্ষা করা। "মনের মরম-কথা কারে জানি পুছ চ.সা ১৬০। চ.দা ১২০। ৭ অনুভব করা ; ভোগ করা। "কবহু না জানই বিরহক বেদনা বি.প ১৫৪। —না সর্ম্ম [°ন+আ[৮] ; সং √জ্ঞাপি (জ্ঞাপয়) > প্রা √জাণাব] অবগত করান ইত্যাদি। [জান, জানউ (জানিও), জানমি (দো ; চ)। জাণ জাণবোঁ, জাণাঁঞা, -ণাইবোঁ, জাণো ; জানসি জানাঞা জানো (শ্রী.কী)। জান দিল (অপ্র)—জানান দিল ; জানাইল। "দ্বারী গিয়া দিল জান ব.প ২৩২। বি.পা ১৯২। জানা[৩]—সর্ব 'জান[৪]'। জানা-জানি—১ পরস্পর জানা বা জানান। "লোক°। ২ পরস্পরবিদিত ; প্রকাশিত। "সেই কথা লোকে যদি হয় জানাজানি ম ১১০৩। জানা-জানি কথা চৈ.ম ১৩২। লোকে হৈল জানাজানি ভা.চ ৩৬৭। জানা-শুনা—পরিচয়। "রাধা রাধা বলি৹ বাজায় মুরলী৹ তাহে হৈল জানা-শুনা।—চ.দা ৭২।]

জান[৫] অব্য [°নি > °ন ; অপ্র] যেন। "মুখখানি য়ানল জান মী ২৫।

জানক বিণ [জনক+অ (অণ্) তৎসম্বন্ধার্থে ; স্ত্রী -কী] পিতৃসম্বন্ধী ; জনকরাজসম্বন্ধী। —কী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীপ্)] 'জনকরাজ-সম্বন্ধিনী', জনকপালিতা সীতা। "রা ৩.৫১.৯। রঘু ১২.৬১।

জানত বিং [জানিত > °ত ; কথ্যভাষা] বিদিত, জ্ঞাত। "আমার জানত কোন স্থানে অকালমৃত্যুর প্রাদুর্ভাব হয় নাই।—য ২৬। —ত ক্রি.বিং [সং জ্ঞানতঃ] জ্ঞাতভাবে, জ্ঞাতসারে। —নন বিং [মৈ জানল] পরিজ্ঞাত, বিদিত। "প্রেম সম মানুখ৹ পহিলহি জানন ন ভেলা বি.প ১৫৬। —নন বি [জান[৩]+অন ; প্রা জাণণ (জ্ঞান) ; অপ্র] অবগতি, জানা। "(তাহারা) আনুপূর্ব্বিক না জাননতে ক্ষোভিত হয় ব.প ১৬৮২।

জানপদ বিণ [জনপদ+অ (অণ্) ; স্ত্রী -দী] ১ জনপদভব, দেশস্থিত। ২ জনপদসম্বন্ধী, দেশব্যবস্থিত। "জানপদান্ ধর্ম্মান্ মনু ৮.৪১। ৩ জনপদ হইতে আগত (গোমহিষাদি)। "রঘু ৫.৯। —পদ পুং ১ জনপদবাসী লোকমাত্র ; দেশবাসী জন। বিপ 'পৌর'। "যাজ্ঞ ২.৩৭। পৌর° সী ১৭। ২ জনপদ হইতে আগত করাদি। ৩ [+অ স্বার্থে] জনপদ, দেশ। —পদী স্ত্রী বৃত্তি।

জানবাচ্চা ; জানবিৎ দ্র 'জান[৩]; জান[১]'।

জান(নো)য়ার বি [ফা জান্‌ৱার্] ১ পশু। "জানয়ার গো.চ ৪৮৩। জানোয়ার বি.সু ১৭। ২ (সাদৃশ্যে) মূর্খ।

জানা[১] সর্ম্ম [জান[৪]+আ[৫] ; সং √জ্ঞাপি (জ্ঞাপয়) > প্রা √জাণাব] অবগত করান ; জানান। "তৈখনে জানায়বি হৃদয়ে জনু লাগ বি.প ১০৮। ভক্তসেবা মুখ্য জানায়েন গৌরহরি ন.প ২৩৪। [জানান —সর্ব 'জানা[১]'। জানানে—জানানর নিমিত্ত। "দেশে দেশে কুটুম্বকে পাঠাল্য জানানে কৃ.উ ৫।]

জানা[২] বি ১ উড়িষ্যার মহারাজের পুত্র। "বড়জানা চৈ.চ ৩০৭। ২ উপাধিবিশেষ। "পুরুষোত্তমজানা চৈ.চ ৩০৯। [বড়জানা—রাজার বড় পুত্র ; যুবরাজ।]

জানা[৩] দ্র 'জান[৪]'।

জানানা বি [ফা জ়নানা] ১ স্ত্রী ; স্ত্রীলোক। "ঘর হৈতে নিকলিতে না পারে জানানা ভা.চ ৪৯৭। এ দিশী জানানা।—হেম ৭৮২। ২ পরিবারবর্গ (family)। [°গাড়ী—স্ত্রীলোকের গাড়ী। °সোয়ারি —যে গাড়ীতে স্ত্রীলোক আরোহী। "একদিন সন্ধ্যার সময়…একখানা জানানা-সোয়ারি যাইতেছিল আ.দু ৬৭।]

জানা(নে)লা বি [P. janela ; ডা জন্নল্ ; তু 'সং জালক, 'জালা'

—"জালামুখরন্ধ্র (ভ ১০.৪১.২২)] বাতায়ন, গবাক্ষ। "তুই জানেলা হইতে কথা কহিয়াছিলি ?—ব.প্র ৩৭৭।

জানি[1] [জায়া > °নি (বহুব্রীহিসমাসে উত্তরপদ) ; হি জানি, -নী] ভার্য্যা। "যুব°, সীতা°।

জানি[2] অব্য [জনি > °নি] ১ যদি। "নব তৃণাঙ্কুর আগে, রাঙ্গা পায় জানি লাগে ব ৫০। ধৈরজ করি পুন, ও রস করে জানি দূর (প.ক)। ২ পশ্চাৎ, পাছে। "রূপের আগলি, না জানি কি জানি হয় (প.ক)। ৩ যেন। "কেহ জানি এ রসে ভুলে না চ.দা ১১২। হসইতে খসে মণি জানি।—গো ১৩৬। (আঁখি) আধমুদিত জানি কিসে চৈ.ম ২৮। কিসে জানি আবরিল পথ বা.ম ১৮৩। [তু 'সং জানে—"অদ্য জানে স্বপ্নে সুরসরিৎস্রোতসি সুপ্তোঽস্মি ক.ম ৩৪ঽ।]

জানিত বিং [জান[4]+ইত[2] ; তু 'সং জ্ঞাত > প্রা জাণিঅ'] বিদিত, পরিচিত। "কোটালের জানিত এ বুঝি বিনোদিনী বি.সু ৯৪। জানিত ভদ্দরলোক হু ১১০।

জানিল বিং [জান[4]+ইল[2] ; অপ্র] অভিজ্ঞ, জ্ঞানবান্। "ক্ষম প্রভু না-জানিল জনে ভ ৬৯।

জানী বি [ফা 'জানী'—প্রিয় ; তু '°নি[1] ; অপ্র] প্রিয়া, দয়িতা। "জানি ! তার উপর এত রাগ কচ্চো কেন, জানি স.এ ১৯ ; ২০।

জানু ক্লী [√জন্+উ (-ঞুণ্)-অপা, উ ১.৩ ; ফা জ.নু ; cf., Gr. gonu ; L. genu ; A.S. cneo ; E. knee ; ছান্দস ; 'জানু' (পুং)—"জানুং দদৌ (মহা ৪.৩৩.৪৯)] যাহা হইতে গতি জন্মে ; উরুপর্ব্ব, হাঁটু। "জানুভ্যামবনীং গত্বা মহা ১৩.১৪.৩৪২। পক্ষ ৫২১/২। [°গতি, °চঙ্ক্রমণ (বি)—জানু দ্বারা গমন ; হামা। "°তি চৈ.ভা ৩০। °ণ চৈ.চ ৫৪। ন.প ৯৪। °দঘ্ন, °মাত্র (বিণ)—জানুপ্রমাণ, হাঁটুতক, একহাঁটু। °ফলক, °মণ্ডল (ক্লী) জানুস্থিত গোল অস্থি ; মালুই-চাকি। °লম্বিত (বিং)—আজানুলম্বিত (ভুজ)। "ন.প ৩০৮। °সন্ধি (পুং) —জানুসংযোগস্থল।]

জান্নব, জাহান্নব বি [আ জহন্নম্] ১ নরক। ২ অধঃপাত। "(হেমচাঁদ) একেবারে জান্নবে গিয়াছে লী ৯৭।

জাপ পুং [√জপ্+অ (ঘঞ্)-ভা] ১ জপ। "°হোমপরায়ণ (S.W.)। মন্ত্র° ম.পা ২২ ; ৩১। চৈ.ম ১৩৫। ন.প ২০৮। ২ [+অ-র্ম্ম] জপনীয় মন্ত্র। —পক বিণ [+অক (ণ্বুল্)-ক] জপকারী। —পী (-পিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] জাপক। "গীতামাহাত্ম্য ৩৯। —প্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] হৃদয়োচ্চার্য্য, জপনীয়। —প্য ক্লী জপনীয় মন্ত্র। [জাপ্য করে (অপ্র)—১ ডান হাতে। "কমণ্ডলু লয় জাপ্য করে বা.ম ১১৬। ২ জপ করে। "গঙ্গা জলেত জাপ্য করে জেই জন গ ১৯২। জাপ্যমালা (অপ্র)—জপমালা। "কৃ.উ ৪৫। ক.চ ১৮। শ্রী ১০৪।]

জাপটা সর্ম্ম [আ জ.ব্‌ত্—control] নিয়ন্ত্রিত করা ; জব্দ করিয়া ধরা ; হাত দিয়া বেড়া ; জড়ান। "জাপটি ধরিয়া ইন্দ্রে করিল তাড়ন ব.প ১২৫। [জাপটাজাপটি—পরস্পর জাপটান ; জড়াজড়ি। জাপটান —সর্ম 'জাপটা'।]

জাফরান বি [আ জ.া'ফ্রান্] কুঙ্কুম, কেশর (saffron)।

জাফরি বি [আ জা'ফরী—a bamboo frame] বাঁশের চটায় তির্য্যগ্‌ভাবে বোনা বেড়াবিশেষ।

জাব, -বনা বি [সং যবস ; হি জাব—তৃণবিশেষ] গোমহিষাদির খাদ্য খ'ল-ভুসি-মিশান কাটা ঘাস বা খড়। "গরুর জাবনা আ.দু ১৪৩। এসেছিল বকনা গরু পর-গোয়ালে জাবনা খেতে ব.দ্বি ৩৫। —ব বি দেয়াল-গাঁথার নিমিত্ত খড়ের কুটি দিয়া চটকাইয়া-করা কাদা (চব্বিশ-পরগনা)।

জাবড় বিং [জাবড়া > °ড়] জাবের মত ; সুষিক্ত, জবজবে, ভিজা। "ঘৃত তৈল দিয়া তাহা (কাপড়) করিল জাবড়।—কৃ ২১৬। —ড়া বিং [জাবপারা > °রা, -ড়া] ১ সর্থ 'জাবড়'। ২ সৌষ্ঠবহীন, বিশ্রী। [জাবড়া-জোবড়া—সর্থ 'জাবড়া (২)।]

জাবর বি [জাব > °র ; জাটু—'জবারা'—fodder, 'জাবর'—সতেজ ঘন দূর্ব্বা ; °ড় (দিনাজপুর)] ১ সর্থ 'জাব'। —র বিং জাবের মত সুষিক্ত ; জবজবে ভিজা। "(কাপড়) ঘৃত তৈল মিশাইয়া করিল জাবর ম.ম ১০৯। [জাবর কাটা—গো-মহিষাদির রোমন্থন। "তিনি…মদের জাবর কাটছেন স.এ ৫।]

জাবালি পুং [জবাল+ই (ইঞ্) তদপত্যার্থে] ১ জবালের অপত্য ; মুনিবিশেষ। "রা ৭.৯১.২। সী ৬৫। [ইনি দশরথের মন্ত্রী ও নাস্তিক ছিলেন এবং রামচন্দ্রকে বনবাস হইতে অযোধ্যায় আনিয়া রাজা করার নিমিত্ত বিশেষ চেষ্টা করিয়াছিলেন (রা ২.১০৮,-৯)।] ২ উপস্মৃতিকার ঋষিবিশেষ। ৩ (বাঙ্লায়) জাতিবিশেষ। "মোরটা জাবালি-জাতি ভ.গ ১৫৬।

জাবেদা বিং [ফা জাব্‌দিা] ১ শক্ত, মজবুত, টিকসই। ২ প্রমাণযোগ্য, আদালতের মোহরযুক্ত। "জাবেদা নকল। ৩ যে কাগজে খসড়ায় লিখিত জমা-খরচ পরিষ্কার করিয়া লিখিত হয় ; কাঁচারোকড়। [জাবেদা-খাতা —খসড়া-বহি।]

জাম[1] বি [সং জম্বু ; হি জাম ; ঠ জাংর ; গু জাংব ; ড় জামু] ১ বৃক্ষ-বিশেষ ও তাহার ফল। ২ জামের মত মিঠাইবিশেষ।

জাম[2] বি [ফা জাম] পোশাক। "জামকী ধক ধক ভা.চ ৪৫৮।

জাম-টাকুর বি ['জঙ্ঘার্তকু'—মূল (জঙ্ঘা > জাঙ্, -ম)] জঙ্ঘায় ঘষিয়া-ঘুরাইয়া সুতা পাকাইবার ছোট টাকুর (টাকু)।

জামতা বি [সং জামাতা ; অপ্র] জামাই। "কৃ ৪৬। বা.ম ২৩। দু ১০০। শ্রী.মা ১০৬। চৈ ১৪৯। রা.শে ৬৯। ন.প ১২৩।

জামদগ্নেয়, -দগ্ন্য পুং [জমদগ্নি+এয় (ঢক্),+য (যঞ্)] 'জমদগ্নিপুত্র', পরশুরাম। "°গ্নেয় রা ১.৭৪.১৭ ; °দগ্ন্য ৭৬.১২। জামদগ্ন্য রাম ম ৬৩১। বি.সু ১১২। °দগ্ন্য।—হেম ২৯১।

জামদান, -নি, -নী বি [ফা জাম্‌দানী] ১ বুনিয়া ফুল-তোলা কাপড় (প্রায়ই মসলিন)। "জামদানে মেরজাই মা ৩৩১। ২ জামদানীর শাড়ী। "জামদানী অঙ্গে কারু ব.প ১৫২১। °নি দা ২৪৭ ; °নী ১০৫২। [°দানী-বুটী ধুতি—বুটা-কাটা মসলিনের ধোয়া শাড়ী। "পরছেন কোন রসবতী, জামদানী-বুটি ধুতি দা ১৫৭৩। °দানী শাড়ী —ফুল-তোলা মসলিন-শাড়ী। "ব.প ১৫১২।]

জামবাটি বি [ফা জাম্—cup ; ঠ জাংব ; জামখোরা (মালদহ) ; °টি (দিনাজপুর)] কাঁসার বড় বাটি।

জামম্বর বি [অপ্র] জম্বীর, জামীর লেবু। "গো.চ ৪১।

জামরুল বি [(?)] ফলতরুবিশেষ (Fugenia alba)।

জামা বি [ফা জাম্ ; Pahlavi—j(y)āmak] পরিচ্ছদ ; কামিজ কোট ইত্যাদি গাত্রাবরণ। [°জোড়া, °যোড়া, -রা—জামা ও শালের জোড়া। "°ড়া শ্রী.মা ৪১ ; ১০৮। শ্রী ১৬০। °যোড়া লু.র ১৭৯। °যোরা ম.গা ২৪।]

জামাই, -ঞি, -ঞী বি [সং জামাতা > প্রা জামাউ > বা °ই, -ঞি, -ঞী ; হি, গু জমাঈ ; ঠ জা(জাং)রঈ ; মৈ জমাঈ, জামায় ; সি জ.াটো ; ড় জুআঁইঁ, জাইঁ] ১ কন্যার পতি। "জামাঞি কৃ.উ ১৯৭ ; ২৭৫। °ঞি জ ২৮। ভগবতী, তোমার যম জামাই দুই উপস্থিত য ১৬। ২ বর, পতি। "কালীর জামাই বি.পা ৫০। বেহুলার জামাই ম.ম ১৭৬। কুরঙ্গো জামাঞী।—শি ২৮। ৩ কনিষ্ঠা ভগিনীর পতি। "কনিষ্ঠা ভগ্নির স্বামী জামাই সম্বন্ধ কৃ.উ ৯৮। [°ইভাতারী—স্ত্রী-লোকের গালিবিশেষ। "শি ২৭। °লাড়ু—ধান্যবিশেষ। "শি ১১৩

°ষষ্ঠী—অরণ্যষষ্ঠী। °সোহাগি টিপ—একপ্রকার টিপ। "পদ্যসংগ্রহ ৫৪। জামাএীভাতের দিন—বিবাহের পর দিন (?)। "শি ২৮।]

জামাত(তা)র বি [সং জামাতৃ—জামাতরঃ (প্রথমার বহুব); >°র; অপ্র] জামাতা। "°তার অ.প ১৩৬; °তর ১৩২।

জামাতা (-তৃ) পুং [জায়া+ √মা+তৃ (তৃচ্)-ক-১ব, উ ২.৯৪; জা অপত্যং তন্নির্মাকা (সায়ণ—ঋগ্বেদ ১.১০৯.২); Av. zāmātar; ফা দামাদ্; ছান্দস] ১ দুহিতৃপতি, জামাই। "রা ১.৯.১৯। জামাতৃ-যজ্ঞ উ.চ ১.১১। জামাতা দশমো গ্রহঃ (সু.র)। সী ৪। ২ পতি। ৩ সূর্য্যমুখী। [সায়ণভাষ্যে কন্যালাভার্থ কন্যার পিতাকে জামাতার ধন দেওয়ার বর্ণনা আছে।]

জামানতনামা বি [আ জ.মানত্নামা] জামিন থাকার অঙ্গীকার-সূচক পত্র (security bond)। "নাজির মহাশয় রীতিমত জামানত-নামা লেখাপড়া করিয়া নাও নী ৬১।

জামি, -মী স্ত্রী [√জম্ ভক্ষণ+ই (ইন্)-ক, নিপাতিত; ছান্দস] ১ ভগিনী। ২ দুহিতা। ৩ স্নুষা, পুত্রবধূ। "ভ ৪.২৮.১৬। ৪ কুলস্ত্রী। 'জামিঃ স্বসৃকুলস্ত্রিয়োঃ মনু ৩.৫৭, কুল্লুক। নবোঢ়াদুহিতৃস্নুষাদ্যা জাময়ঃ (মেধাতিথি)। ৫ সগোত্র-স্ত্রী (নীলকণ্ঠ), সন্নিহিত সপিণ্ডস্ত্রী (কুল্লুক)। "মহা ১২.২৪২.১৫। মনু ৩.৫৭। ৬ সভর্তৃকা স্ত্রী। "যাজ্ঞ ১.১৫৭। —মি ক্লী ১ সগোত্রতা, সাপিণ্ড্য। ২ সম্বন্ধ (A.)।

জা(যা)মিত্র ক্লী [জামি+ √ত্রৈ+অ (ক)-ক] 'দুহিতৃরক্ষক', লগ্ন হইতে সপ্তমস্থান। "তিথৌ চ জামিত্র-গুণান্বিতায়াম্ কু.স ৭.১। [°শুদ্ধ (পুং)—জামিত্রশুদ্ধি। °বেধ (পুং)—জামিত্রের বেধক; পাপগ্রহ হইতে সপ্তমস্থানস্থিত চন্দ্ররূপ দোষ।]

জামিন বি [আ জ.ামিন্] ১ প্রতিভূ, জিম্মাদার (surety)। ২ অঙ্গীকারপালনার্থ ন্যাস বা গচ্ছিত অর্থাদি (security)। —নী বিং [°ন+ঈ৭] জামিনসম্বন্ধী (অর্থাদি)।

জামিয়ার বি [ফা জামাহ্‌বার্; হি জামেবার] জমিতে ফুল-বুটা-কাটা দোশালাবিশেষ।

জামী দ্র 'জামি'।

জামীর বি [সং জম্বীর] জামীর লেবু ও তাহার গাছ। "জামীরের রস ক.চ ২০৯। জামীর কাঁটাল ভা.চ ১২৭।

জামুড়া বি ['চর্ম্মার্ব্বুদ'—মূল (?)] কড়া, কিণ, জামড়ো।

জাম্ববান্ (-বৎ) পুং ভল্লুকরাজ। [ইনি ব্রহ্মার পুত্র। লঙ্কাসমরে রামচন্দ্রের মন্ত্রী। সীতান্বেষণে দক্ষিণদিকে প্রেরিত অঙ্গদাদির ইনি সহচর ছিলেন (রা ৪.৪১.২। কৃ ৫৫।] —বতী স্ত্রী [°বৎ+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] জাম্ববৎ-কন্যা শ্রীকৃষ্ণপত্নী। "°সুত ভ ১.১১.১৮; ম ১২২৯। [স্যমন্তকমণির উদ্ধারার্থ শ্রীকৃষ্ণের সহিত জাম্ববানের যে যুদ্ধ হয়, তাহাতে জাম্ববান্ পরাজিত হইয়া শ্রীকৃষ্ণকে মণির সহিত জাম্ববতী সম্প্রদান করেন (হ, ৩৯শ অধ্যায়)।]

জাম্বীর ক্লী [জম্বীর+অ (অণ্)] জম্বীরফল, জামীর।

জাম্বুবতী বি [সং জাম্ব°] সর্ব 'জাম্ববতী'। "শ্রী ১১৯। শ্রী.ম ১৭৭।

জাম্বুবান্ (-বৎ) পুং [তু 'সং জাম্ব°'] জাম্ববান্। "কৃ ৫৫।

জাম্বুরা বি [সং জাম্বীর; অপ্র] জামীর লেবু। "ম.ম ৫১।

জাম্বুনদ ক্লী [জম্বুনদ+অ (অণ্)। ১ 'জম্বুনদজাত', স্বর্ণবিশেষ। দ্র 'জম্বুখণ্ড'। "অকৈতব কৃষ্ণপ্রেম, যেন জাম্বুনদ হেম চৈ.চ ৮০; ৩৫৫। °তনু।—গো ৩৫। ভ.গ্র ১৪৭। জাম্বুনদোজ্জ্বল শি ৭। ২ ধুস্তুরবৃক্ষ। ৩ [°দ+অ] জাম্বুনদবিকার, স্বর্ণালঙ্কার। "কৃতকঙ্কচঞ্চ জাম্বুনদৈঃ মাঘ ৪.৬৬।

জায় বি [ফা জাই—place, room] ১ তালিকা, ফর্দ্দ। ২ শিশুর অভ্যাসার্থ তালপাতার বর্ণতালিকা। [°জমি—জমির তালিকা। °জিনিস—দ্রব্যের তালিকা। °বাকী—বাকী টাকার হিসাব।]

জায়গা বি [ফা জাই+গাহ্ (উভয়ই 'স্থানার্থক'); হি, মৈ জগহ; ঠ জাগা; গু জগা] ১ স্থান। ২ অবকাশ (room)। ৩ গ্রাম, দেশ। "সুরপুর হালুমপুর প্রভৃতি বিখ্যাত বিখ্যাত জায়গার চন্নামেত্তো হু ১২৪। ৪ পাত্র, আধার। ৫ অবস্থা, কার্য্যগতিক, ক্ষেত্র (case)। "জায়গা বুঝে কথা। ৬ পদ, অধিকার।

জায়গীর বি সর্ব 'জাইগীর'। [°দার—সর্ব 'জাইগীরদার'। "ব.প্র ৯। °রি—জায়গীর। "শ্রী ১২৬।]

জায়জীবী বি [সং জায়ানুজীবী] নট। "জায়জীবী বসিল কোয়ালা ক.চ ৯০।

জায়দাদ বি [ফা জাইদাদ্] ভূসম্পত্তি, এষ্টেট্। "E.P. 116. [°মৌরুসী (ফা জাইদাদ্-ই-মউরূসী)—পৈতৃক সম্পত্তি।]

জায়ফল বি [সং জাতীফল; হি, ঠ, গু °ফল] জাতীবৃক্ষের ফল (nutmeg)। "লবঙ্গ জায়ফল ভা.চ ২৮৬।

জায়বেজায় বি [ফা জা-ও-বেজা] ১ স্থান-অস্থান, পাত্রাপাত্র, ভাল-মন্দ। "বৃদ্ধ দশায় বুদ্ধি যায়, জ্ঞান থাকে না জায়বেজায় দা ১২৫। ২ অপমানজনক কথা; কুৎসিত গালি। "বলে কথা জায়-বেজায় দা ৮২; ব'লে কত জায়-বেজায়, প্রহরী অমনি লয়ে যায় ২২৮; ৩৭২; ১০৪৭; ২০৮৭।

জায়া স্ত্রী [√জন্+য-ধি+স্ত্রী আ (টাপ্), √জন্ >জা (অ.টী); তু 'যায়া'; ছান্দস] যাহাতে পতি গর্ভ হইয়া জন্মে; ভার্য্যা। 'তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনঃ।—ঐতরেয়ব্রাহ্মণ ৭.১৩; মহা ১.৭৪.৩৯, নীলকণ্ঠ। পতির্ভার্য্যাং সংপ্রবিশ্য গর্ভো ভূত্বেহ জায়তে। জায়ায়াস্তদ্ধি জায়াত্বং যদস্যাং জায়তে পুনঃ॥ —মনু ৯.৮। পুত্ররূপে জন্মে লোক ভার্য্যার উদরে। তেকারণে জায়া বলি বলয়ে ভার্য্যারে॥—ম ৩৮৯। "মনু ৯.৪৫। রঘু ২.১। রাজার প্রথম জায়া আমি মহারাণী কৃ ৯৬। দ্র 'জানি১'। [°জীব (পুং)—জায়া (জায়ার নৃত্যগীতাদি) দ্বারা জীবক; নট। "রঙ্গ ২২৯। °পতি (পুং; দ্বিব)—মিথুন, দম্পতি। "রঘু ১৬.৪৫।]

জায়াঘ্ন বিণ [জায়া+ √হন্+অ (টক্)-ক 'লক্ষণবান্ কর্ত্তা' অর্থে, উ.ত] জায়ামরণসূচক পাণিরেখাবিশেষাদিযুক্ত (পুরুষ)। "জায়াঘ্নো না (সি)। —ঘ্ন পুং জায়ামরণসূচক পতিদেহস্থ তিলাকৃতি কৃষ্ণবিন্দু (কাল তিল)। "জায়াঘ্নস্তিলকালকঃ (সি)।

জায়ানুজীবী (-বিন্) পুং [জায়া+অনু √জীব্+ইন্ (ণিনি) -ক-১ব; উ.ত] সর্ব 'জায়াজীবী'।

জার১ পুং [√জৄ+ই (ণিচ্)— √জারি+অ (অচ্)-ক, পা ৩.৩.২০, সি; জ+অ (ঘঞ্)-ণ (অ.টী); 'জার'—উপপতি, বিশ্বস্ত বন্ধু (ঋগ্বেদ)] 'সতীধর্ম্মনাশক', উপপতি। "যাজ্ঞ ২.৩০৪। পঞ্চ ১.৩৯৭। শ্রী.কী ৩৫৭। [°জ (পুং)—জারজাত; জারজ পুত্র। "অমৃতে (ভর্ত্তরি) জারজঃ কুণ্ডঃ (অ.কো)। ম ১১৭৪। °জাত, °জাতক (বিণ)—উপপতিজাত। °ভরা (স্ত্রী)—পুংশ্চলী।]

জার২ অর্ম্ম [সং √জৄ >প্রা √জর >বা √জার] ১ জীর্ণ হওয়া; ক্ষয়প্রাপ্ত হওয়া। "এ মুখ দরশন, বিনে তনু জারব ব ১০৬। ২ ম্লান হওয়া; শুখান। "হিমকর-কিরণে নলিনী যদি জারব: অম্বুর তপন.-কিরণে যদি জারব বি.প ১৭৩। —র সর্ম্ম [সং √জারি >বা √ জার] ১ জীর্ণ করা; জর্জ্জর করা; ম্লান করা। "বিরহজ্বর জারি বি.পা ১৯১। বিষেতে জারিল দে চ.দা ৮৬; ১০০। আমার গোপালে, ভুজঙ্গে বেড়েল, জারল বিষম বিষে ব.প ১১২৬। ২ [সং √জ্বালি >প্রা √জাল >বা √জার; হি √জলা, √জার] ১ জ্বলিত করা; জ্বালা। "জারই জায়ল বাতি।—গো ১৮৬। ব ১৬১। ২ জীর্ণ করা; জ্বালিত বা ব্যথিত করা। "তাপত্রয় জারি তারে মারে চৈ.চ ২২২; কিবা না দেন দরশন, জারেন (পাঠান্তর 'জ্বালেন') আমার তনু মন, তনু তেঁহো

মোর প্রাণনাথ ৩৫৪। —রা সর্ম্ম [°র+আ°] জীর্ণ করা। [জারই (জ্বালায়), জারত জারব জারয়ে 'জারল' (জ্বালাইল, উজ্জ্বল), জারহ (প.ক)। জারল—উজ্জ্বল, দীপ্ত। "উজর শশধর, দীপক জারল গো ১৮৭। জারা—১ সর্থ 'জার২'। ২ জরিত, জীর্ণীকৃত (স্বর্ণাদি)। জারান—সর্থ 'জারা'।]

জারক বিণ [জৃ+ই (ণিচ্)+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] ১ জীর্ণতা-জনক, ক্ষয়কর। ২ জঠরাগ্নিবর্দ্ধক, পাচক, হজমী। —রণ বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] সর্থ 'জারক'। —রণ ক্লী [+অন-ভা] ১ জীর্ণী-করণ, বিধ্বংসন। "জারণ কৈল ম.গা ১৮। ২ পাচন। ৩ (বৈদ্যকে) স্বর্ণাদিজীর্ণীকরণ, ধাতু জারা। "অগ্নিশক্ত্যে লৌহ যৈছে করয়ে জারণ চৈ.চ ২৩। —রণ পুং ১ জারক দ্রব্যবিশেষ। ২ [+অন-ণ] জীর্ণতাসাধন দ্রব্য। —রণী স্ত্রী স্থূলজীরক। [জারক লেবু—নুনে জীর্ণ লেবু। "ছেলের মন্দাগ্নি হইয়াছে। জারকলেবু-প্রভৃতি…ব্যবস্থা করিলেন ব.প্র ৩৬৮।]

জারণ, -ণী দ্র 'জারক'।

জারা দ্র 'জার২'।

জারি, -রী৩ বিং [আ জারী] প্রচলিত, কার্য্যে প্রবর্ত্তিত, কার্য্যকর। "ক'রে ডিক্রী জারী, ঘুচাব জারী।—দা ৫৯৫ ; ২০৬০। —রি, -রী বি ১ (বাঙলায়) বলপ্রকাশ, আস্পর্দ্ধা। "ফৈরাদীর হয় উলটো কসুর, চোরের বাড়ে জারী দা ৪৯৯, ৫৯৫। ২ প্রতাপ, প্রভাব। "হায় কি হলো—হেম, নবীনের, নাইকো জারিজুরি।—হেম ৩৮২। তখন কোম্পানির এত জারিজুরি চলতো না আ.হু ৪৫। ৩ ক্ষমতা, বাহাদুরী। "বড় জাঁক, বোঝা গেছে জারি।—হেম ৩৮৬। আমি জারি করিতে আসিয়াছিলাম—কিন্তু দেখিলাম যে, একটু হটিয়াছি ব.প্র ২৩০। [°জুরি—১ বাহাদুরী। "করিস নেকো বাক্‌চাতুরী, এখনই ভাঙবো হাটে °জুরি অ.গ্র ১০৮। ২ আস্পর্দ্ধা। "যাব না, যাব না,—বৃথা এই জারিজুরি অ.গু ৯১। ৩ বাহ্যাড়ম্বর। "তোমার লম্বা দাড়ি, জটাধারী, কপট জারিজুরী দা ৫৪০।]

জারী১ স্ত্রী [√জারি+অ (অচ্)+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ 'জ্বরজারয়িত্রী, ওষধিবিশেষ।

জারী২ [ফা জ়ারী—শোক] ১ মহরমপর্ব্বের শোকের যাত্রা ; জারী-যাত্রা। ২ মুসলমানের শাস্ত্রসম্বন্ধী যাত্রামাত্র।

জারী৩ দ্র 'জারি'।

জারুয়া বিং [জার+উয়া২, অপ্র] জারজ, বেজন্মা, গালিবিশেষ। "গাল দিল দ্বিজ তারে জারুয়া ঢেমন ক.চ ২৫৬।

জারুল বি বৃক্ষবিশেষ (Lagerstrœmia flos-reginæ) ও তাহার কাষ্ঠ।

জাল১ ক্লী [√জল্+অ (অচ্)-ক ; ছান্দস] ১ 'আচ্ছাদয়িতা', মৎস্যনাশার্থ আনায়। "জলতি জালেন মৎস্যান্ জালিকঃ।—গোবিন্দ-ভট্ট। নিশ্চিতা জালকর্ম্মণি মহা ১৩.৫০.১৩। জালোপজীবী (ধীবর) ক.সা ২৪.২০০। স্বামী গেছে জালে বা.ম ৫২। হলুদে রঙ্গের জালবোনা কম্‌ফর্টার হু ২২৩। ২ পাশ, ফাঁদ। "শোক° গো.রা ৫.১৮.১০। মোহ° যাজ্ঞ ৩.১১৯। °বদ্ধ হি ১২১। ৩ গবাক্ষ। "প্রাসাদ° রঘু ৬.৪৩ ; জালান্তরপ্রেষিতদৃষ্টিরন্যা ৭.৯। কু.স ৭.৬০। উ.মে ৯ ; ২৭। ৪ লৌহাদিতন্তুরচিত জালবৎ পদার্থ। "গবাক্ষ° ভট্টি ১.৮। ৫ জাল-সদৃশ বর্ম্ম এবং শিরস্ত্রাণ। ৬ সমূহ, গণ। "জলবিন্দু° কু.স ৭.৮৯। অংশু°, কিঙ্কিণী°, মুক্তা°, মেঘ°, রশ্মি° (S.W.)। তন্তু° উ.মে ৯। কোকিল°।—শ্রী.ম ২১৯। ব্রহ্মাণ্ডের জাল চৈ.চ ২৩। ৭ কুট্মল, মুকুল, কুঁড়ি। ৮ ক্ষারক, কুষ্মাণ্ড-প্রভৃতির ছোট জালি। ৯ ইন্দ্রজাল। ১০ দম্ভ। ১১ হংসাদির অঙ্গুলিযোজক চর্ম্ম। "°পাদ। ১২ চক্ষুরোগ-বিশেষ। —ল পুং কদম্বৃক্ষ। —লী স্ত্রী ১ ঝিঙ্গা। ২ পটোল। ৩ সর্থ 'জাল (৮)। —লক পুং [°ল+ক (কন্) স্বার্থে] গবাক্ষ। "°মুখ মাঘ ৯.৩৯। —লক ক্লী ১ জাল, পাশ। "পঞ্চ ৩.১৭১। ২ কোরক। "যূথিকা° পূ.মে ২৬। ৩ সমূহ। "ধর্ম্মাম্ভসাং জালকম্ শ ১.২৮। ৪ কেশাভরণবিশেষ, খোপার জাল। "রঘু ৯.৪৪। ৫ ইন্দ্রজাল। ৬ দম্ভ। ৭ কুলায় (A.)। ৮ কদলীফল। ৯ মেষলোম (ত.বা)। ১০ সর্থ 'জাল (৮)। [°কারক (পুং)—'জালরচয়িতা', মর্কটক, মাকড়সা। °গ্রথিত (বিণ)—জালবৎ সংশ্লিষ্ট। "°খিতাঙ্গুলি শ ৭.১৬। °জীবী (-বিন্)—জালিক, ধীবর। "জালজীবিবিভিস্তৎসরো নির্ম্মৎস্যতাং নীতম্। °পাৎ (-দ্), °পাদ (পুং)—১ 'লিপ্তপাদ', হংসশরারি-প্রভৃতি পক্ষী। "মনু ৫.১৩। যাজ্ঞ ১.১৭৪। সংবর্ত্ত ১৪৬। ২ হংস-বিশেষ। "পরাশর ৬.২। °প্রায়া (স্ত্রী)—অঙ্গরক্ষিণী, বর্ম্ম।]

জাল২ বি [সং যাতা ; ঠ জাল. ; অপ্র] ভাশুর ও দেওরের স্ত্রী। "মহাদেবে পূজ ছয় জালে ম.ম ৯৭ ; ২২২।

জাল৩ বি [সং জ্বাল >প্রা জাল ; অপ্র] ১ কিরণ, তাপ। "শীত মোর খণ্ডে রবিজালে ব.প ৩২৩ ; তাপিত তরণিজালে ৩৩২,-৩৬। ২ তেজ। "বিষের জালে দগ্ধ শ্রী.কী ২৩২,-৩৩। বিষম বিষের জালে, তৃণ নাহি রহে কূলে শ্রী.ম ৫০। ৩ অগ্নিশিখা, আঁচ। "ক্ষীর রান্ধে জাল করি ভাটি ক.চ ১৫৮। ৪ দাহ, যন্ত্রণা। "বাঁশীর শবদে প্রাণ কেহ্নু জাল করে শ্রী.কী ৫০৭। —লা বি জ্বালা, দাহ। "বিরহের জালাএ মরে রাহী শ্রী.কী ৩৭০।

জাল৪ বি [আ জা'ল্ ; তু 'সং জাল—ইন্দ্রজাল] ১ প্রতারণার্থ অনু-করণে লেখা ; কূটলেখন। "তোমার উপর জাল করায় কাষ নাই দা ৬১৮। ২ কপটতা। —ল বিং ১ কূট, অবাস্তব (দলিল, নোট, হস্তাক্ষর)। "জালখত।—দা ৬১৮। ২ ছদ্মবেশী, কপট। "সূক্ষ্ম বিচারে প্রতাপচাঁদ জাল হয়ে পড়েছেন হু ৮১। [°বাজ—জালিয়াৎ। "হু ১০৩। °সাজ (হি °জ)—কপট, প্রতারক, দাগাবাজ। "বুঝিলাম যে, কোন জালসাজ জুয়াচোরের হাতে পড়িয়াছি ব.প্র ২২৫। °সাজী [ফা জা'ল্‌সাজ়ী]—জাল করার কাজ।]

জাল৫ সর্ম্ম [সং √জ্বালি >লি √জালে, প্রা √জাল ; ঠ, গু √জাল.] ১ জ্বালিত করা ; জ্বালান। "মরিবোঁ জালী আগুণী শ্রী.কী ৩০০ ; (আগুণ) জালে ফুকে ৩৪৯। ২ বিষজ্বালা উৎপাদন করা। "আথায়িল ঘাঅত বিষ জালিল কাহাঞি শ্রী.কী ৩১৮। —লা সর্ম্ম [°ল >জ্বালা ; হি √জলা] ১ প্রজ্বলিত করা। "ব্রহ্মঅগ্নি দিয়া রামা দিল জ্বালাইয়া শূ ১৮। ২ দগ্ধ করা ; পোড়ান। ৩ পীড়িত বা বিরক্ত করা। [জালা২ —সর্থ 'জাল৫'। জালান—সর্থ 'জালা'।]

জালতী বি ['জালপাত্রী'—মূল (?)] ১ গোরুর দড়ির জালের মুখোশ। ২ ফল পাড়ার নিমিত্ত দড়ির জালকোষ। ৩ ছোট জাল। "লোহার জালতী।

জালন্ধর পুং ১ বিশাখা-শতদ্রুর মধ্যস্থ দেশ ; ত্রিগর্ত্ত দেশ। ২ (বহুব) জালন্ধরবাসিগণ। ৩ ঋষিবিশেষ।

জালহপ্তম বি জাল করা হেতু দণ্ডবিধির সপ্তম ধারা (?)। "তোমার উপর…°ম করিবার বিশেষ চেষ্টা করিয়াছিল আ.হু ১৫৬।

জালা১ বি [P. jarra; Persian—'jarrah'—a jar (The Century Dictionary) ; E. jar ; হি জালা] বৃহৎ মৃন্ময় জলাধারবিশেষ।

জালা২ দ্র 'জাল৫'।

জালাক্ষ পুং [জালের (করজালের) অক্ষি (রন্ধ্র), ষ.ত, সমাসান্ত অ (অচ্)] গবাক্ষ। "হেম° ভ ৮.১৫.১৯।

জালালি বিং [আ জালালী—দিব্য] শাহ্‌জালাল-সম্প্রদায়ের ফকীর (ইহারা জিকির দিয়া সাধনা করে)। "যুগল নিতম্ব উরু জালালি ফকির। বিজাতীয় শব্দ করে কাঁপায়ে মঞ্জীর বি.সু ৫৭ ; ৯১।

জালি১ বি [সং জটি, -টী >প্রা *জড়ি, -ডী >বা (জড়ি) °লি ; অপ্র] জট। "চুলের ভাঙ্গে জালি গো.চ ১০৩ ; ২৫৩।

জালি২ বি [জাল১ > °লি ; হি জালী] ১ ছোট জাল। "মাকর্ষার জালি গো.চ ১৭৯,-৮০। ২ জালের মত বোনা কাপড়। "টাঙ্গায় মশারি জালি ক.চ ১৩৩। ৩ [সং জাল১, -লী] কচি ফল। "ধুপি ঝিঙ্গার জালি শি ৭৬। কুমড়ার জালি।

জালিক পুং [জাল+ইক (ঠঞ্)] ১ 'জালোপজীবী', কৈবর্ত্ত, ধীবর। "পা ৪.৪.১২। চৈ.চ ৩৪৫। ২ বাগুরিক, ব্যাধ। ৩ মর্কটক, মাকড়সা। ৪ ঐন্দ্রজালিক। ৫ কপট, ধূর্ত্ত। ৬ গ্রামসমূহাধ্যক্ষ, গ্রামজালী। —লিকা স্ত্রী [ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] ১ মর্কটক। ২ জালবৎ অবগুণ্ঠনবস্ত্র। ৩ লৌহজালময় বর্ম্ম। ৪ বিধবা। ৫ কদলী। ৬ 'জলবাসী', জলৌকা। ৭ [সং জালক] (বাঙলায়) মুকুল, কুঁড়ি। "কুরচীর জালিকা ভা.চ ২৯৫।

জালিকা দ্র 'জালিক'।

জালিনী স্ত্রী [জাল+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'চিত্রজালবিশিষ্টা', চিত্রশালা। ২ (জালাবরণযুক্তা) কোশাতকী। ৩ প্রমেহরোগীর পীড়কবিশেষ (সুশ্রুত)।

জালিবোট্ বি [E. jolly boat] জাহাজের সঙ্গে বদ্ধ নৌকা।

জালিয়া, জেলে বি [সং জালিক > প্রা জালিয় > বা °য়া, (জাল্যা) জেলে] ধীবর। "°য়া চৈ.চ ৩৪৫। জেলেমালা ম.ভা ৬৩। °য়া ভা.চ ৬৯। —য়ানী বি [°য়া+নী২] ধীবর স্ত্রী, জেলেনী। "বা.ম ৯২। [°ডিঙ্গি—জেলের মাছ-ধরার ছোট নৌকা। "হু ১৯৭। জেলেমালা—মালো জেলে (জেলের শ্রেণীবিভাগবিশেষ)।]

জালিয়াৎ, -ত বি [সং জালবৎ—ধূর্ত্ত, বঞ্চক, হি জালিয়া] যে জাল করে ; ফেরেববাজ, কূটলেখক (forger)। —ত, -তী বি জালিয়াতের কাজ ; ফেরেববাজী (forgery)। "(হলধর) জাল-জালিয়াতে প্রকৃত শুভঙ্কর হু ২০৩।

জালী (-লিন্) বিণ [জাল১+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -লিনী] ১ জালবান, পাশযুক্ত। ২ গবাক্ষযুক্ত। ৩ ঐন্দ্রজালিক। —লী পুং ১ ধীবর। ২ ব্যাধ। ৩ মায়াবী। ৪ ঝিঙ্গা।

জালোপজীবী (-বিন্) পুং [জাল+উপ+√জীব্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] 'জালজীবিকাশীল', ধীবর। "শ ৬ঠ।

জাল্ম বিণ [√জল্+ম (মক্)-ক, দীর্ঘ (অ.টী) ; তু 'আ জ়ালিম্—অত্যাচারী ; স্ত্রী -ল্মী ; ছান্দস] ১ পামর। ২ ক্রূর। "ন ত্বেব জাল্মীম্…বৃত্তিমেষিতুমর্হসি মহা ৫.১৩৩.২৫। ৩ অসমীক্ষ্যকারী, অপরিণামদর্শী। —ল্ম পুং ১ দুর্বৃত্ত, দুরাত্মা, দুষ্কৃতী। "কতমেন দিগ্-ভাগেন গতঃ স জাল্মঃ বিক্র ১ম। ২ নীচ জন। ৩ অসমীক্ষ্যভাষী। "ধিগ্ জাল্মান্ উ.চ ৪র্থ।

জাশু, জাসু১ বি [আ জাসূস্ ; তু 'হি ঝাঁসু—ধোখাবাজ] ১ গুপ্তচর, গোয়েন্দা ; ধড়ীবাজ। "পথিক পাইলে জাশু বলি লয় প্রাণে চৈ.ভা ৩৮৪। ২ মাদক দ্রব্য গুলির উপকরণবিশেষ। ৩ ['জাসুদশ্চারনায়কঃ' (রাজব্যবহারকোষ—চৈ.ভা, প্রাচীন শব্দাবলী)—চরের অধ্যক্ষ] (গৌণার্থে) প্রধান, অগ্রগণ্য। "ইয়ারের জাসু। [চোরের জাসু—চোরের গুপ্তচর বা অগ্রগণ্য।]

জাসু২ সর্ব্ব [সং যস্য > প্রা জাসু] যাহার। "দো ১১৪।

জাস্তী বিং [হি জাস্তী (দোয়াব-অঞ্চলে) ; ঠ, গু জাস্ত, -স্তী ; নেপালী —জ্যাস্তী] অধিকতর, অধিক, বেশী।

জাহা সর্ব্ব [যাহা > °হা ; অপ্র] যা, যে (বস্তু, বিষয়)। "জাহা শ্রেষ্ঠ করিয়াছে বেদাগম-তন্ত্র ম.পা ১। মনে কৈল জাহা ন.প ১৩ ; ২১। [জাহর (শূ ৬৮)। জাহা…তাহা (গো.চ ১৭৫)। জাহাত, জাহার (শ্রী.কী)। জাহার (ম.পা ৬ ; গ ৪৩)।]

জাহাজ বি [আ জহাজ়] অর্ণবযান, পোত। —জী বিং [আ জহাজ়ী] জাহাজসম্বন্ধী, দেশান্তর হইতে জাহাজে আনীত। "জাহাজী (বাজী) ভা.চ ২৭২। জাহাজী সুপারি। [জাহাজী গৌরাঙ্গ—ইংলণ্ডবাসী বা ইউরোপবাসী শ্বেতকায় পুরুষ। "হেম ২৫৪। বিদ্যার জাহাজ —বিপুলজ্ঞানসম্পন্ন জন।]

জাহান বি সর্ব 'জান২'। "জাহান হারাইতে আইলাম গো.চ ২৬৩।

জাহান্নব দ্র 'জান্নব'।

জাহাপনা, জাহাঁবাজ দ্র 'জাঁহাপনা ; জাঁহাবাজ'।

জাহির(হের) বিং [জ়াহির্] ১ প্রকাশিত, ব্যক্ত, প্রকটিত। "গুণ করিব জাহির শ্রী.মা ৪৬। যেরূপে জাহির পীর নিবেদন করি রা.স ৭ ; ৩৩। যে সব বাত তুমি জাহের করলে সে সব সাঁচ্চা বাত আ.দু ১৩১। ২ বিজ্ঞাপিত, নিবেদিত, বিদিত। "জাহির করিল যেয়ে ভূপতির আগে শ্রী ৭৬। আজ্ঞা…জাহের করিব ভ.গ্র ৩১৮। সহরের উপদ্রব করিল জাহির ভা.চ ৪৯৭। রাজ্জিধর শর্ম্মা জাহির করিল E.P. 48,-9. [জাহির করা—প্রখ্যাত বা প্রকাশিত করা (নাম, বিদ্যা)।]

জাহ্নবী স্ত্রী [জহ্নু+অ (অণ্) তৎসম্বন্ধার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] 'জহ্নুসম্বন্ধিনী', গঙ্গা (দ্র 'জহ্নু')। "জাহ্নবী যমুনা, বিগলিত করুণা। —রবীন্দ্র। —বীয় বিণ [°বী+ঈয় (ছ)] জাহ্নবীসম্বন্ধী, গাঙ্গ। "রঘু ১০.২৬। [তু 'জাহ্নবা (বৈষ্ণবসাহিত্যে)—নিত্যানন্দের পত্নী। "শ্রীজাহ্নবা দেবী ন.বি ৬৬,-৭। ন.প ৪০৩।]

জি১ সক [ভ্বা, প—জয়তি ; অনিট্] ১ অভিভব ; ন্যূনীকরণ। ২ স্বীকরণ। ৩ অতিক্রম। ৪ বশীকরণ। —অক ১ উৎকর্ষ। "রাধামাধবয়োর্জয়ন্তি…রহঃ কেলয়ঃ গী.গো ১.১। ২ ন্যূনীভাব। [অধি —বিনাশন। "ভট্টি ১৯.২। অব—স্বীকরণ, উদ্ধরণ। "মনু ১১.৮১। নির্, পরা—পরাজয়। বি—বিজয়, ন্যূনীকরণ ; উৎকর্ষপ্রাপ্তি।]

জি২ বি [সং জিহ্বা > প্রা জীহা > বা (জীহ) > জী, জি ; হি, ঠ জীভ] ১ জিহ্বা। "শুকাইল জি।—শ্রী ২৮। দাঁতে কাটে জি বি.সু ৬৪। ২ (গৌণার্থে) খাদ্যের লোভ।

জি৩, **জী**২ অর্ম্ম [সং √জীব্ > প্রা √জি(জী)অ > বা √জি √জী ; হি √জী ; ঠ √জিব] ১ প্রাণধারণ করা ; বাঁচা। "বিনি জলে কথাতে শুনিছ জিয়ে মাছ মী ২০। না জীয়ে বর নারী বি.প ৭৭। বৃথাই জীবনে জী চ.দা ৯৫। ২ পুনঃ প্রাণ পাওয়া ; বাঁচিয়া উঠা। "জীউক এহি মন্ত্রিবর অ.প ১৩৪। জীউ তোমার গৃহিণী ম ৫। [জি, জী—বাঁচি। "বৃথা আমি জী।—কৃ ২৫০। পুণ্যের হেতু জী ক.চ ৫৫। কাহে রহব জি শ্রী.ম ১১৭। জী ম.ম ১১১। তেঞি সংসারেতে জি। —চৈ.ম ১০০। জিঅ (বাঁচ), জিআঁ (বাঁচিয়া), জিএ (বাঁচে)। —শ্রী.কী। জিউ, জীউ—বাঁচুক ; দীর্ঘজীবী হউক। "জিউ জিউ গোপীচাঁদ ম.পা ১১। জীউ বা মরু বা সত্যবান্ মোর স্বামী ম ৫৬০। জিউ জিউ করি চড়ে (নৌকায়) আভীরী শ্রী.ম ৬৭। জীউক—বাঁচুক, পুনর্জীবিত হউক। "জীউক আমার ভার্য্যা ম ৫। জীএ, জিএ—বাঁচে। "গো.বি ১০৮। কৃ.উ ৫৪। জীও—বাঁচ। "ব.প ৩০। জীত—বাঁচিত। "চৈ.ম ৭৬। জিতে, জীতে—বাঁচিতে। "যদি জীতে বাসনা থাকে কৃ ২৫১। যদি জিতে থাকে আশ চ.বি ৪৬। জিয়, জীয়—বাঁচিয়া থাক। "জীয় জীয় বাবারে এরাকি শ্রী ১২৪। চিরকাল জিয় কৃ.উ ২৩৫। জীয়য়, -য়ে —বাঁচে। "°য়ে মী ২০। চৈ.চ ৮০। জ্ঞা ২১৯। জিয়া, জীয়া, -য়্যা —বাঁচিয়া। "জিয়া থাক ম.গা ২। জীয়া উঠে বি.পা ১১২। জীয়া থাক শি ২০। থাক জীয়্যা ক.চ ২১। জীয়ে—বাঁচে। "বি.সু ১১২। জীল—বাঁচিল। "ম ৯। ম.ম ২২ ; ৪২। শি ১৫ ; ৯৩। জীব—বাঁচিব। "শ্রী ১৩০। ভা.চ ৩৬৫। জিলা, -লাহোঁ, জীউ, -উক, জীএ, -ওঁ, -এো, জীবোঁ, জীলোঁ (শ্রী.কী)।]

জি(জী)আ সর্ম্ম [জি৩, জী+আ৮ > জিআ, -য়া ; হি জিয়া] জীবিত করা ; বাঁচান। "মুনি পুত্র জিআইল মন্ত্রের প্রভাবে কৃ.উ ১৭৬।

জিআল্যে ২৪৪। [জিআঅ, জিআইআঁ, -ইতেঁ, -ইল, -ইবারে, জিআএ, জীআউক (শ্রী.কী)।]

জি(জী)উ বি [সং জীব >প্রা জি(জী)অ; হি জি(জী)উ ; প, সি, মৈ জীউ ; জীউ, -উ (শ্রী.কী)] ১ জীবন, প্রাণ। "আপন জীউ বি.প ৪৩ ; ৭২। জীউ ক.চ ১৫ ; ১০৪ ; জীউ করে টলমল ১৫৪। জিউ দিয়া সেনের রাখন্ত জাতি কুল শ্রী.মা ১৯৫ ; ২২৬। জীউ চৈ ১৯। চৈ.ম ১৪১। যাউ জিউ রহু পিউ শ্রী.ম ১১৭। শ্রী ৪২ ; ১১৬। জীউ ব ১৭৯,-৮৭। অল্প জীউ ম.ম ৮৩। এক জীউ।—হেম ৩২২। অ.গ্র ৫। ২ জীবাত্মা। "জঠর-অগ্নিতে যেন জিউ জ্বলে মার শি ৭৪। ব.প ৭৩৩। ৩ [হি জী] (বাঙ্‌লায়) সম্মানসূচক—মহাশয়, মহাশয়া। "করমা-বাই জীউ ভ.গ্র ২১৬; বৃন্দাজীউ ৪৭০। হর জীউ গর জীউ ব.প ১৪৭৯। ৪ জীবনবৎ প্রিয় ; আদরসূচক। "বাপাজীউ।

জিওন বি [সং জীবন ; হি জীঅন (পদ্যে)] প্রাণধারণ। "মরণ জিওন গো.চ ৬০।

জিওল বি ['জীবল'—মূল (?)] দীর্ঘজীবী বৃক্ষবিশেষ।

জিঁত১ বি [সং জিত ; ঠ জিংত] জয়। "তবে তোমার জিঁত জ্ঞা ১৫। [°পাড়—খেলায় যে পাড়ে জয় হয় ; (গৌণার্থে) জয়।]

জিঁত২ সর্ম্ম [জিঁত১ >°ত ; ঠ √জিংত] জয় করা। —ত অর্ম্ম জয়ী হওয়া। —তা সর্ম্ম [°ত+আ৮] জয়ী করান। [জিঁতা—সর্থ 'জিঁত২'। 'জিঁতান'—সর্থ 'জিঁতা'।]

জিঁহো সর্ব্ব [যিঁহো>°হো ; অপ্র] যিনিই। "জিঁহো প্রভু পরমাত্মা তিঁহো কেন পীর রা.স ১৪।

জিকি(গি, গী)র বি [আ জি.কৃর্] ১ ঈশ্বরের নামগান বা স্তবপাঠ। "জিগীর ঘন-ঘন রা.স ১০। খোদার নামে জিগির করি ম.ম ৫৬। ২ স্পষ্ট উল্লেখ (mention)। "জিকির দিয়া লেখা।

জিগমিষা স্ত্রী [√গম্+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] গমনেচ্ছা। —মিষু বিণ [+উ-ক ; স্ত্রী -ষু] গমনেচ্ছু।

জিগীষা স্ত্রী [√জি+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্) ; ছান্দস] ১ জয়েচ্ছা, ন্যূনীকরণেচ্ছা। 'স্বর্গমার্গ°' (মহা)। রঘু ১৫.৪৫। ২ প্রকর্ষ। ৩ উদ্যম। —ষু বিণ [+উ.ক ; স্ত্রী -ষু ; ছান্দস] জয়েচ্ছু, জয়াভিলাষী।

জিগ্‌গা সর্ম্ম [সং √জিজ্ঞাস >°গ্‌গা ; অপ্র] জিজ্ঞাসা করা। "জিগ্‌গায় বচন গো.চ ১১ ; ৫৬।

জিঘাংসা স্ত্রী [√হন্+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] হননেচ্ছা, বধাভিলাষ। "মনু ১১.২০৬। —সু বিণ [+উ-ক ; স্ত্রী -ষু] হননেচ্ছু। "হরিণং জিঘাংসুঃ ভট্টি ২.৭। —সু পুং শত্রু।

জিঘৃক্ষা স্ত্রী [√গ্রহ্+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ গ্রহণেচ্ছা। "প্রিয়কণ্ঠ° রঘু ৯.৪৬। ২ বশীকরণেচ্ছা, বন্দীকরণেচ্ছা। "ধর্ম্মরাজ° মহা ৭.১৯.৩। —ক্ষু বিণ [+উ-ক; স্ত্রী -ক্ষু] ১ গ্রহণেচ্ছু। "জিঘৃক্ষুর্বারিজম্ "মহা ১.৮১.১৫। ২ অধ্যয়নেচ্ছু। "ধনুর্ব্বেদ° মহা ১.১৩২.৩০। ৩ পিপাসু। "জল° (পঞ্চ—S.W.)।

জিঘ্র বিণ [√ঘ্রা+অ (শ)-ক ; স্ত্রী -ঘ্রা] ১ ঘ্রাণকর্ত্তা। ২ অভিপ্রায়বেদী। "মনোজিঘ্রঃ সপত্নীজনঃ সা.দ ৩৬/৬।

জিঙ্গিনী স্ত্রী ঝিঙ্গালতা, ঝিঙ্গার গাছ (ভাবপ্রকাশ)।

জিজিয়া বি [আ জজি.য়া) মুসলমানরাজত্বে অমুসলমান প্রজা হইতে সংখ্যানুসারে গৃহীত কর।

জিজির বি [ফা জ.ন্‌জির ; মৈ জিজির] শিকল। "সোনার জিজির শ্রী ৭৫। [চাবি°—দ্র 'চাবি'।]

জিজীবিষা স্ত্রী [√জীব্+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] জীবনেচ্ছা, প্রাণধারণেচ্ছা। —ষু বিণ [+উ-ক ; স্ত্রী -ষু] জীবনেচ্ছু, প্রাণধারণেচ্ছু।

জিজ্ঞাস সর্ম্ম [সং √জিজ্ঞাস] ১ জানিতে ইচ্ছা করা; প্রশ্ন করা। "জিজ্ঞাসেন কিমর্থে গমন শ্রী.ম ২১৪। জিজ্ঞাস আপনে ম.পা ১১২। কন্যাকে জিজ্ঞাসি শি ২৮। জিজ্ঞাসে চৈ.ভা ৩৫৪। ভা.চ ৪১৭। জিজ্ঞাসিলেন ম ৪২৭। জিজ্ঞাসিও বিজ্ঞ জটাধরে মে ৪৯। লোকে জিজ্ঞাসিলে বল আছি ভাল প্রাণে প্রাণে।—রামমোহন রায়। জিজ্ঞাসিলেন সী ৩ ; ৩৬। কাদ ৪৮। ২ পরীক্ষার্থ প্রশ্ন জানা। "জিজ্ঞাসিতে তাঁরে কিছু আরম্ভিলা রঙ্গে চৈ.ভা ৯৬ ; কালি যে জিজ্ঞাসি তাহা বলিবারে চাহ ৯৭। [জিজ্ঞাসন্ত—জিজ্ঞাসা করেন। "নারী সর্ব্বে …জিজ্ঞাসন্ত ম.পা ১২০। জিজ্ঞাসহ—জিজ্ঞাসা কর। "চৈ.ভা ৮২। জিঙ্গাসে—জিজ্ঞাসে। "গো.বি ২২। জিগ্‌গুসতে (কথ্যভাষা) জিজ্ঞাসিতে। "(লোকটা) জিগ্‌গুস্‌তে লাগলো।—হেম ৪০৮।]

জিজ্ঞাসন বি [√জিজ্ঞাস+অন] জিজ্ঞাসা, প্রশ্ন। "শুভ° ম ৯৪০। বা.ম ২৩১। দু ৫৮। [জিজ্ঞাসন—জিজ্ঞাসেন। "বাপে জিজ্ঞাসন ক.চ ১৩; ২৪৬।]

জিজ্ঞাসা স্ত্রী [√জ্ঞা+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ জানিতে ইচ্ছা ; প্রশ্ন, পৃচ্ছা। "জিজ্ঞাসা সমারব্ধা হি ১২/৫। লাগিল জিজ্ঞাসা মুকুন্দের প্রভু সনে চৈ.ভা ৮২। জিজ্ঞাসার উত্তর সী ৯৭। ২ পরীক্ষা। "বল° গো.রা ৪.৮.৬। ৩ তদর্থবিচার। "ধর্ম্ম°, ব্রহ্ম°। সাংখ্য ১। —সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পৃষ্ট, কৃতপ্রশ্ন। —সু বিণ [+উ-ক ; স্ত্রী -সু] ১ জানিতে ইচ্ছু ; জ্ঞানেচ্ছু, নিরূপণেচ্ছু। "গী ৬.৪৪ ; ৭.১৭। কারণ° সী ২৬। ২ আত্মজ্ঞানেচ্ছু। "গী ৭.১৬। —স্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ জিজ্ঞাসনীয়, প্রষ্টব্য। ২ বিচার্য্য। "ভ ২.৯.৩৫। [°বাদ—জিজ্ঞাসা ও কথোপকথন। "রাজ্যের বারতা না করি জিজ্ঞাসাবাদ কা ৬৬। রাজপুত্র জিজ্ঞাসাবাদ করিয়া জানিলেন, ইনি অভিরাম স্বামী ব.প্র ১০০ ; ইহাকে একবার…জিজ্ঞাসাবাদ করিব ২৭৭ ; ব্রহ্মঠাকুরাণী স্পষ্ট জিজ্ঞাসাবাদ আরম্ভ করিলেন ৪০২।]

জিঝড়ি বি [ধ্বন্যাত্মক] জয়ঢাকের শব্দ। "জিঝড়ি২ ঝাড়ি বাজে জয়ঢাক শ্রী.মা ১৪১।

জিঞ্জলি, -ঞ্জির বি [ফা জ.ন্‌জির্ ; তু 'ঝিঝির' (শ্রী.মা ৪৪) ; '°লি' (অপ্র)] ১ শিকল। "লোহার জিঞ্জলি গো.বি ১৫২। লৌহজিঞ্জির দিয়া ডিঙ্গা বান্ধ ম.পা ১১১। জিঞ্জিরে বান্ধে কটী শ্রী.মা ৪৪ ; পায় জিঞ্জির ১১৩। গলায় জিঞ্জির ক.চ ১০১,-২,-৩। বি.সু ১৭। জিঞ্জির-শব্দ রা.স ১০। ২ স্বর্ণাদির আভরণ-শৃঙ্খল। "হাঁসলিতে জিঞ্জির যোড়া দা ১৬৩৩। [জিঞ্জির হওয়া—ফাঁসি হওয়া। "আ.দু ১৭৩।]

জিঞ্জির দ্র 'জিঞ্জলি'।

জিৎ বিণ [√জি+ক্বিপ্ (০)-ক ; স্ত্রী 'জিৎ'] ১ জেতা। "ইন্দ্র° পুরু° যুদ্ধ° সংগ্রাম°। স্বর্জিৎ মনু ১১.৭৬। বিশ্ব° রঘু ৫.১। ২ নাশক। "কংস°। রক্তপিত্ত° মধুরকাস° (সুশ্রুত)। [সমাসে উত্তরপদ]

জিত১ বিণ [√জি+ত (ক্ত)-র্ম্ম] ১ ন্যূনীকৃত, অভিভূত, পরাজিত। "জিতরম্ভাতরু উরু দু ৬৪। ২ বশীকৃত, নিয়ন্ত্রিত। "°ক্রোধ রা ১.১.৪। জিতেন্দ্রিয় মনু ২.৯৮। জিতাসনো জিতাশ্বাসো জিতসঙ্গো জিতেন্দ্রিয়ঃ ভ ২.১.২৩। ৩ স্বীকৃত, লব্ধ, অর্জ্জিত। "মহা ২.৬১.১১। কিং জিতং কিং জিতং বলি তুমি জিজ্ঞাসিলে ম ৯৬৩। —ত ক্লী, -তি স্ত্রী [+ত (ক্ত), +তি (ক্তিন্),-ভা] জয়। [°কাশী (-শিন্) বিণ—'জয়প্রকাশী', জয়লাভী। "মহা ২.৬৫.৪৫। °ক্রোধ (বি)—বশীকৃতরোষ ; বিষ্ণু। °ক্লম, °শ্রম (বিণ)—বিগতখেদ, ক্লান্তিহীন। "মহা ১.১৫১.৪৫। °লোক (বিণ)—আয়ত্তীকৃতস্বর্গাদি।]

জিত২ বিং [সং জিত ; অপ্র] জয়ী। "প্রভাতভানুজিত তনুরুচি দু ২ ; মদনজিত বদন দু ১০ ; জাম্বুনদজিত বরণ ৩২ ; ৪২ ; শশধরবরজিত আনন ৬১। মৃত্যুজিত জেই হর ম.পা ৫।

জিত৩ সর্ম্ম [জিত১ >°ত ; হি √জীত ; ঠ, গু √জিত] ১ জয় করা ; পরাজিত করা। ২ উৎকর্ষে অতিক্রম করা (surpass)।

"অথির গতি জিতি মাতোয়ার গো ৫৫। নাসিকা শুকচঞ্চু জিতি ন.প ১৭১; হেম-জ্যোতি জিতি বরণা ১৮৯; অঙ্গছটা কনককুসুম-পুঞ্জ জিতি ৪০৬। গজপতি জিতি (গতি) জ.প ১৬। মন্দগতি জিতি কুঞ্জররাজ ব্র.প ১২৪। চন্দ্র জিতি হেন অঙ্গজ্যোতি চৈ ২১। কোটি নিশাপতি-জ্যোতিঃ জিতি, কান্তি ব.প ৬০১। ৩ যুদ্ধে বা পণে জয়পূর্ব্বক লাভ করা। —ত অর্দ্ধ জয়ী হওয়া; সফল হওয়া (খেলায়, বাজীতে, মোকদ্দমায়)। —তা সর্দ্ধ [°ত+আ[৮]] জয় করান; সফল করা। [জিত—জয় কর। "ত্রিভুবন জিত চ.বি ১৯৯। জিতল, জিতি (প.ক)। জিতা[২]—সর্থ 'জিত[৩]'। জিতান—সর্থ 'জিতা'। জীতলি—জয় করিয়াছ। "জীতলি শীতল, কিরণে হিরণ-মণি জ.প ৭৪।]

জিতা[১] বিং [সং জীবিত; হি জীতা; অপ্র] ১ জীবিত। "চ.বি ৯০। ২ পুনর্জীবিত। "সেই পুণ্যে জিতা উঠউক রাজা অ.প ২১।

জিতা[২] দ্র 'জিত[৩]'।

জিতাক্ষর বিণ [বহুব্রী] যাহার অক্ষর আয়ত্তীকৃত; দৃষ্টিমাত্র অক্ষর-পাঠ-পটু।

জিতাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী; স্ত্রী-ত্মা] ১ বশীকৃতচিত্ত; জিতেন্দ্রিয়। ২ শান্তচিত্ত, নিরহঙ্কার। "গী ১৮.৪৯।

জিতামিত্র বিণ [জিত অমিত্র যাহা কর্ত্তৃক, বহুব্রী] ১ জিতশত্রু, শত্রুজয়ী। ২ জিতকামাদিরিপু। —মিত্র পুং বিষ্ণু।

জিতারি বিণ [বহুব্রী] সর্থ 'জিতামিত্র'। —রি পুং বুদ্ধদেব।

জিতাষ্টমী স্ত্রী [কর্ম্মধা] 'প্রকৃষ্টা অষ্টমী'; গৌণ আশ্বিনের কৃষ্ণাষ্টমী তিথি; জীমূতাষ্টমী। [এই তিথিতে স্ত্রীলোকেরা প্রাঙ্গণে পুষ্করিণী করিয়া পুত্রকামনায় সন্ধ্যায় শালিবাহনপুত্র জীমূতবাহনের পূজা করেন (বিষ্ণুধর্ম্মোত্তর)।]

জিতেন্দ্রিয় বি [বহুব্রী] সংযতেন্দ্রিয়, শান্ত। 'শ্রুত্বা স্পৃষ্ট্বা চ দৃষ্ট্বা চ ভুক্ত্বা ঘ্রাত্বা চ যো নরঃ। ন হৃষ্যতি গ্লায়তি বা স বিজ্ঞেয়ো জিতেন্দ্রিয়ঃ॥ —মনু ২.৯৮। —ন্দ্রিয় পুং শান্তজন।

জিত্বর বিণ [√জি+বর (করপ্)-ক; স্ত্রী -রী] জয়শীল, জেতা। "ভ্রাতৃভির্জিত্বরৈঃ মাঘ ২.৯। শস্ত্রাণি···°রাণি ভট্টি ১.১৬।

জি(জে)দ বি [আ জি.দ্দ্] নির্ব্বন্ধাতিশয়, দুরাগ্রহ, গোঁ। "মা গো কিয়ে ইহ জিদ অপার (প.ক)। চা.পূ ৪৬। —দী বিং [আ জি.দ্দী] নির্ব্বন্ধশীল, একরোখা, একগুঁয়ে। —দ্দি বি [অপ্র] জেদ, নির্ব্বন্ধ। "হাড়ির জিদ্দি গো.চ ২২৮; নটির জিদ্দি ২৫২,-৭৩। [জেদ তোড়া—জেদ বজায় রাখা।]

জিন[১] বিণ [√জি+ন (নক্)-ক, উ ৩.২] ১ জয়শীল। ২ অতিবৃদ্ধ। —ন পুং ১ অর্হন্; বুদ্ধ। "পঞ্চ ৫.১৩। ২ বিষ্ণু। [°সদ্ম (-দ্মন্) ক্লী —জিনগৃহ, বিহার। জিতেন্দ্র (পুং)—বুদ্ধ। "পঞ্চ ৫২৮ ।]

জিন[২], **-নি** বি [ফা জিন্; 'জেন' গ্রাম্য] অপদেবতা, ভূতাদি। "যা মনে করেন, সেই জিনিষই জিনি দ্বারা আনাতে পারেন হু ১১২।

জিন[৩] বি [ফা জ.ীন্] অশ্বপৃষ্ঠস্থ আসন; পর্য্যয়ণ, পর্য্যাণ (saddle)।

জিন[৪] বি [E. jean] মোটা সূতার ঘন বস্ত্রবিশেষ।

জিন[৫] সর্দ্ধ [সং √জি > প্রা √জিণ (প্রা.প্র ৮.৫৬; প্রা.স ৭.২০) > বা °ন; ঠ √জিংক] ১ জয় করা; পরাজিত করা। "তোমা জিনি নাহি আর পৃথিবী ঈশ্বর কৃ.উ ১৫৬। বাহু-যুদ্ধে শল্যে জিনে ম ২০০। ২ উৎকর্ষে পরাজয় করা। "বুদ্ধে বৃহস্পতি জিনি সূর্য্যে জিনি তেজে। জিনিলে মধুর বাক্যে দেব ইন্দ্ররাজে॥—কৃ.উ ১৫৬। কোটি ইন্দু কিবা, জিনিয়া অঙ্গের আভা ক.চ ১। ৩ পণে বা খেলায় জয় করা। "অধর্ম্ম করিয়া মোরে না জিন মাতুল: হের নিলাম জিনিয়া ম ৩৩৪। ৪ পণে বা খেলায় জয় করিয়া লাভ করা। "সকল করিলা পণ জিনিল শকুনি ম ৩৪৬,-৭। ৫ সাধনায় বশীভূত করা। "তিনি (হোঁসেন খাঁ) হজরত জিনিয়াই সিদ্ধ।—হু ১২২। [জিন—জয় কর। "চ.বি ২৬২। জিনা[২] —জয় করা। "নারী জিনা কোন কর্ম্ম।—ভা.চ ৩০২। জিনিঞা (কৃ.উ ১৫৬)। নাক জিনে জল উঠা—জলমগ্ন ব্যক্তির নাক ছাড়াইয়া জল উঠা, অর্থাৎ জলে ডোবার পূর্ব্বাবস্থা হওয়া; (গৌণার্থে) কোন বিপদের অপ্রতিবিধেয় অবস্থা হওয়া।]

জিনা[১] সর্দ্ধ [√জিন[৫]+আ[৮]] জয় করান। "কাহারে জিনাইব আহ্মি কাহারে হারাইব অ.প ১৩৪। হারাণেরে জিনায় হইয়া সপক্ষ কৃ ৪১৮। মোর যুদ্ধ জিনাইল স্বর্গের বিদ্যাধর ম.বি ২১৫। [জিনান—সর্থ 'জিনা[১]'।]

জিনা[২] দ্র 'জিন[৫]'।

জিনি দ্র 'জিন[২]'।

জিনিশ, -স বি [আ জিন্স্] ১ বস্তু, দ্রব্য। "খাবার জিনিস। ২ পণ্যদ্রব্য। ৩ অস্থাবর দ্রব্য; ঘরের আসবাব; তৈজসপত্রাদি। "ঘর-ঠাসা জিনিস। ৪ সারভাগ, বিশুদ্ধদ্রব্য; তাৎপর্য্য, মর্ম্ম (substance)। [°পত্তর—ঘরের আসবাবপত্র। 'কখন কখন··· জিনিসটে পত্তরটাও বাঁধা পড়ে হু ১৬০।]

জিন্দাপীর বি [ফা জি.ন্দা+পীর] জীবিত সাধুপুরুষ। "তুমি এক জিন্দাপীর চৈ.চ ২০২; তুমি জিন্দাপীর প্রায় ২৮৯।

জিব[১], **-ভ** বি [সং জিহ্বা > লি জির্হা, প্রা জিব্ভা > বা (জীভা,-ভ) °ভ, °ব; Av. hizva; Pahlavī—zuvān; ফা জ.বান্; হি, ঠ, প, গু জীভ; ড়, সি জিভ, জাট্টু—জীব্; তু 'জিব্বা (গো.চ); জির্ভা (গো.বি ১০২); জির্ব্বা (মী ১৯)] জিহ্বা। "জিভখান থাণ্ডার সমান ক.চ ৭৬। জিব শ্রী.মা ৩১; হু ৬৭। —ভা বি [অপ্র] ১ জিহ্বা। "লক্-লক্-জিভা স্ব.প্র ১২৬। ২ ঘানির জিহ্বাকৃতি নল। [জিব কাটা, কামড়ান—লজ্জায় জিহ্বাদংশন। দ্র 'গো.বি ১০২; ভা.চ ৭৮।]

জিব[২] অর্দ্ধ [সং √জীব্; হি √°র; বৈষ্ণবসাহিত্যে] প্রাণধারণ করা। "জিবইতে সংশয় কান (প.ক)।

জিবা গজা দ্র 'গজা[১]'।

জিভ, জিভা দ্র 'জিব[১]'।

জিভগ বি [সং জিহ্মগ (হ > ভ); অপ্র] সর্প। "ম.পা ১০১।

জি(জে)ম্মা বি [আ জি.ম্মা; তু 'জিম্যা (শ্রী.মা ১১০); জের্ম্মা (E.P. 80)] সংরক্ষণ, দায়িত্ব, জবাবদিহী (custody)। "তোর জিম্মা মোর পুরী ভা.চ ৩৭৮। দামী গহনা ছিল খাজাঞ্চির জিম্মায় ঘ ২০৫। [°দার—যে জিম্মায় রাখে।]

জিয় অর্দ্ধ [জিঅ > °য়, দ্র 'জি[৩]] সর্থ 'জি[৩]'। "অব কি জিয়ব তুয়া কান্ত: কৈছে জিয়ত ব্রজবালা (প.ক)। [জিয়ত (বাঁচে), জিয়ব, -বি (বাঁচিবে)।—প.ক। জি(জী)য়তে—জীবিতে, জীবিতাবস্থায়। "জিয়তে (গো.চ)। জীয়তে ভাসিয়া গেল বি.পা ৩৬৭।]

জি(জী)য়ন্ত বিং [সং জীবৎ > প্রা জীঅংত > বা °ন্ত] জীবিত। "জীয়ন্ত থাকিত শ্রী.কী ২৫৬। জীয়ন্ত আছহ তুমি ম ১৯৮। ব.প ২৬৩,-৮৩। [জিয়ন্তয়, জীয়ন্তে, -ন্তেতে—জীবিতে, জীবিতাবস্থায়। "জিয়ন্তয় মরা কৃ.অ ১। জীয়ন্তে পিরীত নাহি কৃ.উ ১৩৪। স্বামীর জীয়ন্তে ভার্য্যা আগে যদি মরে ম ৬৯; ১২৩। জীয়ন্তেতে মরা চৈ.ম ১৫৩। জিয়ন্তে পড়য়ে পোক রা.শে ৪১। স্বামীটা জীয়ন্তে মরা শ্রী ৯২। নারী যার স্বতন্তরা, সে জন জীয়ন্তে মরা ভা.চ ১০৪; °ন্তেতে মরা ২২২। [জীয়ন্তে মরা—জীবন্মৃত। জীয়ন্ত মাছে পোকা পাড়ান—(গৌণার্থে) অসম্ভবকে সম্ভব করা; নির্দ্দোষকে দোষী করা। "ভাল বটে জীয়ন্ত মাছেতে পোকা পাড় বি.সু ৭৬। দা ২০৫৩। জীয়ন্তহ, -ন্তে (দো; চ)।]

জি(জী)য়া সর্দ্ধ [জি(জী)আ > °য়া] ১ জীবিত করা; বাঁচান। "জীয়াইব কৃ ৩৪,-৫। জীয়াও অমর নর ক.চ ১৭। জীয়াইয়া ব.প ২৮৪। যেমন জীয়ালে মরা জীয়াইবে হাতী।—শ্রী ১২৩; জিয়াবে সেবা ১৪৪। জীয়াউক বি.পা ৩৫৫। জিয়ালাম শ্রী.বা ১১৯। জীয়াইব ম.জা

৪১,-২ ; জীয়াইতে : জীয়াতে ৪৬ ; নথাই জীয়ান ৬০। জীয়াইলাম ম.ম ২২১। অধরসুধা দেই, পুন হি জীয়ায়ই গো ১৭৮। জীয়াও বা.ম ৮৮। জীয়াইতে চৈ.চ ৬৫। জীয়ায় ব.সু ৫৪। **২** বর্দ্ধিত করা ; জয়ী করা (রাধামোহন ঠাকুর)। " বাদে জিয়ায়সি পুণিম চন্দ (প.ক)। [জীয়াও, -য়ায় (গো.চ)। জিয়ান—**১** বাঁচান। **২** (অপ্র) জীবন-ধারণ। "মী ৯।]

জিয়াদা, জেয়া(য়ে)দা বিং [আ জি.যাদা] অধিক, বেশী ; বহু, অনেক। "দিও না চাপন আর জিয়াদা দা ৮১৪। দু'জন জেয়াদা কা ১১১। জেয়াদা (টাকা) নাগলেও নাগতে পারে মা ৩২৫। জেয়াদা ঘুস আ.দু ১৬৭। গায়ে জিয়াদা জোর থাকিলে গোলা জিয়াদা ছোটে ? —ব.দ্বি ৯৮। সাগর স্বামীর সঙ্গে জিয়াদা কথা কয় না ব.প্র ৩৫০। গোটা দুই জেয়াদা লী ৯৯। জেয়াদা দিন জা ২১।

জি(জী)য়াপুত বি [সং পুত্রঞ্জীব ; জীআপুত (শ্রী.কী)] গিরিজাত বৃক্ষবিশেষ।

জিরন্দাজ বি [ফা জে.র্ অন্দাজ্.] বৈঠকের উপরিস্থ কার্পেট বা বনাতের হুঁকার আসনবিশেষ।

জি(জী)রা[১] বি [সং জীরক >প্রা জীরঅ, -য় >বা জীরা ; ফা জ়ীরা ; হি জীর, -রা ; ঠ জিরী, -রে] রান্নার মশলাবিশেষ ও তাহার গাছ (Cumin)।

জিরা[২] অর্দ্ধ [চির[২] >°রা] বিশ্রাম করা। [জিরান—সর্থ 'জিরা[২]'।]

জিরাফ, -রেফা বি [E. Giraffe] আফ্রিকার দীর্ঘপদ দীর্ঘগল চতুষ্পদ জন্তুবিশেষ।

জি(জী)ল বিং [ফা জ়ীর্ ; ঠ ঝীল] কোমল সরু সুর। "ঘোর শবদ জীল সুর (প.ক)।

জিলজিলা, -লে বিং [হি জীলা ; তু 'সং ঝিল্লি—parchment] পাতলা, মিহি।

জি(জে)লা বি [আ জি.লা'] **১** জজ ও কলেক্টরের অধিকারস্থিত স্থান ; ডিষ্ট্রিক্ট্। **২** জমা-খরচের কাগজ যে দুই ভাগে ভাঁজা হয়, তাহার এক-এক ভাগ। [দুই ভাগে বিভক্ত জেলার প্রত্যেকের নাম 'রেগণা'। প্রথম রেগণায় লিখিত টাকা 'হাসদ্', দ্বিতীয় রেগণায় লিখিত ঐ টাকা 'বেরিজ্'। [°দার—জেলার অধ্যক্ষ। °দারী—জেলার অধ্যক্ষের পদ বা কার্য্য।]

জিলা(লি)পী, -লেপি বি [হি জলেবী] খামির সহিত মিশ্রিত ময়দার ঘৃতাদি-পক্ব চিনির রসে ফেলা কুণ্ডলাকার মিঠাইবিশেষ। "জিলেপি-থালিতে ভ.গ্র ১৭৬। জিলিপি রকমের খোঁপা অ.প্র ৫। [জিলিপির পেঁচ বা ফের—জিলিপীর পাকের মত মনের কুটিলতা। "যে সকল লোক জিলিপীর ফেরে চলে, তাহারা…নানা কথা বলে আ.দু ১২৮।]

জি(জে)ল্লা বি [আ জিলা ; তু 'সং √জ্বল্] ঔজ্জ্বল্য, দীপ্তি, আভা। [°দার—উজ্জ্বল, দীপ্ত, ভাস্বর।]

জিষ্ণু বিণ [√জি+স্নু (গ্স্নু) ক ; স্ত্রী -ষ্ণু ; ছান্দস] **১** জয়শীল, জেতা। "রিপু° সত্য° (মহা)। রঘু ৪.৮৫ ; ১০.১৮। সর্ব্ব° চৈ.চ ২৩। মে ১৩৮। **২** লব্ধা, লাভকারী। **৩** জেতা, অতিশায়ী। "অলিনীং জিষ্ণুঃ কচানাং চয়ঃ।—ভর্তৃহরি। —**ষ্ণু** পুং **১** বিষ্ণু। "শি ৪২। শ্রী.মা ৪। **২** ইন্দ্র। "মে ৫৪। মা ১২৩। **৩** অর্জ্জুন। "মহা ৪.৪৪.২১। ম ৪৯১ ; ৬২৩। **৪** সূর্য্য (A.)। **৫** শিব। "মহা ৩.৩৯.৫৯।

জিহ, -হি বি [সং জিহ্বা >বা °হ, °হি (পদ্যে) ; হি জীহ, -হি] জিহ্বা। "জিহি লিহিছে শ্রী.ম ৫১। লক্ লক্ জিহি ভা.চ ৭৩ ; জিহে লেহ লেহিয়া ১১৫।

জিহাদ দ্র 'জেহাদ'।

জিহীর্ষা স্ত্রী [√হৃ+স (সন্)+অ+স্ত্রী আ (টাপ্)] হরণেচ্ছা। "ভূবো ভার° ভ ১.৭.২৫ ; প্রপন্নার্ত্তি° ৩.১.৪৩ ; হয়° ৪.১৯.২৩। —র্ষু বিণ [+উ-ক ; স্ত্রী -র্ষু] হরণেচ্ছু। "রাবণেন…জিহীর্ষুণা রা ৩.৪৭.১। (বয়মক্ষাঃ) তব বাসো জিহীর্ষবঃ মহা ৩.৬১.১৬।

জিহ্ম বিণ [√হা+ম (মক্)-ক, উ ১.১৩৮ ; স্ত্রী -হ্মা ; ছান্দস] **১** 'সরলতাত্যাগী', কুটিল, বক্র। "°গতি (ফণী)।—ঋতু ১.১৩। স্নিগ্ধেক্ষজিহ্মঃ।—যাজ্ঞ ১.৩৩৪। মাঘ ৯.৬২। **২** তির্য্যক্, কেকর, টেরা। "°বীক্ষিত।—ঋতু ১.১১। **৩** কপট। "°যোধিন্ (মহা)। **৪** অপ্রসন্ন। "দীপ্তিসংহার° কি ১.৪৬। **৫** মন্দ, অলস। —হ্ম পুং তগরবৃক্ষ। —হ্ম ক্লী কপট, মায়া। "°পায়ং ব্যবহৃতম্ ভ ১.১৪.৪ ; °মীন ৮.২৪.৬১। [°গ (বিণ)—বক্রগামী, তির্য্যগ্গতি। °গ (পুং) —সর্প। "মহা ১.৯.১৯। শ্রী.মা ৮২। ম.পা ৯ ; ২২। °গতি (বিণ) —কুটিলগতি (সর্প)। °যোধী (-ধিন্) বিণ—কপটযোদ্ধা। "শল্য (পুং)—'কুণ্ঠিতশল্য', খদিরবৃক্ষ।]

জিহ্মিত বিণ [জিহ্ম+ইত (ইতচ্)] 'সঞ্জাতজিহ্ম', কুটিল, ঘূর্ণিত। "জিহ্মিতেক্ষণ কি ১০.৬০।

জিহ্ব পুং [তু 'জিহ্বা >°হ্ব (বহুব্রীহিসমাসে)—দ্বি°, সপ্ত°] জিহ্বা (শ.ক)। "দ্বিসহস্রেণ জিহ্বেন (হ ১১৩.৬৮)। [°ল (বিণ)—ভোজন-লোলুপ। "শ্রাদ্ধং কৃত্বা পরশ্রাদ্ধে ভুঞ্জতে যে চ জিহ্বলাঃ (শ্রাদ্ধতত্ত্ব)।]

জিহ্বা স্ত্রী [√লিহ্+ব (বন্)-ণ+স্ত্রী আ (টাপ্), পৃষো (অ.টী) ; ছান্দস] 'লেহনসাধন', রসনা, জিব। "মনু ২.৯০। স্নেহস্রবান্ প্রস্রবতি জিহ্বা মহা ১.১৫২.৮। °সহস্রদ্বয় হি ১২২৩। জিহ্বায় কাপড় দিয়া বলে ম.বি ২৫০। [°কণ্ডুয়ন (বি)—কলহার্থ জিব চুলকান। "ন ১০৮৬। °নির্লেখন (ক্লী)—জিবছোলা (ভাবপ্রকাশ)। °প (পুং)—'জিহ্বাপায়ী' কুক্কুর ; বিড়াল; ব্যাঘ্র ; ভল্লুক ; চিত্রক। °মল (ক্লী)—জিহ্বার ছাতা। °মূল (ক্লী)—জিহ্বার মূল (গোড়া)। °মূলীয় (পুং)—ক, খ পরে থাকিলে বিসর্গস্থানে আদিষ্ট বর্ণবিশেষ। "পা ৮.৩.৩৭। °লম্পট (বিং)—লোভী। "যতি হঞা জিহ্বালম্পট চৈ.চ ৩০৬। °লৌল্য (ক্লী)—জিহ্বালোলতা, অতিলোভ। "পঞ্চ ৫৪৯। °স্বাদ (পুং)—জিহ্বা দ্বারা আস্বাদ ; লেহন।]

জী[১] বি [ফা জী] **১** প্রভু, মহাশয়, দেব। "বামদেব° জ্ঞানদেব° ত্রিলোচন° (ভ.গ্র)। সাধু° ম.ম ৯১। গুরুজীর জয়।—কথা ৭২। **২** মহাশয়া, দেবী। "শ্রীজাহ্নবা° ভ.গ্র ৩৫ ; বাই° ২১৬ ; বৃন্দা° ৪৭০ ; প্যারী° ৪৭২। **৩** [সং জীব >প্রা জীঅ >বা জী] প্রাণ। "পরাণ পরবশ জী বারেঙ্গী প.র ৩৫। **৪** প্রাণসদৃশপ্রিয়। "বাপা°, বাবা° (তু 'বাবাজীবন—বীরভূম)। —অব্য [সং এব >প্রা জি (প্রা.ল ৪৭ পৃষ্ঠ ; হে) ; হি জী] **১** নিশ্চয়ার্থক 'হাঁ' অথবা 'আজ্ঞে'। "প্রশ্ন—তুমি না গিয়েছিলে ? উত্তর—জী, হাঁ। প্রশ্ন—তুমি গিয়েছিলে কি না ? উত্তর—জী, না। **২** (সম্বোধনে) সসম্মান উত্তর ; আজ্ঞে। "বাচস্পতি।—ও হানিফ্ ! হানিফ।—জী !—মা ৩৩২।

জী[২] দ্র জি[৩]।

জী(জেঁ)য়াচ বি [সং জীবদপত্যা] যে প্রসূতির প্রথমসন্তান, অথবা প্রথমাবধি সব সন্তান, বাঁচিয়া থাকে ; জীববৎসা। ["°পোয়াতী। 'জেঁয়াচ'—অর্থে জীববৎসা স্ত্রী পা.প্র ৯৮।]

জীত বিং [সং জীবিত ; হি জীতা] পুনর্জীবিত। "জীত পতি দেখি অতি যোষিৎ তোষিত ব.প ১৫০৪। [জীতা রও—বেঁচে থাক। "জীতা রও বাবা।—মা ৩৪৬। জীতে—জীবিত থাকিতে। "রাবণ জীতে সীতা নিতে নারিবে রঘুনাথ কৃ ২৫০। আমি জীতে ধরিতে নারিবে যুধিষ্ঠিরে ম ৮২৬। জীতে কি পাসরিতে পারি ব ৯৫ ; ১৪৪।]

জীন বিণ [√জ্যা+ত (ক্ত)-ক, সম্প্রসারণ] জীর্ণ, বৃদ্ধ, ক্ষয়প্রাপ্ত। —ন পুং চর্ম্মপুট। "মনু ১১.১৩৯।

জীনজীন [ধ্বন্যাত্মক] বীণাধ্বনি। "ক.চ ২৪২।

জীব্ অক [ভ্বা, প—জীবতি ; সেট্] প্রাণধারণ, জীবন ; জীবিকা-নির্ব্বাহ। "ত্বয়ি জীবতি জীবামি হি ১.৮৫। [অনু—অনুজীবন, আশ্রয়। "জীবন্তং ত্বানুজীবন্ত প্রজাঃ (মহা)। উদ্—উজ্জীবন, পুনর্জ্জীবন। "ভট্টি ১৭.৯৫। উপ—উপজীবন, আশ্রয় ; গ্রহণ। "মনু ৩.৫২। সম্—জীবন, সম্-জীবি—সঞ্জীবন।]

জীব[১] বিণ [√জীব্+অ (ক)-ক ; স্ত্রী -বা ; ছান্দস] জীবিত, বর্ত্তমান। "সর্পং লুব্ধক মুঞ্চ জীবম্ মহা ১৩.১.৩১। °বৎসা স্ত্রী পা.প্র ৯৮। —ব পুং ১ প্রাণিমাত্র। "জীবো জীবস্য জীবনম্ ভ ১.১৪.৪৭। ২ জীবাত্মা। "জীব-নাম তটস্থাখ্য এক শক্তি হয় চৈ.চ ২২। জীব-মীন রে! জীবন গেল দা ২১৭৯। ৩ ক্ষেত্রজ্ঞ, পুরুষ, ঈশ্বর। ৪ উপাধি-প্রবিষ্ট ব্রহ্ম। ৫ শরীরত্রিতয়াবচ্ছিন্ন চৈতন্য। ৬ বুদ্ধিস্থ চৈতন্যপ্রতিবিম্ব। ৭ ক্ষেত্রজ্ঞরূপে প্রাণাদিধারয়িতা। ৮ লিঙ্গদেহ। ৯ অন্তরাত্মা। 'জীবসংজ্ঞোঽন্তরাত্মান্যঃ মনু ১২.১৩। ১০ কর্ণ। ১১ [√জীবি+অ (অচ্)-ক] জীবন্তীবৃক্ষ। ১২ পুষ্যনক্ষত্র। ১৩ মরুদ্‌বিশেষ। ১৪ বিষ্ণু। ১৫ পরমাত্মা। "জীবোঽজীবমজীবয়ৎ ভ ২.৫.৩৪। ১৬ 'মন্ত্রবলে জীবয়িতা' ; বৃহস্পতি। "ম ১৬৬ ; ৬৭২। ১৭ [√জীব্+অ(ঘঞ্)-ণ] জীবনহেতু। "ত্বং জীবলোকস্য জীবঃ ভ ৭.৩.৩১। °জলার্পণ ৯.২১.১৩। ১৮ বৃত্তি, আজীব। ১৯ [+অ (ঘঞ্)-ভা] জীবন, প্রাণধারণ। ২০ চেতনা। "অজীব ভ ২.৫.৩৪। —ব পুং, ক্লী ১ জীবিত, জীবন। "তদ্গতানি হি জীবানি সর্ব্বেষাম্ গো.রা ৫.৩.৭৪। জীবাশা, °ত্যাগ (S.W.)। ভ ১.২.১০। শিবের পরশে তার সঞ্চরিল জীব ক.চ ২৭। যাহে জীব ত্যজি জীব, সেইক্ষণে হয় শিব ভা.চ ১২০। ২ তত্ত্ব ; স্বরূপ ; পরমাত্মা (মেদিনী)। —বা স্ত্রী [+স্ত্রী আ (টাপ্)] ১ 'জীবয়িত্রী', সর্থ 'জীব[১] পুং (১১)। ২ পৃথিবী। ৩ 'জীবিতসাধন', জীবন, জল। ৪ ধনুর্গুণ। "জীবাকৃষ্টি (বাসবদত্তা) ৫ (সাদৃশ্যে) বৃত্তখণ্ডের প্রান্তদ্বয়-যোজক রেখা (chord)। ৬ বচা, বচ। ৭ ভূষণধ্বনি, শিঞ্জিত। [°গৃহ (ক্লী)—দেহ। °গ্রহ (তু 'সং জীবগ্রাহং গৃহ্নাতি)—জীবিতভাবে বন্দীকরণ। "জীবগ্রহে ধরিয়া বিরাট ম ৬১০। °জীব, -বক, °ঞ্জীব, -বক (পুং) —চকোর পক্ষী। "°ক মহা ১২.১৩৯.৬। মনু ১২.৬৬। °ঞ্জীবক —বিষ্ণু ৪৪.৩৭। °ঞ্জীবকমিথুন।—কাদ ১১৮। °তোকা (স্ত্রী)—জীবৎ-পুত্রিকা, জীববৎসা স্ত্রী। °দ (পুং)—বৈদ্য। °দশা (স্ত্রী)—জীবরূপা অবস্থা। °ধন (ক্লী)—গো-প্রভৃতি ধন। °ধানী (স্ত্রী)—পৃথিবী। °পতি, °পত্নী (স্ত্রী)—সধবা নারী। °পিতৃক (বিণ)—বিদ্যমানপিতৃক (পুত্র)। °পুত্রা, °বৎসা (স্ত্রী)—সর্থ 'জীবতোকা'। °মন্দির (ক্লী) —দেহ। °মাতৃকা (স্ত্রী)—কুমারী-প্রভৃতি সপ্ত মাতৃকা। °রক্ত (ক্লী)—স্ত্রীপুষ্প, ঋতু। °বৃত্তি (স্ত্রী)—পশুপালন-বৃত্তি। °শক্তি (বি) —ভগবানের তটস্থলক্ষণা শক্তি। "জীবশক্তি তটস্থাখ্য চৈ.চ ৮। °শেষ (বিণ)—প্রাণাবশেষ। °শোণিত (ক্লী)—প্রাণশক্তির মূলভূত রক্ত। °সূ (স্ত্রী)—আয়ুষ্মৎসন্ততিপ্রসূ। "মহা ১.১৯৯.৭। °স্থান (ক্লী)—মর্ম্ম।]

জীব[২] সং, ক্রি [√জীব্+হি (অনুজ্ঞা-মধ্যমপুরুষের ১ব] ১ বাঁচিয়া থাক, বাঁচ (কেহ হাঁচিলে অন্যে 'জীব' বলে)। "চতুর কুমার ভাবে, 'জীব'-বাক্যে মান যাবে, হাঁচিলেক নাকে কাঠি দিয়া : 'জীব' বুঝাবার তরে, আপন আরতি ধরে ভা.চ ৩৬১। বি.সু ৬৮। বাঁচিলে 'জীব' বলে আ.ছু ১৪৭। দ্র 'ক্ষুৎ[১]'। ২ দীর্ঘায়ুঃ হও। "বলে জীব জীব দা ৮৯। [জীব শতং, জীব সহস্রং—দীর্ঘায়ুঃ হও।]

জীব[৩] অর্ম্ম [সং √জীব >প্রা √জীর] প্রাণধারণ করা ; পুনর্জীবিত হওয়া ; বাঁচা। "বরে জীবুক ব্রাহ্মণ কোঙার কৃ.উ ১৯৪ ; যদি জীবেন লক্ষণ ২৮২। মে ১৭১। [জীবই, -মি (দো)। জীবার তরে—বাঁচাইবার নিমিত্ত। "কৃ.উ ২৮২।]

জীবক বিণ [√জীব্+অক (ণ্বুল্)-ক] প্রাণধারক। —ক পুং ১ প্রাণী। ২ সেবক, অনুজীবী। ৩ বৃদ্ধিজীবী। ৪ ক্ষপণক। ৫ অহি-তুণ্ডিক, সাপুড়ে। ৬ জীবনবৃক্ষ ; পীতসাল।

জীবৎ বিণ [√জীব্+অৎ (শতৃ)-ক ; °ন্ (পুং) ; ঠ °ৎ] জীবিত, বর্ত্তমান। [°তোকা (স্ত্রী)—জীববৎসা স্ত্রী। °পতি, °পত্নী (স্ত্রী) —বিদ্যমানভর্ত্তৃকা, সধবা। °পিতৃক (বিণ)—বিদ্যমানজনক।]

জীবদ্দশা বি জীবিতাবস্থা। "রাজকুমার ভাবিয়াছিলেন বন্ধু জীবদ্দশায় নাই।—কাদ ১০১। যে ভগবৎ-পদরেণু ধারণ না করে, সে জীবদ্দশাতেই শব অ.শী ৬৭ (ভ ২.৩.২৩)। পা.প্র ১৫০।

জীবন বিণ [√জীবি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ জীবয়িতা, প্রাণদ। "ববৌ বায়ুঃ সুগন্ধী জীবনঃ মহা ৩.১৬৮.৫০। ২ [√জীব্+ অন-ণ] জীবনসাধন। "সর্ব্বোঽর্চ্চ্যো জীবনঃ।—মুগ্ধবোধ ২৮০। —ন ক্লী [+অন-ভা] ১ প্রাণধারণ। "ভবতা বিপ্রযুক্তায়া দুর্লভং মম জীবনম্ গো.রা ৪.১৯.১৯। মনু ১১.৭৭। ইহার জীবনে বড় পাইব সন্তাপ ম ৫৪১। ২ [+অন-ণ] প্রাণ, জীবিত। "ত্বমসি মম জীবনম্ গী.গো ১০.৪। °স্বরূপা ভা.চ ২৫৫। কণায় কণায় জীবন তার (মাটির) কু.কে ৯০। ৩ প্রাণধারণ আয়ুঃ (শ্রীধর) ; অন্ন (নীলকণ্ঠ)। "জীবনং সর্ব্বভূতেষু গী ৭.৯। ৪ জীবিকা, বৃত্তি। "মৃগ° মহা ৩.৩৯.২৮। যাজ্ঞ ৩.৪২। "জীবো জীবস্য জীবনম্।—ভ ১.১৩.৪৭। ৫ প্রাণধারণোপায়, জীবিকা-কারণ। "বিদুষাং জীবনং মূর্খঃ হি ৩.৩৬। ৬ জল। "জীবনং জীবনং হন্তি প্রাণান্ হন্তি সমীরণঃ। কিমাশ্চর্য্যং ক্ষারদেশে প্রাণদা যম-দূতিকা।—বাণেশ্বর বিদ্যালঙ্কার। ম.পা ৯। শ্রী.মা ৯৭। বি.সু ৪৭। °স্বরূপা ভা.চ ২৫৫। যমুনা° দা ২৯ ; ৩৫। বা.দ ১৫৪। জীবন জীবন-বিশ্ব।—রামমোহন রায়। ৭ গঙ্গা (শ.ক)। ৮ মজ্জা। ৯ পূর্ব্বদিবসের দুগ্ধজাত ঘৃত ; হৈয়ঙ্গবীন। —ন পুং ১ [√জীবি+অন -ক] পরমেশ্বর, বিষ্ণু (মহা)। ২ পুত্র (অ.টী)। —নক ক্লী [°ন+ক (কন্) সংজ্ঞার্থে] অন্ন (অ.চি)। —না স্ত্রী মেদের ঔষধ। [°কাঠি (বি)—সঞ্জীবনার্থ কাষ্ঠখণ্ড (যাহার স্পর্শে জীবিত হয়)। "মাটিত নয়—জীবন কাঠি কু.কে ৯০। °তরঙ্গ (বি)—জলতরঙ্গ ; প্রাণপ্রবাহ। "মহা কোলাহলে চলে জীবনতরঙ্গ, জীবনতরঙ্গ যথা পবনতাড়নে মা ১২২। °যোনি (স্ত্রী)— (ন্যায়ে) দেহে প্রাণসঞ্চারে কারণভূত অতীন্দ্রিয় যত্নবিশেষ (ভাষাপরিচ্ছেদ ১৫২)। °হেতু (পুং)—প্রাণরক্ষণোপায় ; বিদ্যাদি দশ বা একাদশ বৃত্তিবিশেষ (গারুড়, ২১৪তম অধ্যায়। যাজ্ঞ ৩.৪২)। "মৎস্যা মম জীবনহেতবঃ হি ৪$\frac{১}{৫}$৬। °সর্ব্বস্ব—জীবনের একমাত্র সম্বল। "°পতি প.তৃ ১৭। °সর্ব্বস্বধন—জীবনরূপ একমাত্র ধন। "যাব অভিসারে, তার কাছে,—জীবনসর্ব্বস্বধন অর্পিয়াছি যারে, জন্ম জন্ম ধরি স.স্ব ১৬।]

জীবনক, জীবনা দ্র 'জীবন'।

জীবনাবধি বিং জীবনপর্য্যন্ত, আমরণ। "সম্বন্ধ °ধি দা ৬১।

জীবনিকা স্ত্রী [°নী+ক (কন্) সংজ্ঞার্থে+স্ত্রী আ (টাপ্)] হরীতকী।

জীবনী স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সর্থ 'জীব[১] পুং (১১)। ২ কাকোলী ; মেদা ; মহামেদা। ৩ যূথী। ৪ (বাঙ্লায়) জীবনের চরিতাবলী। —নী বিং (বাঙ্লায়) জীবনসাধনী, জীবনের হেতুভূতা। "কন্যাসন্তান অপেক্ষা পুত্র-সন্তানের জীবনী শক্তি শৈশবে অধিকতর ক্ষীণা থাকে পা.প্র ৮১।

জীবনীয় ক্লী [√জীব্+অনীয় (অনীয়র্)-ণ] ১ 'জীবনসাধন', জল। ২ দুগ্ধ। —য়া স্ত্রী সর্থ 'জীব' পুং (১১)।

জীবন্ত পুং [√জীব্+অন্ত (ঝ)-ক] ১ প্রাণ। ২ [√জীবি+অন্ত -ক] ঔষধ। —ন্ত বিণ [তু 'সং জীবৎ >প্রা জীবংত ; হি, ঠ জীবংত] ১ আয়ুর্বিশিষ্ট, জীবিত, প্রাণবান্। "জীবন্ত থাকিতে রথী না যাহড়াহ রথ ম ৩৯২। জীবন্ত দেবীমূর্ত্তি পা.প্র ১৩৪। জীবন্ত মনুষ্য।—ব.প্র

২৭৯। ২ (বাঙ্লায়) জীববান্, জীবপূর্ণ। "আনাগোনা জীবন্ত নিখিলে চ.কা ২৭। ৩ অনুভূতিক্ষুব্ধ। "এসেছ ঢাকিয়া, মাংসের শরীরে আজি সোদ্বেগ তোমার, জীবন্ত হৃদয়।—মন্দ্র ৬৫। জীবন্ত হৃদয়মাঝে স্থান যেন পাই চ.কা ১২। —ন্তিকা স্ত্রী ১ বন্ধ্যা, পরগাছা। ২ গুড়ূচী। ৩ সর্থ 'জীবনিকা'। —ন্তী স্ত্রী [°ন্ত+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ সর্থ 'জীবন্তিকা (১)। ২ সর্থ 'জীবন্তিকা (২)। ৩ সর্থ 'জীবনিকা'। ৪ শমী। ৫ জীবা, জীয়াতী লতা।

জীবন্তিকা দ্র 'জীবন্ত'।

জীবন্মুক্ত বিণ [জীবৎ+মুক্ত ; কর্ম্মধা] জীবিতাবস্থার আত্মবোধ হেতু সংসারবন্ধ-হীন ; আত্মজ্ঞানবান্, ব্রহ্মনিষ্ঠ (বেদান্তসার)। —মুক্তি স্ত্রী [ষ.ত] জীবিতের মুক্তি ; জীবিত পুরুষের কর্তৃত্বভোক্তৃত্বজন্য সংসার-বন্ধনিবৃত্তি।

জীবন্মৃত বিণ [জীবৎ মৃত, কর্ম্মধা] জীবিত হইয়াও কর্ত্তব্যের অনুষ্ঠান হেতু মৃতসম। "অরে ত্বং জীবন্মৃতোঽসি ভ ৫.১০.৭; ১৪.১২। [ভ ৫.১০.১১, শ্রীধরটীকা দ্রষ্টব্য।] বসুদেব জীজীবনে বন্মৃত দা ৩৫। °প্রায় সী ৯১।

জীবন্মৃত্যু বিং ['°ন্মৃত' সাধু] সর্থ 'জীবন্মৃত'। জীবন্মৃত্যু হয়ে বিদায় দেয় যশোমতী দা ৯৮ ; °বৎ ১৩৩৭।

জীবন্যাস বি ১ মন্ত্রবলে দেবাদির প্রাণপ্রতিষ্ঠা। "চ.বি ৬১। জীবন্যাস করি বাণ এড়ে ম.ম ১১৫। মন্ত্রবলে…পায় জীবন্যাস শি ৭৮। ২ (অপ্র) প্রাণদান। "মৃত যেন পুনরপি পায় জীবন্যাস। বি.সু ১৬৪।

জীবপুত্রক পুং ১ ইঙ্গুদীবৃক্ষ। ২ জীয়াপুত গাছ।

জীববন্ত বিং [জীব+বন্ত ; অপ্র] জীবনবান্, পুনর্জীবিত। "জীববন্ত করিলা পিতৃক অ.প ১১৪। জীববন্ত কর মোর পতি ম.পা ১৭ ; জীববন্ত হৈয়া কন্নী উঠিলেক পুনি ৬৪।

জীবমান বিং [সং জীবৎ >লি °ন ; অপ্র] জীবিত। "ধনঞ্জয় পুত্র মোর নাই জীবমান অ.প ১১১।

জীবলীলা বি জীবের কর্তৃভোক্তৃভাবে সংসারে ক্রিয়াকলাপ। "ফুরাইল জীবলীলা জীবলীলাস্থলে, আমার মে ১৩৫।

জীবলোক পুং [ষ.ত] ১ মর্ত্ত্যলোক, সংসার। "মমৈবাংশো জীব-লোকে জীবভূতঃ গী ১৫.৭। °নরক উ.চ ৪.১৭। স্বপ্নেন্দ্রজালসদৃশঃ খলু জীবলোকঃ।—ভর্তৃহরি হি ১$\frac{৫}{৬৯}$। শূন্য মোর হবে জীবলোক ক.চ ১৯৩। ২ জীবভুবন, জীবসমূহ। "রঘু ৫.৩৫।

জীবা দ্র 'জীব[১]'।

জীবাতু পুং [√জীব্+আতু-ণ, উ ১.৭৯ ; ছান্দস] ১ 'জীবনসাধন', ভক্ত, অন্ন। ২ জীবনপ্রদ ঔষধ ; জীবনৌষধ। ৩ জীবিত, প্রাণ। "রাধিকার রূপগুণ আমার জীবাতু চৈ.চ ২০। জীবাতু আমার লী ৮০। ৪ [√জীবি+আতু-ভা] প্রত্যুজ্জীবন। "মৃতস্য শিশোর্দ্বিজস্য জীবা-তবে উ.চ ২.১০।

জীবাত্মা (-ত্মন্) পুং [জীব আত্মা, কর্ম্মধা] ১ দেহস্থজীবনামক আত্মা ; দেহী, জীব, প্রাণী। "ভ ৬.১৬.১। হেম ৯৬। ২ (বাঙ্লায়) প্রেতাত্মা। "°বৃন্দ, °গণ।—হেম ১২৩।

জীবান্তক বিণ [ষ.ত] জীবের নাশক ; ঘাতক। —ক পুং শাকুনিক, ব্যাধ।

জীবাপত্য ক্লী [কর্ম্মধা] জীবিত সন্তান। "পরাশর ৩.১৯।

জীবিকা স্ত্রী [জীব্+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] বৃত্তি, আজীব। "জীবেদ্ ব্রাহ্মণজীবিকাম্ মনু ৪.১১। সর্থ 'জীব[১] পুং (১১)।

জীবিত বিণ [√জীব্+ত (ক্ত)-ক] ১ প্রাণযুক্ত, সজীব। "রঘু ১২.৭৫। ২ পুনর্জীবনপ্রাপ্ত। —ত ক্লী [+ত-ভা] ১ জীবন, প্রাণ-ধারণ। ২ প্রাণ, জীবন। "রা ৬.১০১.৪৮। মনু ৬.৪৫। 'কন্তেয়ং কুলজীবিতম্ কু.স ৬.৬৩। রামময়জীবিতে উ.চ ১$\frac{৪}{৪৬}$। °প্রয়োজন ১$\frac{৪}{৪৯}$; ত্বং জীবিতম্ ৩.২৭। নাসিকান্তপ্রাপ্ত° (পঞ্চ)। °রূপিণী ব.সু ৪৯। °প্রয়োজন সী ২২ ; রামময়জীবিতে ২৩। ৩ [ছান্দস] প্রাণী (A.)। [°কাল (পুং)—আয়ুঃ। °ক্ষয় (পুং)—প্রাণনাশ। °নাথ (পুং)—'জীবনাশ্রয়', স্বামী। "কু.স ৪.৩। °ব্যয় (পুং)—প্রাণত্যাগ। °সংশয় (পুং)—প্রাণসঙ্কট।]

জীবিতব্য ক্লী [√জীব্+তব্য-ভা] ১ প্রাণধারণ, জীবিত। "অশাশ্ব-তোঽয়ং জীবিতব্যবিষয়ঃ।—পঞ্চ ১/১ (কথামুখ)। °সন্দেহ (S.W. ২ জীবিতকাল, আয়ুঃ। "স্বকীয়জীবিতস্যার্দ্ধ (S.W.)।

জীবিতমান বি [অপ্র] জীবনকালের পরিমাণ ; জীবনকাল। "সুখ কি জীবিতমানে ? কিবা অথ নির্ব্বাণে ?—হেম ৩৩৮।

জীবিতাপহা (-হন্) বিণ [°ত+অপ -হন্+কিপ্ (॰) -ক, -১ব ; উ.ত ; স্ত্রী -পঘ্নী] প্রাণহর। "রঘু ৮.৪৬।

জীবিতাশা স্ত্রী [ষ.ত] জীবনাশা। "হি ১.১১৮। হু ১০৮।

জীবিতেশ পুং [ষ.ত] ১ প্রাণেশ্বর ; জীবনের অধিপতি, যম। "°বসতিং রঘু ১১.২০। ২ সূর্য্য। ৩ চন্দ্র। ৪ (বাঙ্লায়) পরমেশ। "স.শ ১৭। —শ্বর পুং [ষ.ত] ১ শিব। ২ (বাঙ্লায়) স্বামী।

জীবী (-বিন্) [√জীব্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -বিনী] ১ প্রাণ-ধারী। "অল্প° চির° তৎকাল° সহস্রশত° (S.W.)। দীর্ঘ° গো.রা ৪.৫৬.২। মনু ৯.২৪৬ ; দুঃখ° ১১.৯। পুরুষায়ুষ° রঘু ১.৬৩। কল্প° ভ ৫.২৩.১। ২ জীবিকানির্ব্বাহক। "গো° পক্ষি° মৎস্য° শিল্প° (S.W.)। কৃষিগোরক্ষ° রা ২.৬৭.১৮। বুদ্ধি° মনু ১.৯৬ ; শ্যেন° ৩.১৬৪ ; কৃষি° ১৬৫ ; নৌকর্ম্ম° ১০.৩৪। [সমাসে উত্তরপদ] —বী পুং [জীব+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'জীববান্' ; প্রাণী ; জীব। "ভূয়সা জীবিধর্ম্ম এষঃ উ.চ ৫$\frac{২}{২৯}$। উষ্ট্রনামা জীবিবিশেষঃ { পঞ্চ —(S.W.)}। হেম ১০০,-২৩।

জীবেন্ধন ক্লী [কর্ম্মধা] জ্বলৎ-কাষ্ঠ (বৃহৎসংহিতা)।

জীবেশ বি প্রাণেশ্বর। "কহিও জীবেশে মে ২১৫।

জীবোৎসর্গ পুং [ষ.ত] প্রাণত্যাগ, আত্মহত্যা।

জীবোপাধি পুং [ষ.ত] জীবের স্বপ্ন-সুষুপ্তি-জাগ্রদবস্থা।

জীবোর্ণা স্ত্রী [ষ.ত] জীবিতমেষ-রোম (কাত্যায়নশ্রৌতসূত্র)।

জীব্য বিণ [জীব্+য (ণ্যৎ)-ণ] জীবনসাধন, প্রাণধারণার্থ। "জীব্যো-পায় হ ২৬৩.৯৫। —ব্য ক্লী ১ জীবন। ২ [সং জীব্যা] জীবিকা, অন্ন। "জীব্য দিয়া পুষিলে ম.বি ১৯২। জীব্য লই দিলে চৈ.ভা ২৮১। —ব্যা স্ত্রী ১ সর্থ 'জীবনক'। ২ সর্থ 'জীবনিকা'। ৩ সর্থ 'জীব[১] পুং (১১)।

জীমূত পুং [জীবন মূত (বদ্ধ) যাহা দ্বারা ; জীবনের মূত (পুটবদ্ধ), পৃষো (অ.টী) ; উ ৩.৯১ ; ছান্দস] ১ যে জল বদ্ধ করে ; জলের পুটবদ্ধতুল্য ; মেঘ। "জীমূতস্যেব ভবতি প্রতীকম্।—ঋগ্বেদ ৬.৭৫.১। পূ.মে ৪। তাম্বুলচর্চ্চিত শোভা, আরক্ত জীমূত-আভা জ ১ ; ১৩। °বৃন্দ মে ২২২। ২ (সাদৃশ্যে) পর্ব্বত। ৩ (মেঘদৈবত) ইন্দ্র। ৪ (রসপ্রচুর) মুস্তা। ৫ দেবতাড়বৃক্ষ। ৬ ভৃতিকর, পালক। ৭ সূর্য্য। তু 'আদিত্যাজ্জায়তে বৃষ্টিঃ মনু ৩.৭৬। "মহা ৩.৩.২২। [°কূট (পুং)—পর্ব্বত। °মন্দ্র (বি)—মেঘের গম্ভীরধ্বনি। "মে ২০।]

জীমূতবাহন পুং [বহুব্রী] ১ 'মেঘযান', ইন্দ্র। "মে ২২২। ২ শালি-বাহনপুত্র (দ্র 'জিতাষ্টমী')। ৩ জীমূতকেতু-পুত্র বিদ্যাধরপতি। [ইনি দয়াবীর, নাগানন্দ নাটকের নায়ক। সর্পের পরিবর্ত্তে নিজ-শরীরদানে উদ্যত হইয়া, ইনি সর্প-গরুড়ের চির শত্রুতা দূর করেন (ক.সা, ২২শ তরঙ্গ)।] —বাহী (-হিন্) পুং ধূম।]

জীমূতবাহী দ্র 'জীমূতবাহন'।

জীমূতেন্দ্র বি [উপ.স] মেঘশ্রেষ্ঠ, মহামেঘ। "মে ২০৫।

জীয়ন বি [সং জীবন >প্রা জীঅণ >বা °ন ; অপ্র] জীবন

প্রাণধারণ। "আমার জীয়ন ভাই মরণ সমান ব.প ১৮৪। জায় সঙ্গে জীয়ন মরণ অ.প ৬১। মরণ জীয়ন ম.ম ৭৭ ; ১৩৩।

জীয়ন্ত দ্র 'জিয়ন্ত'।

জীয়ল বি [জীবল > °ল] শিঙীমাছ। "পড়সী °ল মাছে চ.দা ৫৪।

জীয়া ; জীয়াপুত দ্র 'জিয়া ; জিয়াপুত'।

জীর, -ক পুং [উ ২.২৩,-৪] জীরা মশলা। —র পুং অণু।

জীরা দ্র 'জিরা'।

জীরাত বি [আ জি.রাত্—কৃষি, বোনা জমি] জমি। "বগুর নানা এক জীরাত ১৮ আঠার বিঘা E.P. 55।

জীর্ণ বিণ [√জৄ+ত (ক্ত)-ক ; ছান্দস] ১ জরাযুক্ত, বৃদ্ধ। "জীর্ণ-স্যাস্ত শরীরস্থ রা ২.২.৮। ২ পুরাতন। "বাসাংসি জীর্ণানি গী ২.২২। জীর্ণারণ্য উ.চ ৬.৩৮। সী ২২। ৩ চিরন্তন। "°দেবায়তন মনু ৪.৪৬। ৪ জঠরাগ্নি-পক্ব, পরিপাকপ্রাপ্ত। "সুজীর্ণমন্নম্ হি ১.২১। দ্র 'অজীর্ণ'। ৫ ক্ষীণ, ক্ষয়প্রাপ্ত। "তৃষ্ণা ন জীর্ণা বয়মেব জীর্ণাঃ।—ভর্ত্তৃহরি। জীর্ণং যৌবনম্ ভ ৯.২২.১৩। ৬ শিথিলবন্ধ। "জীর্ণমূলো বনস্পতিঃ মহা ৩.১৬.২০। ৭ জর্জ্জর। "ত্যজামি যাবৎ স্বতমুং জীর্ণাং ত্বচমিবোরগঃ গো.রা ৩.৯.৩২। —র্ণ পুং ১ স্থবির, বৃদ্ধ। ২ জীরক। ৩ বৃক্ষ (অ.চি)। —র্ণ ক্লী ১ বার্দ্ধক্য, জরা। ২ শিলাজতু। —র্ণা স্ত্রী স্থূলজীরক। —র্ণি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ জরা। ২ পরিপাক, জীর্ণতা। [°জ্বর (পুং)—পুরাতনজ্বর। °পর্ণ (পুং)—কদম্ব। °পর্ণ (ক্লী)—পুরাতন পত্র বা তাম্বূল। জীর্ণোদ্ধার (পুং)—ভগ্ন মন্দিরাদির সংস্কার।]

জীহ বি [দ্র 'জি'২ ; হি জীহ] জিহ্বা। "জীহের আগ শ্রী.কী ২। লোল জীহ ভা.চ ৪২৬।

জীহবা বি [সং জিহ্বা > (স্বরাগমে) জিহবা > °বা ; অপ্র] জিহ্বা। "জীহবায় করে জপ শ্রী ৩৪।

জু অক [ভ্বা, প—জবতি ; অনিট্] বেগগতি। ২ [ভ্বা, আ—জবতে ; অনিট্] গতি।

জুআ, -য়া[১] অর্ম্ম [সং √যুজ্ > প্রা √জুজ্জ (হে) > বা (√জুজ, -অ) °আ, -য়া] যোগ্য হওয়া ; সঙ্গত ন্যায্য বা উচিত হওয়া। "জুআয় না ...মাও বলিবার গো.চ ২৪৯। হাট জাইতেঁ জুআএ শ্রী.কী ৩১। কহিতে জুয়াএ গো.বি ৮১। শাপ দিতে না জুয়ায় কৃ.উ ১২১। জুআয় ২৭২। ইহা জানিতে জুআয় ম ১০২। জুয়ায় ম.বি ১৫৭। জুয়ায় বি.প ২১৫। ক.চ ৩১। চৈ.চ ২০, ৫৫। ভ.গ্র ৩০৫। জুআয় শ্রী.ম ১৭ ; ২১৪। [জুয়ায় ত—যদি ন্যায্য হয়। "জুয়ায় ত কড়ি দেহ চৈ.ম ১৯০।]

জুআন বি [ফা জওয়ান্ ; সং যুবন্ ; গু জুবান] তরুণবয়স্ক, জোয়ান, সাবালগ। "জুআন বেটায় না পোসে গো.চ ৬৯ ; জুআন জুআন জম সাজিল ২১৬,-৭।

জুআ(য়া)ল, -য়ালি, জোয়াল, -লি বি [সং যুগ > প্রা জুঅ > বা জুআ -য়া+ল (স্বার্থে) ; °ল+ই[১১] ; হি জুআঠ (যুগকাষ্ঠ) ; ঠ জোক(খ)ড, জুরাড ; ড় জুআলি. ; জাটু—'জুআ'] গাড়ী বা লাঙ্গলের অগ্রে আড়ভাবে বদ্ধ বৃষের স্কন্ধস্থ দীর্ঘ কাষ্ঠখণ্ড ; যুগকাষ্ঠ। "জুআলে কৈল বিন্ধা শূ ১০৯। জোয়ালি।—শি ৬১ ; জু(জো)য়ালি ৭১ ; জুয়াল ৭৫।

জু(জুঁ)ই বি [সং যূথী > প্রা জুহী > বা (জুঈ) জু(জুঁ)ই ; হি জুহী ; ঠ, গু জূঈ] পুষ্পলতাবিশেষ ও তাহার পুষ্প। "জুই শূ ২৯ ; ৩০।

জুঁএ বি [সং 'যূকা'—মূল ; হি জুঁ, জুঈং ; প, গু জূ ; ঠ উ (যূকা)] শস্যাদিভক্ষক কীটবিশেষ। "জুঁএ-লাগা আখ।

জুঁখ, জোঁখ[২]**, জুক, -খ** সর্ম্ম ['যোগ'—মূল ; হি √জু(জো)খ—ওজন করা ; ঠ, গু জোখ—to weigh ; ড় √জোখ ; মুণ্ডারি 'জোকা'—to measure, compare ; তু 'জখিয়া (শূ ৫৯)] ১ পরিমাণ করা ; ওজন করা। "পরাণ-রতন, পিরীতি পরশ, জুকিনু হৃদয়তুলে চ.দা ১২৬। পিরিতি রতন, জুখিলুঁ হৃদয় তুলে (প.ক)। পিঞ্জরের তরে স্বর্ণ দিলেন জুঁখিয়া ক.চ ১৩১। বি.পা ৩০৫। জুঁখে লয় চুনা তুলে ভা.চ ২৮৪। ২ শস্যাদি মাপের সহিত যোগ করিয়া মিলান। "(শস্য) যত্ন করি জোঁখিয়া জোখার যোত্র দেখে শি ১০৪। ৩ সূত্রাদি দ্বারা দৈর্ঘ্যাদি পরিমাণ করা। [জোঁ(জো)খা—সর্থ 'জুঁখ'। দ্র '(২)।]

জুক(গ)তি বি [সং যুক্তি > বা (স্বরগমে) যুকতি, -গতি > °তি ; হি জুগ(গু)ত ; ঠ জুগুত (যুক্তি) ; পদ্যে] যুক্তি, ন্যায়, সুবিচার। "বুদ্ধিনী করিতে রাণ্ডী না আন্তে জুকতি কৃ.উ ১০৩ ; স্ত্রীলোকে দারুণ শাপ নহেত জুকতি ১২১ ; এই সে জুকতি ১৭১ ; মোর সনে তোর রণ নহেত জুকতি ১৮৮ ; তোমা সভা মারিতে জুগতি নাই আসে ২৪২ ; জুগতি ২৫২। —গত বিং যুক্ত, ন্যায্য, উচিত। "তোহ্মাকে জুগত নহে এ সব করম শ্রী.কী ২৯৯।

জুখ দ্র 'জুঁখ'।

জুগা দ্র 'জোগা'।

জুগি বি [সং যোগী (-গিন্) > প্রা জোগি > °গি] ১ যোগী। "পুনরপি হৈমু জুগি কণ্ঠে কুণ্ডল দিয়া মী ১১। ২ বস্ত্রবয়নবৃত্তি জাতি-বিশেষ। [বস্ত্রবয়নব্যবসায়-সম্বন্ধে দ্রষ্টব্য 'মী ১৩।] —গিনি বি [°গি +ইনী] যোগিনী। "মী ১২।

জুগুতি বি [জুগতি > °তি ; মৈ °তি] যুক্তি, নির্ণয়ার্থ প্রমাণ। "কেও বোলএ তাহি জুগুতি বিসেখী বি.সা ১১।

জুগুপ্সন ক্লী [√গুপ্ নিন্দা+স (সন্) স্বার্থে+অন (ল্যুট্)-ভা] নিন্দন, কুৎসা। —প্সা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ নিন্দা, কুৎসন। "জুগুপ্সা চ মনুষ্যদোষা বর্জ্জ্যাঃ মহা ৫.৪৩.১৬। স্ত্রী-বিবাদ° ভ ৮.৯.২২। ২ (অলঙ্কারে) বীভৎসরসের স্থায়িভাব। [দোষদর্শনাদি হেতু বিস্ময়োদ্ভূত নিন্দা 'জুগুপ্সা' (সা.দ ৩.১৩৯,-৭৯)।] —প্সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিন্দিত, গর্হিত। —প্সু বিণ [+উ-ক] নিন্দাশীল। "অধর্ম্ম° পা ২.১.৩৭, কাশিকা। [°জুগুপ্সা জন (অপ্র)—জুগুপ্সিত জন। "দু ১৭।]

জুঙ্গী বিং [সং জুঙ্গিত—নীচজাতি, চণ্ডাল] অন্ত্যজ, নীচ। "মোর ভাতার ভাঙ্গী জুঙ্গী শি ৮৬।

জুচ্চুরী বি জুয়াচুরি। "জুচ্চুরী চিরকাল চলে না হু ১২৩।

জুজ[১] বি [সং যুদ্ধ > প্রা জুজ্ঝ > °জ ; হি জুজ্ঝ (পদ্যে) যুদ্ধ ; ঠ জুংজ, -ঝ ; অপ্র] যুদ্ধ। "সিংহে করে জুজ গো.বি ১২০।

জুজ[২] বি [আ জুজ্.] বইএর ফর্ম্মা (দপ্তরীভাষা)। "জুজ করা।

জুজু বি [তু 'সং জূ—পিশাচী ; হি জুজু] ১ শিশুকে ভয় দেখানর নিমিত্ত কল্পিত ভয়ঙ্কর জীববিশেষ। "এখন দেখাও ভয় জুজু সাপা বিছা ভা.চ ৩৩৯। ২ ভয়জনক জীবমাত্র। "কাঠগড়ার ভিতরে বিড়ে মাথায় সরকারি জুজু বসিয়া আছে ব.প্র ৬৩৬। ৩ ভয়ে জড়সড়-দেহ। "বাপের কামানো টাকা বিলাতে চাটকে (?)। দিয়া, নিজে জুজু হয়ে ঢোকেন কাটকে॥ —হেম ৩৮৭। [°বুড়—বুড়া জুজু। "চুলগুলি কিবা কাল, মুখখানি তোবড়া ভাল, নাকে চসমা দিয়া, সাজলো জুজুবুড় গো।—আ.চু ১২০। °বুড়ী—বুড়ী জুজু। "ও ভাবে বা এল জুজুবুড়ি।—শিশু ৩২।]

জুঝ অর্ম্ম [সং √যুধ্ (যুধ্য-তে) > লি √যুজ্ঝ, প্রা √জুজ্ঝ > বা (√যুঝ, √জুঝ) √যু(জু)ঝ ; হি √জুঝ ; ঠ √জুং(জু)জ, -ঝ, √জুংঝ] যুদ্ধ করা। "কৃ.উ ৭৮ ; জুঝে ১০২ ; জুঝএ মরুত রাজা ২২২ ; জে আইসে জুঝিবার মনে ২৫৯। [জুঝঅ—যুদ্ধ করে (চ)। জুঝা—যুদ্ধ করা।]

জুঝার, -রু বিং ['যুদ্ধকার'—মূল ; হি °র ; ঠ জুঞ্জো(ঝা)র] যুদ্ধকুশল। "সেনাপতি সমরে জুঝার কৃ.উ ৮৯ ; রাম রণের জুঝার ২৫৩। সেনাগণ প্রচণ্ড জুঝার চ.বি ৪০। জুঝার মাতঙ্গ শ্রী ১৫ ; ৮০। —রু বি যোদ্ধা। "কৃ.উ ৮৯।

জুট[১]**, জোট**[১] বি [সং যূথ ; হি জুট ; ঠ জুটী ; গু জুথ ; জাটু—জোট']

১ দল। "এক জোট মেরে কেহ আর জোট খুজে—শি ৫১। ২ গজ-যূথ। "গর্জ্জে যেন গজারি গহনে পেয়ে জোট শ্রী.মা ১৪৬। —ট বিং [হি জুট (যুক্ত) ; জোট (জোড়া)] জোড়া। "জোট শুয়া জোট পান বি.পা ২৯০। [জু(জো)ট বাঁধা—দলবদ্ধ হওয়া। একজু(জো)ট হওয়া—মিলিত হওয়া।]

জুট[২], **জোট**[২] অর্ম্ম [জু(জো)ট[১] > °ট ; হি, ঠ √জুট] ১ দলবদ্ধ হওয়া ; মিলিত হওয়া। "পরিমল লোভে অলি আসিয়া জুটিল। আকাশ ঘিরে মেঘ জুটেছে।—শিশু ৮৪। অনেকে আপনা আপনি এসে জুটে যায় আ.দু ১২৬। ২ সংগৃহীত হওয়া ; মিলা। "উকীল।—সে ডাল ভাত জোটে কোথা থেকে ? কমলাকান্ত।—ভগবান্ জোটালেই জোটে, নইলে জোটে না ব.প্র ৬৪৬। —টা সর্ম্ম [°ট+আ[৮]] ১ দলবদ্ধ বা মিলিত করা। ২ আনিয়া দেওয়া ; মিলান। দ্র 'জুট[২] (২)'। [°টা—সর্থ 'জুট[২]'। °টান—সর্থ 'জুটা'।]

জুটক স্ত্রী [জুট+ক (কন্) > °ক, পুবো] জট। —টিকা স্ত্রী [°ক+আ (টাপ্)] শিখা, ঝুঁটি।

জুটি, -টী বি [দ্র 'জুট[১]' ; তা জোডি ; (মুণ্ডারি) 'জুড়ি'—a pair, match।] ১ দলের লোক ; সঙ্গী, সাথী। "আর আর শিশু দেখি নিজ নিজ জুটি। কান্ধে চাপিবার তরে করে ছুটাছুটি॥—ব.প ৮১৪। ২ সম-কক্ষ ব্যক্তি ; জুড়ী। "তুমি আমি এক জুটী বলাই মুষ্টিক শ্রী.ম ১৩০।

জুঠ '-ঠা' বিং [সং জুষ্ট > প্রা জুট্‌ঠ > বা (জুঠ) °ঠ ; হি জুঠ, -ঠা] সেবিত, ভুক্তাবশিষ্ট, উচ্ছিষ্ট। "জুঠ পাঁওরুটি অ.গু ৪৫।

জুড়্ সক [তুদা, প—জুডতি ; সেট্] ১ বন্ধন। ২ [চু, প—জোডয়তি ; সেট্] প্রেরণ।

জুড়[১] সর্ম্ম [সং √যোজি—যোজয় > প্রা √জোড > বা °ড় ; হি √জুড় ; ঠ √জুড ; মুণ্ডারি—'জুড়া'—to join ; তু 'সং √জুড়'] ১ যোজিত করা ; জোড়া (to join)। ২ যোজনা বা সন্ধান করা (শর)। "শত্রুঘন জোড়াছে (জুড়িয়াছে) শর কৃ.উ ১৮৯। ৩ গ্রথিত করা (বস্ত্রাদি ; to patch up)। ৪ যুগে যুক্ত করা ; জুতিয়া দেওয়া (to yoke)। "ভবের গাছে জুড়ে দিয়ে মা, পাক দিতেছ অবিরত।—রামপ্রসাদ। ৫ [তু 'সং √জুড়' (চুরাদি)] নিয়োজিত করা ; লাগান। "দাস দাসী বিস্তর জুড়িল ততক্ষণে শ্রী.ম ২৩০। ৬ আরম্ভ করা। "মা মা বলিআ দুই ভাই জুড়িল করুণা কৃ.উ ২৭৪। (নারাণ) গান জুড়ে দিলেন হু ১৬৬। ৭ ব্যাপ্ত করা ; ঢাকা। "নদী জুড়া ফেনা : মেঘ জুড়িল গগন ক.চ ২৪৯। পড়িল অনেক সৈন্য রণস্থল জুড়ে ম ৮২৫। দুই পদে পৃথিবী জুড়িল ততক্ষণ ব.প ৮৯০। শিশু ৮৫। ৮ মিলিত করা। "বদনে বদনে জুড়ি কৈল মধুপানে শ্রী.কী ১৩৪। —ড় অর্ম্ম সংযুক্ত বা সংলগ্ন হওয়া ; লাগা। [জোড়া[২]—১ সর্থ 'জুড়[১]'। ২ যোজিত ; ব্যাপ্ত, ব্যাপী। জুড়িআ, -এ, জুড়িহ (শ্রী.কী)।]

জু(জো)ড়[২] অর্ম্ম [জু(জো)ট > °ড়] লব্ধ হওয়া ; মিলা। "জুড়ে নাই বাস শ্রী.মা ১১৬। অন্ন না খাইতে জোড়ে ভ.গ্র ৩৪৬।

জুড়নী বি [জুড়[১]—মূল, তু 'কন্যা ঘুড়িয়া আইস (গো.চ ৫৩) ; পূর্ব্বাঞ্চলে 'জুড়নী', 'জোরন'] বিবাহের সম্বন্ধ স্থির হইলে বরের বাড়ী হইতে কন্যার বাড়ীতে প্রেরিত বস্ত্র অলঙ্কার প্রভৃতি উপহার (তু 'গায় হলুদ')। "বি.পা ২৫৯ ; যতেক জুড়নীর সজ্জা ভেটাইল সব ২৬৬ ; কন্যার জুড়নী করি রাজা চন্দ্রধর ২৬৭।

জুড়া অর্ম্ম [হি √জুড়া ; মৈ 'জুড়্, -র'—শীতল ; তু 'সং জড়—জল'] ১ শীতল হওয়া ; তাপহীন (ঠাণ্ডা) হওয়া। "তপত দুধ,…জুড়ায়িলেঁ সোআদ তাএ শ্রী.কী ৯৮। ২ সন্তাপহীন হওয়া ; শান্ত হওয়া ; তৃপ্ত হওয়া। "তাক দেখিআঁ জুড়ায়িবে দুই আখী শ্রী.কী ২০৫। ঘুচুক মনের দুঃখ জুড়াক পরাণ কৃ.উ ২৪০ ; জুড়াবার তরে মাগো গেলি সে পাতাল ২৭৪। সই, কিবা সে শ্যামের রূপ, নয়ান জুড়ায় চেঞা চ.দা ৫। ৩ উপদ্রব-তাপ-হীন হওয়া। "অমন অসৎ লোক পুলিপলাম গেলে দেশটা জুড়ায় আ.দু ১৫৬। —ড়া সর্ম্ম ১ শীতল করা ; জুড়ান। "কাহ্নু আলিঙ্গিআঁ সকল দেহ জুড়ায়িবোঁ শ্রী.কী ৩০০। ২ সন্তাপহীন করা ; শান্ত করা। "পুনহি দরশনে, জীবন জুড়ায়ব বি.প ৩ ; প্রাণ জুড়াইতে লাখে না মিলল এক ২১৪। ৩ তৃপ্ত করা। "তিলেক দাঁড়াও কাছে জুড়াক (পাঠান্তর 'জুড়াকু') নয়ান ব ১৪৬। জুড়াইব আঁখি, বৎস ! দেখিয়া তোমারে মে ৩১৭। ৪ নির্ব্বাণ করা ; নিবান। "এ মনের জ্বালা জুড়াই বিরলে (মে)। [জুড়ান—সর্থ 'জুড়া'। প্রদীপ জুড়ান—প্রদীপ নির্ব্বাণ করা।]

জুড়ি, -ড়ী বি [হি জোড়ী ; ঠ জোডী ; মুণ্ডারি 'জুড়ি'—a pair, match ; তা জোডি] ১ দুই সমকক্ষ ব্যক্তি বা সমান পদার্থ ; জোড়া। "এক জুড়ি শঙ্খ শি ১০০। ২ এক রকমের ঘোড়া বা বলদের জোড়া ; জুড়ি-টানা গাড়ী। "বলদ এক জুড়ি (প.ক)। গাড়ি জুড়ি ভা.চ ২৬। কোথা রবে জুড়ি হু ১৬৬। ৩ শকটের একজোড়া বাহকমাত্র। "বিলাতী জুড়ি হু ২০৬। বিষ্ণুর…কোচম্যান্…ফিটানে নূতন গরুড়ের জুড়ী যোজনা করিলে, নারায়ণ… সপ্তসরোবরোদ্যানে যাইতে কহিলেন।—য ১৩। ৪ যাত্রাদলের গায়কের জোড়া। ৫ সেতারের একস্বরে বাঁধা দুইটি তার। [°দার—সদৃশ ব্যক্তি। "বড়মানুষদের মধ্যে অনেকেই পদ্ম-লোচনের জুড়িদার হু ১৫৯।]

জুত[১] '-ত' বি [সং যুক্ত > প্রা জুত্ত > বা °ত ; তু 'যুত'] ১ সুস্থভাব ; স্বাভাবিক অবস্থা। "শরীরে জুত থাকলে, সব ভাল লাগে। ২ ['জুইত' (ঢাকা)] সুবিধা, সুযোগ। ৩ যোত্র, সঙ্গতি। ৪ গঠনপ্রকার, গড়ন। "ঘরের জুত। ৫ যন্ত্রের অবিকলভাব বা কার্য্যোপযোগিতা। ৬ সঙ্গতি, মানান, লাগ। ৭ মিশ্র অপকৃষ্ট ধাতু (alloy)। —তী বি [সং যুক্তি > প্রা জুত্তি > °তী ; অপ্র] যোগ, মনোযোগ, কার্য্যে অভিনিবেশ। "রন্ধনের জুতী হারায়িলোঁ বড়ায়ি। সুণিআঁ বাঁশীর নাদে শ্রী.কী ৩০৬। [°মত, °সই—সুসঙ্গত, মানানসই।]

জুত[২] '-ত্' বি [সং দ্যূত > লি জুত ; অপ্র] পাশাখেলা। "জুতেতে হারিয়া তবে এতেক সম্পদ।—ম ৬০০।

জু(জো)ত[৩] সর্ম্ম [জুত[১] > °ত ; হি √জু(জো)ত] গাড়ী-প্রভৃতির জোয়ালে যুক্ত করা বা বাঁধা ; জোতা। "বসহা ধুরন্ধর, হর লয় জোতিঅ বি.প ২২৫। আরোহণ করি মনপুষ্পরথে, ভজন-পূজন দুটি অশ্ব জুতি তাতে।—রসিকচন্দ্র রায়। জোতা—সর্থ 'জুত[৩]'।

জুতা, -তি[২], **-তো** বি [হি জুতা, -তী ; ঠ জুতে—খড়ম ; জোডা—জুতা ; ড় জোতা, -ডা ; 'যুক্ত'—মূল (?)—পায়ে যুক্ত থাকে, খড়মের মত বিযুক্ত নহে।] চর্ম্মপাদুকা। "জুতিবাজী বি.সু ১৩৯। তথা একজন দেখি পদ নাহি তার। অমনি জুতোর খেদ ঘুচিল আমার॥—স.শ ৩৫। গুণে একশ জুতি ঝাড়িব দা ২১১২। [°জোড়া—একজোড়া জুতা। "স.এ ২২। °দানি, -নী—জুতাদানসম্বন্ধী, জুতাদানের। "কেবল গরু কেটে জুতাদানি ধার্ম্মিকতা আছে।—আ.দু ৭১। জুতান—জুতামারা। জুতোবর্দ্দার—জুতা রাখার ভৃত্য। "কা ১১৯।]

জুতি[১] বি [সং দ্যুতি > লি জুতি ; অপ্র] ১ জ্যোতিঃ, প্রভা, দীপ্তি। "ছাড়ি গেল জুতি মী ২৫। গজমতি যিনি জুতি কর্‌য়াছে দশনে ম.পা ৪২ ; দশনের জুতি ৮৩। আগুনির জুতি শ্রী.ম ২১। হিমকর" চৈ.ম ৩৪। ২ বর্ণ, শ্রী। "সুবর্ণের জুতি মী ১০। হরিতাল জুতি কৃ.উ ৮০। অধর বিম্বক জুতি ক.চ ৮ ; দেহের হেমজুতি ২৩। রুধিরে অরুণজুতি শ্রী.ম ২৪০।

জুতি[২] দ্র 'জুতা'।

জুদা বিং [ফা জুদা] পৃথক্, ভিন্ন। "অধর সুধা, পড়িছে জুদা চ.দা ১৪ ; আর এক হয়,…তাহা মোরে দেহ জুদা ৩০।

জুন১ বি [সং জূর্ণ >প্রা *জুন্ন >বা (জুন) °ন ; হি জুন ; মৈ জুন্না —তৃণরজ্জু] রজ্জুর উপকরণ তৃণবিশেষ।

জুন২ বি [E. June] ইংরাজী ষষ্ঠ মাস (জ্যৈষ্ঠ ও আষাঢ়)।

জুনি, -নী অব্য [জনি৩ >°নি, -নী ; অপ্র] যেন না। "কোলে কর কাহাঞি বড়ায়ি জুনী জাগে শ্রী.কী ১৬১ ; জুনি ২৮৫।

জুবড়া সর্ম [জাবড় >°ড়া] সুষিক্ত করা ; ভিজান। [জুবড়(ড়ো)ন —আর্দ্রীকরণ। "(বসন) তৈলে করি জুবড়ন, হনুমান্‌লেজেতে জড়ায় দা ১১৭৮।]

জুবতি, -তী বি [সং যুবতি, -তী >প্রা জুবই ; জুবই (দো) ; অর্দ্ধ-তৎসম] তরুণী। "জুবতি সব প্রজা গো.বি ২৪। জুবতী মী ৩০।

জু(জো)ব্বা বি [ফা জুব্বহ্] লম্বা ঢিলা জামাবিশেষ (an overcoat)। "জুব্বা।—রঙ্গ ৯। জোব্বা গায়ে।—হেম ৩৮৬।

জুম বি [আ জুল্‌ম্] ১ অবিচার, অরাজকতা, অত্যাচার। "বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম ভা.চ ১৮ ; এত জুম আজ্ঞা বিনা বুকে হাত দিলা ৩৯০,-৯১। ২ অন্যায় বলপ্রকাশ। "রজনী-শেষে আশুতোষ, ইচ্ছা করেন শয়নে।···নারীগণ করিয়া জুম, হাত দেয় গো নয়নে॥ —দা ১৫৯৩।

জুমলা বি [আ জুম্‌লহ্] সমষ্টি, মোট টাকা। "এইরূপ হিসাবে জুমলা যত হয়। ধার্য্য হয় সেই সুদ জানিবে নিশ্চয় (শুভঙ্কর)।

জুম্মাঘর বি [আ জুমা'—শুক্রবার] মুসলমানদিগের শুক্রবারে সমবেত উপাসনার্থ গৃহ।

জুয়া১ দ্র 'জুআ'।

জুয়া২ বি [সং দ্যূত >প্রা জুঅ >বা (জুআ) °য়া ; হি জু(জু)আ ; ঠ জুগার] ১ পণপূর্ব্বক খেলা ; পাশকাদিক্রীড়া, বাজির খেলামাত্র (gambling)। "পৈতৃক রাজ্য দিয়াছে জুয়াএ ম.বি ২৩৪। জুয়ায় হারিয়া বা.ম ৩৩৯। ২ বিবাহান্তে বরকন্যার ক্রীড়ারূপ স্ত্রী-আচার-বিশেষ। "জামাতা দুহিতা উভ জুয়া খেলাইয়া ম.পা ৭২ ; ১৬১,-৭৩। [°খেলা—দ্যূতক্রীড়া। °চুরি, -রী (তু 'জুচ্চুরি')—জুয়া দ্বারা অপহরণ ; কপটতাপূর্ব্বক আত্মসাৎকরণ। "প্রলয় জুয়াচুরী হু ১২৯। °চোর, জোয়াচোর—যে জুয়াচুরি করে ; ধূর্ত্ত। "জোয়াচোর বেটা শ্রী ১২২। জুয়ে টেটন—জুয়ারী ধূর্ত্ত ; অতিধূর্ত্ত।]

জুয়ার১, **-রি, -রী** বি [সং দ্যূতকার, -রী >প্রা জুআ(য়া)র, -রি >বা জুয়ার, -রী ; হি—জুআরী ; ঠ জুগারী ; জুআর (চৈ.ম) ; জুআরি (ম ৩৫৩)] যে জুয়া খেলে। "পুত্র জুয়ার ব.প ১০। জুয়ারী বা.ম ৩৩৯। ব ৭২। জুয়ার চৈ.ভা ৪১৩।

জু(জো)য়ার২ বি [হি জুআর, জ্বার ; ঠ ভরতী ; পূর্ব্বাঞ্চলে 'জো' —যোগ, অর্থাৎ অমাবস্যা বা পূর্ণিমার যোগ। 'জোয় জোয় জল বাড়ে, জ্বর বাড়ে বা ব্যথা বাড়ে'—এই কথ্যভাষা হইতে 'জোর (তিথিযোগ-সম্বন্ধী জলবৃদ্ধি), 'জোয়ার' কি?] ১ চন্দ্রসূর্য্যের আকর্ষণজন্য নদীর জলবৃদ্ধি (flow-tide)। বিপ 'ভাটা'। "জোয়ারের পানী, নারীর যৌবন।—চ.দা ১৪১। ২ বান। "জোয়ারে মারিল নৌকা সাগরের জলে গো.বি ১৮০। ৩ (অপ্র) জলরাশি। "হিমালয়ের পাশে গঙ্গা ভরিল জোয়ারে গ ১৫৩,-৮১ ; ২০১। ৪ (অপ্র) জলপ্রচুর দহ। "জোয়ারে মরিব ডুবি শ্রী.ম ৬৮। [জোয়ার গাঙ্গ—জোয়ারের জলে ভরা নদী। "জোয়ার গাঙ্গে জল ছুটিছে রাখিবে কে?—ব.দ্বি ১২৭। জোয়ারের জল—(গৌণার্থে) ক্ষণিক সমৃদ্ধি ; ক্ষণিক বিষয়মাত্র। দ্র 'জুয়ার২ '(১)। জুয়ারে টান—জুয়ারের মন্দ স্রোত। আলোর জোয়ার—আলোক-রাশির প্রবল প্রবাহ। "আলোর জোয়ার বেয়ে তোমার, তরী আসে আমার ঘাটে চ.কা ৪৪৪।]

জুয়াল, জুয়ালি দ্র 'জুআল'।

জুর অর্ম [জুড়১ >°র ; অপ্র] যুক্ত হওয়া ; প্রবৃত্ত হওয়া। "পরের বিবাদে কেন জুরি।—ম.ম ১৮। [জুরিছ—সমবেত করিয়াছ ; জুটাইয়াছ। "কুটুম্ব তুমি জুরিছ বিস্তর গো.বি ১১৮।]

জুরি১ বিং [জুড়ি >°রি] যুগল। "জুরি কামান শ্রী.ম ২২৩।

জুরি২ [E. jury] প্রমাণানুসারে বিচার্য্য বিষয়ের সত্যনির্ণয়ার্থ জনসাধারণ হইতে সরকারের নির্ব্বাচিত বিচারকমণ্ডলী।

জুল বি [হি জুল ; তু 'ছল'] ছল, ধোখা, দম। "°বাজ, °বাজী।

জুলপি, -ফি বি [ফা জু.ল্‌ফ্. ; হি জুল্‌ফী ; ঠ ঝুলুপ ; ঝুলপি (মালদহ)] কানের পাশের চুল। "জুলুপ ঝুলায় (প.ক)। জুলপি বয়ে সরষের তেল পড়চে স.এ ৫২। [জুলুফে—জুলফিকে। "দেখিয়া জুলুফে, মদন কুলুফে চ.দা ১৭।]

জুলাই বি [E. July] ইংরাজী সপ্তম মাস (আষাঢ় ও শ্রাবণ)।

জুলি বি [(তিব্বতী) 'জুর'—water-course ; (দ্রবিড়ীয়) জোল, -লি—water-course ; জুরি (ত্রিপুরা)] জলনালী। "খালি জুলি ভরা হইল ক.চ ১৬৪।

জুলুম বি [আ জু.ল্‌ম্] অত্যাচার, উপদ্রব, অন্যায়বলপ্রকাশ। "জুলুম করিয়া সবে করিল সুন্নত ব.প ২১৭। প্রজাদের পরে জুলুমটা নেই।—কা ১২৪। লোক লস্কর···বাজারে জুলুম হাঙ্গামা করে E.P. 48. [°বাজ—অত্যাচারী, দুর্বৃত্ত।]

জুষ্ অক [তুদা, আ—জুষতে ; সেট্] প্রীতি, হর্ষ। —ষ্ সক সেবন, আশ্রয়, উপযোগ। —ষ্ সক [চু, ভ্বা, প—জোষয়তি, জোষতি ; সেট্] তর্ক। "জোষয়তি জোষত্যস্তগুণং গুণী (ক.ক)।

জুষ বি [সং যূষ ; হি জুষ, -স ; ফা আব্, জুশ ; L., O.F. jus ; E. juice] কাথ ; ঝোল। "মাংসের, মুসুরীর জুষ।

জুষ্ট বিণ [√জুষ্+ত (ক্ত)-র্ম্ম ; ছান্দস] ১ সেবিত, পূজিত। "কার্য্যং লোকজুষ্টম্ গো.রা ৫.২.৭। মহাব্রহ্মসমূহ° ভট্টি ১.৪। ২ আশ্রিত, অবলম্বিত। "(কশ্মলম্) অনার্য্যজুষ্টম্ গী ২.২। ৩ অন্বিত, যুক্ত। "রাজপ্রভাব° রা ২.২.৯। "ধর্ম্ম° (কার্য্য) গো.রা ৫.২.৭। দেবোদ্যান-শ্রিয়া জুষ্টম্ (ত্রিপিষ্টপম্) ভ ৭.৪.৮। ৪ পরিবৃত। "পতত্রিক্রোষ্ট্রজুষ্টানি রক্ষাংসি ভট্টি ৫.৮০। ৫ অধ্যুষিত। "কিন্নরৈঃ···জুষ্টকন্দরঃ ভ ৮.২.৫। ৬ উপভুক্ত, সেবিত। "তীর্থমৃষিজুষ্টজলে (অ.কো)। ৭ সেবিত। "(সভাম্) জুষ্টাং মুনিগণৈঃ।—মহা ২.৬.১৩। ৮ অধিষ্ঠিত। "জুষ্টে বশিষ্ঠাদিভিঃ (বিবাহমঙ্গলমহে) উ.চ ৬.৪০। ৯ অন্বিত, খচিত। "মরকতমণিজুষ্টা হারযষ্টিঃ ক.ম ৩.২। শালায়াং জুষ্টায়াং মাল্যদীপকৈঃ।—ভ ৮.৯.১৬। ১০ উপাসিত, সেবিত (A.)। —ষ্ট ক্লী উচ্ছিষ্ট। —ষ্য বিণ [+য (ক্যপ্)-র্ম্ম] সেব্য, আশ্রয়ণীয়, ভোগ্য।

জু(জো)হার বি [হি জুহার ; তু 'যোহার' (শ্রী.মা ৪১)] প্রণাম, সেলাম, বন্দগী। "আমার জুহার খুড়ি : জোহার ক.চ ৭৪। জোহার ব.প ৩৪৮ ; জুহার ৪৩১,-৭৭ ; শ্রী.মা ২১৯। জোহার জানায় গিয়ে ভূপতির পায় শ্রী ৭৬, ১২২,-৬৭ ; ২৩৩। ভা.চ ৪১২।

জুহূ স্ত্রী [√হু+কিপ্ (০)-ণ, উ ২.৬০] পালাশযজ্ঞপাত্রবিশেষ।

জূট পুং [জট্+অ (অচ্)-ভা ; পৃষো] ১ বন্ধ, সঙ্ঘাত ; জটাসঙ্ঘাত। "জটাজূটসমাযুক্তা (দুর্গাধ্যান)। জটা° কু ৩.৬। ২ [+অ-ক] জটা, জটাগ্রভাগ। "শ্রুণদ্ধজূটা জটাঃ মা.মা ১.২।

জূতি স্ত্রী [√জু+তি (ক্তিন্)-ভা ; ছান্দস] গমন। "ভট্টি ৭.৬৯।

জূথী বি সর্থ 'জুই'। "চৈ.ভা ৪৫৮।

জূর্ অক [দি, আ—জূর্য্যতে ; সেট্] ১ বয়োহানি। ২ [তু 'সং √ক্রুধ >প্রা √জূর্ (প্রা.প্র ৮.৬৪)] কোপ। "ভট্টি ১১.৮। —র্ সক হিংসা, বধ।

জূর্ণ পুং [√জূর্+ত (ক্ত)-র্ম্ম] তৃণবিশেষ, জুনঘাস।

জূষ পুং, ক্লী [তু 'সং যূষ >প্রা জূস] মুদ্গাদির কাথ ; ঝোল।

জৃম্ভ্ (-ম্ভি) অক [ভ্বা, আ—জৃম্ভতে ; সেট্] ১ গাত্রশৈথিল্য, জৃম্ভণ, হাইতোলা। ২ প্রকাশ, প্রাদুর্ভাব। [উদ্—উদয়। বৃদ্ধি। বি—ব্যাপ্তি। "রঘু ৩.১৯ ; ৭.৪২।]

জৃম্ভ পুং, ক্লী, **-ম্ভা** স্ত্রী [√জৃম্ভ্+অ (ঘঞ্),+অ, -ভা, স্ত্রী আ (টাপ্)] ১ গাত্রশৈথিল্যকর মুখবিকাশ ; জৃম্ভণ, হাইতোলা। "সা.দ ৩.১৫১। ভা.চ ৫৮৫। ২ ব্যাদান, বিস্ফার। "অন্তকবক্ত্রস্ত্রজৃম্ভা উ.চ ১২৯। ৩ বিকাস, প্রস্ফুটন। "জৃম্ভারম্ভপ্রবিততদল বে ২.৮। ৪ ভেদ। —ম্ভক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ম্ভিকা] ১ জৃম্ভাকারক (যে হাই তোলে)। ২ গ্রহবিশেষ (নীলকণ্ঠ)। "মহা ৩.২৩০.৩৪। —ম্ভক ক্লী [√জৃম্ভি+অক-ক] 'জৃম্ভণজনক', তেজোময় দিব্যাস্ত্রবিশেষ। "রা ১ ২৮.৯। সরহস্যজৃম্ভকান্ত্রাণি উ.চ ১১৪। সমন্ত্রক জৃম্ভক অস্ত্র। —সী ৬। —ম্ভণ ক্লী [+(ল্যুট্)-ভা] ১ সর্থ 'জৃম্ভ (১)। "°তৎপর। —ঋতু ৬.৯। ভ ৩.২.৪১। চৈ ১০৩। ২ বিকাস, স্ফুটন। "মালতী ...জৃম্ভণোম্মুখী।—ভর্তৃহরি। ৩ মুখব্যাদান। ৪ [√জৃম্ভি+অন-ক] জৃম্ভণকারক অস্ত্র ; জৃম্ভকাস্ত্র। "জৃম্ভণং...অস্ত্রং জগ্রাহ পুরুষোত্তমঃ হ ১৮৪.৪। শি ৫৭। —ম্ভিকা স্ত্রী [°ম্ভা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] জৃম্ভা, হাই তোলা। —ম্ভিত বিণ [+ত (ক্ত)-ক] ১ কৃত-জৃম্ভণ। "শি ৫৭। ২ বিকসিত। ৩ প্রবৃদ্ধ, উপচিত ; প্রকাশিত। "কামশ্চ জৃম্ভিতগুণো নবযৌবনং (জৃম্ভিতগুণম্) চ।—মা.মা ১.৩১। —ত ক্লী [+ত-ভা] ১ জৃম্ভণ। ২ স্ফুটন, বিকাস। ৩ চেষ্টিত, চেষ্টা।

জৃ অক [দি, ক্র্যাদি, প—জীর্য্যতি, জৃণাতি ; সেট্] ১ বয়োহানি, জরা, জীর্ণভাব। ২ পরিপাক। ৩ বিলয়, ক্ষয়। —[চু, প—জারয়তি ; সেট্] জরা।

জৃম্ভক, জৃম্ভিকা দ্র 'জৃম্ভ'।

জে[1] সর্ব্ব [সং যে >প্রা জে (বহুব) ; হি জে (বহুব) মৈ জে (১ব) ; জে (বহুব)—জে জে আইলা তে তে গেলা (চ ১৪)] ১ যে (জন)। "জেই প্রথমে পূজিবে ম ৬২৪। জে হয় ধর্ম্মরাজা অ.প ১২৭। জে করে হিংসন ম.পা ৪। টাকা জে বা দিতে নাহি পারে গো.চ ২৪০। ২ যাহা। "রন্ধন ভোজন কর জে মনে আইসে কৃ.উ ১৯৯। জারে জে করে বিধি নারে এড়াইবারে গো.বি ১৩৪ ; শাস্ত্রেত জে দেখি ১৬৯। ধন নাহি এহার জে তুল্য ম.পা ১২৮। জে হউক সে হউক মনে, অবশ্য ত দিব দানে গ ৪৫। ন.প ২৩। —বিং ১ যে। "জে কথা শ্রবণে পবিত্র।—গ ২। জে জন কৃ.উ ১৯৯ ; ২০৫। জেইরূপে ম.পা ৭। ২ যে-প্রকার। "জেই জে মাগিল বর গো.বি ২২। সেই ধর্ম্মে জার জে ভোগ হএত তখন অ.প ১২৭। জে বরু (যে বর)।—বি.প ২২৫। প্রশংসা জে আছে ন.প ৪ ; ২১। [জেই—১ যে লোকই। "জেই জে মাগিল বর সেই বর পাইল গো.বি ২২। জেই জন গ ২। জেই সহে সেই বড় কৃ.উ ১২৫। ২ যাহাই। "জেই দিএ তাই পাইএ কৃ ২০২। ৩ যে। "ক্ষীর নিত্যাহার জেই করে ম.পা ১২৮। ৪ যে প্রকারই। "জেই মাগে সেই দিমু তাহারে প্রসাদ অ.প ৩৩। জেই জেই—যে-যে-প্রকারই। "জেই জেই শব্দ নাহি বুনি কৃ.উ ২০২। জেএ—যে। "জেএ কিছু য়াছিল ধন।—গো.বি ১২৩। জেওথানে...সেওথানে—যে স্থানেই ...সে স্থানেই। "গো.চ ২৮১। জেথানকে—যে স্থানে। "জেথানকে জায় গোসাঞি তোমার চরণ কৃ.উ ২৬৫। জেথানে সেথানে—যে-কোন স্থানে। "গ ১৪৮। জেটে—যেটা। "জেটে জেথান সাজে গো.চ ২৫১। জেবা—১ অথবা যে। "জেবা বোলে জেবা শুনে গ ২। ২ যে। "জেবা বেদ উচ্চারে : জেবা গীত বুঝে কৃ.উ ২৭০।]

জে[2] অব্য [সং যদ্ (?) ; প্রা জে (হে) ; অপ্র] ১ পাদপূরণে। "হর (হল) জে বনাবিঅ বি.প ২২৫। শোভে করে জে কঙ্কণ কৃ.উ ২০১, -২। তুই বড়হি জে দুষ্ট ম.পা ৮০ ; রাজন জে চম্পক ৯২ ; ১২৭,-৮ ; নারীগণে মঙ্গল জে করে ১৭৫। গ ৪১ ; কম্পএ জে মাথা ১৫০,-৮৮। নাম থুইল বিন্দুক জে নাথ গো.বি ৩০ ; ১৮৬। সে জে হিরা নটি গো.চ ২৪০। ২ অবধারণে। "সে জে গোরা গোকুলের ইন্দু ন.প ১২৭। ৩ [প্রা জেণ] যেন। "ইঁহাকে পালিবে জে আপন দুহিতা কৃ.উ ১৭২।

জেওয়াব বি [অপ্র] জবাব, কথা। "মুখের জেওয়াবে দরিয়া বাঁধ যায় ব.প ৫৮।

জেওর বি [ফা জে.বর্] অলঙ্কার। [°পাতি—গহনাপত্র।]

জেঁহো সর্ব্ব [যেঁহো > °হো] যিনিই। "জেঁহো বৃন্দাবনে কৈল রাসাদি-বিলাস ন.প ৩৩।

জেকের বি [জিকির > °র] যশোগাথা, কীর্ত্তি। "শোনে হোঁগে ওন্‌কা জেকের বি.সু ৯।

জেগা বি [র্ক জিগ.হ্] পাগড়ি বা টুপিতে পরিধেয় স্বর্ণভূষণবিশেষ। "চোগা জেগা টোপ।—রঙ্গ ৯।

জে(জো)টি বি [E. jetty] জাহাজে উঠার বা জাহাজ হইতে নামার পাকা উচা ঘাট ; তরস্থান (wharf)। "লোকেরা...জেটি দিয়ে ইষ্টিমারে উঠতে লাগলো হু ২২৯।

জেঠ[1], **জ্যেঠ**[1] বি [সং জ্যৈষ্ঠ >প্রা জেট্‌ঠ >বা °ঠ ; হি জেঠ ; অপ্র] জ্যৈষ্ঠ মাস। "জেঠ ব.প ১০৫৩। জ্যেঠ গো ২৩৯। [°ধান (হি জেঠী) —যে ধান জ্যৈষ্ঠমাসে পাকে। "শৃ ১১৩।]

জেঠ[2], **জ্যেঠ**[2] বিং [সং জ্যেষ্ঠ >প্রা জেট্‌ঠ >বা জেঠ ; হি জেঠা ; অপ্র] ১ অগ্রজ, বয়োধিক, বড়। "এই কন্যা সকলের জেঠ মী ১। ২ বড়, প্রবল। "বালা শৈশব তারুণ ভেট। লখই ন পারিঅ জেঠ কনেঠ বি.সা ৬। প.র ১৮। জ্যেঠ কনেঠ বি.প ৩৬।

জেঠা বি [সং জ্যেষ্ঠতাত ; জেঠ[2] >ঠা ; হি জেঠা—অগ্রজ, বড় ; হি জেঠ—ভাশুর ; জেটা (শৃ ৩২)] ১ পিতার অগ্রজ। "শ্রী ১৬৬। ভ.গ্র ১৪০। চৈ.ভা ৩৫৩। ২ (সাদৃশ্যে) অকালপক্ব, ফাজিল (ছেলে)। —ঠী বি [°ঠা+ঈ ; হি জেঠানী—ভাশুরের স্ত্রী ; জেটী (অ.গ্র ৯০।] জ্যেষ্ঠতাতপত্নী, জেঠিমা। [জেঠাই, -ঠাইমা, -ঠীমা—জেঠী। জেঠাত বা জেঠতুতো ভাই (হি জেঠৌত, -তা—ভাশুরের ছেলে) —জ্যেষ্ঠতাতপুত্র। জেঠাপণ, জেঠাম, -মি—বালকের অকাল-পক্বতা ; ফাজলামি। "সভামাঝে জেঠাপণা ক.চ ২৮২। জেঠামশায়—পূজ্য জ্যেষ্ঠতাত। জেঠশাশুড়ী ('জেঠগুশ'—দিনাজপুর ; 'জেশোশ'—নাটোর)—স্বামীর জেঠী-মা। জেঠশ্বশুর—স্বামীর জ্যেষ্ঠতাত।]

জেঠি, -ঠী বি [সং জ্যেষ্ঠী >প্রা *জেট্‌ঠী >বা °ঠী ; জেটি (গো.চ)] টিকটিকী। "জেঠীরব ক.চ ৩৮ ; ১১৩,-৩৭। জেঠিঙিম্ব ভ.গ্র ১৯৭। [জেঠী পড়া—গায়ে জ্যেষ্ঠীপাত ; (গৌণার্থে) জেঠীর ডাক।]

জেতব্য বিণ [√জি+তব্য-র্ম্ম] ১ জেয়। ২ নিগৃহীতব্য, বশীকরণীয়। —তা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-১ব ; স্ত্রী -ত্রী ; ছান্দস] ১ জয়ী। "জেতারং লোকপালানাম্ রঘু ১২.৮৯। ২ অতিশায়ী ; নিগ্রহীতা। ৩ [+তৃ (তৃন্) শীলার্থে] জয়শীল, জিষ্ণু। —তা পুং 'সর্ব্বভূতাতি-শায়ী', বিষ্ণু (মহা)।

জেদ দ্র 'জিদ'।

জেন বিং [সং যেন >প্রা °ণ (লক্ষণসূচক—হে) ; মৈ জেনা ; জেন (চ) ; জেণ্ড (প.ক)] যেরূপ। "আয়ুধেতে জেন বজ্র ম ৬৮৭। ধনুক টঙ্কার জেন মেঘের গর্জ্জন কৃ.উ ২৪৯। —ন ক্রি.বিং ১ যে প্রকারে, যে ভাবে, যেমন, যেরূপ। "যিনি মন্ত্রণায় জেন খেলাইলা পাসা অ.প ১১। ইন্দ্র জেন রাখে সুরপুর ম ৬১৪। ব.প ৩৮৯। পঙ্গু হইয়া চাহে জেন ধরিবারে ইন্দু ম.পা ১। ২ কোন প্রকারে ; সর্ব্বথা। "ভাল মন্দ জেন কিছু না করিহ মনে কৃ.উ ১৬৯। [জেন...জেন...তেন—যেমন... যেমন...তেমন। "অ.প ২৪। জেন...তেন (কামতাবিহারী কথা)—

যখন…তখন। "চ.বি ৯৮। জেন মতে…তেন মতে—যে প্রকারে…সে প্রকারে। "জেন মতে বাড়ে নীর শত শত গুণে। তেন মতে ব্রহ্মাণ্ড বাড়িছে পরিমাণে॥—গ ১৭। জেনরূপ—যেপ্রকার। "ম.পা ৫ ; ৫০ ; ১৩৩।]

জেনানা বি [দ্র 'জানানা'] স্ত্রী, অবরোধপ্রথা। "জেনানারূপ কারাগারের শিকল ভাঙ্গার বিষয় ব.ছি ১৮।

জেব বি [আ জেব্] জামার পকেট্। "শ্রী ২১৮।

জেমত বিং [যেমত > °ত] যেপ্রকার ; যাদৃশ। "জেমত মনুষ্য তুষ্কি তেমন জানিবে ম.পা ৫৫। —তি বিং ঠিক যেরূপ। "জেমতি ধাম ছিল পূর্ব্ব তেমতি হইল।—শূ ১১৩। —মন বিং [যেমন > °ন ; 'জিম, -মহ'—যেমন (চ ; দো) ; তু 'জ্যামন' (গো.চ ১৭৭)] যেরূপ। "জেমন২ পরামর্শ দিবেন সেইমত কার্য্য করিব।—কৃ.চ ৪৫। [জেমতি …তেমতি—যেরূপই…সেরূপই। জেমনে—যে প্রকারে, যে উপায়ে। "জেমনে হইবে মুক্ত তাহার কারণ কৃ.উ ১২১। জেমিনী (অপ্র)—যেমনি, যেরূপই। "জেমিনী প্রসাদ ফলে আমি জাতিস্মর শ্রী.মা ১৮৪।]

জেম্মা দ্র 'জিম্মা'।

জেয় বিণ [√জি+য (যৎ)-র্ম্ম] জেতব্য, অভিভবনীয়। "দেবৈরজেয়াঃ মহা ১.১.১৬৪। অজেয় জগতে মে ১।

জেয়া ক্রি [√জি+ইয়া³ >জিইয়া >জিয়া, °য়া ; দ্র 'জি³ ; অপ্র] বাঁচিয়া, বর্ত্তিয়া। "কেনে জেয়া আছে প্রাণ চ.বি ৮৬।

জেয়াদা দ্র 'জিয়াদা'।

জেয়াফত বি [আ জি.যাফ.ত্] ভোজ। "কর এক জেয়াফত ভারী ঃ জেয়াফত থাইবারে আমার গোচর ব.প ১৮৫৭।

জের বি [ফা জে.র্—নিম্নে] ১ নীচে, অর্থাৎ হিসাবের পর পৃষ্ঠায় টানিয়া আনা অঙ্কসমষ্টি। ২ অনুবৃত্তি, লাগাড়। "তাহাতে বাকি খাজনা কিছুই পরিশোধ হইল না, দেনার জের চলিল ব.প্র ৩৭৫। —র বিং [হি জের] পরাজিত। "জের হৈল নিমকহারাম।—ভা.চ ৪৭৬। [জের টানা—হিসাবে অঙ্কসমষ্টি পরপৃষ্ঠায় লেখা। "(চিত্রগুপ্ত) জন্ম-জন্মান্তরের যত. বকেয়া বাকী জের টেনেছে।—রামপ্রসাদ। কাজের জের—কাজের লাগাড়।]

জেরবার বিং [ফা জে.র্বার্] ঋণগ্রস্ত, নিপীড়িত, হয়রান্।

জেরা বি [আ জরহ্] ১ সাক্ষ্যের সত্যাসত্য-নির্ণয়ার্থ কূটপ্রশ্ন (cross examination)। "বটলর সাহেব ফৈরাদির…উপর অনেক জেরা করিয়া মতিলালের সংক্রান্ত এজেহার কতক কাঁচিয়া ফেলিলেন।—আ.দু ৫০। ব.প্র ৬৫০। —রা ক্রি.বিং [আ জ.রা] একটু, কিছুক্ষণ। "মুই তোমার সাতে বাত করব—আমি জেরা ফিরে এসি আ.দু ১০৫।

জেল বি [E. jail] ১ কারাগার, ফাটক। ২ [হি জেল] রজ্জু, শৃঙ্খল, জঞ্জাল। "মাল্য সেই নহে গলে দিল দৃঢ় জেল ভ.গ্র ২৯৭। [°খানা (হি °না) —১ কারাগৃহ। "জেলখানা আপন লৌহবদন ব্যাদান করিয়া আমাদিগকে গ্রাস করিতে আসিবে।—রবীন্দ্র। ২ অবরোধস্থান। "ভাবুকতার জেলখানা ঘ ৫৫। জেলখাটা (হি জেল কাটনা)—জেলে দণ্ডভোগ করা। জেলখাটা—যে জেল খাটিয়াছে ; দাগী (আসামী)। জেল-দারোগা—কারাধ্যক্ষ। জেল হওয়া—কারা-দণ্ড হওয়া।]

জেলা ; জেলে ; জেল্লা দ্র 'জিলা ; জালিয়া ; জিলা'।

জেষ্টমধু বি [সং যষ্টিমধু ; গ্রাম্য] মিষ্ট বাকলবিশেষ।

জেহি সর্ব্ব [জে³+হি ; অপ্র ; মৈ 'জেহি'—জেহিথন] যেই। "সমরে অধিক জেহি চ.বি ১৭৮।

জেহেদ বি [আ জিহাদ্] মুসলমানদিগের ধর্ম্মার্থ যুদ্ধ।

জেহা(হে)ন বিং [জেন >°ন (হ-আগম) ; অপ্র ; মৈ জেহন] যেমন, যেরূপ। "জেহেন কহিল চিহ্ন ঃ জেহেন ময়ূর-গতি অ.প ১৩ সর্ব্বসুলক্ষণ শিশু জেহেন অনঙ্গ ম.পা ৩৬। —ন ক্রি.বিং ১ যে-প্রকারে, যেন। "জলের উপরে নাচে জেহেন খঞ্জন গো.বি ১০৫। সর্প সৈন্য জেহেন গরুড়ে বিদংশিল অ.প ১৫ ; ৩৩। ২ যেমন, যেভাবে। "কহিল জেহেন ছিল জয়মুনিগাথা অ.প ৪৬।

জেহের বি [ফা জেব্‌র্ ; অপ্র] অলঙ্কার। "জেহের পঙ্কনী…শেখর পরায় পায় রা.শে ৩২।

জেহু বিং [জেন >জেনহ >°হু (হ-আগম) ; অপ্র] যেরূপ। "সিংহাসন জেহু রবির কিরণ কৃ.উ ১১।

জৈগীষব্য পুং [জিগীষু+য (ষ্যঞ্)] জিগীষুর অপত্য—পৌত্রাদি ; যোগবিৎ মুনিবিশেষ (দ্র 'মহা ৯.৫০তম অধ্যায়)।

জৈছন ক্রি.বিং [জৈ (জই, অর্থাৎ যেই)+ছন¹ ; অপ্র ; তু 'জৈসাণে' —যখন (শ্রী.কী)] যে ক্ষণেই, যখনই। [জৈছন…ঐছন—যখনই… তখনই। "জৈছন হেরবি. ঐছন কবিছবি. মদন বিরাজিত নিরমল চান্দ বি.সু ১৩৮।]

জৈছনে বিং [জইসন >°ছন ; অপ্র] যাদৃশ, যেরূপ। "পশ্চাতে জৈছনে কৃষ্ণ যশোদার প্রাণ শ্রী.মা ৯১ ; ১৬০।

জৈছে বিং [জইস >°ছ (দ্র 'জইসন) ; হি জৈসে (ক্রি.বিং) ; মৈ জৈসে—as, like ; বৈষ্ণবসাহিত্যে] ১ যাদৃশ, যেমন। "জৈছে গৌরচন্দ্র তৈছে প্রভুপ্রিয়গণ ন.প ৪৩। ২ যাদৃশভাবাপন্ন। "দেখিয়া প্রভুর শোভা নারদ গোসাঞি। হইলেন জৈছে তা কহিতে সাধ্য নাই॥—ন.প ৬৪। [জৈছে…তৈছে—যেপ্রকারে…সেপ্রকারে। "জৈছে কলি বৃদ্ধ তৈছে নামের ব্যত্যয় ন.প ৫।]

জৈঠ বি [সং জ্যৈষ্ঠ >প্রা *জইট্‌ঠ >°ঠ ; বৈষ্ণবসাহিত্যে] জ্যৈষ্ঠমাস। "জৈঠহি মিঠ. কহত সব রঙ্গিণী ব.প ১০৫১। জৈঠহি পৈঠল. হিয়ে বাড়বানল ব ১৮৫। [জৈঠহি—জ্যৈষ্ঠে।]

জৈতা বি [সং জতু ; অপ্র] জউ। "জৈতার আটনি ম.গা ২১।

জৈত্র বিণ [জেতৃ+অ (অণ্) স্বার্থে] জেতা, জয়শীল, জিষ্ণু। "ধনু-র্জৈত্রম্ রঘু ৪.১৬ ; ১৭.১৩। জৈত্রশর মাঘ ৩.৬১। জৈত্রৈর্দোর্ভিঃ ভ ৮.৭.১৭। জৈত্রমস্ত্রম্ মা.মা ২৬। —ত্র পুং ১ জেতা। ২ পারদ। —ত্র ক্লী ঔষধ। —ত্রী স্ত্রী ১ জয়ন্তীবৃক্ষ। ২ [জয়িত্রী >°ত্রী] (বাঙলায়) জয়িত্রী। "ব.প ৩১৮।

জৈন পুং [জিন+অ (অণ্)] ১ জিনোপাসক, জিনধর্ম্মাবলম্বী। ২ [বাঙলায় ; অপ্র] জোয়ান। "ম.ম ১২০।

জৈব বিণ [জীব+অ (অণ্) ; স্ত্রী -বী] ১ জীবসম্বন্ধী, জীবাত্মসম্বন্ধী। "°কার্য্য অ.লী ১১। ২ বৃহস্পতিসম্বন্ধী ; জীবদেবতাক।

জৈবাতৃক বিণ [√জীব্+আতৃক (আতৃকন্)-ক, উ ১.৮১] দীর্ঘায়ুঃ, আয়ুষ্মন্। "জৈবাতৃক! নন্ মুশ্রূয়তে পতিরস্যাঃ মিথিলায়াং প্রহারবর্ম্মাসীৎ (দশকুমার)। —তৃক পুং [+অতৃক-ণ] ১ পুত্র। ২ বৃদ্ধি। ৩ ঔষধ।

জৈবেয় পুং [জীব+এয় (ঢক্)] জীব-পুত্র ; বৃহস্পতিসুত কচ।

জৈমিনি পুং মীমাংসাদর্শন-প্রণেতা মুনিবিশেষ। "মীমাংসাকৃতমুন্মমাথ সহসা হস্তী মুনিং জৈমিনিম্।—পঞ্চ ২.৩৬। [ইনি সামবেদে বেদব্যাস-শিষ্য (ভ ১.৪.২১)। ইঁহার নাম বজ্রপাতনিবারক, এই হেতু বজ্রপাতে ইঁহার নাম উচ্চারিত হয়। ('ঝনঝন শব্দ') শুনি স্মরে কেহ জৈমিনি জৈমিনি শ্রী ২০৪।]

জৈষ্টমধু বি সর্ব 'জেষ্টমধু'। "গো.চ ৫৯ ; ৮৪।

জৈসন বিং [জইসন >°ন] যাদৃশ। "জৈসন খিনী চান্দক রেহ বি.সা ৩৪৪। [জৈসন…তৈসন—যেমন…তেমন। "বি.সু ৬১।]

জৈহ্ম, -হ্ম্য ক্লী [জিহ্ম+অ (অণ্), +য (ষ্যঞ্)] জিহ্মভাব, কুটিলতা। "°হ্ম মনু ১১.৬৭। °হ্ম্য বাক্য ৩.২২৯।

জো[১] সর্ব্ব বিং [সং যঃ>প্রা জো ; হি জো] যে। "জো জন মন মাহ সে নহ দুর বি.সা ৩৭৬। [জো-হুকুম—আজ্ঞাকারী খোসামুদে। "হেম ৩৮১।]

জো[২] বি [সং যোগ >প্রা জোঅ >জো ; তু মৈ জোগ—খাএবাক জোগ—fit to eat] ১ অনুকূল সময়ের যোগ ; সুযোগ, সুবিধা। ২ উপায়, পন্থা। "এদিক ওদিক একটু হবার জো নেই প.কা ৩৪। তাঁর সঙ্গে পারবার জো নেই ঘ ৬ ; ৫৫ ; ছলনার কথা বলবার জো নেই ১০৯। ৩ যোগ্য কাল ; সময়। "কেবল শুনিয়া শুনিয়াই বয়স বহিয়া যাইবার জো হইল গ.স ৫৬। ৪ ক্ষেত্রে হলযোগের বা বীজবপনের যোগ্য অবস্থা। [জো-জা ক'রে—যোগ-যাগ ক'রে ; যে-কোন উপায়ে।]

জো[৩] সর্ম্ম [সং √যোজি—যোজয় >প্রা √জোঅ >বা জো] ১ যোজিত করা ; জোড়া। "মুকুল-শর কত জোই রি (প.ক)।

জো[৪], **জোয়** সর্ম্ম [সং √দৃশ্ >প্রা √জো, √জোঅ ; হি, মৈ √জোহ ; বৈষ্ণবসাহিত্যে] নিরীক্ষণ করা ; দেখা। "কর যোড় ঠাড়ি বদন পুন জোয় বি.প ১১৫। জোয়ত পন্থ নয়নে ঝরু নীর : কুসুমিত কানন জোই (রোই)।—প.ক। মিছই মারগ জোই গো ২৪৯। [জোই—দেখিয়া ; দেখে। জোয়ত—দেখিতেছে।]

জোআব, জোওয়াব বি [দ্র 'জবাব', অপ্র] কথা। "মুখর জোওয়াবে গো.চ ৬২ ; মাএর জোআবে আসছু ২৭১।

জোউ বি [সং জতু >প্রা জউ >°উ ; অপ্র] লাক্ষা। "শ্রী.মা ১৬১।

জোওানি বি [ফা জৱানী >বা (জউআনী) >°নি ; অপ্র] যৌবন। "তোমার জোওানি ম.গা ২। গো.চ ৩১৫।

জোওয়ান বি [দ্র 'জোয়ান'] বীর পুরুষ। "সে খুব জোওয়ান ধুতি মালকোঁচা মারা ব.প্র ৪৯০।

জোঁ(জো)ক[১] বি [সং জলৌকা >প্রা জলোআ, -যা ; হি জলুক, -লূকা, জোংক ; ঠ জোথ ; গু জোক] রক্তপায়ী জলকীটবিশেষ (leech)। "ছিনাজোক ক.চ ১৩৬ ; পরধন খাইতে যেন জোক ২৮২। জোক ম.ভা ৫৩। রক্তবদ্ধ বেদনা যায় জোঁকে দা ৩৬৩। [জোঁকের মুখে চুন—মুখে চুন দিলে, জোক মুখ গুটাইয়া মৃতবৎ হয়, তদ্রূপ লজ্জায় অধোমুখ হওয়া। দ্র 'যোঁক'।]

জোঁক[২], **-খ** বি [হি জোখ—তৌল ; ঠ গু জোখ—ওজন করা ; দ্র 'জুখ'] ১ দ্রব্যদ্বয়ের দৈর্ঘ্যাদিবিষয়ে তুলনা ; মাপা। "কর চাপিয়া জোকের যোত্র দেখে শি ১০৪। ২ মাপ-কাঠি। —কা, -খা বি ১ মাপ। "ঠিক হৈল কেহ যেন লয়েছিল জোখা।—শি ১০৪। একবার দাঁড়াও ত ভাই জোঁকা দিই, তোমার কতদুর পর্য্যন্ত হয় বি.বু ৩৬। ২ মাপা। দ্র 'জুখ (২)।

জোঁকা বি ['জোঁক'—মূল] (জোঁকের মত) হালিশরোগ।

জোঁ(জো)কার বি [সং জয়কার >প্রা জোক্কার >বা °র ; জোগার (গো.চ)] ১ 'জয়'-শব্দ ; জয়ধ্বনি। "মঙ্গল জোকার অ.প ২৩। বীণাবাদ্য জোকারের নাদ ব.প ৫৮৩। ২ উলুধ্বনি। "(নারীগণ) আসিয়া জোকার দেয় বি.পা ৪৭ ; ১৮০ ; ২০৫,-৭৬,-৮৫। জোঁকার দেও আয়োগণ ম.ম ৮। [জয়জোকার—জয়জয়কার, 'জয়-জয়' শব্দ। "গো.চ ২৫৩। ম.ম ১৫।]

জোঁদা, জোন্দা বিং [ড় 'জন্দা'—বড় কৃষ্ণবর্ণ পিঁপড়া] অম্লরসযুক্ত, টক। "পথশ্রম হবে মন্দা, কিনহ তোড়ানি জোন্দা ক.চ ২৩৫। —ন্দা বি অম্লদ্রব্য। "কুল কাহন্দি করন্দা জোন্দাকে যায় সাধ শ্রী ৪২। [জোঁদা টক—অত্যন্ত টক।]

জোঁয়াল বি সর্ব 'জুআল'। "পুরাণ জোঁয়াল ম.ম ১৭৫।

জোকা, -খ[১] বি [দ্র 'জোঁক'[১]] জোঁক। "জোকাদহ ম.পা ১১১। জোখের থানা ম.ম ১২১।

জোখ[১] দ্র 'জোকা'।

জোখ[২] সর্ম্ম [দ্র 'জুখ'] ১ ওজন করা। "জোখে বেণে চড়ায়্যা পড়ান ক.চ ৭৪। ২ দৈর্ঘ্যাদি মাপা (to measure)। "সুতা জোখী সমানে, গঠিলেক চৌচালা বন্ধানে বি.পা ২৬৯।

জোখা [সং যৎক্ষণ >প্রা *জক্খণ >°খা ?] যখন তখনই ; তৎপরেই। "যজ্ঞ করি জোখা জোখা জাবে জুঝিবারে কৃ.উ ১০১।

জোগ বি [সং যোগ >প্রা জোগ ; হি °গ ; অপ্র] ১ সুযোগ, সুসময়, যোগ্যকাল। "দৈবকী বুঝিয়া জোগ, আনিল বিপুল ভোগ অ.প ২৬। ২ চিত্তবৃত্তি-নিরোধ, সমাধি। "জোগ জুগি একত্রে মিসাইল গো.বি ৬। জোগ ধ্যান গো.চ ৭০। [°বাটা—যোগপাটা। "গো.বি ৫১।]

জো(জু)গা সর্ম্ম [সং যোগ >প্রা জোগ ; জোগ+আ[৯] >জো(জু)গা ; হি √জু(জো)গা ; তু 'যোগ'] সংযোগ করা ; আনিয়া দেওয়া ; আহরণ করা ; জোগান। "সুনার কান্তা গঠিআ জুগাএ : জুগাল শূ ১১১। নিত্তি আন জোগাইয়া: তুলসি পত্র জোগাইল গো.চ ১২৯। সৈরিন্ধ্রী জোগাইল বাটা ম.বি ২১৫। তাম্বুল জোগায় কেহ শ্রী ৯৯। [জোগাওঁ (আমি জোগাই), জোগাবু (জোগাইব), জোগালু (জোগাইলে)।—গো.চ। চিনিতে জোগায় না—চিনিতে পারা যায় না। "ভিজে বেড়ালকে চিনিতে জোগায় না ব প্র ২৭৪।

জো(যো)গাই বি [যোগী >যোগাই, জোগাই, দ্র 'আই'[৩] ; অপ্র] যোগিবর। "জোগাই গো.চ ৩৮৪। পরদেসি জোগাই (পাঠান্তর—'পরদেশী যোগাই') গো.বি ৬১।

জোগাড় বি ['জোগ'—মূল] ১ সংগ্রহ, আহরণ। ২ চেষ্টা, উদ্যোগ। "অ্যাঁ, মিন্সে হাতে দড়ী দেবার জোগাড় করেচে গি.দ্বি ১১৩। [°ড়ে—সংগ্রাহক, আহরণকারী। °যন্ত্র—সংগ্রহ ও তদনুকূল উপায়।]

জোগান বি [√জোগা+অন] ১ সর্ম্ম 'জোগা'। ২ যোগ, যুগে বন্ধন। "বড় বড় লস্কর, সাজিল ঘরে ঘর, রথ অশ্ব করিয়া জোগান গ ২১। অষ্ট ঘোড়া তাহার (রথের) জোগান কৃ.উ ১০২। ৩ আসনরূপে সংযোজন। "হংস-বাহন, অপূর্ব্ব বিমান, সকল দেবের জোগান গ ১৮। ৪ সৎকার্য্যে যোগ। "এই বলিয়া মোঙ্গলায় আখির দিল সান। সোলসত জুবতী মিলি ধরেন জোগান মী ৩০। ৫ সংযোগ। "ওষুধের জোগান ঘ ৪৭। —নী বি যে স্ত্রীলোক জোগায়। "(কুব্জা) রাজ-গন্ধচন্দন-জোগানী শ্রী.ম ১২৫। [জোগান ধরা—১ জোগাইয়া দেওয়া। "যোগিনীগণ ধরিছে জোগান চ.বি ১০৫। ২ যোগ দেওয়া। দ্র 'জোগান (৪)।]

জোগি বি [সং যোগী >প্রা জোগি ; অপ্র] যোগী। "জোগিধম্মে গো.চ ৭০। °রূপ গো.বি ৬ ; বুড়া জোগি ৬১। —গিনী বি [জোগি+নী] যোগিনী। "গো.বি ৬১-৬। —গিয়া বি [জোগ+ইয়া[২] ; হি জোগিয়া] যোগী। "গো.বি ৫৭ ; ৬৬।

জোগ্যমান বিং [সং যোগ্য >প্রা জোগ্গ ; অপ্র] সমুচিত। "ইয়ার জোগ্যমান আছে সেই হিরা নটির ঘরে গো চ ২৪০।

জোঙ্গাল বি ['যুগকাঠ'—মূল (?) ; °ল (যশোহর)] সর্ব্ব 'জুআল'। "জোঙ্গাল বেছায় গো.চ ৩ ; ব.প ২৯।

জোচ্চুরী বি ['জুয়াচুরী'—মূল] ধূর্ত্ততা, শঠতা। "হু ১২১। —চ্চোর বি জুয়াচোর, ধূর্ত্ত। "হু ৯৪ ; ৯৬।

জোচ্ছনা বি [সং জ্যোৎস্না >°না (ৎস্>চ্ছ)] চন্দ্রালোক। —ছনা বি [°না >জোছনা (পদ্যে) ; তু 'প্রা জোসিণী (প্রা.ম)] জ্যোৎস্না। "যামিনী জোছনামত্তা।—কথা ৩৪। অন্ধ এ মন্দিরে তুমি উদার জোছনা : জোছনারি মত কু.কে ১৭।] জোচ্ছনা ফুটফুট কচ্ছে—জ্যোৎস্না পরিস্ফুটরূপে প্রকাশ পাইতেছে। জোচ্ছনা কিন ফুটছে—অতিধবলতা হেতু জ্যোৎস্না ফেনবৎ প্রতীয়মান হইতেছে। ফুটফুটে জোচ্ছনা—অতিস্ফুট জ্যোৎস্না।]

জোট[১]; **জোট**[২]; **-টা** দ্র 'জুট'[১] ; জুট[২]।

জোটন বি [জুট²—মূল] সংযোগ, মণ্ডন, অলঙ্করণ। "বাজু বন্ধ রতনে জোটন ভ.গ্র ৩৮০ ; স্বর্ণেতে জোটন ৪৩৯।

জোটপাট বি [জুট² >জোট ; পাট (অনু.শব্দ)] যোটান, আহরণ, সংগ্রহ, জোগাড়। "টাকার °ট…হয় নাই আ.দু ৫৪।

জোটাজোট বি [জোট² >°ট] সংযোগ, জোগাড়। "এ কি! মহাশয়…জোটাজোট করে, এখন পটোল তোলেন ন.ত ৭১।

জোড়¹ বিং [সং যোজিত >প্রা জোডিঅ (হে) >বা (জোড়ি) °ড়, °ড়া] যোজিত, যুক্ত, মিলিত। "জোড় কর ম ১৬৯ ; জোড় করি পাণি ৬৬০ ; ৮১৫। °কর শ্রী.ম ২২০। —ড় বি [জুড়¹ >°ড় ; হি °ড় ; ঠ °ড ; জুল.। (যুগল) ; মুণ্ডারি 'জোড়া'—a pair ; প °র ; তু 'যোড়'] ১ সংযোগ। "করজোড়ে প্রণমিল ম ৮১৫। ২ যুগ্ম, দ্বয়। "জোড় জোড় নাগাড়া থুইলে গো.চ ১৯৬। জোড়ে জোড়ে নিল খাণী ক.চ ১২২,-৭৪। ৩ ধুতি ও চাদর। "জোড় গড়া ক.চ ১৭৪। গরদের, চেলির জোড়। ৪ সদৃশ বা একজাতীয় বস্তুদ্বয়। "শালের জোড় ; °ভাঙা (দ্রব্য)। ৫ সংযোগ, সন্ধি। "জোড়কলম। জোড় খোলা। ৬ মৈথুনসংযোগ। ৭ একজাতি স্ত্রী-পুরুষ ; মিথুন। "মাণিক°। ৮ সহচর, সঙ্গী। "°ভাঙ্গা (প্রাণী)। ৯ সমতা, তুল্যভাব, প্রতিরূপতা, মেল (matchedness)। "জোড় মেলা। ১০ শরীরের সন্ধিস্থান ; গাঁঠ। "জোড়ের মুখ। ১১ বীণাদির মধ্যস্থিত তন্ত্রদ্বয় ; জুড়ী। [জোড় তোড় (হি)—কার্য্য-সিদ্ধ্যর্থ বিশেষ যুক্তি। জোড় বাঙ্গালা—জোড়া বাঙ্গালা, ঠাকুর ঘর (?)। "গো.চ ৬৭ ; ২৪৯। জোড় বাঙ্গলা বা মন্দির—দম্পতির শয়নগৃহ (?)। "গো.চ ২৫২ ; ৩৩৫। জোড়-বিজোড়—শিশুর খেলাবিশেষ। জোড়ে যাওয়া—বিবাহের পরে বর-বধূর একসঙ্গে কন্যার পিত্রালয়ে গমন। জোড়ের কৈতর বা পায়রা—কপোতমিথুনের একটি ; মিথুনের বা যুগলের একটি। "জোড়ের কৈতর বধ্ বি.পা ৩২৪।]

জোড়² সর্ম্ম [জুড়¹ >°ড় ; হি, মৈ √জোড় ; ঠ, গু √জোড] ১ সংযুক্ত করা ; মিলিত করা ; জোড়া। ২ ব্যাপ্ত করা ; ঢাকা। "নিমেষেকে জোড়ে মেঘ গগনমণ্ডল ক.চ ২২৯। ৩ বেষ্টন করা ; জড়ান। "(রাধা) নাগরবর-বাহু জোড়ি…নিরখত ঘন শ্যাম-সরসীশোভা ব্র.প ৬২। ৪ আরম্ভ করা। "সমরে জোড়ে কাট কাট ক.চ ৯৮। —ড়া সর্ম্ম [°ড়+আ৮] সংযুক্ত করান। "কাটা মাথা স্কন্ধে লয়ে জোড়ান তখন শ্রী.মা ৭৭।

জোড়³ দ্র 'জড়²'।

জোড়ন বি [জোড়²+অন ; হি °না] যোজন, সংযোগ, জোড়া। "দোঁহাকার স্কন্ধে মুণ্ড রহিল জোড়ন ম ১১৮৫। ছাগলের মুণ্ড দক্ষে করিল জোড়ন ক.চ ১৬।

জোড়া বিং [জোড়¹+আ¹² ; দ্র 'জোড়¹'] ১ সংযুক্ত, মিলিত। "°চাট °লাথি ; °কাঠ °তক্তা। ২ অখণ্ডিত, লিপ্ত। "ঘোড়ার খুর, হাঁসের পা জোড়া। ৩ যুক্ত, আঁটা (খাম, কাগজ)। ৪ গ্রন্থিযুক্ত, গাঁট-দেওয়া (দড়ি, সুতা)। ৫ ব্যাপ্ত, ব্যাপী। "আকাশ° মেঘ ; কপাল° ফোটা ; দেশ° নাম। ৬ দ্রব্যে পূর্ণ ; ভরা (পাত্র)। —ড়া বি [জোড়² +আ৬ ; তু 'যোটক'] ১ যোজন, সংযোগ, জোড়ন। ২ অবয়বের সন্ধি বা জোড়। "জোড়া লাগা। ৩ সূত্রাদির গ্রন্থিবন্ধন। ৪ [জোড়> °ড়া ; হি °ড়া ; ঠ, গু °ডা] একপ্রকার বা সদৃশ বস্তুদ্বয়। "খড়ম° জুতা° শাঁখা°। শালের জোড়া। ৫ একসঙ্গে বোনা বস্ত্রাদি-দ্বয়। "কাপড় জোড়া ম.গা ৪। ৬ একজাতি প্রাণিদ্বয় বা প্রাণিদ্বয়ের একটি। "কেউ বলে, তার (ডাকিনীর) একটা জোড়া আছে, সেটা উড়ে উড়ে বেড়ায় ব.গ্র ৫১১। গোরুর, ছাগলের, মহিষের জোড়া। ৭ প্রাণীর স্ত্রীপুরুষ ; মিথুন ; মিথুনের একটি। "পায়রার জোড়া। ৮ যুক্ত দুইখণ্ড শাল। "খাসা জোড়া ক.চ ৮৭। জোড়া অঙ্গে ভা.চ ২৬৭,-৮। শ্রী ১৫ ; ৭৫ ; ২১৬,-৩৬। ৯ সমান, তুল্য, সমকক্ষ (match) ১০ অনুরূপ, সদৃশ (corresponding)। ১১ গহনার সেট্। "সোনার এক জোড়া চুড়ি। ১২ সর্ম্ম 'জুড়নী'। "পঞ্চ বছরের কালে দেখি জোড়া দিল ম.গা ৯ ; গো.চ ৩৩৪। —ড়া বিং দ্বিসংখ্যক, দুই। "°পাটা °মোষ। [জোড়াতাড়া—এক জোড় ও তালি ; জীর্ণসংস্কার। ২ সংযোগ। "টুকরো কথার বানান জোড়াতাড়া প.কা ১৫। জোড়া-সন্দেশ—ডবল সন্দেশ। এক জোড়া তাস—এক প্যাক্ তাস। জামা জোড়া (হি জোড়া জামা)—পুরা পোশাক।]

জোড়ানী বিং [অপ্র] জোড়া, পরিপূর্ণ। "ধন জনে চৌদ্দনাও জোড়ানী আছিল ম.ম ২২৩।

জোড়ি বি [হি °ড়ী ; গু °ডী ; অপ্র] জোড়া। "ভ.গ্র ১৮৪।

জোত¹ বি [সং যোক্ত্র >লি, প্রা জোত্ত >বা °ত ; হি, ঠ, প, ড় °ত ; সি জোট ; গু জোতর্] ১ শকট ও লাঙ্গলের যুগে ঘোড়া ও বলদ জোতার চর্ম্মরজ্জু বা রজ্জু। ২ [হি জোত] রাইয়তের চাষ-কারকিতের অধীন জমি। "জোত বামদেব শর্ম্ম E.P. 68.—তি বি সর্ম্ম জোত¹ (১)। "আস জোতি পাস জোতি শূ ১০৯। ব.প ১১৩। [জোতদার—রাইয়ত। জোতদারী—জোতদারের স্বত্ব। নিজ জোতে—আপন চাষ-কারকিতে।]

জোত² দ্র 'জুত³'।

জোত্র বি ['যোত্র'—মূল] ১ অর্থসঙ্গতি ; ধনধান্যাদি। ২ লেখনে নিযুক্ত ; লেখক (অসাধু)। "পৃথিবী সমূহ পত্র, শারদা করিয়া জোত্র শ্রী.মা ৩। ৩ জুত, সুযোগ (অসাধু)। "জোত্র পেয়ে মাছদ্যা যুড়িল কুমন্ত্রণা শ্রী.মা ১৫৯।

জোনা বি [সং জ্যোৎস্না >প্রা জোণ্হা >বা °না ; তু 'জোহ্না' (চ) ; অপ্র] জ্যোৎস্না। "ছটক চাঁদের জোনা ন.প ২৯৩। [°কীট —খদ্যোত। "দিবসসময়ে যেন °কীট জ্বলে শ্রী.ম ৪২।]

জোনাই, -নাক, -নাকি বি [জোনা+ই৮ ; জোনা+ক৮ ; °ক+ই¹¹] 'জ্যোৎস্নার মত আলোকযুক্ত ; 'জ্যোৎস্নাসদৃশ', খদ্যোত। "জোনাক যায় চন্দ্রের ঢাকিতে জ্যোতি দা ১০৩৭। °ক পোকা ব.প ১৮৪৬। °ই জ্বলে।—শিশু ৯১। °কি।—গান ২৪১।

জোনারেবালা বি জনারের বীজের মত টোপতোলা বালা। "এক-গাছ জোনারেবালা দা ৯৮০।

জোবড়া সর্ম্ম [জুবড়া >°ড়া] সুষিক্ত করা ; ভিজান। "রক্ত বস্ত্র …জোবড়ায় ঘৃতে কৃ.উ ১০০। [জোবড়ান—আর্দ্রীকরণ।]

জোব্বা দ্র 'জুব্বা'।

জোমা বি [অপ্র] দুম্বা ভেড়া। "জোমা গারড়ের শিং ক.চ ১৩৭।

জোয়ান¹ বি [সং যুবন্ ; Av. yuvan ; Pahlavi—yuvān ; ফা জবান্] ১ যুবা, তরুণ। "সতমাএ ভজিব তোরে দেখিয়া জোয়ান গো.বি ২১। ছয় বেহারা。—জোয়ান তা'রা কু.কে ৩০। ২ যুবতী, তরুণী। "জোয়ান জোগিনি আহ্মি গো.বি ৬৬। [°মরদ—যুবা পুরুষ।]

জোয়ান², -নী বি [সং যমা(বা)নী ; হি অজবায়ন্] রবিশস্যবিশেষ (Carum copticum) ও তাহার ফল (ajowan)। "°নী ক.চ ১৫৬।

জোয়াব ; জোয়ার¹ দ্র 'জবাব ; জুয়ার'।

জোয়ার² বি [হি জনারা] দেবধান্য, দেধানগাছ ও তাহার ফল। [জোয়ারী² রুটি—জোয়ারের ময়দার রুটি। "কথা ১১৯।]

জোয়ারী¹ বি [হি জবারী ; ফা. খ.রক্] সেতার-প্রভৃতির তুম্বীর আবরণকাষ্ঠ-ফলকের উপরিস্থ কাঠের বা গজদন্তাদির লম্বা খণ্ড ; তারের ঘোড়া (the bridge of a Sitar)। [জোয়ারী সাফ করা —ঘষিয়া জোয়ারী পরিষ্কার করা।]

জোয়ারী² দ্র 'জোয়ার²'।

জোয়াল, -লি দ্র 'জুয়াল'।

জোর¹ বি [জোড় >°র ; মৈ √জোর ; বৈষ্ণবসাহিত্যে] ১ জোড়া,

যুগল। "চকোর° বি.প ৫। কল্পতরু° গো ২৫ ; খঞ্জন° ৬৩। তারক° চৈ.ম ৮২। কুচকলস° জ.প ৫ ; খঞ্জন° ২০; কুচজোরক-মাঝে ৩৭। নয়ন খঞ্জন° ক.চ ৪ ; ১৩৭। **২** সংযোগ, সংশ্লেষ। "মিলল দুহুঁ দুহুঁ তনু তনু জোর।—গো ১৩৭। **৩** [উজোর > °র; বৈষ্ণবসাহিত্যে] ঔজ্জ্বল্য, দীপ্তি, প্রভা। "অঙ্গুলির আগে, চাঁদ যে ঝলকে, পড়িছে উছলি জোর।—চ.দা ১৫। —র বিং জোড়, যুক্ত। "°ভুজে করম কাকুতি ম.পা ১৪৮। —রা[১] বি [জোড়া > °রা] যুগল। "কুচ° বি.প ২২। রা.শে ৬৬। সুমেরুর জোরা গো.বি ১৪০। —রি বি [°র+ই[১১]] **১** যুগল। "বেকত কুচ° বি.প ৫, টীকা। **২** দীপ্তি, শোভা। "কস্তুরী চন্দন, অঙ্গের ভূষণ, দেখিতে অধিক জোরি চ.দা ৭৫। [করজোর—করপুট, অঞ্জলিপুট। "ম.পা ৭৮। করজোরে—করপুটে। "ম.পা ১৩২। জোরি—জুড়িয়া। "রোয়ই মুখে মুখে জোরি ব ১০৬।]

জোর[২] বি [ফা জো.র্] **১** বল, শক্তি। "সোল জনে ধরিলে পণ্ডিতক জোর করিয়া গো.চ ১৪৩,-৫২। নব যৌবন জোরের যোগ্য নহে ভা.চ ৩৩১। **২** প্রভাব। "বাপের সাধন-জোরে প.কা ৩৫। **৩** উচ্চারণে শব্দে প্রস্বন (stress)। **৪** প্রবলতা, তেজ। "জ্বরের জোর। **৫** অধিকার, অধিকারজন্য শক্তি। "যে অধীন, তার উপরে জোর থাকে। **৬** আশ্রয়বল, ভরসা। **৭** ঊর্দ্ধসংখ্যা, খুব বেশী। "বরণের যেটা বড় যোড়, চৌদ্দপাই হৰ্দ্দ জোর দা ৬৭। তাহারা জোর পঞ্চাশ জন হইবে ব.প্র ৫৩৪। **৮** স্বরের উচ্চতা। "গলার জোর। **৯** প্রাণ-শক্তি। "ব্যবসার জোর হচ্চে মূলধন খাটানোতেই ঘ ৪০। [জোর কপাল—সৌভাগ্য। "তার বড় জোর কপাল ব.ষ্বি ৩৭। জোরকলমে লেখা—সুস্পষ্ট লেখা। "পা.ঝো ১২৪। জোর কহে—উচ্চকণ্ঠে কটু বলে। "ঘরে পোষে চোর, আরো কহে জোর ভা.চ ৩৯৫। জোরগলা —উচ্চকণ্ঠ, চড়া সুর। জোর-জঞ্জাল—অন্যায়-অত্যাচার। "কোন জোর-জঞ্জালে ভাঙ্গিল গৌড় থানা শ্রী ১২৮। জোর ডঙ্কা—উচ্চশব্দকারী ডঙ্কা। "নিত্য বাহে জোর ডঙ্কা ম.পা ৫৪,-৬। জোর শান—শানে কৃত সুতীক্ষ্ণ ধার। "খুর নিল জোর শান দিয়া গো.চ ১৫৭। জোরাল—বলবান্।]

জোরজোরাবতি বি জোর-জুলুম, অত্যাচার-উৎপীড়ন। "জোর-জোরাবতি কদিন চলে নী ৫৩।

জোরা[১] দ্র 'জোর[১]'।

জোরা[২] বি [জোর[২] > °রা ; অপ্র] জোরাল, বলবান্। "ভঙ্গ দিল গৌড়পতি মোরে ভাবি জোরা শ্রী ১৯১।

জোরাবরি বি [ফা জো.র্ আররী] **১** বল, বলপূর্ব্বক টানাটানি, জবর-দস্তী। "কৃষ্ণহস্ত ধরি যেহো জোরাবরি কৈলা ভ.প্র ১৯৮। **২** জোর, তেজ, প্রচণ্ডতা। "উচ্চবাক্য কহয়ে করিয়া জোরাবরি ভ.প্র ৩৯৫। —বরি ক্রি.বিং বলপূর্ব্বক, অন্যের অনিচ্ছায় জোরের সহিত। "(শাককণা) কৃষ্ণ জোরাবরি দিলা বদনে আপনা ভ.প্র ৬৪ ; ২১৯ ; ২৪৯ ; জোরাবরি আনিল আমারে ৩০২।

জোরায়র বি [ফা জো.র্ অরার্] বলবান্। "বি.সু ১৭।

জোরি দ্র 'জোর[১]'।

জোল, -লি বি ['jola (Dravidian) ; 'জোর'—"খাল জোর (গো.বি ১১৫)] বড় খাত বা জুলি ; নিম্নভূমি। "খালে জোলে বনে···বেড়িয়াছে পর্ব্বত (কু) ৮—লি বি জোলে জাত ধান্যবিশেষ। "গাঙ্গেত বহুতখানি জোলি শূ ১১১। ব.প ১১৪,-৫।

জোলা[১] বি [হি জুলাহা] **১** মুসলমান তাঁতী। "বিছমিল্ল বলিয়া জোলা ঘন ডাক ছাড়ে বা.ম ৮৭,-৮। তাসন করিয়া নাম ধরাইল জোলা ক.চ ৮৬। **২** নির্ব্বোধ। "জোলা মরদ গো.চ ৭৫; জোলা ঠাকুর ১৩৪। —লানী বি [°লা+নী] জোলার স্ত্রী। "জোলার জোলানী কান্দে বা.ম ৮৭,-৮।

জোলা[২] বি ['ঝোলা' > °লা ; অপ্র] বড় ঝুলি ; মাত্রাভস্ত্রা "তুম্মি মাএর জোলা আছে হিরামন রত্তন ম.গা ৭। চারি বধুর জোলা আছে চারি গোলা ধন গো.চ ৩২৭।

জোলি দ্র 'জোল'।

জোলাপ বি [আ জুল্লাব. ; P. jalapa] রেচক ঔষধ। [°প খোলা—জোলাপের ফল হওয়া। °প নেওয়া—রেচকসেবন।]

জোশ বি [সং জোষ > মাগধী প্রা °শ] সেবন, পান। "তোমার দুগ্ধের জোশে হইবে যুবক গো.চ ৩২৯।

জোষ পুং [√জুষ+অ (ঘঞ্)-ভা ; ছান্দস] **১** প্রীতি, হর্ষ। **২** সেবন, ভজন, উপযোগ। —ষ স্ত্রী সুখ। —ষণ স্ত্রী [+অন (ল্যুট্)-ভা] **১** সেবন, শ্রবণ। "ভ ৩.২৫.২৫। **২** সর্থ 'জোষ'।

জোষম্ ব্য তূষ্ণীম্, মৌনভাবে। "ভো রাজন্ কিমিতি জোষমাস্তে শ ৫১/২। জোষমবস্থিতঃ স্থিরঃ প্রণিধিম্ মাঘ ১৬.১৬।

জোষা, -ষিকা, -ষিৎ, -ষিতা স্ত্রী [তু 'যোষা, -ষিৎ, -ষিতা'] স্ত্রীমাত্র, নারী। —ষিকা স্ত্রী জালিকা, মুকুল।

জো-সো বি [সং যঃ, সঃ > প্রা জো, সো > বা °সো ; হি জো, সো] যে-সে উপায় ; যে-কোন প্রকার। "জো-সো করে তাঁহাদিগের গঙ্গা-যাত্রার ফিকিরও হইতে পারে আ.হু ৯৪।

জোহার ; জৌ ; জৌলস ; জৌহর দ্র 'জুহার ; জউ ; জলুস ; জহর'।

জ্ঞ বিণ [√জ্ঞা+অ (ক)-ক ; স্ত্রী 'জ্ঞা'] **১** জ্ঞাতা, বেদিতা। "ক্ষেত্র° নিমিত্ত° নীতি° বেদ°। ধর্ম্ম° কৃত° রা ১.১.২ ; ত্রিলোক° ৬। অক্ষ° মহা ৩.৬৬.২২ ; সর্ব্ব° ৭২.৮ ; হয়° ৭৫.৭। বিধি° মনু ৫.৩৩। [সমাসে উত্তরপদ] **২** বিদ্বান্। "জ্ঞাজ্ঞৌ দ্বাবজাবীশাবনীশৌ (শ্বেতাশ্বতর)। জ্ঞস্য যমস্য দেহিনাং সাধোঃ।—ভ ৭.৮.১০ ; অহমাশিষো জ্ঞঃ ৯.২৪। —পুং **১** বুধ, পণ্ডিত। **২** ব্রহ্মা। **৩** বুধগ্রহ। **৪** মঙ্গলগ্রহ। **৫** সর্ব্বজ্ঞ আত্মা (A.)।

জ্ঞপিত বিণ [√জ্ঞপ্ (চুরাদি)+ত (ক্ত)-র্ম্ম ; 'জ্ঞপ্ত' নিপাতিত] **১** জ্ঞাপিত, নিবেদিত। **২** [√জ্ঞা+ই (ণিচ্)+ত-র্ম্ম] জ্ঞাপিত। —প্ত বিণ সর্থ 'জ্ঞাপিত (১)'। —প্তি স্ত্রী [+তি-ণ] 'জ্ঞানসাধন', বুদ্ধি, প্রজ্ঞা, মতি।

জ্ঞা সক [ক্র্যাদি, প—জানাতি, (অনুপসর্গ) জানীতে, পা ১.৩.৭৬ ; অনিট্ ; cf., Gr. gignoskein—to know ; E. know] জ্ঞান, বোধ। [অনু—অনুজ্ঞা, আদেশ। অপ—অপহ্নব, গোপন। "ভট্টি ৮.৩৬। অভি—অভিজ্ঞান, স্মরণ। "পা ৩.২.১১২। অব—অবজ্ঞা। "রঘু ১.৭৮। আ—(ণিজন্ত) আজ্ঞা, নিয়োগ। "যদাজ্ঞাপয়ত্যায়ুষ্মান্ শ ১২/৩। উপ—আদ্যজ্ঞান, উপদেশ বিনা জ্ঞান। "পা ৪.৩.১১৫। পরি—পরিজ্ঞান, সম্যক্ জ্ঞান। প্র—প্রকৃষ্টজ্ঞান, পরিজ্ঞান। প্রতি—প্রতিজ্ঞা। "পা ১.৩.৪৬। বি—বিশেষ জ্ঞান ; (ণিজন্ত) বিজ্ঞাপন। সম্—সম্যক্ জ্ঞান ; সংজ্ঞা, জ্ঞান। "পা ১.৩.৪৬। ভট্টি ৮.২৭। জ্ঞপ্ (চুরাদি—জ্ঞপয়তি)—জ্ঞান, জ্ঞাপন। জ্ঞা (ণিজন্ত)—**১** জ্ঞাপি (অচাক্ষুষজ্ঞানে, বিজ্ঞাপনে)। **২** জ্ঞপি (মারণ তোষণ নিশামন অর্থে)।]

জ্ঞাত[১] বিণ [√জ্ঞা+ত (ক্ত)-র্ম্ম] বুদ্ধ, বিদিত। "°মাত্রে মহা ৩.৬৮.৫ ; অজ্ঞাতবাস ৭৭.১২। —ত স্ত্রী [+ত-ভা] বোধ, জ্ঞান। —তব্য বিণ [+তব্য -র্ম্ম] বোদ্ধব্য, বেদ্য, অবগন্তব্য। "গী ৭.২। —তা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব, স্ত্রী -ত্রী] **১** বেত্তা, বেদিতা। "রসতত্ত্ব° চৈ.ম ৭৪। **২** [+তৃ (তৃন্) শীলার্থে] জ্ঞানশীল, বেদিতা। —তা পুং **১** পণ্ডিত, জ্ঞানী। "মনু ৩.২৪, কুল্লুক। **২** সাক্ষী। "মনু ৮.৫৭, কুল্লুক। [°বিশেষ (বিণ)—জ্ঞাতসার। "কু.স ৩.৩। °সিদ্ধান্ত (বিণ)—সিদ্ধান্তবিৎ। °সারে—**১** জ্ঞানপূর্ব্বক, সজ্ঞানে। "জতুগৃহে জ্ঞাতসারে বসতি যাহার ?—ন ৪৩০। **২** জ্ঞাতভাবে। তু "অ°।]

জ্ঞাত২ '-ত্' বি জ্ঞাতি। "গো.চ ২৪। [°কুটুম্ব—জ্ঞাতি ও আত্মীয়স্বজন। °গোত্র—জ্ঞাতি ও সগোত্র ব্যক্তি। জ্ঞাতা,-ত্তা,-ত্তার, জেয়াতা (জ্ঞাতি)।—গো.চ]

জ্ঞাতি পুং [√জ্ঞা+তি (ক্তিন্)-ক (অ.টী)] ১ 'ছিদ্রজ্ঞ বা কুল-স্থিতিজ্ঞ'; বান্ধব, দায়াদ, স্বজন। [সকুল্য (তৃতীয়পুরুষ-পর্য্যন্ত), সমানোদক (চতুর্থপুরুষ-পর্য্যন্ত বা জন্মনামস্মৃতি-পর্য্যন্ত), সপিণ্ড (সপ্তমপুরুষ-পর্য্যন্ত) ও গোত্রজ ভেদে জ্ঞাতি চতুর্বিধ (শুদ্ধিতত্ত্ব—শ.ক)।] ২ পিতৃবংশ্য সপিণ্ডাদিরূপ একগোত্রজ পিতৃব্য-প্রভৃতি (ত.বা)। ৩ পিতা (মেদিনী)। "°কুল। [°কুল (ক্লী)—পিতৃগৃহ। "জ্ঞাতিকুলৈকসংশ্রয়ী শ ৫.১৭। °গোত্র (বি)—জ্ঞাতি ও সগোত্র ব্যক্তি। "ম.পা ১৬। °ত্ব (ক্লী)—জ্ঞাতিভাব, জ্ঞাতিকর্ম্ম। "মে ২০৫। °ভেদ (পুং)—জ্ঞাতিবিচ্ছেদ, জ্ঞাতিবিবাদ।]

জ্ঞাতেয় ক্লী [জ্ঞাতি+এয় (ঢক্)] জ্ঞাতিভাব, জ্ঞাতিকর্ম্ম।

জ্ঞান ক্লী [√জ্ঞা+অন (ল্যুট্)-ভা] ১ বোধ, অবগতি। "জ্ঞানেন্দ্রিয়। আত্ম° মনু ১২.৮৫। সুধারসজ্ঞানে পান কর ম.পা ৭৩। ২ বিশেষজ্ঞতা। "পুরুষ° মনু ৭.২১১। ৩ উপদেশ। "ধর্ম্ম° মনু ২.১৩। ৪ ধ্যান। "আত্ম° মনু ১২.৯২। ৫ শাস্ত্রবোধ। "জ্ঞানং পরমগুহ্যং মে ভ ২.৯.৩০। ৬ নির্ণয়। "সীমা° মনু ৮.২৪৯। ৭ বিশেষ বা সামান্য অববোধ। "শাস্ত্র°, শিল্প°। ৮ যথার্থবিষয়বোধ, তত্ত্বজ্ঞান, আত্মনিশ্চয়। "বুদ্ধির্জ্ঞানেন শুধ্যতি মনু ৫.১০৯। ৯ (বেদান্তে) পদার্থগ্রাহিকা মনোবৃত্তি (ত.বা)। ১০ (ন্যায়ে) বুদ্ধিমাত্র (ত.বা)। ১১ শাস্ত্রাচার্য্যোপদেশজ আত্মবিষয়ক মোক্ষফল বুদ্ধি। ১২ আত্ম-তত্ত্বাববোধ, আত্মসাক্ষাৎকার। ১৩ মহাবাক্যজন্যা অখণ্ডাকারবুদ্ধিবৃত্তি। ১৪ স্বস্বরূপস্ফুরণ। ১৫ অধ্যবসায় (ত.বা)। ১৬ 'আমি ব্রহ্ম সম শান্ত' এবংবিধ উপাসনা। ১৭ আত্মবিষয়বিবেক (শঙ্কর), আত্মানাত্মবিবেক (নীলকণ্ঠ), ধ্যানাদি (শ্রীধর)। "°যোগ গী ৩.৩। ১৮ [+অন-ণ] 'বোধসাধন', তত্ত্বজ্ঞানসাধন অমানিত্ব-প্রভৃতি। দ্র 'গী ১৩.৭-১১। ১৯ ইন্দ্রিয়। ২০ চৈতন্য। ২১ বিবেক, বিচার-সামর্থ্য। "কলিনাপহৃতজ্ঞানো নলঃ মহা ৩.৬২.২৫। ২২ বিদ্যা। "হয়° মহা ৩.৭২.২৮। ২৩ বেদ; শাস্ত্রাদি। ২৪ জ্ঞানরূপ ব্রহ্ম। ২৫ বিষ্ণু (মহা)। [°কাণ্ড (ক্লী)—জ্ঞানবিষয়ক অংশ। °কৃত (বিণ)—বুদ্ধিপূর্ব্বককৃত। °গম্য (বিণ)—১ জ্ঞানমাত্রগোচর, কেবলজ্ঞানবিষয়। "গী ১০.১৭। ২ (পুং) বিষ্ণু (মহা)। °নিষ্ঠ (বিণ)—জ্ঞানসাধনরত, তত্ত্বজ্ঞানপর। °পতি (পুং)—'জ্ঞানস্বামী', গুরু; পরমেশ্বর। °বাপী (স্ত্রী)—কাশীস্থ তীর্থবিশেষ। "ভা.চ ১৩০। °সাধন (ক্লী)—১ জ্ঞান-লাভের উপায়, ইন্দ্রিয়। ২ তত্ত্বজ্ঞানোপায় শ্রবণমননাদি।]

জ্ঞানগোচর বি (অপ্র) জ্ঞানের বিষয়। [°রে করা—মনে স্থান দেওয়া, গ্রাহ্য করা। "°রে না করিলু তাহান অপমানে অ.প ১০৭।]

জ্ঞানচক্ষুঃ (-ক্ষুস্) ক্লী [কর্ম্মধা] শাস্ত্রজ্ঞানরূপ নেত্র। "মনু ২.৮। —চক্ষুঃ পুং [বহুব্রী] 'শাস্ত্রজ্ঞাননেত্র', পণ্ডিত।

জ্ঞানতঃ(-তস্) ব্য [জ্ঞান+তস্(তসি) তৃতীয়ার্থে] জ্ঞানপূর্ব্বক, সজ্ঞানে। "জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা মনু ৮.২৮৮।

জ্ঞানদ বিণ [জ্ঞান+√দা+অ (ক)-ক; উ.ত] জ্ঞানদাতা, উপদেশক। —দ পুং গুরু। —দা স্ত্রী সরস্বতী।

জ্ঞানবন্ত বিং [জ্ঞান+বন্ত] শাস্ত্রজ্ঞানবান্। "ম.পা ১৭৭।

জ্ঞানবিজ্ঞান ক্লী [দ্বন্দ্ব] ১ তত্ত্বজ্ঞান ও স্বানুভব; জ্ঞানময় ও আনন্দ-ময় ব্রহ্ম (গী. টীকা)। "°যোগ। ২ মোক্ষফল বুদ্ধি ও শিল্পশাস্ত্রজ্ঞান।

জ্ঞানবৃদ্ধ বিণ [তৃ.ত] জ্ঞানে বৃদ্ধত্বগত; পরমজ্ঞানী। "জ্ঞানবৃদ্ধা ময়া ...পর্য্যুপাসিতাঃ মহা ২.৩৮.১২। ম ৩৭০

জ্ঞানময় বিণ [জ্ঞান+ময় (ময়ট্)] জ্ঞানপ্রচুর, জ্ঞানস্বরূপ। "°ময়েন বহ্নিনা রঘু ৮.২০। —ময় পুং ১ পরমেশ্বর। ২ শিব।

জ্ঞানযজ্ঞ পুং [কর্ম্মধা] জ্ঞানাত্মক যজ্ঞ; নির্ব্বিকল্প সমাধি (গী. টীকা)। "গী ১৮.৭০।

জ্ঞানযোগ পুং [কর্ম্মধা বা দ্বন্দ্ব] আত্মজ্ঞানোপায়, শ্রবণাদিজন্য জ্ঞান ও জ্ঞানবিষয়ে চিত্তপ্রণিধান। "গী ১৬.১।

জ্ঞানলক্ষণা স্ত্রী [বহুব্রী, স্ত্রী, আ (টাপ্)] জ্ঞান যাহার স্বরূপ তাদৃশী প্রত্যাসত্তি; অলৌকিক ত্রিবিধ সন্নিকর্ষের অন্তর্গত অন্যতমসন্নিকর্ষ (ভাষাপরিচ্ছেদ ৬৫)।

জ্ঞানশক্তি স্ত্রী [কর্ম্মধা] জ্ঞানরূপা শক্তি; বিজ্ঞানময়কোষের শক্তি (বেদান্তসার); বৈষ্ণবমতে) কৃষ্ণের শক্তিত্রয়ের একতম (চৈ.চ ২১০)।

জ্ঞানহত বিং ['হতজ্ঞান' সাধু] জ্ঞানহীন, উন্মত্ত। "জ্ঞানহত হয়ে হাতী ছুটে পড়ে গায় শ্রী ১২২।

জ্ঞানহারা বিং ১ হৃতজ্ঞান, অজ্ঞান, বিমূঢ়। "আরে ভীষ্ম জ্ঞানহারা হৈলি বৃদ্ধকালে ম ৩৩২। ২ কর্ত্তব্যজ্ঞানহীনা উন্মত্তা। "(সুমুখী) জ্ঞান-হারা তারাকারা ধারা শত শত বি.সু ৭৮।

জ্ঞানাগম পুং [ষ.ত] জ্ঞানশাস্ত্র, বেদান্ত। "মহা ৩.১৩৩.৭।

জ্ঞানাঞ্জন বি ১ জ্ঞানরূপ কজ্জল। "দু ৬২। ২ জ্ঞানপ্রদীপ (অসাধু)। "জ্ঞানাঞ্জন জ্বালে গুরু গো.বি ১৯৩।

জ্ঞানী (-নিন্) বিণ [জ্ঞান+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -নিনী] ১ জ্ঞানবান্, বুদ্ধিমান্। ২ সামান্য জ্ঞানযুক্তমাত্র। "জ্ঞানিনঃ সর্ব্বে পশু-পক্ষিমৃগাদয়ঃ (চণ্ডী)। ৩ অধীতগ্রন্থার্থজ্ঞ। "ধারিভ্যো জ্ঞানিনঃ শ্রেষ্ঠাঃ।—মনু ১২.১০৩। ৪ শাস্ত্রজ্ঞানবান্; শাস্ত্রার্থপণ্ডিত। "গী ৪.৩৪; ৬.৪৬। ৫ আত্মজ্ঞানবান্। —নী পুং ১ বিজ্ঞতত্ত্ববিৎ, আত্মবিৎ। "গী ৭.১৬,-৭। ২ দৈবজ্ঞ, লক্ষণজ্ঞানবান্, জ্যোতিষসিদ্ধান্তজ্ঞ। "উচুর্লাক্ষণিকা যে মাং পুত্রিণ্যবিধবেতি চ। তেঽদ্য সর্ব্বে হতে রামে জ্ঞানিনোঽনৃতবাদিনঃ॥—গো.রা ৬.২৩.৪।

জ্ঞানেন্দ্রিয় ক্লী [ষ.ত, অথবা কর্ম্মধা] জ্ঞানের বা জ্ঞানসাধন ইন্দ্রিয়—চক্ষুরাদি পঞ্চ ও মনঃ (শ.ক); চক্ষুরাদি পঞ্চ। "°পঞ্চক (বেদান্তসার)।

জ্ঞাপক বিণ [√জ্ঞাপি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -পিকা] ১ জ্ঞাপয়িতা, বোধক, নিবেদয়িতা। "ভ ৭.৬.১০। ২ নির্দ্দেশক, ব্যঞ্জক। "পা ৩.২.১৪৬, সি। —ক পুং ১ উপদেশক। ২ আজ্ঞাপয়িতা, স্বামী। ৩ রাজপুরুষ-বিশেষ। "পঞ্চ ৩৮৫৷ —ক ক্লী ১ সংজ্ঞাবচন, সঙ্কেতবাক্য। "মহা ১.১৪৯.৬। ২ নির্দ্দেশক সূত্রাদি। "দ্বন্দ্বে চেতি জ্ঞাপকাৎ পা ১.১.২৭। —পন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ বোধন, নিবেদন। ২ ব্যঞ্জন, সূচন। —পয়িতা (-তৃ) বিণ [+তৃ(তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ বোধয়িতা, নিবেদক। ২ ব্যঞ্জক, সূচয়িতা। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ নিবেদিত, বোধিত। ২ সূচিত, ব্যঞ্জিত।

জ্ঞীপ্সা স্ত্রী [√জ্ঞপ্+স (সন্)— √জ্ঞীপ্স+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ জ্ঞাপনেচ্ছা। ২ জ্ঞানেচ্ছা।

জ্ঞেয় বিণ [√জ্ঞা+য (যৎ)-র্ম্ম] ১ বোধ্য, অবগন্তব্য। "স জ্ঞেয়ো যজ্ঞিয়ো দেশঃ মনু ২.২৩। ২ জ্ঞানার্হ। "জ্ঞেয়ং তস্য চিকীর্ষিতম্ মহা ৩.৬৯.৪৭। ৩ ইন্দ্রিয়গ্রাহ্য। —য় ক্লী 'জ্ঞানার্হ', ব্রহ্ম। "গী ১৩.১২। [°জ্ঞ (পুং)—আত্মা। "যাজ্ঞ ৩.১৫৪।]

জ্ঞেয়াতি বি [অপ্র] জ্ঞাতি। "কুটুম্ব জ্ঞেয়াতি।—হেম ৩২১।

জ্ঞেয়ান বি [দ্র 'গিআন,'; অপ্র] বোধ। "ভা.চ ৪৩৮।

জ্যা১ অক [ক্র্যাদি, প—জিনাতি; অনিট্] জীর্ণীভাব, জয়া।

জ্যা২ স্ত্রী [√জ্যা+অ (অঙ্)-ণ+স্ত্রী -আ (টাপ্)—অ.টী; ছান্দস] ১ 'ধনুর জীর্ণীভাব-সাধন', শিঞ্জিনী, গুণ। "°ঘন গো.রা ৪.৪৪.২। শরাসনজ্যা রঘু ৩.৫৯; জ্যা-নিনাদ ১১.১৫। °জিহ্বা উ.চ ৪.৩০।

২ (সাদৃশ্যে) বৃত্তখণ্ডের কোটিযোজক রেখা (chord)। ৩ [+অ -ধি] পৃথিবী, ভূমি। 'নেপথ্যম্‌…রঙ্গজ্যায়াম্ (মেদিনী)। ৪ মাতা। [°ঘাত (পুং)—ধনুর্গুণঘর্ষণ। "°বারণ (S.W.)। °ঘোষ, °নিনাদ, °নির্ঘোষ, °স্বন (পুং)—ধনুর্গুণশব্দ। "°ষ উ.চ ৫.৬। °বন্ধ (পুং)—গুণবন্ধন। "শিথিল° শ ২.৬। °বিকর্ষণ (ক্লী)—গুণাকর্ষণ (মহা)। জ্যাস্ফালন (ক্লী)—গুণাকর্ষণ। "°ক্রূরপূর্ব্ব (গাত্র) শ ২.৪।]

জ্যাকেট বি [E. jacket] কূর্পাসক, কাঁচুলি। "আর সর্ব্বনাশ!—কুলবালার জ্যাকেট!—মন্দ্র ২২।

জ্যাঠা বি ১ সর্থ 'জেঠা'। ২ অকালপক্ব ছেলে। "টেক্কা জ্যাঠা হু ২০৯। —ঠাই বি জেঠীমা। "গো.চ ২৩২।

জ্যান বিং [জেন > °ন, অপ্র] ১ যেমন, যেপ্রকার। "পরার পুরুষ ছাখে জ্যান সংসারের মিতা গো.চ ৭৪। ২ যে। "জ্যান কালে গো.চ ২৪। —ন ক্রি.বিং যে প্রকারে। "এমন গুরু ভজ জ্যান চারি জুগে তর গো.চ ৭০।

জ্যান্ত বিং সর্থ 'জিয়ন্ত'। "(পদ্মলোচন) বিবিধ আশ্চর্য্য জীব একত্র কল্লেন—বেণীর ভাগ জ্যান্ত!!—হু ১৪৪।

জ্যামিতি বি জ্যার মিতি, অর্থাৎ পৃথিবীর পরিমাণ; ভূমিপরিমাণ-বিষয়ক অঙ্কশাস্ত্র; ক্ষেত্রব্যবহারশাস্ত্র (Geometry)।

জ্যায়ান্ (-য়স্) বিণ [বৃদ্ধ, প্রশস্য+ঈয়স্ (ঈয়সুন্)-ম্ব, 'জ্য' আদেশ, স্ত্রী -য়সী; ছান্দস] ১ বৃদ্ধতর, অতিবৃদ্ধ। ২ জীর্ণ। ৩ প্রশস্যতর, প্রশস্য। "গী ৩.১; কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মণঃ ৮। ৪ শ্রেষ্ঠ। "মনু ৩.১৩৭, ৪.৮। ভ ২.৭.১৭। ৫ বয়োবৃদ্ধতর, অগ্রজ, জ্যেষ্ঠ। "অয়মসৌ মম জ্যায়ান্ আর্য্যঃ কুশো নাম উ.চ ৬২৮। ৬ প্রবৃদ্ধ। "কি ১১.৬৩। ৭ প্রাপ্তব্যবহার, সাবালগ্।

জ্যুত অক [দ্যু, এ—জ্যোততি, তে; সেট্; তু 'সং √দ্যুত্ > লি √জোত] দীপ্তি।

জ্যুতি স্ত্রী [তু 'সং দ্যুতি > লি জুতি] দীপ্তি, আলোক।

জ্যেঠ[১] দ্র 'জেঠ'[১]।

জ্যেঠ[২] দ্র 'জেঠ'[২]।

জ্যেঠা বি সর্থ 'জেঠা'। "ম ১২৩৮। চৈ.চ ১৭১; ২৮৯।—ঠাই, -ঠী বি সর্থ 'জেঠাই'। "°ই শ্রী.ম ২৮। °ঠী শি ১০; মন্দ্র ৪।

জ্যেষ্ঠ বিণ [বৃদ্ধ, প্রশস্য+ইষ্ঠ (ইষ্ঠন্), 'জ্য' আদেশ; ছান্দস] ১ বৃদ্ধতম, অতিবৃদ্ধ, বর্ষিষ্ঠ। "জন্ম° মনু ৯.১২৬। ২ প্রশস্যতম, শ্রেষ্ঠ, প্রধানতম। "তস্মাজ্জ্যেষ্ঠাশ্রমো গৃহী মনু ৩.৭৮; অজ্যেষ্ঠবৃষ ৯.১২৩। প্রেষ্ঠমধ্যে সকলের জ্যেষ্ঠ ভ.প্র ৪৯। বৈনতেয় যথা বলজ্যেষ্ঠ মে ৪৭। জ্যেষ্ঠ গুণ-জ্যেষ্ঠ বা.দ ১৬। ৩ অগ্রজ। "ভ্রাতা জ্যেষ্ঠঃ সমঃ পিত্রা।—মনু ৪.১৮৪। ৪ (বাঙলায়) জ্ঞানবৃদ্ধ। "ছোট হৈয়া মুকুন্দ এবে হৈল মোর জ্যেষ্ঠ চৈ.চ ১৪২। —ষ্ঠ পুং ১ অগ্রজ ভ্রাতা। "জ্যেষ্ঠং জ্যেষ্ঠগুণৈর্যুক্তম্। —রা ১.১.২০। মনু ৯.১২৪। পতিশ্বশুরতা জ্যেষ্ঠে পতিদেবরতানুজে। ইতরেষু চ পাঞ্চাল্যাস্ত্রিয়ং ত্রিতয়ং ত্রিষু॥—অমরটীকাধৃত ভারতশ্লোক। ২ অধিকবয়স্ক (ভরত)। ৩ প্রাণ। "প্রাণো বা জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ (ছান্দোগ্য)। ৪ [তু 'সং জ্যৈষ্ঠ > লি, প্রা জেট্‌ঠ] জ্যৈষ্ঠমাস। ৫ বিষ্ণু (মহা)। —ষ্ঠ ক্লী বঙ্গ (tin)। —ষ্ঠা স্ত্রী ১ অগ্রজাতা ভগিনী; অগ্রজা। ২ (পার্ব্বতীর পূর্ব্বে হিমালয়জাতা) গঙ্গা। ৩ গৃহগোধিকা, টিকটিকী। ৪ মধ্যমা অঙ্গুলি। ৫ অলক্ষ্মী। দ্র 'অলক্ষ্মী'। ৬ অশ্বিন্যাদির মধ্যে অষ্টাদশ নক্ষত্র। [ইহা বলয়াকৃতি তারকাত্রয়যুক্ত ও ইন্দ্র-দেবতাক।] ৭ নায়িকাবিশেষ। 'পরিণীতত্বে ভর্ত্তুরধিকস্নেহা জ্যেষ্ঠা (রসমঞ্জরী)। পতির অধিক স্নেহ যারে সেই জ্যেষ্ঠা ভা.চ ৬৭৭। —ষ্ঠী স্ত্রী সর্থ 'জ্যেষ্ঠা (৩)'। [জ্যেষ্ঠতা (স্ত্রী)—অগ্রজাতত্ব। "বয়সোনৈব গর্ভেষু জন্মতো জ্যেষ্ঠতা স্মৃতা মনু ৯.১২৬। °বর্ণ (পুং)—প্রধানবর্ণ, ব্রাহ্মণ। °বৃত্তি (বিণ)—পিতৃতুল্যবৃত্তি, অনুজে পিতৃবৎ আচরণকারী। "মনু ৯.১১০। °শ্বশ্রূ (স্ত্রী)—১ পত্নীর জ্যেষ্ঠা ভগিনী; বড় শালী (অ.চি)। ২ শ্বশ্রূর বড় জা; জেঠশাশুড়ী। °সাম (-মন্) ক্লী —সামবেদ।]

জ্যেষ্ঠতাত পুং [কর্ম্মধা (তু 'পিতা জ্যেষ্ঠো জনন্যা নঃ।—রা ৭.২৫.২৩। ববন্দে পিতরং জ্যেষ্ঠম্ (ধৃতরাষ্ট্রম্)…যুধিষ্ঠিরঃ—মহা ১১.১২.১০। অথবা, রাজদন্তাদি] জ্যেষ্ঠ পিতা বা পিতার জ্যেষ্ঠ; জেঠামহাশয়, বড়-বাবা। "°পাদ উ.চ ৬২১১।

জ্যেষ্ঠা দ্র 'জ্যেষ্ঠ'।

জ্যেষ্ঠাংশ পুং [ষ.ত] ১ শাস্ত্রানুসারে পৈতৃকধনে জ্যেষ্ঠের প্রাপ্য অংশ; উদ্ধার (দ্র 'মনু ৯.১১২)। ২ প্রধান ভাগ।

জ্যেষ্ঠাম্বু ক্লী [কর্ম্মধা] শ্রেষ্ঠগুণ তণ্ডুল-প্রক্ষালন-জল।

জ্যেষ্ঠাশ্রম বিণ [বহুব্রী] শ্রেষ্ঠাশ্রমবাসী। "°মো গৃহী মনু ৭.৭৮। —শ্রম পুং [কর্ম্মধা] শ্রেষ্ঠ আশ্রম; গৃহস্থাশ্রম। —শ্রমী (-মিন্) বিণ [°ম+ইন্ (ইনি) অস্ত্যর্থে -ম্ব] শ্রেষ্ঠগৃহস্থাশ্রমবান্। "°মী গৃহী। —দক্ষ ২.৪৩। —শ্রমী পুং গৃহী।

জ্যেষ্ঠী দ্র 'জ্যেষ্ঠ'।

জ্যৈষ্ঠ[১] পুং [°ষ্ঠী+অ (অণ্)] জ্যৈষ্ঠীপৌর্ণমাসীযুক্ত বর্ষের দ্বিতীয় মাস। —ষ্ঠী স্ত্রী [জ্যেষ্ঠা+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ জ্যেষ্ঠাযুক্তা পৌর্ণমাসী। ২ সর্থ 'জ্যেষ্ঠা (৩)'।

জ্যৈষ্ঠ[২], **-ষ্ঠ্য** ক্লী [জ্যেষ্ঠ+অ (অণ্)+য (ষ্যঞ্)] ১ জ্যেষ্ঠভাব, বৃদ্ধত্ব। ২ অগ্রজাতত্ব, প্রাগ্জন্মতা। "ন মাতৃতো জ্যৈষ্ঠ্যমস্তি জন্মতো জ্যৈষ্ঠ্যমুচ্যতে মনু ৯.১২৫; ২১০। ৩ শ্রেষ্ঠতা, প্রাধান্য। "বিপ্রাণাং জ্ঞানতো জ্যৈষ্ঠ্যং ক্ষত্রিয়াণান্তু বীর্য্যতঃ। বৈশ্যানাং ধান্যধনতঃ শূদ্রাণামেব জন্মতঃ॥—মনু ২.১৫৫। বিষ্ণু ৩২.১৮।

জ্যৈষ্ঠমধু বি [সং যষ্টিমধু; অপ্র] বকালবিশেষ। "বা.ম ২০৭।

জ্যৈষ্ঠিনেয় পুং [জ্যেষ্ঠা+এয় (ঢক্) অপত্যার্থে] জ্যেষ্ঠা স্ত্রীর অপত্য; জ্যেষ্ঠাসুত। বিপ 'কানিষ্ঠিনেয়'। মনু ৯.১২৩, কুল্লুক। জ্যৈষ্ঠিনেয়ং বিবাসিতম্ ভট্টি ৫.৮৪।

জ্যোচ্ছনা, -ছ্‌না বি [দ্র 'জোচ্ছনা'; তু 'জ্যোস্না' (শি ১৬); পদ্যে] চন্দ্রালোক। "স্রোত জ্যোছনার ন ৮৩৭; স্থির জ্যোছনাঃ গৌরব-জ্যোছনা-পূর্ণ ৮৩৮। জ্যোচ্ছনা-প্রদীপ্ত-নীল-আকাশ ১১৯২। জ্যোছনা।—হেম ১১৫। কুমুদের কোলে. জ্যোছনা বিছানা পাতি করিব শয়ন স্ব.প্র ৩৪।

জ্যোতি বি [সং °তিস্ > লি জোতি; হি, ঠ, গু জ্যোতি] ১ দীপ্তি; প্রভা। "বর্ণের জ্যোতিতে আলো করে দশ দিগে কৃ.উ ২৫৩। ২ তেজঃ। "°রূপিণী দু ৩। [জ্যোতীশ্বর (পদ্যে)—জ্যোতিষ্কপতি; সূর্য্য। "নম জ্যোতীশ্বর ওঁ।—ন ৭৬৪।]

জ্যোতিঃ (-তিস্) ক্লী [√দ্যুত্ + ইস্ (ইসিন্)-ভা, দ্ > জ্, উ ২.১০৯; তু 'সং বিদ্যা > প্রা বিজ্জা (প্রা.প্র ৩.২৭)] ১ দীপ্তি, দ্যুতি; প্রকাশ। ২ প্রকাশ, বিজ্ঞান, দৃষ্টি (গী টীকা)। "অন্তর্জ্যোতিরেব যঃ গী ৫.২৪। ৩ [+ইস্-ক] দীপক, তেজোময় পদার্থ। "উৰ্দ্ধিপোনাং জ্যোতিরেকং জগাম শ ৫.২৯। ৪ কিরণ। "চান্দ্রমসং জ্যোতিঃ গী ৮.২৫। ৫ ব্রহ্মতত্ত্বরূপ তেজঃ। "আবির্ভূতজ্যোতিষাং ব্রাহ্মণানাম্ উ.চ ৪.১৮। ৬ আলোক। ৭ নক্ষত্র, গ্রহাদি জ্যোতিষ্ক। "কু.স ২.১৯; ৭.২১। জ্যোতিষাং মধ্যচারী হি ১.২০। ৮ প্রকাশয়িতা, প্রকাশক, অগ্ন্যাদি। "জ্যোতিষাং রবিরংশুমান্ গী ১০.২১। ৯ বিদ্যুৎ। ১০ দর্শন-সাধন পদার্থ (ত.বা)। ১১ আন্তরনেত্র, অন্তর্দৃষ্টি (অজয়)। ১২ দৃষ্টি (শ.ক)। ১৩ স্বর্গলোক (A.)। ১৪ জ্যোতিষশাস্ত্র। ১৫ (দ্বিব) সূর্য্য ও চন্দ্র। —তিঃ পুং ১ সূর্য্য। ২ অগ্নি। ৩ বিষ্ণু (মহা)। ৪ মেথিকা। [°কণ (পুং)—অগ্নিস্ফুলিঙ্গ। °শাস্ত্র (ক্লী)—জ্যোতির্বিদ্যা। °তীরথ (জ্যোতিঃ+রথ) পুং সূর্য্যাদির আশ্রয় ধ্রুব। দ্র 'জ্যোতির্লোক'।]

জ্যোতিরিঙ্গ, -রিঙ্গণ পুং [জ্যোতিঃ ইঙ্গ, -ঙ্গন, কর্ম্মধা] 'যাহা জ্যোতিঃ ও গতিশীল' ; খদ্যোত।

জ্যোতির্ব্বিৎ (-দ্) পুং [°তিস্+ √বিদ্+ক্বিপ্ (০)-ক-১ব, উ.ত] জ্যোতিঃশাস্ত্রজ্ঞ, জ্যোতিষী (astronomer ; astrologer)।

জ্যোতির্ব্বিদ্যা স্ত্রী [ষ.ত] জ্যোতিঃসম্বন্ধী শাস্ত্র।

জ্যোতির্ম্মণ্ডল ক্লী [ষ.ত] নক্ষত্রমণ্ডল, তারকাসমূহ।

জ্যোতির্ম্ময় বিণ [জ্যোতিস্+ময় (ময়ট্) ; স্ত্রী -য়ী] ১ জ্যোতিঃ-প্রচুর। ২ জ্যোতিরাত্মক, তেজোরূপ, জ্যোতিঃস্বরূপ। "ঋষীন্ জ্যোতির্ম্ময়ান্ কু.স ৬.৩। ৩ নক্ষত্ররূপ। "রঘু ১৫.৫৯।

জ্যোতির্লোক পুং [ষ.ত] ১ ধ্রুবাশ্রিত গ্রহনক্ষত্রলোক। দ্র 'ভ ৫.২৩.৩। ২ জ্যোতিঃসমূহের আশ্রয় ; বিষ্ণু। "ভ ৫.২৩.৮।

জ্যোতিশ্চক্র ক্লী [ষ.ত] চন্দ্রসূর্য্যাদিগ্রহনক্ষত্রমণ্ডল।

জ্যোতিষ বিণ [°তিস্+অ (অণ্), বৃদ্ধ্যভাব ; স্ত্রী -ষী] জ্যোতিঃ-সম্বন্ধী, জ্যোতির্বিষয়ক। "জ্যোতিষী গণনা ব.প্র ১৫। —ষ পুং [°ষ +অ (অচ্) অস্ত্যর্থে] জ্যোতিষশাস্ত্রবিৎ, জ্যোতির্ব্বিৎ · গণক, দৈবজ্ঞ (A.)। —ষ ক্লী ১ গ্রহনক্ষত্রাদিগতি-প্রভৃতির প্রতিপাদক শাস্ত্র ; জ্যোতিঃশাস্ত্র। 'শু ৪.৩.৪৫। ২ বেদাঙ্গবিশেষ। —ষিক পুং [°ষ+ ইক (ঠন্) অস্ত্যর্থে] দৈবজ্ঞ, গণক (অ.কো)। —ষী (-ষিন্) বিণ [°ষ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] জ্যোতিষবিৎ, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। —ষী স্ত্রী তারা (শ.ক)। [°বিদ্যা (স্ত্রী)—জ্যোতিঃশাস্ত্র। °বিৎ (বিং)—জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। "ম ২৭৯।]

জ্যোতিষ্ক পুং [°তিস্+ক (কন্) স্বার্থে] ১ গ্রহতারানক্ষত্রাদি। "°মণ্ডল প.তৃ ৮৪। ২ চিত্রকবৃক্ষ। ৩ মেথিকাবীজ। —ষ্ক ক্লী মেরু-শৃঙ্গবিশেষ। "মহা ১২.২৮২.৫।

জ্যোতিষ্টোম পুং [জ্যোতিঃ (ত্রিবৃৎ-প্রভৃতি) স্তোম (যজ্ঞ) যাহার, বহুব্রী, ষত্ব, পা ৮.৩.৮৩] ষোড়শঋত্বিক্‌সাধ্য যজ্ঞভেদ।

জ্যোতিষ্মান্ (-ষ্মৎ) বিণ [°তিস্+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ষ্মতী ; ছান্দস] ১ জ্যোতির্যুক্ত, দীপ্তিমান্। "রঘু ৬.২২। ২ প্রকাশবান্। ৩ নক্ষত্রাদিযুক্ত। —ষ্মান্ পুং ১ সূর্য্য। ২ প্রলয়ে সপ্তসূর্য্যের একতম (A.)। —ষ্মতী স্ত্রী [°ষ্মৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ লতাবিশেষ, স্বর্ণলতা, নয়াফটকী। ২ রাত্রি। ৩ (যোগশাস্ত্রে) সত্ত্বপ্রধান প্রবৃত্তিবিশেষ (পা.দ ১.৩৬)।

জ্যোৎস্না স্ত্রী [°তিস্+ন অস্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্), উপধা লোপ, পা ৫.২.১১৪] ১ চন্দ্রকর, কৌমুদী। "°প্রাবরণশ্চেন্দুঃ গো.রা ৩.৫.১০। পুরাণপূর্ণচন্দ্রেণ শ্রুতিজ্যোৎস্নাঃ প্রকাশিতাঃ মহা ১.১.৮৬। হি ১.৬৩। °বান্ রঘু ৬.৩৪। °বতী রাত্রি চৈ.চ ৫৮ ; ১৭৬। ২ জ্যোৎস্নাযুক্ত রাত্রি (মেদিনী), চাঁদিনীরাত। "দিদি, রাত্রি কি জ্যোৎস্না ?—ব.প্র ৩৩১ ; রাত্রি জ্যোৎস্না ৩৭৮। ৩ 'জ্যোতির্যুক্তকাল, প্রভাতকাল (শ.ক)। ৪ দুর্গা। ৫ পটোলিকা, ঝিঙ্গা। —স্নী স্ত্রী ১ জ্যোৎস্নাযুক্তরাত্রি। ২ পটোলিকা। [°পুলকিত—কৌমুদীহাসযুক্ত। "°যামিনীম্ (বন্দে মাতরম্) ব.ষি ৯৭। °প্রিয় (পুং)—চকোর। জ্যোৎস্না উঠা—জ্যোৎস্না প্রকাশ পাওয়া। "দিব্য জ্যোৎস্না উঠিয়াছে ব.প্র ৩৩১। জ্যোৎস্নিকা (লিপিপ্রমাদ ?)—ঘোড়ার লাগাম। "শ্রী.মা ১৫৫।]

জ্যোতি বি [সং জ্যোতিস্ ; তু 'জ্যোতিষিক ; অপ্র] তেজঃ, প্রভা। "চাহিতে না পারোঁ জৌতি দুয়ো আঁখি ফুটে ব.প ১৩২৯।

জ্যোতিষিক বিণ [জ্যোতিস্+ইক (ঠক্)] সর্থ 'জ্যোতিষিক'। "জ্যোতিষিক লোকেরা…সময় নিরূপণে রহিলেন ব.প ১৬৯৫।

জ্যোৎস্ন বিণ [জ্যোৎস্না+অ (অণ্) ; স্ত্রী -স্নী] জ্যোৎস্নাসম্বন্ধী, কৌমুদীযুক্ত। —স্ন পুং শুক্লপক্ষ। —স্নী স্ত্রী জ্যোৎস্নাযুক্তরাত্রি, 'পূর্ণিমা-রাত্রি' (A.)। —স্নিকা স্ত্রী [°স্নী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] জ্যোৎস্নাময়ী রাত্রি।

জ্বর্ অক [ভ্বা, প—জ্বরতি ; সেট্] রোগ।

জ্বর[১] পুং [√জ্বর্+অ (ঘ)-ণ, অথবা+অ (অপ্)-ভা ; তু 'জ্বর' —সন্তাপ (ঋগ্বেদ ১.৪২.৮)] ১ ব্যাধিভেদ, রোগবিশেষ। 'স্বেদাবরোধঃ সন্তাপঃ সর্ব্বাঙ্গগ্রহণং তথা। বিকারা যুগপদ্ যস্মিন্ জ্বরঃ স পরিকীর্ত্তিতঃ॥ —সুশ্রুত ৬.৩৯.৪। [জ্বরোৎপত্তিকথা—দ্র 'মহা ১২.২৮২.৩৭-৪৭। জ্বররূপ বর্ণনা—দ্র 'পঞ্চরাত্র ১.১৪.২৯।] ২ (সাদৃশ্যে) জ্বরবৎ পীড়াকর বিষয়মাত্র। "চিন্তাজ্বরো মনুষ্যাণাং বস্ত্রাণামাতপো জ্বরঃ। অসৌভাগ্যং জ্বরঃ স্ত্রীণাম্ অশ্বানাং মৈথুনং জ্বর॥—চাণক্য। [পশু পক্ষী ও স্থাবরে জ্বরভেদার্থ দ্রষ্টব্য—'মহা ১৩.২৮২.৫০-৫৬। হ ১৮২.২৪-২৬।] ৩ ব্যথা, সন্তাপ, পীড়া। "মদন°, স্মর°। শান্ত° মহা ৩.৭৬.৫৩ ; বিগত° ১০৩.৬। রঘু ৮.৮৪। বিস্তীর্ণকর্ণ° উ.চ ৫.৬। ৪ জ্বরাধিদেবতা। "হ ১৮১.১ ; ৮। ভীত মহেশ্বর-জ্বর শি ৫৮। ৫ শোক। "গী ৩.৩০। [°ঘ্ন (বিণ)—জ্বরনাশক। (পুং) বাস্তুক ; গুড়ূচী। °ঘ্নী (স্ত্রী)—মঞ্জিষ্ঠা। জ্বরাগ্নি (পুং)—জ্বরজন্য দাহ। জ্বরাঙ্কুশ (পুং)—জ্বরনাশক ঔষধ। জ্বরাতিসার (পুং)—জ্বরযুক্ত অতিসাররোগ। জ্বরান্তক (পুং) 'জ্বরনাশক', নেপালনিম্ব। জ্বরাপহ (বিণ)—জ্বরঘ্ন। জ্বর-জ্বর (অসাধু) —জরজর। "শরীর শুকায়ে আমার হল জ্বর-জ্বর ম.ম ২১৯। °ঠুঁটা—জ্বরজন্য ওষ্ঠব্রণ।]

জ্বর[২] অর্ম্ম [সং √জ্বর্] জ্বরাক্রান্ত হওয়া। "যে জ্বরে জ্বরেছে মা তোর কানাই। এমন ছেলের এমন রোগ ত দেখি নাই॥—মধুকান।

জ্বরিত বিণ [°র+ইত (ইতচ্)] সঞ্জাতজ্বর। "সুশ্রুত ৬.৩৯.৬৩।

জ্বরী (-রিন্) বিণ [°র+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -রিণী] জ্বরযুক্ত।

জ্বল্ অক [ভ্বা, প—জ্বলতি ; সেট্] দীপ্তি, জ্বলন। [উদ্, প্র—অতি-দীপ্তি, প্রজ্বলন। সম্—সম্যক্ দীপ্তি।]

জ্বল[১] বিণ [√জ্বল্+অ (অচ্)-ক ; স্ত্রী -লা] দীপ্ত, জ্বলিত। "জ্বলানন (পাঠান্তর) মহা ১.১৫২.৭। —লন বিণ [+অন (যুচ্)-ক ; স্ত্রী -না] দীপ্তিশীল, ভাস্বর। "অর্কজ্বলনমূর্দ্ধজ মহা ৩.১৭৩.৪২। —ন পুং ১ অগ্নি। "গী ১১.২৯। কু.স ৪.৩৬। জ্বলন্ত জ্বলন শ্রী.মা ১৮। জ্বলিত জ্বলন চৈ.চ ৩৫। বা.দ ৮। ২ অগ্নির সংখ্যানুসারে তিন (৩) এই সংখ্যা। ৩ চিত্রকবৃক্ষ। ৪ ক্ষার (সুশ্রুত—S.W.) —ন ক্লী [+অন -ভা] ১ দীপ্তি, প্রভা। "গরজিলা ভালে, চিত্রভানু, ধকধকি উজ্জ্বল জ্বলনে মে ৬৩। ২ অগ্নির শিখারূপে প্রকাশ ; জ্বলা। ৩ জ্বালা, দাহ, যন্ত্রণা, ব্যথা, পীড়া। "বিষের জ্বলনে ম ৯। জঠরের জ্বলনে রা.স ৮। মুদিনু নয়ন, হায়, হৃদয়-জ্বলনে মে ২৯৪। ওমা, এমন জ্বলনেও পড়লুম পি.ষি ১১৩,-৪। [জ্বল-জ্বল—অতিজ্বলিত, প্রজ্বলিত। "কভু রোষে জ্বলজ্বল সা.ম ৯। জ্বল-জ্বল ক'রে উঠা—অতিদীপ্তভাবে প্রকাশ পাওয়া। "একটি বড় তারা জ্বল-জ্বল করে' উঠল।—ঘ ৭৩।]

জ্বল[২] অর্ম্ম [সং √জ্বল্ > লি, প্রা √জল ; হি √জল ; ঠ √জল] ১ দীপ্তি পাওয়া ; জ্বলা। "অগ্নি…দবদবাতে জ্বলে কৃ ২১৬,-৭ ; অগ্নি আরো জ্বলে জ্বলে ২১৮। কৌস্তভমণি জ্বলে শ্রী.ম ১৪। নয়ন জ্বলে দা ১৩২৪। স.শ ৮২। ২ দগ্ধ হওয়া, পোড়া। "এক ঘরে অগ্নি দিতে আর ঘর জ্বলে কৃ ২১৭। (কাম) কপর্দ্দীর কোপে জ্বল্যা শি ২১ ; ৩৪। ৩ কোপে জ্বলিত হওয়া ; অতিক্রুদ্ধ হওয়া। "শুনে গেল জ্বলে শ্রী.মা ১৮। দুই ভাই জ্বলিল চ.বি ১৪৮। আমি জ্বলিয়া উঠিলাম : আরও জ্বলিলাম ব.প্র ২০২। ৪ ব্যথিত বা নিপীড়িত হওয়া। "অন্তর জ্বলিয়া উঠে তাপ লাগে বুকে।—চ.দা ১১২। ৫ দাহযন্ত্রণা বোধ করা ; সন্তপ্ত হওয়া। "নিদাঘ-জ্বালায়, তনু জ্বলে যায় ভা.চ ৩০১। ৬ বিরক্ত হওয়া। "বুড়া দেখে জ্বলি শি ৮৩। ৭ ম্লান বা বিবর্ণ হওয়া।

"তাহারই দুই-চারিটা আজিও আছে। কিন্তু…রঙ্গ জ্বলিয়া গিয়াছে ব.প্র ৪৬৪। ৮ দাহ বা জ্বালা উৎপাদন করা। "বিষ জ্বলে জঠরে ম.ম ৪২। [জ্বলএ—দীপ্তি পায়। "হস্ত পদ জ্বলএ উঝলে গো.বি ২৫। জ্বল-জ্বল—অতিদীপ্ত, প্রজ্বলিত। "(প্রদীপ) কেউ বা অতি জ্বলজ্বল। —গান ১১৮। জ্বলা[২]—১ সর্থ 'জ্বল[২]। ২ জ্বলিত, উত্তপ্ত। "লৌহশলা° তপ্ততৈলে যেন জ্বলা।—হেম ১১৯। জ্বলা দর—অগ্নিমূল্য। জ্ব'লে পুড়ে মরা—কোপানলে জ্বলিত হইয়া মৃত্যুবৎ যন্ত্রণা পাওয়া। "কীর্ত্তন শুনি বাহিরে তারা জ্বলি পুড়ি মরে চৈ.চ ৬১। ধান জ্বলে যাওয়া —জলাভাবে ধান পুড়িয়া অর্থাৎ শুখাইয়া যাওয়া। "মাঠে ধান জ্বলিয়া গেল ব.প ১৪১৭।

জ্বলকা স্ত্রী [√জ্বল্+অক (বুন্)+স্ত্রী আ (টাপ্)] অগ্নিশিখা, ঝল্‌কা (অ.চি)।

জ্বলজ্জ্যোতি বিং [জ্বলৎ+জ্যোতি] দীপ্ততেজস্ক, তেজঃসম্পন্ন। "জ্বলজ্জ্যোতি জরা যোগী শি ৩৩।

জ্বলদ্-অক্ষর বি [পদ্যে] জ্বলন্ত বা দীপ্যমান অক্ষর। "তারকা কনকভাতি, জ্বলদ্-অক্ষর-পাঁতি স্ব.প্র ২২৬।

জ্বলদগ্নি বি [জ্বলৎ+অগ্নি] দীপ্যমান অগ্নি; জ্বলন্ত আগুন। "°সম তেজ ম ৬৫৮। °রাশি চৈ.চ ১৯১। °বৎ ব.প ৬৬৯। কান্তাকুচে জলদগ্নি বি.সু ৫৭। °মধ্যে দা ৬৪০; °প্রায় ১৩১১। °মধ্যে পা.প্র ৯।

জ্বলদর্চ্চি বি [জ্বলৎ+অর্চ্চি; পদ্যে] প্রজ্বলিতশিখা, প্রচণ্ডকরজ্বালা। "মেঘরন্ধ্রচ্যুত তপনের, জ্বলদর্চ্চি-রেখা চ.কা ২৯০।

জ্বলন দ্র 'জ্বল[১]।

জ্বলনি বি [°ন+ই[১৭]] জ্বলন, দাহ, জ্বালা। "তাহাতে নিবৃত্ত হবে তোমার জ্বলনি ম ৯৮৬। [জ্বলুনি—জ্বলনি, দাহ। "খাটুনি যে ভাল ছিল জ্বলুনির চেয়ে।—রবীন্দ্র। ফোড়ার…জ্বলুনি পা.ঝো ১৭২।]

জ্বলনাশ্মা (-শ্মন্) পুং [°ন অশ্মা, কর্ম্মধা] সূর্য্যকান্তমণি।

জ্বলন্ত বি [জ্বল[২]+অন্ত; সং জ্বলৎ >প্রা জলংত] ১ দীপ্যমান, জ্বলিত। "জ্বলন্ত হুতাশন কৃ.উ ২৮১। জ্বলন্ত আগুন কৃ ১২৬। ম ৬। জ্বলন্ত হুতাশ।—গ ৬। জ্বলন্ত জ্বলন শ্রী.মা ১৮। জ্বলন্ত অনল জ ৪০। হেম ১। জ্বলন্ত দিউটী শ্রী.ম ৫১। জ্বলন্ত জ্বালা ব.সু ১। ২ অগ্নিময়, জ্বলিত। "জ্বলন্ত উলুকা কৃ.উ ২২৩। জ্বলন্ত লাঙ্গুল কৃ ২১৮; জ্বলন্ত উলকা ২৪৮। ম ৫০৪। জ্বলন্ত অঙ্গার শ্রী.ম ১৪৯; দু ৬৮। জ্বলন্ত নদী শ্রী ২৬৪। ৩ তেজোময়, প্রচণ্ড। "জ্বলন্ত ভাস্কর বি.পা ৫২। জ্বলন্ত-তপন স্ব.প্র ১। কথা ১৫। ৪ প্রচণ্ড। "জ্বলন্ত তেজ।—কা ২৮। ৫ জ্বালাময়, তীব্র। "জ্বলন্ত গরল যেন পুরিল পরাণী।—হেম ১৭৩। ৬ প্রজ্বলিত। "জ্বলন্ত শোকানল মা ১২৪।

জ্বলা[১], জ্বালা[২] সর্ম্ম [জ্বল[২]+আ[৮]; সং √জ্ব(জ্বা)লি > প্রা— √জলার (তু 'জলারণ'—জ্বালন, প্রা.ম); হি √জলা; তু 'জ্বালিয়া' (শূ ৮৬)] ১ দীপ্ত করা; অগ্নিসংযুক্ত করা; জ্বালা। "অগ্নি জ্বালি কৃ ২১৬। উলুকা জ্বালিল।—ম ৮৭৫। কুশ-পত্র জ্বালি বি.পা ২৬৩। জ্বালিল খড় শি ৮০। দেউটী সব জ্বাল চৈ.চ ৬৪। জল দিয়ে প্রদীপ জ্বালে! —দা ৩৭৫। ২ প্রজ্বলিত করা। "চৌদিকে জ্বালিয়া অগ্নি ভা.চ ১৩৫। ৩ দগ্ধ করা; পোড়ান। "ঘর জ্বালান। ৪ পীড়িত করা। "যার খেয়ে মশা ওঠেন ফুলে, জ্বালান তারেই গোপন হুলে।—কা ৯২। ন ১০১৪। গ্রামটাকে…খাক করলে—আবার গঙ্গাকে জ্বলাচ্ছ কেন?—আ.দু ১৪৪। ৫ জ্বালাতন বা বিরক্ত করা। "বৃন্দে বলে, ক্ষান্ত হও জ্বালিও না শ্রীহরি দা ৫৯৪। থাকবে না ত জ্বালাবে কে?—গি.দ্বি ১১৩। [জ্ব(জ্বা)লান—সর্থ 'জ্বালা[২]। জ্ব(জ্বা)লানে—জ্বালাকর, পীড়ক, বিরক্তিকর।]

জ্বলা[২] দ্র 'জ্বল[২]।

জ্বলিত বিণ [জ্বল্+ত (ক্ত)-ক] ১ প্রদীপ্ত, প্রচণ্ড। "ঈশ্বরের তত্ত্ব যেন জ্বলিত জ্বলন চৈ.চ ৩৫। ২ উজ্জ্বল, দীপ্ত। ৩ [√জ্বলি+ত-ৰ্ম] প্রদীপিত; দগ্ধ, ভস্মীকৃত।

জ্বার সর্ম্ম [জ্বাল >°র; বৈষ্ণবসাহিত্যে] জ্বলিত করা; পোড়ান। "নিজ তনু জ্বারি, ভসম সম করইতে, পৈঠল আনল সন্তাপে জ.প ৩।

জ্বাল[১] বিণ [√জ্বল্+অ (ণ)-ক; স্ত্রী -লা] দীপ্তিযুক্ত, জ্বালান্বিত। —ল পুং ১ অগ্নিশিখা। ২ দীপ, বর্ত্তি। ৩ [+অ (ঘঞ্)-ভা] দীপ্তি। ৪ [হি °ল] (বাঙ্‌লায়) আগুনের আঁচ। "জ্বাল দিবে দুই দণ্ড ক.চ ৩০; জ্বাল দিয়াছে দঢ় ১৪২। আগর চন্দন পুড়িয়া বাড়াইলাম জ্বাল ম.ম ১৬২,-৩। ৫ ইন্ধন, জ্বালানী কাঠ। "অন্ন এই রাত্রিকালে, জলের শিয়ালা জ্বালে শ্রী ১০৬। এক মুখে জ্বাল দেয় নয় মুখে জ্বলে বা.ম ১৪৮; ২৮৭। ৬ জ্বালা, তেজ। "বিষজ্বালে মহাদেব ঢলিয়া পড়িল বা.ম ২২। বিষের জ্বালে ম.বি ১১৩। বিষজ্বালে তিন আঁখি করে টলমল ম.ম ৪২। ৭ জ্বালা, যন্ত্রণা, পীড়া। "ঘড়েল পতির জ্বালে আমি হৈনু কাল ভা.চ ৪০৮।

জ্বাল[২] সর্ম্ম [জ্বল[২] >°ল (ণিজন্ত); সং √জ্বালি (জ্বালয়) >প্রা √জাল] জ্বলিত করা; দীপ্ত করা; জ্বালা। "আরতি-ইন্ধনে জ্বালে বিরহ-অনলে ব.প ৮৩৮। বিরহানলে প্রদীপখানি জ্বালো—রবীন্দ্র। হৃদয়ে আমার জ্বাল প্রভু জ্বাল, তোমার করুণ নয়নেরি আলো কু.কে ১৮৭। [জ্বালা[৩]—১ সর্থ 'জ্বাল[২]। ২ জ্বালিত (দীপ)। "তারকা-আলোক-জ্বালা স্তব্ধ রজনীর চ.কা ১২৭। জ্বালানী—১ জ্বালানের কাঠ; ইন্ধন। ২ পীড়য়িত্রী। "ঘর°, পর° (স্ত্রীলোক)।]

জ্বালা[১] স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্)] ১ অগ্নিশিখা, অর্চ্চিঃ। "°বভ্রু-শিরোরুহ (লবণ) রঘু ১৫.১৬। বহ্নিজ্বালা।—পঞ্চ ৫৭/৭৫। °মালাকুল-মুখ (বিষ্ণুপুরাণ)। পূর্ব্ব হুতাশন শতগুণ প্রচণ্ড জ্বালার সহিত জ্বলিয়া উঠিল ব.প্র ১০০। ২ দগ্ধান্ন (A.)। ৩ (বাঙ্‌লায়) তেজ, জ্যোতি। "চঞ্চু মহাজ্বালাধর।—চ.বি ২২৭। ৪ দাহ। "জীবগণ-জ্বর-জ্বালা। —রঙ্গ ২১। ৫ ক্ষতাদিজন্য পীড়া। ৬ যন্ত্রণা, বিপদ্ (বিরক্তিতে)। "কি জ্বালা! আপনি আমাকে বিহ্বল করিয়া তুলিলেন ব.প্র ১২৭; ৩৪২; কি জ্বালা! তোমার ঘণ্টা মিনিট কে চায়?—৬৪৬। ৭ পীড়া-জনক বিষয়। "এক জ্বালা গুরুজন, আর জ্বালা কানু চ.দা ৯৯। ৮ দুঃখ, কষ্ট। "ছেলে না হবার এক জ্বালা—হবার শতেক জ্বালা আ.দু ৩৫। ৯ অত্যাচার, নোঙরা কাজ। "খয়েরের দাগ লেগেছে ডালায়, বাঁচিনে ত আর তোদের জ্বালায়!—কা ১৩৩। [°জিহ্ব, °ধ্বজ (পুং)—অগ্নি। °বক্ত্র (পুং)—শিব। °মালিনী (স্ত্রী)—দেবীবিশেষ।]

জ্বালা[২] দ্র 'জ্বলা[১]।

জ্বালা[৩] দ্র 'জ্বাল[২]।

জ্বালাতন বিং [আ 'জলারতন্'—নির্ব্বাসিত; এই আরবী শব্দের পূর্ব্বভাগ 'জলা', সংস্কৃত 'জ্বালা' শব্দের সহিত উচ্চারণসাম্যে 'জলারতন্' >°তন] ১ ব্যথিত, মর্ম্মপীড়িত। "ঘায়েতে লাগিলে ঘা যেন বড় জ্বলে। ভরত তেমন জ্বালাতন হয়ে বলে॥—কৃ ১১২। (তুই শশী) কটাক্ষ-নয়নে, করিস রে জ্বালাতন!—ন ১০১০। বিনে প্রাণপ্রিয়জন, মম জ্বালাতন মন স.শ ৭৮; ১২১। শিশুদিগকে পীড়িত…হইতে দেখিয়া হাড়ে হাড়ে জ্বালাতন হইয়াছি।—পা.প্র ১৮২। ২ জ্বলিত, সন্তপ্ত। "কলুষ-আগুনের তাঁতে, জ্বালাতন ছিলি তাতে দা ৫১৩। শুনে শুনে হাড় জ্বালাতন।—ন ১০৮৯; ১১২০। সীতারামের হাড় জ্বালাতন হইয়া উঠিল।—ব.প্র ৪৫৮। ৩ বিরক্ত। "দেবরাজে নাহি যেন করে জ্বালাতন অ.প্র ১২০। সুখের কথা শুনিয়া শুনিয়া জ্বালাতন হইয়াছি। —ব.প্র ১১৩। কেন মিছে জ্বালাতন কর লী.১০। জা ৪২।

জ্বালান; জ্বালানী; জ্বালানে দ্র 'জ্বলা[১]; জ্বাল[২]; জ্বলা[১]।

জ্বালামুখী স্ত্রী [বহুব্রী, স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পীঠস্থানবিশেষ। [ইহা

লাহোরে। এই স্থানে সতীর জিহ্বা পতিত হয়। ইহার ভৈরব 'উন্মত্ত'। দেবীর জ্বলাজিহ্বাই মুখ বলিয়া, ইহা 'জ্বালামুখী'। 'জ্বালামুখ্যাং জ্বালা-জিহ্বা দেব উন্মত্তভৈরবঃ (তন্ত্র)। ভা.চ ৫১।] ২ বিদ্যাবিশেষ। (গরুড়পুরাণ, ২০৪তম অধ্যায়)। ৩ (বাঙ্‌লায়) অস্ত্রবিশেষ। "গ ২৪।

জ্বালিত বিণ [√জ্বালি+ত (ক্ত)-র্ম্ম] দীপিত। "ওস্‌মান নিজ হৃদয়মধ্যে অগ্নি জ্বালিত করিয়াছে ব.প্র ৯৮।

জ্বালী (-লিন্) বিণ [√জ্বল্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -লিনী] দীপ্ত, জ্বলিত। —লী পুং শিব (মহা)।

ঝ

ঝ[১] চ-বর্গের চতুর্থ বর্ণ এবং নবম ব্যঞ্জন ও স্পর্শ বর্ণ। দ্র 'ক[১]; চ[১]।

ঝ[২] পুং ১ ঝঞ্ঝাবাত; তীব্রবাত। ২ দেবগুরু। ৩ ঝঙ্কার।

ঝক[১] বি [তু 'সং ঝগিতি (ঝক্+ইতি)] শীঘ্রতা, ত্বরা। [ঝক্ ক'রে আসা—শীঘ্র আসা।]

ঝক[২] অর্ম্ম [হি ঝক—উজ্জ্বল, চকচ'কে; তু 'ধক'; পদ্যে] দীপ্তি পাওয়া; চকচক করা। "ঝকঝক ঝকি, কাঞ্চন-কঞ্চুকবিভা উজলিল পুরী।—মে ৮১। (কৃপাণ) ঝকিছে তড়িৎবৎ—হেম ৫৯; ঝকিয়া ১১৫; ২৩৫।

ঝকঝক ক্রি.বিং [হি ঝকাঝক (বিং); ঠ ঝকঝক (ক্রি.বিং); তু 'সং ঝগঝগায়মান'] উজ্জ্বলভাবে, দীপ্তিপ্রকাশপূর্ব্বক। দ্র 'ঝক[২]। (আভরণ গলে) ঝকঝক জ্বলে বা.দ ১২৭। নীল চন্দ্রাতপ ঝকঝক জ্বলে স.শ ৮২। ঝকঝক কিরণ চমকে।—হেম ২৩৫। —ঝক বি দীপ্তিপ্রকাশ, প্রভাবিস্তার। "চোখ ঝকঝক করতে লাগল।—ঘ ১৩৪; তারাগুলি ঝকঝক করচে ১৯২; চোখ আনন্দে ঝকঝক করতে লাগল ১৯৭। [ঝকঝকান (সং √ঝগঝগায়)—দীপ্তি পাওয়া। °ঝকে (বিং)—উজ্জ্বল, চকচকে। "গৃহোপকরণ সমস্ত যাহাতে ...ঝকঝকে থাকে, তাহার...অভ্যাস করিতে হয় পাঁ.প্র ৬১।]

ঝকঝকি, ঝটঝটী বি [হি ঝকঝক] বাক্‌কলহ, বৃথা বিবাদ বা হুজ্জত, কচকচি। "মিছা ঝটঝটীতে কায নাইক দেশে চল্যা যাই ব.প ৫৩১। (বাবুরাম বাবু) মহাজনদিগের সহিত...ঝকঝকি করিতেছেন আ.দু ২৮।

ঝকঝকে দ্র 'ঝকঝক'।

ঝকড় বি [হি ঝকর, -ক্কড় (ধ্বন্যাত্মক); অপ্র] তুফান, প্রচণ্ড ঝড়। "ঝকড়-ভঙ্গিনী শ্রী.মা ১৬৬; ঝকড় বয়ে যায় ১৮৪।

ঝক(গ)ড়া[১] বি [প্রা ঝকড়া (অ.রা); সং ঝকট (ষ, appendix 178); হি ঝগড়া; ঠ ঝগড, -ডা; ড় কলি.] ১ বাক্‌কলহ, বিবাদ, বচসা। "করহ মাতা ঝগড়া মোচন ক.চ ১০৩; ঝকড়া ২৫২। ঝটাপট ঝগড়া শি ৭৭। একজন দরোয়ানকে একজন ফিরিঙ্গী...ঝকড়া করে গুলি করে।—হু ৮৭। ২ যুদ্ধ, লড়াই। "ঝগড়া করিতে দিলে আপনার বস্থ।—ক.চ ১০৩। [°ড়া-ঝাটি—বিবাদ-বিসম্বাদ। "মন্ত্র ৯। °ড়াটে (হি ঝগড়ালূ; ঠ ঝগডালূ; —ডাউ)—কলহপ্রিয়।]

ঝকড়া[২] বি [হি °ড় (ঝড়)—মূল (?); তু 'ঝা°' (শ্রী ১৬৬)] ঝড়ের মত শব্দকারী ও দ্রুতগামী (?) ক্ষেপণীয় আয়ুধবিশেষ। "মারে সে জাঠি ঝকড়া কৃ ৩৯; ৩৭৬; ৪৮৬। ব.প ৬৯৫।

ঝকমক বিং [হি জগমগ, -গা—চমকদার; ঠ °মক (পদ্যে)—দীপ্তি; গু ঝগঝগ, -মগ; তু 'চকমক'] দীপ্ত, উজ্জ্বল, চমকদার। "ঝকমক জড়ি ঘোড়া সাজে কলেবরে ব.প ১৪৮৬। ঝকমক ঝলক বিশদ। —রঙ্গ ৭। —মক বি ১ দীপ্তিপ্রকাশ, প্রভাবিস্তার। "থাণ্ডাএ ঝকমক করে গ ২১। এই রূপরত্নযুগ আমার হৃদয়। সদা ঝকমক করে করিয়া উদয়।—ভ.গ্র ২১৩। ঝকমক চকমক থরতরবারা ভা.চ ৪৫৮। রঙ্গ ৮৮। হীরা মুক্তা খচিত কাঁচলি ঝকমক করিতেছে ব.প্র ৩৭৯। ২ [ধ্বন্যাত্মক] ঝাঁঝরের শব্দ। "ঝকমক ঝাঁঝর বাজে করতালে শ্রী.ম ৯৮। —মক ক্রি.বিং দীপ্তভাবে। "ঝকমক জ্বলে স.শ ৮৩। —মকি বি [°মক+ই[১১]] দীপ্তি, প্রভাপ্রকাশ। "পিত্তল কাটারি, কামে নাহি আয়ল, উপরহি ঝকমকি সার বি.প ১১৭। ব.প ১৪৮৬।

ঝকমারি বি [হি ঝক—উন্মত্ততা; ঝক মারনা—বৃথা কার্য্য করা; ব্যর্থ সময় নষ্ট করা ইত্যাদি; ঠ ঝক মারণেং—ভুল করা; মূর্খের মত কাজ করা] মূর্খতা, বোকামি, পাগলামি (অনুতাপে; বিরক্তিতে)। "এই মোকামে কোই কামে আনা ঝকমারি আ.দু ৭৮। দুটি ভাতের জন্যে...আজ হিল্লি কাল ডিল্লী এই করে বেড়ান ঝকমারি অ.গ্র ১৪১। ঝক মারা—বোকামি করা। "ধেড়ে ভেড়ে এক সম, ঝক মারিবার যম ভা.চ ৭৩৮।]

ঝগঝগায়মান বিণ [√ঝগঝগায়+মান (শানচ্)-ক] দেদীপ্যমান। "রশ্মিভির্ঝগঝগায়মানাংশুকাম্ (দেবীপুরাণ)।

ঝগড় বি ১ ঝগড়া। "মিছাই ঝগড় কর শ্রী.কী ৭৭। ২ [অস 'জগর' —দোষ] বিবাদমূলক অপরাধ। "কি মোর ঝগড় ভৈল মথুরার পথে শ্রী.কী ৫৬। [ঝগড়ত—সনির্ব্বন্ধ কহিতেছে। "ঝটকি চলত ধনী পাশ। ঝগড়ত গোবিন্দদাস।—গো ২৫০।]

ঝগড়া দ্র 'ঝকড়া[১]।

ঝগিতি ব্য শীঘ্র, তৎক্ষণাৎ, ঝটিতি। "সাপ্যপ্সরা ঝগিত্যাসীত্তদ্রূপাকৃষ্ট-লোচনা (মহা,—A.)।

ঝঙ্ক বি [ঝঙ্কার > °ঙ্ক; হি ঝঙ্ক; বৈষ্ণবসাহিত্যে] অব্যক্ত মধুর ধ্বনি; ঝঙ্কার। "ঝঙ্কৃত ঝঙ্কৃত ঝনন ঝঙ্ক, চলত অঙ্গুলি লোলত অঙ্গ রা.শে ১১৪। ঝঙ্ক সহনে নাহি যাতি।—গো ২৫০। —ঙ্কন বি [হি ঝং —অস্ত্রধ্বনি] অস্ত্রধ্বনিসদৃশ উদ্বেগকর বিষয়। "কঙ্কণ ঝঙ্কন, কিঙ্কিণী শিঞ্জিনী গো ২৫৪। [ঝঙ্করু—ঝঙ্কার করে। "কিঙ্কিণী ঝঙ্করু গো ১৫৪। ঝঙ্কহি—ঝঙ্কার করিতেছে। "মধুকর ঝঙ্কহি (প.ক)। ঝঙ্কায়িবী —তিরস্কার করিবি। "শ্রী.কী ৩৯৬।]

ঝঙ্কার পুং [ঝম্ কার, কর্ম্মধা] ১ 'ঝম্'-শব্দ, ভ্রমরাদিধ্বনি, গুঞ্জন। "মধুপকুল° (ভামিনীবিলাস)। ভ্রমর ঝঙ্কার শিখে কঙ্কণঝঙ্কারে ভা.চ ২৯২। ২ মধুরাস্ফুটধ্বনি। "কোকিল-কূজিত বর°; ধারাযন্ত্র-স্খলিতজল° (S.W.)। ৩ গীতধ্বনি। "গীতঝঙ্কারজা সুধা।—পঞ্চ ৫.৫১। ৪ বজ্রধ্বনি, ঝনঝনা। "পরিপতজ্‌ঝঙ্কারঝঞ্ঝামরুৎ (অমরু)। বিদ্যুৎ-ঝঙ্কার ব.প ৩৩৬। ৫ ভূষণধ্বনি, শিঞ্জন। "স্খলদ্বলয়সংহতিমেখলোত্থ°। —ভর্ত্তৃহরি। দোঁহার অলঙ্কার, ঝনঝন ঝঙ্কার ক.চ ১৩৯। অলঙ্কার° ব.প্র ৪। ৬ (বাঙ্‌লায়) রুষ্টস্বর, তর্জ্জন। "রুষ্টপ্রায় কহে কিছু ঝঙ্কার করিয়া ভ.গ্র ৪৪২। ৭ মহাশব্দ, ঝনঝনা। "মহামল্ল দুইবীরে পড়য়ে ঝঙ্কার ম.ঘি ১৭৩। —ঙ্কারিণী স্ত্রী গঙ্গা। —ঙ্কৃত ক্লী, —ঙ্কৃতি স্ত্রী [ঝম্ কৃত কৃতি, কর্ম্মধা] ভূষণধ্বনি। "কঙ্কণমৃদুঝঙ্কৃত জ.প ২২।

ঝঙ্কারিত বিং ঝঙ্কারযুক্ত, শব্দিত। "কালঝঞ্ঝাঝঙ্কারিত দুর্য্যোগ আঁধারে চ.কা ৩৭৮।

ঝঙ্কৃত, ঝঙ্কৃতি দ্র 'ঝঙ্কার'।

ঝঞ্ঝন ক্লী [ঝন+ঝন] ১ ভূষণধ্বনি, শিঞ্জন। "কনককঙ্কণ, দ্বিভুজে ঝঞ্ঝন ম ১৮৩। ঝঞ্ঝন...কঙ্কণিয়া ভা.চ ৪৪৩। ২ ধাতুদ্রব্যের শব্দ বা তাদৃশ শব্দমাত্র। "থালা ঝঞ্ঝন করে পড়ে। —না বি ১ অস্ত্রাদির বা ধাতুদ্রব্যের ঘাতপ্রতিঘাতজন্য শব্দ। "লক্ষ লক্ষ বাণ পুরে সম্বরের সেনা। পড়িলেক স্বর্গপুরী, ছাইয়া ঝঞ্ঝনা।—কৃ ৩৯। অস্ত্রের ঝঞ্ঝনা ব.প্র ৪৮; লোহার শিকল সকলে মহা ঝঞ্ঝনা বাজিল ৫৩৯। অস্ত্রে বাজিলে ঝঞ্ঝনা ম ৪৯৯। ২ বজ্র। "ঝঞ্ঝনা পড়য়ে যেন ঘোর বরিষণে।—কৃ ২৬৩; ৩৪৪। ম ৩৬০। ম.ভা ১১। ঝঞ্ঝনার ঝঞ্ঝনী ভা.চ ৪৫৪। ঝঞ্ঝনাহতাশ বা.দ ১৫৩। ৩ বজ্রাঘাতশব্দ।

"ঝঞ্ঝনা চিকুর পড়ে ঘন বজ্রাঘাত ব.প ৯০২। মুনি বাতকর্ম্ম করে যেমন ঝঞ্ঝনা কৃ ১২৯। —নি, -নী বি সর্থ 'ঝঞ্ঝন'। "°নী ভা.চ ৪৫৪। —য়ান ক্রি.বিং [অপ্র] ঝঞ্ঝনশব্দে। "ঝঞ্ঝান ঝাঁকিছে থাঁড়া শ্রী ১৬।

ঝঞ্ঝা স্ত্রী ১ প্রচণ্ডবায়ু, বাত্যা, ঝড়, ঝড়বৃষ্টি। "ঝঞ্ঝা-ঘন গরজন্তি সন্ততি বি.প ১৭২। ঝঞ্ঝা পবন বিথার।—গো ২৫০। °রূপা ভা.চ ৪২৯; বা.দ ৭৮। তাপদগ্ধ জীবনের ঝঞ্ঝাবায়ুপ্রহারে।—হেম ২৯১। ঝঞ্ঝার মঞ্জীর চ.কা ২৮৭; কাল-ঝঞ্ঝা-ঝঙ্কারিত ৩৭৮। কথা ৩২। ২ ঝঞ্ঝন শব্দ, মহাধ্বনি। ৩ বাত্যাশব্দ। [°ঝড়—ঝঞ্ঝাবাত। "কু.কে ১২৫।]

ঝঞ্ঝাট বি [হি ঝংঝট—বৃথা বিবাদ; ঠ ঝু(ঝুং)জাট (ঝঞ্ঝাবাত?) —প্রচণ্ড বায়ু] ১ বৃথা বিবাদ; গোলমাল, হাঙ্গামা। "দেখুক সকলে সীতা ঘুচাও ঝঞ্ঝাট কৃ ৩৬৬। ২ বিপদ, অশান্তি, বিপাক। "বা.দ ৭৮। বিশ্বের ঝঞ্ঝাট ক্লেশ অ.গু ৫২। পড়িয়া ঝঞ্ঝাটে, আলোকের আয়ু যেন ফুরা'ল স্ব.প্র ১১০। তোমার এ সব ঝঞ্ঝাটে গিয়ে কাজ নেই ঘ ১১৪। ৩ লেঠা। "ঝঞ্ঝাটেতে হয় না আসা দা ৮১। বড় ঝঞ্ঝাট মাইনে বাঁটতে কা ১২৭। গুরুতর কাজের ঝঞ্ঝাট প.কা ৭৬। [°টে—ঝঞ্ঝাটপ্রিয়, গোলমেলে।]

ঝঞ্ঝানিল, ঝঞ্ঝামরুৎ, -ঞ্ঝাবাত পুং [উ.লো] ১ ঝঞ্ঝাধ্বনিযুক্ত বায়ু; বর্ষাজাত বায়ু। ২ সবৃষ্টি বায়ু। 'ঝঞ্ঝাবাতঃ সবৃষ্টিকঃ (A.)। ৩ প্রচণ্ডবাত, ঝড়। "°মরুৎপ্রেঙ্খোল মা.মা ৯.১৭। °নিলবিহ্বলস্ত (পদ্মস্ত)।—ভামিনীবিলাস। ঝঞ্ঝাবাতপ্রায় আমি শ্লোক পটিল চৈ.চ ৫৮।

ঝট্ অক [ভ্বা, প—ঝটতি; সেট্; তু '√জট্'] সংহতি, সংঙ্ঘাত।

ঝট অব্য [সং ঝটিতি; হি, মৈ °ট; ঠ ঝট—ঝটকর] শীঘ্র, সত্বর। "ভবনে যাহ ঝট শ্রী.মা ৮। ঝট ঝট ঝাঁটি ফেলে শি ৮৫। চৈ ৫৭। নিয়ে আয় ঝট।—গান ১১। ঝাঁট নয়, ঝট—মানে কি না শীগগির। —অমৃতলাল বসু। স.এ ১৬। [ঝটকি—ঝট করিয়া; শীঘ্র করিয়া। "ঝটকি চলত ধনী পাশ।—গো ২৫০। ঝট ঝট—শীঘ্র শীঘ্র। "ঝট ঝট উঠে ব.প ১৪৮৬। শি ৮৫। ঝটিয়া—শীঘ্রনাশশীল, ক্ষণিক। "ঝটিয়া পীরিতি, কেবল কুরীতি ব.প ১০০০।]

ঝটক সর্ম্ম [হি √ঝটক] জোরে ঠেলিয়া বা সরাইয়া দেওয়া। "বুঝি বর নাহ বাহু ধরি সাধয়ে, ঝটকই মানিনি মানে : ঝটকত কর কঙ্কণ ঝনঝান (প.ক)।

ঝটকা বি [হি, ঠ °কা] ১ ধাক্কা, প্রবল ঘাত। "উঠিল তুমুল ঝড় ঝটকায় ঝটকায় ন ৪৪০। ২ [ঝটিকা > °কা] ঝড়, ঝটিকার প্রতিঘাত (ধাক্কা)। "ঝড়ি"। কার্ত্তিকে ঝটকায়…দাঁড়কাকগুলো মরে গেচে লী ৪। [ঝটকান (ঠ ঝটক—ভিন্ন হওয়া; গু ঝটকার —কাটা)—পৃথক্ করা; কাটিয়া ফেলা।]

ঝটপট অব্য [ঝট+পট (অনু.শব্দ); হি, ঠ, গু °পট] অতিশীঘ্র। "ঝটপট লোকালয়ে চলিছে ধাইয়া স.শ ১৪৫। অ.গু ৩। স্ব.প্র ৯০। —পট বি [ধ্বন্যাত্মক] ১ পক্ষীর পক্ষের শব্দ। ২ ছটফট, অস্থিরতা। "মৃত্যুলক্ষণ ঝটপট দা ২১২৪। [ঝটপটাপট—কক্ষবাদ্য। °পটি—ঝট-পট করিয়া; ত্বরা করিয়া। "ঝটপটি ঈশ্বরী সাক্ষাতে (উরিলা ডাকিনী দানা) শ্রী ১৬৪।]

ঝটাপট, -পটী বি [ঠ °পট, -টী; গু °টী; হি খটাপট, -টী] বিবাদ, বাগযুদ্ধ, তুমুল ঝগড়া। "কান্নাকাটি ঝটাপটী কত করে সোর। —হেম ৩৭৮। [ঝটাপট ঝগড়া—তুমুল ঝগড়া। "ঝটাপট ঝগড়া বহিয়া যায় ঝড় শি ৭৭।]

ঝটি[১] পুং [√ঝট্+ই (ইন্)-ক] ক্ষুদ্রতৃণবিশেষ, ঝাঁটি

ঝটি[২] বি [ঝটিকা > °টি] ঝড়ি, ঝড়। "(বহে) দুরন্ত ঝটি—হেম ৬৯। —টিকা বি [ঠ ঝটকা (বায়ুবেগ) > °কা (সাধুভাষা); হি 'ঝটকা'—ধাক্কা] ঝড়। "ঝটিকা দুরন্ত মেয়ে সা.ম ৪৭। °তাড়নে। —হেম ১৮৭। ব.প্র ৩; °বেগ ৪।

ঝটিৎ, -ত অব্য [সং ঝটিতি > °টিৎ, °ত] শীঘ্র। "°ত শ্রী.মা ১৯০; ভা.চ ৪২৯। ঝটিৎ।—শিশু ১৪২।

ঝটিতি ব্য [ঝটৎ+ইতি (পা ৬.১.৯৮, কাশিকা)] শীঘ্র। "ঝটিতি প্রবিশ গেহম্ শৃ ৬। ঝটিতি মিলব বি.প ১৭৪। ক.চ ২৫২। ম ৩৫৫; ৮৫৯। শ্রী.মা ৬৩। ভ.গ্র ৪৭২। শি ১৩৫। ব.প্র ৩৮।

ঝড়, -ড়ি বি ['ঝডী'—অবিরতবৃষ্টি (দেশী ৩.৫৩); (ঐ অর্থে) হি ঝড়, -ড়ী; ঠ ঝড, -ডী; গু ঝডী; ড় ঝড়ি; প ঝরী (হি ঝর); ঝড়ি (ঢাকা)] ১ বাত্যা, প্রবলবায়ু। "°ড়ি গো.চ ২৩৫। °ড় কৃ ৩০৯। গমনে বহে ঝড় শ্রী ১০৬। মহাঝড়ি জ ২০। ঝড়রূপে ভা চ ৪২৯। ২ (সাদৃশ্যে) বিপত্তিজালের প্রচণ্ড আঘাত। "তাঁহাদের মাথার উপর দিয়া কত ঝড় চলিয়া যাইতেছে চা.পু ১০১। —ড়া বি ১ (অপ্র) প্রবল বায়ুপ্রবাহ। "পবনের ঝড়া বরুণের বরিষণ কৃ.উ ১৭। ২ সর্থ 'ঝরা (৪)। "ম.ম ২৩৫। [ঝড়গতি—ঝড়ের মত লঘুগতি। "°তি ঘোড়া মে ১৫। ঝড়ঝাঁটা, -ঝাট (°ঝাটি)—ঝড় ও বায়ুপ্রবাহ। "°ট ব.প ৪৭১। ঝড়ঝাটে—ঝড়ঝাটিতে। "ব.প ১৩৬৪। ঝড়-তুফান —ঝড়বৃষ্টি। "ভ.গ্র ৪৪৪। ব.প্র ৪১৪। ঝড়মড় ('মড়' অনু.শব্দ) —ঝড়বৃষ্টি-প্রভৃতি। "ঝড়মড় দূরে গেল ব.প ১৫০১। ঝড়িঝটকা—ঝড় ও ঝড়ের ধাক্কা। ঝড়ো—ঝড়সম্বন্ধী (কোণ); ঝড়ের নিমিত্তসূচক (মেঘ); ঝড়ের মত (বাতাস); ঝটিকাপীড়িত (কাক); ঝড়ে-পড়া (আম); ঝড়ের সময়ে ভূমিষ্ঠ (সন্তান)। ঝ'ড়ো ঠাকুর—ঝড়ের দেবতা পবন।]

ঝণঝণিত বিণ [°ঝণ+ইত (ইতচ্)] সঞ্জাতঝণঝণ শব্দ। "°কিঙ্কিণী বা.ভা ২.২০। পৈ ২.১৭৭।

ঝণঝণ ক্লী, **-ঝণা** স্ত্রী [ধ্বন্যাত্মক] ১ অলঙ্কারধ্বনি, শিঞ্জিত। "কিঙ্কিণীজালঝণঝণঝঙ্কারিণ্যঃ করিণ্যঃ মা.মা ৬$\frac{2}{8}$। ২ ঝণৎকারবিশেষ, ঝনঝনশব্দ।

ঝণঝণৎকারী (-রিন্) বিণ [°ণৎ √কৃ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] ঝণঝণশব্দকারক, শিঞ্জিতশীল। "ঝণঝণৎকারিহার বা.ভা ২.৪৮।

ঝণঝণায়মান বিণ [√°ণায়+মান (শানচ্)-ক] ঝণঝণশব্দযুক্ত, শিঞ্জিতমুখর। "°হারচ্ছটম্ (হিন্দোলনম্) ক.ম ২.৩২।

ঝণঝণায়িত বিণ [√°ণায়+ত (ক্ত)-ক] ঝণঝণশব্দবহুল। "কিঙ্কিণীঝণঝণায়িতস্পন্দনৈঃ] উ.চ ৫.৫।

ঝণঝণীভূত বিণ [°ঝণ+চ্বি (০)+ √ভূ+ত (ক্ত)-ক] ঝণঝণ-শব্দযুত। "সর্ব্বং ঝণঝণীভূতমাসীৎ মহা ৬.১৯.৪৩।

ঝণ(ন)ৎকার পুং [কর্ম্মধা] ১ 'ঝণৎ'-শব্দ, অস্ত্রাদির ঝনঝন শব্দ। "ঝঁণৎকারক্রূরক্বণিতগুণ উ.চ ৫.২৬। ঝনৎকার করি স্বর্ণমোহর ফেলিল ভ.গ্র ২৫৯। ঝনৎকারকারিণী দু ৬১। অস্ত্র° ন ১২৫২। অসি… ঝনৎকার শব্দ করিল ব.প্র ১২৭। ২ কঙ্কণাদিধ্বনি। "মঞ্জীর° চৈ ৫৮। ব.প ১৩৫। কঙ্কণঝনৎকার শ্রী.মা ৪৯। কঙ্কণ° শি ৩২; ১১০।

ঝণ্ডা বি ['ধ্বজদণ্ড'—মূল (?), প্রা ঝঅ (ধ্বজ—হে); হি ঝণ্ডা; মুণ্ডারি—'ঝান্ডা'] পতাকা; নিশান। "ব.প ১৬৮৭।

ঝন, -না বি [জন, -না > °ন, -না; অপ্র] ব্যক্তি। "চাইর ঝন গো.চ ১৫; সাত ঝনা ৬৪।

ঝমক অর্ম্ম [ঝম > °ক; হি √°ক; অপ্র] শব্দ করা। "কঙ্কণ

ঝনকিতে গুরুজন জাগল ব.প ১০৩৬। ঝনঝান শব্দ ক'রে ঝনকে বাহিনী শ্রী.মা ১৬৬,-৯৮।

ঝনকাঠ বি ['ধানী-কাষ্ঠ'—মূল; ঝাঁইকাঠ (চব্বিশপরগনা); ধানকাঠ (মুরশিদাবাদ); সং নাসা] দরজা-জানালার উপরিস্থ দেয়ালের আধার দীর্ঘ কাষ্ঠাদির খণ্ড। "রাউটী পাথরের বীর দিল ঝনকাঠ। —ক.চ ৭৯।

ঝনঝন[১] বি [ধ্বন্যাত্মক; তু সং √ধ্বন্] ১ ধাতুদ্রব্যের শব্দ। "সুশোভিত সন্নহন, শব্দ হয় ঝনঝন।—রঙ্গ ৭। গিনিগুলো ঝনঝন করে ছড়িয়ে পড়বে ঘ ১৯৩। ২ অলঙ্কারধ্বনি। "কঙ্কণ করে ঝনঝন কৃ.উ ২৭২। দোঁহার অলঙ্কার, ঝনঝন ঝঙ্কার ক.চ ১৩৯। ঝনঝন কঙ্কণ-ধ্বনি শ্রী.ম ৯৮। নূপুরধ্বনি বাজে ঝনঝন চৈ.চ ৫৫। ঝনঝন…কঙ্কণের ধ্বনি ব.প ১৪৮৬। ঝনঝন কঙ্কণ ভা.চ ৩৩৩। ৩ বজ্রধ্বনি। "কুলিস পাতন৹ শবদ ঝনঝন বি.সা ১৭৭। ঝনঝন নিপাত।--গো ১৩১; ঝনঝন বজর নিশান ২৫০। ব.প ১০৪৬। ৪ কড়িনাড়ার শব্দ। "ঝনঝন শব্দ শুন আছে মম কড়ী বা.ম ৫১। —ঝনা[১]বি [হি °না] ১ সর্থ 'ঝনঝন[১]' (৩)। "ঝনঝনা চিকুর ব.প ৫৫৩। দারুণ ঝনঝনা শ্রী ২০৪। মহা° চৈ.ভা ৪৬৮। ২ বজ্রশব্দবৎ কঠোরধ্বনি। "গীত নাট ঝনঝনা ভা.চ ৩১৭। ৩ বজ্র। "ঝনঝনা সঘনে পড়ে ম ২৬৯। ঝনঝনা বৃষ্টি শিলা, সঙ্গে লয়্যা করে খেলা ক.চ ৮২; °সম ১০৩। ৪ অস্ত্রাদির শব্দ। তু 'ঝঞ্জনা'। —ঝনি [°ন+ই[১১]; ঠ ঝনঝন, -নী] ১ সর্থ 'ঝনঝনা[১]' (৪)। "অস্ত্রের ঝনঝনি কৃ.উ ২২৩। অসির ঝনঝনি মে ২৫; ৯৫। ২ সর্থ ঝনঝন[১] (২)। "শঙ্খ-কঙ্কণের শুনি ঝনঝনি চৈ ২৫। নূপুর পদে ঝনঝনি শুনি চৈ.ম ১০৪। মে ৮২। ৩ শুষ্ক শিম্বী ফলের শব্দ। "ফলে কিছু না হেরিয়ে ঝনঝনি সার বি.প ১১৯। [ঝনঝনঝন—ক্রমাগত ঝনঝনশব্দ। "দু ৩৩। °নে—ঝনঝনশব্দ-কারী।]

ঝনঝন[২], **-ঝনা**[২] অর্ম্ম [°ন[১] > °ন; সং √ঝণঝণায় > °না; হি √°না; ঠ, গু √ঝণঝণ] ঝনঝন শব্দ করা। "ঝনঝনিল অসি৹ পিধানে মে ১৯৬। ঢাল তলোয়ার ঝনঝনিয়ে বাজে।—শিশু ৪৩। [ঝনঝনান, -নি — ঝনঝনশব্দকরণ। "তৈজসের ঝনঝনানি। —ব.প্র ৩০১।]

ঝনঝনা[১] দ্র 'ঝনঝন[১]'।

ঝনঝনা[২] দ্র 'ঝনঝন[২]'।

ঝনঝান বি [°ঝন[১] > °ন; হ °ন; ঠ ঝণঝাণ] অস্ত্রচালনার শব্দ। "ঝনঝান ঝাঁকিছে খাড়া শ্রী ১৪২,-৬৬। শ্রী মা ১৬৬।

ঝনন বি [ধ্বন্যাত্মক] ১ নূপুরাদিধ্বনি। "ঝনন নূপুর ঘন গাজে ন.প ২৮৪। (বীণে) ঝনন ঝঙ্ক চলত অঙ্গুলি রা.শে ১১৪। ২ সর্থ ঝনঝনা[১] (৪)। "বাজে অস্ত্র ঝনন-ঝনন ন ৪৪২। —ঝুনু বি সর্থ 'ঝনন'। "ঝনুঝুনু নূপুর ন.প ১০৩।

ঝননন, ঝনন্ন বি [ধ্বন্যাত্মক; হি °ন] সর্থ 'ঝনন[১]'। "°ন ঝাঁঝ গরজে ন.প ২০৫; মঞ্জীর °ন বাজয়ে ২৯৮। °ন কঙ্কণিয়া ভা.চ ৪৪৩, -৯২; ঝনন্ন…ঝাঁজে ৪৬০।

ঝনরঝনর, ঝনরঝনন-রন বি [ধ্বন্যাত্মক] ভূষণধ্বনি। "(মণিমঞ্জীর) °রন বাজে ব ১৭৭। °র ব.প ১০৭১।

ঝনাঝন বি [ধ্বন্যাত্মক; হি °ন; ঠ ঝণাঝণ] ঝনঝন শব্দ। "মতিলাল ঝনাঝন শব্দে শুরু হইয়া…হাসিতেছেন আ.দু ১৬৩।

ঝনাৎ বি [ধ্বন্যাত্মক; হি ঝন্নাহট; ঠ ঝণাটা] ঝন-শব্দ, টাকার শব্দ। "ঝনাৎ করে টাকা ফেলে দিয়ে প্রণাম করি স.এ ৩৪।

ঝনিঝমকী বি [ধ্বন্যাত্মক] মৃদঙ্গধ্বনি। "ঝনিঝমকী বাজে মুরুজ অপার চ.বি ২৬৫।

ঝপ ক্রি.বিং [ক্ষপ > °প (?); হি, ঠ, গু, মৈ ঝপ] ১ ক্ষিপ্রভাবে, শীঘ্র, বেগে। "ঝপ করি ঝাঁপ দিয়া ঘাড় ভেঙ্গে পাড়ে শ্রী ৭৬। ২ জলে ঝাঁপ দিয়া পড়ার শব্দ। "ঝপ করি ঝাঁপ দিয়ে অজয়ে পাড়ে কড়।—শ্রী ১১৮। ৩ জলে নৌকার দাঁড় পড়ার শব্দ। [ঝপঝপ (হি, ঠ °প)—১ অতি শীঘ্র। ২ জলের শব্দ। "ঝপঝপ হোয়ন্ত জে জলের আয়াতা গ ১৫০। ৩ ধ্বনিবিশেষ। "ঝপঝপ ঝম্পে ভা.চ ৪৯২। ঝপঝপ ঝাঁপে ঢাল।—রঙ্গ ৯।]

ঝপটা-ঝটপট বি [হি 'ঝপট'—ঝাঁপ] শিথিল জটাজুটের আন্দোলনভাব। "°ট রচিত কচজট কমনিয়া ভা.চ ৪৪৩।

ঝপাক, -ৎ ক্রি.বিং [ঝপ > °ক, °ৎ; হি ঝপাট—শীঘ্র] ঝম্প-প্রদানশব্দ। "ঝপাৎ ক'রে জলে পড়া।

ঝপাঝপ বি [ধ্বন্যাত্মক] ১ জলে দাঁড় পড়ার শব্দ। "মাঝিরা কোসে ঝপাঝপ ক'রে দাঁড় বাইতে লাগলো হু ১৭২। ২ জলে ঝাঁপ দিয়া পড়ার শব্দ। ৩ [ঠ °প] শীঘ্র-শীঘ্র।

ঝমক অর্ম্ম [হি √ঝমক] ১ ভূষণঝঙ্কারপূর্ব্বক নৃত্য করা। "(হরিণনয়নী) ছেনে ছেনে ঝমকই।—রা.শে ৮৮। ২ দ্রুত যাওয়া। "তা দেখিয়া বটু ত্তবে পলাইয়া যায়। ঝমকিয়া ললিতা সম্মুখ আগুলায়॥ —ভ.গ্র ৪৪৮।

ঝমকঝমক, ঝমঝম বি [ধ্বন্যাত্মক; হি, ঠ °ঝম। ১ সর্থ 'ঝনঝন[১]' (২)। "সুবর্ণনূপুর চৌদিকে…ঝমঝম বাজে ক.চ ১৫১। ঝমঝম শব্দ তাহে (আভরণে)।—ভ.গ্র ৩০০। ঝমঝম ঘাঘর শ্রী.ম ৯৮। মল পরিয়া ঘরময় ঝমঝম করিয়া রামসদয়ের নিদ্রা ভাঙ্গিয়া দিত ব.প্র ১৯৭। ২ বাদ্যধ্বনি। "ঝমঝম ধ্বনি করি বাজাএ খঞ্জরি ম.পা ৩১। ঝমঝম ঝাঁজে ভা.চ ৪৬০; ঝমঝম৹ দামামা…বাজে ৪৬২; ঝমক-ঝমক ঝম…নৌবত বাজে ৪৯১। রণবাদ্য বাজে ঝমঝম ন ৪৪২। ৩ প্রবলবৃষ্টিধারাশব্দ। "ঝমঝম রবে হর্ষে বর্ষে নব নীর স.শ ৮৫। —ঝমি বি [°ম+ই[১১]] দাঁড়ের জলে পড়ার শব্দ। "কোরোয়ালের ঝমঝমি নদী জুড়ে ফেনা ক.চ ১৯৯। —ঝমী বিং [°ম+ঈ[৭]] ঝমঝম-শব্দকারী (বাদ্য)। "°মী জগঝম্প দা ১৭৩। [ঝমকে ঝমকে (হি ঝমক) —ঝমঝমশব্দে। "ঝমকে ঝমকে ভাল উঠে শব্দ তাল মী ১৮।]

ঝমকিত বিং [হি ঝমক—প্রকাশ] দীপ্তিময়, সমুজ্জ্বল। "দামিনী৹ চমকি ঝমকিত কাঁতিয়া (প.ক)।

ঝমঝম, ঝমঝমি, -মী দ্র 'ঝমকঝমক'।

ঝমরঝমর বি [ধ্বন্যাত্মক] মলের শব্দ। °র রবে চরণ চঞ্চল ব.প ১৫১৯। নয়নতারা…°র করিয়া ফিরিয়া যায় ব.প্র ৩৪৭।

ঝমরঝমরঝম বি [ধ্বন্যাত্মক] মলের শব্দ। "ঝমরঝমরঝম বাজে ওই মল অ.গু ১০০।

ঝম্প[১] পুং, **-ম্পা** স্ত্রী [লম্ফ > °ম্প, পৃষো (ত.বা); তু 'সং √ভ্রম্ > প্রা √ঝম্প (হে); E. jump] সম্পাতপতন, লম্ফ, ঝাঁপ। "পাতালঝম্পা ম.চ ৫.৬৩। ঝম্পো দত্তঃ হি ২১১৪। ঝম্প ম ১২৭০। ন.প ৩১৩; ভা.চ ৪৫। —ম্পাক পুং বানর।

ঝম্প[২] অর্ম্ম [সং √ভ্রম্>প্রা √ঝংপ (হে); হি √ঝঁপ] ১ ঝাঁপ দেওয়া। "ঝপঝপ ঝম্পে ভা.চ ৪৯২। ২ ঝাঁপ দিয়া পড়া। "ঝম্পই সহচর কোর গো ২৯। ৩ লাফাইয়া যাওয়া; দ্রুত যাওয়া। "(কাত্যায়নী) ঝাম্পিয়া ঝটিতি ঝুলি ঝাড়ি দিল আনি শি ৩৫। —ম্প সর্ম্ম [সং আ+ √ছাদি>প্রা √ঝংপ (প্রা.ম; পৈ)] আচ্ছাদন করা; ঢাকা। "ঝম্পি ঘন গরজন্তি৹ সন্ততি (প.ক)। গগনে বারিদ ঝম্পিয়া গো ২৩৭।

ঝম্পন বি [ঝম্প[২]+অন] ১ ঝম্প, সম্পাতপতন, ঝাঁপ দেওয়া। "শার্দ্দূলঝম্পনে সবে আগুলিল পাত শি ৩৩; ১০৮। ২ আচ্ছাদন, আলিঙ্গন। "দুহ-তনু-ঝম্পন ভা.চ ৩৩৪। দো-তনু-ঝম্পন বা.ম ২২৬। ৩ আচ্ছাদনরূপ পদাশ্রয়। "ঝম্পনে ঝটিত ঝাট ঝকড়-ভঙ্গিনী শ্রী.মা ১৬৬। —ম্পিত বিং [তু 'প্রা ঝম্পিদ (বি.মা ৫১১)] আচ্ছাদিত। "প.ক।

ঝম্পান বি [হি ঝঁপান] একপ্রকার দোলা। "ব.প ১৫২১।

ঝর[১] পুং [√ঝৄ+অ (অপ্)-প] ১ পর্ব্বতাদ্যবতীর্ণ জলপ্রবাহ (অ.টি)

নিঝর, বারিপ্রবাহ। "ঝরিছে সহস্র-ঝর সা.ম ৫৪। সতী-ঝর।—হেম ৭৪ ; যমুনোত্রী পূতঝর ৯৮। ২ প্রবাহ, সমূহ। "প্রভাঝরচক্র-ভ্রমি নৈ ২.৩২। ৩ (বাঙলায়) বারিধারা। "নিরঝর ঝর (প.ক)। —রা[1], -রি, -রী স্ত্রী নির্ঝর (অ.টী)। "নিতান্তপতজ্ঝরামসৃণিতশিলাঃ শৈলাঃ (প্রবোধচন্দ্রোদয়)। বহে…ঝরা ব.প ৮১৫।

ঝর[2] অর্ম [সং √ক্ষর্ >প্রা √ঝর (হে ৪.১৭৩) ; হি, ঠ √ঝর] ১ ক্ষরিত হওয়া ; প্রবাহে বা ধারায় পতিত হওয়া। "তনে হৈতে ঝরিআঁ পড়িল ক্ষীর ধারে শ্রী.কী ২৩৮। ঝরে নয়নের নীর।—ম ১০১৫। অধর…হসিত ঝর ব ২২। ঝরঝর ঝরে জাহ্নবী তায় ভা.চ ১১৬। ঝরিছে সহস্র ঝর সা.ম ৫৪। বাদল ঝরে।—গান ৮১। ২ অশ্রুবর্ষণ করা। "অঝরু ঝরয়ে আঁখি চ.দা ১১। কঞ্জলোচন, ঝরই ঝরঝর ন.প ৩৯১। ৩ ধারারূপে নিঃসৃত হওয়া। "বচন ঝরএ তার অমৃতের ধার শ্রী.কী ২২। শশধর-নিকর, দরপহর আনন, …ঝরত মৃদুহাস ন.প ৩৮৬। ৪ জীর্ণ হওয়া ; ম্লান হওয়া। "এক-দিনেই তা'র তরুণ বয়সের লাবণ্য যেন ঝরে' গিয়েচে ঘ ২৩৬। —রা সর্ম [ঝর[2]+আ[৮]] ক্ষরিত করা ; ঝরান, গালা। [ঝরা[2] —১ সর্থ 'ঝর[2]'। ২ ক্ষরিত, পতিত (আম, ধান)। ঝরান—সর্থ 'ঝরা'। "ফেন ঝরান। [ঝর, -রত, -রু (ঝরে)।—প.ক।]

ঝরকা, -রোখা বি [সং জালক ; হি °খা ; ঠ ঝরোকা, -খা ; ড় °কা] ১ জানালা, গবাক্ষ। "ঝরকা উপরে চ.সা ২০। ব.প ৭২৩। ঝরকায় উঁকি মারি লাগিল দেখিতে ভ.গ্র ২৪০ ; ৩৭১ ; ঝরকার দ্বারে ৪১০। ঝরকা শ্রী.মা ৩৬। শি ১০৯। ঝরোখা খোলা কু.কে ১৫১। ২ দেয়ালে চক্ষুরাকৃতি ছিদ্র। "চাচা, মোরে কাঁদে কত্তি পারিস, মুই ঝরকা দিয়ে ওরে পুছ করি, ওর বাড়ী কনে।—নী ২৯। ৩ ফেনজলাদি ফেলার নিমিত্ত রান্নাঘরের দেয়ালে কৃত গোল ছিদ্র (চব্বিশপরগনা)।

ঝরঝর বি [ঝর[2] >°র (দ্বিত্ব) ; প্রা °র—ঝরার শব্দ ; হি °র] ১ নির্ঝরাদির জলক্ষরণের বা বৃষ্টিধারাপাতের শব্দ। "ঝরঝর জলধর-ধার গো ২৫০ ; ব.প ১০৪৬। জলধারা-ঝরঝর, সমীরণ সরসর সা.ম ৫০। ঝরঝর ঝরঝর ঝরণা ঝরে স্ব.প্র ৩৮। এমন মেঘস্বরে, বাদল-ঝরঝরে।—গান ৮৭ ; ঝরঝর বরিষে বারিধারা ১৯৫। ২ পাতার কম্পনশব্দ। "সুশোভিত তরুলতা নবদলপাতে। তরতর থরথর ঝরঝর বাতে॥—ভা.চ ১৪১। পত্র-ঝরঝর স্বরে।—হেম ১০১। —ঝর বিং ১ অবিরত ক্ষরিত। "ঝরঝর রসধারা—গান ১৭৬। ২ অবিরত-গলদশ্রু। "ঝরঝর নয়নে চৈ.ম ৯৭। —ঝর ক্রি.বিং অবিরল ধারায়। "ঝরঝর যুগল নয়নে বহে নীর ব.প ৮২৬। রক্ত বহে ঝরঝর ক.চ ৫২। লোচন-জলধর বরিষয়ে ঝরঝর।—ব ২৩। ঝরঝর ঝরে জাহ্নবী তায় ভা.চ ১১৬ ; ৪২৯। আঁখি ঝরে ঝরঝর বা.দ ৭৮ ; ঝরঝর ঘাম ঝরিছে গায় ২১৭। ঝরঝর বরিষে বারিধারা।—গান ১৯৫। (জল) নীচে পড়ে ঝরঝর।—শিশু ৭৫। —ঝরা বি (অপ্র) ক্ষরিতজল, শুষ্ক। "গাওকোনা সেকিয়া ঝরঝরা করিল গো.চ ২৩৭। —ঝরি[1], -রী বি [°ঝর+ই[১১]] জল ঝরার শব্দ। "°ঝরি জলের (শুনিব দুজনে) ভা.চ ৪৪৮ ; °ঝরী ৪৫৮। —-রি[2] জলপাত্রবিশেষ। "(জল) °রি ভরি ভরি ধরে (প.কা)। —ঝরে বিং [°ঝর+এ[৭]] ক্ষরিতমল, পরিষ্কৃত। "ঐরূপ করা এবং করান অভ্যস্ত হইলেই…ঘরদ্বার ঝরঝরে দেখাইবে পা.প্র ৬০।

ঝরঝরা দ্র 'ঝরঝর'।

ঝরঝরি[1], -ঝরি[2], -রী, -রে দ্র 'ঝরঝর'।

ঝরণ, -ণা, -না বি [ঝরণ >°ণা ; হি °না] ১ নির্ঝর। "অধর অরুণ, অমিয়া ঝরণ (প.ক)। ২ (সাদৃশ্যে) প্রবাহ। "আকাশপারের বাণী তারে ডাক দিয়ে যায় আলোর ঝরণা বেয়ে প.কা ৩৬ ; ঝরণাখানি ৭১। ঝরঝর ঝরণা ঝরে স্ব.প্র ৩৮।

ঝরা[1] দ্র 'ঝর[1]'।

ঝরা[2] দ্র 'ঝর[2]'।

ঝরা[3] বি [ঝরা—মূল] ১ সূত্রগ্রথিত ধারাসদৃশ লম্বমান মুক্তাদির পঙক্তি। "কনকের মাঝে জেন ফটিকের ঝরা গ ১৪৮ ; মণিমুকুতার ঝরা ১৬৬। মুকুতার ঝরা চ.বি ৩৭ ; গজমুকুতার ঝরা ১৩৯ ; ২৫৯। ২ সূত্রগ্রথিত সোলার ফুলের লম্বমান সজ্জাবিশেষ। দ্র 'ঝারা'। [ঝরাঝরা—পঙক্তি-পঙক্তি-ক্রমে। "মণি-মুকুতা মালা, নামি-আছে ঝরাঝরা গ ১০০।]

ঝরিত বিণ [সং ক্ষরিত >প্রা ঝরিঅ (প্রা.ম)] ক্ষরিত, নিঃস্রুত। "নির্ঝরঝরিতবারিরাশি মে ৫০।

ঝরোখা দ্র 'ঝরকা'।

ঝর্ঝর পুং [ঝর্ঝ (শব্দ)+ √রা+অ (ড)-ক ; ধ্বন্যাত্মক (?)] ১ বাদ্যবিশেষ, ঝাঁঝ। "পা ৪.৪.৫৬। নৈ ১৫.১৭। ২ করতাল (A.)। ৩ বেত্রযষ্টি। ৪ কলিযুগ। ৫ ঝাঁঝরী হাতা। —র ক্লী ১ জলপ্রবাহ-শব্দ। "নির্ঝরবারি ঝর্ঝর শব্দে পতিত হইতেছে।—কাদ ৪৩। ২ (বাঙলায়) বাদ্যশব্দ। "ড্রমের ঝর্ঝর রব।—ন ৪৪২। ৩ (অপ্র) ঘণ্টা। "ঝর্ঝরবাদিনী ক.চ ২৫৪। —রা স্ত্রী বেশ্যা। —রিণী স্ত্রী গঙ্গা। —রী (-রিন্) পুং শিব। —রী স্ত্রী পটহবিশেষ। "ঝর্ঝরী ভেরী বাদ্য চৈ ২৩২। দু ১৫।

ঝর্ঝরা দ্র 'ঝর্ঝর'।

ঝর্ঝরিত ক্লী ঘূর্ণন (রা.টীকা)। "জরাঝর্ঝরিতৈঃ পত্রৈঃ (ন ভান্তি কমলাকরাঃ) রা ৩.১৬.২৬।

ঝর্ঝরী দ্র 'ঝর্ঝর'।

ঝল অর্ম [সং √জ্বল্ ; হি √ঝলক ; ঠ √ঝল.ক ; তু 'উঝল'] দীপ্তি পাওয়া। "ঝলে অঙ্গে নানা আভরণ।—মে ৮৩ ; ঝলিল ভাস্বর অসি ১৮৩। পিঙ্গল জটা ঝলিছে ললাটে কা ৩২।

ঝলক[1] বি [সং জ্বলকা ; 'ঝঁলক্কা' (M.W.) ; হি, সি °ক ; ঠ, গু ঝল.ক ; ড় √ঝলক ; তু 'ঝলা'—মৃগতৃষ্ণা (দেশী ৩.৫৩)] ১ অগ্নি-শিখা। "নয়নে নিকলে অগ্নি ঝলকে ঝলকে ক.চ ৪৬। ২ প্রভা, দীপ্তি। "কঙ্কণ কনক, করেতে ঝলক দু ৮৯। পাকা সোণা…ঝলক দিবে অতি ব.প ১৪৩৪। ঝলকদর্পণ চ.বি ৭২ ; ১৩৮ ; ২০১। মুখে দিবে ঝলক (নোলক) দা ৯৮২ ; দামিনী° ১৪৮১। ধাঁধিল নয়ন ক্ষণ বিজলী-ঝলকে মে ১৬০। ঝলক বিশদ।—রঙ্গ ৭ ; ১১১। গজমুকুতার ঝলক।—লু.র ৫৫। ৩ দীপ্তি, শোভা। "অলকা ঝলক করয়ে ভালে দু ৯৪। [ঝলকদর্পণ—দীপ্তিশীল ক্ষুদ্র আয়না। দ্র 'ঝলক[1] (২)। ঝলকে ঝলকে—প্রভায় প্রভায়, অর্থাৎ প্রভাপুঞ্জবিস্তারপূর্ব্বক। "নদী-জলে-পড়া আলোর মতন, ছুটে যা ঝলকে ঝলকে চ.কা ৩২৪। অলকে কনক ফোটে ঝলকে ঝলকে অ.গু ১১৭। (কিরণোদয়) ঝলকে ঝলকে, অপূর্ব্ব আলোকে পূরিল চকিতে ভুবনত্রয়।—হেম ২৪৩।]

ঝলক[2] বি [চলক >°ক ; হি ছলক—জলোৎসেক ; ঠ চল.ক—দ্রব-দ্রব্যের বেগে নিঃসরণ] ১ জলাদির উচ্ছলন (উছলান)। "ঝলকে ঝলকে খসে লোচনের লোহে ক.চ ২৫। ডুবিতে লাগিল নৌকা, ঝলকে ভরে জল চৈ.চ ১৯৭। ২ এক-এক বার বেগে নিঃসৃত রক্তরাশি। "মুখে রক্ত উঠে রাজার ঝলকে ঝলকে কৃ.উ ২২২। ঝলকে ঝলকে রক্ত উঠে তার তুণ্ডে ক.চ ৫১।

ঝলক[3] অর্ম [সং √জ্বল্ ; প্রা √ঝলক্ক (বি.মা ৫ই/ট) ; হি √°ক ; ঠ ঝল.ক] ১ দীপ্তি বা প্রকাশ পাওয়া ; শোভা পাওয়া। "আচরে কাঞ্চন ঝলকে বি.প ১০৫। অলকা ঝলকে ক.চ ৪। দু ১০০। ঝলকে বিজলি বি.পা ৮৭। ঝলকই…কিশলয় পাঁতি ব ১১২। আচরে কাঞ্চন ঝলকে মুখে জ্ঞা ৫। দামিনী ঝলকত গো ১০৩। ঝলকত দামিনী মালা ২৫০। মেঘেতে ঝলকে যেন স্থির সৌদামিনী চৈ.ম ১৮৪। ঝলকিছে

জ্যোতি ভ.প্র ১৮৯। ঝলকিল বদন মদন গেল ভুলে শি ১০৪। ২ উছলিয়া পড়া। "শশধরনিকরদরপহর আনন, ঝলকত অমিয় ন.প ৩৮৬।

ঝলকা '-ল্' বিং ['ঝলক১'; (মুণ্ডারি) 'ঝলকাও'—to burn] অগ্নিশিখাতুল্য। "ঝলকা ঝলকা হলকা ছোটে সা.ম ৫৯।

ঝলকিত বিং [°ক+ইত] প্রভাযুক্ত, দীপ্ত, তেজোময়। "গো.চ ৪৮৮। অসি ঝলকিত দু ৮৩। ঝলকিত তনু ব.প ৮০০।

ঝলঝল১ বি [হি °ল; ঠ ঝল.ঝল.] ১ উজ্জ্বলতা, দীপ্তি, চমক। "ঝলঝল ঝকমকি স্বর্ণঝালরেতে ব.প ১৪৮৬। ২ [ঝুলঝুল >°ল] দোদুল্যমানভাব। "ঝালর ঝলঝল করে। [°ঝলে—অতিদীপ্তভাবে, সমুজ্জ্বলভাবে। "°ঝলে ঝলিল…অসি মে ১৮৩।]

ঝলঝল২ অর্ম্ম [সং √জাজ্বল্ >প্রা √ঝলঝল (প্রা.ম); হি √°লা] দীপ্তি পাওয়া; চমকান। "নীরবিন্দু দূর্ব্বাদলে, নিত্য কি রে ঝলঝলে? —মাইকেল।

ঝলম বি ['ঝলমল'>°ম] কাঠের পুষ্পাদি-আকারে ঝালর। "(নৌকার মধ্যে)…ঝলম গঠিল সারি সারি বি.পা ১৬২। ব.প ২২০।

ঝলমল বি [জ্বল >ঝল+'মল' (অনু.শব্দ); হি °ল; ঠ ঝল.মল—°মল.গেং] ১ দীপ্তি, প্রভাবিস্তার, জ্যোতিঃপ্রকাশ। "উঠিলেন গোঁসাঞি ঝলমল করিআ।—শূ ৯৩। অলঙ্কারে করে ঝলমল ব.প ৩৭০। ঝলমল কুণ্ডল ম ৬৫০। কুড়্যা…করে ঝলমল ক.চ ৭০। গরুড়মণি করে ঝলমল শ্রী.মা ৬৪; ১০৫। ঝলমল অঙ্গতেজ চৈ.ম ১০; ঝলমল হেম-অলঙ্কার ৪৯। চৈ.চ ৩৪৪। ভ.প্র ৩০০। শি ১০৯। ভা.চ ১৫। রঙ্গ ৮২। ২ চমৎকারিত্ববৃদ্ধি। "(কবিত্ব) সালঙ্কার হৈলে, অর্থ করে ঝলমল চৈ.চ ৬০। ৩ শোভাবিস্তার, সৌন্দর্য্যবিকাশ। "কুসুম বিকসিল, রাসস্থল ঝলমল জ্ঞা ১১৮। ৪ সর্থ 'ঝলঝল (২)'। —মলি বি [°ল+ই১১] সর্থ 'ঝলমল (১)'। "রত্নে নির্ম্মাইল ঘর করে ঝলমলি কৃ.উ ১১। মাণিক্য ঝলমলি ব.প ৫০৬। শঙ্খ ঝলমলি চ.দা ২৫। আভরণ…করে ঝলমলি ব ১৩৯। ঝলমলি বৃন্দাবনে চান্দের কিরণে রা.প ২। [ঝলমল প্রাণ—ঝরণোন্মুখ, পতনপ্রবণ। "ধরণীর পরে শিথিল-বাঁধন, ঝলমল প্রাণ করিস যাপন চ.কা ৩২৪। °মলাকার (অপ্র)—জ্যোতির্ম্ময়। "ঝল মলাকার অঙ্গ কিরণেতে করে দু ৮। ঝলমলি ঝলে—দোদুল্যমান হইয়া প্রভাবিস্তার করে। "ঝলমলি ঝলে অঙ্গে নানা আভরণ মে ৮৩। ঝলমলিয়ে—ঝলমল করিয়া। "কু.কে ৬৮। ঝলম'লে—দোদুল্যমান।]

ঝলস১ বি ['জলুস'—মূল] দীপ্তি, প্রভা। "হীরার ঝলস—হেম ৩৮৬। —সিত বিং [°স+ইত] ১ দীপ্তিযুক্ত, সমুজ্জ্বল। "ঝলসিত দীপালোকে ন ৮৯০। ২ তীব্রালোকস্পর্শে অন্ধীভূত; ধাঁধা-লাগা। "ঝলসিত চক্ষু নর ভাবিল সঙ্কট।—হেম ১০৩।

ঝলস২ অর্ম্ম [ঝলস১ >°স] দীপ্তি পাওয়া; চকচক করা। "অসিমুষ্টি ঝলসে কটিতে, সারসনে; নিষঙ্গ ঝলসে।—হেম ১৯৪। যবে খরশান বিধাতার বাণ, ঝলসে গগন মাঝে কু.কে ২৬।

ঝলস৩ অর্ম্ম [হি √ঝুলসা; তু 'ঝলুসিঅ—দগ্ধ (দেশী ৩.৫৬); মৈ ঝৌসল—অর্দ্ধদগ্ধ] ১ দগ্ধ বা অর্দ্ধদগ্ধ করা। "পোড়ে (পড়িয়া) যায় প্রখর ঝলায়, কত লোক ঝলসিয়া যায় ব.সু ১৪। ২ তীব্রালোকে অন্ধপ্রায় করা। "জ্বলে শররাশি, বিজলীর ঝলাসম ঝলসি নয়নে মা ১০৮। ঝলসিলা ফলক-আলোকে, নয়ন!—মে ২০৭। —সা সর্ম্ম ১ অর্দ্ধদগ্ধ করা; ঝলসান। ২ সর্থ 'ঝলস (২)'। —সা অর্ম্ম তীব্রালোকে অন্ধপ্রায় হওয়া; ধাঁধা-লাগা হওয়া। "বিদ্যুতে, রোদে চোখ ঝলসায়। [ঝলসা-কানা—ঈষৎ অন্ধ (purblind)। ঝলসান —১ সর্থ 'ঝলসা'। ২ অর্দ্ধদগ্ধ।]

ঝলা স্ত্রী [সং জ্বল, জ্বালা >°লা (?); তু 'ঝলা'—মৃগতৃষ্ণা (দেশী ৩.৫৩)] ১ আতপোর্ম্মি, রোদের হলকা। ২ দীপ্তি, প্রভা। "বিদ্যুত° মে ১০; বিজলীর ঝলা ৩৬। মা ১০৮,-২৫। প্রখর ঝলায় ব.সু ১৪। বিজলী° সা.ম ৪৮। ৩ কন্থা। ৪ [ধ্বন্যাত্মক] ঝিল্লী।

ঝল্ল পুং ১ ব্রাত্যক্ষত্রিয়ের ঔরসে সবর্ণা স্ত্রীর গর্ভে জাত সঙ্কর-জাতি। "মনু ১০.২২; ১২.৪৫। মহা ২.৪.৭। [ইহারা লগুড়যোধী বা লাঠিয়াল (নীলকণ্ঠ; কুল্লুক)] ২ প্রহাসক, ভাঁড় (শ.ক)।—ল্লী স্ত্রী [ধ্বন্যাত্মক] ঝর্ঝরবাদ্য। [°কণ্ঠ (পুং)—পারাবত।]

ঝল্লক ক্লী, **-কী** স্ত্রী [ধ্বন্যাত্মক] কাংস্যময় করতাল। "শিবাগারে ঝল্লকঞ্চ (ন বাদয়েৎ)।—তিথ্যাদিতত্ত্ব।

ঝল্লকণ্ঠ দ্র 'ঝল্ল'।

ঝল্লরা, -রী স্ত্রী [ঝল্ল+√রা+অ (ক)-ক+স্ত্রী আ, ঈ (আপ্; ঙীষ্); ধ্বন্যাত্মক] ১ ঝর্ঝরবাদ্য। ২ হড়ুক্ক, হুড়কা। ৩ কেশচক্র, কুঞ্চিতকেশ। ৪ শুদ্ধি; ক্লেদ।

ঝল্লিকা স্ত্রী ১ উদ্বর্ত্তনমল (গা ডলিয়া তোলা ময়লা), উদ্বর্ত্তনপট। ২ দীপ্তি, দ্যোত। —ল্লী স্ত্রী [ধ্বন্যাত্মক] ঝর্ঝরবাদ্য।

ঝষ পুং [√ঝষ্ গ্রহণ, বধ+অ (ঘ)-র্ম্ম; তু 'ঝস'—তট (দেশী ৩.৬০)] ১ মৎস্য, মৎস্যাদি। "ঝষাণাং মকরশ্চাস্মি গী ১০.৩১। নৈ ২.১০। পাঁকাল ঝষ ক.চ ১৫৮। মনমথ মকর, ভরহি ডরকাতর, মঝু মানস-ঝষ কাঁপ গো ১২২। ২ মকর। "ভ ৩.১৮.৭। ৩ মীনরাশি; মকররাশি। ৪ [+অ (অচ্)-ক] তাপ। —ষ ক্লী ১ বন। ২ মরুভূমি। —ষা স্ত্রী নাগবলা। [°কেতন, °কেতু, ঝষাঙ্ক (পুং)—মকরধ্বজ, কন্দর্প। ঝষোদরী (স্ত্রী)—সত্যবতী।]

ঝষা, ঝষোদরী দ্র 'ঝষ'।

ঝস বি [সং ঝষ >প্রা ঝস; অপ্র] মৎস্য। "পিয় হিয় ঝস ব ৬৬।

ঝাউ বি [সং ঝাবু] ঝাউগাছ। "°ঝাড় চ.কা ২৪৪। নিশ্বাসিয়া উঠে ঝাউ, কত যেন হইয়াছে শোক!—স্ব.প্র ৯০।

ঝাঁ বি [সং √ধাব্ >প্রা √ধা >বা ধাঁ, ঝাঁ] ধাবন, দ্রুতগতি; ত্বরা। "ঝাঁ ক'রে যাওয়া বা বলা। [ঝাঁ-ঝাঁ—অতি ত্বরা। "ঝাঁ-ঝাঁ ক'রে, কুসংস্কারমূলক যত বদ আইন আছে, সব রদ ক'রে ফেলব (কালাপানি)।]

ঝাঁই বিং [সং ক্ষাম >লি ঝাম; তু 'ঝামিঅ'—দগ্ধ (দেশী ৩.৫৬); হি ঝাঁঈ—অন্ধকার] দগ্ধ, পোড়া। "চা'ল ঝাঁই করা। [পুড়ে ঝাঁই হওয়া—পুড়িয়া কাল বা ছাই হওয়া।]

ঝাঁইট বি [ঝাঁট >°ট] ঝাঁটা দ্বারা সম্মার্জ্জন। "উহাঁদের বিবিরাও ঘর ঝাঁইট দেন পা.প্র ১৫৮; ১৯৮।

ঝাঁও বি [দ্র 'ঝামা'; অপ্র] ঝামা ইট। "ঝাঁওএ ঘসিআঁ তাক করিল চিকণ শ্রী.কী ১৬৮। [ঝাঁওএ—ঝামায়।]

ঝাঁক১ বি [হি ঝাংক; ঠ ঝাং(ঝা)ক] ১ দল। "শৃগাল শকুনি…ঝাঁকে ঝাঁক ম.বি ২৪৫। শিবা ঝাঁকে ঝাঁক ব.প ৭৯৫। ময়ূর বেড়ায় ঝাঁকে ঝাঁক: ঝাঁকে ঝাঁকে বেড়ায় নেউল ম.ম ১৭২। হংস চক্রবাক ঝাঁকে ঝাঁক বি.পা ১০৩। কাক ডাকে ঝাঁকে ঝাঁক শ্রী ১০৯। হাঁকে হাঁকে ঝাঁকে ঝাঁকে ডাকে ডাকে জাগে ভা.চ ৩৯১। লোকের…ঝাঁক স্ব.প্র ৫৫; ঝাঁকে ঝাঁকে শৃগাল ১২৩। ঝাঁকে ঝাঁকে প্রাণ পক্ষী সমান, ছুটে। —কথা ৭৪। পিঁপড়ার, মাছের, মাছির ঝাঁক। ২ রাশি। "ঝাঁকে ঝাঁকে …তোমার ম ৬৩৮; ঝাঁকে ঝাঁকে বৃষ্টি হয় অনলের কণা ৬৩৯। ঝাঁকে ঝাঁকে দূর্ব্বাঙ্কুর ম.বি ২১২। বাণ পড়ে ঝাঁকে ঝাঁক ক.চ ৫২। হাঁকে ঝাঁকে ঝাঁকে, টাঙ্গি শেল রাখে শ্রী ১৬। শিলা…পড়ে ঝাঁকে ঝাঁক ম.ম ১৩৯। ৩ [সং √ধ্মা >প্রা √ধম >বা ধমক >°ক (?)] শঙ্খধ্বনির অভ্যাবৃত্তি বা বার (times)। "পাঁচ ঝাঁক শাঁক বাজা।

ঝাঁক২ সর্ম্ম [সং উপ -আ+√লঙ্ঘ্ >প্রা ঝঙ্খ >বা √ঝাঁখ,-ক] ১ তিরস্কার করা। ২ [হি 'ধক্কা'—মূল?] কম্পিত করা; নাড়া। "(ঠাকুর) ক্রমে দুই চারি পাঁচ সাত লোকে ঝাঁকে। উঠাইতে না

পারিয়া হাত দিলা নাকে ॥—ভ.গ্র ৪১৬। ৩ [ঝঙ্কার > ঝঙ্ক > °ক (?)] খড়্গাদি ঝঙ্কৃত (ঘূর্ণিত) করা, অর্থাৎ ঘুরান বা খেলান। "কোতোয়াল… খাঁড়া ঢাল ঝাঁকে ভা.চ ৩৯০। ৪ হানা। ঝঞ্ঝান ঝাঁকিছে খাঁড়া শ্রী ১৪ ; ১৪২। আশপাশ ঝাঁকিছে ভা.চ ৪৫। পদাতি ধানুকী ঢালী যেবা যারে ঝাঁকিল।—হেম ২১। [ঝাঁকা—সর্ব 'ঝাঁক'। ঝেঁ(ঝে)কে উঠা—ঝঙ্কার (হুঙ্কার) করিয়া বা গর্জ্জিয়া উঠা। "ঝেকে উঠে ঢালি বি.সু ১৩২।]

ঝাঁকড়মাকড় বিং [হি ঝাঁকর ; মৈ ঝাখড়—ঝোপ ; 'মাকড়' (অনু. শব্দ)] ঝোপঝাপের মত ; উশকাখুশকা। "°ড় চুল ভা.চ ২০৯।

ঝাঁকড়া১ বিং [দ্র 'ঝাঁকড়মাকড়'] ১ ঝোপের মত ; ঝাপসা (চুল)। ২ বহুশাখাপ্রশাখা হেতু খর্ব্ব (গাছ)।

ঝাঁকড়া২ সর্ম্ম [ঝঙ্কার > ঝাঁকার > °ড়া] সর্ব 'ঝাঁক'২ (৩)। "কেহ বীরদাপ করি খাণ্ডা ঝাকড়ায় শ্রী ম ১০৯। —রা সর্ম্ম [হি √জকড়—কষিয়া বাঁধা] নাড়িয়া কষা। "বস্তায় চাল পুরিয়া ঝাঁকরাইয়া বাঁধা। [°ড়ান—সর্ব 'ঝাঁকড়া'। °রান, -নি—সর্ব 'ঝাঁকরা ; উদ্‌ঘাত, ধাক্কা (jerking)। "গাড়ীর ঝাঁকরানি।]

ঝাঁকা বি [হি ঝাঁকা—জালের খাঁচা] চওড়া-মুখ মোট বহার ঝুড়ি-বিশেষ। [°মুটে—যে ঝাঁকায় মোট বহে। "ওগো বাবু! ঝাঁকামুটের উপর বসে যাবে ?—আ.দু ৩২। দু ১৩১।]

ঝাঁকার সর্ম্ম [ঝঙ্কার > °র ; অপ্র] ১ ঝঙ্কৃত করা ; ঝনঝনশব্দপূর্ব্বক কম্পিত করা বা নাড়া। "ধনুক তুলিয়া ঝাঁকারিল পুনঃ পুনঃ ম ১৮৩। ২ ঝাঁকা বা ধাক্কা দেওয়া ; বলে আকর্ষণ করা ; টানা। "ঝাঁকারি সবলে তাঁরে নিল সভাতলে ম ৩৫২।

ঝাঁকি বি [ঝাঁক২ > °কি] জোরে গাঝাড়া। "(তাজী) মারে ঝাঁকি কর্ণ করি খাড়া।—রঙ্গ ২১। [ঝাঁকি মারা—বিরক্তির সহিত তাড়াইয়া উঠা।]

ঝাঁগড় বি [ধ্বন্যাত্মক] বাদ্যের শব্দ। "ঝাঁগড় ঝাঁগড়…ঝাজে রে ভা.চ ৪৬৪,-৯১।

ঝাঁগুড়গুড় বি সর্ব 'ঝাঁগড়'। "°গুড় বাদ্য বাজে কৃ ৩৭৬।

ঝাঁজ১, **-ঝ**১ বি [সং ঝর্ঝর ; হি ঝাঁঝ, ঠ ঝাংজ—করতাল ; ধ্বন্যাত্মক] ১ করতাল। "বাজে ঝাঁজ মৃদঙ্গ ন.বি ৮৩। ঝনঝন ঝাঁঝ গরজে ন.প ২০৫। ব.প ১০৫৬। ঝনন্ন ঝম ঝম ঝাঁজে ভা.চ ৪৬০,-৬৪, ৫৩৯। ঝাঁঝ।—রঙ্গ ২১। ২ কাঁসর। —ঝি২ বি [°ঝ + ই১১] সর্ব ঝাঁজ (১)। "ঝনঝনঝন, ঝাঁঝি অধিক স্বাদ দু ৩৩। [°মল—সীসের কড়াই-পোরা একপ্রকার বাজনমল।]

ঝাঁজ২, **-ঝ**২ বি [হি ঝাঁঝ—ক্রোধ] ১ রাগ, তেজ। "ঝাঁজওয়ালা বামুন আ.দু ১৩৬। ২ কটুতা, তেজ, ঝাল। "তামাকের, তেলের, লঙ্কার ঝাঁজ। ৩ প্রখরতা, তীব্রতা। "রৌদ্রের বিষম ঝাঁঝে শুষ্ক ডোবা ফাটে কু.কে ৩৭। ৪ উত্তাপ, আঁচ (আগুনের)। ৫ মত্ততা, গুমর। "এ জায়গায় আসিলে আমার পুঁথি-পড়া বিদ্যার সমস্ত ঝাঁজ একেবারে মরিয়া যায় গ.স ৫৫। ৬ উত্তেজনা। "প্রথম ঝাঁজে…যে রকম উদ্ধত-ভাবে ঝগড়া করেছিলুম শেষ পর্য্যন্ত তা টিক্‌ল না ঘ ৮৭। [ঝাঁঝাল—ঝাঁঝযুক্ত, কটু, তেজাল ; উগ্র, প্রখর (তেল, গন্ধ)। "(প্রেম) পুরাতনে অম্লমধুর একটু ঝাঁঝালো।—গান ১২৮। নাক ঝাঁঝান—তীব্র গন্ধে নাক জ্বলা।]

ঝাঁজর, -ঝর১ বি [সং ঝর্ঝর > প্রা ঝজ্ঝর > বা ঝাঁঝ(জ)র ; হি ঝাঁঝরী (ঝর্ঝরী)] ১ করতাল বাদ্য (cymbals)। "ঝকমক ঝাঁঝর বাজে করতালে শ্রী.ম ৯৮। ২ [হি °ঝর ; গু ঝাংজ(ঝ)র] ঝাঁঝমলবিশেষ। "বাজায় ঝাঁজর ব.প ১৩২১। —ঝরি২, -রী বি [সং ঝর্ঝরী > প্রা ঝজ্ঝরী > বা ঝাঁঝরী, -রি ; হি ঝাঁঝরী] সর্ব 'ঝাঁজর'(১)। "°রী কৃ ২৯। °রি শ্রী.ম ২২২। °রী ন.প ২০৫। °রী মে ৩১২।

ঝাঁজ(ঝা)রা বিং [হি ঝাঁঝর] বহুছিদ্রযুক্ত। "কাগজ পোকায় খাইয়া ঝাঁঝরা করে। [ঝাঁজরাচকী—যে স্ত্রীলোকের চোখ বহুছিদ্র, অর্থাৎ যে অল্পেই কাঁদে। "ওরে আমার ঝাঁজরাচকি!—টসটস ক'রে চকের জল ফেললেন লী ৪১। ঝাঁজরা চোক—বহুছিদ্রচক্ষু, যে চোখে অল্পেই জল আসে। "ঝাঁজরা চোকে আমাকে ফাঁকি দিতে পারবে না লী ১৩।]

ঝাঁঝ১ ; **ঝাঁঝ**২ দ্র ঝাঁজ১ ; ঝাঁজ২।

ঝাঁঝর১ দ্র 'ঝাঁজর'।

ঝাঁঝর২ বিং [হি ঝাঁঝর] ছিদ্রযুক্ত, জর্জ্জর, অতিজীর্ণ। "পিয়া বিনা পাঁজর ঝাঁঝর ভেলা বি.প ১৭৬। পাঁজর ঝাঁঝর মোর সা.ম ৩৭।

ঝাঁঝরা দ্র 'ঝাঁজরা'।

ঝাঁঝরি১ '-ঝ্‌-' বি [°র + ই১১ ; হি °র, -রি ; সং ঝর্ঝর ; মুণ্ডারি 'ঝাঞ্জরা'—sieve] ১ বহুছিদ্র হাতা ; ছানতা। ২ জালবৎ বহুছিদ্র লোহপট্ট। ৩ তলায় বহুছিদ্র মাটির হাঁড়ী। [°হাড়ী, °হাতা—সর্ব 'ঝাঁঝরি (৩ ; ১)।]

ঝাঁঝরি২, **-রী** দ্র 'ঝাঁজর'।

ঝাঁঝাঁ বি [ধ্বন্যাত্মক] ১ বাদ্যধ্বনি। "ঝাঁঝাঁ, সুরনরদুন্দুভি বাজে শি ৫৭। ঝাঁঝাঁ ঝাঁজে রে ভা.চ ৪৬৪ ; ঝাঁঝাঁ-ঝাঁ…ঝাঁজে রে ৫৩৯। ২ নিশীথনিস্তব্ধতাজন্য শব্দবিশেষ। "রাত হয়েছে, ঝাঁঝাঁ করে বন। —শিশু ৯২। রাত ঝাঁঝাঁ কচ্ছে, এখন কেন উঠবি আ.দু ১৭। এই রাত ঝাঁঝাঁ কচ্ছে, গ্রামের লোক নিষুতি জা ২৭। ৩ মধ্যাহ্নিস্তব্ধতা-জন্য শব্দ। "যেন রৌদ্রময়ী রাতি, ঝাঁঝাঁ করে চারিদিকে নিস্তব্ধ নিঝুম চ.কা ১০২। ৪ [ঝাম > ঝাঁ (?) ; দ্র 'ঝামক'] রৌদ্রের প্রচণ্ডতা। "দুপুরে রোদ ঝাঁঝাঁ করে।

ঝাঁঝাঁবাত বি [অপ্র] ঝঞ্ঝাবাত। "নানাবিধ বাদ্য বাজে যেন ঝাঁঝাঁ-বাত ম.বি ১৯৭।

ঝাঁঝি১ বি [?] ১ একপ্রকার শেওলা। ২ পুরাণ গাছের ছালে জমাট শেওলা। "একশো যুগের বনস্পতি—বাকল-ঝাঁঝি সকল গায় কু.কে ১২৫।

ঝাঁঝি২ দ্র 'ঝাঁজ১'।

ঝাঁট১ অব্য [ঝাট > °ট ; অপ্র] শীঘ্র। "ঝাঁট জাঞা কৃ.উ ৪৬ ; ৬১,-২। শ্রী কী ৭। পলা ঝাঁট ব.প ৭৬৬। ঝাঁট আনহ রাবণ কৃ ৩১৩। ঝাঁট করি…পাঠাও শ্রী.ম ২৬৭। চৈ ৬৩। বি.সু ৪০। [ঝাঁটে—সত্বরে। "ম.ম ৫৩।]

ঝাঁট২, **ঝাট**৩ বি [ঝাঁটা > °ট] ঝাঁটা। "বাসি ঘরে নাহি পড়ে ঝাট শ্রী ৪৮। দুখিনী মা…দিচ্ছে এখন ঝাঁট।—শিশু ৫৩। [ঝাঁট পড়া—ঝাঁটা পড়া ; ঝাঁড় দেওয়া। °পাট—গৃহ পরিষ্কার ও গৃহসামগ্রীর পাটি।]

ঝাঁটা১ বি [সং ঝাটা (যূথী)—মূল (?)] (সাদৃশ্যে) সম্মার্জ্জনী। "ঝাঁটাপারা দুটা গোঁপ ক.চ ৭৬। ঝাঁটার বেগ আর থামে না ব.প্র ১৮১ ; °পেটা ২৭৪। [°খাগী, °খেগো—গালিবিশেষ। °তাঁরা (হি ঝাড়ু)—ধূমকেতু। °পেটা—ঝাঁটা দ্বারা আহত। ঝাঁটা খাওয়া—গা'ল-তিরস্কার খাওয়া। ঝাঁটা দিয়া বিষ ঝাড়া—ঝাঁটা মারিয়া তেজ বা আস্পর্দ্ধা দূর করা। "ব.প্র ২৭৪। ঝাঁটা পড়া—ঝাঁটার আঘাত হওয়া। "বিরাশী সিক্কা ওজনে ঝাঁটা পড়িতে লাগিল ব.প্র ১৮১। ঝাঁটার বেগ—ঝাঁটার আঘাতের প্রচণ্ডতা। "ব.প্র ১৮১। কপালে ঝাঁটা লাগা—দুর্দ্দৈব ঘটা।]

ঝাঁটা২ সর্ম্ম [ঝাঁটা১ > °টা, দ্র 'আ৯'] ১ ঝাঁটা দিয়া প্রহার করা ; ঝাঁটান। ২ ঝাঁটা দিয়া পরিষ্কার করা বা ঝাড়া। ৩ ঝাঁটায় আবর্জ্জনা নিঃশেষে দূর করার ন্যায় কোন বিষয় একেবারে নিরবশেষ করা। "ঝাঁটায়ে চলিল পাছে বাকি ছিল যে বি.সু ১০১। (ইংরেজের তোপ) পুল একেবারে ঝাঁটাইতে লাগিল ব.ত্রি ১৩৮।

ঝাঁটি বি [ঝাঁট > °টি] ১ ঝাঁটা। "ঝাঁটি জল দিয়া কৈল ভোজনের স্থল ক.চ ৪৯। ২ [ছাট > °টি (?)] ঝাপটা। "নৃসিংহের মন্ত্র পড়ি

মারে জলঝাঁটি চৈ.চ ১৪৮। ৩ জল-ছেঁচার পাত্রে যতটা জল ধরে, তৎ-পরিমাণ। "ঝাঁটি কত সেঁচালে কহিতে ভাল হয় শি ৮৪,-৫। ৪ [ঝাটি২ > °টি] ঝড়। "ঝড়°। ৫ তুমুলঝগড়া। "ঝগড়া°। ৬ [সং ঝটি] তৃণবিশেষ ; বেণা (?)। "শ্রী ৩৩। আমনও নয়, আউশও নয়, কার্ত্তিক মাসের ঝাঁটি দা ২০৭১।

ঝাঁ'ড় বি [হি ঝাড়্ > °ড়] ঝাঁটা। [ঝাঁ'ড় বা ঝাঁ'ড়ঝুড় দেওয়া—ঝাঁটা দিয়া পরিষ্কার করা।]

ঝাঁৎ অব্য [সং ঝটিতি > প্রা ঝত্তি > বা (ঝাতি) °ৎ] শীঘ্র।

ঝাঁতলা বি [(?)] গোলমুথা তৃণের মোটা মাছুরবিশেষ।

ঝাঁপ১ বি [সং ঝম্প > প্রা ঝংপ > °প ; হি °প] ১ হাত-পা ছড়াইয়া উবুড় হইয়া পড়া। "জলে ঝাঁপ দিয়ে যদি ক.চ ১৪৬,-৮৬। শ্রী ১৮৮। সিন্ধু-অগ্নি-রাহু-মুখে, শশী ঝাঁপ দেয় দুখে ভা.চ ৬৬৫। কথা ১০৬। ২ [ঠ ঝাংপ] আক্রমণ। "সোই লুবধ মতি তাহে করু ঝাঁপ বি.প ৬৭ ; ৭৩। ঝঁপ করে ঝাঁপ দিয়া যাড় ভেঙ্গে পাড়ে।—শ্রী ৭৬। ৩ গাজনে শাল-প্রভৃতির উপরে পতন। "ঝাঁপ দিল তবু নাহি দয়া শ্রী ৩৫। ৪ [ঝাঁপ২—মূল, হি, মৈ ঝাঁপ ; ঠ ঝাংপ] আচ্ছাদন ; চাঁচ দরমা ইত্যাদির কপাটবিশেষ ; আগড়। "দোকানেতে মুদি ঝাঁপ উঠাইল (পদ্মমালা)। ৫ তরলদ্রব্য দুগ্ধাদি উছলিয়া না পড়ে, এই নিমিত্ত তাহার উপরে দেওয়া পল্লবাদি।

ঝাঁপ২ সর্ম্ম [সং আ + √ছাদি > প্রা √ঝংপ (পৈ) > বা °প ; হি, মৈ √°প ; ঠ ঝংপ ; ড় √ঝাপিবা ; প্রা 'ঝম্পিউণ' (সং পিধায়—হে)] ১ আচ্ছাদন করা ; ঢাকা। "বেকত অঙ্গ না ঝাঁপয়ে লাজে বি.প ৩৯, ৬৩,-৬ ; বদন ঝাঁপহ ৯২ ; করে কুচ ঝাঁপিতে ১৩৯। ঝাঁপসি…অঙ্গ গো ৯৬ ; ১০২ ; বদন ঝাঁপাও ১০৯। বসনে ঝাঁপি রহে মুখ ব্র.প ১৩৭। ঘুমল মুখে মুখ ঝাঁপি প.র ৫০। ঝপঝপ ঝাঁপে ঢাল।—রঙ্গ ৯। অন্তরের দ্বার ঝাঁপি চ.কা ৯৪। ২ ব্যাপ্ত করা। "নব জলধর, চৌদিকে ঝাঁপল বি.প ১৬৬। নিমেষেকে ঝাঁপে মেঘ গগনমণ্ডল ক.চ ৮২। ৩ প্রভা বা রূপে অভিভূত করা বা পরাজয় করা। "খুল্লনার রূপে কারে দিব গো তুলনা। ঝাঁপিয়া রবির রথ রাথয়ে খুল্লনা॥—ক.চ ১১৪। দোলত মণিকুণ্ডল, ঝাঁপল দিনকর ভাস প.র ৩২। ৪ আক্রমণ করা। "গগনে উঠিয়া দাপে, বীরকেশরী ঝাঁপে ক.চ ৫২। ৫ রক্ষার্থ আবরণ করা বা আশ্রয় দেওয়া। "ঝঞ্ঝারূপা ঝড়রূপে ঝাঁপ গো ঝটিত ভা.চ ৪২৯। ৬ [ঝাঁপ১ > °প ; মুণ্ডারি 'ঝাপ'—to hurl oneself into] ঝাঁপ দেওয়া ; লাফান। "প্রেতভাগ…ঝম্প ঝম্প ঝাঁপিছে ভা.চ ৪৪। ঝাঁপিয়া ধরিয়া হাত তুলি ধরে মাথে ভ.গ্র ৫৯। ঝাঁপিয়ে পড়ে কু.কে ১২৪। ৭ বৃষের গবীসংসর্গ করা। —পা সর্ম্ম [°প২ + আ১৩] সর্থ 'ঝাঁপ২ (১)। "শুতি রহলু মুখে আঁচর ঝাঁপাই বি.প ১৩০। —পা অর্ম্ম [ঝাঁপ১ + আ১৩] সর্থ 'ঝাঁপ২ (৬)। "প্রসারিত করে, ঝাঁপাইতে চাহে শিশু কা ৬৯। [ঝাঁপই, -ল (ব ৭৯, ৭৮)। ঝাঁপব (বি.প ১৪১)। ঝাঁপল (গো ২৩৯)। ঝাঁপলি (ঢাকিল ; রা.শে ৩১)। ঝাঁপা১—সর্থ 'ঝাঁপ২। ঝাঁপান১—সর্থ 'ঝাঁপা২। ঝাঁপাউ, -য়হ (ঢাকহ)।]

ঝাঁ(ঝা)পটা বি [ঝাঁপ১—মূল] চাপ-বাঁধা চুল ; স্ত্রীলোকের কেশ-বিন্যাসবিশেষ। ঝাঁপটা কাটা কান-ঢাকা সব চুল দা ৩৭৩। সীতের (সীতার)…ঝাঁপটা ও ফিরিঙ্গি খোঁপার বেহদ্দ বাহার বেরিয়েচে হু ৪৩। ক্ষেত্র, তুমি ঝাপটা তুলে ফেলেছ কেন?—নী ২০। আমি…সিঁতেয় সিঁতি দিই, ঝাপটা কাটি ন.ত ৩৩। (মুখথানা) ঝাপটায় বেড়া ব.প্র ৩৫০।

ঝাঁপন বি [ঝাঁপ২ + অন] আচ্ছাদন, ঢাকা। "তনু তনু ঝাঁপিতে ঝাঁপন না যাই বি.প ১৩৯ ; ব.প ১০১৩।

ঝাঁপল বিং [ঝাঁপ১ + ল] ১ ঝাঁপযুক্ত, আবৃত। "ঝাঁপল কূপ, লথই নহি পারলু (প.ক)। ২ আবরণার্হ, ঘর, কমনীয়। "ঝাঁপসি ঝাঁপল অঙ্গ গো ৯৬ ; ঝাঁপল দেহা ১০২,-৭৫।

ঝাপা১ দ্র 'ঝাঁপ২।

ঝাঁপা২ বি [ঝাঁপ২ + আ৬] ১ খোপার মত বেণীর বা স্ত্রীভূষণের সজ্জাদ্রব্যবিশেষ (তাবিজ-প্রভৃতির গ্রন্থনসূত্রের ও বেণীর অগ্রে ইহা লম্বিত থাকিত)। "তাটঙ্ক তাবিজ তাহে ঝাঁপা সুলম্বিত ভ.গ্র ৪৩১ ; (বেণীর) অগ্রে…স্বর্ণময় ঝাঁপা ৪৪০। কানড় খোপা, কনকঝাঁপা ক.চ ১৬২। শি ১৬ ; বাজুবন্দ হেমঝাঁপা ১০৩,-৯ ; ভুবন-মোহন খোঁপা, সুন্দী সালুকের ঝাঁপা ১১০। বেণীতে কনক ঝাঁপা দু ১০। পুরটরচিত ঝাঁপা শ্রী.মা ৩৫ ; ৪৮। ব.প ৫০৪ ; ৭৮৮। যোড়া ঝাঁপা দা ১৬৩৩ ; তুমি তাবিজ, আমি ঝাঁপা ২১২৩। জ্ঞা ১৯৬। ন.প ১৫২। ২ ঢাকা। "অতি বৃদ্ধ নয়নে পড়েছে ভুরু ঝাঁপা শ্রী.মা ১১। ৩ ঝালর (?)। "তুলিকা মশারি সাজে ঝাঁপা ক.চ ১৫৯।

ঝাপান১ বি [ঝাঁপ১ + গান > °ন (?)] ১ সাপুড়িয়ার সাপখেলানর গান-বিশেষ। ২ মনসাপূজায় সাপখেলার উৎসব। ৩ সাপুড়িয়াদিগের তন্ত্রমন্ত্র-প্রয়োগে গুণজ্ঞানপরীক্ষার্থ সর্পক্রীড়ায় পরস্পর প্রতিদ্বন্দ্বিতা। "মনমথ চঢ়ই ঝাঁপানে(প.ক)। [দ্র 'সম্পাদককৃত টীকা'] —নীয়া বিং[°ন + ঈয়া] ঝাঁপান-গায়ক, যে ওঝা ঝাঁপান গায়। "সর্প খেলে ঝাঁপানীয়া ওঝা ম.ভা ৮১।

ঝাঁপান২ দ্র ঝাঁপ২।

ঝাঁপানিয়া বিং সর্ব্বদেহ-আবরক, বিশাল। "ঝাঁপানিয়া ঢাল,…পিঠে ঝুলে নিরন্তর।—রঙ্গ ৮।

ঝাঁপানীয়া দ্র 'ঝাঁপান১।

ঝাঁপি, -পী বি [ঝাঁপ১ + ই৮, ঈ৮ ; হি ঝাঁপী] ১ ঝাঁপ (ঢাকনী)-ওয়ালা বেত্রাদির পেটিকাবিশেষ ; ঢাকনী-দেওয়া চুপড়ি ; সাজি। "ঝাঁপী সাজাইল যত ডোমনীর বেশ ম.ম ২২৭। ২ অন্নপূর্ণার বা লক্ষ্মীর অধিষ্ঠানভূত পেটিকা। "এই ছলে অন্নপূর্ণা ঝাঁপি লয়ে করে। চলিলেন ভবানন্দ মজুন্দার-ঘরে॥—ভা.চ ২৫২,-৮। ঝাঁপির শঙ্খ অ.গু ১১৭ ; লক্ষ্মীর ঝাঁপির টাকা ১২০।

ঝাক১ বি [ঝাঁক১ > °ক] রাশি। [ঝাকে, ঝাকে ঝাকে—পুঞ্জে পুঞ্জে। "আইসে দৈত্যের শেল অগ্নি পড়ে ঝাকে।—চ.বি ৩২৫। শিলাবৃষ্টি ঝাকে ঝাকে পড়হে বি.প ২৩১। শ্রী ১৬৬।

ঝাক২ সর্ম্ম [ঝাঁক২ > °ক] ঘূর্ণিত করা ; খেলান। "ঝাকিলেক শূল গাছ অতি কোপমনে চ.বি ৯৩.৪ ; ৩২৫। [ঝাকত—ঝাকে। "থরধার থরগ, উথারি ঝাকত ব.প ১০৮৪।]

ঝাকার সর্ম্ম [ঝাঁকার > °র] সর্থ 'ঝাঁকার (১)। "লক্ষ্মীপাসা নামে ডিঙ্গা ধরিয়া ঝাকারে বি.প ২৩৬।

ঝাঙঝাঙ বি [ধ্বন্যাত্মক] ঝাঁঝরের ধ্বনি। "শ্রী.মা ৬৫।

ঝাঙ্কৃত ক্লী [ঝাম্ কৃত, কর্ম্মধা] 'ঝাম্'-শব্দ, নির্ঝরজলপাতশব্দ। "ঝাঙ্কৃতৈর্নির্ঝরাণাম্ উ.চ ২.১৩।

ঝাঝর বিং [ঝাঁঝর > °র] সচ্ছিদ্র, জীর্ণ। "ঝাঝর হইল কায়া (?) কদলীত আসি গো.বি ১৩২। —রি, -রী বি [সং—ঝর্ঝরী > প্রা ঝজ্ঝরী > বা °রী, °রি] বাদ্যবিশেষ। "মন্দিরা ঝাঝরি ম.পা ৩১। ঝাঝরি চ.বি ৮১।

ঝাঝরি, -রী দ্র 'ঝাঝর।

ঝাঝি বি [ঝাঁঝ১ > °ঝি] করতালবাদ্য। "চ.বি ৪২ ; ২২২।

ঝাট১ পুং [ঝট্ সঙ্ঘাত + অ (ঘঞ্)-খি ; তু 'ঝাড'—নিকুঞ্জ (দেশী ৩.৫৭)] ১ নিকুঞ্জ। "ঝাটহি ভেটসু করত সিনান বি.প ৩৪। ২ কান্তার, বন। ৩ ব্রণাদিমার্জ্জন। —টা২ স্ত্রী ভূম্যামলকী। —টা৩, -টী১ স্ত্রী যূথিকা। —টিকা স্ত্রী সর্থ 'ঝাটা২'৩।

ঝাট২, -টি১ অব্য [সং ঝটিতি > বা ঝটি, ঝাট ; দ্র 'ঝট'] শীঘ্র। "ঝাট গো.বি ৭৭। কৃ ২১৫। ক.চ ৩০, ৪৬। চৈ.ম ৬৭। ঝাট শ্রী.ম ৬৯ ; ঝাটি ১১৯। ঝাটি বা.ম ১৩৯। ঝাট ম ৮৪২। শ্রী.মা ১৬৬।

চৈ.ভা ১৫৭। —টক অব্য [°ট+ক ; অপ্র] শীঘ্র। "শ্রী.মা ৬৬,-৭। —টে অব্য সত্বরে, শীঘ্র। "চল ঝাটে মী ১৩। গো.বি ১৯ ; ৪৩। ম.ম ১৯। ম.পা ৬০ ; ১৪৭। বা.ম ৫৭।

ঝাটা[১] বি [দ্র 'ঝাঁটা'[১]] ঝাঁটা। "বি.মু ১৩২। [ঝাঁটা চুল—ঝাঁটার কাঠির মত শক্ত চুল। "মাথায় ঝাটা চুল।—ম.ম ১৬৯ ; ২০৫। —টি[২], -টী[২] বি ১ ঝাঁটা। "পথে ঝাটি দেই পবন (চৈ.ম)। পাছে মার ঝাটী ম.ম ১৮৩। ২ ঝাঁটা দ্বারা সম্মার্জ্জন। "ছড়া ঝাটী শূ ৩৪। ঘরের গোময় ঝাটি ব.প ৭৭৭।

ঝাটা[২] ; **-টা**[৩] দ্র 'ঝাট'[১]।

ঝাটি[১] ; **ঝাটি**[২] দ্র 'ঝাট'[২] ; ঝাটা[১]।

ঝাটি[৩], **-টী**[৩] বি [সং ঝাটিকা, -টী—মূল] পুষ্পবিশেষ। "শূ ১৯। কৃ.উ ৩৪৯। ঝাটী কৃ.উ ১৬৩।

ঝাটি[৪] বি [জাটি > °টি] যুদ্ধাস্ত্রবিশেষ। "শূ ৫২। ব.প ৬৯৫। [ঝাটিঝাপটা—জাঠি-ঝকড়া। "ব.প ৫২৫।]

ঝাটিকা দ্র 'ঝাট'[১]।

ঝাটিনা বি [ঝাঁটানীয়া > °না ; অপ্র] ঝাঁটা দ্বারা সংগৃহীত তৃণাদি আবর্জ্জনা ; ওঁচলা। "°বোঝা চৈ.চ ১৪৭।

ঝাটী[১] ; **-টী**[২] ; **-টী**[৩] দ্র 'ঝাট'[১] ; ঝাটা[১] ; ঝাটি[৩]।

ঝাট্যাতি বি [ঝাটাবৃত্তি > °তি ; অপ্র] ঝাড়ুবরদার, মেতর। "ঝাট্যাতি…তোলা ক.চ ২৩৫।

ঝাঠা বি [জাঠা > °ঠা ; অপ্র] সর্থ 'জাঠা'। "ঝাঠা মুষল ম ৭৭০।

ঝাড়[১] বি ['ঝাড'—নিকুঞ্জ, লতাগহন (দেশী ৩.৫৭) ; হি °ড় ; ঠ °ড ; তু 'সং ঝাট'[১]] ১ লতাগহন, গুল্মগহন। "উকটিয়া ঝোপঝাড়।—ক.চ ৭৬। বা.ম ৩০৬ ; ঝাড় বন ৩০৭,-৩৬। ২ গুল্মজাতীয় গাছ। "ফুলঝাড় কৃ ৪৪৫। গোলাপের ঝাড়।—হেম ৭৯। ৩ বাঁশ ইত্যাদির গুচ্ছ (clump)। "আদার, কলার, বাঁশের হলদির ঝাড়। ৪ গাছ, ডালপালা, লতা। "ঝাড়বুটোকাটা মেজের চাদর লী ৪২। ৫ বংশ, গোষ্ঠী। "তোমার গুরুঠাকুরটি রাজাকে রেখেছেন, না ঝাড়েবংশে উদরস্থ করেছেন?—অ.গ্র ৪১। ৬ বহুশাখাযুক্ত গাছের মত দীপাধারবিশেষ (chandelier)। "গ্লাসের ঝাড় ব.প ১৬৮১। ঝাড় লণ্ঠন বাতির আলো কাজ কিরে তোর সে রোশনায়ে।—রামপ্রসাদ। স্ফটিকের ঝাড় ন ৪৬৭। [ঝাড়াল—বিস্তৃতবহুশাখাপ্রশাখাযুক্ত (গাছ)। ঝাড়-ঝোড় —ঝোপ-ঝাপ। "ঝাড়ে-ঝোড়ে…পশিয়া ম ২০৩।]

ঝাড়[২] বি [ঝাড়[৩] > °ড়] মন্ত্র দ্বারা রোগ-ভূতাদির অপনয়ন বা ঝাড়ন। [°ফুক (হি °ফুক)—ঝাড় ও ফুৎকার ; মন্ত্রোপচার।]

ঝাড়[৩] সর্ম্ম [ঝর > ঝার (ণিজন্ত) > °ড় ; হি √ঝাড় ; মৈ √ঝাড়] ১ ক্ষরিত করা ; চ্যুত করা ; ঝরান, ঝাড়া। "অঙ্গেতে মাখিয়া বালি ঝাড়য়ে জাঙ্গালে কৃ ২৩২ ; গায়ের ধুলা ঝাড়ে ২৫৫। ভৃত্য নিত্য ধুলা ঝাড়ে চ.কা ৩২৭। ২ মন্ত্রতন্ত্র দ্বারা রোগ বিষ ভূত ইত্যাদি দূর করা (to exorcise)। "সর্প হৈয়া দংশ তুমি ওঝা হইয়া ঝাড় কৃ ২৪১। পড়িয়া ভ্রমরা মন্ত্র ঝাড়িল লোচন বা.ম ৩৭৭। ভা.চ ২২০। ৩ ধূলি-প্রভৃতিক্ষারণার্থ বেগে কম্পিত করা বা জোড়ে নাড়া। "বালধি ঝারিল বীর দু ৮৪। (ভুবনপতি) শরীর ঝাড়েন : ঝাড়িল…কায়।—ক.চ ১০। ৪ ঝাঁটা ইত্যাদি দ্বারা ধুলা-প্রভৃতি দূর করা বা পরিষ্কার করা। ৫ কুলা দিয়া তুষাদি পৃথক্ করা বা নিস্তুষীকরণ। "ডাল, ধান, মশলা ঝাড়া। ৬ ক্ষরিত করা; নির্গলিত করা। "শুঁড় নাড়ে মদ ঝাড়ে।—রঙ্গ ২১। ৭ কম্পিত করা; নাড়া। "বাসুকি ঝাড়িতে ফণা যেন ভূমিকম্প শ্রী ৮৬। ঝাড় মোর কাছে ঝুলি শি ৩৫। ৮ গাড়ী-প্রভৃতি হইতে মাল উঠাইয়া ফেলা (to unload)। —ড়া[২] সর্ম্ম [°ড়+আ[৮]] ১ ক্ষরিত করান ; ঝাড়ান। ২ মন্ত্রোপচারে ভূতাদি দূর করান। "ওঝা দে ঝাড়াই. রাইয়েরে পেয়েছে ভুতে চ.দা ১০। [ঝাড়-পোঁচ (হি ঝড় পোঁছ)—ঝাড়া ও মোছা। "বৈঠকখানাঘর ঝাড়-পোঁচ করবার উপলক্ষ্যে য ৯০। ঝাড়া বদলিমু—ঝাড়িয়া ফেলিব। "সুতার কাপড় নহে ঝাড়া বদলিমু ম.গা ১০। গো.চ ৩৩৭। ঝাড়া লওয়া—কোন দুরভিসন্ধিতে গোপনীয় কিছু আনিয়াছে কি না, কাপড়-চোপড় ঝাড়িয়া দেখিয়া লওয়া। "বিদেশীর লয় ঝাড়া বি.মু ১৫। ঝাড়া লও নগরের হাওলি ঘিরিয়া ব.প ১৪৭৯। ঝাড়ি খেওয়া কুলা—ঝাড়িয়া পরিষ্কার করার কুলা। "গো চ ২৪৪। ঝেড়ে ওঠা—কথাপ্রসঙ্গ ছাড়িয়া উঠা। "ভাল ভাল বলিয়া সখীরা উঠে ঝেড়ে বি.মু ৭১। গল্প ঝাড়া—ক্রমাগত অসার গল্প করা। "গল্প ঝাড়ে বড়ই আঠোরমেসে যত বি.মু ১০৪। গায়ের ঝাল ঝাড়া—গাত্রজ্বালা মিটাইয়া বলিয়া প্রতিশোধ লওয়া।]

ঝাড়ন বি [ঝাড়[৩]+অন] ১ ঝাড়া ইত্যাদি। ২ [হি °ন ; ঠ °ডণ, -ণী] ধুলা-প্রভৃতি ঝাড়ার কাপড় (duster)। ৩ ঝাঁটা, বাড়ন। "মারিও ঝাড়ন ম.ভা ২০।

ঝাড়া[১] বিং [ঝাড়[৩]+আ[১২]] ১ মার্জ্জিত, পরিষ্কৃত, নিস্তুষীকৃত। ২ [ঠ ঝাডা] ন্যূনাধিক্যহীন, পুরা, ঠিক। "ঝাড়া এক ঘণ্টা। ৩ শস্যহীন (খড়, বিচালি)। —ড়া বি [+আ[৬]] ১ ঝরান ইত্যাদি। ২ সঞ্চালন, কম্পন, নাড়া। "সকল বানর উঠে দিয়া অঙ্গ ঝাড়া কৃ ২৮৫ ; ৪৮৬। গোদা দিল গোদ ঝাড়া ম.ম ২০৫। ৩ দ্রব্যের ঝাড়িয়া ফেলা অংশ ; অপকৃষ্ট ভাগ। "গাঁজা-ঝাড়া শি ৩২। ৪ [ঝাড়ু > °ড়া] ঝাঁটা। "ঝাড়া ঝাড়ে কোটালিয়া ঝাড়া লয়ে হাতে বি.মু ১৬২। ৫ [হি °ড়া ; ঠ °ডা] মল। ৬ [ঝকড়া[২] > °ড়া (?)] যুদ্ধাস্ত্রবিশেষ। "দাণ্ডা ঝাড়া ক.চ ৮৭। [ঝাড়াই—সর্থ 'ঝাড়[৩] (৮)। ঝাড়াঝাড়ি—বিশেষ নাড়ানাড়ি ; ঘাঁটিয়া-ঘুঁটিয়া বেশ দু-কথা শুনান। "সাধী যে কথা কৈল, মোরে সে শেল রৈল, দিয়াছি খুব ঝাড়াঝাড়ি ভা.চ ৫৩২। ঝাড়া-ঝোড়া—সম্মার্জ্জন ও পরিপাটিকরণ। ঝাড়া পান—বাছা পান। ঝাড়া ফেরা (হি ঝাড়া ফিরনা)—মলত্যাগ করা।]

ঝাড়া[২] দ্র 'ঝাড়[৩]'।

ঝাড়ান বি [ঝাড়া+অন] ক্ষরিত করান ইত্যাদি। দ্র 'ঝাড়[৩]'। [পুখুর ঝাড়ান—পুষ্করিণীর পঙ্কোদ্ধারকরণ।]

ঝাড়ি[১] বি [হি ঝাড়ী ; ঠ ঝাডী] গোচারণার্থ ছোট গুল্মের পাঁচনবাড়ি। "হেল্যা চরাইতে হালুয়া বান্ধিলেক ঝাড়ি শি ৭৪।

ঝাড়ি[২], **-ড়ী** বি [ঝারি, -রী > °ড়ি, -ড়ী ; অপ্র] সর্থ 'ঝারি'। "ঝাড়ীর জল গো.চ ৩০৯। ঝাড়ী ভরি পেম বিষ ম.ম ৭৬ ; ১৭৭। স্বর্ণ-ঝাড়ি ম.পা ৮৯।

ঝাড়ু বি ['ঝাড়[৩]'—মূল ; হি, মৈ °ড়ু ; ঠ °ডু ; ফা জারোব] ঝাঁটা। "গো.চ ৮১। ঝাড়ু করব তাহে চিকুর বিছানে বি.সা ৪৮১। ঝাড়ু ঝাড়ু দিব ভ.গ্র ৬৯। [°কশ, -স (হি ঝাড়ু+ফা কশ্ (মনুষ্য) ; হি °শ]—মেতর (sweeper)। "হৈল…পবন ঝাড়ুকশ ভা.চ ৫০২। °কসি—ঝাড়ুকসের কার্য্য। "ঝাড়ুকসি করিয়া ছিটায় সদা নীর ভ.গ্র ৩৭১। °দার, বরদার (হি ঝাড়ু°)—মেতর। ঝাড়ু ঝাড়ু দিব—ঝাঁটা-বাড়ন দিব ; ঝাড়-ঝুঁড় দিব।

ঝানু বিং [ঝুনা > °নু] পরিপক্ব, পাকা, ধূর্ত্ত, চালাক।

ঝাপ[১] বি [ঝাঁপ[১] > °প] ১ সর্থ 'ঝাঁপ'[১] (৪)। দোকানের ঝাপ-তাড়া।—হু ৯। ২ নৌকার তক্তাসংযোজক কাষ্ঠখণ্ড। "পীঠপাক লাগায় ঝাপ দিয়া ব.প ২২০।

ঝাপ[২] সর্ম্ম [ঝাঁপ[২] > °প] আচ্ছাদন করা। "বেকত অঙ্গে না ঝাপয় লাজে ব.প ১০০৭,-৮৫। ঝাপিআ বয়ান কৃ.উ ১৭১। কর দেই রাই. নাহ মুখ ঝাপল।—ব ১১৮। ঝাপিয়া বদন অঙ্গ নেত্রের অঞ্চলে ম.ম ৪৫। বয়নে বয়নহি ঝাপিয়া (প.ক)। —পা সর্ম্ম [°প[২] > °পা] সর্থ 'ঝাপ[২]'। "হাসি রহল করে বয়ন ঝাপাই জ্ঞা ২৪। বসন ঝাপাই।

—ব ১৬৭। [ঝাপল—ঢাকিল। "সিন্দুর বিন্দু˳ চন্দন-ইন্দু ঝাপল গো ১৯৫। ঝাপা, -পান—সর্থ 'ঝাপ২'।]

ঝাপট বি [হি ঝপট, -ট্টা ; মৈ ঝপট—a swoop ; মুণ্ডারি—'ঝাপটাও'—to swoop down, to catch] ১ জোরে আঘাত ; ধাক্কা, ঝাপটা। ২ পাখীর পাখার আঘাত। "পাখার ঝাপটে টানি : পক্ষ-ঝাপটের জোরে।—হেম ১২১। —টা বি ১ সর্থ 'ঝাপট'। "জলের, পাথার, হাওয়ার ঝপটা। ২ সর্থ 'ঝাঁপটা'। —টি বি সর্থ 'ঝাপট (২)। "চ.কা ১০১ [ঝাপটা মারা—ধাক্কা মারা। ঝাপটি —পাখার আঘাত করিয়া। "স্ব.প্র ৯০। ঝাপটিছে ডানা—পক্ষাঘাত করিতেছে। "তৃণদল মাটির আকাশ পরে ঝাপটিছে ডানা চ.কা ৪৭২।]

ঝাপনি বি [ঝাঁপন > °নি ; মৈ °নি] ১ আচ্ছাদন, ঢাকনী। "আনিয়া পেটারি তার ঘুচাইল ঝাপনি ব.প ২৮৬। দিলেন বিষ খুলিয়া ঝাপনি বা.ম ১৩৪। ২ কৌটা। "বিষের ঝাপনি বা.ম ৩০৬।

ঝাপসা বিং [ঝাপ১ + হি সা (সদৃশ)] ১ ঝাপে ঢাকার মত ; অস্পষ্ট। "ও পারেতে বিষ্টি এল ঝাপসা গাছপালা।—শিশু ৮৪। বিধাতা…জীবন-ছবির দাগ একটু ঝাপসা করেই টেনে দেন ঘ ২৮৩। ২ দৃষ্টিবহির্ভূত। "উপায় ও লক্ষ্য দুইই আমার কাছে একেবারে ঝাপসা হ'য়ে গেচে।—ঘ ১০৫। ৩ ঈষৎদৃষ্টিসম্পন্ন। "চক্ষে দৃষ্টি ছিল না যার, ঝাপসা নজর হল তার।—দা ৪৯। [ঝাপসা দেখা—অস্পষ্ট দেখা। ঝাপসা নজর—অস্পষ্ট দৃষ্টি।]

ঝাপা বি ১ সর্থ 'ঝাঁপা২ (১)। "ঝাপা যুগ দোলে তাহে (কেয়ূরে) চ.বি ১৮৬। ঝাপা খোপা লহ খসাইয়া ব.প ১০৯৬। তাহে (বেণীতে) হেম ঝুরি ঝাপা।—ব.প ৮২৯। ২ সর্থ 'ঝাঁপা (৩)। "ঝাপাতে হীরা শোভে ব.প ৫৬৭। ৩ পেটিকা, প্যাঁটরা। "বাপ কালিয়া গএনার ঝাপা গো.চ ২৫৫।

ঝাপান বি [ঝাঁপান > °ন] সর্থ 'ঝাঁপান১ (৩)। "তুয়া সনে বাদ˳ করি ধনী আওত˳ মনমথ চড়ই ঝাপানে গো ১৪৮। —নি বি সাপ-খেলান। "গঙ্গাধর ঝাপান খেলায় বা.ম ১৪০।

ঝাবু, -বুক পুং বৃক্ষবিশেষ, ঝাউগাছ।

ঝামক ক্লী [√ঝম্ ভক্ষণ + অক (ণ্বুল্)-র্থ (ত.বা) ; তু 'সং ক্ষাম > লি ঝাম ; 'ঝাম'—দগ্ধ (দেশী—প্রা.ম)] অতিপক্ব ইষ্টকা ; ঝামা ইট।

ঝামটা বি ['ঝাম'-তা > °টা (?) ; দ্র 'ঝামক'] ১ রোষে অপ্রসন্ন মুখভঙ্গি। "মুখঝামটা দেওয়া। ২ [ঝাপটা > °টা ?] চাপড়। "উরুতে ঝামটা দিয়া বলে তাড়াতাড়ি ম.ম ১৭৭।

ঝামর১ পুং [ঝামর২ > °র (?)] তুরুশাণ, টেকোর শাণপাথর।

ঝামর২ বিং [ঝাম-ল > °র ; মৈ ঝামরু—ঝামা ইটের বর্ণযুক্ত ; কাল] ১ কৃষ্ণবর্ণ, কাল। "ঝামর কুটিলহি কেশ।—বি.প ৪২। তুয়া ঝামর দেহ গো ১৯৫। ২ দাহময়, প্রখর, প্রচণ্ড। "ঝামর দুপর বেলি জ্ঞা ৮৭। ৩ শুষ্ক, ম্লান। "ঝামর চম্পক দামে বি.প ১৭৭। ঝামর মুখ-অরবিন্দ গো ১১০। ঝামের বয়না ব.প ১০৪৭। ৪ দগ্ধ, মলিন। "বিরহক আগুনি˳ জরি জরি গুণমণি˳ ঝামর শ্যামের অঙ্গে ব ১৮৪। ৫ কান্তি-হীন, বিবর্ণ। "শ্যাম তনু˳ ঝামর জ্ঞা ৩৭। কনককরণ তনু˳ ঝামর ভেল জনু গো ৩৯। ৬ জ্যোতির্হীন, নিষ্প্রভ। "ঝামর দীপ ব ১২৩। —রি, -রী বিং মলিনা, বিবর্ণা। "ঝামরি ভৈ গেল বালা ব.প ১০৪৬। গো ২৫০। কবহুঁ কপোল˳ থকিত রহুঁ ঝামরী।—ব ৭২ ; কাহে কমলমুখী ঝামরী ভেলি ৭৬। —রি বিং মলিন, কান্তিশূন্য। "কহ সখি সাওরি ঝামরি দেহা বি.প ৬৫। —রু বিং [মৈ °রু] বিবর্ণ, মলিন। "ঝামরু ঝামরু দেহা বি.প ২০২। [ঝামরণ—ঝামরবর্ণ, কৃষ্ণবর্ণ। "ঝামরণ হ'ল দেহ বিকল চিন্তায় বা.ম ৩৭২। ঝামরান —বিবর্ণ বা মলিন হওয়া। "শর্দ্দিতে মুখ ঝামরান।]

ঝামরণ, ঝামরি, -রী, ঝামরু দ্র 'ঝামর২'।

ঝামা বি [দ্র 'ঝামক' ; মৈ ঝাম, -মা ; হি ঝাঁৱাঁ ; ঝাওয়া, -ওমা (ঢাকা)] ঝামা ইট। বিপ 'আমা'। "ঝামা˳ বুলাইছে মনের আকুতে চ.লা ৩৩।

ঝামুরঝু(ঝু)মুর বি [ধ্বন্যাত্মক] নূপুরাদির ধ্বনি। "(সোনার নোপুর) হাটিতে চলিতে রাজা ঝামুরঝুমুর ম.গা ৯। 'ঝুমুর গো.চ ৩৩৪। (শিলামণির কাচ) ঝামুরঝুমুর বাজে ম.ম ২০৬।

ঝামেলা বি [তু 'ঝমাল'—ইন্দ্রজাল (দেশী ৩.৫৩) ; হি ঝমেলা] ঝঞ্ঝাট, গোলযোগ। "আমার হয়েছে হাতছড়ীর ব্যবস্থা, আপনার হবে ফুলের ছড়ীর ব্যবস্থা ; কিন্তু ঝামেলা উভয়েরই সমান অ.গ্র ৬।

ঝাম্প বি [ঝাঁপ > °ম্প (সাধুভাষা) ; অপ্র] ঝম্প, ঝাঁপ। "ম.পা ১৪৭। —ম্পা বি [ঝাঁপা > °ম্পা ; অপ্র] পেটিকা ; বাক্‌স। "কাপড়া ঝাম্পাখানি গো.চ ১০৫ ; ২৮৩। [ঝাম্পান ঢাল—বুক-ঝাঁপা (প্রশস্ত) ঢাল। "বুকেতে ঝাম্পান ঢাল বি.সু ১৫।]

ঝাম্পানি বি [অপ্র] সর্থ 'ঝাঁপা (২)। "দুই বাহে পরিল ঝাম্পানি ব.প ২৮৮।

ঝার সর্থ [দ্র 'ঝাঁড়৩ ; অপ্র] ঝারিত (ক্ষরিত) করা ; বিষ নামাইবার নিমিত্ত তন্ত্রমন্ত্র প্রয়োগ করা ; ঝাড়ান। "ঝারিতে লাগিল বিষহরি : পদ্মাবতী ঝারে : নামাইল °রিয়া : মন্ত্রে °রিল বি.পা ৩৫৯।

ঝারা বি [ঝর১ > °রা ; হি °রা—চালনীবিশেষ ; ঠ °রা—ঝাঝরী হাতা] ১ জলের ক্ষরণ বা ধারারূপে পাত ; ধারা। "প্রধান মন্দিরে নিলা দিয়া জলঝারা শ্রী ১৫০। সহস্র ঝারা ঘটে বি.পা ৪৮। ২ প্রবাহ। "কিরণের ঝারা সা.ম ৫৮। সিন্দুর ঝারা যেন বিটপী উপরে।—হেম ২৯২। ৩ ধারার মত লম্বমান মুক্তাদি, সোনার ফুল বা ফুলের সজ্জা-বিশেষ। "প্রবালের ঝারা কৃ.উ ৫৪। মুকুতার ঝারা ব.প ১৬৮। গজ-মুকুতার ঝারা কৃ ৭৭। দোলএ স্বর্ণঝারা ম.পা ৯১। ফুলের ঝারা ক.চ ১২৩ ; মুকুতার ঝারা ১৫৯। মণিমুকুতার ঝারা জ ৪৯। চৈ.ম ৪৬। গজমুকুতার ঝারা জ ৪৯। চৈ.ম ৪৬। গজমুকুতার ঝারা লাম্বে শ্রী.ম ১৭১। পুষ্প ঝারা শি ১০৯। মাথায় পুষ্পের ঝারা ম.ভা ১৫। আয়েস থালি খোঁপাবাঁধা, নয় বিননো ঝারা।—হেম ৫৯০। ৪ ঝালর। "দুই তার ঝারা শ্রী.কী ৩১২।

ঝারি, -রী বি [ঝারা > °রি, -রী ; হি, ঠ, গু °রী ; মৈ °ড়ী, -রী] ১ লম্বা-গলা নাল-ওয়ালা জলপাত্রবিশেষ ; ভৃঙ্গার, গাড়ু। "পীন পয়োধর রচল ঝারি বি.সা ৪৪৩। কার হাতে ঝারি গো.বি ১৭৩। এক ঝারি জল গো.চ ২৮৮। রূপার ঝারিতে লইল খীর।—শূ ১১৬,-৭। স্বর্ণময় ঝারি।—কৃ ১১৯। ঝারি বাটী শ্রী.ম ১৭১। রা.শে ২৬। ঝারি থুরী ঘটী শ্রী ৪৬। ঝারি বাটা ভা.চ ৫২৯। ঝারির মুখে ঝরার মতন শীর্ণ ধারায় পড়ছি ঝ'রে কু.কে ১২৫। ২ দেবতার অধিষ্ঠানভূত ঘট। "পূজনে হেমঝারি ক.চ ৩৪ ; হেমঝারি জলগর্ভা ১৯২,-৪ ; ঝারী ২২৫ ; ৩০৩।

ঝার্ঝর, -রিক পুং [ঝর্ঝর + অ (অণ্), + ইক (ঠক্)] ঝর্ঝরবাদন-কুশল, ঝর্ঝরবাদক।

ঝাল১ বি [সং জ্বাল > °ল, হি °ল] ১ জ্বালাতুল্য জ্বালাকর স্বাদ ; কটুস্বাদ (pungency)। "পচা আদা। ঝালের গাদা ॥—প্রবচন। ২ কটুস্বাদ ফলবিশেষ ; লঙ্কা। ৩ ঝালের ব্যঞ্জন। "ঝোল ঝাল শ্রী ১০৯। ঝাল ঝোল…কৈলা কত ভা.চ ৫৪৮। মরিচের ঝাল (চৈ.চ)। ৪ লঙ্কা-মরিচের বাটনা। "তাতে দিবে মরিচের ঝাল ক.চ ৪৪। ৫ তেজ, জ্বালা, দাহ। "পোড়ে মুনি কালবিষের ঝালে ম.ম ২৮। ৬ ক্রোধ, তেজ ; ক্রোধজন্য গাত্রদাহ। "ঝাল ঝাড়া, মিটান। ৭ তীব্রতা, দাহ। "তোমাদের রাগের ঝাল ওদের দিয়ে মিটিয়ে নেবে ?—ঘ ১১৯। ৮ কিরণ, উত্তাপ। "রবির ঝালয়ে মৈল আমার বাছারে গো.চ ৭৬। ৯ অগ্নির উত্তাপ বা আঁচ। "আগুনের ঝাল। ১০ আগুনের ঝালে

ধাতুদ্রব্য বা তাহার ছিদ্রাদি পান দিয়া জোড়া (soldering) ; ধাতু জোড়ার পান (solder)। "পিতল°, রাঙ°। —ল বিং কটু (pungent)। —লা[১] বি [অপ্র] জ্বালা। "গো.চ ৪১। [°কাসুন্দী —ঝাল-দেওয়া কাসুন্দী। "চৈ.চ ৩১১। °লাড়ু—মরিচমিশ্র লাড়ু। "কৃ ৩৭২। ঝালঝাড়া—গায়ের জ্বালা মিটাইয়া কড়া কথা শুনান। আঝালা—ঝাল-না-দেওয়া (ব্যঞ্জন)। পরের মুখে ঝাল খাওয়া—(গৌণার্থে) তত্ত্বত না জানিয়া অন্যের কথা শুনিয়া মন্তব্য প্রকাশ করা।]

ঝাল[২] সর্ম [ঝাড়[৩] > °ল, ড় √উঝালিবা] ১ পঙ্কোদ্ধারপূর্ব্বক কূপাদি সংস্কার করা। ২ [ঝাল[১] > °ল ; হি √ঝাল ; ঠ √ঝাল.] ধাতুদ্রব্য সংস্কার করা বা পান দিয়া জোড়া (to solder)। "দৃঢ় প্রেম-সোহাগে ঝালিহ ভাল মতে ব.প ৮৩৮। —লা সর্ম [°ল+আ[৮]] ১ কূপাদি বা ধাতুদ্রব্য সংস্কার করান। ২ সংস্কার করা ; অভ্যাস করা। "তাঁহার দুই চারিটা প্রাচীন তামাসা মনে মনে ঝালাইয়া রাখিলেন ব.প্র ৩৭৬। [ঝালা[২]—সর্থ 'ঝাল[২]। ঝালান —সর্থ 'ঝালা'। কথা ঝালান—কোন বিষয়ে কথার সংস্কার অর্থাৎ তথ্য-নির্ণয় করা।]

ঝালর বি [হি, ঠ °র ; সং ঝল্লরা—কেশগুচ্ছ] ১ মশারি চাঁদোয়া হাওদা ইত্যাদির প্রান্তে লম্বমান রঙ্গিন বেলবুটাদার বস্ত্ররচনাবিশেষ (fringe)। "ঝকমকি স্বর্ণ-ঝালরেতে ব.প ১৪৮৬। ঝালরে মুকুতাপাঁতি মে ১৯৪। ব্রততী-বল্লরী-জটা,—সুলোল ঝালর-ঘটা।—হেম ৩৫৮। ২ তক্তাপোশের পায়ায় সংলগ্ন ঝালরের মত দীর্ঘ কাষ্ঠখণ্ড। [°দার—ঝালর-ওয়ালা।]

ঝালা[১] ; **ঝালা**[২] দ্র 'ঝাল[১] ; ঝাল[২]।

ঝালাপালা বিং [ঝালাপারা > °লা] ১ জ্বালাসদৃশ, অগ্নিশিখাতুল্য। "চারিদিকে ঝালাপালা, উঃ কি জলন্ত জ্বালা !—ব.সু ১। ২ জ্বালাপ্রায়, তাপময় ; সন্তপ্ত, পীড়িত, ব্যথিত। "শরীর হইল ঝালাপালা ভা.চ ৬৭৩; পাণ গুয়া গন্ধ মালা,...করিলেক ঝালাপালা ৭০৩। কাণ ঝালাপালা। —ন ১০৮০,-৬। তোর প্রাণ যাহে ঝালাপালা অ.গু ৭৯। এ ছোঁড়া কাণ ঝালাপালা কল্লে আ.দু ১৬। ঝালাপালা হল কান অ.গ্র ১২০। ৩ জ্বালাতন, বিরক্ত। "দেখে শুনে ঝালাপালা,...ভাল আর লাগে না অ.গু ১২১।

ঝালি[১] স্ত্রী [ঝাল > °লি (?)] পিষ্ট কাঁচা আম, লবণ, রাই ও হিঙ —ইহাদের মিশ্রণে জাত ভাজা পদার্থবিশেষ (ভাবপ্রকাশ)।

ঝালি[২] বি [মুণ্ডারি 'ঝালি'—net ; ঝাইল (মালদহ, দিনাজপুর)— বড় থ'লে ; ঝা'ল (নদীয়া) ; ঝাইল (ঢাকা)—বেত্রপেটক] ১ থলিয়া, ঝুলি। "রাঘবের ঝালি চৈ.চ ৪১ ; ৩১১। ২ ঝালির (ঝুলির) মত ডাল ধরিয়া পড়ার খেলা (?)। "ঝালি খেলে বানরী চাপিয়া চিত্র তরু শ্রী ৬৪। [°ঝাড়া—ঝুলিঝাড়া আবর্জ্জনা। "°ড়া দিয়ে কেহ রঙ্গ করে রঙ্গে ব.প ১৪৪।]

ঝি, ঝী বি [সং দুহিতা > লি ধীতা, প্রা ধীআ (প্রা.প্র) > বা (ঝীআ) ঝী, ঝি ; হি, প, গু, জাটু—ধী ; মৈ ধিআ, ধী ; সি ধিউ, -ষ ; ড় ঝিঅ ; ঝিয়া (মালদহ)] ১ কন্যা, মেয়ে। "রাউলের ঝি গো.বি ৬৮। ঝি।—গো.চ ৩৪৭। বহু ঝি শ্রী.কী ৩১; আন্ধে বড়ার ঝী ৪৫। রাজার ঝি বি.প ৫৪। বসিলা ঝি জামাতা লঞা কৃ.উ ৯। ঝীয়ের ক্রন্দনে বা.ম ২৯৭। মোর ঝী বেহুলা ব.প ২৭৫। ঝী নাহি ম.ম ২৯। হেমন্তের ঝি।—শ্রী ১২ ; বউ ঝি ১০০। শি ৩২। ২ কন্যাসদৃশী স্নেহপাত্রী। ৩ (কন্যাতুল্যা) পরিচারিকা, দাসী। "ঝীয়ের প্রবেশ অ.গ্র ৭৩,-৪। [(ঝিকে মেরে বউকে শিখান—একের শাসনে অন্যকে শিক্ষা দেওয়া।]

ঝিঅর, -আরি, -রী বি ['বহুআরী'র অনুকরণে 'ঝি' > ঝিআরী, -রি, -অর ; তু 'সং ধীলটী ; অপ্র] কন্যা ; কন্যাতুল্যা স্নেহপাত্রী। "সুক্রবার দিনে গো ঝিঅর করিব হরিশ্চ শূ ৪২ ; ঝিআরী ১৪। ব্রহ্মার ঝিআরী কৃ.উ ১৪০। বড়ার ঝিআরী শ্রী.কী ২২৫,-৭৬।

ঝিই বি [ঝি > °ই ; অপ্র] কন্যা। "রাউলের ঝিই মী ১৪। তিলকচান্দের ঝিই গো.চ ৩৪৯।

ঝিউ বি ['বউ'এর অনুকরণে 'ঝি' > °উ ; তু 'ঝিউ' (শ্রী.কী) ; অপ্র] কন্যা। "জনকের ঝিউ কৃ.উ ১৮৫।

ঝিউড়ি, -ড়ী, -রী বি ['বউড়ী'এর অনুকরণে 'ঝি' > °ড়ী, -ড়ি, -রী ; তু 'হি বহুরিয়া' ; অপ্র] কন্যা, কন্যাবৎ স্নেহপাত্রী। "বউড়ী ঝিউড়ী শ্রী ২৩৫। ঝিউরী বউরী ব.প ১৪১৫। ঝিউড়ী বউড়ী ভা.চ ১৯। °ড়ি লী ২। [ঝিউড়ী বউড়ী—ঝি-বউ।]

ঝিএ বি [প্রা ধীএ {(পুত্রি)—ক.ম ১১/১৮)} > বা °এ, ঝী (ঝি)-য়ে] ১ কন্যে, পুত্রি (সম্বোধনে)। "কহ ঝিএ এই হেতু তপস্যা করিলে ?— জ ২৮,-৯। ২ বৎসে, বাছা। "আমা নাহি চিন ঝিএ সাধুর বাণ্যানি ! —ক.চ ১৪৮। ৩ কন্যা। "আমার খুল্লনা ঝিএ আন্ধারের বাতি ক.চ ১১৪।

ঝিঁক[১] বি [ঠ √ঝিংক—to catch] হাঁড়ির আধার উনানের চূড়াকৃতি মৃৎপিণ্ড। "মাটি আনিয়া গড়িল তিন ঝিঁক ম.ভা ২৭।

ঝিঁক[২] সর্ম [ঝাঁক[২] > °ক] ১ ফেলিয়া মারা ; হানা। "সাঙ্গি শেল ঝুপঝুপ, ঝিকিছে, লুপলুপ (লুপিছে দানা) : ঝাকড়া...ঝিঁকিছে শ্রী ১৬৬ ; ঝুপঝুপ...ঝিঁকে শরগুলি ২২৪। ২ [ঠ √ঝিংক—to catch] ধরা, নিবারণ করা। "সমরসিংহিনী লখে (শরগুলি) ঝিঁকে ঢাল চালি ২২৪।

ঝিঁকা, -কে বি [ঝাঁকা > °কে (?)] ১ বেগে আঘাত বা ধাক্কা। "একদিকে, মঙ্গনিকে, মারে ঝিঁকে ধেয়ে।—রঙ্গ ১১১। ২ নৌকা-চালনার্থ জোরে হালের ধাক্কা (push)। "হাল ধ'রে কর্ণধার ক'সে ঝিঁকে মারে স.শ ১৪৮। এখন জোয়ার...ঝিঁকে মারতে মাজিদের কালঘাম ছুটবে আ.দু ৮।

ঝিঁঝিঁ বি [ধ্বন্যাত্মক ; সং ঝিল্লী ; হি ঝিংঝী] ১ কীটবিশেষ, ঝিল্লী। "ঘাসের মধ্যে ঝিঁঝিঁ করে', ঝিঁঝিঁ পোকা ডাকে।—শিশু ৯০। ঝিঁঝিঁ পোকার ঝিঁঝিঁ শব্দে গ্রাম শব্দায়মান হইতে লাগিল আ.দু ১৩। ২ ঝিল্লিরব। দ্র 'ঝিঁঝিঁ (১)। ঝিল্লীসব ঝিঁঝিঁ রব করে ব.সু ৩। তরু পরে ঝিল্লি শুধু ঝিঁঝিঁ রব করে স.শ ৮২। ৩ [ঝিনঝিন > 'ঝিঁ] অবয়বের অসাড়ভাব বা নিস্পন্দতা। "অধিক ক্ষণ বসিলে পায় ঝিঁঝিঁ ধরে।

ঝিঁঝিট বি [হি ঝিংঝোটী] (সঙ্গীতে) রাগবিশেষ। [ইহার সময় রাত্রি দ্বিতীয় প্রহর, ঠাট কোমল নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

ঝিঁ(ঝি)টি বি [সং ঝিণ্টি] গুল্মবিশেষ ও তাহার ফল। "ধুতুরা ঝিটি শূ ৩০। (কাটে) ঝাঁটী ঝিঁটি শ্রী ৩৩। ভা.চ ১২৭।

ঝিক সর্ম [ঝিঁক[২] > °ক ; অপ্র] অঙ্কুশাঘাতে চালান। "হস্তী ঝিকি জায় ইন্দ্রজিতের নিয়ড়ে কৃ.উ ১১৫।

ঝিকঝিক, ঝিকিঝিকি বি [ঝকঝক > °ক, °কি ; ঠ ঝিক-ঝিকী] দীপ্তিপ্রকাশ। "ঝিকিঝিকি করে...কুণ্ডল।—জ্ঞা ৪৯। আলো করে °ঝিক।—শিশু ৭৪। —ঝিকি ক্রি.বিং দীপ্তভাবে, উজ্জ্বলরূপে। "তাদেরি অঙ্গের শোভা কিরণ-আকারে ঝিকিঝিকি তারা-অঙ্গে...চমকে।—হেম ১০০।

ঝিকমিক, ঝিকিমিকি বি [ঝকমক > °ক, °কি ; ঠ ঝিকমিকী] সর্থ 'ঝিকঝিক'। "আভরণ করে ঝিকিমিকি কৃ ১১৭ ; খাণ্ডা ঝিকিমিকি ২০৫। °কি ম ২৩৯। ম.ভা ৭০। ম.ম ১৪০। অস্ত্র ঝিকিমিকি ম.বি ১৯৭। ব্যজনের ঝিকিমিকি বা.ম ৩৯০। °কি খড়্গ করে বি.সু ১৩২। (ধুকধুকী) করয়ে ঝিকমিক।—দা ১৪৮১। °কি। —হেম ৯৭। প.কা ২। —মিকি বি [ধ্বন্যাত্মক] করতালধ্বনি। "বি.পা ১৭৫। —মিকি বি জ্যোৎস্নায় আলোকিত ভাব। "গো.চ ৬ ; আন্ত্রি করে ঝিকিমিকি ৮০।

ঝিকর বি [ড় ঝিক্কর] ১ কঙ্কর, কাঁকর। "তৃণ ধূলি ঝিকর সব একত্র করিয়া (ফেলায়) চৈ.চ ১৪৭। ২ গর্ভিণীর দোহদ পোড়ামাটি। "ঝিকর খাইতে মন ম.ম ১৪৪। [পাঠান্তর 'ঝিকট' (ম.ম ৩২)]।

ঝিকরাড়ী বি রাঢ়ীয় শাণ্ডিল্যগোত্র ব্রাহ্মণের উপাধিবিশেষ। "ক.চ ৮৬। [ইহাদের পূর্ব্বপুরুষ মধুসূদন 'করাল' গ্রামে বাস করেন, তদনুসারে বংশধরগণের 'করাড়ী বা ঝিকরাড়ী' উপাধি।]

ঝিঙা, -ঙ্গা বি [সং ঝিঙ্গাক ; মুণ্ডারি—'ঝিঙ্গা' ; মৈ ঝিংগুনী ; ড় জহ্নী (জ্যোৎস্নী) ; হি, ঠ ঝীংগা—চিংড়ীমাছ] ফলশাকভেদ।

ঝিঙ্গাক ক্লী ঝিঙ্গাফল। —ঙ্গিনী, -ঙ্গী স্ত্রী ঝিঙ্গা গাছ।

ঝিঝাঁ বি [ধ্বন্যাত্মক] ঝিঁঝিঁ। "ঝিঝাঁ ঝিনিকি বাজে জ্ঞা ১০।

ঝিঝিনিকি, ঝিনিকি বি [ধ্বন্যাত্মক] ঝিল্লীরব "ঝিঝাঁ ঝিঝিনিকি বাজে প.র ২৪ ; ৫৫। দ্র 'ঝিঝাঁ'।

ঝিঞ্জির বি [জিঞ্জির > °র ; অপ্র] শিকল। "গো.চ ১৬২।

ঝিঞ্জি, -ঞ্জিরি বি [ধ্বন্যাত্মক ; সং ঝিল্লী] ঝিঁঝিঁ পোকা। ঝিঞ্জিরি (পাঠান্তর 'ঝিঞ্জি') ঝঙ্কারু রাতি (প.ক)। ব.প ১০৪৬।

ঝিঞ্জী স্ত্রী [ধ্বন্যাত্মক] ঝিল্লী। "ঝিঞ্জী ঝঙ্করু বাতি গো ২৫০।

ঝিণ্টি বি [সং ঝিণ্টী] ১ ঝাঁটী ফুল। "ঝিণ্টি তুলে বি.সু ৩২। ২ ঝাঁটী গাছ। "শ্রী.ম ৮২।

ঝিণ্টী স্ত্রী ১ সর্থ 'ঝিণ্টি' (২)। ২ সর্থ 'ঝিণ্টি' (১)। "দু ৪১।

ঝিনঝিন বি [সং ক্ষীণ > প্রা ঝীণ > বা °ন (দ্বিত্ব) ; হি ঝীন] ১ দুর্ব্বলতা-বোধ। "খিদের বড় জ্বালা। হাত-পা ঝিনঝিন করে কানে লাগে তালা॥—প্রবচন। ২ দুর্ব্বলতাজন্য অসাড়ভাব। "অধিকক্ষণ বসিলে পা ঝিনঝিন করে। ৩ বিদ্যুৎপ্রবাহ ইত্যাদি হেতু দ্রুত কম্পনের অনুভূতি। ৪ [ঝনঝন > °ন ; ঠ √ঝিণঝিণ—to tingle] অলঙ্কারধ্বনি। "হাতের স্বর্ণালঙ্কার ঝিনঝিন করিয়া বাজিতেছে ব.প্র ৩১৪। —ঝিনি বি সর্থ 'ঝিনঝিন (১-৩)।

ঝিম[১] বি [সং জৃম্ভ] ১ মৎস্যাদির জৃম্ভণ হেতু জলের বুদ্বুদ বা ভুড়ভুড়ি। ২ [সং ক্ষীণ > প্রা ঝীণ > বা °ম] নেশা তন্দ্রা ইত্যাদি হেতু ক্ষীণতা, জড়ীভাব বা অবসন্নতা। "ঝিম ধরা। [ঝিম কাটা—ভুড়ভুড়ি তুলা। ঝিম-ধরা—নেশা ইত্যাদি হেতু অবসন্ন।]

ঝিম[২], **-মা** অর্দ্ধ [ঝিম[১] + আ[৯] > °মা, °ম ; হি √ঝূম] ১ নেশা তন্দ্রা ইত্যাদি হেতু অবসন্ন হওয়া বা অবসন্ন হইয়া ঢুলা। "ঝিমাইতে সুখ বড় বা ম ৫২। ঝিমাইতে মন যায় বি.সু ১৩২। আলসে ঝিমাইয়া ঢুলিছে শাখা স্ব.প্র ৩৯। ময়নাটি…ঝিমচ্চে সেই খাঁচাতে।—শিশু ১০৮। কৃষ্ণকান্ত…আফিমে ভোর হইয়া ঝিমাইতে লাগিলেন ব.প্র ২৬৩। ২ অবসন্ন (নিঝুম) হইয়া থাকা। "কাজলা সবুজ কাজল পরে, পাটের জমী ঝিমায় দূরে !—কু.কে ৩০। [ঝিম(মা)ন, -নি সর্থ 'ঝিম[২]'। তু 'ঝোমন' (ঢাকা)।]

ঝিমকিনি বি [ঝিম[১] > °কান > °নি] সর্থ 'ঝিম[১]' (২) ; নেশা ইত্যাদির অবসন্নতাজন্য ঢুলনি। "দুই চারিবার আফিঙ্গের ঝিমকিনি আসিল ব.প্র ২৬৩। দেবেন্দ্র তখন ঝিমকিনি মারিয়া গায়িতে লাগিল ব.বি ৩২। এক একবার ঝিমকিনি ভাঙ্গলে মনে কচ্চেন যেন উড়চি হু ৩৮। [ঝিমিকে—ঝিমাইয়া, ঢুলিয়া। "ঝিমিকে ঝিমিকে যায় ক.চ ৬৫, টীকা।]

ঝিমঝিম বি [ঝিনঝিন > °ম] ১ দুর্ব্বলতা-বোধ, অসাড়ভাব। "ঝিমঝিম করে হাত রক্ত পড়ে ফেটে শ্রী.মা ২২৩। ক্ষণকালের মধ্যে যতীনের সর্ব্বাঙ্গ ঝিমঝিম করিয়া আসিল গ.স ১২৮। (গা) খুব ঝিমঝিম কচ্চে, আমি যেন মদ খেইচি বি.বৃ ১৮। ২ সর্থ 'ঝিনঝিন (৩)। "নেশার আবেশে রক্তের মধ্যে যখন ঝিমঝিম করচে, এমন সময় বেহারা এসে খবর দিলে ঘ ১৩৭।

ঝিমলী, -মানি বি [ঝিম + পানী > °নি, °লী ; অপ্র] ঝিমঝিম শব্দে বৃষ্টি। "শ্রাবণ মাসেতে ঘন বরিখে ঝিমানি ব.প ৩৩২ ; শ্রাবণে সঘনে মেঘ বরিষে ঝিমলী ৩৩৬।

ঝি-মা বি সম্পর্কে ঝি ও মাতৃবৎ পূজনীয়া ; ঠাকুরমা বা দিদিমার মা। "ঝি-মারে বসায়ে দূরে, সলিতা পাকায় ধীরে অ.গু ১০৪।

ঝিমিঝিমি বি [ধ্বন্যাত্মক] ১ নিশীথনিস্তব্ধতা-জন্য শব্দ। "(গহিন-রাতে) চাঁদের আলোয় শুভ্রতনু—ঝিমিঝিমি গীত।—শিশু ১৪৫। ২ বৃষ্টিপাতের শব্দ। "বর্ষিলে পর ঝিমিঝিমি। শস্যের ভার না সয় মেদিনী॥—খনা।

ঝিয়রী, -য়াই, -য়ারি, -রী [ঝিআরী > °য়ারী, -রি, -য়রী ; ঝিয়া > ঝিয়াই, দ্র 'ঝি'] ১ ঝি, কন্যা। "ঋষির ঝিয়ারী বহুয়ারী কৃ.উ ৮ ; ১০ ; ঝিয়ারি ১৭১ ; ঝিয়ারী ২০৪,-১৩। নটীর ঝিয়াই গো চ ৩৮৬। যুগীর ঝিয়াই মী ১৪। রাউলের ঝিয়াই : জোগির ঝিয়ারি গো.বি ৬৮,-৯। বড়র ঝিয়রী ম.ম ২১০,-৩১। রাজার ঝিয়ারী চ.দা ১৮। ঝিয়ারি ম.ভা ২৩। গোপঝিয়ারি জ্ঞা ১৪৯। ২ কন্যাসদৃশী স্নেহপাত্রী। "সথার কুমারী হয় আপন ঝিয়ারী ম ১৮৯। ঝিয়ারী বহুরী (সব যুড়িল ক্রন্দন) কৃ ৮২।

ঝিয়ে বি [দ্র 'ঝিএ' ; অপ্র] কন্যে, বৎসে (সম্বোধন)। "শুন লো রাজার ঝিয়ে চ.দা ৪৭। উঠহ ফুল্লরা ঝিয়ে ক.চ ৭১ ; ১৪৫ ; আরে ঝিয়ে ১৪৮ ; শুন ঝিয়ে খুল্লনা ৩০৫।

ঝিয়েন বি [ঝিয়ে + জন > °ন ; তু 'মেয়েজন' ; অপ্র] সর্থ 'ঝিয়ে'। "ঝিয়েন, কহিতে উচিত কথা, মনে পাছে পাও ব্যথা ক.চ ১৪।

ঝিরঝির বি [ঝরঝর > °র ; হি°র] ১ মৃদু ঝরঝর শব্দ ; মৃদু জলপ্রবাহ-ধ্বনি ; (গৌণার্থে) মন্দ-মন্দ গতি। "ঝিরঝির ব'হে যায় রূপ নির্ঝরিণী অ.গু ৯৬। ২ মাটি-ঝরার শব্দ। "ঝিরঝির ক'রে মাটি ঝরে পাড়ে। —হেম ৩১৫। ৩ [ভাবাত্মক] ধীর বায়ুপ্রবাহের ভাব।

ঝিরিকা, -রী স্ত্রী [ধ্বন্যাত্মক] ঝিল্লী, ঝিঁঝিঁপোকা।

ঝিরিঝিরি বি [ঝিরঝির > °রি] সর্থ 'ঝিরঝির'। "তাই ঝুরুঝুরু ঝিরিঝিরি নদী বাহিরিল ধীরিধীরি।—শিশু ৭২। ঝরণাখানি ঝিরি-ঝিরি (ঝরে ধীরিধীরি) প.কা ৭১।

ঝি(ঝী)ল বি [হি, মৈ ঝীল ; তু 'সং √স্না > প্রা √ঝিল্ল] স্বভাবজাত বৃহৎ জলাশয়বিশেষ। "নদী ও বিল ও ঝীল E.P. 95. [মোতি ঝিল —মোতির মত স্বচ্ছজল ঝিল।]

ঝিলমি, -লীম বি [হি ঝিলম ; অপ্র] দীপ্তিময় লোহার ঝাঁঝরীদার মুণ্ড-মস্তকের টোপ ; লৌহবর্ম্ম। "জামার উপরেতে ঝিলীম ঝলমল দু ১০ ; ঝিলমির বস্ত্র (?) নিজ অঙ্গেতে পরিল ৭৮।

ঝিলমিল বি [ঝলমল > °ল ; হি °ল] ১ সর্থ 'ঝলমল' ; কম্পিত জ্যোতিঃপ্রকাশ। "সকালে…মনের ভিতরটায় একটা পুলক ঝিলমিল করতে থাকে ঘ ৬৯। ২ খড়খড়ি। "(প্রমোদভবনের) ঝিলমিল সার্শি কে ভাঙ্গিয়া লইয়া গিয়াছে ব.প্র ৩৩৪।

ঝিলিক বি [হি ঝলক, -কী ; তু 'সং জ্বল] চমক, ক্ষণিক প্রভাপ্রকাশ বা বিদ্যুৎপ্রকাশ। "মেঘে যখন ঝিলিক মারে।—শিশু ৫৩। [ঝিলিক মারা—ক্ষণিক দীপ্তি পাওয়া। ঝিলিক দেওয়া (কোচবিহার)—বিদ্যুৎ-সম ক্ষণিক প্রকাশ পাওয়া।]

ঝিলিমিলি বি [হি ঝিলিমিলী] ১ খড়খড়ি। "সূর্য্যের আভা ঝিলি-মিলি দিয়া ঠকচাচার দাড়ির উপর পড়িয়াছে আ.দু ১৬৯। ২ [তু 'ঠ ঝিল.মিলী'] মণিমুক্তাদির দীপ্তিশীল হার। "গলায় তাহার দিল হার ঝিলিমিলি কৃ ৮০। কণ্ঠে ঝিলিমিলি হার ক.চ ২৬৪। মুকুতার ঝিলি-মিলি লম্বে শ্রী.ম ১৬৮। ৩ [ঝলমল > °লি] দীপ্তিপ্রকাশ। "বক্ষের কাঁচলি, করে ঝিলিমিলি ক.চ ৬৪। —মিলি বিং [হি ঝিলমিলা]

দীপ্তিময়, প্রভাতরঙ্গযুত। "সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা চ.কা ৪৭০। আমি ওই চেলির অঞ্চল ঝিলিমিলি অ.গু ১০৮।
ঝিল্লি স্ত্রী [ধ্বন্যাত্মক] ১ বাদ্যবিশেষ ; করতাল। ২ কীটভেদ, ঝিঁঝিঁপোকা। —ল্লিকা স্ত্রী [°ল্লি+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'ঝিল্লি (২)। "°বিরুত রা (শ.ক)। ২ ঝিল্লিরব। ৩ আতপ-রুচি, রৌদ্রের তেজ; দীপ্তি, প্রভা। ৪ উদ্বর্তনবস্ত্র। ৫ ঝিণ্টী। —ল্লী স্ত্রী [°ল্লি+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ করতালবাদ্য। ২ ঝিল্লিকীট। "°স্বনকর্ণশূল ভ ৫.১৩.৫ ; ১৪.১১। ৩ সর্থ 'ঝিল্লিকা' (৩)। ৪ সর্থ 'ঝিল্লিকা' (৪)। ৫ বর্ত্তী, পলিতা। ৬ স্থালীলগ্ন দগ্ধান্ন।
ঝিল্লিকা, ঝিল্লী দ্র 'ঝিল্লি'।
ঝীয়ারী বি [ঝী >°রী, দ্র 'ঝিঅর'] কন্যা। "জনক-ঝীয়ারী ব.প ৫১৭ ; বড়ার ঝীয়ারী ১১৪০। ম.ম ১০৬,-৯৭। —য়ে বি [দ্র 'ঝিএ'] কন্যে, বৎসে। "কত দুঃখ আছে ঝীয়ে তোমার কপালে ব.প ৩৬২।
ঝীল দ্র 'ঝিল'।
ঝুঁক অর্ম্ম [হি, ঠ √ঝুক ; ড় ঝুঁকিবা] ১ সামনে নত হওয়া বা হেলা (to lean)। "সমুখা-সমুখি দাঁড়াইল ঝুঁকি স্ব.প্র ১৩৬। ২ বিষয়-বিশেষে অভিনিবিষ্ট হওয়া। "নবীন ছাত্র ঝুঁকে আছে একজামিনের পড়ায় চ.কা ৩২৮। ৩ তৎপ্রবণ বা তদ্বিষয়ে আকৃষ্ট হওয়া। "বৌয়ের মুখ দেখিবার জন্য লোকে ঝুঁকিয়াছে ব.প্র ৪৩০। ৪ পক্ষপাতী হওয়া ; একতর পক্ষে টানিয়া বলা। ৫ আক্রমণার্থে তদভিমুখে ধাবিত হওয়া; রোখা। [ঝুঁ(ঝোঁ)কা—সর্থ 'ঝুঁক'। কোল-ঝোঁকা—সম্মুখভাগে হেলা (leaning)।]
ঝুঁকি বি [হি ঝোংকী] কাজের ভার, জবাবদিহী, দায়িত্ব।
ঝুঁট বিং [হি ঝুট] মিথ্যা। "মুই কি ঝুঁট কথা বলছি মা ৩২৭।
ঝুঁটি বি [সং জূট, -টক >বা ঝুট, -টা, °টি ; হি ঝোংটা, -টী ; ঠ ঝোংট, -টী ; মৈ ঝোঁটি, -টী ; ড় চুড়] ১ দীর্ঘ কেশগুচ্ছ। "বেনা গাছে ঝুঁটি বেঁধে গড়াগড়ি যায় শি ১৮ ; ৭৭। ঝুঁটি ধরি স্ত্রীকে তবে বাহির করি দিল ভ.প্র ৪১৭। ২ উন্নত বদ্ধ কেশগুচ্ছ ; লোটন। "(চণ্ডাল) উভ করি ঝুঁটি বান্ধে কৃ ৩৭৬। ঝুঁটি ধরে…দূর করে দিব শি ১০২। অমনি কোটাল বাঁধে দিয়া ঝুঁটি-নাড়া ব.প ৪৫৩। (ডোম) কয় কিছু দিয়ে ঝুঁটি নাড়া শ্রী ২৭৭। ৩ খোপা। "আরমানি হয়েছে ঝুঁটি দা ২০৯৪। ৪ (সাদৃশ্যে) চূড়া, শিখা। "কাকাতুয়ার মাথায় ঝুঁটি। ৫ ষাঁড়ের স্কন্ধস্থিত উচ্চ মাংসপিণ্ড ; ককুদ। [°নাড়া —ঝুঁটি ধরিয়া টান। গণ্ডারের ঝোঁট—গণ্ডারের ককুদ (পদ্যে মিলের নিমিত্ত 'ঝুঁটি' >ঝোঁট)। "শ্রী ১৬০।]
ঝুঁঠা বি [হি জূঠা ; দ্র 'জুঠ'] উচ্ছিষ্ট। "°খোর ভ.প্র ৬।
ঝুঁনঝুঁন বি [ঝনঝন >°ন (অল্পার্থে)] মৃদুনূপুরধ্বনি। "ঝুঁনঝুঁন নূপুরবিরব শ্রী.ম ৯৮।
ঝুজকোব্যালা বি [(?) ; ঝুঁজকি (নদীয়া) ; ঠ 'ঝাজড' —উষার প্রাক্কাল ; গ্রাম্য] প্রত্যুষ। "ঝুজকোব্যালাডায় আত আছে কি নেই…দুটো পরির মেয়ে বল্যে পেঁচোর মা তোর স্বপোন ফলেচে বি.বু ৪৯।
ঝুঝ অর্ম্ম [সং √যুধ্ >প্রা √ঝুজ্ঝ (প্রা.ম) >°ঝ ; অপ্র] যুদ্ধ করা। "ঝুঝিতে চলিল চ.বি ১৫০।
ঝুট¹ বি [দ্র 'ঝুঁটি'] চূড়া, ঝুঁটি। "ধম্মিল্ল গোল ঝুট করি বন্ধ বি.প ৯৪ ; ব.প ১০২২। —টা² বি ১ চূড়া। "নানাবর্ণে বান্ধি ঝুটা অবতংস সাজে গ ১১১। ২ স্থূল শিখা। "চাচর কেশের ঝুটা পিঠেতে লোটায় ন.বি ১৫। কেশের ঝুটা চমকিয়া বাঁকে ন.প ২৯০।
ঝুট² বিং [হি ঝুট ; তু 'ঝুট্‌ঠ'—অলীক (দেশী ৩.৫৮)] মিথ্যা। "ঝুট কি কহব কানাই।—গো ২৫০। ব.প ১০৪৬। —টক বিং অনিদান, অকারণ। "দেখ সখি ঝুটক মান বি.প ৩২। —টা¹ বিং [হি ঝুঠা] সর্থ 'ঝুট²'। সিদ্ধার মধ্যে না বলিয় ঝুটা গো.বি ১১৭। কেহ দাওা করে শে ঝুটা E.P. 46. [ঝুটমুট (হি ঝুটমুঠ)—মিথ্যা। "ও গুলা কথা ঝুটমুট গো.চ ১৭৯। ঝুটমুট পড়ি মরে আগম পুরাণ ভা.চ ৪৭৯। ক্যায়া কাম ঝুটমুট দা ৯৬৫।]
ঝুটক, ঝুটা¹ ; ঝুটা² দ্র 'ঝুট² ; ঝুট¹'।
ঝুটা³ বি [হি জূঠা ; ঠ ঝূঠা ; দ্র 'জুঠ'] উচ্ছিষ্ট। "বৈষ্ণবের ঝুটা চৈ.চ ৩৩৭।
ঝুটাঝুটি বি [ঝুট (ঝুটি)-আ+ঝুট-ই ; হি ঝোংটা-ঝোংটী] পরস্পরের ঝুটি ধরিয়া কৃত বিরোধ ; চুলাচুলি, তুমুল ঝগড়া। "এইরূপে কন্দলে লাগিল ঝুটাঝুটি ভা.চ ৮০। —টা(টো)পুটি বি [দ্র 'ঝটাপট'] সর্থ 'ঝুটাঝুটি'। "তা'র পর থেকে ঝুটোপুটি ঘ ১২৭।
ঝুটি, -টী বি [ঝুট¹ >°টি, -টী, তু 'ঝুংটী'—লঘু উর্দ্ধকেশ, ছোট উঁচা কেশসমূহ (দেশী ৩.৫৩)] ১ দীর্ঘ কেশগুচ্ছ। "মহাকাল ক্রোধেতে দক্ষের ধরে ঝুটি ব.প ১২৭। লথ্যার অমনি ধরে ঝুটি শ্রী.মা ১২৬। (কন্দল!) বেণা-ঝোড়ে ঝুটি বান্ধি কি কর বসিয়া ভা.চ ৭৯। ২ উদগ্রথিত কেশগুচ্ছ ; লোটন। "উভ ঝুটি চুল বান্ধে রাজা কৃ ১০। ৩ বালকের শিখা ; কাকপক্ষ। "শিরে চুল নাহি ঘুচে আছে পঞ্চঝুটি কৃ ৬৪। শিরে শোভে তিনঝুটি চৈ.ম ৪৯।
ঝুট্যা বি ঝুটি-ওয়ালা মল্লবিশেষ (?)। "(বাগ্দিনীর) পিত্তলের ঝুট্যা পায়,…করাঙ্গুলে পিত্তল অঙ্গুরী শি ১১০।
ঝুঠ বি [হি 'ঝোংটা' (দীর্ঘকেশসমূহ)—মূল (?)] চুল। "যেখানে ন চলে ঝুঠ সেখানে চালাই বেটে ব.প ১৪৩৩।
ঝুড় সর্ম্ম [ঝোড় >°ড় (?)] গাছের অনাবশ্যক শাখা কাটা ; ছাটা। [ঝুড়া, ঝোড়া²—সর্থ 'ঝুড়'।]
ঝুড়ি বি [মুণ্ডারি 'ঝুরি'—twigs] ১ কঞ্চি বাঁশ বা বেতের বেতি দিয়া বোনা চওড়ামুখ পাত্রবিশেষ। ২ ঝুড়িপরিমিত দ্রব্য। [ঝুড়ি ঝুড়ি—বহুঝুড়ি-পরিমিত, প্রচুর, রাশি-রাশি। "আমরা ঝুড়ি ঝুড়ি মিথ্যা কথা কই আ.দু ৯০। ঝুড়ি ঝুড়ি ভুল—ভূরি ভ্রম। °মূলে—ঝুড়ি দরে। "আম্র কিনে ঝুড়ি-মূলে ক.চ ১৫৬।]
ঝুণ্ট পুং ১ কাণ্ডহীন বৃক্ষ ; গুল্ম, ঝোপ। ২ স্তম্ব।
ঝুনঝুন বি [ঝনঝন >°ন ; ধ্বন্যাত্মক] নূপুরধ্বনি। "ঝুনঝুন করি বাজে…নূপুর ম.ম ৩৭। [°ঝুননি (হি °ঝুনানা)—ঝুনঝুন শব্দ।]
ঝুনঝুনী, ঝুমঝুমি, -মী বি [ধ্বন্যাত্মক ; হি °ঝুনা] 'ঝুনঝুন' শব্দের খেলনাবিশেষ। "নাটিম ঝুমঝুমি ভ.প্র ২০৩। মাথার মধ্যে …স্বপ্নের ঝুমঝুমি বাজিতেছিল গ.স ১৪৫।
ঝুনা, -নো বিং [সং জীর্ণ >প্রা জুণ্ণ (হে ১.১০২) >বা (জুনা) °না ; ঠ জুনে ; গু জুনু ; সি ঝুন] ১ পরিণতিপ্রাপ্ত, পাকা-শুষ্ক (নারিকেল)। "ঝুনা নারীকল শ্রী.কী ৭২ ; ১৭৩। (নারিকেল) ঝুনো হইলে জল একটু ঝাল হইয়া যায় ব.প্র ৫৮২। ২ পাকা, ঝানু।
ঝুমুঝুমু বি [ঝুনঝুন >°মু (অল্পার্থে)] সর্থ 'ঝুঁনঝুঁন'। "নূপুরে ঝুমুঝুমু মী ১৮। নূপুর ঝুমুঝুমু বি.প ১৩৪। ঝুমুঝুমু মঞ্জীর বিরাজে শ্রী.ম ১০০। ঝুমুঝুমুঝুমু ম.পা ৬৯।
ঝুমুঝুমুঝুমু বি [ধ্বন্যাত্মক] সর্থ 'ঝুনঝুন'। "দু ৮৮।
ঝুমুঝু বি [ধ্বন্যাত্মক] সর্থ 'ঝুঁনঝুঁন'। "ঝুমুঝু নূপুরবাজে শ্রী.মা ১৩৬।
ঝুমুরঝুমুর বি [ধ্বন্যাত্মক] সর্থ 'ঝুঁনঝুঁন'। "অনেক মেয়ে °র করিয়া আসিয়া বর দেখিয়া আঁৎকে পড়িল আ.দু ১১৮।
ঝুমুরুণুরুণু বি [ধ্বন্যাত্মক] সর্থ 'ঝুঁনঝুঁন'। "বা.দ ১৩৯।
ঝুপ বি [ধ্বন্যাত্মক] ১ ঝাঁপ দিয়া পড়ার শব্দ ; ঝম্পের শব্দ। "ঝুপ করে ঝাঁপ দিল তায় শ্রী ৩৫ ; ঝুপ করে ঝাঁপ দিতে শব্দ উঠে ঝুপ ৩৬।

২ জলে দাঁড় ফেলার শব্দ। "ঝুপ ঝুপ শব্দে দাঁড় পড়িছে।—পত্তপাঠ, ২য় ভাগ। ["°ঝাপ—সর্থ 'ঝুপ'; জলে মাটি ইত্যাদির চাপ খসিয়া পড়ার শব্দ। "কত বড় পাথরের চাপ৹ জলে খসে পড়ে ঝুপঝাপ। —শিশু ৭৫। °ঝুপ—ক্রমাগত 'ঝুপ' শব্দ; বৃষ্টিপাতের শব্দ। "ঝুপ-ঝুপ ক'রে বৃষ্টি হচ্ছে। °ঝুপঝাপ—লম্ফঝম্পের শব্দ। "°ঝাপ৹…লম্ফ-ঝম্প দিয়া চলে ভা.চ ৭২।]

ঝুপড়ি, -ড়ী বি [প্রা 'ঝুম্পড়া'—তৃণকুটীর (হে ৪.৪১৬; দেশী —প্রা.ম)। হি ঝুপরী, ঝো(ঝোং)পড়ী; ঠ ঝোংপড়ী; মৈ ঝোঁপড়ী; মুণ্ডারি 'ঝুপাড়ি'—ক্ষুদ্র তৃণকুটীর] ১ তৃণকুটীর, কুঁড়ে-ঘর। "সন্ন্যাসী কাপালীঘটা৹ ঝুপড়ি বান্ধিয়া এক পাশে ক.চ ৮৭। ২ [অপ্র] ঝুড়ী। "ফেলিয়া ঝুপড়ী লড়ী আহা উহু করে ভা.চ ২১০।

ঝুপসি-ঝাপসি বিং ঝোপ-ঝাপসদৃশ; ঝোঁপঝাপযুক্ত। "ঝুপসি-ঝাপসি বন-আবডালে স্ব.প্র ৯৬।

ঝুমকা, -কো বি [ধ্বন্যাত্মক (?); হি, ঠ °কা; মৈ °ক] ১ এক-প্রকার লতা ও তাহার ফুল (Passion flower)। "বেড়ার পরে৹ দোলে ঝুমকা লতা চ.কা ৪২৪। ২ ঝুমকা ফুলের মত স্বর্ণের কর্ণভূষণবিশেষ। "ব.প ১৫২০; ফুলঝুমকা ১৮৯৮। °কো দা ৯৮১; °কা ১৪৮১; ঢেঁড়িতে জড়াও ঝুমকা গাঁথা ১৬৩৩। শ্রুতিমূলে ঝুমকাফুল।—হেম ১৫। —মুকা বি ১ সর্থ 'ঝুমকা (২)। "ভ.গ্র ৪৩০। দা ৪৬২। ২ সর্থ 'ঝুমকা (১)। "ঝুমুকা—যার চারু মূর্ত্তি গড়ি৹ সুবর্ণে, প্রমদা কর্ণে পরে মহাদরে মা ১২৮।

ঝুমঝুম বি [ধ্বন্যাত্মক] 'ঝুনঝুন' শব্দ। —ঝুমানি বি 'ঝুমঝুম'-শব্দকরণ। "(হরিণবাড়ীতে) বেড়ীর ঝুমঝুমানি মন্দিরে ও মৃদঙ্গের কাজ কল্লে হু ১২০।

ঝুমঝুমি দ্র 'ঝুনঝুনী'।

ঝুম(মু)র, -ঝুম(মু)র বি [ধ্বন্যাত্মক] নূপুর-রব। "ঝুমর-ঝুমর বাজে পায়েতে নেপুর গো.চ ৪৫৭। [ঝুমুরঝুমুর-ঝুমু—মলের শব্দ; "°ঝুমু বাজে ওই মল অ.গু ১০১।]

ঝুমরি স্ত্রী শৃঙ্গারবহুল রাগিণীবিশেষ। 'প্রায়ঃ শৃঙ্গারবহুলা মাধ্বীকমধুরা মৃদুঃ। একৈব ঝুমরির্লোকে বর্ণাদিনিয়মোজ্ঝিতা ॥—সঙ্গীতদামোদর। "ঝুমরি দাছুরী বোল গো ২৫০। ব.প ১০৪৬। যুবতী-যূথ শত গায়ত ঝুমরি (প.ক)। [গীতপ্রবন্ধবিশেষ 'ঝুমরি' (শৌরীন্দ্রমোহন ঠাকুরের 'সঙ্গীতশাস্ত্রপ্রবেশিকা')।]

ঝুমুকো দ্র 'ঝুমকা'।

ঝুমুকে, -রে ক্রি.বিং [ধ্বন্যাত্মক] 'ঝুমুক' বা 'ঝুমুর' শব্দে। "ঝুমুরে ঝুমুরে শব্দ উঠে গো.বি ৯৪; ঝুমুকে ঝুমুকে বাদ্য বাজে ১৪১।

ঝুমুঝুমু বি [ধ্বন্যাত্মক] মলের শব্দ। "ঝুমুঝুমু ঝুমুঝুমু ঝুমুরঝুমুর-ঝুমু বাজে ওই মল অ.গু ১০১।

ঝুমুর বি [সং ঝুমরি; হি ঝুমর, -রা] শৃঙ্গারবহুল রাগিণীর গীত; ঝুমুরগান। "বাসর-ঘরে ঝুমুর কবি।—হেম ৩৯০। [এই গান প্রায় অশ্লীল। ইতরজাতীয়া স্ত্রীলোকে এই গান করে।]

ঝুমুরঝুমুরে দ্র 'ঝুমরঝুমর'।

ঝুর অর্ম্ম [সং √খিদ্ > প্রা √জূর (হে ৪.১৩২), √ক্ষি > √ঝুর (প্রা.ম) > বা °র; হি, ঠ, গু, মৈ √ঝুর] ১ খেদ করা; শোক করা; ক্রন্দন করা। "কানুর পিরীতে৹ ঝুরি দিবা রাতে চ.দা ১০০; তোমা হেন বঁধু৹ হেলায় হারায়ে৹ ঝুরিয়া ঝুরিয়া মন্ত্র ১৪৪। ঝুরিয়া…মরিমু গো.চ ১৮৩। সব সেনা ঝুরে কৃ.উ ১৯০। চিত…সদাই ঝুরে গো ১৮; চরিত কহি ঝুরসি ২১১; ঝুরি ঝুরি না রহে পরাণ ২৩৯। ঝুরে মন: ঝুরিয়া কান্দে ব ১৩। মন ঝুরে তোর নামে শ্রী.কী ২২৮। প্রাণ ঝুরে প.র ২৮; ঝুরিয়া কান্দে পরাণ-পুতলি ৬০। তোমা সভার স্মরণে৹ ঝুরোঁ মুই চৈ.চ ১৫৫। ২ ক্ষয়প্রাপ্ত, শীর্ণ বা ম্লান হওয়া। "ঝুরত তুয়া বিনু রাই।—গো ২৫০। [প্রথম অর্থেও হয়] ৩ গুণ-বর্ণনপূর্ব্বক বিলাপ করা। "(চিত্ত) তছু গুণ ঝুর ব.প ১০৮৫। নদীয়ার লোক সব গুণ ঝুরি কান্দে চৈ.ম ১১০। ৪ [√ঝর > °র] অশ্রুবর্ষণ করা। "ঝুরয়ে নয়ান বি.প ১০২। ঝুরে দুটি আঁখি।—ব ১৩। ৫ [ঠ √ঝুর] ভ্রষ্ট হওয়া; ঝরা। "মালতি ঝুরই গো ৮২। লাবণ্যে ঝুরয়ে মকরন্দ জ্ঞা ১৫। (নয়নের নীর) ঝুরিয়া ঝুরিয়া পড়ে।—বা.ম ৩৭২। [ঝুর, -রয়ে, -রে—শোক করে; কাঁদে। ঝুরোঁ—কাঁদি (শ্রী.কী)]

ঝুরঝুর বি [ঝরঝর > °র (অল্পার্থে); ভাবাত্মক] ১ চূর্ণ দ্রব্যের মৃদুধারায় পতনের ভাব। ২ পত্রপুষ্প-ঝরার ভাব। ৩ [ঝিরঝির > °র] ধীর বায়ুপ্রবাহের ভাব। "সমীরণ ঝুরঝুর৹ স্বেদলব করে দূর। —বিহারিলাল চক্রবর্ত্তী। [°ঝুরে—ঝুরঝুরভাবে পতনশীল; শুষ্ক-গুঁড়া (মাটি ইত্যাদি)।]

ঝুরা বিং [হি ঝুর, -রা—শুষ্ক; ঠ ঝুর—তণ্ডুলকণ; তু 'বা ধুল; হি ধুর (ধুলি)] শুষ্ক ও গুঁড়া (মাটি ইত্যাদি)। [ঝুরান—গুঁড়া করা।]

ঝুরি বি [ঝুলি > °রি; নামাল (বীরভূম)] ১ বট-প্রভৃতির শাখা হইতে লম্বমান (ঝুলিয়া-পড়া) শিকড়; অবরোহ, বোয়া (aerial root)। ২ বেশম ইত্যাদির ভাজা খাদ্যবিশেষ। "রা.শে ৫১। ৩ মণি-মুক্তাদির হারবৎ গ্রথিত অলঙ্কারবিশেষ। "শ্রবণে রতন-ঝুরি ব.প ৮৬৬। কপালে…শোভে ঝুরি মুক্তাবলী বি.পা ১৭৭। শি ১০৯। (কেশে) ঝুরি ঝাঁপা শ্রী.মা ১৭৬। কুটিল কুন্তল বেড়ি৹ মণি মুকুতা ঝুরি প.র ২। নলকে ঝুরি দা ১৬২৩। মুক্তাঝুরি কু.কে ৯৭। —রী বি ভাজা ব্যঞ্জন-বিশেষ। "ভা.চ ৫৪৭।

ঝুরী দ্র 'ঝুরি'।

ঝুরুঝুরু বি [ঝরঝর > °রু (অল্পার্থে)] ১ মৃদু জলপ্রবাহধ্বনি। দ্র 'ঝিরিঝিরি'। ২ [ধ্বন্যাত্মক] কচি পাতার মৃদু কম্পন-ধ্বনি। "ঝুরুঝুরু কচি পাতার নাচে প.কা ১। ৩ [ঝিরঝির > °ঝুরু] ধীর বায়ু-প্রবাহের ভাব। "ঝুরুঝুরু সমীরণ।—বিহারিলাল চক্রবর্ত্তী। ঝুরুঝুরু বহে বায় অ.গু ৮৯।

ঝুল[1] বি [ঝুল[2] > °ল] ১ দোল। "ঝুল টঙ্গিতে ঝুল খেলে দিবস রজনী গো.চ ৪২২। ২ [মৈ ঝোল] ধোঁয়ার কালি-মাখা মাকড়সার জাল (soot)। "ঝুল-মলা ভ.গ্র ১৮৯। ৩ [ঠ ঝোল—ঢিলা লম্বমান প্রান্ত] জামা-প্রভৃতির লম্বমান অংশ বা নিম্নাভিমুখ প্রসার। "কামিজের কোটের ঝুল। ৪ লম্বমান রজ্জু-প্রভৃতির দীর্ঘতা। [ঝুলটঙ্গি—ঝুলান মঞ্চ। দ্র 'ঝুল[1]' (১)। °সন্ন্যাস—গাজনে ভারায় পা আটকাইয়া সন্ন্যাসীর (ভক্তের) অগ্নিশিখার উপরে ঝুলিয়া থাকার উৎসববিশেষ। দ্র 'ক্রমে সন্ন্যাসীরা…সমাপন হলো' হু ৭।]

ঝুল[2] অর্ম্ম [সং √দুল্—উৎক্ষেপ; হি √ঝু(ঝূ)ল; ঠ, গু √ঝুল] ১ দোলিত বা ইতস্ততঃ সঞ্চালিত হওয়া; দোল খাওয়া। "ঝুলত মদন হিল্লোল গো ২৫০। ঝুলত রসময় ন.প ৩০৫; এথাই ঝুলয়ে প্রভু হিড়োলা-উপরে ৩৩৪। ২ লম্বিত হওয়া; ঝোলা। "ঝুলী করে দোল ঝুলে ভা.চ ৪৩। —লা সর্ম্ম [°ল+আ[৮]; ঠ √ঝুলারি; গু √ঝুলাব] ১ দোলিত করা; দোল দেওয়া; দোলান। "পরিকর সখন ঝুলায়ত লহু লহু ন.প ৩৩৪। বিশাখা সখী ঝুলাওত সুখে (প.ক)। ২ লম্বিত করা; টানান। "হিড়োলা ঝুলায় ন.ত ৩৩৫। [ঝুলা, ঝোলা[2]—সর্থ 'ঝুল[2]'। ঝুলাঝুলি—টানাটানি। ঝু(ঝো)লান—১ সর্থ 'ঝুলা'। ২ লম্বিত।]

ঝুলন বি [ঝুল[2]+অন] ১ সর্থ 'ঝুল[2]'। ২ দোলন। "ঝুলন রঙ্গরসে ভাস (প.ক)। ৩ [হি ঝুলন] শ্রীকৃষ্ণের দোলনোৎসব বা হিন্দোল-যাত্রা। "সবে পুরুব ঝুলনলীলা গায় ন.প ৩৩৫। —না বি [হি ঝুলা] হিন্দোল, দোলনা। "ঝুলে…ঝুলনায় ন.প ৩৩৫। ঝুলনা সুন্দর ভ.গ্র ৪৫৩। রচিয়া ঝুলনা…ঝুলএ ত্র.প ৯৮। নীপশাখে বাঁধ ঝুলনা চ.কা ২৫২।

ঝুলি, -লী বি [ঝোলিআ, -কা (দেশী ৩.৫৯; প্রা.ম); হি ঝোলী; ঠ, গু ঝোলী; মৈ ঝোরী; মুণ্ডারি 'ঝোলা'—কাপড়ের থলি] কাপড়ের

ছোট ঝুলা, থলি। "ঝুলির কড়ি ঝুলিত নাই।—গো.চ ২২৮; ভাঙ্গ ধুতুরার ঝুলী ৪৪৫। চর্ম্ম-ঝুলী ভা.চ ৪৩; ঝুলি ১০৩। —লি বি [অপ্র] নাড়ী। "মারিয়া জে বিন্দুনাথ ঝুলি খোসাইল গো.বি ১৮৩। [ঝুলি-ঝাড়া—ঝুলির শেষ দ্রব্য; আধারের শেষদ্রব্যমাত্র।]

ঝৄ অক [দি, ক্র্যা, প—ঝীর্য্যতি, ঝৃণাতি; সেট্; তু '√জৄ'] বয়োহানি, জীর্ণভাব।

ঝোঁক বি [ঝুঁক> °ক; হি ঝোংক; ঠ ঝোং(ঝো)ক; গু ঝোক] ১ ঝুঁকিয়া (হেলিয়া) থাকার ভাব। ২ ভার, দায়িত্ব। ৩ বেগ, প্রচণ্ড-গতি। "তুমি ধাও আপনার ঝোঁকে ব.মৃ ১৪। ৪ আতিশয্য, তীব্রতা। "চক্ষে আঁধার দেখত ক্ষুধার ঝোঁকে প.কা ২৫। ৫ নেশার প্রভাব। "ধুতুরার ঝোঁকে ঢুলে দা ১৫৭৯। ৬ আবেগ, আগ্রহ, প্রবৃত্তি, অনুরাগ। "খাদ্যের চেয়ে মদের দিকেই স্বভাবমাতাল পুরুষজাতটার ঝোঁক বেশি ঘ ৬১। ৭ সখ, খেয়াল। ৮ একতর পক্ষে টান; পক্ষপাত। ৯ তুলা-দণ্ডের অধিকতর ভারের দিকে টান। ১০ নির্ব্বন্ধাতিশয়, জেদ।

ঝোঁকা দ্র 'ঝুঁক'।

ঝোকাবাড়ি বি [হিসেবাড়ি (চব্বিশপরগনা)] নৌকার দাঁড়ের আধার নৌকালগ্ন ঝোকা (হেলিয়া-পড়া) দণ্ড। "ব.প ২২০।

ঝোটা বি [হি ঝোংটা; দ্র 'ঝুঁটি'; অপ্র] ১ দীর্ঘ কেশ; চূড়া, শিখা। "নানা বর্ণে বান্ধি ঝোটা অবতংস সাজে গ ৩০। ২ কেশর, সটা। "(সিংহের) কাঁপয়ে উন্মত্ত ঝোটা ক.চ ৫২।

ঝোড় বি [হি ঝুড়; ঠ ঝুড] ১ গুল্মরাজি, লতাদিগহন, ঝোপ। "(বাঘ) আসন করে ঝোড়ে শ্রী ১৭; ২৩৩। ঢুঁড়ে ঝোপ ঝোড়ে অ.গ্র ৮। ২ স্তব, গুচ্ছ, থোপ। "(কজ্জল!) বেণা-ঝোড়ে ঝুটি বান্ধি কি কর বসিয়া ভা.চ ৭৯। ৩ (ঝোড়ের সাদৃশ্যে) সমুদ্রের খাড়ী; বড় নদীর খাল (creek)। "তবে সে জানিবে ডিঙ্গা ঝোড়ের ভিতর: ঝোড়ে না লাগাও ডিঙ্গা: গেল ঝোড়ের ভিতর।—ম.ম ১২৪। [°ঝাড়—ঝোপ-ঝাপ। "শ্রী.মা ৬৬। ঝোড়ে-ঝাড়ে—লতাগুল্ম-গহনে, ঝোপ-ঝাপে। "ঝোড়ে-ঝাড়ে ডারে ভ.গ্র ২২৫। ঝোড়ে-ঝাড়ে আড়ে…লুকায় শ্রী ১৬৬; ২০২।]

ঝোড়া[১] বি [ঝুড়ি > °ড়া] ১ বড় ঝুড়ি। ২ [ঝর > °ড়া] ঝরিত জল; নিম্নাভিমুখ জলপ্রবাহ। "আকাশে উঠে ঢেউ পাতালে বয় ঝোড়া গো.চ ১১১,-৬,-৯।

ঝোড়া[২] দ্র 'ঝুড়'।

ঝোপ বি [সং স্তুপ > প্রা *ঝুব > °প (?)] গুল্মগহন; ছোট ছোট গাছের জঙ্গল। —পা বি ঝোপ, (সাদৃশ্যে) স্তূপ, রাশি। "নাক কাণ ঠাঁই ঠাঁই দেখি ঝোপা ঝোপা ব.প ১২৮। [ঝোপ-ঝাড়, -ঝাপ—লতা-গুল্ম-গহন; জঙ্গল। "উকটিয়া ঝোপঝাড়৹…পাইল বাঘের দরশন ক.চ ৭৬। °ঝাপ কাটে শ্রী ৩৩; ৪৭। °ঝাড় স্ব.প্র ৯০। ঝোপ বুঝে কোপ ফেলা বা মারা—যেমন ঝোপ তদনুরূপ অস্ত্রাঘাত করা; (গৌণার্থে) কার্য্যসিদ্ধির নিমিত্ত বাবুর মন যোগাইয়া কথাবার্ত্তা বলা। "ঝোপ বুঝে কোপ ফেলতে পারলে, দালালের বাবুর কাছে বিলক্ষণ প্রতিপত্তি হয়ে পড়ে হু ১৪। ইয়ার-গোচের ব্রাহ্মণেরা সহর-ঘেঁষা—বাবুদিগের মন যোগাইয়া কথাবার্ত্তা বলেন—ঝোঁপ বুঝে কোপ মারেন আ.দু ১৩৫।

ঝোপড়া বি [হি °ড়া; ঠ ঝোংপডী; 'ঝোপপারা'—মূল (?)] পর্ণ-শালা, কুঁড়েঘর। "ঝোপড়া বান্ধিলা এক তৃণ জড় করি ভ.গ্র ২১; ১৮৮; ২৪৯,-৫০।

ঝোর[১] বি [ঝর > °র] নির্ঝর, ঝরণার খাত। "হেথা নদীতটে চোর৹ ছাওয়াল খুঁজিয়া ঝোর৹-ঝঙ্কার কানন ঝোপ-ঝাপ শ্রী ৪৭। —রা বি [ঝোর > °রা] সর্ব 'ঝোর[১]'। "যেন ঝোরা ঝরে তায় বা.দ ৬৬; ৮৯। চোখের জলে ঝরছে ঝোরা কু.কে ২৪; (গিরিরাজ!) অযুত ঝোরার মুক্তা-ঝুরিতে উজ্জ্বল তব সাজ ৯৭; পাগলা ঝোরার দুঃখ গাথা ১২৪। [°ঝঙ্কার—নির্ঝরের জলপাত-স্থান।]

ঝোর[২] অর্ম্ম [ঝুর (৪) > °র;] অশ্রুবর্ষণ করা; জল ঝরা। "সীতা লাগি যেমত রামের চক্ষু ঝোরে ব.প ৬০৪। প্রেমে হয়ে ভোর, ঝরঝর ঝোরে আঁখি দা ১০৩।

ঝোরখ বি [দ্র 'ঝরকা'; অপ্র] সর্ব 'ঝরকা'। "ঝাঁকি ঝোরখে৹ ঢুরু হেরই৹ আয়ত নাগর কালা ব.প ১১৩৭।

ঝোল বি [হি ঝোর, -ল; মৈ ঝোর; ড় ঝোল.; তা চালু.রা; জোল্লু (কর্ণাটী), জে.ল্লু (তেলেগু)—লালা] ব্যঞ্জনের জলীয়াংশ; সূপ, যূষ; সূপযুক্ত ব্যঞ্জন। "রোহিত মৎস্যের ঝোল ক.চ ১৫৮; ২০৯। ঝাল ঝোল শ্রী ২২। ভা.চ ৫৩৭।

ঝোল (লো) ঙ্গা বি [অপ্র] ঝোলা। "গো.চ ২৭; ১৩৫।

ঝোলা[১] বিং [ঝোল+আ[৯]] ১ ঝোলের মত; তরল, পাতলা (গুড়)। "খাও হে বাপের কলা দিয়া ঝোলা গুড় বি.মৃ ১২৯। ২ [হি, ঠ ঝোলা; মৈ ঝোরা; মুণ্ডারি 'ঝোলা'] বড় ঝুলি বা কাপড়ের থলি। "ঝোলা কেথা গো.চ ৩। [মউঝোলা—মধুর মত পাতলা গুড়।]

ঝোলা[২] দ্র 'ঝুল[২]'।

ঝোলোঙ্গা দ্র ঝোলঙ্গা'।

ঝ্যান '-নো' ব্য [অপ্র; গ্রাম্য] যেন। "সোআমির পদে মরন হউক কলঙ্ক ঝ্যান না ওঠে গো চ ১৭৯।

ঝ্যাল বি [সং ঝল্লক; হি ঝাল; ধ্বন্যাত্মক; অপ্র] করতালবাদ্য। "চামর মন্দিরা ঝ্যালে৹ গন্ধমাল্যে করিব অর্চ্চনে দু ১।

ঞ

ঞ[১] চ-বর্গের পঞ্চম বর্ণ এবং দশম ব্যঞ্জন ও স্পর্শ বর্ণ। [ইহা অনুনাসিক বর্ণ (দ্র 'ঙ[১]')। বাঙলায় 'ঞ'-কার, 'ইঁঅ' 'ইঁআ' এইরূপ উচ্চারণে সানুনাসিক কণ্ঠতালব্য হয়, শুদ্ধ উচ্চারিত হয় না। দ্র 'ক[১], চ[১]'।]

ঞ[২] [ন > ঞ; তু 'সং কনক > প্রা কঞক ("নণো ঞোঁ বা"—সংক্ষিপ্তসার, প্রাকৃতপাদ ৫.১১০); অপ্র] 'ন' স্থানে 'ঞ'। "ঞিঅম (নিয়ম), ঞিস্তারিতে, ঞিশ্চিন্ত ঞিবিঘ্নে (নির্বিঘ্নে)। —কালকেতুর চৌতিশা, সাহিত্যপরিষৎপত্রিকা, ৪র্থ ভাগ, ১৩১৬। ঠাঞি, তেঞি।

ঞ[৩] [অপ্র] 'ম' স্থানে 'ঞ'। "গোসাঞি, -ঞী, সাঞি (শমী)। তুঞি (তুমি) ভ.গ্র ২৭০। গাঞি ব.প ২১৪; গাঞি ৩১৫।

ঞ[৪] [অপ্র] ১ অনুনাসিকের পরে সানুনাসিক উচ্চারণ হেতু 'ঞ' আগম। "নাঞি (নাহি) ব.প ১৮৭; নাঞিক (নাহিক) ৩১৫; নোঙাঞিঙা ৫০৪; জাম্মিঞা ৫২৭। কাণাঞা, মাঞি (স্তন) শ্রী.ম ২৭। আনিঞা কৃ.উ ৯; কড়মড়াঞা ৩৪। শুনিঞা চ.বি ১২৮; প্রণমিঞা ১৩০; নঞান ১৮৩। কাহ্নাঞি, -ঞী (শ্রী.কী)। নাঞি শূ ১০১; রা.স ৭; ভ.গ্র ৩৭১। নিঞা জ ১৮; শুনিঞাছি ১৯। অমিঞা চৈ.ম ৩৫। জানিঞা ম ৫১। রামাঞি চৈ.ভা ২৮৪। মুঞি চৈ.চ ৬২। ২ অনুনাসিকের পূর্ব্বে সানুনাসিক উচ্চারণ হেতু 'ঞ' আগম। "কঞোন (কোন > কওন) বি.সা ২৬৭; মন্দাঞিনি (মন্দাকিনী) ৫০৭।

ঞ[৫] [অপ্র] সানুনাসিক উচ্চারণ হেতু 'ঞ' আগম। দ্র 'ইঞা'। "ধাঞা ব.প ২৮৪; পেঞা (পাইয়া) ২৯৫; লঞা ২৯৭; দুঞরে, পঞর (প্রবাল) ৪০৪; লম্ফ দিঞা গিঞা ৫২৪; বঞা (বহিয়া) ৫২৬; খেড্যাঞা ৫৩০; সাজাঞা কাচাঞা বসন পরাঞা ১০৭০; তুয়া গুণে বিকাঞাছি ১১০৯। খেদাড়িঞা, সম্বোধিঞা কৃ.উ ১২; হঞাছেক ১৬; চুম্বিঞা, বিভাঞা (বিবাহ) ২২; কারিঞাছেন্ত ৩১; সন্তেঞি, কুড়িঞা, বেঢ়িঞা ৫২। বসাঞা, চাঞা।—ব ৪৭; দাড়াঞা ৯৫। হইঞা চ.বি ৬৮। লঞা ম ৩৩৮। দিঞা চ.দা ১২। বড়াঞি, এথাঞি চৈ.ভা ১৮।

থাচিএ্যা যৌবন দিব গো ১৮২। শিথাএ্যা চৈ.ম ৭৯। তাহাঞি চৈ.চ ২২ ; পাঞাছিল ৩২৬।

এঞ৬ [অপ্র] চন্দ্রবিন্দু-স্থানে 'ঞ'। "ঞেহারে (এঁহারে) ব.প ৬৬৫,-৮২ ; ঞিহো (ইঁহো) লঙ্কার ঈশ্বর ৬৭৮,-৮৫। জনক ঞিহার পিতা কৃ.উ ১৭২। ঞেহারা দরিদ্র ভ.গ্র ৩৪৬ ; ঞিহো ৩৬৪।

এঞ৭ পুং ১ গায়ন, গায়ক। দ্র 'ঞকার'। ২ ঘর্ঘররব। দ্র 'ঞকার'। ৩ বলীবর্দ্দ। ৪ শুক্রাচার্য্য। ৫ বামমতি ; নাস্তিক।

এঞ [অপ্র] 'ম'-স্থানে 'ঞ'। "বাঞ'র (বামের), তোঞ, -ঞি, -ঞে (তুমি)।—শ্রী.কী। ২ অনুনাসিকের পরে সানুনাসিক উচ্চারণ হেতু 'ঞ'। "আপর্ণেঞি (°নেই), তোম্ভেঞি, সম্ভেঞি (শ্রী.কী)। ৩ সানুনাসিক উচ্চারণ হেতু 'ঞ'। "দেখিঞা, দৈবকীঞ, ধরিঞা, ভয়িঞা (হইয়া), যুবতীঞ (শ্রী.কী)।

ঞকার পুং [কর্ম্মধা] ১ 'ঞ' এই বর্ণ। ২ সর্ব 'ঞ৭ (১)। "গায়ন ঞকার ভা.চ ৪৩০। ৩ সর্ব 'ঞী৭ (২)। "ঞকার ঘর্ঘরধ্বনি ভা.চ ৪৩০। ৪ কৌমারীরূপ। "ঞকার করিয়া এস ঞকারে আমার ভা.চ ৪৩০। ৫ বুদ্ধি, মন। দ্র 'ঞকার (৪)।

ঞিহ, -হা২ সর্ব্ব [ইঁহ > °হ, দ্র 'ঞ৬ ; বৈষ্ণবসাহিত্যে] ইনি। "ঞিহ শুনাইব মহাভারত আখ্যান ম ৫০। ঞিহ বড় মহাজন শ্রী.কী ৭৮। ঞিহ ভ.গ্র ১৮৭। ঞিহ পণ্ডিত হরিদাস চৈ.চ ৩৮। মনুষ্যের মধ্যে ঞিহা উত্তম নিশ্চয় ন.বি ১১। [ঞিহা দরশনে—ইঁহার দর্শনে। "শ্রী.ম ২৬। ঞিহার—ইঁহার। "ঞিহার কারণ শ্রী.ম ২৬। ভ.গ্র ৩০৫। ন.বি ১১ ; ২৬। ঞিহারে—ইঁহাকে। "শ্রী.ম ২৫,-৬। ঞিহো, -হোঁ—ইনি। "ঞিহো ভ.গ্র ৬১ ; ঞিহো ৩০৫,-২৬।

ঞিহা১ ব্য [ইঁহা২ > °হা ; দ্র 'ঞ৬ ; অপ্র] ১ এই স্থানে। "সে সুখ সমুদ্রের ঞিহা নাহি এক কণ চৈ.চ ১৫৪।

ঞিহা২ দ্র ঞিহ'।

ঞেহা সর্ব্ব [ঞিহা > °হা, অথবা এঁহা > °হা ; অপ্র] ইঁহা, ইনি। "বড়ই যতনে ঞেহা (ইঁহাকে) করিহ পালন শ্রী.ম ৭৮। বয়স্থা ঞেহারা ভ.গ্র ১৫৩ ; ঞেহাতে প্রভুর কৃপা ১৭৪ ; ঞেহার হৃদয় ৩০৪ ; ঞেহারা দরিদ্র ৩৪৬। —হো সর্ব্ব [ঞিহ, এঁহ+ও] ইনিও। "প্রেমনর্ম্ম-সখী ঞেহো ভ.গ্র ১৪৬।

ট

ট১ ট-বর্গের প্রথম বর্ণ এবং একাদশ ব্যঞ্জন ও স্পর্শবর্ণ (দ্র 'ক১)। [ট-বর্গের জিহ্বাগ্র করণ এবং মূর্দ্ধা স্থান। ইহার উচ্চারণে প্রতিবেষ্টিত (বাঁকান) জিহ্বাগ্র মূর্দ্ধা দ্বারা (বক্ত্রবিবরের উপরিভাগ) স্পর্শ করিতে হয়, অর্থাৎ নাভি হইতে প্রযত্নপ্রেরিত বায়ু পরাবর্ত্তিত জিহ্বাগ্র দ্বারা মূর্দ্ধায় লইয়া যাইতে হয় বা মূর্দ্ধায় প্রতিহত করিতে হয় (তৈ ২.৩ ; পা ১.১.৯, সি)। বাঙলায়, ণ-কার ভিন্ন ট-বর্গের উচ্চারণ এইরূপ। বাঙলায় ত-প্রভৃতি বর্ণের পরিবর্ত্তে ট-প্রভৃতি বর্ণের যথাক্রমে প্রয়োগ হয়। টক, টাক, টেকো, টেরচা ; ঠান, ঠাম, ঠাড় ; ডাড়, ডাণ্ডা, ডালিম ; ঢিট, ঢিঢি—ইহার উদাহরণ। এইরূপ, সংস্কৃতে—তট্টীকা, ভিড়ঢি, -নীচৈ ; পালিতে—সণ্ডাস (সন্দংশ), ডাহ, -হক (দাহ, -হক) ; প্রাকৃতে—নট্ট ঠিত ডংড (নৃত্য স্থিত দণ্ড—প্রা.ল ৩.১৬), সিঢিল (শিথিল), ওসঢ নিসঢ দড্ঢ সড্ঢা (ঔষধ নিষধ দগ্ধ শ্রদ্ধা) ; হিন্দীতে—টান টুটা টেকুআ টেড়া (তান ক্রটিত তর্ক তির্য্যক্‌), ঠাম (স্থানে), ডংড ডাঢ় ডোলনা (দণ্ড দংষ্ট্রা দোলন), ঢহনা ঢার ঢীট (ধ্বংসন ধার ধৃষ্ট), সাড়ে, ব্‌ড়া ; মরাঠীতে—টালী টিকা (তালি তিলক), ঠাণ (স্থান), ডংশ ডাহ ডোণ (দংশ দাহ দ্রোণ), ঢীল (শিথিল) ; মৈথিলীতে—টাকু টুট টেঢ় (তর্কু ক্রটি তির্য্যক্‌), ঠাঢ় ঠাম ঠোট (স্থাবর স্থান ত্রোটি), ডব্বু ডাঁড় ডেউঢ়ী (দর্ব্বী দণ্ড দেহলী), ঢীঠ (দৃঢ়)। ট-বর্গ ও ত-বর্গ স্পর্শবর্ণ ; আভ্যন্তর প্রযত্ন ও অভিন্ন করণ হেতু উভয় বর্গের যে অন্তরতমভাব আছে, তাহাই এই বর্ণবিনিময়ের কারণ, বোধ হয়।]

ট২ পুং ১ বামন। ২ চতুর্থাংশ। ৩ জ্যাধ্বনিবৎ শব্দ। তু 'টঙ্কার'।

ট৩ বাঙলায় অনুধ্বনিজাত শব্দের আদিবর্ণ। "দান করা-টরা কা ১১৭। তিনুমামা সব ভুলে-টুলে গেছে, ও শাস্ত্র-টাস্ত্র এখন বুঝবে না, বিশেষতঃ ইংরাজীতে বেদ-টেদের যে সব ট্রান্‌সেলেসন হয়েছে, সে সব ওঁর তত দেখা শুনা নাই অ.গ্র ১০৪। নৈবিদ্দি-টৈবিদ্দি গি.ছি ৬৫ ; চক্রবর্ত্তী ···রাগ-টাগ হ'লে পাঠাত ১০৪ ; একটা শিবের মন্দির-টন্দির দেখে নেওয়া যাবে ১০৮ ; সাক্ষী-টাক্ষী মেনো না ১১২।

টইটুম্বুর বিং ["টই (দ্র 'টুঁই') + অম্বু"—ল (?)] কানায়-কানায় পূর্ণ ; ছাপাছাপি। "জলে পুকুর টইটুম্বুর।

টং১ বি [সং টং—টঙ্কার ; cf., E. twang ; ধ্বন্যাত্মক] ১ কাঁসি-বাদ্যের শব্দ। "(কাঁসি) টং টং টং বাজয়ে শ্রী.ম ১০০। ২ টিকারা-বাদ্যের শব্দ। "টং টং বাজে টিকারা দড় দা ৭৬৩। ৩ বাজাঘড়ির শব্দ। ৪ ['টঙ্ক' (কোপ)—মূল (?)] দৃঢ়, শক্ত, কঠোর, পরুষ। "রাগিয়া টং হওয়া।

টং২, **টঙ্গ**২, **টোং**, **টোঙ্গ** বি ['তুঙ্গ'—মূল : অস 'চাং'—মঞ্চ ; টঙ্গ (ত্রিপুরা)] ১ তুঙ্গ স্থান ; মাচা। "(রুই-মৃঢা) দেখিবারে পাইল বৌচা (বিড়াল) টঙ্গের উপরে।—ক.চ ১৫০। টঙ্গ ভাঙ্গি দেই লাড়া ব.প ১৩২৮। ২ শস্যরক্ষকের ক্ষেত্রমধ্যস্থ মাচা। "(বাদাতে) চারিদিক জলময়—মধ্যে মধ্যে চৌকি দিবার টং।—আ.দু ১৭৫। ৩ পায়রার উচ্চখোপ ; কপোতপালিকা। "পায়রার টোংটা দুদ্দাড় দুদ্দাড় করে নড়ে উঠলো।—হেম ৪০৭।

টংয়স্‌টংয়স্‌ বি ['টঙ্গ'—মূল ; ভাবাত্মক] দুর্ব্বলতা হেতু গমনে ঠেঙে-ঠেঙে (জঙ্ঘায়-জঙ্ঘায়) লাগার ভাব ; নেঙড়াইয়া হাঁটার ভাব। "ঘোড়া দুটো বেটো ঘোড়ার বাবা···টংয়স্‌ টংয়স্‌ ডংয়স ডংয়স করিয়া চলিতেছে আ.দু ২৫।

টক১ বিং [সং তক্র > প্রা তক্ক > বা (টক্ক) °ক ; 'টক' লাগিলে জিহ্বার শব্দ 'টক'] অম্ল (sour)। "টক ডা'ল। —ক বি অম্লব্যঞ্জন, অম্বল। "মাছের টক। [টক কথা—কড়া কথা। টক পালঙ—চুকাপালঙ শাক। ট'কে যাওয়া—টক হওয়া। টকো—টকরসযুক্ত। "টকো দই।]

টক২ বি [ধ্বন্যাত্মক ; ঠ টোকল।] ১ গোরু চালানর সময়ে গাড়োয়ানের জিহ্বার শব্দ। "টক-টক···শালার গরু চলতে পারে না আ.দু ২৫। ২ ঘড়ির দোলকের (pendulum-এর) শব্দ। ৩ মৃদু-কঠোর শব্দ। [°টক, টকাটক—ক্রমাগত 'টক' শব্দ।]

টক৩ বি [ঠ তক্কট—শীঘ্র ; টপ্‌ ক'রে > 'টক্‌' ক'রে > টক্‌ ?] শীঘ্রতা, ত্বরা। "টক ক'রে করা, বলা, লাফান।

টকটক বি [টক২—মূল ; ভাবাত্মক] গাঢ়লাল রঙের উজ্জ্বল ভাব (গাঢ়লাল রঙে চোখ টাটায়, যেন চোখে 'টকটক' করিয়া কঠোর আঘাত করে)। "আলতার রঙ টকটক করে। [রাঙা টকটকে—গাঢ়-লোহিত, খুব লাল। "ম্লেচ্ছমুখ রাঙা °টকে চ.কা ৮৫।]

টকটকে লাল—খুব লাল।

টকভক, টগবগ বি [ধ্বন্যাত্মক] ফুটন্ত জলাদি তরল দ্রব্যের শব্দ। "বৈতরণীর জল ফুটি করএ টকভক শূ ৫৫। কড়ায় টগবগ করিয়া ফুটিতেছে যে গুড়, তাহাতে···খাবি খাওয়াও সহ্য করিতে পারি নী ৮৯। —বগ বি অশ্বাদির খুরাঘাতশব্দ। [টগবগিয়ে—ঘোড়ার পায়ের টগবগ শব্দ করিয়া। "আমি থাচ্ছি রাঙা ঘোড়ার পরে, টগবগিয়ে তোমার

পাশে পাশে।—শিশু ৪১। টগবগিয়ে ফুটা—টগবগ-শব্দে ফুটা। "হু ৮০।]

টকর বি [হি টকোর ; ধ্বন্যাত্মক ; অপ্র] আঘাত, চোট। "ঢালে অঙ্গ ঢাকিল টকর পরিমাণ শ্রী.মা ১৯৩।

টকার পুং [কর্ম্মধা] 'ট'-স্বরূপ বর্ণ ; 'ট'-বর্ণ।

টক্কর বি [ধ্বন্যাত্মক ; হি, ঠ °র] ১ টকশব্দে ইষ্টকাদিতে প্রতিঘাত ; ঠোকর, হোঁচট। "টক্কর খাওয়া, লাগা। ২ বস্তুদ্বয়ের পরস্পর আঘাত বা প্রতিঘাত। "কেহ ঝাড়ে ঝাড়ে টক্কর লাগাইয়া দেয়।—আ.দু ৭৫। ৩ প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা। "বিলিতি কোম্পানির সঙ্গে টক্কর দিয়ে ...স্বদেশী কোম্পানি উঠল ঘ ১২। [টক্কর দেওয়া (হি °র মারনা)—প্রতিযোগিতা করা।]

টক্করাটক্করি, টক্রাটক্রি বি [°র-আ+°র-ই] পরস্পর প্রতিদ্বন্দ্বিতা, আড়াআড়ি। "এতে টক্করাটক্করিও বিলক্ষণ চলেছিলো হু ৩৩। টক্রাটক্রি ব.প ১৮০৯।

টগর বি [সং তগর >প্রা °র] পুষ্পবৃক্ষবিশেষ (Tabernamontana coronaria) ও তাহার ফুল।

টগরা, -রে বিং [হি °রা—টেরা] পাকা, জেঠা। "টগরে ছোড়া ব'লে বেড়ায়—দাদা কুসঙ্গ ছাড়লে বড় সুখের বিষয় হবে আ.দু ৯০। —রা বিং যে শিশু টকটক করিয়া স্পষ্ট কথা বলে।

টঙ্ক[1] পুং, ক্লী [√টঙ্ক্ বন্ধন+অ (ঘঞ্, অচ্)—ত.বা ; 'টংক'—অসি জঙ্ঘা খনিত্র ভিত্তি তট (দেশী ৪.৪) ; ধ্বন্যাত্মক (?)] ১ পাষাণ-ভেদন অস্ত্র। "রঘু ১২.৮। মু ১২০। ২ পরশু, টাঙি। ৩ খনিত্র। ৪ খড়্গ। ৫ খড়্গকোষ। ৬ পর্ব্বতের উন্নত প্রদেশ (জয়মঙ্গল) ; টঙ্কাকৃতি শৃঙ্গ (A.)। "হিমাদ্রি° ভট্টি ১.৮। ৭ ঠ্যাঙ। ৮ নীলকপিত্থ। ৯ মুদ্রা, টাকা ইত্যাদি। ১০ (বৈদ্যকে) চারি মাষা পরিমাণ। ১১ সোহাগা। ১২ গর্ব্ব। ১৩ ক্রোধ। ১৪ ছেদ। "ভট্টি ১৩.৪০। ১৫ বিবর (A.)। —ঙ্ক ক্লী কপিত্থফল। —ঙ্কা স্ত্রী জঙ্ঘা। [টঙ্কপতি, -শালা—সর্থ 'টঙ্ককপতি, -শালা'। টঙ্কবিদ্যা (স্ত্রী)—মুদ্রাজ্ঞান-শাস্ত্র।]

টঙ্ক[2] বিং [টঙ্ক[1]—মূল (?)] ১ শক্ত। বিপ 'নরম'। ২ অপক্ক, কাঁচা (ফল)। ৩ স্থায়ী, মজবুত। ৪ কষ্টসহিষ্ণু, শক্ত। ৫ পরিপক্ক, ঝানু। "ঠকচাচা হেলবার দোলবার পাত্র নয়—মামলায় বড় টঙ্ক আ.দু ৫১।

টঙ্কক পুং [টঙ্ক[1]+ক (কন্)-স্বার্থে] মুদ্রা, টাকা ইত্যাদি। [°পতি (পুং)—টাকশালের অধ্যক্ষ। °শালা (স্ত্রী)—টাকশাল।]

টঙ্কণ, -ন পুং ১ দেশবিশেষ (বৃহৎসংহিতা) ; তদ্দেশবাসিগণ (A.)। ২ অশ্ববিশেষ, টাঙ্গন ঘোড়া। —ণ, -ন ক্লী [√টঙ্ক্+অন (ল্যুট্)-ণ ; পৃষো] ১ 'বন্ধনসাধন', সোহাগা। ২ [+অন-ভা] ধাতুযোজনবিশেষ, পা'ন দিয়া ঝালা। ৩ বন্ধন, টাঁকা (A.)। °ক্ষার (পুং)—টঙ্কণ, সোহাগা।]

টঙ্কার[1] পুং [টম্ কার, কর্ম্মধা ; cf., E. twang] ১ 'টম্' এই শব্দ ; ধনুর্গুণশব্দ, জ্যাধ্বনি। "ধনুকে টঙ্কার কৃ.উ ২৫৩। ক.চ ১০৩। ২ ধ্বনি। "শৃগালোলূক° ভ ৩.১৭.৯। আটোপ° চৈ.ভা ৭২। ভা.চ ৪৩০। টাঙ্গীর °রে বা.দ ৭৮। ৩ বিস্ময়হেতুক শব্দ (ত.বা) ; বিস্ময় (মেদিনী)। ৪ প্রসিদ্ধি। ৫ (অপ্র) আঘাত। "তালে টঙ্কার দিল মৃদঙ্গেতে ঘাত বি.পা ৩৪৩,-৯। [টঙ্কার পড়া—টনক নড়া। "মাথায় টঙ্কার পড়ে বিষ হারাইয়া বা.ম ৩০৭।]

টঙ্কার[2] সর্ম্ম [°র[1] >°র ; হি √টংকার] ১ ধনুর্গুণ টানিয়া ধ্বনিত করা। "ধনু টঙ্কারিল অ.প ১৭। গুন টঙ্কারিয়া গো.চ ৩২৫। শিঞ্জিনী টঙ্কারি মে ৬৩ ; কুসুম-ধনুঃ টঙ্কারি ৬৫। ২ (অপ্র) টঙ্ক অর্থাৎ ট্যাকা টং করিয়া বাজান বা ঝুনান। "(টাকা) টঙ্কারিয়া হাতে নিতে মুখ করে বাঁকা বি.সু ৩৬।

টঙ্কারণ বি [°র[2]+অন] টঙ্কারকরণ, গুণাকর্ষণ। "ভাঙ্গিল ধনুক সব গুণ-টঙ্কারণে ম ২১১।

টঙ্কারী (-রিন্) বিণ [°র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -রিণী] টঙ্কারযুক্ত, টঙ্কারকারী। "টঙ্কারিচাপ (A.)।

টঙ্কিনী বি টঙ্কধারিণী, অসিধারিণী কালী। "ভা.চ ৪৩০।

টঙ্গ[1] পুং, ক্লী [টঙ্ক[1] >°ঙ্গ, পৃষো] ১ পরশুবিশেষ। "টঙ্গ টাঙ্গি হানে ক.চ ১০৩ ; ২৫৪,-৮। ২ খনিত্র। ৩ জঙ্ঘা, ঠ্যাঙ। —ঙ্গ পুং ১ টঙ্কন, সোহাগা। ২ চার মাষা পরিমাণ।—ঙ্গা স্ত্রী জঙ্ঘা।

টঙ্গ[2] দ্র 'টং[2]'।

টঙ্গি, ঙ্গী বি ১ জলের মধ্যস্থ উচ্চ বিলাসগৃহ ; জলটুঙ্গি। "সাগরের মাঝে আছে টঙ্গি মী ২। ২ উচ্চ বিলাস-ভবন ; শয়নমন্দির। "পাশা খেলিতেছিল টঙ্গীর উপরে মী ৬ ; লাল টঙ্গী ৭। টঙ্গি গো.বি ১২,-৩। টঙ্গির উপরে গো.চ ৩২৭। ৩ প্রাসাদচূড়াস্থ গৃহ ; বলভী। "টঙ্গী হইতে মন্থরা নাম্বিলা কৃ.অ ৫। করে টঙ্গীতে গমন বা.ম ১০২। টঙ্গি ঘরে গিয়া কৈল রন্ধন ভোজন বি.পা ২৪২]

টঙ্গণ, -ন পুং, ক্লী [টঙ্কণ, -ন >°ণ, °ন, পৃষো] টঙ্কণ, সোহাগা।

টঙটঙ [ধ্বন্যাত্মক ; হি টনটন ; ঠ টণটণ] ঘণ্টাধ্বনি।

টট্টরী স্ত্রী [ধ্বন্যাত্মক] পটহবাদ্য।

টট্টরে বিং [ত্বর-ত্বর >টট্টর+এ[৭]] যে শিশু অবাধে স্পষ্ট কথা বলে। "টট্টরে ছেলে।

টট্টুর পুং ভেরীশব্দ।

টণ্ডু বিং [তণ্ডা >টণ্ডা >°ণ্ডু ; তু 'হি টংটা' ; অপ্র] কলহপ্রিয়। "কৃষ্ণবাক্যে ছল ধরি ঝকড়িতে টণ্ডু ভ.গ্র ১৫৫।

টন[1] বি [টোন >°ন ; অপ্র] তূণ। "বাণ পূরিঞা লইল টনে কৃ.উ ৫৫ ; দুই টন পূরিঞা দিল...বাণ ৬১।

টন[2] বি [E. ton] ওজনবিশেষ, কুড়ি হন্দর, প্রায় ২৭ মণ।

টনক[1] '-ক্' ভক্তের স্মরণে দেবতার কপালের যে শিরা টনটন করে। "মরতে স্মরণ করে সাধুর বালক। কৈলাসেতে ভগবতীর কপালে টনক॥ —ক.চ ২৫১ ; টনক পড়ে ২৫৬। চ.বি ১৭৭। টনক নড়ে ভা.চ ২০৭। [টনক নড়া, পড়া—টনক টনটন করা।]

টনক[2] '-নকো' বিং [টঙ্ক[1] >°ক] নিপুণ। "বিবাদে °ক ম.ম ১৭৪।

টনটন[1] বি [ধ্বন্যাত্মক : হি °ন] ঘণ্টাধ্বনি। "গজঘণ্টা টনটন ঘন ঘন বাজে দু ১৮।

টনটন[2] বি ১ টানটান (অতিবিস্তার) হেতু যন্ত্রণাবোধ। "ফোড়া, ভরা পেট, রগ টনটন করে। ২ টানের জন্য পীড়াবোধ। "টিকি ধরে টানে টনটন করে শির বি.সু ১৩২। টনটন করে পিঠের বাতটা কা ১১২। ৩ বেদনাজন্য পীড়াবোধ। "রাম।—বেদনাটা সেরেচে? রাজীব।—না, আজো টনটন কচ্চে।—বি.বু ২৯। [টনটনে (°ন+এ[৭])— ১ আধেয়ের আধিক্যে টানটান বা অতিস্ফীত (আধার)। "দুধে গাই-এর পালান টনটনে হয়। ভূরিভোজনে পেট টনটনে হয়। ২ সম্পূর্ণ, অবিকৃত, বিশুদ্ধ, নিখুঁত। "দেবেন্দ্র দেবীর আরাধনা করিতেছিলেন, কিন্তু আজ সরু কাটিতেছিলেন। জ্ঞান টনটনে।—ব.বি ৩৫। ঈশপের গল্পে মোরগ মহামূল্য মণি...ঠোকর মারিয়া ফেলিয়া দিয়াছিল ও টনটনে কাণ্ডজ্ঞানের পরিচয় দিয়াছি ভাবিয়া উচ্চরবে দিঙ্মণ্ডল মুখরিত করিয়াছিল।—পা.ঝো ১৪৩।]

টনটান বি [ধ্বন্যাত্মক] অস্ত্রের শব্দ। "টাঙ্গি টনটান।—শ্রী ১৪২,-৩৬; ২২৫।

টনাৎ বি ['টন্-ইতি' মূল ; ধ্বন্যাত্মক] টাকার শব্দ। "নিমন্ত্রিতেরা... টনাৎ করে অ্যাকটা টাকা ফেলে দিয়ে প্রণাম কল্লে হু ১৯২।

টনিক্ বি [E. tonic] বলকর ঔষধ।

টপ[1] বি [হি 'টপ'—টপ সে ; ঠ 'টপ'—টপ কর] ১ শীঘ্রতা, ত্বরা। "টপ ক'রে করা, খাওয়া, বলা, যাওয়া। ২ [হি 'টপ, টপ্‌পা'—লাফ] লাফ দেওয়ার ভাব। "টপ ক'রে লাফান।

টপ[2], **-ব** [E. tub] মাটি কাঠ বা ধাতুর চওড়া-মুখ পাত্রবিশেষ। "তুলসিগাছের টব।—শিশু ৪৪।

টপকা সর্ম্ম [হি টপ (লাফ) > °কা] উল্লঙ্ঘন করা ; লাফাইয়া পার হওয়া ; ডিঙান। "মতিলাল প্রথম প্রথম প্রাচীর টপকিয়া (টপকাইয়া) বাহিরে যাইতে লাগিল আ.দু ৬৪। পাঁচীল টপকালেই বা কি করে? —গি.দ্বি ১১৪। [টপকান—উল্লঙ্ঘন। টপকে—টপকায়। "টপাটপ টপকে টাঙ্গন।—রঙ্গ ৪২।]

টপটপ বি [ধ্বন্যাত্মক ; হি 'টপ'—টপটপ] ১ জলাদির বিন্দুপাতের শব্দ। "তাঁর চোখ দিয়ে টপটপ ক'রে জল পড়তে লাগল ঘ ৭৪। ২ সর্থ 'টপাটপ (ক্রি-বিং)।

টপাটপ বি [ধ্বন্যাত্মক] অশ্বের খুরের শব্দ। "টপাটপ টপকে টাঙ্গন। —রঙ্গ ৪২। বিলাতী জুড়ি···টপাটপ টপাটপ শব্দে···বেরিয়ে গ্যাল হু ২০৬। —টপ ক্রি.বিং [টপ[1] > °প] অতিশীঘ্র। "(কালসাপ) টপাটপ অমনি করে গ্রাস।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। বাঁশের চমৎকার সিঁড়ি হয়েছে, টপাটপ উঠবে আর নাববে অ.গ্র ৩৬।

টপ্‌পা বি [হি, ঠ °প্পা] সংক্ষিপ্ততর গানবিশেষ। "টপ্পা গাবে শরি মিয়ার দা ১৯৭৯। হেম ৩৭৭। [টপা হিন্দী শব্দ, আদি অর্থ লম্ফ, তাহা হইতে রূঢ়ার্থ সংক্ষেপ ; এই সংক্ষেপার্থে ইহা গানে ব্যবহার হইতেছে, অর্থাৎ ধ্রুপদ ও খেয়াল অপেক্ষা যে গান সংক্ষেপতর, তাহার নাম টপ্পা। ···অস্মদ্দেশীয় অনেক লোকের এইরূপ সংস্কার যে, আদিরসবিষয়ক গানকেই টপ্পা বলে। কিন্তু সেটী ভ্রম ; গানের এক পৃথক্ রীতির নাম টপ্পা, ইহাতে সকলপ্রকার গানই হয়। ফলতঃ, উহার গতি দ্রুত ও প্রকৃতি হালকাবশতঃ উহা ঈশ্বরবিষয়ক গানের উপযোগী নহে।···উহা হাস্য আনন্দ প্রণয় তামাসা উল্লাস প্রভৃতি লঘুভাবউদ্দীপন-বিষয়ে সম্যক্ উপযোগী।···অতএব টপ্পার সুর শুনিলে,···ভক্তির ভাব কখনই উদ্দীপিত হইতে পারে না (গী.সা)।] [°বাজ—রসিক, ইয়ার। "এক্ষণে···গ্রামে গ্রামে তেড়িকাটা টপ্পাবাজ···মাষ্টারবাবুরা বিরাজ করিতেছেন ব.দ্বি ১০। °বাজি—রসিকতা, লম্পটতা। "কীর্ত্তনের তো মাথামুণ্ডও কিছু বুঝতে পারি না, 'প্রাণনাথ হে, প্রাণনাথ হে' ও তো টপ্পাবাজি গি.দ্বি ৭৩। টপ্পা মারা (হি টপ্পা দেনা)—নেচে-কুঁদে ইয়ারকি দিয়ে বেড়ান। "প্রমদার স্বামী···শ্যালদিগের স্কন্ধে ভোগ করত···টপ্পা মারিতে আরম্ভ করিলেন আ.দু ২১২।]

টবর্গ পুং [ষ.ত] টকারাদি পঞ্চবর্ণ। "টবর্গীয়।

ট-বাজার বি [ফা তাহ্-ই-বাজ়ার্] বাজারের জায়গা।

টমক বি [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "ব.প ৪১৮। দু ১৩। শ্রী ১১৬,-৬৪,-৯০। ভা.চ ৪৩০।

টমটম বি [E. tandem] এক ঘোড়ার দ্বিচক্র বগিগাড়ী।

টমটমী বি [ধ্বন্যাত্মক] শিশুর বাদ্যবিশেষ। "দা ২০৫৮।

টয়া, -য়ে, টৈয়া, টোয়ে বি ['টুঁই'—মূল (?)] ১ পাগড়ি বা টুপীর উপরিস্থ পক্ষাদিরচিত চূড়া বা শিখা। "মাথায় শোভিত টয়া সোণার পাগড়ী ব.প ৪১৩। পাগড়ি টেড়ি টৈয়া বান্ধা তায় শ্রী ১৭৮ ; সোনার টোপ টয়ে বান্ধা তায় ১৯০। ২ ঢাকের পক্ষাদিকৃত চূড়া। "ঢাকের শোভা টোয়ে দা ১৮৬৬। ঢাকীরা ঢাকের টোয়েতে চামর পাখির পালক বেঁধে···সন্ন্যাসী সংগ্রহ কচ্চে হু ২। [টয়ে-বাঁধা—যে ছাতার অভাবে মাথায় শিখার আকারে উড়ানি বেঁধে বেড়ায় ; অতি-দরিদ্র। "কত বেটা···টয়ে-বাঁধা···কারবারের হেপায় আণ্ডিল হইয়া গেল আ.দু ১৪০]

টর বিং [হি টর—মাতাল ; ঠ টর—উপহাস্য দশা ; তু 'সং √টল্ ; হি, ঠ, গু √টল ; সি √টর] নেশায় টলিত (স্খলিতপদ), মাতাল। "মদ খেয়ে টর হওয়া।

টরক অর্ম্ম [সং √ত্বর্ ; হি √টরক ; অপ্র] দ্রুত যাওয়া। "টরকিয়া যায়া ময়নামতী গরদানত ধরিল গো.চ ৩৫।

টরটর অর্ম্ম [সং √ত্বর্ > প্রা √তর > বা √টর (দ্বিত্ব)] সত্বর বা দ্রুত যাওয়া। "ভোরবেলা দেখি ডাকছে, আমি আর সাড়া দিলুম না ; এই টরটরিয়ে একেবারে সিঁড়িতে গি.দ্বি ১০৫।

টরম বি [E. term] বন্ধের পরে আদালত খোলার সময়। "টাকার জোটপাট কিছুই হয় নাই, অথচ টরম খোলবার আগে টাকা দাখিল না করিলে কর্ম্ম বন্ধ হয় আ.দু ৫৪।

টল্ অক [ভ্বা, প—টলতি ; সেট্] ১ বৈকল্য, ব্যাকুলতা ; বিক্লব, বিহ্বলীভাব (ক.ক)। ২ বিপ্লব, টলা (ত.বা)।

টল[1] অর্ম্ম [সং √টল্ ; হি √টল ; ঠ, গু, প √টল ; সি √টর ; ড় √টল.] ১ বিচলিত হওয়া ; অধীর হওয়া ; টলা। "দেখিয়া মুনির মন টলে গো.বি ২৫। মুনিমন টলে শ্রী.কী ৩৪। ভা.চ ২৭৮। টলিল কুরঙ্গ-চিত।—স.শ ২২। ২ স্থানভ্রষ্ট বা স্খলিত হওয়া। "মহেশের বিন্দু টলে ক.চ ২৮। মহেশের বীর্য্য টলে ম.ভা ৮১। উছট লাগিয়া পদ টলে ভা.চ ২০৭। ৩ কম্পিত হওয়া ; নড়া। "ভবানীর টলিল আসন ক.চ ২৫৬। শ্রী.মা ৩১ ; ১৬৯। অটল অচল টলে ভা.চ ৬৩। টলিল কনক-লঙ্কা মে ৮৫। ৪ সঙ্কল্পচ্যুত হওয়া। "আমার বচনে তোমার না টলিল মন।—চৈ.চ ১৬৯। ৫ বিহ্বল হওয়া। "মন্দার মেরু জার তেজে টলে কৃ.উ ১৮৮। ৬ চলিত হওয়া ; দুলা, হেলা। "মাতাল বাবু···প্রেমানন্দ বাবাজীর ভুঁড়ির উপর টলে পড়লেন।—হু ২২০। ৭ অন্যথা হওয়া (কথা)। ৮ পশ্চাৎপদ বা বিরত হওয়া। "কণ্টক বাটে কাতিহুঁ নাহি টলই গো ১৩০। ৯ শিথিল হওয়া। "টলিল সকল দেহা হৈয়া গেল বুড়া মী ২৩। —লা সর্ম্ম [°ল+আ[৮]] বিচলিত করা ইত্যাদি। "যদি কোনমতে তারে বারেক টলাতে পার।—ন ৫০৭। [টলা—সর্থ 'টল[1]'। টলান—সর্থ 'টলা'।]

টল[2], **টাল**[3] পুং, **টলন** ক্লী [√টল্+অ (অপ্, ঘঞ্),+অন (ল্যুট্). -ভা] বিক্লব, বিহ্বলীভাব (ক.ক)।

টলটল বিং [√টল্ > টল° (দ্বিত্ব)] ১ চঞ্চল, তরঙ্গিত। "তোর যে হৃদয়-জল, সর্ব্বদাই টলটল ন ৯৬৩। ২ কম্পমান। "অবনী টলটল শ্রী ১৬৬। টলটল ধরণী ব.প ১৫৩১। নীর টলটল।—বা.দ ৯৭। ৩ বিহ্বল, বিক্ষিপ্ত। "রসে···মন টলটল ভা.চ ৩০৫। —টল ক্রি.বিং ১ ইতস্ততঃ সঞ্চলিতভাবে। "টলটল মুকুতা-কুণ্ডল কাণে দোলে ব.প ১৪৮৬। ২ অত্যন্ত অধীরভাবে। "টলটল কাঁপে দেহ টাঙ্গী মারে গলে বি.সু ১৩২। —টল বি ১ চঞ্চলভাব ; কম্পন। "টলটল করে জল মন্দ মন্দ বায় ভা.চ ২৭৪। জীবন-কমল, করে টলটল, চারু দেহ-সরোবরে স.শ ১১। ২ চঞ্চলতা, উড়ু-উড়ু-ভাব। "টলটল করে প্রাণ টিকে নাই আর শ্রী.মা ১৬৬। ৩ পরিপূর্ণতাজন্য উচ্ছলিতভাব। "বিমলার···রসে মন টলটল করিতেছে।—ব.প্র ২০। ৪ অশান্ত ভাব। "টলটল করে মন।—ক.চ ২৫২। ৫ টলনের বা দোলনের ভাব। "নৌকা টলটল করিয়া ডুবুডুবু হইল আ.দু ৫৪। [টলটলটলে—অত্যন্ত টলিতভাবে। "°টলে টলিল কনকলঙ্কা (মে)। টলটলায়মান—দোলায়মান, কম্পমান। °ঢলঢল—অতি চঞ্চল-উচ্ছল। "°ঢল···তরল তরঙ্গে (গঙ্গে) ভা.চ ৪৫২। জল °ঢল।—রঙ্গ ২৯। টলটলে—যাহা টলটল করে ; তরল।]

টলটুল বিং [°টল > °ল, দ্বিঃ শুভোব্যঞ্জক] অতিক্ষুব্ধ, সমুচ্ছলিত। "°কলকল-তরঙ্গা (গঙ্গা) ভা.চ ৪২।

টলবল বিং [টলমল <°ল; অপ্র] ১ চঞ্চল, কম্পমান। "টলবল রসাতল টিকে নাই গোউড় শ্রী.মা ১৭৮। ক্ষিতি টলবল ক.চ ৯৪। জ ৩। ২ শিথিল, অবসন্ন। "অনাহারে অঙ্গ টলবল ব.প ২৯৫। —বল বি ১ চঞ্চলতা, কম্পিতভাব, স্পন্দন। "টলবল করে যেন পদ্ম-পত্রের বারি শ্রী.মা ১৫৮। পৃথিবী করে টলবল কৃ.উ ৫৮; ইন্দ্রের সিংহাসন করে টলবল ৬৪। টলবল করে পদ্মপত্রে যেন জল।—ব.প ৩৮৪; টলবল করয়ে আসন ৫৮৬। ২ বিহ্বলভাব, অধীরতা। "টলবল করে সব গোরামুখ দেখি চৈ.ম ৯৯; বলরাম-প্রেমে সভে করে টলবল ১২৩। ৩ টলনের ভাব; দোলাভাব। "(ভরে) নৌকা টলবল করে শ্রী.ম ৬৭।

টলমল বিং [টল+'মল' (অনু.শব্দ)] ১ স্খলিত, শিথিল। "টলমল চরণ ব ১৭৭। ২ উচ্ছলিত, পরিপূর্ণ। "যৌবন মোর টলমল রসে বা.ম ২৭৭। শিশিরেতে টলমল…ফুল চ.কা ২৩। ৩ ভরপুর, সুরঞ্জিত। "তাম্বুলের বাটা দেখ রঙ্গে টলমল বা.ম ২০৯। ৪ শিথিল, অবসন্ন। "উদরে নাহিক অন্ন টলমল তনু ব.প ১১৯৬। রোমাঞ্চিত কলেবর, টলমল থরথর সা.ম ১০। ৫ প্রয়াণোন্মুখ। "টলমল জীবন রহ কিয়ে যাব গো ২৪৭। ৬ চঞ্চল। "জানিতেহো রায়ের মন হৈল টলমল চৈ.চ ১১৬। —মল বি ১ চঞ্চলভাব, অস্থিরতা। "কচু পাতার পানি জেন করে টলমল গো.চ ৩১৫। পদ্মপত্রের জল যেমন করে টলমল মী ৩০। চ.বি ২৩৫। (আমরা) ভবের পদ্মপত্রে জল, করচি টলমল।—গান ১২৬। ২ পরিপূর্ণতাজন্য উচ্ছলভাব। "ভাদ্রমাসে গঙ্গা যেন করে টলমল।—কৃ ৪৭৫। টলমল করে সবের নয়নের পানী ম.ম ১০৯। ওষ্ঠাধর…রসে টলমল করিত ব.প্র ১৭। ৩ কম্পমানভাব। "পদভরে টলমল করয়ে ধরণী ক.চ ১৫; ৫২। ভূতল টলমল।—ভা.চ ৪৫৮। ৪ বিহ্বলতাজন্য বা দুর্ব্বলতাজন্য অবসন্নভাব। "বলদ দুর্ব্বল, করে টলমল ক.চ ৩১। গদগদভাষ মুনি করে টলমল।—চৈ.ম ১০। ৫ দোলায়মান ভাব। "তরী টলমল করে ব.প ৯১৯। টলমল করিয়া অস্থির কৈল নৌকা ম.পা ১১০। ৬ প্রয়াণোন্মুখভাব। "টলমল করে প্রাণী ম.পা ১৪৭। চ.বি ৩৪। ৭ চলিত ভাসমানভাব। "দুহুত ভাসিল জলে করম্ভি টলমল শূ ৬। ৮ স্পন্দন। "একটি পল্লব নাহি করে টলমল ন ৪৯৫। [°কারী—স্পন্দনকারক, শৈথিল্যকর। "(নয়ন-কঞ্জ) যুবতিক কুল টলমলকারী জ.প ১৫।]

টলাটল বিং [টলটল >°ল] কম্পিত। "অবনী টলাটল ব.প ৪৪৫।

টসকা অর্ম্ম [হি √টস—ফাটা, মচকান] ভাঙ্গা, ফাটা, নষ্ট হওয়া, ক্ষয়-প্রাপ্ত হওয়া (জিনিস, শরীর)। [টসকান—সর্থ 'টসকা'।]

টসকানা বি [হি °'না'—নড়ান] পাগড়ি বা টোপরের সঙ্কলিত শিখা বা চূড়া। "টোপরিয়া ভাগ লড়ে উড়ে টসকানা শ্রী.ম ১৬৯; তাহে (পাগে) উড়ে টসকানা ২০১।

টসটস ক্রি.বিং [টোসা-টোসা >°স] ১ বিন্দুবিন্দু-রূপে, ফোটা-ফোটায়। "টসটস পড়ে রক্ত শ্রী ১৫; ১১৫; ২২৭,-৩০। ২ [টসুআ—অশ্রু (পঞ্জাবী)] অশ্রুর বিন্দুবিন্দু-রূপ। "চক্ষে জল টসটস পড়ে রা.স ৯। —টস বি ১ বিন্দুবিন্দু, ফোটা-ফোটা। "টসটস করে চকের জল ফেললেন লী ৪১। ২ বিন্দুবিন্দু-রূপে পড়ার ভাব; রসে পরিপূর্ণভাব। "মজা কলা ভাজা তৈলে ঘৃতে টসটস শ্রী ১৭৫। (তুমি) স্বভাবের রসে দিব্যি টসটস করচ ঘ ৫৯। ৩ [ঠ 'টসটস'—ফোড়া ইত্যাদির দপ-দপানি] ফোড়া ইত্যাদির রসপূর্ণতাজন্য বেদনাবোধ। "দাঁতের গোড়া ফুলিলে টসটস করে। [°টসানি—টসটস করা। °টসে—রসে পূর্ণ।]

টহল বি [হি টহল] ১ সেবা, খিজমত। "ভক্তগণের টহল করি ভ.গ্র ২১১; টহলেতে আজ্ঞাবহ ২৪৯। ২ সাহায্য। "টহল করিলা প্যারী তোমায় রন্ধনে ভ.গ্র ৩১৭। ৩ অশ্বপাল, সইস। "টহলে ফিরায় কত অশ্ব বা.দ ১৮৮। —লিয়া বি [হি °লুআ] টহলকারক, চাকর। "এক স্ত্রী মাত্র ঘরে টহলিয়া নাঞি: টহলিয়া হই মুঞি ভক্ত-টহলিয়া ভ.গ্র ২১১। [টহল-টুকরা (হি টহল টকোর; 'টল-টুকরা'—কথ্য-ভাষা)—সেবা-শুশ্রূষা; ছোট-খাট (কাজ)। টহলদার—যে বাড়ী বাড়ী ঘুরিয়া গান করিয়া জীবিকার্জ্জন করে। "টহলদারদিগের প্রবেশ গি.দ্বি ১১৫। টহলান—ঘুরান, বারংবার ফিরান, টলান।]

টা [ফা তহ্ (fold) >বা (তা) টা; হি 'ঠৌ'—একঠো; মৈ 'টা' —ছৌটা] ১ খণ্ড; টুকরা। "একটা কাগজ, দুটা পাতা। ২ সংখ্যার পরে তৎসংখ্যাসূচক। "ছিল…পাঁচটা সাতটা গাড়ী প.কা ২৩। এক-টার সময়ে হু ৮২। ৩ বস্তু ব্যক্তি বা বিষয়বাচক শব্দের পরে বিশেষ-ভাবে তন্নির্দ্দেশক। "গোবিন্দে সুন্দর দেখি চেয়ে রৈল কেটা ভা.চ ৮০; তেজঃপুঞ্জ…সন্ন্যাসী দেখি এটা ৩৫১। এই মেয়েটাকে, শিখিয়ে দে। —কা ১০৮। যা-কিছু ঢেঁকিটা কুলোটা গরুটা বাছুরটা ঘরে আছে অ.গ্র ৩৪। এ পিরীতের ব্যাপারটা কি বলতে পারিস?—গি.দ্বি ১০৩। ৪ অনাদরে। স্বামীটা বিদেশী মোর: স্বামীটা জীয়স্তে মরা: স্বামীটা দুঃশীলে। "শ্রী ৯২। ওটা বড় ঠেঁটা: এই বটে সেটা ভা.চ ৮০। ৫ মাত্র, ই (অবধারণে)। "তাহারি একটা ছোট বাচ্চার, পিছনেতে ছিল দাসী চার চার কা ১০৯। চিরকালটা জুয়াচুরি মতলবে কেন ফিরিলাম আ.দু ১৬৮। ৬ বিস্ময়। "বাপ এটা এল কেহ কৃ ২৪৯; চারিমুণ্ড অষ্টটা লোচন ৩২২। সূর্য্যসম তিনটা লোচন ক.চ ১৫। (কুজার) আট্টা বেঁক দা ৫১৪। ৭ স্পর্দ্ধা। "ভাগ্যে দ্বারিকানাথ ঠাকুর ছিলেন, …তা না হলে পরাণবাবু টেরটা পেতেন হু ৮১। ৮ সবিশেষ নির্দ্দেশ। "এতটা দুধ নষ্ট হয়ে গেল! যতটা ভাবছ, ততটা নয়। ৯ প্রত্যেক, এক-এক। "কাহনেতে চারি পণ, টাকাটায় সিকার স্বীকার ভা.চ ২৮৪। [টায়-টায়, টায়-টোয়—১ এক এক করিয়া গণনায়; কেবল সংখ্যানুসারে। "টায় টায় বজায় থাকা। ২ সংখ্যায় বা পরিমাণে ঠিক আবশ্যকমত। ৩ এটা-সেটায় অর্থাৎ কষ্টে-সৃষ্টে। "°য় সংসার-খরচ চালান।]

টাই-টাই [ত্রাহি ত্রাহি >°ই] রক্ষা কর, রক্ষা কর; বাঁচাও-বাঁচাও; (গৌণার্থে) যাই-যাই ভাব। "তেষ্টায় প্রাণ টাই-টাই করে।

টাইপ্ বি। [E. type] ছাপিবার অক্ষর। "পাইকা টাইপ।

টাইম্ বি [E. time] সময়, সময়বিশেষ। "°টেবল্, °পিস্। [টাইম্ রাখা—ঠিক সময় নির্দ্দেশ করা।]

টাইল, টালি বি [E. tile] পাতলা চওড়া ইট; খোলা।

টাউটার্ বি [E. touter] যে অন্যের মোকদ্দমার তদ্বির করিয়া জীবিকানির্ব্বাহ করে। [টাউটারী—টাউটারের কাজ।]

টাউনহল বি [E. town-hall] কোন বিষয়ের প্রচারার্থ সহরে সাধারণের সমিতিগৃহ। "হেম ৩৮৬।

টাক[1] বি [সং তর্ক >প্রা তক্ক, *তংক >বা (টংক) °ক; হি টাংক] ১ অনুমান, আন্দাজ। ২ লক্ষ্য, লোলুপ দৃষ্টি।

টাঁক[2], **টাক**[3] সর্ম্ম [সং √তর্ক্ >প্রা √তক্ক, √*তংক >বা(√টংক) °ক; হি √আঁক; ড় √টাক] ১ অনুমান করা; আন্দাজ করা; মনে করা। "মরণ টাকিলি বেটা ভা.চ ২১১। যজমেনে বামুনেরা আদ্যশ্রাদ্ধ…টাকতে লাগলেন হু ২৩; ফলারেরা…(বিদেয়) টেঁকে বসে আছেন ৪৫। ২ [হি √টাক] লেখা টুকিয়া রাখা। "অপ্রমাণ যত কথা গায় জোরে টেকেছে ব.প ১৪৩৯। ৩ [সং √তক্ষ; হিং √টাক] সিলাই করা; সিঁয়াইয়া জোড়া; যুক্ত করা। "বোতাম টাঁকা। [টাকা—সর্থ 'টাঁক২'। গুঁড়া টাঁকা—কুলায় বা চালনীতে চূর্ণাংশ ঝাড়া বা চালা।]

টাঁকশাল, -সাল বি [সং টঙ্কশালা ; হি টকসাল] মুদ্রা প্রস্তুত করার স্থান (mint)। "°সাল ভ.গ্র ৪।

টাঁগ বি [সং টঙ্ক > প্রা টংক > বা টাক, -গ ; হি, মৈ °গ ; ঠ টাংগ] জঙ্ঘা। "কেশের আগ, চুম্বয়ে টাঁগ (পাঠান্তর 'টাগ') চ.দা ২১। [চুম্বয়ে টাগ (প.ক)—চক্রাকার নিতম্ব ; নিতম্ব-চক্র।]

টাক[১] বি [ত্বক্ > °ক (?) ; ঠ টক্কল—baldness] মস্তকের কেশহীনতা ; ইন্দ্রলুপ্ত। [টাক-পড়া, টেকো[১]—খলতি (bald)।]

টাক[২] বিং [তক > °ক] ১ তৎপর্য্যন্ত, তদবধি, প্রায় তৎপরিমাণ বা তৎসংখ্যক। "কাহন°, পোন°, সের°। বুড়াই দণ্ডটাক…জলে শ্রী.ম ১০২ ; মুহূর্ত্ত° ১০৮। রেকটাক চালু ১৩৯। ঝুড়িটাক কর্কটমাটি শি ৭৬ ; বেলা দণ্ডটাক ৭৮। ২ [তাক[২] > °ক] সর্থ 'তাক[২]। "হাঁড়ি°।

টাক[৩] সর্ম্ম [দ্র 'টাঁক[২]] মনে করা, ভাবা, নির্ভর করা। "টাকিয়া কপাল তোর থাক পরের ঘরে ম.ম ৭১।

টাক[৪] দ্র 'টাঁক[২]।

টাকনা বি [চাক > চাকনা > °না (?)] অন্য ব্যঞ্জনের সঙ্গে চাটনির মত অল্প করিয়া খাওয়ার ব্যঞ্জন।

টাকরা বি [সং তালুক ; ঠ টালু.] তালু। "আলটাকরা।

টাকা বি [সং টঙ্ক ; হি, প, ঠ, মৈ টকা ; ড় টঙ্কা ; তু 'ফা তনখ্.রাহ্—বেতন] ১ রৌপ্যমুদ্রাবিশেষ। "গো.চ ৬। ষটী টাকা দিয়াছিলে সবগুলি খোঁটা ভা.চ ২৮৫। ২ ধন। [°কড়ি, °টুকি—অর্থমাত্র, ধন। টাকাটা সিকেটা—যৎকিঞ্চিৎ অর্থ। "টাকাটা সিকেটা (যা পাই সে ভাল) কা ৯০। টাকা করা—অর্থসঞ্চয় করা। টাকার ভাঙানী—টাকার বিনিময়ে আধুলি সিকি ইত্যাদি। টাকার মানুষ—ধনী লোক। টাকার শ্রাদ্ধ—বৃথা প্রচুর অর্থনাশ।]

টাকাটুকি বি [ধ্বন্যাত্মক] 'টুক-টাক' আঘাত। "ম.ম ১৭১।

টাকার বি টোকা, অঙ্গুলির আঘাত, সামান্য আঘাত। তু 'টোকার'। "টাকারের ঘাএ কংসে লইব পরাণে শ্রী.কী ৪৩।

টাকু, -আ, -য়া বি [সং তর্কু, -র্কুক > প্রা তক্কু, তক্কুঅ > বা (তাকু, -কুআ) টাকু, -কুআ, -য়া ; হি টকুআ, টাকু ; জাটু—'তাকু' ; মৈ টকুআ ; টাকু (বীরভূম, মুরশিদাবাদ), টেকো[২] (কথ্যভাষা)] চরকায় সুতা কাটার লৌহশলাকা (spindle), টেকো। "বাঁশের চরকা নিছে মএনা বাঁশের টাকুয়া গো.চ ৯০ ; চরকা টাকুআ ২৭৮।

টাকুর বি [সং তর্কুটী > প্রা *তক্কুড়ী > বা (তাকুড়ী, -রী) °র ; টেকো (দিনাজপুর)] তর্কুবিশেষ ; পাটের দড়ি কাটার জন্য চাকি-দেওয়া কাঠের শলার যন্ত্রবিশেষ।

টাগন, -ঙন, -ঙ্গন বি [সং টঙ্কন ; হি টাংগন] পর্ব্বতীয় অশ্ববিশেষ ; পাহাড়ী টাটু। "টাগন তাজি শ্রী.মা ১১৩ ; টাঙন ১৮৭। পার্ব্বত্য টাঙ্গন ক.চ ৭৫। ২২৩। টাঙ্গন ব.প ৩২৬। শ্রী ১৫ ; ১২৪,-৫৫। গো.চ ১৩। বি.সু ৭৯। টপাটপ টপকে টাঙ্গন।—রঙ্গ ৪২।

টাগা [(?)] নির্ধন (?)। "পরেরে দিয়াছ ধন আপনে হইলা টাগা মী ২২। পাথায় দিয়া ধন আপনে মার টাগা গো.বি ১১৭।

টাঙ্গ[১] বি [সং টঙ্ক ; হি টাঁগা] টঙ্ক, কুঠারবিশেষ, পরশু। "গদা টাঙ্গ চ.বি ২২৬। টাঙ্গ টাঁঙ্গি (শ্রী)। —ঙ্গি, —ঙ্গী বি [°ঙ্গ+ই[২], ঈ[২] ; হি টাঁগী ; ঠ টাংকী ; টাঙ্গী (চ)] ক্ষুদ্র টঙ্ক ; কুঠারিকা, কুড়ালী। "টাঙ্গি ক.চ ৫২ ; ১০৩। টাঙ্গি।—শ্রী ১৪২ ; ২২৫। চ.বি ৭৮। টাঙ্গী শি ১৩। বি.সু ১৩২। ভা.চ ৪৩০।

টাঙ্গ[২] সর্ম্ম [সং √টঙ্ক—বন্ধন ; হি √টাঁ(টাঁ)গ ; ঠ √টাংগ ; মৈ √টাঁগ ; অপ্র] ঝুলাইয়া বাঁধা ; টানান ; লটকান। "চান্দয়া টাঙ্গিয়া ম.গা ১৪। টাঙ্গিয়া রৌদ্রেতে দিল গো.বি ১৮৪। টাঙ্গিয়া গো.চ ১৯৬। —ঙ্গা সর্ম্ম [°ঙ্গ[২] > °ঙ্গা ; টাংগা (গো.চ)] ১ সর্থ 'টাঙ্গ[২]। "টাঙ্গায় চান্দা ক.চ ১২২,-৫৯। চন্দ্রাতপ টাঙ্গাইয়া দিলেন বা.ম৩০। ২ টানান, খাটান। "টাঙ্গায়্যা তাম্বুঘর, বসিলা সদাগর ক.চ ২০৩। [টাঙ্গা, -ঙ্গান—টানান, লম্বিত। "আমার জপের মালা ঝুলি কাঁথা জপের ঘরে রইল টাঙ্গা।—কমলাকান্ত। সুখাসনখানির চার দিকে মায় বাতি বেললণ্ঠন টাঙ্গান।—হু ১৫২। টাঙ্গান—সর্থ 'টাঙ্গা'। টাঙ্গা বান্ধ—টানাইয়া বাঁধ। "আলগোছা টাঙ্গা বান্ধ নেতের উয়াড়ে কু ৩৭৯। টাঙ্গেয়া (অপ্র)—টাঙ্গাইয়া। "দাম্বা খোও দরজাএ টাঙ্গেয়া গো.চ ১৯২।]

টাঙ্গন বি [টাঙ্গা > °ন ; অপ্র] দোলন, ঝুলন। "দিবসে উণ্টা হৈয়া টাঙ্গনে রহিবা ম.গা ২৯। গো.চ ৩৯৩।

টাঙ্গা, টাঙ্গান দ্র 'টাঙ্গ[২]।

টাঞি বি [ঠাঞি > °ঞি ; অপ্র] স্থানে, কাছে। "কার টাঞি এড়ি যাইমু গাএর খাসা জোড়া ম.গা ৫ ; ১৬।

টাট[১] বি [হি টাঠী ; তু 'তট, -টী'] ১ থালী, ছোট থালা। "টাকা লয়ে স্বর্ণটাটে, সাধুর নিকটে যাক সেই।—রঙ্গ ২৮। নামল মাঠে, তামার টাটে ?—কু.কে ৩০। ২ পূজার সজ্জাবিশেষ—তামার থালী। "টাট মাজ…ব্রাহ্মণে যতী ম.ম ১৫৯। এতো ভাল মিলন বটে, যেমন …থানকি আর টাটে দা ৭২৫। তুই কাঠের ঠাকুর টাটে তুলে মিছে করিস পচা ভুর লু.র ৩০৪।

টাট[২] বি [হি '°ট'—চট, কেম্বিস্ ; ঠ 'তরট'—চট ; মৈ 'টাট'—চট, মাদুর] মহাজনের বসার বিছানা বা গদী।

টাট[৩] বি [ঠাট > °ট ; অপ্র] কপট প্রবন্ধ ; মায়াজাল। "নানা টাট করে ভোজ করে নানা মায়া কৃ.উ ৫১। —টক বি [°ট+ক] ১ সর্থ 'টাট'। "তবে টাটক দিল অগ্নি বরিষণে কৃ.উ ৫১। ২ মোহ, বিস্ময়। "তা দেখিয়া নৃপসৈন্য লাগিল টাটক শ্রী.মা ১৬।

টাটক দ্র 'টাট[৩]।

টাটকা বিং [হি, ড় টটকা ; ঠ তটকা ; তু 'সং তৎকাল'] ১ তাৎকালিক, তখনি বা সদ্যঃপ্রস্তুত ; নূতন, তাজা। বিপ 'বাসি'। "টাটকা খাবার। ২ সদ্যঃপ্রস্ফুটিত (ফুল) ; জলজীয়ন্ত (মাছ) ; সদ্যঃপ্রাপ্ত (খবর) ; গরম-গরম (ভাজা) ; তখনি দোহা (দুধ)।

টাটা অর্ম্ম [তাত[২] > টাট+আ[৯] > টা ; হি √টটা] যন্ত্রণাযুক্ত হওয়া ; যন্ত্রণাবোধ করা ; টাটান। "টাটাইল…শরীর বি.সু ১৩২। এ সব দেখে কেবল চোক টাটায় আ.দু ১৪০। চোখ-খাগীর জামাইকে দিতে চোখ টাটায় অ.গ্র ৮০। অধিক হাঁটায় পা টাটায়। [টাটান, -নি—সর্থ 'টাটা'। "ফোড়ার…টাটানি জ্বলুনি পা.কো ১৭২।]

টাটি, -টী বি [হি টট্টি ; তু 'সং তটী' ; তু 'তট্টী'—বৃতি (দেশী ৫.১)] ১ বাঁশ শর ইত্যাদির আগড়, পাল্লা বা ঝাঁপ। "তৃণটাটি দিয়া চারিদিক আবরিল চৈ.চ ৯১। (গোয়ালের) দুয়ারে লাগিল টাটী না পারি বাহিরাতে ব.প ১৩৭১। ২ [টট্টি—বেড়া (ত্রিপুরা)] ঘরের বেড়া। "টাটি ভাঙ্গিয়া গোদা জম এ দৌড় দিল ব.প ৩৬। ৩ পালঙ্ক, তক্তাপোশ। "টাটির উপর পাটি বিছাও গো.চ ২৫১,-২। ৪ [টাট[১] > °টী] শিশুর খেলার সামগ্রী—মাটির ছোট থালা। "রাঙ্গা ভাঁড় রাঙ্গা টাটি। রন্ধনের পরিপাটী॥—ব.প ৪৮২। ভাণ্ড টাটী শি ১৭। ৫ ছোট থালা; রেকাবি। "শি ৩০।

টাটী দ্র 'টাটি'।

টাটু বি [হি টট্টু] খর্ব্ব অশ্ববিশেষ (pony)। "শ্রী ১৫ ; ১৫৫।

টাড় বি [সং তাট(ড়)ঙ্ক ; তু 'টার' (শ্রী ১২৮)] বলয়াকৃতি হস্তাভরণ। "বাহুতে কনক টাড় দু ৮ ; ৭৫। পুরট টাড় শ্রী ৯৩। ভা.চ ৬৮৯। [°বালা—টাড়। "তাদের টাড়বালা শূ ১৩৭। শ্রী ১।]

টান[১] বিং ['তান'—মূল ; হি টান] ১ নীরস, কর্কশ, কড়া। "মাল্যবান বলে বিষ্ণু কথা বড় টান কৃ.উ ৩৯৭। ২ কোপন, কর্কশভাষী। "মাগী বড় টান শি ৮২। ৩ উগ্রবীর্য্য, কষা, কড়া (দ্রব্য)। ৪ আকর্ষণ

জন্ত অশিথিল; আঁট (দড়ি, সুতা)। —ন বি ১ বিস্তার, প্রসার। "সটান হইয়া শোওয়া। ২ আকর্ষণ (pull)। "শ্রীরাম দিলেন গুণে টান কৃ ৭৩; ধনুক ধরিয়া দিল টান ৩২৪। মুকটী মারি দিল টান ক.চ ১৫। (রথ) একটানে ফেলে বীর দ্বাদশ যোজন ম ৮৮০। (সাপ) টানের চোটেই অক্কা পেয়েছে গি.ষি ১১৪। ৩ রক্তের, সম্বন্ধের বা স্নেহের আকর্ষণ। "দরশনে মায়া হৈল সম্বন্ধের টান ব.প ৪৩২। সুনিএগ তোমার কথা বুকে পড়ে টান কৃ.উ ২৩২। মাতা পুত্রের মুখ দেখাদেখি রহিল না—বড় টানে সব ছিঁড়ে গেল পা.প্র ১৫৬। রক্তের টান জা ৫৮। ৪ মমতা। "ছেলেপিলের টান। ৫ আসক্তি, অনুরাগ। "পুরুষের শত টান, শস্ত্র শাস্ত্র সংগ্রাম ভ্রমণ।—হেম ২; শাক পাতাড়ে…টান ৩৯০। ৬ শিরাসম্বন্ধ-জন্য আকর্ষণ। "না পারি মেলিতে চক্ষু বুকে পড়ে টান কৃ ২৮৪। ৭ বিক্রমের বেগ বা তেজ। "বৈরী না ধরে টান কৃ.উ ২; ১৪২। কেহ নাহি ধরে টান কৃ ২৮১। যাঁর বাণে বালি রাজা না ধরিল টান ব.প ৫৩২। ৮ স্রোতোবেগ। "ভাঙ্গা কোরোবালথান, জলের না ধরে টান বা.ম ৫১। টানে প্রাণ যায় রে ভেসে: টান পড়েছে কি টানে গি.ষি ১০৩। ভাঁটার টান স্ব.প্র ৭৩। ৯ বেগ। "ঝড় বয়ে খরশান, লঙ্গরে না ধরে টান বা.ম ২২৩। শ্রী.কী ২৭৭,-৮। আমার বাণে মেরু মন্দার নাহি ধরে টান ব.প ৫৫০। শি ৭৫। ১০ পণ্যের চাহিদা বা কাটতি। "চিকণ কাপড় তাঁতে বিকের বড় টান ম.ম ৫৯। ১১ কথার উচ্চারণে স্বরের বিশেষত্ব। "বাঙালে, শহুরে টান। টান-টোন। ১২ শক্ত। "দড় করিয়া রোপিয়া গোড়া করে টান ম.ম ১৭৫। ১৩ দৃষ্টিপাতভঙ্গি। "লক্ষ্মীন্দর যাকে চায়, সেই নারী মূর্চ্ছা যায়, দেখি তার নয়নের টান বা.ম ২৯২; ৩৫৬। ১৪ লেখনের বা রেখাপাতের ভঙ্গি। ১৫ জোরে ধূমপান বা দমমারা। "গাঁজার টান। [টান-টান—আঁট-আঁট (দড়ি); কড়া-কড়া (কথা); যথাসম্ভব প্রসারিত, অত্যাকৃষ্ট (দড়ি)। টান ধরা—টানা; বেগ সহা। টান পড়া—আকৃষ্ট হওয়া। টান মারিয়া ফেলা—ছুড়িয়া ফেলা। "টান মারি গেঁড়ু কেহ ফেলে ম ১২২৩। ভ.প্র ৩২০। একটানা—১ নিম্নাভিমুখস্রোত (নদী)। ২ অবিশ্রাম (খাটনি)। "একটানা…কাজের চাকা চলচে ঘুরে ঘুরে প.কা ১১। ৩ ক্রমিক, পর-পর। "একটানা তিন ঘণ্টা খাটনি।]

টান[২] সর্ক্ম [সং √তন্; হি √টান; ঠ, সি, ড় √টাণ; মৈ √ঠা(তা)ন] ১ বিস্তৃত করা; প্রসারিত বা লম্বা করা। ২ (অপ্র) প্রসারিত করিয়া ঝুলান; টানান। "চান্দোয়া টানি দিল বি.পা ৩৭১। ৩ আকর্ষণ করা। "নৌকার গুণ টানা। ৪ আকর্ষণ বা শোষণ করা। "পুষ্পের শিশির টানি, গেছে মধ্যদিন স.স্ব ২১। শুখনা জিনিসে রস টানে। ৫ বিলিখিত বা খুরাঘাতে ক্ষুণ্ণ করা; আঁচড়ান। "বৃষ খুরে ক্ষিতি টানে ভা.চ ৪৬৬। ৬ অঙ্কিত করা (রেখা)। ৭ ব্যজন করা (পাখা)। ৮ চোষণ করা; চোষা। "(মশা) রক্ত টেনে খেয়ো শি ৭৮। ৯ পান করা। "শুনিয়াছি গাঁজাও টানে ব.প্র ২০৪; ব্রাহ্মণ…তামুক টানিতেছে ৬৪৩। ম্যাথরেরা …ক'সে রম্ টানবে।—হু ২২১। ১০ কষ্টে আকর্ষণ করিয়া। "দাঁতের আগে, মিষ্ট হাসি টানি', বলিতে আমি পারিব না ত, ভদ্রতার বাণী চ.কা ৭৯। ১১ পক্ষের অনুকূল অর্থাৎ পক্ষপাতী হওয়া। "(গৃহিণী) প্রফুল্লের অনেক টানিয়া বলিলেন ব.প্র ৩৪৩। —না সর্ক্ম সর্থ 'টান[২] (২)'। "টানাল্য চান্দা ক.চ ১৫৯। [টানিয়া কাজ করা—অনলস বা উদ্যোগী হইয়া কাজ করা। টানিয়া ধরা—কষিয়া বা সঙ্কুচিত করিয়া ধরা। টানিয়া ফেলা—ছুড়িয়া ফেলা। "ম.ভা ৭৮। ভা.চ ৩৫২। টানিয়া বা টেনে বোনা—(গৌণার্থে) কৃপণতা করিয়া কাজ সারা। টেনেটুনে—ব্যয়ে কৃপণতা করিয়া। "অনেক টেনেটুনে তবু পঁচিশ টাকা খরচ হবে তারি প.কা ১৯।]

টানকচু বি শুষ্ক স্থানের কচু; মানকচু (?)। "ম.গা ১১।

টান(নু)নি বি [টান[২]+অন+ই[১১]] বন্ধনসূত্র। "বান্ধিল বিনোদ খোপা বাঁদিকে টানুনি শ্রী ৯৩; বামভাগে টাননি ২৩২।

টানমান বি [অপ্র] মহা অভিমান। "পদ্মাবতীর স্থানে বেহুলা করে টানমান ম.ম ১৮৩।

টানা[১] বিং [টান[২]+আ[১২]] ১ আকৃষ্ট, চালিত। "মানুষে টানা গাড়ী 'রিক্শ'। ২ লম্বিত, ঝুলান। "°পাখা। ৩ সোজা (রাস্তা)। ৪ বিশাল, আয়ত। "টানা চোখ। —না বি [টান[২]+আ] ১ বিস্তৃত করা ইত্যাদি। ২ কাপড়ের দীর্ঘ সূত্র; তন্ত'। "পরের প'ড়েন পরের টানা দা ৫৭১; সোহাগের টানা ২১২৪ ৩ টবিলের বাক্স; ড্রয়ার (drawer)। —নান বি [টানা+অন] সর্থ 'টান[২] (২)'। [টানা কথা—সোজা কথা। টানা-কাড়া—তাঁতে বোনার আগে সুতা দীর্ঘ করিয়া পর-পর সাজান; টানাকাড়ায় আনাগোনার মত পৃথিবীতে আসা-যাওয়া। "বার বার আর এসে ধরায়, টানা-কাড়ার ফল কি বল দা ৫১৩। টানা-প'ড়েন—কাপড়ের দৈর্ঘ্যের ও বিস্তারের সুতা (warp; woof)। "ত্বদীয়তা এবং মদীয়তা ভাব কাপড়ের টানা-পড়েনের ন্যায় এমনি পরস্পর অনুস্যূত যে তাহাদিগকে পৃথক্ করিয়া লওয়া নিতান্ত অসাধ্য।—পা.প্র ২২। টানা-প'ড়েন করা—(গৌণার্থে) বারংবার আনাগোনা করা। "এখন তোমরা এক জায়গায় বসে থাবে, না আমায় টানা-প'ড়েন কত্তে হবে জা ৩৯। টানা-পাখা—কড়িতে লম্বিত পাখা; আড়ানী। "অ.গ্র ১৩৩। ১৮শ শতাব্দীর শেষে কলিকাতার সাহেবরা টানা-পাখা ব্যবহার করিতে আরম্ভ করেন। তৎপূর্ব্বে স্পেনে ইহা ব্যবহৃত হইত। পর্ত্তুগীজেরা এদেশে ইহা প্রবর্ত্তিত করে।]

টানাটানি বি [টান-আ+টান-ই] ১ পরস্পর টানা। ২ বারংবার টানা; জোরে টানা। "পর্ব্বতের চূড়া ধরি করে টানাটানি কৃ ২৬৯,-৮৫। ক.চ ২৫৪। ৩ পীড়াপীড়ি। "লোকটা পুরানো দাগী—তাকে নিয়ে টানাটানি চলচে ঘ ১৪৭। ৪ অভাব, অসঙ্গতি। বিপ 'সচ্ছল'। "টাকার টানাটানি। টানাটানির সংসার। ৫ রক্ষার্থ প্রাণপণ চেষ্টা। "তোমার টানাটানি টিকবে না ভাই, রবার যেটা সেটাই রবে।—গান ১৩৮।

টানেল্ বি [E. tunnel] পাহাড়ের বা মাটির ভিতর দিয়া করা রাস্তা। " জামালপুর-টানেল হু ২৪১।

টাপ বি [প্রা টপ্পু {সং টাপ (অশ্বক্ষুরাঘাত)} —পৈ); হি, ঠ °প; ড় টাপু—ক্ষুর; ধ্বন্যাত্মক] অশ্বক্ষুরাঘাত-শব্দ। "ওয়েলার ও নর্ম্যাণ্ডির টাপেতে রাস্তা কেঁপে উঠছে হু ২৪।

টাপর বি [হি °রা—তৃণকুটীর] উৎসবে যাত্রার নিমিত্ত ঘর।

টাপুরটুপুর বি [ধ্বন্যাত্মক] বৃষ্টিধারাপাতের শব্দ। "বিষ্টি পড়ে টাপুরটুপুর।—শিশু ৮৫।

টাপে-টোপে ক্রি.বিং [টোপ > °পে (?); টুবুটুবু (ডুবুডুবু)—বিক্রমপুর)—পুকুর ভরল টুবুটুবু (গোরখনাথের গান); টুপেটাপে, টুবোটুবো (ত্রিপুরা), টাপটুপ (মালদহ)] ডুবুডুবুভাবে, কানায়-কানায়। "পুকুর টাপেটোপে জলে ভরেছে।

টাপসা-পেটা বিং [ঠ টাপসা—স্ফীতি] স্ফীতোদর। "পীতে টাপসা-পেটা হওয়া।

টাবা বি [সং মাতুলুঙ্গ; ড় টভা] একপ্রকার কমলাজাতীয় লেবু। "শূ ৮৯। কৃ.উ ১৬৩। চৈ.চ ১৫৮। [। °জল—টাবার রস। "রান্ধিবে মসুরডাল দিয়া টাবাজল ক.চ ৩০।

টাবুটুবু বি [দ্র 'টাপেটোপে'] ডুবুডুবুভাব, প্রায় মগ্নাবস্থা। "টাবুটুবু করিয়া ডুবিয়া রহে দোঁহে ভ.প্র ২৫৭।

টায়-টায়, টায়-টোয়; টায় দ্র 'টা; টাড়'।

টারজ [সং √টল্; হি √টর, -ল; বৈষ্ণবসাহিত্যে] গত করিল;

যাপন করিল। "টারল হৈমন শিশিরক অন্ত। টোয়ত অব ধনী সময় বসন্ত।—গো ২৪৭।

টার্পিন্ বি [E. Turpentine] 'সরল' গাছের তৈলবৎ নির্য্যাস। "মস্তকটা ধৌত করিয়া টার্পিন্‌তৈল লেপন কর নী ৮৬।

টাল¹ বিং [সং °ল (দ্র 'টল') ; টাল—অসদ্রূপ, মিথ্যা (চ)] টলিত, অশান্ত, ক্রুদ্ধ। "তা দেখি দেবীর দাসী আশু হৈল টাল শ্রী ১০৭। —ল বি [সং √টল্—√টালি ; হি টাল] ১ কোন বিষয়ে আজকাল করিয়া মিছা বলিয়া ঘুরান ; টলান, বঞ্চনা। "টাল না করিও মাতা আস্তিক-জননী বা.ম ৩৭৩। ২ প্রতারণাবাক্য। "ছেলের বে দে টাকা দেব দেব ক'রে আমাকেও টাল দে রেখেছে অ.গ্র ৭৪। ৩ ছল, চালাকী। "করিতে না পারে নিশা টালে-টোলে টালে ভ.চ ৪০৭। ৪ টলন, হেলা, একদিকে ঝোঁক। ৫ ঠেলা, ধাক্কা। "এক্কে টালে কৈতর বেটাকে মিতিঙ্গাএ ফ্যালাইল গো.চ ৩৬। ৬ [তাল > °ল] তালপ্রমাণ, উচ্চ স্তূপ ; বড়রাশি। "ইঁটের, কাঠের, ঘাসের টাল। [টাল খাওয়া—১ টলিয়া পড়া ; হেলা। ২ সর্থ 'টাল যাওয়া'। টাল দেওয়া—১ রা'শ করা। ২ প্রতারণা করা। টালবাহনা—ছল-ছুতায় টলান বা প্রতারণা। টাল যাওয়া—নাড়াচড়ায় রোগী অপ্রকৃতিস্থ বা অবসন্ন হইয়া পড়া। "কোলে তুলিসনে, টাল যাবে নী ৮৭। টাল সামলান—ধাক্কা বা বেগ সহ্য করা। টালে-টোলে—ছল-চাতুরীতে।]

টাল² সর্ম্ম [সং √টালি ; হি √টাল] ১ টলিত করা ; বিচলিত বা বিহ্বল করা। "নয়ন-কমল কামে টালিয়া রে।—ভা.চ ২৯৫। ২ অপসারিত করা ; সরান। "টালিলেক রাধার পসার শ্রী.কী ১৬১,-৯৪। স্বামীর পীড়ি পায়ে টালে ; স্বামীর শয্যা পায় টালে ব.প ৭। ৩ উৎসারিত করা ; খোলা। "পাগ রাজা টালাইয়া ফেলিল গো.চ ৯৭। ৪ ধাক্কা দেওয়া ; ঠেলা। "আকাশ হইতে গোদা যমক ফেলাইলা টালিয়া গো.চ ৩৪"। ৫ দূর করা ; নিবারণ করা। "তব কৃপাবলে তবে সব দায় টালি ব.প ৪২৬। "টঙ্ক টাঙ্গি ধর, টাল অরি মার ক.চ ২৫২। ৬ নিবারণ করা ; থামান। "যৌবনে কামের জ্বালা,...কথায় রাখিব কত টেলে ভা.চ ৩৭৬। ৭ বঞ্চনা করা ; ভাঁড়ান। "মিঞাগণ বলে যদি যেতে পারি টেলে শ্রী ২২৬। কামানল জ্বেলে, যেতে চাহ টেলে।—ভা.চ ৩০৩। ৮ গোপন করা ; ভাঁড়ান। "লজ্জা পেয়ে সত্য কথা মিথ্যা করি টালে শি ৭৮। ৯ মিছা বলিয়া ঘুরান ; টলান। "ছেলের বে দেখিয়ে কত দিন টালছেন বলুন দেখি অ.গ্র ৭০। ১০ অগ্রাহ্য করা ; উড়াইয়া দেওয়া। "মন্দের করজ হৈল মেয়ে দেয় টেলে শি ৭৩। সকলের কথা টালিয়া বৈষ্ণবী তাহার কথা রাখিল ব.দ্বি ১৫। ১১ অগ্রাহ্য করিয়া ফিরান। "বেণীবাবুকেও টেলে দিতে হইবে।—আ.দু ১০৪। ১২ পাতিত করা ; ফেলা। "সাধু ধরি, নিজ অরি, ধরাপরি টালে।—রঙ্গ ২৪। ১৩ হেলান, বাঁকান (প.ক)। [পেট টালা—পেট চালান ; উদরান্নের সংস্থান করা।]

টাল³ দ্র 'টল²'।

টালনি, -নী বি [টলন > টালন + ই¹¹] ১ হেলনি, বক্রতা। "চূড়ার টালনি গো ৩৩। ব ৪৫। চূড়ার টালনী বামে জ্ঞা ৭ ; ৪৪। ডাহিনে টালনি পাগ ব.প ৪৩২ ; চূড়ার টালনি ১১১৭। ২ [+ ঈ⁷] চূড়া, শিখা। "মুকুট টালনি জ.প ৩৯। বেড়িয়া টালনী তাহে নব গুঞ্জা-মালে জ্ঞা ৪৪। আধ লম্বিত ভালে বিনোদ টালনি ব.প ৫৬৩।

টালনী দ্র 'টালনি'।

টালমাটাল বি [হি টালব(ম)টাল ; ঠ টালমটোলা] ছল-ছুতা, বায়না। "বাক্‌সের ভিতর টাকা থাকে, কিন্তু টালমাটাল না করিলে বৈঠকখানা লোকে সরগরম ও জমজমা হয় না আ.দু ২৮। এই মত টালমাটাল করিয়া বৎসরাবধি গেল ব.দ্বি ১৩। জিতে স্বীকার করিয়া,...টাল-মাটাল করা উচিত নয় প্র.পা ৫৮।

টালি দ্র 'টাইল'।

টাস বি [ধ্বন্যাত্মক] ১ চড়ের শব্দ। "ভ্রমর ক্ষীরিকে টাস করিয়া এক চড় মারিল ব.প্র ২৯০। ২ শিশুর কাঁদিতে কাঁদিতে দমবন্ধ। [টাস লাগা (আটাস লাগা—দিনাজপুর)—দমবন্ধ হওয়া।]

টি, টী [টা > টি, টী (দ্র 'ই'⁹) ; তু 'তেলেগু 'টি, তি' (তু 'পুত্রাদির বিবাহ—ব.প ১৬৭৯)—...with the signification of the possessive case or of that of an adjective (Caldwell's *Comparative Grammar of the Dravidian Languages*, p. 264.)] ১ আদর, স্নেহ। "পুত্র দুটী লয়ে পাশে (পুরহর বসে) শি ৩২। দেখ, দেখ কেমন সুন্দর ছেলেটি !—গি.দ্বি ১৩২ ; আহা ছেলেটি যেন 'ব্রজের গোপাল' !—১৩৩। ২ সস্নেহ অনুকম্পা। "ছেলেটি অনাথ গি.দ্বি ১৩৩। ৩ গঠনের সৌষ্ঠবসৌন্দর্য্যাদি-জন্য আদর। "দুটি গাছি শঙ্খ : শঙ্খ দুটি বাই শি ১০৫। ৪ সবিশেষ নির্দ্দেশ। "ধন্দ দুটী হাত শি ৩৩। মনের কথাটী কই জ্ঞা ১৭১। গাটা সাদা মুখটা কালো দা ১৪৫৫। (কানু) এ দুটী আঁখির তারা জ্ঞা ১৭৩। ৫ অল্পতা। "গুটি গুটি দুটি হাতে যত দিতে পার শি ৩২। ৬ সংখ্যার পরে কেবল তৎসংখ্যক। "একটিমাত্র চেষ্টা যে তা'র কি করে' আপনারে, মুছবে একেবারে প.কা ২৩। ৭ মাত্র, ই। "তাইতে প্রিয়ে! মন করেছি, আরেকটিবার করব বিয়ে কু.কে ৭৫।

টিঁক, টিক¹ টেঁক অর্ম্ম [হি, ঠ √টিক] ১ স্থায়ী হওয়া ; অবিকৃত থাকা ; নষ্ট না হওয়া ; টেকা (to last)। "পাকা রঙ ধোপে টিঁকে। ২ বাস করা ; তিষ্ঠান, থাকা। "(কানুর পীরিতি) টিকে কোন স্থানে চ.সা ১৩৭। টীক টীক করিবে লোকে, টিকিতে পারিব না কোনরূপে দা ৩৭৩। ৩ সুস্থ বা কার্য্যক্ষম থাকা। "মর্দ্দের মর্দ্দনে মেয়ে টেঁকে কতক্ষণ।—শি ১০৫। কতকটা সময় বিশ্রামের জন্য না পাইলে শরীর টিকে না পা.প্র ১৯৯। ৪ ভার বা বেগ সহিয়া দৃঢ় থাকা। "টিকে নাই বাঁধ শি ৮৫। ৫ দেহে থাকা ; বাঁচা। "টল টল করে প্রাণ টিকে নাই আর শ্রী.মা ১৬৬। —কা সর্ম্ম [°ক + আ⁸] স্থায়ী করা ; টিকান। [টিঁ(টি)কা, টেঁকা—সর্থ 'টিঁক'। টিঁ(টি)কান—সর্থ 'টিঁকা'।]

টিক¹ দ্র 'টিঁক'।

টিক² বি [টিক¹ > °ক² ; হি টেক] ১ কোন ভারী দ্রব্য ঠিক স্থানে রাখার নিমিত্ত নীচে বা পাশে দেওয়া কাষ্ঠখণ্ড। "টিক দেওয়া, লাগান। ২ [ঠিক > °ক (?)] তাক, লক্ষ্যকরণ (aim)।

টিকটিক বি [ধ্বন্যাত্মক] ১ ছোট ঘড়ির মৃদু শব্দ। ২ টিকটিকির রব। [টিকটিক করা—বাধা দেওয়া। (যাত্রাদিতে টিকটিকির 'টিকটিক' রব বাধাসূচক)।]

টিকটিকী, -কি বি [ধ্বন্যাত্মক ; হি °কী] ১ 'টিকটিক'-রবকারী প্রাণিবিশেষ ; জ্যেষ্ঠী, জ্যেষ্ঠীরব। "মানো না টিকটিকী বাধা দা ৫৬ ; ২০৯১। ২ [হি °কী, টিকঠী (ত্রিকাষ্ঠী)] অপরাধীর হাত পা বাঁধিয়া বেত-সাজার নিমিত্ত তেরচা তিনখান কাঠের ফ্রেম্। [টিকটিকীতে চড়ান—টিকটিকীতে উঠাইয়া হাত-পা বাঁধা। টিকটিকি পুলিস—(উপহাসে) গোইন্দা পুলিস (detective)।]

টিকর বি [হি টীকরা, টিকুরা—উচ্চভূমি] উচ্চস্থান ; ডেঙ্গা। "টিকর বুঝিয়া ঠাঞি কাটিলেক বন শ্রী.ম ৩৫। —রা বি [টিকা—গুহ্যদ্বার (কোচবিহার)] ১ গুহ্যদ্বার। "গো.চ ৪০। ২ [ধ্বন্যাত্মক] বাদ্য-বিশেষ। "টং টং বাজে টিকরা দা ৭৬৩। ৩ [?] আধারবিশেষ। "প্রেমধন মাগি হৃদি-টিকরা পাতিয়া ভ.গ্র ১৪২।

টিকল, টেকাল '-লো' বিং [টিকর > °ল] উচ্চ, চূড়াকৃতি (নাক)। "নাকটি একটু টেকাল হইলে ভাল হইত আ.দু ৭৪।

টিকলি বি [সং তিলক ; হি, ঠ °লী ; প, গু °ড়ী ; সি টিকিড়,

ঠিকিরী ; মৈ টিকুলী] ১ ক্ষুদ্র তিলক ; টিপ। ২ বিন্দু, ফোঁটা। "টিকলি জলের ঝলমলিয়ে যায় বাতাসে কু.কে ৬৮। ৩ রোপণার্থ ইক্ষুপর্ব্ব (plantlet) ; আখের পাব বা টুকরা ; "তোমার কথাগুলি যেন আখের টিকলি ন.ত ৯।

টিকা, টীকা২ বি [সং তিলক ; হি, মৈ টীকা ; ঠ টিকা, -ল.া ; প টিক্কা ; গু টীলু ; সি টিক ; তু 'টিক্ক'—তিলক, টীকা (দেশী ৪.৩)] ১ মৃত্তিকা-চন্দনাদিরচিত গোল চিহ্ন, তিলক, ফোটা। "টীকাপাবন শূ ২৭। নাসে টিকা দিলা ভ.গ্র ৩২৪। ২ রাজ্যাভিষেকে রাজার কপালের তিলক ; রাজফোটা। "(সিংহ !) হইলে পশুর রাজা, টীকা দিল ভবানী ললাটে ক.চ ৩৫। ময়নার টিকা শ্রী.মা ২০০। ৩ [হি টিকিয়া] কয়লা-গুঁড়ার চাকতি ; টিকে। "এক সরা ভরা টিকা বি.সু ১০৪। ৪ শরীরে ক্ষত দ্বারা বসন্তাদির বীজের সংক্রমণ ও তজ্জন্য গোল চিহ্ন। "টীকা দেওয়া, হওয়া। [টিকা উঠা—টিকার ক্ষত পাকিয়া উঠা। °দার—যে টিকা দেয় (vaccinator)। °দারী—টিকাদারের কাজ। টিকে (অপ্র)—টিকার সাদৃশ্যে কলঙ্ক-কালিমা। "দিলি নির্ম্মল কুলে টিকে দা ৩৭৩।]

টিকারা বি [ধ্বন্যাত্মক ; হি চিকারা—সারঙ্গীবিশেষ] বাদ্যবিশেষ। "কৃ ২৭০ ; ৩৬৩। দ্রু ১৩।

টিকি, -কী বি [হি টীক—শিরোভূষণবিশেষ ; মৈ টীক, -কি—শিখা] শিখা, চূড়া। টিকি ধরে টানে বি.সু ১৩২। ভা.চ ৪৩০। মতিলালের চুলের টিকি দেখা ভার আ.দু ১২৫। টিকী হু ৪২ ; ৯৪।

টিকিট্ বি [E. ticket ; হি টিকিট] ১ সভাদিতে প্রবেশের, গাড়ীতে চড়ার বা অন্য কোন প্রকারের অধিকার-পত্র। "থিয়েটারের, রেলের, লটারির টিকিট। ২ ডাকের মাশুলপত্র (postage stamp)। [°বাবু—ষ্টেশনে টিকিটের কর্ম্মচারী। "প.কা ২১।]

টিকির, -রি বি যে ঠিকা মজুরী করিয়া খায় ; গরীব। "মুই টিকির, জোন খাটে খাই নী ২৫ ; যে চারজন সাক্ষ্য দিয়াছে, তাহার একজন টিকিরি ৫৯।

টিকী দ্র 'টিকি'।

টি(টী)ট বিং [টি(টী)ট > °ট ; টীট—ধূর্ত্ত (মালদহ) ; অপ্র] ধূর্ত্ত। "কোথাতে নাহিক দেখি হেন যোগী টিট (আলোয়াল-কৃত 'পদ্মাবতী')। —ট বিং চতুর। "পিয়া বড় টিট ('টীট'—পাঠান্তর, পদকল্পতরু, ৭০০নং) কর রাখল আগোর জ্ঞা ৮১। [টিটপনা—চতুরতা। "জ্ঞানদাস কহে তুমি ছাড় টিটপনা জ্ঞা ১৪২।]

টিটকার,- রি, -রী, -কিরি, টীটকারি বি [টি(টী)ট+কার +ই১১ ; হি °রী—পশুচালনার্থ জিহ্বার 'টিক' শব্দ] ১ অবজ্ঞাসূচক শব্দ ; ধিক্কার ; উপহাস। "কাহাকে কে মারে নারদ দেঅ টিটকারি : নারদ মুনি তবে দিল টিটকারী কৃ.উ ৮ ; °কারি, -রী, ১১২,-৩ ; মুখপানে চাহি তারে দিলাম টিটকারী কৃ ২৭৫ ; °কারি ২৮১ ; শেল কাটা গেল বানর দিল °কারি ৩১৭। টিটকারি করে পাইক ক.চ ১০৩। টিটকারী দিয়া কহে এখন কেমন !—ভ.গ্র ৩৩৭। টিটকার…ক্রোধে।—রঙ্গ ২৩। টিটকারী সে করবে জখম কু.কে ৭৯। ২ টিটিপাখীর ডাক। "টিটি-পাখী, টিটকারি দিবে ডাকি।—শিশু ১১। ৩ (অপ্র) 'ঠিক ঠিক' বলিয়া ধন্যবাদ। "বেহুলার বচনে লখাই দিল টিটকারী। বড় পুণ্যে পাইলাম তোমা হেন নারী॥—ম.ম ২২১। [টিটকারে—উপহাস করে। "টিটকারে প্রতিজ্ঞায় হৈলুঁ পরাজয়ী ক.চ ২৫৪।]

টিটকিরি দ্র 'টিটকার'।

টিটিকার বি [টিটকার > °র] সর্থ 'টিটকার'। "টুটাহ টিটকার ভা.চ ৪৩০। —কারি, -রী বি [টিটকার > °কারি] সর্থ 'টিটকার'। "টিটিকারি দিল তবে যত দৈত্যগণে চ.বি ১৪৩। পৃথিবীর লোকের …টিটিকারী করা তাঁর কাজ হলো হু ১৪৪।

টিটিপাখী বি টিট্টিভপক্ষী। "শিশু ১১।

টিটি(ট্টি)ভ পুং [টিটি, -ট্টি+√ভণ্+অ (ড)-ক ; হি টিটিহ, -হা ; ঠ টিটরী ; মৈ টিটিহী ; ধ্বন্যাত্মক] 'টিটি'-রবকারী পক্ষিবিশেষ। "°মাত্র হি ২.১৪৭। —ভী স্ত্রী [°ভ+স্ত্রী ঈ (ঙীষ্)] টিট্টিভ-স্ত্রীজাতি ; টিট্টিভ-স্ত্রী। "টিট্টিভী ভর্ত্তারমাহ।—হি ২$\frac{১৪৭}{১৪৮}$।] [°দম্পতি (পুং) —টিট্টিভমিথুন। "হি২$\frac{১৪৭}{১৪৮}$।]

টিণ্ডিশ পুং ঢেঁড়শ গাছ। "টিণ্ডিশো রুচিকৃৎ (ভাবপ্রকাশ)।

টিন্ বি [E. tin ; হি টীন] ১ রাঙ ধাতু। ২ রাঙের কলাই-করা লোহার পাত। "টিনের ক্যানেস্তারা, বাক্স। ৩ টিনের পাত্র ; ক্যানেস্তারা। "একটিন কেরোসিন্, ঘি, তেল। ৪ ঢেউ-খেলান লোহার চাদর। "টিনের ছাউনী।

টি(টী)প১ বি [হি টীপ ; ড় টিপণা] ১ হাত বা আঙুল দিয়া চাপা। "গলা°। ২ [Cf., E. tip] (টেপার উপায়স্বরূপ) আঙুলের ডগা ; বুড়া-আঙুলের ডগা। "°সই (thumb-impression)। ৩ বুড়া-আঙুলের প্রথম পর্ব্বের দৈর্ঘ্যপরিমাণ। "একটিপ ছোট। ৪ বুড়া-আঙুলের টিপে প্রস্তুত গাঁজা। "এই যে টিপ তোয়েরি !—গি.দ্বি ৭৮। ৫ আঙুলের চাপ। "লোহার বাটুল টিপে করে ফেলে চূর্ণ শ্রী.মা ৪৫। ৬ চোখ-টেপা। "সুন্দরীরে দেখিয়া গোদা ঘন মারে টিপ ম.ম ২০৫। ৭ (আঙুলের টিপ হেতু) লক্ষ্যনির্ণয়, তিক। ৮ (টিপিয়া লওয়া হেতু) চিমটি (pinch)। "এক টিপ নস্য। ৯ [ঠ 'টীপ'—অশ্রুবিন্দু ; 'টিপ্পি' —তিলক (দেশী ৪.৩)] কপালের ফোঁটা—ভূষণবিশেষ, তিলক। "খয়েরের, সিঁদুরের টিপ। কপালে টিপের ফোঁটা।—হেম ৩৮৯। ওই সিন্ধুর টিপ সিংহল দ্বীপ কু.কে ১১৬। ভ্রূমধ্যে ক্ষুদ্র একটি চন্দনের টিপ ব.প্র ১১৬। ১০ ফোঁটার আকারে কপালের অলঙ্কার। "পল্লীগৃহে …বধূটীর হস্তের ছড়াহাঁড়ীর কাদা প্রকৃতই 'গঙ্গামৃত্তিকা'…ইহাই তাহার 'মনোমোহিনী টীপ' পা.ঝো ১২৮। [টিপটাপ—(হি টীপটাপ) ১ চাপচোপ। "দলে মলে টিপটাপ করে দণ্ডদ্বয় শি ১০৫। ২ ব্যয়ে কৃপণতা। টিপসই, -সহি—বুড়া-আঙুলের ডগায় কালি মাখাইয়া কৃত সহির চিহ্ন।]

টিপ২ সর্ম্ম [হি √টীপ ; সং √টিপ্—প্রেরণ (ক.ক)] ১ হাত বা আঙুল দিয়ে চাপা। "যেন টিপি ধরে টুটী।—শ্রী ১২৩। ২ সংবাহন করা। "গা-পা টিপিয়া দেওয়া। ৩ চাপা। "মুখ টিপি হাসে শূলপাণি ম.ম ২১৪। অধর টিপিয়া যেন হাসিতেছে ধীরে ন ১০১০। ৪ (অপ্র) আরোহণ করা ; চাপা। "রথ টিপি গেল রণে মহিষ-অসুরে চ.বি ৫০, -৪ ; গজ টিপি পলাইয়া হইল অন্তর ৫৯। —পা সর্ম্ম [°প+আ৮ ; হি √টিপরা] চাপ দেওয়ান ; টিপান, ডলান। [টি(টে)পান, টিপনি —চাপান (pressing)। টিপা—সর্থ 'টিপ২। টিপান—সর্থ 'টিপা'। টিপি টিপি হাসা—মুখ চাপিয়া চাপিয়া অস্ফুটভাবে হাসা। "(বিমলা) নিজ যৌবনভাব দেখিয়া টিপি টিপি যে হাসিতেছে, তাহা দেখ ব.প্র ২১ ; বীণা বাজিয়ে টিপি টিপি হাসে ৩৭৯। টিপে দেওয়া—চোখ টিপিয়া সঙ্কেত করা। গা টেপা—গায় চাপ দিয়া সঙ্কেত করা। চোখ টেপা—চোখের পাতা চাপিয়া ইসারা করা। চোখ-টি(টে)পা-টিপি—পরস্পর চোখ টেপা।]

টিপটাপ দ্র 'টিপ১'।

টিপটিপ বি [টপটপ > °প (অল্পার্থে) ; cf., E. pitter-patter ; ঠ পিটপিট] ১ অবিরল বৃষ্টিবিন্দুপাতের শব্দ। "টিপটিপ করিয়া বৃষ্টি পড়িতেছে ব.দ্বি ৬৩৮। ২ [টিপ১ > °প] টিপার মত বেদনাবোধ। "জ্বরে মাথা, রগ টিপটিপ করে। ৩ [ফা—'তপিশ্' (palpitation) > টিপিশ > টিপ (দ্বিত্ব)] ভয়াদি হেতু হৃৎপিণ্ডের দ্রুতস্পন্দন। "রমার বুকের ভিতর টিপটিপ করিতে লাগিল ব.প্র ৪৭০। ৪ দীপালোকের মৃদুভাব।

টিপনদাঁড়া, -নড়ি বি তাঁতের সজ্জাবিশেষ—বংশদণ্ড। [ইহাতে ঝাঁপের দড়ি বাঁধা থাকে, ইহা পায় টিপিলে ঝাঁপ পড়ে, ছাড়িলে ঝাঁপ উঠে। পাশানড়ি (পাশবদ্ধদণ্ড) ইহার নামান্তর।]

টিপনমড়ি দ্র 'টিপনদাঁড়া'।

টিপাই বি [সং ত্রিপদী ; E. tripod] তে-পায়া। "পাশে একটি টিপাইয়ের উপরে ফুলদানিতে ফুলের তোড়া গ.স ৩৪।

টিপিটিপি বি [টিপটিপ > °পি] সর্থ 'টিপটিপ'। "টিপিটিপি বৃষ্টি পড়ে (পদ্যপাঠ, ২য় ভাগ)। —টিপি ক্রি.বিং পা টিপিয়া অর্থাৎ নিঃশব্দপদসঞ্চারে, চুপে-চুপে। "উনি টিপিটিপি বড় রাণীর ঘরে যান জা ২৬। [টিপিটিপি বলা—চুপে-চুপে বলা।]

টিপিশটিপিশ বি সর্থ 'টিপটিপ (৩)।

টিপুনি, -নী বি [সং টিপ্পনী] ১ টীকার ব্যাখ্যা ; টীকা। " 'চারুচন্দ্রা-'বতংস'—কিছু শক্ত হচ্ছে,—'চারুচন্দ্রা' যে কতখানি 'বতংস', তা তাই টিপুনী না দেখে বলতে পারি নে।—লী ৯৯। ২ টিপন, চাপন। "এক টিপুনে ঘাস মারা দা ৮১৩।

টিপ্পন ক্লী, **-নিকা, -নী** স্ত্রী [প্রা টিপ্পী, -প্পণী (অ.রা); তু 'টিপ্পি'—তিলক (দেশী ৪.৩); তিলকাকৃতি চিহ্ন হেতু 'টিপ্পন, -নিকা, -নী' (?)] ১ বিবরণ। "স্থানটিপ্পনিকা ; সত্বটিপ্পন ;—শু ২.৩৭৭। ২ ব্যাখ্যা, টীকা ; টীকার ব্যাখ্যা। [°নী কাটা—মন্তব্য প্রকাশ করা।]

টিফিন্ বি [E. tiffin] বৈকালের জলখাবার।

টিমকি বি [ধ্বন্যাত্মক ; ঠ °কী—বাদ্যবিশেষ] ডমরুর মৃদু শব্দ। "টিমকি টিমকি শিব ডমরু বাজায়ে বা.ম ৫০।

টিমটিম বি [মিটমিট > °ম ; হি °মাহট, √°মা] ১ দীপাদির মৃদু আলোকপ্রকাশ। ২ [ধ্বন্যাত্মক] মাদলের শব্দ। "টিমটিম করিয়া দক্ষিণে দিল সান মী ১৮।

টিয়া, -য়ে বি [ধ্বন্যাত্মক ; হি 'টুংইয়া'—তোতা ; ঠ টিংয়া] 'টি-টি'-রবকারী পক্ষী ; শুক, তোতা। "°য়া শ্রী.মা ৮৬।

টি(টো)লা বি [হি টীলা] ছোট পাহাড় ; উচ্চভূমি ; ডেঙ্গা। "টিলা-পরি ভ.গ্র ২১ ; দ্বাদশ আদিত্য° ৪৬৭। চৈ.চ ৩২৫। টিলা ন.প ৭১ ; ভরদ্বাজটালা ৭৭। কুণ্ডটালা ব্র.প ১৮৮। মহেন্দ্র···ধীরে ধীরে টিলার উপর উঠিতে আরম্ভ করিলেন ব.দ্বি ১৪৮।

টীকটীক বি [ধ্বন্যাত্মক] ১ সর্থ 'টিকটিক' (১ ; ২)। ২ (অপ্র) কলঙ্করটনা। "দিলি নির্ম্মল কুলে টীকে, টীকটীক করিবে লোকে দা ৩৭৩।

টীকলো বিং সর্থ 'টিকল'। "নাক···টীকলো অ.গ্র ২৭।

টীকা[১] স্ত্রী [[√টীক্ গতি+অ (ঘঞ্)-ণ+স্ত্রী আ (টাপ্); তু 'টিক' —তিলক (দেশী ৪.৩) ;—বোধ হয়, ব্যাখ্যার জ্ঞাপক তিলকাকার চিহ্ন হেতু 'টীকা' নাম ; 'টিক্কিদ' (তিলকিত—ক.ম ২২½) ১ দুরূহ শব্দের ব্যাখ্যা-গ্রন্থ ; বিবরণগ্রন্থ ;। "অপটীকো জড়ো মাঘে ভৃশং জাড্যেন তাড্যতে। স চ কিঞ্চিৎ তরত্যেব কণ্ঠসংলগ্নবল্লভঃ ॥—উদ্ভট। ২ [দ্র 'টিকি'] শিখা। "টীকা আন্দোলায়মান সুচিক্কণ ভালে ভ.গ্র ৪৩১। [°কার, °কৃৎ (পুং)—ব্যাখ্যাগ্রন্থকার।]

টীকা[২] দ্র 'টিকা'।

টীট ; টীটকারি ; টীপ দ্র 'টিট ; টিটকার ; টিপ[১]।

টীয়া, টে[২] প্র [সং -তা+ঈয়া > তীয়া > টীয়া, টে (?)] ১ তদ্ভাব-যুক্ত। "ঘোলা°, তামা°, ধলা°, ধোঁয়া°, রাঙা°, রোগা°, শাদা°। ২ তদ্গন্ধযুক্ত। "আঁষ°। ৩ তৎপ্রিয়। "ঝগড়া°।

টীলা দ্র 'টিলা'।

টু[১] বি [?] ফাঁকি। [টু দেখাই (অপ্র)—কলা দেখাইয়া ; ফাঁকি দিয়া। "সংসার-সাগরে হরিনাম-নৌকা সার। যমের দূতক টু দেখাই হৈয়ো পার ।—ব.প ৭১০]

টু[২] বি [ধ্বন্যাত্মক ; cf., E. bo-peep] লুকাচুরি খেলায় সাড়া। [টু দেওয়া—টু-শব্দে সাড়া দেওয়া।]

টু[৩] প্র [টা > টু (অল্পার্থে) ; হি টুক] অল্পার্থক। [একটু আধটু —অত্যল্প, কিঞ্চিৎ।]

টু(টুঁ)ই বি [সং তুঙ্গ > তুঙ্গি > তুঁই > টুঁ(টু)ই ; টঁই (দিনাজপুর) ; টই (বাঁকুড়া)] ঘরের চূড়া বা মটকা। "টুঁই মুড়িয়া নামএ এল বিসাত্তর শূ ৫৮। বড় বড় চণ্ডীমণ্ডপ টুই অতি উঁচা ব.প ১৪১৫।

টুইল্ বি [E. twill] একপ্রকার সূতার কাপড় (ইহা এমনভাবে বোনা যে জমিতে কোণাকুণি সূতার রেখা যায়)।

টুংটাং বি [ধ্বন্যাত্মক] ১ ক্লক-ঘড়ির বাজার শব্দ। "টুং টাং ক'রে মেকারী ক্লকে পাঁচটা বাজলো—হ ২০৬। ২ ছোট ঘণ্টার শব্দ। ৩ জলতরঙ্গ বাদ্যের শব্দ।

টুঁ(টু)টি, -টী বি [সং ত্রোটি, -টী—চঞ্চু ; হি টোংটী—জলপাত্রের নাল ; শু 'টোট'—কণ্ঠনালী ; ড় টুন্টি] গলনালী। 'টিপে ধরে টুটী শ্রী ১২৩।

টুঁ-শব্দ বি [হি চুঁ শব্দ ; 'টুঁ' ধ্বন্যাত্মক] কথোপকথনের বা প্রতি-বাদের শব্দ। 'টুঁ'-শব্দটি হইলেই, তাড়াতাড়ি, তাহারে লুকিয়া লয় দশদিক্, করি' কাড়াকাড়ি স্ব.প্র ১৪৪। [টু-শব্দটি করা (হি চুঁ করনা) কিছু বলা-কহা করা ; প্রতিবাদ করা। "আজ চক্রবর্ত্তীদের এলেকায় একটি মানুষ নেই, যে স্বদেশী নিয়ে টুঁ-শব্দটী করতে পারে ঘ ১৬৯।]

টুক[১], **-কু, -কুন** প্র [টু[৩]+ক[৮] > °ক ; হি 'টুক'—অল্প ; তু 'সং স্তোক'] ১ অল্প পরিমাণ। "এত°, কত°, তত°, যত°। ঘি°, জল°, তেল°, দুধ°। ২ আকারের অল্পতা। "কাঠ°, কুটা°, বাঁশ°। ৩ [হি. মৈ টুক] খণ্ড, টুকরা। "কাপড়°, নেকড়া°, জমি°। [টুকেক—এক-টুক, অল্পক্ষণ। "টুকেক আসিয়া রক্ষা কর সর্ব্বজয়া বা.ম ৩৭৩। এতটুকু—ভয়ে বা বিস্ময়ে অতিসঙ্কুচিত বা অপ্রতিভ। "রঙ্গরাজ এতটুকু হইয়া গেল ব.প্র ৪১২ ; হরবল্লভ এতটুকু হইয়া গেলেন ৪৩১। নেশাটুকু—একটু নেশা বা ঔৎসুক্য। "নভেল-পড়া নেশাটুকু কোথায় গেল মিশে প.কা ১৮।]

টুক[২] সর্ম্ম [P 'toca'—to note down] ১ সংক্ষেপে লিখিয়া রাখা (to note down)। ২ [হি √টোক ; শু √টোক—তিরস্কার করা] নিষেধ করা ; বাধা দেওয়া। ৩ তিরস্কার করা। [টু(টো)কা[২] —সর্থ 'টুক[২]।]

টুকটাক বি [ধ্বন্যাত্মক] ঘড়ি-চলার শব্দ। "বৈঠকখানার ঘড়ি···অবি-শ্রান্ত টুক্‌টাক করে চলচে হ ২২২।

টুকটুক বি [টকটক > টুকটুক (আদরে)] সর্থ 'টকটক'। "পারুল দিদির কচি মুখটি, কর্চ্চেছে টুকটুক।—শিশু ৮৮। —টুকে বি [°ক +এ[৭]] অতিলোহিত। "আমার এ সরসীতে, ফুটিত গো অরবিন্দ, তার সেই টুকটুকে মুখ।—অ.গু ৩৬। [°টুকে টুক—অতিলোহিত। "মনেতে রাঙা আলো, টুকটুকে টুক সিঁদুরে বরণ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।]

টুকনি, -নী বি [হি টোকনী ; তু 'টোক্‌কণ'—মানপরিমাণভাণ্ড (দেশী ৪.৪)] পিতলের জলপাত্রবিশেষ ; বাটলাই। [হাতে টুকনি দেওয়া—ভিক্ষাপাত্র (টুকনি) হাতে দেওয়া ; (গৌণার্থে) সর্ব্বস্বান্ত করা। "তাদের হাতে টুকনি দিইচি বি.বু ৪৫।]

টুকরা, -রো বি [টুক-পারা (?) ; হি টুকড়া ; ঠ তুকডা] ছিন্ন বা ভগ্ন অংশ ; খণ্ড। "কাগজের, কাপড়ের, রুটীর টুকরা। সোনার টুকরো ছেলে প.কা ৩৩। (লাঠি !) তুমি কত তরবারি দুই টুকরা করিয়া ভাঙ্গিয়া ফেলিয়াছ ব.প্র ৪০৩। —রা, -রো বিং অসম্বদ্ধ, কাটা-কাটা, ছোট-খাট। "টুকরো কথার নানান জোড়তাড়া প.কা ১৫। [টুকরা কই—কইমাছের বাচ্চা।]

টুকরি, -রী বি [হি, ঠ টোকরী] ছোট ঝুড়ি ; ঝুড়ি। "°রি ভ.প্র ১১৭। গো.চ ৭১০।

টুকা[১] সর্ম্ম [শু √টোক—to goad] অঙ্কুশাঘাতে হস্তী চালান ; টৌয়ান। "করিবর আনি দিল টুকাইয়া ম.পা ১৫২,-৪।

টুকা[২] দ্র 'টুক[২]।

টুকুটাকু বি [টুক > °কু ; টা > টাক > °কু] এটুক-ওটুক-এটা-ওটা ; অল্প এ-ও-তা খাদ্য। "টুকুটাকু আহারে রসনা নাড়ে স্ব.প্র ১০০।

টুঙি, -ঙ্গি, -ঙ্গী বি [সং 'তুঙ্গ'—মূল] ১ উচ্চ গৃহ ; মঞ্চ, টোঙ। "গুঞ্জরীর তটে চাঁদ উঠাইল টুঙ্গি বা.ম ১৪১। বসিয়াছে আপু ডোম টুঙ্গি ঘরখানে ম.ম ২০৬। টুঙ্গির উপরে : টুঙ্গী কৃ ৮৯। উচল টুঙ্গিতে বার দিলা মহাভাগ শ্রী.ম ১৭২। ম্লেচ্ছরাজার উচ্চটুঙ্গীতে চৈ.চ ১৬৮ ; ২০২। ২ হাওয়ার উচ্চ গৃহ ; হাওয়া-খানা। "উপরে করিল টুঙ্গি বাতাসের তরে কৃ.উ ১৭৪। হাওয়া-খানা টুঙ্গির উপরে বসিয়াছে ভ.গ্র ১৫।

টুট[1] বি [সং ত্রুটি ; হি গু টুট ; মৈ টু(টূ)ট] হানি, ক্ষয়, ন্যূনতা। [অটুট শরীর—অক্ষয় দেহ। মরাই-টুট—মরাইএর ধানের শুখতি ইত্যাদি হেতু কমী।]

টুট[2] অর্ম্ম [সং √তুড়্‌ √ত্রুট্‌ > প্রা √তুট্ট (হে ৪.১১৭ ; প্রা.ম), √টুট্ট (পৈ) > বা (√তুট) °ট ; হি √টূট ; মৈ √টু(টূ)ট ; তু 'তুট, তুটঅ, -ই, -ট্টই (চ ; দো)] ১ ছিন্ন হওয়া। "টুটল হার বি.পু ৭৮। হার…টুটয়ে জ্ঞা ২১৩। ব ১১৯ ; ২০৮। ২ স্খলিত হওয়া ; খসা। "পুণমিক চাঁদ. টুটি পড়ল জনু বি.প ১৭৭। (ফুল) টুটে পড়ে থরে থরে।—চ.কা ২৩। পাপড়ি পড়িবে টুটিয়া কু.কে ১৮৩। ৩ বিকৃত হওয়া ; ভঙ্গ হওয়া। "না টুটব লেহা বি.প. ১৭১ ; মনে ছিল না টুটব লেহা ১৮২। শ্রী.কী ৩৬৬। প্রেম তিলেক না টুটে বি.সু ২১। ৪ বিকৃত বা মলিন হওয়া ; বিগড়ান। "টুটিয়া গেলেক বুদ্ধি ম.পা ১৪৭। টুটিলেক জ্ঞান ম.ম ৩৪। বিপদে পড়িলে মহাজন-বুদ্ধি টুটে বা.ম ১২৭। ৫ হীন হওয়া। "বালী টুট্যা আস্তে বলে কৃ.উ ১৩৬। ৬ হ্রাসপ্রাপ্ত হওয়া ; কমা। "মাংস খাই তবু না টুটে এক কণা কৃ.উ ২০৩। টুটিল সাহস মী ২৪। রাবণের টুটে অহঙ্কার কৃ ২৩৬। ক.চ ৮৩। শি ৮৫। বা.ম ৩৯১। বি.পা ৬। ক্রোধ নাহি টুটে গ ২০৪। ৭ ক্ষয়প্রাপ্ত হওয়া ; নষ্ট হওয়া। "টুটি গেল কায়া-খানি গো.বি ১৩২,-৬। ঝিয়ে টুটিল সম্মান ক.চ ১৩। টুটিয়া কলুষ পুণ্য বাড়ে গ ৪২। পরমায়ু টুটিলে বা.ম ২৫৯। (যারা) টুটে পলকে চ.কা ৩২২। ৮ শক্তিহীন বা ব্যর্থ হওয়া। "নেতার গুণ কভু নাহি টুটে ম.ম ৮২। চাঁদ-নামে হেন বিষ টুটে বা.ম ৩০৮। ৯ অপগত বা দূর হওয়া। "মুনির সব দুঃখ টোটে ম.ম ৩১। এই ফুল শুষ্ক হয়ে যদি টুটে বাস বা.ম ৩৩০। ভয় না টুটিবে ভা.চ ৬৩২। ১০ শিথিল, অর্থাৎ অকিঞ্চিৎকর হওয়া। "যত পণ করি…বারবার তাহা টুটিয়া পড়ে কু.কে ১৮২। ১১ কাতর বা খিন্ন হওয়া। "নিরন্তর রণ করে সংগ্রাম না টুটে চ.বি ৬৫। ১২ তালভ্রষ্ট হওয়া। "তালভঙ্গ পাও টুটে ম.ম ১০৭। ১৩ শূন্য বা খালি হওয়া। "সকলেরে দেয় দান না টুটে ভাণ্ডার ব.প ১৩০৮। ১৪ প্রশমিত হওয়া ; মিটা। "খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভকু চ.দা ৮২। ১৫ দূর হওয়া ; ঘুচা। "টুটি গেল কংথা চ ৫৬। পুনহি দরশনে.…টুটব বিরহক ওর বি.প ৩। ১৬ বিগত হওয়া। "বাদল গেছে টুটি।—গান ৯২। ১৭ শেষ হওয়া। "দ্বাদশ বৎসর বই টুটিবেক শাপ কৃ.উ ১৮৪। ১৮ অন্যথা হওয়া। "মোর বংশাবলি রাজা কভু নাহি টুটে কৃ.উ ১৮৬। ১৯ নিঃশেষ হওয়া ; ফুরান। "বড় বড় গৃহস্থের টুটিল সম্বল ক.চ ৬৮। পুন পুন বাস টানে, না টুটএ পরিধানে ম.বি ৫২। ২০ লোপপ্রাপ্ত হওয়া ; ঘুচা। "প্রভাতপাখীর আনন্দগান. ভয়ের বিলাপে টুটিল।—কথা ৫২। ২১ ভগ্ন হওয়া। "ঠোঁটের বলে না টুটে, এ বস্তু কেমন!—মা ৩৫৭। পাষাণের বাঁধ এ যে টুটিল।—গান ৯। ২২ নির্ব্বাপিত হওয়া। "টুটুক কাম অনল দেহ চুম কোল শ্রী.কী ৭২। ২৩ সংখ্যায় কমা। "ভাণ্ড মাথে ষোল পন কড়াহো নাহি টুটে শ্রী.কী ৭৭। মেরুমূলে রহিব চন্দ্র না টুটিব কলা।—গো.বি ১৪৭। ২৪ ক্ষীণপ্রবাহ হওয়া ; কলাহীন হওয়া। "সত্যের কারণে রাজা টুটে বায়ু শশী কৃ.অ ৮। ২৫ বিফল হওয়া। "স্বামীকে পাইলে যৌবন কবু নাহি টুটে ম.গা ১০। ২৬ ন্যূন বা পরাজিত হওয়া। "পক্ষী বলে নাহি টুটে কৃ ১৪৩। ক.চ ৫২। ২৭ ম্লান হওয়া। "টুটে আইল বপু ক.চ ১৭৩ ; কান্তি কার নাহি টুটে ২৪০। —ট সর্ম্ম ছিন্ন বা অপসারিত করা ; ভগ্ন করা। "বিরহে টুটিয়া বাধা. আজি বিশ্বময় ব্যাপ্ত হ'য়ে গেছ, প্রিয়ে! : টুটিয়া আলয়. বিশ্বের কবিতারূপে হয়েছ উদয় চ.কা ১৩০। —টা সর্ম্ম [°ট+আ[৮]] ১ ছিন্ন করা ; নিরাকৃত করা। "কাম ক্রোধ রতি মায়া সকলি টুটাইল গো.চ ২৫০। ২ ন্যূন করা ; কমান। "হামারি গৌরব. তুহুঁ বাড়ায়লি. অব টুটায়ব কে চ.দা ১৪৪। শৈশবে বাড়াই নেহা যৌবনে টুটাই শ্রী.ম ১৪৩। আহার টুটান মাতা দিবসে দিবসে।—ক.চ ২২। ৩ দূর করা ; ঘুচান। "টুটাহ টিটিকার ভা.চ ৪৩০। ৪ ভঙ্গ করান ; কাটান। "নর্ত্তকীকে টুটাইব তালে : টুটাব তালে।—বা.ম ১৫৫। [টুটন (অপ্র)—হ্রাস, অল্পতা। "বলের টুটন ব.প ৪৯৭। বলে টুটন কৃ.উ ৪৩। টুটল—দূর হইল ; গেল। "টুটল তুয়া অবধিক পরথাব গো ২৪৭। টুটই, -ইতে, টুটউ, টুটয়, -য়ে (প.ক)। টুটা, -ন—সর্থ 'টুট[2], -টা'। টুটি গেলি—দূরে পলায়িতা। "চ ৫৬। টুট্যা —টুটিয়া, কমিয়া। "টুট্যা যাকু জল ক.চ ২০৭। টোটে—বিকৃত হয়। "পণ্ডিতের বুদ্ধি টোটে ম ম ১৭১। টোটাই—দূর করি। "বি.সু ১৩২।]

টুটন দ্র 'টুট[2]'।

টুট-টুট-টুট অবজ্ঞাসূচক। "ভারত ছাড়িয়া যাবো,—টুট-টুট-টুট! —হেম ৩৮৪।

টুটা বিণ [টুট[2]—টুটিত > °টা ; সং ত্রুটিত ; হি টূটা] ১ ছিন্ন, খণ্ডিত, ভিন্ন। ২ ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ। "পক্ষভেদে চন্দ্রমা যেমন বাড়া টুটা শ্রী ১৭। ৩ কনিষ্ঠ, ছোট। "সমান বয়স কার কেহ বাড়া টুটা শ্রী ২৩। ৪ ন্যূন, হীন, কম। "বলে টুটা কৃ.উ ৭০। কৃ ১৪২। বলে নয় টুটা শ্রী.মা ১২৫। কেহ কারে নহে টুটা সবে রূপরাশি—শি ৩০। ৫ হীন, জঘন্য, নীচ। "চর্ম্মধারী মাথায় জটা. তে কারণে দেখে টুটা ম.ম ৩৮। হরিশ্চন্দ্র রাজা হইতে মোরে দেখ টুটা ম.ম ১১০। ৬ অল্প। "মোর কি এ দুখ টুটা?—শ্রী ৯২। মনস্তাপ টুটা?—শ্রী.মা ১৪। খুটে খেতে দুটা নাহি টুটা মনস্তাপ?—শি ৩৪। ৭ অবিবেকী, মূঢ়। "সেন কন অহঙ্কারে ঐরি হয় টুটা শ্রী.মা ১৫৫। ৮ টক, চুকা। "সর্ব্ব লোকে খায় দধি স্বাদ নহে টুটা ম.ম ৭৪। ৯ সামান্য, অকিঞ্চিৎকর। "ধোপাঝী বলে পুত্র কার্য্য নহে টুটা ম.ম ৮৩। ১০ অকুশল, হীন, কম। "তোমার প্রসাদে আমি কোন কর্ম্মে টুটা ম.ম ৮৯। ব.প ৫৩৬। দাস দাসী দুটী কেহ টুটি নহে খেতে শি ৩৪। রায়বাঁশে কেহ নহে টুটা।—বি.সু ১৮। ১১ অগভীর, অল্প। "অগাধ জলচর যেন না জানে টুটা পানী ব.প ৭৫৯। ১২ মন্দ, মূঢ়। "এই যে তোমার মাসী বোধে নহে টুটা বি.সু ৩৭। ১৩ হ্রাসপ্রাপ্ত, কম। "বেড়েছে বাণের জল অতঃপর টুটা শ্রী ১৩২, -৭৯। ১৪ ক্ষীণ, শীর্ণ। "দুষ্ট কামশর, করে জরজর, দিনে দিনে হয় টুটা ক.চ ১৩৫। ১৫ ছিন্ন-হস্ত, ঠুঁটা। "হস্ত পদ গেল কেহ হৈল টুটা খোঁড়া শি ৬৫। —টা বি ১ সর্থ 'টুট[2]'। ২ ছেদ, ছিদ্র। "গঠে ডিঙ্গা নাহি টুটা ফাটা বা.ম ১৪৫।

টুটি, টুটী দ্র 'টুঁটি'।

টুটুরে বিং [টু[৩]—টুটু (দ্বিত্ব)] একটু-একটু, ছোট-ছোট। "গোয়া নারকেল নেড়ে রো। আম টুটুরে কাঁটাল ভো॥—খনা।

টুনটুন, -ছুটুছু বি [ধ্বন্যাত্মক] ঝাড়ের কাচফলকের মৃদুধ্বনি। "ঝাড়েরা…বাঁশে ঝুলে টুনটুন শব্দে ফিরে যাচ্চে হু ২০১।

টুনটুনি বি [সং টুণ্টুক ; ধ্বন্যাত্মক ; ড় ছুঁচমুনিআ] 'টুনটুন'-রব-কারী ক্ষুদ্রপক্ষিবিশেষ (Sylvia sutoria)।

টুনি বি সর্থ 'টুনটুনি'। "ক.চ ১২৬। ভ.গ্র ১৬০। গো.চ ২৫৫। [°ব্যাং—ছোট ভেকবিশেষ। "গো.চ ৪০।]

টুপ বি [ধ্বন্যাত্মক] ছোট ফল পড়ার শব্দ। "টাকা জিনিষটা নয় পাকা ফল, টুপ ক'রে খসে' ভরে না আঁচল।—কথা ১২৩। [°টাপ—ক্রমাগত 'টুপ' শব্দ। "ঝড়ে আম টুপটাপ ক'রে পড়ে। টুপ করে ডুব দেওয়া—টপ ক'রে (না ভাবিয়া-চিন্তিয়া) ডুব দেওয়া।]

টুপটাপ, -পটুপ বি [টপটপ > °প (অল্পার্থে)] জলবিন্দু ইত্যাদির মৃদু পতনশব্দ। "টুপটাপ পড়িছে শিশিরবিন্দুচয় স.শ ৮২। তরুপল্লবে সঞ্চিত জল, জলে পড়ে—টুপটুপ কু.কে ২৫। [টুপটুপিয়ে পড়া—টুপটুপ শব্দে পড়া। "ফলের পরে মুক্তোগুলি দোলে, টুপটুপিয়ে পড়ে ঘাসের কোলে।—শিশু ৬৭।]

টুপি, -পী বি [টোপিআ (দেশী—প্রা.ম) ; হি, ঠ, গু টোপী] ১ মস্তকের আবরণবিশেষ (cap, hat)। "মাথাএ সোনার টুপি গো.চ ২১৬। ২ ছাতার বাঁটের আগায় ধাতুকোষ (ferrule)।

টুয়া[১] বি সর্থ 'টুই'। "কষিয়া বান্ধিয়া দড় করে টুয়া ম.ম ১৬৮।

টুয়া[২], **টোয়া** সর্ম [হি √টোহ] ১ হস্তস্পর্শে সঙ্কেতপূর্ব্বক উত্তেজিত করা। "এ হেন কুমারে মারে টোয়াইয়া করী শ্রী ১২২। ২ সঙ্কেতপূর্ব্বক উত্তেজিত করা। "আমাকে ত্যক্ত করিবার জন্য রাস্তার ছোঁড়াদের টুইয়ে দিত আ.চু ২৬। [আঁধারে টোয়ান—অন্ধকারে হাত বুলাইয়া খোঁজা।]

টুল্[১] বি [হি 'টুল'—টুইল্] লাল পাতলা একপ্রকার কাপড়।

টুল্[২] [E. stool] উঁচু বসিবার চৌকিবিশেষ।

টুলি, -লী বি [হি টোলী] বস্তীর ছোট ভাগ বা পাড়া। [কুমার° —কুমারের বসতি বস্তীর অংশ বা পাড়া।]

টুস, -সকি, -সি বি [ধ্বন্যাত্মক] 'টুস'-শব্দে অঙ্গুলির মৃদু আঘাত; টুকি। —স বি [টোসা > °স] ক্ষুদ্রবিন্দু, অত্যল্প। "একটুসখানি তেল। [টুসি ঘাও—টুসি-আঘাত। "হৈলা ত্রাসযুত, দেখি নিজ সুত, টুসি ঘাও নাহি মারে ব.প ৭৮০।]

টুসটাস বি [ধ্বন্যাত্মক] লঘুদ্রব্যের পতন শব্দ (?)। "শিলাই পড়িছে টুসটাস শ্রী.ম ১৬৯।

টে[১] বি [ঠে > টে; অপ্র] ১ স্থানে, নিকটে। "আমার টে ত্থাও শুনিয়া গো.চ ২২০। ২ [টিয়া > টে] টিয়াবিশেষ। "শ্রী.মা ৮৬। ৩ [টা > টে] সর্থ 'টা'। "করেছিলাম এইটে মন দা ১৪৫৫। [ঐটে হইতে—ঐ স্থান হইতে। "গো.চ ৩৩।]

টে[২] দ্র 'টীয়া'।

টেংরা, টেঙ্গরা 'ট্যা-'বি [সং ত্রিকণ্ট, -ক ; হি টেংগরা ; মৈ টেংগর] ত্রিকণ্টকযুক্ত ক্ষুদ্র মৎস্যবিশেষ (Macrones vittatus)। "টেঙ্গরা ভা.চ ১২৬। শি ৮৫।

টেঁক বি ['টঙ্ক'—মূল; হি, ঠ টেক—উচ্চস্থান; তু 'টেক্কর'—স্থল(দেশী ৪.৩)] ১ অন্তরীপের মত নদীর মুখ-সরু তীর বা হুলা; বাঁকা তীর। "আট্টা বেঁক, ঠিক যেন নদীর টেঁক দা ৫১৪; শতেক ভাঙ্গা, যেন গাঙ্গের টেঁক ৫৫৭। ২ পরিহিত বস্ত্রের কটিপার্শ্বস্থ গ্রন্থিবিশেষ; গাঁঠ। "কেহ কেহ টেঁক থেকে টাকা খুলিয়া দিতেছে আ.চু ১৭৫। [টেঁকঘড়ি—টেঁকে রাখার ছোট ঘড়ি (watch)। টেঁক খালি—টাকাশূন্য টেঁক। টেঁক ভারী—টাকায় ভারী টেঁক।]

টেঁকখোর বিং [হি টেক; টে(টেং)ক—জিদ] একগুয়ে, জেদী।

টেঁ(টে)ক-সই বিং যাহা টিঁকে বা স্থায়ী হয়; মজবুত, পাকা।

টেঁকশাল সর্থ 'টাকশাল'।

টেঁ(টে)টন বি ['টেংটা'—জুয়াখেলার আড্ডা (দেশী ৪.৩) ; টেঁটা+ জন (?)] ১ যে জুয়ার আড্ডায় থাকে; জুয়ারী। "সর্ব্বনাশ হয় তার জুয়ার কারণ। সর্ব্বলোকে বলে বেটা উদাস টেটন ॥—বা.ম ৩৪০। যেই দেখে সেই বলে দূরে যা টেটন ম.ম ২০৮,-২৫। ২ ধূর্ত্ত, শঠ। "বরহি টেটন হএ সাধুর তনএ ম.পা ১৪১,-৪৭। —না বি সর্থ 'টেটন (১)। "ম.ম ২০৮; টেটনা করে পাঁচ বিয়া ২২৫।

টেঁ(টে)টা বি [তেকাঁটা > °টা (?), টেঁঠা (ফরিদপুর)] তিন-আল যুক্ত লৌহাস্ত্রবিশেষ।

টেঁশটেঁশ বি [ধ্বন্যাত্মক] কঠোর শব্দবিশেষ। "আগে না নুড়ালে বাঁশ। পাকলে করে টেঁশটেঁশ ॥—প্রবচন। [°শে—কঠোরভাষী। °শে কথা—কর্কশ বাক্য।]

টেক[১] বি [দ্র 'টেঁক'] সর্থ 'টেঁক (১)। "(বজরা) দেখিয়াছি —টেকের মাথায়—ঐ কি ?—ব.প্র ৩৮০।

টেক[২] ক্রি [E. take] লউন, নেন। "কম স্যার !···টেক টেক ন টেক ন টেক অ্যাক্‌বার তো ঘি।—হু ১৪১।

টেকর বি [হি °র; তু 'টেক্কর'—স্থল (দেশী ৪.৩)] উচ্চ ভূমি; টিলা। "যদি বর্ষে মকরে। ধান হবে টেকরে ॥—খনা।

টেকাল; টেকো[১]; **টেকো**[২] দ্র 'টিকল; টাক[১]; টাকুআ'।

টেক্কা বি [টিক্ক, -ক্কা > °ক্কা (?), দ্র 'টিকা'; ফা টক্কা] ১ এক ফোঁটার তাস (ace)। ২ (সাদৃশ্যে) শ্রেষ্ঠ, প্রধান। "ছোট বাবু ইয়ারের টেক্কা হু ৩৭; স্নানযাত্রাটি পরবের টেক্কা ৬১; নব্য বাবু রিফরম্‌ড্ ক্লাসের টেক্কা ২২০। [টেক্কা জ্যাটা—অতিজ্যেঠা, অত্যন্ত পাকা। "হু ২০৯। টেক্কা—দেওয়া—১ (তাসখেলায়) টেক্কা ফেলা। ২ প্রতিযোগিতায় প্রথম হওয়া। "মিথ্যে সাক্ষিতে আমি বুড়ির উপর যদি টেক্কা দিতে পারতুম, তা হ'লে বটে বোঝা যেত।—ঘ ১৭৭। টেক্কা মারা—১ (খেলায়) আড়িতে টেক্কা জোরে ফেলা। ২ প্রতিযোগিতায় হারান। "বেটা আমার উপর টেক্কা মেরে কোথা থেকে এক জাল বাবার জোগাড় করেচে ঘ ১৭৮।]

টেক্স বি [E. tax; 'টেসকো' (গ্রাম্য)] বস্তুবিশেষে কর। "(হে ইংরাজ !) তুমি চন্দ্র, ইন্‌কম টেক্স তোমার কলঙ্ক ব.বি ৬১১।

টেঙর বি [(?) বলয়বিশেষ (?)। "হাতে দিবে টেঙর শ্রী.মা ১০৮।

টেঙা বিং [সং টঙ্ক—কপিত্থফল; ট্যাঙ্গ (মালদহ); গ্রাম্য] টক।

টেটন দ্র 'টেঁটন'।

টেটারি বি [টেটা+কারী (?)] টেসকোনা পাখী (?)। "শ্রী ৫৬।

টেটিয়া বি [টেঁটন > °য়া] শঠ, ধূর্ত্ত। [টেটিয়া বজর—শঠের শিরোমণি; ঠেঁটার শেষ। "গো.চ ২১৯,-২২।]

টেড়া বি [সং তির্য্যক্ > প্রা তিরিঅ > বা (তেরা,-ড়া) °রা; হি °ঢ়া; ঠ তেডা, -ঢা; মৈ °ঢ়; প °ঢা; সি °ড] ১ বক্র, বাঁকা। "°বাঁকা। ২ অসমান্তর, তেরচা। ৩ কুটিল, পেঁচাল (কথা)। ৪ উগ্র, উদ্ধত, রাগী, গরম। "মাগী মগজ করে টেড়া ব.প ১৪৩৪। বিষম মগজ সদা টেড়া বি.সু ১৬। ৫ ব্যাবৃত্ত, বাঁকা। "নাহি শুনে ভাইয়া মুখ টেড়া করি রহে ভ.গ্র ২৭০। [°বাঁকা (হি °কা, °বেড়া, °মেড়া)—যাহা বাঁকা ও সুডোল নয়; বাঁকা-চুরা।]

টেড়ি বি [টেড়া+ই[১১]; হি টেঢ়ী (স্ত্রীলিঙ্গ)] ১ বক্র, বাঁকা। "বাতেতে কাঁকালী বেঁকা যান হয়ে টেড়ি ক.চ ২৫৯। ২ প্রতিকূল। "দেব দেখি টেড়ি, ভয়ে ভীত বুড়ি রা.শে ৮৬। ৩ তেরচা, হেলা। "মাথায় পাগড়ি টেড়ি শ্রী ১৭৮; ২৩২। টেড়ি পাগড়ি বা.দ ১২৭। —ড়ি, -রি[৩] বি তির্য্যক্ কেশবিন্যাস; বাঁকা সীঁথি। "যাদের সব টেড়ি-কাটা,···তাদের কর উপাসনা দা ৫৬৯; টেরিকাটা ২০৪৯। —ড়িয়া বিং বাঁকা, হেলা, তেরচা। "টেড়িয়া করি পাগড়ি বান্ধি ছেঞার দিগগে চায় গো.চ ১৯৮।

টেনা 'ট্যা-' বি [তানা > তেনা, °না] কাপড়ের তানার মত জিরজিরে বস্ত্র; জীর্ণ বস্ত্র; ছেঁড়া কাপড়; কানি। "তখন পড়িতে টেনা শ্রী ২২৮। °খানি বা.ম ২৩০। °মাত্র ভ.গ্র ৩৪৬। সাতগেঁটে টেনা ম.ভা ১১; ৪৮। শি ৯০। শতগাঁটি ছেঁড়া টেনা ভা.চ ২১০। বৌকে পয়াল টেনা গি.ধি ২৪।

টেপ 'ট্যাপ্' বি [E. tap] উদরীরোগে জলীয় পদার্থ বাহির করার নিমিত্ত উদরের বেধনছিদ্র। "টেপ করা।

টেপা বিং [ঠ টাপসা—স্ফীতি] স্ফীতোদর। "শীতে টেপা; খেয়ে টেপা। —পা বি পেটটেপা একপ্রকার মাছ। "ম.গা ২১।

টেপা(ফো)ল্যা বিং [অপ্র] টোপান, টোপে-টোপে পতিত। "গাছের টেপা(ফা)ল্যা পাণী ম.গা ২৬। গো.চ ৩৮১।

টেপারি বি [সং পেটারি; cf., E. strawberry] বেগুনের মত বহুবীজ ফলবিশেষ (Physalis peruviana)।

টেবা বি টাবালেবু। "টেবা ফল ম.ম ৫১।

টেবিল বি [E. table; হি টেব্‌ল] লেখনাদির নিমিত্ত চারপায়া উঁচা চৌকিবিশেষ; মেজ। "টেবিল চেয়ারের মজলিস হু ১৪।

টেমাই বি [ধ্বন্যাত্মক] 'টেম-টেম'-শব্দকারী বাদ্যবিশেষ; 'টেমটেমে' (?)। "ব.প ৪৩৭। শ্রী ১১৬,-৬৪,-৯০।

টেমি বি [হি 'টেম'—দীপশিখা] ১ টিনের বা কাচের কেরোসিনের দীপবিশেষ। ২ [অস টেমি—চূনের কৌটা] ছোট কাঁসার ঘটী।

টের[১] বি [টেরা > °র (?)] ১ গৃহাদির সম্মুখস্থ মধ্যভাগ হইতে টেরা (তির্য্যক্‌স্থিত) অংশ; পার্শ্বদেশ, কোণ। "সুড়ঙ্গের নৈতে টের কোটালের সায় ভা.চ ৩৯৩। তোরা জানবি জান-লেটের, তাইতে দিয়ে গাঁয়ের টের,...রাজবাটীতে যাই দা ৫১৬। গুহা গহ্বরের, কোথা এক টের, সেথায় চলিল দৈত্য স্ব.প্র ১৩২। ২ তির্য্যগ্‌দর্শন, কটাক্ষে দেখা; অনুভব, উপলব্ধি, বোধ। "ক্রোধ হ'লে মৌনভাব, কেহ টের পায় না।—ভা.চ ৬৬৭,-৮৩। ৩ গূঢ় বিষয়ের বোধ। "পাইয়াছে টের, কি করে এ ফের, কবি রায় গুণাকরে ভা.চ ৫১। [টের করা (অপ্র) —দেখা, জানা। "চল শীঘ্র চণ্ডাল করিয়া আয় টের ব.প ৪২১। টের পাওয়া—১ অনুভব করা; দেখতে পাওয়া। "নাক দিয়ে...কফজল গড়াচ্ছে, কিন্তু তিনি তা টেরও পাচ্ছেন না হু ২১৬। ২ জানা। "এ কথা লোকে টের পেলে, আমাদের যত লাজ, তোর আর তত নয়। —মা ৩২৮। ৩ বিপদে পড়া (শাসনবাক্যে)। "সেই দিন পাইবে টের, যে দিন কালো লম্পটের, সঙ্গে দেখা হবে লো রঙ্গিণি।—দা ৪৬৫। দেখ, টাকা চাই, না পেলে টের পাবে গি.দ্বি ১০৯। [টেরটা বা টেড্ডা পাওয়া—বিপদ্ বুঝতে পারা (শাসনবাক্যে)। "মাসুষ মেলে টেড্ডা পেতে তোমায় যেতে হতো হরিণবাড়ি: সিঙ্গি মামা টেরটা পেতেন ছুটতে হতো উকীলবাড়ী হু ৫১। বাড়ী চল, টেরটা পাবে গি.দ্বি ১০৪।

টের[২], **-রক** বিণ [টেরা > °র, °ক (অর্ব্বাচীন সংস্কৃত); অস—টেরুরা] তির্য্যগ্‌দৃষ্টিবিশিষ্ট, কেকর, টেরা।

টেরচা, ট্যার্চা বিং [সং তির্য্যচ্ > প্রা তিরিচ্ছি (হে), তিরচ্ছি (ক.ম ২.১), তিরিচ্ছ (প্রা.ম); হি তিরছা] ১ বক্র, বাঁকা, টেরা (চাহনি)। ২ অসমান্তরাল। ৩ আড়া-আড়ি, কোণা-কোণি। ৪ আড়-ভাবে বোনা। "টেরচা ঢাকাই দা ২৪৭। সীতের ট্যার্চা সাড়ী হু ৪৩।

টেরা বিং [সং টের, -রক; ঠ তিরো] বক্র, আড় (চাহনি, চোখ)।

টেরি[১] ক্রি [হি √টের] চীৎকার করিয়া; কুপিতভাবে চেঁচাইয়া। "নয়ন-কাজর দেই, লিখই বিধুন্তুদ, তা সঞে কহত হি টেরি বি.প ১৯৫।

টেরি[২], **-রী** বি [হি °রী] বক্র কাঁটা ক্ষুপবিশেষ ও তাহার শুটিফল (ইহা কালির উপকরণ)।

টেরি[৩] দ্র 'টেড়ি'।

টেলিগ্রাফ বি [E. telegraph] বিদ্যুৎসাহায্যে তারে সঙ্কেতসূচিত সংবাদ-প্রেরণ; তার; তাদৃশ সংবাদ-প্রেরণের যন্ত্র। —গ্রাম বি [E. telegram] টেলিগ্রাফে প্রেরিত সংবাদ।

টেলিফোন বি [E. telephone] বিদ্যুৎসাহায্যে তারে কথা বলার যন্ত্র বা কথা বলা।

টেসক(কো)না বি [ধ্বন্যাত্মক] 'টেস'-রবকারী নীলকণ্ঠ পাখী °কোনো ক.চ ১২৫। "°কনা শ্রী.মা ৮৬।

টেসোমারা বিং [তর্ষ (শূর্ষ্য) > °সো] সূর্য্যতাপে শুঁঠা (ফল)। "পাকাত নয়, কাঁচাও নয়, যেমন টেসোমারা দা ২০৭১।

টৈটুম্বুর; টৈয়া; দ্র 'টইটুম্বুর, টয়া'।

টো প্র [টা > টো] সর্থ 'টে'। "হনুটোর কেবল তনুটো দা ১৪৫৫।

টোকচা বি [হি টুক সা] 'খণ্ডসদৃশ', কাগজের টুকরা।

টোকর বি [ধ্বন্যাত্মক] ১ অঙ্গুলির আঘাতে 'টক' শব্দ; ঠোকনা। "দুই তিন টোকর দিল পালের উপর ম.গা ১৮। গো.চ ৩৫৯। ২ আঘাত। "টোকর লাগিল চিত্তে পতির লাগিয়া বা.ম ৩৭৩।

টোকলা বি [ঠ টোকল.ı] প্রত্যহ সংগৃহীত দৈনিক খাদ্যাদির পরিমাণ। [টোকলা সাধা—ঘুরিয়া ঘুরিয়া টোকলা সংগ্রহ করা। "স্ত্রী—তামাক কোথা?—বাজারে টোকলা সাধতে যাব, তবে তো সব আসবে অ.প্র ৮১।]

টোকা[১] দ্র 'টুক[২]'।

টোকা[২] বি [ধ্বন্যাত্মক; ঠ ঠোকা—লাঠির ঘা] সর্থ 'টোকর (১)। "বি সু ৮৮। (বিষ্ণু) লক্ষ্মীর চিবুকে একটী আদরগর্ভ টোকা মারিয়া কহিলেন, 'আসামি হাজির' ষ ১২। আমি আসিয়া দ্বারে টোকা মারিব ব.প্র ২০৭; ৩৫৪। —কার বি সর্থ 'টোকা[২]'। "টোকার মারিল বীর ভীমের মাথায় ম ৯৭৮।

টোকা[৩] বি [P. touca] টোপরের মত তালপাতার ছাতাবিশেষ। "ক.চ ৯০। টোকার টোপর মাথায় দিয়ে...কে ওই মাঠে?—কু.কে ৬৮। আ.দু ১১২। [°পানা—টোকার মত শেওলা।]

টোটক বি [?] পক্ষিবিশেষ। "শ্রী ৫৬।

টোটকা বি [ত্রোটক > °কা; হি °কা] ১ তান্ত্রিক তন্ত্র-মন্ত্র; অভিচার-কার্য্য। ২ গাছ-গাছড়া ইত্যাদির ঔষধ। "জারক লেবু প্রভৃতির টোটকার ব্যবস্থা করিলেন ব.প্র ৩৬৮।

টোটন বি [ত্রোটন > °ন; অপ্র] চয়ন। "কুসুম° ভ.প্র ৪৬০।

টোটা[১] বি [হি °টা; ঠ তোটা; টুট+আ (?)] ১ কারতুস (cartridge)। ২ [হি °টা] জ্বলিত বাতির শেষাংশ বা টুকরা। "টোটাবাতি জ্বলে।—হেম ৩৭৭।

টোটা[২] বি [তা 'তোট্টম্', (তেলেগু) 'তোটা'—বাগান; ড়—তোটা] ১ উদ্যান, বাগিচা। "সর্ব্ব টোটা ব্যাপিলেক অন্নের সুগন্ধে চৈ.ভা ৪৮৯। °মধ্যে চৈ.চ ১৪২,-৫১; যমেশ্বর° ২৮০। ২ পর্ণকুটীর। "নদী তীরে টোটা বান্ধি কৈল স্থান ভ.প্র ২৫৯।

টো-টো ক্রি.বিং [সং তত্র > প্রা তহ (পৈ) > বা (টহ > ট) টো (দ্বিত্বে?)] সেই-সেই স্থানে, নানাস্থানে, এদিকে-সেদিকে, চারি দিকে। "শুদ্ধ ঘুরে' অহোরাত্র বেড়াইছ টোটো।—মন্দ্র ৪১। সাহেব কখন আসিবে বলিয়া অনেকে টোটো করিয়া ফিরিতেছে আ.দু ১০২। [টোটো টোটো কামে—অনর্থক এখানে-সেখানে ঘুরিয়া বেড়ানর কর্ম্মে। "টোটো টোটো কামে করে দেহের পতন।—শ্রীঅমৃতলাল বসু।]

টোড়ী বি [সং ত্রোটকী > প্রা *তোডঈ > বা (তোড়ী) °ড়ী; হি °ড়ী] (সঙ্গীতে) রাগিণীবিশেষ। [ইহার সময় দিবা দ্বিতীয় প্রহর, ঠাট রি গা ধা নি কোমল, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

টোন[১] বি [সং তূণ > প্রা তোণ (অ.রা; প্রা.ম) > বা °ন; অস টোণ] শরাধার। "অ.প ১০২। অক্ষয় দুই টোন ব.প ৭০১। ম.পা ৬০। চ.বি ৬৪; ২৯০; ৩০৩। শ্রী.ম ১৫৫। ম.বি ১৯৫। —না বি [দ্র 'আ[১৩]'] তূণাকৃতি গবাদির মুখকোষ (নদীয়া)।

টোন[২], **টোয়াইন্‌** [E. twine] দু-তারে বা তে-তারে পাকান শক্ত কাগজ-পত্র বাঁধার সূতা।

টোনা বি [সং তন্ত্র ; হি °না] তন্ত্র-মন্ত্র, ইন্দ্রজাল, জাদু। "আমি যে জানিয়ে. অনেক টোনার খেলা চ.সা ১২।

টোনিয়া বি [টোন১+ইয়া] তূণধারী, ধনুর্যোদ্ধা। "শ্রী.ম ১৬৯।

টোপ বি ['টোপিআ'—টুপি (দেশী—প্রা.ম) ; হি, ঠ, গু °প] ১ শিরস্ত্রাণ (helmet)। "শিরেতে সোণার টোপ শ্রী ১৯০। ২ টুপি। "বটপত্র-টোপ বা.ম ১১। গায়ে কাঁথা শিরে টোপ ভা.চ ৭২৯। চোগা …টোপ।—রঙ্গ ৯। ৩ [হি, অস °প] মাছ ধরার নিমিত্ত বড়শীতে গাঁথা খাদ্য ; চার (bait)। "টোপ দিয়ে মাছ ধরা মত দা ৯৭৯ ; ১৩২৯। ৪ (সাদৃশ্যে) টোপের মত গুটি। "টোপতোলা বাই দথণে শাখা দা ৯৮০। ৫ গদি-আঁটার নিমিত্ত কাপড়ের গুটি বা বোতাম। ৬ বোতামের সূচীকর্ম্ম বা নক্সা। ৭ তৈজসদ্রব্যে আঘাতজন্য টোপের মত অংশ ; টোল। "পিতলের কলসী ঘায়ে টোপ খায়। ৮ বিন্দু, ফোঁটা। [°তোলা, °দার—টোপকাটা। "টোপদার গুড়গুড়ি হু ১৯৪।]

টোপনা বি সেকরার টোপ-তোলার যন্ত্র।

টোপর বি [প্রা টোপ্পর, টোপর (দেশী, পৈ ২.২০৯, টীকা)] ১ শিরস্ত্রাণ, মুকুট। "অম্লান টোপর ম ১১। সোণার টোপর বালা বা.ম ২৬১ ; ৪০০। ম.ম ১৩২। শ্রী.মা ৪৪ ; ১৪৮। ২ যোদ্ধার শিরস্ত্রাণ। "কৃ.উ ৪৩ ; ১৪৮। টোপরে. কাটি বাণ ধারে. জর্জ্জর করিল তনু দু ৮২। কৃ ২৯৮। ক.চ ২৩৬,-৬৫। সানা টোপর শ্রী.ম ১৪৯,-৫৫। টোকার টোপর কৃ.কে ৬৮ ; গিরিরাজের গায়ত্রী-টোপর ১১২। (গোরা) মাথায় টোপর-কুরতি-পরা হু ৯১। রঙ্গ ৮। ৩ টুপি। "আপন টোপর নিয়া, বসিলা গাঁয়ের মিয়া ক.চ ৮৬। ৪ বরের মুকুট। "ম.ভা ২৯ ; ৩০। [°পানা—টোপরের মত শেয়ালা। "°নায় ভরল ডোবা কৃ.কে ৬৮। টোপরিয়া—শিরস্ত্রাণধারী।]

টোপলা বি [টোপ+পারা > °লা ; সং 'টপ্পর'—বংশপাত্র, টোপলা (ক.ম ১২১/২, টীকা) ; হি টোপরা, ঠ টোপলা—ঝুড়ি ; অস টোপোলা —পোঁটলা] টোপের (টুপির) মত ; চূড়াকারে বস্ত্রাদিতে বদ্ধ দ্রব্য ; পোঁটলা। "পাটর টোপলা শূ ৯৩।

টোপসা বিং [টোপ+হি সা] টোপসদৃশ, বিন্দুতুল্য।

টোপাকুল বি টোপ-খাওয়া, অর্থাৎ রসহীন পাকা কুল। তু 'রস নাই যশ কিসে কুল হ'ল টোপা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

টোপান বি [টোপ+আ১ > √টোপা+অন] টোপে টোপে বা ফোঁটায় ফোঁটায় পড়া।

টোপাপানা বি টোপের মত একপ্রকার শেওলা। "শ্রী.মা ৯৭। মন আমার টোপাপানা, ডুবতে চায় না।—বাউল।

টোয়ত ক্রি [হি √টোহ—খোঁজা] খোঁজ করিতেছে। "টোয়ত অব ধনী সময় বসন্ত গো ২৪৭। [টোয়ত সময় বসন্ত—বসন্তকালের খোঁজ করিতেছে ; বসন্তের আগমন প্রতীক্ষা করিতেছে।]

টোয়া দ্র 'টুয়া২'।

টোয়াইন্ ; টোয়ান ; টোয়ে দ্র 'টোন২ ; টুয়া২ ; টয়া'।

টোরা বি [হি টোড়া—চঞ্চুতুল্য সূক্ষ্মাগ্র কাষ্ঠ ; তোড়া (চব্বিশপরগনা)] চঞ্চুমুখ পাঁকালবিশেষ। "টোরা গছি মাছ গো.চ ৩৮।

টোল১ বি [হি টোল—পাঠশালা] সংস্কৃতপাঠশালা, চতুষ্পাঠী। [টুলো —টোলসম্বন্ধী, টোলের। "টুলো পুজুরি ভট্টচাজ্জিরে…স্নান কত্তে চলেচে হু ১০।]

টোল২ বি [নিটোল > °ল (বিপরীত)] সর্থ 'টোপ (৭)। "গো ব্রাহ্মণ হাজার আহার করুক…পেটের টোল মরে না ন.ত ৬৬। [টোল মরা—আহারে পেট নিটোল হওয়া।]

টোল৩ বি [হি টর] কর্কশ বাক্য, কড়া কথা। "নাতি টোল করিলে তোমার নাই লাজ কৃ ২২০।

টোলা বি [হি °লা ; মৈ টোল ; জাটু—,ঠোলা'] নগরের অংশ ; পাড়া, পল্লী। "আহীরী° কলু°, জেলে°।

টোসা বি [টোপসা > °সা] বিন্দু, ফোঁটা। "সেই রক্ত টোসা টোসা ঘিয়ের কড়ার উপরে পড়ে হু ৮০।

ট্যাংট্যাঙে বিং ট্যাং(জঙ্ঘা)-পর্য্যন্ত-ঝুল ; ঝুল-খাট। "পোষাক—পেনটুলন, ট্যাংট্যাঙে চাপকান হু ১৭।

ট্যাঁ বি [ধ্বন্যাত্মক] শিশুর কান্নার শব্দ।

ট্যাঁক বি [দ্র 'টেঁক'] ১ সর্থ 'টেঁক (১)। "ওই ঘুঘড়ির ট্যাঁক (সুরধুনীকাব্য)। ২ সর্থ 'টেঁক (২)। "ঢের টাকা নিয়ে গেল ট্যাঁকে কা ১২৫। হু ২৩০।

ট্যাঁস [E. trash (অবজ্ঞা)] অবজ্ঞাসূচক শব্দ। "°ফিরিঙ্গী।

ট্যাকট্যাক বি [ধ্বন্যাত্মক] অশ্বাদিচালনার্থ জিহ্বাকৃত শব্দবিশেষ। "গাড়োয়ান…জিবে ট্যাকট্যাক শব্দ করে চাবুক মাথার উপরে ঘোরাতে লাগলো হু ২১৭।

ট্যাকা বি টাকা (স্ত্রীভাষা)। "মেয়ে দেখা নেই, ঘর দেখা নেই, কেবল ট্যাকা—ট্যাকা অ.গ্র ৭৯।

ট্যাঙ্ক বি [E. tank] বৃহৎ টিনের জলাধার।

ট্যাঙ্গট্যাঙ্গ বি [ধ্বন্যাত্মক ; cf., E. twang] ধনুর্গুণধ্বনি, টঙ্কার। "ট্যাঙ্গট্যাঙ্গ সেই কোদণ্ডটঙ্কার ন ১০৭৩।

ট্যাঙ্গনা বি [অপ্র] সর্থ 'টেংরা'। "কিনকিন করিয়া ট্যাঙ্গনা বাজায় সারেন্দি গো.চ ১০৬।

ট্যাড়চা বিং সর্থ 'টেরচা (৪)। "ট্যাড়চা সাড়ী (পাঠান্তর) হু ৪৩।

ট্যাপা বি সর্থ 'টেপা (বি)। "ট্যাপা মাছ গুআ হ্যাকছে গো.চ ১০৬।

ট্যামটেমী বি [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "নাগরা ও ট্যামটেমী বেজে উঠলো হু ১৯১। —টেমে বি শিশুর বাদ্যবিশেষ।

ট্যারা বিং [সং টের ; অপ্র] টেরা। "ট্যার চোকে গো.চ ৯৯ ; বাম চোক তার ট্যারা ২৬৬ ; ট্যার চোক্‌থে চায় ২৭৭।

ট্যাসল বি [E. tassel] ঝালর। "ট্যাসল দেওয়া টুপি হু ১৯৫।

ট্রাম বি [E. tram] সহরের বড় রাস্তায় রেলে-চলা গাড়ী।

ট্রেজারি বি [E. treasury] কোশাগার, রাজকোষ।

ট্রেণ, -ন বি [E train] রেলগাড়ী। "ট্রেণের পথ হু ২৩০।

ঠ

ঠ১ ট-বর্গের দ্বিতীয় এবং দ্বাদশ ব্যঞ্জনবর্ণ ও স্পর্শবর্ণ। দ্র 'ক১', ট১।

ঠ২ পুং ১ শিব। ২ মহাধ্বনি। ৩ চন্দ্রমণ্ডল। ৪ মণ্ডল। ৫ শূন্য, বিন্দুরূপবর্ণ। ৬ লোকগোচর। ৭ প্রতিমা।

ঠং বি [ধ্বন্যাত্মক] ১ কাঁসি বাদ্য বা ঘণ্টা-প্রভৃতির ধ্বনি। "ঠং-ঠং-ঠং কাঁসী।—হেম ৩৮৮। মন্দিরেতে কাঁসর ঘণ্টা বাজল ঠং ঠং।—শিশু ৮৪। ২ কঠিনদ্রব্যের আঘাতজন্য শব্দ। "খুঁজিতে খুঁজিতে ঠং করিয়া শব্দ হইল।…(প্রফুল্ল) বুঝিল ঘটি কি ঘড়ার গায়ে সাবল ঠেকিয়াছে ব.গ্র ৩৫৮। দ্র 'ঠং'।

ঠক১ বি [তু 'ঠগ'—ঠক (দেশী ২.৫৮) ; হি ঠগ ; ঠ মৈ ঠক,-গ ; গু ঠগ ; তু 'ঠগ্‌গিণি (ঠগিনি—সম্বোধনে)—বি.মা ৫২১/২।] ধূর্ত্ত, প্রতারক। "ঠক ঠেটা শ্রী ৩ ; ১২৮,-৯। ঠক কৈল ঠকে ভা.চ ৪৩০। ঠক বুড়া শি ৯৪। বা.দ ৭৮। [ঠক বাচতে গাঁ উজো-(জু)ড়—দুশ্চরিত্র লোক বাচিতে বাচিতে গ্রাম শূন্য, অর্থাৎ গ্রামের সকলেই ঠক ; ভাল-মন্দের বিচারে অধিকই মন্দ। "শ্রী ৬৪ স.গ্র ২।]

ঠক[২] বি [ধ্বন্যাত্মক] কঠিন দ্রব্য ঠোকার শব্দ। [ঠক-ঠক, ঠকাঠক—ক্রমাগত ঠক-শব্দ। ঠকাৎ—ঠকশব্দ।]

ঠক[৩] অর্ম্ম [ঠক[১] > °ক; হি √ঠগ ; ঠ √ঠক] ১ প্রতারিত হওয়া ; ঠকা। ২ অকৃতকার্য্য হওয়া ; হারা। ৩ অপ্রস্তুত হওয়া।—কা সর্ম্ম [°ক+আ[৮]; হি √ঠগ] ১ প্রতারিত করা ; ঠকান। "ঠকায়ে পতির প্রাণ আনিলে হরিয়া বা.ম ৩৭৩। কি ঠকানটাই ঠকালে, মা গো!—কা ৮৫। ২ হারান ; অপ্রস্তুত করা। [ঠকা—সর্থ 'ঠক[৩]'। ঠকান—১ সর্থ 'ঠকা'। ২ যাহাতে ঠকে বা হারে। "ঠকান (ঠকানে) প্রশ্ন (a catch question)।]

ঠকঠক বি ধ্বন্যাত্মক; হি, ঠ °ক] ১ ক্রমাগত ঠকশব্দ (দ্র 'ঠক[২]')। "দ্বারে ঠকঠক করিয়া অল্প শব্দ হইল ব.প্র ২০৭। ২ জপমালার শব্দ। "শালা এদিকে মালা ঠকঠক করে মা ৩৪৬। ৩ [প্রা থগথগ—কাঁপা (প্রা.ম)] দ্রুত কম্পনের ভাব। "বাঙ্গালি ছোট জাতিরা একটু ঠোকর খাইলে ঠকঠক করিয়া কাঁপে আ.দু ৮। হঠাৎ একটা শীতে…বুকের মধ্যে ঠকঠক করে' কাঁপতে লাগল ঘ ১৯০। ৪ [হি °ক] ঝঞ্ঝাট, বিপদ্। "ঠকঠকে ঠেকিয়াছি বা.দ ৭৮। নারায়ণ সাধুকে ফেলিলে ঠকঠকে ব.প ১৪৯১।

ঠকঠকা অর্ম্ম [°ঠক+আ[৯]; হি √°কা; ঠ √°ক] ১ ঠকঠক শব্দ করা। ২ ঠকঠক করিয়া কাঁপা। [°কান, কানি—সর্থ 'ঠকঠক'। "রুদ্রাক্ষির ঠকঠকানি গি.দ্বি ১১২। °ঠকি[২]—ঠকঠকাইয়া, ঠকঠক শব্দ করিয়া। "নড়ি ঠকঠকি,…পঁহুছায় কোটরের দ্বারে স্ব.প্র ১৩৯।]

ঠকঠকি[১], **-কী** বি [°ক+ই[১১]] ১ ঠকঠক শব্দ। "দন্ত করে ঠকঠকী বা.ম ৩১। ঠকঠকি হাড়ির কোড়ার পটপটি ভা.চ ২৭১। কাঠের মালার ঠকঠকী হ ৬৬। ২ [হি °ঠক] ঝঞ্ঝাট, হাঙ্গাম, বিপদ্। ৩ [হি °ঠকিয়া] হুজ্জতী, হাঙ্গামে, দুর্ব্বৃত্ত। "ঠাকুরাণী কর পার ঠক-ঠকি-হাতে ব.প ৯৫০। —ঠকে বিং [°ঠক+এ[৭]] ঠকঠকশব্দ-কারক, অর্থাৎ কঠিন, আঁটরা। "ঠকঠকে হাতে ঠেকে।—শি ১০৫। —ঠকে বি [ঠ °ঠকেং] ঠকঠকশব্দে পাখী ইত্যাদি তাড়াইবার বাঁশের বা কাঠের যন্ত্র।

ঠকঠকি[২]; **ঠকঠকী, -ঠকে** দ্র 'ঠকঠকা; ঠকঠকি[১]'।

ঠকঠাক বি [°ঠক > °ক] সর্থ 'ঠকঠক (১)'। "ঠকঠাক…ঠনা মারে ঠোঁটে শ্রী.মা ১৩৯।

ঠকঠাঙ্গি বি [হি ঠংটী > ঠাঙ্গি ; অপ্র] ভয়ে কম্পন ও নিশ্চেষ্টতা। "তিন কোটী সৈন্য পড়ে লাগে ঠকঠাঙ্গি কৃ.উ ৯৭।

ঠকরঠকর বি [ধ্বন্যাত্মক] ঠকঠক-শব্দ। "মজুমদার…লাঠি…লইয়া ঠকরঠকর করিয়া সম্মুখে উপস্থিত হইল আ. দু ১১৬।

ঠকরিঞা ক্রি [অপ্র] ঠকঠক করিয়া নাড়িয়া। "(মুনি) বিরস বদনে ঘর গেলাহ ঠকরিঞা মাথা কৃ.উ ৫৫।

ঠকাঠক বি [ঠকঠক > °ক] সর্থ 'ঠকঠক' (১)। —ঠকি বি [°ক+ই[১১]] ১ কম্প হেতু দন্তের ঠকঠক-শব্দ। "হেমন্তের নিদারুণ শীতে°… দশনে দশনে ঠকাঠকি অ.গু ১২৫। ২ ঘাত-প্রতিঘাত, প্রতিদ্বন্দ্বিতা।

ঠকান দ্র 'ঠক[৩]'।

ঠকাম, -মি বি [ঠক[১] + আম[৩], -মি[২] ; হি—ঠগঈ] ১ ঠকের কার্য্য ; ধূর্ত্ততা, দুষ্টামি! "ঠকাম করি দুষ্ট অপবাদ দিয়া ভ.গ্র ৩৪৭। ২ আড়ালে নিন্দা ; লাগান-ভাঙান, চুগলী। "যাহার চাকরাণী নাই, তাহার ঘরে ঠকামি…নাই ব.প্র ২৬৫।

ঠকার পুং [কর্ম্মধা] ঠস্বরূপবর্ণ, ঠ-বর্ণ।

ঠ(ঠো)ক্কর বি [ধ্বন্যাত্মক ; হি ঠক্কর] সর্থ 'টক্কর (১)'।

ঠক্কুর পুং [(?)] ১ দেবপ্রতিমা, ঠাকুর। ২ রাজা। "ক.ম ৮। ৩ দ্বিজের উপাধিভেদ। "গোবিন্দ° (কাব্যপ্রদীপকার)।

ঠগ বি [দ্র 'ঠক'] ১ সর্থ 'ঠক[১]'। "যোগের হইলা ঠগ কদলীতে আসি গো.বি ১০৩। ঠগেরে বাড়াইলা ব.প ৩২৮। ঠগ-বাণী ক.চ ১০০; ১০৩। ২ দস্যুদলবিশেষ ; দস্যু। "তোমার পিতা ঠগ ছিল—কত নর-হত্যা করিয়াছিল, তাহার সংখ্যা নাই পা.প্র ৪৬।—গা বি ধূর্ত্ত। "ক.চ ৯৯ ; ছাড় ঠগা কপট চাতুরী ১০৯। —গি বি সর্থ 'ঠগ (২)'। "ঠগি-উপদ্রব-নিবারক…স্লিমান সাহেব পা.প্র ৪৫। —গিনী বি ধূর্ত্তনারী ; দুষ্টা। "ঠেসে ধর্‌য়া ঠোনা মারে ঠগিনী বলিয়া বি.হ্ ৯৪। [ঠগপনা (হি °না)—সর্থ 'ঠকাম (১,২)'। "রাজার নিকট গিয়া ঠগপনা করি (কহয়ে) ভ.গ্র ২২৭। ঠগমগ—দুষ্ট-দুর্ব্বৃত্ত, ঠকঠেটা। "ঠগমগ লইয়া শুরু করিয়াছ পাড়া মী ২৩।]

ঠঠং, ঠঠঠং ব্য [ধ্বন্যাত্মক] শূন্যগর্ভ কঠিন দ্রব্যের আঘাতজন্য শব্দ "রামাভিষেকে মদবিহ্বলায়াঃ কক্ষাচ্চ্যুতো হেমঘটস্তরুণ্যাঃ। সোপান-মারুহ্য চকার শব্দং ঠঠং ঠঠং ঠং ঠঠঠং ঠঠং ঠঃ॥—মহানাটক। ঠঠঠং ঠঠ নরকপালে, শ্মশানভূমিতে চলে।—হেম ৯৫।

ঠঠনি বি [ধ্বন্যাত্মক] বাণে বাণে আঘাতের শব্দ। "বাণের ঠঠনি শুনি কৃ উ ২৫১।

ঠন বি [ধ্বন্যাত্মক] কঠিন দ্রব্যের আঘাতজন্য শব্দ। "নুড়ি কুড়াইত কত, ঠন করে' ঠেকাইত শিকলের পর চ.কা ৯৭।

ঠনঠন বি [ঠন+ঠন (পৌনঃপুন্যে দ্বিত্ব) ; হি °ন ; ঠ ঠণ্ঠণ] ১ সর্থ 'ঠঠনি'। "ঠনঠন ইষু সঘন বোল দু ৬১। ২ ঘড়ির শব্দ। "ঠনঠন বাজে ঘড়ি ব.প ১৪৮৭। ভা.চ ৫৩৯,-৪০। ৩ বাণাঘাতের শব্দ। "ঠনঠন করিয়া রাজার ঠাট বিন্ধে ক.চ ১০৩ ; ২৫৪। ৪ কঠিনদ্রব্যের ঘাত-প্রতিঘাতের শব্দ। "ঠনঠন ঠেকাঠেকি।—শি ৭১। পিতল কঙ্কণ, পিতলের থালি পরে বাজে ঠনঠন চ.কা ২৪১। ৫ রান্নার সময়ে হাঁড়িতে কাটি-নাড়ার শব্দ। "রোহিণী ঠনঠন করিয়া দালের হাঁড়িতে কাটি দিতেছিল ব.প্র ২৬০। ঠনঠন করিয়া হাঁড়ির কানায় ভাতের কাটি বাজিতেছে ব.দ্বি ১২৮। —ঠনি বি ১ সর্থ 'ঠঠনি'। "কৃ.উ ৬৩। কৃ ৬৮। বাণের ঠনঠনি চ.বি ৭৯ ; ১৬৭। ২ ঘণ্টার বা মন্দিরার ধ্বনি। "মন্দিরা ঠনঠনি ক.চ ২৪২। গজঘণ্টা-ঠনঠনি ভা.চ ২৬৬। ৩ নীরস ব্যঞ্জন—শাক ভাজা। "বাথুয়া ঠনঠনি ক.চ ৪৩ ; ২০৮।

ঠনঠনা অর্ম্ম [°ঠন+আ[৯] ; হি √°না ; ঠ √ঠণ্ঠণ] ঠনঠন শব্দ করা [°ঠনান, -নি—ঠনঠনশব্দ-করণ। "বাসনের ঠনঠনানি পা.প্র ১৮৮। প্রতিমা ঠনঠনাচ্চে—নিরাভরণ প্রতিমা নীরস ও রুক্ষ বোধ হইতেছে। "আ.দু ৫৮।]

ঠনঠনে বিং [°ঠন+এ[৭]] ঠনঠনশব্দ-কারক, শুষ্ক, কঠিন। —ঠনে বি কলিকাতার ঠনঠনের চটীজুতা। "কেরাঞ্চি কাহারো ভাগ্যে, কারো বা ঠনঠনে।—হেম ৩৭৮।

ঠনঠান ক্রি.বিং [ঠনঠন > °ন] ঠনঠনশব্দে। "টাঙ্গি…হানে ঠনঠান শ্রী ১৬ ; (টাঙ্গি) °ন পড়ে মাথে ১৪০,-৪২,-৬৬ ; ২২৫।

ঠনাঠন বি [ঠনঠন > °ন ; হি °ন] ঠনঠনশব্দ। "জয়ঘণ্টা ঠনাঠন গো.চ ৪৮২।

ঠমক[১] বি [ধ্বন্যাত্মক] ১ বাদ্যবিশেষ। "কৃ ২৫৬। ক.চ ১২৩ ; ২০৩। শ্রী ১৫৫। ২ মলের শব্দ। "মারবেলেতে মলের ঠমক বাজলো ক্রমে ক্রমে।—হেম ৩৮৬।

ঠমক[২] বি [সং 'স্তম্ভক'—মূল ; হি °ক ; ঠ °কা] ১ সবিলাসগমন-ভঙ্গি, খেলগতি, হাবভাবসহিত অঙ্গভঙ্গি। "হাতের ঠমকে নাচে গো.বি ৯৫। কাম চমক, ঠাম ঠমক ব ৬১। নাটুয়া ঠমকে…নাচে ব.প ৩১৯। নাটুয়া ঠমকে যায় প.র ৩৩। ঠাম ঠমকে, মন চমকে দা ১০৯৬। ২ সখেল প্রকাশ। "চপলা চমকে, ভুবন উজ্জ্বল করে রূপের ঠমকে স.শ ৮৫। ৩ প্রতিবন্ধক। "ঠমক না কর মাতা করি হে মিনতি বা.ম ৩৭৩। —কে ক্রি.বিং ১ হাবভাবসহিত ভঙ্গিতে। "ঠমকে দেখায় দুই স্তন গো.বি ২৬। মী ৫। কমলা ঠমকে হাসি, ছড়ায় রতনরাশি

সা. ম ১০ ২ মন্থরগমনে। "বরে প্রদক্ষিণ করে ঠমকে ঠমকে ব.প ১৪৪। পালভরা জাহাজের মত ঠমকে ঠমকে…রোহিণী…জল লইতে আসিতেছিল ব.প্র ২৬৬। [°ঠাট—হাবভাব, ভাবভঙ্গি। "কি ছুঁড়ীদের ঠমকঠাট দা ২০৯৩। °মারা—হাবভাবযুক্ত, বিলাসী। "নোকে বলে সউরে মেয়ে কিছু ঠমক-মারা নী ৬৯।]

ঠমক³ অর্ম্ম [ঠমক² > °ক ; হি √°ক] ১ চলিতে চলিতে থামা। "ঠমকি ঠমকি ধাএ জননীর কোলে শ্রী.ম ২৬। ২ সবিলাস বা অঙ্গ-ভঙ্গিপূর্ব্বক পা ফেলা। "(নটবর) ঠমকি ঠমকি চলত রঙ্গে ব ৫১।

ঠস(সো)ক বি [হি, ঠ, গু ঠসক] ১ অভিমান, গর্ব্ব। "রাজার বুকত চড়িল ঠসক মারিয়া।—ব.প ৭৪। মধ্যত বসিল মএনা ঠসোক মারিয়া গো.চ ১২৩,-৫। ২ সগর্ব্ব হাবভাবযুক্ত চলন ; বিলাসিতা। [°দার—অভিমানী ; বিলাসী।]

ঠসঠাস বি [ধ্বন্যাত্মক] করতলের আঘাতের শব্দ। "ঠসঠাস…ঠাকুরের করে শি ৭৯।

ঠা বি [সং স্থায়িন্ >প্রা ঠাই বা ঠা (?)] (সঙ্গীতে) দ্রুত লয়ের চতুর্গুণকালব্যাপী ও মধ্য লয়ের দ্বিগুণকালব্যাপী লয় (গী.সা)। [ঠা-দূন—ঠেকার দুই ফেরের মধ্যে সেই তালের এক ফের সমাধা করা 'ঠা' এবং ঐ এক ফেরের মধ্যে তালের দুই ফের নিষ্পন্ন করা 'দূন'।]

ঠাই বি [ঠাঁই > °ই ; পৈ °ই (স্থানে) ; °ই (দো)] ১ স্থান, আশ্রয়। "দেবকী উদরে আহ্মে লভিল ঠাই শ্রী.কী ১৯১। ঠাই নাই দাণ্ডাইতে শ্রী.মা ১৬৬। ঠাই দেহি ম.পা ৬০ ; ১৪৭। ২ স্থান, ভূমি। "প্রথম দান তোহ্মার জে ঠাই।—গ ৪৫। ৩ অধিষ্ঠিত স্থান। "চল চল যত্র পুত্র সিবের জে ঠাই গো.বি ১১৬। —ই [ঠাইএ > °ই ; পৈ °ই (স্থানে)] ১ স্থানে। "হর গৌরী আছে এক ঠাই মী ৩ ; ৯। বসিল ঠাই ঠাই।—গো.বি ৭। অন্য ঠাই জাই কৃ.উ ২৫৩। ২ নিকটে, কাছে। "তান ঠাই পাইলুম বর গ ১৯৬। জাহার ঠাই তুমি পাইলে পরাজয় কৃ.উ ৩২ ; গেলা শ্রীরামের ঠাই ২৬৮। মাএর ঠাই গো.চ ৭৫। আইনু তোমার ঠাই চ.বি ৩১৫। ৩ অধিকারে। "উৎপত্তি প্রলয় সমর্পিলা কার ঠাই গো.বি ৩। [ঠাএ, ঠায়ি, -য়িত—স্থানে (শ্রী.কী)।]

ঠাউর, ঠাওর² সর্ম্ম [সং স্থারয় >প্রা ঠারয় (প্রা.ম), *ঠাঅর >বা (ঠাউঅর) ঠাউ(ও)র, ঠাহর ; হি √ঠহরা] ১ স্থাবর (স্থিতিশীল) করা ; স্থির করা ; নির্ণয় বা নিশ্চিত করা। "পদ্মলোচন…ঠাউরে-ছিলেন যে তিনি সামান্য মনুষ্য নন হু ১৪৪ ; হুজুর…পায়দলে ব্যাড়ানই সঙ্গত ঠাউরে গাড়ি হতে নেবে…রঙ্গভূমির শোভা দেখতে লাগলেন ২০৯। আমার কাছে রাজার সন্ধান পাবে মনে কচ্ছো বুঝি ? তবে খুব ঠাউরেছ !—অ.গ্র ৪১ ; ঠিক ঠাউরেছেন, এ নোটিশ দেওয়াই উচিত ১০২। ২ (পরিণাম) ভাবা, বুঝা। "ঠাকুরণদিদি ! ঠাউরে কর্ম্ম করো।—দা ৯৮০। এ কথাটী বড় সহজ নহে—ঠাওরিয়া উত্তর দিতে হবে আ.ছু ১০৯।

ঠাএ [ঠাইএ > °এ] স্থানে, এইস্থানে, অর্থাৎ এখনই। "ঠাএ বিনাশিব গোপে দেখিবে এখন ব.প ৪৩১।

ঠাওর¹ বি [ঠাউর > °র ; হি ঠহরার] ১ স্থিরতা, নির্দ্ধারণ, নির্ণয়। "ভাঙ্গের ঘোরে, নয়ন ফিরে, চলিতে ঠাওর নাই ছু ২৪। কোথা যান ইতি উতি নাহিক ঠাওর চৈ ৭১। ২ সর্থ 'ঠাহর¹'। [°ঠোওর—বিশেষ দৃষ্টি বা মনোযোগ। "আমিওত ঠাওর-ঠোওর রেখেছি, পাঁচীল যাইবার যো নেই বাবা !—গি.দ্বি ১১৪।]

ঠাওর² দ্র 'ঠাউর'।

ঠাওরা সর্ম্ম [°র+আ⁸ ; হি √ঠহরা] সর্থ 'ঠাউর (১)। "কি করবেন কিছুই ঠাওরাইয়া পান না।—আ.ছু ১৫১। মিনসে, তিন দিনে একটা উপায় ঠাওরাতে পারিলি নি। হাকিমের লোক এসে বসুক, তার পর ঠাওরাবি।—গি.দ্বি ১২৮। আমাকে পেটুক ঠাওরাবেন না য ২৩। [ঠাওরাণ—ধরিয়া লউন ; ভাবুন। "ঠাওরাণ, য্যান এ দিকে বাবুর ত্রিজকা প্রস্তুত হতে লাগলো হু ১০৪। ঠাওরান—সর্থ 'ঠাওরা'।]

ঠাওরালি বি [ঠাকুরালি > °লি] প্রভুত্ব, প্রভাব। "ওই নিমাই পণ্ডিতটার কি ঠাওরালি, ওকে দলে নিতে পারবি ? —গি.দ্বি ৭৫।

ঠাঁই বি [সং স্থান >প্রা ঠাণ >বা (ঠানি) °ই ; হি ঠাঁ, ঠাঁঈং, -উঁ, -য়ঁ, -ব, -হীং ; ঠ ঠায়]। ১ স্থান, আধার। "ঠাকুরের উপায়ে সে ঠাঁই নাই থুতে।—শি ৪৩। ২ তীর, ডেঙ্গা। "ঠক বুড়া ঠাঁই জানি ঠেকাইল তরি শি ৯৪। ৩ আশ্রয়। "ঝড় বৃষ্টি হইলে বড় রহিতে নাই ঠাঁই ম.ম ৫৫। ঠাঁই দেহ চরণারবিন্দে ক.চ ১০৩ ; ২৫৪। এই বেলা দেখ আর ঠাঁই ভা.চ ২৩১। বি.সু ১৩২। ৪ [ঠ ঠায়—খাস্তাধার পাত্রাদি] ভোজনের স্থান। "নিশি ব্রজেশ্বরকে বলিল, 'ঠাঁই হইয়াছে—উঠ' ব.প্র ৩৯১। ৫ [ঠাঁই (স্থানে)—পৈ] ১ স্থানে। "ঘোড়চোরে দেখিতে পাইনু এক ঠাঁই কৃ ১৪। দিনকর-তেজ যেন সব ঠাঁই লাগে ম ২০২। ২ নিকটে, সমীপে। "তব ঠাঁই পক্ষিরাজ মানি পরাজয় কৃ ১৪৪,-৬৪ ; ২৫১। পাঠালেন তব ঠাঁই ক.চ ১৩২। বেহুলার ঠাঁই কয় ম.ম ২২৪। ৩ আধারে। "হরগুণ বরগুণ হৈল এক ঠাঁই ভা.চ ৮৪। ৪ (অপ্র) সঙ্গে। "বিবাহ না দিব তার ঠাঁই : এমত জামতা ঠাঁই, বিবাহ দিবারে চাহে তোরে বা.ম ৩১। —ঞি বি (অপ্র) স্থান, গ্রাম। "চিন্তাযুক্ত হইয়া চাহিলু সব ঠাঁঞি। তোমার কন্যার যোগ্য পাত্র কথু নাই॥—ন.প ৪০৩। [ঠাঁই ঠাঁই (ঠ ঠায়ীং ঠায়ীং)—স্থানে স্থানে। "ম.ম ৪০,-১। ভাই ভাই, ঠাঁই ঠাঁই। °নাড়া—স্থানচ্যুত।]

ঠাঁয় [ঠাঁইএ >ঠাঁয়ে > °য় ; হি ঠাঁয় ; অপ্র] ১ স্থানে। "রহ এই ঠাঁয় ভ.গ্র ৮০। ২ নিকটে, কাছে। "আমারে ফেলাল কার ঠাঁই চৈ.ম ১৩৯। [ঠাঁয়ে ঠাঁয়ে—পাশে পাশে, গায় গায়। "ঠেস দিয়া ঠাকুরে শুইল ঠাঁয়ে ঠাঁয়ে শ্রী.মা ৩৬।

ঠাকরীকলাই বি সর্থ 'ঠাকুরিকলাই'। "ব.প ৮৩।

ঠাকরুণ বি [ঠাকুরাণী >ঠাকুরাণ >ঠাকুরণ, -করুণ] ১ ঠাকুরের স্ত্রী : ব্রাহ্মণী। "মা-ঠাকরুণ পরণাম করি নী ২১। ২ শ্বশুরের স্ত্রী ; শাশুড়ী। "মা ৩৪৮। নী ২০। ৩ গৃহস্বামিনী। "ঠাকরুণ, আমি এতক্ষণ সটকাতুম, তা আমি কিছু পাব গি.দ্বি ১১৪। ৪ পূজনীয়া। "বৌ°, মা°, শাশুড়ী°। [°দিদী—বামনদিদী, ঠানদিদী। °বাড়ী—কালীবাড়ী। °বিষয়—শ্যামাসঙ্গীত। "হু ১৪৩।]

ঠাকুর বি [সং ঠক্কুর >প্রা ঠক্কুর, ঠকুর >বা °র ; হি °র ; ঠ ঠাকুর ; গু ঠাকোর ; °র (চ)] ১ দেবমূর্ত্তি, প্রতিমা। "°ঘর, °পূজা, °বাড়ী। ২ দেবতা। "ঠাকুর দিনমণি।—কৃ.উ ৪৪। শ্রী.মা ৩৩। শিব° : অভিশাপ দিলেন ঠাকুর শ্রী ৭৮। শিবঠাকুরের বিয়ে।—শিশু ৮৭। ৩ ইষ্টদেবতা। "মহেশ ঠাকুর বিনা অন্য নাহি জানি।—ক.চ ২০৮। ৪ শ্রীকৃষ্ণ ; কৃষ্ণবিগ্রহ। "বিপ্রপদ ধৌত করে আপনি ঠাকুর ব.প ৮২৪,-৫। ঠাকুর মোরে ক্ষীর দিলা চৈ.চ ৯৩। চৈ.ম ১২,-৩। ৫ অনাদি, ধর্ম্মদেব। "ঠাকুর কহেন ইন্দ্র শুন শ্রী ২০৪। ৬ বিষ্ণু, বিষ্ণুর অবতার, চৈতন্যদেব। "ঠাকুর থাকিল সর্প-উপরে শুইয়া চৈ.ভা ৩০ ; ২৮৩। ৭ সম্রাট্। "চলহ ভেটাই সেই ঠাকুরে তোমায়।—ম ৩১৭। ৮ রাজা। "তুই কোন ঠাকুরের বেটা তোরে ভয় কি ? —কৃ ২৫৯। কৃ.উ ১৭৯,-৮০। তুমি সে ঠাকুর ক.চ ৮৩ ; ঠাকুর করিলে মাতা ১০৩ ; ২৫৪। গৌড়ের ঠাকুর শ্রী ১০। শি ১০২। ৯ ব্রাহ্মণ। "°খুড়া, °দাদা, °মামা। চক্রবর্ত্তী ঠাকুর ক.চ ১৫৮। কি নাম ঠাকুর।—কথা ৩৯। ভবানী° ব.প্র ৩৭২। ১০ ক্ষত্রিয়, ক্ষত্রিয়ের উপাধি। "ঠাকুর লক্ষ্মণ কৃ ১৬৮। ম ৫৫৬। শ্রী ৯৮। ঠাকুর বলাই ব.প ৮১৪। ঠাকুর শ্রীরাম কৃ.উ ১৫৫। ১১ বৈষ্ণবের উপাধি। "হরিদাস° চৈ.ভা ১২২।

১২ প্রভু, মনিব। "আমার ঠাকুর যক্ষরাজ কৃ ৪০৪। কৃ.উ ১৮১। শ্রী ৪৪; তু চাকর কি ঠাকুর ২৫৬। ম.ম ১২৯। ভা.চ ৫৩১,-২। **১৩** সর্ব্বোপরি দেবতা; দেবদেব। "সংসারের ঠাকুর তোমারে আমি জানি ব.প ৬৭৫। তুমি ঠাকুর সভাকার, তোমার ঠাকুর আর, কে আছয়ে চৈ.ম ৮। **১৪** পূজ্য, মহাশয়। "পিতা°। শ্বশুর° ভা.চ ৪১৮। **১৫** নায়ক, সরদার। "সেনার ঠাকুর ম ৮২১, টীকা। **১৬** শ্বশুর। "°জামাই, °ঝি, °পো। কি হইল ঠাকুর শ্রী.মা ৯০। **১৭** ভাশুর। "বড়°, মেজ°। **১৮** প্রভু, পতি। "শুন ঠাকুর রাম ব.প ৫০৮; ৯৫০। ঠাকুর বনে গেল কৃ.অ ৯। শি ৩৪। ভা.চ ১০২। **১৯** পিতা। "°মা। শি ৯২। **২০** অধিকারী, স্বামী, মালিক। "গুণসিন্ধু নামে রাজা তাহার (কাঞ্চীদেশের) ঠাকুর।—ভা.চ ২৮৮। **২১** দীক্ষাগুরু, গুরুদেব। "°মশায়। কুলের ঠাকুর বন্দোঁ চৈ.ম ৩। **২২** বৎস, বাছা, বাবা (আদরে)। "দাসীরে বলিলে মাসী ও মোর ঠাকুর ভা.চ ২৮৮। **২৩** শ্রেষ্ঠ, প্রধান। "(তোমার কুলের নারী) রক্ষা কর কুলের ঠাকুর ম ৫০৭। দানীর ঠাকুর জ্ঞা ১৪২। **২৪** ব্রাহ্মণের উপাধিবিশেষ। "রবীন্দ্রনাথ ঠাকুর। দ্র 'সম্বন্ধনির্ণয় ৬৯৯-৭০০। **২৫** পাচক-ব্রাহ্মণ। **২৬** জ্যেষ্ঠ, বড়। "°কাকা, °ভাই। **২৭** গৃহীর নিত্যপূজ্য শালগ্রাম। [°কোটা, °ঘর, °দালান—দেববিগ্রহের অধিষ্ঠিত গৃহ; চণ্ডীমণ্ডপ। "°র দা ১৯৯৬। ঠাকুরঘরে কে? না আমি কলা খাইনি।—হু ১০৬। °ঘর পা.প্র ৫৯। °জামাই—**১** শ্বশুরের জামাতা; নন্দাই। "ব.দ্বি ২৩। **২** রাজার জামাই। "ব.প ৯৪০। ভা.চ ৩৯০। দা ৭২৯। °জি—ঠাকুরমহাশয়। "ঠাকুরজি কোথায়?—ব.প্র ৪১২। °ঝি, °ঝী—**১** শ্বশুরের কন্যা; ননদ। "°ঝি।—মা ৩৪৮। ন.ত ৬৯। **২** রাজার কন্যা; ভর্ত্তৃদারিকা। "°ঝী ব.প ৯৪০। ভা.চ ৩৯০। °দা, °দাদা—**১** যিনি দেবতাতুল্য ও সম্পর্কে দাদা, পিতামহ। "পা.প্র ৭০। **২** বামনদাদা। "দা ৯৮১। °দিদি,-দী—**১** ঠাকুরমা। **২** ঠাকুরাণীদিদী, ঠানদিদী। "কেন আইল ঠাকুরদিদি আই।—ম.ম ৫৬। °দেবতা—ইষ্টদেবতা; দেবতা। "ঠাকুরদেবতা স্মরণ করচ মনে।—শিশু ৪২। °পো—শ্বশুরের ছেলে; দেবর। "নী ১৭। °প্রণামী—ঠাকুরের (নারায়ণের, দেবতার) প্রণামের টাকা। "অ.গ্র ৮৫। °বাড়ী—**১** দেবালয়। "ব.প্র ৩৪০। **২** শ্রীক্ষেত্রধাম। °বাবা—পিতামহ। °মশায়—ইষ্টদেবতা, গুরুদেব; পূজ্যব্রাহ্মণ। °মা, ঠাকুমা, ঠাকুমাতা—পিতামহী, পিতার জ্যেঠী খুড়ী ইত্যাদি। "রাণীর ঠাকুমা ঃ ঠাকুমাতা অ.গু ৪১। °সেবা—দেবপূজাদি; ব্রাহ্মণের আহার। ঠাকুরকে দেওয়া—ব.দ্বি ৩৬।]

ঠাকুরণদিদি, -দী বি [দ্র 'ঠাকরুণ'] বামনদিদী, ঠানদিদি। "°দিদি দা ৯৮০,-৮১।

ঠাকুরাইন বি [ঠাকুরাণী > °ন; অপ্র] পূজনীয়া। "বউ ঠাকুরাইন গো.চ ১০২।

ঠাকুরাণি বি [ঠাকুরালি > °ণি] প্রভুত্ব। "তোহ্মার এথাতে নাহি গুরু ঠাকুরাণি গো.বি ১২০।]

ঠাকুরাণী বি [°র+আনী] **১** ঠাকুরের পত্নী; দেবী। "ঠাঁই দেহ ঠাকুরাণি চরণারবিন্দে ক.চ ১০৩; ২৫৪। ভা.চ ৪৩০। **২** দেবী, মহিষী। "সর্ব্বোপরি তোমারে করিব ঠাকুরাণী কৃ ১৪১। কৃ.অ ২০। ম ৫৯৫। **৩** স্বামিনী, কর্ত্রী। "কেমনে হইবে দাসী তুমি ঠাকুরাণী ম ৬৭; ১১৬৮। ঠাকুরাণীর ঝি বি.পা ৩২৭। ঠাকুরাণী হয়্যা হৈলুঁ দাসী ক.চ ১৭০। ভা.চ ৫৩১। দা ৭২৮। ঠাকুরাণি, উনি তোমার কে?—ব.প্র ১৪৮। **৪** ব্রাহ্মণী। "ঠাকুরাণি, সফল করহ মোর আশ ক.চ ৪৩; লীলা ঠাকুরাণী ১৮৬। রোহিণী ঠাকুরাণী ব.প্র ২৯০। **৫** আরাধ্যা ইষ্টদেবতা। "ভক্ত যার গুণ গায়, প্রভু ফিরে নাহি চায়, ধিক্ থাকুক ঠাকুরাণী নাম দু ৫৮। বি.সু ১৩২। **৬** পূজনীয়া। "মাতা°, দিদী°। আমার অধিক তব সীতা ঠাকুরাণী কৃ ১০৩। শুন ঠাকুরাণি ম ১০০০। **৭** শাশুড়ী। "ব.প ২৮১। জানকী বলেন গো কৌশল্যা ঠাকুরাণী কৃ ১০৩। ম ২৫১; ৫৬২। শ্রী ১৭৫। সী ৯৬। ব.প্র ২৯০। **৮** মাতৃতুল্যা নারী; মা। "আমারে করহ রক্ষা ওহে ঠাকুরাণী ম ৪০৩। ব.প ৩১১। **৯** উচ্চবংশীয়া নারী। "তুমি ঠাকুরাণী, মোরা ডোম জাতি হীন ব.প ২৮২। **১০** প্রভুকন্যা, ভর্ত্তৃদারিকা। "হীরা বলে ঠাকুরাণি, কিবা কর কাণাকাণি ভা.চ ৩১০।

ঠাকুরাল, -লি, -লী বি [°র+আল[৮], আলি[৪]; হি ঠাকুরী] **১** প্রভুত্ব, আধিপত্য, প্রভাব, প্রতাপ। "বাঢ়িল ঠাকুরাল কৃ.উ ২১,-৭। ঠাকুরাল পাই ব.প ৫। °ল বি.পা; ৩৭২। ক.চ ৯১। বাপের ঠাকুরালী ম.ম ২৭। বাঁকুড়াবাসী কৈল ঠাকুরালি।—হেম ৩৮৫; সাত শ টাকা মাইনে হলে হদ্দ ঠাকুরালি ৩৮৭। **২** ভক্তপরীক্ষার্থ দেবতার ছলনা। "ঠাকুরাণী ঠাকুরালী ছাড় কর ত্রাণ বি.সু ১৩২। **৩** ছলনা, কপটতা। "এত শীঘ্র ছাড়ি যাবা একি ঠাকুরাল বি.সু ১৭৭। **৪** সমাদর, যত্ন। "এ কোন তোমার ঠাকুরালী বা.ম ২৯৪। কেন হেন ঠাকুরালি বি.সু ১৪৩। **৫** আদর-আবদার। "ভুলিলা সে কাল, এ কি ঠাকুরাল, গরবে উলসে গা বি.সু ৩৮। **৬** ঠাকুরাণীপনা, গৃহিণীপনা। "কহে সখী জয়া, শুন গো অভয়া, এ কি কর ঠাকুরালি ভা.চ ১০৫। **৭** ঈশ্বরমহিমা, দেবত্ব, ঐশ্বর্য্য। "নাঢ়া চাহে মোর ঠাকুরাল দেখিবারে চৈ.ভা ১৯৩,-৪; ২০৩।

ঠাকুরিকলাই বি ঠাকুরের (কৃষ্ণের) মত কাল কলাই; ঠিকরাকলাই। "ঠাকুরিকলাইএর ডাইল গো.চ ৩০৫।

ঠাকুরুণ বি [দ্র 'ঠাকরুণ'] শাশুড়ী। "নী ১৭। লী ১০৪,-৫।

ঠাঞ বি [হি ঠাঁয়; অপ্র] স্থান, তৎস্থান। [ঠাঞতে গনি বইসে—তৎস্থানে, অর্থাৎ তখনি গণিয়া বৈসে। "গো.চ ১৩৯।]

ঠাঞি বি [ঠাঁই > °ঞি; অপ্র] **১** স্থান। "দরিদ্র যেমন, পাইয়া রতন, থুইতে ঠাঞি নাই পায় বি.প ২১৩। কহিতে নাহিক ঠাঞি ব ১৫৪। **২** নিকটে, সমীপে, কাছে। "শিখেছি একই গুরুর ঠাঞি গো.চ ৬৪। তোমার ঠাঞি পাব অব্যাহতি ব.প ৫৭২। বালী ঠাঞি গিয়া কৃ.উ ৭০। পুরুষের ঠাঞি ম ৫৯৩। চৈ.চ ১৭৬; ২৭৪। **৩** দেশে। "আইলা রাক্ষসের ঠাঞি বি.পা ১৮৮। **৪** (অপ্র) সেই স্থানে, অর্থাৎ তৎক্ষণাৎ। "ঠাঞি প্রাণ ছাড়ে কেহ কৃ.উ ১৮। **৫** (অপ্র) হস্তে। "এই কুমারের ঠাঞি কন্যা দিব দান বি.পা ২৬৬। **৬** নির্দ্দিষ্ট স্থানে; অংশবিশেষে। "দেখিলাম গাঁঠি দশ ঠাঞি চৈ.ভা ৮৯। —ঞী **১** স্থানে, নিকটে। "আসি কৃষ্ণের ঠাঞী ব.প ৭৬০,-৬৬,-৭০,-৭৪। **২** অবয়বে। "তিন ঠাঞী বঙ্কা ব.প ৭৬৭। [ঠাঞি ঠাঞি—স্থানে স্থানে। "কৃ.উ ১০৫।]

ঠাট বি [হি °ট; ঠ থাট; গু ঠাঠ, -ঠু] **১** বংশাদিরচিত গৃহপঞ্জর; চালের কাঠাম। "দিব্য করে ঠাট শ্রী.মা ৪৩। গৃহস্থের চিন্তা, বজায় করিতে চারি চালের ঠাটটা দা ৮০৬। **২** প্রতিমার পঞ্জর বা কাঠাম। "প্রতিমার ঠাটের মত ব.প্র ৪৪৫। **৩** পঞ্জরমাত্র, ধাঁচা; ঢব, ঢঙ। **৪** অবয়বসংস্থান, গঠনপ্রকার, গড়ন। "সেই তো সকলি বটে কামিনীর ঠাট বা.দ ২৫৬। **৫** সাজসজ্জা, আসবাব, সামগ্রী। "নেত চামরের ঠাট মী ২৮। কিছু ভোগবিলাসের ঠাট প্রয়োজন হইবে ব.প্র ৩৭৪। **৬** কপটপ্রবন্ধ, চাতুরী, ধূর্ত্ততা। "বিরাগ বলেন বুঝিলাম এই ঠাট। উদরভরণ লাগি পাতিয়াছে নাট॥—চৈ ২৫। **৭** বেশ, সাজ। "গোয়ালিনী ঠাট দেখি, হাসে ওঝা আড় আঁখি ম.ম ৭১। **৮** বেশবিন্যাস, সজ্জা। "আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে।—ভা.চ ২৭৯। **৯** আড়ম্বর, ধুমধাম, ভড়ঙ। **১০** আয়োজন, অনুষ্ঠান। "বিদ্যাপতি কহ ইহ রস ঠাট। কাম গুরু হোই শিখায়ব পাঠ॥—প.ক। **১১** সহচরগণ। "এত দিনে সখী সব আছিল ঠাট বি.প ৮০। **১২** সৈন্যসমূহ, চতুরঙ্গসেনা।

"সাজাইয়া আনে ঠাট ব.প ৩২৮। ঠাট এক চাপে যায় কৃ ১১৬; ঠাটের আগে ২২০,-৫৬। ঠাট রক্তেতে সাঁতারে ম ৭৬৪। রাজার ঠাট বিন্ধে ক.চ ১০৩; ২৫৪। শি ১৩। ডাকে ঠাট কাট কাট ভা.চ ৩৯১; ঠাট ডুবিল ৪৫৫। **১৩** সমূহ, মণ্ডলী, গণ। "কদলির ঠাট গো.বি ১৭২। নারীর ঠাট মী ২৪। বিবাধ পড়িল গজঠাটে ক.চ ৫৩; বরযাত্র° ১২৫। কামিনী° শ্রী.ম ৮৪; ৯৬। গোপিকার ঠাট চৈ.চ ৬৮। **১৪** রাশি, পুঞ্জ। "অদ্ভুত জলের ঠাট ব.প ২৪৬। করনখ চাঁদের ঠাট চৈ.চ ২২০। **১৫** দল, লোকসমূহ। "মনপবন কাঠ, না পাইলা চান্দের ঠাট বি.পা ১৬০। মীর বহর চলে ঠাটের আগুয়ান ব.প ২৩১। **১৬** বাগ্‌বিদগ্ধতা, রসিকতা, রসরঙ্গ। "এড় মেনে ঠাট কর কত: দুজনে ঠাট কথায় কথায় ভা.চ ৩৫৪,-৬০। **১৭** কৌতুক, পরিহাস, ঠাট্টা। "আধ বুড়া হৈলি তবু ঠাট ঘাটে নাই ভা.চ ৩৫৬। বলি, ঠাটকি মেয়ে ঠাট করিয়া কয় দা ৫৩২। **১৮** নির্ব্বন্ধভাব, ঔৎসুক্য। "আগো মেনে এ কি ঠাট, ঠাটে কহে হীরা বি.সু ২৮। **১৯** কপটভাব, ছল। দ্র 'ঠাট (১৮)। **২০** ভাব, প্রকার। "বীর গরজায় গজঠাটে ক.চ ৫২। নূতন নূতন ঠাটে খেড়ু শুনাইব ভা.চ ৪৪৮। **২১** পসার-প্রতিপত্তি, মান-সম্ভ্রম, চাল-চলন, বন্দোবস্ত। "তাহার মানস এই যে, দেনা-টেনা পরিশোধ করিয়া সাবেক ঠাট বজায় রাখিবেক আ.দু ১৬২। **২২** কেলি। "পদ্ম সনে অলি করে ঠাট।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। **২৩** সাধ। "লাজ নাহি চল চল,…পুরুষের এত কেন ঠাট।—ভা.চ ৩৪৩। **২৪** (সঙ্গীতে) সেতার-প্রভৃতি তারের যন্ত্রের শ্রুতি-অনুসারে সাজান সপ্ত সুরের পর্দ্দাসমূহ। [ঠাটকি—ঠাট-প্রিয়, কৌতুকপ্রিয়, পরিহাস-রসিক। দ্র 'ঠাট (১৭)। °ঠমক—সাজ-সজ্জা হাবভাব। "ঠাটঠমকে, মন চমকে দা ১০৯৬। ঠাটে (অপ্র)—ঠাড় হয়; দাঁড়ায়। ঘর হৈতে বারিয়া আগিনা নাই ঠাটে ব.প ১৩৬৩। ঠাটে ধায়—আড়ম্বরপূর্ব্বক ধায়। "বি.সু ১৩২। অচল ঠাট—(সঙ্গীতে) বাদ্যযন্ত্রের স্বাভাবিক ঠাট দ্র 'ঠাট (২৪)।]

ঠাটবাট, -ভাট বি [ঠাট+বা(ভা)ট (অনু.শব্দ); হি °বাট; গু ঠাঠভাট] **১** আড়ম্বর, জাঁকজমক। "মহাঠাটবাট দেখি দাসী সহচর ভ.গ্র ৬০। **২** বেশবিন্যাস, সাজসজ্জা। **৩** পসার-প্রতিপত্তি।

ঠাটা বি [ঠাট > °টা] **১** পঞ্জর, অস্থিময় অবয়ব। "গো-মুণ্ডের ঠাটা তারে সিংহছালে ছায়া ব.প ২১৮। দ্র 'বি.পা ১২৫। **২** [(?); তা যিটু] বজ্র। "বাঙ্গাল…বজ্রকে বলে ঠাটা স.এ ৫২। **৩** [ঠেটা > °টা] ধৃষ্ট, অবিনীত। "বুড়ি বলে ঠাটা বেটী যা না আন বাটে শ্রী ৮। **৪** ঠাট্টা। "লোকে শুনি করে ঠাটা শ্রী ৯২।

ঠাটী বিং [ঠাট+ঈ[৭]] **১** ঠাটপ্রিয়া, বেশবিন্যাসপ্রিয়া, বিলাসিনী। "নাগরে ভুলানে নানা বেশ করে ঠাটী শ্রী ৯৩। **২** [ঠাটা+ঈ[৭]] ধৃষ্টা, দুর্ব্বিনীতা, বেহায়া। "প্রথম সঙ্গমে ঠাটী নাহি করে ডর ক.চ ১৫৪।

ঠাট্টা বি [সং টট্টরী; হি ঠট্‌ঠা; ঠ ঠঠ্‌ঠা; ড় ঠটা; মুণ্ডারি—'ঠাটা'] উপহাস। [°তামাশা, °বিদ্রূপ, °মসকরা—কৌতুক-পরিহাস। "কেউ মাতাল বলে ঠাট্টামসকরা কত্তে লাগলো হু ২৯।]

ঠাঠ বি [দ্র 'ঠাট'] সর্থ 'ঠাট (৮)। "ঠাঠ দেখে ব্রহ্মচারী ঠাকুর পাগল।—শ্রী.মা ৮৪। —ঠা, -ঠার বি সর্থ 'ঠাট (২)?। "ঠাঠা বালুর মোধ্যে: ঠাঠার পড়িল গো.বি ১২০।

ঠাড়[১], -ড়া বিং [সং স্তব্ধ > প্রা ঠড্ড (হে ২.৩৯; অ.রা) > বা ঠাড়, -ড়; হি ঠাড়, -ঢ়, -ঢ়া; ঠ ঠাড; মৈ ঠাঢ়] **১** স্তব্ধ, স্থির; দণ্ডায়মান, খাড়া। "গোবিন্দদাস, ঝারি লই ঠাড়হি।—গো ৯। সিংহদ্বারে ঠাড়া হয় আহার লাগিয়া চৈ.চ ২৯৬। **২** স্থির, অনাকুল, ঠাণ্ডা। "আয়ান চতুর বড়, সদা মাথা ঠাড় রা.শে ৬৮। [ঠাড়া গুয়া পান—মানসিক সুসিদ্ধ হইলে দেবতার নামে সমবেত এয়োদিগকে দাঁড় করাইয়া কপালে সিঁদুর ও হাতে অখণ্ড পান সুপারি দেওয়ার স্ত্রী-আচারবিশেষ।

"মেনেছিলাম সত্যপীরে, পীর মেনে চেয়েছেন ফিরে, ঠাড়ো গুয়োপান দিতে হবে কালি দা ৭৬৫।]

ঠাড়[২], -ঢ়, -ঢ়[৩] অর্দ্ধ [ঠাড়, -ঢ় > °ড়, -ঢ়, -র] **১** স্তব্ধ হওয়া; দণ্ডায়মান হওয়া; দাঁড়ান। "ঠাঢ়ি রহল রাই নাহি আগুনারে বি.প ৬২; ঠাঢ়ি বদন পুন জোয় ১১৫। ঠাঢ়ি কদম তর রে বি.সা ৬৪২। বাঁকিয়া রহল ঠারি চ.দা ৪৮। ঠারি রহল তাঁহা রাই জ্ঞা ২১৬। রহল ধনি ঠাঢ়ি ব ১০৮। দোঁহি ঠাট ঠাঢ়ে শি ১৩। **২** দাঁড়াইয়া থাকা। "দুরহি একলি ঠারি বি.সা ৩২৮। [ঠাড়ই, -হি (দাঁড়ায়), -ড়ি, -ড়ে (প.ক)।]

ঠাড়মোড় বিং [ঠাড়+মোড় (মুড়); °মাড় (চব্বিশপরগনা)] 'স্তব্ধ-মুণ্ড', নিস্পন্দ, আড়ষ্ট। "ঠাড়মোড় হল লোক তরাসে হুতাশে শ্রী ৭৯।

ঠাড়া দ্র 'ঠাড়[১]।

ঠাঢ় দ্র 'ঠাড়[২]।

ঠাণ্ডা বিং [প্রা ঠড্ড (স্তব্ধ) > *ঠংঢ > °ণ্ডা (?); হি—ঠংডা, -ঢা; ঠ থংড, -ডা; গু ঠংডু; ড় ঠাণ্ডা; তু 'তা তণু (শীতল), তণ্ণী (শীতলজল)] **১** তাপহীন, শীতল (জল, হাওয়া)। **২** ধীর, নম্র, বিনীত, শিষ্ট, শান্ত। "ঠাণ্ডা ছেলে, মেজাজ। তাঁহাদিগের (অধ্যাপক-দিগের) গুণ এই যে, একত্র হইলে ঠাণ্ডারূপে কথোপকথন করা ভার আ.দু ১৩৩। **৩** অচঞ্চল, গম্ভীর, শান্ত। **৪** শাসিত, জব্দ। "বেতটা পড়লে হবেন ঠাণ্ডা কা ১৪১। **৫** উত্তেজনাহীন, জ্বালারহিত। "গন্তানীর মাথাটা ভাঙতি পাত্তাম, তা হলি গাটা ঠাণ্ডা হতো মা ৩২৭। **৬** আন্দোলনশূন্য, চুপ-চাপ। "এইরূপ আন্দোলন করিয়া ক্রমে গ্রাম ঠাণ্ডা হইল ব.প্র ৪৩১। **৭** তৃপ্ত। "বাতাসের হুহুরবে, কান বেস ঠাণ্ডা হবে ব.সু ৬। **৮** শীতবীর্য্য, স্নিগ্ধ (জিনিস)। **৯** মৃদুগুণ, অনুগ্র (mild)। "ঠাণ্ডা জোলাপ। **১০** প্রসন্ন, খুশী। **১১** জ্বরতাপহীন। "জ্বর ছাড়লে গা ঠাণ্ডা হয়। —গুা বি [হি ঠংঢক, -ঢাঈ] **১** শৈত্য, শীতলতা; শীত। "ঠাণ্ডা পড়া; লাগা। **২** গ্রীষ্মাভাব, স্নিগ্ধতা। [ঠাণ্ডা করা—শীতক্রিয়া; শান্ত করা। ঠাণ্ডা লাগা—শৈত্যানুভব হওয়া; শৈত্যাক্রান্ত হওয়া। ঠাণ্ডা হওয়া—শীতল হওয়া; শান্ত হওয়া; প্রকৃতিস্থ হওয়া। ঠাণ্ডার দিন—শীতের সময়; শৈত্যপ্রধান দিন।]

ঠান বি [সং স্থান > লি ঠান, প্রা ঠাণ, -ম (পৈ) > বা °ন, -ম; হি, মৈ ঠাম; ঠ ঠাণ; গু ঠাণু, -ম; ঠাণা, -ণু (চ); অপ্র] **১** স্থান, তৎস্থান। "যত আইও আসে ঠানে, কে কাহার নাম জানে ম.ম ১৭৬। **২** স্থান, অর্থাৎ হাত। "ভীখ দেহ তছু ঠানে গো ২১১। **৩** স্থান, আকাশভাগ। "দিনকর দুপুর ঠানে জ্ঞা ২২। **৪** সমীপ, নিকট। "অস্ত্রবিদ্যা শিক্ষা করি দ্রোণগুরু ঠান ম ১৩৩। পর পুরুখ-ঠানে গো ১২২। **৫** আকৃতি, মূর্ত্তি। "বানর হেন ঠান কৃ.উ ৩৭। দেখিয়া বীরের ঠান, ভয়ে কম্পমান প্রাণ ক.চ ৫৫। বলদের ঠান ম.ম ৬। **৬** অঙ্গসৌষ্ঠব, সুরূপ। "ম.ম ৯; মুনির ঠান ২৬; লখাইর ঠান ১৭৮। গোয়ালিনী ঠান বি.পা ১৪৪। **৭** নির্ম্মাণপ্রকার, গড়ন। "মুখের ঠানে ব.প ৫৮০। সরু মাজার ঠান ম.ম ৭১। অধর সুঠান চৈ ৫২। **৮** দিগম্বর মূর্ত্তি। "ম.ম ২৪। **৯** স্থান, খাত। "নদীর ঠান ম.ম ৩৩। [ঠান-ঠমকা—রূপ ও হাবভাব। "ঠান-ঠমকা ভুবন জিনিয়া: ঠান-ঠমকারে দেখি বি.পা ১৪৪।]

ঠানদি, -দিদি, -দী বি ঠাকরুণদিদী; বর্ষীয়সী পিতামহীসদৃশী নারী। "বুড়ি ঠানদি. জুড়ে দিলে তার কান্না অন্ত্র কা ৮৫। ব্রহ্ম ঠান-দিদিকে তাঁর কাছে পাঠিয়ে দেব?—ব.প্র ৩৪৪।

ঠাম বি [দ্র 'ঠান'] **১** স্থান। "উচল করি ঠাম বি.প ৪০। বি.সা ৪। লক্ষ লক্ষ ব্রাহ্মণ ভুঞ্জয়ে এক ঠাম ম ৩১৭; কোন ঠাম ৪৫৫। এক ঠাম ব.প ৬৭৬। ঠামহি ইহ গো ২৪৭। আন ঠামে জ্ঞা ১৪২। মনমথ ঠাম ব ১১৮; মরমক ঠাম ১৮২। কালীদহ এই ঠাম চৈ.ম ১৮২। **২** নিকট, সমীপ, কাছ। "পিয়াঠাম বি.প ৫৭; মানিনী ঠাম ১০৯।

চলিল নৃপতির ঠাম ক.চ ২৬৩। কহ জননীর ঠাম জা ৫৯। তুয়া ঠাম চৈ.ভা ২৮৬। তত্থ ঠাম ব ১৬১। ৩ সর্থ 'ঠান (২) "আভরণ দিও পিয়া ঠাম প.র ৬৭। ৪ অঙ্গসংস্থান, অঙ্গভঙ্গি, মুদ্রা। "নানা ঠাম বা.ম ৩৮৩। কত…ঠাম ব ৭১। ৫ স্থান, ধাম। "উত্তরিলা সেই ঠাম, যথা প্রভু বলরাম: মহাপ্রভু ঠাম চৈ.ম ২৮। ৬ স্থল, বিষয়। "সংশয় ঠাম।—বি.প ৮৩। ৭ মূর্ত্তি, আকৃতি। "দুজনার ঠাম কৃ.উ ৩৩১,-২। ব.প ৫৬৪। মোহন…ঠাম ব ২৭। ত্রিভঙ্গ ঠাম চৈ.চ ৮১। ৮ নির্ম্মাণপ্রকার, গঠন। "দারুণ মুখের ঠামে, ভুবন মোহিতে জানে ব.প ৫৮০। ৯ ভঙ্গি, বক্রতা। "সে কিরে চূড়ার ঠাম চ.দা ৮। ভাঙ ধনু ভঙ্গী ঠাম চ.সা ৩৫। ভাঙক ঠাম॰ দেখত কাম॰ ধনুয়া মান ছোড় ব ৬২। —মা বি ঠাম, স্থান। "সঙ্কেত ঠামা: তুয়া ঠামা গো ১৮৮,-৯। [°ঠমক—অঙ্গভঙ্গি ও সবিলাসভাব। "কাম চমক॰ ঠাম ঠমক ব ৩১। দ্র ৬১। ঠামহি ঠাম—স্থানে স্থানে। "কুসুম ঠামহি ঠাম ব ৬১।]

ঠায়১ [হি ঠায়ঁ—স্থান; দ্র 'ঠাঁই'] ১ স্থানে, সেইস্থানে, তৎক্ষণাৎ। "লাউসেন ঘুরে পড়ে ঠায় শ্রী.মা ১০৮; চুটীয়া গণ্ডার গার ঠায় ঘুরে মরে ১৪৬; ২১৬,-২১। মুণ্ড.গোটা পড়ি গেল ঠায় শ্রী.ম ১২৪। ঠায় প্রাণ ছাড়ে ব.প ৭৬৬; ঠায় পড়ে ১৩৬৮। শ্রী ১৬৫। রথের উপরে বীর পড়ি গেল ঠায় ম ৮২৯। শ্রী.ম ২৩। এক ঠায় (প.ক)। ২ নিকটে, সমীপে। "কহয়ে দোঁহার ঠায় রা.শে ৮৪। ৩ কাছে। "ললিতা জানিয়া॰ কহয়ে ঠারিয়া॰ মুরলী বিশাখা ঠায় রা.শে ৬২। ৪ স্থিরভাবে, নিস্পন্দভাবে। "ক্ষণে ঘুরপাক দিয়া ক্ষণে রহে ঠায় শ্রী.ম ২১৭। নাহি নড়ে নাহি চড়ে॰…একভাবে বসে রহে ঠায়।—হেম ২৩। সে লো থাকবে চেয়ে ঠায় অ.প্র ১০৯। [ঠায় ঠায়—১ তত্তৎস্থানে, অর্থাৎ যাহার যে স্থান, সেই স্থানেই। "হুতাশে হুটারে হাতী পড়ে ঠায় ঠায় শ্রী ৮০; সেনা হানে ঠায় ঠায় ১৪০; ২৩২। পদঘায় ঠায় ঠায় অশ্ব হস্তী পুতিছে ভা.চ ৪৫। ২ স্থানে স্থানে। "কভু ধায় ঠায় ঠায়, মেরে যায় ঝম্প।—রঙ্গ ২৩। ঠায় ঠিকানা (ঠ °ঠিকাণ, -ণা)—ঠাঁই-ঠিকানা, নিবাসস্থান, বসতি; আশ্রয়, আড্ডা। "সে জন তিন ভুবনে সকল জানে ঠায়ঠিকানা ব.প ১৮৪৩। ঠায় বাঁধা—সেইস্থানে বাঁধা। "(গোরুটা) যাবার সময় দেখে গেছি বাঁধা, দুপুরে…দেখচি তেমনি ঠায় বাঁধা।—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।]

ঠায়২ ক্রি.বিং [ঠা+য়; ঠ °য়; তু 'সং √স্থা—স্থায় (সঙ্গীত-রত্নাকর) ঠা গী.সা ২০১,-২।] বিলম্বিত লয়। "ঠায় গাওয়া। [ঠায় ঠায়—সহজগতিতে (গাড়োয়ানের গোরু চালানর ভাষা)।]

ঠায়র বি [ঠার > °র; অপ্র] ১ ইঙ্গিত, সঙ্কেত। "আক্ষি ঠায়রে গোবি চাঁদের প্রাণ নিয়া যাএ ম.গা ৩। ২ [হি ঠহর] স্থান, আশ্রয়। "ঠাই নাই দাণ্ডাইতে ঠায়রে অনুপায় শ্রী.মা ১৬৬।

ঠার১ বি [দেশী (?)] ১ ইঙ্গিত, সঙ্কেত। "হাত ঠারে দেখাএ তারে ম.গা ২৩। আঁখিঠারে বলে পুরন্দর বা.ম ১২৯; ডাকিল বসন ঠার দিয়া ৩৯৫। চক্ষুর দিয়া ঠার গো.বি ১৩৬; হাত ঠারে কহে ১৭১,-২। আঁখিঠার ক.চ ১০৯। আঁখির ঠার ম.ম ১৩০। ব ১৫৬। অশ্বে করে ঠার শ্রী.মা ১৫০। শাশুড়ি…আঁখির ঠারে তাজে রা.শে ৪৩। বুঝাই… ঠারে ভা.চ ৪০৩। ২ দৃষ্টিপাত, চাহনি। "কিবা নয়নের ঠার কাড়ি লয় প্রাণ ভা.চ ৪০২। [ঠারে-ঠোরে—ইঙ্গিত-ইশারায়। "কথা কহি ঠারে-ঠোরে শ্রী ৯২। ক.চ ২৬। চৈ.চ ৫২; ১৭৪। ভ.প্র ৩৪৩। আমরা… ঠারে-ঠোরে চুক্তির কথা কহিতেছে আ.দু ১০২।]

ঠার২ অর্ম্ম [ঠার১ > °র] সঙ্কেত করা; ইশারা করা; চোখে ইশারা করা। "অঙ্গুলি ঠারিয়া ব্রহ্মা দেখান তাহারে কৃ ৪। নয়ন ঠারিয়া ব.প ১৪৮২। আঁখি ঠারি গেল শ্রী ৯২। হাত ঠারে হাসে শি ৫৪; ঠারি পলা বলে শি ১০২। ললিতা…কহয়ে ঠারিয়া রা.শে ৬২। —র সর্ম্ম সঙ্কেতে বলা। "পুত্রেরে ঠারিয়া বুড়ি॰ পলাইল রা.শে ৭২। [ঠারা—সর্থ 'ঠার২। ঠারাঠারি—পরস্পর চোখে ইশারা। "সখীগণ করে ঠারাঠারি চ.দা ৬৯। চৈ.চ ৯৮; ১৫২। ব ১৪৬। রঙ্গ ১৯৬। ঠারেয়া—চোখে ইশারা করিয়া। "ব.প ৮২।]

ঠার৩ দ্র 'ঠাড়২'।

ঠাল বি [অস °ল] ডাল। "এগুার ঠাল ব.প ৩৯; আমের ঠাল ৪২। গো.চ ৩৫; ৪৩।

ঠাস১ বিং [হি √ঠাঁস; ঠ ঠাঁ(ঠাং)স; দেশী (?)] নিবিড়, ঘন। "কোথায় সেই ঠাসবুনোনি! এ যে জালের মত ঘ ৯৪। —স ১ বি ঘনত্ব, নিবিড়সন্নিবেশ; চাপ। ২ [ধ্বন্যাত্মক] গালে চড় মারার শব্দ। "এমন কথা কবি তো ঠাস করে চড় মারবো আ.দু ৮।

ঠাস২ সর্ম্ম [হি √ঠাঁস; ঠ √ঠাঁ(ঠাং)স; গু √ঠাংস; অস √ঠাহ্] ১ চাপিয়া নিরেট করা; কসিয়া নিবিড় করা; (to cram)। "তুলা ঠাসিয়া বাঁধা। ২ আঘাতে নিরেট করা; গাদা (to load, ram)। "বন্দুকে বারুদ ঠাসা। ৩ চাপ দিয়া ডলা (to knead)। "ময়দা ঠাসা। ৪ সংবাহন করা; ডলা (to shampoo)। "দুই বইনে ঠাসিব হস্ত পাও গো.চ ১৭৫। ৫ চাপ দেওয়া (to press)। "যমক ধরিল ঠাসিয়া গো.চ ৩৩। মোল্লাকে ধরেচে ঠাসে, থসম থসম বলে জা ৩৬। [ঠাসন—১ সর্থ 'ঠাস২। ২ (অপ্র) চাপ দেওয়া; চর্ব্বণ। "(খিলি) এক ঠাসন দুই ঠাসন তিন ঠাসন দিল ব.প ৭২। ঠাসা—১ সর্থ 'ঠাস২। ২ নিবিড়-নিহিত; গাদা; ডলা। ঠাসাঠাসি, ঠেসাঠেসি—পরস্পর ঘন-সন্নিবিষ্ট, ঘেঁষাঘেষি, গাদাগাদি। "অঙ্গে ঠেসাঠেসি কাণেকাণে কথা কহে ভ.প্র ৪৪৯। দামঠাসা করা—দামের মধ্যে চাপিয়া ধরা। "দাদা না থল্লিই গোড়ার মেয়েরে দামঠাসা করেলাম নী ৩৭।]

ঠাহর১ বি [দ্র 'ঠাউর'; হি °র—স্থান] ১ সর্থ 'ঠাওর (১)। "নাগর শেখর॰ না পায় ঠাহর॰ সভারে ধরিয়া বোলে রা.শে ৬৩। ঠাহর না পাই ঠাট ঠাটে কত ধায়।—বি.সু ১৩২। ২ দৃষ্টিপূর্ব্বক নিরূপণ। "চলিতে ঠাহর নাই, চরণে উঝট খাই দু ৭২। নৌকা আঁদিতে এগিয়ে পড়ে, মাজিরা কিছুই ঠাহর করিতে পারে নাই আ.দু ৫৯। ৩ দৃষ্টি, উপলব্ধি, নিরীক্ষণ, সবিশেষ দৃষ্টিপাত। "ছাখ পক্ষীর পানে॰ ঠাহর করো স্ব.প্র ৪৬।—হরে ক্রি.বিং স্থিরভাবে, ঠিক। "পথে যাও হেঁটে, ঠাহরে না পড়ে পা।—বি.সু ৩০।

ঠাহর২ সর্ম্ম [°র১ > °র; হি √°রা] ১ স্থির করা; ঠিক করা; বুঝা, ভাবা। "ঠাহরিয়া ঠাকুর নারদে দিলা ভার শি ২৩। কন্যা ঠাহরিয়া তার উদ্যোগ করহ ভ.প্র ৩৪৪। এ'রে যমালয়ে দিলে উপহাস ঠাহরিবে যম।—স্ব.প্র ৯৫। ২ নিরীক্ষণ করা; দেখা। "ঠাহরিয়া ক্ষণ-কাল স্থির র'বে হরিণ-শাবক স্ব.প্র ৮৬। —রা সর্ম্ম ১ ঠিক করা; ঠিক জানা। "সুন্দরকো গজরাজ ঠাহরাও বি.সু ১৩৮। ২ দেখিয়া নিরূপণ করা। [ঠাহরান—সর্থ 'ঠাহরা'। ঠাহরে—ঠার (নিস্পন্দ) হয়। "চরণ সুভঙ্গী॰ অতি সে সুরঙ্গী॰ ঠাহরে পরাণ মোর ব.প ৯৭১।]

ঠাহি [ঠাই > °হি; অপ্র] স্থানে, দেশে। "মী ২৮।

ঠিক বিং [সং স্থিত > প্রা ঠিঅ (পৈ), ঠিঅ (প্রা.ম) > বা (ঠিঅ -ক) °ক (?); হি, ঠ, গু, মৈ ঠীক; মুণ্ডারি 'ঠিক্'—ন্যায্য] ১ স্থিত, দৃঢ়, অটল (কথা, পণ)। ২ সত্য, যথার্থ (কথা, খবর)। "ঠিক বটে ঠিক! —কথা ৭০। ৩ ন্যায্য, সঙ্গত (বিচার)। ৪ ন্যায়বান, ধার্ম্মিক (লোক)। ৫ যোগ্য, উপযুক্ত (পাত্র, লোক)। "দেখিতে পাইবে ঠিক দিনে।—শিশু ১১৬। ৬ ভ্রমরহিত, নির্ভুল (অঙ্ক)। ৭ ভাল, আচ্ছা, মুনাসিব (জিনিস)। ৮ কমবেশী-হীন, পুরা। "ঠিক এক ঘণ্টা। ৯ নির্দ্ধারিত। "দিন ঠিক করা। ১০ প্রস্তুত (ready)। "সব ঠিক করা। ১১ প্রকৃতিস্থ, অবিকৃত, সুস্থ। "মাথা ঠিক রাখা। ১২ ত্রুটি-

হীন, নির্খুঁত, দুরস্ত। "কল, ঘড়ি ঠিক করা। ১৩ স্বাভাবিক। ১৪ নিশ্চিত। "আমি ঠিক যাব। ১৫ সম্পূর্ণ। "ঠিক গোল। ১৬ ভরা। "ঠিক দুপর-বেলা। ১৭ খাঁটি (জিনিস)। ১৮ মাপসই, না-ছোট না-বড় (জুতা, জামা)। ১৯ শাসিত, সোধা। "ছেলে ঠিক করা। ২০ প্রস্তুত, সজ্জিত, তৈয়ার। "আচ্ছা, তবে ঠিক থাকিস।…দ্বারে টোকা মারিব; বাহির হইয়া আসিস ব.প্র ২০৭। —ক ক্রি-বিং যথার্থ; ন্যায়ভাবে; সঙ্গতিপূর্বক ইত্যাদি। —ক বি ১ স্থিরতা, নিশ্চয়, নির্ণয়। "কা'রে সামালিবে অরি নাহি পায় ঠিক স্ব.প্র ১৭৫। ২ সঙ্গতি, ঐক্য, মিল। "কথায় কাজে ঠিক হওয়া। ৩ সন্ধান, উদ্দেশ, ঠিকানা। "তাড়াতাড়িতে কোথায় কি রেখেছি, তার ঠিক নেই। ৪ বন্দোবস্ত। "আগে খাওয়া দাওয়ার ঠিক কর, পরে শোওয়ার কথা ব'লো। ৫ যোগ, সমষ্টি, একুন। "ঠিক দেওয়া। [ঠিক-ঠিক—প্রকৃতভাবে। "রাজবাড়ীর অন্তঃপুরের কথা বাহিরে যায় বটে, কিন্তু কখনও ঠিক-ঠিক যায় না ব.প্র ৫৩০। ঠিকে ভুল—যোগে ভুল; সিদ্ধান্তে ভ্রম।]

ঠিকঠাক বিং [ঠিক+ঠাক (অনু.শব্দ), হি, ঠ, গু ঠীকঠাক] ১ ঠিক, নির্দ্ধারিত। ২ প্রস্তুত, সজ্জিত। ৩ শৃঙ্খলাবদ্ধ, সুব্যবস্থিত (orderly)। ৪ প্রয়োজনমত, আবশ্যকানুরূপ। "আমার বাটীর ভোজে…প্রায় কিছুই বাঁচে না, ঠিকঠাক হয় পা.প্র ৩৭। —ঠাক বি ঐক্য, সঙ্গতি, মিল। "নামে নামে কার্য্যকামে হৈল ঠিকঠাক শি ১০০। [°মত—ঠিক-ঠিকভাবে, প্রকৃতরূপে, যথার্থভাবে। "বাহিরের জিনিষকে আমরা ঠিকঠাকমত দেখি না, ঠিকঠাকমত গ্রহণ করি না…নয়কে আমরা ছয় এবং ছয়কে নয় করিয়া থাকি।—রবীন্দ্র।]

ঠিক(কু)র অর্ম্ম [ঠক্কর > °র (?); ঠ √ঠিক—লাফান] ১ ঠক্কর খাওয়া; প্রতিহত হওয়া; ছিটকান। "পাষাণে বর্ষণ যেন ঠিকুরিয়া পড়ে ম ৪২৫। ২ ছটকাইয়া পড়া; বিকীর্ণ হওয়া। "ভাগ্য-অহঙ্কার, ঠিকরিত মাণিক্যের শত সূচীমুখে, দ্রৌপদীর অঙ্গ হতে।—কা ২৫; রতন-নিকরে কিরণ ঠিকরে ৩১। ঠিকরে অসংখ্য তারা সা.ম ৫৩। স্ব.প্র ১৬৭। তুষার-মুকুরে, ঠিকরে কিরণ-জ্বালা কু.কে. ১০৭। ভানু দীপ্যমান, কিরণ ঠিকরে কত গি.স্থি ৬। চোখ দিয়ে আগুন ঠিকরে পড়তে লাগল ঘ ৫২। —রা² অর্ম্ম [°র > °রা] সর্থ 'ঠিকর'। [ঠিকর(রা)ন—সর্থ 'ঠিকর'। চোখ ঠিকরায়—(উজ্জ্বল আলোকে) চোখ যেন ছটকাইয়া পড়ে।]

ঠিকরা¹, -রী বি [হি টি (ঠী)করা, -রী; ঠ ঠিকরী—শিলাদির খণ্ড] ১ ক'লকার ছিদ্ররোধক ঢিল বা বাঁটুল। ২ সর্থ 'ঠাকুরীকলাই'। —রি বি [হি টিক্কড়—লিট্টী, মালপো] টিকার মত ছোট বড়া। "লবণঠিকরি কৃ ৩৭৬।

ঠিকরা² দ্র 'ঠিকর'।

ঠিকরি, -রী দ্র 'ঠিকরা¹'।

ঠিকা বি [ঠিক > °কা; হি, মৈ ঠীকা; মুণ্ডারি—'ঠিকা'] ১ নির্দ্ধারিত মজুরীতে কার্য্যসম্পাদনের চুক্তি (contract)। ২ ভাড়া। "ঠিকা গাড়ী। ৩ খুজরো কাজ (piece work)।—কা বিং নির্দ্ধারিত মজুরীতে নির্দ্দিষ্ট কালের নিমিত্ত নিযুক্ত (চাকর)। [ঠিকা খাটা—দৈনিক ভাড়ায় খাটা। ঠিকা দেওয়া—চুক্তি করিয়া দেওয়া। ঠিকা জমা—মেয়াদী জমা। ঠিকা(কে)-দার (হি ঠিকেদার)—যে ঠিকায় কাজ করে; কন্ট্রাক্‌টার্। ঠিকা(কে)দারী—ঠিকাদারের কাজ। "ঠিকেদারীর চুরীতে তার কিছু টাকা হয়েছে পা.প্র ২০৫। ঠিকে রাইটরী—প্রাপ্যচুক্তিপূর্বক কেরানিগিরী। "ছ ৪৩। ঠিকে হারে—ঠিকার হিসাবে। "আ.দু ১৬২।]

ঠিকা(কে)না বি [ঠিকথান (স্থান)? হি °কান, -না; ঠ °কাণ, -ণা; গু ঠেকাণু; মৈ ঠেকানা] ১ ঠিক স্থান; স্থান। ২ নিবাসস্থান; (পত্রে) স্থানের বিশেষ বিবরণ (address)। ৩ স্থিরতা, নির্ণয়, নির্দ্ধারণ। "আমি তাহা সর্ব্বদাই ভাবি, কিন্তু কিছুই ঠিকানা করিতে পারি নাই ব.প্র ২২০; রোগের ঠিকানা ২৪৩; কখন কার মেজাজ কেমন থাকে, তার ঠিকানাই নাই ২৯১। বড়লোকের বাড়ী, ঠিকানা কি, বোধ হয়…ফলাহারের আয়োজন আছে [illegible] ১১০। ৪ অন্ত, শেষ, সীমা। ৫ উদ্দেশ, সন্ধান, পাত্তা। [illegible] বু) কোথায় যে বেরিয়ে গ্যাছেন, আজও তার ঠিকে[illegible] ৭৮। ব.প্র ৩২৫। ৬ আয়োজন, সংস্থান; বন্দোবস্ত। [illegible]

ঠিকারী বি ['ঠিকরা'] মৃৎপাত্রখণ্ড, খাপরা। [illegible]

ঠিকুর দ্র 'ঠিকর'।

ঠিলা বি [হি ঠিলিয়া; ঠ ঠিল্যা; °লা (দিনাজপুর)] ছোট কলসী।

ঠুং বি [ঠং > ঠুং (অল্পার্থে)] মৃদু ঠং শব্দ। [ঠুং ঠুং (হি ঠুনঠুন)—বারংবার ঠুং শব্দ।]

ঠুংরী বি [হি ঠুমরী, ঠ ঠুংবু(ন)রী—গীতবিশেষ] তালবিশেষ। [প্রকৃতপক্ষে ঠুমরী তাল নহে, টপ্পাধরণের গীতবিশেষ; খেয়ালের গমক ও টপ্পার তান এই দুইএর মিশ্রণে ঠুমরী গীতের উৎপত্তি। ইহার তাল পঞ্জাবী ঠেকা, কাহারবা, দাদরা।]

ঠুঁটা, -টো, ঠুটা বিং [টুংট (দেশী ৪.৩); হি টুণ্ড, -ডা, ঠুঁঠ, -ঠা; ঠ ঠোংটা, থোংট, -টা, থোটা; প টুণ্ডা; সি, গু টুণ্ড; টুণ্ডা (গো.চ)—অঙ্গুলিহীন] ১ ছিন্নহস্ত, বিকৃতহস্ত, মুলা। "ঠুটা ভাইয়ে মাদল বাজায় গো.বি ১৮৭। নাক কাণ দুকর কাটিয়া কর ঠুঁটা শ্রী ২১৫। ঠুটা শ্রী.মা ১৬। ঠুটা খোঁড়া হৈল কেহ শি ৪১; সব হৈল ঠুটা খোঁড়া ৫৫। ২ অঙ্গুলিহীন হস্ত। 'ঠুঁটোর মত মুটো ক'রে, দুটী মুদ্রা দিলেন মোরে দা ১৫৫২। ৩ (অপ্র) কুণ্ঠিতধার, ভোঁতা। "ঠুটা এখান কোদাল গো.চ ৮০। ৪ ছিন্নপক্ষ, অঙ্গহীন; নির্লজ্জ। "কেমতে হইবে লাজ ঠুটা বাপের ঝি (চণ্ডী) বি.পা ২৩৪।

ঠুক¹ বি [ঠক > °ক] মৃদু 'ঠক' শব্দ। [ঠুকঠুক—ক্রমাগত 'ঠুক' শব্দ। "সেকরার ঠুকঠুক, কামারের এক ঘা।—প্রবচন।]

ঠুক² সর্ম্ম [ঠুক¹ > °ক; হি √ঠো(ঠোং)ক; ঠ, গু √ঠোক] ১ 'ঠুক' শব্দে আহত বা তাড়িত করা। "বুক ঠুক্যা কহে চোর জানা গেল ধয়া বি.সু ৮৯। ২ আস্তে চাপড়ান। "পিঠ ঠুক্যা কহে ভাই রহ।—বি.সু ৮৮। ৩ প্রহার করা; মারা। "খেজুরা দেব ঠুকে।—হেম ৩৮৭। —ক অর্ম্ম 'ঠুক' শব্দে আহত হওয়া। "দরজায় মাথা ঠুকে যাওয়া। [ঠু(ঠো)কা—সর্থ 'ঠুক²'। ঠু(ঠো)কাঠুকি—ঘাত-প্রতিঘাত। "জানুতে জানুতে ঠোকাঠুকি অ.গু ১২৫। ঘ ৫৯। কপাল ঠুকে লাগা—ভাগ্যে নির্ভর করিয়া প্রবৃত্ত হওয়া। তাল ঠুকা—স্পর্দ্ধা-সূচনার্থ বাহুতে করতল আহত করা; স্পর্দ্ধা করা। "তাল ঠুকচিস আমার কাছে (ওরে রাঘব!) দা ১৩৫২। রঙ্গ ২৩। মাথা ঠুকা—মাথা কোটা।]

ঠু(ঠো)করা সর্ম্ম [ঠোকর+আ° > °রা; হি √ঠুকরা; ঠ টোক—চঞ্চু] ১ চঞ্চু দ্বারা আঘাত করা। "কাক ঠোকরায় তাকে শি ৭৯। কাকে ঠুকরে (ঠুকরাইয়া) মধু খায় দা ২০৬২,-৩। ২ অস্ত্রের অগ্রদ্বারা আঘাত করা। [ঠু(ঠো)করাঠুকরি—পরস্পর চঞ্চুঘাত। ঠু(ঠো)করান —সর্থ 'ঠুকরা'।]

ঠুটা দ্র 'ঠুঁটা'।

ঠুঙ্গি, -ঙ্গি বি [ঠোঙা, -ঙ্গা > °ঙি, -ঙ্গি, দ্র 'ই°'] ছোট ঠোঙা।

ঠুন্ট বি [দ্র 'ঠোঁট'; অপ্র] চঞ্চু। "লম্বঠুন্ট কাদখখি ব.প ৮৬।

ঠুন বি [ঠন > °ন; অল্পার্থে] মৃদু 'ঠন' শব্দ। [ঠুনঠুন (হি °ন)—ক্রমাগত 'ঠুন'-শব্দ। "তুমি নাচো, আমি চক্ষু বুজে তোমার মলের ঠুনঠুন শব্দ শুনি বি.বু ৩৭। °ঠুননি—ঠুনঠুন-শব্দকরণ।]

ঠুনকা, -কো বিং [অস ঠুনুকা] ১ ঠুন-শব্দে অর্থাৎ অল্প আঘাতে যাহা ভাঙে; ভঙ্গপ্রবণ (brittle)। "ঠুনকো কাচ (বাশী)। ২ [°কো (বীরভূম); থুমকো (চব্বিশপরগনা)] স্তনে [illegible] রোগবিশেষ। [°জ্বর—ঠুনকাজন্য জ্বর।]

ঠুনি, -নী বি [সং স্থূণা > প্রা থুণ > বা (ঠুন) °নি, -নী ; অপ্র] স্তম্ভ, খুঁটি। "সুবর্ণের ঠুনি ব.প ২৩৩। ফটিকের ঠুনী বি.প ১৮৩,-৯৬।

ঠুমুঠুমু বি [ঠনঠন > °মু (অল্পার্থে)] মৃদু 'ঠনঠন' শব্দ। "পায়ে ঠুমুঠুমু বাজে নূড়ি।—শিশু ৭৪।

ঠুল বি [[illegible] কে মস্তকে আঘাতজন্য শব্দ ; তাদৃশশব্দজনক আঘাত। [illegible] ঠুলাঠুলি—পরস্পর ঠুল মারা।]

ঠুলি বি [ঠোঙা > °লি, দ্র 'ই'] ১ ঠোঙার মত গো-প্রভৃতির চক্ষুর ঢাকনী। [illegible] দিয়া উঠে : চর্ম্মের ঠুলি : চক্ষের ঠুলি কৃ ২৩৪। একবার খুলে দে মা চোখের ঠুলি দেখি শ্রীপদ মনের মত।—রাম-প্রসাদ। ২ [illegible] ঠোঙা। "আগুনার ঠুলি ব.প ২৭২। ৩ (সাদৃশ্যে) ছল, কুহক, মোহকর হাবভাব। "চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি ভ.চ ২৭৯। ৪ [ঠুল > °লি] অম্বরস, আড়ি। "তুমি যদি হও রুষ্ট, অন্য করিবেক তুষ্ট, ইহা বুঝে মোর সঙ্গে ছাড়্যা দেহ ঠুলি লো ভা.চ ৭০০।

ঠুস সর্ম্ম [ঠাস > °স ; হি √ঠুস] নিবিড় (নিরেট)-ভাবে পূর্ণ করা ; কষিয়া ভরা ; গাদা। "পেট বড় না হইতে আহার ঠুসিয়া দেওয়া হইতে থাকে।...আধার বৃদ্ধির দিকে দৃষ্টি নাই—ঠুসে গেলা।—অ.শী ৩৭। শালারা ভোর দিন মালপো ঠুসছে, আর চেল্লাচ্ছে গি.দ্বি ৭৫। [ঠু(ঠো)সা—সর্থ 'ঠুস'।]

ঠুসকি বি [ধ্বন্যাত্মক ; হি °কী] 'ঠুস' শব্দে অপানত্যাগ।

ঠুসঠাস বি [ধ্বন্যাত্মক] ফাঁপা দ্রব্যের আঘাতের মৃদু শব্দ। "লোহার মুদ্গার হেন বাজে ঠুসঠাস শ্রী.ম ২২৯।

ঠুসি বি [হি ঠুসী—কুঁড়ি] ১ ফুলের কলি। ২ (সাদৃশ্যে) ঠুলি (১)। ৩ পুলি পিঠার আবরণ (চব্বিশপরগনা)।

ঠে [ঠাঞ √ঠে ; অপ্র] স্থানে, কাছে। "আমার ঠে।—গো.চ ১৩,-৫ ; ঐঠে ২১ ; এঠে ৩৩ ; এই ঠে ১০২ ; ওঠে ২০৫।

ঠেং, -ঠেঙ, -ঙ্গ বি [সং টঙ্গ ; হি টাগ, 'ঠেংগা'—দণ্ড ; ঠ, গু টাংগ ; অস ঠেং] জঙ্ঘা, পা। "বাঁও ঠেঙ্গ গো.চ ৩০৯। ঠেঙ্গ কৃ.উ ১২৪। ঠেঙ্গে ধরি ধরি ফেলে ব.প ১৮৬। ঠেঙ্গ তুল্যে বান্ধে ঘাড়ে বি.সু ১০২। [ঠেং-ভাঙ্গা 'গ'—ভাঙা ঠেংএর মত 'গ' এই অক্ষর। ঠেং-লম্বা —দীর্ঘজঙ্ঘ। "ঠেং-লম্বা জলে ভাল, চলে ভাল।]

ঠেঁটা, ঠ্যাটা বিং [ঢেঁটা > °টা] ধৃষ্ট, ধূর্ত্ত, দুর্ব্বৃত্ত, বেহায়া। "গুয়া পাণ নিত্য খায় ঠেঁটা ক.চ ৯১। জোলার বেটা ঠেঁটা ম.ম ৫৯। (ইছাই) অসৎ বড় ঠেঁটা শ্রী ১৭৩ ; ঠক ঠেঁটা ২৫৬। ঠেঁটা দায় ঠকি-লাম বি.সু ১৩২। আছে আর যে ছটা বড় ঠ্যাঁটা, সে ক'টাকে কেটে দিব।—রামপ্রসাদ। ভা.চ ৮০। ঠেঁটা কাক শি ৭৯। ঠেঁটা বেটা! আজ ঠেকবি দা ২০৬০। —টী° বি ধৃষ্টা, দুষ্টা, বেহায়া। "লাজ ভয় নাহি তোর ঠেঁটী শ্রী ১৬১। (কুব্জা) বড় ঠেঁটী—দা ৫৫৭] [ঠেঁটামি —ঠেঁটার কাজ ; দুষ্টামি।]

ঠেঁটা[১] দ্র 'ঠেঁটা'।

ঠেঁটা[২], **-টি** বি [ঠ ঠেংটা—খাটো] বিধবার পরিধেয় পাড়হীন ছোট কাপড়। "হাদে মাগী কালামুখী,...পতিসুখে বড় সুখী—ঠেঁটী কেন পরে নি ?—বা.প্র ২২৮। ঠেঁটি পরি দিন দুই ছয় অ.গু ৯১। আজ জগদম্বাকে ঠেঁটা পরাব ন.ত ৭০।

ঠেক[১] বি [হি °ক ; °কো (চব্বিশপরগনা)] ১ আশ্রয়, অবলম্বন, ঠেকনো। ২ রোধ, আটক। "জাহাজ চড়িয়া অগ্রদাসের শিষ্য এক। কোথাও বাণিজ্যে যাইতে লাগি গেল ঠেক॥—ভ.গ্র ৬। ৩ বিপদ, বিঘ্ন, বাধা, দায়। "আজি ধোপা নাপিত কেমনে পাড়ি ঠেকে শ্রী ৪৪ ; তোমার দারুণ দেখি ঠেক ১২৩। যথায় তোমার বিষয় তথায় হইল ঠেক ম.ম ১১১। ব.প ৫৩৯ ; পথে ঠেক নাগ্নি ৯১২,-৬। তিন লোকে তারি মোকে তার নাহি ঠেক।—শি ৯৫। ৪ স্পর্শ। "আকাশে জমিনে থড়ি ঠেক লাগিল ব.প ৪২। ৫ [?] অলঙ্কারবিশেষ। "পরে সুবর্ণের ঠেক ম.ম ৮৯।]

ঠেক[২] অর্ম্ম [ঠেক[১] > °ক ; তু 'সং √স্থা > প্রা √থক্ক (হে) ; হি √°ক ; ঠ, মৈ √থাক—ক্লান্ত হওয়া] ১ রুদ্ধ হওয়া ; বাধা পাওয়া ; আটকান। "সোতেতে এড়িলে গাও যথাএ গীয়া ঠেকে।—মী ২৫। গো.বি ১৩৪। ঠেকিয়া রহিলেন গঙ্গা গ ১৫৭। ম.ম ১৮। চড়ে পাছে ঠেকে ডিঙ্গীখান ক.চ ২০০। (শাঁখা) ঠক ঠকে হাতে ঠেকে শি ১০৫। ২ বদ্ধ হওয়া। "জালে জেন বনে মৃগী ঠেকে কৃ.অ ৭। ঠেকিলা গোরা কার প্রেম-ফান্দে ব ৮। ঠেকি মায়াফান্দে শ্রী ৪৮। ঠেকিয়া গেনু ও নয়নফান্দে জ্ঞা ১৯। নয়নফাঁদে ঠেকিয়া ভা.চ ৩০৯ ; ঠেকেছি মায়ায় ৪১৭। ৩ স্পৃষ্ট হওয়া ; লাগা। "হস্তিয়ে হস্তিয়ে ঠেকে রথে ঠেকে রথ চ.বি ৪৩ ; ১৪৯ ; ২০৬। জটা ব্রহ্মাণ্ডে ঠেকিল গ ১৩৪। ৪ বিপন্ন হওয়া ; দায়ে পড়া। "এ নহে কদাচ চোর সাধু গেছে ঠেকে শ্রী ১১৯। তথাপি চলিতে ভূমে নাহি ঠেকে খুর ১২৫। ঠেকে পাতে পাতে শ্রী.ম ৭০। ৫ যুক্ত হওয়া ; লাগা। "উত্তরের জাঙ্গাল ঠেকিল দক্ষিণের কূলে কৃ ২৩৩। ৬ গতিরোধ করা ; বাধা দেওয়া। "বৃন্দ নামে পর্ব্বত জাইতে তথা ঠেকে গ ১৬৯। ৭ আহত হওয়া। "ধড়ফড় করে কেহ বুকে ঠেকে বাণ চ.বি ৮৯। ৮ প্রতিহত হওয়া। "কুড়িতে কুড়িতে ঠেকিল কূর্ম্মর পিঠি শূ ১০৩। গ ১৫৫। শালেতে মাথা ঠেকে ম.ম ৮০। পাষাণে ঠেকিয়া রহে ম.বি ৪৭। ব.প ৭৯৯। ক.চ ২৬১। ৯ পরাজিত হওয়া ; হারা, ঠকা। "যদি পরীক্ষায় ঠেক গুণবতি ক.চ ১৮০। শ্রী ১০৫। উত্তমজনের ঠাঁই ঠেকিলে সে লাজ চৈ.ম ৩। ভ.গ্র ৩৬০। শ্রী.ম ৫০। ঠেকিলে না ঠেক তুমি বা.ম ৩৬২। ১০ বিপন্ন হওয়া ; দুর্দ্দশায় পড়া। "সভাই ঠেকিলা গিয়া গন্ধর্ব্বের হাতে ম ৮১৬। ঠেকিনু পিরীতি রসে চ.দা ১১২। ব.প ৫৪০। শ্রী.মা ৯৬। শ্রী.ম ৬৪,-৯। দায় ঠেকিলাম বি.সু ১৩২। ভা.চ ৪৯৬। বেটা ! ঠেকিস নে আজ ঠেকবি দা ২০৬৯। নী ৪২। ১১ প্রতিকূল হওয়া। "পদ্মার সঙ্গে বিবাদে কি জানি দৈব ঠেকে ম.ম ১১। ১২ পতিত হওয়া। "সেন বড় সচিন্তিত ঠেকিয়া সঙ্কটে শ্রী ১০৭,-৮৬। মা ঠেকিলে একি দায় দু ৫৬, ৬১। বিপাকে ঠেকিল ব.প ৯১৮। ১৩ অভিশপ্ত হওয়া। "ষাটি সহস্র পুরুষ ঠেকিল ব্রহ্মশাপে গ ১০২। ১৪ স্থিত হওয়া, লাগা, বর্ত্তান। "জগতের লোকে, পীড়া পেল শোকে, এ দায় ঠেকিল কাকে দু ৪০। ১৫ অধিকারে বা বশে আসা। "ঠেকিলি ঠকের ঠাঁই কোথা যাবি আর শ্রী.মা ৭৬ ; ৯৮। ঠেকেছি তোমার ঠাঁই ঠেঙ্গাইয়া মার।—শি ৩৪। ১৬ মিলিত হওয়া। "হেমাঙ্গে নীলাঙ্গে ঠেকে, যুদ্ধ হয় প্রত্যেকে চৈ.চ ৩৪৭। ১৭ উপস্থিত হওয়া ; পঁহুছান। "(বেহুলা) গোদার ঘাটে ঠেকে ম.ম ২০৫। ১৮ মলিন বা মন্দীভূত হওয়া। "আপদ নিকট হলে নানা বুদ্ধি ঠেকে ম.ম ৮৩। ১৯ মোহিত হওয়া। "আপনি ঠেকিল শিব সেই ত মায়ায় বি.পা ৬০। ২০ বাধা দেওয়া ; বোধ হওয়া। "সন্দীপের মুখের দিকে চাইতে ভারি লজ্জা ঠেকছিল।—ঘ ২২। ২১ বোধ হয়, দেখায়। "চোকে সকলি নূতন ঠেকে।—শিশু ৭৫। —কা সর্ম্ম [ঠেক + আ[৮]] ১ বিপদে ফেলা ; বিপন্ন করা। "সজ্জন জনারে পীড়া ঠেকাইয়া ঠক শ্রী ১২৮। ঠেকালে আমায় শ্রী.মা ১১৬। ২ পাতিত করা ; ফেলা। "ঠাকুরাণী ঠেকাইলা একি ঠকঠকে ভা.চ ৪৩০। ৩ প্রত্যাহার করা ; নিরাকৃত করা। "মানুষের পরশেরে প্রতিদিন ঠেকাইয়া দূরে, ঘৃণা করিয়াছ তুমি মানুষের প্রাণের ঠাকুরে গী.লি ১২৪। ৪ রক্ষা করা ; সামলান। "চারি-দিকে শোঁ শোঁ করে শিলীমুখ, কোন দিক ঠেকাইবে।—স্ব.প্র ১৭৫। ৫ রোধ করা ; স্থগিত করা। "আজি ঠেকাইবে কেটা চা.দ ৪৮। কুম্ভীরে ঠেকাইয়া রাখে ডিঙ্গা ম.ম ১২৩। শ্রী.৭৮। তাকে (সখকে) ঠেকাতে গেলেও চলবে না ঘ ৮ ; ৮২ ; ১১৩। ৬ সংলগ্ন করা ব

লাগান। "ঠক বুড়া ঠাঁই জানি ঠেকাইল তরি শি ৯৪। ৭ স্পর্শ করান; ছোঁয়ান। "খড়ের কুটাগাছি, শিরে ঠেকাইয়া...দীপ নিয়া নিয়া চায় বি.প ২১৩। ৮ প্রতিহত করা। "তিন ভিতে তিন জটা সুমেরু পর্ব্বতে। ঠেকাইয়া তিন ধারা বহে খর স্রোতে॥—গ ১৪৮। ৯ বাধান। "চণ্ডী ঠেকায় প্রমাদ ম.ম ১৯; ঠেকাও কোন্দল ১৮৩। ১০ হস্তস্পর্শ-সঙ্কেতে চালান; টোয়ান। "ঠেকাইয়া হাতী: ঠেকায় হাতীকে শ্রী.ম. ১০৭। হাতী ঠেকাইবে শ্রী.মা ১২২। ১১ আক্রমণার্থ উত্তেজিত করা। "রাবণে ঠেকায়ে গেল যমের সম্মুখে।—কৃ ৪১৬। ঠেকাইল কচ্ছপ কুম্ভে শ্রী ১০৭। ১২ দংশনার্থ ইশারা করা; লেলান। "দুষ্ট ঠেকালে কুকুর শ্রী ৭৮। ১৩ পীড়নার্থ ইঙ্গিত করা। "ঘরে গেল দশানন ঠেকাইয়া চেড়ী কৃ ২২১। ১৪ হুকুম দেওয়া। "আজ একে চাবুক মারেন, আজ ওকে পাঠান ঠেকিয়ে জুতো মারেন হু ১০১। ১৫ পরাজিত করা; হারান। "ঠেকাইমু আজ জিজ্ঞাসিয়া অলঙ্কার চৈ.ভা ৮২। ১৬ ভাসান। "এত বলি নায়্যা বলে, তরী ঠেকাইয়া জলে ব.প ৯১৬। ১৭ নিবারণ করা; দূর করা (বিপদ্)। "তোমার দলবল ঠেকাও ঘ ১৯৩। [ঠেকাঠেকি—পরস্পর-স্পর্শ; লাগালাগি; ঘাত-প্রতিঘাত; পরস্পর-যুদ্ধ। "শূলে করি রুদ্র ধরি রেখেছে ব্রহ্মাণ্ড। নহে ঠেকাঠেকি হ'য়ে হৈত খণ্ড খণ্ড॥—শি ৬৯; ১০২। তেঁহো চলে হস্তী আস্তে পথে ঠেকাঠেকি কৃ.উ ১২৭। ঠেকাঠেকি তালবন পড়ে ব.প ৭৮৬। ঠেকান—সর্থ 'ঠেকা'। ঠ্যাকে—বোধ হয়। "নূতন ঠ্যাকে ব.সু ৩৬।

ঠেকনা, -নো বি [ঠেক১ > °না, -নো; হি °না—আশ্রয়গ্রহণ] আশ্রয়রূপ দণ্ডাদি; অবলম্বন, ঠেস (prop)। "স্বর্ণ-আশা করে লয়্যা, চিবুকে ঠেকনা দিয়া, দূরে দাণ্ডাইয়া মুখ হেরে ভ.গ্র ৫১। (লাঠি!) তুমি ইন্দ্রলোকে......পারিজাতবৃক্ষ-শাখার ঠেকনো হইয়া আছ ব.প্র ৪০৪।

ঠেকা১ বিং [ঠেক১ > °কা; হি °কা] ১ বিপদ্গ্রস্ত, বিপন্ন। "ঠাকুরাণী ঠেলিতে ঠাকুর ঠেকা হন শি ৭০। ২ স্পৃষ্ট। "গজ বরাহের দন্তে যে মৃত্তিকা ঠেকা দ্রু ২০। ৩ ঠেস দেওয়া। "চাহনি চঞ্চল বাঁকা। কদম্ব গাছেত ঠেকা (প.ক)। —কা বি ১ স্পর্শ। "সেই হাতে হাতে ঠেকা চ.কা ৫০। ২ [হি °কা] গীতাদিতে পুরা বোল না বাজাইয়া তাল-প্রভৃতির বিশুদ্ধি-প্রমাণার্থ বাঁয়া প্রভৃতি যন্ত্রে লঘু-গুরু আঘাত-পরম্পরা। "ঠেকা দেওয়া। [°কিল—ধরিয়া-মারা কিল। "ম.ম ১১১। °মেয়ে—চিরকুমারী কুলীনকন্যা। ঠেকা যাওয়া—বিপন্ন হওয়া। "যদি বল কালী খেলে, কালের হাতে ঠেকা যাব। —রামপ্রসাদ। ঠেকার বোল—গানে ঠেকা-দেওয়ার গৎ।]

ঠেকা২ দ্র 'ঠেক২'।

ঠেকানা বি [ঠিকানা > °না] ১ স্থিরতা, নির্ণয়, উদ্দেশ। "বক্রিরা ...কোনদিগে পলায়ন করিল...তাহার ঠেকানা থাকিল না ব.প ১৬৮৯। ২ সর্থ 'ঠিকানা'।

ঠে(ঠ্যা)কার বি [?] গর্ব্ব, দেমাক। "ব.দ্বি ৭৭৩। ঠ্যাকারের কথা জা ৪১। [ঠেকারে—দেমাকে।]

ঠেঙা১, -ঙ্গা১ বি [°ঙ, °ঙ্গ+আ১০; হি, ঠ ঠেংগা] ঠেঙের মত দীর্ঘ দণ্ড; লাঠি। "হাতে ঠেঙ্গা ম ১৯৬। ধরিয়া ঠেঙ্গা।—ক.চ ১৫০। ঠেঙ্গা হাতে ন.প ২১৩; ঠেঙা লৈয়া হাতে ৩৬১। নীলের দাদন, ঠেঙ্গার গাদন।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ঠেঙার বাড়িতে।—কা ১২৩। [ঠেঙ্গাজ্বর—যে জ্বরে ঠেঙ্গে ব্যথা হয়; ডেংগুজ্বর। ঠেঙ্গাঠেঙ্গি—ঠেঙ্গায় ঠেঙ্গায় যুদ্ধ; লাঠালাঠি। ঠেঙ্গাড়ে—যে অর্থলোভে ঠেঙ্গাইয়া পথিককে মারে; দস্যু। এক-ঠেঙ্গিয়া—যাহার এক ঠেঙ্গ; একপাদ লোক। "এক ঠেঙ্গিয়ার ভাশ গো.চ ২৬৫।]

ঠেঙা২, -ঙ্গা২ সর্ম্ম [°ঙা, -ঙ্গা+আ৯] ১ ঠেঙ্গা দিয়া মারা; লাঠিতে মারা। "ঠেকেছি তোমার ঠাঁই ঠেঙ্গাইয়া মার শি ৩৪। কৃষকে ...গোরু ঠেঙ্গাইতেছে ব.দ্বি ৩। ২ প্রহার করা; মারা। "কেহ ছেলে ঠেঙ্গাইতেছেন ব.দ্বি ৩। [ঠেঙা(ঙ্গা)ন—সর্থ 'ঠেঙা'।]

ঠেটা, -ঠা বি সর্থ 'ঠেঁটা'। "ঠেটা মাগী শ্রী.মা ৬৫; বেটা ঠেটা ১৬৮। ঠেটা ভাট রা.শে ৯৮। ঠেটায় করিল ঠেটা ভা.চ ৪৩০। —টী বি সর্থ 'ঠেঁটা'। "এত বড় ঠেটী ক.চ ১৬৭। ঠেটী ধুতি বি.পা ২৮১। [ঠেটাই (হি ঢিঠাঈ)—ধৃষ্টতা, অশিষ্টতা। "ঠেটাই না কর ভ.গ্র ৩৯৭।]

ঠেটী দ্র 'ঠেটা'।

ঠেঠা দ্র 'ঠেটা'।

ঠেল১ বি [ঠেলা > °ল; হি °লা; ঠ °ল; অস °লা] ১ ঠেলা, ধাক্কা; কাজের বেগ। "মধ্যাহ্ন-ভোজন...রাত্তির দুই প্রহর পর্য্যন্ত ঠেল মারে হু ১১৭। ২ লোকসংমর্দ্দ, ভিড়। "লোকের ঠেল হু ১৭৮; থার্ডক্লাস বুকিং আফিসে লোকের ঠেল মেরেচে ২২৭।

ঠেল২ সর্ম্ম [হি, ঠ, গু, অস √°ল] ১ সম্মুখভাগে বলপ্রয়োগ করা; ধাক্কা দেওয়া (to push)। "আঁটিয়া ধরিতে চাহে ঠেলেফেলে পেটে ভা.চ ৪০৪। ২ অপসারিত করা; দূর করা; সরান। "পরশিতে তরসি কর হি কর ঠেলি বি.প ৮১। বীর...কেশরী ঠেলিয়া উঠে ক.চ ৫৩। শ্রী ৫১। চরণ ঠেলি জনি যাওত রাই ব ১৭৩; চরণহি ঠেলসি তায় ১৭৪। ৩ উপরে উঠান (শাঁখা ইত্যাদি)। "মাধব ঠেলে শাঁখা শি ১০৫। ৪ অগ্রাহ্য করা; অবহেলা করা। "না ঠেল না ঠেল অবলে অথলে ব.প ৩৩৩। নারিব শম্ভু বচন ঠেলিতে দ্রু ৬। খনা বলে এরেও ঠেলি। যদি না দেখি সম্মুখে তেলি॥—খনা। শি ৭০। ৫ বলে অধিকার করা। "(দুর্যোধন) আইল উত্তরভাগ ঠেলি ম.বি ১৯৩। ৬ সমাজচ্যুত করা। "শুনলে ঠেলে রাখবে জেতে দা ৬৬। ৭ পাশে সরান। "'রান্না ভাল হয় নাই' বলিয়া ব্রজ ব্যঞ্জন ঠেলিয়া রাখে ব.প্র ৩৬৮। [ঠেরত—ঠেলিতেছে। "ঠেরত কৈছে সময় ইহ গোরী গো ২৪৭। ঠেলই, -বি,-সি (প.ক)। ঠেলিয়া ফেলা—অবহেলাপূর্ব্বক ত্যাগ করা। "টাকার জন্য রজনীকে বিবাহ করিয়া...তার পর তাকে ঠেলিয়া ফেলিয়া দিয়া আর একজনকে বিবাহ করা, কেমন কাজটা হইবে?—ব.প্র ২২৯।

ঠেলা বি [ঠেল২+আ৬] ১ সর্থ 'ঠেল২'। ২ [হি °লা] ধাক্কা, ঢেকা। "পেলিলেক অঙ্গে ঠেলা দিয়া ম.প ১৫১। ঠেলা মেরে শি ৯৯। ধরিয়া হাতীর শুঁড়ে দিল মাথা ঠেলা শ্রী ১২২। ৩ বেগ। "বাউর ঠেলায়ে দেবী বাহিরে পড়িল মী ৭। —লা বিং পরিত্যক্ত। "তোমার বড়-মা কি ঠেলা আছেন?—ব.প্র ২২৯। [°গাড়ী—ঠেলিয়া-চালান গাড়ী। ঠেলাঠেলি (হি, গু °ল; ঠে °ল, -লী)—ধাক্কাধাক্কি। "তৃতীয়েতে ঠেলাঠেলি কৃ ৩২২। শ্রী.মা ৪৫।]

ঠেস১ বি [হি ঠেস; ঠ টেংস] ১ আশ্রয়ে হেলিয়া ভর দেওয়া; হেলান। "কৃষ্ণ কোলে কেহ শুইল কেহ দিল ঠেস শি ১০৯। আসনে দেন ঠেস স্ব.প্র ১০১। ২ হেলান দেওয়ার আধারমাত্র। "বালিস ঠেস দিয়া বসা। চেয়ারের ঠেস। ৩ আঘাত, ধাক্কা। ৪ চাপ। ৫ বক্রোক্তি, ব্যঙ্গ। "কুৎসিতের বেশ দেখে, শ্যাম! ঠেস ক'রে কি কও আমাকে দা ৫৫৮। ৬ দায়। "বুঝিস না সূক্ষ্ম, ও মূর্খ, দিস কোন ঠাকুরের ঠেস?—নু.র ৩০৪। ৭ বক্রনিন্দা। "ঠেস দিয়া বলা। [ঠেস দেওয়া—হেলান দেওয়া। "দেলে ঠেস দিয়া ব'সে পথ পানে চায়।—পদ্যপাঠ, ১ম ভাগ।]

ঠেস২ সর্ম্ম [হি √°স; ঠ √'ঠেংস'] সর্থ 'ঠাস২'। —স অর্ম্ম চাপ দেওয়া; গায়-গা লাগান। "(যুবতী) বসেছে ব্রহ্মার কাছে ঠেসে শি ১। —সা সর্ম্ম [°স+আ৮] ১ ঠেস দেওয়ান; হেলান। ২ গায় গায় লাগান; ভেজান। "কপাট ঠেসান। [ঠেসা—সর্থ 'ঠেস২'। ঠেসাঠেসি সর্থ 'ঠাসাঠাসি'। ঠেসান—সর্থ 'ঠেসা'। ঠেসিয়ে (ঠেসাইয়া) রাখা—হেলাইয়া বা ভেজাইয়া রাখা।]

ঠেসনা বি [ঠেসন > °না] ঠেস দেওয়া; হেলান। "রহিয়া আলিসে, ঠেসনা বালিসে চ.দা ৭৬।

ঠেসান বি [ঠেসন > °ন] ১ সর্থ 'ঠেসনা'। "গুরুমহাশয়...দিয়ালে ঠেসান দিয়া ঢুলছেন আ.দু ৩। ২ ঠেসের আধার বা অবলম্বন। "ব্রাহ্মণ... গাছের গুঁড়ি ঠেসান দিয়া...তামাকু টানিতেছে ব.প্র ৬৪৩।

ঠোঁট, -ঠ বি [সং তুণ্ড, ত্রোটি; হি টোংট; ঠ তোংড; প তোংত; বিহারি—'ঠোংথ'; মৈ ঠোঁঠ; অস ঠোঁট; ড় থোংট] ১ চঞ্চু। "ঠোঁঠ ম ২৬। ২ ওষ্ঠ। "ঠোঁটে এল প্রাণ বি.সু ১৩২। [ঠোঁটকাটা—যাহার কিছু বলিতে বাধে না; স্পষ্টবক্তা। "একজন ঠোঁটকাটা সরকার উত্তর করিল—আরে তুমি কাজ কর্ম্ম কি কর আ.দু ৪৯। বি.বু ৩৩। ঠোঁটকাটা ভায়া চীৎকারস্বরে বলিলেন,—'এ সেরেফ গাঁজাখুরি।' পা.ঝো ১৩৭।]

ঠোক, -কা[1] বি [হি ঠোংক; ধ্বন্যাত্মক] 'ঠক' শব্দে চঞ্চুঘাত-আঘাত। "মাছে চারে ঠোক দেয়। [ঠোকাইয়া—চঞ্চুঘাত করিয়া। "(পানকাউড়ি) যমক ধরিল ঠোকাইয়া গো.চ ৩৭। সব তাতে ঠোক দেওয়া—সব বিষয়ের স্বাদ লওয়া; পল্লবগ্রাহী (Jack of all trades) হওয়া।]

ঠোকনা বি [ঠুক—ঠোকন > °না; হি ঠোঁগনা; ঠ °ণী] বক্রীকৃত তর্জ্জনীর পর্ব্বাঘাত; আঙুলের ঠোকর; ঠোনা। "(লহনা) দুই গালে মারে চড় ঠোকনা ক.চ ১৩৯।

ঠোকর বি [হি, ঠ °র; ধ্বন্যাত্মক] ১ 'ঠক' শব্দে পায়ে ইষ্টকাদির প্রতিঘাত; উছোট। "বিষম ঠোকর খায়, পথ-চলা ভার স্ব.প্র ৮৯। ২ চঞ্চুঘাত। "(নৈবেদ্য) ঠোকর দিয়ে সকলি করিস হত দা ৮১৩। একটা কাক ঠোকর মেরে মেরে কীট উদ্ধার করচে ঘ ১৩২। ৩ সর্পতুণ্ডঘাত, ছোবল। "(উদয়কাল) ঠোকর মারিল ব্রহ্মদ্বারে বা.ম ১৩৫। ম.ম ৮৪। ৪ অঙ্গুলিঘাত, টোকা। "দুই তিন ঠোকর দিল গালের উপরে ম.গা ১৯। কেহ মারে মাথায় ঠোকর ম.ভা ১৫। ৫ আঘাত, ঘা। "বলিতে লাগিল চণ্ডী কপালে ঠোকর দিয়া বি.পা ৭৭; ঠোকর মারি চক্ষু কাণা করিল সতাই ৩৫২। ঠক বলে মাথায় ঠোকর কেহ মারে শ্রী ২৪৪। [সব কথায় ঠোকর দেওয়া—সকল প্রস্তাবে মন্তব্য প্রকাশ করা। সব বিষয় ঠোকর দেওয়া—সকল বিষয়ে পল্লবগ্রাহী হওয়া।]

ঠোকরা, -রান; ঠোকা[1]; ঠোকা[2], ঠোকাঠুকি; ঠোক্কর দ্র 'ঠুকরা; ঠোক; ঠুক; ঠক্কর'।

ঠোঙা, -ঙ্গা বি [দেশী (?)] পত্রাদিরচিত আধারবিশেষ। "ঠোঙ্গা ভরে খাবার এনে খাওয়া যতনে দা ১৯৮৩।

ঠোট বি [অপ্র] সর্থ 'ঠোঁট (১)'। "গো.চ ১৭৭। [°কাটা—সর্থ 'ঠোঁটকাটা'। "শ্রী.মা ১৬৮।]

ঠোনকা বি [ঠোকনা > °কা] সর্থ 'ঠোকনা'। "ঠোনকা মারি গালে, ভ্রূকুটি করিয়া, বলিলা ন ৮২২,-৩। ঠোনকা মেরে ব্রজমহিলা বারাণ্ডায় যান।—হেম ৩৮৭।

ঠোনা বি [ঠোনকা > °না] সর্থ 'ঠোকনা'। "খাঁচাতে ভরিয়া হাত কেহ মারে ঠোনা কৃ.উ ৮৭। ছেলের গালে মারিল দুই ঠোনা ব.প ৩৮৭। ক.চ ১৩৯। বক্রমান ঠোনা শ্রী.মা ৯৬; ঠোনা মারে ঠোঁটে ১৩৯। বি.সু ৯৪। গোবিন্দলালের গালে ভোমরা এক ঠোনা মারিল ব.প্র ২৮৩।

ঠোনি বি [সং স্থূণা; অপ্র] খুঁটি। "স্ফটিকের ঠোনি বি.পা ২৫৪।

ঠোর নি [হি ঠৌর] স্থল। "তুলনা দিবারে নাহি ঠোর জ ২।

ঠোলা বি [হি °লা—পাখীর খাঁচায় পেয়ালা; অস °ল্যা; °লা—নারিকেলের মালা (দিনাজপুর); ফোসকা (যশোহর); ঠোঙা (মুরশিদাবাদ)] ১ পত্রপুট, ঠোঙা। "মাংস লয়্যা জ্ঞান দীতা করিআ ঠোলে কৃ.অ ২৭; পত্রের ঠোলে ২৮। ২ (সাদৃশ্যে) আমের খোশা। "চৈ.চ ৩৩৬, টীকা।

ঠোশ, -স বি [হি ঠোস; তু 'ঠুসি'] ১ ফোসকা। "ঠোশ পড়ে কি না দেখে গায়ে (চুণ) ছিটা দিয়া বা.ম ১৯৬। ২ রোগে পেট ফাঁপা। "বিকারে রোগীর পেট ঠোস দেয়। ৩ পুঁজ জমার জন্য ফোড়ার স্ফীতি।

ঠোসা[1] বি সর্থ 'ঠোশ (১)'।

ঠোসা[2] দ্র 'ঠুস'।

ঠ্যাং, ঠ্যাঙ বিঁ সর্থ 'ঠেং'। "গো.চ ১১২; বাম ঠ্যাং ১৯১। ঠ্যাঙ দা ২১৪০। পচা ঠ্যাং (কাব্যনির্ণয়)।

ঠ্যাঁটা বিং সর্থ 'ঠেঁটা'। "ঠ্যাঁটা বেটা দা ১২৪৯।

ঠ্যাক বি [(?)] পল্লব। "জিগার ঠ্যাক গো.চ ৯৪।

ঠ্যাকনা বি [ঠেকনা > °না; গ্রাম্য] স্থিরতা। "দোসরা এলাকায় ঘরের ঠ্যাকনা করেছি মা ৩৩২।

ঠ্যাকার বি সর্থ 'ঠেকার'। "ব.সু ১৬।

ঠ্যাঙ্গ বি [ঠেঙ্গ > °ঙ্গ] পা। "গো.চ ১০৪।

ঠ্যাঙ্গা বি [ঠেঙ্গা > °ঙ্গা] দণ্ড, ডাণ্ডা। "গো.চ ১১১; ২৬৬।

ঠ্যালা বি ঠেলা, অত্যাচার। "নীলের ঠ্যালাটী কেমন নী ৫২।

ড

ড[1] ট-বর্গের তৃতীয় বর্ণ এবং ত্রয়োদশ ব্যঞ্জন ও স্পর্শবর্ণ। দ্র 'ক[1]; ট[1]'।

ড[2] ১ 'ট'-স্থানে 'ড'কার। "ঘাড়, বড়, মউড়। তু 'সং—প্রাবৃট, -ড়, ষড়্‌বিংশতি; লি—লেড্ড্ (লোষ্ট্র), নিঘণ্ডু (নিঘণ্ট্); প্রা—ঘড (ঘট), জড়া (জটা), ভড (ভট); হি—কেকড়া (কর্কট), কবাড় (কপাট); ঠ—কডু (কটু), কবাড (কপাট), ঘোড়া (ঘোটক)। ২ 'দ'-স্থানে 'ড'কার হয়। দ্র 'ট[1]'।

ড[3] পুং [√ডী+অ(ড)-ক] ১ শিব। ২ শব্দ। ৩ বাড়বাগ্নি। ৪ ত্রাস। —ডা[2] স্ত্রী ডাকিনী।

ডউয়া বি অম্লফলবিশেষ; ডেফল। "ম.ম ৫১।

ডংশ, -স সর্ম [সং √দন্‌শ্ (√দংশ) > প্রা √ডংস; হি √ডঁস গু √ডংস; অপ্র] দংশন করা। "ডংশিবেক কলেবর ম.পা ৬৬। ডংসে ভ্রমরে ৯৫; ডংশিলে ৯৭। [ডংশ—দংশন কর। "আশু ডংশ ম.পা ১০১।]

ডক বি [E. dock] জাহাজ নির্ম্মাণ বা মেরামত করার স্থান।

ডগ[1] বি [ধ্বন্যাত্মক] শিশুর হাসির শব্দ। "ডগ দিয়া হাসা।

ডগ[2], **-গা** বি [ঠ ডগ—প্রান্ত, ধার; তু 'ডগগল'—ভবনোপরি ভূমিতল (দেশী ৪.৮)] ১ শাখার বা বৃক্ষের অগ্রভাগ। "গাছের, লাউএর ডগা। ২ অগ্রভাগ, প্রান্ত। "আঙুলের ডগা। নাকের ডগাতে: ডগার নাকের কা ১১২। —গা বিং (সাদৃশ্যে) কচি, আ-পাকা (কঞ্চি, বাঁশ, শাল)।

ডগমগ[1] বিং [প্রা °গ—আন্দোলন (পৈ); হি, ঠ, মৈ °গ—কম্পন; দেশী (প্রা.ম); তু 'টকমক'] ১ চঞ্চল, প্রভাতরল, অতিদীপ্ত। "রজতগিরি জিতি, জ্যোতি ডগমগ ন.প ১৮৬; লসত সিংহাসনে জনু কনকাচল, ডগমগ ২০৪। ২ ভাস্বর। "ডগমগ দীপ্তি অতি ব.প ১৩২০। ৩ ভাবাবেশময়। "ডগমগ লোচন-কমল ঢুলায়ত গো ৫৫। লোচন ডগমগ ন.প ২৬৬। হরিরসে ডগমগ জগজনে ভোর ব ১১; ডগমগ দেহ ১৫। ৪ বিহ্বল, বিভোর। "ডগমগ প্রেম-তরঙ্গে ব ২৪। রামপ্রেমে ডগমগ ভ.গ্র ৮১; প্রেমানন্দে ডগমগ ১৪৫। ডগমগ তনু রসের ভরে ভা.চ ৩০০। ৫ লাবণ্যপ্রভাময়। "ডগমগ সপ্তরঙ্গ

চামর লইয়া (দোলাইছে) ব.প ১৪৮৬। °নধরলতিকা-সম গি.ঘি ২০। ৬ চঞ্চল দীপ্তিপ্রকাশ। "বেনির উপর দুইটি তারা ডগমগ করে গো.চ ২৩৯। ৭ চঞ্চলভাব, টলটল। "জনু ডগমগ করে নলিনীক নীর বি.প ৭৪। ৮ অতিলোহিতভাব, টকটক। "ডগমগ করে পদতল —পদ্ম রাতা চৈ.ম ৮১। —মগ ক্রি.বিং [ঠ °গ, -গাং] থরথরে। "ধরণী ডগমগ ডোলে বি.সা ৩৫৫। [ডগমগে (হি √°মগা; ঠ √°মগ) —বিহ্বল হয়। "তনু প্রেমে ডগমগে ভ.গ্র ৫৭।]

ডগমগ[২] বি [ধ্বন্যাত্মক] ডম্ফ বাদ্যের ধ্বনি। "ডগমগ ডম্ফ বি.প ১০০। শ্রী.ম ৯৮। —মগি[২] বি [°গ+ই[১১]] ডমরুধ্বনি। "ডগমগি ডগমগি...ডমরু বাজাএ গ ১৩৭।

ডগমগি[১] বিং [°মগ[১]+ই[১১]] ১ উচ্ছলিত। "ডগমগি প্রেমতরঙ্গ ন.প ৩১৫। ২ সর্থ 'ডগমগ[১] (৪)। "তনু প্রেমে ডগমগি চৈ.ম ১০৫। ৩ অতিলোহিত। "ডগমগি রুধিরে ভূষিত সর্ব্ব গা শ্রী ১৫৪,-৬৭।

ডগমগি[২] দ্র 'ডগমগ[২]।

ডগর বি [দগড়, -র > °র; ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "ম ৭৩৭,-৪২। শ্রী.ম ১২৭; ১৪৭। দা ২১১১।

ডগা দ্র 'ডগ[২]।

ডগি -গী বি [ডগা+ই[১১]] ডগা, কচি। "ডগি ডগি তোল ছোলার শাক ক.চ ৪৩; ২০৮; ডগী ডগী তোল যত সরিসার আড়া ২১০।

ডঙ্ক বি [প্রা ডংক—হুল (দেশী—প্রা.ম); ডক্ক—দন্তগৃহীত (দেশী ৪.৬); ডঙ্ক (অ.রা); হি ডংক—হুল; ঠ ডংখ; মৈ ডংক—হুল ফুটান] ১ সর্পদংশন। "সাপডঙ্ক ক.চ ১৪৯,-৫০,-৬৮। সাপিনী-ডঙ্কা ম.ভা ৬১। ২ [সং দষ্ট > প্রা ডক্ক, *ডংক] মন্ত্রবলে নাগরাজের অধিষ্ঠিত মনুষ্যদেহ। "ডঙ্ক নাচে: ডঙ্ক-নৃত্য চৈ.ভা ১২৫।

ডঙ্কা বি [সং ঢক্কা > প্রা *ঢংকা > বা °ঙ্কা; হি, ঠ ডংকা] চর্ম্মাচ্ছাদিত তাম্রের বা লৌহের কটাহের বাদ্যবিশেষ; ঢেঁটরা। "স্বর্গে ডঙ্কা বাজে রে দু ৩৩। ম.পা ৬০। জয়-ডঙ্কা-নাদে কু.কে ১৪৯। [ডঙ্কা দেওয়া, পেটা, বাজান, মারা—ডঙ্কা শব্দে সর্ব্বত্র প্রচার করা। "রাজা হয়ে ঠাকুর আইলা ডঙ্কা দিয়া ভা.চ ৫২২। যমশঙ্কা ডঙ্কা দিয়ে হয়েছ বা.দ ৭০। ডঙ্কা-মারা নাম—সর্ব্বত্র বিদিত নাম। "হেম ৩৭৯। ডঙ্কা মেরে চলে যাওয়া—নিজ প্রভাব জানাইয়া নির্ভয়ে ইহলোক ত্যাগ করা। "রসনায় কালী কালী বলে। ডঙ্কা মেরে যাব চলে॥—রামপ্রসাদ। ডঙ্কামে চলন্ত—ডঙ্কাবাদ্যের সহিত চলিতে চলিতে। "অ.প ৫৯।]

ডজন বি [E dozen; হি দর্জন] একরূপ বারটা জিনিস।

ডড়া অর্ম্ম [√দাঁড়া > °ড়া; অপ্র] ১ দাঁড়ান। "(ব্রাহ্মণী) ডড়াইল বিদ্যমান কৃ.উ ১৭১। ২ [√ডরা > °ড়া; অপ্র] ভয় পাওয়া। "ডড়ায় বিধাতা ম.ম ২০।

ডণ্ড বি [সং দণ্ড; হি ডংড; গ্রাম্য] ১ কালপরিমাণবিশেষ, ঘড়ি। "গো.চ ১৯৭। ২ সন্ন্যাসীর দণ্ড। "°ধারি গো.চ ১৬৪। ৩ সাজা, জরিমানা।

ডন বি [হি ডংড (দণ্ড)] মাটিতে হাত-পায়ের উপর ভর দিয়া দণ্ডবৎ হইয়া করণীয় ব্যায়াম। [ডন ফেলা (হি ডন পেলনা)—ডন অভ্যাস করা।]

ডবকা, -গা বি [ঠ ডবগা—a rich patch of a crop] তরুণ। "ও মা, ও ডবকা ছেলে, ও যে এতক্ষণ দুবার খায় নী ১০। [ডবকা বয়েস—যৌবন।]

ডবডবানি বি [আ 'দব্‌দবহ্‌'] প্রভাব দেখান; শাসান।

ডবডবে বিং [হি √°ডবা—অশ্রুপূর্ণ হওয়া] অশ্রুপূর্ণ, অশ্রুতে ডুবডুব। "হেম ৪২৩। বড় ডবডবে চোকের নীচে দিয়া এক ফোঁটা জল গড়াইয়া আসিতেছিল ব.প্র ৩৫০।

ডবল বিং [E. double; হি °ল] ১ দ্বিগুণ। "ডবল মাশুল দা ২১৩৩। ডবল থেইটি গা ৯। ২ দোহারা, দোভার (সূতা)।

ডবলা বি [ফা ডব্‌.; হি ডব্বলা] বাদ্যবিশেষ। "দা ৭৬৪।

ডবাডবি বি [(?)] ছড়াছড়ি। "গৃহিণী দেখিবেন যেন খাওয়া হইয়া গেলেই...পাতে যাহা পড়িয়া থাকে, তাহা লইয়া কাকে ডবাডবি না করে পা.প্র ১৬১।

ডবিত্থ পুং ১ কাষ্ঠময় মৃগ (সুপদ্ম)। ২ দ্রব্যবাচক সংজ্ঞাশব্দ। "সা.দ ২$\frac{৪}{৫}$।

ডম পুং লেট হইতে চণ্ডালীর গর্ভজাত সঙ্করজাতি (ব্রহ্মবৈবর্ত্ত)।

ডমক বি [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ, 'ডমরু' (?)। "শ্রী.ম ১৬৮। জ ২৯। গো ৭৩। চৈ ২৩২।

ডমর পুং বিপ্লব; পরচক্রাদিভয়, অন্তকলহ (S.W)।

ডমরু পুং [ডম+√ঋ+উ (কু)-ক, নিপাতিত, উ ১.৩৮; ডম+রু (রব)?—তু 'ফেরু, -রব'; °রুলি (চ); ধ্বন্যাত্মক] 'ডমশব্দকারক', ক্ষীণমধ্য আনদ্ধ বাদ্যবিশেষ; ডুগডুগী। "অনহা ডমরু বাজএ।—চ ২১। ডিমি ডিমি ডমরু বাজিছে ভা.চ ১১০; কত সরু ডমরুকেশরি-মধ্যখান ২৯১। মাঠময় বাজি' উঠে ভেকের ডমরু স্ব.প্র ১৭৪।

ডমুর, -মুরু বি [ডমরু > °র, -রু; তু 'টমরুক' (অ.রা); অপ্র] ডমরু। "কটি ডমুরু আকার।—গ ৩৭; ডমুর ১৩৩; °রু ১৩৭। ডমুর জ ২৮।

ডম্ফ বি [ফা দফ্‌.; হি ডফ; ধ্বন্যাত্মক] ১ বাদ্যবিশেষ। "বি.প ১০০। ম ৮২২। শ্রী ১৫৫। দু ১৩,-৫। ২ [সং দম্ভ; 'ডম্ব, -ম্প' (গো.চ)] গর্ব্ব। "ব.প ৬২৭।

ডম্বর পুং, ক্লী [√ডম্ব্‌ সংহতি+অর (অরন্‌—ত.বা)] ১ আড়ম্বর, আয়োজন। "প্রভাতে মেঘডম্বরে।—চাণক্য। একবিপ্রবীরসমুত্থমশেষং বর্ত্ততে স্বয়ংবরডম্বরম্‌ বা.ভা ১$\frac{৭৭}{৯৮}$। ২ সমূহ, রাশি। "ডিম্ব° মা.মা ৯.১৬। মনোবিভ্রম° ক.ম ৩.১২। মধুকরডম্বর অম্বর ভেল বি.প ২৪। অম্বরে ডম্বর ভরু নবমেহ গো ১৩০। ৩ সাদৃশ্য, সমতা। "কদম্ব° উ.চ ৬.১৭। ৪ অহঙ্কার (A.)।

ডম্বরু বি [ডমরু > °রু; (ম > ম্ব); হি ডরঁরু; অপ্র] ডমরু। "ক.চ ৪৩। বা.ম ৩০। তরঙ্গের ডম্বরু বাজায়ে কা ৪২। মেঘ ডম্বরু কু.কে ২৬। হ ১০১।

ডম্বুর[১], **-রা, -রু** বি [ডম্বরু > °রু, -রা; অপ্র] ডমরু। "মাঝা ডম্বুর চ.দা ১৬। ডম্বুরে বলে হরি কৃ ১৫। ক.চ ১,২০৩; ডম্বুরু ১২৪। ডম্বুর দু ১১; ৩২। ম.ম ১১; ১৫। শ্রী.মা ১১। °র শ্রী ৬৩। ব.প ১৪৬; ডম্বুরা ৫২৯। ডম্বুর মত মাঝখান তার সরু দা ২০৭০। [ডম্বুরনিনাদিনী, -বাদিনী—চণ্ডী। "ক.চ ২৫৩,-৪। ডম্বুরবাজন—ডমরুবাদন। "ম ৯৪৪।]

ডম্বুর[২] বি [সং ডিম্ব, -ম্ভ; হি ডাঁরু] ব্যাঘ্রশাবক। "ডম্বুর হারায়ে যেন ফুকারে বাঘিনী কৃ ১৭; ৫৭। কৃ.অ ১২। ডম্বুরের মাতা বা.ম ৩৪৭।

ডয়ন ক্লী [ডী+অন (ল্যুট্‌)-ভা] ১ নভোগতি, উড়া। ২ [+অন-ণ] কর্ণীরথ, ডুলি।

ডয়রা বি [সং দারুকদলী (?); হি 'ডবরা'—কুণ্ড; ঠ 'ডবরা'—গর্ত্ত; 'ডোইরে' (বি.বু ৪৮)] একপ্রকার কলাগাছ; ডয়রা কলা; বীচে কলা (ইহা নিম্নস্থানে ভাল হয়)।

ডর[১] বি [সং দর > প্রা ডর; হি, ঠ, গু, মৈ, অস 'ডর'; 'ডরে' (চ)] ভয়। "প্রানে না খাও ডর গো.চ ১২। কৃ ২৫০। হরিডরে হরিণী বি.প ৬১। °কাতর গো ১২২। চৈ.ম ৭৪।

ডর[২], **-রা** অর্ম্ম [সং √ত্রস্‌ > প্রা √ডর (হে ৪.১৯৮) > বা °র, -রা; হি, ঠ, গু, প, সি, অস √ডর; ড় √ডরিব্বা] ভয় করা। "তুহু পুন কাহে ডরাসি বি.প ৮। চন্দ্র সূর্য্য দুই চক্ষু দেখিয়া ডরাই কৃ ২৭৬; ৩২৮। ডরায়েন চৈ.ভা ১৪৭। —র, -রা সর্ম্ম ভয় করা। "ডরি তারে মে ৪৮;

আমি কি ডরাই, সখি, ভিখারী রাঘবে ৮১ ; ২৫১। বাঘকে ডরায় ছাগল, জলকে ডরায় পাগল দা ১৬৯। [ডরবি, -রজি (প.ক)। ডরা, -রান—সর্থ 'ডর, -রা'। ডরান—ভয় পান। "ভক্তকে ডরাম গোবিন্দ দা ১৬৯। ডরানে (হি ডরপোক)—ভীরু। ডরিত (দরিত)—ভীত। "ডরেতে ডরিত দনুজ ছু ৬১। ডরে ডরা—ভয়ে ভীত হওয়া। "ভূতির ডরে ডরিয়ে উঠে ছেলে জা ৩৬। ডরে ডরে—ভয়ে ভয় করে। "গায় হাত দেয় পাছে, এই ডরে ডরে হে।—ভা.চ ৬৬৯।]

ডল সর্ম্ম [সং √দল] ১ দলিত করা ; মর্দ্দন করা ; মলা, ডলা। "ডলি মার নৃপ-দল ম.পা ১৪৮। ২ ঠাসা (ময়দা)। —লা সর্ম্ম [°ল+আ৮] দলিত করান ; ডলান। [ডলন, ডলা—সর্থ 'ডল'। ডলান—সর্থ 'ডলা'। ডলাডলি—পরস্পর দলন।]

ডল(ল্ল)ক ক্লী ['ডল্ল, -ল্লগ'—পিটিকা, বংশরচিতপাত্র (দেশী ৪.৭ ; প্রা.ম)] বংশনির্ম্মিত পাত্রভেদ ; ডালা।

ডলকা অর্ম্ম [সং 'দরক'—মূল ; হি √দলক] ভয়ে কাঁপা। [ডলকা দ্বার—কম্পিত অর্থাৎ শিথিল কপাট। "বেচারাম…গাড়ির ডলকা দ্বার কসে ধরিয়া…'ওহে বাঞ্ছারাম' বলিয়া চীৎকার করিতে লাগিলেন আ.দু ১৬০। ডলকান—সর্থ 'ডলকা'।]

ডহডহ বিং [দহদহ > °হ ; হি '°হা'—তাজা] সতত জ্বলিত ; অনির্ব্বাণ। "ডহডহ বিরহ সহই না পার গো ২৪৭। অহনিশি ডহডহ. …দুঃসহ বিরহক দাহ ব ১৮৩।

ডহর[১] বি [সং দভ্র (সাগর) >প্রা ডহর ; সং হ্রদ ; বা দহ ; হি °র—পল্বল ; ঠ 'ডহরা'—গর্ত্ত ; 'ডৈহর, দহড়'—জলা জমি ; ডহরা, ডর (কথ্যভাষা) ; তু 'ডহরী'—অলিঞ্জর (দেশী ৪.৭)] ১ নিম্নভূমি, গর্ত্ত, কুঁড়জমি। বিপ 'ডাঙ্গা'। "ডহর ডাঙ্গর সব একই সুসর শূ ১১০। ব.প ১১৩। ডহর কি ডাঙ্গা শ্রী ২০৪ ; ডহর করিবে ডাঙ্গা ২৬৩। ২ দহ। "ডহরে ডুবিলে ডিঙ্গী যায় রসাতল।—শি ২৫। ৩ [হি মুণ্ডারি—'ডহর'—(পথ)] গো-প্রভৃতির যাতায়াতের পথ ; গোপথ, ভাগাড় (মালদহ, দিনাজপুর)। —রা বি নৌকার খোল। "পসার…খোহ ডহরার মাঝে শ্রী.কী ১৫৩। [°কুঁড়—কুণ্ডতুল্য নিম্নভূমি।]

ডহর[২] বি [ডহর > °র (?)] বাদ্যবিশেষ। "কৃ ২৫৭।

ডহরা দ্র 'ডহর[১]'।

ডহু, -হু পুং [√দহ্+উ (কু)-ক, উ ১.৩৭ ; 'ডহু' (মুণ্ডারি)—অম্লফলবিশেষ] লকুচ (অ.কো) ; ডহুয়া (ডেফল)-গাছ ; মাদার। "ডহু ক.চ ২২১।

ডা[১] প্র [টা>ডা (গ্রাম্য)] সর্থ 'টা'। "তিলকের নওডা (নয়টা) ফোডা গো.চ ২৫৩। এতডা পরিবার নী ৯ ; সাহেবডারে : ওডা ২৬ ; এডা ২৮। [ডে—সর্থ 'ডা'। "হাকিমডেরে : হাকিমডে নী ২৬ ; জমিডে ২৮।]

ডা[২] দ্র 'ড[৩]'।

ডাইন[১], **-নী, ডান**[১] বি [সং ডাকিনী >প্রা ডাইণী >বা °নী, -ন ; ডানি (দা ৯৪৬) ; হি ডাইন ; ঠ ডংণীণ ; °নি (ডাকার্ণব ১৬২) ; ডান (কথ্যভাষা)] ১ পিশাচী, পেতনী ; (সাদৃশ্যে) জাদুবিদ্যাবলে দৃষ্টিমাত্রে শিশুর অনিষ্টকারিণী স্ত্রীলোক (witch)। "ডাইন মএনা গো.চ ১১০। শিক্ষা করে ডাইনী-কলা ক.চ ১৯২ ; মুই ডান হতি প্যালাম ক্যান্।—নী ১৮। [প্রসিদ্ধি, ইহারা মন্ত্রবলে শিশুর রক্ত চুষিয়া শিশুকে শীর্ণ করে। ইহাদের দৃষ্টিও শিশুর স্বাস্থ্যভঙ্গ করে। তু 'ডাইনে দৃষ্টি দিয়াছে কৃষ্ণধনে দা ৩০৮।] ২ গালিবিশেষ। [ডাইনী-কলা—জাদুবিদ্যা। ডাইনের কোলে ছেলে সঁপা—(গৌণার্থে) ভক্ষকের কাছে ভক্ষ্য গচ্ছিত রাখা ; ভক্ষককে রক্ষক করা (অবশ্যম্ভাবী বিপদের উদাহরণে)। "হ'ল ডাইনের কোলে ছেলে সঁপা।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ডাইনের চাতর—ডাইনের সমবায়স্থান বা চক্র। ডাইনের মায়া—কপটপ্রবন্ধ।]

ডাইন[২], **ডান**[২] বি [সং দক্ষিণ >প্রা দক্‌খিণ, দাহিণ >বা (দাইন) °ন ; হি দাহিনা ; মৈ দহিন, -না ; সি ডখিণু (দিক্), ডান (কথ্য-ভাষা)] ১ সব্যেতর, দক্ষিণপার্শ্ব। "গদাধর নরহরি ডাইন বাম ন.প ৩১৫ ২ দক্ষিণ হস্ত। ডান হাত গো.চ ২৪১। [ডাইনের দিন—শুভ দিন ডান হাতের ব্যাপার—ভোজনক্রিয়া। ডান-কান-মোচড়া 'ক'—ইহা শিশুর স্মরণার্থ 'ক'এর বর্ণনা। ডান হাত—(গৌণার্থে) প্রধান সহায়।]

ডাইনা, -নে বি ডাইন হাতের আঘাতে বাদনীয় যন্ত্র ; তবলা।

ডাইরি বি [E. diary] দৈনিক ঘটনার বিবরণলিপি ; করচা।

ডাইল, ডাল[২] বি [সং দল, দালি (তু 'রাগদালি', 'মসূরদল'—সুশ্রুত ১.৭.১০) >বা (দাইল) °ল, ডাল ; হি দাল ; প দাল ; ঠ ডা(দা)ল ; গু দাল ; মৈ দালি ; সি ডারি, -লি ; মুণ্ডারি—দালি ; দালি (দেশী —প্রা.ম)] ১ দলিত (খণ্ডিত) মুগ মসুর ইত্যাদি ; ভাঙা কলাই। ২ মুগ-প্রভৃতির ব্যঞ্জন।

ডাইস্ বি [E. dies] স্বর্ণকারের ধাতুনির্ম্মিত ছাঁচ।

ডাং, ডাণ্ড[১], **-ঙ্গ**[১] বি [সং দণ্ড ; হি ডংডা, ডাঁড় ; প ডংডা ; ঠ দাংডা ; গু ডাংড ; মুণ্ডারি—ডাঙ্গ (বংশদণ্ড)] ১ দণ্ড ; লাঠি, কোঁৎকা। "লোহার ডাঙ্গ কৃ.উ ৮৫। গো.চ ৯ ; এক ডাং দুই ডাং তিন ডাং দিল ২৩৭। ডাঙ্গ ব.প ৩১। গ ২৩। চ.বি ১৬৬। শ্রী.ম ১১৫। ডাঙ্গ-বাড়ি জ ৮৩। সুবর্ণের ডাঙ্গ গো.বি ৫১। ২ দণ্ডমাত্র। "ডাং-গুলি খেলা। [ডাঙ্গা[১] (°ঙ্গ+আ[৯])—ডাঙ্গ দিয়া মারা। ডাঙ্গাইতে (ঠেঙ্গাইতে), ডাঙ্গাইবার, -ইয়া, -ইলে, -ইস্, -ঙ্গায়, -ঙ্গি (গো.চ)।]

ডাংপিটে বিং দাঙ্গামারপিট-প্রিয়, দাঙ্গা-হাঙ্গামে, ডাকাবুকা।

ডাঁই বি [হি ডাঁগ—পর্ব্বতশৃঙ্গ] চূড়াকার, রাশ। "আমার এখন এক-ডাঁই বাসন পড়ে রয়েছে অ.গ্র ৮১।

ডাঁগর বিং [ডাঙ্গর > °র ; অপ্র] বড়। "ডাঁগর ঝালের লাড় ব.প ২৭২ ; ডাঁগর গাছে ৫০৩।

ডাঁট '-টো' বিং [অস ডাঠ ; ডাঁটি (দিনাজপুর) ; ডাঁঠ (ফরিদপুর)] ১ দৃঢ়, শক্ত। "দারুণ কর্ম্মের তরে দক্ষ হস্ত ডাঁট শি ১০৪। ২ দৃঢ়, দুশ্ছেদ্য। "কঠিন জাতির কাছে গুয়া কত ডাঁট শ্রী.মা ১৪৪। ৩ শক্ত, আপাকা (আম)। ৪ অসিদ্ধ (ভাত)।

ডাঁটা বি [সং দণ্ড ; হি ডাঁঠ ; মৈ ডাঁট—পদ্মনাল] ১ দণ্ডবৎ শাকের শাখা ; দণ্ডশাক। "ডেঙো-ডাঁটা, পুঁইডাঁটা। ২ সজনার দণ্ডবৎ ফলশাক। "সজনার ডাঁটা। ৩ গাছের সরু ডাল। "পাতা ছিঁড়ে ডাঁটা-সার করেছে ব.প ১৬২৬। ৪ পদ্ম-প্রভৃতির নাল। —টি বি [হি ডণ্ঠী] ১ ছাতা-প্রভৃতির দণ্ড (বাঁট)। ২ দণ্ড, কাঠি। "মোমের ডাঁটি। —হেম ৩৯১। ৩ পদ্মাদির নাল (ডাঁটা)। "ছিঁড়িল ডাঁটি-লতা : ভাসি গেল °লতা ক.চ ২০৬।

ডাঁটি দ্র ডাঁটা।

ডাঁড় বি [দাঁড় > °ড় ; হি, মৈ 'ডাঁড়'—দণ্ড ; অস ডার (বৈঠা)] সর্থ 'দাঁড়'। —ড়ি বি ১ তুলাযন্ত্র। "শি ৯৮। ২ যে নৌকায় ডাঁড় বায়। "গো.চ ১৯৩। —ড়ী বি [হি ডাঁড়ী] ১ সর্থ ডাঁড়ি (১)। ২ বাঁট, হাতল। "গঠিল সোনার ডাঁড়ী ব.প ২৭৮।

ডাঁ(দোঁ)ড়াশ বি দণ্ডবৎ দীর্ঘ সর্পবিশেষ। "ডাঁড়াশ ভা.চ ১২৯।

ডাঁড়ি, ডাঁড়ী দ্র 'ডাঁড়'।

ডাঁড়ুক, দাঁড়ুক, -কা বি [ঠ দাংড়ুকা, -ড়ুক—কাষ্ঠদণ্ড ; 'দণ্ড' —মূল] বন্দীর পায়ের কাঠের বা লোহার বেড়ী ; হাড়ি। "ডাঁড়ুকা চরণে ক.চ ১০৩ ; ২৫৪ ; বন্দীর ডাঁড়ুকা তারা ছেনানিতে কাটে ২৭৬। খসাইল পায়ের দাঁড়ুকা কৃ ৪১৩। আপনি খসিল খিল দাঁড়ুক নিগড়ে : পায়ের দাঁড়ুকা শ্রী.ম ১৫ ; দাঁড়ুকা ছোড়ান করি ১৭। দাঁড়ুকা সহিত চৈ.চ ২০৩।

ডাঁশ, -স বি [সং দংশ >প্রা ডংস(দংস) >বা °শ, -স ; হি ডাঁস ;

• ঠ, গু ডাংস; মৈ দাঁস; অস ডাঁহ] বনমক্ষিকা, বড় মাছিবিশেষ (gadfly)। "ডাঁসে তারে কামড়াই মারে চৈ.ভা ৪৬৮। —শা, -সা বিং [°শ, -স+আ[১০]] ডাশের মত উদ্ভাসিত বা কোটরনির্গত; ডেবরা (চোখ)। "(বিড়ালের) দুই চক্ষু ডাঁসা ক.চ ১৫০। [ডাঁশা[২] —ডাশের পিঠের মত (?) হরিদ্রাভ; ঈষৎ পক্ক (আম, পেপে, পেয়ারা)। ডাঁশে—হরিদ্রাভ হয়। "আম ডাঁশে।]

ডাঁশা[১], **-সা** বি [সং নাসাদারু] ১ তক্তাপোশ-প্রভৃতির ঝালরে সংলগ্ন ছাউনীর আধার আড়কাঠ। ২ নৌকার ডালিতে সংলগ্ন পাটাতনের আধার আড়কাট। ৩ নাগদন্ত।

ডাঁশা[২] দ্র 'ডাঁশ'।

ডাক[১] বি [সং ডাহুক, দাত্যূহ] কৃষ্ণ উভচর পক্ষিবিশেষ।

ডাক[২] বি [তিব্বতী 'ব্‌দগ্‌—জ্ঞান] জ্ঞানী পুরুষ। "ব.প ৪। [ডাকের বচন—জ্ঞানীর উপদেশবাক্য।]

ডাক[৩] বি [হি, ঠ ডাক] ১ দূর দেশে পত্রপ্রেরণ বা গমনের নিমিত্ত দীর্ঘ পথের কিছু অন্তরে অন্তরে ঘোড়া যান বা বাহকের ব্যবস্থা। ২ ঠিকানা-অনুসারে পত্রাদি বিলি করার সরকারী ব্যবস্থা (post)। "দা ২১৩৩। ৩ ডাকে আনীত বা প্রেরিত পত্রাদি; ডাকের ক্ষেপ। "সকালের ডাক। [°খরচা —ডাকে পত্রাদি পাঠানর ব্যয়। °গাড়ী—ডাক যাওয়ার গাড়ী বা রেল-গাড়ী। °ঘর—যেখানে বা যেখান হইতে ডাক আসে বা যায়, পোষ্ট-অফিস। °চৌকী (ঠ°কী)—পথে ডাকের আড্ডা (station)। "ব.প১৪৭৪। °টিকিট—ডাকের মাশুল-পত্র (postage, stamp)। °পিওন—ডাক বিলি করার কর্ম্মচারী। ডাক বসান—ডাকের ব্যবস্থা করা। দ্র 'ডাক[৩] (১)। "যেদিকে রেইলওয়ে হয় নাই সেদিকে বাছিয়া বাছিয়া গজগামিনী মেয়ের ডাক বসাইলে কেমন হয়?—ব প্র ৬০৫। °বাঙ্‌লা (হি °বঁগলা) —সরকারী কর্ম্মচারী বা অন্যের বিশ্রামার্থ বাঙ্‌লা বা মোকাম। °মাশুল —ডাক-খরচা। ডাক মারা—পথে ডাকে প্রেরিত অর্থলুণ্ঠন করা। °মুনসী —পোষ্টমাষ্টার। "দা ২১৩৩। °হরকরা—ডাকের ধাবক (runner)।]

ডাক[৪] বি [হি ডাঁক; ঠ ডাং(ডা)ক; গু ডাংক, -খ] রাঙের খুব পাতলা পাত। [ডাকের গহনা বা সাজ—রাঙতা জরি সোলা অভ্র প্রভৃতি দ্বারা প্রস্তুত প্রতিমার সাজ। "ও রে কোন লাজে সাজাতে চাস তাঁয়, দিয়ে ছার ডাকের গহনা।—রামপ্রসাদ।]

ডাক[৫] বি [ডাক[৫] >ডাক (?)] ১ আহ্বান, সম্বোধন। "বাহিরে ইন্দ্রল ডাকে ঘন ঘন ডাক কৃ ১২৯। ঝাট করি আইস যেন নাহি ছাড়ি ডাক শ্রী.ম ৬৯। শুনিতে না পান কানে শত শত ডাকে ভা.চ ২১০। ডাক দিয়া আন ৩৮১। ২ হুঙ্কার, হাঁক। "সাজ সাজ করি রাজা দিল এক ডাক ম.গা ৬। ৩ শব্দ। "প্রবল পবনের ডাক ম.ভা ১০। ৪ গর্জ্জন। "নাসিকার ডাক কৃ ২৭৬। জলদের ডাকে ভা.চ ৪৪৮। ৫ নাদ, রব। "(হস্তী অশ্ব) ডাকে বিপরীত ডাক কৃ ২৮৭। ৬ পক্ষি-রব, বুলি। "উপপতি পিক-ডাকে ডাকিল ভা.চ ৬৮৩। ময়ূর ময়ূরী সুরী, ডাক ডাকে ভূরি ভূরি বা.দ ২৬। ৭ উচ্চরব, চীৎকার। "ডাক দিয়া বলে কৃ.উ ১৮৪। ডাকে ডাকে জাগে ভা.চ ৩৯১। ৮ মুক্তকণ্ঠে ইষ্টনামোচ্চারণ। "(ভক্তগণ) শ্রীধরের ডাক শুনে: °অনুসারে চৈ.ভা ২২৪। ৯ [মৈ ডাক] যত দূরে আহ্বানের শব্দ যায়, ততদূর; শ্রবণ-গোচর স্থান (ear-shot)। "ডাক-ভ'রের মধ্যে থাকা। ১০ [মৈ ডাক] প্রভাব, গৌরব, খ্যাতি। "নামডাক। ১১ মৌখিক শুভঙ্করী প্রশ্ন। [ডাক ছাড়া—চীৎকার করা। ডাক ডাকা—রব করা; গর্জ্জন করা। "কাক ডাকে ডাক ব.প ৭২৫। (বাঘ) ডাক ডাকে ডাগর শ্রী ৭৬। °ডোক—সম্পর্ক-উল্লেখপূর্ব্বক আহ্বান। °তুরুপ—তাসখেলা-বিশেষ। ডাক দিয়া বলা—মুক্তকণ্ঠে বলা। °নাম—যে নামে কাহাকেও ডাকা যায়; সাধারণের জানা নাম। বিপ 'রা'শ-নাম'। "রা'শ-নাম ডাকনাম দ্বিনামধারিণী অ গু ১০৯। °নীলাম—প্রকাশ্যে সরকারী নীলাম (auction-sale)। °মধ্যে—ডাকভরে, ডাকামাত্র। "গো.চ ৪০: ৫৩। "°হাঁক—ডাকাডাকি, হাঁকাহাঁকি। "সবে করে ডাকহাঁক কৃ ১৭১। ডাকের সুন্দরী—যাহাকে মুক্তকণ্ঠে সুন্দরী বলা যায়; বিখ্যাত সুন্দরী। নীলামের ডাক—নীলামে দ্রব্যক্রয়ার্থ আহ্বান।]

ডাক[৬] সর্ম্ম [ডাক[২] >°ক (?); সং√কৃষ্‌ >প্রা √কড়্চ >বা (কাড) °ক (?); তু "সপ্তাএ কড়েচ নিউগুবিজ্জম্‌ (সংজ্ঞয়া আকর্ষ নিকুঞ্জবিদ্যাম্‌—বি.মা ৭[২৬]); হি √ডহক] ১ আহ্বান করা; ডাকা। "ডাকম জননী বলি ম.পা ১৪৭। সীতা বলিয়া ডাকেন কৃ ১৪৭। শি ৯৪। ভা.চ ২৫৫। ডাক সীতানাথে হেথা মে ৮৭। ২ উচ্চারণ করা; বলা। "মৃত্যুকালে সিন্ধুমুনি নারায়ণে ডাকে কৃ ৩৬। কোকিল হে কত ডাক সুললিত রা—ক.চ ১৪৪। ধায় মাও বাপ ডাকি বা ম ১৮১। ডাকে কাক বিপরীত বাণী ম.ভা ৪৪। ৩ উচ্চৈঃ-স্বরে বলা। "রণ সহ ডাকে চ.বি ৫০; ২২৫। ভাটে যশঃ পড়িছে ডাকিয়া ব.প ১৪৮৬। ডাকে ঠাট, কাট কাট ভা.চ ৩৯১। ৪ অভিহিত করা। "মনুষ্য মরিলে বাপু ডাক কি বলিয়া কৃ ৪। ৫ উচ্চৈঃস্বরে আহ্বান করা। "কেনে বা ডাকসি এথ ম.পা ৪৪। ৬ স্মরণ করা। "আমায় ডাকিলে পরে, সেই বন্ধনে ত্রাণ পায় পাতকী দা ২৫৬। —ক অর্ম্ম ১ গর্জ্জন করা; শব্দ করা। "মেঘ ডাকে ক.চ ৮২। (বাঘ) ডাকে শ্রী ৭৬। ডাঁশ ডাকি যায়—শি ৭৯; আড়ায় ডাকে বাঘ ৯৪। সঘনে ডাকিছে গলা।—ব ২০৬। কামান ডাকিল ব.দ্বি ১৩৫,-৮। ব প্র ৫৩৪। ২ কূজন বা রব করা। "চাতক ডাকই জ্ঞা ২৩৮। ভা.চ ৩২৩। ৩ বাদিত হওয়া, বাজা। "দামা সানী ডাকে ক.চ ২০৩। ৪ উচ্চরব করা; চেঁচান। "সাতা সাতা বলি, ডাকে ত্রিপুরারি ক.চ ২৯। 'গরুড় গরুড়' করি ডাকে সর্ব্বজন চৈ.ভা ৩০; ২২৪। —কা সর্ম্ম [°ক+আ[৮]] ১ ডাক দিয়া (হাঁকিয়া) চালান বা তাড়ান। "ধেনু সব ডাকাইয়া করিল একাকার ম.বি ২১০। ২ আহ্বান করান; ডাকান ইত্যাদি। [ডাকম—ডাকি। ডাকসি—ডাকিতেছে। ডাকা[১] —সর্থ 'ডাক[৬]। ডাকান—সর্থ 'ডাকা'। ডাকাবার—ডাকিবার (গো.চ)। ডেকে ডেকে, ডেক্যা ডেক্যা—ডাকিয়া ডাকিয়া; বারংবার উচ্চরবে ডাকিয়া। "ডেকে ডেকে বলে ব.প ৯২৪; ডেক্যে ডেক্যে কই ৭৫০। পরিত্রাহি ডাকে—'রক্ষা কর' বলিয়া চেঁচায়। "কৃ ৩৫৯। ম ৪৪৮। পেট ডাকা—অন্ত্রকূজন। বান ডাকা—জোয়ারে উচ্ছলিত জলরাশি গর্জ্জন করিয়া ধাবিত হওয়া; বন্যা আসা।]

ডাকসংক্রমণদিন, ডাকসংক্রান্তি বি আশ্বিনের সংক্রান্তি। "°নে ক্ষেতে পুতে নল।—শি ৮১। [এই দিনে প্রত্যূষে চাষীরা, 'আশ্বিন যায় কার্ত্তিক আসে। মা লক্ষ্মী গর্ভে বসে॥ সাধ খাও বর দেও গো।'—এই বলিয়া ডাকিয়া গর্ভবতী ধান্যলক্ষ্মীর মিষ্টান্ন সাধ দিয়া বর প্রার্থনা করে।]

ডাকসাইটা, -সিদ্ধা বিং ['°সিদ্ধা'—মূল (?)] যে নামের ডাকেই সিদ্ধি, অর্থাৎ যে নাম করামাত্র বোধগম্য হয়; বিখ্যাত (নাম)। "রাজার দরবারে যার ডাকসিদ্ধা নাম শ্রী.মা ১৫৬।

ডাকা[১] দ্র 'ডাক[৬]।

ডাকা[২] বি [ডাক[২] >°কা] ১ ডাক, আহ্বান। "অলপ বয়সে মোরে ডাকা দিল যম ক.চ ২৫১। ২ [হি °কা; ঠ ডাংক।] ডাক দিয়া আক্রমণ; দস্যুর আক্রমণ; ডাকাতী। "কোটাল! ডাকা নাহি দি ক.চ ১০০,-৩। ডাকা দিবি পারা ২৪৪। চোরের ঘরে দিয়ে এস ডাকা শ্রী ৪৭। ৩ লুণ্ঠন, লুঠ-পাট। "দিবস দুপরে ডাকা ক.চ ২৪৯,-৫১। [°চুরি—১ ডাকাতী ও চৌর্য্য। "নাহি ডাকাচুরি কৃ ৪১৩,-৭। কৃ.উ ৪৪। ক.চ ২০৩,-৩৪। গো.দ্বি ১২৪। মী ২৩। গ ৯৫। জ ১৯। ২ দুঃসাহসের কার্য্য। "পাইয়া বাপের

আশ কর ডাকাচুরি বা.ম ৩৬৩। °বুকা—ডাকাতের মত যাহার বুক ; অতিসাহসিক। "অঙ্গদ ডাকাবুকা কৃ ২৪৮।

ডাকাইত, -কাত বি [ডাক৫+পাত (?) ; হি ডকৈত ; ঠ ডকাঈত —smart, prompt] ১ যে ডাক দিয়া পড়ে ; দস্যু, লুঠেরা। ২ জলদস্যু। "নিরন্তর এ পানীতে ডাকাইত ফিরে চৈ.ভা ৩৮৫। ৩ ডাকাইততুল্য অপহারক। "মহাডাকাইত তুমি চৈ.ভা ২৭৪। ডাকাত মাধবী ডাকাত মাধু—কা ৭৭। ৪ অতিদুর্বৃত্ত। "ভয় পায় ডাকাত বলিবে লোকে মোকে শি ১০৬। —ইতনী বি স্ত্রী-দস্যু। "লোকে আমাকে ডাকাইতনী বলিয়া জানে ব.প্র ৩৯৭। —ইতি, -কাতি বি [হি ডকৈতী] ১ ডাকাইতের কাজ ; দস্যুবৃত্তি। "আমি ধনের জন্য ডাকাইতি করি না : ডাকাতি কি-রকম রাজত্ব ? —ব.প্র ৩৭৪ ; ডাকাইতির ধন ৩৯৭। ২ ডাকাত। "ডোমজাতি ডাকাতি ব.প ৪৩৩। ৩ অপহারক। "প্রাণের ডাকাতি পাপ বসন্ত। —ক.চ ১৬৮। হেন ডাকাতি কৃষ্ণ-অঙ্গ-গন্ধ চৈ.চ ৩৫১। —কাতি-(তী)য়া, -তে বিং [°ত+ইয়া২, ঈয়া] ডাকাতসম্বন্ধী, ডাকাতের মত ; ভয়লেশ-হীন। "কৃষ্ণের যে ডাকাতিয়া বক্ষ চৈ.চ ৩৩৪। [ডাকাত-পড়া চীৎকার—ডাকাতের আক্রমণের মত চীৎকার। "গি.দ্বি ৭৩।]

ডাকাডাকি বি [ডাক৬-আ + ডাক-ই] ১ পরস্পর আহ্বান। ২ বারংবার ডাক বা কূজন। "আমার পলিত কেশ…তোমার ডাকা-ডাকিতে বড় আসে যায় না ব.প্র ২৬৫। ৩ পরস্পর সম্পর্ক ধরিয়া ডাকা। "তবে আর কি তোমার বৃথা ডাকাডাকি—শি ১০২। ৪ পরস্পর নিন্দাবাদ ; গালাগালি। "বলি ইন্দ্র দুই জনে করে ডাকা-ডাকি গ ২২,-৩। ৫ মহাকোলাহল, হাঁকাহাঁকি। "বাপে পুতক না চিনে ডাকাডাকি সার গো.চ ৪৯ ; ৫৪। ডাকাডাকি উঠিল চৌদিকে শ্রী ১৬৫। ভা.চ ৮০।

ডাকাত, -কাতি, -কাতিয়া, -কাতে দ্র 'ডাকাইত'।

ডাকিনী স্ত্রী [ডাক+ইন্(ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৪.২.৫১, সি] ১ ডাকসমূহ, পিশাচগণ (?)। ২ [°ক+ইনী (?)] কালীর গণবিশেষ। "সেই ডাকিনীটা পালিয়েছে ব.প্র ৫২৩। ৩ উপদ্রবকারিণী নারী ; ডাইনী। "মনুষ্যেরে খায় জেবা হইআ ডাকিনী কৃ.উ ৭৪। ডাকিনী সহেলা ম.ম ৮৪। ৪ [বাঙলায় ; অপ্র] গৌরী। "ডাকিল ডাকিনী মোরে পার করে দে—শি ৯৪।

ডাকু বি [হি, মৈ ডাকু] ডাকাত। "গো.চ ১৮১। ব.প ১৪৮৪। [°চুরি—ডাকাতি-চুরি। "শ্রী.ম ৩০৯।]

ডাক্তার বি [E. doctor] ১ বিলাতী পদ্ধতির চিকিৎসক। ২ বিষয়বিশেষে পাণ্ডিত্যের উপাধি। [°খানা—ডাক্তারের ঔষধালয়। ডাক্তারী—ডাক্তারের চিকিৎসা ; ডাক্তারের পাঠ্য (বই)।]

ডাগর বিং [ডাঙ্গর—মূল (?) ; ডাকর (শ্রী.কী)] ১ বড়। "ডাগর ডাগর ডাঁশ শি ৭৯। ডাগর ঘণ্টা শ্রী.মা ১৫৬। ম.ভা ৪৫। ২ মহাকায়। "বরাহ ডাগর চৈ.ম ১৭১। ৩ মোটা। "ডাগর বাজি ব.প ৫০৩। ৪ স্থূল, পীন। "ডাগর নিতম্ব শি ৩০। ৫ গর্ভ হেতু স্থূল। "উদর ডাগর কৃ ৫১। বি.সু ৭২। ভা.চ ৩৭০। ৬ গোদা। "চরণ ডাগর কৃ ৩৭। ৭ বিশাল, আয়ত। "ডাগর আঁখি।—গান ১৫১। ৮ উচ্চ, তার। "ডাক ডাকে ডাগর শ্রী ৭৬ ; ২২৪। ডাগর ডাক শি ৫৯। ৯ কড়া। "ডাগর বচন কৃ.উ ১৭৮। ১০ উদার, বড়। "কড়ি পাতি নাহি কথা ডাগর ডাগর শি ৮৬। ডাগর-বাণী কু.কে ৬৫। ১১ বয়োবৃদ্ধিপ্রাপ্ত (ছেলেমেয়ে)। [ডাগর-ডোগর—বড়সড়। "এখন তুই ডাগর-ডোগরটি হয়ে উঠেছিস মা ৩২৬।]

ডাঙ১ দ্র 'ডাং'।

ডাঙ২, -ঙ্গ২ বি [হি ডাগ ; ঠ ডাংগ—পর্ব্বতচূড়া] চূড়া-তুল্য উচ্চ ; স্তূপ, রাশি।

ডাঙ(ঙ্গ)শ, -স বি [ডাঙ্গ+অঙ্কুশ (?) ; সং অঙ্কুশ ; তু 'ডকবুস' (শূ ৫১) ; ড় গজবাগ] ১ অঙ্কুশাস্ত্র। "ভুষণ্ডী ডাঙ্গশ ক.চ ৯৪। লোহার ডাঙ্গস দূত মারে : ডাঙ্গসের বাড়ি কৃ ৪১৭। যমদূতে…ডাঙ্গশ মারে মুণ্ডে শ্রী ২৬৫। ২ হস্তিচালনার্থ অঙ্কুশ।

ডাঙা, -ঙ্গা২ বি [ডাঙ, -ঙ্গ > °ঙা,-ঙ্গা] ১ উচ্চস্থান। বিপ 'ডহর'। "কেওড়া° ক.চ ১৪১। ঘরবাড়ী ওড়গাঁয়ের ডাঙ্গা—কমলাকান্ত। পুবেতে উঠিলে কাড়। ডাঙ্গা ডোবা একাকার॥—খনা। ঝাউ-ডাঙ্গা —শিশু ৪৬। ২ স্থল, তীর। "জল ভরিয়া মএনা ডাঙ্গাএ উঠিল গো.চ ২৩ ; ৮২। শ্রী.ম ১১৫। ডাঙ্গা ব.প্র ৪০৬। ৩ স্তূপ। "কোথায় কেবল বালির ডাঙা।—শিশু ৭৭। [ডেঙা, -ঙ্গা (কথ্যভাষা)—সর্থ-'ডাঙা'। "মাঝদরিয়ায় ফেলে জাল ডেঙ্গায় বসে টান জা ৩৬। ডা(ডে)ঙ্গাপথ —স্থলপথ। "বাঙ্গাল, ডেঙ্গাপথের কাঙ্গাল স.এ ২৫। ডাঙ্গাপথে এখন প্রাণরক্ষার উপায় আছে ব.প্র ৪০৬। জলে কুমীর, ডেঙ্গায় বাঘ—উভয় সঙ্কট।]

ডাঙ্কৃতি স্ত্রী [ডাঙ্-কৃতি] ডাঙ-শব্দ ; ঘণ্টাধ্বনি (ding-dong)।

ডাঙ্গ১ ; ডাঙ্গ২ দ্র ডাং ; ডাঙ২।

ডাঙ্গর বিং [ডাঙ্গ > °র (?) ; দ্র 'ডাঙ'] ১ বড়। "ডাঙ্গর গুয়া গো.চ ৭২। ব.প ১৬৮। ২ বৃদ্ধিপ্রাপ্ত। "বাছুরে খাইলে কলা ডাঙ্গর নয় ম.গা ১১ ; গো চ ৭৩। ৩ বড়, শ্রেষ্ঠ। "আন্ধা হৈতে কোন জন আছয়ে ডাঙ্গর ম.গা ৬। ৪ মহাকায়। "ডাঙ্গর পক্ষী যেন পর্ব্বতের চূড়া ম.ম ৩৩। ৫ বড়, বিপুল (capacious)। "অত্যন্ত দীঘল তোমার ডাঙ্গর উদর ম.ম ৭১। ৬ অবিনীত, কর্কশ। "ডাঙ্গর উত্তর ম.ম ৭১। ৭ বৃদ্ধ, নিপুণ, পণ্ডিত। "দুষ্ট জ্ঞানেতে ডাঙ্গর ম.গা ১৯ ; লেখায় ডাঙ্গর হাড়ি ২২। জ্ঞানত ডাঙ্গর ব.প ৬৭। গিয়ানে ডাঙ্গর গো.চ ১৭,-৯। ৮ ডাঙ্গা, উচ্চস্থান। "ডহর ডাঙ্গর সব একুই সুসর শূ ১১০। ['ডহর'-অনুসারে 'ডাঙ্গর']

ডাঙ্গা১ ; ডাঙ্গা২ দ্র 'ডাং ; ডাঙা'।

ডাঙ্গাইত বি ['ডাঙ্গ'—মূল] ডাকাইত, লুঠেরা। "গো.বি ১২১।

ডাঙ্গুলী বি [(?)] গুলবসান (?) শাড়ী। "পিন্দিয়া যাই ডাঙ্গুলী থান নাই বি.প ২৮৭।

ডাটি,- টী বি [ডাঁটি > °টি, -টী] ১ সর্থ 'ডাঁটি' (১)। "আতপত্রে শোভে রাঙ্গা ডাটি ক.চ ২০৪। সুবর্ণের ডাটী ব.প ২৭৭। ২ দণ্ড। "তুলডাটি পারা দুটি হস্ত শি ৯৪। ৩ সর্থ 'ডাঁটি' (৩)। "কমলডাটি ক.চ ২৪৮।

ডাটু(ড়ু)কা বি সর্থ 'ডাঁড়ুকা'। "ডাড়ুকা দিলেন পায় ব.প ৪৬৩ ; সেনের ডাটুকা কাটে ৪৬৫। ডাড়ুকা শূ ৪৯। ক.চ ১০১।

ডাড় বি সর্থ 'ডাঁড়'। "(পাখী) ডাড়ের উপরে আছে বি.সু ১৭।

ডাড়া১ বি [দাড়া >°ড়া] দাঁত। [কাঁকড়ার ডাড়া—কাঁকড়ার দাঁত-ওয়ালা মোটা ঠেঙ।]

ডাড়া২ অর্থ [দাঁড়া > °ড়া] সর্থ 'দাঁড়া'। [ডাড়াএয়া, ডাড়েয়া (দাঁড়াইয়া)।—গো.চ।]

ডাডা-ডাডা বি [ধ্বন্যাত্মক] বেহালার বাদ্য। "কেহ বেহালায় রজন দিয়া ডাডা-ডাডা করে আ.দু ১৪৩।

ডাড্যা বি [অপ্র] যে দাঁড়ী ধরিয়া ওজন করে ; তুলাধারী। "কৃষ্ণদাস হৈল ডাড্যা ব ৩৪।

ডাণ্ডা১ বি [সং দণ্ড >প্রা ডংড ; হি, প ডংডা ; ঠ দাংডা ; গু ডাংড] ১ দণ্ড, লাঠি। "কৃ.উ ১১২। লৌহ ডাণ্ডা বা.ম ১৬৫। ২ বালকের ক্রীড়ার্থ দণ্ড। "°গুলি। ৩ হাতল (handle)। —ণ্ডি বি হাতল। "রূপোর ডাণ্ডিতে রেসমের নিসেন ধরা…ছোঁড়ারা হু ১৫২। [°গুলি—ডাণ্ডা-গুলির খেলা। "জা ৩৩।]

ডাণ্ডা২ অর্থ [সং √দণ্ডায়] ১ সর্থ 'দাঁড়া'। "বীর ডাণ্ডাইল রোষে

কৃ.উ ৯১ ; ২৫৪। ২ অপেক্ষা করা। "প্রাণনাথ তিলেক ডাণ্ডায় তরুতলে ব.প ১৩৫৫। [ডাণ্ডায়—অপেক্ষা কর।]

ডাণ্ডকা বি সর্থ 'ডাঁড়্কা'। "রাবণের ডাণ্ডকা নিয়লী কৃ.উ ৫০।

ডানকনা, -তিকোণা বি [সং দণ্ডিক] ক্ষুদ্র মৎস্যবিশেষ। "°না শি ৮৫। °ণা ভা.চ ১২৬।

ডা(ডে)না বি [ডয়ন > °না ; হি ডৈনা ; মৈ ডেন ; ড় ডেণা] ১ পক্ষ, পাখা (wing)। "গরুড় পক্ষীর ডেনা দা ৮১৪,-২৫। ২ ['ডেনা' কথ্যভাষা] হাতের উপরি ভাগ ; বাহু, বাহুর আঘাত। "(মালগুলা) গাছে ডানা মারে আটি,…গোড়াসুদ্ধ উপাড়ে অমনি বি.সু ১৭। [ডানাকাটা পরী—পক্ষহীন পরী ; অতিসুন্দরী। "আমি প্রকৃত কি কারণে…ডানাকাটা পরী…চাহি, তাহা… কহিতেছি পা ঝো ৫৬।]

ডানি বিং [ডান+ই১১ ; অপ্র] দক্ষিণ, ডান। "ডানি চক্ষু ক.চ ১৪। ডানি কাঁধে শ্রী.মা ৬৪।

ডাব১, -বু বি [হি ডাব ; দেশী (?)] (কচি) নারিকেল। "ডাব নারিকল গো.চ ১৮৩। ডাবু নারিকেল চৈ.ভা ১৬১। নারিকেলের ডাবই ভাল ব.প্র ৫৮১। [ডাব ধান—অপরিপক্ক ধান্য। ডাবের কাটি—ঝাঁটা। "মোসাহেবের মুখে মারি ডাবের কাটি ন.ত ৬৫।]

ডাব২ বি [হি ডাব—sword-belt] দুর্গন্ধরোধার্থ নাসারোধক বস্ত্রপট্টিকা। "ডাব বেঁধে ময়লা সাফ করা।

ডাব৩ বি [হি 'দাব'—চাপ] সর্থ 'আড়২(১)। [ডাব-বাঁধা নৌকা, ডাবের নৌকা—বিসর্জ্জনে প্রতিমার নৌকা (চব্বিশপরগনা)।]

ডাব৪ সর্ম [হি √দাব] ১ চাপ দেওয়া ; চাপা। "দফতর লইল বগলে ডাবিয়া গো.চ ১৩৬,-৮১। ব.প ৫৮। ২ সংবাহন করা ; মলা, ডলা। "পাও খানি ডাবিব রাজা হাত খানি ডাবিব গো.চ ১৭৫। ৩ চাপে বসিয়া যাওয়া বা ঢোকা। "পাঁকে পা ডাবিয়া যায়। [ডাবন—চাপন, চর্ব্বণ। "গো.চ ২৫৭। ডাবা গাড়ী—যে বোঝাই গো-গাড়ীর পূর্ব্বভাগ অধিক দাবা (চাপা)। দ্র 'ওলা২'।]

ডাবর বি [সং দভ্র—সাগর ; হি ডাবর] ১ জলপঙ্কময় নিম্ন বিলজমি। ২ কলস, ঘড়া। ৩ তাম্বূলার্থ ধাতুপাত্রবিশেষ। "সোণার বাটা সোণার ডাবর কৃ ১১৮,-৯। ৪ আচমনপাত্র। "ডাবর ঝারি কৃ ৩৭৬। স্বর্ণের ডাবরে করিল আচমন।—শ্রী.ম ২৮৪। পিতলের ডাবরে করিল আচমন ম.ম ৯৬। ৫ পাত্র, আধার। "ডাবরে পূরিআ লহি চন্দন শূ ২৬। খণ্ডে মুগের সূপ উভারে ডাবরে ক.চ ১৫০। সঝোল মৎস্য রূপার ডাবরে শ্রী ৩১। —রী বি ছোট ডাবর ; ভাঁড়, কেঁড়ে। "ডাবরী-ভরা ঘি।

ডাবা১ বি [ডাবা (চট্টগ্রাম)—নারিকেলের হুঁকা] হুঁকা, বড় হুঁকা। "ব্রাহ্মণ…চক্ষু বুজিয়া ডাবায় তামাকু টানিতেছে ব.প্র ৬৪৩।

ডাবা২ বিং ভারাধিক্য হেতু পূর্ব্বভাগে অবনত (গোশকট-প্রভৃতি)।

ডাবু বি [সং দর্ব্বী ; হি ডব্ব্ ; ঠ ডব ; মৈ দাবি] পরিবেশনার্থ ছোট হাতল-লাগান পিতলের হাতা। —বুয়া বি ['ডাব৪—মূল] (চাপিয়া ধরার জন্য) কাঁকড়ার ডাড়া। "ডাবুয়া দিয়া কাঁকড়া…কচলে ধরে গো.চ ৪০।

ডাবুশ, -ষ, -স বি ['ডাবু'—মূল (?) ; তু 'ডকবুস' শূ (চারু বন্দ্যোপাধ্যায়)] আয়ুধবিশেষ। "ডাবুস কৃ.উ ৪২,৭৬। গ ২৩। ম ২৬৯। ক.চ ৭৫। °ষ শি ১৩,-৪।

ডামক ক্লী [দামক > °ক] দাম, রজ্জু। "যোক্ত্রডামকডোরৈশ্চ (বদ্ধা স্যাদ্ গৌর্য্যতা যদি)।—পরাশর ৯.৭।

ডামর বিণ [ডম্বর > °র (?)] ১ ভীম, ভীষণ। "মা.মা ৫.৩। ২ তুল্য, সদৃশ (A.)। "চামর ডামরী° শ্যামর কবরী ব ৬১। ৩ কোলাহলময়। —র পুং ১ শিবপ্রোক্ত তন্ত্রবিশেষ। "ডামরবিদিত ভা.চ ৪৩০ [যোগ শিব দুর্গা সারস্বত ব্রহ্ম গন্ধর্ব্ব ভেদে ইহা ষড় বিধ—যোগডামর, শিবডামর ইত্যাদি।] ২ চমৎকার। "ভূত° (শ.ক)। ৩ গর্ব্ব, আটোপ। "(চিকুরে) শিখণ্ডিকডামরে গী.গো ১২.২৩। ৪ ক্ষেত্রপালবিশেষ। ৫ সঙ্কীর্ণজাতিবিশেষ (A)।

ডামাডোল, ডাম্বাডোল, -ডৌল বি [হি ডাঁৱা(মা)ডোল—চঞ্চল ; ঠ ডামাডূল., -ল] ১ কোলাহল, গণ্ডগোল, সোরগোল, হৈ-চৈ-ব্যাপার। "ভরা কাচারি রাজার করে ডাম্বাডোল গো.চ ৫৮ ; °ডৌল ১৪০। ব.প ৫৩,-৮। দেশে বড় ডামাডোল, উঠেছে এই বোল, নিলে নীলে, নিলে সকল নিলে।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। জা ৮। ২ বিশৃঙ্খলতা, উলটপালট-ভাব। "ডাঙায় গাছের ডাল টুটিছে, বিষম ডামাডোল কৃ.কে ৫১।

ডামার বি [ডম্বর > °র ; অপ্র] আড়ম্বর, ভয়োৎপাদন। "(বাঘ) ডাক ডাকে ডাগর ডামারে মারে লক্ষ শ্রী ৭৬। —রিয়া বিং যুদ্ধপ্রিয়। "ডামারিয়া ডোমুনী ডাগর ডাক ছাড়ে শ্রী ২২৪।

ডাম্বেল বি [E. dumb-bells] প্রান্তে লৌহপিণ্ডযুক্ত লৌহদণ্ড।

ডায়মন বি [E. diamond] তাসের রুইতনের মত নকশা। [°কাটা—ছেনীকাটা ডায়মন-নকশাযুক্ত ; হীরাকাটা (চুড়ি, মল)।]

ডায়া বি [দহ > °য়া] নদী-প্রভৃতির অগাধজল স্থান। "ছেড়ে গেড়ে ডায়া জল তোলা জলে কুতূহল, সাবাস রে ধেড়ে ভা.চ ৭৩৮।

ডার, ডাল৩ সর্ম [হি √ডার, ডাল ; ঠ √ডাল] ১ বিক্ষেপ করা ; ছুড়িয়া ফেলা। "বিষম বাড়বা,-অনল মাঝারে, আমারে ডারিয়া দিল চ.দা ২। (সুন্দরী) ফাগু লেই ডারিয়ে, নাগর-অঙ্গে গো ৮০। (হীবা মণি মুক্তা) ঝোড়ে-ঝোড়ে ডারে ভ.গ্র ২২৫,-৩৯ ; ডারত ফাগু ন.প ৩৪১। ২ খুলিয়া ফেলা। "ডারল মণিময় আভরণ গো ২৪৭। ৩ ধারা-রূপে পাতিত করা। "অশ্রুবারি ডারিয়া, ভানু গায় শূন্যকুঞ্জ—গান ১০৮। ৪ ফেলিয়া দেওয়া বা ঢালা। "সিংহদ্বারে…সেই ভাত ডারে চৈ.চ ২৯৭। মহাপ্রসাদ যাহা কুণ্ডেতে ডারয়ে ভ.গ্র ১২ ; (আতর) ডারি দিলা ৩২০। ৫ পাতিত করা ; ফেলা। "হাতক লছমী, চরণ পয় ডারনু গো ২১৬। উচ্চ হৈতে ডারহ উহায় ভ.গ্র ১২৩। ৬ স্থাপন করা ; বসান। "(ললিতা) রাইক করে ধরি, ডারল নাহক কোরে। —ব ১১৪। ৭ ত্যাগ করা ; ছাড়া। "(অনঙ্গ) কুসুম-শরাসন ডারল ব.প ১০৮৯। ৮ নিক্ষেপ করা ; ভাসান। "নীরে নাহি ডারবি (তনু) ব.প ১০৩১। (কৃষ্ণ) পাছে দুঃখ-সমুদ্রেতে ডারে চৈ.চ ৭৯। মরিব দেহ যমুনায় ডারি ভ.গ্র ২১। ৯ সমর্পণ বা উৎসর্গ করা। "মাধব ও নব-নাগরী বালা,…বিহিক ডারলি বি.প ২০১। ১০ ঝুলাইয়া দেওয়া। "জনু, হেম মহীধর,-শিখরে চামর, দেই উর পর ডারি জ.প ৩। ১১ অপনীত করা ; ঝাড়া। "ধুলামাটি (ডারি উঠাইয়া দিল শব) ভ.গ্র ২২৬। ১২ পরিধান করা। "ফকীর হব গলে খিলকা ডেলে শ্রী ২২৬। [আনিঞা ডারয়—আনিয়া ফেলে ; আনে। "দুইখান পাথর যে আনিঞা ডারয় ভ.গ্র ৩৪৬। কাটিয়া ডারিবে (তু 'হি কাট ডালনা)—কাটিয়া ফেলিবে। "ভ.গ্র ২১৫। মারি ডারিয়াছে—মারিয়া ফেলিয়াছে। "চৈ.চ ১৯২।]

ডারুকা বি সর্থ 'ডাঁড়্কা'। "হেঙ্গলের ডারুকা দিলেতো ছাড়িয়া গো.চ ৩০২।

ডাল১ বি ['ডালী'—শাখা (দেশী ৪.৯) ; সং দল ; প্রা ডাল (ব, Appendix 175) ; হি, প, ডাটু—°ল ; ঠ ডাহল.।; গু ডাল.,-ळী ; সি ডার, -রী ; ড় ডাল ; মৈ ডার, -রি ; ঠাল (কোচবিহার)] ১ শাখা। "পক্‌খি চিনে ডাল গো.চ ১০০। ২ (সাদৃশ্যে) ঝাড়ের শাখা। "রূপোর দশ ডেলে বসান ঝাড়—হু ১৫২। ৩ (অপ্র) শাখানদী। "ধবল নামেতে নদী গান্ধারীর ডাল ম.ম ১৭৫। —লা বি ডাল।

"সিজ" বি.পা ২৫০। [°কুত্তা—ডালের মত দীর্ঘকায় কুকুরবিশেষ। "চ.কা ৮৬। °চিনি (ঠ দালচিনী)—দারুচিনি।]

ডাল[২] দ্র 'ডাইল'।

ডাল[৩] দ্র 'ডার'।

ডা(দা)লনা বি [ডাল-না (?)] যাহা ডালের মত তরল নয় (?); ঘনব্যঞ্জনবিশেষ। "ডালনা ভা.চ ৫৪৭। পা.প্র ১৬১। (রোহিণী) ঘণ্ট, দালনা ইত্যাদিতে সিদ্ধহস্ত ব.প্র ২৬০; ৫৮০।

ডালা[১] বি [দ্র 'ডলক'; হি ডলা; মৈ, জাঁটু, মুণ্ডারি—ডালা; তু 'ডল্ল'—পিটিকা (দেশী ৪.৭)] **১** বংশাদি-রচিত পাত্রবিশেষ। "গো.চ ১৭৫। গান ৯৪। **২** আধার। "যৌবনের ডালা চ.দা ১৪; কলঙ্কের ডালা ১০১। শি ৩১। **৩** বাক্‌সের ঢাকনী। "য ৫। —লি, -লী বি [ডালা + ই[২], ঈ[২]; হি °লী] **১** ছোট ডালা; চেঙ্গারী। "ঔষধের ডালি ক.চ ২৫। কাখে ডালি চৈ.ভা ২৮৭। প্রেমের পসার ডালি চৈ.ম ১২৬। তুমি ডালা আমি ডালি। —য ১০। **২** ডালিতে সজ্জিত ফল ফুল বা খাদ্যাদির উপহার; উপহার, ভেট। "জথ ধন য়াছিল সকল দিলা ডালি গো.বি ১০৭। (সোনার পুতুলি) কাহারে দিলে ডালি; মুণ্ড দিব ডালি।—কৃ ১৪৬। মুণ্ড দিব ডালি ম ৬৩২। যৌবন করিয়া ডালি ক.চ ২১৮। হেন পুত্র কারে দিলাম ডালি ম.ভা ৪১। এ রূপ যৌবন ···সাজাঞা দিব ডালি প.র ২৮। নানা দ্রব্য ডালী ভা.চ ২৬১। ছয় ঋতুর ডালি।—গান ১০২। **৩** [?] নৌকার দুই ধারের দলে-পুরু ডাঁশার আধার সচ্ছিদ্র তথ্‌তা। "চন্দনের কাষ্ঠে তার···ডালি।—ম.ম ১২১, -৪২; ২০৭। [ডালি ডালি—ঝুড়ি-ঝুড়ি; রাশ-রাশ; অসংখ্য। "ডালি ডালি মাছি গো.চ ৩৮; উকুন ডালি ডালি ১৮০। রূপের ডালি —রূপের আধার; অতিসুন্দরী (উপহাসে)।]

ডালিম পুং [দালিম > °ম; ঠ ডালিংব; গু দাল.ম; ড় ডালি.ম্ব] দাড়িমবৃক্ষ। "°ফুলে রঙ। —ম্ব স্ত্রী দাড়িমফল।

ডালিমা বি ঘৃতপক্ব ডালিমবীজাকৃতি ময়দার পিষ্টকবিশেষ। "ডালিমা মরিচালাড়ু চৈ.চ ১৫৮।]

ডালুয়া বিং [ডাল+উয়া[২]; অপ্র] ডালের মত লম্বা। "সেও বলে তার স্বামী ডালুয়া বানরমুয়া ম.ম ১৭৭।

ডাহ বি [সং দাহ > প্রা °হ; হি, ঠ °হ; অপ্র] দাহ, জ্বালা, যন্ত্রণা। "বাণের ডাহে কৃ.উ ৪৩; ঘাএর ডাহে ৫৭; ৬২; অঙ্গ ডাহে ৭৭; ভোখের ডাহে মুনির পোড়এ কলেবর ২০৫। —হা বি [ঠা ডাহ] শোকজ্বালা। "মাএর ডাহায় রাজা দরিয়াএ পড়িবার চায় গো.চ ১২৬। [ডাহা মিথ্যা—গাত্রদাহজনক, অর্থাৎ সম্পূর্ণ মিথ্যা।]

ডাহিন বি [দাহিণ > °ন, দ্র 'ডাইন'] **১** দক্ষিণ পার্শ্ব; ডান দিক। "ডাইনে চন্দন বাটা গো.চ ৪৮১। দ্রৌণি ডাহিনেতে ম ৬৩৪। ডাহিনে চলিল নন্দী ক.চ ১৮। শ্রী.ম ১১৯। আর শিশু চলে ডাহিন বাম প.র ১৪। **২** আনুকূল্য, স্বপক্ষ। "ডাহিনে আছিলা বিধি এবে ভেল বাম ব.প ১০৯৩।

ডাহিনি, -নী বি [ডাইনী > °নী] ডাকিনী, ডান। "ডাহিনী মএনা গো.চ ১; °নী ১৮। এ পাড়াপড়সী, ডাহিনী-সদৃশী (প.ক)।

ডাহুক পুং [ধ্বন্যাত্মক] দাত্যূহপক্ষী, ডাকপাখী। "ম ৯৫৩। ব.প ৬৩৫। ডাহুক রসিক লোক, ডুব মারিতেছে ব.ম্বি ৩। —কী স্ত্রী ডাহুক-স্ত্রীজাতি। "ডাকে ডাহুকী বি.প ১৭২। পাখী ডাহুকী, ডাহুকে ডাকই গো ২৩৭। ম ৯৫৩। ব.প ৬৩৫।

ডাহুকা বি [°ক+আ[১৬]; °কী (স্ত্রীলিঙ্গ)] ডাহুক। "ডাহুকা ডাহুকী গড়ে ভা.চ ১২৫।

ডিংগি বি [দ্র 'ডিঙা'; হি ডোংগী; ঠ ডংগী] ছোট ডিঙা বা নৌকা-বিশেষ। "জেলেডিংগি আ.দু ১৫২।

ডিকরি, -ক্রী, -গ্রি, -গ্রী বি [E. decree; হি ডিগ্রী, -গরী] বাদীর প্রার্থনানুসারে বিচারকের হুকুম; অনুকূলে মীমাংসা। বিপ 'ডিসমিস'। "গোল বাঁধিলে···ঘোঁট চলিল···পরে ডিকরি হউক বা ডিস-মিসই হউক তাতে বড় ক্ষতি নাই।—টেকচাঁদ। দেনা পাওনা ডিগ্রি ডিস-মিস হইতেছে আ.দু ২৭। —গ্রী বি [E. degree] বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত উপাধি। "ঘড়ি লাটিম···আমাদের যুবত্বের এন্‌ট্রান্‌স্ কোর্শ হয়; শেষে তাস পাশা ও বড়ে টিপে মাত্ করে ডিগ্রী নিয়ে বেরুই।—হু ২০২। [°জারী—ডিক্রী কার্য্যে পরিণত করা, অর্থাৎ ডিক্রী-অনুসারে টাকা আদায়ের বা সম্পত্তি-অধিকারের উপায় করা। "কোন অবিচারে আমার পরে কল্লে দুঃখের ডিক্রীজারি।—রামপ্রসাদ। ক'রে ডিক্রীজারী ঘুচাব জারী দা ৫৯৫। °দার—যে ডিক্রী পায়; বাদী। °নবিস—ডিক্রীর মুহুরী। "দা ২০১৯।]

ডিগ, -গি[২] বি [ধ্বন্যাত্মক] নাগরা দগড় বা ডম্ফবাদ্যের ধ্বনি। [ডিগডিগ, ডিগিডিগি—নিরন্তর ডিগিধ্বনি। "বাজে ডিগডিগ দগড়ি শ্রী ১৫; নাগরা-ধ্বনি উঠে ডিগিডিগি ২১; ডিগিডিগি দগড়ি সঘনে পড়ে কাড়া ২১৪। ডিগিডিগিডিগি ডম্ফ শ্রী.মা ১৫।]

ডিগডিগে বিং ['দীর্ঘ-দীর্ঘ'—মূল] দীর্ঘ, লম্বা, ছিপছিপে। ("ছোটবাবুর) শরীর ডিগডিগে হু ৩৭।

ডিগবাজি বি [ঢেঁকিবাজি > °জি (?); হি ঢেংকলী] দুই হাতে মাটি ধরিয়া মাথা নিচু করিয়া পা উল্টাইয়া ঢেঁকির মত (?) হইয়া পড়া (somersault)। "°জি খাওয়া।

ডিগি[১] বি [সং দীর্ঘিকা > প্রা দিগ্‌ঘিআ > বা (দীঘি) °ঘি; অপ্র; ডিগি (গো.চ)] দীঘি। "গ ৬; ৯৯।

ডিগি[২] দ্র 'ডিগ'।

ডিঙা[১], **-ঙ্গা**[১] হি [ডোঙ্গা (মুণ্ডারি)—নৌকা; ডোঙ্গী > ডিঙ্গি, -ঙি, ডিঙ্গা, -ঙা; হি ডোংগী; ঠ ডংগী] **১** নৌকা। "অহঙ্কার করে ডিঙ্গা ডুবালি দরিয়ায় কৃ ২৫১। ডিঙ্গা মধুকর ক.চ ১৯৮। বা.ম ১৮১। ডেঙ্গায় ডিঙ্গা বাও দা ২০৫৩। **২** ছোট নৌকা। দ্র 'ডোঙা'। —ঙি, -ঙ্গি বি [দ্র 'ডিঙা'; হি ডোংগী; ডংগী] ছোট ডিঙা বা নৌকাবিশেষ। "ডিঙি নৌকো।—শিশু ৪৬।

ডিঙা[২], **-ঙ্গা**[২] সর্ম্ম [সং √ডী—ডীন > (ডিনা) °ঙা, -ঙ্গা (?); ড় √ডেঁ] নভোগতি দ্বারা অতিক্রম করা; উল্লঙ্ঘন করা; ডিঙান, লাফান। [ডিঙ্গা মারা—লাফ দেওয়া। "বাঘ ডাক ছাড়ি ডিঙ্গা মারি দাঁড়াইল পথে শি ৯১; (ডিংয়া মারে শ্রী.মা ৭২)। ডিঙা(ঙ্গা)ন—সর্থ 'ডিঙা'। ডিঙি মারা—লাফান; পদাঙ্গুলির উপর ভর দিয়া যাওয়া। ডিঙ্গিয়ে যাওয়া—**১** লাফাইয়া যাওয়া। **২** অবজ্ঞা বা অগ্রাহ্য করা। "আমি কি সেখানে আপনাকে ডিঙ্গিয়ে যাই? —অ.গ্র ১২৩।]

ডিঙি দ্র 'ডিঙা[১]'।

ডিঙ্গয়ান বি ['ডিঙ্গাযান'—মূল (?); অপ্র] পোতবণিক্। "ডিঙ্গয়ান দেখ আমি সফরিয়া সদাগর ব.প ২৩৬।

ডিঙ্গর পুং [(?); 'ডিঙ্গরা'—ধূর্ত্ত (দিনাজপুর)] **১** সেবক। **২** ধূর্ত্ত। **৩** ক্ষেপ, নিন্দা। **৪** বন। **৫** নীচজন, সাধারণ লোক। "শুনিয়া ডিঙ্গর বলে কর যোড় করি বা.ম ১৮১; ২৬৭।

ডিঙ্গসাই বি রাঢ়ীয় ভরদ্বাজগোত্রের গাঁই। "ক.চ ৮৬। [ইঁহাদের পূর্ব্বপুরুষ শ্রীহর্ষপুত্র 'শ্রন' ডিঙ্গী (ডিংসাই) গ্রামে বাস করিয়াছিলেন; তদনুসারে তদ্বংশীয়েরা ঐ উপাধিতে পরিচিত।]

ডিঙ্গা[১]; **ডিঙ্গা**[২]; **ডিঙ্গি** দ্র 'ডিঙা[১]; ডিঙা[২]; ডিঙা[১]'।

ডিণ্ডিম পুং [ডিণ্ডি+ √মা ক্ষেপণ+অ(ক)-ক; উ.ত, ডিমডিম > °ম (?); হি ডিমডিমী; ধ্বন্যাত্মক] **১** বাদ্যবিশেষ, ডুগডুগী। "মহা ৭.১৯৪.৪৭। স্বঘশোনব° নৈ ৪.৫৩। হি ২.৮৫। ম ৭৫২। শ্রী.মা ১১। শি ২৯। বিজয়ডিণ্ডিম গাঁজ ব ৬৭। °নাদিনী বা.দ ৭৮। **২** ডিণ্ডিম-ধ্বনি। "প্রস্তাবনা° ম.চ ১.৪৫। রসনারব° গী.গো ১১.৭। [°মায়িত—ডিণ্ডিমের কার্য্যকারী। "°ত মণ্ডূকীরব ব.প ১০৮৪।]

ডিণ্ডিমি বি [°ম > °মি; হি ডিমডিমী] ডিণ্ডিম। "ম ৭৫৮।

ডিণ্ডি(ণ্ডী)র পুং [?] ১ সমুদ্রফেন। ২ ফেন (A.)।
ডিণ্ডিশ পুং ঢেঁড়শ গাছ ও ফল। "ডিণ্ডিশো রুচিকৃদ্ ভেদী।
ডিণ্থ পুং ১ কাষ্ঠময় হস্তী (মুগ্ধ)। ২ সর্থ 'ডবিথ'। "সা.দ ২½।
ডিপজিট বি [E. deposit] আমানত। "ডিপজিট রাখা।
ডি(ডে)পুটি বি [E. deputy] ১ নিম্নস্থ প্রতিনিধি-কর্ম্মচারী। "°কমিশনার, °কলেক্টর, °মাজিষ্ট্রেট। ২ মাজিষ্ট্রেটের নিম্নস্থ কর্ম্মচারী। "ঘটিরাম ডেপুটি স.এ ২৯। [°গিরী—ডেপুটির পদ।]
ডিপো বি [E. depot] ভাণ্ডার, গুদাম, আড্ডা। "কুলি°, ট্রাম°।
ডিবা, -বিয়া, -বে বি [হি ডিবিয়া, ডিব্‌রা; দ্রবিড়ীয় (?)] ঢাকনীদার পান ইত্যাদি রাখার পাত্র; সম্পুটক। "মনে করিলাম, ব্রাহ্মণ…কাহার ডিবিয়া হইতে আফিঙ্গ চুরি করিয়াছে ব.প্র ৬৪৩।
ডিবিডিবি বি [ধ্বন্যাত্মক] ১ ডমকবাদ্যের ধ্বনি; ডিমিডিমি। "ডমক বাজায় ডিবিডিবি জ ২৯। ২ ডমরু বা ডিণ্ডিমের ধ্বনি। "(ডম্বুর) ডিবিডিবি বাজত দু ৩৬। ডিণ্ডিম ডিবিডিবি ৬১।
ডিম[১] পুং [√ডিম্ হিংসন+অ (ক)-ক] রূপক বিশেষ (সা.দ)।
ডিম[২] '-ম্' বি [সং ডিম্ব] ১ অণ্ড। ২ [ধ্বন্যাত্মক] ডমরু ও ডিণ্ডিমের ধ্বনি। "ডম্বুর ডিণ্ডিম ডিম শ্রী.মা ১১। —মা বি [অস—'ডিমা' —ডিম্ব, অপ্র] (ডিম্বসাদৃশ্যে) লোষ্ট্র, ঢিল। "পাখীগুলি দেখিয়া ডিমা না মারিও গো.চ ১৭১। [গোডিম—পক্ষিশাবকের উদরস্থ মলপিণ্ড। পায়ের ডিম—জানুর নিম্নস্থ ডিম্বাকার মাংসপিণ্ড (calf)।]
ডিমক বি [ধ্বন্যাত্মক; তু 'ডমক'] বাদ্যবিশেষ। "ম ১২৮০।
ডিমডিম বি [ধ্বন্যাত্মক; হি °ডিমী] ১ ডিণ্ডিমবাদ্য। "ডিমডিম বাদ্য বাজে ম ৯৫৩। শ্রী ১৮৯। ২ ডমরুধ্বনি। "দু ৯৮।
ডিমা দ্র 'ডিম[২]'।
ডিমিকি বি [ধ্বন্যাত্মক; তু 'দ্রিমিকি' (বি.প ১০০)] মাদলের ধ্বনি। "ডিমিকি করি মাদল দিল হাত গো.বি ৯৩।
ডিমিডিমি বি [ধ্বন্যাত্মক] সর্থ 'ডিমডিম (২)'। "ডম্বুরের ডিমিডিমি ম ১২। ডমরু ডিমিডিমি ক.চ ৩৯। শ্রী ৭৭। দু ১৫; ৯৮। জ ২৮। ডিমিডিমি ডমরু বাজিছে ভা.চ ১১০,-৬।
ডিম্ব পুং [√ডিম্ব্ প্রেরণ, সজ্ব+অ (অচ্)-ক] ১ অণ্ড, ডিম। ২ (সাদৃশ্যে) পুপ্‌ফুস, ফুস্‌ফুস। ৩ প্লীহা। ৪ জরায়ু। ৫ গোলক; মুকুল (A.)। ৬ কলল। ৭ (ডিম্বজাত) শাবক; শিশুমাত্র। "অ.প ১৮। ৮ [+অ (ঘঞ্)-ধি] কলহ, যুদ্ধ। "হিড়িম্বডিম্ববিজয়ী (ভীমঃ)।—বা.ভা ২.৭২। ৯ ভয়, ভয়ধ্বনি। ১০ বিপ্লব। ১১ (বাঙলায়) ভূতযোনিবিশেষ (?)। "ডাকিনী ডিম্বের ধারে ডুবাইলাম দেশ শি ৩৪।
ডিম্বযুদ্ধ ক্লী, **-ম্বাহব** পুং [কর্ম্মধা] নৃপরহিতযুদ্ধ (কুল্লুক)। "ডিম্বাহবহত মনু ৫.৯৫।
ডিম্বিকা স্ত্রী [ডিম্বক+স্ত্রী আ (টাপ্)] ১ ক্ষুদ্র ডিম্বতুল্য জলবিম্ব। ২ কামুকী।
ডিম্বিকি বি [তু 'ডিম্বক'] বাদ্যবিশেষ। "শ্রী.ম ১৬৯।
ডিম্ভ পুং [√ডিম্ভ্—সংঘাত+অ (অচ্)-ক] ১ শিশু। তু 'ডিম্ব'। ২ মূর্খ। —ম্ভক পুং বালক, শিশু, শাবক।
ডিম্ভক দ্র 'ডিম্ভ'।
ডিশ্ বি [E. dish] ধাতুর বা চীনামাটির রেকাবি।
ডিষ্ট্রিক্ট বি [E. district] জেলা। "°জজ, °বোর্ড, °মাজিষ্ট্রেট।
ডিসমিস্ বি [E. dismiss] ১ খারিজ, বাতিল। "হুজুরে উকিল যে জনা, ডিসমিসে তার আশয় ভারি।—রামপ্রসাদ। ডিসমিস্ হইল মোকদ্দমা।—দা ২১০৬। আ.দু ২৭; ১০৭। ২ কর্ম্মচ্যুত, বরখাস্ত। "চাকরকে ডিসমিস্ করা।
ডিহি, ডীহী বি [ফা ডি(দি)হ্; হি 'ডীহ'—গ্রাম] কয়েকটি মৌজার (গ্রামের) সমষ্টি। "ডিহি বক্রেশ্বর E. P. 48. [°দার—ডিহির অধ্যক্ষ। "ডীহীদার মামুদ সরিপ ক.চ ৬; ডিহিদার নাহি দিব দেশে ৮৪।]
ডী অক [ভ্বা, দি, ৫—ডয়তে, ডীয়তে; সেট্] ১ নভোগতি, উড়া। ২ (অক) গতি (ক.ক)। [অব—অধোগমন। উদ্—উড্ডয়ন।]
ডীউসাঁই বি সর্থ 'ডিঙ্গসাই'। "ডীউসাঁই নীলমণি ভা.চ ৫৬২।
ডীন বিণ [√ডী+ত (ক্ত)-ক] উৎপতিত, নভোগত। —ন ক্লী [+ত-ভা] ১ নভোগতি; পক্ষিগতিভেদ (জটাধর)। "ব.প্র ৬৩৫। ২ আগমশাস্ত্রবিশেষ। [অবডীন উড্ডীন নিডীন প্রডীন ইত্যাদি ভেদে পক্ষীর একাধিক শত গতিভেদ আছে (দ্র 'মহা ৮.৪১.২৫-২৯)। সংপাত বিপ্রপাত ইত্যাদি গতিভেদ (দ্র 'পঞ্চ ২.৬০)।]
ডীহী দ্র 'ডিহি'।
ডুক(কু)র, -করা অর্ম্ম ['ডুক' (ডাক)—মূল; হি √ডকরা—ষাঁড় ডাকা; ঠ ডুকর—শূকর] ডুক (ডাক) ছাড়িয়া কাঁদা; মুক্তকণ্ঠে কাঁদা। "কান্দয়ে ফুকারি, ডুকরি ডুকরি, গোরাচাঁদ নাম লৈয়া ব.প ১১৩৫। ডুকরিয়া কান্দি ভয়ে বি.সু ১৩২। ডুকুরে ডাহুকী যেন ডাহুকের তরে। —শি ২০। ডুকরিয়া…মেনকা কহিছে ভা.চ ৮১। শিশু যবে ডুকুরিয়া করে গো চীৎকার অ.গু ১০৫। [ডুকর(রা)ন—সর্থ 'ডুকুর'। ডুক(গা)রিয়া কাঁদা—মুক্তকণ্ঠে কাঁদা। "ডুগারিয়া কান্দে রাণী বি.সু ১১৯।]
ডুগডুগী বি [ধ্বন্যাত্মক; হি °গী] 'ডুগডুগ' শব্দকারী বাদ্য; ডমরু।
ডুগী বি [ধ্বন্যাত্মক; হি °গ্‌গী—ডুগডুগী] বাঁয়া বাদ্য। "ডুগী তবলা।
ডুণ্ডুভ পুং [√ডুণ্ড্ মজ্জন+ভ-ক সংজ্ঞার্থে পৃষো (অ.টী) তু 'ডুন্ডু' 'ধোণ্ড'—সর্পবিশেষ (মুণ্ডারি)] রাজিল, ঢোঁড়াসাপ। "মৃ ৩¼। ম ৫। —ভী স্ত্রী ডুণ্ডুভ-স্ত্রীজাতি।
ডুব[১] বি [√ডুব > °ব; হি ডুব্‌বী; ঠ ডুবী; মৈ ডুব] ১ নিমজ্জন। "গঙ্গাতে এক ডুব দিয়া ছেইলা কোলে নিল গো.চ ৪৮। জলে ডুব দিলে জ্ঞানে জলের বারতা ক.চ ১৯১। ডুব দে মন কালী ব'লে —রামপ্রসাদ। ২ অবগাহন, স্নান। "আমার আর সয় না। ডুবটা দিয়ে আসি।—গি.দ্বি ১০৫। [ডুব জল—গভীর জল। ডুব দেওয়া (হি ডুব্‌বী দেনা; ঠ ডুবী দে)—স্নান করা। ডুব ফোঁড়া—ক্রমাগত ডুব মারা। ডুব মারা (হি ডুব্‌বী মারনা; ঠ ডুবী মার)—নিমজ্জন করা; (ব্যঙ্গে) লুকান। ডুবি—নিমজ্জন। "ডিঙ্গা°, নৌকা°, ভরা°।]
ডুব[২] অর্ম্ম [সং √মসজ্ > প্রা √বুড্ড (হে ৪.১০১) > বা (√বুড়) √বুড়, √ডুব; হি √ডুব্; ঠ, গু, মৈ √ডুব; অস, ড়—√ডুব; E. to dive] ১ জলে নিমগ্ন হওয়া; ডুবা। "ডিঙ্গা…জলে ডুবে গেল ক.চ ১৯৮। ডুবেছি না ডুবতে আছি, পাতাল কত দূর দেখি ব.প ১৬২৮। ২ প্লাবিত হওয়া, ভাসা (দেশ)। ৩ নিবিষ্ট হওয়া; তন্ময় হওয়া। "দিগ্‌গজের মন আশমানির গল্পে ডুবিয়া গেল।—ব.প্র ২৮। ৪ আধ্যাত্মিকনাশ-প্রাপ্ত হওয়া। "আপনে ডুবিলা গুরু সোচা কৈল কায়া গো.বি ১০৬। ৫ লীন হওয়া। "সুপ্তিতে ডুবিয়া গেল জাগরণ স্ব.প্র ১। ৬ অস্তমিত হওয়া। "পশ্চিমে ডুবিছে যখন রবি —হেম ১১৫। —বা সর্ম্ম [°ব+আ[৮]; হি, মৈ √ডুবা; অস √ডুবা; মুণ্ডারি—'ডুবাও'; তু 'ডুপালা'—ডুবাইলা (গো.বি ১২০)] ১ নিমগ্ন করা; ডুবান। "লেজে বান্ধি ডুবাইল জলের ভিতরে কু ২৫২। ডুবাব সাধুর ডিঙ্গা ক.চ ১৯৩,-৪। না পারেন ডিঙ্গা-ডুবাবার ম.ম ১৪১। ২ আধ্যাত্মিকভাবে নষ্ট করা। "আপনে ডুবালা গুরু কায়া আপনার "গো.বি ১০৬। ৩ সর্ব্বস্বান্ত করা; মজান (to ruin)। "আঃ! এই বেটারাই আমাকে দেখছি ডুবুলে (ডুবাইল) মা ৩২৫। ৪ বিপ্লাবিত বা বিনষ্ট করা। "সেই ভয়ানক অত্যাচার বরেন্দ্রভূমি ডুবাইয়া দিয়াছিল ব.প্র ৩৫৫। ৫ অশোভন বা বে-মানান করা। "ও বোন, এইখানটি যে ডুবিয়েছো. লালের পর জরদা তো খোলে না।—নী ১৭। [ডুবডুব

—সর্থ 'ডুবুডুবু'। ডুবা—১ সর্থ 'ডুব২'। ২ নিমগ্ন। "মগরায় ডুবা হয় নায় ক.চ ২০৮। ডুবাইল (অপ্র)—ঢুকাইল। "রাজাক মন্দির ডুবাইল গো.চ ৩০৭। ডুবান—সর্থ 'ডুবা'। "ব.প ২৪৭। ডুবায়ই—ডুবাইয়া। "ব ১০৭। ডুবালু—ডুবাইলে। "গো.চ ৬০। দেনায় ডোবা—দেনায় সর্ব্বস্বান্ত হওয়া। নামডোবা—নামলোপ হওয়া।]

ডুবারি, -রী, -রু২, -বুরী বি [ডুব+আরী (কারী?); E. diver] ১ যে ডুব দিতে পটু; যে ডুবিয়া নিমগ্ন-দ্রব্য উত্তোলন করে। "ডুবারী পন্থায় বাক্যে নামিলেক জলে বা.ম ৩৮১। ডুবারু ক.চ ১৯১। আপন অভিপ্রায় কি, তাহা ডুবুরী ডুবিলেও অভিসন্ধি পাইত না।—টেকচাঁদ। ২ যে ডুবিয়া রত্ন উদ্ধার করে। "কেমন ডুবারু, ডুবেছে তাহাতে, না জানি কি লাগি ডুবে চ.সা ৩৩৬। ব.প ৯৯৮। তুমি…ডুবারি তোলো রত্ন কু.কে ১৪২।

ডুবারু১ বি [তু 'ডুবাড়ু' (গো.চ ১০৭)] পানীকৌড়ী পাখী।

ডুবারু২ দ্র 'ডুবারি'।

ডুবুডুবু বিং [ডুবডুব > °বু] ১ নিমগ্নপ্রায়। "ডিঙ্গা হৈল ডুবুডুবু ম.ভা ১১। নৌকা…ডুবুডুবু হইল।—আ.দু ৫৪। ২ প্রায় অস্তমিত (সূর্য্য, চন্দ্র)। ৩ প্লাবিতপ্রায় (দেশ)। ৪ রসাবেশপূর্ণ। "রসে ডুবুডুবু রাতা নয়নযুগল চৈ.ম ৩৭; আঁখি রসে ডুবুডুবু ১২৬। —ডুবু যি ১ নিমগ্নপ্রায়-ভাব। "ডুবুডুবু করি, ডুবিয়া না মরি চ.দা ৫৫। ডুবুডুবু করে ডিঙ্গা ক.চ ১৯৮। ২ রসাবেশপূর্ণভাব। "রসে ডুবুডুবু রাঙ্গা আঁখি দুটি ন.প ২৮৯।

ডুবুরী দ্র 'ডুবারি'।

ডুম, -মা, -মো বি [তিব্বতী—'দুম্-বু'—খণ্ড; টুমা (ত্রিপুরা); ডোমা (বি.পা ১৬৭)] খণ্ড, টুকরা। [ডুম ডুম—খণ্ড খণ্ড। "ডুম ডুম করিয়া ছেঁচিয়া দিল চৈ: ডুম ডুম করি রান্ধে গাড়রের চাম ম.ম ৯৬। চটের ডুমা-খানি বি.পা ২২২। দু ডুমো সুপুরি বার করে চিবুতে লাগলেন হু ২২৩।

ডুমনী১, -মিনী, -মুনী বি [ডোমিনী > °মিনী, °মনী; হি ডোমনী] ডোমজাতির বা ডোমের স্ত্রী। "ডুমুনি ডরাই নাই তাকে শ্রী.মা ১৯০; বুঝি লো ডুমনি ১৯১। হেদে লো ডুমিনী শ্রী ২২৭। আমি ডোমের ডুমনী বি.পা ৩৬৭।

ডুমনী২ বি [?] চৌকাঠের বাজুতে সংলগ্ন হাঁশকলের আধার-খীল।

ডুমুডুমু বি [ধ্বন্যাত্মক] ডমরুধ্বনি। "ডুমুডুমু বলিয়া ডম্বুর বাজে ম.ম ২২। ব.প ১৮৬।

ডুমুর বি [সং উডু(দু)ম্বর; হি উমর; ঠ উংবর; মৈ ডু(ড়ু)মরি; ড় ডিমিরি, ডুমুরী] বৃক্ষবিশেষ ও তাহার ফল-শাক। [ডুমুর দুইজাতি —১ ছোট ডুমুর (কাকোডুম্বরিকা—Ficus hispida)। ২ বড় ডুমুর বা যজ্ঞডুমুর (উডুম্বর—Ficus glomerata)। ডুমুরের ফুল হওয়া—ডুমুরের ফুলের মত অদৃশ্য হওয়া। প্রসিদ্ধি যে, ডুমুরের ফুল হয় না। বস্তুতঃ, যাহা কচি ডুমুর, তাহাতেই ফুল থাকে।]

ডুম্বুরে বি [ডম্বুর > °র; অপ্র] ডমরু। "ডুম্বুরে ধরএ তাল শূ ৯৮। ম ১২। ক.চ ২৩।

ডুরি, -রী বি [সং ডোর; হি ডোরী] ১ রজ্জু, দড়ি। "পাটের ডুরি শূ ৬৯। বাঁধে রত্ন ডুরি শি ১০৯। কৌপীন ডুরি দা ৫৪১। ২ বন্ধন-মাত্র। "ছেদন করিয়া দেও পিরীতের ডুরি চ.দা ৯৭। [ডুরে—রঙিন ডোর(সুতা)-দেওয়া; ডোরা-কাটা (শাড়ী)।]

ডুল সর্থ 'ঢুল'। "ম.গা ১০।

ডুলি বি [সং দোলিকা, -লী; হি, ঠ, প, ড় ডোলী; গু ডোলি; ঢুলি (চট্টগ্রাম)] ১ ছোট দোলা; স্ত্রীলোকের যানবিশেষ। "(কন্যা) ডুলি আরোহণ কৈল ভ.প্র ২১৯। ২ শস্যবহনার্থ আধারবিশেষ। "গো.চ ৪০৯। ৩ বংশাদিরচিত পাত্রভেদ। "সাত ডুলি চিড়া: তিন ডুলি পিয়াজি গো.চ ৮৫।

ডেইয়া, ডেউয়া২ বি [সং 'দেহিকা'—মূল] দাড়া-যুক্ত একপ্রকার কাল বড় পিঁপড়া।

ডেউয়া১ বি [সং ডহু] ১ ডেফল বা মাদারগাছ। "বি.পা ১০২। ২ ডেফল, মাদারফল। "ডেউয়া হেন বিচি বি.পা ৩৩৫।

ডেউয়া২ দ্র 'ডেইয়া'।

ডেংগু, ডেঙ্গু, -ঙ্গো বি [E. Dengue] অত্যন্তবেদনাজনক হাড়ভাঙ্গা প্রবল জ্বরবিশেষ। "শ্রীডেংগুচন্দ্র হাড়ভাঙ্গা ব ২।

ডেংডেং বি [ধ্বন্যাত্মক; cf.. E. dingdong] ঢাকের বাদ্য। [ডেংডেং করিয়া চলিয়া যাওয়া—জয়ঘোষণা-পূর্ব্বক প্রস্থান করা। "কুঠেল আপন বল প্রকাশ করিয়া ডেংডেং করিয়া কুঠীতে চলে গেল আ.দু ১৬৫।]

ডেঁপো বিং [?] বকাট, পাকা, ফাজিল (ছেলে) "কে রে ছোঁড়াটা? ভারি ডেঁপো অ.গ্র ২৭। [ডেঁপোম—পাকাম।]

ডেক, -গ বি [ফা দেগ্; হি, ঠ, গু °গ] ১ ধাতুনির্ম্মিত বড় রন্ধনপাত্র-বিশেষ। ২ [E. deck] জাহাজের পাটাতন।

ডেকচি, -চী বি [ফা দেগ্চা] ছোট ডেক। "ডেকচী সমারূঢ়া অন্নপূর্ণার…টকবকোধ্বনি ব.প্র ৫৮৯।

ডেক(গ)রা বি [সং ডিঙ্গর; হি ডোকরা—বুড়া; ঠ ডোকরা (স্ত্রীলিঙ্গে 'ডোকরী)—বুড়া (গালিতে); ডিঙ্গরা (চট্টগ্রাম); ডিংরা (দিনাজপুর)] ধূর্ত্ত, দুর্বৃত্ত; গালিবিশেষ। "কি বলে ডেগরা, বড় যে চেগরা, ঐ কথা ফিরা ফিরা ভা.চ ৩৯৭। (স্বামী) ডাকিলে বলে—ডেকরা কেন মর দা ৪৬২। —রী বি দুষ্টা, গালিবিশেষ।

ডেগ; ডেগরা দ্র 'ডেক; ডেকরা'।

ডেকস, -সো বি [E. desk] ক্রমনিম্নতল টেবিলবিশেষ। "(মতিলাল) একবার বসে, একবার ডেকস বাজায় আ.দু ২৪।

ডেঙ(ঙ্গ)র বি [ডাঙ্গর > °র; ড় ডাগরা] বড় উকুন। "ডেঙ্গর উকুন নিকি করে ইলিবিলি ভা.চ ২১০।

ডেঙো, -ঙ্গো বি [ডাঙা, -ঙ্গা+ও৬] ডাঙায় জাত শাকবিশেষ। "°ডাটা, °শাক।

ডেড় স.বিং [সং দ্ব্যপার্দ্ধ, দ্ব্যর্দ্ধ > লি দিয(র)ড্ঢ, প্রা দিবড্ঢ (অ.রা; প্রা.ম), দিযধ (অশোক-অনুশাসন) > বা (দিঅঢ, -ড > দিঢ, -ড) দেড়, ডেড়; হি, প, মৈ ডেঢ়; ঠ দীড, -ঢ; গু দোঢ; সি ডেঢি; ড় দেঢ] যাহার দ্বিতীয় সংখ্যা অপার্দ্ধ বা অর্দ্ধ; সার্দ্ধ এক। "প্রহর ডেড় চৈ.ভা ৩৭। ডেড় যোজন চৈ.ম ১৭৮। ডেড়টা মাস অ.গ্র ৭০। —ড়া স.বিং [হি, মৈ—ডেঢ়া] ডেড়গুণ। "ডেড়া বাড়ি, ভাড়া।

ডেডাং-ডেডাং বি [ধ্বন্যাত্মক] ঢাকের বাদ্য। "নিস্তারিণীর আরতি ডেডাং-ডেডাং করিয়া হইতেছে আ.দু ৬৮।

ডেড়ি১ বি [ডেড়+ই১১] ১ ডেড়গুণ। "এক ঘড়া অবশেষ দেখি মহাবীর। নিতে নারে ডেড়ি তার হইল অস্থির॥—ক.চ ৭৩। ২ অসম্পূর্ণ, বাকী। "কার্য্য কিছু আছে ডেড়ি, অঙ্গুরী ভাঙ্গায়া নিব কড়ি ক.চ ৭৪। ৩ অধিক, উদ্বৃত্ত, শেষ। "ডেড়ি অন্ন নাহি থাকে ক.চ ৩১; যে দিনে যতেক পায়, তাহা সেই দিনে খায়, ডেড়ি অন্ন নাহি থাকে ঘরে ৪৮।

ডেড়ি২, -ড়ী বি [দেরী > °ড়ী, -ড়ি] ১ বিলম্ব। "ঘরে ঘরে বলি যায় না হইবে ডেড়ি শ্রী.ম ১১৪। ২ (বিলম্বহেতু) বিঘ্ন, ব্যাঘাত, বিপদ। "(বৃদ্ধ কালে বাঞ্ছা হল নাগর ভুলাতে) দন্ত নাই দুঃখ উঠে দেখি বড় ডেড়ী।—শ্রী.মা ৯৪; দাদা দেখি বড় ডেড়ী ৯৬; ১৩৬, -৫৬; পায় পায় ডেড়ি ১৬১; অপরে দেখি ডেড়ি ১৭৩। ৩ অমঙ্গল। "সকল কুশল বটে, কিছু মাত্র ডেড়ি শ্রী ১৬২। ৪ অসুবিধা। "ক্রোধ হল কানুর সহিতে হয় ডেড়ি শ্রী.মা ১৯২। ৫ বিপরিণাম, কুফল। "কি করিলে যায় বল কপালের ডেড়ি শ্রী.মা ২০৬। ৬ আড়ি, শত্রুতা। "যে কিছু বাড়ীর ডেড়ী খড়ি পাতি বুঝিনু বিস্তর শ্রী ৪১। ৭ [দৃঢ় > °ড়ি]

দৃঢ়তা, দৃঢ়বিশ্বাস। "কি করিলে রাজার মনের হয় ডেড়ি শ্রী.মা ২১৭। —ড়ি বিং ১ বিলম্বিত, ব্যাহত, বিঘ্নিত। "কুজ্ঞানী এই বুড়ী, কার্য্য কৈল ডেড়ী, ভাঙ্গিল আমার অসি ক.চ ২৬১। ২ স্তব্ধ, আড়ষ্ট। "ভাবকি লাগিল সেনে ডেড়ী হইল পা শ্রী ৮৭।

ডেপুটি দ্র 'ডিপুটি'।

ডেফল বি [ডহুফল > °ল] ডহু গাছ ও তাহার ফল। "কাটি গাড় যতেক ডেফল বা.ম ১০৮।

ডেবরা বিং [ঠ ডেংবরা—স্ফীত] বিস্ফারিত, বড়, ডাগর (চোখ)।

ডেম 'ড্যাম্' বি [সং ডিম্ভ] ১ শিশু, সাপের ছানা। "সাপের ডেম। ২ অঙ্কুর। "উলুর ডেম।

ডেমাক, -গ বি সর্ব 'দেমাক'। [ডেমাকে—গর্ব্বিত।]

ডেমি বি [E. demy] মিডিয়ম কাগজ অপেক্ষা ছোট আড়ার কাগজ।

ডেমেজ 'ড্যা-' বি [E. damage] ক্ষতি; ক্ষতিপূরণার্থ অর্থ। [ডেমেজ মাল—ভাঙা দাগী বা বিকৃত মাল।]

ডেরা বি [হি, ঠ, মৈ °রা; গু ডের] ১ আশ্রয়, আড্ডা, বাসা। "বর্দ্ধমান বিচ ডেরা বি.সু ৮। ছোড় দে দো গরিব কো চলা যায় ডেরা। —রা.স ৩১। ২ তাঁবু, ছাউনী। "কানাৎ তৈনাৎ চলে ডেরা শ্রী ১৫। জলেশ্বরে ডেরা পড়ে ভা.চ ৪৭০। [ডেরা গাড়া (হি ডেরা ডাল্না)—ছাউনী করা; বাসা করা। ডেরাডাণ্ডা (হি ডেরা ডংডা)—বাসার আসবাব। ডেরাডাণ্ডা পড়া—তাঁবু পড়া। "রঙ্গ ২২। ডেরাডাণ্ডা ফেলা তাঁবু ফেলা; বাসা করা। "জা ৩৭। ডেরা তোলা—ছাউনী বা বাসা উঠান।]

ডেলা বি [সং দল; প্রা ডল (অ.রা); হি ডে(ঢে)লা; ঠ—ডিফল; তু 'ডল'—লোষ্ট্র (দেশী ৪.৭)] ১ ছোট পিণ্ড; দলা। "ডেলাখীর। ২ শুষ্ক মৃত্তিকাখণ্ড; ঢিল। সগুণে নির্গুণে বাধিয়ে বিবাদ, ডেলা দিয়ে ভাঙে ডেলা।—রামপ্রসাদ। [°খীর—শুষ্ক ক্ষীরপিণ্ড। °খেত, °বন—লোষ্ট্রময় স্থান। ডেলান—ডেলা মারা। ডেলা বাঁধা—লোষ্ট্রাকৃতি হওয়া। °বৃষ্টি—অবিরল লোষ্ট্রপাত।]

ডেস্‌ক, -কো বি সর্ব 'ডেক্‌স'। "ডেস্‌কে বাক্সে কাগজপত্র সাজায়ে থাকে থাকে প.কা ৪০। ঘ ১০৭।

ডেহা সর্ম্ম [ডিঙা২—মূল; অপ্র] সর্ব 'ডিঙা২'। "আমারে ডেহাই··· যাও: তাহা ডেহাইতে মোর মন নাহি স্ফুরে স.বি ১৪৯।

ডোকর১ বি [(?); অপ্র] শাবক, বাচ্চা। "ডোকর হারাইয়া যেন ডোকরে বাঘিনী ম.ম ১৭৩। [ডোকরে—ডুকরায়।]

ডোকর২ সর্ব 'ডুকর১'।

ডোকরা বি [হি °রা—বুড়া; ঠ °রা—বুড়া (গালিতে)] বুড়া; গালিবিশেষ। "কোথা হৈতে বুড়া এক ডোকরা বামন। প্রণাম করিল মোরে এ কি অলক্ষণ॥—ভা.চ ৬০।

ডোকলা বি [সং ডোখল (দ্র 'কুম্ভকার')] ১ ইতর সঙ্করজাতিবিশেষ। "ডোম°। ২ হা-ভাতে, হা-ঘরে। "দশ হাতে খায় ডোকলা মাগী দা ৯১৭। ৩ অপব্যয়ী, উড়নচ'ড়ে।

ডোখল পুং সঙ্করজাতিবিশেষ। দ্র 'কুম্ভকার'।

ডোগা বি [ডগা > °গা] সর্ব 'ডগ২'। "কুমারের ডোগা ম.ম ১৪৪।

ডোঙা, -ঙ্গা বি [ডোঙ্গা (মুণ্ডারি)—নৌকা; হি, ঠ ডোংগা] ১ তালের কাণ্ড খুদিয়া-করা নৌকাবিশেষ। "জাহাজ ডুবিয়ে ডোঙ্গায় চড়া দা ৭৫৮। তরি ডিঙা ডোঙা ভেলা, বুকে করি, করি খেলা,··· কোথায় চলেছ···গঙ্গে?—হেম ৩৫৯। ২ শালকাঠের নৌকা; শালতি। (সাদৃশ্যে) কলাগাছের খোলার পাত্র। "ব্যঞ্জন-ডোঙ্গা: আঁঠিয়া-কলার ডোঙ্গা চৈ.চ ৮৪। ৪ শ্রাদ্ধে ব্যবহার্য্য কলার খোলার পাত্র। ৫ পাত্রবিশেষ, দ্রোণ। "মধুপান করিবারে দিল বহু ডোঙ্গা কৃ ৩২৯। ৬ ডোঙ্গার মত বাঁকা ও খোল-পড়া দ্রব্য। "পেটটা ডোঙ্গা দা ৫৫৭। [ডোঙা মারা—ডোঙার মত বাঁকিয়া যাওয়া (কাঠ)।]

ডোজ বি [E. dose] ঔষধের মাত্রা।

ডোড়ি বি [হি ডোরী; অপ্র] দড়ি। "ছাঁদ" চৈ.ভা ৪৫৮।

ডোব১, **-বা** বি [ডুব২ > °ব, -বা] বর্ষায় জলে ডোবে এমন গর্ত্ত; বড় গর্ত্ত; গাড়া, কূয়া। "নিত্য কোঁড়ে ডোব গাড়, পড়িলে উঠিতে নাহি পারি ক.চ ৫৫। পূবেতে উঠিলে কাড়। ডাঙ্গা ডোবা একাকার॥—খনা। প্রফুল্ল খানা ডোবা বিল খালে আপনি ছাকা দিয়া মাছ ধরিত ব.প্র ৩৭১। এত বুড়ী, তবু রসের ডোবা জা ১১।

ডোব২ অর্ম্ম [ডুব২ > °ব] ১ সর্ব 'ডুব২ (১)। "বিকল হৃদয়, ডোবে শোক-সাগরে।—মে ৯। শ্রীকৃষ্ণের প্রেমার্ণবে, যে না ডোবে, সেই ত ডোবে দা ২৭২। ২ নষ্ট হওয়া। "অস্তে ডোবে সব ধর্ম্ম ব.প ৭৪৫। ৩ সর্ব 'ডুব২ (৪)। ৪ সর্ব 'ডুব২ (৬)। "সুয্যি ডোবে ডোবে।—শিশু ৮৪। —বা সর্ম্ম [ডুবা > °বা] সর্ব 'ডুবা'। "ডোবায় ডিঙ্গা বি.পা ২৩৬; মধুকর ডোবাইল ২৩৭। [ডোবন—নিমজ্জন। "বি.পা ২৩৭।]

ডোম১ পুং ['ডুম্ব'—শ্বপচ (দেশী ৪.১১); প্রা ডোংব (ডুম্ব)—চণ্ডাল (পাই অলচ্ছীনামমালা); হি °ম; ঠ ডোংব; ডোম্বী—নৈরাত্মদেবী (চ):—ইনি পরিচর্য্যামাত্রে ভক্তকে ভবসমুদ্রে পার করেন (১৪শ চর্য্যাপদে শেষটীকা দ্রষ্টব্য)। 'মনসামঙ্গলে' ১২ পৃষ্ঠে, 'বিষহরি ও পদ্মাবতীর পাঁচালী'তে ৬০ পৃষ্ঠে এবং 'বাইশ-কবি-মনসা'য় ৫০ পৃষ্ঠে ডোমনীরূপা চণ্ডীর যে খেয়াপারের বিবরণ আছে, তাহার মূল ডোম্বীর ঐ ভবসমুদ্রে পার করার কথা, মনে হয়; তাহা পারলৌকিক; ইহা ইহলৌকিক। এই 'ডোম্বী' হইতে পুংলিঙ্গে 'ডোম্ব' 'ডোম' হইয়াছে, বোধ হয়।] অস্পৃশ্য সঙ্কীর্ণ জাতিবিশেষ (মৎস্যসূক্ততন্ত্র, ৩৯তম পটল)। "°স্ত্রী, °নারী ম.ম ১২; ২০৬। °কন্যা বা.ম ৩৯১। [শ্মশানে শবদাহ, শববস্ত্রগ্রহণ, ডালা কুলা ইত্যাদি বিক্রয়, ইহাদের বৃত্তি।] —মী স্ত্রী ডোম-স্ত্রী। [°সজ্জা—ডোমের প্রস্তুত ডালা কুলা ধুচনী ইত্যাদি।]

ডোম২ '-ম্' বি [E. dome] কাচের গোল দীপাবরণ। "(আলো মহাশয়!) কার ভয়ে তুমি ডোমের ভিতর লুকাইয়াছ?—ব.প্র ৫৮৮।

ডোমকাক বি [সং দ্রোণ > প্রা দোণ > °ম (?)] দাঁড়কাক। "ঘ ৬।

ডোমচিল বি কাল চিল; গোদাচিল। "ক.চ ৪০; ১৯৩।

ডোমনা বি [ডোমনী > °না (পুংলিঙ্গে), দ্র 'আ১৩'] ডোমস্বামী। "আমার ডোমনা হয় রসিক নাগর বি.পা ৬০। —মনী, -মিনী, -মুনী বি [ডোম১ + ইনী > °মিনী, -মনী, -মুনী; হি °মনী, -মিন] ডোম-জাতির স্ত্রী বা ডোমের পত্নী। "নৌকা আগে বৈসে চণ্ডী ডোমনীর বেশে ব.পা ৫৯; ৬০। ডোমনী: ডোমিনী বা.ম ৫০; ভার্য্যা বিপুলা ডোমনী ৩৯১। ডোমনী ম.ম ১২,-৩। °মুনী শ্রী ২২৪।

ডোম্ব পুং ডোমজাতির পুরুষ; চণ্ডাল। দ্র 'ডোম১'। "ক.সা ১৩.৯৬; ১০১,-২,-৫।

ডোর১, **-রক** স্ত্রী [হি, ঠ ডোর; 'দোর'—কটিসূত্র (দেশী ৫.৩৮)] ১ হস্তাদিবন্ধনসূত্র (শ.ক), তাগা। "চন্দনাক্ত প্রসাদ ডোর ভিভুজে অঙ্গদ চৈ.চ ১৩৭। ২ (বাঙলায়) সূত্র, হার। "প্রেমডোর ক.চ ৩। ফুলডোর সা.ম ৬৫। ৩ সূত্র, রজ্জু, রসি। "দারুণ করমডোর ব.প ১৫৩৫। মাকে ধন্ত ক'রে, পুণ্য-ডোরে, আমি আপনি বাঁধা থাকি দা ২৫৬। ৪ রশ্মি, লাগাম। "ডোরে ধরি কৈলা ঘোড়া মাতার গোচর কৃ.উ ২৩৮। ৫ পট্টাদির বন্ধনসূত্র। "নীবিবন্ধে তখি, বাজল পাটক ডোর ঘ ৬৭। —রা বি [হি ডোরা] ১ সূত্র, তাগা। "প্রীতি রাখীর ডোরা কৃ.কে ১৪৫। ২ (সাদৃশ্যে) ধারা, রেখাকারে পাত। "ঘৃত দিয়া

সাত ডোরা, কাঁথে দিল বসুধারা ক.চ ১২৩। (ঘামে) গলিছে কালার ডোরা শ্রী ১১৯। ৩ রেখা, আঁজি। —রি, —রী বি [হি °রী] বন্ধন-সূত্র, রজ্জু, পাশ, দড়ি। "কটি-পট্টসূত্রডোরী চৈ.চ ৫৩; পট্টডোরী ১৫১। কেশবন্ধডোরি ভ.গ্র ১৫৬। [ডোরা-কাটা—ডোরাযুক্ত, রেখাঙ্কিত।]

ডোর² বি ডোল, সঞ্চলন, তিরোভাব। "তদবধি জগভরি দুরদিন ডোর।—ব ১১।]

ডোল¹ বি [সং দোল > প্রা °ল ; হি, ঠ °ল] দোল, সঞ্চলন। "প্রেমপবনে ঘন ডোল।—গো ১৮৪। [ভয়ে গা ডোল দেওয়া—ভয়ে গাত্রকম্প হওয়া।]

ডোল², **ডৌল**¹ বি [হি, ঠ ডৌল] রচনাপ্রকার, ঢঙ্গ, ঢব; ধাঁচা, ঠাট। "সুডোল।

ডোল³ বি [সং দ্রোণ > প্রা দোণ > বা °ল ; হি, গু °ল] ১ কূপ হইতে জল তোলার তলা-সরু ধাতুপাত্র। ২ বাঁশ বা নলের বেতীর বোনা চুবড়ীবিশেষ। "কাপাসের ডোল ক.চ ৮৩। —লা বি সর্থ ডোল³ (২)। 'ডোলায় করিয়া রাখে মাণিক্য ম.ম ১২৩; ডোলায় ভরিয়া কন্যা ডুবাব সাগরে ১৬২।

ডোল⁴ অর্ম্ম [সং √দোলি (দোলয়) > প্রা √°ল ; হি, ঠ, গু, মৈ √°ল ; cf., E. undulate] ১ সঞ্চলিত হওয়া; দোলা। "ধরণী ডগমগি ডোলে বি.প ১৪৬। বি.সা ৩৫৫। ২ কম্পিত হওয়া, কাঁপা। "হরিডরে হরিণী হরিহিয়ে ডোল বি.প ৬১।

ডোয়া বি [ডহু > °য়া] ডহুফল, ডেফল। "ম.ম ১৩২।

ডৌল¹ দ্র 'ডোল²'।

ডৌল² বি ১ কথার তাৎপর্য্য বা ভাব। "ডৌল না বুঝিয়া দুখ পাইলে অকারণ শ্রী.ম ১৯৩। ২ ভাব, মনোবৃত্তি, স্বভাব। "তোমার ছোট লেড়থার ডৌল নেগা করে মোর বড় গমি হচ্ছে আ.দু ৯২। ৩ (?)। "ডৌল ভাঙ্গি টাঙ্গাইল চিকণ মশারি বি.সু ৫০। ৪ [ঠ ডৌল.] বন্দোবস্ত-অনুসারে তালুকের জমির খাজনা-প্রভৃতির হিসাব। "ঐ তালুকে অনেক পত্তিত জমি থাকে—তাহার জমা ডৌলে মুসমা ছিল আ.দু ১৬১। সাহাপুরের ডৌল E.P. 57 ; ডৌল বন্দোবস্ত 67,-8.

ড্যাংড্যাং বি সর্থ 'ডেংডেং'। [ডেংডেঙ্গিয়ে—ড্যাংড্যাং করে; জয় জয় ব'লে। "আমি ড্যাংডেঙ্গিয়ে খালি হাত পায়ে কাশী গিয়ে বম্ বম্ করি অ.গ্র ৩৪।]

ড্যাকরা বি সর্থ 'ডেকরা'। "ও হাবাতে—ও ড্যাকরা ব.প্র ৩৬০। আয় ড্যাকরা ঘরে আয় জা ২৬।

ড্যানাক্ বি [ধ্বন্যাত্মক] ঢাকের বাদ্য। "ঢাকে ড্যানাক ড্যানাক করে রং বাজাচ্ছে হু ১৮।

ড্যাবডেবে বিং [ডেবরা > °বে] অতিবিস্ফারিত (চোখ)।

ড্যাশ্ [E. dash] বাক্যের অন্তর্গত চিহ্নবিশেষ বা কষি (—)।

ড্রইং বি [E. drawing] রেখাচিত্রবিদ্যা।

ড্রয়ার বি [E. drawer] বাক্সের বা টেবিলের টানা বাক্স। "চেষ্ট" ব.প্র ২৬৩।

ড্রাম্ বি [E. dram] ষাট গ্রেন; চার মাষা।

ড্রিল্ বি [E. drill] যুদ্ধশাস্ত্রানুসারে অঙ্গচালনাদিশিক্ষা।

ড্রেন বি [E. drain] পয়োনালী, নর্দ্দমা, নালা।

ঢ

ঢ¹ ট-বর্গের চতুর্থ বর্ণ এবং চতুর্দ্দশ ব্যঞ্জন ও স্পর্শবর্ণ। দ্র 'ক¹, ট¹'।

ঢ² পুং ১ ধ্বনি। ২ ঢক্কা। ৩ কুকুর, (সাদৃশ্যে) কুকুরলাঙ্গুল। 'তু 'কুকুর-নেজা 'ঢ'। ৪ সর্প। ৫ নির্গুণ।

ঢউলি বি [হি 'ডৌল'—রঙ্গ-ঢঙ্গ; অপ্র] স্বরাদির অনুকরণপূর্ব্বক উপহাস; নকল, ঠাট্টা। "ব্রহ্মাকে কৌতুকে মুনি করেন ঢউলি কৃ.উ ১২৩।

ঢং¹, **ঢঙ**, **-ঙ্গ** বি [হি, ঠ, গু ঢংগ] ১ পদ্ধতি, রীতি, প্রণালী। "আর এক প্রকারে লোকের উপকারের ঢং উঠিয়াছে ব.প্র ২১৫। ২ প্রকার, রকম। "নগর্যা ছাওয়াল সঙ্গে, নিত্য খেলে কত রঙ্গে ক.চ ২১৫। ৩ ভাব, ভঙ্গি। ৪ আজগুবী ভাব। "সবাই বাড়ী করেছে, ওঁর এক ঢং!—অ.গ্র ১৫৬। ৫ নির্ম্মাণপ্রকার, গড়ন, ধাঁচা। ৬ অভিপ্রায়সাধনের পথ; উপায়। ৭ ব্যপদেশ, ছল। "পরম পবিত্র মোরে কৈল এই ঢঙ্গে চৈ.চ ৮৬। ৮ সজ্জা, সাজগোছ। "ঢেঁকিরে ডাকিয়া বলে ঢঙ্গ করি চল শি ৭৬। ৯ রঙ্গ-ভঙ্গি। ১০ ধূর্ত্ততা, মায়া, ছলনা। "জানে ঢের ঢঙ্গ শ্রী.মা ৮৭। ঢঙ্গনাশা ভা.চ ৪৩০। ১১ ছদ্মবেশী, ধূর্ত্ত, পাষণ্ড। "ঢঙ্গ ঢাঙ্গাতি নহি আখেটার জাতি ক.চ ১০২; সাধু নহিস ঢঙ্গ বেটা ২০৩,-৫৪। এক ঢঙ্গ বিপ্র চৈ.ভা ১২৫; 'চোর ঢঙ্গ' বহি লোক নাহি বোলে আর ২৫২। ঢঙ্গ বেটা বি.সু ১৩২। ১২ বাহ্য বেশ। "বেদ পড়ি ছয় অঙ্গ, সভার পণ্ডিত ঢঙ্গ ক.চ ২৮২। ১৩ কৃত্রিম ভাব। "নাহি চাহি ভালবাসার ঢঙ্গ ন ১০৭৯। ১৪ চাল-চলন, আচরণ-ব্যবহার। [ঢং-ঢাং—ভাব-ভঙ্গি। "চলন-বলন ও ঢং-ঢাং সব বিপরীত অ.গ্র ১০৬। ঢঙ্গতা—কপটতা, ছল। "ঢঙ্গতা ছাড়িয়া বা.ম ৩৭৩। ঢঙ্গপ্রাএ (অপ্র)—মায়াবিনীর মত। "ম.পা ৬১।]

ঢং² বি [ধ্বন্যাত্মক] ১ ঘণ্টার শব্দ। "পাহারার ঘড়িতে ঢং ঢং করে' দুটো বাজল ঘ ৭৪; ১৮৩। ২ বাজা ঘড়ির শব্দ। "ঢং ঢং করে গির্জ্জের ঘড়িতে রাত্তির দুটো বেজে গ্যালো হু ৪৭।

ঢংস বি [ধ্বংস > °স, দ্র 'ট'¹ ; অপ্র] নাশ। "মী ৪২।

ঢঁঠামি বি [অপ্র] ঢেঁঠামি, ছল। "ঢঁঠামি না কর বা.ম ৩৭৩।

ঢক, **-কাৎ** বি [ঢকিতি > °ৎ ; ধ্বন্যাত্মক] তরলদ্রব্য-গলাধঃকরণের শব্দ। "(শ্যামপেন) ঢক করে গিলে ফেল স.এ ৫। [ঢক ঢক —ক্রমাগত 'ঢক' শব্দ। "ঢক ঢক করে জল খাওয়া। তু 'ঢগ্‌গ-ঢগ্‌গা' —জলাদিপানের শব্দ (দেশী—প্রা.ম)।]

ঢকঢক বি [ধ্বন্যাত্মক] ১ ঢেঁকির শব্দ। "ঢকঢক করে উঠে ঢেকির রগড় শ্রী.মা ১৭৩। শি ৭৭। ২ শিথিল-নিখাত শুস্তাদির সঞ্চালন শব্দ। "শিবের মস্তক ধরিয়া লড়াইলে শিবের শরীর ঢকঢক করিয়া লড়িতে থাকে পো.ম ২১। [ঢকঢকে—যাহা ঢকঢক করে। ঢুক-ঢুক—মৃদু ঢকঢক শব্দ।]

ঢকার পুং [কর্ম্মধা] 'ঢ' এই বর্ণ; ঢ-বর্ণ। "পা ৬.৩.১১১, সি।

ঢক্কঢক্ক বি [ঢকঢক > °ক্ক, দ্বিত্ব ওজোব্যঞ্জক] নিরন্তর 'ঢক' শব্দ। "ঢক্কঢক্ক…পীতরক্তহাসিকে ভা.চ ৪২৭।

ঢক্কা স্ত্রী [ঢক + √কৈ শব্দ + অ (ক)-ক + স্ত্রী আ (টাপ্); ধ্বন্যাত্মক] ১ যশঃপটহ, ঢাক। "নৈ ১৫.১৭। "ঢক্কাদিভির্বাদ্যক্রমে ব.পা ৬১। °বাদ্য চৈ.চ ৪৬; °বাদ্যকার ১০৬।

ঢক্কার বি [অপ্র] ঢক্কাশব্দ। ""ঢক্কার ঢক্কার চৈ ৩।

ঢঙ দ্র 'ঢং¹'।

ঢঙ্কিনী বি [ঢক্কা—ঢক্কিনী > °নী] ঢক্কাবাদ্যপ্রিয়া। "ঢেসা দিয়া ঢেকা মারে ঢাক গো ঢঙ্কিনি (ধৃতপাঠ "°ণি') ভা.চ ৪৩০।

ঢঙ্গ দ্র 'ঢং¹'।

ঢঙ্গ-ঢাঙ্গাতি বি [হি দংগৈত (উপদ্রবী) > ঢাঙ্গাতি] কপটবেশ ও উপদ্রব; পাষণ্ডতা ও অত্যাচার। "ঢঙ্গ-ঢাঙ্গাতি নাহি করি আখেটার জাতি ক.চ ১০৩; ২৫৪।

ঢঙ্গা বি [ঠ ঢংগ] লম্পটব্যবহার। "ঢোল ঢঙ্গা নাহি করি পরের যুবতী ক.চ ১০৩।

ঢঙ্গি, **ঢঙ্গিয়া**, **-ঙ্গে** বিং [°ঙ্গ + ই⁶, ইয়া², এ¹ ; হি ঢংগী; ঠ

ঢোংগী] ১ কপট, ধূর্ত্ত, চালবাজ, চালাক। "ওরে মূঢ়মতি ঢঙ্গি ভ.প্র ৪৭। লোক দেখি কহিবে মোরে 'এই এক ঢঙ্গে' চৈ.চ ১৮০। ২ রঙ্গ-রসপ্রিয়। "(নন্দলাল) বর ঢঙ্গিয়া (প.ক)।

ঢনঢন বি [ধ্বন্যাত্মক ; ঠ ঢণঢণ] ১ শূন্যপাত্রের শব্দ। "শূন্য কলসী ঢনঢন করে। ২ শূন্যতাসূচক। "ঢনঢন করে মন ঢের হয় আশ শ্রী.মা ১৬৭। ৩ ঘণ্টার শব্দ। "গলায় বাজিল ঘণ্টা করে ঢনঢন।—ম.ম ৬। —ঢনী বি [°ঢন+ই১১] ঘণ্টার শব্দ। "হস্তীর···ঘণ্টার ঢনঢনী কৃ.উ ৫৬ ; গজঘণ্টার ঢনঢনী ২১৯। [ঢনঢন করে বেড়ান (তু 'সং √ভ্রম্ >প্রা √ঢণ্ঢল্ল—হে)—বৃথা ভ্রমণ করা। °ঢনান—ঢনঢনশব্দকরণ।]

ঢনঢনিয়া, -ঢনে বি ঢনঢন (ভনভন)-শব্দকারী মাছিবিশেষ। "°নিয়া মাছি গো.চ ৩৮। ঢনঢনে মাছি শি ৭৯। [ধৃতপাঠ 'ঢণ্ঢনে'।]

ঢপ১, -ব বি [হি, ঠ °প, -ব] ১ নির্ম্মাণপ্রকার, ঢঙ্গ, গড়ন। "বে°, সু°। ২ প্রকার, রকম, তর। ৩ মধু কানের কীর্ত্তনগানবিশেষ। [°গান—মধু কানের কীর্ত্তনগান। °শুদ্ধ—সৌষ্ঠবসম্পন্ন।]

ঢপ২ বি [ধ্বন্যাত্মক] ১ ফাঁপা জিনিসে আঘাতের শব্দ। ২ ফাঁপা জিনিসের পতনের শব্দ। "পাকা তাল ঢপ করিয়া পড়ে। [ঢপঢপ (ঠ ঢবঢব ; গু ঢভঢভ)—বারংবার 'ঢপ'-শব্দ। "ফাঁপা পেঠে টোকা দিলে ঢপঢপ করে। ঢপঢপে—'ঢপঢপ'-শব্দকারী। ঢপাৎ (ঢপিতি —ঢপ্-ইতি)—'ঢপ'-শব্দে।]

ঢর, -রক অর্ম্ম [সং ধার >হি ঢার >বা √ঢর, -ক ; হি √ঢার, √ঢরক] ১ ধারারূপে বহা ; প্রবাহিত হওয়া। "ঢরকি ঢরকি পড়ু লোচনে লোর বি.প ১৫২ ; ঢরি ঢরি পড়ু লোরা ২০১। লোর ঢরকি বহে।—গো ৩। (লোর) ঢরকি পড়ু।—ব ৭৬। ২ হেলিয়া যাওয়া ; কাত হওয়া ; ঢলা। "ঢরকি পড়য়ে অঙ্গ—ধরণ না যায় রা.প ৪১। [ঢর, -রকত—ধারারূপে পড়ে। "নয়ন ঢর নীর ব.প ১০১৬। ঢরকত লোর।—ব ৩৬। ঢরকি—ধারায় বহিয়া ; ঢলিয়া। ঢরত—ঢলিয়া পড়ে (প.ক) ; ঢরঢর—১ ঢলঢল, ভরপুর। "রসে তনু ঢরঢর (প.ক)। ২ দরদরভাবে। "ঢরঢর, গলয়ে প্রেম লোর।—ব ২৬।].

ঢল১ বি [ধল >°ল] জলের পঙ্কিলতা। "বর্ষায় ঢল (ধল) নামে। রাজার ছেলানে গঙ্গা মাতার ঢল বাড়িয়া গ্যাল গো.চ ২৭৩। —ল বিং [ঢিল >°ল] শিথিল, আলগা (বাঁধন)।

ঢল২ অর্ম্ম ['√ঢল'—ঝোঁকা (দেশী—প্রা.ম) ; হি √ঢল ; ঠ, গু √ঢল.] ১ হেলিয়া পড়া ; হেলা। "ঢলিয়াছে লক্ষ্মীন্দর ম.ম ১৮৫,-৯৫। চণ্ডী পড়িল ঢলিয়া বা.ম ৪৭। অবশ রাজা অঙ্গ পড়ে ঢলে শ্রী.মা ১৪৪। হেসে ঢলে পড়ে সব নারী ব.প ১৪৭ ; ৭৯০। ঢলি পড়ি।—ম.পা ১৪৮। ২ লম্বমান হওয়া ; নামা (to incline)। "ঢলিয়া পশ্চিমে ডুবিছে যখন রবি।—হেম ১১৫। ৩ বিচলিত হওয়া ; টলা। "ঢলত টীট রিপুগণ সব দু ৬১। ৪ প্রবাহিত বা সঞ্চলিত হওয়া। "গন্ধ-তৃণের বিভোল গন্ধ, বাতাসের কোলে ঢলে কু.কে ২৫। [ঢলা২—সর্থ 'ঢল'। ঢলোপড়ো (অপ্র)—ঢলিয়া-পড়া-ভাব ; টলমল-ভাব। "রাজার শরীর শোকে ঢলোপড়ো করে ব.প ৭৯০।]

ঢলক অর্ম্ম [ঢল২ >°ক ; হি √°ক] সর্থ 'ঢর (১)। "ঢলকত অহনিশি উতপত লোর।—গো ২৪৭। [রাত ঢলকান (তু 'হি দিন ঢরকনা)—রাত্রি অবসানপ্রায় হওয়া।]

ঢলঢল১ বিং [ঢল২ >°ল, দ্বিত্ব] ১ পর্য্যাকুল ; বিকলাঙ্গ। "কভু হেসে ঢলঢল, কভু রোষে জলজল সা.ম ৯। শুনিয়া কমল, হেসে ঢলঢল স.শ ৯। ২ বিহ্বল, বিভোল। "সঙ্গিনী সকল, ভাবে ঢলঢল ব.প ১৫৩১। রাসরসে ঢলঢল গোবিন্দ গোপিনী শ্রী ৫৫। অনুরাগে ঢলঢল চৈ ১৪৩। প্রেমে ঢলঢল ন.প ৩৫২। ভাবে ঢলঢল, পড়িলে ঢ'লে ঢ'লে দা ৫৫৭। ৩ মদিরভাবময়। "ঢলঢল সুধাপানে নয়নের তারা ব.প ৯৫০। ৪ রসাবেশে জড়। "আঁখি জনু ঢলঢল, চাহিতে নাহি চায়।—গান ১২৩। ৫ ভরপুর, ভরা। "যৌবনে ঢলঢল ক.চ ১৩৯। ৬ প্রবাহতরল, টলটল ; উচ্ছলিতপ্রায়। "ঢলঢল কাঁচা সোণার বরণ গো ৫০ ; ঢলঢল কাঁচা অঙ্গের লাবণী ৯৮। ৭ ছলছল, উচ্ছলিতাশ্রু। "(সনাতন) বিষ্ণুপ্রিয়া কর লঞা, বিশ্বম্ভর-করে দিয়া, ঢলঢল নয়নের জলে চৈ.চ ৮৪। ৮ লাবণ্যপ্রবাহ-প্রচুর। "ঢলঢল কসিত কাঞ্চন তনু গোরী জ্ঞা ৫৪। মুখখানি ঢলঢল সা.ম ৪। —ঢল বি ১ লাবণ্যপূর্ণভাব। "খুল্লনার মুখশশী করে ঢলঢল।—ক.চ ১৩৪। ২ ভরপুরভাব। "বিমলার আজও রূপে শরীর ঢলঢল করিতেছে ব.প্র ২০। ৩ শোভাবিস্তার। "শ্রবণে কুণ্ডল, করিছে ঢলঢল শ্রী.মা ৬৬। ফুটে ঢলঢল করে,···সুবর্ণ-নলিনী সা.ম ১২। ৪ নির্ম্মলজলে পরিপূর্ণভাব। "(সরোবরে) ঢলঢল করে জল বিমল। —রঙ্গ ৮৩। [°ঢল—অতিচপল। "ও কে রে মনোমোহিনী··· ঢলঢলঢল তড়িৎ-ঘটা ব.প ১৫৩৮।]

ঢলঢল২ '-ল্-ল্' বি [ঢল১ >°ল (দ্বিত্ব)] অতিঢিলাভাব। "গুটি শঙ্খ দুটি বাই চিপ যদি হয়। ঢলঢল করে নাহি চিরদিন রয় ॥ —শি ১০৫। [ঢলঢলে—বড় ঢিলা।]

ঢলঢল৩ বিং সর্থ 'টলটল'।

ঢলমল বি [অপ্র] ঝলমল, অতিদীপ্তভাব। "ঢলমল করিয়া রাজা উঠিল জ্বলিয়া গো.চ ২৪৬।

ঢলা১ অর্ম্ম [ঢল >আ৮] গর্হিত কার্য্যে লোক হাসান। "যদি বারি আনতে না পারিলি ত, ঢলাইলি কেনে ?—দা ৩২৯ ; পাড়ায় পাড়ায় ঢলাস লো ৩৩৩। লজ্জা থাকিলে আর তুমি বৈষ্ণবী সেজে গ্রামে গ্রামে ঢলাতে যাও ?—ব.দ্বি ৩০। [ঢলান—সর্থ 'ঢলা১। "গুণী গয়লানীকে খামকা একটা কথা বলে কি ঢলানটা ঢলালে ন.ত ৩৩। ঢ(ঢো)লানী —১ যে স্ত্রীলোক কুকর্ম্মে লোক হাসায়। "পাড়াঢলানী। ২ কলঙ্কিনী। ঢলানে—যে ঢলায়।]

ঢলা২ দ্র 'ঢল২।

ঢলাঢলি বি [ঢল২-আ+ঢল-ই] ১ বিহ্বলতা, বিভোরভাব। "রতিকে জিনিয়া রূপ রসে ঢলাঢলি শ্রী.মা ৮৪। ২ লোকহাসান, কেলেঙ্কারি। "°ন্যাসনেল ফনের' ব্যাপারটা নয় কি ঢলাঢলি ?—হেম ৩৮২। ৩ লোকহাসাহাসি, কেলেঙ্কারী। "সাধ্বীদিগের আমোদেও নিতান্ত তরলতা প্রকাশ পায় না—তাঁহাদিগের খুসিরও ঢলাঢলি হয় না পা.প্র ১৬। [লোক°—লোকহাসাহাসি।]

ঢসমস বি [ধস >ঢস+'মস' (অনু.শব্দ)] ১ টলমল, অধীরভাব। "(শিব) রতিরসে করে ঢসমস ম.ম ৭। ২ রসাবেশে ভরপুর-ভাব। "বুড়ী বলে মোর গা করে ঢসমস। পাকা জামিরে যেন উপাধিক রস ॥ —ম.ম ১৭৭।

ঢাঁচা বি [হি °চা] ১ সর্থ 'ধাঁচা'। ২ ভাব, গতি ; বৃত্তি। "বরদাবাবুর সহবাসে রামলালের মনের ঢাঁচা প্রায় তাঁহার মনের মত হইয়া উঠিল আ.দু ৮৮।

ঢাঁট বি [সং ধৃষ্ট >প্রা ধট্‌ঠ (প্রা.ম), *ধংঠ >বা (ধাঁঠ) °ট ; অপ্র] প্রগল্‌ভ, অশিষ্ট, নির্লজ্জ। "হেদে গোআলার মায়্যা বুঝিল বড়ই ঢাঁট শ্রী.ম ৬৬। —টী বিং [°ট+ঈ] ধূর্ত্তা, দুষ্টা। "সে ঢাঁটী বেটীর তরে, সিন্নি মেনেছিলি পীরে রা.স ৩৫।

ঢাউস দ্র 'ধাউস'।

ঢাক১ বি [সং ঢক্কা >প্রা ঢক্কা >বা (ঢাকা) °ক ; হি, মৈ° ক] বাদ্যবিশেষ। "পেটটা ফুলে হতো ঢাক।—দা ২০৫১। ঢাকটা পানা নাকটা আ.দু ১২৯। নামটা ঢাকের মত, কিন্তু ভেতরটা ফাঁক দু ১১১। [ঢাকে কাটি দেওয়া—১ ঢাক বাজান। "শ্রী ২১২। ২ ঢাক বাজাইয়া প্রচার করা ; সর্ব্বত্র প্রচার করা। ঢাক পেটা—সর্থ 'ঢাকে কাটি দেওয়া'।

ঢাকের কড়িতে মনসা বিকান—(গৌণার্থে) মুখ্য কর্ম্ম অপেক্ষা গৌণ কর্ম্মের ব্যয়বাহুল্য হওয়া। ঢাকবাজানী—যে স্ত্রীলোক ঢাক বাজাইয়া কলঙ্ক রটায়; ব্যাপিকা নারী। "°নী প্রায় ঘরে ঘরে দা ৩৭২; ৯৫৪।]

ঢাক² সর্ম্ম [সং √ছাদি > প্রা √ঢক্ক (হে; অ.রা) > বা °ক; হি √ঢ(ঢাঁ)ক; ঠ, গু √ঢাংক] ১ আচ্ছাদন করা; ঢাকা। "পসার ঢাকিআ লৈল নেতের বসনে শ্রী.কী ২৭১। ২ গোপন করা; লুকান। "(বেণীবাবু) সকল ঢেকে চুকে লইলেন আ.দু ১৬। ৩ বাহির হইতে না দেওয়া; আটকান। "অঞ্চলে ঢাকিতে চাহে কমলের গন্ধ ভা.চ ৩২১। ৪ প্রতিহত করা। "চন্দ্রমতি নৃপদলে, ঢাক শক্তি তোরআলে (কালকেতুর চৌতিসা, সাহিত্যপরিষৎ-পত্রিকা, ৪র্থ খণ্ড, ১৩১৬)। ৫ পূর্ণ করা; পুরান, লুকান। "(মরণ-পথ) তুলা দিয়া কর্ম্মকার ঢাকে ম.ম ১৭১। —কা সর্ম্ম [°ক+আ^৮] আবৃত করান। [ঢাকা—সর্থ 'ঢাক²'। ঢাকাঢাকি—পরস্পর ঢাকা; লুকান। ঢাকান—সর্থ 'ঢাকা'। ঢাকিঞা, -লোঁ (শ্রী.কী)।]

ঢাকঢাক-গুড়গুড় '-ক্-ক্-ড়্-ড়্' বি 'ঢাক ঢাক, গূঢ় রাখ'; (তাৎপর্য্যে) গোপন; লুকান। "বাপু, তুমি এখন আপনার জন, তোমার কাছে ঢাকঢাক-গুড়গুড় কি?—বি.বু ৯।

ঢাকন বি [°ক²+অন] ১ আচ্ছাদন, গোপন। ২ [হি ঢক্কন, °ন; ঠ ঢাংকণ] আচ্ছাদন, ঢাকনী (cover)। "ঢাকন ঘুচাই চৈ.ম ১৯০। ফেলিল ঢাকন ম.ম ১৪। বিচিত্র বসন, তাহাতে ঢাকন রা.শে ৬। ৩ শরা (নদীয়া, মালদহ)। —না বি [হি °না] সর্থ 'ঢাকন (২)। —নি, -নী বি [°ন+ই^১১; ঢংকণী (দেশী ৪.১৪); হি ঢকনী; ঠ °ণী; গু ঢাংকনী; মৈ °নি; ড় ঢাকুণি] সর্থ 'ঢাকন (২)। "হাঁড়িঢাকনি।—চ.দা ৩১। ঘুচাল ঢাকনি গো.চ ২৫৫। ফুলের ঢাকনি ম.ম ১৭। —কিনি, -কুনি বি সর্থ 'ঢাকন (২)। "ঢাকিনি তুলিল গো.চ ৮৯; ঘুচাল ঢাকুনি ৪৮৭।

ঢাকা বিং [ঢাক²+আ^১২] আচ্ছাদিত, গুপ্ত। "মুখখানি যেন মেঘ-ঢাকা চাঁদ ব.ছি ২৭। —কা বি [ঢাক²+আ^৬] ১ দ্র 'ঢাক²'। "অন্তর্জালে অঙ্গ গেল ঢাকা শ্রী.মা ২০৮। ২ ঢাকনি। "দুধ°।

ঢাকাই, -ইয়া বিং [ঢাকা+ই^৮, ইয়া²] ঢাকায় নির্ম্মিত (বস্ত্রাদি)। "(মখমল) ঢাকাইয়া বি.সু ১৯। ঢাকাই মসলিন।

ঢাকী বি [°ক+ঈ^১] ঢক্কাবাদক। "তুমি ঢাকী, আমি ঢাক য ১০। পুরাবৃত্তকার-ঢাকী ব.প ৬১৭। [ঢাকী শুদ্ধ বিসর্জ্জন—(গৌণার্থে) অভীষ্ট বস্তুর সহিত আনুষঙ্গিক সমস্ত ত্যাগ করা। ঢেক্যা (অপ্র)—ঢাকী। "ব.প ৪৬৫।]

ঢাকুরি ক্রি [অপ্র] ধাক্কা বা চাপ দিয়া। "বুক ঢাকুরি মারুলি দে সামান করিয়া গো.চ ২১৭,-৮।

ঢাঙ্গাইত, -ঙ্গাতি বি [ঢঙ্গবৃত্তি'—মূল] ১ কপটী, ধূর্ত্ত। "ঢাঙ্গাতির হাতে ভরা সাপীলা তোমার মী ২৩। নিমাঞি ঢাঙ্গাতি চৈ.ভা ৩৫; কে তোরা ঢাঙ্গাতি দুই ২০৬; হেন ঢাঙ্গাইতগুলা বৈসে নদীয়ায় ২১৫। ২ চৌর্য্যবৃত্তি, চোর। "ভাল ত ঢাঙ্গাতি বটে এ কি পরমাদ। হরিতে পরের নারী করিয়াছ সাধ॥—ব.প ১৪২৮। —তি বি কপটতা, ধূর্ত্ততা। "আমি অতি মূঢ়মতি, নাহি জানি ঢাঙ্গাতি ক.চ ২৬৯।

ঢামালি বি [ধামালি > °লি] ১ দৌরাত্ম্য, দুষ্টামি। "আমা সনে রাবণ তোর কিসের ঢামালি কৃ.উ ৩৮। ২ যৌবনসুলভ মাতামাতি বা লাফালাফি। "সখি সব মেলি, করিয়া ঢামালি, তোলয়ে বিবিধ ফুলে রা.শে ৫৯।

ঢার, -ল² সর্ম্ম [সং √ক্ষর > প্রা √ঢল (হে); √ঢার—ঢারউ (পাতঞ্জলি,—পৈ); হি √°র, -ল; ঠ, গু √ঢাল; তু—সং ধার; প্রা √ঢাল (দেশী—প্রা.ম)] ১ ধারারূপে ক্ষরিত বা পাতিত করা; প্রবাহিত করা; ঢালা (to pour)। "(কাম) কনয়া শম্ভুপরি, ঢারত সুরধুনী ধারা বি.প ৬। ঢালে পানী ব.প ১৬৫। (চন্দন) ঢারু কত আনিবার জ.প ৪৮। প্লাবনপীড়নে, কাতর প্রবাহ, ঢালে…বারি-রাশি দুই পাশে মে ১১৭। (ঝিল্লি) সুধার সুধারা ঢালে শ্রবণবিবরে স.শ ৮২। ঢালে ইন্দু অমৃত ধার।—ভানুসিংহ। ২ প্রচুর বিস্তার করা বা ছড়ান। "ঢালে কুসুম সুরভ-ভার, ঢালে বিহগ সুরব-সার।—ভানুসিংহ। ৩ (বস্তু) পাত্র হইতে পাতিত করা। "আলু, কলাই ঢালা। ৪ শিথিলভাবে পাতিত করা। "চন্দন তরুর তলে ঢালিলেক গা ক.চ ৫১। কীর্ত্তনে ঢালিয়া দেহ, গড়াগড়ি দেয় কেহ ভা.চ ১৬১। [কালিঢালা—কালিমাময়; কালিমাখা। "কালিঢালা রক্ত বর্ণ।—ব.সু ১০। ঢেলে সাজা—পোড়া নেশার দ্রব্য ফেলিয়া তাজা নেশার দ্রব্যে কল্কে সাজান। "এখন তামাকটা ঢেলে সাজ দেখি ব.প্র ৫৪২।]

ঢাল¹ স্ত্রী [ঢাল³ > °ল?] খড়্গাদিঘাতরোধার্থ ধাতুচর্ম্মময় ফলক; চর্ম্ম, ফলা। "ক.চ ৯৬।

ঢাল² দ্র 'ঢার'।

ঢাল³ বি [হি °ল; ঠ, গু ঢাল.] ১ ক্রমনিম্ন স্থান (slope)। "কাচঢাল খোহঢাল কৃ.উ ২১৩। সুবর্ণরচিত ঘাট মধ্যে কাচঢাল শ্রী.ম ২১৭। ২ পাশাখেলার নিমিত্ত ক্রমনিম্ন ফলক। "মহেশ শঙ্করী, খেলে পাশা শারি, রচিয়া হীরার ঢাল ক.চ ২৯। ৩ [হি °ল] প্রকার, রকম। "একঢাল চুল।

ঢালহুমর বি [ধার-শুমার > °র (?)] ধার শোধ ও ধার নেওয়া; এক দেওয়া, এক নেওয়া; দেনা-নেনা। "বড়মানুষদিগের ঢালহুমরেই চলে—তাহারা এক দিচ্ছে, এক নিচ্ছে আ.দু ১৩০; আফিস…ঢাল-হুমরে চলিতেছিল ১৫১।

ঢালা¹ বি [ঢাল²+আ^৬] সর্থ 'ঢার'।

ঢালা² বিং [হি 'ঢাল'—ছাঁচ] ১ ছাঁচে ঢালিয়া প্রস্তুত (পেটা নহে; cast)। "ঢালা কড়াই, লোহা। ২ ঢালিয়া জমান। "মাঝে পিণ্ডি কাঁচ-ঢালা ক.চ ৭৯। কারুপট্ট…মোমঢালা শ্রী ১১৯। ৩ ঢালিয়া দেওয়ার মত; প্রচুর, দেদার। "ঢালা লুচি সন্দেশ। ৪ গৃহতলব্যাপী, সুবিস্তৃত (বিছানা)। ৫ স্রাবী, ঢালিয়া-দেওয়া। "কেবল নিশ্বাস হুতাশ-ঢালা কা ৩১।

ঢালা³ সর্ম্ম [°ল+আ^৮; হি √ঢলবা] ঢালায় কাজ করান; ঢালান। [ঢালাঢালি—বারংবার ঢালা। ঢালান—সর্থ 'ঢালা'।]

ঢালাই বি [ঢালা+ই^৮; হি ঢলাঈ] ১ ঢালার কাজ; ছাঁচে ঢালিয়া পাত্রাদি প্রস্তুত করার কাজ। "ঢালাই-করা ছাঁচ।—হেম ৩৭৯। ২ ঢালার মজুরী। [°খানা—ঢালাই করার কারখানা (foundery)।]

ঢালাও, -লোয়া বিং [হি ঢলবা।—ছাঁচে ঢালিয়া প্রস্তুত] সর্থ 'ঢালা² (৩; ৪)।

ঢালি বি [সং °লী] সর্থ 'ঢালী'। "ক.চ ২৬১। ভা.চ ৪৪। বি.সু ১৩২।

ঢালী(-লিন্) বিণ [ঢাল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ঢালযুক্ত, চর্ম্মী, ফলকধারী। "ঢালিপক্ষ (ত.বা)। শ্রী ১০। ভা.চ ২৭০।

ঢালু বিং [হি ঢালু; ঠ ঢালু] অবসর্পী, প্রবণ, ক্রমনিম্ন (জমি)। [ঢালুয়া খোপা—ঢালের মত গোল খোপা (?)। "মাথায় ঢালুয়া খোপা ধরিছে পেথম বি.পা ১৭৬।]

ঢিকা অর্ম্ম [?] অবসাদ হেতু ধীরে পা ফেলা। "সরকার…ঘেটো ঘোড়ার ন্যায় ঢিকুতে ঢিকুতে চলিল আ.দু ১৭২। বুড়ো মানুষ—ঢিকুতে ঢিকুতে…আসতে হয় অ.প্র ১৪৭।

ঢি(ঢী)ট বিং [সং ধৃষ্ট > পা ধিট্ঠ > বা (ধীঠ, -ট) °ট; হি, প ঢীঠ; ঠ, গু ধীট] ১ নির্লজ্জ, অশিষ্ট। "তুহু বড় ঢীট মুরলী বনমালি বি.প ৭৫। ২ চতুর, শঠ। "তুহু…নাগর ঢীট বি.প ৮২; ঢীট মাধাই ১৩৯। নিরখি বদন, চিহ্নল তখন, শ্যাম নাগর ঢীটে চ.দা ৪০; বুঝিলা

চাতুরী, টীট নাগররাজ ৪৩। ঢিট কানু তুঁহু কপট বিলাস।—গো ২৪৭। ৩ দুর্বৃত্ত। "টীট রিপুগণ দু ৬১। [°টাই (হি ঢিঠাঈ) —ধৃষ্টতা, অশিষ্টাচার। "কেম হে নাগর, ঢিটাই না কর।—ভ.প্র ৩৯৭। °পনা—১ চাতুরী, শঠতা। "এত টীটপনা আসিয়া ঘরে? —চ.দা ৩৭; ৭১। ২ নির্লজ্জভাব; বেহায়াপনা। "কখন না দেখি আমি এমন ঢিটপনা ক.চ ১৫৪।]

ঢিঢি বি [ধ্বন্যাত্মক] ১ ঢেঁটরার বাদ্য; ঢেঁটরার বাদ্যে ঘোষণা; লোকমুখে সর্বত্র প্রচার। "সহরে ঢিঢি হয়ে গ্যাছে, আজ রাত্তিরে··· হাফ-আখড়াই হবে হু ৪৬; ১৫৬। ২ [সং ধিক্ > প্রা ঢি > ঢিঢি(ছিছি)] 'ধিক্-ধিক্-কার, ছি-ছিক্কার, অকীর্তি-ঘোষণা। "তিনটা পাশের কম যদি জামাই ঘরে আনি, দেশশুদ্ধ একটা ঢিঢি পড়ে যাবে।—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। [°কার—সর্বত্র প্রচার। "গ্রামে ঢিঢিকার হইয় গেল —মতিলাল গদিপ্রাপ্ত হইলেন আ.দু ১৩৬। ঢিঢি প্রশংসা—সর্বত্র প্রচারিত সুখ্যাতি। "পীড়িত ব্যক্তির পত্নী যদি একটু রাত্রি জাগরণ করিলেন,···তবেই তাঁহার ঢিঢি প্রশংসা হইল।—পা.প্র ১৮৮।]

ঢিপ বি [ধ্বন্যাত্মক] ১ মাটিতে পড়ার শব্দ। "তাল ঢিপ ক'রে পড়ে। লোকে পা পিছলিয়ে ঢিপ ক'রে পড়ে। ২ প্রণামে মাথা ঠোকার শব্দ। "একটা বালক···ঢিপ করিয়া একটি গড় করিল আ.দু ১২। প্রফুল্ল··· ব্রজেশ্বরের পায়ের গোড়ায় আসিয়া ঢিপ করিয়া এক প্রণাম করিল ব.প. ৩৫০। গড় কল্লে ঢিপ ঢিপ অ.গ্র. ১০৯। ৩ রাগে মাথা-ঠোকার শব্দ।

ঢিপ(ব)লা বি [ঠ ঢেংপল.।] ছোট ঢিপি।]

ঢিপি, -বি বি [হী টীপা—বৃহৎ মৃত্তিকাখণ্ড; ঠ ঢেপ; গু ঢেপু —ডেলা] স্তূপ, রাশি। "তুমিই কেবল হইতেছ দেখি মাংসের ঢিবি! —স্ব.প্র ১০২। ভাতারগুলো বুদ্ধির ঢিবি, মেগেদের করবেন বিবি অ.গ্র ১০৯। [ঢিপি-ঢাপা—ছোট-বড় স্তূপ; ছোট-বড় মাংসপিণ্ড। "অষ্টে-পৃষ্ঠে ঢিপিঢাপা দা ৫৫৭,-৯।]

ঢিপেশোকা বিং [অপ্র] ১ ঢিপির মত ও শুষ্কদেহ; জড় ও রোগা। "মোর পতি বুড়া···খেপা ঢিপেশোকা তায়।—শ্রী ৯২। ২ গালিবিশেষ। "দুর্দিনের কালে, ফেলাইল জলে, ঢিপেশোকা মোর খুড়া শ্রী ৯২।

ঢি(ঢ়ি)মা, ঢিমে বিং [হি ধীমা; ঠ ঢি(ঢ়ি)মা] ১ ধীর, মন্দ, মন্থর (চাল)। ২ মৃদু (আঁচ, জ্বাল)। ৩ বিলম্বিত। "°তেতালা। ৪ অলস, কুঁড়ে। বিপ 'চটপটে'। [°তেতালা—(সঙ্গীতে) চাতুর্মাত্রিক তালবিশেষ। তেতালার বিলম্বিত গতিকে ঢিমাতেতালা কহে। ইহার চারিটি পদের প্রত্যেকেই চারিটি দীর্ঘ মাত্রা থাকে (গী.সা)। ঢিমা-পড়া—নরম-পড়া (জ্বর)।]

ঢিল১, -লা১ বিং [সং শিথিল > প্রা সিঢিল (হে), ঢিল্ল (ক.ম ৩.৩), ঢিল্ল (দেশী—প্রা.ম) > বা °ল, -লা; হি, ড় ঢীলা; প ঢিল্লা; ঢিলা, ঢীল; গু ঢীলু; সি ঢীর] ১ শিথিল, আলগা (জামা, জুতা, বাঁধন)। বিপ 'আঁট'। ২ শিথিলযত্ন, নিরুদ্যম, অলস। "বেহুলা কার্য্যে নহে ঢিল।—ম.ম ১৮৯। [ঢিলাঢালা, ঢিলাঢিলা—অল্প ঢিলা; ঢিলা। "ঢিলাঢালা বেশ স্ব.প্র ১০১। আমাদের কাপড়গুলা ঢিলাঢিলা। —রবীন্দ্র। ঢিলামি—আলস্য, জড়তা। "প্রাচ্য অত্যুক্তি মানসিক ঢিলামি।—রবীন্দ্র। ঢিল দেওয়া ১ শৈথিল্য করা। "কান্তিচন্দ্র বন্দুক সাফ করায় ঢিলা দিলেন।—গল্পগুচ্ছ। ২ শিথিল করা।]

ঢিল২, লা২ বি [দ্র 'ডেলা'] ডেলা। "ঢিলা মারে মাথার চৈ.ভা ১৮৯। [ঢিল মারলে পাটকেল পড়ে—সামান্য অপকারের প্রতিশোধ গুরুতর হয়। ঢিলাঢিলি—ঢিল মারামারি। ঢিলান—ঢিল মারা।]

ঢীট দ্র 'ঢিট'।

ঢুঁ, ঢু বি [ধ্বন্যাত্মক; ঠ ঢুসী—মাথার ধাক্কা] গোরু ছাগল ইত্যাদির মাথার বা শিঙের গুঁতা। "একটা বুনো ছাগল তেড়ে এসে মেরেছে ঢুঁ। —গান ১৮। আমি তোমার লড়ায়ে মেড়া, যদি অনুমতি দাও, এক ঢুঁতে জগদ্দ্বারে জলসই করি ন.ত ৩৪। [দরজায় ঢুঁ মারা—বাড়ী বাড়ী ঘোরা। "ইহাদের দল···এর দরজায়, তার দরজায় ঢুঁ মেরে বেড়াচ্ছেন হু ৬।]

ঢিলা১; ঢিলা২ দ্র 'ঢিল১; ঢিল২'।

ঢুঁড়, -ঢ় সর্ম [সং √ঢুণ্ঢ্; তু 'প্রা√ঢুণ্ঢুল্ল (√গবেষ—হে)'; বা (√ঢুঁঢ)> °ড়, -ঢ়; হি √ঢুঁঢ়; ঠ √ঢাংঢুল.; গু√ঢুণ্ঢ, -ঢ] অন্বেষণ করা; খোঁজা। "বন ঢুঁড়ই ব.প ১১২৪। ঢুঁরিতে ঢুঁরিতে, চন্দ্রাবলী কুঞ্জে,শ্যাম সৌরভ পায় ব ১৬৩। স্থান ঢুঁড়ি ইথি-উথি ধায়ে ভ.প্র ২৬। ঢুঁড়তে বা.দ ৮৯। তারে ঢুঁড়তি ঢুঁড়তি আস্তে পড়িছি। —মা ৩৩৭। [ঢুঁ(ঢো)ড়া—অন্বেষণ।]

ঢু(ঢো)ক অর্ম [সং √ঢৌক্ > প্রা √ঢুক্ক > বা °ক; হি √ঢুক, ঢুঁক] গমন করা; প্রবেশ করা; ঢোকা। "নিজে জুজু হয়ে ঢোকেন ফাটকে: দেনায় ইনি ঢোকেন শ্রীঘরে: তবুও রাণীর ছেলে ঢুকলো না লো ঘরে।—হেম ৩৮৭। —কা সর্ম [°ক+আ'] প্রবেশ করান; ঢুকান। "(হস্ত পদ শির) কচ্ছপের প্রায় বরি অঙ্গে ঢুকাইল ম ৬০৩। [ঢু(ঢো)কান—সর্থ 'ঢুকা'।]

ঢুঢু বি [ধ্বন্যাত্মক (শূন্যভাণ্ডের শব্দ)] শূন্যভাব, ফক্কিকার। "সব কথার ভটচাজ্জি, কাজের বেলায় ঢুঢু।

ঢুণ্ঢ্ সক [ভ্বা, প—ঢুণ্ঢতি; সেট্] অন্বেষণ।

ঢুণ্ঢ সর্ম [সং √ঢুণ্ঢ্] অন্বেষণ করা। "নিকুঞ্জ ভাঙ্গিয়া দণ্ডে, আহলবিহল ঢুণ্ঢে, ঝিঁটী ঝাউ ঝরণা গহন (ক.চ)।

ঢুণ্ঢন ক্লী [√ঢুণ্ঢ্+অন (ল্যুট্)-ভা] অন্বেষণ। —ঢি পুং [+ই (ইন্)-র্ম] কাশীস্থ গণেশবিশেষ; ঢুণ্ঢিরাজ। 'সর্ব্বার্থঢুণ্ঢিততয়া তব ঢুণ্ঢিনামা (কাশীখণ্ড)।

ঢুপ বি [ঢপ > °প] মৃদু 'ঢপ'-শব্দ। [°ঢাপ—ক্রমাগত 'ঢুপ'-শব্দ।]

ঢুল অর্ম [সং √ঢুল—দোলয় > প্রা √ডোল > বা (√ঢুল) °ল; হি √ঢুল] ১ ভাবাবেশে আন্দোলিত হওয়া বা দোলা। "(গৌরচন্দ্র) ঢুলি ঢুলি চলত খলত গো ২৯। পড়য়ে ঢুলি ঢুলি ন.প ৩৮৪। ভা.চ ৭৬। ২ দোলা, ঝোলা। "লৌক্কের চান্দয়া ঢুলে শিরের উপর ম.গা ২৩। গো.চ ৩৭৩। ৩ নেশায় বা তন্দ্রায় দোলা; ঝিমান। "ঢুলি ঢুলি পড়ে শিব চ.বি ২৩৮। ভাঙ্গ খাই সিদ্ধাই লাগিল ঢুলিবার গো.চ ৩৭০। (নাগররাজ) ঢুলি ঢুলি চলত খলত।—ব ১৭৫। ৪ ঘূর্ণিত হওয়া। "সঘনে ঢুলিছে অরুণ আঁখি বি.প ১৫০। —লা সর্ম [°ল+আ'] ১ আন্দোলিত করা; ব্যজন করা। "চামর ঢুলান তাঁরে ভরত কৃ ১। ম ৬৫৭। ২ চালিত করা; ঘুরান। "'নাচা' বোলো মন্ত ঢুলাএল চৈ.ভা ২২৮। লোচন-কমল ঢুলায়ত গো ৫৫। নয়ান ঢুলায় ভ.প্র ৩৯১। কত ছাঁদে নয়ান ঢুলায়।—ব ১৫৪। [ঢুলনি, ঢুলা—সর্থ 'ঢুল'। ঢুলাঢুলি—১ পরস্পর ঘূর্ণন। "নয়ন ঢুলাঢুলি লহ লহ হাস বি.প ১৫০। ২ ঝুলাঝুলি। "গো.চ ৬৮।]

ঢুলঢুল বিং [ঢুল > °ল (দ্বিত্ব)] নেশা তন্দ্রা বা ভাবাবেশে জড়িমাময় বা বিভোর (আঁখি, চোখ)। [°লে—বিভোর।]

ঢুলা দ্র 'ঢুল'।

ঢুলান বি [ঢুলা+অন] ১ সর্থ 'ঢুলা'। ২ আন্দোলন, চালন, দোলান। "রথের ঢুলানে মোর করে মাথা ব্যথা ম.ম ১৮২। —নি বি [অপ্র] ঝুলান; লম্বভাব (hanging down)। "ঘরের ভিতর টাঙ্গাইলে ঢুলানি করিয়া গো.চ ২৩৬। —নী বিং যে ঢুলায় বা তন্দ্রাজড়িমা জন্মায়। "ঘুমের বুড়ি আসিছে উড়ি, নয়ন-ঢুলানী।—শিশু ৫।

ঢুলি, -লী বি ['ঢৌলিক'—মূ; হি ঢোলিয়া; ঠ ঢোলক্যা; গু ঢোলী] ঢোলবাদক। "ঢুলি কৃ.উ ২১৩।

ঢুলুঢুলু বিং [ঢুলঢুল > °লু] ১ তন্দ্রাবেশজড়িত, ঘুমঘোরে আবিষ্ট। "ঢুলুঢুলু দুটি আঁখি চ.দা ৭৬। রজনী জাগিয়া ঢুলুঢুলু আঁখি ভ.গ্র ৩৮৭। ২ নেশায় বিভোর। "এক নেত্র ঢুলুঢুলু করে ধুস্তুরায় ব.প ১৪৬। আঁখি৹ ঢুলুঢুলু হেন দেখি চৈ.ম ২৮। মহাদেবের আঁখি ঢুলুঢুলু ভা.চ ৮৭। ৩ ভাবাবেশময়। "ঢুলুঢুলু দুটি৹ নয়ন নাচনি প.র ৩৪। —ঢুলু বি ভাবাবেশজড়িত ভাব। "মুগ্ধ মত্ত নেত্র দুটী৹…ঢুলুঢুলু করিছে কেমন সা.ম ৩৯।

ঢুলুঢুলুঢুলু বিং নেশায় সতত বিভোর। "°ঢুলু নয়ন লোল ভা.চ ৭৫। প্রমত্তত্ব হাসে৹ ঢুলুঢুলুঢুলু আঁখি!—মে ২৬৭।

ঢুশ, -স বি [ঠ ঢুশী, -সী] মস্তক দ্বারা আঘাত ; ঢু।

ঢু(ঢো)সা অর্ম্ম [ঢুস+আ৯] ঢুস মারা ; ঢু লাগান। "মুণ্ডে মুণ্ডে ঢুসাইয়া মারে কত বীরে।—ম ১২৫৪। শরভে শরভে মারে ঢুসাইয়া মুণ্ডে ক.চ ৪৯। [ঢু(ঢো)সাঢুসি—মাথা দিয়া ঠেলাঠেলি। "মাথায় ঢুসাঢুসি শ্রী.মা ৬৫ ; ৬০। মুণ্ডে মুণ্ডে ঢুসাঢুসি শ্রী.ম ২২৮। শ্রী ৫২; ৬৮,-৯। ঢু(ঢো)সান—সর্থ 'ঢুসা'।]

ঢেউ[1] বি ['√ধাব্'—মূল (?) ; হি ঢেউ ; তু 'ঢৌ' (গো.চ)] ১ তরঙ্গ। "গো.চ ১১১। শ্রী.কী ১৫৩। ঢেউয়ের পরে ধরব পাড়ি। —গান ৯৩। ঢেউয়ের দোলায়।—শিশু ৮৪। ২ তরঙ্গায়িত চিত্র। খেলায়ে রঙের ঢেউ কি রেখাই টেনেছ।—হেম ৩১৮। ৩ (সাদৃশ্যে) নতোন্নতভাব। "ধানের ক্ষেতে ঢেউ উঠিয়ে কালী৹ কালের ঢেউ দেখায়।—ব.প ১৮৯৪। ৪ উঠা-নামা। "উঠছে আলে নামছে গাড়ায়, পালকী দোলে ঢেউয়ের নাড়ায়!—কু.কে ৩০। ৫ চিত্তের অব্যবস্থা ; খেয়াল। "নারীর ঢেউ স্বামী বিনে অন্যে কে ধরে ভূতলে।—দা ৩৭৪। ৬ সাময়িক উন্মাদনা ; হুজুক। "পার্টি খেলা ঢেউ তুলেছে ভারত রাজ্য পরে।—হেম ৩৮২। ৭ কলঙ্ক রটনা। "ভিন্ন গাঁয়ে শোনে না কেউ, গাঁয়ে ঘরে গাঁয়ের ঢেউ।—দা ৫৩৩। [ঢেউ-খেলান—তরঙ্গায়িত, কোঁকড়া (চুল)। ঢেউ মারা—তরঙ্গাঘাত করা। "কৃ ১৯।]

ঢেউ[2] বি [ধ্বন্যাত্মক] উদ্গারের শব্দ। "ঢেউ ঢেউ করি তোলে রসের উদ্গার চৈ.ম ১২২। —উক বি [অপ্র] ঢেকুর। "চুয়া ঢেউক বি.পা ২১০।

ঢেঁকি, -কী বি [হি ঢেংকী ; ঠ ঢেকী ; মৈ ঢে(ঢেঁ)কী ; ড়, মুণ্ডারি —ঢেঙ্কি ; অস ঢেঁকী ; ধ্বন্যাত্মক ('ঢকঢক' শব্দকারী) ?] ১ ধান্যাদি ভানার বা কুটার কাষ্ঠযন্ত্রবিশেষ। "ঢকঢক করি ঢেঁকি উঠাইল বাগ। —শি ৭৭। জমিদাররূপ ঢেঁকি ব.প্র ৬২৮। ২ ঢেঁকির মত স্থূলবুদ্ধি ; মূর্খতার গালিবিশেষ। "কেমনে চালাই সব তুমি হলে ঢেঁকি।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। বেটা বুদ্ধির ঢেঁকি।—চ.কা ১৭২। বরদাবাবু—বুদ্ধির ঢেঁকি!—আ.দু ৯১। ভাই ঢেঁকির দল! তোমাদের বিদ্যাবুদ্ধি বুঝিয়াছি।—ব.প্র ৬২৮। [°কুটা—ঢেঁকিতে পেষা। "তামাকু ঢেঁকিকুটা বি.সু ১০৪। °ছাটা—ঢেঁকিতে কাড়ান (চাল)। °যান—ঢেঁকিবাহন নারদ। "ম ২৩৮। ঢেঁকিয়াল ফুকন (অস ঢেঁকীয়াল-ফুকন্) —আসামরাজগণের সময়ে ঢেঁকিয়ালের (একজাতীয় লোকের) অধ্যক্ষ। "°ন কর্ত্তার নিকট…বলিতেছেন আ.দু ৭০। °রাম—মূর্খ, গালিবিশেষ। "ন.ত ১৩। তোমার গুষ্টীর মাতা পড়ে, ঢেঁকিরাম!—লী ৪৩। °শাল, °শালা, ঢেঁশ(স)কেল—ঢেঁকির ঘর। "°শালা ক.চ ১০৮,-৩৮ ; °শাল ১৬৬। ঢেঁসকেল আ.দু ১৩। °শাল ব.প্র ৬২৬,-৮। ঢেঁকিশালে যদি মাণিক পাই, তবে কেন পর্ব্বতে যাই—নিকটে অভীষ্টলাভ হইলে, দূরে যাওয়ার প্রয়োজন কি? তু 'অর্কে চেন্ মধু বিন্দেত কিমর্থং পর্ব্বতং ব্রজেৎ। ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে—সকলই সর্ব্বত্র ভাগ্যফল ভোগ করে, স্থান-অস্থান নাই। "জা ৫০। ব.প্র ৬২৮। ঢেঁকির কচকচি—দ্র 'কচকচি'। ঢেঁকির শিয়র—ঢেঁকির মাথার দিক্। ঢেঁকিতে পা দেওয়া—পা দিয়া ঢেঁকি চালান। "আ.দু ১৩। ঘরের ঢেঁকি কুমীর হওয়া—আত্মীয় শত্রু হওয়া। "ব.প্র ৬২৮। বুদ্ধির ঢেঁকি—ঢেঁকির মত স্থূলবুদ্ধি ; মূর্খ, গালিবিশেষ। দ্র 'ঢেঁকি (২)।]

ঢেঁট(ড়)রা, ঢেড়রা বি [ধ্বন্যাত্মক ; হি ঢঁঢোরা তা—'দণ্ডোরা'] ঘোষণার্থ ঢোলবিশেষ। "ঢেড়রা ফিরাই বা.ম ২১৫ ; ঢেঁড়রা ২৩৪,-৫। রাজা বাজারে ঢেঁড়রা ফিরায় ভ.গ্র ১২৩। রাজা ঢেঁটরা দিয়েছেন ব.প্র ৫২৫। [ঢেঁটরা দেওয়া, পিটান, ফিরান—ঢেঁটরার বাদ্যে সর্ব্বত্র (কোন বিষয়) ঘোষণা করা।]

ঢেঁটা বিং [ঢিট > °টা] সর্থ 'ঢিট'। [ঢেঁটামি—ঢিটপনা।]

ঢেঁড়শ বি [সং ডিণ্ডিশ ; হি ঢেঁড়সী] পটোলতুল্য শাকফল।

ঢেঁ(ঢে)ড়া, ঢেঁড়ি, ঢেড়ি[1]**, ঢেড়ী** বি [সং 'ডিণ্ডিম'—শাসনডিণ্ডিম (শু ১.১৩২)] সর্থ 'ঢেঁটরা'। "ঢেঁড়া দেয় নগরে নগরে বি.পা ১০৯। ঢেড়া বা.ম ২৩২ ; ঢেঁড়ি ২৬৮। (রাজা) রাজ্যে ঢেঁড়ি ফিরাইল ভ.গ্র ৭২। (কোটাল) বোলে দিয়া ঘন ঢেঁড়ি শ্রী.ম ১১৪। সঘনে পড়ে ঢেড়ি —শ্রী ১২৯। জাহাঙ্গীর ঢেড়ী দিলা সকল সহরে ভা.চ ৫০৭। ঢেঁড়ি ব.প ১৬৯০। [ঢেঁড়ি দেওয়া, পড়া, ফিরান—দ্র 'ঢেঁটরা'।]

ঢেঁড়ি[1] দ্র 'ঢেঁড়া।

ঢেঁড়ি[2] বি [হি ঢেংঢ়ী] ১ আফিঙের ফল বা বীজকোষ (capsule)। ২ [ঠ ধেডী ; তু 'ঢেরি (গো.চ)] স্ত্রীলোকের ঢেঁড়ীর মত (?) কর্ণভূষণবিশেষ। "কর্ণেতে তুলিয়া দিল মাণিক্যের ঢেঁড়ি বা.ম ১৫৭ ; কর্ণে-শোভে…ঢেঁড়ি দা ১৪৮১। ঢেঁড়িতে জড়াও ঝুমকা গাঁথা ১৬৩৩।

ঢেক বি [ঢেকা > °ক ; অপ্র] ধাক্কা, তরঙ্গাঘাত। "ঢেক সারি হরি নৌকা ফিরায় শ্রী ৬৭।

ঢেকা[1] বি [হি, প, মৈ, গু ধক্কা ; ঠ ঢকা, ধকা ; সি ধিক ; ড় ধকা ; 'ধেকা' (মী ১৭)] হাত দিয়া জোরে ঠেলা ; ধাক্কা। "গো.চ ৪৭৩। ধনু লইয়া ঢেকা মারি করেন বাহির ম ১৩৪ ; ৩১৮। ক.চ ২০৭,-৫১। ম.পা ১৪৮ ; পৃষ্ঠে মারে ঢেকা ১৫১। বি.সু ১৩২। ভা.চ ৪১৫,-৩০। [ঢেকাঢুকি—ঢেকা-গলাটিপ ইত্যাদি। "পাগল দেখিয়া তারে, কেহ ঢেকাঢুকি মারে ম.ভা ১৫। ঢেকাঢেকি—পরস্পর ঢেকা মারা ; ধাক্কাধাক্কি। "দুই জনে মহারণ হএ ঢেকাঢেকি কৃ.উ ১২৭।]

ঢেকা[2] সর্ম্ম [ঢেকা[1] > °কা] ঢেকা মারা ; ধাক্কা দেওয়া। "ঢেকাইতে ঢেকাইতে নটি বাইর কৈরে আনিল গো.চ ২৮৫। ব.প ৭৮। ঢেকাইয়া বি.সু ১০০। [ঢেকেয়া—ঢেকাইয়া। "ব.প ৩৭।]

ঢেকি বি সর্থ 'ঢেঁকি[1]'। °ঢেকি বাহনে নামিল নারদ গো.চ ৩৭। [°ঘরা—ঢেঁকিশাল। "গো.চ ১০২।]

ঢেঙা, -ঙ্গা বিং [হি ঢেংকা—দীর্ঘজঙ্ঘাস্থি ; ঠ ঢেংগ—উরুসহিত জঙ্ঘা ; (মুণ্ডারি) 'ঢান্‌গা'—অতিদীর্ঘ] দীর্ঘজঙ্ঘ, লম্বা। "মামী ঢেঙ্গা এ যে গোঁড়া শি ৮৩। [°ঢোঙা, -ঙ্গা—ঢেঙা।]

ঢেটা বিং [ঢিন্ > °টা] ধূর্ত্ত, শঠ। "অল্প বয়সে জামাই হৈলে এত ঢেটা ক.চ ২৮৭,-৮। —টী বিং দুষ্টা, শঠনারী। "কিসের কারণে আর নাচ বেণে ঢেটী ম.ভা ৬৩।

ঢেড়রা ; ঢেড়া, ঢেড়ি[1]**, -ড়ী** দ্র 'ঢেঁটরা ; ঢেঁড়া'।

ঢেড়ি[2] বি [হি ঢেরী ; অপ্র] বাহুল্য, আধিক্য। "বয়সের দোষে হয় বচনের ঢেড়ি শ্রী ৮।

ঢেপ 'ঢ্যা-' বি [ঠ ঢে(ঢেং)প—পিণ্ড] শালুকের পিণ্ডাকার বীজকোষ। "ঢেপের মোয়া, খই। [ফুলে ঢেপ হওয়া—ফুলে ঢেপের মত পিণ্ডাকার হওয়া।]

ঢেপঢেপে, ঢ্যাপঢ্যাপে বিং 'ঢেপঢেপ' শব্দকারী, অতিস্ফীত ; বৃষ্টিতে সুসিক্ত। "ভিজে ঢ্যাপঢ্যাপে হ ৩৮।

ঢেপসা বিং [ঠ ঢেপসা—ঘুঁটের স্তূপ ; ঢেপ+সা ; °সী (স্ত্রীলিঙ্গে) ;

(মুণ্ডারি) 'ঢোপসো' অলস] ঢেপের মত মাংসপিণ্ডময় ; বিশ্রী-মোটা।

ঢেপুয়া বি [হি ঢেব্‌রা] তাম্রমুদ্রাবিশেষ, পয়সা। "সোনার ঢেপুয়া লৈয়া বাল্লকে খেলাইত ম.গা ৪ ; গো.চ ৩২১।

ঢেমচ, -চা, -সা বি [ধ্বন্যাত্মক ; তু 'ধামসা'] বাদ্যবিশেষ। "°চ শ্রী.ম ৭ ; জ ৩৯। °চা কৃ ২৭০ ; ক.চ ৪৭ ; শ্রী.মা ৪৮। °সা ব.প ৩২৪ ; ভা.চ ৪৩০।

ঢেমন বি [(?)] ১ অসচ্চরিত্র ব্যক্তি ; লম্পট। ২ গালিবিশেষ। "বেহুয়া ঢেমনে কভু না শুনাই পুরাণ।—ক.চ ২১৬ ; গালি দিল দ্বিজ তারে জারুয়া ঢেমন ২৫৬। নারদ ঢেমন।—শি ৮৯। শ্রী.মা ৬৭। ঢেমন বলিয়া দেয় গালি বি.সু ১৩২। —নী বি উপপত্নী। "বি.পা ৭৭। [ঢেমনীবাজ—উপপত্নীপ্রিয়, লম্পট। ঢেমনীবাজী—লাম্পট্য।]

ঢেমনা বি ১ সর্থ 'ঢেমন'। ২ [সং ধর্ম্মণ ; হি ঢামনা] দাঁড়াশ সাপ। [সর্পসঙ্গমে দাঁড়াশ পুরুষ, তজ্জন্য 'ঢেমনা' (?)।]

ঢের বিং [হি, ড় °র ; ঠ 'ঢেল'—স্তূপ ; ধের (নেপালী)] ১ অনেক, বহু। "ঢোসরগুলা জানে ঢের ঢঙ্গ শ্রী.মা ৮৭। (চিজ) পড়ে আছে ঢের বি.সু ১৯। বেটা বেটী ঢের হৈল।—শি ৩৯ ; ঢের ঠাই ঃ ঢের মেরে ১০৬। ঢের টাকা কা ১২৫। ভুল ঘটে ঢের কু.কে ১৫৫। ২ অধিক, জিয়াদা, প্রয়োজনাধিক। ৩ প্রচুর (জল, দুধ)। ৪ রাশীকৃত (জিনিস)। ৫ গভীর। "রাত ঢের হল শোও গে সবে কা ৯৭। —র বি ১ বহু লোক। "পুরুষে উপায় নাই খেতে হৈল ঢের।—শি ৬৮। ২ রাশি। "ঢের করা। —রি বিং [হি °রী] অনেক, প্রচুর। "ভাল জান ভারী-ভুরি ঢেরি হে।—ভা.চ ৬৮৮। [ঢের ঢের—১ বহু বহু ; সুপ্রচুর। ২ সবিশেষ, উত্তমরূপে। "প্রথম।—জানিস্ না কেটা আমি। দ্বিতীয়।—ঢের ঢের জানি।—গান ১১।]

ঢে(ঢ্যা)রা বি [হি ঢেরা] ১ যোগচিহ্নের (+) ন্যায় আড়ভাবে স্থাপিত দুই খণ্ড কাষ্ঠে রচিত দড়ি পাকাইবার যন্ত্রবিশেষ। ২ দলিলের উপরে ঢেরার মত চিহ্ন। [°সই, °সহি—নিরক্ষর লোকে দলিলের উপরে নিজ হস্তে যে ঢেরাচিহ্ন (+) দেয়, সেই চিহ্নযুক্ত সহি।· "এই দেখ মোর হাতে খত, তোমারি হাতের দস্তখত, ঢেরাসই বটে কি না বটে দা ৬১৫। তোমা বই, ঢেরাসই আর হবে কার লু.র ১০৮।]

ঢেলা বি [দ্র 'ডেলা'] ১ মৃত্তিকাপিণ্ড, মৃৎখণ্ড। "পোয়ালকুড় সদৃশ হনুমান্ তোলে ঢেলা ক.চ ৭৯। ২ পিণ্ড, দলা। "সোনারূপার ঢেলা। —শিশু ১৭। ৩ ইষ্টকাদির খণ্ড। ৪ [হি ডেলা] বহির্গত চোখের তারা। "দুই চক্ষে ঢেলা বি.পা ২৮৭। [ঢেলান—ঢেলা মারা। ঢেলা বেরোন—চোখের ঢেলা বাহির হওয়া।]

ঢেলা-ফেলা, ঢ্যালা-ফ্যালা বি ১ ঢেলা-ফেলার (?) পার্ব্বণ ; মনসার পার্ব্বণবিশেষ। "শাক-রাখা ঢেলা-ফেলা দশহরা আর। মনসার পুজা নানা প্রতি ঘরে ঘর॥—ম.ভা ৬০। শ্রাবণ মাসে ইলিস মাছ ওটবার পূর্ব্বে ও ঢ্যালা-ফ্যালা পার্ব্বণে গুরুদাসের দু মাসের মাইনেই খরচ হয় হু ১৬০। ২ বিবাহ করিতে আসার সময়ে বরকে বা বর-যাত্রীকে ঢেলা ফেলিয়া মারার লৌকিক আচার ; ঢেলা-ফেলানিবারণার্থ দেয় অর্থ। "ঢ্যালা-ফ্যালা ও বিয়ে ভাটির হুকুম হাকাম ও নিষ্পত্তি করার ভার মিত্তির বাবুদের ওপরই দেওয়া হয় হু ১৩৮।

ঢেসা বি [?] অপবাদ। "ধনচোর ঢেসায় পাঠাব যমঘর।—শ্রী ২৫৮। ঢেসা দিয়া ঢেকা মারে ঢাক গো ঢঙ্কিণি ভা.চ ৪৩০।

ঢোঁড় বি [তু 'হি ঢোংঢ' ; ঠ ঢোল্] বৃক্ষকোটর। "ঢোঁড় পড়া।

ঢোঁ(ঢো)ড়া বি [সং ডুণ্ডুভ ; ঢংঢোল (অ.রা) ; হি ডেড়হা, ডোঢ়া ; মৈ ঢোঁড় ; (মুণ্ডারি)—'ধোনদু, ডুনডু'—সর্পবিশেষ] ১ নির্বিষ সর্পবিশেষ। (বিষ হারাইয়া) ছিলে কেউটিয়া নাগ হও গিয়ে ঢোঁড়া। —বা.ম ৩০৭। ঢোড়া বি.পা ৩০৫। ২ নির্ব্বিষ, শক্তিহীন (উপহাসে) [ধরতে পারে না ঢোঁড়া, ধরতে চায় বোড়া—সামান্য কার্য্যে শক্তি নাই গুরুতর কার্য্যে ইচ্ছা করে।]

ঢোক বি [ধ্বন্যাত্মক] ১ একেবারে যতটা তরল দ্রব্য গেলা যায়। "এক ঢোক জল, দুধ। ২ ঢোক পরিমিত লালা। "সকলেই ঢোক গিলিয়া এঁ-ওঁ করিয়া···বরাতের কথা ফেলে আ.দু ১৯৬। [ঢোক গিলে বলা—ভয়ে বা লজ্জায় শুষ্ক কণ্ঠ ঢোকে সরস করিয়া বলা। ঢোক ঢোক করিয়া বা ঢোকে ঢোকে খাওয়া—এক ঢোকের পরে আর এক ঢোক, এইরূপে ক্রমাগত খাওয়া। "ঝালের চোটে মুত খায় ঢোক ঢোক করিয়া গো.চ ১.১। (চাঁদ) ঢোকে ঢোকে জল খায় বা.ম ২২৮ ; ম.ভা ১২। বি.পা ২৩৮।]

ঢোকা দ্র 'ঢুক'। [ঢোকা-দুধ—যে দুধ শিশুর গালে ঝিনুকে করিয়া ঢুকাইতে হয় ; ঝিনুকে খাওয়ান দুধ (অর্থাৎ স্তন্যদুগ্ধ নহে)। "মাতৃহীন শিশুকে ঢোকা-দুধ খাওয়াইয়া মানুষ করিতে হয়।]

ঢোল[১], ঢৌল[১] পুং [ঢঢোল্ল (দেশী—প্রা.ম) ; (মুণ্ডারি) 'ঢোল্'] আনদ্ধ বাদ্যবিশেষ। [ঢোলে কাঠি দেওয়া—ঢোল বাজান। "বা.ম ১৭৬। ঢোল পিটান—ঢোলের বাদ্যে ঘোষণা করা। ফুলে ঢোল —ঢোলের মত অতিস্ফীত। °মারা—ঢোলের বাদ্যে ঘোষিত ; স্পর্দ্ধা-পূর্ব্বক প্রচারিত। "রামপ্রসাদের এই বোল ঢোলমারা বাণী। °সুরতে (আ সু.রত)—ঢোলের বাদ্যের সহিত (দখল লওয়া)।]

ঢোল[২], ঢৌল[২] বি সর্থ 'ঢউলি'। "ঢোল ঢঙ্গা নাহি করি পরের যুবতী ক.চ ১০৩। তবে ঢোল (পাঠান্তর 'ঢৌল') কর, কোন যুক্তি ইথে হয় চৈ.ভা ১০৯।

ঢোল[৩] অর্ম্ম [ঢুল > °ল] ১ সর্থ 'ঢুল (৩)। "ঘুমে গুরুমহাশয় ঢোলে।—শিশু ৮০। ২ আন্দোলিত হওয়া ; দোলা। "গজমতি-মালা ঢোলে ব.প ১৪৮৬।

ঢোলক বি [হি, ঠ, গু °ক] ছোট ঢোল। [ঢোলক ঢালক—ঢোলক ও তদানুষঙ্গিক বাজীকরের উপকরণ। "সই ! কানু বড় জানে বাজি। বাঁশ বংশী ধরি, মদন সঙ্গে করি, ঢোলক ঢালক সাজি চ.দা ২৮।]

ঢোলকাণ, -ন বি দীর্ঘকর্ণ (?) বন্যপশুবিশেষ। "°কাণ ক.চ ৪৫ ; ৫৪। ঢোলকান ভা.চ ১২৮।

ঢোসকা, -সা বিং ['ধস'—মূল (?)] যাহা ধসিয়া যায় ; মাংস-পিণ্ডময় অসার (শরীর)। —কা বি ঢোসকা-শরীর লোক। "বুড়ো ঢোসকা আবার বে করবে !—আ.দু ১১১।

ঢোলা, -ল্লা বিং [ঢোল > °লা. -ল্লা ; প্রা ঢোল্ল (আনক—পৈ) ; ঠ ঢোল্যা—ভুঁড়ে] ১ ঢোলের মত শূন্যগর্ভ ; ফাঁপা। ২ ঢিলা, আলগা বড়ঘেরওয়ালা (জামা)। ৩ [(মুণ্ডারি) 'ঢোলো'—স্থূলকায় অলস স্ত্রী] স্থূল, ফাঁপা। "ঢোলা শরীর।

ঢোসর বি [?] দুশ্চরিত্র (?)। "ঢেমন ঢোসরগুলা শ্রী.মা ৮৭।

ঢো(ধো)সা[১] বি [হি ধুস্‌সা ; ঠ ধুশা, ধোসা] মোটাপশমের গাত্র-বস্ত্রবিশেষ।

ঢোসা[২] দ্র 'ঢুসা'।

ঢৌক্ সক [ভ্বা, ঙ—ঢৌকতে ; সেট্] ১ গতি। ২ প্রেরণ (ত.বা)। ৩ আবরণ। "শকুন্তলা বক্তুং ঢৌকতে।—শ (ত.বা ; শ.ক)। ৪ [গিজন্ত—ঢৌকয়ন্তি ; সেট্] প্রেরণ ; নয়ন। "অঢৌকয়দ্ রথম্ ভট্টি ১৭.১০৩। [উপ—উপঢৌকন। "কৃষ্ণেন্ হর্ষাদুপঢৌকিতানি পুষ্পাণি (কৌস্তুভ)। হি ২৲২৶।]

ঢৌকন ক্লী [√ঢৌক্+অন (ল্যুট্)-ভা] ১ গতি, প্রেরণ। ২ [+অন-র্ম্ম] উপহার, উপঢৌকন। —কিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রেরিত। ২ আনীত। "ক.সা ২৬.৭।

ঢৌকিনী বি বলিপ্রিয়া কালী। "ঢঙ্গে ঢালে ঢেকা দিয়া ঢাক গো ঢৌকিনী বা.দ ২৫৪।

ঢৌল[১]; ঢৌল[২]; ঢ্যাপঢ্যাপে; ঢ্যারা; ঢ্যালাফ্যালা দ্র ঢোল[১]; 'ঢোল[২]; ঢেপঢেপে; ঢেরা; ঢেলাফেলা'।

ণ

ণ[১] ট-বর্গের পঞ্চম বর্ণ এবং পঞ্চদশ ব্যঞ্জন ও স্পর্শ বর্ণ। দ্র 'ক[১], ঙ[১], ট[১]। [সংস্কৃতে, দন্ত্য ন-কার, মূর্দ্ধন্য ঋ র ষ ইহাদের পরবর্ত্তী হইলে মূর্দ্ধন্য ণ-কার হয়; ইহা ণত্ববিধি। এতদ্ভিন্ন 'গণ, গুণ' ইত্যাদির ণ-কার স্বাভাবিক, অর্থাৎ উহা ণত্ববিধির ণ-কার নহে। পালিতে ন-কার ও ণ-কার আছে। প্রাকৃতে ণ-কারই গৃহীত হইয়াছে, পৈশাচী ও চুলিকা পৈশাচিকে ন-কার আছে; বোধ হয়, উচ্চারণই ইহার মূল। বাঙ্‌লায় উভয় বর্ণই আছে, কিন্তু উচ্চারণে প্রভেদ নাই। এই উচ্চারণসাম্য বাঙ্‌লাদেশে সংস্কৃত শব্দেরও রহিয়াছে। এরূপ স্থলে, তদ্ভব বাঙ্‌লা শব্দের অন্ত্য ন-কার ও ণ-কার, সংস্কৃতানুসারে ন-কার হওয়া ভাল, প্রাকৃতানুযায়ী ণ-কার ভাল নহে, বোধ হয়; ধান নাচন বাঁধন (সং ধান্য, নর্ত্তন, বন্ধন > প্রা ধণ্ণ, ণচ্চণ, বংধণ) সংস্কৃতানুসারে ন-কারান্ত হওয়া উচিত, প্রাকৃতানুরূপ ণ-কারান্ত নহে। যে সকল সংস্কৃত শব্দে, ঋ র ষ ইহাদের পরে ণ-কার থাকে, সেই সকল তদ্ভব বাঙ্‌লা শব্দে, ঋ-কারাদির লোপে ন-কারই সঙ্গত; অতএব, কান, পান, বানান, বামন, মসিনা, সোনা ইত্যাদি শব্দ ন-কারান্তই ভাল। 'উন'-বিভক্তির 'করুন' (তু 'করুণ' কৃ.চ ৩০; ৭৯), 'ধরুন' ইত্যাদির, 'এন, -বিভক্তির 'করেন, ধরেন, মরেন, মারেন' ইত্যাদির এবং 'অন'-প্রত্যয়ান্ত 'ধরন ধরান, (তু 'করাণ' কৃ.চ ৭৮), ঘুরান, চুষান' ইত্যাদির ন-কারই প্রশস্ত। হিন্দী 'করনা করানা, ধরনা, মরনা মরানা, মারনা' ইত্যাদি তুলনীয়। কাণ, গোণী, মাণিক্য, লবণ' ইত্যাদির বাঙ্‌লা শব্দ 'কাণা, গুণ, মাণিক, লোণ ইত্যাদি ণ-কারযুক্ত বানান অসঙ্গত নহে। মূর্দ্ধন্য ণ-কারের উচ্চারণ অনেকটা সানুনাসিক 'ড়'-কারের মত; হিন্দী মরাঠী প্রভৃতিতে এইরূপই উচ্চারিত হয় এবং তজ্জন্যই 'পাষাণ' হইতে হিন্দী 'পাহাড়', মরাঠী 'পহাড' এবং বাঙ্‌লা 'পাহাড়' 'পাড়' শব্দ উৎপন্ন হয়। বাঙ্‌লা 'তাঁর তাঁহার, যাঁর যাঁহার' (সং তেষাম, যেষাম্ > প্রা তাণ, জাণ) ইহাদের চন্দ্রবিন্দু ও 'র'-কার ণ-কারের মূর্দ্ধন্য উচ্চারণমূলক 'ড়'-কারেরই রূপান্তর। পালির 'মুল়াল (মৃণাল), বেলু. (বেণু) শব্দের 'ল'-কার ঐরূপ ড়-কারের স্থানে আদেশ। সংস্কৃতের 'ধিষ্ণ্য—ধিষ্ট্য' এবং বাঙ্‌লার 'কৃষ্ট, তৃষ্টা (হু ৮৭), তেষ্টা, বিষ্টু' শব্দের 'ট'-কার, 'ড়'-কারের স্থানে আদিষ্ট প্রথম বর্ণ।]

ণ[২] পুং **১** জ্ঞান। "ণ-স্বরূপা রক্ষা কর ণ হইল ক্ষয় ভা.চ ৪৩০। **২** নিশ্চয়। **৩** ভূষণ। **৪** গুণবর্জ্জিত। **৫** শিব (A.)। **৬** পানীয়নিলয়, জলটুঙ্গি (?)। **৭** বিন্দুদেব, বুদ্ধদেবতাভেদ। **৮** [সং 'ন' > প্রা 'ণ'] নিষেধ।

ণকার পুং [কর্ম্মধা] 'ণ' এই বর্ণ; ণ-বর্ণ। "ণত্ব ণ-কারে নির্ণয় ভা.চ ৪৩০। [°রূপিণী—জ্ঞানরূপা। "ব.প ৯৫০।]

ণত্ব ক্লী [ণ[১]+ত্ব] **১** (ব্যাকরণে) দন্ত্য ন-কারের ণ-কারভাব বা মূর্দ্ধন্যত্ব। "ণত্ব ণয়ে জ্ঞান ভা.চ ৪৩০। **২** [অপ্র] নিয়ম, নিশ্চয়। "কি করিবে আমার কথার নাহি ণত্ব শ্রী ২৫৬। [°বিধি (পুং)—ণত্বের নিয়ম।]

ত

ত[১] ত-বর্গের প্রথম বর্ণ এবং ষোড়শ ব্যঞ্জন ও স্পর্শ বর্ণ (দ্র 'ক[১]')। [ত-বর্গের উচ্চারণে, নাভি হইতে প্রযত্নপ্রেরিত বায়ু, যথাবস্থিত (সহজভাবে স্থিত) জিহ্বার অগ্রভাগ দ্বারা উপরিস্থ দন্তপঙ্‌ক্তির মূলের অধোদেশে লইয়া যাইতে হয়, বা প্রতিহত করিতে হয়, অর্থাৎ জিহ্বাগ্র দ্বারা ঊর্দ্ধ দন্তপঙ্‌ক্তির অধোভাগ স্পর্শ করিতে হয়; সুতরাং ত-বর্গের জিহ্বাগ্র করণ ও দন্তমূল স্থান (তৈ ২.৩৮)। বাঙ্‌লাভাষায় ত-বর্গের উচ্চারণ সংস্কৃতের ত-বর্গের সদৃশ। প্রাচীন বাঙ্‌লায়, 'ততকাল, শাস্ত্রবিত' (তৎকাল, শাস্ত্রবিৎ—শ্রী.মা ৪৭; ৬২; ৯৮), 'তৎক্ষণাত' (ভ.প্র ৩৪৩; ৫৬০), 'ইন্দ্রজিত' (কৃ.উ ১০১), 'সাক্ষাত' (চ.বি ২৭) ইত্যাদি শব্দে 'ৎ'-স্থানে 'ত' দেখা যায়; বাঙ্‌লায় বর্ণের হসন্ত উচ্চারণ ইহার কারণ।]

ত[২] পুং **১** চৌর। **২** অমৃত। **৩** ('ত'-কারের সাদৃশ্যে?) শৃগালপুচ্ছ। **৪** কটি; ক্রোড়। **৫** রত্ন। **৬** (ছন্দঃশাস্ত্রে) ত্রিবর্ণপ্রস্তারে আদ্যগুরুদ্বয় অন্ত্যলঘু গণবিশেষ। 'কথিতোঽন্ত্যলঘুস্তঃ (Antibacchius)। —তা স্ত্রী [প্রা 'তা'] লক্ষ্মী।

ত[৩] প্র [সং তঃ (তসি) > বা 'ত'] **১** করণে তৃতীয়া বিভক্তি। "মীনেরে লাছাত বাজাএ গো.বি ১৩৭। গেয়ানের চোটত তুমি জ্ঞান পালেয়া গো.চ ৯৩। **২** 'হেতু' অর্থে তৃতীয়া। "খাজনার তাপত বেছায় দুধের ছোআল গো.চ ৩। তোমার সেবাত বশ হৈলোঁ চ.বি ১২৩। গুণত ভুলত জগত উমত জ্ঞা ১২৬। **৩** ক্রিয়াবিশেষণে তৃতীয়া; অনুসারে, ক্রমে। "ইচ্ছাত মরণ তোমার ম.বি ৬। প্রসঙ্গত শুনিলা ভা.চ ২৬১। মায়ের হইল আজ্ঞা ঈশ্বর ইচ্ছাত চৈ ৮৫। **৪** নিমিত্তার্থে চতুর্থী। "হরি বোল বলিয়া হাড়ি ছিনানত নামিয়া গো.চ ৮২। **৫** অপাদানে পঞ্চমী। "আনিমু যজ্ঞের ঘোড়া তাহাত উদ্ধারি।—অ.প ৩৫। সোনার মাদলিত পত্র দিলেক আনিয়া বি.পা ২৫২। **৬** অপেক্ষার্থে পঞ্চমী। "আহ্মাত অধিক শ্রী.কী ১২৯; মাতা বাপত বড় গুরুজন নাহী ২৬৪; কিশলয়ত ৩৮৩। **৭** সম্বন্ধে ষষ্ঠী। "আহ্মাত বাকী নাহী শ্রী.কী ১১৬। **৮** অধিকরণে সপ্তমী। (একদেশাধারে)—"বাটত মিলিল চ ১৬; গিবত গুঞ্জরী মালী ৪৩। শূ ৪৯। খিতিত গো.বি ৯। গোক্ষনাথে রাড়াত চলিল মী ৭; চলে কদলিত ৯। গলাত পাথর বান্ধী…মরে শ্রী.কী ৪৮; ১৪৩। (বিষয়ে)—"এ সব কামত যেবা উপসন্ন হঅ শ্রী.কী ২৯৯; আহ্মাত না পাত মায়া ৩৬৩। (সামীপ্যে)—"নরপতিত কহিল অ.প ৯; নৃপতিত কহে হরি যত বিবরণ ১৩৮। যথা যেহি দেখি করে রাজাত গোচর চ.বি ১৩৪। (ব্যাপ্ত্যর্থে)—"মল্লিকা কলিকাত নাহি গন্ধ শ্রী.কী ১১৮। দিবা নিশি নাহি তাত গ ৬। আকাশ ভাঙ্গিয়া যেন পড়িল মাথাত ম.ম ৩৯। (কালাধিকরণে)—"রাত্রিত জন্মিল গো.বি ৬। রাত্রিত চল অ.প ১৩০। পৃথিবীত ম ১০০। ভূমিত চৈ.ভা ১৪১; জ ৬৯। মাথাত চৈ ৬৩। মধ্যত চৈ.চ ১১৮। [ভূরিপ্রয়োগ]। [নাবাল্যত—নাবালগ অবস্থা হইতে; আশৈশব। "নাবাল্যত দেখি যেন রতির মদন ব.প ৭০৯।]

ত[৪], তো অব্য [সং তাবৎ > প্রা তাব, তা > বা তা, ত, তো; হি, গু তো; প তাঁ; সি তাঁ, ত; নেপালী—তা; ড় তেরে (C.G. § 566)] **১** অবধারণ, নিশ্চয়। "আমি ত ব্রহ্মার সুত ক.চ ১৪। এইত কারণ ব.প ৮৯০। চিরায়ুত নহে কোন নর ম ৫২৬। এতো বড় তষ্টি দেখি ভ.প্র ১৭০; ও তো গোয়ালিয়া ৪৪৮। লখে তো সিংহিনী।—শ্রী ২০৮। এ ত মেয়ে মেয়ে নয়।—ভা.চ ২৫৬। চ.কা ৪৪৯। তা বটে তো আ.দু ৯৩। এই তো কইলে ব.প্র ২৬; ১১২। [ভূরি প্রয়োগ]। **২** সাকল্য। "ইহা কহত আমারে গ ১৫৩। ইহা ত ভোজন দোহে কর ম ৬৪৫। **৩** অবধি। "দাস্যরতি রাগপর্য্যন্ত ক্রমে ত বাড়য় চৈ.চ ২৩০। **৪** সম্ভাবনা। "হয় তো কাহারো বাড়িতে পড়িয়া লুঠ-তরাজ করেন—নয় তো কাহারো কানাচে আগুন লাগাইয়া দেন আ.দু ৬৭। য়েসো গায় তো কিছু মেখে আসে নি?—গি.ঘি ১১৩। **৫** সন্দেহ। "তুমি

আসিবে ত ?—ব.প্র ৪৫। ৬ পক্ষান্তরে, কিন্তু। "জলে তো মজ্জায় অঙ্গ মনে তো কৌতুক ব.প ৫৭৫। তোরা তো সঙ্গিনী,…এই রসে ছিলি সবে ভা.চ ৩৭২। আর কাহাকে লইয়া যাই,—একাও ত যাইতে পারি না ব.প্র ২৩। ৭ এক্ষণে। "কৃষ্ণ কহে…খেল তো আবার ভ.গ্র ৪৪৮। নাচত ময়ূর প.তৃ ৭০। মুখ দেখিয়া ত বোধ হয়, প্রাণেশ্বর কখন মনঃপীড়া পাইবেন না ব.প্র ১০৪। ৮ অব্যবহিত পরকাল; ই। "দেখিয়া ত জহ্নুমুনি জ্বলে কোপানলে।—গ ১৭৪। ৯ অন্ততঃ, অভাবে। "সেই পাপিষ্ঠ দিগ্বিজয়ই বা কোথায়? তাহাকে পাইলেও ত মুখ খুলিয়া বাঁচি ব.প্র ১৫০। ১০ তদেকান্তভাবে, তন্ময়ভাবে। চেয়ে আছি ত চেয়েই আছি ঘ ৭৯। ১১ বিস্ময়। "তুমি ত দেখছি ডাকাত! ১২ অনুরোধ। "যাও ত ভাই! ১৩ বাক্যালঙ্কার। "আটা ফান্দ দিয়া ত চালায় সাতনলা ক.চ ১২৬। সীতা ত রূপসী কৃ ৩১৮। উঙ্ক ধান্তেতে যদি হয় ত অঙ্কুর বি.পা ৩২৪। (হ'রে!) এক চলতি পানসি ভাড়া কর তো আ.দু ৮। ১৪ পাদপূরণ। "স্বামিতে দুর্ভগা তার মাতা ত সুরুচি চৈ.ম ১৩৬। ১৫ [সং তদা > প্রা তো (হে) > বা তো ত; হি তব] তবে, তখন। "হাসিআ ত ভগবান্ আদেশ করিলা গ ৯; ১৫; হারিআ ত দেবরাজ ছাড়ে সুরপুরী ২৪। ক.চ ২৬০। জলে তো মজ্জায় অঙ্গ ব.প ৫৭৫। ১৬ তাহা হইলে; তবে। "আর কেহ থাকে ত বলাহ দেখি সাক্ষী কৃ.অ ২৩। উঠবি ত উঠ ব.প ৩৩৫। শুনত মন্ত্রণা দিতে পারি শ্রী ১২৩। যদি তোমার এই মত তো শীঘ্র কর্ম্ম নিকেশ কর আ.দু ৯৩। অনুমতি হয় ত প্রতিগমন করি ব.প্র ৩৩; লইয়া যাও ত যাই ৪৪; যদি এত ওষুধ খেলে, ত আর তিনটা দিন খেতে কি ?—৫১৫। [তমুত—তবুত। "তমুত পিতৃশোক নিবারণ নাই তাতে ব.প ৫৩৪।]

ত[৫] ক্রি-বি [সং তি (তিপ্) > বা ত; বৈষ্ণবসাহিত্যে] ১ কর্তৃবাচ্যে বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "টুটত, বাঢ়ত বি.প ১৬০; ময়ূর নাচত মাতিয়া ১৭২। রোয়ত বোলত গদগদ ভাখ ব.প ১০৪৫। গো ৪১; হৃদয় বিদারত ২৩১; ঢলকত ২৪৭। ভ্রমরী করত রব জ্ঞা ১২৫; পতত, গায়ত, বাজত, ভুলত ১২৬,-৯৯। হোত মনহি উলাস জ.প ৪। বোলত ব ১২৫; পঢ়ত ১৩৪; খলত পুন উঠত ১৭৫; গলতহি লোর ১৮১; উঠত বৈঠত, শোয়ত রোয়ত ১৮৩; ছুটত, লুঠত ১৯১। নটত উমত, লুটত ভ্রমত, ফুটত মরম ছাতিয়া প.র ৭৭। পুঞ্জত, ধরত ন.প ১৪১; ঝলকত, ভেটত, সিঞ্চত ১৪২। সোহত ঐসন বি.সু ৬১। নাচত গায়ত ভা.চ ৪৫৮। ২ [সং ত (লোট-'ত')] কর্তৃবাচ্যে অনুজ্ঞায় মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "কহত কহত সখি, বোলত রে, হামারি পিয়া কোন দেশ রে: তোড়ত গজমতি হার রে বি.প ১৮৬। রহত বিদগ্ধরাজ বি.সু ৬১।

তই বি [হি তঈ] ছোট তাওয়া; কড়াইবিশেষ।

তইও[১] সর্ব্ব [সং ত্বম্ > প্রা তই (পৈ); তই+ও[৪]] তুমিও। "তইও তোহর ধনি, মুনল মুখ অরবিন্দা বি.প ১২০।

তইও[২] অব্য [সং তথা > প্রা তহি > বা তই+ও[৪]; মৈ °ও] তথাপি, তবু। "লাখ লাখ যুগ, হিয় হিয় রাখল, তইও হিয়া জুড়ল না গেল বি.সা ৪৯৪; ব.প ১০২৪। 'তইও' (তইঅও—বি.সা, ৪) কাম হৃদয়ে অনুপাম। রোয়ল ঘট উচল করি ঠাম॥—বি.প ৪০।

তই(তৈ)নাতী, -নিতী বি [আ তই'নাতী; হি তৈনাতী—নিয়োগ; ঠ তৈনাতী—বেতনগ্রাহী] যে চিঠি-পত্র বা খাজনা বহন করে; আরিন্দা, পেয়াদা।

তইরি, -রী বি [ফা তইয়ারী (বি)] প্রস্তুত করা; নির্ম্মাণ, গঠন। "তারাই (হাপর, জাতা ইত্যাদি) সোণা তইরির বাহ্যিক আড়ম্বর হু ১৩২। —রি বিং সজ্জিত, প্রস্তুত। "বিলাতি জুড়ি তইরি কত্তে বল গীগ্‌গির হু ২০৪।

তউ—(চিঠার দাগে) 'তস্য উত্তর' ইহার সংক্ষেপ। [তউ গায়—তাহার উত্তর গায়। তউ তপ—তাহার উত্তর-পশ্চিম। তউ তপূ—তাহার উত্তর-পূর্ব্ব।]

তওত অব্য [সং তাবৎ; অপ্র] সেই-পর্য্যন্ত, তদবধি। "গো.চ ৯।

তওবা বি [ফা তউবা] পরিত্যাগ, ছাড়া। "E.P.68.

তঃ[১] প্র [সং তঃ (তসি, তসিল্)] ১ তৃতীয়া-স্থানে,—অনুসারে, অনুক্রমে, ভাবে। "ফল°, বস্তু°, মুখ্য°। ২ পঞ্চমী-স্থানে,—হইতে। "হেনকালে পূর্ব্বেতঃ গোক্ষ পশ্চিমেতে যাএ ম.গা ১২।

তঃ[২] বি 'তরফ' শব্দের সংক্ষেপ। "তঃ রঘুনাথপুর E.P.49.

তঁহু, -হি, তহি [সং তস্মিন্ > প্রা তহিং (হে) > বা °হিঁ, °হি, °হ; হি তহীঁ, তঁহি (চ); বৈষ্ণবসাহিত্যে] ১ সেই স্থানে; তথা। "আড় বদন তঁহি ফেরি: তঁহি…হায় টুটি ফেলল বি.প ২৩; তঁহি রহু কান ১৬৪। কুসুম তহিঁ তোড়ল গো ১১। চৈ.ভা ৫৩; ৩৫১। ২ তদ্বিষয়ে। "সবহুঁ প্রেম অমিয়া পীব, তহি বলরাম বঞ্চিত একলে ব ২৮। ব.প ১০৮৯। ৩ তদুপরি, তাহাতে। "(চাঁচর কেশ) তঁহি মালতীর মালা চৈ.ভা ৩২৯। অলৌকিক অঙ্গ তেজে,…তঁহি নব মালতীর মালা চৈ.ম ১২৬। ৪ তখন। "মোহে জাগায়ল তঁহি নিদ গেল বি.প ১৩৩। (যব দশনক ঘাত) মুরছি পড়ব তঁহি গো ১২৫। [তঁহি তঁহি—সেখানে সেখানে। "দ্র 'যঁহা'। তঁহু—সে। "যাওব হাম, যতন তঁহু করবে বি.প ২০৬।]

তক[১] বি [সং ত্বক্ (ত্বচ্) > লি তচ] চর্ম্ম। "°আচ্ছাদন ভ.গ্র ১৯৯।

তক[২] প্র [হি, মৈ °ক; তু 'সং দঘ্ন—জানুদঘ্ন] পর্য্যন্ত, অবধি। "নাসাতক ভ.গ্র ৭৫; দুই প্রহর তক ২২৬; দশ দণ্ড বেলাতক ২৩০। সাহেবতক নিবেদন লিখিয়া করার আনাইব কৃ.চ ৬৮; ৭৭। [যেতক …সেতক—যদবধি…তদবধি। "ভ.গ্র ২৮১।]

তকতক বি [তু 'চকচক[২]; ভাবাত্মক] ১ দীপ্তি পাওয়ার ভাব; দীপ্তি-প্রকাশ। "দামিনী তকতক ভা.চ ৪৫৮। ২ নির্ম্মলতার ভাব। "ফটিকের নিকেতন, দশদিকে দরপণ, বিমল সলিল যেন করে তকতক সা.ম ১২। (বারিচক্র) করিতেছে তকতক।—লী ১১৫। —তক বিং প্রদীপ্ত, সমুজ্জ্বল। "তার তকতক ছবি বা.দ ১৯৯। —তক ক্রি.বিং সমুজ্জ্বলভাবে। "(আভরণ) তকতক…জ্বলে বা.দ ১২৭। [°তক—সর্থ 'তকতক'। "তকতকতক রজনীরাজ ভা.চ ৭৪। তক-তকে—দীপ্ত; নির্ম্মল, পরিষ্কৃত। "বৈঠকখানা…ঝেড়ে মুছে কেমন তকতকে ক'রে রেখেচে গ.স ১১৮।]

তকমা বি [আ তগ্‌মা—মেডেল; র্ক তম্‌গ.; হি তগমা] মেডেল, পদক; চাপরাশ। "তকমা-ওয়ালা আরদালিতে হয় না শুধু 'ফেম'। —হেম ৩৮৬। সইস কোচম্যানকে তকমা নিতে বারণ করে দেবেন হু ৩; তকমা-পরা মুটে ১৫২।

তকরার বি [আ তক্‌রার্] ১ বিবাদ; তর্কবিতর্ক। "কেটে ফেলে পাঠ যদি দেখে তকরার ভা.চ ৪০৬। হু ১৬৬; উভয়ের অবলম্বিত পেসার কোনটা উত্তম, তারি তকরার হচ্ছে ২২২। আ.দু ১১২। ২ পুনর্ব্বার বিচারপূর্ব্বক পরীক্ষা। "দপ্তর তকরার করা গেল E.P. 51; 64. [°রী (হি °রী)—তর্কবিতর্কের যোগ্য।]

তকলিম বি [আ তকল্লম্] কথাবার্ত্তা। "বাটোওয়ারার তকলিম E.P. 76.

তকলী বি [হি °লী; সং তর্কু] একপ্রকার টেকো।

ত(তো)কিয়া, তকেয়া বি [ফা, হি তকিয়া; ঠ তক্যা; ড় তকিআ; তয়কা (ঢাকা)] ১ ঠেস দেওয়ার খাট মোটা বালিশ। "ভুঁড়িটি বড় তকিয়ার মত প্রকাণ্ড হু ২১৪। ২ ফকীরের স্থান। "তকেয়াতে প্রবেশিয়া, নাগ নামে বিগড়িয়া, খাইল (কাজি মল্লা)

বা.ম ৮৬। [তকেয়া—টুপি (?)। "কাটা তকেয়া মাথে ব.প ২৫৪। ভগ্ন তকেয়া শিরে বা.ম ৮২,-৬।]

তক্ক বি [সং তর্ক > লি, প্র তক্ক] তর্ক, বিচার। "টুলো ভট্টাচার্য্য দেখলেই তক্ক কর্ত্তে যাই।—হু ৯৪। [তক্কাতক্কি—পরস্পর তর্ক; বাদানুবাদ। "নাট সাহেবের সঙ্গে তক্কাতক্কি অ.গ্র ১৬৬। তক্কে—তর্কিত সুসময়ে; সুযোগে। "এই তক্কে লুট করি আয় গি.দ্বি ৮৩। তক্কে তক্কে ফিরা—সুযোগ দেখিয়া বেড়ান। "এই তোর তক্কে তক্কে ফিচ্চি গি.দ্বি ১৩১।]

তক্কতক্ক বিং [তকতক > °ক্ক, (দ্বিত্ব ওজোব্যঞ্জক)] প্রদীপ্ত, সমুজ্জ্বল। "তক্কতক্ক অগ্নিচন্দ্রভালিকে ভা.চ ৪২৬।

তক্কা, তোয়াক্কা বি [আ তৱক্‌.কে.।] ১ অপেক্ষা, সাপেক্ষতা। "কিসের তোয়াক্কা দা ২১৩৭। কাহারো যে তক্কা তুমি রাখনাক সেটা বেশ বুঝি।—মন্দ্র ৪০। আমি কি কারো তক্কা রাখি?—মা ৩৪৯। টাটকা দলপতিরা রমাপ্রসাদ বাবুর তোয়াক্কা না রেখে আপন আপন দলে প্রোক্লেমেসন দিলেন হু ১১১। ২ প্রত্যাশা, আশা। ৩ ধার ধারা; ভয়-ডর। "আমরা অমন বকুনির তোয়াক্কা রাখি নে।—অমৃত লাল বসু।

তক্ত বি [ফা তখ্‌.ত্‌] ১ সিংহাসন। "শিয়রে বসিয়াছেন তক্তের আসন ম.বি ২৩১। রক্তশতদল-তক্তে পাতশা অভয়া।—ভা.চ ৫০১। বাদসাহি তক্ত ব.প ১৬৮৭। ২ আসন, চেয়ার। "কম্‌বক্‌তি ওকতো গেলো, তক্ত যাবে ফাঁক।—হেম ৩৭৭। ৩ পাতশা, রাজা। "কেবল তক্তের বক্তে বাঁচিলা তোমরা ভা.চ ৫০০। [°তাউস (আ তাউস্‌—ময়ূর; তখ্‌.ত্‌-ই-তাউস্‌)—ময়ূরের উপরি রচিত সিংহাসন; ময়ূরাসন। "প.তৃ ৭৩। °নামা (ফা তখ্‌.ত্‌-ই-রৱান্‌—রাজাকে বহিবার সিংহাসন)—বিবাহে শোভাযাত্রার অঙ্গীভূত মনুষ্যবাহ্য কাষ্ঠ-যানবিশেষ। "বরকে তক্তনামার উপরে উঠাইয়া বাবুরামবাবু···চলিলেন আ.দু ৭৩। °পোশ—তক্তায় ছাওয়া খাটবিশেষ।]

তক্তা বি [ফা তখ্‌.তা] ১ কাষ্ঠফলক, পাটা (plank, board)। ২ কাগজের এক ফর্দ্দ; তা (sheet)। "রিপোর্ট লিখতে হ'ত তক্তা তক্তা প.কা ৬২। —ক্তী বি [ফা তখ্‌.তী] ১ ছোট তক্তা। ২ (সাদৃশ্যে) চতুষ্কোণ কণ্ঠভূষাবিশেষ। ৩ চতুষ্কোণ সন্দেশ। "বাদাম°। [তক্তানামা—সর্থ 'তক্তনামা'। "তক্তানামার উপর মগের নাচ হু ১৫১। তক্তাপোশ—সর্থ 'তক্তপোশ'।]

তক্র ক্লী [√তঞ্চ্‌ সঙ্কোচন+র (রক্‌)-ক, উ ২.১৩; ঠ তাক] পাদাম্বু দধিবিশেষ (অ.টী); সিকি-জল ঘোল। "রঙ্গ ২০৭। [°কূর্চিকা (স্ত্রী)—তক্রসংযোগজাতা কূর্চিকা; ছানা। °মাংস (ক্লী)—তক্রযোগে পাচিত মাংসব্যঞ্জনবিশেষ; এখ্‌নি (শ.ক)। °সার (ক্লী)—নবনীত।]

তক্ষ্‌ সক [ভ্বা, স্বা, প—তক্ষতি, তক্ষ্ণোতি; সেট্‌; ছান্দস] ১ তনূ-করণ, চাঁছা, ছোলা। "তক্ষ(ক্ষ্ণো)তি কাষ্ঠং তষ্টা (দুর্গাদাস)। ২ [ভ্বা, প] আচ্ছাদন।

তক্ষ[১] পুং রামের ভ্রাতা ভরতের জ্যেষ্ঠপুত্র। "রঘু ১৫.৮৯। ভ ৯.১১.১২। [°শিলা (স্ত্রী)—তক্ষরাজধানী। দ্র 'রা ৭.১০১। মহা ১.৩.২০। পা ৪.৩.৯৩।]

তক্ষ[২] বি [সং তক্ষা; তু 'গ্রামতক্ষ'] সূত্রধার। "স্ত্রী ২০২।

তক্ষক পুং [√তক্ষ্‌+অক (ণ্বুল্‌)-ক] তনূকারক; ছেত্তা। "বৃক্ষ° রা ২.৮২.২। —ক পুং ১ বিশ্বকর্ম্মা। ২ সূত্রধর, ছুতার। "তক্ষকায় বিষ্ণু ৫১.৮। [সূচক হইতে বিপ্রকন্যায় ইহাদের উৎপত্তি (ত.বা)।] ৩ (নাটকে) সূত্রধার (A.)। ৪ অষ্টনাগের একতম। [ইনি কদ্রু-গর্ভজাত কশ্যপপুত্র এবং ইন্দ্রের বন্ধু। ইনি শৃঙ্গিশাপে পরীক্ষিৎকে দংশন করেন এবং জনমেজয়ের সর্পসত্রে প্রাণরক্ষার্থ ইন্দ্রের শরণাপন্ন হন ও আস্তীক কর্ত্তৃক রক্ষিত হন। ইনি ক্ষপণকবেশে উত্তঙ্কের নিকট হইতে গুরুদক্ষিণার্থলব্ধ কুণ্ডলদ্বয় অপহরণ করেন (মহা ১.৩.১২৭)।] —ক্ষণ[২] ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] তনূকরণ, চাঁছা। "দারবাণাঞ্চ তক্ষণম্‌ মনু ৫.১১৫। যাজ্ঞ ১.১৮৫। —ণী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্‌)] 'তক্ষণসাধন', বাসী বস্ত্র; বা'স।

তক্ষণ[১] ক্রি.বিং [সং তৎক্ষণ > প্রা তক্‌খণ > °ণ (ক্‌খ—ক্ষ); অপ্র] তখন। "অ.প ১২২,-৫,-৩২।

তক্ষণ[২] দ্র 'তক্ষক'।

তক্ষা (-ক্ষন্‌) পুং [√তক্ষ্‌+অন্‌ (কনি)-ক, -১ব, উ—১.১৫৬] ১ সূত্রধর, ছুতার। "পা ৫.৪.৯৫। ২ বিশ্বকর্ম্মা। ৩ তক্ষদেবতাক চিত্রানক্ষত্র। ৪ কাষ্ঠচ্ছেদকমাত্র।

তকসীম্‌ বি [আ তক্‌.সীম্‌] বিভাগ, বণ্টন। "E.P. 74.

তখন ক্রি.বিং [তক্‌খণ > °ন, দ্র 'তক্ষণ'; মৈ °ন] তৎক্ষণে, সে সময়ে। "তখন লক্ষ্মণ কহিলেন সী ২৮। —নে ক্রি.বিং সর্থ 'তখন'। "মী ৮। তখনে আপনে আইল অ.প ৩৮। গ ১৬১। ম.বি ২২৬। বি.পা ৭৭। চৈ.ভা ২১৩। —নেতে [অপ্র] সর্থ 'তখন'। "ভীমরুল পোক তখনেতে চলে ম.ম ১৪৮। [তক্‌খেণ (দো)। তখণ, -ন, -ণে, -নে (শ্রী.কী)। তথণ, -নে (গো.চ)। তখনে হৈ (তখনেহ-ই) —তখনই। "তখনে হৈ বরিয়াছি আহ্মি।—ব.প ৬৯৩। তখনি, -নেই —তৎক্ষণেই। "তখনেই চৈ.ভা ২৭২। তখনও, -নো— তৎক্ষণেও।]

তগর পুং [লি, প্রা °র; হি, ঠ °র] ১ পুষ্পবৃক্ষবিশেষ। ২ মদনবৃক্ষ। —র ক্লী ১ তগরপুষ্প। "ম.ম ৩৮। ২ তগরমূলজ গন্ধদ্রব্য।

তগির বি [আ তগ্‌.'ইর] পরিবর্ত্তন। "এ নবাবকে তগির করিয়া অন্য এক নবাব না আনিলে এ রাজ্যের কল্যাণ নাই কৃ.চ ৩৬।

তঙ্ক্‌ (-কি) অক [ভ্বা, প—তঙ্কতি; সেট্‌] কৃচ্ছ্রজীবন, দুঃখে প্রাণধারণ। "তঙ্কতি দীনঃ (ক.ক)। [আ—আতঙ্ক।]

তঙ্ক পুং [√তঙ্ক্‌+অ (ঘঞ্‌)-ভা] ১ কৃচ্ছ্র জীবন। ২ প্রিয়বিরহজ তাপ। ৩ ভয়, আতঙ্ক। ৪ পাষাণভেদন অস্ত্র; টঙ্ক।

তঙ্কা বি [সং টঙ্ক; ফা তন্‌খ্‌.ৱাহ্‌—বেতন, ভাড়া] টাকা। "একশত তঙ্কা ম.গা ১৭। ক.চ ১৫৫; ২২০। ম.পা ১২৬। কৃ.চ ২৯। E.P. 54.

তচনচ বিং [হি তহস নহস (দেশী)] নষ্ট, বিধ্বস্ত, বরবাদ। "ফুলের বাগান ভেঙ্গে তচনচ করে বি.সু ১০২। যেমন···লঙ্কা ছারখার হইয়া-ছিল, আমাদিগের গ্রামটা সেইরূপ তচনচ হবে না কি?—আ.দু ১৩; বাগানে গরু ছাড়িয়া দিয়া তচনচ করিয়াছে।

তচ্ছীল বি [তৎ শীল যাহার, বহুব্রী] তৎস্বভাব, স্বভাবতঃ ফলনিরপেক্ষ (জন)। "পা ৩.২.১৩৪।

তছবীর বি [আ তস্‌বীহ্‌] মুসলমানের জপমালা। "নবির নাম, কি বলব হরি, তুলসী ধরি কি তছবীর ধরি দা ২০৭২।

তছরুপ বি [আ তসর্‌রুফ্‌] ১ ক্ষতি, হানি। "কুল-শীল মান তছরূপ, নির্দ্দয় করেছে সমুদয় দা ২০৮৮। ২ আত্মসাৎকরণ (embezzlement)। "তহবিল তছরুপের দাবী গি.দ্বি ১০৭। ৩ অধিকার। "আপন···তছরুপে আনিলাম E.P. 69.

তছু [সং তস্য > প্রা তস্‌ (হে) > বা °ছু; বৈষ্ণবসাহিত্যে] তাহার। "বি.প ৪১। তছু অন্তর ১১৭,-৬৫; তছুঠাম ১৭০। তছু পরি ব.প ৩০২; তছু গুণ ১০৮৫। তছু ঠানে গো ২১১। তছু পদপঙ্কজ শ্রী.ম ২৬২। চৈ.ভা ২৭। তছু তাঁতি ব.প ১৪১।

তজগিরা বি [(?)] লৌহশৃঙ্খল (টীকা)। "ধনপতি ধনের তজগিরা দিল হাতে ব.প ১৪৯০।

তজ্জ বিণ [তদ্+ √জন্+অ (ড)-ক ; উ.ত] তদুৎপন্ন ; তৎপত্নী-জাত। "তজ্জঃ পুনাত্যুভয়তঃ পুরুষানেকবিংশতিম্ যাজ্ঞ ১.৫৮।

তজ্‌জ্ঞ বি [তদ্+ √জ্ঞা+অ (ক)-ক ; উ.ত] তদ্‌বিষয়জ্ঞ, তত্ত্বজ্ঞ। "ভ ৩.১১.২০ ; অতজ্জ্ঞ ৫.৫.১৫। পঞ্চ ১.২৪।

তজ(স্)দীক বি [আ তস্‌দীক্] সত্য প্রমাণ করা ; সত্যতার নিশ্চয় ; প্রমাণীকরণ (verification)।

তজবি(বী)জ বি [আ তজ্‌বীজ্.] ১ বিচারপূর্ব্বক সিদ্ধান্ত, রায়। "তব তজবিজে, পেতে পারে কি না পারে চ.সা ৩০৮। কর তজবীজ ব.প ১৪৮৫। তুলসী ধরি কি তজবীর ধরি, তজবিজ করিয়া কেবা দেয় রে।—দা ২০৭২ ; আইনে তজবীজ গ্রাহ্য নয় ২১০৬। আ.চু ২৫। ২ বন্দোবস্ত। "বাজে যমির তজবীজের আমিন E.P. 51. ৩ ব্যবস্থা, কার্য্যপ্রণালী। "মফস্বলে আমার এইরূপ তজবীজ শ্রী ১২০।

তঞ্চ বি [তঞ্চক > °ঞ্চ ; সং √তঞ্চ্ (সঙ্কোচ)—মূল (?) ; অপ্র] ১ বঞ্চনা, প্রতারণা। "নাহি তঞ্চ, ঘেরি মঞ্চ, যুদ্ধে পঞ্চ দণ্ডে—রঙ্গ ২৩। পঞ্চ জনে তঞ্চ করে বা.দ ৭। ২ পরিহার, অপ্রীতি। "একেতে করিয়া তঞ্চ, সত্য জ্ঞান প্রপঞ্চ।—রামমোহন রায়। ৩ বঞ্চনার্থ ছল ; কপট প্রবন্ধ ; কৌশল, চাতুরী। "কূটবুদ্ধি কোতোয়াল তঞ্চ করে নানা বি.সু ৮৯ ; ৯৮ ; জাতি প্রাণ হেতু লোক তঞ্চ করে নানা ১০৬,-৮। —ঞ্চক বি প্রতারণা, ছল। "যাহা জিজ্ঞাসা করি—সত্য সত্য জবাব দাও। কিছু তঞ্চক করিও না।—ব.প্র ৩১২।

তট বিণ [√তট্ উচ্ছ্রায়—অ (অচ্)-ক] উচ্ছ্রিত, উচ্চ (ত.বা)। —ট পুং ১ উচ্চস্থান, প্রবণ ভূমি। ২ আকাশ। ৩ 'সর্ব্বোচ্চ', মহাদেব (মহা)। —ট পুং, ক্লী, —টী স্ত্রী ১ বেলা, তীর, রোধঃ, কূল। "সিন্ধোস্তটৌ কু.স ৩.৬। আশা নাম নদী…প্রোত্তুঙ্গচিন্তাতটী। —ভর্তৃহরি। গর্ত্ততট (পঞ্চ)। ২ উপান্ত। "বেলা° রঘু ৪.৪৪। পঞ্চ ২.৩৬। ৩ সানু। "হিমবতস্তটে (মহা)। রঘু ৪.৫১। রণৎপঙ্ক্তি-গণাস্তটাঃ (দধানং ধরম্)।—মাঘ ৪.১৮। ৪ অবয়বের প্রবণ ভাগ ; প্রান্তভাগ। "উরোজ°, কটি°, কুচ°, জঘন°, ললাট°, শ্রবণ°, স্তন°। বক্ষস্তট, -টী (S.W.)। পয়োধরতটী গী.গো ১.২৬ ; অধরতটী ৪.২৩। শব্দপূরিতদিক্‌তট ক.সা ২৬.২৬। শ্রোণিতট।—ঋতু ২.১৮। নিতম্ব-তটী চ.দা ২৪। কটিতট প.র ২। গণ্ডতট ন.প ১২৮। কণ্ঠতটে হার জ্ঞা ৪৫। কুচতটী শ্রী.ম ৬২ ; বক্ষতট ৮৩। ৫ প্রবণ ভূমি (slope)। "বংশীবটতটে ভ.গ্র ৪৫৯। বা.দ ৪। —ট ক্লী উচ্চক্ষেত্র। [তটপথ, -পন্থ—স্থলপথ। "ব.প্র ৪০৩। °স্থিত (বিণ)—উদাসীনপ্রবর্ত্তিত। "উ.চ ৬তুং।]

তটস্থ[1] বিণ [তট+ √স্থা+অ (ক)-ক ; উ.ত] ১ তটে স্থিত ; তীরবর্ত্তী, কূলস্থ। "নৈ ৩.৫৫। ২ বাদিপ্রতিবাদিভাবশূন্য ; অপক্ষপাত, উদাসীন। "নৈ ৩.৫৫। তটস্থং নৈরাশ্যাৎ (তব হৃদয়ম্) উ.চ ৩.১৩। ৩ সমীপস্থ। ৪ অ-স্বরূপ। "জীব নিত্যদাস হয় তটস্থ শকতি ভ.গ্র ১৭৮ ; চিন্ময়স্বরূপশক্তি জীব যে তটস্থ ১৬২। জীব তটস্থাখ্য চৈ.চ ৮ ; ২২ ; তটস্থা জীবশক্তি ১০৪ ; ২০৫। —স্থ পুং উদাসীন জন। —স্থ ক্লী লক্ষণবিশেষ। [লক্ষণ দ্বিবিধ—স্বরূপ ও তটস্থ। স্বরূপই লক্ষণ, স্বরূপ-লক্ষণ ; যেমন, সত্য জ্ঞান অনন্ত, ব্রহ্মের স্বরূপলক্ষণ। তটস্থলক্ষণ লক্ষ্যের ইতরব্যাবর্ত্তক বিশেষণ বা ধর্ম্ম ; যেমন, জগৎকর্ত্তৃত্বাদি ব্রহ্মের তটস্থলক্ষণ। এইরূপ, পৃথিবীর গন্ধবত্ত্ব তটস্থলক্ষণ। দ্র 'ব.প ১৭৫৬। "এই ত মহিমা তোমার তটস্থলক্ষণ। স্বরূপলক্ষণে তুমি ব্রজেন্দ্রনন্দন॥—চৈ.চ ১৯১।] [ভাগীরথীতটস্থ করা—মৃত্যুর পূর্ব্বে সজ্ঞানে গঙ্গাতীরস্থ করা। "হু ১৫৯।]

তটস্থ[2] বিং [ত্রস্ত >(স্বরাগমে) তরস্ত >(তড়স্ত) °স্থ] ১ ভীত, চকিত। "রামচন্দ্র তাহা (অর্থাৎ গুহের যুদ্ধোদ্যোগ) দেখি তটস্থ হইলা ভ.গ্র ৮০ ; শুক্রাচার্য্য…হইয়া তটস্থ। ভৎ'সয়ে বলিয়ে অরে করিলি অনর্থ॥—১৩০,-৫৭ ; ২৪৭। সুবল তটস্থ হৈল না স্ফুরে বচন চৈ ৪৯। ব.প ১৬৯৭ ; ১৭১২। আমরা—ভয়ে…তটস্থ হু ১৯ ; বাবাজীরা তটস্থ হয়ে মুখ চাওয়াচাওয়ি কত্তে লাগলেন ২২০। ২ ভয়ে শশব্যস্ত। "তাহারা তটস্থ হইয়া দারোয়ানকে ডাকিয়া দিল।—গল্পগুচ্ছ। ৩ ভয়ে জড়সড়। "মূলসন্ন্যাসী…বাবুর মাতায় আশীর্ব্বাদী ফুল ছোঁয়ালেন—বাবু তটস্থ!—হু ৩।

তটাক পুং [তট+অক্ গতি > অ (অণ্)-ক ; উ.ত ; তু 'সং তড়াগ >প্রা °ক (হে ৪.৩২৫)] 'প্রশস্ততটগত', তড়াগ।

তটাঘাত পুং [স.ত] বৃষাদির শৃঙ্গাদি দ্বারা ভূভাগোৎখাতরূপ কেলি ; বপ্রক্রীড়া। "কু.স ২.৫০।

তটিনী স্ত্রী [তট+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] 'প্রশস্ততটবর্ত্তী', নদী। "অমর", °পতি।

তড়্ সক [চু, প—তাড়য়তি ; সেট্] আঘাত, তাড়ন। —ড় অক [চু, প] দীপ্তি।

তড়[1] -ড় বি [সং তট > প্রা তড ; হি °ড় ; ঠ তড ; ড় তড়া ; তু 'তর' (ম.ম ১২১ ; ২২৬)] ১ তট, তীর। "শ্রী ১৬ ; ১৩৭,-৮৬। নায় হৈতে নামে তড়ে রা.স ৩৪। ২ স্থল, স্থলপথ। [°পথে—স্থলপথে। তড়াত,-ড়ে—স্থলে (শ্রী.কী)।]

তড়কা, দড়কা বি [সং √তড়্—মূল (?) ; ঠ তড়ক—strain] শিশুর আক্ষেপরোগ (convulsion)। "ললাট প্রশস্ত, মধ্যস্থলে দড়কারোগসম্বন্ধীয় রেখাদ্বয় শোভা পাইতেছে য ৪।

তড়তড়[1] বি [√ত্বর্ > প্রা √তর >তরতর (দ্বিত্ব) >°ড় ; হি তুরতুরা—দ্রুতগামী] তাড়াতাড়ি। "বাঞ্ছারাম বাবু তড়তড় করিয়া… বৈঠকখানায় উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন আ.চু ৫৮। [তড়তড়া-তড়—অতিদ্রুত, খুব জলদ। "°ড় চলবে কলম অ.গ্র ১২৮।]

তড়তড়[2] বি [ধ্বন্যাত্মক ; প্রা 'তডতডা'—তড়তড় শব্দ] শিলাপতনের শব্দ। "শিলা পড়ে °ড় ভা.চ ৪৫৪। স.শ ১৪৮। °ড় শিলাবৃষ্টি স্ব.প্র ১৭৬। —তড়ি, ড়ী বি [°ড়+ই[11]] ১ সর্থ 'তড়তড়[2]'। "শিলার তড়তড়ী ভা.চ ৪৫৫। ২ বৃষ্টিপাতের শব্দ। "তড়তড়ি রবে অবিরত পড়ে বৃষ্টি বা.দ ২৪৭। ৩ তড়তড় শব্দে বৃষ্টিধারাপাত। "বৃষ্টির…তড়তড়িতে "কার সাধ্য বাহিরে দাঁড়ায় আ.চু ৫৩। [তড়তড়তড়ে—তড়তড়শব্দে। "বৃষ্টিলা শিলা °তড়ে মে ৭৩।]

তড়বড় বি [ধ্বন্যাত্মক] ১ সর্থ 'তড়তড়[2]'। "তড়বড় তড়বড়, পড়িছে পাথর ব.প ১৩৬৩। ২ দ্রুত অশ্বপদ-শব্দ। "কিবা তড়বড়,…তুরগের পদধ্বনি।—রঙ্গ ৭। ৩ [প্রা দড়বড (শীঘ্রার্থ) > °ড়] শীঘ্র কথা বলার জন্য জড়িতভাব। "(সন্ন্যাসী) অপদেবতাদিগের সহিত তড়বড় করিয়া কথা কহিতেন পো.ম ২৩।—বড় বিং বড় ত্বরিত ; অতিক্ষিপ্র। "ক্ষিতি কাঁপে চলিতে চরণ তড়বড়।—ম ২১৮। —বড় ক্রি.বিং অতি-সত্বর, শীঘ্রশীঘ্র। "গড় বেড় বেড় শব্দ উঠে তড়তড় শ্রী ২১৮। —বড়ি ক্রি.বিং অতিশীঘ্র। "হস্তী মারে…তড়বড়ি ম ৮৪৪। সৈন্য সাজে তড়-বড়ি শ্রী ১৫ ; ২১ ; তড়বড়ি তাড়ায় তরাসে বাঘে ৭৬ ; তড়বড়ি কোমর কষিল ২১৪,-৩২। ব.প ৪৩৬। —বড়ি বি [ধ্বন্যাত্মক] ১ বাক্যশব্দ। "হেনকালে হইল বরের তড়বড়ি শি ২৫। ২ বাচালতা। "ম.ম ৭৩ (পাঠ 'তরবরি')। [তড়বড়ান—তড়বড়শব্দে কথা বলা। তড়ব'ড়ে—যে তড়বড় করিয়া কথা বলে।]

তড়াক[1] পুং [√তড়্+আক, উ ৪.১৪ ; তু 'তটাক'] সর্থ 'তড়াগ'। —কা স্ত্রী নদী-সমুদ্রের তটভাগ।

তড়াক[2] '-ক্' বি ['ত্বরা'—মূল ; হি, মৈ °ক ; ঠ তড়ক] ত্বরা, তাড়াতাড়ি। "দত্তবাবু তড়াক করে গাড়ি থেকে লাফিয়ে পড়ে দারোয়ানদের কাছে উপস্থিত হলেন হু ২৬ ; ২১৯, -২৭।

তড়াগ পুং, ক্লী [তু 'তটাক'] ১ সপদ্ম অগাধ জলাশয় (অ.টী) ; পদ্মাকর ; (মতান্তরে) অগাধ মহাজলাশয়। ২ পঞ্চশতধনুঃপরিমিত জলাশয় (ত.বা)। ৩ প্রসিদ্ধ সরঃ (কুল্লুক)। "মনু ৪.২০৩। যাজ্ঞ ৩.২৩৭।

তড়াৎ বি [প্রা তডত্তি (তডৎ-ইতি)—ক.ম ১২২৭ (পাঠান্তর)] তাড়াতাড়ি, ত্বরা। "তড়াৎ ক'রে লাফ মারা।

তড়াতড় ক্রি.বিং [তরাত্বরি > °ড়] শীঘ্র। দ্র 'তড়তড়'। —বড়ি ক্রি.বিং ১ [তড়বড়ি > °ড়ি] অতিশীঘ্র। "তড়াবড়ি খাটুলা পৌঁছছিল ব.প ১৪১১। ২ তড়বড়-শব্দে দ্রুত উচ্চারণপূর্ব্বক। "রায়বার পড়ে তড়াবড়ি রা.শে ৯৮।

তড়ি বি [সং তড়িৎ > প্রা তডি ; অপ্র] ১ তড়িৎ। "ফিরে যেন তড়ি চ.বি ২৫৪,-৭৯। ২ [ত্বরা > °ড়ি ; অপ্র] ক্ষিপ্রতা। "মারুতের তেজে হৈল শ্রবণের তড়ি চ.বি ৭২।

তড়িঘড়ি ক্রি.বিং [ত্বরিত > তড়ি+ঘড়ি] ত্বরান্বিত কালে ; অল্পক্ষণে, ত্বরান্বিতভাবে, শীঘ্র। "তড়িঘড়ি গিয়া (বসিলা প্রভু) ভ.গ্র ২১৬। তড়িঘড়ি কিছু হবার যো নেই অ.গ্র ১৬৬। সব কাজ তড়িঘড়ি করা আমার অভ্যাস গ.স ১০৪।

তড়িৎ স্ত্রী [√তড়্+ইৎ (ইতি)-ক, ণিচ্ লোপ, উ ১.১০০] যাহা দৃষ্টি আহত করে (অ.টী) ; বিদ্যুৎ। "রঘু ৬.৬৫ ; °গুণ ৯.৫৪। তড়িল্লতা।—ঋতু ২.১৯। তড়িল্লেখা (S.W.)। তড়িৎ সৌদামনী ভ ১.৬.২৮। রূপের সমতা দিতে আছিল তড়িৎ। কি বলিব ভয়ে স্থির নহে কদাচিৎ॥—ভা.চ ২৯১।

তড়িত বি [সং তড়িৎ ; হি, মৈ °ত ; ঠ তডিত ; বৈষ্ণবসাহিত্যে] তড়িৎ। "মেঘমালা সঞে, তড়িতলতা জনু বি.প ১৭ ; ৮৬। শ্যামরূপে পীতবসন। অভিনব সতড়িত ঘন॥—শ্রী.ম ১৪।

তড়িত্বান্(-ত্বৎ) বিণ [তড়িৎ+বৎ (বতুপ্) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী -ত্বতী] তড়িদ্‌যুক্ত। "তড়িত্বতীম্…শরদম্বুসংহতিম্।—কি ৫.৪। °ত্বানিব তোয়দঃ।—বিক্র ১.১৩। —ন্ পুং মেঘ। "মাঘ ১.১২।

তড়িত্মান্ বিং [সং °ত্বান্ ; অপ্র] তড়িদ্‌যুক্ত। "তড়িত্মান্ মহামেঘ সমীরণ-সখা শি ৭৫।

তড়িদ্‌গর্ভ পুং [বহুব্রী] যাহার গর্ভে তড়িৎ ; মেঘ। "শ্বেতাশ্বতর ৪।

তড়িদ্দাম বি তড়িন্মালা ; বিদ্যুদ্‌রেখা। "হেম ২৩৫।

তড়িন্ময় বিণ [তড়িৎ+ময় (ময়ট্) ; স্ত্রী -য়ী] তড়িদ্রূপ, বিদ্যুৎস্বরূপ। "উন্মিষিতৈস্তড়িন্ময়ৈঃ কু.স ৫.২৫।

তড়িল্লতা স্ত্রী [কর্ম্মধা] তড়িন্ময়ী লতা ; লতাকৃতি বিদ্যুৎ। "শ্রী.মা ৩১ ; তড়িল্লতাকার ৪৯। তড়িল্লতা, হাস্যছটা।—হেম ২৩৪।

তড়িল্লেখা স্ত্রী [কর্ম্মধা] তড়িন্ময়ী রেখা ; রেখাকার বিদ্যুৎ।

তড়োয়া বিং [হি তড়ারা ; অপ্র] জমকাল, বাহ্যাড়ম্বরযুক্ত। "তড়োয়া সাজে সাজিয়া যাইবে নথীন্দর বি.পা ২৭৪।

তণ্ড্(তণ্ডি) সক [ভ্বা, ঙ—তণ্ডতে ; সেট্] তাড়ন, আঘাত। "বিতণ্ডা।

তণ্ডক বিণ [√তণ্ড্+অক (ণ্বুল্)-ক] মায়াবহুল, ধূর্ত্ত।—ণ্ডা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] তাড়ন।

তণ্ডু পুং শিবদ্বারপাল নন্দিকেশ্বর। তু 'তাণ্ডব'।

তণ্ডুল পুং [√তণ্ড্+উল (উলচ্)-র্ম্ম, উ ৫.৯ ; ছান্দস] নিস্তুষ ধান্য ; চাউল। 'নিস্তুষস্তণ্ডুলঃ প্রোক্তঃ। "তুষেণাপি পরিভ্রষ্টো ন প্ররোহন্তি তণ্ডুলাঃ হি ১.৩৬। পঞ্চ ৩.৫৬। [°কণ (পুং) —তণ্ডুলক্ষুদ্রাংশ, ক্ষুদ্র। "°লুব্ধ হি ১২৫। °পরীক্ষা (স্ত্রী)—তণ্ডুল দ্বারা দোষপরীক্ষা ; দিব্যবিশেষ, চালপড়া। °মঙ্গল (বি)—স্ত্রী-আচারবিশেষ। "যতেক আইহ মিলি.… তণ্ডুলমঙ্গল করে ক.চ ২৪। তণ্ডুলাম্বু, -লোথ (ক্লী)—চালধোয়া জল, তণ্ডুলোদক।]

তৎ ক্লী [তদ্+ক্লীবলিঙ্গ-১ব] ব্রহ্ম। "ওঁ তৎ সৎ গী ১৭.২৩। [°সংক্রান্ত (বিং)—তৎসম্বন্ধী। "চা.তৃ ১৩৮। °সত্ত্বে—তাহার বিদ্যমানতায়, অর্থাৎ তাহা হইলে। "ঘ ৪১। °সন্নিকট—তাহার নিকটস্থ। "দা ৩। °স্বরূপ (বিং)—তত্তুল্য, তৎসম। [দ্র 'তদ্']।

তত[১] বিণ [√তন্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিস্তারিত, প্রসারিত। "ব্যামো বাহ্বোঃ সকরয়োস্ততয়োস্তির্য্যগন্তরম্ (অ.কো)। °গানগিরঃ মাঘ ৬.৬০। ২ ব্যাপ্ত। "যেন সর্ব্বমিদং ততম্ গী ৮.২২ ; ৯.৪। ৩ আচ্ছাদিত, আবৃত। ৪ বিলম্বিত। ৫ দীর্ঘীকৃত। —ত পুং [+ত-ক, উ ৩.৮৮] 'জগদ্ব্যাপক', বায়ু। —ত ক্লী ১ 'তন্ত্রী-ব্যাপ্ত', তন্ত্রীবাদ্য, বীণাদি তারের যন্ত্র। "তত ঘন (বাদ্য) ন.প ১৫১। ২ [+ত-ভা] বিস্তার। [°পত্রী (স্ত্রী)—কদলী।]

তত[২] বিং [সং তাবৎ > লি ততক, প্রা তত্তিঅ (প্রা.ম), তত (পৈ) ; হি, প তিতনা] ১ তৎসংখ্যক, তৎপরিমাণ (লোক, দ্রব্য)। ২ গভীর। "তত রাত্রে গেল দোহে ভিক্ষার কারণ।—ম ২১০। ৩ সেইরূপ, তদনুরূপ। "যথা শক্তি তত আমি করিব কাননে ম ৪১৯। ৪ সেপ্রকার, আশানুরূপ। "সীতারাম বুঝাইলেন যে, তিনি মুসলমানের কাছে কোন অপরাধ করেন নাই—রমা তত বুঝিতে পারিল না ব.প্র ৪৫৭। ৫ সেরূপ, পূর্ব্ববৎ। "বিরক্ত হইয়া সীতারাম আর তত রমার দিকে আসিতেন না ব.প্র ৪৫৭।

তত[৩] '-ত' বিং [তদ্ > তৎ > °ত (হসন্তহীন)] সেই। [°কাল— ১ এখনই। "আসিব ততকাল শ্রী.মা ৪৭ ; ১০১,-৮। ২ তখনই। "তরুণী ততকাল (দৈবজ্ঞে আনিল) শ্রী.মা ৬২।]

তত[৪] ক্রি.বিং [সং ততঃ ; তু 'মন, যশ'] তাহার পরে ; অনুক্রমে। "তত শ্রীল শ্রীনাথ পুণ্ডরীকাক্ষ তত। রামমিশ্র তত শ্রীযামুন মুনিব্রত॥ —ভ.গ্র ১৬৮।

ততঃ(তস্) ব্য [তদ্+তঃ (তসিল্) তৃতীয়াদি-স্থানে] ১ তাহা (ব্যক্তি, বিষয় ইত্যাদি) দ্বারা বা হইতে। "প্রাপ্যাতে হ্যমৃতং ততঃ মনু ১২.৮৫। শ ৩.২। ইতো ভ্রষ্টস্ততো নষ্টঃ ভা.চ ৪০৪। বা.দ ২৩২। ২ সেই হেতু ; অতএব। "ততো যুদ্ধায় যুজ্যস্ব গী ২.৩৮। ৩ সেই স্থানে। ৪ তাহা অপেক্ষা। "ততো দুঃখতরং নু কিম্ গী ২.৩৬। ৫ তাহার পরে ; তদনন্তর (কালদেশ-বিষয়ে)। "উদেতি পূর্ব্বং কুসুমং ততঃ ফলম্ শ ৭.২৯। ৬ তাহা হইলে ; তবে। "অমোচ্যমশ্বং যদি মন্যসে প্রভো, ততঃ…(সঃ) ক্রতোরশেষেণ ফলেন যুজ্যতাম্ রঘু ৩.৬৫। ৭ তাহার পরে (প্রশ্নে)। "ততস্ততঃ বে ৪২৮। আরাধিতো যদি হরিস্তপসা ততঃ কিম্ (নারদপঞ্চরাত্র)। চৈ.ম ৯৪। [ততঃপর—তাহার পরে ; তদনন্তর। "ততঃপর মৈত্রী আসি প্রবেশ করিলা চৈ ৩৬। বা.দ ৯৯। ততস্ততঃ— ১ তাহার পরে, তাহার পরে। দ্র 'ততঃ (৭)। ২ সেই সেই স্থানে। "শ ১.২১, টীকা। ততোধেতে (অপ্র)—তাহার অধোদেশে। "ম.পা ১৬০।]

ততক্ষণ[১] ক্রি.বিং তৎপরিমাণ কালে ; সেই সময় পর্য্যন্ত ; তৎকালের মধ্যে।

ততক্ষণ[২], **-খন** 'তৎ-' ক্রি.বিং [অপ্র] তখন, তখনই। "ধরিএ ততক্ষণ কৃ.উ ৩ ; উঠে ততখন ২৩৫। দিলেন্ত °খন শূ ৬। আসিল ততক্ষণ ম.ম ২৫। জ ২০ ; স্মৃতিমাত্রে বিশ্বকর্ম্মা আইল ততক্ষণ ৩২। [ততক্ষণে—তৎক্ষণে, তখন। "°ণে বন্দিলেক মী ১০। দু ১০২। ক.চ ৫৬। ততেক্ষণ (ততই-ক্ষণ ; অপ্র)—তখনই। "সোলা হইতে পাতল বুড়া হৈল ততেক্ষণ ম.গা ১৮,-৯ ; ২৭।

ততপত্রী দ্র 'তত[১]'।

ততম বিণ [তদ্ +অতম (ডতমচ্) ; স্ত্রী -মা] তাহাদের মধ্যে নির্দ্ধারিত এক। —তর বিণ [+অতর (ডতরচ্)] সেই দুইএর মধ্যে নির্দ্ধারিত এক। "পা ৫.৩.৯২।

ততর দ্র 'ততম'।

ততত্য বিণ [ততস্‌+ত্য (ত্যপ্‌) ; স্ত্রী -ত্যা] তত্র ভব ; তত্রস্থিত ; তত্রত্য। "কি ১.২৭।

ততহি ক্রি.বিং [তত৪+হি১] ১ সেই বিষয়েই, তাহাতেই। "আনত হেরি ততহি দেই কাণে বি.প ৩৯। ২ তাহা দ্বারাই ; তাহাতেই। "জোরি ভুজযুগ৹ মোরি বেঢ়ল৹ ততহি বয়ান সুছন্দ বি.প ২। ৩ সেই সঙ্গেই ; তাহার সহিতই। "সঙ্গের সঙ্গিনী৹ সকল কামিনী৹ ততহি উদয় ভেল চ.দা ১৪। —হিঁ ক্রি.বিং [+হিঁ১] ১ সেই বিষয়েই। "কপালে পুলক বেকত দেখি। প্রেম কলেবর ততহিঁ সাথি॥—জ্ঞা ৫। ২ সেই স্থানেই। "হরি হরি বোলি ততহি মুরছান য.প ১০৮৪। —হিঁ বিং [তত১+হিঁ২] তাবৎই, সবই। "যত উপচার ততহিঁ বিপরীত ব.প ১০৮৪। —হু ক্রি.বিং [তত২+হু১] তাহা হইতেই। "ততহু উৎপত্তি হোএ গোবিন্দ যে চন্দ্র ব.প ৮৫।

ততি১ স্ত্রী [√তন্‌+তি (ক্তিন্‌)-ভা] ১ শ্রেণী, পঙ্‌ক্তি। "পদাঙ্ক° বি.মা ৭.৩৭। নাগপতি,-ফণা-ততি ব.প ৬০০। ২ রাজি, সমূহ। "বলাহক° মাঘ ৪.৫৪। গোপ-গোপী ততি ব.প ১১২৬। মহিষীর ততি চৈ.চ ১৪ ; ভক্ত° ৫২। চৈ ২১৪। ৩ যূথ। "বরাহ° শ ২.৬। শাখামৃগ° বি.মা ৬.৩০। ৪ ব্যূহ। "ব্রততি° মাঘ ১.৫।

ততি২ বিণ, বহুব [তদ্‌+অতি (ডতি) ; ছান্দস ; স্ত্রী -তি] তৎ-সংখ্যক। "মুগ্ধবোধ ১৩১। ততি পুরুষাঃ সন্তি (ত.বা)।

ততি৩ ক্রি.বিং [তথি > °তি ; অপ্র] তথা। "ভর যুবতী৹ পাইয়া ততি৹ নাগর কৈল কোলে রা.শে ৬৪। [°খণে,-নে—তৎক্ষণাৎ (শ্রী.কী)]

ততেক বিং [লি তত্তক (তাবৎ) ; পদ্যে] তৎসংখ্যক, তৎপরিমাণ, সেই সকল (বিষয়)। "শুনিয়া অর্জ্জুনে নিবেদিলেন যতেক। পুস্তক বাহুল্য হয় লিখিলে ততেক॥—ম ৩১০। ভা.চ ৩১৭। দ্র 'যতেক'। °কেঁ—সেই পরিমাণে (শ্রী.কী)।]

ততোধিক বিং [ততঃ+অধিক > °ক ; 'ততোঽধিক' (চ.বি ১২৮ ; ব.প ৫৪০)] তাহা হইতে অধিক ; তদধিকতর। "ততোধিকরূপ ম ৭৫৯। ততোধিক তুমি শ্রী.মা ১২৩। ততোধিক ধিক্‌ ব.প ১৪৯। রূপ ততোধিক ভা.চ ১০১। ন ৪৩২ ; ১০০০। ততোধিক তাহার মুৎসুদ্দি আ.ঢু ১৪৯। (ফলারে) বদ্দিদের মধ্যেও ততোধিক হু ২১৫। —ধিক ক্রি.বিং সর্ব 'ততোধিক' (বিং)। "পতিশোকে ততোধিক হইল মূর্চ্ছিতা। —কৃ ১০৯। ততোধিক...দহে কলেবর ম ৬৬। ততোধিক ডরি তারে মে ৪৮। রাত্রিতে ততোধিক (ব্যাপৃত) ব.প্র ৭৯।

তৎকাল পুং [কর্ম্মধা] ১ বর্ত্তমান কাল। ২ সেই সময়। "তৎকালোচিত বেশভূষায় অলঙ্কৃত সী ৭। —কাল ক্রি.বিণ ১ সেই সময়ে ; তখন, কোন নির্দ্দিষ্ট কালে। ২ তৎক্ষণাৎ, শীঘ্র, সত্বর। "কথং মধুসূদনস্তৎ-কালমেব তিরোহিতঃ বি.মা ১। এই কর্ম্ম করহ তৎকাল ম ২২৩ ; ৫৪০। হস্ত ছেদিল তৎকাল অ.প ৮৪। গ ৮৬। তৎকাল জাগায়্যা দেহ তুমি মহাবীরে ব.প ৩৮৪। মুক্ত করহ তৎকাল ম.পা ৬২, ৭৫। শ্রী ৯৬ ; ১৮৪। ৩ এই সময়ে ; বর্ত্তমান কালে ; এখন। "তত্ত্বকথা কহি আমি শুনহ তৎকাল গো.বি ১২। না পারিবে কেনে তা তৎকাল করিবার চৈ ৪১। ৪ তৎক্ষণাৎ সদ্যঃ, অচির। "তৎকালগলিতবৃন্ত (নারিকেলযুগল) চৈ.ম ৪২। —কালে ক্রি.বিং শীঘ্র, এখনি। "তোরে বর দিয়া যাব তৎকালে কৈলাস ব.প ৩৮১। তৎকালে ছাড়িব না থাকিতে পরাণ শ্রী.মা ১১০। [তৎকালধী (বিণ)—বিপৎকালে যাহার বুদ্ধি ; প্রত্যুৎপন্নমতি। তৎকালোচিত (বিং)—তৎকালযোগ্য। "সী ৭। °ত এই সকল পরিহাসবাক্য।—কাদ ৬২।]

তৎকালীন বিণ [°ল+ঈন (খ) ; স্ত্রী -না ; 'তাৎকালিক' (সাধু), পা ৪.৩.১১, সি] তৎকালভব, তাৎকালিক। "ব্রহ্মন্‌ কালান্তরকৃতং তৎকালীনং কথং ভবেৎ ভ ১০.১২.৪১।

তৎক্ষণ পুং [কর্ম্মধা] সেই সময় ; তৎকাল ; বর্ত্তমান কাল। "তৎ-ক্ষণোজ্‌ঝিতবৃক্ষকম্‌ (আশ্রমম্‌) রঘু ১.৫১ ; ৩.১৪। (মহাত্মানাম্‌) কোপাস্তৎক্ষণভঙ্গুরাঃ হি ১.১৯৮। মাঘ ৯.৫।

তৎক্ষণাৎ ব্য [°ণ+পঞ্চমী-১ব] সেই ক্ষণে ; তখনই, শীঘ্র, অবিলম্বে। "পেততুর্ধরণৌ ভূমৌ সহস্রাক্ষস্তু তৎক্ষণাৎ রা ১.৪৭.২৮ ; ৫৫.৪। সীতা ...তৎক্ষণাৎ নিদ্রাগতা হইলেন সী ১৬। [তৎক্ষণাতে (অপ্র)—তৎ-ক্ষণাৎ। "তাহার উচিত ফল তৎক্ষণাতে দিব ভ.প্র ৩১১।]

তৎঘড়ি ক্রি.বিং [অপ্র] তৎক্ষণাৎ, সদ্যঃ, তখনি। "তৎঘড়ি শাপিল হাড়ি তৎঘড়ি পোআইল গো.চ ২২৪।

তত্ত বিং [সং তপ্ত >লি, প্রা তত্ত ; হি তত্তা] উষ্ণ, গরম (ভাত)।

তত্তৎ সর্ব্ব, বিং [তদ্‌+তদ্‌] সে-সে ; সেই-সেই, উদ্দিষ্ট। "°পদ-প্রাধান্যে চৈ.চ ১০৫ ; °স্থানে ২০৯। তত্তদ্দেশবাসীদিগের পা.প্র ১৪৭। [সমাসে পূর্ব্বপদ]

তত্তাবৎ বিং [তৎ+তাবৎ ; অপ্র] সেই সমুদায়। "তিলোত্তমা তত্তাবতের গৌরব করিতে লাগিলেন ব.প্র ১০৪।

তৎতুল্য বিং তৎসদৃশ, তৎসম। "শ্রীজীবনগোস্বামী হন তৎতুল্য মহান্ত ভ.প্র ২০। ম পা ১৩৬। মামী মার তৎতুল্য অ.প্র ২৬। [পিতৃতৎতুল্য-—পিতৃসদৃশ]।

তত্ত্ব ক্লী [তৎ+ত্ব ; √তন্‌+ক্বিপ্‌ (০) >তৎ+ব অস্ত্যর্থে >'তত্ত্ব' (অ.টী)] ১ 'তদ্‌ভাব', স্বরূপ, যাথার্থ্য। "আত্ম°, ব্রহ্ম°। সর্ব্বশাস্ত্রার্থ-তত্ত্বজ্ঞ।—রা ১.১.১৫। বেদতত্ত্বার্থবিদুষে মনু ৩.৯৬। গী ৪.৯। ২ বস্তু-স্বরূপ। "বয়ং তত্ত্বান্বেষান্‌ মধুকর হতাঃ শ ১.২১। ৩ ব্রহ্ম, পরমাত্মা, ভগবান্‌। "মনু ১.৩। বদন্তি তৎ তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ম্‌। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে॥—ভ ১.২.১১। ৪ অদ্বয় জ্ঞান। দ্র 'তত্ত্ব (৩)। "অদ্বয় জ্ঞান তত্ত্ববস্তু কৃষ্ণের স্বরূপ। ব্রহ্ম আত্মা ভগবান্‌ তিন তাঁর রূপ॥—চৈ.চ ৭। ৫ বীজ, কারণ। ৬ বস্তু। ৭ ভাব, তাৎপর্য্য। ৮ পদার্থ। [শূন্য-প্রভৃতি মতভেদে পদার্থভেদ আছে। বৌদ্ধের 'শূন্য', চার্ব্বাকের 'পৃথিব্যাদি চতুষ্টয়', বেদান্তীর 'ব্রহ্ম' ইত্যাদি।] ৯ বীজমন্ত্র। "°ন্যাস। ১০ চেতঃ, চিত্ত। ১১ বিলম্বিত নৃত্যবাদ্যাদি। ১২ পরমেশ্বর। ১৩ (সাংখ্যে) প্রকৃত্যাদি চতুর্বিংশতি পদার্থ। [প্রকৃতি মহৎ অহঙ্কার পঞ্চতন্মাত্র (শব্দাদি) ও ষোড়শ বিকার (পঞ্চমহাভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও মনঃ)।] ১৪ সত্ত্বাদি গুণত্রয়। ১৫ (ব্যবহারে) সত্যার্থপ্রতিপাদক সাধন ; সত্যজ্ঞানের উপায়। "শু ৪.৫.১৬৫। ১৬ (বাঙলায়) বার্ত্তা, অনুসন্ধান, খোঁজ। "কোন দেশে পলায়েছে আছে কিবা নাই। তার তত্ত্ব ক'রে মোরা ফিরি ঠাঁই ঠাঁই॥—কৃ ২৫০। ব.প্র ৫৩১। শি ৪৯। ১৭ সংবাদ, খবর। ১৮ পর্ব্বাদিতে প্রেরিত মিষ্টাদি দ্রব্য। "পূজার তত্ত্ব ; তত্ত্ব করা, তত্ত্ব পাঠান।

তত্ত্বজ্ঞ বিণ [তত্ত্ব+ √জ্ঞা+অ (ক)-ক ; উ.ত] ১ যাথার্থ্যবিৎ, স্বরূপজ্ঞ। ২ ব্রহ্মবিৎ। ৩ দার্শনিক। ৪ বিষয়বিশেষে জ্ঞানবান্‌ ; কোবিদ, পণ্ডিত। "গান্ধর্ব্ব° রা ১.৪.১০ ; সন্ধিবিগ্রহ° ৭.১৮। হয়° মহা ৩.৭১.২। রত্ন° ক.সা ২৪.১৭৭।

তত্ত্বজ্ঞান ক্লী [ষ.ত] ১ যাথার্থ্যবোধ। ২ ব্রহ্মজ্ঞান। ৩ ধীগুণবিশেষ। (দ্র 'ধীগুণ')। ৪ দর্শনশাস্ত্র (A.)। ৫ (অলঙ্কারশাস্ত্রে) দেহাদিতে হেয়ত্বজ্ঞানরূপ নির্ব্বেদের হেতুবিশেষ। "সা.দ ৩.১৪২। —জ্ঞানী (-নিন্‌) বিণ [°ন+ইন্‌ (ইনি)-১ব] তত্ত্বজ্ঞানবান্‌, ব্রহ্মজ্ঞ।

তত্ত্বতঃ (-তস্‌) ক্রি.বিণ [তত্ত্ব+তঃ (তসি)] তত্ত্বানুসারে, স্বরূপে, নিঃসংশয়িতভাবে। "গী ১৮.৫৫।

তত্ত্ব-তল্লাস বি খোঁজ-খবর, সংবাদ-দেওয়া-লওয়া। "আমার তত্ত্ব-তল্লাস করিও ব.প ১৬৮৯। —তাবাস বি উপহার পাঠাইয়া খোঁজ-খবর লওয়া। "বউির বাটীর তত্ত্ব-তাবাস চলতো হু ৬৯।

তত্ত্বতাবাস দ্র 'তত্ত্ব-তল্লাস'।

তত্ত্বন্যাস পুং [ষ.ত] বিষ্ণুপূজাঙ্গে বীজোচ্চারণপূর্ব্বক ন্যাসভেদ।

তত্ত্ববিৎ (-দ্) বিণ [তত্ত্ব+ √বিদ্ + ক্বিপ্ (০)-ক-১ব ; উ.ত] তত্ত্বজ্ঞ। "গী ৩.২৮।

তত্ত্বমসি [তৎ+ত্বম্+অসি] তুমি (জীবচৈতন্য) তৎ (অপ্রত্যক্ষ-চৈতন্য ব্রহ্ম) হও (একত্বসূচক) ; জীবাত্মা ও পরমাত্মার এক চৈতন্যে তাৎপর্য্যের (ঐক্যজ্ঞানের) সূচক মহাবাক্যবিশেষ। "তত্ত্বমসি জীবহেতু প্রাদেশিক বাক্য চৈ.চ ১০৪।

তত্ত্বান্বেষ পুং [ষ.ত] বস্তুস্বরূপ-নিরূপণ। "শ ১.২১।

তত্ত্বাবধান বি [ষ.ত] বিষয়বিশেষের পরিদর্শন। "°কার্য্যের অধ্যক্ষতা সী ৬৯। —বধায়ক বিং তত্ত্বাবধানকারী, অধ্যক্ষ।

তত্ত্বাবধারক বিং স্বরূপনির্ণায়ক। —ধারণ বি যাথার্থ্যনির্দ্ধারণ, স্বরূপনিরূপণ।

তত্ত্বাববোধ পুং [ষ.ত] তত্ত্বজ্ঞান, আত্মবোধ। "রঘু ১৩.৫৮।

তত্ত্বার্থ পুং [উ.লো] ১ তত্ত্ববিষয়ক অর্থ ; পরমার্থ। "অতত্ত্বার্থবৎ গী ১৮.২২। ২ পারমার্থিক নিঃসংশয় অর্থ (মেধাতিথি)। "বেদতত্ত্বার্থ-বিদুষে মনু ৩.৯৬।

তৎপদ ক্লী [কর্ম্মধা] 'তৎ' এই পদ। দ্র 'তত্ত্বমসি'। [°বাচ্য (বিণ) —'তৎ' পদের অভিধেয় (ব্রহ্ম)। °দার্থ (পুং)—পরমাত্মা।]

তৎপর বিণ [বহুব্রী ; বৈদিক] ১ তাহা যাহার পরম ; অভিযুক্ত, তদেকনিষ্ঠ, তন্নিষ্ঠ, প্রসিত, আসক্ত। "শ্রদ্ধাবাঁল্লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ গী ৪.৩৯। পিতৃপূজন° মনু ৩.২৬২। সমারাধন° রঘু ২.৫। পু.মে ১০। দু ১৪। ২ [প.ত] তাহার পরবর্ত্তী (স্থান, কাল)। "গণ্ডৌ কপোলৌ তৎপরা হনুঃ (অ.কো)। তৎপরং বক্ষ্য পু.মে ১৯। ৩ তাহা অপেক্ষা নিকৃষ্ট ; অধম। ৪ উদ্যোগী, ব্যবসায়ী। —পর পুং নিমেষের ত্রিংশদ্ভাগ, সূক্ষ্ম কালভেদ। [°তা (স্ত্রী), °ত্ব (ক্লী) —তন্নিষ্ঠতা, আসক্তি ; অপকর্ষ, হেয়তা।]

তৎপরায়ণ বিণ [তৎ পর অয়ন যাহার, বহুব্রী] তদেকাশ্রয়, তদাসক্ত, তন্নিষ্ঠ।

তৎপুরুষ পুং [কর্ম্মধা] ১ সেই পুরুষ ; আদি পুরুষ। ২ রুদ্রভেদ (ত.বা)। ৩ (ব্যাকরণে) সমাসবিশেষ। [এই সমাসে প্রায়ই উত্তরপদের প্রাধান্য থাকে। পাণিনিমতে, কর্ম্মধারয় ও দ্বিগু তৎপুরুষের অন্তর্ভূত। ব্যধি-করণপদঘটিত 'তৎপুরুষ' ; সমানাধিকরণপদঘটিত 'কর্ম্মধারয়' ; সংখ্যা-পূর্ব্ব 'দ্বিগু' সমাস।] ৪ [ষ.ত] তদধিষ্ঠাতৃদেব। "তৎপুরুষায় বিদ্মহে।

তৎপূর্ব্ব বিণ [কর্ম্মধা] ১ তাহাই পূর্ব্ব ; তৎপ্রথম। "ইষুপ্রয়োগে তৎপূর্ব্বভঙ্গে রঘু ২.৪২। °নিবন্ধ কু.স ৫.১০। ২ [প.ত] তাহা হইতে পূর্ব্ববর্ত্তী (কাল, দেশ)।

তৎপ্রথম বিণ [কর্ম্মধা] তাহাই প্রথম ; তদাদিম। "তৎ প্রথমাবলম্বন কু.স ৫.৬৬।

তত্র ব্য [তদ্+ত্র (ত্রল্) সপ্তমীস্থানে ; ছান্দস] ১ সেই স্থানে, তদ্দেশে। "তত্র…সুদর্শনো নাম নরপতিরাসীৎ হি ১/২ (কথারম্ভ)। ডুবিল কুরঙ্গশিশু মুখেন্দুসুধায়। লুপ্ত গাত্র তত্র মাত্র নেত্র দেখা যায় ॥—বি.সু ২৮। ২ তদ্বিষয়ে। "নদীবেগস্তত্র কারণম্ শ ২/৩। নিষেধ যে হয় তত্র বৈষ্ণব ইতর ভ.গ্র ৯৭। ৩ সেই সময়ে। "তত্র ত্বং শাপান্ মোক্ষ্যসি মৎকৃতাৎ মহা ৩.৬৬.৬। ৪ তাহাদের মধ্যে। "তত্র পূর্ব্বশ্চতুর্ব্বর্গো দম্ভার্থমপি সেব্যতে হি ১.৮। [°ত্য (বিণ)—তত্র ভব ; তত্র স্থিত ; তত্র জাত। "পা ৪.২.১০৪, সি। °ভবতী (স্ত্রী)—পূজ্যা, মান্যা। "শ ২/১/১ ; ৭/২/১। °ভবান্ (-বৎ) বিণ—পূজ্য, মাননীয়। "পা ৫.৩.১৪, সি। গো.রা ২.১১৩.২২। তত্রভবান্ কশ্যপঃ শ ১/২/৪। °স্থ (বিণ)—তত্র স্থিত। "তত্রস্থৌ দারকৌ মহা ৩.৬৮.২৯।]

তত্রাচ [অসাধু] তথাপি, তবু। "তিন রাত্রি উপবাস করে বিধিমতে। তত্রাচ না খায় অন্ন সনকার হাতে ॥ —বা.ম ১০৩ ; তত্রাচ না খায় গুয়া পান ১৯৭ ; ২৩১ ; ৩৩৭।

তত্রাপি [তত্র+অপি] ১ সে স্থানেও। ২ [অসাধু] তথাপি, তবু। "মরিলে তত্রাপি বার্ত্তা চাহি জানিবার ম ৬০৬। ব.প ১৭৫৪। [তত্রাপিও (অসাধু)—তত্রাপি। "তত্রাপিও হারি আমি বদলে কাপড় বা.ম ২১০।]

তথা[1] ব্য [তদ্+থা (থাল্) প্রকারার্থে] ১ সেই প্রকারে ; পূর্ব্বোক্ত-ভাবে। "স তৈঃ পৃষ্টস্তথা মনু ১.৪। ২ সাম্য, সমতা, তদ্রূপ। "মনু ১.৪২। যথা স্ত্রীণাং তথা বাচাং সাধুত্বে দুর্জনো জনঃ উ.চ ১০৫। বস্তু এক কিন্তু মাত্র স্বাদুর বিশেষ। তথা যে অপক্ব প্রেম আর পরিবেশ ॥ —ভ.গ্র ৪৬০। ৩ সত্য, ঠিক। "যদাথ রাজন্যকুমার ! তৎ তথা রঘু ৩.৪৮। ৪ সমুচ্চয়, এবং। "দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাস্তথাহম্ গী ১১.২৩। হি ৪.৫। আসুর কালেতে পূজা পীঠে তথা ভূমে ভ.গ্র ২৮৯। পিঙ্গলিয়া মেঘে তথা বহেত শোণিত চ.বি ২০৫। লিখিতং শ্রীরামানন্দ দেবস্য তথা শ্রীরাঘবেন্দ্র দেবস্য তথা শ্রীপঞ্চানন্দ দেবস্য ব.প ১৬৪১। ৫ নিশ্চয়। ৬ পৃষ্টপ্রতিবচন, জিজ্ঞাসিত বিষয়ের উত্তর। ['তেন প্রকারেণ' এইরূপ তৃতীয়ার্থে 'তথা,' 'স প্রকারঃ' এইরূপ প্রথমার্থে 'তথা' নহে (দ্র 'পা ৫.৩.২৩, তত্ত্ববোধিনী)।] [তথাহি—যে হেতু, যে জন্য। "রঘু ১.২৯। তথেতি—স্বীকারে, প্রতিজ্ঞায়। তথা…যেন—তেমনি…যেমনি। "তথা বিধি পূজ্য ন'বে (না হ'বে) যেন মোরে করিলে হেলন শি ১।]

তথা[2] ক্রি.বিং [সং তত্র > প্রা তথ > বা (তথা) °থা ; হি, মৈ তঁহা ; ঠ তহা, -হাং ; গু তহীং ; ড় সেঠা] ১ সেই স্থানে ; সেখানে। "অঞ্জনার তথা বায়ু যান নিতি নিতি কৃ.উ ১৩৬। দর্শন দিলেন তথা ম ৩৫৮। রাত্র্যে তথা রহি চৈ.চ ১৭৬। ন.প ৪০৪। ২ সে স্থানে, এদিকে, অন্যপক্ষে। "তথা রাম কৃষ্ণ তবে প্রভাতে উঠিয়া। যমুনার কূলে স্নান আচরিলা গিয়া ॥—ব.প ৭৭০। ৩ সেই স্থান। "চন্দ্রহাস তথা হতে প্রথম মহামতি। বিষয়ার সঙ্গে করে নিজপুরে গতি ॥ —অ.প ১৩৩। পারিজাত বৃক্ষ তথা হইতে উদ্গত হয়।—কাদ ৪৯। [তথাএ—তথা, সেখানে। "গ ৪ ; ১৭। ম.পা ১১। °কার—সে স্থানের। "তথাকার করগ্রাহী ব.প্র ৭৭। °কারে—সেস্থানে। "ম ১১০২। বা.ম ২৯। তথাকে—সেইস্থানে। "তথাকে…পাঠাও কৃ.উ ১৭৯। তথাকে…আইল ম ৩৯২। তথাত—তথা, সেখানে। "বসএ তথাত —অ.প ৩ ; ১৩৩। তথাত বাজএ গ ৬ ; ১৮৩। তথাতে—১ সেস্থানে। "তথাতে দ্রৌপদীরে পাইল ম ৮১৬। অ.প ১২২। ন.বি ২। ব.প ৬১০। ২ ওদিকে, ওস্থানে। "তথাতে মোহ পরিহরি কৃষ্ণ ধনঞ্জয় অ.প ১২২। তথায়—তথা। "তথায় অদ্ভুত বৃক্ষ কৃ ১। চৈ.ভা ৭৬। পা.প্র ১২। তথারে (অপ্র)—তথা। "যাইহ তথারে ব.প ৮৬৩। তথাঞি, -থাঁ, -থাঁত, -থাঁহো—সেখানেও। "শ্রী.কী।]

তথাগত বিণ [সুপ্‌সুপা] ১ সেইপ্রকারে গত। ২ তাদৃশদশাপ্রাপ্ত, তথাভূত, তদবস্থ। "তথাগতায়াম্…সখ্যাম্ রঘু ৬.৮২। ৩ সেইপ্রকারে আগত ; তদবস্থায় উপস্থিত। "নলং দৃষ্ট্বা তথাগতম্ মহা ৩.৭৭.৫। —গত পুং ১ বুদ্ধ। "যথা গতাস্তে মুনয়ঃ শিবাং গতিম্। তথা গতিং সোহপি গতস্তথাগতঃ ॥—অ.টী। "মাঘ ২ (কবিবংশবর্ণন)। ২ জিন।

তথাগুণ বিণ [বহুব্রী] তাদৃশকল্যাণগুণ, প্রাগুক্তগুণসম্পন্ন। "রাজ-কুমারী তথাগুণা রা ২.২২.১৯।

তথাচ [সং তথা চ] তাহা হইলেও ; তথাপি, তবু। "তথাচ ছাড়িব সীতা কৃ.উ ১৬৭। তথাচ বিরোধে মোর কোন প্রয়োজন ম ৪৯৯। তথাচ জননী তারে ত্যাগ না করয় দু ৭২ ; ৮৫। ম.পা ৭৩। ম.ম ১৪২। যায় প্রাণ তথাচ না শুনিব দা ৭২৫। তখন তাঁহারা এক-

প্রকার নিশ্চিন্ত হইয়া, তথাচ অত্যন্ত বিষণ্ণভাবে স্বস্থানে প্রস্থান করিলেন ব.প্র ৩২৪। [ভূরি প্রয়োগ]। [তথা চ—উক্তবিষয়ের দৃঢ়ীকরণ। "মনু ৯.১৯।]

তথাত্ব ক্লী [তথা+ত্ব] তথাভূতভাব, তৎপ্রকারতা। "ভাষাপরিচ্ছেদ ৪৭। মনু ১০.৫৭, কুল্লুক।

তথাপি ব্য [তথা১+অপি] ১ সেপ্রকার হইলেও; প্রাগুক্ত বিষয়-সত্ত্বেও, তাহা হইলেও, তবু। "অসম্ভবং হেমমৃগস্য জন্ম, তথাপি রামো লুলুভে মৃগায় হি ১.২৭। এইরূপে একস্থানে যান শতবার। তথাপি না পান দেখা শ্রীরাম সীতার॥—কৃ ১৪৬,-৭। ২ [বাঙ্লায়; অপ্র] তবে। "আমি যদি সর্ব্বথা বটি প্রভু রামের চর। তথাপি তোর বংশ ধ্বংস কর‍্যা যাব ঘর॥—ব.প ৫৩৫। [তথাপিও, -পিয়, -পিহ ('তথাপি' সাধু)—তবু। "তথাপিয় তার সনে আনন্দে গোঞাই মী ৪। °পিহ ম ৪৭৮। তথাপিও টুটে নাই তৈল এক রত্তি।—বা.ম ৩৯১। তথাপিহ প্রতীত না হএ তোহ্মার মনে ম.পা ১৪২। যদ্যপি পণ্ডিতা হও তথাপিও নব্যা বি.সু ৪৬; ১৭০। তথাপিও ন ৯৫৯। °হ চৈ.ভা ৩৯৪; ন.প ২৫।]

তথাবিধ বিণ [তথা বিধা যাহার, বহুব্রী; স্ত্রী -ধা] ১ তৎপ্রকার, তদ্বিধ। "অভিলাষে…তথাবিধে রঘু ৩.৪। ২ তাবৎপ্রকার। "তথাবিধস্তাবদশেষমস্তু সঃ কু.স ৫.৮২।

তথাভূত বিণ [সুপ্‌সুপা] ১ তৎপ্রকারে ভূত; তদবস্থ, তাদৃশরূপ। "তথাভূতমযুগ্মনেত্রম্ পশ্যন্ কু.স ৩.৫১। তথাভূতাং দৃষ্ট্বা…পাঞ্চালতনয়াম্ বে ১.১১। ২ অচিন্ত্যকারণক, অভাবনীয়হেতুক। "রা ২.২২.২২। মনু ১০.৫৭, কুল্লুক।

তথাস্তু [তথা+অস্তু] সেই প্রকারেই হউক; প্রার্থিত বিষয় প্রার্থনাসুরূপ সফল হউক; তাই হউক। "প্রভু কহে 'তথাস্তু' যে তাহাই হইবে ভ.গ্র ২১৩। অঙ্গীকার কৈলা মাতা 'তথাস্তু তথাস্তু' বি.সু ১৭৫। ভা.চ ২১৩; 'তথাস্তু' বলিয়া দেবী দিলা বরদান ২৫৭। 'তথাস্তু' বলি আশীষিলা মাতা মে ১৮৫।

তথাহি১ ব্য [তথা১+হি১] ১ উক্তার্থদৃঢ়ীকরণ। "তং বেধা বিদধে নূনং মহাভূতসমাধিনা। তথাহি সর্ব্বে তস্যাসন্ পরার্থৈকফলা গুণাঃ॥—রঘু ১.২৯। ২ নিদর্শন। ৩ প্রসিদ্ধই। "কু.স ৫.৭৯।

তথাহি২ ক্রি.বিং [তথা২+হি১; অপ্র] সেই স্থানেই, সেখানেই। "ক্রোধাবেশে তথাহি রহিল বৃকোদর ম.বি ১৮২।

তথি ক্রি.বিং [তথা২+ই১১; হি তহিঁ; অপ্র] ১ সেই স্থানে। সেখানে। "মল্লিকা মালতী, বিকসিত তথি চ.দা ৭৫। তথি পার কৈলা মাতা।—ক.চ ৩৪। দুর্ব্বা পুষ্প দিয়া তথি দু ১৩; বেদ পড়ি তথি ১৪। আসিয়া তথি রা.শে ৬৪। ২ তাহাতে, তদবয়বে। "শ্রী.কী ৫৯। চরণ-যুগল, তথি শোভে নখচন্দ্র।—ক.চ ৪। ব.প ৬২১। ৩ এবং। "সুশীল ভগবান্ তথি বনমালী (কৃত্তিবাসের আত্মকাহিনী)। তুমি, বড় ভগিনী গুরুজন জ্যেষ্ঠ সতীন তথি ক.চ ১৫৪। [তথিত—তথা, সেখানে। "সব বসয়ে তথিত ব.প ৬২৯। তথিত উপর—তাহাতে, অর্থাৎ তাহার উপরে। "শ্রী.কী ৫৭। তথিপর—তাহার উপরে। "বসিল তথিপর ম ৪৩০। চ.বি ১৮৬। তথিপরে—তাহার উপরে। "অন্যজনে তথিপরে অধিকারী নহে ম ২২৯। তথিমধ্যে—১ তাহার মধ্যে। "তথিমধ্যে দেখে সে মনুষ্য কথো জন ম ৬। ২ তাহাদের মধ্যে। "চৈ.ভা ৩৫১। তথির—তাহার। "তথির ভিতরে কৃ.উ ২৭৬। তথির কারণে ম ২০৩; গ ৪; ক.চ ২৫; শ্রী.ম ৬৩। তথির উপর ব.প ৯০৯; শ্রী.ম ২৭; ৬৩।]

তথৈব ব্য [তথা১+এব] সে-প্রকারেই, তদ্বৎই, ঠিক সেইপ্রকারে। "মনু ১০.১০৯। [তথৈব চ—সেইরূপই। "মনু ২.১২৩। ছেলেপুলেদের শিক্ষা দেওয়া তথৈব চ, কেবল লব লব আ.দু ১৮৬

তথো অব্য [তথা১+ও৪; 'তথা' সাধু] এবং। "ভরত লক্ষণ তথো কৈল পুরস্কার কৃ.উ ১৯৪।

তথ্য বিণ [তথা+অ (অচ্) অন্যার্থে; স্ত্রী -থ্যা] সত্যযুক্ত, যথার্থ, সম্যক্। "কারণৈর্বহুভিস্তথ্যৈঃ রা ২.৩৪.২৩। নিশ্চয়ম্…তথ্যম্ মহা ৩.৫৭.২২। °বচন।—পঞ্চ ১/৯০ (কথামুখ)। —থ্য ক্লী [তথা+য] 'তথা সাধু'; যে বস্তু যথা, তথা অবস্থিতি; সত্যবচন, সত্য। "মনু ৮.২৭৪। প্রিয়মপি তথ্যমাহ শকুন্তলাং প্রিয়ংবদা শ ১২/২৮। কু.স ৩.৬৩।

তদ্১ সর্ব্ব, বিণ [Av. tad : Gr. to; L. istud; O. Ger. daz; Gothic—thata; A.S. thaet; E. that. বর্গের প্রথম দ্বিতীয় বর্ণ এবং ষ স—ইহাদের পূর্ব্ববর্ত্তী 'তদ্'-স্থানে 'তৎ' হয়; যথা, 'তৎকাল, তৎক্ষণ, তৎসম' ইত্যাদি।] ১ পরোক্ষবস্তুনির্দ্দেশ, বুদ্ধিস্থনির্দ্দেশ, সে, তাহা। 'তদিতি পরোক্ষে বিজানীয়াৎ। "তদ্বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ গী ৫.১৭। ২ বিপ্রকৃষ্টবিষয়। ৩ প্রসিদ্ধ। "প্রবিবেশ তমাশ্রমম্ ভ ১.১৮.২৫। কু.স ৫.৭১। ৪ অনুভূতার্থ-বিষয়, অর্থাৎ যাহার অর্থ ও বিষয় পূর্ব্বে অনুভূত, তাদৃশ। "কাব্যপ্রকাশ ৭.১৮৭ (উদাহরণে)। ৫ প্রক্রান্ত, পূর্ব্বপ্রতীতিবিষয়। "প্রজানামেব ভূত্যর্থং স তাভ্যো বলিমগ্রহীৎ রঘু ১.১৮; ১৩.৭৩। ৬ অভিন্নার্থ, সেই (the same)। "তানীন্দ্রিয়াণ্যবিকলানি তদেব নাম।—হি ১.১৩৬। [তদ্দণ্ডে (ক্রি.বিং)—তখন, তখনি। "ব.প্র ৮০। পা.প্র ১৬৬।]

তদ্২ ব্য ১ তখন, তাহা হইলে। ২ সেই কারণে; অতএব। "রঘু ৩.৪৬। পু.মে ৭। তদাশু গম্যতাম্।—পঞ্চ ৪২/৪৪। ৩ তবে। "গী ১.৪৫। তথাপি যদি মহৎ কুতূহলং তৎ কথয়ামি (কাদম্বরী)।

তদনন্তর বিণ [প.ত] তৎপরবর্ত্তী। —র ক্রি.বিণ তৎপরে। "গো.রা ১.১১.১। তদনন্তর লিখিব ব.প ১৫১৭।

তদনু ব্য তদনন্তর, তৎপরে। "পু.মে ১৩। তদনু হইলে প্রভু বৎস সহচর শ্রী.ম ৪৪। জ.প ৭২। বি.সু ১৬৯।

তদনুযায়ী (-য়িন্) ক্রি.বিং তদনুসারে। "যেমত আমার শ্রুত আছে, তদনুযায়ী লেখা যাইতেছে ব.প ১৬৮২।

তদনুসরণ ক্লী [ষ.ত] তদনুগমন। "°ক্রম হি ১২/৩। —সারে ক্রি.বিং তদনুযায়িভাবে, তদনুগমনপূর্ব্বক।

তদন্ত১ বিণ [বহুব্রী] তাহাতে যাহার নাশ; তাহাতে নাশপ্রাপ্ত। "(যো বিশ্বসিতি) ভার্য্যাসু চ বিরক্তিষু তদন্তং তস্য জীবিতম্ হি ১.৯২।

তদন্ত২ বি ১ তাহার শেষ; কোন বিষয়ের তথ্যনির্ণয়; তত্ত্বাবধারণ, ঠিক কথা, সিদ্ধান্ত। "তদন্ত জানহ বকে কে কৈল নিধন ম ১৬৩; ৯৯৫। বিশাখা! খসিলে দন্ত, তদন্তে পাবি তদন্ত, কত গুণ আছে রাই-চরণে দা ২৩৮। ২ নির্ণয়, নির্দ্ধারণ। "কোথা আদি কোথা অন্ত, না পাইবে সে তদন্ত।—হেম ১০১। ৩ বিশেষ বৃত্তান্ত। "তদন্ত কহিতে সব নাহি অবকাশ: দ্বারীরে কহিল কিছু জানহ তদন্ত ব.প ৮২৫। এই ক্ষেত্র না ডুবিল কিসের কারণ। ইহার তদন্ত মোরে কহ নারায়ণ॥—জ ৯। ৪ তত্ত্বসিদ্ধান্ত। "(তুমি) তন্ত্রে তদন্ত-বিহীন, কে জানে তত্ত্ব তব।—দা ৯৩০। —ন্তে ক্রি.বিং তাহার শেষে; তৎপরে তদনন্তর। "তদন্তে বিদুর তবে বলেন বচন ম ১০২৬। তদন্তে সত্বর কৈল বি.সু ১৭৩। তদন্তে শুন দা ২৪৪; ৫১৮।

তদন্তর ক্রি.বিং [তদনন্তর; অপ্র] তাহার পরে; তৎপরে। "মহাবায়ু হৈল তদন্তর।—জ ৯। গেল তদন্তর, যথা গদাধর।—দা ২০৬৭। —রে ক্রি.বিং তৎপরে। "তদন্তরে তব সঙ্গে সংগ্রাম বাজিল কৃ ৩৫৯। তদন্তরে কি কি হইল।—ম ২০৮,-১২; ৬৪৪। শ্রী.ম ৭৪। ব.প ১৫২; ৮২৭। ম.পা ২। বি.সু ২০; তদন্তরে পুজে ১৭৪। তদন্তরে নিবেদন।—দা ৩; ১৬৫৮। স.শ ৪৬।

তদন্তিক বি তাহার সমীপ; তন্নিকট। "(লুয়া) তদন্তিকে তূর্ণ আল ধায়া শ্রী.মা ২৫; ২৯।

তদপেক্ষা ক্রি.বিং তাহার তুলনায়; অপেক্ষাকৃত। "সী ৫৩। কোন কথা যেরূপে লিখিলাম, সেই কথা তদপেক্ষা সংক্ষেপে…লেখা যায় কি না,…বিচার করিয়া দেখিতে হইত পা.প্র ১৬৩।

তদবধি ক্রি.বিং [বহুব্রী] ১ তৎকালপর্য্যন্ত (up to that time)। "তদবধি অজয়ার এক আঁটু জল শ্রী.মা ১৬৫। ২ তদা-প্রভৃতি, সেই সময় হইতে (since then)। "শ্বাসো দীর্ঘস্তদবধি মুখে পাণ্ডিমা (ভামিনীবিলাস)। তোমাতে প্রত্যয় মোর আছে তদবধি কৃ ২৪৭।

তদর্থ বিণ [বহুব্রী] ১ তদভিধেয়ক, একার্থক। ২ [নি.স] তৎ-প্রয়োজনক, তদুদ্দেশ্যক। "পা ২.১.৩৬। তদর্থং কর্ম্ম গী ৩.৯। —র্থপুং [কর্ম্মধা; ষ.ত] ১ সেই বা তাহার অভিধেয়। ২ সেই বা তাহার ধন। ৩ সেই বা তাহার প্রয়োজন। ৪ [ষ.ত] তাহার নিবৃত্তি বা শান্তি। "মুগ্ধবোধ ২৯৪, টীকা। —র্থে ক্রি.বিং তন্নিমিত্ত। "চা.তৃ ২৩।

তদর্হ বিণ [দ্বি.ত, দ্র 'তত্ত্ববোধিনী'] তদযোগ্য। "পা ৫.১.১১৭।

তদা ব্য [তদ্+দা সপ্তমীস্থানে] ১ সেই সময়ে; তখন। "মনু ১.৫২। ২ তাহা হইলে; তবে। [°প্রভৃতি—সেই সময় হইতে। "তদাপ্রভৃত্যেব বিমুক্তসঙ্গ কু.স ১.৫৩।]

তদাকারবৃত্তি বিং যাহার ধ্যেয়ের স্থায় আকার ও বৃত্তি; ধ্যেয়ের আকারবৃত্তিপ্রাপ্ত। "(ললিতা) ধ্যানে °ত্তি হৈলা ভ.গ্র ৪৬৩।

তদাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী; স্ত্রী -ত্মা] ১ তাহাতে যাহার মন; তদগতচিত্ত; তন্নিষ্ঠমনাঃ। "গী ৫.১৭। ২ তাহা যাহার আত্মা; তৎ-স্বরূপ, তদভিন্ন।

তদাত্ব ক্লী [তদা+ত্ব] 'তৎকালভাব', তৎকাল। "মনু ৭.১৬৯।

তদানীন্তন বিণ [°নীম্+তন (ট্যু, 'তুট্' আগম); স্ত্রী -নী] তদানীং ভব; তৎকালে জাত; তাৎকালিক, তৎসমকালিক। "এবো-হস্মি কার্য্যবশাৎ…তদানীন্তনশ্চ সংবৃত্তঃ উ.চ ১ঙ্ক।

তদানীম্ ব্য [তদ্+দানীম্ সপ্তমীস্থানে] তৎকালে; তখন।

তদায়ুক্তক পুং (?)। "ব.প্র ১৩৬।

তদারক বি [আ তদারুক্] ১ শাসন; তত্ত্বাবধান। "২৫।৩০ জন এক শ্রেণীতে পড়িলে হট্টগোল হয়, প্রতিদিন সকলের প্রতি সমান তদারকও হয় না আ.দু ১০; ছেলেকে মানুষ করিতে গেলে, ঘরে বাহিরে তদারক চাই ১১। ২ তথ্যানুসন্ধান, সন্ধান, খোঁজ-খবর। "(জজ সাহেব) তাহার আচরণসম্বন্ধে তদারক করিবার জন্য ম্যাজিস্ট্রেট সাহেবকে উপদেশ করিলেন ব.প্র ৩২৭। সারেজমিনে তদারক নী ৫৯। ৩ পরিদর্শন, খবরদারী। "(আমি) স্নানের পর গা মুছিয়াছি কি না, তদারক করিবে ব.প্র ২২৩।

তদিতরবর্জ্জ্য বিং তাহা হইতে পৃথক্; তদ্ভিন্ন। "ভক্তের হৃদয়ানন্দ তদিতরবর্জ্জ্য ভ.গ্র ৮।

তদীয় বিণ [তদ্+ঈয় (ছ)] তৎসম্বন্ধী, তজ্জাত, তৎকৃত, তাহার, তাহাদের। "সুতাং তদীয়াম্ রঘু ১.৮১; তদীয়মাক্রন্দিতম্ ২.২৮।

তদেকচিত্ত বিণ [বহুব্রী] তাহাতে যাহার চিত্ত একাগ্র; তদেক-নিষ্ঠমনাঃ, তদগতচিত্ত।

তদেকাত্মরূপ বি ভগবানের রূপত্রয়ের একতম। "ভাবাবেশাকৃতি-ভেদে 'তদেকাত্মরূপ' তাঁর চৈ.চ ২০৮। দ্র 'চৈ.চ ২০৭।

তদগত বিণ [দ্বি.ত] তৎপ্রাপ্ত, তন্নিষ্ঠ, তৎপর, তদাসক্ত। "তদগতে-নৈব মনসা রা ১.২.২৮। °প্রাণ সী ৪০। [°ভাব—তৎপরতা, তদাসক্তি। "পা.প্র ৭৮। তদগদ (তদ্গত > °দ; অপ্র)—তন্নিষ্ঠ। "তদগদ মন ভ.গ্র ৬৮।]

তদ্গুণ বিণ [উ.বহুব্রী] তদ্গুণতুল্য গুণবান্; তৎতুল্যগুণ। —ণ পুং ১ (অলঙ্কারশাস্ত্রে) অর্থালঙ্কারবিশেষ। [স্বগুণত্যাগপূর্ব্বক সন্নিকৃষ্ট বস্তুর উৎকৃষ্ট গুণ গ্রহণ করিলে, 'তদ্গুণ' অলঙ্কার হয় (সা.দ ১০৯)। ২ [ষ.ত] তাহার বা তাহাদের গুণ। "রঘু ১.৯। [°সংবিজ্ঞান (পুং) —বহুব্রীহিসমাসভেদ। যে স্থলে সমাসবোধিত অন্য পদার্থের ন্যায়, সমস্যমান পদার্থেরও পরম্পরায় ক্রিয়া-প্রভৃতির সহিত অন্বয়বোধ হয়, তাহা 'তদ্গুণসংবিজ্ঞান' বহুব্রীহি। যেমন, 'লম্বকর্ণ'কে আন,—বলিলে, আনয়নক্রিয়ার লম্বকর্ণ ব্যক্তির সহিত, লম্ব কর্ণেরও পরম্পরায় অন্বয়-বোধ আছে। 'অতদ্গুণসংবিজ্ঞান' বহুব্রীহিতে সমস্যমান পদার্থের পরম্পরায় ক্রিয়ার সহিত অন্বয়বোধ হয় না। যেমন, 'দৃষ্টসমুদ্র'কে আন,— বলিলে, আনয়নক্রিয়ায় দৃষ্টসমুদ্র ব্যক্তির সহিত, সমুদ্রের অন্বয়বোধ নাই।]

তদ্ঘড়ি, -ড়ী ক্রি.বিং তখন। "তদ্ঘড়ি ময়নামতি মৎস্য পরস করিল গো.চ ৫২। °ড়ী ব.প ৪৫।

তদ্দিন ক্লী [কর্ম্মধা] সেই দিন। "যদচ্যুতকথালাপরসপীযূষবর্জ্জিতম্। তদ্দিনং দুর্দ্দিনং মন্যে মেঘাচ্ছন্নং ন দুর্দ্দিনম্॥

তদ্ধন বিণ] তৎ ধন যাহার, বহুব্রী] কৃপণ (অ.চি)। —ন ক্লী [কর্ম্মধা] সেই ধন।

তদ্ধর্ম্মা (-র্ম্মন্) বিণ [তাহা ধর্ম্ম যাহার, বহুব্রী, সমাসান্ত 'অন্' (অনিচ্)] তাহাই যাহার শাস্ত্রবিহিত আচার; তদাচার (কাশিকা), তথাভূতধর্ম্মযুক্ত। "পা ৩.২.১৩৪। মুগ্ধবোধ ৯৯০।

তদ্ধিত বিণ [চ.ত] তাহার পক্ষে হিতকর। —ত পুং (ব্যাকরণে) প্রত্যয়বিশেষ। "তদ্ধিতাঃ পা ৪.১.৭৬। —ক্লী সেই হিত; তন্মঙ্গল। "বিমৃশ্য তদ্ধিতম্ ভ ২.৯.৭।

তদ্ধেতু বিং [বহুব্রী] তন্নিমিত্ত, তজ্জন্য। "কিছু সতর্ক হইয়া আসিতে হইয়াছিল। তদ্ধেতু বিলম্ব হইয়াছে। ব.প্র ১০৯।

তদ্বৎ ব্য [তদ্+বৎ (বতি)] ১ তৎসদৃশ, তত্তুল্য। "তদ্বৎ শিবস্য বিভূতা (ত.বা)। ২ তৎসদৃশক্রিয়াযুক্ত। "তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে গী ২.৭০। তুমিহ তদ্বৎ প্রভু থাক ভক্ত বোলে জ ৫৩। [তদবত —তদ্বৎ। "ম ৬৩৩,-৪৭।]

তদ্বাচক বিণ [ষ.ত] তাহার অভিধায়ক; তন্নির্দ্দেশক, তৎসূচক।

তদ্বান্ বিণ [তদ্+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -দ্বতী] তদ্যুক্ত। "গুণে শুক্লাদয়ঃ পুংসি গুণিলিঙ্গাস্ত তদ্বতি (অ.কো)।

তদ্বিধ বিণ [উ.বহুব্রী; স্ত্রী -ধা] ১ তদ্বিধার ন্যায় যাহার বিধা। তৎ-প্রকার। "রঘু ২.২২। ২ [বহুব্রী] তাহা যাহার বিধা; তৎপ্রকার, তল্লক্ষণ। "ক তদ্বিধস্ত্বং ক চ পুণ্যলক্ষণা কু.স ৫.৭৩। ৩ তদনুরূপ। "শুশ্রূষা বাপি তদ্বিধা মনু ২.১১২।

তদ্বির বি [আ তদ্বীর্] ব্যবস্থা, ইষ্টসিদ্ধির উপায়, বন্দোবস্ত। "থাক যদি অসামাল, তদ্বির হ'লে কামাল, দায়মাল কপালে আছে দা ২০৮৪। যাতে স্ত্রী লেখা পড়া শিখে…তার বিশেষ তদ্বির কত্তে হবে হু ৭১; শারীরিক তদ্বিরে গাফিলী ১৩০; মকদ্দমার তদ্বিরে শুভঙ্কর ২০৩। নালিশের ঠিকমত তদ্বির।—ঘ ১৩৯। [°কারক—ব্যবস্থাকর্ত্তা। তদ্বিরাত,—তদ্বির-আদি। "টাকা না হইলে তদ্বিরাত কিছুই হইতে পারে না আ.দু ১৭১।

তদব্যতীত বিং তদ্ভিন্ন, তাহা ছাড়া। "ব.প্র ১৩।

তদ্ভাব পুং [ষ.ত] ১ তাহার ভাব; তাহার অসাধারণ ধর্ম্ম (যেমন, ঘটের ঘটত্ব)। ২ তদ্রূপপ্রাপ্তি। "অভূত°। পা ৫.৪.৫০।

তন্ সক [তনা, প—তনোতি, -নুতে; সেট্; cf., L. tĕnŭis] বিস্তার, ব্যাপ্তি, প্রসারণ। [অনু—পশ্চাৎ বিস্তার। অব—ব্যাপ্তি। আ—দীর্ঘভাবে বিস্তার; সম্যগ্ বিস্তার; ব্যাপ্তি। উদ্—ঊর্দ্ধে বিস্তার। পরি—সর্ব্বতঃ বিস্তার। প্র, বি—বিশেষ বিস্তার। সম্—সম্যক্ বিস্তার।]

তন[1] বি [সং তনু ; ক্স, হি, ঠ, গু °ন ; অপ্র] দেহ। "গো.বি ১১৯। ক্ষীণ হৈল তন চৈ.ম ৭৩।

তন[2] বি [সং স্তন > প্রা থণ ; হি থন—গবাদির স্তন ; ঠ থনা ; অপ্র] স্তন। "শ্রী.কী ৩৮। ম.গা ৪ ; ১০। ব.প ৯৬৭।

তনয় পুং [√তন্+অয় (কয়ন্)-ক, উ ৪.৯৯ ; তু 'তন'—পুত্র (তনায়—পুত্রার্থম্, ঋগ্বেদ ১.৩৯.৭)] ১ 'কুলবিস্তারকর', পুত্র। "মনু ৩.১৬। রঘু ২.৬৪। ২ লগ্নাবধি পঞ্চমস্থান। —য়া স্ত্রী [°+স্ত্রী আ (টাপ্)] ১ পুত্রী, কন্যা। ২ চক্রকুল্যা (চাকুলিয়া) লতা। ৩ ঘৃত-কুমারী। [তনএ (অপ্র)—তনয়, তনয়ে। "ইন্দ্রের তনএ (তনয়ে) ম.পা ৬৬ ; সাধুর তনএ (তনয়) ১৪১।]

তনিক [হি °ক] অল্প, কিঞ্চিৎ, একটু। "শ্রমেতে আকুল, খসল দুকুল, তনিক নাহিক তেজে রা.শে ৮৪। তনু তাপই, তিরপিত তনিক না হোই।—গো ২৫৫।

তনিকা স্ত্রী [√তন্+অক (ণ্বুল্)+আ (টাপ্)] রজ্জু। "মাঘ ৫.৬১।

তনিমা (-মন্) পুং [তনু+ইমন্ (ইমনিচ্)-১ব] ১ তনুভাব, কৃশতা। "তনুর তনিমা চ.কা ২০৩। ২ অর্থকার্শ্য, দারিদ্র্য। "তনিম্না শোভন্তে গলিতবিভবাশ্চার্থিষু নৃপাঃ রঘু ৫.১৬, মল্লিনাথ।

তনিষ্ঠ বিণ [তনু+ইষ্ঠ (ইষ্ঠন্)] তনুতম, কৃশতম, সূক্ষ্মতম। "সূচ্যগ্র-তনিষ্ঠ (আকর্ষ্যগ্রভাগ) বা.প্র ২৬৮।

তনী বি [তনয়—তনয়ী > °নী (?) ; তনি (পদকল্পতরু)] তনয়া, কন্যা। "বৃষভানুনৃপ° গো ৯৫ ; বৃষভানু° ১৪৫।

তনু বিণ [√তন্+উ-ক, উ ১.৭ ; স্ত্রী -নু, -ন্বী ; বৈদিক] ১ কৃশ, ক্ষীণ। "জজ্ঞে দীর্ঘে তনু গো.রা ২.৮.৪২। তনুঃ…চন্দ্রলেখা মহা ৩.৪৬.১৫। বর তনু হৈল তনু, ভাবি সেই বর তনু বা.দ ৪০। ২ কৃশ, কৃশাঙ্গ (সৌন্দর্য্যসূচক—slender)। "লতাম্…তন্বীম্ গো.রা ৫.১১.২১। °মধ্যমা মহা ৩.২০.৭। উ.মে ২১। °বৃত্তমধ্য রঘু ৬.৩২। ৩ শ্লক্ষ্ণ, সূক্ষ্ম (fine)। "তন্বংশুক।—ঋতু ১.৭। তনু শুক বসন বি.প ৩৪। ৪ অল্প, স্বল্প। "°বাগ্‌বিভব রঘু ১.৯ ; °প্রকাশ ৩.২। °ত্যাগ হি ২.৯০। বল নাই তনু ম ১০৮। ৫ অনতিস্থূল। "°লোমকেশদশন মনু ৩.১০। °লোমরাজী ভা.চ ৫৬৫। ৬ কলাক্ষীণ। "চন্দ্র…তনুমূর্ত্তিঃ (বৃহৎসংহিতা)। ৭ বিরল। ৮ ক্ষুদ্র। ৯ অগভীর, অল্পজল। "তরঙ্গিণী-তনু তনু শরদাগমনে স.শ ৪৫। —নু, -নূ স্ত্রী [°নু+স্ত্রী উ (ঊঙ্) ; ছান্দস ; Gr. ten ; L. tĕnŭis] ১ মূর্ত্তি, দেহ, কায়। "প্রপন্নতনু শ ১.১। ভার্য্যা পুত্রঃ স্বকা তনুঃ মনু ৪.১৮৪। প্রত্যুজ্জগ্মুঃ…প্রাণং তন্ব ইবাগতম্ ভ ১.১৩.৫। ২ চতুর্বিংশত্যক্ষরপাদ বৃত্তবিশেষ। —নু, -ন্বী স্ত্রী কৃশাঙ্গী, সুন্দরী। "ইয়মধিকমনোজ্ঞা বল্কলেনাপি তন্বী শ ১.১৮। তনুরভিলষিতং ক্লমচ্ছলেন ব্যবৃণুত মাঘ ৭.৭২। [°কূপ (পুং)—গাত্রচর্ম্মচ্ছিদ্র। °ছদ (-চ্ছদ) পুং—'দেহাচ্ছাদক', বর্ম্ম। "রঘু ৯.৫১। °তা (স্ত্রী) —ক্ষীণতা, কার্শ্য। "কু.স ৪.১৩। °ত্যাগ (পুং)—মৃত্যু। "তনুত্যাগো মৃধেষু রা ২.৪০.৭। °ত্যক্ (-জ্) বিণ—দেহত্যাগী। "রঘু ১.৮ ; ১৩.৫৮। °ত্র, °ত্রাণ (ক্লী)—'দেহরক্ষক', কবচ, বর্ম্ম। "তনুত্রবান্ গো.রা ৬.৭৬.২১ ; °ত্রাণ ২.৩১.২৫। °ত্রবান্ ভট্টি ৪.১০। °ত্র।—হেম ২৩৫। °পত্র (পুং)—ইঙ্গুদীবৃক্ষ। °বল্লি (স্ত্রী)—বল্লিসদৃশ দেহ ; দেহযষ্টি, কৃশাঙ্গ। "বি.মা ৭.৩৬। °বার (ক্লী)—'দেহাচ্ছাদক', কবচ। °ভব (পুং)—'দেহজাত', পুত্র। °ভবা (স্ত্রী)—কন্যা। °ভৃৎ (পুং)—দেহধারী, প্রাণী, মানব। "যা লোকদ্বয়সাধনী তনুভৃতাং সা চাতুরী চাতুরী (সু.র)। °মধ্যা (স্ত্রী)—কৃশোদরী স্ত্রী ; সুন্দরী ; ষড়ক্ষরপাদ ছন্দোবিশেষ। °রুট্ (°রুহ্), °রুহ (ক্লী)—'দেহজাত', লোম। "তনুরুহাঙ্কুরদাম ক.চ ৪। শ্রী.মা ৮০।]

তনু(নূ)জ বিণ [তনু, -নূ+ √জন্+অ (ড) -ক ; উ.ত] দেহজাত। —জ পুং আত্মজ, পুত্র। "তনুজ রঘু ৫.৫৩। দনুজারিতনুজ জিনিয়া রূপবান্ শ্রী ১৪৪। —জা স্ত্রী কন্যা। "তনুজা ম ১৬৯।

তনুরুহ দ্র 'তনু'।

তনুসুখ বি [তন্বংশুক (তনু+অংশুক) > °খ (?) ; তু 'তনু শুক' (বি.প ৩৪)] সূক্ষ্ম বস্ত্র। "তনুসুখ বসন পরে গো ৪৫।

তনূ দ্র 'তনু'। [°জনি (পুং)—'দেহজন্মা', পুত্র। তনূদ্ভব (পুং)—পুত্র। °জা (স্ত্রী)—কন্যা।]

তনূজ, তনূজা দ্র 'তনুজ'।

তনূনপাৎ পুং [তনূ+ন+ √পা+ক্বিপ্ (০)-ক, 'ৎ' (তন্) নিপাতিত ; (মতান্তরে)+অৎ (শতৃ)-ক ; শতৃপক্ষে—°পান্ (১ব), °পান্তম্ (২য়া-১ব)—দ্র 'অ.টী' ; ছান্দস] ১ যাহা তনু রক্ষা করে না ; অগ্নি। "হি ২.৬৭। মাঘ ১.৬২। ক.চ ৬৯। ২ চিত্রকবৃক্ষ। —পাৎ ক্লী ঘৃত।

তনূরুহ[1] পুং [প.ত] 'তনূজাত', পুত্র।

তনূরুহ[2] পুং,ক্লী ১ সর্ব 'তনুরুহ'। "সংপ্রহৃষ্ট° মহা ৩.৭৮.৩২। ২ পক্ষীর পক্ষ ; পতত্র। "কুক্কুটস্য ভূতনুরুহাঙ্গুলিঃ (বৃহৎসংহিতা)।

তন্চ্ সক [রুধা, প—তনক্তি ; সেট্] ১ সঙ্কোচ। "ভট্টি ৬.৩৮। ২ [ভ্বা, প—তঞ্চতি ; সেট্] গতি।

তন্তি স্ত্রী [তন্+তি (ক্তিন্)-র্ম্ম, বেদে দীর্ঘনলোপাভাব ; ছান্দস] ১ দীর্ঘপ্রসারিত রজ্জু ; সূত্র। "সাসজ্জত সিচতন্ত্যাম্ (পাঠান্তর) ভ ৭.২৫২। ২ গোমাতা। "°পাল। ৩ কৌলিক, তাঁতি (A.)। [°পাল (পুং)—১ গোমাতৃপালক (ত.বা)। ২ বিরাটগৃহে গুপ্তাকার সহদেব। "তন্তিপালেতি মাং বিদুঃ মহা ৪.১০.১০। ['তন্ত্রিপাল'—পাঠান্তর। দ্র 'মহা ৪.৩.৯, নীলকণ্ঠ।]

তন্তু পুং [√তন্+তু (তুন্)-র্ম্ম, উ ১.৬৯] ১ সূত্র, তার। "কৌশেয়° রা (S.W.)। °জালাবলম্ব উ.মে ৯। তন্তুক দোসর দেহা বি.প ১৯৮। ২ মৃণালাদির সূত্রবৎ পদার্থ। "ভঙ্গেঽপি হি মৃণালানামনুবধ্নন্তি তন্তবঃ হি ১.৯৬। ৩ লূতাকৃত ঊর্ণা। "কৃমিতন্তুজাল রঘু ১৬.২০। ৪ সন্তান, অপত্য। "মনু ৯.২০৩। স্বমায়য়াবৃণোদ্ গর্ভং বৈরাট্যাঃ কুরুতন্তবে ভ ১.৮.১৪ ; ২.৩.৮। ৫ পরম্পরা, অবিচ্ছেদ। "প্রজা° ভ ১.১২.১৫। ৬ গ্রাহ। —ন্তুক পুং ১ সূত্র। ২ সর্ষপ। —কী স্ত্রী নাড়ী। [°কাষ্ঠ (ক্লী)—তাঁতের কাঠ, বেম-প্রভৃতি। °কীট (পুং)—কোষকার, গুটিপোকা। °নাভ (পুং)—ঊর্ণনাভ। °পর্ব্ব (-র্ব্বন্) ক্লী—বামনের যজ্ঞোপবীতধারণের পর্ব্ব—শ্রাবণী পূর্ণিমা। °শালা (স্ত্রী)—তন্তুবয়নগৃহ, তাঁতঘর। °সন্তত (ক্লী)—'তন্তুব্যাপ্ত', তন্তুময়বস্ত্র। °সন্ততি (স্ত্রী), °সন্তান (পুং)—'তন্তুবিস্তার', বয়ন। °সার (পুং)—গুবাকবৃক্ষ।]

তন্তুবাপ পুং [তন্তু+ √বপ্+অ (অণ্)-ক ; উ.ত] ১ তন্তুবয়ন-কারী, কৌলিক, তাঁতি। ২ [+অ (ঘঞ্)-ণ] তন্তুবয়নসাধন যন্ত্র ; তন্ত্র, তাঁত। ৩ [+অ-ভা] সূত্রবয়ন।

তন্তুবায় পুং [তন্তু+ √বে+অ (অণ্)-ক ; উ.ত, পা ৬.২.৭৬, কাশিকা] ১ তন্তুবয়নকারী, কৌলিক, তাঁতী। "মনু ৮.৩৯৭। ২ [+অ-ক সংজ্ঞার্থে, পা ৬.২.৭৭, কাশিকা] ঊর্ণনাভ। ৩ বর্ণসঙ্কর-জাতিবিশেষ। 'মণিবন্ধান্ মণিকার্য্যাং তন্তুবায়াশ্চ জজ্ঞিরে (পরাশর-পদ্ধতি)। ৪ [ষ.ত] তন্তুবয়ন। [°দণ্ড (পুং)—তন্তুবয়নের দণ্ড ; বেম, নারাজ (loom)।]

তন্ত্র(-ন্ত্রি) সক [চু, উ—তন্ত্রয়তে ; সেট্] ১ কুটুম্বধারণ, পোষণ। ২ ধারণ। ৩ বিস্তার। —ন্ত্র্ সক [চু, প—তন্ত্রয়তি ; সেট্] ১ অবসান। ২ মোহ।

তন্ত্র ক্লী [তন্+ত্র (ষ্ট্রন্)-ক,-র্ম্ম,-ণ] ১ সন্তান, অপত্য। ২ কুল, বংশ। "কুরুতন্ত্রপ্রসার ম.চ ২.১৭। ৩ শ্রেণী (A.)। ৪ শাস্ত্রীয়

বিধিপরম্পরা। ৫ বয়নসাধনযন্ত্র, তাঁত। ৬ সূত্র। ৭ তন্তুবায়, তাঁতি। ৮ পরচ্ছন্দ, পরচ্ছন্দানুগমন, অধীনতা (dependence)। "পর°, স্বতন্ত্র। দেবতন্ত্রং দুঃখম্ (দশকুমার)। ৯ সিদ্ধান্ত, স্থিরপক্ষ। ১০ প্রধান, মুখ্য। "বচনমতন্ত্রম্ (অ.টী)। ভ ১০.২.২১। ১১ ওষধি, গাছ-গাছড়া। ১২ ঔষধ (অ.চি); ঔষধোত্তম (মেদিনী)। ১৩ অভিচারমন্ত্র (A.)। "আর নাহি মহৌষধি তন্ত্র ন.প ৩৫৯। ১৪ শপথ, দিব্য। ১৫ পরিচ্ছদ, পরিজন, পরিকর (retinue, train)। ১৬ গৃহ। ১৭ বেদশাখাবিশেষ। ১৮ শাস্ত্র, সূত্র, মতবাদ। "মাঘ ২.৮৮। জিত-মনসিজতন্ত্রবিচারম্ (কৃষ্ণম্) গী.গো ২.১৫। ১৯ প্রবন্ধ, গ্রন্থ; গ্রন্থবিভাগ, পরিচ্ছেদ। "তন্ত্রৈঃ পঞ্চভিরেতচ্চকার …কাব্যম্।—পঞ্চ ১ (কথামুখ)। ২০ শিবপ্রোক্ত শাস্ত্রবিশেষ; তন্ত্রশাস্ত্র। দ্র 'আগম'। ২১ হেতু। ২২ ব্যবহার, নিয়মাদি (শ.ক)। "লোক° মহা ১.১০৩.২৬। সেই হইতে কিবা তন্ত্র হইল ইহার চৈ.ম ৪০। ২৩ উভয়ার্থপ্রযোজক (শ.ক); উভয়ার্থ একপ্রয়োগ (ত.বা)। ২৪ ইতিকর্ত্তব্যতা, কার্য্যসাধনে কর্ত্তব্যনির্ণয়। ২৫ রাষ্ট্র, দেশ। ২৬ করণ, অর্থসাধক। ২৭ উপকরণ। "মহা ১৩.৪৮.৬। ২৮ স্বরাষ্ট্র-চিন্তা, স্বরাজ্যবিষয়ক চিন্তা (অ.চি)। "মাঘ ২.৮৮। ২৯ সৈন্য। ৩০ ধন। ৩১ বয়নসাধন, নারাজ। "মহা ১.৩.১৪৪। ৩২ রাশি; সুখ; আদর্শ (A.)। ৩৩ [+ত্র-ভা] পরিরক্ষণ, শাসন। "লোকতন্ত্রাধিকার শ ৫২ ৄ। ৩৪ [+ত্র-ধি] তন্তুবায়শলাকা। "পা ৫.২.৭০। ৩৫ [√তন্ত্র্ +অ (ঘঞ্)-ভা] কুটুম্বভরণ, কুটুম্বকৃত্য। [°কাষ্ঠ (ক্লী)—তন্ত্রবায়ের তুরী (শ.ক); দ্র 'তন্তুকাষ্ঠ'। °ধার (বি)—সর্থ 'তন্ত্রধারক'। °ধারক (পুং)—যিনি কর্ম্মপদ্ধতির গ্রন্থ পাঠ করেন; কর্ম্মস্বরূপজ্ঞাপক পুস্তকের পাঠক; পুস্তকপাঠক (ত.বা)। "পুঁতি হাতে তন্ত্রধারক হ ১৮৯।]

তন্ত্রক বিণ [তন্ত্র+ক (কন্), পা ৫.২.৭০] তন্ত্র হইতে অচির অপহৃত (আনীত); প্রত্যগ্র, অনাহত, নব। "তন্ত্রকঃ পটঃ (সি)। —ক ক্লী অনাহত বস্ত্র; নববস্ত্র। "ভট্টি ৪.১০।

তন্ত্রবাপ পুং [তন্ত্র+ √বপ্+অ (অণ্)-ক; উ.ত] ১ তন্ত্রবপনকারী, তন্তুবায়, তাঁতি। দ্র 'তন্তুবায়'। ২ [ষ.ত] তন্ত্রের বয়ন (weaving)। —বাপ পুং, ক্লী [+অ (ঘঞ্)-ণ] 'তন্ত্রের বপনসাধন', তন্ত্র, তাঁত; বেম, নারাজ (A.)।

তন্ত্রবায় পুং [তন্ত্র+ √বে+অ (অণ্)-ক; উ.ত] ১ তন্তুবায়। "শ্রী.ম ১২৫। চৈ.ভা ৮৬। ২ ঊর্ণনাভ। ৩ [+অ (ঘঞ্)-ণ] 'তন্ত্রের বয়নসাধন', তন্ত্র, তাঁত।

তন্ত্রা স্ত্রী ['তন্দ্রা, -ন্দ্রা' (দ্বিরূপকোষ), তু 'সং মণ্ডল >প্রা মণ্টল (হে ৪.৩২৫)] ১ তন্দ্রা। ২ (গৌণার্থে) আবিষ্টভাব, বিহ্বলতা। "নিজানন্দ-তন্ত্রা ছাড়ি মিলিলা নয়ান চৈ.চ ১৬।

তন্ত্রাবাপ পুং [তন্ত্র ও আবাপ, দ্বন্দ্ব] স্বপররাষ্ট্রচিন্তন; শাস্ত্রৌষধ-প্রয়োগ। "মাঘ ২.৮৮।

তন্ত্রি, -ন্ত্রী[২] স্ত্রী [√তন্ত্র্+ই (ইন্), +ঈ, -ন্ত্রী, উ ৪.১১৭; ৩.১৫৮] ১ 'যাহা বিস্তৃত হয়'; বীণাগুণ, বীণার তার। "পা ৫.৪.১৫৯। ২ বীণা। "উ.মে ২৫। হেম ৩৩৮। ৩ রজ্জু, সূত্র। "ন লঙ্ঘয়েদ্ বৎসতন্ত্রীম্ মনু ৪.৩৮। ভ ৭.২.৫২। ৪ দেহশিরা; নাড়ী। ৫ ধনুর্গুণ (A.)। ৬ গুড়ূচী। ৭ নদীভেদ। ৮ যুবতীভেদ।

তন্ত্রী(-ন্ত্রিন্) বিণ [তন্ত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব, স্ত্রী—ন্ত্রিণী] ১ তন্ত্রবান্, সূত্রযুক্ত। ২ তন্ত্র (তার)-যুক্ত (বীণাদি)।

তন্ত্রী[১] পুং সঙ্গীতবিৎ; সৈন্য (A.)।

তন্ত্রী[২] দ্র 'তন্ত্রি'।

তন্ত্রীপাল বি সর্থ 'তন্তিপাল'। "ম ৫৯১।—পালক পুং জয়দ্রথ।

তন্দুর, -ন্দোর বি [ফা তনূর্; হি তংদুর] পাউরুটি সেকার চুলা (baking oven)।

তন্দ্র্ অক [চু, প—তন্দ্রয়তি; সেট্] ১ অবসাদ। ২ মোহ।

তন্দ্রা স্ত্রী [√তন্দ্র্+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ অবসাদ, খেদ। "মহা ৩.৭৬.৫৩। হি ১.৩৪। ২ ঈষৎ নিদ্রা; নিদ্রাবেশ। "ঝিল্লিরবে তন্দ্রা আনে রে।—গান ১৭৬। নামে সন্ধ্যা তন্দ্রালসা স.স্ব ২১। —ন্দ্রি, -ন্দ্রী স্ত্রী [+রি (ক্রিন্)-ভা, নিপাতিত, স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.৬৬] ১ অবসাদ। "ক্ষুধা চ তন্দ্র্যা বিপন্নতাং গতঃ গো.রা ২.৮০.২৪। ২ আলস্য। "জিততন্দ্রী মহা ১.১১৪.৬। মা বেদগর্ভ গাস্তন্দ্রীম্ ভ ৩.৯.২৯। ৩ ঈষৎ নিদ্রা।

তন্দ্রালু বিণ [তদ্+ √দ্রা+আলু (আলুচ্)-ক, তদ্ > তন্ (নিপাতিত), পা ৩.২.১৫৮] ১ তন্দ্রাশীল, ঈষন্নিদ্রাযুক্ত। ২ আলস্য-যুক্ত।

তন্দ্রিত বিণ [তন্দ্রা+ইত (ইতচ্)] জাততন্দ্র, আলস্যযুক্ত। "অতন্দ্রিতা সা স্বয়মেব বৃক্ষকান্…ব্যবর্দ্ধয়ৎ কু.স ৫.১৪।

তন্নতন্ন [তৎ+ন >°ন্ন] তাহা নহে, অর্থাৎ তত্তদ্ দ্রব্য অভীষ্ট বিষয় নহে। [তন্নতন্ন করিয়া খোঁজা বা দেখা—১ অভীষ্ট দ্রব্য, 'তাহা নয় তাহা নয়' বলিয়া এক এক করিয়া খোঁজা; পাতি পাতি করিয়া দেখা। "তন্ন তন্ন করি অরণ্য, করী বরাহ খোঁজ গে।—গান ১৬। খুঁজিছে কারে, তন্ন তন্ন আকাশগহ্বর।—রবীন্দ্র। লতামণ্ডপ তন্ন তন্ন করিয়া দেখিতে লাগিলেন।—কাদ ১১০। হ ৮৩। ন.ত ৩০। ২ উলট-পালট করিয়া সন্ধান করা। "গগনের গ্রহ তন্নতন্ন করে,…স্বকার্য্য সাধনে প্রবৃত্ত হও।—হেম ২৭৪। ৩ বিশেষ সন্ধান করা। "সংপ্রতি এক নিমন্ত্রণ, ক'রে দিচ্ছে তন্নতন্ন দা ৯৩৫।]

তন্নিবন্ধন বিং [বহুব্রী] তন্নিমিত্ত, তজ্জন্য।

তন্নিষ্ঠ বিণ [তাহাতেই যাহার নিষ্ঠা, বহুব্রী] তদ্বিষয়ে একান্ত স্থিত; তদভিনিবেশ, তদবস্থান। "গী ৫.১৭।

তন্মন, -না বিং ['°নাঃ'—মূল] তদ্বিষয়ে অভিনিবিষ্টচিত্ত; তদ্গতচিত্ত, তদেকাগ্র। "স্তুতিপাঠ করে বৈশ্য তন্মনা হইয়া দু ৫৪। [তন্মনধন—তদেকাগ্রতা ও তদেকবিষয়। "আমাতে করিলা যোগী তন্মনধন ম ৭৪০।]

তন্ময় বিণ [তদ্+ময় (ময়ট্); স্ত্রী -য়ী] ১ তদ্বিকার, তদ্রচিত। ২ তৎস্বরূপ। ৩ তদাত্মক, তদ্ব্যাপ্ত, তন্নিবিষ্ট। "তন্ময়েন হৃদয়েন শ ৬.২১। মা.মা ১.৪০। চৈ.ভা ১২৫। (চন্দ্রাপীড়) চতুর্দ্দিক্ তন্ময়ী দেখিলেন।—কাদ ৮৫।

তন্মাত্র ক্লী [নি.স, ময়ূরব্যংসকাদি] ১ তাহাই, কেবল তাহা। ২ (সাংখ্যে) সূক্ষ্ম পঞ্চভূত—শব্দ স্পর্শ রূপ রস গন্ধ। "সাংখ্য ৩৮। ৩ [তাহা মাত্রা যাহার, বহুব্রী] তৎপরিমাণ দ্রব্য। "পঞ্চ ১৪ৄ৪ৄ।

তপ্ অক [ভ্বা, প—তপতি; অনিট্] ১ সন্তাপ। ২ ঐশ্বর্য্য, প্রভুভাব। ৩ (সক) উপতাপ। "তপতি তনুগাত্রি মদনস্ত্বাম্ শ ৩.১৩। ৪ তপঃ-করণ। —প্ সক (ভ্বা, এ—তপতি, -তে; সেট্) ১ দাহ। ২ (অক) জ্বলন, দীপ্তি। "তমস্তপতি ঘর্ম্মাংশৌ কথমাবির্ভবিষ্যতি শ ৫.১৪। —প্ সক [দিবা, আ—তপ্যতে; অনিট্] ১ সন্তাপ। ২ [চু, প—তাপয়তি, সেট্] দাহ। [অনু—অনুতাপ। আ—আতপ। উদ্—উত্তাপ। প্র—প্রতাপ। বি—দীপ্তি। সম্—সন্তাপ।]

তপ[১] বিণ [√তপ্+অ (অচ্)-ক] ১ উজ্জ্বল, দীপ্ত। ২ তাপক, পীড়য়িতা। —প পুং ১ তাপ, উত্তাপ। [তু 'ফা তপ—জ্বর] ২ গ্রীষ্ম-কাল। "তপাত্যয় কু.স ৫.২৩; মাঘ ১.৬৬। ৩ [তু 'সং তপস্ > সি তপ] তপস্যা। "দশপঞ্চতপান্ত যে হ ৪৬.৩৪। শ্রী.কী ১২। এমত তপ কৃ ১৮। 'ধন শ্রী.মা ২০৮। তপেতে ভা.চ ১৩৮,-৯; ২৫৬। ৪ আতপ। "(তিলান্) সূর্য্যতপে দত্তবতী।—পঞ্চ (S.W.)। [তপ

তপিল (অপ্র)—তপস্যা করিল। "শ্রী.কী ২১৫। তু 'সং তপ্যতে তপস্তাপসঃ'। °লোক (বি)—সর্থ 'তপোলোক'। "ম ৯৪৮।]

তপ² 'তস্য পশ্চিম' ইহার সংক্ষেপ; সেই জমির পশ্চিম (জরিপে)। [তপ গায়—তাহার পশ্চিম গায়। তপ তউ—তাহার পশ্চিম উত্তর। তপ তদ—তাহার পশ্চিম দক্ষিণ।]

তপঃ (-স্) ক্লী [√তপ্+অস্ (অসুন্)-ক, উ ৪.১৮৯; ছান্দস] ১ তাপ, উষ্ম। ২ নিয়ম। "কু.স ৫.২। ৩ ধর্ম, উপবাসাদি। ৪ অভীষ্ট-লাভার্থ কৃচ্ছ্রসাধন; কৃচ্ছ্র। "তপঃ ক বৎসে ক চ তাবকং বপুঃ কু.স ৫.৪। ৫ চান্দ্রায়ণাদি ব্রত। ৬ ব্রতনিয়মোপাসনাদি কর্ম্ম। ৭ কায়েন্দ্রিয়চিত্তের সমাধান। ৮ মৌনাদিব্রত। ৯ বৈধক্লেশকর কর্ম্ম। ১০ স্বাশ্রমবিহিত কর্ম্ম। ১১ বানপ্রস্থের অসাধারণ ধর্ম্ম। ১২ তপস্যা। [শারীর বাঙ্ময় ও মানস ভেদে ইহা ত্রিবিধ। সত্ত্বাদিগুণভেদে শারীরাদি তপঃ প্রত্যেকে ত্রিবিধ (গী ১৭.১৪-১৯।] ১৩ যুধিষ্ঠিরপিতা ধর্ম্ম। "তপসস্তনুজঃ মাঘ ১৩.১। ১৪ মন-ইন্দ্রিয়ের একাগ্রতা (ত.বা)। ১৫ জনলোকের ঊর্দ্ধস্থিত লোক। ১৬ (জ্যোতিষে) লগ্নাবধিক স্থান। ১৭ কল্প (A.)। —পাঃ পুং ১ অগ্নি। ২ [+অস্-ধি] 'তপঃ কাল', মাঘমাস। তু 'তপশ্চ তপস্যশ্চ শৈশিরাবৃতূ।—যজুর্ব্বেদ ২৭.২৪। মাঘ ৬.৬৩। ৩ গ্রীষ্ম ঋতু। ৪ শিশির। ৫ হেমন্ত। [°কর (-স্কর) বিণ—তপস্যাকারক; (পুং) মৎস্যভেদ, তপসে মাছ। °প্রভাব (পুং)—তপোধন। °সমাধি (পুং)—তপস্যায় একাগ্রতা; তপোনিয়ম। "কু.স ৩.২৪; ৫.৬। °স্থলী (স্ত্রী)—তপস্যার স্থান; কাশী।]

তপত বিং [তপ্ত > °ত (স্বরাগমে); বৈষ্ণবসাহিত্যে] তাপময়, তেজোময়। "তুহিনকর তোহে বিম্বু, তপত তপন সম ভেল। —গো ২৫৫।

তপতী স্ত্রী ১ সূর্য্যপত্নী ছায়া। ২ সাবিত্রীর গর্ভজাতা সূর্য্যকন্যা, পুরুরাজ সংবরণের ভার্য্যা ও কুরুরাজের জননী (মহা ১.১৭১-১৭৩ অধ্যায়)। ৩ তাপ্তী নদী।

তপন বিণ [√তপ্+অন (ল্যু)-ক; স্ত্রী -না; ছান্দস] তাপয়িতা, দাহক। "রজনিপবনা দেহতপনাঃ ক.ম ২.১১। —ন পুং ১ সূর্য্য। "প্রতাপাৎ তপনো যথা রঘু ৪.১২। প্রতাপ-তপনে কীর্ত্তি-পদ্ম বিকাসিয়া। রাখিলেন রাজলক্ষ্মী অচলা করিয়া॥—ভা.চ ১৯। ২ গ্রীষ্ম। ৩ সূর্য্যকান্তমণি। ৪ অর্কবৃক্ষ। ৫ ভল্লাতকবৃক্ষ। ৬ অগ্নিবিশেষ। ৭ অগ্নিময় নরকবিশেষ। ৮ (মদনদাহক) শিব। ৯ অন্তকর্ত্তা (নীলকণ্ঠ)। "মহা ১.২৩.১৬। —ন ক্লী [+অন-ভা] ১ দাহ, তাপ, সন্তাপ। ২ প্রিয়বিচ্ছেদে নায়িকার কামোদ্বেগজনিত চেষ্টা। 'সা.দ ৩.১০৬। —নী স্ত্রী গোদাবরী। [°নন্দিনী (বি)—যমুনা। "°তীরে। —গো ৭৫। °বংশ (বি)—সূর্য্যবংশ। "কু.উ ২৫৬। °মণি (পুং)—সূর্য্যকান্তমণি।]

তপনতনয় পুং [ষ.ত] ১ 'সূর্য্যপুত্র', যম। "°তাপে তাপিত দা ৯৩০; বা.দ ১৩। ২ কর্ণ। ৩ সুগ্রীব। —তনয়া স্ত্রী ১ 'সূর্য্যকন্যা', যমুনা। তপনতনয়াতটিনী-তীর জ.প ১৬। °তীরে জ্ঞা ১৭। ২ গোদাবরী।

তপনাত্মজ পুং [ষ.ত] সর্থ 'তপনতনয়'। —জা স্ত্রী সর্থ 'তপনতনয়া'।

তপনীয় বিণ [√তপ্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] দহনীয়। —য় ক্লী স্বর্ণ। "°ময় মহা ৭.১১৩.২৮। °পীঠ রঘু ১৮.৪১। °বর্ণ ভ ২.৭.১১। তপ্ততপনীয়-তনু বি.সু ১২৩। [°নিকর্ষ (পুং)—হেমকর্ষণ, সোনাকষা। "°রাজি মাঘ ২০.৬৮।]

তপনেষ্ট ক্লী [ষ.ত] 'সূর্য্যের প্রিয়'; তাম্র।

তপনোপল পুং [উ.লো] সূর্য্যপ্রিয়মণি, সূর্য্যকান্ত।

তপ(ফ)শীল, -সীল বি [আ তফ্‌সীল্] বিবরণ, তালিকা, ফর্দ্দ (schedule)। "তপসীল অনুসারে E.P. 44; তপশীল 45. [তফসীল জমির চৌহদ্দী—জমির চৌহদ্দীর বিবরণ।]

তপশ্চরণ, ক্লী, **'-শ্চর্য্যা** স্ত্রী [ষ.ত] তপোনুষ্ঠান, তপস্যা। "তপশ্চর্য্যা মৃ ৮৯১; ৯৪২।

তপসি, -সী বি [সং তপস্বী; অপ্র] ঋষি, ব্রতচর্য্যাকারী। "পৌলস্ত্য তপসী কৃ.উ ৯০; যজ্ঞেতে তপসী ৯৯। ধর্ম্মের তপসি শ্রী.ম ৮৭; ১১২; বিড়াল তপসী ১৬০; ধর্ম্মের তপসী ১৭০।

তপসিয়া, -সে বি [সং তপস্বী; হি তপসী মছলী] মৎস্যবিশেষ (Mango fish)। "°য়া ভা.চ ১২৬।

তপস্য বিণ [তপস্+য (যৎ); স্ত্রী -স্যা] তপোভব, তাপস্থিত। —স্য পুং ১ 'তপে (গ্রীষ্মে) সাধু' (শ.ক); ফাল্গুন মাস। 'তপশ্চ তপস্যশ্চ শৈশিরাবৃতূ।—শুক্লযজুর্ব্বেদ ১৫.৫৭। সুশ্রুত ১.৬.৫। ২ ফাল্গুনি, অর্জ্জুন। —স্য ক্লী কুন্দপুষ্প।

তপস্যা স্ত্রী [তপস্+য (ক্যঙ্) > √তপস্য তপশ্চরণ+অ-ভা+স্ত্রী আ (টাপ্), পা ৩.১.১৫; 'তপিস্যে' (কথ্যভাষা—হু ৮৩)] তপশ্চরণ, তপশ্চর্য্যা, ব্রতচর্য্যা। "তপস্যা করিয়া মূর্ত্তি ধরেন তপস্যা।—কৃ ১২৪। ['তপস্য' ক্লী (শ.ক), পুং (ত.বা), পুং, ক্লী (A.)—তপশ্চরণ। "অস্য বুদ্ধিরভবৎ 'তপস্যে' মহা ১৩.১০.১৩। 'তপস্যে'—তপঃ করিয়ে (নীলকণ্ঠ)।]

তপস্বী (-স্বিন্) বিণ [তপস্+বিন্ (বিনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -স্বিনী] ১ প্রশস্ততপোযুক্ত, তপঃসম্পন্ন। ২ দীন, শোচনীয়, বরাক, অনুকম্প্য। "মহ. ২.৬৯.৩; বৈদর্ভী ভর্ত্তৃকামা তপস্বিনী ৩.৭১.৫; ১৪৪.২। শ ৭২১২। মু ৬২৩। ম.বি ১০২,-১৫। চৈ.ভা ২২৪। ৩ সন্তাপবান্। "গান্ধারীঞ্চ তপস্বিনীম্ ভ ১.৯.৪৮। ৪ দুঃখযুক্ত, দুঃখিত। "বাষ্পং মুমোচ ব্যথিতস্তপস্বী (সুমন্ত্রঃ) রা ২.৫২.১০০। অম্বা ...ক গতা চ তপস্বিনী ভ ১.১৩.৩৯। ৫ সভাগ্য, ভাগ্যবান্। "ভ ৫.৮.২৩। ৬ ক্ষুদ্র। "জলৌকা রক্তমাদত্তে কেবলং সা তপস্বিনী। —দক্ষ ৪.১০। —স্বী পুং ১ তাপস। "রঘু ১৪.৬৭। তপস্বিকন্যকা শ ১২৬। ২ দীন। ৩ নারদ। ৪ তপসে মাছ। ৫ চটকপক্ষী। ৬ (বাঙলায়) ধার্ম্মিক। "হেম ২৯১। ৭ ব্রতচারী। "যারা কামনার তপস্বী, তাদেরই জন্যে মোহ-মুদ্গর ঘ ১৫০। —স্বিনী স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ তাপসী, ঋষিপত্নী। ২ দীনা, বরাকী। "সা.দ ৩২৯৬। ৩ চটকা। ৪ ব্রতধারিণী। "(চন্দ্রাবতী) তপস্বিনী ম ১০৬১। শ্রী ৩৫।

তপাৎ দ্র 'তফাৎ'।

তপাত্যয় পুং [তপের অত্যয় যাহাতে, বহুব্রী] ১ যে কালে গ্রীষ্মের অবসান; বর্ষাকাল। "তপাত্যয়নিকেত।—মহা ৩.১৮২.৩। রবিপীত-জলা তপাত্যয়ে পুনরোঘেন যুজ্যতে নদী কু.স ৪.৪৪; ৫.২৩। ২ [ষ.ত] গ্রীষ্মাবসান।

তপান্ত পুং [তপের অন্ত যাহাতে, বহুব্রী] সর্থ 'তপাত্যয়'। "গো.রা ৬.৩৭.৬৮। ববর্ষ শরবর্ষাণি তপান্তে জলদো যথা।—মহা ৬.৫৪.২৩। বি.মা ৭.১।

তপাস, তাপা(বা)স বি [আ তফহ্‌হুস্.] অন্বেষণ, খোঁজ। "করহ তাপাস ম ৫১৮। পুনর্ব্বার না করি তপাস ক.চ ১৫৫। নাখানি আনিল তপাস করি শ্রী.ম ৬৮। বস্তিবাটায় তত্ত্ব-তাবাস চলতো হু ৬৯। [তপাসি, -সিয়া—খুঁজিয়া। "তপাসিয়া নাহি পাই কোলেতে লুকায় ভা.চ ৪০৪। ফিরয়ে তপাসি ব ৩৪।]

তপিষ্ণু পুং [√তপ্+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক] 'তপনশীল', তপন, সূর্য্য। "দেবতপিষ্ণু (মহা—S.W.)।

তপী বি [তপ+ঈ; হি °পী; অপ্র] তপস্বী। "যোগী যতি তপী সনে নাহি কিছু কাম ভ.প্র ৪৮; ১০৩,-৯।

তপূ 'তস্য পূর্ব্ব' ইহার সঙ্ক্ষেপ ; তাহার পূর্ব্ব (জরিপে)। [তপূ গায় —তাহার পূর্ব্ব গায়। তপূ তউ—তাহার পূর্ব্ব-উত্তর। তপূ তদ—তাহার পূর্ব্ব-দক্ষিণ। তপূ তস্য—তাহার পূর্ব্ব। "দা ৮।]

তপোধন বিণ [বহুব্রী] যাহার তপঃ ধনবৎ রক্ষণীয় ; তপস্যাধনসম্পন্ন, তপস্বী। "বিশ্বামিত্রং তপোধনম্ রা ১.৫৭.৫। মনু ১১.২৪২। তপোধনং বেৎসি ন মামূপস্থিতম্।—শ ৪.১। —ধন পুং তপস্বী, মুনি। "রঘু ১৪.১৯। শমপ্রধানে তপোধনেষু শ ২.৭। —ধনা স্ত্রী ১ তাপসী। "অয়ং জনঃ প্রষ্টুমনাস্তপোধনে কু.স ৫.৪০। স্বাগতং তপোধনায়াঃ উ.চ ২২/৩। ২ তপস্বিনী, মুনিপত্নী "তামুপাস্ত তপোধনাং গো.রা ৩.৪.১।

তপোনিধি পুং [ষ.ত, অথবা বহুব্রী] তপের আধার বা তপঃ যাঁহার নিধিতুল্য ; তপোধন, মুনি। "রঘু ১.৫৬। মাঘ ১.১২।

তপোনিষ্ঠ বিণ [বহুব্রী] তপে যাঁহার নিষ্ঠা ; তপোনিরত। "চৈ.চ ৬৭।

তপোবন ক্লী [ষ.ত] তপস্যার স্থান, বনবিশেষ ; মুনির আশ্রম। "°নিবাসিন্ শ ১২/৩। রঘু ১.৯০।

তপোবন্ত বিং [তপঃ+বন্ত] তপোযুক্ত, তপঃসম্পন্ন। "তপোবন্ত ...মুনিবর অ.প ১৩৮।

তপোবৃদ্ধ বিণ [তৃ.ত] তপঃ দ্বারা বৃদ্ধত্বপ্রাপ্ত ; তপঃসম্পন্ন, মহাতপাঃ।

তপোভৃৎ বিণ [তপস্+ √ভৃ+ক্বিপ্ (০)-ক ; উ.ত] তপস্বী।

তপোময় বিণ [তপস্+ময় (ময়ট্)] ১ তপোবিকার ; তপঃপ্রচুর, তপঃসম্পন্ন। "তেজাংসি তপোময়ানি।—উ.চ ১.১৫। °তেজঃপুঞ্জ পরম অস্ত্র সী ৬। —ময় পুং পরমেশ্বর। ২ তপস্যাত্মক, তপঃস্বরূপ। "ভ ২.৪.১৯।

তপোমূর্ত্তি পুং [বহুব্রী] ১ তপোরূপ, পরমেশ্বর। ২ তপস্বী।

তপোলোক পুং [কর্ম্মধা] তপোনামক ভুবন ; সপ্তলোকের একতম। "(দেখে) জনলোক তপোলোক ব্রহ্মলোক কৃ ২৯১।

তপ্ত বিণ [√তপ্+ত-র্ম্ম ; ছান্দস ; তু 'তপিতকনকবিন্দুপিঙ্গলাক্ষ (হ ২৪২.৩০) ; 'তপত' (শ্রী.কী) ; ফা তফ্ত] ১ দগ্ধ। "°তাম্র ভ ৬.৯.১৪। উ.মে ৪১। ২ পুটপাকশোধিত (মল্লিনাথ), বিশোধিত। "গো.রা ৩.৪৯.৩৫। °কার্ত্তস্বর মাঘ ১.২০। ৩ দ্রবীকৃত। "কারুণ্যেন মনস্তপ্তম্ (S.W.)। ৪ আচরিত, কৃত। "তপ্তং তপঃ গী ১৭.১৭ ; ২৮। ৫ পীড়িত, ব্যথিত, সন্তপ্ত। "গাঢ়° উ.মে ৪১। অঙ্গৈরনঙ্গতপ্তৈঃ শ ৩.৩। ৬ [+ত-ক] তাপযুক্ত, উষ্ণ। "ঋগ্বেদ ৪১.৬। তপ্তম্...তৈলম্ মনু ৮.২৭২। °ক্ষীরঘৃতাম্বু যাজ্ঞ ৩.৩১৭। ৭ জ্বলিত। "তপ্তাঙ্গার হি ১.১২৬। ৮ আতপজ্বলিত। "°পাংশু।—ঋতু ১.১৩। [°কাঞ্চন (ক্লী)—অগ্নিশোধিত স্বর্ণ। "°বর্ণাভা। °কুম্ভ (পুং)—নরকবিশেষ। °কৃচ্ছ্র (ক্লী)—দ্বাদশদিনসাধ্য ব্রতবিশেষ। "মনু ১১.২১৫। যাজ্ঞ ৩.৩১৭। °বালুক (বিণ)—তপ্তবালুকাময়। "ভ ৩.৩০.২২। °বালুক (পুং)—নরকবিশেষ। °মাষ (ক্লী)—তপ্ত মাষপরিমিত স্বর্ণ দ্বারা করণীয় দিব্যবিশেষ (বীরমিত্রোদয়)। °মুদ্রা (স্ত্রী)—তপ্তধাতুময় মুদ্রা দ্বারা শরীরে কৃত ভগবদায়ুধাদি চিহ্ন (হরিভক্তিবিলাস)। "তপ্তমুদ্রা যে ধারণ ভ.গ্র ৩৫৫। °রূপ, -পক (ক্লী)—বিশুদ্ধ রৌপ্য। তপ্ত খোলা—(গৌণার্থে) অর্থাভাবের চরম অবস্থা। "এখন আমাদের তপ্ত খোলা—বড় খাঁই আ.দু ৫৫। তপ্ত রাণ্ডী—নূতন রাঁড়ী বা বিধবা। "ব.প ৩৮৪।]

তপ্পন বি [সং তর্পণ > প্রা তপ্পণ ; কথ্যভাষা] তর্পণ। "স্নান তপ্পন ক'রা ধর্ম্ম অঙ্গে হৈল জোতি শূ ৮৫।

তপ্পে বি [হি টপ্পা] পরগনার বিভাগবিশেষ ; গ্রামসমষ্টি। "তপ্পে হরিপুরের এতমামদার E.P. 48.

তফ্কা বি [?] আছাড়, ধাক্কা। "প্রলয় তুফানে জেলেডিঙ্গির তফ্কা খাওয়ার মত সমাগত কুমুদিনীদের দুর্দ্দশা ত্যাখে কে !—হু ১৭৯।

তফশীল দ্র 'তপশীল'।

তফা(পা)ৎ বি [আ তফারত্] ১ অন্তর, প্রভেদ। "ডুমনি বামনিতি তপাৎটা কি ?—বি.বু ২৫। ২ দূরস্থান ; দূর। "হুতোম দাসে স্বরূপ ভাসে, তফাৎ থাকাই সার কথা হু ৭৬। —ৎ বিং পৃথক্, বিচ্ছিন্ন। "হঠাৎ কি যে মজ্জি হ'ল,...তফাৎ হ'য়ে গেলাম দোঁহে কু.কে ২৩। [তফাৎ করা—দূরে লওয়া।]

তব[১] [সং তব ; পদ্যে] তোমার, আপনার। "তব সঙ্গে : তব সহ : তব দুঃখে কৃ ৯৯। তব পদ-চিহ্ন মে ১০৮,-৯।

তব[২] (-ব্) ক্রি-বিং [হি তব ; বৈষ্ণবসাহিত্যে] ১ সেই সময় ; তৎকাল। "তব ধরি দগধে অনঙ্গ বি.প ১৭ ; ৪৩। তব ধরি, জগভরি, ভরল কুসুমশর গো ৯৭। ২ তবে, তাহা হইলে। "জানসি, তব কাহে করসি পুছারি বি.প ৬৮। [তব ধরি—তদবধি। "ব ১১। তব হি—তবু, তথাপি। "দারুণ প্রেম তব হি, নাহি টুটত বি.প ১৬০।]

তবক[১] বি [সং স্তবক ; আ ত.বক্.—স্তর] ১ স্তর, থাক। "গুঞ্জা মুক্তা তবক-রচিত ব.প ৮৯৩। ২ গুচ্ছ, থোকা। "অশোকতবক কর যুগলে শ্রী.কী ২২৬। [তবকে তবকে—১ থাকে থাকে ; সারিসারি। "(রাজগণ) তবকে তবকে...করে গমন।—হেম ২৫১। ২ ক্রমে ক্রমে ; একে একে। "তবকে তবকে পার্থ যতেক পুছিল ম ৭৪০। সোনার তবক (আ ত.বক্.)—সোনার পাত।]

তবক[২] বি [র্ক তুপক্] ছোট তোপ ; বন্দুকবিশেষ। "তবক বেলক টাঙ্গি ক.চ ৭৫ ; তবকের গুলি ৭৬ ; ২৫৮ ; পুড়িল তবকে মু (মুখ) ২৬১।

তবকী বি [°ক[২]+ঈ[৭] ; র্ক তুপক্-চী] বন্দুকধারী, গোলন্দাজসৈন্য (musketeer)। "রায়বাঁশ তবকী ক.চ ৯৫,-৭ ; ২০৩,-৬১,-৬৫। শ্রী ১০। ভা.চ ৪৫৯। ব.প ১৬৮৫।

তবর্গ পুং [ষ.ত] ত-কারের বর্গ ; ত-কারাদি পঞ্চ বর্ণ। [°গীয়—তবর্গ-সম্বন্ধী (বর্ণ)।]

তবল[১] বি [ফা তবর্ ; ঠ তবল] কুঠার, যুদ্ধাস্ত্রবিশেষ। "ম ২৬৯।

তবল[২] বি [আ ত.বল্ ; cf., E. tabor] বড়ঢাক। "কু.উ ১০৩। কৃ ২৯,-২৭০। ম ৯০৫। শ্রী.ম ১২৭।

তবলকী বি [(?)] ধর্ম্মযোগীদের প্রতীক চিহ্ন বিশেষ, কুঠারের মালা। "তবলকীর মালা হু ১৮৪।

তবলা বি [আ ত.বলা] আনদ্ধ বাদ্যবিশেষ। [তবলচী, -জী (আ ত.বলচী, ঠ তবলজী)—তবলাবাদক। "তবলজী হু ৬২। তবলী—সেতার-প্রভৃতির তুম্বীর পাতলা কাষ্ঠাবরণ।]

তবল্লক বি [আ তকল্লুফ্. ; পাঠান্তর—'তকল্লবি, -বী'] রীতি-অনুযায়ী, পদ্ধতিমত, দস্তুরমত। "তবল্লক (তকল্লবী) ছাঁদে, বসন পিঁধে চ.দ্বা ৪২। তকল্লবি ছাঁদে চ.সা ৪৪।

তবহি, -হিঁ, -হু, -হুঁ ক্রি-বিং [তব[২]+হি[১], হিঁ[২], হু[১], হুঁ[২] ; হি তব-হী, তভী] ১ তখনই। "তবহুঁ ক্ষীর উমড়ি পড়ু তাপে বি.প ১২৯ ; তবহু তুয়া সঞে মরমক বাত ১৫১। তবহিঁ ব ১২৩। তবহিঁ জানিল চৈ.চ ২৫৮ ; তবহি ৩৪৬। ন.প ৯০। তবহু চৈ.ম ১৩১। ২ তখন। "তবহুঁ যতন করি করইতে মান : তবহু না জানলু দিন কি রাতি।—গো ১৭৯। —হি,-হু,-হুঁ অব্য [সং তথাপি > প্রা তহবি (প্রা.ম), তহবিহ (পৈ)] তথাপি, তবু, তাহা হইলেও। "তবহুঁ বাধক শীত শুনি কর সাধ বি.প ১১১ ; শপথি শত শত, তবহি প্রতীত নহি বোলে ১২২। তবহু তাহার, পরশ না ভেল চ.দ্বা ৭৫। তবহুঁ সাজ নাহি পায় দ্রা ১৯৪। তবহু বসন ধর, কাহে দিগম্বর, শঙ্কর নিয়ম উপেখি।—গো ১৯৭।

তবাহংবাদী (-দিন্) বিণ [তব১ + অহম্ + বাদী] যে বলে 'আমি তোমার (অধীন), অর্থাৎ তোমার আশ্রিত'। "তবাহংবাদিনং ক্লীবম্ (ন হন্যাৎ) বাল্ম ১.৩২৬।

তবিঅ(য়)ৎ বি [আ ত.বীঅ'ত্] মন, মেজাজ, মনের ভাব। [বাহাল তবিঅৎ,-য়ৎ—সুস্থ মন ; খোশ মেজাজ। "খোসপোসাকে সজ্জা করি বাহাল তবিয়ৎ।—হেম ৩৭৭। বাহাল তবিয়তে থাকিআ খতপত্র লিখিআ দিলাম E.P. 109]

তবিল বি [আ তহ্'বীল] ১ সর্থ 'তহবিল। ২ স্থান, থানা, সেনানিবেশ। "আঠার তবিলের সিপাহি সাজে গো.চ ৯২; ১২২।

তবু, -ভু অব্য [তবহু > তভু, -বু ; 'তভু' (অপ্র)] সে প্রকারেও ; তাহা হইলেও ; তথাপি। "তবু মাইয়ার গিয়ান না নিমু শিখিয়া।—গো.চ ১৪। শত দ্রোণ হৈয়া যদি আইসে সমরে। তভু কি তাহার শক্তি ধরিবে তোমারে॥—ম ৮২৩। পুন মরিবার তভু উপায় চিন্তয়ে ভ.গ্র ৬২। তভু তারে থুইবাঙ হৃদয়-উপরে চৈ ভা ৪৪। রস আস্বাদিতে তভু বিবিধ বিভেদ।—চৈ.চ ৩২ ; তভু লিখি ৮৩। জাড্য না ঘুচিল তভু চৈ.ম ১৮। তবু শুনি ঘ ১৮৪। —ভো অব্য [তব২ + হো৪] তবু। "সবে মানা করে, তভো মানা নাহি মানে চৈ.ভা ৪২ ; ৬৫ ; ১৩৬। [তবুও, তবু তো—তাহা হইলেও। "গো.চ ১২। "ভৃত্য বটে, তবুও মানুষ, আমি।—রবীন্দ্র। তবুনি, তবুনিয়া—তবু নিশ্চিত। "গো.চ ৭৯,-১২৬। তভোঁ, -ভোহো,-হোঁ (তব২ + হো৪)—তথাপি। "শ্রী.কী। তবো—তবু,তথাপি। "তবো তুষ্ট না হইল তিন দেবা গ ১২৭। তবেঁ, -বা, -বেঁ (চ ; দো)। তবেঁ, -বেঁসি, -বেঁহো (শ্রী.কী)।]

তবে ক্রি.বিং [তব২ + এ৫] ১ সেই সময় ; তখন। "যবে দরশন ভেল। তবে কেহ্নে না তেজিল॥—শ্রী.কী ৩৬০। গো.বি ১১ ; তবে ধরি ভেস ২৩। ম ৫৫৭ ; ৮৭৯,-৮৫। চৈ.ভা ১৩। ২ তৎপরে, পরে। "সব থাই পত্তি তবে করে পলায়নে চৈ.ভা ৪৩। তবে যুদ্ধ হুদাহুদি, তবে হৈল রদারদি, তবে হৈল যুদ্ধ নখানখি চৈ.চ ৩৪৬। —বে অব্য [সং তদা ; ঠ তেরহাং ; ড় তেবে] ১ তখন, তাহা হইলে। "চৌদ্দ বর্ষ যদি রহে আমার জীবন। তবে তোমা সনে মম হবে দরশন॥—কৃ ৯৮। গো.চ ৬২। শি ৮৬। তবে আমি করিব প্রলয় ভা.চ ৪৩৪। তবে ক্ষমা করি, যদি পরিচয় দাও ব.প্র ৭ ; ৮। ২ তাহা (কারণ) না থাকিলেও। "তপ জপ জানি নাহি ধ্যান জ্ঞান আর। তবে যে দিয়াছ দেখা দয়া সে তোমার॥—ভা.চ ২৫৭। ৩ উপমায় দোষগুণের ন্যূনাধিক্যকথনে। "রঘুয়ার চেহারা আর নদেরচাঁদের চেহারা এপিট ওপিট, তবে রঘুয়ার হাতখানি মুলো, আর একটু বেঁকে চলে লী ৫২। [তবেই—তাহা হইলেই। তবেই ত—তাহা হইলেই নিশ্চিত। তবে ত—তাহা হইলেই। "তবে ত আমার বশ হৈবা সুন্দরি গ ১৫৯। তবে নি—তবেই (গো.চ)। তবে বা—তখন যদি। "মকার করিলে অগ্রে রা করিলে শেষে। তবে বা পাপীর মুখে রামনাম আইসে॥—কৃ ৪। তবে যবে—তৎপরে যখন। "চৈ.ভা ১৩১ তবে রে—ক্রোধে। তবেসি—তবে সে ; তবে। "তবেসি মেলিব…জগন্নাথে শ্রী.কী৩০৭। কৃ.উ৫০,-৯ ; আগু গণেশের পূজা তবেসি আনে পায় ৬১। তবেহ—তাহা হইলেও, তথাপি। "গো.বি ২০ ; ৩৮।

তম্ সক [দি, প—তামাতি ; সেট্] ১ ইচ্ছা। ২ (অক) গ্লানি, খেদ, ক্লীভাব। [উদ্—উৎকণ্ঠা ; অতিখেদ। পরি, সম্—অতিখেদ।]

তম১ পুং [√তম্ + অ (ঘঞ্)-ণ ; তু 'সং তমস্ > প্রা 'ম] ১ অন্ধকার। "তমোঘ (প্রতিমানাটক)। 'ময় গ ৭২। আপদ' শ্রী ১। বি.সু ১০৬। 'পূর্ণ স.শ ৬১। তমাবৃত।—হেম ১০১ ; 'চারী ১২০। ২ (সাদৃশ্যে) রাহু। ৩ তমালবৃক্ষ। ৪ তমোগুণ। "কান্ত্যা দেবোপমাঃ সর্ব্বে তপসা নীরজস্তমাঃ।—রা (অ.টী)। তমাধিকা ভ.গ্র ১১৫। —ম ক্লী ১ অন্ধকার। ২ পাদাগ্র। —মা স্ত্রী ১ রাত্রি। ২ (বাঙ্লায়) গর্ব্ব, অহঙ্কার। "এমন উত্তর তোর তমের কারণে ম ৮৬০। তম হৈল নুন ভ.গ্র ২৭০। [তম-অরি-সুত—সূর্য্যপুত্র যম। "ব.প ৩২৯।]

তম২ প্র [সং তমপ্] বহুর মধ্যে একাতিশয্যার্থে। "পটু', লঘু'। প্রিয়তমতমের উত্তম ভ.গ্র ৮২। বৈষ্ণব' চৈ.চ ১৭৫।

তমঃ(-মস্) 'ক্লী [√তম্ + অস্ (অসুন্)-ণ,-১ব, উ ৪.১৮৯ ; ছান্দস] ১ অন্ধকার ; তিমির। "সন্ধ্যামিব মহত্তমঃ।—রা ৩.৪৬.৫। সূচি-ভেদ্যৈস্তমোভিঃ পূ.মে ৩৭। শ্রী ১। মে ১৫৫ ; দুঃখতমোবিনাশিনী ১৮৫। তমঃসম (বিপত্তি) মা ১৫১। ২ মোহ, অবিবেকতা। "মম চ মুক্তমিদং তমসা মনঃ শ ৬.৮। কি ২.৩৭। মহাতমোমতি ভ.গ্র ২। ৩ অনাত্মবিষয়ে আত্মজ্ঞান ; অবিদ্যা, অজ্ঞান। "(পুরুষম্) আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।—গী ৮.৯ ; ১৩.১৭। সাংখ্য ৪৮। ৪ নরকাদিদুঃখ, নরক। "মনু ৪.২৪২। বেণোঃহত্যাতরৎ তমঃ।—ভ ৪.২১.৪৬। ৫ দুঃখ ; পাপ (A.)। ৬ বিশেষদর্শনবিরোধিদোষ। ৭ (তমোবৎ আবরক) প্রকৃতিজাত গুণত্রয়ের একতম। 'গুরুবরণকমেব তমঃ।—সাংখ্য ১৩। শ্রী ১৮৬। তমোগুণে শিবরূপ : তমোগুণে অধোগতি ভা.চ ১৫৫। [দ্র 'গী ১৪.৫-১৮'] —মঃ ক্লী, -মাঃ পুং রাহু। "জগ্রাহোপপ্লবগতং সূর্য্যং তম ইবাম্বরে গো.রা ২.৬৫.২। রঘু ৮.৩৭। ভ ২.৯.৩০।

তমস বিণ [তমস্ + অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -সা] তমোযুক্ত, তিমিরময়। —স পুং কূপ। —স পুং, ক্লী [√তম্ + অস (অসচ্)-ণ, উ ৩.১১৭ ; তু 'সং তমস্ > প্রা 'স] অন্ধকার। —স ক্লী নগর। —সা২ স্ত্রী নদী-বিশেষ। "রা ১.২.৪। তমসাপগা ভট্টি ৩.৩৯।

তমসা১ বি [সং তমস্, -স ; তু 'সং তমসাবৃত (পা ৬.৩.৩, কাশিকা), বা তমসাবৃত (তমসা + আবৃত) ; পদ্যে] অন্ধকার। "তমসায় অন্ধ।—হেম ১০৩ ; তমসা-পূর্ণ ১৭৯ ; তমসা-রেখা ২৫৮। ন ৫১৬। তপন-হীন ঘন তমসাময় চ.কা ৬৮।

তমসা২ দ্র 'তমস'।

তমস্সুক বি [আ ত.মস্‌সুক্] ঋণস্বীকারপত্রী, খত। 'দিতে পারি আচ্ছা সুখ, দেখিয়ে প্রেমের তমস্সুক দা ২০৬০।

তমস্কাণ্ড পুং, ক্লী, **-স্ততি** স্ত্রী [ষ.ত] তমোরাশি, তমোবর্গ। "ক্ষপা-তমস্কাণ্ডমলীমসং নভঃ মাঘ ১.৩৮।

তমস্বতী দ্র 'তমস্বান্'।

তমস্বান্(-স্বৎ) বিণ [তমস্ + বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব] তমোযুক্ত, তিমিরময়। —স্বতী স্ত্রী ১ রাত্রি। ২ হরিদ্রা।

তমস্বী(-স্বিন্) বিণ [তমস্ + বিন্ (বিনি) অস্ত্যর্থে -১ব] তমোযুক্ত। —স্বিনী স্ত্রী ১ সর্থ 'তমস্বতী (১)। "শ্রী.ম ২.৪। রত্ন ১১১। স.শ ৬১। হেম ১১৬। ২ সর্থ 'তমস্বতী (২)।

তমাল পুং [তমতাল > 'াল (?) ; তু 'কালতাল, নীলতাল'] ১ কৃষ্ণ-ত্বক্ বৃক্ষবিশেষ ; তাপিঞ্ছ বৃক্ষ (Diospyros tomentosa)। "'ফলভক্ষিণঃ।—গো.রা ৪.৩৭.২৮। 'তালীবন রঘু ১৩.১৫। বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈঃ গী.গো ১.১। সোই ত তমাল তরু কৃষ্ণবর্ণ হয় বি.প ১৬১। তমাল-শ্যামল বসুমতী ক.চ ১০। ২ সাম্প্রদায়িক তমালপত্রাকার তিলক। ৩ কৃষ্ণখদির। ৪ বরুণবৃক্ষ। ৫ বংশত্বক্। ৬ খড়্গবিশেষ। ['পত্র (ক্লী)—১ তমালের পত্র। "রঘু ৬.৬৪। ২ সর্থ 'তমাল (২)।]

তমালিকা, -লিনী স্ত্রী তমালপ্রচুর দেশ ; তমলুক।

তমি, -মী স্ত্রী [√তম্ + ই (ইন্)-ধি, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.১১৭] ১ সর্থ 'তমস্বতী (১)। "মাঘ ৯.২৩। পূণ্যদা এ তমী ভা.চ ২৪৪। ২ মূর্চ্ছা। ৩ সর্থ 'তমস্বতী (২)। ['নাথ (বি)—নিশাপতি চন্দ্র। তমীনাথ তপনেরে প্রকাশ করিলে। তোমার গো-রসে গো পাইব করতলে।—কাব্যনির্ণয়।]

তমিস্র বিণ [°স্র+অ (অচ্)-অস্ত্যর্থে] তমোযুক্ত, তিমিরময়। "তমিস্র সংসার শ্রী.মা ৮৩। —স্র ক্লী [তমস্+র অস্ত্যর্থে, পা ৫.২.১১৪] ১ তমঃ, অন্ধকার। "তমালদলনীলতমং তমিস্রম্।—গী.গো ১১.১২। ন ৫৩৮। ২ মোহ, অজ্ঞান। ৩ ক্রোধ। ৪ নরকবিশেষ। "ভ ৪.৬.৪৫। —স্র পুং কৃষ্ণপক্ষ। —স্রা স্ত্রী [°স্র+স্ত্রী আ (টাপ্)] ১ অন্ধকার-রাত্রি। ২ কৃষ্ণপক্ষনিশা। ৩ তমস্ততি, তমোরাশি। "সূর্য্যে তপত্যা-বরণায় দৃষ্টেঃ কল্পেত লোকস্য কথং তমিস্রা রঘু ৫.১৩। কু.স ৬.৪৩। মাঘ ৬.৭০। ৪ তিমির (বিশ্ব)। ৫ তমোময়রাত্রিমাত্র (রায়মুকুট)। ৬ অমাবস্যারাত্রি।

তমু অব্য [তবু, -ভু > °মু; অপ্র] তথাপি। "তমু বন্ধন না খসে কৃ.উ ৭০,-৭, ১১৪,-৫,-৮। চ.বি ১১৩। তমু মোর তিন খানি পা ব.প ১৩৬৮। ম.বি ৩৮। শ্রী.ম ৩০; ৬১। তমু প্রবোধ না মানে গো। —প.র ৭৪। তমু নহঁ মানয়ে ভীত।—জ্ঞা ১৯৩। ন.বি ১৩। [তমু ত —তথাপি। "তমু ত পরম পদ না দিলা নারায়ণে গ ৭৪। ব.প ৫৩৪। ব ৪৭।]

তমোঘ্ন পুং [তমস্+হন্+অ (টক্)-ক; উ.ত] ১ 'তমোনাশক', অগ্নি। ২ সূর্য্য। ৩ চন্দ্র। ৪ জ্ঞান। ৫ [+অ(ক)-ক] শিব। ৬ বিষ্ণু। ৭ বুদ্ধ।

তমোনুৎ(-নুদ) বিণ [তমস্+ √নুদ্+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত; স্ত্রী-ৎ] তমোনাশক। —নুৎ পুং ১ সর্ব 'তমোঘ্ন (১)। ২ সর্ব 'তমোঘ্ন (২)। ৩ সর্ব 'তমোঘ্ন (৩)। "রঘু ৩.৩৩। ৪ দীপ। —নুদ বিণ [ষ.ত; স্ত্রী -দা] ১ তমের নাশক; তমোঘ্ন। "সূর্য্যং তমোনুদম্ গো.রা ২.৯৭.২। ২ প্রকৃতি-প্রেরক (কুল্লুক), প্রলয়াবস্থাধ্বংসক (মেধাতিথি)। "প্রাদুরাসীৎ তমোনুদঃ। —মনু ১.৬। —নুদ পুং ১ সর্ব 'তমোনুৎ পুং (১-৩)। ভ ৩.৫.২৭। ২ ঈশ্বর।

তমোপহ বিণ [তমস্+অপ-√হন্+অ(ড)-ক; উ.ত] ১ তমো-নাশক, তমোহর। "তমোপহম্…অহর্পতিম্ মাঘ ১৬.৫৭। ২ অবিদ্যা-নিবর্ত্তক, অজ্ঞাননাশক। "কি ৫.২২। —পহ পুং ১ সর্ব 'তমোনুৎ পুং (১-৩)। ২ সর্ব 'তমোঘ্ন (৭)।]

তমোবৃত বিণ [তৃ.ত] ১ তিমিরাবৃত, মেঘাচ্ছন্ন। ২ অস্পষ্ট। ৩ অজ্ঞানাচ্ছন্ন।

তমোমণি পুং ১ তিমিরে মণিতুল্য; খদ্যোত। ২ গোমেদমণি।

তমোময় বিণ [তমস্+ময় (ময়ট্); স্ত্রী -য়ী] ১ অন্ধকারাত্মক। "ভ ৩.২০১৯। ২ অজ্ঞানাত্মক। ৩ অন্ধকারপ্রচুর, তমোব্যাপ্ত। "তমোময় ধামে মে ১১২। —ময় পুং 'তমঃস্বরূপ', রাহু।

তমোরি পুং [তমঃ+অরি; ষ.ত] ১ 'তিমিরের শত্রু'; সর্ব 'তমোঘ্ন (২)। ২ সর্ব 'তমোঘ্ন (৩)। "°বিম্বপ্রতিবিম্বধারী ভা.চ ৩২৪। ৩ সর্ব 'তমোঘ্ন (১)। ৪ সর্ব 'তমোঘ্ন (৪)।

তমোহর, -হা(-হন্) বিণ [ষ.ত; তমস্+ √হন্+ক্বিপ্ (০)-ক -১ব; উ.ত; স্ত্রী -রা; -ঘ্নী] অন্ধকারনাশক; অজ্ঞাননাশক। "তমোহা মিহির মে২৫৫। —হর, -হা পুং ১ সর্ব 'তমোঘ্ন (২)। ২ সর্ব 'তমোঘ্ন (৩)।

তম্বি বি [আ তম্বীহ্; হি তংবীহ; ঠ তংবী] তিরস্কার, তর্জ্জন, শাসান, জুলুম। "রাজা তাহা শুনি তম্বি করিতে লাগিল ভ.গ্র ৫৬০। রসি দিয়ে রূপের করে, তুম্বী ধ'রে তম্বি করে দা ২০৯৮।

তম্বুর, -রা বি [আ ত.ম্বূর্—ঢাক, ত.ম্বূরা—তুরুক্কের বেহালাবিশেষ; হি তংবূরা; ঠ তংবূরা; গু তংবূরী] ১ আলাপচারীতে সুর দেওয়ার জন্য তারের বাদ্যযন্ত্রবিশেষ। "দুই কন্যা তম্বুরা লইয়া কৃষ্ণগুণ (গান করে) ভ.গ্র ৩৪৭। তম্বুর রসাল দ্রু ১৫; ত্রিতন্ত্রী তম্বুরা ১০৪। তম্বুরা ম.পা ৩১; ব.প ৪৪। তম্বুরা রবাব ভা.চ ৩২৯। ২ (অপ্র) বীণা। "নারদ তম্বুর তাহে হৈল অনুকূল শি ৭২।

তয় '-য়' বি [ফা ত.হ্] ভাঁজ, পরত (fold)। [তয় তয় (ফা তহ্-ব-তহ্)—ভাঁজে ভাঁজে, পরতে পরতে; (গৌণার্থে, ভাঁজ না ভাঙ্গে এই নিমিত্ত) আস্তে আস্তে, ধীরে ধীরে। "রাত্রিযোগে হুড়্কা খশাই তয় তয় ব.প ১৩৭১। তয় তয় রাখা—পরতে পরতে রাখা; ধীরে ধীরে রাখা।]

তয়ফা বি [আ ত.য়্ফ.া] নর্ত্তকীর দল। "গানের সঙ্গে এক তয়ফা মজলিস রেখেছে হু ৬; ১৯৫।

তয়ের, তৈয়ার বিং [ফা তইয়ার্, আ ত.ইয়ার্; ঠ তয়ার] ১ প্রস্তুত, নির্ম্মিত (ready, prepared)। "ত্রিলোক কহেন তাহা তৈয়ার না হয়। তৈয়ার হইলে দিয়া আসিব তথায়॥—ভ.গ্র ৩৩১। ২ সমাপ্ত, সম্পন্ন (complete)। "খাবার তয়ের। ৩ সজ্জিত, উদ্যত (ready)। "যাওয়ার জন্য তয়ের।—য়েরী,-য়ারী বি [ফা তইয়ারী; আ ত.ইয়ারী; ঠ তয়ারী; তৈরী (কথ্যভাষা)] নির্ম্মাণ, সম্পাদন (preparation)। —য়েরী, -য়ারী বিং ১ সর্ব 'তয়ের'। ২ কার্য্যোপযোগী। "লোক তয়েরী করা। [তয়ার (মুরশিদাবাদ)—পরিপক্ব (আম, কলা)। তয়েরী ছেলে—পাকা ছেলে।]

তর[১] পুং [√তৃ+অ(অপ্)-ভা; ছান্দস] ১ তরণ, পার করা। "পণং যানং তরে দাপ্যম্ মনু ৮.৪০৪। ২ [+অ-ণ] তরমূল্য, পারের পয়সা। "মনু ৮.৪০৬। ৩ তরনৌকা, খেয়ার নৌকা। ৪ বৃক্ষ। তু 'তরু'। ৫ অগ্নি। ৬ [+অ-ধি] তরণস্থান, খেয়াঘাট। "(রাজা) আকর-শুল্কতরনাগবনেষ্বাপ্তান্ নিযুঞ্জীত।—বিষ্ণু ৩.৯। [°কপর্দ্দিকা (স্ত্রী), °দান (ক্লী)—তরণার্থ দেয় মূল্য; পারের কড়ি বা পয়সা। "চ ২৬; ৫৮, টীকা। °পণ্য (ক্লী)—তরণের মূল্য; আতর, খেয়ার কড়ি। °পণ্যিক (পুং)—তরপণ্যগ্রাহী, খেয়ারী। °পতি (পুং)—খেয়ারী। "চ ৫৮, টীকা। °স্থান (ক্লী)—খেয়াঘাট।]

তর[২] প্র [সং তরপ্; তু 'ফা তর্—কমতর্, বদতর্] ১ দুইএর মধ্যে একাতিশয্যে। "পটু°, মৃদু°, লঘু°। ২ (বাঙলায়) আতিশয্যে। "রণ কৈল বহুতর ম ১১৫৩। খরতর খরা (ক.চ)। নদ নদী বহুতর জ ২০। ৩ [সং ষ্টরচ্] হ্রস্বার্থে। "অশ্বতর, -তরী; বৎসতর, -তরী।

তর[৩] বি [সং ত্বরা] শীঘ্রতা, (তাৎপর্য্যে) বিলম্ব। "এই দ্যাখ মাসীর আর বাপু তর নাই, আপনিই আসছে গি.দ্বি ১০৫। [তর সয় না—ত্বরা সহ্য হয় না; (তাৎপর্য্যে) বিলম্ব সয় না।]

তর[৪] বি আ ত.রহ্] ১ প্রকার, রকম (manner)। "কতই দিকে তুলচে কতো কতই তর সুর।—হেম ৩৮২। ২ পদ্ধতি, বিধি (mode)। ৩ আকার, গড়ন, ভাব, ভঙ্গি, ধাঁচা। ৪ জাতি, শ্রেণী, প্রকার। "তরফুলে ভরিল যে ডালা বি.পা ৭৫। শ্রী.মা ২১৩। ৫ অবস্থান, সংস্থানবিশেষ (position)। [তরতর—নানাপ্রকার। "°তর মালা বি.সু ৯১। তর ফুল—নানাজাতি পুষ্প। তর-বেতর (তরহ্-ব-তরহ্-কা) —নানা-আকার-বিশিষ্ট; নানাজাতি, বিবিধ। "তর-বেতর চেহারার ভিড় হু ১৮৫।]

তর[৫] '-র্' বিং [টর > °র] ১ ভরপুর, মাতাল। "রামহরি বাবু… গোলাপি রকম নেসায় তর হ'য়ে বসেছিলেন হু ৫৪। ২ বিহ্বল, আত্ম-হারা। "সঙ্গের গোপিকা সেই আদরেই তর চৈ.ম ১৮৫।

তর[৬] সর্ব্ব [সং √তৃ > লি, প্রা √তর; হি, ঠ, গু √তর] ১ উত্তরণ করা (to cross)। "ভবসিন্ধু তরিবারে রামনাম ভেলা কৃ ১৫৩। তমিস্র সংসার ত'রে যাবে শ্রী.মা ৮৩। ভব ভক্তি ভব তর ভা.চ ২১৫। ২ অতিক্রম করা। "ঘোড়া গেল সর্ব্বরাজ্য তরি অ.প ১৩৩। ৩ লাফাইয়া অতিক্রম করা; উল্লঙ্ঘন করা। "সাগর তরিতে পারি আপনার বলে কৃ ১৯৪। —র অর্দ্ধ ১ উদ্ধার পাওয়া; ত্রাণ পাওয়া। "কোন বুদ্ধে তরি কৃ.উ ৫৫। রামনামে সর্ব্বপাপে তরি কৃ ২; রামনাম-স্মরণে যমের দায়ে তরি ১৫৩। জোগে জোগে তরি গো.বি ১২। ২ উত্তীর্ণ হওয়া। "বিপত্তিসাগরে তরি লভেছে সম্পদ শ্রী ২০২।

৬ সদ্‌গতি পাওয়া ; মুক্ত হওয়া। "ইহলোক পরলোক পুত্র হৈতে তরি বি.পা ৮৪। —রা সর্ম [তর+আ ; হি √তরানা] ১ উত্তীর্ণ করা; পার করা। "কাণ্ডারী…তরাইতে সিন্ধু ম ৮৭৩। তুমি বিনে কেবা তরাইবে ভবসিন্ধু চ.বি ৮। ২ উদ্ধার করা; মুক্ত করা। "অসাধু তরান যিনি ঠাকুর বলি তাঁরে কৃ ২৪১। পতিতপাবনী মাতা পতিতে তরালে দু ৯১। কোন্‌হে তরাইব মুই পড়িলু সঙ্কটে অ.প ১০। আপদ তরায় হেন আছে কোন জন ম.বি ২৭। ৩ উত্তীর্ণ করা; চালিত করা; চালান। "কাণ্ডারে বসিয়া আমি তরাইব নাও ম.ম ১৩৩। [তরা—সর্থ 'তর৬'। তরান—সর্থ 'তরা'। তরাবার তরে—উদ্ধারার্থ। "কৃ.উ ১৫৬।]

তর(রু)ই বি [হি তুরঈ] ঢেঁড়শ। "বি.পা ১৬৩,-৬।

তরওয়াল বি সর্থ 'তরবার'। "তরওয়াল কোঁড়া (পাঠান্তর) হু ১২।

তরঃ(-রস্‌) ক্লী [√তৃ+অস্ (অসুন্)-ণ] ১ 'অভিভবসাধন', বল, শৌর্য্য। "কৈলাসনাথং তরসা জিগীষুঃ রঘু ৫.২৮ ; ১১.৭৭। মাঘ ৯.৭২। ২ [ছান্দস] বেগ, জব। ৩ উড়ুপ, ভেলা। ৪ [+অস্-ক] বানর। ৫ রোগ। ৬ [+অস্-ধি] 'তরণস্থান', তীর, কূল।

তরকচ বি [ফা তর্‌কশ্] তূণ, বাণের ঠোঙা। "তীর সহ তরকচ ব.প ৪৩২। গ ২১। শ্রী ১৬৫।

তরকারি, -রী বি [হি °রী] ১ রন্ধনার্থ ফলমূলপত্রাদি; আনাজ। "ডাকিনী যোগিনী দুটা, তরকারী বানায়ে খাব।—রামপ্রসাদ। ২ ব্যঞ্জন।

তরক্ষ, -ক্ষু, তক্ষু´ পুং [তর+ √ক্ষি+উ (ডু)-ক (অ.টী) ; ছান্দস] 'লম্ফগামী', মৃগাদন, নেকড়ে (hyena)।

তরখ বি [সং তর্ষ >তরষ (স্বরাগম) >°খ; তু 'হরখ (হর্ষ)] অতিস্পৃহা, লালসা। "যব দুহুঁ হরখে তরখে করু কোর। বিঘটি কি ঘটল চকোরক জোর॥—গো ১৪৭। —খিত বিং [সং তর্ষিত >তরষিত >°ত] ১ তর্ষযুক্ত, অতিস্পৃহান্বিত, লালসাযুক্ত। "প্রেম অমিঞা হরখি বরখি, তরখিত মহী মাতিয়া গো ২৯। ২ দর্শনলালসান্বিত, সাক্ষাৎকারে স্পৃহিত। "তঁহি (শেজ) পর বৈঠি পুন তরখিত ভেল (প.ক)। ৩ সতৃষ্ণনেত্র। "তোহে তরখিত, তরুণি তোহারি পথ চায় (প.ক)। [তরকিত (তরখিত—সাধু)—সাক্ষাৎকারে স্পৃহিত। "ইষ্টকুটুম্ব ত আসিল তরকিতে বি.পা ২৫৫।]

তরঙ্গ পুং [√তৃ+অঙ্গ (অঙ্গচ্)-ক, উ ১.১১৭] ১ উর্ম্মি, বীচি, ঢেউ। "গো.রা ৪.৪১.২৯। °হস্ত রঘু ১৩.৬৩। °ময় উ.চ ৩.৪৯। °ময়ী গঙ্গা কৃ ২৯১। °বিস্তার সী ১০। ২ (সাদৃশ্যে) বস্ত্রভঙ্গ, চুনট (উ.টীকা) ; বস্ত্র, পরিচ্ছদ (A.)। ৩ কূর্দ্দন। "নয়নকুরঙ্গতরঙ্গ-বিকাশ গী.গো ১২.১৯। ৪ পুস্তকের পরিচ্ছেদ। "প্রথমতরঙ্গঃ (কথা-সরিৎসাগর)। ৫ [+অঙ্গ-ভা] অশ্বাদির উৎফাল বা উৎপ্লবন (উ.টীকা) ; লম্ফ। "রৈয়া রৈয়া যান মাতা দীঘল তরঙ্গ ক.চ ৪০ ; ৫৮। ৬ (বাঙ্‌লায়) কলহচ্ছটা। "গঙ্গা নামে সতা তার তরঙ্গ এমনি। জীবনস্বরূপা সে স্বামীর শিরোমণি॥—ভা.চ ২৫৫। ৭ শব্দজন্য বায়ুস্তর-কম্পন। "শব্দতরঙ্গে আকাশ ভাসাইয়া পাপিয়া ডাকিয়া গেল ব.ম্বি ২০৯। ৮ বাক্যচ্ছটা, বাগ্‌বিস্তার। "দুই জনে লেগে গেল বাক্যের তরঙ্গ কৃ ২৪৯ ; ব.প ৫২৯। দা ৭৮৬। ৯ আবেগ। "নাচিতে নাচিতে অতি বাড়িল তরঙ্গ কৃ ৮। ১০ আবেশ। "ভাবের তরঙ্গবলে, নানারূপে মন চলে চৈ.চ ৭৯। ১১ যুদ্ধোৎসাহ। "লাফ দিআ বুলে বুড়া তরঙ্গে তরঙ্গে কৃ.উ ২৩১। ১২ তরঙ্গসদৃশ, উৎসাহবান্, তরুণ। "লাফ দিয়া উঠে যেন বয়সে তরঙ্গ।—কৃ ২৫৮। [°বিভঙ্গ (বি)—তরঙ্গোত্থান। "প.তৃ ৪৯। °ভঙ্গিত (বিং)—তরঙ্গভঙ্গযুক্ত। "তরঙ্গভঙ্গিত (হর) ভা.চ ১৬৮।]

তরঙ্গিণী স্ত্রী [°ঙ্গ+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] 'তরঙ্গযুক্ত স্থান', নদী। "অমৃত°, স্বর্গ°। শোণিতানাং তরঙ্গিণী মহা ৬.৯৩.২৬। তরঙ্গিণী বেণিরিবায়তা ভুবঃ (মাঘ)। রস-আবেশিনী-তরঙ্গিণী রে।—গো ৯১। মে ১০৩। গিরি° সী ১০।

তরঙ্গিত বিণ [°ঙ্গ+ইত (ইতচ্)] ১ জাততরঙ্গ, উর্ম্মিযুক্ত। "নিম্নে তরঙ্গিত, চতুরঙ্গে (রক্তসিন্ধু) ন ১০৬১। রক্তবেগতরঙ্গিত বুকে কা ৪২। ২ ভঙ্গিমান্। "°ক্ষৌম কি ৪.৮। ৩ চঞ্চল। ৪ (বাঙ্‌লায়) তরঙ্গসম উন্নতাবনত; বিষম; উঁচুনীচু (ভূমি)। ৫ ঢেউ-খেলান (কেশ)।

তরঙ্গিম বিং [তু 'রক্তিম্' ; বৈষ্ণবসাহিত্যে] তরঙ্গযুক্ত, বিলাসসম্পন্ন। "অঙ্গহি অঙ্গ, অনঙ্গ-তরঙ্গিম গো ৮৩।

তরঙ্গী (-ঙ্গিন্) বিণ [দ্র 'তরঙ্গিণী'] তরঙ্গযুক্ত (দেশ)। "(মহাব্যূহম্) বাহনোর্ম্মিতরঙ্গিণম্ মহা ৬.৮৭.৫। ভাগীরথী…চন্দ্রকর-প্রতিঘাতে উজ্জ্বলতরঙ্গিণী ব.প্র ১৩৩।

তরজমা বি [আ তর্‌জুমহ্] ভাষান্তরে পরিবর্ত্তন ; অনুবাদ।

তরজা, তরজাবন্ধ সর্থ 'তর্জ্জা, তর্জ্জাবন্ধ'।

তরণ পুং [তৃ+অন (ল্যুট্)-ণ] ১ 'তরণসাধন', প্লব, ভেলা। "ভবজল-তরণে, রাখহ চরণে ভা.চ ১১৭। মৃত্যু° (মন্ত্র) স.স্ব ৬৩। দুঃখতাপ-বিঘ্নতরণ (চরণ)।—রবীন্দ্র। ২ ক্ষেপণী, নৌকার দাঁড় (A.)। ৩ [+অন-ধি] 'দুঃখতরণস্থান', স্বর্গ। ৪ [+অন-ভা] উত্তরণ, পার-গমন। "তরণম্…সাগরস্য গো.রা ১.৪.১০৩। নদী° (S.W.)। (সজ্জনসঙ্গতিঃ) ভবতি ভবার্ণবতরণে নৌকা (মোহমুদ্গর)। জলধি-তরণে…তরণী বি.সু ১২১। ৫ প্লবন, জলোপরি স্থিতি। তু 'সন্তরণ'। ৬ দেশান্তরগমন। ৭ অভিভব, জয় (A.)। —ণি পুং [+অনি-ক, উ ২.১০১ ; "ণি'—শীঘ্রগন্তা (ঋগ্বেদ ১.৬৭.৮)] ১ সূর্য্য। "ভ ৫.১.৩০। "°অর্ঘ্যদান শ্রী ২১২। ব.প ৩৩১। ২ কিরণ। "তাপিত তরণিজালে ব.প ৩৩২। ৩ অর্কবৃক্ষ। ৪ তাম্র। ৫ [+অনি-ণ; 'তরণি'—রোগে তারয়িতা (ঋগ্বেদ ১.৫০.৪)] ভেলক, ভেলা। ৬ নৌকা। "°সরণি শ্রী ৭৩। ৭ ঘৃতকুমারী। —ণী স্ত্রী [+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ সর্থ 'তরণি (৬)'। "বিষম বনের (জলের) পথে নাহিক তরণী ব.প ৫৩৯। °সরণি শ্রী ১৭৩; ২৫৪। °সংযোগ সী ৩৯। ২ সর্থ 'তরণি (৫)। ৩ সর্থ 'তরণি (৭)।

তরণি, -ণী দ্র 'তরণ'। [.তরণি-তনয় (বি)—সূর্য্যপুত্র যম। "ব.প ৪৩৩। °তনয়া (বি)—যমুনা। "°তীরে ব.প ১১৪৩ ; শ্রী.ম ১০১। °পেটক (পুং)—নৌকার জলসেচন-পাত্র। °ণিসরণি, °ণীপথ, °ণীসরণি (বি)—নৌকাপথ, জলপথ। "°ণিসরণি শ্রী ৭৩। °ণীসরণি ১৭৩; ২৫৪। °ণীপথ ক.চ ২২৪। °রত্ন (ক্লী)—সূর্য্যপ্রিয়রত্ন, পদ্মরাগ।]

তরণ্ড পুং, ক্লী [তৃ+অণ্ড (অণ্ডচ্)-ণ] ১ সর্থ 'তরণি (৬)। ২ সর্থ 'তরণ (১)। ৩ সর্থ 'তরণ (২)। ৪ [+অণ্ড-ক] ছিপের সূত্রে বদ্ধ ভাসমান কাষ্ঠখণ্ড ; ফাতনা (float)। —ণ্ডা, -ণ্ডী স্ত্রী নৌকা।

তরতম বিণ [তর২+তম২] ১ তরতমার্থযুক্ত, ন্যূনাধিক। "°যোগ-যুক্তাংশ ভাবান্ (সুশ্রুত)। ২ (বাঙ্‌লায়) অল্পাধিক, একটু-কম-বেশী। "মোটা সরু ধান্যের তণ্ডুল তরতমে (রান্ধিলা ক্রমে ক্রমে) ভা.চ ৩৪৯ ; সব কাজে সম, ফলে তরতম ৬৭৬। —তম বি ১ ন্যূনাধিকভাব, প্রভেদ। "কিন্তু যারে যেই ভাব—সে-ই সর্ব্বোত্তম। তটস্থ হঞা বিচারিলে আছে তরতম॥—চৈ.চ ১১৪। বাসুদেব বলিয়া সবার হবে ভ্রম। রুক্মিণীর বিচারে ঈষৎ তরতম॥—শি ২১। ২ উত্তম-মধ্যম-কনিষ্ঠ ভাবে ভেদ। "রতিপ্রেম-তারতম্যে ভক্ত-তরতম চৈ.চ ২২৪।

তরতর বি [ধ্বন্যাত্মক ; তু 'হি তরানা'] ১ স্রোতের শব্দ। "তরতর করে চলেছে সলিল।—হেম ৩১৫। তীরে ঠেকিয়া জল একটু তরতর …শব্দ করিতেছে ব.প্র ৩৭৮। ২ বায়ুচালিত বৃক্ষপত্রের শব্দ। "(তরু-

লতা) তরতর…বাতে ভা.চ ১৪১। তালবৃক্ষের পত্রের তরতর…শব্দে ব.ষি ৩৩। ৩ বায়ুপ্রবাহের শব্দ। "কেশর সুরভি সহ, প্রবাহিত গন্ধ-বহ, তরতর স্বর সরে তার।—রঙ্গ ২৯। —তর ক্রি.বিং [ত্বরত্বর > °র ; ঠ °র] অতিত্বরিত, অতিদ্রুত। "ত্রিলোচন বায় তরি তরতর ধায় শি ৯৫। তরতর করে চলেছে সময়।—হেম ৩১৬। [°রে—অতি-দ্রুত। "কোথাও তরতরে ধায়, ভাসিয়ে নে যায় গি.ষি ১০৩।]

তরতরতর বি [থরথরথর > °র] অতিকম্পন। "তরতরতর চাঁদ-মণ্ডল ভা.চ ১১৬।

তরফ বি [আ ত.রফ.] ১ পক্ষ, দিক্। "আমি ত ব্রাহ্মণ—আপনিও ব্রাহ্মণ। এক তরফ ব্রহ্মহত্যা হইবে।—ব.প্র ৩৮১। ২ পার্শ্ব, প্রান্ত, ধার। ৩ এক গমস্তার তহসীলের অধীন স্থান। "তরফ খিতোড়া E.P. 49. [°দার—১ 'পক্ষাবলম্বী', যে তালুকের পক্ষে রাজস্ব আদায় করে। ২ উপাধিবিশেষ। ছোট তরফ—ছোট পক্ষ, অর্থাৎ জমিদারীর যে অংশে অল্প আয়। বিপ 'বড়°']

তরবার, -বাল, তরোয়ার, -য়াল বিং [সং তরবারি ; হি, ঠ, গু তরবার ; মৈ তরুআরি] অসি, খড়্গ। "ভাঙ্গে তরোয়াল ক.চ ২৬১। তরোয়ার শ্রী.মা ১৬। খর তরবারে ভা.চ ৪৬২। তরবালধারী। —রঙ্গ ২১০। তরওয়াল ফোঁড়া (পাঠান্তর) হু ১২।

তরবারি পুং, **-বালিকা** স্ত্রী খড়্গবিশেষ (অ.চি)।

তরবুজ স্ত্রী [ফা ত.রব্‌বুজ. ; অর্বাচীন সংস্কৃত] তরমুজ।

তরল বিণ [তৄ+অল (কলচ্)-ক (?), গুণ, উ ১.১০৪] ১ চঞ্চল, চল, লোল, বিচলিত। "বিদ্যুত্তরললোচনা গো.রা ৬.৪.৩৪। °বিদ্যুৎ রঘু ১৩.৭৬। মরুত্তরলস্ত…মেঘস্ত উ.চ ৫.১১। °নয়নশর বি.প ৮৩ ; ১৪৭। অ.প ১৪। তরল…মন শ্রী ১৭৫। তরল চাহনি চৈ.ম ৭৪। তরল তরল তরু ছায় গো ২৫৫। নয়ন তরল বা.দ ৯৯। ২ চপল, অব্যবস্থিতচিত্ত। "মাঘ ২.১১৫। অবলা তরল তৃণ তরঙ্গের প্রায়। —রঙ্গ ৯৭। ৩ কম্পিত। "তরাসে তরল তনু শ্রী ৭৫,-৬। ৪ ভাস্বর, উজ্জ্বল। "প্রভা°-জ্যোতিঃ শ ১.২৪। ৫ দ্রবীভূত (দ্রব্য)। ৬ শূন্য-গর্ভ, মধ্যশূন্য। ৭ বিস্তীর্ণ। ৮ কামুক। ৯ (বাঙ্‌লায়) উচ্ছলিত। "°তরঙ্গ শ্রী.ম ৬ ; শ্রী ১৭৯ ; সা.ম ৬০। ১০ ক্ষিপ্র, লঘু। "কুরঙ্গনয়নী-চিত্ত-তরল-সন্ধানী চৈ.ম ১০৪ ; বীণাগুণে তরল অঙ্গুলী ১১২। ১১ অধীর, বিহ্বল, আত্মহারা। "আনন্দে তরল ক.চ ২৪ ; ৯৬ ; শূ ৯৯ ; শ্রী.মা ২১৪ ; চ.বি ১০৯,-২৩। ১২ অশান্ত, উদ্বিগ্ন, বিহ্বল। "কি করিমু বোল কৃষ্ণ হইলু তরল অ.প ১১। ভুপতি ভয়ে ভাবিয়া তরল শ্রী ১২৩ ; তরাসে তরল ২২৩। ১৩ সংযমহীন, লুব্ধচিত্ত। "পাকা খাজুরের গন্ধে,…হইনু তরল ক.চ ১৩০। ১৪ মত্ত। "(বলরাম) কাদম্বরী-কৃপায় তরল ন ৯৪৭। —ল পুং ১ হার। ২ হারমধ্যমণি। "হারাবলী° গী.গো ১১.১৩। প্রেমবৈচিত্ত্য-রত্ন হৃদয়ে তরল চৈ.চ ১১৭। ৩ তল (bottom)। ৪ সমভূমি (A.)। ৫ হীরক। ৬ লৌহ (A.)। ৭ (বাঙ্‌লায়) তল্লাবাঁশ। "তরল বাঁশের বাঁশী ব.প ১৩২৫। —লা স্ত্রী ১ মধুমক্ষিকা। ২ যবাগূ। ৩ সুরা। [°নয়না, °লোচনা (স্ত্রী)—চঞ্চলনয়না নারী।]

তরলিত বিণ [√তরলি+ত (ক্ত)-র্ম] ১ তরলীকৃত, চঞ্চলীকৃত। "বিধুমণ্ডলদর্শনতরলিততুঙ্গতরঙ্গ গী.গো ১১.২৪। ২ ধুত, লুলিত, কম্পিত। "গণ্ডযুগ-তরলিতকুণ্ডল বিলাস রা.প ৩৯। তরলিতরঙ্গহারা (শ্রীমূর্ত্তি)।—ব.প্র ৪৬৪।

তরশু 'তোর্‌শু' ক্রি.বিং ['তৎপরশ্ব' > °শু ; হি 'সোঁ] পরশুর পূর্ব্ব বা পর দিন ; গত বা আগামী চতুর্থ দিন।

তরস[১] স্ত্রী [√তৄ+অস (অসচ্)-ণ (অ.টী) ; "'স'—মাংস দেশী ৫.৪)] মাংস।

তরস[২] বি [সং তরস্ ; অপ্র] বেগ। "অশ্বের তরস।—হেম ২২০। [তরসি—বলপূর্ব্বক, জোরে। "পরশিতে তরসি করহি কর ঠেলি বি.প ৮১। তরসিয়ে—শীঘ্র করিয়া। "তরসিয়ে তরয়ারে মুঠে ধরে এঁটে শ্রী.মা ১৬।]

তরস্ত বিং [সং ত্রস্ত > (স্বরাগমে) তরস্ত] ১ ভীত। "চৈ.ম ৫০ ; ৬৬। ২ ব্যস্ত। "তরস্ত না হয়া তুমি…ভোজন করহ চৈ.ম ৪৯।

তরস্বান্ (-স্বৎ) বিণ [তরস্+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -স্বতী] ১ বেগবান্। "ভ ৮.১০.৩১। ২ বলবান্, শূর। —স্বী (-স্বিন্) বিণ [+বিন্ (বিনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -স্বিনী] ১ বেগবান্। ২ বলবান্, শূর। "রঘু ৯.২৩। —স্বী পুং ১ শূর, বীর। ২ বায়ু। ৩ গরুড়। ৪ দূত।

তরস্বী দ্র 'তরস্বান্'।

তরা বি [সং ত্বরা > প্রা তরা ; অপ্র] শীঘ্রতা, ক্ষিপ্রতা। "°গতি শূ ৭৭। [তরাজ—ক্ষিপ্রতা (?)। "নৃপতির বড়ই তরাজ শি ৫৫।]

তরাই বি [হি °ঈ] পাহাড়ের নীচের (পাদদেশস্থ) জমি।

তরাগ বি [?] "°গেতে গুলি ভরি…পৃথিবী কাঁপায় ব.প ৩২৫।

তরাজ বি [ফা ত.রাজ.] লুণ্ঠন। "লুঠ°।

তরাজু বি [ফা ত.রাজ.] তুলা, দাঁড়ীপাল্লা, নিক্তি। "ম.গা ১৭। শূ ৯৩। ক.চ ৭৪। সত্যভামা তরাজু আনিল ব.প ৮১০। শ্রী ২৫১। ভ.গ্র ১৮৩।

তরাত(তু)রি ক্রি.বিং [ত্বরাত্বরি > °রি ; অপ্র] তাড়াতাড়ি, অতি-শীঘ্র। "তরাতুরি আইলা শূ ২৪, তরাতরি পার হএ জান ৫৬। ধায় তরাতরি কৃ.উ ১১৩ ; শ্রী.মা ৮১, ১৫৭ ; ব.প ৬৯৬ ; বি.পা ২৩৬। চ.বি ১৩। [তরাতর—সর্থ 'তরাতরি'। "গো.চ ৪২৮।]

তরালু, -রালু পুং [(?)] নৌকাবিশেষ, বড় তলা-চওড়া নৌকা। "বৃহৎ তরালু।—হেম ১১৮।

তরাস বি [সং ত্রাস > (স্বরাগমে) °স ; হি, মৈ °স ; ফা—তরস্ ; পদ্যে] ভয়। "শ্রী.কী ১৪২। আকুল…তরাসে বি.প ৬২। ম ৬৪৬। ক.চ ৫৩ ; তিমির ফেটেছে যেন তপন-তরাসে ৬৯ ; °চঞ্চলা ১৬৬। শ্রী ১৬৬। মে ২১১। [তরাসই—ত্রাস পাওয়া ; ভীত হওয়া। "তোহারি বিশু তিলেকে. তলপে তরাসই গো ২৫৫। তরাসিত—ত্রাসিত, ত্রস্ত। "তরাসিত মনে ব.প ৯৬৬। তরাসিনী—ত্রাসযুক্তা। "শ্রী.কী ২৬৬। ব.প ৯৬৮। তরাসিল (°স+ইল[১])—ত্রাসিতা, ভীতা। "শ্রী.কী ২৩২। চৈ.ম ৩৪। তরাসী—ভয় করিতেছিস। "শ্রী.কী ২৫০। তরাসেঁ—ত্রাসে। "শ্রী.কী ২৬৬। তরাস্তা—তরাসীয়া, ভীত। "ব.প ৫২৭।]

তরি, -রী[১] স্ত্রী [তৄ+ই, ঈ-ণ, উ ৩.১৫৮ ; ৪.১৩৮] ১ 'তরণসাধনী', নৌকা। "মহা ১.১০৫.৬,-৮। রামপদতরী কৃ ১৫৩। ২ বসন-পেটক, কাপড়ের পেঁটরা। ৩ বস্ত্রান্ত।

তরিক পুং [তরি+ক (কন্) স্বার্থে] ১ সর্থ 'তরণ (১)। ২ [তর+ইক (ঠন্)] তরগ্রাহী, তরণার্থ শুল্কগ্রাহক, খেয়ারী। "যাজ্ঞ ২.২৬৬। —কা স্ত্রী নৌকা। —কী (-কিন্) পুং 'তরিকাবান্', খেয়ারী। —রিণী স্ত্রী তরি (অ.চি)।

তরিত্র পুং [তরি+ত্রৈ √+অ (ক)-ক ; উ.ত] নৌরক্ষক, কর্ণ-ধারাদি (নীলকণ্ঠ)। "মহা ৫.৬৩.৭।

তরিবৎ বি [আ তর্‌বীয়ত.] শিক্ষা। "হদ্দ তরিবৎ পায় মশার কামড়ে। —হেম ৩৭৮। হু ২৩৩। —বৎ বিং শিক্ষিত, শিষ্ট। "সভ্য তরিবৎ। —হেম ৩৭৭।

তরী[১] দ্র 'তরি'।

তরী[২] স্ত্রী [তৄ+ঈ-ণ] দ্রোণী।

তরু পুং [তৄ+উ-ণ, উ ১.৭ ; তু 'দ্রু' (দ্রু > তরু)] বৃক্ষ। "মুনিবন-তরুচ্ছায়াং রঘু ৩.৭০। তরুলতা হইয়া থাকিব এক ঠাঁই ব.প ৩৮১। [°খণ্ড, °ষণ্ড (পুং, স্ত্রী)—তরুসমূহ। °জীবন (স্ত্রী)—বৃক্ষমূল। °তল

(ক্লী)—তরুপার্শ্বস্থ ভূভাগ। °ত্বক্ (-চ্) স্ত্রী—বল্কল। "ভট্টি ৪.১০। স.শ ২১। °বর (পুং)—সর্থ 'তরুরাজ'। "শ্রী.ম ২৮৪। প.তৃ ৩৮। °মৃগ (পুং)—শাখা-মৃগ। °রাগ (পুং)—নবপল্লব। °রাজ (পুং)—'তরুশ্রেষ্ঠ', তাল; শ্রেষ্ঠবৃক্ষমাত্র। "নীরবিলা তরুরাজ মা ৩৫৬। °রুহা (স্ত্রী)—পরগাছা। °লতা (বি)—পুষ্পপ্রধান লতাবিশেষ। "হেম ২০। °শায়ী (-য়িন্)—পক্ষী। °সার (পুং)—কর্পূর; বৃক্ষসারমাত্র।]

তরুণ বিণ [তৃ+উন (উনন্)-ক, উ ৩.৫৪; স্ত্রী -ণী; ছান্দস] ১ ষোড়শোর্দ্ধবয়স্ক, যুবা। 'আ ষোড়শাদ্ ভবেদ্ বালস্ততস্তরুণ উচ্যতে। "তরুণোঽঙ্গদঃ গো.রা ৪.২১.১৩। তরুণস্তস্য পুত্রোঽভূৎ মহা ১.৪০.২৫। পঞ্চ ১.১০। ২ নব, অচিরজাত, কোমল, কচি। "তরুণং সর্ষপশাকম্ (ছন্দোমঞ্জরী)। তমু জমু তরুণ তমাল জ.প ১২; গো ২৫৫। ৩ অচিরপ্রবৃত্ত, প্রথম। "জলাঞ্জলি দিয়া সুখে তরুণ যৌবনে মে ১৮০। ৪ অচিরোদিত, বাল। "তরুণার্করাগ কু.স ৩.৫৪। তরুণ-অরুণ-ভাতি। —রঙ্গ ৮২। ৫ নব। "তরুণশকলমিন্দোর্বিভ্রতী (বাগ্‌দেবতা)। ৬ পঞ্চদিবসাতীত। "তরুণং দধি (প্রাণহরম্)।—চাণক্য। ৭ উৎসাহ-সম্পন্ন (lively)। ৮ উৎকট। "মাঘ ১০.১৩। —ণ পুং ১ যুবা। ২ স্থূলজীরক। ৩ এরণ্ডবৃক্ষ। —ণ ক্লী ১ অঙ্কুর। ২ কোমলাস্থি। —ণী স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ দ্বিতীয়বয়স্কা স্ত্রী; যুবতী। 'তরুণী ত্রিংশকা মতা। "বৃদ্ধস্য তরুণী বিষম্।—চাণক্য। তরুণী তোহারি পথ চায় গো ২৫৫। ২ দন্তীবৃক্ষ। ৩ কুব্জবৃক্ষ, সেবতী। [°জ্বর (পুং)—নবজ্বর, সপ্তরাত্রপর্য্যন্ত জ্বর (চক্রদত্ত)। °দধি (ক্লী)—তরুণলক্ষণোক্ত দধি; পঞ্চদিবসাতীত দধি (বৈদ্যক—শ.ক)। °বয়স্ক (বিং)—তরুণ। "সী ৮৬।]

তরুণিম বি [সং °মন্ >প্রা °ম] তরুণভাব, যৌবন। "তরুণিম শৈশব চিহ্নই ন জান বি.প ৩৬।

তরুণিমা (-মন্) পুং [°ণ+ইমন্ (ইমনিচ্)-১ব] তরুণভাব, তারুণ্য, যৌবন।

তরে ক্রি.বিং [সং অন্তর >অন্তরে >°রে, দ্র 'অন্তর[১] (২৭); অন্তরে (চ)] ১ জন্যে, নিমিত্তে। "শিশু কান্দে ওদনের তরে ক.চ ৬। দেবকীর তরে বসিবার চৈ.ম ১৮৮। মোর তরে ভা.চ ১০২। একদিনের তরেও ব.প্র ৩৫৯। ২ (অপ্র) সন্নিধানে, সমীপে। "কহিল রাণী নৃপতির তরে ম ৫৫৯; তার তরে কয় ১০৪২। গিরিরাজ তরে কহো এই সমাচার ম.পা ১৬; ৩০। ম.ম ২৪; ২৯; ৩৪। চ.বি ১৫৭। ৩ উদ্দেশে, লক্ষ্যপূর্ব্বক। "ডাকিয়া কহিল তবে লক্ষ্মণের তরে ম ৫৫৭। প্রণাম করেন রাজা শ্বশুরের তরে কৃ.অ ২। রাজাতরে করিয়া স্তবনে চ.বি ১৮৯। ৪ প্রতি, উপরে। "ক্রোধ হৈল তোর তরে ম.পা ৭৬। [তরেতে—তরে, নিমিত্তে। "পুত্রের তরেতে না চিন্তিলি অব্যাহতি কৃ.অ ৫।]

তরোয়ার দ্র 'তরবার'।

তর্ক্ সক [চু, প—তর্কয়তি; সেট্] ১ বিতর্ক, সংশয়; আকাঙ্ক্ষা (ত.বা)। ২ [অক] দীপ্তি। [প্র, বি—বিতর্ক।]

তর্ক পুং [√তর্ক্+অ (অচ্)-ভা] ১ ব্যভিচারশঙ্কা-নিবর্ত্তক সম্ভাবন; অবিজ্ঞাত বিষয়ে কারণানুসারে তত্ত্বজ্ঞানার্থ বিমর্শ; বিতর্ক, পর্য্যালোচনা। "শুষ্কতর্কং পরিত্যজ্য আশ্রয়স্ব শ্রুতিং স্মৃতিম্ মহা ৩.১৯৯.১১৪; তর্কোঽপ্রতিষ্ঠঃ ৩১২.১১৭। ভুলায় তর্কের পাঁতি দন্তপাঁতি তার ভা.চ ২৯০। ২ সংশয়। ৩ ন্যূনপূরণার্থ বাক্যে অক্ষপদের উপাদান; অধ্যাহার। ৪ স্বীয়বুদ্ধ্যনুসারে বিচারণা। "অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ।—মহা ১.১.১৮, নীলকণ্ঠ। ৫ আগমার্থপরীক্ষা। ৬ মীমাংসারূপ বিচার। ৭ ব্যাপ্যারোপ হেতু ব্যাপকনির্ণয় ৮ আকাঙ্ক্ষা। ৯ অর্থবাদ। ১০ [+অ-ণ] হেতুশাস্ত্র—মীমাংসাদি। ১১ ন্যায়শাস্ত্র। "নৈ ২২.১৫৫। ১২ বেদাবিরোধী মীমাংসাদি ন্যায়। "মনু ১২.১০৬। ১৩ মানস জ্ঞান। "তং বৈ ফলার্থিনং মন্যে ভ্রাতরং তর্কচক্ষুষা মহা ১.১৬৭.১৯। ১৪ ন্যায়শাস্ত্রানুমোদিত হেতুমূলক অপবর্গ-ফল মতবাদবিশেষ। ১৫ (ষড়্‌দর্শনানুসারে) ছয় (৬) এই সংখ্যা। —র্কক বিণ [+অক (ণ্বুল্)-ক] তর্ককারক] —র্কক পুং ১ নৈয়ায়িক। ২ যাচক। "কামৈঃ সন্তর্পয়ামাস…তর্ককান্ (মহা)। —র্কণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সম্ভাবনা। "শঙ্কানর্থস্য তর্কণম্ সা.দ ৩.১৬১। ২ বিমর্শ, বিচার। —র্কণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] সম্ভাবনীয়, বিচারণীয়। —র্কিত [+ত (ক্ত)-র্ম্ম] বিচারিত। [°গ্রন্থ (পুং), °বিদ্যা (স্ত্রী), °শাস্ত্র (ক্লী)—ন্যায়শাস্ত্র।]

তর্কাতর্কি বি [তর্ক-আ+তর্ক-ই] পরস্পর তর্ককরণ; বাদানুবাদ। "পুরাণ সংহিত যত, তর্কাতর্কি নানামত কয়ে ভা.চ ১৫২।

তর্কী (-র্কিন্) বিণ [√তর্ক্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -র্কিণী] তর্ককারক, মীমাংসাত্মকতর্কবিৎ। "মনু ১২.১১১।

তর্কু পুং [√কৃৎ+উ-ণ, উ ১.১৬] সূত্রকর্ত্তনযন্ত্রভেদ; টেকো। [°পিণ্ড (পুং)—তর্কুস্থমৃৎপিণ্ড; টেকোর বাঁটুল। °লাসক (পুং)—'তর্কুর নৃত্যকারক'; তর্কুচালক যন্ত্র; চরকা। °শাণ (পুং)—টেকোর শাণ।]

তর্জ্ সক [ভ্বা, প—তর্জ্জতি; চু, আ—তর্জ্জয়তে; সেট্] ভৎর্সন। ['তর্জ্জয়তি' ইতি চুরাদিগণীয় পরস্মৈপদীও দেখা যায় ('রঘু ১২.৪১, মল্লিনাথ)। "সখীমঙ্গুল্যা তর্জ্জয়তি শ ১২৬/২৪।]

তর্জ্জ সর্ম্ম [সং √তর্জ্জ্ >প্রা √তজ্জ] ১ ভৎর্সনা করা; নিন্দা করা। "আপনা আশ্রমে গেল কুন্তীর তর্জ্জিয়া অ.প ৮৯। তর্জ্জিস…সভাকারে ম ৯৩৬। ২ ভয় দেখান; শাসান। "আওয়ে রতিপতি…বিরহীগণ তর্জ্জিয়া ব.প ১০৮৪। —র্জ্জ অর্ম্ম [হি √তর্জ্জ] ১ ভৎর্সনা করা। "তর্জ্জিয়া যে লেখিছে বিস্তর ম.পা ৭৬। ২ গর্জ্জন করা; হুঙ্কার ছাড়া; ধমকান। "সুমিত্রাকুমার শিশু ঘন ঘন তর্জ্জে।—কৃ ৯৭। ধারাধর গুরু গর্জ্জে, যে বুঝি মদন তর্জ্জে বি.সু ১৫৩। [তর্জ্জিয়া গর্জ্জিয়া—নিন্দা করিয়া ও শাসাইয়া। "চৈ.ভা ২৫১। তর্জ্জিস গর্জ্জিস—ভৎর্সনা করিস ও স্পর্দ্ধাবাক্য বলিস। "ম ৯৩৬। তর্জ্জে গর্জ্জে—নিন্দা করে ও শাসায়। "তর্জ্জে গর্জ্জে সদাগর ম.ম ৯৩।]

তর্জ্জ-গর্জ্জ বি [তর্জ্জন-গর্জ্জন >°র্জ্জ; অপ্র] ভৎর্সনা ও শাসান। "ক্রোধে মিশ্র পাছে থাকি তর্জ্জ-গর্জ্জ করে চৈ.ভা ৩৬; ২৫১। তর্জ্জ-গর্জ্জ করে লোক চৈ.চ ৬৪; ২৮৯। চ.চ ৮।

তর্জ্জন ক্লী [√তর্জ্জ্+অন (ল্যুট্)-ভা] ১ ভৎর্সন। "গো.রা ৩.৬২.৩৩। অঙ্গুলীকিসলয়াগ্র° রঘু ১৯.১৭। অঙ্গুলি° কু.স ৬.৪৫। ম ৮৩৪। °বচন চৈ.চ ৬২। ২ ভয়প্রদর্শন, শাসান (A)। ৩ [বাঙ্‌লায়; অপ্র] শাসক। "দুর্জ্জন-তর্জ্জন আমি সজ্জনের সখা রা.স ১৫। —না স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] ভৎর্সনা। —নী স্ত্রী [+অন-ণ +স্ত্রী ঈ (ঙীপ্)] 'তর্জ্জনসাধনী', বৃদ্ধাঙ্গুলির পরবর্ত্তী অঙ্গুলি; প্রদেশিনী। "তর্জ্জন্যঙ্গুষ্ঠয়োর্মধ্যে পিতৃতীর্থম্ (স্মৃতি)। —র্জ্জিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ভৎর্সিত। "গো.রা ৬.৯৮.২৬। ২ ভীষিত। "রঘু ১১.৭৮।—তর্জ্জিত ক্লী[+ত-ভা] ভৎর্সনা। "গো.রা ৫.৬৬.২২। [তর্জ্জন-গর্জ্জন—ভৎর্সনা ও শাসনবাক্যপ্রয়োগ। "°ন করি তাঁড়ু যায় পথে ক.চ ৯১। °নীমুদ্রা (স্ত্রী)—তর্জ্জনীমধ্যমাপ্রসারণপূর্ব্বক বদ্ধ বামমুষ্টি।]

তর্জ্জা বি ১ কবিগানজাতীয় লোকসঙ্গীতবিশেষ "আচার্য্য তর্জ্জা পড়ে চৈ.চ ১৭৪; ৩২৮। ২ গানবিশেষ। [°বন্ধ (আ ত.রূজ্.ই'-বন্দ্—যে ছন্দে কোন পঙ্‌ক্তি মধ্যে মধ্যে পঠিত হয়)—ছন্দোবিশেষ। "°ছন্দ চৈ.ম ৫, টীকা; ৯৬; ১৩১।]

তর্ণ, -র্ণক পুং [√তৃণ্, ভক্ষণ+অ (অচ্)-ক; ক (কন্) স্বার্থে] গো-বৎস, বাছুর। "তরুণ তর্ণক রা.শে ৪০।

তর্‌তিব বি [আ তর্‌তীব্] ক্রম, পর্য্যায়। [°ওয়ারী (আ °ৱার্) —ক্রমিক, পরপর। °নম্বর—ক্রমিক সংখ্যা।]

তর্দ্দু, -র্দ্দূ স্ত্রী [√তৃদ্+উ-ণ ; দ্ (দুক্) আগম উ ১.৯১] কাষ্ঠময়ী দর্ব্বী ; দারুহস্তক, তাড়ু।

তর্পণ বিণ [√তৃপ্+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] তৃপ্তিকারক, প্রীণয়িতা। "সুরভির্ঘাণতর্পণঃ (অ কো)। —ণ ক্লী [+অন-ভা] ১ প্রীণন, তোষণ। "অগ্নির তর্পণ ম ৬৩২। সন্ন্যাসীর ধর্ম্ম নহে ইন্দ্রিয়-তর্পণ চৈ.চ ৩০৫। ২ তৃপ্তি। "আশার তর্পণ স.শ ৫১। ৩ [+অন-ণ] 'পিতৃগণের তৃপ্তিসাধন'; দেবর্ষিপিতৃমনুষ্যগণের তৃপ্তিসাধন জলাঞ্জলিদানস্বরূপ পিতৃযজ্ঞ। 'পিতৃযজ্ঞস্তু তর্পণম্ মনু ৩.৭০। ৪ যজ্ঞ-কাষ্ঠ। ৫ খাদ্য (A.)। —র্পিত বিণ [√তর্পি+ত (ক্ত)-র্ম্ম] প্রীণিত, তোষিত। "অ.প ৩২। —র্পী (-র্পিন্) বিণ [√তৃপ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -র্পিণী] তর্পয়িতা, প্রীণয়িতা, তৃপ্তিকর। [তর্পণেচ্ছু (পুং) —ভীষ্ম।]

তর্‌মীম্ বি [আ তর্‌মীম্] সংশোধন, পরিবর্ত্তন। [তর্‌মীম্ ডিক্রী—সংশোধনপূর্ব্বক বাদীর পক্ষে বিচারকের আদেশ।]

তর্ম্ম(-র্ম্মন্) ক্লী [√তৃ+মন্ (মনিন্)-ক] যূপাগ্রভাগ (অ.কো)।

তর্ষ পুং [তৃষ্+ঘঞ্)-ভা] ১ তৃষ্ণা, পিপাসা। "রুধির° (S.W.)। ২ অভিলাষ, কাম। "রামদর্শনজতর্ষঃ রা ২.৯৯.৩। °চেতস্ ভ ৮৮.৩৮। °চ্ছেদ (S.W.)। —র্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] পিপাসা; অভিলাষ। —র্ষিত বিণ [তর্ষ+ইত (ইতচ্)] ১ সঞ্জাততর্ষ, তৃষিত, পিপাসু। ২ জাতকাম, স্পৃহিত।

তর্হি ব্য [তদ্+র্হি (র্হিল্) সপ্তমীস্থানে] ১ সেই সময়ে; তদা, তখন। ২ তাহা হইলে; তবে (in that case)। "যদ্যেতদভিমতং ভবতাং তর্হি ভবতু তৎ।—হি ২২৩।

তল্ অক [ভ্বা, প—তলতি ; চু, প—তালয়তি ; সেট্] প্রতিষ্ঠা।

তল পুং, ক্লী [√তল্+অ (ঘঞর্থে ক)-ধি] ১ স্বরূপ, পৃষ্ঠ, উপরিভাগ। "ভুবস্তলমিব ব্যোম কুর্ব্বন্ ব্যোমেব ভূতলম্ রঘু ৪.২৯। দর্পণ° শ ৭.৩১। মাঘ ২.১১১। ২ অধোভাগ, অনূর্দ্ধ, নিম্নদেশ। "রসা°। অঙ্গুষ্ঠমূলস্য তলে ব্রাহ্মং তীর্থং প্রচক্ষতে মনু ২.৫৯। ফণী ময়ূরস্য তলে নিষীদতি। —ঋতু ১.১৩। শ্রী.কী ২৮। তলেতে তুষের ধূম ম ১০৫৮। পাত তুলিয়া চাও কিবা আছে তলে ম.ম ৮৩। খাটতলে বা.ম ১৩৫। অম্বুরাশি° মে ১১২। ৩ বৃক্ষাদির বা আচ্ছাদনের নিম্নস্থিত স্থান; ভূমি (storey), মেঝে। "হর্ম্ম্য° বেতসীতরুতলে সা.দ ১২। তাপসতরুতলে সী ৯। ৪ চপেট, প্রসৃতপাণি (palm)। "°প্রহার। তাম্রতলেন (করেণ) রঘু ৬.১৮। ৫ পদের নিম্নভাগ (sole)। "অঙ্‌ঘ্রি°। ৬ চপেটাঘাত (A.); করতলাঘাতজন্য শব্দ (শ.ক)। ৭ বিস্তৃতি (A.)। ৮ নদী-প্রভৃতির অধোভাগ; তলা। "তরঙ্গ-তরাসে তল তরি শ্রী ১৩২। —ল পুং [+অ (অচ্)ক] ১ তালবৃক্ষ। ২ শিব। ৩ খড়্গমুষ্টি, ৎসরু। ৪ সব্যপাণি দ্বারা তন্ত্রীঘাত। ৫ আধার (শ.ক), স্থান। "ধাইল সমরতলে ক.চ ৫২। —ল ক্লী ১ কানন। ২ গর্ত্ত। ৩ কার্য্যবীজ, কারণ। ৪ জ্যাঘাতবারণ; গোধা। ৫ পুষ্করিণী (A.)। ৬ (বাঙলায়) পাতাল। "শ্রী.কী ৪৪। সীতা গেল তল কৃ ৪৯১। হিরণ্যাক্ষ বীরে মারি, তল হইতে করিল উত্থান ক.চ ১০। [°ঘাত (পুং)—চপেটাঘাত। °তাল (পুং)—করতালি; বাদ্যবিশেষ। °ত্র, °ত্রাণ (ক্লী)—'করতলরক্ষক', জ্যাঘাতবারণ, গোধা। °প্রহার (পুং)—সর্থ 'তলঘাত'। "মহা ৩.১৪৬.৪৮। °বারণ (ক্লী)—সর্থ 'তলত্র'। °যুদ্ধ (ক্লী)—করতলযুদ্ধ, চড়াচড়ি। °লোক (পুং)—পাতাল। "°পাল ভ ২.৬.৪৩। °সারক (ক্লী)—অশ্বের বক্ষঃপট্ট (অ.টি)। °হৃদয় (ক্লী)—পাতালের মধ্যস্থান। [তল করা—পাতালগত করা; ধ্বংস করা; ডুবান। "ডিঙ্গা তল কৈল বা.ম ২৬০। ডিঙ্গা উভে কৈল তল বি.পা ২৩৬। সকল রাজা বাণে কৈল তল চ.বি ১১। তল পাওয়া —ভূতলপ্রাপ্ত হওয়া; মূর্চ্ছিত হইয়া পড়া। "থেহ নাহি মানত, পলকে পলকে তল পায় রা.শে ৮৯। তল যাওয়া—১ জলতলগত হওয়া; ডোবা। "তল গেল মালমত্তা ভা.চ ৪৫৫। ২ বিধ্বস্ত হওয়া। "যজ্ঞ যাবে তল ভা.চ ৪১। ৩ তলে পিষ্ট হইয়া মরা। "তাহার চাপনে দল তল যায় কত ম ৮৬৪। ৪ ভূতলপ্রাপ্ত হওয়া; মাটিতে পড়া। "এতেক লোকের সেই হইল সমুচ্চয়। সরিষাও পড়িলেও তল নাহি যায়॥ —চৈ ভা ৩২৬। তল হওয়া—জলমগ্ন হওয়া; ডোবা। "(স্নান) জলে নহে তল ম.গা ১৩। কুম্ভীর হইল তল ম.ম ১২৩। নৌকা না হইবে তল ১৪১। তল হইল ঘোড়া অ.প ১৩৬। বি.পা ২৩৭,-৮। বা.ম ১৪৬। তলে তলে—নীচে নীচে; ভিতরে ভিতরে; লুক্কায়িতভাবে, চুপে চুপে। "করে মজা তলে তলে দা ২০২২। কথা তল হওয়া—কথা তলে পড়া, অর্থাৎ অগ্রাহ্য হওয়া। "হু ১৮৭।]

তলক বিং [ফা তল্‌খ্] তীব্র, তিক্ত, তেজাল, ঝাঁঝাল (তামাক)।

তলগড় বি ১ তলে তলে টাকার যোগাড়। "আফিস কয়েক মাসাবধি তলগড় ও ঢালহুমরে চলিতেছিল আ.দু ১৫১। ২ দরজার কাছে নিম্ন গৃহতল (মুরশিদাবাদ)।

তলতল বি [টলটল > °ল ; ভাবাত্মক] ১ চঞ্চলভাব। "তলতল ···করিতেছে প্রতিবিম্ব-শশী স্ব.প্র ২৯। ২ [হি, ঠ দলদল—পাঁক] টলটলভাব, তুলতুলে-ভাব, নমনীয়তা, কোমলতা। "কাদা, পাকা আম, তলতল করে। —তল বিং ১ চঞ্চল, তরঙ্গিত। "তলতল ছলছল, কাঁদিবে গভীর জল, ওই দুটি সুকোমল চরণ ঘিরে চ.কা ১৩৩। ২ কিরণে ভরপুর। "উজোর হিমকর, তলতল নিরমল ব ১৮৭। [°লে—যাহা তলতল করে; তুলতুলে।]

তলতা, -ল্দা বি [সং তরল ; তল্লা (গ্রাম্য)] শিথিলগ্রন্থি ফাঁপা একপ্রকার বাঁশ। "তলতা বাঁশের বাঁশী হু ২২।

তলপ[১], -ব বি [আ ত.লব্] ১ ডাকিয়া পাঠান; আহ্বান, ডাক। "তাহারে তলপ কেনে মৃত্যু অধিকারি মী ১০। তলপ গো.বি ৪৬; শ্রী.মা ১২০; ২১৮; গো.চ ৩৪.৩; ম.পা ৬৩; ব.প ১৩৬৯। তলব ভ.গ্র ২৪৮; শি ৭৯; শ্রী ১৬১; হেম ৩৭৭। আমাকে তলব হইল ব.প্র ২১৩। তলপ, -ব E.P. 48; 62. ২ বেতন। [তলপে—তলপ করে; চায়। "আচমন সারি তলপে মুখবাস ব ১২৯। তলব চিঠি —আহ্বানপত্র (written summons)। "গো.চ ৮। তলব বাকী —খাজনার বাকী কিস্তি। তলবানা (আ °বানা)—১ তলব করার বাবদ ফি। "তাঁকে এন্তা তলবানা পণ পণ চেয়ো শি ৭৯। ২ (ঠ °না) বেতন। তলবে—তলব করে; ডাকে। "তোমারে তলবে বিষহরি বা.ম ৩১০।]

তলপ[২], -পা অর্ম্ম [হি √তলফ] ব্যাকুল হওয়া; ছটফট করা। "দুহুঁ-মন, তলপই পুন পুন : পলকে পলকে তলপায় (প.ক)।

তলপানী বি তলের জল; নীচের জল। "কেরোয়ালের টানাটানি, উর্দ্ধ হৈল তলপানী ক.চ ২৪৮।

তলপেট বি পেটের তলভাগ; নাভির নিম্নভাগ; জঘন। [°টা (°পট্টি > °টা ? সং তলিকা)—অশ্বের বক্ষঃস্থলের বেষ্টনরজ্জু।]

তলব দ্র 'তলপ'।

তলবার, -লয়ার, -লোয়ার বি [হি,ঠ, গু তলবার; তলওার (গো.চ); তলওয়ার (হু ১২)] অসি। "তলোয়ার ভ.প্র. ৪২৩। তলয়ার শ্রী.মা ২০৫। °বার ভা.চ ৪৬০; কথা ১০১।

তলা[১] বি [সং তল ; হি °লা] ১ অধোভাগ, নীচের পিঠ। "পায়ের হাতের তলা। ২ বৃক্ষের বা আচ্ছাদনের নিম্নস্থিত স্থান। "গাছ° ছালনা"। ৩ কলসী-প্রভৃতির অধঃকপাল ও অধঃকপালের অন্তর্বহির্ভাগ।

"কলসীর, ভাঁড়ের তলা। তলা গলা কাঁড়।—শুভঙ্কর। ৪ নদী-প্রভৃতির তলভূমি। "তলাকার পঙ্ক।—ম ৮৫। ৫ দেবতার অধিষ্ঠিত স্থান। "কালী°, দেল°, ষষ্ঠী°। পুত্র হ'লে চিত্র করি তলা দিব বেন্ধে শ্রী ২৩। মনসা° ম.ভা ৬৬। ৬ গৃহতল, ভূমি, তালা (storey)। "এক°, দো°, তে°, চৌ°। ৭ পিণ্ড (টীকা), ভাগ। "হৃদে দুই তলা দেখি নানাহি কুমতি ম.গা ২। ৮ নিকটবর্ত্তী বা পার্শ্বস্থ স্থান; স্থান। "কল°, কুয়া°, হাট°। গাজন° হু ৩; বারোইয়ারি° ৩০। ৯ [মৈ তল্লা] জুতার নীচের চর্ম্মপট্টী। "সুখ°। [°খাঁকতি—যাহার ভিতরে অর্থাভাব; দরিদ্র। "তলাখাঁকতি প্রজারা আ.দু ১৬৩। °গুছি, °গোচা—তলে থাকিয়া গোছান; সাহায্য করা। "°গোচা দা ২১৩২। °চৌয়া—অর্থাভাবে ভিতরপোড়া; দরিদ্র। তলায় তলায়—ভিতরে ভিতরে। "বেটারা তলায় তলায় জ্বালায় আমাকে দা ৪৮৬। তলাক, -লাত (তলে)।—শ্রী.কী।]

তলা[২] অর্ম্ম [তল[১]+আ[৯]] ১ তলগত হওয়া, নিমগ্ন হওয়া। "তলাইয়া গিয়া বুড়ী হাঁস ফাঁস করে দা ৩২৯। সুখের জলধি, তলাইয়া দেখিবে পাতাল কতদূর!—স্ব.প্র ১৩; তমোগর্ভে তলাইয়া শেষ পৃষ্ঠে লভে শেষ গতি!—১১৬। বিনাশের তলে তলাইয়া মরি কা ২২। ২ ভিতরে প্রবেশ করা; রহস্য ভেদ করা। "এ কথাটা আর একটু তলাইয়া বুঝিলে ভাল হইত।—ব.প্র ৩৭৫। আসল কথাটা তলিয়ে একবার কেউ দেখেন না অ.গ্র ১০৬। ৩ পাতালগত হওয়া; নষ্ট হওয়া। "ঐ মোটা সুদের ছিদ্র দিয়ে ব্যাঙ্ক গেল তলিয়ে ঘ ১২। [তলান —সর্থ 'তলা[২]'। খাদ্য তলান—খাদ্য পেটে থাকা; উঠিয়া না পড়া।]

তলা(ল্লা)ট বি [(?)] প্রদেশ, অঞ্চল। "চণ্ডীদাস কহে, ধন্য সে নারী, তলাটে নাহিক আর (বঙ্গীয়শব্দসিন্ধু)। তোমার কথা মানবে না এ তল্লাটে এমন লোক কে আছে অ.গ্র ৭০।

তলাতল ক্লী সপ্ত অধোভুবনের অন্তর্গত পাতালবিশেষ। দ্র 'সপ্ত-পাতাল'। "ম ৯৪৯। °বাসী চ.বি ১৩০; ২৬৭। তমান্ধ তলাতলে সা.ম ৪৫।

তলাতি বি [তলপাত] তলা। "রত্নের বিচিত্র মালা (থালা?) মাণিকতলাতি। তহি ঘৃত নবনী লেবু নানা জাতি॥—শ্রী.ম ১৭১।

তলানি, -নী বি [তলা+পানী] ১ তলার জল; তলায় থিতান পাঁক জল। ২ তলায় থিতান দ্রব্যমাত্র; গাদ (sediment)। "রসের পেয়ালার…তলানিপর্য্যন্ত গেলে গোলমাল বাধবে ঘ ১৫০। ৩ তলার খবর; ভিতরের কথা; রহস্য। "সে বলে তলানি জানি পুরুষ বড় দাতা।—হেম ৩৮০।

তলাপাত্র বি রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধিবিশেষ। "ব.প ১৬৭৭।

তলা(ল্লা)শ, -স বি [আ তলাশ্] অনুসন্ধান, খোঁজ। "তল্লাস করহ ধন কি আছে ভাণ্ডারে কৃ ৯৯। তলা(ল্লা)স গো.চ ৪২১,-২। কিরাত-নগরে কন্যা করহ তল্লাস ক.চ ৪৬; তলাস (পাঠান্তর) ২২০; ভ.গ্র ৩৫১। তল্লাস শ্রী.মা ১০৮; বা.ম ৩৮; ব.প ৯০২; রা.স ৩৩; ভা.চ ৩৭৮। তল্লাস ব.প্র ৪৬। —শী, -সী বি [আ তলাশী] কাহারও বাড়ী আসবাবপত্র বা কাপড়চোপড় অনুসন্ধান করা; খোঁজা। "তল্লাসী লইয়া তারে পুনঃ ছাড়ি দেয় ম ৪১০। আমি বজরা তল্লাশী করিতেছি ব.প্র ৪২১। [তল্লাসী লওয়া (হি তলাশী লেনা)—অনুসন্ধান করা। তলা(ল্লা)সিয়া—তল্লাস করিয়া; খুঁজিয়া। "গো.চ ২৩৭; ৪২০।]

তলি বি [সং তলাচী] দরমা, চাঁচ, চেটাই। "হিরা মন মাণিক্য লোকে তলিতে শুখাইত ম.গা ৪।

তলিকা স্ত্রী [তল+ইক (ঠন্) অন্ত্যর্থে+স্ত্রী আ (টাপ্)] অশ্বের বক্ষের বন্ধনরজ্জুবিশেষ (অ.চি)।

তলিত ক্লী ১ ঘৃতের ভৃষ্ট মাংসবিশেষ। 'তদাজ্যে সংভৃষ্টং তলিতং প্রোচ্যতে (ভাবপ্রকাশ)। "মৃ ১.৫১। ২ (বাঙ্লায়) তেলে ভাজা মাছ। "ইলিশ তলিত করে ব.প ২২২। [তলিত অন্ন-ঘৃতপক্ক অন্ন; পোলাও। "বি.পা ২৯৬।]

তলিম ক্লী [°ম (দেশী ৫.২০)] ১ শয্যা। ২ কুট্টিম।

তলী বি [তল+ঈ[৮]; হি 'তলী'—তলা] নৌকার তলা। "তলী গড়ি কৈল সারা ব.প ২২০। [সহর°—নগরোপকণ্ঠ।]

তলুয়া, -লো বি [P. talha—জল ইত্যাদির জন্য বৃহৎ মাটির পাত্র; হি, মৈ তৌলা] মাটির গভীর হাঁড়িবিশেষ।

তলোয়ার দ্র 'তলবার'। [°বাজী—অসিযুদ্ধ। "ব.প ১৬৯৬।]

তল্প পুং, ক্লী [√তল্+প (পক্)-ধি, উ ৩.২৮; তু 'তল্প'—শয্যা (দেশী ৫.১৯); ছান্দস] ১ শয্যা। "কুশাস্তরণ° গো.রা ২.৩০.১৬। রঘু ৫.৭৫। অহীন্দ্র° ভ ৩.৮.১০। কুসুমবিশিখশর° গী.গো ৪.৪। তলপে তরাসই।—গো ২৫৫। ২ দার, পত্নী। "গুরুতল্প। ৩ শয্যা-ধার, পল্যঙ্ক, খাট। ৪ অট্টালিকা, দুর্গপ্রাকার, গৃহোপরিস্থ গৃহ (মুগ্ধ); রণমণ্ডপ (অ.টী)। "রঘু ১৬.১১। ৫ শকটের উপবেশনস্থান। —ল্পক পুং [তল্প+√কৃ+অ (ড)-ক; উ.ত] শয্যাকারক, শয্যাপাল। [°কীট (পুং)—শয্যাকীট, ছারপোকা।]

তল্পল ক্লী [তল্প+ল (লচ্) অস্ত্যর্থে] করিপৃষ্ঠবংশ। "মাঘ ১৮.৬।

তল্পি, -ল্পী বি [তল্প+ই[১১]] শয্যা-প্রভৃতি, বিছানাপত্র কাপড়চোপড় ইত্যাদির গাঁঠরি বা মোট। "তল্পি দেখ খুঁজি স্ব.প্র ১০৭। [°তল্পা —বিছানাপত্রাদি। "(বাবাজীরা)] তল্পিতল্পা নিয়ে ট্রেণের অপেক্ষা কত্তে লাগলেন।—হু ২৩০। ব্রজেশ্বর তল্পীতল্পা বাঁধিতে লাগিল।—ব.প্র ৩৭৭। °দার—তল্পির বাহক। "তল্পিদার তল্পি নিয়ে (কেরাঞ্চীর) ছাতে…উঠলো হু ২১৬।]

তল্লাশ, -স, -শী, -সী দ্র 'তলাশ'।

তষ্ট বিণ [√তক্ষ্+ত (ক্ত)-র্ম্ম] ১ তনূকৃত, চাঁচা। ২ দ্বিধাকৃত। ৩ তাড়িত। ৪ গুণিত। —ষ্টা (-ষ্টৃ) পুং [+তৃ (তৃচ্)-ক-১ব; 'তষ্টা'—তক্ষক, রথনির্ম্মাতা (ঋগ্বেদ ১.৬১.৪)] ১ 'তনূকারক', সূত্রধর, ছুতার। ২ বিশ্বকর্ম্মা। ৩ আদিত্যবিশেষ। —ষ্টি[২] স্ত্রী [+তি (ক্তিন্) -ভা] তনূকরণ, তক্ষণ, চাঁচা।

তষ্টি[১] বি [ঠ 'তষ্ট'—ক্লেশ, বিঘ্ন] প্রতিজ্ঞা, কোট, জিদ। "এ তো বড় তষ্টি দেখি: তষ্টি কৈল প্রাণত্যাগ ভ.গ্র ২৭০; ব.প ১২৩৩। আটপর কাল আমার কাছে দিয়ে থাকে তষ্টি দা ২০৫৭। [°দার, °রাম—এক-জাতীয় ইতরশ্রেণীর ব্রাহ্মণ (ইহারা শ্রাদ্ধে আসে এবং জিদ করিয়া প্রার্থিত বস্তু আদায় করে)। "বাটীর বাহিরে…তষ্টিরাম ও কাঙ্গালিতে পরিপূর্ণ আ.দু ১৩৩।]

তষ্টি[২] দ্র 'তষ্ট'।

তসদি বি [আ তস্দিআ'] কষ্ট, ক্লেশ। "E.P. 115.

তসবি, -বী বি [আ তস্বীহ্] মুসলমানের জপমালা। "তসবি লইয়া করে, জপ করে ব.প ৩২০। তসবী জপে ভা.চ ৪৮৪,-৯৫। ঠকচাচা…দাড়িতে হাত বুলাতে বুলাতে তসবি পড়িতে লাগিলেন আ.দু ১৭০।

তস্‌বীর বি [আ তস্‌বীর্] চিত্র, ছবি; প্রতিমূর্ত্তি। "এ কাহার তস্‌বীর আম্নি?—ব.ম্বি ২৮৭। [°ওয়ালী—চিত্রবিক্রেত্রী। "ব.ম্বি ২৮৭।]

তসর পুং [√তন্+সর (ক্সরন্)-র্ম্ম, উ ৩.৭৫] গুঁটিপোকার সূতা; মোটা রেশমবিশেষ; তসরের কাপড়। "পিন্ধে কাপড় নাম যে তসর ম.গা ১০। [°গুটি—তসরপোকার কোষ। "শ্রী ১১০।]

তসলা বি [?] ১ খিল, হুড়কা। "শ্রী.মা ১৯৫। ২ [হি °লা] রন্ধনার্থ ধাতুপাত্রবিশেষ।

তসি(সী)ল, তহসীল বি [আ তহ্সীল্] ১ খাজনা আদায় (collection)। ২ তহসীলদারের অধিকারের অন্তর্গত স্থান।

"ঙ্কের তসিল ভ.গ্র ৩৬০। [°দার—যে তহসীল করে; গমস্তা। "ব.প্র ৫১৯। °দারী—তহসীলদারের কাজ বা পদ; গমস্তাগিরী।]

তস্থ দ্র 'তছু'। "সারঙ্গ তস্থ সমাধানে বি.প ২৮; তস্থ তুল ৫৮। সে অতি নাগর তোঁএ তস্থ তুল বি.সা ৫২।

তস্কর পুং [তদ্+ √কৃ+অ (ট)-ক, স্ (সুট্) আগমে তদ্ > তস্, 'চৌর' অর্থে, পা ৬.১.১৫৭, বার্ত্তিক; ছান্দস] ১ চৌর। "প্রদোষং তস্করা ইব।—ঋগ্বেদ ১.১৯১.৫। °তা রঘু ১.২৭। কামিনীকায়কান্তারে কুচপর্ব্বতদুর্গমে। মা সঞ্চর মনঃ-পান্থ তত্রাস্তে স্মরতস্করঃ॥—ভর্তৃহরি। ২ অনাদরার্থক (সমাসে উত্তরপদ)। ৩ কর্ণ। ৪ মদনবৃক্ষ। ৫ পৃক্কাশাক। —রী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] কোপনা নারী; চণ্ডী।

তক্সির বি [আ তক্.সীর্] দোষ, অপরাধ; ভ্রম। "শ্রী.মা ১০৭। ভ.গ্র ১৪। রা.স ৩১। ব.প ১৬৮১।

তস্থিবান্ (-বস্) বিণ [√স্থা+বস্ (ক্বসু)-ক-১ব; স্ত্রী -স্থুষী] স্থিত। "রঘু ২.২৯; ৫.৬১।

তস্মাৎ [তদ্+স্মাৎ (পঞ্চমীর ১ব, পুংলিঙ্গ] তাহা হইতে; সেইহেতু। "তস্মাৎ যে অন্য বহুশাস্ত্রের বিরোধি ভ.গ্র ৯৭।

তস্য [তদ্+স্য (ষষ্ঠীর ১ব, পুংলিঙ্গ)] তাহার, তাঁহার। "তস্য সুত ম ২৭৪। সমাদরে তস্য শ্রী ১২। তস্য ভার্য্যা ভ.গ্র ১৪২; তস্য শিষ্য ১৬৮। তস্য পোষ্য রামেশ্বর শি ২। তস্য পর।—ব.প ১৩৭৭; ১৬৩৮। তস্যাত্মজ দা ২; তস্য গৃহে ৩; ৮। তস্য পুত্র ব.প্র ২১৭; কুটুম্বের কুটুম্ব, তস্য কুটুম্ব, তস্য কুটুম্বের আমদানি ৩০১। তস্য পর E.P. 135.

তহকীব বি [আ তহ্.কীক্.] প্রমাণীকরণ, সত্য বলিয়া নির্দ্ধারণ। "সনন্দ তহকীব করা গেল E.P. 54.

তহবিল বি [আ তহ্.বীল্] নগদ টাকা (cash)। "তহবিল গরমিল হইলে শূলে যাব না কি?—ব.প্র ৫১৯। [°দার—ধনাধ্যক্ষ, খাজাঞ্চী (cashier, treasurer)। °দারী—তহবিলদারের পদ বা কার্য্য। "দাও মা আমায় তহবিলদারী।—রামপ্রসাদ।]

তহরী বি [আ তহ্.রীর্] লেখার পারিশ্রমিক; লেখাই-খরচা।

তহসীল, -লদার, -দারী দ্র 'তসিল'।

তহি ক্রি.বিং [সং তস্মিন্ > প্রা তহিং; সং তত্র > প্রা তহি, তহিং (প্রা.ম) > বা তহি, -হিঁ; হি, মৈ তহীং] ১ সেই স্থানে। "সব তরু কল্পদ্রুম, তহি এক নিরুপম, রত্ননদী চৈ.ম ২৫; ৪২। ২ তাহাতে, সেই অঙ্গে। "সহস্র নুপুর তহি বাজে শ্রী.ম ৬; তহি (মুখে) বহে ঘর্ম্মজল ২০৮। তড়িত তহি হেরি ব ৭৯। ৩ সেই পাত্রে। "তহি…নবনী লেবু নানা জাতি শ্রী.ম ১৭১। ৪ তাহাতে, তদ্বিষয়ে। "সদয় হৃদয় তহি যাই গো ১০১। ৫ তৎসন্নিধানে। "না যাইহ সো পিয়া তহি এক গুণে বি.প ৬৬। ৬ [মৈ তহি] সেইজন্য। "বালাজন সঞে যব রহই। তরুণী পাই পরিহাস তহি করই॥—বি.প ৩৯। ৭ তাহাতে, সেই গণ-সম্মেলনে। "দক্ষিণভাগে…নিত্যানন্দচন্দ্র রসভোর। বামে গদাধর সরস ভঙ্গি তহি ন.প ২০৫। ৮ তাহাতে আবার। "মুখরিত পিককুল যাজক তায়। তহি মলয়ানিল রচই সহায়॥—ব.প ১০৮১, ১১১৯। তহি ('তহি'—পাঠান্তর) অতি দুরতর বাদল দোল গো ১৩১। ৯ সেই সময়ে; তখন। "তহি ছলে ভুজমূল-বসন উদাসল রা.শে ১১৭। ১০ [ত (তদ্)+হি১] সেই। "মধুর লোভে ভ্রমরা বুলে বেড়িয়া তহি রসাল চ.দা ৩। —হিঁ২ ক্রি.বিং ১ সেই স্থানে; সে ঘাটে। "তহিঁ গৌরচন্দ্র প্রভু করিলেন স্নান চৈ.ভা ৩.৮৬। ২ তাহাতে, তদ্বিষয়ে। "তবহু যতন করি করইতে মান। হাস কুমুদে তহিঁ সব করে আন॥—গো ১৭৯। ৩ তাহাতে, সেই বক্ষঃস্থলে। "তহিঁ দোলত মুকুতা ব.প ১১৩৯। ৪ তাহাতে আবার। "দ্র 'তহি (৮)। [তহিমধ্যে—তাহার মধ্যে। "তহিমধ্যে শো-আইল শ্রী.ম ২৭। তহিমধ্যে প্রেমদান বিশেষ কারণ চৈ.ম ৬৯।]

তহিঁ১ সর্ব্ব [তা৪+হি] তাহাই। "কব…শুনব তহিঁ শ্রবণে ব ১৩০।

তহিঁ২ দ্র 'তহি'।

তহু১, -হুঁ ক্রি.বিং [মৈ তহি] ১ সেই জন্য। "জারভাবে কৈল গোপী গোবিন্দ ধেয়ানে। তহু মুক্তিপদ পাইল বিনে তত্ত্বজ্ঞানে॥—রা.প ৩। ২ [তহিঁ > °হুঁ] সেই স্থানেই। "তহুঁ অনুরক্ত হেতু কৈনু অন্তর্দ্ধান শ্রী.ম ৯৭।

তহু২ [তস্থ > °হু] তাহার। "সুরতরু বেড়ি বেড়ি মণ্ডলী হয় ফিরি ফিরি। তহু মাঝে কানু নাচে বেণু পুরি পুরি॥—শ্রী.ম ৯৮।

তহো সর্ব্ব [মৈ তিন্হ+ও৬; অপ্র] তিনিও। "গোবিন্দের অন্তঃপুর মহিষী সকলে। অলোক করউক তহো মন কুতূহলে॥—অ.প ৩২।

তা১ বি [সং তাপ > প্রা তাব, -অ > বা তা; হি, ঠ তার] ১ তাপ, উত্তাপ। "জ্বরের তায় পানি পিওন (চট্টগ্রাম-প্রবচন)। ২ পক্ষীর পক্ষপুটের ডিম-ফুটানর তাপ। "ডাহুক ডাহুকী নাচে ডিমে দিয়া তা শ্রী ৫৬। যেন কাপাতের মা, খোলাতে দিয়াছে তা ব.প ১৩৫৫। ৩ [তার > তা] তার। [গোঁফে তা দেওয়া—গোঁফ পাকাইয়া তারের মত করা। "গোঁফে তা দিয়া কয় গভীর গর্জ্জনে শ্রী.মা ১৪। ঘন তা দেয় গোঁফে শ্রী ২৪১। [জাঁতা তায়—জাঁতা টানিয়া তাপ উৎপাদন করে। "শ্রী.মা ১৪৩।]

তা২, -তাং, -তাঃ বি 'তারিখ' শব্দের সংক্ষেপ। "তা ১১ শ্রাবণ E.P. 55; তাং ২৯ ভাদ্র 58; তাঃ নই ফাল্গুন 48,-9.

তা৩ বি [ফা তা] ফর্দ্দ, খণ্ড, থান, টা (sheet)। "এক তা, দু তা কাগজ। ২৪ তায় এক দিস্তা।

তা৪ সর্ব্ব [সং তদ্ > প্রা তা (তাগংধ, তান্নর—প্রা.ম, তাক—পৈ); মৈ তা—তাসম, তাসহ] তাহা। "তা পর বি.প ২৭। পুলকে ভরল সব গা। ঝাঁপয়ে বসন দিয়া তা॥—ন.প ১৬০। যতেক করিল দয়া কি কহিব তা শ্রী.ম ১৩৫। তা হলে পালিব আজ্ঞা মে ২৬। তা বটে তো আ.দু ৯৩। [তাই—তাহাই। তাক—১ তাহাকে। "তাক দিও ঠাঁই শূ ১২,-৪। চ.বি ৯৭। ব.প ৬১৮। ২ (মৈ তাক) তাহার। "তাক বয়ান বি.প ১০২। শ্রী.কী ২২৭। তাকর (দ্র 'কর৩')—তাহার। "তাকর মূলে বি.প ১১৯। তাকর চরণে গো ৩৭; তাকর সার ৫৯; তাকর বচন ১৮৩। তাকে—তৎসম্বন্ধে, তাহার। "দ্বাদশ বছর, তাকে বহু দিন আগে শ্রী.মা ২১। তা'কে সুদ্ধ—তাহাকেও। "দেশকে আঁকড়ে ধরে' তা'কে সুদ্ধ কেন অশুচি করি?—ঘ ১৯১। তাগোর—তাহাদের। "তাগোর হাত রার করছি।—অমৃতলাল বসু। তাত—তাহার। "শ্রী.কী ২৭৪। তাতে—১ তাহাতে, সেই হেতু। "এক বাক্যতা নাহি, তাতে স্বামী নাহি মানি চৈ.চ ৩০২। ২ তাহাতে আবার; দ্বিতীয়তঃ। "একে মনসা তাতে ধুনার গন্ধ।—প্রবচন। তান—তাঁহার। "তান আছে অপরাধ চৈ.ভা ৩১৪। তানে—তাঁহারে, তাঁহাকে। "তানে দেখিলে চৈ.ভা ১২৭; তানে হও ভক্তিদাতা ৩১৪। তাপর—১ তাহার উপরে। "বি.প ২৭। ২ তাহার পরে। "দু ১৩,-৪; °রে ৭৪। তাবর—তাহার। "তাবর দুভিতে শূ ১০৯। তায়—১ তাহাকে। "ত্যজি তায়…যায় বা.দ ১৭৮। ২ তাহাতে আবার; দ্বিতীয়তঃ। "তায় সে রাজার বেটা বড় আবদারে শ্রী.মা ৫৫; ৫৮। তোর মৃদু রায়, কামশরে তায়, চিত্ত কৈল চমকিত ক.চ ১৪৪। তার—অপেক্ষা। "তার ছোট বীর নাই কৃ ২৫৩। তারে—১ তাহার মধ্যে; তদবসরে। "তুমি খাও, আমি তারে বই পড়ি। ২ তাহার সম্বন্ধে। "চৈ.চ ২১৯। তা সঞে—তাহার সহিত। "তা সঞে কহত হি টেরি বি.প ১৯৫। তা-সবাকে—তাহাদিগকে। "চ.বি ১৯। তা-সবার,-সভার

—তাহাদিগের। "তা-সভার সংসর্গ ম ২৯। চৈ.ভা ২৭৪। তা-সবার মধ্যে চ.বি ১০। তা-সবার সহ মে ২১। তা-সবারে—তাহাদিগকে। "তা-সবারে দেখিয়ে নয়নে ম ১২২২। তা-সবে,-সভা,-সভায়—তাহাদিগকে। "তা-সভা ত্যজিয়া।—ম ৪২৪। তা-সভায় আনহ কৃ.অ ২৭। তা-সম—তার সমান; তৎতুল্য। "তা-সম নির্ব্বুদ্ধি ম ১০১৬। তা-সহ—তাহার সহিত। "তা-সহ মিলিয়া, ভাসিল নূপুরধ্বনি মে ১৯। তা হোতে—সেই সময় হইতে। "তা হোতে বনবাসে রৈলা অলক্ষিতে গ ৭৫। তাএ (তাহাকে, তাহাতে), তাক (তাহাকে, তাহার) ।—শ্রী.কী।]

তা[৫] অব্য [সং তাবৎ >প্রা তা] ১ স্বীকারে—সত্য, ঠিক, আচ্ছা। "হেম।—আমার নিকট হইতে (হীরা) চোরে কাড়িতে পারে না। মনোরমা।—তা এত রাত্রে এত অলঙ্কারে প্রয়োজন কি?—ব.প্র ১৩৫। ২ বিনয়পূর্ব্বক স্বীকার। "তা মা, যা বল, তোমার আপনার গুণে বল ব.প্র ৩৬৬। ৩ কিন্তু, পক্ষান্তরে। "সে (গঙ্গারাম) কিছুই বলিল না; তা, সে দিন গঙ্গারামের কোন কাজ করা হইল না ব.প্র ৪৭৫; শ্রীকে ছাড়িলে সব ছাড়িতে হয়। তা, শ্রী কিছুতেই রাজপুরীমধ্যে থাকিতে রাজি হইল না।—৫০৯। ৪ ঠিক কথা; ভালই। "পাপীর দণ্ডই এই যে, সে দয়াময়কে ডাকিতে ভুলিয়া যায়। তাই সীতারাম…আর ডাকে না। তা, সে না ডাকুক, আমি তার হইয়া জগদীশ্বরকে ডাকিলে, তিনি কি শুনিবেন না?—ব.প্র ৫৩১। ৫ স্বীকারপূর্ব্বক সংশয়প্রকাশে। "রাম।—ও সব হিন্দুদের রচা কথা, উপন্যাসমাত্র। শ্যাম।—তা এটা উপন্যাস, না ওটা উপন্যাস, তার ঠিক কি?—ব.প্র ৫৪২। ৬ অবধারণে, নিশ্চয়ে। "তা যাক্ গিয়ে—আমরা আদার ব্যাপারী জাহাজের খবরে কাজ কি?—ব.প্র ৫৪২। ৭ [সং তদা, তর্হি > প্রা তা] তবে, তাহা তাহা হইলে। "সুন্দরী।—ছেলেবেলায় আমায় ছেলেধরায় চুরি করিয়া লইয়া গিয়াছিল। প্রফুল্ল।—বটে। তা তারাও ত একটা নাম রেখেছিল?—ব.প্র ৩৬৬। ৮ [সং তদ্(ব্য), তস্মাৎ >তা (হে ৪.২৭৮)] সেই হেতু; অতএব, এজন্য। "তা জিজ্ঞাসা করি, এই চিত্রপটে কি-পর্য্যন্ত চিত্রিত হইয়াছে?—সী ৫। দেবতার মেঘ কণ্টকক্ষেত্র দেখিয়া বৃষ্টি সংবরণ করে না। তা, তোমরা রোহিণীর জন্য একবার আহা বল।—ব.প্র ২৬৮। [তা যাও (প্রা তা গচ্ছ মৃ ৮$\frac{২৯}{৩০}$)—অতএব যাও; ভালই, যাও। তা তা তা তা—স্বীকারে দ্বৈধভাবে। "অ্যাঁ অ্যাঁ, তা তা তা তা—বাঙ্‌নিষ্পত্তি হইয়া উঠিল না ব.প্র ২৯।]

তাই[১] বি [সং তালিক; ধ্বন্যাত্মক (?)] করতালি। "তাই তাই তাই। মামার বাড়ী যাই॥

তাই[২] সর্ব্ব [তা[৪]+ই[৪]] তাহাই, সেই। "নূতন ঘোটনা কুঁড়া দিয়াছে বিশাই। আজ বড় শুভদিন বার কর তাই॥—ভা.চ ৮৬। [তাই ত—তাহাই (স্বীকারে); তাই বটে! (বিস্ময়ে, বিস্মরণে)। তাইতে—সেই হেতুই। তাই না কি?—বাস্তবিক কি তাহাই? তাই সিন, তাই সে (হি, মৈ তৈসে)—সেই হেতুই, সেজন্যই।]

তাই[৩] ক্রি.বিং [সং তস্মাৎ >প্রা তা (হে ৪.২৭৮); তা+ই[৪]] সেই হেতুই; তজ্জন্যই। "আমি তাই অভিমান করি, আমায় করেছ গো মা সংসারী।—রামপ্রসাদ। তুমি বিশ্ব গড়,…তাই বিশ্বকর্ম্মা নাম ভা.চ ১৯৯। আমি তাই চাই ভরিয়া পরাণ, দুঃখের সাথে দুঃখের ত্রাণ। —রবীন্দ্র।

তাইদগির বি [আ তাইদ্+গির] সাহায্যকারী কর্ম্মচারী, নাএব। "কুটির তাইদগিরের প্রবেশ নী ৩৬।

তাইন বি [আ ত'য়ীন্] দণ্ড, জরিমানা। "হুকুম হইল যে, আসামীর নিকট হইতে দুই শত টাকা তাইনে দুই জন জামিন লওয়া হয় নী ৬১।

তাউ(ঐ)ই, তাঐ বি ['তাত'—মূল; তাঅই (কৃষ্ণনগর); তায়ৈ, -লৈ (ময়মনসিং); তাহই (মালদহ); তাঐ, -লৈ (ঢাকা); তালৈ (ত্রিপুরা); তালই (চট্টগ্রাম); তালুই (চব্বিশপরগনা); তু 'হি তাউ, তায়া—জ্যেঠা; তা 'থায়'; তেলেগু 'থাল্‌লি'—মা; তু 'মাউই'] ভ্রাতার বা ভগিনীর শ্বশুর। "মেজো তালুই ন.ত ৭৭। তাঐ তাঐ বলি তুমি কেন কর রোষ ম.ম ১৬০।

তাউস বি [আ ত.উস্] ১ ময়ূর। "তক্ত°। ২ উপরিভাগে ময়ূরাকৃতি তত বাদ্যবিশেষ। [ত.খ.্ত্-ই-ত.উস্,—ময়ূর সিংহাসন।]

তাও বি [তার >°ও; অস তাও; দ্র 'তা[১]] সর্থ 'তা[১]'। "এই দুই ডিম্ব তাও দেও: তাও দিল বা.ম ১২; ১৩।

তাওয়া[১] বি [ফা তাবা; হি তবা] ১ চাটু, তই। ২ কলকার তামাকের উপরিস্থ তাওয়ার মত মাটির চাকতি।

তাওয়া[২] সর্ম [সং √তাপি—তাপয়্ >প্রা √তাব >বা (√তাবা) °য়া; হি √তাব] ১ তাপিত করা; তাতান। "সাবল তাওয়াইয়া দেয় হাতে বি.সু ৮৮। ২ জাঁতা টানিয়া তাপ দেওয়া বা আগুন করা। [তাওয়া-তাই—'তাপাতাপি', রাগারাগি। "হুড়াহুড়ি হৈতে হৈতে হৈল তাওয়া-তাই শি ৩১। তাওয়ান—সর্থ 'তাওয়া[২]'। "জাঁতা-তাওয়ান। তায়্যা—তাওয়াইয়া; জাঁতার ফুৎকারে আগুন করিয়া। "দে তায়্যা ত্যায়া তাকে হাঁকে উভরায় শি ৭১। "বাঘ-ছালে জাঁতা দিউক তেয়্যা; বাঘছালে জাঁতা দিল তেয়্যা (শি ৬৯; ৭১)—এই দুই স্থলে 'তেয়্যা' ভ্রমাত্মক, 'ছেয়্যা' (ছাইয়া) সাধু।]

তাংড়া, তাঙ্গড় সর্ম [ঠ √তাংগড—বদ্ধ করা; অস √তাঙ্গর—উৎকৃষ্ট করা] ১ সংযত করিয়া বা সাজাইয়া-গোছাইয়া রাখা; সংক্ষিপ্ত (জড়ো) করিয়া রাখা (to collect or heap together)। ২ ধরা (to contain)। "গাড়ির ভেতর ও পেছনে কত তাংড়াতে পারে, তারি তকরার হচ্ছে হু ১৬৬। [তাং(ঙ্গ)ড়ান—সর্থ 'তাংড়া'।]

তাঁ সর্ব্ব [সং তেষাম্ >প্রা তাণ, >বা তাঁর >তাঁ (বিভক্তিহীন)—তাঁরা; তাঁকে, তাঁদিগকে ইত্যাদি (কর্ত্তার একবচন ভিন্ন কারকে)] কর্ত্তৃকারকের একবচনভিন্ন কারকে 'তিনি'-স্থানে প্রযোজ্য সর্ব্বনাম। যেমন,—তিনি (১ব), তাঁরা (অর্থাৎ তিনিরা), তাঁকে (তিনিকে) ইত্যাদি। [তাঁয় (অপ্র)—তিনি। "তাঁয় রন্ন পাকাইলে পন্তে বসিয়া গো.চ ২৪৯। তাঁর ('তিনির'—ঢাকা)—তাঁহার। তাঁসভা—তাঁদিগকে। "তাঁ-সভা লইয়া চৈ.ভা ৩৭৪। তাঁ-সভার—তাঁদের। "চৈ.চ ১৮; ৩৮; ১৪০।]

তাঁইস, তাইঁস বি [আ ত.ইশ্—ক্রোধ] সক্রোধ শাসন। "সেরূপ বুঝান শিক্ষার সুধারা ও কৌশলের দ্বারা হইতে পারে—কেবল তাঁইস করিলে হয় না আ.দু ১৯। (কর্ত্তা) ছেলেদের উপরেও সর্ব্বদা তাঁইস করে থাকেন হু ৫৭।

তাঁউ(ড়ু)ল বি [সং তণ্ডুল >প্রা তংডুল >বা তাঁড়্(উ)ল; অপ্র] চাউল। "তাঁউলর আন (অন্ন) ব.প ১১৫। আতপ তাঁউল শূ ৬৪; আতপ তাঁড়ুল ১০০; তাঁউল ১০২; তাঁউলর আন ১১২; তাঁড়ুল ১২০।

তাঁত বি [সং তন্ত্র >লি তন্ত, প্রা তংত >বা °ত] ১ বস্ত্রবয়নযন্ত্র (loom)। "জগতের তাঁতকে পাবি, এ তাঁত হ'তে সে তাঁত ভাল দা ৫১৩। ২ [হি তাঁত] মেষাদির অন্ত্ররচিত সূত্র; ধনুক সারঙ্গ প্রভৃতির তার। —তি, -তী বি [সং তন্তি >প্রা *তংতি >বা °তি, -তী; হি তাঁতী] তন্তুবায়, নবশাকবিশেষ। "তাঁতি শ্রী ২১৭।—তিনী বি [°তি+ইনী] তাঁতির স্ত্রী; তাঁতির স্ত্রীজাতি। "কা ১০৮। [°কাটা কাপড়—তাঁত হইতে সদ্যঃ কাটিয়া বাহির-করা কাপড়; আনকোরা কাপড়। °গড়, °গাড়—নারাজের নিম্নস্থ তাঁতির পা-রাখার গর্ত্ত। "তাঁতগাড়ে পড়ে তাঁতি শ্রী.মা ১৯৫। শ্রী ২১৭। °ঘর, °শাল—যে ঘরে তাঁত থাকে; তন্ত্রগৃহ। তাঁত বোনা—তাঁতে কাপড় বোনা। "ত.প্র ২৪৬।]

তাঁবা বি [সং তাম্র > লি তম্ব, প্রা তংব > বা °বা; হি তাঁবা ; ঠ তাংব —লোহার মরিচা ; ড় তম্বা] তাম্র। [তাঁবা তুলসী গঙ্গাজল—স্পর্শ-পূর্ব্বক হিন্দুর শপথকরণের দ্রব্য।] [রাজগণ অঙ্গীকারপূর্ব্বক তাম্রফলকে দেবতা-ব্রাহ্মণকে ভূমি দান করিতেন। ইহা হইতে তাম্রস্পর্শে দেবতা-ব্রাহ্মণের নামে দিব্য বুঝায়। শপথে তাম্রস্পর্শের এইরূপ মূল কারণ, আমার এক বন্ধু তাঁহার পিতামহের নিকটে শুনিয়াছিলেন।]

তাঁবু বি [আ ত.ম্বু ; হি তম্বূ ; ঠ তংবূ] বস্ত্রগৃহ, পটাবাস (tent)। "কা ১৩৬,-৭।

তাঁবে বি [আ 'তাবা'] অধীনতা। [°দার—অধীন। °দারী—অধীনতায় থাকা।]

তাঁহা[১] সর্ব্ব [তাঁ > °হা ('হ'-আগম)] সর্থ 'তাঁ'। [°দোঁহার—সেই দুই জনের (সম্ভ্রমে)। "চৈ.চ ১৫৯।]

তাঁহা[২] ক্রি.বিং [তাহাঁ > °হা ; হি, মৈ তহাঁ] ১ সেই স্থানে ; সেখানে। "তাঁহা নাহি গতি : তাঁহা নাহি চিচ্ছক্তিবিকার চৈ.চ ২২ ; ৮২। বসি তাঁহা ভ.প্র ৩৬২। ২ তদ্বিষয়ে, তৎসম্বন্ধে। "দীপ হৈতে যৈছে বহুদীপের জ্বলন। মূল এক দীপ তাঁহা করিয়ে গণন ॥—চৈ.চ ৭। ৩ সেই বিষয়ে ; তাহাতে। "যদি হয় রাগ-দ্বেষ, তাঁহা হয় আবেশ, সহজ-বস্তু না যায় লিখন চৈ.চ ৮২। [তাঁহাই, -ঞি, তাহাঞি—সেই স্থানেই। "তাঁহাই প্রকট কৈল বৈকুণ্ঠ চৈ.চ ২৪ ; ৩৩ ; তাহাঞি বিশ্রাম চৈ.চ ২২ ; তাহাঞি সকল লোক হয় মহাভিড়ে ৩৬। তাঁহি—দ্র 'যাঁহি'। "তাঁহি তাঁহি সরোরুহ ভরই বি.প ২৯। ব ৮০।]

তাক[১], **-গ** '-ক্, -গ্' বি [সং তর্ক > প্রা তক্ক > বা তাক, -গ ; হি তাক ; ড় তিথ] ১ বিচার। "দ্বিজ বলি করি তাক, শাক বড় হয়েছে পাক দা ৭৪১। ২ বিচারপূর্ব্বক অনুমান। ৩ লক্ষ্য। "গাছের ডালে৹ বসিয়া ভালে৹ তাক করে দিঠে চ.সা ১২২। শ্রী ২৬। (নীলকর-দল) প্রেসে তাগ কল্লেন হু ১০৬। ৪ নিরীক্ষণ, বিশেষ দৃষ্টিপাত। "সঙ্কেত বুঝিয়া৹ নয়ন ফিরিয়া৹ তাক করে এক দিঠে চ.দা ৪০। ৫ সুবিধা, সুযোগ। "(খুড়ো) তাগে পেলে চলনসই জুতো জোড়াটাও ছেড়ে আসেন না হু ১২১। [তাকে তাকে—সন্ধানে সন্ধানে ; সুযোগের অপেক্ষায়। তাকে-পাকে,—তাগে-বাগে, সুযোগ-সুবিধা-মত। "তাকে-পাকে ঘোটনায় আরম্ভিলা পাক ভা.চ ৮৭। তাগ-বাগ—১ সুযোগ-সুবিধা। ২ লক্ষ্য। "কভু হয়্যে বাঘ, করে তাগ-বাগ স্ব.প্র ১২৫।]

তাক[২] বি [আ ত.াক্. ; মৈ তাখ] ১ দেয়ালে সংলগ্ন তক্তার আধার (আড়) ; খিলানের নীচে তক্তার আড় ; শেলফ্। "আমার অদৃষ্ট মাটীর আঁবের মত—তাকে তোলা থাকব, দেবতার ভোগে কখন লাগিব না ব.প্র ৩৪৫। ২ দেয়ালে কাটা গর্ত্ত ; কোলঙ্গা। "তাকে তাকে রাখে রত্নদীপ সারি সারি শি ১০৯। ৩ [আ ত.াক্.—অপূর্ব্ব, অদ্বিতীয়] অপূর্ব্ববিষয়দর্শনে-আশ্চর্য্যবোধ ; বিস্ময়। [তাক হ'য়ে থাকা বা পড়া। "দেহ থাক, দেখে তাক, নাহি বাক্ সরে রে বা.দ ৫৭। বিস্মিত হইয়া থাকা বা পড়া। "তাঁদের চাল চুল দেখে অনেক সহুরে তাক হয়ে থাকেন হু ১৩ ; পণ্ডিত মহাশয়ের কথা শুনে আমরা তাক হয়ে পড়লেম ৮৫।]

তাক[৩] সর্ম্ম [সং √তর্ক্ > প্রা √তক্ক > বা √তাক ; হি √তাক] ১ বিচার করা ; বিচারপূর্ব্বক নির্ণয় করা। ২ অনুমান করা। "বয়স তাকিতে পারে না অন্য পরে দা ৭২১। ৩ লক্ষ্য করা। "কেমনে প্রবল হবে সেই তাক তেকেছে ব.প ১৪৩৯। তাকিয়া মারিল একগুলি ভ.প্র ৩৩৬। তাকিয়া মেরেছে বাণ যেখানে পরাণ গো ১৮২। ৪ অপেক্ষা করা। "মনসা রহিছে ছিদ্র তাকে ব.প ২২৯। সতিনী মরণ তাকে ক.চ ১৪৩। ৫ অনুসন্ধান করা। "ছিদ্র তেকে সুস্থ থেকে রক্ত টেনে খেয়ো শি ৭৮। —ক, -কা সর্ম্ম [হি, গু, সি √তাক ; ঠ √টক ; ড় √টাক] দৃষ্টিপাত করা ; একদৃষ্টিতে দেখা। "আপনার ছিদ্র তাক্যা পরকে দিস খোঁটা ব.প ৫৩৫। হেথাণি জানায় ঘোড়ায় সেনমুখ তাকি শ্রী ১২৪। ফিরি না তাকায় ভ.প্র ২৩০ ; কৃষ্ণ নাহি···ফিরিয়া তাকান ২৩২। কষ্টতাপে চাতক চাতকী উর্দ্ধে তাকে বি.সু ২১। [তাকা—সর্থ 'তাক'। তাকাতাকি—দেখাদেখি। "বি.পা ৩৩৩। তাকান—সর্থ 'তাকা'। তেকে—তাক (লক্ষ্য) করিয়া। "তায় মুটে ধরে তেকে শ্রী.মা ৪৫ ; ২০৫। ত্যোগে—তাক করিয়া। "(বাবু) রূপোর গেলাসটী কোটালের রগ ত্যোগে ছুড়ে মাল্লেন হু ৫৩। মুখ তাকান—মুখের দিকে চাওয়া ; কথার অপেক্ষা করা ; প্রতীক্ষা করা ; প্রত্যাশা করা।]

তাক(কু)ত বি [আ ত.াক.ত্] ১ শক্তি, বল ; পরাক্রম। ২ নৈপুণ্য, দক্ষতা। ৩ (বাঙলায়) পরিচর্য্যা, শুশ্রূষা। "মতিলাল অনেকক্ষণ জলে থাকাতে পীড়িত হইয়াছিল, তাকুত করাতে আরাম হইয়াছে আ.দু ৬০।

তাকাতি [তক[২] > তাকাত, -তি, তু 'লাগাত'] পর্য্যন্ত। "আজ তাকাতি, দিনে ডাকাতি, হয় নাই,—তা করলি দা ৫৪১।

তাকাবী বি [আ তক.াব়ী] কূপখননাদির নিমিত্ত কৃষককে প্রদত্ত ঋণ।

তাকি(গি)দ বি [আ তাকিদ্ ; হি তাকীদ] ১ কড়াকড়ি, কঠোরতা। "এই সমস্ত জরুর যখন তাগিদ করে, আখেরকে তখন ভাসিয়ে দিতে হয় ঘ ১৪৯। E.P.67. ২ স্মরণার্থ পত্রাদি (reminder)। ৩ বারংবার বিশেষ আদেশ বা অনুরোধ। —দী বিং [আ °দী] প্রয়োজনীয়, দরকারী (পত্রাদি)।

তাকিয়া দ্র 'তকিয়া'।

তাগা বি [হি তাগা ; তু 'তগগ'—সূত্র, কঙ্কণ (দেশী ৫.১) ; E. tug] ১ দেবতার নামে হাতে বাঁধা সুতা। "তারকনাথের তাগা। ২ রক্তের গতিরোধার্থ সর্পদষ্ট ব্যক্তি দষ্টস্থানের উপরে বদ্ধ সূত্র। "শিরে কৈল সর্পাঘাত কোথা বাঁধবি তাগা কৃ ২৫১। ৩ (সাদৃশ্যে) বাহুভূষণবিশেষ, অনন্ত। [শিরে সর্পাঘাত—শিরে সর্পাঘাত হইলে, তাগা বাঁধা অসম্ভব হেতু, (গৌণার্থে) অপ্রতিবিধেয় বিপদ্ ; মহাবিপদ্।]

তাগাড় বি [র্ক তগ.ার্ ; হি °র] ১ জলের সহিত মিশ্রিত চুন সুরকি (mason's mud) ; তাগাড় মাখার গর্ত্ত (lime-pit)। ২ কাঠের গামলা বা টব্। —ড়ি, ড়ী বি [হি °রী] সর্থ 'তাগাড় (২)। "কাঠের তাগাড়ী বা.ম ২০৯ ; ব.প ২৪২। °ড়ি বি.প ১৬৩।

তাগাদা বি [আ তক.াজ়.া] ১ বারংবার প্রার্থনা বা চাওয়া। "আজ ষষ্ঠী,···মহাজনের শেষ তাগাদা হু ১৮৭। ২ [ক্রি.বিং] (বাঙলায়) শীঘ্র। "হৃষ্ট মনে চলয়ে তাগাদা আ.দু ২১৯। [তাগাদগীর—তাগাদা করার কর্ম্মচারী। "ব.প্র ৩১৪।]

তাচ্ছ(চ্ছি)ল্য বি [তুচ্ছ > °ল্য ('তাচ্ছীল্য' এর অনুকরণে অশু.শব্দ?)] তুচ্ছজ্ঞান, অনাদর, অবজ্ঞা। "তুচ্ছতাচ্ছল্য আ.দু ৮৩। বাছা, তাচ্ছল্য করিও না ব.প্র ৮১।

তাচ্ছীল্য ক্লী [তচ্ছীল + য (ষ্যঞ্)] তচ্ছীলভাব, তৎপ্রকৃতিকভাব, নিয়তভৎস্বভাব। "পা ৩.২.৭৮।

তাজ[১] বি [ফা তাজ্] ১ বাদশাহের টুপী ; রাজমুকুট, টুপী। "স্বর্ণ তাজ শিরে বা.ম ১৯১। ভা.চ ৪৬১। বা.দ ১২৭। ২ [হি তাজ] তাজ-মহল। "তাজ-অট্টালিকা।—হেম ৭৯। ৩ অট্টালিকার উপরিস্থ বুরুজ ; অট্টালিকা। "রচিলা৹ সে তাজ৹ করিয়া সুন্দর, মানবের মনোহর। —হেম ৭৯।

তাজ[২] সর্ম্ম [সং √তর্জ্জ্ > প্রা √তজ্জ > বা √তাজ] ভর্ৎসনা করা ; ভয় দেখান ; শাসান। "কাট কাট বলি তাজে ক.চ ৯৪। সভাই সভারে তাজে ম্না.শে ২১। আঁখি ঠারে তাজে ৪৩।

তাজন বি [তাজি > °ন ; অপ্র] তাজি। "তাজন ঘোড়া পক্ষী হেন উড়ে কৃ.উ ২২১

তাড়নি বি [সং তর্জ্জন > প্রা তজ্জন > বা °ন ; °ন+ই১১] ১ ভৎর্সনা, ভয়প্রদর্শন, শাসান। "তাড়নি ধর ধর শ্রী ২২৪। ২ চোখরাঙানি। "কাঁপয়ে শরীর দেখি আঁখির তাড়নি চ.দা ৭১। ৩ আস্ফালন। "চলে ঘোড়া করিয়া তাড়নি ব.প ৪১৪।

তাজফেনি বি তাজের মত চিনির চূড়াকৃতি খাদ্য। "আ.দ্রু ২১২।

তাজমহল বি [আ তাজ্‌মহল্‌] আগরায় শাহজাহাঁ বাদশাহের কৃত মমতাজ বেগমের প্রসিদ্ধ সমাধি অট্টালিকা। "একবিন্দু নয়নের জল, কালের কপোলতলে শুভ্র সমুজ্জ্বল, তাজমহল চ.কা ৪৬১। [এক সহস্র দেশী ও বিদেশী কারিগর ত্রিশবৎসর পরিশ্রম করিয়া এই তাজমহল নির্ম্মাণ করে। ইহাতে সে সময়ে ৩,১৭,৩৮,০২৪ টাকা ব্যয় হইয়াছিল।]

তাজা বিং [ফা তাজ.] ১ নূতন (মাল)। ২ সদ্যঃকৃত, টাটকা (খাদ্য)। ৩ অম্লান (ফুল, পান)। ৪ টাটকা, অবিকৃত (মাছ, মাংস)। "পরিপক্ক তাজা মর্ত্তমান।—হেম ৩৮৪। ৫ সজীব, সুস্থ, অবসাদহীন, প্রফুল্ল, স্ফূর্ত্তিবিশিষ্ট। "শরীর তাজা হইয়া উঠিলে, তাহাতে পড়াশুনা করিতে অধিক মন যায় আ.দ্রু ২০। ৬ তেজস্বী, হৃষ্টপুষ্টাঙ্গ, তেজাল। "তাজা তাজী শ্রী ৪০; ১২৪,-৫৫। ৭ জীবিত, জীয়ন্ত। "মরা চেয়ে তাজা ভাল যদি মরতে যায় ব.প ১৩। ৮ সবুজ (পত্র)। ৯ নির্দোষ, পবিত্র। "কুলে শীলে তাজা শ্রী ১৫২। ১০ অক্ষীণ, সতেজ। "এই রেসটুকুকে তাজা রেখে দিতে হবে ঘ ১৫০। ১১ হাজা-শুখা-হীন, শস্যসম্পন্ন। "দেখ বালি-চাপা সিকস্ত নদী, তাতেও মহাল আছে তাজা।—রামপ্রসাদ। ১২ ঝাঁঝাল; তেজাল (চুন)। [তাজা খবর—নূতন সংবাদ।]

তাজি, -জী বি [ফা তাজী] আরবদেশীয় অশ্ব। "তাজি বা তুরুকি ঘোড়া গো.চ ২৬৫; কৃ.উ ৬৪; ক.চ ৬৫; শ্রী ১৫৭; বি.সু ১৫। তাজী ম.গা ৪; কৃ ৪৮৬; ক.চ ৯৬; বা.ম ২৫৫; ব.প ৩২৬; ভা.চ ২৭২; বা.দ ৫৯; রঙ্গ ২১।

তাজিয়া বি [আ ত'জি.য়া] ১ মহরমপর্ব্বে বাহিত হাসন ও হুসেনের কবরের প্রতীক। ২ [তাজি > °য়া] সর্থ 'তাজি'। "তাজিয়া টাঙ্গন কান্দে গো.চ ১৯৪। ছোটে জমাদার, তুরগে চাপিয়া তাজিয়া শ্রী.মা ১২৭।

তাজ্জব বিং [আ ত'জ্জুব (বি)] আশ্চর্য্যজনক, অদ্ভুত। "তাজ্জব ব্যাপার। —ব বি বিস্ময়।

তাঞি সর্ব্ব [তাঁ > °ঞি] তিনিই (রঙ্গপুর)। "যেহি জন ভজে তাঞি ভবে হয় পার চ.বি ৩৪৮।

তাঞাম বি [হি তামজান] মনুষ্য-বাহ্য ছোট পালকি বা ডুলিবিশেষ (sedan-chair)।

তাটক বি [সং °ঙ্ক] সর্থ 'তাটঙ্ক'। "রা.শে ৩৩।

তাটকা দ্র 'তাড়কা'।

তাট(ড়)ঙ্ক পুং [তু 'তাড়পত্র'] কর্ণভূষণবিশেষ, কানফুল। "তাটঙ্ক তিয়াজিল গো ২৫৫। তাড়ঙ্ক দ্রু ৮; ২৫; ৫৯। বি.সু ৬৮।

তাটস্থ্য ক্লী [তটস্থ+য (ষ্যঞ্)] ১ তটস্থভাব; ঔদাসীন্য। ২ নৈকট্য।

তাড়১ পুং [√তাড়ি+অ (অচ্)-ভা] ১ তাড়ন, আঘাত, প্রহার। ২ (তাড়নজন্য) শব্দ, ধ্বনি। ৩ [+অ-র্ম্ম] মুষ্টিমেয় তৃণাদি; তাড়া। ৪ পর্ব্বত।

তাড়২ বি [তাড়ক > °ড় (?); জাটু—'টাড'; তু 'তার' (ম.পা ৪২; ম.ম ২৬)] হস্তাভরণবিশেষ, তাড়বালা। "বাহুতে…তাড় গো.চ ৩৭৭। উপর হাতেতে দিল তাড় স্বর্ণময় কৃ ৮০; ২৮০। চ.বি ২০৩। তাড় ভুজমাঝে ব.প ২০৯। বাহুমূলে তাড় শি ১৬। তোড়ল তাড়…তিয়াজিল গো ২৫৫। দা ১৪৮০। বাহুতে…তাড় ব.প্র ১৭। [তাড়বালী—তাড়। "গো.চ ৪৮৮।]

তাড়৩ সর্ম্ম [সং √তাড়ি (তাড়য়) > প্রা √তাড > বা √°ড়; ঠ, গু √তাড] ১ তাড়িত করা; আঘাত করা। "জখন পর তাড়ি ম.প ১০২। কৃষ্ণ তাড়িল চরণে অ.প ৩৮। ভুজে ভুজে তাড়ি ম ১৬৩। ম.বি ৫৮। বাসবে…কুলিশ তাড়িল চ.বি ৫৯; ২১১। লাঙ্গুল বাড়িতে তাড়িছে সবে দ্রু ৮৬। অধীরা কর্ণোৎপল তাড়ে চৈ.চ ১৬১। ২ তাড়া বা আক্রমণ করা। "পাছে যাইবে তাড়িয়া ম ২৬০। তাড়িয়া শশারু ধরে ক.চ ৪৬; ৪৯। (পায়রা) তাড়িল সন্ধানে ব.প ৩২১। দূতে ধরে তেড়ে শ্রী ২০২। তাড়িয়া ধরিব কালু শ্রী.মা ১২৮। ৩ বিদীর্ণ করা; চষা। "ইন্দ্রপ্রস্থ-মাটি আজি তাড়িব লাঙ্গলে ম ১৫৯। ৪ বিদারণার্থ প্রবেশ করা। "ধরণীতে লাঙ্গল তাড়িলা সেই স্থলে ম ২৫৫। ৫ গলনালী তাড়িত করা; গলা খেঁকার দেওয়া। "হাত নাড়ি গলা তাড়ি ডাক ছাড়ি কয় ভা.চ ৭৮। ৬ [তাড়ু > °ড়] তাড়ু দিয়া তাড়িত করা বা ঘোঁটা। "ময়রা সন্দেশ তাড়ে। —ড়াং সর্ম্ম [তাড় > °ড়া] ১ তাড়িত করা; প্রহার করা। "অপরাধ কৈলে তারে লাঙ্গলে তাড়ায় ব.প ৮১২। ২ মারপিট করিয়া ভাগান; হঠান, হাঁকান। ৩ আক্রমণার্থ অনুধাবন করা। "মার মার বলি বীর তাড়াইয়া যায় শ্রী ১৬৯। ৪ দূর করা; বহিষ্কৃত করা; তাড়ান। "তাড়াবার বেলা হ'য়ে আনমনা, বালাটা সুদ্ধ যেন তাড়িয়ো না। —কা ১১৮। ৫ দূর করা; বসিতে না দেওয়া। "(মাছি) বেহুলা তাড়েন (তাড়ান) যত নহে নিবারণ ব.প ২৬৮। ৬ আঘাতে চালিত করা। "হাথে দণ্ড করি তাহা (ভাঁটা) লৈ যায় তাড়ায়্যা ম ১২৯। [তেড়ে ফুঁড়ে উঠা—তাড়াইয়া (ধমকাইয়া) ও রাগিয়া উঠা। "আছিল গোঁয়ার, কতক সোয়ার উঠে তারা তেড়ে ফুঁড়ে।—রঙ্গ ৯। তেড়ে যাওয়া—১ তাড়াইয়া যাওয়া। ২ ত্বরায় যাওয়া। "দুধটুকু টেনে স্থান আগে গিয়া তেড়ে।—হেম ৩৯০। মাকড়ির মুখ তাড়া—ঘা দিয়া মাকড়ির মুখ বাঁকান।]

তাড়(ট)কা স্ত্রী রাক্ষসীবিশেষ। [তাড়কা সুকেতু যক্ষের কন্যা, সুন্দের পত্নী ও মারীচের মাতা। অগস্ত্যের শাপে তাড়কা রাক্ষসযোনিপ্রাপ্ত হয় এবং মিথিলাগমন-কালে রামকর্ত্তৃক নিহত হয় (রা ১.২৫শ সর্গ)। [তাড়কারি (পুং)—রামচন্দ্র। তাড়কেয় (পুং)—মারীচ।]

তাড়ঙ্ক দ্র 'তাটঙ্ক'।

তাড়ন ক্লী [√তড়+অন (ল্যুট্)-ভা; স্ত্রী -নী] ১ আঘাত, প্রহার, শাসন। "সালতাড়নবিহ্বল (রা)। নীরস কাষ্ঠ° শৃ ৯। তাড়নে বহবো গুণাঃ।—চাণক্য। অবতংসোৎপল° কু.স ৪.৮। গিরো বঃ…মর্ম্মতাড়নাঃ ভ ৮.১১.৯। কৃ.উ ১৬০। ম ১২৯; অক্ষপাটি° ৬৫৫। লাঙ্গুল° দ্রু ৮৬। ২ দীক্ষাঙ্গে দীক্ষণীয় মন্ত্রসংস্কারভেদ (ত.বা)। ৩ গুণন। ৪ অস্ত্রবিশেষ। "গো.রা ১.৩০.১৭। —না স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] আঘাত। "ম.পা ৯২। —নী স্ত্রী [+অন-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] 'অশ্বাদি-তাড়নসাধন', কশা, চাবুক। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] আহননীয়। "ত্বমাহং…শিরসি তাড়নীয়ঃ।—পঞ্চ ৫.১১।

তাড়নী দ্র 'তাড়ন'।

তাড়পত্র ক্লী [তালপত্র > °ত্র] কর্ণভূষাবিশেষ, তাটঙ্ক।

তাড়বলয়া, -বালা বি বাহুভূষণবিশেষ, তাড়া। "°য়া গ ৩০। শ্রী.ম ১৬৬। °লা ক.চ ১১৪,-২৪; ম.ভা ১৯; জ্ঞা ৩৫।

তাড়সে ক্রি.বিং [তাড়১+হি 'সে'] ১ তাড়নায়, শাসনে, প্রভাবে। "এত বলি' রাক্ষসী অনল শ্বসে;…কুশাইল বলবান্ তাহার তাড়সে॥ —স্ব.প্র ১৭১। ২ প্রভাবে, প্রচণ্ডতায়। "গর্জ্জে শুন অই,—গুহার ভাঙিছে ঘুম উহার তাড়সে স্ব.প্র ১৮৬। ৩ বেদনার তীব্রতায়। "অতিরিক্ত শ্রমের জন্যই হউক আর ফোড়ার তাড়সেই হউক,…বৈকালে জ্বরবোধ করিলাম পা.ফো ১৭৩।

তাড়া১ বি [তাড়৩+আ৬] ১ তাড়িত করা ইত্যাদি। দ্র 'তাড়৩'।

২ [সং তাড়¹] তাড়না, ধমক, শাসন। "মার কাছে পুত্র যায় বাপে দিলে তাড়া (ভা.চ)। নিত্যি আমি দিই লো তাড়া,—মান না সাড়া, থাক লো বেটি! থাক দা ৩৭৪। ৩ আক্রমণ, আক্রমণার্থ পশ্চাৎ ধাবন। "বানরের তাড়া কৃ ২৮৯। নাগ করিলেক তাড়া ম.ম ৯৭। ৪ আক্রমণের ভয় দেখান বা ভয়। "তাড়া দিতে সহসা সাহস নাহি ডরে শ্রী ৭৬ ; দুপাশে বাজার ভাঙ্গে লোক খায় তাড়া ১২২। ৫ গোছা, বাণ্ডিল, আটি। "কাগজের, পাকাটির, পানের তাড়া। "সেগুলির (সে কাগজগুলির) একটী স্বতন্ত্র তাড়া করিলাম পা.প্র ১৬৬। —ড়ি³, -ড়ী³ বি ছোট তাড়া বা আটি। [তাড়া খাওয়া—ধমক খাওয়া ; ভয় পাওয়া। তাড়া দেওয়া—১ ধমক দেওয়া। ২ আক্রমণের ভয় দেখান। "সাড়া পেয়ে তাড়া দিল বেটুয়া কুকুর শ্রী ২৫১। তাড়াবন্দি—গুচ্ছ-বন্ধন, বাণ্ডিল বাঁধা। "তাহার দ্বিতীয় তাড়াবন্দি করিলাম পা.প্র ১৬৬।]

তাড়া² বি [তরা > °ড়া] ত্বরা, ক্ষিপ্রতা, শীঘ্র করার নিমিত্ত পীড়ন। "দেবী কার্য্যে দিল তাড়া ম.ম ১৩ ; কার্য্যে দেও তাড়া ১০০। [তাড়া কর—ত্বরা কর। "ম.ম ১৬৮।]

তাড়া³ দ্র 'তাড়³'।

তাড়াতাড়ি বি [তাড়³-আ+তাড়-ই] ১ পরস্পর তাড়ন বা আঘাত। "মুণ্ডে মুণ্ডে তাড়াতাড়ি ম ৬০২। ২ সকলের সমবেতভাবে তাড়না বা আক্রমণ। "জালে পড়ে ছোট পশু পায়্যা তাড়াতাড়ি, ক.চ ৪৯। ৩ তাড়া বা ধমক। "(ধেড়ে) কেহ দিলে তাড়াতাড়ি, প্রবেশয়ে গেড়ে ভা.চ ৭৩৮। —ড়ি ক্রি.বিং ১ অত্যন্ততাড়নাপূর্ব্বক। "পিঠে মারে ধনু-বাড়ি, লয়ে যায় তাড়াতাড়ি ক.চ ৫৫। ২ [তরাতরি > °ড়ি] অতি-শীঘ্র। "কি কর, চল তাড়াতাড়ি ভা.চ ৫৩২। —তাড়ি বি অতিত্বরা, ব্যস্তভাব। "তাড়াতাড়িতে বড় ভুল হয়।

তাড়ান বিং তাড়িত, দূরীকৃত, বহিষ্কৃত। "মায় খেদান, বাপে তাড়ান ছেলে। —ন বি দূরীকরণ, বিদায় করা। দ্র 'তাড়³'।

তাড়াহুড়া, -ড়ি বি [তাড়া+হুড়া, -ড়ি] ১ 'তাড়না ও ঝগড়া' ; তাড়না, প্রহার, মা'র-ধ'র। "ইতর মনুষ্য যেন করে ধরি বাড়ি। দস্যু-গণে অর্জ্জুন করেন তাড়াহুড়ি॥—ম ১২৪৪। ২ তাড়াতাড়ি, শীঘ্র কার্য্য করিবার জন্য পীড়ন। [তাড়াহুড়া রকমে শিক্ষা—তাড়না-তিরস্কার-পূর্ব্বক শিক্ষা। "তাড়াহুড়া রকমে শিক্ষা দিলে কেবল পাথরে কোপ মারা হয় আ.দু ৮৭।]

তাড়ি¹, -ড়ী¹ স্ত্রী [তালি, -লী > °ড়ি, -ড়ী] ১ তালবৃক্ষবিশেষ, তাড়িয়াত (শ.ক)। "শীর্ণতাড়ীদল (রাজতরঙ্গিণী)। ২ আভরণ-বিশেষ (দুর্গসিংহ), 'তালপত্র' (?)।

তাড়ি², -ড়ী² বি [সং তালকী ; হি তাড়ী ; ঠ, গু তাডী] গাঁজান তাল বা খেজুরের রসের মদ্যবিশেষ (toddy)।

তাড়ি³, -ড়ী³ দ্র 'তাড়া¹'।

তাড়িত¹ বিণ [√তড়্+ত (ক্ত)-র্ম্ম] ১ আহত। "নৌঃ···তাড়িতা মারুতৈঃ গো.রা ৫.২৬.১২। বক্ষসি তেন তাড়িতঃ—রঘু ৩.৬১। ২ আস্ফালিত। "নিপানসলিলং শৃঙ্গৈর্মুহুস্তাড়িতম্ শ ২.৬। ৩ ব্যথিত। "তাড়িতাধরাঃ (উদবিন্দবঃ) কু.স ৫.২৪। ৪ (বাঙলায়) দূরীকৃত, বহিষ্কৃত।

তাড়িত² বিং [তড়িৎ+অ (অণ্)] তড়িৎসম্বন্ধী, বৈদ্যুত। "তাড়িত বার্ত্তার যন্ত্র (পদ্যপাঠ, ১ম ভাগ)। তাড়িতালোকে ব.প্র ৩।

তাড়ি(ড়ী)পত্র বি ১ তাড়ীর পাতা ; পুঁথি লেখার তালপত্রবিশেষ। ২ (সাদৃশ্যে) তীক্ষ্ণধার খড়্গ বা অসি। "তাড়ীপত্র করবাল ক.চ ৭৫ ; তাড়িপত্র খাণ্ডা ৯৭।

তাড়িফল বি ফকীরের মালায় ব্যবহার্য্য তালবিশেষের ফল। "প্রবাল তাড়িফল, মুকুতা ঝলমল, মালা-মণ্ডিত গণ্ড রা.স ১০।

তাড়ু বি [সং তর্দ্দূ > *প্রা তদ্দূ, -ড্ডূ > বা °ড়ু] ভিয়েনে ব্যবহার্য্য কাঠের চেপটা-মুখ হাতাবিশেষ। "(ওরে কালীনাম কাশীর চিনি) রসনা-তাড়ুতে নাড়িস (তাড়িস)।—রামপ্রসাদ।

তাড্য বিণ [√তড়্+য (ণ্যৎ)-র্ম্ম] তাড়নীয়, প্রহর্ত্তব্য। "প্রাপ্তাপরাধা-স্তাড্যাঃ স্যুঃ মনু ৮.২৯৯। যাজ্ঞ ২.১৬৪।

তাড্যমান বিণ [√তড়্+আন (শানচ্)-র্ম্ম] আহন্যমান, বাদ্যমান। "বিতস্ত্রীরিব তাড্যমানা কু.স ১.৪৫। —ন পুং পটহ।

তাণ্ডব পুং, ক্লী [তণ্ডু+অ (অণ্)] ১ 'তণ্ডুমুনি-প্রোক্ত', নৃত্য, নর্ত্তন, নাট্য (অ.কো)। "তাণ্ডবোৎসব উ.চ ৩.১৮। শ্রী ১৫০। ২ পুংনৃত্য। 'পুংনৃত্যং তাণ্ডবং প্রাহুঃ স্ত্রীনৃত্যং লাস্যমুচ্যতে।—শব্দার্থচিন্তামণি। ৩ উদ্ধতনৃত্য। 'উদ্ধতং তাণ্ডবং প্রোক্তং লাস্যং তু সুকুমারকম্ (অ.টী)। "°নৃত্য চৈ.চ ১৫৩। এই ত বাস্তবের তাণ্ডবনৃত্য ঘ ৫৩। ৪ সবিলাস সঞ্চার। "ভ্রূ° উ.চ ৩.১৯। ৫ শিবনৃত্য। "তাণ্ডবে শূলপাণেঃ মা.মা ১.১। ৬ নৃত্যকলাবিশেষ (A.)। ৭ তৃণবিশেষ। [°তালিক (পুং)—'তাণ্ডবে তালদাতা', নন্দী। °প্রিয় (পুং)—শিব।]

তাণ্ডবিত বিণ [°ব+ইত (ইতচ্)] ১ 'জাততাণ্ডব', নৃত্যযুক্ত, নর্ত্তিত। "°ভ্রূলতা মা.মা ২৩/৮। ২ পরিচালিত। "উ.চ ৫.৩৬।

তাণ্ডবিনী স্ত্রী [°ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] 'তাণ্ডবকারিণী', নটী। "বি.মা ১.১৫।

তাণ্ডবী বি (অপ্র) নর্ত্তকী। "তাণ্ডবী তাণ্ডব করে শ্রী ১৫০।

তাত¹ পুং [√তন্+ত (ক্ত)-ক, দীর্ঘ, উ ৩.৯০ ; Gr. tata; L. tata] ১ 'যিনি আপনাকে পুত্ররূপে বিস্তার করেন' (গী ৬.৪০, শঙ্কর) ; পিতা। "হা তাত রঘু ৯.৭৫ ; উ.চ ১৪/৮৭। ম ৫৬০। ২ পিতৃতুল্য পূজ্য। "রঘু ১.৭২। হা তাত জনক উ.চ ১৪/৮৭। ম ৬৪৭। তাত বিভীষণে মে ১৯৫ ; ২০৩। হা তাত জনক!—সী ২২। ৩ (পুত্র পিতাই, এই হেতু) পুত্র, বৎস (শঙ্কর)। "চিন্তাসাগরমধ্যস্থমদ্য ত্বাং তাত লক্ষয়ে। —গো.রা ১.৯.৪৩। ধর্ম্মাধর্ম্ম তাত তোমাতে গোচর ম ২০৭। ৪ (পুত্রতুল্য) শিষ্য (শঙ্কর)। "ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্ দুর্গতিং তাত গচ্ছতি গী ৬.৪০। ভ ৭.১০.২৩। ৫ অনুজ। "কোকিলস্তাত কূজতি রা ২.৫২.২। ৬ অনুকম্পা, কৃপার্হ। "(বালকেরে) কহিলেন,—'অব্রাহ্মণ নহ তুমি তাত!—কথা ১৮। [°পাদ (পুং) —পূজ্যপিতা। "যথা মম তাতপাদানাম্ সা.দ ৩২/৪৮৭। °তুল্য (বিণ)—পিতৃসম, পূজ্য। °পরিজন (পুং)—পিতৃপরিবার। "উ.চ ১৪/৮।]

তাত² 'ত' বিং [সং তপ্ত > প্রা তত্ত > বা তাত ; হি °ত] তপ্ত, গরম। "°কাল, °রস। —ত বি ১ অগ্নিতাপ, আঁচ। "আগুনের তাত দা ৫১৩ ; দুঃখাগ্নির···তাত ১১৯৬। ২ সূর্য্যতাপ, আতপ, রৌদ্র। "অবিরত ছায়া তাহে নাহি রবি-তাতে শ্রী.ম ৭০। [তাতেবাতে—রোদে ও বর্ষায়। "তাতে-বাতে পাইট পেয়ে লেগে আইল গড় শি ৭৫।]

তাত³ [তা⁴+ত³ ; অপ্র] ১ তাহাতে, সেই স্থানে। "নসরত সাহা তাত্ অতি মহারাজা অ.প ৩। দিবানিশি নাহি তাত গ ৬। ২ সেই সরোবরে। "নিরমল জল তাত অ.প ১৯। ৩ সেই ব্যঞ্জনে। "ঘৃতে ভাজে নিমপাত, উধিয়া পুলতা তাত বি.পা ১৬৬। ৪ সেই ঘরে। "নানান বিচিত্র কর্ম্ম বিরচিল তাত ব.প ১২৮৩। ৫ তাহাতে। "ধরণী বিদারি যাই তাত ব.প ৬৫৫। ৬ তাহাতে, সেই কথায়। "এত যদি রোগী স্বামী কথা কহিল তাত। সতী বলে আজু মোর হইল সুপ্রভাত॥ —ম.ম ৭৯। ৭ তদ্বিষয়ে। "তাত কর সত (সত্য) শ্রী.কী ১১। আমি অভাগিনী তাত, রান্ধিয়া না দিলাম ভাত বি.পা ৩১৭। ৮ তাহাতে। "তাত (সেই কেশে) ময়ূরের পুছ দিল শ্রী.কী ৫।

তাত⁴ অর্ম্ম [তাত² > °ত] তপ্ত হওয়া। "তাতিল পথের ধুলা ব.প ১০৯৯। —তাং সর্ম্ম [তাত²+আ⁹] তপ্ত করা ; তাতান। "লোহার সাবল তাতাইয়া দেই কাণে কৃ.উ ৭৫। অগ্নিমধ্যে তাহাকে

তাতায় কৃ ৪১৭। অনলে তাতাও মুণ্ড।—শ্রী ১৮৫। লোহা তাতাইয়া কামারগণ করে গণ্ডগোল।—ম.ম ১৬৮। [তাতা—তপ্ত কর্। "কেহ বলে তাতা কেহ বলে তোল ম.ম ১৬৮। তাতা—সর্থ 'তাত⁸। তাতান—তপ্ত করা।]

তাতদানি বি [তাত¹+দানি (সং দান—ছেদন, বিয়োগ?)] পিতৃ-বিয়োগ (?)। "শুম্ভ নিশুম্ভ যবে, ছিল জননীর গর্ভে, সেহি কালে হৈল তাতদানি চ.বি ১১৭।

তাতল বিণ [তাপ+ √লা+অ (ক)-ক, পৃষো; তু 'তাত²+ল] তপ্ত। "তাতল সৈকতে, বারিবিন্দুসম বি.প ২১৮। —ল পুং ১ রোগ। ২ পাক। ৩ লৌহমুদ্গার।

তাতা¹ বিং [তাত² > °তা ; হি °তা] তপ্ত। "তাতা মোম ঢালে শ্রী ১৮২।

তাতা² দ্র 'তাত⁸।

তাতা-থেই-থেই, তাতা-থৈ-থৈ বি [ধ্বন্যাত্মক]; হি °থেঈ] নৃত্যের বোল। "তাতা-থৈ-থৈ, মৃদঙ্গ বাজই (প.ক)। তাতা-থেই-থেই বলে বেতাল।—ভা.চ ১১৬। (মৃদঙ্গ সদা বাজে) তাতা-থৈ-থৈ।—গান ৭১।

তাতিনী বি [ধ্বন্যাত্মক] মৃদঙ্গধ্বনি। "ক.চ ১১২,-৭২।

তাতে, -থে [তা⁸+তে > তাতে, -থে] ১ তাহাতে। "সুরম্য পতকা তাথে (ঘরে) মী ১১। কমণ্ডলু ছিল হাতে, ভরিল সকল তাতে।—গ ১৫। তাতে (হারে) গ্রীবাপত্র ব.প ২১০; বঙ্কেন তাথে (পুরীতে) সীতা ৫০১; তাথে (বালিতে) মুখ ঘসিল ৫০৩; তাথে শোয়াইয়া ৮৫২। তাথে (মটুকে)।—শ্রী.মা ৪। তাতে (জলে) ম.পা ৬। তাথে (ঘরে) চ.বি ২৫৯। তাথে (মায়াতে) চৈ.চ ২৩। ২ তাহা দ্বারা। "জ্বালহ আগুনি তাতে মরিব পুড়িয়া চৈ.ম ১৪৪। ৩ তাহা অপেক্ষা। "তাথে রূপহীন এহি চ.বি ১৮৭। তাতে…বড় কেহ নাহি আর চৈ.চ ২১৬। ৪ সে বিষয়ে। "তাথে বিধি…কৈল বিড়ম্বনা রা.প ৩০। ৫ সে সময়ে। "যতেক চৌযুগ, তাথে অংশ অবতার চৈ.ম ২০। ৬ সেই হেতু; তাই। "আমি হেন নারী তাতে তব ঘর করি বা.ম ৪৬। কাননে আইল, তাথে অপমান পায়া চ.বি ১৭। দুঃখ পাই তাথে ভ.গ্র ২১৭। ৭ তদ্বিষয়ে। "তাতে পুনি দোস নাহি গো.বি ৬৬। আমি কথা কহি তাথে কর অবগতি চ.বি ১৭। ৮ তাহার সঙ্গে বা কোলে। "করেতে বিচিত্র শঙ্খ…দিল। কেয়ূর কঙ্কণ তাথে উত্তম সাজিল॥—চ.বি ৭৪। —তো—তাহাতেও, তাহাতে আবার। "কত অপরূপ কাম তাতো আরো লখ ব.প ১২৮৩। [সকল তাতেই—সকল বিষয়েই বা তত্ত্বেই। "ভয়ের শাসনে…সকলতাতেই সকলকে মেনে এসেছ ঘ ১৭১।]

তাৎকালিক বিণ [তৎকাল+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ 'তৎকালের', তৎকালযোগ্য। "তাৎকালিকং বচঃ মহা ৩.২২.২০। ২ নিমিত্তসমকাল, অর্থাৎ যতক্ষণ নিমিত্ত থাকে, ততক্ষণপর্য্যন্ত। "অনধ্যায়ানেতাং-স্তাৎকালিকান্ যাজ্ঞ ১.১৫১। ৩ তৎকালসম্বন্ধী, সামসময়িক। "তাৎকালিক মলিন মুখচন্দ্রমা পা.প্র ১৫; ১৭।

তাত্ত্বিক বিণ [তত্ত্ব+ইক (ঠক্); স্ত্রী -কী] তত্ত্বসম্বন্ধী; যথার্থ।

তাৎপর্য্য ক্লী [তৎপর+য (ষ্ণ্যঞ্)] ১ 'তৎপরভাব', অভিপ্রায়, আশ্রয়, উদ্দেশ্য, মনোগত। "এক দণ্ড বিলম্ব হয়েছে ব'লে…দোর খুলে দিলে না। এর তাৎপর্য্য ছিল।—গি.থি ১০৩। ২ বক্তার ইচ্ছা। 'বক্তুরিচ্ছা তু তাৎপর্য্যম্।—ভাবাপরিচ্ছেদ ৮৪। ৩ ভাব, পরামর্শ, নির্ব্বন্ধ, মর্ম্ম (purport)। ৪ তৎপরতা।

তাথই বি [ধ্বন্যাত্মক] ১ মৃদঙ্গের বোল। "গণেশ পাখাজুপাণি। তাথই তাথই ধ্বনি ক.চ ১৭২। ২ [হি তাথেঈ] নৃত্যের বোল। "মুখে গায় মিষ্ট বোল,…তাথই তাথই ঘন বায় ম.ভা ৫৭।

তাদর্থ্য ক্লী [তদর্থ+য (ষ্ণ্যঞ্)] ১ তদর্থভাব, একার্থতা, একাভিধেয়তা। ২ তদুদ্দেশ্যতা, তৎপ্রয়োজনতা। ৩ [+য স্বার্থে] তন্নিবৃত্তি। "মুগ্ধবোধ ২৯৪।

তাদাত্ম্য ক্লী [তদাত্মন্+য (ষ্ণ্যঞ্)] তদাত্মভাব, তদভিন্নভাব, অভেদ, একত্ব। "লীলানুকরণ করেন তাদাত্ম্য পাইয়া ভ.গ্র ৪৬২। আপনার হৃদয় তাঁহার (বিধাতার) হৃদয়ের সহিত অভিন্ন করিয়া রাখিবে? শুদ্ধ তাদাত্ম্য প্রাপ্ত হইবে?—পা.প্র ১৯।

তাদৃক্ (-শ্), -দৃক্ষ, -দৃশ বিণ [তদ্+ √দৃশ্+কিপ্ (০), স(ক্স), অ (কঞ্)-র্ম, কর্ম্মকর্ত্তৃবাচ্যে; স্ত্রী -ক্, -ক্ষা, -শী; °শ্ (ছান্দস), °শ (বৈদিক)] তাহার মত দৃষ্ট হয় বা দেখায়; তত্তুল্যদর্শন, তৎপ্রকার, সেরূপ। "তাদৃগ্‌গুণ।—মনু ৯.২২। তাদৃগ্‌রূপবতী (S.W.)। (গুরৌ) যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী।—পঞ্চ ৫.৯৮। [যাদৃশ তাদৃশ—যাহার-তাহার মত; যে-সে-জন; অপাত্রভূত। "উপদেশো ন দাতব্যো যাদৃশে তাদৃশে জনে।—পঞ্চ ১.৪২১।]

তাধিল্লা-ধিল্লা বি [ধ্বন্যাত্মক] মৃদঙ্গের বোল। "মৃদঙ্গ বাজে তাধিল্লা-ধিল্লা ভা.চ ১১৬।

তাধিন, তাধিয়া অব্য উদ্ধতনৃত্যভঙ্গি। "তাধিয়া তাধিয়া ধিয়া পিশাচ নাচিছে ভা.চ ১১০,-১৬। আমার ঘুর লেগেছে—তাধিন তাধিন। —গান ৭৩।

তান¹ পুং [√তন্+অ (ঘঞ্)-ণ] ১ যাহা দ্বারা মূর্চ্ছনাসহিত গীত প্রয়োগ বিস্তৃত হয়; মূর্চ্ছনান্তর্গত স্বরসমূহের নানাবিধ বিন্যাস (গী.সা); সুরের আলাপ; গানাঙ্গবিশেষ (দ্র 'কু.স ১.৮, মল্লিনাথ)। 'বিস্তার্য্যন্তে প্রয়োগা যৈর্মূর্চ্ছনাশেষসংশ্রয়াঃ (তানাস্তে)। "দিব্য° মহা ২.৪.৩৯। °প্রদায়িত্ব কু.স ১.৮। বাজায় কতেক তান প.র ৫১। কিবা বাজে তান চ.দা ৬৬। বনের বিলাপ-তান।—গান ১২৪। ২ [+অ-র্ম্ম] সূত্র, আঁশ। —নক্লী ১ জ্ঞানবিষয়, ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু। "এক° (S.W.)। (ভারত-সন্তান) একতান মনপ্রাণ, গাও ভারতের যশোগান।—সত্যেন্দ্রনাথ ঠাকুর। ২ [+অ-ভা] বিস্তার, প্রসার। "অনন্ত° মাঘ ৪.৩৯। ৩ (বাঙ্‌লায়) সর্থ 'তানা (২)। "কহিতে কহিতে কলা করে কত তানে শ্রী ১০৩; নারীর নাপান তান সদাই নূতন ১৪৭।

তান² [সং তেষাম্ > প্রা তাণ > বা °ন; অপ্র] তাঁহার, তাঁর। "তান রথ।—অ.প ১২১। নাম তান ম.পা ৮; ১২। সহিত তান বি.পা ২। তান পুত্র ব.প ২৫৬; তান মন ৫৮১। তান বেশে চৈ.ভা ৭৯; তান অনুগ্রহ ৪৫১। ক্রিয়া তান ন.প ১১। [তানা—তাঁহারা। "তানা… ভাগ্যবন্ত চৈ.ভা ১১৬; ৪৩৯; তানাও হয়েন ধন্য ৪৩৩। তানার—তাঁহার। "তানার বচন কৃ.উ ১৩৫। তানে—তাঁহাকে। "ম.গা ২১। মী ৯। কেন তানে দিলা অপমান ম.পা ১৫; ৩৩। দেখি তানে গো.বি ৩১। তানে দিলেন।—গ ১৫৫। বড় প্রীত বাসে তানে চৈ.ভা ৮০; ১২০,-২৭। তানের—তাঁহার। "বি.পা ২৯৭। তেনার—তাঁহার। "বেলকুল আদমি তেনার দস্তের বিচ আ.দু ৭২।]

তানপুরা বি [আ ত.ম্বূরা; হি °রা] সেতারের মত তারের বাদ্য-বিশেষ। "তানপুরা ঝিঁঝিতে বাজায় (পদ্যপাঠ, ২য় ভাগ)।

তানব ক্লী [তনু+অ (অণ্)] ১ তনুভাব, তনিমা, কৃশতা। "অঙ্গানামতিতানবম্ (অমরুশতক)। ২ অল্পতা। "হাস্যপ্রভা তানব-মাসসাদ (A.)।

তানা বি [সং তান; হি তানা] ১ কাপড় বোনার সময়ে কাপড়ের লম্বা সূতা (warp); টানা। "বা.ম ৮৮। ২ [আ ত.না; হি °না] মনের ভাবব্যঞ্জক বাক্যভঙ্গি; ব্যঙ্গোক্তি। "সেন বলে ত্যজ তানা শ্রী ৫৮; ৯৪,-৬; কর্পূর বলেন দাদা ঐ শুন তানা ১০৩। [তানা প'ড়েন (হি তানা বানা)—কাপড়ের তানা ও আড় সূতা (woof)।]

তানা-না বি গানের তান দেওয়ার বোল। "নাচিছে...তানানা তাথেনি থেনি শ্রী ৯।

তান্ত বিণ [√তম্+ত (ক্ত)-ক] ১ম্লান। "তান্তলতান্ত মাঘ ৬.২। ২ ক্লান্ত, খিন্ন।

তান্তব বিণ [তন্তু+অ (অণ্) ; স্ত্রী -বী] ১ তন্তুবিকার, তন্তুনির্মিত, সূত্রময়। "বৈশ্যস্য শণতান্তবী (মৌঞ্জী) মনু ২.৪২। —ব ক্লী ১ বস্ত্র। "মনু ৯.৩২৯। ২ সূত্রনির্মিত বস্ত্র; সূতী কাপড়। "মনু ১০.৮৭। ৩ জাল (A.)। ৪ তন্তুকর্ম্ম, বয়ন।

তান্ত্রিক বিণ [তন্ত্র+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ তন্ত্রশাস্ত্রবিৎ। ২ শাস্ত্রজ্ঞ। ৩ জ্ঞাতসিদ্ধান্ত। ৪ তন্ত্রবিহিত। "বৈদিকী তান্ত্রিকী চ সন্ধ্যা। ৫ শাস্ত্রসম্বন্ধী। "শ্রুতিশ্চ দ্বিবিধা বৈদিকী তান্ত্রিকী চ (হারীত)। —ক পুং তন্ত্রমতাবলম্বী।

তাপ[১] পুং [√তপ্+অ (ঘঞ্)-ভা] ১ সন্তাপ, দাহ, জ্বালা। "সমস্তাপঃ কামং মনসিজনিদাঘপ্রসরয়োঃ শ ৩৫। উষ্ণ° কু.স ৭.৮৪। কত তাপ তপনের তাপে ভা.চ ৬৮। ২ বিরহসন্তাপ। "স্মর এব তাপহেতুঃ শ ৩.৮। ৩ [+অ-ণ] কৃচ্ছ্র, কষ্ট, দুঃখ, ব্যথা, বেদনা। "মনু ১২.৭৬। ইতরতাপশতানি যথেচ্ছয়া বিতর তানি সহে চতুরানন। —উদ্ভট। চণ্ডীর শরীরে কিঞ্চিৎ নাহি তাপ ম.ম ১৭। শ্রী ৫৮। তপনতনয়-তাপে তাপিত দা ৯৩০। ৪ (বাঙ্‌লায়) আতপ, রৌদ্র। "তপনের তাপে ভা.চ ৬৮। —পক বিণ [+অক (ণ্বুল্)-ক] তাপয়িতা, দাহক। —ক পুং ১ জ্বর। ২ রজোগুণ। "তাপকং রজঃ। —পন বিণ [√তাপি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ তাপয়িতা, দাহক। "তপ্ত তপন তাপন মা ৩৬৫। ২ পীড়ক, ক্লেশয়িতা। "ইন্দ্রিয়বর্গতাপনী (অক্ষমা) কি ২.৪২। ৩ প্রকাশক। "অখিললোকতাপনং তপঃ ভ ২.৯.৮। —ন পুং ১ তপন, সূর্য্য। ২ গ্রীষ্ম ঋতু। ৩ সূর্য্যকান্তমণি। ৪ কামের বাণবিশেষ। ৫ অর্কবৃক্ষ। —ন ক্লী ১ নরকবিশেষ। ২ [+অন-র্ম্ম] তপনীয়, স্বর্ণ। ৩ [+অন-ভা] তপ্তীকরণ, দাহন। ৪ ব্যথন, পীড়ন।

তাপ[২] সর্ম্ম [তাপ[১] > °প ; হি তাপ ; পদ্যে] ১ তপ্ত হওয়া; গরম হওয়া। ২ ব্যথিত হওয়া; কুপিত হওয়া। "তাপিয়া তরুণী তবে তলোয়ার ধরে শ্রী.মা ২০৫। —পা সর্ম্ম [তাপ+আ[৮] ; সং √তাপি —তাপয়্ > প্রা √তাব ; হি √তপা] তপ্ত করা; পীড়িত করা। "হিম হিমকর-কর তাপে তাপায়লু বি.পা ১৬৮। তাপায়ল ঋতু বসন্ত জ্ঞা ২৪০। [তাপায়ত, -য়ল, -য়লু, -য়সি (প.ক) ।]

তাপক দ্র 'তাপ[১]'।

তাপত্য পুং [তপতী+য (ণ্য)] ১ তপতীর পুত্র কুরু। ২ অর্জ্জুন। "ম ১৬৯। —ত্য ক্লী তপতীর আখ্যান। "মহা ১.১.১১২।

তাপত্রয় ক্লী [ষ.ত] আধ্যাত্মিক আধিদৈবিক আধিভৌতিক—এই ত্রিবিধ দুঃখ। "°ভঞ্জন ন.প ৮।

তাপন দ্র 'তাপ[১]'।

তাপনী বি তপন-কন্যা; যমুনা। "তাপনী-তীর তীর-তরুতল।—গো ২৫৫।

তাপনীয় বিণ [তপনীয়+অ (অণ্) ; স্ত্রী -য়ী] তপনীয়বিকার, স্বর্ণময়, হৈম। "তাপনীয়া বিভূষণাঃ গো.রা ৩.৬৭.৭। —য় ক্লী ১ উপনিষদ্‌বিশেষ। "গোপাল°, নৃসিংহ°। ২ স্বর্ণনিষ্কপরিমিত সুবর্ণ।

তাপমান বি তাপের পরিমাণযন্ত্রবিশেষ (thermometer)।

তাপস বিণ [তপস্+অ (অণ্) অত্যর্থে, পা ৫.২.১০৩ ; স্ত্রী -সী] ১ তপোবিশিষ্ট, তপস্বী। ২ [+অ (ণ), পা ৪.৪.৬২] তপশ্চরণশীল, তপঃপরায়ণ। ৩ তপঃসম্বন্ধী। ৪ [°স+অ] তাপসসম্বন্ধী, তাপসোচিত। "তাপসং ব্রতমাশ্রিত্য গো.রা ২.৫২.৫। —স পুং ১ তপস্বী, ঋষি, মুনি। "গো.রা ১.৯.৪৫। °কন্যকা (S.W.)। ২ বানপ্রস্থ। "তাপসেষেব বিপ্রেষু মনু ৬.২৭। ৩ বক। ৪ ইক্ষুবিশেষ। [°তরু, °দ্রুম (পুং)—তাপসপ্রিয় বৃক্ষ; ইঙ্গুদী। "তাপসতরুতলে সী ৯। °প্রিয় (পুং)—প্রিয়ালবৃক্ষ। °প্রিয়া (স্ত্রী)—দ্রাক্ষা।]

তাপসারণ্য ক্লী [ষ.ত] মুনিবন, তপোবন। "মহা ৩.৬৪.৬১।

তাপসেন্দ্র বি [উপ.স] শ্রেষ্ঠ তাপস, শিব। "মে ৫২।

তাপস্য ক্লী [°স+য (ষ্যঞ্)] তাপসধর্ম্ম, বানপ্রস্থধর্ম্ম। "মনু ১.১১৪।

তাপহর বিণ [ষ.ত ; স্ত্রী -রা] তাপনাশক, দুঃখহারক। —হরী স্ত্রী ব্যঞ্জনবিশেষ।

তাপহরী দ্র 'তাপহর'।

তাপাস দ্র 'তপাস'।

তাপিচ্ছ, -ঞ্ছ, পুং [তা (?)+পিচ্ছ (পুচ্ছ > পিচ্ছ, -ঞ্ছ ?)] তমালবৃক্ষ। "তাপিচ্ছ বিচ্ছোলী বি.মা ৬২১/২। —চ্ছ, -ঞ্ছ ক্লী তমালপুষ্প। "প্রফুল্লতাপিচ্ছ মাঘ ১.২২। তাপিঞ্ছগুচ্ছ গী.গো ১১.১১১।

তাপিত বিণ [√তাপি+ত (ক্ত)-র্ম্ম] ১ তপ্ত। "মাঘ ২০.৭৫। তাপিত করিল তনু গ্রীষ্ম নিরদয় স.শ ৮১। ২ সন্তপ্ত, ব্যথিত, পীড়িত। "ভৃশং তাপিতঃ কন্দর্পেণ গী.গো ১১.২২। ম ৪৬২। ৩ তাপযুক্ত, সন্তপ্ত। "আমার...তাপিত চিত্ত, নাথ হে।—গান ১৫১।

তাপিয়া বি [বৈষ্ণবসাহিত্যে] তাপিত। "°জুড়ানি ন.প ২৮৯।

তাপী(-পিন্) বিণ [√তাপি+ইন্ (ণিনি)-ক,-১ব ; স্ত্রী -পিনী] ১ তাপয়িতা, তাপক। "কেমনে এড়াব সখি তাপিনীর হাতে চ.দা ৭২। ২ [তাপ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] তাপবান্, তাপযুক্ত, উষ্ণ। ৩ সন্তাপযুক্ত, ব্যথিত, দুঃখিত। "হায় ধনী তাপিনী বি.প ১৬৬। কৃ ১০৯। শুনিয়া ত রাজমাতা হইলা তাপিনী ম.বি ১১১। তাপিনীর তাপ শ্রী ৬৫। আমি বড় তাপের তাপিনী ম.ভা ৪১। সাপিনী তাপিনী তাপে ভা.চ ২৯০।

তাফ্‌তা বি [ফা তাফ্‌তা ; E. Taffeta] রেশমী বস্ত্রবিশেষ।

তাবক বিণ [যুষ্মদ্+অ (অণ্), যুষ্মদ্ > তবক (একবচনে) ; স্ত্রী -কী ; ছান্দস] তৎসম্বন্ধী, ত্বদীয়। "তাবকেভ্যো রথেভ্যঃ।—ঋগ্বেদ ১.৯৪. ১১৪। তাবকং বপুঃ কু.স ৫.৪। বাগপি তাবকী।—নৈ ২.৫২। —কীন বিণ [+ঈন (খ) ; স্ত্রী -না] সর্থ 'তাবক'।

তাবড় বিং [প্রা তা (তস্মাৎ)+বড়] ১ তাহা হইতে বড়; তার বড়; বৃহত্তর। "তাবড় তাবড় করি সভেই (দেউটি) বান্ধেন চৈ.ভা ৩২৪। ২ অসাধ্যসাধন, গুরুতর। "তাবড় তাবড় কর্ম্ম করে উপহাসে বা.দ ১৫৮। ৩ অধিকতর। "তাবড় তাবড় রূপবান্ (ভূপগণ) বা.দ ১৩০। [তাবড় তাবড়—তার বড়, তার বড়; তদপেক্ষা অধিক।]

তাবৎ[১] বিণ [তদ্+বৎ (বতুপ্) ; তাবান্ (পুং) ; স্ত্রী -বতী] ১ তৎপরিমাণবিশিষ্ট, তৎপ্রমাণ, তত। "যাবতী সম্ভবেদ্ বৃদ্ধিস্তাবতীং দাতুমর্হতি মনু ৮.১৫৫ ; ৯.২৪৯। ২ তাবৎসংখ্যক। "রঘু ১২.৪৫। ৩ তাবন্মাত্র। "তাবন্তম্...তনোতি রবিরাতপম্ কু.স ২.৩৩। ৪ তৎসর্ব্ব। "গী ২.৪৬। যাবদ্ দত্তং তাবদ্‌ভুক্তম্ (A.)। ৫ (বাঙ্‌লায়) যত আছে সব; সমস্ত, সকল। "দেবতা তাবৎ দা ২৮৫। তাবৎ দেশের গন্ধে লিখিত আছে যে লোকেরা আকাশ পথে গমন করিয়াছেন।—রামমোহন রায়। একজাতীয় চিহ্নেতে চিহ্নিত তাবৎ তামার কোশা। —ব.প ১৭০৫,-১৭ ; °ৎ লোক ১৭২৬। তাবৎ সেনা ব.প্র ১০ ; তোমরা তাবৎ দুর্গমধ্যে অন্বেষণ কর ৫০।

তাবৎ[২] ব্য ১ ইদানীম্, এক্ষণে। "আর্য্যে...ইতস্তাবদাগম্যতাম্ শ ১১/২। মার্গং তাবচ্ছৃণু।—পূ.মে ১৩। সখে ছিন্ধি তাবন্ মম বন্ধনম্। —হি ১২/৩। ২ মানার্থে, তাবন্মাত্র, সম্যগ্‌রূপে। "তমেব তাবৎ পরিচিন্তয় স্বয়ম্ কু.স ৫.৬৭। ৩ অবধারণ। "স্বামিন্ এতে তাবজ্জন্ম্যা ভবতাম্।—পঞ্চ ১৩/২২। ৪ সাকল্য, সম্পূর্ণভাবে। "তাবৎপ্রকীর্ণাভিনবোপচারম্ (রাজমার্গম্) রঘু ৭.৪। কলিতস্তাবদস্মাকং কপটপ্রবন্ধঃ হি ১২/২। ৫ বিস্ময়। ৬ অবধি, সীমা। "যাবদ্ গঙ্গাং তাবৎ তিষ্ঠ

(অ.টী)। ৭ পক্ষান্তর। "সখে স্থিরপ্রতিবন্ধো ভব। অহং তাবৎ স্বামিনশ্চিত্তবৃত্তিমনুবর্তিষ্যে শ ২ৡ। ৮ তদা, তখন। "রঘু ৭.৩২। ৯ প্রশংসা। ১০ আপাততঃ। "অধর্মেণৈধতে তাবৎ মনু ৪.১৭৪। ১১ অধিকার; সম্ভ্রম; পরিচ্ছেদ (মেদিনী)। ১২ ক্রম। "বিভক্তৌ তাবৎ ২.৪.৮৪, সি।

তাবন্মাত্র বিণ [তাবৎ+মাত্র (মাত্রচ্) স্বার্থে, পা ৫.২.৩৭, সি] তাবৎ, তৎপরিমাণ, তত।

তাবাস দ্র 'তপাস'।

তাবিজ বি [আ তা'বীজ্] ১ ভূতাদির উপদ্রবনিবারক মন্ত্র; কবচ। "তাবিজ লিখিয়া দিল ম.ম ৬১। মিয়া দিল লিখিয়া তাবিজ বোঝা বোঝা ভা.চ ৪৯৫-৯৯। ২ (সাদৃশ্যে) স্ত্রীলোকের বাহুর ভূষণবিশেষ। "ভ.গ্র ৪৩১। তাবিজ মুন্থরে কোঁড়া।—দা ১৬৩৩।

তাম '-ম্' বি [সং তাম্র; মৈ তাম; তু 'আম'; অপ্র] তাম্র। "তামর অঙ্গুরী শূ ৪৪; ১০৪।

তামরস ক্লী [তামর (জল)+ √সস্ স্থিতি+অ (ড)-ক (ত.বা); তু 'তামরস'—জলজাতপুষ্প (দেশী ৫.১০); তা 'তামরৈ'—পদ্ম] ১ পদ্ম। "গো.রা ৩.৭৬.১৪। নবতামরসানন রঘু ৯.১২। পঞ্চ ১.১০৩। শ্রী.মা ৮; ৮২। মধুময় তামরস (মা)। বিকসিত তামরসে, অলি আসি উড়ে বসে, ভেক-ভাগ্যে কেবল চীৎকার।—রঙ্গ ৮৫। ২ রক্তপদ্ম (A.)। ৩ স্বর্ণ। ৪ তাম্র। ৫ দ্বাদশাক্ষরপাদ ছন্দোভেদ। —রসী স্ত্রী পদ্মিনী। "যথা গজস্তামরসীং মদোৎকটঃ মহা ৪.৬.৭।

তামলি, -মিলি, -লী, -মুলি, -লী, -মেলি বি [সং তাম্বূলিক >প্রা তংবোলিঅ, তম্বোলিঅ >বা (তামোলি) তামুলি, -মলি, -মিলি, -মুলি; হি তঁবোলী, তমোলী; ঠ, গু তংবোলী; মৈ তমোলি, -লী] তাম্বূলবিক্রেতা, জাতিবিশেষ। "তামুলি আছে তামুক যোগায় শ্রী.মা ৯৩; তামিলি তামুক বেচে ১৯৫। তামুলি শ্রী ১৩; তেলি তামলি ২০২। তামেলী…পান দেই মহাবীরে ব.প ৩১৯; (ভাণ্ডা) গেল তামিলীর নূন ১৩৮২। তামুলী ভা.চ ২৭৩। [প্রয়োগানুসারে তামলির তাম্বূলের ব্যবসায় প্রধান ছিল ও তদনুসারে উপাধি। অন্য দ্রব্যের ব্যবসায় গৌণ।]

তামলিপ্ত ক্লী, **-প্তী** স্ত্রী তমলুক (অ.চি)।

তামস বি [তমস্+অ (অণ্); স্ত্রী -সী ১ তমঃসম্বন্ধী, তমোগুণযুক্ত। "গী ৭.১২; ১৭.১৩। ২ তমোগুণপ্রধান। ৩ তিমিরসম্বন্ধী। "উ.চ ৫.১৩। মা.মা ৯.৫৩। মানস তামস মন্দিরে ব.মু ৪৯। ৪ খল, দুর্বৃত্ত। ৫ মূর্খ। —স পুং ১ খল। ২ সর্প। ৩ উলুক। ৪ চতুর্থ মনু। "ভ ৮.১.২৭। ৫ তমোগুণান্বিত জন। "°প্রিয় গী ১৭.১০। —স ক্লী [+অ স্বার্থে] ১ তিমির। ২ [বাঙলায়, অপ্র] অহঙ্কার। "শ্রী.ম ১৯১। —সী স্ত্রী ১ তমোগুণবতী স্ত্রী। ২ তিমিরময়রাত্রি। "শ্রী ৪০। তামসীর ভূষা, ঊষা মূর্ত্তিমতী কা ২৯। তামসীর তম প.তূ ৮২। ৩ স্বপ্ন, নিদ্রা। ৪ জটামাংসী। ৫ মহাকালী।

তামসিক বিণ [তমস্+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ 'তমোনির্বৃত্ত', তমোগুণকৃত। ২ তমঃসম্বন্ধী, তিমিরময়। ৩ (বাঙলায়) তামস-প্রকৃতিক, অহঙ্কারী। "শ্রী ২০৪।

তামা বি [তাম >°মা; হি °মা; দ্র 'তাঁবা'] তাম্র। [তামাটে—তামার রঙের মত। "সৌন্দর্য্যের মধ্যে তামাটে বর্ণ ব.বি ১৩।]

তামাক, -কু বি [হি তমাকু; ঠ তমাখু; গু তমাকু; Gr. Tabak; F. Tabac; Italian—Tabaco,-cco; Dutch—Taback, -bak; R. Tabakŭ; Denmark, Sweden—Tobak, Chinese—Tambako,-ku; Japanese—Tabako; P. Tabaco; E. Tobacco; ভূ তম্বাকু; তামাক (চব্বিশপরগনা); তামুক (আ.চু ১৪৭; বীরভূম, বাঁকুড়া)। তামাকের নামসম্বন্ধে ভিন্ন মত;—(১) প্রাচীন আমেরিকাবাসীরা যে নলে ধূমপান করিত, তাহার নাম 'Tabaco' (Charlevoix); (২) কলম্বসের প্রথম আমেরিকাযাত্রার সহযাত্রী স্পেনবাসীরা কিউবার অধিবাসী-দিগকে যে নলে জড়িত শুষ্কপত্রের ধূম পান করিতে দেখিয়াছিলেন, তাহার নাম 'Tobacos' (Las Casas); (৩) আমেরিকার Haytian নামক গাছের নামান্তর (Clavigers); (৪) Trinidad দ্বীপের নিকটবর্ত্তী 'Tobago' দ্বীপের নাম হইতে 'Fabacco'। এরূপ আরও মতান্তর আছে। সকল মত হইতে বুঝা যায়, তামাক প্রথমে আমেরিকায় প্রচলিত ছিল। ১৫৫৯ খৃষ্টাব্দে Francis Hernanedz মেক্সিকো হইতে তামাকের গাছ আনাইয়া স্পেনে ইহার চাষ করেন এবং সেই বৎসরই Jean Nicot পর্ত্তুগালে একজন ওলন্দাজের নিকট বীজ কিনিয়া ফ্রান্সে পাঠান। ১৫১৫ খৃষ্টাব্দে John Hawkins আমেরিকা হইতে তামাক আনাইয়া ইংলণ্ডে প্রথম প্রচলিত করেন। প্রায় চারিশত বৎসর পূর্ব্বে পর্ত্তুগীজেরা এদেশে প্রথমে তামাক ও তাহার বীজ আনয়ন করেন।] ১ একপ্রকার গাছ ও তাহার পাতা। "তামাকবনে গুঁড়িয়ে মাটী। বীজ পুত গুটিগুটি॥—খনা। তামিলি তামুক বেচে শ্রী.ম ১৯৫। তামাক-খাকুয়া বুড়া।—রঙ্গ ২২। তাম্বূলে তামাকু রস।—হেম ৩৮৯। দেখি যে ব্রাহ্মণ…চক্ষু বুজিয়া ডাবায় তামাকু টানিতেছে ব.প্র ৬৪৩। দেবেন্দ্র…সর্ব্বশ্রমসংহারিণী তামাকু-দেবীর সেবা করিলেন ব.বি ১৮। ২ ধূমপানার্থ গুড়ে-মাখা তামাক-পাতা। "তামাকু গো.চ ৫৭; তামাক ২৫২। একবার তামাক টামাক খাও তারপর যেও ব.প্র ৩৮৯। [তামাক-পোড়া—ছাইএর সহিত মিশ্রিত পোড়া তামাকের পাতাচূর্ণ। "°পোড়ার কটো নী ১৮।]

তামাদি বিং [আ তমাদী—সময়ের পরিমাণ বা অবধি] যাহা দাবীর নির্দ্ধারিত কাল অতিক্রম করিয়াছে; দাবীর সময়-অতিক্রান্ত। "তামাদি (barred by limitation) দলিল।

তামাম বিং [আ তমাম্] সমস্ত, সারা, সব। "এক গ্রাসে খায় হাড়ি তামাম অন্নগুটি গো.চ ৮৫। তামাম দুনিঞা দেখা রা.স ১০। তামাম জল, দুধ কই রাখি দা ১১৭। আমি এখন বাঘা—তামাম গায় দাগা অ.প্র ১২১। E.P. 69. —ম বি [আ তমামী] সমাপ্তি, শেষ, নিরাকরণ। "তাদের কোন দায় দফা পড়লে বাবু আড় হয়ে পড়ে আকোতের তামাম করেন হু ৪০। [সাল-তামামী—পুরা বছরের হিসাব।]

তামাশা, -সা বি [আ তমাশহ্, -শা] ১ আমোদ-প্রমোদ, কৌতুক, মজা। ২ অদ্ভুত বা হাস্যজনক বিষয়। ৩ প্রীতিজনক দৃশ্য। "তোমার মাথায় ছত্র দণ্ড ছাইলার মাথাএ দিয়া। দুই বইনে দেখিমো তামাসা দুই নয়ন ভরিয়া॥—গো.চ ১৮৬। বুটাদার ঢাকাইয়া দেখিতে তামাসা বি.সু ১৯। ৪ পরিহাস, ঠাট্টা। "তামাসা করা।

তামি(মী)ল বি [আ ত'মীল্] কার্য্যে অনুষ্ঠান; পালন। "হুজুর, হুকুম তামিল করেচি।—ঘ ৫২। —ল বিং অনুষ্ঠিত, পালিত। "সে হুকুম তখনই তামিল হইল ব.প্র ৫০২।

তামিলি, -লী, -মুলি, -লী দ্র 'তামলি'।

তামিস্র বিণ [তমিস্রা+অ (অণ্) অস্ত্যর্থে, পা ৫.২.১০৩; স্ত্রী -স্রা] তমিস্রাযুক্ত, তমোরাশিব্যাপ্ত। —স্র পুং ১ কৃষ্ণপক্ষ। ২ দ্বেষ। "তামিস্রোঽষ্টাদশধা।—সাংখ্য ৪৮। ৩ ক্রোধ। "ভ ৩.১২.২। ৪ তমিস্রচারী রাক্ষস। "লবণেন…তামিস্রেণ।—রঘু ১৫.২। —স্র পুং নরকবিশেষ। "মনু ৪.৮৮। যাজ্ঞ ৩.২২২। তামিস্রোঽন্ধতামিস্রঃ ভ ৫.২৬.৭।

তাম্বু, -ম্বু বি সর্থ 'তাঁবু'। "তাম্বুঘর ক.চ ২৪৩। তাম্বু শ্রী ১৫ ; কানাত তাম্বু : পান্তরের তামু ১৫৬। [°ঘুঘর—তাঁবু। "ক.চ ২০৩।]

তামে (?) "নামে নামে তামে তামে (ধামে ধামে?) হৈল বরাবর শি ৮৩।

তাম্বেলি দ্র 'তামলি'।

তাম্বা বি [সং তাম্র >প্রা তংব, তম্ব > °ম্বা ; অপ্র] তামা। "কৃ.উ ২১৩। [°চূড়া (সং তাম্রচূড়)—কুক্কুট। "শ্রী.কী ২৫৮।]

তাম্বুরা বি [আ ত.ম্ব.রা] তানপুরা। "দূ ৬৬।

তাম্বূল ক্লী [√তম্+উল (উলচ্)-ক, ব (বুক্) আগম, উ ৪.৯০ ; (তেলেগু) 'তমলপাকু'—তাম্বূল ; —'তমল' > °ল (?)] ১ পর্ণ, পান। "°পত্র (সুশ্রুত)। হি ৩$\frac{১০২}{১০৩}$। ভ ৮.১৬.৪১। ২ সুপারি-চূর্ণখদিরাদিযুক্ত তাম্বূল ; সাজা পান ; খিলী। "(রাগঃ) তাম্বূল-সংবর্দ্ধিতঃ।—শৃ ৩। ব.প ১৩০২।—লী স্ত্রী নাগবল্লী, পানগাছ। "তাম্বূলীনাং দলৈঃ রঘু ৪.৪২। [°করঙ্ক (পুং), °পেটিকা (স্ত্রী)—তাম্বূলপাত্র, পানের ডিবা। "তাম্বূলকরঙ্কবাহিনী।—কাদ ৪ ; ৩৩। °দ, °ধর, °বাহক (পুং)—রাজার তাম্বূলদানার্থ নিযুক্ত দাসবিশেষ। "°ক।—পঞ্চ ৩$\frac{উ}{৮৭}$। °বল্লিকা, °বল্লী (স্ত্রী)—তাম্বূলী। °বীটিকা (বি)—পানের বীড়ি (খিলী)। "ব.প ২৮৯; ১৩০২। ন.প ১৫৯। °রাগ (পুং)—তাম্বূলজনিত রাগ (রঙ্) ; (সাদৃশ্যে) মসূর। °সম্পুট (ঠ পানপুড়া) বি—পানের বাক্স বা ডিবা। "চৈ.চ ১৬১। রা.শে ৭৬। ব্র.প ২৮৯। পূর্ব্বকালে প্রভুরা কোন ব্যক্তিকে কার্য্যে নিযুক্ত করার সময়ে হস্তে তাম্বূল দিয়া বরণ করিতেন। দ্র 'হি ৩$\frac{১০২}{১০৩}$। অ.প ৩৫।]

তাম্বূলাধিকার পুং [ষ.ত] তাম্বূলবাহক-কার্য্য। "পঞ্চ ১$\frac{২৮৪}{২৮৫}$।

তাম্বূলিক পুং [°ল+ইক (ঠক্)] 'তাম্বূল যাহার পণ্য ; তাম্বূল-ব্যবসায়ী জাতিবিশেষ ; তামলি।

তাম্বূলিয়া, -লী বি সর্থ 'তামলি'। "তাম্বূলিয়া দেয় গুয়া পান ক.চ ৩০ ; লইয়া গুবাক পান, বসিল তাম্বূলী জন ৮৮।

তাম্বূলী[১] স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ তাম্বূলবল্লী, পানগাছ। "রঘু ৪.১২। ২ সর্থ 'তাম্বূলিক'।

তাম্বূলী[২] **(-লিন্)** পুং [°ল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ সর্থ 'তাম্বূ-লিয়া'। ২ তাম্বূলবাহক ভৃত্য। "তাম্বূলী তাম্বূল লয়ে খাড়া।—রঙ্গ ২২।

তাম্র বিণ [তাম্র+অ (অণ্) ; স্ত্রী -ম্রী] ১ তাম্রবিকার, তাম্রময়। ২ [+অ (অচ্) অস্ত্যর্থে ; স্ত্রী -ম্রা ; ছান্দস] তাম্রবর্ণযুক্ত, লোহিত। "°শীর্ষেণ (দ্বিজেন) রা ১.২.১২। রোষ-তাম্রাক্ষ।—মহা ৩.৭৮.১৭। তাম্রৌষ্ঠপর্য্যস্তরুচঃ কু.স ১.৪৪। তাম্বূলতাম্রাধর (অমরুশতক)। নখাস্তাম্রাঃ।—বিষ্ণু ১.২৭। উদেতি সবিতা তাম্রস্তাম্র এবাস্তমেতি চ (কা.প্র)। তাম্র জটা ম ১২৫৩। —ম্র পুং (সাদৃশ্যে) কুষ্ঠরোগবিশেষ। —ম্র ক্লী [তম্+র (রক্), দীর্ঘ উ ২.১৬ ; 'তম্বির'—তাম্র (দেশী, হে ২.৫৬)] ১ ধাতুবিশেষ, তামা। "তাম্রাকর গো.রা ৪.৪৪.২৩। মনু ৫.১১৪। ২ (সাদৃশ্যে) অরুণবর্ণ। —ম্র স্ত্রী রক্তগুঞ্জা ; মঞ্জিষ্ঠা (S.W.)। —ম্রী স্ত্রী ১ তাম্রময় বাদ্যবিশেষ। ২ সময়নিরূপণার্থ তাম্রপাত্রবিশেষ। ইহার তলে একটি ছিদ্র থাকে। জলে ভাসাইলে, ছিদ্রপথে জল প্রবেশ করিয়া পাত্র পূর্ণ করিলে নিরূপিত কাল সূচিত হয়। দ্র 'ঘটিকা'।] [°কর্ণী (স্ত্রী)—পশ্চিমদিকের দিগ্‌গজের হস্তিনী। °কার, °কুট্ট (পুং)—'তাম্রোপজীবী', সঙ্কীর্ণজাতিবিশেষ। °কূট (পুং, ক্লী)—তামাক (কুলার্ণবতন্ত্র)। °কৃমি (পুং)—ইন্দ্রগোপকীট। °গর্ভ (ক্লী)—'তাম্রজাত', তুথ। °চূড় (পুং)—'রক্তচূড়াযুক্ত', কুক্কুট। "ক.চ ১২৬। রঙ্গ ১৯১। °চূড়া (বি)—রক্তবর্ণ শিখা। "কুক্কুটের যেমন সুন্দর তাম্রচূড়া…কুক্কুটীর তেমন নাই ব.প্র ৬০৬। °বাটী (বি) —কোশা। "কৃ.উ ২১৮। °দ্রু (পুং)—রক্তচন্দন। °দ্বীপ (পুং, ক্লী) —দক্ষিণদেশস্থ দ্বীপ, লঙ্কা। °পট্ট (পুং), °পত্র, °ফলক (ক্লী)—লেখনার্থ তাম্রময় পত্র (পাত)। "°পট্ট যাজ্ঞ ১.৩১৯। °পর্ণী (স্ত্রী) দাক্ষিণাত্যের নদীবিশেষ। "রঘু ৪.৫০। °পল্লব (পুং)—অশোক। °পুষ্প (পুং)—রক্তকাঞ্চন ; ভূমিচম্পক। °লিপ্ত (ক্লী)—তমলুক (অ.চি)। °শিখী (-খিন্)—পুং 'তাম্রচূড়', কুক্কুট। °সার (ক্লী)—রক্তচন্দন বৃক্ষ। °সারক (পুং)—রক্তখদির ; (ক্লী) রক্তচন্দন।]

তাম্রাশ্ম(-শ্মন্) পুং [কর্ম্মধা] রক্তমণি, পদ্মরাগ।

তাম্রী দ্র 'তাম্র'।

তাম্রো(ম্রৌ)ষ্ঠ বিণ [তাম্র ওষ্ঠ যাহার, বহুব্রী ; বিকল্পে পররূপ ; স্ত্রী -ষ্ঠা, -ষ্ঠী] রক্তৌষ্ঠ। —ষ্ঠ পুং [কর্ম্মধা] লোহিত ওষ্ঠ। "তাম্রৌষ্ঠ-পর্য্যস্তরুচঃ স্মিতস্য কু.স ১.৪৪।

তায়দাদ বি [আ ত'দাদ্] রাজার স্বাক্ষরিত যে দলিলে রাজার প্রদত্ত ভূমির পরিমাণ ও বিবরণ লিখিত থাকে। "দা ৯।

তার[১] বিণ [√তারি+অ (অচ্)-ক ; স্ত্রী -রা] ১ অতিশায়ী, অত্যুচ্চৈঃ (স্বর, note)। ২ তীব্র, উচ্চৈঃ (স্বর, sound)। "তার শব্দ ক.চ ১২৩। °স্বর শ্রী.মা ১৫১। ৩ উৎকৃষ্ট, উত্তম ; স্বাদু (A.)। ৪ স্ফুরিতকিরণ, দীপ্ত। ৫ নির্ম্মল, বিশদ। —র পুং ১ শুদ্ধমৌক্তিক, নির্ম্মলমুক্তা, স্থূলমুক্তা। "°হার রঘু ৫.৫২। হরিমমলতরতারম্ গী.গো ১১.২৫। ২ মুক্তাবিশুদ্ধি। ৩ অত্যুচ্চশব্দ। ৪ বানরবিশেষ। ৫ 'ভবার্ণবতারক', প্রণব, ওঙ্কার। ৬ দেবীপ্রণব, বীজ 'হ্রীং'। ৭ বিষ্ণু। ৮ শিব। ৯ [+অ-ধি] তীর। [দিক্ শব্দের পর 'তীর' >'তার' বিকল্পে (পা ৬.৩.১০৯, কাশিকা)] ১০ [+অ-ভা] তারণ, উদ্ধার। —র পুং, ক্লী [E. star] তারা, নক্ষত্র। —র ক্লী ১ অক্ষিমধ্য, চোখের তারা। ২ রৌপ্য। "ভ ৪.৬.২৭। ৩ (সাংখ্যে) গৌণসিদ্ধি-বিশেষ। "সাংখ্য ৫১। ৪ (ক্লী ?) রজ্জু ; কর্ণিক। "মাঘ ১২.৪। (বাঙ্‌লায়) সঙ্গীতে তারা-সপ্তক। দ্র 'উদারা'।

তার[২] '-র্' বি [সং তার] স্বাদ, রস। "বে°, সু°। সুধা চেয়ে মিষ্টতার তার।—রঙ্গ ১০।

তার[৩] '-র্' বি [ফা, হি, ঠ তার] ১ সোনা রূপা ইত্যাদি ধাতুর সূতা ; ধাতু-তন্তু। ২ সূতা ; শণ-প্রভৃতির আঁশ বা আঁশের সূতা বা দড়ি। ৩ সেতার ইত্যাদির তন্ত্র (string)। "আকাশবীণার তারে তারে।—গান ৯৭। ৪ আঁতের (নাড়ীর) সূতা বা তাঁত। ৫ টেলিগ্রাফ, টেলি-গ্রাফের সংবাদ। "তারঘর। তার আসা, করা। ৬ সর্থ 'তা[১]। "গোঁফে দেই তার।—ক.চ ৫৭। গোঁফে দেয় তার শ্রী.মা ১৬ ; ৫৯; ১৮৮,-৯৮। [গোঁফে তার দেওয়া—দ্র 'তা[১]।]

তার[৪] সর্ম্ম [সং √তারি ; হি, ঠ, গু √তার] ত্রাণ করা ; উদ্ধার করা ; পরপারে উত্তীর্ণ করা "পিতৃগণ তারিবারে বলিলেন পুনি বি.পা ৮৪। সে-সব আচার্য্য হইয়া তারিলা জগত চৈ.চ১১০। তার তারা ! প্রদানে পদ-তরণী দা ৯৩০।

তারক বিণ [√তারি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -রিকা] ১ তারয়িতা, ত্রাতা। "সংসারার্ণব°, °ব্রহ্মমন্ত্র (S.W.)। কাশীতে তারক মন্ত্রে উদ্ধারিয়ে জীব দু ২৯। তারক রামের নাম শ্রী.মা ৩ ; প্রভুর তারক নাম ২১০। তারক হয় রামনাম চৈ.চ ২৭৬। ত্রিভুবন° বা.দ ৪। ২ পারে উত্তারয়িতা। "নারীণাং তারিকাঃ কাশ্চিৎ (নাবঃ) গো.রা ২.৯৭.২৩। —ক পুং ১ অসুরবিশেষ। [ইহার পিতা বজ্রাঙ্গ, মাতা বরাঙ্গী। ব্রহ্মার বরে গর্ব্বিত তারক দেবগণকে স্বর্গচ্যুত করিলে, দেবগণ ব্রহ্মার শরণাপন্ন হন। ব্রহ্মা বলিলেন, শিববীর্যজাত পুত্র তারককে নিহত করিবে। অতঃপর শিব-সুত কার্ত্তিকেয় তারককে নিহত করেন। দ্র 'মৎস্যপুরাণ ১৪৭-১৫৯ অধ্যায় ; মহা ১৩.৮৬তম অধ্যায় ; কু.স ২য় সর্গ)।] ২ মহাদেব। ৩ কর্ণধার। ৪ ভেলক, ভেলা। —ক ক্লী ১ চক্ষু। ২ কনিনিকা, চক্ষুস্তারা। "রঘু ১১.৬৯। চৈ.ম ২৮। ৩ নক্ষত্র। "°পটল গী.গো ৭.২৪।

—কা স্ত্রী [°রা+ক (কন্) স্বার্থে, স্ত্রী আ (টাপ্)] ১ তারা, নক্ষত্র। "বিচেয়° (শর্ব্বরী) রঘু ৩.২। স্ফুটচন্দ্র° কু.স ৫.৪৪। ২ [ছান্দস] উল্কা। ৩ চক্ষুস্তারা। ৪ ইন্দ্রবারুণী। [°জিৎ, °কারি (পুং)—তারক-শত্রু কার্ত্তিকেয়। °ব্রহ্ম (-হ্মন্) ক্লী—সংসারত্রাতা ষড়ক্ষর মহামন্ত্র —ওঁ শ্রীরামরাম ; ওঁ রামায় নমঃ (পাদ্মোত্তরখণ্ড)। °সূদন (বি) 'তারকহিংসক', কার্ত্তিকেয়। "মে ১০১।]

তারকাক্ষ পুং ১ তারকাসুরের পুত্র অসুরবিশেষ। "মহা ৭.২০১.৬৫। ২ (বাঙ্লায়) তারকাসুর। "বা.ম ৩৯ ; ৪০।

তারকিত বিণ [°কা+ইত (ইতচ্)] সঞ্জাততারক, নক্ষত্রান্বিত। "তারকিতাম্বর নৈ ৪.৪৯।

তারণ বিণ [√তারি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] তারয়িতা, উদ্ধারক। "(অদিতিঃ) মহেন্দ্রসুরতারণী (হ)। তুহু জগতারণ বি.প ২১৮। তারণ কর্ত্তা অনাদ্য শ্রী.মা ৯৩ ; অধম° ২১০। পতিত° বা.দ ৫। —ণ পুং ১ বিষ্ণু। ২ মহাদেব। ৩ 'পারপ্রাপয়িতা', ভেলক, ভেলা। —ণ ক্লী [+অন-ভা] ১ পারে নয়ন ; উদ্ধার, ত্রাণ। "ভবসাগর°, সংসার° (S.W.)। অব তারণ ভার তোহারা বি.প ২১৯। ম ৮১৪ ; কিরূপে আমার গুরু হইবে তারণ ৮৩০ ; ১১১৪। তারণ করিলে তায়।—শ্রী.মা ৮৮। ২ (অপ্র) তরণ, নিষ্কৃতি। "প্রতিগ্রহ মহাপাপ নাহিক তারণ কৃ ২৩০। —ণি -ণী স্ত্রী [+অনি-ণ ; স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'তারণ-সাধনী', নৌকা ; ভেলক। ২ কুমারী (মেদিনী)।

তারণি, -ণী দ্র 'তারণ'।

তারণেয় বিণ [তরণি+এয় (ঢক্)] তরণিজাত, কুমারীপ্রভব, কানীন। "মহা ১.১৬৭.৮।

তারতম বি [সং তারতম্য] সর্থ 'তারতম্য'। "প্রেমতারতময়ে উচ্চ মধ্য শেষ ভ.গ্র ১৪৪।

তারতম্য ক্লী [তরতম+য (ষ্যঞ্)] তরতমভাব, ন্যূনাধিকতা, প্রভেদ। "নিধনং নির্ধনমেতয়োর্দ্ব য়োস্তারতম্যবিধিমুগ্ধচেতসা। বোধনায় বিধিনা বিনির্ম্মিতা রেফ এব জয়বৈজয়ন্তিকা॥—উদ্ভট। কৃষ্ণপ্রাপ্ত্যেব °ম্য চৈ.চ ১১৪ ; রতিপ্রেমতারতম্যে ভক্ত তরতম ২২৪।

তারল বিণ [তরল+অ (অণ্) স্বার্থে] তরল। —ল পুং ১ লম্পট, কামুক। ২ বিট। —ল্য ক্লী [+য (ষ্যঞ্)] ১ তরলভাব, দ্রবতা। ২ চাঞ্চল্য। ৩ লাম্পট্য।

তারহার পুং [ষ.ত] স্থূল মুক্তাহার। "সংবর্দ্ধিতোরঃস্থল° রঘু ৫.৫২।

তারা[১] স্ত্রী [তার+স্ত্রী আ (টাপ্) ; Av. star, -ra ; Gr. aster ; L. astrum, stella ; E. star ; ফা সিতারা] ১ অশ্বিনীপ্রভৃতি নক্ষত্র (ত.বা)। ২ সাধারণ জ্যোতিষ্ক ; তারকা। "নক্ষত্রতারাগ্রহ-সঙ্কুলা (রাত্রি°) রঘু ৬.২২। ৩ অক্ষিমধ্য ; চক্ষুস্তারা। "স্তিমিতোগ্র-তারৈঃ (নেত্রৈঃ) কু.স ৩.৪৭। বিস্ময়স্মেরতারৈঃ (কটাক্ষৈঃ) মা.মা ১.২৭। মাঘ ১১.২০। যবে তারা তারা তারা বলে, তারা বয়ে পড়বে ধারা।—রামপ্রসাদ। তারা-হারা হ'য়ে আমি হ'য়ে আছি তারা-হারা দা ১৬৬৫। স্পন্দিততারলোচনে ব.প্র ৫০৬। ৪ মুক্তা। ৫ বৃহস্পতি-ভার্য্যা। [চন্দ্র ইঁহাকে হরণ করেন। দেব-দেবীগণ তারাকে প্রত্যর্পণ করার প্রার্থনা করিলেও, চন্দ্র অস্বীকার করেন। অতঃপর ব্রহ্মা বৃহস্পতিকে তারা প্রদান করেন। তারার গর্ভে চন্দ্রের যে পুত্র হয়, তাহার নাম বুধ। বুধ চন্দ্রবংশের আদিপুরুষ (বিষ্ণুপুরাণ ৪.৬)।] ৬ সুষেণদুহিতা কপিরাজ বালীর পত্নী (রা ৪.২২)। [অঙ্গদ তারার পুত্র। বালীর মৃত্যুর পরে সুগ্রীবের সহিত তারার বিবাহ হয়। তারা প্রাতঃস্মরণীয়া পঞ্চকন্যার একতমা। ৭ দশমহাবিদ্যার দ্বিতীয় মহাবিদ্যা। "ভা.চ ৩২। হেম ৩৪২। দ্র 'তারা[১] উদাহরণ ৩। ৮ বৌদ্ধদেবীবিশেষ। ৯ (বাঙ্লায়) উদারা। "তারানাথ দারা তারা।—ঈ ২৬। ১০ উচ্চ স্বরসপ্তক। দ্র 'উদারা'। "ন ৮৯৩। ১১ (অপ্র) তারক, উদ্ধারক। "সেবক-তারা, নামটী পারা, আজি হ'তো গেল তবে দু ২৪। ব.প ৫৯২। ১২ তারয়িত্রী, উদ্ধার-কর্ত্রী। "(তারা) ত্রিলোকের তারা।—ঈ ২৬। [°কান্ত (বি)—চন্দ্র। "মে ১৫৫। °নাথ (বি)—১ চন্দ্র। "মে ৭২। ২ শিব। "দা ১৩২। °পথ (পুং)—আকাশ। °পীড় (পুং)—তারাসমূহের আপীড় (ভূষা) তুল্য ; চন্দ্র। °ভূষা (স্ত্রী)—নক্ষত্রভূষণা রাত্রি। °মৃগ (পুং)—মৃগ-রূপী নক্ষত্র ; মৃগশিরাঃ। °বর্ষ (স্ত্রী)—নক্ষত্রপাত।]

তারাকারা বিং ১ তারাসদৃশী, মুক্তাতুল্য গোলাকৃতি (অশ্রুবিন্দু)। "তারাকারা ধারা বি.সু ৭৮। দা ৯৭, ৫৪৭ ; চক্ষে ধার, তারাকার ৫৪৮। তারাকারা ঝরে ধারা।—ঈ ১২। অশ্রু তারাকারা।—রঙ্গ ২৯। ২ মুক্তামালাসদৃশী। "জয়া হাসি দোলাইলা, তারাকারা ফুলমালা মে ৫৬। ৩ তারকাসদৃশী, দেদীপ্যমানা। "তারাকারা দীপাবলী মে ১৬৩। ৪ তারকাসদৃশী। "ভ্রাতৃবধূ তারা তোর তারাকারা রূপে মে ২৪।

তারাধিপ পুং [ষ.ত] ১ তারাপতি ; চন্দ্র। "মহা ১.৬৭.৩১। "খণ্ড-ধারী কু.স ৭.৪৮। ২ শিব। ৩ বৃহস্পতি। ৪ বালী। ৫ সুগ্রীব।

তারানাথ পুং [ষ.ত] ১ শিব। "দা ১৩২। তোমার নয়ন-তারা তারানাথ-দারা তারা।—ঈ ২৬। ২ সর্থ 'তারাধিপ'।

তারাপতি পুং [ষ.ত] ১ চন্দ্র। "গো.রা ৩.২৯.১৮। রঘু ১৩.৭৬। বি.সু ৪৭। বা.দ ২০৩। "তারাপদে তারাপতি, তাই হেরে তারাপতি, তারাপতি ধরিল কপালে।—ঈ ২৬। ২ শিব। দ্র 'তারানাথ (১)। ৩ সর্থ 'তারাধিপ'।

তারাবলী বি তারাফুল-কাটা শাটীবিশেষ। "ভ.গ্র ১৪৮।

তারামণ্ডল ক্লী [ষ.ত] ১ নক্ষত্রমণ্ডল। ২ রাশিচক্র। ৩ চক্ষুস্তারা।

তারামৈত্রক ক্লী, **-মৈত্রী** স্ত্রী [ষ.ত] চক্ষুর তারার সম্বন্ধে মিত্রতা ; পরস্পর অবলোকনমাত্রে নিমিত্ত বিনা হৃদয়ে সঞ্চারিত প্রণয় ; চক্ষু-রাগ। "উ.চ ৫ ২/১ ৬/৪। ক.ম ২ ২/২ ৮/৯।

তারিক পুং [তরি+ইক (ঠক্)] তরিশুল্কগ্রহণে নিযুক্ত ব্যক্তি ; দানী। "বিষ্ণু ৫.১৩০।

তারিখ বি [আ তারীখ্] মাসের প্রথম হইতে গণিত দিনসংখ্যা (date)। [°ওয়ারী (আ °রার্)—তারিখ-অনুযায়ী।]

তারিণী দ্র 'তারী'।

তারিপ, -ফ বি [আ ত'রীফ্] ১ সুখ্যাতি, প্রশংসা। "তরুণীর তারিফে ত্রিগুণ হৈল বল শি ৮৫। গতির তারিফ কত দা ২১০২। হেম।—কি খাবে? শ্রীনাথ।—তারিপ। "দী ৩। ২ বর্ণনা। "বলি-হারি বঙ্গবাসী তারিপ তোমার।—হেম ৩৮০।

তারী (-রিন্) বিণ [√তারি+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী-রিণী] তারয়িতা, তারক, ত্রাতা। "সেবক-তারিণী চ.বি ৩৪। শরণ-তারিণী দু ৭২। (ভবানী) সঙ্কট-তারিণী ভা.চ ২৫০। ত্রৈলোক্য-তারিণী সতী দা ২৬৬। নমামি তারিণীং (মাতরম্) ব.দ্বি ২৭। —রিণী স্ত্রী ১ দ্বিতীয়া মহাবিদ্যা ; তারা। "দা ৯৩০। ২ দুর্গা। "মহা ৬.২৩.৫। ৩ বৌদ্ধদেবীবিশেষ।

তারুণ বি [সং তারুণ্য >প্রা তারুণ্ণ >°ণ ; বৈষ্ণবসাহিত্যে] সর্থ 'তারুণ্য'। "বালা শৈশব তারুণ ভেট বি.প ৩৬।

তারুণ্য ক্লী [তরুণ+য (ষ্যঞ্)] তরুণভাব, যৌবন। "তারুণ্যামৃত পারাবার, তরঙ্গ লাবণ্যসার চৈ.চ ২১৯।

তার্কিক পুং [তর্ক+ইক (ঠক্)] ১ তর্কশাস্ত্রবেত্তা ; তর্কশাস্ত্রপণ্ডিত, নৈয়ায়িক। "চৈ.চ ১২৩। ২ (বাঙ্লায়) শুষ্কতর্কপ্রিয়।

তার্ক্ষ পুং [তৃক্ষ+অ (অণ্) স্বার্থে] কশ্যপ। "ভ ৬.৬.২ ; ২১। —র্ক্ষ্য পুং [°ক্ষ+য (যৎ)] ১ তার্ক্ষের গোত্রাপত্য ; গরুড়। "স্বস্তি নস্তার্ক্ষ্যো (দধাতু)।—প্রশ্নোপনিষৎ। রঘু ৬.৪৯। মাঘ ১২.২। তার্ক্ষ্য-পাখী কৃ ৪০৮। নাগেরে গিলিল তার্ক্ষ্য ব.প ৯২৭ ; আজি রণে তুমি

তার্ক্ষ্য রিপু হবে সর্প ৪২৯। ২ অরুণ। ৩ পক্ষী। ৪ সর্প। ৫ স্বর্ণ। ৬ রসাঞ্জন। ৭ শালবৃক্ষ। ৮ অশ্বকর্ণবৃক্ষ। ৯ স্যন্দন। ১০ বিষঘ্ন ঔষধবিশেষ। ১১ মহাদেব (মহা)। [°ধ্বজ (পুং)—গরুড়ধ্বজ, বিষ্ণু। °নায়ক (পুং)—পক্ষিরাজ, গরুড়।]

তার্ক্ষ্ম্য দ্র 'তার্ক্ষ্য'।

তার্ত্তীয় বিণ [তৃতীয়+অ (অণ্) স্বার্থে] ১ তৃতীয়। 'তার্ত্তীয়ং তৃতীয়ং সবনম্ (ত.বা)। "ভ ৮.১৯.৩৪। ২ তৃতীয়গুণসম্বন্ধী, তামস। "তার্ত্তীয়েন স্বভাবেন।—ভ ৩.৬.২৮। —য়ীক বিণ [°য়+ ঈক (ঈকক্) স্বার্থে] তৃতীয়। "তার্ত্তীয়ীকং পুরারেস্তদবতু মদনপ্লোষণং লোচনং বঃ মা.মা ১.২ ; টীকা। নৈ ৩.১৩৬।]

তার্য্য বিণ [√তৃ+য (ণ্যৎ)-র্ম্ম] তরণীয়, উত্তরণার্হ। "নৌতার্য্যাং তাং নদীং তরেৎ (মহা)। নাব্যং…নৌতার্য্যম্ (অ.কো)। —র্য্য ক্লী [+য-ণ] 'নদীতরণসাধন', তরপণ্য, খেয়ার কড়ি। "মনু ৮.৪০৫।

তাল পুং [তল+অ (অণ্) স্বার্থে] ১ বৃক্ষবিশেষ। "সপ্ত° গো.রা ১.১.৬৭। মনু ৮.২৪৬। ২ করতল। ৩ বাহুতে করতলাঘাত ; করাস্ফালন। "এটে সেটে মারে তাল তর্জ্জন গর্জ্জনে বা.দ ১৮৮। ৪ করতলবাদন, তালি। "তালৈঃ শিঞ্জাবলয়সুভগৈঃ উ.মে ১৮। উত্তট-বেতাল° মা.মি ৫২৬। ৫ বাদ্যভেদ, করতাল। গজযূথকর্ণতালৈঃ …বিনীতনিদ্রঃ রঘু ৯.৭১। সুবর্ণের তাল।—মী ১৫। ৬ হস্তিকর্ণাস্ফালন (A.)। ৭ খড়্গমুষ্টি, ৎসরু। ৮ প্রসারিত অঙ্গুষ্ঠ-মধ্যমা দ্বারা পরিমিত পরিমাণবিশেষ ; দ্বাদশাঙ্গুলি-পরিমিত দীর্ঘতা (শু ৪.৪.৮২)। ৯ উচ্চতার পরিমাণবিশেষ। "কদলীস্তম্ভান্ বহুতালসমুচ্ছ্রয়ান্ মহা ৩ ১৪৬.৫৩। তিন তাল তরঙ্গ।—শ্রী ১৩২। আশী তাল উচ্চ বা.ম ১৪২,-৫। ১০ জলের গভীরতার পরিমাণবিশেষ। [সাধারণভাবে দণ্ডায়মান ঊর্দ্ধ-বাহু দীর্ঘকায় যুবার পদতল হইতে মধ্যমাঙ্গুলিপর্য্যন্ত উচ্চতার পরিমাণ 'তাল']। "চ'দ্দ তাল জলোত…বসিল গো.চ ২৫১। তিনি তাল গম্ভীর ব.প ৮৫। তিন শত তাল জল বা.ম ৩৮১। বি.পা ১৬১। ব.প ৭৭। ১১ দ্বারযন্ত্র, তালা (lock)। ১২ (সঙ্গীতে) কালক্রিয়ামান, অর্থাৎ বিলম্বিতাদি বৃত্তির কাল ও অঙ্গুলির আকুঞ্চনপ্রসারণগতি-ক্রিয়ার প্রমাণ 'তাল' ; নৃত্য গীত বাদ্যে কাল ও ক্রিয়ার পরিমাণ। ১৩ (ছন্দঃ-শাস্ত্রে) আদিগুরু ও অন্ত্যলঘু গণবিশেষ (Trochee)। "পৈ ২.১৮৪। —ল ক্লী ১ তালফল। ২ তালরসজাত মদ্য ; তাড়ী। "মনু ১১.৯৬, কুল্লুক। ৩ হরিতাল। ৪ দুর্গাসিংহাসন (অ.চি)। ৫ তালীশপত্র। ৬ (বাঙ্লায়) তালের মত পিণ্ড ; পিণ্ডমাত্র। "তাল করা, পাকান, বাঁধা। ৭ পিশাচ-বিশেষ। "°বেতাল। ৮ চিত্তের অব্যবস্থিত ভাব ; খেয়াল। "খাত্যে খাত্যে খুমার কতেক তাল উঠে ব.প ৪৮০। ৯ সাংসারিক কাজের ঝঞ্ঝাট বা ঝামেলা ; ধাক্কা। "তাল ঠেকান, সামলান। —লী স্ত্রী ১ তালবৃক্ষবিশেষ, তাড়িয়াৎ। "°বনরাজি রঘু ১৩.১৫। ২ তালরসজাত সুরা ; তাড়ী। ৩ তালমূলী, ভুঁই-আমলা। ৪ তালীশপত্রবৃক্ষ। ৫ কুঞ্চিকা, চাবি। ৬ ত্র্যক্ষরপাদ ছন্দোভেদ (ছন্দোমঞ্জরী)। [°কাণা, -না (বিং)—১ গীতের তালে অনভিজ্ঞ ; তালবোধহীন। "তালকাণা যন্ত্রী দা ৯৫৩। ২ বিষয়জ্ঞানহীন, কাণ্ডজ্ঞানশূন্য। "ওরে রাঘব! তালকানা সন্ন্যাসী !—দা ১৩৫২। (সেই বুড়া বিনা) তালকাণা কেহ কি লো হয়?—ন ১০৮৯। °কেতু (পুং)—ভীষ্ম। "মহা ৫.১৫০.৫। °গর্ভ (পুং)—তালমজ্জা, তালের মা'জ। °চটা (বি)—বাবুই পাখী। "ক.চ ১২৬। °জটা (স্ত্রী), °প্রলম্ব (পুং)—তালের জটাবৎ পদার্থ। °দোরস্ত (বিং)—তালজ্ঞ। "দোয়াররাও…তালদোরস্ত হু ৩৭। °ধ্বজ (পুং)—'তালকেতু', বলদেব। "মহা ৯.৩৭.২০। তালধ্বজ শ্রী.ম ১৪৯। °রথ ন.প ১৭৫। °নবমী (স্ত্রী)—ভাদ্রমাসের শুক্লনবমী। °পত্তর (বি) —তালপত্র, তালপাতা। "তালপত্তরের খাঁড়া হু ৮২। °বন (ক্লী) —বৃন্দাবনস্থ তালপ্রচুর বনবিশেষ। °বানা (বি)—বলদেবের তালধ্বজ। "করে দেখে…তালবানা চৈ.ভা ৩০৩। °বৃন্ত, °বৃন্তক (ক্লী)—করতলে যাহার বৃন্ত (বন্ধন) ; ব্যজন, পাখা। "তালবৃন্ত কু.স ২.৩৫। নলিনী-দল° শ ৩.১৭। °ন্ত স.শ ৮২ ; সী ৯। °ভৃৎ, °লক্ষণ (পুং)—বলদেব। °মর্দ্দল (পুং)—করতালবাদ্য। °যন্ত্র (ক্লী)—১ শল্যোদ্ধরণার্থ যন্ত্র-বিশেষ (সুশ্রুত)। ২ তালা (lock)। °শাঁস (বি)—তালের কচি আঁটি। "ক.চ ১৫৬। মা ৩৩৩।] [তাল কাটা—তালভঙ্গ হওয়া ; সঙ্গত না হওয়া। "ব.প্র ৩১৮। তাল ঠোকা—স্পর্দ্ধার্থ বাহুতে করতলাঘাত করা। তাল ঠুকে লাগা—স্পর্দ্ধাপূর্ব্বক কাজ আরম্ভ করা। তাল ধরা—বাহ্বাস্ফালন সহ্য করা। "রাম সঙ্গে কোন মাল নাহি ধরে তাল কৃ ৫৬।]

তালক[১] পুং [তাল+ক (কন্) স্বার্থে] ১ হরিতাল। ২ তালা (lock)। ৩ অরহর। ৪ তালবৃক্ষ। —কী স্ত্রী তালরসসুরা, তাড়ী।

তালক[২] পুং [তাড়ক > °ক] সর্থ 'তাটঙ্ক'।

তালকী দ্র 'তালক[১]'।

তালজঙ্ঘ পুং, বহুব [বহুব্রী] ১ দেশবিশেষ। ২ তদ্দেশবাসিগণ। ৩ তদ্দেশীয় নৃপগণ। "মহা ৩.১০৬.৮। [তালজঙ্ঘগণ শকাদির সহিত মিলিত হইয়া বাহুরাজকে রাজ্যচ্যুত করে। বাহুসুত সগর ইহাদিগকে নিহত করেন। দ্র 'হ ১৩শ, ১৪শ অধ্যায়'। —জঙ্ঘা বি তালতুল্য দীর্ঘ জঙ্ঘা। "মে ৩৩ ; ১৯১।

তালপত্র ক্লী [ষ.ত] ১ তালবৃক্ষের পত্র। ২ কর্ণভূষণবিশেষ। তাড়ঙ্ক। [°খাঁড়া—তীক্ষ্ণধার খড়্গবিশেষ (উপন্যাসে)। °ছায়া—তালপাতার ছায়া (ক্ষণিকত্বের উপমায়)। "(যৌবন) তালপত্রছায়ার তুলনা দা ২০৪৮।]

তালবেতাল বি [সং বেতাল ; বেতাল > তাল] তাল ও বেতাল —ভূতযোনিদ্বয়। "°লেরে স্মৃতি করেন শ্রীবৎস ম ৪০০।]

তালব্য বিণ [তালু+য (যৎ)] তালুজাত, তালূচ্চার্য্য (বর্ণ)। [°বর্ণ (পুং)—তালূচ্চার্য্য ই, ঈ, চ-বর্গ, য, শ। °স্বর (পুং) —তালূচ্চার্য্য স্বরবর্ণ—ই, ঈ।]

তালা[১] বি [সং তাল] ১ সঙ্গীতে তাল। "এক°, চিমেতেতালা। ২ [সং তাল, -লক ; হি, ঠ °লা] কুলুপ (lock)। "তালা দিয়া বৈসে নাথ দশমী জে দ্বার।—গো.বি ৩২। ৩ সর্থ 'তলা[১] (৬ ; ৯)। ৪ ঢাক-প্রভৃতির মুখের আচ্ছাদন চর্ম্মপট্টী। ৫ তীব্রশব্দজন্য কর্ণের বধিরতা। "শ্রবণে লাগা তালা জ ২৯। ব.প ৭৬৯। নির্ঘাত শবদে কাণে তালাক লাগিল শ্রী.ম ৩০৩।

তালা[২] বিং [আ ত'লা] শ্রেষ্ঠ, উচ্চ, প্রধানতম (ঈশ্বর)। "খোদা তালা।

তালাই বি [সং 'তলাচী'—দরমা] ১ তালপাতার চেটা (বীরভূম) ; ২ খেজুরপাতার চেটা। "গো.চ ৪৭৩।

তালাক বি [আ ত.লাক্.] ১ বিধিপূর্ব্বক পতি ও পত্নীর বিবাহসম্বন্ধ-ত্যাগ (divorce)। ২ (বাঙ্লায়) দিব্য। "বীর বলে তো তোকে তালাক ভেড়ের ভেড়ে শ্রী ১৮০। চৈ.চ ৬৬। [°নামা—তালাক-পত্র।]

তালাস বি সর্থ 'তলাস'। "তালাস করে বন ম.ম ৫৭।

তালি বি [সং তালিক ; হি তালী ; ঠ তাল, -ল.] ১ করতলের পরস্পর আঘাতজন্য শব্দ। "তালি মারে হাসে খল খল ম ৪৯। ২ করতলাঘাত, চড়। "কি কর বলি, বুড়ি মারে তালি শ্রী.ম ৬৪। ৩ কক্ষবাদনশব্দ। "কক্ষে তালি দেই চৈ.ভা ১৮৬। ৪ পদতলাঘাতজন্য শব্দ। "চরণের তালি শুনি চৈ.ভা ২১৩। চরণের তালি ব.প ৪৭৫। ৫ ঊরুতে স্পর্দ্ধাসূচক করতলাঘাত। "শিশু জীয়াইয়া ঊরু পায় মারে তালি ম.ম ৭৫। ৬ ঢালের তালের প্রতিঘাত ; ঢালের ঘা। "শরগুলি আখালি-পাখালি তালি খায় শ্রী ১৬৫ ; ২২৪,-৩২। ৭ [তালা[১] > °লি] সর্থ 'তালা[১] (৫)। "কর্ণে লাগে তালি ম ১৯। হয়-রবে লাগে

তালি ক.চ ৯৫ ; ২০৫। শ্রী.ম ৩১৭। ৮ তাড়নাজন্ত ভয়। "নিদ্রাভঙ্গ হলো বাঘা উঠে খায় তালি শ্রী ১৬ ; ৮০। ৯ [তালা১ > °লি] বস্ত্রের ছিন্নাংশে যোজিত বস্ত্রখণ্ডের আচ্ছাদন ; পটী (patch)। ১০ (সাদৃশ্যে) রন্ধ্ররোধক দ্রব্য ; ছিপি। "এঁটেল মৃত্তিকা তায় (কর্ণে) তুলে দিল তালি শ্রী ১৮৮। [তালি মারি—কুলুপ লাগাইয়া ; রুদ্ধ করিয়া। "তালি মারি রহে নাথ দশমীর দুয়ার মী ৭।]

তালিক পুং [তাল+ইক (ঠক্)] ১ তাল (করতল) দ্বারা নির্বৃত্ত ; চপেট, চড়। ২ করতলধ্বনি, তালি। ৩ লিখিত বিষয়ের নিবন্ধন ; মুদ্রা, সিলমোহর। —কা২ স্ত্রী ১ চপেট। ২ সর্থ 'তালিক (২)। "যথৈকেন ন হন্তেন তালিকা সম্প্রপদ্যতে।—পঞ্চ ২.১৩৫।

তালিকা১ বি [আ ত'লীক.হ্] সূচীপত্র, নির্ঘণ্ট, ফর্দ (list)।

তালিকা২ দ্র 'তালিক'।

তালিম বি [আ ত'লীম] শিক্ষা, উপদেশ। "তালিমের লাটুয়া ম.ম ১২১। জাল জালিয়াতের তালিম হু ১৩১। সাক্ষীকে তালিম দিতে সাহস হয় না।—নী ৫৭। —মী বিং তালিম-দেওয়া, শিখান। "যদ্যপি তাহারা তালিমী সাক্ষী হইত, তবে সেই সোয়ালেই পড়িত নী ৫৭। [তালিম করা—শিখাইয়া কার্য্যোপযোগী করা। "সাক্ষীকে ভাল তালিম করিয়া রাখিতে হইবে আ.দু ৩৩। তালিম দেওয়া—শিক্ষা দেওয়া ; শিখান।]

তালী দ্র 'তাল'। [°বন (ক্লী)—তালীবৃক্ষবাটিকা। "তালীবনশ্যামমুপকণ্ঠং মহোদধেঃ রঘু ৪.৩৪ ; ১৩.১৫।]

তালীপত্র, -লীশ, -লীশপত্র ক্লী বৃক্ষবিশেষ। [°শাদ্যমোদক (পুং)—মোদকবিশেষ (চক্রদত্ত)।]

তালু ক্লী [√তৃ+ল (ঞুণ্)-ণ, উ ১.৫ ; তা 'তালৈ'—মস্তক ; তেলেগু—'তা-লা'] ১ 'বর্ণের উত্তরণসাধন' ; জিহ্বার অধিষ্ঠানস্থান বা অধস্তনপ্রদেশ। 'তালুশব্দেন জিহ্বায়া অধস্তনপ্রদেশ উচ্যতে।—তৈ ২.২২, টীকা। "°জ, °মূল (সুশ্রুত)। পরিশুষ্ক° ।—ঋতু ১.১১। মুখতন্তালু নির্ভিন্নং জিহ্বা তত্রোপজায়তে (ভ)। ২ [বাঙলায় ; অপ্র] তল। "পদ° ।—হেম ৭৫। —লুক২ ক্লী তালু ; তালুরোগ। [°জিহ্ব (পুং) —১ কুম্ভীর। ২ আলজিব।]

তালুই, তালুই-মশায় দ্র 'তাউই'।

তালুক১ বি [আ ত'অল্লুক.হ্] গভর্নমেণ্ট বা জমিদারের নিকট হইতে বন্দোবস্ত করিয়া লওয়া ক্ষুদ্র ভূসম্পত্তি। [°দার—তালুকের মালিক। °দারী—তালুকদারের স্বত্ব।]

তালুক২ দ্র 'তালু'।

তালুকা বি [সং °ক] ১ তালু। "শুষ্ক ওষ্ঠ তালুকা শ্রী.ম ৫০। ২ (অপ্র) তল, তলা। "পদের তালুকাভাগে বাজিল বাঁটুল কৃ ৩২৫।

তালেবর বি [আ ত.লা'ব্বর্] সৌভাগ্যবান্, ধনী, চৌকশ।

তাস বি [আ ত.াস্ ; হি তাশ ; ঠ তাস—a gong] খেলার চিত্রিত চৌকা কাগজ (card)। [তাস পেটা—তাস খেলা (বিরক্তিতে)। "আ. দু ১২। তাসা২—তাস ভাঁজিয়া বিপর্য্যস্তভাবে মিশান। তাসান—সর্থ 'তাসা'।]

তাসন বি [সং ত্রসর (তাসনী—shuttle)—মূল] সূত্র বেষ্টনের (অর্থাৎ বয়নের) যোগ্য করা ; বয়নের পূর্ব্বে সুতায় মাড় মাখান। "তাসন করিয়া নাম ধরাইল জোলা ক.চ ৮৬। —নী বি মাকু।

তাসনী দ্র 'তাসন'।

তাসা১ বি [তাস > °সা] ১ সুতা জড়াইবার তাসের মত কাগজ ; তাসায় জড়ান সুতা। ২ [আ ত.াসা ; হি, ঠ তাশা, -সা] চামড়ায় ছাওয়া আনদ্ধ বাদ্যবিশেষ। "কৃ ২৭০। শ্রী.ম ২২২।

তাসা২ দ্র 'তাস'।

তাহ, -হা সর্ব্ব [তা৪ > তাহ, -হা ('হ' আগম)] সে (বিষয়, বস্তু)। "কা সঞে বিলসব কো কব তাহ বি.প ১৭০। [তাহাকার—তাহাদ, তাহাদের। "জন্ম তাহাকার ম ৯৯২। তাহাগো—তাহাদিগকে। "তাহাগো ত্যজিয়া ম.ম ১৯৪। তাহাতে—তাহা অপেক্ষা। "তাহাতে অধিক বি.পা ২২১। তাহান—তাহার। "তাহান বিদিত জ.প ১২২। গো.বি ২০। ব.প ৬১১। চৈ.ভা ১১৭। তাহানক (°ন+ক)—তাঁহার। "ব.প ৬১০। তাহানে—তাহাকে। "দেখিবারে তাহানে।—প ১৯৪। গো.বি ৩৩। চৈ.ভা ১২৪। ন.প ১৮। তাহারা—তাঁহারা। "তাহারা দেশাধিকারী হইবেন কৃ.চ ৪৮। তাহারা সভার—তাহাদিগের। "তাহারা সভার ভক্তি চৈ.ভা ১১৯। তাহারে—তাহার কাছে। "তাহারে আমি কৈলু অঙ্গীকার ম ৭৩১। তাহা সকলে—তাহাদিগকে। "তাহা লইয়া সকলে শ্রী.ম ২১৫। তাহা সভা—তাহাদিগকে। "তাহা সভা মারিবারে কাহার শকতি ম ১৮৮। তাহি২—তাহাই। "তাহি লিখি, যে নিমিত্তে অবতার হয়ে চৈ.ভা ১৪। চৈ.চ ৫৬। ভ.প্র ২০। তাহে—১ তদ্বিষয়ে, তাহাতে। "জীবন সোঁপল যাহে তাহে কিয়ে লাজ বি.প ১৪১। মে ২৭। ২ দ্বিতীয়তঃ, তাহাতে আবার। "একে কুম্ভকর্ণ তাহে স্ত্রীগণ পাইয়া (পাশ ফিরি শোয়) কৃ ২৭৬। নারদের বীণা—তাহে বাদক গণেশ চৈ.ম ৭৩। ভ.প্র ৭৯। ৩ তাহার কাছে। "প্রেমদহন দহ, যাক হৃদয়ে সহ, তাহে কি বজরকি আগি গো ১৩২। ৪ তাহার সঙ্গে। "শিরে রত্নমুকুট, তাহে শোভে জটাজুট ম.পা ৪২। ৫ তাহা অপেক্ষা। "নিজ মরিয়াদ, সিন্ধু সঞে ডারনু, তাহে কি তটিনী অগাধা।—প.র ৪২। ৬ সেই হেতু। "তাহে পাঠালু তোমায় ভা.চ ৪৮১। তাহো—তাহাও। "অন্তর্ব্বর্ত্তী মোহমদ তাহো সে জানিলু চৈ ১৬ ; ১১১। তাহর (দো), -হের (চ) —তাহার। তাহাক, -কেহো, -কো, -হাত (শ্রী.কী)। তাহ্না (তাহানা > °হ্না) —তাঁহারা। "(তাহ্না) আইলা রাজা তোহ্মার নগর অ.প ৩০। তাহ্নে (তাহানে > °হ্নে)—তাঁহাকে। "তাহ্নে মুঞি না দেখম এথা অ.প ২৩।]

তাহাঁ ক্রি.বিং [দ্র 'তাহা'] সেই স্থানে। "তাহাঁ গেলে চৈ.চ ৩৪৫। হেনকালে মাথুর ব্রাহ্মণ তাহাঁ আইলা।—চ.চ ১৭। —হাঁই, -হিঁ ক্রি.বিং সেই স্থানেই ; তাহাতেই। "তাহাঁই রহিলা চৈ.চ ১১১। ব্রজরমণী-চিত তাহিঁ রহুঁ চির লাগই ব.প ১০৭৬।

তাহা দ্র 'তাহ'।

তাহি১ ক্রি.বিং [তহি > °হি] সেই স্থানে ; তাহাতে। "অমিয় সাগর তুহু সে রাহি। মুকুন্দ মাতঙ্গ বিহরে তাহি॥—বি.সা ১১৫। তাহি চলহ যাঁহা, কুসুম বিথারল, মঞ্জুল মাধবীকুঞ্জ গো ১২১। [তাহিমধ্যে —তাহার মধ্যে ; সেই সময়ে ; তাহাতে। "চৈ.চ ৩৫৬।]

তাহি২, -হে, -হো, তাহ্না, -হ্নে দ্র 'তাহ'।

তি১ স.বিং [সং ত্রি > তি, প্রা তি (সমাসে পূর্ব্বপদ) ; হি, ঠ তি —°কোন (হি), °কোনী (ঠ) ; অপ্র] ত্রিসংখ্যক, তিন। "তিশরণ চ ২৪। °দেব (ত্রিদিব) শূ ৭৮ ; °দস (ত্রিদশ) ৮৫ ; ৯৩ ; °ধার ৯২।

তি২ প্র [সং তা+ই১১ ; হি তী—কমতী, ঘটতী] ১ বিশেষণের উত্তর 'তদ্ভাব' অর্থে প্রত্যয়। "কমতি, ঘাটতি, বাড়তি। ২ [সং তি (ক্তিন্) ; হি তী—ভরতী] ধাতুর উত্তর ক্রিয়াবাচক বিশেষ্যের প্রত্যয়। "কাটতি, গুণতি (গণনা), ফিরতি—ফিরতি-বেলা, ভরতি, গুথতি। ৩ [অত২+ই১১ > অতি > তি] সর্থ 'অত২'। "উঠতি (বয়েস), চলতি (ভাষা), পড়তি (রোদ)।

তি৩ ক্রি.বি [সং তি (তিপ্)] কর্তৃবাচ্যে বর্ত্তমানকালে প্রথমপুরুষের ক্রিয়ার বিভক্তি। "ভূমি মাগতি পাণ্ডব ম.বি ২৬১। মূরছি মানিনী, মহী মাহা গড়ি যাতি গো ২৪৮। লুঠতি সখী-কোর।—ব ১৮১। মুখ চুম্বতি বি.সু ৫৮ ; কণতি পরভৃত ৬১ ; বিদ্যা মম হৃদে বিহরতি ১২৬ ; হলাহল ন মুঞ্চতি হর ১২৮।

তিঅজ বিং [সং তৃতীয় > প্রা তিইজ্জ (প্রা.ম) > বা (তিয়জ) তিজ্জ, তেজ, তেজ ; হি তীজা ; ঠ তিজা ; মৈ তিজৈ] তৃতীয়

"তৈল তিঅজ পহর শ্রী.কী ৭৭ ; ৩০৯। —জ বি তৃতীয় (অর্থাৎ প্রণয়যুগলভিন্ন) জন। "সে নেহ তিঅজ নাহি সহে শ্রী.কী ২২৯।

তিউ(ও)ড়ি বি ['ত্রিগুটিক'—মূল] তিনটি গুটি (মৃৎপিণ্ডাদি) দ্বারা কৃত উনান। "চন্দন কাষ্ঠে জ্বালিল তিউড়ি শ্রী ৩১। তিন নারিকেল দিয়া সাজায় তিওড়ি ম.ভা ৩৭।

তিওট বি [সং ত্রিপুট] (সঙ্গীতে) তালবিশেষ। [ইহার মাত্রাসমষ্টি চৌদ্দ ; তাহা চারিটি অসমান পদে বিভক্ত হইয়া, তিন তালি ও এক-তালি ফাঁক প্রাপ্ত হয়। ইহার একটী তালি হ্রাস—ত্রিমাত্রিক, একটী তালি দীর্ঘ—চতুর্মাত্রিক (গী.সা)।]

তিওড়ি দ্র 'তিউড়ি'।

তিওর বি [সং তীবর] বর্ণসঙ্কর জাতিবিশেষ।

তিঁই সর্ব্ব [বৈষ্ণবসাহিত্যে] তিনি। "সেই মন্ত্র দিলা তিঁই চৈ ১২।

তিঁহ, -হো সর্ব্ব [মৈ তিন্হ (G.H.) > বা °হ, -হো ; °হোঁ] তিনি। "যতেক বলিল তিঁহ কৃ.উ ২৭৮। তিঁহ কৃ ২০০। তিঁহ বিদিত সংসারে ম ১১২৭। তিঁহো দাস তিঁহো প্রভু তিঁহো নর নারী।—দ্বু ২৮; আমি ভিন্ন তিঁহো, তিঁহো ভিন্ন আমি নহি ৫৯। তিঁহ আমার ঈশ্বর শ্রী.ম ১৫৯। তিঁহো চৈ.চ ৬৮। তিঁহ শি ৬। তিঁহ চৈ ৪০; তিঁহো ৪১। —হ ক্রি.বিং [তঁহি > °হ ; অসাধু] সেই স্থানে। "নানা বাদ্য বাজে তিঁহ কৃ.উ ২১৪।

তিকাঠা বি [তি[১] + কাঠ ; অপ্র] কাষ্ঠত্রয়ে রচিত আধারবিশেষ। "তিকাঠা করিয়া মুণ্ড রাখেন শ্রী.মা ২১১।

তিক্ত বিণ [তিক্ত + অ (অচ্) অস্ত্যর্থে] ১ তিক্তরসযুক্ত, তিত। "অম্ল°, কটু°, মধুর°, লবণ° (সুশ্রুত)। °ক্ষাররূক্ষফল।—পঞ্চ ৫/৯২। ২ সুরভি, সুগন্ধি। "তিক্তৈর্বনগজমদৈর্বাসিতম্ (তোয়ম্) পূ.মে ২০; ৩৩। "করিমুক্তমদামুতিক্তম্ (অম্ভঃ)।—মাঘ ৫.৩৩। ৩ (বাঙলায়) বিরক্ত। "মুক্তপুরুষ—তিক্ত করো না ভাই!—দা ২০৮৫। ৪ দুঃখময়, খেদপূর্ণ। "কেন হেন তিক্ত প্রাণ, দিলে মোরে ভগবান্।—হেম ৩২৩। —ক্ত পুং [√তিজ্ + ত (ক্ত)-ক, বাহুলকে] ১ 'ক্ষুধাতীক্ষ্ণীকারক', তিক্তরস, পাচকরসবিশেষ। 'যো গলে চোষমুৎপাদয়তি মুখবৈশদ্যং জনয়তি ভক্তরুচিঞ্চাপাদয়তি হর্ষঞ্চ স তিক্তঃ।—সুশ্রুত ১.৪২.৮। "ভ ৩.২৬.৪২। ২ সুগন্ধ, সৌরভ। ৩ কুটজবৃক্ষ। ৪ বরুণবৃক্ষ। —ক্তক পুং ১ পটোল, পলতা। ২ চিরতিক্ত, চিরাতা। ৩ কৃষ্ণখদিরবৃক্ষ। —ক্তকা স্ত্রী কটুতুম্বী, তিতলাউ। [°তণ্ডুলা (স্ত্রী)—পিপ্‌পলী। °তুম্বী (স্ত্রী) —তিতলাউ। °ধাতু (পুং)—পিত্ত। °পত্র (পুং)—কর্কোটক, কাক-রোল। °পর্ব্বা (-র্ব্বন্)পুং—গ্রন্থিদূর্ব্বা ; হিলমোচী ; গুড়ূচী ; যষ্টিমধুলতা। °সার (পুং)—খদিরবৃক্ষ।] [তিক্তাবে—বিরক্ত করিবে। "গো.চ ৭৫।]

তিখ বিং [সং তীক্ষ্ণ > প্রা তিক্‌খ > বা °খ ; অপ্র] ১ ধারাল, চোখা। "তিখ নখ রেখ।—শ্রী.কী ১৫৫। ২ পরুষ, কঠোর। "কাহ্নাঞি বোলে তিখ বাণী শ্রী.কী ৫২।

তিখিণী বিং [সং তীক্ষ্ণ > লি তিখিন > বা °ণ, -ণী] ধারাল। "নয়ন চাহনি,...তিখিণী তিখিণী (পাঠান্তর 'তিখিন তিখিন', চ.সা ৭) শর চ.দা ১৬।

তিগ্ম বিণ [√তিজ্ + ম (মক্)-ক, জ্ > গ্, উ ১.১৪৩ ; ছান্দস] ১ তীব্র, উগ্র। "°বীর্য্যবিষাঃ...দন্দশূকাঃ মহা ১.২০.১১। ২ তীক্ষ্ণ (অস্ত্র)। ৩ উষ্ণ, প্রখর, দাহক। বিপ 'শীত'। "°কর, °রশ্মি। ৪ প্রচণ্ড। "°মন্যু। ৫ দারুণ। "°যাতনাঃ (নরকাঃ) ভ ৬.১.৭। ৬ ক্রূর। "°গতি (অসুর) ভ ৪.১০.২৮। ৭ প্রবল। "°বেগ (S.W.)। —গ্ম স্ত্রী তীব্রতা, উগ্রভাব। [°কর, °গু, °দীধিতি, °দ্যুতি, °রশ্মি (পুং) 'প্রখরকিরণ', সূর্য্য। "তিগ্মগু ভ ১০.৫৬.৭। °দ্যুতি মাঘ ২০.২৮। °গ (বিণ)—দ্রুতগামী, আশুগ। "বাণান্...তিগ্মগান্ গো.রা ৩.৩১.১৬। °তেজাঃ(-জস্) বিণ—তীব্র তেজস্ক, দেদীপ্যমান। "পত্রিণস্তিগ্মতেজসঃ গো.রা ৪.৭.২১।]

তিগ্মাংশু পুং [বহুব্রী] ১ 'খরকর', সূর্য্য। ২ অগ্নি। ৩ শিব।

তিজ্ সক [ভ্বা, আ—(সনন্ত) তিতিক্ষতে ; সেট্] ১ ক্ষমা, তিতিক্ষা, সহন। "মনু ৬.৪৭। ২ [ভ্বা, আ—তেজতে ; সেট্] নিশান, তীক্ষ্ণী-করণ। —জ্ব সক [চু, প তেজয়তি ; সেট্] তেজন, তীক্ষ্ণীকরণ। [উদ্—উত্তেজনা।]

তিজ(জে)ল বি [P. tigela—পায়স ইত্যাদি রাখার মৃৎপাত্র] মাটির ছোট তোলো হাঁড়ি (চব্বিশপরগনা)।

তিজারত্ দ্র 'তেজারত্'।

তিড়বিড় বি [(?) ; ঠ তীড—crack] জ্বালাজনক দ্রব্যস্পর্শে দংশনের ন্যায় বোধ। "আলকুশি লাগলে গা তিড়বিড় করে। [তিড়বিড়িয়ে উঠা—তিড়-বিড়-বোধ হেতু ছটফট করিয়া উঠা। "কপালভাঙলো খেজুরছড়ি মেরে; ওল খেয়ে মুখ ধরলে যেমন হয়, ঘোড়াও তেমনি তিড়বিড়িয়ে উঠলো অ.গ্র ৮।]

তিত[১], তীত[১], তিতা[১] বিং [সং তক্ত > লি, প্রা তিত্ত > বা তী(তি)-ত, -তা ; হি তীত, -তা ; মৈ তীত (চট্টগ্রাম, পূর্ব্ববঙ্গ)] ১ তিক্তরসযুক্ত। "হাম না বুঝিয়ে রস তীত কি মীঠ বি.প ৮২। (পায়স) না জানে মীঠ কি তীত (পাঠান্তর—'মিঠ কি তিত' চ.সা ৩০৯) চ.দা ১৪২। সব লাগে তিতা শ্রী ৪২। ২ দুঃখময়, তিত-বিরক্ত। "তিতা কৈল দেহ মোর ননদি বচনে চ.দা ৯৯। ৩ অপ্রীতিকর, বিরক্তিজনক। "আগে তিতা পাছে মিঠা জান এ পিহুতি ম.গা ২। (কদলির মাতা) আগে মিঠা পাছে তিতা গো.বি ১০৯। এ সুখ সম্পদ যত। কি জানি লাগিল তিত॥—শ্রী.মা ১৯০। ৪ বিষাদ। "চুন বিহনে যেহ্ন তাম্বুল তিতা শ্রী.কী ১৭৩। —ত, -তা বি তিক্তরস, তিক্তদ্রব্য। "তিতায় তিতিল দে চ.দা ৪৯। তিতা কৃ.কে ৯। [তিতিল—তিত করিল।] [তিতকুটা (তিক্ততা > তিক্‌তো > °টা)—ঈষৎ তিক্ত। তিতপলা (তিক্তপটোল > পল্লা, -লা ; দ্র 'পরলা') পটোলজাতীয় তিক্তফলবিশেষ। "শি ৭৭। তিতলাউ—তিক্ত অলাবু। "বি.পা ২৩৬।]

তিত[২], তীত[২] অর্ম্ম [সং তিমিত > লি তিম্ত, প্রা তিংত > বা (তী°ত) > তী (তি) ত > √°ত ; তু 'তিত্তিরিয়'—স্নানার্দ্র (দেশী ৫.১২)] আর্দ্র হওয়া ; ভিজা। "অলক হি তিতল তহি অতি শোভা বি.প ১৯; অরুণনয়নলোরে তীতল কলেবর ১৯৩। তিতল ব.প ১০৩৯। তিতে কৃ.উ ১৭০; তিতল ২২৯। বসন তিতিল তাঁর নয়নের নীরে কৃ ১। তিতল বালবীজনে গো ২৫৫। আঁটু নাহি তিতে শ্রী.ম ৬৮। নদীজলে বসন তিতয় ভ.গ্র ২৬০। —তা[২] সর্ম্ম [°ত + আ[৮]] আর্দ্র করা ; ভিজান। যদি দেখে আঁটাআঁটি, কান্দিয়া 'তিতায়' (পাঠান্তর) মাটী ভা.চ ২৮৪। [তিন্তে—তিতে ভিজে (পদ্যে মিলের জন্য)। "কৃ.উ ৭৭। তেঁতায় (অপ্র)—তিতায়, ভিজায়। "ধিরে তেঁতায় চ.বি ২৩২।]

তিতা[১] ; তিতা[২] দ্র 'তিত[১] ; তিত[২]'।

তিতা[৩] বিং [তিত > °তা, দ্র 'তিত[২]' ; অপ্র] আর্দ্র। "তিতা বস্ত্র কৃ.উ ৪৭। ম.ম ২৫; চৈ.ভা ৩৫০। তিতা আখা বা.ম ১৪৯।

তিতিক্ষা স্ত্রী [√তিজ + সন্ > √তিতিক্ষ + অ -ভা + স্ত্রী আ (টাপ্)] ১ ক্ষমা, পরাপরাধসহন। "ভ ১.১৬.২৭। ২ শীতোষ্ণাদিদ্বন্দ্বসহন। "ভ ৪.২২.২৪। ৩ (বাঙলায়) উত্তেজনা। "আপনাত আরোপিয়া অধমভাভ্রম। তিতিক্ষায় কৈল তনুত্যাগ-উপক্রম॥—রা.স ৯। ৪ বিরাগ, বৈরাগ্য। "যাঁহারা...তিতিক্ষাবশতঃ সংসারত্যাগী হয়েন। পা.প্র ১৩১। —ক্ষিত বিণ [°ক্ষ + ইত (ইতচ্)] সঞ্জাততিতিক্ষ, ক্ষান্ত, সোঢ়া। —ক্ষু বিণ [√তিতিক্ষ + উ-ক ; স্ত্রী -ক্ষু ; ছান্দস] ক্ষমাশীল, সহিষ্ণু। "তিতিক্ষুরতিতিক্ষোর্বিশিষ্টঃ মহা ১.৮৭.৬।

তিত্তির, -ত্তির, -ত্তিরি[১] পুং [ধ্বন্যাত্মক ; > °রি (ছান্দস) পক্ষি-

বিশেষ (partridge)। "তিত্তিরকপিঞ্জল...হয়োত্তমান্ মহা ২.২৮.৬। তিত্তির ভ ১২.৬.৭৫। —রি² পুং ১ কৃষ্ণযজুর্বেদাধ্যাপক ঋষিভেদ। ২ (বাঙলায়) বাজবিশেষ। "ন.প ১৫২।

তিতিল বিং [তিত²+ইল; মৈ তি(তী)তল; তি(তী)তল (প.ক)] আর্দ্র। "তিতিল বসন তনু লাগি বি.প ২১। তিতল গামছা বি.পা ২৮৫।

তিত্তিরা বিং [°র>°রা, দ্র 'আ¹³'] তিত্তিরপক্ষী। "তিত্তিরা তিত্তিরী ভা.চ ১২৫।

তিত্তিরি¹, -রি² দ্র 'তিতির'।

তিথি পুং, স্ত্রী, -থী স্ত্রী [√অত্+ইথি (ইথিন্)-ক, পৃষো, উ ৪.২; স্ত্রী ঈ (ঙীষ্)] ১ চন্দ্রকলাক্রিয়োপলক্ষিতকাল; প্রতিপদাদি। ২ তিথির সংখ্যানুসারে (১৫) এই সংখ্যা। "°হস্ত শু ৪.৪.৪। পাঁচ পঞ্চ গুণ, সিন্ধু বিন্দু তাহে, তিথি তথি হরণই কেল (৫×৫+৭০=৯৫÷১৫=৫) জ্ঞা ২৩২। [°ক্ষয় (পুং)—১ যাহাতে তিথির (চন্দ্রকলার) ক্ষয়; অমাবস্যা। ২ ত্র্যহস্পর্শ; দিনক্ষয়। °পালন (স্ত্রী)—তিথিবিশেষে বৈধ-কার্য্যানুষ্ঠান। °প্রণী (পুং)—'তিথির প্রণেতা', চন্দ্র। 'ভট্টি ৫.৬৫।]

তিন স.বিং [সং ত্রি—ত্রীণি (ক্লী, বহুব) >লি তীণি, প্রা তিণ্ণি (ত্রয়ঃ, তিস্রঃ, ত্রীণি—পৈ) >বা তী(তি)নি, তী(তি)ন; হি, ঠ, গু—তীন; মৈ তীনি; অস তিনি; তিণি, -না, -নি (চ)] ত্রিসংখ্যক। "তিন সাত বার কৃ.উ ২৪৯। তিন সপ্ত বার (সং ত্রিঃসপ্তকৃত্বঃ—ভ ২.৭.২২) ম ৫১। —ন বি ১ তিন (৩) এই সংখ্যা। ২ (অপ্র) শব্দের পরে লিখিত তিন (৩) ত্রিরাবৃত্তিসূচক। "কোটি কিঙ্কিণী রণ ৩ (অর্থাৎ রণ রণ রণ), কর কঙ্কণ ঝন ৩, রোলত অসি ঠন ৩, ঘন ঘন ঘন অসি চমকে ঢু ৮৮। [তিন কান হওয়া—তিন জনের শ্রুতিগোচর হওয়া। মন্ত্র তিন জনে জানিলে, প্রকাশিত হয়। তু 'ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রঃ।' তিনকাল—১ বাল্য যৌবন ও প্রৌঢ়ত্ব—এই তিন বয়োবস্থা। "তিনকাল পূর্ণ হৈল পেকে গেল কেশ শি ৯৮। ২ (দ্রব্যবিষয়ে) নূতন অর্দ্ধপুরাতন পুরাতন ও ভগ্ন—এই চার অবস্থার প্রথম তিনটি। "কাষ্ঠাসন, তিন কাল যাহার বিগত, বসিলেই পরে, নড় নড় করে, খ.প্র ৯৯। তিন কুল—পিতৃকুল, মাতৃকুল ও শ্বশুরকুল (স্ত্রীপক্ষে)। তিনকোণ পৃথিবী—ক্ষীরোদশায়ী ভগবানের নাভিকমল হইতে ক্ষিতির এবং ললাটস্বেদ হইতে আদ্যাশক্তির উৎপত্তি হয়। আদ্যার গর্ভে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর—এই পুরুষ-ত্রয়ের জন্ম হয়। আদ্যা আশ্রয়ার্থ একে একে এই দেবত্রয়ের নিকট গমন করিলে, ইঁহারা ভয়ে তিন দিকে পলায়ন করেন। এই হেতু পৃথিবী 'ত্রিকোণ'। বোধ হয়, ত্রিকোণ ভারতের সহিত ইহার কিছু সম্বন্ধ আছে। "তিন কোন পৃথিবী আঙ্কি ঠাঞি বসি গনি ম.গা ১৭। গো.চ ১৬৫। তু "তেকনা পৃথিবী না ছিল সকল ধুলাময়।—ধর্ম্ম-পূজাবিধান ২০৮। তিন-গুণ—যজ্ঞোপবীতের তে-তার গ্রন্থি। "গলে তিন গুণ দিল মী ১১। তিন ছয় নয় হওয়া—বহু ভাগে বিভক্ত হওয়া; ধ্বংস-প্রাপ্ত হওয়া। তিন দিবসের চাঁদ—শুক্লতৃতীয়ার চন্দ্র (রূপের তুলনায়)। "তিন দিবসের চাঁদ দুয়ারে বসি দেখি ক.চ ৬৯। তিন পোয়া, তিনটি—পাশাখেলার দান—১+১+১=৩। তিন-পোয়া—ত্রিপাদ (পাপ)। তিন সত্য—তিন বার দিব্য (দুই বারে বৈধ, তিন বার বৈধহীন)] "সত্য সত্য পুন সত্য যাব অরণ্যকে ম ৬৫৭। তিন মাথা এক হওয়া—বার্দ্ধক্যে দুই হাঁটু ও মাথা মিলিত হওয়া; অতিবৃদ্ধ হওয়া।]

তিনি¹ সর্ব্ব [সং তদ্—তে (পুং, বহুব); মৈ তিন, তিন্হ, -হি, -হী (বহুব) >বা তিনি] ১ তৃতীয় পুরুষের সম্ভ্রমসূচক সর্ব্বনাম। "গো.চ ৬০। ২ স্বামীর পরিবর্ত্তে। "আসুন আগে আমার তিনি বলব আমি তাঁরে। ...আসুন না কেন তোমার তিনি তাঁকেই কি মোর ডর। —ঈশ্বরচন্দ্র গুপ্ত। তোমার তিনি।—হেম ৭৮৫। নী ৫৪। ৩ নায়ক বা প্রিয়ের পরিবর্ত্তে। "তিনি তুড়ি দিয়া দিয়া, নাচাতেন (তোরে)। —হেম ৩১৩। [তেনারা (তাঁহারা), তেনাদের, তেনারি (গ্রাম্য)। —আ.চু ১২৩,-৩১।]

তিনি² স.বিং [দ্র 'তিন'; অপ্র] ত্রিসংখ্যক। "তিনি কোণ: তিনি পুর: তিনি তাল গম্ভীর ব.প ৮৫। তিনি রাও কাড়িল গো.চ ৪৯।

তিনিশ পুং বৃক্ষবিশেষ, স্যন্দন। "রা ৩.১৫.১৬।

তিন্তিড় পুং, -ড়িকা, -ড়ী স্ত্রী, -ড়ীক পুং বৃক্ষাম্ল, তেঁতুলগাছ। "°ড়ী, °ড়ীক (অ.কো)। °ড়ী ম ১২১৭। —ড়ী স্ত্রী, -ড়ীক ক্লী তিন্তিড়ীফল, তেঁতুল। —ন্তিলিকা, -লী স্ত্রী তেঁতুলগাছ। [°ড়ীদ্যূত (ক্লী)—তেঁতুলবীজের খেলা।]

তিন্তিলিকা, তিন্তিলী দ্র 'তিন্তিড়'।

তিন্দু, -ন্দুক, -ন্দুকী পুং গাবগাছ। —ন্দুক ক্লী ১ তিন্দুকফল, গাব। "আম্রং তিন্দুকং প্রাহি (রাজনির্ঘণ্ট)। ২ কর্ষপরিমাণ।

তিপ্‌পান্ন স.বিং [সং ত্রিপঞ্চাশৎ; লি তিপঞ্ঞা(ন্না)স, প্রা তেবন্না (হে ২.১৭৪); হি তিরপন; ঠ তিরপন্ন; গু ত্রেপন] ত্রিপঞ্চাশৎ-সংখ্যক। —ন্ন বি তিপ্পান্ন (৫৩) এই সংখ্যা।

তিম্ অক [দি, প—তিম্যতি; সেট্] আর্দ্রীভাব, সিক্ত হওয়া। [তু 'তিমই'—প্লাবনীয়ঃ ভবতি (চ)।]

তিমি পুং [√তম্+ই (ইন্)-র্ম্ম, অ>ই, উ ৪.১২১] ১ সমুদ্রচর স্তন্যপায়ী বৃহৎ মৎস্যভেদ। "রা ২.৮১.১৬। অমী শিরোভিস্তিময়ঃ সরন্ধ্রৈরূর্দ্ধং বিতন্বন্তি জলপ্রবাহান্ রঘু ১৩.১০। ২ সমুদ্র। —মি, মী স্ত্রী তিমি-স্ত্রীজাতি। [°জ (পুং)—মুক্তাবিশেষ (বৃহৎসংহিতা)]

তিমিঙ্গিল পুং [তিমি+√গিল্+অ (ক)-ক, ম্ (মুম্)—আগম; উ.ত, পা ৬.৩.৭০, সি; °ল (দেশী ৫.১৩)] 'তিমিগ্রাসক', মহামৎস্য-বিশেষ। "°সমাকীর্ণ মহা ১.২২.৬। ক.চ ২২০। বিরহসমুদ্র-জলে, কাম-তিমিঙ্গিলে গিলে।—চৈ.চ ১৫৫। বা.দ ৬৯। [°গিল (পুং)—সুবৃহৎ মৎস্য-বিশেষ। "তিমিঙ্গিলগিলোঽপ্যস্তি তদ্গিলোঽপ্যস্তি রাঘবঃ শু ৩.২২২।]

তিমিত বিণ [√তিম্+ত (ক্ত)-ক] ১ আর্দ্রীভূত, ক্লিন্ন, ভিজা। "তিমিত তিমিত দিঠে রোই গো ২৫৫। ২ নিশ্চল, স্থির, স্তব্ধ। "নক্তঞ্চ তিমিতোদকাঃ গো.রা ৩.৫৪.১৩।

তিমির বিণ [°র+অ (অচ্) অস্ত্যর্থে] তিমিরময়, তমোব্যাপ্ত। "তিমিরা...নিশা গো.রা ৬.১৬.১০৪। তিমিরা দিশঃ মহা ৬.৫৫.২১। তিমিরে পথি গী.গো ৫.১৯। —র পুং, ক্লী [√তিম্+ইর (কিরচ্)-প (?); উ ১.৫১] ১ তমঃ, অন্ধকার। "রা ২.২৮.১৮। তিমিরাবগুণ্ঠিতে পুরমার্গে কু.স ৪.১১। °পটল (S.W.)। °পুঞ্জ গী.গো ৫.১১॥ তিমির নাশয়ে...দন্তপঙ্‌ক্তি ক.চ ২৯১। তিমিরদুয়ার খোল।—রবীন্দ্র ২ চক্ষুরোগবিশেষ। ৩ লৌহকলঙ্ক, লোহার মরিচা। ৪ (বাঙলায়) তোমর (?)। "চ.বি ১০০; তিমির ত্রিশূল মারে ১৬৭। [°অম্বর (বি—নীলাম্বর। শ্রী.ম ১০৮। °নুৎ (নুদ্), °রিপু (পুং)—সূর্য্য। °পুঞ্জ (পুং)—তমোরাশি।]

তিমিরারি পুং [ষ.ত] 'তমঃশত্রু', সূর্য্য। "তিমিরারিস্তমো হন্তি ভয়সংবিগ্নমানসাঃ। বয়ং কাকা বয়ং কাকা ইতি জল্পন্তি বায়সাঃ।—উদ্ভট। সিন্দুরতিলক তিমিরারি ক.চ ৬১। ম.পা ৪৩। °বিম্ব-প্রতিবিম্বধারী বি.সু ৫৫।

তিয়জ বিং [দ্র 'তিজজ'] তৃতীয়। "তিয়জ পহরে শ্রী.কী ৩৮৭।

তিয়ড়ি বি সর্ব 'তিউড়ি'। "পাথরের তিনটী তিয়ড়ি কৃ.উ ২৭৫।

তি(তে)য়াগ সর্ম্ম [ত্যাগ > (স্বরাগমে) তিয়াগ > তি(তে)য়াগ; তু 'তিয়াজ'—'তিয়াজল' (প.ক); পদ্যে] ত্যাগ করা; ছাড়া। "প্রাণ তিয়াগিব।—শ্রী.ম ১২৯; তিয়াগে তনু ২০৩; তিয়াগিয়া রাজ্য ২০৮; তিয়াগিতে ২১১। (ব্যাস) তেয়াগিয়া উপরোধ, গঙ্গারে কহেন কটুভাবে ভা.চ ১৫৩; ৩৮৪।

তিয়া(হা)ত্তর স.বিং [সং ত্রিসপ্ততি >লি তিসত্তুতি, প্রা *তিস-(হ)ত্তরি >বা °র ; হি তিহত্তর ; ঠ ত্র্যাহাত্তর ; গু ত্রোতের] ত্রিসপ্ততি-সংখ্যক। —র বি তিয়াত্তর (৭৩) এই সংখ্যা।

তিয়াষ, -ষা, তিয়াস, -সা বি [সং তৃষা>প্রা তিসা>বা তিয়াসা, -স, -ষা, -ষ; তু 'পিয়াসা, -স' ; তিসি (দো) ; 'তিরসা' (তৃষা—গো.চ ২০) ; তিরিষা (প.ক) ; বৈষ্ণবসাহিত্যে] ১ তৃষা, পিপাসা। "দিব তিয়াস কালে পানি গো.চ ১৭৫। সে সুখ সায়র, দৈবে শুকায়ল, তিয়াষে (তিয়াসে) পরাণ যায় চ.দা ১৪০,-৬৬। ২ ধনলিপ্সা, ধনাশা। "না পূরে অলপধনে দারিদতিয়াস বি.প ৮৩। ৩ একান্ত কামনা; তীব্র ইচ্ছা। "মিটিছে কি তব সকল তিয়াস চ.কা ২১৭। আকুল তিয়াষ …প্রাণে কেন নাহি জাগে।—গান ৩৪; প্রাণের তিয়াষা ১৬৬। ৪ প্রিয়সমাগমেচ্ছা। "উয়ল মনোজ…বাঢ়ল অধিক তিয়াস।—ব.প ১০৭৮। এতহুঁ তিয়াষে, হোত যব আকুল, কি ফল মন্দিরে শুন্ (শূন্য) গো ১২১। ৫ ভোগেচ্ছা। "সুখের তিয়াসা অ.গু ৭১,-৬। [তিয়াসল —তৃষিত হইল। "চাতক চাহি তিয়াসল অম্বুদ বি.প ৪৮; বি.সা ৫৩।]

তির বি ['তির্য্যক্'—মূল] ১ ঘরের আড়া বা কড়ি। "বড় ঘরের তিরত টাঙ্গাইলে ঢুলানি করিয়া গো.চ ২৩৭। ২ আড়ার উপরি খাড়া-বসান কাঠের বা বাঁশের দণ্ড (চব্বিশপরগনা)।

তিরণ বি [সং তৃণ (তৃ >ত্রি >তিরি >তির) ; অপ্র] তৃণ, খড়। "তিরণ পল্লব ব.প ৯১।

তিরপিত বিং [সং তৃপ্ত >°ত (দ্র 'তিরণ'; স্বরাগম) ; মৈ তিরি-পিত ; বৈষ্ণবসাহিত্যে] তৃপ্ত, আকাঙ্ক্ষানিবৃত্তিযুক্ত, প্রীত। "নাহমুখ নিরখিতে, তিরপিত না হোয়ে নয়ান বি.প ১৬৯; নয়ান না তিরপিত ভেল ২১৪। নয়ন নহত পুন তিরপিত জ.প ৭৮।

তিরপুণি বি [ত্রিবেণী >°ণি (কথ্যভাষা)] গঙ্গা যমুনা ও সরস্বতীর সঙ্গমস্থল। "তিরপুণির ঘাট।—শিশু ৫০।

তিরশূল বি [কথ্যভাষা; 'তিরিশূল' (শ্রী.কী)] ত্রিশূল। "হু ১৩২।

তিরশ্চী স্ত্রী [তির্য্যচ্+স্ত্রী ঈ (ঙীপ্), তির্য্যচ্ >°শ্চ] তির্য্যক্-জাতির (পশুপক্ষীর) স্ত্রীজাতি। —শ্চীন বিণ [+ঈন (খ); স্ত্রী -না; ছান্দস] তির্য্যগ্‌ভূত, বক্র। "গতং তিরশ্চীনমনূরুসারথেঃ মাঘ ১.২। "ঈক্ষমাণঃ…তিরশ্চীনেন চক্ষুষা ভ ৭.৮.৪।

তিরস্ ব্য [√তৄ+অস্ (অসুন্), ঋ >ইর্] ১ তির্য্যগ্‌ভাব, বক্রতা। ২ অন্তর্দ্ধান। ৩ তিরস্কার। [তিরস্+ √কৃ—তিরস্কার, অভিভব। তিরস্+ √ধা—তিরোধান। তিরস্+ √ভূ—তিরোভাব।]

তিরস্কর[১] বিণ [তিরস্+কৃ+অ (ট)-ক; স্ত্রী -রী] তিরস্করণশীল, সম্যক্ অভিভবকারী, জেতা। "স্বর্ধশস্তিরস্করী (কুশস্থলী) ভ ১.১০.২৭। —স্করণী স্ত্রী [+অন (ল্যুট্)-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'তিরস্করণসাধন', যবনিকা, পর্দ্দা। "রা ২.১৫.২০। ২ অদৃশ্যত্বসম্পাদনী বিদ্যা। "°প্রতি-চ্ছন্না শ ৬২; °গর্ব্বিত ৬১১৮। —স্করিণী স্ত্রী [+ইন্ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্), বৃদ্ধ্যভাব; উ.ত] ১ সর্থ তিরস্করণী (১)। "তিরস্করিণ্যো জলদা ভবন্তি।—কু.স ১.১৪। ২ তাম্বুর চতুষ্পার্শ্বস্থ বস্ত্রবেষ্টন; কানাৎ। ৩ আচ্ছাদনমাত্র। ৪ সর্থ 'তিরস্করণী (২)। —স্কার[১] পুং, -স্কৃতি, -স্ক্রিয়া স্ত্রী [+অ (ঘঞ্),+তি (ক্তিন্),+অ (শ), -ভা, স্ত্রী আ (টাপ্)] ১ অন্তর্দ্ধান, তিরোধান। "দেখি তার দেহ আভা, ত্রিভুবনে যত শোভা, সকলি পাইল তিরস্কার শি ৮২। ২ অনাদর, অবজ্ঞা। "অপ্রকটীকৃত-শক্তিঃ শক্তোঽপি জনস্তিরস্ক্রিয়াং লভতে।—পঞ্চ ১.৩২। °স্কার কু.উ ২০৩। তোমারে কন্যা দিব সভাকে করি তিরস্কার চৈ.চ ৯৭। ৩ অভি-ভব, পরাজয়। "শি ৩৫। ৪ ভর্ৎসনা, নিন্দা। "হি ১২১১৩; ৪.১৯। শিষ্যের যে তিরস্কার সেই পুরস্কার ভা.চ ১০৩। —স্কারী (স্ত্রিণ্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] ১ অবজ্ঞাতা, অভিভবিতা। ২ আচ্ছাদক। —স্কৃত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ আচ্ছাদিত, অপনীত। "ভট্টি ৯.৭২। ২ অনাদৃত, অবজ্ঞাত; অভিভূত। "কালরাত্রিঃ…ভার্য্যা-রূপতিরস্কৃতা (S.W.)। ৩ ভর্ৎসিত, নিন্দিত। "হি ৪২১১।

তিরস্কর[২], **-স্কার**[২] সর্দ্ম [সং তিরস্- √কৃ >প্রা (তিরক্কর) √তিরক্‌থর >বা °র] ১ ভর্ৎসনা করা। "তারে তিরস্করিবারে কৈল নির্দ্ধারণে চৈ.চ ২৪৯। ২ অপনয়ন করা; তাড়ান। "উচ্ছিন্ন করিল স্বর্গ দেবে তিরস্কারি।—হেম ১৬৮।

তিরস্করণী, -স্করিণী দ্র 'তিরস্কর[১]'।

তিরস্কার[১] দ্র তিরস্কর (১)।

তিরস্কার[২] দ্র 'তিরস্কর[২]'।

তিরানই, -নব্বুই স.বিং [সং ত্রিনবতি >লি তিনবুতি, প্রা তিনরই; হি তিরানবে; ঠ ত্র্যাণ্ণব; গু ত্রাণু] ত্রিনবতিসংখ্যক। —ই, —নব্বুই বি তিরানই (৯৩) এই সংখ্যা।

তিরাশী স. বিং [সং ত্র্যশীতি >লি তিয়াসীতি, প্রা *তিয়সীই; হি তিরাসী; ঠ ত্র্যাযশী; গু ত্যাসী] ত্র্যশীতিসংখ্যক। —শী বি তিরাশী (৮৩) এই সংখ্যা।

তিরি[১], **-রী** বি [সং স্ত্রী; বা (ইস্তিরী) তিরী, -রি (স্বরাগম) ; হি তিরিয়া; মৈ তিরিআ; অস তিরী; ড় তির্লা; অপ্র] ১ নারী। "তিরিবধ বি.প ৮২, ১৮৯; জ্ঞা ২৪৩; ব ১৫৬; রা.প ১৩,২৬। তিরীবধ।—গো ১১৩। তিরী, -রি শ্রী.কী ৮৩; ১০৮। ২ পত্নী। "তিরির জ্ঞান গো.চ ১২। [°কলা—নারীর ছল-চাতুরী। "শ্রী.কী ১১৩। °বধিআ—স্ত্রীবধকারী। "শ্রী.কী ২৭৬।]

তিরি[২] স.বিং [সং ত্রি >বা (স্বরাগমে) তিরি; অপ্র] ত্রিসংখ্যক, তিন। "খেনে তিরি ভঙ্গি প.র ১১। তার তলে তিরিভঙ্গ (প.ক)। —রি বি [E. trey] তিন ফোটার তাস। [তিরীশূল। "শ্রী.কী ১৮১।]

তিরিক্‌খি বিং [সং তির্য্যচ্ >প্রা তিরিক্‌খ] বক্র, কোপন, উগ্র, কড়া (মেজাজ)।

তিরিশ স.বিং [সং ত্রিংশৎ; বা ত্রিশ > (স্বরাগমে) °শ] ত্রিংশৎ-সংখ্যক। "তিরিশ টাকা মাইনে হু ১৬০।

তিরিষা বি [সং তৃষা >বা (ত্রিষা) °ষা (স্বরাগম) ; বৈষ্ণবসাহিত্যে] তৃষ্ণা। "না খায় পিয়া তিরিষায় পানী ব ১৭৮।

তিরোধান ক্লী [তিরস্+ √ধা+অন (ল্যুট্)-ভা] ১ অন্তর্দ্ধান, তিরোভাব। "পা ১.২.৩৩, কাশিকা। শ্রী.মা ১০; ১৭০। ২ [+অন -ণ] 'অন্তর্দ্ধানসাধন', অন্তর্দ্ধানশক্তি, তিরস্করণী। "ভ ৩.২০.৪৪। —রোহিত বিণ [+ত (ক্ত)-ক] ১ অন্তর্হিত। ২ [+ত-র্ম আচ্ছাদিত, গুপ্ত। ৩ রাগাদি দ্বারা স্থাপিতরূপ (কুল্লূক) ; রঙ্-করা (পণ্য)। "মনু ৮.২০৩।

তিরোভাব পুং [তিরস্+ √ভূ+অ (ঘঞ্)-ভা] অন্তর্দ্ধান, অদর্শন। বিপ 'আবির্ভাব'। —ভূত বিণ [+ত (ক্ত)-ক; বৈদিক] অন্তর্হিত। "ভট্টি ১৪.৪৪।

তির্‌পল্ বি [E. tarpaulin] আলকাতরা-মাখান ক্যাম্বিস্।

তির্য্যক্ (-চ্) বিণ [তিরস্+ √অনচ্+ক্বিন্ (০)-ক-১ব, তিরস্ > তিরি, পা ৬.৩.৯৪; উ.ত; °ক্ (সমাসে পূর্ব্বপদ)—তির্য্যক্‌পাতী, তির্য্যগ্‌যোনি] ১ বক্রগামী, বক্র, কুটিল, তেরচা। "কু.স ৬.৭১। ২ অনুপ্রস্থ, আড় (crossing)। —ক্ স্ত্রী পক্ষীর গতিবিশেষ। —ঙ্ পুং ১ তির্য্যগ্‌জাতি, পশু। "কু.স ১.৪৮। ২ পক্ষী। "নৈ ৩.২০। ৩ কূর্ম্মাদি। মনু ৫.৪০। [°পাতী (-তিন্) বিণ—বক্রপ্রসারী, কুটিল-বৃত্তি। °প্রমাণ (ক্লী)—বিস্তারপরিমাণ। °প্রক্ষেপণ (ক্লী)—বক্রদৃষ্টি, কটাক্ষ। °জ (তির্য্যগ্‌জ) বিণ—তির্য্যগ্‌যোনিজাত, পশ্বাদিজাত। "মনু ১০.৭২। °জন (তির্য্যগ্‌জন) পুং—তির্য্যগ্‌গামী পশু। °জাতি

(তির্য্যগ্‌জাতি) স্ত্রী পশুপ্রভৃতির জাতি; তির্য্যগ্‌জন্মা পশুপক্ষিপ্রভৃতি। °যোনি (তির্য্যগ্‌যোনি) স্ত্রী—পশুপক্ষিপ্রভৃতির যোনি; পশু-প্রভৃতির জাতি। "মনু ৪.২০০। ম ৪১৯। ম.বি ১৪৭।]

তির্য্যক্‌স্রোতাঃ (-তস্) পুং [বহুব্রী] যাহার স্রোতঃ (আহারসঞ্চার) তির্য্যক্ (শ্রীধর); পশুপক্ষিপ্রভৃতি। [ইহাদের অষ্টাবিংশতি ভেদ। দ্র 'ভ ৩.১০.২১-২৫।]

তিল্ অক [তু. প—তিলতি, চু, প—তেলয়তি; সেট্] স্নেহ, স্নিগ্ধীভাব।

তিল পুং [√তিল্+অ (ক) -ক; ছান্দস] ১ শস্যবিশেষ। "অনুদ্যোগেন তৈলানি তিলেভ্যো নাপ্তুমর্হতি হি ৩০ (কথারম্ভ)। ২ তিলবৃক্ষ। "নাসাভ্যেতি তিলপ্রসূনপদবীম্ গী.গো ১০.১৪। তিলফুল জিনি নাসা ক.চ ৯। ৩ শরীরস্থ তিলাকৃতি চিহ্ন; তিলকালক। "তেনাহমবগচ্ছামি ভানুমত্যাস্তিলং যথা (দ্বাত্রিংশৎপুত্তলিকা)। ৪ তিলতুল্য স্বল্পপ্রমাণ; একটু। "তিলং তিলং সমানীয় রত্নানাং যদ্ বিনির্ম্মিতা। তিলোত্তমেতি তৎ তস্যা নাম চক্রে পিতামহঃ॥—মহা ১.২১১.১৮। ভয় নাহি তিল।—ম ৬২৮। তিল এক দয়া শ্রী.ম ১১৫। ৪ অত্যল্পস্থান, এক-পা। "তিলমাত্রমপি চলিতুং ন শক্নোমি (পঞ্চ)। ৫ (বাঙ্‌লায়) অত্যল্পকাল; ক্ষণ। "তিল এক হয় যুগ চারি বি.প ১৬৫। ঘরের বাহিরে তিলে তিলে আসে যায় চ.সা ২৯; তিলে কত হয়ে দোষ ৩১৯। তিলে শত বার।—কৃ ৩০৭। ৬ (শুভঙ্করীতে) কড়ার আশীভাগের একভাগ। [°কল্ক (পুং), °কিট্ট (ক্লী)—তিলপিণ্যাক, তিলের খ'ল। "তিলকল্ক (সুশ্রুত)। তিলকিট্ট (ভাবপ্রকাশ)। °পিষ্টক (ক্লী)—তিলকুটা। °পীড় (পুং)—তৈলিক, তেলি। °রস, °স্নেহ (পুং)—তিলতৈল।] [তিল-আধ—তিলার্দ্ধকাল; অত্যল্পকাল। "দিবস তিল আধ, রাখবি যৌবন বি.প ১০৪। ব.প ৭২৫। চৈ ৭৫। তিল-তিল (সং তিলশঃ)—অত্যল্পপরিমাণ, একটু-একটু। "তিলতিল ক্ষুদ্রতার ঘেরে।—শিশু ১৫১। তিল তিল করি, কুলটাকলঙ্ক যাও রে পাশরি অ.গু ৮১। তিল তিল করিয়া যোদ্ধপতি…বসিয়া পড়িলেন।—ব.প্র ১০০। তিল দেওয়ার স্থান—অত্যল্প অবকাশ (room)। তিলকে তাল করা—অত্যল্পকে অত্যধিক করা। "তিলটি হ'লে তালটি কর তাকে দা ২০৫৩। তিলে তিলে—ক্ষণে ক্ষণে; অল্পে অল্পে। "(পীরিতি) তিলে তিলে বাঢ়ি যায় চ.দা ৭৯। তিলে তিলে নূতন হোয় বি.প ২১৪। গো ২৫৫।]

তিলক পুং [তিল + ক (কন্) স্বার্থে] ১ তিলবৃক্ষ। [স্ত্রীলোকের দৃষ্টিপাতে তিল বিকসিত হয়; স্ত্রীবীক্ষণ ইহার দোহদ (উ.মে ১৭, মল্লিনাথ)।] ২ বৃক্ষবিশেষ, দণ্ডকলস (অ.কো); মরুবক (অ.চি)। "তেঃপশ্যংস্তিলকাংস্তিলকানিব মহা ৩.১৫৮.৬৮। রঘু ৯.৪১। ৩ অশ্ব-বিশেষ। ৪ রোগভেদ। ৫ ধ্রুবকবিশেষ। —ক পুং, ক্লী ১ ললাটাদি দ্বাদশাঙ্গে ধার্য্য চন্দনাদিচিহ্নবিশেষ; বিশেষক, পুণ্ড্র। "মহা ৩.১৫৮.৬৮। রঘু ৯.৪১। জলের তিলক ম ১৯৪। যেমত তিলক পানী, তেমত অসত্য বাণী, সত্যবাণী তিলক চন্দন ক.চ ৭০। ২ তিলকবৎ ভূষণভূত; শ্রেষ্ঠ। "রঘুকুল° (মহানাটক)। কৃ ১। ভুবনত্রয়° হি ১.৩৩। ত্রিলোকী° মাঘ ৩.৬৩। ব্যাস মুনির তিলক ম ১; তপস্বি° ৫৮৫। সে বংশে তোমার ধ্রুব তিলক চৈ.ম ১৩৭। ঐ তো তিলকের তিলক দা ২৩২। —ক ক্লী ১ তিলকপুষ্প, দণ্ডকলস-ফুল। "মধুশ্রীস্তিলকং প্রকাশ্য কু.স ৩.৩০। ২ ক্লোম। ৩ সৌবর্চ্চল, লবণবিশেষ। ৪ (বাঙ্‌লায়) চিহ্ন। "দাসত্বের ধূলি, আঁকে নাই কলঙ্ক-তিলক চ.কা ১৬৪। ৫ যুদ্ধাস্ত্রবিশেষ (?)। "নারাচ তিলক চ.বি ১০১,-৬৬; ২৭৯। —কা স্ত্রী ১ হারবিশেষ। ২ দ্বাদশাক্ষরপাদ ছন্দোভেদ। [তিলক কাটা, তিলকসেবা করা—তিলক ধারণ করা। "ছোট পুত্রটি…তিলক সেবা করে না আ.দু ৯০।]

তিলকাঞ্চন, -নি বি তিল কাঞ্চন ইত্যাদি দ্বারা স্বল্পব্যয়ে অনুষ্ঠেয় শ্রাদ্ধবিধিবিশেষ। "আদ্যশ্রাদ্ধ করে নরে, কেহ করে দানসাগরে, কেহ সারে তিলকাঞ্চনে দা ৯৩৬। তিলকাঞ্চন হু ২০৭। বাবু, জান তো কর্ত্তার ঢাকটাপানা নামটা…তাতে কি শুদ্ধ তিলকাঞ্চনি-রকমে চলবে?—আ.দু ১২৯।

তিলকালক পুং [উপ.ত] ১ তিলতুল্য কাল দেহস্থ চিহ্ন; তিল। "পা ৩.২.৫৩, সি। ২ রোগবিশেষ। "সুশ্রুত ২.১২.৩৫।

তিলকী(-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] তিলকবান্, তিলধারী। "শিখী তিলকী কর্ম্ম কুর্য্যাৎ (ত.বা)।

তিলপর্ণিকা, র্ণী স্ত্রী রক্তচন্দন। —পর্ণী—নদীভেদ।

তিলপিটালি বি তিলমিশ্র পিটালির গোলা। "তিলপিটালিতে লাউ বার্ত্তাকু কুমড়া ভা.চ ৫৪৭।

তিলা হি তিলের খাদ্যবিশেষ। "রা.শে ৫১। [°খাজা—তিলখাদ্যবিশেষ। "চৈ.চ ১৫৮। °সন্দেশ—তিলের লাড়ু। "ক.চ ২৬।]

তিলাঞ্জলি, -লী বি [তিনাঞ্জলী (শ্রী.কী)] ১ প্রেতের তৃপ্ত্যর্থ প্রদত্ত সতিল জলাঞ্জলি; (গৌণার্থে) বিদায়। "এবোল বলিতে, যেজন বিমুখ, তারে তিলাঞ্জলী দেল জ্ঞা ১৬৮। ২ পরিত্যাগ, জলাঞ্জলি। "কুল-শীল-লাজে, দিয়ে তিলাঞ্জলি, মজেছি রসের কূপে ব.প ৯৯; ১০৪৯। কুলে দিমু তিলাঞ্জলি চ.দা ১১৩। লাজে তিলাঞ্জলি দেল গো ২২৮। কুলে তিলাঞ্জলী, দিলুঁ ব ১৫০। ন.প ২৩৯; ৪১৭। বাপের দুলালী ছিলি, তাহে তিলাঞ্জলি দিলি বি.সু ৭৪।

তিলার্দ্ধ, -র্দ্ধেক বি তিলের অর্দ্ধপরিমিত কাল; অত্যল্পকাল। "তিলার্দ্ধ উহান সঙ্গ…হয় চৈ.ভা ১২৬। নৃত্যের বিরাম তিলার্দ্ধেক নাহি হয় ন.প ৩৫৫। উৎসব তিলার্দ্ধ নাহি মনে দা ১৬৪। অ.প্র ১৮৬। ব.প্র ৯৩। [তিলার্দ্ধমাত্রে—অত্যল্পকালের মধ্যে; শীঘ্র। "শত্রু আর তিলার্দ্ধমাত্রে এ ঘরের মধ্যে আসিবে।—ব.প্র ৪৭। তিলার্দ্ধেকো—১ অত্যল্পকালও। "তিলার্দ্ধেকো উদ্দেশ কোথাও নাহি পায় চৈ.ভা ১৭৮; ৪৫৭। ২ অত্যল্পমাত্রও, একটুও। "তিলার্দ্ধেকো নোঙাইতে নাহিক শকতি চৈ.ভা ২১৩।]

তিলি, -লী, তেলি বি [সং তৈলিক, -লী > প্রা তেল্লিঅ > বা তেলি, তিলি, -লী; হি, ঠ, গু তেলী] তৈলব্যবসায়ী হিন্দুজাতিবিশেষ। "যদু কুণ্ডু তিলি কৈল রক্ষা ক.চ ৬; তেলি বৈসে ৮৮। তিলির ভাসিল তেল ব.প ১৩৮২। তামুলী তিলী ভা.চ ২৭৩।

তিলেক বি একতিল; অত্যল্পকাল। "তিলেক বঞ্চিতে গৃহে নারি শ্রী.ম ৮৫; তিলেক গউন শ্রী.মা ১৪৫। আমার ঐ ফুলবাগানে তিলেক নাহি বসন্ত ছাড়া ব.প ১৬২৬। ২ অত্যল্পমাত্র, একটু। "তিলেক যৌবন নাহি টুটে শ্রী.কী ৩৭০। তিলেক স্নেহ ম ২৫২; তিলেক ভয় ১১৯০। তিলেক না টুটিব তোমার আবুরালি।—মী ২৭। তিলেক নাহি দোষ ব.প ৬৯৩। তিলেক গৌরব ম.ম ১০৮। তিলেক করুণা বা.ম ৪৮। [তিল-একে, তিলেকে—অল্পক্ষণে, ক্ষণমাত্রে। "তিলেকে দারুণ হয়্যা, পাশরিলে নিজ জায়া ক.চ ২১। তিলএকে…ছাড়সি প্রসূন শ্রী.ম ১৪২।]

তিলেলোহা বি তিল-কাটা লোহার খাড়ু বিশেষ। "দা ১৪৮০।

তিলোত্তমা স্ত্রী অপ্সরাবিশেষ। [সুন্দ উপসুন্দ ব্রহ্মার বরে ত্রিলোক জয় করিয়া, দেবগণকে স্বর্গচ্যুত করিলে, দেবতার প্রার্থনায় ব্রহ্মা, বিশ্বকর্ম্মাকে রমণীরত্ন নির্ম্মাণ করিতে আদেশ করেন। বিশ্বকর্ম্মা তদনুসারে রত্নসমূহের তিল তিল লইয়া তিলোত্তমাকে নির্ম্মাণ করেন (মহা ১.২১১.১৮)। সুন্দ উপসুন্দ উভয়েই রূপে মুগ্ধ হইয়া তিলোত্তমাকে ভার্য্যারূপে গ্রহণ করিতে ইচ্ছা করিলে, উভয়ের যে ভীষণ যুদ্ধ হয়, তাহাতেই উহারা নিহত হয় (মহা ১.২০৯-২১২ অধ্যায়)।] "তিল তিল লইয়া গড়িলা সুন্দরীরে…নাম রাখ 'তিলোত্তমা'।—মা ১৪৫।]

তিলোদক ক্লী [উ.লো] তিলমিশ্র জল; শ্রাদ্ধে বা তর্পণে দেয়

সতিলজল। "পিতৃণাঞ্চ তিলোদকম্ মহা ১৩.১২৬.২২। মনু ৩.২২৩। সিক্ত মে তিলোদকম্ শ ৩৮১।

তিলোদন পুং, ক্লী [উ.লো ; বৈদিক] তিলমিশ্র অন্নবিশেষ ; কৃশর। "শতপথব্রাহ্মণ ১৪.৯.৪.১৬। রা ২.৬৯.১০।

তিষে বি [সং তৃষা > প্রা তিসা ; গ্রাম্য] পিপাসা। "মুই পানিতিষেয় মলাম নী ৩০।

তিষ্ঠ অর্ম্ম [সং √স্থা—তিষ্ঠ > প্রা √চিট্‌ঠ (হে) > বা °ষ্ঠ ; হি, ঠ √তিষ্ঠ] ১ অবস্থান করা ; থাকা। "অন্তরীক্ষে তিষ্ঠ।—ম ৪৫। তিষ্ঠ হৃদি-গোষ্ঠে কৃষ্ণ দা ৩৫৬। আতিথেয়-সেবা, তিষ্ঠি লহ, শূরশ্রেষ্ঠ মে ১৯৯। ২ বিশ্রামার্থ অবস্থান করা ; জিরান। "হবে একটু নিকটে তিষ্ঠিতে দা ১৩৬৯। ৩ সহিয়া অবস্থান করা। "শক্তি হে!...শক্তি হয় না তিষ্ঠি আমি অত্র দা ৯৩৫। সেখানে বিবাদের জ্বালাতে তিষ্ঠিতে পারিলাম না কৃ.চ ১৩। ৪ অপেক্ষা করা ; থামা। "ক্ষণেক তিষ্ঠহ তোর বুঝি পরাক্রম ম ৪৭২। তিষ্ঠ তিষ্ঠ মূল্য আমি দিবাম ম পা ৫১। (কংস) বলে তিষ্ঠ তিষ্ঠ দা ১৪৪। ৫ থাকিতে ইচ্ছা করা ; টিকা। "পিতৃসংবাদ পাইলে, আর কাশীধামে আমার মন তিষ্ঠিল না ব.প্র ৬৪। ৬ বাস করা। —ঠা সর্ম্ম [°ষ্ঠ+আ°] অবস্থিত করান ; স্থাপন করা ; রাখা। "কূর্ম্মপৃষ্ঠে তিষ্ঠাইলা দাসীরে প্রলয়ে, কূর্ম্মরূপে মে ২৩৫। [তিষ্ঠ তিষ্ঠ—থাক থাক। "তিষ্ঠ তিষ্ঠ ইথে ছু ১৩। তিষ্ঠিতে—থাকিতে। "ঋষ্যমূকে তিষ্ঠিতে সুগ্রীব পলাইল কৃ ১৫৮। তিষ্ঠিয়া থাকা, রহা—স্থির বা সংযত হইয়া থাকা। "কতকাল রবে দৈত্য সে রণে তিষ্ঠিয়া?—হেম ১৩০। বিনা প্রলোভনে, নন্দনভবনে, তিষ্ঠিয়া থাকিতে নারে স্ব.প্র ১৯।]

তিষ্ঠদ্‌গু ব্য [অব্যয়ীভাব, নিপাতিত] যে সময়ে গোগণ দোহনার্থ দাঁড়ায় ; গোদোহনকাল। "পা ২.১.১৭, সি। ভট্টি ৪.১৪।

তিষ্ঠ(ষ্ঠা)ন বি [তিষ্ঠ+অন] ১ অবস্থান, স্থিতি। "মসালের দুর্গন্ধে পুজোবাড়িতে তিষ্ঠন ভার হ ১২৬। এখন আর তিলার্দ্ধ এদেশে তিষ্ঠান নহে ব.প্র ৯৩। ২ বাস। "লক্ষ্মী বিবেচনা করিলেন এ বাড়ীতে আর তিষ্ঠান গেল না কৃ.চ ১৩। বাড়ীতে আর তিষ্ঠান ভার আ.ছু ১৫৮। মোগল-সম্রাটের সহিত চিরদিন বিবাদ করিয়া পাঠানের উৎকলে তিষ্ঠান সুখের হইবে না ব.প্র ৭৭।

তিষ্য বিণ মাঙ্গল্য। —ষ্য পুং [√তুষ্‌+য (ক্যপ্), নিপাতিত] ১ পুষ্যনক্ষত্র। ২ যাহাতে তিষ্যযুক্ত পৌর্ণমাসী আছে ; পৌষমাস। —ষ্য ক্লী কলিযুগ। —ষ্যা স্ত্রী 'মঙ্গলযুক্তা', আমলকী। [°পুষ্পা, °ফলা (স্ত্রী)—আমলকী।]

তিসি বি [সং অতসী ; হি তীসী ; ঠ অল.সী, তিসী ; সি ইলসী ; ড় তেসী] ১ মসিনার গাছ। ২ মসিনা (linseed)। "ক.চ ৭৬।

তিহ, -হি, -হুঁ, -হো, -হোঁ সর্ব্ব [তিঁহ > °হ, -হি, -হুঁ, -হো, -হোঁ ; অপ্র] তিনি। "তথাপি তোমারে তিহ হব পুরাভব ব.প ১২২ ; অখিলের নাথ তিহ ৮৭২। তিহ দুর্ল্লভ ভগিনী শ্রী.ম ১৫৪। তিহি তাহা শূল-অগ্রে কৈল সাত খানে।—শ্রী.ম ২১২। আপনি করিবেন তিহো এহার বিচার।—কৃ.উ ২৬৮। তিহো ব.প ৬৭৯ ; তিহোঁ ৭৮২, ১৭৫৮। আপনি চণ্ডিকা দেবী, তিহুঁ হৈল্যা হায়াবিবি।—শূ ১৪২। তিহোঁ কারণের কারণ চৈ.চ ২২ ; তিহোঁ শি ৭৮।

তিহড়ি, -ড়ী, -রি, -রী বি [তিউড়ি > °ড়ি] সর্ব্ব 'তিউড়ি'। "বালির তিহড়ি শ্রী ১০৬ ; তিহড়ী ১০৭। °রি গো.বি ১২০ ; °রী ১৪২।

তীক্ষ্ণ বিণ [√তিজ্‌+ন (ক্‌ন)-র্ণ, দীর্ঘ, উ ৩.১৮ ; ছান্দস] ১ উগ্র, কোপন, কড়া। "তীক্ষ্ণশ্চৈব মৃদুশ্চৈব রাজা ভবতি সম্মতঃ মনু ৭.১৪০। ২ তিগ্ম, প্রখর। "°রশ্মি। ৩ নিশিত, ধারাল (অসি)। ৪ সূক্ষ্মাগ্র, সরু। "শস্ত্রিম্...তীক্ষ্ণাম্ মনু ৮.৩১৫। °দংষ্ট্রাগ্র।—পঞ্চ ১২১৮৩। ৫ অপ্রতিবদ্ধ, কুশাগ্রীয় (বুদ্ধি, প্রতিভা)। ৬ নিশিতপ্রজ্ঞ, সুধী। "মাঘ ২.৭৮। ৭ তীব্র (বিষ)। ৮ কঠোর, কর্কশ, কড়া। "তীক্ষ্ণানি বচাংসি।—গো.রা ৪.৩৬.২১। ৯ কোপরক্ত। "নির্দহেৎ...কৃষ্ণতীক্ষ্ণেন চক্ষুষা গো.রা ৫.২৯.১৪। ১০ উষ্ণ, খর। ১১ শীঘ্র (S.W.)। ১২ নিরালস্য। ১৩ আত্মত্যাগী। ১৪ কটু, কড়া (গন্ধ)। ১৫ প্রবল (স্রোতঃ)। ১৬ দুর্বিবহ (পরাক্রম)। ১৭ প্রচণ্ড (কোপ)। ১৮ কঠোর, দারুণ। "সুতীক্ষ্ণদণ্ড রা ১.৭.১৩। ১৯ প্রতিকূল, অহিত। —ক্ষ্ণ পুং ১ যবক্ষার। ২ মরিচ। ৩ পিপ্পলী। ৪ কৃষ্ণসর্ষপ। ৫ শ্বেত-কুশ। ৬ কুন্দুরুক। ৭ অশ্লেষা আর্দ্রা জ্যেষ্ঠা মূলা—তীক্ষ্ণগণান্তর্গত এই নক্ষত্রচতুষ্টয়। ৮ যোগী। —ক্ষ্ণ ক্লী ১ খরস্পর্শ। ২ বিষ। ৩ লৌহভেদ, ইস্পাত। ৪ সামুদ্রলবণ। ৫ চবিকা, চই। ৬ শস্ত্র। ৭ যুদ্ধ। ৮ মরণ, মরক। ৯ শীঘ্র, ত্বরা। ১০ মুষ্ক। ১১ তীক্ষ্ণবস্তুমাত্র—কটাক্ষ দুর্ব্বাক্য লবণ নখ হীরক রবিকর (ত.বা)। ১২ পিপ্পলী-প্রভৃতির কটুস্বাদ ; তীব্রতা। [°কন্দ (পুং)—পলাণ্ডু। °কর্ম্মা(-র্ম্মন্) বিণ—উদ্যোগী। °দংষ্ট্র (পুং)—ব্যাঘ্র। °পুষ্প (পুং)—লবঙ্গ। °রশ্মি (পুং)—সূর্য্য। °রস (পুং)—যবক্ষার। °লৌহ (ক্লী)—ইস্পাত। °সার (পুং)—লৌহ।]

তীক্ষ্ণগন্ধ পুং [বহুব্রী] ১ 'তীব্রগন্ধযুক্ত', শোভাঞ্জন, শজিনা। ২ রক্ত-তুলসী। —গন্ধা স্ত্রী ১ বচা। ২ রাজিকা। ৩ জীবন্তী। ৪ সূক্ষ্মেলা, ছোট এলাচ।

তীক্ষ্ণা স্ত্রী [তীক্ষ্ণ+স্ত্রী আ (টাপ্)] ১ বচা। ২ শূকশিম্বী। ৩ মহাজ্যোতিষ্মতী লতা। ৪ তারাদেবী।

তীক্ষ্ণাংশু বিণ [বহুব্রী] প্রখরকিরণ। "তীক্ষ্ণাংশুঃ...রবিঃ গো.রা ৩.৫৪.১২। —শু পুং সূর্য্য।

তীক্ষ্ণায়স ক্লী [তীক্ষ্ণ অয়স্ কর্ম্মধা, সমাসান্ত 'অ' (অচ্)] তীক্ষ্ণলৌহ, ইস্পাত।

তীখ বিং [সং তীক্ষ্ণ > লি, প্রা তিক্‌খ > বা °খ ; বৈষ্ণবসাহিত্যে] তীব্র, মর্ম্মচ্ছেদক। "তীখ কটাখ মদন শর লাগু বি.সা ৩০।

তীখন, -নি বিং [সং তীক্ষ্ণ > বা (তীখ্‌ন) °ন (স্বরাগম)+ই[১১] ; বৈষ্ণবসাহিত্যে] উত্তপ্ত। "জনু ব্যাধবন্ধে, বিপিনন্তে মৃগী তেজই 'তীখনি' ('°ন'—প.ক) শ্বাস বি.প ৮৪।

তীথ বি [সং তীর্থ > লি, প্রা তিত্থ ; কথ্যভাষা] তীর্থ। "তোহ্মে মোর সব তীথ শ্রী.কী ৪৮।

তীন স.বিং [দ্র 'তিন'] ত্রিসংখ্যক। "তীন ভুবন শ্রী.কী ৭।

তীবর পুং ১ বর্ণসঙ্করজাতিবিশেষ, তিওর। [রাজপুত্রস্ত্রীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত, সঙ্কীর্ণ জাতি (ব্রহ্মবৈবর্ত্ত)।] ২ ব্যাধ। —রী স্ত্রী ১ ব্যাধ-পত্নী (শ.ক)। ২ তীবর-স্ত্রী।

তীব্র বিণ [√তীব্‌ স্থৌল্যে+র (রক্) -ক (অ.টী) ; ছান্দস] ১ প্রচণ্ড, প্রবল। "তীব্রাঘাতপ্রতিহততরুঃ (গজঃ)।—শ১.২৯। ২ অত্যন্ত, প্রখর। "তীব্রমুষ্ণম্ শ ৫.৭। ৩ মহান্, নিতান্ত। "°বন্ধ রঘু ৫.৪৮। ৪ অতিশয়িত, অত্যধিক। "°বৈর রঘু ৯.৬৫। চিন্তাং তীব্রাম্ ভ ৬.১৮.৫৯। ৫ রূক্ষ, ভীষণ। "রোষতীব্রেণ চক্ষুষা গো.রা ৩.৬২.১১। ৬ কঠোর, কর্কশ। "উত্তরং তীব্রম্ রা ৩.৪৭.২৫। ৭ মহান্, উচ্চৈঃ। "°শঙ্খপুরস্কৃত রা ১.৪৩.১৬। ৮ গুরু, দুঃসহ। "°শোক মহা ৩.৬৩.১৫। তীব্রাময়গ্রস্ত যাজ্ঞ ৩.২৪৪। °রূজ (সুশ্রুত)। ৯ তীক্ষ্ণ, কটু, কড়া (গন্ধ)। ১০ একাগ্র, একান্ত। "তীব্রয়া ময়ি ভক্ত্যা ভ ৩.২৭.২১। ১১ কঠোর, সুদুঃসহ। "নিয়মানুৎসৃজ্য তীব্রান্ রা ২.২২.২৩। ১২ দুষ্কর, দুঃসাধ্য। "নাতিতীব্রেণ কর্ম্মণা মহা ২.২৯.৯। —ব্র পুং শিব। —ব্র ক্লী ১ অতিশয়। ২ তীক্ষ্ণতা। ৩ লৌহভেদ, ইস্পাত ; লৌহ। ৪ সীস। —ব্রা স্ত্রী ১ গণ্ডদূর্ব্বা। ২ রাজিকা, রাইসরিষা। ৩ তুলসী। [°গন্ধা (স্ত্রী)—যবানী, জোয়ান।]

১ ক্লী [√তীরি কর্মসমাপ্তি+অ (অচ্) -ক; বৈদিক] ১ কূল, বেলা। "পা ৪.২.১০৬। পম্পা° রা ১.১.৫৮। ২ গঙ্গাকূলবিশেষ। 'সার্দ্ধহস্তশতং যাবদ্ গর্ভতস্তীরমুচ্যতে'। [তীরস্থ করা—মুমূর্ষুকে গঙ্গাতীরে আনা; (গৌণার্থে) অকর্মণ্য হওয়া। "পা দুখানি তীরস্থ করবার অবস্থা হয়েছে অ.গ্র ৯।]

তীর² পুং [তু—'ফা তীর্'] ১ বাণ (ত্রিকাণ্ডশেষ)। "ম ৯১৬,-৭। ভা.চ ২৬৫। ২ সীসক।

তীরকর বি যে তীর গড়ে; শরনির্ম্মাতা। "ক.চ ৮৬।

তীরন্দাজ বি [ফা তীর্ অন্দাজ্.] তীর ছুড়িতে নিপুণ ব্যক্তি, ধনুর্দ্ধর। "বি.সু ১৮। [তীরন্দাজী (ফা তীর্ অন্দাজী)—তীরন্দাজের কাজ (archery)।]

তীরভুক্তি পুং বিদেহদেশ, তীরহুত (ত্রিকাণ্ডশেষ)।

তীর্ণ বিণ [√তৃ+ত (ক্ত) -র্ম] ১ উত্তীর্ণ, অতিক্রান্ত। "তীর্ণাঃ পূর্ণাঃ কতি ন সরিতঃ (ত.বা)। °শৈশব ক.সা ১০.৮। ২ অভিভূত। ৩ আপ্লুত। ৪ পালিত, চরিত। "°প্রতিজ্ঞ রা ২.২১.৪৭। ৫ [+ত-ক] অতিক্রান্ত। "রঘু ১৪.৬। তৎপরং বর্ত্ম তীর্ণঃ পু.মে ১৯।

তীর্থ ক্লী [তৃ+থ (থক্)-ণ,-ধি; 'তীর্থ'—অবতরণপ্রদেশ (ঋগ্বেদ ১.৪৬.৮)] ১ দেবতাদির অধিষ্ঠান বা তপস্যাদি হেতু পবিত্র স্থান; পুণ্যস্থান, ক্ষেত্র। "তীর্থীকুর্ব্বন্ তদাশ্রমম্ ভ ১.৪৮। ২ নদী-প্রভৃতির জলে অবতরণের পথ; জলাবতার, ঘট্ট, ঘাট। "নদীম্...সতীর্থাম্ রা ২.৫৬.৩৫। অপ্সরস্তীর্থ শ ৫.৩০। কি ২.৩। °শিলা হি ২। ৩ পাত্র, সৎপাত্র। "তীর্থং তত্ত্বব্যকব্যানাং প্রদানে মনু ৩.১৩০। °প্রতিপাদিত রঘু ৫.১৫। বৃদ্ধং তীর্থেষু নিক্ষিপেৎ হি ২.৮। ৪ পাবন। "ব্রাহ্মণাৎ পরমং তীর্থং ন ভূতং ন ভবিষ্যতি।—ব্যাস ৪.১২। ৫ ঋষিজুষ্টাম্বু, ঋষিসেবিতজল। "অকর্দমমিদং তীর্থম্ রা ১.২.৫। তীর্থাভিষেকজ রঘু ১.৮৫। ৬ নদীতরণস্থান, ঘট্ট, খেয়াঘাট। ৭ বিপ্র। ৮ পুণ্যকাল। "প্রজা° ভ ১.১২.১৪। ৯ উপাধ্যায়, গুরু। "পা ৪.৪.১০৭, কাশিকা। ১০ শাস্ত্র। ১১ যজ্ঞ। ১২ উপায়। "কি ২.৩। ১৩ আগম। ১৪ দর্শনশাস্ত্র। ১৫ নিদান (origin)। ১৬ অগ্নি। ১৭ যোনি। ১৮ নারী-রজঃ। ১৯ মন্ত্রী। ২০ মন্ত্রি-প্রভৃতি অষ্টাদশ রাষ্ট্রসম্পদ্। "পঞ্চ ৩.৬৬। [মন্ত্রী পুরোহিত যুবরাজ চমূপতি দ্বারপাল অন্তর্বেশিক কারাগারাধিকারী দ্রব্যসঞ্চয়কৃৎ বিনিয়োজক প্রদেষ্টা নগরাধ্যক্ষ কার্য্য-নির্ম্মাণকৃৎ ধর্ম্মাধ্যক্ষ সভাধ্যক্ষ দণ্ডপাল দুর্গপাল রাষ্ট্রান্তপালক অটবী-পালক (মহা ২.৫.৩৮, নীলকণ্ঠ)। পঞ্চ ৩৬৮। শত্রুপক্ষে অষ্টাদশ এবং স্বপক্ষে চমূপতি-প্রভৃতি পঞ্চদশ তীর্থ।] ২১ আযুক্তকর্ম্ম, মন্ত্রি-প্রভৃতির কার্য্য। "(কচ্চিৎ) বেৎসি তীর্থানি চারকৈঃ।—পঞ্চ ৩.৬৭। ২২ মন্ত্র, উপদেশ (A.)। ২৩ রতিস্থান, ক্রীড়াস্থান। "ভ ১.৫.১০। ২৪ দেবগণ ও পিতৃগণের প্রিয় করতলের ভিন্ন ভিন্ন অংশ। "দেব°, পিতৃ°, ব্রাহ্ম°। —র্থ পুং ব্রহ্মচারিপরিব্রাজকের উপাধিবিশেষ। দ্র 'গিরি'। "আনন্দ°। [°কর (পুং)—বিষ্ণু; জিন। °দেব (পুং)—শিব। °পাদ (পুং)—শ্রীকৃষ্ণ। "ভ ১.৬.৩৪। °ভূত (বিণ)—পবিত্র, পূত। °যাত্রা (স্ত্রী)—তীর্থগমন। "°যাত্রাপর্ব্ব। °রাজ (পুং)—প্রয়াগ। °রাজি, -জী (স্ত্রী)—'তীর্থসমূহতুল্যা', কাশী। °শিলা (স্ত্রী)—ঘট্টসোপান। "দ্রোণী-তীর্থশিলম্ শৃ ১। °শৌচ (ক্লী)—ঘট্ট-পরিষ্কার। °সেবী (-বিন্) বিণ—তীর্থবাসী। (পুং) বক। [তীর্থ করা—তীর্থে তীর্থকার্য্য করা। তু 'সর্ব্বতীর্থানি কৃত্বা।—ব্যাস ৪.১২।

তীর্থকাক, -ধ্বাঙ্ক্ষ, -বায়স পুং [স.ত] ১ তীর্থে কাকতুল্য; লোলুপ। ২ ঘাটে কাক যেমন অধিকক্ষণ থাকে না, সেইরূপ যে কর্ত্তব্যে স্থির নহে (সংক্ষিপ্তসার); অনবস্থিত। [তীর্থের কাকের ন্যায় বসিয়া থাকা—আশায় লোলুপ হইয়া থাকা। "পেশাদার জামিনেরা তীর্থের কাকের ন্যায় বসিয়া আছে আ.হু ৪৮।]

তীর্থঙ্কর পুং [তীর্থ+ √কৃ+অ (খচ্)-ক; উ.ত] 'শাস্ত্রকার', জিনদেব।

তীর্থোদক ক্লী [ব.ত] তীর্থসলিল। "তীর্থোদকঞ্চ বহ্নিশ্চ নান্যতঃ শুদ্ধিমর্হতঃ উ.চ ১.১৩।

তীর্থোপবাস বি তীর্থকার্য্যার্থ বিহিত উপবাস। "চৈ.ম ১৩৫।

তু¹ ব্য ১ ভেদ, বিশেষ। "ক্ষীরান্ মাংসন্তু পুষ্টিকৃৎ (অ.টী)। ২ পক্ষান্তর, কিন্তু। "বুদ্ধির্যস্য বলং তস্য নির্ব্বুদ্ধেস্তু কুতো বলম্ হি ২.১২০। ৩ সমুচ্চয়, এবং, ও। "মনু ১১.২০২। ৪ অবধারণ। ৫ পাদপূরণ, নিরর্থক। ৬ নিয়োগ। ৭ প্রশংসা। ৮ বিনিগ্রহ। ৯ বিষয় (as for)।

তু² সর্ব্ব [সং ত্বম্ >পা তুবং, প্রা তুং, তুহ >বা তুঁ, তু; হি, ঠ তু, তুঁ; প, সি তুঁ; গু তুঁ; মৈ তু; (C.G. § 430); Av. tûm; L. tu; F. tu; Ger. du; Lithuanian—tú; Gothic, A. S.—thu; E. thou] ১ তুমি, তুই। "তু বিনু সুখময়, শেজ তেজল (প.ক)। তু হবি রাবণরূপী শ্রী ১৯১; তু বেটাঃ তু রাঢ় ২৩০; তু চাকর কি ঠাকুর ২৫৬। তু...পাগল শ্রী.মা ১৮। ব.প ৯১। ২ [সং তব >প্রা তু; মৈ—তুঅ] তব, তোমার। "তু সম কঠিন হৃদয় নাহি হোয় বি.প ১১০।

তু³ বি [ধ্বন্যাত্মক; হি তু; মৈ তু, হাতু (কুকুরকে ডাকা), কুতু (কুকুরছানাকে ডাকা); কুত্তা >কুতু, তু] কুকুরকে ডাকার সঙ্কেত। "(ভাতার) তু ক'রে ডাকতেই ত আবার এয়েচে।—জা ৪১। [তু ক'রে ডাকা—কুকুরের মত অবজ্ঞাপূর্ব্বক ডাকা।]

তু⁴ ক্রি.ক্তি [সং তু (অনুজ্ঞা, প্রথমপুরুষ-১ব)] কর্ত্তৃবাচ্যে অনুজ্ঞায় প্রথমপুরুষের একবচনের ক্রিয়ার বিভক্তি। "জগদানন্দ চিতে, নিতি নিতি বিহরতু, ঐছন ললিত ত্রিভঙ্গ জ.প ১২। মনো মম হংস পাদপদ্মে বিহরতু বি.সু ১৭৫।

তুঅ, -আ সর্ব্ব [সং তব >প্রা তুব, তুহ (হে), তুঅ (পৈ) >বা °অ,-আ, -য়া; মৈ তু(তু)অ] তব, তোমার। "তুঅ ব্যবহারে বি.প ১২০; তুঅ সেবা ২২৫। তুঅ পথ হেরি ব.প ১০১৬; তুআ পাশ ১০৯৪। তুআ নাহি আগুসার কৃ.উ ১৬৪। তুআ মুখপঙ্কজবচনে শ্রী.ম ৭২; ১২৫; তুআ যদুনাথ ১৪২। [তুআ ভজো—তোমার ভজনা করি। "শ্রী.ম ৭২।]

তুই সর্ব্ব [তুহি >°ই] ১ তুমি (অসম্ভ্রমে)। "তুই বাঁচিলে আমার বাপের কীর্ত্তি-কল্পতরু কৃ ২৫১। জা...তুই গো.চ ১৫। তদবধি আমার চক্ষের তুই বালি শ্রী.মা ১৮। ২ বাৎসল্যসূচক (পুত্রাদিপক্ষে); প্রণয়-সূচক (মিত্রপক্ষে)। "ভাই! যাস্‌নে রে রামা মিতে! তুই ভ্রমিতে কাননে দা ১০৯৩। [তুই তোকার, -রি করা (তু 'সং ত্বংকার; হি তু তুকার করনা)—'তুই তুই' বলিয়া অসম্মান দেখান; অশিষ্ট কথায় বিবাদ করা।]

তুঁ সর্ব্ব [দ্র 'তু²'; অপ্র] তুমি, তুই। "কালু বলে চণ্ডালে ধার্ম্মিক বড় তুঁ ব.প ৪৪৩। কত বীর তুঁ শ্রী ১৬১; তুঁ পলায়ে প্রাণ রাখ্: যে না জানে বনেদ তোর তারে ক'স্ তুঁ ১৮০।

তুঁদ বি [সং তুন্ন] বৃক্ষবিশেষ। (Codrela toona); তুঁদকাঠ (Tooh wood; Indian Mahogany)।

তুঁদুল বি সর্থ 'তন্দুর'। [তুঁদুলে পাঁউরুটি—তুঁদুলে পাক-করা পাঁউরুটি। "কেউ...পদ্মলোচনকে তুঁদুলে পাঁউরুটি হতেও কোলাতে লাগলেন হু ১৪২।]

তুঁষ বি [সং তুষ] ধান্যত্বক্। [তুঁষমাটি—তুষমিশ্রিত মাটি।]

তুঁহ, -হি, -হুঁ সর্ব্ব [তুঁ+হ (আগম); তুহি >°হি-হ; অপ্র] তুমি। "আজি কত্রী তুঁহ বিপ্রসুতা ব.প ৬৯৩; নিশ্চয় জানিহ তুঁহি ৬৯৯; মরণ রে, তুঁহুঁ মম শ্যাম সমান।—গান ১৬০।

তুক বি [হি টোক—কুদৃষ্টির প্রভাব] ১ জাদুমন্ত্র, গুণ, বশীকরণার্থ মন্ত্র-তন্ত্র। ২ ভূতাবেশদূরীকরণার্থ প্রক্রিয়া। "ওঝা আনি ঝাড়ায় যতেক তুক করে।—ভ.গ্র ৩৮৮। [তুক করা—মন্ত্রতন্ত্রে বশ করা। তুক-তাক (হি 'টোক-টাক'—প্রতিবন্ধক)—গুণ-জ্ঞান, মন্ত্রতন্ত্রে অনিষ্টনাশক প্রক্রিয়া। "আ.দু ১০৮।]

তুক্ক, -ক্কো বি [হি 'তুক'—টুক, টুকরা] গানের বা পদ্যের কোন অংশ; গানের কলি। "মনোহরসাহী একটা তুক্ক তাঁহার স্মরণ হইল। …বেচারামবাবু তুক্কর সুর…ভাঁজিতে লাগিলেন আ.দু ৬৯। [লাগে তাক, না লাগে তুক্কো—উদ্দেশ্যসিদ্ধিতে লক্ষ্য সার্থক, অসিদ্ধিতে তুক্কের মত ব্যর্থ আয়োজন। "হু ১৮৫।]

তুখর, -খোড়, -ড় বিং [তীক্ষ্ণ (?)] ১ চতুর, চালাক, অভিজ্ঞ। "তুখোড় আইনবাজ হু ১৩১। ২ চূড়ান্ত। "তুখোর ইয়ারের দল হু ৬; তুখোড় ফলারে ১১৫। ৩ ব্যবসায়ে পরিপক্ব। "ছণ্ডি লিখে দিলেন শ্যামল-সাহা নামে। কহে সে (নরসী) তুখর বড় শ্রীদ্বারকাধামে॥—ভ.গ্র ৩৪৪।

তুঙ্গ বিণ [তুন্জ্ হিংসা+অ (ঘঞ্)-র্ম] ১ উন্নত, উচ্চ। "°নাসিকা, °বেশ্ম, °ললাট। তুঙ্গং নগোৎসঙ্গম্ রঘু ৬.৩। °তরঙ্গ গী.গো ১১.২৪। °স্তন (গঙ্গাষ্টক)। °বক্ষস্ ভ ১.১৯.২৭। তুঙ্গ তরঙ্গ শি ৯৫। (গঙ্গা) সুতুঙ্গভঙ্গা বি.সু ২। তুঙ্গশৃঙ্গধরাকারে তরঙ্গ-আবলী মে ৭২। ২ উগ্র, প্রচণ্ড। ৩ প্রধান। —ঙ্গ পুং ১ পুন্নাগবৃক্ষ। ২ নারিকেলবৃক্ষ। ৩ পর্ব্বত। "খোদিব একথা আমি তুঙ্গশৃঙ্গদেহে মা ১০২। ৪ শৃঙ্গ, চূড়া। "ভৃগোস্তুঙ্গম্ (অদ্রিম্) গো.রা ৪.৪৪.২০। ৫ উচ্ছ্রায়, উচ্চস্থান। "সুরবধূকুচতুঙ্গে দু ১৬। ৬ বুধগ্রহ। ৭ গ্রহবিশেষের রাশিভেদ (ত.বা)। ৮ গণ্ডক, গণ্ডার। ৯ সিংহাসন। ১০ শিব। —ঙ্গ ক্লী কিঞ্জল্ক, কেশর। —ঙ্গী স্ত্রী ১ হরিদ্রা। ২ বর্ব্বরী। ৩ রাত্রি। [তু 'তুংগী' —রাত্রি (দেশী ৫.১৪)।] [°ভ (ক্লী)—গ্রহের উচ্চরাশি। °মুখ (পুং)—'উচ্চমুখ', গণ্ডার। °শেখর (পুং)—পর্ব্বত।]

তুঙ্গিমা (-মন্) বি [তুঙ্গ+ইমন্ (ইমনিচ্)-১ব] তুঙ্গভাব, উচ্চতা। "পয়োধরতুঙ্গিমা ভা.চ ১৭৫।

তুঙ্গী (-ঙ্গিন্) বিণ [তুঙ্গ+ইন্ (ইনি)-১ব] তুঙ্গস্থানবান্, উচ্চ-স্থিত (গ্রহ)। "রবি রাহু গুরু তুঙ্গী শ্রী ৪৩।

তুচ্ছ বিণ [✓তুদ্+ছ (অ.টী); তু 'তুচ্ছ্য'—(ঋগ্বেদ ১০.১২৯.৩); 'তুচ্ছ'—অবশুষ্ক (দেশী ৫.১৪)] ১ শূন্য, রিক্ত। ২ অল্প, নিরর্থক। ৩ হীন, হেয়, অকিঞ্চিৎকর। "কিমেতৈরাত্মনস্তুচ্ছৈঃ সহ দেহেন ভ ৭.৭.৪৫। ৪ মন্দ। ৫ অলীক। —চ্ছ ক্লী তুষ, ভুসি। [তুচ্ছ-তাচ্ছল্য—অবজ্ঞা। "আ.দু ৮৩।]

তুজুক (?) "তুজুক এত কত বীর তু : এতেক তুজুক শ্রী ১৬১।

তুঝ সর্ব্ব [সং তব >প্রা তুজ্ঝ (হে) >বা °ঝ; হি তুঝ] তোমার। "মেঘবরুণ তুঝ।—গান ১৬০; তুঝ অভিসারে ১৬২। —ঝে [হি °ঝে] তোমাকে। "কেত্তা নাম বাতাওঙ্গা °ঝে রা.স ৩৩।

তুঞি সর্ব্ব [তুঁহি >(তুঁই) °ঞি; অপ্র] ১ তুমি। "যাজ্ঞসেনি তুঞি মোর বোল ধর ম ৩৬৭। ম.বি ১৭৪। মোর নাথ তুঞি চৈ.ভা ২৩৩; সেই শক্তি তুঞি ২৫৬। ২ তুই। "তুঞি নিশ্চিন্ত রাবণ কৃ.উ ৮৬। ব.প ৫৩৫; তুঞি কেমনে জানিবি ৭৮৯; ৯১৪। ম ৩৫৪। ক.চ ১০৯। তুঞি করিস গুমান চ.বি ২০৮। চৈ.ভা ২৫৬। মূর্খ তুঞি চৈ.চ ২৭৪। ভ.গ্র ৩০২। ৩ তুই (বাৎসল্যে, প্রণয়ে)। "আবা-থাবা করি বাবা তুঞি সেয়া দে।—শি ২৪। —ঞি তুই (অসম্রমে, ভর্ৎসনে)। "একে তুঞি ডিম্ব অ.প ১৮। তুঞি পুত্রে লজ্জা আজি লভিলাম রণে ৩৭। [তুঞি—তোমাকে। "কৃ.উ ২৭৫।]

তুটি বি [সং ত্রুটি >প্রা তুডি >°টি (অর্দ্ধতদ্ভব); অপ্র] অভাব। "তেজের কি তুটি তার চরণ আশীষে শ্রী.ম ১৩।

তুড্ সক [তুদা, প—তুডতি; সেট্] ১ ভেদ, দারণ, হিংসা। ২ [ভ্বা, প—তোডতি; সেট্] দ্বিধাকরণ, ভেদ।

তু(তো)ড় সর্ম্ম [সং ✓তুড়, ✓ত্রোট >প্রা ✓তুড, ✓তোড (হে ৪.১১৬) >বা °ড়; হি, মৈ, প ✓তোড়; ঠ, গু, সি ✓তোড; তোড়িআ (চ)] ১ ভেদ করা; বিদীর্ণ করা। "শত শত জয়ঢাক বাজে জয়ঢোল। পৃথিবী তুড়িয়া যেন হৈল গণ্ডগোল॥—ম ৮৪৫, টীকা। ২ ভগ্ন করা; ভাঙা। "চড়ায়ে…দন্ত দিল তুড়ে শি ৬৫। তোড়ল তাড় গো ২৫৫। পাতিল তোপের শ্রেণী তুড়িতে তোরণ।—রঙ্গ ৮৭। ৩ ছিন্ন করা; ছেঁড়া। "তোড়ত…হার বি.প ১৮৬। তোড়ি তড়িত-রুচি হার।—গো ২৫৫। ৪ তোলা। "কুসুম তোড়ি কোই গাঁথই হার গো ৩; কুসুম কাঁহি তোড়ল : কুসুম তোড়ি ১১; ১৩; তোড়ই কুন্দ ৩৬। ৫ উন্মুক্ত করা; খোলা। "নীবি-বন্ধ তোড়ল।—বি.প ৭০; ১২৬। ৬ উৎপাটিত করা। "চারালের (?) চোটে কার চক্ষু দিল তুড়ে শ্রী.মা ১২৮। —ড় অর্ম্ম ছিন্ন হওয়া। "(সে কুসুম) নাহি যুগ্ম হয়, বারেক যদ্যপি তুড়ে।—হেম ৭২। (তুড়ে বলা—মর্ম্মে আঘাত দিয়া (চুটিয়া) বলা। তুড়ে ভর্ৎসনা করা—মর্ম্মচ্ছেদপূর্ব্বক তিরস্কার করা। "চকোর চকোরী…তাঁরে (চাঁদকে) তুড়ে ভর্ৎসনা কচ্ছে হু ২১২। তোড়ঙ্গা—তুড়িব, দূর করিব। "বি.সু ১০১। তোড়ল—খুলিল। "তোড়ল গাঁঠিক বন্ধ।—ব ১১৫। তোড়া—সর্থ 'তুড়'। জেদ তোড়া —জেদ বজায় করা। হাড় তোড়া—হাড় ভাঙা।]

তুড়ি[১] বি [সং ছোটিকা; ধ্বন্যাত্মক] বৃদ্ধাঙ্গুলির মূলে তর্জ্জনীর আঘাত-জন্য শব্দ। "হাতে তুড়ি দিল কৃ ৪১১। ভ.গ্র ১৮২। বি.সু ১২৯। হাই তুলেম দিলি নে তুড়ি?—কা ১০৯। বাজিয়ে তুড়ি করব সরগরম। —গান ২। [তুড়ি বাজান—তুড়ি দেওয়া। তুড়ি মারা—তুড়ি দিয়া অপসারিত করা; দূর করা; অগ্রাহ্য করা। "বিধি নিষেধে তুড়ি মেরে মুক্তির মাঝখানে বেরিয়ে আসুন ঘ ৮৪। { তান্ত্রিকপূজায় তুড়ি দিয়া ভূতাপসারণপূর্ব্বক দশদিগ্বন্ধনের যে বিধি আছে, ইহা তাহারই গৌণ-প্রয়োগ। } তুড়িতে উড়ান—বিনা আয়াসে ব্যর্থ করা। "আমার মোক্তার বল্লে, (নালিশ) তুড়িতে উড়িয়ে দেবে লী ১৬।]

তুড়ি[২]**, -ড়ী** বি সর্থ 'টোড়ী'। "তুড়ি চ.দা ১৩। তুড়ী চৈ.ম ৬৫।

তুড়িলাফ বি [সং ত্বরিত >প্রা তুরিঅ >বা তুড়ি (?)] ফুর্ত্তির সহিত বেগে উল্লম্ফন। "চোগা ঝুলিয়ে তুড়িলাফ মেরেও দেখা গেছে। —অমৃতলাল বসু। [খুলিলাফ—সর্থ 'তুড়িলাফ'। "খুলিলাফে পেরাতাম খাজুরের খানা শ্রী.মা ১৯০।]

তুড়ুক বি [ফা 'তুরকী'—তুরস্কদেশীয়; 'তুলক' (তুরস্ক—পৈ); হি 'তুরক'—তুরস্কবাসী] তুর্কীসৈন্য। "জল দিতে নাহি দিল তুড়ুক তোমার ভ.গ্র ৪২২। চৈ.চ ২৮৯। [°ধারী—অস্ত্রধারী তুর্কীসৈন্য। "তুড়ুকধারী সাজিল চৈ.চ ১৮৮। °সোয়ার—সর্থ 'তুরুকসোয়ার'।]

তুণ্ড্ (-ণ্ডি) সক [ভ্বা, আ—তুণ্ডতে; সেট্] নিষ্পীড়ন, বধ (ক.ক)।

তুণ্ড ক্লী [✓তুণ্ড্+অ (অচ্)-ক (অ.টী); তু 'তুংড'—আস্য (দেশী ৫.১৪)] ১ মুখ। "ভ ৩.১৩.৩৬। তুণ্ডের উপর ম ১২৩৩। বাক্য …শঙ্করের তুণ্ডে ক.চ ৪১। ২ চঞ্চু। "রা ৩.৫১.৩৫,-৮। তীক্ষ্ণতুণ্ডা শকুনী (সুশ্রুত)। ৩ হস্তিশুণ্ড। "ভ ৩.১৩.৩২। ৪ শূকরমুখ, খোণা। —ণ্ডি পুং [+ই (ইন্)-ক] ১ মুখ। "শ্রী.মা ১৬৭। ২ চঞ্চু। —ণ্ডি স্ত্রী নাভি। তু 'তুণ্ডি'। —ণ্ডিকা স্ত্রী ১ নাভি। ২ বিম্বিকা, তেলাকুচাগাছ।

তুত বি [সং তূদ; আ তুত্; হি তুত; ঠ তুতী; মৈ তুঁতি] ক্ষুদ্র তরুবিশেষ (Mulberry, Morus Indica)। [°পোকা—যে পোকা তুতের পাতা খাইয়া গুটি করে।]

তুতিয়া, -ত্তে বি [সং তুত্থ; হি তুতিয়া; ঠ °য়া; ড় °আ] তাম্র-গন্ধকায়-জাত উপধাতুবিশেষ (Copper sulphate)।

তুত্থ পুং [√তুদ্+থ (থক্)-ক, উ ২.৭ । ১ অগ্নি । ২ প্রস্তর । —থ ক্লী নীলাঞ্জন, তুতে । [তুত্থাঞ্জন (ক্লী)—তুত্থ ।]

তুদ্ সক [তুদা, এ—তুদতি, -তে ; অনিট্] পীড়ন, ব্যথন, তাড়ন । [আ, প্র—সম্যক্ পীড়ন । নি—নিষ্পীড়ন ।]

তুন১ বি ['তূণ' মূল (?)] বৈদ্যের ধাতুমারণার্থ যন্ত্রবিশেষ । "ধাতু-মারণ করে যন্ত্র করি তুন ব.প ৩১৭ ।

তুন২ কা.ক্তি [দ্র 'থুন'] হইতে (পঞ্চমীবিভক্তি) । "কথাতুন আসিছ গো.বি ৫৮, টীকা ; ঝুলিতুন নিকালি দিল ; ৭১ ; ৭২ । [ঝুলিতু, -তুন —ঝুলি হইতে । "গো.বি ৭২ ।]

তুন্দ ক্লী [√তুণ্ পূরণ+দ-র্ম, নিপাতিত (অ.টী) ; তু 'তুংদ'—উদর (দেশী ৫.১৪)] উদর ; স্থূলোদর, ভুঁড়ি (A.) । —ন্দি স্ত্রী, ক্লী উদর । [°কূপিকা, °কূপী (স্ত্রী)—নাভি ।]

তুন্দি দ্র 'তুন্দ' ।

তুন্দিভ, -ন্দিল বিণ [তুন্দি+ভ অস্ত্যর্থে ; তুন্দ+ইল (ইলচ্) অস্ত্যর্থে] তুন্দিযুক্ত, বিশালোদর, ভুঁড়ে । "তম্…মন্মহে কিমপি তুন্দিলং মহঃ ।—মল্লিনাথ । —ল বিং (বাঙ্‌লায়) স্থূল, বিশাল । "তুন্দিল উদর ব.প ১৪৮৯ । তুন্দিল জঠরে দ্ব ২ ; ১১ ।

তুন্ন বিণ [√তুদ্+ত (ক্ত)-র্ম ; ছান্দস] ১ পীড়িত, ব্যথিত । ২ তাড়িত, প্রহৃত । "তুন্নঃ…প্রতোদেন হয়োত্তমঃ রা ২.১৪.২৩ । ৩ ছিন্ন । —ন্ন পুং নন্দীবৃক্ষ, তুতগাছ । [°বায় (পুং)—ছিন্নবয়নকারী ; সৌচিক, দরজী । "রা ২.৮৩.১৫ । মনু ৪.২১৪ । যাজ্ঞ ১.১৬৩ । রঙ্গ ২২৯ । °সীবনী (স্ত্রী)—ছিন্নসীবনার্থ সূচীবিশেষ (সুশ্রুত) ।]

তুপড়ি, তুবড়ি২ বি ['তুম্ব'—মূল ; হি তুমড়ী] লাউএর খোলের উপরে ও নীচে নল-লাগান সাপুড়িয়ার বাঁশীবিশেষ । "মোসাহেবের নাকে তুপড়িওয়ালার বাঁশী হয় ন.ত ৬৫ ।

তুফান বি [আ তূ.ফা.ন্ ; হি তূ° ; ঠ °ন ; P. tufão ; E. typhoon ; গ্রীক তুফন ; চীনা তাই ফু.ঙ] ১ ঝড় ও বৃষ্টি ; ঝড় । "দরিয়ায় বড় ঢেউ-তুফান উঠিল ।—ভ.গ্র ৪১৩ । তুফানকে ডরায় নেয়ে ।—দা ১৬৯ । কথায় তুফান ।—হেম ৩৯০ । আমোদ-তুফান,…এবে স্থিরতর ন ৫৩৬ । তুফানে পতিত কিন্তু ছাড়িব না হাল ।—ন.ত ৩৮ । ২ সঙ্কট, বিপদ্, প্রলয় । "তরণী কি ফিরে আর ! বাধা দিলে বাধিবে তুফান স্ব.প্র ৭৩ । ৩ বন্যা, বান । "ওঠা নামা প্রেমের তুফানে গি.দ্বি ১০৩ । ৪ মহাতরঙ্গ । "মায়া-ঝড় মোহ-তুফান ক্রমে বাড়ে গো শঙ্করী । ঝড় থামিয়াছে—দরিয়ায় তুফান কেন ?—ব.প্র ৬৪৩ । ৫ গোলযোগ, হল্লা, হৈ-চৈ । "নিন্দুক লোকেতে এই তুফান করিল ভ.গ্র ২০৯ ; ক্রোধে তবে ভ্রষ্টা এক তুফান করিল ৩২৬ ।

তুবড়া, তোবড়া২ অর্ম [হি তোবড়া > °ড়া] ১ তোবড়ার (থলিয়ার) মত সঙ্কুচিত হওয়া ; টোল খাওয়া ; চোপসান । "বুড়ার গাল তোবড়ায় । ২ ধার বাঁকিয়া যাওয়া ; ভোঁতা হওয়া । [তোবড়ান—সর্থ 'তুবড়া' ।]

তুবড়ি১ বি [হি তুমড়ী ; ড় চম্পা] তুম্বীর (লাউএর) খোলার মত মাটির ভাঁড়ে লৌহচূর্ণ ও বারুদ পুরিয়া প্রস্তুত-করা আতসবাজি-বিশেষ । "আ.দ্রু ৭৪ ।

তুবড়ি২ দ্র 'তুপড়ি' ।

তুবর বিণ কষায়রসযুক্ত । —র পুং, ক্লী কষায়রস । —রিকা, -রী স্ত্রী ১ সুগন্ধিমৃত্তিকাভেদ । ২ ফটকিরি । ৩ আঢ়কী, অরহর ।

তুবরিকা, -রী দ্র 'তুবর' ।

তুমি সর্ব্ব [সং ত্বম্ > প্রা তুমং, তুম্হে (যূয়ম্) > বা (তুম্হি) তুম্হি, -ম্হি, -মি ; তু 'তুম, -মর (চৈ.ম—জয়ানন্দ) ; Av. tūm ; L. tū ; F. tu ; Ger. du ; E. thou ; দ্র 'তু'২] ১ কর্ত্তৃকারকের মধ্যম-পুরুষের একবচনের সর্ব্বনাম । "নেতের কাপাই দিব তুমি পিন্ধিবার ম.গা ১৭ । ২ পুত্র-মিত্রাদির পরিবর্ত্তে সর্ব্বনাম (স্নেহে, প্রণয়ে) । "তুমি পুত্র রাজা হও সেই পুণ্যফলে কৃ ৯৬ । ৩ আপনি (পত্তে) । "মম পাপভাগী তুমি (পিতা) হও এক জন কৃ ৩ ; তুমি যদি সেবা মাতা করিতে পিতারে ৯৬ । ৪ স্বামীর বা স্ত্রীর পরিবর্ত্তে । "তুমি যাও যথা প্রভু আমি যাই তথা কৃ ৯৮ ; তুমি আমি দোঁহে ৯৯ । ৫ ঈশ্বরের পরিবর্ত্তে । "তুমি হর তুমি হরি তুমি সর্ব্ববীজ ম ৮১৮ । তুমি আর আমি, মাঝে কেহ নাই ।—রবীন্দ্র । [তুমাকে—তোমাকে । "শূ ১৩ । তুমার (তু 'প্রা—তুম্হাণ—যুষ্মাকম্ ; তুহ্মার)—তোমার । "শূ ৪ । তুমার পুত্র E.P. 87. তুমি—তোমাকে । "প্রসবিল্ তুমি বিষ্ণু বিধি তিনজনে ভা.চ ৩৬ । তুমি দুই, দুই জন—তোমরা দুই জন । "তুমি দুই জন শ্রী.ম ১২৫ । তুমি দুই…আমার কিঙ্কর চৈ.চ ৯৮ ; ১৮১ । তুমি পঞ্চ জন—তোমরা পাঁচ জন । "ম ৫৩৬ । তুমি পরে—তোমার পরে । "তুমি পরে নাহি গতি ম.ম ৩৬ । তুমি সব—তোমরা । "তুমি সব দ্বন্দ্বে আইলে কিসের কারণ ম ১৯৬ । চৈ.ভা ৩৫ । প্রজা তুমি সব জ ২২ । চৈ.চ ৮৮ । তুমি সব লোক—তোমরা সকলে । "চৈ.চ ৯৬ । তুমি হেন—তোমার মত । "তুমি হেন কল্পতরু ঠাকুর চৈ.ভা ১৪৭ । তোমরা সভার—তোমা সভার ; তোমাদের । "তোমরা সভার মুখে শুনিয়া চৈ.ভা ১২৮ । তোমি—তুমি (গো.চ) ।]

তুমুল বিণ [√তম্+উল (উলচ্)-ধি, পৃষো ; 'তামাস্ত্যত্র' (অ.টী)] ১ অত্যুচ্চৈঃ, মহান্ ; তীব্র । "স শব্দস্তুমুলোঽভবৎ গী ১.১৩,-৯ । নিঃস্বন-স্তুমুলঃ মহা ১.১.১২১ । শব্দ তুমুল ম ৯০৫ । দুন্দুভি তুমুল বাজে গ ৬১ । শ্রী.ম ২২৩ । তুমুল উতরোল গো ৭৯ । ২ সঙ্কুল, পরস্পরসংঘাত । "যুদ্ধং তুমুলম্ রঘু ৩.৫৭ । ৩ সঙ্কুল, সমাকুল, ব্যাকুল । "সেনানিবেশং তুমুলং চকার রঘু ৫.৪৯ । —ল পুং ব্যাকুল রব (অ.টী) । —ল ক্লী রণসংঘট্ট, পরস্পর সংরাব (অ.টী) ; পরস্পরসংঘাত হেতু তুমুল যুদ্ধ ; ব্যাকুল-যুদ্ধ ।

তুম্ব১**, -ম্বক,** পুং, **-ম্বা**১**, -ম্বি, -ম্বিকা, -ম্বী**১ স্ত্রী [√তুম্ব্ পীড়ন +অ (অচ্),+ই (ইন্)-ক ; স্বার্থে ক (কন্)+স্ত্রী আ (টাপ্) ; তু 'তুংবী'—অলাবু (দেশী ৫.১৪)] অলাবু, লাউ । —ম্বা২ স্ত্রী ১ গবী । ২ আমলকী ।

তুম্ব২ বি ১ (অপ্র) অলাবুকোষের বাদ্য ; বীণা । "(নারদ) তুম্ব বাজাইয়া ধরিলা গান ।—হেম ২৪১ । ২ অলাবুকোষের একতারা বাদ্য । "দা ৭৯ । —ম্বী২ সর্থ 'তুম্ব২ (২) । "তুম্বী ধ'রে তম্বি করে দা ২০৯৮ ।

তুম্বকী বি [তুম্বক > °কী] সর্থ 'তুম্ব২ (১) । "বাজে মৃদঙ্গ তুম্বকী মে ৩১২ । মা ৯৭ ।

তুম্বর, -রু, -ম্বুরু পুং স্বর্গগায়ক গন্ধর্ব্ববিশেষ (মহা ১.৬৫.৫১) । —র ক্লী তুম্বকোষের বাদ্য ; তানপূরা ।

তুম্বা১**, -ম্বা**২ দ্র 'তুম্ব১ ।

তুম্বি, তুম্বিকা দ্র 'তুম্ব১ ।

তুম্বী১ **; তুম্বী**২ দ্র 'তুম্ব১ ; তুম্ব২ ।

তুম্ভে সর্ব্ব [তুম্হে > °ম্ভে, দ্র 'তুমি'] তুমি, আপনি । "তুম্ভে গর্ভধারী মাতা ব.প ৯০ । [তুম্ভ (প্রা 'তুম্হ'—তব)—তোমার । "তুম্ভ পাদরজ ব.প ৯০ ।]

তুম্হি সর্ব্ব [দ্র 'তুমি'] সর্থ 'তুম্ভে' । "ভাবিয়া দেখহ গুরু তুম্হি কোন জন মী ২১ ।

তুয়, -য়া সর্ব্ব [তুঅ, -আ > °য়, -য়া, দ্র 'তুঅ' ; বৈষ্ণবসাহিত্যে] তোমার, আপনার । "তুয় অনুরাগে বি.সা ১০৪ । তুয়া গুণে দেয়ব বি.প ৩০ ; গো ১৬১ । তুয়া গুণগাথা ম ৭১১ । ক.চ ২ ; ২২৪,-৫ । আমি তুয়া অনুগতা ব.প ৮২৪ ; সো…মিলব তুয় পাশ ১০২১ । তুয়া পদ গ ১৭৫ । তুয়া নাম শ্রী.মা ১৪২,-৯০ । তুয়া ধর্ম্মে শি ৯২ । বা.দ ১০৭ । [তুয়াময়—তুমিময়, ত্বৎস্বরূপ । "তুয়া অনুরাগে হাম তুয়াময় দেখি জ্ঞা ২৫৬ ।]

তুরক, -কী১**, -কীয়** বি [ফা তুর্কী] তুরুষ্কনিবাসী । "অশ্বারোহী তুরকের ডরে ন ৪২৯ । তুরকদিগের কথা বলিতেছেন ? তুরকীয়েরা কি আসিয়াছে ?—ব.প্র ১২৭ ; তুরক আমার পরম শত্রু ১৩৫ । —কি,

-কী² বি ১ তুরস্কদেশীয় অশ্ববিশেষ। "(বাজী) ইরাণি তুরকি বি.সু ১৫; তুরকীর পৃষ্ঠে ১৩৭। °কী ভা.চ ২৭২। ২ তুরস্কের ভাষা। "ভা.চ ২৭০। [তুর্কী-নাচন, তুর্কী-নাচ—ইতস্ততঃ ইচ্ছা-অনিচ্ছায় গমন।]

তুরকি দ্র 'তুরক'।

তুরকী¹, **-কী**² দ্র 'তুরক'।

তুরগ পুং [তুর ('ত্বরা'—মুগ্ধবোধ) + √গম্ + অ (ড)-ক; 'তুর' —বেগবান্ (ঋগ্বেদ ৫.৪৩.৯); উ.ত] ১ 'বেগগামী', ঘোটক। "রঘু ১.৪২। ২ চিত্ত। —গী¹ স্ত্রী ১ তুরগজাতি-স্ত্রী, ঘোটকী। ২ অশ্বগন্ধা। [°গন্ধা (স্ত্রী)—অশ্বগন্ধা। °ব্রহ্মচর্য্য (ক্লী)—অশ্বের মত ব্রহ্মচর্য্য; স্ত্রীর অভাবে স্ত্রীত্যাগরূপ ব্রত। °মেধ (পুং)—অশ্বমেধ। °রক্ষ (পুং) —অশ্বরক্ষক, সইস। "বৃহৎসংহিতা ১৫.২৬।]

তুরগানন পুং [উ.বহুব্রী] অশ্বমুখবৎ যাহার মুখ; কিন্নরভেদ।

তুরগারোহ পুং [°গ+আ-√রুহ্+অ (অণ্)-ক; উ.ত] অশ্বারোহী, সাদী।

তুরগি বি [তুরকি > °গি; অপ্র] সর্থ 'তুরকি'। "°গি শ্রী.মা ১১৩। —গী বি [ফা তুর্কী] তুরস্কনিবাসী। "তুরগী তুরঙ্গে কেহ এরাগী বারণে শ্রী ১৫; ১৬৪।

তুরগী¹ দ্র 'তুরগ'।

তুরগী² **(-গিন্)** পুং [°গ+ইন্ (ইনি)] 'তুরগবাহনবান্', অশ্বারোহ।

তুরঙ্গ পুং [তুর+ √গম্+অ (খচ্)-ক. ম্ (মুম্) আগম, ডিৎ, উ.ত] ১ সর্থ 'তুরগ (১)। "মনু ১২.৪৩। হোম° রঘু ৩.৩৮। শ্রী ১৫; ১৬৪। ২ সর্থ 'তুরগ (২)। ৩ (সূর্য্যাশ্বের সংখ্যানুসারে) সাত (৭) সংখ্যা। "শ্রুতবোধ ১৭। —ঙ্গী¹ স্ত্রী ১ সর্থ 'তুরগী¹ (১)। ২ 'সর্থ তুরগী¹ (২)। [°প্রিয় (পুং)—যব। °বক্ত্র, °বদন (পুং)—কিন্নর। °মেধ (পুং)— অশ্বমেধ। °যায়ী (-য়িন্), °সাদী (-দিন্) পুং—'তুরঙ্গগামী', অশ্বারোহ। "°সাদী রঘু ৭.৩৭। °শালা (স্ত্রী)—অশ্বশালা।]

তুরঙ্গম পুং [তুর+ √গম্+অ (খচ্)-ক, ম্ (মুম্) আগম; উ.ত] অশ্ব। "রা ২.৪৫.১৪। °স্কন্ধ রঘু ৭.৪৭। —মী স্ত্রী ঘোটকী। "মহা ৪.৯.১১।

তুরঙ্গিণী বি [°ঙ্গ+ইনী, সং °ঙ্গী; পদ্যে] ঘোটকী। "ব.প ৮৬৯,-৭০,-৭১।

তুরঙ্গী¹ দ্র 'তুরঙ্গ'।

তুরঙ্গী² **(-ঙ্গিন্)** পুং [°ঙ্গ+ইন্ (ইনি)] 'তুরঙ্গবাহনযুক্ত', অশ্বারোহ। "মাঘ ১২.৬।

তুরতুর ক্রি.বিং [সং তুরম্, তুরম্—ত্বরা; হি তুর; অপ্র] অতিত্বরায়, শীঘ্র শীঘ্র। "ব.প ৪৬৩।

তুরন্ত ক্রি.বিং [সং ত্বরমাণ > প্রা °ন্ত (হে), হি তুরন্ত; অপ্র] সত্বর, শীঘ্র। "তুরন্ত কার্য্যসিদ্ধি ব.প ১৩২১। মল্লবিদ্যা শিখাবে তুরন্ত শ্রী ৬৬। দাতার চেয়ে বখিল ভাল তুরন্ত জবাব দেয়।

তুরমান ক্রি.বিং [সং ত্বরমাণ > তুরমাণ (প্রা.ম); অপ্র] সত্বর, শীঘ্র। "কুণ্ড খুদ তুরমান ম.গা ১৯; ২৪। গো.চ ৩৬০।

তুরাণি, তুরান বি ১ তুরকিস্থানের অধিবাসী যোদ্ধা। "তুরাণি মোগল-ঘটা বি.সু ১৬। ২ বক্ষু (Oxus) নদীর উত্তরতীরস্থ প্রদেশ ও তাহার ভাষা।

তুরাসাট্ (-সাহ্) পুং [তুর+ √সহ্+ক্বিপ্ (০)-ক-১ব, দীর্ঘ; উ.ত; ছান্দস] 'যিনি বেগ সহেন' (অ.টী); ইন্দ্র। "কু.স ২.১। —সাহ বি [সং তুরাসাহ্; অপ্র] ইন্দ্র। "মা ১৩৭।

তুরি¹, **-রী**¹ স্ত্রী [√তুর্ ত্বরা+ই (ইন্); স্ত্রী ঈ (ঙীপ্)—ত.বা; তু 'থুরী'—তন্তুবায়োপকরণ (দেশী ৫.২৮)] তন্তুবায়ের বস্ত্রবয়নসাধন যন্ত্র; মাকু (shuttle)। "(বয়তি স্ম তদ্গুণৈঃ) যশঃপটং তদ্ভট-চাতুরীতুরী নৈ ১.১২।

তুরি², **তুরী** বি [সং তূর্য্য > লি তুরিয়, প্রা তুরিঅ, তুর > বা তুরি; হি, সি, গু, ড় তুরী; প তুরম্] শিঙ্গার মত বাদ্যবিশেষ (bugle)। "— রী² বি পক্ষিবিশেষ। "ভা.চ ১২৭।

তুরিত বিং [সং ত্বরিত > প্রা তুরিঅ > বা °ত (অর্দ্ধতদ্ভব); হি তুরত; ঠ তুরত; মৈ তোরিত; অপ্র] শীঘ্র, সত্বর। "তুরিত গমনে মী ৪; ক.চ ১৯১। —ত, -তে ক্রি.বিং শীঘ্র, তৎক্ষণে। "°ত গো.চ ৪২১; °তে ৪৭১। দূত পাঠাইল তুরিত কৃ.উ ২৫; ৫৩,-৭। ধরিল তুরিত ম.পা ১২৪। (প্রজাপতি) নড়িলা তুরিতে ব.প ৫২০। তুরিতে হাম আয়নু বি.প ১৫৫। পাঠাল্য তুরিত।—ম ৪১। ক.চ ৫৪। চলিল তুরিতে চৈ.চ ২৮৫। তুরিতে লুকায়লী রা.শে ১৩। [তুরতহি, -হিঁ —শীঘ্রই। "তুরিতহি মিলব কান।—বি.প ১৬৫। তুরিতহিঁ সখীগণ. জাগল ব ১২১।]

তুরিয়তিক বি [সং তৌর্য্যত্রিক; তুরিজতিক (প.ক); বৈষ্ণবসাহিত্যে] নৃত্য গীত ও বাদ্য। "বি.প ১৪৭।

তুরী¹; **তুরী**² দ্র 'তুরি¹; তুরি²।

তুরীয় বিণ [চতুর্+ঈয় (ছ) পূরণার্থে, আদ্যলোপ, পা ৫.২.৫১, সি; ছান্দস] চতুঃপূরণ, চতুর্থ। "ভ ৫.১০.৩; °মান ১৬.২৯। ঘ ১৩৬। —য় ক্লী ১ অনুপহিত চৈতন্য; পরব্রহ্ম। 'যদনুপহিতং চৈতন্যং তৎ তুরীয়ম্ (বেদান্তসার)। "তুরীয় কৃষ্ণের নাহি মায়ার সম্বন্ধ চৈ.চ ৬। ২ জীবের কেবল চৈতন্যাবস্থা। [বিরাট্ হিরণ্যগর্ভ ও ঈশ্বর অপেক্ষা কেবল চৈতন্য যেমন চতুর্থ, সেইরূপ জীবেরও বিশ্ব তৈজস ও প্রাজ্ঞ অবস্থা অপেক্ষা কেবল চৈতন্য অবস্থা তুরীয় (হিন্দুশাস্ত্র)]। ৩ চতুর্থাংশ (ধন)। "মনু ৯.১১২। —য় পুং চতুর্থভাগ। "তুরীয়ো ব্রহ্মহত্যায়াঃ ক্ষত্রিয়স্য বধে স্মৃতঃ মনু ১১.১২৭। [°বর্ণ (পুং)—চতুর্থবর্ণ; শূদ্র।]

তুরুক বি [দ্র 'তুড়ুক'] তুরস্কনিবাসী; যবন। "হিন্দু নহে এই বেটা কেবল তুরুক বা.ম ১৮১। তুরুকপাড়া বি.পা ৭৬। ম.ম ৫৬। —কি বি তুরস্কদেশীয় ঘোড়া। "তুরুকি ঘোড়া গো.চ ২৬৫। —কী বি অশ্বারোহী তুরকীসৈন্য। "শতেক তুরুকী আছে চৈ.চ ১৯৩। [তুরুকসওয়ার, -সোয়ার (ঠ তুরুকস্বার)—'তুরগে সোয়ার', অশ্বারোহী ইংরাজসৈন্য। "সাজা তুরুকসোয়ার হ ৭৭; সাজা সায়েব তুরুকসওয়ার ১৫৩,-৯৯।]

তুরুকি, -কী দ্র 'তুরুক'।

তুরুগ বি [সং তুরগ; অপ্র] সর্থ 'তুরগ (১)। "অ.প ১৩৮।

তুরু(রূ)প বি [P. trunfo (?); Dutch—troef] ১ 'তাসখেলায় জয়'; রঙের তাস খেলিয়া পিঠ লওয়া। "এক তুরুপে টেক্কা মেরে ব্যোম করে বসেছে।—হেম ৩৭৯। ২ রঙের তাস। 'হাতে তুরুপ না থাকলে পাব দেবো না তো কি করবো?—মা ৩৪৮।

তুরুষ্ক পুং ১ (তুরস্কদেশীয়?) গন্ধদ্রব্যবিশেষ; শিলারস। ২ দেশ-বিশেষ (Turkey এবং Turkomanistan)। ৩ তুরস্কদেশবাসী, তুরুক। ৪ অশ্ববিশেষ (শ.ক)। ৫ মণিবিশেষ। দ্র 'ফিরোজা'।

তুরপুন বি [ফা তুরফ.ন্] ছুতারের কাঠে ছিদ্র করার ভ্রমরযন্ত্র।

তুর্য্য বিণ [চতুর+য (যৎ), দ্র 'তুরীয়'] চতুর্থ; সর্ব্বসাক্ষী (শ্রীধর)। "এক একেশ্বরস্তুর্য্যঃ ভ ৬.৫.১২। —র্য্য ক্লী ১ চতুর্থাংশ, সিকি। ২ অবস্থাত্রয়াতি-রিক্ত স্বরূপ। "তুর্য্যে স্থিতো ন তু তমো ন গুণাংশ্চ যুঙ্ক্তে ভ ৭.৯.৩২।

তুল্ সক [চু, ভ্বা, প—তোলয়তি, তোলতি; সেট্] উন্মান, পরিমাণ, ওজন করা। "তোলয়তি, তোলতি কাঞ্চনং বণিক্ (ক.ক)] [উৎ —উত্তোলন, উর্দ্ধনয়ন।] [তুলা+ই (ণিচ্ করোত্যর্থে)— √তুলি —তুলয়তি (ক.ক)। "তুলয়তা; তুলয়িত্বা গো.রা ২.৬১.৯; ১০। তুলয়িতুম্ উ.মে ১।]

তুল¹ বিং [সং তুল্য > প্রা তুল্ল > বা (তুল) °ল; হি তুল; পদ্যে] সদৃশ, সমান। "ওঠ আধর তার বান্ধুলীর তুল শ্রী.কী ৩২; বিম্বফল তুল…আধরে ৫৫। কালদণ্ডধর-তুল: যমতুল অ.প ১৬।

তুল² বি [সং তুলা] ১ তুলার (ওজনের) যন্ত্র; তরাজু, দাঁড়িপাল্লা। "শ্রী.কী ১৫০। পরাণ-রতন,…তুকিনু হৃদয় তুলে চ.দা ১২৬

ভারতসংহিতা মুনি তুলেতে তুলিল ম ২ ; ২৪৮। ২ তুলনা, উপমা। "দশম দিনের যুদ্ধ দিতে নারি তুল ম ৮১১। ৩ [সং 'তুলা'—মূল] রথের অবয়ববিশেষ। "যদি বা রথের ভগ্ন হইবেক তুল জ ৪৯। ৪ [তুমুল > °ল; অপ্র] তুমুলকাণ্ড, মহাগণ্ডগোল। "হাজার টাকার এক থলি চুরি করি। আনিল কাহার তাথে তুল হৈল ভারি॥ —ভ.গ্র ৩৫৯।

তুল[৩], **তোল**[২] সর্ম্ম [সং √তুল্, √তোলি > প্রা √তুল > বা °ল ; হি √তুলায়া; √তুল (গ্রী.কী)] ১ তৌল করান: ওজন করা। "ভারতসংহিতা মুনি তুলেতে তুলিল ম ২। ২ উত্তোলন করা; উঠান। "ধনুক তোলহ রাম কৃ ৭৩। ছোটগ্রাস তোলে ক.চ ৫০। মে ২৬৭। ৩ আরোপণ করা; চড়ান। "মায়াসীতা তুলিয়া রথের এক ভিতে। পশ্চিম দ্বারেতে উপনীত ইন্দ্রজিতে॥—কৃ ৩০৫। ৪ পাত্রে করিয়া উঠান। "স্নান করি রূপবতী, নীর তোলে শীঘ্রগতি ক.চ ১৮২। ৫ বমন করা; উগরান। "দুধ তোলা। ৬ উত্থাপিত করা; নির্ম্মাণ করা; বাঁধা। "সপ্ত মহাল তোলে চণ্ডীর দেউল ক.চ ৭৯। তুলি ধর্ম্মের দেহারা শ্রী ২০২। ৭ উত্থাপন করা; উল্লেখ করা; উঠান (কথা)। ৮ সূচীকর্ম্ম দ্বারা রচনা করা। "নকসা, ফুল, বুটা তোলা। আমি দুই একটা শিল্পকর্ম্ম জানি।...কাপড়ের উপরে ফুল তুলিতে জানি ব.প্র ১৩১। ৯ উচ্চারণ করা। "(তুমি) কি মধুগীতি তুলিলে নদীকল্লোলে।—রবীন্দ্র। ১০ ভাজিয়া উঠান; ভাজা। "মজ্জায় তোলে বড়া শ্রী ৩১। বি.পা ১৬৭। ১১ উৎপাদন করা; উঠান। "ঝটিকায় একটি হিল্লোল...তোলে নাহি? —ন ৯৭৭। ১২ উৎপাটন করা। "গাছ, দাঁত তোলা। ১৩ রটনা করা। "গুজব, দুর্নাম, রব তোলা। কলঙ্ক তোলয়ে তার সনে ব ১৫৪। ১৪ [তু (তো)ড় > °ল] চয়ন করা; তোলা। "পুষ্প তুল বড়ু শূ ২৮। তুলে, তোলে কৃ ১১। তোলে কহ্লার।—ক.চ ৩৯। ১৫ [হি √তুরপ] রিফু করা। "কাপড় তোলা। [তুলিয়া দেওয়া—১ বন্ধ করা। ২ পরিধান করা; পরা। "হিন্দের উপর তুলে দিল সোনার কাচলি গো.চ ২৫৬,-৯। কনক-নূপুর তুলিয়া দিল দুই পায় ম.ম ৭০। তুলি পরা—উঠাইয়া (গুটাইয়া) পরা। "খূঞা তুলি পরি ছেলি করে টানাটানি ক.চ ১৪৩। তোলন—চয়ন। "পুষ্প° শূ ২৮। তোলা[৪]—সর্ব 'তুল[৩]'। তোলে পাড়ে—১ উঠায় নামায়। "ঢেউয়ে তোলে পাড়ে বি.পা ২৩৮। ২ আলোচনা করা। "চেড়িগণে মারি বলি মনে তোলে পাড়ে কৃ ২০৭। কানে তোলা—শুনান। শোধ তোলা—বৈরনির্য্যাতন। স্বামী তুলি গালি—স্বামীর নামোল্লেখপূর্ব্বক গালি। "ম.ম ১৫৯। [তুলিআঁ,-এ্যা, তুলিলেঁ (গ্রী.কী)।]

তুলকালাম বি [আ তুল্‌কলাম্—prolixity] খুব বকাবকি; তুমুল কলহ। [মূলতঃ প্রতিটি শব্দ (কালাম) ওজন (তোল) করিয়া কথা বলা। "তুলকালাম না করিয়া সত্যকথা কহ।]

তুলট বি [তুলপট > °ট] ১ তুলায় প্রস্তুত দেশী কাগজ; হরিতালের লেপ-দেওয়া পুঁথির কাগজ। ২ [তুলাঘট > °ট; সং তুলাদান] তুলায় মাপিয়া পুরুষের সমভার স্বর্ণাদি-দান। "তুলট করা।

তুলতামাল বি ['তুমুল' মূল (?)] মহাগোলযোগ; গণ্ডগোল। "দুই অবতার তুলতামালের অগ্রেই চম্পট করিয়াছে আ.ছু ১৫১।

তুলন ক্লী [√তুলি + অন (ল্যুট্)-ভা] ১ উন্মান, পরিমাণ। ২ সমীকরণ, উপমান। "কি দিব তুলন চু ১০। ৩ উত্তোলন (A.)। —না স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্ব 'তুলন'।

তুলনা দ্র 'তুলন'।

তুলসী স্ত্রী [তুলা+ √সো+অ (ক)-ক+স্ত্রী ঈ (ঙীষ্), শকন্ধ্বাদি; °সী—সরসলতা (দেশী ৫.১৪); মুণ্ডারি—'তুলসি'] হিন্দুদিগের পবিত্র বৃক্ষবিশেষ। 'নরা নার্য্যশ্চ তাং দৃষ্ট্বা তুলনাং দাতুমক্ষমাঃ। তেন নাম্না চ তুলসীং তাং বদন্তি পুরাবিদঃ।—ব্রহ্মবৈবর্ত্ত। [তুলসী শ্রীকৃষ্ণের প্রিয়া গোপীবিশেষ। রাধার শাপে, ইনি মানবযোনি এবং সুদামা গোপ দানবযোনি প্রাপ্ত হন। সুদামা শঙ্খচূড় দানব; তুলসী তাঁহার পত্নী। 'পত্নীর সতীত্বনাশে পতির মৃত্যু হইবে' ব্রহ্মার এই বর হেতু, নারায়ণ শঙ্খচূড়-বেশে তুলসীর সতীত্ব নাশ করেন। তুলসী তাহা জানিয়া, 'তুমি পাষাণ হও এবং জন্মান্তরে তোমার আত্মবিস্মৃতি হইবে' নারায়ণকে এই শাপ দেন। নারায়ণ তুলসীকে বলিলেন, 'তুমি রমাসদৃশী হও, তোমার দেহ গণ্ডকী নদী ও কেশরাশি পুণ্যবৃক্ষ তুলসী হউক' (ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড)।] [°কাঠি—তুলসীমালা। "ক.চ ৮৭। °বৃন্দাবন (ক্লী) —তুলসী-পীড়ি। তুলসী দেওয়া—আপৎপ্রতিকারার্থ মন্ত্রোচ্চারণপূর্ব্বক নারায়ণকে তুলসীদান। "হু ১২৪। তুলসী চড়ান—সর্ব 'তুলসী দেওয়া'। "E.P. 124. তুলসী বনের ব্যাঘ্র—সাধুবেশী দুর্ব্বৃত্ত। "বা.ম ১২৫।

তুলা[১] স্ত্রী [√তুল্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ উন্মান, মান, ওজন করা। ২ [+অ-ণ] 'তুলনসাধন', সাদৃশ্য, সাম্য, উপমা। "তুলাং যদারোহতি দন্তবাসসা কু.স ৫.৩৪। রঘু ৮.১৫; ১৯.৫০। তুলা-তুলা আর নাই বি.সু ১৫৪। সে মুখের তুলা ভা.চ ২৯০। বা.দ ১৪০। আমার সঙ্গে অন্যের তুলা?—কা ১২৪। ৩ ওজন করার যন্ত্র; মান, তুল, নিক্তি, দাঁড়িপাল্লা। "অশ্বমেধসহস্রঞ্চ সত্যঞ্চ তুলয়া ধৃতম্ গো.রা ২.৬১.১০। হস্ততুলয়াপি নিপুণাঃ পলপ্রমাণং বিজানন্তি।—পঞ্চ ২.৮৬। তুলাযন্ত্র ম ৪৭৪। ৪ অপরাধীর দোষপরীক্ষার্থ ধটযন্ত্র। দ্র 'বিষ্ণু ১০ম অধ্যায়। ৫ শতপল পরিমাণ। ৬ পরিমাণার্থ দ্রব্য; ভার, বাঁটকারা (weight)। ৭ (জ্যোতিষে) তুলারাশি (Libra)। "তুলামধিরূঢ়ো ভাস্বান্ (S.W.)। বি.সু ১৫৪। [এই রাশিতে জন্মিলে মানুষ বক্তা বিদ্বান্ ও স্ত্রীদুঃখিত হয়।] [°কূট (ক্লী)—তুলার কূট (ন্যূনতা); প্রকৃত মানাপেক্ষা ন্যূনমান। °কোটি (স্ত্রী)—নূপুর। "°নিনাদ মাঘ ১২.৪৪। ক.চ ১১২,-৫৯। °দণ্ড (বি)—তুল; দাঁড়িপাল্লা, নিক্তি। °দান (ক্লী)—তুলায় উন্মিত পুরুষের সমমান স্বর্ণাদিদান; মহাদানবিশেষ। "তুলাদানকর্ম্ম করি (রজত কাঞ্চন দিল) ভ.গ্র ১৮৩। °ধট (পুং)—তুলার ধাড়া; পাল্লা (scale); তুলাধার-দণ্ড) ত.বা)। °ধর (পুং)—'তুলার ধারক', বণিক্; (জ্যোতিষে) তুলারাশি। °পরীক্ষা (স্ত্রী)—তুলাযন্ত্র দ্বারা দোষীর পরীক্ষাবিধিবিশেষ। দ্র 'বিষ্ণু ১০ম অধ্যায়। "ক.চ ১৮২। °পুরুষদান (ক্লী)—সর্ব 'তুলাদান'। °প্রগ্রহ (পুং), °সূত্র (ক্লী)—তুলাযন্ত্রের রজ্জু; তুলাগুণ। °যষ্টি (স্ত্রী)—তুলার দণ্ড (beam)। "পঞ্চ ১.১৬১।] [তুলা করা—তুলাদান করা। "তুলা কর এই ঠাঁই বি.সু ১৫৪।]

তুলা[২], **তুলো, তুলা**[১] বি [সং তূল] কাপাস শিমুল ইত্যাদির ফলের মধ্যস্থ সূত্রবৎ পদার্থ বা আঁশ। "তুলা ধুণি ধুণি চ ৪১। তুলার উপরে ম ৫৪১। লোহার কলাই হবে তুলা-অবতার ম.ম ১৬৩। তুলা ভ.গ্র ২০৫; চৈ.ভা ২১১; চৈ.চ ১৫১। [তুলা ধোনা—তুলা-ধনুতে তুলা পিঁজিয়া পরিষ্কার করা। তুলা-ধোনা করা—ধোনা তুলার মত ছিন্ন-বিচ্ছিন্ন করা। তুল তুল করা—তুলার মত নরম বোধ হওয়া।]

তুলাধার পুং [তুলা+ √ধৃ+অ (অণ্)-ক; উ.ত] ১ 'তুলার ধারক': বণিক্। ২ তুলার ধারক রজ্জু; তুলাগুণ। ৩ (জ্যোতিষে) তুলারাশি। ৪ তুলাযন্ত্রের দণ্ড।

তুলারু বি [°রুরু > °রু] লোমশ রুরুজাতীয় পশু। "ক.চ ৫৪,-৬।

তুলি, -লী, তুলি, -লী[১] বি [সং তুলিকা] ১ তুলার শয্যাস্তরণভেদ; তোশক। "খাটেতে পাটের পাতি তুলি কৃ.উ ১৩৬; নেতের তুলি ২৬৫। এক তুলী গাণ্ডু গোবিন্দের হাথে দিল চৈ.চ ৩২৩। তুলী শয্যা বিছাইবে জ ৫৭। ২ গদি। "সিংহাসন উপরেতে তুলি কৃ ১। তুলি সব পাতি স্থানে স্থানে চৈ.চ ১৫১। ৩ লেপ। "তুলি পাড়ি পাছুড়ি শীতের নিবারণ ক.চ ৬৯; তুলী ১৬৩,-৫।

তুলিত বিণ [√তুল্+ত (ক্ত)-র্ম্ম] ১ উন্মিত, পরিমিত, ওজন-করা।

"তুলিতঃ তুলায়াম্ (S.W.)। ২ সমীকৃত, সদৃশীকৃত, উপমিত। "রঘু ১৩.৭৫। মুখম্...শশাঙ্কেন তুলিতম্।—ভর্তৃহরি। ৩ উদ্ধৃত, উত্তোলিত। "কোলতুলিতাম্ (মহীম্) মাঘ ১৪.৪৩। ৪ তিরস্কৃত। "মাঘ ৮.১২। ৫ চালিত। "পৌলস্ত্যতুলিতস্যাদ্রেঃ রঘু ৪.৮০। ৬ উৎক্ষিপ্ত। "°কৈলাসমরাতিম্ রঘু ১২.৮৯। ৭ নিয়োজিত, ব্যাপারিত। "(লভ্যন্তে দ্রবিণানি) অবসরতুলিতাভিরলং তনুভিঃ।—পঞ্চ ৫.২৮।

তুল্য বিণ [তুলা+য (যৎ)] ১ তুলা দ্বারা সম্মিত বা পরিচ্ছিন্ন; সদৃশ, সম, সমান। "°প্রিয়াপ্রিয় গী ১৪.২৪। মনু ৪.৮৬। তুল্যাবস্থ রঘু ১২.৮০। জয়াজয় তুল্য ভা.চ ১৮০। ২ অভেদ, এক। ৩ সমার্থক, একপর্য্যায়। "কেয়ূরমঙ্গদং তুল্যে (অ.কো)। ৪ নির্ব্বিকার। "মানাপমানয়োস্তুল্যঃ গী ১৪.২৪। ৫ নিগ্রহানুগ্রহশূন্য, উদাসীন। "তুল্যো মিত্রারিপক্ষয়োঃ গী ১৪.২৪। [°পান (ক্লী)—সজাতীয়গণের সহিত একত্র পান।, °রূপ (বিণ)—একাকৃতি, সদৃশ। "উ.চ ৫.৪।]

তুল্যমূল্য বিং সমানমূল্য, সমান উপাদেয়, সমসমাদর, সমকক্ষ, একদর। "স্তুতি নিন্দা মৃত্তিকা মাণিক্য তুল্যমূল্য ভা.চ ১৮০। আপন যতনে লাভ যথন যা হয়, যাচিত রতন তার তুল্যমূল্য নয়।—স.শ ১৪৯।

তুল্যযোগিতা স্ত্রী [বহুব্রী] যাহাতে তুল্য যোগিতা (অন্বয়); অর্থালঙ্কার-বিশেষ। [প্রাসঙ্গিক বা অপ্রাসঙ্গিক পদার্থসমূহের সাধারণ গুণক্রিয়ারূপ ধর্ম্মের সহিত এক সম্বন্ধ হইলে, তুল্যযোগিতা হয় (সা.দ ১০.৪৮)।]

তুশ্চু বিং [তুচ্ছ > °শ্চ; 'শ্' আগম; গ্রাম্য] হেয়। "তুশ্চু কথা বি.বু ২৭। তুশ্চু নেরেল ব্যাল জা ৩৫।

তুষ্ অক [দি, প—তুষ্যতি; অনিট্] তুষ্টি, প্রীতি। [প্র, পরি—পরিতোষ। সম্—সন্তোষ।]

তুষ[১] পুং [√তুষ্+অ (ঘঞর্থে ক)-ণ; ছান্দস] ১ যাহা দ্বারা পাচক তুষ্ট (অ.টী); ধান্যত্বক্। "মা তুষাগ্নিরিবানর্চ্চির্ধমায়স্ব জিজীবিষুঃ মহা ৫.১৩৩.১৪। মনু ৪.৭৮। তুষেণাপি পরিত্যক্তা ন প্ররোহন্তি তণ্ডুলাঃ হি ১.৩৬। ২ বিভীতকবৃক্ষ। [তুষদহদাহ—তুষদহন-জ্বালা। "অব হিয়া তুষদহদাহ ব.প ১০৪৩।]

তুষ[২] সর্ম্ম [সং √তুষ্ > প্রা √তুস] প্রীত করা। "গরবেঁ না তুষিলেঁ হরী শ্রী.কী ৩৭৪।

তুষানল পুং [ষ.ত] তুষের আগুন; কুকূল। "°প্রায়াশ্চ ভূ-রেণবঃ (শ.ক)। চৈ.চ ৩৫৪। পৌষ তুষার, °লে ডারল ব ১৮২।

তুষার বিণ [°র+অ (অচ্) অস্ত্যর্থে; স্ত্রী -রা] শীতস্পর্শবান্ শীতল, শিশির। "সতুষারশীকর রঘু ৯.৬৮। বারিধারা...তুষারা নৈ ৩.৯৩। —র পুং [√তুষ্+আর (অরন্)-ণ, কিৎ, উ ৬.১৩৯] ১ 'তুষ্টিসাধন', তুহিন, হিম, নীহার, বরফ (snow, frost)। "প্রপতত্তুষারো হেমন্তকালঃ।—ঋতু ৪.১। °স্রুতিধৌতরক্ত কু.স ১.৬; °বৃষ্টিক্ষতপদ্মসম্পদ্ ৫.২৭। মাঘ ১.১৫। শর° উ.চ ৫.২। পৌষ তুষার ব ১৮২। ২ শীকর, জলকণ। "পৃক্তস্তুষারৈর্গিরিনির্ঝরাণাম্ রঘু ২.১৩। ৩ হিম, হিমজল (dew)। "বিভাতে কুন্দমন্দস্তুষারম্ শ ৫.১৮। ৪ কর্পূরবিশেষ। [°কর, °কিরণ, °রশ্মি (পুং)—১ 'শীতলকিরণ', চন্দ্র। "°কিরণ মাঘ ৯.২৭। ২ কর্পূর। °কাল (পুং)—শীতকাল। °গৌর (বিণ)—তুষারতুল্য শুভ্র, হিমধবল। "ঋতু ১.৬। °গিরি, °পর্ব্বত, °শৈল (পুং)—'হিমাচ্ছন্ন পর্ব্বত'; হিমালয়। তুষারাদ্রি (পুং)—সর্থ 'তুষারগিরি'। "°সুতা মাঘ ১.৫০।]

তুষিত পুং ১ (বহুব) দ্বাদশ বা ষট্ত্রিংশৎ গণদেবতাবিশেষ। "ভ ৪.১.৮। হ ৩.৬৩। ২ বিষ্ণু। "বিষ্ণু ৯৮.৪১।

তুষোদক ক্লী [উ.লো] 'তুষমিশ্র জল'; কাঞ্জিকভেদ।

তুষ্ট বিণ [√তুষ্+ত (ক্ত)-ক] তোষযুক্ত, প্রীত। "যস্মিংস্তুষ্টে জগৎ তুষ্টম্। —ষ্ট পুং বিষ্ণু। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ তোষ, প্রীতি। "গো.রা ১.১৯.২৫। আত্মনস্তুষ্টিঃ।—মনু ১.৬। ম ৯৩৯। মহা° চৈ.চ ১৮। ২ সন্তোষ, লাভে পর্য্যাপ্তবুদ্ধি, 'ইহা পর্য্যাপ্ত'—এই বুদ্ধি। "গী ১০.৫। ৩ উদরম্ভরণ। "ভ ২.১০.২৯। ৪ অধিগত অর্থ ভিন্ন অন্যত্র তুচ্ছত্ববুদ্ধি (ত.বা)। ৫ (সাংখ্যে) বুদ্ধিভেদ। "সাংখ্য ৫০। ৬ গৌর্য্যাদি মাতৃকাগণের অন্যতমা।

তুষ্টি দ্র 'তুষ্ট'।

তুস বি [আ তু.স্] ১ পশমী বস্ত্রবিশেষ। ২ ইরাণের প্রসিদ্ধ নগর।

তুহ সর্ব্ব [সং ত্বম্ > প্রা তুহ (হে); তুহু (দো); বৈষ্ণবসাহিত্যে] তুমি। "হৃদয়পুতলি তুহ বি.প ৪৯; ১৭০। [তুহার {(প্রা 'তুহাণ' —যুষ্মাকম্), °র (অ.রা); হি °র}—তোমার (প.ক)। তুহারি, -রী —তোমারই। "হাম ভেল কেবল তুহারী অধীন রা.শে ৭৮। তিল আধ তুহারি, দরশ বিনু তৈছন ব ২০১। তুহে—তোমাকে। "তুহে দেখাইমু অ.প ১১৬।]

তুহি সর্ব্ব [তুহ+ই[১১]] তুমি। "তুহি পঙ্কজিনী ভা.চ ৩৩২।

তুহিন বিণ [√তুহ্ পীড়ন+ইন (ইনন্)-ক, গুণাভাব, হ্রস্ব, উ ২.৫২] 'পীড়ক', শীতল। "তুহিন সমীর গো ১৩০। —ন ক্লী ১ হিম, নীহার (snow)। ২ হিমজল (dew)। "তৃণাগ্রলগ্নৈস্তুহিনৈঃ।—ঋতু ৪.৭। কোমল চরণ তুহিনে নাহি দলই গো ১৩০। মুকুতানিভ তুহিন-কণিকা স.শ ৫৪। তুহিনের ধারা প.তৃ ৩৮। ৩ চন্দ্রকিরণ। "তুহিনৈঃ কিং চ শীতলৈঃ।—পঞ্চ ২.৬১। ৪ সর্থ 'তুষার পুং (৪)। [°কর, °দ্যুতি, °রশ্মি (পুং)—'শীতলকিরণ', চন্দ্র। "°দ্যুতি মাঘ ৯.৩০। °কর গো ২৫৫। °শৈল (পুং)—হিমশৈল, হিমালয়।]

তুহিনাচল, -নাদ্রি পুং [উ.লো] 'হিমাচ্ছন্ন পর্ব্বত', হিমালয়। "তুহিনাদ্রি রঘু ৮.৫৪।

তুহু, -হুঁ সর্ব্ব [দ্র 'তুহ'? প্রা তুহ, -হুঁ (পৈ); বৈষ্ণবসাহিত্যে] তুমি। "হসইতে কব তুহু দশন দেখায়লি বি.প ৪৮; তুহু ৪৯; সুন্দরি হরিবধে তুহুঁ ভেলি ভাগী ১০৫; তুহু ১১০; তুহুঁ ২২০। তুহুঁ হরিণ নয়ানী গো ১৭৮; তুহু ২১২; তুহুঁ ২২১। তুহুঁ ছাড় তুহুঁ ছাড় দোঁহে বোলাবুলি ম ২২৮। তুহু গো নৌতুন তরী ক.চ ১৬০। তুহুঁ বর নাগর কান ব ২০১।

তুহ্মি সর্ব্ব [দ্র 'তুমি'; হি তুম্হ; অপ্র। "তুহ্মি মাএর টাক্রি ম গা ৭; ৮; তুহ্মি খাইবারে ১৭। তুহ্মি পুত্রে অ.প ৩৭; তুহ্মি সব ৯৪। [তুহ্মি মাএর—মা তোমার। তুহ্মি সব—তোমরা।]

তূণ পুং [√তূণি পূরণ+অ (অচ্)-র্ম্ম] যাহা বাণে পূরিত হয়; বাণাধার, নিষঙ্গ (quiver)। "রা ১.৪৮.৩। °খড়্গধর (মহা—S.W.)। °মুখ রঘু ৭.৫৭। মে ৬৯। —ণী[২] স্ত্রী [°ণ+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ তূণ। "°শয়াঃ (বাণাঃ) গো.রা ৬.৩৪.২৩। °মুখ রঘু ৯.৫৬। ২ নীলীবৃক্ষ। —ণীর পুং [+ঈর (ঈরন্)-র্ম্ম, অ.টী] তূণ। "ধনুঃ সতূণীরম্ গো.রা ৩.১৮.৪১। তূণীরান্ (°রাণি—পাঠান্তর) মহা ৬.৫৪.৫৫। মে ৬৯; ২০১। [°ধার (পুং)—ধনুর্দ্ধর।]

তূণক ক্লী পঞ্চদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। 'তূণকং ভবেদিদং রজৌরজৌততশ্চ রঃ (বৃত্তরত্নাকর)। "ভারতের তূণকের ছন্দোবন্ধ বাড়িছে ভা.চ ৪৫।

তূণবান্ (-বৎ), তূণী[১] **(-ণিন্)** বিণ [তূণ+বৎ (বতুপ্),+ইন্ (ইনি), অস্ত্যর্থে ১ব] তূণযুক্ত, ধানুষ্ক।

তূণী[১] **(-ণিন্)** দ্র 'তূণবান্'।

তূণী[২], **তূণীর** দ্র 'তূণ'।

তূর ক্লী [√তুর্ হিংসা+অ (ঘঞ্)-র্ম্ম; তু 'সং তূর্য্য' > প্রা তূর] (হে ২.৬৩)] ১ তূর্য্য। "বাজন জয়তূর বি.প ২০৫। রতিজয়মঙ্গলতূর গো ১৫৪। জয়তূর বাওব জ.প ৬। ২ পটহাদি (ত.বা)।

তূরী দ্র 'তূর্য্য'।

তূর্ণ বিণ [ত্বর্+ত (ক্ত)-ক; ইট্-পক্ষে 'ত্বরিত', পা ৭.২.২৮] ত্বরান্বিত,

সত্বর, লঘু, শীঘ্র। "গো.রা ১.৯.২০। ঋতু ১.২৪। ম ১৯৭। ম.পা ৫৫। শ্রী.মা ২৬। চলে তূর্ণ শ্রী ১২৭। দর্প তূর্ণ করে চূর্ণ বা.দ ৭৩। কা ৪০। —র্ণ ক্লী [+ক্ত-ভা] ত্বরা, শীঘ্র। —র্ণি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ত্বরা।

তূর্ণি দ্র 'তূর্ণ'।

তূর্য্য পুং, ক্লী [√তূর্ হিংসা+য (ণ্যৎ)-র্ম্ম] ১ বাদ্য, বাদিত্র। "রা ১.৭৩.৩৯। °ঘোষ মনু ৭.২২৫। কু.স ৭.১০। ২ বাদ্যবিশেষ, তুরি। "°ধ্বনি ন ৫০৬। [°খণ্ড (পুং)—দ্রগড়বাদ্য।]

তূল পুং, ক্লী [√তূল্ নিষ্কর্ষ+অ (ঘঞ্)-র্ম্ম] যাহা কার্পাসাদিবীজ হইতে নিষ্কৃষ্ট ; তুলা। "(কণ্টকিনো দ্রুমাঃ) তূলাজিনসমস্পর্শাঃ রা ২.৩০.১২। অতূলপূর্ণ (উপধান)।—S.W. °রাশি মহা ৬.৭৫.৩২ ; শ ১.১০। —ল ক্লী [√তূলি পূরণ+অ (অচ্)-ক] ১ 'সর্ব্বব্যাপক', আকাশ। ২ তুতগাছ। ৩ তৃণগুচ্ছ। ৪ ধুস্তূরবৃক্ষ। —লা² স্ত্রী ১ কার্পাস-বৃক্ষ। ২ দীপবর্ত্তি, পলিতা। [°কার্ম্মুক (ক্লী), °ধনুঃ (-নুস্) ক্লী—তূলা ধোনার ধনুরাকার যন্ত্র। °নালি, -লী, -লিকা (স্ত্রী)—পিঞ্জিকা, তূলার পাঁইজ। °সেবন (ক্লী)—তূলসূত্র-কর্ত্তন, কাটনাকাটা।]

তূলা¹ ; তূলা² দ্র 'তুলা² ; তূল'।

তূলি স্ত্রী [তূলিকা > °লি (?)] চিত্রকরের চিত্র করার উপকরণ-বিশেষ (painter's brush)। "তূলি-সমতুল শাদা কাশ ফুল : কাশের ক্ষুদ্র তূলি কু.কে ৭৩। —লিকা স্ত্রী [°লি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ তূলি। "উন্মীলিতং তূলিকয়েব চিত্রম্ কু.স ১.৩২। ২ দীপবর্ত্তি, পলিতা। ৩ বীরণাদিশলাকা। ৪ আবর্ত্তিত সুবর্ণাদির দ্রবাধার-পাত্র; মুছি। ৫ [তূল+ইক (ঠন্) অস্ত্যর্থে+স্ত্রী-আ] তূলপূর্ণ শয্যোপকরণ ; তোশক। —লিনী স্ত্রী [+ইন্ (ইনি) অস্ত্যর্থে স্ত্রী ঈ (ঙীপ্)] শাল্মলী। —লী² স্ত্রী [°লি+স্ত্রী ঈ] ১ সর্থ 'তূলি'। "স্ব.প্র ২৫। ২ দীপবর্তি। ৩ তূল। ৪ নীলীবৃক্ষ।

তূলী¹ দ্র 'তূলি'।

তূলী² দ্র 'তূলি'।

তূষ্ণী বিং [সং তূষ্ণীম্ ; হি °ঙ্কী] মৌনী। "চৈ.ভা ১০৮।

তূষ্ণীক বি [তূষ্ণীম্+ক শীলার্থে, ম্-লোপ, পা ৫.৩.৭৩, সি] তূষ্ণীংশীল, মৌনাবলম্বী। "তূষ্ণীকাঃ সমুপাসীনাঃ গো.রা ২.১১৭.৩। মহা ৫.৩৪.২৩।

তূষ্ণীম্ ব্য [ছান্দস] ১ মৌনভাবে, নিঃশব্দে। "তূষ্ণীমাস্তে মহা ১২. ১০৩.৪৬। ২ প্রতিষেধবাক্-ব্যতিরেকে, অবাধে। "ভুজ্যমানং পরৈ-স্তূষ্ণীম্ মনু ৮.১৪৭। [°ভাব (পুং)—তূষ্ণীম্ভবন, মৌনাবলম্বন, মৌন। "মহা ১২.১০৩.৪৭। সী ৭৭। °ভূত (বিণ)—মৌনী। "তূষ্ণীম্ভূতে দশরথে বসিষ্ঠঃ (উবাচ) রা ১.৭০.১৮। °শীল (বিণ)—মৌনশীল।]

তৃট্ (-ষ্) স্ত্রী [√তৃষ্+ক্বিপ্ (০)-ভা-১ব] ১ তৃষ্ণা, পিপাসা। "তৃট্সমাশ্রিত মহা ১৪.৫৫.১৯। তৃষা মহত্যা ঋতু ১.১১। তৃট্-পরীত ভ ১.৬.১৫। ২ আকাঙ্ক্ষা, প্রবলেচ্ছা। ৩ কামকন্যা।

তৃণ ক্লী [√তৃণ্ ভক্ষণ+অ (ঘঞর্থে ক)-র্ম্ম] ১ পশুর ভক্ষ্য ; যবস, ঘাস, খড়। "তৃণাদপি ভৃশোদ্বিগ্নঃ রা ৪.৫৪.১৮। তৃণৈর্গুণত্বমাপন্নৈর্বধ্যন্তে মত্তদন্তিনঃ।—হি ১.৩৫ ; তৃণানি শয্যা ১৬০। ২ তৃণবৎ হেয় বস্তু। "ন ত্বাং তৃণং মন্যে (সি)। দেবতারে তৃণ হেন মানে।—গ ২৫। ৩ তৃণদল (a blade of grass)। [°কাণ্ড, °কূট (ক্লী)—তৃণসমূহ। °কুটী (স্ত্রী), °কুটীরক (ক্লী)—পর্ণশালা। °কেতু, °ধ্বজ (পুং)—'তৃণ-শ্রেষ্ঠ', বংশবৃক্ষ; তালবৃক্ষ। °গ্রাহী (-হিন্) পুং—নীলমণি। °জলায়ুকা, °জল্(লৌ)কা (স্ত্রী)—তৃণস্থিত জলৌকাবিশেষ; ছিনে জোঁক। "তৃণ-জলায়ুকা (শতপথব্রাহ্মণ)। °জলৌকা ভ ১০.১.৪০। °জাতি (স্ত্রী) —তৃণসামান্য, উলূপাদি। °জীবী (-বিন্) বিণ—তৃণভোজী (পশু ; herbivorous)। "মে ১০৫। °টাটি (বি)—তৃণের ঝাঁপ। "চৈ.চ ৯১। °জ্যোতিঃ (-তিস্) ক্লী—জ্যোতিষ্মতী লতা। °ধান্য (ক্লী)—তৃণতুল্য স্বয়ংজাত ধান্য ; নীবার, উড়িধান ; শ্যামাক-প্রভৃতি (অ.টী)। °ফল (বি)—তৃণজাত ফল ; ধান্যাদি। "অ ৭৩। °ভুক্ (-ভুজ্) বিণ—সর্থ 'তৃণজীবী'। °সারা (স্ত্রী)—'তৃণতুল্যসারযুক্তা' ; কদলী। °সিংহ (পুং) —কুঠার।] [তৃণের অধিক ছোট—তৃণাপেক্ষা হেয়। "ক.চ ১৫৯। দন্তে তৃণ ধরা—দাঁতে কুটা কাটা ; (গৌণার্থে) পশুত্ব অর্থাৎ মূঢ়তা স্বীকার করা। "পার কর রঘুনাথ তৃণ ধরি দন্তে ম.ম ২০৯।]

তৃণচ্ছেদী (-দিন্) বিণ [তৃণ+ √ছিদ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -দিনী] নখ দ্বারা তৃণচ্ছেদনকারী ; কুশাহরণার্থ তৃণচ্ছেদনকারী (নীলকণ্ঠ)। "মহা ১২.১.৩-১৩। মনু ৪.৭১। বিষ্ণু ৭১.৪৩।

তৃণজ্ঞান, -বুদ্ধি বি তৃণবৎ হেয়জ্ঞান ; তুচ্ছজ্ঞান। "অমর অসুরগণে করে তৃণজ্ঞান ম ১১৬৯। কিন্তু তব দাস হনু তৃণবুদ্ধি করে হু ৪। চৈ.ভা ৮২। রক্ষঃ, তৃণজ্ঞান করে দেবগণে মে ৫৩। [তৃণজ্ঞান করা —অগ্রাহ্য করা। "আশমানি মারপিট তৃণজ্ঞান করিয়া বিমলার নিকট নৃত্যের পরীক্ষা দিতেছে ব.প্র ১০৩।]

তৃণদ্রুম পুং [উ.লো] ১ 'তৃণজাতি বৃক্ষ' ; তাল ; তালী। ২ গুবাক। ৩ নারিকেল। ৪ খর্জ্জুর ; খর্জ্জুরী। ৫ কেতকী। ৬ হিন্তাল, হেতাল। —ণবৃক্ষ পুং [উ.লো] সর্থ 'তৃণদ্রুম (১-৪)।

তৃণবিন্দু পুং রাজর্ষিবিশেষ। [ইঁহার কন্যা পুলস্ত্যের পত্নী ও পৌলস্ত্যের (বিশ্রবার) জননী (রা ৭.২)।]

তৃণরাজ পুং [তৃণের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ 'তৃণশ্রেষ্ঠ', নারিকেলবৃক্ষ। ২ বংশবৃক্ষ। ৩ তালবৃক্ষ। "মহা ৪.৪০.৬। ৪ ইক্ষু।

তৃণাগ্নি পুং [উ.লো] ১ তৃণজাত অগ্নি ; খড়ের আগুন। "মনু ৩.১৬৮। ২ (সাদৃশ্যে) শীঘ্র নির্ব্বাণ প্রাপ্ত অগ্নিমাত্র।

তৃণাঞ্চিত বিং তৃণসমূহে শোভিত; তৃণব্যাপ্ত। "তৃণাঞ্চিত তীরে চ.কা ২১৩।

তৃণাবর্ত্ত পুং [ষ.ত] ১ 'তৃণসমূহের আবর্ত্তয়িতা' ; ঘূর্ণিবায়ু। ২ কংস-চরবিশেষ। [শ্রীকৃষ্ণ ইহাকে নিহত করেন (ভ ১০.৭)।]

তৃণীকৃত বিণ [তৃণ+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] তুচ্ছীকৃত, অবজ্ঞাত, স্তব্ধকৃত। "বক্ত্রেণ তৃণীকৃতেন্দুঃ (সা) নৈ ৩.৫৪।

তৃণোল্কা স্ত্রী [উ.লো] তৃণজাত অগ্নি ; তৃণজ্বালা। "মহা ৫.৩৫.৪৯। ন হি তাপয়িতুং শক্যং সাগরাম্ভস্তৃণোল্কয়া হি ১.৮৭।

তৃতীয় পূ.বা [ত্রি+তীয়, পূরণার্থে, ত্রি > তৃ (সম্প্রসারণ) ; স্ত্রী -য়া ; ছান্দস ; তু 'ত্রিতিএ, -তীয় (মী ৪ ; ২৬), -তিয় (গো.বি ১৩৯)] তিনের পূরণ ; দুইএর পরবর্ত্তী। "তৃতীয়ং ধনদণ্ডম্ মনু ৮.১২৯। —য় পুং [°য়+অ (অন্) 'ভাগ' অর্থে, পা ৫.৩.৪৮] ১ তৃতীয় ভাগ। ২ ক-বর্গাদির তৃতীয় বর্ণ—গ জ ড দ ব। "পা ১.১.৫০, কাশিকা। —য়া স্ত্রী ১ তিথিবিশেষ। ২ (ব্যাকরণে) বিভক্তিবিশেষ। —য়ক পুং [°য়+ক (কন্) সংজ্ঞার্থে] ১ তৃতীয় দিনে প্রবৃত্ত জ্বর (সুশ্রুত)। ২ [+ক স্বার্থে] তৃতীয়। [°প্রকৃতি (স্ত্রী)—স্ত্রীপুরুষাপেক্ষা তৃতীয় প্রকার ; নপুংসক।]

তৃতীয়াতৎপুরুষ পুং (ব্যাকরণে) পূর্ব্বপদে তৃতীয়াবিভক্তিবিষয়ক তৎপুরুষসমাসবিশেষ।

তৃতীয়ী (-য়িন্) বিণ [°য়+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] তৃতীয়-ভাগবান্, তৃতীয়ভাগার্হ, তৃতীয়াংশের অধিকারী। "মনু ৮.২১০।

তৃদ্ সক [রুধা, ঞ—তৃণত্তি, তৃন্তে ; সেট্] হিংসা, অনাদর। [বি—অপ-নয়ন ; তাড়ন। "ভট্টি ১৬.১৫।]

তৃপ্ সক [তু, দি, স্বা, প—তৃপতি, তৃপ্যতি, তৃপ্নোতি ; সেট্ ; (দি) বেট্] প্রীণন, তোষণ। —প্ অক [দি, প] তৃপ্তি, তৃপ্তীভাব (to be pleased)। "নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাম্। —প্ সক [চু, ভ্বা, প— তর্পয়তি, তর্পতি ; সেট্] প্রীণন, সন্দীপন। "যোঽগ্নিত্রয়ং তর্পতি (ক.ক)। [আ—আতর্পণ, প্রীণন। পরি—পরিতৃপ্তি। সম্—

সন্তর্পণ। তৃপে (বাঙ্লার)—তৃপ্ত হয়। "নিরখিয়া নৃপে, নয়ন না তৃপে স্ব.প্র ১৫।]

তৃ(তে)পান্তর, ত্রপান্তর বি ['ত্রিপ্রান্তর' মূল; 'তৃ(ত্র)পান্তর' অপ্র] তিন মাঠের মত মাঠ; বহুদূরবিস্তৃত প্রান্তর। "মধ্যে তেপান্তরে কৃ.উ ৭৩; ২১৩। ব.প ৩২১। দৃষ্টি করি বৃষকেতু দেখে তেপান্তরে ম ১১১৭। ত্রপান্তরে ক.চ ১৮০। তেপান্তরে ভ.প্র ১৯০। তৃপান্তর চক শি ৭১। বন-ত্রপান্তরে।—দা ৯৯৯। [তেপান্তরের মাঠ—সর্থ 'তেপান্তর'। "শিশু ৫০।]

তৃপ্ত বিণ [√তৃপ্+ত (ক্ত) -ক] ১ প্রীত, তৃপ্তিযুক্ত। "ফলানাং তৃপ্তঃ পা ২.২.১১, কাশিকা। রসেন তৃপ্তঃ (অথর্ববেদ—S.W.)। আত্ম° গী ৩.১৭। সন্তোষামৃত° হি ১.১৫২। ২ [+ত-র্ম] প্রীণিত, তর্পিত। —প্ত স্ত্রী [+ত-ভা] তৃপ্তি। —প্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা; ছান্দস] প্রীতি, ভোজনাদি দ্বারা আকাঙ্ক্ষানিবৃত্তি। "মনু ৩.২৭১। তন্ত্রালমেষা ক্ষুধিতস্য তৃপ্ত্যৈ রঘু ২.৩৯।

তৃষ্ সক [দি, প—তৃষ্যতি; সেট্] ১ তৃষ্ণা, পিপাসা। "তৃষ্যতি তোয়ং পান্থঃ (ক.ক)। ২ আকাঙ্ক্ষা, ইচ্ছা। "তৃষ্যতি ধনং লোকঃ (ক.ক)। [অনু—অভিলাষ।]

তৃষট্ বি [?] বাদ্যবিশেষ (কি বাদ্য ?)। "ঘণ্টা তৃষট্ জ ৫৫।

তৃষা স্ত্রী [তৃষ্+স্ত্রী আ (টাপ্); দ্র 'তৃট্'; তু 'প্রা দিসা (দিশ্), ধুরা (ধুর্); তৃসা (গো.চ)] ১ তৃষ্ণা, পিপাসা। "তৃষাকুল।—ঋতু ১.২০,২১। তৃষায় আকুল ক.চ ৫২। °ক্লেশ (মা)। কাঁদে শিশির-বিন্দু জগতের তৃষা, হরিতে!—স.স্ব ১০। ২ আকাঙ্ক্ষা, ইচ্ছা। "লোভো জনয়তে তৃষাম্ হি ১.১৪৯।

তৃষাতুর বিং তৃষায় কাতর; তৃষ্ণার্ত্ত। "মে ১১৬।

তৃষার্ত্ত বিণ [তৃষা কর্তৃক ঋত, তৃ.ত] ১ তৃষ্ণা কর্তৃক অধিগত; পিপাসাকুলিত। "ম ৪৪২। ২ আকাঙ্ক্ষাপীড়িত। "তৃষার্ত্তো দুঃখ-মাপ্নোতি পরত্রেহ চ মানবঃ হি ১.১৪৯।

তৃষিত বিণ [তৃষা+ইত (ইতচ্)] ১ 'জাততৃষ্ণ', পিপাসিত। "তৃষিত চাতকে ভ.প্র ২৫০; চৈ.চ ৩৪৯। ২ আকাঙ্ক্ষান্বিত, স্পৃহিত। "(আয়ু-ধানি) তৃষিতান্যাহবে ভোক্তুং নৃপমাংসানি হ ৯২.৫৯। তৃষিত বক্ষের মাঝে কা ১৪৯। তৃষিত বুক।—গান ১৫০; তৃষিত তাপিত চিত ১৫১।

তৃষ্ণা স্ত্রী [√তৃষ্+ন-ভা+স্ত্রী আ (টাপ্), গুণাভাব, উ ৩.১২; তু 'ফা তিষন—সতৃষ্ণ; ছান্দস] ১ পিপাসা। "(সিংহঃ) হতদ্বিপেন্দ্র-রুধিরৈস্তৃষ্ণাং ছিনত্ত্যাত্মনঃ হি ১.১৫০। ২ আকাঙ্ক্ষা, স্পৃহা, লোভ। "বুদ্ধ° গো.রা ৪.৯.৫৭। ভোগ° রঘু ৮.২; রাজ্য° ১২.১৯। তৃষ্ণাকাতর-লোচনে ব.প্র ৮; রসিকতা প্রকাশ করার তৃষ্ণা ১৩। ৩ অপ্রাপ্তাভিলাষ, অপ্রাপ্ত অর্থে ইচ্ছা। "রজঃ...তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্।—গী ১৪.৭। বাহ্যমানস্য তৃষ্ণয়া।—হি ১.১৫৫। সোঽপি সংবাহ্যতে...তৃষ্ণয়া।—পঞ্চ ৫.১৫। সর্ব্ব পূর্ণ হৈল তৃষ্ণা নহে নিবারণ ম ৩৭৯। এই তিন তৃষ্ণা মোর নহিল পূরণ চৈ.চ ২১; ১২৬। ৪ রোগবিশেষ (ভাবপ্রকাশ)। [°ক্ষয় (পুং) —পিপাসানাশ, লোভবিরহ।]

তৃষ্ণার্ত্ত বিণ [তৃষ্ণা কর্তৃক ঋত, তৃ.ত] সর্থ 'তৃষার্ত্ত'।

তৃষ্ণালু বিণ [তৃষ্ণা+আলু, তু 'উষ্ণালু', পা ৫.৩.১২১, সি] তৃষ্ণাযুক্ত। "তৃষ্ণালুর্ভবতি পুতনাগৃহীতঃ (সুশ্রুত)।

তৃ(ত্রে)স্কার বি [সং তিরস্কার; অপ্র; তেস্কার (গ্রাম্য)] ভৎর্সনা। "তৃস্কার ভ.প্র ১৭৮; ত্রেস্কার ২২৮।

তৄ সক [ভ্বা, প—তরতি; সেট্] ১ তরণ (to cross), প্লবনপূর্ব্বক দেশান্তরগমন (ক.ক)। "তরতি নদীং ভেলয়া পান্থঃ (ক.ক)। ২ অভিভব। "তরতি সকলদুঃখং বামনং ভাবয়েদ্ যঃ (ক.ক)।—অক প্লবন, মজ্জনাভাব, জলোপরিস্থিতি। "তরতি শুষ্ককাষ্ঠকম্, (জলে ন মজ্জতি)—ক.ক। [অতি—অতিক্রম। অব—অবতরণ। উদ্—উত্তরণ। নির্—নিস্তার, অতিক্রম, নিঃশেষতরণ। বি—বিতরণ। বি-অতি—বিশেষভাবে অতিক্রম। সম্—সন্তরণ।]

তে[১] সর্ব্ব [সং তে (যুষ্মদ্, চতুর্থী-১ব)] ১ তোমাকে, আপনাকে। "নমস্ত তে শ্রী.মা ৭৭। নমস্তে ব্রহ্মাণী ম.ম ২৩৬। নমোঽস্তু তে শ্রী ১৬। ২ [সং তে (তদ্, প্রথমা-বহুব); তু 'তে বিপ্র; তে সম (দো)] সে, তিনি। [তেই—সেই, তিনিই। "তেই স্থানে।—ম ৯৪৬। তেই ত মিলিলা আসি গঙ্গার সংহতি গ ১৬৮। তেই কাটিবেন্ত অ.প ১২৪। তেএঁ (তে+এঁ[৩])—তাহা দ্বারা। "শ্রী.কী ১৭৯। তেকা—তাহার, তাহাদের। "তেকা ওকা গুণা নহি রা.স ৩১। তে কাজে—সে কারণে। "গো.চ ৩৫০। তেখন—সে ক্ষণ; তখন। "তেখন জিজ্ঞাসেন মহারাজ ব.প ৪৫৮। তেসাগে—সে-ক্ষণে, তখন। "শ্রী.কী ২১। তেহেন—সে-প্রকার। "তেহেন আহ্মার দূত শ্রী.কী ২৬। তে তে—তাহা তাহা; সে সে। "জে জে আইলা তে তে গেলা চ ১৪।]

তে[২] স.বিং [তি[১] >তে] তিন। "°কাঠা, °তালা, °নরী, °মাথা। [তে-আঠিয়া তাল—তিন আঠির তালফল; বড়তাল। "ছোট গ্রাস ...তে-আঠিয়া তাল ক.চ ৫০।]

তে[৩] [সং তেন >বা তেঁ, তে] সে (হেত্বর্থে তৃতীয়ান্ত)। "তে কারণে থীর নহে মনে শ্রী.কী ১৩; ২৪। গো.চ ৩৩১। তে কারণে কন্যা বিয়া স্থানে দিলা তোর অ.প ১৩২। তেকারণে হইলাম লাথির ভাজন কৃ ২৪৭। তে কারণে ম ২৯; ১০০০। তেকারণে তোমারে করিল অনুগ্রহ শ্রী.ম ১৫১। [তে কারণে (সং তেন কারণেন; 'তেকারণে'—অসাধু)—সে হেতু। তে কাজে—সে কার্য্য হেতু; সে কারণে। "গো.চ ৩৫০।]

তে[৪] প্র [ত[৩]+এ[৫]; তু 'এ-তয়' (এতে); 'ও-তয়' (ওতে) বি.প ২২৫] ১ কর্তৃকারকে প্রথমার স্থানে। "তোহ্মার জে স্ত্রীতে রাজা গো.বি ৯০। পশুপতি পার্ব্বতীতে (রাবণে) পুত্রভাবে গণে ছু ৪। ২ করণে বা হেত্বর্থে তৃতীয়ার স্থানে। "সেই অগ্নিতে পোড়া না গেল তিলক চান্দের ঝি ম.গা ১৫। ঝোলার ভারতে মহারাজ কান্দিতে লাগিল গো.চ ২০১। হাসিতে তড়িৎ জিনে ভা.চ ৩২১। ৩ অপাদানে বা অপেক্ষা অর্থে পঞ্চমীর স্থানে। "আমাতে অধিকরূপ আছে কোন জন মী ২৮। সোনাতে পাতল গো.চ ৩৯; সরুআতে সরু বেটা দুবলাতে হিন ১৭১; ব.প ৬৪; ৭২। তোমাতে শুনিনু গোসাঞি অপূর্ব্ব কাহিনী চ.বি ২৯৯। ইহাতে অধিক...ভাগ্য চৈ.ভা ২৭০; পৃথিবীতে কেহ যেন তোলে আছাড়িয়া ৪৩২। ৪ আধারে সপ্তমীর স্থানে। "এথাতে রৈয়াছ মী ৯; প্রিথিবীতে নাহি ২৮। সভাপতি অগ্রেতে অ.প ৩। [তু 'স্কন্ধেতে হৈতে (ম ২০২)। শ্বশুরালয়েতে হৈতে ন.প ১৩৪।]

তেই, তেঁই, -ঞি, তেঞি[২]**, -ঞী** ক্রি.বিং [তেঁ+ই[৪] >তেঁই, -ঞি, তেঞি, -ঞী, তেই, দ্র 'তে[৩]; অপ্র] সে হেতুই; সে কারণেই; সে জন্যই। "তেঞি গো.চ ৩৮৭। তেঁই উদসল কুচজোরা বি.সা ২৪। তেঞি বি.প ২১; তেঁই চলি আওলু ২০৪। তেঁঞি সে মারিলে তুমি লঙ্কার রাবণ কৃ.উ ২৬; তেঞি সহি ২৪৩। তেঞি।—ম ১৯৩, শ্রী.ম ৭৮। তেই অ.প ১২৭। ব.প ১৪৩৪। তেঁই কৃ ২২৪। তেঞী দেখিব... গদাধরে ব.প ৭৬০। তেঞি ব ৯৭; তেই সদাই পরাণ কান্দে ১৫১। তেঁঞি...খুসী শি ৬৭। তেঞি চৈ.ম ১৪। [তে(তেঁ)ই সে—সেই হেতু। "তেই সে হইল...পরমাদ।—প ৬৬। তেঁই পাকে, তেঞি পাকে—সেই যুক্তিতে, সে কারণে। "তেঞি পাকে তোমাকে বতন করি যেতে শ্রী.মা ৩৭। তেঁই পাকে বলি চল শ্বশুরের ঘর ভা.চ ৪৪৯। তেঞিত —সে কারণেই। "তেঞিত অনলে পুড়ে মরে চ.দা ১১৪।]

তেইশ স.বিং [সং ত্রয়োবিংশতি > লি তেবীসতি, প্রা তেবীস (হে), তেইস (পৈ) ; হি তেঈস ; ঠ, গু তেবীস] ত্রয়োবিংশতিসংখ্যক। "তেইশ অর্থ চৈ.চ ২৪১। —শ বি তেইশ (২৩) এই সংখ্যা। [তেইশা, -শে—মাসের তেইশ তারিখ।]

তেউড়, তেড় বি [তেরচা > তের > তেড় > তেউড় ; হি পেড় ; ঠ, প 'পেড'—বৃক্ষ] কন্দাকার মূল হইতে তেরচা নির্গত চারা। "কলার, কচুর তেড়।

তেউড়ী বি [সং ত্রিপুটা > প্রা *তিউডী বা °ড়ী ; ঠ তেংড়ু] রেচক ওষধিবিশেষ। —ড়ে বি [সং ত্রিপুট] কলাইবিশেষ, খেঁসারি। [তেউড়ে মেউড়ে থাকা বা পড়া—তেউড়ী লতার মত বাঁকা-চোরা বা বিকৃতাঙ্গ হইয়া থাকা বা পড়া। "মনে কর বাবা, আমি এক রাত্রে ঘরে তেউড়ে মেউড়ে আছি, তোরা…নিয়ে গিয়ে পুড়িয়ে এলি, এটা সুকাজ না কুকাজ করলি ?—অ.গ্র ১০৭ ; হাসতে হাসতে ছুঁড়ী…তেউড়ে মেউড়ে পড়লো ১৩৮।]

তেওট বি [সং ত্রিপুট] তালবিশেষ। [ইহার মাত্রাসমষ্টি চৌদ্দ। তাহা চারিটি অসমান পদে বিভক্ত হইয়া তিন তালি ও এক ফাঁক প্রাপ্ত হয়। একটা তালি হ্রস্ব—ত্রিমাত্রিক, একটা দীর্ঘ চতুর্মাত্রিক, এই প্রকার চারিটা তালি। একটা হ্রস্বতালিতে সম ও আর একটাতে ফাঁক (গী.সা)।]

তেওড় 'ত্যা-' বিণ [তেউড়ী > °ড় (?)] তেউড়ীর মত বাঁকাচোরা ; তেরচা, বিকৃত।—ড় বি কৈবর্ত্ত জাতিবিশেষ। [তেওড়া২—বাঁকিয়া যাওয়া ; তেরচান। "তক্তা রৌদ্রে তেওড়ায়। তেওড়ান—সর্থ 'তেওড়া২'।]

তেওড়া১, -তা বি [?] বাদ্যবিশেষ। "শ্রী.মা ১৫৬,-৯, ২২৫।

তেওড়া২ দ্র 'তেওড়'।

তেওয়ারি বি [হি তিবারা] যে ঘরের তিন বার (দ্বার) ; তিনদুয়ারী ঘর। "তেওয়ারি ঘর ভ.গ্র ৪৫৮।

তেওয়ারী বি [সং ত্রিপাঠী ; হি তিবারী] ব্রাহ্মণের জাতিবিভাগ-বিশেষ ; ত্রিবেদী।

তেওরা বি [সং 'ত্রিপুট'—মূল] তালবিশেষ। [ইহার মাত্রাসমষ্টি সাত। পদবিভাগ ও তালি তিন ;—তাহার একটা ত্রিমাত্রিক,—যাহাতে সম ; আর দুইটা দ্বিমাত্রিক। ঐ তিন পদ দুইবার লইয়া, একটা ত্রিমাত্রিক পদে সমের তালি, অপর ত্রিমাত্রিক পদে ফাঁক দিলে, তেওরা তাল সম্পূর্ণ হয় (গী.সা)।]

তেঁ ক্রি.বিং [দ্র 'তে৩'] সে হেতু ; তাহাতে। "তেঁ কুচ গাড়ল কঠিন কাঁট বি.সা ১৯৯। তে অতি করয়ে বিষাদে।—ব ২৫। [তেঁউ, -এ—সেই হেতু। "শ্রী.কী ২৯ ; ৪৫। তেঁসি—সে হেতু। "তেঁসি না বুঝসি শ্রী.কী ২১। কৃ.উ ৪৬। তেঁসি তোক্ষা রাখিবারে পরকার করে ব.প ৯৬৮।]

তেঁতুল, -লী বি [সং তিন্তিড়ী, -লী ; ড় তেন্তলি ; তেলেগু—'চিন্তা' (সং চিঞা) ; তেন্তলি (চ) ; তেন্তলি (শি ১৭)] তেঁতুল (গাছ, ফল)। "তেঁতুলী তলাতে চৈ.চ ১৯০। [তেঁতুলে বিছা—তেঁতুলের মত রাঙা গাঁঠওয়ালা বিছে।]

তেঁদড় 'ত্যা-' বিং ['তণ্ডাকর'—মূল (?) ; ড় তেঁদড় ; ত্যান্দর (ঢাকা)] দুষ্ট, ধূর্ত্ত। [তেঁদড়ামি—দুষ্টামি।]

তেঁহ, -হি, -হো, -হোঁ সর্ব্ব [তিঁহ, -হো > তেঁহ, -হি, -হো, -হোঁ ; অপ্র] তিনি। "তেঁহো সে মজিঝা গেল সীতার কারণ শ্রী.কী ৬৭। তেঁহো বিষ্ণু কৃ.উ ৯৩ ; ১০৪,-৭ ; তেঁহ তপের সাগর ২৮১। তেঁহ ম ৩১৯। তেঁহ চ.বি ১২৩ ; তেঁহো ১৯৫ ; তেঁহো ২৬ ; ৩১১। তোক্ষার কার্য্যে তেঁহি হারাইল জীবন ব.প ৬৩৩। তেঁহো ভ.গ্র ১৯৪। এসেছেন তেঁহ শ্রী.মা ২৩। তেঁহো চৈ.চ ৮২ ; ১০০। তেঁহ ন.প ১৬৯।

তেকাট, -টা, -ঠা বি [তে২ + কাঠ] সর্থ 'তিকাঠা'। "মাথা কেটে দিয়াছিনু তেকাট উপর শ্রী.মা ২১৭। তেকাটা উপরে মুণ্ড দিল বসাইয়া শ্রী ২৪৯।

তেকেলে বিং ['ত্রিকালীয়'—মূল] তৃতীয়বয়ঃকাল(বার্দ্ধক্য)প্রাপ্ত ; বুড়া, বুড়ী। "সে-কেলে তে-কেলে মাগি দা ৯৫৪।

তেগা বি [ফা তেগ্. ; হি, ঠ °গা] অসি, খড়্গ। "ব.প ১৪৭৯।

তেঘাই বি [ত্রিঘাতী ?] বাদ্যবিশেষ (কি বাদ্য ?)। "কৃ.উ ১৫৪। তেঘাই তেয়াড়া বাজে।—শ্রী.মা ১২৭,-৫৬,-৫৯ ; ২১৫।

তেচখ্যা, -চোখো বি ক্ষুদ্রমৎস্যবিশেষ (ইহাদের মাথার উপরে চোখের মত চিহ্ন আছে)। "°খ্যা পি ৮৫।

তেচল্লিশ স.বিং [সং ত্রিচত্বারিংশৎ > লি তিচত্তালীসতি ; প্রা তিচত্তা ; 'তেআলীসা' (হে ২.১৭৪) ; হি তেতালীস ; গু তেতালিশ] ত্রিচত্বারিংশৎ-সংখ্যক। "তেচল্লিশ লক্ষাধিক ছু ২৭। চৈ ২৪৪। —শ বি তেতাল্লিশ (৪৩) এই সংখ্যা।

তেজ১ বি [সং তেজঃ > লি তেজ ; হি, ঠ °জ] ১ দীপ্তি, প্রভা, কান্তি। "দেখিয়া প্রভুর তেজ পাইলা বিস্ময় চৈ.ভা ৩৮৭। ২ কিরণ, তাপ। ৩ তীক্ষ্ণতা, ঝাঁজ। "চুনের, তামাকের তেজ। ৪ প্রখরতা। "রোদের তেজ। ৫ ক্ষিপ্রতা, বেগ। "বায়ুতেজে পুষ্পবৃষ্টি হয় ম ৫৬। তরঙ্গ-তেজে দুকূল উথলে শ্রী ১৭৯। ৬ পরাক্রম, প্রভাব। "তোমা তেজে তপ করে সব মুনিগণ কৃ.উ ২৫৫। ৭ বল, জোর। "তাহার অধিক তেজ রঘুর শরীরে।—কৃ.উ ১৪৮। কৃ ২৪৯। ৮ বীর্য্য, বীজ। "দেবগণ তেজ এড়ে বানরীর পেটে কৃ.উ ১৪১। কৃ ৫৫। ৯ প্রভাব, শক্তি। "ত্রিভুবন জিনি সেই জাঠাগাছ তেজে কৃ.উ ১৮৬। শ্রী ১৪৪। ১০ অভিভব-অসহন, স্পর্দ্ধা। ১১ কোন দ্রব্যের সারাংশ। —জ বিং [ফা তেজ্.] চড়া (দর)। "বাজার তেজ। [°বান (সং তেজস্বান্) —বেগবান্। "°বান ঘোড়া চ.বি ২৬৩। °মান (সং তেজস্বান্) —শক্তিমান্। "ছু ৫৪। °রাশি (সং তেজোরাশি)—তেজঃপুঞ্জ। "গ ২১২। °সালী ('তেজঃশালী' সাধু)—বেগবান্ (ঘোড়া)। "অ.প ৩২।]

তেজ২ সর্ম্ম [সং √ত্যজ্ > প্রা √তেজ্জ (পৈ) > বা তেজ ; মৈ °জ] ১ ত্যাগ করা ; ছাড়া। "তেজই তীখনি শাস বি.প ৮৪। তেজব পরাণ ১৬৩ ; তেজলু আশ ১৭৯। তেজি উপভোগ গো.বি ১০। তেজ তেজ ও বিহার শ্রী.ম ৬০। তেজ রণ ম.পা ২১। কামিনী কি তেজই কান্তক-কোর গো ২০৪। ২ অগ্রাহ্য করা। "তেজিলা গুরুর বোল গো.বি ১১২। সুন্দরি অব তুহুঁ তেজসি কান।—ব ১৭৪। ৩ উদগীর্ণ করা ; উগরান। "(বাণ ফণধর) তেজিছে গরল চ.বি ৮৭। ৪ অঙ্কিত করা। "জনু সে সোণার, কসি কসটিকে, তেজল কনক রেহা বি.প ২০২। [তেজ, -জসি, -জহ, -জিআ, -এঁ, -জিলো, -লোঁ, -জিবোঁ, -জু -জুক, -জোঁ (শ্রী.কী)। তেজিম (গো.চ)। তেজউ, -জত, -জল, -জলি, -জলুঁ (প.ক)। তেজন (অপ্র)—ত্যাগ। "শরীর° ভ.গ্র ৪১৭। পরিতেজি—পরিত্যাগ করিয়া। "চিনি পরিতেজি চিটাতে আদর এত ব.প ৯৮৭।]

তেজঃ (-জস্) ক্লী [√তিজ্ + অস্ (অসুন্)-ভা, -ণ ; 'তেজস' —তৈক্ষ্ম্য (ঋগ্বেদ ১.৫৫.১)] ১ নিশান, তীক্ষ্ণীকরণ। ২ নিশিতভাব, তীক্ষ্ণতা, ধার। ৩ দীপ্তি, প্রভা, আলোক। "তেজস্তাদ্মি বিভাবসৌ গী ৭.৯। রঘু ৪.১। সামানাধিকরণ্যং হি তেজস্তিমিরয়োঃ কুতঃ মাঘ ২.৬২। ৪ তাপ, উত্তাপ। ৫ তৃতীয় মহাভূত ; (বৈশেষিকে) নব-দ্রব্যের অন্যতম। ৬ অগ্নি। ৭ পিত্ত। ৮ কান্তি, সৌন্দর্য্য। "রঘু ৩.১৫। কি ৬.৪৬। ৯ প্রভাব, অপ্রতিহতত্ত্ব। "তেজস্তেজস্বিনামহম্ গী ১০.৩৬। রঘু ২.৭। শ ৭.১৫। ১০ তপঃপ্রভাব। "তপোধনেষু

…দাহাত্মকমস্তি তেজঃ শ ২.৭। ১১ প্রতাপ। ১২ পরাক্রম, শৌর্য্য, বীরত্ব। "তেজস্তেজসি শাম্যতু উ.চ ৫.৭। তেজস্বিতেজসা।—পঞ্চ৩.৩১। ১৩ তেজস্বী, বীর্য্যবান্। "তেজসাং হি ন বয়ঃ সমীক্ষ্যতে রঘু ১১.১। ১৪ ব্যবসায়, উদ্যম। ১৫ প্রাণনাশেও শত্রুকৃত ভর্ৎসনাপরাভবাদির অসহনরূপ গুণবিশেষ। 'সা.দ ৩.৫৪। ১৬ রেতঃ, বীর্য্য। দুষ্মন্তে নাহিতং তেজঃ শ ৪.৪। রঘু ২.৭৫। মী ৮। ১৭ সার। "সুশ্রুত ১.১৫.১৮। ১৮ মজ্জা। ১৯ নবনীত। ২০ সুবর্ণাদি। "কু.স ১.৫১। ২১ তেজোময় পদার্থ; জ্যোতিষ্ক। "মহা ১৩.১০৪.৬৩। শ ৪.২। ২২ বেগ; অশ্ববেগ। ২৩ প্রাগল্‌ভ্য(ত.বা)। ২৪ চৈতন্যাত্মক জ্যোতিঃ। ২৫ সত্ত্বগুণজাত লিঙ্গদেহ। ২৬ রজোগুণ। 'তৈজসো রাজসঃ স্মৃতঃ (ত.বা)। ২৭ দর্প। 'তেজো নাম দর্পাপরনামা সত্ত্বগুণবিকারঃ (ত.বা)। ২৮ বিষ্ণু (মহা)। ২৯ শিব (মহা)। [°পুঞ্জ (বি)—তেজোরাশি। "সী ৬। তেজস্পুঞ্জ ('তেজঃপুঞ্জ' সাধু)—তেজোরাশিসম। "(কৃষ্ণদাস) তেজস্পুঞ্জ ভ.গ্র ১৭৬। ভবানন্দ মধ্যাহ্ন সূর্য্যের ন্যায় অতিশয় তেজস্পুঞ্জ কু.চ ৫।]

তেজন ক্লী [√তিজ্+অন (ল্যুট্)-ভা] ১ তীক্ষ্ণীকরণ, নিশান। "সুতেজনৈঃ (শরৈঃ) মহা ৪.৪৮.১৭। ২ উদ্দীপন, দীপ্তীকরণ। ৩ ঘর্ষণ-সংস্কার, পালিস করা। ৪ [+অন-র্ম্ম] শরফলক। "স্খলিত° (আয়ুধ) মনু ৭.৯০। ৫ অস্ত্রধারা। ৬ [+অন-ণ] 'উদ্দীপনসাধন', বংশ; শর, মুঞ্জতৃণ। —নী স্ত্রী মূর্ব্বা, তৃণগুচ্ছ, শষ্প।

তেজনী দ্র 'তেজন'।

তেজপত্র ক্লী [বহুব্রী] 'তীব্রগন্ধপত্র', তেজপাত-গাছ; তেজপাত (ভাবপ্রকাশ)।

তেজপাত, -তা বি [সং °পত্র] সর্থ 'তেজপত্র' (bay leaf)।

তেজব'রে বিং [দ্র 'তিঅজ'; তেজ+বর-এ° ; ঠ তিজবর] তৃতীয় পক্ষের বর। "অ.গু ৩।

তেজস্কর বিণ [তেজস্+ √কৃ+অ (ট) তাচ্ছীল্যে; স্ত্রী -রী] তেজো-বর্দ্ধক, বলকর, উদ্দীপক, দীপ্তিকর।

তেজস্বতী দ্র 'তেজস্বান্'।

তেজস্বান্ (-স্বৎ) বিণ [তেজস্+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -স্বতী; ছান্দস] ১ তেজোযুক্ত, দীপ্ত। ২ প্রভাববান্; বলবান্। —স্বতী স্ত্রী ১ চবিকা, চই। ২ মহাজ্যোতিষ্মতী লতা।

তেজস্বী (-স্বিন্) বিণ [তেজস্+বিন্ (বিনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -স্বিনী] ১ তেজোযুক্ত, দীপ্ত, উজ্জ্বল; কান্তিমান্। "(রথী) তেজস্বী মধ্যাহ্নে যথা দেব অংশুমালী মে ১৯৬। ২ প্রভাববান্। "গী ১০.৩৬। মাঘ ২.৫১। ৩ উদ্যমশীল, অনলস। "মনু ৯.৩১০। ৪ বলবান্, বীর। "উ.চ ৬.১৪। কি ১৬.১৬। ৫ বেগবান্, প্রবল। ৬ প্রাণনাশেও যে শত্রুকৃত অপমানাদি সহ্য করে না; তেজী। ৭ জ্যোতিষ্মান্, প্রভাময়। "কিছু দূরে যে প্রকাণ্ড তেজস্বী বৃক্ষ দেখিতেছ,…তাহার নাম জ্যোতিষ চা.তৃ ৪। —স্বিনী স্ত্রী জ্যোতিষ্মতী লতা।

তেজা বিং [তেজ+আ[১২]] ১ তেজোযুক্ত,বলবান্, বীর। "বলেতে পাণ্ডব তেজা ম ৫২৫। আমি বলে তেজা ম.ভা ১৬। ২ প্রতাপশীল, প্রভাববান্। "(রাজা) অনলসমান তেজা।—ম ১১৮৮। ৩ তেজস্বী, তেজী। ৪ তীব্র, কড়া। ৫ (অপ্র) শ্রেষ্ঠ। "(রাজা) সর্ব্বগুণে তেজা শ্রী.মা ১।

তেজারৎ বি [আ 'তিজারত্'—ব্যবসা; হি তেজারত্] সুদে টাকা কর্জ্জ দেওয়ার ব্যবসা; কুসীদব্যবহার। —তী বিং [ফা তিজারতী] তেজারৎ সম্বন্ধী। —তী বি তেজারতের কাজ।

তেজাল বিং [তেজ+আল[৮]] ১ তেজস্বান্, উজ্জ্বল। ২ ঝাঁঝাল, কড়া। ৩ তেজী।

তেজিত বিণ [√তেজি+ত (ক্ত)-র্ম্ম] ১ তীক্ষ্ণীকৃত, নিশিত, শাণান। ২ উত্তেজিত।

তেজিয়ান বিং [সং তেজীয়ান্] ১ তেজস্বী, তেজী। ২ তপঃপ্রভাব-সম্পন্ন। "তেজিয়ান যা করে করিতে পারে তাই শ্রী ২৮।

তেজী বিং [তেজ+ঈ[৭]] ১ তেজস্বী। দ্র 'তেজীয়ান্(৩)'। ২ [ফা 'তেজী'—তীব্রতা] ঝাঁঝাল, কড়া, স্পষ্টভাষী।

তেজীয়ান্ (-য়স্) বিণ [তেজস্বিন্+ঈয়স্ (ঈয়সুন্)-১ব, স্ত্রী -য়সী; ছান্দস] ১ অতিতেজস্বী, তেজস্বী (শ্রীধর), তপঃপ্রভাবান্। "ভ ৩.১২.৩১, ২৩.৩; ৪.৬.৪; তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা ১০.৩৩.২৯। মধুপুরে কুব্জার করিলে পরিতোষ। তেজীয়ান্ পুরুষে পরশে নাই দোষ॥ —শি ৮৪। সাধনে তেজীয়ান্ ভ.গ্র ২৭২। ২ (বাঙ্‌লায়) বিক্রমশালী, বলবান্। "পরীক্ষিত নাম হবে মহাতেজীয়ান্ ম ১০১৪। দানাগণ তেজীয়ান ক.চ ২৬৮। ৩ যে শত্রুকৃত অপমানাদি সহ্য করে না; তেজী। "নিজে তুমি তেজীয়ান্ বোঝ তেজীয়ান্‌মান ব.সু ১৬।

তেজোবন্ত, -মন্ত বিং [তেজস্+বন্ত, মন্ত[২]; প্রা তেঅমংত (তেজস্বী)] ১ তেজোবান্, ভাস্বর। "(কলেবর) মহাতেজবন্ত জেন উদিত ভাস্কর অ.প ৮১। ২ উগ্র, প্রচণ্ড, অসহিষ্ণু। "সদা ক্ষমী না হইবে সদা তেজোবন্ত ম ৪১৭।

তেজোবান্ (-বৎ) বিণ [তেজস্+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -বতী] ১ তেজোযুক্ত, প্রদীপ্ত। "(মুক্তাফলম্) কৌবেরং প্রমাণ-তেজোবৎ।—বৃহৎসংহিতা ৮১.৬। চ.বি ২৯৩। ২ তীব্র, উগ্র। ৩ বলবান্। —বতী স্ত্রী সর্থ 'তেজস্বতী'।

তেজোবৃত্ত ক্লী [ষ.ত] বীর্য্যের অনুরূপ কার্য্য। "মনু ৯.৩০৩।

তেজোমণ্ডল ক্লী [ষ.ত] প্রভামণ্ডল, তেজোরাশি। "সর্ব্বা এতস্মিং-স্তেজোমণ্ডলে একীভবন্তি।—প্রশ্নোপনিষৎ ৪.২।

তেজোময় বিণ [তেজস্+ময় (ময়ট্); স্ত্রী -য়ী; বৈদিক] ১ প্রচুর-তেজোবান্, তেজঃপ্রচুর। "তেজোময়ৈর্গোভিঃ রা ১.৭.২৪। গী ১১.৪৭। ২ তেজোবিকার, তেজঃস্বরূপ। "সর্ব্বতেজোময়ো হি সঃ (রাজা) মনু ৭.১১। ৩ তেজঃপ্রকাশিত (লোক)। "মনু ৬.৩৯।

তেজোমূর্ত্তি বিণ [বহুব্রী] তেজোরূপ, স্বপ্রকাশ। "স্থানং তেজো-মূর্ত্তি মনু ৩.৯৩। —র্ত্তি পুং 'তেজোদেহবান্', সূর্য্য।

তেজোরূপ ক্লী [বহুব্রী] ১ তেজঃস্বরূপ, ব্রহ্ম। ২ [ষ.ত] তেজের রূপ।

তেজ্য বিং [সং ত্যাজ্য; অপ্র] পরিহার্য্য, বর্জ্জনীয়। "ব্যভিচারী সেই মোর বহুকাল-তেজ্যা ভ.গ্র ৪১৭,-৮।

তেঞি[১] সর্ব্ব [তেঁহি > (তেঁই) °ঞি] তিনি। "তেঞি পুছিলেন্ত জৈমিনি অ.প ৪; ৯; ৯৩,-৭।

তেঞি[২] দ্র 'তেই'।

তেড় দ্র 'তেউড়'।

তেড়া বিং [দ্র 'টেড়া'] ১ বাঁকা। ২ কোপন, কড়া (মেজাজ)। —ড়ি বি বাঁকা সীঁতি। দ্র 'টেরি'। "°কাটা…মাষ্টার বাবুরা ব.ছি ১০। —ড়ী বি তেড়াভাব, বক্রতা, কুটিলতা। "স্বামী সেবা করতে না করিবে তেড়ী ব.প ৩৯০। [তেড়া-বাঁকা—একার্থক শব্দ। তেড়ি-কাটা—বাঁকাসীঁতি-কাটা। "তেড়িকাটা তরুণ তরুণী।—হেম ৩৮০।]

তেড়ি, -ড়ী দ্র 'তেড়া'।

তেত বিং [তিত[১] > °ত] তিক্ত, বিরক্ত। "তুই স্বভাবতঃ মিষ্টি, কিছুতেই তেত হস্ নে লী ৩১।

তেতলা বি ত্রিতলযুক্ত, ত্রিভূম (বাড়ী)। —লা বি ত্রিতল বাটী।

তেতালা বি সঙ্গীতে চতুর্মাত্রিক তালবিশেষ। [ইহার সমগ্র মাত্রা-সমষ্টি বোল; চারিমাত্রাবিশিষ্ট সমান চারি পদে বিভাগ করতঃ, একটি পদে ফাঁক ও অপর তিনটীতে তিনটী তালি দেওয়া যায় বলিয়া, ইহাকে সাধারণ 'তেতালা' নামে কহা যায় (গী.সা)।]

তেতাল্লিশ স.বিং সর্থ 'তেচল্লিশ'।

তেত্রিশ স.বিং [সং ত্রয়স্ত্রিংশৎ > লি তেত্তংসতি, প্রা তেত্তী(ত্তী)স ; হি, ঠ, গু তেন্তীস ; প তেতী ; ড় তেতীশ ; তেত্তিশ (শূ)] ত্রয়স্ত্রিংশৎ-সংখ্যক। —শ বি তেত্রিশ (৩৩) এই সংখ্যা। [তেত্রিশ কোটি দেবতা—দ্বাদশ আদিত্য, অষ্টবসু, একাদশ রুদ্র ও অশ্বিনীকুমারদ্বয় —এই তেত্রিশ দেবতা (রা ৩.১৪.১৪,-৫)। মতান্তরে, অশ্বিনীকুমার-দ্বয়ের পরিবর্ত্তে 'ইন্দ্র ও প্রজাপতি' (বৃহদারণ্যক ৩.৯.২। মহা ১.১.৪১, নীলকণ্ঠ ; ৬৬.৩৭)। এই সংখ্যা হইতে পুরাণোক্ত তেত্রিশ কোটি দেবতা (দ্র 'ভা.উ, ২য় ভাগ, উপক্রমণিকা ১৪৫ পৃষ্ঠা)। "দেবতা তেত্রিশ কোটি ভা.চ ৫০২।]

তেথরি, -রী বিং [তে২+থর+ই৮, ঈ৭] ত্রিস্তরবিশিষ্ট, তিন স্তবকে সজ্জিত ; তিন লহরে গ্রথিত ; তেনরী। "তেথরি…বান্ধে চাঁদমালা শ্রী ৩৪ ; সারি সারি তেথরি কেশরী হরি করী ৫৬। তেথরি মুক্ত ব.প ১৫২১ ; তেথরী পঁহুচী ১৮৯৮। নলকে ঝুরি তেথরি তার দানা দা ১৬৩৩।

তেন বিং [সং তথা > প্রা তেম (হে, পৈ) > বা °ন] ১ সেরূপ, তাদৃশ, তেমন। "তেন বুদ্ধি পরাক্রম ম ৫৯১। তেন ফল পাবে চ.বি ১৫১ ; যেমত সুন্দরী তুমি তেন আছে বর ২০৭। তেন শঙ্করের বুদ্ধি ব.প ১১৮। দ্র 'যেন'। তেন অঙ্গভঙ্গ করে ম.ম ৪৫। ২ তদবস্থাপন্ন। "কেমনে ছাড়িবে তেন মায় চৈ.ম ১৩৯। —ন ক্রি-বিং ১ সেরূপ, সেপ্রকার। "আমার কুলের তেন ইহারে জানহ ম ৬৪১ ; ১০৮৪। সংগ্রাম হইল তেন চ.বি ৫৪। দ্র ৩২,-৬। তেন…ভজে ৫৮। তেন কলি-বিষ নাশে লৌকিক কীর্ত্তনে ব.প ৮৪২। ২ [তৈথন > °ন (?), দ্র 'তে১ ; অপ্র] সেই সময়ে ; তখন। "দধিমুখ তেন গেলা কিষ্কিন্ধ্যা-নগরী কৃ.উ ১৩৪। অভয়া আছিলা তেন হাতে শরাসনে চ.বি ৯৮। তেনই—সেরূপই। "বৃষের আকার ধরি তেনই গর্জন শ্রী.ম ৩৬। তেনহি—তেমনই। "শাপ বিমোচন তার৹ হইবেক তেনহি সময় গ ২০৯।]

তেনমত বিং [তেমত > °ত ; অপ্র] সেরূপ, তাদৃশ। "তেনমত হয়ে বাণ ভূতলে পড়িল ম ১৯০। কেয়ূর তেনমত নিরমাণ চ.বি ১৮৬। তেনমত মহা শব্দ।—গ ১৫০। —মত ক্রি-বিং সে-প্রকার। "তেনমত …লাগে ম ৩২০। তেনমত যাবে ম.গা ২। তেনমত বেচে কিনে ক.চ ৪৯। ব.প ৬৪৫। ভ.প্র ৭৮। —মতে ক্রি-বিং [°ত+এ৫] সে-প্রকারে। "তেন মতে যাবে গো.চ ৩১৫। তেনমতে নিয়া যুধিষ্ঠির আগে দিল ম.বি ১৯১।

তেনমন বিং [তেমন > °ন ; অপ্র] সর্থ 'তেমন'। "সর্ব্ব-অবতার-বীজ শচীর নন্দন। যথনে যে পড়ে মনে হয় তেনমন॥ —চৈ.ম ১১৭।

তেনরি, -রী বি [°র+ই৮, ঈ৭] তিন-নর-যুক্ত, ত্রিযষ্টিকা। "°রী মোহনমালা ব.প ১৫২০। চিকণ মালা তেনরি দা ১৬৩৩।

তেনরূপ বিং [তেনমত > °প (অনুকরণে) ; অপ্র] ১ সেরূপ, অত্যধিক। "মাঘমাসে তেনরূপ হিমের সঞ্চার ম.পা ১৬২। ২ তাদৃশ-রূপবিশিষ্ট, তদাকৃতি। "যার যেন হিয়া কৃষ্ণে দেখে তেনরূপ চৈ.ম ১৮৭। —রূপ ক্রি-বিং সেরূপে, সেপ্রকারে। "আষাঢ় শ্রাবণে যেন, বরিষয়ে ঘোর ঘন, তেনরূপ পড়ে অস্ত্রগণ ম ৭৭৬।

তেনা '-ত্যা' বি সর্থ 'টেনা'। "তেনা পরিধান কর চ.দা ৩১।

তেপথা, -থি, -থী বি [সং ত্রিপথ ; তু 'পথিন্' ; সং অপ্র] তিন পথের সন্ধিস্থল ; তেমাথা। "তেপথিত বসিয়া গো.চ ৪৫,-৯ ; তেপথীত ৯৮ ; তেপথা ৯৯। তেপথীত ব.প ৪০ ; তেপথিত ৪৩।

তেপ'লে বিং [তে২+পল৩+এ৭] তিনপল-বিশিষ্ট, ঝাড়ের কাচ-কলকের ন্যায় ত্রিপার্শ্বযুক্ত (prismatic)। "তেপ'লে কাচ।

তেপাটী বি পরস্পর জোড়া তিনখান পাট (তক্তা)। "দোপাটী তেপাটী করি, পাট জোড়ে সারি সারি বা.ম ১৪৫।

তেপান্তর দ্র 'তৃপান্তর'।

তেপায়া বি [সং ত্রিপদ, -দিকা ; হি তিপাঈ ; ঠ তিপাযী ; জাটু —তিরাঈ ; Gr. tripous ; E. tripod ; ফা সে-পায়া।] তিন-পায়া-যুক্ত আধারবিশেষ।

তেমত, -মন বিং [তে-মন্ত > (তেমন্ত) °ন, °ত ; মৈ তেহন ; তু 'এমন্ত' (শূ ২৮)] সেরূপ, তাদৃশ। [তেমতি—সেরূপই। "তেমতি শ্যামের চিকণ দেহা চ.দা ৪। তেমন তেমন—সেরূপ-সেরূপ ; তত্তৎ-প্রকার ; বড় বেগতিক কিছু। "তেমন তেমন দেখলে বাবা ঢুকব আড়ালে।—গান ১২। তেমনি—১ সেরূপই। ২ তৎক্ষণাৎ। "যেমন পড়া, তেমনি মরা। ৩ (অপ্র) তবে নি ; তবেই। "তেমনি ডাহিনি মএনা এই নাওঁ পাড়াব গো.চ ৭৮।

তেমতি বি ['ত্রিমাত্র'—মূল] ত্রিমাত্রাবিশিষ্ট ; তেথরী, তেনরী। "পুঁতি দোমতি তেমতি শ্রী ৫৫।

তেমহলা বিং তিন মহলাবিশিষ্ট ; তিন ভাগে বিভক্ত। "বাড়ীতে মহল তে-মহলা দা ২০৩৮।

তেমাথা বি তিন পথের মাথার সন্ধিস্থল ; ত্রিপথ। "তেমাথায় পোড়ায়ে ললাটে লিহ ফোঁটা ক.চ ১৩৭।

তেমু(মো)হানা বি [দ্র 'মুহানা'] তিন নদীর মুখের সন্ধিস্থল ; ত্রিবেণী।

তেয়জ বিং [দ্র 'তিঅজ'] তৃতীয়। "তেয়জ মরত পথ শতেক যোজন কৃ.উ ৯০ ; তেয়জ অংশে ২০৮। [তেয়াজী গাই—তিন বিয়নের গাভী।]

তেয়াগ১ বি [সং ত্যাগ > বা (স্বরাগমে) তিয়াগ > °গ] ত্যাগ। "পুনবত গরব তেয়াগ ব ১৬।

তেয়াগ২ সর্ম্ম [তেয়াগ১ > °গ] ত্যাগ করা ; ছাড়া। "তেয়াগিয়া উপরোধ৹ গঙ্গারে কহেন কটুভাষে ভা.চ ১৯৩ ; ৩৮৪। [তেয়াগল, -গি, -গিয়া, -গিলুঁ (প.ক)।]

তের স.বিং [সং ত্রয়োদশ > লি তেরস ; প্রা তের, -রস ; 'তেরহ' (পৈ) ; হি, মৈ তেরহ ; প.তেরাং ; ঠ তেরা ; গু তের ; সি তেরহাং ; ড় তের ; ত্যার (গো.চ)] ত্রয়োদশসংখ্যক। —র বি তের (১৩) এই সংখ্যা। "বার বৎসরের নারী তের নাহি পুরে গো ৪৫৭। [তেরই —মাসের ত্রয়োদশ দিন।]

তেরচ, -ছ বিং [সং তির্য্যচ্ > প্রা তিরিঅংচ, তেরিচ্ছ > বা °চ, -ছ ; হি তিরছা ; ঠ তেরসা] ১ বক্র, আড়। "তেরছ নয়নে শ্রী.কী ৩৭০। তেরছ নয়ানে চ.সা ১২৪ ; গো ১০৬ ; ন.প ১৩৯। (মোহিনী) তেরচ হইয়া দৈত্য চাহে ম.ম ৪৫। তেরছ নয়নের৹ বাণের সন্ধানে ব.প ৯৭৯ ; তেরছ চাহনি ১১১৭। তেরছ নেত্রাস্তবাণ চৈ.চ ২১৯। তেরছ বন্ধানে ব ১৫২। ২ কা'ত, একপাশে হেলা। "ভাও৹ তেরছ হৈল ল শ্রী.কী ১৭৮। তেরচ পড়িল থালী—মাথা কাটা গেল চৈ.চ ১২৩। ৩ লম্বা-লম্বি, আড়। "(উদুখলে) তেরছ হইয়া লাগে গোড়ে শ্রী.ম ৩০ ; ব.প ৭৮১। ৪ তির্য্যগ্‌ভাবে লম্বমান। "চমড় কাঠের৹ বাঁহুক বোড়িঅা৹ তেরছ কৈল সাঁকা শ্রী.কী ১৭৭। —চা বিং সর্থ 'তেরচ'।

তেরা সর্ব্ব [সং তব, ত্বদীয় ; হি তেরা] তোমার, তোর। "পদ তেরা শ্রী.ম ১৬২। পদ্ম নেহারই তেরা গো ১৮৭। সাহেব করেগা তেরা নিয়ত হাসিল রা.স ১২ ; ৩১। —রি তোমার। "এ তেরি উচিত নহে শ্রী.ম ৬০ ; ১১৫ ; তেরিপদ ২৫০।

তেরাত্তির, -রাত্রি বি ['ত্রিরাত্রি'—মূল] তিন রাত ; তিন অহো-রাত্র। "দুই চক্ষু খাবে তুমি তেরাত্রির মধ্যে।—দা ৩২৪। আমার টাকা মারলে…তেরাত্তির পোয়াবে না অ.প্র ৮৪।

তেরিজ বি [তেরছ > °জ (?) ; ঠ তেরীজ] 'তির্য্যগ্‌লিখিত সংখ্যা-সমূহ' ; সঙ্কলন, যোগ, ঠিক। "তেরিজ ধারণ কথা (শুভঙ্কর)।

তেরিমেরি বি [হি তেরা মেরা (তোর আমার) ; ঠ, শু তেরীমেরী] অশিষ্ট বাক্য ; কটুবাক্যে বিবাদ ; গালি-গালাচ। "ঠক্‌ করে °রি আ.ছু ১২০। [তেরি-মেরি করা (হি তু-তু মৈ-মৈ করনা)—তুই-মুই করিয়া বিবাদ করা ; কুবাক্য বলা ; গাল-গালাচ করা। "মোগল রহিল ঘেরি, সদা করে °রি ভা.চ ৪৮৭।]

তেরিয়া বিং [সং তির্য্যক্ > প্রা তিরিঅ > বা °য়া] ১ উদ্ধত, উগ্র, কড়া (মেজাজ)। ২ রুষ্ট, ক্রুদ্ধ। "বাঞ্ছারাম বাবু তেরিয়া হইয়া উঠেন—তাঁরও উত্তম মধ্যম হয় আ.ছু ১১৮। ৩ কোপন।

তেরিয়ান বিং তেরিয়া-মেজাজ পুরুষ ; (উপহাসে) মর্দ্দ। "টপ্পা গেয়ে তেরিয়ান উঠিলেন ফুলে।—হেম ৩৭৭।

তেরেস্তা বি [P. trinta] প্রেমারার পারিভাষিক শব্দ।

তেল বি [সং তৈল > লি তেল, প্রা তেল, -ল্ল > বা °ল ; হি, ঠ, মৈ শু °ল ; ত্যাল (গ্রাম্য—জা ৩৫ ; গো.চ)] ১ তিলসর্ষপাদির স্নেহময় পদার্থ। "মানুষের তেলে জলেই শরীর আ.ছু ৩৭। ২ প্রাণিদেহস্থ তৈলবৎ পদার্থ। "মাছের তেল। ৩ (অশিষ্ট) রস, স্পর্দ্ধা, চুলকানি। "তেল হওয়া। [°কালি, -লী—তৈলমিশ্রিত কালি ; চকচকে গাঢ় কাল। "বর্ণটী তো তেলকালী ন.ত ৪। °কুচকুচে—তেল-মাখান দ্রব্যের মত চকচ'কে। °চিঠা—তেলধুলায় মিশ্রিত চিটের মত ময়লা। °তামাক—তৈলমর্দ্দনপূর্ব্বক ধূমপান। "তেল তামাকে পিত্তনাশ। যদি কর বার মাস॥—প্রবচন। °ধুতি—স্নানের সময়ে পরিয়া তেলমাখার কাপড়। °পলা—একপলা তেল। "নী ৬৯। °শাক—তেলে-ভাজা শাক। তেলে-বেগুনে জ্বলে উঠা, যাওয়া—বেগুন দিলে উত্তপ্ত তেল যেমন চড়চড় করে, সেইরূপ কোন কারণে হঠাৎ রাগে জ্বলিয়া উঠা। "একটু মানের ত্রুটি হইলেই কেহ কেহ তেলে-বেগুনে জ্বলে উঠে আ.ছু ২৬। প্রভুকে দেখেই তেলেবেগুণে জ্বলে গেলেন হু ৭৫। বি.বু ৩।]

তেলক বি [তিলক > °ক (কথ্যভাষা)] তিলক। "°ধারী।—হু ৪৫। আমায় তেলক কেটে দিতে পারিস গি.ছি ৮৪।

তেলঙ্গা বিং তৈলঙ্গদেশীয়। "তেলঙ্গা বাজনিয়া সাজে বি.পা ২৭৪। তেলেঙ্গা গাই চৈ.চ ২৯৭। —ঙ্গা বি ১ তৈলঙ্গবাসী। "তেলেঙ্গায় বাজি করে গো.বি ১৬৭। ২ ['তেল-পতঙ্গ'—মূল] তেলাপোকা। "গো.চ ৩৪।

তেলা বিং [তেল+আ[১২]] ১ তৈলযুক্ত ; তৈলাক্ত (মাথা)। ২ তৈলাক্ত দ্রব্যের ন্যায় ; পিচ্ছিল, পিছল। ৩ মসৃণ। ৪ তৈলসম্বন্ধী, তেলের মত (গন্ধ)। ৫ তেলে ভাজা (খাদ্য)। [তেলা মাথায় তেল দেওয়া—(গৌণার্থে) যাহার আছে, তাহাকে আরও দেওয়া ; ভরা পেট ভরান। "তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ—দরিদ্রের ক্ষুধা কেহ বুঝে না ব.প্র ৬২৫। তেলাল (অস °ল)—তৈলযুক্ত।]

তেলাকচু, -কচুয়া, -কুচা বি [তেলা (তৈলবৎ চিক্কণ)+কুচা (যাহার কুচের মত লাল ফল) ; সং তুণ্ডকেরী ; ড় কাইঙ্কি কাঁকুড়ি (যাহার ফল কুঁচতুল্য লাল এবং কাঁকুড়ের মত)] বন্য লতাবিশেষ (Cephalandra Indica) ও তাহার ফল। "শাক তেলাকচু ম.ম ১৪৪ ; তেলাকচুয়া ১৪৫। পাকা তেলাকুচা শ্রী ১০৮।

তেলা(রো)না, -লেনা বি [ফা 'তিলানা', 'তরানহ্'—গীতবিশেষ] 'না দের দানি দীম' ইত্যাদিরূপ কতকগুলি নিরর্থক শব্দ রাগ ও তাল-যোগে গাওয়ার গান। "ধেত্তেলাং তেল্লেনা দা ১৮৬৬। কত কত কলায়ত ...তেরানা...নক্সাগুলে মশ্‌গুল হইয়া আছে।—আ.ছু ২০৭। [ধ্রুপদ খেয়াল ও ঠুংরী তিন রীতিতেই তেলানা গাওয়া যায়। তেলানার কোন বিশেষ তাৎপর্য্য নাই ; গানের কথার অপ্রতুলবশতঃ নিরক্ষর ওস্তাদগণ দ্বারা তেলানার চল হইয়াছে (গী.সা)।]

তেলানী বি [?] মাটির ছোট হাঁড়িবিশেষ। "তেলানী গভীর নাভি শ্রী.কী ৬৯।

তেলাপোকা বি [সং তৈলপক, -পায়িকা ; হি তেলচট্টা ; ঠ তেল-চুরা] আরশলা (cockroach)।

তেলি, -লী বি [সং তৈলিক > প্রা তেল্লিঅ > বা °লি ; সং তৈলী +বা °লী ; হি, ঠ শু °লী] তৈলবিক্রেতা হিন্দুজাতিবিশেষ। "তেলী শ্রী.কী ৩১৮। তেলি, -লী গো.চ ১১৫ ; ৩৩৭। তেলি ক.চ ৮৮। —লিনী বি [হি তেলিন] তেলি জাতির স্ত্রী।

তেলেগু, তেলুগু বি [সং তৈলঙ্গ] তৈলঙ্গদেশীয় ভাষা ; দ্রবিড়ভাষাভেদ।

তেলেঙ্গা বিং [সং তৈলঙ্গ > প্রা তেলংগ (পৈ)] তৈলঙ্গদেশীয়, তৈলঙ্গজাত। "তেলেঙ্গা ছাগল ম.ম ১০২ ; ২৩৫। —ঙ্গা বি ১ তৈলঙ্গদেশ। "তাহার বসত তেলেঙ্গে কৃ.উ ৫৬। ২ তৈলঙ্গবাসী। ৩ [হি তিলংগা] ইংরেজী ফৌজের দেশী সৈন্য। [ত্যালেঙ্গা—তৈলঙ্গদেশীয় সৈন্য। "গো.চ ৯২ ; ২২৪,-৫।]

তেলো বি [সং তল, তাল ; তু তা—'তালে' ; তেলেগু—'তালা' (মস্তক) > 'তেলো'—মাথার তেলো ; ব্রহ্মতেলো (H.B. 65)] হাতের বা পায়ের তলভাগ বা চেটো। "হাতের তেলো দা ১৯৬৫ ; কা ১০৬। পায়ের তেলো গ.স ৮৯। ওর হাতের তেলোয়...আলতা মাখান ন.ত ৪।

তেষট্টি স.বিং [সং ত্রিষষ্টি > লি তেসট্‌ঠি, প্রা তিসট্‌ঠি > °ট্টি ; হি তিরসঠ ; ঠ ত্রেসট, -ষ্ট ; শু ত্রেংসঠ ; তু 'ত্রিষট্টি' (ম.গা ৬)] ত্রিষষ্টি-সংখ্যক। —ট্টি বি তেষট্টি (৬৩) এই সংখ্যা।

তেষ্টা, তেসটা বি [সং তৃষ্ণা (তৃষ্-ণা) > বা (ত্রিষ্টা > তিষ্টা) °ষ্টা, দ্র 'ণ[১]' ; কথ্যভাষা] পিপাসা। "তেষ্টা গো.চ ২২০ ; তেসটা ২৫০।

তেসনি, -নী বিং [তে+সন+ই[৮], ঈ[৮]] তিনসন-সম্বন্ধী, ত্রৈবার্ষিক। "তেসনী ইনাম ক.চ ৮৩। রাজকর...তেসনি শ্রী ১২৮।

তেসরা বি [হি তি(তী)সরা, ঠ তিসরা ; মৈ তেসর, -রা—তৃতীয় ; Av. 'taisar'—three] মাসের তৃতীয় দিন বা তারিখ।

তেহ সর্ব্ব, বিং [তেঁহ > °হ] সেই (সম্ভ্রমে)। "আসিআ জিজ্ঞাসিবেন তেহ গুণনিধি কৃ.অ ৩২।

তেহ(হি)রা বি সর্থ 'তিউড়ি'। "তিনটা নারিকল দিয়া ন্যাও তিহরা খুচিয়া গো.চ ৮৭। তেহিরা ব.প ৫৪।

তেহ(হে)রি বিং [সং সর > হর ; °হর+ই[৮] ; হি তি(তে)হরী ; ঠ তিহিরী, -হেরা, -রী] ত্রিসর-সম্বন্ধী, ত্রিবষ্টক, তেনরী। "তেহরি চাঁপার মালা শ্রী.মা ৮৫ ; তেহেরি...মালতীর মালা ৯৬ ; তেহেরি...মল্লিকার দাম ১৩৫।

তেহাই[১] বি ['ত্রিভাগীয়'—মূল ; তু 'সং ত্রিভাগ > প্রা তিহাঅ (ক.ম) ; হি, প তিহাঈ] তৃতীয়াংশ, তিন ভাগের একভাগ। "এক তেহাই কড়ি ক.চ ৮৩।

তেহাই[২] বি ['ত্রিঘাতী'—মূল] ঠেকার পরনের যে শেষ ভাগে এরূপ বোল ব্যবহার হয়, যাহাতে পর পর তিনটী সমকালিক প্রস্বন অতিপ্রবল-রূপে পড়ে ও যাহার শেষ প্রস্বনটিতে সম দেওয়া হয়, তাহা 'তেহাই' (গী.সা)।

তেহি ক্রি.বিং [তেঁহি > °হি] সর্থ 'তেঁহি'। "সর্ব্ব জগতের প্রাণ তেহি সে হরব অ.প ১২৭। তেহি কপালি নাম বি.পা ২৭।

তেহিরা দ্র 'তেহরা'।

তেহু, -হো, -হোঁ সর্ব্ব [তিঁহ > তেহো, -হোঁ, -হু] তিনি। "তেহোঁ গেলাত পাতাল কৃ.উ ১২। তেহু প্রাণপ্রিয়া ব.প ৮২৫ ; তেহু বুঝি প্রসন্না হইলা ৮২৭ ; ১৭৫৫। তেহোঁ অবনী শাসিল চ.থি ৯। তেহু তেজোময় রা.প ৬৪। তেহোঁ চৈ ২০২ ; ব.প ৩।

তেহেন বিং [তেন > তেহন > °হ ; মৈ তেহন] সেরূপ, তাদৃশ।

"রাজা জেন আদেশিল তেহেন প্রকার অ.প ৩২। ইন্দ্রের সভা যেমন. …তেহেন সুন্দর পরিমাণ ম.বি ৪৭।

তেহেরি দ্র 'তেহরি'।

তৈ সর্ব্ব [তহি >(তই) তৈ] ১ সেই (সপ্তম্যন্ত)। "°খণে, -নে। ২ সেই সময়ে ; তখন। "তৈ তেল বেকত পয়োধর শোভা বি.প ২৫।

তৈঁ১ সর্ব্ব [হি তৈঁ] তুমি, তুই। "ও লোক ভি চোর আর তৈঁ লোক ভি সাঁচ্চা রা.স ৩১।

তৈঁ২ ক্রি.বিং [তেঁই > তৈঁ] সে হেতু ; তাই। "তৈঁ ধনী রাখত পরাণে বি.প ১৭৭। তৈঁ বেশ ভৈ গেল আন বি.সা ১৯৯।

তৈক্ষ্ণ্য ক্লী [তীক্ষ্ণ+য (ষ্যঞ্‌)] ১ তীক্ষ্ণভাব, নিশিতত্ব। "শর°, শস্ত্র° (S.W.)। ২ উগ্রভাব, তীব্রতা, কটুত্ব। ৩ তেজঃসম্বন্ধী তীব্রভাব। "রা ১.৩৭.১৯। ৪ ক্রূরতা, কুটিলতা। "ধর্ম্মমাশ্রয় মা তৈক্ষ্ণ্যম্ রা ২.২১.৪৪। মনু ৪.১৬৩। ৫ অপচিকীর্ষা, অপকারেচ্ছা। "সা.দ ৩.১৭৭।

তৈখন, -নি, -নে ক্রি.বিং [তহি > (তই) তৈ+খনে, -নি, -ন] সে সময়ে, তখন, তখনই। "তৈখনে বিগলিত তনু মনলাজ বি.প ৪৫ ; ৭০ ; তৈখনে…আওল কান্ত ১৪১ ; ২০৭। তৈখনে বি.সা ১৭৩। তৈখন ব.প ১০৭৮। তৈখনে হেরইতে গো ৪৯ ; ১২৫,-৮৮। তৈখনে স্তা ২৪। ব ১০৮। তৈখনি অধর রস পিবই মোর রা.শে ১৩।

তৈছন বিং [সং তাদৃশ > প্রা তইস (হে) > বা তৈছ, -ছন (সম > মৈ সন > ছন) ; হি তইসা, তৈসা ; E. Hindi—তইসন, তৈসন C.G. §124) ; ঠ তৈসা ; বৈষ্ণবসাহিত্যে] তাদৃশ, সেরূপ, তদনুরূপ। "বাম বাম যুগ. তৈছন জানত।—গো ৪০ ; তৈছন সুখময় শেজ ১২৯। তৈছন নুপুর চরণে (প.ক)। তৈছন, ইহ পরিণাম ব ১৭৭ ; তুহারি. দরশ বিনু তৈছন (ব্রজপুর) ২০১। —নে, -ছে ক্রি.বিং সেরূপে, সেভাবে। "অনন্ত স্ফটিকে যথা এক সূর্য্য ভাসে। তৈছে জীব গোবিন্দের অংশ প্রকাশে॥—চৈ.চ ৫ ; ৭২ ; ১৬০। তৈছনে সমজোট (দোহে) শ্রী. মা ১৬০।

তৈজস বিণ [তেজস্+অ (অণ্) ; স্ত্রী -সী ; বৈদিক] ১ তেজোবিকার, তেজোময়। "তৈজসস্ত ধনুষঃ রঘু ১১.৪৩। ২ ধাতুময়, সুবর্ণাদিরচিত। "অতৈজসানি পাত্রাণি মনু ৬.৫৩। ম.পা ৫১। ৩ তেজোময়, অর্থাৎ যাহা পাঞ্চভৌতিক নহে। "লোকাস্তৈজসাঃ উ.চ ২.১২। ৪ দীপ্ত, ভাস্বর। ৫ তেজঃসম্বন্ধী, তেজস্বী, বলী। ৬ রাজস। "ভ ২.৫.২৪। ৭ ধাতুসম্বন্ধী, ধাতব। "ভ ৭.২.৪২। —স পুং ব্যষ্টি সূক্ষ্ম শরীরে উপহিত চৈতন্য (বেদান্তসার)। —স ক্লী ১ ঘৃত। ২ ধাতুময় দ্রব্য ; সুবর্ণাদিনির্ম্মিত দ্রব্য ; পিতলকাঁসার বাসন—থালা ঘটী ঘড়া ইত্যাদি। "মনু ৫.১১১। তৈজস কঙ্কণ ম.পা ৩৭। দামী তৈজস কা ১৩৪। তিন চারি খান তৈজস—ইহাই গৃহালঙ্কার ব.ঋ ৫। পুরুষ মানুষ স্ত্রীলোকের তৈজসের মধ্যে ব.প্র ৩৯০। ৩ তীর্থবিশেষ। ৪ [+অ স্বার্থে] ধাতুমাত্র, স্বর্ণরৌপ্যাদি। "তৈজসের শুভ্র থারু ম.পা ৩৮। ৫ তেজঃ ; বল, উৎসাহ (A.)। ৬ [বাঙ্‌লায় ; অপ্র] তেজোময়সূর্য্য। "শরীর তৈজসোপম ব.প ১৫১৫। [°পত্র, °পাত্র (বি)—ধাতুর পাত্র—ঘড়া ঘটী ইত্যাদি। "তৈজসপত্র রহিল যে ব.প্র ৩০। তৈজসাবর্ত্তনী (স্ত্রী)—ধাতু গলাইবার পাত্র ; মুষা, মুছি।]

তৈতিল পুং ১ গণ্ডক, গণ্ডার। ২ দেব। "দানেনারাধিতধরণীতল-তৈতিলগণঃ (দশকুমার)। —ল ক্লী (জ্যোতিষে) করণবিশেষ।

তৈত্তির পুং [তিত্তির+অ (অণ্) স্বার্থে] তিত্তির পক্ষী। —র ক্লী [+অসমূহার্থে] তিত্তিরসমূহ। —রি পুং কৃষ্ণযজুঃশাখাপ্রবর্ত্তক ঋষিবিশেষ।

তৈত্তিরি দ্র 'তৈত্তির'।

তৈত্তিরীয় পুং, বহুব [তৈত্তিরি+ঈয় (ছণ্)] ১ তৈত্তিরি ঋষি কর্ত্তৃক প্রোক্ত কৃষ্ণযজুঃশাখাসমূহের অধ্যেতৃগণ। ২ [°য় (স্ত্রী)—শ.ক] যজুঃশাখাবিশেষ, কৃষ্ণযজুর্ব্বেদ। "তৈত্তিরীয়া ইতি যজুঃশাখা আসন্ সুপেশলাঃ ভ ১২.৬.৬৫। [ভাগবতে নিরুক্তি—বৈশম্পায়নশিষ্য যাজ্ঞবল্ক্য কুপিত গুরুর আদেশে অধীত যজুর্গণ বমন করিয়া প্রস্থান করিলে, মুনিগণ তিত্তিররূপে সেই উদ্বান্ত যজুর্গণ গ্রহণ করেন। তিত্তিরসমূহ কর্ত্তৃক গৃহীত হওয়ায়, এই যজুর্গণ 'তৈত্তিরীয়' নামে প্রসিদ্ধ (ভ ১২.৬.৬৩-৬৫)। বুদ্ধিমালিন্য হেতু এই যজুঃসমূহ কৃষ্ণবর্ণ হইয়াছিল বলিয়া ইহাদের অন্য নাম 'কৃষ্ণযজুর্ব্বেদ' (মহীধরভাষ্য)।]

তৈনাত বি [আ ত.ই'নাত্‌] নিয়োগ, বহাল ; সজ্জিত। "সাড়া শুনি শীঘ্র সবে সমরে তৈনাত শ্রী ১৪০,-৮৬।

তৈনা(নি)তী ; তৈয়ার দ্র 'তেইনাতী ; তয়ের'।

তৈরক (?)। "শ্রী.মা ৮০ ; ১০৬,-৫৯,-৭০,-৯০।

তৈর্থিক বিণ [তীর্থ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] ১ তীর্থসম্বন্ধী, পবিত্র। ২ তীর্থ হইতে আগত ; তীর্থবাসী। "তৈর্থিক সন্ন্যাসী চৈ.চ ৮৫। তৈর্থিক ব্রাহ্মণ ন.প ১০৬। ব্র.প ২৫। ৩ তীর্থযাত্রী। "তৈর্থিক হইব সর্ব্বজন চৈ ২০৮। —ক পুং ১ সাধু। ২ সিদ্ধান্তাভিজ্ঞ শাস্ত্রকার কপিলকণাদাদি (ত.বা)।—ক ক্লী 'তীর্থভব', তীর্থসলিল। "মহা ৩.৮৪.১০৭।

তৈল ক্লী [তিল+অ (অণ্)] ১ তিলবিকার ; তিলজাত স্নেহদ্রব্যবিশেষ। "সর্ব্বেভ্যস্ত্বিহ তৈলেভ্যস্তিলতৈলং প্রশস্যতে (সুশ্রুত)। ২ সর্ষপাদি-স্নেহ। "গো.রা ৬.৭২.২২। সার্ষপং তৈলম্।—যাজ্ঞ ১.২৮৪। °নিষেকবিন্দু রঘু ৮.৩৮। অতৈলপূরাঃ কু.স ১.১০। ইঙ্গুদীনাং তৈলম্ শ ৪.১৪। ৩ স্নেহদ্রব্যমাত্র। "রুই কাতলার তৈলে রান্ধে তৈলশাক ভা.চ ৫৪৭। [°কল্ক (পুং)—'তৈলকল্কজাত', তৈলকিট্ট, তেলের কা'ট। °কার (পুং)—তৈলিক, তেলি ; কলু। "তেলি তাম্বলি… তৈলকার শ্রী ২০২। °কিট্ট (ক্লী)—তেলের কা'ট। °চক্র (বি)—ঘানিগাছ। "হেম ১০৫। °চৌরিকা (স্ত্রী)—তৈলপায়িকা, তেলাচোরা। °দ্রোণী (স্ত্রী)—তৈলপূর্ণকটাহ। "রা ২.৬৬.১৪,-৬। °পর্ণিক (ক্লী), °পর্ণিকা, °পর্ণী (স্ত্রী)—১ চন্দন, হরিচন্দন। ২ সিহ্লক। °ফল (পুং)—ইঙ্গুদীবৃক্ষ ; বিভীতক ; তিল। °যন্ত্র (ক্লী)—তিলাদিনিষ্পীড়ন যন্ত্র, ঘানিগাছ। °শাক (বি)—রুই কাতলার তেলে ভাজা শাক। "ভা.চ ৫৪৭। °সেক (বি)—তৈলদান। "সে প্রদীপে অনেকক্ষণ তৈলসেক হয় নাই ব.ঋ ৫। °স্ফটিক (পুং)—তৃণ-মণি, গোমেদ।] [তৈল-গিলা (হি 'গীলা'—আর্দ্র)—তেল-আবাটা। তু 'তেল-হলুদ'। "ম.গা ৯। গো.চ ৩৩৪। তৈল রঞ্জন করা—বিবাহে স্ত্রী-আচারবিশেষ। দ্র 'বি.পা ৪২,-৩ ; ৮৬ ; ২৮৩।]

তৈলঙ্গ পুং [ত্রিকলিঙ্গ > °ঙ্গ (রঙ্গ ১৮৯, টীকা)] ১ দেশবিশেষ। ২ (বহুব) তৈলঙ্গবাসিগণ। —ঙ্গা বিং ১ তৈলঙ্গদেশীয়। "তৈলঙ্গা পাই চৈ.চ ২৯৭। ২ (?)। "আতাই তৈলঙ্গা কৃ.উ ১৩২। —ঙ্গী বি (বাঙ্‌লায়) তৈলঙ্গদেশীয়া নারী। "নিতম্বে তৈলঙ্গী সবে করে পরাজয়। —ঙ্গী ৭৪।

তৈলপক পুং, -পা স্ত্রী [তৈল+√পা+অ (ক)-ক+ক (কন্) স্বার্থে ; °প+স্ত্রী আ (টাপ্) ; উ.ত] তেলাপোকা। "°ক।—মনু ১২.৬৩। —পায়ক পুং, —পায়িকা স্ত্রী [√পা+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী আ (টাপ্) ; ষ.ত] তৈলপক। "°ক বিষ্ণু ৪৪.২৩। —পায়ী(-য়িন্) পুং [+ইন্ (ণিনি) -ক -১ব ; উ.ত] ১ তৈলপক। "যাজ্ঞ ৩.২১১। ২ অসি। "মহা ৭.১৫৩.৩০।

তৈলবট বি ব্যবস্থাপত্রের মূল্যস্বরূপ স্মার্ত্তপণ্ডিতের প্রাপ্য অর্থ। "সুলভ শাস্ত্রপ্রকাশের সুবিধাই এই যে, কথায় কথায় তৈলবট লইয়া স্মার্ত্তপণ্ডিতের নিকট ব্যবস্থা লইতে ছুটিতে হয় না পা.কো ৪৮। [পূর্ব্বে ব্যবস্থায় মূল্যস্বরূপ তৈল ও বট (কড়ি) দেওয়ার নিয়ম ছিল ; সেই হেতু নাম 'তৈলবট'।]

তৈলবাটী বি রাঢ়ীয় কাশ্যপগোত্র ব্রাহ্মণের উপাধিবিশেষ। "ব.প ৩১৫। [দক্ষের সন্তান শম্ভু তৈলবাটী গ্রামে বাস করিয়াছিলেন বলিয়া, তাঁহার বংশধরগণ ঐ উপাধিতে পরিচিত।]

তৈলাধার বি তৈলের ভাজন। "পাত্রাধার কি তৈল, কিম্বা, তৈলাধার কি পাত্র চ.কা ৩২৬।

তৈলাভ্যঙ্গ পুং [তৃ.ত] তৈল দ্বারা অভ্যঞ্জন; তৈললেপন, তেলমাখা। "অ.প ১১১।

তৈলাম্বুকা স্ত্রী [বহুব্রী] যাহার তৈল অম্বুতুল্য পেয়; তেলাপোকা, তেলাম।

তৈলাম্র বি তৈলে রৌদ্রপক্ব আম্রখণ্ড; আমতেল। "চৈ.চ ৩১১।

তৈলিক পুং [তৈল+ইক (ঠক্)] তৈল যাহার পণ্য; তৈলকার, তৈলবিক্রেতা, তেলি। "মনু ৩.১৫৮।

তৈলিত বিং তেলে ভাজা। "বাচা মৎস্য…তৈলিত বি.পা ১৬৭।

তৈলী (-লিন্) পুং [তৈল+ইন্ (ইনি) অস্ত্যর্থে ১ব] তৈল পণ্য যাহার আছে; তৈলিক। [তৈলিশালা (স্ত্রী)—ঘানিঘর।]

তৈলোক বি [সং ত্রৈলোক্য >বা ('লোক্)'ক; বৈষ্ণবসাহিত্যে; তে(তৈ)লোএ (চ)] ত্রিভুবন। "'নাথ বি.প ২২৪; বি.সা ৫১৩।

তৈষ পুং [তৈষী+অ (অণ্)] 'তৈষীযুক্ত', পৌষমাস। —ষী স্ত্রী [তিষ্য+অ+স্ত্রী ঈ (ঙীপ্), য-লোপ] তিষ্যনক্ষত্রযুক্তা পৌর্ণমাসী।

তৈল্ল বি [সং তৈল >প্রা তেল্ল; অপ্র] তেল। "গো.চ ৪৮; ৬৭।

তো[১] বি [ফা তহ্] বস্ত্রভঙ্গ, ভাঁজ, পা'ট (fold)। "তো রচিয়া নানা ছান্দে (গাদলা বান্ধে) ব.প ৪৩২।

তো[২] সর্ব্ব [তু[২] >তো, বৈষ্ণবসাহিত্যে] তুমি, তুই, তোমা। "তো বিনে উনমত কান বি.প ৫১। তো বিনু আকুল কানাই (প.ক)। তো নাসিলি দুঈ লোকে শ্রী.কী ৫৬। বাছা, তো বড় পাগল: তো মরিলে।—ব.প ৪২৮; তো যদি তাহার বেটা তবে কেনে রাক্ষস? —৫৩৪। তো হোস্তে অধিক স্নেহ আছিল খুল্লনা ম.পা ৭৯; ৮৬। তোবেটার বড় মুখ বেড়েছে আ.দু ৮। —[সং তব >প্রা তু >বা তো; হি তো] তোমার। "তো সম কঠিন হৃদয় নাহি হোয় বি.প ১১০। তো সঙ্গে লেহ করি, খোয়ালু সুন্দরী ব ১৯০। [তোএঁ, -এঁ, -ঞি, -ঞেঁ—তুমি (শ্রী.কী)। তোক—১ তোমার। "সেই শিশু তোক অ.প ১২৪; ১৩৫। শ্রী.কী ১১। ২ তোমাকে। "রাজ্য…সমর্পিনু তোক।—অ.প ১৩৫। তোকে—১ তোমাকে, তোরে। "দেখিলাও তোকে চ.দা ২৫। শ্রী.কী ৫৬। তোকে তালাক ভেড়েব ভোড়। —শ্রী ১৮০। ২ তোমার কাছে। "তোকে বড় পার্ব্বতী সে পর্ব্বতের ঝি শি ৯৮। তো ছার—ছার তুই। "তো ছার অধম বেটা শ্রী.মা ২০৫। তোঞে (তো+এঁ৩)—তুমি। "তোঞে সব সার বি.সা ৫৯। তো দুহুঁ—তোমরা দুই জন। "তো দুহুঁ মাতাল, মোরে হৈলি কাল ক.চ ১৪৪। তোয়—১ তোমাকে। "দেখই তোয় বি.প ১০৩,-৮। ২ তোমার। "কি ফল তোয় জ.প ৪২। তোর—১ তোমার। "তোর পূজা কৃ.উ ১০৪। তোর বাপে ম ৬৭। কনকবউলী, শোভিছে তোর কুন্তলে ক.চ ৬৪; সঙ্গে তোর বধু ১৪৪। চৈ.ভা ১৬৮। ২ অসম্ভ্রমে। "শ্রী ১৮০। আন ডাকি তোর সীতানাথে মে ৮৬। তোরা—অসম্ভ্রমে। "চ.বি ২৯। কে তোরা মে ৮৬। তোরে—১ তোমারে। "তোরে যুড়ি কর ক.চ ১৪৪। ২ তোকে। "কে চাহে তোরে।—মে ৮৬। ৩ তোকে (স্নেহে)। "তোরে বা বধিবে কেটা ভা.চ ৪৩৪। ৪ তোর চেয়ে। "তোরে বড় কত রাজা কৃ.উ ১৮৭। তো সবার—তোমাদের। "কৃ ৩১৮। তো সবে—তোমাদিগকে। "তো সবে কহি ন.প ১৪০। তোহর ('র—পৈ)—তোর, তোমার। "তোহর…মুখ অরবিন্দা বি.প ১২০। ম ৩৩২,-৫। তোহর যে সম্পদ ব.প ৯১। তোহরে—তোমাকে। "ম ৩৩৫। তোহাঁক—তোমাকে। "তোহাঁক সেবিঞাঁ শ্রী.কী ৩৬২। তোহারা, -রি, -হোর—তোমার। "তারণ ভার তোহারাঃ তোহারি বিশোয়াসা বি.প ২১৮। প.র ৬৭। তোহোর ম ৩৫,-৭। তোহোর নাশা শ্রী.কী ৫৫। তোহোর অ.প ১২,-৮; ম.পা ২১। তোহুঁরি —তোমারি। "তোহুঁরি চরণ-কমল।—শ্রী.ম ২১৭। তোহে —১ তোমাকে। "তোহে ভজব কোন বেলা বি.প ২১৯। ব ১৭৫। তোহে সোঁপলু।—গো ১৬১। তোহে সম্মানিতে।—কৃ ২০০। ২ [সং ত্বয়ি >প্রা তএ (হে) >'হে)] তোমাতে। "তোহে জনমি পুন, তোহে সমাওত।—বি.প ২১৯। তোহে পিরীতি করু কোই প.র ৫৬। দয়া নাহি তোহ শ্রী.ম ১১৫। ৩ ত্বদ্বিষয়ে, তোমাতে। "তোহে অনুরাগ ব ১৭১। তোহেন—তোমার মত। "তো হেন সুন্দরী শ্রী.ম ২৬৯। তোত, -তে, -রেঁ (শ্রী.কী)। তোহোর,-রি, -রে, -রেঁ, -হোরি (চ)।]

তো[৩] দ্র 'তু[৪]'।

তোআল বি [সং তমাল, অপ্র] তমালপুষ্প। "শূ ২৯।

তোউল বি [সং তৌল >বা (তউল) 'ল: অপ্র] তুলাযন্ত্র। "তুল্য ক'রে কুক্ষের তোউলে দেয় ধন শ্রী.মা ২১৩।

তোঁ সর্ব্ব [তুঁ >তোঁ; বৈষ্ণবসাহিত্যে] তুমি, তুই। "নাহি জাণ এবেঁ তোঁ আপনার নাশ শ্রী.কী ৩; ১১। তোঁ থাকিতে ব.প ৫২৩; আগুস তোঁ হর্য়া ৫৩৩। তোঁ করিস অহঙ্কার কৃ.উ ৪৬। তোঁ বড় নিষ্ঠুর চৈ.চ ৩৫০। চৈ ৪৮। [তোঁএ, তোঞে (তোঁ+এঁ৩)—তুমি। "তোঁএ (শ্রী.কী)। তোঁঞে তনু তুল বি.সা ৫২। তোঁহ, -হো {সং যূয়ম্ >প্রা তুম্হ >বা (তুঁহ) 'হ,-হো}—তুমি। "হর নহি উমতা তোঁহহি ভোরি বি.প ২২৪। তোঁহো যে অবলা নারী চ.বি ৩২০। তোঁহার, -রি {সং যুষ্মাকম্ >প্রা তম্হাণ >বা (তুঁহার) তোঁহার, -রি} —তোমার। "ধনি ধনি তোঁহারি সোহাগ ব.প ১০৪১; সো পহুঁ তোঁহার অদূর ১.৪৩। তোঁহে—তোমাতে। "যেন তোঁহে মন রয় চৈ.ভা ৩৮০।]

তোঁ(তো)হৈঁ সর্ব্ব [সং যূয়ম্ >প্রা তম্হইং >বা (তুঁহইঁ > (তুঁহৈঁ) তোঁহৈ, তোহৈঁ] তুমি। "তোহৈঁ জলধর সহজহি জলরাজ বি.প ২২১, তোহৈঁ শিব অর্ক ধুতুর, ফুল পাওল ২২৫।

তোক[১] স্ত্রী [√তু পূরণ+ক-অ; 'তোক'—অপত্য (ঋগ্বেদ ১.১৮৯.২); ড়টোকা] ১ অপত্য, পুত্র। "প্রজা বৈ তোকম্ (শতপথব্রাহ্মণ)। (পৃথা) তোকবতী ভ ১.৯.১৩। অঙ্গিরার তোক ম ৯৪৮। ২ বালক, শিশু। "ভ ২.৭.২৭। ৩ শাবক, বৎস। "দড়ি দিয়া বান্ধে দুই তোক ক.চ ৫৪।

তোক[২] '-ক্' বি [আ ত.উক্.—গলবন্ধ, যুগ] বন্দির গলবন্ধনরজ্জু বা গলবন্ধ-শৃঙ্খল; বন্দির বন্ধনশৃঙ্খল। "হাতে গলে দিল তোক শ্রী.মা ৮৮। [তোপ—তোক। "কোমরেত তোপ দিল শূ ৪৯।]

তোকমারি বি [ফা তুখ.ম্-ই-রইহ.ান] ক্ষুপবিশেষের (Lallemantia roybana, purslane) বীজ।

তোকানি-মোকানি বি [অপ্র] 'তোমার কর্ণগত, আমার কর্ণগত'; তোমার কান হইতে আমার কানে আগত; কানাকানি-শ্রুত। "'নি কথা, শুনি জগন্নাথ পিতা, আচম্বিতে হরিল চেতন চৈ.ম ৫২।

তোক্ম পুং [ছান্দস] হরিত (অপক্ব) যব; অঙ্কুর। "ভ ৪.২১.২।

তোখোড় দ্র 'তুখর'।

তোজবার বি যে তেজারৎ (ব্যবসা) করে; সদাগর। "নিকট সহরে এক আসিছে তোজবার ব.প ১৪৮৪।

তোটক ক্লী [ত্রোটক >'ক (?)] দ্বাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ। [ইহার দ্বাদশ অক্ষর চারি গণে বিভক্ত; প্রত্যেক গণের শেষ (তৃতীয়) বর্ণ গুরু। "যমুনাপুলিনে...ঘনতীনপয়োধরভারনতে।—শ্রুতবোধ ২৫। কুচকুম্ভশিরে নখচন্দ্রকলা ভা.চ ৩১৩। বা.দ ১৪৪।]

তোটন বি [ত্রো° > °ন অপ্র] ছেদন, ডালপালা-ছাটা। "অতি-প্রিয়তম (বৃক্ষ) করে আপনি তোটন ভ.গ্র ২১৬।

তোড়১ বি [ত্রোট > °ড় (?) ; হি °ড়] ১ জলের বেগ ; স্রোতো-বেগ। "ঘন ঘন তোড় পড়ে ব.প ৪৭১। জলের তোড় ঘ ৪৮। ২ বৃষ্টি-ধারার বেগ ; ধারাসার। "ইন্দ্রদেব তোড়ের সহিত বারিবর্ষণ করবেন লী ৫১। ৩ প্রতিঘাত। "ঢেউএর তোড়ে নৌকা কিনারায় থাকিতে পারিতেছে না।—ব.প ১৮০৪। ৪ বেগ। "তোড়ের তরঙ্গে তরি তারা যেন ছোটে শ্রী.মা ৩০। ৫ বাক্যনিঃসরণ-বেগ। "কথার তোড়। তোড়ে বক্তৃতা করা। ৬ দ্র 'তুড়'।

তোড়২ বি [হি তোড়া ; আ তুর্‌রা] সোনার বা রূপার চওড়া জিঞ্জির। "পরায় তোড় তাড় কৃ ২৮০।

তোড়জোড়, -যোড় বি [হি °ড়] 'ছেঁড়া জোড়া', কার্য্যসিদ্ধির নিমিত্ত কাটা-জোড়ার কাজ ; কার্য্যানুকূল উপকরণসংগ্রহ ; কার্য্যোপ-যোগী উপকরণ। "ডাক্তার প্রোব ছুরী কাঁচি প্রভৃতি তোড়-যোড় আনিয়া শয্যায় পাশে…বসিলেন পা.ঝো ১৭৫।

তোড়পাড় বি ছেদন ও পাতন ; ছেড়া-ছুটা। "ঝোপ-ঝাড়, করিয়া তোড়পাড়, পলায়…মৃগের পাল স্ব.প্র ৯০।

তোড়ল, -লমল্ল বি [তোড়৩+মল্ল > °ল্ল ; °ল্ল > তোড়ল ; তু 'মল্লতোড়ল' (সংস্কৃত ?)] পদভূষণবিশেষ, তোড়া-মল। "পরে তোড়ল চ.বি ২০৩ ; তোড়ল নূপুর পরে বা.ম ৭০ ; ১৫৬। পদপঙ্কজ-পাশে, শোভে…তোড়লমল্ল গো ৯৪।

তোড়া বি [হি তোড়া] ১ টাকা রাখার থলিয়া (purse)। "মোহরের তোড়া ভ.গ্র ৩২৯। লক্ষ টাকার তোড়া দা ৩৪। ২ শিকলের মত মলবিশেষ। ৩ [আ তুর্‌রা] পুষ্পগুচ্ছ (nosegay)। "কুসুমের তোড়া লী ১১৫।

তোড়ানি বি [ফা তুর্‌শী—অম্লত্ব ; হি তোড় (দধিজল)+পানী] অম্লজল, আমানি, কাঁজি। "পথশ্রম হবে মন্দা, কিনহ তোড়ানি জোন্দা ক.চ ২৩৫।

তোড়ী সর্থ 'টোড়ী'।

তোতলা বিং ['তো-তো'—মূল ; হি °লা] যে 'তো-তো' করিয়া কথা কয় ; অস্পষ্টভাষী (stammer)।

তোতা বি [ফা তূ.তী—ছোট তোতা; হি °তা] ১ শুক, টিয়া। "ভা.চ ১২৬। ২ [অপ্র] টোটা। ("নয়ান বন্দুক) তাহে তোতা ছুই কর ব.প ২৯৯।

তোত্র, -ত্ত্র ক্লী [√তুদ্+ত্র (ষ্ট্রন্)-ণ ; 'তোত্ত্র' অসাধু] ১ হস্তি-তাড়নার্থ লোহমুখ দণ্ড (অ.টী) ; গজদমন (নীলকণ্ঠ), অঙ্কুশ (রা তিলক)। "তোত্রৈর্ন্ন ইব দ্বিপঃ রা ২.৪০.৪২। তোত্রাঙ্কু-নিপাত মহা ৬.৪৪.৫। ২ গবাদিতাড়ন-দণ্ড, প্রাজন, পাঁচনবাড়ি। "তোত্রবে-ত্রৈকপাণয়ে (কৃষ্ণায়)।—গী, মঙ্গলাচরণ। ৩ কশা, চাবুক। "(অর্জ্জুনের রথে কৃষ্ণ) বসিয়াছে হাতে তোত্র শ্যামল সুন্দর।—চৈ.চ ১২৫। [°বেত্র (ক্লী)—বিষ্ণুর হস্তস্থ দণ্ড।]

তোদ বিণ [+তুদ্+অ (অচ্)-ক ; ছান্দস] তোদক, ব্যর্থয়িতা। "তোদো বাতস্য।—ঋগ্বেদ ৪.১৬.১১। —দ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ পীড়ন, ব্যথন, ব্যথা। "ভ ৩.১৮.৬। ২ তাড়ন, গো-প্রভৃতি চালান (A.)। —দন বিণ [+অন-ক] ব্যথয়িতা। "কষায়ম্…তোদনম্ (সুশ্রুত)। —দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'তোদ (১)। ২ সূচীভেদনবৎ ব্যথা। "সুশ্রুত ১.২২.৯। ৩ [+অন-ণ] তোত্র, কশা, পাঁচন, চাবুক। ৪ মুখ।

তোপ বি [র্ক তোপ্] ১ কামান। "ভ.গ্র ২৬৫। স্ব.প্র ১৬৪। ব.প্র ৪৮৯। ২ সম্মানার্থ কামানের শব্দ। [তোপখানা—কামানের ঘর। তোপচী (হি °চী)—যে কামান দাগে ; গোলন্দাজ। তোপ দাগা—কামান ছোড়া। তোপ পড়া—সময়সূচক তোপের শব্দ হওয়া। তোপ-ভরে উঠা—তোপপড়ামাত্র উঠা। তোপের মুখ—কামানের সম্মুখভাগ। তোপের মুখে উড়া—কামানের গোলায় ধ্বংসপ্রাপ্ত হওয়া। "ব.বি ৯৭।

তোপচীনী বি [ফা চো.বচীনী : হি চোপচীনী, °নী] চীনদেশের লতাবিশেষের শিকড় (China root)।

তোফা বিং [আ তুহ.ফ.া] ১ উৎকৃষ্ট, উত্তম। "তোফা কামরাঙ্গা মাদুলি ব.প ১৪৩৪ ; তোফা রঙ্গীন সহরে ১৮৩৮। ২ বেশ, সুষ্ঠু। "কাজ কি খেয়ে তোফা আছি।—গান ১৯। ৩ উপহার।

তোবচিন বি তোপচী, গোলন্দাজ। "লক্ষার্দ্ধ তরকি তোবচিন ইত্যাদি ব.প ১৬৮৫।

তোবড়া১ বি [ফা তোব্‌রা ; হি তোবড়া ; ঠ তোবরা—ঘোড়ার দানা খাওয়ার থলী] ১ (সাদৃশ্যে) টোল-খাওয়া, চোপসা, বসা। "তুলিয়া তোবড়া গাল রচিল দশন শ্রী ১০২। ২ থলী। [তোবড়া-তুবড়ি—থলী-পোটলা ইত্যাদি। "খ্যামটাওয়ালিরা নিজ নিজ তোবড়া-তুবড়ি সঙ্গে করে আসতে লাগলেন হু ৬০ ; সন্ন্যাসীর তোবড়া-তুবড়ির খানাতল্লাসী ১৩৬। [তোবড়ান—দ্র 'তুবড়া'।]

তোবড়া২ দ্র 'তুবড়া'।

তোবা বি [আ তউবহ্ ; হি, ঠ তোবা] পাপমাত্রের জন্য মুসলমানের অনুতাপসূচক শব্দ ; পাপকথাশ্রবণে বা পাপকর্ম্মের প্রতি ঘৃণাসূচক শব্দ। "চারিদিকে বেড়িয়া ধূপের ধোঁয়া ধরে। তোবা তোবা বলিয়া মোল্লা খোদা খোদা স্মরে।—ম.ম ৫৫। তা এর জন্যি আপনি এত তজদি নেলেন কেন? তোবা-তোবা!—মা ৩৩৫। [তোবা তোবা বলা—পাপার্থ অনুতাপ করা। "তোবা তোবা কহে কেহ শ্রী ৭৯ ; স্মরে তোবা তোবা ২২৬। আ.দু ৭৭।]

তোমর১ পুং, ক্লী [তুদন্ মারয়তি, পৃষো (অ.টী)] হস্তক্ষেপ্য দীর্ঘদণ্ড অস্ত্রবিশেষ (নীলকণ্ঠ) ; রায়বাঁশ (শ.ক)। "তোমরাঙ্কুশতোদিত (রা)। তোমরাশ্চ সুতীক্ষ্ণাগ্রাঃ মহা ১.১৯.১২। [°ধর (পুং) ১ তোমরাস্ত্রগ্রাহী যোধ। ২ অগ্নি।]

তোমর২ বি [ফা তু.মার্] রাশি, স্তূপ। "তোমর করা।

তোমা সর্ব্ব [সং যুষ্মম্ > প্রা তুম্হ > বা (তুম্হা > তুহ্মা, -মা) °মা ; তু 'তোহ্মা'—তোহ্মা আজ্ঞা হৈল ম.পা ৩৩] আপনি, তুমি। "তোমা বিনে কেহ নাহি…ত্রাতা ভ.গ্র ২৬৪। তোমা হেন স্বামীকে ব.প্র ৪৪। [তোমা—১ তোমাকে (পদ্যে)। "তোমা হারাইয়া কৃ ৩৭৪। ২ তোমার। "তোমা বধে কৃ ৩১৮ ; তোমা লাগি ৩৬৯। তোমা সম।—ম ৬৭২ ; তোমা অগোচর ৭০৪। তোমাত—তোমার সমীপে। "কহিল তোমাত চৈ.ভা ৪৩ ; ৫১। তোমাক, -গ (তু সং যুষ্মাকম্ > লি তুম্হাকং) —তোমাকে, তোমাদিগকে। "তোমাগ নিগাইবে ছিনাইয়া গো.চ ১৮১। তোমার যে জন পূজে চ.বি ১১১। তোমায়—তোমাকে, তোমার কাছে। "যাচিবে তোমায় বস্ত্র কৃ ৯১। তোমার (তোমা-র) —তোমাসম্বন্ধী। তোমরা (তোমা-রা৩)—তোমাসম্বন্ধী সকল। তোমরার, তোমারগো (তু 'সং যুষ্মাকম্ > লি তুম্হাকং)—তোমাদের। "তোমারগো বনিতা ব.প ২৯১ ; দেখা হইল তোমরার সনে ৬৪৭। তোমরার হোতে গো.বি ১৬১,-২। তোমারারে—তোমাকে, আপনাকে। "তোমরারে দেখি গো.বি ১৬১। তোমা সবা, সভা—তোমাদিগকে। "তোমা সবা না দেখিয়া ম.ভা ৩৬। তোমা সভা উদ্ধারিব।—ন.বি ১০৯। তোমা সভার—তোমাদের। "তোমা সভার ঠাঞি চৈ.ম ১৯০।]

তোয় ক্লী [√তোয়্ পালন+অ (অচ্)-ক, পৃষো (অ.টী) ; তু 'তা —√তোয়্—জলে ডুবান ; see H.B. 247] ১ জল। "গো.রা ১.২.১১। মৃত্তোয়ৈঃ শুধ্যতে শোধ্যম্ মনু ৫.১০৮। চ.বি ২৭৯। শ্রী.মা.৮।

২ তোয়দেবতাক পূর্ব্বাষাঢ়ানক্ষত্র। ৩ (জ্যোতিষে) লগ্নাবধি চতুর্থ স্থান। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—তোয়সাধ্য কার্য্য; তর্পণ। "মহা ১২.১.২২। °কাম (বিণ)—জলেচ্ছু, পিপাসু। °কৃচ্ছ্র (ক্লী)—জলপান-সাধ্য ব্রতবিশেষ। °ক্রীড়া (স্ত্রী)—জলকেলি। "°নিরত পূ.মে ৩৩। °চর (পুং)—জলচর জন্তু। °ধর (পুং)—জলধর, মেঘ। °নিধি (পুং)—১ 'জলাধার', সমুদ্র। "কু.স ১.১। ২ চার (৪) এই সংখ্যা। °নীবী (স্ত্রী)—সমুদ্রনীর যাহার নীবীতুল্য; পৃথিবী। "ভ ১.১৫.৩৮। °প্রসাদন (পুং)—'জলের নির্ম্মলতাজনক', কতকবৃক্ষ। °ব্যতিকর (পুং)—জলসম্ভেদ, নদীসঙ্গম। "রঘু ৮.৯৫। °মুক্ (-মুচ্) পুং—'জলমোচক', মেঘ। °যন্ত্র (ক্লী)—১ কালজ্ঞাপক ঘটীযন্ত্রভেদ। ২ কৃত্রিম নির্ঝর, ফোয়ারা। °রাট্ (-রাজ্) পুং—১ 'জলাধিপ', সমুদ্র (হ)। ২ বরুণ। °রাশি (পুং)—সমুদ্র।]

তোয়দ পুং [তোয়+√দা+অ (ক)-ক; উ.ত] ১ জলদ, মেঘ। "গগনং গততোয়দম্ রা ১.৪৩.২১। রঘু ৬.৬৫। ২ মুস্তক, মুথা। —দ ক্লী ঘৃত। [তোয়দাত্যয় (পুং)—মেঘাপগমকাল, শরৎ। "রা ২.৭২.১৯।]

তোয়ধি পুং [তোয়+√ধা+ই (কি)-ধি; উ.ত] ১ জলাধার, সমুদ্র। ২ চার (৪) এই সংখ্যা।

তোয়া সর্ব্ব [তুয়া > °য়া; অসাধু] তোমার। "তোয়া মুখ।—দু ১০১। তোয়া পদে ম.ম ২২।

তোয়াক্কা বি [আ ত্‌ব্‌ক্‌ক'] আশা, প্রত্যাশা, অপেক্ষা। "এমন একটা কিসের তোয়াক্কা, যেতাম কাশী—যাব মক্কা।—দা ২১৩৭। (দলপতিরা)। রমাপ্রসাদ বাবুর তোয়াক্কা না রেখে আপন আপন দলে প্রোক্লেমেসন দিলেন হু ১১১।

তোয়াজ বি [আ তৱাজ্‌উ'] শিষ্টাচার, আদর-অভ্যর্থনা, আতিথ্য। "সাহেব টাকার খাতিরে মুৎসুদ্দিকে তোয়াজ করেন আ.দু ১৪৮।

তোয়াধার পুং [ষ.ত] জলাশয়। "°পথ শ ১.১৪।

তোয়ালে বি [P. toalha; E. towel] গামছাবিশেষ।

তোরঙ্গ বি [E. trunk] কাপড়-চোপড় রাখার চামড়ায় ঢাকা কাঠের বাক্‌সবিশেষ; পোর্টম্যাণ্টো। "শেষে বরের তোরঙ্গ প্যাঁট্‌রা, বাড়ির পরামাণিক হু ১৫২।

তোরণ পুং, ক্লী [√তুর্ ত্বরা+অন (ল্যুট্)-ণি (অ.টী)] ১ 'যেখানে মঙ্গলার্থ ত্বরায় যায়'; বহিঃস্থিত দ্বার; বহির্দ্বার। [দ্বারাগ্রে নিখাত স্তম্ভদ্বয়ের উপরি নিবদ্ধ নানারত্নাদিময় ধনুরাকার লক্ষ্য—'তোরণ'; তদুপলক্ষিত 'বহির্দ্বার' (অ.টী)] "দৃঢ়° গো.রা ১.৬.২৯। রঘু ১.৪১। সুরপতিধনুশ্চারুণা তোরণেন উ.মে ১৪। মাঘ ১২.১। নগর-তোরণে মে ১৬৭। দুর্গতোরণ।—কথা ১১৯। ২ উৎসবকালে পুষ্পাদি-সমাকীর্ণ ধনুরাকার লক্ষ্য। "রঘু ৭.৪। কু.স ৭.৩। ৩ ধনুরাকৃতি দ্বারদেশ (A.)। —ণ পুং মহাদেব (মহা)। —ণ ক্লী ১ (সাদৃশ্যে ?) কন্ধরা, গলদেশ।

তোরপা বি [?] ক্ষুর-প্রভৃতি জড়াইয়া রাখার পট্টি; চামাটি, খুরভাঁড়। "খুরের তোরপা নিলে নাপিত বগলে করিয়া গো.চ ১৫৭।

তোরা বি [আ তু.র্‌রা] পাগড়ীর উপরে পরিধেয় ভূষাস্বরূপ চূড়া বা পক্ষ-গুচ্ছের শিখা। "(বাঁধিল পাগড়ী) দক্ষিণে তার তোরা শ্রী ২৩২। ভা.চ ২৬৪।

তোল[১] পুং, ক্লী [√তুল্—তোলি+অ (অচ্)-র্ম্ম] ১ তুলা দ্বারা নির্ণীত ভার। ২ [+অ-ণ] মানবিশেষ, তোলা, ভরি, ১২ মাষা। "এক°, দ্বি°, ত্রি° (শ.ক)। —লক পুং, ক্লী সর্থ 'তোল[১] (২)। "°ত্রিতয়। —লন[১] ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ উত্থান, তুলাকৃত মান। ২ ভারপরীক্ষণার্থ হস্ত দ্বারা চালন। "ন শেকুঃ…ধনুষস্তোলনে রা ১.৬৬.১৯; ৬৭.১০,-৪। [তোলন-পাড়ন—তোলা-পাড়া, উঠান-নামান। "দ্রব্য° শ্রী.ম ২২৪।]

তোল[২] দ্র 'তুল[৩]'।

তোলন[১] দ্র 'তোল[১]'।

তোলন[২] দ্র 'তুল[৩]'।

তোলপাড় বি [তোলাপাড়া > °ড়] ১ আলোচনা; বিচারবিতর্ক। "মনে তোলপাড় করে-কৃ.উ ১৫২। শ্রী.ম ৯। ২ আন্দোলন, আলোড়ন। "ব্যাকুল হইল ছানা ঢেউ তোলপাড়ে বা.ম ৭৮। যেমন প্রবল ঝড় উঠিয়া সাগরে, সকল সলিল তার তোলপাড় করে।—দ্বারকানাথ অধিকারী। তোল-পাড় কোরে ধায় দারুণ বাতাস সা.ম ৫৯। —পাড় বিং তুমুল শব্দে কম্পিত। "কাড়াপড়া বাজে ঘন ঢাকে দিল কাঠি। তোলপাড় হইল লঙ্কার সব মাটি॥—কৃ.উ ১০২। তোলপাড় শব্দে হৈল অসুরপুর-মাটি চ.বি ৪২; ২৬৫। বা.ম ৩৩৩। (বাজিল বাদন) অর্দ্ধ ভূমণ্ডল করি তোলপাড়।—হেম ২৫০।

তোলবোল বিং [টলবল > °ল; অপ্র] ভাসমান, প্লাবিত। "রক্তে তনু তোলবোল ম ৮৪৫, টীকা।

তোলা[১] বি [সং তোল, -লক > প্রা * °ল,-লঅ > বা °লা; হি তোলা; ঠ তোল.] ভরি। "সুতো তার টাকা তোলা দা ২৪৭। [°মূলে—তোলা দরে। "ক.চ ১৫৬।]

তোলা[২] বিং [তোল+আ[১২]] ১ উত্তোলিত, উদ্ধৃত, উঠান। "তোলা জলে স্নান কৃ ৭৭; ক.চ ১৩৩; ম.ম ১৫৮। থাকে ক্ষীর সর শিকায় তোলা দা ১৫৩। (কাব্যে) কুলুঙ্গিতে আছে তোলা চ.কা ৩২৮। ২ অস্তের প্রস্তুত বা বাঁধা। "তোলা ঘরে তুঞি করিস ঘর ক.চ ১০৯। ৩ যে কাপড়-চোপড় গহনা সর্ব্বদা পরা হয় না; পোশাকে (আট-পহুরে নয়)। "দিব্য বস্ত্র অলঙ্কার যত আছে তোলা শি ১০২। মোর বুট তোলা,…রেখেছিলাম করে তোলা, আটপ্রহরে নয় লো।—দা ২৪৭। ৪ সূচীকর্ম্মে রচিত। "বুট-তোলা দা ২৪৭। —লা বি ১ হাটের মালিক কর্ত্তৃক বিক্রেতার নিকট হইতে গৃহীত পণ্যের অংশ বা অর্থ। ২ দোকানীর বা বিক্রেতার নিকটে দরিদ্রের ভিক্ষায় লব্ধ দ্রব্য। "মোদকের মন্দিরে মহেশ তুলে তোলা।—শি ৩১। ৩ [+আ[৬]] চাড়া। "গোঁফে দেয় তোলা ক.চ ৫৮। ৪ উঠান। "শয্যা-তোলা কড়ি ক.চ ১২৫। ৫ চয়ন। "ফুল°। ৬ সর্থ 'তুল[৩]'। [তোলা-উনান—ইট ইত্যাদির উপরে পাতা উনান (যাহা তুলিয়া স্থানান্তরে লওয়া যায়)। তোলা তোলা—তোলা সংগ্রহ করা। দ্র 'তোলা বি (১; ২)। ঘুম থেকে তোলা—জাগান। চাঁদা তোলা—চাঁদা-সংগ্রহ। জাতে বা সমাজে তোলা—জাতীয় সামাজিক কার্য্যে অধিকার দেওয়া।]

তোলা[৩] সর্ম্ম [তু(তো)ল[৩]+আ[৮]] উত্তোলিত করা; উঠান ইত্যাদি। [তোলান—সর্থ 'তোলা[৩]'। তোলাহ বাজনা—বাদ্য দ্বারা রব উঠাও। "তাহারে জিনিব বলি তোলাহ বাজনা কৃ.উ ১৫৪।]

তোলাপাড় বি [তোলপাড় > °ড়; অপ্র] সর্থ 'তোলপাড় (১)। "তোলাপাড় করে হেথা মনসার চিত ম.ম ৯৬। —পাড় বিং সর্থ 'তোল-পাড় (বিং)। "বাজে ঢাক তোলাপাড় করে মাটি দু ১৩। —ড়া বি ১ উঠান ও নামান। ২ উত্থাপন ও পাতন; লাঠি খেলার পেঁচ অভ্যাসার্থ লাঠি ঘুরান-ফিরান। "লইয়া দাণ্ডা ঝাড়া, কেহ করে তোলাপাড়া ক.চ ৮৭। ৩ সর্থ 'তোলপাড় (১)। "তোলাপাড়া করেন শ্রীরাম কত মনে কৃ ১৪৫। বা.ম ৫২।

তোলো সর্থ 'তলুয়া'।

তোশক, তোষক[২], **-সক** বি [ফা তোশক্; হি তোশ(স)ক] তুলার পাতলা গদি। "তোসক গো.চ ৪৮৯। তোষক দা ২০৮৫।

তোশা(ষা)খানা, -সাখানা বি [ফা তোশ. খ.নহ্] ১ পরিচ্ছদা-গার, পোষাকের ভাণ্ডার (wardrobe)। "তোষাখানা ব.প ৬১; তোসাখানা ১৮৫৩। তোষাখানা বা.দ ৫৯। ২ ধনাগার।

তোষ[১] পুং [√তুষ্+অ (ঘঞ্)-ভা] সন্তোষ, প্রীতি। "°পরো হি লাভঃ মহা ৫.৪০.১৩। কৃ.চ ১৭। —ষণ বিণ [√তোষি+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী] তোষয়িতা, প্রীণন, সন্তোষজনক। "পশূন্…হৃদয়-

তোষণান্ ।—মহা ৫.৮৪.১৬ । আত্মতোষণ ভ ১.৬.৩৭ । —ষণ ক্লী [+অন-ভা] ১ সন্তোষজনন, প্রীণন । "পুরুষৈঃ কার্য্যং হৃদয়তোষণম্ মহা ২.১৭.৩ । ম ৭৪০ । ২ সন্তোষজনক দ্রব্যমাত্র । ৩ [√তুষ্ +অন -ভা] সর্ব 'তোষ'১ । —ষিত বিণ [√তোষি+ত (ক্ত)-র্ম্ম] প্রীণিত, তর্পিত । "অবদান° রঘু ১১.২১ । —ষী (-ষিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -ষিণী] প্রীণয়িতা, প্রীতিকর । "গণ° ভা.চ ১৮০ । [সমাসে উত্তরপদ]

তোষ২ সর্ম্ম [সং √তোষি—তোষয় >প্রা √তোস >বা °ষ] প্রীত করা । "সবারে তোষেন রাম কৃ ১০০ । পাদ্য অর্ঘ্যে তোষি দু ৪৩ ; তোষিয়া অমরে ৭৮ ; তোষিতেছেন শঙ্করী ৯৭ । সাদর সম্ভাষে তোষে অতিথি ।—হেম ২৪১ ।

তোষক১ বিং [হি °ক] ১ সন্তোষজনক । "প্রাণ° দা ২০৮৫,-৯০ ।

তোষক২ দ্র 'তোশক' ।

তোষণি বি [অসাধু] তোশক । "আরতি তোষণি, তাহাতে পাতুনি, সুতল সুঘড় রায় রা.শে ১৯ ।

তোষল ক্লী [°ষ+ √লা+অ(ক)-ক] মুষল । "হ ৮৭.৫০ ।

তোষামোদ বি [খোশামোদ দ্র] খোশামোদ, চাটুবাক্য । "আ.দু ১ । [তোষামুদে—চাটুকার । "দা ৮৮৩ ।]

তোস সর্ম্ম [সং √তোষি—তোষয় >প্রা √তোস] প্রীত করা । "নানা ভোগে তোসে সৈন্য কৃ.উ ১৫৯ ; তোস হনুমান ১৬১ । লোকে য়াসি তোসএ তোহ্মারে গো.বি ১৬৪ ।

তোহর, -হারা, -রি, -হে, -হোর দ্র 'তো'২ ।

তোহ্মা, -হ্মি সর্ব্ব [তুহ্মা >°হ্মা, -হ্মি, দ্র 'তুমি'] তুমি, আপনি । "সম্পদ তোহ্মা সব হাড়াইবা ম.গা ৫ । তুহ্মি না চিন্তিয় ঃ তোহ্মা সঙ্গে অ.প ৫ ; তোহ্মা সম ৮ । এড় তোহ্মি এহি ভেস ।—গো.বি ২৭ । তুহ্মি রহ গ ২০ । তোহ্মা সঙ্গে ম.পা ১৬ । তোহ্মারূপ ব.প ৫৭৫ ; ৬১০ । —হ্মা ১ তোমাকে, আপনাকে । "তোহ্মা বধিবারে শ্রী.কী ৫ । তোহ্মা দেখিবারে অ.প ২২ । তোহ্মা দেখে গো.বি ৬৪ । ম.পা ৫ ; ১১ । ২ তোমার, আপনার । "তোহ্মা আসুখ শ্রী.কী ৩২০ । তোহ্মা কি করিতে পারে গ ২০ । [তোহ্ম(হ্মা)র—তোমার, আপনার । "তোহ্মর সিন্তগণ গো.বি ১৬ । তোহ্মার সহায় অ.প ৫ ; তোহ্মর ৬ । তোহ্মরা —১ তোমরা । "তোহ্মরা উভয় ম.পা ১০৬ । ২ তোমাদের । "তাহার রূপে তোহ্মরা বটেক নহে মূল গো.বি ৮২ । তোহ্মরার—তোমাদের । "তোহ্মরার তনএ ম.পা ১১৭ । তোহ্মরার মর্ম্ম ।—ব.প ৬৪৭ । তোহ্মাক, -কে—১ তোমাকে । "°ক, °কে (শ্রী.কী) । °কে ।— অ.প ৩৭ । ব.প ৯৬৮ । ২ (তু 'সং যুষ্মাকম্ >লি তুম্হাকং)— তোমার, আপনার । "তোহ্মাক লাগী শ্রী.কী ১১৪ । তোহ্মাতে —তোমাতে । "প ১৩ । তোহ্মার (তু 'সং যুষ্মাকম্ >প্রা তুম্হাণ)— —তোমার । "শ্রী.কী ৩ । ম.গা ২ । অ.প ৩৮ । তোহ্মারা—তোমরা । "শ্রী.কী । তোহ্মারে—তোমাকে । "শ্রী.কী ১৩ । ম.গা ৬ । অ.প ৩৭ । তোহ্মাহো—তোমাকেও । "তোহ্মাহো হারাই গ ৮৮ । তোহ্মি সব— তোমরা । "গো.বি ১৬৩ । তোহ্মিহ—তুমিও । "তোহ্মিহ বুনিবা ধুতি গো.বি ৬৬ । তোহ্মে—তুমি "ব.প ৯৬৮ । তোহ্মেএ্রিঁ—তুমিই (শ্রী.কী) । তোহ্মেসি, -হ্মেঁসি—তুমিসে, তুমিই (শ্রী.কী) ।]

তৌক্ষিক পুং [Gr. to´xotes, toxikos] ধনুরাশি (বৃহৎসংহিতা) ।

তৌজি বি [আ ত-উজ়্.ঈ'] হিসাব, খাজনার হিসাব (rent-roll) । [তৌজিভুক্ত—তৌজির অন্তর্গত ।]

তৌর্য্য ক্লী [তূর্য্য+অ (অণ্)] তূর্য্যভব ; মুরজাদিধ্বনি ।

তৌর্য্যত্রিক ক্লী [তৌর্য্য যাহার ত্রি (তিন অংশ) যাহার সমাসে বাহুলকে 'ক' (কপ্) ।—অ.টী ; তৌর্য্যোপলক্ষিত ত্রিক (ত.বা.)] তৌর্য্য যাহার তৃতীয় অংশ ; নৃত্যগীতবাদ্য । "মনু ৭.৪৭ । [কামজ দশবিধ ব্যসনের একতম ।]

তৌল১ ক্লী [তুলা+অ (অণ্) স্বার্থে] ১ তুলাযন্ত্র, উন্মানদণ্ড । ২ (জ্যোতিষে) তুলারাশি । [°কাপ—(?) । "শ্রী.কী ।]

তৌল২, **-লা**২ সর্ম্ম [তৌল১ >°ল, -লা] তৌল দ্বারা পরিমাণ করা ; ওজন করা । "গোবিন্দে তৌলিয়া মোরে দেহ রত্নদান ।—ম ২৪৭ । এসব (তিলাদি) তৌলারিয়া নিবা বি.পা ২১৭ । তুলে ক'রে শূলে ধ'রে তৌলিল তখন শি ৭১ ।

তৌলা১ বি সর্ব 'তলুয়া' । "সুবর্ণ তৌলায়ে বি.পা ২৮৩ ।

তৌলা২ দ্র 'তৌল২ ।

তৌলিক, -কিক পুং [তুলি, -লিকা+ইক (ঠক্)] চিত্রকর ।

তৌলী (-লিন্) পুং [তৌল+ইন্ (ইনি)-১ব] তুলারাশি ।

তৌষার ক্লী [তুষার+অ (অণ্)] 'তুষারসম্বন্ধী', তুষারজল । "সুশ্রুত ১.৪৫.৫ ।

ত্যক্ত বিণ [√ত্যজ্+ত (ক্ত) -র্ম্ম] ১ উৎসৃষ্ট, কৃতত্যাগ । "ত্যক্তাগ্নি মনু ৩.১৫৩ । ২ বিরহিত, বিহীন । "°লজ্জ । ভট্টি ৬.৭ । ৩ দত্ত । ৪ (বাঙলায়) বিরক্ত । "গুরু গেলে হয় ত্যক্ত ।—দা ৫৬ । হেম ৪ ; ১৩৯ । কুমন্ত্রণা শুনিয়া শুনিয়া ত্যক্ত হইয়াছি আ.দু ৯৮ । ম.ত ৪৯ । [°জীবিত (বিণ)—জীবিতত্যাগে অধ্যবসিত ; ত্যক্ত-জীবনাশঙ্কর, মরিয়া । "রা ৪.৫৮.১ । মদর্থে ত্যক্তজীবিতঃ গী ১.৯ । °লজ্জ (বিণ)— লজ্জাহীন । "আহারে ব্যবহারে চ ত্যক্তলজ্জঃ সদা ভবেৎ ।—চাণক্য ।]

ত্যজ্ সক [ভ্বা, প—ত্যজতি ; অনিট্] ১ হানি, ত্যাগ । "ঘ ১৪৬ । ২ দান । [পরি—পরিত্যাগ । সম্—সম্যক্ ত্যাগ ।]

ত্য(ত্যা)জ সর্ম্ম [সং √ত্যজ্] ১ ত্যাগ করা; ছাড়া । "রাজা ত্যজিবেন প্রাণ কৃ ৯৮,-৯ । ম ৫৪৮ । দু ৮৫ । ত্যজ মনের বৈরাগ্য শ্রী ১৪৪,-৭১ ; ত্যাজিল তনু ২৪৪ । ত্যজিলা আমারে মে ২৫৬ । ত্যজিতে কা ২২ । ২ বাদ দেওয়া । "মাতৃ-পক্ষে পঞ্চ গোত্র ত্যজিবেক নারী ব.প ২৪৯ । পরাণ ত্যাজিল চ.বি ৩১৪ । মোহ ত্যাজ শ্রী.মা ২১০ । [ত্যেজে—ত্যাগ করিয়া । "শ্রী.মা ১৬ ।]

ত্যজন ক্লী [√ত্যজ্+অন (ল্যুট্)-ভা] ১ ত্যাগ । "গুণত্রিতয়ত্যজন-প্রয়াস মাঘ ১৫.৩২ । চৈ.চ ৮০ । ২ দান । ৩ বাধ ।

ত্যজ্য বিং [সং ত্যাজ্য ; অপ্র] ত্যাগযোগ্য, বর্জ্জনীয় । "ত্যজ্য ক'রে বৃন্দাবন,…কুব্জামোহন হয়েছ এক্ষণে দা ৫৭৩,-৪ ।

ত্যাগ১ পুং [ত্যজ্ + অ (ঘঞ্)-ভা] ১ উৎসর্গ, পরিহার । "ধন° সুখ°, দেশ° রা ৪.৮.৯ । গী ১৮.৮ । ২ পোষণশুশ্রূষাদিপরিহার । "ন মাতা ন পিতা ন স্ত্রী ন পুত্রস্ত্যাগমর্হতি মনু ৮.৩৮৯ । ৩ দান, সৎপাত্রে বিনিয়োগ, বিতরণ, ধর্ম্মার্থ ধনব্যয় । "ধনদেন সমস্ত্যাগে রা ১.১.১৯ । ত্যাগায় সম্ভৃতার্থানাম্ (রঘূণাম্) রঘু ১.১৭ ; ২২ । দেশ° ।— পঞ্চ ৫২১ । ত্যাগধর্ম্ম সার ভুবনে ।—কথা ৪ । ৪ কর্ম্মফলবর্জ্জন । "গী ১৮.২ । ৫ অস্বীকার, অগ্রহণ । "মনু ১০.১১১ । ৬ সংন্যাস । "সর্ব্বকর্ম্মফল° গী ১২.১১ । [°শীল (বিণ)—বদান্য, দাতা ।]

ত্যাগ২ সর্ম্ম [ত্যাগ১ >°গ; অপ্র] ১ ত্যাগ করা ; ছাড়া । "তনু ত্যাগি ম.পা ১১,-২, ২৮ । শয্যা ত্যাগি ম.ব ১৬ ; ১২৫ । ২ ক্ষরিত করা ; ঝাড়া । "ত্যাগিয়া দেহের পাংশু সত্বরে চলিল ম.পা ৫৫ । ৩ (অপ্র) ক্ষুর দিয়া কামান । "এক পার্শ্বে রাখি গোপ ত্যাগে আর পাশে ম.পা ৬৪ । ৪ সমাজচ্যুত করা । "ত্যাগিবেক সবাররে ছৈলে জাতিভ্রষ্ট ম.পা ৭৬ । ৫ নিক্ষেপ করা ; ফেলা । "বান্ধি রজ্জে রজ্জে, ত্যাগিবেক অন্ধে (অন্ধকূপে) ম.পা ৯৯ ; ১৬৬ । ৬ মনে না করা ; ভুলিয়া যাওয়া । "অপমান ত্যাগ বাপু লিখন পড়িয়া ম.পা ১২২ । ৭ ছাড়িয়া যাওয়া । "কি হেতু ত্যাগিতে চাহো সিংহল ভুবন

ম.পা ১৬১। [ত্যাগন (অপ্র)—ত্যাগ। "ভগ্নীর মায়ায় সঙ্গ বা কৈল ত্যাগন ম ২০৭। ত্যাগিবার—ত্যাগ করিবার। "ম.পা ১১৪।]

ত্যাগিতা স্ত্রী [ত্যাগিন্+তা (তল্)] ত্যাগীর ভাব বা ধর্ম্ম ; দানশীলতা, বদান্যতা, দাতৃধর্ম্ম। "হি ১.৯৭। —গী (-গিন্) বিণ [√ত্যজ্ +ই (ঘিনুণ্)] ১ ত্যাগশীল ; দাতা। ২ বর্জ্জনশীল। ৩ কর্ম্মফলত্যাগী, কর্ম্মফলাসঙ্গহীন। "গী ১৮.১১। ৪ শূর। ৫ ত্যক্তা। "মনু ৩.২৪৫ ; ৫.৮৯।

ত্যাজিত বিণ [√ত্যাজি+ত (ক্ত) -র্ম্ম] বিবর্জ্জিত। "রঘু ৪.৩৩ ; ৬.৫৬। কু.স ৭.১৪। °শ্রী ভ ৮.২২.১১।

ত্যাজ্য বিণ [√ত্যজ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ বর্জ্জনীয়, পরিহার্য্য। "গো.রা ৫.৮৭.২৬। ত্যাজ্যো দুষ্টঃ প্রিয়োঽপ্যাসীৎ রঘু ১.২৮। বি.সু ১১১। ঘৃত ত্যাজ্য করে মাছি দা ২০৮১। পাপী পুত্র ত্যাজ্য বিধাতার কা ১২। ২ দানযোগ্য।

ত্যাড়া বিং [তেড়া > °ড়া, দ্র 'টেড়া'] ১ বাঁকা, তেরচাবসান। "শিরে ত্যাড়া টুপী।—হেম ৩৭৮। ২ অস্পষ্ট, বিকৃত। "একে একে ডাকেন সবে ত্যাড়া উচ্চারণ।—হেম ৩৮১।

ত্যামন বিং [অপ্র] সর্থ 'তেমত'। [ত্যামন ত্যামন—বিশেষ-বিশেষ। "ত্যামন ত্যামন আত্মীয় স্থলে হু ১৯৩।]

ত্রপ্ অক [ভ্বা, আ—ত্রপতে ; বেট্] লজ্জা। [অপ—অপত্রপা, লজ্জাহীনতা।]

ত্রপা স্ত্রী [√ত্রপ্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ লজ্জা, ব্রীড়া। "ত্রপাকোপসমীরিতেন কৃষ্ণাকটাক্ষেণ।—মহা ২.৬৭.৪৪। গতত্রপ ভ ৮.৮.২৯। মন্দত্রপাভরনির্ভর গী.গো ১২.১। গলিতত্রপা (সা.দ)। ২ কুলটা। —পিত বিণ [+ত (ক্ত)-ক] লজ্জিত। [°নিরস্ত (বিণ) —লজ্জাহীন। °রণ্ডা (স্ত্রী)—বেশ্যা।]

ত্রপু ক্লী [ত্রপ্+উ-ক, উ ১.১১ ; ছান্দস] ১ যাহা অগ্নিস্পর্শে লজ্জিত (গলিত) হয় ; সীসক। ২ রঙ্গ, রাঙ। "রা ১.৩৭.২০। রূপস্থাপি মলং ত্রপু মহা ৫.৩৯.৮১। মনু ৫.১১৪। —পুঃ (-পুস্) ক্লী [+উস্ -ক, উ ১.১৬০] রঙ্গ। [°মল (ক্লী)—সীসক। 'জ্ঞেয়ং ত্রপুমলং সীসম্ মহা ৫.৩৯.৮১।]

ত্রয় বিং [ত্রি+অয় (অয়চ্) ; স্ত্রী -য়ী ; ছান্দস] ত্র্যবয়ব, ত্রিভাগযুক্ত, ত্রিসংখ্যক। "ত্রয়ী বৈ বিদ্যা ঋচো যজূংষি সামানি (শতপথব্রাহ্মণ)। মনু ১.২৩। ত্রয়ীগুণ দু ৬৫। ত্রয়ী বিদ্যা ক.চ ৭। ত্রয়ী শক্তি চ.কা ৮৮। —য় ক্লী ১ ত্রিতয়, ত্রিসংখ্যা। "লোক° গী ১৪.২০। অদেয়মাসীৎ ত্রয়মেব ভূপতেঃ রঘু ৩.১৬। গুণত্রয়বিভাগ কু.স ২.৪। ভুবন° হি ১.৩৩। বার° ন.প ১০৭। ২ [বাঙ্লায় ; অপ্র] তৃতীয়। "ত্রয়ে তিমিরারি ম.পা ৩ ; কবর্গের ত্রয়াক্ষরে ৭৫ ; ১৩৯। —য়ী স্ত্রী [ত্রয়+স্ত্রী ঈ ((ঙীপ্)] ১ 'ত্র্যবয়বা', ঋক্ সাম যজুঃ—এই বেদত্রয়। "°ধর্ম্ম গী ৯.২১। মনু ৭.৪৩। ক.চ ২। ২ বেদচতুষ্টয় বেদাঙ্গ মীমাংসা ন্যায় মন্বাদি-প্রণীত ধর্ম্মশাস্ত্র ও পুরাণ। "শু ১.১৫৫। ৩ ত্রয়, ত্রিতয়। "নরশিখি° মাঘ ২.৩। ৪ পুরন্ধ্রী। ৫ মনীষা, সুমতি। ৬ দুর্গা (ত.বা)। [ত্রয়ীতনু (পুং)—সূর্য্য। ত্রয়ীধর্ম্ম (পুং)—বেদত্রয়বিহিত ধর্ম্ম ; জ্যোতিষ্টোমাদি। "গী ৯.২১। ত্রয়ীময় (পুং)—সূর্য্য ; "ভ ৫.২০.৪।]

ত্রয়স্ত্রিংশৎ স.বিণ [ত্র্যধিক ত্রিংশৎ উ.লো, ত্রি > ত্রয়ঃ ; পূ.বা—°শ °শত্তম (স্ত্রী -শী, -মী) ; °শৎ (ঋগ্বেদ ১.৪৫.২)] ত্রয়স্ত্রিংশৎসংখ্যক, তেত্রিশ। —শৎ স্ত্রী তেত্রিশ (৩৩) এই সংখ্যা।

ত্রয়োদশ(-শন্) স.বিণ [ত্র্যধিক দশ উ.লো, ত্রি > ত্রয়ঃ ; পূ.বা—°শ (স্ত্রী -শী)] ত্রয়োদশসংখ্যক, তের। —দশ ক্লী (?) তের (১৩) এই সংখ্যা। —দশ বিণ ত্রয়োদশাধিক। "ত্রয়োদশং শতম্। —দশিক ক্লী [°শ+ইক (ঠন্)] মৃতের ত্রয়োদশ দিনে বিধেয় কার্য্যবিশেষ ; ত্রয়োদশা। "শ্রাদ্ধং ত্রয়োদশিকম্ গো.রা ২.৮৬.১। —দশী স্ত্রী [°শ+স্ত্রী ঈ (ঙীপ্)] তিথিবিশেষ।

ত্রয়োবিংশতি স.বিং [ত্র্যধিকা বিংশতি, উ.লো ; ত্রি > ত্রয় ; পূ.বা —°শ, °তিতম (স্ত্রী -শী, -মী)] ত্রয়োবিংশতি-সংখ্যক, তেইশ। —বিংশতি স্ত্রী তেইশ (২৩) এই সংখ্যা।

ত্রস্ অক [দি, প—ত্রস্যতি ; ভ্বা, প—ত্রসতি (ক.ক), সেট্] ত্রাস, উদ্বেগ। —স্ সক [চু, প—ত্রাসয়তি ; সেট্] ১ ধারণ। ২ গ্রহণ। ৩ নিষেধ। "ত্রাসয়তি মৃগং ব্যাধঃ (ক.ক)। [উদ্, সম্—উৎকটভয়, অতিত্রাস।]

ত্রস বিণ [√ত্রস্ গতি+অ (অচ্)-ক] গতিশীল, জঙ্গম। "°রেণু। মহা ৭.২০০.৮৩।

ত্রসন ক্লী [√ত্রস্+অন (ল্যুট্)-ভা] ১ ত্রাস, ভয়। ২ উদ্বেগ।

ত্রসর পুং [√ত্রস্ গতি+অর (অরন্) -ক] সূত্রবেষ্টন, মাকু (shuttle)।

ত্রসরেণু পুং [কর্ম্মধা] ১ ত্রস (জঙ্গম) রেণু ; গবাক্ষান্তর্গত সূর্য্যকিরণে দৃশ্যমান চঞ্চল ধূলিকণা। 'মনু ৮.১৩২। জলস্থার্কমরীচিগতং রজস্ত্রসরেণু-সংজ্ঞকম্।—বিষ্ণু ৪.১। যাজ্ঞ ১.৩৬২। "°প্রমাণ ম ৭৩৯। গবাক্ষের রন্ধ্রে যেন ত্রসরেণু চলে চৈ.চ ২৩। ২ ত্রিংশৎপরমাণুক রেণু (বৈদ্যক-পরিভাষা)। ৩ ষট্পরমাণুক রেণু (ব্রহ্মবৈবর্ত্ত)।

ত্রস্ত বিণ [ত্রস্+ত (ক্ত)-ক] ১ ভীত। "ভয়° মহা ৪.২৪.১৩। °নয়ন (রা)। ২ শীঘ্র, লঘু। "সুন্দরী তৎক্ষণাৎ ত্রস্তে পাত্রোত্থান করিলেন ব.প্র ৫৩ ; ত্রস্তহস্তে ধনুকে শরসংযোগ ১১১।

ত্রস্নু বিণ [ত্রস্+নু (ক্নু)-ক] ত্রাসশীল, ভীরু। "রঘু ১৪.৪৭। ভট্টি ৬.৭।

ত্রা সক [অদা, প—ত্রাতি ; অনিট্] ত্রাণ, পালন। "ত্রাহি (সংক্ষিপ্তসার)। চক্রিংস্ত্রাহি (মুগ্ধবোধ)।

ত্রাণ বিণ [°√ত্রৈ+ত (ক্ত)-র্ম্ম ; পক্ষে 'ত্রাত'] রক্ষিত ! —ণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ রক্ষা, পালন। "মর্ম্ম° রা ২.৯১.৭৭। আর্ত্ত° °শ ১.১১। আত্ম°, প্রাণ°, বাত°, শীত° (S.W.)। ২ [+অন-ক] ত্রাতা, রক্ষিতা। "শোকরাতিভয়° হি ১.২২৩। ৩ [+অন-ণ] 'ত্রাণ-সাধন', কবচ। "মহা ৩.১৬৯.১৪। ৪ ত্রাণসাধনমাত্র। "অঙ্গুলি°, তনু°, শিরস্ত্রাণ। —ত বিণ রক্ষিত। —ত ক্লী [+ত-ভা] ত্রাণ, রক্ষা। —তা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] রক্ষক, রক্ষিতা। "কূর্ম্মরূপ বিশ্বকের ত্রাত !—ব.প ৫৫১।

ত্রাস পুং [√ত্রস্+অ (ঘঞ্)-ভা] ১ ভয়। "°জনন গো.রা ৬.১৬.২৯। ত্রাসার্থ রঘু ২.৩৮। রবি° ম ১০৮৫। অমর° মে ৯ ; দেবদৈত্যনর° ২৪ ; বাসব° ৩৫। ২ মণিদোষবিশেষ।

ত্রাসন বিণ [√ত্রাসি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ত্রাসজনক, ভয়ঙ্কর। "ত্রাসনং সর্ব্বভূতানাম্ গো.রা ৩.৭.৮। (বাচম্) ত্রাসনীং ধার্ত্তরাষ্ট্রাণাম্ মহা ৫.৫৯.১৬। ভ ৪.১০.২৮।—ন ক্লী [+অন -ভা] ১ ভয়োৎপাদন। "স্ববল° (মহা)। পারাবত° (দশকুমার)। ২ [অন-ণ] ত্রাসজনক বস্তুমাত্র। —সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ভীষিত, জনিতভয়। "কেন ত্রাসিতোঽসি হি ১২০৪ (?)। ম ৭৭১। ২ [ত্রাস+ইত (ইতচ্)] জাতত্রাস, ত্রস্ত। "ত্রাসিত হৈল সর্ব্ব সৈন্য ম ২০৬। —সী(-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] ত্রাসজনক। "ন ত্রাসিনঃ …সৎপথে স্থিতাঃ (মহা)। শমনত্রাসিনী কৃ ৩৫২।

ত্রাহি ক্রি [√ত্রা+হি (অনুজ্ঞা, মধ্যমপুরুষ-১ব) ত্রাণ কর ; রক্ষ। "মহা ১.২০৯.১৫। ত্রাহি ত্রাহি ত্রাহি ডাকে।—ম ৪৭১। ত্রাহি মহা-শব্দ অ.প ১২৯। চৈ.ভা ৬৭। ত্রাহি ত্রাহি কণ্ঠাগত প্রাণ দা ৮১৪। আ.দু ১৬৭

ত্রি স.বিণ [ছান্দস ; Av. thri , L. tres , Gr. treis , A.S.

thri ; Danish, Swedish—tre ; Irish, Welsh, R. tri ; E. three ; তু 'তৃ'—তৃভোবন (মী ১৮) ; তৃষট্টি (ম.গা ৮)] ১ ত্রিসংখ্যক, তিন। [সমাসে ত্রি >ত্রয়ঃ—ত্রয়োদশ, ত্রয়োবিংশতি, ত্রয়স্ত্রিংশৎ] ২ (বৃত্তিবিষয়ে)। তৃতীয়। "°পিষ্টপ, °দিব, °ভাগ।

ত্রিংশৎ স.বিণ [ত্রি দশৎ (দশ) যাহার পরিমাণ ইতি 'ত্রিংশৎ', নিপাতিত, পা ৫.১.৫৯ ; পূ.বা—°শ, °শত্তম (স্ত্রী -শী, -মী)] ত্রিদশক-পরিমিত ; ত্রিংশৎসংখ্যক, ত্রিশ। —শৎ স্ত্রী ত্রিশ (৩০) এই সংখ্যা।

ত্রিঃ(-স্) ব্য [ত্রি + স্ (সুচ্) ; ছান্দস] ত্রিবার, তিনবার। "ত্রির্বদামি রা ১.৭১.২২। ত্রিঃসপ্তকৃত্বঃ মহা ১.৬৪.৪। ত্রিরাচমেদপঃপূর্ব্বম্ মনু ২.৬০।

ত্রিক বিণ [তৃতীয়+ক (কন্) স্বার্থে, পক্ষে 'তৃতীয়ক', পা ৫.২.৭৭] ১ তৃতীয়ক। ২ [ছান্দস] ত্রিগুণিত (M.W.)। "°সংযোগ (সুশ্রুত)। ৩ ত্র্যধিকবৃদ্ধিযুক্ত, অর্থাৎ তিনপণসুদসহিত (শত)। "মনু ৮.১৪২। —ক ক্লী [+ক সংজ্ঞার্থে] ১ পৃষ্ঠবংশের অধোভাগ ; মেরুদণ্ডের নিম্নপ্রান্ত। "রঘু ৬.১৬। ২ (ত্রিকসামীপ্যে) নিতম্ব। "কি ৪.১৫। ৩ ত্রয়, তিনটি। "কষ্টমেতত্রিকং সদা।—মনু ৭.৫১। ৪ ত্রিপথসংস্থান, তেমাথা পথ। ৫ ত্রিফলা। ৬ ত্রিকটু—শুণ্ঠী পিপ্পলী মরিচ। —কা স্ত্রী কূপের মুখবন্ধনচক্রাদি ; কূপের নেমি (অ.টী)। [°শূল (ক্লী)—বাতজন্য ত্রিকস্থ ব্যথাবিশেষ।]

ত্রিককুৎ (-কুদ্) পুং [বহুব্রী] ১ যাহার তিন ককুদ্ (শৃঙ্গ) ; ত্রিকূট পর্ব্বত। ২ বিষ্ণু। "মহা ১২.৩৪২.৯৩। ৩ যজ্ঞবিশেষ।

ত্রিকচ্ছ বিং কাছা কোঁচা ও কোমরে গোঁজা কোঁচার আগা—এই তিন কাছা দিয়া পরিহিত (বস্ত্র)। "অদ্ভুত শোভে °বসন চৈ.ভা ৬২ ; বস্ত্র °বিধানে (পরাইয়া) ১১৩ ; ত্রিকচ্ছ বসন ২২৪।

ত্রিকটু ক্লী [স.দ্বি] মিলিত শুণ্ঠী পিপ্পলী ও মরিচ (ভাবপ্রকাশ)।

ত্রিকড়ি বি তিন কড়ির কর্ণভূষাবিশেষ। "গো.বি ৪৯।

ত্রিকণ্ট পুং [বহুব্রী] স্নুহীবৃক্ষ, তেকাটা সিজ। —ণ্ট, -ণ্টক পুং ১ টেঙরা মাছ। ২ গোক্ষুরবৃক্ষ।

ত্রিকণ্টক দ্র 'ত্রিকণ্ট'।

ত্রিকণ্ঠ বি ['°ণ্ট' সাধু] ত্রিকণ্টক অস্ত্রবিশেষ। "অ.প ১৬।

ত্রিকর্ম্ম (-র্ম্মন্) ক্লী [কর্ম্মধা] যজন দান ও অধ্যয়ন—ব্রাহ্মণের এই শ্রেষ্ঠ কর্ম্মত্রয়। —কর্ম্মা (-র্ম্মন্) বিণ [বহুব্রী] যজনাদিকর্ম্মত্রয়কারক (দ্বিজ)। "ত্রিকর্ম্মা-ত্রিপরিক্রান্ত-মৈত্র এব স্মৃতো দ্বিজঃ মহা ১৩.১৪১.৬৬।

ত্রিকা দ্র 'ত্রিক'।

ত্রিকাটা বি সর্থ 'তিকাঠা'। "ত্রিকাটা উপরে কেটে দিয়াছিল মুণ্ড শ্রী.মা ২১৫,-৬।

ত্রিকাল ক্লী [স.দ্বি] ১ ভূত-ভবিষ্যদ্-বর্ত্তমান-কালত্রয়। "চ.কা ৮৭। ২ প্রাতর্মধ্যাহ্নসায়াহ্নকালত্রয়। "ত্রিকাল করয়ে কৃষ্ণপূজা চৈ.ভা ১৮। [°জ্ঞ (বিণ)—ভূতাদিকালত্রয়বিৎ। "ন ৭৮৭। °দর্শী (-র্শিন্), °বিৎ (-দ্) বিণ—ত্রিকালজ্ঞ। (পুং) ঋষি ; দেবতা ; বুদ্ধ।] [°বুড়া, ত্রিকালের বুড়া—বহুদিনের বৃদ্ধ ; অতিবৃদ্ধ। "সে কপালে হলো ত্রিকাল-বুড়া ব.প ১৪২। আমি অন্তদন্তহীন ত্রিকালের বুড়ার কথা বলিতেছি না ব.প্র ৬৪১।]

ত্রিকূট পুং [বহুব্রী] 'ত্রিশৃঙ্গযুক্ত', লঙ্কার আধারপর্ব্বতবিশেষ। ত্রিকূটস্ত তটে লঙ্কাম্…দদর্শ রা ৫.২.১। ত্রিকূট উপর লঙ্কা দু ৪।

ত্রিকোণ বিণ [বহুব্রী] ত্রিকোটিযুক্ত, তেকোনা। —কোণ পুং ত্রিভুজ। —কোণ ক্লী ১ কামরূপপীঠভেদ। ২ যোনি। ৩ (জ্যোতিষে) লগ্ন হইতে পঞ্চম নবম স্থান। ৪ ত্রিকোণবস্তুমাত্র—হল বজ্র শৃঙ্গাট শকট ইত্যাদি। ৫ মাটিতে জল দ্বারা অঙ্কিত ত্রিভুজ। "বামেতে বাক্যপাত্র, …ত্রিকোণ-উপরি স্থাপন দু ১৫। [°ফল (ক্লী)—১ ত্রিভুজক্ষেত্রফল (লীলাবতী)। ২ শৃঙ্গাট, পানিফল (ভাবপ্রকাশ)।

ত্রিগণ পুং [ষ.ত] ত্রিবর্গ—ধর্ম্ম অর্থ কাম। "কি ১.১১।

ত্রিগম্ভীর বিণ [বহুব্রী] যাহার নাভি স্বর ও স্বভাব—এই তিন গম্ভীর। "বৃহৎসংহিতা ৬৮.৮৫।

ত্রিগর্ত্ত পুং বহুব ১ দেশবিশেষ, জালন্ধর। ২ ত্রিগর্ত্তরাজগণ। ৩ ত্রিগর্ত্ত-বাসিগণ। —র্ত্তা স্ত্রী কামুকী স্ত্রী।

ত্রিগুণ বিণ [বহুব্রী] ১ ত্রিরাবৃত্ত, তেতার। "মৌঞ্জীং ত্রিগুণাং শ্লক্ষ্ণাং কু.স ৫.১০। ২ ত্রিগুণিত, তিনগুণ (treble)। "মনু ৫.১৩৭। সপ্ত ব্যতীযুস্ত্রিগুণানি…দিনানি রঘু ২.২৫। ৩ সত্ত্বাদিগুণত্রয়যুক্ত। "মনু ১.১৫। সাংখ্য ১১। —গুণ পুং, বহুব [কর্ম্মধা] সত্ত্বাদি গুণত্রয়। "ত্রিগুণাত্মনে নমঃ (A.)। —গুণ ক্লী [স.দ্বি] ১ সমাহৃত গুণত্রয় ; তিন গুণ। "চ.কা ৮৭। ২ (সাংখ্যে) গুণত্রয়াত্মক প্রধান ; প্রকৃতি। "ভ ৪.২৪.২৮। —গুণা স্ত্রী ১ দুর্গা। ২ (তন্ত্রে) হ্রীং বীজ। ৩ মায়া। তু 'গুণময়ী মম মায়া গী ৭.১৪। —গুণী স্ত্রী বিল্ববৃক্ষ। [ত্রিগুণাকৃত—ত্রিধা হলকৃষ্ট (ক্ষেত্র)। ত্রিগুণিত (বিণ)—ত্রিরাবৃত্ত, তিনগুণ।]

ত্রিগুণা, -ণী দ্র 'ত্রিগুণ'।

ত্রিচতুর বিণ [ত্রি চতুর্, বহুব্রী, সমাসান্ত অ (অচ্), নিপাতিত, পা ৫.৪.৭৭, বার্ত্তিক] ত্রিচতুঃসংখ্যক, তিন-চার। "ত্রিচতুরাণি পদানি গত্বা সা.দ ৩১৪৬।

ত্রিচত্বারিংশৎ স.বিণ [ত্র্যধিক চত্বারিংশৎ, উ.লো ; বিকল্পে 'ত্রয়শ্চত্বারিংশৎ' ; পূ.বা—°শ, °শত্তম (স্ত্রী -শী, -মী)] ত্রিচত্বারিংশৎ-সংখ্যক, তেতাল্লিশ। —শৎ স্ত্রী তেতাল্লিশ (৪৩) এই সংখ্যা।

ত্রিজগৎ ক্লী [উ.লো] ত্র্যবয়ব জগৎ ; স্বর্গমর্ত্ত্যপাতালরূপ লোকত্রয় ; ত্রিভুবন। "শ্রিয়স্ত্রিজগতঃ…জনন্যাঃ ভ ৮.৮.২৫। —জগৎ ক্লী, বহুব [কর্ম্মধা] সর্থ 'ত্রিজগৎ'। "ত্রিজগতাং পরিমোহণায় ভা.চ ৬৪২। ত্রিজগদম্বা ম.পা ২ ; ১৬। —জগতী স্ত্রী [ত্র্যবয়বা জগতী, উ.লো] ১ ত্রৈলোক্য। "ভ ৫.২৬.৫। গ ৫৬। ২ স্বর্গ অন্তরীক্ষ পৃথিবী (A.)।

ত্রিজগত বি [সং °গৎ ; অপ্র] ত্রিভুবন। "°জনে ম ২৩৬। ত্রিজগতেশ্বর : °কর্ত্তা ম.পা ১৯ ; °মাতা ২৬। ত্রিজগতেশ্বরী ১৬৭। °কর্ত্রী দা ২০৭। °মোহিনী ম.ভা ৪৯।

ত্রিজট পুং [বহুব্রী] 'ত্রিজটাযুক্ত', শিব। —টা স্ত্রী সীতার পক্ষপাতিনী রাক্ষসী চেটীবিশেষ। "রা ৬.৪৮.২২। রঘু ১২.৭৪।

ত্রিণতা স্ত্রী [স.ত] তিন স্থানে নতা ; ধনুঃ, শার্ঙ্গ। "মাঘ ১৯.৬১।

ত্রিণাচিকেত পুং [ত্রিঃ চিত নাচিকেত (অগ্নি) যাহা কর্ত্তৃক, বহুব্রী ; ণত্ব] ১ অধ্বর্য্যুবিশেষ (ত.বা)। ২ অধ্বর্য্যুগণের বেদভাগ ; তদ্বেদ-ভাগাধ্যায়ী পুরুষ। "মনু ৩.১৮৫।

ত্রিতন্ত্রী বি ত্রিতন্ত্রযুক্ত বাদ্য ; সেতার। "দু ১৩ ; ১০৪।

ত্রিতয় বিণ [ত্রি+তয় (তয়প্) ; স্ত্রী -য়ী] ত্র্যবয়ব, ত্রয়, ত্রিসংখ্যক। "রঘু ৩.৪৯, মল্লিনাথ। —তয় ক্লী ত্রয়, ত্রিত্বসংখ্যা। "শ ৭.২৯। রঘু ৮.৭৮।

ত্রিতাপ বি [°প (ক্লী—ত.বা)] আধ্যাত্মিক আধিভৌতিক আধি-দৈবিক—এই তাপত্রয়। "°হারি দা ২১৭৫।

ত্রিতালী বি সর্থ 'তেতালা'। "দ্রুত° ভা.চ ৩০ ; ২৩২ ; ৩০৫,-৬১।

ত্রিদণ্ড ক্লী [স.দ্বি] ১ তিন দণ্ডের সমাহার ; চতুরঙ্গুল গোবালবেষ্টনে পরস্পরসম্বদ্ধ যতির দণ্ডত্রয়। "গো.রা ৩.৫২.৯। মনু ৯.২৯৬। ত্রিদণ্ড-ব্যপদেশেন জীবন্তি বহবো নরাঃ।—দক্ষ ৭.৩০। ২ বাগ্দণ্ড (বাক্সংযম, নিষিদ্ধবাক্যত্যাগ), মনোদণ্ড (চিত্তসংযম, অসৎসঙ্কল্পত্যাগ) ও কায়দণ্ড (কায়সংযম, নিষিদ্ধব্যাপারত্যাগ)—এই তিন দণ্ড বা সংযম। "মনু ১২.১১। ৩ [°ণ্ড+অ (অচ্) অস্ত্যর্থে] 'ত্রিদণ্ডবান্', সন্ন্যাসাশ্রম। —দণ্ডী (-ণ্ডিন্) পুং [°ণ্ড+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ 'ত্রিদণ্ড-ধারী', যতি, সন্ন্যাসী। ২ বাঙ্মনঃকায়দণ্ডবান্, বাক্যাদিসংযমী। "মনু ১২.১০। ৩ (বাঙ্লায়) যজ্ঞোপবীতের তিন তারের গ্রন্থি

(ইহা বাগ্‌দণ্ডাদি-ত্রিদণ্ডস্বরূপ) । ৪ সর্ব 'ত্রিদণ্ড (১) । "ত্রিদণ্ডী ধরিল নবগুণ ম.ম ১৬১ ।

ত্রিদণ্ডী(-ণ্ডিন্) দ্র 'ত্রিদণ্ড' ।

ত্রিদশ পুং [ত্রি দশা যাহার, বহুব্রী (অ.টী) ; দ্র 'পু.মে ৫৮, মল্লিনাথ] ১ যাহার জন্ম সত্তা বিনাশ, (মতান্তরে) বাল্য কৌমার যৌবন—এই তিন দশা (মনুষ্যের ন্যায় বৃদ্ধি পরিণাম ক্ষয়) নাই—অ.টী ; দেবতা । "রা ১.১৫.২৭ । °ত্ব রঘু ১৮.৩১ । ত্রিদশ-ঈশ্বর গ ১১৮ । ম.ম ১৭ । শ্রী.মা ৩ । ত্রিদশের রায় চৈ.ভা ৪২ । ২ ত্রয়স্ত্রিংশৎসংখ্যক মুখ্য দেবগণ । দ্র 'তেত্রিশ' । ৩ 'জাগ্রদাদি দশাযুক্ত', জীব । [°গুরু (পুং)—বৃহস্পতি । °দেব (বি)—ইন্দ্র । "শ্রী.ম ১৩৩ । °পতি (পুং)—ইন্দ্র । "ত্রিদশ-পতিশস্ত্র (মৃ) । °পুঙ্গব (পুং)—দেবশ্রেষ্ঠ । "রা ১.১৫.২৬ । °বধূ, °বনিতা (স্ত্রী)—সুরযোষিৎ, অপ্সরাঃ । "°তা পু.মে ৫৮ । °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—দেবপথ, আকাশ । °ভুবন (বি)—দেবলোক, স্বর্গ । "ক.চ ২৬ ।]

ত্রিদশাধিপ, -ধিপতি পুং [ষ.ত] দেবরাজ, ইন্দ্র । —পতি শিব । "ম.ম ১৭ ।

ত্রিদশায়ুধ ক্লী [ষ.ত] ১ ইন্দ্রাস্ত্র ; বজ্র । ২ ইন্দ্রচাপ । "রঘু ৯.৫৪ ।

ত্রিদশালয়, -শাবাস পুং [ষ.ত] ১ 'দেবস্থান', স্বর্গ । "ত্রিদশালয় গো.রা ১.২.৩ ; মহা ৩.৪৬.৩৬ । ত্রিদশালয় মে ৪৪ ; ৭০ । ২ সুমেরুপর্ব্বত ।

ত্রিদশেন্দ্র পুং [উপ.স] ১ 'দেবশ্রেষ্ঠ', ইন্দ্র । ২ শিব । ৩ ব্রহ্মা ।

ত্রিদশেশ্বর পুং [ষ.ত] ১ দেবরাজ, ইন্দ্র । "রা ২.৩২.১২ । ম ৯১৪ । ২ (বাঙলায়) শিব । "বা.ম ২ ; ৩১,-৭ । —রী স্ত্রী দুর্গা ।

ত্রিদিব পুং [ত্রি (তিনের) দিব, ষ.ত ; ত্রি (তৃতীয়া) দ্যৌঃ, কর্ম্মধা, পৃষো, দ্র 'কু.স ১.২৮, মল্লিনাথ ; ছান্দস] ১ তিনের (ব্রহ্মা বিষ্ণু মহেশের, অথবা গুণত্রয়ের) ক্রীড়াস্থান ; তৃতীয় স্বর্গ ; স্বর্গ । "(ব্রহ্মা) জগাম ত্রিদিবম্ (রা) । দেবাস্তে ত্রিদিবং গতাঃ মহা ৩.৫৭.৩৮ । রঘু ৩.৬ । °বিভব মে ৩২ ; ২৩৪ । °ঠাকুর ম.ভা ৫৭ । শান্তির ত্রিদিব ন ১১৩৯ । প.তৃ ৩৪ । ২ আকাশ । ৩ সুখ । [°নিবাসী (-সিন্) বি—'স্বর্গবাসী', দেব । "মে ৭০ । °ভুবন (বি)—স্বর্গলোক, স্বর্গ । "ম ১২৭২ । °মহিষী (বি)—স্বর্গের রাজ্ঞী ; শচী । "মে ৫৬।]

ত্রিদিবাধীশ, -বেশ পুং [ষ.ত] ১ স্বর্গের অধিপতি ; ইন্দ্র । ২ দেবতা । "ত্রিদিবেশ শ্রী.মা ৬৫ ।

ত্রিদিবেন্দ্র বি ত্রিদিবের প্রভু ; ইন্দ্র । "মে ২৩৪ ।

ত্রিদিবেশী বি স্বর্গের ঈশ্বরী ; দুর্গা । "শ্রী.মা ১৫ ।

ত্রিদিবেশ্বর বি [ষ.ত] স্বর্গাধিপতি, ইন্দ্র । "মে ৫৪ ।

ত্রিদিবৌকাঃ (-কস্) পুং [ত্রিদিব ওকঃ (বাসস্থান) যাহার বহুব্রী,-১ব] দেব । "রা ১.৬৫.২১ । মনু ১.৯৫ ।

ত্রিদেব বি দেবত্রয়, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর । "°বন্দিনী দা ২০৬,-৭ ।

ত্রিদোষ ক্লী [স.দ্বি] তিনের (বাত-পিত্ত-কফের) দোষের সমাহার ; বাতাদিজাত দোষত্রয় । "°ঘ্ন । [°জ (বিণ)—বাতাদিদোষত্রয়জাত, সন্নিপাতজ (রোগ) । "কুচমর্দ্দনালিঙ্গন চুম্বন লো । শুন এহি ত্রিদোষজ-ভঞ্জন লো ॥—বি.সু ৭০ ।]

ত্রিধা ব্য [ত্রি+ধা (ধাচ্) ; ছান্দস] ত্রিপ্রকার, ত্রিবিধ । "গী ১৮.১৯ । একৈব মূর্ত্তির্বিভিদে ত্রিধা সা কু.স ৭.৪৪ ।

ত্রিধাম দ্র 'ত্রিধামা' ।

ত্রিধামা (-মন্) পুং [ত্রি ধাম যাহার বহুব্রী,-১ব] ১ যাহার ভূ-প্রভৃতি তিন স্থান ; বিষ্ণু । ২ শিব । ৩ অগ্নি । —ধাম ক্লী ১ [তৃতীয় ধাম, কর্ম্মধা] তৃতীয় স্থান ; স্বর্গ । "হংস···ত্রিধাম পরমং যযৌ ভ ৩.২৪.২০ । ২ [স.দ্বি ; °মী (স্ত্রী)] ধামত্রয় ।

ত্রিধারা স্ত্রী [ত্রি ধারা যাহার বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] 'প্রবাহত্রয়যুক্তা', গঙ্গা । "জাহ্নবী ত্রিধারা দা ২০৭ । [স্বর্গে মন্দাকিনী, মর্ত্তে অলকানন্দা, পাতালে ভোগবতী, এই ধারাত্রয় ।]

ত্রিনবতি স.বিণ [ত্র্যধিক নবতি উ.লো ; বিকল্পে 'ত্রয়োনবতি' ; পূ.বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -মী)] ত্রিনবতিসংখ্যক, তিরানই । —তি স্ত্রী তিরানই (৯৩) এই সংখ্যা ।

ত্রিনয়ন বিণ [বহুব্রী ; স্ত্রী -না] নয়নত্রয়যুক্ত, ত্রিনেত্র । "গো.রা ৬. ১০২.৩ । °না ভা.চ ৩২ । —নয়ন পুং [ক্ষুভ্নাদি হেতু সংজ্ঞায় ণত্বাভাব] শিব । "মাঘ ৮.৩৩ । [শিবের তৃতীয় নেত্রসম্বন্ধে দ্রষ্টব্য 'মহা ১৩.১৪০. ২৬-৩০ ।] —নয়ন বি ত্রিসংখ্যক নেত্র । "চন্দ্র সূর্য্য হুতাশন, সুশোভিত ত্রিনয়ন ভা.চ ৩ ; ৩১ । চ.কা ৮৭ । —নয়না স্ত্রী দুর্গা । দ্র 'দেবীপুরাণ ৪৫তম অধ্যায় ।

ত্রিনয়না দ্র 'ত্রিনয়ন' ।

ত্রিনেত্র বিণ [বহুব্রী ; স্ত্রী -ত্রা] নেত্রত্রয়যুক্ত । "(ধ্যায়েৎ মহেশম্) ত্রিনেত্রম্ (শিবধ্যান) । ত্রিনেত্র জন্মে পশু নরগণ ম ৭৩৩ । —নেত্র পুং শিব । "ভ ৪.৪.৪ । দা ১২৮ । —ত্রা স্ত্রী সর্ব 'ত্রিনয়না' (M.W.) । —নেত্র বি নেত্রত্রয় । "ত্রিনেত্র ত্রিনেত্রে মুদে যাঁরে সাধন করে দা ১২৮ । [°চূড়ামণি (পুং)—চন্দ্র ।]

ত্রিনেত্রা দ্র 'ত্রিনেত্র' ।

ত্রিপঞ্চ স বিণ [উ.লো] ত্রিগুণিত পঞ্চ, পঞ্চদশসংখ্যক, পনর ।

ত্রিপঞ্চাশৎ স.বিণ [ত্র্যধিক পঞ্চাশৎ উ.লো, বিকল্পে 'ত্রয়ঃপঞ্চাশৎ', পূ.বা—°শ, °শত্তম (স্ত্রী -শী, -মী)] ত্রিপঞ্চাশৎসংখ্যক, তিপ্পান্ন । —শৎ স্ত্রী তিপ্পান্ন (৫৩) এই সংখ্যা ।

ত্রিপটু পুং [?] কাচ (পারস্করনিঘণ্টু) ।

ত্রিপণ্ড বিং ['ত্রপারণ্ডা'—মূল] নির্লজ্জ, বেহায়া ; দুষ্ট । "ত্রিপণ্ডে তাড়ায়ে কর দূর শ্রী ২০৪ । বালকটী অতিশয় ত্রিপণ্ড আ.দু ৩ ।

ত্রিপতাক পুং [ত্রি পতাকা যাহাতে, বহুব্রী] পতাকাকারপ্রসারিত-তর্জ্জন্যাদিত্রয়াঙ্গুলিযুক্ত কর । [অঙ্গুষ্ঠ ভিন্ন প্রসারিত অঙ্গুলিচতুষ্টয়-যুক্ত কর 'পতাক' । পতাকের অনামিকা বক্রীকৃত হইলে, 'ত্রিপতাক' হয় (সা.দ ৬.১৩৯, টীকা) ।] —ক ক্লী পতাকাকার-বলিত্রয়যুক্ত ললাট ।

ত্রিপত্র পুং [বহুব্রী] যাহার তিন পত্র ; বিল্ববৃক্ষ । —পত্র ক্লী ১ বিল্ব-পত্র । "ম ৯৪৪ । ২ (বাঙলায়) বদ্ধ-কুশপত্রত্রয় । "ত্রিপত্র লইলা রাজা করিবারে দান গ ৪৮,-৯ । —পত্রক পুং পলাশবৃক্ষ ।

ত্রিপত্রক দ্র 'ত্রিপত্র' ।

ত্রিপথ ক্লী [স.দ্বি ; সমাসান্ত 'অ'—পথিন্ > পথ] ১ তিন পথির সমাহার ; পথিত্রয়, তিন পথ । ২ পথিত্রয়ের সমাহারস্থান ; ত্রিমার্গ, তেমাথা পথ । ৩ উপায়ত্রয় । ৪ আকাশ পৃথিবী ও পাতাল—এই পথিত্রয় (A.) ; ভূ অন্তরীক্ষ ও স্বর্গ—এই তিন পথ (রা.টীকা) । "ত্রিপথগা ।

ত্রিপথগ বিণ [°থ+ √গম্+অ (ড)-ক ; উ.ত ; স্ত্রী -গা] স্বর্গ অন্তরীক্ষ ও পৃথিবী—এই পথিত্রয়গামী । "কথং গঙ্গা ত্রিপথগা বিশ্রুতা রা ১.৩৬.৩ ; ৪৪.৬ । মহা ৩.১০৯.১৯ । —গা স্ত্রী গঙ্গা । "কি ৬.১ । মে ৩১৮ ।

ত্রিপথগা দ্র 'ত্রিপথগ' ।

ত্রিপথগামিনী বিং [হি °নী] ত্রিপথগা । "গঙ্গা ত্রিপথগামিনী ম ১৬ । —নী বি গঙ্গা । "°সদ্ম ম ৩৩৫ । গ ১৫১ । °তীর জ.প ৫ । দা ২ ।

ত্রিপদ বিণ [বহুব্রী ; ছান্দস] ১ পদত্রয়যুক্ত, ত্রিপাৎ । "ম ৭৩৩ । ত্রিপদ বামন দা ২০৭ । ২ (ছন্দঃশাস্ত্রে) চরণত্রয়যুক্ত । "ত্রিপদা চৈব সাবিত্রী মনু ২.৮১ । ভ ৫.৯.৫ । —পদ পুং ত্রিবিক্রম, বিষ্ণু (মহা) । —পদ ক্লী [E. tripod] ত্রিপদযুক্ত আধার ; তেপায়া । —পদিকা স্ত্রী [°দী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ ত্রিপাদ ধাতুময় শঙ্খাধার । ২ তেপায়া । —পদী স্ত্রী [ত্রি পাদ্ যাহার বহুব্রী, স্ত্রী ঈ (ঙীপ্), পাদ > পদ্] ১ 'পাদত্রয়যুক্তা', ত্রিপাদ আধার । ২ ত্রিপাদ গায়ত্রীচ্ছন্দঃ । ৩ হস্তিপাদবন্ধনশৃঙ্খল ; পাদবন্ধন (যাদব) । "রঘু ৪.৪৮ । ৪ (বাঙলায়) ত্রিপাদ ছন্দোবিশেষ । [ইহার প্রথমার্দ্ধে তিন

ও দ্বিতীয়ার্দ্ধ তিন চরণ। প্রথমে দ্বিতীয়ে, চতুর্থে পঞ্চমে এবং তৃতীয়ে ষষ্ঠে মিত্রবর্ণ।]

ত্রিপরিক্রান্ত বিণ [দ্বি.ত] তিন (কামক্রোধলোভ) পরিত্যাগপূর্ব্বক গত (নীলকণ্ঠ) ; কামাদিবিহীন। দ্র 'ত্রিকর্ম্ম'।

ত্রিপাঠী (-ঠিন্) পুং [°ঠ+ইনি (ইন্) অস্ত্যর্থে-১ব] পদক্রম-সংহিতার পাঠবান্ ; বেদের পদক্রমসংহিতাগ্রন্থের পাঠক ; তেয়ারি ব্রাহ্মণ।

ত্রিপাৎ (-পাদ্) বিণ [ত্রি পাদ যাহার বহুব্রী, পাদ > পাৎ ; তু °°দ' (ছান্দোগ্য)] ১ পাদত্রয়যুক্ত। "জ্বরস্ত্...ত্রিপাৎ ভ ১০.৬৩.২২। ২ হীনতূর্য্যাংশ, তিন-পোয়া। "ধর্ম্মস্ত্রিপাৎ রঘু ১৫.৯৬। —পাৎ পুং ১ ত্রিবিক্রম, বিষ্ণু। [বিষ্ণু বামনরূপে এক পাদে বলিরাজ্য পৃথিবী, দ্বিতীয়ে স্বর্গ ব্যাপ্ত করেন এবং তৃতীয় পাদ বলির প্রার্থনানুসারে মস্তকে স্থাপন করেন (ভ ৮.২১.২২)] ২ পরমেশ্বর। ৩ শৈব জ্বর। [বাণযুদ্ধে সৃষ্ট শৈব জ্বর ত্রিশিরাঃ ও ত্রিপাৎ (ভ ১০.৬৩.২২)]

ত্রিপাদ পুং [ত্রি পাদ যাহার, বহুব্রী, তু 'ত্রিপাৎ', সমাসান্তবিধি অনিত্য] ১ সর্থ 'ত্রিপাৎ' পুং (২)। ২ সর্থ 'ত্রিপাৎ' পুং (৩)। ৩ (বাঙলায়) সর্থ 'ত্রিপাৎ' বিণ (২)। "ত্রিপাদেতে পূর্ণ (পুণ্য) ম ১০৮৩। —দিকা বিণ, স্ত্রী [°দ+সমাসান্ত ক (কপ্)+স্ত্রী আ (টাপ্)] পাদত্রয়যুক্তা। "ত্রিপাদিকাঃ (দদর্শ রাক্ষসীঃ) গো.রা ৫.১৭.৩০। —পাদী স্ত্রী (স.দ্বি ; স্ত্রী ঈ (ঙীপ্)] পাদত্রয়। "পা ৮.২.১, সি।

ত্রিপিনি, -নী, -পীণি, -নি, -পীনী, -পুণী বি [সং ত্রিবেণী] ১ সর্থ 'ত্রিবেণী'। "ত্রিপুণীর ঘাটে বি.পা ২৪৯। ২ (নাথসম্প্রদায়ে) ইড়া পিঙ্গলা ও সুষুম্নার সঙ্গমস্থান। "ত্রিপীনিতে দেয় থানা মী ২২ ; ত্রিপীণিতে ২৬। ত্রিপিনিতে দিয়া থানা গো.বি ১৪৪ ; ত্রিপিনী ১৪৮।

ত্রিপি(বি)ষ্টপ ক্লী [তৃতীয় পিষ্টপ, কর্ম্মধা] ১ তৃতীয় জগৎ ; স্বর্গ। "ত্রিবিষ্টপ রা ১.৫৭.৭। ত্রিপিষ্টপ গো.রা ১.৫৯.৩। ত্রিপিষ্টপ রঘু ৬.৭৮। ২ আকাশ। [°সৎ (-দ্)—দেব।]

ত্রিপুট পুং [ত্রি পুট যাহাতে, বহুব্রী] ১ বাণ। ২ হস্তভেদ (cubit)। ৩ তীর। ৪ তালকযন্ত্র, তালা (?)। ৫ কলায়বিশেষ, খেসারি। —টা স্ত্রী ১ ত্রিবৃৎ, তেউড়ি। ২ মল্লিকা। ৩ (তন্ত্রে) দেবীবিশেষ। তু 'ত্রিপুরা'। "°মন্ত্র, °স্তোত্র।

ত্রিপুটা দ্র 'ত্রিপুট'।

ত্রিপুণ্ড্র, -ণ্ড্রক ক্লী [তিন পুণ্ড্রের (পুণ্ড্রেক্ষুবৎ রেখার) সমাহার, স.দ্বি ; ক (কন্) স্বার্থে ; °°ণ্ড্র' (সাংখ্যায়নগৃহ্যসূত্র)] ললাটস্থ তির্য্যগ্‌রেখাত্রয়রূপ তিলকবিশেষ। 'বক্রা ললাটগাস্তিস্রো ভস্মরেখাস্ত্রি-পুণ্ড্রকম্। "ভস্মত্রিপুণ্ড্র, কৃতত্রিপুণ্ড্রক।

ত্রিপুর১ পুং [ত্রি পুর যাহাদের, বহুব্রী] ১ ত্রিপুরের অধিপতি অসুরত্রয়—তারকাক্ষ, কমলাক্ষ ও বিদ্যুন্মালী (মহা ৭.২০১.৬৫)। ২ শিব (M.W.)। —পুর ক্লী [স.দ্বি ; তু °°র্ (স্ত্রী) ভ ৭.১০.৬৭] ১ অসুরত্রয়ের সৌবর্ণ রাজত ও আয়স পুরত্রয় (মহা)। [সুরনির্জিত অসুরগণ ময়দানবের শরণাপন্ন হইলে, ময় আকাশে অন্তরীক্ষে ও পৃথিবীতে এই পুরত্রয় নির্ম্মাণ করিয়া অসুরগণকে দান করে। অসুরেরা এই পুরে নির্ব্বিঘ্নে বাস করিয়া, ত্রিলোক ধ্বংস করিতে উদ্যত হইলে, দেবগণ অসুরনাশার্থ শিবের শরণাপন্ন হন। শিব দেবস্তবে প্রসন্ন হইয়া ত্রিপুর দগ্ধ ও অসুরগণ নিহত করেন (ভ ৭.১০.৫৩-৬৭। হ ৩২৪তম অধ্যায়। মহা ৭.২০১তম অধ্যায় ; ৮.৩৩শ অধ্যায়।)] ২ পুরত্রয়। —পুরা১ স্ত্রী ১ দেবীবিশেষ, দুর্গা। "ক.চ ৯৭। ম.পা ৬ ; ১৫। °সুন্দরী শি ৩৬। ২ মায়াবিশেষ (M.W.)। —পুরী স্ত্রী ১ চেদিরাজধানী (অ.চি)। ২ ত্রিপুরাদেশ (Wilson ; S.W.) [°ঘ্ন, °জিৎ, °দহন, °দ্বিট্ (-ষ্), °সূদন, °হর, °হা (-হন্) পুং—ত্রিপুরনাশক শিব। "°ঘ্ন রা ১.৭৪.১৯ ; ৭৫.১২। °হা গো.রা ৬.৭৪.৩৮। °দ্বিট্ রঘু ১৭.১৪। °দাহ (পুং)—ত্রিপুরভস্মীকরণ। "কি ৫.১৪। °নাশন (বি)—'ত্রিপুর-দাহক', শিব। "ম ৯৪৪। °ভৈরবী (স্ত্রী)—দেবীবিশেষ। °মথন (বি) —শিব। "চ.বি ৬৮।]

ত্রিপুর২ বি [অপ্র] ত্রিভুবন। "রূপের তুলনা নাই ত্রিপুর ভিতর শ্রী.মা ৮২ ; ত্রিপুর যুড়ে নাম ১৪৫।

ত্রিপুরা১ দ্র 'ত্রিপুর'।

ত্রিপুরা২ [সং °র] ১ সর্থ 'ত্রিপুর১ (১)। "°মথন অ.প ১৫। ২ (বাঙলায়) পূর্ব্ববঙ্গের প্রদেশবিশেষ।

ত্রিপুরান্তক, -ন্তকর পুং [ষ.ত] 'ত্রিপুরনাশক', শিব। "ত্রিপুরান্তক মহা ২.১৯.১৫ ; ত্রিপুরান্তকর ৪৬.১৩।

ত্রিপুরারি, -রার্দ্দন পুং [ষ.ত] 'ত্রিপুরশত্রু', শিব। "°রি ক.সা ৯.৭। °ন মহা ৩.২৩০.৮। °রি-মৌলিমুক্তামালা দ্রু ১৬।

ত্রিপুরুষ বিণ তিন পুরুষ যাহার পরিমাণ ; ত্রিপুরুষপরিমিত (রজ্জু —শতপথব্রাহ্মণ)। —পুরুষ ক্লী [স.দ্বি] পিতৃ-প্রভৃতি পুরুষত্রয়—পিতা পিতামহ প্রপিতামহ। "ক্রমাৎ ত্রিপুরুষাগতা (স্মৃতি)। —পুরুষ পুং পিত্রাদি পুরুষত্রয়কৃত ভোগবিশেষ।

ত্রিপুষ্কর পুং ১ নক্ষত্রতিথিবারভেদে যোগবিশেষ। [ইহার ফল মৃত্যু।] ২ [কর্ম্মধা ; বহুব] তীর্থবিশেষ। "(উপস্পৃশন্) ত্রিপুষ্করেষু ত্রিদশত্বমাপ রঘু ১৮.৩১। —পুষ্করা বি [সং °র] সর্থ 'ত্রিপুষ্কর (১)। "ত্রিপুষ্করার পতি হন হাতুড়ে দা ৩৬০।

ত্রিপৌরুষ বি [ত্রিপুরুষ+অ (অণ্) ; স্ত্রী -ষী] পিত্রাদি ঊর্দ্ধ্বপুরুষত্রয়-সম্বন্ধী (ভোগ, দায়, পিণ্ড)।

ত্রিফলা স্ত্রী [স.দ্বি ; স্ত্রী আ (টাপ্), অজাদি ; °লী (শ.ক) ; তু 'তৃফলা' (উ ১.১০৪)] ত্রিফলের সমাহার ; সমভাগে মিলিত হরীতকী বিভীতক ও আমলক ফল। "°ঘৃত, °দিলৌহ।

ত্রিফলিয়া বিং তিনফলাযুক্ত (বাণ)। "চ.বি ৭৮ ; ৮৭ ; ১৬৬।

ত্রিবঙ্ক বিং [দ্র 'বঙ্ক'] তিন স্থানে বক্র। "ত্রিবঙ্ক মস্কর-দণ্ড ক.চ ৯২। —বঙ্কা বি কুব্জা। "ত্রিবঙ্কা নাম মোর ব.প ৭৬৮।

ত্রিবঙ্কা দ্র 'ত্রিবঙ্ক'।

ত্রিবর্গ পুং [ষ.ত] ১ তিনের গণ ; ধর্ম্মার্থকাম। "রা ১.৬.৫। °নিরত মহা ১৪.৩৭.১৫। কু.স ৫.৩৮। ভ.গ্র ১৬৯। ২ রাজগণের ক্ষয় স্থান বৃদ্ধি (দ্র 'অ.টী') ; আয়ব্যয়বৃদ্ধি (ত.বা)। ৩ সত্ত্বাদিগুণত্রয়। ৪ ব্রাহ্মণাদিবর্ণত্রয়। ৫ ত্রিফলা। ৬ ত্রিকটু। [°পারীণ (বিণ)—ত্রিবর্গপারগামী। "ভট্টি ২.৪৬।]

ত্রিবর্ষ বিণ [ত্রি বর্ষ ভূত ইতি, তদ্ধিতার্থ দ্বিগু, প্রত্যয়লোপ পা৫.১.৮৮,-৯, কাশিকা] ত্রিবর্ষবয়স্ক (প্রাণী)। "মনু ৫.৭০। —বর্ষ ক্লী [স.দ্বি] বর্ষ-ত্রয়। —বর্ষীয় বিণ [°র্ষ+ঈয় (ছ)] ত্রিবর্ষসম্বন্ধী। "মহা ১৩.৯৩.৭১। —বার্ষিক বিণ [°র্ষ+ইক (ঠঞ্) ; স্ত্রী -কী] বর্ষত্রয়ভূত।

ত্রিবলি, -লী [উ.লো] স্ত্রীলোকের নাভির উপরিস্থ তির্য্যক্ ত্বক্-তরঙ্গত্রয়। "তরঙ্গত্রিবলীধরা (যমুনা) হ ৬৮.৩৩। উদরোপরিল-সত্রিবলীলতা (ভর্ত্তৃহরি)। ত্রিবলী বেণী অবগাহ গো ১২২। °লী ব ৬৫। ত্রিবলি যৌবন জানি তরঙ্গ জ্ঞা ৫৬। [°বলিত (অপ্র)—ত্রিবলিযুক্ত। "°ত নাভি ব.প ১২৩৮।]

ত্রিবাটগামিনী বিং ত্রিপথগামিনী (গঙ্গা)। "ম.পা ৪৪,-৯।

ত্রিবিক্রম পুং [বহুব্রী] ১ যাহার ত্রিসংখ্যক-বা ত্রিভুবনে পাদন্যাস, বামনরূপী বিষ্ণু। দ্র 'বলি'। "ত্রিভিঃ ক্রমৈস্তদা লোকানাজহার ত্রিবিক্রমঃ গো.রা ১.৩২.১৩। ম ৪২৬। গ ৪৯ ; ৫২। ২ বিষ্ণু, শ্রীকৃষ্ণ। "শ্রী.মা ৩৫। শ্রী ১১৯।

ত্রিবিদ্য পুং [°দ্যা+অ (অচ্) অস্ত্যর্থে] বেদত্রয়বিদ্যাবান্, ত্রিবেদজ্ঞ ব্রাহ্মণ। "মনু ৭.৪৩।

ত্রিবিধ বিণ [ত্রি বিধা যাহার, বহুব্রী ; বৈদিক] ত্রিপ্রকার। "সংসার-গমনকৈব ত্রিবিধং কর্ম্মসম্ভবম্ মনু ১.১১৭।

ত্রিবিষ্টপ দ্র 'ত্রিপিষ্টপ'।

ত্রিবীজা বি ত্রিগুণের বীজভূতা প্রকৃতি। "চ.বি ৩৩।

ত্রিবৃৎ বিণ [ত্রি+ √বৃ বা √বৃৎ+ক্বিপ্ (০) -ক ; উ.ত ; ছান্দস] ১ 'তিন অবয়বে আবরক' ; ত্রিগুণ, গুণত্রয় নির্ম্মিত, তেতার। "মৌঞ্জী ত্রিবৃৎ মনু ২.৪২,-৩। ২ ত্রিরাবৃত্ত, ত্রিগুণিত। "ত্রিবৃতাগ্নিষ্টুতা মনু ১১.৭৫। ৩ ত্রিরাবৃত্ত, ত্রিরধীত। "বেদে ত্রিবৃতি মনু ১১.২৬৪। ৪ ত্রিধা-ত্রিগুণিত। "মনু ২.৪৪। ৫ ত্রিসংখ্যক অকারাদি অক্ষরে বর্ত্তিত বা গ্রথিত (শ্রীধর) ; অ-উ ম্ গ্রথিত (প্রণব)। "°ব্রহ্মাক্ষর ভ ২.১.১৭। ৬ সত্ত্বাদিগুণত্রয়াত্মক। "ভ ৭.৩.২৭। —বৃৎ পুং ১ ত্রিগুণ (তেতার) কটিবন্ধ। ২ যজ্ঞবিশেষ। —বৃৎ, -তা স্ত্রী তেউড়ি লতা। [°বেদ (পুং)—১ ত্র্যক্ষরাত্মক বেদ ; প্রণব। "মনু ১১.২৬৬। ২ ঋগাদি বেদত্রয়ের পৃথক্ পৃথক্ মন্ত্রব্রাহ্মণ। "মনু ১১.২৬৫।

ত্রিবৃতা দ্র 'ত্রিবৃৎ'।

ত্রিবৃত্ত বিণ [ত্রি বৃত্ত (আবৃত্তি) যাহাতে, বহুব্রী] আবৃত্তিত্রয়যুক্ত, ত্রিরাবৃত্ত, তেতার। "ত্রিবৃত্তঞ্চোপবীতং স্যাৎ।—কাত্যায়ন ১.২।

ত্রিবেণি, -ণী স্ত্রী [ত্রি বেণি, -ণী যেস্থানে, বহুব্রী] ১ গঙ্গা-যমুনা-সরস্বতীর যুক্ত প্রবাহত্রয় ; প্রয়াগতীর্থ। "কৃ ২০। °স্নানে চৈ.চ ২৪১। ২ গঙ্গাদি-নদীত্রয়ের বিচ্ছিন্ন-প্রবাহত্রয় দক্ষিণ প্রয়াগতীর্থ ; হুগলিজেলাস্থ মুক্তবেণীতীর্থ। "চৈ.চ ১৯৬। ৩ (হঠযোগে) ইড়া পিঙ্গলা সুষুম্না নাড়ীর সঙ্গমস্থান। "ত্রিবেণীতে সেই নাড়ী ব্রহ্মরন্ধ্র পায় ঃ সুষুম্নার দুআর জিনিয়া ত্রিবেণী শ্রী.ম ৩০০।

ত্রিবেণু বিণ [বহুব্রী] ধ্বজত্রয়যুক্ত। "(রথম্) ত্রিবেণুম্ ভ ৪.২.৬১। —বেণু ক্লী, পুং রথের অক্ষ-কূবরের সন্ধানার্থ ত্রিশিখ দারু (নীলকণ্ঠ)। "°মৎ মহা ৩.১৭৫.৪ ; ত্রিবেণু (চকর্ত্ত) ৪.৫৭.৩৭।

ত্রিবেদ বিণ [ত্রি+ √বিদ্+অ (অণ্)-ক ; উ.ত] বেদত্রয়বেত্তা। "মনু ২.১১৮। —বেদী স্ত্রী [স.দ্বি] বেদত্রয়। "মনু ৩.১, কুল্লুক। ২ (বাঙলায়) ত্রিবেদীবেত্তা ব্রাহ্মণ; হিন্দুস্থানী ব্রাহ্মণের বিভাগবিশেষ ; তেয়ারীবামন।

ত্রিভঙ্গ, -ঙ্গি বিং যে অবস্থানে দেহে তিন ভঙ্গ (বক্রতা) ; ত্রিবক্র, ত্রিবঙ্ক। "ত্রিভঙ্গ ঠাম চৈ.চ ৮১। [ত্রিভঙ্গ(ঙ্গি)ভঙ্গিমা—ত্রিবঙ্ক ঠাম। "ত্রিভঙ্গভঙ্গিমা দু ৮ ; বি.পা ১৭৬ ; ন.প ২২৪। ত্রিভঙ্গিভঙ্গিমা চৈ ৩৪ ; বা.দ ৭৩।

ত্রিভঙ্গি(ঙ্গী)ম বিং ত্রিভঙ্গিমাযুক্ত, ত্রিবক্র। "(ব্রজেন্দ্রনন্দন) ত্রিভঙ্গিম চৈ.চ ৬৮। (প্রভু) জানুর উপরে জানু ত্রিভঙ্গিম রহে চৈ.ম ১৮৩। ত্রিভঙ্গীম ছান্দে জ্ঞা ১৭।

ত্রিভাগ পুং [কর্ম্মধা] তৃতীয় ভাগ ; তৃতীয়াংশ। "°শেষাসু নিশাসু কু.স ৫.৫৭। °নয়নে চৈ.ভা ৪০৩।

ত্রিভুজ ক্লী [বহুব্রী ; ছান্দস] যাহার তিন ভুজ ; ত্রিবাহু ত্রিকোণ ক্ষেত্র (লীলাবতী)।

ত্রিভুবন ক্লী [স.দ্বি] তিন ভুবনের সমাহার ; ত্রৈলোক্য। [°গুরু (পুং) —ত্রৈলোক্যনাথ। "°গুরোর্ধাম চণ্ডীশ্বরস্য পু.মে ৩৩। °পতি (পুং)—বিষ্ণু।]

ত্রিভূম পুং [ত্রি ভূমি যাহার, বহুব্রী, সমাসান্ত অ (অচ্)] ত্রিতল প্রাসাদ ; তেতলা কোটা।

ত্রিমণ্ডলী বি নৃত্যকালে ত্রিসংখ্যক মণ্ডলাকার বেষ্টন। "নাচয়ে গোপিকা সহ ত্রিমণ্ডলী করি ভ.গ্র ৪৬৪। —লী বিং ত্রিমণ্ডলযুক্ত। "ত্রিমণ্ডলী পঙক্তি ঃ ত্রিমণ্ডলী প্রিয়াগণ ভ.গ্র ৪৬৪।

ত্রিমদ পুং [কর্ম্মধা] ১ বিদ্যামদ ধনমদ ও অভিজনমদ—এই ত্রিবিধ গর্ব্ব। "নৃপাণাং ত্রিমদোৎপথানাম্ ভ ৩.১.৪৩। ২ মুস্তা চিত্রক ও বিড়ঙ্গ—এই ত্রিবিধ দ্রব্য।

ত্রিমধু ক্লী [স.দ্বি] মিলিত শর্করা ঘৃত ও মধু (শক.) ; দুগ্ধ শর্করা ও মধু (ত.বা) ; মধুত্রয়। —মধু পুং [বহুব্রী] ১ যাহাতে ত্রি 'মধু'-শব্দ ; ঋগ্বেদের এক দেশ ; তদধ্যায়ী। "যাজ্ঞ ১.২১৯। ২ 'মধুবাতা' ইত্যাদি ঋক্‌ত্রয়। —মধুর ক্লী সর্থ 'ত্রিমধু'।

ত্রিমধুর দ্র 'ত্রিমধু'।

ত্রিমাত্র বিণ [ত্রি মাত্রা যাহার, বহুব্রী] উচ্চারণে মাত্রাত্রয়যুক্ত (প্লুতস্বর)। 'ত্রিমাত্রস্তু প্লুতো জ্ঞেয়ঃ (শ্রুতবোধ)।

ত্রিমার্গগা স্ত্রী [°র্গ+ √গম্+অ (ড)-ক+স্ত্রী আ (টাপ্)] ত্রিপথগা, গঙ্গা। "°বীচিবিমর্দ্দ রঘু ১৩.২০। —মার্গা [বহুব্রী] যাহার তিন পথ ; গঙ্গা। "কু.স ১.২৮। —মার্গী স্ত্রী [স.দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] সর্থ 'ত্রিপথ (২)।

ত্রিমুহানি বি [ত্রি+ °নি] নদীত্রয়ের ত্রিমুখসঙ্গম। "ক.চ ১৫২।

ত্রিমূর্ত্তি বিণ [বহুব্রী] যাহার ব্রহ্মবিষ্ণুশিবরূপ মূর্ত্তিত্রয় ; ব্রহ্মবিষ্ণুরুদ্র-রূপী। "কু.স ২.৪। —মূর্ত্তি পুং বুদ্ধ।

ত্রিমূর্দ্ধ বিণ [ত্রি মূর্দ্ধা যাহার বহুব্রী, সমাসান্ত অ (ষ) ; স্ত্রী -র্দ্ধা] মস্তকত্রয়যুক্ত, ত্রিশিরাঃ। "ভট্টি ৪.৪১। —মূর্দ্ধা (-র্দ্ধন্) পুং রাক্ষস-বিশেষ। "উ.চ ২.১৫।

ত্রিযব ক্লী [বহুব্রী] যবত্রয়-পরিমাণ ; কৃষ্ণল বা মাষার পঞ্চমাংশ।

ত্রিয়ম্বক পুং [ত্রি অম্বক, বা অম্বা যাহার বহুব্রী ; অথবা, ত্রিলোকের অম্বক ষ.ত (অ.টী) ; ই > ইয় (ইয়ঙ্) ছান্দস, পা ৬.৪.৭৭, কাশিকা] যাঁহার তিন চক্ষু বা চন্দ্রশেখরাবতারে তিন মাতা ; ত্রিলোকের পিতা ; শিব। "কু.স ৩.৪৪।

ত্রিযষ্টি পুং [বহুব্রী] যাহাতে তিন যষ্টি ; ত্রিগুচ্ছহার, তেনরহার।

ত্রিয়হ বি [ত্রি-অহ > °হ ; অপ্র] মাসের তৃতীয় দিন ; তেসরা। "ত্রিয়হ তারিখ দিলা তায় শ্রী.মা ২০৯।

ত্রিযাম বি তিন প্রহর। "ত্রিযাম রজনী, শুক উজরল ব ১৮২। ত্রিযাম রজনী যবে।—হেম ১৩৬।

ত্রিযামা বিণ [ত্রি যাম যাহার, বহুব্রী ; স্ত্রী আ (টাপ্)] ত্রিযাম-পরিমিত, ত্রিপ্রহর। "ত্রিযামাপি ভূশার্ত্তস্য সা রাত্রিরভত্তদা (বর্ষশতোপমা) গো রা ২.১০.১৭। ত্রিযামা যামিনী সেহ হ'লো শতযামা বা.দ ২১৮। —যামা স্ত্রী ১ 'ত্রিপ্রহর', রাত্রি। "গো.রা ৩.২২.১২। রঘু ৯.৭০। দীর্ঘ-যামা ত্রিযামা উ.মে ৪৭। ম.পা ২৯। শশধরবর সনে ত্রিযামা বা.দ ১৪৬। [রাত্রির আদ্য ও অন্ত্য যামের অর্দ্ধ চেষ্টাকাল হেতু দিনপ্রায় বলিয়া পরিত্যাজ্য। 'চেষ্টায়ৈ প্রাণিনামহঃ (অ.টী)।] ২ (সাদৃশ্যে) যমুনা। ৩ নীলী। ৪ কৃষ্ণত্রিবৃৎ। ৫ হরিদ্রা। [°কান্ত (বি)—নিশাপতি চন্দ্র। " ম.পা ১৬৮।]

ত্রিযুগ পুং [বহুব্রী] যাঁহার সত্যাদি তিন যুগ আবির্ভাবকাল এবং যিনি কলিতে ছন্ন ; বিষ্ণু। 'ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বম্ ভ ৭.৯.৩৮। কলিযুগে লীলাবতার না করে ভগবান্। অতএব 'ত্রিযুগ' করি কহি তাঁর নাম॥—চৈ.চ ১০২। —যুগ ক্লী [স.দ্বি] ত্রিযুগের সমাহার ; সত্যাদি যুগত্রয়।

ত্রিরাত্র বিণ [°ত্র+অ (অচ্) অস্ত্যর্থে] রাত্রিত্রয়ব্যাপী (উৎসবাদি)। —রাত্র ক্লী [স.দ্বি, সমাসান্ত 'অ' (অচ্)] রাত্রিত্রয় ; (উপলক্ষণে) দিনত্রয় ; অহোরাত্রত্রয়। "মনু ৪.১১৯। —রাত্রি বি [সং°ত্র] ১ তিন অহোরাত্র। "ত্রিরাত্রি জপিলে ইন্দ্র দিবে দরশন ম ৬৯৪। ২ তিন রাত্রি। "ত্রিরাত্রি ত্রিদিবা ঘোর হুহুঙ্কার ছাড়ি।—হেম ১২৯।

ত্রিলিঙ্গ বিণ [ত্রি লিঙ্গ যাহার, বহুব্রী] ১ পুংস্ত্র্যাদিলিঙ্গত্রয়যুক্ত (শব্দ)। ২ ত্রিগুণ। "ভ ৩.২০.১৩। —লিঙ্গ পুং, বহুব [দ্র 'তৈলঙ্গ'] তৈলঙ্গ-দেশ। —ঙ্গী স্ত্রী [স.দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] পুংলিঙ্গাদিলিঙ্গত্রয়। "ত্রিলিঙ্গ্যাং ত্রিষিত্তিপদম্ (অ.কো)।

ত্রিলোক পুং, **-লোকী** স্ত্রী [ত্র্যবয়ব লোক, উ.লো, পা ২.১.৫২,

তত্ত্ববোধিনী; ত্রি লোকের সমাহার, স.দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] স্বর্গ মর্ত্ত পাতাল, অথবা স্বর্গ আকাশ পৃথিবী (শ.ক)—এই লোকত্রয়। "ত্রিলোকে।—মহা ১৩.২০.২০। °কী ভ ৩.১১.৩০; ৮.২৪.৩৩। যদি ত্রিলোকী গণনাপরা স্যাৎ নৈ ৩.৪০। ত্রিলোকমোহিনী কৃ.উ ১৭১। —লোক পুং, বহুব [ত্রিসংখ্যক লোক, উ.লো] স্বর্গাদিলোকত্রয়। "তামুত্তমাং ত্রিলোকানাম্ রা ৩.৪৬.১৫। অনুত্তমাং ত্রিলোকেষু গো.রা ৩.৫২.২২। [ত্রিলোকনাথ (ষ.ত; উত্তরপদদ্বিগু, মল্লিনাথ) পুং —ত্রৈলোক্যপতি। "রঘু ৩.৪৫। কু.স ৫.৭৭।]

ত্রিলোকেশ পুং [ষ.ত; উত্তরপদদ্বিগু (মল্লিনাথ)] ১ বিষ্ণু। ২ শিব। "মহা ১৪.৮.২৮। ৩ সূর্য্য।

ত্রিলোচন বিণ [বহুব্রী; স্ত্রী -না] নেত্রত্রয়যুক্ত। "স বালঃ···ত্রিলোচনঃ মাঘ ১.৭৯। গ ১২৪। —লোচন পুং শিব। "রা ১.৭৫.১৮। রঘু ৩.৬৬। —লোচন বি নেত্রত্রয়। "ত্রিলোচনাঞ্চল ন.প ১৮৬। —লোচনা স্ত্রী দুর্গা।

ত্রিলোচনা দ্র 'ত্রিলোচন'।

ত্রিশ স.বিং [সং ত্রিংশৎ > লি তিংসতি, প্রা তীস, -সই; হি, ঠ, গু তীস] ত্রিংশৎসংখ্যক। —শ বি ত্রিশ (৩০) এই সংখ্যা।

ত্রিশঙ্কু পুং [ত্রি শঙ্কু (দোষ) যাহার, বহুব্রী] সূর্য্যবংশীয় রাজবিশেষ। "ত্রিশঙ্কুরিব অন্তরালে তিষ্ঠ শ ২২/১৪। কু.কে ১৫১। [ইঁহার পিতা ত্রয্যারুণ, পুত্র হরিশ্চন্দ্র। পরকন্যাহরণে পিতার অপরিতোষ, গোহত্যা ও অসংস্কৃতমাংস ভক্ষণ—এই ত্রিবিধ দোষ হেতু ইঁহার নাম 'ত্রিশঙ্কু' (হ ১৩শ অধ্যায়)। রামায়ণে, ইঁহার পিতা পৃথু, পুত্র ধুন্ধুমার (১.৭.২৪)। ইনি সশরীরে স্বর্গগমনার্থ, বসিষ্ঠ ও পরে তৎপুত্রগণকে যজ্ঞানুষ্ঠান করিতে বলিলে, তাঁহারা প্রত্যাখ্যান করেন। কুপিত ত্রিশঙ্কু বিশ্বামিত্রের শরণাপন্ন হন। বিশ্বামিত্র যজ্ঞানুষ্ঠান করিলেন, কিন্তু দেবগণ যজ্ঞাংশ গ্রহণ করিলেন না। তখন বিশ্বামিত্র কুপিত হইয়া স্বীয় তপস্যাফলে ত্রিশঙ্কুকে সশরীরে স্বর্গে প্রেরণ করিলেন। ইন্দ্র বলিলেন, ত্রিশঙ্কু 'তুমি গুরুশাপহত, অতএব অবাক্শিরা হইয়া ভূপতিত হও'। ত্রিশঙ্কুর তাদৃশ অবস্থা দেখিয়া, বিশ্বামিত্র 'তিষ্ঠ তিষ্ঠ' বলিয়া তাঁহাকে অন্তরালে অবস্থিত করিলেন (দ্র 'রা ১.৫৭-৬০তম সর্গ)।] ২ মার্জ্জার। ৩ শলভ। ৪ চাতকপক্ষী। ৫ খদ্যোত।

ত্রিশত স.বিণ [উ.লো] ত্রিগুণিত শত; তিন শ। —শতী স্ত্রী [স.দ্বি] শতত্রয়।

ত্রিশাখ বিং শাখাত্রয়যুক্ত; ত্রিশূলাকৃতি। "°পতাকা ক.চ ৩৩।

ত্রিশাল ক্লী [স.দ্বি] প্রকোষ্ঠত্রয়যুক্ত গৃহ। —শালক ক্লী বাস্তুবিশেষ (বৃহৎসংহিতা)।

ত্রিশালক দ্র 'ত্রিশাল'।

ত্রিশিখ বিণ [ত্রি শিখা যাহার, বহুব্রী; স্ত্রী -খা] ১ শিখাত্রয়যুক্ত, ত্রিকোটি। "ত্রিশিখং শূলম্ ভ ৩.১৯.১২। ২ ত্রিরেখ। "ত্রিশিখাং ভ্রূকুটিম্ মহা ১.১৬৩.৮। ত্রিশিখা দেখিয়ে যেন ললাটে ভ্রুকুটি ম ৩৩২। —শিখ পুং ১ রাবণপুত্র রাক্ষসবিশেষ। ২ বিল্ববৃক্ষ। —শিখ ক্লী ১ ত্রিশূল। ২ কিরীট।

ত্রিশিরা বি ১ তিনশিরাযুক্ত একপ্রকার ঘাস। "শি ৮০। ২ (?)। "লোহার করাত দেখি ত্রিশিরার পিঠে ম.ভা ৪৭; ব.প ২৬৭।

ত্রিশিরাঃ (-রস্) পুং [ত্রি শিরঃ যাহার, বহুব্রী, -১ব] ১ 'মস্তকত্রয়-যুক্ত', কুবের। ২ রাবণপুত্র। ৩ খরসেনাপতি। "রঘু ১২.৪৭। ৪ জ্বর। দ্র 'ত্রিপাৎ (৩)। —শীর্ষক পুং [বহুব্রী] সর্প 'ত্রিশিরাঃ। —শীর্ষক ক্লী ত্রিশূল।

ত্রিশীর্ষক দ্র 'ত্রিশিরাঃ'।

ত্রিশূল ক্লী [বহুব্রী] ১ যাহাতে শূলবৎ সূক্ষ্মাগ্রত্রয়; অস্ত্রবিশেষ। "রা ১.৫৬.১২। ২ শিবাস্ত্রবিশেষ। "°হস্ত। মে ২৬৫। —শূলী (-লিন্) পুং [°ল+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] 'ত্রিশূলবান্', শিব। "মে ৫২। [°ধারী (-রিন্), °হস্ত, ত্রিশূলাঙ্ক (পুং)—শিব।]

ত্রিশৃঙ্গ পুং [বহুব্রী] ১ 'শৃঙ্গত্রয়যুক্ত', ত্রিকূটপর্ব্বত। ২ ত্রিকোণ। —শৃঙ্গী (-ঙ্গিন্) পুং ১ 'ত্রিশৃঙ্গবান্', রোহিতমৎস্য। ২ শিবানুচর। "ভা.চ ৪৩।

ত্রিশৃঙ্গী (-ঙ্গিন্) দ্র 'ত্রিশৃঙ্গ'।

ত্রিষষ্টি স.বিণ [ত্র্যধিক ষষ্টি, উ.লো; বিকল্পে; 'ত্রয়ঃষষ্টি', পূ.বা—°ষ্ট, °ষ্টিতম (স্ত্রী -ষ্টী, -মী)] ত্রিষষ্টিসংখ্যক, তেষট্টি। —ষষ্টি স্ত্রী তেষট্টি (৬৩) এই সংখ্যা।

ত্রিষ্টুপ্(-ষ্টুভ্) স্ত্রী [ত্রি+√স্তুভ্+ক্বিপ্ (০)-ধি,-১ব; ষত্ব] একাদশাক্ষরপাদ ছন্দোবিশেষ (শতপথব্রাহ্মণ)।

ত্রিসন্ধ্য ক্লী [ত্রি সন্ধ্যার সমাহার, স.দ্বি; 'ঞ্য' (অ.টী)] সন্ধ্যাত্রয়—প্রাহ্ণ মধ্যাহ্ণ সায়াহ্ণ। "°ব্যাপিনী (তিথি—তিথিতত্ত্ব)। —সন্ধ্য ক্রি.বিণ সন্ধ্যাত্রয়। "মহা ৩.৮২.২১। —সন্ধ্যা ক্রি.বিণ [সং °ন্ধ্য] তিন সন্ধ্যায়। "ত্রিসন্ধ্যা স্তবন করে ত্রিসন্ধ্যা বন্দন।—ম ১০৮৩। শ্রী.ম ২৯৮। ভ.গ্র ৩৬৫। —সন্ধ্যা বি প্রাতঃসন্ধ্যা মধ্যাহ্ণসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা—এই সন্ধিকালত্রয়। "রা.স ১।

ত্রিসপ্ততি স.বিণ [ত্র্যধিক সপ্ততি; উ.লো; বিকল্পে 'ত্রয়ঃসপ্ততি' পূ.বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -মী)] ত্রিসপ্ততিসংখ্যক তিহাত্তর। —সপ্ততি স্ত্রী তিহাত্তর (৭৩) এই সংখ্যা।

ত্রিসবন, -ষবণ ক্লী [ত্রি সবনের সমাহার, স.দ্বি, ষত্ব, ৮.৩.১০৬; ১১০] সোমসন্ধান-কালত্রয়, প্রাহ্ণ মধ্যাহ্ণ ও অপরাহ্ণ—এই ত্রিকাল। "°স্নায়ী যাজ্ঞ ৩.৪৮; ৩২৫।

ত্রিসর্গ পুং [ষ.ত] সত্ত্বাদিগুণত্রয়ের সৃষ্টি। "ভ ১.১.১।

ত্রিসাবিত্রী বি প্রাহ্ণ মধ্যাহ্ণ ও সায়াহ্ণ—এই তিন সন্ধ্যায় উপাস্য গায়ত্রী, ত্রৈকালিকী গায়ত্রী। "রা.স ১।

ত্রিসারী বি [ত্রিস্বরী (?)] বাদ্যবিশেষ। "ন.প ১৬২।

ত্রিসীমা, -মানা বি [ত্রি+সীমন্ > °না] তিন প্রান্ত; নিকট, কাছ। "ত্রিসীমানায় যাওয়া। [বোধ হয়, 'তিনকোণা' পৃথিবীর সহিত ইহার সম্বন্ধ আছে (দ্র 'তিন')।]

ত্রিস্রোতাঃ (-তস্) স্ত্রী [ত্রি স্রোতঃ যাহার, বহুব্রী, -১ব] 'প্রবাহ-ত্রয়যুক্তা', ত্রিপথগা, গঙ্গা। "শ ৭.৬। কু.স ৭.১৫। দিব্যায়াং ত্রিস্রোতসি রঘু ১০.৬৩। মাঘ ৩.১০। —তা বি [সং °তাঃ] গঙ্গা। "ব.প্র ৩৭৮; ৩৭৯।

ত্রিহল্য বিণ [°ল+য (যৎ), পা ৪.৪.৯৭, তত্ত্ববোধিনী] ত্রিহল দ্বারা কৃষ্ট; বারত্রয়কৃষ্ট (ক্ষেত্র)। —ল্য ক্লী ত্রিবারকৃষ্ট ক্ষেত্র।

ত্রিহায়ণ বিণ [ত্রিহায়ন+ইক (ঠঞ্), প্রত্যয়লোপ, বয়োবচনে ণত্ব, অন্যত্র '°ন'; স্ত্রী -ণী, -না] ত্রিবর্ষভূত; ত্রিবর্ষবয়স্ক। "ক্রৌঞ্চং হত্বা ত্রিহায়ণম্ (বৎসং দদ্যাৎ) মনু ১১.১৩৫।

ত্রুট্ সক [তু, দি, প—ত্রুটতি, ত্রুট্যতি; সেট্] ছেদন, ভেদ। —ট্ অক ১ বিদীর্ণীভাব, বিদীর্ণ হওয়া। "ত্রুটন্তি সর্ব্বসন্দেহাস্ত্রুট্যন্তি গ্রন্থয়ো হৃদি (হলায়ুধ—ক.ক)। ২ লূনীভাব, ছিন্ন-হওয়া (ক.ক)। —ট্ সক [চু, আ—ত্রোটয়তে; সেট্] ছেদন।

ত্রুটি, -টী স্ত্রী [√ত্রুট্+ই (ইন্)-ভা, স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.১১৭, গুণাভাব] ১ ছেদন, কর্ত্তন। ২ সংশয়। ৩ [+ই-র্ম্ম] অল্প, লেশ। ৪ কালমানবিশেষ। "ভ ৩.১১.৬। ৫ সূক্ষ্মৈলা। —টি বি [হি °টি] (বাঙলায়) ১ অপরাধ, কসুর। ২ ন্যূনতা, কমী। ৩ অঙ্গহানি। ৪ ভুল, চুক। ৫ কথার অন্যথাভাব; কথাভঙ্গ। —টিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ ছিন্ন। ২ [+ত-ক] লূনীভূত, ছিন্নসূত্র। "ত্রুটিত ইব মুক্তামণিসরঃ।—উ.চ ১.২৯। ত্রুটিতং পয়োধরতটে হারং পুনর্যোজয় সা.দ ৩৬৮১।

ত্রেতা স্ত্রী [ত্রি (ত্রিত্ব) ইতা, দ্বি.ত, পৃষো] ১ দক্ষিণাগ্নি গার্হপত্য ও আহবনীয়—এই অগ্নিত্রয়। দ্র 'আহবনীয়'। "মনু ২.২৩১।

ত্রেতাগ্নিধূমাগ্র রঘু ১৩.৩৭। ২ কলির ত্রিগুণবর্ষ দ্বিতীয় যুগ। 'ত্রিগুণানি ত্রেতা।—বিষ্ণু ২০.৮। [ইহার পরিমাণ দিব্য ৩৬০০ বর্ষ, মানব ১২,৯৬,০০০ বৎসর।] ৩ দ্যূতে পাশকের অক্ষত্রয়যুক্ত পার্শ্বের উত্তান (চিৎ) পতন। "ত্রেতাহৃতসর্ব্বস্ব মৃ ২.৮। ৪ বরাটকত্রয়ের উত্তানপতন (চিৎপাত)।

ত্রেধা ব্য [ত্রি+এধ (এধাচ্), পা ৫.৩.৪৬] তিন প্রকারে; ত্রিধা। "ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্।—ঋগ্বেদ ১.২২.১৭। রঘু ১০.১৬।

ত্রেপান্তরা বিং [অপ্র] ত্রিপ্রান্তরতুল্য, বহুদূরবিস্তৃত। "ত্রেপান্তরা বিলে ক.চ ৩১৪।

ত্রৈ সক [ত্রৈ, আ—ত্রায়তে; অনিট্] ত্রাণ। [পরি—পরিত্রাণ।]

ত্রৈকালিক বি [ত্রিকাল+ইক (ঠঞ্); স্ত্রী -কী] ১ ত্রিকালভব, ভূতাদিকালত্রয়বর্ত্তী। ২ ত্রিসন্ধ্যাব্যাপক (ত.বা)।

ত্রৈগুণ্য ক্লী [ত্রিগুণ+য (ষ্যঞ্)] ১ ত্রিগুণভাব, ত্রিগুণত্ব। ২ ত্রিগুণকর্ম্ম। ৩ সংসার। "°বিষয়া বেদাঃ গী ২.৪৫। ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্য ভব।—রামমোহন রায়।

ত্রৈবর্ণিক বিণ [ত্রিবর্ণ+ইক (ঠঞ্)] ত্রিবর্ণসম্বন্ধী, ব্রাহ্মণাদিদ্বিজাতি-ত্রয়ার্থ বিহিত (ধর্ম্ম)।—বর্ণিক পুং [°র্ণ+ইক স্বার্থে] দ্বিজাতি। "মনু ৮.৩৪৯, কুল্লুক; ১০.১ কুল্লুক।

ত্রৈবার্ষিক বিণ [ত্রিবর্ষ+ইক (ঠঞ্), ভবিষ্যদর্থে 'ত্রৈবর্ষিক', অভবিষ্যদর্থে 'ত্রিবার্ষিক' পা ৭.৩.১৬] বর্ষত্রয়পর্য্যাপ্ত অর্থাৎ যাহাতে তিন বৎসর পর্য্যাপ্তভাবে চলিবে, তাদৃশ (অন্নাদি)। "ত্রৈবার্ষিকং ভক্তম্ মনু ১১.৭। যাজ্ঞ ১.১২৪।

ত্রৈবিক্রম বিণ [ত্রিবিক্রম+অ (অণ্)] ত্রিবিক্রমসম্বন্ধী। "ত্রৈবিক্রমং পাদম্ রঘু ৭.৩৫।

ত্রৈবিদ্য বিণ [ত্রিবিদ্য+অ (অণ্)] ১ ঋগাদি বেদত্রয়ের অধ্যেতা বা বেত্তা; বেদত্রয়সম্বন্ধিশাখাত্রয়ের অধ্যেতা; বেদত্রয়বিৎ। "মনু ১২.১১১। ২ ঋগ্‌যজুঃসামবিৎ। "গী ৯.২০। ৩ ত্রৈবিদ্যাখ্য ব্রত, বেদত্রয়পাঠব্রত। " মনু ২.২৮।—বিদ্য ক্লী ত্রিবেদজ্ঞগণ। "যাজ্ঞ ১.৯।

ত্রৈবেদিক বিণ [ত্রিবেদী+ইক (ঠঞ্)] ত্রিবেদীবিষয়ক। "ত্রৈবেদিকং ব্রতম্ মনু ৩.১।

ত্রৈমাতুর পুং [ত্রিমাতৃ+অ (অণ্), ঋ > উর] তিন মাতার অপত্য; লক্ষ্মণ। "ত্রৈমাতুরঃ কৃৎস্নজিতাস্ত্রশস্ত্রঃ (ভট্টি)।

ত্রৈমাসিক বিণ [ত্রিমাস+ইক (ঠঞ্)] ১ ত্রিমাসভূত, মাসত্রয়-বয়স্ক। "ভ ২.৭.২৭। ২ মাসত্রয়ভাবী।

ত্রৈয়ম্বক বিণ [ত্রিয়ম্বক+অ (অণ্); ছান্দস] ১ ত্র্যম্বকদেবতাক (পশু,হোম)। ২ রুদ্রদেবতাক, শৈব। "ত্রৈয়ম্বকম্…ইষ্বস্ত্রম্ মহা ৭.৫.৩৫। (তেজঃ পীতং পুরা ত্বয়া) ত্রৈয়ম্বকম্।—বামনপুরাণ ৫৭.২৮।

ত্রৈরাশিক ক্লী [ত্রিরাশি+ইক (ঠঞ্)] রাশিত্রয়াধিকারে অনুপাত-রূপ গণিতবিশেষ (Rule of Three)।

ত্রৈলক্য, -লক্ক বি [সং ত্রৈলোক্য; অপ্র, তু 'তৈ(তে)লোএ (চ)] সর্ব 'ত্রৈলোক্য'। "ত্রৈলক্ক ম ৫৪৩। ত্রৈলক্যের ম.ম ৫২।

ত্রৈলোক্য ক্লী [ত্রিলোকী+য (ষ্যঞ্) স্বার্থে, চতুর্ব্বর্ণাদি] ত্রিভুবন। "গো.রা ১.১.৫। [°কর্ত্তা(-র্ত্তৃ) পুং—শিব। °নাথ (পুং)—১ বিষ্ণু, রাম। "রা ১.৭৬.১৯। ২ শিব। °প্রভব (পুং)—'ত্রিলোককারণ', বিষ্ণু। "রঘু ১০.৫৩। °মোহন (বিং)—ত্রিলোকের মোহজনক; অতিরমণীয়। "°ন বেশ ব.প ২৯০। °মোহিনী, °সুন্দরী (বিং)—১ অতিসুন্দরী। "(কন্যা তুমি) °মোহিনী ম ৬৫। কুব্জা হৈল ত্রৈলোক্যসুন্দরী ব.প ৭৬৮। °সুন্দরী ভ.গ্র ৪৪০। ২ অতিরমণীয়া। "শোভা ত্রৈলোক্যমোহিনী ম ১২৭৩।]

ত্রোটক বিণ [√ত্রুট্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -টিকা] ছেদক, বিদারক। —টক পুং সবিষ কীটবিশেষ। —টক ক্লী উপরূপকবিশেষ। 'সা.দ ৬,২৭৩। "স্থ ২০১। —টকী স্ত্রী রাগিণীবিশেষ, তোড়ী রাগিণী (?)।

ত্রোটকী দ্র 'ত্রোটক'।

ত্রোটি,-টী স্ত্রী [√ত্রুট্+ই (ইন্)-ণ, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.১১৭] ১ 'ছেদনসাধন', চঞ্চু। ২ পক্ষী। ৩ মৎস্যবিশেষ, তোড়া-মাছ। ৪ কট্‌ফল।

ত্র্যংশ পুং [কর্ম্মধা] ১ তৃতীয় অংশ। ২ [উ.লো] ত্রিগুণ অংশ; অংশত্রয়। "ত্র্যংশং দায়াদ্ধরেদ্ বিপ্রঃ মনু ৯.১৫১।

ত্র্যক্ষ বিণ [ত্রি অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত অ (ষচ্); স্ত্রী -ক্ষী] নেত্রত্রয়যুক্ত। "মহা ২.৪৩.১; ১১। —ক্ষ পুং ত্রিলোচন শিব। "মহা ৭.২০১.১৩৪,-৮।

ত্র্যক্ষর বিণ [ত্রি অক্ষর যাহাতে, বহুব্রী; বৈদিক] অক্ষরত্রয়যুক্ত; অকারোকারমকারাত্মক (প্রণব)। "মনু ১১.২৬৬। —র পুং ১ প্রণব, ওম্। ২ (তন্ত্রে) মন্ত্রবিশেষ। ৩ ঘটক।

ত্র্যঙ্গুল, -লি ক্লী [ত্রি অঙ্গুলির সমাহার, স.দ্বি] অঙ্গুলিত্রয়।

ত্র্যবর বিণ [ত্রি অবর যাহার, বহুব্রী] তিন যাহার ন্যূন সংখ্যা, তিন জনের অন্যূনসংখ্যক। "ত্র্যবরৈঃ সাক্ষিভিঃ মনু ৮.৬০।

ত্র্যব্দ বিণ [ত্রি অব্দ ভূত ইতি ত্র্যব্দ+ইক (ঠঞ্), প্রত্যয়লোপ] ত্রিবর্ষবয়স্ক। —ব্দ ক্লী [স.দ্বি] ত্রিবর্ষ; বর্ষত্রয়। "মনু ৮.৩০।

ত্র্যমৃতযোগ পুং [ষ.ত] (জ্যোতিষে) তিথিবারনক্ষত্র—এই তিনের অমৃতবৎ যোগ; তিথ্যাদিভেদে যোগভেদ।

ত্র্যম্বক পুং [ত্রি অম্বক যাহার, বহুব্রী; ত্রির অম্বক, ষ.ত; ত্রি অম্বা যাহার, বহুব্রী, সমাসান্ত ক (কপ্); দ্র 'মহা ৭.২০১.১৩০; ব্রহ্মবিষ্ণু-রুদ্রের অম্বক পিতা (সায়ণ—ঋগ্বেদ ৭.৫৯.১২)] যাঁহার তিন নেত্র; যিনি ত্রিলোকের পিতা; যাঁহার চন্দ্রশেখরাবতারে তিন মাতা (অ.টী); শিব। "রা ১.৭৫.১২। °বীক্ষিত রঘু ২.৪২; ৩.৪৯। মে ৪৯। চ.কা ৮৭। —কা স্ত্রী দুর্গা। [°সখ (পুং)—শিবের সখা; কুবের।]

ত্র্যশীতি স.বিণ [ত্র্যধিক অশীতি, উ.লো; পূ.বা—°ত, °তিতম (স্ত্রী -তী,-মী)] ত্র্যশীতিসংখ্যক, তিরাশী। —তি স্ত্রী তিরাশী (৮৩) এই সংখ্যা।

ত্র্যস্র ক্লী [ত্রি অস্রি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (অচ্), পা ৫.৪.১২০] 'ত্রিকোণযুক্ত', ত্রিভুজ।

ত্র্যহ পুং [ত্রি অহের সমাহার, স.দ্বি, সমাসান্ত 'অ' (টচ্)] দিবসত্রয়। [°স্পর্শ (পুং)—চান্দ্রদিনত্রয়স্পর্শী এক সাবন-দিন।]

ত্র্যৈহিক বিণ [ত্র্যহ ঐহিক (ধন) যাহার, বহুব্রী] ত্র্যহপর্য্যাপ্তধন, দিনত্রয়নির্ব্বাহোচিতধনবান্। "মনু ৪.৭।

ত্র্যায়ুষ ক্লী [ত্রি আয়ুর সমাহার, স.দ্বি, সমাসান্ত 'অ' (অচ্) নিপাতনে, পা ৫.৪.৭৭] বাল্যাদিআয়ুস্ত্রয়। "ত্র্যায়ুষং জমদগ্নেঃ কশ্যপস্য ত্র্যায়ুষম্। —শুক্লযজুর্ব্বেদ ৩.৬২।

ত্র্যৃচ ক্লী [ত্রি ঋচের সমাহার, স.দ্বি, সমাসান্ত 'অ' (অচ্)] ঋক্‌ত্রয়। "ত্র্যৃচেন (জুহুয়াৎ) মনু ৮.১০৬। যাজ্ঞ ১.২৪।

ত্বং সর্ব্ব [যুষ্মদ্+প্রথমা-১ব] তুমি, আপনি। "ত্বং বেদশাস্ত্র শ্রী.ম ৪। দা ২; হের…মা ত্বং ২১৬১,-৭৬। [ত্বং হি—তুমিই। "ত্বং পুরুষ, ত্বং হি কন্যা দা ২১৭৬। ত্বাং বিনে—তোমা বিনা। "জীবের অন্তে গতি সতি! ত্বাং বিনে কিং ভবে দা ২১৬১।]

ত্বক্(-চ্) স্ত্রী [√ত্বচ্ আচ্ছাদন+ক্বিপ্ (০)-৭-১ব; ছান্দস] ১ 'আচ্ছাদনসাধন', চর্ম্ম, ছাল। "গো.রা ৩.৪৯.৯। ত্বক্ চৈব পরিদহ্যতে গী ১.২৯। ত্বচম্…রৌরবীম্ রঘু ৩.৩১; উ.চ ৪.২০। ২ বল্কল। "রঘু ২.৩৭। ভূর্জ্জ° কু.স ১.৭। ৩ [Cf., E. touch] স্পর্শগ্রাহক বাহেন্দ্রিয়। ৪ সর্পচর্ম্ম, কঞ্চুক। "মনু ২.৭৯; ১১.২২৯। ৫ গুড়ত্বক্,

দারুচিনি। —ত্বচ ক্লী, -চা স্ত্রী সর্থ 'ত্বক্'। [°ক্ষীরা '-ক্ষী' (স্ত্রী)—বংশরোচনা। °ছেদ (পুং)—চর্ম্মক্ষত। °তরঙ্গ (পুং)—ত্বকের তরঙ্গাকৃতি, বলি। °ত্র (ক্লী)—'চর্ম্মরক্ষক', বর্ম্ম। "ভট্টি ১৪.৯৪। °পরিপুটন (ক্লী)—ত্বগুন্মোচন, খোশা ছাড়ান। °পুষ্প (ক্লী)—১ পুলক। ২ কিলাস, ছুলি। °সার (পুং)—১ ত্বকে যাহার সার; বংশ, বাঁশ; রন্ধ্রপ্রধানবংশ, তলতাবাঁশ। "মনু ১০.৩৭। মাঘ ৪.৬১। ২ সর্থ 'ত্বচ্ (৫)।]

ত্বক্ষ্ সক [ভ্বা, প—ত্বক্ষতি; সেট্] সর্থ তক্ষ্ (১, ২)।

ত্বগজ ক্লী [ত্বচ্+ √জন্+অ (ড)-ক; উ.ত] ১ ত্বক্ হইতে জাত; রুধির। ২ রোম।

ত্বগ্দোষ পুং [ত্বচ্+ √দুষি+অ (অণ্)-ক; উ.ত] 'ত্বগ্দূষয়িতা', কুষ্ঠরোগ। "মহা ৫.১৪৯.১৪।

ত্বঙ্কার পুং তুমি বা তুই বলিয়া ডাকা; অসম্মানপূর্ব্বক আহ্বান। "মনু ১০.২০৫। [ত্বঙ্কৃত্য—তুমি বলিয়া ডাকিয়া। "মহা ৩ ১৮৫.১০, নীলকণ্ঠ। যাজ্ঞ ৩.২৯১।]

ত্বচিসার পুং [ত্বকে সার যাহার, বহুব্রী, অলুক্] ১ বংশ, বাঁশ। "শ্রী.মা ৮০। ২ সর্থ 'ত্বচ্ (৫)।

ত্বত্তুল্য বিং আপনার বা তোমার মত। "আর না দেখিছি আক্ষি ত্বত্তুল্য চতুর ম.পা ১৩৬।

ত্বৎসদৃশ বিং আপনার বা তোমার মত। "ম.পা ১৩৬।

ত্বৎসম বিণ [তৃ.ত, যুষ্মদ্ > ত্বদ্ (একবচনে)] তোমার বা আপনার তুল্য; ত্বৎসদৃশ। "গী ১১.৪৩।

ত্বদ্ সর্ব্ব [যুষ্মদ্ > ত্বদ্ (একবচনে), সমাসে পূর্ব্বপদ; বর্গের প্রথম দ্বিতীয় বর্ণ ও 'স'এর পূর্ব্বস্থ 'ত্বদ্' > ত্বৎ] তুমি, আপনি। "ত্বদ্গভীরধ্বনি উ.মে ৫; ত্বৎসংরোধ ৯। ত্বৎপাদদর্শন চৈ.চ ১৭৬। [ত্বদন্য (বিণ)—তুমি ভিন্ন; ত্বদিতর। "গী ৬.৩৯। মহা ৩.৫৩.২১। ত্বদীয় (বিণ)—ত্বৎসম্বন্ধী, ভবদীয়, তোমার, আপনার। "রঘু ৩.৫০। ত্বদীয়তা (বি)—ত্বৎসম্বন্ধিভাব, তত্ত্ব। "আমি তোমার, এই ভাবটা 'ত্বদীয়তা' পা.প্র ১৯; ২১,-২। ত্বদ্বিধ (বিণ)—ত্বৎসদৃশ, তোমার মত।]

ত্বন্মনা বিং [সং 'ত্বন্মনস্' > নাঃ] ত্বদেকচিত্ত, ত্বদ্গতমনা।

ত্বর্ অক [ভ্বা, আ—ত্বরতে; সেট্] বেগ, সম্ভ্রম, ত্বরা।

ত্বরত্বর ক্রি.বিং অতিদ্রুত, বেগে। "ত্বরত্বর কাঁপে কঙ্কপাখিপাখ তাহে ব.প ১৪৮৬।

ত্বরমাণ বিণ [√ত্বর্+মান (শানচ্)-ক] ত্বরাযুক্ত, ধাবমান। "বক্ত্রাণি তে ত্বরমাণা বিশন্তি গী ১১.২৭। মহা ৩.৫০.২৪। মেঘবর্ণ যাএ ত্বরমাণ অ.প ১৫; জাম ত্বরমাণ ২৯। [°ণ, °ণে—সত্বর। "ত্বরমাণে জানাইল ব.প ৫৭৮। যাএ ত্বরমাণ অ.প ১৫,-৮; জাম ত্বরমাণ ২৯; ৪১; ১২৭]।

ত্বরা স্ত্রী [√ত্বর্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ বেগ, সম্ভ্রম, ক্ষিপ্রতা, তাড়া। "লহনার হৈল ত্বরা ক.চ ২১০। উদয়ের ত্বরা।—শ্রী ২৫৩। বড় না দেখি ত্বরা শি ৮২। ২ অভীষ্টলাভার্থ বিলম্বাসহন; ঔৎসুক্য। "সিদ্ধিত্বরাদ্বিগুণরংহসা কু.স ২.৬৩। [ত্বরা ত্বরা—অতিত্বরায়, শীঘ্র শীঘ্র। "বাহে ত্বরা ত্বরা ক.চ ২২৮। ত্বরায়—শীঘ্র। "শ্রী ১৩০। °যুত—ত্বরান্বিত। "ক.চ ২১।]

ত্বরাত্বরি ক্রি.বিং [ত্বরা+ত্বরা-ই; অপ্র] অতিসত্বর, তাড়াতাড়ি। "ম ২৪৮। ত্বরাত্বরি লক্ষ্মণ ধরিল পদযুগে ব.প ৫১৬; ত্বরাত্বরি…আসি ৮১০। আস ত্বরাত্বরি বা.ম ৫২; ৯৬; ৩৫২। শ্রী.মা ১২৩; গিয়া ত্বরাত্বরি ১২৭। শ্রী ১২৭। ম.ভা ৮২। —ত্বরি বিং [অপ্র] ত্বরান্বিত। "নরবলি দিতে রাজা হৈল ত্বরাত্বরি ম ১০৩৮।

ত্বরাপর বিং [অপ্র] ত্বরান্বিত। "প্রজাপতি হৈলা ত্বরাপর ব.প ৫১৯। ভা.চ ১৮। —পর ক্রি.বিং সত্বর। "আসি ত্বরাপর ম ১২৩৮। ত্বরাপর, আইলা দু ৩৩। শি ২৪। প.তৃ ৫৯। [°পরি, -রে—সত্বর। "ডাক ত্বরাপরে: চলিল ত্বরাপরি ব.প ৭৫৫। °রে দু ৫৬।]

ত্বরাবান্, -মন্ত, -মান বিং [ত্বরা+বান্, মন্ত, মান; অপ্র] ত্বরান্বিত। "রাজার নিকটে গেল হইয়া ত্বরামন্ত ম.বি ১২৫। তান্ত্রিক ত্বরাবান্ শ্রী ৭১; কোটাল কহেন ত্বরামান ৯৭।

ত্বরিত বিণ [ত্বরা+ইত (ইতচ্)] ত্বরান্বিত, সত্বর। "(গচ্ছন্তু মন্ত্রিণঃ) ত্বরিতা রথৈঃ রা ১.৬৭.২৪। ত্বরিতো গমনে (মহা)। দিবসাঃ… ত্বরিতা ব্যতিযাস্তি নঃ গো.রা ৩.২২ ১০। ধর্ম্মস্য ত্বরিতা গতিঃ।—পঞ্চ ৩.১০০। [°গতি (স্ত্রী)—সত্বরগমন। °তোদিত (বিণ)—শীঘ্রোচ্চারিত।] [ত্বরিত, -তে—শীঘ্র। "কহিএ ত্বরিত কৃ.অ ২। আসিবে ত্বরিতে শ্রী ১৩০।]

ত্বষ্ট বিণ [√ত্বক্ষ্+ত (ক্ত)-র্ম্ম] তনূকৃত, কৃশীকৃত। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] তনূকরণ, তক্ষণ, চাঁচা। "মনু ১০.৪৮।

ত্বষ্টা (-ষ্টৃ) বিণ [√ত্বক্ষ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী-ষ্ট্রী] তক্ষণকারক, তক্ষণাদিব্যাপারোপেত (রা. টীকা)। "আহ্বয়ে বিশ্বকর্ম্মাণমহং ত্বষ্টারম্ রা ২.৯১.১২। —ষ্টা পুং ১ আদিত্যগণের একতম। ২ [ছান্দস] বিশ্বকর্ম্মা। "ঋগ্বেদ ১.৬১.৬। রঘু ৬.৩২। মাঘ ৩.৩৫। [ইনি দেবশিল্পী। ইঁহার পুত্র ত্রিশিরাঃ (মহা ৫.৯.৩), কন্যা সংজ্ঞা। সংজ্ঞা, পতি সূর্য্যের তেজ সহ্য করিতে না পারায়, ইনি শাণযন্ত্রে ঘর্ষণ করিয়া, সূর্য্যকে ক্ষীণ ও মৃদুতেজা করেন। সূর্য্যের এই ছিন্নাংশে বিষ্ণুর চক্র, শিবের ত্রিশূল ও অন্য দেবাস্ত্রসমূহ নির্ম্মিত হয় (হ ৯ম অধ্যায়; দ্র 'রঘু ৬.৩২। উ.চ ৬.৩)।] ৩ ত্বষ্টৃদেবতাক চিত্রানক্ষত্র। ৪ সূত্রধর, ছুতার। ৫ শিব (মহা)।

ত্বষ্টি দ্র 'ত্বষ্ট'।

ত্বাচ বিণ [ত্বচ্+অ (অণ্); স্ত্রী -চী] ত্বক্সম্বন্ধী, চার্ম্মণ। "সেটা ত্বাচ প্রত্যক্ষ ব.প্র ৪.৫।

ত্বাদৃক্ (-শ্), -দৃশ বিণ [যুষ্মদ্+ √দৃশ্+ক্বিন্ (০), +অ (কঞ্), -র্ম্ম, কর্ম্মকর্ত্তৃবাচ্যে; স্ত্রী -ক্, -শী] ত্বৎসদৃশ, ত্বদ্বিধ। "জলমুচস্ত্বাদৃশাঃ উ.মে ৮।

ত্বাষ্ট্র বিণ [ত্বষ্টৃ+অ (অণ্); স্ত্রী -ষ্ট্রী] ১ ত্বষ্টৃসম্বন্ধী। "°যন্ত্রভ্রমি উ.চ ৬.৩। ২ ত্বষ্টৃদেবতাক (আজ্যাদি)। —ষ্ট্র পুং ত্বষ্টৃপুত্র, বৃত্রাসুর। —ষ্ট্র ক্লী চিত্রানক্ষত্র। —ষ্ট্রী স্ত্রী ১ ত্বষ্টৃসুতা সংজ্ঞা। "মহা ১.৬৬ ৩৫। ২ সর্থ 'ত্বষ্টা (৩)। "চৈ ১৯০। ৩ ক্ষুদ্ররথ।

ত্বিট্ (-ষ্) স্ত্রী [√ত্বিষ্+ক্বিপ্ (০)-ভা; ত্বিষী', 'ত্বেষা'—দীপ্তি (ঋগ্বেদ ১.৫৪.৫; ৩৮.৩৭)] ১ দীপ্তি, প্রভা, কান্তি। "নিশীথদীপাঃ…হতত্বিষঃ রঘু ৩.১৫; স্ফুরিত° ৪.৭৫। চয়স্ত্বিষাম্ মাঘ ১.৩। ২ শোভা, শ্রী। "দ্বারকাম্…হতত্বিষম্ মহা ৩.২০.২। ৩ ব্যবসায়। ৪ জিগীষা। —ষা স্ত্রী দীপ্তি। "মা ১৫২।

ত্বিষ্ অক [ভ্বা, উ—ত্বেষতি, -তে; অনিট্; ছান্দস] দীপ্তি।

ত্বিষা দ্র 'ত্বিট্'।

ত্বিষাম্পতি পুং [ষ.ত, অলুক্] দীপ্তিপতি; সূর্য্য। "°দ্যুতী মে ৫৭; ১০১; ২০৯। মা ১৫২। সূর্য্যা ত্বিষাম্পতি।—হেম ১২৭।

ৎসরু পুং [√ৎসর্ ছদ্মগতি+উ-ক (?), উ ১.৭; ছান্দস] ১ খড়্গমুষ্টি। "জাম্বূনদময়° রা ৩.৪৪.১। অসিঞ্চ সুৎসরুম্।—মহা ২.৫৩.৯। খড়্গা° রঘু ১৮.৪৮। °প্রদেশ কি ১৭.৫৮। কলধৌতসম্পাদিত° বে ৩½। ২ ছুরিকাদির মুষ্টি।

ৎস(সা)রুক বিণ [ৎসরু+ক (কন্), পা ৫.২.৬৪; °ক+অ (অণ্) স্বার্থে] 'ৎসরুকুশল', অসিযুদ্ধনিপুণ। "ৎসারুকৌ ধনুর্জাবুভৌ মহা ১.১৩২.৬২।

থ

থ[১] ত-বর্গের দ্বিতীয় বর্ণ এবং সপ্তদশ ব্যঞ্জন ও স্পর্শ বর্ণ। দ্র 'ক[১], ত[১]'।

থ[২] পুং ১ পর্ব্বত। "থকারে পাথর তুমি থকারের মেয়ে ভা.চ ৭৩০। ২ ভয়ত্রাতা। —স্ত্রী ১ ভয়। ২ মঙ্গল। ৩ রক্ষণ।

থ[৩] বিং [সং স্থির > স্থ (তু 'স্থেয়ান্') > থ (?), অথবা 'থ[২]—পর্ব্বত (?)] স্থির, অবাক্, হতবুদ্ধি, বোকা। "এক ব্যাটা দিগ্বিজয়ী এসেছিল, দু'কথায় 'থ' বানিয়ে দিলে গি.দ্বি ৭৮। [থ করে বা বানিয়ে দেওয়া—বোকা বানান।]

থ[৪], **থো**[১] বি [থু ('থুৎকারশব্দ'—ঘৃণার্থক) > থো, থ (?)] ১ বর্ষায় চাল ডাল ইত্যাদিতে জাত ছাতা। ২ কালিমা, মালিন্য। "ধুমযুত আনলে সদাই চক্ষে লো। দর্পণে নেহালি দেখ পড়িয়াছে থো॥ —ক.চ ১২০।

থ(থা)ই, থৈ বি [সং স্তাঘ > প্রা থাহ > বা (থাহি) থাই, থই, থৈ, হি 'থই'—স্থান ; ঠ 'থা'—তল ; মৈ 'থাহ'—তল ; তু 'অথাই'] ১ জলাশয়ের তল ; তলা। ২ আশ্রয়, কূল। "ঘরের বাইরের কথা যখন হঠাৎ উঠে পড়ে, তখন তা'রা আর থই পায় না।—ঘ ১৬৩। [থ(থা)ই পাওয়া—তলা পাওয়া ; কূল পাওয়া। থই থই করা (হি 'থই'—ঢের)—১ প্রচুর জলে ভরপুরভাব প্রকাশ করা। "পার্শ্বে এক সরোবরে, জল থই থই করে।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। মনোহর বাপী, …থই থই করে জল।—হেম ৭৭। ২ (ঠ থৈথৈ) বহুলোকের সমাগমে জমজম করা। "বৈঠকখানা লোকে থইথই করিতেছে আ.দু ২৭।]

থউর বি (অপ্র) থোড়। "বেত-আগে থউরের ছই ব.প ২২২।

থকথক বি [ধ্বন্যাত্মক] তরল দ্রব্য জ্বালে ঈষৎ ঘন হইলে, তাহার ফুটিয়া উঠার শব্দ। "পায়েস ঘন হইলে থকথক করিয়া ফোটে। [থকথকান—থকথক করা। °কে—ঈষৎ গাঢ়।]

থকথকে দ্র 'থকথক'।

থকিত বিং [হি °ত] ১ অবস্থিত, বিন্যস্ত। "করহুঁ কপোল৹ থকিত রহুঁ ঝামরী ব ৭২। ২ স্থির, প্রবাহহীন। "যমুনা পবন৹ থকিত গমন চ.সা ১২২। ৩ স্থির, প্রকৃতিস্থ। "কালা নাম শুনিলে থকিত হয় চিত জ্ঞা ৬। ৪ স্তব্ধ, স্থির। "থকিত চকিত ব ৬৩।

থতমত বিং ['স্থিতমত'—মূল (?)] স্থিতের মত ; স্তব্ধ, স্থির। "নদীগুলো যত৹ অচল রেখার মিথ্যা কথায় অবাক্ হ'য়ে রইত থতমত প.কা ৭৫। —মত বি স্থিতের মত ভাব ; নিস্পন্দভাব। "কর্ত্তা…সকল কথা শুনাইয়া থতমত খাইয়া দাঁড়াইলেন আ.দু ৭৩। [থতমত খাওয়া —স্তব্ধ হওয়া।]

থপ বি [হি থাপ (স্থিতি)] ১ হঠাৎ বসার ভাব। "ব্রাহ্ম বাবু শেষে থপ করে জ্ঞানানন্দের কোলে বসে পড়লেন হু ২২৩। ২ [ধ্বন্যাত্মক] কাদার মত নরম জিনিশের পড়ার শব্দ।

থপথপ [স্থবির > থব, -প] বি ১ স্থবিরের ধীর-দুর্ব্বল পদক্ষেপের ভাব। "থপথপ ক'রে যাওয়া। ২ গমনে পায়ের থাবার শব্দ। "হাথী থপথপ ক'রে যায়। [থপথপে—স্থবিরভাবপ্রাপ্ত।]

থপথপে দ্র 'থপথপ'।

থপাস-থপাস বি স্থবিরের ন্যায় ধীরদুর্ব্বল পদক্ষেপের ভাব। "ধোপার গাধা থপাসথপাস করিয়া যাইতেছে আ.দু ৩১।

থমক[১] বি ১ ঠমকবাদ্য। "থমক খঞ্জরী বীণা শ্রী ১৪৬। ২ [সং স্তম্ভ > প্রা থম্ভ > বা (থাম) থম-ক] স্তম্ভন, মন্থরভাব। "মত্ত মাতঙ্গের মত গতির থমক।—রঙ্গ ২০৬। [থমকে থমকে—মন্থরগমনে। "গো.চ ৪৮২।]

থমক[২] অর্ম্ম [সং √স্তম্ভ্ > প্রা √থম্ভ > বা (√থাম) থম-ক ; হি √থম ; ঠ √থম, -ক] স্তব্ধ হওয়া ; গতিরোধ করা ; দাঁড়ান, থামা। "ক্ষণেক থমকে, না জানি কি হবে গেলে ভা.চ ৩১৬। (কবিবর) থমকিয়া দাঁড়ায়, আবার যায় স্ব.প্র ৮৭। আমি থমকে ফিরে দাঁড়ালুম ঘ ২৫। —মকা অর্ম্ম [°ক > °কা] সর্থ 'থমক[২]'। [(তরঙ্গ) থমক থমক থাক—থমকিয়া থমকিয়া থাকে (রহে)। "হেম ৬৯। থমকান—সর্থ 'থমকা'।]

থমথম বি [অপ্র] নাচার জন্য শব্দ। "উঠান থমথম করে গোধের নাচায় বি.পা ৩৩৫। —থমা বি স্রোতের থামা-থামা ভাব ; প্রায় স্রোতোহীনতা। "নদীর জল ভাটা-জোয়ারের মিলনে থমথমা খায়। —থমে বিং ১ থামা-থামা, বাড়তি-রহিত। "প্লেগের হাঙ্গামাতে জমীর দর তো থমথমে হয়েই গেছলো অ.গ্র ১৫৬। ২ নিস্তব্ধ, নিঝুম। "সহরটা থমথমে। বাসাড়েরা …ফেরেন নি, আফিস ও ইস্কুল খোলবার…বিলম্ব আছে। হু ২০১।

থমথমা, -থমে দ্র 'থমথম'।

থম্ব অর্ম্ম [থম্ভ > °থম্ব, দ্র 'থমক[২]'] স্তব্ধ বা স্তম্ভিত হওয়া। "বসন পরাইতে৹ মৃগধল নাগর৹ থম্বি রহল যব নাহ ব ১১০।

থর বি [সং স্তর > প্রা থর ; হি, ঠ, গু থর] ১ স্তর, স্তবক, পরত, থাক। "থরে গাঁথি বিয়ানি, যেন হইলেন ফণী গো.চ ৪৫৪। শ্রী ১৯০। লতাপত্র থর।—হেম ১০৪ ; (অঙ্গ) গড়া যেন রশ্মিথরে ১২৪ ; ফুল-থর ৩৫৯। ২ শ্রেণী, সা'র। "বরযাত্র কন্যাযাত্র বসাইলা থরে শি ১৭। ৩ নহর, থাক। "গলে দিল গড়ে মাল বেড়ি তিন থর শি ১১০। ৪ বলি, থাক। "জিনিয়া নবনী সর, সেই যে মাংসের থর।—হেম ২২। [থরে থর, থরে থরে—থাকে থাকে, সারি-সারি, পর-পর। "পবাল মুকুতা থরে থর শূ ৮৯। ভক্ষণের দ্রব্য দিল থরে থরে কৃ ২৭৬। মঞ্চ বাঁধে থরে থরে কৃ.অ ৫। (রন্ধনসামগ্রী) থরে থরে রাখিল ম ৬২৪। মণি থরে থরে দু ১০। থরে থরে পদাতিক রহিল শ্রী.ম ৯। বা.ম ১১৮। ক্ষীর ননী ছেনা সর৹ আনিয়া সে থরে থর৹ আগে দেই রামের বদনে ব ৫৭। বসিলা…থরে থরে বা.দ ১৮২। থরে বিথরে—সারির পরে সারিতে, শ্রেণীপর্য্যায়ে। "যাহা ল'য়ে ছিনু ভুলে৹ সকলি দিলাম তুলে৹ থরে বিথরে চ.কা ৮১।]

থরকর (?)। "থরে থরে থরকর থুইল গোটাছয় শ্রী.মা ১৫৫।

থরথর[১] ক্রি.বিং [থরথর, -হর—কাঁপা (দেশী—প্রা.ম) ; মুগ্ধারি '√থরথর'—ভয়ে বা শীতে কাঁপা ; হি °র ; ঠ °র, -রাং—কম্পিত-ভাবে] দ্রুতকম্পনের সহিত। "ক্রোধেতে অঙ্গ কাঁপে থরথর শ্রী.ম ২১২। হীরা থরথর কাঁপিছে ডরে ভা.চ ২৯৯ ; তনু কাঁপে থরথর ৩০৫। —থর বি [হি, ঠ °থর—কম্পন] দ্রুতকম্পনের ভাব। "থরথর করি মএনা কাঁপিয়া উঠিল গো.চ ১৬ ; ১৩৯। থরথর করে অঙ্গ ক.চ ২৫৫। থরথর করি কাঁপে…গৃহচূড়া মে ২৬। —থরী বি [হি, ঠ °রী] দ্রুত-কম্পন। "থরথরী স্থাবর, বজ্রের কড়মড়ী ভা.চ ৪৫৫। [থরথরাতে (হি °রাইট, ঠ °রাট)—দ্রুতকম্পনে। "তোর ভয়েতে থরথরাতে কাঁপি কৃ ২৪৯। বেটাকে তোর থরথরাতে কাঁপি শ্রী ১৪। থরথরে, থরেথর—দ্রুতকম্পনে। "স্বর্গ মর্ত্ত্য পাতাল কাপয় °রে চ.বি ৭৬ ; °র ১৪৯।]

থরথর[২], **-থরা** অর্ম্ম [দ্র 'থরথর' ; তু 'সং √°রা'—হস্তৌ থরথরায়েতে (গাথাসপ্তশতী ২.৬৫) ; হি √°রা ; ঠ √°র] ১ কম্পিত হওয়া ; কাঁপা। "কৃতাঞ্জলি কয় কথা অঙ্গ থরথর দু ৫৭। থরথর অঙ্গে ভা.চ ৩৩৩। ২ ভয়াদিতে বিহ্বল হইয়া কাঁপা। "তোর ভয়েতে থর-থরাএ্য কাঁপী ব.প ৫২৯। সব কাঁপে থরথরি ম.ম ১৯০। এখনও কাঁপে হিয়া মম৹ থরথরি।—মে ১০ ; ৮৬ ; থরথরি কাঁপিলা বসুধা ২০৭।

থরথরা দ্র 'থরথর[২]'।

থরথরী, -থরে, থরেথর দ্র 'থরথর[১]'।

থরমর বি [অপ্র] সর্থ 'টলমল'। "মাতালের প্রায় থরমর করি চলে ভ.গ্র ২০০

থরহর[১] ক্রি.বিং [দ্র 'থরথর[১]'] সর্থ 'থরথর[১]'। "ডরএ জম কাপএ থরহর শূ ১২৪। ভয়েতে কাতর কন্যা কাঁপে থরহর ম ৪ ; চরণের ঘায়ে

বৃক্ষ কাঁপে থরহর ১২৩ ; ক্রোধে থরহর কলেবর কাঁপে ২৪০। কলেবর °র কম্পিত দ্র ২৩ ; ধরা °রা কম্পিত ৮০।

থরহর২ অর্ম্ম [√°র (দেশী)—হুত্থা থরহরন্তি (গাথাসপ্তশতী ২.৬৫); দ্র 'থরথর১'] ১ কম্পিত হওয়া। "বসুমতী থরহর পায়্যা পদ-ঘা ব.প ৪৩৫। ২ দ্রুতকম্প-প্রাপ্ত হওয়া। "(রাই) থরহরি কাঁপে বি.প ৬৩,-৭। তনু কাঁপে থরহরি চ.দা ৭০। লোক কাঁপে থরহরি কৃ.উ ৭৯। থরহরি কাঁপে অঙ্গ ক.চ ২৫৫। মিলল শ্যামতনু থরহরি কাঁপ গো ১৫৮। দুহুঁ থরহরি ঘন কাঁপ।—ব ১২২,-৮৬। চৈ.ম ১০।

থল বি [সং স্থল > লি, প্রা থল ; হি, ঠ থল; বৈষ্ণবসাহিত্যে] ১ স্থান। "উরজ উদয়থল নালিম দেল বি.প ৩৭। ২ নিকট, কাছ।" পিয়া আসিবার, বচন কহিতে, তহি আন থলে যায় জ্ঞা ৮৩। ৩ ভূমি, তট, ডেঙ্গা। "জলে থলে সৈন্য রোল ব.প ৩৮৩। তোহ্মে জল তোহ্মে থল শ্রী.কী ২৩৪।

থলকমল, -জলরুহ, -পঙ্কজ বি [সং স্থলকমল ; বৈষ্ণবসাহিত্যে] স্থলপদ্ম। "থলপঙ্কজ জিনি পদপানী বি.সা ১৫২। শ্রী.কী ৩২। কর পদ থল°-কমলদলারুণ ব.প ১০৩২। যো পদতল থল°-কমল-সুকোমল গো ৮; ১০৯। রাতুল থল°-জলরুহ-দল, পদতল জ.প ১৭; °রুহ-চরণক বলিহারি ২৩ ; °রুহ-দল ৩২। চরণতল থলকমল ন.প ১৭১। থলকমলদল চরণ (প.ক)।

থলথল বি [প্রা 'থুল' (স্থূল)—মূল ; হি, ঠ °ল] ১ স্থূলতা হেতু শিথিল মাংসের স্পন্দনভাব। ২ স্পন্দন, কম্পন। "কুমুদিনী সদনে পড়িয়া খসি,...থলথল করিতেছে প্রতিবিম্ব শশী।—স্ব.প্র ২৯। [থলথল করা (হি °ল করনা)—শিথিল মাংস স্পন্দিত হওয়া। °থলে (ঠ °থলীত) —যাহা থলথল করে তাদৃশ (মাংস)।]

থলথলে দ্র 'থলথল'।

থলি বি [হি, ঠ থৈলী ; সাঁওতালী, মুণ্ডারি—'থৈলি'] বস্ত্রাদির আধার-বিশেষ ; ঝুলি, বেটুয়া (bag)। "স্বর্ণমুদ্রা° ভ.গ্র ৩২৯। থলিভরা সিদ্ধি গুঁড়া ভা.চ ১০৪। —লিয়া, -লে বি [হি, ঠ, সাঁওতালী, মুণ্ডারি —'থৈলা'] বড় থলি ; বস্তা।

থলিয়া, থলে দ্র 'থলি'।

থলিয়াতি বি ['থলিয়া'—মূল] চোরেরা যাহার ঘরে অপহৃত দ্রব্য রাখে ; থলেট। "চৈ.ভা ২১৫।

থলো বি [থলি > থ'ল > থোলো, থলো] 'থলির মত' ; গুচ্ছ, থোকা, গোছা (bunch)। "চাবীর থলো হু ১২২।

থসথস বি [ধসধস > °স] শিথিলতার ভাব ; ঢিলাঢিলা বা কাদা-কাদা ভাব। "পচা ফল থসথস করে। [°থসে—ঢিলা।]

থসথসে দ্র 'থসথস'।

থা১ বি [থাহ > থা (দ্র 'থই') ; 'থাহ'—স্থান (দেশী ৫.৩০) > 'থা'] ১ জলের গভীরতার অন্ত ; তল, তলা। "অথির নীর...অগাধ নাহিক থা।—জ্ঞা ১৩৭। ২ স্থান, অন্ত, কূল। "(দাস গদাধর) কিবা রসে ভাসে, কিছু না পাইলু থা।—ন.প ২৮৮; ৩৯৬। ৩ কার্য্যের শৃঙ্খলা। "(স্ত্রী বলিল) ঘরকন্নার কর্ম্মে কিছু থা পাইনে—হেদে! ছেলেটাকে একবার কাঁকে কর আ.দু ১১১। [থা-ভা পাওয়া—কাজের শৃঙ্খলা ও ভাবগতিক পাওয়া বা বোঝা। "গোলমালে কাজের থা-ভা পাওয়া যায় না।]

থা২ অর্ম্ম [সং √স্থা > প্রা √থা] স্থিতি করা ; থাকা। "রানি সকল রাজাক নিয়া থাউক গো.চ ১০২ ; ২০২। আজোকা বদল থাউক, এ বস্তু ভাণ্ডারে যাউক বি.পা ২১৮।

থাই দ্র 'থই'।

থাউকা, -কো বি ['স্তবক'—মূল (?) ; হি থাক—থোকা] গুচ্ছ, গোছা, থোকা। [থাউকা দরে কেনা—থোকা-হিসাবে অর্থাৎ সর্ব্বসুদ্ধ দর করিয়া কেনা। থাউকা টাকা—মোটামুটী হিসাবে কিছু টাকা।]

থাক১ '-ক্' বি ['স্তবক'—মূল (?) ; হি 'থাক'—থোকা, রাশি ; ঠ 'থাক'—গানে বিরাম] ১ স্তবক, গুচ্ছ, শ্রেণী। "অধর নিমাল মাধুরি ফুল থাকা বি.সা ৩১৫। মণিগুচ্ছা দেন তার মধ্যে থাকে থাকে ভ.গ্র ৪৪০। ২ নহর, নর। "তিন থাক মর্দ্দনা।—দা ১৪৮০ ; প্রতি থাকে ধুকধুকী ১৪৮১। ৩ স্তর, পরত। "রাবণের পৃষ্ঠমাংস থাকে থাকে ফাড়ে কৃ ১৪২। ৪ অন্তরাল, আড়াল। "মধ্য দিয়া থাক, বাড়াইল নাক, মদনের শুকপাখী ভা.চ ৩০৪। ৫ ভাগ, সা'র। "চার পাঁচ থাক গাড়ির সার হু ২০৯। [থাক কাটা—শ্রেণীতে বিভক্ত করা। থাকে থাকে —সোপানক্রমে, ধাপে ধাপে। "থাকে থাকে সিড়ি ওঠে।—শিশু ৪৪।]

থাক২ অর্ম্ম [সং √স্থা > প্রা √থক্ক (হে) > বা °ক ; তু 'থক্কই, থক্ক' (দো)] ১ অবস্থান করা ; থাকা। "দেশে থাক রাম তুমি না যাইও বন কৃ ৯৬। শি ৭৭। ২ বিদ্যমান থাকা। "দুঃখ পাসরিবে যদি দাসী থাকে পাশে কৃ ৯৮। ৩ বাস করা। "অহল্যা।—তুমি কোথায় থাক? রাখাল।—ওই গয়লাদের গরু চরাই—আর থাকি।—গি.দ্বি ১৩২। ৪ জীবিত থাকা ; বাঁচা। "সে থাকিতে মহারাজ রক্ষা নাহি আর কৃ ২৪৮। ৫ অবশিষ্ট থাকা। "দশ যোজন থাকিতে ভুজঙ্গ পলায় ত্রাসে কৃ ২৬৩। চার হাজার আলাদা ধ'রে রাখ, থাকে দু'শ অ.গ্র ৭৯। ৬ অপেক্ষা করা ; রহা (ক্রোধে শাসনবাক্যে)। "কানড়া বলেন ভাল থাক্ ভণ্ড বেটা শ্রী ১৫৪। থাক থাক বোলে দৈত্য চ.বি ৩১৩। ম.বি ১৯১। থাক থাক থাক, কাটাইব নাক, আগেতে রাজারে কহি ভা.চ ৩৭৩। ৭ বিলম্ব করা ; দেরি করা। ৮ উদ্বৃত্ত হওয়া। ৯ জীবন-যাত্রানির্ব্বাহ করা। "দু টাকা দিলেই (সে) খেয়ে পরে থাকে কা ৮৬। ১০ গণনার বহির্ভূত হওয়া ; পরিত্যক্ত হওয়া (to be kept aside)। "কোপদৃষ্টে সুদৃষ্টে যাহার পানে চাই। শরীরের কায থাক হৈয়া যায় ছাই॥ —কৃ ৩৪। থাকুক মনুষ্য কায দেবতা চঞ্চল ব.প ২৯৯। ১১ থামা, দাঁড়ান। ১২ ক্রোধ শমিত করা ; শান্ত হওয়া। "তবে শান্ত বচন বলেন 'থাক থাক' শ্রী ২৫১। ১৩ সংশ্লিষ্ট হওয়া। "সে কোন কথায় থাকে না। ১৪ কিছুক্ষণ থামা বা রহা। "দ্র 'থাকিয়া থাকিয়া'। ১৫ অসমাপিকা ক্রিয়ার পরে 'নিত্য' 'প্রায়' 'সম্ভাবনা' ইত্যাদি অর্থ-সূচক। "করিতে, করিয়া থাক। এত রাত্রে অতিথিরে কোথায় পাইব। ভুঞ্জিয়া থাকিব কিম্বা নিদ্রায় থাকিব॥—ম ২১০। [থাকন (অপ্র) —অবস্থান, বাস। "থাকনের স্থান কৃ.চ ২৪,-৫,-৩১। ব.প ১৬৮৭। থাকা—সর্থ 'থাক'। "আপনার থাকা হয় কোথায়?—লী ৯৪। থাকিয়া থাকিয়া, থেকে থেকে—রহিয়া রহিয়া, অর্থাৎ মাঝে মাঝে। "(মেদিনী) অদ্যাপি কাঁপিয়া উঠে থাকিয়া থাকিয়া ভা.চ ২৯১। থেকে থেকে...চপলা চমকে স.শ ৮৫। থেকে থেকে বিজুলি কি দিতেছিল হানা?—শিশু ৮৭। থাকহ, -কিএ, -কিলোঁ, -কী, -কু, -কোঁ (শ্রী.কী)। থাকিউ (থাকে), থাকিব (থাকিবে), থাকী (চ)। থাউক (গো.চ ; বি.পা ২১৮)। থাকিব—থাকিবে। "চ ৬০। ম ২১০।]

থাকবস্তা বি [হি থাক (সীমা) + বস্তা (বস্তি, গ্রাম)] জমির সীমা পরিমাণ কর প্রজা ইত্যাদি নির্দ্ধারণপূর্ব্বক গ্রামের সমস্ত জমির জরিপ (cadastral survey)।

থাকি, -কিয়া, -ক্যা, থেকে ক্তি [থাক২ > °কি, -কিয়া, -ক্যা, থেকে (অসমাপিকা ক্রিয়া) ; গু 'থী'—হইতে ; তা 'তোক্‌কং (কথ্য-ভাষা)—হইতে, থেকে ;—"নালে তোক্‌কং (আগামী কাল থেকে) ; নেপালী—'দেখি'—"তাঁহা দেখি (thence), কাঁহা দেখি (whence); C.G. § 376 ; 468 (d)] ১ অবস্থান করিয়া ; (গৌণভাবে) বিশ্লেষার্থক ক্রিয়াযোগে ব্যাপকভাবে অপাদানে পঞ্চমী বিভক্তি—'হইতে'। "ওঠে থাকিয়া হাড়ির হরসিত মন। কলাইবেচির কাছে গিয়া দিল দরশন॥ —গো.চ ২৩২। কুথা থেকে আইলেক তুহ্মি শূ ১৫। প্রজা

থাকি কর লৈতে ম.পা ৫৫। না হইল পুরুষ উদ্ধার নরকে থাকিয়া।—গ ১৫৭। তথা থাকিয়া ঘোড়া আইল অ.প ১০৭ ; তথা থাকি পার্থ বীর ঘোড়া উদ্ধারিল ১৩৮। দেশে থাক্যা খেদ্যাঞা দিলেক ভাই ব.প ৫৩০। গলায় থাকিয়া হস্ত করিল বাহির শ্রী.ম ১১১,-৬৮। নানাদিক থাকি লোক আইসে চৈ.ভা ৪১৫। গাছে থাকি বারাইল চেঙ্গ শি ৭৫। যাই এদেশে থেকে বি.সু ২৩। তলা থেকে: নীচে থেকে।—ঘ ১৪৩। ২ অপেক্ষার্থে পঞ্চমী—'হইতে'। "পুর্ব্ব থাকি হইল সুন্দর ম.পা ১৭৮।

থাড় [সং স্তব্ধ > প্রা থড্ড > বা °ড়; হি ঠাড়া,-ঢ়া] দণ্ডায়মান। "জটিলা শাশ.…বোলত. বহুরি বেরি কাহে থাড়ি বি.প ১৪২। [থাড়ি, -রি—দাঁড়াইয়া। "অবশ রহু থারি।—ব ১০০।]

থাতা সর্ম্ম [হি থাত > °তা, দ্র 'আ' ; অপ্র] স্থিত করা; রাখা। "স্বর্ণ-থালে থাতায় ওদন: (শাকাদি) থাতায় থালার চারিভিতে শ্রী.মা ১০০।

থাতি বি [হি থাতী] সঞ্চিত ধন ; রক্ষিত দ্রব্য। "তোমার কি কিছু, থাতি ধন মোর, হৃদয়ে রেখেছ ধরি ভ.গ্র ৩৮২,-৯২।

থান বি [সং স্থান > প্রা থাণ > বা °ন; হি, ঠ থান; প থানা; সি থাণু; গু ঠাণু] ১ স্থান, জায়গা। ভীমসেন বাপু যায় কোন থান ব.প ৭০৯; থানে থানে…ফিরে উল্কারায় ১৪৭৯। ২ নিকট, কাছ, হাত। "কাহ্নের থান যাহা শ্রী.কী ২৪; ৬৫। আমার করম ফলে. বিহি….সোপলি তাকর থানে রা.শে ৪৪। ৩ দেবতার অধিষ্ঠিত স্থান। "ধর্ম্মের থান ব.প ৩০; গো.চ ৪। ৪ ['তানা' > °ন; হি, ঠ °ন] এক তানায় বোনা অখণ্ডিত বস্ত্র (piece)। "এক থান মারকীন, লংক্লথ্‌। ৫ সাদাপাড় ধুতি; থানফাড়া ধুতি। ৬ অখণ্ড, এক, গোটা (unit)। "এক থান মোহর, আশরফী। [থান ইঁট—গোটা ইঁট। থানকে থান—এক এক থান। থান-ফাড়া ধুতি—থান কাটিয়া করা ধুতি। থানা থানা রক্ত—জমাট রক্তের খণ্ডসকল।]

থানকুনী বি [সং মণ্ডূকপর্ণী; ড় থলকুঁড়ি] বন্য শাকবিশেষ (Hydrocotyle asiatica)। "ম.ম ১৪৫।

থানা বি [থান > °না; হি থানা] ১ স্থান, জায়গা। "জমরাজার বসিবার থানা শূ ৫৬। ২ স্থান, দেশ। "অনেক থানা এড়াইল ম.ম ২২৪। ৩ আশ্রয়স্থান, আড্ডা। "জোখের থানা এই সমুদ্র মাঝার ম.ম ১২১। ৪ চৌকির স্থান, প্রহরীর আড্ডা। "দুয়ার চাপিয়া দেয় থানা ক.চ ৬; ভা.চ ২৬৮; হাবশি-থানা ৪৮৫। ৫ সৈন্যসমাবেশ-স্থান, ছাউনি। "বসাইল ত্যারখানে থানা গো.চ ১৯৫,-৭। থানা দিল গো.বি ৩০। অঙ্গদের থানা কৃ ২৪৭,-৭৯। ম ৫৫৪। অনেক সামন্ত সেনা, বারি গড়ে দিয়া থানা ক.চ ৯৩। শ্রী ২১৮। মে ১৪। ৬ পুলিশের চৌকী বা আড্ডা (police-station)। [°জাতে—সকল থানায়। "ব.প ১৬৮৫। °দার (হি থানে°)—থানার প্রধান কর্ম্মচারী—দারোগা। "(থানাদার) গেরেপ্তার করিয়া বিচ্ছেদে,…হুজুরে হাজির করে দা ২০৯৬। থানা-ব-থানা—পর পর থানাক্রমে। "লম্পটশ্রেষ্ঠ…থানা-ব-থানা কাশীতে প্রত্যাবর্ত্তন করিলেন।—লী ৯৫। থানা-ব-থানায়—থানায় থানায়। "সেনাপতি,…দাউদের থানা-ব-থানায়…লুট ফশাদ করিতে করিতে রাজমহলের কেল্লায় দাখিল হইলেন ব.প ১৬৯০।

থাপ সর্ম্ম [সং √স্থাপি—স্থাপয় > প্রা √থপ্প (পৈ) > বা °প; হি, ঠ √°প] ১ স্থাপন করা; রাখা। "(নীলমণি) শির পর থাপলি সো বরনারী।—ব ৭৯। ২ নিবিষ্ট করা। "শুনিতে রসের কথা থাপয়ে চিত বি.প ৪০।

থাপড়, থাপড়া১, থাবড়, থাবড়া১ বি ['থাপ'—মূল; হি থপ্‌পড়, থাপ; ঠ থপ্পড, থাপ, -পট, -পড; গু থাপ, -পট] ১ চাপড়, চড় (slap)। "মহীপতি মুখে তার মারিল থাপড় শ্রী.মা ৬৮। ২ (আদরে, শিশুর নিদ্রায়) মৃদু করাঘাত (pat, tap)।

থাপড়া১ দ্র 'থাপড়'।

থাপড়া২, থাবড়া২ সর্ম্ম [থাপ(ব)ড়+আ ; ঠ √থাপট,-ড] থাবড় মারা; চড়ান, চাপড়ান। [°ড়ান—সর্থ 'থাপড়া২']

থাপা, -বা বি [দ্র 'থাপড়'] ১ উবুড় করতল বা কোষ। "থাবা দিয়া নাথ তখন অঙ্গার ধরিল গো.চ ৪২৩। (পঞ্চানন) থাপা দিয়া ধরিলেক গায়ের বসন বি.পা ৬১। থাবা দিয়া ধরে শিব চণ্ডিকার করে বা.ম ২৯। ২ থাবার আঘাত। "থাবায় থাবায় মসাল নিবায় ভা.চ ৭৩। ৩ শ্বাপদের সম্মুখের সনখ পদাংশ; হাথা (paw)। ৪ শ্বাপদের থাবার আঘাত। "(বাঘা) থাবা দিয়া চলিল: থাবা দিতে খোবনা ভাঙ্গিল ফলা যায় শ্রী ৮৬। ৫ শ্বাপদের পদচিহ্ন। [থাবাথুবি -থোবা—থাবার আঘাত। "বড় বড় বীর পড়ে খেয়ে থাবা-খোবা শ্রী ৮০।]

থাপ্‌প(পে্‌পা)ড় বি [দ্র 'থাপড়'] সর্থ 'থাপড়'। "ফের বাত কহেগা তো এক থাপ্পড় দেগা আ.দু ১৫৭। এমনি থাপ্পোড় ঝাঁকি, সুমুন্দির চাবালিডে আসমানে উড়িয়ে দেই নী ২৫। হরিশ্চন্দ্র তেরা বাবাকা কামদার। মারে থাপ্পড় অ.গ্র ৯০।

থাবড়, -ড়া১ দ্র 'থাপড়'।

থাবড়া২ দ্র 'থাপড়া২'।

থা(থে)বড়া৩ বি [ঠ থবকড, -ডা; তু 'সং স্থপুট'] অবনত, চেপ্টা (নাক)। —ড়ি বি উপবেশনে ভূমিতে পাছার ভর। "থাবড়ি খেয়ে বসা (squatting)।

থাবড়ি দ্র 'থাবড়া৩'।

থাবা দ্র 'থাপা'।

থাম১ বি [সং স্তম্ভ > প্রা থংভ, থম্ভ > বা °ম; হি °ম] ইট-পাথরের খুটিবিশেষ। [থামাল—খাড়া গাঁথনি।]

থাম২ অর্ম্ম [সং √স্তম্ভ্‌ > প্রা √থংভ, √থম্ভ > বা °ম; হি √থম; ঠ √থাম; ড় √থাম] ১ স্তব্ধ হওয়া, স্থির বা নিশ্চল হওয়া; থামা (গাড়ী)। ২ বন্ধ হওয়া (কান্না, গোল, ঝড়, বৃষ্টি)। "ঢাকের বাজনা থামলেই মিষ্টি। ৩ অপেক্ষা করা; দাঁড়ান। ৪ শান্ত হওয়া (কোপে)। ৫ বিরত হওয়া; রহা। —মা সর্ম্ম [°ম+আ৮, হি √থাম] স্তব্ধ করা; স্থির করা; থামান ইত্যাদি। [থামা—সর্থ 'থাম২'। থামান—সর্থ 'থামা'।]

থামাল দ্র 'থাম১'।

থারি বি [হি °রী; মৈ থার] থালা। "রতন থারি ভরি পুর গো ৭। লইয়া থারি ভরি দ্রব্য বহু ন.প ৯১। ব.প ১৩৬।

থার্ম্মমিটার্‌ বি [E. thermometer] তাপমানযন্ত্র।

থাল,-লা বি [সং স্থাল > প্রা থাল > বা °ল, লা; হি থাল; ঠ থালা; গু থাল; মৈ থার] পিতলের বা কাঁসার চওড়া গোল পাত্রবিশেষ। "আচ্ছাদন থালা ক.চ ৩০; আচ্ছাদন দিল থাল ১৫০। থালের উপরে: সুবর্ণের থালায় ম.ভা ৬৮। একথাল মোহর ভ.গ্র ২৪০। —লি, -লী বি [হি °লী; ঠ, গু থালী] ১ থাল। "সোবন্নের পঞ্চথালি গো.চ ১৯৪। আচ্ছাদন…থালী ক.চ ৩০। স্বর্ণথালী ভ.গ্র ২১৭; থালি, -লী ২৪০,-১। থালী চৈ.চ ৫২; ৩৪৭। স্বর্ণ আনে থালি পুরে।—কথা ৬। ২ ছোট থালা। ৩ [সং স্থালী > লি, প্রা °লী; ঠ, গু °লী] ১ পাকপাত্র হাঁড়ী। "যদি থালির ভিতরে গজবর পারে লুকাইতে দা ৩৩২। ২ গলা-সরু ছোট মৃৎপাত্রবিশেষ। "থালি খুরি ডাবরে পুরিয়া লহি চন্দন শূ ২৬।

থালা, -লি, -লী দ্র 'থাল'।

থালীবিথালী ক্রি.বিণ স্থানে-অস্থানে, যেখানে-সেখানে। "বড় বড় বীর ধরি থালী-বিথালী। শিরশ্ছেদ করি দেই দেবী দুর্গার বলি।—বি.পা ১৯৭।

থিকথিক, থুকথুক বি [থুক > থুক°, থিক° (দ্বিত্ব)] ঘৃণাজনক কীটের সমাবেশে পরিপূর্ণভাব। "পচা মাস—পোকা থিকথিক কচ্ছে গি.হি ১১৩।

থিত বিং [সং স্থিত ; হি °ত ; তু 'ধত্তিঅ'—বিশ্রাম (দেশী ৫.২৬)] স্থিত, সঞ্চিত (অর্থ)। —তি বি [সং স্থিতি] অবস্থান। "এই সীমার মাঝে দেশ পোণ-দুয়ার থিতি ব.প ১৪১৩।

থিতা অর্ম [°ত+আ°] ১ স্থিত হওয়া ; স্থির বা প্রবাহহীন হওয়া (জল)। "ঘোলা জল থিতাইলে পলি পড়ে। ২ থিতান হেতু ময়লা পড়িয়া যাওয়ায় নির্মল হওয়া। "ঘোলা জল থিতায়। [থিতান—সর্থ 'থিতা'। থিতিয়ে জিরিয়ে কাজ করা—স্থির ও সুস্থ হইয়া কাজ করা।]

থিতি দ্র 'থিত'।

থিয়া বিং [সং স্থিত >প্রা থিঅ >বা (থিআ) °য়া ; অপ্র] স্থিত, দণ্ডায়মান। "বকুলের তলে হইবেক থিয়া গো.বি ৪৮ ; ৫২।

থিয়েটার বি [E. theatre] নাট্যশালা, অভিনয়গৃহ। [থিয়েটার দেখা—থিয়েটারে অভিনয় দেখা।]

থির বিং [সং স্থির >প্রা থির, হি, গু °র ; ঠ থীর ; মৈ থি(থী)র ; থীর (প.ক)] ১ অচঞ্চল, গতিহীন, স্তব্ধ। "থির বিজুরী চৈ.ম ৭১ ; ১৮৪। থিরদামিনী ন.প ৮৯। আঁথির থির লক্ষ্য কু.কে ৬৩। ২ প্রবাহ-হীন। "থির পানী পাথর বেঁধে।—প্রবচন। ৩ অনিমেষ, নিস্পন্দ। "থির নয়ানে নিরীখে চৈ.ম ৬৯ ; থির দিঠে চাহে ১৮৪। ৪ শান্ত। "কত পরবোধি কয়ল সখী থির জ্ঞা ২০৭। ৫ অনাকুল, অক্ষুব্ধ। "কান্হো থির নহে মনে শ্রী.কী ২৪১। সুন্দরী থির নহে ব্র.প ১৩২,-৩। ৬ অস্খলিত। "চলসি মন্থর অথির পা।—রা.শে ১৩। ৭ নির্দ্ধারিত। "লগ্ন থির করি গো.চ ১৪৭। ৮.অচঞ্চল, শান্ত। "থির মতী বুঝহ আপণে শ্রী.কী ১১৭। ৯ সুস্থ, শান্ত। "থির হউ সকল সংসার। —শ্রী.কী ৬। [থির থির (ঠ থিরেং থিরেং)—স্থিরভাবে, ধীরে ধীরে। "বোলে থির থির শূ ৮। থির বাঁধে, বান্ধে—স্থিরতা রক্ষা করে ; ধৈর্য্য ধরে। "ভুজের ভঙ্গিমা দেখি কেবা থির বাঁধে (ন.প)। ধরণী থীর নাহি বান্ধে (প.ক)। থির বান্ধই—রুদ্ধ হওয়া। "নয়নক নীর, থির নাহি বান্ধই (প.ক)।]

থু[১], **-থো**[২] বি [ধ্বন্যাত্মক ; হি, ঠ, গু 'থু'] ১ থুতু ফেলার শব্দ। ২ মুখ হইতে খাদ্য ফেলিয়া দেওয়ার শব্দ। "গলা আচড়ায় কেহ করে থো থো কৃ ৩৭২। থু থু ক'রে ফেলে রাণী শ্রী ৪২।

থু[২] অব্য [প্রা থু (হে ২.২০০) ; দ্র 'থু[১]'] ঘৃণায়, নিন্দায়। "ছি-ছি, থুথু, থুথু ভ.গ্র ৩০৭। থু ! থু ! কুকড়োর পাখা ম ৩২৭। থু ! থু ! থু ! গোন্দো !—নী ২১,-২। থু থু...পচা মড়ার গন্ধ যে গা !—গি.দ্বি ১১৩।

থু[৩], **-থো**[৩] সর্ম [থো—থোই (চ)] ১ স্থাপন করা ; রাখা। "চাইর কলসী জল থুইলে গো.চ ১৩। নির্জ্জনে থুইব অ.প ১১১। সেখানে তা থোবে কৃ ২৫০ ; হাত বাড়িয়ে থো ৩৭২। সেইখানে থুবেক ব.প ৫৩০। থুইল শ্রী.ম ২৩। ফাঁস জড়াইয়া, গুণ গুড়াইয়া, থুলা ভুরু ধনুছলে ভা.চ ৩০৪। ২ পরিত্যাগ করা। "প্রসবিয়া বনে থুয়ে গেল একাকিনী ম ৫৯। ৩ ঘটিতে দেওয়া ; রাখা। "তপোবনে না থুইব রাক্ষস সঞ্চার কৃ ১২৭। ৪ বিধান করা ; করিয়া রাখা। "মরণ পথ থুইল ভাল মতে ম.ম ১৭১। ৫ মিল করিয়া রাখা। "(শঙ্খ) গাছি গাছি গুছাইল চক্ষে চক্ষে থুয়ে।—শি ১০৪। ৬ সঞ্চয় করা। "ঠাকুরের উপায়ে সে ঠাঁই নাহি থুতে।—শি ৩৪। ৭ অভিহিত করা ; রাখা। "মথুরা...থুল্যা তার নাম কৃ.উ ১৮৯। কৃ ৫০। ক.চ ৯। গ ৩৮। নাম থুইও লক্ষ্মীন্দর ম.ম ১০৪। ৮ বাস করিতে দেওয়া। "দান ছলে বলি রাজা না থুইমু সংসারে গ ৩৩। ৯ আরোপণ করা। "ঘট থুল্যা ধান্যো-পরি দু ১৩। ১০ অবশেষ রাখা। "আজি রণে গন্ধর্ব্বের না থুই সন্ততি কৃ.উ ২৭৯। ১১ সাজাইয়া রাখা। "থুইল কৌটায় কল করিয়া এমনি। ফুটিবে বিস্তার বুকে ছুটিবে যেমনি।—ভা.চ ২৯৭। ১২ অসমাপিকা ক্রিয়ার পরে 'ক্রিয়াসমাপ্তি'-সূচক। "তিন হাজার টাকা থুক দপ্তরে নেথিয়া গো.চ ২৪২। পরাণে বান্ধিয়া থোব তারে প.র ২৮। [কহিতে থুইতাম কথা—কথামাত্রে পর্য্যবসিত করিতাম ; মারিয়া ফেলিতাম। তু 'স' কথাবশেষ'। "আর দেবের কন্যা হইলে কহিতে থুইতাম কথা ম.ম ২৭। থুইছেঁ—থুইয়াছি। "গো.চ ২৫০। থুইম, -মু, থুমু—থুইব। "°মু গো.চ ১৩ ; °ম ২৩৮। থুইল, থুলা, -ল্য, ল্যা—রাখিল। থুইআ, -ইবোঁ, -ইহ, -য়িআ, -য়িবোঁ (শ্রী.কী)। থুইবোঁ—থুইব, রাখিব। "কৃ.উ ৩৪। থোবা—রাখিবে। "কৃ.উ ৫৪।]

থুঁতনী, -তি, -থি, থুথি বি [হি থূথনী, থোথী ; মৈ থোথী] ১ দড়ির আগা ; চিবুক (chin)। "ভূমে ঠেকে থুঁথি ভা.চ ২১০ ; বিদায় হইলা থুথি ধরি ৩৩৬। ২ লম্বা মুখের অগ্রভাগ। "উটের, ঘোড়ার, শূয়রের থুঁথি।

থুক বি [সং থুৎকৃত >প্রা থুক্ক (দেশী ৪.৪১) >বা °ক ; হি থূক ; ঠ থক, -কা ; গু থুংক ; মৈ °ক] ১ থুথু, কফ, ছেপ। "থুকে ভজ্জি থুকে নেউড়িবা শিরে ব.প ৯০। গো.চ ২৯৩। বা.ম ৮২ ; থুথু করি থুক দিল ব্যঞ্জন উপর ৩৯০। জাতি লঁউ খেলায়কে থুক ভা.চ ৪৮৮। ২ ঘৃণাসূচক। "সেই দোষে স্বামী শ্বশুর থুক দিয়া ত রাখলে লো। —দা ৩২৪। সতীত্বে দিই থুক !—স্ব.প্র ১৩৭। [থুক দেওয়া—ঘৃণা করা।]

থুক(কু)রা বি [সং থুৎকার >প্রা থুক্কার >°রা ; অপ্র] থুক, থুথু। "এক মুঠ থুকরা : থুকুরা (টীকা) গো.চ ২৯৩,-৬।

থুড়থুড়, থুত্থুড় বি [√থরথর, √থরৎথর—কাঁপা (দেশী—প্রা.ম) ; ঠ থুড়থুড়—শীতে কম্প] অতিকম্পিতভাব (শীতে, ভয়ে)। —থুড়ি, -ড়ী, -ড়ে বিং বার্দ্ধক্য হেতু অতিকম্পিতা, অতিবৃদ্ধা। "বুড়ি থুড়থুড়ি চ.কা ৮২। —থুড়ে, থুত্থুড়ে বিং অতিবৃদ্ধ। "বুড়ো থুত্থুড়ে। [থুরথুরে, থুত্থুরে বুড়—অতিবৃদ্ধ। 'বয়েস আশী বচ্ছরের উপর—থুরথুরে বুড় আ.দু ১১৭।]

থুড়থুড়ি, -থুড়ে দ্র 'থুড়থুড়'।

থুড়ি বি [থুৎকুড়ি >°ড়ি ; হি °ড়ী] ১ ভুল-চুক, অশিষ্ট বাক্য বা অকার্য্যের প্রত্যাহারে ঘৃণাসূচক শব্দ। "পাষাণের প্রাণ নেহাৎ তোদের, না, না, থুড়ি, কেঠো প্রাণ কু.কে ১৭১। তুমি কি প্রতিজ্ঞাপত্রে বাঁদরে আঁচড়েচ !—থুড়ি, সই করেচ !—স.এ ৫। ২ শিশুদের খেলা বন্ধ করার শব্দ। ৩ (অপ্র) তুড়ি। "কৃ.উ ৪৬।

থুতনি, -তি সর্থ 'থুঁতনী'।

থুতু,-থু বি [থু থু >°থু (ধ্বন্যাত্মক)] থু-থু শব্দে ফেলা ছেপ, কাস ; নিষ্ঠীবন (spittle, saliva)। "থুতু দেয় মুখে ম.ম ৫৪। ফেলে আকাশে থুতু গায় লাগবে দা ৯৫৩।

থু(থু)ৎকার পুং [থুৎ কার, কর্ম্মধা] নিষ্ঠীবনত্যাগের শব্দ।

থুৎকুড়ি বি ['থুৎকার'—মূল] থুথু। "এ কি থুৎকুড়ি দিয়া ছাতু গোলা ?—আ.দু ৮।

থুত্থুড়, থুত্থুড়ে ; থুথি দ্র 'থুড়থুড় ; থুঁতনী'।

থুথুৎকার বি থুথু শব্দে নিষ্ঠীবনত্যাগ। [°কারে (অপ্র)—থুৎকার দেয়। "শুনি থুথুৎকারে মাতা, শঙ্কিত-অন্তর ন.প ১০০। অমঙ্গলের ভয়ে সন্তানের গায়ে থুথু দেওয়া এখনও দেখা যায়।]

থুন কা.ক্তি [ঠ এথূন (hence)—থূন >থুন, তুন অপ্র] পঞ্চমী বিভক্তি—'হইতে'। "কোন বিধি নিল নিধি হাতথুন কাড়িয়া প ১৪৩। কথাথুন য়াসিছ তুহ্মি গো.বি ৮৩ ; এত দুক্ষে না পারিলুম কদলিথুন নিতে ১৭৪।

থুপ, -ব, -বা বি [সং স্তূপ >প্রা থূব >বা °ব, °প ; হি থূবা] ১ স্তূপ, গুচ্ছ, গোছা, থোপা। "রাজা পাটের থুপ বি.পা ২১১,-৫৪ ; পাটের থুপে সোণার আচলী ২৯৭। কাঞ্চনের থুব শ্রী.মা ৫৫। ২ রাশি। "ধান্য কাটিয়া চাল্দ করে থুবা থুবা ম.ম ১৫০। হেতাল কাটিয়া চান্দ

করে থুব থুব ২৩৬। —পি বি ছোট গুচ্ছ। [থুপিঝিঙ্গা—গুচ্ছাকার একপ্রকার ছোট ঝিঙ্গা। "শি ৭৬।]

থুপি দ্র 'থুপ'।

থুব দ্র 'থুপ'।

থুবড়া¹, -ড়ো বিং ['স্থবির'—মূল] অতিবৃদ্ধ। "বুড়ো থুবড়ো লোক। —ড়ী বিং অতিবৃদ্ধা। [থুবড়ী মেয়ে—যে মেয়ে বিবাহকাল অতিক্রম করিয়াছে ; ধেড়ে মেয়ে।]

থুবড়া² সর্ম্ম [থাবড়া>°ড়া] মৃত্তিকায় ঘৃষ্ট করা বা ঘষড়ান (পতনে)। [থুবড়ান—সর্থ 'থুবড়া²'। মুখ থুবড়ে পড়া—মাটিতে মুখ থাবড়াইয়া বা ঘষড়াইয়া পড়া। "হেম ৪০৭।]

থুবা দ্র 'থুপ'।

থুরথুরে, থুথ্থুরে দ্র 'থুড়থুড়'।

থুলিলাফ দ্র 'তুড়িলাফ'।

থে বিং [থেহ > থে ; কথাভাষা] দণ্ডায়মান, খাড়া। "থে হওয়া।

থেই-থেই, থৈ-থৈ², থৈয়া-থৈয়া বি [হি থেঈ-থেঈ] বাদ্যের তালে নৃত্য-মুদ্রা বা নৃত্যভঙ্গি। "(নাচে) তাথা থৈয়া-থৈয়া শ্রী.ম ৯৯। থেই-থেই বলি, দেয় করতালি।—শ্রী ৯। থৈ-থৈ নৃত্য কর বা.দ ৭৯। [থৈ-থৈ-থৈ —সর্থ 'থৈ-থৈ²'। "(নাচত)তক থৈ-থৈ-থৈ তি বিবিধ প্রকার ন.প ২০৫।]

থেঁত, -তো বিং [?] পিষ্ট, পেষা। "কপালটা একেবারে থেঁতোমেতো হয়ে গিছলো।—হেম ৪০৭। [থেঁতই—থেঁত করি। "দেঁতোমুখ আজি তোর না যদি থেঁতই স্ব.প্র ১৩৯। মুখ থেঁত করা—মুখ ছেঁচিয়া দেওয়া। থেঁতল করিতাহো—থেঁত করিতাম। "কৃ.উ ১৫।]

থেঁ(থে)তলা সর্ম্ম [থেঁত > °ল (ল-আগম) > °লা, দ্র 'আ⁹' ; অস √থেঁতাল] পিষ্ট করা; থেঁত করা; পেষা। "বৌ ছুঁড়ি আমাকে দুপা দিয়া থেতলায়—বেটা কিছুই বলে না আ.দু ৩১। [থেঁতলান—সর্থ থেঁতলা'।]

থেকা সর্ম্ম [ঠেকা > °কা] সর্থ 'ঠেকা' (৪ ; ৫)। [থেকান—রক্ষা করা ; রোধ করা (চব্বিশপরগনা)।]

থেকে ; থেবড়া দ্র 'থাকি ; থাবড়া³'।

থেলোহুঁকা বি [তল > °লো (?)] বসাইবার মত তলা-চেপ্টা হুঁকাবিশেষ। বিপ 'কলিহুঁকা'। "কমলাকান্ত থেলোহুঁকা হাতে করিয়া বসিয়া আছে ব.প্র ৬৫০।

থেহ, -হা বি [সং স্থিত >প্রা থিঅ >বা (থিআ) থেহা, -হ ; বৈষ্ণব-সাহিত্যে] ১ স্থিরাংশ, সার। "(কেবা) চাঁদ নিঙ্গাড়ি কৈল থেহা : সে থেহা নিঙ্গড়ি কেবা, মুখ বনাইল রে চ.দা ৪ ; চ.সা ৩৬। ২ স্থিরতা, স্থৈর্য্য, ধীরতা। "বান্ধহ থেহ বি.প ২০০। রহ নিজ চিত্ত ধরি থেহ চ.দা ৬৮ ; চ.সা ৩৬। জীবনে না বাঁধই থেহা গো ১০২ ; ২০৮,-১৮। ধরিতে নারএ থেহা ন.প ১২১, আনন্দে না বাঁধে থেহ ২৬৪। হরি রসে না বান্ধে থেহ।—ব ১৮ ; বান্ধব থেহা ২০১। ৩ অবলম্বন। "উঠইতে চাহে জেলধারক থেহ (প.ক)। ৪ [সং স্তাঘ>প্রা থাহ] গভীরতার অন্ত ; তলা। "তাহার তরঙ্গে ভাসি না পাই থেহা চৈ ৮১। —হ বিং স্থির, ঠিক। "যৈছে রহত মঝু দেহ। সোই করহ অব থেহ॥ —ব ১৭৮। কি কহিতে কি কহয়ে কিছু নাহি থেহ রা.শে ১৩৫।

থৈকর¹ বি [সং স্থপতি ; অপ্র] রাজমিস্ত্রি। "মূল বান্ধিবারে আনিল থৈকর (ক.চ)।

থৈকর², থৈয়াকর—বৃক্ষবিশেষ ও তাহার ফল। "বি.পা ১০২ ; ২১৭।

থৈ-থৈ¹; থৈ-থৈ², থৈয়াথৈয়া দ্র 'থই ; থেইথেই'।

থৈলী বি [ঠ থৈলা, -লী] থ'লে, ব্যাগ। "পিত্তল থৈলী আগ্নেয় আকাশে পূর্ণ করিলে সে অবশ্য উপরে উঠিবে।—রামমোহন রায়।

থো¹ ; থো² ; থো³ দ্র থ⁸ ; 'থু¹ : থু³'।

থো⁴ বি [সং স্তোক >প্রা থোঅ >বা থো] অল্প, একটু। [থো-থো ক'রে উঠে যাওয়া—একটু একটু ক'রে নিঃশেষ হওয়া।]

থোঁতা বিং থুঁতি-ওয়ালা, দীর্ঘচিবুক, বড়, গৌরবান্বিত (মুখ)। [থোঁতা মুখ ভোঁতা হওয়া—বড় মুখ অপমানে ছোট হওয়া। "সুপারিস-ওয়ালাদের থোঁতা মুখ ভোঁতা হয়ে গ্যাল হু ১০৫।]

থোক বি ['স্তবক'—মূল (?); হি, ঠ, গু, অস °ক] ১ রাশি, সমূহ, সমষ্টি, মোট। "কিনিতে বণিক-দ্রব্য থোকে গেল ছয় বি.সু ৩৬। একেবারে থোকে। পঁচিশ টাকা দিতেই হবে ওকে।—প.কা ১৯। ২ গুচ্ছ, গোছ, থোকা। ৩ সমুদায়, সবগুলি (wholesale)। —কা বি [অস °কা] ১ স্তবক, গোছ। ২ থোলো (bunch)। "আম ফলে থোকা থোকা ম.ম ১৯৬। ৩ প্রজার নামীয় ওয়াশীল-বাকীর হিসাব ; করচা। [থোক টাকা—মোটা টাকা (lump sum)। থোকে বিক্রী (ঠ ঠোক বিকরী) —পাইকারী হিসাবে বিক্রয় (sale by wholesale)।]

থোকা দ্র 'থোক'।

থোড়, -র² বি [থুড—বৃক্ষস্কন্ধ (দেশী—প্রা.ম) ; হি থোর ; ঠ থোংট —বৃক্ষকাণ্ড ; মোচা (ঢাকা)] ১ কলাগাছের মধ্যস্থিত মোচায় সংলগ্ন দণ্ডবৎ অংশ। "থোর ক.চ ৪৪। কত কষ্টে মিলে এটে, নাহি মিলে থোড়।—ভা.চ ২২৬। ২ [অস থোর] ধানগাছের মধ্যস্থিত গর্ভশীষ। "থোড় তিরিশে। ফুলো বিশে॥—খনা। ৩ (অপ্র) কচি। "থোড় কলা বাদুড়ে খাইলে কলা ডাঙ্গর, নএ গো.চ ৩৪১ ; থোর কলা ৪৩৮। [থোড়াল—১ থোড়যুক্ত (কলাগাছ, ধান)। ২ স্থূল, মোটা। "থোড়াল থোড়াল গড়ন দা ১৩১৫।]

থোড়া বিং ['স্তোকপারা'—মূল (?) ; হি °ড়া ; ঠ °ডা ; গু °ড়ু ; প থহরা] অল্প, কম। —ড়ি বিং অল্প, একটু। "থোড়ি মোড়ি মুখ ঝাঁপলি অঙ্গ।—ব ৭৮। [থোড়াথুড়ি—অল্প-স্বল্প, কিছু-কিছু। "সন্ধ্যা গায়ত্রী জানিস থোড়াথুড়ি দা ৯৪০। থোড়া থোড়া—অল্প-অল্প। "বিষ দিল থোড়া থোড়া গো.চ ৪৭১।]

থোড়াল ; থোড়াথুড়ি, থোড়ি দ্র থোড় ; থোড়া'।

থোতা বিং [হি থোথা ; অপ্র] সারহীন, জ্ঞানশূন্য। "পোথা পড়ি কেহো, থোতা ভই সেহো, পণ্ডিতগরব করে চৈ.ম ৪৫।

থোপ বি [থুপ > °প ; ঠ থোংব ; অস °প] ১ (ভূষাস্বরূপ) গুচ্ছ, গোছা (tuft)। "পাট থোপ।—শ্রী.কী ৩১২। পাটের থোপ ক.চ ২০২,-৪৫ ; ম.ম ১০ ; বাঁশের আগায় থোপ ১৭২। পৃষ্ঠদেশে থোপ ঝুলে ম.ভা ৫। ধড়ার থোপ রা.শে ৩৬। থোপ-দেওয়া থঞ্জনি।—দা ৭১। সোণার মৃণনলে মতির থোপ দুলিতেছে ব.প্র ৩৮৫। ২ অশ্বের সজ্জাবিশেষ (?)। "শ্রী.মা ১২১, -৫৫। ৩ স্তূপ, ঝাড়। "বিন্নার থোপ গো.চ ৫ ; তৃন থোপ ২০২। ব.প ৩১। —পনা বি থোপ। "বসন্ত নাগে পৃষ্ঠের থোপনা ব.প ১৭৫ ; নাগের থোপনা ২৯৮ ; ঝাপাতে… থোপনা ৫৬৭। পাঠের থোপনা বা.ম ৭০ ; শ্রী ৪০ ; ভ.গ্র ৪৩৯ ; ন.প ৯৪। বাজু থোপনা-যোড়া দা ১৬৩৩। —পনি বি থোপ। "দোলয়ে …পাটের থোপনি।—জ্ঞা ৪৮। —পা বি [অস °পা] থোপ। "থোপায় পাটের থোপা ব.প ৫৬৫ ; ১১০০। বা.ম ৪৫ ; ৭০। পাটের থোপা ক.চ ১৬২ ; ম.ম ৭০। চম্পকের থোপা ম.পা ৯১। পাট° শ্রী ১২৫। মল্লিকার থোপা ভ.গ্র ৪৪০। পিঠে দোলে…থোপা চৈ.ম ৮২। [থোপা থোপা—গুচ্ছ-গুচ্ছ। "থোপা থোপা পুষ্প ব.প ৬৪২।]

থোপনা, থোপনি, থোপা দ্র 'থোপ'।

থোব বি [থাবা > °ব, তু 'থাবাথোবা'] ১ থাবার আঘাত। "সাপিনীরে দেয় 'থোবা' (পাঠান্তর 'থাবা'),…সাপিনী উঠি ধরে ফণা চ.দা ৩১। ২ [থোপ > °ব] স্তূপ, ঝাড় (clump)। "এক থোবের

বাঁশ গো.চ ১৮৪। —বা বি [থোপা > °বা] গুচ্ছ, থোকা। "চাবির থোবা।—হেম ৩৮০।

থোবনা বি [খোপনা > °না] (সাদৃশ্যে) থুতনি। "থাবা দিতে থোবনা ভাঙ্গিল ফলাঘায় শ্রী ৮৬।

থোবা দ্র 'থোব'।

থোর১ বিং [হি থোড়া > °ড় > °র ; মৈ থোড় ; বৈষ্ণবসাহিত্যে] ১ অল্প, কিঞ্চিৎ। "পীবই অধর সুধারস থোর রা.শে ৭৯। দয়া না হইল থোর ভ.গ্র ৩৮৯। ২ অল্প, ঈষৎ। "সই চাহনি মোহনী থোর চ.দা ২০। —র ক্রি.বিং ১ অল্প, ঈষৎ। "(উরজ) থোর থোর দরশায় বি.প ১২। থোর নয়ন যুগ থোল।—ব ১২৫। হেরল মোহে থোর জ্ঞা ৮৯। ২ ঈষৎ, অস্পষ্ট। "'পুরুখ' কহল ধনী থোর। রোধল কণ্ঠ থকিত রহু বোল॥—ব ৭৬। ৩ মৃদু, মন্দ। "মলয়ানিল বহত থোর ন.প ৯০। —রি বিং অল্প, ক্ষণিক। "থোরি দরশনে আশ না পুরল বি.প ১৪।—রি ক্রি.বিং ১ ঈষৎ, মৃদু। "অলখিতে হাসে হেরি বিহসলি থোরি বি.প ২৪। ২ অল্প, অসম্পূর্ণভাবে। "নীল কমলে মুখ রোপল থোরি জ্ঞা ৮৯। [থোর চাহনি—কটাক্ষ। "দ্র 'থোর' বিং (২)]

থোর২ দ্র 'থোড়'।

থোরি দ্র 'থোর'১।

থোল, -লো বি সর্থ 'থলো'। "আমের, জামের থোল। থোলো থোলো ফুল গাঁথা সা.ম ৫১। করবী থোলো থোলো রয়েছে ফুটি চ.কা ৫৫। চাবির থোলো হু ৬১।

থ্যাঁতলা সর্ম [থেঁতলা > °লা] সর্থ 'থেঁতলা'। "যেমন আমাদের থ্যাঁতলাও, তেমনি পেয়াদার পায়ে ধত্তে হচ্ছে অ.গ্র ১২৬।

দ

দ১ ত-বর্গের তৃতীয় বর্ণ এবং অষ্টাদশ ব্যঞ্জন ও স্পর্শবর্ণ। দ্র 'ক'১, ত'১।

দ২ বিণ [√দা+অ (ক)-ক ; স্ত্রী -দা] দাতা। "অগ্নি°, গর°, জল°, ভয়°, মান°। বারি°, অন্ন°, দীপ° মনু ৪.২২৯ ; ভূমি°, হিরণ্য°, গৃহ°, রূপ্য° ২৩০ ; বাসোদ, অশ্ব°, গো° ২৩১ ; ধান্য°, ব্রহ্ম° ২৩২। [সমাসে উত্তরপদ]। —পুং ১ দাতা। ২ পর্ব্বত।

দ৩ বি [সং হ্রদ > দ্রহ (স্থিতিপরিবৃত্তি) > প্রা দহ (হে ২.৮০) > বা দহ, দ ; হি দ(ডো)হ ; গু ডোহ ; অস 'দ'] নদীর গভীরজল স্থান। "কালীদ-সলিলোপরে ম.পা ১৩৩ ; কালীদ সাগরে ১৬৮। [দ পড়া—দ হওয়া। "গোড়ার কুটিতি দ পড়ে তো গেরামের নোক নেয়ে বাঁচে নী ৭। দয় মজা—দহে মগ্ন হওয়া ; অত্যন্ত বিনষ্ট হওয়া। দয়ে মজান —একেবারে সর্ব্বনাশ করা। "দা ২০৫৪।]

দআল বিং [দয়াল > °ল ; অপ্র] দয়ালু। "কৃ.উ ২৪৫।

দই বি [সং দধি > প্রা দহি > বা °ই ; হি, ঠ, গু, প, মৈ °হী ; সি ডহি ; ড় দহি (?)] দধি। [°কড়মা—দধিকরম্ভ, দধিসক্তু। "দইকড়মা ভোগ দিয়ে প্রতিমা নিরঞ্জন করা হলো হু ১৯৭। দ'য়ে বড়া—দধিতে পক্ক বড়ার ব্যঞ্জনবিশেষ।]

দইত্য বি [দৈত্য > °ত্য, দ্র 'ঐ'১ ; অপ্র] দৈত্য। "কৃ.উ ১২৩। শ্রী.ম ২৭৮।

দউ স.বিং [সং দ্বৌ > প্রা দো ; হি, মৈ দোউ ; বৈষ্ণবসাহিত্যে] দুই। "অবধি রহল দউ বানে বি.সা ১৬। নয়ন-নলিনী দউ বি.প ৫ ; অবধি রহল দউ বাণে ১০ ; দউ সারঙ্গ ২৮।

দএয়া বি [দয়া > °য়া (য়া > ইআ > এয়া) ; অপ্র] দয়া। "দএয়ার বধুএ ম.গা ৮ ; দএয়ার বন্দু ৯, ১৪ ; দএয়া আছে ১৯।

দওয়ান '-নো' বি [হি দরানা] মাড়ান, চটকান।

দং সর্থ 'দরুন'। "দং মাহিয়ানা হিসাব ৬৲। দং ১০ই রোজ ৭৲।

দংশ১ পুং [√দন্‌শ্‌+অ (ঘঞ্‌) -ভা] ১ দংশন, দন্তক্ষত। "দন্ত° গী.গো ১০.১১। দুর্হৃ করু দংশ গো ১৫৪। ২ সর্পদংশন, সর্পক্ষত। সুশ্রুত ৫.৫.২। ৩ খণ্ডন (S.W.)। ৪ দোষ, মণির দোষ। ৫ [+অ (অচ্‌)-ক] বনমক্ষিকা, ডাঁশ। "রা ২.২৫.১৮। মনু ১.৪০,-৫। "°নিবারণৈশ্চ রঘু ২.৫। শি ৭৭। ৬ বর্ম্ম। "বিশীর্ণ° ভ ১.৯.৩৮। ৭ [+অ-ণ] দন্ত। "সবিষশ্চ দংশ উ.চ ৩.৩৬। ৮ মর্ম্ম (?)। —শক বিণ [+অক (ণ্বুল্‌) -ক ; স্ত্রী -শিকা] দংশনকারক। "কালফণী দুরন্ত দংশক।—মে ৯৮। —শক পুং ১ দংশ, ডাঁশ। ২ মক্ষিকা। ৩ কুক্কুর। —শন ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] ১ দন্তখণ্ডন, কামড়ান, হুল ফুটান। ২ [+অন-ক] বর্ম্ম। "মহা ৮.৫৭.৯।

দংশ২ সর্ম [সং √দন্‌শ্‌ > প্রা √দংস, '-শ' (মাগধী) ; তু 'দশইতে'—দংশিতে (প.ক)] ১ দংশন করা ; কামড়ান, কাটা। "সাপ বুকেতে দংশিল।—কৃ ১১ ; বিষদন্তে দংশিল এ কালভুজঙ্গিনী ৯৩। দংশিল ম ৩৪। দংশিল কাম অহি বি.সু ৪৪। ভা.চ ৪০৩। দংশে সর্প। —মে ১৯৮। ২ দংশনের ন্যায় ব্যথা জন্মান। "বংশী দংশিল মোর কাণে চ.সা ১২৩। ৩ পীড়িত করা। "এক জনে দংশিয়া দংশিলি তিন জনে কৃ ১০২।

দংশিত বিণ [দংশ+ইত (ইতচ্‌)] ১ 'সঞ্জাতদংশ', ধৃতকবচ, সন্নদ্ধ। "খরং যুদ্ধায় দংশিতম্‌।—গো.রা ৩.৩০.৪৫। মহা ৩.১৬৯.১৪। দংশিত উগ্রধন্বা ভ ১.৭.১৭ ; ১০.৫৪.১। ২ ভাসমান (নীলকণ্ঠ), দীপ্যমান। "মহা ৪.৪২.২ ; ৪। ৩ সুরক্ষিত, সুগুপ্ত। ৪ [√দন্‌শ্‌+ই (ণিচ্‌) স্বার্থে+ত (ক্ত) -র্ম্ম] দন্তখণ্ডিত, জাতদংশ, দষ্ট (মেদিনী)। "সর্প°। —হেম ১১৫। শৃগালদংশিত সিংহবৎ ব.প্র ৯৭ ; দংশিতাধরা ১৬৮। —ত ক্লী [+ত-ভা] দংশন। "জাত° (S.W.)।

দংষ্ট্রা স্ত্রী [√দন্‌শ্‌+ত্র (ষ্ট্রন্‌)-ণ+স্ত্রী আ (টাপ্‌), পা ৬.৪.১৪৯, সি ; ছান্দস 'দংষ্ট্র'] স্থূলদন্তবিশেষ, দাঢ়া। "ভগ্নদংষ্ট্র (উরগ)।—রা ১.৫৫.৯। দংষ্ট্রাকরাল (মুখ) গী ১১.২৫। °ময়ূখ রঘু ২.৪৬। (যন্ত) দংষ্ট্রায়াং ধরণী সা.দ ১০। হি ১.১০৫। —ষ্ট্রী (-ষ্ট্রিন্‌) বিণ [°ষ্ট্রা+ইন্‌ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ষ্ট্রিণী] দংষ্ট্রাযুক্ত। —ষ্ট্রী পুং ১ শূকর। ২ সর্প। ৩ দংষ্ট্রাযুক্ত পশুমাত্র। [দংষ্ট্রায়ুধ (পুং)—বন্যবরাহ। দংষ্ট্রাল (বিণ) —দংষ্ট্রাযুক্ত, দাড়াল। "গো.রা ৫.১২.১৬।]

দঁক বি [সং দক (উদক) ; অপ্র] সজল কর্দ্দম ; পাতলা কাদা। "দঁকে পড়িয়া…কর্ত্তার যে বেশ হইয়াছিল, তাহা কি বলিব আ.দু ১১৭।

দক বি [হি দহক—জ্বালা] তামাক ইত্যাদির তেজ বা কটুতা। "চূণের, তামাকের দক।

দকখিন বিং [সং দক্ষিণ > প্রা দক্‌খিণ, হি দক্‌খিন ; অপ্র] দক্ষিণ-দিগ্‌-বর্ত্তী। "দকখিন দেশি বাঙ্গাল গো.চ ৩।—ন বি দক্ষিণ দেশ। "গো.চ ৩। —খিনা বি [সং দক্ষিণা > লি, প্রা দক্‌খিণা > বা °না ; অপ্র] দক্ষিণা। "গো.চ ১৪৮। [দক্‌খিন পাটন—দক্ষিণ দেশ ; সিংহল। "গো.চ ২৬৫।]

দক্ষ্‌ অক [ভ্বা, ঙ—দক্ষতে ; সেট্‌] ১ শীঘ্রকরণ। ২ বৃদ্ধি। —ক্ষ্‌ সক গতি ; বধ (ক.ক)।

দক্ষ বিণ [√দক্ষ্‌+অ (অচ্‌)-ক ; ছান্দস] ১ পটু, কুশল, চতুর। "ক্রিয়া° (রা)। গৃহকার্য্যেষু দক্ষয়া।—মনু ৫.১৫০। দোহ° কু.স ৯.২। ২ অনলস ; সদ্যঃপ্রতিপত্তিসমর্থ। "গী ১২.১৬। ৩ শীঘ্রকারী। "যাজ্ঞ ১.৭৬। ৪ বামেতর, দক্ষিণ। "যস্য…দক্ষভাগে চ লক্ষ্মণঃ (A.)। দক্ষ অঙ্গ।—ব.প ৫৮৬,-৭। দক্ষহস্ত শি ১০৪। বা.দ ১৩৬। —ক্ষ পুং ১ প্রজাপতিবিশেষ। [ব্রহ্মার দক্ষিণ অঙ্গুষ্ঠ হইতে ইঁহার জন্ম ; এই জন্য নাম 'দক্ষ'। প্রসূতি ইঁহার ভার্য্যা। প্রসূতির ষোড়শ কন্যা ; কনিষ্ঠা সতী শিবপত্নী (ভ ৪.১ম অধ্যায়)। তদ্ভিন্ন ইঁহার অন্য কন্যা-গণের মধ্যে সপ্তবিংশতি কন্যা চন্দ্রের এবং অদিতিদিতি প্রভৃতি

ত্রয়োদশ কন্যা কশ্যপের পত্নী (মহা ১.৬৫তম অধ্যায়)। ইনি এক মহাযজ্ঞের অনুষ্ঠান করিয়া শিব ও সতীকে নিমন্ত্রণ করেন নাই। সতী অনিমন্ত্রণে পিতৃগৃহে আসিয়া দক্ষের শিবনিন্দা হেতু দেহত্যাগ করিলে, শিব দক্ষালয়ে আসিয়া যজ্ঞধ্বংসপূর্ব্বক যজ্ঞভাগ গ্রহণ করেন (ভ ৪.৫)। শিবের বরে দক্ষশীর্ষ প্রজাপতির ছাগমুণ্ড হয় (ভ ৪.৭)। মতান্তরে, শিব যজ্ঞনাশে উদ্যত হইলে, যজ্ঞ মৃগরূপে পলায়ন করে (শ ১.১)। মৃগের অনুসরণকালে শিবের ললাটচ্যুত স্বেদবিন্দুতে জাত এক ভীষণ পুরুষ যজ্ঞকে নিহত করে (মহা ১২.২৮২তম অধ্যায়)। ২ অগ্নি। ৩ শিববৃষ। ৪ শিব। ৫ বিষ্ণু। ৬ সংহিতাকার মুনি-বিশেষ। "যাজ্ঞ ১.৫। ভা.চ ১৩২। ৭ দক্ষিণভাগ, ডান পাশ। ৮ নৈপুণ্য, পটুতা। ৯ দক্ষিণনায়ক (A.)। ১০ কুক্কুট। —ক্ষ ক্লী বীর্য্য। —ক্ষা স্ত্রী ১ পৃথিবী। ২ গঙ্গা। [°কন্যা, °জা (স্ত্রী) —১ 'দক্ষসুতা', দুর্গা। ২ অশ্বিন্যাদি নক্ষত্র। °ক্রতু, °যজ্ঞ (পুং) —দক্ষকৃত শিবভাগহীন যজ্ঞ। °জাপতি (পুং)—চন্দ্র; শিব। °বালা (বি)—অশ্বিন্যাদি নক্ষত্রগণ। "°বালাদলে মে ৩৬। °সাবর্ণি (পুং) —নবম মনু। 'ভ ৮.১৩.১৮। °যজ্ঞবিনাশিনী (স্ত্রী)—দুর্গা। °যজ্ঞ-প্রভঞ্জন (পুং)—শিব। দক্ষাধ্বর (পুং)—দক্ষযজ্ঞ। দক্ষাধ্বরধ্বংসক (পুং)—শিব; বীরভদ্র।]

দক্ষা দ্র 'দক্ষ'।

দক্ষিণ বিণ [√দক্ষ্ + ইন (ইনন্)-ক, উ ২.৫০ ; ছান্দস ; স্ত্রী -ণা] ১ কুশল, নিপুণ। "দক্ষিণা গাথকাঃ পা ১.১.৩৪, সি। ২ সরল, অকপট। ৩ উদার, উন্নত, মহান্। ৪ পরচ্ছন্দানুবর্ত্তী, অন্যের অভি-প্রায়ানুবর্ত্তী। "সীতা প্রকৃতিদক্ষিণা (রা)। ৫ অবাম, সব্যেতর। "উদ্ধৃতে দক্ষিণে পাণৌ মনু ২.৬৩। রে হস্ত দক্ষিণ উ.চ ২.১০। শ্রী.কী ২৬১। ৬ [°ণা + অ (অচ্) অস্ত্যর্থে] দক্ষিণদিগ্‌বর্ত্তী, দক্ষিণ-দিগ্‌ভব। "দক্ষিণেন চ মার্গেণ রা ২.৯২.১৩। মনু ৫.৯২। বিবস্বানিব দক্ষিণঃ রঘু ৪.৮। ক্ষৌণীভৃতো দক্ষিণাঃ উ.চ ২.২৮। দক্ষিণসাগর শ্রী.কী ২৩৭। দক্ষিণ পাটন ক.চ ২২৫। ৭ দক্ষিণপার্শ্বস্থ, ডাহিন। ৮ অনুকূল (রুদ্র)। "রুক্মিণী দেবীর যেন দক্ষিণ স্বভাব চৈ.চ ৩০৩। ভ.গ্র ৩৭৫। —ণ পুং [Cf., Gr. dexia] ১ সব্যেতর হস্ত ; ডান হাত। ২ রথের দক্ষিণপার্শ্বস্থ অশ্ব। ৩ দক্ষিণাগ্নি। "মাতাগ্নির্দক্ষিণঃ স্মৃতঃ মনু ২.২৩১। ৪ বিষ্ণু। ৫ শিব। ৬ নায়কবিশেষ। 'সা.দ ৩.৩৫। ভা.চ ১০০। "ভা.চ ৩৬৪। ৭ (বাঙলায়) দক্ষিণ দিক্। —ণ পুং, ক্লী ১ দক্ষিণ পার্শ্ব। "দেশোঽয়ং দক্ষিণে দক্ষিণাপথঃ মহা ৩.৬১.২৩। ২ দাক্ষিণাত্য। —ণ ক্লী (তন্ত্রে) আচারবিশেষ, দক্ষিণাচার। [°কালিকা (স্ত্রী) —শিবহৃদয়ে ন্যস্তদক্ষিণপাদা কালিকাদেবী। °দিক্ (-শ্) (স্ত্রী)—মেরুর বিপরীত দিক্ (ত.বা)। °পশ্চিমা (স্ত্রী)—দক্ষিণ ও পশ্চিম দিকের অন্তরাল দিক্, নৈর্ঋত কোণ। °পূর্ব্বা (স্ত্রী)—দক্ষিণ ও পূর্ব্ব দিকের অন্তরাল দিক্ ; অগ্নিকোণ। °প্রয়াগ (বি)—হুগলিজেলাস্থ ত্রিবেণী। "পুনশ্চ ত্রিবেণী হৈলা, দক্ষিণপ্রয়াগ কৈলা, ত্রিবেণীতে ত্রিলোকতারিণী ভা.চ ৫১২। °মার্গ (পুং)—১ (তন্ত্রে) দক্ষিণাচার। ২ পিতৃযান। °সমুদ্র (পুং)—দক্ষিণদিগ্‌বর্ত্তী লবণসাগর। °স্থ (পুং)—রথীর দক্ষিণ পার্শ্বস্থ সারথি। দক্ষিণ পাটন—সিংহলরাজ্য। "ক.চ ১৮৮। দক্ষিণে কালী—সর্থ 'দক্ষিণকালিকা'। "দা ২৩২। দক্ষিণে হাওয়া—দক্ষিণ হইতে প্রবাহিত বায়ু।]

দক্ষিণা স্ত্রী [√দক্ষ্ + ইন (ইনন্)-ণ + স্ত্রী আ (টাপ্) ; যদেনং দক্ষিণাভিরদক্ষয়ংস্তদ্দক্ষিণা নাম (শতপথ, মহা ৩.৪৩.৬, নীলকণ্ঠ) ; ছান্দস] ১ যাহা দ্বারা যজ্ঞে দক্ষ হয় ; যজ্ঞাদি বিধিতে তদন্তে বিহিত দান ; যজ্ঞাদিবিধিদান। "সহস্রদক্ষিণ।—ঋগ্বেদ ১০.৩৩.৫। সর্ব্বস্বদক্ষিণ রঘু ৪.৮৬। হুতো যজ্ঞস্তদক্ষিণঃ। —চাণক্য। ২ ব্রহ্মচর্য্যান্তে শিষ্যের দেয় গুরুপ্রার্থিত ধনাদি। "গুরু-দক্ষিণার্থী রঘু ৫.১। ভাল দিলি গুরুর দক্ষিণা কৃ ৬৯। ৩ দানক্রিয়া (কুল্লুক), দান (মেধাতিথি)। "মনু ৩.১৪১। দেহি মে প্রাণদক্ষিণাম্ ; রতি°, অভয়° (পঞ্চ—S.W.)। ৪ যজ্ঞপত্নী। দ্র 'ভ ৪.১.৩-৬। "অধ্বরস্যেব দক্ষিণা রঘু ১.৩১। ৫ দক্ষিণদিক্। ৬ দক্ষিণদিগ্‌বর্ত্তী দেশ ; দাক্ষিণাত্য। ৭ প্রতিষ্ঠা। ৮ পয়স্বিনী গবী। ৯ নায়িকা-বিশেষ। 'যা গৌরবং ভয়ং প্রেম সদ্ভাবং পূর্ব্বনায়কে। ন মুঞ্চত্যন্য-সক্তাপি সা জ্ঞেয়া দক্ষিণা বুধৈঃ॥ "দক্ষিণে আমারে দেহ দক্ষিণে বিদায় ভা.চ ৪৪৬। —ণা ব্য [°ণ + অ (অচ্) সপ্তম্যর্থে] দক্ষিণ দিকে বা ভাগে। "দাক্ষিণাত্য।

দক্ষিণাগ্নি পুং [দক্ষিণ অগ্নি, কর্ম্মধা (রামাশ্রমী) ; ষ.ত (অ.টী)] অনুকূল অগ্নি ; দক্ষিণদিকের অগ্নি, অগ্নিত্রয়ের একতম। দ্র 'আহ-বনীয়'। "ভ ৪.৪.৩২।

দক্ষিণাচল পুং [কর্ম্মধা] দক্ষিণস্থিত পর্ব্বত ; মলয়।

দক্ষিণাচার বিণ [দক্ষিণ আচার যাহার, বহুব্রী] শিষ্টাচারসম্পন্ন। "মহা ৪.৫.২৬। —চার পুং তান্ত্রিক আচারবিশেষ। 'স্বধর্ম্মনিরতো ভূত্বা পঞ্চতত্ত্বেন পূজয়েৎ। স এব দক্ষিণাচারঃ শিবো ভূত্বা শিবাং যজেৎ॥

দক্ষিণান্ত বি [দক্ষিণাবান্—দক্ষিণাবন্ত > °ন্ত (?)] দক্ষিণাযুক্ত, দক্ষিণাদানপূর্ব্বক সমাপ্ত (যজ্ঞ)। "দক্ষিণান্ত করি রাজা খোলে যোগ-পাটা শ্রী ২০৪।

দক্ষিণাপথ পুং [দক্ষিণা পন্থা, সমাসান্ত 'অ' অলুক্] দাক্ষিণাত্য দেশ। "দেশোঽয়ং দক্ষিণে দক্ষিণাপথঃ মহা ৩.৬১.২৩। [°পথিক (পুং) —দক্ষিণাপথের রাজগণ ও অধিবাসিগণ।]

দক্ষিণাপ্রবণ বিণ [স.ত] দক্ষিণদিকে নিম্ন ; দক্ষিণাদিগবনত (দেশ)। "মনু ৩.২০৬। যাজ্ঞ ১.২২৭।

দক্ষিণাবর্ত্ত বিণ [দক্ষিণে আবর্ত্ত যাহার, বহুব্রী] ১ যাহার দক্ষিণ-ভাগে আবর্ত্ত ; দক্ষিণে আবর্ত্তযুক্ত (শঙ্খ)। "°শঙ্খ সা.দ ৩$\frac{১৪৩}{১৪৪}$। °শঙ্খ ক.চ ১২৫ ; ২৯১। ২ দক্ষিণদিকে আবৃত্ত ; দক্ষিণদিকস্থ। ৩ দক্ষিণা-ভিমুখশিখাযুক্ত (অগ্নি)। "দক্ষিণাবর্ত্তো বহ্নিঃ। —বর্ত্ত পুং দাক্ষিণাত্য।

দক্ষিণাবান্ (-বৎ) বিণ [°ণা + বৎ (বতুপ্) অস্ত্যর্থে -১ব ; ছান্দস] দক্ষিণাযুক্ত (যজ্ঞ)। "দক্ষিণাবান্ (রাজসূয়ঃ) মহা ১.১.৩০ ; ৩.৬৪.৪৫।

দক্ষিণাভিমুখ বিণ [স.ত] দক্ষিণদিকে অভিমুখ ; দক্ষিণদিঙ্মুখ। "প্রয়াতো দক্ষিণামুখঃ রা ৩.৬৯.১৫। মনু ২.৫২।

দক্ষিণামুখ বিণ [বহুব্রী] দক্ষিণাভিমুখ। "যাজ্ঞ ১.১৬।

দক্ষিণামূর্ত্তি পুং [বহুব্রী] 'অনুকূলমূর্ত্তি', শিবমূর্ত্তিভেদ।

দক্ষিণায়ন ক্লী [স.ত] ১ সূর্য্যের দক্ষিণদিকে গমন। ২ দক্ষিণায়-নোপলক্ষিত কাল ; শ্রাবণাদি ষণ্মাসকাল (অ.টী) ; 'কর্কটাবস্থিতে ভানৌ দক্ষিণায়নম্ (winter solstice)। দ্র 'উত্তরায়ণ'।

দক্ষিণারণ্য ক্লী [উ.লো] দক্ষিণাস্থিত বন ; দণ্ডকারণ্য। "°প্রবেশা-রম্ভ উ.চ ১$\frac{২}{৫}$। হি ১$\frac{৪}{৫}$। °প্রবেশ সী ৯।

দক্ষিণাহি ব্য [°ণ + আহি দূরার্থে, সপ্তমীস্থানে] দূরস্থ দক্ষিণভাগে। "দক্ষিণাহি গ্রামাৎ (সি)।

দক্ষিণীয় বিণ [°ণা + ঈয় (ছ) ; ছান্দস] দক্ষিণাযোগ্য, দক্ষিণার্হ। "দক্ষিণীয়ৈর্দ্বিজাতিভিঃ হ ৪৯.৭৬।

দক্ষিণেন ব্য [°ণ + এন (এনপ্) অদূরার্থে, সপ্তমীস্থানে] অদূরে দক্ষিণদিকে বা দক্ষিণদেশে ; দক্ষিণগায়। "গো.রা ৩.১৫.৩৯। দক্ষিণেন বৃক্ষবাটিকাম্ আলাপ ইব শ্রূয়তে শ ১$\frac{১}{১৬}$।

দক্ষিণের্ম্মা (-র্ম্মন্) বিণ [দক্ষিণে ঈর্ম্ম যাহার, বহুব্রী, সমাসান্ত অন্ (অনিচ্)-১ব] ব্যাধশরে দক্ষিণভাগে ব্রণযুক্ত ; ব্যাধকর্ত্তৃক ব্রণিত-দক্ষিণাঙ্গ (মৃগ)। "ভট্টি ৪.৪৪।

দক্ষিণ্য বিণ [°ণা+য (যৎ) ; ছান্দস] দক্ষিণার্হ। "ভট্টি ২.২৯।

দখল বি [আ দখ্ল্] ১ অধিকার, আয়ত্ততা। "E.P. 44. ২ কোন বিষয়ে বিশেষ জ্ঞান ; ব্যুৎপত্তি। "(জানি) লেখাপড়ায় যেমন দখল দা ৭০০। ৩ মহল। "হাড়িপাএ দখলেতে গেল গো.চ ৩৭০। [দখল-নামা—দখল দেওয়ার দলিল। দখলী—দখলসম্বন্ধী, অধিকারজন্য (স্বত্ব)। দখলীকার (আ দখ্লীকার্)—অধিকারী। বাহির, বাহিরের দখল—সদর মহল ; বাহির বাটী। "ম.ম ৫৬ ; শিব দুর্গা বলি গেল বাহির দখলে ১১৯ ; বাহির দখলে দেখে চান্দের দেয়ান ২২৮। বাহিরের দখল গো.চ ১৩৯।]

দখিন বি [সং দক্ষিণ > লি, প্রা দক্খিন > বা °ন ; হি দক্খিন, °ন ; প দক্খিণ ; মৈ °ন ; সি ডখিণু ; পদ্যে] দক্ষিণদিক্। —ন বিং ১ দক্ষিণ-পার্শ্বস্থ, ডাহিন। "দখিন করে ন.প ১৫০। ২ দক্ষিণদিকে আবৃত্ত। "দখিন-মুখেতে উপনীত শূ ১১১। ৩ দক্ষিণদিক্ হইতে প্রবাহিত। "দখিন পবন বহে বি.প ১৯৬। দখিন পবন ভেল বাম (প.ক)। দখিন হাওয়া। —রবীন্দ্র। ফুলজাগানো দখিন হাওয়া কু.কে ৩৭। ৪ দক্ষিণদিক্স্থিত। "দখিন ঘাট।—শূ ১০৪। [দখিনান্ত (অপ্র)—সর্থ 'দক্ষিণান্ত'। "শূ ৬৭।]

দগড়, -র বি [সং দ্রগড় ; হি °ড় ; ঠ °ড—শিলা ; অস °র] যুদ্ধের বড় ঢোল। "দগড়ে রগড় দিতে লক্ষ লক্ষ কাঁসী কৃ ২৭০। ম ৭৪৭। দগর গুড়িগুড়ি শ্রী.ম ১৬৮। °র ম.পা ২৬ ; ৩১ ; ৫৪। —ড়ী বি ছোট দগড়। "দগড়ী দগড় শ্রী ১৪৬।

দগদ, -ধ সর্ম [দগ্ধ > (স্বরাগমে) °ধ, -দ ; পদ্যে] দগ্ধ করা ; সন্তপ্ত করা ; পোড়ান। "রমণীর কান্দন, দগদে রাজার মন ম.পা ২৬। দগধল স্থাবর জঙ্গম গো ৫৫। (কুচযুগ) অনুখন দগধই তাই।—ব ১৯৩। [দগধিনী, -লী [দগধ+ইনী ; দগধ+ইল+ঈ, বৈষ্ণবসাহিত্যে) —দগ্ধা, সন্তপ্তা, জ্বলিতা। "দগধিলী রাধা জীএ তোর দরশনে শ্রী.কী ৩৭৮ ; দগধিনী ভৈলী তোহ্মার শরণে ৩৭৯ ; ব.প ৯৬৮।]

দগদগ বি ['দহদহ'—মূল (?) ; হি দগদগ—উজ্জ্বল] ১ দীপ্তি, প্রকাশ। "গুল্ফের উপরেতে শোভে গোটামল। দগদগ করে দুটী চরণকমল॥ —শি ১৬। ২ উজ্জ্বলভাবে বা সুস্পষ্ট প্রতীয়মান ভাব। "অবিরত অভিমত, আদর যত যত, দগদগ করয়ে পিরীত জ্ঞা ১৭৬। —দগ ক্রি.বিং উজ্জ্বলভাবে। "এ দুঃখ আমার চিতে দগদগ জ্বলে শ্রী.মা ১৪। —দগি, -গী বি ১ সতত দগ্ধ হওয়ার যন্ত্রণা ; জ্বালা, দাহ, সন্তাপ। "হিয়া দগদগি, পরাণ পোড়নি, কি দিলে হইবে ভাল চ.দা ৫৬। হিয়া দগদগি, পরাণ পোড়য়ে জ্ঞা ৮৪। এই দগদগি রইল, ফিরে আর না হইল দেখা শ্রী.মা ১৬২ ; ২০৭,-৯। ২ ক্ষুধাজ্বালা। "হিয়ে দগদগী অন্তরে ভোক ক.চ ৪৪। —দগি বিং সন্তপ্ত, পীড়িত। "মৈলাম লাজে মিছা কাজে দগদগি হৈনু চ.দা ৮৩। —দগে বিং [°দগ+এ[৭] ; অস দক-দকীয়া] উজ্জ্বল, দীপ্ত (আগুন) ; তাজা (ঘা)। দগদগানি—জ্বলনি, পোড়নি। দগদগে ঘা—পোড়া ঘাএর মত তাজা ঘা।]

দগদগি, -গী, দগদগে ; দগধ দ্র 'দগদগ ; দগদ'।

দগর দ্র 'দগড়'।

দগ্ধ[১] বিণ [√দহ্+ত (ক্ত)-র্ম] ১ কৃতদাহ, ভস্মীকৃত। "মনু ৮.১৮৯। °যোনিরিবানলঃ ভ ৭.১২.৩১। সর্ব্বং চ দগ্ধমামিষম্ (S.W.)। শোক-দহনে °হৃদয় সী ২৩। ২ তপ্ত, পীড়িত। "পরাবজ্ঞাদুঃখ° মাঘ ২.৪৫। হা দগ্ধোঽস্মি।—কাদ ৬২। ৩ ম্লান, রুচিহীন। "দগ্ধানন।—অমরু ২৪। ৪ অপাকৃত, নিরস্ত। "°কিল্বিষ মহা ৩.১০৮.৪। ৫ নিঃস্বাদু, নীরস (A.)। ৬ পাপ, হত, জঘন্য, পোড়া। "°জঠর (S.W.)। দগ্ধোদর হি ১.৭০। °দেহ উ.চ ৪[৬]। হা দগ্ধ কলেবর!—সী ৪৫। দগ্ধ মন্মথ।—কাদ ৫৪,-৬। ৭ অগ্নিবিশোধিত। "দগ্ধ হেম।—চৈ.চ ১৯। ৮ বিদগ্ধ, রসিক। ৯ (জ্যোতিষে) অশুভ। "°যোগ। ১০ (বাঙলায়) পোড়া, গালি। "হা দগ্ধ বিধাতা রে!—হেম ২৯১। —গ্ধ স্ত্রী [+ত-ভা] ১ দাহ, ভস্মীকরণ। ২ বারভেদযুক্ত নক্ষত্রভেদ। —গ্ধা স্ত্রী ১ বারভেদযুক্ত তিথিভেদ। ২ সূর্য্যাধিষ্ঠিত দিক্। [°কাক (পুং)—দ্রোণ, দাঁড়কাক। দগ্ধেষ্টকা (স্ত্রী)—ঝামক, ঝামা ইট।]

দগ্ধ[২] সর্ম [দগ্ধ > °গ্ধ ; অপ্র] ১ দগ্ধ করা ; পোড়ান। "অনলে যেন দগ্ধে শরীর ম.ম ২০। দাবাগ্নিসদৃশ তোরে দগ্ধিবে..., সে রোষ মে ২০৯। দগ্ধি মারে স্ব.প্র ৬৬। ২ পীড়িত করা। "কামে দগ্ধায় শরীর ম.ম ১১৮। [দগ্ধান—পোড়ান, নিপীড়ন।]

দঙ্গল বি [হি, ঠ দংগল] দল। "বাবুরা দঙ্গল বাঁধিয়া বাহির হন আ.হু ৬৭ ; নব বাবুদিগের দঙ্গল ১১৫।

দজ্জাল বিং [আ °ল্] মিথ্যাবাদী, দুর্বৃত্ত, দুষ্ট, বেইমান।

দড়, -ঢ় বিং [সং দৃঢ > প্রা দঢ] ১ দৃঢ়, শক্ত। "কষিয়া বান্ধিয়া দড় করে টুয়া ম.ম ১৬৮। শতেক বাঁধনে পোয়াল দড়—প্রবচন। ২ সত্য, নিশ্চিত, ঠিক। "এ কথা দঢ় বি.প ১৫১। কহিলাম দড় ম ২১৮। কহি দড় মী ১৩ ; গো.বি ৬৩। ক.চ ১৪৯। দড় কথা দু ৫৬। শ্রী.মা ৫০। জানিলাম দঢ় ভা.চ ৩৪২। ৩ নিপুণ, কুশল, পাকা। "কাণ্ডারি নাহিক দড় পাতোয়ান খসে মী ২৩। গৃহকর্ম্মে বধু দঢ় ক.চ ৪৮। আটে পীঠে দড় ভা.চ ৫৩৫। অশ্বচালনায় দড়।—রঙ্গ ৬। ৪ প্রচণ্ড। "সইশ্চাএ না গেলে খাইবা দড় বাড়ি মী ১৭। ৫ অব্যর্থ, অবশ্যম্ভাবী। "দৈবের নির্ব্বন্ধ দঢ় ক.চ ৪৬। ৬ নীরস। "দঢ় ব্যঞ্জন ক.চ ২৬ ; ১১৯। ৭ অবিচলিত। "দন্ত দেখে দড় শ্রী ১২২। ৮ রাগী, কড়া। "দঢ় ভাতার হৈলে উহার নাকে দিত পদ ক.চ ১৫৪। ৯ আসিদ্ধ, ডাঁটো। "দড় ভাত (চৈ.চ)। ১০ অতিশয়। "নির্দ্দয় তুমি দঢ় চৈ.ভা ২৫৫। কথা দড় দড় বি.সু ৬৩। সিদ্ধিতে নিপুণ দড় ভা.চ ৩৮। ১১ কঠোর। "তপস্যা করিব দড় অ.প ৬। শেষে প্রভু কথাখানি কহিলেন দঢ় চৈ.ভা ২৮৩। ১২ নীরোগ, সুস্থ। "বৈদ্য আনিয়া দড় করিব তোমারে কৃ.অ ৭। কৃ.উ ৬১,-২ ; ১১৪। ম.ম ২১৭। রোগী কর দঢ়।—চৈ.ভা ৭২,-৩। ১৩ গভীর-নিখাত। "দড় করিয়া রোপিয়া গোড়া করে টান ম.ম ১৭৫। ১৪ সুরক্ষিত। "চকি ঘাটি দড় কৈল গো.বি ৩০। ১৫ শক্ত, অশিথিল। "দড় করি ধরিও কাণ্ডার ম.ম ১৩৮। ১৬ আড়ম্বরযুক্ত। "মেঘের গৰ্ত্তিক দড় ম.ম ১৩৯। ১৭ সমর্থ। "কার্য্যে দড় হৈল শিশুগণ চ.বি ২৪। ধরি লৈতে...কেবা হবে দড় ভা.চ ৫৩৫। ১৮ স্থির, ঠিক। "না দংশিব নখীন্দর মনে কৈল দড় বি.পা ৩১৪। শ্রী.মা ২১। ১৯ একাগ্র। "মন দড় করি ভজ দু ৫১। ২০ বলবান্, মজবুত ; যুবা বা যুবতী। "দড় ছিনু যখন তখন ছিনু দড় ভা.চ ৫৩৫। ২১ স্থির, শান্ত। "চারি মাস দঢ় কর হিয়া ক.চ ২৮২। ২২ সংযত। "মন হয় দড় শ্রী ৯১। ২৩ অটল। "দঢ় পণ ব.প ১৪৯৪। —ড়, -ঢ় ক্রি.বিং ১ নিশ্চিত, ধ্রুব। "না দিবেক ঘোড়া দঢ় অল্প সময়ে অ.প ১৯। দঢ় বল কিবা পণ ব.প ১৪৮৩ ; দঢ় চন্দ্র নহে ১৫০৭। ২ দৃঢ়ভাবে। "দ্বারদেশে দিল দড় দারুণ কপাট শ্রী ২২৩। ৩ সুস্পষ্ট, কড়া। "তাহারে পাঠাও যে বলি রে দড় বড় কৃ ২৪৭। ৪ সাংঘাতিক, গুরুতর। "কিলায় পাছে দঢ় চৈ.ভা ৮৯। ৫ প্রচণ্ডভাবে, চড়া। "জ্বাল দিয়াছে দঢ় ক.চ ১৪২। ৬ অশিথিল, আঁটো। "কসনি কোমর দড় পাগ তথি বেড়া ব.প ৪২৯। ৭ [দড়বড় > দড়] শীঘ্র। "দঢ় যাইবে মধুপুরী শ্রী.ম ১১৭। চাহে বীর যত, দড়ে রড়ে জড় সবে হয়ে মে ৮৯। [দড়দড়—অতিশীঘ্র, তখনই। "দড়দড় হুকুম হইল শ্রী ৮০। বি.সু ৪৬,-৭। ভা.চ ৬৭৪। শি ৮০। দড় বেলা (অপ্র)—শক্তির সময় ; যৌবন। "ভা.চ ৫৩৫। কথার দড়—কথার স্থিরতা। "ম.ম ১১১।]

দড়কা দ্র 'ভড়কা'।

দড়বড় ক্রি.বিং [প্রা দডবড (প্রা.ল, Appendix 47)—শীঘ্রার্থে] শীঘ্র। "শ্রী.মা ১৬ ; দড়বড় ধাবিয়া ঘোড়া ১২৭। দড়বড় কোমর কষিছে ব.প ৪৩৬। দড়বড়...উপস্থিত শি ১৪ ; ২০ ; ৭০,-১। (মিয়া) দড়বড়

রড় দিলা ভা.চ ৪৯৫,-৯৯। রঙ্গ ৬। —বড়ি বি ১ শীঘ্রতা, ত্বরা। "শুভ কথা শুনিয়া শুঁড়ির দড়বড়ি শ্রী.মা ১১১; দেশে যাব বলিয়া হইল দড়বড়ি ২১৫। ২ [ধ্বন্যাত্মক] দ্রুত ধাবনশব্দ। "অশ্বের দড়বড়ি শ্রী.মা ১৫। অশ্ব দড়বড়ি ভা.চ ২৬৬। ঘোড়া° মে ৯৫। —বড়ি ক্রি.বিং শীঘ্র। "উঠে দড়বড়ি কৃ ২১১। পলায় দড়বড়ি ক চ ২৫; ৫২। শ্রী ১২৫। ম.ভা ১৫। শি ৯৮। দড়বড়ি চড়ি ঘোড়া ভা.চ ২৬৫। ৩ কঠিন দ্রব্যের ঘাত-প্রতিঘাত-শব্দ। "শত শত মুণ্ড পড়ে শুনি দড়বড়ি ম ৭৫৫।

দড়বড়ি দ্র 'দড়বড়'।

দড়মড়ি বি [দল-মল > °ড়ি; অপ্র] ১ 'দলন-মর্দ্দন', পরস্পর দলন-পেষণ বা ডলা-মলা। "দুইজনে মহাযুদ্ধ আছিল দড়মড়ি ম.বি ২৯; দুই সিংহ যেন গুহায় দড়মড়ি ২০৪। ২ [ধ্বন্যাত্মক] ঘাত-প্রতিঘাত-শব্দ। "অস্ত্রের দড়মড়ি ম.বি ১৮৯।

দড়মসা, -মা বি [ধ্বন্যাত্মক; 'দারমসা' (গ ২২)] বাদ্যবিশেষ। "°ড়মা ম ৮৪৭। °সা শ্রী.ম ১৬৮। শ্রী.মা ৬৬; ১৬৬।

দড়মা দ্র 'দড়মসা'।

দড়া[1] বি [সং দোর; হি ডোরা; ঠ দোরা] মোটা দড়ি; কাছি। "মাপে কোণে দিয়া দড়া ক.চ ৬। লাঙ্গল দড়া শ্রী.ম ১১৪। বাঁধ দিয়া ভক্তি-দড়া।—রামপ্রসাদ। [°বাজি—দড়ায় দাঁড়াইয়া করণীয় তামাশা। °হার—দড়ার মত ভাঙ্গান মোটা হার।]

দড়া[2], **-ঢ়া** সর্ম্ম [দড়, -ঢ়+আ[৯]] ১ দৃঢ় করা; স্থির করা; নিশ্চিত করা। "অবশ্য ত দিব দানে, এমন দড়াইলা নিশ্চয়।—গ ৪৫; বাক্য দড়াও ৪৬; এই বোল দড়াইয়া রৈলা ঐরাবত ১৫৬, -৮১। রাজা দঢ়াইল মনে ম ১১৬৪। দঢ়ায়েছি ভিন্নগোত্রে না খাইব ভাত ক.চ ১৮০। চৈ.ম ১৩। দড়াইল মনে ন.বি ৩। এত যুক্তি দড়াইয়া চ.বি ১২। অন্ন জল নাহি খাব দঢ়াইলাম এই ভ.গ্র ৩৬। এই চিতে দঢ়াইনু সার।—ব ১৪৭। ২ তদেকাগ্র করা। "রাম দেখি সীতা দেবী দড়াইল মন ব.প ৫৫৯। ৩ নিশ্চিত করিয়া বলা; সত্য করিয়া বলা। "চিরকাল হইল, কথা (কোথা) নারে দঢ়াইবারে গ ১৮২। আমি পুন দড়াইনু—করিব সর্ব্বথা চৈ.ভা ১১১। [দড়াদড়ি—নিঃসংশয় নির্দ্ধারণ। "দড়াদড়ি করিল সারদা বিষহরি বা.ম ১৩১। দড়া(রা)ন, দঢ়ান—দৃঢ়ীকরণ, একান্তনির্দ্ধারণ। "সত্য দরান (দড়ান) মাত্র চাই।—গ ৪৫। এই দঢ়ান আমার চৈ.ভা ৪৪৭। দঢ়ায়্যা—দৃঢ় বা নিশ্চিত করিয়া। "দঢ়ায়্যা হুকুম পায় নাপিতের সুত ক.চ ১০৯।]

দড়াম বি [ধ্বন্যাত্মক; হি ধড়াম] ভারী জিনিসের পড়ার শব্দ। "যেমন বাবুরাম দৌড়িয়া মারিতে যাবেন অমনি দড়াম করিয়া পড়িয়া গেলেন আ.দু ৩২।

দড়াশদড়াশ, -ড়াসদড়াস বি [হি ধড়ক; ঠ ধডধড—দ্রুত স্পন্দনে কল্পিত শব্দ; 'দৌড়'—মূল (?); ভাবাত্মক] ভয়াদি হেতু হৃদয়ের অবিরত দ্রুত স্পন্দনের ভাব বা কল্পিত শব্দ। "যেই ভাই ঘুম ভেঙ্গে গেল, আমার বুকটো দড়াসদড়াস কত্তে লাগলো লী ১১৬। রাজ্ঞীর মুখভঙ্গিমায় কুড়রামের …বক্ষাভ্যন্তরে দড়াশদড়াশ করিয়া শব্দ হইতে লাগিল।—য ১০।

দড়ি, -ড়ী বি [দড়া > °ড়ি, °ড়ী: (দ্র 'ঈ[৯]'); হি ডোড়ী; ঠ, গু দোরী] সরু দড়া; রজ্জু। "না মিলিল দড়ী, না মিলিল কড়ী, কলসী কিনিতে তোরে ভা.চ ৩৭১। [দড়ি-দড়ি—দড়ির মত পাকান। "অঙ্গে চর্ম্ম দড়ি-দড়ি ম.পা ১৮; ১৫০। দড়ি বেটে যাওয়া, দড়ি পাকিয়ে যাওয়া —দড়ির মত শীর্ণ হওয়া। "ভেবে ভেবে যে দড়ি বেটে গেলি আ.দু ৩৭।]

দড়; দঢ়া দ্র 'দড়; দড়া[2]'।

দণ্ড[1] সক [অদন্ত চু, প—দণ্ডয়তি; সেট্] দণ্ডনিপাতন, দমন।

দণ্ড[2] পুং, ক্লী [√দণ্ড+অ (অচ্)-প; ছান্দস] ১ 'দমনসাধন', লগুড়, লাঠি। "ব্রহ্ম°; কাল° রা ১.৫৬.২। মনু ৪.১৬৪। ক.চ ১৯৫। ২ (সাদৃশ্যে) ছত্রদণ্ড, ছাতার বাঁট। "স্বহস্তধৃতদণ্ডমিবাতপত্রম্ শ ৫.৬। ৩ উপনয়নে দ্বিজধার্য্য দণ্ডবিশেষ। "মনু ২.৪৫,-৬। ৪ সন্ন্যাসীর দণ্ড। তু 'দণ্ডী'। ৫ গবাদিতাড়নার্থ যষ্টি; পাঁচন। "পরাশর ৯.২। ৬ রাজ-চিহ্নবিশেষ, রাজদণ্ড। "আত্ত° শ ৫.৮। ৭ পতাকাচামরাদির অঙ্গ-বিশেষ (বাঁট)। ৮ নাল, ডাঁটা। "স্ফুরদুরুদণ্ডপুণ্ডরীক উ.চ ১.৩১। ৯ বৃক্ষপ্রকাণ্ড, গাছের গুঁড়ি। ১০ হস্তিশুণ্ড। ১১ ক্ষেপণী, নৌকার দাঁড়। "ক.চ ২২২। ব.প ৪৭০। ১২ বীণাদির পর্দ্দা (cross-bar)। ১৩ বীণাদিবাদনদণ্ড, কোণ, ছড়ি। ১৪ মন্থান, মউনী। ১৫ ঈষা, লাঙ্গলের ঈষ। ১৬ মানবিশেষ, কাঠা, দাঁড়। 'হস্তৈশ্চতুর্ভির্ভবতীহ দণ্ডঃ (লীলাবতী)। শু ১.১৯৮। ১৭ শিশ্ন। ১৮ দেহ। "°পারুষ্য। ১৯ শ্রেণী, পঙ্ক্তি। ২০ কালমানবিশেষ, চব্বিশ মিনিট্। 'ষট্পলং পাত্রনির্ম্মাণং গভীরং চতুরঙ্গুলম্। স্বর্ণমাষৈঃ কৃতচ্ছিদ্রং কুণ্ডৈশ্চ চতুরঙ্গুলৈঃ॥ যাবজ্জলপ্লুতং পাত্রং তৎকালং দণ্ডমেব চ॥—ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড। ২১ ব্যূহবিশেষ। ২২ দণ্ডবৎ খণ্ডমাত্র। "দোর্দণ্ড; বাহু°, ভুজ°, শুণ্ডা°। উরু°।—ভ ১.৭.১৩। ২৩ সৈন্য। "মনু ৭.৬৫। রঘু ১৭.৬২। কি ২.১২। ২৪ কোণ? (angle)। ২৫ [+অ-ক] সূর্য্যপারিপার্শ্বিক, ইন্দ্র (অ.টী)। ২৬ দণ্ডাকার গ্রহভেদ (অ.চি)। ২৭ যম। ২৮ বিষ্ণু। ২৯ মহাদেব। ৩০ ইক্ষ্বাকুপুত্র, দণ্ডকরাজ। "°কৃ ৭। ৩১ [+অ-ভা] দম, দমন, শাসন। 'দমনাদ্ দণ্ডনাৎ…দণ্ড॥—মহা ১২.১৫.৮। "বাগ্°, ধিগ্°, ধন°, বধ° মনু ৮.১২৯। যাজ্ঞ ১.৩৬৭। যথাপরাধদণ্ডানাং (রঘূণাম্) রঘু ১.৬। ম ১০৭৩। ৩২ সামাদি উপায়ের একতম। "মনু ৭.১০৯। শু ৪.১.৩০। ৩৩ দমন, সংযম। "বাগ্°, মনো°, কায়° মনু ১২.১০। ৩৪ অভিযান। ৩৫ দণ্ডবৎ স্থিতি; দাঁড়ান। ৩৬ অভ্যাস। "মনু ৭.১০২। ৩৭ [+অ-র্ম্ম] দণ্ডিত অর্থ; সাহস, জরিমানা। "মনু ৮.৩৪১; °বিকল্প ৯.২২৮। ৩৮ অশ্ব। ৩৯ (বাঙলায়) দণ্ডাকার সর্পফণা। "°হত ব.প ৭৯৩। ৪০ কিয়ৎক্ষণ; ক্ষণ। [°কলস (বি)—দ্রোণ, পুষ্পবৃক্ষবিশেষ; হলকষা। °গ্রহণ (ক্লী) —সন্ন্যাসগ্রহণ। °ঘ্ন (পুং)—'দণ্ডঘাতী', দাঙ্গাবাজ। "বিষ্ণু ৫.১৯২। °চক্র (ক্লী)—সৈন্যবিভাগ। °দান (ক্লী)—দণ্ডবিধান। "যাজ্ঞ ২.১০, মিতাক্ষরা। °দাস (পুং)—দণ্ডধন-শোধনার্থ স্বীকৃতদাসভাব দাসবিশেষ। "মনু ৮.৪১৫। °ধারী (বি)—রাজা। °ম ১০১৫। °ধৃক্ (বি)—রাজা। "ভ.গ্র ৯৯। °নতি (বি)—সাষ্টাঙ্গ প্রণাম। "ম ১২৮০। °নিপাতন (ক্লী)—দমন, শাসন। °নেতা (-তৃ) পুং—রাজা; যম; বিচারক। °প (পুং)—দণ্ড দ্বারা রক্ষক; রাজা। °পাখা (বি)—দাঁড়াইয়া বাতাস দেওয়ার বড় পাখা। "গ্রীসকালে বদনত দিমু দণ্ডপাখার বাও গো.চ ১৭৫। °পাণি (বিং)—দণ্ডধারী। "দণ্ডপাণি দণ্ডধর মে ৮০। °পাণি (পুং)—১ দণ্ডধর, যম। "কৃ ২১। ম ৫৬৪। ২ কাশীস্থ ভৈরব-বিশেষ। °পথ (সং দণ্ডমাথ পা ৪.৪.৩৭ কাশিকা) বি—দণ্ডসদৃশ সরল পথ; সোজাপথ; প্রধানপথ। "চৈ.ভা ৪৫৪। °পাট (বি)—শাসিত দেশ; রাজ্য। "চৈ.চ ৩০৭। °পাতন (ক্লী)—দণ্ডপ্রহার, নিষ্ঠুর প্রহার। "মনু ৭.৫১, কুল্লুক। °প্রণয়ন (ক্লী)—দণ্ডব্যবস্থা। "বিষ্ণু ৩.৬৬। °প্রসাদ (বি)—দণ্ডরূপ অনুগ্রহ। "চৈ.চ ৪৮; ৬২। °বিধি (পুং), °শাস্ত্র (ক্লী)—দণ্ডের বিধান; দণ্ডবিধানবিষয়ক শাস্ত্র (criminal law)। °ব্যূহ (পুং)—দণ্ডাকার ব্যূহবিশেষ। °ভৃৎ (পুং)—'দণ্ডধর', যম। °যাত্রা (স্ত্রী)—শত্রুদমনার্থ জিগীষুর যাত্রা; দিগ্বিজয়ে সংযান (মেদিনী)। "রঘু ১৭.৫৬, মল্লিনাথ। °রায় (বি)—শাসনকর্ত্তা, রাজা। "ক.চ ১৫১। °হত (বিং)—ভগ্নফণ (সর্প)। "ব.প ৭৯৩। দণ্ডকে দণ্ডকে, দণ্ডে দণ্ডে—ক্ষণে ক্ষণে; প্রতিক্ষণ। "দণ্ডকে দণ্ডকে পরে চতুরের বাও ম.গা ১১। ম.ম ২। দণ্ডেক—একদণ্ড; কিছুক্ষণ। "গো.চ ৩১৪।]

দণ্ড[3] সর্ম্ম [সং √দণ্ড > প্রা দংড; হি, ঠ √দংড] দণ্ডিত করা; শাসন

করা; সাজা দেওয়া। "বিধাতা আমাকে দণ্ডে চ.বি ১২। দণ্ডিতে চৈ.চ ৮৫। পাপ করে যেই দণ্ডে, তখনি কি যমে দণ্ডে দা ৬।

দণ্ডক পুং, ক্লী [দণ্ড+ক (কন্) স্বার্থে] ১ দণ্ড। ২ ষড়বিংশত্যক্ষরাধিক-পাদ ছন্দোবিশেষ। ৩ [+ক হ্রস্বার্থে] হ্রস্ব দণ্ড; সোটা। —ক পুং ইক্ষ্বাকুপুত্র নৃপতিবিশেষ। [শুক্রাচার্য্যের কন্যা অরজাকে বলপূর্ব্বক উপভোগ করায়, শুক্রশাপে ইঁহার রাজ্য সপ্ত রাত্রি ভস্মবৃষ্টিতে বিনষ্ট হয়। তদবধি দণ্ডকরাজ্য 'দণ্ডকারণ্য' নামে খ্যাত (রা ৭.৮০,-১; হ ১০ম অধ্যায়। কৃ ৭)।] —ক পুং, ক্লী, দণ্ডকা স্ত্রী দণ্ডকারণ্য। "°কা গো.রা ২.৮.১২। দণ্ডকায়াং বনে উ.চ ২.১৩। দণ্ডক ভাণ্ডার।—মে ১১৫। [দ্বিবাহু দণ্ডক—দ্বিবাহু যমতুল্য কোটাল। "শ্রী.মা ২২০।]

দণ্ডকাক পুং [কর্ম্মধা] যে যম ও কাক; কাকরূপী যম; দাঁড়কাক। [মরুত্তরাজের যজ্ঞে যম রাবণের ভয়ে কাকরূপ ধারণ করেন (রা ৭.১৮শ অধ্যায়। কৃ ৪০৮)।]

দণ্ডকারণ্য ক্লী [কর্ম্মধা] দণ্ডকবন। "°ভাগ উ.চ ২.১৪। দণ্ডকারণ্য-প্রবেশ সী ৯।

দণ্ডধর, -ধার বিণ [ষ.ত; দণ্ড+ √ধৃ+অ (অণ্)-ক; উ.ত] লগুড়ধারক; শাসক। —ধর, —ধার পুং ১ রাজা। "°ধর রঘু ৯.৩। °ধার উ.চ ২.১১। কৃ.উ ১৪৩। ২ যম। "°ধর মে ৩১; ৮০। ৩ দণ্ডী, সন্ন্যাসী। ৪ বিচারক। ৫ দৌবারিক। "শু ২.২১১।

দণ্ডন ক্লী [√দণ্ড্+অন (ল্যুট্)-ভা] ১ দমন, শাসন। "অধর্ম্ম° মনু ৮.১২৭। অদণ্ডনমদণ্ড্যানাম্ (কামন্দক)। চৈ.চ ২৯০। ২ পীড়ন, ক্লেশন, নিয়ন্ত্রণ। "দেহদণ্ডনমাত্রেণ কা মুক্তিরবিবেকিনাম্ (কুলার্ণবতন্ত্র)। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] দণ্ডার্হ, দমনীয়।

দণ্ডনায়ক পুং [ষ.ত] ১ সেনানী। ২ দণ্ডপ্রণেতা, রাজা। ৩ বিচারক, সহরকোটাল, ম্যাজিষ্ট্রেট। "হি ২১/২/২৬।

দণ্ডনীতি স্ত্রী [ষ.ত] ১ চাণক্যাদিকৃত বধবন্ধনাদিলক্ষণ দণ্ডবিষয়ক নীতিশাস্ত্র; দণ্ডশাস্ত্র, অর্থশাস্ত্র (কুল্লুক)। "গো.রা ১.৪.৬। মনু ৭.৪৩। রঘু ১৮.৪৬। ২ দণ্ডপ্রণয়ন, দণ্ডব্যবস্থা। ৩ দুর্গা।

দণ্ডনেতা(-তৃ) পুং [ষ.ত] ১ 'দণ্ডের প্রাপয়িতা'; রাজা। "মনু ১২.১০০; ভ ৪.২২.৪৫। ২ যম। "ভ ৩.১৬.১০। ৩ বিচারক।

দণ্ডপাত পুং [ষ.ত] ১ যষ্টিপতন। ২ দণ্ডপ্রণয়ন, দণ্ডবিধান। ৩ নৃত্যে পাদের অবস্থানবিশেষ। —পাতী (-তিন্) বিণ দণ্ডপ্রণেতা, দণ্ডবিধায়ক। "গো.রা ১৭৮।

দণ্ডপারুষ্য ক্লী [তৃ.ত] ১ দণ্ড (দেহ) দ্বারা দুঃখোৎপাদন (মেধাতিথি); তাড়নাদি (কুল্লুক); পরগাত্রে হস্তপাদাদি দ্বারা হিংসন বা ভস্মাদি দ্বারা দুঃখোৎপাদন; দেহ দ্বারা জঙ্গমাদি দ্রব্যের বিরুদ্ধাচরণ (মিতাক্ষরা); ব্যবহারপদবিশেষ। "মনু ৮.২৭৮। °প্রকরণ যাজ্ঞ ২,১৯শ প্রকরণ। বিষ্ণু ৮.৬। ২ [ষ.ত] দণ্ডের কঠোরতা।

দণ্ডপাল পুং [তৃ.ত] ১ দণ্ড দ্বারা পালক; শাসনকর্ত্তা। 'পৃথ্বীদণ্ড-পালতা (মৃ)। ২ দ্বারপাল।

দণ্ডপ্রণাম পুং [সুপ্‌সুপা] দণ্ডসদৃশপতনপূর্ব্বক প্রণতি; সাষ্টাঙ্গ প্রণিপাত। "বি.মা ৭। কৃ.উ ৪৫। ভূমিষ্ঠ হইয়া দণ্ডপ্রণাম করিবে ম ৩২৩। চৈ.ভা ১০০; ২৯০। চৈ.ম ১০৯।

দণ্ডবৎ[1] ব্য [দণ্ড + বৎ (বতি)] দণ্ডসদৃশ সাষ্টাঙ্গে পতিতভাবে। "প্রণম্য দণ্ডবৎ (অধ্যাত্মরামায়ণ)।

দণ্ডবৎ[2]**, -বত** বি [হি °ৎ; ঠ °ত] ১ দণ্ডতুল্য সাষ্টাঙ্গপাতপূর্ব্বক প্রণিপাত; সাষ্টাঙ্গপ্রণাম। "দণ্ডবৎ করিয়া কৃ ৫। অসংখ্য দণ্ডবত শ্রী.মা ২। দণ্ডবত করে যদুবর বা.ম ২। দণ্ডবৎ করেন চৈ.চ ৪৩; ১২৬; দণ্ডবৎ স্থানে ২৪২। দণ্ডবৎ করে চৈ.ম ৯৪। দণ্ডবৎ কর মা ৩২৬। ২ কোন বিষয়ে বিরক্তিপূর্ব্বক বিদায়গ্রহণে বা পরিহারে প্রণাম। "বেঁচে গেলে এবার বিষয়ে দণ্ডবত।—শ্রী ২২৬। —বৎ, -বত বিং সাষ্টাঙ্গপাত-পূর্ব্বক প্রণত। "রাজরাজেশ্বরে শত দণ্ডবৎ হয়্যা ক.চ ১৯৯। সর্ব্বলোক দণ্ডবত হয় চৈ.ভা ৩৭৭। পায়ে দণ্ডবৎ হই শি ২; ৯৬। দণ্ডবৎ হৈল ভা.চ ২৫৮। [দণ্ডাকার হয়ে প্রণাম—সাষ্টাঙ্গ প্রণাম। "দা ১১৯৩।]

দণ্ডভগ্ন বিং প্রভাবহীন, তেজোহীন, অপমানিত। "দণ্ডভগ্ন দুর্য্যোধন উত্তরিল দেশে ম ২১১; ৬৮৬।

দণ্ডভঙ্গ পুং [ষ.ত] দণ্ডাজ্ঞালঙ্ঘন, দণ্ডনিরাকরণ। "ভ ৬.৩.২। —ভগ্ন বিং সর্ব 'দণ্ডভগ্ন'। "দণ্ডভঙ্গ হৈয়া রাজা আইল শিবিরে ম ৬৬৩।

দণ্ডমানব পুং [উ.লো] দণ্ডপ্রধান মাণব; উপকুর্ব্বাণব্রহ্মচারী। "রা২.৩২.১৮।

দণ্ডা অর্ম্ম [সং √দণ্ডায়; অপ্র] দণ্ডায়মান হওয়া। "ব.প ৭৪৭,-৮।

দণ্ডাদণ্ডি ব্য [বহুব্রী, 'ই' (ইচ্) সমাসান্ত, দীর্ঘ] দণ্ডে দণ্ডে প্রহার-পূর্ব্বক প্রবৃত্ত যুদ্ধ; লাঠালাঠি।

দণ্ডাপূপন্যায় পুং, **-পূপিকা** স্ত্রী ন্যায়বিশেষ। দ্র 'ন্যায়' (৩৪)। "দণ্ডাপূপিকা সা.দ ১০.৮৩।

দণ্ডায়ন বি [অপ্র] দণ্ডায়মান হওয়া, দাঁড়ান। "রতা ও রাজীবের একত্রে দণ্ডায়ন বি.বু ৩৬। —য়িত বিং [অপ্র] দণ্ডায়মান। "ব্রহ্মা সংশোধনে এমনই মনোনিবেশ করিয়াছিলেন, বিষ্ণু সম্মুখে দণ্ডায়িত হইলেও, তাঁহাকে দেখিতে পাইলেন না।—য ১৩।

দণ্ডায়মান বিং [√দণ্ডায়+মান (শানচ্)-ক] ১ দণ্ডসদৃশ স্থিত; খাড়া। "সীতা, লক্ষ্মণের…ভাবান্তর অবলোকন করিয়া…হতবুদ্ধি হইয়া দণ্ডায়মানা রহিলেন।—সী ৪০। ২ যে অপেক্ষা করিয়া দাঁড়াইয়া আছে। "দুর্ম্মুখ দ্বারদেশে দণ্ডায়মান, কি আজ্ঞা হয়?—সী ১৭। কাদ ৩।

দণ্ডিক পুং [দণ্ড+ইক (ঠন্) অস্ত্যর্থে] ১ দণ্ডধারক, আসাবরদার। ২ দণ্ডপ্রণেতা, বিচারক। "মহা ৬.১১.৩৯। ৩ মৎস্যভেদ, ডানকোনা-মাছ। —কা স্ত্রী ১ হারবিশেষ। ২ যষ্টি, ছড়ি।

দণ্ডিকা দ্র 'দণ্ডিক'।

দণ্ডিত বিণ [√দণ্ড+ত (ক্ত)-র্ম্ম] দত্তদণ্ড, দমিত, শাসিত। "পঞ্চ ১.৯৭। সা গুপ্তেন দণ্ডেন দণ্ডিতা হি ১২/৩/২৪।

দণ্ডিম বি বাদ্যবিশেষ। "বাজয়ে ডিণ্ডিমি দণ্ডিম চৈ.ম ৬৭।

দণ্ডী(-ণ্ডিন্) বিণ [দণ্ড+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -ণ্ডিনী] দণ্ডধারক। —ণ্ডী পুং ১ দণ্ডধর, যম। ২ রাজা। ৩ দ্বারপাল। ৪ চতুর্থাশ্রমী, সন্ন্যাসী। "ভজিব ভব দিগম্বর, মানদণ্ডে দণ্ডী হয়ে ব.প ১৫৮০। ৫ পরিব্রাজক, ভিক্ষু। "ব্রাহ্মণ সন্ন্যাসী বন্দ দণ্ডী শি ৫। ৬ মহাদেব। ৭ জিনবিশেষ। ৮ কাব্যাদর্শরচয়িতা কবিবিশেষ। "জাতে জগতি বাল্মীকে কবিরিত্যভিধীয়তে। কবী ইতি ততো ব্যাসে কবয়স্ত্বমি দণ্ডিনি॥—উদ্ভট। ৯ নৌকার দণ্ডধারী (দাঁড়ী)। ১০ (বাঙলায়) বাদ্যবিশেষ। "কৃ ২৫৬। ১১ দণ্ডিকৃত গ্রন্থ—কাব্যাদর্শ। "ক.চ ২১৫। বি.সু ১৬৯। ১২ [অপ্র] দেবরাজ ইন্দ্র। "কৃ ৩৫৪।

দণ্ড্য বিণ [√দণ্ড+য (যৎ)-র্ম্ম] ১ দণ্ডনীয়। "আমার আরাধ্য সে গো দণ্ড্য নহে কভু দু ৫৭। ২ [দণ্ড+য (যৎ)] দণ্ডার্হ, দণ্ডযোগ্য। "মনু ৮.১২৮। চৈ.চ ২০৬। শি ৪২।

দত, দোয়াত '-ত' বি [আ দরাত্] মসীধানী। "মসী দত ব.প ৩১৮। দোয়াতে কলম দিয়া বলে হৈল রতি ভা.চ ৪০৬।

দত্ত বিণ [√দা+ত (ক্ত)-র্ম্ম] ১ ত্যক্ত, বিসৃষ্ট, সমর্পিত। "°নৃত্যোপহার পূ.মে ৩২। স্বহস্ত° (আসন) মাঘ ১.১৫। ২ রচিত। "কালাগুরুদত্ত-পত্রা রঘু ১৩.৫৫। ৩ রক্ষিত। "°তাল মহা ১.১৫২.১৪। মন্দ্রধ্বনি-দত্ততাল ভট্টি ২.১৬। ৪ স্থাপিত, প্রেরিত। "অন্যত্র দত্তাক্ষী সা.দ (S.W.)। ৫ জনিত, কৃত। "মহাটবীদত্তদিঙ্‌মোহ ক.সা ১৮.৯৭। —ত্ত পুং ১ দত্তাত্রেয়। [ইঁহার পিতা অত্রি, মাতা অনসূয়া। অত্রি ভগবানের নিকটে পুত্রার্থ বর প্রার্থনা করিলে, 'আমি আপনাকেই

দিলাম (ময়া দত্তোঽহম্) বলিয়া, ভগবান্ তাঁহার ইচ্ছা পূর্ণ করেন ; এই হেতু ইনি 'দত্ত' নামে খ্যাত। ইনি চতুর্থ অবতার (ভ ২.৭.৪)।] **২** দ্বাদশপ্রকার পুত্রের অন্যতম ; দত্রিম। "মনু ৯.১৫৯। **৩** বৈশ্যের উপাধি। "মনু ২.৩২, কুল্লুক। **৪** (বাঙ্লায়) কায়স্থের উপাধি। —ত্ত ক্লী [+ত-ভা] দান ; দত্তবস্তু। —ত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] দান। "নিবাপ° রঘু ৮.৮৬। [°জা (বি)—দত্তবংশজাত ব্যক্তি। °দৃষ্টি (বিণ) —অর্পিতনেত্র। "শ ১.৭। °হস্ত (বিণ)—অর্পিতকর, গৃহীতকর। "কামরূপেশ্বর° রঘু ৭.১৭। শম্ভুনা দত্তহস্তা (গৌরী) পূ.মে ৬০।]

দত্তক, দত্তকপুত্র পুং সর্থ 'দত্রিম'। "যাজ্ঞ ২.৩৩।

দত্তপূর্ব্বা বিণ, স্ত্রী [সুপ্সুপা] পূর্ব্বে দত্তা ; বাগ্‌দত্তা (⁃ কন্যা)। "(সা) দত্তপূর্ব্বেত্যাশঙ্ক্যতে মা.মা ৪$\frac{8}{5}$।

দত্তাত্মা (-ত্মন্) পুং [বহুব্রী] যে আপনাকে পুত্ররূপে দিয়াছে ; মাতৃ-পিতৃহীন বা মাতৃপিতৃত্যক্ত যে আপনাকে স্বয়ং পুত্ররূপে দান করে, তাদৃশ পুত্র ; স্বয়ংদত্ত পুত্র। 'দত্তাত্মা তু স্বয়ংদত্তঃ।—কাত্যায়ন। মনু ৯.১৭৭।

দত্তাত্রেয় পুং [দত্ত আত্রেয়, কর্ম্মধা] অত্রিপুত্র দত্ত। দ্র 'দত্ত পুং (১)। "শ্রী.ম ৫।

দত্তানপকর্ম্ম (-র্ম্মন্), -ত্তাপ্রদানিক ক্লী [দত্তের অনপকর্ম্ম যাহাতে, বহুব্রী ; °দান+ইক (ঠন্)] অপাত্র-বুদ্ধি বা ক্রোধাদি হেতু দত্ত ধনাদির গ্রহণবিষয়ক ব্যবহারপদবিশেষ। 'মনু ৮.৪, কুল্লুক। যাজ্ঞ ২.১৭৮,-৯।

দত্তাপহারী(-রিন্) বিং প্রদত্ত ধনাদির অপহারক ; যে দিয়া আবার কাড়িয়া লয়। "দত্তাপহারী পেশকার দা ২০১৯।

দত্তাবধান বিণ [দত্ত অবধান যাহা কর্ত্তৃক, বহুব্রী] দত্তমানস, কৃত-মনোযোগ। "মু ৬$\frac{২১}{১৬}$। ভট্টি ২.৭।

দত্রিম বিণ [দা+ত্রিম (ক্ত্রি, মপ্)] দাননির্বৃত্ত, দানজনিত। "°সভ্যতোষ ভট্টি ১.১৩। —ত্রিম পুং দ্বাদশপুত্রের একতম ; প্রতি-গ্রহীতার পুত্রাভাবনিমিত্ত আপৎকালে পিতামাতা কর্ত্তৃক প্রীতিপূর্ব্বক যথাবিধি দত্ত পুত্র। 'মনু ৯.১৬৮।

দত্যি বি [সং দৈত্য >(দইত্য >দত্য) °ত্যি ; কথ্যভাষা] দৈত্য। "দেবতারে নিয়ে বানাবে দত্যি কা ৯২।

দদস্ব সং.ক্রি [√দদ্+স্ব (অনুজ্ঞা-মধ্যপুরুষ-১ব ; অপ্র] দেও। "দদস্ব গাণ্ডীব শর ম.পা ৩৬ ; ৫৮ ; ৬৩ ; ৭২।

দদ্রু, -দ্রূ পুং [√দদ্ দান+রু-ক] কণ্ডুদায়ক চর্ম্মরোগবিশেষ ; দাদ্। [°ঘ্ন (পুং)—'দদ্রুনাশক', চক্রমর্দ্দক, দাদমর্দ্দন। °ণ (দদ্রুল'—মূল ?) বিণ—দদ্রুরোগযুক্ত।]

দদ্রুণ দ্র 'দদ্রু'।

দধি ক্লী [√দধ্ ধারণ+ই (ইন্)-ক ; ছান্দস] **১** অম্লযোগজন্য দুগ্ধ-বিকারবিশেষ ; দই। **২** (সাদৃশ্যে ?) বস্ত্র। [°কালি (বি)—ভাণ্ড-স্থিত দধির পরিমাণনির্ণয়ার্থ শুভঙ্করী হিসাব। °কূর্চ্চিকা (স্ত্রী)—দধ্য-ম্লযোগে জাত দুগ্ধবিকার ; ছানা। °জ (ক্লী)—নবনীত। °খ (পুং) —কপিথবৃক্ষ (সুশ্রুত)। °মণ্ড (পুং)—দধির মস্তু (মাথ)। °সক্তু (পুং, বহুব)—দধিমিশ্রিত সক্তু ; করম্ভ। °সার, °স্নেহ (পুং)—নবনীত।]

দধিমঙ্গল বি উপনয়ন ও বিবাহের পূর্ব্বরাত্রিতে মাণবক ও বরের দধিমিশ্র মিষ্টান্নভক্ষণরূপ আচারবিশেষ। "ব.প ১৫৭৬।

দধীচ, -চি পুং ['দধ্যাঙ্' (প্রথমান্ত 'দধ্যচ্', ঋগ্বেদ ১.১১৬.১২। ভ ৬.৯.৫১,-২ ; ৪.১.৪১)—দধীচি ; 'দধ্যচ্ >দধীচ্ > °চ, -চি (?)] মুনিবিশেষ। [ইঁহার পিতা অথর্ব্বা, জননী চিত্তি (ভ ৪.১.৪১)। ব্রহ্মার উপদেশে, ইন্দ্র বৃত্রনিধনার্থ ইঁহার অস্থিসমূহ প্রার্থনা করিলে, ইনি দেহত্যাগপূর্ব্বক অস্থি প্রদান করেন। ইন্দ্র সেই অস্থিসমূহে বজ্র নির্ম্মাণ করাইয়া, বৃত্রাসুর নিহত করেন (মহা ৩.১০০তম অধ্যায়)।]

দনা বি [সং দমনক ; হি দৌনা ; ড় দহনা] দ্রোণ, দণ্ডকলস ; দ্রোণ-পুষ্প। "শ্রী.কী ২২৪। দনায় ছাট ক.চ ১৫৩,-৬৩। কুন্দ কৃষ্ণকলি দনার পাঁতি ভা.চ ২৯৫।

দনু পুং দানববিশেষ। [ইহার মাতা শ্রী। ইন্দ্রের বজ্রাঘাতে সক্‌থি ও মস্তক শরীরমধ্যগত হওয়ায়, ইহার অপর নাম 'দনুকবন্ধ'। দনু দণ্ড-কারণ্যে বাস করিত। বনবাসকালে রামলক্ষ্মণ কর্ত্তৃক দনু নিহত হয় (গো.রা ৩.৭৫)।] —নু স্ত্রী দক্ষকন্যাবিশেষ। [ইনি কশ্যপের পত্নী এবং বিপ্রচিত্তি-প্রভৃতি দানবগণের জননী। ইঁহার পুত্রগণ 'দানব' (মহা ১.৬৫)।] [°কবন্ধ (পুং)—দ্র 'দনু' (পুং)। "উ.চ ১$\frac{৩}{৬}$$\frac{৬}{১}$। °জ (পুং)—'দনুগর্ভজাত', দানব। "হতদনুজাহুতিমুখশিখিকুণ্ডে (চামুণ্ডে) ভা.চ ৩১৪। °জদ্বিট্ (-ষ্), °জারি (পুং)—'দানবদ্বেষী', দেবতা। °জেন্দ্র (বি)—দানবপতি। "মে ১৬৭। °পুত্র, °সূনু (পুং)—দনুসুত, দানব।]

দন্ত পুং [√দম্+ত (তন্)-ণ, উ ৩.৮৬ ; L dentis ; ছান্দস] **১** দশন, দাঁত। "°রুচিকৌমুদী গী.গো ১০.২। স্থানভ্রষ্টা ন শোভন্তে দন্তাঃ হি ১.১০৩। দন্তাবলী বি.সু ৪৮। **২** হস্তিদন্ত। "°কাঞ্চনচিত্রাণি শয়নানি গো.রা ৪.৫০.৩২ ; ৫.৩.১৮। শুদ্ধদন্তৎসরূনসীন্ মহা ২.৫১.১৫। **৩** (সাদৃশ্যে) পর্ব্বতশৃঙ্গ, পর্ব্বতনিতম্ব, সানু। **৪** কুঞ্জ। **৫** শরাগ্রভাগ। **৬** (দন্তের সংখ্যানুসারে) দ্বাত্রিংশৎ (৩২) সংখ্যা। —ন্তক পুং [°ন্ত +ক (কন্) স্বার্থে] **১** দন্ত। **২** পর্ব্বতশৃঙ্গ। **৩** গিরিগাত্র হইতে বহির্নিঃসৃত পাষাণবিশেষ। **৪** দেয়ালে লগ্ন কাঠের পিন ; নাগদন্ত। [°কার (পুং)—**১** হস্তিদন্তের শিল্পী। **২** দন্তলেখক। "রা ২.৮৩.১৩। °কাষ্ঠ (ক্লী)—দন্তধাবনার্থ কাষ্ঠ ; দাঁতন। "অত্রি ২৭২। ব.প ১৮১। °কোশ, °মুকুল (পুং)—দন্তকুট্মল, মুকুলাকৃতি দন্ত। "°কোশ রঘু ৫.৭২। শ ৭.১৭। °ঘর্ষ (পুং)—দন্তঘর্ষণ, দাঁতকড়মড়ি। °ঘাত (পুং) —দংশন। °চ্ছদ (পুং)—দন্তের আচ্ছাদন ; ওষ্ঠ। "ঋতু ৪.১২। °জাত (বিণ)—জাতদন্ত, উদ্গতদশন (শিশু)। °দর্শন (ক্লী)—যুদ্ধের অগ্রে যোধগণের মুখবিস্তারপূর্ব্বক প্রতিযোধকে দন্তপ্রদর্শন (দাঁত খিচান)। "মহা ৬.৭২.৭১। °পত্র (ক্লী)—দন্তাকার পত্রযুক্ত কর্ণভূষণ। "কু.স ৭.২৩। রঘু ৬.১৭। °পত্রক (ক্লী)—'দন্তাকারপত্রযুক্ত', কুন্দ-পুষ্প। °পত্রিকা (স্ত্রী)—**১** সর্থ 'দন্তপত্র'। "মাঘ ১.৬০। **২** কুন্দপুষ্প। °পবন (তু 'দংতবণ'—দাঁতন, দেশী ২.১২) ক্লী—**১** দন্তশোধন কাষ্ঠ ; দন্তকাষ্ঠ (সুশ্রুত)। **২** দন্তমার্জ্জন। °পাঁতি, °পাটী (বি)—দশন-পঙ্‌ক্তি। "°টী ম ৮৩৫। °তি ভা.চ ৪৪ ; ২৯০। °পালী (স্ত্রী)—দন্ত-মূল, মাড়ি (বৃহৎসংহিতা)। °বস্ত্র, °বাসঃ (-সস্) ক্লী—দন্তের আবরণ ; ওষ্ঠ। "°সঃ কু.স ৫.৩৪। °বীজ (পুং)—যাহার বীজ দন্ততুল্য ; দাড়িম্ববৃক্ষ। °মল, °রজঃ (-জস্) (ক্লী)—দাঁতের ময়লা ; পুষ্পিকা। °মাংস, °মূল (ক্লী)—সর্থ 'দন্তপালী'। °মূলীয় (পুং)—দন্তমূলজাত বর্ণ ; ত-বর্গাদি। °লেখক (পুং)—যে জীবিকার্থ দন্তরঞ্জন করে। "পা ২.২.১৭, কাশিকা। দ্র 'দন্তকার'। °শঙ্কু (পুং)—আহরণশস্ত্রবিশেষ। "সুশ্রুত ১.৮.২। °শঠ (পুং)—'দন্তের ক্লেশকর' ; জম্বীর · কপিথ ; কর্ম্মরঙ্গ ; নাগরঙ্গ। (স্ত্রী) আমরুল। °শর্করা (স্ত্রী)—দন্তমলবিশেষ, পাথুরি। °শূল (ক্লী) দন্তবেদনা। °হর্ষ (পুং)—দন্তরোগভেদ, দাঁতশিড়শিড় করা।] [দন্তে কুটা বা তৃণ করা, ধরা, লওয়া—তৃণভোজী পশুর ন্যায় আপনাকে মূঢ় বলিয়া স্বীকার করা ; ঘা'ট মানা। তু 'তৃণপূর্ণমুখঃ মহা ১২.৯৮.৪৯। "তিন সন্ধ্যা পায় পড়ে দন্তে করি কুটা ব.প ৫০৩ ; দন্তে তৃণ ধর্য়া বলি ৫১২ ; দন্তে করিলেক তৃণ ৫২৮ ; দন্তে তৃণ লঞা ৫৩৪। দন্তে তৃণ লয় চৈ.ভা ২৩৫ ; তৃণ করি দন্তে ২৩৬। দন্তে তৃণ ধরি চৈ.চ ৭৫।]

দন্তকচকচি বি [হি দাঁতকিচকিচানা—ক্রোধে দন্তপেষণ ; মৈ রদকদ] ঝগড়া, বিবাদ।

দন্তধাবন স্ত্রী [ষ.ত] ১ দন্তমার্জ্জন, দাঁতমাজা। "রা ২.৬৫.৯, টীকা। চৈ.চ ১০৫ ; ২৪৪। ২ দন্তকাষ্ঠ। "দন্তধাবনসঞ্চয়ঃ রা ২.৯১.৭৫। বিষ্ণু ৬১.১। —ধাবন পুং 'দন্তশোধক বৃক্ষ'; খদির ; গুচ্ছকরঞ্জ; বকুল। দ্র 'বিষ্ণু ৬১.১৪।

দন্তবক্র পুং দমঘোষের দ্বিতীয় পুত্র। [ইনি কৃষ্ণের পিতৃষসার পুত্র। ইনি কৃষ্ণ কর্ত্তৃক নিহত হন (ভ ১০.৭৮তম অধ্যায়)।]

দন্তবেষ্ট পুং [ষ.ত] ১ দন্তের বেষ্টন; দন্তমূল। ২ দন্তমূলজাতরোগ (সুশ্রুত)। ৩ হস্তীর দন্তবেষ্টন-বলয়।

দন্তস্ফুট বি ১ দন্তাঘাত, দাঁতফুটান। "ঝুনোর বেলায় বড় কঠিন, দন্তস্ফুট করে কার সাধ্য ব.প্র ৫৮২। ২ (গৌণার্থে) একটু প্রবেশ। "সেই বৈষ্ণবীই সাজুক আর বাসদেবই সাজুক, সে বাড়ীর ভিতরে দন্তস্ফুট হইবে না ব দ্বি ৩৬। ৩ দুর্ব্বোধ বিষয়ে ঈষৎ প্রবেশ।

দন্তাদ পুং [দন্ত+ √অদ্+অ (অণ্)-ক ; উ.ত] দন্তখাদককৃমিরোগবিশেষ (সুশ্রুত)।

দন্তাদন্তি ব্য [বহুব্রীহি, সমাসান্ত 'ই' (ইচ্), দীর্ঘ] দন্তে দন্তে প্রহারপূর্ব্বক প্রবৃত্ত যুদ্ধ। "যুদ্ধমাসীদ্ দন্তাদন্তি মহা ৮.৪৯.৭৩।

দন্তাবল পুং [দন্ত+বল (বলচ্) অস্ত্যর্থে, দীর্ঘ] 'দীর্ঘদন্তবান্', হস্তী। "মনু ৭.১০৬, কুল্লূক।

দন্তার্ব্বুদ পুং, স্ত্রী [ষ.ত] দন্তমূলজাতব্রণ ; দন্তব্রণ।

দন্তাল বিং [দন্ত+আল৮ ; তু 'সং দন্তাবল >প্রা* দংতাঅল] বিশালদন্তযুক্ত, দাঁতাল। "দন্তাল কুঞ্জর ম ৫৪০। দন্তাল (ভল্লুক, শার্দ্দুল) ক.চ ৫৬। বরাহ দন্তাল ম.বি ২৫২।

দন্তালিকা, -লী স্ত্রী ['দন্তপালী'—মূল (?)] মুখরজ্জু, লাগাম। "°কাধরণনিশ্চলপাণিযুগ্ম মাঘ ৫.৫৬।

দন্তী (-ন্তিন্) পুং [দন্ত+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; সমাসে পূর্ব্বপদ 'দন্তী' >দন্তি ;—দন্তিমদ] ১ 'দীর্ঘদন্তবান্', হস্তী। "রঘু ১.৭১। ম ২১১। শ্রী.মা ৯৮। মে ৩১। ২ (শুভঙ্করী) কড়ার নবমাংশ। [°দন্ত (বি) —হস্তিদন্ত। "ম ৫৪০। °মদ (পুং)—হস্তীর মদবারি।]

দন্তুর বিণ [দন্ত+উর (উরচ্) অস্ত্যর্থে] ১ উন্নতদন্তযুক্ত ; দেঁতো। "শরদং শরদন্তুরদিঙ্মুখাম্ ।—মাঘ ৬.৫৪। রূপং দন্তুরদুর্মুখম্ ক.সা ১২.৫২। মণিশলাকাদন্তুরাভিঃ কিরীটকোটিভিঃ (কাদম্বরী)। দন্তুর শিবানন্দ চৈ.চ ৪৪। ২ উন্নতানত, বিষম। ৩ ব্যাপ্ত। "দন্তচ্ছবিদন্তুরেয়ং সৈবোষ্ঠমুদ্রা (পাঠান্তর) উ.চ ৬.২৭। —রিত বিণ [√দন্তুরি+ত (ক্ত)-র্ম্ম] ১ দন্তুরীকৃত। "কেতকিদন্তুরিতাশে গী.গো ১৩২। ২ বিষমীকৃত। "বিপুলপুলকভর° (হরি) গী.গো ১১.৩০।

দন্তোদ্ভেদ পুং [ষ.ত] দশনোদ্গম, দাঁত উঠা।

দন্তোলূখলিক বিণ [°খল+ইক (ঠন্) অস্ত্যর্থে] দন্তরূপ উলূখলবান্ ; দন্তচূর্ণিতশস্যভোজী (বানপ্রস্থ)। "মহা ১৩.১৪.৫৭। মনু ৬.১৭। যাজ্ঞ ৩.৪৯। —খলী (-লিন্) বিণ [°খল+ইন্ (ইনি)-১ব] সর্ব্ব 'দন্তোলূখলিক'। "গো.রা ১.৫২.২৬। রা ৩.৬.৩।

দন্তৌষ্ঠ [স.দ্ব] দন্ত ও ওষ্ঠের সমাহার। —ষ্ঠ্য বিণ [°ষ্ঠ+য (যৎ)] দন্তৌষ্ঠভব, দন্তৌষ্ঠজাত (অন্তঃস্থ বকার)।

দন্ত্য বিণ [দন্ত+য (যৎ)] ১ দন্তভব, দন্তজাত। ২ দন্তহিতকর। —ন্ত্য পুং দন্ত্যজাত বর্ণ—ত-বর্গাদি।

দন্দশূক বিণ [√দন্শ্+য (যঙ্লুক্)—দন্দশ+উক,-ক স্ত্রী -কা; ছান্দস] অতিদংশক, হিংস্র। —ক পুং ১ রাক্ষস। "ভট্টি ১.২৬। ২ সর্প। "মহা ১.২০.১১। ভ ৮.৭.১৭। ৩ সরীসৃপ।

দন্ভ্ অক [স্বা,প—দভ্নোতি : সেট্] ১ দম্ভ, পরবঞ্চনাহেতুব্যাপার। ২ গর্ব্ব। —ভ্ সক [চু, আ—দম্ভয়তে ; সেট্] সজ্ঞাত, রাশীকরণ (ক.ক)।

দন্শ্ সক [ভ্বা, প—দশতি ; অনিট্] দংশন।

দপ্ বি [তু ' √দীপ্'] হঠাৎ আগুন জ্বলিয়া উঠার ভাব। "দপ্ ক'রে জ্বলে ওঠে আগুন যেমন, থপ্ ক'রে হ'য়ে পড়ে রাগও তেমন।—মনোমোহন বসু।

দপট বি [ধ্বন্যাত্মক ; হি দপট] ১ দপ্ দপ্ শব্দে গমন ; বেগে গতি ; ধাবন, দৌড়। "দপটে রূপটে, ঝড় বহে খরতর ভা.চ ৪৯২। ২ বেগ। "দপটে নক্র পায়ে ধরে ঝাঁকে শ্রী ৯০। ৩ দপ্ শব্দে লম্ফ ; বেগে উল্লম্ফন। "লম্ফ মারি উঠে, দপটে না টুটে বল শ্রী ৮৫। দপটে উঠিতে ঘোড়া ঠেকিবে সঙ্কটে ১৮৬। ৪ বেগে আক্রমণ। "বেগগতি ধেয়ে সবে একটু দপটে। সাপটিয়া ধরি সেনে পাড়িল সঙ্কটে॥—শ্রী ৬৮। চ.বি ২৪০। [একই দপটে—যুগপৎ বেগে আক্রমণে।]

দপ্তর, দফ্তর বি [ফা দফ্তর্ ; ঠ দপ্তর, -ফতর] ১ হিসাব-পত্র, হিসাবের তাড়া বাণ্ডিল বা খাতা। "চিত্রগোবিন্দ দফ্তর খুলিলঃ ছয় মাস পরমাই দপ্তর নাগাইল পাইল ব.প ৩১ ; গো.চ ৮। দপ্তরে গণনা ভা.চ ২৬। দপ্তর তকরার করা গেল E.P. 51 ; বাজে জমীর দপ্তরে 61. ২ আফিস, কাছারি। "তাহা (কবুলতি) দপ্তরে দাখিল আছে E.P.44. ৩ নেকড়ায়-বাঁধা বই কাগজ ইত্যাদির বাণ্ডিল। "পঞ্জিকার দফ্তর লইল গো.চ ১৩৬। [°খানা [ফা দফ্তর্ খা.না] দপ্তরের ঘর; আফিস্। "নী ১৬। °রী (আ দফ্তরী)—যে দপ্তরের কাগজ কালি কলম ইত্যাদি রাখে, বই বাঁধে, কাগজে রুল টানে। "ভা.চ ৫৪০।]

দপ্‌দপ্, -প্‌দপ্, দবদব ক্রি.বিং [দপ্ > °দপ্ (দ্বিত্ব) ; হি °দপ—°দপ করনা] অতিদীপ্তভাবে, সমুজ্জ্বল। "ফলাথান দপ্‌দপ্ জ্বলে শ্রী.মা ৫৮ ; অলকা…দব্‌দব্ জ্বলে ৮৫ ; দপ্‌দপ্ জ্বলিছে ধুনাচুর ১৭৭। আগুন উগারে দপ্‌দপ্ শ্রী ১৯০। ব.প ১৪৮৬। হীরা দপ্‌দপ্ জ্বলে শি ১৬ ; ২৬ ; দপ্‌দপ্ দাবানল…ছুটে ৭১। দপ্‌দপ্‌দপ্ দীপয়ে মণি।—ভা.চ ১১৬। জ্বলে রত্ন দপ্‌দপ্।—রঙ্গ ৯২। —দপ্ বি ১ অতিদীপ্তিপ্রকাশের ভাব। "আলেয়া চলিয়া যায় করি দপ্‌দপ্ স্ব.প্র ১২৪। ২ তীব্রশোকজ্বালার অনুভব। "শচীর অন্তরহিয়া করে দপ্‌দপ্। চলিলা ঠাকুর…॥—চৈ.ম ১৯১। [ফোড়া দপ্‌দপ্ করা—ফোড়ায় তীব্র দাহ অনুভূত হওয়া। °দপান (হি °দপানা)—অতিদীপ্তি পাওয়া। দবদবাতে (হি দপদপাহট—দীপ্তি)—অতিদীপ্তভাবে। "লেজে অগ্নি দিতে সব দবদবাতে জ্বলে কৃ ২১৬।]

দপ্‌পন বি [সং দর্পণ >প্রা দপ্পণ ; অপ্র] কাচ। "ভাণ্ডার ঘরে দপ্পন সোভা করে শূ ৫৮।

দফা বি [আ দফ.া'] ১ শ্রেণী, বিভাগ, বিষয়। "বাজে দফা ভা.চ ৫৪০। বঁধু আসতে যেতে সব দফাতে খাঁটিআছে ব.প ১৮৪৮। দা ২৩৭। দানের দফায় নবডঙ্কা হু ১৬। E.P. 61. ২ অবস্থা, সময়। "দায় দফা পড়লে বাবু…আফোন্তের তামাম করেন হু ৪০। ৩ বার (time)। "দু দফা। ৪ দূর, অপগত, শেষ। "মকদ্দমা জিত হলে আফদ দফা হবে আ.চু ১০৯ ; তেনারি…দাওয়াই দিয়ে বোখরকে দফা করে খেচড়ি খেলান ১২৩। ৫ আইনের ধারা (section) ; ধারা-অনুসারে অভিযোগ। "তোমার দফা ডিক্রী হলো—দা ২০৯৯। [দফায় দফায়—ভাগে ভাগে ; বারে বারে। দফা রফা—দফা শেষ বা সারা। "দা ৪৯৯। "বে-আইনীর দফা রফা হু ৬৫ ; মুখাগ্নির দফা রফা কলেতে কর্ব্বে সৎকার ২০০। আ.চু ১৬৪। দফা সারা—দফা শেষ করা ; নিহত বা অকর্ম্মণ্য করা। "কংস রাজা আছে থাপা, যাবামাত্র সারবে দফা দা ৫৩২ ; দিবে নৌকাখানির দফা সেরে ১০৩০ ; তার যাবামাত্রেই সা'রব দফা ১২৬৩। দফে —দফায়, বারে, কিস্তিতে।]

দফাদার বি [আ দফ.া'+ফা দার্] ১ অশ্বারোহী সৈন্যের কর্ম্মচারি-

বিশেষ। "দফাদার জমাদার চলে।—ভা.চ ৪৫৯। ২ চৌকিদারদিগের সর্দ্দার। [°রী—দফাদারের কাজ বা পদ।]

দব পুং [√দু+অ (অচ্)-ক] ১ বন। ২ অরণ্যবহ্নি, দাবানল। "গজা দবার্ত্তাঃ ভ ৮.৬.১৩। দহে ভবদব-দাহে ন.প ২৮৪। ৩ অগ্নি। ৪ জ্বর। ৫ [+অ (অপ্)-ভা] উপতাপ। —বথু পুং [+অথু (অথুচ্)-ভা] ১ উপতাপ। "ভট্টি ৪.৪৩। ২ চক্ষুদাহ (A.)। [°দহন (পুং)—বনজাত অগ্নি; দাবানল। "°দহন কা.প্র ৯.৩৫৭। °দাহ (পুং)—দাবানল-জ্বালা। "দবদাহোচ্ছুষ্কশস্তপ্ররোহাঃ।—ঋতু ১.২২।]

দবদব দ্র 'দপ্‌দপ্'।

দবদবা বি [আ দব্‌দবহ্; হি, ঠ দবদবা; মুণ্ডারি—'দাব্‌দাবা'] প্রভাব, প্রতাপ; আতঙ্ক। "পুলিসের মাজিষ্ট্রেটী কর্ম্ম প্রাপ্ত হইলে, তাঁহার দবদবায় কলিকাতা সহর কাঁপিয়া গিয়াছিল আ.দু ৪৭। (কর্ত্তা) ছেলেদের উপরে সর্ব্বদা তাঁইস করে থাকেন, সে দবদবাতেই ব্যাঘাত পড়েছিল হু ৫৭।

দবাগ্নি, -বানল পুং [উ.লো] বনজাত অগ্নি; দাবানল। "°গ্নি রঘু ২.১৪। ঋতু ১.২৫। °নল ভ ৩.৩০.২২। কুঞ্জে কুঞ্জে °ল সা.ম ৫৮।

দবিষ্ঠ বিণ [দূর+ইষ্ঠ (ইষ্ঠন্), দূর > দব] দূরতম, অতিদূর। —বীয়ান্ (-য়স্) বিণ [+ঈয়স্ (ঈয়সুন্)-১ব; স্ত্রী -য়সী] দূরতর, দূরস্থ। "মাঘ ২.৫১। নৈব মুক্তিরপি দবীয়সী (কি)।

দভ্র বিণ [√দন্‌ভ্+র (রক্)-(?), উ ২.১৩] অল্প। "কি ১.৩৮। অদভ্রদয়য়া দৃষ্ট্যা ভ ৩.১৫.৯।

দম্ অক [দি, প—দাম্যতি; সেট্] শম, শান্তীভাব। "দাম্যতি মুনিঃ (ক.ক)। —ম্ সক শান্তীকরণ, শমনা, শাসন। "অরিন্দমঃ পা ৩২. ৪৬, সি। দমিত্বাপ্যরিসংঘাতান্ ভট্টি ৯.৪২; ১৮.২০।

দম১ পুং [√দম্+অ (ঘঞ্)-ভা, বৃদ্ধ্যভাব] ১ দণ্ড, নিয়ন্ত্রণ, নিবর্ত্তন। ২ ইন্দ্রিয়সংযম। "মনু ৪.২৪৬। ৩ বাহ্যেন্দ্রিয়নিগ্রহ। 'নিগ্রহো বাহ্য-বৃত্তীনাম্ দমঃ। "দমঃ শমঃ মহা ৩.৫৮.১০। ৪ তপঃক্লেশসহিষ্ণুতা, দান্তি (অ.কো)। ৫ কুৎসিত কর্ম্ম হইতে চিত্তনিবারণ। 'কুৎসিতাৎ কর্ম্মণো বিপ্র যচ্চ চিত্তনিবারণম্। স কীর্ত্তিতো দমঃ…॥—পদ্মপুরাণ। ৬ মনোদমন; শীতাতপাদিদ্বন্দ্বসহিষ্ণুতা (মনু ৬.৯২, কুল্লুক)। ৭ [+অ -ণ] দণ্ড, অর্থদণ্ড। "মনু ৯.২৮৪। ৮ শারীরিক বা মানসিক দুঃখ-দাতার প্রতি কোপের বা প্রতিহিংসার অভাব। 'অত্রি ৪০। ৯ [+অ. ক] বিষ্ণু। ১০ কর্দ্দম। —ম বিং [অপ্র] দময়িতা, শাসক। তু 'অরিন্দম'। "দমনিয়া ভবদম…শমনে মে ১০৮। —মক২ বিণ [+অক (ণুল্)-ক] শাসক, বিনেতা। "অপ্রাপ্ত° মহা ১৩.২৩.৭৯। অশ্বোষ্ট্র° মনু ৩.১৬২। —মথ পুং [+অথ-ভা, উ ৩.১১৪] দমন; ইন্দ্রিয়-নিগ্রহ। —মন বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ১ শাসক, বিনেতা, দণ্ডয়িতা। "শত্রু° (S.W.)। সর্ব্ব° শ ৭২১/৬। বাদিবৃন্দ-দমনী বিদ্যা।—ভর্ত্তৃহরি। জামদগ্ন্যস্তু দমনে উ.চ ৫.৩২। শমনদমন রাবণ রাজা, রাবণদমন রাম কৃ ১৭৫। দামিনীদামদমন রুচি জ.প ১; কালিদমন-দমন রঙ্গ ২২। ব ৬৪। দানব-দমনী ভা.চ ২৫০। শমন-দমন (কৃষ্ণ) দা ২৯১। দুর্গতিদমনী বা.দ ৭৯। ২ উপশান্ত। —ন ১ যন্তা, সারথি। ২ বীর। ৩ বিষ্ণু। ৪ মহাদেব। ৫ ব্রহ্মর্ষিবিশেষ। "মহা ৩.৫৩.৬। ৬ দময়ন্তীভ্রাতা। ৭ কুন্দবৃক্ষ। ৮ পুষ্পবৃক্ষবিশেষ, দ্রোণ, দোনা। —ন ক্লী [+অন-ভা] ১ দণ্ড, শাসন। "অমিত্র° গো.রা ২.২০.৩৬। ২ বিনয়ন, বশীকরণ। ৩ সংযমন, নিয়ন্ত্রণ, ইন্দ্রিয়নিগ্রহ। "মনসো দমনম্ (মহা)। ৪ বিনাশ, নিধন। "সুন্দস্ত্রী° উ.চ ৫.৩৪। —মনক পুং ১ সর্থ 'দমন (৮)। ২ ষড়ক্ষরপাদ ছন্দোবিশেষ। —মনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] দণ্ডনীয়, শাসনীয়। [দমনিয়া—দমন করিয়া। "মে ১০৮। তু 'শান্তাইল, সানন্দিল'।]

দম২ '-ম্' বি [ফা দম্] ১ নিঃশ্বাস, প্রশ্বাস। "দম ফেলা, বন্ধ করা, লওয়া। ২ প্রতারণ, শঠতা। "°বাজ, °বাজী। হরনাথ বসু তাহার দমে ভুলিয়া…দোকান করিয়া দিলেন ব.প্র ২০৪। ও পুরুষের দম গি.ছি ১১৭। ৩ প্রাণ, জান। "যার বাটী যায় তার নাকে আনে দম বি.সু ৯১। ৪ একবার শ্বাসগ্রহণের কাল; লহমা, মুহূর্ত্ত। ৫ শ্বাসের সহিত মাদকদ্রব্যের ধূমপান। "মার দম ক'সে দম গাঁজার কল্‌কে তুলে জা ৩১। ৬ জীবনী শক্তি। ৭ কাষ্ঠাদির ভারধারণের শক্তি; মজবুতের ভাব। ৮ মুখ-ঢাকা পাত্রে অগ্নিতে খাদ্যদ্রব্যের পাক; দমে পাক-করা দ্রব্যের ব্যঞ্জন। "দমে বসান। দমের আলু। আলুর দম। ৯ (সঙ্গীতে) সুরের বিলম্বিত উচ্চারণ। ১০ স্নেহ, ভালবাসা। "কোলের ছেলেতে মায়ের বেশী দম। ১১ বাদ্যের ভাণ্ডমধ্যস্থ বদ্ধ বায়ু। ১২ ঘড়ির স্প্রিংএর পাক (wind)। "ঘড়িতে দম দেওয়া। [°কল (হি °ল)—বায়ুর সাহায্যে জলতোলার যন্ত্র (pump)। °দরদ—ভালবাসা ও সহানুভূতি। °বাজ (দম+ফা বাজ.)—প্রতারক, শঠ। "মিন্সে দমবাজ গি ছি ১১১। °বাজী (ফা দম্‌বাজ়ী)—শঠতা, ধাপ্পা। "আ.দু ৫৫। °সম—ছল-কল, কল-কৌশল। "দমসম দিয়া টাকাটা হাত করিতে পারিলে অনেক কর্ম্মে আসিত আ.দু ৫৮। দম খাওয়া—(হি দম খানা)—চুপ করিয়া থাকা। দম দেওয়া—১ ধোকা দেওয়া; বঞ্চনা করা। ২ শ্বাসরোধপূর্ব্বক ধূম পান করা; দম লাগান। দম লওয়া—বিশ্রাম করা। দমে ভারী —১ প্রাণশক্তিযুক্ত, শক্ত, মজবুত। ২ যে দ্রব্য হঠাৎ সিদ্ধ হয় না। "পুরাণো চাল দমে ভারী বি.বু ৩৩। একদম মিথ্যা—সম্পূর্ণ মিথ্যা। এক দমে—এক নিঃশ্বাসে, একেবারে।]

দম৩ '-ম্' বি [ধ্বন্যাত্মক; হি ধম] ১ ভারী দ্রব্যের পতনশব্দ। "দম করিয়া পড়া। ২ ফাটার গম্ভীর শব্দ।

দম৪ সর্ম্ম [সং √দম্,-মি > লি, প্রা √দম] দমন করা; অভিভব করা; বশ করা। "হুতাশন তেজে, গলে লৌহ; বারিধারা দমে কি তাহারে?—মে ১২৭; ইন্দ্রে দমিনু সংগ্রামে ২০৮। —ম অর্ম্ম ১ দমিত হওয়া; নিরুৎসাহ বা সাহসভাঙ্গা হওয়া। "দাক্ষ্যের উদ্যম দেখি' দমি' গেল বুক স্ব.প্র ১৭৫। ২ [হি √দব] অতিভারে বসিয়া যাওয়া বা নত হওয়া (to yield)। —মা সর্ম্ম [দম+আ৮] ভয়ে অভিভূত করা। "কামানের তখন খুলিল মুখ,…কাপুরুষের দমাইয়া বুক স্ব.প্র ১৬৫। [দমা—সর্থ 'দম৪'। দমান—সর্থ 'দমা'।]

দমক১ অর্ম্ম [হি √°ক; তু 'চমক'; পদ্যে] ১ ক্ষণিক প্রকাশ পাওয়া; চমকান। "চলিত ললিত, গৌর অঙ্গ, দামিনী জনু দমকে দু ৮৮। দমকে দামিনী ব.প ৮১৭; ন.প ২৯৫। ২ 'দমদম' শব্দ করা। "দামামা দমকে যেন নব জলধর দু ৭৮।

দমক২ দ্র 'দম১'।

দমকা বিং [হি 'ধমক'—চোট (মূল?)] ১ আকস্মিক প্রচণ্ড বেগবান্। "কিন্তু যে জীর্ণ জাহাজকে একটু নাড়া দিলেই তাহার…আল্‌গা তক্তা ঠকঠক করিয়া আঘাত করিতে থাকে, ঐ দমকা হাওয়া কি তাহার পালের পক্ষে সর্ব্বনেশে জিনিষ নয়?—রবীন্দ্র। ২ ['দম২—মূল] জীবনী শক্তির ক্ষয়কর। "দমকা ভেদ। [দমকা খরচ—হঠাৎ প্রচুর ব্যয়।]

দমঘোষ পুং চন্দ্রবংশীয় চেদিরাজ শিশুপাল-পিতা। "শ্রী.ম ১৫৪। [°জ, °সুত (পুং)—শিশুপাল। 'দমঘোষের বেটা শিশুপাল' ইহা হইতে প্রবচন—'দামু ঘোষের বেটা শিশুপাল', অর্থাৎ ঘোষের ছেলে পাল (ইহা জাতিবিষয়ে পূর্ব্বাপর অসঙ্গতির উদাহরণে ব্যবহৃত হয়)।]

দমদম বি [ধ্বন্যাত্মক] ১ দামামার শব্দ। "দামামা দমদম ভা.চ ৪৬০,-৬২। ২ [?] চুড়ীবিশেষ। "মেয়েকে আটগাছি দমদম (দেব) জা ৫০। —মা বি [আ দম্‌দম্; ঠ ধমধমা] চাঁদমারির জন্য মৃত্তিকার স্তূপ।

দমদমা দ্র 'দমদম'।

দমন, দমনক দ্র 'দম[১]'।

দমনলতা বি [সং °নক] দ্রোণ, দণ্ডকলস। "°লতা জনি দমসল হাতি বি.সা ১২২। [পাঠান্তর—'মদন'লতা বি.প ৭১।]

দময়ন্তী স্ত্রী [√দমি+অৎ (শতৃ)-ক+স্ত্রী ঈ (ঙীপ্)] বিদর্ভরাজ ভীমের কন্যা। [ব্রহ্মর্ষি দমনের বরে জন্ম হেতু ইঁহার নাম 'দময়ন্তী'। ইনি স্বয়ংবর-সভায় কলি-প্রভৃতিকে ত্যাগ করিয়া নলকে পতিত্বে বরণ করিলে, নল কলির কোপে পাশক্রীড়ায় সর্ব্বস্বান্ত ও নির্ব্বাসিত হন। দময়ন্তী পতির অনুগমন করেন এবং পতিবিরহিতা হইয়া মাতৃস্বসার গৃহে উপস্থিত হন। অনন্তর পিতৃগৃহে নীত হইলে, দময়ন্তী দূত দ্বারা নলের সন্ধান করিয়া, স্বয়ংবরচ্ছলে বিদর্ভে নলকে আনয়ন করেন এবং পুনর্মিলিত হন (মহা ৩.৫৩-৭৬তম অধ্যায়)।]

দময়িতা (-তৃ) বিণ [√দমি+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী ; 'দমিতা' (ঋগ্বেদ ৩.৩৪.১০)] শাসিতা, দণ্ডয়িতা। —তা পুং ১ বিষ্ণু। ২ মহাদেব।

দমাদম ক্রি.বিং ['ফা দমাদম্'—নিরন্তর ; হি ধমাধম ; ধ্বন্যাত্মক] নিরন্তর প্রহার বা আঘাতের শব্দ। "দমাদম মারা। দরজায় দমাদম ঘা লাগালুম ঘ ২৭৩।

দমিত বিণ [√দমি+ত (ক্ত)-র্ম ; বিকল্পে 'দান্ত'] কৃতদমন, নিগৃহীত, শাসিত। "নাগে বৈ দমিতে ময়া হ ৬৮.৫৬। বঙ্গেশ্বরের কোন্ শত্রু এ পর্য্যন্ত দমিত হয় নাই ব.প্র ১২৭। —মী (-মিন্) বিণ [+ইন্ (ঘিনুণ্)-ক-১ব ; স্ত্রী -মিনী] ১ দমনশীল, দময়িতা, বিজেতা। "রিপু° মে ১৯৫ ; তুরঙ্গম° ২৮৬,-৯০। ২ দমযুক্ত, জিতেন্দ্রিয়। "মহা ৩.৮২.৭৪।

দম্প বি [সং দম্ভ ; অপ্র] অহঙ্কার। "দম্প কথা ব.প ৬৫।

দম্পতি পুং, দ্বিব [জায়া ও পতি, দ্বন্দ্ব, জায়া > দম্ ; তু 'দংপতিং গার্হপত্যাদিরূপেণ গৃহস্য পালকম্। দম ইতি গৃহনাম। অকারলোপশ্ছান্দসঃ (ঋগ্বেদ ১.১২৭.৮, সায়ণ) ; দংপতী জায়াপতী (৫.৩.২, সায়ণ) ; বোধ হয়, 'দম'—গৃহ, অর্থাৎ গৃহিণী, জায়া ; 'দংপতী'—জায়াপতী ; 'দম্'এর অনুকরণে 'জায়া' > জম্—'জম্পতি' ; হি, ঠ দংপতি, -তী] পতি ও পত্নী। "°তী মহা ১৩.৫১.২২। মনু ৩.১১৬। রঘু ১.৩৫ ; চটক°, বায়স°, সিংহ°, হালিক° (পক্ষ)। °তী ক.চ ৪৯ ; এক ফুলে মধু পীয়ে ভ্রমর দম্পতি ১৪৪। °তি শ্রী.ম ৭ ; °তী ১৫ ; ১৬৭। °তী অ.প ১৩৯ ; চৈ.চ ৫১। °তি শ্রী.মা ৫২। °তী ভা.চ ৭১৩। দেবদম্পতী মে ৫৬ ; ১৪৬। °তী মা ১২৯। কৃষকদম্পতি প.তৃ ৪৪। কপোত-দম্পতী চ.কা ২১১। চক্রবাকদম্পতী হু ২১২। হিন্দু দম্পতীর পিতৃমাতৃগণ পা.প্র ২। ['দম্পতি', শব্দের প্রথমার দ্বিবচনের পদ 'দম্পতী', সুতরাং কর্তৃকারকে কথঞ্চিৎ সঙ্গত হয়, কিন্তু 'দম্পতীকে', 'দম্পতীর' ইত্যাদি পদের প্রয়োগে সঙ্গতি থাকে না। অতএব বাঙলায় 'দম্পতি' শব্দের প্রয়োগই সঙ্গত।] [দম্পতি(তী)বরণ—দানসাগরশ্রাদ্ধে বরণবিশেষ। "কেহ বলে—একটা দম্পতীবরণ না করিলে সামান্য শ্রাদ্ধ হবে আ.দু ১২৯।]

দম্ফ বি [সং দম্ভ > প্রা *দম্ফ (তু 'রম্ভা > রম্ফা—হে ৪.৩২৫) ; অপ্র] ১ অহঙ্কার, বীরদর্প। "দম্ফেতে কহিল ম ৯০৭। শ্রী.মা ১৯৭ ; ঘোর দম্ফে ধরা কম্পে ১৯৮। দু ৮১ ; দম্ফে লম্ফ মারে ৮৭। শি ১৩। মত্ত যেন রণদম্ফে সা.ম ৫৯। ২ [ডম্ফ > দম্ফ ; অপ্র] বাদ্যবিশেষ। "শ্রী ১৪৬।

দম্বল বি ['দই-অম্বল' > °ল] দই পাতার টক ; সাজা।

দম্ভ পুং [√দন্ভ্+অ (ঘঞ্)-ভা] ১ কপট, অযথার্থ-ব্যবহার (অ.টী), শাঠ্য। "রা ২.৫১.১। ২ ধর্ম্মধ্বজিত্ব, অর্থাৎ আপনাকে ধার্ম্মিক বলিয়া প্রকাশ করা। 'দম্ভো ধর্ম্মো ধ্বজোচ্ছ্রয়ঃ।—মহা ৩.৩১৩.১০০। "গী ১৬.৪। হি ১.৮। ৩ লোকমোহার্থ ধর্ম্মানুষ্ঠান। ৪ পূজাপ্রাপ্ত্যর্থ নিজ-ধার্ম্মিকত্বখ্যাপন (ত.বা)। ৫ ধর্ম্মে অনুৎসাহ। "মনু ৪.১৬৩। ৬ অহঙ্কার। "বীর মহাদম্ভে দিল লম্ফ কৃ ১৯৮। ক.চ ৫৭। শ্রী ১১২। ভা.চ ৩৭৮। —ক বিণ [+অক (ণ্বুল্)-ক] প্রতারক, বঞ্চক। "লোক° মনু ৪.১৯৫। —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] বঞ্চন, মোহন। "স্ত্রীশূদ্র° মনু ৪.১৯৮।

দম্ভক, দম্ভন দ্র 'দম্ভ'।

দম্ভাল বিং [দম্ভ+আল[৮] ; অপ্র] দম্ভযুক্ত, সগর্ব্ব। "গর্জ্জন দম্ভাল শ্রী.ম ২০৯।

দম্ভী (-ম্ভিন্) বিণ [√দন্ভ্+ইন্ (ণিনি)-ক-১ব। দম্ভকারক, লোকরঞ্জনার্থ কর্ম্মানুষ্ঠায়ী, ধর্ম্মধ্বজী। "যাজ্ঞ ১.১৩০।

দম্ভোলি পুং [দম্ভ+ √লী+ই (ডি)-ক, পৃষো (অ.টী)] যাহা দম্ভে শরীরে লীন হয়, বজ্র। "মে ৪৮ ; ১৪৫। হেম ২৩১। [°নিক্ষেপী (বি ; অপ্র)—বজ্রনিক্ষেপক ইন্দ্র। "মে ৫১।]

দম্য বিণ [√দম্+য (যৎ)-র্ম্ম] ১ দমনীয়, দমনার্হ। ২ প্রাপ্তভার-বহনযোগ্যাবস্থ (বৎসতর)। ৩ শিক্ষণীয়াবস্থ। "রঘু ৬.৭৮। —ম্য পুং ১ বৎসতর, দামড়া (অ.টী)। ২ দমনার্থপ্রযুক্ত বলীবর্দ্দাদি। "মনু ৮.১৪৬।

দয়্ সক [ভ্বা, ঙ—দয়তে ; সেট্] ১ দয়া, অনুকম্পা। ২ গমন। ৩ রক্ষণ, পালন। ৪ বধ, হিংসা। ৫ গ্রহণ। ৬ দান।

দয়া স্ত্রী [√দয়্+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ পরদুঃখহরণেচ্ছা ; পরদুঃখসহন, কৃপা, করুণা। 'যত্নাদপি পরক্লেশং হর্ত্তুং যা হৃদি জায়তে। ইচ্ছা…সা দয়া…॥ "দয়ায়া ভগিনী মূর্ত্তিঃ ভ ৬.৭.৩০। ২ আত্মবৎ সর্ব্বভূতের হিতসাধনেচ্ছা। "কো ধর্ম্মো ভূতদয়া হি ১.১৫৬। ৩ অনুকম্পা। "বড় দয়া লাগে মাও তব কথা শুনি বা.ম ৩৩১।

দয়াবন্ত বিং [দয়া+বন্ত ; হি, ঠ, গু °ন্ত] দয়াবান্, দয়ালু। "চৈ.ম ১১। জ ১৩।

দয়াবীর পুং [উ.লো] দয়ান্বিত বীর ; পরদুঃখহরণে উৎসাহযুক্ত মহাপুরুষ বা নায়ক—জীমূতবাহনাদি। 'সা.দ ৩ ২৩৪।

দয়ামই বিং [দয়াময়ী > °ই ; অপ্র] করুণাময়ী। "বি.সু ১৩৩।

দয়াল বিং [সং দয়ালু ; হি °ল ; ঠ, গু দয়াল.] দয়াবান্। "হে দয়াল, দয়া দিয়ে হবে গো মোর জীবন ধুতে।—রবীন্দ্র। —লী বিং [অপ্র] দয়াবতী। "কে তুমি দয়ালী দু ৫৯ ; পরম° ৬২ ; ৭২।

দয়ালু বিণ [√দয়্+আলু (আলুচ্)-ক] দয়াশীল, কারুণিক। "মহা ১.৩৭.১৯। যশঃশরীরে ভব মে দয়ালুঃ ৫৭।

দয়িত বিণ [√দয়্+ত (ক্ত)-র্ম্ম] ১ অভীষ্ট, বল্লভ, প্রিয়। "দয়িতা ভার্য্যা রা ১.১.২৬। মহা ৩.১৫৪.৪। 'তনয় বে ৩.৯। ভট্টি ১০.৯। ২ রক্ষিত। "ভট্টি ১০.৯। —ত পুং ১ প্রিয়, স্নিগ্ধজন। "তুমি সব কৃষ্ণের দয়িত চৈ.ভা ১৬০ ; ২৬৭। চৈ.চ ৮১। দয়িতদুর্গতি বি.সু ১১৫। ২ পতি। —ত ক্লী প্রিয় বস্তু, ইষ্টদ্রব্য। "যচ্চাস্তি দয়িতং গৃহে।—বিষ্ণু ৯২.৩২। ৩ (বাঙলায়) জগন্নাথের একশ্রেণীর সেবক। "বলিষ্ঠ দয়িতাগণ যেন মত্তহাথী চৈ.চ ১৫১। —তা স্ত্রী ১ প্রিয়া, প্রেমপাত্রী। "প্রসন্নদয়িতাদৃষ্টস্য (কংসদ্বিষঃ)।—বে ১.২। কা ত্বমাস্মি, দয়িতা সা.দ ৩৬৬। ২ ভার্য্যা। "রঘু ২.৩।

দ(দো)য়েল, দহিয়াল, দৈয়াল বি [দই-কোয়েল (দধি-কোকিল) > °ল ; হি দয়াল ; ড় দইআল ; দধিকুল (ঢাকা)] ক্ষুদ্র পক্ষিবিশেষ (Magpie-robin—ইহাদের পেটের পাখা দধিবৎ সাদা, অবশিষ্টাংশ কাল)। "দৈয়াল বা.ম ১১৮। দহিয়াল ভা.চ ১২৮। দোয়েল স.স্ব ৪৮।

দর[১] বিণ [√দৃ+অ (অচ্)-ক] বিদারক। —র পুং, ক্লী [+অ (অপ্)-ভা] ১ ভয়। "কি ১.৩৩। °তিমির গী.গো ১০.২। দু ২। ২ [+অ-র্ম্ম] শঙ্খ। "°বর.ভ ১.১১.১ ; ২। ৩ কন্দর ; বিল, গর্ত্ত।

"মাতঙ্গ পড়িলে দরে, পতঙ্গ প্রহার করে ভা.চ ১৯৩। ৪ স্রোতঃ, প্রবাহ। —র ব্য [তু 'দর'—অর্দ্ধ (দেশী ৫.৩৩)] ঈষৎ, অল্প। "দর-তরলেঙ্খিণি বঙ্কসি দরোন্নতে তব মুখে চ দরহসিতে (আর্য্যাসপ্তশতী)। °বিদলিতমল্লী গী গো ১.৩৬। [°বিগলিত—প্রবাহরূপে, অর্থাৎ প্রচুর ক্ষরিত। "নয়নবারি দরবিগলিত হইয়া বহিতে লাগিল ব.দ্বি ৫৬।]

দর[2] '-র্' বি [হি, ঠ, গু °র] ১ মূল্য, দাম (price)। "মনে রেখে দিস্ যেটার যা' দর কা ৯৫। ২ হার, রেট, নিরিখ। ৩ প্রতিষ্ঠা, সম্মান, কদর। "বড় দরের লোক। [°কষাকষি (bargaining)—মূল্য কমাইবার বিশেষ চেষ্টা; দর কষামাজা। °কসর, °কস্তুরী—দরে কমী; দরাদরির পর বিক্রেতা যাহা ছাড়িয়া দেয়। °দস্তুর—দর ও তদ্বিষয়ে কথাবার্ত্তা। "দর দস্তুর করিতে করিতে এখন দুইমাস কাটাইতে পারিব ব.প্র ৪৭৫।]

দর[3] '-র্' বিং [ফা দর্] অধীন, অন্তর্গত। [°ইজারা—ইজারাদারের অধীন ইজারা। °পত্তনী—পত্তনীদারের নিকটে লওয়া পত্তনী।]

দরওয়াজা, -রজা, -রোজা বি [ফা দর্ৱাজ়া] ১ দ্বার, দোর, ফটক। "আঠার দরজার মধ্যে গো.চ ৯০। যোড় যোড় দামরা থুইছে দরওয়াজা টাঙ্গিয়া ব.প ৬৯। দরোজাসম্মুখে ভ.গ্র ২২৫। দরওয়াজার সম্মুখে ব.প্র ৩০৫। ২ কপাট। "বাঞ্ছারাম···দরওয়াজা ভাঙ্গিয়া সার-জন সহিত···অন্তঃপুরে গমন করেন আ.দু ১৯২। দরজা খোল গি.দ্বি ১২৮।

দরকার বি [ফা দর্কার্ (বিং)] প্রয়োজনীয়তা, আবশ্যক। —কারী বিং [°র+ঈ⁷] প্রয়োজনীয়, জরুরী।

দরখাস্ত বি [ফা দর্খ্‌ৱাস্ত্] আবেদনপত্র, প্রার্থনা। [°কারী —আবেদক, প্রার্থী।]

দরগা বি [ফা °গাহ্] মসজিদ, পীরের কবর বা স্থান। "জা ৩৫। [°য়—সমীপে।]

দরগুআ বি বিবাহের গণ-পণ স্থির করিয়া পাকা করার নিমিত্ত সভায় গুয়া পান দেওয়ার আচারবিশেষ। "গো.চ ৫৩।

দর(রো)জা দ্র 'দরওয়াজা'।

দরজী বি [ফা দর্জ়ী] সূচিকর্ম্মজীবী, সৌচিক (tailor)।

দরদ[1] পুং, বহুব ১ দেশবিশেষ, দরদীস্তান। "গো.রা ৪.৪৪.১৫। মহা ২.২৭.২৩। ২ ম্লেচ্ছজাতিবিশেষ; ক্রিয়ালোপাদি হেতু শূদ্রত্বপ্রাপ্ত ক্ষত্রিয়গণ (কুল্লুক)। "মনু ১০.৪৪। —দ স্ত্রী হিঙ্গুল।

দরদ[2] বি [ফা দর্দ্] ১ ব্যথা, বেদনা। "দরদ লাগা। ২ দয়া, করুণা। "অরিগণ প্রতি হীন দরদ, বরদ ভক্ত স্বজনে দু ৮৮। ৩ সহানুভূতি, সমবেদনা। "(আহা) দরদ দিয়ে কেউ দেখে না কু.কে ৪৫; ১৫৪। ৪ মমতা, মায়া, টান। "প্রাণের পর দরদ নেই ওদের ঘ ১৯৪। —দী বিং [°দ+ঈ⁷; হি দর্দী] সমবেদনাযুক্ত, ব্যথার ব্যথী, হামদরদী। "কু.কে ৪৫।

দরদর ক্রি.বিং [দর[1] > °র (দ্বিত্ব)] অবিরতপ্রবাহে, নিরন্তরধারায়, প্রচুরভাবে। "অবিত বাদর৹ বরিখত দরদর জ.প ২৪। ভাদর দরদর গো ২৩৯। বাদর দরদর জ্ঞা ২৩৮। নয়নে বহিছে কত (ধারা)৹···দর-দর শ্রীবুক বহিয়া ন.প ৩০৬। দরদর ধারা বহি পড়ে দুনয়ানে ভ.গ্র ৩০৫। দরদর···পড়ে কালঘাম শি ৭১। —দর বি অবিরত অশ্রু-প্রবাহ। "গায়ে হাত দিয়া৹ উঠায় ধরিয়া৹ স্নেহে দরদর বুক প.র ২। [দরদরদরিছে—দরদরদর, অর্থাৎ নিরবধি ধারায় ক্ষরিত হইতেছে। "নিরবধি অশ্রুবারি দরদরদরিছে।—হেম ৩৬। দরদরিত—প্রবলবাহিত। "অশ্রুবারিস্রোত দরদরিত হইয়া বহিতে লাগিল ব.প্র ১০৫।]

দরদালান বি [দর্-দালান্] বাহিরের দালান বা হল্। "নী ১৬। অতিথ দরদালানে দাঁড়িয়ে আছে গি.দ্বি ১২৭।

দরপণ, -ণী, -ন বি [সং দর্পণ > (স্বরাগমে) °ণ; হি °ন, -নী; বৈষ্ণবসাহিত্যে] আরশি। "মরকত দরপণ বি.প ১৪৫; দরপণ ধরব ২০৬; হাতক দরপন ২১২। দরপনী চ.দা ৩২।

দরপেষ, -স ক্রি.বিং [ফা দর্পেশ্] সম্মুখে, সামনে। [দরপেষ করা—সম্মুখে উপস্থিত বা হাজির করা। "সনন্দ দরপেষ করহ E. P. 63; সোলানামা দরপেস করিলে 74.]

দরব অর্ম্ম [দ্রব > (স্বরাগমে) °ব; বৈষ্ণবসাহিত্যে] দ্রব করা; গলান। "যার গুণে দরবয়ে দারু পাষাণ ব ১৩; লীলা শুনইতে৹ শীলা দরবই ২০৯। [দরবয়ে, -বে, দরবি (প.ক)। দরবিত—দ্রবীভূত, গলিত। "(অন্তর) দরবিত না ভেল তোর জ.প ২৯।]

দর(রো)বস্ত বিং [ফা দর্-ও-বস্ত্] সমগ্র, সকল, সম্পূর্ণ। "হুসিয়ার দরবস্ত বি.সু ১৫। দরোবস্ত জঙ্গল ব.প ১৬৮৬; পরিজন লোক দরো-বস্ত ১৬৮৭। দরবস্ত দেবত্তর E.P. 48; দরোবস্ত মাফিক শনন্দ 68. [°বস্ত হকুক (দলীলে)—সমগ্র অধিকার।]

দরবার বি [ফা দর্ৱার্] ১ রাজসভা, কাছারি, আদালত, বিচার-সভা। "গো.চ ৩; ১২,-৫। ২ রাজপ্রতিনিধির সভা। "বড়লাটের দরবার। ৩ (গৌণার্থে) অভিযোগ, নালিশ। ৪ সভা। "অপরূপ দেখিনু বিদ্যার দরবার ভা.চ ৩২১। [দরবারে আম (দর্বার্-ই-'আম্) —সর্থ 'আমদরবার'। "ব.প্র ৪৯৫। দরবারী কানাড়া—রাগিণীবিশেষ। ইহার সময় রাত্রির প্রথম প্রহর, ঠাট কোমল গ ধ নি, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

দরবেশ বি [ফা দর্ৱেশ্] ১ পরিব্রাজক, মুসলমান সন্ন্যাসী (dervish); ভিখারী। "ফকির দরবেশ গো.চ ৩। সত্যপীরের ইঙ্গিতে মেশে৹ বাউলে ও দরবেশে কু.কে ১৬৩। ২ মিঠাইবিশেষ।

দরমা বি [দলময় > °মা (?); হি দরমা—বাঁশের চেটাই] ছেঁচা নলে নির্ম্মিত চেটাইবিশেষ।

দরমাহা বি [ফা °হা] মাসিক বেতন। "ঘ ৭। E.P. 109.

দরশ[1] বি [সং দর্শ > (স্বরাগমে); °শ; হি °শ, -স; মৈ °স; গু °শ; বৈষ্ণবসাহিত্যে] দর্শন। "নাথ দরশ সুখে বিহি কৈল বাদ বি.প ১৮৪। তোহারি দরশ বিনু।—ব ১৮৭। দীনদরশে দ্রবিত ভার দু ৬১; ৭৯। —শন, -সন বি [দর্শন > °ন; হি °সন; মৈ °শন, -সন; তু 'প্রা দরিসণ; দরিশন (শ্রী.কী); বৈষ্ণবসাহিত্যে] ১ দর্শন, সাক্ষাৎকার। "দুহুঁ দরশনে বিদ্যাপতি ভোর বি.প ১২৭,-৮৫; ২১১। রাধা দরশনে শ্রী.কী ২৩। দেবী দিল দরশন গো.বি ৩১; ৮৫। ২ দর্শনশাস্ত্র। "জোগ দরসন গো.বি ১৩৫। ছয় দরশন রা.স ৬। ৩ আকৃতি। "শ্রী.কী ৩৪৬। ৪ (অপ্র) অনুসন্ধান। "শুচিচন্দ্র চলি গেল আপনার দরশন গো.চ ৩৯৪। ৫ বৈরাগীর সম্প্রদায়বিশেষ। "দরশনের বৈরাগি সাজিবার নাগিল গো.চ ১৬৩। [দরশ পরশ—দর্শন স্পর্শন। "তাকর দরশ পরশ অবগাহ গো ২০৪। জ্ঞ ১৬১। পাবন দরশ পরশ ব.সু ৬১। দরশসুবহ—দর্শনে সুখকর; সুদর্শন। "(দেহ) তক্-আচ্ছাদনমাত্র দরশ-সুবহ ভ.গ্র ১৯৯।]

দরশ[2] সর্ম্ম [দরশ[1] > °শ; হি √দরস; বৈষ্ণবসাহিত্যে] দর্শন করা; দেখা। "প্রেমভরে পন্থ বিপথ নাহি দরশই (প.ক)। —শা সর্ম্ম [°শ+ আ⁸; সং √দর্শি (দর্শয়) >প্রা √দরিস; গু √দরশাব] দর্শন করান; দেখান। "(উরজ) থোর থোর দরশায় বি.প ১২; কুচ দরশায়বি ৫৫। অঙ্গ দরশায় ক.চ ১৬৩। স্তন দরশায় ভ.গ্র ৩৯১। আধ কুচ দরশায় জ.প ১৮। (মুখ) মুকুর দরশায়ব।—ব ২০৯। অধর দরশায়সি গো ১০৮; নয়ন দরশায়ল ১৮৭। [দরশাই (দেখাইয়া), দরশাইতে, -শায়লি, -সু (প.ক)। দরশি—১ দরশাইয়া, দেখাইয়া। "উরজ দরশি মনবাধা বি.প ১৩২। ২ দেখিয়া। "মঞ্জু মুখ দরশি৹ বিহসি তনু মোড়ই গো ৯৭।]

দরাজ বিং [ফা দরাজ়] ১ দীর্ঘ, বিস্তৃত, দূরপ্রসারিত (জায়গা, বিছানা)। ২ দানে মুক্ত। "যেমন ধনের কপাল মন্ত৹ তেমনি দানের

দরাজ হস্ত।—কা ৯৩। [দরাজ গলা—যে গলা ইচ্ছামত চড়ান যায় ; অবাধ সুর।]

দরি, -রী স্ত্রী [√দৃ+ই (ইন্)-র্ম্ম, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্)] কন্দর, পর্ব্বত-বিবর। দরীমুখোত্থেন সমীরণেন কু.স ১.৮; ১০; দরীগৃহদ্বার ১৪। একা ভার্য্যা সুন্দরী বা দরী বা।—ভর্তৃহরি। সিংহ মুখ মেলে দরী ক.চ ৫২; দরী গিরি ১৪১,-৭। কাঁপে দরি গিরি চ.বি ১৪৯; দরী ১৫১। দরী অ.গু ১২।

দরিদ্র বিণ [√দরিদ্রা+অ (অচ্)-ক ; বৈদিক] দুর্গত, নিঃস্ব, নির্ধন। "বিষং গোষ্ঠী দরিদ্রস্য হি ২২ (কথারম্ভ)। স তু ভবতু দরিদ্রো যস্য তৃষ্ণা বিশালা।—ভর্তৃহরি। দরিদ্রো যস্তুসন্তুষ্টঃ (ভ)। —দ্রতা স্ত্রী [°দ্র+তা (তল্)] ১ দরিদ্রভাব, নির্ধনতা। "সর্ব্বশূন্যা দরিদ্রতা হি ১.১৩৪। ২ হীনতা, রাহিত্য। "অয়ং পটঃ সূত্রদরিদ্রতাং গতঃ মৃ ২.৯। —দ্রিত বিণ [+ত (ক্ত)-ক] দুর্গত। [দরিদ্রনারায়ণ—দরিদ্রস্থিত আত্মরূপী নারায়ণ। "°ণের সেবা।]

দরিদ্রা অক [অদা, প—°দ্রাতি ; সেট্] দুর্গতি, অকিঞ্চনীভাব।

দরিয়া বি [ফা দর্‌য়া ; তু 'দর্‌য়া (ব.প ৫৭৩)] ১ সমুদ্র। "সে পূজা আমার যায় দরিয়ায় ভাসিয়া শ্রী.মা ৮৯। ২ বড় নদী ; নদী। "পিয়া দরিয়ার না বি.প ২১০। দরিয়ার ঘাটে গো.চ ২১। ব.প ৩৫। শ্রী.মা ১৬৪। ডিঙ্গা ডুবালি দরিয়ায় কৃ ২৫১। দরিয়া ভাঙ্গে আড়া শ্রী ১৩৩। ঝড় থামিয়াছে—দরিয়ায় তুফান কেন?—ব.প্র ১৪৩। মাঝদরিয়ায় ফেলে জাল ডেঙ্গায় ব'সে টান জা ৩৬।

দরী দ্র 'দরি'।

দরুণ, -ন [ফা দরূন্—in, within] ১ হেতু, জন্য। "কাজ কর্ম্মের ভীড়ের দরুণ ভদ্দর বাবুর…সহরেই বাস হু ২১৩। পাতান সম্বন্ধের দরুণ যাতায়াত পা.প্র ৫০। ২ অন্তর্গত। দরুন সাহাপুরে…পতিত ॥২ কাঠা জমি E.P. 58 ; 59. ৩ সম্বন্ধী। "ঘটকের দরুণ বাটীতে বেণীবাবু…কথাবার্ত্তা কহিতেছেন আ.দু ১৫৩।

দরোয়ান বি [সং দ্বারবান্ ; ফা, হি দর্‌বান্ ও দর্‌বান্ ; ঠ গু দর্‌বান্] দ্বাররক্ষক, দ্বারী। "ভ.গ্র ১৯০। —য়ানী বি [ফা, হি দর্‌বানী] দ্বারবানের কার্য্য বা পদ।

দর্দ্দরীক পুং [উ ৪.২৮ ; ধ্বন্যাত্মক] ভেক। —ক পুং, ক্লী বাদ্যভেদ। তু 'দর্দ্দুর (৩)।

দর্দ্দুর পুং [√দৃ+উর (উরচ্)-ক, উ ১.৪০ ; ধ্বন্যাত্মক (?)] ১ মেঘ। "ভরতনাট্যশাস্ত্র ৩৪.৪। ২ ভেক। "গো.রা ৪.২৯.১৩। মনু ১২.৬৪। ৩ বাদ্যবিশেষ। "মৃ ৩২/১৮। ৪ পর্ব্বতবিশেষ। "গো.রা ২.১০০.২১। রঘু ৪.৫১। —রা স্ত্রী চণ্ডিকা।

দর্দ্দুরা দ্র 'দর্দ্দুর'।

দদ্রু, -দ্রূ পুং [উ ১.৯০, টীকা] দদ্রু, দাদ। [°ণ—দদ্রুরোগী।]

দর্প পুং [√দৃপ্+অ (ঘঞ্)-ভা] ১ অহঙ্কার। "মনু ৮.২১৩,-৫। ২ পরহ্রাসেচ্ছা, অর্থাৎ অন্যকে খর্ব্ব করার ইচ্ছা। "শু ৫.৪৪। ৩ ধন-স্বজনাদিনিমিত্ত উৎসেক বা গর্ব্ববিশেষ। "গী ১৬.৪। ৪ উচ্ছৃঙ্খলতা। "চরন্তি পথি তে (সরীসৃপাঃ) দর্পাৎ রা ২.২৮.১৯। ৫ বিকত্থন, শ্লাঘা। ৬ হর্ষজন্য গর্ব্ব (ত.বা)। ৭ ধর্ম্মমর্য্যাদাতিক্রম (ত.বা)। ৮ উৎসাহ (মল্লিনাথ)। "তেজোবিহীনং বিজহাতি দর্পঃ (কি)। ৯ মৃগমদ, কস্তুরী। ১০ [+অ (অচ্)-ক] 'যাহা পীড়ক'; উষ্মা, তাপ। —র্পক বিণ [+অক (ণ্বুল্)-ক] দর্পকারক। —র্পক পুং 'মোহকারক', অনঙ্গ। [°কল (বিণ)—দর্প হেতু মধুরারাবী। "দর্পকলঃ ককুদ্মান্ কু.স ১.৫৬। °হর, °হা (হন্) বিণ—গর্ব্বনাশক। °হা (পুং)—বিষ্ণু।]

দর্পণ পুং, ক্লী [√দর্পি+অন (ল্যুট্)-ক] ১ যাহা হৃষ্ট করে (অ.টী); মুকুর, আদর্শ, আরশি। "গো.রা ২.১০০.৭০। লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি।—চাণক্য। লক্ষ্মীবিভ্রম' রঘু ১০.১০। °তল শ ৭.৩২। কু.স ৭.২৬। °নির্ম্মলা মাঘ ৪.৬৭। বাপেতে সবার মুখে হইল দর্পণ কৃ ২৯৬। স্বচ্ছ সলিল-দর্পণে স.শ ৮৩। এ কি মুখ! দয়ায় দর্পণে যেন চিত্র পর-দুখ!—ন ১১৩৯। ২ পর্ব্বতবিশেষ। ৩ নদবিশেষ। —র্পণ ক্লী চক্ষুঃ। —র্পণী বি [দরপনী] ছোট দর্পণ। "রসাল দর্পণী ক.চ ১৫৩।

দর্পণী দ্র 'দর্পণ'।

দর্পী (-র্পিন্) বিণ [দর্প+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্পিণী] দর্পবান্, গর্ব্বিত। "গিরিশবর° হ ৩০২ ৬৭।

দর্ব্বি, -র্ব্বী স্ত্রী [√দৃ+বি (বিন্)-ক, উ ৪.৫৩] ১ 'ব্যঞ্জন-বিদারক', হাথা, ডাবু। "দর্ব্বী মহা ২.৫৫.১ ; দর্ব্বীপরিঘট্টন—মহা ৩.৩১২.১১৮। ম ৫৮০। ২ (সাদৃশ্যে) ফণ। —র্ব্বিকা স্ত্রী সর্থ 'দর্ব্বি'। [°কর (পুং)—'দর্ব্বীহস্তক', সর্প। "শ্রী.মা ১৭২।]

দর্ব্বিকা, দর্ব্বী দ্র 'দর্ব্বি'।

দর্ভ পুং [√দৃ+ভ-ক ; উ ৩.১৫১ ; ছান্দস] ১ কুশ। "ঋ ১.৩.২। "দর্ভৈরর্দ্ধাবলীঢ়ৈঃ শ ১.৭। ২ কুশবিশেষ, কাশ। [°পত্র (পুং)—দর্ভ-সদৃশ যাহার পত্র, কাশতৃণ। °ময় (বিণ)—কুশাবয়ব, কুশকৃত (ব্রাহ্মণ)। °সংস্তর (পুং)—কুশাস্তরণ। দর্ভাঙ্কুর (পুং)—কুশাঙ্কুর। "শ ২.১২। দর্ভাহ্বয় (পুং)—মুঞ্জতৃণ।]

দর্শ[১] পুং [√দৃশ্+অ (ঘঞ্)-ধি ; বৈদিক] ১ যে তিথিতে সূর্য্যচন্দ্র গণনায় একত্র দৃষ্ট হয় ; সূর্য্যেন্দুসঙ্গম, অমাবাস্যা। 'একত্র স্থিতচন্দ্রার্ক-দর্শনাদ্ দর্শ উচ্যতে। "°পৌর্ণমাস। ২ অমাবাস্যায় করণীয় যাগ। ৩ [+অ-ভা] দর্শন। "দর্শস্পর্শ চৈ ১৪০,-৯৯। ৪ [+অ-র্ম্ম] দৃশ্য। ৫ [সং আদর্শ ; অপ্র] দর্পণ। "দু ১০।

দর্শ[২] অর্ম্ম [সং দর্শ[১] > °র্শ ; হি √দরস] দৃষ্টিগোচর বা জ্ঞানগোচর হওয়া; ঘটা, হওয়া। "রাজত্বলাভে এই ফল দর্শিয়াছে যে…উত্তরকালীন লোকেরা আমাকে নৃশংস রাক্ষস…বলিয়া গণনা…করিবে সী ৫৮। আসামীর কিছুমাত্র ফল দর্শিবার সম্ভাবনা নাই নী ৫৭। আমি…কাজ শেখাবার চেষ্টা করবো, কিন্তু ফল দর্শে এমন বোধ হয় না স.এ ১১। —র্শা সর্ম্ম [°র্শ+আ[৮] ; হি √দর্শা] দৃষ্টিগোচর করান ; দেখান। "দর্শাবে ভয় বি.সু ১০ ; ভয় দর্শাইয়া ৪০। আমি তোমাকে…সমুদায় দর্শাইতেছি চা.তৃ ৪। বেহারা…পথ দর্শাইয়া চলিল।—য ৬। [দর্শিত—দেখা যাইত ; হইত। "অপর কোন ব্যক্তিকে দিলে ফল দর্শিত নী ৬৪।]

দর্শক বিণ [√দৃশ্+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -র্শিকা] ১ দ্রষ্টা, পর্য্যবেক্ষক। ২ প্রবীণ, নিপুণ। "অক্ষ°। ৩ প্রধান (ত.বা)। ৪ [√দর্শি+অক -ক] দর্শয়িতা, প্রদর্শক। "মার্গস্য দর্শকঃ কু.স ৬.৫২। অপারে ভগবান্ পারদর্শকঃ ভ ১.১৩.৩৯। ৫ বোধয়িতা, জ্ঞাপক। "পরোক্ষার্থস্য দর্শকম্ (শাস্ত্রম্) হি ১০ (কথারম্ভ)। ৬ উৎপাদক। "মনু ৮.২৮৪। —ক পুং দ্বারপাল।

দর্শন বিণ [√দৃশ্+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী ; তু 'দ্রসন (দর্শন)—মী ৭ ; ৪৪,-৬] ১ দ্রষ্টা। "মৈথিলীদর্শনীনাম্ (অঙ্গনানাম্) রঘু ১১.৯৩। ২ [√দর্শি+অন-ক] দর্শয়িতা, প্রদর্শক, বোধক। "হেতুভির্মোক্ষদর্শনৈঃ মহা ১.২.৩১৫। পরোক্ষার্থস্য দর্শনম্ (শাস্ত্রম্) হি ১০ (কথারম্ভ)। ভাগবতধর্ম্ম° ভ ৫.৪.১২। —ন ক্লী [+অন-ভা ; বৈদিক] ১ অবলোকন। "দর্শনেন শ্রবণেন…ইদং সর্ব্বং বিদিতম্ (শতপথব্রাহ্মণ)। ঋ ১.১০.৭; প্রিয়° ১৬.২২। অনেকাদ্ভুত° গী ১১.১০। ভীম° রঘু ৩.৫৭ ; মাঘ ১৭.২৬। ভীষণ° মে ১৫৩। ২ উপলব্ধি, বোধ, জ্ঞান। "আত্ম° যাজ্ঞ ১.৮। রঘু ৮.৭২। ৩ বুদ্ধি। ৪ সাক্ষাৎকারশক্তি। "অতীন্দ্রিয়েষ্বপ্যুপপন্নদর্শনঃ রঘু ৩.৪১। ৫ সাক্ষাৎকার। "মাং রাজদর্শনং কারয় হি ৩/৫০। ৬ জ্ঞানমাত্র—দর্শনস্পর্শনাদি। "ইন্দ্রিয় দ্বারা সকল বস্তুর দর্শন হয় (বোধোদয়)। ৭ স্বপ্ন। "দর্শ দর্শনে রাজা দেবং নারায়ণং প্রভুম্।—হ ২৪.১২। ৮ প্রকাশন, প্রকটন। "ভগবদ্বীর্য্যদর্শনে

ভ ২.৫.৯। ৯ সমীপে আনয়ন; হাজির করা। "মনু ৮.১৫৮। ১০ [+অন-ণ] 'দৃষ্টিসাধন', নেত্র। "চিন্তাজড়ং দর্শনম্ শ ৪.৬। ১১ অধ্যাত্মজ্ঞানসাধন শাস্ত্র—সাংখ্যবেদান্তাদি। [ন্যায়দর্শন বৈশেষিক সাংখ্য যোগদর্শন পূর্ব্বমীমাংসাদর্শন ও বেদান্তদর্শন—ষড়্দর্শন। তদ্ভিন্ন নাস্তিক-বৌদ্ধ-জৈন-বৈষ্ণবাদি মতভেদে দর্শন নানাবিধ।] ১২ শাস্ত্র। ১৩ ধর্ম্ম। ১৪ যজ্ঞ। ১৫ দর্পণ। ১৬ [+অন-র্ম্ম] বর্ণ; রঙ্। ১৭ রূপ (শ্রীধর), আকৃতি। "অপীব্য° ভ ১.১২.৮; নারদো দেবদর্শনঃ ২.৮.১। [°পথ (পুং)—নেত্রগোচর স্থান; দৃষ্টিপথ। °প্রতিভূ (পুং) —দর্শনার্থ প্রতিভূ; দোষীকে রাজসমীপে হাজির করার জামিন; হাজির জামিন। "যাজ্ঞ ২.৫৫। [দর্শন প্রত্যয় ও দান ভেদে প্রতিভূ ত্রিবিধ। "মনু ৮.১৫৮,-৬০,-৬২, কুল্লূক; যাজ্ঞ ২.৫৪) ।]

দর্শনী বি [দর্শন+ঈ³; হি, ঠ °নী] ১ দর্শনকালে দেয় অর্থ; প্রণামী, নজর, ভিজিট, ফি। ২ বিবাহে পাকা দেখার সময়ে দেয় অর্থ। "কন্যা-দরশনী দিয়া করিল লগন ক.চ ৪৭।

দর্শনীয় বিণ [√দৃশ্+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ দর্শনার্হ, দ্রষ্টব্য। "ত্বয়া দর্শনীয়ং বস্তু ন দৃষ্টম্ শ ২৳। ২ সুন্দর, মনোহারী। "পাদপচ্ছায়ায়াং বিরচিতলতাবিতানদর্শনীয়ায়াম্ শ ২৳। দর্শনীয়োঽসি পুত্রক।—পঞ্চ ৪.৪৯। ৩ চক্ষুগ্রাহ্য। ৪ [√দর্শি+অনীয়] প্রদর্শনার্হ, দেখানর যোগ্য। "(ইদম্) °য়ং যদীচ্ছসি রা ১.৬৭.৬।

দর্শয়িতা (-তৃ) বিণ [√দর্শি+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] ১ প্রদর্শক। "পথঃ শ্রুতের্দর্শয়িতারঃ।—রঘু ৩.৪৬। ২ উপদেষ্টা। "ত্বং নো গতির্দর্শয়িতা চ।—মহা ৬.৩.৬১। —য়িতা পুং দ্বারপাল, প্রতীহার।

দর্শা, -র্শান দ্র 'দর্শ'।

দর্শিত বিণ [√দর্শি+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রকাশিত, আবিষ্কৃত, প্রকটিত। "রূপং পরং দর্শিতম্ গী ১১.৪৭। দর্শিতশিষ্যভক্তি রঘু ২.৪০। ২ প্রতিপাদিত। ৩ নির্দ্দিষ্ট।

দর্শী (-র্শিন্) বিণ [√দৃশ্ + ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -র্শিনী] ১ দ্রষ্টা; দর্শক। "সর্ব্বতো ভয়দর্শিনী গো.রা ৩.২৭.৯। কৈকেয়ী... ক্রূরদর্শিনী রা ২.৭৫.১২। দোহদলিঙ্গ° রঘু ১৪.৭১। ২ উৎপ্রেক্ষমাণ। "পিণ্ডবিচ্ছেদ° রঘু ১.৬৬। ৩ সাক্ষিরূপে দ্রষ্টা। "কু.স ২.১৩। ৪ বেদী, বেত্তা। "মন্ত্র° মনু ৩.২১২। ৫ বিবেচক। ৬ সাক্ষাৎকারক। [সমাসে উত্তরপদ]

দল্ অক [ভ্বা, প—দলতি; সেট্] ১ ভেদ, বিশরণ। "দলতি ন সা হৃদি বিরহভরেণ গী.গো ৭.৩৫। ২ বিদীর্ণীভাব। "বাহুদণ্ডবিদলৎকোদণ্ড-চণ্ডধ্বনিঃ (মহানাটক)। ৩ বিকসন। "দরবিদলিতমল্লীবল্লি গী.গো ১.৩৬। —ল্ সক বিদারণ। "দলতি কাষ্ঠং কুঠারঃ (ক.ক)। —ল্ সক [চু, প—দলয়তি; সেট্] ভেদ, বিদারণ। "মুষ্টিনাদলয়ত্তস্য মূর্দ্ধানম্।—ভট্টি ১৭.৭৮। [বি—বিভেদ, বিকাশ।]

দল¹ পুং, ক্লী [√দল্+অ (ঘঞর্থে-ক)-ভা] ১ ভেদ, বিশরণ, বিদীর্ণ হওয়া। ২ [+ত-র্ম্ম] খণ্ড, খণ্ডিতাংশ, শলাকা। "বেণু° মনু ৮.২৯৯। ৩ [+অ (অচ্)-ক; তু 'তা ইদল.—পত্র] পত্র, পাতা। "নলিনী-দলতালবৃন্ত শ ৩.১৭; ১৮। রঘু ৪.৪২। অশ্বত্থের দলে ক.চ ১৮১। মালুরের দল ম.পা ৯। ঘনদল-মাল নবীন তমাল চৈ ৩। বিশুষ্ক অধর-দল ন ৮২৮। ৪ তমালপত্র। ৫ (সাদৃশ্যে) অস্ত্রফলক, অস্ত্রের পাতা (blade)। ৬ পত্র, পাপড়ি। "কমলের দলের উপর ম.পা ১৩২। ফুলদল মে ৬। ৭ অঙ্কুর, প্ররোহ। "সুশোভিত তরুলতা নবদলপাতে ভা.চ ১৪১। ৮ কোষ, খাপ। ৯ অপদ্রব্য (alloy)। ১০ উৎসেধ। ১১ অর্দ্ধ, অর্দ্ধাংশ। ১২ রাশি, পরিমাণ। "জল° মে ৬২। ১৩ সৈন্য-সমূহ, ফৌজ। ১৪ ধন। ১৫ (বাঙলায়) সমূহ, সমবায়। "যন্ত্র°, বামা° মে ৫৩; মেঘ° ৬৩। রণভীরু° প.তৃ ৫৭। ১৬ পক্ষ, গণ। "নহি ঘর-দল আমি নহি পরদল ক.চ ২৪৩। ১৭ একজাতি পশুসমূহ বা পক্ষি-সমূহ; যূথ, ঝাঁক। "ভেড়ার দল। ময়ূরের দল। ১৮ সম্প্রদায়। "কীর্ত্তনের দল। যাত্রার দল। ১৯ ধর্ম্মসম্প্রদায়। "বৈষ্ণবের দল। গোঁড়ার দল। ২০ জলজাত পত্রবহুল উদ্ভিদ্; ঝাঁঝি, শেয়ালা ইত্যাদি। "দলের উপর কোয়া পাখি করছে ডুবাডু গো.চ ১০৭। দলপাখী...বুলে দলে শ্রী.মা ৮৬। ২১ ধানগাছের মত জলজ তৃণবিশেষ। "দল দুর্ব্বা সোলা শি ৮০। ২২ [সং দর¹] গর্ত্ত, গহ্বর। "মাতঙ্গ পড়িলে দলে, পতঙ্গেতে কিনা বলে ব.প ১৬২৮। —ল বিং দলনকারক, নিপীড়ক। "দৈত্যকুল° ইন্দ্রে দমিনু সংগ্রামে, মরিতে কি তোর হাতে?—মে ২০৮। [°কচু (বি)—ধান্যবিশেষ। "ভা.চ ৫৪৯। °ঘাঁটা (বিং)—যে দল ঘাঁটে, অর্থাৎ সকল দলেই যায়, কোন দলেই স্থায়ী নহে। "যে সকল লোক দলঘাঁটা...তাহারা ঘুরিয়া ফিরিয়া নানা কথা বলে আ.চু ১২৮। °পতি (বি)—দলের মণ্ডল; সর্দ্দার। °পাখী, °পিপী (বি)—সর্থ 'জলপিপি'। "°পাখী শ্রী.মা ৮৬। °পিপী ভা.চ ১২৬। °বিদল—স্বপক্ষ-বিপক্ষ। °ভুক্ত (বিং)—দলের অন্তর্গত; পক্ষীয়। দলাদলি—স্বপক্ষ-বিপক্ষ-ভাব; বিরোধ, আড়ি। "বিদ্বদলের সঙ্গে °দলি দা ২৭৩। দল পাকান, বাঁধা—সমবেত হওয়া।]

দল² বি [ফা দোআল্] ১ চামড়ার পটি (leather-strap)। ২ [সং দল, হি দল] পাটের মত বস্তুর স্থূলতা বা মোটাই (thickness)। "দলে পুরু তথতা, পাথর।

দল³ সর্ম্ম [সং √দল্ >প্রা √দল; হি √দল; ঠ √দল.] ১ দলিত করা; নিপীড়িত করা। "তিন সহস্র যক্ষ মারীচ বীর দলি কৃ.উ ৩৫; পৃথিবী দলিঞা বেড়ায় রাজা দশানন ৪৩; ১১১। দশদিগ দ'লে বুলে শ্রী.মা ১৪৮। পাষণ্ডকুল দলই ন.প ৩৯১। ২ মর্দ্দন করা; ডলা। "তেলে জলে দিতে হৈল দলি শি ১০৪; দলে মলে ১০৫। বল কি হইবে কলিকা দলিলে ভা.চ ৩৩১। ৩ পদে পেষণ করা; মাড়ান। "পদ্মবন দৃপ্ত করী যথা পদে দলে প.তৃ ৫৭। ৪ পেষণ করা। "যুবকের বুকে বাঁশ দিয়া দলে ব.প্র ৩৭৪। [লৌহ-দলা করে—যে হাতে লৌহ চূর্ণ করে; অত্যন্ত কড়া হাতে। "(দৈত্য) ধরিল কবির হাত, লৌহ-দলা করে।—স্ব.প্র ১১৩। দলিলোঁ, -বোঁ (শ্রী.কী)।]

দলই বি [দলপতি >প্রা *দলঅই >বা °ই; ড় দল.ই; সং দ্বারা-ধিপ] ১ দ্বারপাল। "সিংহদ্বারের দলই চৈ.চ ৩৩৮। শ্রী.ম ২২৩। ২ সৈন্যাধ্যক্ষ। "ফৌজে ফৌজে লয় লাগ, দলই ঘড়ই ভাগ শ্রী.ম ২২৩।

দলদলে বিং [ঠ 'দলদলীত'—মাংসল] মাংসল, শিথিল (দেহ)।

দলন বিণ [√দল্+অন (ল্যুট্)-ক; স্ত্রী -নী] ভেদী, নিপীড়ক। "মেঘদলনা বৈদ্যুতা...বহ্নয়ঃ ভ ৭.১০.৬০। বিপক্ষ° ম ৯৬২। দুরিত-দলনী দুর্গারে দ্ব ৫০। দৈত্যদলদলনী বা.দ ৭৯। —লন ক্লী [+অন-ভা] ১ ভেদন, বিদারণ। "মত্তেভকুম্ভদলনে ভুবি সন্তি শূরাঃ কন্দর্পদর্পদলনে বিরলা মনুষ্যাঃ।—ভর্ত্তৃহরি। ২ হরণ, নাশ। 'দ্র (১)। ৩ পেষণ; চূর্ণীকরণ। —নী স্ত্রী লোষ্ট্র।

দলনী দ্র 'দলন'।

দলবল বি [হি °বল; তু 'দলবল্ল'—গ্রামস্বামী (দেশী ৫.৩৬)। স্বপক্ষ ও সৈন্যসামন্ত; লোক-লশ্‌কর; স্বপক্ষীয় লোক-জন; স্বগণ। "ক্ষণেকে ক্ষীরোদকূলে, উত্তরিলা দলবলে ম ১২। চতুরঙ্গ দলবল শ্রী.ম ১৫৪। শিশুপাল সেজে এল সঙ্গে দলবল শ্রী.মা ১৩৮। সাজল দলবল ভা.চ ৪৫৮।

দলমল ক্রি.বিং [সং √মর্দ্দয়্ >প্রা √দলমল] দলিতমর্দ্দিতভাবে, প্রচণ্ডবেগে। "দলমল দোলে মুণ্ডের মাল ভা.চ ১১৬। —মল বি ১ দলন-মর্দ্দন। "দলমল করে হাতী শ্রী.মা ১১১। ২ দোলন, সঞ্চলন। "সুদীর্ঘ নিশ্বাসে অশ্রু করে দলমল।—ন ৪১৭। পাতা সব করে দলমল।—হেম

৪। —মাল বিং দলিত-মৰ্দ্দিত, তোলপাড়। "সেই সব শব্দে লঙ্কা করি দলমাল (রণে যায় বজ্রদংষ্ট্র) কৃ ২৬৬। —মল বিং বেগে দোলায়মান। "দলমল গলে মুণ্ডমালা ভা.চ ৪৩।

দলা বি [সং দলি] ১ লোষ্ট্র, ঢেলা। ২ পিণ্ড। "সাত দলা ভাত ম.ম ২০৩। নবনীর দলা বি.বু ৩৬।

দলি স্ত্রী [√দল্+ই (ইন্)-ণ (?)] সৰ্ব 'দলা (১)।

দলিত বিণ [√দল্+ত (ক্ত)-র্ম] ১ ভিন্ন, বিদারিত। "°হিরণ্যকশিপুতনু গী.গো ১.৮। হেতি°, শর° (S.W.)। ২ খণ্ডিত, মৰ্দ্দিত। "দলিতাঞ্জনমেঘপুঞ্জ (শ.ক)। দলিতাঞ্জন মেঘপুঞ্জ জিনি বরণ গো ৮৪,-৮। দলিতাঞ্জন-চিক্কণ চৈ.চ ৩৩৩। জ্ঞা ৪০। °ললিতাঞ্জন চৈ ৩। ৩ আহত, নিপীড়িত, ব্যথিত। "কেমনে মাথার মণি, রক্ষা করে দলিত ফণিনী।—ন ৯৭৩। ৪ নিরস্ত, দূরীকৃত। "রত্নদীপমালাময়ূখপটলৈর্দলিতান্ধকারে (বেশ্মনি)।—চৌরপঞ্চাশিকা ১৮। ৫ বিনাশিত, বিধ্বস্ত। "°স্থাণুবল্মীকপাষাণং সমভূতলম্।—কামন্দক। ৬ বিকসিত। ৭ অর্দ্ধীকৃত (লীলাবতী)। ৮ ক্ষুণ্ণ, আক্রান্ত, পদাহত। "রথবাজিনাগৈঃ …দলিতে ভূতলে (মহা)।

দলিল বি [আ দলীল্] প্রমাণ, লিখিত প্রমাণপত্র, লেখ্য (document)। "°দস্তাবেজ।

দলুই বি [দলই > °ই] দলপতি, সৈন্যনায়ক। "তের জন দলুই চলিল পাছু-আন শ্রী.মা ১৫৮। দোসর দলুই তের ডোম শ্রী ১২৬,-৮; °রাজ ২২৮।

দলুজ বি [ফা দেহ্‌লীজ্] বাহিরে সাধারণের বসার ঘর; বৈঠকখানা। "দলুজে বসিয়া দুঃখ ভাবে মহামদ শ্রী ৪৪; দলুজে দলুইদিগে বাসা দিল রায় ১২৮।

দশ[১] (-**শন্**) স.বিণ [ছান্দস; প্রা, হি দস; ঠ দাহা; মৈ দহ; ফা দহ্; দহ (চ); দস (গো.চ ৫২); Av. dasa; Gr. dekos; L. decem; R. desyat; Ger. tehan; E. ten] ১ দশ-সংখ্যক। "দিশো দশোক্তাঃ পুরুষস্য লোকে সহস্রমাহুর্দশপূর্ণং শতানি মহা ৩.১৩৪.১৭। পদে পদে গণি দশ চরণ চলিল ম ৪৪৬। ২ সংখ্যাবিশেষ, দশ (১০) এই সংখ্যা। ৩ (বাংলায়) বহুজন, সাধারণ লোক। "দশের মুখেতে দিলেই অন্ন, দশমুখে উঠে ধন্য ধন্য।—কা ১০৫। ৪ কিয়ৎসংখ্যক, কিছু। "সে কালে নিমকীর দাওয়ানীতে বিলক্ষণ দশ টাকা উপায় ছিল হু ১; (বাবু) বিলক্ষণ দশ টাকা রোজগার কচ্চেন ২১৩। ৫ পাশার দানবিশেষ। "দুন খেলে গৌরী, দশ দুই চারি ক.চ ২৯। ৬ বহুকথা (কলহে)। "এক বোলে দশ বলে নাহি আঁটে দেশ ভা.চ ২৪১। ৭ বহু, নানা। "দশরকম জিনিস। দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ॥ [°কণ্ঠ, °কন্ধর, °গ্রীব (পুং)—রাবণ। "দশকণ্ঠারি রঘু ৮.২৯। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—স্মৃতিবিহিত দ্বিজাতির গর্ভাধানাদি দশবিধ সংস্কার। "°কর্ম্মপদ্ধতি। °কর্ম্মান্বিত (বিং)—দশবিধ সংস্কারে নিপুণ। °কুসি—(সঙ্গীতে) তালবিশেষ। "গ ১৪; ২৫। °গ্রামপতি, °গ্রামিক (পুং)—দশগ্রামাধ্যক্ষ। "°পতি মনু ৭.১১৫। °গ্রামী (স্ত্রী)—দশ গ্রামের সমাহার; দশগ্রামবাসী লোক। "যাজ্ঞ ২.২৭৫। °দ্বার (বি)—চক্ষুরাদি নবদ্বার ও ব্রহ্মরন্ধ্র। দ্র 'নবদ্বার'। "নিরোধিল দৈত্য-দশদ্বার শ্রী.ম ৩৯। °পিণ্ড (বি)—মৃত্যুর দশম দিনে মৃতের উদ্দেশ্যে দেয় পিণ্ড; পূরকপিণ্ড। "শ্রী ১৯৯। °পুর (ক্লী) —মালবদেশস্থ রন্তিদেবের রাজধানী। "পূ.মে ৪৭। °বদন (পুং)—দশাস্য, রাবণ। "°বদননিধনকারী দাশরথিঃ গো.রা ১.১ (মঙ্গলাচরণ)। °বল (পুং)—বুদ্ধ। °বাইচণ্ডী (বি)—১ দশবাহু চণ্ডী; দুর্গা। ২ কোপনা নারী। ৩ পুষ্পবৃক্ষবিশেষ। °ভুজা (স্ত্রী)—১ দুর্গা। এই দেবী স্বায়ম্ভুব মন্বন্তরে আবির্ভূতা হন। ২ চণ্ডীমূর্ত্তি নারী। "অধিক বিলম্ব হ'লে মহারাণী দশভুজা হবেন অ.গ্র ১৫। °মহাবিদ্যা (স্ত্রী)—দশাবয়বা মহাবিদ্যা; কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী কমলা—এই দশ আদ্যা শক্তি। দ্র 'ভা.চ ৩১-৩৫। হেম ৩৪২-৩৪৩। °মুখ (পুং)—দশবদন রাবণ। "দশমুখভুজ পূ.মে ৫৮। দশমুখরিপু রঘু ১৪.৮৭। °মূল (ক্লী)—দশবিধ মূলের পাচনবিশেষ। °রশ্মিশত (পুং)—যাহার রশ্মিশত দশগুণ; সহস্রাংশু সূর্য্য। "রঘু ৮.২৯। °হাতবল (বি)—দশভুজার শক্তি; মহাশক্তি। "বচনে সেনের হল দশহাত-বল শ্রী.মা ১১১। দশ দশা—গর্ভবাসাদি জীবের দশ অবস্থা। চিন্তা-প্রভৃতির দশ কামজ অবস্থা। দ্র 'দশা[১] (২; ৩)। দশ দিক্ —উত্তর পূর্ব্ব দক্ষিণ পশ্চিম ঈশান নৈঋ‍ত বায়ু অগ্নি কোণ ঊর্দ্ধ অধঃ।]

দশ[২] সং, ক্রি [√দন্‌শ্+হি (অনুজ্ঞা, মধ্যমপুরুষ-১ব)] দংশন কর; কামড়াও। "দশ ডাক শুনি, দংশিলেক ফণী ম ৪৪৬। রাজা যখন বলে 'দশ' ম.বি ১১৩। দ্র 'মহা ৩.৬৬.১২।

দশই, -ঞি বি [দ্র 'আটই'] মাসের দশম দিন। "°ঞি ব.প ১৬৮০।

দশক বিণ [দশন্+ক (কন্) পরিমাণার্থে, পা ৫.১.৬০] দশপরিমাণ, দশসংখ্যক। "দশকং ধর্ম্মলক্ষণম্ মনু ৬.৯২; কামজো দশকো গণঃ ৭.৪৭। —শক ক্লী ১ দশসংখ্যা। "দশকস্তু বামে গতি শুভঙ্কর কয়। ২ (বাংলায়) দশ গণ্ডা। "দশকে দশকে পণ (শুভঙ্কর)। [দশকীয়া (শুভঙ্করী) দশকের গণনাবিশেষ।]

দশচক্র বি দশের ষড়যন্ত্র বা কূটমন্ত্রণা। [দশচক্রে ভগবান্ ভূত —ভগবান্ এক রাজার সভাপণ্ডিত ছিলেন। বুদ্ধিবলে তিনি রাজার বিশেষ প্রিয়পাত্র এবং রাজসংসারে সর্ব্বেসর্ব্বা হন। অমাত্যগণ এই হেতু মিলিত হইয়া, দ্বারীকে বলিলেন, 'ভগবানকে রাজবাটীতে প্রবেশ করিতে দিবে না; বলিবে, রাজা অসুস্থ।' এইরূপে রাজার সহিত ভগবানের দেখা করার পথ রুদ্ধ হইল। রাজা জিজ্ঞাসা করিলে, অমাত্যেরা একবাক্যে বলেন, 'ভগবান্ পীড়িত।' দুই এক দিন পরে, অমাত্যেরা রাজাকে ভগবানের মৃত্যুর কথা বলিলেন। এদিকে, ভগবান্ রাজবাটীতে প্রবেশ করিতে পারেন না; দশের চক্র বুঝিলেন। কিন্তু রাজদর্শন না হইলে, প্রতিবিধান অসম্ভব। অতঃপর, একদিন রাজা অমাত্যসহিত নগরভ্রমণে বহির্গত হইলেন। তখন ভগবান্ দর্শনের আশায় পথিপার্শ্বস্থ একবৃক্ষে উঠিয়া, করসঙ্কেতে রাজাকে আহ্বান করিতে লাগিলেন। অমাত্যেরা তাহা দেখিয়া কহিলেন, 'মহারাজ, ঐ দেখুন, ভগবান্ ভূতযোনি-প্রাপ্ত হইয়াছেন; এ পথ ত্যাগ করুন।' রাজাও দশচক্র না বুঝিয়া ভূতরূপী ভগবানের পথ হইতে প্রত্যাবৃত্ত হইলেন, ভগবানের রাজদর্শন হইল না। অতএব সামান্যনীতিবচন —চক্রং সেব্যং নৃপঃ সেব্যো ন সেব্যঃ কেবলং নৃপঃ। অহো চক্রস্য মাহাত্ম্যাদ্ ভগবান্ ভূততাং গতঃ॥]

দশতি স্ত্রী [দশাবৃত্ত দশ, দশতি (নীলকণ্ঠ), নিপাতিত] শত। "কদ্রূণাং দশতীর্দশ (জনয়ামাস) মহা ১.১৬.১৩।

দশদিক্ষু [সং দশসু দিক্ষু] দশ দিকে। "বি.সু ১৭৩।

দশধা বা [দশন্+ধা (ধাচ্)] ১ দশ প্রকারে; দশবার। "গায়ত্রীং দশধা জপ্ত্বা ততঃ সন্ধ্যাং সমাচরেৎ। ২ দশভাগে। "রিক্থজাতং তু দশধা পরিকল্প্য (বিভাগং কুর্ব্বীত) মনু ৯.১৫২।

দশন[১] পুং, ক্লী [√দন্‌শ্+অন (ল্যুট্)-ণ, 'ন্'-লোপ নিপাতিত] 'দংশনসাধন', দন্ত। গো.রা ৩.৩৬.৭। মনু ৩.১০। °প্রভাতি রঘু ৫.৫২। শিখরিদশনা উ.মে ২১। দশনে লইয়া বি.সু ৪৪। °বৃন্দ—ব ৬৬। —ন ক্লী [+অন-ক] ১ বর্ম্ম। তু 'দংশন'। ২ (সাদৃশ্যে ?) পর্ব্বতশৃঙ্গ। ৩ [+অন-ভা] দংশন। "মতি ভোলে রাধিকার দশন রসনে শ্রী.কী ১৩৪। [°কপাটী (বি)—দাঁতকপাটী। "জ ৮০। দশনচ্ছদ (পুং)—'দন্তের আচ্ছাদন'; ওষ্ঠ। "দশনস্তো দশনচ্ছদান্ মহা ১.১০২.২০।

সন্দষ্ট° ভ ৭.২.২। °বসন (বি), °বাসঃ (-সস্) ক্লী—দশনের বস্ত্র-তুল্য; ওষ্ঠ। "°বসন রা.শে ৩১; ব ৬৪। °বীজ (পুং)—যাহার বীজ দশনতুল্য; দাড়িম্ববৃক্ষ। °মাজনী (বি)—দন্তমার্জ্জনী, দাঁতমাজার গুঁড়া। "রা.শে ৫। দশনে তৃণ করা বা ধরা—আপনার তৃণভোজিপশুত্ব, অর্থাৎ মূঢ়তা স্বীকার করা; ঘা'ট মানা। "ক.চ ১৪০।]

দশন[২] বি [দশধরণ > °ন, °শান] দশধরণ পরিমাণ তৈলাদির আধার; তেলের পলা। "দশন পোনের, তৈল লাগে মোর, খরচ এক এক গোদে শ্রী ৯২।

দশনাংশু পুং [ষ.ত] দন্তপ্রভা, দন্তরুচি। "কু.স ৬.২৫।

দশনাঙ্ক পুং [দশনের অঙ্ক; ষ.ত] দন্তচিহ্ন, দন্তক্ষত।

দশনামী বি সন্ন্যাসিবিশেষ। "ব.প ১৫১৪। [শঙ্করাচার্য্যের প্রধান চারি শিষ্য; পদ্মপাদ হস্তামলক মণ্ডন তোটক। ইঁহাদের দশ শিষ্য। বিশেষ বিশেষ লক্ষণানুসারে এই দশ শিষ্যের তীর্থাদি দশটি নাম ও এই দশ জন হইতেই দশনামী সন্ন্যাসীদের তীর্থাদি দশ সংজ্ঞা উৎপন্ন হইয়াছে। ইঁহাদের বিশ্বাস এই যে, যিনি ব্রহ্ম তিনিই শিব; ইঁহাদের কতকগুলি নিরবচ্ছিন্ন নির্গুণ-উপাসক। ইঁহারা ডোর কৌপীন ধারণ করেন ও মৃত্যু ঘটিলে শব দাহ না করিয়া মৃত্তিকার মধ্যে স্থাপন অথবা জলে নিক্ষেপ করিয়া থাকেন (ভা.উ)।]

দশনোচ্ছিষ্ট পুং [তৃ.ত] ১ দন্ত কর্ত্তৃক উচ্ছিষ্ট; ওষ্ঠ। ২ চুম্বন। "রেবতীদশনোচ্ছিষ্টপরিপূতপুটে দৃশৌ (মাঘ)।

দশপঁচিশ বি পাশাখেলার মত কড়ির খেলাবিশেষ। "খেলে দশ-পঁচিশ ছকড়া লয়ে কড়ি শি ১৮। [ইহা চারজনের খেলা—এক এক দিকে দুই জন। প্রত্যেকের চারটি কড়ি-ঘুঁটি থাকে। ছয়টা বা সাতটা কড়ি লইয়া খেলিতে হয়। এক কড়া চিৎ হইলে 'দশ' ও পাঁচ কড়া চিৎ হইলে 'পঁচিশ' দান হয়। ইহা হইতে নাম 'দশপঁচিশ'।]

দশবাণ, -ন বিং [দশবর্ণ > °ণ, -ন; তু 'হি দশবান্নি সোনা (প.ক)] সহজ বর্ণ অপেক্ষা দশগুণ বর্ণবিশিষ্ট; অতিবিশুদ্ধ। "দশবাণ স্বর্ণ জিনি অঙ্গের বরণ ম ২৬৫; দশবাণ সুবর্ণ জিনিয়া অতি শোভা ৪৭৮। নির্ম্মল যেন দশবাণ হেম চৈ.চ ১৬২। কষিল এ দশবাণ সুবরণ তনু চৈ.ম ৪২। কাঞ্চন দশবান।—গো ৭৪। কনক দশবাণ জ্ঞা ১০১। দশবাণ (কাঁচা সোণা) শ্রী ৪৯।

দশম পু.বা [দশন্+ম (মট্); স্ত্রী -মী; ছান্দস] দশসংখ্যার পূরণ; নবমের পরবর্ত্তী। "দশমে যুগে।—ঋগ্বেদ ১.১৫৮.৬। দশমে মাসি ১০.১৮৪.৩। বাক্ চৈব দশমী মনু ২.৯০। —মী[২] স্ত্রী ১ চন্দ্রের দশম-কলাক্রিয়োপলক্ষিত তিথি। ২ শতাব্দীর শেষ দশক বা দশবর্ষ; জীবিতকালের নবতি হইতে শতবর্ষ-পর্য্যন্ত শেষ দশকরূপ বয়োবস্থা; শেষ বয়োদশা। "মানার্হঃ শূদ্রোঽপি দশমীং গতঃ মনু ২.১৩৭। [পুরুষের জীবিতকাল শতবর্ষ; সুতরাং, দশমী অবস্থা নবতি হইতে শতবর্ষ-পর্য্যন্ত।] [দশমী দশা—কামজ দশ দশার শেষ দশা; মৃত্যু। দ্র 'দশা[১] (৩)। "কেবল দশমী দশা বিধি সিরজিল বি.প ১৯২। দশমী দশা পরবেশ গো ২৬৩। দশমী দশা পরকাশ (প.ক)। দশমী-দশাশ্রমী—দশমী দশার আশ্রমস্থিত; মৃত্যুদশাগত। "তব গুণ গুণি গুণি, দশমী-দশাশ্রমী, দুরবল ভেল নিজ দেহা গো ২৫২।]

দশমিক বিং দশমসম্বন্ধী, অর্থাৎ দশ বা দশের কোন শক্তি দ্বারা বিভক্ত (রাশি)। —মিক বি তাদৃশ বিভক্ত ভগ্ন রাশি; দশমিক ভগ্নাংশ (decimal)।

দশমী[১] (-মিন্) বিণ ['ম+ইন্ (ইনি) বয়ঃ-অর্থে,-১ব] দশমবয়ো-দশাবান্, নবতির ঊর্দ্ধবয়স্ক; অতিবৃদ্ধ। [দশমী দ্বার—ব্রহ্মরন্ধ্র। (দ্র 'নবদ্বার')। "দশমী দুয়ারে দিলো কপাট শ্রী.কী ৩৫৯। ভেদিয়া দশমী দ্বার গো.বি ১৩৯,-৪৫। (চর্য্যাপদে) 'দশমি দুআরত'—বৈরোচনদ্বারে (টীকা)। "চ ৭।]

দশমী[২] দ্র 'দশম'।

দশমীস্থ বিণ [°মী+√স্থা+অ (ক)-ক; উ.ত] বয়সের দশমী দশায় স্থিত; অতিবৃদ্ধ। "দশমীস্থস্য (পন্থা দেয়ঃ) মনু ২.১৩৮।

দশরথ পুং [বহুব্রী] যাহার রথ দশ দিকে, অর্থাৎ সর্ব্বত্র অপ্রতিহত; সূর্য্যবংশীয় রাজবিশেষ। "রঘু ৮.২৯। দশরথ রথী, রঘুজ-অজ-অঙ্গজ মে ১৫৪। [ইঁহার পিতা অজ, মাতা ইন্দুমতী, কৌসল্যা কৈকেয়ী সুমিত্রা ইঁহার মহিষী। ঋষ্যশৃঙ্গের পুত্রেষ্টিতে ইঁহার রাম লক্ষ্মণ ভরত শত্রুঘ্ন চারি পুত্র জন্মে। কৌসল্যার গর্ভজাতা ঋষ্যশৃঙ্গপত্নী শান্তা ইঁহার কন্যা। রামের রাজ্যাভিষেকে কৈকেয়ী ইঁহার নিকটে পূর্ব্বে স্বীকৃত বরদ্বয়ে রামের চতুর্দ্দশ বর্ষ বনবাস ও ভরতের রাজ্যাভিষেক প্রার্থনা করেন। সত্যভীরু রাজা এই বিসদৃশ প্রার্থনা পূর্ণ করিয়া রামশোকে প্রাণত্যাগ করেন।]

দশরাত্র ক্লী [স.দ্বি, সমাসান্ত অ (অচ্)] দশ রাত্রি; রাত্রিদশক। —রাত্র পুং দশ রাত্রিতে নির্ব্বৃত্ত যজ্ঞবিশেষ।

দশলকী বি গাজনে লোহার অস্ত্রবিশেষ। "হু ১; ১২।

দশশত ক্লী বিণ [উ.লো] দশগুণিত শত; সহস্র। "°লোচনধ্বজিন্যা কি ৭.১৭। °করধারী হি ১.২০। —শত ক্লী সহস্র সংখ্যা। "দাস্যামি গবাং দশশতম্ মহা ৩.৬৮.৫। নিঃস্বো বষ্টি শতং শতী দশশতম্ (সু.র)। —শতী স্ত্রী [স.দ্বি, স্ত্রী ঈ (ঙীপ্)] সহস্র। [°করধারী (-রিন্), °রশ্মি (পুং)—'সহস্রকিরণ', সূর্য্য। °নয়ন (পুং)—ইন্দ্র। °মুখ (বি)—সহস্রমুখ, বিষ্ণু। "ন.প ১৫২। °অক্ষ (পুং)—'সহস্রনেত্র, ইন্দ্র। "মহা ৭.১৮৩.৪৭।]

দশশালা, -সালা বিং [ফা দহ্সালা] দশবৎসরস্থায়ী (decennial)। "পত্নীর ভ্রাতা বা ভগিনী আসিয়া ভগিনীপতির গৃহে দশশালা বন্দোবস্ত করিয়া লইবেন পা.ঝো ১২৮। [দশসালা বন্দোবস্ত—লর্ড কর্নওয়ালিসের কৃত দশ বৎসর স্থায়ী রাজস্বসম্বন্ধী বন্দোবস্ত।]

দশস(সা)হস্র ক্লী, বিণ [উ.লো] দশগুণিত সহস্র; অযুত। —হস্র ক্লী অযুত সংখ্যা। "ভূতানাং দশসহস্রম্ (হ)।

দশহরা স্ত্রী [দশন্+√হৃ+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্); উ.ত] ১ 'দশবিধপাপহারিণী', জ্যৈষ্ঠশুক্লদশমী। ২ দশহরায় করণীয় গঙ্গা-পূজোৎসব। ৩ বিজয়াদশম্যুৎসব (A.)।

দশা[১] স্ত্রী [√দন্শ্+অ (অঙ্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্)] ১ অবস্থা। "দশা কৃতান্তোপহতেয়ম্ গো.রা ২.৬১.৩৪। নীচৈর্গচ্ছত্যুপরি চ দশা চক্রনেমিক্রমেণ উ.মে ৪৮। ২ শরীরের দশ অবস্থা—গর্ভবাস জন্ম বাল্য কৌমার পৌগণ্ড যৌবন স্থাবির্য্য জরা প্রাণরোধ মৃত্যু (মহা, মোক্ষধর্ম্মে নীলকণ্ঠ)। "যৌবন° হি ১৪। ৩ পূর্ব্বরাগে কামজ চিন্তাদি দশ অবস্থা। "সা.দ ৩.১৯০। চিন্তাত্র জাগরোদ্বেগৌ তানবং মলিনাঙ্গতা। প্রলাপো ব্যাধিরুন্মাদো মোহো মৃত্যুর্দশা দশ ॥—উজ্জ্বলনীলমণি। ভা.চ ৭১১। দশমী দশা (দ্র 'দশম')। ৪ জীবনাবস্থা। "দশান্ত রঘু ১২.১। ৫ বয়ঃক্রম। "দারক্রিয়াযোগদশং চ পুত্রম্ রঘু ৫.৪০। ৬ নক্ষত্রানুসারে সূর্য্যাদিগ্রহগণের ভোগ্যকাল। "°পাক, °ফল (বৃহৎসংহিতা)। ৭ কর্ম্মফল, ভাগ্য। ৮ মানসিক অবস্থা। ৯ চিত্ত। ১০ দীপবর্ত্তি, পল্তা, সলতা। "ক্ষৌম° (গোভিল)। কু.স ৪.৩০। ১১ [বৈদিক] (বহুব) বস্ত্রান্ত, কাপড়ের ফুঁপি, দশি। "বাসঃ প্রাগ্দশং বোদগ্দশং বা (শতপথব্রাহ্মণ)। বস্ত্রম্ (রক্তদশম্) রা ৪.৬৬.১২। অপদশ; সদশ (মহা)। বসনস্ত 'দশা' (১ব) গ্রাহ্যা।—মনু ৩.৪৪। ১২ (বাঙ্লায়) প্রেমে ভাবাবেশ হেতু সমাধি। "তিন দশায় মহাপ্রভু রহে সর্ব্বকাল। অন্তর্দ্দশা বাহ্যদশা অর্দ্ধবাহ্য আর ॥—চৈ.চ ৩৪৬। [দশাকর্ষ, -র্ষী

(-র্বিন্) পুং—দশা দ্বারা তৈলাকর্ষক ; প্রদীপ। °বিপাক, °বিপর্য্যাস (পুং)—অবস্থাপরিবর্ত্তন, ভাগ্যবিপর্য্যয়, দুর্দৈব।]

দশা² বি [দশাহ > °শা ; দসা (গো.চ ৫২)] শিশুর জন্মের দশম দিনে কৃত্যবিশেষ। "গো.চ ৫১। ব.প ৪৫।

দশাঙ্গধূপ পুং উশীর চন্দন মৃগনাভি কর্পূর প্রভৃতি দশদ্রব্যে কৃত ত্রিদোষঘ্ন পিশাচাদিনাশক ধূপ। "কৃ.উ ৪৫। বি.পা ২৯৭ ; ৩৭১।

দশাঙ্গুল বিণ [দশ অঙ্গুলি প্রমাণ যাহার (ত.দ্বি)—°লি+মাত্রচ্, প্রত্যয়লোপ, সমাসান্ত 'অ' (অচ্)] দশাঙ্গুলিপ্রমাণযুক্ত। "অত্যতিষ্ঠদ্ দশাঙ্গুলম্।—ঋগ্বেদ ১০.৯০.১। শঙ্কুঃ...দশাঙ্গুলঃ মনু ৮.২৭১। —ঙ্গুলা ক্লী খরমুজা (ভাবপ্রকাশ)।

দশান বি সর্থ 'দশন²'। "তুমি ভাঁড়, আমি দশান দা ২১২৩।

দশানন পুং [বহুব্রী] 'দশবদন', রাবণ। "গো.রা ৩.৩৯.৮। রঘু ১০.৭৫। দশানন বলী মে ৪।

দশান্তর ক্লী [নি.স] অন্যদশা ; অবস্থাভেদ। "শ ৪.২। হি ১.১২১।

দশাবন্ত বিং [দশা¹+বন্ত ; অপ্র] লক্ষণান্বিত। "ম.বি ১২৫।

দশার্ণ পুং, বহুব [দশ ঋণ (দুর্গ) যাহাতে, বহুব্রী] ১ বিন্ধ্যপর্ব্বতের পূর্ব্বদক্ষিণে স্থিত দেশবিশেষ। পু.মে ২৩। ম ২৯৬। ২ দশার্ণবাসিগণ। "দশার্ণাঃ সমরে জিতাঃ।—মহা ১.১১৩.২৫।

দশার্হ পুং [দশন্+ √অর্হ+অ (অণ্)-ক] ১ দানাদি দশ বিষয়ে যোগ্য ; শ্রীকৃষ্ণ। ২ বুদ্ধদেব।

দশাশ্বমেধ, -ধিক ক্লী দশ অশ্বমেধসম্বন্ধী কাশীস্থ তীর্থবিশেষ। "মহা ৩.৮৩.১৪ ; ৬৪।

দশাস্য পুং [বহুব্রী, 'দশাস্য—দশমুখযুক্ত (অথর্ব্ববেদ)] 'দশমুখ', রাবণ। "°নিপাত কৃ ৩৪৮।

দশাহ পুং [দশ অহের সমাহার, স.দ্বি, সমাসান্ত 'অ' (টচ্)] দশদিন-সমুদায়, দশ দিন। "শুধ্যেদ্ বিপ্রো দশাহেন মনু ৫.৮৩।

দশি, -শী² বি [সং দশা > প্রা দসি (গাথাসপ্তশতী ১.১৮) ; হি দসী ; ঠ দশী ; দশি (কোচবিহার)] কাপড়ের প্রান্তস্থ সুতা বা ফুঁপি। "দশীঃ দশীতে স্খলিত আভরণ কৃ ১১৭। দশী ব.প ২৮৯।

দশী¹ (-শিন্) পুং [দশন্+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] দশ গ্রামের অধ্যক্ষ। "মনু ৭.১১৯।

দশী² দ্র 'দশি'।

দশে(সে)রক পুং ১ মরুদেশ। ২ উষ্ট্র (A.)। ৩ [তু 'দস্র'] গর্দ্দভ (ত.বা)।

দশোপচার পুং [কর্ম্মধা] পূজার দশ উপচার—পাদ্য অর্ঘ্য আচমনীয় স্নানীয় পুনরাচমনীয় গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য। "দু ১৩।

দষ্ট বিণ [√দন্শ্+ত (ক্ত)-র্ম্ম] কৃতদংশন, দন্তখণ্ডিত। "দষ্টাশ্চ দংশনৈঃ কান্তং দাসীকুর্ব্বন্তি যোষিতঃ (সা.দ)। "ভ ৩.১৮.১৫।

দস্ সক [দি, প—দস্যতি ; সেট্] উৎক্ষেপণ। "দস্যতি ধূলিং (ক.ক)। —স্ অক ক্ষয়, বস্তুহানি।

দস্ত বি [ফা দস্ত্ ; তু 'সং দোস্'] হস্ত ; (গৌণার্থে) আয়ত্ততা, বশ। "আনিতেছে দস্তে।—রঙ্গ ১১১। আদালতের বেলকুল আদমি তেনার দস্তের বিচ।—আ.দু ৭২ ; শিকার দস্তে এল এল হয়, আবার পেলিয়ে যায় ১০৯। [দস্তবদস্ত (ফা দস্ত্-বদস্ত্)—হাতে হাতে। "একৈশ রূপাইয়া দস্তবদস্ত পাইআ আপ্ত বিক্রয় হইলাম E.P. 89.]

দস্তক বি [ফা দস্তক্] বন্দি করার নিমিত্ত আদালতের আদেশপত্র (warrant)।

দস্তখত বি [ফা দস্ত্খত্] লিখিত নাম ; সহি (signature)। [°তী (ফা °তী)—সহিযুক্ত (signed)।]

দস্তগীর বি [ফা দস্ত্গীর্] রক্ষক, ত্রাতা। "জয় জয় সত্যপীর, সনাতন দস্তগীর রা.স ৫।

দস্তবস্ত বিং [ফা দস্ত্বস্তা] কৃতাঞ্জলিপুট, যোড়কর। "শ্মশানে চলিলা ভয়ে দস্তবস্ত হয়ে ভা.চ ৫০০।

দস্তা বি [হি জস্তা, দস্তা ; ঠ জস্ত ; ড় জস্তা ; তু 'সং যশদ'] টিন ও সীসার মিশ্রণজাত ধাতুবিশেষ (zinc)।

দস্তানা বি [ফা দস্তানা ; 'দশ্তানা' (রঙ্গ ৯)] হস্তাবরণবিশেষ (gloves)।

দস্তাবেজ বি [ফা °বেজ্] দলীল (document)। "কেহ কেহ নূতন °জ তৈয়ার...করিবার ইসারা করিতেছে আ.দু ১৭৫।

দস্তুর বি [ফা দস্তুর] ১ নিয়ম, রীতি, প্রথা। "দস্তর তাই কা ১১১। দস্তুর মোতাবেক দাদন নী ১৬। ২ খাজনার হার। "(জমি) ঠিক হারে বিলি হওয়া দূরে থাকুক—কম দস্তুরেও কেহ লইতে চাহে না আ.দু ১৬২। [দস্তুর মত—নিয়মানুযায়ী, রীতিমত। "কা ১২৭। দস্তুরী (ফা দস্তুরী)—দালালের প্রাপ্য ; দালালী।]

দস্যু বি [সং দস্যু ; অপ্র] ১ দস্যু, ডাকাত, চোর। "রাজ বিনে ধর্ম্ম নাশ লোকে হয় দস্যু ভ.গ্র ৭৬। ২ দস্যুসদৃশ দুর্ব্বৃত্ত। "বৈবস্বত-দূত দস্যু ম.পা ১৩। —স্যি বি দুরন্ত। "দস্যি ছেলে গল্প শুনে, একেবারে চুপ।—শিশু ৮৭।

দস্যু পুং [√দস্+যু (যুচ্) -ক, উ ৩.২০ ; 'দস্যু'—শত্রু (ঋগ্বেদ ১.৫১.৮ ; 'দৈস্যু' (ম.পা ১৫৫)] ১ মহাসাহসিক, চোর, ডাকাত। "মহা ২.২৭.১৬। মনু ৭.১৪৩। শ ৫.১৯। ব্যপগতানলদস্যু (বনম্) রঘু ৯.৫৩। দস্যু রত্নাকর।—কৃ ২। ২ খল। ৩ মৃগবধজীবী ব্যাধাদি। "মনু ৫.১৩১। ৪ দুর্ব্বৃত্ত, দুরাত্মা। ৫ ক্রিয়ালোপাদি হেতু ব্রাহ্মণাদি জাতির মধ্যে বাহ্যজাতিবিশেষ। "মনু ১০.৩২ ; ৪৫। ৬ অসুর। "ঋগ্বেদ ৯.৪১.২। [°পানা—দস্যুবৃত্তি। "ভ.গ্র ২৬৫।]

দস্র বি [√দস্+র (রক্)-ক] উপক্ষয়ধর্ম্মক। "মহা ১.৩.৫৮। —স্র পুং ১ গর্দ্দভ। তু 'দসেরক'। ২ অশ্বিনীকুমারদ্বয় (মহা)।

দহ্ সক [ভ্বা, প—দহতি ; অনিট্] দাহ, ভস্মীকরণ, সন্তাপ। "দহ দহ দহ কুঁড়া রা.স ২২। [নির্—নির্দহন, প্রণাশ।]

দহ¹ বি [দ্র 'দ'৩ ; তু 'দয়'—কালীদয় সাগর (ম.ম ১০১)] সর্থ 'দ'৩। "দহতে পেলায়িরো শ্রী.কী ৩১৮ ; দহ বুলী ঝাপ দিলোঁ, সে মোর সুখাইল ৩৪৪। গভীর দহ গ ১৬৪। ম.পা ১৩৮।

দহ² সর্ম্ম [সং √দহ্ > লি, প্রা √দহ ; হি √দহ] ১ দগ্ধ করা। "চরণ যাবক, হৃদয়-পাবক, দহই সব অঙ্গ মোর।—বি.প ৪। পাণ্ডব দহিবা ম ২৬৬। ২ সন্তপ্ত করা ; পীড়িত করা। "তাসবার প্রেমে মোর শরীর দহিল চ.বি ১৯। মল্লিকা-মালতী-মালা...। যুবকযুবতী-দেহ দহে প্রাণমাত্রে॥—বি.সু ৫০। ৩ আলোকিত করা। "দশ দিশ দামিনী দহই বিথার গো ১৩১। —হ অর্ম্ম [হি √দহ] দগ্ধ হওয়া ; জ্বলা। "আহোনিশি দহে, সকল পরাণ শ্রী.কী ১৭। দহে মোর কলেবর ম.ম ৮৬। [দহদহ—নিরন্তর দহে ; সদা জ্বলে। একে দহদহ, ঘসির আগুণ শ্রী.কী ৩৪৯। হিয়া দহ দহ।—ব ১৫৩। রজনী হিমকর, দরশে দহদহ ব.প ১০৫৪। দহ দহ দহই—ধক-ধক করিয়া জ্বলিত প্রচণ্ড বিরহানলে দগ্ধ করিতেছে। "মন্দ মনসিজ, মনসি দহ দহ দহই ব.প ১০৫৩।]

দহন বিণ [√দহ্+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] দাহক, ভস্মীকারক। "(তামসীম্) লোকদহনীম্ হ ৪৬.১৭। ত্রৈলোক্যদহনাদ্ বিষাৎ ভ ৮.৭.২১। —ন পুং ১ অগ্নি। "দব° (সা.দ)। শোক° সী ২৩। ২ (অগ্নিসংখ্যানুসারে) তিন (৩) এই সংখ্যা। ৩ অগ্নিদেবতাক কৃত্তিকানক্ষত্র। ৪ চিত্রকবৃক্ষ। ৫ ভল্লাতকবৃক্ষ। ৬ দুষ্টচেতা, দুর্ব্বৃত্ত। ৭ (কপোতরূপী অগ্নি হেতু?) কপোত।—ন ক্লী [+অন-ভা] ১ দাহ, ভস্মীকরণ। "রঘু ৮.২০। (যদি স্যাৎ) শীতাংশুর্দহনাত্মকঃ।—পঞ্চ ১.২৮১।

২ কাল্পিক। —হনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] দহনযোগ্য, দাহ্য। [°কেতন (স্ত্রী)—অগ্নির কেতু ; ধুম। °প্রিয়া (স্ত্রী)—স্বাহা। °সারথি (পুং)—বায়ু। °সেবন—আগুন-পোহান। "ক.চ ১৬৬। দহনোপল (পুং)—সূর্য্যকান্তমণি।]

দহর বিণ ১ সূক্ষ্ম। ২ দুর্ব্বোধ। ৩ স্বল্প। —র পুং ১ বালক। ২ ভ্রাতা। ৩ হৃদয়। তু 'দহ্র'।

দহরম-মহরম বি [ফা দ্র়হ.ম্র়হ.ম্] অন্তরঙ্গতা, মেলামেশা, আত্মীয়তা, স্বজনভাব।

দহলা [দ্র 'দশ১' ; ল (স্বার্থে) ; হি °লা] দশ ফোটার তাস। "মা ৩৪৭।

দহি,-হী বি [সং দধি ; হি ঠ, গু দহী] দধি। "দহী শ্রী.কী ৭৮ ; দহি নঠ মোর ১৩১।

দহ্যমান বিণ [√দহ্ +মান (শানচ্)-র্ম] ১ যাহা দগ্ধ হইতেছে। "অনলে হৃদয় যেন হয় দহ্যমান।—রঙ্গ ২২৪। দহ্যমান অট্টালিকা ব.প্র ১৮৭ ; দহ্যমানাবস্থাতে ২৪৩। ২ সন্তপ্যমান। "দহ্যমানা ভৃশং বালা মহা ৩.৬৯.৩৮। দুঃখে মরি দহ্যমান হ'য়ে শি ৩৭। ৩ ক্ষুধানলে পীড়িত। "দহ্যমান উদর ব.প ২৭।

দহ্র পুং হৃদয়াকাশ। "হংসায় দহ্রনিলয়ায় ভ ৬ ৯.৪৫।

দা১ সক [ত্বা, প—যচ্ছতি ; হ্বা, এ—দদাতি, দত্তে ; অনিট্] ১ দান, বিতরণ। ২ [অদা, প—দাতি ; অনিট্] ছেদন। [অতি—অতিদান, অত্যন্তদান। আ—আদান, গ্রহণ। উপ-আ—উপাদান, সমীপভাবে গ্রহণ। প্রতি-আ—প্রতিগ্রহণ। বি-আ—ব্যাদান ; বিস্তার। প্র—প্রদান। প্রতি-প্র—প্রত্যর্পণ। সম্-প্র—সম্প্রদান, সংকারপূর্ব্বক বা সমন্ত্রক দান।]

দা২ বি [সং দাত্র ; ড় 'দা'—কাস্তিয়া ; তু 'হি দার—অস্ত্রবিশেষ] ১ কাটারিবিশেষ। "রাম-দা। ২ কাস্তিয়া। "দাখানি পানিঅল শূ ১১১। ৩ বটী। "মদগুর মৎস্য দাএ কুটিয়া ব.প ৪ ; ৫। দায়ে কাটে কুমড়া যেমন ভা.চ ৩৪৩। [দা-কুমড়া—বটী ও কুমড়ার মত পরস্পর মারাত্মক শত্রু।]

দা৩ সর্ম [√দা১ (২) ; অস √দা—ধানের মাথা কাটা] ছেদন করা ; কাটা। "ধান্য আনিব দাইআ।—ব.প ১১২,-৪। শূ ১০৮ ; ধান দাইলেন ১১১। দু দণ্ডে নিলেক দায়্যে শি ১১২। [দাণিলোঁ—সংহার করিলাম। "দৈত্য দাণিলোঁ শ্রী.কী ১০১।]

দাই,-ইয়ানি,-নী বি [সং ধাত্রী > লি ধাতী ; প্রা ধত্তী, ধাঈ > বা ধাই, দাই ; হি, ঠ, গু দাঈ ; ফা দাষা ; দাই + আনি, -নী] ১ উপমাতা, ধাইমা (wetnurse)। "আকুল করুণ ডাকে, 'দাই দাই' ব'লে হাঁকে অ.গু ৪১। ২ যে স্ত্রীলোক প্রসব করায় এবং প্রসূতির পরিচর্য্যা ও শিশুর পরিচর্য্যা নাড়ীচ্ছেদ ইত্যাদি করে (midwife)। "দাইর বাড়িঃ দাইয়ানির মহলক লাগিয়া গেল গো.চ ৪৯। দাইয়ানীক আনিল ব.প ৪৫। শুঁড়িঝালে রাণীকে চেতন করে দাই ডাক প্রসব বেদনা পান রাণী শ্রী.মা ৩৮। শুঁড়িঝালে রাণীকে চেতন করে দাই শ্রী ৪২। দাই ম.ভা ১৮। সাড়ী দাইকে বকসিস ভান হু ১৩৯। [দাই-মা—ধাত্রী মাতা, দাই। "শ্রী ১৮২। ম.ম ১৪৬। ন ১০৮১।]

দাইন বিং [দখিন > (দহিন > দাহিন) °ন ; অপ্র] দক্ষিণ, ডান। "দাইন হাতে ব.প্র ২৬১।

দাইল, দালি, -ল বি সর্থ 'ডাইল'। "দালি চৈ.চ ৯১। রোহিণী দালের কাটি ফেলিয়া দিয়া…উঠিয়া দাঁড়াইল ব.প্র ২৬০।

দাউদ, দাদ২ বি [সং দদ্রু > প্রা দদ্দু > বা (দাদ্রু) দাউদ, দাদ ; হি দাদ, -দু ; ঠ দাদ, দড ; গু দাদর] চর্ম্মরোগবিশেষ। "দাউদ বা.ম ১৬৫,-৯২ ; বি.পা ১৯৬ ; ২২২ ; ৩৩২। দেখিতে সুন্দর বড় দাদ সব গায় (পরিহাসবাক্য)।—বিনা চক্রে শালগ্রাম শোভা নাহি পায় (উত্তর)॥ দাদমর্দ্দন, -মার্জ্জন—দদ্রুনাশক ওষধিবিশেষ।]

দাউ-দাউ, দাও-দাও বি [দাব-দাব > °উ] দাবাগ্নির মত প্রদীপ্ত ভাব। "তৎক্ষণাৎ দাও-দাও করিয়া দাড়ি জ্বলিয়া উঠিল আ.দু ৬। —দাউ ক্রি.বিং অতিদীপ্তভাবে, সমুজ্জ্বলভাবে। "(অর্চ্চিপুঞ্জ) দাউ-দাউ …ধায় দশ দিকে সা.ম ৫৯।

দাউলিয়া বি [দাও > °য়া] যাহারা দাও দিয়া ধান কাটে ; ধান-কাটার মজুর। "দাউলিয়া নহে কেহ দেবে খেতে ধান বা.ম ৩৮০।

দাও১ বি [হি দার] কাতি, কাটারি। "গলাএ দিব দাও গো.চ ১৮৫। (কাষ্ঠ) কেহ কাটে দাও দিয়া ম.ম ১৪৮,-৯৯। ব.প ১৪১৮।

দাও২ ক্রি [√দা + °ও°] দেও। "দাওহে হৃদয়ভরে দাও।—রবীন্দ্র।

দাও-দাও দ্র 'দাউ-দাউ'।

দাওয়া১ বি [আ দা'ৱা ; তু 'দাওা' (ব.প ১৩৫৩)] ১ স্বত্বজ্ঞাপন, দাবী। "সেই দাওয়া করিয়া লইব পিতৃধন।—কৃ ৩৯৩। হিস্বার দাওয়া E.P. 52. ২ প্রাপ্য, পাওনা। "(বরকর্ত্তার) ঐ দাওয়ার মূলে একটি প্রকৃত তথ্য আছে পা.প্র ৯৪।

দাওয়া২ বি [হি ঢাবা > the eaves of a house ; (ত্রিপুরা) 'দেওয়া'—গোবরাটের বহির্ভূত উচ্চস্থান ; দেহলী] বারাণ্ডা, পিঁড়ে। "পাষাণের দাওয়া ক.চ ৭৯। শিশু ৩৬। দাওয়াতে বসিয়া তামাক খাইতেছেন আ.দু ১৭৫। দাওয়া দরজা লোকে ভরে গ্যাল হু ১৭৯। ব.ম্বি ১১৫।

দাওয়াই বি [আ দৱা ; হি দৱাঈ ; তু 'দাওআ' (গো.চ)] ঔষধ। "আ.দু ১২৩। [°খানা—ঔষধালয়।]

দা(দে)ওয়ান বি [আ দীৱান্] ১ রাজার বা জমিদারের প্রধান কর্ম্মচারী ; রাজস্বসচিব, মন্ত্রী, উজীর। "দেয়ান ভা.চ ২৫ ; দেওয়ান ৫৪০। দাওয়ানজী জা ৫৬। ২ প্রধান, অধ্যক্ষ। "নিমকের দাওয়ান হু ১। ৩ রাজসভা, দরবার, কাছারী। "দেওয়ান বসিল রাজকাজে রে। —ভা.চ ৫৪০। বা.দ ২২৯। ৪ সম্মানসূচকশব্দ, মহাশয়, প্রভু। "দ্বিজ বলে, দেওয়ান ও কথা কও কাকে রা.স ১১। —নী [°ন + ঈ৭] দেওয়ানের পদ বা কার্য্য। "নিমকীর দাওয়ানীতে বিলক্ষণ দশ টাকা উপায় ছিল হু ১।

দাঁ বি ['দানী > দাঁ (?)] গন্ধবণিকের উপাধি। "রাম দাঁ ক.চ ১১৭। দাঁ মহাশয় হু ১৫।

দাঁউ, -ও বি [হি দাউ, -র ; মৈ দাউ, -ও] কোন কার্য্যে উপযুক্ত সময় ; সুযোগ। [দাঁও মারা—সুযোগে বেশ কিছু লাভ করা। "ভারি দাঁও মারিব বিয়েতে আ.দু ১১৯।]

দাঁড় বি [সং দণ্ড > প্রা দংড > বা °ড় ; দ্র 'ডাঁড়'] ১ পাখীর বসার দণ্ড। "ময়ূরের বসিবার, সোনার একটি আছে দাঁড়।—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর। ২ ক্ষেপণী, বইঠা (oar)। ৩ চারিহস্ত পরিমাণ। —ড় বিং দণ্ডায়মান। "দাঁড় করান। [দাঁড় করান—অবস্থাবিশেষে লইয়া যাওয়া ; তদ্ভাবে পরিণত করা। দাঁড়কোদাল—লম্বা হাতল-দেওয়া কোদাল ; কাওড়া।]

দাঁড়কাক বি [সং দণ্ডকাক] গাঢ় কৃষ্ণবর্ণ বড়কাকবিশেষ।

দাঁড়া১ বি [দাঁড় > °ড়া ; ঠ দাণ্ডা] ১ দণ্ড, ডাণ্ডা। "গুলিদাঁড়া নিয়া রাম লাঠরি খেলান।—কৃ ৫৬। ২ মেরুদণ্ড (backbone)। "শির°। ৩ মেরুদণ্ডসদৃশ নৌকার পিঠের ঠিক মাঝখানের আগা-পাছা-পর্য্যন্ত লম্বা কাঠ (keel)। "সোণার জলই লম্ব্যা,…দাঁড়া বিন্ধে আপনার হাতে বা.প ২১৯। গঠন করিল ডিঙ্গা দাঁড়া।—বা.ম ১৪৫। ৪ [ধারা > দাঁড়া] পদ্ধতি, ভাব। "সাজা দিয়াছি দেখে কর্ম্মের দাঁড়া দা ৮২৫। ৫ রীতি, নিয়ম। [দাঁড়া-ভাঙা—যাহার মেরুদণ্ড ভাঙা বা বাঁকা।]

দাঁড়া² অর্ক [সং √দণ্ডায় > বা √দাণ্ডা, °ড়া] ১ দণ্ডায়মান হওয়া। "নথাই উঠিয়া দাঁড়ায় ম.ভা ৬৩। ২ আশ্রয় করিয়া থাকা; অবস্থান করা। "দাঁড়াইতে স্থান নাই।—ম ১০১৭। দু ৭২। ৩ গতি বন্ধ করা; থামা। "দাঁড়াও, যেও না, কথা আছে। ৪ পলায়ন না করিয়া স্থির হওয়া। "দাঁড়া রে!…দাঁড়া রে যবন! দাঁড়াও ক্ষত্রিয়গণ!—ন ৫০০। ৫ অপেক্ষা করা; সবুর করা। "আজি, পাকাপাকি, মাখামাখি, করিবো, দাঁড়া (দাদাকে) ডাকি দা ১৮০। দাঁড়াও, একটা ফন্দি কল্লে হয় না?—গি.দ্বি ১১৯। ৬ বদ্ধ হওয়া; জমা। "নীচু জায়গায় জল দাঁড়ায়। ৭ প্রতিষ্ঠিত হওয়া; স্থিত হওয়া। "নিজের পায় দাঁড়ান। ৮ পরিণত হওয়া; ফলা। "কথায় যা বলেছিলাম, কাজে তাই দাঁড়াল। [বেঁকে দাঁড়ান—বিপক্ষ হওয়া। "(ছেলেরা সব) মাঝে মাঝে দাঁড়ায় বেঁকে নিন্দা শুনে অনর্গল।—কু.কে ১৫৫। দাঁড়ান—সর্থ 'দাঁড়া'।]

দাঁড়াকবি বি যে কবিওয়ালা আশরে দাঁড়াইয়াই উপস্থিত মত চাপানের বা উত্তরের কবিগান রচনা করেন। [মতান্তরে, 'কবি' ও 'আখড়াই' এই দুইএর মিশ্রণে 'হাফ্ আখড়াই' বা 'বসা কবি'; 'হাফ্ আখড়াই' হইতে পৃথক্ করিবার নিমিত্ত 'কবি'র নামান্তর 'দাঁড়াকবি' (মনোমোহন-গীতাবলী)।]

দাঁড়া-গো-পান, -গুয়া-পান বি মঙ্গলাচরণে বা বরণে ব্যবহার্য্য অখণ্ডিত সুপারি ও পান। দ্র 'ঠাঁড়'। "অন্যান্য স্ত্রী লোকেরা দাঁড়া-গো-পান দিয়া মঙ্গলাচরণ করিতে লাগিলেন আ.দু ৬০। বর…ছাঁদলা-তলায় দাঁড়াইলেন, মেয়েরা দাঁড়া-গুয়া-পান…দিয়ে বরণ কল্লেন হু ১৫৩। [বর ছালনাতলায় দাঁড়াইলে বা কেহ বিপদ্‌মুক্ত হইলে, এইরূপ মঙ্গলাচারের ব্যবস্থা আছে।]

দাঁড়ি, -ড়ী বি [দাঁড়+ই৮, ঈ৭; হি ডাঁ(দাঁ)ড়ী; তু 'দারুয়া'—যে দাঁড় টানে (বা.ম ১৭৮, ২২৭)] ১ যে নৌকায় দাঁড় টানে (oarsman)। "দাঁড়ী মাঝি স.শ ৮৪। ২ তুলাদণ্ড। "°পাল্লা। ৩ ছেদ-সূচক দণ্ডাকার খাড়া রেখা—(।); পূর্ণচ্ছেদ।

দাঁড়ুক, দাঁড়ুকা দ্র 'ডাঁড়ুকা'।

দাঁত বি [সং দন্ত > প্রা দংত > বা °ত; হি, মৈ °ত; ঠ, গু দাংত] ১ দন্ত; দাঢ়া, দাঢ়। "দাঁতে কুটা দণ্ডবৎ দাণ্ডাইয়া আছে শ্রী.মা ৯২। চিরুণীদাঁতী ম.ভা ৪০। দাঁত ছোলা ভা.চ ২৭৯। ২ [হি দাঁতা; ঠ দাংতা] দাঁতের মত বস্তুমাত্র। "করাতের, চিরুনীর দাঁত। [°কড়া—দাঁতের গোড়ার কড়ির মত ফোড়া (gum-boil)। °কপাটি, -টী—দন্তপঙ্‌ক্তিদ্বয়ের কপাটের মত দৃঢ় সংযোগ; দাঁতে খিল (lock-jaw)। "দেখে লাগে দাঁতকপাটি দা ২২৬; নাম শুনে তোর, দাঁত-কপাটী লাগিবে ৫৫১। ভাবতে লাগে দাঁতকপাটি।—গান ২। ফুলমণি …দাঁতকপাটি লাগিয়া পড়িয়া রহিল ব.প্র ৩৬১। °টি গি.দ্বি ৮৬। °খামা(ম্)টি—ক্রোধে উপরের দন্তপঙ্‌ক্তি দ্বারা নীচের ওষ্ঠ-দংশন। "দুর্ব্বলের দাঁতখামটি, মিথ্যা জেনো সেটা দা ৩৫৪। দাঁত খিচান—দন্ত-বিকাশপূর্ব্বক তিরস্কার। দাঁত ফুটান, বসান—দন্তাঘাত করা। দাঁত বসা—দাঁত ফোটা। "গৃহিণীপনা রসাল বটে, কিন্তু দাঁত বসে না ব.প্র ৫৮২। দাঁত লাগা—দাঁতকপাটি লাগা। দাঁতে কুটা, খড় বা তৃণ করা—সর্থ 'দশনে তৃণ করা'। দ্র 'দশন¹'। "জম দাঁতে করএ খড় শূ ৫৩। হস্তী যদি দাঁতে খড় করে কৃ ১৯; কোন বাপ তোর মান্ধাতার বাপে দাঁতে কৈল তৃণ ২৪৯; দাঁতে কুটা করে এলি পরশুরামের স্থানে ২৫২। দাঁতে তৃণ করান—মূর্খতা স্বীকার করান; ঘাট মানান। "কার্ত্তবীর্য্যা-র্জুন তৃণ করায়েছিল দাঁতে কৃ ২৫১। (পাত্র) দাঁতে খড় গলায় বড়—(পাত্র) রজ্জুবদ্ধ তৃণভোজী পশুর মত। "শ্রী.মা ৫৭।]

দাঁতন বি [সং দন্তপবন > লি দন্তপোন; হি দৈতবন, -তুঅন, -তুবন, ঠ দাংতবণ] দাঁত মাজার কাঠি। "দাঁতন করা।

দাঁতনা, -নে বি ['দন্তনিভ > °না (?)] ভিত্তি লগ্ন দন্ততুল্য উন্নত (projecting) কাষ্ঠখণ্ড; নাগদন্ত।

দাঁতান বি [দাঁত > √দাঁতা+অন; হি দাঁতনা] দাঁতযুক্ত হওয়া (গো-প্রভৃতি-সম্বন্ধে)।

দাঁতাল বিং [সং দন্তারল > প্রা *দংতাঅল > বা (দংতাল) °ল; হি দংতার, -ল; ঠ দাংতাল.] দাঁতওয়ালা কুক্কুরাদি।

দাঁদাল, -দুড় সর্ক [দাদাল > °ল, °ড়] ১ অত্যন্ত বা পুনঃপুনঃ দলিত করা; নিপীড়িত করা। "মার মার বলে বীর দুহাতে দাঁদালি: দাঁদালে দুহাতে ডোম শ্রী ২৩২; পুত্রশোকে দাঁদালে চলিল মহাবীর ২৩৩। ২ দলিত-মর্দ্দিত করা; তোল-পাড় করা; ঘাঁটা-ঘোঁটা। "পাইয়া রাজার আজ্ঞা ভাণ্ডার দাঁদুড়ি। বাছিয়া বাছিয়া লুটে পরমা সুন্দরী —কৃ ৪৩০। (মতিলাল) আস্তে আস্তে উঠিয়া বাটীর চতুর্দ্দিকে দাঁদুড়ে বেড়াইতে লাগিল আ.দু ১৩।

দাক্ষ বিণ [দক্ষ+অ (অণ্); স্ত্রী -ক্ষী] দক্ষসম্বন্ধী। "মখো দাক্ষঃ হু ১৩০.৫৪। —ক্ষ ক্লী দক্ষিণ দিক্ (A.)। "দাক্ষস্ত্যায়নম্ মনু ৬.১০। —ক্ষী স্ত্রী [দক্ষ+ই (ইঞ্) + স্ত্রী ঈ (ঙীষ্)] ১ দক্ষের স্ত্রী-অপত্য; দক্ষকন্যা। ২ পাণিনির জননী। ৩ (বাঙলায়) দক্ষকন্যা সতী। "ক.চ ২৭১।

দাক্ষায়ণ ক্লী সুবর্ণ; সুবর্ণভূষণ। "যাজ্ঞ ১.১৩৩, মিতাক্ষরা। —য়ণী² (-ণিন্) বিণ [°ণ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] দাক্ষায়ণবান্, স্বর্ণ-সহিত। "যাজ্ঞ ১.১৩৩।

দাক্ষায়ণী¹ স্ত্রী [দক্ষ+আয়ন (আয়নণ্) তদপত্যার্থে+স্ত্রী ঈ (ঙীষ্) —অ.টী] ১ দক্ষের স্ত্রী-অপত্য; অশ্বিন্যাদি নক্ষত্রসমূহ। "চন্দ্র বিভা কৈল সপ্তবিংশ দাক্ষায়ণী ম ৫৩। প.তৃ ৩৫। ২ রেবতীনক্ষত্র (ত.বা)। ৩ সতী, দুর্গা। ৪ বিনতা। ৫ কদ্রু। ৬ দিতি। ৭ অদিতি। "শ ৭২২৬। ৮ দন্তীবৃক্ষ। ৯ স্বর্ণকুণ্ডল। [°পতি (পুং)—শিব; চন্দ্র। °পুত্র (পুং)—আদিত্য।]

দাক্ষায়ণী² (-ণিন্) দ্র 'দাক্ষায়ণ'।

দাক্ষিণাত্য বিণ [দক্ষিণা+ত্য (ত্যক্)] দক্ষিণা ভব; দক্ষিণদিগ্-ভব, দক্ষিণদেশস্থিত। "দাক্ষিণাত্যান্ নরেন্দ্রাংশ্চ রা ১.১৩.২৮। দাক্ষি-ণাত্যে জনপদে।—পঞ্চ ১২। দাক্ষিণাত্য বৈদিক ব্রাহ্মণ চৈ.চ ১৯১। —ত্য পুং ১ দাক্ষিণাত্যরাজ। "রা ২.৮২.৮। ২ দাক্ষিণাত্যদেশবাসী। "মহা ৩.২৩৬.৩; ২৫৩.১২। আরম্ভশূরাঃ খলু দাক্ষিণাত্যাঃ (A.)। বাঁধ হে আজি কৃতজ্ঞতাপাশে, রঘুবংশে, দাক্ষিণাত্য!—মে ২২৬; সুগ্রীব সহ দাক্ষিণাত্য যত ২৯৯। ৩ নারিকেল বৃক্ষ।

দাক্ষিণ্য ক্লী [দক্ষিণ+য (ষ্যঞ্)] ১ দক্ষিণভাব, উদারতা, মাহাত্ম্য। "(বাঁধ) রঘুবংশে, দাক্ষিণাত্য, দাক্ষিণ্য প্রকাশি।—মে ১২৬। ২ পরচ্ছন্দানুবর্ত্তন, পরচিত্তানুবৃত্তি। "দাক্ষিণ্যরূঢ়েন নাম্না রঘু ১.৩১। শ ৬.৫। সংসারের অনন্ত চক্র দয়াদাক্ষিণ্যশূন্য ব.প্র ২০৭। ৩ অনুকূল-ভাব, আনুকূল্য। ৪ পটুতা, নৈপুণ্য। ৫ সরলতা, আর্জব। ৬ নাটক-লক্ষণবিশেষ। "সা.দ ৬.১৮৮। ৭ (তন্ত্রে) দক্ষিণাচার।

দাক্ষী দ্র 'দাক্ষ'।

দাক্ষ্য ক্লী [দক্ষ+য (ষ্যঞ্)] ১ দক্ষভাব, কৌশল, পটুতা। "গো.রা ৫.৪৯.১২। গী ১৮.৪৩। ২ কর্ম্মোৎসাহ, উৎসাহ। "অবেক্ষ্য দাক্ষ্যঞ্চ ভৃত্যানাম্ মনু ১০.১২৪।

দাখিল বিং [আ দাখিল্] ১ উপস্থিত, হাজির। "রাজার জিউ দিল দাখিল করিয়া গো.চ ৪১। রাতারাতি গৌড় দাখিল আজি হব।—শ্রী.মা ১০২; দাখিল করিল লাউসেনে ১০৯। শ্রী ১২৭,-৩০। ভা.চ ৫২৩। ২ রেজিষ্টারভুক্ত, নথিভুক্ত। "কবুলতি …দপ্তরে দাখিল হইল E.P. 44. —লা বি [আ দাখিলা] টাকার রসিদ; খাজনার রসিদ। —লী বিং [আ দাখিলী] যাহা

দাখিল করা হইয়াছে। [°খারিজ (আ দাখিল্ খ়ারিজ্)—নাম-পরিবর্ত্তন ; হিসাবে একের নাম কাটিয়া অন্যের নাম বসান। °খুন—প্রায় খুন ; আধ-মরা। "কিল খেয়ে দাখিল-খুন হলে দা ৭৮৬।]

দাখিলা, -লী দ্র 'দাখিল'।

দাগ১ [ব্র দাগ্ ; Av. 'dagha'—a brand, a scar, a spot ; সং, প্রা দাঘ (দাহ) ; শাস্ত্রে দোষীর অঙ্গে তপ্তলৌহকৃত অঙ্কের বিধি আছে (মনু ৮.২৮১) ; এই তপ্তলৌহের দাঘের বা দাহের চিহ্ন 'দাঘ' ; ইহা মুখ্যার্থ, অন্য গৌণার্থ। হি °গ ; ঠ ডা(দা)গ] ১ দাহের চিহ্ন ; দাহক্ষত। ২ ক্ষতচিহ্ন। "এখনও শালের দাগ ঘুচে নাই বুকে শ্রী ৬৫। ৩ অঙ্ক, চিহ্ন, নিশান। "শঙ্খে না লাগিল দাগ শি ১০৬। কজ্জল° ভা.চ ৬৭৪। ৪ কলঙ্ক, অপবাদ, অকীর্ত্তি। "ভট্ট হো···কবিতাই ভটাই মে৹ দাগ চঢ়ায়া ভা.চ ৪৩৫। ৫ চৌর্য্যাদি দোষ ; অপরাধ। ৬ চিঠায় জমির কিতার সংখ্যা বা নম্বর। ৭ রেখা, আঁচড়। ৮ ছোপ, চাপ হেতু চিহ্ন। ৯ মার্কা ; বস্ত্রাদিতে লিখিত মূল্যাঙ্ক। [দাগ কাটা —চিহ্ন করা বা দেওয়া। দাগাদারী (ফা দাগ্‌দার্)—১ কলঙ্কিত, দোষী। "যশোদা···ধরে দাগাদারী পোয় শ্রী ৬৩। ২ কলঙ্ক, অপবাদ। "যে ঘরেতে রাঙ্গা বউ, সেই ঘরেতে চুরি। দেখে যা চোরের দাগাদারী।—জা ১০। দাগে দেগেছে—কলঙ্কে চিহ্নিত হইয়াছে। "তোমার দাগে দেগেছে কপাল ভা.চ ৩৬৫। ঘি দাগ করা—জ্বালে দিয়া ঘি বিশুদ্ধ করা।]

দাগ২ সর্ম্ম [দাগ১ > °গ ; হি, ঠ √দাগ] ১ তপ্ত লৌহাদিদ্বারা চিহ্নিত করা (to cauterize)। "গোরু, ষাঁড় দাগা। ২ কামানের রঞ্জক ঘরে আগুন দিয়া ছোড়া। "যত গোলন্দাজ দাগিল।—রঙ্গ ৮৬। সে তোপ কে দাগিতেছে?—ব.প্র ৪৮৯। ৩ চিহ্নিত বা অঙ্কিত করা। "(ন্যায়ের বিচার) পাপ হয়ে তোমারে দাগিবে।—কা ২১। ৪ ক্ষতচিহ্নযুক্ত করা। "(উঙানি) সিকি আনি দুআনি দাগিল অঙ্গময় শি ৭৮। ৫ অপরাধের দাগে চিহ্নিত করা। "ছেলেগুলো পুলিস দিলে দেগে।—হেম ৩৮২। [দাগা১—১ সর্ম 'দাগ২'। ২ চিহ্নিত।]

দাগরাজি বি [দাগ১+রাজি] রাজমিস্ত্রি দ্বারা ছাদ ইত্যাদির ফাটা-স্থানের দাগের মত মেরামত।

দাগা১ দ্র 'দাগ২'।

দাগা২ বি ১ শিশুর অক্ষর শেখার নিমিত্ত তালপাতায় লেখা স্বর-ব্যঞ্জনের আদর্শলিপি ; কাঁটা-আখরীয়া। ২ দাগ, চিহ্ন। "কলঙ্কের দাগা স্ব.প্র ১৩৫। ৩ [দাগ১ > °গা] ক্লেশ, পীড়া। "বিপদ পাথারে মন দাগা দিবে বড় গো.চ ৪৩৫। নারীহীন পুরুষ পেয়েছে বড় দাগা।—শ্রী ২০। শয়তান দিল দাগা ভা.চ ৪৭৯। আমায় বড় দেয় দাগা গি.দ্বি ১১৮। ৪ পীড়া, আঘাত, দণ্ডাঘাত। "মাজুষ ভিতরে কালী নাগে দাগা দিলে বা.ম ৩১৮। ৫ বিঘ্ন, ব্যাঘাত। "জন্মান্তরে ভজনবিষয়ে দাগা পাইল ভ.গ্র ২০৭। দরশনে দাগা দিলে হইবে সেই পাতকী লু.র ১২২। ৬ আক্রমণ। "(বাঘা) মোগল মহলে দিল দাগা : বাঘা দাগা দিল গিয়া শ্রী ৭৯। ৭ কলঙ্ক, লাঞ্ছনা, দোষ।

দাগা৩ বি [ভা দাগা'] প্রতারণা, শঠতা। "অবশেষে নাহি পাবে দাগা ক.চ ৮৫। শতরঞ্চ প্রধান পঞ্চ, পঞ্চে আমায় দাগা ছিল।—রামপ্রসাদ। [°বাজ (ফা দাগা'বাজ্)—প্রতারক, শঠ। শ্রী.মা ১৮ ; ২০৬। দুর দাগাবাজ বেণে রা.স ৩৪। শি ৭০। ভা.চ ৭৩৮। যে জুয়াচোর দাগাবাজ···আমরা তাহাদের উপর ডাকাইতি করি ব.প্র ৩৯৭। °বাজী [ফা দাগা'বাজী]—প্রতারকের কার্য্য ; বঞ্চনা, শঠতা। "দাগাবাজীর উপর বাজী৹ খেলা বড় বিষম ভারি গি.দ্বি ১৩১।]

দাগা৪ বি [গাদা > °গা] সর্ম 'গাদা (২)'। "°মাছ।

দাগাদারী ; দাগাবাজ, -বাজী দ্র 'দাগ১' ; দাগা৩।

দাগী বিং [ফা দাগী] ১ দাগযুক্ত, চিহ্নিত। ২ কলঙ্কিত। ৩ ছোপ-ধরা। ৪ পচার চিহ্নযুক্ত (ফল)। ৫ চৌর্য্যাদি দোষে দণ্ডিত ; দোষী। "লোকটা পুরানো দাগী—তাকে নিয়ে টানাটানি চলছে ঘ ১৪৭।

দাঘ পুং [√দহ্+অ (ঘঞ্), কুত্ব (ত.বা) ; তু'সং দাহ > প্রা °ঘ (হে ১.২৬৪)] ১ দাহ, ভস্মীকরণ। ২ (মুখ্যার্থে) দোষীর অঙ্গে তপ্ত লৌহের দাহের চিহ্ন। দ্র 'দাগ১'।

দাঙ্গা বি [হি, ঠ দংগা] বিবাদ, মারামারি, লাঠালাঠি। [°ফেসাত —বিবাদ-বিসম্বাদ। "দাঙ্গাফেসাত আর করো না জা ২৪। °বাজ —দাঙ্গায় পটু ; বিবাদপ্রিয়।]

দাড় বি [সং দংষ্ট্রা > প্রা দাঢা > বা °ঢ়া, -ড়া, -ড় ; হি দাঢ় ; ঠ, গু দাঢ ; সি ডাঠ়—a grinder] ১ দন্ত। "বজ্র হেন দাড় কৃ ২৯৬। ২ সাপের বিষদাঁত।

দাড়া বি ১ শ্বাপদের সূক্ষ্মাগ্র দন্ত (canine tooth)। "বাঘা আইসে মুখ মেলি, বাকসনা ফুল দুটা দাড়া ক.চ ৫৩। ২ কাঁকড়ার বা চিংড়ির দাঁতাল লম্বা পা। "(কাঁকড়া) দাড়ায় ধরিয়া তার বুহিত রহায় ক.চ ১৯৯। ৩ পিঁপড়ার হুল। ৪ সর্ম 'দাঁড়া১ (৩)। বি.প ১৬১,-২।

দাড়ি বি [সং দাঢিকা ; হি, গু দাঢ়িকা, -ঢী ; ঠ দাঢ, -ঢী ; মৈ দাঢ়ী ; প দাহড়, -ঢ, -ডী ; সি ডাঠ়, ডাড়হ, -হী ; দাঢ, -ঢী ; অস ডাঢ়ি] ১ শ্মশ্রু (beard)। "লম্বা দাড়ি গো.চ ৩। মুচড়িছে দাড়ি শ্রী ১৫। বসিল বুকে উপাড়িল দাড়ি শি ৬৫। পুড়িল সকল দাড়ি চৈ.চ ৬৫। ২ (অপ্র) সর্ম "দাঁড়ি (১)। "গো.চ ১৯৩। [দাড়িপুটী—ডানকনা ও পুঁটীমাছ। "উজাএ দাড়িপুটী গো.বি ১৮৭। দাড়ি পাকান—(গৌণার্থে) বুড়া হওয়া। "ডোমনী বলয়ে দাড়ি পাকাইলে কেনে। আপনার তত্ত্ব বুড়া না জান আপনে।—বা.ম ৫২। রা.স ৩৭। বুকে ব'সে দাড়ি উপড়ান—আশ্রিত কর্ত্তৃক আশ্রয়ের সর্ব্বনাশ। দেড়ে (হি দঢ়িয়ল ; ঠ দাঢ্যা)—দীর্ঘশ্মশ্রুবিশিষ্ট। "ভা.চ ৭৩৮।]

দাড়ি(লি)ম পুং, **-মী** স্ত্রী তন্নামক বৃক্ষ। "রক্তা দন্তা ভবিষ্যন্তি দাড়ি-মীকুসুমোপমাঃ (চণ্ডী)। —ম ক্লী, -মী স্ত্রী দাড়িমফল। "°মী নৈ ১.৮৩। [°প্রিয় (পুং)—শুকপক্ষী।]

দাড়িম্ব পুং সর্ম 'দাড়িম'। —ম্ব ক্লী দাড়িমফল। "দাড়িম্ব বিদরে ভা.চ ২৯১।

দাড়ুকা বি ১ সর্ম 'দাঁড়ুকা'। "তারা দীঘি গমনে দাড়ুকা পায়ে দিবে শ্রী ১০৬। ২ (সাদৃশ্যে) মায়াবন্ধন। "তোমার দাড়ুকা কাটি করিয়া যতন মী ২০।

দাড়োয়া বি [দাড়-বাওয়া > °য়া ; অপ্র] যে দাঁড় বায় ; দাঁড়ী। "উভা হৈয়া দাড় বায় ষোলশত দাড়োয়া বি.পা ২৩৬।

দাঢ়া স্ত্রী [তু'সং দংষ্ট্রা > প্রা দঢা (প্রা.প্র ৪.৩৩)] দংষ্ট্রা, দন্তভেদ (অ.চি)। —ঢ়িকা স্ত্রী [দংষ্ট্রিকা > °কা (?)] (দাঢ়াসান্নিধ্য হেতু ?) শ্মশ্রু, দাড়ি। "মনু ৮.২৮৩।

দাঢ়িকা দ্র 'দাঢ়া'।

দাণ্ডা১ বি [দ্র 'ডাণ্ডা'] ১ ক্রীড়ার্থ দণ্ডবিশেষ ; ডাঙ। "°গুলি। ২ ব্যায়ামার্থ দণ্ড ; লাঠি। "লইয়া দাণ্ডা ঝাড়া, কেহ করে তোলা পাড়া ক.চ ৮৭। ৩ নৌকার পৃষ্ঠদণ্ড (পিঠের দাঁড়া বা দীর্ঘ মাঝকাঠ)। "দাণ্ডার পাতনে শ্রী.কী ১৪০। ৪ বেষ্টনদণ্ড। "তাহার (বজরার) পিতলের হাতল-দাণ্ডা-প্রভৃতিতে রূপার গিলটি ব.প্র ৩৭৮। [°গুলি—সর্ম 'ডাণ্ডাগুলি'। "দাণ্ডাগুলি খেলে দুইজনে ভ.গ্র ৩৩৬।]

দাণ্ডা২ অর্ম্ম [দ্র 'দাঁড়া'] ১ সর্ম 'দাঁড়া (১)'। "দণ্ডবৎ দাণ্ডাইয়া আছে শ্রী.মা ৯২। প্রভু মোর দাণ্ডাইতে নারে ম.ভা ৬২। ২ অবস্থান করা ; থাকা। "রৌদ্রে দাণ্ডায়িলে মিলাওঁ শ্রী.কী ৬১। ঠাঁই নাই দাণ্ডাইতে শ্রী.মা ১৬৬।

দাণ্ডা৩, **-ণ্ডী** বি সেতারের বা বীণার দণ্ড। "দাণ্ডী (চ)।

দাণ্ডাজিনিক বিণ [দণ্ডাজিন+ইক (ঠঞ্), পা ৫.২.৭৬] কপটে অর্থলাভার্থ দণ্ডাজিনধারী ; ধর্ম্মধ্বজী।

দাতব্য বিণ [√দা+তব্য-র্ম্ম] ১ দেয়। "দাতব্যো যদি বাবশ্যং প্রিয়ায়ৈ তে বরঃ প্রভো গো.রা ২.৬১.৫। গী ১৭.২০। ২ দানার্হ, দানযোগ্য। ৩ বিতরণীয়, বিনা মূল্যে দেয় (ঔষধাদি)। [দাতব্য চিকিৎসালয়—যে স্থানে ঔষধ-বিতরণ ও অর্থ বিনা চিকিৎসা হয়।]

দাতা (-তৃ) বিণ [√দা+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ দানকর্ত্তা। "ত্বাং হি বিদ্ম দাতারমিষাম্।—ঋগ্বেদ ৮.৪৬.২। (পতিঃ) সুখস্য নিত্যং দাতা।—মনু ৫.১৫৩। ২ [+তৃ (তৃন্)-ক-১ব] দানশীল, বদান্য। —তা পুং ১ সম্মানপূর্ব্বক দানকর্ত্তা। 'দাতা সম্মানদানতঃ। —বসিষ্ঠ ৪.৬০। ২ সম্প্রদানকর্ত্তা। "দাতা মে ভূভৃতাং নাথঃ প্রমাণীক্রিয়তাম্ কু.স ৬.১। উ.চ ১.১৭। ৩ ঋণদাতা, উত্তমর্ণ। "মনু ৮.১৬১। [দাতার নাম প্রাতঃস্মরণীয়, দ্র 'ঋগ্বেদ ১.৪৮ ৪।]

দাতিনা বি মৎস্যবিশেষ, দাঁতনে মাছ। "বা.ম ১৪৯।

দাত্যুহ পুং ১ পক্ষিবিশেষ, ডাকপাখী। "রা ৪.১.২৮। ২ জলকাক, পানীকৌড়ি। ৩ ময়ূর ; চাতক (নীলকণ্ঠ)। "মহা ৩.১৪৬.৪৫। ৪ মেঘ।

দাত্র ক্লী [√দো+ত্র (ষ্ট্রন্)-ণ ; ছান্দস] ১ 'ছেদনসাধন', অস্ত্রবিশেষ, কাটারি, দা। "রা ২.৮০.৭। ২ শস্যচ্ছেদনাস্ত্র, কাস্তিয়া। "দাত্রেণ ধান্যং লুনাতি (ব্যাকরণ)। বৃকোদর নাম্বে ক্ষেত্রে, হাতে লয়ে…দাত্র শি ১১২।

দাদ[১] বি [ফা দাদ্] প্রতিহিংসা, বৈরশোধন, প্রতিশোধ। "বাগদিনীবেশে যত দুঃখ দিল উমা। তার দাদ দিতে পার তবে মোর মামা॥ —শি ৮৮। [দাদ তোলা—প্রতিশোধ লওয়া। "পা.প্র ৮৭,-৮।]

দাদ[২] দ্র 'দাউদ'।

দাদখাই বি [ফা দাদ্ খ়্বাহী] বিচারপ্রার্থনা। "বাবুকে খুসি দেখিয়া প্রজারা দাদখাই করিতে আরম্ভ করিল আ.দু ১৬৩। —খায়ি বিং [ফা দাদ্ খ়্বাহ্] বিচারপ্রার্থী। "দাদখায়ি প্রজারা…'কি সর্ব্বনাশ' বলিয়া কাঁদিতে লাগিল আ.দু ১৬৫।

দাদখানী বি [দাউদ্খা.ন+ঈ[৭]] একপ্রকার উৎকৃষ্ট সরু চাল।

দাদখায়ি দ্র 'দাদখাই'।

দাদন বি [ফা দাদনী] মাল প্রস্তুত করিয়া দিবার অঙ্গীকারে প্রদত্ত অগ্রিম মূল্য। "নীলের দাদন, ঠেঙ্গার গাদন।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। আ.দু ১৬৪। একবার দাদন লইলে রাইয়তেরা সাতপুরুষ ক্লেশ পায় নী ৫৮। —নী বিং দাদনসম্বন্ধী (টাকা)। [°দার—যে দাদন দেয় ; মহাজন। দাদুনে টাকা—দাদনের টাকা।]

দাদরা বি ['দর্দুর' >°রা (?) ; হি °রা] তালবিশেষ। [ইহা খেমটারই প্রকারভেদ-মাত্র, অর্থাৎ ত্রিমাত্রিক ছন্দ। ইহার প্রস্বন অতি প্রবল হেতু এক তালির পরেই সম হয় ; এই জন্য ইহার দুইটী পদ, সুতরাং খেমটার অর্দ্ধ (গী.সূ)।]

দাদল, দাদাল[২] সর্ম্ম [সং √দল্— √দাদল্ (যঙ্-লুগন্ত) >বা °ল ; সর্থ 'দাঁদল']। "দাদলি দুহাতে…যুঝে শ্রী ১৬ ; ৮৫ ; দাদলে দপটে নক্র ৯০ ; দাদলি দুহাতে, কালু করে কাটাকাটি ১৪২ ; দাদালে দুহাতে দাসী ১৬৫। দাদালে চলিল মহাবীর ব.প ৪৩৮ ; দাদালি দলবল ৪৪৫ ; দাদালিয়া…হাতী পাড়ে দানা ৪৪৬।

দাদা বি [সং তাত >তাদ (নাগানন্দ ৫২৲৭) >বা (দাদ) °দা ; হি,ঠ °দা (অগ্রজ) ; মৈ °দা (পিতামহ)] ১ 'পিতৃতুল্য' (তু 'ভ্রাতা জ্যেষ্ঠঃ সম পিত্রা—মনু ৪.১৮৪) ; বড় ভাই। "বল কোথা পতি আর, মিলিবেক দাদার মতন।—ম ৯৬৩। ২ [হি—দাদা] পিতামহ। "বাপদাদা। দাদার মিরাশ ম.গা ৬। ৩ মাতামহ। ৪ ভ্রাতৃসম্পর্কীয়ের বা পৌত্রাদির সস্নেহ সম্বোধনে। ৫ এক সম্প্রদায়ের বা সমাজের দলের লোক। "ছোট রাইয়ত বলে দাদা বড় রাইয়ত ভাই গো.চ ৫ ; ১৯। জা ৫২। —দী বি [হি দাদী] পিতামহী, ঠাকুর-মা। [°ঠাকুর —দাদাসম্পর্কীয় ব্রাহ্মণ (ব্রাহ্মণেতর জাতির পক্ষে)। °ভাই— কনিষ্ঠের বা নাতির সম্বন্ধে আদরের ডাক। °মশায়— মাতামহ। °শ্বশুর—শ্বশুরের বা শাশুড়ীর পিতা বা তৎসদৃশ ব্যক্তি।]

দাদাল[১] বি ['দাদল'—মূল ; অপ্র] অতিদলন, নিপীড়ন, ভীষণ আক্রমণ। "দাদালি ব.প ৪৪৫। উঠে বাঘা দিলেক দাদাল শ্রী ৮০,-৬ ; ১৪০।

দাদাল[২] দ্র 'দাদল'।

দাদু বি [দ্র 'দাউদ' ; অপ্র] দাদ। "ক.চ ২৯৭ ; হাথ্যা দাদু ৩০৩।

দাদুর বি [সং দর্দুর >প্রা দদ্দুর >বা °র, হি, প, গু, মৈ °র ; সি ড়েড়ুরু] ভেক। "ডাকয়ে দাদুর ক.চ ২৮৫। বা.দ ২৪৭। —রি, -রী বি [°র+ঈ] ভেক-স্ত্রীজাতি, মণ্ডূকী। "মত্ত দাদুরী ডাকে বি.প ১৭২। দাদুরি উনমত গাব।—গো ৮০ ; কানুঅনুরাগ-ভুজগে গরাসল, কুল-দাদুরী ১৭১। দাদুরী বোল প.র ২৪। দাদুরীরাব। —ব ১৮৬। °রী কু.কে ২৫ ; °রী করে উলুধ্বনি ৬৪।

দাদূ বি [হি °দূ] সাধুপুরুষবিশেষ। [ইনি আহমেদাবাদের এক ধুনুরী ছিলেন। বার বৎসর বয়সে সে স্থান হইতে আজমীরস্থ সম্ভর নগরে, পরে কল্যাণপুরে এবং শেষে সাঁইত্রিশ বৎসর বয়সে জয়পুরের কুড়ি ক্রোশ দূরে স্থিত নরৈনে গিয়া ইনি বাস করেন। এই স্থানে সাধনার দৈববাণী শুনিয়া, ইনি পাঁচ ক্রোশ দূরে বহরন্ পর্ব্বতে গমন করেন ও কিয়ৎকাল অন্তর্হিত হন। শুনা যায়, ইনি কবীরপন্থীর শিষ্য। দাদূপন্থীদিগের উপাস্য 'রাম' ও উপাসনা 'রাম'-নাম জপ। ইঁহারা তিলকসেবা ও মালাধারণ করেন না, সঙ্গে কেবল জপমালা থাকে। মাথায় চতুষ্কোণ বা গোল সাদা টুপি থাকে। ইঁহারা উষাকালে শব দাহ করেন (ভা.উ)।] [°পন্থী—দাদূর প্রবর্ত্তিত ধর্ম্মমতাবলম্বী। বিরক্ত, নাগা, বিস্তরধারী—ইঁহাদের তিন শাখা।]

দান[১] ক্লী [√দা+অন (ল্যুট্)-ভা] ১ স্ব-স্বত্বত্যাগানুকূল ব্যাপার ; ত্যাগ, বিসর্জ্জন, অর্পণ। "দানৌকস্ ঋগ্বেদ ১.৬১.৫ ; দানমিষতি বস্বনাম্ ১২৮.৫। অফলং দানম্ মনু ২.১৫৮। রঘু ১.৬৯। দান ত্রিবিধ ; —সাত্ত্বিক রাজস তামস (গী ১৭.২০-২২)।] ২ সম্প্রদান। "দানং কন্যায়াঃ মনু ৩.২৭,-৮। ৩ [+অন-র্ম্ম] দেয় বস্তু। "দাতব্যমিতি যদ্দানং দীয়তে গী ১৭.২০। যদ্ দানং প্রযচ্ছতি মনু ৪.২৩৪। কেহ কেহ দান পাইল তুরগ বারণ।—ম ১২০। নিবেক তোমার দান ক.চ ৭৭। গ ৪৫,-৬। ভক্তিদান দেহ প্রভু চৈ.ভা ১৭১। ৪ সামাদির দ্বিতীয় উপায়। ৫ ধন। ৬ মানিনীর মানভঞ্জনার্থ পতির করণীয় ভূষাদানরূপ উপায়বিশেষ। 'সা.দ ৩.২০২। ৭ [√দো+অন-ভা] অবখণ্ডন, ছেদন। ৮ [√দৈ+অন-ভা] শোধন, মার্জ্জন। ৯ [√দো+অন-ণ (অ.টী)] গজমদ, মদবারি। "গজদানসুগন্ধি রঘু ৪.৪৫ ; ৫.৪৩। মাঘ ৫.৩৭। ১০ বৃক্ষকোটরকীটজাতমধু (শ.ক)। ১১ (বাঙ্গলায়) নদীতরণার্থ শুল্ক ; খেয়ার কড়ি। "°খণ্ড, °লীলা। শ্রী.কী ২৮। আপনার দান লেহ, সভা পার করি দেহ ব.প ৯১২। সেই ঘাটে দান সাধে…জগাতী ম.ভা ৫০। জ্ঞা ১৪৬। °কর চৈ ৫০। ১২ বরকে দেয় দ্রব্য। "পদ্মনাক পাইল দানে গো.চ ৫৩। (বিছানা) দানে পেলে না কি?—জা ৫২। ১৩ কন্যাশুল্কগ্রহণ বিনা কন্যাসম্প্রদান। "তাঁহারা দানে কন্যা পাইতেছেন পা.প্র ৯২। ১৪ [হি দাঁব] পাশাখেলায় পাশার বিন্দুসংখ্যানুসারে ও কড়িখেলায় চিৎ কড়ির সংখ্যানুসারে সংখ্যা (পাশাখেলায় দেয় 'পণ'—'দান' ; পাশার এই 'দান' হেতু অন্য খেলায়ও 'দান' বলে)। "এক দানে দুই কাট ক.চ ২৯। দান ফেলে রড়ারড়ি শি ১৮। ম.ভা ৩৪। ১৫ প্রেমারায় মাছ কাতুর ইত্যাদি।

"ফিক্র' দানে, এক তাড়াতে, কল্লে বাজিমাৎ। —হেম ৩৮৫। **১৬** পণ্য-বিক্রয়ার্থ রাজার প্রাপ্য শুল্ক। "যত বেচ ভাল ধান, তার না লইব দান ক.চ ৮৪। **১৭** জলদান, তর্পণ। "স্নান দান করি কালি প্রভাসের জলে ম ৫২০। ক.চ ১৫৭। শ্রী.ম ১৪১। চৈ.ভা ৪৬৭। [°কাম (বিণ)—দানেচ্ছু, দানশীল। °কেলি (বি)—কৃষ্ণের ঘাটে দানগ্রহণের লীলা। "চৈ.চ ৪৫। °খণ্ড (বি)—কৃষ্ণলীলার দানবিষয়ক অংশ ; নৌকাখণ্ড ; তদ্বিষয়ক পালাগান। "দানখণ্ড গায়েন মাধবানন্দঘোষ চৈ.ভা ৪৫৯। °তোয় (ক্লী)—মদবারি। "মাঘ ৪.৬৩। °দার (বিং)—অতিবদান্য। "হেম ৩৭৯। °ধর্ম্ম (পুং)—দানরূপ ধর্ম্ম ; দানাত্মক পুণ্য। "হি ১ক্ষ। °পতি (পুং)—**১** দানে শ্রেষ্ঠ ; বহুদাতা, অতিবদান্য। **২** দানাধ্যক্ষ। "শু ২.১১৯। **৩** (বাঙলায়) গ্রামের ক্রিয়াবান্ ব্যক্তি ; নায়ক। "দানপতির চিন্তহ কল্যান শূ ৭৯। শ্রী.মা ৫। **৪** অক্রূর। °পত্র (ক্লী) —দানের প্রমাণস্বরূপ লেখ্য (দলিল)। "শু ১.৩০৩। °প্রতিভাব্য (ক্লী) —ঋণশোধনের প্রতিভূ (জামিন)। °বজ্র (পুং)—দানে বজ্রতুল্য ; বৈশ্য। "মহা ১.১৭০.৫২। °বারি (ক্লী)—হস্তীর মদজল। °ভিন্ন (বিণ)—উৎকোচদানে বিপক্ষ হইতে পৃথক্কৃত, অর্থাৎ স্বপক্ষে আনীত। °শীল (বিণ)—সতত দানকর্ত্তা ; দাতা। °শূর (বিণ)—দানে উৎসাহবান্ ; দানবীর। °শৌণ্ড (বিণ)—দাননিপুণ, বহুপ্রদ। °সজ্জা (বি)—বিবাহে বরকে দেয় দ্রব্যসম্ভার।]

দান[২], **-না**[১] '-নো' বি [সং দানব > প্রা *দাণঅ > বা দানা, -ন] **১** দানব। "দৈত্য দান। —গো চ ১৭। **২** উপদেবতাবিশেষ। "উনকোটি দানা লৈয়া আইল ক্ষেত্রপালে। —ম ৩১৩। দানা ভূত প্রেত ক.চ ১১ ; দানাঘটা ১৬। শ্রী ৬২।

দান[৩] '-ন্' বি [ফা দান্ ; তু 'সং ধান, -নী] আধার, স্থান। "আতর°, কলম°, ধূপ°, বাতি°, শামা°। —নি বি সর্থ 'দান৩'। "পিক°।

দানঘাট বি নদীতরণার্থ শুল্কগ্রহণের স্থান ; পারঘাট। "রাজা মোর দানঘাটে কহিল নিয়ম চৈ ৫১। —ঘাটি বি পথে শুল্কগ্রহণের স্থান। "দানঘাটি গোবর্দ্ধন কৃষ্ণ দানী হৈলা ভ.গ্র ৪৪৯। দানঘাটি-পথে চৈ.চ ১৬২।]

দানঘাটি দ্র 'দানঘাট'।

দানচৌতারা বি দানচত্বর, দানসাধারস্থান। "বসিয়া সাধিত দান এই ত পাষাণে। এই দানচৌতারা দেখ…॥—চৈ.ম ১৮২।

দানত্তর বি [তু 'ব্রহ্মত্তর' ; অপ্র] দান-করা ভূমি। "দানত্তর পত্রমিদং E.P. 45,-6.

দানব বিণ [°ব+অ (অণ্) ; স্ত্রী -বী] দানবসম্বন্ধী। 'মায়াশ্চাস্মৈ দদৌ সর্ব্বাঃ দানবীঃ হ ১৬৩.১৪। —ব পুং [দনু+অ (অণ্)] দনুর অপত্য ; অসুর। দ্র 'দনু (স্ত্রী)। "গী ১০.১৪। [°গুরু (পুং)—শুক্রাচার্য্য। °দমনী, °দলনী (বি)—অসুরনাশিনী চণ্ডী। "°দলনী মে ৮২ ; °দমনী ১৪৯। দানবারি (পুং)—'দানবশত্রু', দেবতা ; বিষ্ণু।]

দানবীর পুং [স.ত] দানে উৎসাহসম্পন্ন, সত্ত্বোদ্রেক হেতু সৎপাত্রে সর্ব্বস্বত্যাগে উৎসাহিত পুরুষ। [পরশুরাম সপ্তদ্বীপা পৃথিবী গুরুকে দান করেন ; পরশুরাম দানবীর (সা.দ) ৩.২৩৪।]

দানলেখ্য ক্লী [ষ.ত] ভূমিগৃহাদির দানসম্বন্ধী সর্ব্বসমক্ষে লিখিত অখণ্ডনীয় মিথ্যাকথাশূন্য প্রমাণপত্র (দলিল)। "শু ২.৩০৬।

দানসাগর পুং [ষ.ত] দেয় দ্রব্যের সাগরতুল্য প্রাচুর্য্য ; আদ্যশ্রাদ্ধে ভূমি-প্রভৃতি ষোড়শসংখ্যক দ্রব্যের ষোড়শগুণ দেয় দ্রব্যবিশেষ ; যোলটি ষোড়শদান। "বি.পা ১৩৪। আদ্যশ্রাদ্ধ…, কেহ করে দানসাগরে, কেহ সারে তিলকাঞ্চনে দা ৯৩৬। হ ২০৭।

দানা[১] দ্র 'দান২'।

দানা[২] বি [ফা দানাহ্] **১** শস্য, শস্যবীজ। **২** বীজমাত্র, বিচি (seed)। "বেদানার দানা। **৩** অন্ন। "দানা পানী। **৪** ছোলা। "দারুণ দুর্গতি মোর দানা পানি মানা। —শ্রী.মা ১১৩। শ্রী ১৩৭। দানাওয়ালা হু ১৮৬। **৫** (সাদৃশ্যে) হারের বা মালার গুলিকা ; গুলিকার হার-বিশেষ। "গলায় তুলিয়া দিল সুবর্ণের দানা বি.পা ৪৫। সোণার দানা গলায় হু ১৫২ ; ২৩৪। সোনাদানা লী ১০৪। **৬** বীজবৎ বস্তু ; কণা। "সাগু°। গুড়ের, ঘিএর দানা। **৭** [ফা দানা] (বাঙলায়) পাণ্ডিত্য, জ্ঞান ; প্রবীণতা, গাম্ভীর্য্য। [°কর্পূর—দানাওয়ালা কর্পূরবিশেষ। "চিনির বদলে, দানাকর্পূর ক.চ ২৪৬। °পানী —অন্নজল।

দানাদার বিং [ফা দানে দার্] **১** দানাবাঁধা, দানাযুক্ত (granulated)। **২** 'শস্যসম্পন্ন', সম্পত্তিশালী, যোত্রবান। "সেনের সম্পত্তি বিনা দানাদার কবে শ্রী ২২৮। **৩** [ফা দানা] জ্ঞানী, পণ্ডিত, বিজ্ঞ। "বহুত দানাদার মিলা মুসাফীর (অ.প্র)। —দার বি বহুবীজ ডালিমবিশেষ।

দানিসবন্দ বি [ফা দানিশ্‌মন্দ্] পণ্ডিত, জ্ঞানী। "ক.চ ৮৫।

দানী বিং [দান+ঈ] **১** দানশীল, দাতা। "মহাদানী হরিশ্চন্দ্র বা.ম ৩৭৮। **২** যে খেয়াঘাটে দান বা শুল্ক গ্রহণ করে ; তরশুল্কগ্রাহক, খেয়ারী। "শ্রী.কী ৫৯। দানীর ঠাকুর। —জ্ঞা ১৪২ ; বরাকের দানী সোণায় সাধ ১৪৯। চৈ ৫০। **৩** যে পথে যাত্রীদের কাছে দান লয় ; ঘাটোয়াল। "কথো দূরে গেলে মাত্র দানী দুরাচার। রাখিলেক, দান চাহে, না দেয় যাইবার॥—চৈ.ভা ৩৮৬,-৭। উৎকলের দানী চৈ.চ ৯৪। পথে রাখিয়াছে দানী ১৫৮,-৬২। **৩** (গৌণার্থে) দ্বাররক্ষক, দ্বারী। "ভুলালি আমায়, দানী (ধৃতপাঠ 'দানি') ভাঁড়া যায়, সঙ্গী ভাঁড়া যায় কবে ভা.চ ৩৭২ ; দেহুড়ীর কাছে হয়ে দানী গো ৫২৬। [°রাজ, °নীশ্বর (বি)—দানীর অধিপতি। "°রাজ জ্ঞা ১৪২। °র চৈ.ম ১৬২।]

দানীয় বিণ [√দা+অনীয় (অনীয়র্)-র্ম্ম] **১** দানযোগ্য, দেয়। **২** [+অনীয়-স] দানযোগ্য, সম্প্রদানার্হ। "দানীয়ে বিপ্রঃ (সি)। মুগ্ধবোধ, ৯৬৫, টীকা। —য় ক্লী দেয় বস্তু ; দান।

দানেশমন্দী বিং [ফা দানিশ্‌মন্দ্] পাণ্ডিত্যপূর্ণ, জ্ঞানপ্রচুর। "দানেশ-মন্দী তাজ সে দেশের অকালে আজ হচ্ছে গুঁড়া কু.কে ১৩৬।

দান্ত বিণ [√দম্+ত (ক্ত) -ক] **১** দমান্বিত, বাহ্যেন্দ্রিয়নিগ্রহবান্, সংযতেন্দ্রিয়। "শান্তো দান্তো…ভূত্বাত্মন্যাত্মানমবলোকয়েৎ (শ্রুতি—বেদান্তসার)। শান্ত দান্ত শ্রী ১৭। **২** তপঃক্লেশসহিষ্ণু। "মনু ৪.৩৫। **৩** [দ্র 'দমিত'] দমিত, নিগৃহীত ; শাসিত। **৪** শিক্ষিত, বিনীত (বলীবর্দ্দাদি)। —ন্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা)] **১** বাহ্যেন্দ্রিয়নিগ্রহ। **২** তপঃক্লেশসহিষ্ণুতা।

দাপ[১] বি সং দর্প > লি, প্রা দপ্প > বা °প ; হি, মৈ °প ; পঞ্জে] **১** দর্প, অহঙ্কার। "পুষ্প-চাপ, হরে দাপ, ভ্রূদ্বয়-ভঙ্গিমা ম ১৫ ; ১৯৫। আকাশে উঠিয়া দাপে ক.চ ৫২। শ্রী.ম ৭। ব.প ৪৩৫। বীর° শ্রী.মা ১৬। দরপকি দাপ জ.প ১। হেম ১৩৭। **২** প্রতাপ, প্রভাব, দবদবা। "দাপে দশশির বা.দ ১৪৬। প.তৃ ৩৯।

দাপ[২] অর্ম্ম [দাপ১ > °প ; হি √দাপ] দর্প করা ; আস্ফালন করা। "হৃদয়ে যবে বিফল আশা সাপের মত ফোঁসে, অদৃষ্টের বন্ধনেতে দাপিয়া বৃথা রোষে স.স্ব ৫৮। —প সর্ম্ম [হি √দাপ, -ব ; ঠ √দাব ; অপ্র] চাপিয়া ধরা ; চাপা। "দশনে অধর দাপে শ্রী.মা ৭৯। [দাপা—সর্থ 'দাপ২'।]

দাপট বি [দাপ১ > °ট ; হি দপ(পে)ট] **১** দর্প। "দাপটে বলিছে পক্ষী ভক্ষ্য দেরে ছাড়ি শ্রী ২৯। কামারের ছেলে ব'লে দাপট ক'রে বল

তো ভাঙ্গলেম, তা ভাঙ্গাভাঙ্গি না করে এই দাপটে কল গড়ি না কেন? —অ.গ্র ১৩৩। **২** সদর্পে বেগে পদবিক্ষেপ বা উল্লম্ফন। "চরণের দাপটে পাষাণ হয় চুর শ্রী.মা ১৩৯; পায়ের দাপটে কাঁপে পাতাল ১৫০। (কর্তাটি) আঁচল খুলে এক দাপটে পগার হলো পার।—হেম ৩৭৭। **৩** সদর্প সবেগ অভিযান। "বাহিনীর দাপটে বিপিন হল বারি (বাড়ি) শ্রী.মা ১৪১। **৪** প্রচণ্ডতা, প্রবলতা, আধিক্য। "শীতের দাপটে কাঁপে থরথর কায় স.শ ৩৫। আমরা গোলের দাপটে উঠে পড়িলাম আ.দু ১৪; বক্রেশ্বরও অর্দ্ধচন্দ্রের দাপটে গলাফুলা পায়রা হন ১১৮। **৫** বেগ। "দেখি সেই সব, উন্মত্ত পরাণী, দাপটে করে গমন।—হেম ৬০। **৬** প্রবল প্রতাপ; দবদবা। [দাপটিয়া—দাপট (দর্প) করিয়া। "দাপটিয়া ফিরে দস্যু পবন কু.কে ২৫। মুখের দাপট—চোট-পাট কথা।]

দাপদুপ বি [ধ্বন্যাত্মক] বেগে পাদবিক্ষেপ-শব্দ। "দাপদুপ করে কোন খানে নাহি কেহ শি ১৪।

দাপন ক্লী [√দা+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] দান করান; দেওয়ান। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সাধিত, দণ্ডিত (অ.কো)। —প্য বিণ [+য (যৎ)-র্ম্ম] দাপনীয়, দণ্ডনীয়। "তৌ…দাপ্যৌ তদ্-দ্বিগুণং দমম্ মনু ৮.৫৯; ৪০০।

দাপনা বি [অস দাপনা—বৃহৎ মাংসখণ্ড] উরুদেশ। "(সাপিনী) ছুঁয়ে যায় বাদিয়ার দাপনা চ.দা ৩১।

দাপনি, -নী বি [সং দর্পণ > র্লি দপ্পন, প্রা দপ্পণ > বা °ন+ই[১১]; দাপণ (চ); দপ্পন (শূ ১০২); হি দরপণী] **১** দর্পণ। "রসের দাপনি ক.চ ২৪৫। পরশ দাপনি (প.ক)। **২** মণিময় পরিচ্ছদবিশেষ (?)। "এক হাতে ধরিয়াছে সর্ব্বাঙ্গ দাপনি।—কৃ ২১৩; সোনার দাপনী লয়ে সর্ব্ব অঙ্গ বহি ২৮৩।

দাপা সর্ম্ম [ধ্বন্যাত্মক] দাপদুপ শব্দে সঞ্চালন করা। "শিশু শুইয়া হাত-পা দাপাইয়া খেলা করে। [দাপাদাপি—**১** দাপদুপশব্দে উচ্ছৃঙ্খল-ভাবে দৌড়াদৌড়ি। "ঘরেতে দুরন্ত ছেলে, করে দাপাদাপি।—শিশু ৮৬। **২** দাপদুপশব্দে পাদাস্ফালন। "(অশ্ব) আছাড়ে পদ করি °দাপি স্ব.প্র ১৬৮। "(অনল) শিখা-সজ্ঞ আলোড়িয়া °দাপি করে দেশময় স্ব.প্র ১১৫। দাপান—সর্থ 'দাপা'। "পা দাপান।]

দাপিত, -প্য দ্র 'দাপন'।

দাপুনি বি [দাপনি > °নি] **১** দর্পণ, দর্পণতুল্য চিক্কণতা। "শ্যাম চিকনিয়া দে৹ রসে নিরমিল কে৹ প্রতি অঙ্গে ঝলকে দাপুনি জ্ঞা ১৪। **২** [দাপ[২]+অন>দাপন+ই[১১] > °নি] শাসনবাক্যপ্রয়োগ, শাসান। "পাত্রের দাপুনি শুন্যা সেন হল্যা চুপ ব.প ৪৬১।

দাব[১] পুং [√দু+অ (অণ)-ক, পা ৩.১.১৪২; তু 'দব'; ছান্দস] **১** বন। "দিধক্ষুঃ খাণ্ডবং দাবম্।—মহা ৪.২.১১। বিচচার দাবম্ রঘু ২.৮। দহে দেহ দুখ-দাবদহনে স.শ ২৫। **২** অরণ্যবহ্নি, বনজাত অগ্নি। "দাবস্য দহতঃ পৃথক্।—অথর্ব্ববেদ ৭.৪৫.২। দদর্শ দাবং দহন্তম্…বনে মহা ৩.৬৬.১। **৩** [+অ (ঘঞ্)-ভা] উপতাপ। ['দগ্ধ (বিং) —বনবহ্নি-দগ্ধ। "দাবদগ্ধ বনে মে ২৭০। রঙ্গ ৯৫। ভারতজননী৹ অশান্তির দাব-দগ্ধা।—ন ১৩৪৪। দাবদগ্ধ…সারঙ্গিণী বা.দ ১২০। °দহন (পুং)—বন-জাত বহ্নি, দাবানল। °দাহ (বি)—বনবহ্নি-জ্বালা।]

দাব[২] '-ব্' বি [দাপ > °ব; হি দাব] **১** আধিপত্য, প্রভাব। **২** দমন, শাসন, নিগ্রহ (snub)। "অন্য যদি পাত্র হ'তো পেতো খুব দাব।—শ্রী ১১; নাবড় লোকোর হল দাব ৯৯। **৩** তাড়া, ধমক। "ছি ছি দূর কুকুর ঠাকুর দেন দাব শ্রী ২৫১। **৪** চাপ, ভার।

দাব[৩] সর্ম্ম [দাব[২] > °ব; হি, ঠ, গু √দাব, প √দব্‌ব; মৈ, অস √দাপ; ড় √দাবি; তু 'অপভ্রংশ—'দ্রবক্ক' (ভয়) ব, Appendix 178] **১** দমন করা, শাসন করা; চাপা। **২** চাপ দিয়া বসান, ঢুকান বা নামান। "ওদের একেবারে নীচে দাবিয়ে দিতে হবে য ১৫১। **৩** চাপিয়া ধরা; চাপা। "(খুদের পুঁটলি) দাবে কাঁখতলি ভ.গ্র ৫৯; হেনকালে পৃথিবী ফাটিয়া দস্যুগণে। মৃত্তিকাভিতরে নিঞা দাবে ক্রোধ-—মনে॥ ১৯১; (বিড়াল) কোলের ভিতরে দাবি ব্রাহ্মণ কহয় ২০৪; (চরণ ধরিয়া) দাবিতেই বাহু হৈল ৩০৮। পাচনি বেত্র বাম কক্ষে দাবই জ্ঞা ৩৬। **৪** ভয় দেখান; শাসান। "দূতগণে দেখে বলে কোন ভেড়ের ভেড়ে শ্রী ১১২। **৫** চাপ দেওয়া। "আধি-দৈত্য কপাট ধরিল দাবি; ব্যাধি-দৈত্য…দিল তা'তে চাবি।—স্ব.প্র ১১২। **৬** চাপ দিয়া চালিত করা বা চালান। "তুরগ দাবিয়া যোষ তরোয়ার উর‍্যা (কেটে চলে) শ্রী.মা ১৬; ৭৩, ১২৭,-৫০। —বা সর্ম্ম **১** দমন করা। "এই সি রাড় নহি হেঁ। দাবায় জাওগে বি.সু ১০১। **২** চাপ দেওয়া; চাপা। "দাবাইয়া দন্তগুলা করে কড়মড় শ্রী.মা ৭৭। [দাবন, দবন (তু 'হি দবন —দমন]—চাপ, শাসন। "দিতে হয় দবন দোষের মত বুঝে শ্রী.মা ১৫৪। দাবা[২]—সর্থ 'দাব[৩]'। দাবান—সর্থ 'দাবা[২]'।]

দাবকি বি [অপভ্রংশ 'দ্রবক্ক (ভয়), হে ৪.৪২২] ভয়প্রদর্শন, শাসান, ধাবকি।

দাবড় বি [দাপট > °ড়] **১** বেগে পদক্ষেপ বা পদক্ষেপ শব্দ। "ঘোড়ার দাবড় শ্রী ১৫৫; ২১৪। **২** প্রচণ্ডভাব, বেগ। "দাদালিয়া দাবড়ে …কামড়ে হাতী পাড়ে দানা ব.প ৪৪৬। **৩** সদর্প বীর্য্য; বিক্রম। বীরের দাবড়ে পড়ে নৃপতির দল ক.চ ৯৭। —বড়ি বি দাব, শাসন-বাক্য, ধমক, তাড়া। "দাসী দেখে বীর দড় দিলেক দাবড়ি শ্রী ১৬৯। স্ব.প্র ১১৫। হু ২২৯। —বিড়ি, -বুড়ি, বি সর্থ 'দাবড়ি'। "গোটা দুই তিন দাবিড়ি দিল কসে ব.প ১৪৩৪। সেঁচেন দাবুড়ি খেয়ে শি ৮৫; দেবী দিয়া দাবুড়ি রাখিল সেইখানে ৮৭। [দাবড়াইয়া—ধাবিত করিয়া; দৌড় করাইয়া। "দিল ঘোড়া দাবড়াইয়া গো.চ ১৪৮। দাবড়াইল—দৌড় করাইল। "রাজার দরবারে ঘোড়া দাবড়াইল গো.চ ১৫০। দাবাড়িয়া—দৌড়াইয়া। "দেড়ে দাবাড়িয়া ধরে ভা.চ ৭৩৮।]

দাবা[১] বি [হি দাব'—চাল; ঠ ডার] শতরঞ্জ খেলায় মন্ত্রী বা সেনাপতি। [মন্ত্রীর চাল অবারিত; সকল বল দাবিয়া রাখে বলিয়া মন্ত্রী 'দাবা'। (গৌণার্থে) শতরঞ্জের বল-প্রভৃতি ও খেলা 'দাবা'।] [দাবাড়ু, -ড়ে —দাবা-খেলুড়ে, শতরঞ্জ-খেলায় পটু।]

দাবা[২] দ্র দাব[৩]।

দাবাগ্নি, -বানল পুং [উ.লো] বনজাত অগ্নি; বনবহ্নি। "°গ্নি মহা ৪.১৪.২৪। আনন্দমৃগ-দাবাগ্নিঃ শীলশাখি-মদদ্বিপঃ। জ্ঞানদীপ-মহাবায়ুরয়ং খলসমাগমঃ॥—সু.র। °ল ম ১৩। °ল মে ৯৪; °গ্নি ১৭৪; ২০৯।

দাবি বি [আ দা'রা] **১** সর্থ 'দাওয়া[১]'। **২** স্বত্ব, হক্। ['দার—স্বত্ব-বান্, অধিকারী। °দাওয়া—দাবি (একার্থক)। "যৌবনেও আমার আর দাবি-দাওয়া নাই ব.প্র ৬৩৭।]

দাবিড়ি, দাবুড়ি দ্র 'দাবড়'।

দাম[১] (-মন্) ক্লী [√দো+মন্ (মনিন্)-ণ; 'দাম'—বন্ধন, নিগড় (ঋগ্বেদ ১.৫৬.৩)] **১** যাহা দ্বারা গতি খণ্ডিত হয় (অ.টী); বহুপ্রগ্রহ-যুক্ত যে এক রজ্জুতে বহু পশু বদ্ধ থাকে (সুভূ); দাঁওন। **২** গোবন্ধন-রজ্জু (অ.চি)। **৩** দোহনকালে গবাদিপাদবন্ধনরজ্জু; ছাঁদনদড়ি (ত.বা)। **৪** রজ্জু; সূত্র, তার। "নবভক্তিদাম বি.মা ৭.৫৭। শ্রী.মা ১৬৪। **৫** মাল্য। "উ.মে ৩১। পিচ্ছ° মাঘ ৪.৫০। কুসুম° ব.প ৮৬৮। চম্পক° ভা.চ ৬৫৪। কুসুম° মে ৩৭; ৭৯। **৬** লতা, ছটা। "বিদ্যুদ্দাম পু.মে ২৭। দামিনীদাম-দমন রুচি জ.প ১। —মনী স্ত্রী

[°ন্+অ (অণ্) স্বার্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] বৎসাদির চরণরজ্জু। "°পাশপাশিত হ ৬৬.২৩।

দাম² ক্লী [তু 'সং দামন্ > লি, প্রা °ম] পশুবন্ধনরজ্জু, রজ্জু। "স্রগ্-দামৈরিব চিত্রিতা (ভূঃ) মহা ৬.৫৭.২৬।

দাম³ বি [হি, ঠ °ম, তু 'সং দ্রম্ম; Gr. drachme; E. drachma] মূল্য, দাম। —**মী** বিং [দাম+ঈ⁹] মূল্যবান্।

দাম⁴ বি [ফা 'দাম্'—জাল] **১** কলমি-প্রভৃতি জলজাত লতার জাল-তুল্য জড়িত শাখা-প্রশাখা। "গোড়ার মেয়েরে দামঠাসা করলাম নী ৩৭। **২** [?] পত্র। "তুলসীর দাম।—ম ২৪৮।

দামড়া বি [সং দম্য; দাম+ড়া (লা > রা?)] **১** বলদ, হালের বা গাড়ীর গোরু। "১০ খান লাঙ্গল ছিল, দামড়াও ৪০।৫০ টা হবে নী ৬। **২** ষাঁড়। "গোঠ মজলে দামড়া বিয়ায়।—প্রবচন। ন-বারিব গোত্র দামরা ছা বিয়ায় (চট্টগ্রাম-প্রবচন)।

দামদুম বি [ধ্বন্যাত্মক] গোলা-গুলির শব্দ। "বড় গোলা বন্দুক নিনাদে দামদুম শ্রী ১৫।

দামা¹ স্ত্রী [দামন্+স্ত্রী আ (ডাপ্)] **১** দাম, রজ্জু। **২** (বাঙলায়) সমূহ। তৈথনে চাঁদ০…পসারল কিরণ দামা গো ১৮৮।

দামা², **-মামা** বি [ফা দমামহ্; হি দমামা; ঠ ধমামা; ধামা (বি.পা.৩০১); ধ্বন্যাত্মক] নাগরা। "দামামা কৃ ২১৪; ম ১১১৮। দামা গো.চ ২৮২; ক.চ ৩৪; ২০৩,-৪৭; গ ২২; চ.বি ৪১; শ্রী.মা ১৯৭। দামার দুড়দুড়ি শ্রী.ম ১৬৮।

দামামী বি [উদ্দাম—'দাম'+আমি²; অপ্র] উদ্দামভাব, উচ্ছৃঙ্খলতা। "ধাইল ঝুমঝুমী, করিয়া দামামী ক.চ ২৩০।

দামা(ম্বা)ল বিং [দম্যবাল > দাম্বাল, -মাল] দুরন্ত (শিশু)। "চলন বলন ঠাটে হইল দামাল শ্রী ৫০। দামাল কাণু শ্রী.ম ২৭। দামাল ছাবাল ভা.চ ১০১। বাল-দামালগোপাল ব.প ১৫১৫।

দামিনী স্ত্রী [দামন্+ইন্(ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৫.২. ১৩৭] 'দামযুক্তা', বিদ্যুৎ। "দামিনী-চমক-নেহারিণি রে।—গো ১২৬, -৩১। °দাম-দমন রুচি জ.প ১। ব ১৮৬। দামিনী তকতক ভা.চ ৪৫৮। °লতা।—হেম ২৯২।—মিনী বিং মাল্যধারিণী। "মোতিম দামিনী।—গো ১২৬।

দামুঘোষ বি [দম° > °ঘ] সর্থ 'দমঘোষ'। "°সুত ব.প ৮৩৩।

দামুদর বি [সং দামোদর (দাম-উদর); গ্রাম্য] **১** দামোদর নদ। "শ্রী ১২৭,-৬১। **২** বিষ্ণু, নারায়ণ। "শ্রী.মা ১৯১।

দামোদর পুং [বহুব্রী] **১** 'যাঁহার উদরে যশোদাকৃত-বন্ধনরজ্জু'; শ্রীকৃষ্ণ। 'সঃ কৃষ্ণো বৈ দামবন্ধনাৎ। ঘোষে দামোদর ইতি গোপীভিঃ পরিগীয়তে॥—হ ৬৪.৩৭। **২** বর্দ্ধমান জেলার নদবিশেষ। "হেম ৪৫।

দাম্পত্য ক্লী [দম্পতি+য (ষ্যক্)] দম্পতিভাব, মিথুনভাব, দম্পতির পরস্পরপ্রীতি। "দাম্পত্যার্থ উমাম্ (যজেৎ) ভ ২.৩.৭। দাম্পত্যধর্ম্ম-প্রতিপালনে সী ৭৩।

দাম্বা, -ম্মা বি [দামা > °ম্বা, -ম্মা; অপ্র] **১** দামামা। "দাম্বা ব.প ৮১; গো.চ ১৯২; দাম্মা ২৪০। **২** দামামার মত স্ফীত দ্রব্য। "প্যাট দাম্বা হইয়া তোমার সোআমি গেইছে মরিয়া গো.চ ৩০১।

দাম্বাল দ্র 'দামাল'।

দাম্ভিক বিণ [দম্ভ+ইক (ঠক্)] **১** কপটভাবে ধর্ম্মকারী; কীর্ত্তি-স্থাপনার্থ ধর্ম্মানুষ্ঠাতা, বৈড়ালব্রতী। "মহা ৩.২১৫.১৪। মনু ৩.১৫৯। ভ ৫.২৬.২৫। **২** দম্ভযুক্ত, গর্ব্বিত। "দাম্ভিক পঢ়ুয়া নম্র নাহি হয় চৈ.চ ৬৭। ব.প্র ১৩। **৩** কপট। —ক পুং বকপক্ষী।

দায় পুং [√দা+অ (ঘঞ্)-ভা] **১** দান, অর্পণ। "মনু ৮.১৬৫,-৯। **২** [+অ-র্ম্ম] দেয় বিষয়। "গৌ.রা ৫.৫৯.২০। ব্রহ্মদায়হর মনু ৩.৩। **৩** দেয় ধনাদি। **৪** স্বামিদত্ত অলঙ্কারাদি ধন। "মনু ৯.৭৭। **৫** বিবাহে কন্যাকে প্রদত্ত যৌতুকাদি; কন্যাদানে জামাতাকে অর্পিত ধনাদি। **৬** ব্রতান্তভিক্ষা। **৭** সমাবৃত্ত ব্রহ্মচারীকে প্রদত্ত ধন। **৮** [√দো+অ -ভা] খণ্ডন, ছেদন; বিভাজন। **৯** লয়। **১০** [+অ-র্ম্ম; ছান্দস] বিভাজ্য পিত্রাদিধন; রিক্থ। "°ভাগ। মনু ৯.১৬৪। **১১** অংশ, ভাগ। **১২** [+অ-ণ] সোল্লুণ্ঠভাষণ, ব্যাজোক্তি। **১৩** স্থান (?)। **১৪** [বাঙলায়] উপদ্রব। "জমের দায় গো.চ ৭৩। **১৫** ক্ষতি। "খাওঁনা নে বধুর গালি তার নাই দায় গো.চ ৭৩। **১৬** ঋণ। "রাজা হৈয়া জমের দায় শোধিতে না পারি গো.চ ১৭৬। তাহা দিয়া রাজা তার দায় ঘুচাইল কৃ ১২। **১৭** বিপদ্, সঙ্কট, ভার। "সুধন্য বাঁকুড়া রায়, ভাঙ্গিল সকল দায় ক.চ ৭; খণ্ডালু সকল দায় ১০৮; মোর শিরে দায় যদি হয় ডাকা চুরি ২০৩,-৪। মূল রাখা হৈল দায় ভা.চ ২৮৫; এড়াইলে ঝির বিয়া-দায় ৩৭৬। **১৮** কঠিন ব্যাপার। "সে কথা বুঝান বড় দায় ব.প্র ৪৫১। **১৯** অধিকার। "ইন্দ্র বোলে বলি রাজা তোর নাহি দায়।—গ ২৩। ব্রাহ্মণের ইহাতে কি দায় চৈ.ভা ৪৩৫। নিজ দায় ভ.প্র ৪৪৮। **২০** সম্বন্ধ। "তার সঙ্গে কদাচিত নাহি তোর দায় ম.পা ১৮১। আমা তোমা দায় নাহি চল নিজ স্থানে বি.পা ৯২। মাও দায় (মাতৃসম্বন্ধ) গো.চ ২৯, বাপ দায় ২৩৩। **২১** দোষ, অপরাধ। "চুরি ছিনালির দায় দুই কান চিরা বি.পা ৩৩২। ক্ষমিনু সকল দায় ক.চ ৬৮। শ্রী.ম ৬৩। প্রাণ যায় পাপ দক্ষ-দায় রে ভা.চ ৪৪। অনেকেই মিথ্যা দায়ে মজে যায় আ.দু ১৭৪। **২২** কথা, তদ্বিষয়ে বক্তব্য। "জল পীড়ির দায় থাকুক সম্ভাষ না পায়।—ক.চ ৪। অঙ্গের কি দায়, ইহা বাঞ্ছে যোগেশ্বরে চৈ.ভা ২৪৬। ব.প ৭২৪। শি ১০৬। **২৩** হেতু। "পরীক্ষিৎ বধিলাম ব্রহ্মশাপের দায় বি.পা ৩০৭। ভা.চ ৩৭০। তবে কি…মানের দায়ে তোর পায়ে সে ধরিত দা ১৮৪। **২৪** ভয়। "(এই অন্ন) ভুঞ্জিলে যমের নাহি দায় ক.চ ২৩৫। মরি তায় দায় নাই শ্রী.মা ১৪৭। পড়শী না থাকে কাছে কন্দলের দায় ভা.চ ২৭৯। **২৫** বন্ধন, বাধ্যতা। "ভাল হৈল ঘুচাইলে পীরিতের দায়।—চ.সা ১১৯। **২৬** দোহাই। "দিয়াছি তোমার দায়, আমার কেহ নাই (প.ক)। **২৭** কর্ত্তব্যানুষ্ঠানরূপ ভার। "পিতৃ°, কন্যা°। **২৮** গরজ। "দায়ে পড়ে যাওয়া। **২৯** নিমিত্ত, প্রয়োজন। "পেটের দায়ে কে কি না করে? [°কাল (পুং)—রিক্থ-বিভাগের সময়। °গ্রস্ত (বিং)—বিপন্ন, দায়ী, ঋণী। °দফা (বি)—বিপদের দফা; বিপৎকাল। "এ সেওয়ার দায়-দফা আছে আ.দু ১২৮। দায়-দফা পড়লে বাবু…আফোতের তামাম করেন হু ৪০। °ধরা (বিং)—**১** বাকী খাজনার জন্য দায়ী; বাকী-পড়া (জমি)। **২** অপরাধের জন্য বন্দি। "কাটকে আটক যত বাজে দায়-ধরা ভা.চ ২৭১। °বন্ধু (পুং)—ভ্রাতা। °ভাগ (পুং)—**১** রিক্থবিভাগ, ব্যবহার-পদবিশেষ। "মনু ৮.৭। **২** জীমূতবাহনকৃত দায়ভাগ-বিষয়ক গ্রন্থ।]

দায়ক বিণ [√দা+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -য়িকা] **১** দাতা। "গো-সহস্রাণাম্…দায়কঃ মহা ৩.১৯৩.৩০। গতিদায়িকে।—দা ২৫১। **২** কারক। "ভূত্যাস্পোত্তরদায়কঃ।—চাণক্য। **৩** জনক, উৎপাদক। "অভীষ্টফল° ক.সা ২২.৩২। আনন্দ° (মহা)।

দায়মাল বি [প 'দা-মাল'—সম্পত্তি] জমি-জমা, ভূসম্পত্তি। —**মালী** বিং দায়মালসম্বন্ধী, দেওয়ানী। "দায়মালী জেলে হু ১১১।

দায়রা বি [আ 'দায়্রা'—মণ্ডলী] বিচারকমণ্ডলীর আদালত; ফৌজ-দারী মকদ্দমার উচ্চ আদালত (sessions)। [দায়রা সোপরদ্দ করা—সেশনে পাঠান। "করে দায়রা সোপরদ্দ, বেটাকে বৎসর চৌদ্দ (খাটাবো) দা ২০১২।]

দায়াদ পুং [দায়+আ √দা+অ (ক)-ক; উ.ত; ছান্দস] **১** দায়-গ্রাহক, দায়াধিকারী পুত্র। "ধন° পা ৬.২.৫। **২** পুত্র। "°বান্ মহা ১.৭৫.৫৬। মনু ৮.১৬০; বন্ধু° ৯.১৫৮। **৩** সপিণ্ড, জ্ঞাতি।

"ম ১০২০। ৪ বংশ্য, বংশজাত। "ইক্ষ্বাকু" রা ১.৬০.২। —দা, -দী স্ত্রী 'দায়াধিকারিণী', কন্যা।

দায়িক বিং ১ দায়যুক্ত, ঋণগ্রস্ত, বিপন্ন। ২ ভারপ্রাপ্ত, জিম্মাদার। —য়িত্ব বি [হি °ত্ব] জিম্মাদারী, জবাবদিহী (responsibility)। "দায়িত্ব-জ্ঞান।

দায়িত্ব দ্র 'দায়িক'।

দায়ী (-য়িন্) বিণ [√দা+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -য়িনী] দাতা। "শতং দায়ী পা ২.৩.৭০। অন্নাদি° মনু ৩.১০৪। ক্লেশ°, বর°, সলিল° (S.W.)। দায়িনী চ.বি ৩০। (তুং হি) বাণী বিদ্যা-দায়িনী নমামি ত্বাং ব.দ্বি ৯৭।

দায়ের বিং [আ দায়র্—pending] বিচারার্থ উপস্থাপিত; রুজু। "মকদ্দমা দায়ের করা।

দার১ পুং [√দারি+অ (অচ্)-ভা] ১ বিদারণ, ভেদন। ২ [+অ -র্ম] কৃষ্ট ভূমি। ৩ [+অ (ঘঞ্)-ক, পা ৩.৩.২০] (বহুব) যে চিত্ত দ্রব করে (বালমনোরমা); পত্নী, ভার্য্যা। [তু 'লি দারো, -রে (১ব)] "নরাঃ স্বদারনিরতাঃ।—গো.রা ১.৬.১০। দারান্ রক্ষেদ্ ধনৈরপি।—চাণক্য। অমী দারাঃ কু.স ৬.৬৩। গুরুদারে…গুরুবদ্ বৃত্তিমাচরেৎ মনু ২.২৪৭। শ্রোত্রিয়স্য দারেণ নোপহাসমিচ্ছেৎ (পারস্কর-গৃহ্যসূত্র)। ঋতুকালাভিগামী স্যাৎ…স্বদারে।—বসিষ্ঠ ১২। ম ৩৩৬। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী, °ক্রিয়া (স্ত্রী)—দারসম্বন্ধী (দারত্ব-প্রতিপাদক) কার্য্য; বিবাহ। "°য়া মহা ২.৩৭.২৯। °র্ম্ম মনু ৩.৫; °য়া ৫.১৬৮। রঘু ৫.৪০। °গ্রহ (পুং), °গ্রহণ (ক্লী), °পরিগ্রহ, °সংগ্রহ (পুং)—বিবাহ। "দারপরিগ্রহ উ.চ ১.১৯; সী ৭৩।]

দার২ বি [সং দ্বার > প্রা °র; অপ্র] দ্বার। "গো.চ ১৫৬।

দার৩ [ফা দার্] ১ যুক্ত, বিশিষ্ট। "চুড়ি°, মজা°। ২ খচিত, ভূষিত। "কাম°, কুঞ্জ°, বুটা°। চোগা বুটিদার।—হেম ৩৭৯। ৩ অধিকারী, মালিক। "আড়ত°, গাঁতি°, জমি°, দোকান°, হিস্সা°। ৪ অধ্যক্ষ। "কাঁড়ি° গি.দ্বি ১০৭। ৫ কারক, কর্ত্তা। "দানবকুল-দহনদার দু ৬১। বাছন°।—হেম ৩৭৯। ৬ কর্ম্মকুশল। "বাজন°, সিঙ্গা°। [দেন°—ঋণকর্ত্তা। পাওনা°—ঋণদাতা। ব্যবসা°—ব্যবসায়ী, ব্যবসায়-নিপুণ।]

দারক বিণ [√দৃ+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -রিকা] বিদারক, ভেদক। —ক পুং ১ 'দুঃখ-নাশক' (অ.চি); পুত্র। "রা ২.৩২.৩০। ভর্ত্তৃ° (অ.কো)। ২ বালক। "চাণ্ডাল° (কাদম্বরী)। ৩ শাবক। "মৃগ° ভ ৫.৮.২০। নাগ° (S.W.)। ৪ গ্রাম্যশূকর।—রিকা স্ত্রী কন্যা। "পূতনাং দৈত্যদারিকাম্ (হ)। ভর্ত্তৃদারিকে।—কাদ ৫৩।

দার(রু)চিনী, দালচিনি বি [ফা দারচীনী; ঠ দালচিনী; সং গুড়ত্বক্; দারুচিনী, -চীর্ণক (ত.বা)] বৃক্ষবিশেষের সুরভি মিষ্ট ত্বক্ (cinnamon)। "°নি গো.চ ৫৯।

দারণ বিণ [দৃ+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ক] বিদারক; ভেদক। "ক্রৌঞ্চ°। (শক্তিম্) গিরীণামপি দারণীম্ (মহা)। শম্বর° গী.গো ১২.২৩।— ণ ক্লী ১ 'দলমল-নাশক', কতকফল। ২ [+অন-ভা] বিদারণ, ভেদন। "দারুদারণপথ (লীলাবতী)। ৩ ব্রণাদিস্ফোটনকারক ঔষধ। "কপোতগৃধ্রকঙ্কানাং পুরীষাণি চ দারণম্।—সুশ্রুত ১.৩৬.৯।

দারব বিণ [দারু+অ (অণ্); স্ত্রী -বী] দারুবিকার, কাষ্ঠময়। "দারবী প্রকৃতি হরে মুনেরপি মন চৈ.চ ২৬৭। —ব ক্লী কাষ্ঠময় দ্রব্য। "দারবাণাঞ্চ তক্ষণম্ মনু ৫.১১৫। বিষ্ণু ২৩.২৭।

দারা বি [সং দার—দারাঃ (সতত বহুবচন); হি, ঠ, গু °রা; পদ্যে] ১ ভার্য্যা। "ম ১২; ১৮৯। ক.চ ৩। দারা সহ ভ.গ্র ১৩০। মালাকারদারা হীরা বি.সু ২৫। পরদারালোভে মে ২৪৯। প.তৃ ৩৯। ২ [অপ্র] স্ত্রীলোক। "দুর্গার দেখিয়া দুঃখ দহে যত দারা শি ১০৫। [°ভাত—বিবাহের রাত্রিতে বরের নিমিত্ত রাঁধা ভাত। "ম.ম ১৮৭।

দারি, -রী৩ বি [ড় 'দারী'—বেশ্যা; হি 'দারী'—যুদ্ধে বন্দীকৃতা নারী; 'দারী'—দারিকা (চ); 'দারিআ'—বেশ্যা (দেশী ৫.৩৮)] ১ বেশ্যা। "শ্রী.ম ২৯৪। দারীর দরবার শ্রী ৯৯; দারীর দর্শনে পুণ্য স্পর্শে মহাপাপ ১৫২; শয়নে স্বামীর সঙ্গে হতে হয় দারী ১৭৭। চৈ.চ ৩০৭। দারী তোর 'মাইপো' (স্ত্রী) সড়া।—লী ৭১। ২ পরদারগমন, বেশ্যাগমন, লাম্পট্য। "চুরি দারি নাহি করি,…আমি ভয় করিব কাহারে? —চ.দা ৭২।

দারিত বিণ [√দৃ+ই (ণিচ্)+ত (ক্ত)-র্ম্ম] বিদারিত।

দারিদ বি [সং দরিদ্র > প্রা দরিদ্দ > বা (দরিদ) °দ; বৈষ্ণবসাহিত্যে] দরিদ্র। "না পুরে অলপধনে দারিদ তিয়াস বি.প ৮৩। দারিদঘর যাচক নাহি যাব জ্ঞা ৯৮; অধর অধর মেলি, ঘন ঘন চুম্বই, বৈছন দারিদ হেম ১৯৮। দারিদ ঘট ভরি পাওল হেম ব.প ১০৩০।

দারিদ্র১, **-দ্র্য** ক্লী [দরিদ্র+অ, য (অণ, ষ্যঞ্)] দরিদ্রভাব, নির্ধনতা, দৈন্য। "°দ্র হি ১.১৩৫; দারিদ্র্যাদ্ধ্রিয়মেতি ১৪৩। দারিদ্র্য-দোষো গুণরাশিনাশী (সু.র)। দারিদ্র ঘুচান রঘু কু.উ ১৫১। দারিদ্র খণ্ডয়।—ম ১১৬৪। দারিদ্রে গুণরাশি নাশে ক.চ ২৩; বি.সু ৪। লছমী চাহিতে দারিদ্র বেঢ়ল জ্ঞা ১৭৯। দারিদ্র্য-নাশন চ.বি ৩৪৩। দারিদ্র দলনী ভা.চ ১১৮।

দারিদ্র২ বিং [অপ্র] দরিদ্র। "দারিদ্র ব্রাহ্মণ ভ.গ্র ৫৯; ৭৮; ফ্রেহারা দারিদ্র ৩৫৬। রা.প ৭। চ.বি ৬৪৩।

দারী১ (-রিন্) বিণ [√দৃ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] বিদারক, ভেদক, নাশক। "জয়…দারিণি রুরুদানবস্য ক.সা৭৮.৯০। রিপুদারিণী দু ৯৪।

দারী২ স্ত্রী [√দৃ+ই (ণিচ্)+ই (ইন্)-ক+স্ত্রী ঈ (ঙীষ্), উ ৪.১১৭] ভ্রমণজন্য পদতলজাত ক্ষুদ্ররোগবিশেষ (সুশ্রুত)।

দারী৩ দ্র 'দারি'।

দারু১ বিণ [√দৃ+উ (উণ্)-ক, উ ১.৩; স্ত্রী -রু, -র্বী] বিদারক, ভেদক। —রু পুং, ক্লী [সং 'দ্রু' > দরু > °রু (?); ছান্দস] ১ কাষ্ঠ। "রা ২.৫৪.৭। ২ ইন্ধন। "ভস্মীভবতি দারুবৎ মনু ৪.১৮৮। ৩ কাষ্ঠময় দ্রব্য—অর্গলাদি। ৪ দেবদারু। ৫ পিত্তল। —রু পুং ১ শিল্পী। ২ (বাঙ্লায়) সর্থ 'দাড়ুকা'। "ম.পা ৫৯; ১১৩। [°পিপীলিকা (বি)—কাঠপিঁপড়ে। "ক.চ ৪১। °পুত্রিকা, °বধূ, °স্ত্রী (স্ত্রী)—কাষ্ঠ-পুত্তলিকা। °সার (পুং)—চন্দন। °হরিদ্রা (স্ত্রী)—হরিদ্রাবৎ পীত বৃক্ষবিশেষ; পীতদারু। °হস্তক (পুং)—তদু, তাড়।]

দারু২ বি [ফা দারু] ১ ঔষধ। "যাহার পাইলে জে তবে হএ দারু গো.বি ১৭৭। ২ মদ্য। "ব.প ৪৭৬। স.এ ৪৬। ৩ [?] তীর (?)। "দারু ভেঙ্গে…দরিয়ায় পড়িল শ্রী.মা ১৬৪।

দারুক পুং শ্রীকৃষ্ণের সারথি। "মহা ২.২.১৬। ম ১২৩৮। —ক ক্লী ১ দারু, কাষ্ঠ। ২ দেবদারু। —কা স্ত্রী ১ কাষ্ঠপুত্তলিকা। ২ (বাঙ্লায়) শৃঙ্খল। দ্র 'দাড়ুকা'। "হস্তির দারুকা গো.চ ৩০৩,-৪। ব.প ৮৩।

দারুকা দ্র 'দারুক'।

দারুচিনী দ্র 'দারচিনী'।

দারুণ বিণ [√দৃ+ই (ণিচ্)+উন (উনন্)-ক, উ ৩.৫৩] ১ বিদারক, ভেদক। ২ অতিকঠিন, নির্ম্মম। "বিস্মরণদারুণচিত্তবৃত্তি শ ৫.২২। দারুণ হৃদয় ম.ম ২১। ৩ অতিনিষ্ঠুর, নৃশংস। "পশুমারণকর্ম্মদারুণ …শ্রোত্রিয়ঃ শ ৬.১। উ.চ ৫.১৯। ৪ পরুষ, কঠোর। "(প্রোক্তম্) দারুণম্ রা ১.৬২.১৬। ৫ দুঃসহ। "দারুণো দীর্ঘশোকঃ উ.চ ৩.৫; বাচঃ…শোকদারুণাঃ ৩৪। দারুণ মুটকী ক.চ ৫৩। ৬ কঠোর। "তপস্তেপে সুদারুণম্ রা ১.৪৬.৮। ৭ তীব্র। "বেদনা ভৃশদারুণাঃ মহা ১৪.১৬.৩৫। দারুণ শাপ ক.চ ১১৩। ৮ দুর্বিবহ; ভীষণ, ভয়ানক। "অহহ দারুণো দৈবনির্ঘাতঃ উ.চ ২২। দারুণ গহ্বর কু ১৮। দারুণ গরল ম.ম ৪২। অন্ধকার দারুণ—শ্রী ২২৬। শ্রী.মা ৯১। ৯ ভয়হেতু।

১০ পাতকাভিযোগী, অর্থাৎ তুমি পাতকী ইত্যাদিরূপ আক্রোশযুক্ত। "বাচা দারুণয়া ক্ষিপন্ মনু ৮.২৭০। ১১ দৃঢ়। "দারুণমিব হৃদি (শতপথব্রাহ্মণ)। ১২ প্রচণ্ড। বিপ 'মৃদু'। "মহা ১৪.৫০.৫০। ১৩ (বাঙ্‌লায়) তীব্র, মর্ম্মস্পর্শী, চিত্তাকর্ষক, মোহন। "দারুণ বঙ্ক বিলোকন থোর বি.প ১১। দারুণ চাহনি তার চ.দা ১৫। দারুণ মুখের টানে, ভুবন মোহিতে জানে ব.প ৫৮০। ১৪ পাপজনক। "দারুণ কর্ম্মের ফলে আমি তব ঝি ক.চ ১৩। ১৫ দুষ্ট, দুর্বৃত্ত। "দারুণ শাশ রহল উহি জাগি বি.প ১২৭। ১৬ দুর্নিবার। "করিতে মেলানি৹…জাগল দারুণ লেহা রা.শে ৮৪। ১৭ অশুভ। "কেমন দারুণ বেলা, আইনু তাণ্ডবশালা ক.চ ১১৩। —ণ পুং ১ ভয়ানক রস। ২ চিত্রকবৃক্ষ। ৩ বিষ্ণু। —ণ ক্লী পারুষ্য, নৈষ্ঠুর্য্য, তীব্রতা। "ব্রাহ্মণে দারুণং নাস্তি মৈত্রো ব্রাহ্মণ উচ্যতে।—মহা ১৪.২৭.১২; গীর্ভির্দারুণযুক্তাভিঃ ৩৫.৩। —ণী বি [সং °ণা; বৈষ্ণবসাহিত্যে] অরসিকা, অবিদগ্ধা। "কোন বা দারুণী৹ কুলের ধরম রাখে ব ১৫০।

দারুণী দ্র 'দারুণ'।

দারুব্রহ্ম বি ১ দারুরূপব্রহ্ম; জগন্নাথ। "দারুব্রহ্ম-আরাধন চৈ.চ ১৬৮। জগন্নাথ দারুব্রহ্ম চৈ.ম ২৩। জগন্নাথ-দারুব্রহ্মরূপে চৈ ১০১। ভা.চ ৪৭৩। ২ ধর্ম্ম, বৈকুণ্ঠপতি নারায়ণ। "শ্রী.মা ২০৬। ৩ বিশ্বকর্ম্মার পুত্র। "ক.চ ২২১।

দারুযন্ত্র ক্লী [উ.লো] ১ দারুকৃত যন্ত্র। ২ কাষ্ঠপুত্তলিকা। "অস্বতন্ত্রো হি পুরুষঃ কার্য্যতে দারুযন্ত্রবৎ মহা ৫.১৫৮.১৪।

দারোগা বি [ফা °গ.1] পুলিসের প্রধান কর্ম্মচারিবিশেষ (sub-inspector)। [°গাগিরী—দারোগার পদ বা কার্য্য।]

দার্ঢ্য ক্লী [দৃঢ়+য (ষ্যঞ্)] ১ দৃঢ়তা, শক্তিমত্তা, সামর্থ্য। ২ সমর্থন, অবধারণ, দৃঢ়ীকরণ। "দার্ঢ্য লাগি হরের্নাম উক্তি তিন বার চৈ.চ ৬১; ২০৫।

দার্বাঘাট পুং [দারু+আ- √হন্+অ (অণ্)-ক,—দার্বাঘাত > °ট, (ত>ট) পা ৩.২.৪৯, বার্ত্তিক; উ.ত] 'কাষ্ঠে আঘাতকারী'; কাঠঠোকরা পাখী (woodpecker)। "যজুর্ব্বেদ ২.৩৫।

দার্শনিক পুং [দর্শন+ইক (ঠক্)] দর্শনশাস্ত্রবিৎ।

দার্ষ্টান্তিক বিণ [দৃষ্টান্ত+ইক (ঠক্); স্ত্রী -কী] দৃষ্টান্তসম্বন্ধী, উপমেয়।

দাল[১] ক্লী [দল+অ (অণ্)] ১ 'পুষ্পদলসম্বন্ধী', পুষ্পদলসঞ্চিত অথবা পুষ্পদল-পতিত মধুবিশেষ (ভাবপ্রকাশ)। ২ বৃক্ষকোটরজাত মধু।

দাল[২] দ্র 'দাইল'।

দালচিনি; দালনা দ্র 'দারচিনী; ডালনা'।

দালান বি [ফা দালান্] ১ লম্বা পাকা ঘর; হল্। ২ পাকা বাড়ি; কোটা। "গো.চ ২। ব.প ১৩৬২। শ্রী ১৩৯। ঘর-দালান স্ব.প্র ৯৭। ৩ হলের মত ঘর। "(লতায় নির্ম্মিত) দালান ভ.গ্র ৩৫৮।

দালাল বি [আ দলাল্] যে ক্রেতা-বিক্রেতার মধ্যে থাকিয়া পণ্যের দর-দস্তুরী ঠিক করে; কেনা-বেচার মধ্যস্থ (broker)। —লী বি [আ দলালী] দালালের কার্য্য বা প্রাপ্য অর্থ (brokerage)।

দালি স্ত্রী [দ্র 'ডাইল'] দলিত শমীধান্য; ডা'ল। "দালিবড়ি ক.চ ৮৭। শাক দালি ব.প ৪৭৯।

দাশ্ সক [ভ্বা,—দাশতি, -তে; সেট্] দান। "পা ৩.৪.৭৩, কাশিকা। —শ্ সক [চু, আ—দাশয়তে; সেট্] দান। —শ্ সক [স্বা. প —দাশ্নোতি; সেট্] হিংসন (ছান্দস)।

দাশ পুং [√দাশ্+অ (অচ্)-ক, -স (পা ৩.৪.৭৪); ছান্দস] ১ যে মৎস্য হিংসা করে (অ.টী); যাহাকে (মৎস্যের মূল্য) দেয় (সি); কৈবর্ত্ত, ধীবর। "°রাজ মহা ১.১০০.৯৪; ম ৯৩। [আয়োগবীতে নিষাদ হইতে জাত জাতি দাশ বা মার্গব। ইহারা নৌকর্ম্মজীবী। আর্য্যাবর্ত্তে ইহাদের নাম 'কৈবর্ত্ত' (মনু ১০.৩৪)।] ২ নাবিক। "মনু ৮.৪০৮,-৯। ৩ বিপ্র। 'দাশত্যস্মৈ দাশো বিপ্রঃ (সংক্ষিপ্তসার)। ৪ ভৃত্য (রমানাথ)। ৫ বৈদ্যজাতির উপাধি। "চিত্তরঞ্জন দাশ। [°নন্দিনী (স্ত্রী)—'ধীবরকন্যা', সত্যবতী। °রাজ (পুং)—'কৈবর্ত্তপতি'; সত্যবতীর পিতা।]

দাশরথ বিণ [দশরথ+অ (অণ্); স্ত্রী -থী] দশরথসম্বন্ধী, দশরথকথিত। "অজীগণদ্ দাশরথং ন বাক্যম্ ভট্টি ২.৫৩। —রথ পুং দশরথসম্বন্ধী, রাম। "প্রদীয়তাং দাশরথায় মৈথিলী (মহানাটক)। —রথি পুং [°থ+ই (ইঞ্)] ১ দশরথের অপত্য; দশরথপুত্র। ২ রাম। "রা ১.৩.১২। রঘু ১০.৪৪। ৩ (দ্বিব) রামলক্ষ্মণ। "গো.রা ৬.১৯.৬৭। রঘু ১২.৭৬; ১৪.১। জানাসি রামলক্ষ্মণৌ দাশরথী উ.চ ৪২২।

দাশার্হ পুং [দশার্হ+অ (অণ্)] ১ দশার্হের গোত্রাপত্যগণ; যাদবগণ। "মহা ১.২০৫.২৬। মাঘ ২.৬৪। ২ কৃষ্ণ।

দাশেয় পুং [দাশী+এয় (ঢক্)] দাশীর (ধীবরীর) পুত্র। —য়ী স্ত্রী ধীবরকন্যা; সত্যবতী। "মহা ১.১০০.৪৯। —শের পুং [+এর (ঢ্রক্) সর্থ 'দাশেয়'। —শেরক পুং মালবদেশ; তদ্দেশবাসিগণ। "মহা ৬.৫০.৪৭।

দাশের, -শেরক দ্র 'দাশেয়'।

দাস্ সক [ভ্বা, এ—দাসতি, -তে; সেট্] ১ দান। ২ হনন (ছান্দস)।

দাস পুং [√দাস্+অ (অচ্)-স; √দম্ উৎক্ষেপণ+অ (ঘঞ্)-র্ম (অ.টী); উ ৫.১০; ছান্দস] ১ যাহাকে বেতন দেয় বা কার্য্যার্থ প্রেরণ করে; ভৃত্য। "রা ১.৭৪.৫। অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ (মহা)। আমি তুয়া দাস-দাস-দাসী-পুত্র হই বি.সু ৬; ১৩০। [দাস সপ্তবিধ—ধ্বজাহৃত ভক্তদাস গৃহজাত (দাসীপুত্র), ক্রীত দত্রিম পৈত্রিক ও দণ্ডদাস (মনু ৮.৪১৫)। মতান্তরে, পঞ্চদশবিধ—গৃহজা ক্রীত লব্ধ ইত্যাদি (দ্র 'যাজ্ঞ ২১৮২; মিতাক্ষরা')।] ২ শূদ্র। [ঋগ্বেদে 'দাস' শব্দে ইন্দ্র কর্ত্তৃক বিজিত 'নমুচিশম্বর'-প্রভৃতি অসুর। ভারতের অসভ্য আদিমবাসীরা আর্য্যাদিগের গবাদি বলপূর্ব্বক হরণ করিত বলিয়া, তাহারা 'দাস বা দস্যু' শব্দে আখ্যাত হইত। পরে ইহারা আর্য্যাদিগের বশীভূত হয় ও ভৃত্যত্ব স্বীকার করে { বশং নয়তি দাসম্ আর্য্যঃ (ঋগ্বেদ ৫.৬.৩৪) }। সুতরাং 'দাস' শব্দ মূলতঃ 'ভৃত্য'-বাচী নহে, দাসেরা বা দস্যুরা ভৃত্যত্ব গ্রহণ করায়, উহার গৌণার্থ 'ভৃত্য' এবং ইহারাই 'শূদ্র' নামে অভিহিত।] ৩ ব্রাহ্মণ হইতে শূদ্রকন্যাগর্ভে জাত ও ব্রাহ্মণ কর্ত্তৃক সংস্কৃত ভোজ্যান্ন জাতিবিশেষ (পরাশর ১১.২১; যম ২০)। ৪ শূদ্রের উপাধিবিশেষ। 'দাসঃ শূদ্রস্য কারয়েৎ (মনু ২.৩২, কুল্লূক)। ৫ দস্যু। ৬ বৃত্রাসুর। ৭ কায়স্থের উপাধি। ৮ যে আত্মদান করে; আত্মনিবেদক। "অদ্য প্রভৃত্যনবদ্যাঙ্গি তবাস্মি দাসঃ কু.স ৫.৮৬। ৯ জ্ঞানাত্মা। ১০ ধীবর। তু 'দাশ'। ১১ (বাঙ্‌লায়) চর্ম্মকারের উপাধি। [ভক্ত রুইদাস চর্ম্মকার ছিলেন। বোধ হয়, এই 'দাস' উপাধির মূল 'রুইদাস' (ভ.গ্র ২৫০)। চর্ম্মকারেরা 'রুইদাস' বলিয়াও জাতির পরিচয় দেয়।] ১২ অগ্রজের প্রতি অনুজের হীনতাসূচক বিনয়বাক্য। "আমি দাস থাকিতে প্রভুর এ আপদ্ কৃ ৯৮। [°খত (বি)—দাসত্ব স্বীকারের প্রমাণপত্র। "চ.দা ১৪৩। দাসখত লেখা আছে, তোমার হাতের সই দা ৫৯৪। °জন (পুং)—দাস। "বিক্র ৪.২৯। °নন্দিনী (স্ত্রী)—সর্থ 'দাশনন্দিনী'। °ভাব (পুং)—দাসত্ব। °ভাবনা (বি)—'আমি দাস'—এই ভাব। "চৈ.চ ৩০। °যোনি (স্ত্রী)—দাসত্বকারণ। "মনু ৮.৪১৫।]

দাসানুদাস পুং [ব.ত] ১ দাসের অনুগত দাস; দাসের দাস; অতিবিনীত ভৃত্য। "দু ৫৭। °সঙ্গ চৈ.চ ৮২। দা ৭৮৬; দাসানুদাসোহহং দাশরথি ২১৬১। ২ বক্তার বিশেষ বিনয়প্রদর্শনসূচক শব্দ। "আগন্তুক

বলিল, 'আমি তোমার দাসানুদাস—হে সুন্দরি! আমার প্রতি প্রসন্ন হও'।—ব.ঘি ১৪৩। —দাসী বি স্বামীর প্রতি স্ত্রীর অধীনতাসূচক শব্দ। "ভ্রমর।—আমি তোমার দাসানুদাসী বই ত নই!—ব.প্র ৩০২।

দাসাপরাধিক বি অপরাধসম্বন্ধী দাস; রাজকৃত দণ্ডশুদ্ধির নিমিত্ত দাসত্বগত; দণ্ডদাস (?)। "ব.প্র ১২৬।

দাসী স্ত্রী [দাস+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ পরিচারিকা, কিঙ্করী, চাকরাণী। "কৃ ১১। ২ ধীবর-স্ত্রী; শূদ্র-স্ত্রী; শূদ্র-কৈবর্তের স্ত্রীজাতি। ৩ নীলঝিণ্টি; পীতঝিণ্টি। ৪ (বাঙ্লায়) শূদ্রনারীর উপাধি। ৫ অধীনা, প্রণয়াসক্তা। "সেই বয়সেই আমি তাঁহার দাসী হইলাম ব.প্র ১৮২। ৬ দাসীসদৃশী ভক্তনারী। "দাসী করি রাখ নিজ দাস ক.চ ২২৬। দাস্যাত্মজ ম.পা ২। ৭ পতির প্রতি পত্নীর হীনতাসূচক বিনয়বাক্য। "পথের দোসর হব সঙ্গে লও দাসী কৃ ৯৮। [°পণ (বি)—'পরাজয়ে দাসী হইব' এইরূপ পণ। "দাসীপণে রহিল বিনতা।—ম ১৯। °পনা—দাসীকার্য্য, দাসীত্ব। °সভ (ক্লী)—দাসীসমূহ।]

দাসেয় পুং [দাসী+এয় (ঢক্)] ১ দাসীর অপত্য: দাসীপুত্র। ২ কৈবর্ত্ত। —য়ী স্ত্রী ব্যাসমাতা সত্যবতী।

দাসেয়ী দ্র 'দাসেয়'।

দাসের[১] পুং [দাসী+এর (ঢ্রক্)] সর্থ 'দাসেয় (১; ২)।

দাসের[২], **-সেরক** পুং উষ্ট্র। "°ক মাঘ ৫.৬৬। লঘুদাসেরকশিশু।—পঞ্চ ১৳৳৳।

দাস্ত বি [ফা দস্ত্] মল, মলত্যাগ। [ধোপদাস্ত কাপড়—ধোপে মলশূন্য শুভ্র বস্ত্র।]

দাস্য ক্লী [দাস+য (ষ্যঞ্)] ১ দাসভাব, দাসকর্ম্ম, দাসত্ব। "দাস্যং চ শিরসি স্থিতম্ হি ১.১৯৬। মনু ৮.৪১০,-১২। ২ নব ভক্তিলক্ষণের একতম; কর্ম্মার্পণ। "ভ ৭.৫.২৩। ৩ [দাসী+য] দাসীভাব, দাসী-কর্ম্ম। "পতিকুলে তব দাস্যমপি ক্ষমম্ শ ৫.২৬।

দাস্যাঃ [সং দাসী >দাস্যাঃ (ষষ্ঠী-১ব)] দাসীর। "সেবিকা শ্রী ভোমরা দাস্যাঃ প্রণামাঃ ব.প্র ২৯৪। [পত্রে বিধবা শূদ্রপত্নীর নামের শেষে 'দাস্যা' লেখার প্রথা প্রসিদ্ধ। বোধ হয়, পত্রের শেষে 'শর্ম্মণঃ' পদের অনুকরণে 'দাস্যাঃ' হইতে 'দাস্যা' হইয়াছে। মূলে, 'বিজ্ঞাপনম্' 'নিবেদনম্' ইত্যাদি পদের সহিত 'দাস্যাঃ'র সম্বন্ধ ছিল, পরে সে সম্বন্ধ লুপ্ত হইয়াছে এবং 'দাস্যা' কেবল বৈধব্যের সঙ্কেতমাত্র হইয়া রহিয়াছে। বিধবা ব্রাহ্মণীর নামের শেষে যে 'দেব্যা, লিখিত হয়, তাহাও এইরূপে 'দেব্যাঃ' হইতে হইয়াছে; 'শ্রীমত্যাঃ' হইতে 'শ্রীমত্যা'ও এইরূপে শেষে বৈধব্যসূচক।]

দাহ পুং [√দহ্+অ (ঘঞ্)-ভা] ১ ভস্মীকরণ, দহন। "লঙ্কা° রা ১.৩.৩৩। দিশাং দাহে মনু ৪.১১৫। "শক্তি রঘু ১১.৪২। ত্রিপুর° কি ৫.১৪। বহ্নি°।—পঞ্চ ৫.৭৫। ২ কুপিতপিত্তজাত দেহসন্তাপ (ভাব-প্রকাশ)। ৩ তীব্রসন্তাপ, জ্বালা। "অন্তর্দাহেন দহনঃ সন্তাপয়তি রাঘবম্ রা ২.৮৫.১৭। দুঃখ° কৃ ৩১। ঘাএর দাহে ব.প ৫০০। —হক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -হিকা] ১ ভস্মীকারক। ২ জ্বালা-জনক, তাপক; তীব্র, প্রখর। ৩ উগ্র, তীব্রগুণ। —ক পুং ১ অগ্নি। ২ চিত্রক; রক্তচিত্রক। [°কাষ্ঠ (ক্লী)—যাহার কাষ্ঠ দাহার্থ; দাহা-গুরু। °জ্বর (পুং)—দেহজ্বালাকর জ্বরবিশেষ। °স্থল (বি)—শ্মশান। "মে ৩০৬। °হর, হরণ (ক্লী)—'জ্বালানাশক', বীরণমূল, উশীর।]

দাহক দ্র 'দাহ'।

দাহন ক্লী [√দহ্+ই (ণিচ্) স্বার্থে+অন (ল্যুট্)-ভা] ১ দহন, ভস্মী-করণ। "খাণ্ডবস্য চ দাহনম্ মহা ১.২.১২৮। ম ২০৮; ৪২৪; দাবানলে বন যেন করয়ে দাহন ৭৬৩। হস্ত হইব দাহন গ ২০৭। ব.প ১১৯। জৌগৃহেদাহন ম.বি ৩১। দু ৬৯। অনলদাহনে।—হেম ৮৩। ২ [বাঙ্লায়; অপ্র] অগ্নি,জ্বালা। "বাণের দাহনে অ.প ১৬। বিরহ-দাহনে শ্রী.ম ১৪৫।

দাহাত্মক বিণ [দাহ আত্মা যাহার, বহুব্রী, সমাসান্ত ক (কপ্), স্ত্রী -ত্মিকা] দাহস্বভাবক, দাহসমর্থ। "শ ২.৭।

দাহী (-হিন্) বিণ [√দহ্+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -হিনী] ১ দাহক, ভস্মীকারক। "আগার° মনু ৩.১৫৮। ২ উগ্রগুণ।

দাহ্য বিণ [√দহ্+য (ণ্যৎ)-র্ম্ম] ১ দহনীয়, দগ্ধব্য। ২ দাহার্হ, দহনযোগ্য। "অ° গী ২.২৪।

দি, দে সর্ম্ম [সং √দা >লি √দি, √দে; তু 'দিন্ন (দত্ত), দেতি, -সি, -মি'; প্রা √দি, √দে—তু 'দেই, দেউ (দদাতি, দদাতু), দিন্ত, দিন্ন (দদাতু, দত্ত) >বা √দি, √দে; হি, ঠ, প, গু, মৈ, ড় √দে; সি √ড়িও; অস √দি] ১ দান করা; দেওয়া। "জেই দিএ তাই পাইএ কৃ ২০২। ২ সম্প্রদান করা। "তাহারে কন্যা দিব ম.ভা ২৩। ৩ প্রাপ্য দান করা (to pay)। "তিন সন বহি দিহ কর ক.চ ৮৪। ৪ অনুমতি করা। "করিতে, বলিতে দেওয়া। ৫ উৎপাদন করা। "ঔষধে ফল দেয়। ৬ মঞ্জুর করা। "ছুটি, সময় দেওয়া। ৭ স্থাপন করা। "কুচে কর দেল বি.প ১৪০। অর্ঘ্য দিয়ে ধ্যায়।—শ্রী ৩৬। পয়োধরে দেল হাতা রা.শে ১৩। ৮ যোগান। "অন্ন-বস্ত্র, ভাত-কাপড় দেওয়া। ৯ উচ্চারণ করা। "মন্ত্র দিয়ো কাণে বি.প ১৬১। পুজিও মঙ্গলবারে জয় জয় দিয়া ক.চ ১৪৮; জয় জয় দেই রামাগণে ২২৫। ১০ নির্ম্মাণ করা। "আলি জাঙ্গাল দিল কৃ.উ ১৯৭। দেহি আলি জাঙ্গাল গ ৯৯। দেয় পুষ্পের আরাম।—ম ১০৮৪। ১১ খনন করান। "দিল উত্তম সরোবর কৃ.উ ১৯৭। ডিঘি পুষ্করিণী দিল গ ৯৯। ১২ নিবেশিত করা। "আনত হেরি ততহি দেই কাণে বি.প ৩৯। রণে দিয় মতি অ.প ৯। ১৩ ন্যস্ত করা। "দায়িত্ব, ভার দেওয়া। ব্রহ্ম হত্যা দিতে যায় ধর্ম্মের উপর শ্রী ৩৬। ১৪ অনুষ্ঠান করা। "বিবাহ, ভোজ দেওয়া। ১৫ প্রতিষ্ঠিত করা। "অন্নসত্র, দেউল, মন্দির দেওয়া। ১৬ রোপণ করা; পোতা। "গাছপালা, বেগুন, পটোল দেওয়া। ১৭ ভর্ত্তি করা। "স্কুলে, কলেজে দেওয়া। ১৮ বন্ধ করা। "কপাট, ছিপি, তালা দেওয়া। ১৯ করা। "আলিঙ্গন দেল বি.প ১৪১। দিহে জলদান ১৬৪। দিলেন মেসানি কৃ.উ ২৩৮। অপমান দিয়া চ.বি ১৯৪, -৫। ২০ বিবৃত করা; বলা। "কে তোমরা দে পরিচয়: দিএ পরিচয় কৃ.উ ১৯৫। ২১ মিশ্রিত করা। "খইলের বেসার দিয়া ঝাল দিয়াছে দঢ় ক.চ ১৪২। ২২ প্রয়োগ করা; লাগান। দ্র 'দি (২১)। ২৩ বিসর্জ্জন করা; ত্যাগ করা। "জাতি, প্রাণ দেওয়া। ২৪ পরিবেশন করা; বাঁটা। "তিন ভাই অন্ন খায়, সীতা দেবী দেই কৃ.উ ২৫৯। ২৫ অঙ্গীকার করা। "খুল্লনা পরীক্ষা দেকু যদি হয় সতী ক.চ ১৮১। ২৬ বসান। "দোকান দিল পথে শি ৯৮। ২৭ অসমাপিকা ক্রিয়ার যোগে তৎক্রিয়ার 'সমাপ্তি'-সূচক। "বলিয়া দিল (অর্থাৎ বলিল), লিখিয়া দিল ইত্যাদি। [কর্ম্মানুসারে এই ধাতুর নানা অর্থ হয়; তাহা তত্তৎস্থলে বিচার্য্য।] [দিঞা, -য়া, দিয়ে, দে (তু 'দিআব'—দঙ্খা; —পৈ)—স্থাপন করিয়া; রাখিয়া। "হাথ দিঞা দেখ বড়ায়ি মোর কলেবরে শ্রী.কী ২২; বসন দিঞা উপরে তাহার ৩১। মাপে কোণে দিয়া দড়ি ক.চ ৬। (এইরূপ মৌলিক অর্থ হইতে, 'দিয়া' ক্রমে তাৎ-পর্য্যার্থে করণত্ব-সূচক 'দ্বারা' অর্থে পরিণত হইয়াছে, বস্তুতঃ উহার করণত্ব নাই। 'ছুরী দিয়া কাটা'—'দিয়া'র অর্থ 'লাগাইয়া', তাৎপর্য্যার্থে 'দ্বারা')। দি—দিয়া। "দি যাই পরীক্ষা চিহ্ন ধা.ম ৩৩০। দি, দিই —দান করি; দিতেছি (ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমান)। "কাটিয়া দি। —ম.ম ১৭৭। দি বা কি না দি ব.প ৫৩৪। দিএ, -য়ে (দ্র 'এ৬) —দিই। "দিএ শ্রী.কী ৩৩০। এই অঙ্গুরীটী দেখ ফেলি দিয়ে কূপে।—ম ১৩০। আমি দিয়ে ত আহার চৈ.চ ৯০। দিছ—দিয়াছ। "গর্ভে দিছ ঠাই ম.পা ২। দিছে—দিতেছে; দিয়াছে। "কষ্ট দিছে দু ৭২। পাষাণের

মন্দির দিছে (অতীতে) ম.পা ৬। দিছেন—দিয়াছেন। "গো.চ ৮২,-৭। পূর্ব্বে…বর দিছেন ম.পা ১৬। দিঞাঁ—দিয়া; সর্থ 'দিআঁ'। "শ্রী.কী ৩৫৭। দিত—দিতাম। "দু ৫৩। দিমু—দিব। "গ ৪৫,-৮। দিয়—দিও। "নহি দিয় কর ম.পা ৫৩; গালি না দিয় ৬৫। দিহে—দেয়। "দিহে জলদান বি.প ১৬২। দীয়তাং ভুজ্যতাং—প্রচুর দাও, খাও (মহা-সমারোহের ভোজে)। "দীয়তাং দীয়তামেষাং ভুজ্যতাং ভুজ্যতামিতি মহা ২.৩৩.৫১। তু 'দে রে দে রে নে রে খা রে—শব্দ।—দা ৮৮৭। দে—দেয়। "মোরে দে বাদ : মোর দোষ দে ম.ম ২১৫,-৩২। দেঅত (মৈ দেঅ)—দেয়। "দেঅত…বস্ত্র ভূষণ।—ন.প ১৬৫। দেই—১ দিয়া, সংযোগ করিয়া, অর্থাৎ দ্বারা। "নয়ন কাজর দেই লিখই বিধুন্তুদ বি.প ১৯৫। শ্রী.কী ৮৭। ২ (সং দদাতি >প্রা দেই)—দেয়। "সমরে দেই নাগর ভঙ্গ।—গো ১৫। কৃ.উ ২৫৯। মুখে তুলে দেই দই ক.চ ৪৪। ন.প ১৫৭,-৬৬। ভা.চ ২৯৫। দেউ, -উক (দিউক), দেএ (দেয়), দেওঁ (দিই), দিবওঁ (দিব), দিবেঁ, দিবোঁ, দিহ।—শ্রী.কী। দেওয়া—দান করা; প্রদত্ত। দেওল—দিল। "দেওল রতি জয় লেখা গো ১৯৬। চ.দা ৫৪। দেম—দিব। "আনি দেম ম.পা ৯৩; ১৬৪। দেয়—১ দেও। "আপনি ত দেয় দৃষ্টি গ ১৪। ২ দেও (অনুজ্ঞা)। "ভূমি দান দেয় মহারাজ!—গ ৪৭; ১১৪,-৭৫। গো.বি ১৯০। অ.প ১২১। ৩ দিও। "তোমার হস্তেত মোরে দেয় মুষ্টি মাটি গো.বি ১১৬। দেয়ই—দেয়। "জে জেই দান চাহে দেয়ই তাহারে গ ৪২। দেয়ব—দিবে। "আলিঙ্গন দেয়ব সোই বি.প ৫৬। দেয়া—দেওয়া। "কৃ.চ ৫৯। দেয়াইলেন—দেওয়াইলেন। "কৃ.চ ৩৯। দেল—দিল। "বি.প ১১১,-২; আলিঙ্গন দেল ১৩৩। দেহি—১ দাও। "দেহি দেহি ভা চ ৪২৬। ২ দেয়। "তিলক দ্বিজে দেহি ম.পা ১০। গ ২৫। ব.প ৩৩৩। আগল দেওয়া। (সং অর্গলং দা)—অর্গলবদ্ধ করা; আটকান। আগুন দেওয়া (সং অগ্নিং দা)—অগ্নিসংযোগ করা; নষ্ট করা। আজ্ঞা দেওয়া (সং আজ্ঞাং দা; ঠ আজ্ঞা দেণেং)—আদেশ করা। উত্তর দেওয়া (তু 'উত্তরদায়ক')—উত্তর করা। কথা দেওয়া—প্রতিজ্ঞাপূর্ব্বক কিছু বলা। "কথা দিলে কি আর নড়চড় আছে?—ব.প্র ২০১। কান দেওয়া (সং 'কর্ণং দা'—শ ১.২৮; হি কান দেনা; ঠ কান দেণেং)—মনোযোগের সহিত শোনা। ক্ষমা দেওয়া—ক্ষান্ত হওয়া। "চিত্তে দেহ ক্ষমা চৈ.ম ১৩৩। গাঁঠ দেওয়া—গ্রন্থিবন্ধন করা। চোখ, দৃষ্টি দেওয়া (সং চক্ষুঃ, দৃষ্টিং দা)—দৃষ্টিপাত করা; দেখা; কুদৃষ্টি দেওয়া। দোহাই দেওয়া—বিচার প্রার্থনা করা। ধার দেওয়া (হি উদ্ধার দেনা)—ঋণ দেওয়া। পথ দেওয়া (সং মার্গং দা; পন্থা দেয়ঃ—মনু ২.১৩৮; ঠ রাট দেণেং)—অন্যের যাওয়ার পথ ছাড়া। প্রহার দেওয়া (তু 'সং প্রহারদানে—বিষ্ণু ৫.৬৯; প্রহারদ—যাজ্ঞ ২.২৩৫)—মারা। মন দেওয়া (সং মনঃ দা)—মন নিবিষ্ট করা; ভাবা। মাথা দেওয়া—ভার লওয়া। মুখে দেওয়া—খাওয়া। "চৈ.ম ১৪। রোদে দেওয়া (সং আতপে দা)।—রোদে রাখা। সিঁধ দেওয়া—সন্ধিচ্ছেদ, সিঁধ কাটা। সেবা দেওয়া—দ্র 'সেবা'। গলায় হাত দেওয়া (সং গলে হস্তং দত্ত্বা—হি ৪ ২০/২১)—গলা-ধাক্কা দেওয়া।]

দিউটি, -টী [সং দীপবর্ত্তি >প্রা *দীবঅট্টি >বা (দীবট্টি) °টি] প্রদীপ; মশাল। "আকাশ-দিউটি বীরের দুটা চক্ষু জ্বলে ব.প ৫২৭; °টী ৫৮২। জ্বলন্ত দিউটী শ্রী.ম ৫১।

দিক্[১] **(শ্‌)** স্ত্রী [√দিশ্ + ক্বিন্ (০)-ক, -র্দ্ম (পা ৩.২.৫৯, তত্ত্ব-বোধিনী); ছান্দস; স্বরবর্ণ, বর্গের তৃতীয় বর্ণ ও অন্তস্থবর্ণ পরে, দিক্ >দিগ—যথা 'দিগন্ত', 'দিগ্‌দন্তী', দিগ্‌বস্ত্র'] ১ যাহা অবকাশ দেয়; উত্তর-প্রভৃতি, আশা। "দিশো দশ রা ২.১০৬.২৭। দিশঃ প্রসেদুঃ রঘু ৩.১৪। দশদিশি প্রধাবিতাঃ (বেতালপঞ্চবিংশতি)। ২ স্থান, দেশ। ৩ ইঙ্গিত, সংজ্ঞা, সঙ্কেত, আশয়। "দিঙ্‌মাত্র, দিগ্‌দর্শন। ইতি দিক্ (টীকায়)। দিগিয়ং সূত্রকৃতা প্রদর্শিতা (S.W.)। ৪ প্রকার, বিধি, ক্রম। "অনয়ৈব দিশা মনু ৭.১২৬, কুল্লুক। ৫ পক্ষ (side)। "সে এ দিক্ ও দিক্ বজায় রেখে খেতে পেত দুধের বাটি (আজু গোস্বামী)। আমি…আপনার দিকে টানতে কশুর করবো?—অ.গ্র ৭১। ৬ সঙ্কেত-দর্শিত বিষয়। "দাসীসভং নৃপসভং রক্ষঃসভমিমা দিশঃ (অ.কো)। ৭ দিক্‌সংখ্যানুসারে দশ (১০) সংখ্যা; তৎসংখ্যান্বিত। "দিগ্‌ভিশ্চ নৈঃ (ত.বা)। দিগ্‌দণ্ডে।—শ্রী ১৬৮; দিগ্‌বাণ সুবর্ণ ২০২,-৫৩। দিগ্‌দণ্ড মধ্যে ম.পা ৬; °দিনান্তরে ১৬; °মাসান্তরে ৩৬; °হস্তা ৪৯। ৮ শ্রোত্রাধিষ্ঠাতৃদেবতা। ৯ দন্তক্ষত (বৈজয়ন্তী)। ১০ (বাঙ্‌লায়) ভাগ, পাশ। "ডান, বাঁ দিক্। ১১ অভিমুখ ভাগ। "তার দিকে…চেয়ে রৈল কেনে ভা.চ ৮০। ১২ খরচের বিভাগ; বাব। "সর্ব্বস্ব ব্যয় করিয়াও সে বিধবা স্ত্রীলোক সকল দিক কুলান করিতে পারিল না।—ব.প্র ৩৪১। [°কন্যা, °কান্তা, °কামিনী (স্ত্রী)—দিগঙ্গনা, দিক্‌স্ত্রী। °করী (-রিন্), °কুঞ্জর, °দন্তী (-ন্তিন্), °বারণ (পুং)—উত্তরাদি দিকের রক্ষক হস্তী; ঐরাবত-প্রভৃতি। "দিক্‌করী বা.ভা ১.৭৭। °বারণ মহা ৩.১০৮.১০। কু.স ২.৪৪; ৫.৮০। দিগ্‌দন্তিশেষাঃ ককুভশ্চকার (A.) °বারণ মা ১৩০। °চক্র (ক্লী)—দিগ্‌বলয়, দিঙ্‌মণ্ডল, দিগন্তবৃত্ত। °জয়, °বিজয় (পুং)—সকল দিকের পরাজয়; যুদ্ধে বা বিদ্যায় সর্ব্ব দিক্‌স্থিত রাজগণের বা পণ্ডিতগণের অভিভব। "দিগ্বিজয়ব্যাপার হি ২০৪/২০৫। ভীমদিগ্বিজয়, দিগ্বিজয়পর্ব্ব (মহা)। শঙ্করদিগ্বিজয়। °তট (ক্লী)—দিগন্ত। °দাহ (পুং)—দিগন্তের অস্বাভাবিক রক্তবর্ণ; উৎপাত-বিশেষ। "বৃহৎসংহিতা ২১.২৫। ন ৭৬০। °দেশ (ক্লী)—দিক্ ও দেশের সমাহার; সমাহৃত দিক্ ও দেশ। "হি ১ ১/২। °পতি °পাল (পুং)—দিক্‌সমূহের অধিপতি বা পালক; পূর্ব্বাদি দিকের ইন্দ্রাদি, উর্দ্ধদিকের ব্রহ্মা ও অধোদিকের অনন্ত দিক্‌পতি। "°পতি ম ১২০৫। °শূল (ক্লী)—দিগ্‌বিশেষে যাত্রায় শূলবৎ ক্লেশজনক নিষিদ্ধ বার।]

দিক্[২] বিং [আ দিক্.] বিরক্ত, ত্যক্ত। "কেন দিক্ কর,—এখন স্বস্থানে যাও ব.প্র ৩৮২। —ক্ বি বিরক্তি। "হারাইয়া দিক্, হইল বড় দিক্ বা.দ ৬৬। [দিক্ ধরা—বিরক্তি জন্মান।]

দিক্‌পদ বি [অপ্র] 'দশপদবিশিষ্ট', কর্কট। "ম.পা ১১১,-৩২।

দিক্‌বিদিক্ দ্র 'দিগ্‌বিদিক্'।

দিক্‌ভোলা বিং দিকের বিষয়ে ভ্রান্ত; দিগ্‌জ্ঞানশূন্য। "চলে কবি হয়ে দিক্-ভোলা স্ব.প্র ১১২।

দিক্‌শত বিং [অপ্র] দশগুণ শত; সহস্র। "দিক্‌শতভুজেরাত্মজার ধবপিতা (সহস্রবাহু বাণের কন্যা উষার পতি অনিরুদ্ধের পিতা কামদেব) ম.পা ১৩৩।

দিক্ষু [দিশ্ + সু, ৭মী বহুব); সংস্কৃতপদ] দিক্‌সমূহে। "দিক্ষু সর্ষপ ছড়ায় বি.সু ১৭১।

দিগ[১] বি [সং দিক্,-গ্; হি দিগ্] ১ দিক্, ভাগ, পাশ। "যেই দিগে…যায় ম ৮২৭। দক্ষিণ দিগর কৃ.উ ২২০। দুই দিগে ক.চ ১৫৯। চৌদিগ গ ১৮; ৬১। চৈ.ম ১৭২। এক দিগে চৈ.ভা ৩২০; নানা দিগ ৪১৫। ২ দশ। দ্র 'দিক্[১] (৭)। [দিগ-পাশজ্ঞান (দিক্°—সাধু)—দিগ্‌বিদিগ্‌বোধ, হিতাহিতজ্ঞান। "মূর্খ আমি মোর নাহি দিগ-পাশ-জ্ঞান ভ.গ্র ৩৩৩। দিগবন্দনা—চতুর্দ্দিকে দেশে দেশে স্থিত দেবদেবীর বন্দনা। দিগহি দিগহি ভাস—প্রভাপুঞ্জ দিকে দিকে বিগাহন করিতেছে, অর্থাৎ চতুর্দ্দিকে প্রকাশ পাইতেছে। "উছলি চরণ, ও রবিকিরণ, দিগহি দিগহি ভাস ব ৬৮। দিগে—অভিমুখে, পানে। "গুরুর দিগে চাহি গো.বি ১৩৬।] [°নির্ণয় বি—দিঙ্‌নির্দ্ধারণ। "গ ১৭৮। °পতি (দিক্°—সাধু)—সর্থ 'দিক্‌পতি'। "শ্রী.মা ১১।]

দিগ² প্র [ফা দিগর > °গ (?) ; দ্র 'দিগর' ; মতান্তরে, আদিক > °গ ; দিক্ > °গ (Beames) ; দিগ—direction, line (Bhandarkar) ; see C.G. § 364.2] বহুবচনের প্রত্যয়। [দিগকে, -গে (কর্ম্ম)—"পাণ্ডবদিগে জিনি ম ৩৩৯। জনেরদিগকে কৃ.চ ২৪ ; তাহার দিগকে ২৭। দিগের, দের—সম্বন্ধার্থে। "লোকেরদিগের (লোকদের) কৃ.চ ২৩ ; আপনারদিগের ৩০ ; সদাগরেরদিগের ৩১।]

দিগন্ত পুং [ষ.ত] ১ দিক্‌শেষ, দিক্‌প্রান্ত, দিক্‌চক্র। "°বিশ্রান্তরথ রঘু ৩.৪ ; ১০ ; °লম্বী (চন্দ্র) ৫.৬৭। (চূর্ণকায় মেঘ) দিগন্তে বেড়ায় ছুটে।—হেম ৪৫। বিশাল মরু দিগন্তে বিলীন স.স্ব ৫৯। ২ দিক্‌স্বরূপ, দিক্। "ব্যতিকরিত° মা.মা ২.৮।

দিগন্তর ক্লী [ষ.ত] ১ দিগদ্বয়ের মধ্যে ; দিগন্তরাল, দিগবকাশ। "রঘু ২.১৫। ২ দিকের অবধি ; দিগন্ত। "কোলাহলে পুর্ণিত হইল দিগন্তর কৃ ১৩২। ৩ [অন্য দিক্, ময়ূরব্যংসকাদি, নি.স] অপর দিক্। ৪ অন্যদেশ, দেশান্তর। "শরীর ত্যজহ কিম্বা যাহ দিগন্তরে ম ৬৬। আমি যাব দিগন্তর চৈ.ম ১১৯।

দিগম্বর বিণ [দিক্ অম্বর যাঁহার, বহুব্রী ; স্ত্রী -রা] দিগ্‌বসন, নগ্ন, উলঙ্গ। "দিগম্বরত্বেন নিবেদিতং বসু কু.স ৫.৭২। পঞ্চ ৫.১৫। °রা ক.সা ২০.৫০। সদাগরে করে দিগম্বর ক.চ ১৭০। দেবী দিগম্বরা দু ১১। খেলে দিগম্বর প্রভু ন.প ২১৪। চৈ.ভা ১৯। শি ১১। ম.ভা ১২। হৈল দিগম্বর ভা.চ ৭৮। —র পুং ১ শিব। "(ভজিবে) দিগম্বরে ক.চ ২৩। মা ১২৬। ২ ক্ষপণক, জৈনভেদ। —র ক্লী [দ্বন্দ্ব] ১ দিক্ ও আকাশ। "মাঘ ৪.১৯। ২ [কর্ম্মধা] দিগ্‌রূপ বস্ত্র। "মাঘ ৪.১৯। ৩ [ষ.ত] দিকের বস্ত্রতুল্য ; অন্ধকার। —রা বি 'নগ্না', কালী দুর্গা। "দেবত্ব দেবে দেহি মা দিগম্বরা।—দা ১৭৩৬। —রী বিণ [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] নগ্না। "শ্যামাং···দিগম্বরীম্ (কালীধ্যান)। ক.চ ১৩৭। শি ১০৭। দিগম্বরী হয়া দৈত্য কাটে চ.বি ২৪০। দা ৫৮ ; ২৬০। —রী স্ত্রী দুর্গা। "ম.পা ১৬৬। ভা.চ ৯৮।

দিগম্বরা, -রী দ্র 'দিগম্বর'।

দি(দী)গর বিং [ফা দিগর্] অন্য, অপর। "মাগন দিগর E.P. 58 ; মকিমনগর দীগর 59. [তাহার দিগর—তাহাদিগকে। "কত্তা তাহার দিগর জবাব দিলেন ব.প ১৭৩৭।]

দিগাঙ্ঘ্রি বি [অপ্র] 'দশপদবিশিষ্ট', কর্কট। "°দহ ম.পা ১৩৮।

দিগাদিগ বি [অপ্র] দিক্ ও অদিক্ ; দিগ্‌বিদিক্। "দিগাদিগ নাহি জানি অবনী আকাশ কৃ.উ ২২৩। বা.ম ১৮৬।

দিগাম্বর বি [সং °গ ; তু 'পীতাম্বর' ; অপ্র] শিব। "বি.পা ৫৩।

দিগার বি [দিগ্+দার (?) ; অপ্র] প্রহরী ; চৌকিদার। "দিগার কোটাল প্রজা (শ্রী.মা)। —গারী বি [°র+ঈ¹] চৌকিদারের চৌকির বেতন ; কোটালের বা চৌকিদারের বৃত্তি। "পঞ্চাশ কাহণ চাহি আমার দিগারী ক.চ ২০৩,-৪৪।

দিগারী দ্র 'দিগার'।

দিগীশ,-শ্বর পুং [ষ.ত] দিক্‌সমূহের অধিপতি; দিক্‌পাল, ইন্দ্রাদি। "দিগীশ্বর মহা ৩.৮৫.৭০। চতুর্দ্দিগীশ কু.স ৫.৫৩। দিগীশ নৈ ১.৬; দিগীশ্বর ৯.৬৯।

দিগ্‌গজ পুং [উ.লো] ১ দিগ্‌রক্ষক হস্তী ; ঐরাবত-প্রভৃতি। দ্র 'সুমনস' পুং (২)। "রঘু ১.৭৮। দু ৯। শ্রী.মা ১১। ২ [বাংলায়] শ্রেষ্ঠার্থ, প্রধান। "খেলায় দিগ্‌গজ কেঁয়ে।—হেম ৩৯০। বিদ্যাদিগ্‌গজ ব.প্র ২৪। দিগ্‌গজ জমীদার অ.গ্র ১০৬। ৩ (সাদৃশ্যে) মহাকায়, বিশালবপু। "এক মর্দ্দ দিল সাড়া। দিগ্‌গজ ছ হাত, যেন তালের কাঁড়ি খাড়া॥—হেম ৩৯০। ৪ আট (৮) এই সংখ্যা। "রত্নগজ আদি গজ দিগ্‌গজ সংখ্যায় ভা.চ ২৬। [°পতি (বি)—দিগ্‌রক্ষক মহাগজ। "°পতি-ভরে, পলাইলা অন্তরে ৫০।]

দিগ্‌দর্শন ক্লী [ষ.ত] ১ দিক্‌সমূহের জ্ঞানসাধন যন্ত্রবিশেষ (compass)। ২ দিগ্‌সমূহের দর্শন। ৩ [সুপ্‌সুপা] সংক্ষেপে প্রকাশন ; সঙ্কেতে নির্দ্দেশ ; স্থূলবর্ণন, একদেশ-কথন, মোটামুটিভাবে বলা। "এক-দুই-ভেদে করি দিগ্‌দরশন চৈ.চ ১৬১,-৮৭ ; ২১০,-১১-১৬,-৪৪,-৫। দিগদরশন মাত্র স্থূলার্থ কহিব ভ.গ্র ৬৮। দিগ্‌দরশন লাগি কিঞ্চিৎ কহিয়ে ব.প ১৩২৪।

দিগ্‌দিগন্ত বি চারিদিক্ ও দিক্‌প্রান্ত অর্থাৎ দূরদেশ। "দিগ্‌দিগন্তের গাছ আনে পাকে টেনে কৃ ২৬৩।

দিগ্‌দিগ(গা)ন্তর বি [সং দিগন্তর; °গান্তর (অপ্র)] চারিদিক্ ও দেশান্তর বা দূরদেশ। "দিগ্‌দিগান্তর হইতে আইল যত রাজা গো.চ ৩৯৯ ; ৪১৭। নিশ্বাসে পড়িল উড়ে দিগ্‌দিগন্তরে কৃ ২৭৬। গন্ধে আমোদিত কিবা দিগ্‌দিগন্তরে বি.পা ১১। °গান্তরে চ.বি ২৭৯। °গন্তর ম.পা ১৩৬,-৪০।

দিগ্ধ বিণ [√দিহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ লিপ্ত, উপলিপ্ত, মিশ্র। "অসৃগ্‌দিগ্ধ মনু ৩.১৩২। অস্রদিগ্ধম্ (পদম্) রঘু ১৬.১৫। উশীরমৃণাল° ভট্টি ৩.১২। বিষদিগ্ধ শল্য সী ৫৮। ২ বিষলিপ্ত, বিষাক্ত। "°শর কু.স ৪.২৫। —গ্ধ পুং ১ বিষলিপ্ত শর। "সা বিদ্ধা বহুভির্বাক্যৈর্দিগ্ধৈরিব গজাঙ্গনা রা ২.৩০.২৩। ২ অগ্নি। ৩ স্নেহ, তৈল। ৪ প্রবন্ধ (অজয়)।

দিগ্‌বধূ বি দিগ্‌রূপা নারী ; দিগঙ্গনা। "দেখিয়া অনীক, দিগ্বধূ-সবার বুক করে ধুকধুক স্ব.প্র ১৬২। পশ্চিম° চ.কা ৯৮।

দিগ্‌বলয় বি দিক্‌সমূহের বলয়াকৃতি ; দিঙ্‌মণ্ডল, দিক্‌চক্রবাল। "অলঙ্কার-প্রভায় দিগ্বলয় ইন্দ্রায়ুধময়।—কাদ ২৮।

দিগ্‌বসন বিং দিগম্বর, উলঙ্গ। "দূর হি দিগ্‌বসন, জনু হেরিয়ে, ঐছন মরমীহঁ ভেল ব ১৭৬।

দিগ্‌বস্ত্র বিণ [বহুব্রী] সর্ব 'দিগম্বর'। —বস্ত্র পুং ১ শিব। ২ ক্ষপণক, জৈনভেদ।

দিগ্‌বাণ বিং [অপ্র] দশগুণবর্ণবিশিষ্ট, বিশুদ্ধ। "দিগ্‌বাণ সুবর্ণ দক্ষিণা শ্রী ২০২।

দিগ্‌বাস বিং [সং °সাঃ] দিগম্বর, নগ্ন। "অঙ্গ দিগ্‌বাস চৈ.ম ৪৯। বা.দ ৪৩। —বাস বি ১ [সং °সাঃ] শিব। "ম ১২। ২ দিগ্‌রূপ বস্ত্র। "ভাল বাস দিগ্‌বাস নাহি বাস চাও বা.দ ৭।

দিগ্‌বাসাঃ (-সস্) বিণ [দিক্ বাসঃ যাহার বহুব্রী, -১ব ; স্ত্রী -সাঃ] নগ্ন। "মহা ৩.৬১.১৫। মনু ১১.২০২। —বাসাঃ পুং শিব।

দিগ্‌বাহ বি দিকের বাহক ; দিগ্‌গজ। "চৈ.ম ১৪।

দিগ্বিজয় দ্র 'দিক্¹'।

দিগ্বিজয়ী (-য়িন্) [তু '°জই' (কৃ.উ ৪১)] বিণ ১ যুদ্ধে বা বিদ্যায় চতুর্দ্দিকস্থিত রাজগণের বা পণ্ডিতগণের বিজেতা। "চৈ.চ ৫৮। সর্ব্ব দিশা জয় করি 'দিগ্বিজয়ী' খ্যাতি ন.প ২২৮। ২ [ঠ °য়ী] (বাংলায়) দুর্দ্দান্ত, অতিদুর্ব্বৃত্ত।

দিগ্(ক্)বিদিক্, -গ্ বি ১ দিক্ ও দিগন্তরাল বা কোণ ; সকল-দিক্। "দিগ্বিদিগ্-জ্ঞান নাহি কিবা রাত্রি দিন চৈ.চ ৮৩। দিগ্বিদিগ্ রাজা সকল জিনিল গ ৭৫। হের, অন্ধকার, ব্যাপিয়াছে দিগ্বিদিকে কা ১৫০। ২ দিঙ্‌নির্ণয়। "দিগ্বিদিগ্ নাঞি ভয়ঙ্কর বন কৃ.অ ২৬। দিগ্বিদিগ্ নাহি বড়হি উথাল গ ১৩৭। ৩ সপক্ষ-বিপক্ষ, শত্রু-মিত্র। "কর্ত্তব্যাকর্ত্তব্য দিগ্বিদিগ্ না চায় ভ.গ্র ২৩২। ৪ স্থান-অস্থান। "(মুষ্টিক) ক্রোধে অন্ধ নাহি চিনে দিক্‌বিদিক্ শ্রী.ম ১৩১। দিক্‌বিদিক্ না জানে নাচিতে নাচিতে ন.প ৩৫২। [°জ্ঞান ১ দিগ্বিদিগ্‌বোধ, বিষয়বোধ। "আমি কি একটা দিক্? তোর দিগ্বিদিগ্ জ্ঞান নাই ব.গ্র ১১৮। ২ হিতাহিতবোধ, ভালমন্দ-বিচার। "°জ্ঞানশূন্য। দিগ্বিদিগ্ না জানা, —দিশা-হারা হওয়া ; বাহ্যজ্ঞানহীন হওয়া।]

দিগ্‌হস্তী বি [অপ্র] দিগ্‌গজ। "ম ৭৯০।

দিঘল বিং [সং দীর্ঘ > লি দীঘ ; প্রা দিগ্‌ঘ > বা দী(দি)ঘ+ল স্বার্থে] ১ দীর্ঘ, আয়ত। "অরুণ দিঘল আঁখি গ ৪০। ২ দীর্ঘ, লম্বা। "দিঘল কৈল্যে সেই কাপড় মথুরাগঞ্জ জায় গো.চ ১০৫। [দিঘলি—দণ্ডায়মানা রহিল। "শুন ধনি দিঘলি শশীতনু তাঁতি ব ৮০।]

দিঘালি-পাথালি ক্রি.বিং দীর্ঘ-প্রস্থ-ভাবে (?)। "দিঘালি-পাথালি দেয় ভুটা খুরের পোচ বি.পা ২৪১।

দিঙ্‌নাগ পুং [উ.লো] ১ দিগ্‌রক্ষক হস্তী; দিগ্‌গজ। "পু.মে ১৪। °মদগন্ধি কু.স ৬.৫। ২ কালিদাস-প্রতিপক্ষ দিঙ্‌নাগাচার্য্য। "পু.মে ১৪, মল্লিনাথ।

দিঙ্‌মণ্ডল ক্লী [ষ.ত] মণ্ডলাকার দিক্‌সমূহ; দিগ্‌বলয়।।

দিঙ্‌মাত্র ক্লী [ময়ূরব্যংসকাদি, নি.স] একদেশ, একাংশ। "তাঁহার অনন্ত গুণ, কহি দিঙ্মাত্র চৈ.চ ৪২; দিঙ্মাত্র লিখি, সম্যক্‌ না যায় কথন ৪৫।

দিঙ্‌মুখ ক্লী [ষ.ত] দিগ্‌ভাগ। "দীপ্তিদ্যোতিত° ক.সা ১৮.৭৭। স্মরভীকৃতদিঙ্মুখ (S.W.)।

দিঙ্‌মূঢ় বিণ [স.ত] দিগ্‌বিষয়ে মোহযুক্ত; দিকের যথার্থজ্ঞানশূন্য; দিগ্‌ভ্রমযুক্ত, দিশাহারা। "গো.রা ৩.৬০.৩।

দিঙ্‌মোহ বি দিগ্‌বিষয়ে মূঢ়তা; দিগ্‌ভ্রম। "দৈবে হল দিঙ্‌মোহ দারুণ অন্ধকার শ্রী.মা ৯১।

দিট, -ঠ, -ঠি, দীঠ বি [সং দৃষ্টি > প্রা দিট্‌ঠি > বা (দীঠি) দীঠ, দিঠি, -ঠ, -ট; হি দীঠ; ঠ (পদ্যে) দিঠী, দীঠ; পদ্যে] ১ দৃষ্টিপাত, দর্শন, কটাক্ষ, চাহনি। "অলখিতে দিঠি কব হৃদয়ে পসারলি বি.প ৪৮; উরজ উপর যব দেয়ল দীঠ ১৩৯। দিঠি বঙ্ক।—জ্ঞা ৫৪। বাম দিগে দিঠি দোহাকার ব.প ৪৩৫। করুণাদিঠে চৈ.ম ২। কৃপাদিঠি শ্রী ৪৬। দিঠিশর জ.প ১৯। ২ চক্ষু। "একদিঠে চাই বি.প ১৯১; সুন্দরী না মিলয়ে দিঠি ১৫৪। এক দিঠ করি৹ ময়ূরময়ূরী৹-কণ্ঠ করে নিরীক্ষণে চ.দা ৯। দিঠি লুবধ চকোর।—গো ১০; গুরুজন-দিঠি-কণ্টক ১৬১,-২। থিরদিঠে চাহে চৈ.ম ১৮৪। দিঠিকোণে ন.প ১২১। আমার দিকে দিঠ পড়িলে ক.চ ১৮৯। কমল দিঠি ব ১১৯। খঞ্জরীটে৹ দেখি…দিটে ভা.চ ৬৬৮। সবার দিঠি এড়ায়ে এলে গী.লি ২৩। ৩ দৃষ্টিশক্তি। "অই খাইলে যোজন দিট ব.প ৫। [একদিঠে—অনিমেষনেত্রে। দিঠি অঞ্চল—নেত্রপ্রান্ত, অপাঙ্গ। "ব ১১৯।]

দিণ্ডি, -ণ্ডির পুং [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ, ডিণ্ডিম (?)।

দিণ্ডীসাঞি বি সর্থ 'ডিঙ্গসাই'। "ব.প ৩১৫।

দিত বিণ [√দো+ত (ক্ত)-র্ম্ম] অবখণ্ডিত, ছিন্ন; দ্বৈধীকৃত।—তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ অবখণ্ডন, ছেদন। ২ বিভাগ। ৩ কশ্যপের পত্নী ও দৈত্যগণের জননী। দ্র 'দক্ষ' (পুং)। [°জ, °তনয়, °নন্দন, °সুত (পুং)—'দিতির পুত্র; দৈত্য। "°সুতগুরু নৈ ১৯.১৫। °জ ভ ৮.৯.১৬; °নন্দন ১০.৩। °সুত মে ৬১। °জ মা ১২২। দিত্য (পুং)—'দিতিজাত', দৈত্য।]

দিতি, দিত্য দ্র 'দিত'।

দিৎসা স্ত্রী [√দা+স (সন্)+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] দানেচ্ছা।—সু বিণ [+উ-ক; স্ত্রী -সু; ছান্দস] দানেচ্ছু। "বরং দিৎসুঃ।—মহা ১.২১২.২৩।—সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] দানার্থ অভিলষিত।—সিত ক্লী [+ত-ভা] দানেচ্ছা। "সুবর্ণস্য দিৎসিতম্ মহা ৩.৯৯.১৪।

দিৎসিত দ্র 'দিৎসা'।

দিদার বি [ফা দীদার; অপ্র] দর্শন, সাক্ষাৎকার। "সোল সয় কদলি তবে করিল দিদার গো.বি ১৭২।

দিদি, -দী বি [দাদা+ঈ > দাদী, দিদী, -দি; হি জীজী; ঢ় জেজে (রাজপরিবারে)] ১ জ্যেষ্ঠা সহোদরা; জ্যেষ্ঠা ভগিনী। ২ বড় জা; ভাশুরের স্ত্রী। "দিদি, এ মাসের আর ক দিন আছে গা?—নী ১৭। ৩ বড় সতীন। "দিদি ইথে আমি না করি তরাস ক.চ ১৩৮। ম.পা ১২১। ৪ সখীভাবাপন্না জ্যেষ্ঠা প্রতিবেশিনী। "জীউ যায় দিদি গো।—শ্রী ৪২। ৫ পৌত্রী দৌহিত্রী বা তৎসদৃশীর সস্নেহ সম্বোধন। ৬ প্রভুকন্যার সম্বোধন। "ফুলদিদি, কি হ'য়েছে?—জা ৪৩। [°ঠাকরুণ—দিদীসম্পর্কীয়া ব্রাহ্মণকন্যা (শূদ্রপক্ষে)। °মণি—দিদিসম্পর্কীয়ার আদরের ডাক। °মা—দিদিসম্পর্কীয়া মাতৃবৎ পূজ্যা মাতামহী। °শাশুড়ী—দিদিসম্পর্কীয়া শাশুড়ীতুল্যা; শ্বশুর বা শাশুড়ীর মাতা বা তৎস্থানীয়া।]

দিদৃক্ষা স্ত্রী [√দৃশ্‌+স (সন্)+অ+স্ত্রী আ (টাপ্)] দর্শনেচ্ছা। "গো.রা ৬.২.৬। স্বয়ংবর° মহা ১.২.১১০।—ক্ষু বিণ [+উ-ক; স্ত্রী -ক্ষু; ছান্দস] ১ দর্শনেচ্ছু। "রণ° গো.রা ৩.২৯.২৫। ২ অন্বেষণেচ্ছু। "দিদৃক্ষুর্জনকাত্মজাম্ রা ১.১.৭১।

দিধিষু পুং [দিধি (ধৈর্য্য)+ √সো+উ-ক, নিপাতিত (অ.টী), '°ষু' —গর্ভাধানকর্ত্তা (ঋগ্বেদ ১০.১৮.৮)] ১ দ্বিতীয়বার পরিণীতা বিধবার পতি; দ্বিরূঢ়াপতি, পুনর্ভূ-পতি। ২ গর্ভাধানকর্ত্তা। "ভ ৯.৯.৩৫।—ষূ স্ত্রী দ্বিরূঢ়া স্ত্রী; দ্বিতীয়বার পরিণীতা স্ত্রী; পুনর্ভূ।—ষূ স্ত্রী ১ সর্থ 'দিধিষু (স্ত্রী)। ২ পরিণীতা কনিষ্ঠার অনূঢ়া জ্যেষ্ঠা ভগিনী। "মনু ৩.১৬০; কুল্লুক। [°ষূপতি (পুং)—বিধবা ভ্রাতৃভার্য্যায় কামবশে অনুরক্ত ভ্রাতা। 'মনু ৩.১৭৩। °ষূপপতি (পুং)—কনিষ্ঠার বিবাহের পরে জ্যেষ্ঠার পরিণেতা (নীলকণ্ঠ)। "মহা ১২.৩৪.৪।]

দিন পুং, ক্লী [√দো+ইন (ইনচ্)-ক, উ ২.৪৯; অর্দ্ধর্চ্চাদি] ১ 'তিমির-খণ্ডয়িতা' সূর্য্যের উদয়াস্তমিত কাল; দিবস, বাসর। বিপ 'রাত্রি'। "দিনরাত্র্যন্ধ (সুশ্রুত)। (বীণাম্) নক্তংদিনমবাদয়ৎ ক.সা ১১.৩। বহ্নিকোণং গতো ভানুঃ শীতাৎ সঙ্কুচিতং দিনম্। বৈশ্বানরো নরক্রোড়ে রাজন্ শীতস্য কা কথা॥—উদ্ভট। দিনান্তে মে ২২৫। ২ ষষ্টিদণ্ডাত্মক কাল; অহোরাত্র। "সপ্ত ব্যতীয়ুঃ…দিনানি রঘু ২.২৫; দিনেষু গচ্ছৎসু ৩.৮। ৩ চান্দ্রতিথিরূপ কাল। ৪ চান্দ্রমাসাত্মক পিতৃগণের কালভেদ। ৫ সৌরবর্ষরূপ দৈব কালভেদ। ৬ ব্রাহ্মকল্পরূপ কালবিশেষ। দ্র 'কল্প (৯)। ৭ (বাঙ্‌লায়) সুসময়, সুদিন। "শুন হে দেবতাগণ কিবা তোর দিন। যজ্ঞভাগ খাও তোরা হইয়া প্রবীণ॥—চ.বি ১৫১। দীনে দিয়ে দিন, দীননাথ! করিলে দুখের অন্ত।—দা ৯০৬। ৮ দুর্দ্দিন, দুঃসময়। "ক্ষণেক ধৈর্য্য ধর, এ দিন যাবে, রবে না ব.প্র ৬৯। ৯ জ্যোতিষমতে যাত্রাকাল। "কাল যদি মন্দ দিন না হয়, তবে গড় মান্দারণে লইয়া চলুন ব.প্র ১০৩। ১০ মৃত্যুকাল। "আমার বিশ্বাস যে, সে দিন আজিও আসে নাই ব.প্র ৬৩৭। ১১ জীবিতকাল, আয়ু। "দীনের দিন গত দা ১৩৪৩। ভ্রমর বলিল, 'বাবা, আমার বোধ হয়, আর দিন নাই। আমায় কিছু ধর্ম্মকর্ম্ম করাও ব.প্র ৩০৯। ১২ প্রভুত্বের সময়; প্রভাবকাল। "হায় লাঠি! তোমার সে দিন গিয়াছে!—ব.প্র ৪০৩। ১৩ সময়। "ঘুমের ঘোরে হাতিয়ার হাতড়াইতে তাহাদের দিন গেল ব.প্র ৩৮১। ১৪ কাল, যুগ। "এখন ঘুচে গিয়াছে সে সব দিন দা ২০১৮। ১৫ সুযোগ, সুসময়। "ক্ষীণ মাজা দিন পেয়ে দিন দিন উচ ভা.চ ৩৬৭। ১৬ কাল। "চিরদিনে কুন্তীদেবী দেখি পুত্রমুখ ম ১০০২। [°কত, °কতক—কতিপয় দিন; কিছু কাল। "দিনকত বাঁচলে ভাল হয় কৃ ২৫১। যেমন দিনকতক হইয়াছিল ইংরাজে আর মগে দা ১৪৭৬। °কাণা (বিং)—দিবান্ধ। °কাল (বি)—সময়; সুসময়। "আমাদিগের দিনকাল গিয়াছে। দিনকাল থাকিলে আমার এমন দশা হইবে কেন?—ব.দ্বি ১৯। °ক্ষয় (পুং)—১ তিথিক্ষয়, অর্থাৎ যে এক সাবন-দিনে তিথিত্রয় থাকে। ২ সন্ধ্যাকাল। °চর্য্যা (স্ত্রী)—দিনের কর্ত্তব্য; নিত্য কর্ম্ম। °জ্যোতিঃ (-তিস্) ক্লী—আতপ, রৌদ্র। °দেব (বি)—দিননাথ, সূর্য্য। "মে ২৫৫। °দোষ (বি)—দুর্দ্দিন। "চৈ.ভা ৮০ °প, °পতি, °প্রণী, °বন্ধু (পুং)—দিনের

অধিপতি; দিনকর, সূর্য্য। "°পতি কৃ ২৪৮; ক.চ ১২৩। °সংক্ষেপ (বি)—দিনের স্বল্পাবশেষ; স্বল্পদিন। "তদান্ত কৃত্যের দিনসংক্ষেপ নী ৪৫। দিন কেনা—দিন আয়ত্ত করা; সমস্ত দিনের কোন কার্য্য শেষ করা। "বাসী পান্ত ভাত ছিল সরা দুই তিন। তাহা খেয়ে লহনা যে কিনিয়াছে দিন॥—ক.চ ১৫৯। দিন গুজরান করা—দিনযাপন করা; দিনের জীবিকা নির্ব্বাহ করা। দিন চলা—দৈনিকব্যয়-নির্ব্বাহ হওয়া। "ফুল গাঁথিয়া দিন চলে না।—ব.প্র ১৯৫; এই টাকাগুলি না পাইলে কৃষ্ণগোবিন্দের দিন চলা ভার হইত ৩৫৮০। দিন দশ—প্রায় দশ দিন। "ক.চ ১৬৬। দিন পাওয়া—সুযোগ পাওয়া। দিন লাগা—মরণকাল উপস্থিত হওয়া। "অপচ করে, এমন কথা দিন লেগেছে পারা শি ৮২।]

দিনকর পুং [ষ.ত] দিনের কারক; সূর্য্য। [°কুল (ক্লী)—সূর্য্যবংশ। "দিনকরকুলচন্দ্র চন্দ্রকেতো উ.চ ৬.৮। °তনয় (পুং)—'সূর্য্যসুত' কর্ণ; সুগ্রীব; শনি; যম। °তনয়া (স্ত্রী)—'সূর্য্যকন্যা', যমুনা; তাপ্তীনদী। দিনকরাত্মজা (স্ত্রী)—যমুনা।]

দিনকর্ত্তা (-র্ত্তৃ), -কৃৎ বিণ [ষ.ত; দিন+ √কৃ+ক্বিপ্ (০)-ক -১ব; উ.ত] দিনকারক; দিনকরণে ব্যাপৃত (মল্লিনাথ)। "মাঘ ২.৮১। —কর্ত্তা, -কৃৎ পুং ১ সূর্য্য। ২ অর্কবৃক্ষ।

দিননাথ বি দিনপতি, সূর্য্য। "ম ৯৮০। [°সুতা (বি)—যমুনা। "দিননাথসুতার জলে দা ৩৫।]

দিনপাত পুং [ষ.ত] ১ চান্দ্রদিনক্ষয়, তিথিক্ষয়। ২ দিনের পতন-কাল; অপরাহ্ণ। ৩ (বাঙ্গলায়) দৈনিক জীবিকার্জ্জন; ভাত-কাপড়। "ছিপিবৃত্তে করি দিনপাত ভ.গ্র ১৮২। করিতাম কাষ্ঠ বেচে দিনপাত দা ১০২৬। তুমি কি গীত গাইয়া দিনপাত কর?—ব.প্র ১১৬; রামসদয় বাবুর ঘর না থাকিলে, আমাদিগের দিনপাত হইত না ১৯৭। ৪ দিন-যাপন, জীবিকানির্ব্বাহ। "হত্তুকী বএড়া তাহে করি দিনপাত শূ ১০৮।

দিনবল পুং [বহুব্রী] ১ (জ্যোতিষে) যে রাশির দিনে বল; পঞ্চম ষষ্ঠ সপ্তম অষ্টম একাদশ দ্বাদশ রাশি। ২ সূর্য্য; গুরু; শুক্র।

দিনভর্ত্তা (-র্ত্তৃ) পুং [ষ.ত] দিনপতি, সূর্য্য। "মাঘ ৯.৬।

দিনমণি পুং, **-রত্ন** ক্লী [ষ.ত] ১ দিনের দ্যোতক; সূর্য্য। "°ণিমণ্ডল-মণ্ডন গী.গো ১.১৮। °ণি ম ৫২১; মে ৪৪। ২ অর্কবৃক্ষ।

দিনমান ক্লী [ষ.ত] দিনের পরিমাণ; দিবাকাল। "°মান অতি অল্প রাত্রিমান বড় ভা.চ ৪৪৮। সারা দিনমান।—রবীন্দ্র।

দিনমুখ ক্লী [ষ.ত] দিনের আরম্ভকাল; প্রভাত। "রঘু ৯.২৫। °রবি ভা.চ ৮। স.শ ৭৯।

দিনযৌবন ক্লী [ষ.ত] দিনের যৌবনতুল্য মধ্যকাল; মধ্যাহ্ন। "রঘু ১৩.২০।

দিনরাজ বি দিনের রাজা; সূর্য্য। "প্রফুল্ল কমল হয় দেখি দিনরাজ। —ম ১১৫৫। শ্রী.ম ৫২। বি.পা ৩৪৩।

দিনাংশ পুং [ষ.ত] ত্রিধা বিভক্ত দিনের অংশ—প্রাতঃ মধ্যাহ্ন অপরাহ্ণ; পঞ্চধা বিভক্ত দিনাংশ—প্রাতরাদিত্রয়, সঙ্গব ও সায়াহ্ন।

দিনাগম, -নাদি পুং [ষ.ত] দিনের আগমকাল; দিনমুখ।

দিনাত্যয়, -নান্ত পুং, **-নাবসান** ক্লী [ষ.ত] দিনের অপগম-কাল; দিনশেষ, সায়াহ্ন। "দিনাবসান।—রঘু ২.৪৫। ম.পা ৫৪। রাখিলা খুলি…দিনান্তে শিরের রত্ন…মিহির মে ২৫৫।

দিনান্তর বি [°ন্ত—সাধু] দিনশেষ, অপরাহ্ণ। "দিনান্তরে খাও ভাত ঘরে নাই কড়া বি.পা ৬২। দিনান্তরে উঠিল পরম রূপবন্ত ম.বি ১২। —রে ক্রি.বিং [দিনান্তর+এ°] দিনের পরে। "কথ দিনান্তরে রাণী হৈল ঋতুমতী ম.পা ১৬।

দিনারি বি দিন যাহার অরি (মালিন্যকর); কুমুদ (?)। "হীরার দিনারি ফুল শ্রী.ম ১৬৯।

দিনা(মে)মার বি [F. Danemark] ডেনমার্কের অধিবাসী। "দিনে° ভা.চ ২৬৯। দিনা°-নরপতি (সুরধুনীকাব্য)।

দিনেশ, -শ্বর পুং [ষ.ত] 'দিনপতি'; সূর্য্য। "দিনেশ-প্রতাপে নিশানাথ সাজে ভা.চ ৪২। —নেশ পুং সূর্য্যসংখ্যানুসারে বার (১২) এই সংখ্যা। [দিনেশাত্মজ (পুং)—'সূর্য্যপুত্র', কর্ণ; শনি; যম; সুগ্রীব।]

দিনৈক বি [অপ্র] এক দিন। "দিনৈকের নিমিত্ত পা.প্র ৭০।

দিব্[১] সক [দি, প—দীব্যতি; সেট্] ১ জিগীষা, ব্যবহার, ক্রয়বিক্রয়, ইচ্ছা, গতি, স্তুতি। ২ (অক) দীপ্তি, হর্ষ, মত্তীভাব, নিদ্রা, ক্রীড়া। ৩ [চু, প—দেবয়তি; সেট্] পীড়ন (ক.ক)। —ব্ অক [চু, আ—দেবয়তে; সেট্] পরিকূজন (ক.ক)। "পরিদেবয়তে কশ্চিত্তস্ত রাষ্ট্রে ন দুঃখিতঃ (কবিরহস্য)।

দিব্[২] স্ত্রী [√দিব্+ইব্ (ডিব্)-ধি (অ.টী); ছান্দস; দিব্ >দ্যু (সমাসে পূর্ব্বপদ)—দ্যুনিবাস, দ্যুমণি, দ্যুলোক] ১ 'দেবতার ক্রীড়া স্থান'; স্বর্গ। "গী ১১.১২। মনীষিতং দ্যৌরপি যেন দুগ্ধা রঘু ৫.৩৩। দিবিন্দ্র মে ১৮৫। ২ আকাশ। "দিবীব চক্ষুরাততম্।—ঋগ্বেদ ১.২২.২০। ৩ [+ইব্-ক] দিন। "সৌরেণ দ্যুনিশোর্মানম্ (সূর্য্যসিদ্ধান্ত—ত.বা)।

দিব[১] ক্লী [√দিব্+অ (ঘঞর্থে ক)-ধি] ১ সর্থ 'দিব্[২] (১)। "ত্রি°, দিবৌকস্। "লোকপালৈর্মহাভাগৈর্দিবং দেববরৈরিব মহা ৩.১৬১.৮। ২ আকাশ। ৩ দিন।

দিব[২] বি [সং দিব্য >প্রা দিব্ব >বা °ব; বৈষ্ণবসাহিত্যে] শপথ। "বিলম্ব না কর আমার দিব চ.দা ২৮। তব ধনী দিব দেই নিজ মাথে জ্ঞা ৬৯। আপন দিব তব যদি কিছু জান (প.ক)।

দিবঙ্গম বিণ [দিব+ √গম্+অ (খচ্)-ক, ম্ (মুম্) আগম, উ.ত; স্ত্রী -মা] ১ স্বর্গগামী। "দিবঙ্গমং রুরোধাথ মার্গম্ মহা ৩.১৪৭.৬৫। ২ আকাশগামী। "দিশঃ প্রতিষ্ঠমানানামস্তু শব্দো দিবঙ্গমঃ মহা ৪.৪৮.২০।

দিবস পুং, ক্লী [√দিব্+অস (অসচ্)-ধি, গুণাভাব, উ ৩.১২১; বৈদিক; cf., P. 'dias'—Bonsdias (good day)—Campos.] ১ দিন, বাসর। বিপ 'রাত্রি'। "দিবসাঃ পরিণামরমণীয়াঃ শ ১.৩। নিশা দিবসীকৃতা (মৃ)। দিবস দুপোরে অন্ধকার।—ক.চ ২১৭। ২ ষষ্টিদণ্ডাত্মক কাল, অহোরাত্র। "গুরুষু দিবসেষু গচ্ছৎসু উ.মে ২২। তে হি নো দিবসা গতাঃ উ.চ ১.১৯। হি ১.২। তৃতীয় দিবস মধ্যাহ্নসময়ে সী ৫৪। [°কর (পুং)—দিনকর, সূর্য্য। "°মযূখ। —ঋতু ৩.২৩। °নাথ (পুং), °পতি (বি)—সূর্য্য। "°পতি ম ২৭০। °বিগম (পুং)—সায়ংকাল। "উ মে ১৮। °মুখ (ক্লী)—দিনান্তকাল, প্রভাত।]

দিবসাত্যয় পুং, **-সাবসান** ক্লী [ষ.ত] দিবসের অপগমকাল; সায়ংকাল। "কমলিনী মলিনা দিবসাত্যয়ে।

দিবস্পৃক্ (-শ্) পুং [দিব+ √স্পৃশ্+ক্বিন্ (০)-ক-১ব, পা ৩.২.৫৮; উ.ত] 'বামনরূপে পাদে স্বর্গস্পর্শী'; পরমেশ্বর, বিষ্ণু।

দিবা ব্য [তু 'দিব্[২] (দিন)—দিবা (৩য়া-১ব)—রাত্র্যা দিবা (অথর্ব্ব-বেদ ১১.২.১৬); দিবা—দিবসে (ঋগ্বেদ ১.৩৮.৯); দিবে দিবে—অহরহম্ (ঋগ্বেদ ৫.২০.৪); বৃত্তিবিষয়ে অধিকরণশক্তিপ্রধান অব্যয়ের শক্তিমৎপ্রাধান্য. (তত্ত্ববোধিনী)। যেমন, দিবাভূতা রাত্রিঃ, 'দিবা'—দিবসে, বৃত্তিবিষয়ে 'দিবা'—দিবস; এইরূপ 'দোষাভূতমহঃ, প্রাতঃ-কল্পম্।] ১ দিবসে। "দিবা নিশি জাগরণে চু ১। ২ দিবস (বৃত্তি-

বিষয়ে)। "শোভনং দিবাস্ত সুদিবঃ, পা ৫.৪.১২০। দিবা দিনং করোতীতি দিবাকরঃ কু.স ১.১২, মল্লিনাথ। [°মণি (পুং)—সূর্য্য।]

দিবাকর পুং [দিবা+√কৃ+অ (ট)-ক, উ.ত; ছান্দস] ১ 'দিনকারক', সূর্য্য। "রা ২.৩০.৪। কু.স ১.১২। ২ কাক। ৩ অর্কবৃক্ষ। ৪ পুষ্পবিশেষ, সূর্য্যমুখী (?)। [°সুত (পুং)—১ 'সূর্য্যপুত্র', কর্ণ; শনি; সুগ্রীব। ২ যম। "দা ৯০৮,-২০।]

দিবাকীর্ত্তি পুং [বহুব্রী] ১ যাহার দিবসে ক্ষৌরকর্ম্ম; নাপিত। ২ চণ্ডাল। দ্র 'দিবাচর (১)। ৩ উলূক।

দিবাচর বিণ [দিবা+√চর্+অ (ট)-ক, উ.ত] দিবসে ভক্ষ্যার্থ বিচরণকারী। বিপ 'নিশাচর'। —চর পুং ১ চণ্ডাল। দ্র 'মনু ১০.৫৪, -৫। ২ শ্যামাপক্ষী। —চারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] সর্থ 'দিবাচর' (বিণ)।

দিবাতন বিণ [দিবা+তন (ট্যু, তুট্); স্ত্রী -নী] দিবাভব, দিনজাত। "শশিন ইব দিবাতনস্ত লেখা কু.স ৪.৪৬। দিবাতনী (কান্তি) ভট্টি ৫.৬৫।

দিবানিশ স্ত্রী [স.দ্ব] দিবানিশার সমাহার; অহোরাত্র। —নিশি ক্রি.বিং [সং °শ] অহোরাত্র। "কৃ ১৪৭। ক.চ ১৯৫।

দিবান্ধ বিণ [স.ত] দিবসে অন্ধ, অর্থাৎ দৃষ্টিশক্তিহীন; দিনকাণা। "দিবান্ধাঃ প্রাণিনঃ কেচিৎ (চণ্ডী)। —ন্ধ পুং পেচক।

দিবাবসান বি দিনান্ত, সায়াহ্ন। "°সময়ে সী ২৪। কাদ ১৪।

দিবাভীত পুং [স.ত] ১ 'দিবসে শঙ্কিত'; উলূক, পেচক। "কু.স ১.১২। ২ চৌর। ৩ কুমুদিনী।

দিবামান বি দিনমান। দিবামানে…নক্ষত্রসঞ্চার বা.ম ৪১।

দিবামুখ বি [সং দিনমুখ] দিনের আরম্ভকাল; প্রভাত। "দিবামুখে কালি ভূপে দরবারে ভেটিব শ্রী.মা ১০৪। তেজস্বী সুশিশু, দিবামুখে রবি যেন।—মা ১০৮। উদয়-অচলে, দিবামুখে একচক্রে দিলা দরশন (তপন)।—মা।

দিবাশয় বিণ [দিবা+শী+অ (অচ্)-ক; উ.ত; স্ত্রী -য়া] ১ দিবসশায়ী, দিবাস্বপ্নযুক্ত। "(অসৌ) রাত্রিজাগরপরো দিবাশয়ঃ রঘু ১৯.৩৪। ২ দিবসে অপ্রকাশযুক্ত। "রঘু ১৯.৩৪।

দিবাসঞ্চর বিণ [স.ত] দিবসচারী। "বৃহৎসংহিতা ৮৮.১।

দিবাস্বপ্ন[১], **-স্বাপ** পুং [স.ত] ১ দিবসে নিদ্রা; দিবাশয়ন। ২ [বহুব্রী] 'দিবানিদ্রাযুক্ত'; উলূক।

দিবাস্বপ্ন[২] পুং কামজব্যসনবিশেষ। "মনু ৭.৪৭।

দিবি[১] পুং [√দিব্+ই (ইন্)-ক, উ ৪.১১৯] চাষপক্ষী।

দিবি[২] [দিব্+ই (সপ্তমী-১ব)] দিবে, স্বর্গে। "দিবি ভূমি (ভুবি?) অন্তরীক্ষে, যত কিছু তীর্থ আছে।—গ ১৮৮,-৯০। জ ২৯। দিবি ভুবি সমতা ভা.চ ১১৭। —বি বি (অপ্র) স্বর্গ। তু 'হৃদি'। "দিবি ভুবি রসাতল হৈল উতরোল।—গ ৬৫। তেজি…দেবগণ দিবি, …নদীয়া নগর ভুবি (ভ্রমই) ন.প ১৫১।

দিবি[৩] বি [দিব্বি > °বি; বৈষ্ণবসাহিত্যে] শপথ। "দিবি করিয়া, শপথ করল বি.প ১৮৭।

দিবিজ পুং [দিবি+√জন্+অ (ড)-ক; অলুক্] 'স্বর্গজাত', দেব। "°মনুজমনোনয়নাহ্লাদ ভ ৫.২.৬।

দিবিন্দ্র বি [দিব্[২]+ইন্দ্র; অপ্র] স্বর্গের প্রভু; ইন্দ্র। "মে ১৮৫।

দিবিষৎ (-ষদ্) পুং [দিবি+√সদ্+ক্বিপ্ (০)-ক-১ব; বহু; অলুক্; তু '°সদ' (বাজসনেয়িসংহিতা)] 'স্বর্গগামী', দেবতা। "গো.রা ১.৪৬,১৪। °বৃন্দ গী.গো ৯.১১।

দিবিষ্ঠ বিণ [°বি+√স্থা+অ (ক)-ক, বহু; অলুক্] ১ স্বর্গস্থিত। "মহা ১.৬৩.৭; ৩.১০০.২৫। ২ অন্তরীক্ষস্থ।

দিবেশ বি [দিবা+ঈশ] দিবাপতি, সূর্য্য। "শ্রী.মা ১০।

দিবো(বৌ)কাঃ (-কস্) পুং [দিব্ দিব ওকঃ যাহার বহুব্রী, °কাঃ (১ব)] ১ 'স্বর্গাশ্রয়', দেব। "শ ৭.৫। কু.স ২.১। ২ 'আকাশাশ্রয়', চাতক।

দিব্ব, -ব্বি, -ব্ব্য, -ব্যি বিং [সং দিব্য > প্রা দিব্ব > বা °ব্ব, -ব্বি, -ব্যি; °ব্ব্য (অপ্র)] ১ উত্তম। "দিব্ব শাড়ী ম.গা ১৯; দিব্ব দিব্ব অলঙ্কার ২৫। দিব্ব্য ধুতি মী ১৩। ২ সুন্দর, সুশ্রী। "আহা দিব্বি ছেলেটি যেন চাঁদ!—হু ১৫২। ৩ সুশোভন, মানানসই; (কাকু হেতু) অশোভন, গরমানান। "হ্যা, এইবার দিব্বি হয়েছে! ও বোন! এই খানটি যে ডুবিয়েছো!—নী ১৭। ৪ পরিস্ফুট, সুস্পষ্ট। "ভূত অন্ধকারে দিব্বি দেক্তে পান হু ১২৮। ৫ সৌষ্ঠবসম্পন্ন, সুচপ-যুক্ত। "মুখখানি দিব্যি ছাঁদের কা ৮৩। ৬ শপথ। "অনেকে তাঁর পা ছুঁয়ে দিব্বি গালচেন হু ১৮৭। ৭ [দিব্য[২] > °ব্ব; অপ্র] দ্রব্য। "নানা দিব্ব শূ ১০৭। [মাথায় হাত দিয়ে দিব্বি করা—ব্রহ্মরন্ধ্রস্থিত দেবতা স্পর্শ করিয়া শপথ করা। "ন.ত ৩৬।]

দিব্য[১] বিণ [দিব+য (যৎ); স্ত্রী -ব্যা; ছান্দস] ১ দিবে ভব; স্বর্গস্থিত, স্বর্গীয়। বিপ 'পার্থিব, ভৌম'। "দিব্যাঃ স্তুবন্তি মুনয়ঃ ভ ২.৭.৮। গী ১১.১৫। ২ আকাশভব; আন্তরীক্ষ। "দিব্যোল্কা গো.রা ৪.১৯.৩১। (উৎপাতান্) দিব্যান্।—মহা ২.৪৬.৯। ৩ সূর্য্যমণ্ডলস্থ, দ্যোতনাত্মক। "পরমং পুরুষং দিব্যম্ গী ৮.৮; ১০। ৪ অপ্রাকৃত, মনুষ্যের অলভ্য। "দিব্যান্…দেবভোগান্ গী ৯.২০। ৫ অপ্রাকৃত, ঐশ্বর, অলৌকিক, অত্যদ্ভুত। "জন্ম কর্ম্ম চ মে দিব্যম্ গী ৪.৯; দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ ১০.১৬; ১১.১৮; দিব্যাভরণ; °মাল্যাম্বর; °গন্ধানুলেপন গী ১১.১০; ১১। দিব্য বাস আভরণে…দিব্য মাল্য বিভূষণে শ্রী.ম ১৬১। দিব্য দেহ দেবতা সাক্ষাৎ শ্রী ৪৬; দিব্য অসি ফলা ১১৬। বাঘছাল দিব্য বস্ত্র পৈতা ফণী।—ভা.চ ৮৪। ৬ মনোজ্ঞ, অনুত্তম, উৎকৃষ্ট। "দিব্যে …সিংহাসনে রা ১.৪.৩০। দিব্য ধনু ধরে দৈত্য চ.বি ১৬৫। ৭ লোকাতীত। "দিব্যদর্শী। ৮ (বাঙলায়) পরিস্ফুট, স্পষ্ট। "জ্যোৎস্নায় দিব্য দেখা যায় স্ব.প্র ২১৬। —ব্য পুং ১ দিব্যপুরুষ। "মাঘ ৮.৬৪। ২ যম। ৩ যব। ৪ গুগ্‌গুল। ৫ (তন্ত্রে) দেববৎপ্রায় ভাববিশেষ। "দিব্যবীরপশুক্রম (তন্ত্র)। ৬ নায়কবিশেষ। "ইন্দ্রাদয়ো দিব্যাঃ (রসমঞ্জরী)। ৭ আন্তরীক্ষ উৎপাতবিশেষ। ৮ তত্ত্ববেত্তা। —ব্য ক্লী ১ দেবভাব, দেবত্ব। ২ হরিচন্দন। ৩ লবঙ্গ। ৪ দেবব্রাহ্মণ-সাক্ষিক দোষিকৃত প্রতিশ্রুতি; শপথ, সত্য। 'কারয়েৎ সর্ব্বদিব্যানি দেবব্রাহ্মণসন্নিধৌ। —বিষ্ণু ৯.৩৩। যস্মাদ্ দেবৈঃ প্রযুক্তানি দুষ্করার্থে মহাত্মভিঃ। পরস্পরবিশুদ্ধ্যর্থং তস্মাদ্দিব্যানি নামতঃ॥—শু ৪.৫.২৩৪। সাক্ষ্যভাবাৎ ততো দিব্যম্।—পঞ্চ ১.৪৩৬। মস্তকের দিব্য মোর—যদি কিছু কহ চ.চ ২১। তোর দিব্য ভা.চ ৬৭৩। ৫ দোষশোধনার্থ স্মৃতিবিহিত অগ্নিবিষাদিকৃত পরীক্ষা। 'বিষ্ণু, ১০-১৪তম অধ্যায়। যাজ্ঞ ২.৯৭-১১৫। অগ্নির্বিষং ধটস্তোয়ং ধর্ম্মাধর্ম্মৌ চ তণ্ডুলাঃ। শপথাশ্চৈব নির্দ্দিষ্টা মুনিভির্দিব্যনির্ণয়ে॥ শু ৪.৫.২৩৯। ৬ মেঘপতিত জল। [ধারাজ করকাভব তৌষার হৈম—এই চারিপ্রকার জল।] ৭ দৈব দিন; দৈব-দিনমান। —ব্যা স্ত্রী ১ নায়িকাভেদ। "দিব্যা ইন্দ্রাণ্যাদয়ঃ (রসমঞ্জরী)। ২ আমলকী। ৩ হরীতকী। ৪ শতাবরী। ৫ ব্রাহ্মী। ৬ স্থূলজীরক। ৭ শ্বেতদূর্ব্বা। ৮ মহামেদা। [°কারী (-রিন্) বিণ—শপথকারক। °গায়ন (পুং)—গন্ধর্ব্ব। °দর্শী (-র্শিন্) বিণ—অতীন্দ্রিয়ার্থদর্শক। "দিব্যদর্শী (নারদ) মহা ১৫.২০.২৯। °দোহদ (ক্লী)—মনোরথসিদ্ধ্যর্থ দেবদেয়দ্রব্য; উপযাচিতক। °নদী, °সরিৎ (স্ত্রী)—আকাশগঙ্গা। "দিব্যসরিদম্বুপদ্ধতি (মাঘ)। °নারী, °স্ত্রী (স্ত্রী)—অপ্সরা। "দিব্যস্ত্রীকরচারুচামর-মরুৎ (গঙ্গাষ্টক)। °প্রশ্ন (পুং)—অনাগতার্থজ্ঞাপক প্রশ্ন। "মহা ৫.৪৮.৯৯। °মান (ক্লী)—দৈব-

বর্ষপরিমাণ। °রত্ন (স্ত্রী)—চিন্তামণি। °রথ (পুং)—বিমান, ব্যোমযান। °রস (পুং)—মনোজ্ঞ রস; পারদ; বৃষ্টিধারা-জল। °সার (পুং) শালবৃক্ষ। °স্নান (স্ত্রী)—আতপ থাকিতে বর্ষার জলে স্নান। "পরাশর ১২.১১। দিব্য করা—দেবতাদির সাক্ষাৎ বা নামে শপথ করা। দিব্য দেওয়া—শপথ রক্ষার ভার বা দোহাই দেওয়া। "দিব্য দিয়া কৈলুঁ সমর্পণ ক.চ ১৬৯। ম.ভা ৫৭। দিব্য দিয়া মানা তারে করিব মা ১০২। মস্তকের দিব্য—মাথার দিব্য; 'মাথা খাও' এই দিব্য। দ্র 'দিব্য স্ত্রী (৪)।]

দিব্য[2] বি [দ্রব্য > দব্য > °ব্য, -ব্ব; তু দিব্য[1]; গ্রাম্য] জিনিস, তৈজসাদি। "দুই দিব্য রেখে কড়ি দাও তিন পণ শ্রী ১০২।

দিব্যা দ্র 'দিব্য[1]'।

দিব্যাংশু পুং [বহুব্রী] সূর্য্য। "°রশ্মি মহা ৪.১৪.১৮।

দিব্যাঙ্গনা স্ত্রী [কর্ম্মধা] ১ দিব্যস্ত্রী, অপ্সরা। ২ উত্তম স্ত্রী।

দিব্যাদিব্য পুং [দিব্য অদিব্য, কর্ম্মধা] নায়কবিশেষ, অর্জ্জুনাদি। —দিব্যা স্ত্রী নায়িকাবিশেষ, দ্রৌপদী-প্রভৃতি।

দিব্যোন্মাদ বি মোহনভাবে ভ্রমের ন্যায় অদ্ভুত বৈচিত্রী দশা (উজ্জ্বলনীলমণি)। "প্রভুর হৈল দিব্যোন্মাদ চৈ.চ ৯১।

দিয়টি, -য়াটী, -য়ড়ি, -ড়ী বি [সং দীপবর্ত্তি > প্রা *দীঅঅট্টি, -ট্টী > বা (দীআটি, -টী) দীয়াটি, -টী; দিয়াটী, -য়টি, -ড়ি, -ড়ী] ১ প্রজ্বলিত দীপ; মশাল। "দিয়ড়ি ধরে দানাগণ ক.চ ২৪; নন্দী নিভায় দিয়ড়ি ২৫। দুইটা চক্ষু দিয়াটী ব.প ১৩৬৬। ২ দীপ। "আনন্দ 'দিয়টি, -ড়ী' (পাঠান্তর) বান্ধে চৈ.ভা ৩২৪। [দিয়ড়িয়া—মশালধারী, মশালচি। "দিয়ড়িয়া হাড়ি মুক্রি চৈ.ভা ২৮৩।]

দিয়া দ্র 'দি'।

দিয়ান বি [ফা দীরান্] রাজসভা, দরবার। "ব.প ৫২৫।

দি(দে)য়াল বি [ফা দীরার্, দেরাল্; হি দি(দী) রাল; cf., E. wall] ভিত্তি, ভিত। "জোয়ের দেয়াল ক.চ ১৮৩। দিয়ালে ঠেসান দিয়া ঢুলছেন আ.দু ৩। [°গীরি (ফা দীরারগীরী; হি দিয়ালগীর) —দেয়ালে সংলগ্ন দীপাধার।]

দি(দে)য়ালা, দেহালা বি [দেবখেলা > (দেহেলা) দেহালা, -য়ালা, দি°] শিশুর স্বপ্নে খেলাবিশেষ। "শুয়ে নিদ্রা যায় বালা করয়ে দেহালা ক.চ ৪৫; নিদ্রায় দিয়ালা করে ১১৩; জননীর কোলে নিন্দে, ক্ষণে হাসে ক্ষণে কান্দে, সাধুসুত করয়ে দেয়ালা ২১২। শিশুর দেয়ালা অ.গু ১৪৪। [প্রাচীনারা বলেন, ষষ্ঠীঠাকুরাণী শিশুকে এই খেলা দেন (এই হেতু ইহা 'দেবখেলা')। তিনি যখন শিশুকে বলেন, 'তোর মা মরেছে', তখন শিশু, 'মায়ের কোলে আছি, ইহা মিথ্যা', ভাবিয়া হাসে; যখন তিনি বলেন, 'তোর বাপ মরেছে', তখন শিশু, বাপকে দেখে না বলিয়া, কাঁদে; যখন বলেন, 'ঘরে আগুন লেগেছে', তখন শিশু চাহিয়া দেখে।]

দি(দী)য়াশলাই, দেশলাই বি [সং দীপ > প্রা দীর, -অ > বা (দিআ) °য়া; হি দি(দী)য়া; ঠ দিরা; প দীরা; শলাকা > °ই; হি দীয়াসলাঈ] দীপশলাকা, দিয়াকাঠি (match)। "নমামি বিলাতি অগ্নি দেশলাইরূপী।—হেম ৩৯১।

দিল[1]**, দেল**[1] বি [ফা দিল্] ১ মন, চিত্ত। "এক দিলে অন্নধনে, যে তোমার সিন্নি মানে, হাসিল করহ তার কাম রা.স ৬। কোহি দেলমে নাহি সুজে বি.সু ১৬। দিল-জাগান দক্ষিণতা কু.কে ৩৭। এ বাত শুনে মোর দেলে বড় চোট লেগেছে আ.দু ৯২। ২ উদার চিত্ত। "আজ সে দিল নাই, সে দিল্লি নাই।—রবীন্দ্র। [°খোশ (ফা দিলকশ্)—চিত্তাকর্ষক, মনোহর। °গির (ফা দিল্‌গীর্)—দুঃখিত, বিষণ্ণ। "জাহাঙ্গীর বড় দিলগির ভা.চ ৫০০। °দরাজ, °দরিয়া (ফা দিল্ দর্‌যা) বিং—উদারচিত্ত, মহাত্মা, বদান্য। "দিলদরাজ মোগলসম্রাটদের আমলে দিল্লিতে দরবার জমিত।—রবীন্দ্র। °দার (ফা দিল্‌দার) বিং—হৃদয়বান্, উদার; প্রেমিক। °দারি, -রী—সহৃদয়তা, উদারতা। "দিলদারিতে খ্যাত আম'র।—হেম ৩৭৯। °দোস্ত—অতিপ্রিয়বন্ধু। "হু ১৮৯।]

দিল[2] '-লো' ক্রি [√দি+ইল[2]] ১ দান করিল বা করিয়াছিল। "চ ৫৪। তোহ্মা মোরে দিল বিধী শ্রী.কী ৩৬১। এত ধন দিল কোন জন কৃ ২৬। ২ স্থাপন করিল। "ভাত দিল বেঢ়িআঁ চম্পা শ্রী.কী ৩৮১। শ্রীবিষ্ণু বলিয়া বিপ্র কাণে দিল হাত কৃ ২৬। ৩ করিল। "কাহাঞি বাঁশীতে দিল সানে শ্রী.কী ৩০১। ৪ রাখিল। "কে নাম দিলে ত্রিগুণধারিণী দা ১৬৫৬। ৫ নির্ম্মাণ করিল। দ্র 'দি (১০)। ৬ খনন করিল। দ্র 'দি (১১)। [কলঙ্ক তুলিআঁ দিল—অপবাদ রটনা করিল।—শ্রী.কী ৩৪৪। দরশন দিল—আবির্ভূত হইল; দেখা দিল। "কৃ ২৫। নখ দিল—নখাঘাত করিল। "(তনে) নখ দিল শ্রী.কী ৩৮৩। দিলান্ত (দিলেন), দিলে (দিল), দিলেঁ (দিলে), দিলেঁ (প্রদত্ত হইলে), দিলেক, দিলোঁ (দিলাম)।—শ্রী.কী। দেল[3]—দিল[2]। "আলিঙ্গন দেল বি.প ১৩৩।]

দিশ্ সক [তু, এ—দিশতি, -তে; অনিট্] ১ আদেশ। ২ কথন। ৩ নির্দ্দেশ। ৪ দান। [অতি—অতিদেশ, স্ববিষয়োল্লঙ্ঘনপূর্ব্বক বিষয়ান্তরে উপদেশ। অপ—অপদেশ, ছলন। বি-অপ—ব্যপদেশ, ব্যাজ। আ—আদেশ। প্রতি-আ—প্রত্যাদেশ, নিরাকরণ, নিবারণ। উদ্ —উদ্দেশ, স্বরূপকথন; অভিপ্রায়, লক্ষ্যীকরণ। উপ—উপদেশ, অনুশাসন; কীর্ত্তন। নি—নিদেশ, শাসন। নির্—নির্দ্দেশ, কথন, আদেশ। প্র—দান (উ.মে ৫৩), নির্দ্দেশ, উপদেশ। সম্—সন্দেশ, সম্যক্ কথন, বাক্যে কথন; দান।]

দিশ[1] বি [সং দিশ্ > লি, প্রা দিসা > বা °শ; হি, ঠ দিশা; মৈ দিশ, -শা] ১ দিক্। "জাওঁ কোন দিশে শ্রী.কী ১০।] চতুর দিশ গো.চ ৬৯। যেই দিশে বৃকোদর…যায়।—ম ১৯৯। দশ দিশ দামিনী দহই গো ১৩১। দশ দিশ মে ৯০। দিশ সমুদায় ব.সু ৪৬। ২ দিগ্‌বোধ, কাণ্ডজ্ঞান। "অত্যন্ত অভব্য সব কার নাহি দিশ বা.ম ২০০। [°বিদিশ —দিগ্‌বিদিক্। "শ্রী.কী ১৫৭।]

দিশ[2] বি [সং দিবস > প্রা দিঅস > বা (দিস) °শ; ঠ 'দিস'—দিসগত (দিবসগত); অপ্র] দিবস। "বিরহে মো জিবোঁ কত দিশে শ্রী.কী ৩৯০। মরি গেল ধনপতি শুনি বহু দিশ ক.চ ২১৬। দশ মাস পূর্ণ ভেল গর্ভ দিশে দিশে চৈ.ম ৩৪।

দি(দী)শই ক্রি [সং দৃশ্যতে > প্রা দীসই] দেখা যায়; দেখায়। "সোই ভাব ভরে, ক্ষীণ দিশই: বিবরণ দীশই কাঁতি (প.ক)।

দিশপাশ, দিসপাস বি [দ্র 'দিশ[1]'; সং পার্শ্ব > প্রা পাস (প্রা.ম) বা °শ > °স] ১ দিক্ ও দিক্‌পার্শ্ব; দিগ্‌বিদিক্, দশ দিক্। "শরজাল করিয়া পূরিল দিশপাশ ম ৪৮৯। নাহি দিশপাশ শ্রী.ম ১৬৯। (ভয়ত) না দেখোঁ দিশপাশ ব.প ১৩৩০। ২ কূল-কিনারা। "জলের নাহিক দিসপাস শূ ১৪০। ঘন বরিখে নাহি দিশপাশ ব.প ১০৮৭। ৩ দিশ্-বিদিক্, স্থান-অস্থান। "ঘন ঘন বাণ ছাড়ে নাহি দিশপাশে চ.বি ১৪৪, -৬৫; পড়ে দৈত্য নাহি দিশপাশ ২৯৪। ৪ দিগ্‌বিদিগ্‌নির্ণয়, সীমা-সংখ্যা-নির্দ্দেশ। "সাজিছে কটক সব নাহি দিশপাশ কৃ ৩৯। ৫ দিশ্-বিদিক্-ক্রমে আধারনির্ণয়; (গৌণার্থে) পরিমাণনির্দ্ধারণ। "সর্ষপ বধুর মাষ, ধান্যের নাহি দিশপাশ ক.চ ৭৬।

দিশা স্ত্রী [দিশ্+স্ত্রী আ (আপ্—ভাগুরিমতে); তু 'অন্তর' শুক্ল-যজুর্বেদে ২৪.২৬); দিসা (গো.চ)] ১ দিক্। "দিশাসু মহা ৪.৫৫.১৯। বা.ম ১৮৭। পর্ব্বতদিশাতে প্রভু…চলিল চৈ.চ ৩৩০। আবেশে হারাই দিশা ভা.চ ৬৮৪। প্রাচী দিশা ব.সু ৪৯। স.অ ৭৩। কু.কে ১৪২। ২ (বাঙ্‌লায়) দিঙ্‌নির্ণয়। "খেতুয়া পথের না পায় দিশা গো.চ ১০১।

দিশা করিয়া (ডিঙ্গা দিল বাইয়া) বি.পা ১৯১। শ্রী ২২৬। পথের ···দিশা ব.প ৯০১। ৩ নির্দ্দেশ, বিবরণ। "এইত পথের দিশা ললিতা কহিল ব.প ৮৬০। ৪ সঙ্কেত, সংজ্ঞা। "সূত্রে করি দিশা যদি, কর উপদেশ চৈ.চ ২৪৪। ৫ কর্ত্তব্যনির্দ্ধারণ, কাজের ঠিক। "দিশা নাহি পায় সাধু কোন কর্ম্ম ম.ভা ১৭। কাজে প্রবেশ করিয়া আর দিশা পাই না গ.স ৯৭। ৬ [দিশাভ্রম > দিশা] দিগ্‌ভ্রম। "দিশা লাগা। ৭ মূঢ়তা, ভ্রম। "এ বিদ্যা শিখিলে ঘুচে অবোধের দিশে (শুভঙ্কর)। ৮ লক্ষ্যে স্থিরতা। "ধরবে নিশা, ঘুচবে দিশা, বিষম বিষয়-মদ খাইলে।—রামপ্রসাদ। ৯ ধুয়া। "গ ১৮১। বি.পা ২৬০,-৭৮। চৈ.ম ১৩১। [°গজ (পুং)—দিগ্‌গজ। °পাল (পুং)—দিক্‌পাল।]

দিশাবিশা, -মিশা বি [দিশা+বিশা (বিদিশা); বিশা > মিশা] দিগ্‌বিদিক্‌; কর্ত্তব্যাকর্ত্তব্য-নির্ণয়। "দুই জনের বিসম্বাদে নাহি দিশা-মিশা ম.ম ১৩৫।

দিশার, -রি বি [দিশাপাল > °র,-রি] দিগ্‌দর্শক। "দিশ দরশায়ল মদন °র।—গো ১৩৮। দিশারি তুমি দেখাও দিশা কু.কে ১৪২।

দিশাহারা বি ১ যে দিশার জ্ঞান হারাইয়াছে; দিগ্‌ভ্রান্ত, দিগ্‌বোধ-হীন। "এঠে বুড়ি মএনা দিশাহারা হৈল গো.চ ৩৩,-৬। অন্ধকার দিশাহারা পথ নাহি পান শ্রী.মা ১০৬; দিক মাত্র জ্ঞান নাই দৈবে দিশাহারা ১১৮। ২ উচ্ছৃঙ্খল-প্রবাহিত, এলোমেলো। "দিশাহারা দখিন হাওয়ার স্রোতে প.কা ৩। ৩ বিবেকহীন, ভ্রান্ত, বিভোর। "এতো কেনে দিশাহারা হইলে নাগর ভ.গ্র ৪৩৭।

দিশি[1] বি [সং দিশ্‌ > প্রা দিসি; হি °শি; মৈ দিসি,-সী; পদ্যে] ১ দিক্‌। "দিশিহারা দিশি দিশি চায় বা.দ ৪৩। অন্ধকারে ঢাকে দিশি স.স্ব ১৪; (আসে) দিশি দিশি হতে তরণী ৪৯। চ.কা ১১১। ২ [সং দিশ্‌+ই (৭মী -১ব)] দিকে। "দেখেছে দেবের জ্যোতিঃ প্রকাশিছে দিশি।—হেম১৩৫।

দিশি[2] বি [দিশ২ > °শি, তু 'নিশি'; অপ্র] দিবস। "নিশি দিশি বন্ধু তোমায় পাশরিতে নারি চ.দা ৮১। নিশি দিশি ক.চ ৪৬; শ্রী.ম ৮০; প.র ২৭; ব.প ৮৬৪; চৈ.ম ১০৩; ভা.চ ২৭৪।

দিশি[3], **-শী** বিং [দেশী > দিশী, -শি] দেশীয়, দেশজাত, দেশ-প্রচলিত। "ইংরাজি ভূতেদের কাছে দিশীভূত খবরে আসে না হু ১২৯। দিশি বুলি ঝাড়, আমিও জবাব দিচ্ছি (অ.গ্র)।

দিশে বি [দিশা > °শে] ১ দিক্‌। "°হারা। ২ পক্ষনির্ণয়, কর্ত্তব্য-নির্দ্ধারণ। "এখন রাম ভজি কি রহিম ভজি, দিশে পাইনে কিসে মজি দা ২০৭২। [°হারা—দিগ্‌ভ্রান্ত; কর্ত্তব্যবিমূঢ়। "নিজে হইয়া দিশেহারা, তারিণী বাউলি-পারা দু ৭৭।]

দিশ্য বিণ [দিশ+য (যৎ); বৈদিক] দিগ্‌ভব, দিক্‌স্থিত।

দিষ্ট বিণ [√দিশ্‌+ত (ক্ত)-র্ম্ম; ছান্দস] ১ আদিষ্ট, আজ্ঞপ্ত। ২ উক্ত, কথিত। "দাক্ষিণ্য° ভট্টি ২.২৯। ৩ উপদিষ্ট। ৪ দৈব-প্রাপিত। "ভ ৯.১৮.৩২। ৫ নির্দ্দিষ্ট। "দিষ্টং বেশ্ম মহা ৩.৭৩.৩০। ৬ কর্ম্মপ্রাপ্ত। "ভ ৬.১৭.১৭। —ষ্ট পুং কাল। —ষ্ট ক্লী [+ত-ণ, বাহুলকে (অ.টী)] ১ দৈব, ভাগধেয়, ভাগ্য। "পথি চ্যুতং তিষ্ঠতি দিষ্টরক্ষিতম্‌ ভ ৭.২.৪০। ২ [+ত-ভা] আদেশ। —ষ্টি স্ত্রী [+তি (ক্তিন্‌)-ভা] ১ আদেশ। ২ অনুশাসন। ৩ উপদেশ। ৪ কথন। ৫ হর্ষ। ৬ পরিমাণভেদ। "পা ৫.২.৬৭,সি। ৭ [+তি-ণ] ভাগ্য; পুত্রাদি-জন্মরূপ সৌভাগ্য। "রাজকুলে দিষ্টিবৃদ্ধিসম্ভ্রমো মহানভূৎ (কাদম্বরী)। [দিষ্টান্ত (পুং)—কালধর্ম্ম, ভাগ্যসমাপ্তি, মরণ। রা ২.৬৫.২৮।]

দিষ্টি দ্র 'দিষ্ট'।

দিষ্ট্যা ব্য [দিষ্টি+আ (৩য়া-১ব)] ১ ভাগ্যে, সৌভাগ্যক্রমে। "দিষ্ট্যা ন ঘাতিতস্ত্বেবং রাঘবো বধ্যতামিতি গো.রা ২.৬১.২৩৭ দিষ্ট্যা দিষ্ট্যা মহা ১.১২৯.৩১। ২ হর্ষ। "উ.চ ১৩২। ৩ মঙ্গল।

দিস বি [সং দিশ্‌ > প্রা দিসা > বা দিসা, -স; হি °স, -সা] ১ দিক্‌। "°পাস। ২ কর্ত্তব্যবুদ্ধি। "কপট ভাঙ্গিয়া গেল নাহি কোন দিস গো.বি ১৩০। —সা বি ১ দিক্‌। "°হারা গো.চ ৩২,-৪। ২ উদ্দেশ, তত্ত্ব, তথ্য। "কোন বিধি ঘটাইছে তমু, পাওয়া না যায় দিসা গো.চ ২৪০। ৩ ধুয়া। "গ ১১২,-৬৮। [দিসপাস—দিগ্‌বিদিক্‌, চতুর্দ্দিকস্থ স্থান। "ব্রহ্মাণ্ড ভরিল জটা নাহি দিসপাস গ ১৪২।]

দিসা দ্র 'দিস'।

দিসি বি [দিশি২ > °সি; পদ্যে] দিবসে। "নিশি দিসি সোঙরি ব ৭৪। চ.কা ৩৮৬।

দিস্তা বি [ফা দস্‌তা] ১ চব্বিশটা কাগজ (quire)। ২ লুচির বা রুটির চব্বিশ খান। ৩ মুষল, ডাণ্ডা (pestle)। "হামান°। [দিস্তাপড়া কাপড় —যে কাপড়ের সুতা সরিয়া জড়িত হইয়াছে। দিস্তেখানেক—প্রায় এক দিস্তা রুটি। "এক এক ব্যাটা নাচে, আর দিস্তেখানেক খায় গি.হি ৮৩।]

দিহ্‌ সক [অদা, এ—দেগ্ধি, দিগ্ধে; অনিট্‌] লেপন। —হ্‌ অক উপচয়, বৃদ্ধি, বৃদ্ধিকরণ (ক.ক)। [সন্‌—সন্দেহ, সংশয়।]

দী অক [দি, আ—দীয়তে; অনিট্‌] ক্ষয়, দীনভাব।

দীক্ষ্‌ সক [ভ্বা, আ—দীক্ষতে; সেট্‌] ১ উপনয়ন। "দীক্ষতে পুত্রং বিপ্রঃ (ক.ক)। ২ ব্রতোপদেশ। "দীক্ষতে পণ্ডিতো জনম্‌ (ক.ক)। —ক্ষ্‌ অক ১ মুণ্ডন, মুণ্ডিতমস্তকীভাব। "দীক্ষতে বটুঃ (ক.ক)। ২ যজন। "দীক্ষতে জনঃ (ক.ক)। ৩ নিয়ম, নিয়মগ্রহণ। "দীক্ষতে যাজ্ঞিকঃ (ক.ক)। দীক্ষস্ব···সহ ধাম্নেণ ত্বরিতং তুরগাধ্বরে ভট্টি ২০.১৪।

দীক্ষক বিণ [√দীক্ষ্‌+অক (ণ্বুল্‌)-ক] মন্ত্রোপদেশক। —ক্ষণ ক্লী [+অন (ল্যুট্‌)-ভা] মন্ত্রোপদেশ; ব্রতানুষ্ঠান; যজন। —ক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্‌)] ১ মন্ত্রোপদেশ, দেবমন্ত্রগ্রহণ। 'দীয়তে জ্ঞানমত্যন্তং ক্ষীয়তে পাপসঞ্চয়ঃ (তস্মাদ্‌ দীক্ষা)। ২ নিয়মগ্রহণ, ব্রতানুষ্ঠান। "অজস্রদীক্ষাপ্রয়তস্য মদ্‌গুরোঃ রঘু ৩.৪৪; ৬৫। ৩ যজন, যজ্ঞ। ৪ নিয়ম; নিয়মগ্রহণ। "মনু ৬.২৯। মহাসত্র° ভ ৪.২১.১৩। ৫ [+অ-ণ] সংস্কার, বিধি। "বিবাহ° কু.স ৭.১। রঘু ৩.৩৩। ৬ উপনয়নসংস্কার। —ক্ষিত বিণ [দীক্ষা+ইত (ইতচ্‌)] ১ দীক্ষা-যুক্ত, কৃতমন্ত্রোপদেশ। ২ সংস্কারযুক্ত, কৃতসংস্কার। "সবনায় দীক্ষিতঃ রঘু ৮.৭৫। বিবাহ° উ.চ ১৩৭/৮। ৩ ধৃতব্রত। ৪ কৃতাভিষেক, অভিষিক্ত। "সাম্রাজ্য° রঘু ৪.৫। ৫ উপনয়নসংস্কার-যুক্ত; উপনীত। ৬ যজ্ঞমাত্রে ধৃতব্রত বা নিয়মী। "সংগ্রামাধ্বরদীক্ষিতো নরপতিঃ। —বে ১.২৫। —ক্ষিত পুং ১ হোমযাগাদির যজমান; যজ্ঞের যজমান-মাত্র। ২ শিষ্য। —ক্ষিতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্‌)-ক-১ব] মন্ত্রোপ-দেষ্টা, দীক্ষাদাতা। [দীক্ষাগুরু (পুং)—দেবমন্ত্রদাতা।]

দীক্ষা, -ক্ষিত, -ক্ষিতা দ্র 'দীক্ষক'।

দীগ বি [দিগ১ > °গ (গানে দীর্ঘ)] দিক্‌। "সব দীগ দরশন ভেল জ.প ৬৫; দীগ বিজয়ী ৭৩। [°ভরম, °ভরাতি—দিগ্‌ভ্রম, দিগ্‌ভ্রান্তি (প.ক)। °বসন—দিগম্বর (প.ক)।]

দীগর দ্র 'দিগর'।

দীঘ বিং [সং দীর্ঘ > লি দীঘ; প্রা দিগ্‌ঘ > বা °ঘ] দীর্ঘ। "দীঘ নিশাস বি.প ১৬৫; গো ৩৯। —ঘ বি দীর্ঘতা, দৈর্ঘ্য। "আড়ে দীঘে শত ক্রোশ ম ২০২।

দীঘল বিং [সং দীর্ঘ > প্রা দীহর (দীর্ঘ > দীরঘ > দীঘর > দীহর?) > °ল] ১ দীর্ঘ। "দীঘল তেজই নিশাস (প.ক)। দীঘল নিশ্বাস জ্ঞা ২৪। ২ আনিতম্ব-লম্বমান। "দীঘল কেশা বি.প ১৯৩। মেলিয়া দীঘল কেশ কেলিয়া নিতম্বে।—গো ১০৫। দীঘল চুল ম.ম ১৮। ব.প ৬৪৪,-৫৩। ৩ দীর্ঘ, লম্বা। "দীঘল তনু চৈ.ম ৯৬। দীঘল কলেবর চ.বি ২৮৩। দীঘল গাছ ম.ম ১২৬। শরীর দীঘল চৈ.চ ৩৪৫। কিঞ্চিত

দীঘল অতি সুন্দরী।—ভ.প্র ১৪০ ; দীঘল চরণ (ভ.প্র)।' বপুঃ করিলা দীঘল।—হেম ১৮৮। ৪ আয়ত, আকর্ণবিশ্রান্ত। "আকর্ণ দীঘল বিলোচন ক.চ ৪৬। দীঘল নয়ন (ভ.প্র)। দীঘল লোচন চৈ.ম ৫৬। ৫ উচ্চৈঃ, তার। "হরি বোলে দীঘল আহ্বানে চৈ.ভা ২২৪। কান্দে দীঘল বোলে ৪৩। ৬ দীর্ঘকালব্যাপী। "উৎকণ্ঠায় আকুল দীঘল ভেল রাতি চৈ.ম ১৮০। ৭ আজানুলম্বিত। "হাথ পসারিল দীঘল কৃ.উ ৪৫। কৃ ৪১১। দীঘল পাণি (ভ.প্র)। ৮ সুপ্রসর। দীঘল শ্রবণ (ভ.প্র)। ৯ উর্দ্ধাধোলম্বিত। "তিলক দিল দীঘল অ.প ১২৩। ১০ লম্বমান। "দীঘল দাড়ি।—বি.পা ৩৩২। ১১ দীর্ঘ, লম্বা। "দীঘল …উদর।—ম.ম ৭১। ১২ লম্বালম্বি। "তোর বাপেরে এড়িলাম দীঘল ('দীগল' ম.গা ১৫) করিয়া গো.চ ৩৪৯। —লী বিং দীর্ঘাকারা, লম্বা। "অতি দীঘলী হয় রাণ্ডী ব.প ৮।

দীঘি, -ঘী বি [সং দীর্ঘিকা >প্রা দিগ্‌ঘিআ >বা দীঘি, -ঘী ; হি দীঘী] দীর্ঘ সরোবরবিশেষ ; বাপী। "দীঘী পুষ্করিণী জ ৩৭ ; দীঘি ৮২। তারাদীঘি শ্রী ৮৯। দীঘী চৈ.চ ২৫১। দীঘি ভা.চ ৫৫৯।

দীঠ, -ঠি বি [দ্র 'দিট'] ১ চক্ষু। "উরজ উপরে যব দেয়ল দীঠ বি.প ১০৯। কোপদীঠি ম ৮৩৭। শঙ্করে প্রেমদীঠে, বসাল্য হেমপীঠে ক.চ ৩৯। কেবল জ্যোতির্ম্ময়, দীঠি না সঞ্চরে তায় শ্রী.ম ১১ ; ২৬। ২ দৃষ্টি, দৃষ্টিপাত। "অবহি মদন বাঢ়ায়ল-দীঠ বি.প ৩৩। ৩ দর্শন, দেখা। "ঠাঞি করিয়া দীঠি, আনিয়া উচল পীঠি, তদুপরি উদূখল সারে শ্রী.ম ২৮।

দীধিতি স্ত্রী [দীধী+তি (ক্তিন্)-ভা, অন্ত্য 'ঈ'-লোপ, পা ৭.৪.৫৩] ১ দীপ্তি, প্রভা। "দন্তের দীধিতি দু ৮। ২ কিরণ, রশ্মি। "হরিদশ্ব° রঘু ৩.২২। দীধিতিশিখা উ.চ ৬.১৮। মা ১৪৬। অমৃত° বা.দ ১০১। ৩ তেজঃ, অগ্নি। "কন্দর্পে হরনেত্রদীধিতিরহম্।—শৃ ২। [°মান্ (-মৎ)—পুং 'কিরণযুক্ত, উজ্জ্বল' ; সূর্য্য। "কু.স ২.২ ; ৭.৭০।]

দীধী অক [অদা, আ—দীধীতে ; সেট্ ; ছান্দস] দীপ্ত ; ক্রীড়ন।

দীন বিণ [দী+ত (ক্ত)-ক] ১ দরিদ্র, নির্ধন। "মৈ ১১.১৪। ২ দুঃখিত, বিষণ্ণ। "°মানস। চিন্তাপরা দীনা।—মহা ৩.৫৪.২। দীন-ভাবাপন্ন-মনে সী ৫৪। ৩ দুর্গত, দুরবস্থাপন্ন। "দীন বনজন্তু যেন দগ্ধ দাবানলে চৈ.ম ১৫৮। ৪ কাতর, করুণ। "দীনতরং বাক্যম্ ভ ৮.২৪. ১৬। ৫ কৃপণ, কাতর। "অদীনাত্মা রা ১.১.১৫। ভজস্ব সামর্থ্যমদীন-সত্ত্ব গো.রা ৪.২৯.২৫। যেখানে দীনতা, সেইখানেই অপরাধ।—ঘ ১৮২। ৬ আশ্রিত, শরণাগত। "°বৎসল ভ ১.৫.৩০। ৭ যাচনাদিদৈন্যযুক্ত। "মনু ৯.২৩৮। ৮ ক্ষীণ, কৃশ। "দেহং ধারয়তীং দীনম্ মহা ৩.৬৮.১৮। ৯ বিবেকহীন, বিচারমূঢ়। "রাজা…দীনচেতনঃ রা ২.৪০.২৮। ১০ কলুষিত, আবিল। "সাস্রা দৃষ্টিরভূদ্ দীনা গো.রা ৩.২৯.১৫। ১১ ভীত, ভীরু। —ন পুং দরিদ্র বা দুর্গত জন। "দীনোদ্ধরণোচিত। —রঘু ২.২৫। দীনানাং কল্পবৃক্ষঃ মৃ ১.৪৮। —ন ক্লী ১ দীনভাব, দারিদ্র্য, দৈন্য। ২ তগরপুষ্প। —না স্ত্রী মূষিকা। [°দয়ালু, °বৎসল (বিণ)—দরিদ্রে দয়াবান্। "°দয়ালুতয়াবনিপালঃ (নৈ)। °লু চৈ.চ ২৮২। °দয়াল (বিং)—সর্থ 'দীনদয়ালু'। "শ্রী ১০০। চৈ.ম ১৩৬। °নাথ (পুং)—দরিদ্রের ভর্ত্তা ; দীনপালক। °পনা (বি)—দীনভাব। "চৈ.ম ৫৩। °বন্ধু (পুং)—দরিদ্রের সহায়।]

দীনা দ্র 'দীন'।

দীনার পুং [√দী+আর (আরন্), উ ৩.১৪০ ; আ দীনার ; L. denarius] ১ স্বর্ণমুদ্রাবিশেষ। "দীনারমেকং শরাবে দৃষ্টবান্।—পঞ্চ ৩।১১১। ২ মুদ্রা। "সৌবর্ণ°।—পঞ্চ ৩।১১৪। ৩ শুক্তবর্ণ (রত্নকোষ)। ৪ স্বর্ণভূষণ। ৫ সুবর্ণকর্ষদ্বয়। ৬ নিষ্কমান, বত্রিশ রতি স্বর্ণ।

দীপ অক [দি, আ—দীপ্যতে ; সেট্] দীপ্তি, জ্বলন, উজ্জ্বলীভাব, শোভা। [আ—আদীপন, জ্বলন। "ভট্টি ৩.৩। উদ্—উদ্দীপন, উজ্জ্বলন। প্র—প্রদীপ্তি, জ্বলন। সম্—সন্দীপন।]

দীপ[১] পুং [√দীপ্+অ (ক)-ক (অ.টী) ; √দীপি+অ (অচ্) -ক] ১ যাহা দীপ্তি পায় বা গৃহাদি দীপিত করে ; জলদবর্ত্তি, প্রদীপ। "°নির্ব্বাণগন্ধ গো.রা ৩.৫৯.১৬। গী ৬.১৯। নিশীথদীপাঃ…হতত্বিষ° রঘু ৩.১৫। নৃপদীপো ধনস্নেহং প্রজাভ্যঃ সংহরন্নপি। অন্তরস্থৈর্গুণৈঃ শুভ্রৈর্লক্ষ্যতে নৈব কেনচিৎ॥—পঞ্চ ১.২৪৪। যেন দীপে দীপ জ্বলে বি.সু ১৬৮। তু 'প্রবর্ত্তিতো দীপ ইব প্রদীপাৎ রঘু ৫.৩৭। ২ (বাঙ্গলায়) মৃত্তিকাদিকৃত বর্ত্তির আধার ; প্রদীপ। "আমার এ ঘরে আপনার করে, গৃহদীপখানি জ্বালো।—রবীন্দ্র। [°কলিকা (স্ত্রী)—কলিকা-কার দীপশিখা। °কিট্ট (ক্লী)—দীপশিখাজাত কজ্জল। °ছায়া (°চ্ছায়া) স্ত্রী—দীপের অধঃস্থিত অন্ধকার। "অত্রি ৩৮৩। °ধর (বি)—মশালচী (প.ক)। °ভাজন (ক্লী)—দীপপাত্র। "রঘু ১৯.৫১। °মালা (স্ত্রী) —দীপশ্রেণী। °যষ্টি (বি)—দীপের আশ্রয়দণ্ড ; পিলসুজ, দেরকো। "চৈ.ভা ৫০৯। °শত্রু (পুং)—খদ্যোত, জোনাকি। °শলাকা (বি) —দীয়াশলাই। °শৃঙ্খলা (স্ত্রী)—দীপাবলী।]

দীপ[২] অর্দ্ম [সং √দীপ্ >লি √দিপ্‌প ; হি √দীপ] দীপ্তি পাওয়া ; জ্বলা। "দপ্ দপ্ দপ্ দীপয়ে মণি ভা.চ ১১৬। দীপাবলী দীপিছে চৌদিকে।—মে ১৬৯।

দীপক বিণ [√দীপি+অক (ণ্বুল্)-ক] ১ দীপয়িতা, দীপ্তিজনক। ২ প্রকাশক। "প্রদোষে দীপকশ্চন্দ্রঃ প্রভাতে দীপকো রবিঃ (চাণক্য)। ৩ প্রজ্বলনকারী, উত্তেজক। "সামবাদাঃ সকোপস্য তস্য প্রত্যুত দীপকাঃ মাঘ ২.৫৫। ৪ পরিপাকশক্তিবর্দ্ধক। ৫ বিবৃতিকারক, স্ফুটীকর। "জ্যোতিষদীপিকাঃ ; ষট্‌কর্ম্মদীপিকা। —পক পুং ১ প্রদীপ, দীপবৎ প্রকাশক। "সুপুত্রঃ কুলদীপকঃ (চাণক্য)। ধূপদীপক ভ ১.১১.১৬। ধন্য পুত্র তুমি কুলের দীপক ম ৬৫৬। ২ কামদেব। ৩ শ্যেন। ৪ যমানী। ৫ রাগবিশেষ। [ইহার জাতি সম্পূর্ণ। গ্রীষ্মকালে মধ্যাহ্ন ইহার সময়। ষড়্‌জ ইহার গৃহ।] —পক ক্লী ১ কুঙ্কুম। ২ (অলঙ্কারশাস্ত্রে) অর্থালঙ্কারবিশেষ। [ইহা দীপবৎ প্রকৃতার্থ দ্বারা অপ্রকৃতের প্রকাশক। প্রস্তুত ও অপ্রস্তুত বিষয়ের এক ক্রিয়া হইলে, অথবা, এক কারকের অনেক ক্রিয়ার সহিত অন্বয় হইলে, 'দীপক' হয় (সা.দ ১০.৪৯)।]

দীপতি বি [সং দীপ্তি >বা (স্বরাগমে) °তি ; পদ্যে] কিরণ। "শ্রীবৎস° গ ৩১ ; ১১১। তবহুঁ দীপতি, উজর (প.ক)।

দীপন বিণ [√দীপি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ দীপয়িতা, দীপ্তিজনক। ২ উদ্দীপক, উত্তেজক। "সুতন্ত্রিগীতং মদনস্য দীপনম্। —ঋতু ১.৩। ৩ জঠরানলবর্দ্ধক। "সুরা বৃংহণদীপনী।—সুশ্রুত ১.৪৫. ১৫৮। ৪ প্রকাশক। —পন পুং ১ ময়ূরশিখা। ২ পলাণ্ডু। ৩ কাস-মর্দ্দ। —পন ক্লী ১ কুঙ্কুম। ২ তগরমূল। ৩ [+অন-ভা] জ্বালান। ৪ জঠরানলবর্দ্ধন। ৫ উদ্দীপন, উত্তেজন। ৬ প্রকাশন। ৭ [√দীপ্ +অন-ভা] দীপ্তি। —নীয় বিণ [√দীপি+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ১ জ্বালনীয়, দীপনার্হ। ২ [+অনীয়-ণ] উদ্দীপনসাধন, জঠরাগ্নি-বর্দ্ধক। "দীপনীয়ম্…বাড়বং দধি।—সুশ্রুত ১.৪৫.৬৬। —নীয় পুং যমানী। —নীয় ক্লী উদ্দীপক ঔষধ।

দীপবৃক্ষ পুং [ষ.ত] ১ বৃক্ষবৎ বহুশাখ দীপস্তম্ভ ; দীপের ঝাড়। "রা ২.৬.১৮। ২ দীপাশ্রয়দণ্ড ; পিলসুজ, দেরকো। ৩ দেবদারু (A.)।

দীপশিখা স্ত্রী [ষ.ত] ১ প্রদীপজ্বালা। "সঞ্চারিণী দীপশিখেব (সা) রঘু ৬.৬৭। ২ দীপশিখাজাত কজ্জল।

দীপান্বিত বিণ [তৃ.ত] দীপযুক্ত। —ন্বিতা স্ত্রী গৌণচান্দ্র কার্ত্তিকের অমাবস্যা। "ভ.প্র ২৩১। [এই তিথিতে প্রদোষে লক্ষ্মীপূজা এবং দেবগৃহ চতুষ্পথাদিতে দীপমালা দেওয়া বিহিত।]

দীপাবলি, -লী স্ত্রী [দীপের আবলি, -লী, ষ.ত] ১ দীপশ্রেণী। দীপমালা। "দীপাবলি ভ ৪.২১.৪। দীপালী।—মে ১৬৩।

দীপালি, -লী স্ত্রী [দীপের আলি, -লী, ষ.ত] ১ দীপশ্রেণী। ২ দীপান্বিতা অমাবস্যা। দ্র 'দীপান্বিতা'। ৩ দীপান্বিতায় করণীয় দীপোৎসব ; দেওয়ালী।

দীপিকা স্ত্রী [দীপক+স্ত্রী আ (টাপ্)] ১ 'প্রকাশিকা', প্রদীপ, বর্ত্তি। "মহৌষধি° রঘু ৯.৭০। রত্নমণি° শ্রী.মা ১৪৫। ২ জ্যোৎস্না। ৩ ব্যাখ্যাপুস্তিকা। "তর্ক°। ৪ রাগিণীবিশেষ। [হিণ্ডোলরাগের পত্নী। গানকাল সায়াহ্ন (সঙ্গীতদামোদর)।] ৫ শ্রীনিবাসরচিত জ্যোতিষ-গ্রন্থবিশেষ। "ক.চ ২১১,-৫।

দীপিত বিণ [√দীপি+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রজ্বালিত। ২ প্রকাশিত। "তপনমণ্ডল° কি ৫.২। ৩ উদ্দীপিত। ৪ উজ্জ্বলীকৃত, বিভাসিত। "উ.চ ১.৪২। —পিতা (-তৃ) বিণ [√দীপ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] দীপক, উজ্জ্বল।

দীপী (-পিন্) বিণ [√দীপি+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -পিনী] সংবর্দ্ধক। "মনুষ্যব্যবসায়দীপিনীঃ···গিরঃ কি ১.২৭।

দীপোৎসব পুং [ষ.ত] ১ দীপসমূহের উৎসব ; দীপালি। ২ দীপান্বিতা অমাবস্যা।

দীপ্ত বিণ [√দীপ্+ত (ক্ত)-ক] ১ দীপ্তিযুক্ত, বিভাসিত, ভাস্বর। ২ প্রজ্বলিত। "দীপ্তানলার্ক গী ১১.১৭ ; °হুতাশ ১৯ ; °বিশালনেত্র ২৪। দীপ্তশূল মনু ৩.১৩৩। ৩ প্রচণ্ড, প্রখর। ৪ তেজোময়। "মহর্ষিং তপসা দীপ্তম্ রা ১.৬১.১২। ৫ দগ্ধ। ৬ উদ্রিক্ত। ৭ প্রকাশান্বিত, প্রকাশিত। "তোমারে বধিলে তবে দীপ্ত হবে নাম। —ম ৫৪৮। ৮ বিকৃতস্বর, বিপরীতরবকারী। "দীপ্তা মৃগপক্ষিণঃ। —বৃহৎসংহিতা ৩.৩০ ; ৮৭.১১। শকুনয়ো দীপ্তাঃ (হ)। ৯ শোভাবান্, সুশোভন। "দীপ্তা···লঙ্কা ভট্টি ১০.৭। —প্ত পুং ১ সিংহ। ২ নিম্বুক। —প্ত ক্লী ১ স্বর্ণ। ২ হিঙ্গু। —প্তা স্ত্রী জ্যোতিষ্মতী লতা। [°কিরণ (পুং)—সূর্য্য। °কীর্ত্তি (পুং)—'প্রকাশিতযশাঃ,' কার্ত্তিকেয়। °জিহ্বা (স্ত্রী)—উল্কামুখী শৃগালী। °তপাঃ (-পস্) বিণ—উগ্রতপাঃ, মহাতপাঃ। °মূর্ত্তি (পুং)—বিষ্ণু। °লোহ (ক্লী)—কাংস্য, কাঁসা। °শক্তি (পুং)—কার্ত্তিকেয়। দীপ্তোপল (পুং)—সূর্য্যকান্তমণি।]

দীপ্তবান, -মান বিং [সং দীপ্তিমান্ ; তু 'কম্পবান্, -মান' ; অপ্র] ১ দীপ্তিযুক্ত, সমুজ্জ্বল, জ্যোতিষ্মান্। "দীপ্তবান শূল চ.বি ৩১০। পুরীখান দীপ্তমান দু ৪ ; ৫৩। °মান শ্রী.মা ১১। দীপ্তমান দিব্য দেহ শ্রী ৪৬। ২ দীপ্যমান, প্রকাশমান। "শরচ্চন্দ্র দীপ্তমান দিব্য অসি ফলা শ্রী ১১৬।

দীপ্তাংশু পুং [বহুব্রী] 'প্রচণ্ডকর', সূর্য্য। "মহা ১.১৭১.১৭।

দীপ্তাগ্নি পুং [কর্ম্মধা] ১ জ্বলিতানল। "°রুচি ভট্টি ২.২। ২ 'দীপ্ত-জঠরানল', (বাতাপিজীর্ণীকরণ হেতু) অগস্ত্য।

দীপ্তি স্ত্রী [√দীপ্+তি (ক্তিন্)-ভা] ১ দীপন, জ্বলন, প্রকাশ। ২ অভিব্যক্তি। "জ্ঞান° পা.দ ২.২৮। ৩ শোভা। "(তৈর্মন্ত্রিভিঃ ···বৃতঃ) স পার্থিবো দীপ্তিমবাপ রা ১.৭.২৪। গৃহদীপ্তয়ঃ (স্ত্রিয়ঃ) মনু ৯.২৬। শি ৩৬। ৪ [+তি-ণ] কিরণ, রশ্মি, প্রভা। "তিমির লয় হ'ল দীপ্তিসাগরে।—রবীন্দ্র। ৫ নায়িকার যৌবনে স্বভাবজ সাত্ত্বিক অলঙ্কারবিশেষ। "সা.দ ৩.৯০,-৬। ভ.প্র ৩৯৫। ৬ লাক্ষা। ৭ কাংস্য। [°মান্ (-মৎ) বিণ—দীপ্তিযুক্ত, প্রকাশমান, ভাস্বর। "তেজোরাশিং সর্ব্বতো দীপ্তিমন্তম্ গী ১১.১৭।]

দীপ্য বিণ [√দীপি+য (যৎ)-র্ম্ম] দীপনীয়, দীপনার্হ। —প্য (পুং) [+য-ণ] 'জঠরানলদীপন', যমানী ; জীরক।

দীপ্যমান বিণ [√দীপ্+মান (শানচ্)-ক] ১ যাহা দীপ্তি পাইতেছে ; প্রকাশমান, জ্বলন্ত। "ম ৪১৮। দীপ্যমান দ্বিতীয় দিনেশ বি.সু ৮৯ ; দীপ্যমান যেন রবি ১২৩। দীপ্যমান হীরক-খণ্ড চা.তৃ ১। ২ সমুজ্জ্বল, দীপ্ত। "তেজ দীপ্যমান।—অ.প ৭৯। ৩ শোভমান, বিরাজমান। "দীপ্যমান কুরুরাজ যেন হেমগিরি ম ৯৩৮। দীপ্যমান নৃপকুল শ্রী.ম ২৩০।

দীপ্র বিণ [√দীপ্+র-ক ; স্ত্রী -প্রা] দীপ্তিশীল, ভাস্বর, উজ্জ্বল। "দীপ্রাস্ত্র উ.চ ৬.১৮ ; ভট্টি ১.২৪। —প্র পুং অগ্নি।

দীয়টি, -টী বি [দ্র 'দিয়টি'] প্রদীপ, মশাল। "প্রভু চাহি বুলে সভে দীয়টি জ্বালিয়া চৈ.চ ৩২৯ ; দীয়টী ৩৪১।

দীর্ঘ বিণ [√দৃ+ঘ (ঘক)-ক (অ.টী) ; ছান্দস ; Av. darega ; Pahlavi—darg] ১ আয়ত, লম্বা। "সুদীর্ঘঃ পরিঘার্গলঃ (S.W.)। °বাহু রা ২.৪২.১৮। ২ সন্তত, অবিচ্ছিন্ন। "দীর্ঘীকুর্ব্বন্···কূজিতম্ পূ.মে ৩১ ; মধুকরশ্রেণিদীর্ঘান্ কটাক্ষান্ ৩৫। ৩ অতিপ্রবল। "দীর্ঘমুষ্ণং চ নিশ্বসন্ রা ২.৬২.৩। দীর্ঘং নিশস্য হি ১২⁄২৮। ৪ উপচিতস্থিতিকাল, চিরকালব্যাপী। "দীর্ঘযামা ত্রিযামা উ.মে ৪৭। রজনীং বিষাদদীর্ঘতরাম্ শ ৪.১৬। ৫ উচ্চৈঃ, তার। "(আক্রন্দিতম্) গুহানিবদ্ধপ্রতিশব্দ-দীর্ঘম্ রঘু ২.২৮। ৬ চিরকালসাধ্য। "°সত্র রঘু ১.৮০। ৭ উচ্চ, উন্নত, তুঙ্গ (বৃক্ষাদি)। "দীর্ঘনাসী ম.পা ১০২। ৮ দূর। "দীর্ঘাধ্বন্ মনু ৮.৪০৬। ৯ লম্বিত, লম্বা (কেশ)। ১০ অতীন্দ্রিয়দর্শী। "তপোদীর্ঘেণ চক্ষুষা (S.W.)। ১১ বিস্তারপ্রাপ্ত, ব্যায়ত। "তৃষ্ণাদীর্ঘস্য চক্ষুষঃ উ.চ ৩.৪৬। ১২ দ্বিমাত্র, গুরু। '(বর্ণঃ) দ্বিমাত্রো দীর্ঘ উচ্যতে। —শ্রুতবোধ ৩। —র্ঘ পুং ১ উষ্ট্র। ২ দ্বিমাত্র বর্ণ—আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ। ৩ সিংহ কন্যা তুলা বৃশ্চিক রাশি। ৪ শরতৃণবিশেষ, রামশর। ৫ লতাশাল বৃক্ষ। —র্ঘা স্ত্রী দীর্ঘজলাশয়ভেদ, দীঘি। [°কণা (স্ত্রী) —শ্বেতজীরক। °কন্দক (ক্লী)—মূলক। °গতি, °গ্রীব, °জঙ্ঘ (পুং) —উষ্ট্র। °তপাঃ (-পস্) পুং—মহাতপাঃ গৌতম। "মধু ১১.৭৩। °দৃষ্টি (বিণ)—দূরদর্শী। °নিদ্রা (স্ত্রী)—চিরকালব্যাপিনী নিদ্রা; মহানিদ্রা, মরণ। "রঘু ১২.৮১। °প্রজ্ঞ (বিণ)—দূরদর্শী, পণ্ডিত। "দীর্ঘপ্রজ্ঞো যুধিষ্ঠিরঃ মহা ৩.১১.২১। °সত্র (বিণ)—চিরকালসাধ্য যজ্ঞের অনুষ্ঠাতা। "রঘু ১.৮০। °সত্র (ক্লী)—চিরকালসাধ্য যজ্ঞ। "ভ ১.১.২১।]

দীর্ঘচ্ছ(ছ)ন্দ বি ['°ছন্দ' সাধু] দীর্ঘ ত্রিপদীচ্ছন্দ বা নাচাড়ি। দ্র 'খর্পছন্দ'। "দীর্ঘচ্ছন্দ অ.প ২৫ ; দীর্ঘছন্দ ৪৬। দীর্ঘচ্ছন্দ চৈ.ম ৮;৪৮।

দীর্ঘদর্শী (-র্শিন্) বিণ [দীর্ঘ+ √দৃশ্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী -র্শিনী] ১ দূরস্থানদর্শনে সমর্থ ; তীক্ষ্ণদৃষ্টিশক্তি (গৃধ্রাদি)। ২ কার্য্যের দূর বা পরিণাম যে দেখে ; পরিণামদর্শী, ভাবিকার্য্যজ্ঞ, বিমৃশ্যকারী, পণ্ডিত। "রা ১.৬.১। °র্শী বিদুর ম ৩৪০। জ ১২। —দর্শী পুং ১ পণ্ডিত। "কাদ ১০৭। ২ গৃধ্র। ৩ ভল্লুক।

দীর্ঘল বিং [দীর্ঘ > °ল, তু 'দীঘল'] ১ দীর্ঘ, আজানুলম্বিত। "দীর্ঘল বাহুদণ্ড।—চৈ ৩৪। ২ লম্বা। "দীর্ঘল গলা শ্রী.ম ১১০।

দীর্ঘসূত্র বিণ [বহুব্রী] ১ যাহার ক্রিয়া (কর্ম্মানুষ্ঠান) দীর্ঘ (অ.টী); যে অল্পকালসাধ্য কর্ম্ম বহু বিলম্বে করে ; চিরক্রিয়, বিলম্বিতব্যাপার। "দীর্ঘসূত্রাশ্চ বানরাঃ রা ৪.৩৭.১১। পঞ্চ ২.১২৮। ২ আতততন্তুক। "মাঘ ১০.৬১। —সূত্র ক্লী [কর্ম্মধা] ১ আতত তন্তু ; বিস্তৃত সূত্র। ২ বিলম্বিত ব্যাপার। "মহা ১২.১৩৭.২। —সূত্রতা স্ত্রী দীর্ঘসূত্রভাব, চিরক্রিয়তা। "হি ১.৩৪। —সূত্রী (-ত্রিন্) বিণ [°ত্র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -ত্রিণী] দীর্ঘসূত্রবান্, চিরক্রিয়াবান্, চিরকারী। "গী ১৮.২৮। দীর্ঘসূত্রী বিনশ্যতি মহা ১২.১৩৭.১ ; পঞ্চ ৫⁄২২।

দীর্ঘাই বিং [দীর্ঘ+আই° ; অপ্র] দীর্ঘজীবী। "গো.বি ৫১।

দীর্ঘাড়ী বি বাৎস্যগোত্র রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধি। "ক.চ ৮৬।

[ছান্দড়ের পুত্র মন দীঘাল গ্রামে বাস করিয়াছিলেন বলিয়া তাঁহার সন্তানগণের এই উপাধি।]

দীর্ঘাধ্বগ পুং [°ধ্বন্+ √গম্+অ (ড)-ক ; উ.ত] ১ 'দূরপথগামী', লেখহার, পত্রবাহক। ২ উষ্ট্র।

দীর্ঘায়ু (-য়ুস্) বিণ [বহুবী ; স্ত্রী -য়ুঃ ; তু 'দীর্ঘায়ুত্ব, (সম্বোধনে) দীর্ঘায়ো (ঋগ্বেদ ১০.৬২.২ ; ৮.৫৯.৭)] চিরকালজীবী। "দীর্ঘায়ুষো নরাঃ সর্ব্বে রা ১.৬.১৮। —র্ঘায়ুঃ পুং ১ মার্কণ্ডেয়। ২ কাক। ৩ শাল্মলী। —র্ঘায়ুঃ ক্লী [কর্ম্মধা] দীর্ঘ জীবিতকাল। "অষ্টাবক্র, 'দীর্ঘায়ুরস্তু' বলিয়া হস্ত তুলিয়া আশীর্ব্বাদ করিলেন সী ৩। [দীর্ঘায়ুরস্তু (দীর্ঘায়ুঃ+অস্তু)—দীর্ঘ আয়ু হউক।]

দীর্ঘায়ুধ পুং [কর্ম্মধা] ১ কুন্তাস্ত্র। ২ [বহুব্রী] শূকর।

দীর্ঘায়ুষ্য বিণ [বহুব্রী] সর্থ 'দীর্ঘায়ুঃ'। —ষ্য পুং সর্থ 'দীর্ঘায়ুঃ' পুং।

দীর্ঘিকা স্ত্রী [দীর্ঘা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ ত্রিশত-ধনুঃপরিমিত আয়ত জলাশয়ভেদ; বাপী। 'ত্রিভিঃ শতৈঃ (ধনুর্ভিঃ) দীর্ঘিকা। "রঘু ১৬.১৩। ২ কুল্যা। "মহা ১.১২৮.৪১।

দীর্ণ বিণ [√দৃ+ত (ক্ত)-র্ণ] ১ বিদারিত। "চ.কা ২৯০ ; তৃষা° ২৯৪। ২ [+ত-ক] ভীত। —র্ণ ক্লী [+ত-ভা] ১ বিদারণ। "রাধিকার চিত্ত-দীর্ণ তীব্র ব্যাকুলতা চ.কা ৯২। ২ ভয়।

দীহ্ন বিং [সং দত্ত >লি দিন্ন, প্রা দিন্ন ; অপ্র] প্রদত্ত, সমর্পিত। "হাত জোরি পত্র দীহ্ন শীষ ভূমিনায়কে ভা.চ ৪৩৬।

দু[১] সক [স্বা, প—দুনোতি ; অনিট্] উপতাপ, পীড়ন। "কর্ণিকারং দুনোতি নির্গন্ধতয়া চ চেতঃ কু.স ৩.২৮। —অক উপতপ্তীভাব, সন্তপ্ত হওয়া। "মন্মথেন দুনোমি (গী.গো)। —সক [ভ্বা, প—দবতি ; অনিট্] গতি।

দু[২] স.বিং [সং দ্বি >লি দুরে ; প্রা 'দু'—°খুর, °গুণ, °পয় (দ্বিপদ), হি দো, দু (সমাসে) ; ঠ দোন, দু (সমাসে) ; গু দু, দো ; মৈ দো; অস 'দু'—দুকুরি] ১ দুই, দ্বিসংখ্যক, ডবল। "হরি নাম দু-অক্ষর ম ২ ; দু বারণ : দু বৃষভে ২৯১ ; দু কূল ৬১১। ইহাকে বাঁচাতে পারে কার দুটো মাথা ক.চ ২৬২। দুবীরে : দু ছোঁড়া শ্রী ১২৩। দু হস্ত ভ.গ্র ১৬৯। দু চক্ষের বিষ বি.সু ৬৩। দু ঘা লাঠি মারিবে ব.প্র ৩১৯। ২ অল্প-স্বল্প, কিছু। "দু টাকা দু সিকা লাভ করিয়া যে একটু শাঁসাল হবে, তাহাকেই জমিদার…গ্রাস করবেন আ.দু ১৬২। ৩ কিয়ৎসংখ্যক, কতকগুলি। "দু জন লোক হাতে থাকলে অনেক সাহস ভরসা থাকে। [দু অ্যাক্‌টা, দু চার—গোটাকতক। "দু অ্যাক্‌টা টপ্পা : দু চার বাজে কথার পর হু ২১৩। দুক—দুইএর। "দুক সনে অ.প ৬৬। দু বা দুটো কথা শুনান—দু চারটা মিঠে-কড়া বা কড়া কথা বলা। "যদি কখন দেখা হয়, তবে দুটো কথা শুনিয়ে দেবো গি.দ্বি ১০৩। দু কথা হওয়া—কথা অন্যথা হওয়া ; মতভেদ হওয়া। দু কলম লেখা—দু চার কথা লেখা। দুগুটি—দুইটি। "শ্রী.কী ১৬৯। দু টাকা দু সিকা লাভ করা—অর্থ কিছু কিছু লাভ করা। "আ.দু ১৬২। দু-দু—একেবারে দুইটি। "দু-দু শের শি ৫৮ ; দু-দু গাছি (শঙ্খ) ১০৫। দু পয়সা আসা বা হওয়া—কিছু আয় হওয়া। দু মুখ এক হওয়া—মুকাবিলা হওয়া। দুবেড়া—দু-নহর, দ্বিযষ্টিক। "কণ্ঠলগ্ন মুকুতা দুবেড়া চৈ.ম.৪৯।]

দু[৩] সর্ম্ম [সং √দুহ্] দোহন করা ; নিঃসারণপূর্ব্বক শূন্য বা রিক্ত করা (to drain) ; নিঙড়াইয়া বাহির করা (to squeeze out)। "দিনে রাত্রে দশ ছেলে দুয়ে খায় গায় শ্রী.মা ১৩৩।

দুঅ স.বিং [সং দ্বিক >প্রা দুঅ (প্রা.ম)] যুগল, দুই। "দুঅও অধর করএ পান বি.সা ৩৬০।

দুঅজ বিং [সং দ্বিতীয় >প্রা দুইজ্জ >বা দুঅজ, -য়জ ; হি দুইজ] ১ দ্বিতীয়। "তোঁ মোর নাতি যেহ্ন দুঅজ পরাণ, শ্রী.কী ১১। ২ দ্বিতীয়, তুল্য। "তাহার দুঅজ আর গজমুতী হার ১৫৯।

দুআওরি ক্রি.বিং [ফা দুবারা] দু-বার, দ্বিতীয় বার ; দোসরা বার। "ধারে টাকা বা জিনিস পাইলে দুআওরি লয় আ.দু ২৮।

দু(দো)আনা, -য়ানী বি [দু(দো) আনা+ঈ[৭] ; হি—দেঅন্নী] দু-আনা মূল্যের মুদ্রা। [দুয়ানী ব্রহ্মত্তর—প্রতিবিঘায় দু-আনা রাজ-করের ব্রহ্মত্তর।]

দুআ(য়া)র, দোর বি [সং দ্বার >লি দুৱার ; প্রা দার, দুআর, -য়ার >বা °র ; হি দুআর, দুৱার ; মৈ দুআর] ১ দ্বার। "দুআর শ্রী.কী ১২৬। দুআরত গো.চ ২ ; আগ দুআর : পাছ দুআর ৭৪। দুআর কৃ.উ ২৪৯ ; অ.প ১০ ; ক.চ ৫ ; শূ ৩৮। দুয়ারে চৈ.ম ১২১। দুয়ারে ভা.চ ৩১৭ ; মে ১৫৪। ২ মুখ, আরম্ভস্থান। "খড়্গ লয়ে থাক তুমি সিন্দের দুআরে।—ম ১১০৩। ৩ প্রবেশপথ। "যে স্ত্রীর সঙ্গ হয় নরক-দুয়ার ভ.গ্র ২৯৬। ৪ কপাট। "(নাগরী) লাজের মন্দিরে, দুয়ার ভেজায়া, লুলি পড়ে চৈ.ম ৭১। তিমির-দুয়ার খোল।—রবীন্দ্র। ৫ গৃহ, বাড়ী। "যাই আমি রাজার দুয়ার ব.প ৭৬৬,-৮। বা.ম ৫০। চ.বি ১৫৫। [দোর বন্ধ হওয়া—অপকর্ম্ম হেতু স্বজনের কাছে যাওয়ার পথ রুদ্ধ হওয়া। (ঠাকুরের) দোর ধরা—পুত্রাদি-কামনায় দেবতার কাছে হত্যা দেওয়া। দুয়ারের কাছে—অতিনিকটে। "ব.সু ৬১।]

দুআ(য়া)রপাল বি দ্বারপাল। "দুআর° শূ ৬৯। দুয়ার° ম ৪৪।

দু(দো)আরি, -রী, -য়ারি, -রী বি [সং দ্বারী >প্রা দুৱারি >বা °রি, -রী] দ্বারবান্। "দুআরি কৃ.উ ১৩৫,-৮১। দুআরি, -রী শূ ৩৮,-৯। দুয়ারি গো.বি ৭৫। দুয়ারী কৃ ২৪৯। দুআরি ম ২১৩। দুয়ারী ক.চ ৩৬ ; দুআরী ৯৯। দোয়ারী শ্রী ২৭ ; দোয়ারি ৭৮। দুয়ারী মে ১৫৪।

দুই স.বিং [সং দ্বি >প্রা দুই (পৈ), দোই (অ.রা) ; হি দুই ; প দুআ ; মৈ দুই, -ঈ ; 'দুই, -ঈ, দুয়ি' (শ্রী.কী)] ১ দ্বিসংখ্যক। "দুই খানে গো.চ ৯। দুই মত নী ৩১। ২ উভয়। "ইহকাল পরকাল দুই যায় ক্ষয় ভ.গ্র ২৮৫। —ই বি ১ দুই (২) এই সংখ্যা। "একের পিঠে দুই বারো। ২ পুঁথিতে শব্দের পরে পূর্ব্বশব্দের দ্বিরুক্তিসূচক। "ক্রমে২ (ক্রমে ক্রমে) : বন্দ্যতাং২ (বন্দ্যতাং বন্দ্যতাং) চৈ ২১২। প্রধান২ সভাসৎ।—ব.প ১৭২৪ ; না২ (নানা) প্রকার ১৭৯৩। করিতে২ কৃ.চ ৩ ; আর২।—৯ [দুই দুই করা বা ভাবা—ভেদ করা ; পর ভাবা। দুই নৌকায় পা দেওয়া—উভয়পক্ষাবলম্বন করা। দুই মুট শঙ্খ—দুই বাই (দুই-দুই বা চার-চার গাছ) শঙ্খ। "ম.গা ২৫। দুইর (অপ্র) —দুজনের। "অ.প ৭৩। দিন দুই চারি—কতিপয় দিবস। "কৃ ২৫৩।]

দুইবটী, দুবটী বি দ্বিবৃন্ত ফুল ; দোপাটি। "শূ ২৮,-৯।

দুউও, দুও বি [সং দুর্ভগ >প্রা দুহঅ >বা (দুঅ) দুও ; তু 'দুহল' —দুর্ভগ (দেশী ৫.৪৩)] হতভাগ্য, অভাগা ; ধিক্‌কারশব্দ। "দুও! হো! হো! হুররে ও হাততালিতে ধোপাপুকুরের দলেরা মাটির চেয়েও অধম হয়ে গ্যালেন হু ৪৯ ; গুরুদাসেরাও দুউও ও হাততালি দিতে লাগলেন ১৬৯। —ও, -য়া বি [সং—দুর্ভাগা >প্রা দুহআ >বা (দুহা >দুআ) °য়া ; দো (গ্রাম্য)] দুর্ভগা স্ত্রী ; পতির অপ্রিয়া পত্নী। বিপ 'সুয়া'। "দুয়া করিল প্রণতি ক.চ ১৪২। হারায়ে যৌবন আমি হইয়াছি দুয়া : দুয়া যদি চিনি দেয় নিম হন তিনি ভা.চ ৫৩৫। দুও মেগের ওঁচলা মাটী ন.ত ২।

দুওয়া, দোয়া বি [আ দুউ'আ ; হি দুআ ; প দুয়া ; ডোয়া (ঢাকা)] ১ আশীর্ব্বাদ। "মৈ খুব ফকীর হুঙ লেগা মেরে দুওয়া রা.স ১০। ২ মঙ্গল প্রার্থনা। "মুখে দোয়া করে কাজি ব.প ২৫৪। স্বদেশে রাজাই পায়, দোয়া দিয়া ঘরে যায়।—ভা.চ ৪৪৭। [দোয়া-দবা

—দোয়া ও ঔষধ। "কত দোয়া-দবা দিনু তবু (ভূত) নাহি ছাড়ে ভা.চ ৪৯৫।]

দুঃ[1] **(দুর্, দুস্)** ব্য উপসর্গবিশেষ ;—১ দুষ্ট। "দুর্জন। ২ নিন্দা। "দুষ্কৃত। ৩ দুঃখ। "দুর্জয়, দুর্দ্দম। ৪ নিষেধ। "দুঃস্পর্শ। ৫ অভাব। "দুর্ভিক্ষ। ৬ ঈষৎ। "দুঃস্পষ্ট। ৭ কৃচ্ছ্র। ৮ কৃশ। ৯ অবক্ষেপণ (মুগ্ধবোধ)। ১০ অসম্পত্তি। ১১ সঙ্কট। ১২ কোপ। [স্বরবর্ণ, বর্গের তৃতীয় চতুর্থ পঞ্চম বর্ণ, য র ল ব হ পরে, 'দুস্' > 'দুর্', ক প পরে, 'দুস্' > 'দুষ্', শ ষ স পরে, দুস্ > দুঃ।]

দুঃ[2] অব্য [সং দুঃ[1]] কোপ, বিরক্তি, ঘৃণা, তাচ্ছীল্য। "দুঃ! তোর মোসাহেবের মুখে মার ডাবের কাটি ন.ত ৬৫। দুঃ বেটি কমবক্তি! স.এ ৭।

দুঃক্ষ বি [দুঃখ > °ক্ষ (বাঙ্লায় 'খ' ও 'ক্ষ'এর উচ্চারণসাম্যে); অপ্র] দুঃখ। "দুঃক্ষে গো.বি ৭১ ; ৮৩ ; °ক্ষিত ৮৪ ; ১৬৬।

দুঃখ[1] অক [কণ্ড্বাদি, প—দুঃখ্যতি , অদন্ত, চু—দুঃখয়তি ; সেট্] দুঃখকরণ, দুঃখ করা।

দুঃখ[2] বিণ [দুস্+ √খন্+অ (ড)-ক (অ.টী)] ১ ক্লেশকর, কষ্টজনক, অসুখ, অপ্রিয়। "(তৃণশয্যাসু) দুঃখাসু গো.রা ২.২৮.২০। ততো দুঃখতরং নু কিম্ গী ২.৩৬ ; ৫.৬। ২ দুষ্কর। —খ ক্লী ১ কৃচ্ছ্র, কষ্ট, পীড়া, ব্যথা। বিপ 'সুখ'। "সুখদুঃখে সমে কৃত্বা গী ২.৩৮। কস্যাত্যন্তং সুখমুপনতং দুঃখমেকান্ততো বা উ.মে ৪৮। দুঃখ দেখে ভয় পাবে ত দুঃখ তোমার ঘুচবে কবে।—রবীন্দ্র। দুঃখের ঐশ্বর্য্য-ভাণ্ডারের দরজা ঘ ১৪৪। ২ দুঃখহেতু। "সর্ব্বং পরবশং দুঃখম্ মনু ৪.১৬০। ৩ (সাংখ্যে) প্রতিকূলবেদনীয় রজঃপরিণামভেদ (তত্ত্বকৌমুদী) ; (ন্যায়ে) আত্মধর্ম্মভেদ (ত.বা)। [°চ্ছেদ্য (বিণ)—কষ্টে ছেদনীয় ; দুশ্ছেদ। °জাত (বিণ)—সঞ্জাতদুঃখ, দুঃখিত। °প্রায় (বিণ)—দুঃখবহুল, কষ্টপ্রচুর। °ভাক্ (-জ্) বিণ—দুঃখভোগী ; দুঃখী। °শীল (বিণ)—দুঃখস্বভাব, দুঃখে অভ্যস্ত। "কু.স ৩.৭। রঘু ৩.৬। °সঞ্চার (বিণ)—দুর্গম, দুষ্প্রবেশ। °হা (হন্) বিণ—দুঃখনাশক। "গী ৬.১৭।] [দুঃখে—দুঃখী, দীন। "কেহ বলে দুঃখে আমি পরের ঠাঁই খুঁজি ম.ম ৯৪। দুঃখের দুঃখী—দুঃখের ভাগী। "যে যা বলে সয়ে থেকো হয়ে আমার দুঃখের দুঃখী ব.প ১৬১৮।]

দুঃখত্রয় ক্লী [ষ.ত] আধ্যাত্মিক আধিভৌতিক ও আধিদৈবিক—এই ত্রিবিধ দুঃখ। "দুঃখত্রয়াভিঘাত।—সাংখ্য ১।

দুঃখপাসরা বিং যে দুঃখ পাসরায় (ভুলায়), প্রাণপ্রিয় (পুত্র)। "দুঃখপাসরা নীলমণি দা ৯৯।

দুঃখার্ত্ত বিণ [দুঃখ কর্ত্তৃক ঋত, তৃ.ত (কাশিকা)] দুঃখপীড়িত, কষ্টকাতর। "পা ৬.১.৮৯।

দুঃখিত বিণ [দুঃখ+ইত (ইতচ্)] সঞ্জাতদুঃখ, দুঃখান্বিত। "রা ১.১.৬২। মনু ৯.২৮৮।

দুঃখী (-খিন্) বিণ [দুঃখ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -খিনী ; তু 'দুঃখিন (ম.ম ৩২)] ১ দুঃখান্বিত, দুঃখযুক্ত। "পরদুঃখে দুঃখী হতে কর উপদেশ।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। ২ (বাঙ্লায়) দরিদ্র। "গরিব দুঃখীর পক্ষপাত দা ১০২৬। বা.দ ৯৫।

দুঃখোত্তর বিণ [বহুব্রী] দুঃখের প্রাচুর্য্য যাহাতে ; ক্লেশভূয়িষ্ঠ। "রাজ্ঞাং তু চরিতার্থতা দুঃখোত্তরৈব শ ৫ঙ্ক।

দুঃশকুন ক্লী [প্রা.স] দুষ্ট নিমিত্ত ; দুর্নিমিত্ত, অশুভলক্ষণ।

দুঃশাস, -শাসন বিণ [দুস্+শাস্+অ (খল্),+অন (যুচ্),-র্ম্ম] দুঃখে শাসনীয় ; দুর্দ্দম। —শাসন পুং ধৃতরাষ্ট্রপুত্রবিশেষ। [দুঃশাসন দুর্ব্বৃত্ত ও খল ছিলেন। রাজসভায় দ্রৌপদীর কেশাকর্ষণ ও বস্ত্রহরণার্থ প্রয়াস, ইঁহার দুর্ব্বৃত্ততার উদাহরণ। অভিমন্যুবধে ইনি সপ্ত রথীর একতম। কুরুক্ষেত্রযুদ্ধে ইনি ভীমসেন কর্ত্তৃক নিহত হন।]

দুঃশীল বিণ [বহুব্রী] দুষ্টস্বভাব, দুশ্চরিত্র, দুরাত্মা।

দুঃসঞ্চার বিণ [বহুব্রী] যাহাতে সঞ্চরণ দুঃখকর ; কষ্টসঞ্চার, দুর্গম। "দুঃসঞ্চারাসু নগরবীথীষু।—পঞ্চ ১.১৮৪।

দুঃসন্ধান, -সন্ধেয় বিণ [বহুব্রী ; সুপ্‌সুপা] যাহার সংযোজন কষ্ট ; ক্লেশসাধ্যসংশ্লেষ। "মৃদ্‌ঘটবৎ সুখভেদ্যো দুঃসন্ধানশ্চ দুর্জনো ভবতি হি ১.৯৩।

দুঃসহ বিণ [দুস্+ √সহ+অ (খল্)-র্ম্ম] দুঃখে সহনীয় ; কষ্টসহ। "রঘু ১১.২০। অতিমাত্রসুদুঃসহ শ ৪.২।

দুঃসাধ, -সাধ্য বিণ [দুস্+ √সাধি+অ (খল্)-র্ম্ম ; উ.ত ; সুপ্‌সুপা] দুঃখে সাধনীয় ; কষ্টসাধ্য, দুষ্কর। "পঞ্চ ২.২৮।

দুঃসাহস বি অনুচিত সাহস, অসমসাহস। "°কর্ম্ম শ্রী.মা ১৫৭।

দুঃস্থ বিণ [দুস্+ √স্থা+অ (ক)-ক ; বিকল্পে 'দুস্থ' ; উ.ত] ১ দুমার্গস্থ, কুপথগত। "রা ২.৩১.২০। ২ দুঃখে স্থিত ; দুঃস্থিত, দুর্গত। "কল্পান্তদুঃস্থা বসুধা ভট্টি ২.৩৯। ৩ দুরবস্থ ; দুর্দ্দশাপন্ন। "এই দুঃস্থ…দেশে পা.প্র ১৫১। ৪ দরিদ্র। ৫ মূর্খ। ৬ লুব্ধ। —স্থিত বিণ [সুপ্‌সুপা] দুর্গত ; দরিদ্র ; বিপন্ন। —স্থিত ক্লী কুৎসিতভাবে অবস্থান। "মহা ৬.২৩২.২১। —স্থিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] দুর্গতি, দুর্দ্দশা।

দুঃস্পর্শ বিণ [দুস্+স্পৃশ+অ (খল্)-র্ম্ম ; বিকল্পে 'দুস্পর্শ' ; উ.ত] ১ খরস্পর্শ, কর্কশ। ২ যাহা স্পর্শ করা যায় না ; অশক্যস্পর্শন। "দুঃস্পর্শঃ পাণিনা শশী মহা ১৩.৩৩.২৭। —র্শা স্ত্রী কপিকচ্ছু ; কণ্টকারিকা। —স্পৃষ্ট ক্লী ১ ঈষৎস্পৃষ্ট বর্ণ—য র ল ব। ২ ঈষৎস্পর্শ।

দুঃস্পর্শা দ্র 'দুস্পর্শ'।

দুঃস্মর বিণ [দুস্+ √স্মৃ+অ (খল্)-র্ম্ম ; উ.ত] দুঃখে স্মরণীয় ; স্মরণে নিরতিশয় ক্লেশাবহ। "উ.চ ৬.৩৪।

দুঃস্বপ্ন পুং [প্রা.স] অশুভসূচক স্বপ্ন ; কুস্বপ্ন। "দুঃস্বপ্নপ্রতিবোধন গো.রা ৫.৮১.৫৩।

দুঁড়ে বি বাঁশের শলার মাছ-ধরার যন্ত্র ; দোঁড়। "শত শত লোক …দুঁড়ে ঘুনি লইয়া মাছ ধরিতেছে।—য ২২।

দুঁদে বিং [দুর্দ্দম > °দে (?)] ১ দুর্দ্দান্ত, দুরন্ত। ২ দুষ্ট, শঠ।

দুঁহা বি [হি দুহুঁ ; ঠ দোন্হী ; মৈ দুহু,-হূ] দুই, দুইজন। [দুঁহা—দুইজনকে। "দুহে দুঁহা পেয়ে হৈল মদনবিহারী ভা.চ ৩৬২। দুঁহাকার—দুইজনের। "শ্রী.ম ৭১। চ.বি ২০। দুঁহার—দুই জনের। "দুঁহার সংহার কৃ.উ ৩। ক.চ ৫২। চৈ.ভা ৪৮৪। ম.বি ২৩১। দুঁহারে—দুইজনকে। "চৈ.ভা ৪৮৪। দুঁহে—দুইজনে। "কৃ.উ ২। ব.প ৪৩৫। ম ৮। দুঁহে গেলা ঘর ক.চ ৪৭। ঘরে গেলা দুহে দুঁহাহৃদয় লইয়া ভা.চ ৩০৯।]

দুঁহু, দুহুঁ, -হুঁ বি [দ্র 'দুঁহা'] দুইজন, উভয়। "শৈশব যৌবন দুহু মিলি গেল বি.প ৩১। দুহুঁ অধরামৃতে দুহুঁ মুখ ভরু : দুঁহু তনু কাঁপই ২১১। অদ্ভুত দুঁহু প্রেম : দুহুঁ-কোরে দুঁহু কাঁদে বিচ্ছেদ ভাবিয়া চ.দা ৭৯। দুহুঁ মুখ দুঁহু রহু চাই।—গো ২৪ ; দুহু…বিমুখ হই বৈঠ ২১৪। দুঁহু মুখ হেরি দুহুঁ ভোরি।—জ্ঞা ১৯৮। দুহু ভেল প্রেমে বিভোর প.র ৮ ; দুহুঁ মুখচন্দ ৫০। দুহুঁ রূপমাধুর্য্যের উপমা কি আনে।—ন.প ৬৭। দুহুঁ ব্র.প ২। —হুঁ স.বিং ১ দুই, উভয়। "দুহুঁ জনঃ দুহুঁ তনু মোহন।—গো ২৪। দুহুঁ জন।—জ্ঞা ১৯৮। ২ দুই, অর্থাৎ ভিন্ন। "দুহুঁ তনু একই পরাণ।—গো ২৪। [দুহুঁক, দুহু কর—দুই জনের ; উভয়ের। "দুহুঁক প্রেম জ্ঞা ১৯৮। দুহুঁক পরশ-রভসে প.র ৫০। দুহুঁ কর কেলি (প.ক)। দুহুঁকেরি—দুই জনেরেই। "দুহুঁকেরি মিলনে মধ্যত পাঁচবাণ চৈ.চ ১১৮। দুঁহেঁ—উভয়ের পক্ষে। "দুহু দুঁহেঁ বৈছনে দারিদ হেম (প.ক)।]

দুকাটি বি দুইটি কাষ্ঠখণ্ড। [দুকাটি বাজান—ঝগড়া বাধাইবার জন্য কাঠিতে কাঠিতে আঘাত করা (প্রসিদ্ধি, দুকাটি বাজাইলে ঝগড়া

বাধে)। "(নারদ) বাজাল দুকাটি। পড়ে গেল কন্দুলে লোকের কাটাকাটি॥—শ্রী.মা ১৭৩।]

দুকুল বি ১ (নারীপক্ষে) পিতৃকুল ও শ্বশুরকুল। "দুকুল ভরিয়া গোপি! থুইলি বড় লাজ রা.প ৬। জ্ঞা ৯। দুকুলে এমন নাই তার মুখ চাই বি.সু ৩৭। ২ (পুরুষপক্ষে) পিতৃকুল ও মাতামহকুল। "(বাছা!) তোমা বিনু দুকুল আঁধার ক.চ ২১৯।

দুকূল ক্লী [√দু+উল (উলচ্), ক্ (কুক্) আগম, উ ৪.৯০] ১ ক্ষৌম-বস্ত্র, পট্টবস্ত্র। "°বাসাঃ রঘু ৭.১৯। বধূ° কু.স ৫.৬৭; °ধারি (বপুঃ) ৭৮। ম ২৩৩; অঙ্গের দুকূল ৮৯৫। °পট দু ২। (যমুনা) তিমির-দুকূলা রে।—গান ১৯৫। ২ সূক্ষ্মবস্ত্র। ৩ শ্লক্ষ্ণবস্ত্র, মসৃণবাস। ৪ শুভ্র-বস্ত্র। "স্রস্তগঙ্গাদুকূলাম্ (অলকাম্) পূ.মে ৬৩। ৫ উত্তরীয়, উড়নী। "সংভৃতমুরসি দুকূলম্ (প.ক)।

দুক্ক, -ক্‌খ, -ক্ষ বি [সং দুঃখ > লি, প্রা দুক্‌খ > বা দুক্‌খ, -ক্ষ, -ক্ক; অপ্র] দুঃখ। "দুক্‌খ গো.চ ৪৭; দুক্ক ২৭৬। দুক্ষ মী ৬; ৭; ১৩; গো.বি ৩২; দুক্ষে ১৭৪,-৫। —ক্‌খি বিং [সং দুঃখিন্ > লি দুক্‌খী, প্রা দুক্‌খি] দুঃখী। "গো.চ ২। —ক্‌খিত বিং [সং দুঃখিত > লি দুক্‌খিত, প্রা দুক্‌খিঅ] দুঃখিত। "সুখিত রাইয়ত প্রজা দুক্‌খিতা হইল গো.চ ৩।

দুক্‌খি, -ক্‌খিত দ্র 'দুক্ক'।

দুখ বি [সং দুঃখ > লি, প্র দুক্‌খ > বা (দুখ) °খ; হি দু(দূ)খ; ঠ 'দুখ'—দুখালু; গু, মৈ দুখ; পদ্যে] দুঃখ। "শ্রী.কী ২২। সুখ দুখ দুটি ভাই চ.দা ৫৪। শ্রী ২৬১। মনোদুখে ভা.চ ৭৮। আমি সুখ বলে, দুখ চেয়েছিনু, তুমি, দুখ বলে' সুখ দিয়েছ।—রবীন্দ্র। —খী বিং [দ্র 'দুক্‌খি] দুঃখী। "যে জন অচেত চিত্ত সেই সদা দুখী।—ভা চ ১১১। [দুখপাসরা—সর্থ 'দুঃখপাসরা'। "আরাধিয়া হরগৌরী, পাইলাম এ দুখপাসরা ব ৪৯। দুখাএ (অপ্র)—দুঃখ পায়; ব্যথা পায়। "সোণার কাপড়ে তোল্কার সরির দুখাএ গো.বি ১৭১।

দুখণ্ড বিং [সং দ্বিখণ্ড > প্রা °ণ্ড] দ্বিধা খণ্ডিত; দুভাগ। "দু ৮৭।

দুখলি বিং [হি দুখিয়ারী; মৈ দুখাএল] দুঃখযুতা, দুঃখিতা। "(ধনী) দুখলি দেখলি বি.প ২০২।

দুখিনী বিং [সং দুঃখিনী > প্রা * দুক্‌খিণী > বা °নী; পদ্যে] ১ দুঃখান্বিতা, ব্যথিতা। "দুখিনী বালী শ্রী.কী ৩৫৯। দুখিনী গোয়ালী সব আমি এই পুছি।—রা.প ১৭। ২ দীনা, দরিদ্রা। "দুখিনী-উপেক্ষা অনুচিতি শ্রী.ম ৮৪।

দুখী দ্র 'দুখ'।

দুগুণ বিং [সং দ্বিগুণ > প্রা °ণ (প্রা.ম)] দুনা; ডবল। "বল হইল দুগুণ কৃ.উ ২৫৮।

দুগুলি বি [দু২+গুলি (গুটি)] দুই হাতের দু-জোড়া শঙ্খ; দু-বাই। "কিবা সে দুগুলি, শঙ্খ ঝলমলি চ.দা ২৫।

দুগ্‌গাভোগ বি [সং দুর্গা > প্রা দুগ্‌গা] ধান্যভেদ। "শূ ১১৩।

দুগ্ধ বিণ [√দুহ্+ত (ক্ত)-র্ম] ১ কৃতদোহন (ধেনু-প্রভৃতি)। "রঘু ৫.৩৩। ২ প্রপূরিত। ৩ উপভুক্ত। "°পূর্ব্বসুকৃত ভ ৫.১৪.১২। —গ্ধ ক্লী ১ স্ত্রীস্তননিঃসৃত দ্রবদ্রব্যবিশেষ; পয়ঃ, ক্ষীর। "দুগ্ধং গীতা-মৃতং মহৎ (গীতামঙ্গলাচরণ)। ২ দুগ্ধবৎ বৃক্ষনির্য্যাস; ক্ষীর, আটা। ৩ [+ত-ভা] দোহন। ৪ (বাঙলায়) স্তনদুগ্ধ, স্তন। "ভাল স্বামী পাইল আমি দুগ্ধ খাইতে চায় মী ৮; গো.বি৩৬। মা মা বলিয়া রাজা দুগ্ধ খাবার গেল ব.প ৭৩। জননী গো যাও দুগ্ধ দিয়া শ্রী.মা৮৬। [°কুষ্মাণ্ড (বি)—দুগ্ধপক্ব কুষ্মাণ্ডব্যঞ্জনবিশেষ (?)। "চৈ.চ ১৭০। °কোঙরা (বি)—দুগ্ধপোষ্য কুমার। "বনে যাউ এ দুগ্ধ কোঙরা ব ৯৪। °চই—পিষ্টকবিশেষ। "বি.পা ১৬৮। °চিড়া—চিড়ার পায়স (?)। "চৈ.চ ১৭০। °তুম্বী (বি)—দুগ্ধপক্ব লাউএর ব্যঞ্জনবিশেষ (?)। চৈ.চ ১৭০। °পাচন (ক্লী)—দুগ্ধপাকপাত্র। °পুলি, -লী (বি)—দুধে আউটান পুলি-পিটা। "বি.পা ১৬৮; ২৯৬। °পোষ্য (বিং)—দুগ্ধ দ্বারা পালনীয়; স্তন্যপায়ী, গোদুগ্ধজীবী; "ম ৫৪৮। চিত্রসেন দুগ্ধ-পোষ্য শ্রী.মা ২০৯। দা ৩২। °ফেন (পুং)—১ দুগ্ধসর। ২ (বাঙলায়) দুধের ফেনা। "°নিভশয্যা। °বটী (বি)—দুধে বড়ী; শোথের ঔষধ-বিশেষ। "শোথে অধিকার দুগ্ধবটী দা ৩৬২। °ভাত (বি)—দুধভাত, (গৌণার্থে) উৎকৃষ্ট অন্ন-ব্যঞ্জন। "আমার সন্তান…দুগ্ধভাত থাউক কৃ চ ১৪। তু 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে ভা.চ ২৫৭। °লক-লকী (বি)—পিষ্টক (?)। "চৈ.চ ১৭০। °লাউ—সর্থ 'দুগ্ধতুম্বী'। "ন.প ৩৬৫। ম.ম ৯৫। °সমুদ্র; °সিন্ধু (পুং)—ক্ষীরোদ সমুদ্র। "°সিন্ধু চৈ.চ ২১।] [দুগ্ধের ছাওয়াল—দুগ্ধপোষা শিশু; অতিশিশু। "ম.গা ১২৬। শ্রী.মা ৫৮। শ্রী.ম ১৪৯।

দুগ্ধদা স্ত্রী [দুগ্ধ+ √দা+অ (ক)-ক; উ ত; স্ত্রী আ (টাপ্)] 'দুগ্ধ-দাত্রী', পয়স্বিনী। "পঞ্চ ৬ (কথামুখ)।

দুগ্ধমুখ বিণ [বহুব্রী] যাহার মুখে দুগ্ধগন্ধ; স্তন্যপায়ী, ক্ষীরকণ্ঠ, অতিশিশু। "দুগ্ধমুখস্য বৎসস্য বি.মা ১২। দুগ্ধমুখ শিশু ম ৩৭৩; দুগ্ধমুখ শিশুগণ ৪৬৯।

দুগ্ধাব্ধি পুং [দুগ্ধের অব্ধি, ষ.ত] দুগ্ধসমুদ্র, ক্ষীরোদ। "চৈ.চ ৩৫৫। [°তনয়া (স্ত্রী)—ক্ষীরোদকন্যা লক্ষ্মী।]

দুগ্ধিকা, -গ্ধী স্ত্রী দুগ্ধবৎ নির্য্যাসযুক্ত বৃক্ষভেদ; ক্ষীরা, দুধলে (?)।

দুঘড়ী বি [হি দুঘড়িয়া] দ্বিপ্রহর (বস্তুত 'দুই দণ্ড')। "রাতি নাহি পোহাইতে দুঘড়ী বাজায় ভা.চ ৪০৯।

দুঙ্কার বি [ধ্বন্যাত্মক] 'দুম'-শব্দ, দুন্দুভিশব্দ। "দুন্দুভি° চৈ ৩।

দু(দো)চকোব্রত বি দুই চক্ষুর ব্রত। দুই চোখে যাহাই দেখা যায়, তাহাই নির্ব্বিচারে আত্মসাৎকরণ। "°ত আরম্ভ করা। [দুচাকোব্রত জিনিস পত্র খরিদ করা—দুই চোখে যাহা দেখা যায়, তাহাই নির্ব্বিচারে কেনা। "জন সাহেব…দুচকোব্রত জিনিষপত্র খরিদ করিয়া বিলাত…পাঠাইতে আরম্ভ করিলেন আ.দু ১৫০। দোচকোব্রত ভলেন্টিয়ার জুটান—নির্ব্বিচারে যারে-তারে ভলন্টিয়ার করা। "মিউ-টিনীর সময় গভর্ণমেন্ট যেমন দোচকোব্রত ভলেন্টিয়ার জুটিয়েছিলেন হু ১৪৪।]

দুচারিণী বিং [সং দ্বি°; অপ্র] ব্যভিচারিণী, দুশ্চরিত্রা। "শ্রী.কী ২৯৯। চ.বি ৩০৪। শ্রী.মা ৮৬,-৭। রা.প ২১।

দুজা বি [সং দ্বিতীয় > প্রা দুইজ্জ > বা (দুজ) °জা; হি দুইজ, দূজ; ঠ দুজা; গু, সি বীজ; মৈ দুজে] দ্বিতীয় প্রকার; অন্যমত, দ্বৈধ। "পরম সিদ্ধান্ত এই ইথে নাহি দুজা ভ.গ্র ১০০; অন্তরে তেজহ দুজা ১২৫। [দুজে…দ্বিতীয়, দ্বিতীয়তঃ। "বিরহ দারুণ দুজে মদন সহায় বি.প ১৮৪।]

দুঞর বি [দুআর > °অর > °র ('ঞ' সানুনাসিক উচ্চারণমূলক); অপ্র] দুয়ার। "দুঞরে দুঞরে কত…খগ ব.প ৪০৪।

দুটা, -টো স.বিং [দু২+টা] ১ দুইটা (স্পর্দ্ধাপ্রকাশে)। "ইহাকে বাঁচাতে পারে কার দুটা মাথা ক.চ ২৬২। দুটা মাথা রাখে…কোন জন ব.প ৪৭৮। ২ কিঞ্চিৎ (অল্প)। "খুটে খেতে দুটা নাহি গি ৩৪। ৩ কতিপয়, দু-চারটা। "মুখে দুটো আলগা প্রবোধ বলে দা ৫৩৫। আমার এমন দুঃখের সময়ের দুটো কথা বলিব ব.প্র ৬৩৭। ৪ দু-চারটা (কড়া-কথা)। "বলেছি দুটো বুদ্ধি কি মোর ঘটে?—দা ৮১৪। ৫ কিছু। "এটুক শেখনি, কিসে কড়ি আসে দুটো।—রবীন্দ্র।

দু-টানা বি দুই দিকের টান; উভয়পক্ষের টানাটানি। "এ মা আমি টানি কূলে, মন প্রতিকূলে, দারুণ করম ডোর।…পড়ে দুটানায়, মরে মন-ভুঁড়াচোর গো।—ব.প ১৫৩৫।

দুঠ, -ঠ্‌ঠ বিং [সং দুষ্ট > প্রা দুট্‌ঠ > বা °ঠ; অপ্র] দুষ্ট। "দুঠ্‌ঠ কংস শ্রী.কী ৩ ; দুঠ মনে ১৭৩।

দুড়দুড় বি [ধ্বন্যাত্মক] ১ ঝটিকার প্রতিঘাত-জন্য শব্দ। "দুড়দুড় করে বিমুখিয়া ঝড় ।—ক.চ ৮২। ২ [দৌড় > °ড়] বেগে গমনের বা দৌড়ের শব্দ। "দুড়দুড় শব্দে যায় বায়ু করি ভর ।—কৃ ৩৮৪। সাগর··· শিকল লাগাইয়া···দুড়দুড় করিয়া ছুটিয়া পলাইল ব.প্র ৩৫০। ৩ স্খলিত কঠিন দ্রব্যের পতন-শব্দ। "দুড়দুড় আপনি ঘরের খসে ইট।—শ্রী ৪৬। ৪ মেঘের গর্জ্জন। "দুড়দুড় মেঘ ডাকিছে (পদ্মমালা)। ৫ বন্দুকের আওয়াজ। "দুড়দুড় বন্দুক শ্রী ২১৪। ব.প ৪৪৫। ৬ দামামা-প্রভৃতির শব্দ। "কুঞ্জর উপরে উঠে দুড়দুড় বাজনা শ্রী ২১৪। —দুড়ি বি [°ড়+ই[১১]] ১ সর্থ 'দুড়দুড় (৫)। "বন্দুকের দুড়দুড়ি ভা.চ ২৬৬। ২ সর্থ 'দুড়দুড় (৬)। "দামার দুড়দুড়ি শ্রী.ম ১৬৮। ঢাকের দুড়দুড়ি চৈ.ম ৫৬।

দুড়দুড়ি দ্র 'দুড়দুড়'।

দুড়ুম বি [ধ্বন্যাত্মক] ১ গুরুদ্রব্যের পতন-শব্দ। "দুড়ুম ক'রে পড়া। দুড়ুম দুড়ুম দুদিকে ভাঙ্গে নদীর কূল ।—শ্রী ১৩২। ২ গোলার শব্দ। [দুড়ুমদুড়ুম —গোলার ক্রমাগত শব্দ। "গাজে গোলা দুড়ুমদুড়ুম ।—শ্রী ১৬৫,-৬।]

দুতর বিং [সং দুস্তর > প্রা দুত্তর (প্রা.ম) > বা °র ; বৈষ্ণবসাহিত্যে] দুরতিক্রম, দুর্গম। "শ্রী.কী ১৬০ ; ৩৬৫। বিষধরে ভরল। দুতর পথ পাতর ।—গো ১৩৬ ; দুতর পন্থ ১৩৭।

দুদ, -ধ বি [সং দুগ্ধ > লি, প্রা দুদ্ধ > বা (দুধ, -দ) °ধ, °দ; হি, ঠ, গু, মৈ দুধ ; তু 'দুদ্ধ' (গো.চ ৭৩)] ১ দুগ্ধ। "দুধক ধার বি.প ২১৬। দুধে-খোয়া কচি দাঁতের হাসি কু.কে ৮৬। বাজারে দুধ সস্তা হলো।—হু ২৩। ২ [অস 'দুদ্‌, -দু'—স্ত্রীস্তন] স্ত্রীলোকের স্তন। "কেলাও রাণী হৃদয়ের বসন রাজা খাউক দুধ ব.প ৫২। একে দুদে পালন কৈছে মএনামতি মাই ।—গো.চ ১৮৪। ৩ কোরা নারিকেলের দুগ্ধবৎ শ্বেত রস। "নারিকেলের দুধ। ৪ ধান্যের দুগ্ধবৎ রস ; ক্ষীর। [দুধ কাটা—দুধ নষ্ট হওয়া। দুধ তোলা—শিশুর দুধ বমি করা। "কচি খুকী দুধ তুলচেন ! জা ২৮। দুধ নামা—প্রসবের পরে প্রসূতির স্তনে দুধ আসা। দুধে ভাতে থাকা—দুধ-ভাত খাইতে পাওয়া ; ভাল খাওয়া ও পরা। "আমার সন্তান যেন থাকে দুধে ভাতে ভা.চ ২৫৭। দুধের ছেলে, বাছা—দুগ্ধপোষ্য শিশু ; অতিশিশু। "দুধের বাছা ব ৪৯।]

দুদ্দাড় বি [ধ্বন্যাত্মক] ১ দ্রুত কীল মারার শব্দ। "বড় আবাগী দুদ্দাড় ক'রে কীল মার'বে জা ১৫। ২ দ্রুতপলায়ন-শব্দ। "পালায় দুদ্দাড়, মৃগের পাল স্ব.প্র ৯০। —দ্দুড় বি ['দৌড় দৌড়'—মূল] ১ দ্রুত ধাবনে পদশব্দ। "দুদ্দুড় করে দৌড়ান। ২ ভয়ে বক্ষঃস্থলের দ্রুত স্পন্দন। "ভয়ে বুক দুদ্দুড় করে।

দুদ্দুড় দ্র 'দুদ্দাড়'।

দুধকমল বি শ্বেত ধান্যবিশেষ ও তাহার তণ্ডুল। "সুধা দুধকমল খড়ি-কামুটি রান্ধে ভা.চ ৫৫০।

দুধকুসুম্ভা বি দুধ ও কুসুম্ভার (জাফরানে) মিশ্রিত সিদ্ধিবাটা। "দুধকুসুম্ভায় আজি হয়েছে বাসনা ভা.চ ৮৬।

দুধখোড় বি দুধের সহিত পক্ব খোড়ের ব্যঞ্জন। "ভা.চ ৫৪৭।

দুধফেনী বি দুধে মিশান চাউল-গুঁড়া ফেনাইয়া ভাজা পিষ্টক।

দুধরাজ বি দুধের মত শ্বেত শালিধান্যবিশেষ। "ভা.চ ৫৪৯।

দুধল '-লো' বিং [দুধ+আল[৮] > দুধাল > °ল ; হি দুধার, দুধৈল ; ঠ দুধাল., -লু. ; মৈ দুধারি ; জাটু—দুধল] পয়স্বিনী, দুগ্ধবতী (গো-প্রভৃতি)। [দুধল গাই—যে গাই প্রচুর দুধ দেয়।]

দুধে বিং [দুধ+এ' ; হি দুধিয়া ; (জাটু) 'দুধ্যা'—দুগ্ধশ্বেত (মেঘ)] ১ দুগ্ধবৎ শ্বেত। "কেহ দুধে, কেহ কৃষ্ণ জোঁক ।—হেম ৩৭৮। ২ দুগ্ধ-মিশ্রিত। "দুধে-আলতা রঙ। [দুধে দাঁত—দুগ্ধপোষ্য শিশুর দাঁত। "দুধে দাঁত ভাঙ্গে নাই শিশু নাম যার। পিতামহী সম নারী দারা হয় তার ॥—ঈশ্বরচন্দ্র গুপ্ত। দুধে দাঁতগুলি অ.গু ৪৫। (শিশুর ২॥০ বা ৩ বৎসরের মধ্যে কুড়িটি দাঁত হয়। এই কয়টি দাঁতকে দুধে দাঁত বলে। ইহা ৬।৭ বৎসর পর্য্যন্ত থাকে, তাহার পরে পড়িয়া যায় এবং সঙ্গে সঙ্গে স্থায়ী দাঁত উঠে।) দুধে বড়ি—শোথের ঔষধবিশেষ। "দা ১১৭।]

দুধে(দে)-আলতা বি দুধে মিশান আলতার রঙ ; পাটল বর্ণ। "মেওয়া খেয়ে খেয়ে···রং দুদে-আলতার মত হয় ।—হু ১৯।

দুন[১], -না, -নু[১] '-নো' বিং [সং দ্বিগুণ > প্রা দুগুণ, -ন্ন (পৈ) > বা °না, -ন ; হি দুনা ; ঠ দূণ ; প দূণা ; মৈ দুন্না] ১ দ্বিগুণ, ডবল। "দুনা করি দেন সৈন্য কৃ ২৪৬। দুনা ভ.গ্র ৩৬১। দুন দুন (দান) পড়য়ে ম.ভা ৩৪। দুনা কড়ি ম.ম ৭১। দর করে এক মূলে, জুখে লয় দুনা তুলে ভা.চ ২৮৪। ২ দ্বিগুণ ; সমধিক। "দুনু দুখী শ্রী.ম ১১৭ ; দুনু দুখিত ১১৯ ; দুনু বল ১২৮ ; ২২৯। দুখ উঠে দুন শ্রী ২৬১। দুঃখ দুন জাগে রা.প ৩১। দুনা মনোদুখে ভা.চ ৭৮। উন ভাতে দুন বল। ভরা ভাতে রসাতল ॥—প্রবচন। °নু ব.প ৮৪২। ৩ তুমুল। "সমর বাজিল দুন শ্রী.ম ২২৮। ৪ তুমুল, অত্যুচ্চ। "শঙ্খ ঘণ্টা-রব দুনা (কর বঙ্গবাসী)। —হেম ২৯৬। ৫ প্রচুর। "কাতিকের উন জলে। খনা বলে দুন ফলে॥ —ব.প ১৪। [দুনোদুনি—দুন, ডবল। "দা ৯৮২।]

দুন[২], -নু[২] '-নো' বিং [সং দ্বি ; ঠ দোন] দুই। "দুন বাহু ব.প ১১৩১। দুন ভাই : অরুণ নয়ানদুনু (প.র)।

দু(দূ)ন[৩] '-ন' বি [দ্র 'দুন[১]'] (সঙ্গীতে) দ্রুত লয়, অর্থাৎ এক মাত্রার কালে দুই-দুইটী বর্ণ উচ্চারিত হইলে, তাহা 'দুন'।

দুনলা দ্র 'দোনলা'।

দুনিয়া, -এা বি [আ দুন্‌যা ; হি °যা ; °এা (অপ্র)] জগৎ, সংসার। "তমাম দুনিএা রা.স ১০। °য়া বি.সু ৯। নট-নাটশালা এই দুনিয়ায় ব.সু ৩৬। আজগবি দুনিয়ার খেলা জা ৩৫। দুনিয়াতে আজ নূতন মানুষ কু.কে ৬৫। [°দারি, -রী (আ দুন্‌যা দারী)—সাংসারিকতা, সংসারধর্ম্ম। "এই হেঁদু বেটারাই দুনিয়াদারির মজা ক'রে নেলে মা ৩৪৩।]

দুনী, দোন[২] বি [সং দ্রোণী > প্রা দোণী > বা দোন, দুনী] জল-সেচনার্থ পাত্রবিশেষ ; সেচনী।

দুন্দুভ পুং [দুন্দু+ √ভণ্‌ + অ (ড)-ক (ত.বা), ধ্বন্যাত্মক] সর্থ 'দুন্দুভি'।

দুন্দুভি পুং [দুন্দু+ √উভ্‌ পূরণ+ই (কি)-ক, শকন্ধ্বাদি ; °ভি (ঋগ্বেদ ১.২৮.৫)] ১ বৃহৎ ঢক্কা ; ভেরি। "দুন্দুভের্দুন্দুমায়িতম্‌ উ.চ ৬.২। °ঘোষণা ক.চ ৩৪। ২ বরুণ। ৩ বিষ। ৪ অসুর-বিশেষ। দ্র 'বালী'। —ভি স্ত্রী ১ পাশক, পাশা। ২ পাশকক্রীড়ায় দানবিশেষ ; বিত্তি (শ.ক)। [°স্বন (পুং)—দুন্দুভিশব্দ। °স্বনীয় (পুং)—বিষ-চিকিৎসাবিশেষ। "সুশ্রুত ৫.৭.১।]

দুন্দুমার বি [হি 'দুংদ'—ঝগড়া ; তু 'দ্বন্দ্ব'] ঝগড়া ও মারামারি ; তুমুল ঝগড়া ও হানাহানি।

দুপদাপ, -দুপ[২] বি [ধ্বন্যাত্মক] দ্রুতপাদবিক্ষেপের শব্দ। "হুপহাপ দুপদাপ ভা.চ ৪৫। দুপদাপ (সোপানের শব্দ) স্ব.প্র ১০১। (মতিলাল) কখন বা ছাতের উপর গিয়া দুপদুপ করিতেছে : (মতিলাল) দুপদাপ করিয়া বালী প্রদক্ষিণ করিতে লাগিল আ.দু ১৩।

দুপদুপ[১] বি ভয়হর্ষাদি হেতু হৃদয়ের স্পন্দনশব্দ। "পাছে শোনে ভুপ, দুপ, বুক করে দুপদুপ।—বি.সু ৭২। হৃদয়াঘাতের শব্দ—দুপ! দুপ!—ব.দ্বি ৬৩; সর্ব্বাঙ্গ কাঁপিতে লাগিল। হৃদয়মধ্যে দুপদুপ শব্দ হইতে লাগিল।—৪৩৪। [দুপ-দুপ-দাপ—লম্ফের শব্দ। "°দাপ, লম্ফ ঝম্প দিয়া চলে ভা.চ ৭২।]

দুপদুপ[২] দ্র 'দুপদাপ'।

দুপর, -পহর, -পুর, -পোর বি [দুপহর (দ্বিপ্রহর) > °পর,

-পুর, -পোর; হি °হর; তু 'দুকুর' (হ ১৩), 'দুফর্ (ম.গা ২৭)] মধ্যাহ্ন। "দুপহর শ্রী.কী ১০৮। দিবস দুপর ম ৬০৯। দুপোর বেলা ক.চ ২১৩; দুপর ২৬২। দুপর শ্রী ২৬২। দুপহর বা.দ ২৪২। দুপুর। —শিশু ২৬। দুপুর।—হু ১৬৪। [দুপুরে ডাকাতি—প্রকাশ্যে দস্যু-বৃত্তি; (গৌণার্থে) অসম্ভব কার্য্য। "জগৎ-বিখ্যাত মোরা 'ধর্ম্মপ্রাণ' জাতি, স্বপ্ন উড়াইয়া দিবে!—দুপুরে ডাকাতি!—চ.কা ৮৬। দুপুরে মাতন—মহরমে মুসলমানদিগের দুপুরে মত্তভাবে যুদ্ধাভিনয়।]

দুপাটা, -ট্টা বি [হি, ঠ দুপটা, -ট্টা] ১ ডবল কাপড়ের চাদর; চাদর। ২ কাপড়ের দুই বেড়; দু-ফের, দু-বেড়া।

দুপাটি, -টী বি ১ দুই পাটি; দুই পঙ্‌ক্তি। "দুপাটী-দশন কৃ. উ ৮৫; ম ৫৯৭। ২ পিঠে-পিঠে যোড়া দুই খণ্ড তথ্‌তা। "দোপাটী তেপাটী করি, পাট যোড়ে সারি সারি বা.ম ১৪৫।

দুপালটা ক্রি-বিং পালটিয়া দ্বিতীয়বার; দু-বার। "ওরে দুপালটা গাইলেম, তবু দোর খোলে না গি.দ্বি ৯৯।

দুফার, -ল বিং [ঠ দুফাড] দুই ভাগে বিভক্ত; দ্বিখণ্ড, দুটুকরা। "শরে বিন্ধে দুফাল করিতে পারি সিলে শ্রী.মা ৯০; দুফার হইল।শলা ১৯১।

দুবদুব বি [ধ্বন্যাত্মক] দ্রুতপদবিক্ষেপশব্দ। "বুড়ি মএনা পায় দুবদুব দিল গো.চ ৯৯।

দুবর বিং [সং দুর্ব্বল > লি, প্রা দুব্‌বল > বা দুবল, -র; হি °বা; ঠ, গু দুবলা; প দুব্‌বল; সি ডুবল; বৈষ্ণবসাহিত্যে] দুর্ব্বল। "বিষম কুসুম শর, জরে ভেল দুবর।—ব ১৮২। পরম দুবর দেহ (প.ক)। —রি, -রী বিং দুর্ব্বলা, ক্ষীণা। "তুয়া গুণে সুন্দরী, অতি ভেল দুবরি ব.প ১০২১। মাধব দুবরী পেখলুঁ তাই (প.ক)।—বল বিং দুর্ব্বল। "দুবল ভৈল কাহ্নে শ্রী.কী ৩২৮। —বলা[২] বিং দুর্ব্বলা। "(বালা) নিশি বাসর জাগি ভৈ গেল দুবলা রা.শে ২।

দুবল দ্র 'দুবর'।

দুবলা[১], -বা, -বুলা, দুব্বা [সং দূর্ব্বা > লি দুব্‌বা, প্রা দুব্‌বা > বা দুব্বা, -বা; দূর্বা > দুবরা > দুবলা, -বুলা] ক্ষুদ্র তৃণবিশেষ। "সরিষাতে সরু দুবলাতে হীন ব.প ৬৪; ৭২। জম দুবুলায় লুকাইল গো.চ ৩৬; দুবার ভিতর ৯৯; শাশুর আছে দুবলাএ লুকাইয়া ১০৬। দুর্ব্বা শূ ১০২। [হাথীর মুখে দুবো ঘাস—ভূরি-ভোক্তার মুখে বা পক্ষে স্বল্প খাদ্য; (গৌণার্থে) ভূরিপ্রয়োজনে স্বল্প আয়োজন।]

দুবলা[২] দ্র 'দুবর'।

দু(দো)ভাষী বি ভাষান্তরবেত্তা, যিনি দুই ভাষায় পণ্ডিত (interpreter)।

দুমড়া সর্ম্ম [দুমুড়া > °ড়া] বাঁকাইয়া বা ভাঁজ করিয়া দুই মুড়া (মুখ) মিলিত করা; বাঁকান, ভাঁজ করা, মোচড়ান। [দু(দো)মড়ান —সর্থ 'দুমড়া'।]

দুমদাম বি [ধ্বন্যাত্মক] ১ আঘাতজন্য শব্দ; তাদৃশ শব্দপূর্ব্বক আঘাত। "দড়বড় তুলে পাড়ে দেয় দুমদাম শি ৭১। ২ কীলমারার শব্দ। "দশ হাতে দুমদাম দিবে অতঃপর শি ৭৩। ৩ গোলাগুলির শব্দ। "দুমদাম শব্দ শুনি বাঘা খায় তালি।—শ্রী ৮০। ৪ বোম-বাজি-ফোটার শব্দ। ৫ দ্রুত গমনে পদশব্দ। "দুমদাম উঠে পড়ে দুপায়ের সাড়া শ্রী.মা ১৪৩। ৬ কীল মারা, পাটকেল ফেলিয়া মারা বা ঝাঁটা মারার শব্দ। "পাটকাল পাথর ফেলে মারে দুমদাম শ্রী.মা ২০৬; দুম-দাম বরিষে মুশল ধারে কিল ২২০। পৃষ্ঠে দুমদাম করিয়া ঝাঁটার ঘা পড়িতে লাগিল ব.প্র ১৮০। —দুম বি [ধ্বন্যাত্মক] ১ দ্রুতগমন-শব্দ। "দুমদুম করি চলে ভ.প্র ২৬৯। তু 'দমকিদমকি'—চলনশব্দ (পৈ)। ২ আনন্দ বাদ্যের গম্ভীর শব্দ। "নাগরা নিনাদে দুমদুম শ্রী ১১৬,-৬৪। (ছেলেরা) ঢাকের পেছনটা দুমদুম করে বাজাচ্ছে।—হু ২।

দুমন বি দুই মন; দ্বৈধ, দ্বিভাব। "দুর্গতি…হয় দুমন করিলে শ্রী.মা ১০৪। —মনা বিং দ্বৈধচিত্ত, একাগ্রতাহীন।

দুমনা দ্র 'দুমন'।

দুমসা বি [ধ্বন্যাত্মক] 'দুম্'-শব্দকারী বাদ্যবিশেষ। তু 'ঢেমচা'। "দামামা দুমসা বাজে শ্রী.ম ২২২।

দুমাদুম বি [ধ্বন্যাত্মক] গুলির শব্দ। "গুলি গাজে °ম শ্রী ১৪০।

দুমুখ '-খো' বিং [সং দ্বিমুখ; হি দুমুহাঁ] মুখদ্বয়বিশিষ্ট। —খী বি দোপাটি ফুল। "ম.ম ৫০।

দুমুখী দ্র 'দুমুখ'।

দুমুঠো বি মুষ্টিদ্বয়পরিমিত অন্ন, অর্থাৎ কেবল পেটের ভাত। "বিষম পরিশ্রম করেও বছরের মধ্যে কয়েক মাস ছেলেপুলে নিয়ে দুবেলা দুমুঠো খাওয়া চলে ঘ ১০১।

দুমেটিয়া, -টে বিং দুইবার মাটির লেপ-দেওয়া (প্রতিমা)।

দুম্ব, -ম্বা বি [ফা দুম্‌বা] মাংসল মোটা লেজযুক্ত ভেড়াবিশেষ। [দুম্ব ভেড়ী—দুম্বার স্ত্রীজাতি। "হাতীশালে…পুষিলে দুম্ব ভেড়ী।—দা ৫৭৪। দুম্ব রাঁড়ী —স্থূলকায় বৈষ্ণবী বা ধুমড়ী। "কোথা যাইস লো দুম্ব রাঁড়ী!—দা ৭১।]

দুয়জ বিং [দুইজ্ঞ > °জ; দ্র 'দুজা'; অপ্র] দ্বিতীয়। "তোহ্মে মোর দুয়জ পরাণে শ্রী.কী ১৩৭; দুয়জ পহরে ৩৮৭। [দুয়(য়ে)জে—দ্বিতীয়ে, তৎপরে। শ্রীকর নামেতে পুত্র চলিল দুয়েজে বি.পা ১৫৬; দুয়জে গঠিলেক তলে ১৬২।]

দুয়া, -য়ো বি [সং দুর্ভগা > প্রা দুহআ > বা (দুহা) দুয়া, কথ্য 'দো'] দুর্ভগা স্ত্রী; অপ্রিয়া পত্নী। "হারায়ে যৌবন আমি হইয়াছি দুয়া: দুয়া যদি চিনি দেয় নিম হন তিনি ভা.চ ৫৩৫। [দুয়োরাণী—দুর্ভগা মহিষী। "দুয়োরাণী-মায়ের কথা।—শিশু ৫৩।]

দুয়াড়ি বি [দু+আড়[১] (?)] বাঁশের শলায় প্রস্তুত মাছ ধরার যন্ত্র-বিশেষ। "মধ্য সমুদ্রে দোয়াড়ি পাতিনু ব.প ৪৮৪।

দু(দো)য়াদশ, -স স.বিং [সং দ্বাদশ > °শ (দ্বা > দুয়া)] ১ বার। "দুয়াদশ বন ভ.প্র ৪২৯। দোয়াদশ দণ্ড ম.গা ২১। ২ নাথসম্প্রদায়ের যোগীর হাতের বলয়বিশেষ (?)। "সমবারে দিবে তুহ্মি হাতে দোয়াদশ ম.গা ২৫; কিশের কারণে রাজা হাতে দোয়াদস ২৬। [বোধ হয়, যোগীর ধৃতচিহ্নের ইহা দ্বাদশ চিহ্ন।]

দুয়ানী; দুয়ার; দুয়ারী দ্র 'দুআনী; দুআর; দুআরী'।

দুয়াভুয়া বি [ধ্বন্যাত্মক] বমনের শব্দ। "দুই এক মাসে রঙ্গা করে দুয়াভুয়া শ্রী.মা ৩৭।

দুয়েম বি [ফা দোয়ম্] দ্বিতীয়, নিকৃষ্টতর। [দুয়েম জমি—বার-আনা ফসলের জমি।]

দুয়ো[১] স.বিং [দুঅ > °য়ো; অপ্র] দুই, উভয়। "দুয়ো আখি ব.প ১৩২৯; দুয়ো সেনা ১৩৩১।

দুয়ো[২] দ্র 'দুয়া'।

দুর্ দ্র 'দুঃ'। [বৈষ্ণবসাহিত্যে স্বরাগমে দুর্ > দুর, -রু। "দুরগত (দুর্গত), °গম, °ঘট, °জন, °দিন, °বল, °মতি, দুরুজন (প.ক)। চিত্ত হইয়া দুর (অপ্র)—দুর্ম্মনাঃ হইয়া। "গ ২০৪।]

দুরক্ষ পুং [প্রা.স] ১ দুষ্ট অক্ষ; কপট পাশক। ২ [বহুব্রী] যাহাতে দুষ্ট অক্ষ; কপটদ্যূত। ৩ [দুর্ অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত অ (ষচ্); স্ত্রী -ক্ষী; বৈদিক] অশুভদৃষ্টি।

দুরক্ষর বিং [তু 'নিষ্ঠুরাক্ষর'] যাহাতে দুর্ (কঠোর) অক্ষর; পরুষ-বর্ণযুক্ত, কটু, কড়া। "নাহি বল দুরক্ষর বাণী কৃ ২০৭; বি.পা ১২৯; ব.প ২৬৫। —ক্ষর বি কঠোর বাক্য। "সীতা বলে দুরক্ষর কৃ ৪০। বাছা, কেবা কৈল দুরক্ষর কৃ.উ ২৩৮। ধনগর্ব্বে বল দুরক্ষর ক.চ ১০৯, -৮০; শ্রী.ম ২১৪।

দুরতিক্রম বিণ [দুর্-অতি+ √ক্রম্+অ (খল্)-র্ম ; উ.ত] ১ দুঃখে অতিক্রমণীয় ; দুর্লঙ্ঘ্য। ২ দুস্ত্যজ, দুষ্পরিহর। "যঃ স্বভাবো হি যস্য স্যাৎ তস্যাসৌ দুরতিক্রমঃ হি ৪.৬১। দুরতিক্রমঃ কালঃ ভ ৫.৮.২৬। ৩ দুর্লঙ্ঘনশক্তি। "তপো হি দুরতিক্রমম্ মনু ১১.২৩৯। কু.স ৫.২, মল্লিনাথ।

দুরত্যয় বিণ [দুর্-অতি+ √ই+অ (খল্)-র্ম ; উ.ত] ১ দুরতিক্রম, দুর্লঙ্ঘ্য। "গো.রা ৩.৭১.১৫। স্বর্গমার্গপরিঘো দুরত্যয়ঃ রঘু ১১.৮৮। ভ ৪.২৭৩। ২ পদ দ্বারা অশক্যগমন। "ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া। —কঠোপনিষৎ ৩.১৪। ৩ দুস্তর। "মম মায়া দুরত্যয়া গী ৭.১৪। ৪ অপার। "মহিমৈষঃ···পুরুষস্য দুরত্যয়ঃ ভ ২.৬.১৮।

দুরদিনমান বি [দুর্দ্দিনমান >°ন, দ্র 'দুর'] দুর্দ্দিন। "দারুণ দুরদিনমান ব ১৮৭।

দুরদুর বি [ধ্বন্যাত্মক ; তু 'দুড়দুড়'] ১ বাদ্যশব্দ। "দামামা দুরদুর ব.প ৪২৪। দুরদুর বাজনা শ্রী ১৫৫। ২ বেগে জলপাতের শব্দ। "গ ১৪৯। ৩ মেঘধ্বনি। "মেঘ করে দুরদুর ক.চ ৮২। ৪ ভূকম্পন-শব্দ। "দুরদুর শব্দে কাঁপিল বসুমতী ম ৯৬৬। ৫ গুরুদ্রব্যপতনের শব্দ। "তাল পড়ে দুরদুর ব.প ৭৮৬; শ্রী.ম ৪৭। দুরদুর···দেয়াল পড়ে। —শ্রী ১২২। ৬ বেগে বৃষ্টিপাতের শব্দ। "দুরদুর বরিষণ ব.প ৮১৭। ৭ প্রচণ্ড অগ্নিজ্বলনের শব্দ। "দুরদুর করিআ রাজার চিতা অগ্নি জ্বলে কৃ.অ ২২। শ্রী.মা ৩১; ৪৮। ৮ দ্রুত ধাবনের শব্দ। "কতেক ইন্দুর, ধায় দুরদুর ক.চ ৩১। ৯ [সং √দুল্—দুলদুল >°র] সঞ্চলন, দোলন। "পদতল-তালে মহী করে দুরদুর চৈ.ম ১৪। ১০ ভয়ে হৃৎকম্প। "বাঘের বিক্রমে বুক করে দুরদুর শ্রী ৮০: ১৩৯। শ্রী.মা ১৩৯। শি ৮৬। ঘ ৮২। ১১ সাত্ত্বিক ভাব হেতু কম্প। "দেখিয়া নাগরীহিয়া করে দুরদুর চৈ.ম ৮১। ১২ দ্রুতদ্রুত, অতিশীঘ্র। "খড় উপাড়ে দুরদুর শি ৮০; দু-দু গাছি (শাঁখা) দিল দুরদুর গেল চলি ১০৫। ১৩ [দরদর >°র; অপ্র] সর্থ 'দরদর'। "প্রেমধারা বহে দুরদুর শ্রী.মা ৩। —দুরি বি [°র+ই১১] সর্থ 'দুরদুর (৪)। "ব.প ৭৮৬।

দুরদৃষ্ট ক্লী [প্রা.স] দুর্ভাগ্য, দুর্দৈব।

দুরধিগ বিণ [অধি+ √গম্+অ (ড)-র্ম ; দুর্ অধিগ, সুপ্সুপা] দুষ্প্রাপ। "ভ ৩.২৩.৮। —গম বিণ [দুর্-অধি+ √গম্+অ (খল্) -র্ম ; উ.ত] ১ দুষ্প্রাপ, দুর্লভ। "ভ ৫.৩.২। দুরধিগমঃ পরভাগঃ।— পঞ্চ ১.৩৫৯। ২ দুর্ব্বোধ, দুর্গ্রহ। "কি ৫.১৮। ৩ দুরারোহ। "কি ৫.১৮।

দুরধীত বিণ [দুর্ অধীত, সুপ্সুপা] ১ অসম্যক্, অর্থাৎ বর্ণের বা স্বরের অযথা উচ্চারণপূর্ব্বক পঠিত। ২ অসম্যক্ শিক্ষিত। "দুরধীতা বিষং বিদ্যা।—চাণক্য।

দুরনুপালন বিণ [বহুব্রী] দুঃসংরক্ষণ, কষ্টপূর্ব্বকরক্ষণ। "বিপ্রত্বং প্রাপ্তং দুরনুপালনম্ মহা ১৩.২৯.১৬।

দুরনুষ্ঠিত বিণ [সুপ্সুপা] অবৈধভাবে আচরিত; দুশ্চরিত। "রা ১.৫১.৬। —ষ্ঠিত ক্লী [প্রা.স] অনুচিত কার্য্য। "রা ৪.৩২.৩। —ষ্ঠেয় বিণ [সুপ্সুপা] দুষ্কর, কষ্টসাধ্য।

দুরন্ত বিণ [দুর্ অন্ত যাহার, বহুব্রী ; স্ত্রী -ন্তা] ১ যাহার অন্ত ক্লেশকর; দুষ্টাবসান, দুঃখাবসান। "ব্যসনানি দুরন্তানি মনু ৭.৪৫। দুরন্তা বলবদ্-বিরোধিতা কি ১.২৩। ২ যাহার অন্ত দুষ্প্রাপ; অপার। "দুরন্তসর্গো যদপাঙ্গমোক্ষঃ।—ভ ২.১.৩১। ৩ অত্যন্ত, সাতিশয়। "°দুঃখপ্রভব ভ ২.২.২৭; °যাতনা ৫.২৬.৩০। দুরন্ত সাহস শ্রী.মা ২১৭। ৪ গম্ভীর। "°ভাব ভ ১.১১.৩৩। ৫ দুর্ব্বোধ, দুর্জ্ঞেয়। "°বীর্য্যস্য রথাঙ্গপাণেঃ ভ ১.৩.৩৮। ৬ দুঃখে যাপনীয়; অতিক্লেশকর, দুঃখদ। "সরসবসন্তে, বিরহিজনস্য দুরন্তে গী.গো ১.২৮। গীরিব কাল দুরন্ত।—গো ২৪৯। ৭ দুরতিক্রম। "দুরন্ত ঝিয়ের মোহ ক.চ ১১৮। ৮ (বাঙলায়) দুর্দ্দান্ত, দুরাত্মা, দুরাচার। "দুরন্ত রাবণি!—মে ৫২; ১১১,-৯৮। ৯ প্রবল, ভীষণ। "দুরন্ত বাদল ব.প ৩৬৭; ক.চ ৬৮। ১০ ঘোর, দুঃসহ, ভীষণ। "এ দুরন্ত রণে।—মে ২৫৭। ১১ অশুভ। "সমাচার শুনিল দুরন্ত। —ম ১২৫০। ১২ সুদৃঢ়। "দুরন্ত কপাট শ্রী.ম ৪০। ১৩ অশান্ত, অধীর। "রম্ভাবতী···সে বড় দুরন্তা শ্রী.মা ১১। ১৪ হিংস্র, মারাত্মক। "কাল ফণী, দুরন্ত দংশক।—মে ৯৮। ১৫ অরক্ষণীয়, দুর্নিবার। "বদনমণ্ডলে, উছলে স্বর্গের সেই দুরন্ত সৌরভ অ.গু ১১। ১৬ অন্তহীন, বিপুল। "কি তাহার দুরন্ত প্রার্থনা কা ৪২। —ন্তক পুং শিব (মহা)। [°পনা—দৌরাত্ম্য, উপদ্রব।]

দুরন্তক দ্র 'দুরন্ত'।

দুরন্তর বি [দুরান্তর (গো.চ); বি.পা ৩০০] সমধিক অন্তর ; দূর-স্থান, বহুদূর। "তুহুঁ অতিমন্থর, গমন দুরন্তর গো ১৮৭। ম.ভা ৫২।

দুরন্বয় বিণ [দুর্-অনু+ √ই+অ (খল্)-র্ম] ১ দুঃখে অনুগমনীয়। "মহা ১৩.১২২.৮। ২ অন্বয়দোষযুক্ত (বাক্য)। —য় পুং বাক্যান্তর্গত পদসমূহের যথাবিধি অন্বয়াভাবে দোষবিশেষ ; অন্বয়দোষ।

দুরপনেয় বিং [সুপ্সুপা] দুঃখে দূরীকরণীয় ; দুষ্পরিহর। "দুরপনেয় কলঙ্কপঙ্কে লিপ্ত সী ২১।

দুরবগম বিণ [দুর্-অব+ √গম্+অ (খল্)-র্ম] দুর্ব্বোধ, দুর্জ্ঞেয়। —গম্য বিং ['°ম' সাধু] দুর্ব্বোধ। "প.তৃ ৮৭।

দুরবগাহ বিণ [দুর্-অব+ √গাহ্+অ (খল্)-র্ম] দুষ্প্রবেশ, দুর্গম, দুর্ব্বোধ। "দুরবগাহ কোন কার্য্যসঙ্কট।—কাদ ১৬; দুরবগাহ নীতি-প্রয়োগ ৩৬; দুরবগাহ অভিপ্রায়ে°৯৪।

দুরবগ্রহ বিণ [দুর্-অব+ √গ্রহ্+অ (খল্)-র্ম] দুর্নিগ্রহ, দুর্নিবার। —গ্রহ পুং [প্রা.স] বৃষ্টিবিঘাত; বিরোধহেতু (টীকা)। "দেবেষু দুরবগ্রহঃ ভ ৪.১৯.৩৫।

দুরবস্থ বিণ [দুর্ অবস্থা যাহার, বহুব্রী] দুর্দ্দশাপন্ন; দুর্গত, দরিদ্র। —বস্থা স্ত্রী [প্রা.স] দুর্দ্দশা; দারিদ্র্য।

দুরবাপ বিণ [দুর্-অব+ √আপ্+অ (খল্)-র্ম] দুষ্প্রাপ, দুর্লভ, দুঃসম্পাদ। "ন খলু দুরবাপেয়ং প্রার্থনা শ ১২৪।

দুরবেক্ষিত ক্লী [সুপ্সুপা] অবজ্ঞাত। "মহা ৩.২৩২.২১। —ক্ষণীয় বিণ অবজ্ঞেয়, নগণ্য। "একটি দুরবেক্ষণীয় ক্ষুদ্র কীটপতঙ্গ অনন্ত কৌশলের স্থান ব.প্র ২১৫।

দু(দো)রস্ত বিং [ফা দুরুস্ত্] ১ ভ্রমহীন, শুদ্ধ, ঠিক। "ওস্কা হিসাব দোরস্ত করকে রাখ নী ১২। ২ ন্যায়সঙ্গত, ন্যায্য, ঠিক। "যে প্রকার বাটোয়ারা করিয়াছে তাহা দুরস্ত বটে কি না E.P. 77. ৩ সুশৃঙ্খল, পরিপাটি-যুক্ত, গোছাল। "এখন সভামধ্যে যাইতে হইবে একটু কাপড় দুরস্ত করিয়া নাও ব.প্র ৪৯৬। ৪ অবিকল, ঠিক, সংস্কার দ্বারা ঠিক-করা। ৫ উপশমিত। "আমরা হ'লে মুড়োমুড়ি নারকেলমুড়ি ও ঠনঠনের নিমকীতে (মুখরোগ) দোরস্ত কত্তেম হু ১০৫। ৬ শাসিত। "ছেলেপিলে দুরস্ত করা। [দুরস্ত করা—১ সুব্যবস্থিত বা সুশৃঙ্খল করা। ২ সংশোধন করা; ঠিক করা; সংযত করা। ৩ সংস্কার করা। লেফাফা দুরস্ত রাখা—বাহ্য বিষয়ে খুঁত না রাখা। সাফাই দুরস্ত রাখা—নির্দ্দোষতার প্রমাণ ত্রুটিহীন করিয়া রাখা।]

দুরাকর্ষ বিং যে ধনুর গুণ কষ্টে আকর্ষণ করিতে হয়; অতিবিশাল। "মৃগচিহ্ন হুলে যার দুরাকর্ষ দেখি ম ৬২১।

দুরাক্রন্দ বিং [দুর্ আক্রন্দ যাহার, বহুব্রী] করুণক্রন্দনকারী। "কিং ক্রন্দসি দুরাক্রন্দ স্বপক্ষক্ষয়-কারক।—পঞ্চ ৪.৩১।

দুরাক্ষর বিং [সং দুরক্ষর; তু 'দুরাচার'; অপ্র] কটু, কড়া। "দুরাক্ষর বাণী বা.ম ৩৩৮। —ক্ষর বি ১ কটুবাক্য। "স্বামী বলে দুরাক্ষর কৃ.উ ৪৬। না বুঝিয়া···বল দুরাক্ষর ৩৫০। ২ (অপ্র) অনুচিত

পরিহাসবাক্য। "পদ্মবনে পরিহাস করিল শঙ্কর। ত্রিভুবনে ঘোষে তার সেই দুরাক্ষর।—বা.ম ৩২৭।

দুরাগ্রহ পুং [প্রা.স] দুষ্ট আগ্রহ ; বৃথা নির্বন্ধ। "ভ ৩.৫.৪৪।

দুরাচর বিণ [দুর্-আ+ √চর্+অ (খল্)-র্ম্ম] ১ দুরনুষ্ঠেয়, দুষ্কর। ২ দুশ্চিকিৎস্য, অপ্রতিবিধেয়। "স কর্ণশূলঃ কথিতো দুরাচরঃ। —সুশ্রুত ৬.২০.৩।

দুরাচার বিণ [বহুব্রী] দুষ্টাচরণ, দুর্ব্বৃত্ত, দুষ্কৃতী। "রা ১.৫৫.২৭। —চার পুং [প্রা.স] দুষ্ট আচরণ ; কুক্রিয়া। "(কলিযুগে) °রতাঃ সর্ব্বে (অধ্যাত্মরামায়ণ)। দেশের দুরাচার ক.চ ২২০। —চারী (-রিন্) বিং ['°র' সাধু] দুরাচার। "আহ্মি দুরাচারী ম.পা ১৭০। চ.বি ১৬।

দুরাত্মা (-ত্মন্) বিণ [দুর্ আত্মা যাহার, বহুব্রী, -১ব ; স্ত্রী -ত্মা] ১ দুষ্টান্তঃকরণ, দুষ্টস্বভাব, দুশ্চরিত্র। "দুরাত্মার ছলের অসম্ভাব নাই (কথামালা)। ২ দুর্ব্বৃত্ত। "বধ্যমানৌ বলীবর্দ্দৌ কর্ষকেণ দুরাত্মনা রা ২.৭৪.২৩। রে দুরাত্মন্…পিশাচ মদন! কি কুকর্ম্ম করিলি!—কাদ ৬২।

দুরাধর্ষ[1] বিণ [দুর্-আ+ √ধৃষ্+অ(খল্)-র্ম্ম] ধর্ষণে অশক্য ; দুর্দ্ধর্ষ, দুরাক্রম।

দুরাধর্ষ[2] পুং গৌরসর্ষপ।

দুরানম বিণ [দুর্-আ+ √নমি+অ (খল্)-র্ম্ম] আনমনে অশক্য ; দুঃসাধ্যনমন। "ধনুর্দুরানমম্ রঘু ১১.৩৮।

দুরাপ বিণ [দুর্+ √আপ্+অ (খল্)-র্ম্ম] ১ কষ্টে প্রাপ্য ; দুষ্প্রাপ, দুর্লভ। "মনু ১১.২৩৮। দুরাপেঽর্থে রঘু ১.৭২। শ ৩.১০। তাহার কি আছে দুরাপ শ্রী.ম ৬। ২ [বাঙলায় ; অপ্র] অজেয়। "গঙ্গাপুত্র সমরে দুরাপ ম ৭৬৮।

দুরারক্ষ বিণ [দুর্-আ+ √রক্ষ্+অ (খল্)-র্ম্ম] দুঃখে রক্ষণীয় ; কষ্টে রক্ষণযোগ্য। "রাজ্যং হি দুরারক্ষতমম্ রা ২.৫২.৭২।

দুরারাধ্য বিণ [সুপ্সুপা] দুঃখে আরাধনাযোগ্য ; কষ্টে প্রসাদনীয়। "দুরারাধ্যা হি রাজানঃ।—পঞ্চ ১.৬৮ ; ৭৩। শ্রী ২৫৩।

দুরারুহ বিণ [সুপ্সুপা] দুঃখে আরোহণীয় ; দুরারোহ। "(বৃক্ষঃ) বিবৃদ্ধঃ সুদুরারুহঃ গো.রা ২.১১৭.১৩। মহা ১.১৪০.৬৮ ; ৩ ১৪৭.৯১। —রুহ পুং বিল্ব ; নারিকেলবৃক্ষ ; খর্জ্জুরী। —রোহ বিণ [দুর্-আ + √রুহ্+অ (খল্)-র্ম্ম] ১ সর্থ 'দুরারুহ'। "রা ২.১০৫.৬। তাহার পার্শ্বদেশ অত্যন্ত বন্ধুর ও দুরারোহ চা.তৃ ৪১। ২ দুরাপ, দুর্লভ। "দুরারোহং পদং রাজ্ঞাম্।—পঞ্চ ১.৭২। ৩ [বাঙলায় ; অপ্র] দুর্গম, অচিন্ত্য। "দুরারোহ দুজ্ঞেয় সকলি।—রঙ্গ ১৫ ; ২৮। —রোহ পুং সর্থ 'দুরারুহ' (পুং)। —রোহণীয় বিং কষ্টে আরোহণযোগ্য। "অতি উর্দ্ধে কতকগুলি গবাক্ষ ছিল, কিন্তু তাহা দুরারোহণীয় ব.প্র ১৭৪।

দুরারোহ দ্র 'দুরারুহ'।

দুরালোক বিণ [দুর্-আ + √লোক্+অ (খল্)-র্ম্ম] দুঃখে আলোকনীয় ; দুর্দ্দর্শ। "গী.গো ২.২০।

দুরাশয় বিণ [বহুব্রী] যাহার দুষ্ট আশয় ; দুর্ম্মতি, দুরাত্মা। —শয় পুং [প্রা.স] লিঙ্গদেহ ; দুঃস্থান, সংসার। "ভ ৩.২৪.৩৬।

দুরাসদ বিণ [দুর্-আ+ √সদ্+অ (খল্)-র্ম্ম] ১ দুষ্প্রবেশ দুর্গম। "মাঘ ১৬.১০। ২ দুষ্প্রাপ, দুর্লভ। "রঘু ৩.৬৬। ৩ দুর্দ্ধর্ষ, দুর্জয়। "বিক্রমম্…সুদুরাসদম্ রা ২.২১.৩৯। রঘু ৮.৪। শ্রী ১৪ ; ৪৪। ৪ দুর্বিজ্ঞেয়গতি। "জহি শত্রুং…কামরূপং দুরাসদম্ গী ৩.৪৩।

দুরাসিত ক্লী [কর্ম্মধা] কুৎসিত উপবেশন। "মহা ৩.২৩২.২১।

দুরাহর বিণ [দুর্-আ+ √হৃ+অ (খল্)-র্ম্ম] দুষ্কর, দুঃসাধ্য। "রাজ-সূয়ো দুরাহরঃ মহা ২.১৬.৫।

দুরি, -রী বি [দু[2] >দুরি ('তিরি'র অনুকরণে)] ১ পাশার দুই বিন্দুর দান। "ত্রিপুরা খেলিল দুরী ক.চ ২৯। ২ দু-ফোটার তাস।

দুরিত বিণ [°ত+অ (অচ্) অস্ত্যর্থে] দুরিতযুক্ত, পাপী। —রিত ক্লী [দুর্ (নিন্দিত) ইত (গমন) ইহার বা ইহা হেতু (অ.টী) —বহুব্রী ; ছান্দস] ১ পাপ, দুষ্কৃত। "বিশ্বানি দেব সবিতর্দুরিতানি পরা সুব।—ঋগ্বেদ ৫.৮২.৫। দুরিতারি (গঙ্গাষ্টক)। ম.পা ৫৪ ; °দুরন্তানল ১০৮। °পূরিত দু ১৭। °হারক বা.দ ৪। ২ বিষপ্রয়োগাদি পাপজনক নিষিদ্ধ উপায়। "রঘু ৮.২। ৩ অনিষ্ট, অপ্রিয়বিষয়। "উ.চ ৪.৩।

দুরিষ্ট ক্লী [প্রা.স] দুষ্ট যজ্ঞ ; অভিচারার্থ যজ্ঞ। "°কৃৎ (বিষ্ণুপুরাণ)।

দুরুক্ত বিণ [সুপ্সুপা] পরুষোচ্চারিত। —ক্ত ক্লী [প্রা.স] দুষ্ট বাক্য ; দুর্ব্বাক্য, কটূক্তি। "ন দুরুক্তায় স্পৃহয়েৎ।—ঋগ্বেদ ১.৪১.৯। কপি-শার্দ্দূল দুরুক্তং ক্ষম্যতাং মম।—মহা ৩.১৪৭.২৪। দুরুক্তৈর্মর্ম্ম পস্পৃশুঃ ভ ৩.৪.১। —ক্তি স্ত্রী [প্রা.স] সর্থ 'দুরুক্ত' (ক্লী)। "ভ ৪.৩.১৯ ; °বিশিখ ৭.১৫।

দুরুক্তি দ্র 'দুরুক্ত'।

দুরুচ্ছেদ বিণ [দুর্-উদ্+ √ছিদ্+অ (খল্)-র্ম্ম] ক্লেশকর, কষ্ট, দুর্বার। "মনু ৭.২১০, কুল্লুক।

দুরুত্তর বিণ [দুর্-উদ্+ √তৃ+অ (খল্)-র্ম্ম] দুঃখে উত্তরণীয় ; দুস্তর। "দুরুত্তরে পঙ্কে ভট্টি ১১.২০। —ত্তর ক্লী [প্রা.স] দুষ্ট উত্তর, কদুত্তর।

দুরুৎসহ বিণ [দুর্+উদ্+সহ্+অ (খল্)-র্ম্ম] দুর্বিষহ। "°বিয়োগ রঘু ১৯.৪৩।

দুরুদাহর বিণ [দুর্-উদ্-আ+ √হৃ+অ (খল্)-র্ম্ম] কষ্টে উচ্চারণীয় ; দুরুচ্চার্য্য, দুর্বচ। "প্রবন্ধো দুরুদাহরঃ মাঘ ২.৭৩।

দুরুদুরু বি [দুরদুর >°রু ; পদ্যে] ১ হর্ষাবেগে দ্রুত হৃৎকম্প। ("প্রেমানন্দে) দুরুদুরু হিয়া ভ.গ্র ৮১। কাঁপে হিয়া দুরুদুরু করি। শুনি যদি পদশব্দ।—মা ৯৪। দুরুদুরু মোর দুলিবে হিয়া চ.কা ৪। ২ কামাবেগে দ্রুত হৃদয়াদি-কম্পন। "না সহে ব্যাজ উরু দুরুদুরু ভ.গ্র ৪৩৬ ; অনিমিখি চাহে হৃদি করে দুরুদুরু ৪৩৭। হিয়া দুরুদুরু কাঁপয়ে আবেশরসে ভা.চ ৩১৬। দুরুদুরু বুকের ভিতর সা.ম ৩৮। ৩ ভয়-লজ্জা-প্রভৃতি হেতু হৃদয়ের দ্রুত স্পন্দন। "(লজ্জায়)—হিয়া দুরুদুরু করে কু ১৯। (ভয়ে)—হিয়া দুরুদুরু করে।—হেম ১১৩। উঠিল কাঁপিয়া, দুরুদুরু করি…হিয়া।—ন ৪২৬। ত্রস্ত কপোতের মত দুটি, বক্ষ দুরুদুরু চ.কা ১১৯। বা.দ ১৮৭। অধৈর্য্য-আশঙ্কা-হর্ষে দুরুদুরু হিয়া অ.গু ৬১। ৪ দোলন। "পাতায় পাতায় ঘাসে ঘাসে লাগল কাঁপন °রু প.কা ২।

দুরুপসর্পী (-র্পিন্) বিণ [দুর্ উপসর্পী, সুপ্সুপা] অনবধানে অতিসমীপগামী। "মনু ৭.৯।

দুরূহ বিণ [দুর+উহ্+অ (খল্)-র্ম্ম] ১ দুর্বিতর্ক্য, দুজ্ঞেয়। "শরণঃ শ্লাঘ্যো দুরূহদ্রুতে।—গী.গো ১.৪। অভ্রভেদী তোমার সঙ্গীত, (চলিয়াছে) দুর্গম দুরূহ পথে কি জানি কি বাণীর সন্ধানে!—স.স্ব ৮৮। ২ (বাঙলায়) দুঃখসঙ্কুল, কষ্টবহুল, কঠোর। "বেছে নিলে আমারেই, দুরূহ সৌভাগ্য সেই, বহি প্রাণপণে স.স্ব ২৫। অন্তে অনন্তের (জ্ঞান),—দুরূহ তপস্যা-সাধ্য ন ১০০৫। ৩ কঠোর, অবশ্য-পালনীয়। "কর সম্মানিত নব-বীরবেশে, দুরূহ কর্ত্তব্য-ভারে স.স্ব ২৭। সে দুরূহ কাজ,…যেন শিরোধার্য্য করি, সবিনয়ে ৩১। ৪ দুরবজ্ঞেয়, দুর্নিবার। "বিরহ-অনলে, দুরূহ ডরাই সদা।—মে ১০৩। ৫ সুগভীর। "নীরবে বসিয়া এক তেজস্বী যবন, দুরূহ ভাবনা যেন ভাবিতেছে মনে।—ন ৪১৭। ৬ কঠিন, দুঃসাধ্য। "হিমালয়-শৃঙ্গে চড়া দুরূহ যেমন স.শ ১৪। লোকরঞ্জন কি দুরূহ ব্রত!—সী ৬ ; ৩১। পা.প্র ১০৫,-৯৫। সাধনা অতি দুরূহ, কিন্তু অসাধ্য নহে।—অ.শী ২১।

দুরোদর পুং [দুর্ (দুষ্ট) আ (সমন্তাৎ) উদর যাহার (অ.টী)। ১ দ্যূতকার, জুয়ারী। "মহা ৫.২.১০। ২ পণ। ৩ দ্যূতবিশেষ

(মেদিনী)। —দর স্ত্রী ১ দ্যূত, পাশকক্রীড়া। "দুরোদরং পাণ্ডবৈশ্চ কুরুশ্চ মহা ২.৫৬.১৪। রঘু ৯.৭। দুরোদরচ্ছদ্মজিত কি ১.৬। ২ অক্ষ, পালক।

দুর্গ বিণ [দুর্‌+√গম্‌+অ (ড)-ধি, পা ৩.২.৪৮; স্ত্রী -র্গা] ১ অশক্য-গমন, দুর্গম। বিপ 'সুগ' (ঋগ্বেদ ১.৪১.৪)। বি দুর্গা…পুরো স্বস্তি রাজান এষাম্‌।—ঋগ্বেদ ১.৪১.৩। রা ১.৫.১৩; দুর্গাণি স্থলানি ২.৮০.৮। মনু ১১.২৩৯। ব্রহ্মবরে দুর্গ পুরী যাইতে কেহ নারে শ্রী.ম ২৭০। ২ দুর্জ্ঞেয়। —র্গ পুং ১ অসুরবিশেষ। "দুর্গে দুর্গ-অরি কৃ ৩৫১। °বিঘাতিনি ভা.চ ৫৮। দ্র 'কাশীখণ্ড', ৭০তম অধ্যায়। ২ বিষ্ণু (মহা)। ৩ মহাবিঘ্ন, ভববন্ধ, কুকর্ম, শোক, দুঃখ, নরক, যমদণ্ড, জন্ম, মহাভয়, অতিরোগ (দুর্গাশব্দব্যুৎপত্তিধৃত নানার্থ—শ.ক)। ৪ গুগ্‌গুলু। —র্গ পুং, ক্লী ১ পর্বতাদি হেতু দুর্গম পুর, কোট্ট, গড়, কেল্লা। [ধন্বদুর্গ (মরুবেষ্টিতদুর্গ) মহীদুর্গ অব্দুর্গ বার্ক্ষ নৃদুর্গ ও গিরিদুর্গ—এই ষড়্‌বিধ দুর্গ। দ্র 'মনু ৭.৭০। মহা ১২.৮৬.৫। বিষ্ণু ৩.৪। শু ৪.৬.১-৫।] ২ দুর্গমস্থানমাত্র। "দুর্গম পল্লবদুর্গে কা ৪৪। ৩ দুস্তর সাংসারিক দুঃখ; আধ্যাত্মিকাদি দুঃখ। "সর্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।—গী ১৮.৫৮। ৪ দুঃখমাত্র, ব্যসন, কষ্ট, বিপত্তি। "রক্ষোভ্যো রক্ষিতব্যশ্চ দুর্গেষু বিষমেষু চ মহা ৩.৯২.৫। তরিবে অনেক দুর্গ পুতের প্রসাদে শ্রী.ম ২৬। ৪ দুস্তর ব্যাধিশত্রুরাজপীড়াদিভয়। "মনু ৩.৯৮। ৫ দুর্গমবর্ত্মমাত্র; গিরিসঙ্কট। ৬ বন্ধুরভূমি। [°কর্ম (-র্মন্‌) ক্লী —দুর্গবিষয়ক পরিখাপ্রাকারাদি-কর্ম। °কারক (বিণ)—দুর্গকর্তা। °পতি, °পাল (পুং)—দুর্গরক্ষক, দুর্গাধ্যক্ষ। °পাল (বিণ)—সঙ্কটে পালক। "ভ ৮.২৩.৬। °মার্গ (পুং)—দুর্গমপথ।]

দুর্গটুনটুনি বি অতিক্ষুদ্র পক্ষিবিশেষ। "তিনি পূর্বে বৃহৎ পক্ষী ছিলেন, এক্ষণে দুর্গটুনটুনি হইয়া পড়িলেন আ.দু ১৪৭।

দুর্গত বিণ [দুর্‌+√গম্‌+ত (ক্ত)-ক] ১ দৈন্যগত, দরিদ্র। "ত্বং চাতীব দুর্গতঃ হি ১২১২। ২ দুরবস্থাপন্ন। ৩ দুঃখিত। "কথং প্রাণিমি দুর্গতঃ ভট্টি ১৮.১০। —তি স্ত্রী [প্রা.স] ১ মন্দাবস্থা। "ক.চ ২৫২। ২ দারিদ্র্য। ৩ নরক। [°তিনাশিনী (স্ত্রী)—দুর্গা।]

দুর্গতি দ্র 'দুর্গত'।

দুর্গন্ধ বিণ [বহুব্রী] যাহার গন্ধ দুষ্ট; পূতিগন্ধযুক্ত। "শ্লেষ্মবিণ্‌মূত্র°। —ন্ধ পুং [প্রা.স] ১ মন্দ গন্ধ; পূতিগন্ধ। ২ পলাণ্ডু। —ন্ধ ক্লী সৌবর্চল লবণ। —ন্ধী (-ন্ধিন্‌) বিণ [°ন্ধ+ইন্‌ (ইনি) অস্ত্যর্থে -১ব] দুর্গন্ধযুক্ত। "ছান্দোগ্য ১.২.২। মনু ৬.৭৬।

দুর্গম বি [দুর্‌+√গম্‌+অ (খল্‌)-র্ম] ১ দুঃখে গমনীয়; দুষ্প্রবেশ। বিপ 'সুগম'। "দণ্ডকারণ্যম্‌…সুদুর্গমম্‌ গো.রা ৩.৩৮.২। ২ অশক্য-গমন। "°মার্গ গো.রা ৫.৭৪.৩১। ৩ দুর্জ্ঞেয়, দুর্বোধ। "আপনার সুদুর্গম রহস্যে বিরাজি।—চ.কা ১৪০। ৪ দুরাপ, দুর্লভ। "ন বাচা দুর্গমঃ পারঃ কার্য্যাণাম্‌ গো.রা ৬.৬৭.১০। যবৌ সিদ্ধিং চ দুর্গমাম্‌ মহা ১৪.৩০.৩৩। ৫ (বাঙলায়) দুষ্প্রণীয় (অসাধু)। "মেয়েরা …জানে, এই দুর্গম ইচ্ছাই হচ্চে জগতের প্রাণ।—ঘ ৪২।

দুর্গা স্ত্রী [দুর্গ+স্ত্রী আ (টাপ্‌)] ১ 'দুঃখে প্রাপ্যা'; দেবীবিশেষ। [মহাবিঘ্নাদিনাশিনী দেবী 'দুর্গা' (দ্র 'দুর্গ' পুং)। মতান্তরে, দুর্গনামক-দৈত্যনাশ হেতু 'দুর্গা' (কাশীখণ্ড, ৭২তম অধ্যায়)। দকার দৈত্যনাশ, উকার বিঘ্ননাশ, রকার রোগনাশক, গকার পাপনাশ ও আকার ভয়-শত্রুনাশ হেতু 'দুর্গা'।] ২ নববর্ষা কুমারী। ৩ নীলী। ৪ অপরাজিতা। [°নবমী (স্ত্রী)—দুর্গাপ্রিয়া কার্তিক-শুক্লনবমী। °প্রদীপ (বি) —দুর্গোৎসবে ব্যবহার্য্য মাটির রাঙা প্রদীপ। "হু ৬। °মণ্ডপ (বি) —দুর্গাদিদেবতার পূজার্থ গৃহ; চণ্ডীমণ্ডপ। "ম.পা ৫২; ১২৩। চৈ.চ ২৭৩। °মেলা' (বি)—দুর্গামণ্ডপ (?)। "ক.চ ৭৯।]

দুর্গোৎসব পুং [ষ.ত] দুর্গাপূজার উৎসব; শারদী দুর্গাপূজা।

দুর্গোমণ্ডা বি দুর্গাপূজার সময়ের প্রায় কেবল চিনির একপ্রকার সন্দেশ; (গৌণার্থে) প্রায় কেবল চিনির সন্দেশ; খারাপ সন্দেশ। "(অধ্যক্ষেরা) একটা একটা আগাতোলা দুর্গোমণ্ডা…খেয়ে বিছানায় আড় হলেন হু ১৫৫।

দুর্গ্রাহ্য বিণ [দুর্‌+√গ্রহ্‌+অ (খল্‌)-র্হ] ১ দুঃখে গ্রহণীয়; দুর্গ্রাহ্য। ২ দুর্দ্ধর্ষ। "দুর্গাণি দুর্গ্রহাণ্যাসন্‌ রঘু ১৭.৫২। ৩ দুর্বোধ, দুর্জ্ঞেয়। "লোকচিত্তং হি দুর্গ্রহম্‌ ক.সা ১৪.৩৫। —গ্রহ পুং [প্রা.স] দুষ্টগ্রহ। "তন্ত্রমন্ত্রধৃত" ক.সা ১৭.১৩০।

দুর্ঘট বিণ [দুর্‌+√ঘট+অ (খল্‌)-র্ম] কষ্টে ঘটনীয়; দুঃসম্পাদ্য, অসম্ভব। "ভ ৬.৯.৩৬। দুর্ঘট বাক্য চৈ ৮৯।

দুর্জন পুং [প্রা.স] দুষ্ট জন; খলবৃত্তি জন; খল। "শাম্যেৎ প্রত্যপ-কারেণ নোপকারেণ দুর্জনঃ।—কু.স ২.৪০। উ.চ ১.৫। দুর্জনঃ পরি-হর্তব্যঃ।—চাণক্য।

দুর্জয় বিণ [দুর্‌+√জি+অ (খল্‌)-র্ম] ১ দুঃখে জেয়; কষ্টে অভি-ভবনীয়। ২ দুর্বার। "মৃত্যুমেব চ দুর্জয়ম্‌ (প্রাপ্নুবন্তি মনু) ১২.৮০। ৩ (বাঙলায়) দুরপনেয়। "দুর্জয় মান। ৪ ভীষণ। "দুর্জয় কানন ক.চ ৫৮। ৫ দুস্তর। "দুর্জয় মগরা ক.চ ১৯৭; ২২৯। ৬ বিশাল। "দুর্জয় শরীর কৃ ১২৬। —য় পুং বিষ্ণু।

দুর্জর বিণ [দুর্‌ জর, সুপ্‌সুপা] ১ কষ্টে যাহা জীর্ণ হয়; দুষ্পচ। "কালকূটং সুদুর্জরম্‌ (মহা)। দুর্জরা তক্রকূর্চ্চিকা (সুশ্রুত)। ২ চিরযৌবন (A.)। ৩ জীর্ণতাহীন, সদাতরুণ। "দুর্জরং বাসনাজালং ন শান্তিমুপযাতি বৈ (দেবীভাগবত)।

দুর্জাত বিণ [দুর্‌ জাত, সুপ্‌সুপা] ১ অসম্যক্‌ জাত; অবিশুদ্ধ। ২ অশুভক্ষণে জাত; দুর্বৃত্ত। "মহা ১২.২২৪.৩৩। ৩ অসমঞ্জস। —র্জাত ক্লী বিপদ্‌, ব্যসন। "°বন্ধু।—রঘু ১৩.৭২।

দুর্জাতি বিণ [বহুব্রী] যাহার জাতি (জন্ম) নিন্দিত; নীচবংশোদ্ভব, অন্ত্যজ। "দুর্জাতেঃ সূতপুত্রস্য মহা ৫.৪৯.২৮। অবৈষ্ণব বিপ্র হৈতে দুর্জাতি বৈষ্ণব (শ্রেষ্ঠতম) ভ.গ্র ৯৯। —তি স্ত্রী [প্রা.স] দুষ্টা জাতি; নীচ জন্ম বা জাতি।

দুর্জ্ঞেয় বিণ [সুপ্‌সুপা] কষ্টে জ্ঞেয়; দুর্বোধ। "স্ত্রীণাং চিত্তঞ্চ দুর্জ্ঞেয়ম্‌ মহা ৪.১৯.১০। মনু ৬.৭৩। চৈ.ভা ২৪৩, টীকা।

দুর্ণ(র্ন)য় বিণ [বহুব্রী] ১ যাহার নীতি দুষ্ট; দুর্নীতিযুক্ত; অশিষ্ট, দুর্বিনীত। "সে অত্যন্ত দুর্নয় চৈ ১৬৬। ২ অন্যায্য। "ভ ৮.৯.১৯। —য় পুং [প্রা.স; নঞ্‌পক্ষে ক্ষুভ্নাদি] ১ দুষ্টা নীতি; অনীতি। "অর্গলাং দুর্নয়স্য।—মাঘ ২.১১৮। ২ অবিনয়, অশিষ্টাচার। "অনার্য্যস্য দুর্ণয়ৈঃ গো.রা ৬.২৪.২৫। পুত্রদুর্নয়হেতু হ ১০৯.৩। দুর্নয়স্য ফলোদয়ঃ ১১০.৩। কত সব দুর্নয় ম ৪১৩।

দুর্দম বিণ [দুর্‌+√দম্‌+অ (খল্‌)-র্ম] কষ্টে দমনীয়; দুঃশাসন। —দমন বিণ [সুপ্‌সুপা] ১ দুঃখে দমনীয়; দুর্দম। ২ (বাঙলায়) অদম্য। "দুর্দম বিক্রমে।—হেম ১৩৫। ৩ দুর্নমনীয়। "গুণ দিতে না পারিল ধনুক দুর্দম ম.বি ৩৩।

দুর্দর্শ বিণ [দুর্‌+√দৃশ্‌+অ (খল্‌)-র্ম] ১ দুঃখে দর্শনীয়; অশক্য-দর্শন। "সুদুর্দর্শমিদং রূপম্‌ গী ১১.৫২। ভ ১.৬.২২। ২ কদাকার, বিরূপ। "মহা ১.৮৪.৬। —র্দর্শন বিণ [+অন (যুচ্‌)-র্ম] সর্ব 'দুর্দর্শ (১)। "ভ ৩.১৩.৩৫।

দুর্দশা স্ত্রী [প্রা.স] মন্দ দশা; দুরবস্থা, দুর্ভাগ্য। "বিমাতার দোষ নাই আমার দুর্দশা কৃ ৯৭।

দুর্দান্ত বিণ [সুপ্‌সুপা] ১ দুঃখে দমিত; দুর্বিনীত। "দুর্দান্তম্‌ (তুরঙ্গমম্‌) মাঘ ১২.২২। ২ অশান্ত, উদ্ধত। ৩ (বাঙলায়) দুর্দমনীয়, দুরন্ত। —ন্ত পুং ১ বৎসতর। ২ কলহ। ৩ শিব।

দুর্দ্দাম বিং [সং দুর্দ্দম] উচ্ছৃঙ্খল, অনিয়ন্ত্রিত, অসংযত (অসাধু)। "ব্রহ্মপুত্র অকস্মাৎ দুর্দ্দাম কা ৪২। আমার স্বভাবটা যে দুর্দ্দাম, ধীরে সুস্থে চলা আমার চাল নয়।—ঘ ৬১।

দুর্দ্দিন বিণ [বহুব্রী] ১ যাহাতে মন্দ দিন; মেঘাচ্ছন্ন। "সম্প্রাপ্তে দুর্দ্দিনে কালে দুর্দ্দিনং ভাতি বৈ নভঃ হ ৬৬.২৩। ২ তিমিরময়। "পাংশুবর্ষেণ পততা দুর্দ্দিনং চ নভোঽভবৎ গো.রা ৬.৯০.২৯। জীমূতৈশ্চ (শরাণাম্) দিশঃ সর্ব্বাশ্চক্রে তিমিরদুর্দ্দিনাঃ (মহা)। —ন ক্লী [প্রা.স] ১ মেঘাচ্ছন্ন দিন। বিপ 'সুদিন'। "বাত দুর্দ্দিনসঙ্কুলা রা ৩.৬৮.৯। কু.স ৬.৪৩। চ.কা ৪১২। আজ রৌদ্রে ফাটিতেছে বলিয়া কাল দুর্দ্দিন হইবে না কেন?—ব.প্র ৩০৩; বর্ষার দুর্দ্দিনে ৬৪২। ২ অবিরলপাত, বর্ষ। "দ্বিষাং বিষহ্য…নারাচদুর্দ্দিনম্।—রঘু ৪.৪১। উ.চ ৫.৫। শস্ত্র-দুরদিনে স্ব.প্র ১৫৮। ৩ ঘনান্ধকার। "অর্জ্জুনের বাণবৃষ্ট্যে দুর্দ্দিন হইল ম ১১৫৪। ৪ বৃষ্টি। "ঘনান্ধকারে বৃষ্টৌ চ দুর্দ্দিনম্ (সাঞ্চ)। ৫ মন্দদিবসমাত্র। "যদচ্যুতকথালাপরসপীযুষবর্জ্জিতম্। তদ্দিনং দুর্দ্দিনং মন্যে মেঘাচ্ছন্নং ন দুর্দ্দিনম্॥—শব্দার্থচিন্তামণি।

দুর্দ্দিবস পুং [প্রা.স] মেঘাচ্ছন্ন দিন। "পঞ্চ ১.১৮৪।

দুর্দ্দুর বি [ধ্বন্যাত্মক; তু 'দুরদুর'] প্রচণ্ড অগ্নিজ্বলনের শব্দ। "দুর্দ্দুর করে অগ্নি উঠে।—শ্রী.মা ২১০। —রি কোলাহল। "দুর্দ্দুরি উঠিয়া আছে শ্রীবাসের বাড়ী চৈ.ভা ২১৫।

দুর্দ্দুরি দ্র 'দুর্দ্দুর'।

দুর্দ্দৃশ্য বিং [তু 'সুদৃশ্য'; অপ্র] দুঃখে দর্শনীয়; অতিপ্রচণ্ড। "দ্বিতীয় প্রহর বেলা দুর্দ্দৃশ্য ভাস্কর।—ম ১০৭১।

দুর্দ্দৃষ্ট বিণ [সুপ্‌সুপা] রাগলোভাদি হেতু অসম্যগ্‌বিচারিত (ব্যবহার)। "যাজ্ঞ ২.৩০৮।

দুর্দ্দৈব ক্লী [প্রা.স] ১ মন্দ ভাগ্য; দুরদৃষ্ট, দুর্ভাগ্য। ২ পাপ।

দুর্দ্দ্যূত ক্লী [প্রা.স] দুষ্ট দ্যূত; কপটপাশকক্রীড়া। "বিগর্হস্ব জ্যেষ্ঠং দুর্দ্দ্যূতদেবিনম্ মহা ৪.১৮.১০।

দুর্দ্ধর[1] বিণ [দুর্+ √ধৃ+অ (খল্)-র্ম্ম] ১ দুঃখে ধার্য্য; দুর্ভর। "গঙ্গা পরমদুর্দ্ধরা রা ১.৪৩.৫। মনু ৭.২৮। ২ কষ্টে উত্তোলনীয়। "ধনুর্বরম্ …দুর্দ্ধরম্ গো.রা ৩.৪.৩৫। ৩ কষ্টে রক্ষণীয়; দুর্নিয়ন্ত্রণ। "(রাজলক্ষ্মীঃ) প্রযত্নশতৈরপি ধার্য্যমাণা দুর্দ্ধরা।—পঞ্চ ৩$\frac{২}{২}\frac{৪}{৫}\frac{৯}{০}$। —র পুং ১ পারদ। ২ ভল্লাতক। ৩ বিষ্ণু।

দুর্দ্ধর[2] (?)। "চারিদিকে পাকী সব তেঘাই দুর্দ্ধরী কৃ.উ:১৫৪।

দুর্দ্ধর্ষ বিণ [দুর্+ √ধৃষ্+অ (খল্)-র্ম্ম; উ.ত] ১ দুঃখে ধর্ষণীয়; দুরাক্রমণীয়। "দুর্দ্ধর্ষঃ সমুদ্রঃ রা ১.৩৪.৪৬। হুতাশ ইব দুর্দ্ধর্ষঃ ভ ১.১২.২১। ২ দুরভিভবনীয়, দুর্জয়। "মহেন্দ্রমিব দুর্দ্ধর্ষম্ গো.রা ১.১.৪৭। অতি° মহা ৩.৬৩.৮। ৩ ভীষণ। —র্ষণ বিণ [+অন (যুচ্)-র্ম্ম] সর্থ 'দুর্দ্ধর্ষ'। "স হি দুর্দ্ধর্ষণো বালী নিত্যং সমরকর্ম্মসু গো.রা ৪.৯.৫৫।

দুর্দ্ধী বিণ [দুর্ ধী যাহার, বহুব্রী; স্ত্রী -র্দ্ধী] ১ দুষ্টবুদ্ধি, দুর্ম্মতি, মূঢ়। ২ অবিদ্যাবৃতজ্ঞান। "ভ ২.৫.১৩।

দুর্নাম (-মন্) ক্লী [বহুব্রী] ১ অর্শোরোগ। ২ (বাঙ্‌লায়) অখ্যাতি, কলঙ্ক, বদনাম।

দুর্নিগ্রহ বিণ [দুর্-নি+ √গ্রহ+অ (খল্)-র্ম্ম; উ.ত] দুঃখে নিগ্রহণীয়; কষ্টে সংযমনীয়। "মনো দুর্নিগ্রহম্।—গী ৬.৩৫।

দুর্নিবার বিণ [দুর্-নি+ √বারি+অ (খল্)-র্ম্ম] দুঃখে নিবার্য্য; দুর্ব্বার, দুর্দ্দম। "পুত্রস্ত্বেকো ভুবনবিজয়ী মন্মথো দুর্নিবারঃ (সু.র)। (টানিছে) দুর্নিবার আকর্ষণে কা ১৫৩। লোকপবাদ দুর্নিবার হইয়া উঠিয়াছে সী ২১।

দুর্নিক্ষিপ্ত বিণ [নি+ √ক্ষি প্রক্ষেপণ+ত (ক্ত)-র্ম্ম; দুর্ নিক্ষিপ্ত, সুপ্‌সুপা] দুরুৎক্ষিপ্ত। "রঘু ৭.১০। কু.স ৭.৬১।

দুর্নিমিত্ত ক্লী [প্রা.স] ভবিষ্যদমঙ্গলসূচক লক্ষণ; দুর্লক্ষণ, অপশকুন। "মহা ২.২১.২২। রঘু ১৪.৫০।

দুর্নিরীক্ষ্য বিণ [সুপ্‌সুপা] দুঃখে নিরীক্ষণীয়; অশক্যদর্শন, দুর্দ্দর্শ। "গী ১১.১৭।

দুর্নিশি বি [অপ্র] অশুভরাত্রি। "°শি প্রভাত শ্রী.মা ১৩৩।

দুর্নীত বিণ [°তি+অ (অচ্) অস্ত্যর্থে] দুর্নীতিযুক্ত, নীতিবিরুদ্ধাচারী, দুরাত্মা। —ত ক্লী [প্রা.স] ১ দুষ্টা নীতি; নীতিবিরুদ্ধাচরণ, অশিষ্টাচার। "তোমার নন্দন বধু করিবে দুর্নীত।—ম ১২২। দু ৬২,-৫। ২ দুরবস্থা। "মহা ৪.২০.১৪। —তি স্ত্রী [প্রা.স] দুষ্টা নীতি। "রাজার দুর্নীতি ম ১০৬৪।

দুর্ব্বচ বিণ [দুর্+ √বচ্+অ (খল্)-র্ম্ম] দুঃখে কথনীয়, অশক্য-কথন। "দুর্ব্বচৈঃ (বাক্যৈঃ) রা ২.২২.১৮। দুর্ব্বচং বচঃ মহা ৫.১৭৭.৩৬। দুর্ব্বচং বচনম্ কি ২.২। —চ ক্লী দুর্বাক্য—চঃ (-চস্) ক্লী [প্রা.স] দুষ্টবচন; গর্হিত বাক্য; দুর্ব্বাক্য। "গো.রা ৫.৩১.১৬। ভ ৪.৩.২৪।

দুর্ব্বর্ণ বিণ [বহুব্রী; বৈদিক] ১ যাহার বর্ণ নিন্দিত; হীনবর্ণ; বিবর্ণ। "তত্র কশ্চিদ্ দুর্ব্বর্ণঃ…দৃশ্যতে মহা ৩.৫০.৮। হেমেব দুর্ব্বর্ণম্ ভ ৩.১৪.৪৬। ২ বিরূপ। "(রাক্ষসী) দুর্ব্বর্ণা গো.রা ৩.২৩.১৪। —র্ণ ক্লী ১ 'স্বর্ণাপেক্ষা হীনবর্ণ'; রৌপ্য। "°ভিত্তি মাঘ ৪.২৮। ২ কুষ্ঠ-বিশেষ।

দুর্ব্বল বিণ [বহুব্রী] ১ মন্দশক্তি, বলহীন। বিপ 'প্রবল'। "মনু ৭.২০। ২ শিথিল। "দুর্ব্বলাশ রঘু ৫.১২। ৩ অসংযত। "দুর্ব্বলেন্দ্রিয় মনু ৩.৭৯। ৪ ম্লান। "দুর্ব্বলাঙ্গকানি।—উ.চ ১.২৪। ৫ অশক্ত, অসমর্থ। "(মে সুতঃ) ধর্ম্মং প্রতি সুদুর্ব্বলঃ গো.রা ২.৬১.২৬। ৬ কৃশ। ৭ দুশ্চর্ম্মা। "মনু ৩.১৫১।

দুর্ব্বসতি স্ত্রী [প্রা.স] দুঃখকর বসতি; দুঃখাবস্থিতি। "রোগোপ-সৃষ্টতনুদুর্ব্বসতি রঘু ৮.৯৪।

দুর্ব্বহ বি [দুর্+ √বহ্+অ (খল)-র্ম্ম; উ.ত] দুঃখে বহনীয়; দুর্দ্ধর, গুরু। "দুর্ব্বহাম্ (ধর্ম্মধুরম্) রা ২.২.৯। °শ্রোণিপয়োধর কু.স ১.১১। °গর্ভখিন্ন উ.চ ২.৯। °শোকভারে সী ২৬।

দুর্ব্বাক্ (-চ্) বিণ [বহুব্রী; স্ত্রী -ক্] যাহার বাক্য দুষ্ট; পরুষ-ভাষী, কটুবাক্। "দুর্ব্বাগ্‌ভাব মহা ১৩.৪০.১৩। —ক্ স্ত্রী [প্রা.স] দুর্ব্বাক্য, পরুষভাষা। "অতীব জল্পন্ দুর্ব্বাচো ভবতীহ বিহেঠকঃ মহা ১.৭৪.৮৯।

দুর্ব্বাচ্য বিণ [সুপ্‌সুপা] ১ দুঃখে বচনীয়; দুরুচ্চার্য্য। ২ পরুষ, কঠোর। —চ্য ক্লী [প্রা.স] ১ দুষ্ট বচন; অপ্রিয় বাক্য। "গো.রা ৫.১৫.৪২। ২ অপবাদ, অকীর্ত্তি।

দুর্ব্বার বিণ [দুর্+ √বারি+অ (খল্)-র্ম্ম] ১ দুঃখে বারণীয়; দুর্নিরোধ। "দুর্ব্বারম্…পরিত্যাগদুঃখম্ রঘু ১৪.৮৭। ২ দুষ্প্রধর্ষ, অশক্যধর্ষণ। "অরি° (পাশ) কু.স ২.২১। দুর্ব্বার সংগ্রামে।—মে ১৪; ২৫৭। —রণ বিণ [দুর্ বারণ, সুপ্‌সুপা] সর্থ 'দুর্ব্বার'। "দ্রোণং দুর্ব্বারণং রণে মহা ৭.১৯১.৩০। —রিত বিণ [সুপ্‌সুপা] দুর্ব্বার্য্য। "দুর্ব্বারিতাস্ত্র মহা ১৩.৫.৫।

দুর্ব্বাসনা স্ত্রী [প্রা.স] দুষ্টা বাসনা; দুরাকাঙ্ক্ষা।

দুর্ব্বাসাঃ (-সস্) বিণ [বহুব্রী; '°সাঃ'—মন্দবস্ত্রযুক্ত (ঋগ্বেদ ৭.১.১৯)] ১ মুনিবিশেষ। [ইঁহার পিতা অত্রি, মাতা অনসূয়া। শঙ্করের অংশে ইঁহার উৎপত্তি (মহা ১.২২৩.৫৩। ভ ৪.১.১৫-৩২)। ইনি অতিকোপন ছিলেন। বনবাসকালে যুধিষ্ঠিরাদির অনিষ্টেচ্ছায় দুরাত্মা দুর্য্যোধন, দ্রৌপদীর ভোজনান্তে কাম্যকবনে পাণ্ডবের আতিথ্য-গ্রহণার্থ ইঁহার নিকটে বর প্রার্থনা করিয়াছিলেন (মহা ৩.২৬১তম

অধ্যায়)।] [সংস্কৃতে 'দুর্ব্বাসাচার্য্য" দুর্ব্বাসেশ্বর' 'দুর্ব্বাসোপনিষদ্' শব্দের 'দুর্ব্বাসা' বিসর্গহীন। তু 'দুর্ব্বাসাকে, দুর্ব্বাসার ইত্যাদি।] ২ শিব।

দুর্ব্বিগাহ বিণ [দুর্-বি+ √গাহ্ +অ (খল্)-র্ম্ম] ১ দুঃখে গাহনীয়; দুষ্প্রবেশ। "দুর্ব্বিগাহম্…শরদুর্দ্দিনম্ গো.রা ৫.৭৬.১০। ২ সুগভীর। "প্রবিশেৎ…দুর্ব্বিগাহং মহার্ণবম্।—পঞ্চ ১.১২০। —গাহ্য বিণ [সুপ্-সুপা] সর্থ 'দুর্ব্বিগাহ'। "দুর্ব্বিগাহ্যাম্ (গঙ্গাম্) মহা ১৩.২৬.৮২।

দুর্ব্বিগাহ্য দ্র 'দুর্ব্বিগাহ'।

দুর্ব্বিজ্ঞেয় বিং [সুপ্‌সুপা] দুর্ব্বোধ, দুজ্ঞেয়। "দুর্ব্বিজ্ঞেয় নিত্যানন্দ তোমার স্বরূপ চৈ.চ ৬০।

দুর্ব্বিদগ্ধ বিণ [সুপ্‌সুপা] ১ অপণ্ডিত, মূঢ়, মূর্খ। "আমার হৃদয় কি দুর্ব্বিদগ্ধ! মনোরথ ফলোন্মুখ হইয়াছে, তথাপি বিশ্বাস করিতেছে না! —কাদ ৮৮। ২ গর্ব্বিত, বৃথাগর্ব্বিত। "বৃথাশস্ত্রগ্রহণদুর্ব্বিদগ্ধ (বে)।

দুর্ব্বিনয় পুং [প্রা.স] নিন্দনীয় বিনয়; অবিনয়, অশিষ্টাচরণ। —নীত বিণ [সুপ্‌সুপা] ১ অবিনীত, অশিষ্ট, অশিক্ষিত। "শাসিতরি দুর্ব্বিনীতানাম্ শ ১.২২। ২ দুর্ব্বৃত্ত, দুরাত্মা। "আঃ…দুর্ব্বিনীতে মহাশ্বেতে!—কাদ ৬২। —নীত পুং অশিক্ষিত অশ্ব।

দুর্ব্বিনীত দ্র 'দুর্ব্বিনয়'।

দুর্ব্বিপাক বিণ [বহুব্রী] যাহার পরিণাম মন্দ; আপাততঃ প্রীতিপ্রদ, পরিণামে অতিশয়ক্লেশকর; দুষ্পরিণাম। "দুর্ব্বিপাকং বিষদ্রুমম্ উ.চ ১.৪৬। দুর্ব্বিপাক বিষবৃক্ষ সী ২১। —পাক পুং [প্রা.স] দুষ্পরিণাম। "দৈব° উ.চ ১.৪০। হি ১$\frac{৫}{৬}$। দৈব°।—সী ২০। দুষ্কর্ম্মের দুর্ব্বিপাক॥—কাদ ১১৪।

দুর্ব্বিবাহ পুং [প্রা.স] আসুরাদি নিন্দিত বিবাহ। "মনু ৩.৪১।

দুর্ব্বিষহ বিণ [দুর্-বি+ √সহ্ +অ (খল্)-র্ম্ম, উ.ত] দুঃখে সহনীয়; দুর্ম্মর্ষণ, দুঃসহ। "দুর্ব্বিষহ শোকদহনে দগ্ধহৃদয় সী ২৩। —ষহ পুং শিব।

দুর্ব্বুদ্ধি বিণ [বহুব্রী; স্ত্রী -দ্ধি] ১ দুষ্টমতি, দুরাত্মা। "গী ১.২৩। ২ মন্দমতি, মূঢ়। "সুদুর্ব্বুদ্ধে মহা ৩.৬১.১৬।

দুর্ব্বৃত্ত বিণ [দুর্ বৃত্ত যাহার, বহুব্রী] ১ কুক্রিয়, দুশ্চরিত। ২ দুরাত্মা। —ত্ত ক্লী [প্রা.স] দুষ্ট কার্য্য; অসদাচরণ, কুকার্য্য। "খলঃ করোতি দুর্ব্বৃত্তম্ হি ৩.২২। —ত্ত পুং দুর্জ্জন। "°মহাসাহসিকাদি যাজ্ঞ ১.৩৩৬। —ত্তা স্ত্রী দুশ্চরিত্রা, দুষ্টা। "রা ১.৪৮.৩১। —ত্তি স্ত্রী [প্রা.স] ১ দুষ্টা বৃত্তি; দুষ্কৃতি, কুকার্য্য। "ম ৩৬০। পাঠানদিগের দুর্ব্বৃত্তির আশু দমন ব.প্র ১০। ২ শঠতা।

দুর্ব্বোধ বিণ [দুর্+ √বুধ+অ (খল্)-র্ম্ম; উ.ত] দুগ্রহ, দুজ্ঞেয়। "কি ১.৬।

দুর্ব্ব্যবহার পুং [প্রা.স] ১ দুষ্ট ব্যবহার; রাগলোভাদি হেতু অবৈধ বিচার। ২ (বাঙলায়) অসদাচরণ।

দুর্ব্ব্যাহৃত ক্লী [প্রা.স] দুষ্ট বচন; পরুষবাক্য। "দুর্ব্ব্যাহৃতাচ্ছঙ্কমানা মহা ৩.২৩১.২১।

দুর্ব্রজিত ক্লী [প্রা.স] অশিষ্ট গমন; নিন্দিত গতি। "শঙ্কমানা দুর্ব্রজিতাৎ মহা ৩.২৩২.২১।

দুর্ভগ বিণ [দুর্ ভগ (ভাগ্য) যাহার, বহুব্রী; স্ত্রী -গা] মন্দভাগ্য, ভাগ্যহীন। "ভ ১.৪.১৮। —র্ভগা স্ত্রী ১ পতিস্নেহ-হীনা নারী; দুয়া। "মহা ১.১৬৯.৭। হি ১.১৭। সুমিত্রা দুর্ভগা হউক কৃ ৩০,-১। চৈ.ম ১৩৪, টীকা। ২ ক্রূরা নারী (A.)।

দুর্ভাগা বিং [সং দুর্ভাগ্য] সর্থ 'দুর্ভাগ্য'। "°গা পতি শি ১০১।

দুর্ভাগ্য বিণ [বহুব্রী যাহার ভাগ্য মন্দ, অভাগ্যবান্। —গ্য ক্লী [প্রা.স] মন্দ ভাগ্য; দুরদৃষ্ট; পাপ।

দুর্ভাষী বিং যে নারীর দুষ্ট ভাষা; কটুভাষিণী, মুখরা। "শর্ম্মিষ্ঠা…বড়ই দুর্ভাষী ম ৬৭।

দুর্ভিক্ষ ব্য [ভিক্ষার অভাব, অব্যয়ীভাব] ভিক্ষার অভাব। বিপ 'সুভিক্ষ'। —ক্ষ ক্লী [বহুব্রী] যে সময়ে ভিক্ষা দুর্লভ; শস্যের অনুৎপত্তি হেতু ভিক্ষালাভ-কাল; অন্নকষ্টকাল, আকাল। "হি ১.৭৫। দুর্ভিক্ষমন্নং স্মরণং চিরায় (উদ্ভট)। (বিদ্যুৎ) দুর্ভিক্ষায় সীতাভবেৎ (মহাভাষ্য)।

দুর্ভিদ বিণ [দুর্ ভিদা যাহার, বহুব্রী; স্ত্রী -দা] ১ যাহার ভেদ দুঃখকর; অশক্যভেদন, দুর্ভেদ্য। "দুর্ভিদম্…চক্রব্যূহম্ মহা ৭.৩৩.১৮; গিরিম্…দুর্ভিদম্ ৩৪.৮। ২ সর্ব্বথা অশক্যত্যাগ। "মমতাম্…সুদুর্ভিদাম্ ভ ৫.১৯.২৫। —র্ভেদ্য বিণ [সুপ্‌সুপা] সর্থ 'দুর্ভিদ'। "(দদাহ) দুর্ভেদ্যাঃ…ত্রিপুরঃ ভ ৭.১০.৬৬। ২ যাহা কষ্টে ভাঙ্গা যায়; দুর্ভঙ্গ। "সুজনস্তু কনকঘটবদ্ দুর্ভেদ্যঃ হি ১.৯৩।

দুর্ম্মতি বিণ [বহুব্রী; স্ত্রী -তি] ১ যাহার মতি দুষ্টা; দুর্ব্বুদ্ধি। "মনু ১১.৩০। ২ অজ্ঞানাচ্ছন্ন-মতি, মূঢ়ধী। "ভ ৩.৬০.৩। ৩ দুরাত্মা, দুর্ব্বৃত্ত। "রা ২.৩১.২১। —র্ম্মতি স্ত্রী [প্রা.স; ছান্দস] দুষ্টা মতি; মলিনবুদ্ধি; কুবুদ্ধি।

দুর্ম্মদ বিণ [দুর্ (অতিশয়) মদ যাহার, বহুব্রী; ছান্দস] অতিমত্ত, উন্মত্ত। "যুদ্ধ°, সমর°, সংগ্রাম° (মহা)। স্মর° ভ ১.১৫.৭। দুর্ম্মদ আয়ান রা.শে ৩৪; দুর্ম্মদ কুটিলা ১০১। দুর্ম্মদ সংগ্রামে।—মে ১৪৮, -৫০, -৫১। ঈর্ষ্যা দুর্ম্মদ।—হেম ৫৮। —র্ম্মদ বি অতিমত্ততা। "জীবিত জীবের দণ্ড করিত অশেষরূপ দুর্ম্মদে ডুবিয়া।—হেম ১১১।

দুর্ম্মনঃ (-নস্) ক্লী [প্রা.স] দুষ্ট চিত্ত; পাপ মনঃ। "রা ২.৩১.২০। —র্ম্মনাঃ (-নস্) বিণ [বহুব্রী; স্ত্রী -নাঃ] ১ দুঃখিতচিত্ত, বিমনাঃ, বিষাদিত। "কেন ত্বমসি দুর্ম্মনাঃ রা ২.২৬.৯। মহা ১.১৬৬.২৮। ভ ১.৬.১৯। ২ ব্যাকুলচিত্ত, উৎকণ্ঠিত।

দুর্ম্মনায়মান বিণ [দুর্ম্মনস্+য (ক্যঙ্)— √দুর্ম্মনায়+মান (শানচ্) -ক] বিষণ্ণচিত্ত। "দেবী দুর্ম্মনায়মানা হইলে সী ৫।

দুর্ম্মন্ত্রিত বিণ [সুপ্‌সুপা] দুষ্টভাবে মন্ত্রিত। "ত্বয়া দুর্ম্মন্ত্রিতং দ্যূতম্ ৫.১২৮.৪। —ত ক্লী [প্রা.স] কুমন্ত্রণা। "মহা ৫.২৩.২৬।

দুর্ম্মর্ষণ বিণ [দুর্+ √মৃষ্ +অন (যুচ্)-র্ম্ম] দুঃখে সহনীয়; দুঃসহ। "এষ দুর্ম্মর্ষণো যুদ্ধে গো.রা ৬.৩.৩৩। —র্ষণ পুং বিষ্ণু।

দুর্ম্মল্লিকা, -ল্লী স্ত্রী উপরূপকবিশেষ। 'সা.দ ৬.৩০৩,-৫।

দুর্ম্মল্লী দ্র 'দুর্ম্মল্লিকা'।

দুর্ম্মুখ বিণ [বহুব্রী] ১ যাহার মুখ বা বাক্য মন্দ; বিকৃতমুখ, অপ্রিয়দর্শন। "গো.রা ৩.২৩.১৫। রূপং দন্তুরদুর্ম্মুখম্ ক.সা ১২.৫২। ২ অপ্রিয়বাদী, কটুভাষী, মুখর। "(হরলাল) পিতার অবাধ্য এবং দুর্ম্মুখ ব.দ্বি ২৫৫। —র্ম্মুখ পুং ১ অশ্ব। ২ সর্প। ৩ শিব (মহা)। ৪ রামের অন্তঃপুরচারী ভৃত্যবিশেষ। "উ.চ ১$\frac{৩}{৬}$। সী ১৭। ৫ উত্তরদ্বার গৃহ। ৬ (বাঙলায়) বিকৃতমুখ, কটূত্তর। "কুটিলে কয় করি দুর্ম্মুখ, ধিক্ লো ধিক্ কালামুখ।—দা ১২৬। —র্ম্মুখী বি কটুভাষিণী, মুখরা। "দুর্ম্মুখি! আবার! ফের!…ভগ্নীপতি হবে কয় জন?—ন ৯৭২।

দুর্ম্মুশ বি [হি °স] কাঁকর বা পাথর পিটাইয়া সমতল করার নিমিত্ত লোহা বা পাথরের পিণ্ডে ডাণ্ডা-বসান মুদ্গর। [দুর্ম্মুশ করা—দুর্ম্মুশ দিয়া পিটাইয়া ভূমি সমতল করা।]

দুর্ম্মূল্য বিণ [বহুব্রী] ১ নির্ণীত মূল্য অপেক্ষা যাহার অধিক মূল্য; মহার্ঘ। ২ [বাঙলায়; অপ্র] দুর্লভ। "দুর্ম্মূল্য যেই বর দু ৬২।

দুর্ম্মেধাঃ (-ধস্) বিণ [দুর্ মেধা যাহার, বহুব্রী, সমাসান্ত 'অস্' (অসিচ্)-১ব; তু 'অকারান্ত আর্ষ 'দুর্ম্মেধ'—°বান্, °ধৈঃ (ভ ১.৪.১৭; ২৪)] যাহার ধারণাবুদ্ধি মন্দ; মন্দমতি, মন্দবুদ্ধি, বিবেকাসমর্থ। বিপ 'সুমেধাঃ'। "গী ১৮.৩৫। মাঘ ২.২৬।

দুর্যশঃ (-শস্) স্ত্রী [প্রা.স] অপ্রশস্ত যশঃ; অকীর্তি। —র্যশ বি [তু 'লি, প্রা জস] অখ্যাতি। "°বাণী চৈ.ভা ৪১৬।

দুর্যোগ পুং [প্রা.স] ১ দুষ্ট যোগ; দুষ্টগ্রহ-যোগবিশেষ। ২ দুষ্টভাব। "দাসীভূতাস্মি দুর্যোগাৎ· সপত্ন্যাঃ।—মহা ১.২৭.১৩। ৩ কলহ। "উ.চ ৬২৯/১৩। ঘটাবি একটা দুর্যোগ।—দা ৯৪৮। ৪ (বাঙলায়) ঝড়বৃষ্টি, ঝঞ্ঝাবাত। "দুর্যোগ আঁধারে চ.কা ৩৭৮।

দুর্যোধ বিণ [দুর্+ √যুধ্+অ (খল্)-র্ম, অন্তর্ভূতণার্থ, মুগ্ধবোধ ১১৬৩, টীকা] দুঃখে বোধনীয়; মহাযোধ। —ধন বিণ [+অন (যুচ্)-র্ম] সর্থ 'দুর্যোধ'। —ধন পুং—ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠপুত্র। [ইনি খলপ্রকৃতি ছিলেন। শৈশব হইতেই পাণ্ডবের, বিশেষতঃ ভীমের প্রতি, ইঁহার বিশেষ বিদ্বেষ ছিল। ধৃতরাষ্ট্রকৃত যুধিষ্ঠিরের যৌবরাজ্যাভিষেকের পরে, পিতাকে বশীভূত করিয়া, পাণ্ডবগণকে বারণাবতে প্রেরণ করেন। পাণ্ডবেরা এইস্থানে জতুগৃহে বাস করেন এবং বিদুরের পরামর্শে রাত্রিতে জতুগৃহদাহপূর্ব্বক সুরঙ্গপথে মাতার সহিত নির্গত হইয়া বনে প্রবেশ করেন। রাজসূয়যজ্ঞে পাণ্ডবের সম্পত্তিদর্শনে ঈর্ষান্বিত হইয়া ইনি কপট দ্যূতে পাণ্ডবগণকে পরাজিত করিয়া নির্ব্বাসিত করেন। বনবাসান্তে পাণ্ডবেরা স্বরাজ্য, তদভাবে পঞ্চ গ্রাম প্রার্থনা করিলে, ইনি বিনা যুদ্ধে সূচ্যগ্রপরিমিত ভূমি দিবেন না, প্রতিজ্ঞা করায় ভারত-সমরের সূত্রপাত হয়। ভীষ্মাদির সৈনাপত্যে অষ্টাদশ দিবসের মহাসমরে প্রায় সকল বীর নিহত হইলে, হতদর্প দুর্যোধন দ্বৈপায়ন হ্রদে আশ্রয় গ্রহণ করেন। পাণ্ডবেরা কৃষ্ণের সহিত হ্রদতীরে গমনপূর্ব্বক দুর্যোধনকে উত্তেজিত করিয়া ভীমের সহিত গদাযুদ্ধে প্রবর্ত্তিত করেন। এই যুদ্ধে দুর্যোধনের ঊরুদ্বয় ভগ্ন হয়। সৌপ্তিকপর্ব্বে অশ্বত্থামার নিকটে পাণ্ডবাদির নিধনসংবাদ-শ্রবণের পরে দুর্যোধনের প্রাণত্যাগ হয়।]

দুর্যোনি বিণ [দুর্ যোনি যাহার, বহুব্রী] দুষ্টযোনিক, নিন্দিত-জাতি। "মনু ১০.৫৯। —নি স্ত্রী [প্রা.স] নিন্দিত জাতি।

দুর্লভ বিণ [দুর্+ √লভ্+অ (খল্)-র্ম; উ.ত] ১ দুঃখে লভ্য; দুরাপ, দুষ্প্রাপ্য। বিপ 'সুলভ'। "রা ১.১.১৭। দুর্লভো হি শুচির্নরঃ মনু ৭.২২। দুর্লভা সদৃশী ভার্য্যা।—চাণক্য। রঘু ১.৬৭। শুদ্ধান্তদুর্লভমিদং বপুঃ শ ১.১৭। ২ অতিপ্রশস্ত। "সর্ব্বত্র সুলভা গঙ্গা ত্রিষু স্থানেষু দুর্লভা। হরিদ্বারে প্রয়াগে চ গঙ্গাসাগরসঙ্গমে॥ ৩ প্রিয়। "জামাইর দুর্লভ হইত বি.পা ৩০১; প্রাণের দুর্লভা মোর ঠাকুরাণী ঝি ৩২৭। ৪ (বাঙলায়) মহার্ঘ, দুর্মূল্য। "দুর্লভ চন্দন চুয়া ভা.চ ২৮৬। —ভ পুং বিষ্ণু। —ভা স্ত্রী শ্বেতকণ্টকারী।

দুর্লভা দ্র 'দুর্লভ'।

দুর্ললিত বিণ [দুর্ ললিত (ইচ্ছা) যাহার, বহুব্রী] ১ দুষ্টেচ্ছাযুক্ত, দুশ্চেষ্টান্বিত, চপল (ত.বা); অলোকসাধারণস্নেহে পালন হেতু দুর্দান্ত; দুর্বিনীত, উদ্ধতচারী, দুলাল, আবদেরে। "স্পৃহয়ামি খলু দুর্ললিতায়াস্মৈ। —শ ৭২৯/১৮। বালস্য মে প্রকৃতিদুর্ললিতস্য বে ৪.৫; হা মদঙ্কদুর্ললিত! ৪২৬/১৫। ২ অতিপ্রিয়। "°মূর্ত্তিঃ…বকুলপ্রসবমালা মা.মা ৯২/১৮। —লিত স্ত্রী [প্রা.স] দুষ্টা ইচ্ছা; দুর্লভবস্তুলাভার্থ বাঞ্ছা; দুর্বিনীতাচার, অবিনয়, আবদার। "স শশাপ…রোষান্ মুনিষু হিতরং তব। অতি-দুর্ললিতৈঃ… ॥—হ ১৪৯.৬৯।

দুর্লহ বিং [সং দুর্লভ >প্রা দুল্লহ >বা °হ (অর্দ্ধতৎসম); অপ্র] দুর্লভ। "দুর্লহ পুষ্প শ্রী.ম ১৮৮।

দুর্লেখ্য স্ত্রী [প্রা.স] দুষ্ট লেখ্য; যে লেখ্যে সন্দিগ্ধ বা অপাঠ্য অক্ষর বা পদ থাকে; কদক্ষরলিখিত লেখ্য। "যাজ্ঞ ২.৯৩।

দুর্হৃৎ (-দ্) বিণ [দুর্ হৃৎ যাহার, বহুব্রী, -১ব; স্ত্রী -ৎ] দুষ্টমনাঃ, দুরাত্মা। "অশ্মসারময়ং নূনং হৃদয়ং মম দুর্হৃদঃ মহা ৩.৩১২.১৩। —র্হৃৎ পুং [দুর্ হৃদয় যাহার, বহুব্রী, হৃদয় >হৃৎ (অমিত্রার্থে); অন্যার্থে 'দুর্হৃদয়', পা ৫.৪.১৫০] অমিত্র, শত্রু। বিপ 'সুহৃৎ'। "দুর্হৃদাম-প্রহর্ষায় সুহৃদাং নন্দনায় চ।—মহা ২.২৫.৬। —র্হৃদয় বিণ [দ্র 'দুর্হৃৎ'] দুষ্টান্তঃকরণযুক্ত, ক্রূরমনাঃ।

দুল্ সক [চু, প—দোলয়তি; সেট্] ১ উৎক্ষেপ। "দোলয়তি ধূলিং বায়ুঃ (ক.ক)। ২ দোলন, দোলান। "দোলয়তি গোবিন্দং ভক্তঃ (ক.ক)।

দুল১, দোল অর্ম [সং √দুল্; হি, ঠ, গু √ডু(ডো)ল] ১ আন্দোলিত হওয়া; দোলা। "দোলে রঙ্গণফুলের মালা।—ন.প ২৮৯; দোলত …বনমাল ৩৫৩। হৃৎকমল-মঞ্চে দোলে করালবদনী শ্যামা।—রামপ্রসাদ। দুরুদুরু মোর দুলিবে হিয়া চ.কা ৪; ৩৫৬। আবেগে আমার মন দুলচে।—ঘ ১৭৫। ২ বিচলিত হওয়া। "ঠকচাচা হেলবার-দোলবার পাত্র নয় আ.দু ৫১। ৩ ভয়ে কাঁপা। "ঘোর আন্ধিয়ারে… হিয়ার পুতলি দোলে।—প র ৫৫। ৪ রসাবেশে বিচলিত হওয়া। "হাসির হিলোলে মোর… পরাণ পুতলি দোলে প.র ২৭। [দোল,-লত—দোলে (প.ক)। দোলা২—সর্থ 'দুল১'।]

দুল২ বি [দুল১ >°ল; ঠ, গু ডুল] কানের দোলা গহনাবিশেষ। "মীনের দুল।—দা ১৪৮১। তুমি কর্ণ, আমি দুল।—য ১০। কর্ণে ফুল দুল।—ন ৮৯২। বায়ু এসে দুলাইছে দুল।—চ.কা ২৩। শিশু ৪৫। অ.গু ২২।

দুলকি বি [হি °কী; 'দুল১—মূল] ঘোড়ার চালবিশেষ (trot)। "পাল্কী চলে… দুলকি চালে… নৃত্য-তালে!—কু.কে ২৯।

দুলজ্ঘ বিং [অপ্র] দুর্লঙ্ঘ্য। "গড়খাই করে দুলজ্ঘ করিয়া বি.পা ১০২।

দুল(লি)চা বি [হি দুলী(লৈ)চা] গালিচা, কার্পেটবিশেষ। "দুলিচা ক.চ ৭৫। দুলচা বি.পা ১৯৫। দুলিচা ব.প ১৫১৩; বা.ম ১৪১।

দুলদুল১, দুলুদুলু বি [দুল১—°ল (দ্বিত্ব)] ১ নিরন্তর দোলন বা সঞ্চলন। "বেশর…করে দুলদুল।—ব.প ১৮৬। সা.ম ৩৯। করে পদ্ম-ফুল… করে দুলদুল স্ব.প্র ১। ২ ভয়ে হৃৎকম্প। "হিয়া দুলুদুলু রা.শে ৬২। [দুলদুলে শরীর—স্থূলকায়।]

দুলদুল২ বি [ফা দুল্‌দুল্] মহম্মদের জামাতা আলীর ঘোড়া।

দুলভ, -লহ বিং [সং দুর্লভ >প্রা দুল্লহ; বৈষ্ণবসাহিত্যে; 'দুল্লভ' (গো.চ)] দুর্লভ। "দুলহ জীবন শ্রী.কী ১৫৯; দুলভ ২৪৫। দুলহ লোচন কোণা বি.প ১৫; দুলহ লেহ ১০৩,-৬২। বিহি দুলহ প্রেমধন গো ৩৪; পরিচয় দুলহ ১৫১। শ্রী.ম ১৬৮। বিহি দুলহ মোদ।—ন.প ২৯৫। দুহুঁক দুলহ দুহুঁ।—জ্ঞা ১২০। দুহুঁক দুলহ ব.প ১০৪৩। দুলহ সম্পদে জ.প ৬৬।

দুলা, দোলা১ সর্ম [দু(দো)ল১+আ৮; সং √দুল্, হি √ডুলা] ১ আন্দোলিত বা সঞ্চলিত করা; দোলান। "দুলায় চামর বি.পা ৫৩; চামর দোলায় ১৯৫; দুলায় চামর ২৭৭। (হৃৎকমল-মঞ্চে শ্যামা) মন-পবনে দুলাইছে দিবস রজনী ওমা—রামপ্রসাদ। হেম ৩৬৯। বায়ু এসে দুলাইছে দুল।—চ.কা ২৩। গা দোলাইয়া কলসী নাচিতেছে ব.প্র ২৬৬। ২ আলম্বিত করা; ঝুলান। "শচীর গলায় জয়া হাসি দোলাইলা… ফুলমালা।—মে ৫৬। সুবর্ণচম্পক-দাম গাঁথি যেন রতি… দোলাইলা…মদনের গলে।—মা ১২৪। ৩ ভাবাবেশে অধীর করা। "কত ছাঁদে নয়ান ঢুলায়। মন সনে পরাণ দোলায়॥—ব ১৫৫। [দু(দো)লান—সর্থ 'দুলা১'। দুলায়িত (সং দোলায়িত; অসাধু)—আলম্বিত। "কটিতটে দুলায়িত… অসি।—হেম ৩৭।]

দুলাল১, -লালিয়া বিং [সং দুর্ললিত>প্রা দুল্ললিঅ >বা (দুললি-আ, -য়া) °লালিয়া, -ল; হি দুলারা; মৈ দুলারুআ, -রু] অতিপ্রিয়, আদুরে, আবদারে। "বাপের দুলাল বেটা।—কু ২৫৬,-৮৩। বাপের

দুলাল পুত্র ম ৮৩৭। তুমি দুলাল বহিনী।—ব.প ২৬১। তোমার দুলাল কানু।—ব ৪৮। —লা, -লিয়া বি অতিপ্রিয় পুত্র; আদুরে ছেলে। "রাজ দুলালিয়া গো.চ ৬১; ১১৭। আরে মোর বাছুয়া দুলাল চ.সা ২৯৪। নন্দের দুলাল চাঁদ জ.প ৪৯। নন্দের দুলাল নাচে প.র ৭। শচীর দুলালিয়া ন.প ১০২। আমার জীবন দুলালিয়া রা.শে ৩৭। °য়া চৈ.ম ৪০; শ্রী ৫০; ২৩১। —লী বি [°ল+ঈ৬; হি দুলারী] স্নেহপাত্রী, প্রিয়কন্যা, আদরিণী। "সামীর বড়ই দুলালী শ্রী.কী ৭২। দুলালী ভগিনী ম.ভা ৩৩। সভার দুলালী এই (লক্ষ্মী)। —চৈ.ম ৭০। ও মোর দুলালি (বধূ) রা.শে ৮৭। [দুলালি ধরণের শরীরখানি—আদর-যত্নে পালিত কান্তিপুষ্টিযুক্ত দেহটি। "(কোকিল) যখন শ্রাবণের ধারায় আমার চালাঘরে নদী বহে,...তখন তোমার... দুলালি ধরণের শরীরখানি কোথা থাকে?—ব.প্র ৬০১।]

দুলাল[2] বি পুষ্পবিশেষ ও তাহার গাছ (বাবুই তুলসী?)। "দুলালের ডাল শ্রী.কী ২২৪। তুলিল দুলাল শূ ৩০।

দুলাল[3] বি আদর। "শচী জগন্নাথ মেলি, পুত্রের দুলাল করি,—তুমি মোর সরবস ধন চৈ.ম ৫০।

দুলি, -লী স্ত্রী [√দুল্+ই (কি)-ক (অ.টী); দুলি+ঈ (ঈপ্) —অ.টী; তু 'দুলী'—কচ্ছপ (দেশী ৫.৪২)] কচ্ছপী।

দুলিত বি [সং দোলিত] লম্বিত। "মণিময় কুণ্ডল শ্রবণে দুলিত ভেল বি.প ১৪৯।

দুলী দ্র 'দুলি'।

দুলে বি [দোলা+এ[1]] দোলাবাহকজাতিবিশেষ। —ল্যা বি [দোলীয়া >°ল্যা, 'দ্র 'এ[1]] দোলাবাহক। "দুল্যা বলে এই জন চলিতে না পারে ম ১০৩৭। [দুলে বেহারা—দোলা-বাহক। "হু ২২২।]

দুল্যমান বিং [সং দোদুল্যমান >°ন; অপ্র] লম্বমান। "দর্শকেরা গাছে উঠিয়া...কোথাও বাদুড়ের মত দুল্যমান।—ব.প্র ৪৪৪; লাঙ্গুল-কর্ণদুল্যমানা...গাভী ৬২৬।

দুল্যা দ্র 'দুলে'।

দুল্লিল বি [দুল্ললিঅ >দুল্ললি >°ল; দ্র 'দুলাল[1]'; অপ্র] আদর। "যথা-তথা যাই সে দুল্লিল করে মোরে। দুল্লিল লাগিয়া কেহ পড়াইতে নারে॥ —চৈ.ম ১৯৯। ['দুলালা'—টীকা]

দুশমন বি [ফা দুশ্‌মন্; হি, গু দুশমন; ঠ দুসমন] শত্রু, দ্বেষী। [°নী (ফা °নী)—শত্রুতা।]

দুশ্চর বিণ [দুস্ √চর্+অ (খল্)-র্ম; উ.ত; স্ত্রী -রা] ১ দুঃখে আচরণীয়; দুষ্কর, কঠোর। "বিধিম্...দুশ্চরম্ (মহা)। তপস্তপ্তা সুদুশ্চরম্ মনু ১.৩৪। দুশ্চরং তপঃ রঘু ৮.৭৯। ২ দুর্গম। "°রং দণ্ডকং বনম্ গো.রা ৩.২৬.৭। —র পুং ১ শম্বুক। ২ ভল্লুক।

দুশ্চরিত বিণ [বহুব্রী] ১ যাহার কার্য্য দুষ্ট; দুষ্কর্ম্মা, দুর্ব্বৃত্ত। ২ [সুপ্-সুপা] কষ্টে অনুষ্ঠিত। —রিত ক্লী [প্রা.স; ছান্দস] ১ নিষিদ্ধাচরণ, অবৈধানুষ্ঠান। "মনু ১১.৪৮; ২৬৪। ২ দুষ্কৃত, পাপ। "ন...পশ্যামঃ কিঞ্চিদ্ দুশ্চরিতং ত্বয়ি গো.রা ৩.১.১০। গৃহে দুশ্চরিতানি (ন প্রকাশয়েৎ)।—চাণক্য। ৩ অশিষ্টাচরণ।

দুশ্চরিত্র বিণ [বহুব্রী] দুষ্টচরিত্রযুক্ত। "মহা ১৩.৬৩.৪।

দুশ্চর্ম্মা (-র্ম্মন্) বিণ [দুস্ (অপসারিত) চর্ম্ম যাহার, বহুব্রী,-১ব; ছান্দস] যাহার শিশ্নমুখ অপাবৃতচর্ম্মা; অপাবৃতমেঢ্র; কুষ্ঠী, কুষ্ঠরোগী (মিতাক্ষরা)। "দুশ্চর্ম্মা গুরুতল্পগঃ মহা ১৩.৯০.১০; যাজ্ঞ ৩.২০৯; বিষ্ণু ৪৫.৬।

দুশ্চারিণী বিং দ্বিচারিণী, ব্যভিচারিণী। "অহল্যার মতন আমি দুশ্চারিণী নই ব.প ৩৮৫। ম.পা ৪৬। ন ১০১৫।

দুশ্চিকিৎসা স্ত্রী [প্রা.স] মন্দচিকিৎসা, মিথ্যাচিকিৎসা। "মনু ৯.২৮৪, কুল্লুক। —ৎস্য বিণ [সুপ্‌সুপা] কষ্টে চিকিৎসনীয়; দুষ্প্রতিকার্য্য (রোগ)। "উহা বায়ুরোগ। অতিদুশ্চিকিৎস্য।—ব.প্র ২৪৪।

দুশ্চ্যবন পুং [দুঃসহ চ্যবন যাহার, বহুব্রী; ছান্দস] ইন্দ্র। "ভট্টি ৫.১১। [বৃদ্ধ চ্যবন অশ্বিনীকুমারদ্বয়ের চিকিৎসায় যুবা হইয়া, তাঁহাদিগকে যজ্ঞীয়াংশদানে ইচ্ছা করিলে, ইন্দ্র তাঁহাকে বারণ করেন। মুনি নিষেধ না শুনিলে, ইন্দ্র মুনিবধার্থ বজ্র উদ্যত করেন। মুনি সেই উদ্যত বজ্রহস্ত স্তম্ভিত করেন (অ.টী)।]

দুষ্ অক [দি, প—দুষ্যতি; অনিট্; দূ(দো)ষি (ণিজন্ত)] বৈকৃত, অশুদ্ধীভাব, দোষ। "দুষ্যতি লোকঃ পাপাৎ (ক.ক)। [প্র—ব্যভিচার। "প্রদুষ্যন্তি কুলস্ত্রিয় গী ১.৪০।]

দু(দূ)ষী বিং [দোষী >দুষী] দোষযুক্ত, অপরাধী। "কোন দোষে দূষী আমি।—ম ৪৪২। মুঞি হৈনু দুষী ভ.গ্র ১৮১। তুমি তারে, যেমনি কর দুষী।—শিশু ১৩,-৪।

দুষ্কর বিণ [দুস্+ √কৃ+অ (খল্)-র্ম; উ.ত; স্ত্রী -রা] ১ দুঃখে করণীয়; দুঃসাধ্য। বিপ 'সুকর'। "কর্ম্ম দুষ্করম্ গো.রা ৬.২২.৮। মনু ৭.৫৫। ২ কঠোর। "তপঃ সুদুষ্করম্।—হি ১৮ (কথারম্ভ)। ৩ দুর্লভ (টীকা)। "রা ২.৭৩০৮। ৪ [বাঙলায়; অপ্র] দুঃখকর, পীড়াজনক। "হেন সীতা বর্জ্জে রাম সুনিতে দুষ্কর কৃ.উ ১৭২। বিশেষে মায়ের কর্ম্ম শুনিতে দুষ্কর। ম ৫৫০। ৫ অমার্জ্জনীয়, গুরুতর। "করিল দুষ্কর দোষ ক্ষম শূলপাণি ম ১০৭০। ৬ দুর্গম। "বিন্দুক্ষেত্র বিন্দুহ্রদ বিরজা দুষ্কর ম ১০৮৮। ৭ দুস্তর। "মাতৃবধপাপ তাত দুষ্কর।—ম ১০৮৯। ৮ ঘৃণা-জনক। "কিন্তু চুরি করিয়াছে৹ শুনিতে দুষ্কর ভা.চ ৪১৩। —র ক্লী ১ দুঃসাধ্য কার্য্য। "°কারিণঃ (রামস্য) রা ২.৩২.২। ২ আকাশ।

দুষ্কর্ম্ম (-র্ম্মন্) ক্লী [প্রা.স] দুষ্ট কর্ম্ম; কুকৃত্য, পাপ। "°র্ম্ম (পাঠান্তর) মহা ৫.১৩.১৫। —র্ম্মা বিণ [বহুব্রী; স্ত্রী -র্ম্মা] পাপকর্ম্ম-কারক, দুর্ব্বৃত্ত, দুশ্চরিত।

দুষ্কুল বিণ [বহুব্রী] যাহার কুল নিন্দিত; নিন্দিতকুলজাত। —ল ক্লী [প্রা.স] নিন্দিত কুল; নিকৃষ্ট কুল। (আদদীত) স্ত্রীরত্নং দুষ্কুলাদপি মনু ২.২৩৮। —লীন বিণ [°ল+ঈন (খ)] দুষ্কুলজাত, হীনবংশজ।

দুষ্কৃৎ বিণ [দুস্+ √কৃ+কিপ্ (০)-ক-১ব; উ.ত] পাপকারী, দুষ্ট-কর্ম্মকারী; অর্থপ্রাণাদিহর্ত্তা। "বিনাশায় চ দুষ্কৃতাম্ গী ৪.৮। ভ ৩.১৮. ২১। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম] ১ অন্যায়ভাবে কৃত; পাপজনক, পাপ। "°কর্ম্ম মনু ৪.২৪৮। দুষ্কৃতং কর্ম্ম ১১.২৩০। ২ (বাঙলায়) দুর্ব্বৃত্ত, পাপী। "ন ১০৬৫; বিনাশ দুষ্কৃতদের ১১৬২; °দমন ১১৬৭। —কৃত ক্লী [প্রা.স] নিন্দিত কৃত (কার্য্য), পাপ। বিপ 'সুকৃত'। "সোঽস্মরদ্ দুষ্কৃতং কৃতম্ রা ২.৬৩.৪। সুকৃত° গী ২.৫০। °ভার বা.দ ১০০,-১। —কৃতি বিণ [বহুব্র; স্ত্রী -তি] যাহার কৃতি (কার্য্য) নিন্দিত; পাপকারী, পাপী। "গো.রা ২.২২.৮। দুষ্কৃতীনবধূননম্ (অনঙ্গরতি)।—মনু ৩.২৩০। °তির নাহি স্থান তবাঙ্‌ঘ্রি বিহনে ম.পা ৩১। —কৃতি স্ত্রী [প্রা.স] দুষ্কর্ম্ম, পাপ। "ম ৪৪৪। °নাশিনি ম.পা ১৬৩। —তী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -তিনী] দুষ্কৃতবান্, দুষ্কর্ম্মা, পাপী। "গো.রা ২.৫৩.৩৪। মনু ১২. ১৬। রঘু ১৪.৫৭।

দুষ্কৃতি, দুষ্কৃতী দ্র 'দুষ্কৃৎ'।

দুষ্খ ক্লী [দ্র 'দুঃখ'; সমাসে নিত্য 'স', ষত্ব, বিসর্গমধ্য 'দুঃখ' রূপান্তর (অ.টী); তু 'দুস্ক,-স্ক (গো.চ); দুষ্ক (চ.বি ১৮); দুষ্ক,-খ (ব.প ১৪১৬,-৭)] দুঃখ। "সুখ দুষ্খ শ্রী.মা ১১, -২। সে দুষ্খে পাথর ভাসে চৈ.ম ১৩৪। ভ.গ্র ১২৪। শি ৮৫। —ষ্খিত বিং দুঃখিত। "শ্রী.মা ২০। চৈ ২০।

দুষ্ট বিণ [√দুষ্+ত (ক্ত)-ক] ১ বিকৃত, বিকারপ্রাপ্ত, দোষান্বিত। "অনেকদোষদুষ্টোঽপি কায়ঃ কস্য ন বল্লভঃ।—ক ১.২৬৫। ২ দুর্ব্বৃত্ত,

দুরাত্মা, পাষণ্ড। "দুষ্টগণ দেখে যেন মহাভয়ঙ্কর চৈ.ভা ৮৪ ; ১২৭। **৩** অধম। **৪** দুর্বল। **৫** অপরাধী। "ভ ৪.১৭.২৩। **৬** নষ্ট। **৭** পরুষ, কটু। "°বাক্ মনু ৮.৩৮৬। **৮** দুশ্চরিত্র, অসৎ। "দুষ্টা ভার্য্যা হি ২.১১৯। **৯** অবিনীত, অশিক্ষিত; হিংস্রক। "দুষ্টাশ্ব। —কঠোপনিষৎ ৩.৫। দুষ্টসত্ত্ব রঘু ২.৮। **১০** যাতযাম, পর্য্যুষিত। "হবীংষ্যদুষ্টানি ভ ৪.১৩.২৭। **১১** পাপ, ক্রুর। "°ভাবনা রা ১.৩.১২। °চেতস্ মনু ৩.২২৫। °বুদ্ধি, °ভাব (S.W.)। **১২** পিত্তাদিদোষযুক্ত। **১৩** (ন্যায়ে) হেত্বাভাসযুক্ত। "দ্বিতীয়ঃ (পক্ষঃ) অত্যন্তদুষ্টঃ (S.W.)। **১৪** দুশ্চিকিৎস্য (ব্রণ)। —ষ্ট পুং দুর্জন। বিপ 'শিষ্ট'। "রঘু ১.২৮। °পক্ষ ব.প ৮৩১। —ষ্ট ক্লী **১** কুষ্ঠরোগ। **২** [+ত-ভা] বিকৃতি, দোষ। —ষ্টা স্ত্রী অসতী। [°চক্র (বিং)—কুমন্ত্রণাকারী। "ম ১৮১। °চারী (-রিন্) বিণ—দুষ্টাচার, দুরাচার। "মহা ৪.৪..৫। °পথী (বিং)—কুপথগামী, দুরাচার। "ম ৫৯৬। °বাক্ (-চ্) বিণ—পরুষভাষী। "বিষ্ণু ৫.১৯২। °বৃষ (পুং)—গ'ড়ে ষাঁড়। °ব্রণ (পুং) —দুশ্চিকিৎস্য ব্রণবিশেষ। "হি ২.১০৪। °যোগ (পুং)—অশুভ যোগ; বৈধৃতিব্যতীপাতাদি।] [°পণ (বি)—দুষ্টপনা, দুষ্টামি। "ম ৩২০,-১।]

দুষ্টা(ষ্টু)মি বি [দুষ্ট+আমি²] দুষ্টপনা, দৌরাত্ম্য। "তোরা জেলে যাচ্ছিস তবুও দুষ্টুমি করিতে ক্ষান্ত নহিস আ.দু ৫১।

দুষ্টি স্ত্রী [√দুষ্+তি (ক্তিন্)-ভা; ছান্দস] দোষ, বিকৃতি। "দুষ্টৌ হি ত্বা ভৎস্যামি (অথর্ববেদ)। রক্তং দুষ্টিমায়াতি (সুশ্রুত)।

দুষ্ঠু ব্য [দুস্+√স্থা+উ (কু), উ১.২৫] নিন্দা। বিপ 'সুষ্ঠু'।

দুষ্পচ বিণ [দুস্+√পচ্+অ (খল্)-র্ম্ম] কষ্টে পচনীয়, গুরুপাক (খাদ্য)।

দুষ্পরিগ্রহ বিণ [দুস্-পরি+√গ্রহ্+অ (খল্)-র্ম্ম] দুঃখে পরিগ্রহণীয়; দুর্গ্রাহ্য। —গ্রহ পুং [প্রা.স] দুষ্টা স্ত্রী।

দুষ্পরিহর বিং দুঃখে পরিহার্য্য বা ত্যাজ্য; দুস্ত্যজ।

দুষ্পার বিণ [দুস্+√পার+অ (খল্)-র্ম্ম; স্ত্রী -রা] কষ্টে তরণীয়; দুস্তর। "সুদুষ্পারং শোকসাগরম্।—রা ২.৫৯.২৭। তমসঃ...দুষ্পারস্য ভ ৩.২৫.৮; দুষ্পারম্...ব্যসনার্ণবম্ ৪.২৪.৭৫। দুষ্পার নরকসিন্ধু ম ৪৯। দুষ্পার সংসার শ্রী ৭৫।

দুষ্পূর বিণ [দুস্+√পূর্+অ (খল্)-র্ম্ম] দুঃখে পূরণীয়; অশক্যপূরণ। "গী ২.৩৯; কামম্...দুষ্পূরম্ ১৬.১০।

দুষ্প্রধর্ষ বিণ [দুস্-প্র+√ধৃষ্+অ (খল্)-র্ম্ম; স্ত্রী -র্ষা] **১** দুঃখে ধর্ষণীয়; অশক্যধর্ষণ, দুর্দ্ধর্ষ। "মহা ১৩.১২২.৮। সা দুষ্প্রধর্ষা মনসাপি হিংস্রৈঃ রঘু ২.২৭। **২** দুরাক্রমণীয়। "লঙ্কাং দুষ্প্রধর্ষাং সুরৈরপি গো.রা ৬.৯৫.১২। —র্ষণ বিণ [+অন (যুচ্)-র্ম্ম] সর্থ 'দুষ্প্রধর্ষ'।

দুষ্প্রবৃত্তি স্ত্রী [প্রা.স] দুর্ব্বার্ত্তা, দুঃসংবাদ। "°হরা রঘু ১২.৫১।

দুষ্প্রবেশ বিণ [দুস্-প্র+√বিশ্+অ (খল্)-র্ম্ম; উ.ত] দুঃখে প্রবেশ্য; অশক্যপ্রবেশ। "(আশ্রমম্) দুষ্প্রবেশম্ মহা ৩.১৪৫.২৮। দুষ্প্রবেশ দুর্গ।—কাদ ৯০।

দুষ্প্রসহ বিণ [দুস্-প্র+√সহ্+অ (খল্)-র্ম্ম; উ.ত] দুঃখে সহনীয়; দুঃসহ। "দুষ্প্রসহস্য তেজসঃ রঘু ৩.৫৮; ৬.৩১।

দুষ্প্রাপ বিণ [দুস্-প্র+√আপ্+অ (খল্)-র্ম্ম; উ.ত] **১** কষ্টে প্রাপ্য; দুরাপ, দুর্লভ। "°যশাঃ রঘু ১.৪৮। **২** অশক্যলাভ। "মহা ১৩.১২২.৮। অসংযতাত্মনা যোগো দুষ্প্রাপঃ গী ৬.৩৬। —প্য বিং [সং °প] দুর্লভ।

দুষ্মন্ত(ষ্য)ন্ত পুং চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ। [ইঁহার পিতা পুরুবংশীয় সুবোধ, মাতা উপদানবী, পত্নী শকুন্তলা এবং পুত্র চক্রবর্ত্তী ভরত বা সর্বদমন। এই ভরতের নামে তদ্বংশীয়েরা 'ভারত' নামে খ্যাত (হ, ৩২শ অধ্যায়)।]

দুসতীন বি সপত্নীত্ব। "ক.চ ১৩৪। —না বিং [°ন+আ¹°] দুসতীনসম্বন্ধী, দুসতীনের। "দুসতীনা ঘরে দাসী অনর্থের ঘর ভা.চ ৫৩১; দুসতীনে কন্দল নহিলে রস নহে ৫৩৪।

দুসুতি, -তী বি ['দুসূতী'—মূল] ডবল সূতার তানা-পড়েনে-বোনা চাদর। "°তি ব.প ৩৮৬।

দুস্থ, -স্থু, -স্থ দ্র 'দুস্থ'।

দুস্তর বিণ [দুস্+√তৃ+অ (খল্)-র্ম্ম] **১** দুঃখে তরণীয়; দুষ্পার, অশক্যতরণ। "সরিতঃ...দুস্তরাঃ রা ২.২৮.৯। রঘু ১.২। **২** দুরতিক্রম। "তমঃ...দুস্তরম্ মনু ৪.২৪২; ১১.২৩৯। **৩** দুষ্পূর, দুঃসাধ্য। "প্রতিজ্ঞাং তাং সুদুস্তরাম্ ক.সা ৬.১৫১।

দুস্ত্যজ বিণ [দুস্+√ত্যজ্+অ (খল্)-র্ম্ম; উ.ত] দুঃখে ত্যাজ্য; দুষ্পরিহর। "প্রাণাঃ সুদুস্ত্যজাঃ গো.রা ২.৬৮.১৮। ভ ১.৪.১১। ছাড়িল দুস্ত্যজ চিন্তা শ্রী.ম ৭৩। দুস্ত্যজ আর্য্যপথ চৈ.চ ১৭।

দুস্ত্যজ্য বিং [সং দুস্ত্যজ; তু 'ত্যাজ্য'] সর্থ 'দুস্ত্যজ'। "সর্বানর্থবিষয় দুস্ত্যজ্য নারী পুত্র ভ.প্র ১২০।

দুস্থ, -স্থিত, -স্থিতি দ্র 'দুঃস্থ'।

দুহ্ সক [অদা, এ—দোগ্ধি, দুগ্ধে; অনিট্] **১** দোহন, আকর্ষণপূর্ব্বক দ্রবদ্রব্যনিঃসারণ। **২** প্রপূরণ। **৩** ব্যক্তীকরণ (ক.ক)। **৪** [ভ্বা, প—দোহতি; সেট্] বধ।

দুহ¹ স.বিং [দ্র 'দুহাঁ'] দুই, উভয়। "দুহ ভুজপাশহি, দুহ জন বন্ধন ভা.চ ৩৩৪। —হ বি দুই জন। "দুহ-তনু কম্পন: অবশ অলস দুহ, অঙ্গ অচেতন ভা.চ ৩৩৪। দুহ হইল তথা অর্জ্জুন যমল ব.প ৩৬৫; দুহ-গুণ ১০৮৬। —হা বিং দুই। "দুহা হইব কুমারে গ ৯১। —হা, -হাঁ বি দুই জন। "দুহাঁর কপট হাসী শ্রী.কী ৩২০। দুহা হৈল ভোল।—গ ৯১। —হে, -হেঁ বি [সং দ্বৌ >প্রা দুবে] দুইএ, উভয়ে, দুই জনে। "দুহেঁ থাকি এক পাশে শ্রী.কী ৭৫। দুহে হয় এক, সঙ্গ গো.চ ৪৬০। দুহে দেহি কোল গ ৯১। দুহে চিন্তেন ম.বি ৭১। দুহে ব.প ৮৬২; ম ১৮৩। [দুহাঁর, -হাকার, -হার (তু 'দুহর' —অ.রা)—দুই জনের। "°কার, °র—গ ৯২; ১৯৮। °কার চ.বি ২৪৯। দুহার ম.বি ৭১। দুহান—দুই জনের। "দুহান পীড়নে অ.প ২১,-৩; ৭৯। দুহান শরীর ব.প ৬১৮। দুহারি—দুই জনেরই। "ব.প ১৩৬০।]

দুহ² সর্ম্ম [সং √দুহ্ >প্রা √দুহ; হি √দুহ] দোহন করা। "দুহি, দুহিএ (চ)। [দুহিল—দ্র 'ইল²'। দোহা, -য়া—কৃতদোহন। "দোয়া দুধ কি বাঁটে যায়?—দা ২১০৭।]

দুহা, -হাঁ, -হাঁর, -হাকার, -হার দ্র 'দুহ¹'।

দুহাতিয়া বিং ['ত+ইয়া²; হি দুহথা] দুই হাতের সম্বন্ধী; দুই হস্তে ধৃত। [দুহাতিয়া বাড়ি মারা—দণ্ড দুই হাতে ধরিয়া মারা; সবলে আঘাত করা। "কৃ ২১২; গজের মাথায় মারে দুহাতিয়া বাড়ি ৩০১; ৪৫৬। বি.পা ২৩৫,-৭।]

দুহিতা (-তৃ) স্ত্রী [√দুহ্+তৃ (তৃচ্)-ক, নিপাতিত, উ ২.৯৪; ঋগ্বেদ (১.৪৮.৯); Av. dughdar; Gr. thugater; Ger. tochter; T. daúhter; Lith. dukter; Dutch—dochter; A.S. dohter; E. daughter; ফা দুখ্‌-তর্] যে বিবাহাদিতে ধনাদি গ্রহণ করে; অথবা, যে গোদোহন করে (বৈদিক যুগে কন্যারা গোদোহন করিতেন—শ.ক); কন্যা।

দুহু, -হুঁ; দুহে, দুহেঁ দ্র 'দুহ; দুহ¹'।

দু(দো)হ্য বিণ [√দুহ্+য (ক্যপ্, ণ্যৎ)-র্ম্ম, পা ৩.১.১০৯, কাশিকা] দোহনীয় (গৌণকর্ম্মে গবী-প্রভৃতি; মুখ্যকর্ম্মে গব্য)। —হ্যা স্ত্রী **১** দুগ্ধ। **২** গবীমহিষীপ্রভৃতি। "দুহ্য বাজ ২.১৮০।

দুহ্যমান বিণ [√দুহ্ +মান (শানচ্)-র্ম্ম] যে ধেনু দোহা হইতেছে। "দুহ্যমান হোমধেনুর···দুগ্ধধারাধ্বনি।—কাদ ১৪।

দূ অক [দি, আ—দূয়তে; সেট্] উপতাপ, খেদ। "রঘু ১.৭০।

দুড়ুদুড়ুদুড়ুম বি [ধ্বন্যাত্মক] গোলার শব্দ। "°ম···গোলা পড়ে শ্রী ১৬। —ড়দুম বি গুলির শব্দ। "বন বেড়ে দুড়ুম শব্দে ছুটে গুলি শ্রী ৭৬।

দূত পুং [√দু+ত (ক্ত)-ক, দীর্ঘ, উ ৩.৯০; √দূ+ত-ণ (অ.টী); 'দূত'—দূত্যে নিযুক্ত (ঋগ্বেদ ১.৬০.১)] ১ যে যথোক্তকথনে পরিতপ্ত করে; যাহা দ্বারা খিন্ন হয়; সন্দেশহর, বার্ত্তাবহ। [নিসৃষ্টার্থ, মিতার্থ, সন্দেশহারক—এই ত্রিবিধ দূত (সা.দ ৩.৪৭) ।] "যমস্য দূতৌ। ঋগ্বেদ ১০.১৪.১২। গো.রা ১.৫.১০। নিশার স্বপনসম তোর এ বারতা, রে দূত!—মে ৬। ২ প্রেষ্যমাত্র। —তি, -তিকা স্ত্রী [+তি-ক, উ ৪.১৭৯; ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] দূতী। "দূতি-সন্দর্শিত।—রঘু ১৮.৫৩; ১৯.১৮। রতিদূতিপদেষু কু.স ৪.১৬ ('দ্র 'মল্লিনাথ')। —তী স্ত্রী [°ত+ঈ (ঙীষ্)] ১ দৌত্যনিযুক্তা স্ত্রী; সন্দেশপালিকা, প্রেষ্যা। [নিসৃষ্টার্থ-প্রভৃতি ভিন্ন, পত্রহারী স্বয়ংদূতী ইত্যাদি দূতীবিশেষ আছে। দ্র 'সা.দ ৩.৪৭, টীকা; ৩.১২৮। ভা.চ ৬৯৭। "ইন্দ্রস্য দূতীরিষিতা চরামি।—ঋগ্বেদ ১০.১০৮.২। মহা ৩.৭৩. ৩৬। ২ সারিকা। ৩ কুট্টনী।

দূতীগিরী, -পনা বি দূতীর কার্য্য। "°গিরী।—লী ১১৭।

দূত্য ক্লী [দূত+য, পা ৫.১.১২৬, সি] ১ দূতকর্ম্ম, দূত-ভাব, দৌত্য। "দেবানাং···যাসি দূত্যম্।—ঋগ্বেদ ১.৪৪.১২। ২ বার্ত্তা (A.) ৩ [দূতী+য] দূতীকর্ম্ম, দূতীগিরী। "ভ.প্র ১৪৮,-৯।

দূন বিণ [√দু+ত (ক্ত)-ক, ত > ন; দীর্ঘ] ১ খিন্ন, শ্রান্ত। ২ [+ত-র্ম্ম] দূষিত। "পিত্তেন দূনে রসনে সিতাপি তিক্তায়তে হংসকুলাবতংস।—নৈ ৩.৯৪। ৩ দুঃখিত (ত.বা)।

দূর বিণ [দুর্+ √ই+র (রক্), ধাতুলোপ, উ ২.২০; 'দূর'—দূরদেশ (ঋগ্বেদ ১.১৯.৬); ফা দূর্] ১ বিপ্রকৃষ্ট। "পা ২.৩.৩৪। গত্বা দূরম-ধ্বানম্ রা ২.৯৩.৬। অতিদূরাসু (ভূমিষু) ক.সা ১৬.৪৭। কিং দূরং ব্যবসায়িনাম্।—হি ২.১১। ২ অধিক। "শরীরস্য গুণানাং চ দূরমত্যন্ত-মন্তরম্ হি ১.৫০। ৩ গাঢ়, গভীর। "নিচখান দূরং বাণান্ ধ্বজিন্যা হৃদয়েষ্বরাতিঃ কি ১৭.৩১। ৪ অবাঙ্মনসগোচর, মনোবাক্যের অতীত। "দূরাণি চরিতানি তে রঘু ১০.৩০। —র ক্লী ১ বিপ্রকর্ষ। "পা ২.৩. ৩৫। ন মে পার্শ্বে কিঞ্চিৎ ক্ষণমপি ন দূরে রথজবাৎ।—শ ১.৯। ২ (বাঙলায়) বক্তব্যের একান্ত অবিষয়। "বাড়ী দূরে থাক, আমার একটা কুঠারীও নাই ব.প্র ৬৪৬। [°গত (বিণ)—১ দূরদেশপ্রাপ্ত, বিপ্রকৃষ্ট। "রা ২.৫২.২০। ২ অত্যারূঢ়। "মন্মথা শ ৩১/৮। °গতি (বি)—দূরপথগমন। "°তুলনায়।—রঙ্গ ২১। °পাত (পুং)—দূরে উৎপতন বা উড্ডয়ন। "পক্ষিণাং চ বয়ং (হংসাঃ) নিত্যং দূরপাতেন পূজিতাঃ (মহা)। °পাত (বিণ)—দূরগামী। "গো.রা ৬.৮৮.৩১। মহা ৩.৫১.৬। °পাত্র (বিণ)—দূর-পরতীর, অতিবিস্তার। "°ত্রাম্ (শতক্রম্) গো.রা ২.৭৩২। °পার (বিণ)—১ সর্থ 'দূরপাত্র'। "রা ২.৭১.২। ২ দুর্গম। "ভ ২.৭.৩৬। ৩ (ক্লী) ব্রহ্মজ্ঞান। "মহা ১১.৭.২১। °বন্ধু (বিণ)—বিযুক্তবন্ধু। "পূ.মে ৬। °বর্ত্তী (-র্ত্তিন্) বিণ—দূরস্থ, বিপ্রকৃষ্ট। °বিলম্বী (-ম্বিন্)—বহুদূরলম্বমান। °বেধী (-ধিন্) বিণ—দূরলক্ষ্যভেদক। °সংস্থ (বিণ)—১ দূরস্থ। "°স্থম্ (উর্ব্বীবিভাগম্)।—ভট্টি ২.৫৫। ২ বিপ্রোষিত। "পূ.মে ৩। °স্থ (বিণ)—দূরবর্ত্তী।] [দূর!—১ বিরক্তিপূর্ব্বক অস্বীকারে। "দূর! তা কেন? পোড়া কপাল আর কি!—ব.প্র ৩৪৩। ২ সরোষ অপ-সারণে। "দূর দূর দূর, আমারে আর ছুঁসনে!—গান ১৩। দূর করা—১ বহিষ্কৃত করা; তাড়ান। "কু ২৫০। ২ উদ্ঘাটন করা। "বাছা দূর কর দুয়ারের কপাট।—ক.চ ২১৯। দূর ছাই!—বিস্মরণজন্ত-বিরক্তিতে। "দূর ছাই, মনেও আসে না।—ন.ত ৭৮। দূর দূর! —বিরক্তিতে। "কেবল দশ টাকা লাভ হইলেই সব হইল—দূর দূর! —আ.দু ৭২। দূর দূর করা—'দূর হ, দূর হ' বলা (রোষে)। দূর হোগ্‌গে—বিরক্তিতে। দূরের কথা—ভবিষ্যতে আলোচ্য বিষয়।]

দূরতঃ (-তস্) ব্য [দূর+তস্ (তসি) পঞ্চমীসপ্তমী-স্থানে] দূর হইতে; দূরে। "দূরতঃ শোভতে মূর্খঃ (চাণক্য)।

দূরদর্শন বিণ [বহুব্রী] তীক্ষ্ণদৃষ্টি। —দর্শন পুং ১ গৃধ্র। ২ পণ্ডিত। —দর্শন ক্লী [ষ.ত] ১ ভাবী বিষয়ের বোধ; পরিণামজ্ঞান। ২ দূর বিষয়ের দৃষ্টি। —দর্শী (-র্শিন্) বিণ [দূর+ √দৃশ্+ইন্ (ণিনি)-ক -১ব; উ.ত; স্ত্রী -র্শিনী] সর্থ 'দূরদর্শন (বিণ; পুং)। —দৃক্ (-দৃশ্) বিণ [+ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত; স্ত্রী -ক্] সর্থ 'দূরদর্শী'।

দূরদূরান্ত বি দূর হইতেও দূর, শেষভাগ; অতিদূরসীমা। "°ন্তের দৃশ্য চ.কা ১৩৮। —ন্তর বি অতিদূর অবধি; সুদূরসীমা। "অতি দূর-দূরান্তরে জ্যোতিষ্কসমাজ চ.কা ১৪৯।

দূরবীক্ষণ, -বীণ বি দূরবস্তুর দর্শনসাধন যন্ত্রবিশেষ (telescope)। "দূরবীণ ব.প্র ৩৮০।

দূরশ্রুত বিং দূরে শ্রুত; দূরপথাগত। "°ত সঙ্গীতের শেষভাগের ন্যায়, রজনী জলে, ধীরে—ধীরে—ধীরে নামিতেছে ব.প্র ২৪১।

দূরাদূর বি [দূরাদ্ দূর > °র] দূর হইতেও দূর স্থান; অতিদূর স্থান বা দেশ। "গৌড় ভাঙ্গ্যা প্রজালোক যায় দূরাদূর।—ব.প ৪৫৮। কাটা মুণ্ড স্কন্ধ ভাসি যায় দূরাদূর ম ৭৯৯; কেহ যায় দূরাদূর ১২৩৩। শ্রী ১৫০,-৮; ২১৩। (শিষ্ট লোক) দূরাদূরে গেল ঠাঁই ঠাঁই বি.সু ৮৮।

দূরাধিরোহী (-হিন্) বিণ [দূর-অধি+ √রুহ্+ইন্ (ণিনি) -ক-১ব; উ.ত; স্ত্রী -হিণী] দূরপ্রসর। "কুত ইদানীং দূরাধিরোহিণী আশা শ ৫২/৮।

দূরান্তর ক্লী [দূর অন্তর, কর্ম্মধা] দূরদেশ। "°বর্ত্তিনা রঘু ১৩.৩১। (বেহুলা) গেল বহু দূরান্তর ম.ভা ৫২।

দূরায়ত বিং দূরপর্য্যন্ত আয়ত; সুদীর্ঘ। "ভ্রূযুগ···°ত ব.প্র ৫৬৪।

দূরীকৃত বিণ [দূর+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ দূরে নীত; অপনীত। ২ নিরাকৃত, প্রত্যাদিষ্ট। "নিজসখী-বাচোঽপি দূরীকৃতাঃ (সা.দ)। —রীভূত বিণ [+ √ভূ+ত-ক] ১ দূরগত, দূরস্থিত। "দূরীভূতে ময়ি সহচরে উ.মে ২২। ২ নিবৃত্ত। "দূরীভূতাস্তদর্শন ভ ৩.২৭.১০।

দূর্ব্বা স্ত্রী [√দূর্ব্ব্ হিংসা+অ (ঘঞ্)-র্ম্ম+স্ত্রী আ (টাপ্), দীর্ঘ; তু 'দর্ভ'] ঘাসবিশেষ। "গণ্ড°, নীল°, শ্বেত°। দূর্ব্বায়া ইব তন্তবঃ —ঋগ্বেদ ১০.১৩৪.৫। °বণ,-ন পা ৮.৪.৬। [°র্ব্বাঙ্কুর (পুং)—দূর্ব্বা-প্ররোহ। °দলশ্যাম (বিং)—দূর্ব্বাপত্রবৎ শ্যামবর্ণ। "°শ্যাম অঙ্গে কৃ.উ ২৪০। °শ্যাম রাম কৃ ১২৮; °শ্যাম তনু ৩৭১। ম ৫৪৫।]

দূর্ব্বাষ্টমী স্ত্রী [উ.লো] দূর্ব্বাপ্রিয়া অষ্টমী; ভাদ্রশুক্লাষ্টমী।

দূষক বিণ [√দুষি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ষিকা; 'দূষিকা' (যজুর্ব্বেদ ২৫.৯)] ১ দূষয়িতা, দোষজনক। "পানীয়° (রা)। রাজশাসন°, লিখিত° (S.W.)। বেদানাং চৈব দূষকাঃ।—মহা ১৩.২৩.৭২। ২ ভেদক। "প্রকৃতীনাঞ্চ দূষকান্ মনু ৯.২৩২। ৩ বর্ণসঙ্করকারক। "বর্ণ° মনু ১০.৬১। ৪ অভিগামী। "কন্যা° মনু ৩.১৬৪। ৫ খল ৬ কান্তিনাশক। "জায়ন্তে পিড়কা যূনাং বক্ত্রে বা মুখদূষিকা (সুশ্রুত)। —ষণ বিণ [+অন (ল্যু)-ক; স্ত্রী -ণা] দোষজনক। —ষণ পুং রাক্ষসবিশেষ। "রা ১.১.৪৭। —ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সদোষতাপাদন, সদোষীকরণ। "মনু ২.২১৩। কীর্ত্তি° ভ ১.১৭.১৩।

২ নিন্দন, অধিক্ষেপ। ৩ দোষজনক বিষয়। "ক্রোধঃ…মিত্রস্য দূষণম্। —হি ১.৯৯; ১২১। ৪ দোষদর্শনপূর্ব্বক খণ্ডন; নিরাকরণ। ৫ [স্বার্থে ণিচ্] দোষ। "ন চক্রমে…স দূষণম্বিবাদ্বনঃ রঘু ১২.৪৬। পরগৃহবাস° উ.চ ১.৪০। প্রমাণে তারে না দেই দূষণ শ্রী.ম ১১১। শি ৫৫। —ষণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] সদোষীকরণীয়; নিন্দনীয়। —ষয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী] দূষক। —ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সদোষীকৃত, আপাদিতদোষ। "বিষৈস্তপো দূষিতম্ শ ৫.৯। ২ কলুষীকৃত, উপহত। "চ্যুতকেশরদূষিতেক্ষণানি কু.স ৪.৮। সী ২০। ৩ প্রাপ্তদূষণ। ৪ মৈথুনাপবাদযুক্ত, অভিশপ্ত। —ষিতা স্ত্রী নষ্টকন্যাভাবা স্ত্রী; ভ্রংশিতচরিত্রা কন্যা। —ষ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] দূষণীয়; নিন্দনীয়। "স্বর্গে যদি শোধ, না পার—যা পার তাই। …অভাবেতে দূষ্য নাই দা ৭৭৭। নব্য কালে ঐ পদ্ধতি দূষ্য হইয়াছে পা.প্র ১১০। —ষ্য ক্লী ১ বস্ত্র; বস্ত্রগৃহ। ২ পূয়, পুঁজ। —ষ্যা স্ত্রী হস্তিবন্ধনরজ্জু (অ.চি)।

দূষি, -ষী স্ত্রী [√দূষি+ই (ইন্)-ক; বিকল্পে স্ত্রী ঈ (ঙীপ্)] 'দূষয়িত্রী', নেত্রমল, পিচুটি। —ষিকা স্ত্রী [দূষি -ষী+ক (কন্) স্বার্থে +স্ত্রী আ (টাপ্)] ১ নেত্রমল। ২ তুলিকা।

দূষিকা, দূষী দ্র 'দূষি'।

দূষ্য, দূষ্যা দ্র 'দূষক'।

দৃ সক [তুদা, আ—দ্রিয়তে; অনিট্] ১ আদর, প্রীতিপূর্ব্বক সম্ভ্রম। ২ [স্বাদি, প—দৃণোতি; অনিট্] হনন। [আ—আদর।]

দৃক্ (-শ্) বিণ [√দৃশ্+ক্বিন্ (০)-ক-১ব; দৃক্, -গ্ (১ব); স্ত্রী -ক্] ১ দর্শক, দ্রষ্টা। "সূর্য্য° যাজ্ঞ ৩.৩১১। সম° ভ ১.৪.৪। ২ [+ক্বিপ্ (০)-ক-১ব] জ্ঞাতা, বেত্তা। "মন্ত্রদৃশ্ ভ ৩.১.১০; আয়ুর্ব্বেদ° ৮.৮.৩৪। [সমাসে উত্তরপদ] —ক্ স্ত্রী [+ক্বিপ্-ণ] ১ 'দর্শনসাধন', নেত্র। "নষ্ট° ভ ১.৩.৪৫। সর্ব্বে বাষ্পপূরিতদৃশঃ —পঞ্চ ১৩১১৫। দৃগঞ্জন কু.স ১২.৬০। নয়ন কুরঙ্গদৃশী ম ১৫৪। পীযূষ রস পীয়ত ঘনশ্যাম দৃগচকোর।—ব্র.প ১৭৬। ২ দুই (২) এই সংখ্যা। ৩ [+ক্বিপ্ (০)-ভা] প্রজ্ঞা। "ভ ২.৯.৫। ৪ [+ক্বিপ্-ভা] দর্শন। [°পথ (পুং)—দর্শনযোগ্য স্থান; নয়নবিষয়। °পাত (পুং) —দৃষ্টিপাত, দর্শন। "ম ১০২১; ১১৫৪। ভ.গ্র ৭৪; ২৫৩। চৈ ২১০। সা.ম ৫৪। °শক্তি (স্ত্রী)—দর্শনশক্তি। °শ্রুতি (পুং)—সর্প। °গোচর (পুং)—দৃষ্টিপথ, চক্ষুর্বিবর। (বিণ) প্রত্যক্ষ। °বল (বি)—দর্শনশক্তি। "দূ ৩; ব.প ৫৮৪।]

দৃগঞ্চল পুং [ষ.ত] ১ নেত্রপ্রান্ত, অপাঙ্গ। "চলিত° গী.গো ২.২। মিলিত দৃগঞ্চল জ্ঞা ১২৭। চারু দৃগঞ্চলচাহনি ন.প ১৪৪। কটাক্ষবিলাস দৃগঞ্চল বিরাজিত।—রা.প ৩৮। ২ (বাঙ্লায়) অপাঙ্গদর্শন, কটাক্ষ। "কুটিল দৃগঞ্চল,…ত্রিভুবন মন হরি নেল ব.প ১৮৭৬,-৮। কুটিল দৃগঞ্চলে মদন জাগাই রা.শে ৮০।

দৃঢ় বিণ [√দৃহ্, √দৃন্হ্+ত (ক্ত)-ক, নিপাতিত, পা ৭.২.২০; ছান্দস] ১ স্থূল। ২ বলবান্। "°পুরুষ (S.W.)। ৩ শক্ত। "°তোরণার্গলা রা ১.৬.২৮; আগারং দৃঢ়স্থূণম্ ২.১০৫.১৮। ৪ ত্যাগরহিত, নিশ্চিত, ধ্রুব, স্থির। "°ব্রত রা ১.১.২; গী ৭.২৮। °প্রতিজ্ঞ (শ)। দৃঢ়পণ বা.ম ৩৯৪। ৫ পরিপক্ব। "অসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন গী ১৫.৩। ৬ অতিশয়িত, অত্যন্ত, অব্যভিচার। "ইষ্টোঽসি মে দৃঢ়ম্ গী ১৮.৬৪। °পাণী শি ৪২। ৭ অশিথিল, প্রগাঢ়। ৮ অচ্ছেদ্য, অভেদ্য। "°দ্বার। —গো.রা ২.১০৯.৪৭। গী ৬.৩৪। ৯ কঠিন, কঠোর। ১০ গাঢ়। "দৃঢ়ানুতাপম্ (শরীরম্) কু.স ৩.৮। ১১ একাগ্র, একান্ত। "°ভক্তি রঘু ১২.১৯। মন আন্ধি কৈল দৃঢ় ম.পা ৫। ১২ তীব্র, প্রচণ্ড। "দৃঢ়মন্যু রঘু ১১.৪৬। ১৩ অখণ্ডিত। "°ব্রত রঘু ১৩.৭৮। ১৪ দূরাকর্ষ, দূরানম। "দৃঢ়স্য ধনুষঃ।—ছান্দোগ্য ১.৩.৫। —ঢ় ক্লী ১ লৌহ। ২ ঘনদ্রব্যমাত্র। —ঢ় ক্রি.বিঃ ১ (বাঙ্লায়) সত্য, ঠিক। "দৃঢ় কেহ নাহি জানে।—ম ২৭; ১৩৯। জানিয়াছি দৃঢ় ম.পা ১৩৪। দৃঢ় কহি বা.ম ৩৬৩। ব ৪৩। বন্দিল দৃঢ়তর শি ১০৪। ২ নীরসভাবে। "কটু তৈলে বেথুয়া করিবে দৃঢ় পাক ক.চ ৩০; ২১০। ৩ বারংবার, ঘন-ঘন। "দৃঢ় করে দিয়া কাটি দিবে তাকে ঘাঁটি শ্রী.মা ৩৮। ৪ সবলে। "দৃঢ় করি তেলে জলে দিতে হৈল দলি।—শি ১০৪। ৫ সনির্ব্বন্ধ। "দৃঢ় করি বলিহ তাঁরে শ্রী.ম ২৮৪। [°কাণ্ড, °গ্রন্থি (পুং)—বংশ, বাঁশ। °তৃণ (পুং) মুঞ্জতৃণ। °দংশক (পুং)—মকর, হাঙ্গর। °নিশ্চয় (বিণ) —স্থিরসঙ্কল্প, স্থিরপ্রতিজ্ঞ। °প্রতিজ্ঞ (বিণ)—সত্যসন্ধ, স্থিরপণ। °ব্রত (বিণ)—স্থিরসঙ্কল্প; নিয়মোপহিত। "মনু ১১.৮১। সা.দ ৩.৩২। °ভক্তি (বিণ)—স্থিরানুরাগ। °মুষ্টি (বিণ)—কৃপণ; (পুং)খড়্গাদি। °লোমা (-মন্) পুং—শূকর। °সন্ধ (বিণ)—স্থিরসন্ধান। "মহা ১.৬৭.১০০। °সন্ধি (বিণ)—নিশ্ছিদ্র, সংহত, ঘন। °সৌহৃদ (বিণ)—স্থিরমৈত্রী, অকৃত্রিমমিত্রতাযুক্ত। °হস্ত (বিণ)—খড়্গাদিধারণে দৃঢ়মুষ্টি (বোধ)।]

দৃঢ়ধন্বা (-ন্বন্) বিণ [দৃঢ় ধনু যাহার, বহুব্রী সমাসান্ত 'অন্' (অনঙ্) -১ব] অচ্ছেদ্যধনুষ্ক, সুধন্বী।

দৃতি পুং [√দৃ+তি-ক, হ্রস্ব, উ ৪.১৮৩; 'দৃতি'—মেঘ (ঋগ্বেদ ৭.১০৩.২)] ১ চর্ম্মনির্ম্মিত উদকপাত্র (কুতুক), ভস্ত্রা, ভিস্তি। "দৃতেঃ পাত্রাদিবোদকম্ মনু ২.৯৯। ২ চর্ম্মপ্রসেবক (অ.টী)। ৩ মৎস্য। ৪ গলকম্বল (নীলকণ্ঠ)। "°কণ্ঠাম্ (ধেনুম্) মহা ১৩.৭৯.১৮। [°ফল (বি)—(?)। "ক্ষীরা দৃতিফল।—ব.প ১৩০১। °হরি (পুং)—'চর্ম্মপাত্র-হারক', কুক্কুর। "পা ৩.২.২৫। °হার (পুং)—চর্ম্মময়বারিপাত্রবাহক, ভিস্তিওয়ালা।]

দৃপ্ সক [তুদা, প—দৃপতি; সেট্] ১ বাধন, পীড়ন। ২ [চু, প —দর্পয়তি, -র্পতি; সেট্] সন্দীপন, উদ্দীপন। —প্ অক [দি, প —দৃপ্যতি; বিকল্পিতেট্] ১ হর্ষ। ২ দর্প। ৩ মোহন।

দৃপ্ত বিণ [√দৃপ্+ত(ক্ত)-ক] ১ দর্পযুক্ত, গর্ব্বিত। "রা ২.৯২.২৬। রঘু ১২.৪৪। দৃপ্ত করী প.তৃ ৫৭। দৃপ্তরোষসর্পশিরে।—কা ৬৭। ২ দুষ্ট। "°বিনয়াধিকৃত রঘু ৯.৬২।—প্ত পুং বিষ্ণু।

দৃভ্ (-ভী) সক [তু, প—দৃভতি; সেট্] গ্রন্থন। —ভ্ সক [চু, প —দর্ভয়তি, দর্ভতি; সেট্] রচনা, সন্দর্ভ। —ভ্, —ভ (-ভী) অক [চু, প—দর্ভয়তি, দর্ভতি] ভয়।

দৃমি, -মিকি—বি [ধ্বন্যাত্মক] মৃদঙ্গধ্বনি। "দৃমিকি করি বাজাএ মৃদঙ্গ ম.পা ৩১; ৬৭; দৃমি দৃমি বাজাএ মৃদঙ্গ ১৭৫। (বাজে মৃদঙ্গ) দৃমি দৃমি দূ ৩৩।

দৃশ্ সক [ভা, প—পশ্যতি; অনিট্] ১ চাক্ষুষজ্ঞান, দর্শন। ২ জ্ঞানসামান্য। "অদর্শনং লোপঃ পা ১.১.৬০। মনু ৯.৬। রঘু ১.৭৪। ৩ সাক্ষাৎকার। [অনু—অনুরূপদর্শন; আলোকন। অভি—লক্ষীকরণ; সমন্তাৎ দর্শন। উদ্—উৎপ্রেক্ষণ, ঊর্দ্ধদর্শন। উপ—সমীপভাবে দর্শন বা প্রদর্শন। "রঘু ৯.১০। নি—নিদর্শন, দৃষ্টান্তভাবে দর্শন। পরি —পরিদর্শন, সমন্তাৎ দর্শন। প্র—প্রদর্শন, সম্যগ্দর্শন। প্রতি—তুল্যরূপদর্শন। সম্—সন্দর্শন।]

দৃশদ্(ষদ্)(-দ্) স্ত্রী [√দৃ+অদি (দৃষদ্)-র্ম্ম (অ.টী)-১ব, পৃষো; 'দৃষদ্' (ঋগ্বেদ)] ১ পাষাণ, শিলা। "দৃষদো বাসিতোৎসঙ্গাঃ রঘু ৪.৭৪। দৃষৎকুম্ভ।—পঞ্চ ৩.১৪। ২ শিলাপট্ট। "কনককুম্ভং দৃষদি সংস্থাপ্য। —হি ২১১১২। ৩ পেষণাধারশিলা, পাটা, শিল। [দৃষদ্বতী (স্ত্রী) —১ ব্রহ্মাবর্ত্তদেশের সীমান্তনদীবিশেষ। "ঋগ্বেদ ৩.২৩.৪। মনু ২.১৭। ২ কাত্যায়নী।]

দৃশি,-শী স্ত্রী [√দৃশ্+ই (ইন্)-ণ, গুণাভাব, উ ৪.১১৭,-৯; স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'দর্শনসাধন', চক্ষুঃ। ২ শাস্ত্র। ৩ আলোক। —শি পুং

[+ইন্-ক] পুরুষ,আত্মা। "পা.দ ২.২৫। —শি স্ত্রী [+ইন্-ঙা] দর্শন। "নিরুপম কেশ বেশ দৃশি-ধৃতিহর ন.প ২৫৫।

দৃশ্য বিণ [√দৃশ্ +য (ক্যপ্)-র্ম ; ছান্দস] ১ দর্শনীয়। কথং দৃশ্যা মাদৃশৈঃ ক.সা ২২.৮২। ২ দর্শনীয় (বস্তু, বিষয়)। "অনেকদৃশ্যং নয়নৈঃ পিবন্ত্যো নার্য্যঃ কু.স ৭.৬৪। কিছুই না হয় দৃশ্য।—রঙ্গ ১০২। ৩ মনোহর, রূপবান্। "রঘু ৬.৩১। ৪ জ্ঞেয়মাত্র, প্রকাশ্য। —শ্য ক্লী ১ দর্শনীয় বস্তু। "দৃশ্যং তমসি ন পশ্যতি দীপেন বিনা সচক্ষুরপি মা.মি ১.৯। ২ জড়। "ভ ২.২.৩৫। ৩ অভিনেয় কাব্য ; নাটক। 'দৃশ্যং তত্রাভিনেয়ম্ সা.দ ৬.১। ১। [°কাব্য (ক্লী)—রঙ্গালয়ে দর্শনীয় নাটক।]

দৃশ্যমান বিণ [√দৃশ্ +মান (শানচ্)-র্ম] যাহা দেখা যাইতেছে; অবলোক্যমান। "যবনের কার্য্য তাহে নহে দৃশ্যমান—রঙ্গ ৮৩। কাটাপোষাকের উপর দৃশ্যমান মালাটা বাবুকে একটু লজ্জা দিচ্ছিল হু ২৩৬।

দৃশ্বা(শ্বন্) বিণ [√দৃশ্ +বন্ (ক্বনিপ্)-ক-১ব ; স্ত্রী -শ্বরী] দৃষ্টবান্। "বিদ্যানাং পারদৃশ্বনঃ রঘু ১.২৩ ; শ্রুতপারদৃশ্বা ৫.২৪। বিবেকদৃশ্বত্ত ভট্টি ২.৪৬। [সমাসে উত্তরপদ]

দৃষৎ, দৃষদ্বতী দ্র 'দৃশৎ'।

দৃষ্ট বিণ [√দৃশ্ +ত(ক্ত)-র্ম] ১ অবলোকিত, ঈক্ষিত। "তদ্ ব্রূয়াদ্ যথা দৃষ্টম্ মনু ৮.৭৬। দৃষ্ট হৈল বাণ কৃ ৩৫৬। ২ অবগত। "শাস্ত্র-দৃষ্টেশ্চ হেতুভিঃ মনু ৮.৩। ৩ জ্ঞাত। "দৃষ্টঃ সাম পা ৪.২.৭। উভয়োরপি দৃষ্টোঽন্তঃ গী ২.১৬। অধর্ম্মে নৃপতের্দৃষ্টঃ মনু ৯.২৪৯। ৪ বিহিত, অনুমোদিত। "বিধিদৃষ্টেন কর্ম্মণা রা. ১.৪৯.১৮; মহা ৩.৭৭.১৮। ৫ বিচারিত, বিবেচিত। ৬ নির্ণীত, কৃত। "ন সম্যগ্ দৃষ্টো ন্যায়।—পঞ্চ ১২৪৬। —ষ্ট ক্লী ১ দৃষ্ট, অর্থাৎ মনুষ্যকৃত স্ববল হইতে চৌরাদিভয় ও পরবল হইতে দাহাদিভয়; স্বপরচক্র-ভয় (অ.কো) ২ [+ত-ভা] দর্শন; অবলোকিত, দৃষ্টিপাত। "বিলোলদৃষ্টং হরিণাঙ্গনাসু কু.স ৫.১৩। তুমি সে আমার দৃষ্টে পাইলা নিস্তার: কোপদৃষ্টে সুদৃষ্টে যাহার পানে চাই।—কৃ ৩৪। ৩ [বাঙ্লায়; অপ্র] দৃষ্টি, চক্ষু। "যথা দৃষ্ট চলে তথা সব ছিল জল চ.বি ২৮। [°কষ্ট (বিণ)—অনুভূত-ক্লেশ; পলায়মান (বোধ)। °পূর্ব্ব (বিণ)—পূর্ব্বে দৃষ্ট। "গী ১১.৪৭। °পৃষ্ঠ (বিণ)—প্রতিযোধ কর্ত্তৃক দৃষ্টপশ্চাদ্ভাগ। °প্রত্যয় (বিণ)—দর্শনপূর্ব্বক জাতবিশ্বাস বা কৃতদৃঢ়নিশ্চয়। °ভক্তি (বিণ)—দৃষ্টানুরাগ। "পু.মে ৩৬। °রজাঃ (-জস্) স্ত্রী—প্রথমরজস্বলা নারী; মধ্যমা (অ.কো)। দৃষ্টানল (বি; অপ্র)—দর্শনেচ্ছাজন্য মনস্তাপ। "দৃষ্টানলে দগ্ধ সদা হৈত পঞ্চ জন। —ম ৪৯৮। দৃষ্ট করা (অপ্র)—দৃষ্টিগোচর করা; দেখা। "দৃষ্ট করি হারিকাএ রাজা পানে চাএ ম.গা ২৭। দা ৭৯। কাগজ দৃষ্ট করা গেল E.P. 49. দৃষ্ট করান—দেখান। "আবাহন মুদ্রা পুনঃ দৃষ্ট করাইলা দু ৩৮। মুসলমান অভিজ্ঞান দৃষ্ট করাইলেন ব.প্র ১৩৬।]

দৃষ্টদোষ বিণ [বহুব্রী] ১ অবগতদোষ (জন)। ২ লোভাদিদোষদূষিত। "ন দৃষ্টদোষাঃ কর্ত্তব্যাঃ (সাক্ষিণঃ) মনু ৮.৬৪। ৩ জ্ঞাতবাসনাজন্যদোষ। "দৃষ্টদোষেঽপি বিষয়ে (চণ্ডী)।

দৃষ্টান্ত পুং [দৃষ্ট অন্ত (নিশ্চয়) যাহাতে, বহুব্রী] ১ শাস্ত্র; ব্যাকরণাদি। ২ নিদর্শন, উপমান। "পূর্ণশ্চন্দ্রোদয়াকাঙ্ক্ষী দৃষ্টান্তোঽত্র মহার্ণবঃ মাঘ ২.৩১। ৩ মরণ। ৪ অর্থালঙ্কারবিশেষ। [সদৃশ বস্তুর সামান্যধর্ম্মের প্রতিবিম্বন, অর্থাৎ প্রণিধান দ্বারা পদার্থদ্বয়ের কার্য্যসাদৃশ্য-বোধ হইলে 'দৃষ্টান্ত' অলঙ্কার হয় (সা.দ ১০.৫১)।] ৫ (ন্যায়ে) ষোড়শপদার্থের অন্যতম।

দৃষ্টি স্ত্রী [√দৃশ্ +তি (ক্তিন্)-ভা] ১ চাক্ষুষজ্ঞান, দর্শন; দৃষ্টিপাত। "অধোদৃষ্টি মনু ৪.১৯৬। দৃষ্টিঃ দেহি পুনর্ব্বালে হরিণায়তলোচনে।—শৃ ১৫। °প্রসাদ হি ১২১২৩। দৃষ্টিতে জে অতি সুলক্ষণ ম.পা ৩০। ২ জ্ঞান, বুদ্ধি।/৩ [+তি-ণ] 'দর্শনসাধন', চক্ষুঃ। "রা ২.৬৭.৩৩। বদ্ধ° শ ১.৭; ২২। রঘু ২.২৮। বিবিক্ত° ভ ১.৪.৫; অকুণ্ঠ° ২.২.২১। শাস্ত্র°।—পঞ্চ ১২৪২৮। দৃষ্টি নাহি চলে।—ম ১৮। দৃষ্টি বিফল, ইষ্ট পানে। দৃষ্টি নাই ভবে যে জনার দা ৫। ৪ [বাঙ্লায়; অপ্র] অবধান, মনোযোগ। "মোর বাক্যে দেহ দৃষ্টি ক.চ ৮২। [°ক্ষেপ °নিপাত, °পাত (পুং)—নেত্রপাত, দর্শন। °গত (বিণ)—নেত্রগত, দৃষ্টিগোচর, দৃষ্টি-বিষয়। °গোচর (বিণ)—চক্ষুর্বিষয়ীভূত, প্রত্যক্ষ; (পুং) দৃষ্টিপথ। °পথ (পুং)—নেত্রবিষয়। "মে ২৩৭। °বিক্ষেপ (পুং)—সর্থ 'দৃষ্টিক্ষেপ', কটাক্ষদর্শন। °বিদ্যা (স্ত্রী)—নেত্রবিজ্ঞান (optics)। °বিভ্রম (পুং)—দর্শনভ্রান্তি; নেত্রবিলাসবিশেষ। °বিষ (পুং)—সর্প। °ভোগ (বি)—দৃষ্টিপাতমাত্রে দেবতার ভোজ্য অন্নাদি। "দৃষ্টিভোগের রাঙা খর্পরে। রক্ত-কলিজা কলি কু.কে ৮০। °ময় (বিং)—ভূরিদর্শন-বিশিষ্ট, দৃশ্যবহুল। "আমি জন্মান্ধ।...তোমাদের জীবন দৃষ্টিময়—আমার জীবন অন্ধকার ব.প্র ১৯৫। °রাগ (পুং)—নয়নানুরাগ।" শ ২৴১৬।]

দৃষ্টিপূত বিণ [তৃ.ত] ১ দর্শন দ্বারা পূত; কেশাদিপরিহারার্থ দর্শন-শোধিত। "দৃষ্টিপূতং ন্যসেৎ পাদম্ মনু ৬.৪৬। ২ [বাঙ্লায়; অপ্র] রোগক্ষত-প্রভৃতিহীন; সুস্থদেহ। "বলি সব দৃষ্টিপূত ম.পা ৩০; ১৭৬। ৩ সুস্পষ্টভাবে দৃষ্ট। "দৃষ্টিপূতা সীমন্তিনী। দেখিয়াছি পদ্মদলোপরে ম.পা ১৪০।

দৃষ্টে [দৃষ্টি+এ° (৩); সং দৃষ্ট্যা] ১ দৃষ্টিতে, নয়নে, নজরে। "শুভদৃষ্টে কোপদৃষ্টে যার পানে চাই।—কৃ ৩৫। দয়াদৃষ্টে...কর নিরীক্ষণ দু ৩৯; কৃপাদৃষ্টে চায় ৫৭। ২ জ্ঞানে। "শাস্ত্রদৃষ্টে কহি কিছু না লইহ দোষ চৈ.চ ১০২।

দে[১] বি [সং দেব>প্রা দেঅ>বা দে] ১ দেবতা। "দে গড়তে বাঁদর গড়া—প্রবচন। ২ শূদ্রের উপাধিবিশেষ। ৩ [দেহ>দে; বৈষ্ণবসাহিত্যে] শরীর। "তিতায় তিতিল দে চ.দা ৪৯; কেমনে ধরিবে দে ৬৩; বিষেতে জারিল দে ৮৬। শ্যামলবরণ দে।—জ্ঞা ৯; কাঁপিছে দে ১৩৬। ব ১৫৩। নিরমিল রাধা দে চৈ ৪৭। সোণাপারা দে শি ২২। [দে গড়তে বাঁদর গড়া—দেবমূর্ত্তি গড়িতে বানরের মূর্ত্তি গড়া (কর্ম্মে অক্ষমতা)।]

দে[২] দ্র 'দি'। [দেই—দিয়া, দ্বারা। "ব ৩। দেওয়া[২]—দান করা। দেওয়া[৩]—দান করান। "ভরতে মারিয়া রাজ্য তোমাকে দেওয়াই।—কৃ ৯৭। দেওয়া[৪]—খচিত, বসান। "হীরে-দেওয়া সীঁথি কা ১৩৪। দেওয়া থোওয়া, থোয়া—১ দান-খয়রাত। "দেওয়া-থোয়া কারু নাই ব.প ৯৪৭। ২ বিবাহে পণ-দেওয়া; তত্ত্ব-তাবাস। "এখন দেওয়া-থোয়ার বিষয় কি ?—অ.গ্র ৭১। দেওয়া-থোওয়া সম্বন্ধে ...মুখের কথার উপর ভর করা চলিবে না গ.স ১৩৯। দেয়ল—দিল। "উরোজ উপরে যব দেয়ল দিট।—ব.প ১০১৩; বি.প ১৩৯। দেলাতে (হি √দিলা)—দেওয়াতে। "অবলার ধন দেলাতে হুকুম হয়।—দা ২০৮৯ [দে, দেই (দিয়া), দেউ, -উক, দেএ (দেয়); দেওঁ (দিই)।—শ্রী.কী। দে; দেই (দেয়)।—চ; দো।]

দেঅ(ও)র বি [সং দেবর>প্রা দেঅর (প্রা.প্র), দিঅর (হে ১.১৪৬) >বা °র; হি দেউর; ঠ দীর; গু দিওর, -যর; মৈ দেওর] স্বামীর ছোট ভাই। "দেওর ভাশুর ক.চ ৫৪। দেঅর—জ ২৮। [দেওর-ঝি —দেবরকন্যা। দেওর-পো—দেবরপুত্র। লক্ষ্মণ দেওর—লক্ষ্মণের মত অনুরক্ত দেবর।]

দেআ, -য়া, বি সং দেব>প্রা দেঅ>বা দেআ, -য়া; পদ্যে; তু 'দেওা' (ম.পা ২৬); দেওয়া, -ওা, দাওআ (গো.চ)] ১ মেঘ। "দেয়া গরজন —জ্ঞা ৯। দেয়া ডাকে।—গান ৯৬। ২ মেঘের দেবতা ইন্দ্র। "দেআ মেলিল বিষম বা।—শ্রী.ম ৬৭।

দেআ(য়া)ন বি [দ্র 'দাওয়ান'] ১ রাজসভা, বিচারালয়। "নির্ম্মাইল দেআন কৃ.উ ১১; বসিলা দেআনে ১৫; ৩৩; ৪১; দেয়ান ১৪৫। সাধু করিল দেয়ান বা.ম ১৭৬। নন্দ যাইবে দেআন শ্রী.ম ২০। দেয়ান চৈ.ভা ১০৯; ভা.চ ৪৮৭। ২ সভা, দরবার। "তিন জনে ঘরে বৈসে করিআ দেয়ান কৃ.উ ১৩৩। দেয়ান কৃ ১১০,-৬। দুর্গা বসিছে দেয়ানে চ.বি ৩২১। দেয়ান বি.পা ১৫৯; ব.প ২৫০। ৩ রাজস্বসচিব। "দেয়ান আলমচন্দ্র রায় ভা.চ ১৭; ২৪। [দেয়ান সাল—সভাগৃহ। "কৃ.উ ১৭৩।]

দেআল বি সর্থ 'দিয়াল'। "ভাঙ্গিল °ল ব.প ৪০৬; ১৩৬২।

দেইজি বি [সং দায়াদ] জ্ঞাতি। [দা-দেইজি—একার্থক।]

দেউটি, -টী বি [দিউটি, -টী, > °টি, -টী] দীপবর্ত্তি, দীপের পলিতা, দীপ, জ্বালিত দীপ। "অন্ধকার হেতু ধরি দেউটি।—ম ১৩৫। দেউটি সমান দুটা আঁখি ক.চ ৭৬। দেউটি বান্ধে প্রতি-ঘরে-ঘরে: দেউটিময় চৈ.ভা৩২৪; -৫। দেউটি জ্বালাঞা চৈ ২০৫। দেউটী জ্বালিয়া চৈ.চ ১৯১। নিবিছে দেউটী।—মে ৭। [°টী[১]—দেউটী। "চৈ.ভা ৩২৪, টীকা।]

দেউ(হু)ড়ি, -ড়ী[২], -উরি, -হুরি বি [হি দেরঢ়ী, ঠ দেরঢী, -টী, দেহুড়ী; গু দেরডী; মৈ দেউঢ়ী; তু 'সং দেহলী'] বাটী-প্রবেশের দ্বার; ফটক, গেট্। "দেউড়ি, -রি গো.চ ৩০২,-৩। বরযাত্রী দেউড়ি না ছাড়ে ক.চ ১২৪। দেহুড়ীর কাছে থাক হ'য়ে দানী গো।—ভা.চ ৫২৬; দেহুড়ির পার ৫৩০। বাজে ঘড়ি দেহুরি পরেতে।—ব.প ১৪৮৭। দেউড়ি-ভরা দোবে চোবে প.কা ২৩।

দেউড়ী[১] দ্র 'দেউটি'।

দেউড়ী[২] দ্র 'দেউড়ি'।

দেউল বি [সং দেবকুল > প্রা দেউল (হে ১.২৭১); হি—দেবল (দেবালয়); প দেরালা; ঠ দেউল.; 'দেৌল' (মী ২৩)] দেবমন্দির, দেবালয়। "দেহারা-দেউল শূ ১; ৩৫; ১৪২। গো.চ ৭৪। °নির্ম্মাণ ক.চ ৩২। চৈ ৯৪। মণি° ভা.চ ১৪১। চণ্ডীর দেউল।—মে ১৫০। [°দেহারা—একার্থক। "শ্রী.মা ৪৬; ৬৪; ৮৩।]

দেউলিয়া, -লে বিং [হি দিবালিয়া; মৈ দেবালা—ধন, ফগু; দেউলিয়া (কোচবিহার)—সাংসারিক কার্য্যের তত্ত্বাবধায়ক; দীপালীয়া (মূল?)—যে ঋণশোধনে অসমর্থ হইয়া দীপ জ্বালে।] ঋণশোধনে অসমর্থ; নিঃসম্বল (bankrupt)। "এমন হ'লে দেউলে হ'তে ক'দিন বাকি থাকে?—প.কা ১৯। দাদা, আমার হ'য়ে তুমি দুটো বলো, তা নইলে…দেউলে হই।—বি.বৃ ৩১। শ্রাবণ মাসটা…একেবারে দেউলে হইয়া গেছে।…কোথাও একটা ছেড়া মেঘের টুকরাও নাই গ.স ৮৯।

দেউল্যা বি [দেউল+্যা, দ্র 'এ[৭]'; সং দেবকুলিক > প্রা দেউলিঅ (প্রা.ম)] মন্দিরপরিচারক; দেবদাস। "শূ ৬৯; ব.প ২১।

দেও বি [ফা দেও—অসুর, দৈত্য; অপ্র] অসুর। 'দেও দেখি দেও-য়ারির হইল হরষ ব.প ৮১৩। [দেওয়ারি—দৈত্যারি।]

দেওআ(-য়া)ন বি [দ্র 'দাওয়ান'] ১ সভা, রাজসভা। "দেওয়ান গো.চ ১৮৩; ব.প ৬; ৪৬৯। প্রভাতে ভরত আসি বসেন দেওয়ানে কৃ ১১০, ৩৭৬; চ.বি ৪৩। রঙ্গ ১০৪। ২ রাজস্বসচিব। "দেওআন-গিরি গো.চ ৩; দেওয়ান পাত্র ১০৮। ৩ মফস্বলে রাজ্যের প্রধান কর্ম্মচারী। "কি কহিব আরে দেওয়ান তোমা বিদ্যমান বা.ম ৮২। [দেওয়ানখানা—বিচারালয়। "ব.প্র ১৪।]

দেওগিরি বি [সং দেবকিরী] রাগিণীবিশেষ। [ইহার সময় দিবা দ্বিতীয় প্রহর, ঠাট স্বাভাবিক, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

দেওড় বি [?] গুলি-গোলার শব্দ। "°ড়ের জাঁক।—রঙ্গ ১১১।

দেওদার বি [সং দেবদারু; হি দেবদার] দেবদারুবৃক্ষ। "দেওদার তরু সারে সারে চ.কা ৪৭০; দেওদার-বন ৪৭১।

দেওন বি [দে[২]+অন > দেঅন > °ন; তু 'দেয়ন'—লাথি দেয়ন (চট্টগ্রাম); অপ্র] দেওয়া। "সাক্ষী দেওন বি.পা ৩৫৫। নবাবি দেওনের চেষ্টা কৃ.চ ৭৫। কর দেওনের আবশ্যক ব.প ১৬৮৫; খয়রাত দেওনের…অধ্যক্ষ ১৬৯৫। নাকে খত দেওন ন.ত ৩৭।

দেওয়া[১] বি [দেআ, -য়া > °য়া, অপ্র] মেঘ। "দেওয়া গর্জ্জিল গো.চ ৪৮। দেওয়ায় নাই জল ব.প ১৪১৮।

দেওয়া[২], দেওয়া[৩], দেওয়া[৪] দ্র 'দে[২]'।

দেওয়ান দ্র 'দেওআন'।

দেওয়ানা বিং [ফা দীবানাহ্] ১ পাগল। "মোর মালুম হয় ওনা দেওয়ানা হয়েছে আ.দু ৯২। ২ উন্মত্ত, আত্মহারা। "ব.ম্বি ৩৪৫।

দেওয়ানী বি [ফা দীৱানী] ১ দেওয়ানের পদ বা কর্ম্ম। ২ যে আদালতে রাজস্বের বা ভূসম্পত্তির স্বত্বের বিচার হয় (civil court)। —নী বিং ১ রাজস্বসম্বন্ধী বা ভূমির স্বত্বসম্বন্ধী (civil)। "দেওয়ানী আদালত (আ আ'দালত্ ই-দীৱানী)। ২ দেওয়ানী কার্য্যবিধি বা মোকদ্দমা।

দেওয়াল দ্র 'দিয়াল'। [°গীরি—দেওয়ালে সংলগ্ন দীপাধারস্থ দীপ। "পানের খিলীর দোকানে…দেওয়ালগীরি জ্বলচে হু ৬।]

দেওয়ালী, দেয়ালি, -লী বি [সং দীপালি, -লী; হি দি(দে)-ৱালী] সর্থ 'দীপালি (৩)'। "দেওয়ালী উৎসবে।—হেম ১৭৮। দেয়ালির উৎসব।—ঘ ১১২।

দেওর, দেওরঝি, দেওরপো দ্র 'দেঅর'।

দেঁড়ে বি [?] "ফেরে যেন দেঁড়ে ভা.চ ৭৩৮।

দেঁতো বিং [দাঁত+ও[৬]; সং দন্তুর] উচ্চদন্তবিশিষ্ট। "দেঁতোমুখ স্ব.প্র ১৩৯।—তো বি উচ্চদন্ত ব্যক্তি। "(আমি) লোকমাঝে দেঁতো-হাঁসি হাসি ব.যু ২। (পাপী) মধ্যে মধ্যে যে হাসিটুকু হাসেন, সে কেবল দেঁতোর হাসি আ.দু ৫৩। [দেঁতোর হাসি—দন্তুরের দন্তবিকাশের ন্যায় দন্তবিকাশপূর্ব্বক ঈষৎ হাস্য; লোক-দেখান অনিচ্ছার হাসি।]

দেক বি সর্থ দিক[২]। [°দারি, -রী (আ দিক্‌দারী)—১ বিরক্ত, ত্যক্ত। "পিরীতে হয়েছি দেক্‌দারী, হব আমি ভেকধারী।—দা ২১২৫। ২ বিরক্তি, কষ্ট, অসুখ। "দেখে লাগে দেক্‌দারি; (নারী) বুকে বসে উপাড়ে দাড়ি।—দা ৫৫; পদে পদে দেক্‌দারি ২০৩৯। °সেক—ত্যক্ত-বিরক্ত। "গরীব দুঃখী লোক সকল দেকসেক হইল আ.দু ৭৪।]

দেখ সর্ম্ম [সং √দৃশ্ > প্রা √দেক্‌খ (হে ৪.১৮১) > বা √দেখ; হি, ঠ, গু, মৈ √দেখ; তু 'দেক্‌খই (দেখে), দেক্‌খহু (দেখ)।—দো; দেখতি (অশোক-অনুশাসন); তু 'দ্যাখন, দ্যাখাইম (গো.চ)] ১ দৃষ্টি-গোচর করা; দেখা। "হরিণ-নয়নী, দেখিনু আঙ্গিনা-মাঝ চ.দা ১৩। ২ বিশেষভাবে বা সতৃষ্ণ নয়নে দেখা। "অনিমিষে বিনোদিনী দেখিছে বিনোদ ভা.চ ৩০৯। ৩ পরীক্ষা করিয়া বুঝা। "এমন সঙ্কটরণে, (বিভীষণকে) না দেখি তোমার সনে, ভাল দেখিএ ব্যবহার কৃ.উ ২৪৭। দেখি আগে বিদ্যার বিদ্যার কত দৌড় ভা.চ ২৯২; ৩৫০। ৪ অন্বেষণ করা; খোঁজা। "(জানকী) লুকাইয়া আছেন লক্ষ্মণ দেখ দেখি। —কৃ ১৪৬। ৫ সাক্ষাৎকারপূর্ব্বক সম্ভাষণাদি করা। "আজ্ঞা দিলে দিবস দশেক দেখে আসি শ্রী ৭০। ৬ বিচার করিয়া বুঝা বা জানা। "ভাবিয়া দেখিনু, প্রাণনাথ বিনে, গতি যে নাহিক মোর।—চ.দা ১৪৬। দেখ আমি দুঃখী চাষী শি ৭১। ৭ অবস্থাবিষয়ে পরীক্ষা করা। "ইস্কুল, কলেজ দেখা। ৮ পরীক্ষা করা। "ঔষধের গুণ দেখা; হাত দেখা। ৯ বিচার করা। "দোষ-গুণ দেখে তিরস্কার পুরস্কার করা। ১০ পাঠ করা। "প্রবন্ধ, বই দেখা। ১১ দোষগুণ-বিষয়ে বিচার করা। "দেখ ত, এই আঙটির সোনাটা কেমন? ১২ সংশোধন করা। "প্রুফ দেখা। ১৩ জানা, বুঝা। "খাইয়া, ছুঁইয়া, শুঁকিয়া দেখা। ১৪ বোধ

করা; মনে করা। "সাগর যোজন শত দেখি থালি-ঝুলি।—কৃ ১৯৬। **১৫** শাসন করা, জব্দ করা। "আমি দেখে নেবো, দেখে নেবো। এত বড় আস্পর্দ্ধা গি.ম্বি ১০৩। **১৬** তত্ত্বাবধান করা। "তাঁহারা থাকিতে কিছু না দেখিলেও চলে ব.প্র ৫১২। **১৭** বিচারপূর্ব্বক নির্ণয় করা। "দিন দেখা। **১৮** সাবধানে রক্ষা করা। "দেখো, যেন বইটা হারায় না। —খ অর্থ **১** সাবধান হওয়া। "দেখো, যেন ভুলো না। **২** দৃষ্টিপাত করা; চাওয়া। "এদিকে দেখ, এ ছবিটি কেমন দেখছ? [দে(খ্যা)খ —বাক্যারম্ভে সম্মুখীকরণে। "ঢ্যাখ, একটা কথা বলি: দেখ বাড়ীওয়ালা মেসো!—গি.ম্বি ১০৬। দেখ দেখ—বিস্ময়ে, হর্ষে। "দেখ দেখ,…উহা কেমন সুন্দর চিত্রিত রহিয়াছে।—সী ৯। দেখি—বাক্যালঙ্কারে। "বল দেখি; কর দেখি। দ্র 'দেখ (৪)। যাই দেখি কর্ত্তার কাছে, তিনি কি বলেন ব.প্র ৩৪২। দেখে-শুনে—বিচার করিয়া। "দেখে শুনে যাহাতে সুলভ হয় তাহাই করিয়া দিও আ.দু ১১। দেখই, -খইআ, -খহ, -খি, -খিল (দেখিলাম), -খী (দেখি)।—চ; দো। দেখিঞা, -এঁ, -খিতেঁ, -খিল, -লো, -খিবোঁ, -খোঁ (শ্রী.কী)। দেখন্তি, -খিআ, -খিমু, -মো (দেখিব)।—গো.চ।]

দেখচোর বি [সং পশ্যতোহর; ঠ দেখতচোর] যে চোখের উপরে সাক্ষাদ্ভাবে চুরি করে।

দেখতা বিং [দেখিত > °তা; ঠ °তাং] দৃষ্ট, দেখা, সমসাময়িক। "আমার দেখতা কত বেটা…কারবারের হেপায় আঙিল হইয়া গেল আ.দু ১৪০।

দেখন বি [দেখ+অন] দর্শন। "চাঁদমুখে দেখনে না পাব বি.প ১৬১। °ন ব.প ২৪৯; চল দেখনে যাউ রিতু বসন্ত ১০১৭। দেখনে মাত্র কৃ.উ ২০১। নৃত্য-দেখনে চৈ.ভা ১২৬। [°হারা (অপ্র)—দর্শনার্থ আত্মহারা বা বিহ্বল। "(যজ্ঞ) দেখন-হারা কত (এস্যাছে) ব.প ৭৪৭। °হাসি—যাহার দর্শনেই আনন্দে হাসি হয়; সখীত্বসূচক সম্বন্ধবিশেষ। "যেও না দেখনহাসি দা ১৫৮২। (হাসছে) দেখনহাসি পরীর হাসি দেখে! —কু.কে ৬৭। ন.ত ৭০। দেখন (অপ্র)—দেখ। "ভিজিয়া মরি বাহেরা দেখন ব.প ৬৯। দেখনাই (তু 'হি দিখলাঈ)—দর্শনীয়ত্ব, বাহ্যসৌন্দর্য্য।]

দেখনাই দ্র 'দেখন'।

দেখমার বি দেখামাত্র মারা; যেমন দেখা, অমনি মারা। "বড় সাহেব ড্যাক্‌রা আমারে দেখমার করেছে নী ৩৪।

দেখা[১] বি [দেখ+আ৬] **১** দর্শন ইত্যাদি। দ্র 'দেখ'। **২** সাক্ষাৎকার। "পাইল প্রমথগণ অর্য্যমার দেখা ব.প ১২৪। তব মম আর দেখা নাই বা.ম ৭৫। দেখা করা, হওয়া। **৩** আবির্ভাব। "বিকচ কমলে,…ভ্রমর পাতির দেখা ভা.চ ৩০৪। খোকা হয়ে তুমি,…দেখা দিলে ভুবনে। —শিশু ৩। **৪** উদয়। "সূর্য্য দিল দেখা বা.ম ৭৪। পদতলে নবরবি-দেখা ভা.চ ১৪। সে মুখে বিধুর দেখা বা.দ ১৫২। —খা বিং দৃষ্ট, সম্মুখ। "মায়ায়ণ দেখারণ অনেক অন্তর।—কৃ ৪১০। [°দেখি —**১** পরস্পর দর্শন। **২** [হি °খী] সাক্ষাৎকার। **৩** দৃষ্টভাবে, সম্মুখভাবে, সামনা-সামনি। "দেখাদেখি যদি মোরে মারিখিল বাণে ব.প ৪৯৬। **৪** অনুসরণপূর্ব্বক। "দেখাদেখি অঙ্গদ প্রবেশেন তপোবনে কৃ.উ ২২৭। **৫** অনুকরণপূর্ব্বক। [দেখা-শুনা—**১** সাক্ষাৎকার ও বার্ত্তাশ্রবণ; দেখা ও আলাপ-পরিচয়। "হা নাথ! এই পর্য্যন্তই দেখা-শুনা শেষ হইল।—সী ১০। **২** তত্ত্বাবধান, তত্ত্ব-তাপাস। °সাক্ষাৎ —পরস্পর দেখা-সাক্ষাৎকার। "এমত হইতে পারে যে, রজনীর প্রতি এই অপ্রকৃত অনুরাগ দেখা-সাক্ষাৎ হইলে…স্থায়িত্ব প্রাপ্ত হইবে ব.প্র ২৫৫। য ৭২।]

দেখা[২] সর্ম্ম [দেখ+আ৮; হি √দি(দে)খা; মৈ √দেখাব—"দেখাবই জ.প ৫৫। দেক্‌খারহি (দর্শয়)—বিক্র ৪.৪৭] দর্শন করান ইত্যাদি। "পদ্মাবতী স্বপন দেখায় বা.ম ২৪৯। [দেখায়—দৃষ্ট হয়। "নিরানন্দ রসহীন সকলি দেখায়।—হেম ১। দেখাও, -খায়সী, -খাসসি (দেখাইতেছিস)।—শ্রী.কী। দেখাইম (গো.চ)। দেখান—সর্ম 'দেখা২'। লোক-দেখান—যাহা লোককে দেখাইবারই নিমিত্ত, আন্তরিক নহে। "(হরি) লোক-দেখান ভালবাসি, লোকের কাছে প্রেমিক হই (গান)।]

দেড় স.বিং [দ্র 'ডেড়'; তু 'ড্যাড়' (গো.চ)] সার্দ্ধ এক। "দেড় বুড়ি কড়ি গো.চ ৩০৯। —ড়া সর্থ 'ডেড়া'। —ড়ি, -ড়ী বিং [দ্র 'ডেড়ি১'] **১** দেড়গুণ; অতিরিক্ত। "নিতে নারে দেড়ী ভার হইল অস্থির ব.প ৩৪৭। **২** অসম্পূর্ণ, বাকী। "কার্য্য কিছু আছে দেড়ী ব.প ৩৪৮। **৩** [দ্র 'ডেড়ি২'] বিঘ্ন। "দেবস্থারে আছে কিছু দেড়ি রা.স ৩৭।

দেওারা বি [দ্র 'টেটরা'] সর্থ 'টেঁটরা'। "নাক চুল কাটিয়া দেওারা দিব তোরে বি.পা ২৪৫।

দেদার ক্রি.বিং [ফা দীদার্—sight, interview] **১** প্রচুরপরিমাণে। "মতি দেদার মদ খায় আ.দু ৩২। **২** বহুদূরপর্য্যন্ত। "দেবদারু সারি সারি, দেদার চলিয়া গেছে কাতারে কাতার!—সা.ম ৪৯। **৩** অকৃপণভাবে, যথেচ্ছ। "প্রাণ অফুরান ছড়িয়ে দেদার দিবি, চ.কা ৪৫৬। —দার বিং প্রচুর, বিস্তর।

দেদীপ্যমান বিণ [√দীপ্+য (যঙ্)—√দেদীপ্য+মান (শানচ্)-ক] অতিশয় দীপ্যমান; জাজ্বল্যমান, অত্যুজ্জ্বল। "পদনখে ক্ষিতি দেদীপ্যমান দু ৪২।

দেধান বি [সং দেবধান্য] শস্যবিশেষ, জোয়ার (Broom-corn)। "ভা.চ ৪৯৬।

দেন বি [দেনা > °ন] দেয় অর্থ; ঋণ। [°ডিক্রী—ঋণের ডিক্রী। °দার (হি °র)—ঋণী, খাতক। "দু ১৪৩। °মোহর—বিবাহের পূর্ব্বে মহম্মদীয় বিধানানুসারে স্ত্রীকে স্বামীর দেয় যৌতুক। °লেন (হি °ন) —সুদে টাকা ধার দেওয়া ও লওয়া; মহাজনের ব্যবসায়; লগনীর কাজ।]

দেনা বি [হি °না] সর্থ 'দেন'। [°নেনা—সর্থ 'দেনলেন'। °পাওনা —ঋণ ও প্রাপ্য অর্থ।]

দেনেওয়ালা বি [হি দেনেরালা] **১** যে দেয়: দানকারী, দাতা। **২** প্রজা। "সকল তহশীলদারের দোষ নাই। দেনেওয়ালারা অনেকে দিতেছে না।—ব.প্র ৫১৯।

দেব্ অক [ভ্বা, আ—দেবতে; সেট্] **১** দেবন, ক্রীড়ন। **২** দীপ্তি। **৩** [চু, এ—দেবয়তি, -তে; সেট্] রোদন (ভট্টমল্ল—ত.বা)। [পরি —পরিদেবন, বিলাপ।]

দেব বিণ [√দিব্+অ (অচ্)-ক; স্ত্রী -বী; 'দেব'—দীপ্যমান (ঋগ্বেদ ১.১.১), 'দেবী'—দ্যোতমানা (ঋগ্বেদ ১.৫৩.৫); তু 'ড্যাব' (গো.চ)] **১** দ্যোতনাত্মক, দ্যোতমান। "(রূপম্) দেবমনন্তম্ গী ১১.১১। স ভগবান্ দেবঃ মনু ১২.১১৭। দেব-অঙ্গে ন ১৬৬৩। **২** দীপ্ত। —ব পুং [Av. daeva—a Demon god; Gr. Zeus; L. Deus; F. Dieu; P. Deus] **১** অমর, দেবতা। "গী ১০.১৪। দেব অংশুমালী।—মে ১৯৬। °দলপতি।—মা ১২৩। **২** ইষ্টদেবতা। "একো দেবঃ কেশবো বা শিবো বা।—ভর্তৃহরি। নহে নিরাকার, দেব! সৌমিত্রী মে ১৯৮। **৩** ব্রাহ্মণ। **৪** ব্রাহ্মণের উপাধিবিশেষ। "শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য কারয়েৎ।—মনু ২.৩২, কুল্লূক। "সোম°, ভব°, শুক°। বশিষ্ঠদেব সী ৩। **৫** রাজা। "দেব, দ্বাদশভির্বর্ষৈর্ব্যাকরণং শ্রূয়তে। —পঞ্চ ১ (কথামুখ)। দেব, না কর বিবাদ চৈ.চ. ১৩৯। **৬** (নাট্যে) রাজায়প্রতি প্রযোজ্য উপচারপদ। "রাজা স্বামীতি দেবেতি সা.দ ৬.১৪৪। "কথং দেবো রঘুপতিঃ; জয়তি দেবঃ উ.চ ৩৯১। **৭** পূজ্য; ভগবান্।

"নর°, মনুষ্য°। কপিলং দেবম্ মহা ৩.১০৮.১৮। দ্বিজদেবদেব ভ ৩.১.২৩; ৫.৫.২২। ভীষ্ম° ন ১১৭৩; পা.প্র ১৩৭। ৮ প্রভু, স্বামী। "দেবোঽপি পথ্যাশী বর্ত্ততে।—পঞ্চ ১ ৩২/১৩; °পাদ ৩১/১৪। ৯ মেঘ। "আ পাটলিপুত্রাদ্ বৃষ্টো দেবঃ পা ২.৩.১০, কাশিকা। ১০ ইন্দ্র। ১১ বিষ্ণু (মহা)। ১২ মহাদেব (মহা)। ১৩ পারদ। ১৪ পরমাত্মা। ১৫ শিশু (A.)। ১৬ [+অ (ঘঞ্)-ভা] দেবন, ক্রীড়া। ১৭ (বাঙ্‌লায়) কায়স্থের উপাধি। ১৮ (অপ্র) গুরু। "ইন্দ্ররাজের দেব হয় গৌতম।—গো.চ ৪৬৬। —ব ক্লী [+অ-ণ] ইন্দ্রিয়। —বী স্ত্রী [°ব+স্ত্রী ঈ (ঙীষ্); Av. daevI—a female daeva (দেব)] ১ দেবপত্নী। ২ দুর্গা। "°মাহাত্ম্য। ৩ সরস্বতী। ৪ সাবিত্রী। ৫ কৃতাভিষেকা রাজপত্নী; মহিষী। "রঘু ৩.৭০; ৫.৩৬। ৬ (নাট্যে) মহিষী। 'দেবীতি মহিষী বাচ্যা (সা.দ, টীকা)। "দেবি, রমণীয়মেতৎ সরঃ উ.চ ১ ৩০/৩১। ৭ পূজ্যা। "মাধবী দেবী রা ৭.৯৭.১৪। দেবি ভূতধাত্রি উ.চ ১ ৪৭/৪৮। জানাইব তব আবেদন, দেবি।—মে ৮৮; ত্রিদিব° ১৪৬। বিশ্বম্ভরা দেবী সী ৩। ৮ দ্বিজজাতিস্ত্রীর উপাধি-ভেদ। 'দেব্যন্তাশ্চ স্ত্রিয়ঃ সর্ব্বাঃ দাস্যন্তাঃ শূদ্রযোনয়ঃ (কর্ম্মবিপাক)। "সীতা° উ.চ ১ ৩৮/৩৮। অরুন্ধতী দেবী সী ৪। ৯ শ্যামাপক্ষী। ১০ হরীতকী; অতসী; দূর্ব্বা; শালপর্ণী; নাগরমুস্তা। ১১ রবি-সংক্রান্তি (ত.বা)। ১২ (বাঙ্‌লায়) দেবীসদৃশী, দিব্যদ্যুতি। "অগ্নি-শিখা-তেজে চলিলা প্রমীলাদেবী।—মে ৮৫। [°আত্মা (বিং; পদ্যে)—সর্থ 'দেবতাত্মা'। "মা ১২১। °ঋণ (বি)—দেবতার ঋণ। দ্র "ঋণ (৪)। "যজ্ঞ করি দেবঋণে হইবেক পার।—ম ১১২; ১০৬৫। কু.কে ১৬১। °ঋষি (বিকল্পে প্রকৃতিবদ্‌ভাব) পুং—দেবমুনি নারদাদি। "ভ ৬.১৬.১। গ ১৭; ৩৪। ব.প ১২১। বি.পা ২৯। °কন্যা (স্ত্রী)—দেবদুহিতা; অপ্সরা। °কর্ম্মী, °কারু (বি)—বিশ্বকর্ম্মা। "°কারু ক.চ ২২১। °কর্ম্মী শ্রী ৬৩। °কাষ্ঠ (ক্লী)—দেবদারু। °কিরী (স্ত্রী)—মেঘরাগের ভার্য্যা দেওগিরি। °কুল (ক্লী)—১ দেবগৃহ, দেউল। ২ দেবগণ। "মে ৭৪। °কুল্যা (স্ত্রী)—আকাশগঙ্গা, অলকানন্দা। °কেতু (বি)—দেবশ্রেষ্ঠ, রামচন্দ্র। "দু ৩৬,-৮। °গণিকা (স্ত্রী)—স্বর্গবেশ্যা, অপ্সরা। °গন্ধর্ব্ব (পুং)—দক্ষকন্যা মুনির অপত্যগণ। 'মহা ১.৬৫.৪৪। °গায়ন (পুং)—গন্ধর্ব্ব। °গিরি (পুং)—পর্ব্বতভেদ। "পু.মে ৪৩। °গিরী (স্ত্রী)—রাগিণীভেদ, দেওগিরি। °গুরু (পুং)—১ বৃহস্পতি। "ম ৬২। ২ দেবগণের পিতা; কশ্যপ। °গুহ্য (বিণ)—দেবগণেরও অতিরহস্য। °গৃহ (ক্লী)—১ দেবালয়। ২ প্রাসাদ। °চর্য্যা (স্ত্রী)—দেবসেবা, দেবপূজা, হোমাদি। °চিকিৎসক (পুং, দ্বিব)—স্বর্গবৈদ্য অশ্বিনীকুমারদ্বয়। °চ্ছন্দ (পুং)—শতযষ্টিক হার। °জাত (ক্লী)—দেবগণ। °তরু (পুং)—মন্দার পারিজাত সন্তান কল্প-বৃক্ষ হরিচন্দন—এই পঞ্চ স্বর্গীয় তরু; চৈত্যবৃক্ষ; অশ্বত্থ। °তাত (পুং)—কশ্যপ। °তীর্থ (ক্লী)—দেবপ্রিয় তীর্থ; অঙ্গুলির অগ্রভাগ। 'অঙ্গুল্যগ্রে স্মৃতং দৈবম্।—উশন ২.১৭। °দারু (পুং)—দেবপ্রিয় দারু; বৃক্ষবিশেষ। "রা ২.৭৬.১৬। রঘু ২.৩৬। কু.স ১.১৫। °দুন্দুভি (পুং)—১ দেবঢক্কা। "মহা ৩.৭৬.৪০। ২ রক্ত তুলসী। °দেবেশ (পুং)—দেবদেবপতি, মহাদেব। °দৈবত্য (বিণ)—দেবোদ্দেশে কৃত। "মনু ২.১৮৯। °দোল (পুং)—দেবদ্রষ্টব্য দোল; প্রাতঃকরণীয় দোলোৎসব। °দ্রোণী (স্ত্রী)—১ স্বয়ম্ভুলিঙ্গাদির অবস্থানগহ্বর। "বসিষ্ঠ ১৪। ২ দেবযাত্রা। °ধান্য (ক্লী)—শস্যবিশেষ, দেধান, জোয়ার। °ধূপ (পুং)—দেবপ্রিয় ধূপ; গুগ্‌গুলু। °নিন্দক (পুং)—নাস্তিক। °নির্ম্মিত (বিণ)—দেবকৃত, প্রশস্ত, পবিত্র। "°তং দেশম্ মনু ২.১৭। °পতি (পুং)—দেবরাজ; ইন্দ্র। °পর (বিণ)—পৌরুষচেষ্টারহিত, যদ্‌-ভবিষ্য। °পালিত (বিণ)—১ সুরক্ষিত। ২ মেঘানুপালিত; দেব-মাতৃক (দেশ)। °পুরী (স্ত্রী)—অমরাবতী। °পূজ্য (পুং)—বৃহস্পতি। °বধূ (স্ত্রী)—অপ্সরা। °বর (বিণ)—দেবশ্রেষ্ঠ। "গী ১১.৩১। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—আকাশ। °বর্দ্ধকি (পুং)—বিশ্বকর্ম্মা। °বলি (পুং)—দেবার্থ উপহার। °বাণী (স্ত্রী)—আকাশভারতী, দৈববাণী। °বাহন (পুং)—দেবের হবির্বাহক; অগ্নি। °বিমান (বি)—বিমান; দেবরথ। "ন.প ১৫৭। °বিদ্যা (স্ত্রী)—নিরুক্তশাস্ত্র। °বৃক্ষ (পুং)—১ দেব-তরু, মন্দারাদি। "শ্রী ৬২। ২ সপ্তপর্ণ। ৩ গুগ্‌গুলু। °বৃষ্ট (বিণ)—মেঘমুক্ত (পয়ঃ)। "ভ ৪.১৮.১১। °ব্রত (পুং)—ভীষ্ম। "মহা ২.১০০.২১। °ব্রহ্মা (-হ্মন্) পুং—নারদ। "পা ৫.৪.১০৪, কাশিকা। °ভবন (ক্লী)—স্বর্গ; দেবালয়; অশ্বত্থ। °ভাগ (পুং)—১ লবণ-সমুদ্রের উত্তর ভূগোলার্দ্ধ, দেবাবাস; জম্বুদ্বীপ (ত.বা)। ২ (বাঙ্‌লায়) দেবগণ। "ম ১২৮০। °ভাষা (বি)—সংস্কৃতভাষা। "গান ২২। °ভিষক্ (-ষজ্) পুং—স্বর্গবৈদ্য অশ্বিনীকুমারদ্বয়। "°বর মহা ৩.১২৩.১২। °ভু (বি)—স্বর্গ। "দু ৭০। °ভূমি (স্ত্রী)—দেবস্থান, স্বর্গ। "কু.স ৫.৪৫। °ভূয় (ক্লী)—দেবভাব, দেবত্ব; দেবসাযুজ্য। °ভৃৎ (পুং)—'দেবপতি', বিষ্ণু; ইন্দ্র। °মাতা (-তৃ) স্ত্রী—দেবজননীমাত্র; অদিতি। °মান (ক্লী)—দেবতার কালপরিমাণ-ভেদ। "ম ৩৮৮। দেবমানে…চারিমাস ক.চ ১৭৩। শ্রী.মা ১২; ৩৭। দু ২৭। °মায়া (স্ত্রী)—বন্ধহেতু ঈশ্বরমায়া; অবিদ্যা। "ভ ২.৭.৪২। °মাস (পুং)—১ ভ্রূণের ক্রীড়ার মাস; গর্ভাষ্টমমাস। ২ সৌরত্রিংশদ্‌বর্ষ। °মুনি (পুং)—দেবর্ষি, নারদাদি। °যজন (ক্লী)—যজ্ঞে দেবপূজাস্থান; যজ্ঞ-ভূমি। "মহা ৩.১২৬.৪৫। °সম্ভবে উ.চ ১ ৪২/৪৩। °যজি (পুং)—দেব-পূজক, মুনি। "ভট্টি ২.৩৪। °যজ্ঞ (পুং)—দেবসম্বন্ধী যজ্ঞ; গৃহস্থের নিত্যকর্ত্তব্য পঞ্চযজ্ঞান্তর্গত হোম। "ম ৭৪০। °যাত্রা (স্ত্রী)—উৎসবে দেবপ্রতিমার স্থানান্তরনয়নরূপ গতি। °যুগ (ক্লী)—১ দেবপ্রিয়যুগ, সত্যযুগ। "মহা ১.১৬.৫। ২ দেবতার একযুগ; মনুষ্যের চতুর্যুগ। °যোষা (স্ত্রী)—অপ্সরা। °রথ (পুং)—বিমান, পুষ্পক। °রহস্য (ক্লী)—দেবতারও গোপ্য; অতিগুহ্য। °রাজ, °রাট্ (-জ্) পুং—দেবতার রাজা; সুরপতি, ইন্দ্র। °লোক (পুং)—স্বর্গ। "রা ২.১১৮.১২। °শত্রু (পুং)—অসুর, দৈত্য, দানব। °শিল্পী (-ল্পিন্) পুং—দেবত্বষ্টা, বিশ্বকর্ম্মা। "ম ৪৬৬। °সভা (স্ত্রী)—১ দেবতার সভা; সুধর্ম্মা। ২ রাজসভা। °সাযুজ্য (ক্লী)—দেবের সহ যুক্তভাব; দেবভূয় দেবত্ব। °স্থান (বি)—১ স্বর্গ। "ম ১২৭৪। ২ দেবাধিষ্ঠিত স্থান। "শ্রী.মা ৮৩। °স্ব (ক্লী)—১ দেবতার, অর্থাৎ প্রতিমাদিদেবতার্থ উৎসৃষ্ট ধন। "মনু ১১.২৬। ২ যাগাদিতে বিনিয়োগ হেতু যজ্ঞশীলের ধন। মনু ১১.২০। °হূতি (স্ত্রী)—স্বায়ম্ভুব মনুর কন্যা, মহর্ষি কর্দ্দমের পত্নী। ভ ৪.১.১; ১০। °হেলন (ক্লী)—দেবের প্রতি অবহেলারূপ অপরাধ।]

দেবক বিণ [√দিব্+অক (ণ্বুল্)-ক] ক্রীড়ক; দ্যোতক। —বক পুং উগ্রসেনের কনিষ্ঠ, দেবকীর পিতা, কৃষ্ণের মাতামহ যাদববিশেষ। "ভ ১.১৪.২৮। —বকী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীষ্), জন্যজনকত্বরূপ পুংযোগে] দেবকরাজকন্যা কৃষ্ণজননী। [দেবকীনন্দন, -পুত্র, -সূনু (পুং)—দেবকীপুত্র কৃষ্ণ।]

দেবখাত বিণ [তৃ.ত] দেবনির্ম্মিত, অকৃত্রিম। "°বিলে গুহা (অ.কো)। —খাত, -তক ক্লী ১ গুহা। ২ অকৃত্রিম জলাশয়; হ্রদ। ৩ [ষ.ত] দেবসম্বন্ধী খাত। "মনু ৪.২০৩।

দেবতা স্ত্রী [দেব+তা (তল্) স্বার্থে; তু 'দ্যাবতা' (গো.চ)] ১ দেব, অমর। ২ দেবপ্রতিমা। ৩ ত্যজ্যমান দ্রব্যে উদ্দেশ্যবিশেষ; যিনি মন্ত্র দ্বারা স্তবনীয়। "সাঽস্য দেবতা পা ৪.২.২৪। ৪ ইন্দ্রিয়। ৫ [+তা ভাবে] দেবভাব, দেবত্ব। ৬ (বাঙ্‌লায়) মেঘ, দেব। "দেবতা যথন

ডেকে ওঠে।—শিশু ৫১। দেবতা···বরিষে মরুক্ষেত্রে।—কু.কে ৬৩। [°গৃহ (ক্লী)—দেবালয়। °প্রতিমা (স্ত্রী)—দেববিগ্রহ। °বেশ্ম (-শ্মন্), °স্থান (ক্লী)—দেবগৃহ। °প্রতিষ্ঠা (স্ত্রী)—দেবপ্রতিমার যথাবিধি তৎসান্নিধ্যকারক সংস্কারবিশেষ।]

দেবতাত্মা (-ত্মন্) বিণ [দেবতা আত্মা (অধিষ্ঠাতা) যাহার, বহুব্রী, -১ব; স্ত্রী -ত্মা] দেবতাধিষ্ঠাতৃক, পবিত্র। "কু.স ১.১। হে হিমাদ্রি দেবতাত্মা স.স্ব ৯০।

দেবতী বি [°তা—°তী (স্ত্রীলিঙ্গে); তু 'দেবা—দেবী'; বৈষ্ণব-সাহিত্যে] দেবী। "কাননদেবতী।—রা.শে ৫৮; ৬৪।

দেবত্তর, -বত্রা, -বোত্তর বি [সং 'দেবত্রা'—মূল (?)] ১ দেব-সেবার্থ প্রদত্ত ভূমি বা ধন; গ্রাম্যদেবতার অধিষ্ঠিত স্থান। "টাকা দেবতার, দেবত্রা আমার জিম্মা। আমি আমার দেবত্রা সম্পত্তি হইতে আপনাকে এই টাকা কর্জ্জ দিতেছি ব.প্র ৩৯৩। দেবত্তর E.P. 50; দেবোত্তর 65. ২ (অপ্র) চাষের নিমিত্ত দেবতাকে প্রদত্ত ভূমি। "দেবদেবে দিল লিখে দেবত্তর-পাট্টা শি ৭১।

দেবত্য বিণ [°তা+য (যৎ) তাদর্থ্যে, পা ৫.৪.২৪] দেবতার্থক, দেবতোদ্দেশ্যক। "অগ্নি°, পিতৃ°, বায়ু°।

দেবদত্ত বিণ [তৃ.ত] ঈশ্বরদত্ত। "দেবদত্তামিমাং বীণাম্ ভ ১.৬.৩৩।—দত্ত পুং ১ অর্জ্জুনের শঙ্খ। "গী ১.১৫। ম ৬৩৬; ৮৫২। মে ৮১। ২ দেহস্থ জৃম্ভণকর বায়ুবিশেষ। 'দেবদত্তঃ জৃম্ভণকরঃ (বেদান্তসার)। ৩ বুদ্ধানুজ। ৪ [দেব+ √দা+ত (ক্ত) সংজ্ঞার্থে, পা ৬.৪.৪৫] সংজ্ঞাবিশেষ। "পীনো দেবদত্তো দিবা ন ভুঙ্‌ক্তে।—সাংখ্যতত্ত্ব-কৌমুদীর অনুবাদ।

দেবদাস পুং [ষ.ত] দেবপরিচারক, সেবায়ৎ। —দাসী স্ত্রী [ষ.ত] ১ দেবপরিচারিকা, দেয়াসিনী। "চৈ.চ ৩২৫। ২ বেশ্যা।

দেবদৃষ্টি বি অপদেবতার দৃষ্টি বা আবেশ। "বি.পা ২০৮।

দেবদেব পুং [ষ.ত] ১ দেবের দেব; বিষ্ণু। "গী ১০.১৫। ২ শিব। "কু.স ১.৫২। শি ৮৫। ৩ ব্রহ্মা। ৪ গণেশ। ৫ (বাঙ্‌লায়) ইন্দ্র। "কা ৬১।

দেবধান বি [সং °ধান্য] দেধান, জোয়ার। "ক.চ ৭৭।

দেবন ক্লী [√দিব্‌+অন (ল্যুট্)-ভা] ১ ক্রীড়া। ২ পাশকক্রীড়া, দ্যূত। "ঋগ্বেদ ১০.৪৩.৫। দেবনেন পরাজিতান্ গো.রা ৫.১৩.২১। প্রিয়দেবন মহা ৪.১.২৩। প্রকাশ্যমেতৎ তাস্কর্য্যং যদ্ দেবনসমাহ্বয়ৌ মনু ৯.২২২। কপট° ম ৩৪৫,-৫৪। ব.প ৭২১,-৫। ৩ দীপ্তি। ৪ ব্যবহার; ক্রয়বিক্রয়াদি। ৫ জিগীষা। ৬ স্তুতি। ৭ দ্যুতি। ৮ কান্তি। ৯ পরিবেদন (S.W.)। ১০ [+অন-ণ] 'ক্রীড়াসাধন', পাশক। ১১ পদ্ম। ১২ [+অন-ধি] লীলোদ্যান। —বনা স্ত্রী [√দেবি+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ পাশকক্রীড়া, ক্রীড়া। ২ সেবা। ৩ বিলাপ, পরিদেবনা।

দেবনদী স্ত্রী [উ.লো] ১ দেবপ্রিয়া নদী; গঙ্গা। "মহা ৩.১০৯.২। ২ প্রশস্তনদীমাত্র। "সরস্বতীদৃষদ্বত্যোর্দেবনদ্যোঃ মনু ২.১৭।

দেবনাগরী স্ত্রী সংস্কৃতভাষার (দেবভাষার) লেখনার্থ বর্ণমালা। দ্র 'নাগর' ক্লী (৪)।

দেবনিকায় পুং [ষ.ত] দেবনিবাসস্থান, স্বর্গাদি (কুল্লুক), দেবতা-নিলয় বিমান (নীলকণ্ঠ)। "মহা ১.১২৩.৪৮। মনু ১.৩৬।

দেবপথ পুং [দেবের পন্থা, ষ.ত, সমাসান্ত 'অ'] ১ আকাশ। ২ আকাশস্থ ছায়াকারপথ; ছায়াপথ। ৩ অর্চ্চিরাদিমার্গ; দেবযান।

দেবপশু পুং [ষ.ত] ১ দেবসম্বন্ধী পশু; দেবোদ্দেশে উৎসৃষ্ট পশু। "মনু ৮.২৪২। ২ দেববিষয়ে পশুবৎ মূর্খ (দ্র 'পা ৬.৩.২১, তত্ত্ববোধিনী); দেবতোপাসক (ভ.বা)। 'অথ যোঽন্যাং দেবতামুপাস্তে অন্যোঽসাবন্যোঽহমস্মি ন স বেদ যথা পশুরেব দেবানাম্ (শ্রুতি—ভ.বা)।

দেবপ্রিয় পুং [ষ.ত] ১ দেবের প্রিয়পাত্র। দ্র 'পা ৬.৩.২১। ২ পীতভৃঙ্গরাজ। ৩ বকপুষ্প।

দেবব্রত বিণ [বহুব্রী] ইন্দ্রাদিদেবে যাহার নিয়ম ও ভক্তি। "গী ৯. ২৫। —ব্রত পুং [উ. বহুব্রী] ভীষ্ম। 'মহা ১.৯৫.৪৭। —ব্রত ক্লী [ষ.ত] দেবসম্বন্ধী কার্য্য।

দেবব্রাহ্মণ পুং [উ.লো] দেবাজীব ব্রাহ্মণ; দেবল। ২ নিত্য সন্ধ্যাজপ-হোমদেবপূজাদিকারক ব্রাহ্মণ। 'অত্রি ৩৬৫।

দেবমণি পুং [উ.লো] ১ দেবপ্রিয় মণি; কৌস্তুভ। "মাঘ ৫.৪। ২ [উপ.স] 'দেবশ্রেষ্ঠ', সূর্য্য। ৩ অশ্বস্কন্ধস্থরোমাবর্ত্ত; কৌস্তুভাদি। "মাঘ ৫.৪। ৪ [বাঙ্‌লায়] দেবরাজ ইন্দ্র। "ম ১০৮৮।

দেবমাতৃক বিণ [দেব মাতা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্); স্ত্রী -কা] ১ মেঘ যাহার মাতৃবৎ পালক; বৃষ্টিজলে সমৃদ্ধ শস্যে পালিত বৃষ্ট্যাজীব (দেশ)। ২ বৃষ্টিনিষ্পাদ্যশস্য। "কৃষির্দেবমাতৃকা মহা ২.৫.৭৭। —মাতৃক পুং বৃষ্ট্যুপজীবী দেশ। "বিতন্বতি ক্ষেমমদেবমাতৃকাঃ কি ১.১৭।

দেবযান ক্লী [ষ.ত] 'দেবের গমনসাধন'; দেবরথ, বিমান। "ভ ৪. . ১২.৩৪। মে ৫০। —যান পুং দেবপথ, অনাবৃত্তিফল অর্চ্চিরাদিমার্গ। "ভ ৪.২৯.১৩; ৭,১৫.৫৫। উ.চ ২২১/২। °পথে স্ব.প্র ১৮৬। [সত্য ক্ষমা দম অলোভ—এই চতুর্ব্বিধ দেবযান (মহা ৩.২.৭৭)। ব্রহ্মবিৎ যোগী এই পথে ব্রহ্মলোকপ্রাপ্ত হন (দ্র 'ছান্দোগ্য ৫.১০.১; ২। গী ৮.২৪)। তন্ত্রে পিঙ্গলা নাড়ী দেবযান।]

দেবযানী স্ত্রী শুক্রাচার্য্যদুহিতা। [ইনি কচের রূপে মোহিতা হইয়া, কচকে বিবাহ করিতে ইচ্ছা করেন। কচ, গুরুকন্যা বলিয়া বিবাহ অস্বীকার করিলে, ইনি কচকে অভিশাপ দেন। কচও, 'ঋষিপুত্র তোমার পতি হইবেন না', বলিয়া ইঁহাকে শাপ দিয়া প্রস্থান করেন। একদা দেবযানী ও শর্ম্মিষ্ঠা তীরে বস্ত্র রাখিয়া স্নানার্থ জলে অবতীর্ণ হইলে, বায়ুবেগে বস্ত্র পরিবর্ত্তিত হয় এবং একের বস্ত্র অন্যে পরিধান করেন। এইরূপ বস্ত্রপরিবর্ত্তনজন্য বিবাদে শর্ম্মিষ্ঠা দেবযানীকে কূপে নিক্ষেপ করিয়া চলিয়া যান। মৃগয়ার্থী যযাতি সেই স্থানে উপস্থিত হইয়া দেবযানীকে উদ্ধার করেন ও শুক্রাচার্য্যের আজ্ঞানুসারে বিবাহ করেন। কর্ম্মফলে শর্ম্মিষ্ঠা দাসীরূপে দেবযানীর অনুগমন করেন। যদু তুর্ব্বসু দেবযানীর পুত্র। দ্র 'ভ ৫.১.৩৪।]

দেবযোনি পুং [বহুব্রী; °নি (স্ত্রী—অ.টী)] ১ দেব যোনি (উৎ-পত্তিতে আদিকারণ) যাহার; দেবাংশক (অ.টী); বিদ্যাধর অপ্সরা যক্ষ রক্ষঃ গন্ধর্ব্ব কিন্নর পিশাচ গুহ্যক সিদ্ধ ভূত—ইহারা দেবযোনি (অ.কো)। ২ [ষ.ত] দেবের উৎপত্তিস্থান।

দেবর পুং [√দিব্‌+অর-ক, উ ৩.১৩২; দেবর দ্বিতীয়বর (সায়ণ); শয়নে বিধবা ভ্রাতৃবধূর দেবরাভিমুখিকরণ (দ্র 'ঋগ্বেদ ১০.৪০.২ সায়ণ); তু 'দের-রাণী'—দেবরপত্নী (দেশী ১.৫১)] ১ স্বামীর কনিষ্ঠ ভ্রাতা; দেওর। "গো.রা ৫.৩১.৩২। মনু ৩.৫৫। ২ [°র—ভর্ত্তৃভ্রাতা (সায়ণ—ঋগ্বেদ ১০.৪০.২)] স্বামীর ভ্রাতৃমাত্র, অর্থাৎ ভাশুর বা দেওর। "কৌশল্যে দেবরস্তেঽস্তি সোঽস্য ত্বামুপ্রবেক্ষ্যতি (দেবর—ব্যাস)।—মহা ১.১০৬.২। মনু ৯.৫৯। [দেবর—জ্যেষ্ঠ ও কনিষ্ঠ; দ্র 'মনু ৯.৬২।] ৩ [দেব+ √রা দান+অ (ক)-ক; উ.ত] 'ক্রীড়াদায়ক', কান্ত (শ্রীধর)। "ভ ৪.২৬.২৬।

দেবরাজা বি [সং °জ; তু 'রাজা'] ইন্দ্র। "শ্রী.ম ১১১। —রাণী বি [তু 'রাজা—রাণী'] দেবরাজপত্নী শচী। "শি ১১।

দেবরাত পুং [তৃ.ত] ১ 'দেব কর্ত্তৃক রক্ষিত'; পরীক্ষিৎ। [কৃষ্ণ উত্তরার গর্ভ আবৃত করিয়া অশ্বত্থামার ব্রহ্মশিরঃ হইতে রক্ষা করেন বলিয়া পরীক্ষিৎ 'বিষ্ণুরাত' 'দেবরাত' (মহা ১০.১৫,-৬শ অধ্যায়। ভ ১.১২.১৬,-৭)]। ২ বিশ্বামিত্রপুত্র।

দেবরায় বি [সং দেবরাজ >প্রা °য় (প্রা.ম)] ১ ইন্দ্র। "ম ৯৫১। ব.প ৪০১। ২ 'দেবশ্রেষ্ঠ', বিষ্ণু। "জল ত্যজি দেবরায়, ঝাড়িল সকল কায় ক.চ ১০। ৩ মহাদেব। "পঞ্চ মুখে স্তুতি যারে করে দেবরায়। —ম ৩৩৪। নাচে দেব দেবরায় চৈ.ম ১৪। ৪ ধর্ম্মদেব। "দেহ বর প্রভু দেবরায় শ্রী.মা ২১।

দেবর্ষি পুং [দেব ঋষি, কর্ম্মধা] ১ যিনি দেব ও মন্ত্রদর্শন হেতু ঋষিত্ব-প্রাপ্ত (গী ১০.২৬, শঙ্কর); সুরর্ষি—ক্রতু ভৃগু বশিষ্ঠ প্রচেতাঃ (শ.ক)। "গী ১০.১৩; দেবর্ষীণাং চ নারদঃ ২৬। ২ অঙ্গিরাঃ। "কূ.স ৬.৮৪। ৩ কণাদাদি (ত্রিকাণ্ডশেষ)। ৪ তুম্বুরুভরতাদি (শ.ক)। ৫ মহাদেব (মহা)।

দেবল পুং [দেব+ √লা গ্রহণ+অ (ক)-ক (অ.টী); উ.ত] ১ 'জীবিকার্থ দেবগ্রাহক; দেবাজীব, দেবদ্রব্যোপজীবী ব্রাহ্মণ; প্রতিমা-পরিচারক। "মনু ৩.১৫২, কুল্লুক। কৃ ৪১৮। ম ১০৩৮। ২ ধার্ম্মিক। "দেবল শ্রীযুত (সোমঘোষ) শ্রী ১৪। ৩ নারদমুনি। ৪ মুনিবিশেষ। "গী ১০.১৩। [ইনি ব্যাসশিষ্য, অসিতমুনির পুত্র। ইনি রম্ভাশাপে অষ্টাবক্ররূপে জন্মগ্রহণ করেন (শ.ক)। দ্র 'মহা ৯ ৫০তম অধ্যায়।] —লক পুং সর্থ 'দেবল (১)। "মনু ৩.১৫২। —লিয়া বি [অপ্র] সর্থ 'দেবল (১)। "কৃ ৪১৮।

দেবশর্ম্মা (-র্ম্মন্) পুং দেবসদৃশ শর্ম্মা (অশুভনাশক); ব্রাহ্মণের উপনামভেদ। "(নাম কুর্ব্বীত) দেবপূর্ব্বং নরাখ্যং হি শর্ম্ম বর্ম্মাদিসংযুতম্ (বিষ্ণুপুরাণ)। শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য (যম)। "ক.সা ১০.৯।

দেবশুনী স্ত্রী [ষ.ত] দেবকুক্কুরী সরমা। "জনমেজয় এবমুক্তো দেব-শুন্যা সরময়া মহা ১.৩.১০। [পণিনামক অসুরগণ বৃহস্পতির গাভী-সকল হরণ করিয়া কোন গুপ্ত গুহায় লুকাইয়া রাখিলে, ইন্দ্র স্বর্গীয় কুক্কুরী সরমাকে গোসমূহের উদ্দেশে পাঠাইয়াছিলেন (ঋগ্বেদ ১.৬.৫; সায়ণকৃত অনুক্রমণিকা)।]

দেবশ্রুত পুং [স.ত] ১ দেবমধ্যে খ্যাত; বিষ্ণু। ২ নারদ।

দেবসেনা স্ত্রী [ষ.ত] ১ দেবসৈন্য। "মহা ৩.২২২.৫। ভা.চ ১৩০। ২ প্রজাপতিকন্যা স্কন্দপত্নী ষষ্ঠীদেবী (মহা ৩.২২৩.১; ২২৮.৪৪-৫১)। "রঘু ৭.১। ম ৯৪৫। বি.পা ২৮৪। [°পতি (পুং)—ষষ্ঠীপতি, স্কন্দ। "ম ৯৪৫।]

দেবা[১] (-বৃ) পুং [√দিব্+ঋ-ক,-১ব; উ ২.৯৮] দেবর।

দেবা[২] বি [সং দেব; দ্র 'আ[১৩]'] ১ দেব। "°গণ শ্রী.কী ৭০। দেবা দেবী কৃ.অ ৪; চৈ.ম ৮; চৈ.চ ৪১। মিলায়ল দেবা বি.প ২১। শঙ্কর দেবা।—গো ১৯৭। দেবী দেবা ব.প ৮২২; বি.পা ৩৪৫। দেবা তথা দেবী ভ.গ্র ১৮৮; ২৩০। ২ ব্রহ্মা; বিষ্ণু; শিব। "সত্ত্ব রজঃ তমঃ গুণে হল তিন দেবা বা.ম ১৯৯। ৩ দেবী। "তুমি দেব দেবা চ.বি ৩১। ৪ মেঘ। "মাঘ মাসে বর্ষে দেবা। রাজা ছেড়ে প্রজার সেবা॥—খনা। দেবা-গরজন ব.প ১০৫৬।

দেবাকৃতি বিং [উ.বহুব্রী] যাহার দেবাকৃতিতুল্য আকৃতি; দিব্য-মূর্ত্তি। "দেবাকৃতি রথী৹ সৌমিত্রি মে ১৮৭।

দেবাক্রীড় পুং [ষ.ত] ১ দেবের ক্রীড়াবন; দেবোদ্যান। "হ ১২৩. ৬৫। ২ নন্দনকানন।

দেবাগার পুং, ক্লী [ষ.ত] দেবগৃহ। [°রিক (পুং)—দেবসেবক।]

দেবাঙ্গনা স্ত্রী [ষ.ত] দেবযোষিৎ, অপ্সরা।

দেবাজীব, -জীবী (-বিন্) পুং [দেব আজীব যাহার, বহুব্রী; দেব+আ- √জীব্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] দেবল।

দেবাতিদেব পুং [ষ.ত] ১ দেবের অধিদেব; বিষ্ণু। ২ শিব।

দেবাত্মা (-ত্মন্) বিণ [দেবাত্মার ন্যায় আত্মা যাঁহার, উ. বহুব্রী] ১ সর্থ 'দেবতাত্মা'। "হিমালয় দেবাত্মা শি ১৫। গন্ধমাদন…দেবাত্মা মে ২৯৯। ২ দেবস্বভাব, দেবস্বরূপ, পবিত্র।

দেবাধিপ পুং [ষ.ত] ১ দেবের অধিপতি; ইন্দ্র। ২ পরমেশ্বর, বিষ্ণু।

দেবানী বি [°ব+আনী; তু 'ভবানী'] দেবপত্নী। "ম ৪৭৪।

দেবানুচর পুং [ষ.ত] দেবকিঙ্কর। "রঘু ২.৫২।

দেবান্ন ক্লী [ষ.ত] ১ দেবের খাদ্য; অমৃত। ২ নিবেদনের পূর্ব্বে নৈবেদ্যার্থ অন্নাদি। "মনু ৫.৭।

দেবাবসথ পুং [দেবের আবসথ, ষ.ত] দেবালয়।

দেবাবাস পুং [ষ.ত] ১ দেবস্থান, স্বর্গ। ২ সুমেরু। ৩ অশ্বত্থ।

দেবায়তন ক্লী [ষ.ত] দেবালয়। "মনু ৪.৪৬।

দেবায়ুধ ক্লী [ষ.ত] ১ দেবাস্ত্র, বজ্রাদি। ২ ইন্দ্রধনুঃ।

দেবারণ্য ক্লী [ষ.ত] ইন্দ্রের আরাম; নন্দন। "রঘু ১০.৮০।

দেবারি পুং [ষ.ত] দেবশত্রু, অসুর। "ব.প ৬০০। মা ১২২।

দেবার্চ্চা বি [দেবের অর্চ্চা, ষ.ত] দেবপূজা। "কৃ.উ ১৭৭।

দেবালয় পুং [ষ.ত] ১ দেবাবাস, স্বর্গ। ২ মন্দির।

দেবাসুর পুং [দ্বন্দ্ব] দেবতা ও অসুর; সুরাসুর। "দেবাসুরৈরমৃত-মম্বুনিধির্মমন্থে কি ৫.৩০। ভা.চ ২৯০।

দেবিতা (-তৃ), -বী (-বিন্) বিণ [√দিব্+তৃ (তৃচ্),+ইন্ (ণিনি),-ক-১ব; স্ত্রী -ত্রী, -বিনী] ক্রীড়ক, দ্যূতকার। "°তু মহা ২. ৫৯.২০; দেবিন্ ৪.৭.১৩। উপধিদেবিনঃ যাজ্ঞ ২.২০৫।

দেবীকোট পুং বাণাসুরপুর, শোণিতপুর।

দেবীভাগবত ক্লী দেবীমাহাত্ম্যবিষয়ক ভাগবতপুরাণ।

দেবীমাহাত্ম্য ক্লী মার্কণ্ডেয়পুরাণস্থ দেবীমাহাত্ম্যগ্রন্থ চণ্ডী।

দেবীসূক্ত ক্লী [ষ.ত] ১ ঋগ্বেদে শাকলশাখায় দেবীদেবতাক প্রসিদ্ধ সূক্তবিশেষ। ২ 'নমো দেব্যৈ' ইত্যাদি দেবীমাহাত্ম্যের পঞ্চমাধ্যায়স্থ মহালক্ষ্মীদেবীর স্তুতিরূপ মন্ত্র (ত.বা)।

দেবেন্দ্র পুং [ষ.ত] ১ দেবগণের স্বামী; ইন্দ্র। "গো.রা ৩.৬.১৯। রঘু ৩.৪৪। মে ৭৪। ২ শিব।

দেবেন্দ্রাণী বি [তু 'ইন্দ্রাণী'; অপ্র] দেবেন্দ্রপত্নী (শচী)। "°ণী শচী৹ দিবেন সীতায় দান আজি সীতানাথে। মে ১৩৭,-৪৫।

দেবেশ পুং [ষ.ত] ১ সুরপতি, ইন্দ্র। "মে ৭৪। ২ শিব। ৩ বিষ্ণু। ৪ ব্রহ্মা। —বেশী স্ত্রী শিবা, দুর্গা। "দেবেশি ভক্তিসুলভে (তন্ত্রসার)।

দেবোত্তর দ্র 'দেবত্র'।

দেবোদ্যান ক্লী [ষ.ত] দেবারাম—চৈত্ররথ, বৈভ্রাজ, নন্দন।

দেব্যা [দেবী+আঃ (৬ষ্ঠী-১ব) >দেব্যাঃ >°ব্যা] ১ দেবীর। "দেব্যা দূত চ.বি ১৯৭। ২ বিধবা ব্রাহ্মণীর নামের শেষে প্রযোজ্য উপনাম। দ্র 'দাস্যাঃ'। "কনিষ্ঠ ৺সুকদেব পাণ্ডা তাহার পরিজন ৺রাজু দেব্যা E.P. 52.

দেমাক, -গ বি [আ দিমাগ্; ঠ ধিমাক; তু 'সং দম্ভক'] গর্ব্ব। "দেমাগ করি চলিয়াছে চৈ ২৬। দেমাগ ভা.চ ৪১৬। কালিয়ে কাবাব রেঁধে দেমাকে অজ্ঞান।—হেম ৩৯০। পিত্তি জ্বলে যে দেমাক দেখলে। —কা ১৪০। নাচত ময়ূর! তুমি দেমাকের ভরে প.তৃ ৭২। [দেমাকে, -গে—গর্ব্বিত।]

দেয় বিণ [√দা+য (যৎ)-ক্ম] ১ দাতব্য। "মনু ৮.২১২। দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি হি ৩১ (কথারম্ভ)। ২ দানার্হ, দানযোগ্য। "অদেয়মাসীত্ত্রয়মেব ভূপতেঃ রঘু ৩.১৬। ৩ সম্প্রদানীয়। "সীতা…দেয়া রামায় রা ১.৬৭.২৩। (কন্যা) দেয়া বরায় বিদুষে ধনরত্নসমন্বিতা (মহানির্ব্বাণতন্ত্র)। ৪ ত্যক্তব্য। "পন্থা দেয়ো বরস্য চ মনু ২.১৩৮। ৫ শোধনীয়। "ঋণে দেয়ে প্রতিজ্ঞাতে পঞ্চকং শতমর্হতি মনু ৮.১৩৯। —য় ক্লী দাতব্য ধনাদি। "বহু দেয়ঞ্চ নোঽস্তিতি মনু ৩.২৫৯।

দেয়র বি [দেঅর >°র] দেবর। "প্রাণের দেয়র তুমি ব.প ৫৪৩; দেয়র লক্ষ্মণ ৫৭১।

দেয়া; দেয়ান, দেয়ানলাল দ্র 'দেআ; দেআন'।

দেয়ানা বি [ফা দীৱানহ] পাগল। "রোপেয়া কড়ি কিছুই দেখি না, তুমি দেয়ানার মত ফের আ.দু ১০৯।

দেয়ার বি [দ্বীপাকার > প্রা * দীআআর > (দীআর) °র ; অপ্র] দ্বীপাকৃতি স্থান। "কোন থানে ভাঙ্গি জলে করিল দেয়ার গ ১৮১ ; কোন থানে পড়িছে দেয়ার ২০১।

দেয়াল ; দেয়ালা ; দেয়ালী দ্র 'দিয়াল ; দিয়ালা ; দেওয়ালী'।

দেয়াশিনী, -সিনি, -নী বি [সং দেবদাসী > প্রা * দেঅআসী > বা (দেআসী, -য়াসী) °সিনী, -নি, -শিনী] দেবপরিচারিকা। "দেয়াশিনীবেশে চ.দা ৩৭,-৮,-৯। দেব-দেয়াসিনি কান (প.ক)] দেয়াসিনী আনি。দেবআরাধিনু জ্ঞা ২৪৮।

দেরকো, -খো বি [সং দীপবৃক্ষ ; তু 'ফা দর্‌খ্‌ত্‌—বৃক্ষ ; অস গছা] বৃক্ষবৎ দণ্ডায়মান কাষ্ঠময় দীপাধার। "°কো ব.প্র ২১৩।

দেরাজ বি [Cf., Av. daregha (দীর্ঘ) ; ফা দরাজ্‌—দীর্ঘ; E. drawer] টেবিল আলমারি ইত্যাদির টানা (টানিয়া বাহির করার ও ঠেলিয়া বন্ধ করার মত) লম্বা বাক্‌স। "(কৃষ্ণকান্ত) চেষ্টড্রয়ারের একটী দেরাজ খুলিলেন ব.প্র ২৬৩,-৯।

দেরি, -রী বি [ফা দের্‌ ; হি দেরী ; গ্রাম্য —'দিরিংগ' (ফা দির্‌রংগ্‌.)] বিলম্ব। "দেরি ম ৮৭২। দেরী ব.প ৪৬৫।

দেল[১] দ্র 'দিল'।

দেল[২] বি [দেউল > °ল] চড়কপার্ব্বণ। "দেল-দোল-দুর্গোৎসব।

দেলাসা বি [ফা দিলাসা] সান্ত্বনা। "ওমরাও…মাশুম খাঁকে বড়ই একটা দেলাসা করিল ব.প ১৬৯২।

দেশ পুং [√দিশ্‌ নির্দ্দেশ+অ (ঘঞ্‌)-র্ম্ম ; ছান্দস ; তু 'ছাশ' (গো.চ)] ১ ভুগোলাংশবিশেষ, সমুদায়জনপদ, বিষয়। "বঙ্গ°, মালব°, সিন্ধু°,। ব্রহ্মর্ষি° মনু ২.১৯ ; ২১। মগধ° (হি)। ২ জনপদ, জনপদৈকদেশ (অ.টী), জনপদাংশ। "গো.রা ১.৯.২১। মনু ২.১৭। নানা-দিগ্‌দেশ হি ১½। খুঁজিতে পাঠাও দেশাদেশ ম ৬০৭। ৩ প্রদেশ, রাষ্ট্র, রাজ্য। ৪ স্থান। "শুচৌ দেশে গী ৬.১১ ; মনু ২.২২২। পুলিন°। —ঋতু ১.২৭। ৫ অংশ, ভাগ, অবয়ব। "বক্ষোদেশ, স্কন্ধ°। এক° পা ২.২.১, সি। যোনি° রা ১.৫৫.৩। তালু° রঘু ৭.৫০। নিতম্ব°। —ঋতু ১.৬। কণ্ঠ° ক.সা ১৭.৮১। ৬ পুণ্য স্থান ; কুরুক্ষেত্রাদি। "গী ১৭.২০,-২। ৭ রাগবিশেষ। [ইহার সময় রাত্রি দ্বিতীয় প্রহর, ঠাট দুই নিষাদ, জাতি সম্পূর্ণ (গী.সা)।] ৮ [বাঙ্‌লায় ; অপ্র] সমীপ। "নন্দের দেশে মিলি গেল ধাই শ্রী.ম ১১৪। [°কাল (পুং)—যোগ্য স্থান ও সময়। "গী ১৭.২২। °কালজ্ঞ (বিণ)—যোগ্যদেশকালবিৎ। °কালপাত্র (ক্লী)—যোগ্য স্থান সময় ও ভাজন। "°সম্পত্তি গী ১৭.২২, শ্রীধর। °জ, °জাত (বিণ)—দেশোৎপন্ন, দেশীয়। °জাত—বাহ্লিকাদি-দেশজাত (হয়)। "রা ১.৫৩.১৯। °দৃষ্ট (বিণ)—দেশজাতিকুল-ব্যবহারাবগত। "মনু ৮.৬। °দেশান্তর (বি)—স্বদেশ ও অন্তদেশ। "ম ৪২। °ধর্ম্ম (পুং)—প্রতিনিয়ত স্ব স্ব দেশে অনুষ্ঠিত ধর্ম্ম। "মনু ১. ১১৮। °বরাড়ী (পুং)—রাগবিশেষ। "গী.গো ১১.১৪। °ব্যবহার (পুং)—দেশপ্রচলিত আচার ও পদ্ধতি। °ভাষা (স্ত্রী)—তত্তদ্দেশে প্রচলিত ভাষা ; মাতৃভাষা। °রূপ (ক্লী)—ন্যায়, কল্প, সমঞ্জস (অ.কো)।] [দেশের কুঁড়ে—রাজ্যের কুঁড়ে ; অলসের দল। "(দরজা জুড়ে) বসে গেছে যত দেশের কুড়ে কা ৭৮। দেশের-কি-হবে—পক্ষি-বিশেষ (ডাকের অনুকরণে)। "ভা.চ ১২৮।]

দেশবরাড়ী দ্র 'দেশ'।

দেশান্তর ক্লী [অন্য দেশ, নি.স, ময়ূরব্যংসকাদি] ভিন্ন দেশ ; বিদেশ। 'বাচো যত্র বিভিদ্যন্তে গিরির্বা ব্যবধায়কঃ। মহানদ্যন্তরং যচ্চ তদ্দেশান্তর-মুচ্যতে ॥—বৃদ্ধমনু। "কৃ.উ ১৩৩।

দেশান্তরী (-রিন্‌) বিণ [°র+ইন্‌ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ দেশান্তরবাসী, বৈদেশিক। "দেশান্তরী মারিয়া কি হৈবা তুমি বড় চৈ.ভা ২৫৫। ২ (বাঙ্‌লায়) দেশান্তরে (বিদেশে) আগত। "দেশান্তরী হইল ছিরা পিতার উদ্দেশে ক.চ ২৫২। ৩ দেশান্তরগত, নিরুদ্দেশ। "সুগ্রীব দেশান্তরী কৃ.উ ১৩৩। মাতৃদোষ শুনিলে ভরত না আসিবে। পিতৃশোকে মনোদুঃখে দেশান্তরী হবে ॥—কৃ ১০৯। ৪ বিদেশীয়। "ছয় দেশান্তরী দেখে ব.প ৬১৩। যোগী দেশান্তরী গো.বি ৫৯, টীকা। [ধৃতপাঠ 'দেসান্তরি']

দেশিক বিণ [দেশ+ইক (ঠন্‌) অস্ত্যর্থে] ১ দেশজাত, দেশীয়। ২ দেশবাসী "অদেশিকো যথা সার্থঃ সর্ব্বং কৃচ্ছ্রং সমৃচ্ছতি মহা ৭.৫. ১০। নানা দেশিক ব.প ১৪৭৮। —শিক পুং ১ উপদেশে নিপুণ ; উপদেষ্টা, গুরু। "ধর্ম্মাণাং দেশিকঃ…স ভবিষ্যতি মহা ১৩.১৪৭.৪২। ২ দেশতত্ত্বজ্ঞ। ৩ পথিক (অ.চি)।

দেশিত বিণ [√দেশি+ত (ক্ত)-র্ম্ম] ১ আদিষ্ট। ২ উপদিষ্ট। ৩ নির্দ্দিষ্ট। ৪ নিয়ন্ত্রিত। "ঈশ্বরদেশিতং জগৎ গো.রা ২.৬১.৩৪।

দেশিনী স্ত্রী [√দিশ্‌+ইন্‌ (ণিনি)-ক+স্ত্রী ঈ (ঙীপ্‌)] প্রদেশিনী, তর্জ্জনী। "ভ ৪.৩০.১৪। যাজ্ঞ ১.১৯।

দেশী[১] স্ত্রী দীপকরাগের ভার্য্যা রাগিণীবিশেষ।

দেশী[২] বিং [সং দৈশিক > প্রা দেসিঅ > বা °শী ; হি দেশী] ১ দেশ-জাত (বস্ত্রাদি)। ২ দেশবাসী। "দেশী লোক চৈ.চ ২৫১। ৩ দেশ-প্রচলিত (ভাষা)। [দেশী ভাষা—মাতৃভাষা।]

দেশীয় বিণ [দেশ+ঈয় (ছ)] ১ দেশসম্বন্ধী, দেশভব, দেশস্থিত। ২ দেশজাত। ৩ দেশপ্রচলিত (ভাষা)। "যচ্চ দেশীয়ভাষয়া (জল্পিতম্‌)। —কামশাস্ত্র। ৪ (ব্যাকরণে) 'ঈষদসমাপ্তি' অর্থে তদ্ধিত। "পা ৫.৩. ৬৭। পঞ্চবর্ষক° (মহা)। ষড়্‌বর্ষ° রঘু ১৮.৩৯। অষ্টাদশবর্ষদেশীয়। —কাদ ৪২। [°বরাড়ী (পুং)—সর্থ 'দেশবরাড়ী'।]

দেশো(সো)য়ালী বি ['দেশওয়ালা > °লী] পশ্চিমদেশীয়, হিন্দু-স্থানী লাঠিয়াল। "উভয় পক্ষে বহুসংখ্য…দেসোয়ালী জমায়েৎবস্ত হইয়াছিল।—ষ ৩।

দেশ্য বিণ [দেশ+য (যৎ)] ১ দেশভব, দেশস্থ, দেশজাত। "বনায়ু° (বাহ) রঘু ৫.৭৩। ২ দেশীয়। "নানাদেশ্যাশ্চ পার্থিবাঃ মহা ১.১৩২.১১। ৩ দেশপ্রচলিত (প্রাকৃত ভাষা)। "হে ৮.১.১। ৪ বাহ্লিকাদিদেশ-জাত (অশ্ব)। "অশ্বানাং দেশ্যানাম্‌ গো.রা ২.৭২.২৩। ৫ [√দিশ্‌+য (ণ্যৎ)-র্ম্ম] উপদেশ্য। ৬ (ব্যাকরণে) সর্থ 'দেশীয় (৪)। —শ্য পুং তদ্দেশবর্ত্তী (তৎস্থানীয়) সাক্ষী। "মনু ৮.৫২,-৩। —শ্য ক্লী ১ সাধ্যবিষয়, পূর্ব্বপক্ষ। "°পরীহার অ.টী, নানার্থবর্গ, ৯৭। ২ দেশ-প্রচলিত, প্রাকৃত। দ্র 'দেশ্য (৪)।

দেহ[১] পুং, ক্লী [√দিহ্‌+অ (অচ্‌)-ক ; বৈদিক ; তু 'দেহা' (শ্রী.কী ১৯। মী ৪৫। চ.বি ২৭৩ ; ৩০১)] যাহা বাড়ে ; কায়, শরীর। "কঠোপনিষৎ ৫.৪। যথা দেহে কৌমারং যৌবনং জরা গী ২.১৩। °জ মনু ১.১০৪। —হ পুং [+অ (ঘঞ্‌)-ভা] লেপন। [°ক্ষয় (পুং) —দেহনাশ ; রোগ। °গত (বিণ)—দেহপ্রাপ্ত ; শরীরী। °ত্যাগ (পুং)—দেহোৎসর্গ, মরণ। "রঘু ৮.৯৫। °দ (পুং)—পারদ। °ধারক (ক্লী)—অস্থি। °ধৃক্‌ (-জ্‌) পুং—'দেহগত', বায়ু (সুশ্রুত)। °পাত (বি)—দেহনাশ। °বদ্ধ (বিণ)—বদ্ধদেহ, মূর্ত্তিমান্‌। "রঘু ১১.৩৫। কু.স ২.৪৭। °বন্ধ (পুং)—শরীরবন্ধন। "স্রংসতে দেহবন্ধঃ উ.চ ৩.৩৯। °ভৃৎ (পুং)—১ দেহধারী, দেহাভিমানী জীব, আত্মা (শঙ্কর)। "গী ১৪. ১৪ ; ১৮.১১। ২ প্রাণী। "রঘু ৮.৫১। °রক্ষা (বি)—দেহত্যাগ। °সার (পুং)—মজ্জা।]

দেহ[২] ক্রি [দে[২]+হ[৫]] দেও। "দেহ ও পদপঙ্কজ কৃ ২৯১।

দেহকর্ত্তা (-র্ত্তৃ) পুং [দ্বি.ত ; ষ.ত] **১** 'দেহকরণশীল', সূর্য্য। "মহা ৩.৩.২৭। **২** ঈশ্বর। **৩** পিতা।

দেহকোষ পুং [ষ.ত] **১** চর্ম্ম। **২** পক্ষ, পাখীর পাখা।

দেহজ বিণ [দেহ+জন্+অ (ড)-ক ; উ.ত] শরীরজাত। "অহিতো দেহজো ব্যাধির্হিতমারণ্যমৌষধম্ (সু.র)। —হজ পুং আত্মজ, পুত্র। "শ্রী.মা ৮৬।

দেহড়ী বি সর্থ 'দেউড়ি'। "দেহড়ীর···পাল্লা।—রঙ্গ ১১১।

দেহতত্ত্ব বি দেহের রহস্য বা পারমার্থিকভাব। "°তত্ত্বের গান।

দেহবান্ (-বৎ) বিণ [দেহ+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব] **১** দেহবিশিষ্ট, শরীরী। "প্রিয়ং দেহবতীমিব গো.রা ৬.৯৯.৪৪। **২** দেহাভিমানী। "গী ১২.৫। —বান্ পুং দেহী, প্রাণী, মনুষ্য। "ভ ৬.১.৪৪।

দেহভাক্ (-ভাজ্) বিণ [দেহ+ √ভজ্+ণ্বি (০)-ক-১ব ; উ.ত] দেহী। —ভাক্ পুং নর। "ভ ৩.৮.২০ ; ৯.১।

দেহম্ভর বিণ [দেহ+ √ভৃ+অ (খচ্)-ক ; তু 'বিশ্বম্ভর'] 'দেহপোষক', ঔদরিক। "ভ ৫.২৬.১২। —র পুং বিষয়। "ভ ৫.২৬.৩।

দেহযাত্রা স্ত্রী [ষ.ত] **১** দেহের লোকান্তরে গমন ; মরণ। **২** দেহধারণোপায়, বৃত্তি, ভোজনাদি। "ভ ৪.২৩.২০।

দেহরা, -হারা, -হের, -হেরা বি [সং দেবগৃহক >প্রা দেহরয় (প্রা.ম) >বা (দেহর) °রা ; হি দে(দি)হরা ; ঠ দেরহারা ; প দেহরা ; গু দেহরু] দেবালয়। "দেহারা শূ ১ ; কৃ ২৫৯ ; ব.প ৪০৫ ; শ্রী.মা ৫। দেহরা ক.চ ৩২, ৩৪ ; দেহারা ৩৬। ভাঙ্গে দেহের-দোহর ম ১২৪৬। দেহেরা শ্রী ৩৩ ; দেহারা ৩৪। [দেহারা-দেউল, দেহের-দোহর, দেউল-দেহারা—একার্থক। "°দেউল শূ ১ ; °দেহারা শ্রী.মা ৬৪।]

দেহলি পুং,**-লী** স্ত্রী [দেহ (লেপ)+ √লা গ্রহণ+ই (কি), +অ (ক),-ক, স্ত্রী ঈ (ঙীষ্)]। **১** যাহা গোময়াদিলেপ গ্রহণ করে ; দ্বারাগ্রস্থান, দ্বারপিণ্ডিকা, পিঁড়ে। **২** গৃহদ্বারশাখাধারদারু (মল্লিনাথ), গৃহাবগ্রহণী, গোবরাট। "দেহলীদত্তপুষ্পৈঃ উ.মে ২৬। মাঘ ৩.৪৮। **৩** (বাঙলায়) গৃহ। "থাকর দেহলী, রজনী গোঙায়লি, তাহি করহ অনুরাগ।—গো ১৯৯।

দেহাত্মপ্রত্যয় পুং [স.ত] দেহে আত্মাভিমান (শঙ্কর)।

দেহাত্মবাদ পুং [ষ.ত] দেহসম্বন্ধে আত্মবাদ ; দেহই আত্মা—এই মত ; অনাত্মবাদ, চার্ব্বাকমত। —বাদী (দিন্) পুং [°দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] অনাত্মবাদী, চার্ব্বাক।

দেহান্তর ক্লী [অন্য দেহ, নি.স] ভিন্ন দেহ। "°প্রাপ্তি গী ২.১৩।

দেহি সং, ক্রি [√দা+হি (অনুজ্ঞা-মধ্যমপুরুষ-১ব)] দেও। "পতিং দেহি ম ২১৫। ম.পা ৫ ; অন্নং দেহি ৪০। ভবতি ভবন্ ভিক্ষাং দেহি দেহি বলে শি ৩০। দেহি দেহি দেবি ভা.চ ৪২৭। রণং দেহি।—রঙ্গ ৩০। ভিক্ষাং দেহি স্ব.প্র ৬৮। প.তৃ ৫৫।

দেহী (-হিন্) বিণ [দেহ+ইন্ (ইনি) অস্ত্যর্থে ; স্ত্রী -হিনী] দেহবান্, শরীরী। —হী পুং **১** দেহবান্, আত্মা (শঙ্কর) ; দেহাভিমানী জীব (শ্রীধর)। "দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা গী ২.১৩। চেতনাচেতনে, মিলি দুইজনে, দেহিদেহ-রূপে চরে ভা চ ৫১। **২** প্রাণী, জীবমাত্র। "(রামে) পুজার্হে সর্ব্বদেহিনাম্ রা ১.৫১.৫। বধবন্ধৌ চ দেহিনাম্।—মনু ৫.৪৯। **৩** মনুষ্য। "গী ১৭.২। মনু ৫.১০৫। ত্বদধীনং খলু দেহিনাং সুখম্ কু.স ৪.১০। হেম ১০৪। **৪** শরীরী, আত্মা। "শরীরাণি···অন্যানি সংযাতি নবানি দেহী গী ১.২২ ; ৩০। দেহে দেহবুধঃ ভ ৩.৩১.৩০। —হিনী স্ত্রী পৃথিবী।

দেহিনী দ্র 'দেহী'।

দৈ১ সক [ভা, প—দায়তি ; অনিট্] শোধন, শুদ্ধীকরণ। "দায়তি তাম্রময়েন লোকঃ (ক.ক)। [অব—শুক্লীভাব (ক.ক) ; অবদান ; "যোঽবদায়তি কীর্ত্তিং।—হলায়ুধ।

দৈ২ বি [দই >দৈ] দধি। খৈ দৈ শ্রী.মা ৪২। ম ম ২৫ ; ১০২।

দৈতেয় পুং [দিতি+এয় (ঢক্) ; স্ত্রী -য়ী]। দিতির অপত্য ; দৈত্য, অসুর। "°চন্দনবনে জাতোঽয়ং কণ্টকদ্রুমঃ ভ ৭.৫.১৭। ব.প ৬০১। —তেয়ী স্ত্রী দিতির অপত্য-স্ত্রী। "দৈতেয়ী চাসুরী প্রজা (মহা)। [°গুরু, °পুরোধাঃ (-ধস্) পুং—শুক্রাচার্য্য।]

দৈত্য পুং [দিতি+য (ণ্য), তদপত্যার্থে (অ.টী), তু 'পা ৪.১.৮৫] **১** সর্থ 'দৈতেয়'। **২** (বাঙলায়) অসুরপ্রকৃতি জন। "কৃষ্ণ নাহি মানে, তাতে 'দৈত্য' করি মানি। চৈতন্য না মানিলে তৈছে 'দৈত্য' তারে জানি॥—চৈ.চ ৩৭। দৈত্যগণ তেজ মদ শ্রী.ম ১৫৯।—ত্যা স্ত্রী **১** দৈত্যজাতি-স্ত্রী। **২** সুরা। °গুরু, °পুরোধাঃ (-ধস্) পুং—শুক্রাচার্য্য। °নিষূদন (পুং)—বিষ্ণু। °ভেদী (-দিন্) বি—'বৃত্রাসুরনাশক', ইন্দ্র। "ম ৯৬২। °মণি (বি)—দৈত্যশ্রেষ্ঠ, দৈত্যরাজ। "ম ৬৬। °মাতা (-তৃ) স্ত্রী—দিতি ; দনু, সিংহিকা। "হ ১৬৮.১১। °যুগ (ক্লী) —দেবপরিমাণে দ্বাদশসহস্র বর্ষ।]

দৈত্যারি পুং [ষ.ত] দৈত্যের শত্রু ; বিষ্ণু।

দৈত্যেন্দ্র পুং [দৈত্য ইন্দ্রতুল্য, উপ.স] দৈত্যশ্রেষ্ঠ, দৈত্যরাজ ; হিরণ্যকশিপু। "ভ ৭.৫.১৯।

দৈত্যেন্দ্রাণী বি [তু 'ইন্দ্র—ইন্দ্রাণী (স্ত্রী) ; অপ্র] দৈত্যেন্দ্রপত্নী, দৈত্যমহিষী। "হেম ১৫৫।

দৈত্যেশ, -শ্বর পুং [ষ.ত] দৈত্যরাজ। "°শনন্দিনী ম ৬৭।

দৈনন্দিন বিণ [দিনন্দিন+অ (অণ্), নিপাতিত ; স্ত্রী -নী] প্রতিদিনভব ; প্রাত্যহিক। "°নঃ স্বর্গঃ ভ ৩.১১.২৬। [°প্রলয় (পুং) —ব্রহ্মার দিনাবসানে সৃষ্টিক্ষয়রূপ প্রলয় (ব্রহ্মবৈবর্ত্ত)। "দ্বু ২৭।]

দৈনিক বিণ [দিন+ইক (ঠঞ্) ; স্ত্রী কী] দিনসম্বন্ধী, দিবসীয়। —নিকী স্ত্রী দিনভৃতি, দৈনিক মজুরী।

দৈন্য ক্লী [দিন+য (ষ্যঞ্)] **১** দীনভাব, দারিদ্র্য। "ঈশ্বরের দৈন্য করি করিয়াছে ভিক্ষা চৈ.চ ৪৮। তোমার যা দৈন্য, মাতঃ! তাই ভূষা মোর।—স.স্ব ৫৪। **২** কার্পণ্য, নিস্তেজস্কত্ব। "মন্ত্রেণ হতবীর্য্যস্য ফণিনো দৈন্যম্ কু.স ২.২১। **৩** শোচ্যতা, শোচনীয় ভাব, মালিন্য। "ইন্দোর্দৈন্যং ত্বদনুসরণক্লিষ্টকান্তেঃ উ.মে ২৩। **৪** বিষাদ, অবসাদ। "(রামে বনং প্রব্রজিতে) জনো দৈন্যমুপাগমৎ রা ২.৪১.১৪ ; ৬৯.৭। দৈন্য হতে জাগ।—রবীন্দ্র। **৫** দারিদ্র্যাদি হেতু নিস্তেজস্কতারূপ ব্যভিচারিভাব। "সা.দ ৩.১৪৫। **৬** অনুদারভাব, সঙ্কীর্ণতা। **৭** (বাঙ্লায়) অকিঞ্চনভাব, স্বাবমানসূচকভাব, আত্মলাঘব, নিজহেয়তা। "তোমার দৈন্যে ফাটে মোর মন চৈ.চ ১৬ ; °দীনঃ কর দৈন্য সম্বরণ ১৪২,-৬৯। ন.প ৪১৫। **৮** দীনভাব, কাতরতা। "নানা যত্ন-দৈন্যে প্রভুরে করাইলা ভোজন চৈ.চ ৮৫। **৯** ইষ্টসাক্ষাৎকারে দীনতাসূচক বাক্য। "স্বপ্নপ্রায় কি দেখিনু, কিবা আমি প্রলাপিনু, তোমরা কিছু শুনিয়াছ দৈন্য।—চৈ.চ ৮০। **১০** অভাব। "আসবাবের দৈন্যে···লজ্জা বোধ ক'রে এসেচি ঘ ১০৭। [°পত্রী (বি)—আত্মলাঘবপূর্ণ পত্র। "চৈ.চ ৭৬। °ভূ (স্ত্রী)—দীনতার ভূমি ; কার্পণ্যের আকর। "বাঞ্ছা পরং দৈন্যভুঃ বা.ভা ১.৫।

দৈব বিণ [দেব+অ (অণ্) ; স্ত্রী -বী ; ছান্দস] **১** দেবসম্বন্ধী। "দৈবাৎ সর্গাৎ।—রঘু ১০.৪৩। **২** দেবভাবসম্পন্ন, 'সত্ত্বপ্রধান' (নীলকণ্ঠ)। "দৈবীং প্রকৃতিম্ গী ৯.১৩ ; দৈবী সম্পৎ ১৬.৫ ; ৬। **৩** দেবে সম্ভব ; অলৌকিক, অত্যদ্ভুত (শ্রীধর)। "নিমিত্তং যৎ তয়া দৃষ্টং বাহুকে দৈবমানুষম্ মহা ৩.৭৫.৭। দৈবী হ্যেষা···মম মায়া গী ৭.১৪। **৪** দেব হইতে আগত ; দেবকর্ত্তৃক। "দৈবীনাম্···আপদাম্ রঘু ১৬০। **৫** দিব্য, স্বর্গীয়। "দৈবী মূর্ত্তি ব.দ্বি ৬। আমি যে রমণী সেটা···অপরূপ দৈবী মহিমা ঘ ৮৫। **৬** আকাশভব। "°প্রশ্ন। —ব পুং অষ্টবি"

বিবাহের দ্বিতীয়প্রকার বিবাহ। "মনু ৩.২১,-৮। যজ্ঞস্থার্ত্বিজে দৈবঃ যাজ্ঞ ১.৫৯। —ব ক্লী ১ পূর্ব্বজন্মকৃত পৌরুষ; প্রারব্ধফল, অদৃষ্ট, ভাগ্য। 'দৈবম্…পৌরুষং পৌর্ব্বদেহিকম্ যাজ্ঞ ১.৩৪৯। দৈবম্…পুরুষ-গুণঃ সোঽপ্যদৃষ্টাখ্যঃ।—পঞ্চ ৫.৩০। "দৈবং হি পরমা গতিঃ।—রা ১.৫৮.২৩। দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি।—হি ৩১ (কথারম্ভ)। দৈবে করে, কি দোষ তোমার ভা.চ ১৯৩। সী ৭০। ২ দানফল। 'দৈবং দানফলং প্রোক্তম্ মহা ৩.৩১২.১০০। ৩ দেবতারাধন (নীলকণ্ঠ)। "মহা ৩.৩২ ১৭। ৪ হোমাদি। "মনু ৩.১৮। ৫ শ্রাদ্ধবিশেষ। ৬ দক্ষিণহস্তের অঙ্গুলির অগ্রভাগ; দেবতীর্থ। 'মনু ২.৫৯। অঙ্গুল্যগ্রে দৈবম্।—বিষ্ণু ৬২.৩। ৭ [°ব+অ স্বার্থে] দেবতা। তু 'দৈবক'। "দৈবে সে জাগএ শ্রী.কী ১০; ১২৫। ম ৯৭১। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী —দেবসম্বন্ধীকার্য্য হোমাদি। °কৃত (বিণ)—ভাগ্যায়ত্ত। °কোবিদ (পুং)—শুভাশুভনিমিত্তে পণ্ডিত; দৈবজ্ঞ। °গতি (স্ত্রী)—দৈববশ, ভাগ্যহেতু। "উ.মে ৩৫। ম.ম ১৬; ৭৯। °চিন্তক (পুং)—দৈবজ্ঞ। °তন্ত্র (বিণ)—ভাগ্যায়ত্ত, ঈশ্বরাধীন। "ভ ১.৯.১৭। °তীর্থ (ক্লী)—সর্থ 'দৈব (৬)। °দীপ (পুং)—চক্ষুঃ। °দুর্বিপাক (পুং)—ভাগ্যদুষ্পরিণাম, ভাগ্যবিপর্য্যাস। "উ.চ ১.৪০। হি ১৫৮৭। °বশতঃ সী ২০। কাদ ৫৪। পা.প্র ১৩১। °পর (বিণ)—ভাগ্য যাহার প্রধান; দৈবনিষ্ঠ, যদ্ভবিষ্য। °প্রশ্ন (পুং)—১ ভাগ্যফলজিজ্ঞাসা। ২ আকাশবাণী, উপশ্রুতি। °মানুষক (বিণ)—দেবমানুষসম্বন্ধী। "°কং সুখম্ মনু ১১.২৪২। °যজ্ঞ (পুং)—হোম। "বিষ্ণু ৫৯.২২। °যুগ (ক্লী) —দেবমানে দ্বাদশসহস্র বর্ষ। 'মনু ১.৭১। °বশ (পুং, ক্লী) ভাগ্যায়ত্ততা, অদৃষ্টহেতু। °বাণী (স্ত্রী)—আকাশসম্ভবা বাণী। °লেখক (পুং)—দৈবজ্ঞ, গণক।] [দৈবগতিকে, দৈবি, দৈবে, দৈবে—ভাগ্যবশে, দৈবাৎ। "°বে শ্রী.কী ৩৫০। °বি ভ.প্র ১৬৯। সেই পথে নারদ দৈবে যান দা ৯১৯। °গতিকে।—কথা ৮২।]

দৈবক পুং [দৈব+ক (কন্) স্বার্থে] ১ দৈব, দেবতা। "যঃ সর্ব্বভূতানি সদৈবকানি…অজয়ৎ মহা (S.W.)। ২ [বাঙ্‌লায়; অপ্র] দৈবজ্ঞ। "গো.চ ১৩৬,-৭; ১৫৮,-৯।

দৈবকী স্ত্রী [দেবক+ই (ইঞ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] দেবকরাজের অপত্য-স্ত্রী; বসুদেবপত্নী শ্রীকৃষ্ণমাতা দেবকী। "°সপ্তমগর্ভে ক.চ ২৫৩। শ্রী ৬। [°কুমার, °তনয়, °নন্দন (পুং)—দৈবকীপুত্র শ্রীকৃষ্ণ। "°তনয় ম ২৪৩; °কুমার ৬৯৭; °নন্দন ৮১২। দৈবকীকুমার ব.প ৮৯৯।]

দৈবজ্ঞ বিণ [দৈব+ √জ্ঞা+অ (ক)-ক; উ.ত] গ্রহোৎপাত-প্রশমনাদির জ্ঞাতা। "যাজ্ঞ ১.৩১৩। —জ্ঞ পুং ১ জ্যোতিষিক, গণক। "গো.রা ২.৩.১৮। ২ গণনোপজীবী বিপ্র; গ্রহাচার্য্য। ৩ সঙ্কীর্ণজাতিবিশেষ। 'ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতিখণ্ড। —জ্ঞা স্ত্রী দৈবজ্ঞভার্য্যা (শ.ক); প্রোষিতস্বজনের শুভাশুভনিরূপিণী (অ.টী)।—জ্ঞিনী বি [°জ্ঞ+ইনী] সর্থ 'দৈবজ্ঞা'। "মান্ত্রিকী তান্ত্রিকী দুই দৈবজ্ঞিনী হয় ভ.প্র ১৬৪।

দৈবত বিণ [দেবতা+অ (অণ্); স্ত্রী -তী] দেবতাসম্বন্ধী; "বর্ষেণ দৈবতঃ (অহোরাত্রঃ)।—অ.কো। —বত ক্লী [+অ স্বার্থে; দৈবতানি পুংসি বা (অ.কো); স্বার্থে পুংসি ন প্রযুঙ্‌ক্তে (কা.প্র—অ.টী)] ১ দেবতা। "রা ১.৩.৮৪; স্ত্রীণাম্…পরমং দৈবতং পতিঃ ২.১১৭.২৪। পিতৃদৈবতকর্ম্মণি মনু ৫.৪১। মনুজ দৈবত…দেখিতে ধায় ন.প ২৫৮। হেম ১৪৬। ২ পাষাণাদিদেবতা, দেববিগ্রহ। "মনু ৪.৩৯। দৈবতানি রুদন্তীব ভ ১.১৪.২০। ৩ অধিষ্ঠাতৃদেব। "নক্ষত্রে বহ্নিদৈবত্যে মহা ১.২২১.৮৫। ৪ মন্ত্রস্তুত্যা দেবতা। "অব্দৈবতৈর্ম্মন্ত্রৈঃ যাজ্ঞ ১.২২। ৫ দেবতাসমূহ।

দৈবত্য ক্লী [দেবতা+য (ষ্যঞ্) স্বার্থে] দেবতা। "নক্ষত্রেঽদিতি দৈবত্যে রা (S.W.)। পিতৃদৈবত্যে…কর্ম্মণি মনু ২.১৮৯; ৪.১২৪। সূর্য্যা° (মন্ত্র) যাজ্ঞ ১.৯৯।

দৈবযোগ পুং [ষ.ত] ভাগ্যের ফলোন্মুখতার সম্বন্ধ; ভাগ্যোদয়। [°যোগে—ভাগ্যোদয় হেতু; অকস্মাৎ।]

দৈবসর্গ পুং [কর্ম্মধা] দেবসম্বন্ধী অষ্টবিধ সৃষ্টি;—ব্রাহ্ম (জন-তপঃসত্যলোক-বাসী দেব), প্রাজাপত্য (মহর্লোকবাসী দেব), ঐন্দ্র (স্বর্লোকবাসী দেব), পৈত্র (পিতৃলোকবাসিগণ), গান্ধর্ব্ব, যাক্ষ, রাক্ষস, পৈশাচ (সাংখ্য ৫৩, তত্ত্বকৌমুদী)। বিবুধগণ পিতৃগণ অসুরগণ গন্ধর্ব্বাপ্সরঃসিদ্ধগণ যক্ষরাক্ষসচারণগণ ভূতপ্রেতপিশাচগণ বিদ্যাধরগণ ও কিন্নরাদিগণ (ভ৩.১০.২৮)।

দৈবাৎ ব্য [দৈব+আৎ (পঞ্চমী-১ব)] দৈববশে, হঠাৎ। "দৈবাৎ স্থিতে তস্মিন্নধে ক.সা ১৮.৯৭।

দৈবাত্ত ক্রি.বিং [দৈবায়ত্ত > °ত্ত; 'দৈবত্ত' (গ্রাম্য)] দৈববশে, হঠাৎ। "ভ.প্র ৭৮; দৈবাত্ত বৈষ্ণব এক অতিথি হইলা ২৫৪,-৬৬; ৩২৫; ৪১৬।

দৈবাত্যয় পুং [কর্ম্মধা] দেবসম্বন্ধী উৎপাত; দৈবব্যসন।

দৈবাধীন বিণ [দৈবে অধি (স.ত)—°ধি+ঈন (খ) স্বার্থে, পা ৫ ৪.৭] ভাগ্যায়ত্ত, অদৃষ্টবশ।

দৈবায়ত্ত বিণ [স.ত] দৈবাধীন। "°ত্তং কুলে জন্ম বে ৩.৩৫।

দৈবাসুর বিণ [দেবাসুর+অ (অণ্)] দেবাসুরসম্বন্ধী। "°সুরং যুদ্ধম্। —সুর ক্লী [+অ, পা ৪.৩.১২৫, সি] দেবাসুরের বৈর।

দৈবাহোরাত্র পুং [কর্ম্মধা] দেবতার দিন ও রাত্রি; মনুষ্যের সংবৎসর।

দৈবিক বিণ [দেব+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ দেবসম্বন্ধী। "মনু ১.৬৫। ২ দেবোদ্দেশে কর্ত্তব্য (শ্রাদ্ধ)। —ক ক্লী দৈবোৎপাত।

দৈবোপহত বিণ [তৃ.ত] দৈবতিরস্কৃত (রা. টীকা); দৈব ব্যাহত। "°কর্ম্মন্ রা ১.৫৮.২৩।

দৈর্ঘ্য ক্লী [দীর্ঘ+য (ষ্যঞ্)] দীর্ঘভাব, দীর্ঘতা, আয়াম।

দৈশিক বিণ [দেশ+ইক (ঠঞ্)]; স্ত্রী -কী] ১ দেশসম্বন্ধী। ২ দেশজাত, দেশস্থিত। ৩ দেশতত্ত্বজ্ঞ। "গো.রা ২.৯৮.১৫। ৪ উপদেষ্টা। "মহা ১.৮৯.২৩।

দৈষ্টিক বিণ [দিষ্ট+ইক (ঠক্); স্ত্রী -কী] দিষ্টে (ভাগ্যে) যাহার মতি; দৈবপ্রমাণক, দৈবপর। "মাঘ ২.৮৬।

দৈহিক বিণ [দেহ+ইক (ঠক্); স্ত্রী -কী] দেহসম্বন্ধী, শারীর। "মনু ৫.১৩৪। ভ ১.৭.৫৭; ১৪.১৩।

দৈহ্য বিণ [দেহ+য (ষ্যঞ্)] দেহে ভব; দেহস্থ। "যে দৈহ্যো হ্যাত্মা চৈবাত্মনা বিভুঃ (অসম্পন্ন ইবাভাতি) ভ ১.৪.৩০।

দো[1] সক [দি, প—দ্যতি; অনিট্] ছেদন। "গোদানবিধি রঘু ৩.৩৩।

দো[2] স.বি [সং দ্বৌ > প্রা দো (হে); প 'দো'; দ্র 'দু[2]'] দ্বিসংখ্যক, দুই। "°কাক, °ভাষী। [দোধারি—দুই ধারে বা পার্শ্বে। "রাস্তার দোধারি আ.দু ৭৪। দোসহ ভাই (অপ্র)—দুই সহোদর ভাই। "কেশরী পনস বটে দোসহ ভাই কৃ.উ ১৩৫।]

দোআঁশ(স)লা বিং [দো[2]+আঁশ (অংশ)+আলা[8]] ১ দুই-অংশযুক্ত; মিশ্র। "কাবুলিওয়ালা…নিজের মতামত দোআঁসলা বাঙ্গালায় ব্যক্ত করিতেছে।—রবীন্দ্র। ২ সঙ্কীর্ণ (জাতি)। ৩ মেটেল ও বেলে মাটিতে মিশ্রিত (মাটি)। "দোআঁসলা মাটি দা ২০৭১।

দোআ(য়া)দশ স. বিং [সং দ্বাদশ (দ্বা > দুআ,-য়া); হি দুয়াদস; অপ্র] দ্বাদশসংখ্যক, বার। "দোআদশ রবি কৃ.উ ১০৯।

দোয়ানী দ্র 'দুআনা'।

দোআপরি বি [অপ্র] দ্বাপর যুগ। "গো.চ ৬৯।

দোউড় বি [দৌড়>°ড, দ্র 'ঔ১'] ধাবন। "অশ্বের °ড় শ্রী.মা ৯১।

দোঃ(-স্) পুং, ক্লী [√দম্+ওস্ (ডোসি)-ণ, উ ২.৬৯; তু 'ফা দোশ —স্কন্ধদেশ, দস্ত—হস্ত] ১ 'দমনসাধন', হস্ত, বাহু। "দোর্নিকর্ত্তন গো.রা ৩.৭৪.৩২। রঘু ১০.৫১। ২ ত্রিভুজের ভুজ (side)। [°শালী (-লিন্) বিণ—মহাভুজ, শূর। "বে ৩.৩২। °শিখর (ক্লী)—বাহুর অগ্র; স্কন্ধ। দোর্মূল (ক্লী)—বাহুমূল; কক্ষ (armpit)।]

দোঁহ, -হু স. বিং [দ্র 'দুঁহা'] দ্বিসংখ্যক, দুই। "দোঁহ দোঁহ যুবতী গোপাল মাঝে মাঝে রা.প ৩৭। রাধা কৃষ্ণ দোঁহ জনে ভ.গ্র ৪৪৭। —হ, —হা বি দুই জন। "দোঁহা দোঁহা বাণে বিন্ধি করিল জর্জ্জর কৃ.উ ১১৪। দোঁহ-অঙ্গ জরজর ক.চ ২৮। দোঁহে দোঁহা হেরইতে দুহুঁ ভেল ভোরি ব ১০১। [দোঁহাতে—দুই জনে। "দম্পতি দোঁহাতে তাহে করিল শয়ন ম ৯৫৩। দোঁহি—দুইই। "দোঁহি ঠাঁট ঠাঁড়ে শি ১৩। দোঁহে (তু 'দোঁহে কৃ.উ ২৬৭,-৭০)—দু জনে। "কৃ ৯৯। ম ৯৫৩। চ.বি ১৮। ন.প ১৯৪,-৫। ব.প ২। বা.দ ২১৬।]

দোঁ(দো)হাকার, দোঁহার, দোহার২ [°হা+কার২; °কার>°হার; তু 'দোঁহার, -হে (কৃ.উ ২৩৫,-৮,-৯; ২৬৫,-৭)] দুই জনের। "দোঁহাকার বাণ ম ৭৯৫; দোহার কর্ম্মের ফলে ৫৬৯। দোঁহার আনন্দ ন.প১৯৪। দোঁহার…মন ব্র.প ২। দোঁহাকার বা.দ ২১৬। [দোঁহাকারে —দুই জনকে। "দোঁহে দোঁহাকারে দেখি কৃ ৯৯।]

দোকতা বি [দক+তামাক ?] তেজাল তামাক। "ব.প ১৪৩৪।

দোকর বিং [দো২+কর (করা)] দুই বার কৃত; ডবল। "দোকর করিবে কাজ ভা.চ ৪০৬। দোকর খরচ জ্ঞা ১৮। —র ক্রি.বিং পুনর্ব্বার দুই বার। "এখন দিয়া কি দোকর দিব ব.প্র ৫২০।

দোকলা বিং [হি দুকেলা] সর্থ 'দোকা'। দ্র 'একলা'।

দোকা বিং [হি দুক্কা, তু 'একা২] ১ যাহার দ্বিতীয় সঙ্গী আছে; যে একলা নহে; সহায়বান্। ২ আত্মীয়স্বজনে মিলিত; পরিবারবর্গে মিলামিশা। "যে যেখানে আছে পিতৃমাতৃকুলে৹ সবারে জড়াই৹… মিলে মিশে, দুই সন্ধ্যা খাই৹ হ'য়ে রব দোকা অ.গু ১২৫। [°কত্ব—একান্নবর্ত্তিতা। "সে দোকত্বে ভরি যাবে বুক অ.গু ১২৫।]

দোকাটি, -ঠি বি দুই খণ্ড কাষ্ঠ। "(মুনিবর) দোকাঠি বাজায়ে চলে শি ৭৭। (নারদ) বাজায়ে দোকাটি,…দ্বারকায় অধিষ্ঠান দা ৭১০। [দোকাঠি বাজান—দুই কাঠিতে ঠুকাঠুকি।]

দোকান বি [ফা দুকান্; হি, ঠ দুকান; মৈ দ(দু,দো) কান] ১ পণ্যশালা; পসার। ২ কামারের কর্ম্মশালা; কামারশাল। "দোকানের অগ্নি ম.ম ১৬৮। —কানি, -নী বি[°ন+ঈ৭] দোকানদার। "°নি শ্রী ৪৬। °নী ম.পা ৫৫। [দোকান-দাকান ('দাকান' অনু.শব্দ)—দোকান-পসার, দোকানের জিনিস-পত্র। "°ন মেলিল চ.দা ৩৬। °দার —দোকানের মালিক; দোকানী। °দারী (ফা দুকানদারী)—দোকানদারের মাল বেচার কাজ। "খেপা রইল তোর সাধের দোকানদারী (বাউল)। °পসার—একার্থক। °পাট, -ঠ (°পাত)—দোকান পাতা। "এ ভবের হাট হইতে আমার দোকান পাঠ উঠাইতে হইল ব.প্র ২৪৮। দোকানি(নী)-পসারি, রী —ছোট-বড় দোকানদার। "শত শত দোকানি-পসারি।—ম ৫০২। দোকান পাতা—দোকান বসান বা করা। "বি.পা ২৬৯। ব.প্র ৬১৫।]

দোখ বি [দোষ>°খ; হি °খ; দ্র 'খ১'; বৈষ্ণবসাহিত্যে] দোষ। "দোখ দেয়ব অব কাহি বি.প ১৫৬,-৮০। পশুপতি দোখে গো ১৯৭; গুণ কিয়ে দোখ ২২১। ব ১৭৪। [দোখব—দোষী করিব। "জ.প ৭। °খল—দোষ দিল। °খলুঁ—দোষ দিলাম (প.ক)।]

দোখণ্ডী বি ১ বাদ্যবিশেষ। "দোখণ্ডী বাজে কাড়া ক.চ ৩৪। ২ দ্বিখণ্ডিত (?)। "দোখণ্ডী সরস-গুয়া ক.চ ১২৫।

দোগ্ধা(-গ্ধৃ) বিণ [দুহ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -গ্ধ্রী] ১ দোহনকর্ত্তা। "মেরৌ স্থিতে দোগ্ধরি কু.স ১.২। ভ ৪.১৮.১০। ২ [+তৃ (তৃন্) শীলার্থে-ক-১ব] দোহনশীল। "রঘু ২.২৩।—গ্ধা পুং ১ গোপাল। ২ বৎস, বাছুর। ৩ অর্থোপজীবী কবি, অর্থাৎ যিনি অর্থের নিমিত্ত কবিতা লেখেন। —গ্ধ্রী স্ত্রী—১ দোহনশীলা ধেনু; কামধেনু। "রঘু ২.২৩, মল্লিনাথ। ২ ধেনু। "দোগ্ধ্রীং দদ্বা সবৎসাম্ মহা ১৩.৬৪.৭।

দোছটি, ছুটি, -ছোট বি ['দ্বিচ্ছদ'—মূল] ডবল বেড়; দোবেড়া। "দোছটি করিয়া পরে বার হাথ সাড়ী ক.চ ১২৩। দোছোট করিয়া পরে বার হাথ ভুনি ১৩৪; দোছটি করিয়া পরে তসরের সাড়ী ১৫৩।—ছোট বি দ্বিতীয় বস্ত্র; উত্তরীয়। "বিমলা বলিলেন, 'দোছোট লও'। দিগ্‌গজ নামাবলী গায়ে দিলেন ব.প্র ২৯।

দোজপক্ষ বি [দ্র 'দুজা'; হি দোজ—দ্বিতীয়া তিথি] দ্বিতীয় বার বিবাহ। "দোজপক্ষের স্ত্রী।

দোজব'রে বিং যে দুই বার বর হইয়াছে; দ্বিতীয়পক্ষীয় (বর)। "দোজ-ব'রে ভাতারের মাগ। চতুর্দ্দশীর চন্দশাগ॥ —জা ১২। বি.বু ৩৭।

দোটানা বিং ১ যাহার দুই দিকে টান; উভয় পক্ষে আসক্তিযুক্ত। ২ অতীতযৌবন, প্রৌঢ় (বয়স)। "যাঁহারই বয়সটা একটু দোটানা রকম, …তাঁহাকেই জিজ্ঞাসা করি…আপনি কি বুড়া?—ব.প্র ৬৩৮।—টানা বি উভয় পক্ষে আসক্তি।

দোতরফা বিং [ফা °ফা] ১ বাদী প্রতিবাদী উভয় তরফের সাক্ষ্যানুসারে বিচারিত (মোকদ্দমা)। ২ উভয়পক্ষীয়।

দোতার বিং দুই-তারযুক্ত (দড়ি, সুতা)। —তারা বি [হি দুতারা] দুই তারের বাদ্যবিশেষ। "বা.ম ৮৪; ২৬১। ভা.চ ৪৫৮।

দোতি, -তী বি [বৈষ্ণবসাহিত্যে] দূতী। "দোতিক বচনে: দোতিক রীত (প.ক)। দোতীক রীত ব ৮০। দোতী জ্ঞা ১১৮।

দোথরি, -রী বিং [°র+ঈ৮, ঈ৭; মৈ 'দোহরি'—দোপরদা] দু-থর-যুক্ত, দুথাক। "দোথরি দোলনা শ্রী ৪০।

দোদুল বিং [সং √দুল্—দোদুল, -ল্য; তু 'লোলুপ, -প্য (যঙন্ত)] ১ অত্যন্ত দোলায়মান। "নৃত্যাদোদুল ছন্দে।—গান ৭৬। ২ অতিঢলঢল। "সোহাগমদে দোদুল কলেবর স.স্ব ৬০। ৩ অতিকম্পমান। "দোদুল চাঁচর চুল সা.ম ৯। —দুল ক্রি.বিং অতিদোলায়মানভাবে। "দোলায় কে আজি দুলিছে৹ দোদুল দুলিছে চ.কা ৩৫৬।—দুল্য বিং সর্থ 'দোদুল (১)। "দোদুল্য গ্রীবায়৹ পারিজাত পুষ্প-হার।—হেম ১৩৫; দোদুল্য… সুমেরু-শিখর ১৭৪। —দুল্যমান বিং [তু 'দেদীপ্যমান'] সর্থ 'দোদুল (১)। "অনিশ-দোদুল্যমান বিটপী স.শ ৪। [দোদুল-দুল—সর্থ 'দোদুল (৩)। "মুখখানি তার পদ্মকলি৹ ভাবের হাওয়ায় °দুল কু.কে ৭।]

দোন১, -না, -নো স.বিং [সং দ্বৌ>প্রা দোন্নি (হে)>°ন; হি দোনো] দুই। "দোন জনে গো.চ ৬৪; দোনো বইনে ১৭৩; দোনা বইনে ২৭৮। বৈঠল দোন ভাই ব.প ১০৫২। সাজল দোন ভাই ব ৪৫। আসিয়া মিলল দোন ভাই (প.ক)। [দোনহু—দুই জনে। "বা.দ ২২৬।]

দোন২ দ্র 'দুনী'।

দোনর বিং [হি দোলড়া] দুই-নর-যুক্ত, দ্বিযষ্টিক (হার)।

দোন(না)লা বিং [হি °নলী] দুই-নালযুক্ত, দোচুঙ্গী (বন্দুক)। "আমার দোনলা বন্দুকটা দেব না কি (অ.গ্র)।

দোনা বি ['দ্রোণ'—মূল; হি °না] ১ পত্রপুট, পাতার ঠোঙা। "বটবৃক্ষে পত্রে দোনা অদ্যাপিহ হয় ভ.গ্র ৪৫৪। দোনা ব্যঞ্জনে ভরি করেন প্রার্থন চৈ.চ ৮৫; ১৫৮। এক দোনা তক্র পিয়ে ব্র.প ৬৯। ২ পানের খিলিভরা কলার পাতার পুট। "এক দোনা মিঠে খিলি হু ৮৪; পানের দোনা ২১০। দিব পানের দোনা ব.দ্বি ১৭। ৩ [সং দ্রোণ] পুষ্পবৃক্ষবিশেষ, দণ্ডকলস। "ভা.চ ১২৬।

দোপটে,-ট্টে ক্রি-বিং [?] তৎক্ষণাৎ, শীঘ্র। "পিরিতি পূর্ব্বকে দান করাহ দোপট্টে শ্রী.ম ৬৩; কন্যার সহিত কথা কহিছে দোপট্টে ১৮১; এতেক প্রতিজ্ঞা তারে করিল দোপট্টে ১৯৮।

দোপর্দা, -পাট বি দুই পর্দা; দুই ভাঁজ (fold)।—পর্দা, -পাট বিং দুই-ভাঁজ-যুক্ত (কাপড়)।

দোপাটা বি [দো+পট্ট; হি দু(দো)পাট্টা; ঠ দোপটা, -ট্টা] মাঝে লম্বালম্বি সেলাই-করা দু পাটার চাদর। "পুরাণ দোপাটা গায় দিতে টানাটানি ব.প ৩৩৯। কোমরে দোপাটা হু ৩০।

দোপাটি বি ['দুইবটী' (দুইবোটা-যুক্ত—শূ ২৯) > °টি (?); দুমুখী (চব্বিশপরগনা)] পুষ্পবিশেষ ও তাহার গাছ।

দোপিলে বি দ্বিতীয়বার প্রসূতা কুক্কুটীর প্রথমবারের শাবক।

দোফলা বিং বৎসরে দুইবার ফল দেয় এমন (গাছ); দ্বিতীয় বারে উৎপন্ন (ফল)। "দোফলা গাছ, আম, লেবু।

দো-ফাঁক,-ফাক বিং দুই ভাগে বিভক্ত; দ্বিখণ্ডিত। "অস্ত্রের দ্বারায় তাহা দোফাঁক করিল ভ.গ্র ৩২৮। পৃথিবী, দোফাঁক হও আ.দু ৩৬। এক লাটাতে মাথাটা দোফাক করে ফেলি ন.ত ৩৮। সদর নায়েব মাথাটা দোফাক হইয়া ফাটিয়া পঞ্চত্বপ্রাপ্ত হন য ৩।

দোফাল বিং দুই ভাগে পাটিত; দুখানা। "গিরি-বৃক্ষ-আদি-চয়, দুফাল হইয়া পথ দেয় ভ.গ্র ১১০।

দোবজা, -বুজান বি [?] দ্বিতীয় বস্ত্র; উত্তরীয়, উড়ানী। "লাল খেরোর দোবুজান কাঁদে হু ২৩১।

দোব(বো)রা বি [হি দোবারা] দুই বার সাফ-করা চিনি।

দোবান বি দাবন, চাপ। "ঘাড় ধরি দোবান দিল গো.চ ২২৩।

দোবে বি [হি দুবে (দ্বিবেদী)] হিন্দুস্থানী ব্রাহ্মণের উপাধি।

দোভাজা বিং দুই বার ভাজা। "ঘৃতে দোভাজা চিড়া বি.পা ১৬৮।

দোভাষী বি [হি দুভাষিয়া] ১ যে দুই ভাষা জানে। "গীত গোবিন্দের সঙ্গে৹ দিল রে গাঁথিয়া রঙ্গে৹ উড়িয়া-ভাষার ছন্দ কোন দোভাষী অ.গু ৪৯। ২ যে দুই ভাষা জানে এবং দুইভাষা-ভাষীর কথা মধ্যস্থ হইয়া বুঝায় (interpreter)]

দোমহলা বিং [হি °লা] দুই মহলে বিভক্ত (বাড়ী)। [দোমহলার ছাত—(অপ্র) দোতলার ছাদ। "দোমহলার ছাতের উপরে রাজা বৈসে ভ.গ্র ৩১৪।]

দোমালা বিং ডাব ও ঝুনার মধ্যবর্ত্তী; আধঝুনা (নারিকেল)।

দোমেটে বিং দ্বিতীয় বার মাটির লেপ-দেওয়া (প্রতিমা)। [দোমেটে গাঁদা—গাঁদাবিশেষ (?)। "হেম ৩৭৮।]

দোয়জ স.বিং [দ্র 'দুঅজ'; অপ্র] ১ দ্বিতীয়। "দোয়জ মরুত দশ যোজন বিস্তার কৃ.উ ৯০। দোয়জ মাসের বেলা লোকে কাণাকাণি। —ক.চ ১১৩। তিথি হৈল দোয়জ বন্ধনে ১৩৭। ২ দ্বিতীয়বার। "করিলুঁ দোয়জ বিয়া ক.চ ১৬৯।

দোয়া[১]; **দোয়া**[২] দ্র 'দুওয়া; দুহ[২]।

দোয়া[৩] বি [হি দোয (দ্বি)] পাশার দুই বিন্দু; দুই দান। "দোয়া চারি হৈল বটে ক.চ ২৯; পড়ে দোয়া চারি ১৬৭।

দোয়াত; দোয়াদশ দ্র 'দত; দোআদশ'।

দোয়াব বি [ফা দো-আবা] দুই নদীর মধ্যস্থ দেশ বা স্থান।

দোয়ার; দোয়ারি; দোয়েল দ্র 'দোহার; দুআরি; দয়েল'।

দোর পুং [তু 'ডোর'] রজ্জু, দড়ি। —রক স্ত্রী বীণাবন্ধনতন্তু। "কাত্যায়নশ্রৌতসূত্র ৭.৬.১১।

দোরসা বিং [হি°সা: °সো (গ্রাম্য)] দুই-রস-যুক্ত; আধপচা।

দোরুস্ত বিং [দ্র 'দুরস্ত'] বিশুদ্ধ, পরিষ্কার, ঠিক। "তোমাদিগের জবান দোরুস্ত নহে ব.প ১৭৩৭।

দোরোখা বিং [হি দুরুখা] যে কাপড়ের দুই পিঠ সমান কারুকার্য্য-বিশিষ্ট বা বেলবুটা-কাটা।

দোর্দ্দণ্ড পুং [উপ.স] দণ্ডতুল্য বাহু; দৃঢ় সবল বাহু, বাহুদণ্ড। "দোর্দণ্ডাঞ্চিতমহিমা ম.চ ৭.৮। কেশরীর প্রবল দোর্দণ্ড দু ৮৪। [°প্রতাপ—বাহুদণ্ডের প্রভাব। দোর্দণ্ড—কোপান্বিত (অসাধু)। "অতিশয় দোর্দণ্ড,...উদ্দণ্ড বধিতে রাণীরে দা ৩৫২।]

দোল[১] পুং [√দুল্+অ(অচ্)-ভা] ১ ইতস্ততঃ সঞ্চলন; উৎক্ষেপ, দোলন, কম্পন। "°যান (S.W.)। যে দেখেছে মায়ের দোল৹ সে পেয়েছে মায়ের কোল।—রামপ্রসাদ। মর্ম্মদোলায় দোল প.কা ১২। ঢেউয়ের দোলে৹ অঙ্গ দোলে কৃ.কে ৩০। ২ [+অ-ক] যাহা দোলায়, দোলা, হিন্দোল, ডুলি। "খরতর চালয়ে দোল (প.ক)। ৩ [+অ -ধি] যে উৎসবে শ্রীকৃষ্ণকে দোলায়; ফাল্গুনী পূর্ণিমায় শ্রীকৃষ্ণের দোলোৎসব। "°মণ্ডপ (S.W.)। —লক বি ঘটিকায় স্পন্দনপিণ্ড (pendulum)। —লন ক্লী [+অন(ল্যুট্)-ভা] সর্থ 'দোল (১)। "হেলন দোলন চলনখানি ক.চ ১৫৪। হিয়ার দোলনে দোলে...মালা ন.প ২৮৯। গীম দোলনে জ্ঞা ৪৪; ভাদর দর দর৹ দেহ দোলন ২৩৮। চলনের দোলনে...কলসী নাচিতেছে ব.প্র ২৬৬। —লনা বি ১ দোলা। "দোলনা ঘিরে কাঁকণ কারা বাজায় কৃ.কে ৬৬। ২ ঝালর। "পালঙ্ক চৌদিকে চিত্র...দোলনা শ্রী ৪০। —লনি [ন°+ই[১১]] দোলন, কম্পন। "দোলনি গলে বনমাল চ.দা ৩। গিম° জ্ঞা ৬৭। অঞ্চল° গো ৭৫। গ্রীবার দোলনি।—ব ২১। বেণীর দোলনি ব.প ২১২। —লনী বি [°ন+ঈ[৭]] ১ 'দোলনসম্বন্ধী', দোলা। "দোলনীতে বসাইয়া দোলায় শ্যামরায় ব.প ৮৫৫। সর্থ 'দোলনা (২)। "নেতের দোলনী ব.প ২২০।

দোল[২] অর্ম্ম [সং √দোলি—দোলয় > প্রা √দোল (অ.ক); হি √দুল] ১ আন্দোলিত হওয়া; দোলা। "বেণী দোলিছে।—ব ১৩৯। পালকী দোলে কৃ.কে ৩০। ২ অমঙ্গলচিন্তায় কম্পিত হওয়া; অশান্ত হওয়া। "আচম্বিতে হিয়া দোলে ডান আঁখি নড়ে কৃ.উ ১৬৮। ৩ আনন্দে অধীর হওয়া। "আধ আধ বোলে৹...প্রাণ নিরবধি দোলে।—ব ১৪৮। তার আকাশ-ভরা কোলে৹ মোদের দোলে হৃদয় দোলে।—গান ৯৯। —লা[২] সর্ম্ম [°ল+আ[৮]] সর্থ 'দুলা'। [দোল, -লত—দোলে। দোলায়ত—দোলায় (প.ক)। দোলা[৩]—১ সর্থ 'দোল[২]'। ২ দোলন, ভঙ্গি। "ভাঙ্গুর দোলা (প.ক)। দোলান, -নি—আন্দোলন। "বাহু-দোলানি চৈ ৫১।]

দোলই বি [দ্র 'দলই'] বাগ্দির দলপতি। "(বাগদিনী কয়) স্বামী ...দোলই দিগম্বর শি ৮৩।

দোলক -ন, -না, -নি, -নী দ্র 'দোল[১]'।

দোলপীঁড়ি, -মঞ্চ বি দোলে ঠাকুরের পীঠ; দোলবেদি।

দোলমান বিং [সং দোলায়মান; অপ্র] ১ আন্দোলিত, সঞ্চলিত। "কর্ণেতে দোলমান সোণা ক.চ ১৩৯। ২ অশান্ত, অধীর। "গোপালে সাজাঞা রাণী দোলমান হিয়া (প.ক)। —মান বি ১ দোলায়মানভাব, ভাবাবেশে অধীরতা। "ভুরুভঙ্গি-আকর্ষণে রঙ্গিণীর গণ। দোলমান হৃদয় করয়ে অনুক্ষণ॥ —চৈ.ম ৬৭। ২ দোলন, দোলা। "মকর-কুণ্ডল কর্ণে করে দোলমান ব.প ৮৬৮। উড়ি পড়ে ঘর গোলা করে দোলমান ক.চ ৮২।

দোলা[১] স্ত্রী [√দুল্+অ (অচ্)-ক+স্ত্রী আ(টাপ্); তু 'ডোলা' —শিবিকা (দেশী ৪.১১); দুলা (বি.পা ৫২)] ১ যাহা দোলায়; যানভেদ, দোলী, ডুলী। "সন্দেহ° ।—কাদ ৮৯। ২ হিন্দোলা, হিঁদোলা। "(হৃদয়ম্) দোলেব মুহুরায়াতি যাতি চৈব সন্তাং প্রতি মহা ৩.৬২.২৭। °চলচিত্তবৃত্তি রঘু ১৪.৩৪। ৩ ক্রীড়ার্থ দোলনা। "ঝুলিয়ে দোলা দুলিয়ে

দে !—কু.কে ৬৫। ৪ স্বেদনার্থ যন্ত্রভেদ। ৫ [+অ-ভা] দোলন, উৎক্ষেপ। ৬ (বাঙ্লায়) ভঙ্গি। "আখির নাচনি ভাঙর দোলা—গো ৩৯। —লা বিং গমনে দোলায়মান। "(হীরার) দাঁত, ছোলা মাজ দোলা ভা.চ ২৭৯।

দোলা², দোলা³ দ্র 'দোল²'।

দোলাই বি [হি, ঠ দুলাই (তুলাঈ)—তুলার শীতবস্ত্র] ডবল কাপড়ের শীতবস্ত্র।

দোলান, -নি দ্র 'দোল²'।

দোলায়মান বিণ [দোলা+য (ক্যঙ্)— √দোলায়+মান (শানচ্) -ক] ১ যাহা দোলাবৎ দুলিতেছে; দোলনযুক্ত। ২ সন্দিহান, সংশয়াপন্ন। "স তু 'দোলায়মানো' (পাঠান্তর) বা দ্বৈধীভাবেন মহা ৭.২৬.১৭। °মতি হি ৪$\frac{৫৭}{৫৮}$। —য়িত বিণ [+ত (ক্ত)-ক] আন্দোলিত, সঞ্চলিত। "°শ্রবণকুণ্ডল (S. W.)।

দোলিকা, -লী স্ত্রী [দোল+স্ত্রী ঈ (ঙীষ্); দোলী+ক (কন্), স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'দোলা (১-৩)। "(নলকমুক্তা) কৃষ্ণমন বিলাসের দোলিকা-নিধান ভ.গ্র ১৬৫।

দোলিত বিণ [√দোলি+ত (ক্ত)-র্ম্ম] উৎক্ষিপ্ত, সঞ্চলিত। "°চিত্ত।

দোশালা বি [হি °লা] দুইখণ্ড শাল; শালের জোড়া। "শ্রী ১১। অ.গু ১২৬। আ.দু ৭৮।

দোষ পুং [√দুষ্+অ (ঘঞ্)-ভা] ১ বিকৃতভাব, অশুদ্ধীভাব; অপরাধ। "নাত্র কুলপতির্দোষং •গ্রহীষ্যতি শ ৩। ২ নিন্দা, অপবাদ। "পত্রং নৈব যদা করীরবিটপে দোষো বসন্তস্য কিম্ (ভামিনীবিলাস)। ৩ অঙ্গহীনতা, ত্রুটি। ৪ [+অ-ণ] অপকর্ষজনক ধর্ম্মমাত্র। "গী ১.৪২। একো হি দোষো গুণসন্নিপাতে নিমজ্জতীন্দোঃ কিরণেষ্বিবাঙ্কঃ কু.স ১.৩। হি ১.৩৪। ৫ নিষিদ্ধকর্ম্মফল। "মনু ১.১০৭,-১৭। ৬ পাপ। "ন মাংসভক্ষণে দোষঃ মনু ৫.৫৬। জায়ামদোষামুত সন্ত্যজামি।—রঘু ১৪.৩৪। ৭ কর্ত্তব্যাকরণ। "গুণদোষবিচক্ষণম্ মনু ৯.১৬৯। ৮ ক্লেশ। "বনে দোষা হি বহবঃ রা ২.২৮.৪। ৯ বিপদ, অনিষ্ট। "বহুদোষা হি শর্ব্বরী মৃ ১.৫৮। ১০ দুষ্পরিণাম, দুর্বিপাক। "কর্ম্মদোষাদ্ দরিদ্রতা।—চাণক্য। ১১ বাতপিত্তকফের বিকৃতি বা বৈষম্য। "°ত্রয়, ত্রি°। ১২ মিথ্যাজ্ঞানজন্য বাসনা (ত.বা)। ১৩ (ন্যায়ে) সূত্রের অব্যাপ্তি, অতিব্যাপ্তি ও অসম্ভব। ১৪ (অলঙ্কারে) কাব্যের রসাপকর্ষক ধর্ম্ম-ভেদ। "পদ°, পদাংশ°, বাক্য°, অর্থ°, রস° সা.দ ৭.১। পুনরুক্ত° রঘু ১৪.৯। ১৫ [+অ (অচ্)-ক] প্রদোষ। তু 'দোষা'। ১৬ গো-বৎস। [°কৃৎ (বিণ)—দোষকারক। °গ্রাহী (-হিন্) বিণ—দোষ-গ্রহণশীল, খল। °ঘ্ন (বিণ)—ধাতুবৈষম্যদোষনাশকর (ঔষধ)। °ত্রয় (ক্লী)—বাতপিত্তকফের দোষ। °দৃষ্টি (বিণ)—দোষৈকদৃক্, বিশ্ব-নিন্দক। °ভাক্ (-জ্) বিণ—দোষাশ্রিত, দোষান্বিত।] [দোষ—দোষ দেও। "মনেরে বুঝায়ে বল, নয়নেরে দোষ কেন। আঁখি কি মজাতে পারে না হলে মনমিলন॥—নিধুবাবু। দোষসি, -ষাএ, -ষে (শ্রী.কী)।]

দোষজ্ঞ বিণ [দোষ+ √জ্ঞা+অ (ক)-ক; উ.ত] ১ 'দোষজ্ঞাতা'; পরদোষজ্ঞ। ২ পরমর্ম্মজ্ঞ। "মাঘ ২.১১৩। —যজ্ঞ পুং বিদ্বান্, পণ্ডিত। "রঘু ১.৯৩।

দোষর, -রি বি সর্থ 'দোসরি'। "°র চ.বি ৮১। °রি ব.প ৬০৯।

দোষল বিণ [দোষ+ল (লচ্)] দোষবান্, দোষযুক্ত। "কৈদারং ···বিপাকে গুরু দোষলম্ সুশ্রুত ১.৪৫.৩১।

দোষা স্ত্রী [দোস্+স্ত্রী আ (আপ্) ভাগুরিমতে] ১ ভুজ, বাহু। ২ [√দুষ্+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ যাহা অন্ধকারে দোষযুক্ত হয়; রাত্রি (অ.টী)। "সমতীতা দোষাম্ ভট্টি ২২.২৩। ধর্ম্ম-কালদিবস ইব ক্ষপিতদোষঃ (কাদম্বরী)। ২ রজনীমুখ, প্রদোষ (মেদিনী)। —ষা ব্য রাত্রিতে। "মাঘ ৪.৪৬।

দোষাকর পুং [বহুব্রী] ১ রাত্রিতে যাহার কর; চন্দ্র। ২ [ষ.ত] দোষের আকর। "ঐছে 'দোষাকর' (শ্লিষ্ট) হেরইতে কান। প্রান্তরে পহিল রজনী ভেল ভান॥—গো ১৭৯।

দোষাতন বিণ [দোষা+তন (ট্যু, তুট্); স্ত্রী -নী] দোষাভব, প্রদোষভব। "রঘু ১৩.৭৬।

দোষারোপ পুং [ষ.ত] দোষার্পণ, অভিযোগ।

দোষাবহ বিং দোষকর, দোষজনক। "দিব বলিয়া না দেওয়া, না দেওয়ার চেয়েও অধিক দোষাবহ পা.প্র ৫৮।

দোষী (-ষিন্) বিণ [√দুষ্+ইন্ (ঘিনুণ্)-ক-১ব; স্ত্রী -ষিণী] ১ দোষকারক, দোষযুক্ত।

দোসর বি [হি দূসরা; ঠ, ড় দুসরা; মৈ দোসর, -রা; তু 'একসর'] ১ দ্বিতীয়। "একখানি কুড়িআ দোসর নাহি আর কৃ.উ ৫৪। ২ সহচর, সাথী। "নগের (সঙ্গের) দোসর গো.চ ৬৪। দোসর দিল নাই চ.দা ১২৩। পথের দোসর হব কৃ ৯৮। প্রাণের দোসর ভাই ক.চ ৫৪। ম.ম ১০। বাণ···যমের দোসর ম.বি ৬১। পুত্রের দোসর শ্রী ৪৯। ৩ সহায়। "দোসর ভেল 'তাহে' (বিরহানলে) সময় বসন্ত ব.প ১০৮৩। ৪ একসঙ্গে পরিধেয় গহনার জোড়া। "দোসর নূপুর বাজে পাএ গ ২১; মগর খারু দোসর ৩১। দোসর দিল তাম্রের কুণ্ডল বা.ম ৪৫। ৫ উত্তরীয়। "দোসর বস্ত্র গায়ে, চার-কোণা মাঝখানে ফাড়া।—রামপ্রসাদ। —সরা বিং দ্বিতীয়, অন্য। "দোসরা খিলি গো.চ ২৫৭। দোসরা লোক লইয়া আইস ব.প্র ৫২৮। —সরা বি মাসের দ্বিতীয় দিন। —সরি, -রী বি ১ সহচরী, সঙ্গিনী। "বোল মোরে প্রাণের দোসরি ক.চ ১৬০। প্রাণের দোসরী সীতা ব.প ৫১৬। ২ বাদ্যবিশেষ। তু 'ধুসরি'। "দোসরী ক.চ ২০৩। °রি চ.বি ৪১; ২৬৫। [ইহা অন্যবাদ্যের সঙ্গে বাদিত হইত?]

দোসরি, রী দ্র 'দোসর'।

দোস্থট বি সর্থ 'দোছট'। "চাদর দোস্থট করি ব.প ১৭৯৩।

দোসু(সু)তি বিং দুই সূতায় গাঁথা; দ্বিযষ্টিক, দু-নর (হার)। "দোসুতি মাতঙ্গ-মোতি জ ৫১। পুঁতি দোসুতি তেসুতি শ্রী ৫৫; দোসুতি তেসুতি মতি ৯৩; দোসুতি···গলে গজমতিমাল ১৭৬। দোসুতি মুকুতাবেড়া প.র ৩০। দোসুতি হার জ্ঞা ৫০। —সুতী বি [হি°তী] ডবল সূতার মোটা চাদর বা কাপড়।

দোস্ত বি [ফা দোস্ত্] বন্ধু, মিতা। "শ্রী ৪৬।—স্তী বি [ফা °তী] মিত্রতা। [দোস্ত পাতান—মিতালি করা।]

দোহ¹ পুং [দুহ্+অ (ঘঞ্)-ভা; ছান্দস] ১ দোহন। "°দক্ষ কু.স ১.২। দোহাবসান রঘু ২.২৩। ২ প্রপূরণ। ৩ [+অ-র্ম্ম] দুগ্ধ। "দুগ্ধ-দোহ।—কঠোপনিষৎ ১.২। গোদোহোদ্ভবং ঘৃতম্ (অ.কো)। গাবঃ ···অসৃগ্‌দোহাঃ ভ ৩.১৭.১৩। ৪ [+অ-ধি] দোহনপাত্র। "ভ ৪.১৮.২৭। [°জ (ক্লী)—দুগ্ধ।]

দোহ², হা বি [দুঁহ, -হা > °হ, -হা] দুই জন। "দোহ সানন্দিত গো.চ ৩৮৫; দোহার ৪২৭।

দোহদ পুং, ক্লী [দোহ+ √দা+অ (ক)-ক; উ.ত] ১ 'আকর্ষণ-দায়ক', ইচ্ছা, স্পৃহা, মনোরথ। "তস্যাস্তাবৎ তব হৃদয়স্য ভক্ষণে দোহদঃ সঞ্জাতঃ।—পঞ্চ ৪$\frac{২৩}{১৪}$। ২ গর্ভিণীর মনোরথ; সাধ। "°দুঃখ-শীলতা রঘু ৩৬; °ব্যথা ৭; °শংসিনী ১৪.৪৫। ৩ গর্ভমাত্র (বিশ্ব)। ৪ বৃক্ষাদির প্রসবকারণ সংস্কারদ্রব্য; বৃক্ষাদিপোষক। দ্র উ.মে ১৭; মল্লিনাথ। "কৃতদোহদস্তয়া (অশোকঃ) রঘু ৮.৬২। [°লক্ষণ (ক্লী)—১ গর্ভচিহ্ন। ২ বয়ঃসন্ধি। °বতী (স্ত্রী)—গর্ভিণী। °ব্যথা (স্ত্রী)—গর্ভধারণজন্য ক্লেশ।]

দোহদী(-দিন্) বিণ [°দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -দিনী] স্পৃহাবান্, ইচ্ছু। "(কথায়) দোহদিনী ক.সা ২২.৯।

দোহন ক্লী [√দুহ্ +অন (ল্যুট্)-ভা] ১ অন্তঃস্থিতদ্রব্য-নিঃসারণ-ব্যাপার ; স্তন হইতে দুগ্ধনিঃসারণ ; দোয়া। ২ [+অন -ধি] দোহন-পাত্র। "ভ ৪.১৭.৩ ; ১৮.৯। ৩ [বাঙলায় ; অপ্র] দুগ্ধ। "দোহন পান করাহ শ্রী.ম ৮৪। —নী স্ত্রী ১ দোহনপাত্র। ২ (বাঙলায়) দোহনকারিণী। "শ্রী.কী ৭।

দোহর, দোহার১, দোয়ার বি [হি 'দোহরা'—দ্বিগুণ] ১ যে প্রধান গায়কের গান দ্বিতীয়বার গায় ; যে ধুয়া গায় ; মূলগা'নের সহকারী। "দেবগণ দোহার গণেশ গা'ন মূল শি ৭২। হাড়হাবাতেরা সৌখিন দোহারের দলে মিশলেন হু ৩৬ ; দোয়াররা…রাত্তির দশটার পর একত্রে জমায়েৎ হন ৩৭। চারজন দোহার চাই।—জা ৩৪। ২ প্রধান বাদকের সহকারী বাদক। "বাদাবাদি বায় বাদ্য বাদক দোহার ন.প ১৫৫। —হারা বিং ১ দ্বিগুণ, ডবল। বিপ 'একহারা'। "দোহারা লোহার গড় কৃ ৩৩৬। ২ দুই-তার-যুক্ত, দু-খেই (সুতা, দড়ি)। ৩ নাতিশীর্ণ নাতিস্থূল ; না-রোগা না-মোটা; মাঝারি (গড়ন, শরীর)। "দোহারা চেহারা খাসা।—হেম ৩৭৯। [দোহারকী—দোহারের কাজ।]

দোহরী বি [দোনরী > °রী] বাদ্যবিশেষ। "ম.ম ৪৫।

দোহল পুং [দোহ+ √লা গ্রহণ+অ (ক)-ক, তু 'সং দোহদ>প্রা °ল (হে ১.২১৭,-২১)] সর্থ 'দোহদ'। "মা.মি ৩.১৭। —লা স্ত্রী অশোক। [°বতী] (স্ত্রী)—গর্ভিণী।] দোহাল—গাভীদোহনকারী (দ্র 'গোপালবিজয়'—শ্রীদুর্গেশ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত।]

দোহলা দ্র 'দোহল'।

দোহা সর্ম্ম [দুহ্২+আ৮ ; হি √দুহা] দোহন করান ; দোহান। "দোহায়ব (প.ক)।

দোহাই বি [হি দু(দো)হাঈ ; তু 'ফা দুউ'আ—prayer] ১ দিব্য, শপথ। "ধর্ম্মের দোহাই নাগে গো.চ ৩১ ; ৪১। কৃ.উ ২৬৮। কৃ ২১। তোহারি দোহাই বি.প ৩৮। ব.প ৮১১। চণ্ডীর দোহাই ক.চ ৬ ; বসন্তের শতেক দোহাই ১৪৫। ভা.চ ৮০। ২ পরিত্রাহি ডাক ; 'রক্ষা কর' বলিয়া চীৎকার। "দোহাই ! দোহাই ! গিরিজায়া, আমি দিগ্বিজয় !—ব.প্র ১৮১। ৩ ঘোষণা, ঘোষণার্থ ঢেঁটরা। " দোহাই ফিরিয়া আইসেঁ বন্দরোতে জাএয়া গো.চ ১৯৭,-৮। ঘরে ঘরে আইসে দোহাই ফিরাইয়া ২৯২ ; ৪০৭। ৪ রক্ষার্থ প্রভাবান্বিত বা বিখ্যাত লোকের নাম ঘোষণা। "বড় লোকের দোহাই দেওয়া। [দোহাই দস্তুর —নামঘোষণার প্রথা। "ইছাই দুর্ব্বার, করিল রাজার, দোহাই দস্তর দূর শ্রী ১২। দোহাই ফিরানা (হি দুহাঈ ফিরনা)—ঘোষণার্থ ডঙ্কা দেওয়া।]

দোহাকার দ্র 'দোঁহাকার'।

দোহাতিআ, -য়া, -থিঞা, -থিয়া বিং সর্থ 'দুহাতিয়া'। "দোহাথিঞা গদার বাড়িতে রাক্ষসের মুণ্ড ছিণ্ডে কৃ.উ ৪৬ ; দোহাতিআ বাড়ি মারে ১৮৮ ; দোহাতিয়া মারে বীর লোহার সাবল ২২৭। দোহাতিয়া বাড়ি ম ৮২৯ ; চ.বি ৮৪,-২১১। দোহাথিয়া ঠেঙ্গা পাড়ে গৃহের উপরে চৈ.ভা ৬০।

দোহান বি (?)। "দোহানের মধ্যে বায়ু নিবারিল জান গো.বি ১৯৫।

দোহার১ ; দোহার২ দ্র 'দোহর; দোঁহাকার'।

দোহার৩, -রী বি [অপ্র] দুই-নহর (দ্বিযষ্টিক) হার। "°রী ম.ম ১২৩; সোণার দোহার ১৬৫ ; ২০৮।

দোহাল দ্র 'দোহল'।

দৌ স.বিং সর্থ 'দউ'। "নয়ন নলিনি দৌ, অঞ্জনে রঞ্জল (প.ক)।

দৌউত্র বি [দৌহিত্র >°ত্র, দ্র 'ঔ' ; অপ্র ; 'দউত্তুর' (কথ্যভাষা)] দৌহিত্র। "নী ৮৭।

দৌড়১ বি [হি, মৈ °ড় ; ঠ দউড, দৌড ; 'দোউড়'—"জ্যাটামির দৌউড় (হু ৯৩)] ১ ধাবন, দ্রুতগতি। "মহলক লাগিয়া এ দৌড় করিল গো.চ ৩২ ; ৪১। দেবী দিবে দৌড় শ্রী ১৩৪। ২ একদৌড়ের পথ। "কর্পূর কহেন দাদা চল একদৌড় শ্রী ১১৩। ৩ গতির সীমা। "মোল্লার দৌড় মসজিদ পর্য্যন্ত। ৪ বুদ্ধির সীমা ; বুদ্ধিশক্তি। "অতএব যার যত দূর দৌড় হয়। যথার্থ না জানি নিজমত সেই কয় ॥—ভ.প্র ৭৫। ৫ সীমা, গভীরতা। "দেখি আগে বিদ্যার বিদ্যার কত দৌড় ভা.চ ২৯২। আমার বিদ্যার দৌড়টা কত, তা জান !—অ.প্র ৪। ৬ বেগ। "ইস্, পিরীতের বেজায় দৌড়, ওঠ-বোস করাচ্ছে গি.দ্বি ১০৩। ৭ বিস্তার, লম্বাই। [দৌড়-ঝাঁপ (হি দৌড়ধুপ)—দৌড় ও লাফ ; বেগে যাতায়াত। দৌড় দেওয়া, মারা (হি দৌড় মারনা)—দৌড়ান।]

দৌড়২, ড়া অর্ম্ম [হি, মৈ √দৌড় ; ঠ √দৌড] ধাবিত হওয়া; দৌড়ান, ছোটা। [দৌড়(ড়া)ন—ধাবন। দৌড় করান (হি √দৌড়া)—ধাবিত করা ; ছোটান।]

দৌড়াদৌড়ি বি [দৌড়১ +আ+দৌড়১ +ই ; হি °ড়ী ; ঠ দৌডা-দৌডি] ১ পরস্পর দৌড়ান ; একসঙ্গে অনেকের দৌড়ান। ২ ব্যগ্রতা, উদ্যোগ। "জেই রাণির জন্য আমার দৌড়াদৌড়ি। সেই রানি না পাওঁ আমি খেতু অধিকারী ॥ গো.চ ১৩৯,-৫১।

দৌত্য ক্লী [দূত+য (ষ্যঞ্)] দূতভাব, দূতকর্ম্ম। "মহা ৩.৫৩.১৫। ভ ১.১৩.১৭ ; ১৭.১৭। °পথ (নৈ)। মেঘের দৌত্য সমাপ্ত, হায়, কবির কল্পনার কু.কে ১১১।

দৌবারিক পুং [দ্বার+ইক (ঠক)] দ্বারে নিযুক্ত; দ্বারপাল। "মে ৫। —রিকী স্ত্রী [°ক+স্ত্রী ঈ (ঙীপ্)] প্রতীহারী। "রঘু ৬.৫৯। দৌবারিকী নিক্ষোবিলা অসি মে ২০।

দৌযাম বি [দৌ+যাম ; অপ্র] দুই প্রহর। "ক.চ ১২১।

দৌরাজ্য বি [সং সৌরাজ্য >°জ্য (বিপরীতার্থে)] রাজোপদ্রব, অরাজকতা। "দৌরাজ্যাদি…নাহি উপহতি চৈ ১৪০।

দৌরাত্মি বি [সং দৌরাত্ম্য; °ত্মি (কথ্যভাষা)] দুরন্তপনা। "মায়ের পরে দৌরাত্মি, সে. না যায় লেখাজোকা।—শিশু ৮৬।

দৌরাত্ম্য ক্লী [দুরাত্মন্+য (ষ্যঞ্)] ১ দুরাত্মার ভাব বা কর্ম্ম ; দুশ্চরিত্রতা, দুষ্কৃত। দৌরাত্ম্যাদ্ রক্ষসঃ রঘু ১৫.৭২। কৃ ৬৩। ২ দেহাত্মাত্ব, অর্থাৎ দেহাদিতে আত্মজ্ঞান। ভ ২.২.১৮।

দৌর্গত্য ক্লী [দুর্গত+য (ষ্যঞ্)] ১ দুর্গতভাব, দারিদ্র্য। "মহা ২.৫.৪৯। °তমসাবৃত।—পঞ্চ ২.৯৯। সা.দ ৩ ১৪৫। ২ বিপত্তি।

দৌর্গন্ধ্য ক্লী [দুর্গন্ধ+য (ষ্যঞ্)] দুর্গন্ধভাব, পূতিগন্ধতা। "মহা ৩.২৬০.১৪। জলাদি-সংসর্গ-গুণে, দৌর্গন্ধ্য হয় চন্দনে।—রামমোহন রায়।

দৌর্জন্য ক্লী [দুর্জন+য (ষ্যঞ্)] দুর্জনভাব, দুর্জনকর্ম্ম, দুষ্টতা, ক্রূরতা। "ভ ৬.১৮.৭৬। শ্রী.ম ২১৪।

দৌর্ব্বল্য ক্লী [দুর্ব্বল+য (ষ্যঞ্)] ১ দুর্ব্বলভাব, অসামর্থ্য, অক্ষমতা। "মনু ৮.১৭১। ২ কাতরতা। "হৃদয়° গী ২.৩।

দৌর্ভাগ্য ক্লী [দুর্ভগ+য (ষ্যঞ্) ; ছান্দস] দুর্ভগভাব, দুরদৃষ্টতা, দুর্দ্দৈব। বিপ 'সৌভাগ্য'। "যাজ্ঞ ১.২৮৩। ভ ৪.২৭.২০। চৈ.চ ২৮১। কাদ ৪৮।

দৌর্ভ্রাত্র ক্লী [দুর্ভ্রাতৃ+অ (অণ্)] দুর্ভ্রাতৃভাব, দুষ্টভ্রাতৃত্ব।

দৌর্মনস্য ক্লী [দুর্মনস্+য (ষ্যঞ্)] ১ দুর্মনোভাব, চিত্তবৈকল্য, বিষাদ। "তেষাং কৃতে…দৌর্মনস্যং চ জায়তে (চণ্ডী)। ২ দুষ্টচিত্ততা, খলতা।

দৌহার্দ ক্লী [দুর্হৃদ্+অ (অণ্) উভয়পদবৃদ্ধি, পা ৫,১.১৩০ ; ৭,৩.১৯] ১ দুর্হৃদ্‌ভাব, শত্রুতা। ২ পাপ। "মহা ৫.২৬.১৪। —হৃর্দ স্ত্রী

[+অ, পূর্বপদবৃদ্ধি] ১ ইচ্ছা। দ্র 'দোহদ'। ২ গর্ভিণী-মনোরথ। "সুশ্রুত ৩.৩.২০। ৩ গর্ভ। "°লক্ষণ রঘু ৩.১। —র্হ্দিনী স্ত্রী [দৌর্হ্দ+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্)] দৌর্হ্দবতী, গর্ভিণী। "রঘু ৩.১, মল্লিনাথ।

দৌর্হ্দয় ক্লী [দুর্হ্দয়+অ (অণ্)] দুর্হ্দয়ভাব, পাপ।

দৌলত বি [আ দৌউলত্] ১ ধন, টাকা-কড়ি। "ম.ম ১০৩। দৌলত লোটায়্যা দিয়া ব্রাহ্মণ বৈষ্ণবে ভ.গ্র ২৭১। ব.প্র ৬৮৩। স.এ ১৮। ২ সম্পদ্, ঐশ্বর্য্য, রাজ্য। ৩ প্রসাদ, অনুগ্রহ। "নজর দৌলত, এই বাধাই হাজির বি.সু ৭৯; ১২৩। [°খানা (আ °ত+ফা খ.না) —অট্টালিকা, প্রাসাদ। "দৌলতখানার কুশল সংবাদ ত ?—ব.প্র ৪৪৬। °মন্ত—ঐশ্বর্য্যবান্, ধনী। "পা. প্র ১৫৭।]

দৌশ্চর্ম্ম ক্লী [দুশ্চর্মন্+অ (অন্)] দুশ্চর্ম্মভাব, বিকোষশিশ্নতা। "দৌশ্চর্ম্মং গুরুতল্পগঃ (প্রাপ্নোতি) মনু ১১.৪৯।

দৌষ্ম(ষ্য)ন্ত বিণ [দুষ্ম(ষ্য)ন্ত+অ (অণ্); স্ত্রী -ন্তী)] দুষ্যন্তসম্বন্ধী। "দৌষ্মন্তো বংশঃ মহা ১.৯৫.৫২। —ন্ত, -ন্তি পুং [+অ, ই (ইঞ্)] দুষ্যন্তের পুত্র; ভরত। "দৌষ্মন্ত (পাঠান্তর) মহা ৭.৬৬.১ ' দৌষ্যন্তিম্ ...তনয়ম্ শ ৪.২০। দৌষ্মন্তি ভ ১.১২.২০।

দৌহিত্র পুং [দুহিতৃ+অ (অঞ্)] দুহিতার পুত্র; নাতি। —ত্রায়ণ পুং [°ত্র+আয়ন (ফক্)] দৌহিত্রের পুত্র। —ত্রায়ণী স্ত্রী দৌহিত্রের কন্যা। —ত্রী স্ত্রী [°ত্র+স্ত্রী ঈ (ঙীপ্)] দুহিতার কন্যা; নাতিনী। [°সন্তান—দৌহিত্রবংশ। "ভ.গ্র ২৫।]

দ্যাবাক্ষমা, -পৃথিবী, -ভূমি স্ত্রী, দ্বিব [দিব>দ্যাবা; দ্বন্দ্ব] স্বর্গ ও পৃথিবী। "°বী মনু ৩.৮৬।

দ্যু ক্লী [দ্র 'দিব'[২]] গগন; স্বর্গ। [°চর (পুং)—পক্ষী। °নদী, °সরিৎ (স্ত্রী)—স্বর্গগঙ্গা, মন্দাকিনী।]

দ্যুৎ[১] অক [ভ্বা. ঙ—দ্যোততে; সেট্] দীপ্তি, প্রকাশ। [উদ্—অতি-দীপ্তি; প্রকাশ। "রঘু ১০.৮০। বি—বিশেষ দ্যুতি; শোভা। "বৃক্ষং প্রতি বিদ্যোততে বিদ্যুৎ পা ১.৪.৯০, সি।]

দ্যুৎ[২] বিণ [√দ্যুৎ+ক্বিপ্ (০)-ক] প্রকাশমান। —ৎ পুং কিরণ।

দ্যুতি স্ত্রী [√দ্যুৎ+ই (ইন্)-ভা, উ ৪.১১৯] ১ দীপ্তি, প্রকাশ। ২ [+ই-ণ] প্রভা, রশ্মি, তেজঃ। "স মহাদ্যুতিঃ মনু ১.৮৭। সুবর্ণ-পুষ্প° রঘু ৩.৬৪। মায়কতী দ্যুতিঃ।—হি ৪০ (কথারম্ভ)। দ্যুতি মনোহর দু ৮। দ্যুতি চন্দ্রমার প.তৃ ৭৭। ৩ কান্তি। "°কি ৬.৪৬। ৪ শোভা। ৫ নায়িকালঙ্কারভেদ। "সা.দ ৩.৯৬। [°কর (বিণ) —দীপ্তিকারক; (পুং) ধ্রুবতারা। °ধর (পুং)—বিষ্ণু। °বিম্ব (বি) —প্রভামণ্ডল। "চৈ.চ ৮২। °মান্ (-মৎ) বিণ—প্রভান্বিত, উজ্জ্বল। "দ্যুতিমান্ মধ্যমণি প.তৃ ৪।]

দ্যুতিত বিং জাতদ্যুতি, প্রভাযুক্ত। "অতিহ্ন °ত...কাতি (প.ক)।

দ্যুনিবাস পুং [দিব্ নিবাস যাহার, বহুব্রী] 'স্বর্গবাসী', দেব। "ভট্টি ৩.২১। —নিবাসী (-সিন্) পুং [দিব্+নি- √বস্+ইন্ (ণিনি) -ক-১ব; উ.ত] ১ দেব। ২ ধার্ম্মিক।

দ্যুমণি পুং [দিবের মণি, ষ.ত] আকাশের মণিতুল্য; সূর্য্য। "দ্যুমণেঃ কুলে বা.ভা ১.৮৫। বা.দ ৩।

দ্যুমৎসেন পুং সত্যবানের পিতা (মহা ৩.২৯৩.৭-১০)।

দ্যুম্ন ক্লী [দিব্+ √ম্না+অ (ড)-র্ম্ম (অ.টী); 'দ্যুম্ন'—যশঃ (ঋগ্বেদ ১.৫৭.১১)] ১ ধন। ২ বল। "ধৃষ্ট°; প্র°।

দ্যুলোক পুং [দিব্ লোক, কর্ম্মধা] স্বর্গলোক, স্বর্গ। "বৃহদারণ্যক ৩.১.১০। দ্যুলোকে ভূলোকে চ.কা ২৭৬। গান ৮৫।

দ্যুষ(স)ৎ (দ্) পুং [দিব্+ √সদ্+অ ক্বিপ্ (০)-ক-১ব; উ.ত বেদে 'ষদ্', লোকে 'সদ্' (শ.ক); দ্যুষদ (ত্রিকাণ্ডশেষ)।] ১ 'স্বর্গগামী', দেব। "দ্যুসদ্ মাঘ ১.৪৩। ২ 'আকাশস্থ', গ্রহ।

দ্যুসৎ দ্র 'দ্যুষৎ'।

দ্যূত পুং, ক্লী [√দিব্+ত(ক্ত)-ভা, বিজিগীষা অর্থে, পা ৮.২.৪৯] ১ বিজিগীষা হেতু অপ্রাণী অর্থাৎ অক্ষশলাকাদি দ্বারা ক্রীড়া; পাশকক্রীড়া, জুয়াখেলা। 'অপ্রাণিভির্যৎ ক্রিয়তে তল্লোকে দ্যূত-মুচ্যতে মনু ৯.২২৩। "দ্যূতং ছলয়তামস্মি।—গী ১০.৩৬। ন চেদ্ বাঞ্ছসি দ্যূতং ত্বং যুদ্ধদ্যূতং প্রবর্ত্ততাম্ ৩.৭৮.৮। ২ দ্যূতলব্ধ দ্রব্য। ৩ বিবাদপদ-বিশেষ (বীরমিত্রোদয়)। [°কর, °কার, °কৃৎ (পুং)—যে দ্যূত করে; কিতব, জুয়ার। °কারক (পুং)—'দ্যূতকারয়িতা', সভিক (যাহার দ্যূতগৃহ থাকে)। °কিঙ্করী, °দাসী (স্ত্রী)—দ্যূতপণে ক্রীতা দাসী "আনীয়তাং দ্যূতদাসী দ্রৌপদী।—বা.ভা ২৬৬; "স্ত্রী ২.৪২। °ক্রীড়া (স্ত্রী)—পাশক-ক্রীড়া। °পূর্ণিমা, °পৌর্ণমাসী (স্ত্রী)—দ্যূতসম্বন্ধিনী পূর্ণিমা; কোজাগরপূর্ণিমা। °প্রতিপৎ (-দ্) স্ত্রী—(দ্যূতবিধান হেতু) কার্ত্তিক-শুক্লপ্রতিপদ্, কৌমুদী। °বীজ (ক্লী)—দ্যূতের বীজ-তুল্য; কপর্দ্দক। °বৃত্তি (পুং)—দ্যূতাজীব, দ্যূতকারক। °সভা (স্ত্রী), °সমাজ (পুং)—দ্যূতগৃহ, অক্ষবাট।]

দ্যো স্ত্রী [√দ্যুৎ+ও (ডো)-ক (অ.টী)] ১ স্বর্গ। ২ আকাশ।

দ্যোত পুং [√দ্যুৎ+অ (ঘঞ্)-ভা] ১ দীপ্তি, প্রকাশ। ২ [অ-ণ] আতপ, রৌদ্র। ৩ প্রভা, আলোক। "খ°। —তক বিণ [অক (ণ্বুল্) -ক; স্ত্রী -তিকা] ১ দীপক, প্রকাশক। ২ [√দ্যোতি+অক-ক] দ্যোতয়িতা, দীপয়িতা, উদ্ভাসক। ৩ ব্যঞ্জক, বাচক। "সপ্তম্যর্থ-স্যৈবাত্র দ্যোতকোঽধিঃ পা ২.৪.৮৪, সি।—তন বিণ [+অন (যুচ্) -ক, উ ২.৭৮] ১ দীপক। ২ সাধু দ্যোতমান, অতিদীপ্ত। "দ্যোতনং চন্দ্রম্ ভট্টি ৭.১৫। ৩ [√দ্যোতি+অন-ক; স্ত্রী -না] ১ দীপয়িতা, প্রকাশক। ২ স্ফুটীকারক। —তন পুং দীপ। —তন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ প্রকাশ, দীপ্তি। ২ (ণিজন্ত) প্রকাশন, উদ্ভাসন। ৩ [+অন -ণ] আলোক। —নিকা স্ত্রী [°নী+ক (কন্)+স্ত্রী আ] ব্যাখ্যান।

দ্যোতন দ্র 'দ্যোত'।

দ্যোতমান বিণ [√দ্যুৎ+মান (শানচ্)-ক] দীপ্যমান। প্রকাশমান। "চৈ.চ ১৫।

দ্যোতি স্ত্রী [√দ্যুৎ+ই (ইন্)-ভা, উ ৪.১১৭] ১ দ্যোতন, প্রকাশ। ২ [+ই-ণ] প্রভা, দীপ্তি, তেজঃ। "কলেবরদ্যোতিহৃতান্ধিতন্ত্র বি.মা ৭.৯। খদ্যোতিকা° মে ২৮। —তিঃ (-তিস্) ক্লী [+ইস্ (ইসিন্)-ক, উ ২.১০৯] ১ নক্ষত্র। ২ [+ইস্-ভা] দীপ্তি। —তিত বিণ [√দ্যোতি+ত(ক্ত)-র্ম্ম] দীপিত, উদ্ভাসিত। "মণি°বিগ্রহ রঘু ১০.৭। —তী (-তিন্) বিণ [দ্যুৎ+ইন্ (ণিনি) -ক-১ব] দ্যোতনশীল, দীপ্তিশীল। "শখান্তর° কু.স ৭.৩০।

দ্রকট, -গড় পুং [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ, দগড়।

দ্রঢ়িমা (-মন্) পুং [দৃঢ়+ইমন (ইমনিচ্)-১ব, দৃঢ় >দ্রঢ়] দৃঢ়ভাব, দৃঢ়তা। —ঢ়িষ্ঠ বিণ [+ইষ্ঠ (ইষ্ঠন্)] অতিদৃঢ়। —ঢ়ীয়ান্ (-য়স্) বিণ [+ঈয়স্ (ঈয়সুন্)-১ব; স্ত্রী -য়সী] দৃঢ়তর।

দ্রব বিণ [√দ্রু+অ (অচ্)-ক] ১ যাহা যায়; তরল, পাতলা। ২ গলিত। "অন্নং দ্রবপ্রায়ম্ (সুশ্রুত)। দ্রব হৈল নারায়ণ ক.চ.২২৮। ৩ আর্দ্র। "°রাগ রঘু ৭.৭। মাঘ ৯.৩৬। ৪ রসাত্মক। "(দ্রুম) দ্রবঃ সঙ্ঘাতকঠিনঃ কু.স ২.১১। ৫ গতিযুক্ত; ক্ষরণযুক্ত। —ব পুং [+অ (অপ্)-ভা] ১ গতি। ২ পলায়ন। ৩ ক্ষরণ, গলন। ৪ বেগ। ৫ নর্ম্ম, পরিহাস। ৬ রস। "(ফলম্) অমৃতদ্রবসংযুতম্ ভ ১.১.৩। (ফল) অমিঞা যে দ্রবময় শ্রী.ম ৩। ৭ দ্রবদ্রব্য। "মূর্ত্তি পা ৬.১.২৪। মনু ৫.১১৫। উ.চ ৩.২৫। দ্রবরূপে উনাইল শরীর গ ৩। °ময়ী দু ১৭ ৮ নির্য্যাস। "স্বেদ° উ.চ ২.১৬। ৯ কাথ, নির্য্যাস। [°জ (পুং) —দ্রবদ্রব্যজাত বস্তুমাত্র; গুড়। °দ্রব্য [ক্লী]—তরলবস্তু জলাদি;

দৈহিকমূত্রাদি। °রস [বিণ]—আর্দ্ররসযুক্ত। °রসা [স্ত্রী]—লাক্ষা। °রূপ, °রূপী (-পিন্) বিং—রসাত্মকমূর্ত্তি, জলরূপী। "দ্রবরূপী হৈলা নারায়ণ।—গ ২ ; এই দ্রবরূপ…তনু ১৮৬।] [দ্রবয়ে—দ্রব হয় ; গলে। "চৈ.ভা ৩৬৬। দ্রবাইলে—দ্রব করিলে ; গলাইলে। "আমা দ্রবাইলে তুমি চৈ.চ ১০৫। দ্রবিল—দ্রব হইল ; গলিল। "দেখিয়া দ্রবিল হৃদি দু ৫৬। দ্রবে—গলে। "প্রভুর হৃদয় দ্রবে চৈ.চ ৪২।]

দ্রবণ বিণ [√দ্রু+অন (যুচ্)-ক ; স্ত্রী -ণা] গতিযুক্ত ; ক্ষরিত। —বণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ গতি, বেগ। ২ গলন, ক্ষরণ, নিষ্যন্দ। [°বিন্দু (বি)—তাপমানযন্ত্রের গলনবিন্দু (boiling point)।]

দ্রবময়ী বি জলরূপা, গঙ্গা। "শ্রী.মা ৫২। হেম ৩৫৯।

দ্রবিড় পুং ১ (বহুব) দেশবিশেষ। ২ দ্রবিড়বাসিগণ। ৩ ব্রাহ্মণবিশেষ। "গুর্জ্জরা দ্রবিড়াঃ (ত.বা)। ৪ সবর্ণায় ব্রাত্যক্ষত্রিয়জাত ক্ষত্রিয়ভেদ। "মনু ১০.২২। —ড়ী স্ত্রী রাগিণীবিশেষ।

দ্রবিণ ক্লী [√দ্রু+ইন (ইনন্)-ক, উ ২.৫০ ; 'দ্রবিণ'—সততগমন-স্বভাব (ঋগ্বেদ ৩.৭.১০)] ১ ধন, বিত্ত। "রূপদ্রবিণসম্পন্ন রা (S.W.) মহা ৩.১২৪.১০। °রাশি রঘু ৪.৭০। বা.দ ৯৫ ; ২১৫। দরিদ্র দ্রবিণ-আশা সুদীর্ঘ কুণ্ডল বি.সু ৪। ২ কাঞ্চন। ৩ দ্রব্যসম্পদ্, দ্রব্যজাত। "বিত্তাবয়োদ্রবিণধামভিরাত্মতুল্যাম্ (পতিম্) ভ ১০.৫২.৩৮। ৪ বল, পরাক্রম। "অহীনবাহু° রঘু ১৮.১৪। ৫ পৃথুরাজপুত্র। [°প্রদ (পুং) —বিষ্ণু। দ্রবিণেশ্বর (পুং)—ধনেশ্বর, কুবের।]

দ্রবিত বিং [দ্রব'—°ত ; সং দ্রুত] ১ গলিত, আর্দ্র। "শুনিয়া হৃদয় যার হবে না দ্রবিত।—ন ৪৭২। ২ অন্তর্হিত, গত। "দীন দরশো দ্রবিত ভায় দু ৬১। [দরবিত—"পাষাণ দরবিত ন.প ৩৬০।]

দ্রবীকরণ ক্লী [দ্রব+অভূততদ্ভাবে চ্বি (০)+ √কৃ+অন (ল্যুট্) -ভা] দ্রব করা ; আর্দ্রীকরণ, গলান। —কৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আর্দ্রীকৃত। —বীভূত বিণ [+ত (ক্ত)-ক] ১ বিগলিত। "নীররূপে দ্রবীভূত কেন নারায়ণ প.তৃ ৬৬। ২ আর্দ্রীভূত। "দ্রবীভূতং প্রেম্ণা তব হৃদয়ম্ উ.চ ৩.১৩। সী ৬১।

দ্রব্য বিণ [দ্রু+য (যৎ) ভব্যার্থে নিপাতিত] ১ আত্মবান্, অভিপ্রেত অর্থের পাত্রভূত। "দ্রব্যোঽয়ং রাজপুত্রঃ পা ৫.৩.১০৪, কাশিকা। ২ [+য, পা ৪.৩.১৬১] দ্রুমবিকারজাত, দ্রুম-সম্বন্ধী। —ব্য ক্লী ১ দ্রুমবিকার, দ্রুমাবয়ব, বৃক্ষজাত বস্তু ; বস্তুমাত্র, সত্ত্ব, পদার্থ। "অনিত্যৈর্দ্রব্যৈঃ প্রাপ্তবানস্মি নিত্যম্।—কঠোপনিষৎ ২.১০। সীতা° মনু ৯.২৯৩। সা.দ ২.৪। তৎ তস্য কিমপি দ্রব্যং যো হি যস্য প্রিয়ো জনঃ উ.চ ২.১৮। ২ বৃক্ষনির্য্যাস (A.)। ৩ উপকরণ, সাধনবস্তু। ৪ ভেষজ। ৫ বিলেপন, চন্দনাদি। ৬ সুবর্ণাদিধন। "সপণ্ডদ্রব্যসঞ্চয় মনু ৭.৯। ৭ বিত্ত। ৮ পিত্তল। ৯ জতু। ১০ (বৈশেষিকে) পৃথিব্যাদি নববিধ। 'পৃথিব্যাপস্তেজোবায়ুরাকাশং কালো দিগাত্মা মন ইতি দ্রব্যাণি (কণাদসূত্র)। ১১ পণ, গ্রহ। ১২ মদ্য। "সশব্দং ন পিবেদ্ দ্রব্যম্ (কুলার্ণবতন্ত্র)। ১৩ যোগ্যপাত্র, সুপাত্র। "মু ৭.১৪। নাদ্রব্যে নিহিতা কাচিৎ ক্রিয়া ফলবতী ভবেৎ।—হি ৪৩ (কথারম্ভ)। ১৪ বিনয়। —ব্যক পুং [দ্রব্য+ক (কন্), পা ৫.১.৫১] দ্রব্যহারক, দ্রব্যবাহক। [°গুণ (পুং)—বস্তুধর্ম্ম ; ভাবপ্রকাশের দ্রব্যগুণবিষয়ক ভাগ। °জাত (বি)—বস্তুসমূহ। "ম ৯৪৪। ম.ম ১২৬। শিল্প-কার্য্যোৎপন্ন° ব.প্র ৭৯। °বাচক (বিণ)—বস্তুবোধক। °বিশেষ (পুং)—ধর্ম্মবিশেষে দ্রব্যভেদ। °ময় (বিণ) —দ্রব্য-সাধনসাধ্য (যজ্ঞ)। "গী ৪.৩৩। দ্রব্যময়ীম্ (সপর্য্যাম্) ভ ৪.৮.৫৪। ২ দ্রব্যপ্রচুর ; ধনপ্রচুর। °বান্ (-বৎ) বিণ—দ্রব্যসম্পন্ন, ধনসম্পত্তিযুক্ত। "গো.রা ২.৪৯.২৬। মহা ৫.৪৩.৩১। আমি দুঃখী চাষী দ্রব্যবান্ নই। —শি ৭১। °শুদ্ধি (স্ত্রী)—দ্রব্যের মলাপনয়ন। "মনু ৫.৫৭ ; ১২৬। °সংস্কার (পুং)—যজ্ঞার্থ দ্রব্যের শোধন।]

দ্রম্ম ক্লী [Gr., L. drachme] ষোড়শপণ (লীলাবতী)। "যাজ্ঞ ২.২৪০,-১, মিতাক্ষরা।

দ্রষ্টব্য বিণ [√দৃশ্+তব্য-র্ম্ম] ১ দর্শনীয়, দর্শনার্হ। ২ সাক্ষাৎকর্ত্তব্য "আত্মা বা অরে দ্রষ্টব্যঃ (বৃহদারণ্যক)। ৩ বোদ্ধব্য, জ্ঞেয়। "কৃতান্ত এব সৌমিত্রে দ্রষ্টব্যঃ রা ২.২২.১৫ ; ভ্রাতৃপুত্রসমৌ…দ্রষ্টব্যৌ (ভরতশত্রুঘ্নৌ) ২৬.৩৩। ৪ বিবেচ্য। —ষ্টা (-ষ্টৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ষ্ট্রী] ১ দর্শক, সাক্ষাৎকারক। "ঋষয়ো মন্ত্র-দ্রষ্টারঃ পা ৪.১.১১৪, সি] ২ প্রকাশক। ৩ উদ্ভাবয়িতা, প্রণেতা। "ছন্দসাং দ্রষ্টা রামায়ণমহাকবিঃ বা.ভা ১.১৫। —ষ্টা পুং ১ নির্ণেতা সভ্য। "দ্রষ্টারো ব্যবহারাণাম্ যাজ্ঞ ২.২০৫। ২ (বাঙ্লায়) মন্ত্রদ্রষ্টা ঋষি। "উচ্চারিলে, দ্রষ্টা! তুমি মহামিলনের পূর্ব্বকথা!—কু.কে ১৪০।

দ্রা অক [অদা, প—দ্রাতি ; অনিট্] ১ পলায়ন। ২ নিদ্রা। [নি—নিদ্রা। "নৈ ১.১২১।]

দ্রাক্ ব্য শীঘ্র, দ্রুত। "পঞ্চ ১/৯০ (কথামুখ)।

দ্রাক্ষা স্ত্রী ১ লতাবিশেষ। "°বলয়ভূমি রঘু ৪.৬৫। ২ দ্রাক্ষাফল, গোস্তনী। "দ্রাক্ষে, দ্রক্ষ্যন্তি কে ত্বাম্?—গী.গো ১২.৩১।

দ্রাঘিমা পুং [দীর্ঘ+ইমন্ (ইমনিচ্)-১ব, দীর্ঘ>দ্রাঘ] ১ দীর্ঘভাব, দীর্ঘত্ব। ২ ভূগোলের দীর্ঘতা (Longitude। —ঘিষ্ঠ বিণ [+ইষ্ঠ (ইষ্ঠন্)] দীর্ঘতম, অতিদীর্ঘ। —ঘীয়ান্ (-য়স্) বিণ [ঈয়স্ (ঈয়সুন্)-১ব ; স্ত্রী -য়সী] দীর্ঘতর।

দ্রাণ বিণ [√দ্রা+ত (ক্ত)-ক, ত >ন] ১ নিদ্রিত। ২ পলায়িত। —ণ ক্লী [+ত-ভা] ১ নিদ্রা। ২ পলায়ন।

দ্রাব পুং [√দ্রু+অ (ঘঞ্)-ভা] ১ গতি। ২ পলায়ন। ৩ ক্ষরণ, গলন। ৪ [+অ-ণ] তাপ ; অনুতাপ। —বক বিণ [√দ্রু+ই (ণিচ্)+অক (ণ্বুল)-ক] ১ দ্রবীকারক। ২ হৃদয়গ্রাহী। —বক পুং [√দ্রু+অক-ক] ১ চন্দ্রকান্তমণি। ২ বিদগ্ধ, রসিক। ৩ কামুক ; জার। ৪ মোষক, চৌর। ৫ ধাতুদ্রবকারক রাসায়নিক দ্রব্যবিশেষ। —বক ক্লী ১ প্লীহরোগের ঔষধভেদ। ২ সিক্‌থ, মোম। —বণ বিণ [√দ্রাবি+অন (যুচ্)-ক ; স্ত্রী -ণা] ১ দ্রবীকারক। ২ পলায়নকারয়িতা। "ত্রৈলোক্য° (রাবণ) হ ৪২.১৩৯। (রথঃ) দ্রাবণঃ শাত্রবাণাম্ (মহা)। —বণ ক্লী [+অন-ভা] ১ দ্রবীকরণ, গলান। ২ ক্ষারণ, চুয়ান। ৩ 'জলমলদূরীকারক', কতকফল। —বিকা স্ত্রী লালা। —বিত বিণ [√দ্রাবি+ত (ক্ত)-র্ম্ম] দ্রবীকৃত আর্দ্রীকৃত। "(প্রাণ হইল) কি দ্রাবিত।—ন ১৪৭৯। [°কর (পুং)—শ্বেতটঙ্কন। °কার (বিণ)—দ্রবকারক।]

দ্রাবিড় পুং [দ্রবিড়+অ (অণ্)] ১ পিত্রাদিক্রমে দ্রবিড়দেশবাসী। ২ বহুত্বে প্রত্যয়লোপে 'দ্রবিড়াঃ', লোপাভাব আর্ষ, '°ড়াঃ'] (বহুব) দ্রবিড়বাসিগণ। "দ্রাবিড়ৈঃ সৈনিকৈঃ সহ মহা ৮.১২.১৪। দ্রাবিড়ের দেশে ক.চ ২৩। [পঞ্চ দ্রাবিড় যথা—"কর্ণাটাশ্চৈব তৈলঙ্গা গুর্জ্জরা রাষ্ট্রবাসিনঃ। আন্ধ্রাশ্চ—দ্রাবিড়াঃ পঞ্চ বিন্ধ্যদক্ষিণবাসিনঃ॥ —স্কন্দপুরাণ।] ৩ (বহুব) দ্রাবিড়দেশ। "মনু ১০.৪৪। দ্রাবিড়ভূপাল ক.চ ২৩৪। ৪ ক্রিয়ালোপাদি হেতু শূদ্রত্বপ্রাপ্ত দ্রবিড়জাত ক্ষত্রিয়গণ। "মনু ১০.৪৪। —বিড়ী স্ত্রী এলা। [°ড়ক ক্লী, °ভূতিক পুং—বিড়লবণ।]

দ্রাবিড়ী দ্র 'দ্রাবিড়'।

দ্রু[1] অক [ভ্বা, প—দ্রবতি ; অনিট্] ১ গতি। ২ পলায়ন। ৩ স্রুতি, ক্ষরণ (ক.ক)। ৪ দ্রবীভাব (গণদর্পণ)। —সক [স্বা, প—দ্রুণোতি ; অনিট্] উপতাপ। "দ্রুণোতি…যো রিপূন্ (ক.ক)। [অনু—অনুগমন। উপ—উপদ্রব। প্র, বি—পলায়ন।]

দ্রু[2] পুং [√দ্রু+উ (ডু)-ক ; 'দ্রু'—দারু (ঋগ্বেদ ১.১৬১.১)] ১ 'ঊর্দ্ধগামী', বৃক্ষ। "মনু ৭.১৩১। ২ শাখা। —পুং, ক্লী ১ কাষ্ঠ। ২ কাষ্ঠদ্রব্য। [°ঘ্নী (স্ত্রী)—কুঠার। °নখ (পুং)—বৃক্ষকণ্টক।]

দ্রুঘণ, -ঘন পুং [দ্রু+ √হন্+অ (অপ্)-ণ, √হন্>ঘন, পা ৩.৩.৮২, সি] ১ কুঠার। ২ মুদ্গর, লৌহমুদ্গর, গদা। "°ন রঙ্গ ২২২। হেম ১৫৯,১৬৩। ৩ সূত্রধরাদির মুদ্গরাকার লৌহাস্ত্রভেদ ; কুঠ্যরবৎ লৌহাস্ত্র (শ.ক)। ৪ ব্রহ্মা। তু 'দ্রুহ(হি)ণ'।

দ্রুণ ক্লী [√দ্রুণ্ কুটিলীভাব, হিংসা+অ(ক)-ক] ১ ধনুঃ। ২ খড়্গ। —ণ পুং [Cf. Danish, E. drone] ১ ভৃঙ্গ। ২ বৃশ্চিক। ৩ পিশুন। —ণি, -ণী স্ত্রী দ্রোণী, দুনী।

দ্রুত বিণ [√দ্রু+ত (ক্ত)-ক] ১ বেগে গত ; ধাবিত। ২ লঘু, ক্ষিপ্র, শীঘ্র। "দ্রুতক্রমে হরিপৃষ্ঠে কৈলা আরোহণ।—ম.পা ৩১। ৩ পলায়িত। "°বরাহকুল রঘু ৯.৫৯। ৪ দ্রুত, ক্ষরিত। ৫ দ্রবীভূত, বিলীন। "ভট্টি ১০.১১। —ত পুং ১ বিড়াল। ২ বৃশ্চিক। ৩ (সঙ্গীতে) লয়বিশেষ, অর্থাৎ যে লয়ে এক মাত্রার কালে দুই-দুইটি সুর উচ্চারিত হয় (গী.সা)। ৪ (বাঙলায়) ছন্দোবিশেষ। "বা.দ ২০১। দ্র 'কাব্যনির্ণয়'। —ত ক্রি.বিণ শীঘ্র, ক্ষিপ্র। "ভট্টি ১০.১১। ভা.চ ৬৪। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ গতি। ২ ক্ষরণ, গলন। [°ক্রমে—শীঘ্রগতি, শীঘ্র। °পদ (বিণ)—লঘুগতি, শীঘ্র। °বিলম্বিত (ক্লী)—ছন্দোবিশেষ। 'দ্রুতবিলম্বিতমাহ নভৌ ভরৌ' (বৃত্তরত্নাকর)।]

দ্রুপদ পুং ["°দ'—যূপকাষ্ঠের প্রদেশবিশেষ (ঋগ্বেদ ১.২৪.১৩)] চন্দ্রবংশীয় রাজবিশেষ। [ইঁহার পিতা পৃষত, পুত্র শিখণ্ডী ধৃষ্টদ্যুম্ন এবং কন্যা দ্রৌপদী। ইঁহার রাজধানী ছত্রবতী। ইনি দ্রোণের বাল্যবন্ধু। অর্জ্জুন দ্রোণের আদেশে ইঁহাকে যুদ্ধে পরাজিত করিয়া গুরুসমীপে আনয়ন করিলে, দ্রোণ ইঁহাকে মুক্ত ও পঞ্চালরাজ্যের একাংশ প্রত্যর্পণ করেন। অপমানিত দ্রুপদ দ্রোণবধার্থ এক যজ্ঞের অনুষ্ঠান করিয়া দ্রোণশত্রু পুত্র ধৃষ্টদ্যুম্ন ও ক্ষত্রিয়ান্তকারিণী কন্যা দ্রৌপদীকে প্রাপ্ত হন। দ্রোণ এই ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক নিহত হন এবং দ্রৌপদীর জন্য ভারতসমরে ক্ষত্রিয়গণ ধ্বংসপ্রাপ্ত হয়। ইঁহার যজ্ঞজাত পুত্র ও কন্যা সেনাসদৃশ শত্রুনাশক বলিয়া ইনি 'যজ্ঞসেন' নামে খ্যাত (মহা ১.১৩৮তম, ১৬৭তম অধ্যায়)।] —পদা স্ত্রী 'দ্রুপদাদিব মুমুচানঃ' ইত্যাদি ঋক্ (শুক্লযজুর্ব্বেদ ২০.২০)। [°দাত্মজ (পুং)—শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন ; °জা (স্ত্রী)—দ্রৌপদী।]

দ্রুম পুং [দ্রু+ম অস্ত্যর্থে, পা ৫.২.১০৮ ; দ্রুমৎ> °ম (?)] 'দারুযুক্ত' (দ্র 'তত্ত্ববোধিনী') বৃক্ষ। "চিত্রপথদ্রুমাম্ (বীথীম্) গোরা. ৫.২০.১০। হি ১.৬০। বদ্ধপল্লবপুটাঞ্জলি° রঘু ১১.২৩। দ্রুমাশ্রম ম.পা ৪১। হেম ১০৪। °দলশোভিনীম্ (বন্দেমাতরম্) ব.ঝি ৯৭। [°ময় (বিণ)—বৃক্ষবিকার যূপাদি। °ব্যাধি (পুং)—বৃক্ষরোগ ; লাক্ষা। °ষণ্ড (ক্লী) —বৃক্ষসমূহ। "মহা ৩.১৫৮.৪।]

দ্রুহ্[1] অক [দি, প—দ্রুহ্যতি ; বিকল্পিতেট্] দ্রোহ, অনিষ্টাচরণ [অভি —অপকার। বি—বিদ্রোহ।]

দ্রুহ্[2] বিণ [√দ্রুহ্+কিপ্ (০)-ক ; 'ধ্রুক্' (একবচনে)] দ্রোহী। "গর্ভভর্ত্তৃ° মনু ৫.৯০। অসুর° মাঘ ২.৩৫। —হ বিণ [+অ (ক)-ক] দ্রোহকারক। —হিণ পুং[+ইন (ইনচ্)-ক (অ.টী)] 'কামাদিদ্রোহী', ব্রহ্মা।

দ্রুহিণ দ্র 'দ্রুহ্'[2]।

দ্রোণ পুং [√দ্রু+ন-ক, উ ৩.১০] ১ দগ্ধকাক, দাঁড়কাক। "কে-শবং পতিতং দৃষ্ট্বা দ্রোণো হর্ষমুপাগতঃ (সু.র)। ২ বৃশ্চিক। ৩ চতুঃশতধনুঃ-পরিমিত জলাশয়। "চতুর্ভিঃ (শতৈর্ধনুর্ভিঃ) দ্রোণঃ। ৪ মেঘনায়ক। দ্রোণঃ শস্যপ্রপূরক (জ্যোতিস্তত্ত্ব)। ৫ পুষ্পবৃক্ষবিশেষ, দণ্ডকলস। ৬ ধনুর্ব্বেদাচার্য্য। [ইঁহার পিতা ভরদ্বাজ, পত্নী কৃপী, পুত্র অশ্বত্থামা। ভরদ্বাজের দ্রোণীতে স্খলিত রেতঃ হইতে জন্ম হেতু নাম 'দ্রোণ' (মহা ১.৬৩.১০৬)। ইনি কুরুবালকগণের ধনুর্ব্বেদাচার্য্য। দ্রুপদরাজ ইঁহার বাল্যসখা। পরশুরাম ইঁহার অস্ত্রগুরু। রাজ্যাভিষিক্ত দ্রুপদ সখিত্ব অস্বীকার করায়, ইনি হস্তিনাপুরে কুরুবালকদিগের ধনুর্ব্বেদ শিক্ষার ভার গ্রহণ করেন। পূর্ব্ববৈরশোধনার্থ ইঁহারই আদেশে অর্জ্জুন দ্রুপদকে পরাজিত করিয়া হস্তিনায় আনয়ন করেন (দ্র 'দ্রুপদ')। ভারতসমরে কুরুপক্ষে ইনি পাঁচ দিন সৈনাপত্য করেন এবং ষষ্ঠ দিবসে ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক নিহত হন।] —ণ পুং, ক্লী ১ আঢ়ক। ২ আঢ়কচতুষ্টয়, বত্রিশ সের। "ধান্য° মনু ৭.১২৬। ৩ [তু 'দ্রুণ' ১ সোমরসাধার, কলস (কঠোপনিষৎ ৫.২)। ২ গৃহ। ঋগ্বেদ ১.৪৩.১৩।] কাষ্ঠনির্ম্মিত কলশ (ঋগ্বেদ)। ৪ কাষ্ঠাম্বুবাহিনী, দোন। [°কাক (পুং)—দাঁড়কাক। °ক্ষীরা, °দুঘা (স্ত্রী)—দ্রোণপরিমিত দুগ্ধদা গবী। দ্রোণাচার্য্য (পুং) —দ্রোণগুরু।]

দ্রোণি, -ণী স্ত্রী [√দ্রু+নি-ক, উ ৪.৫১ ; স্ত্রী ঈ (ঙীষ্)] ১ জলসেচনার্থ কাষ্ঠাম্বুবাহিনী ; দুনী। ২ কদলীত্বগাদিকৃত পাত্রভেদ ; ডোঙা। ৩ গবাদনী (গোরুর জাব-পাত্র)। ৪ জলাধার (A.)। ৫ কলশাকার পাত্রভেদ (শ.ক) ; গিরিদরী (নীলকণ্ঠ)। "স্কন্নং দ্রোণ্যাং শুক্রমবর্দ্ধত মহা ১.৬৩.১০৬ ; ৫.৫৫.৪৮। ম ১২৮। ৬ কটাহ (রা.টীকা)। "তৈলদ্রোণী রা ২.৬৬.১৪,-৬। ৭ শৈলদ্বয়ের সন্ধি (শ.ক)। ৮ দ্বিশূর্পপরিমাণ, অর্থাৎ ১২৮ সের (বৈদ্যক)। ৯ নীলীবৃক্ষ। ১০ কদলী। —ণী স্ত্রী [দ্রোণ+স্ত্রী ঈ (ঙীষ্), গৌরাদি] ১ দ্রোণপত্নী। ২ নৌভেদ (S.W.), ডিঙ্গি নৌকা (?)। "ব.প ১৪৭৮।

দ্রোহ পুং [√দ্রুহ্+অ (ঘঞ্)-ভা] ১ অনিষ্টাচরণ, অপকার। "পা ১.৪.৩৭। পরদ্রোহকর্ম্মধী মনু ২.১৬১। ২ বধ, হিংসামাত্র। "মিত্র° গী ১.৩৭। ৩ ছদ্মবধ, ছলপূর্ব্বক বধ। "মনু ৭.৪৮। —হিত বিণ জাতদ্রোহ। —হী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -হিণী] ১ দ্রোহকারী, অপকারী, অনিষ্টচিন্তক। "মিত্র° ক.সা ৫.৮৭। অ° যাজ্ঞ ১.২৮। গোব্রাহ্মণদ্রোহিসঙ্গে চৈ.চ ৭৫। ২ হন্তা, ঘাতক। "দ্বিজ° গো.রা ৩.১৬.৩৪। ৩ বিদ্বেষী। "শিবদ্রোহী দু ৫। দেবদ্রোহী মে ৫১।

দ্রোণায়ন -নি, দ্রৌণি পুং [দ্রোণ+আয়ন (ফক্), + আয়নি (ফিঞ্),+ই (ইঞ্)] দ্রোণের পুত্র ; অশ্বত্থামা। "°নি মহা ১.১৮৭.১৫ ; °ণি ৪.৩৫.২। °নি। —বে ৩.৩১।

দ্রৌপদী স্ত্রী [দ্রুপদ+ই (ইঞ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] দ্রুপদাপত্য-স্ত্রী, কৃষ্ণা। "পিতৃনামে দ্রৌপদী ম ১৬৫। (সে) রন্ধনে দ্রৌপদী।—ব.প্র ২২৩। [ইনি যজ্ঞাগ্নিজাতা। লক্ষ্যবেধপূর্ব্বক অর্জ্জুন ইঁহাকে লাভ করেন এবং মাতার আদেশে পঞ্চভ্রাতা বিবাহ করেন। ইনি সূর্য্যারাধনায় এক দিব্য স্থালী প্রাপ্ত হন। ইঁহার ভোজনাবধি এই স্থালী অন্নশূন্য হইত না। দুঃশাসন যখন কেশাকর্ষণপূর্ব্বক ইঁহাকে দ্যূতসভায় আনয়ন করে, সেই সময় হইতে ইঁহার কেশরাশি মুক্ত থাকে, যুদ্ধে দুঃশাসন নিহত হইলে, কেশ বেণীবদ্ধ হয়। বনবাসকালে জয়দ্রথ ইঁহাকে হরণ করে। অজ্ঞাতবাসে ইনি সৈরিন্ধ্রী নামে বিরাটগৃহে পরিচিত হন। সেই সময়ে ইঁহার প্রতি আসক্তি হেতু কীচক ভীম কর্ত্তৃক নিহত হয়। মহাপ্রস্থানে স্বর্গারোহণ-পথে ইনি প্রাণত্যাগ করেন। পাতিব্রত্য হেতু ইনি অহল্যাদি পঞ্চ কন্যার একতমা ও প্রাতঃস্মরণীয়া।]

দ্রৌপদেয় পুং [দ্রৌপদী+এয় (ঢক্)] দ্রৌপদীর অপত্য ; প্রতিবিন্ধ্যাদি (মহা ১.৬৭.১২৮)। "গী. ১.৬ ; ১৮.।

দ্বন্দ্ব ক্লী [দ্বি দ্বি (কর্ম্মধারয়বৎ)—দ্বন্-দ্ব>দ্বন্দ্ব (নিপাতিত) ; ছান্দস] ১ রহস্য, মর্য্যাদা ইত্যাদি। দ্র 'পা. ৮.১.১৫। ২ যুগল, যুগ্ম। "কুচ° শৃ ১৯। অঙ্ঘ্রি° ভ ৩.১৫.৪৪। রজনী° (S.W.)। চন্দ্রচূড়পদ° ম ৭৫৬, -৬৮। হরিপদ° ক.চ ২০৫। পদ° দু ৪৩ ; শ্রী ২ ; ন.প ৩৮২। শ্রীচরণ° চৈ ১২৫। ৩ স্ত্রীপুরুষদ্বয়, মিথুন। "সিদ্ধ° পু.মে ৪৫। মৃগ° রঘু ১.৪০।

চারণ° শ ২.১৪। **৪** স্থাবর-জঙ্গম-মিথুন। "কু.স ৩.৩৫। **৫** কলহ। "বিনা হেতুমপি দ্বন্দ্বমিতি মূর্খস্য লক্ষণম্ হি ৩.৩৪। °প্রিয়।—ম ১৯৮; ২৩৮। দূর কর দ্বন্দ্ব শ্রী.মা ২। ভা.চ ২৫৫। **৬** মল্লযুদ্ধ, যোধদ্বয়ের যুদ্ধ (duel)। "দ্বন্দ্বং দাস্যামি তে রা ১.৭৫.২৮। °রণ স্ব.প্র ১৭৫। **৭** সন্দেহ। "পরশিতে ভাঙ্গল হৃদয়ক দ্বন্দ্ব বি.প ৯৪। **৮** পরস্পর-বিরুদ্ধ শীতোষ্ণ সুখদুঃখাদি; সুখদুঃখহেতু সপ্রতিপক্ষ পদার্থ (শঙ্কর)। "নির্দ্বন্দ্ব গী ২.৪৫; দ্বন্দ্বৈর্বিমুক্তাঃ সুখদুঃখসংজ্ঞৈঃ ১৫.৫। মনু ১.২৬। °দুঃখ মাঘ ৪.৬৪। শীতোষ্ণসুখদুঃখাদিদ্বন্দ্বসম্বন্ধীয় যে উপদেশ অ.মী ৫। **৯** দুর্গ। [°চর, °চারী (-রিন্) পুং—মিথুনচর; চক্রবাক। "°চর রঘু ৮.৫৬। °ভূত (বিণ)—মিথুনসদৃশ। °যুদ্ধ (ক্লী)—যোধদ্বয়ের যুদ্ধ। "মহা ৭.১৪.১। ম ১২৪৮। ম.বি ১৫।]

দ্বন্দ্বজ বিণ [দ্বন্দ্ব+ √জন্+অ (ড)-ক; উ.ত] **১** বাত পিত্ত ও শ্লেষ্মার মধ্যে কোন দুইএর দোষজাত (রোগ)। **২** কলহজাত। **৩** মিথুনজাত। —দ্বজ পুং **১** দোষদ্বয়জাত রোগ। **২** [বাঙলায়; অপ্র] দুই জনের বিবাদ। "শ্রী.মা ১২৯।

দ্বন্দ্বাতীত বিণ [দ্বি.ত] সুখদুঃখাদিবোধাতীত। "গী ৪.২২।

দ্বন্দ্বীভূত বিণ [দ্বন্দ্ব+অভূততদ্ভাবে চ্বি (০)+ √ভূ+ত (ক্ত)-ক] যুগ্মভাবে বা মিথুনরূপে মিলিত।

দ্বয় বিণ [দ্বি+অয় (অয়চ্); স্ত্রী -য়ী] অবয়বদ্বয়যুক্ত, দ্বিত্বযুক্ত, দ্বিতয়। "দ্বয়মেবার্থসাধনম্ রঘু ১.১৯। মাঘ ৩.৫৭। —য় ক্লী **১** যুগল, যুগ্ম। "ভুজ° গো.রা ১.২৯.১৪। স্তন° রঘু ৩.৮; ৪.৪। **২** দ্বৈধীভাব, কপট; ছল। **৩** (অভিধানে) পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ। "দ্বয়হীনে কুকুন্দরে (অ.কো)। —য়ী স্ত্রী মিথুন। [°বাদী (-দিন্) বিণ—দ্বিজিহ্ব, খল। °হীন (বিণ)—ক্লীবলিঙ্গ। দ্র 'দ্বয় (৩)।]

দ্বাঃ (র্) স্ত্রী [√দ্বৃ+ই (ণিচ্)— √দ্বারি আচ্ছাদন+ক্বিপ্ (০)-র্ম -ব] **১** দ্বার। "বিশ্রয়ন্তাম্…দ্বারঃ।—ঋগ্বেদ ১.১৩.৬। আশ্রমদ্বারি গো.রা ৩.১৮.১০। মনু ৩.৮৮। হি ৩ ১৩০। **২** মুখ, পথ। "বিলদ্বারি প্রতীক্ষ রা ৪.১০.১৮। **৩** উপায়। তু 'দ্বারা'। [দ্বাঃস্থ, -স্থিত (পুং)—'দ্বারস্থিত', দ্বারপাল। "°স্থ ভ ১.১৮.৩৪। দ্বার্ব্বতী (স্ত্রী)—দ্বারবতী, দ্বারকা। "ভ ৩.৩.১৯।

দ্বা(দ্বি)চত্বারিংশৎ স.বিণ [উ.লো; পূ.বা—°শ, °শত্তম (স্ত্রী -মী, -মী)] দ্ব্যধিকচত্বারিংশৎ-সংখ্যক, বিয়াল্লিশ। —শৎ স্ত্রী বিয়াল্লিশ (৪২) এই সংখ্যা।

দ্বাত্রিংশৎ স.বিণ [উ.লো; পূ.বা—°শ, °শত্তম (স্ত্রী -মী, -মী)] দ্ব্যধিকত্রিংশৎ-সংখ্যক, বত্রিশ। —শৎ স্ত্রী বত্রিশ (৩২) এই সংখ্যা।

দ্বাত্রিংশল্লক্ষণ বিণ [বহুব্রী] শরীরে দ্বাত্রিংশৎ শুভচিহ্নযুক্ত (পুরুষ)। —ক্ষণ ক্লী [কর্ম্মধা] শরীরস্থ দ্বাত্রিংশৎ শুভচিহ্ন। "পুত্রস্তু…°লক্ষণোপেতস্য।—হি ৩১৩৬। [দ্বাত্রিংশৎ লক্ষণ—নেত্রান্ত পদ করতল তালু অধরোষ্ঠ জিহ্বা নখ—সপ্ত স্থানে রাগ; বক্ষঃ স্কন্ধ নখ নাসিকা কটি মুখ—ষট্‌স্থানে তুঙ্গতা; কটি বা শিরঃ ললাট বক্ষঃ—স্থানত্রয়ে বিস্তার; গ্রীবা জঙ্ঘা মেহন—স্থানত্রয়ে খর্ব্বতা; নাভি স্বর সত্ত্ব—ত্রয়ে গম্ভীরতা; নাসা ভুজ নেত্র হনু জানু—পঞ্চ স্থানে দৈর্ঘ্য; ত্বক্ কেশ রোম দন্ত অঙ্গুলিপর্ব্ব—পঞ্চতয়ে সূক্ষ্মতা (শ্রীজীবগোস্বামিবিরচিতদুর্গমসঙ্গমনী টীকা)।]

দ্বাদশ (-শন্) স.বিণ [উ.লো; পূ.বা °শ (স্ত্রী -শী)] দ্ব্যধিক দশ; বার। —দশী স্ত্রী চন্দ্রের দ্বাদশকলাক্রিয়ারূপা তিথি। —দশক স.বিণ [°শন্+ক (কন্) স্বার্থে] দ্বাদশ। °মনু ৮.২৬৮। [°কর (পুং)—'দ্বাদশহস্ত', কার্ত্তিকেয়। °পত্র, °পত্রক (ক্লী)—'ওঁ নমো ভগবতে বাসুদেবায়' এই দ্বাদশাক্ষর মন্ত্র (বামনপুরাণ)। °পুত্র (পুং)—ঔরসাদি দ্বাদশবিধ পুত্র। দ্র 'পুত্র (১)। °বনী (স্ত্রী), °বন (বি)—মথুরামণ্ডলস্থ ভদ্রাদি দ্বাদশ বন। দ্র 'ভ.গ্র ৪৫৪-৪৫৫। "°নী বি.মা ৭১। °ন চৈ.চ ৯৫। °মন্ত (ক্লী)—পানসাদি দ্বাদশ মন্ত। দ্র 'মনু ১১.৯৬, কুল্লুক। °যাত্রা (স্ত্রী)—বৈশাখাদি দ্বাদশ মাসে শ্রীকৃষ্ণের দ্বাদশ উৎসব—চান্দনী স্নাপনী রথযাত্রা শয়নী দক্ষিণপার্শ্বী বামপার্শ্বিকা উত্থানী ছাদনী পুষ্যাভিষেক শাল্যোদনী দোলযাত্রা মদনভঞ্জিকা (স্কন্দপুরাণ)। °রাজমণ্ডল (ক্লী)—অরি -প্রভৃতি দ্বাদশ রাজার মণ্ডল (চক্র)। দ্র 'রঘু ৯.১৫, মল্লিনাথ। °লোচন (পুং)—কার্ত্তিকেয়।]

দ্বাদশবার্ষিক বিণ [°বর্ষ+ইক (ঠঞ্); স্ত্রী -কী] **১** দ্বাদশ বর্ষভূত; দ্বাদশবর্ষবয়স্ক। "কন্যাম্…দ্বাদশবার্ষিকীম্ মনু ৯.৯৪। **২** দ্বাদশবর্ষসম্বন্ধী। "°বার্ষিক্যনাবৃষ্টি।—পঞ্চ ৩১৩৩।

দ্বাদশাক্ষরমন্ত্র পুং [কর্ম্মধা] দ্বাদশবর্ণাত্মক বিষ্ণুমন্ত্র—ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

দ্বাদশাঙ্গুল পুং [তদ্ধিতার্থ দ্বিগু] দ্বাদশাঙ্গুলিপ্রমাণ বিতস্তি।

দ্বাদশাদিত্য পুং, বহুব [কর্ম্মধা] ধাতৃমিত্রাদি দ্বাদশ অদিতিপুত্র। দ্র 'মহা ১.৬৫.১৪-১৬।

দ্বা(দ্বি)নবতি স.বিণ [উ.লো; পূ.বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -মী)] দ্ব্যধিক নবতি; বিরানব্বই। —তি স্ত্রী বিরানব্বই (৯২)।

দ্বা(দ্বি)পঞ্চাশৎ স.বিণ [উ.লো; পূ.বা—°শ, °শত্তম (স্ত্রী -শী, -মী)] দ্ব্যধিক পঞ্চাশৎ; বায়ান্ন। —শৎ স্ত্রী বায়ান্ন (৫২)।

দ্বাপর পুং, ক্লী [সুপ্সুপা, পৃষো] **১** দুইএর (সত্য-ত্রেতার) পর যুগ; তৃতীয় যুগ। "জাগ্রদ্ দ্বাপরং যুগম্।—মনু ৯.৩০২। [ইহার পরিমাণ দিব্য ২৪০০ বর্ষ বা মানুষ ৮৬৪০০০ বর্ষ (বিষ্ণু ২০.৭)।] **২** দ্বাপরের অধিষ্ঠাত্রী দেবতা। "মহা ৩.৫৮.২। **৩** বিন্দুদ্বয়যুক্ত পাশকতল (পাশার যে দিকে দুইটি বিন্দু)।

দ্বাবিংশতি স.বিণ [উ.লো; পূ.বা—°শ (শ্রী.ম ৫), -তিতম (স্ত্রী -মী, -মী)] দ্ব্যধিক বিংশতি; বাইশ। —তি স্ত্রী বাইশ (২২)।

দ্বার ক্লী [√দ্বারি আচ্ছাদন+অ (অচ্)-র্ম; ছান্দস; Av. dvara; আ দার্ (dwelling)] **১** গৃহনির্গমস্থান, প্রতীহার। "সহস্রদ্বারং জগমা গৃহং তে।—ঋগ্বেদ ৭.৮৮.৫। শেরতে বিবৃতদ্বারাঃ রা ২.৬৭.১৮। ভুজঙ্গপিহিত° রঘু ১.৮০। **২** মুখ। "শতদ্বারং বিবরম্।—হি ১৩৮। বদ্ধকুলায়দ্বারস্থখগ (S.W.)। **৩** প্রবেশ, প্রবেশপথ। "কৃতবাগ্‌দ্বারে বংশেঽস্মিন্ রঘু ১.৪। দ্বারাণি দৈবস্য উ.চ ৭.৪। **৪** রন্ধ্র, ছিদ্র। "নবদ্বারে পুরে।—গী ৫.১৩। ঝরকার দ্বারে ভ.গ্র ৪১০। **৫** ইন্দ্রিয়। "সর্ব্বদ্বারাণি সংযম্য গী ৮.১২; ১৪.১১। **৬** উপায়, সাধন। "ত্রিবিধং নরকস্যেদং দ্বারম্।—গী ১৬.২১। ভবিতব্যানাং দ্বারাণি ভবন্তি সর্ব্বত্র শ ১.১৫। স্বর্গাপবর্গয়োর্দ্বারম্ ভ ৭.১৩.২৫। **৭** [বাঙলায়; অপ্র] সীমন্ত। "খোপাখানি বান্ধে রামা চারি দ্বার থুয়া ব.প ২৮৬। [°গোপ, °নায়ক, °প, °পাল, °পালক (পুং)—'দ্বাররক্ষক', দ্বারবান্। °পট (পুং)—কপাট; জবনিকা। °পিণ্ডী (স্ত্রী)—দেহলী। °পিধান (পুং)—দ্বারবন্ধ, অর্গল। °বাহু (পুং)—দ্বারের দীর্ঘকাষ্ঠখণ্ড; দরজার বাজু। °যন্ত্র (ক্লী)—তালক, তালা। দ্বাররে—দ্বারে। "গো.বি ৮০।]

দ্বারক পুং, **-রকা, -রিকা** স্ত্রী [দ্বার+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] 'বহুদ্বারযুক্ত', গুজরাটের পশ্চিমসীমায় স্থিত শ্রীকৃষ্ণের বহুদ্বারযুক্তা রাজধানী। দ্র 'দ্বারাবতী'। "ব.প ৮২৩। ন ১১৭৪। [কালযবন মথুরা আক্রমণ করিলে, সেই সময়ে জরাসন্ধের আক্রমণের সম্ভাবনায় শ্রীকৃষ্ণ জ্ঞাতিবন্ধুগণের রক্ষার্থ সমুদ্রমধ্যে এই পুরী নির্ম্মাণ করেন (ভ ১০.৫০.৪৬-৪৯)। দ্র 'দ্বারকাবর্ণন, মাঘ ৩.৩৩-৬৪।] —রিক পুং [+ইক (ঠন্) অস্ত্যর্থে] দ্বাররক্ষক, দ্বারী। [°কানাথ, °পতি, °কেশ (পুং)—দ্বারকাধিপতি কৃষ্ণ।]

দ্বার(রা)বতী স্ত্রী [দ্বার+বৎ (বতুপ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীপ্), বিকল্পে দীর্ঘ, তু 'শরাবতী' (পা ৬.৩.১২০)] বহুদ্বারযুক্তা পুরী দ্বারকা।

'কৃতাং দ্বারবতীং নাম বহুদ্বারাম্ হ ১০.৩৪। "যযৌ দ্বারাবতীম্ ভ ১.১২.৩৭। দ্বারাবতী ম ২২১,-৪ ; ব.প ৮২৪ ; ক.চ ৭৯ ; চৈ.ভা ১৭৫। দ্বারবতী।—ন ১০২৪।

দ্বারবান্ বি [ফা দর্‌বান্] দ্বারপাল, দারোয়ান।

দ্বারস্থ বিণ [দ্বার+ √স্থা+অ (ক)-ক ; উ.ত] ১ দ্বারস্থিত, দ্বাররক্ষক। "ক.সা ১৮.১১৬। ২ (বাঙলায়) ভৃত্যভাবে দ্বারে স্থিত ; অবনতমস্তকে সন্নিহিত। "ভয়ে যত ভূপতি দ্বারস্থ ভা.চ ২৬০। ৩ প্রার্থিভাবে উপস্থিত। "নাহি আর রোজগার, দ্বারস্থ হইব কার।—পদ্যপাঠ, ১ম ভাগ।

দ্বারা, -রায়, -রে, -রেতে [দ্বার্+আ (৩য়া-১ব) > °রা ; °রা +য়৬, এ৫, এতে ; হি, ঠ °রা ; সংস্কৃতে 'দ্বারা' করণকারকের অর্থে তৃতীয়ান্ত পদ, সমাসে উত্তরপদ,—যথা, "ইন্দ্রেণাগস্ত্যদ্বারা রামায় দত্তম্ (রা ৬.১০৮.৪, টীকা) চক্ষুরাদ্যন্ততমদ্বারা মনো ধারয়েৎ ; কর্ম্মব্রহ্মো-ভয়দর্শনদ্বারা অমৃতসাধনস্য (গী ৫.২৮ ; ১৪.২৭, নীলকণ্ঠ)। শত্রুহননদ্বারা বাঙ্কৃতি (কি ৬.৪৪, মল্লিনাথ)। বাঙলায় সমাসে ইহার প্রয়োগ হয়। যথা—এতদ্দ্বারা, তদ্দ্বারা, 'প্রতিধ্বনিদ্বারা' (রামমোহন রায়)। বস্তুতঃ 'দ্বারা' বিভক্তি নহে, ইহার বিভক্তিই করণকারকের অর্থসূচক এবং বাঙলায় সেই অর্থে ব্যবহৃত হয়।] দ্বার দিয়া ; উপায়ে, সাধনে (by means, instrument), সহায়ে, হেতুতে। "সেবক দ্বারেতে ···কর্ম্ম কর দ্রু ৪। কার দ্বারায় ব.প ৯৪৯ ; লোক দ্বারে ১২০১,-৫০ ; কাহারু দ্বারায় ১৬৮৯। এই দ্বারে করিব···প্রসাদ চৈ.চ ১৩ ; হ্লাদিনী দ্বারায় করে ভক্তের পোষণ ১৪ ; সেই দ্বারে ১৯ ; শিশু দ্বারে ৬০ ; সালোক্যাদি···হয় সেবা দ্বার (দ্বারা) ১০৭ ; স্বরূপ দ্বারায় ১৪৯ ; সৃজে চিচ্ছক্তি দ্বারায় ২১০ ; দ্বারে ২১২ ; গোবিন্দ দ্বারায় ২৫৭ ; কোন দ্বারে ঃ তোমা দ্বারে ২৭৯ ; শূল দ্বারে আকর্ষিয়া ৩৪০। পদাতিক দ্বারে ভ.গ্র ৩৪৭। লোক দ্বারে ন প ১৬৯। উকীল দ্বারেতে দা ২০৮৮। দূত দ্বারায় কৃ.চ ৬৬,-৯। ইন্দ্রিয় জ্ঞানের দ্বারস্বরূপ, ইন্দ্রিয় দ্বারা সকল বস্তুর জ্ঞান হয় (বোধোদয়)। [জ্ঞানের দ্বারা—(ষষ্ঠী স্বরূপার্থে) —জ্ঞানরূপ দ্বার দিয়া, উপায়ে বা সাধনে। "জ্ঞানের দ্বারা সমুদায় ভূতকে আপনাতে···দেখিতে পাওয়া যায় অ.শী ৫২। আচারের দ্বারা (রামমোহন রায়)। সূত্রের দ্বারা ব.প ১৭২৩। তাঁহার দ্বারাই পা.প্র ৮৫। পূজার দ্বারাই।—ঘ ২১ ; ৫২।]

দ্বারাধিপ, -ধ্যক্ষ পুং [ষ.ত] দ্বারপাল, দ্বারী।

দ্বারাবতী ; দ্বারায় দ্র 'দ্বারবতী ; দ্বারা'।

দ্বারি [সং দ্বার+ই (৭মী -১ব)] দ্বারে। "গো.বি ৮৯। শ্রী.ম ২৩৫।

দ্বারিক, -কা, দ্বারিকানাথ, -পতি দ্র 'দ্বারক'।

দ্বারী (-রিন্) পুং [°র+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; তু 'দ্বায়ারি' (গো.বি ৯২)] ১ দ্বাররক্ষক, দ্বারপাল। ২ (বাঙলায়) দ্বারবিশিষ্ট। "উত্তর°, পূব°, পশ্চিম°। দক্ষিণদ্বারী ঘরে ভা.চ ২৮২।

দ্বারে, দ্বারেতে দ্র 'দ্বারা'।

দ্বা(দ্বি)ষষ্টি স.বিণ [উ.লো ; পু.বা—°ষ্ট, °ষ্টিতম (স্ত্রী -ষ্টী, -মী)] দ্ব্যধিক ষষ্টি ; বাষট্টি। —ষষ্টি স্ত্রী বাষট্টী (৬২) সংখ্যা।

দ্বা(দ্বি)সপ্ততি স.বিণ [উ.লো, পু.বা—°ত, °ততিম (স্ত্রী -তী,-মী)] দ্ব্যধিক সপ্ততি ; বাহাত্তর। —তি স্ত্রী বাহাত্তর (৭২) সংখ্যা।

দ্বি স.বিণ [ছান্দস ; Av. dva, duye ; Gr., L. duo ; R. dva ; Gothic—tvai ; Dutch—twee ; Danish—to ; Icelandic—tvö ; O. H. Ger. zwênê ; A.S. twegen (masc.), twa (fem., neut.) ; E. two ; সমাসে ; 'দ্বি'-স্থানে 'দ্বা', 'চত্বারিংশৎ' প্রভৃতি শব্দ পরে বিকল্পে 'দ্বা', বহুব্রীহিতে ও 'অশীতি' শব্দ পরে 'দ্বি' অপরিবর্ত্তিত।—যথা, দ্বাদশ, দ্বাবিংশতি ; দ্বা(দ্বি)চত্বারিংশৎ ইত্যাদি ; দ্বিত্র, দ্ব্যশীতি।] ১ দ্বিসংখ্যক, দুই। "দ্বিনেত্রভেদিন্ যাজ্ঞ ২.৩০৭। দ্বে বৃত্তী।—হি ১.১৪১। দ্বি-অক্ষর কৃ ৩৫৪। দ্বি-গণ্ডে কুণ্ডল ম ১৮৩ ; ১২৮১। ২ সংখ্যাবিশেষ, দুই (২) এই সংখ্যা। 'দ্বিশব্দৈক-শব্দয়োরপি কেচিৎ সংখ্যার্থতামাহুঃ (অ.টী)। "পা ১.৪.২২। [°ককুৎ(-দ্) পুং—উষ্ট্র। °গব (বিণ)—বৃষদ্বয়যুক্ত। "(হলম্) দ্বিগবম্—পরাশর ২.৩।]

দ্বিক বিণ [দ্বিতীয়+ক (কন্) স্বার্থে, 'তীয়'-লোপ বিকল্পে, পা ৫.২. ৭৭] ১ দ্বিতীয়। ২ দ্বিতীয়বার সংঘটিত। ৩ [দ্বি+ক স্বার্থে] প্রতিশতে গ্রহণীয় বৃদ্ধিরূপ দ্বিপণাদিক। "°শতগ্রহণ মনু ৮.১৪২, কুল্লুক। —ক পুং [বহুব্রী] 'দ্বি-ককার-যুক্ত', কাক, কোক।

দ্বিখগ বিং যে বৃক্ষে দুই পক্ষী ; জীবেশ্বররূপ-পক্ষিদ্বয়যুক্ত (বৃক্ষ)। "(বন্দিব) দ্বিখগ দেহবৃক্ষ শি ৪। তু 'দ্বা···(মুণ্ডকোপনিষৎ ৩.১.১)।

দ্বিগু বিণ [দ্বি গো যাহার, বহুব্রী, সমাসে হ্রস্বে 'গো' > °গু] ১ গোদ্বয়স্বামিক। "দ্বন্দ্বো দ্বিগুরপি চাহম্ (উদ্ভট)। ২ [তদ্ধিতার্থ দ্বিগু] গোদ্বয়বিনিময়ে ক্রীত। —গু পুং (ব্যাকরণে) তৎপুরুষসমাসবিশেষ। [এই সমাসে পূর্ব্বপদ সংখ্যা। তদ্ধিতার্থ উত্তরপদ সমাহার ভেদে ইহা ত্রিবিধ। "পঞ্চগু, পঞ্চগবধন, ত্রিভুবন।]

দ্বিগুণ বিণ [বহুব্রী] যাহার দ্বিসংখ্যক গুণ (ঘাত) ; দ্বিসংখ্যাপূরিত, দ্বিরাবৃত্ত, ডবল। "মনু ৫.১৩৭। আহারো দ্বিগুণঃ স্ত্রীণাম্।—চাণক্য। পঞ্চম দ্বিগুণ, দ্বিগুণ কোরে (অর্থাৎ বিষ) করিতে চাহি ভক্ষণ লু.র ১৫৭। —গুণিত বিণ [তৃ.ত] দ্বিসংখ্যা দ্বারা পূরিত ; দ্বিরাবৃত্তীকৃত। "কি ৫.৪৬।

দ্বিচারিণী বিং দ্বিতীয়পুরুষগামিনী, ব্যভিচারিণী। "ম ১০৮৭।

দ্বিজ পুং [দ্বি+ √জন্ +অ (ড)-ক ; উ.ত] ১ যে মৌঞ্জিবন্ধন হেতু দ্বিতীয়বার জন্মায় ; উপনয়নসংস্কৃত ব্রাহ্মণ। 'জন্মনা জায়তে শূদ্রঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। ২ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য। 'মাতুরগ্রেহধিজননং দ্বিতীয়ং মৌঞ্জিবন্ধনে মনু ২.১৬৯। যাজ্ঞ ১.৩৯। "রা ১.২.১৪। সাক্ষ্যং···কুর্য্যুর্দ্বিজানাং সদৃশা দ্বিজাঃ মনু ৮.৬৮ ; ১০.৪৬। দ্বিজোত্তম গী ১.৭। ভট্টি ২.৩৪। ৩ দন্ত। "সুদ্বিজস্মিত ভ ৪.২১.১৫। কিঙ্কিল্লক্ষ্য-দ্বিজম্ (হসিতম্) সা.দ ৩.২১৮। দ্বিজাবলি মাঘ ১.২৫। °লাবণি (প.ক)। চ.সা ৮। ৪ অণ্ডজ, পক্ষী। "রা ১.২.১৩। মহা ৩.১০৪.২৩। শ ৫.২১। রঘু ১২.২২। নৈ ২.১। °কুল বি.প ৯৬ ; গো ১৪৬ ; ব ১০০ ; জ্ঞা ৭০। ৫ সর্প। ৬ মৎস্য। ৭ অণ্ডজমাত্র। ৮ (বাঙলায়) কৃষ্ণমন্ত্রে দীক্ষিত জন। ('কৃষ্ণমন্ত্রদীক্ষামাত্র') সে জনম যায় হয় দ্বিজ মহাপাত্র॥ —ভ.গ্র ৩৫৯।—জা স্ত্রী ১ রেণুকানামক গন্ধদ্রব্য। ২ ভার্গী। ৩ পালঙ্কী, পালঙশাক। [°দাস, °সেবক (পুং)—শূদ্র। °দেব (পুং) —শ্রেষ্ঠ দ্বিজ ; ব্রাহ্মণ। °ধর্ম্মা (-র্ম্মিন্)—দ্বিজধর্ম্মবান্, উপনেয়। "মনু ১০.৪১। °প্রিয়া (স্ত্রী)—যাজ্ঞিক ব্রাহ্মণের প্রিয় সোমলতা। °বন্ধু (পুং)—দ্বিজাচারহীন ব্রাহ্মণ ; ভট্ট দৈবজ্ঞাদি। "ভ ১.৪.২৫। °বাহন (পুং)—গরুড়বাহন, বিষ্ণু। °ব্রণ (পুং)—দন্তার্ব্বুদ। °মণি (বি) —দ্বিজশ্রেষ্ঠ। "ম ১৯৫।]

দ্বিজন্মা (-ন্মন্) বিণ [বহুব্রী ; স্ত্রী -ন্মা] ১ যাহার দুই জন্ম ; দ্বিজন্মযুক্ত। ২ অণ্ডজাত। —ন্মা পুং ১ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য। "মনু ২.২৬। ২ পক্ষী। ৩ দন্ত।

দ্বিজপতি পুং [ষ.ত] ১ ব্রাহ্মণের অধিপতি ; চন্দ্র। "হ ২২৭.৫। ২ পক্ষিরাজ, গরুড়। ৩ কর্পূর।

দ্বিজরাজ পুং [দ্বিজের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ সর্ব্ব 'দ্বিজপতি (১)। 'সোমোঽস্য (ব্রাহ্মণস্য) রাজা ভবতি।—বশিষ্ঠ ১। মহা ১৪.৪৩.১০। পাঞ্চজন্যম্···বর্ণম্ (মহা)। °কান্তি রঘু ৫.২৩। °জন্ম ম ৯ ; ৩০৩ ; ৪৩৭। ক.চ ৯১। °রাজ চৈ.চ ২২০। °রাজবর জ.প ৬ ; ৬০। °মুখী বি.দ্রু ১১৫। দ্বিজরাজ করিলে দয়া বাসনে ধরে

দ্বিজরাজ দা ৭। ২ পক্ষীন্দ্র, গরুড়। "যার গমন দ্বিজরাজে দা ৭। ৩ সর্পরাজ অনন্ত। ৪ দ্বিজোত্তম, বিপ্র। "দা ৭।

দ্বিজলিঙ্গ দ্র 'দ্বিজলিঙ্গী'।

দ্বিজলিঙ্গী (-ঙ্গিন্) বিণ [°ঙ্গ+ইন্ (ইনি)-১ব] 'দ্বিজচিহ্নবান্', যজ্ঞোপবীতাদিধারী। "শূদ্রাংশ্চ দ্বিজলিঙ্গিনঃ মনু ৯.২২৪। —লিঙ্গা পুং ক্ষত্রিয়।

দ্বিজা দ্র 'দ্বিজ'।

দ্বিজাগ্র্য পুং [ষ.ত] 'দ্বিজশ্রেষ্ঠ', ব্রাহ্মণ। "মনু ৩.৩৫; ৭৪।

দ্বিজাতি পুং [বহুব্রী] ১ যাহার দুই জাতি (জন্ম); ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য। 'ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ মনু ১০.৪। ব্যাস ১.৫; ২১। ২ ব্রাহ্মণ। "রা ১.৫৯.১১। কু.স ৫.৭৪। ম ১২৭৪। ৩ পক্ষী। ৪ দন্ত। —জাতীয় বিণ [°তি+ঈয় (ছ)] দ্বিজাতিসম্বন্ধী। —জাতীয় পুং অশ্বতর।

দ্বিজিহ্ব বিণ [দ্বি জিহ্বা যাহার, বহুব্রী] ১ জিহ্বাদ্বয়যুক্ত। "দ্বিজিহ্বাশ্চ কৃতাঃ সর্পাঃ মহা ১.৩৪.২৪। ২ কপট, ক্রূর। —জিহ্ব পুং ১ সর্প। "সদ্বিজিহ্ব ইব চন্দনদ্রুমঃ রঘু ১১.৬৪। ২ সূচক, খল। ৩ চৌর। ৪ দুঃসাধ্য।

দ্বিজেন্দ্র পুং [ষ.ত] ১ দ্বিজের ইন্দ্রতুল্য; দ্বিজরাজ, চন্দ্র। "°কান্ত মাঘ ১২.৩। ২ পক্ষিরাজ, গরুড়। ৩ কর্পূর।

দ্বিজেশ, -শ্বর পুং [ষ.ত] সর্ব 'দ্বিজেন্দ্র (১)'। "°শ্বর হ ৪৫.২৫। পশ্চিমে দ্বিজেশ যান রোহিণীর পাশে রঙ্গ ৮৮।

দ্বিজোত্তম পুং [ষ.ত] দ্বিজশ্রেষ্ঠ, ব্রাহ্মণ। "মনু ২.৪৯।

দ্বিট্ (-ষ্) বিণ [√দ্বিষ্+ক্বিপ্-(০)-ক-১ব] দ্বেষ্টা, হিংসক; বিষাতক। "মথদ্বিষ্ রঘু ৩.৪৫। —ট্ পুং শত্রু। "(রাজ্যম্) দ্বিষামামিষতাং যযৌ রঘু ১২.১১। তদ্দ্বিষি দ্বেষঃ।—পঞ্চ ১.৭৬।

দ্বিতয় বিণ [দ্বি+তয় (তয়প্); স্ত্রী -য়ী] ১ দ্ব্যবয়ব, দ্বয়। ২ দ্বিপ্রকার। "রঘু ৮.৯০। —তয় ক্লী দ্বিত্বসংখ্যা; যুগল। "রঘু ৮.৬।

দ্বিতীয় বিণ [দ্বি+তীয়; ছান্দস] ১ দ্বি-সংখ্যার পূরণ; একের পরবর্তী। ২ অন্য, অপর। "জীবিতং মে দ্বিতীয়ম্ উ.মে ২২। শ্রীরামের নাহি কভু দ্বিতীয় বচন দু ৫। দ্বিতীয় মদন ম.পা ১১৪। দ্বিতীয় ...স্বরীশ্বর মে ২৪২। দ্বিতীয় রামমোহন রায় হু ২১। —তীয় পুং ১ অন্য, অপর। "°গামী ন হি শব্দ এষ নঃ রঘু ৩.৪৯। ত্রিভুবনে নাহিক দ্বিতীয় ম.পা ৫০। আমার দ্বিতীয় কিংবা দ্বিতীয় শূলীর। যদি থাকে তবে হবে দ্বিতীয় কাশীর॥—ভা.চ ২১৬। ২ সহায়, সহচর। "ছায়া° মহা ৩.৫৭.২৫। পরিগ্রহ° রঘু ১.৯৫। রতিদ্বিতীয়ে মদনে কু.স ৩.৩৫। ধনু° ভ ৩.১.৪০। পঞ্চ ৫.৯৬। ৩ অপ্রধান। "পা ৬.৩.৮০। ৪ পুত্র। ৫ বর্গের দ্বিতীয় বর্ণ—খ ছ ঠ থ ফ। "পা ১.১.৫০, কাশিকা। ৬ [°য়+অ (অন্)] দ্বিতীয় ভাগ। "পা ৫.৩.৪৮। —তীয় ক্লী দ্বিতীয়াংশ। "ভিক্ষাদ্বিতীয়ম্ পা ২.২.৩, কাশিকা। —তীয়া স্ত্রী ১ চন্দ্রের দ্বিতীয়কলাক্রিয়ারূপা তিথি। ২ ভার্য্যা। ৩ (ব্যাকরণে) বিভক্তিভেদ। [দ্বিতীয়পক্ষ—দ্বিতীয়বার বিবাহ।]

দ্বিতীয়াশ্রম পুং [কর্ম্মধা] গার্হস্থ্য আশ্রম।

দ্বিত্র বিণ [দ্বি বা ত্রি বা, বহুব্রী, সমাসান্ত 'অ' (ডচ্); স্ত্রী -ত্রা] দুই বা তিন, দু-তিন। "দ্বিত্রাণ্যহানি রঘু ৫.২৫।

দ্বিত্ব ক্লী [দ্বি+ত্ব] ১ দ্বিভাব। ২ যুগ্মতা। ৩ (ব্যাকরণে) অভ্যাস।

দ্বিদল বিণ [বহুব্রী] ১ দলদ্বয়যুক্ত, দ্বিপত্রক (পদ্ম)। দ্র 'ষট্‌চক্র'। ২ ভাগদ্বয়যুক্ত। —দল পুং শিম্বীধান্য, ডা'ল (pulse)।

দ্বিদশ স.বিণ [সুজর্থে বহুব্রী] দ্বিরাবৃত্ত দশ; বিংশতি (সি)।

দ্বিধা ব্য [দ্বি+ধা (ধাচ্); তু 'দ্বেধা'] ১ দ্বিপ্রকারে, দ্বিবিধক্রিয়াপ্রকারে। "মহা ৩.৬২.২৭। কেকা দ্বিধা ভিন্নাঃ রঘু ১.৩৯। দ্বিধাকম্পিত গদগদ ভাবে।—কথা ৫৩। ২ [সং দ্বৈধ] (বাঙ্‌লায়) দ্বিপ্রকার, কর্ত্তব্যাকর্ত্তব্যে সংশয়, দো-টানা; সঙ্কোচ, কুণ্ঠা। "হেম ১৭৭। নাই কোন দ্বিধা।—বিসর্জন। নেইক দ্বিধা ওদের প্রাণে কু.কে ১৫৫। ন্যায়বুদ্ধির দ্বিধা। য ৩১; কত দ্বিধা ৫৪। —ধা বিং দ্বিখণ্ড, দোফাক। "পৃথিবী দ্বিধা হউক, আমি প্রবেশ করি ব.প্র ৪১২। [°করণ (ক্লী) —খণ্ডদ্বয়ে বিভাগ। °কার (বিণ)—দ্বিপ্রকার। "দ্বিধাকারং ভবেদ্ যানম্। —পঞ্চ ১.৩৫।] [দ্বিধানল—অনুতাপরূপ অগ্নি (অসাধু)। "(পাপাত্মা এরা) দ্বিধানলে জ্বলে নিত্য এখানে আসিয়া।—হেম ১০৩। দ্বিধাভরে—শুদ্ধ-বিকৃতস্বরভেদে। "দ্বিধাভরে পিক মৃদু কুহুতান কুহরে।—কথা ৩।] ['দ্বিধা-হীন'—অসাধু, 'দ্বৈধহীন'—সাধু; 'দ্বিধাকরা'—অসাধু, 'দ্বৈধকরা'—সাধু।]

দ্বিপ পুং [দ্বি+√পা+অ (ক)-ক; উ.ত] ১ 'মুখশুণ্ডপায়ী', হস্তী। "রা ১.৬.২৪। মনু ৭.১৯২। °ছাল ম ১; ৪৪৯। °চর্ম্ম ম.ভা ৫। ২ নাগকেশর। —পায়ী (-য়িন্) পুং [+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] হস্তী। [°মদ (পুং)—হস্তিমদবারি।]

দ্বিপথ ক্লী [দুই পথের সমাহার, স.দ্বি, সমাসান্ত 'অ'] পথিদ্বয়ের মেলনস্থান, দোমাথা পথ।

দ্বিপদ পুং [বহুব্রী] ১ 'পদদ্বয়যুক্ত', মনুষ্য। "°পতি ভ ৪.৩১.২২। তু 'দ্বিপদাংবর' মহা ১.১৩২.১। ২ দেব। ৩ পক্ষী। ৪ রাক্ষস। 'দ্বিপদেহপি চতুর্ভেদা নৃদেবপক্ষিরাক্ষসাঃ (প্রশ্নসার)। ৫ (জ্যোতিষে) মিথুন তুলা কুম্ভ কন্যা ধনুঃ রাশির পূর্ব্বভাগ। —পদ ক্লী [স.দ্বি] পদদ্বয়। —পদী স্ত্রী [দ্বি পাদ যাহার (বহুব্রী)—দ্বিপদ+স্ত্রী ঈ (ঙীষ্), পাদ > পদ্] যাত্রাবৃত্তবিশেষ। "পৈ ১.১৫২।

দ্বিপাদ বিণ [বহুব্রী, 'পাদ' শব্দের অন্ত্যলোপাভাব আর্ষ—"তদ্ যে দ্বিপাদাঃ পশবঃ (শতপথব্রাহ্মণ)] পাদদ্বয়যুক্ত। "(দদর্শ) (রাক্ষসীঃ) চতুষ্পাদীর্দ্বিপাদাশ্চ গো.রা ৫.১৭.৩০।

দ্বিপেন্দ্র পুং [দ্বিপ ইন্দ্রতুল্য, উ.স] দ্বিপশ্রেষ্ঠ, করিবর। "রঘু ২.৭।

দ্বিবচন বিণ [ষ.ত] অর্থদ্বয়ের বাচক, দ্ব্যর্থবাচক। "°বিভক্ত্যোপপদে পা ৫.৩.৫৭। —বচন ক্লী দ্বিত্ববাচকবিভক্তি। "উ.চ ৬১৬।

দ্বিবর্ষ বিণ [দ্বি বর্ষ (বয়ঃ) যাহার ইতি °র্ষ+ঠঞ্, বিকল্পে প্রত্যয়-লোপ, পক্ষে 'দ্বিবার্ষিক' (ব্যাধি); চেতনে নিত্য '°র্ষ' (পা ৫.১.৮৯); ভবিষ্যদর্থে 'দ্বৈবর্ষিক'—দ্বিবর্ষ ব্যাপিয়া ভাবী; অভবিষ্যদর্থে 'দ্বিবার্ষিক' —দ্বিবর্ষ ব্যাপিয়া ভূত (পা ৫.১.৮০; ৭.৩.১৬)] বর্ষদ্বয়বয়স্ক। "দ্বিবর্ষো দারক (সি)।

দ্বিবিধ বিণ [দ্বি বিধা যাহার, বহুব্রী] দ্বিপ্রকার। "মনু ৭.১৬২।

দ্বিভুজ বিণ [বহুব্রী] দ্বিবাহুযুক্ত। "কৃ ২৬৩। —জ পুং কোণ।

দ্বিভূম বিণ [দ্বি ভূমি যাহার, বহুব্রী, 'অ' (অচ্)] দ্বিতল (গৃহ)।

দ্বিমাতৃক, -তৃজ পুং [বহুব্রী, 'ক' (কপ্); দ্বিমাতৃ+√জন্+অ (ড)-ক; উ.ত] ১ 'মাতৃদ্বয়জাত', গণেশ। ২ জরাসন্ধ।

দ্বিমাত্র বিণ [দ্বি মাত্রা যাহার, বহুব্রী] মাত্রাদ্বয়যুক্ত, দীর্ঘ (স্বর—আ ঈ ইত্যাদি)। "দ্বিমাত্রো দীর্ঘ উচ্যতে (শ্রুতবোধ)।

দ্বিমুখ বিণ [বহুব্রী] মুখদ্বয়যুক্ত। —মুখ পুং ১ রাজসর্প। ২ কৃমি (সুশ্রুত)। —মুখা স্ত্রী ১ জলৌকা। ২ গাড়ু (শ.ক)।

দ্বিমূর্দ্ধ বিণ [দ্বি মূর্দ্ধা যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষ); স্ত্রী -র্দ্ধী] মস্তকদ্বয়যুক্ত, দ্বিশিরস্ক। "ভট্টি ৪.৪১।

দ্বিরথ পুং দ্বিগুণ রথী; যোধবিশেষ। "মহা ৫.১৬৪.২৯, নীলকণ্ঠ।

দ্বিরদ পুং [বহুব্রী] যাহার প্রধান দুই দন্ত; হস্তী। "গো.রা ৪.৯.৬২। °দশন পু.মে ৫৯। [°গামী (-মিন্) বিণ—১ হস্তিবাহনগামী। ২ হস্তিসদৃশ মন্থরগামী। "রঘু ৪.৪। মে ৫৩। °পতি (পুং)—করিবর, দিগ্‌গজ। "ভ ৫.২০.৩৯। °রদ (বি)—হস্তিদন্ত। "°রদনির্ম্মিত গৃহদ্বার।—মে ৬২; ৬৬। দ্বিরদরদ স্ফাটিক শামাদান ব.প্র ৯১; ১৪১। °রদশুভ্র মহামুক্ত ব.বি ৬১১।]

দ্বিরাগমন স্ত্রী [দ্বিঃ আগমন, সুপ্‌সুপা] বিবাহের পরে পিতৃগৃহ হইতে পতিগৃহে বধূর পুনরাগমন। 'বৃত্তে পাণিগ্রহে গেহাৎ পিতুঃ পতিগৃহং প্রতি। পুনরাগমনং বধ্বাস্তদ্ দ্বিরাগমনং বিদুঃ॥

দ্বিরুক্ত বিণ [দ্বিঃ উক্ত, সুপ্‌সুপা] ১ বারদ্বয়-কথিত; পুনরুক্ত। ২ দ্বিত্বপ্রাপ্ত, অভ্যস্ত (ধাতু-প্রভৃতি)। —ক্ত ক্লী, পুনঃ কথন; পুনরুক্তি। —ক্তি স্ত্রী [সুপ্‌সুপা] ১ সর্থ 'দ্বিরুক্ত'। ২ (বাঙলায়) অন্যথাভাব, দ্বি-কথা। "আমি তাহাতে দ্বিরুক্তি বা আপত্তি করি নাই।—সী ২৮। ৩ বিরুদ্ধ উক্তি; আপত্তি, অমত, বাধা। "চৈ.ভা ১৫৩। হেম ১২৯। (বিমলা) শস্ত্রধারীর দ্বিরুক্তিতে তাঁহার অভিপ্রায় বুঝিতে পারিলেন ব.প্র ৪১।

দ্বিরূঢ়া স্ত্রী [দ্বিঃ ঊঢ়া, সুপ্‌সুপা] দ্বিতীয়বার পরিণীতা; পুনর্ভূ স্ত্রী।

দ্বিরূপ বিণ [বহুব্রী] দ্বিমূর্ত্তি, দ্বিপ্রকার। —রূপ পুং ১ দ্বিপ্রকার অক্ষরে লিখিত শব্দ। "°কোষ। ২ গ্রন্থের দ্বিরাবৃত্তি (চণ্ডীপাঠাদি)। ৩ দ্বিতীয় প্রকার পাঠ।

দ্বিরেতাঃ (-তস্) পুং [দ্বি রেতঃ যাহার, বহুব্রী, -১ব] ১ অশ্বতর। ২ গোচ্ছাগজাত রাসভ (শতপথব্রাহ্মণ ৬.৩.১.২৩)।

দ্বিরেফ পুং [দ্বি রেফ যাহাতে, বহুব্রী] ১ যে বাচকশব্দে দুই 'র'; ভ্রমর, মধুকর। "°মালা কু.স ১.২৭; ৩.২৭; ৩৬। ২ বর্ব্বর, মূর্খ।

দ্বিলক্ষ ক্লী [উ.লো] দ্বিগুণিত লক্ষ (যোজন)। "ইন্দুর্দ্বিলক্ষং কুমুদস্য বন্ধুঃ (সূ.র)। দ্বিলক্ষ যোজনে থাকেন ইন্দু দা ১৯৭।

দ্বিলক্ষণ বিণ [বহুব্রী] দ্বিপ্রকার (সন্ধি)। "মনু ৭.১৬৩।

দ্বিশত স.বিণ [সুজর্থে বহুব্রী, সমাসান্ত অ (ডচ্)] দ্বিরাবৃত্ত শত; শতদ্বয়সংখ্যক। —শত ক্লী [উ.লো] দ্ব্যধিক শত (১০২)।

দ্বিশফ পুং [বহুব্রী] যাহার দুই (খণ্ডিত) খুর; দ্বিখুর গবাদি।

দ্বিষ্ সক [অদা, প—দ্বেষ্টি; অনিট্] দ্বেষ, বৈর; নিন্দা, বিরোধ, দূষণ। "কু.স ৫.৭৫। [বি—বিদ্বেষ।]

দ্বিষ পুং [√দ্বিষ্+অ (ক)-ক] দ্বেষকারক, শত্রু। —ষন্ (-ৎ) পুং [+অৎ (শতৃ)-ক, অমিত্রার্থে, -১ব] অমিত্র, শত্রু। "মাঘ ২.১। °দুঃসহঃ বা.ভা ১ইট্ট। দ্বিষৎশোণিতনদে মে ৮৪। প.তৃ ৫৭। —ষতী স্ত্রী স্ত্রীশত্রু। "°তাপ পা ৬.৪.৯৪, সি। —ষন্তপ বিণ [দ্বিষৎ+ √তাপি +অ (খচ্)-ক, হ্রস্ব (পা ৬.৪.৯৪)] শত্রুতাপক, অরিন্দম। —ষ্ট বিণ [+ত (ক্ত)-র্ম্ম] কৃতদ্বেষ; নিন্দিত, দূষিত। —ষ্ট ক্লী তাম্র। তু 'ত্বাষ্ট'।

দ্বিস(সা)হস্র বিণ [দ্বিসহস্র+অ (অণ্), প্রত্যয়লোপ, পা ৪.৩.১৫৬; ৫.১.২৮, কাশিকা; স্ত্রী -স্রী] দ্বিসহস্র দ্বারা ক্রীত; দ্বিসহস্র-পরিমিত (কাশিকা)। —সহস্র স.বিণ [সুজর্থে বহুব্রীহি, সমাসান্ত 'অ' (ডচ্)] দ্বিরাবৃত্ত সহস্র; সহস্রদ্বয়সংখ্যক। —স্র ক্লী [উ.লো] দ্বিগুণিত সহস্র, দুই হাজার। "পা ৬.৩.৪৭, সি।

দ্বিহায়ন বিণ [দ্বি হায়ন ভূত ইতি °ন+ঠঞ্, প্রত্যয়লোপ; স্ত্রী -নী (বয়োবচনে), -না (অন্যত্র)] বর্ষদ্বয়জাত, দ্বিবর্ষবয়স্ক। "°নী বালা পা ৪.১.২৭, সি। দ্বিহায়নং বৎসম্ মনু ১১.১৩৫।

দ্বিহীন বিণ [তৃ.ত] স্ত্রীপুংসলিঙ্গহীন, ক্লীবলিঙ্গ। "দ্বিহীনং প্রসবে সর্ব্বম্ (অ.কো)।

দ্বিহৃদয়া স্ত্রী [বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] হৃদয়দ্বয়যুক্তা, গর্ভিণী।

দ্বীপ পুং ক্লী [দ্বি অপ্ যাহাতে, সুজর্থে বহুব্রী, অপ্ > ঈপ্, সমাসান্ত 'অ'] ১ যেথানে জল দুই বার (দুই দিক্ দিয়া) গত (অ.টী); জলবেষ্টিত ভূভাগ। ২ জম্বু শাক কুশ ক্রৌঞ্চ শাল্মলী প্লক্ষ পুষ্কর—পৃথিবীর এই সপ্ত খণ্ডের একতম। —প ক্লী ১ চিত্রচর্ম্ম, ব্যাঘ্রচর্ম্ম (বিশ্ব)। ২ (বাঙলায়) কড়ার সপ্তমাংশ।

দ্বীপবতী স্ত্রী [°বৎ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'দ্বীপযুক্তা', নদী। "মহা ১.৭০.২৯। ২ পৃথিবী। —বান্ (-বৎ) পুং সমুদ্র নদ।

দ্বীপিনখ পুং [ষ.ত] ব্যাঘ্রনখ। "অধ্যাত্মরামায়ণ ১.৩.৪৮।

দ্বীপী(-পিন্) পুং [দ্বীপ+ √ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; ছান্দস] ১ 'চিত্রচর্ম্মবান্', মহাব্যাঘ্র। "রা ২.৯৪.৭। দ্বীপিচর্ম্ম ক.চ ১; শ্রী.মা ১৪২। ২ চিত্রক, চিতাবাঘ। "মহা ৩.৬৪.২।

দ্বেষ পুং [√দ্বিষ্+অ (ঘঞ্)-ভা] ১ বিরোধ, শত্রুতা। "মনু ৮.২২৫। ২ মাৎসর্য্য। "মনু ৪.১৬৩। ৩ বিষয়ে প্রতিকূলতা; বিষয়বিরাগ। বিপ 'রাগ'। "ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ গী ৩.৩৪। ৪ অনাদর। "কৃতকার্য্যদ্বেষাৎ শ ৫.১৮। —ষণ বিণ [+অন (যুচ্)-ক; স্ত্রী -ণা] দ্বেষকারক। —ষণ পুং শত্রু। —ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] দ্বেষ। —ষী (ষিন্) বিণ [√ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ষিণী] দ্বেষকারী, বিরোধী, অহিতকারী। "ব্রাহ্মণ° গো.রা ৪.৫৭.১০। গুরু° মহা ৩.১.১৬। পুরুষদ্বেষিণী যাজ্ঞ ১.৭৩। তৎকারিদ্বেষিণঃ রঘু ১৭.৭৩। —ষী পুং শত্রু। —ষ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম; ছান্দস] দ্বেষার্হ; নিন্দনীয়, গর্হ্য। বিপ 'ইষ্ট, প্রিয়, দয়িত'। "দ্বেষ্যো ভবত্যর্থপরঃ রা ২.২১.৫৮; সোঽপি ধর্ম্মো মম দ্বেষ্যঃ ২৩.১১। —ষ্য পুং শত্রু; দ্বেষবিষয়, অপ্রিয়জন। "মধ্যস্থদ্বেষ্যবন্ধুষু গী ৬.৯; ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ ৯.২৯। দ্বেষ্যোঽপি সম্মতঃ শিষ্টস্তস্য রঘু ১.২৮। —ষ্টা (ষ্টৃ) বিণ [তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী ষ্ট্রী] সর্থ 'দ্বেষী'।

দ্বৈকালিক বিণ [দ্বিকাল+ইক (ঠঞ্); স্ত্রী -কী] দ্বিকালভব, ঐহিক ও পারত্রিক। "তৎকার্য্যং তু সুখং যস্মাদ্ ভবেদ্দ্বৈকালিকং দৃঢ়ম্ শু ৩.১৫৬।

দ্বৈগুণিক বিণ [দ্বিগুণ+ইক (ঠক্)] দ্বিগুণবৃদ্ধ্যর্থ ধনপ্রযোক্তা; বৃদ্ধ্যাজীব, বার্দ্ধুষিক। পা ৪.৪.৩০।

দ্বৈত ক্লী [দ্বি+ইত (গত) দ্বি.ত,—দ্বীত+অ (অণ্)] ১ দ্বীতভাব। ২ দ্বয়, যুগল, যুগ্ম (অ.চি)। ৩ জীবেশ্বরভাব, জীবাত্ম-পরমাত্মভাব। ৪ [+অ স্বার্থে] বনবিশেষ। "কি ১.১। ম ৪১৫।

দ্বৈতবন ক্লী [দ্র 'দ্বৈত (৪)] ১ যাহার বন (জল), দ্বৈত (বিগত-শোকমোহ); সরোবরবিশেষ। "ইদং দ্বৈতবনং নাম সরঃ মহা ৩.২৪.১০। দ্র 'নীলকণ্ঠ'। ২ দ্বৈতনামক তপোবন বা বন (কি ১.১, মল্লিনাথ)। "°প্রবেশ (মহা ৩.২৩, অধ্যায়শেষ)। °মধ্যে ম ৪১৬। [সরোবরের নামানুসারে বনের নামকরণ]

দ্বৈতবাদ পুং [কর্ম্মধা, বা ষ.ত] দ্বৈতনামক বা দ্বৈতসম্বন্ধী বাদ; জীবেশ্বরভাবরূপ মতবিশেষ; জীবাত্মা পরমাত্মা পৃথক্—এই মত; জীবেশ্বরভেদনির্ণায়ক কথাবিশেষ (ন্যায়কোশ)। —বাদী (-দিন্) পুং [দ্বৈত+ √বদ্+ইন্ (ণিনি)-ক-১ব] দ্বৈতমতাবলম্বী।

দ্বৈতাদ্বৈতবাদ পুং [দ্বন্দ্ব, ষ.ত] দ্বৈত ও অদ্বৈতসম্বন্ধে বাদবিশেষ। [ব্রহ্ম অদ্বৈত, জগৎ তাহার শক্তির বিকাশ, সুতরাং সত্য। অতএব ব্রহ্মস্বরূপে 'অদ্বৈত', জগদ্রূপে 'দ্বৈত', এই মত।]

দ্বৈতী (-তিন্) পুং [°ত+ইন্ (ইনি) -১ব] দ্বৈতবাদী দার্শনিক।

দ্বৈতীয়ীক বিণ [দ্বিতীয়+ঈক (ঈকক্), পা ৫.৩.৪৮] দ্বিতীয়। "দ্বৈতীয়ীকতয়া মিতঃ, নৈ ২.১১০।

দ্বৈধ বিণ [°ধ+অ (অচ্) অস্ত্যর্থে] দ্বৈধযুক্ত, দ্বিবিধ, অন্যোন্যবিরুদ্ধ। "°বাদকৃত মহা ১২.৮৫.১৯, নীলকণ্ঠ। —ধ ক্লী [দ্বৈধম্+অ (ড) স্বার্থে, পা ৫.৩.৪৫] ১ দ্বিপ্রকার। ২ পরস্পরবিরুদ্ধার্থ-প্রতিপাদন। "শ্রুতি° মনু ২.১৪। ৩ বিপ্রতিপত্তি। "গুণি° মনু ৮.৭৩। ৪ পরস্পর-বিরুদ্ধকথন। "সাক্ষি° মনু ৮.৭৩। ৫ সংশয়, সন্দেহ। "ছিন্ন° গী ৫.২৫। সী ১৯। ৬ রাজার একের সহিত সন্ধিকরণ ও অন্যের সহিত যুদ্ধ;—এইরূপ দ্বিপ্রকার (অ.টী); সন্ধিপ্রভৃতি ষড়্‌গুণের একতম; দ্বৈধীভাব। "মনু ৭.১৬১,-৭। ৭ বিরোধ, ভেদ, অনৈক্য। —ধম্ ব্য [দ্বি+ধম্ (ধমুঞ্)] দ্বিধা, দ্বিপ্রকারে। "পা ৫.৩.৪৫।

দ্বৈধীকৃত বিণ [দ্বৈধ+অভূততদ্ভাবে চ্বি (০)—দ্বৈধী+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] দ্বিধাবিভক্ত। "মহা ৩.১১২.৯।

দ্বৈধীভাব পুং [দ্বৈধ+চ্বি(০)+ √ভূ+অ (ঘঞ্)-ভা] ১ দ্বিধা-ভবন; দ্বিপ্রকার। "অক্ষরং চ ক্ষরং চৈব, দ্বৈধীভাবোঽয়মাত্মনঃ মহা. ১৪.২৮.২২। ২ অংশদ্বয়ে বিভাগ। ৩ সংশয়। "ধৃত° শ ১২১/১২। ৪ বিরোধ, অনৈক্য। ৫ কপট, ছল। ৬ রাজগুণবিশেষ {দ্র 'দ্বৈধ(৬)}; স্বার্থসিদ্ধ্যর্থ স্বীয় সৈন্যের দ্বিধাকরণ (কুল্লুক)। "মনু ৭.১৬০। যাজ্ঞ ১.৩৪৭। ৭ বাহ্যে বাক্যমাত্রে আত্মসমর্পণ, অভ্যন্তরে অন্যপ্রকার—এই-রূপ দ্বিপ্রকার (বহ্নিপুরাণ)। —ভূত বিণ [+ত(ক্ত)-ক] সংশয়াপন্ন, সংশয়িত। "দ্বৈধীভূতং মনো মে।— মহা ৪.৬১.৬।

দ্বৈপ বিণ [দ্বীপ, দ্বীপিন্+অ (অণ্)] ১ দ্বীপসম্বন্ধী; দ্বীপবাসী। ২ দ্বীপিসম্বন্ধী। —প ক্লী দ্বীপিচর্ম্মবিকার, দ্বীপিচর্ম্ম। —প পুং [দ্বৈপ +অ (অঞ্)] দ্বীপিচর্ম্মপরিবৃত রথ। "পা ৪.২.১২। —প্য পুং [+য (ষ্যঞ্), পা ৪.৩.১০] সমুদ্রদ্বীপবাসী। "মাঘ ৩.৭৬।

দ্বৈপায়ন পুং [দ্বীপ অয়ন (বাসস্থান) যাহার (বহুব্রী)—দ্বীপায়ন +অ (অণ্) স্বার্থে (নীলকণ্ঠ)] ১ ব্যাসদেব। 'ন্যস্তো দ্বীপে স যদ্ বালস্তস্মাদ্ দ্বৈপায়নঃ স্মৃতঃ মহা ১.৬৩.৮৬। ম ৯৩। "ভ ১.২.২। মা ১১৮। ২ হ্রদবিশেষ। "মহা ৯.৩০.৫৩। ম ৯২৯।

দ্বৈবর্ষিক, দ্বিবার্ষিক দ্র 'দ্বিবর্ষ'।

দ্বৈবিধ্য ক্লী দ্বিবিধ+য (ষ্যঞ্)] দ্বিবিধভাব, প্রকারদ্বয়। "ভাষা-পরিচ্ছেদ ১৪১।

দ্বৈমাতুর পুং [দ্বি মাতার অপত্য ইতি (তদ্ধিতার্থদ্বিগু)—দ্বিমাতৃ+ অ (অণ্), ঋ > উর্, পা ৪.১.১১৫] ১ দুই মাতার পুত্র; গণেশ। "শ্রী.মা ২। [বরেণ্যরাজের পত্নী পুষ্পকার গর্ভে ইঁহার জন্ম হয়। ইঁহাকে চতুর্ব্বাহু দন্তর গজাস্য দেখিয়া রাজা পরিত্যাগ করিতে আদেশ দিলে, ভৃত্যেরা পার্শ্বমুনির আশ্রমে সরোবরে ত্যাগ করিয়া আসে। পরদিন মুনি স্নানার্থ সরোবরে গিয়া ইঁহাকে আনিয়া পত্নী দীপবৎসলাকে সমর্পণ করেন। এইরূপে মুনিপত্নীর স্তন্যপান করিয়া ইনি পরিবর্দ্ধিত হন (স্কন্দপুরাণ, গণেশখণ্ড)] ২ জরাসন্ধ। দ্র 'জরাসন্ধ'। "মাঘ ২.৬।

দ্বৈমাতৃক পুং [দ্বিমাতৃক+অ (অণ্) স্বার্থে] যাহার দুই (নদী ও বৃষ্টি) মাতৃতুল্যা পালিকা; নদীবৃষ্টিজলজন্যশস্যপালিত দেশ।

দ্বৈরথ পুং [°থ+অ (অচ্) অস্ত্যর্থে] দ্বৈরথযুদ্ধকারী, প্রতিযোধ, প্রতিভট। "ভ ৭.৮.৩৪। —রথ ক্লী [দ্বিরথ+অ (অণ্)] ১ 'দ্বিরথ-সম্বন্ধী', দুই রথের যুদ্ধ; রথিদ্বয়কৃতযুদ্ধ। "রা ৬.১০৬.১৯; ১০৭.১। মহা ৩.১৮.৮। শি ৫৬। ৩ দ্বন্দ্বযুদ্ধমাত্র।

দ্বৌ স.বিণ [দ্বি+ঔ (১মা-দ্বিব)] দ্বিসংখ্যক, দুই। "কনক কলস দ্বৌ রস ভরি তাই। হৃদয়ে চোরায়সি আচরে ঝাঁপাই॥ —গো ৭২।

দ্বৌকালীনজ্বর বি ['অহোরাত্রে সততকো দ্বৌ কালাবনুবর্ত্ততে' —নিদানের এই শ্লোকের 'দ্বৌ কালো' হইতে '°ন' শব্দ; সং 'সততক'] যে জ্বর অহোরাত্রে দুই বার হয়।

দ্বৌবারিণী বি [সং দৌবারিক > °ণী (স্ত্রীলিঙ্গে); অপ্র; সং দৌবা-রিকী] প্রতীহারী। "দ্বৌবারিণী রাধা দা ২২৮।

দ্ব্যক্ষ বিণ [দ্বি অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ, (ষচ্); স্ত্রী -ক্ষী] নেত্রদ্বয়যুক্ত, দ্বিনেত্র। "মহা ২৭৯.৪৫।

দ্ব্যক্ষর বিণ [দ্বি অক্ষর যাহাতে, বহুব্রী; স্ত্রী-রা] অক্ষরদ্বয়াত্মক, দ্বিবর্ণ। "°রম্ (বচঃ) ভ ২.৯.৬; °র (নাম) ৪.৪.১৪। —ক্ষর ক্লী অক্ষর-দ্বয়াত্মক মন্ত্রভেদ। —ক্ষরী স্ত্রী শক্তিমন্ত্ররূপা বিদ্যা।

দ্ব্যঙ্গুল বিণ [দ্বি অঙ্গুলি প্রমাণ যাহার ইতি (তদ্ধিতার্থ দ্বিগু)—দ্ব্যঙ্গুলি +অ (অচ্) সমাসান্ত] অঙ্গুলিদ্বয়পরিমিত। 'দ্ব্যঙ্গুলং দারু (সি)। —ঙ্গুলি বিণ [বহুব্রী] অঙ্গুলিদ্বয়যুক্ত (হস্ত)।

দ্ব্যঙ্গুলি দ্র 'দ্ব্যঙ্গুল'।

দ্ব্যঞ্জল বিণ [দ্বি অঞ্জলি প্রমাণ যাহার] তদ্ধিতার্থ দ্বিগু)—°লি, প্রত্যয়-লোপ, বিকল্পে সমাসান্ত 'অ' (অচ্), পা ৫.১.২৮; ২.৩৭] অঞ্জলি-দ্বয়মিত। "প্রস্তং জলং দ্ব্যঞ্জলম্ (ভট্টি)। —ল, -লি ক্লী [স. দ্বি, বিকল্পে 'অ' (টচ্) সমাসান্ত] অঞ্জলিদ্বয়ের সমাহার।

দ্ব্যণুক ক্লী [স. দ্বি, ক(কপ্) স্বার্থে] অণুদ্বয়সমাহার। "ভাষা ১১১।

দ্ব্যর্থ বিণ [দ্বি অর্থ যাহার, বহুব্রী] ১ অর্থদ্বয়যুক্ত (শব্দ)। "দ্ব্যর্থঃ পচিঃ (মহাভাষ্য)। ২ সন্দিগ্ধার্থ, অস্পষ্টার্থ। ৩ দ্বিপ্রয়োজনক।

দ্ব্যশীতি স.বিণ [উ.লো; পু.বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -তমী)] দ্ব্যধিক অশীতি; বিরাশি। —শীতি স্ত্রী বিরাশি (৮২) সংখ্যা।

দ্ব্যহ পুং [দ্বি অহের সমাহার, স.দ্বি, সমাসান্ত 'অ' (টচ্)] দিনদ্বয়। —হীন বিণ [দ্বি অহে ভূত বা ভাবী ইতি দ্ব্যহন্+ঈন (খ)] দিন-দ্বয়ে ভূত বা ভাবী। "°নঃ ক্রতুঃ (সি)।

দ্ব্যহীন দ্র 'দ্ব্যহ'।

দ্ব্যাত্মক পুং [দ্বি আত্মা যাহার, বহুব্রী, 'ক' (কপ্) সমাসান্ত] 'দ্বিরূপ-যুক্ত', দ্বিস্বভাব মেষাদি রাশি (ত.বা)।

দ্ব্যাত্মবাদী (-দিন্) বিং যে দুই আত্মা (জীবাত্মা, পরমাত্মা) দুইই বলে (স্বীকার করে); দ্বৈতবাদী। "দ্ব্যাত্মবাদী তর্ক ভা.চ ৩২৬।

দ্ব্যামুষ্যায়ণ, -ণক পুং [দ্বি+আমুষ্যায়ণ; ষ.ত] তোমার এবং আমার এই পুত্র রিক্থহর ও পিণ্ডদাতা—এই সময়পূর্ব্বক পরিগৃহীত পুত্রভেদ। 'উভয়োরপ্যসৌ রিক্থী পিণ্ডদাতা চ ধর্ম্মতঃ। "উশনা ৫.৮৯।

দ্ব্যেকান্তরা স্ত্রী [দ্বি বা এক বা ইতি (বহুব্রী, সমাসান্ত 'ডচ্') —দ্ব্যেক অন্তর যাহার, বহুব্রী, স্ত্রী আ (টাপ্)] চাতুর্ব্বর্ণ্যের যথা-ক্রমে এক বা দুই বর্ণের অন্তরযুক্তা (ব্যবহিতা) স্ত্রী—অর্থাৎ একের ব্যবধানে বৈশ্যা ও শূদ্রা, দুইএর ব্যবধানে শূদ্রা। "দ্ব্যেকান্তরাসু জাতানাং ধর্ম্ম্যং বিদ্যাদিমং বিধিম্॥—মনু ১০.৭।

ধ

ধ[১] ত-বর্গের চতুর্থ বর্ণ এবং ঊনবিংশ স্পর্শবর্ণ। দ্র 'ক[১], ত[১]।

ধ[২] পুং [√ধা+অ (ড)-ক] ১ 'ধারক', ব্রহ্মা। ২ 'নিধিধারক', কুবের। ৩ ধর্ম্ম। —ক্লী ধন।

ধ[৩] বি (সঙ্গীতে) 'ধৈবত' স্বরের সঙ্কেতাক্ষর।

ধওলা বিং [সং ধবল] শ্বেত। 'ধওলা পাঠা গো.চ ৭। ব.প ৩০।

ধক ব্য [তু ' √ধক্; মুণ্ডারি 'ধাক্'—তাপ, শিখা] ১ সন্দীপন। "ক্রোধস্য জ্বলিতুং ধগিত্যবসরঃ উ.চ ৪.২৪। ২ সর্প 'দক'।

ধকড়িয়া বি [হি 'ধুকড়ী' ছোট থলী] থলীওয়ালা (?)। "কৃ ৪৫৯।

ধকধক[১] বি [হি, ঠ °ক; তু 'ধুকধুক'] ভয়াদি হেতু চিত্তচাঞ্চল্য বা স্পন্দন। "মুখে বলে ভাল চল মনে ধকধক শ্রী.ম ৯১। শচীর অন্তরে, ধকধক করে, সোয়াথ না পায় চিতে চৈ.ম ১৩২। —ধকি[১] বি [°ক+ই[১১] হি °কী] হর্ষাবেশ হেতু চিত্তের আবেগ। "সম্মুখে বাঞ্ছিত নিধি, দেখিতে না পায় সুধী, চক্ষু অন্ধ মনে ধকধকি ভ.গ্র ২৭১।

ধকধক[২] বি [ধক্ > °ক (দ্বিত্ব); ঠ ধগধগ—প্রখরদীপ্তি; তু 'অগ্গি জলই ধহ ধহ ('ধগ্‌ধগ্'—টীকা) কই (পৈ ১.১৯০); ধগধগ (প্রা.ম) —অত্যন্ত জ্বলা] ১ প্রজ্বলিত অগ্নির শব্দ; অগ্নির প্রজ্বলিতভাব। "দ্র 'ধকধকধক'। ২ বিরহানলের প্রজ্বলনভাব। "কৃষ্ণের বিরহে মোর ধকধক প্রাণ চৈ.ম ১৩১। ধকধক করে প্রাণ ব ১৫৩। ৩ উজ্জ্বলতা, দীপ্তি। "জামকী ধক-ধক ভা.চ ৪৪৮। —ধক ক্রি.বিং প্রদীপ্তভাবে, উজ্জ্বলভাবে। "ধকধক হীরার ধুকধুকী শোভে উরে ব.প ১৪৮৬। ধক-ধক জ্বলিচে জ্বলন বা.দ ৯৮। অসিপুঞ্জ ধকধক জ্বলে।—রঙ্গ ১০৮। বজ্র দেহে জ্বালা ধকধক, জ্বলিতে লাগিল।—হেম ২৩৮। জ্বলে ধকধক পশ্চিমরবি।—ন ১০৭১। [ধকধকধক—নিরন্তর অগ্নির

ধ্বননশব্দ। "°ধক দহন সাজ।—ভা.চ ১৪; ১১৬। ধকধকি² (হি √ধগধগা; ঠ √ধগধগ) —ধকধক করিয়া জ্বলিয়া; প্রজ্বলিত হইয়া। "গরজিলা ভালে চিত্রভানু ধকধকি—মে ৬৩; ২৭৭।]

ধকধকি¹ ; ধকধকি² দ্র 'ধকধক'; ধকধক²।

ধকধ্বক্ ক্রি.বিং [ধকধক² > °ক্, যুক্তাক্ষর ওজোব্যঞ্জক] অতিদীপ্ত-ভাবে। "ধকধ্বক্ ধকধ্বক্ জ্বলে বহ্নি ভালে ভা.চ ৪৩।

ধকল বি [হি 'ধকেল'—ধাক্কা; ঠ ধকা] ১ ধাক্কা, আঘাত, পরিহিত বস্ত্রে টান বা দলন-মলন। "মোটা কাপড়ে ধকল সয়, পাতলা কাপড় ছেঁড়ে। ২ উৎপাত, দুরন্তপনা। "ছেলেপিলের ধকল। ৩ কাজের ধাক্কা বা খাটনি।

ধকোধকো বি [ধ্বন্যাত্মক] চলিত শকটের শব্দ। "কোথাও লোহার সাঁকোয় গাড়ি, চলে °কো ডাক ছাড়ি।—শিশু ৭৭।

ধক্ক্ সক [চু; প—ধক্কয়তি; সেট্] নাশন।

ধক্কধক্ক বিং [ধকধক² > °ক, যুক্তাক্ষর ওজোব্যঞ্জক] নিরন্তর প্রজ্বলিত। "°তকতক-অগ্নিচন্দ্রভালিকে ভা.চ ৪২৬।

ধট পুং [√ধণ্ শব্দ+অ (অচ্)-ক, ণ > ট, পৃষো] ১ উন্মানার্থ মানদণ্ড-ভেদ; তুলা। ২ পরীক্ষার্থ তুলা। "অথ ধটঃ।—বিষ্ণু, ১০ম অধ্যায়। ৩ তুলার লম্বিত আধার; ধাড়া। "সূত্রেতে লম্বিত তুলার ধটঃ °দ্বয়।—হেম ১১৭। —টী¹ (-টিন্) পুং [°ট+ইন্ (ইনি)-১ব] ১ 'ধটবান্', ধটধারী বণিক। ২ তুলারাশি।

ধটি বি ['ধটী'—মূল] ১ খণ্ড। "পদতলে কত চাঁদের ধটি জ্ঞা ১৯৫। ২ [সং °টী] কৌপীন। "কটিদেশে ধটি আটা ব.প ৯২৫। কটি তটের ধটি। —শিশু ৩। —টিয়া বি [সং ধটিকা] কৌপীন। "পরে নীল ধটিয়া (প.ক)।

ধটিকা -টী² স্ত্রী [ধটী+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] ১ চীরবস্ত্র, ধড়া। ২ কৌপীন। "পট্টধটী ন.প ৯৩। পরিধান নীল ধটী (প.ক)। ৩ গর্ভাধানের পরে স্ত্রীকে দেয় বস্ত্রভেদ (ত.বা)। —টিকা স্ত্রী পাঁচ সের; পসুরী, ধাড়া (লীলাবতী)। —টী³ (টিন্) পুং [°টী+ইন্ (ইনি)-১ব] 'ধটীধারী', শিব।

ধটী¹ ; ধটী², ধটী³ দ্র 'ধট; ধটিকা'।

ধড় বি [ধড (দেশী—প্রা.ম); হি °ড়; ঠ °ড; মৈ °ড়, -র—বৃক্ষকাণ্ড; 'ধর' (ম.গা ৯; ১৭)] ১ মস্তকহীন দেহ; হস্তপদশিরোহীন দেহ (trunk)। "পুন রাজকন্যা সেই ধড় আনাইয়া। মুণ্ড স্কন্ধোপরি ধরি দিল বসাইয়া॥—ভ.গ্র ৪২৪। চ.বি ২৯১। ধড়ে মুণ্ড নাহি দক্ষ দেখিতে না পায় ভা.চ ৪৮। ২ দেহ। "টেপা মাছের জ্ঞান তোক্কার ধড়ের ভিতর ম.গা ২১। দেখি ধড়ে প্রাণ উড়ে শ্রী ৭৬। প্রাণ নাহি রহে ধড়ে চৈ.চ ৩৪৫। আসামিদিগের ধড় থেকে প্রাণ উড়ে গেল আ.দু ১৮৪। [ধড়ে প্রাণ আসা—পুনঃ সজীব হওয়া। আগধড়—দেহের কটিপর্য্যন্ত পূর্ব্বার্দ্ধ; পাছধড়—দেহের কটির অধোভাগ। "ব.প ৭৯। পেট ধড়ধড় করা—খাদ্যাভাবে উদর ধড়মাত্রসার হওয়া।]

ধড়পড়, -ফড়, -ফড়ি বি [প্রা তডফড—ব্যাকুল হওয়া (প্রা.ম); হি 'তড়ফ'—স্পন্দন; ঠ ধড়পড, -ফড—বেগে আস্ফালন; তু 'ধরফর' (ম.ম ২০)] ১ যন্ত্রণা হেতু হস্তপদের বেগে আস্ফালন বা আক্ষেপ; ছটফট। "রথ হৈতে পড়িয়ে করিলি ধড়ফড় কৃ ৩২০। শিরে ঘাও খায়া বীর করে ধড়ফড় চ.বি ৮৩। ব.প ২১৭। শ্রী.ম ১০৮। মৎস্য বুলে করে ধড়ফড় শি ৮৫। চৈ.চ ২৪১। ২ ঈর্ষ্যাভয়াদি হেতু অশান্তভাব; ছটফট। "রাম রাজা হব বলি করে ধড়ফড়ি কৃ.অ ৫; কৃ ৮৯। ভয়ে আত্মা করে ধড়ফড় ম ২১৮। হিয়া...ধড়ফড় ব.প ১৪৮৫। প্রাণ করে ধড়ফড় শ্রী ১২৪; বা.ম ৫৬। প্রাণ করে ধড়ফড় ভা.চ ৫২১। [ধড়ফ'ড়ে—অস্থির, অশান্ত।]

ধড়ফড়া অর্দ্ধ [°ড়+আ¹; হি √তড়কড়া; ঠ √তডফড] ধড়ফড় করা বা ছটফট করা। "পড়িয়া ভূমেতে, 'ধড়ফড়াইতে', (°ফড়ইতে—প.ক) কিরাতে ধরিল পাখে চ.দা ৯১। [ধড়ফড়ান, -নি—অস্থিরতা, ছটফটানি। "যত বিলম্ব হইতেছে তত ধড়ফড়ানি বৃদ্ধি হইতেছে আ.দু ১৭২।]

ধড়ফ'ড়ে দ্র 'ধড়পড়'।

ধড়মড় বি [ধ্বন্যাত্মক (?)] অতিব্যস্তভাব, তাড়াতাড়ি, শীঘ্র। "আমরা ধড়মড় করিয়া উঠিয়া প্রস্থান করিলাম।—ঘ ১৭। [ধড়মড়ি, -ড়িয়া (হি √হড়মড়া—ব্যস্ত হওয়া)—ধড়মড় করিয়া; শীঘ্র করিয়া। "(প্রমদা-বালা) উঠিল ধড়মড়ি স্ব.প্র ১৪০। (মতিলাল) ধড়মড়িয়া উঠিয়া...পায়চারি করিতে লাগিলেন আ.দু ১৫; ৭৩; ১৩০,-৬৮।]

ধড়া বি [সং ধটিকা > প্রা *ধডিআ > বা ধড়ি, -ড়া,; মৈ ধড়িআ] চীর, বস্ত্রখণ্ড, পরিধেয় বস্ত্র। "পীতধড়া নন্দ পরায় (প.ক)। তড়িত লুঠায় পায় ধড়ার আঁচলে ভা.চ ২৭৮। [ধড়া-চূড়া—কৃষ্ণের বেশভূষা; সাজগোজ (উপহাসে)। ধড়া-সেলাই—ছেঁড়া কাপড়ের লম্বা পাকান সেলাই।]

ধড়াধড়, -ধ্বড় বি [ধ্বন্যাত্মক; ঠ ধডাধড] ১ নিরন্তর পতন শব্দ। "ঝড়ে ধড়াধড় গাছপালা পড়ে। ২ নিরন্তর দ্রুত প্রহার শব্দ। "তারা এদের মারত ধড়াধ্বড় প.কা ২৪। —ড়াশ, -স বি [ধ্বন্যাত্মক] ১ জোরে গুরুবস্তুর পতনশব্দ। ২ [হি ধড়ক; ঠ ধডক—আঘাত, ধাক্কা] ভয়াদি হেতু দ্রুত হৃদয়স্পন্দন। "বুকের মধ্যে ধড়াস করে' উঠল। ঘ ১৭৩।

ধড়াশ, ধড়াস দ্র 'ধড়াধড়'।

ধড়ি, -ড়ী বি [সং ধটী > প্রা *ধডী > বা °ড়ী, -ড়ি; দ্র 'ধড়া'] সর্ব 'ধড়া'। "নেত ধড়ী পরিধান শ্রী.কী ২৬৯; ৩৩৯। বার গাঠিয়া ধড়ি গো.চ ২৭২। রাঙ্গাধড়ি ব.প ৭৫৯। পাট-নেতধড়ি শ্রী.ম ১৮; নেতধড়ী ২২৩।

ধড়িবাজ বিং [হি ধাড়; ঠ,গু 'ধাড'—দস্যুদলের আক্রমণ; ধাড়+বাজ (লুঠেরা) > °জ; 'ধড়িবাজ' (হু ২২৪)] ১ ধূর্ত্ত, প্রতারক, বদমাশ। ২ চালাক, তুখড়। "(বাঞ্ছারাম বাবু) মামলা মকদ্দমায় বড় ধড়িবাজ। —আ.দু ৩২। —বাজি, জী বি [°জ+ ই¹, ঈ⁸] ধড়িবাজের কাজ, ধূর্ত্ততা, বদমাশী, চালাকী। "এক্ষণে অনেক...ধড়িবাজির আবশ্যক আ.দু ৫৫। °জি. হু ২০৩।

ধৎ অব্য [হি ধৎ] তিরস্কারপূর্ব্বক তাড়ানর শব্দ; দূর হ!

ধত্তূর -রক পুং [তু 'সং ধুস্তুর > প্রা ধুত্তূর] ধুস্তুরবৃক্ষ।

ধন ক্লী [√ধন্+অ (অচ্)-ণ; 'ধন'—ধননিমিত্ত সংগ্রাম (ঋগ্বেদ ১.৪০. ২)] ১ যাহা দ্বারা বাঁচে (অ.টী); অর্থ, টাকাকড়ি। "ধনেন কিং যো ন দদাতি নাশ্নুতে।—হি ১.১৬৯। ২ ['ধন'—সুবর্ণ-মণি-মুক্তাদি (ঋগ্বেদ ১.৪২.৬)] অর্থমাত্র, বিভব, রিক্থ, স্বর্ণাদি, সম্পদ্। "°দ। ধনে পুত্রে লক্ষ্মী লাভ হউক।—ঘ ১২। ৩ গোধন। "রঘু ২.৪৪। ৪ ধনসদৃশ বস্তুমাত্র। "সংযম° শ ৪.১৫। কুল° উ.চ ১.১৪। মান° কি ১.১৯। চাষ বড় ধন শি ৬৮। কুবলয়° মে ৯। ৫ স্নেহপাত্র। "তোমাধনে ম ৮৩৩। হারি মানি মোর ঠাই বাঁচিলে যে ধন ভ.গ্র ৩৩৭। পাবে পতি যাবে কেন ধন।—শি ৩১; যন্ত্রণা ঘুচাতে পারি ধন ৭৬। ৬ ক্রেয়দ্রব্য, দ্রব্য। "মনু ৮.২০১,-২। ৭ মূলধন। "প্রাণ-ধন বিদ্যা-লাভ-ব্যাপারের তরে। খেয়াব তনুর তরী প্রবাস সাগরে॥—ভা.চ ২৬৪। ৮ লুণ্ঠিতদ্রব্য। ৯ দ্বন্দ্বযুদ্ধে জেতার লব্ধ দ্রব্য (A.)। ১০ ধনিষ্ঠানক্ষত্র। ১১ (গণিতে) যোগচিহ্ন (+)। বিপ 'ঋণ'। ১২ যোজ্য (ত.বা)। ১৩ [√ধন্ শব্দ+অ-ভা] শব্দ। ১৪ (জ্যোতিষে) লগ্ন হইতে দ্বিতীয় স্থান। [°কাঙ্গালি (বি)—দরিদ্র। "গো.চ ৪। °কাম (বিণ) —অর্থাভিলাষী। °কুবের (বি)—ধনে কুবেরতুল্য; মহাধনী (multi-millionaire)। °জাত (ক্লী)—ধনসমূহ। °দণ্ড (পুং)—অর্থদণ্ড। "মনু ৮.১২৯। °দৌলত (বি)—টাকাকড়ি ও সম্পত্তি। "কেহ ধনদৌলত বর মাগিল ব.প্র ৪৬২। °পিশাচিকা,-চী (স্ত্রী)—অতিধন-তৃষ্ণা। °প্রয়োগ (পুং)—ঋণরূপে ধনদান; অর্থবিনিয়োগ।]

ধনঞ্জয় পুং [ধন+ √জি+অ (খচ্)-ক, ম্ (মুম্) আগম ; উ.ত] ১ যিনি ধন জয় করেন ; অর্জুন। 'সর্বান্ জনপদান্ জিত্বা ধনমাদায় কেবলম্। মধ্যে ধনস্য তিষ্ঠামি তেনাহুর্মাং ধনঞ্জয়ম্॥—মহা ৪.৪৪.১৩। ম ৬২৫। "পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ।—গী ১০.৩৭। ২ অর্জুনবৃক্ষ। ৩ 'ধনের বশীকারক' ; অগ্নি। তু 'ধনমিচ্ছেচ্ছুতাশনাৎ। "ম ৫৪০। °তেজ চ.বি ৭২। ম.পা ৬ ; ১৭৯। শি ১৪। ৪ চিত্রকবৃক্ষ। ৫ দেহস্থ বায়ুভেদ। "ধনঞ্জয়ঃ পোষণকরঃ (বেদান্তসার)। ৬ বিষ্ণু (মহা)। ৭ নাগভেদ (মহা)। [°সখা (বি) —বায়ু। "ম.পা ১১০।]

ধনদ বিণ [ধন+ √দা+অ (ক)-ক ; উ.ত] ১ ধনদাতা। ২ আয়-জনক। "হি ৩.৯৮। —নদ পুং ১ কুবের। "ধনদেন সমস্ত্যাগে রা ১.১. ১৯। রঘু ৯.২৫। ২ অগ্নি। ৩ দাতা। ৪ চিত্রকবৃক্ষ। —দায়ী (-য়িন্) পুং [+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] 'ধনদাতা', বহ্নি। [ধনদানুজ (পুং) —রাবণ। "রঘু ১২.৫২।]

ধনপতি, -পাল পুং [ষ.ত ; ধন+ √পালি+অ (অণ্) -ক ; উ.ত] ১ 'ধনরক্ষক', কুবের। "°তি উ.মে ১৪। ২ ধনাধ্যক্ষ।

ধনবতী দ্র 'ধনবান্'।

ধনবন্ত বিং [ধন+বন্ত] ধনবান্, ধনী। "ম.ম ১২৫।

ধনবান্ (-বৎ) বিণ [ধন+বৎ (বতুপ্) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী-বতী] ধনী। —বতী স্ত্রী ধনিষ্ঠা নক্ষত্র।

ধনশ্রী বি [সং ধনাশ্রী] রাগিণীবিশেষ, ধানশী। [ইহার সময় রাত্রি চতুর্থ প্রহর, ঠাট কোমল রি ও ধ, কড়ি ম, জাতি সম্পূর্ণ (গী.সা)।]

ধনসম্পত্তি স্ত্রী [ষ.ত] ১ ধনপ্রাচুর্য্য, অর্থরাশি। হি ১১ (কথারম্ভ)। কাদ ৩৪। ২ (বাঙ্লায়) অর্থ ও ভূসম্পত্তি।

ধনস্থান ক্লী [ষ.ত] ১ কোষ। ২ (জ্যোতিষে) লগ্ন হইতে দ্বিতীয় স্থান। "ধনস্থানে শনি।

ধনাধিকারী (-রিন্) পুং [ধন+অধি+ √কৃ+ইন্ (ণিনি)-ক -১ব] ১ ধনাধ্যক্ষ, তহবিলদার। ২ দায়াদ। —কৃত পুং কোষাধ্যক্ষ।

ধনাধিপ, -ধিপতি, -ধ্যক্ষ পুং [ষ.ত] কুবের ; কোষাধ্যক্ষ।

ধনাপহার পুং [ষ.ত] ১ বিত্তহরণ। ২ ধনদণ্ড, জরিমানা।

ধনার্চিত বিণ [তৃ.ত] ধনপূজিত ; উপহারসৎকৃত। "কি ১.১৯।

ধনার্থী (-র্থিন্) বিণ [ষ.ত ; স্ত্রী -র্থিনী] ধনের প্রার্থী। "মনু ৫.৩৪। ম ৯৪২।

ধনাশা স্ত্রী [ষ.ত] ধনলোভ। "হ ৩০.৪৫। হি ১.১১৮।

ধনি১, -নী২ বিং [সং ধন্য>প্রা ধনিঅ (প্রা.ম) >বা °নি, -নী] ধন্য, প্রশংসনীয়, ভাগ্যবান্। "ধনি ধনি রমণী জনম ধনি তোর বি.প ৪৭। ধনি তুহুঁ মাধব ধনি তুয়া লেহ। ধনি ধনি সো ধনি পরিহরি গেহ॥—গো ১৩০ ; ধনী ধনী মনসিজরস-নিরবাহ ১৫৮। ধনী রসবতী রাই জ্ঞা ২৪। কলিযুগের লোক ধনি চৈ.ম ২৩ ; ধনি আপনাকে মানি ২৬ ; ধনি ধনি…রাই ১৬৮। ন.প ২৮৭। —নি, —নী বি [সং ধন্যা >প্রা ধণিআ, ধণি (পৈ ১.১৩২, ৯০) ; তু 'ধণিআ'—ভার্য্যা (দেশী ৫.৫৮) ; ধণিআ (বিক্র ৪) ; হি ধনি ; মৈ ধনি, -নী, ধনিঅ] ১ কুলবধূ, যুবতী, সুন্দরী। "ধনি রাই বি.প ৫৯ ; ধনি পদ্মিনী ৬০ ; চললি ধনী ৬২। ও ধনী কে চ.দা ২৪। ধনি বিরমহ।—গো ১৪৩ ; ধনী রাই ১৩০ ; নব যৌবনী ধনী ১৪৩। ধনী…রাই।—জ্ঞা ২৪। রমণী ধনি ভ.গ্র ৩৯৪। ২ (উপচারে, মনুষ্যভিন্নে) সুন্দরী। "(উঠিয়ে) সফরী, দেখাতে ধনী রজঃকান্তি-ছটা মে ২৮। শুন মোর কথা, ধনি!—মা ৩৫৫।

ধনি২ বি [সং ধ্বনি, >প্রা ধণি ; অপ্র] ধ্বনি, শব্দ। "বাদ্য মাঝে নানা ধনি মী ২৬। জয় শুভধনি গ ১৩৬।

ধনিক বিণ [ধন+ইক (ঠন্) অস্ত্যর্থে ; স্ত্রী -কা] ধনবান্, ধনী। "ধনিক রসিক জানি, নাগর মিলাবে আনি ভা.চ ৬৮৬। —নিক পুং ১ ধনী জন। "হি ১.১০৯। রঙ্গ ৬। ২ উত্তমর্ণ। "মনু ৮.৪৭ ; ৫১। ৩ সাধু, বণিক্। ৪ স্বামী, পতি। —নিক স্ত্রী ১ ধনিকভার্য্যা। ২ বধূ। "বণিক°। —কথা ৫। ৩ যুবতী। তু 'ধনি' (১)। ৪ প্রিয়ঙ্গুলতা।

ধনিন বিং [সং ধনিন্ (ধনী) ; তু 'গুণিন' ; অপ্র] ধনী। "ধনিন পুরুষে ম ১০৮৪।

ধনিয়া বিং [সং ধন্য, দ্র 'ধনি১' ; অপ্র] ১ ধন্য। "নবদ্বীপ ধনিয়া ন.প ১০১। ২ [সং ধনিক>প্রা ধণিঅ >বা °য়া] ধনী। "যো সুখসম্পদে শঙ্কর ধনিয়া গো ৫৯। —নিয়া বি [সং ধন্যা ; দ্র 'ধনি১'] শস্যবিশেষ, ধ'নে। "°পোলতা ম.ম ৯৫।

ধনিষ্ঠ বিণ [ধনবৎ+ইষ্ঠ (ইষ্ঠন্)] অতিশয় ধনী ; ধনবত্তম। —নিষ্ঠা স্ত্রী (জ্যোতিষে) ত্রয়োবিংশ নক্ষত্র। [ইহাতে জন্মিলে নর আচারবান্ আদৃত চারুশীল দয়ালু ধনবান্ বলী হয়।]

ধনিষ্ঠা দ্র 'ধনিষ্ঠ'।

ধনী১ (-নিন্) বিণ [ধন+ইন্ (অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -নিনী] ১ ধনবান্, আঢ্য। ২ অধিকারী, স্বামী। "কৃষ্ণ যাহা ধনী তাঁহা বৃন্দাবনধাম চৈ.চ ১৬৩] —নী পুং ১ ধনীজন। ২ উত্তমর্ণ। "মনু ৬.৮১। যাজ্ঞ ২.৬০। —নী৩, -নীকা স্ত্রী [ধন+অ (অচ্) অস্ত্যর্থে+স্ত্রী ঈ (ঙীষ্) ; দ্র 'ধনি১'] যুবতী। "পতিরূপ-ধনে ধনী ধনী।—রঙ্গ ৯১।

ধনী২ ; ধনী৩ দ্র 'ধনি১' ; ধনী১।

ধনীয়ক ক্লী [তু 'ধন্যাক'] ধনিয়া, ধনে। "বা.ম ২১০।

ধনু পুং [√ধন্ শব্দ+উ-ক, উ১.৭ ; তু 'সং ধনুস্ >প্রা ধণু ; ধনু (স্ত্রী) উ ১.৮২] ১ চাপ। "ধনুর্বংশবিশুদ্ধোঽপি নির্গুণঃ কিং করিষ্যতি। —হি ২৩ (কথারম্ভ)। কাম° শ্রী.কী ৬২। ধনুশালে ম ৪৭২। ২ রাশিবিশেষ। ৩ চতুর্হস্তপরিমাণ। "ধন্বন্তর (ত্রিকাণ্ডশেষ)। ৪ পিয়ালবৃক্ষ। ৫ (বাঙ্লায়) রামধনু। "পশ্চিমের ধনু নিত্য খরা। পুবের ধনু নিত্য বর্ষে ঝরা॥—খনা।

ধনুঃ (-নুস্) ক্লী [√ধন্ শব্দ+উস্-ক, উ ২.১১৬ ; ছান্দস] ১ সর্ব 'ধনু (১)। "কু.স ৩.৬৬। °শর ম ১৩৩,-৪। ২ সর্ব 'ধনু (২)। "বি.সু ১৫৪। [এই রাশিতে জাত নর বহুকলাজ্ঞ প্রবল সরলবাক্ বিমলস্বভাব সঞ্চয়ী ও কৃপণ হয়।] ৩ সর্ব 'ধনু (৩)। "°শত মনু ৮.২৩৭। ৪ সর্ব ধনু (৪)। ৫ ধনুরাকৃতি বৃত্তাংশ। [°খণ্ড (ক্লী)—চাপাংশ। "পু.মে ১৫। °ধনুষ্পট (পুং)—পিয়ালবৃক্ষ।]

ধনুক বি [সং ধনুস্ ; হি °ক ; মৈ ধনুখ,-ষ (দ্র 'খ১')] ১ ধনু। "ধনুকের ঘর, ধনুক তোলহ কৃ ৭৩। ক.চ ৫৯] শ্রী.ম ২২৭। ২ চারিহস্ত পরিমাণ। "বেআপে ধনুক একশত শ্রী.ম ৪৯ ; ১১১। [°ধারী (হি °রী) —ধনুর্যোদ্ধা। ধনুকভাঙ্গা পণ—১ হরধনুর্ভঙ্গপণ। "শ্রী.মা ১৪৪। (গৌণার্থে) দুঃসাধ্য প্রতিজ্ঞা। "বিষম ধনুকভাঙ্গা-পণ বি.সু ২৭।

ধনুকী বি [°ক+ঈ১ ; সং ধানুষ্ক অপ্র] ধনুকের যোদ্ধা ; ধনুর্দ্ধর। "কৃ.উ ৪২। যুঝার ধনুকী ৫৬ ; ধনুকী প্রচণ্ড ৬৪। ম ৬৯১।

ধনুখরা বি [হি ধুনকী ; ঠ ধনুকলী] তুলা পরিষ্কারের ধনুযন্ত্র।

ধনুয়া বি [বৈষ্ণবসাহিত্যে] ধনুক। "ভাঙ ধনুয়া ভেল লোচন বাণ (প.ক) ; ভাঙক ঠাম, দেখত কাম, ধনুয়া মান ছোড় ব ৬২।

ধনুর্গ্রহ পুং [ধনুস্+ √গ্রহ্+অ (অচ্)-ক ; উ.ত] ধনুর্দ্ধর। "পা ৩.২.৯। °বর রা ২.৪৪.২০। —র্গ্রাহ পুং [+অ (অণ্)-ক ; উ.ত] ধনুর্গ্রাহক। মহা ৩.৩৬.২০।

ধনুর্জ্যা স্ত্রী [ষ.ত] ধনুর্গুণ। "ধনুর্জ্যাস্ফালনক্রূরপূর্ব্ব শ ২.৪।

ধনুর্দ্ধর পুং [ষ.ত] ১ 'ধনুর্ধারক', ধন্বী, ধানুষ্ক। "রা ২.৩১.৩। রঘু ২.৯০ ; ৩.৩১। অ.প ৭। ২ বিষ্ণু। —র্দ্ধারী (-রিন্) পুং [ধনুস্+ √ধৃ+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] ধানুষ্ক। "°রী রাম আমি কৃ ২৬৩।

ধনুর্বিদ্যা স্ত্রী [ষ.ত] ধনুঃসম্বন্ধিনী শরপ্রয়োগ-সংহারাদি বিদ্যা।

ধনুর্ব্বেদ পুং [ষ.ত] ধনুঃসম্বন্ধী বেদ ; যজুর্ব্বেদের উপবেদবিশেষ। "°বিদ্যাগুরু বা.ভা ১৩১। [ইহা দীক্ষা সংগ্রহ সিদ্ধি প্রয়োগ এই চারিপাদে বিভক্ত। বিশ্বামিত্র ইহার প্রণেতা (শ.ক)।]

ধনুর্ভৃৎ বিণ [ধনুস্+ √ভৃ+ক্বিপ্ (০)-১ব ; উ.ত] ধনুর্দ্ধারক; ধনুর্যোদ্ধা। "ধনুর্ভৃতাম্...রক্ষিণাম্ রঘু ৩.৩৯।—ভৃৎ পুং ধনুর্দ্ধর, ধানুষ্ক। "রঘু ২.১১ ; ৯.১১ ; ৯.৩৯।

ধনুর্মখ পুং [ষ.ত] ধনুঃসম্বন্ধী যজ্ঞ ; কংসকৃত যজ্ঞবিশেষ। "ভ ১০.৩৬. ৩৭। ব.প ৭৬৮ ; ৮৬২। চৈ.ভা ১৭২। [রাম ও কৃষ্ণের নিধনার্থ কংস মথুরায় এই যজ্ঞের অনুষ্ঠান করেন।]

ধনুর্মধ্য ক্লী [ষ.ত] ধনুর মধ্যভাগ ; লস্তক।

ধনুষ্টঙ্কার বি ১ ধনুর্গুণের শব্দ ; জ্যাধ্বনি। ২ রোগভেদ।

ধনুষ্পাণি বিণ [ধনুঃ পাণিতে যাহার, বহুব্রী, ষত্ব] চাপহস্ত, ধনুর্দ্ধর। "রা ১.২২.৭। ভট্টি.৫.১৩।

ধনুষ্মান্ (-ষ্মৎ) বিণ [ধনুস্+মৎ (মতুপ্) অস্ত্যর্থে-১ব] চাপযুক্ত। "মহা ৩.২৮৮.৩২। ভট্টি ২.৫০। ম ৯১৬।

ধনেশ, -শ্বর পুং [ষ.ত] ধনপতি, কুবের। "°র মহা ৫.১৯৩.২৫। °র ম ৯২৫। যক্ষে বলে তুমি ধনেশ।—শ্যামাসঙ্গীত।

ধনৈষী (-ষিন্) পুং [ধন+ √ইষ্ +ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] ধনেচ্ছু, উত্তমর্ণ। "মনু ৮.৬০।

ধন্দ, -ন্ধ বি ['দ্বন্দ্ব'—মূল] ১ সংশয়, দ্বৈধ। "বিদ্যাপতি রহু ধন্ধ বি.প ৪৬ ; হোয়ল ধন্দ ১৪৭। ভাঙ্গল ধন্দ গো ১৭১। ধন্ধ পথ গো.বি ১৯৩। ধন্দ শি ৯৮। সব ধন্দ দূরে গেল দা ২০৪। °ন্দ হেম ১৩৯। ২ বুদ্ধিভ্রংশ, ভ্রম, অজ্ঞান, ধাঁধা। "কোন মূঢ় বাক্যে তুমি পড়িয়াছ ধন্ধ ম ১৮২। ইহার অন্যথা কর, বড়ই এ ধন্দ ভ.গ্র ৩৩৩। ৩ বিস্ময়। "দেখি লাগে ধন্দ ক.চ ২৫। মরা জামাই দেখিয়া সবার লাগে ধন্দ ম.ম ২৮। ম.পা ৬৪। হেরি পড়ল ধন্দ।—জ.প ২৩। ৪ রতিকলহ। "আকুল মুগধে পড়ি গেও ধন্দ ক.চ ১৬২। ৫ বিবাদ। "মিথ্যা কথা কহি বেটা পাড় মহাধন্দ ক.চ ১০৯। ৬ বিপদ্। "এ বড় বিষম ধন্দ, ...ভাল ভাবি হয় মন্দ ভা.চ ৯৮। ৭ তন্দ্রা, মোহ। "ভণয়ে বিদ্যাপতি ইহ রস ধন্দ বি.প ১৩৩। এমতি সংসার-ধন্দ ম ১২৩৯। মলয়পবন, বহে ঘন ঘন...। তরুলতাগণ, ফুলে সুশোভন, জগতে লাগিল ধন্দ॥ —ভা.চ ৬২। ৮ অজ্ঞানজন্য আসক্তি ; মমতা। "গৃহাশ্রমে ধন্ধ ছাড়ি অরণ্যে পশিবে ম ৭৩৯।—ন্দ, -ন্ধ বিং ১ তন্দ্রাযুক্ত, মোহযুক্ত। "আবেশে অবশ অলস ধন্দ ব ২৮। ২ বিস্মিত। "তাহা দেখি বড় ধন্দ হৈল নৃপমণি ম.পা ৬৪। ধন্ধ হৈয়া সত্বরে চলিলা মৎস্যরাজ ব.প ৬১৩। —ন্দা, -ন্ধা বি [হি ধংধা ; ঠ ধংদা ; গু ধংধ ; (মুণ্ডারি) 'ধান্‌ধা, দান্‌ধা' —পেশা] ধনার্থ বা জীবিকার্থ উদ্যোগ বা কাজ-কর্ম্ম ; রোজগার।

ধন্না বি [ধরণ > ধরণা > (ধর্না) °ন্না ; হি ধরনা ; ঠ ধরণা] ১ প্রার্থনা-পূরণার্থ, যাবৎ প্রার্থনা পূর্ণ না হয়, তাবৎ কাহাকেও অনশনে সনির্ব্বন্ধভাবে ধরা বা আশ্রয় করা ; নাছোড় হইয়া অভীষ্টসিদ্ধির চেষ্টা। "অতিথির ধর্ম্ম নয়, ধন্না দিয়ে ভিক্ষা লয় দা ৪২৫ ; ৫৩৬। হল রান্নাঘরে কান্নাকাটি, ধন্না পড়ে লাঠালাঠি, উদরে অন্ন কার নাই।—ঈশ্বরচন্দ্র গুপ্ত। সন্দীপের দুই চক্ষের নালিশ...যেন ধন্না দিয়ে পড়েই ছিল ঘ ৮২। গ.স ১০৭। ২ অভীষ্টলাভার্থ অনশনে একান্তভাবে কোন দেবতার দ্বারে দেবতাকে ধরা, বা একান্ত আশ্রয় করা। "তারকেশ্বরে ধন্না দেওয়া।

ধন্য বিণ [ধন+য (যৎ)] ১ ধনলব্ধা, ধনলাভকারী। ২ সুকৃতী, পুণ্যবান্। "স্বনামা পুরুষো ধন্যঃ পিতৃনামা চ মধ্যমঃ। অধমা ভ্রাতৃনামা চ মাতৃনামাধমাধমঃ॥ ৩ প্রশংসার্হ, প্রশস্ত, প্রশস্ত (রা.টীকা)। "রা ১.১৬.১৯। অসেবিতেশ্বরদ্বারমদৃষ্টবিরহব্যথম্। অনুক্তক্লীববচনং ধন্যং কস্যাপি জীবনম্॥ —হি ১.১৫। দিন-অবসানে সন্ধ্যা ধন্য রম্য বেলা চৈ.ম ৭১ ; সন্ধ্যা ধন্য দিগন্তর ৯৫। ৪ সুভগ, প্রিয়। "ধন্যা কেয়ং স্থিতা তে শিরসি ?—মু ১.১। ৫ ভাগ্যবান্। ৬ সাধু। ৭ সুখী (ত.বা)। ৮ ধননিমিত্তক (সংযোগ)। ৯ ধননিমিত্তক (সংযোগাদি)। "পা ৫.১.৩৮। ১০ ধনলাভজনক। "ধন্যম্...অতিথিপূজনম্ মনু ৩.১০৬। ১১ মঙ্গলাবহ (দ্রব্য)। "মহা ৫.৪০.১১। —ন্য পুং ১ ভাগ্যবান্ জন। "ধন্যাস্তদঙ্গরজসা মলিনীভবন্তি শ ৭.১৬। ২ বিষ্ণু (মহা)। ৩ অশ্বকর্ণ বৃক্ষ। ৪ নাস্তিক (A)। —ন্য ক্লী ধনার্থ হিত ; অর্থশাস্ত্র। "মনু ৪.১৯। ২ ধন্যাক। —ন্যা স্ত্রী ১ আমলকী। ২ ধন্যাক। [°বাদ (পুং) —'ধন্য'-কথন, সাধুবাদ, ধন্য ধন্য বলা। ধন্যি (কথ্যভাষা) —ধন্য, প্রশংসনীয়। "বিবেচনাকে ধন্যি ধন্যি, গঙ্গা ফেলে পুষ্করিণী দা ৭৫৭। ধন্যি মেয়ে প.কা ৪৪।]

ধন্যা দ্র 'ধন্য'।

ধন্যাক ক্লী [ধন্যা+ক (কন্) স্বার্থে] ধনিয়া গাছ ও শস্য।

ধন্ব ক্লী [√ধন্ শব্দ+ব (বন্)-ক ; উ ৪.৯৫] ধনুঃ। "প্রিয়ধন্ব মহা ৭.২০১.৪৪ ; ধন্বাচার্য্য ৪৫। ২ স্থল।

ধন্বদুর্গ ক্লী [উ.লো] চতুর্দ্দিকে পঞ্চ যোজন মরুবেষ্টিত দুর্গবিশেষ। মনু ৭.৭।

ধন্বন্তরি পুং দেববৈদ্য। [ইনি ভগবানের ষোড়শ অবতার (ভ ২.৭.২১) ও আয়ুর্ব্বেদপ্রবর্ত্তক। চক্ষুষীয় মন্বন্তরে সমুদ্রমন্থনে সুধাপূর্ণ শ্বেত কমণ্ডলু লইয়া ইনি সমুদ্র হইতে উত্থিত হন (মহা ১.১৮.৩৯)। ইনি দ্বিভুজ শ্বেতবর্ণ। বৈবস্বত মন্বন্তরে ইনি কাশীরাজের পুত্ররূপে আবির্ভূত হন (লঘুভাগবতামৃত)]

ধন্বন্য দ্র 'ধন্বা'।

ধন্বা (-ন্বন্) পুং [√ধন্ব্ গতি+অন্ (কনিন্) অপা ; ছান্দস] অল্পজলপ্রদেশ, মরুদেশ। "মহা ১.১৭৫.৫।—ন্বন্য বিণ [°ন্+য (যৎ)] মরুদেশভব। "আপো ধন্বন্যাঃ।—অথর্ব্ববেদ ১.৬.৪।

ধন্বী (-ন্বিন্) বিণ [ধন্ব+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] ১ চাপবান্, আত্তধন্বা, গৃহীতচাপ। "গো.রা ৩.৪২.৩৩। ধন্বী চরন্ পার্থো ময়ৈব দৃষ্টঃ মহা ৩.২৫.৯। রঘু ১৫.৮৫। ২ বিদগ্ধ। —ন্বী পুং ১ ধনুর্ভৃৎ, ধনুর্দ্ধর। "মহা ৭.২০১.৪৪। শ ২.৫। কু.স ৩.১০। মে ২৫০। ২ অর্জ্জুন। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ ধনুরাশি। ৬ অর্জ্জুনবৃক্ষ। ৭ বকুলবৃক্ষ। [ধন্বিস্থান (ক্লী)—ধনুর্যোদ্ধার পঞ্চ অবস্থানভেদ—সমপাদ বৈশাখ মণ্ডল আলীঢ় প্রত্যালীঢ়।]

ধপ বি [হি ধপ] তুলার বস্তা-প্রভৃতি ফাঁপা দ্রব্যের পতনশব্দ।

ধপধপ[১] বি [ধপ > °প (দ্বিত্ব)] ১ নিরন্তর 'ধপ' শব্দ। ২ [দপদপ > °প ; অপ্র] সর্থ 'দপদপ'। "অগ্নি জ্বলে ধপধপ ম.ম ১৪৫। —পাধপ বি [ধ্বন্যাত্মক] নিরন্তর পদাঘাতের শব্দ। "ধপাধপ পাদপদ্ম পিঠে পড়িতেছে, আর ঢেঁকি ধান ভানিয়া চাল করিতেছে ব.প্র ৬২৮।

ধপধপ[২], **ধবধব** বি [ধবল—ধব > °প, °ব (দ্বিত্বে) ; ঠ 'ধব়্ব়া' —ধবল] অত্যন্ত শ্বেতবর্ণের ভাব। "আলপনা শুখাইলে ধবধব করে। —ধব বিং অতিধবল। "উত্তাল তরঙ্গ সব, ফেনপুঞ্জে ধবধব ব.মু ৬। ওই কিবে ধবধব, তুঙ্গ তুঙ্গ শৃঙ্গ সব সা.ম ৪৮। [°পে, -বে—অতি-ধবল। "সাদা ধবধবে কাপড়।]

ধপধপে দ্র 'ধপধপ[২]'।

ধপাৎ, -পাস বি [ধপ > °ৎ, -স ; ধ্বন্যাত্মক] ১ সর্থ 'ধপ'। "তক্তপোষে শুয়ে পড়ি ধপাস করে' প.কা ৭১। ডেপুটি 'ধপাৎ' করি, ...পড়িলেন ভূমিতলে চিৎ।—মন্দ্র ৯৮। ২ কোমল বা ফাঁপা দ্রব্যের প্রতিঘাতশব্দ। "ঢেউগুলা...নৌকার উপর ধপাস করিয়া পড়ে আ.দু ৫৩।

ধব বিণ [√ধু+অ (অচ্)-ক] ১ কম্পয়িতা, কম্পজনক। ২ ধূর্ত্ত। —ব পুং ['ধবঃ' পতিঃ (সায়ণ)—"নারীরবিধবাঃ (ঋগ্বেদ ১০.১৮.৭)] ১ 'সন্তাপদূরীকারক', পতি (অ.কো)। "অবিধবে উ.মে ৩৮। স্ত্রীধব ভ ৪.২৮.৫৬। ম.পা ১৭ ; ধবাঙ্ক ৩৯ ; ধবাচে ৪৪। ধব ভব ভব

বি.সু ৮৫। বা.দ ২৩৬। ২ স্বামী, অধিপতি। "ধবঃ স্বামীতি শব্দিতঃ। —ভ ২৭৯.৪৭। ভবের ধব ভব-ধব।—দা ২২৪; মথুরার ধব ৭০০। ৩ নর, জন। "নির্ধনেন ধবেনৈব (পাঠান্তর 'জনেনৈব') নাস্তি কিঞ্চিৎ প্রয়োজনম্।—পঞ্চ ২.১০৮। ৪ [ছান্দস] বৃক্ষবিশেষ, ধলা আকুড়া। "রা ৪.১.৮১। ৫ [√ধু+অ (অপ্)-ভা] কম্প, বিধুনন। [°বতী বিং)—সধবা। "ম.পা ১৬১। °হীনা (বিং)—বিধবা। "ম.পা ১০৯।]

ধবধব, ধবধবে দ্র 'ধপধপ'।

ধবল বিণ [°ল+মতুপ্, প্রত্যয়লোপ, পা ১.৪.১৯, সি] ১ ধবলগুণবান্, শ্বেতবর্ণযুক্ত। "মৃণালনাল° ।—পঞ্চ ১২১৬। জরাধবলকর্ণাগ্র ক.সা ২৫.১৫। ২ নির্মল, বিশুদ্ধ। ৩ সুন্দর। —বল পুং [√ধাব্+অল কলচ্)-ণ, হ্রস্ব (অ.টী), ধব (কম্প) + √লা গ্রহণ+অ (ক)-ক] ১ শ্বেতবর্ণ। "ধবলিত। ২ ধববৃক্ষ। ৩ মহোক্ষ, বৃষশ্রেষ্ঠ। ৪ রাগবিশেষ, হিন্দোলরাগ। ৫ (বাঙলায়) শ্বেত কুষ্ঠ। "শ্রী.মা ১। ব.প ৪৫৯। শ্রী ১৬১। লী °। —বল ক্লী শ্বেতমরিচ। —বলা স্ত্রী ১ শুক্লা গবী; সৌরভী। ২ চীনকর্পূর। —বলী স্ত্রী শুক্লা গবী। [°গিরি (পুং) —হিমালয়ের উচ্চতম শৃঙ্গ। "মা ১২১। °গৃহ (ক্লী)—অট্টালিকা। °পক্ষ (পুং)—১ 'শ্বেতপক্ষ', হংস। ২ শুক্লপক্ষ। °মৃত্তিকা (স্ত্রী)—কঠিন খড়ি।]

ধবলা দ্র 'ধবল'।

ধবলিত বিণ [°ল+ইত (ইতচ্)] ১ সঞ্জাতধবল, শ্বেতবর্ণযুক্ত। "বীচিচ্ছিন্নৈর্ধবলিতৈঃ।—বিষ্ণু ১.৩৪। ২ [√ধবলি+ত (ক্ত)-র্ম] ধবলীকৃত, শুক্লীকৃত। "সুধাধবলিত (গৃহ)।—মনু ৭.৭৬, কুল্লুক; প.তৃ ১৭।

ধবলিম বিং [সং °মা; তু 'রক্তিম'] ধবলিমযুক্ত, ধবল। "ধবলিম এক বসনে তনু গোই।—প.র ৪৯। —লিমা (-মন্) পুং [°ল+ইমন্ (ইমনিচ্)-১ব] ১ ধবলভাব, শুক্লত্ব। "অধিগত° মাঘ ৪.৬৫। ২ বৈবর্ণ্য, পাণ্ডুরতা। "ইয়ং ভূতির্নাঙ্গে প্রিয়বিরহজন্মা ধবলিমা (সু.র)।

ধবলী দ্র 'ধবল'।

ধবলোৎপল ক্লী [কর্মধা] শ্বেতোৎপল, কুমুদ।

ধ(ধু)বিত্র ক্লী [√ধু+ইত্র-ণ (কাশিকা); √ধু (কুটাদি)+ইত্র —'ধুবিত্র', পা ৩.২.১৮৪, সি] ১ অগ্নিজ্বালনার্থ যাজ্ঞিকের মৃগচর্মময় ব্যজন। ২ ব্যজন।

ধম সক [সৌত্রধাতু, প—ধমতি; সেট্; তু ' √ধ্মা >ধম্] অগ্নি-সংযোগ; শব্দসংযোগ। "বায়ুনা ধম্যমানোঽত্র দৃশ্যতেঽগ্নিঃ কচিৎ কচিৎ মহা ৩.২৯৬.৭৮।

ধমক[১] পুং [√ধ্মা+অক (ক্বুন্)-ক, উ ২.৩৫] ১ কর্মকার। ২ পিষ্টক-বিশেষ। "মহা ৭.৬২.৭।

ধমক[২] বি [সং √ধ্মা—ধম্; হি ঠ √ধমকা—ভয় দেখান] ১ ভয়-প্রদর্শনার্থ সশব্দ তিরস্কার; তাড়া, দাবড়ি। "ধমকে অমনি ভূত ভাগে বি.সু ১৫। ২ শব্দ। "ধমকে চমকে মুনি ব.প ১৩৬১। ধামামা ধমকে কাঁপে ধরা শ্রী.মা ১৪১। তোপের °কে স্ব.প্র ১৬৫। ৩ [ঠ '°ক' —বেগ; (মুগারি) '°ক'—প্রভাব] বেগ, বল। "চোটের (অস্ত্রা-ঘাতের) ধমকে গেল ভেগে শ্রী.মা ১৪৬। গাছে ডানা মারে আটা। ধমকেতে মাটী ফাটা। গোড়াসুদ্ধ উপাড়ে অমনি বি.সু ১৭। [ধমক দেওয়া—তাড়া দেওয়া। এক ধমক কাজ করা—যতক্ষণ বল থাকে ততক্ষণ (ক্লান্তি না হওয়া পর্য্যন্ত) কাজ করা। °চমক—ধমকে ভয়-প্রদর্শন। "সীতারাম কিছু ধমকচমক করায় ভীত হইয়া গঙ্গারাম অশ্বের সন্ধানে গেল ব.প ৪৫০।

ধমকা সর্থ [ধমক[২]+আ[৯]; হি, ঠ √°কা] ধমক দেওয়া; তাড়া দেওয়া। "ধমকায় ঠাকুরের কপট করিয়া ভ.প্র ২০৫। [ধমকান, -নি ঠ °কারণী)—সর্থ 'ধমকা'।]

ধমধম বি [ধনুস্তাত্মক; হি ধমাধম; ঠ '°ম'—ঢক্কাদি-শব্দ] ১ দামামা-ঢক্কাদির নিরন্তর শব্দ। 'ধমধম…দামামা…বাজে ভা.চ ৪৬২; ধমধম …নৌবত বাজে ৪৯১। ২ তোপের শব্দ। "ধমধম…তোপ আবাজে ভা.চ ৪৯১। —মাধম বি নিরন্তর আঘাতের বা প্রহারের শব্দ। "ধমাধম পেটা, মারা।

ধমন পুং [√ধম্+অন (ল্যুট্)-ক] 'শব্দকারক', নল। —মন ক্লী [+অন-ভা] প্রজ্বালন, জ্বালান। "(পাণিশূর্পক্ষ্যদারুভিঃ) ন কুর্য্যাদ-গ্নিধমনম্।—কাত্যায়ন ৯.১৪। —মনি, -নী স্ত্রী [+অনি-ক, উ ২. ১০৩; স্ত্রী ঈ (ঙীষ্)] ১ নল, নালী, চোঙা। ২ (সাদৃশ্যে) নাড়ীভেদ, শিরা-ভেদ। "সাম্বঃ কৃশো ধমনিসন্ততঃ (সূর্য্যস্তব)। ৩ নাড়িকা শাক। ৪ হরিদ্রা।

ধমনি,-নী দ্র 'ধমন'।

ধম্বল বি [হি 'ধম্মাল'—মূল] ঢোল বা ঢ্যাঁড়া পিটিয়া জানান; প্রচার করা; জানান-দেওয়া। "পারেন কেবল পাড়ায় পাড়ায় পিটিতে ধম্বল। —হেম ৩৮৭। [জ্যোৎস্না ধম্বল দেওয়া (চব্বিশপরগনা)—জ্যোৎস্নার জানান দেওয়া; জ্যোৎস্নার আভা উঠা।]

ধম্ম বি [সং ধর্ম্ম >লি, প্রা ধম্ম; তু 'ধাম' (ধর্ম্ম—চ); কথ্যভাষা] ধর্ম্ম। "ধম্মাধম্ম (দো)। ধম্মের দোহাই গো.চ ৪১। —ম্মি বিং [সং ধর্ম্মী >লি ধম্মী, প্রা ধম্মি; কথ্যভাষা] ধার্ম্মিক। "ধম্মি বড় রাজা গো.চ ১; °রাজ ৬৮।

ধম্মিল বি [সং ধম্মিল্ল] ১ খোপা। "°ল লোল ব.প ১০১২। ২ কেশ। "ধম্মিল ভার হার অরুঝাব বি.সা ৩৪৬।

ধম্মিল্ল পুং [উর্দ্ধ+ √মিল্+অ (ক)-ক, পৃষো (অ.টী; অ.চি); ধম্+মিল, পৃষো (শ.ক)] সংযত কেশ; মৌক্তিকাদিসহ বহির্বদ্ধ কুসুমগর্ভ কেশ (অ.টী); খোপা। "°শৈবালকম্ (সরঃ) শৃ ১। শ্লথ° শোভা ক.সা ১৯.৯৯। গলদ° গী.গো ২.১১। ধম্মিল্ল লোল বি.প ৯৪। °বিন্যাস চৈ.চ ১১৭। ['ধামিলি'—(প.ক)।]

ধয় বিণ [√ধে+অ (শ)-ক, পা ৩.১.১৩৭; স্ত্রী -য়া] ধায়ক, পায়ী। "নৈ ১.৮২।

ধর[১] বিণ [√ধৃ+অ (অচ্)-ক; স্ত্রী -রা] ধারক, পরিধায়ক। "গঙ্গা°, গদা°, চক্র°, ভূ°। কাকপক্ষ° গো.রা ৩.৪২.৩৩; সসাগর-ধরাধরা (ভূমিঃ) ৫.৫৩.২১। দিব্যমাল্যাম্বর° গী ১১.১১। খেটকধরা ক.চ ২৫৭। মালা° গ ১২০। ব্রত° চৈ.ভা ৩১২। [সমাসে উত্তর-পদ]—র পুং ১ 'ধরাধারক', পর্ব্বত। "মাঘ ৪.১৮। কি ১৫.১২। ২ কূর্ম্মরাজ। ৩ বসুবিশেষ। ৪ বিষ্ণু। ৫ শিব। ৬ শ্রীকৃষ্ণ। ৭ বিট। ৮ কার্পাসতুলক। ৯ (বাঙলায়) অক্ষ, গাড়ীর ধুরা। "বিমানের ধর জ ৪৯। ১০ হিন্দুর উপাধি। —রা[১] স্ত্রী ১ পৃথিবী। ২ ভূতল। "°শয় মনু ৬.২৬। ৩ গর্ভাশয় (uterus)। ৪ নাড়ী। ৫ মেদঃ। ৬ দানার্থ জম্বুদ্বীপসদৃশী স্বর্ণময়ধরা।

ধর[২] সর্ম্ম [সং √ধৃ >লি, প্রা √ধর; হি, ঠ, গু, মৈ ধর] ১ ধারণ করা; রাখা। "স্বামী যারে ধরয়ে মস্তকে।—ক.চ ৬৪। ২ গ্রহণ করা; লওয়া। "ভুল দোষ, গুণ ধর।—মাইকেল। ৩ ব্যবহারার্থ হাথে লওয়া। "গাঁতি নাহি ধরে বিশাই না ধরে সিউনি ক.চ ৭৯। ৪ আটকাইয়া রাখা। "দাঁতে ধরে লাগাম শ্রী ২৪২। ৫ পরিগ্রহ করা; স্বীকার করা। "ধরিয়া বরাহকায় ক.চ ১০। যোগীর বেশ ধরি বি.পা ২৪৭। ৬ বহন করা। "ধরিতে নারিব মহীভার ম ৮। দশনে ধরণী ধরি ক.চ ১০। ৭ মনে করা; মানা। "(মন্ত্রদ্রষ্টা যত) তোমাতে ধরয়ে বামনের আচরিত শ্রী.ম ২৬২। ৮ আশ্রয় করা; লওয়া। "ঠাকুরের দোর ধরা। আবদার, বায়না ধরা। ৯ বেড়িয়া বন্ধন করা। "লোহিত বসন শিরে ধরে ক.চ ৮৬। ১০ আটক করা; পাকড়ান। "দশ বিশ রাখালে ধরে তারে বেড়ি বি.পা ২৪৭। রাখী বোলে ধর ধর ম.পা ১১৮। ১১ পরিধান করা; পরা। "ধর ধর…অষ্ট অলঙ্কার।—গো.বি ৭১। সন্ন্যাসীর বেশ

ধরে কৃ ২৪৯। কজ্জল (ধরসি)।—ক.চ ৬৪। **১২** তন্নামে অভিহিত করা। "বসন রঙ্গায়্যা কেহ ধরে রঙ্গবেজ ক.চ ৮৬। **১৩** স্থাপন করা; রাখা। "(পদ) শিব ধৈলা উরেঃ দু ২০। দুই পাশে ধরিল (চাঁপাকলা দধি সন্দেশ) চৈ.চ ৮৪। ন.বি ১৪৬। **১৪** বশে রাখা; সংযত করা; স্থির করা। "রসের ভরে, অঙ্গ না ধরে।—ব ১৫৬। বিপ্র মহাব্যাকুল ধরিতে নারে অঙ্গ ন.প ৬০; উলাসে না ধরে হিয়া ১৭৩। **১৫** অনুসরণ করা। "দীপিকা ভাস্বতী ধরে, শাস্ত্র বিচার করে ক.চ ৮৭। কুলি ধরি ধাইল।—শি ৮০। **১৬** রক্ষা করা। "কেন প্রাণ ধরি কৃ ২১৭। গান্ধারী প্রাণ ধরিতে না পারে ব.প ৬৬০। **১৭** সহ্য করা। "ধর দেখি ধনঞ্জয় গোটা কত বাণ অ.প ৯৪। মহেশের বীর্য্য টলে, গৌরী নারিল ধরিবারে ক.চ ২৮। **১৮** সঙ্গত বোধ করা। "বহু বাক্য সম্ভাষন্ত, কৃষ্ণ মনে না ধরন্ত অ.প ২৬। **১৯** করা। "আজি হবে এ সঙ্কট, তেঁই হর ধৈলা হট দু ৫৬। **২০** আরম্ভ করা। "পার্ব্বতীর ধ্যান ধৈলা দু ৬৩। **২১** আক্রমণ করা। "চিনা জোঁকে ধরে বি.পা ২৪৭। ডাকাতে, ভূতে, রোগে ধরা। **২২** আধাররূপে স্থান দেওয়া। "সংসারেতে গঙ্গা ধরে হেন জন নাই।—গ ১২৬। **২৩** গ্রাহ্য করা; শোনা। "আহ্মার বচন ধর ম.গা ২৬। কৃ.উ ১০৪। ক.চ ১৩৬। **২৪** লওয়া। "কলার নেউজ পাত আইস তো ধরিয়া গো.চ ৫০; ভিক্‌থা ধরি ব্যারাইল ৩০৪। **২৫** কোন কার্য্যে বরণরূপে গ্রহণ করা। "ধরত মোর পুত পাণ।—কৃ ২৪৮। **২৬** নির্দ্ধারণ করা। "দাম ধরা। **২৭** পীড়িত করা। "ওলে, কচুতে গাল ধরে। **২৮** বাহির করা; দেখান। "খুঁত, দোষ, ভুল ধরা। **২৯** ব্যাপ্ত করা। "সাত দিন ধ'রে বিষ্টি হচ্ছে। **৩০** স্পর্শ করা। "জীব' বুঝাবার তরে, আপন আয়তি ধরে ভা.চ ৩৬১। **৩১** পোষণ করা; রাখা। "না ধরি কামনা আর সার্ব্বভৌমপদে শ্রী.ম ২৫৩। **৩২** সত্য বলিয়া গ্রহণ করা; মনে করা। "ধর, তুমি পাস করেছ, তার পরে কি? **৩৩** গণনা করা; হিসাবে লেখা। "দুই ধানের কড়ি তবে পাঁচ গণ্ডা ধর ক.চ ৭৪। হাজার দু-হাজার টাকা ওরা টাকার মধ্যে ধরে না ব.প্র ২০১। **৩৪** তালিকার অন্তর্ভুক্ত করা; অন্তর্গত করা। "পরের কাযটাই, পরের কাযে ধরি দা ৪১০। **৩৫** সনির্ব্বন্ধ আশ্রয় করা। "(কেহ) থাকিলে ধ'রে প'ড়ে অমনি ভর্ত্তি করিতে পারিতাম আ.দু ১১। **৩৬** সংবরণ করা। "ধরিতে ধরণ না যায় দুটি আঁখির পাণী ব ১৪৮। —র অর্ম্ম **১** রুদ্ধ হওয়া। "ঠাণ্ডায় গলা ধরে। **২** থামা। "বৃষ্টি ধরা। ষ্টেশনে গাড়ী ধরা। **৩** উৎপন্ন হওয়া। "আমলকী ধরে বারমাস বি.পা ১০২। **৪** কার্য্যকর হওয়া; ফল দেখান। "ঔষধ ধরা। **৫** পীড়াক্রান্ত হওয়া। "মাথা ধরা। **৬** তাপে পুড়িয়া পাত্রে লাগা। "দুধ, ভাত ধরা। **৭** পাত্রে দ্রব্যের সমাবেশ হওয়া। "আহ্লাদ যে ধরে না মা! আর ঘরে দা ৫৩২। **৮** সঙ্গত বা অভিমত বলিয়া বোধ হওয়া। "সভে একখানি মাত্র ধরিলেক মনে চৈ.ভা ৪৫১। **৯** টান ধরা; টানা। "প্রাণনাথ! হেঠ হল্যা ধরে মোর কেশ চ ৪৪। **১০** নিস্পন্দ বা অসাড় হওয়া। "ব'সে ব'সে মাজা ধরে। —রা সর্ম্ম [ধর২ + আ৮] **১** ধারণ করান; ধরান, লওয়ান ইত্যাদি। **২** রোপণ করান; রোপান, লাগান। "আড়ি তুলে…ধরাইল ধান শি ৮০। **৩** অভিহিত করান; বলান। "তাসন করিয়া নাম ধরাইল জোলা: মৎস্য বেচিয়া নাম ধরাল্য কাবারি ক.চ ৮৬। বল দয়াময়ী নাম কি করি ধরাও দু ৫৫। **৪** লাগান। "বালি ধরান। [ধয়ল—ধরিল। "বি.প ২১। ধরএ,-রল,-হ,-রাইআঁ, ধরিআঁ,-এ্য,-তেঁ,-লেঁ,-লোঁ,-বোঁ,-হ; ধরু,-রোঁ (শ্রী.কী)। ধরই,- ইতে, -রউ,-রবি (প.ক)। ধরই (দো)। ধৈল —ধরিল। "দু ৮; ২০। নাড়ী ধরা—নাড়ীর গতিপরীক্ষার্থ হাত ধরা। "হকিম নাড়ী ধরিয়া রহিলেন ব.প্র ৫৫। নাম ধরা —তন্নামে অভিহিত হওয়া। "অঙ্গদ নাম ধরি কৃ. ২৪৯। মনে ধরা—অভিমত হওয়া। যব ধরি— যে সময় হইতে। "যব ধরি পেখনু রাই…আকুল কূল না পাই॥ —গো ১০১।]

ধরণ বিণ [√ধৃ + অন (ল্যুট্)-ক; স্ত্রী. -ণী; ছান্দস] ধারক। "ত্বেন থত্বসি ভূতানাং ধরণী হৃ. ১৬৯.৫১। —রণ পুং **১** হিমালয়। **২** ভুবন, লোক। **৩** স্তন। **৪** ধান্য, শস্য। **৫** সূর্য্য। **৬** সেতু, আলি। **৭** চতুর্ম্মাষক-পরিমাণ (সুশ্রুত)। —রণ ক্লী **১** চতুর্ব্বিংশতিরক্তিকাপরিমাণ (লীলাবতী); পলের দশমাংশ (বৈদ্যক)। **২** ষোড়শরূপ্যমাষকপরিমাণ। "বিষ্ণু. ৪.১২। **৩** দশ পল। "পলানি ধরণং দশ মনু ৮.১৩৫। **৪** পলের দশমাংশ (বৈদ্যকপরিভাষা)। **৫** আশ্রয়, অবলম্ব। **৬** [+ অন-ভা] ধারণ। "সারং ধরিত্রীধরণক্ষমম্ কু.স ১.১৭। ধরণিধরণ-কিণ গী.গো ১.৬। ৭ [ধর২ + অন] (বাঙলায়) ধরা, গ্রহণ।"শ্রী.মা ১৪৩। **৮** তালানুসারে গানের আরম্ভ। বিপ 'ছাড়ান'। **৯** বর্ষণাভাব। "দেবতা ধরণ ক'রেছে। **১০** ধারণ, রক্ষা। "প্রাণ ধরণ না জাএ শ্রী.কী ৩২৩। শোকে হিয়া না জায় ধরণে কৃ.উ ২৩৮। **১১** প্রকার, প্রকৃতি। "আমার মেজ জা অন্য ধরণের ছিলেন ঘ. ৭। **১২** ভাব, ভঙ্গি। "সেটা বুঝেছি ধরণে কা. ৮২। **১৩** প্রথা, রীতি। "ধুমুসী ধরণে সাজে ধরি অসি ঢাল শ্রী.মা ১৪৩। উঁহাদের সমাজে কি ধরণে কার্য চলে, তাহা…সুস্পষ্ট বুঝা যাইবে পা.প্র ২০৬। **১৪** চাল, আদব-কায়দা। "না জানি ধরণ-ধারণ।—গান ১২৭। **১৫** সংবরণ, সামলান। "বড়ই লুবধ মন না যায় ধরণ ব.প ৭৮৫। দ্র 'ধর২ (৩৬)। **১৬** আকার, গড়ন। **১৭** নির্ম্মাণপ্রণালী। "সাহেবী ধরণের বাড়ী। [°গণ্ডা (বি)—পারে লইয়া যাওয়ার কড়ি। "পার হৈলে তুমি পাইবে ধরণ-গণ্ডা শ্রী.ম ৬৬। °ছাড়ন—দ্র 'ধরণ (৮)। °ধারণ—চাল-চলন। দ্র 'ধরণ। (১৪)। ধরনে—হিসাবে। "পণ ধরনে; শ ধরনে।]

ধরণি, -ণী স্ত্রী [√ধৃ + অনি-ক, উ-২.১০১; স্ত্রী ঈ (ঙীষ্)] **১** 'জীবাদি ধারিকা', পৃথিবী। °ণী রা ২.৪২.২। "°ণি গো.রা ৬ ১৮.৫৪; গী.গো ১,৬। °ণি ন.প ১৩০,-৮৯। **২** ভূতল। "লুঠতি ধরণিশয়নে গী.গো ৫.৫। **৩** শাল্মলীবৃক্ষ। **৪** কন্দবিশেষ। **৫** শিরা (A.)। **৬** (বাঙ্‌লায়) ভূমি। "ধরণি ধন বিলাইল শ্রী ৫০। **৭** ধরণীর অংশ; দেশ। "পশ্চিম ধরণীর ব.প ৪৬৪। [°কীলক (পুং)—পর্ব্বত। °তল (ক্লী)—ভূতল। "বা.দ ২২৩। °পতি (পুং)—রাজা। °প্লব (পুং)—সমুদ্র। °রুহ (পুং)—'পৃথিবীজাত', বৃক্ষ। "মাঘ .৪৬।]

ধরণীজ বিণ [°ণী + √জন্ + অ (ড)-ক; উ.ত] পৃথিবীজাত; ভূমি-জাত। —ণীজ পুং **১** মঙ্গলগ্রহ, কুজ। **২** নরকাসুর। —ণীজা স্ত্রী সীতা।

ধরণীধর পুং [ষ.ত] **১** 'পৃথিবীর ধারক'; বিষ্ণু। **২** শেষ। "শি ৭। **৩** পর্ব্বত। **৪** কূর্ম্মরাজ। "শ্রী.মা ১০। গ ৫০। **৫** রাজা। **৬** দিগ্‌গজ।—ণীভৃৎ পুং [°ণী + √ভৃ + ক্বিপ্ (০)-ক; উ.ত] সর্থ 'ধরণীধর (১-৪)।

ধরণীপুত্র, -সুত, পুং [ষ.ত] সর্থ 'ধরণীজ'। —তা স্ত্রী সীতা।

ধরণীশ্বর পুং [ষ.ত] **১** বিষ্ণু। **২** শিব। **৩** রাজা। "ভা.চ ৫০।

ধরতা বিং ['ধর্ত্তা'—মূল্য] **১** যে দোয়ার মূল গাইনের মুখ হইতে গান ধরিয়া গায়; দোয়ারের প্রধান। "ধরতা দোয়ার হু ৩৮,-৯। —রতা বি [হি °তা] দ্রব্যক্রয়ে ক্রেতার প্রাপ্য কমিশন।

ধরপাকড় বি **১** ধরা-পাকড়, টানাটানি, পীড়াপীড়ি। **২** বিশেষ তথ্যানুসন্ধান। "এইরূপ ধরপাকড়ের পর বঙ্কবেহারী বাবুও সন্ন্যাসীকে অপ্রস্তুত করে হু ১৩৬।

ধরম বি [সং ধর্ম্ম > (স্বরাগমে) °ম; বৈষ্ণবসাহিত্যে] ধর্ম্ম; সতীধর্ম্ম। "গো.চ ১৩৬। যে মোর ভরম, ধরম করম, সকলি জান হে তুমি। —চ.সা ৩২২। ঘুচাএ্যা-ধরমে করিলে প্যাগলী পারা (প.ক)। [°নাশা—সতীধর্ম্মনাশক (প.ক)।

ধরা১ স্ত্রী দ্র 'ধর১'।

ধরা২ বিং [ধর১ > °রা] ১ (বাঙ্লায়) যে ধরে ; ধারী। "ধামা°, হাত°। অসি-চর্ম-ধরা…ক্ষত্রিগণ ব.প ১৪৮৬। তেমন ক্ষেপা কে দেখেছে, হৃদিপদ্মে পদধরা।—রামপ্রসাদ। ২ যে ধরে, অর্থাৎ চুরি করে। "ছেলে°। ৩ আক্রমণকারী। "হকাই মকাই, তারা দুটি ভাই, যতেক ছাগল-ধরা ম.ভা ৫২। ৪ [ধর২+আ১২] ধৃত, গৃহীত ; নির্ণীত, নির্দিষ্ট। ৫ [ধর২+আ৬] ধারণ ইত্যাদি। [ধরা-গন্ধ—ব্যঞ্জনাদি পোড়ার গন্ধ। ধরা দেওয়া—ধৃত হওয়া। ধরাধরি—১ পরস্পর বা মিলিতভাবে ধারণ। "ধরাধরি করি সখী ভূমি হৈতে তুলে—বি.পা ৫৮। ভা.চ ৩৯৮। ২ টানাটানি। "আমাকে নিয়ে… করিবে বেটা ধরাধর (-রি) দা ১৫৭০। ধরা-বাঁধা—১ ধরা ও বাঁধা ; বিশেষ পীড়াপীড়ি। ২ নির্দ্ধারিত। ধরা পড়া—ধৃত হওয়া। ধরাপাকড়া—ধরাবাঁধা। "ঘ ২৭৩। ধরা বিয়ে—পূর্ব্বে বিবাহের প্রস্তাব ব্যতীত হঠাৎ বিবাহ। ধরার ধরা—ধরাবাসীর দৃষ্টির সীমা। "নিমেষে ধরার ধরা এড়াইয়া চলিল বিমান স্ব.প্র ৩।]

ধরা৩ বি [সং ধট] তুলাযন্ত্রের লম্বমান ভারের আধার (scale)। "শ্রীফল কাঠের ধরা বি.পা ৩৭৬।

ধরাত্মজ পুং [ষ.ত] ১ মঙ্গলগ্রহ। ২ নরকাসুর।—জা স্ত্রী সীতা।

ধরাদেব, -সুর পুং [ষ.ত] ধরার দেবতাতুল্য ; ব্রাহ্মণ।

ধরাধর পুং [ষ.ত] ১ 'ধরাধারক', পর্বত। °শ্রী.মা ১১ রঙ্গ ৮২। ২ শেষাহি। "শ্রী.মা ১৯৭। ৩ বিষ্ণু। ৪ (বাঙ্লায়) হিমালয়। "°সুতা শি ৭২।

ধরামর পুং [ষ.ত] সর্থ 'ধরাদেব'। "দু ৫০। শ্রী.মা ২১ ; ১৮৩। শ্রী ১৫১। বি.সু ১৭৭।

ধরিত্রী স্ত্রী [√ধৃ+ইত্র-ক+স্ত্রী ঈ (ঙীষ্), উ. ৪.১৭২ ; হি, ঠ, মৈ ধরতী ; তু 'ধরিতি' (জ.প ১৬)] 'ধারণকর্ত্রী', ধরা ধরণী। "রঘু ১৪.৫৪। কু.স ১.২। —রিত্রী বিণ, স্ত্রী [ধরিতৃ—°ত্রী (স্ত্রী) ; ছান্দস] ধর্ত্রী, ধারয়িত্রী। "আপো গর্ভো যস্ত গুভা ধরিত্র্যঃ।—হ ১৩১.৩০।

ধরিমা (-মন্) পুং [√ধৃ+ইমন্ (ইমনিচ্)-ক,-১ব, উ ৪.১৪৭] তুলা। "ধরিমমেয়ানাম্ (সুবর্ণরজতাদীনাম্) মনু. ৮.৩২১।

ধর্ত্তব্য বিং [√ধৃ—°ব্য ; তু 'কর্ত্তব্য'] গ্রাহ্য, গণনীয়, বিচার্য্য। "যদি বল আমার চুল পেকেছে, দাঁত পড়েছে—তা অনেকের অল্প বয়সেও হইয়া থাকে। সেটা বড় ধর্ত্তব্য নয়।—আ. দ্র ১১২।

ধর্ত্তা (-র্ত্তৃ) বিণ [√ধৃ+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -র্ত্রী] ধারক, রক্ষক। "ধর্ত্তারঃ প্রলয়েষু যে…বেদস্তম.চ৫.১৮।

ধর্ম্ম পুং, ক্লী [√ধৃ+ম (মন্)-ক, উ ১.১৩৯ ; ছান্দস। ১ 'লোকধারক,' শ্রেয়ঃ, শুভাদৃষ্ট, পুণ্য। "ধর্ম্মং যো বাধতে ধর্ম্মো ন স ধর্ম্মঃ কুবর্ম্ম তৎ।—মহা ৩.১৩১.১১ ; যতঃ কৃষ্ণস্ততো ধর্ম্মো যতো ধর্ম্মস্ততো জয়ঃ ১৩.১৬৭.৪১। এব এক সুহৃদ্ধর্ম্মঃ।—হি ১:৬৭। রঘু ১.২১। ২ চতুর্বর্গের একতম। ৩ আচার, অনুষ্ঠান। "কুল° গী ১.৩৯। দেশ°, জাতি°, কুল° মনু ২.১১৮। ৪ শাস্ত্রদৃষ্টকার্য্যমাত্র, শাস্ত্রানুশাসন, বৈধকর্ম্ম। "মানবধর্ম্মশাস্ত্র। মনু ১.১১৪ ; ৮.৪১। ৫ সম্প্রদায়বিশেষের শাস্ত্রবিধি। ৬ ন্যায়, বিচার। ৭ নীতি, নয়। ৮ স্বভাব, ভাব, প্রকৃতি, গুণ। "বর্ণধর্ম্ম পা ১.৩.১১, কাশিকা। মৃত্যুং মরণধর্ম্মেণ যোজয়েয়ম্ গো.রা ৩.২৯.১৮। ৯ অসাধারণ গুণ ; বিশেষ লক্ষণ। "নিদাঘ কালের ধর্ম্ম বি.সু ৭৫। শোকের ধর্ম্মই এই, তাহাতে অভিভূত হইলে উত্তরোত্তর বৃদ্ধিই প্রাপ্ত হইতে থাকে।—সী ৭৫। ১০ উপমা, সাম্য। ১১ অভিধেয় বস্তু। "একোঽপি ধর্ম্মঃ সামান্তো যত্র নির্দ্দিশ্যতে পৃথক্ সা.দ ১০.৫০। ১২ অহিংসা। "কো ধর্ম্মো ভূতদয়া।—হি ১.১৪৬। ১৩ যজ্ঞাদি। কঠোপনিষৎ ২.১৪। ১৪ উপনিষৎ। ১৫ ঈশ্বরে অনুরাগ। ১৬ ব্যবস্থা। "দ্যূত° মনু ৯.২২০।—র্ম্ম পুং ১ আত্মা। "কঠোপনিষৎ ৪.১৪। ২ সোমপ। ৩ যম। ৪ অর্হদ্বিশেষ। ৫ যুধিষ্ঠির। "ম ৫৮১ ; ইঁহ ধর্ম্ম ৬৫৯। ৬ ব্রহ্মার দক্ষিণস্তনজাত দেবতাবিশেষ। 'মৎস্তপুরাণ ৩.১০। "ভ ৪.১.৪৮। ৭ জীবাত্মা। ৮ সৎসঙ্গ। ৯ ধনুঃ। ১০ তপঃশৌচাদিপাদচতুষ্টয়যুক্ত ধর্ম্মের বৃষরূপ। 'ধর্ম্মোঽসি বৃষরূপধৃক্ ভ ১.১৭.২২। "ভ ১.১৭.২৮। ১১ লগ্ন হইতে নবম স্থান। ১২ (বাঙ্লায়) গ্রাম্য দেবতা ধর্ম্মঠাকুর। "দআর আসনে ধর্ম্ম বসিল আপনে শূ ৩। শ্রী.মা ৪। ম.ভা ৮। —র্ম্ম ক্লী দানাদি। "ধর্ম্মং পুরাণমনুপালয়ন্তী।—অথর্ব্ববেদ ১৮.৩.১। [°কাম (বিণ)—ধর্ম্মকর্ম্মেচ্ছু, ধর্ম্মকারক। °কৃৎ (পুং)—'ধর্ম্মকারক', বিষ্ণু ; ধার্ম্মিক। °কৃত্য (ক্লী)—ধর্ম্মক্রিয়া, ধর্ম্মকর্ম্ম। °কোষ (পুং) —ধর্ম্মসমূহ। "মনু ১.৯৯। °গ্রন্থ (পুং)—ধর্ম্মপুস্তক, শাস্ত্র। °চক্র (ক্লী)—ধর্ম্মসমূহ। "মহা ১.১০৯.১৪। °চর্য্যা (স্ত্রী)—ধর্ম্মাচরণ। কু.স ৭.৮৩। °জন্মা (-ন্মন্) পুং—যুধিষ্ঠির। "মাঘ ১৪.৫৩। °জিজ্ঞাসা (স্ত্রী) ধর্ম্মাচরণার্থ প্রশ্ন। °জীবন (পুং)—যে ব্রাহ্মণ যাজনাদি দ্বারা জীবিকার্জ্জন করেন। "মনু ৯.২৭৩। °জ্ঞ (বিণ)—ধর্ম্মবিৎ, রাজ-ধর্ম্মাদিতে পণ্ডিত। "রা ১.১.২। মনু ৭.১৪১। °দান (ক্লী) —নিঃস্বার্থভাবে ধর্ম্মবুদ্ধিপূর্ব্বক সৎপাত্রে দান। °দ্রোহী পুং—'ধর্ম্মকর্ম্মদ্বেষী', রাক্ষস। °নন্দন (পুং)—যুধিষ্ঠির। °নিবেশ (পুং) —ধর্ম্মে নিষ্ঠা। °নিষ্ঠ (বিং) —ধর্ম্মে আস্থাবান্ ; ধার্ম্মিক। "ম ৪৭৪। °নিষ্পত্তি (স্ত্রী)—ধর্ম্মকর্ম্মাচরণ। °পর (বিণ)—ধর্ম্ম-পরায়ণ, ধর্ম্মনিষ্ঠ। °প্রবক্তা (-ক্তৃ) বিণ—ধর্ম্মোপদেশক। °বিপ্লব (পুং)—ধর্ম্মক্ষয়। °ময় (বিণ)—পুণ্যময়, শমদমসত্যাদিরূপ। "যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ মহা ১.১.১১১। °মূল (ক্লী)—ধর্ম্ম-প্রমাণ। °মনু ২.৬। °যুগ (ক্লী)—সত্যযুগ। °রোধী (-ধিন্) বিণ —ধর্ম্মবিরোধী, ধর্ম্মহানিকর, অন্যায্য। °লোপ (পুং)—ধর্ম্মহানি। "রঘু ১.৭৬। °শালা (স্ত্রী)—১ ধর্ম্মাধিকরণ, বিচারালয়। ২ ধর্ম্মার্থ অন্নাদিদান-শালা। °শাসন (ক্লী)—ধর্ম্মোপদেশ ; ধর্ম্মশাস্ত্র। °শাস্ত্র (ক্লী)—মন্বাদিকৃত ধর্ম্মপ্রতিপাদক স্মৃতিগ্রন্থ। "°প্রযোজক যাজ্ঞ ১.৫। °শীল (বিণ)—ধর্ম্মস্বভাব, ধর্ম্মতৎপর। "মা ১০২। °সংহিতা (স্ত্রী)—ধর্ম্মসম্বন্ধিসংহিতা, ধর্ম্মশাস্ত্র, মনুসংহিতাদি। °সঙ্গ (পুং)—ধর্ম্মে আসক্তি। °সঙ্গীতি (স্ত্রী)—ধর্ম্মালোচনা। °সভা (স্ত্রী)—ধর্ম্মাধিকরণ। °সহায় (পুং)—ধর্ম্মে সহায়ভূত ঋত্বিক্-প্রভৃতি। 'সা.দ ৩.৪৫। "সার (পুং)—শ্রেষ্ঠ ধর্ম্ম। °সুত, °সুনু (পুং)—যুধিষ্ঠির ; নর-নারায়ণ ঋষিদ্বয়।] [ধর্ম্মত মাসী—ধর্ম্মানুসারে মাসী ; ধর্ম্মের মাসী ; "বি.সু ৩১। ধর্ম্মের ষাঁড়—বৃষোৎসর্গশ্রাদ্ধে ধর্ম্মার্থ উৎসৃষ্ট ষণ্ড।]

ধর্ম্মক্ষেত্র ক্লী [ষ.ত] ১ ধর্ম্মের ও ধর্ম্মবৃদ্ধির ক্ষেত্র ; ধর্ম্মভূমি। "গী ১.১। ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্র গ ১৯৯। ২ ধর্ম্মকর্ম্মার্থ ভূমি ; ভারত।

ধর্ম্মঘট পুং [উ.লো] ১ ধর্ম্মার্থ বৈশাখমাসে প্রত্যহ দেয় গঙ্গোদকপূর্ণ সভোজ্য সদক্ষিণ চন্দনাক্ত কলস। 'ভবিষ্যপুরাণ'। ২ (বাঙ্লায়) ধর্ম্মসাক্ষিপূর্ব্বক স্থাপিত ঘট (বারি) ; ধর্ম্মঠাকুরের বারি। "ধর্ম্মঘট আগে করি, বলে চান্দ অধিকারী, শুন মা গো সাহে রাজার ঝি। ধর্ম্মাধর্ম্ম এই ঘটে, তুল দেখি অকপটে,…।—বি.পা ৩৭৫। —ঘটী বি ধর্ম্মের আধার ; অতিধার্ম্মিক। "গো.চ ৩৩৮। [ধর্ম্মঘট করা—ধর্ম্মঘট স্পর্শ করিয়া কোন বিষয়ের সিদ্ধির নিমিত্ত প্রতিজ্ঞাকরণ ; প্রার্থনা-পূরণার্থ শ্রমিকগণের সমবেতভাবে প্রতিজ্ঞাপূর্ব্বক কর্ম্মবন্ধ করা (to strike)]।

ধর্ম্মচারী (-রিন্) বিণ [ধর্ম্ম+ √চর্+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত ; স্ত্রী-রিণী] ১ ধর্ম্মকর্ম্মকারক; যজ্ঞাদিকারক। "রঘু ৩.৪৫। ২ বর্ণাশ্রম-

ধর্ম্মের অনুষ্ঠাতা। "অ° রা ৩.২.১২।—চারিণী স্ত্রী ১ সহধর্ম্মকারিণী পত্নী। "মহা ৩.২৯২.২১। ২ পতিব্রতা, সতী।

ধর্ম্মজ বিণ [ধর্ম্ম+√জন্+অ (ড)-ক ; উ.ত] পিতার ধর্ম্ম হেতু জাত (কুল্লুক) ; যে পুত্রের জন্মে পিতার ঋণশোধ ও অমৃতত্ব হয়, তাদৃশ (পুত্র) ; ঔরস জ্যেষ্ঠ (পুত্র)। বিপ 'কামজ'। "মনু ৯.১০৭। —র্ম্মজ পুং ধর্ম্মপুত্র, যুধিষ্ঠির। "ভ ৩.৩.১৬।

ধর্ম্মজাত বি ধর্ম্মঠাকুরের উৎসবের যাত্রিগণ। "যথাকালে যাত্রা কৈল লয়ে ধর্ম্মজাত শ্রী.মা ৩০।

ধর্ম্মণ পুং ১ বৃক্ষবিশেষ, ধামনিগাছ। ২ ঢেমনা সাপ।

ধর্ম্মতলা বি ধর্ম্মঠাকুরের অধিষ্ঠিত ও পূজার্থ স্থান।

ধর্ম্মতাত পুং [সুপ্‌সুপা] সত্যাদি-ধর্ম্ম হেতু প্রতিপন্ন তাত (পিতৃবৎ পূজ্য)। "ধর্ম্মতাত এবায়ং রাজর্ষিঃ উ.চ ৬২/১৭।

ধর্ম্মদার পুং, বহুব [উ.লো] ধর্ম্মার্থ (অগ্ন্যাধানাদ্যর্থ) দার ; ধর্ম্মপত্নী। "ধর্ম্মদারা দ্রৌপদী বা.ভা ২৩/৫।

ধর্ম্মদ্রবী স্ত্রী [ধর্ম্ম দ্রব যাঁহার, বহুব্রী, স্ত্রী ঈ (ঙীষ্)] যাঁহার জল ধর্ম্মকর ; গঙ্গা। "ধর্ম্মদ্রবীতি বিখ্যাতে...জাহ্নবি।

ধর্ম্মধ্বজী (-জিন্) পুং [ধর্ম্মধ্বজ (কর্ম্মধা) —°জ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] যে জীবনার্থ জটাদিচিহ্ন ধারণ করে (অ.টী) ; যে জনসমক্ষে ধর্ম্মাচরণ ও স্বতঃ পরতঃ ধার্ম্মিকতা প্রচার করে (কুল্লুক) ; লিঙ্গবৃত্তি। "মনু ৪.১৯৫। চৈ.ভা ৩৯১;৪০১। [ধর্ম্মধ্বজা—সর্থ 'ধর্ম্মধ্বজী'। "রঙ্গ ৯।]

ধর্ম্মনাশ বি ১ ধর্ম্মহানি, পুণ্যক্ষয়। ২ সতীধর্ম্মহানি, সতীত্বনাশ।

ধর্ম্মপত্নী স্ত্রী [উ.লো] সর্থ 'ধর্ম্মদার'। রঘু ২.২ ; ২০ ; ৭২।

ধর্ম্মপুত্র পুং [উ.লো] ১ ধর্ম্মার্থ পুত্র ; সর্থ 'ধর্ম্মজ'। ২ [ষ.ত] যুধিষ্ঠির। ৩ নর-নারায়ণ ঋষিদ্বয়। ৪ [সুপ্‌সুপা] ধর্ম্মানুসারে কৃত পুত্র ; ধর্ম্মবেটা।

ধর্ম্মপ্রবচন ক্লী [বহুব্রী] ১ যাহাতে ধর্ম্মনির্ণয় আছে ; ধর্ম্মশাস্ত্র। "উ.চ ৫.২৩। ২ ধর্ম্মব্যাখ্যান।

ধর্ম্মবাণিজিক, -জ্যিক বিণ [স.ত] ধর্ম্মে বণিক্‌কর্ম্মকারী ; ধর্ম্ম-কর্ম্মাচরণে স্বর্গাদিফলেচ্ছু। "°জ্যিক মহা ৩.৩১.৫।

ধর্ম্মবাপ, -বাবা বি সর্থ 'ধর্ম্মতাত'। তুমি মোর ধর্ম্ম-বাপ কৃ.উ ৮৯। °বাবা ন.ত ৮১।

ধর্ম্মবাহন পুং [বহুব্রী] বৃষরূপী ধর্ম্ম যাঁহার বাহন ; শিব।

ধর্ম্মবীর পুং [উ.লো] ধর্ম্মসমন্বিত বীর ; বৈদিক কর্ম্মে উৎসাহবান্ বীরবিশেষ—যুধিষ্ঠিরাদি। 'সা.দ ৩.২৩৪। [যুধিষ্ঠির, রাজ্য ধন দেহ ভার্য্যা ভ্রাতৃগণ পুত্রগণ ও তদীয় সর্ব্বস্ব ধর্ম্মার্থে বিনিয়োগ করিয়াছিলেন (সা.দ ৩২/৩৫)।]

ধর্ম্মবৃদ্ধ বিণ [সুপ্‌সুপা] ধর্ম্মহেতু বৃদ্ধত্বপ্রাপ্ত ; ধর্ম্মজ্যেষ্ঠ। "ন ধর্ম্ম-বৃদ্ধেষু বয়ঃ সমীক্ষ্যতে কু.স ৫.১৬।

ধর্ম্মবৈতংসিক পুং [ধর্ম্মে বৈতংসিক, স.ত] ধার্ম্মিকত্বপ্রচারার্থ পাপকর্ম্মে ধনোপার্জ্জন করিয়া যে দান করে।

ধর্ম্মভগিনী স্ত্রী [সুপ্‌সুপা] ১ ধর্ম্মানুসারে কৃতা ভগিনী ; গুরুকন্যা। ২ ধর্ম্মবোন।

ধর্ম্মভিক্ষুক পুং [উ.লো] ধর্ম্মার্থ সান্তানিক-প্রভৃতি নববিধ ভিক্ষার্থী ব্রাহ্মণ। 'মনু ১১.২।

ধর্ম্মভীরু বিং ধর্ম্মহানিতে ভয়শীল ; অধর্ম্মভীরু।

ধর্ম্মভৃৎ বিণ [ধর্ম্ম+√ভৃ+কিপ্ (০)-ক-১ব ; উ.ত] ধর্ম্মরক্ষক, ধার্ম্মিক। "রা ২.২৪.৩১। মহা ৩.৬৪.৯৩।

ধর্ম্মভ্রাতা (-তৃ) পুং [সুপ্‌সুপা] ১ ধর্ম্মানুসারে প্রতিপন্ন ভ্রাতা ; ধর্ম্মভাই। 'যাজ্ঞ ২.১৪০। ২ একতীর্থী, একাশ্রমী (ত.বা)। ৩ গুরুপুত্রাদি (ত.বা)।

ধর্ম্মমণি বি ধর্ম্মকর্ম্মে শ্রেষ্ঠ ; যুধিষ্ঠির। "ম ৪৯৬।

ধর্ম্মরতি বিণ [বহুব্রী] ধর্ম্মে যাহার রতি, ধর্ম্মনিরত। "রঘু ১.২৩।

ধর্ম্মরাজ পুং [কর্ম্মধা, অথবা ধর্ম্মের রাজা, ষ.ত, সমাসান্ত 'অ' (টচ্)] ১ ধর্ম্মানুসারে দণ্ডের বিধানকর্ত্তা ; যম। ২ জিন। ৩ রাজা। ৪ যুধিষ্ঠির। "ম ৩০১ ; ৫১৯। ৫ ধর্ম্মঠাকুর।

ধর্ম্মরায় বি ১ ধর্ম্মরাজ, যম। "গ ৯২। ২ যুধিষ্ঠির। "ম ৩০১।

ধর্ম্মলক্ষণ ক্লী [ষ.ত] ১ ধর্ম্মস্বরূপ, ধৃতিক্ষমাদি দশবিধ লক্ষণ। "মনু ৬.৯২। ২ 'ধর্ম্মজ্ঞানসাধন', বেদ।

ধর্ম্মশাসন ক্লী [ষ.ত] ১ ধর্ম্মোপদেশ। ২ [বহুব্রী] ধর্ম্মশাস্ত্র।

ধর্ম্মসূত্র ক্লী [ষ.ত] ধর্ম্মসম্বন্ধী সূত্ররূপ গ্রন্থ ; জৈমিনীকৃত ধর্ম্মমীমাংসা (ত.বা) ; ধর্ম্মশাস্ত্র। "°কার উ.চ ৪২/৪।

ধর্ম্মসেতু পুং [ষ.ত] ১ ধর্ম্মের সেতুতুল্য ; ধর্ম্মরক্ষক। "দশরথো নাম ধর্ম্মসেতুঃ গো.রা ৩.৬২.২। ২ [কর্ম্মধা] ধর্ম্মরূপ সেতু ; লোকরক্ষক ধর্ম্ম। "ধর্ম্মপ্রধানস্য ধর্ম্মসেতুর্বিভিদ্যতে গো.রা ৩.৬৯.৫। গোপ্তা চ ধর্ম্মসেতুনাম্ ভ ৪.১৬.৪। ৩ ভগবানের মন্বন্তরাবতারবিশেষ। "ভ ৮.১৩.১৬। ৪ [বহুব্রী] বৃষরূপ ধর্ম্ম যাঁহার সেতু ; শিব। ৫ (বাঙলায়) যুধিষ্ঠির। ম. ৫১১। ৬ ধর্ম্মরক্ষক ভগবান্। "আপনি ত ধর্ম্মসেতু, অবতার হইব নিশ্চয় গ. ২৬।

ধর্ম্মাচার্য্য পুং [ষ.ত] ধর্ম্মশিক্ষক, গুরুবিশেষ।

ধর্ম্মাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] ধর্ম্মস্বভাব, ধর্ম্মশীল। "রা ১.১.২৯। মনু ৫.৩।

ধর্ম্মাধিকরণ ক্লী [ধর্ম্মের অধিকরণ, ষ.ত] রাজার বা রাজপুরুষের ব্যবহারদর্শনস্থান ; বিচারালয়। "°ণাধিষ্ঠিতপুরুষ।—পঞ্চ ১৪/৩৫। —করণ পুং [°ণ+অ (অচ্) অস্ত্যর্থে] ধর্ম্মাধিকরণে নিযুক্ত পুরুষ ; বিচারক, ধর্ম্মাধ্যক্ষ, প্রাড্‌বিবাকাদি। —করণিক, -ণী (-ণিন্) পুং [°ণ+ইক (ঠন্),+ইন্ (ইনি), অস্ত্যর্থে-১ব] সর্থ 'ধর্ম্মাধিকরণ' (পুং)। "°ণিক। পঞ্চ ১/৪ ৩৭/৩৮।

ধর্ম্মাধিকার পুং [ষ.ত] ১ বিচারাধিকার, ব্যবহারদর্শনকার্য্য। ২ রাজ-কার্য্যপর্য্যবেক্ষণ। "°রে নিযুক্তঃ শ ১২/৩। —কারী (-রিন্) পুং] [ধর্ম্ম+অধি √কৃ+ইন্ (ণিনি)-ক-১ব ; উ.ত] ১ ব্যবহারদর্শক, রাজা। "ব.প্র ১২৬। ২ রাজপুরুষ, প্রাড্‌বিবাকাদি। "ক.চ ২৪৯।

ধর্ম্মাধিষ্ঠান ক্লী [ষ.ত] ধর্ম্মাধিকরণ ; বিচারালয়।

ধর্ম্মাধ্যক্ষ পুং [ষ.ত] ১ ব্যবহারে অধ্যক্ষ ; বিচারক। ২ বিষ্ণু।

ধর্ম্মাপেত বিণ [প.ত] ধর্ম্ম হইতে অপগত ; ধর্ম্মহীন, পাপকর।

ধর্ম্মাবতার বি ধর্ম্মের অবতার ; নররূপী ধর্ম্ম ; বিচারক, প্রভু, হুজুর। "হাকিমটি একজন দেশী ধর্ম্মাবতার ব.প্র ৬৪৩ ; ধর্ম্মাবতার,...পরমেশ্বর ঠিক প্রত্যক্ষের বিষয় নয় ৬৪৪। হু ১৮৬।

ধর্ম্মারণ্য ক্লী [তাদর্থ্যে ষ.ত] ১ ধর্ম্মের অর্থাৎ ধর্ম্মাচরণার্থ বন ; তাপসসেবিত বন ; তপোবন। "মহা ১৪.৯২.৫১। শ ১২/৩ ; ১.২৯ ২ পুরবিশেষ। "রা ১.৩২.৭। ৩ তীর্থবিশেষ।

ধর্ম্মাসন ক্লী [ষ.ত] ধর্ম্মের অর্থাৎ ধর্ম্মদর্শনার্থ বিচারকের আসন ; বিচারকাসন। "মনু ৮.২৩। শ ৬/১। উ.চ ১.৭।

ধর্ম্মিষ্ঠ বিণ [ধর্ম্মবৎ+ইষ্ঠ (ইষ্ঠন্)] অতিধার্ম্মিক। —ষ্ঠ পুং বিষ্ণু।

ধর্ম্মী (-র্ম্মিন্) বিণ [ধর্ম্ম+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব ; স্ত্রী -র্ম্মিণী] ১ ধর্ম্মবিশিষ্ট, পুণ্যবান্। "ধর্ম্মিলোক ধর্ম্মভোগ করয়ে কেমনে ম ১০৪৮। ২ তদ্ধর্ম্মবিশিষ্ট, তদ্‌গুণযুক্ত। "সূতা দ্বিজধর্ম্মিণঃ মনু ১০.৪২। জরামরণ°। পতন°, পশু°, বিনাশ°, বীজ° (S.W.)। কল্পবৃক্ষফল° রঘু ১১.৫০। ৩ ন্যায়বান্। ৪ ধর্ম্মকর্ম্মনিরত। "চৈ.চ ৬৭।

ধর্ম্মেন্দ্র পুং [ষ.ত] ধর্ম্মে ইন্দ্র (রাজা); ধর্ম্মরাজ, যম। "মহা ৭.৫ ২৭।

ধর্ম্মোত্তর বিণ [বহুব্রী] যাহার ধর্ম্ম প্রধান ; ধর্ম্মপ্রধান। "(নৃপাঃ) ধর্ম্মোত্তরং মধ্যমমাশ্রয়ন্তে রঘু ১৩.৭।

ধর্ম্মোপদেশ পুং [ষ.ত] ১ ধর্ম্মসম্বন্ধী উপদেশ ; ধর্ম্মানুশাসন। "মনু ৮.২৭২। ২ ধর্ম্মের উপদেশক ; স্মৃতি-প্রভৃতি ধর্ম্মশাস্ত্র। "মনু ১২.১০৬।—দেশক পুং [ষ.ত] ১ ধর্ম্মের উপদেষ্টা ; ধর্ম্মশিক্ষক। ২ গুরু।

ধর্ম্ম্য বিণ [ধর্ম্ম+য (যৎ) ; স্ত্রী -র্ম্ম্যা] ১ ধর্ম্ম হইতে অনপেত ; ধর্ম্মাবিরুদ্ধ, বিহিত, ন্যায্য। "গী ২.৩১। ক্রিয়াণাং খলু ধর্ম্ম্যাণাম্ কু.স ৬.১৩। জাতীয় ধর্ম্ম্যভাবের ক্রটি পা.প্র ১৭০; °পথ ২১৩। ২ ধর্ম্মযুক্ত, ধর্ম্মের অবহির্ভূত। "যো (বিবাহঃ) যস্য ধর্ম্ম্যো বর্ণস্য মনু ৩.২২। ৩ ধর্ম্মনিরত, কুলধর্ম্মান্বিত, সাধু। "ধর্ম্ম্যাং স্ত্রিয়ং সভাং পুর্ব্বে ন নয়ন্তীতি নঃ শ্রুতম্ মহা ২.৬৯.৯। ৪ স্বাভাবিক, প্রকৃতিগত। "পরিচ্ছন্ন হইয়া থাকিতে সকলেই চায়—উহা ধর্ম্ম্য পা.প্র ৫৯। ৫ [+য 'প্রাপ্য' অর্থে, পা ৪.৪.৯১।] ধর্ম্ম হেতু প্রাপ্য ; ধর্ম্মলভ্য। [°বিবাহ (পুং)—শাস্ত্রবিহিত ধর্ম্মজনক বিবাহ। দ্র 'মনু ২.২১-২৬।]

ধর্ষ পুং [√ধৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ সংহতি, রাশীকরণ। ২ হিংসা। ৩ অমর্ষ, অভিভব (ক.ক)। ৪ প্রহসন। ৫ শক্তিবন্ধন, নিঃশক্তীকরণ। ৬ প্রগল্ভতা, অবিনয়। ৭ স্ত্রী-দূষণ, সতীধর্ম্মনাশ। —র্ষক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -র্ষিকা] ১ হিংসক। ২ অভিভবকারক। "গৃহ° হ ১৫৪.২৪। ৩ অসহিষ্ণু। ৪ দূষক, দূষয়িতা। —র্ষক পুং ১ নট। ২ পারদারিক। —র্ষণ বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] ধর্ষকারক। —র্ষণ ক্লী, -ণা স্ত্রী [+অন ; +অন (যুচ্),-ভা, স্ত্রী আ (টাপ্)] ১ পরিভব, অবমাননা। "গো.রা ৩.৪.২২। পঞ্চ ৫.৭৬। ২ সর্থ 'ধর্ষ'। —র্ষণী স্ত্রী [+অ-র্ষ্ম+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অভিসারিকা। ২ বন্ধকী, অসতী (ত.বা)। —র্ষিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম, 'ইট্', আগম, পা ১.২.১৯ ; ৭.২.১৯] ১ হিংসিত। ২ পরিভূত। ৩ দূষিত। —র্ষিত ক্লী [+ত-ভা] ১ পরিভব। ২ প্রসহন। ৩ মৈথুন। —র্ষিতা স্ত্রী অসতী, কুলটা। —র্ষী (র্ষিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -র্ষিণী] ১ হিংসক। ২ অবিনীত। ৩ অভিভবকারী। ৪ দূষয়িতা, স্ত্রী-দূষক।

ধল, -লা '-লো' বিং [সং ধবল > প্রা ধবল ; হি, প ধৌলা ; ঠ ধরল.। ; অস ধল্, -লা] সাদা। "ধল কাল দুই কেশ শ্রী.কী ১। দশন ধল কৃ.উ ৮৫। কাল ধল যুগল ছাগল শ্রী ৪৫ ; ধলা পেট ১২৫। ধলা…অঙ্গ ব.প ৮৩৯। —লী বিং [°ল+ঈ৬] শ্বেতবর্ণা। "কোন চেড়ী ধলী কৃ ২০৫। [ধলিকুষ্ঠ—ধবলকুষ্ঠ। "বা.ম ১৬৫ ; ধলিজাল—খয়রা মাছ ধরার সাদা জাল।]

ধস১ বি [সং ধ্বংস ; হি ধঁস, ধস ; ঠ ধস] ১ আঘাতে ধ্বংস ; ধাক্কায় খসিয়া পড়া। ২ আঘাতে স্খলিত অংশ। "কূলে কূলে জলে ধস ভেঙ্গে পড়ে।—হেম ৩১৫। ৩ [ধ্বন্যাত্মক] খসিয়া পড়ার শব্দ। [ধস খাওয়া—ধাক্কায় খসিয়া পড়া।]

ধস২ অর্ম্ম [সং √ধ্বংস্ > প্রা √ধস (পৈ) ; হি √ধঁস, √ধস ; ঠ, গু, মৈ √ধস] ধ্বংসপ্রাপ্ত হওয়া ; খসিয়া পড়া ; জর্জ্জর হওয়া; গলিয়া যাওয়া। "দুই এক হৈয়া৹ পোড়াইল হিয়া৹ পাঁজর ধসিয়া গেল চ.দা ৫৯ ; ধসিতে ধসিতে৹ সকলি ধসিল ৬০। কানুর পিরীতি৹ ভাবিতে ভাবিতে৹ পাঁজর ধসিয়া গেল জ্ঞা ১৮০। [ধসা—১ সর্থ 'ধস'। ২ খসিয়া-পড়া। ধসহি (ধসে),-সি (প.ক)।]

ধসকা অর্ম্ম [ধস২ > °কা ; হি √ধসক] সর্থ 'ধস২'। [ধসকান —সর্থ 'ধসকা'। তু 'হসকা,-কান'।]

ধসধস বিং [ঠ 'ধসধস'—কম্পন, ভয়] কম্পিত, বেপথুযুক্ত। "চিত্ত মোর ধসধস কহিতে না পাই বি.প ১২৭। রসে ধস ধস তনু।—গো ৮০ ; সে রস ধাধসে৹ ধসধস হিয়া ১৭৫,-৮৫।

ধস্তাধস্তি বি [হস্তাহস্তি > °স্তি] হাতাহাতি, টানাটানি, পরস্পর টানা-হিঁচড়া; বারংবার বিশেষ চেষ্টা-চরিত। "মাজির সহিত অনেক …ধস্তাধস্তি করিয়া ॥০ ভাড়া চুক্তি হইল আ.দু ৮।

ধা১ সক [হ্বা, এ—দধাতি, ধত্তে ; অনিট্] ১ ধারণ। ২ পোষণ। "সম্পদ্বিনিময়েনোভৌ দধতুর্ভুবনদ্বয়ম্ রঘু ১.২৬। ৩ দান (ক.ক)। ৪ প্রীণন। [অনু-সম্—অনুসন্ধান। অন্তর্—অন্তর্দ্ধান। অপি—অপিধান, আচ্ছাদন। অভি—অভিধান, কথন। অভি-সম্—অভিসন্ধি, অভিপ্রায়। অব—অবধান, অভিনিবেশ। আ—আধান, স্থাপন, আরোপণ, অর্পণ। উপ—উপধান, অর্পণ। উপ-আ—সমীপে আধান। তিরস্—তিরোধান। নি—নিধান, স্থাপন, ন্যাস। পরি—পরিধান। প্র-নি—প্রণিধান, অবধান। প্রতি-নি—প্রতিনিধীকরণ। প্রতি-বি—প্রতিবিধান, প্রতীকার। বি—বিধান, অনুষ্ঠান, করণ। বি-অব—ব্যবধান। বি-পরি—বিপরীত পরিধান। সম্—সন্ধান, সংযোগ, আরোপণ। সম্-আ—সমাধান, একত্র স্থাপন, মীমাংসাকরণ। শ্রৎ—শ্রদ্ধা।]

ধা২ বি স্বরগ্রামের ষষ্ঠ স্বরের সংক্ষেপাক্ষর ; ধৈবত।

ধা৩ অর্ম্ম [সং √ধাব্ > প্রা √ধা (প্রা.প্র ৮.২৭) ; হি, গু, মৈ √ধা] ১ দ্রুত যাওয়া; দৌড়ান। "ধাইতে পবনসম ম ১২৩। কাটারি তুলে ধান শ্রী.মা ১৭৩। কি কাজে ধাও তুমি আগে : ধাএ আগুসারে গ ১৭৮। ভক্ত গেলে আমি ধাই চু ৭৭। ক.চ ১৬। ২ বেগে প্রবাহিত হওয়া। "(ধারা) উর্দ্ধে অধে ধাএ গ ১২ ; নীর ধায়ে ১৩৭। বেগে ধায় ভোগবতী : ধাইলেন গঙ্গা ক.চ ৮২,-৩। ৩ দ্রুতপক্ষে উড়িয়া যাওয়া। "অঙ্গের সৌরভ পায়্যা ধাএ মত্ত অলি ব.প ৮৩৯। ৪ দ্রুত নির্গত বা বাহির হওয়া। "অধোমুখে আধার ধুননে ধায় ধন শি ৩৫। —সর্ম্ম শীঘ্র ব্যাপ্ত করা। "যোজন সৌরভ ধায় ক.চ ২। খেলে ধন পাতাল যায়। না খেলে ধন আকাশ ধায় ॥—প্রবচন। [ধাঞা, -য়া—ধাইয়া। "°ঞা শ্রী.কী ৩৪। °য়া চ.বি ২৩৯। ধাই (ধাইয়া), ধাইঞা, -য়ে (ধাই), -ওত (ধায়)।—প.ক। ধাউলি—ধাবিতা হইল। "বি.সা ৫১। ধাওয়া —সর্থ ধা৩। ধাএ, -য়ে—ধায়। ধাওয়াইয়া—ধাবিত করিয়া ; তাড়াইয়া, খেদাইয়া। "ধাওয়াইয়া লইয়া যায় দৈত্য সকল ম.ম ৪৫। ধায়ই —ধায়। "ন.প ৩৮৭। ধায়ন্তি—ধায়। "শূ ৮৯। ধায়ল—ধাইল। "বি.প ১৮৩।]

ধাই১ বি [তু 'ধাওয়াধাই' ; অপ্র] দৌড়। "কর্পূর চলিল ধাই দিয়া শ্রী.মা ৯১ ; তরাসে দিল ধাই ১০৮। কর্পূর দিল ধাই শ্রী ১১৭।

ধাই২ বি [দ্র 'দাই' ; হি ধাই, -ঈ ; ঠ ধাএ ; গু ধাই—স্ত্রীস্তন, চুচুক] ১ উপমাতা, ধাই-মা। "হের আইসে সাধু ঘরের ধাই ক.চ ১৫৬। খোনকারের ধাই ম.ম ৫৬ ; ১৩২,-৪৪। ২ সর্থ 'দাই (২)। "দুঃখ পায় শুনি ধাই ধাওয়াই আসি : সূতিকাকর্ম্ম করে সব ধাই শ্রী ৪১। [ধাই-মা—উপমাতা, দাই-মা।]

ধাই৩ বি [সং ধাতকী > প্রা ধাঅঈ, ধাঈ ; হি ধাই, -ঈ ; ঠ ধাবটী] ধাতকীপুষ্প। "মল্লিকা ধাই ম.ম ৭।

ধাউড়, -র বি [ধাউক, -কর (ধাবক, ধাবকর—গো.বি ১২৩, টীকা); ধাউর, -ড়, -উড় (গো.বি ১২৩) ; হি ধাড়ী ; (সং ধাটী > প্রা 'ধাড়ী' —দস্যুদল) ; ঠ 'ধাড'—ত্রাসদায়ক ; গু 'ধাড'—লুঠেরা] দস্যু, লুঠেরা। "চোর ধাউর গো.বি ১২৩। চোর ধাউড় নাহি জানি শ্রী.ম ৫৯। নারী খেদাইয়া কাপড় নেয় ত ধাউড়ে বি.পা ২৪০। —উড়ি বিং দুরাত্মা, দুর্বৃত্তা। "কুটিলা কুমতি৹…সে ছুঁড়ি ধাউড়ি বড় রা.শে ৩৪, -৯। —ড়িয়া বি [ঠ ধাবরা] দ্রুতগামী পত্রাদিবাহক (runner)।

ধাউড়ি, -ধাউড়িয়া দ্র ধাউড়।

ধাউত বি [ধাতু > °ত] শরীরের ধাতু। "এই চারি ধাউত জান সরির আলয় গো.বি ১৫১।

ধাউতালি বি [ধাউত+আলি[৪] ?] যাহার ধাতু কড়া; রুক্ষপ্রকৃতি, কোপনা। "হেদে লো ডুম্বিনী…ধাউতালি ম.ম ২২৭,-৮।

ধাউনী বি [হি 'ধাবনি'—দৌড়ে] দ্রুতগতি। "ডিঙ্গার ধাউনী পাইল কলধৌতপুর ক.চ ২৩৬। —য়ানি, -নী বি দ্রুতগামী বাহক (?)। "বালিঘাটা উত্তরিল দোলার ধায়ানি, -নী ক.চ ১৩১।

ধা(ঢো)উস বি [সং '√ধাব্'—মূল (?)] বড় ঘুঁড়ি।

ধাওয়াধাই, -ধাঞি, ধায়াধাই, -ঞি বি [ধাবাধাবি > ধায়াধাই, ধাওয়া°, °ধাঞি] দৌড়াদৌড়ি, দ্রুত যাতায়াত। "ধায়াধাই করি জান কৃ.অ ২২। করে ধায়াধাঞি।—ব.প ১২২ ধাওয়াধাই মহোৎসবে ভ.গ্র ৮৩। লোক করে ধায়াধাই ন.প ২৩৮। বরঞ্জে পড়িল ধাওয়াধাই।—ব ৪৫। ধাওয়াধাই কেন শি ৬১। ধাওয়াধাই সব লোক।—চৈ.ম ১১০। —য়াধাই, -ধাওয়ি, -ধায়ি ক্রি-বিং দ্রুতগতিতে, শীঘ্র, তাড়াতাড়ি। "ধাওয়াধাই বার্ত্তা তারা কহে জনে জনে কৃ ২৫৯। কালুদত্ত যায় ধাওয়াধাই ক.চ ২০৩। ধাওয়াধাই আসি দ্রু ৫৬। যায় ধাওয়াধাওয়ি শ্রী.মা ৫৩; ধাওয়াধাই…এল ৯০। পড়শী পড়িল ধাওয়াধাই শ্রী ৪২,-৮; ধাওয়াধায়ি…ধেয়ে ধরে ৭৫; চলিল ধাওয়া-ধাই ১৫৮। চলে ধাওয়াধাই।—শি ৫৭। গেল ধাওয়াধাই ম.ভা ৪৫। [ধাওয়াধাই খেলি—দৌড়াদৌড়ি খেলা। "ভা.চ ৬৭১।]

ধাঁ বি [ধাব > ধাঁ] ধাবন, দ্রুতগতি। "ঠকচাচা ধাঁ করিয়া সরিয়া গিয়া…কালত কথায় ব্যস্ত হইল আ.দু ১০৫। [ধাঁধাঁ—শীঘ্র শীঘ্র। "যা সহজে হবার মত নয়, তা…ধাঁধাঁ করে হয়ে উঠছিল ঘ ১০৫।

ধাঁউধাঁউ, ধাঁওধাঁও, ধাঁধাঁ, ধাঁঙধাঁঙ, ধাঙধাঙ বি [ধ্বন্যাত্মক] নাগরা-প্রভৃতি বাদ্যের শব্দ। "ধাঁঙধাঁঙ ধামামা শ্রী.মা ১৪১। দামামা ধাঙধাঙ ব.প ৪১৩। ধাঁউধাঁউ ধামসা-ধ্বনি শ্রী ১০; ধাঁওধাঁও ধামসা বাজে ১৫; ১১৭; °ঙ ধাঙসা বাজে ১৫৫; নাগারা ধাঁওধাঁও ২১৫। ধাঁধাঁ বাজে নাগরা ভা.চ ৪৫৮; ধাঁধাঁ ধামসা গাজে ৫৩৯। [ধাঁধাঁগুড়, ধাঁধাঁগুড়গুড়—নহবতবাদ্যের বা নাগরার নিরন্তর শব্দ। "ধাঁধাঁ গুড়গুড় বাজে নাগরা ভা.চ ৪৫৮। নহবৎ ধাঁধাঁগুড়… করিয়া বাজিতেছে আ.দু ৫৫।]

ধাঁচ, -চা, -জ বি [হি চাঁচ, -চ, ধজ; ঠ ধজ; ড় ঢাক্কা] ১ আকার, গড়ন, ঢব, ভঙ্গি। ২ প্রকার, রকম, ভাব। "যখন, বয়স কাঁচা, তখন কথা কাঁচা, বয়স-কালে নাই সে সব ধাঁচা দা ৫৩৩।

ধাঁদা[১], -ধা[১] বি [ধন্দ, -ন্ধ > °দা, -ধা] ১ সংশয়, বিচারমূঢ়তা, মোহ, ধোকা। "দীন হীন যত৹ তারা উনমত৹ নরহরি পড় ধাঁদে ন.প ৩৯৫। ঘুচাব মনের ধাঁধা—ব ২০০। গোপত পিরীতি থানি৹ কোন টুটায়ন৹ মঝু মনে লাগল ধাঁদা জ্ঞা ১৮৯। ২ মায়া-মোহ। "বধির জড় কাঁদে ধাঁদে ন.প ৩৬০। ৩ দৃষ্টিবিভ্রম। "আলো-আঁধারিয়া করি কেন দেন ধাঁধা।—হেম ৩; নয়নে লেগেছে ধাঁধা ২৭৩। ৪ বিমুগ্ধভাব। "কে ঘুচাল জীবনের হেন রম্য ধাঁধা রে!—হেম ২৯২। ৫ কৌতুককর কূট প্রশ্ন; হিয়ালি (puzzle)। ৬ বুদ্ধির মোহ-জনক জটিল বিষয়। "গোলক°। —ধাঁ বি [ধাত (ধ্মাত) > ধাঁ? ; ধ্বন্যাত্মক; "ধাঁধা (ব.প ৫৫)] প্রদীপ্ত অগ্নির শব্দ। "ধাঁধাঁ করিয়া অনল জ্বলিবার লাগিল গো.চ ৪৪; ৯৫,-৮।

ধাঁদা[২], -ধা[২], -ধ সর্ম্ম [ধাঁদা, -ধা > °দা, °ধা, -ধ] দৃষ্টিবিভ্রমযুক্ত করা। "তেজঃরাশি রাশি৹ ধাঁধিল নয়ন।—মে ১৬০। ক্ষণপ্রভা প্রভা-দানে বাড়ায় মাত্র আঁধার৹ পথিকে ধাঁধিতে (মা)। মণি-আভা নেত্র ধাঁধে।—হেম ৫৮; আলো চক্ষু ধাঁধি জ্বলে ১৭৭। জ্বলিয়া চলিছে গোলা ধাঁধাইয়া দৃষ্টি স্ব.প্র ১৬৫। খেলিছে বিদ্যুৎ এ কি ধাঁধিয়া নয়ন! —ন ৪৯৯। —ধ অর্ম্ম ধাঁধা জন্মান। "দৈববিভা ধাঁধিল নয়নে। —মে ৭১।

ধাঁধসে ক্রি-বিং [ধাঁধা+হি 'সে' > ধাঁধাসে > °সে] ধাঁধা হেতু; ভ্রমবশে, ভ্রমে। "নিদের আলসে৹ বঁধুর ধাঁধসে৹ তাহারে করিনু কোরে চ.দা ৭১।

ধাঁধা[১]; ধাঁধা[২] দ্র 'ধাঁদা[১]'; ধাঁদা[২]।

ধাঁধাঁ, ধাঁধাঁগুড়, ধাঁধাঁগুড়গুড় দ্র 'ধাঁউধাঁউ'।

ধাক্কা বি [দ্র 'ঢেকা'; তু 'ধাক্কা' (ম.গা ১৬,-৮)] ১ সর্ম্ম 'ঢেকা'। ২ সজ্জর্ষ, ঠেকাঠেকি (collision)। ৩ বেগে আঘাত (knock)। "দরজায় ধাক্কা দেওয়া। ৪ ভার, চাপ। "কাজের ধাক্কা। [ধাকা-ধোকা, 'ধাক্কাধু(ধো)ক্কা, -ধুক্কি—সর্ম্ম 'ঢেকাঢুকি'। "°ধুক্কা শ্রী.মা ৩৯; °ধোকা ১০৮; °ধোক্কা ২১৬।]

ধাগা বি [হি, ঠ ধাগা; গু ধাগ] সূতা। "শ্রদ্ধায় বিদাট সিজ্জে দিয়া ভক্তি-ধাগা ভ.গ্র ৩১৩।

ধাঙ(ঙ্গ)ড় বি [হি ধাঁগড়, -র; ঠ ধাংগড; (মুণ্ডারি) 'ধানগড়' —ভৃত্য] বিন্ধ্যাদিপর্ব্বতের অধিবাসী অনার্য্য জাতিবিশেষ; (গৌণার্থে) অসভ্য। —ঙ্গুরী বি ধাঙ্গড়ের স্ত্রী; গালিবিশেষ। "তোরে দেখি চান্দ বলে কোথাকার ধাঙ্গুরী বি.পা ২৮৭; ৩৬৯।

ধাঙ(ম)সা বি [ধ্বন্যাত্মক] 'ধাম'-শব্দকারী বাদ্যবিশেষ; ঢেমচা। "ধাঙসা গো.চ ৪০৪। দ্র 'ধাঁউধাঁউ'।

ধাড়া বি [সং ধট > প্রা ধড; হি ধড়া; ঠ ধডা; গু 'ধড'—বাঁটখারা] তুলা-যন্ত্রের পাল্লা (scale)। [ধাড়া বাঁধা (হি ধড়া বাঁধনা)—দুই পাল্লা ওজনে সমান করা।]

ধাড়ি[১], -ড়ী বি [হি 'ধাড়ী'—মূল, দ্র (৫)] ১ বেগে গমন। "উজানী করে ধাড়ি ম.ম ১৩৭। ২ প্রচণ্ড প্রবাহ। "নদ নদী করিলেক ধাড়ী ম.ম ১৩৭। ৩ [সং ধাত্রী > প্রা ধারী (হে ২.৮১) > বা °ড়ী] পশু-পক্ষীর মাতা। "ধাড়ীতে আধার আনিয়া দিতেছে আ.দু ১৪৫। ৪ (অপ্র) মা। "উদ্‌থল ভয়ে৹ ছাড়িয়া পলাএ৹ তথায় সাজিল ধাড়ী ব.প ৭৭৯। ৫ [হি ধাড়ী; ঠ ধাডী; গু ধাড] দস্যু, লুঠেরা। "ধাড়ি দিয়া রাজা সবে ধনভাণ্ডার আনি কৃ.উ ৩৩। ৬ অভিযান-কারী, আক্রমণকারী। "দেবগণ উপর আজ সাজিবোঁ ধাড়ি কৃ.উ ২৫; তোরে ধাড়ি সাজে রঘু ১৫৪। ৭ আক্রমণ। "কাহ্নের ধাড়ী শ্রী.কী ৮০। প্রভাতে গন্ধর্ব্ব উপরে কটকের ধাড়ি কৃ.উ ২৭৯। ৮ শত্রু। "ধাড়ি সাজি যুঝে মানিনীর রীতি নয় চৈ ২৪০। ৯ দল-পতি, সরদার। "নষ্টের, বজ্জাতের ধাড়ী। ১০ অগ্রগণ্য, প্রধান। "তোমার তুলনা তুমি চাঁদ অকর্ম্মার ধাড়ী।—দ্বিজেন্দ্রলাল রায়।

ধাড়ি[২], -ঢ়ী বি [ঠ ধাডী] গায়ক মুসলমান জাতিবিশেষ; তজ্জাতীয় গায়ক। "ধাঢ়ী গায় কড়খা।—ভা.চ ৪৫৯। কত কত কলায়ন্ত ধাড়ি …নক্‌সাগুলে মশগুল হইয়া আছে আ.দু ২০৭।

ধাত '-ত্' বি [সং ধাতু; হি, ঠ, গু °ত] ১ শুক্র, বীর্য্য। ২ বায়ু পিত্ত ও কফ; এই তিনের নাড়ী। "ধাত ছাড়া। [°ভাঙা—শুক্র-ক্ষরণ, স্বপ্নদোষ। °ধরা হওয়া—ধাতুপুষ্টিযুক্ত বা সবল হওয়া। °স্থ —প্রকৃতিস্থ, শান্ত, সুস্থ। ধাতের ব্যামো—মেহরোগ।]

ধাতকী স্ত্রী পুষ্পক্ষুপবিশেষ (Woodfordia floribunda), তৎ-পুষ্প, ধাইফুল। "কু ৩৮৯।

ধাতা (-তৃ) বিণ [√ধা+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -ত্রী; ছান্দস] ধারক, ভর্ত্তা। "ভুবনধাত্রী ক.চ ৭। ২ বিভক্তা (শঙ্কর), পোষক (শ্রীধর)। "সর্ব্বস্য ধাতারম্ গী ৮.৯। ৩ কর্ম্মফলবিধাতা। "অহমস্য জগতো মাতা ধাতা গী ৯.১৭। ভুবন সৃজন ধাত ব.প ৫৯৮। —তা পুং ১ ব্রহ্মা, স্রষ্টা। "রঘু ৫.৬৬। কু.স ২৩। "সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ" ঋ ১০.১৯০.৩? চ.দা ১২৩। ২ বিষ্ণু, উপেন্দ্র। "ম্বা ২.৯২.২২। ৩ শিব।

৪ আদিত্যবিশেষ। **৫** বায়ুবিশেষ। **৬** আত্মা। **৭** বিরাট্। "রা ২.২৫.৮। **৮** সর্গশেষপ্রণেতা সপ্তর্ষি। "কু.স ৬.৯। **৯** ব্রহ্মার পুত্রভেদ। "মহা ১.৬৬.৫০। **১০** (বাঙলায়) এক (১) এই সংখ্যা। "ম.পা ৩; ১৮১। —**ত্রী** স্ত্রী [°তৃ+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** 'গর্ভধারণকর্ত্রী', জননী। 'কুক্ষিসন্ধারণাদ্ ধাত্রী।—মহা ১২.২৬৫.৩২। "যাজ্ঞ ৩.৮২। ধন্য লঙ্কা বীরপুত্রধাত্রী।—মে ১২। **২** পৃথিবী। **৩** গায়ত্রীরূপা ভগবতী। **৪** গঙ্গা। **৫** আমলকীবৃক্ষ। "°ফল। **৬** [√ধে+ত্র (ষ্ট্রন্)-র্ম+স্ত্রী -ঈ (ঙীষ্)] যাহাকে (যাহার স্তন্যকে) পান করে; উপমাতা, ধাই-মা। দ্র 'ধাত্রীলক্ষণ', ভাবপ্রকাশ। "রঘু ৩.২৫; ১০.৭৮।

ধাতু পুং [√ধা+তু (তুন্)-ক; 'ধাতু'—ধারক, প্রকার (ঋগ্বেদ ৫.৪৪.৩; ৫০.৪] **১** 'ধারক', বায়ু পিত্ত ও কফ—এই ত্রিবিধ। **২** রস রক্ত মাংস মেদঃ অস্থি মজ্জা শুক্র—এই সপ্তবিধ। **৩** অস্থি। **৪** পৃথিবী-প্রভৃতি পঞ্চ মহাভূত। "যাজ্ঞ ৩.৭২। **৫** শব্দ স্পর্শ রূপ রস গন্ধ—পঞ্চ তন্মাত্র। **৬** চক্ষুরাদি ইন্দ্রিয়। **৭** স্বর্ণরৌপ্যাদি। **৮** সিন্দুরগৈরিক-মনঃশিলাদি। "কু.স ১.৪; °রস ৭। রঘু ৪.৭১। **৯** ভূ গম্ ইত্যাদি নামপ্রকৃতি। 'ভূবাদয়ো ধাতবঃ পা ১.৩.১। **১০** পরমাত্মা। **১১** চিদ্-ধাতু, আত্মা। "যাজ্ঞ ৩.৭২। **১২** লোক, পৃথিবী। **১৩** বস্তু, উপাদান। **১৪** গীতাংশ। "ধ্রুবাভোগান্তরে কশ্চিদ্ধাতুরন্তোঽন্তরাভিধঃ (সঙ্গীত-দর্পণ)। **১৫** (বাঙলায়) ধাতুজন্য জীবনী শক্তি; নাড়ী। "দেখয়ে পুত্রের ধাতু নাহিক শরীরে চৈ.ভা ৬৫; ১৪২,-৫৩। **১৬** শুক্র। "°দৌর্ব্বল্য। **১৭** মোহজনক বস্তু। "অঙ্গমধ্যে অঙ্গনার ধাতু কোথা রয় শ্রী.মা ১০২,-৩। বৈসে ধাতু নারীর নয়নে শ্রী ১১২। **১৮** স্বভাব, ধাত। [°কুশল (বিণ)—ধাতুদ্রব্যনির্ম্মাণপটু। °ক্ষয় (পুং)—রস-রক্তাদিক্ষয়; কাসরোগবিশেষ। °গত (বিং)—শুক্রসংসৃষ্ট; শরীরসম্বন্ধী (constitutional)। °ঘটিত (বিং)—ধাতুসংযোগে কৃত (ঔষধ)। °ঘ্ন, °নাশন (পুং)—স্বর্ণাদিনাশক কাঞ্জিক। °দ্রাবক (পুং)—'ধাতু-দ্রবকারক', সোহাগা। °প (পুং)—শরীরস্থ প্রথম রসধাতু। °পাঠ (পুং)—পাণিন্যাদি কৃত ধাত্বর্থবোধক গ্রন্থভেদ। °পুষ্টি (স্ত্রী)—শুক্র-বর্দ্ধন। °বল্লভ (ক্লী)—টঙ্কণ। °বাদ (পুং)—ধাতুবিজ্ঞান (mineralogy)। °বাদী (-দিন্) পুং—ধাতুবিজ্ঞানবিৎ (mineralogist)। °বৈরী (-রিন্), °হা (-হন্) পুং—গন্ধক। °ভৃৎ (পুং)—গৈরিকাদিপর্ব্বত। °মল (ক্লী)—সীসক। °মাক্ষিক (ক্লী) মাক্ষিকধাতু। °রস (পুং)—গৈরিকাদি-দ্রব। "কু.স ১.৭। °রাজক (ক্লী)—ধাতুশ্রেষ্ঠ; রেতঃ। °শোধন (ক্লী)—ধাতুশোধক সীসক। °সাম্য (ক্লী)—কফাদিধাতুর সমতা বা দোষরাহিত্য।]

ধাতুময় বিণ [ধাতু+ময় (ময়ট্)] গৈরিকবিকার। "রঘু ২.২৯।

ধাতুমান্ (-মৎ) বিণ [ধাতু+মৎ (মতুপ্)-১ব; স্ত্রী -মতী] সিন্দুরগৈরিকাদিযুক্ত। "কু.স ১.৪।

ধাতুমারী (-রিন্) পুং [ধাতু+ √মারি+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] গন্ধক।

ধাত্রিকা স্ত্রী [°ত্রী+ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] **১** আমলকী বৃক্ষ। **২** (বাঙলায়) পালিকা। "ক.চ ২৫৩।

ধাত্রী দ্র 'ধাতা'। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—ধাইএর কাজ। "উ.চ ২৪। °বিদ্যা (বি)—প্রসবাদিবিষয়ক শাস্ত্র (midwifery)। °মাতা (বি)—ধাই-মা। "কৃ ৮৯। ভ.গ্র ১৪৩।

ধাত্রেয়িকা, -য়ী স্ত্রী [ধাত্রী+এয় (ঢক্)+স্ত্রী ঈ (ঙীপ্); ধাত্রেয়ী+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] **১** ধাত্রীর অপত্য স্ত্রী; ধাত্রী-কন্যা। "°কা লবঙ্গিকা ম.মা ১৩২; ১.৩২। **২** [+এয় স্বার্থে] ধাত্রী; 'দাসী' (নীলকণ্ঠ)। "°কা মহা ১.১০৪.৪৬; ৫০। °য়ী সা.দ ৩.১২৮। °য়ী ভ.গ্র ১৬৪।

ধাধস বি [ধাধসে > °স ?] বিভ্রম, বিহ্বলতা, বিভোরভাব। "(গৌর-রূপ) সে রস ধাধস সুখে। অনিমিষে দেখহ নয়ানে।—গো ৪৬; মঝু মন যশ গুণ, সুধী মতি ধাধস, লেই চলল সব বালা ১০৩; সো রস ধাধসে, ধস ধস অন্তর ১৮৫। অবহু রভস রস, করলহুঁ ধাধস।—জ্ঞা ৮৭। —সে ক্রি.বিং বিহ্বলভাবে, বিভোরভাবে, রসাবেশে। "যাঁহা ধনি ধাধসে ভাও ধুনান। সাধসে ধাওয়ে কতহুঁ পাঁচবাণ।—গো ১৪৪; ধাধসে চলল খলত মহী টুটহ ২৬৪। ধাধসে চলু কত ভাবে বিভোরা রা.শে ১০৯।

ধাধা বি সর্থ 'ধাঁধাঁ'। "ধাধা বাজয়ে ধামামা ক.চ ৯৭।

ধান[১] ক্লী [√ধা+অন (ল্যুট্)-ভা] **১** ধারণ, পোষণ। **২** [+অন -ধি] ধারণস্থান, আধার। "অগ্নি°, হবির্ধান। —**নিকা** স্ত্রী [ধানী +ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'ধানী'। "অঙ্গার°। —**নী** স্ত্রী [°ন+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** আধার, ভাজন, স্থান। "ধন°, মৎস্য°, রাজ°, সক্তু°, হবির্ধানী (S.W.)। **২** অধ্যুষিত স্থান; বস্তি।

ধান[২] বি [সং ধান্য >প্রা ধন্ন >বা ধান; হি, ঠ, গু, মৈ ধান] **১** ধান্য। [ধানের নাম—দ্র 'শূ ১১৩,-৫। ভা.চ ৫৪৯।] **২** ধান-গাছ। "শি ৮০। **৩** সিকি রতি। 'চারি ধানে রতি হয়।—শুভঙ্কর। "ক.চ ৭৪। [ধানবানা গাইন—ধানভানার মুষল। "গো.চ ১০২,-৩। ধান ভানতে শিবের গীত—(গৌণার্থে) অপ্রাসঙ্গিক বিষয়ের উত্থাপন। ধানভানানী—যে স্ত্রীলোক পরের ধান ভানিয়া খায়; ভাড়ানী। "জ্ঞা ১৬। ধানী কৃমি—ছোট কৃমি। ধানী জমি—ধানের জমি। "নী ৭১। ধানী মরিচ—ছোট লঙ্কা।]

ধানক ক্লী [তু 'সং ধন্য >প্রা ধন্ন (প্রা.ম) >ধান+ক] **১** ধন্যাক। **২** পরিমাণভেদ (ত.বা)। দ্র 'ধান২ (৩)।

ধানকাটি বি রাজার ধানকাটার নিমিত্ত প্রজার বেগার (?)। "(না লইব) ধানকাটি কলমকস্যুরে ক.চ ৮৪।

ধানবানা, -ভানানী; ধানশ্রী দ্র 'ধান[২]; ধনশ্রী[১]।

ধানা স্ত্রী, বহুব [√ধা+ন-ক+স্ত্রী আ (টাপ্), উ৩.৬] **১** 'শরীর-পোষক', ভৃষ্ট (ভাজা) যব। 'ভৃষ্টা ধানা ভবন্তি তে যবাঃ—কাত্যায়ন ২৮.১। "গুড়ধানাঃ (সি)। **২** ভৃষ্টতণ্ডুল। 'ধানাঃ…প্রভৃষ্টযবতণ্ডুলাঃ। —বাচস্পতি (অ.টী)। **৩** সক্তু। **৪** অভিনবোদ্ভিদ্, অঙ্কুর। **৫** ধন্যাক। [°চূর্ণ (ক্লী)—সক্তু। ধানাপূপ (পুং)—সক্তুনির্ম্মিত পিষ্টক।]

ধানিকা, ধানী দ্র 'ধান[১]।

ধানুকী বি [সং ধানুষ্ক >প্রা ধাণুক >বা (ধানুক) °কি, -কী, তু 'তবকী'] ধনুর্দ্ধর, ধনুর্যোদ্ধা। "কৃ ৭৭; ১৪৬। ম ৪১৪,-৭২। ক.চ ২৬২। শ্রী ১৫। ম.ম ১৭২। মদন °কী গো ৩৮। হেম ২১।

ধানুষ্ক পুং [ধনুস্+ইক (ঠক্)] **১** 'ধনুঃ দ্বারা জীবনধারক', ধনু-র্যুদ্ধজীবী। **২** ধনুঃপ্রহরণ, ধন্বী। "পা ৪.৪.৫৭। মাঘ ২.২৭।

ধান্দা, -ন্ধা বি [ধন্দ, -ন্ধ > °ন্দা, -ন্ধা; 'ধন্ধা' (দো)] **১** সংশয়, ভ্রম, মূঢ়তা। "এহাত সুন্দরী রাধা না পাত ধান্ধা শ্রী.কী ১১১। তুমি না ভাঙ্গিলে ধান্দা, কর্ম্মপাশে থাকে বান্ধা শি ৩। **২** বিমূঢ়ভাব। "দেখিয়া বরের রূপ লেগে গেল ধান্ধা ক.চ ২৫। গোরাগুণে লাগি গেল ধান্ধা চৈ.ম ৯৭। চন্দন চাঁদের মাঝে মৃগমদে ধান্দা জ্ঞা ৯; ৮৬। **৩** দৃষ্টিবিভ্রম, চোখের ঘোর-ঘোর-ভাব। "দুই চক্ষু মুছিয়া ধান্ধা ভাঙ্গিল ম.ম ১৪৩; নয়নে না দেখে চান্দ চক্ষে পড়ে ধান্দা ১৪৭; চক্ষে দেখে ধান্দা ১৪৮; ২২০। **৪** বিস্ময়, আশ্চর্য্যবোধ। "ঝুলিত হস্ত দিয়া রাজা পড়িয়া গ্যাল ধান্দা। ঝুলির কড়ি ঝুলিত নাই…এ ক্যামন কথা॥ —গো.চ ২২৮; ৩৮৬। **৫** বিচারমূঢ়তাজনক বা কূট বিষয়। "এ সকল

যত কথা সব মাত্র ধাক্কা বি.পা ৩৫৬। ৬ ভয়বিহ্বলতা, মহাশঙ্কা। "দেখিয়া লাগয়ে ধাক্কা, তুরঙ্গে তবক বাক্কা, আসোয়ার কবচে মণ্ডিত ক.চ ২৬৫। [ধাক্কাকারী (অপ্র)—মোহযুক্ত, বিহ্বল। "অ.প ১১১। ধান্দে—দৃষ্টিবিভ্রম হয়। "নয়ানে নয়ানে. থাকি রাতি দিনে. দেখিতে দেখিতে ধান্ধে।—ব ৯৫।]

ধান্ন বি [সং দ্র ধান২ ; অপ্র] ধান্য। "শূ ৭৭ ; ১০২।

ধান্য ক্লী [ধান+য (যৎ) ; √ধা+য (যৎ), ন্ (নুট্), উ ৫.৪৮ ; দ্র 'পা ৫.২.১, তত্ত্ববোধিনী ; ছান্দস] ১ 'পোষণে সাধু' (অ.টী) ; ব্রীহি, শস্যমাত্র। "ধান্যং ধত্তে।—ঋগ্বেদ ৬.১৩.৪। পা ৫.২.১। ধন° রা ১.১.৯৩। (জ্যৈষ্ঠম্) বৈশ্যানাং ধান্যধনতঃ মনু ২.১৫৫ ; কুশূলধান্যক ৪.৭। ধান্যানাং তিলানাঞ্চ (অবিক্রেয়ান্)।—বসিষ্ঠ ২। [ধান্য পঞ্চবিধ ;—শালিধান্য (রক্তশাল্যাদি), ব্রীহিধান্য (ষষ্টিকাদি), শূক-ধান্য (যবাদি), শিম্বীধান্য (মুদ্গাদি), ক্ষুদ্রধান্য (কঙ্গু-প্রভৃতি)।—ভাবপ্রকাশ।] ২ সতুষ তণ্ডুল ; ধান। ৩ ধন্যাক। ৪ রতির চতুর্থাংশ (শুভঙ্কর)। —ন্যক ক্লী ধন্যাক। [°কঙ্ক (ক্লী)—তুষ, কুঁড়া, ভুসি। °কোশ (পুং), °কোষ্ঠক (ক্লী)—ধান্যাধার-গৃহ, গোলা, মরাই, খামার। °ক্ষেত্র (ক্লী)—শস্যক্ষেত্র। °খল (পুং, ক্লী)—ধান মাড়ার স্থান (কাত্যায়নশ্রৌতসূত্র)। °ত্বক (-চ্) স্ত্রী—শস্যাবরণ, তুষ, ভুসি। °পঞ্চক (ক্লী)—পঞ্চধান্য। °বর্দ্ধন (ক্লী)—ধান্যের বৃদ্ধি বা বাড়ি। °বীজ (ক্লী)—ধন্যাক। °বীর (পুং)—মাষ। °মিশ্র (পুং)—ধান্যের মিশ্রণকারী। "যাজ্ঞ ৩.২১১। °যব (পুং)—যব। °শীর্ষক (ক্লী)—ধান্যমঞ্জরী। °শূক (ক্লী)—ধানের শূয়া। °সার (পুং)—তুষাদিহীন ধান্য।]

ধান্যা স্ত্রী, **-ন্যাক** ক্লী [ধন্যা, -ন্যাক+অ (অণ্) স্বার্থে] ধন্যাক।

ধান্যাস্থি ক্লী [ষ.ত] ধান্যের কঠিন আবরণ ; তুষ।

ধান্যেশ্বরী বি ধান্য হইতে প্রস্তুত মদ্য ; ধেনোমদ। "লী ১০২।

ধাপ বি [হি 'ধাপ' —দূরত্ব-পরিমাণভেদ ; ঠ 'ধাপ'—শ্বাস] ১ সিঁড়ির পইঠা (step)। "ভাঙ্গিল বা ধাপ স্ব.প্র ১০১। স্বর্গের সিঁড়ির প্রথম ধাপ বি.বু ৪৫। ২ একবার পদক্ষেপপরিমিত স্থান।

ধাপ্পা বি [হি 'ধপ্পা' —থাবড়া] ছলনার কথা ; মিথ্যা ভয় দেখান ; দম (bluff)। [°বাজ—যে ধাপ্পা দেয়। °বাজী—ধাপ্পাবাজের কাজ ; দমবাজী।]

ধাব অক [ভূ, এ—ধাবতি, -তে সেট্] ১ বেগ, গতি, শীঘ্রগমন। ২ শুদ্ধীভাব। "ধাবতি (শুধ্যতি) তাম্রময়েন (ক.ক)। —ব্ সর্ম্ম শুদ্ধীকরণ,প্রক্ষালন। "দধাবাশ্বিস্ততশ্চক্ষুঃ সুগ্রীবস্য বিভীষণঃ ভট্টি ১৪.৫০। [অনু—অনুধাবন, পশ্চাদ্ধাবন। অভি—অভিমুখধাবন। নির্—নির্ধাবন, পরিমার্জ্জন।]

ধাব১ বিণ [√ধাব্+অ (অণ্)-ক] ধাবক, মার্জ্জক। "চৈল° যাজ্ঞ ১.১৬৪। [সমাসে উত্তরপদ]—বক বিণ [+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -বিকা] ১ শীঘ্রগামী। ২ নির্ণেজক, শোধক, বস্ত্রাদি-প্রক্ষালক। —বক পুং ১ রজক। [ব্রাহ্মণকন্যায় তীবর হইতে জাত জাতি। —পরাশর-পদ্ধতি।] ২ নাগানন্দ-প্রভৃতির কবি। "কা.প্র১.২, টীকা। মা.মি ১২। ৩ (বাঙলায়) দূত। "ব.প ৪০৭। শ্রী.মা ১৪৫,-৫৪। —বন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ শীঘ্রগমন, দৌড়ান। "ধাবন কুর্দ্দন প.ভূ ১৫। ২ মার্জ্জন, প্রক্ষালন, শোধন, ধোওয়া। "দন্ত° চৈ.চ ২৪৪। —বমান বিণ [+মান (শানচ্)-ক] যে দৌড়িতেছে ; দ্রুতগতিযুক্ত। —বিত বিণ [+ত (ক্ত)-ক, 'গতি' অর্থে 'ধাবিত' (পদ্মনাভ) ; ধাব+ইত (ইতচ্)।—'জব' অর্থে নিষ্ঠায় অপ্রয়োগ (ক.ক —দুর্গাদাস)] ১ শীঘ্র গত ; ধাবনযুক্ত। "প্রধাবিত গো.রা ২.১১১.৪২। ২ মার্জ্জিত (A.)।

ধাব২ অর্ম্ম [সং √ধাব্ > লি, প্রা √ধাব্>বা 'ব ; হি. ঠ √ধাব্] ১ বেগে যাওয়া ; দৌড়ান। "চৌঅ-গঅন্দা (চিত্রগজেন্দ্র) ধাবই চ ২৯। ধেনু ধাবই বি.প ১৬৩। ২ দ্রুত উড়া। "ধাবই লুবধ (ভ্রমর-জাল) ব ৬৫। ৩ অগ্রসর হওয়া ; চলা। "চলইতে চাহি, চরণ নাহি ধাবয়ে জ্ঞা ২১২। [ধাব —১ ধাবে, দৌড়ায়। "উনমতি ধাব গো ১০৯। ২ দৌড়িব, যাব। "কোথায় না ধাব ভা.চ ১৩০। ধাবই—ধায় (প.ক)।]

ধাবক দ্র 'ধাব১'।

ধাবকা বি ['দাপ'—মূল ?] প্রভাব, চাপ। "আইন আদালতের ধাবকায় ইংরাজীর চর্চ্চা বাড়িয়া উঠিল আ.হু ১৭।

ধাবকি বি [প্রা দ্রবক্ক (ভয়) > ধাবকি > °কি, (হে ৪.৪২২)] ভয় দেখান।

ধা(ধ্যা)বড়া বি [?] খানিকটা লিপ্ত দ্রব্য—চন্দনাদি। [এক ধ্যাবড়া চন্দন—খানিকটা লেপা চন্দনপঙ্ক। "গোস্বামীর অদৃষ্টে (কপালে) এক ধ্যাবড়া চন্দন হু ৫৪। ধাবড়ান—লেপিয়া যাওয়া।]

ধাবাড় বিং [হি 'ধাবা'—আক্রমণ] আক্রমণপটু (?)। "ক.চ ৯৬।

ধাবাধাবি বি [ধাব২-আ+ধাব২-ই ; হি ধাবা —দৌড়] দৌড়া-দৌড়ি। "°বি বকুলের তলে।—রঙ্গ ১৩। —ধাবাই বি [°বি' —মূল] ধাবাধাবি। "ধাবাধাবাই পড়ে গেল শ্রী.মা ১৪৯।

ধাম (-মন্) ক্লী [√ধা+মন্ (মনিন্)-ক, উ ৪.১৪৪ ; ছান্দস ; cf. Gr. thamá ; L. fam-ulus ; Ger. toum ; A.S., dôm ; Gothic—domas] ১ 'দ্রব্যজাতধারক', গৃহ। "আ যে ধামানি দিব্যানি তস্থুঃ।—ঋগ্বেদ ১০.১৩.১। ২ স্থান। "ধাম স্বায়ম্ভুবম্ কু.স ২.১। ধাম চণ্ডীশ্বরস্য পু.মে ৩৩। নিদ্রা যাই সেই ধামে।—ক.চ ৬। ৩ জ্যোতিঃ। "পরং ধাম গী ১০.১২। ৪ রশ্মি, কিরণ। "পততাধো ধাম বিসারি সর্ব্বতঃ মাঘ ১.২ ; নিদাঘ° ২৪। কি ১১.৬। ৫ তেজঃ, প্রভা। "ররাজ ধাম্না রঘুসূনুঃ রঘু ৬.৬ ; ধাম বৈষ্ণবম্ ১১.৮৫। চৈ.চ ৪। ৬ তেজঃ, অর্থাৎ পরকৃত অপমানাদির অসহনত্ব (অ.টী)। "অভিভূতিভয়াদসূনতঃ সুখমুজ্ঝন্তি ন ধাম মানিনঃ কি ২.২০। ৭ প্রতাপ। "লোকাধিকধাম রাজকম্ কি ২.৪৭। ৮ আশ্রয় (শ্রীধর), আধার। "পরং ধাম গী ১০.১২। অমঙ্গল° ক.চ ১১। বনফুলদাম. কামক ধাম জ.প ১০। লোচন আনন্দধাম : বিদ্যাপতি রস-ধাম (প.ক)। পঙ্কিল সলিলে. শৈবালদলের ধাম মে ২০৩। ৯ বিষ্ণু। ১০ দেহ। ১১ জন্ম। ১২ সৈন্য (A.)। ১৩ (বাঙলায়) দেবতার অধিষ্ঠিত স্থান ; তীর্থস্থান। "কাশী°, পুরী°, বৃন্দাবন°, ব্রজ°। নীলগিরি° ভ.গ্র ৩০০। প্রয়াগ° দা ২০৭০। ১৪ নিবাসস্থান। "নামধাম। ১৫ (অপ্র) সমীপ, নিকট। "শুনেছি পণ্ডিতধামে. সতী সাবিত্রীর উপাখ্যান ক.চ ৬৭। [°কেশী (-শিন্), °নিধি (পুং) —সূর্য্য। "°শী মহা ৩.৩.৬৩। ধামিনি (সং ধামন্—°নি, সপ্তমী -১ব)—ধামে, গৃহে। "মিলল ভামিনি. কুঞ্জ ধামিনি (প.ক)।]

ধামনা বি সর্থ 'ঢেমনা (২)। "বি.পা ৯৫ ; ১৭৩। বা.ম ৮৫। —মনী বি ধামনার স্ত্রীজাতি। "বি.পা ১৮৫। [ধামনা ভাতার —ধামনা জার। "লুকাইয়া করে কাণী ধামনা ভাতার ম.ম ৬৭ ; ১৩৩,-৫। ধামনাভাতারি, -রী —ধামনার উপপত্নী। "°রি বা.ম ১০৫,-৫৫,-৮৭। °রী ম.ম ১০০ ; ২১৮।]

ধামনিকা, -নী স্ত্রী ধমনী।

ধামসা বি [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ, ঢেমচা। "শ্রী.মা ৭২।

ধামা বি [ধাম >°মা ; পদ্মে] ১ আশ্রয়, আধার। "হিম° বি.প ৫। গুণ° বি.সু ১১৭। ২ [হি ধামা] বেত্রনির্ম্মিত আধারবিশেষ। "প্রেম দিব ধামায় ধামায়।—অমৃতলাল বসু। [ধামা চাপা দেওয়া —গোপন করা। ধামা-ধরা —(গৌণার্থে) যে নির্ব্বিচারে মুক্তভাবে

অন্যের মতের অনুবর্তন করে; খোশামুদে। "ব্রজনাথ রায়…আপন ব্যবসায়ে ধামা-ধরা গোচ—দাদা যা বলেন তাহাতেই মত আ.চু ৯৬। (রাতভিকারী সম্প্রদায়ের বৈষ্ণবেরা রাত্রিতে দুই তিন জন মিলিয়া যখন ভিক্ষা করিতে যায়, তখন ইহাদের সঙ্গে অন্য একটি লোক ধামা ধরিয়া যায় এবং চাল কড়ি যাহা ভিক্ষায় পায়, সমস্ত সংগ্রহ করিয়া ধামায় রাখে। "রাতভিকারীর ধামা-ধরা থাকে এক এক জন। হরিনাম বলে না মুখে, পিছে হোতে চাল কলা কুড়াতে মন॥—কবিগান (ভা.উ প্রথম ভাগ, ২১৭ পৃষ্ঠা)। ইহা হইতে, 'ধামা-ধরা'র প্রচলিত অর্থ)।]

ধামাই বি [দামামি > °ই] উচ্ছৃঙ্খলতা, গণ্ডগোল। "দাসী নফরে কান্দে যতেক ধামাই বি.পা ৩০০।

ধামামা বি [ঠ °মা] সর্থ 'দামামা'। "শ্রী.মা ১৪১।

ধামাল বিং [দামাল > °ল; হি 'ধমারী'—উৎপাতী] দুরন্ত (শিশু)। "আমার ছাওয়াল, বড়ই ধামাল চৈ.ম ৪৮। —মালী বি [°ল+ঈ৮; হি °ল; অস 'ধেমালি'—খেলা] ১ দুরন্তপনা, উৎপাত। "ধামালী করে বুকের মাঝে শ্রী.ম ৩৪। ২ কসরৎ, খেলা। পাইকে ধামালী করে ২৩১। নানারঙ্গে পাইকে ধামালী বি.পা ৩৬৬। ৩ রতিক্রীড়া। "রাধা-কানুর ধামালী শ্রী.ম ৬৫,-৬। ৪ পরিহাসবাক্য। "মোরে কেহে বোলএ ধামালী শ্রী.কী ৩৫।

ধামি, -মী বি [ধামা+ই৯] ধামার মত ছোট বেতের পাত্রবিশেষ। "মুড়কি, লাড়ূর ধামী কু.কে ১৬৬।

ধামধুমী বিং [ঠ °ম+ঈ৭] ধুমধামপ্রিয়, আড়ম্বরপ্রিয়। "ধূমকেতু ধামধুমী ধুমধাম চায় ভা.চ ৩৮৯।

ধায় বিণ [√ধা+অ (ণ)-ক, পা ৩.১.১৪১; তু 'ধায়ু'—ধারক (ঋগ্বেদ ১.৩৬.৪)] পোষাক। "ভট্টি ৯.৭৯।

ধায়াধাই, -ঞি; ধায়ানি, -নী দ্র 'ধাওয়াধাই; ধাউনী'।

ধার১ বিণ [√ধারি+অ (অচ্, অণ্)-ক] ১ ধারক। "উদক° (সুশ্রুত)। মৃতধারং গুরুং শ্রুত্বা মহা ১.৪১.১। —র পুং ১ বিষ্ণু। ২ গভীর, গভীরস্থান। ৩ প্রান্ত, সীমা। ৪ খড়্গাদির প্রান্তভাগ (ত.বা)। ৫ প্রস্তরভেদ। ৬ করকা, শিলা (A.)। ৭ [+অ-র্ণ] ঋণ। "গো.চ ১৭৬। ৮ [+অ-ভা] জলধারাবর্ষণ, আসারবর্ষণ। "ঘনবৎ তোয়ধারেণ।—হ ১১৩.৭৯। বরষে মুষলধারে ক.চ ৮২। —র ক্লী [ধারা+অ (অণ্)] ধারাসম্বন্ধী জল, বর্ষণজল, দিব্য-পানীয়। "ধারং নীরং ত্রিদোষঘ্নম্ (ভাবপ্রকাশ)। [ধার ধারা —১ ঋণবদ্ধ হওয়া। ২ অপেক্ষা করা; তক্কা রাখা। "ব্রহ্মানন্দ ঘোষ দুঃখী লোক—দাসী-চাকরাণীর বড় ধার ধারে না।—ব.প্র ২৬৫; ৬০৩। ৩ সম্বন্ধ বা সংস্রব রাখা। "কালেজের ছেলে বাপপিতা-মোর ধার ধারে না অ.গ্র ৮২।]

ধার২ '-র্' বি [সং ধার] ১ (ঋণসাদৃশ্যে) অবশ্যকর্তব্য প্রত্যুপকার। "শুধিতে নারিলাম মিতা বিভীষণের ধার।—কৃ ২৬২। ২ বন্ধকী দ্রব্যের বিনিময়ে লব্ধ দ্রব্য। "প্রভুর ত্রিশূল নন্দী, বাণ্যাঘরে থুয়্যা বন্দী, কুঁচিলা গাঁজাই নিল ধার ক.চ ২৬। ৩ [সং ধারা; হি, ঠ, গু, অস—ধার] ১ অস্ত্রের পাতার তীক্ষ্ণ ভাগ। "ক্ষুরের সমান ধার শ্রী.মা ২০। পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরার ধার।—ভা.চ ৩২২। ২ তীক্ষ্ণতা, তীব্রতা, কটুতা। "কথায় হীরার ধার।—ভা.চ ২৭৯। ৩ বুদ্ধির তীক্ষ্ণতা। "ছেলেটার বেশ ধার আছে। ৪ প্রভাব। "ধনের ধার বড় ধার ব.প্র ৩৭৫। ৫ [সং ধারা; হি, ঠ ধার] জলপ্রবাহ। "ষোল ধার জল বহে ম.ম ২২৫। গঙ্গা° চু ৯০। ৬ প্রবাহ, দ্রব-দ্রব্যের অবিচ্ছেদে পাত। "দুধক ধার বি.প ১১৯; কুচযুগ উপর বিলম্বিত হার। কনক কলস পর দুধক ধার॥—২১৬; কণ্ঠ হইতে রুধির উঠিছে তিন ধার ভা.চ ৭৩। ৭ স্তন হইতে ধারারূপে দুগ্ধপাত। "এক ধার দুগ্ধ; দুধারের দুধোতে ম ৪০৫। ৮ ধারা, বিধি। "কহ গুরু সে যোগের ধার গো.চ ৫০২। [ধার গলা —স্তনাদির ছিদ্রপথে ধারানিঃসরণ। ধার দেহি—অস্ত্রে ধার দেয়; শাণায়। "ম.পা ১৫১। ধার পড়া, মরা —অস্ত্রের তীক্ষ্ণতা নষ্ট হওয়া। ধার পড়ান —ভোঁতা করা। ধারে ভারে কাটা —(গৌণার্থে) প্রভাব-প্রতিপত্তিতে কার্য সিদ্ধ হওয়া। ক্ষুরের ধার —ক্ষুরের মত তীক্ষ্ণতা; তীক্ষ্ণ কথায় মর্মচ্ছেদক। "(এই সহচরীগণ) কেবল ক্ষুরের ধার ভা.চ ৩১১।]

ধার৩ সর্ম [সং √ধারি > প্রা √ধার; হি √ধার] ১ ঋণরূপে গ্রহণ করা। "ধারি নাহি ধার।—শি ৭২। ২ ধারণ করা, স্থাপন করা। "বদন পাণিতলে ধারই (প.ক)। [ধারত, -রিয়ে (প.ক)। ধারা২ —সর্থ 'ধার৩'। ধারো, -রোঁ—ধারি (শ্রী.কী)।]

ধারক বিণ [√ধারি+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -রিকা] ১ ধারণ-কর্তা। "মৃত° মহা ১.৪১.২। স্ত্রীবেশ° (S.W.)। নাম°।—পঞ্চ ২.১৭০। —রক পুং ১ কলস,পাত্র। ২ অধমর্ণ। ৩ (বাঙলায়) যাহাতে মল ধারণ বা বদ্ধ করে। বিপ 'সারক'। —রণ বিণ [+অন (ল্যুট্)-ক; স্ত্রী -ণী; বৈদিক] ধারক। "(ভূমিঃ) লোকধারণী (তৈত্তিরীয় আরণ্যক)। জগতো ধারণী (শিবা) মহা ৩.১৪২.৩০। নমঃ কূর্ম-অবতার মন্দর-ধারণ ম ৮০০। গোবর্দ্ধন° গি.দ্বি ৬০। —রণ পুং, দ্বিব স্ত্রীস্তনদ্বয় (S.W.)—রণ ক্লী [+অন-ভা] ১ ধরণ; পরিধান। "বল্কল° সী ৯। ২ নিগ্রহ, সংযমন। ৩ চিত্তসমাধান। ৪ গৃহীত বিষয়ের স্মৃতিরক্ষণ; মনে রাখা। "গ্রহণধারণ-সমর্থ মনু ২.১০৯, কুল্লুক। ৫ ঋণগ্রহণ, ধারা (A.)। —রণা স্ত্রী [+অন (যুচ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'ধারণ' (১)। ২ বিচারণ। ৩ যমাদি যোগাঙ্গের অন্যতম; বিষয়ান্তর-পরিহারপূর্বক চিত্তের অন্ত-বিষয়ে বা বহির্বিষয়ে সম্বন্ধ বা স্থিরীকরণ (পা.দ ৩.১; ধ্যেয়ে চিত্তের স্থিরবন্ধন; পরব্রহ্মাদিতে মনোধারণ (কুল্লুক); চিত্তৈকাগ্রতা। "মনু ৬.৭২। রঘু ৮.১৮। ৪ ধৈর্য্য (শ্রীধর)। "যোগ° গী ৮.১২। ৫ মনো-নিগ্রহ। ৬ নিশ্চয়। "মনু ৮.১৮৪; ৯.২০৫। ৭ বিচারণা। ৮ বিধারণ (মেদিনী)। ৯ [+অন-ণ] ন্যায়পথস্থিতি, সংস্থা, মর্য্যাদা (অ.কো)। ১০ বুদ্ধিভেদ, দ্র 'ধারণ' (৪)। "ধীর্ধারণাবতী মেধা (অ.কো)। দ্রব্যের আকৃতির ধারণা পা.প্র ১৭৯। —রণী স্ত্রী ১ নাড়ী। ২ শ্রেণী। ৩ স্থৈর্য্য। "শারীরিক° (দশকুমার)। ৪ বুদ্ধোক্ত মন্ত্রভেদ। —ণীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম] ধারণার্হ, ধার্য্য।

ধারয় বিণ [√ধারি+অ (শ)-ক] ধারক। "ভট্টি ৬.৭৮। —য়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী -য়িত্রী] ধারক। "গো.রা ১.৪৭. ২৩। —য়িষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক] ধারণশীল।

ধারা১ স্ত্রী [√ধারি+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ দ্রবদ্রব্যের অবিচ্ছেদে প্রপাত; জলাদিপ্রবাহ; প্রবাহ। "ঘৃতস্য ধারা।—ঋগ্বেদ ১.১২৫.৪। বারি° রঘু ১৬.৬৬; পু.মে ৫৩। জল° বি.প ২২; সিন্ধুক ধারা ২১৫। গোযুগে গলিত ধারা বি.সু ৭৮। সী ১২। ২ অতিবৃষ্টি প্রবলবর্ষণ। "পর্জন্যস্য যথা ধারাঃ (সংখ্যয়া পরিবর্জিতাঃ)।—পঞ্চ ২.৬৫। ৩ বর্ষণ। ৪ [+অ-ধি] অশ্বের গতিভেদ। "মাঘ ৫.৬০। দ্র 'মল্লিনাথ'। ৫ অস্ত্রের নিশিতভাগ; ধার। "ক্ষুরস্য ধারা নিশিতা। কঠোপনিষৎ ৩.১৪। পরশু° রঘু ১১.৭৮। মদন শর ধারা বি.প ১৯৩। ৬ প্রান্ত। "নীলোৎপল-পত্র° শ ১.১৭। ৭ চক্রপ্রান্ত, চক্র। "রঘু ১৩.১৫। ৮ রথচক্র (ত.বা)। ৯ পর্বতাদিপ্রান্ত। ১০ কর্ণ-প্রান্তভাগ। ১১ উদ্যানাদির বৃতি; বেড়া। ১২ সৈন্যাগ্রিমস্কন্ধ, সেনা-মুখ। ১৩ শ্রেণী, সমূহ। "বরিষ কুলধারা। মা ১৫০। ১৪ যশঃ। ১৫ উৎকর্ষ। ১৬ জনপ্রবাদ। ১৭ সাদৃশ্য। ১৮ দাক্ষিণাত্যস্থ পুরভেদ। ১৯ [+অ-র্ণ] ঋণ। ২০ প্রস্তরভেদ (ত.বা)। ২১ (বাঙলায়)

নিয়ম, পদ্ধতি, রীতি। "যদি আমার বাপের ধারা ধর তবে ত মা পেতে পারি।—রামপ্রসাদ। মরি মরি! কিবা লেখার ধারা।—দা ৫৩। **২২** প্রকার, রকম। "আবার চক্রের গতি হ'লে অন্তধারা।—হেম ৩২২। **২৩** শৃঙ্খলা, পরিপাটি। "কাজের ধারা। **২৪** আইনের ক্রমিক বিধি (section)। [°কদম্ব (পুং)—ধারাকালে (বর্ষায়) জাত কদম্বের বৃক্ষভেদ; কেলিকদম (শ.ক)। °গৃহ (ক্লী)—যন্ত্রসঞ্চারিতজল-ধারাযুক্ত গৃহ; ফোয়ারা-যুক্ত ঘর; যন্ত্রধারাগৃহ। "রঘু ১৬.৪৯। ধারাগৃহে প্রগলিতানিলদুর্দ্দিনাভে ক্লান্তঃ শয়ীত (সুশ্রুত)। °নিপাত, °পাত[১] (পুং)—জলধারাপতন। "পাত পু.মে ৪৮। °বর্ষ (ক্লী)—ধারারূপে অর্থাৎ অবিচ্ছেদে বর্ষণ; ধারাবৃষ্টি, নিরন্তর বর্ষণ। "রঘু ৪ ৮২। °সম্পাত (পুং)—বৃষ্টিধারার অবিরল পাত; মহাবৃষ্টি। ধারার শ্রাবণ—বর্ষণপ্রচুর শ্রাবণমাস। "দুই চক্ষু হৈল সভার ধারার শ্রাবণ ক.চ ৮৩; ২১৭।]

ধারা[২] দ্র 'ধার[৩]'।

ধারাধর পুং [ষ.ত] **১** জলধারার ধারক; মেঘ। "জনৈশ্চ মুদিতং ধারাধরে বর্ষতি (চাতকাষ্টক)। শ্রী.ম ৩২। বি.সু ১৫৩ °রবে বা.দ ২৪৭। °সুধাপানে প.তৃ ৮। **২** 'নিশিত প্রান্তধারক' খড়্গ।

ধারানী বি [অপ্র] ধার, প্রান্ত। "খুরের ধারানী ম.গা ২১।

ধারাপাত[১] দ্র 'ধারা'।

ধারাপাত[২] পুং (বাঙ্‌লায়) যে পুস্তকে শতক-পর্য্যন্ত অঙ্কের ধারাক্রমে পাতন থাকে; শিশুর শিক্ষার্থ শতকীয়া-ইত্যাদির অঙ্কপুস্তক। "(বাঙ্গালীর মেয়ে) ধারাপাতে মুর্ত্তিমান্।—হেম ৩৯০।

ধারাবাহিক, -বাহী (-হিন্) বিণ [ধারা+ √বহ্+ইন্ (ণিনি) -ক-১ব; বাহিন্+ক (কন্) স্বার্থে; স্ত্রী -কা, -হিণী] **১** ধারা (প্রবাহ)-রূপে বহমান; অবিচ্ছেদে প্রবর্ত্তমান; সন্তত। "°হী (মন্যুঃ) উ.চ ৪.৩। °হী অশ্রুধারি। কাদ ৫৭। **২** (বাঙ্‌লায়) ক্রমিক।

ধারাযন্ত্র ক্লী [ষ.ত] **১** জলধারার যন্ত্র; ধারারূপে জলনিঃস্রবার্থ যন্ত্রভেদ; ফোয়ারা। "°জলাভিষেক।—অমরুশতক ৫৯। ধারাযন্ত্রে স্নানের শেষে চ.কা ৩৩৮। **২** (বাঙ্‌লায়) গোলাব-পাশ।

ধারাল, -লো বিং [ধার[২]+আল[৮]] ধার-যুক্ত, তীক্ষ্ণ। "(রাণীর বুদ্ধি) ক্ষুরের মতন ধারালো।—কা ১৩৯।

ধারাশ্রু ক্লী [উ.লো] ধারাপতিত অশ্রু; অশ্রুপ্রবাহ, অশ্রুধারা।

ধারাসার পুং [সুপ্‌সুপা] ধারারূপে আসার; ধারাসম্পাত, অতিবর্ষণ। "ধারাসারৈর্মহতী বৃষ্টির্বভূব।—হি ৩৬।

ধারি বি [?] **১** মাটির ঘর; কুঁড়ে (?); চাটাই (টীকা)। "ধারি এড়ি পাইলা উয়ারি মেহারি।—মী ২৪। —রী বি ['ধাড়ি'—মূল; অপ্র] **১** দ্রুত গমন। "উজানীতে করে ধারী ম.ম ১৭৫। **২** আক্রমণ। "(বলি রাজা) দেবতারে করে ধারী গ ২৫। চারি দিকে চাপি মদনে করে ধারী ম.ম ৫।

ধারিত বিণ [√ধারি+ত (ক্ত)-র্ম্ম] **১** ধৃত। "ক্ষীরং...মেঘৌঘ-ধারিতম্। হ ৭২.১২। **২** ঋণরূপে গৃহীত।

ধারী (-রিন্) বিণ [√ধৃ+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -রিণী] ধারণ-কর্ত্তা, ধারক। "পৃথিবী বিশ্বস্য ধারিণী।—মুণ্ডকোপনিষৎ ২.১.৩। সুগন্ধপুষ্প° (রা)। শ্মশ্রু° মহা ৪.৫.৫। দশশতকর°।—হি ১.২০। ধরণীধারিণী ক.চ ২৫৩। উরগোপবীত° ম.পা ৭। **২** অধীতগ্রন্থধারণ-সমর্থ, অর্থাৎ যে পঠিত বিষয় মনে রাখিতে পারে; মেধাবী। "গ্রন্থিভ্যো ধারিণো বরাঃ মনু ১২.১০৩। **৩** [ধার+ইন্ (ইনি)-১ব] ধারযুক্ত, প্রান্তবিশিষ্ট। **৪** অধমর্ণ। **৫** (বাঙ্‌লায়) ধ্বজাদিধারক (?)। "ধারিগণে অস্ত্র না মারিবে কদাচিত ম ৭৩৪। —রী পুং পীলুবৃক্ষ। —রিণী স্ত্রী **১** পৃথিবী। **২** শাল্মলী-বৃক্ষ। **৩** শচী-প্রভৃতি চতুর্দ্দশ দেবযোষিদ্‌গণ (বহ্নিপুরাণ)।

ধারোষ্ণ বিণ [স.ত] ধারায় (দোহনকালে) উষ্ণ; গোস্তন হইতে সদ্যোনিঃসারিত মন্দোষ্ণ; বানকাড়া (দুগ্ধ)। "ধারোষ্ণং গুণবৎ ক্ষীরম্।—সুশ্রুত ১.৪৫.৫৬। অত্রি ১৩০।

ধার্ত্তরাষ্ট্র পুং [ধৃতরাষ্ট্র+অ (অণ্)] **১** ধৃতরাষ্ট্রের অপত্য; ধৃতরাষ্ট্র-পুত্র। "গী ১.১৯। বে ১.৬। **২** দুর্য্যোধন। "গী ১.২৩। ম ৯৯২। **৩** কৃষ্ণবর্ণচঞ্চুচরণযুক্ত শ্বেত হংসভেদ; গেঁড়িহাঁস। "নিপতন্তি ধার্ত্ত-রাষ্ট্রাঃ বে ১.৬। **৪** সর্পবিশেষ।

ধার্ম্ম বিণ [ধর্ম্ম+অ (অণ্); স্ত্রী -র্ম্মী] ধর্ম্মসম্বন্ধী, ধর্ম্মপ্রচুর। "ধার্ম্মী তনুঃ মহা ১.৬৩,৯৭।

ধার্ম্মিক বিণ [ধর্ম্ম+ইক (ঠক্), পা ৪.৪.৪১; স্ত্রী -কী] **১** ধর্ম্মাচারী অর্থাৎ ধর্ম্মের আসেবক (দ্র 'তত্ত্ববোধিনী'); ধর্ম্মশীল। "সুধার্ম্মিক রা ১.১.৯০। যযাতিরিব ধার্ম্মিকঃ ভ ১.১২.৩৪। **২** ধর্ম্মবিৎ। "মনু ২.১০৯ **৩** ধর্ম্মানুষ্ঠানবান্। "(সুতং সুতে) ধার্ম্মিকম্ মনু ৩.২৬৩। **৪** ধর্ম্মপ্রধান, ধর্ম্মপরায়ণ। "মনু ৪.১৫৩; ৮.২৯। —র্ম্মিকা বিং [বাঙ্‌লায়; সং °কী] ধর্ম্মপরায়ণা। "°কা যশোমতী ব.প ৮৯৬। °কা ত্রিজটা...সরমা কৃ ২০৭।

ধার্য্য বিণ [√ধৃ, √ধারি+য (ণ্যৎ, যৎ)-র্ম্ম] **১** ধারণীয়। "ধার্য্যো প্রযত্ন-তো গর্ভো মহা ১.১৬.১২। **২** বহনীয়। **৩** করণীয়, পালনীয়। "আজ্ঞা তব জগন্নাথ ধার্য্যা।—হ ২৬৬.৫। **৪** বন্ধনীয়, রোধনীয়। "অধার্য্যা সেতুনা গঙ্গা মহা ১৩.৩৫.২০। **৫** স্থিরীকরণীয়। "তস্মিন্নাবসথে ধার্য্যাম্ ...মনঃ মহা ১৪.১৯.৩৪। **৬** পরিধেয়। **৭** (বাঙ্‌লায়) নির্দ্ধারিত, স্থির, ঠিক। "(রায়) ইহাই ধার্য্য করিয়া...হস্তিনাপুরে প্রস্থান করিলেন কৃ.চ ৪। এখন কথা ধার্য্য হইয়া গিয়াছে ব.প্র ২০৫। **৮** গ্রহণীয়। "পিতামাতাও উহাদিগের পক্ষে ধার্য্য পথ উন্মুক্ত করিয়া দিয়া আপনা-দের করণীয় সুনির্ব্বাহিত করিতে পারেন পা.প্র ৮০।

ধার্ষ্ট্য ক্লী [ধৃষ্ট+য (ষ্যঞ্)] **১** ধৃষ্টভাব, ধৃষ্টকর্ম্ম, অশিষ্টাচার। "সখ্য-ভাবে ধার্ষ্ট্য ক্ষমায় করিয়া বিনয় চৈ.চ ২০০। **২** সাহসিকতা। "গো.রা ৫.৮.১২। **৩** প্রগল্‌ভতা, নির্লজ্জতা। "মাঘ ১০.৬৮।

ধাষ্টামি, -মো বি [ধৃষ্ট+আম[৩],-মি[২]; প্রা ধিট্‌ঠিম (ধৃষ্টতা)] ধৃষ্টতা, অভদ্রতা। "এরূপ করা কেবল ধাষ্টামো-প্রকাশ বি.বু ৩২।

ধিক্ ব্য **১** অপকারশব্দ দ্বারা ভয়োৎপাদন (অ.টী); নির্ভর্ৎসন। **২** দোষা-খ্যাপন, নিন্দা। "ধিগ্ বলং ক্ষত্রিয়বলম্ রা ১.৫৬.২৩। ধিগর্থাঃ কষ্ট-সংশ্রয়াঃ।—পঞ্চ ১.১৭৪। ধিক্ তান্ ধিক্ তান্ ধিগেতান্ কথয়তি সততং কীর্ত্তনস্থো মৃদঙ্গঃ (সু.র)। ধিক্ ধিক্ সুখ কৃ ২৫২। ধিক্ বল ক্ষত্রিয়-বল।—ম ১৭১; ধিক্ ধিক্ ভীম ৩৮৯। ধিক্ সে মানবগণে ধিক্ ধিক্ ধিক্।— স.শ ৮৬। সেকালের মেয়েরা একালের মেয়েদের মত নহে —ধিক্ এ কাল!—ব.প্র ৩৫০। ধিক্ নাই— নিন্দা নাই। "চাঁদ বলে ব্রাহ্মণ মারণে ধিক্ নাই বা.ম ২৩৬। ধিক্ যাউক—ধিক্‌প্রাপ্ত হউক; নিন্দিত হউক। "ধিক্ যাউক বৃকোদর তোমার বাহুবল ব.প ৭০৬। শত ধিক্—ভূরি ধিক্‌কার। "শত ধিক্ তোরে।—মে ২৩০।]

ধিক '-ক্' বিং [অধিক > °ক; তু 'ধিকাধিক' 'ততোধিক'; অপ্র] **১** অধিক। "ধিক হৈল দয়া চ.বি ২৩৯। **২** উৎকৃষ্টতর, মহত্তর। "দৈত্যরাজ ধিক কেহ নাহি ত্রিভুবনে।—চ.বি ১৯৩। **৩** পুণ্যজনক। "ইহা হৈতে ধিক ব্রত নাহি।—ম ১০৬৫,-৬। **৪** বিশেষ, প্রয়োজনীয়। "দ্বারে যাও চন্দ্রহাস কার্য্য আছে ধিক অ.প ১৩২। **৫** অধিকসংখ্যক। "আপনা হইতে যার হয় ধিক গুণ ম ৯০৪। **৬** প্রিয়তর। "দুর্য্যোধন হৈতে মোর ধিক যুধিষ্ঠির ম ২২১। **৭** অধিক, অস্বাভাবিক। "ধিক হস্ত চক্ষু যাবে পরশনে যার।—ম ৩৩৩। —ক ক্রি.বিং নিবিড়ভাবে, গাঢ়। "(কৃষ্ণে) আলিঙ্গিল নরপতি প্রেমভাবে ধিক অ.প ১১। [ধিক অতি—অত্যধিক। "কি বলিব ধিক অতি অ.প ২৭। ধিকাধিক **১** অধিকাধিক, অত্যধিক, অতিকটু। কাহাঞি মোরে ধিকাধিক

বোলে শ্রী.কী ৩১৫। ধিকাধিক বলে জেই গুরুকে বচন কৃ.উ ৭৫। ২ অত্যুৎকৃষ্ট, অতিকুলীন। "কুলে ধিকাধিক ব.প ২৬৪।

ধিকধিক বি [ধকধক >°ক ; অপ্র] অতিপ্রদীপ্তভাব। "ধিকধিক করিয়া আগুন উঠিল জ্বলিয়া গো.চ ৪৭।

ধিকিধিকি ক্রি.বিং [ধকধক >°কি (অল্পার্থে) ; দ্র 'ই'] ১ অল্প-অল্প, মিটমিট। "খলের পিরীত, তুষের অনল, ধিকিধিকি যেন বয় (চ.দা)। ধিকিধিকি জ্বলে বাতি।—ব ১৬৪। ২ অল্পে-অল্পে, ক্রমে-ক্রমে। "বিষ ধিকিধিকি উলেঃ বিষ নামে ধিকিধিকি ম.ভা ৬১। ৩ ধকধক, প্রদীপ্তভাবে। "মুখেতে দারুণ অগ্নি জ্বলে ধিকিধিকি কৃ ২৫৯। [পদ্যে মিলের জন্য 'ই'] —ধিকি বি ১ মৃদুজ্বলনের ভাব। "(তারা) ধিকিধিকি…করে নিশি-শেষে হেম ৪। ২ শ্বাসজন্য মৃদু-কম্পন ; ধুকধুক। "ধিকিধিকি করে কণ্ঠে শ্বাসমাত্র আছে ব.প ৮৫২।

ধিক্কার পুং [ধিক্ কার, কর্ম্মধা] 'ধিক্'-উচ্চারণ, 'ধিক্' বলা, নিন্দা, ভর্ৎসনা। "লোক° ভ ৪.১৪.১২। আপনারে ধিক্কার করেন মহামতি।—ম ৭৪। পরম° চৈ.চ ৩২২। —কৃত বিণ [ধিক্-কৃ+ত (ক্ত)-র্ম্ম] নিন্দিত, ভর্ৎসিত। —ক্রিয়া স্ত্রী [+অ (শ)-ভা+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'ধিক্কার'। [ধিক্কারিল—ধিক্কার দিল। "ক্রূরহাস্তে…বন্ধুগণ সবে, ধিক্কারিল।—কা ১৪৮]

ধিগ্ দণ্ড পুং [কর্ম্মধা] 'ধিক্' এই দণ্ড ; ধিক্কাররূপ দণ্ড ; দুর্বৃত্ত, তোমাকে ধিক্, তুমি মর ইত্যাদিরূপ দণ্ড (কুল্লুক) ; নির্ভর্ৎসনদণ্ড। "মনু ৮.১২৯। শু ৪.১.৭৬। যাজ্ঞ ১.৩৬৭।

ধিগ্ বাগ্ দণ্ড বিণ [বহুব্রী] 'ধিক্' এই বাক্য-রূপ দণ্ডদাতা ; ধিগ্-বাক্যে নির্ভর্ৎসয়িতা। "রা ২.৩৫.১৫।

ধিঙ্গ বিং [ঠ ধিংগ—বৃহৎ, দীর্ঘ-দৃঢ়] বিশাল, দীর্ঘ। "ধিঙ্গ হ'য়ে লিঙ্গ বড় বাড়ে দুর দুর শি ১২।

ধিঙ্গধিঙ্গ বি [ধ্বন্যাত্মক] বাদ্যধ্বনি। "ডম্ফ বাজে ধিঙ্গধিঙ্গ ক.চ ৩৯ ; ধিঙ্গধিঙ্গ মঙ্গল, বাজে স্বরমণ্ডল ২৪২।

ধিঙ্গী বি [হি ধিংগী—নির্লজ্জ-স্ত্রী] লজ্জাহীনা নারী ; বেহায়া মেয়ে। "এই সহচরীগণ, এক ধিঙ্গী একজন, উদ্দেশেতে করি নমস্কার ভা.চ ৩১১। —ঙ্গী বিং ১ নির্লজ্জ, বেহায়া, বেশরম। "মেয়েরা সব একেবারে ধিঙ্গী, হবেন ফিরিঙ্গী অ.গ্র ১০৮। ২ উন্মত্ত, উদ্দাম, উচ্ছৃঙ্খল।

ধিৎকার বি [ধিক্কার >°র, তু 'সং চিৎকার, প্রা চিক্কার ; অপ্র] ধিক্কার, নিন্দা। "লোকেতে ধিৎকার জ ৮৫। ভ.গ্র ২৩৩,-৩৯ ; ধিৎকার এ দেহে ৩০৭ ; ধিৎকার বহু দিল ৪২৬। দেবে কত দেবে ধিৎকারী দা ১২১৮। [পদ্যে মিলের জন্য 'ঈ']

ধিধি বি [ধ্বন্যাত্মক] দামামা-ধ্বনি। "°ধি বাজিছে দামামা দা ৭৬৪।

ধিনধিন, ধিনিকধিনিক, ধিনিকিধিনিকি বি [ভাবাত্মক] নৃত্যে বাদ্যের তালে অঙ্গভঙ্গির ভাব। —নিধিনি বি [ধ্বন্যাত্মক] নৃত্যে মৃদঙ্গের বোল। "ধিনিধিনি ধাঁউ,…(মৃদঙ্গ) বাজিছে শ্রী ৯।

ধিন্ব্ সক [ভ্বা, প—ধিনোতি (পা ৩.১.৮০ ; বোপদেবমতে স্বাদি ; সেট্] ১ প্রীণন। ২ গতি।

ধিমধিম বি [ধ্বন্যাত্মক] মাদল-ধ্বনি। "শ্রী.মা ১৬০।

ধিমা দ্র 'ঢিমা'[১]।

ধিয়া[১] বি [ভাবাত্মক] সর্থ 'ধিনধিন'। তাধিয়া তাধিয়া ধিয়া পিশাচ নাচিছে ভা.চ ১১০।

ধিয়া[২] সর্ম্ম [সং √ধৈ—ধ্যা >(স্বরাগমে) °য়া] ধ্যান করা। "সনকাদি…মোর স্বরূপ ধিয়ায় শ্রী.মা ২১৩ ; ধর্ম্মকে ধিয়ান ২২০।

ধিয়ান বি [সং ধ্যান >(স্বরাগমে) °ন ; ধেঅণ (চ) ; পদ্যে] ধ্যান, একাগ্রচিন্তা। "মএনা ধিয়ান করিল গো.চ ১০। মন্ত্রধিয়ানে ব.প ৩০১। ক.চ ১৮। শ্রী.মা ৮৮ ; ৯০। চ.বি ১৭৭। ন.প ৫২।

ধিরজ বি [সং ধৈর্য্য >প্রা ধের ; হি ধীরজ ; বৈষ্ণবসাহিত্যে] ধৈর্য্য। "ধরব ধিরজ জ.প ১৬ ; ৮০। ব.প ৮৯ ; ১৪০।

ধিরাজ বি [অধিরাজ >°জ ; হি °জ] রাজরাজ, সম্রাট্ ; মহাধনী, ঐশ্বর্য্যশালী। "দুই এক জেলার ধিরাজ মহারাজা বাহাদুর নিয়তই রোগ-ভোগ করে থাকেন হু ৮১।

ধি(ধী)রি-ধি(ধী)রি ক্রি.বিং [ধীরে-ধীরে >°রি ; হি ধীরে ধীরে] ১ মৃদু-মৃদু। "বায়ু ধীরি-ধীরি বয় বি.পা ১০। ২ ধীরপদক্ষেপে, আস্তে আস্তে। "যান ধীরি-ধীরি শ্রী.মা ৬৪। ব.প ৬৫৯। ৩ শান্তভাবে ও মৃদুস্বরে। "মুখেতে চুম্বন দিআ বলে ধীরি-ধীরি কৃ.উ ২৭৪। শ্রীঠাকুর …কহে ধীরি-ধীরি ন.বি ৪৭। ৪ আস্তে-আস্তে, নিঃশব্দে। "চুপে চুপে ধীরিধীরি খিড়কি-দুয়ার। খুলিয়া বাহির হৈল সভয়-অন্তর। ভ.গ্র ৪৪১। ঘাম-ছলে কুচগিরি, কাঁদিবেক ধিরিধিরি ভা.চ ৩৪২। ৫ ধীরধারায়, সরুধারে। "(ঝরণাখানি) ঝরে ধীরি-ধীরি প.কা ৭১। [ধিরি-ধিরি-ধিরি —অতীধীরপদে। "ব্যাস ধিরিধিরি-ধিরি (গেল)।—ভা.চ ১৯৮। ধীরি-ধীরি কর্যা লয়্যা যায়—ধীরপদক্ষেপে লইয়া যায়। "ব.প ৭৪৬।

ধিষণ পুং [√ধৃষ্+অন (ক্যু)-ক, √ধৃষ্ >ধিষ (উ ২.৮২) ; °ণা +অচ্ (অস্ত্যর্থে—অ.টী)] বৃহস্পতি। —যণ ক্লী স্থান। "বিকুণ্ঠ° ভ ৩.১৬.৩২। —ষণা স্ত্রী [+অন-ণ+স্ত্রী আ (টাপ্)] ১ বুদ্ধি, মতি। "ধিষণাবান্ শ্রী.মা ৪৩। ২ স্তুতি। ৩ বাক্য।

ধিষণা দ্র 'ধিষণ'।

ধিষ্ঠিত বিণ [অধিষ্ঠিত >°ত (অকারলোপ আর্ষ—শ্রীধর) ; তু 'পিধান'] ১ (কর্ত্তৃবাচ্যে) অধিষ্ঠিত অর্থাৎ অধিকারপূর্ব্বক স্থিত। "শাল্বঃ…তৎ পুরং ব্যূহ্য ধিষ্ঠিতঃ মহা ৩.১৫.৩। হৃদি ধিষ্ঠিতম্ (অজম্) ভ ১.৯.৪২। ২ (কর্ম্মবাচ্যে) অধ্যাসিত, অধিরূঢ়। "ইন্দ্রেণধিষ্ঠিতা তরী ভ ৪.৮.৭৯। ৩ সমাবৃত। "(কলেবরম্ ব্রজৌকসঃ) হৃদহন্ কাষ্ঠধিষ্ঠিতম্ ভ ১০.৬.৩৩।

ধিষ্ণ্য পুং [√ধৃষ্+ণ্য-ক, উ ৪.১০৭, দ্র 'ধিষণ' ; ছান্দস] ১ শুক্রাচার্য্য ; শুক্রগ্রহ। ২ অগ্নি। ৩ [+ণ্য-ণ] শক্তি। —ষ্ণ্য ক্লী ১ নক্ষত্র। ২ স্থান। "কৃষ্ণধিষ্ণ্যাঃ (বহ্নয়ঃ) ।—শ ৪.৮। ৩ মণ্ডল। "স্ব° ভ ২.৬.১৭। ৪ আসন। "নৃপতের্ধিষ্ণ্যম্ ভ ৪.৮.১১। ৫ আলয়, গৃহ। —ষ্ণ্যা স্ত্রী উল্কাভেদ। দ্র 'অগ্ন্যুৎপাত'।

ধী স্ত্রী [√ধ্যৈ—ক্বিপ্ (০)-ক, করণের কর্ত্তৃত্ববিবক্ষা (তত্ত্ববোধিনী), সম্প্রসারণ, দীর্ঘ পা ৩.২.১৭৮] ১ 'ধ্যানসাধনী', বুদ্ধি, মতি, জ্ঞান। "দুর্°, দুষ্ট°, সু°। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ।—ঋগ্বেদ ৩.৬২.১০। উদার° রঘু ৩.৩০। ২ চিত্তবৃত্তি। "কি ১.৩৭। ৩ শাস্ত্রাদিতত্ত্বজ্ঞান, শ্রুত। "মনু ৬.৯২। [°গুণ (পুং)—শুশ্রূষাদি বুদ্ধিগুণ। 'শুশ্রূষা শ্রবণঞ্চৈব গ্রহণং ধারণং তথা। উহোঽপোহোঽর্থবিজ্ঞানং তত্ত্বজ্ঞানং চ ধীগুণাঃ॥—কামন্দক। ধীন্দ্রিয় (ক্লী)—জ্ঞানেন্দ্রিয়—মনোনেত্রাদি (অ.কো)। °শক্তি (বি)—বুদ্ধিবল। "°সম্পন্ন।—কাদ ৩৫। °সখ, °সচিব (পুং)—ধীপ্রধান সখা ; সহায় ; মন্ত্রী। °হারা (বিং)—জ্ঞান-হারা, অচৈতন্য। "বি.সু ১১৫।]

ধীদা স্ত্রী [তু 'সং দুহিতৃ >লি ধিতা, প্রা ধুদা (প্রা.প্র ৪.৩৩)] কন্যা।

ধীবর পুং [√ধা+বর (বরচ্)-ক নিপাতিত, উ ৩.১] কৈবর্ত্ত, দাশ। —রী স্ত্রী কৈবর্ত্তভার্য্যা ; ধীবর-স্ত্রীজাতি। "মা ১১৮।

ধীমান্ (-মৎ) বিণ [ধী+মৎ (মতুপ্)-১ব ; স্ত্রী -মতী] ১ বুদ্ধিমান্, প্রাজ্ঞ, পণ্ডিত। "রা ১.২.৩৩। গী ১.৩। ২ সর্ব্ববিষয়জ্ঞানবান্। "মনুর্ধীমান্ মনু ১.১০২। মে ২০২।

ধীর বিণ [ধী+ √রা+অ (ক)-ক ; উ.ত] ১ মনীষী, পণ্ডিত, প্রাজ্ঞ। "রঘু ৩.১০। সা.দ ৩.৩২। ধীরজনে কৃ ৯৯। ম ১০২৮। ২ ধৈর্য্যান্বিত, অচঞ্চল, গম্ভীর। "সাগরধীরচেতাঃ রঘু ১৮.৪। হিমাদ্রি-

পর্ব্বতপ্রায় ধীর।—ম ১৯৭। ৩ অনাকুল। "ধীরোদ্ধতা…গতিঃ উ.চ ৬.১৯। ৪ স্থিত, উপবিষ্ট। "আসনবন্ধ" রঘু ২.৬। ৫ মন্দ, মৃদু। "ধীরসমীরে যমুনাতীরে গী.গো ৫.৮। ৬ মন্দ্র, গম্ভীর। "মৃদঙ্গধীরধ্বনি রঘু ১৬.১৩। ৭ বিনীত। ৮ বলযুত। ৯ স্বৈর, স্বচ্ছন্দ। ১০ মনোহর। "অম্বুদধীরনাদঃ (পাঞ্চজন্যঃ) মাঘ ৩.২১। ১১ অলস, জড়। ১২ সংযতাত্মা, বশী। "বিকারহেতৌ সতি বিক্রীয়ন্তে যেষাং ন চেতাংসি ত এব ধীরাঃ কু.স ১.৫৯। ১৩ স্থিরোন্নতচিত্ত। "রঘু ৫.৩৮। ১৪ বিদ্বান্, জ্ঞানবান্। "রঘু ১৬.৭৪। ১৫ উচ্চৈঃ। "স্বরেণ ধীরেণ নিবর্ত্তয়ন্নিব রঘু ৩.৪৩। উ.চ ৬.১৭। ১৬ শিষ্টাচারসম্পন্ন, বিনীত। —র পুং ১ সমুদ্র। ২ চিদাত্মা। ৩ বলিরাজ। ৪ ঋষভৌষধি। —র ক্লী কুঙ্কুম। —রা স্ত্রী ১ নায়িকাবিশেষ। [ইহারা নায়কের প্রতি কোপ ব্যঙ্গ্য (বক্রোক্তি) দ্বারা প্রকাশ করে। 'ব্যঙ্গ্যকোপপ্রকাশিকা ধীরা (রসমঞ্জরী)। সাহিত্যদর্পণে ইহারা মধ্যাধীরা নায়িকা (সা.দ ৩.৬১)। জ.গ্র ৩৮২। চৈ.চ ১৬১। ভা.চ ৬৭৪।] ২ মহাজ্যোতিষ্মতী লতা। [°প্রশান্ত, °শান্ত (পুং)—নায়কসামান্য গুণযুক্তদ্বিজাদি নায়ক। 'সা.দ ৩.৩৪। ভ.গ্র ৩৭৬। °ললিত (পুং)—নিশ্চিন্ত ও অপ্রচণ্ড নৃত্যাদিকলাপরায়ণ নায়ক—বৎসরাজাদি। 'সা.দ ৩.৩৪। ভ.গ্র ৩৭৬। চৈ.চ ১১৮। ধীরোদাত্ত (পুং)—আত্মশ্লাঘাহীন ক্ষমাবান্ অতিগম্ভীর মহাসত্ত্ব নিগূঢ়গর্ব্ব দৃঢ়ব্রত কর্ম্মে স্থির নায়ক—রামযুধিষ্ঠিরাদি। 'সা.দ ৩.৩২। ধীরোদ্ধত (পুং)—প্রচণ্ড চপল দর্পাহঙ্কারবান্ আত্মশ্লাঘী মায়াবী নায়ক—ভীমসেনাদি। 'সা.দ ৩.৩৩। ভ.গ্র ৩৭৬। ধীরে সুস্থে—ধীরভাবে ও সুস্থচিত্তে। "সময়ের সংগ্রহ করিয়া ধীরে সুস্থে বসিয়া ইংরাজী লিখিতাম পা.প্র ১৬৬। ধীরে সুস্থে…জবাবদিহি করব ঘ ২৯।]

ধীরতা স্ত্রী [ধীর+তা (তল্)+স্ত্রী আ (টাপ্)] ১ ধীরভাব, ধৈর্য্য, অনাকুলতা। "রঘু ৮.৪৩। বিপত্তৌ হি মহান্ লোকে ধীরতামনুগচ্ছতি হি ৩.৪৭। ২ গম্ভীরত্ব। "উ.মে ৫৩। ৩ স্থৈর্য্য, দৃঢ়তা। ৪ শিষ্টতা, বিনীতভাব। ৫ পাণ্ডিত্য।

ধীরাধীরা স্ত্রী ধীরা ও অধীরা নায়িকাবিশেষ; ইহারা রোদন করে ও বক্রোক্তিতে প্রিয়কে ভৎর্সনা করে। "°রা তু রুদিতৈঃ সা.দ ৩.৬২। °রা বক্রবাক্যে করে উপহাস চৈ.চ ১৬১। ভ.গ্র ৩৮৩।

ধু[১] অক [স্বা, এ—ধুনোতি, -ধুতে; অনিট্] কম্পন। —সক চালন।

ধু[২] সর্ম্ম [সং √ধাব্ >লি √ধোৱ, প্রা √ধুব, √ধুঅ √ধোঅ (প্রা.ম) >বা √ধু; হি, গু, মৈ √ধো; ঠ, ড় √ধু] ধৌত করা; ধোওয়া। "(দাগ) ধুইলে না যাবে ধোয়া ভা.চ ৩৬৫। [ধোহ—ধোও। চৈ.ভা ৩০৪।]

ধুআ বি [সং ধ্রুব >প্রা ধুঅ->°আ] সর্থ 'ধুয়া'। "গো.চ ১১০।

ধুঁ(ধোঁ)ক, ধুক অর্ম্ম [সং √ধ্মা (ধম্); হি √ধোঁক—ফুঁ দেওয়া] ক্লেশাদি হেতু ঘন ঘন নিঃশ্বাস ত্যাগ করা; হাঁফান। "ঘায়ের জ্বালায়, ঘু'রে ঘুরে পড়ে ধোঁকে শ্রী ৮৫। মরেন ঘুরে পথে পথে রোদে ধুঁকে ধুঁকে।—হেম ৩৮৭। কুকুর গুলো…ধুঁকিছে কেহ, ক্লান্ত দেহ কু.কে ২৯। মূলসন্ন্যাসী…ধুকতে ধুকতে বৈটকখানায় উপস্থিত হলো হু ২। [ধুঁ(ধু)কনি—সর্থ 'ধুঁক'। ধোঁকা—হাঁফান।]

ধুঁত(থ)রা বি [সং ধুস্তূর >প্রা *ধুথুর, ধুৎথর >বা ধুথু(তু)র, ধুঁধু(তু)র, ধুতুরা, °রা; ঠ ধোতরা; মৈ ধুথুর] ধুস্তূরবৃক্ষ, ধুস্তূরফল।

ধুঁদুল বি [?] ঝিঙ্গার মত শাকফলবিশেষ।

ধুঁধুরি বি [সং ধুধুরী] বাদ্যবিশেষ। "স্ব.প্র ১৫১।

ধুঁঞা, -য়া বি [সং ধূম; হি ধুআঁ] ধূম। "°য়া ব.প ২১৯; °ঞা ৩৩১।

ধুক দ্র 'ধুঁক'।

ধুকড়ি, -ড়ী বি [হি °ড়ী] ১ ছোট থলী; বটুয়া; ঝুলি-কাঁথা। "কুন্দলের ধুকড়ি শি ৭৬। ২ ঝুলি ও ছেঁড়া কাঁথা ইত্যাদি। "তোমার দফা ডিক্রী হলো, ধুকড়ি তোল —দা ২০৯৯।

ধুকধুক ধ্বি [সং √ধু—কম্প; হি °কী; ঠ °ক; তু 'প্রা √ধুক্কাধুক্ক (সং √কম্প)] ১ হৃৎকম্পন। "ধুকধুক করে শুধু প্রাণ কু.কে ৪২। ২ ভয় হেতু হৃৎকম্প বা কম্প। "প্রাণ করে ধুকধুক বি.সু ১০৯। দেখিয়া অনীক, দিগ্‌বধূ সবার বুক করে ধুকধুক স্ব.প্র ১৬২। রাত্রিদিন ধুকধুক, তরঙ্গিত দুঃখ সুখ, থামিয়াছে বুকে চ.কা ১৭৯। [ধুকধুক করা—ঈষৎ হৃৎস্পন্দন হওয়া; মৃদু শ্বাস বহা; মর-মর হইয়া থাকা। "না মরে না জীয়ে বেটা করে ধুকধুক ম.ম ১৭৭। [°ধুকানি—ধুকধুককরণ; কম্পন; ভয়।]

ধুকধুকি, -কী বি [হি °কী; ঠ °কী] হারের মধ্যমণি; পদক। "মধ্যহারে ধুকধুকি সেহ মণিময় ব.প ১৪৮২; ধকধক হীরার ধুকধুকী শোভে উরে ১৪৮৬। রত্নধুকধুকী ভ.গ্র ৪৪০। গলে দোলে ধুকধুকী। —ভা.চ ২৬৫। প্রতি থাকে ধুকধুকী, সর্ব্বদা করয়ে ঝিকমিক।—দা ১৪৮১। [ধুকধুককি—যতির গলসূত্রে লম্বিত পদকবিশেষ। "ধুকধুককি এড়িয়া পাইলা হেম কুলমণি মী ২৪।]

ধুকপুক বি [ধুকধুক >°ক; হি ধুকড়পুকড়; ঠ ধুকমুক] ভয় বা উদ্বেগ হেতু হৃৎকম্প। "জেলার পুরাণ হাকিম বদলী হলে নীল-প্রজাদের মন যেমন ধুকপুক করে হু ১৯। বেটির মন একটু ধুকপুক কত্তেই হবে গি.দ্বি ১০৪।

ধুকুড়া বি [ধুকড়ি >°ড়া] কাঁথা। "বি.পা ১৮১; ২২১।

ধুকুধুকু বি [ধুকধুক >°কু] সর্থ 'ধুকধুক (২)। "তাকাইতে একটুকু, ভয়ে প্রাণ ধুকুধুকু বি.সু ১৬।

ধুক্ষ্ অক [ভ্বা, ঙ—ধুক্ষতে, সেট্] ১ সন্দীপন। "ধুক্ষতে বহ্নিঃ (ক.ক)। ২ ক্লেশ। ৩ জীবন।

ধুক্ষিত বিণ [√ধুক্ষ+ত (ক্ত)-র্ম্ম] সন্দীপিত। "নাগানন্দ ৫.২১।

ধুচ(চু)নি বি [ড় চাল ধোআ; ধোচনা (চট্টগ্রাম)] চোঙ্গার মত চাল-ধোয়ার বাঁশের বা ধাতুর সচ্ছিদ্র পাত্রবিশেষ।

ধুচয় বি [সং √ধু; অপ্র] কম্প-পরম্পরা। "ধরাতলে ধনী পড়ে, ধীহারা ধুচয় বাড়ে বি.সু ১১৫।

ধুঙা, -ঞা, -ঞাঁ, ধুঞা বি [সং ধূম; হি ধুঁআ, ধু(ধু)আঁ, -আঁ; মৈ ধু(ধু)আঁ] ধূম। "ধুঞা শূ ১১২। ধুঙা ক.চ ১৮৫। ধুঞাঁ বি.পা ১২৯। ধুঞা ব.প ১১৫। [ধুঙাইয়া—ধূমোদ্‌গিরণ করিয়া। "উঠে ধুঙাইয়া (প.ক)। ধুঞাত—ধূমাবৃত। "ধুঞাত অম্বর শূ ১১২।]

ধুত বিণ [√ধু+ত (ক্ত)-র্ম্ম] ১ কম্পিত। "বেগধুতমার্গবৃক্ষ রঘু ১১.১৬। ২ ত্যক্ত। ৩ [অবধূত >°ত; অপ্র] (বাঙ্‌লায়) অবধূত। "গোর্থ হেন ধুত নাহি জগত ভিতর গো.বি ২৩।

ধু(ধু)তি বি [হি, ঠ, ধোতর (অধোবস্ত্র), ধোতী; মৈ, সি ধোতী; ধৌতি (শূ ২৩)] ১ পুরুষের পরিধেয় বস্ত্র। "ধুতি গো.চ ৮৩; শ্রী ২০৯; ম.ম ১৬৪। ২ [অপ্র] শাড়ী। "পার্ব্বতী…হরিদ্রাযুত ধুতি, পরিয়া বসিলা আসনে ক.চ ২৪। ৩ বস্ত্রখণ্ড। "উড়এ নেতর ধুতি শূ ৫৯। ৪ উৎকোচভাবে প্রদত্ত ধুতিবস্ত্র; (গৌণার্থে) উৎকোচ। "বিনা উপকারে খায় ধুতি ক.চ ৬; টাকা…খায় ধুতি ৯০। ধন পেয়ে ধুতিঃ (হীরা মণি মতি) দিতে যায় ধুতি শ্রী ২৫৬; ভা.চ ৪১৫। ৫ পুরস্কার। "যেবা কোন ধুতি শ্রী.ম ৬৩।

ধুতুরা বি সর্থ 'ধুঁতরা'। "ধুতুরায় ফল ভা.চ ১০৩।

ধুধু, ধুধু[২] বি [ঠ ধুধু—অস্পষ্টভাব; ভাবাত্মক] ১ ধোঁয়া-ধোঁয়ামত ভাব; ঝাপসাভাব। "বেলা যায়-যায়, ধুধু করে মাঠ।—কথা ১২১। (সন্ধ্যে হল) ধুধু করে (মাঠ) যে দিক্ পানে চাই।—শিশু ৪১। ২ শূন্যভাব-প্রকাশ। "শূন্য ধুধু করে।—হেম ২৫১। বরফ করিছে ধুধু।—শিশু ৭১; ধুধু করে বালুচর ৭৮। মরুবালি ধুধু করে চ.কা ৯৮। মাঠ ধুধু করিতেছে।—কাদ ১০৫। ৩ [সং √ধু]

বায়ুবেগে উড্ডীনভাব। "ধুধু করি উড়ে (বালুরাশি) অ.গু ৫। ৪ [হি ধুধু—অগ্নিজ্বলনশব্দ ; ধ্বন্যাত্মক] প্রজ্বলিত অগ্নির শব্দ ; হু-হু শব্দ। "(অর্চ্চিপুঞ্জ) দাউ দাউ ধুধু ধুধু, ধায় দশদিকে সা.ম ৫৯। (জঞ্জাল) জ্বলে গেল ধুধুধু ক'রে কু.কে ১৮১।

ধুধুরী স্ত্রী [ধ্বন্যাত্মক] বাদ্যবিশেষ। "ধুধুর্য্যানক ভ ১.১০.১৫।

ধু(ধূ)ন সর্ম্ম [সং √ধু—√ধুনি (ণিজন্ত) >প্রা √ধুণ >বা °ন ; হি √ধুন ; ঠ √ধুনক'—তুলা ধোনা ; 'ধুণি'—তুলা ধুণি ধুণি (চ)] ১ কম্পিত করা ; কাঁপান, নাড়া। "কোই শির ধুনি ধুনি দেখি বি.প ১৮৯ ; বি.সা ৪৪৩। ২ ধনুক-যন্ত্রে তুলা ছিন্ন-ভিন্ন করিয়া বা পিঁজিয়া সাফ করা। ৩ (সাদৃশ্যে) ছিন্ন-ভিন্ন করা ; বিলোড়িত করা। "আমার শরীর মন…কাঁপিতে কাঁপিতে আলোছায়া ধুনিতে লাগিল গ.স ১৩৫। —না.সর্ম্ম [ধুন+আ° ; সং √ধুনয় >প্রা √ধুণার ; হি √ধুনরা] সর্থ 'ধুন'। "সুবদনি হাসি ধুনায়ত মাথ (প.ক)। [ধুনাইত—কম্পিত। "ধুনাইত ভুরু-ধনু (প.ক)। ধুনান—কম্পন, ভঙ্গি। "ভাও ধুনান গো ১৪৪। ধুনায়ত, -য়সি, -নানি (প.ক)।]

ধুন-ধুন-ধুন বি [ধ্বন্যাত্মক ; তু 'সং ধ্বনি >প্রা ধুণি] বাদ্যধ্বনি। "ধুন-ধুন-ধুন বাদ্য বাজে নহবতে ব.প ১৪৮৭।

ধু(ধূ)না বি [সং ধুনক ; হি ধুনা ; ড় ধুনা] শালনির্য্যাস, সর্জ্জরস (resin)। "ধুনা ধুপাচি শ্রী ২০৯। ধুনাখণ্ড শ্রী.মা ১৮৩। দপ্‌দপ্‌ দীপক জ্বলিছে ধুনা মড়া।—শি ২৪। মনসার ষেব ধুনার গন্ধে। দা ১৪১৩। [°চুর—যে পাত্রে চূর্ণ ধুনা পোড়ে ; ধুনাচি। "শূ ৫১,-২। শ্রী.মা ৪৮ ; দপদপ…জ্বলিছে ধুনাচুর ১৭৭।]

ধু(ধূ)নাচি, -নুচি বি ['ধুনার্চ্চিঃ'—মূল] ধুনা-পোড়ার পাত্র।

ধুনা(নু)রি, -রী বি ['ধুনকারী >°রী ; হি ধুনিয়াঁ] যে তুলা ধুনে। "কার্পাসরাশি উড়ায় ধুনারি।—হেম ১৮৮।

ধুনি[১], **-নী**[১] স্ত্রী [√ধু+নি (নিক)-ক (অ.টী) ; °নি+স্ত্রী ঈ (ঙীষ্‌) ; তু 'সং ধ্বনি >প্রা ধুণি] নদী। "ঋগ্বেদ ২.৩০.২। স্বর্ধুনী ভ ৮.২১.৪। সুর° প.তৃ ৬৫।

ধুনি[২] বি [দ্র 'ধুনি'[১] ; হি ধুন ; ঠ ধুন ; মৈ ধুনি] ১ ধ্বনি, শব্দ। "থমক ধুনি ন.প ২৫৭। ২ ভূষণধ্বনি। "মধুর মধুর ধুনি নেপুর রব শুনি বি.সা ৫২৭। ৩ কূজন। "খঞ্জন খঞ্জনী করে নানা ধুনি শূ ১০৫। —নী[২] বি স্বর, রব। "বাঁশীর ধুনী শ্রী.কী ৩০০,-৮।

ধুনি[৩], **ধুনী** বি [হি ধুনী ; ঠ ধুনী ; সং 'ধূমী'—মূল] সন্ন্যাসীর সম্মুখে স্থিত আগুনের কুণ্ড। "কেহ নেয় ধুনি কাড়ি মী ৫। "জ্বলিতেছে কাষ্ঠধুনি ন ১১৭৩। —নী বি ১ ধুনাপোড়ানর পাত্র ; ধুনাচি। কনক-ধুনী সুমেরু চূড়া।—কু.কে ৩ ; হাথে মাথে ধুনী জ্বালি বসুন্ধরা কৃচ্ছ্রব্রত করে ৪১।

ধুনী[১] দ্র 'ধুনি'[১]।

ধুনী[২] দ্র 'ধুনি'[২]।

ধুন্ধুকার বি [ধুমধুম >°ন্ধু ; হি 'ধুংধুকার'—অন্ধকার ; ঠ—'ধুংদ' —অন্ধকারময় ; ধুন্দ(ন্দু)কার, ধুন্দময় (ধর্ম্মপূজাবিধান ২০৮) ; অপ্র] অন্ধকারময়, অস্পষ্ট। "সরগ মরত নাহি ছিল সভি ধুন্ধুকার শূ ২।

ধুন্ধুমার পুং ১ ইন্দ্রগোপকীট। ২ গৃহধূম। ৩ (বাঙলায়) সর্থ 'ধুন্দুমার'। "ধুমসী…রণে পাড়ে ধুন্ধুমার শ্রী ২৫২। রোগ শোক সঙ্গে তার চতুর্দ্দিকে ধুন্ধুমার সা.ম ২০৪।

ধুপ সর্থ 'ধূপ'।

ধুপি, -বি, -বী [হি ধোবী] রজক, ধোবা। "ধুবি গো.চ ১১৫ ; ধুপি ১৯৪,-৫। ধুবী বি.সু ১০০। —বিনী বি [ধুবি+নী] ধোবার স্ত্রী ; রজকিনী। "শ্রী ১০২।

ধুপুস বি [ধ্বন্যাত্মক] স্ফীত দ্রব্যের পতন-শব্দ। "রামবাবু…ধুপুস ক'রে পড়ে গেলেন হু ৫৯।

ধুবকা স্ত্রী [√ধু+অক (ক্বুন্‌—উ ২.৩২)+স্ত্রী আ (টাপ্‌) ; তু 'সং ধ্রুব >প্রা ধুব (প্রা.ম)—°ক] গীতবিশেষ, ধুয়া।—বন বিণ [+অন (ল্যুট্‌)-ক] কম্পয়িতা, চালক। "নবনীপবনী-ধুবনঃপবনঃ (ত.বা)।

ধুবিত্র দ্র 'ধবিত্র'।

ধুম, ধুম[১] বি [দ্র 'ধুনি'[২] ; 'ধূম' সাধু] ১ গানে সমবেত উচ্চ সুর। "কীর্ত্তনে ধুম উঠে। ২ শব্দ। "বারাণসীর খসখসানি উঠলো মহা ধুমে। —হেম ৩৮৬। ৩ [হি ধুম] শোরগোল, গোলমাল, চেঁচামেচি, হৈ-চৈ। "দোঁহে করে ধুম ক.চ ১৩৯। দাদা কর নাগ্রি ধুম শ্রী.মা ১৫৬। আমারে পাইয়া করে ধুম ব.প ২১৬। বেগারের ধুম বি.সু ১০৩। করিল দারুণ ধুম ভা.চ ৩৮৭ ; ধুম করে ৩৯৩। স্বস্ত্যয়নের ধুম আ.চু ৩৫। বড় ধুম পড়িয়াছে। ব্রজেশ্বর শ্বশুরবাড়ী আসিয়াছেন।—ব.প্র ৩৭৬। ৪ সমারোহ, জাঁক। "উনমত পারা বিবাহ-ধুমে ন.প ১৫৮। ৫ মহাকাণ্ড, বিশেষ ব্যাপার উদ্যোগ বা আয়োজন। "ভারত পড়িল ভোরে মালা-গাঁথা-ধুমে ভা.চ ২৯৩। ধুম বড় বি.সু ৬২। ধরিতে ধাইছে ধুমে।—হেম ৭৮। ৬ প্রভাব, পীড়ন। "মনসিজ-ধুমে ঘুম নাহি দিঠি গো ১০১।

ধুমড়ী বি [দুম+রাঁড়ী ?] বৈষ্ণবী (অবজ্ঞায়)। "এক এক জনের ধুমড়ী দুটি দুটি বি.সু ৯০। দা ১০ ; °ড়ী-ধরা ২০৯৮।

ধু(ধূ)মধড়াক্কা বি [হি ধুমধড়কা ; ঠ ধুমধডাকা] সমারোহ, জাঁক-জমক, ঠাট-বাট।

ধু(ধূ)মধাম বি [হি ধুম° ; ঠ ধুমধুম ; 'ধাম' অনু.শব্দ] ১ কোলাহল, শোরগোল। "মহা ধুমধাম, হাঁকে হুম-হাম ভা.চ ৭২ ; ২৭১ ; ধূমকেতু…ধূমধাম চায় ৩৮৯। ২ সমারোহ, ভারী আয়োজন, জাঁক। —ধাম বি [ধ্বন্যাত্মক] ১ ভারী দ্রব্যের পতনশব্দ। "ধুমধাম করিয়া পাথর পড়িতে লাগিল ব.প ৬৯। ২ সর্থ 'দুমদাম (১)। "নিমাই উপরে রেখে পিটে ধুমধাম শ্রী.মা ১৪৩। [ধুমধেমে—ধুমধামযুক্ত, জাঁকাল। "ধুমধেমে শ্রাদ্ধ আ.চু ১৩০।]

ধুমধুম বি [ধ্বন্যাত্মক] কিল-মারার শব্দ ; দুমদুম। "ধুমধুম ধুমসীর কিলের পরিপাটী শ্রী.মা ১৩৯। —ধুমি বি [ধ্বন্যাত্মক ; অপ্র] 'ধুমধুম' শব্দকারক দুন্দুভি। "আকাশে ধুমধুমি বাজে ম.ম ৮ ; ২২। [ধুমধুমান—ধুমধুম শব্দ করিয়া কিলান।]

ধুমধুমি দ্র 'ধুমধুম'।

ধুমসা, -সো বিং [দুম+সা (সম) ?] (দুম্বার লেজের মত) স্থূল ; মোটা (শরীর, লোক)। —মসী বিং [°সা+ঈ৬ ; (মুণ্ডারি) 'ঢিমসি'—স্থূলোদরী নারী] স্থূলকায়া ; স্থূলকায়-নারী ; কানড়ার দাসী (শ্রী)। "ধুমসী দাসী শ্রী ২৪১। শ্রী.মা ১৩৯।

ধুমুল বি [ধ্বন্যাত্মক] খোলের 'ধুমধুম'-বাদ্য। "দক্ষিণ দুয়ারে দিত ত্রিসন্ধ্যা ধুমুল শ্রী.মা ২১৮,-৯। হরিহর বায়েন ধুমুল দিল।—শ্রী ২৪৯ ; ধুমুল বাজায় হরিহর ২৫৩। [ধুমুল দেওয়া, বাজান—গানের প্রারম্ভে খোল বাজান।]

ধুয়া[১] বি [ধুঁয়া >°য়া ; অপ্র ; ধুমা (গো.চ)] ধুম। "গো.বি ১৪৮।

ধুয়া[২] বি [সং ধ্রুব, -বক >প্রা ধুঅ, ধুঅঅ, 'ধুআ' (ক.ম ১৪) >বা °য়া] মঙ্গলকাব্যে বা পালাগানে প্রথমে দোহারেরা যে পদ বা শ্লোক বারংবার গায় (সংক্ষেপাক্ষর 'ধ্রু')। 'দ্র চৈ.ম ৩ ; ৯। [বস্তুত, গানের প্রথম ভাগ যে আস্থায়ী, তাহারই নামান্তর 'ধুয়া' বা 'মহাড়া' (গী.সা)] । [ধুয়া ধরা—ধ্রুবপদ গাওয়া ; (গৌণার্থে) কোন বিষয় আরম্ভ বা সূচনা করা।]

ধুরন্ধর বিণ [ধুরা+ √ধৃ+অ (খচ্‌)-ক, হ্রস্ব, ম্‌ (মুম্‌) ; উ.ত ; স্ত্রী -রা] ১ ভারধারক, ভারবাহী (বৃষাদি)। "গুরুশকটধুরন্ধর (গবেন্দ্র)। —পঞ্চ (S.W)। ২ তত্তৎকর্ম্মনির্ব্বাহরূপভারবাহক ; কার্য্যভারসহ (নীলকণ্ঠ)। "মহা ৫.৩৩.১১১। গজানাং পঙ্কমগ্নানাং গজা এব

ধুরন্ধরাঃ।—হি ১.১৯৯। ৩ শ্রেষ্ঠ। "ধুরন্ধরঃ…এষ তাপসঃ মহা ৫.৩৮.৭। দুর্বাসাও ঋষি-ধুরন্ধর।—ন ১১৮৫।—র পুং ১ ভারবাহক বৃষাদি। ২ শ্রেষ্ঠ পুরুষ; প্রধান। "উপপন্নমিদং বাক্যং সোমকানাং ধুরন্ধরে মহা ৫.৫.১। রঘুকুল° সী ৫। ৩ শিব। ৪ (বাঙলায়) বাহন। "বসহা ধুরন্ধর, হর লয় জোতিঅ বি.প ২২৫।

ধুরেপদ, ধ্রুপদ বি [ধ্রুবপদ > ধুর°, ধ্রু°; হি ধুর°, ধ্রু°; ঠ ধ্রুপদ] চারি তুকের বা কলির গীতবিশেষ। ধ্রুপদ খেয়াল টপ্পা—এই তিন রীতির মধ্যে ধ্রুপদ প্রাচীনতম। ইহার রচনা বিস্তৃত এবং ইহা চারি কলিতে বা তুকে বিভক্ত। চারি তুকের ভিন্ন ভিন্ন নাম—আস্থায়ী অন্তরা সঞ্চারী আভোগ। পাখোয়াজে যে সকল তাল বাদিত হয়, সে সকল তালে (চৌতাল ধামার সুরফাক ঝাঁপতাল ইত্যাদিতে) ধ্রুপদ গাওয়া হয় (গী.সা)।] [ধ্রুপদী—ধ্রুপদগানের গায়ক; কালোয়াত।]

ধুরা১ স্ত্রী [ধুর্+স্ত্রী আ (আপ্)—ভাগুরি; তু 'সং ধুর্ > প্রা °রা] ভার। "রাজ° (সি)। রণ° বে ৩.৬। [সমাসে উত্তরপদ।]

ধুরা২ বি [সং ধুর্; হি ধুরা,-রী; ঠ ধুর; মৈ ধুরী; ধুরী (দিনাজপুর); ঘুরা (চব্বিশপরগনা)] রথের বা শকটের অক্ষ (axle)। "ধুরা ভগ্নে দুর্ভিক্ষ জ ৪৯। রঙ্গ ২২১।

ধুরীণ, -রীয় বিণ [ধুর্+ঈন (খ),+ঈয় (ছ)] ১ ভারবাহক। ২ শ্রেষ্ঠ, প্রধান। "পুণ্যকর্ম্মণাং ধুরীণঃ হি ১২৯২৩।

ধুর্ব্ব্ সক [ভ্বা, প—ধূর্ব্বতি; সেট্] হিংসা, হনন।

ধুর্য্য বিণ [ধুর্+য (যৎ); স্ত্রী °র্য্যা] ১ ভারবাহক (বৃষাদি)। ২ ভারবহনে সাধু। "পা ৮.২.৭৯, কাশিকা। ৩ কার্য্যনির্ব্বাহক। "কি ১৪.৬। —র্য্য পুং ১ ভারবাহক পশু; বৃষভাদি। "কৌরব্য! ধুরমুদ্বহ ধুর্য্যবৎ মহা ৩.৩৩.৫৭। ২ অশ্বগজাদি বাহন। "মনু ৪.৬৭। ৩ রথাশ্ব। "ধুর্য্যান্ বিশ্রাময় রঘু ১.৫৪। কু.স ৬.৭৬। ৪ ভারবাহী ধুরন্ধর। "অপরধুর্য্যপদাবলম্বী রঘু ৫.৬৬। কুল° ৭.৭১। মাধুর্য্যের ধুর্য্য শ্রীল গোপেন্দ্রনন্দন ভ.গ্র ১৬৪। ৫ শ্রেষ্ঠ। "কৃষ্ণসৌন্দর্য্য মাধুর্য্যের ধুর্য্য চৈ.চ ১১৫। ৬ ঋষভৌষধি। ৭ বিষ্ণু। ৮ সচিব।

ধুস্ত(স্তূ)র, ধুস্তূর পুং [?] ধুতরা গাছ (অ.কো)

ধূ সক [ভ্বা, এ; স্বা, ক্র্যা, এ, তুদা, প; চু, এ—ধবতি,-তে; ধূনোতি, -নুতে, ধুনাতি,-নীতে; ধুবতি, ধূনয়তি,-তে; সেট্] কম্পন, বিধুনন। "ধূনোতি চম্পকবনানি ধুনোত্যশোকং, চূতং ধুনাতি ধুবতি স্ফুটিতাতিমুক্তম্। বায়ুর্বিধূনয়তি চম্পকপুষ্পরেণূন্, যৎকাননে ধবতি চন্দনমঞ্জরীং চ।—কবিরহস্য।

ধূঃ (ধুর্) স্ত্রী [√ধুর্ব্ব্+ক্বিপ্ (০)-ক-১ব, 'ব্' লোপ (পা ৬.৪.২১; ছান্দস] ১ ভার। "ধূর্জ্জগতঃ রঘু ১.৩৪; ৫.৬৬। গর্দ্দভা বাজিধুরাং বহন্তি মৃ ৪.১৭ ২ কার্য্যভার। "পঞ্চ ১.৮০। কি ৩.৫০। ৩ রাজ্যভার, পালনভার। "রা ১.৭১.১৫। (প্রজানাম্) লঘয়িষ্যতা ধুরম্ রঘু ৩.৩৫। ৪ যানমুখ, রথাগ্রভাগ। "যুক্তধুরম্ (রথম্) রঘু ১৪.৪৭। ৫ যুগ; অক্ষকীল (A.)। ৬ অগ্র, অগ্রভাগ। "আপাংশুলানাং ধুরি কীর্ত্তনীয়া রঘু ২.২। শ ৭.৪। ৭ চিন্তা। ৮ অগ্নিস্ফুলিঙ্গ (A.)। ৯ [+ক্বিপ্-ভা] পীড়া, হিংসা।

ধুঁয়া, ধোঁয়া, ধোঁ বি [দ্র 'ধুঁএা'; মৈ ধু (ধু) আঁ] ধূম। "তুষের ধুঁয়া ক.চ ১০২। ধূপের ধুঁয়া ম.ম ১৬৫। দশাঙ্গে অগ্নির ধোঁয়া বি.পা ২৯৭। ধুনোর ধোঁ হু ১১; চরসের ধুঁয়া ৪৮। [ধোঁয়াটে—ধূমসম্বন্ধী (গন্ধ); ধূমবর্ণযুক্ত।]

ধূঞী বি [ধুনী > °ঞী] ধুনী। "শি ৯২।

ধূত১ বিণ [√ধূ+ত (ক্ত)-র্ম্ম] ১ কম্পিত। "পবনধূতঃ…অগ্নি।—ঋতু ১.২৭। পূ.মে ৩৩। পবনক্ষ ধূতমবনীপবনঃ (মাঘ)। ২ ত্যক্ত। "°কল্মষা রা ১.৫২.২০; °পাপ ২.১১৫.২০। ৩ অবজ্ঞাত। ৪ ভৎর্সিত। ৫ তর্কিত। ৬ অপনীত, ধৌত। "দাসীভির্ধূতাধরয়জসঃ (রাজ্ঞ) ক.সা ১৮.১১৩।—তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] কম্পন। [°পাপ, পাপ্মা (-প্মন্) বিণ—ত্যক্ত-পাপ, নিষ্পাপ। "°পাপ্মা মহা ৩.১২১.১৫।

ধূত২ বি [সং ধূর্ত্ত > প্রা ধুত্ত > বা °ত; বৈষ্ণবসাহিত্যে] ধূর্ত্ত। "ধুতক চরিত সরল কিয়ে জান।—গো ২৬৪।

ধূধূ১ বি [ধ্বন্যাত্মক] ভেরীধ্বনি। "ধূধূ ভেরীর দা ১৬৪। [ধূধূ ধুধুধু—নহবতের বাদ্য। "°ধূ নৌবত বাজে ভা.চ ৪৬০। ধূধূ ধূধূ—১ অগ্নিপ্রজ্বলনের শব্দ। "কালানলসম অগ্নি জ্বলে ধূধূ ধূধূ।—রঙ্গ ৮৭। ২ শূন্যভাব-প্রকাশ। "বেলা ধূধূ ধূধূ করে।—হেম ২৮।]

ধূধূ২ দ্র 'ধুধু'।

ধূন বিণ [√ধূ+ত (ক্ত)-র্ম্ম, পা ৮.২.৪৪] ধূত, কম্পিত।

ধূনক পুং [√ধূনি+অক (ণ্বুল্)-ক] 'অগ্ন্যদ্দীপক', যক্ষ-ধূপ; ধুনা।—নন ক্লী [+অন [ল্যুট্]-ভা] কম্পন, চালন। "অধোমুখে আধার-ধূননে ধায় ধন। শি ৩৫। [ধূনন-যন্ত্র—তুলা-ধোনার ধনুযন্ত্র। "হেম ১৮৮।]

ধূনী দ্র 'ধুনি'৩।

ধূপ্ সক [ভ্বা, প—ধূপায়তি; সেট্] সন্তাপন, সন্তপ্তীকরণ।—প্ অক [চু, প—ধূপয়তি; সেট্] দীপ্তি (ক.ক)।—প্ সক দীপন।

ধূপ১ পুং [√ধূপ্+অ (অচ্)-ক] ১ গুগ্গুলুপ্রভৃতিসুগন্ধদ্রব্যোত্থিত ধূম। ২ তাদৃশধূমসাধন দ্রব্য বা বর্ত্তি। ধূনকগুগ্গুলুপ্রভৃতি। "পুড়িছে ধূপ ধুমি ধূপদানে।—মে ৯০;১৫৯। ৩ (বাঙলায়) দ্রব্যবিশেষের যোগে কৃত সুগন্ধিধূমবর্ত্তি। "ধূপ-ধুনা ক.চ ৮৯। হিন্দুনারী বুঝে—রূপ ধূপ, ইহা সংসারের কর্ম্মের আগুনে পুড়িয়া দেবতার উদ্দেশে আত্মদান করিবে পা.ঝো ১২৭। [°পাত্র (ক্লী)—ধুনাচি। °বাস (পুং)—ধূপগন্ধ। °বৃক্ষ (পুং)—সরলবৃক্ষ।]

ধূপ২ বি [ধূপ১—মূল; হি °প] রৌদ্র। "ভা.চ ৭৩০। মেঘের রৌদ্র ধূপের শেরা।—দা ৩৭।

ধূপক পুং [ধূপ্+অক-ক] ধূপক্রিয়াজীবী। "রা ২.৮৩.১৪।

ধূপছায়া বিং [হি °ছাঁহ] ১ ধূপছায়ারঙবিশিষ্ট, ময়ূরকণ্ঠীরঙযুক্ত। "ধূপছায়া শাটী-পরা কু.কে ৬২। ধূপছায়া চেলীর জোড় হু ৩৫। ২ দো-রঙা, অর্থাৎ যাহার মুখে এক, মনে অন্য; কপট। "ধূপছায়া ভায়ারা সবে শোন।—হেম ৩৮৪।—ছায়া বি 'রৌদ্র ও ছায়া'; যে রঙ উজ্জ্বল ও মলিন; ময়ূরকণ্ঠী রঙ।

ধূপদান বি [ধূপ১+দান৩] ধূপপাত্র, ধুনাচি। "মে ৯০; ১৫৯।

ধূপন পুং (√ধূপ্+অন (ল্যুট্)-ক] ১ সন্তাপক; যক্ষধূপ, ধুনা। "°ধূপিত।—মহা ৫.১৯৪.৩৫। ২ ধূপ। ৩ [+অন-ভা] সন্তাপন। ৪ ধূপসুরভীকরণ। "ধূপনাগুরুগন্ধ গো.রা ২.১২৫.২১। ব্যজনোদক-ধূপন মনু ৭.২১৯।

ধূপমুদ্রা স্ত্রী [উ.লো] দেবপূজাঙ্গে ধূপদানার্থদর্শনীয় মুদ্রাভেদ।

ধূপাগুরু ক্লী [কর্ম্মধা] ধূপরূপ অগুরু; মহাগুরু।

ধূপাঙ্গ পুং [বহুব্রী] সরলবৃক্ষ।—ঙ্গ ক্লী [স.ত] তার্পিনতৈল।

ধূপাচি বি ['ধূপার্চ্চিঃ—মূল (?); ধূপতী (ধূপপাত্রী—ফরিদপুর, ঢাকা); তু 'ধূপসী (ধূপচী) বা.দ ১৮১।] ধুনাচি। "শ্রী ২০৯।

ধূপায়িত,-পিত বিণ [√ধূপায়, √ধূপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ সন্তপ্তীকৃত। ২ ধূপসুরভীকৃত। "ধূপনধূপিত মহা ৫.১৯৪.৩৫। ধূপেন ধূপিতং কৃত্বা বি.সু ১৭২। ৩ অধ্বাদিগমন হেতু শ্রান্ত (অ.টী)।

ধূম১ পুং [√ধূ+ম (মক্)-ক, উ ১.১৪২; ছান্দস] ১ অগ্নিযোগে আর্দ্র-কাষ্ঠাদিজাত পদার্থভেদ; ধোঁয়া। "ধূমৈয়াহুতিগন্ধিভিঃ রঘু ১.৫৩। ২ বাষ্প। "°জ্যোতিঃসলিলমরুতাং সন্নিপাতঃ পূ.মে ৫। ৩ কুজ্ঝটিকা। ৪ মেঘ। ৫ ধূমকেতু। ৬ উল্কাপাত। "ত্রিদিনং ধূমে 'অনধ্যায়ঃ' (?)—(ত.বা)। ৭ অগ্নিমান্দ্যসূচক বায়ুভেদ; চোঁয়া ঢেকুর "ধূমোদগার

(ত.বা)। ৮ ধূমপানরূপ চিকিৎসাভেদ (সুশ্রুত)। [°কেতন (পুং) —১ 'ধূমচিহ্নবান্', অগ্নি। "রঘু ১১.৮১। ২ কেতুগ্রহ। °গ্রহ (পুং) —ধূমাকার গ্রহ; রাহু। °জ (পুং)—'ধূমজাত', মেঘ। °ধ্বজ (পুং) —'ধূমচিহ্ন', অগ্নি। "°জ গৃহদাহে।—হেম ২০৩। °প (পুং)—তপস্যার্থ ধূমপায়ী তপস্বিভেদ। "মহা ৫.১০৮.১৪। রঘু ১৫.৫০। °প্রাশ (পুং) —সর্থ 'ধূমপ'। "মহা ১৩.১৪.৫৬। °যোনি (পুং)—মেঘ। °লতা (স্ত্রী)—কুটিল ধূমলেখা। "মু ১.৯। °সংহতি (স্ত্রী)—ধূমরাশি।]

ধুম² দ্র 'ধূম'।

ধূমকেতু বিণ [বহুব্রী] ধূমচিহ্নবান্। "ধূমকেতুর্হুতাশনঃ মহা ১.২২৫.১। —কেতু পুং ১ অগ্নি। "মহা ১৪.৯০.১০। কানন°—মু ১.১০। হুত° ভট্টি ২.২৪। ২ ধূমাভ তারকাভেদ, উৎপাতবিশেষ, কেতুগ্রহ। "কু.স ২.৩২। গী.গো ১.১৪। ৩ সূর্য্য। "মহা ৩.৩.২৫। ৪ ধ্বংসবিধায়ী, ক্ষয়কর। "পৌলস্ত্যকুল° উ.চ ১২/৩।

ধূমক্ষেত্র বি [অপ্র] ধূমাধার, ধূমকেতু; "(লেজ ল'য়ে) উঠে একটা নক্ষত্র, তার নাম ধূমক্ষেত্র।—দা ১৯৬৫।

ধূমপথ পুং [ধূমোপলক্ষিত পন্থা, উ.লো, সমাসান্ত 'অ'] ১ পিতৃযান। দ্র 'গী ৮.২৫। ২ যজ্ঞ-পূর্ত্তকার্য্য, ইষ্টাপূর্ত্ত, কর্ম্মমার্গ। "°ভ্রমস্ময় ভ ৪.৪.১০। ৩ [ষ.ত] ধূমনির্গমনমার্গ; গবাক্ষাদি।

ধূমল বিণ [°ল+অ (অচ্) অস্ত্যর্থে] ধূমবর্ণযুক্ত, কৃষ্ণলোহিত। —মল পুং [ধূম+লা+অ (ক)-ক; উ.ত] কৃষ্ণলোহিতাভ বর্ণ; বেগুনে রঙ।

ধূমা বি [সং ধূমাবতী > °মা; তু 'ভীমসেন' > 'ভীম'] দুর্গা। "কৃ ৩৫১। ভা.চ ৩০। দা ৯২৯। বা.দ ৭৯।

ধূমাবতী স্ত্রী [ধূম+বৎ (মতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ্), দীর্ঘ] ধূমবর্ণা মহাবিদ্যাবিশেষ। "ভা.চ ১৪। হেম ৩৪৯।

ধূমাভ বিণ [°ভ+অ (অচ্) অস্ত্যর্থে] ধূমবর্ণযুক্ত। —ভ পুং [ধূম +আ-√ভা+অ (ক)-ক; উ.ত] ধূমবর্ণ।

ধূমায় অক [ভ্বা, ঙ—ধূমায়তে; সেট্ (মুগ্ধবোধ, ৮৫২)] ধূমোদ্গমন, ধোঁয়ান। "দিশো ধূমায়ন্তে (মহানাটক)।

ধূমায়ন ক্লী [√ধূমায়+অন (ল্যুট্)-ভা] ধূমোদ্গমন, ধোঁয়ান। —য়িত বিণ ধূমব্যাপ্ত, তমোময়। "°তা দশ দিশঃ (A)।

ধূমিত বিণ [ধূম+ইত (ইতচ্)] সঞ্জাতধূম, ব্যসনগ্রস্ত। "মামবিষহ্য-ব্যসনেন ধূমিতাম্ (পশ্য) কু.স ৪.৩০।

ধূমোদ্গার পুং [ষ.ত] ধূমনির্গম। "°রাসুকৃতি উ.মে ৮।

ধূম্যা স্ত্রী [ধূম+য+স্ত্রী আ (টাপ্)] ধূমসমূহ, ধূমরাশি।

ধূম্র বি [ধূম্র+অ (অচ্) অস্ত্যর্থে] ১ ধূম্রযুক্ত, কৃষ্ণলোহিত। "ধূম-ধূম্রঃ (লবণঃ) রঘু ১৫.১৬। "ধূমধূম্রাম্বনাম্ ভ ১.১৮.১২; ধূলি° ৩.১৪.২৫। ২ মলিন। "°ধী ভ ৪.২৯.৪৮। —ম্র পুং [ধূম+ √রা +অ (ড)-ক, পৃষো; ধূমল > ধূম্র > °ম্র?] ১ খরলোমবর্গাভ কৃষ্ণলোহিত বর্ণ; ধূমলবর্ণ। ২ তুরুষ্কনামক গন্ধদ্রব্য। ৩ শিব (মহা)। ৪ নক্ষত্রবিশেষে যোগভেদ। ৫ [বাঙলায়; অপ্র] ধূম। "ধূম্র নাহি অগ্নি যেন।—ম ৮০৮। °চয় ব.প ৭৯৫। °জাল ম.পা ৭৮। °বাণ ১১১। ধূম্রভস্ম-আবরণে আবরিত পারাবার।—ন ১৪২৬,-৭। মেঘধূম্রস্তূপে স.স্ব ৯২। —ম্র ক্লী পাপ।—ম্রা স্ত্রী দুর্গা। [°লোচন (পুং)—কপোত। °লো-(রো) হিত (পুং)—১ কৃষ্ণবর্ণমিশ্রিত লোহিতবর্ণ। ২ 'তদ্বর্ণযুক্ত', শিব।]

ধূম্রবর্ণ বিণ [বহুব্রী] কৃষ্ণলোহিতবর্ণযুক্ত। —র্ণ পুং [কর্ম্মধা] ১ কৃষ্ণলোহিতবর্ণ। ২ সিহ্লক। —র্ণা স্ত্রী অগ্নিজিহ্বাভেদ।

ধূম্রল বিং [ধূম্র+ল; তু 'ধূমল'] ধূমল। "পারাবার, গর্জ্জিতেছে প্রভাসের যোরাল ধূম্রল।—ন ১৪২৬।

ধূম্রবর্ণা দ্র 'ধূম্রবর্ণ'।

ধূম্রা দ্র 'ধূম্র'।

ধূম্রাক্ষ বিণ [ধূম্র অক্ষি যাহার, বহুব্রী, সমাসান্ত 'অ' (ষচ্); স্ত্রী -ক্ষী] ধূম্রনেত্রযুক্ত। —ক্ষ পুং রাবণপক্ষীয় রাক্ষসভেদ।

ধূর্জটি পুং [ধূর্ (ত্রৈলোক্যচিন্তা) তাহার জটি (সংঘাত) যাঁহাতে; ধূর্ (গঙ্গা) জটিতে যাঁহার, বহুব্রী (অ.টী); মহাভারতে নিরুক্তি —ধূম্ররূপং চ যৎ তস্য ধূর্জ্জটিস্তেন চোচ্যতে (মহা ৭.২০১.১২৯)] শিব। "হি ১ (মঙ্গলাচরণ)।

ধূর্ত্ত বিণ [√ধূর্ব্ব+ত (তন্)-ক. উ ৩.৮৬] ১ হিংসক। ২ বঞ্চক। ৩ মায়াবী। ৪ দ্যূতকারক। "নরাণাং নাপিতো ধূর্ত্তঃ।—পঞ্চ ৩.৭৪। —র্ত্ত পুং ১ দ্যূতকার, জুয়ার। "প্রিয়া হি ধূর্ত্তা মম দেবিনঃ সদা মহা ৪.৭.১৩। ২ শঠনায়ক। "ধূর্ত্তোঽপরাং চুম্বতি সা.দ ৩৪/৫। ৩ লম্পট। "মু ৩.১০। ৪ ধুস্তুরবৃক্ষ। —র্ত্ত ক্লী ১ বিট্‌লবণ। ২ লোহকিট্ট, লৌহমল। —র্ত্তক পুং শৃগাল। [°কিতব (পুং)—দ্যূতকার। "যাজ্ঞ ২.২০২। °রাজ (পুং)—মহাধূর্ত্ত। "ক.সা ২৪.১৩৬।]

ধূর্দ্ধর বিণ [ষ.ত] ভারবাহক, ধুরন্ধর (রথ)। —র্দ্ধর পুং ধুরন্ধর।

ধূর্বহ বিণ [ষ.ত] সর্থ 'ধূর্দ্ধর'। —হ পুং সর্থ 'ধুরন্ধর'।

ধূল '-ল্' বি [ধূলি > °ল; হি ধূল] ১ বিশার বিংশতিতম অংশ। ২ গণ্ডা। "কাঠায় কাঠায় ধূল-পরিমাণ। শুভঙ্কর। তোর ভাতারে ভাতারে ধূল পরিমাণ হবে।—লী ১১৩।

ধূল(লো)ট বি [ধূলা+লোট (লুঠন)] ধূলায় লুঠন; সংকীর্ত্তনের শেষ দিনে ভক্তগণের ভাবাবেশে ধূলায় লুঠনরূপ উৎসববিশেষ।

ধূলা বি [সং ধূলি; হি ধূল; ঠ, গু ধূল.; সি ধূড়ি; ড়, অস ধূলা] ১ ধূলি। "কৃ ৩৪০। ২ ধূলিবৎ চূর্ণ। [°খেলা—শিশুসুলভ ধূলার খেলা। "চৈ.ভা ১৭৬। °খেলাজাত—ধূলাখেলাজাতের মুর। "বরাড়ি-রাগ। ধূলাখেলাজাত চৈ.ম ৮২। °গুড়া—ধূলা চূর্ণ। "শ্রী.ম ৭৫। °ঘর শিশুর ধূলাখেলার ঘর বা খেলাঘর। "ধূলা-ঘরে দিতেছিনু পুতুলের বিয়ে ভা.চ ৫৯। °পড়া—অভিমন্ত্রিত (পড়া) ধূলা। °মুটা—মুষ্টিমেয় ধূলি। ধূলোয় ধূলো—ধূলিময়। "চিৎপুরের বড় রাস্তা···ধূলোয় ধূলো হ ১৭।]

ধূলি, -লী স্ত্রী [√ধূ+লি (ক্লি)-র্ম (অ.টী), বিকল্পে স্ত্রী—ঈ (ঙীপ্); তা 'তুলি.'] ১ রেণু, রজঃ। "অনীত্বা পঙ্কতাং ধূলিমুদকং নাবতিষ্ঠতে মাঘ ২.৩৪। ধূলিপটল; ধূলিবর্ষ মনু ৪.১০২; ১১৫, কুল্লুক। ২ চূর্ণ, গুঁড়া। —লিকা স্ত্রী নীহার। "মনু ৪.১১৩, কুল্লুক। [°কুট্টিম (ক্লী), °কেদার (পুং)—কৃষ্ট (চষা) ক্ষেত্র। °গুচ্ছক (পুং)—কক্কুচূর্ণ, ফাগ। °ঘর (বি)—সর্থ ধূলাঘর'। "ম ১০৩৩। °ধূসর (বিণ) —ধূলিতে ঈষৎপাণ্ডু। "°ধূসর-সর্ব্বাঙ্গঃ (অর্ভকঃ—সু.র)। °ধ্বজ (পুং) —বায়ু। °পটল (পুং, ক্লী)—ধূলিরাশি। °পুষ্পিকা,-ষ্পী (স্ত্রী) —কেতকী। °সাৎ (বিং)—ধূলিতে পরিণত। °লীকদম্ব (পুং) —কদম্ববৃক্ষ, তিনিশ; বরুণবৃক্ষ।]

ধূলিকা দ্র 'ধূলি'।

ধূলিন বিং [সং ধুরীণ > °ন; অপ্র] প্রধান। "সর্ব্বগুণধর তুমি ধোপেতে ধূলিন।—কৃ ৪৪৫।

ধূসর বিণ [°র+অ (অচ্) অস্ত্যর্থে] ১ ধূসরবর্ণযুক্ত, ঈষৎ-পাণ্ডুবর্ণ। "বসুধালিঙ্গনধূসরস্তনী।—কু.স ৪.৪। রজোধূসরকেতু রঘু ৫.৪২। ধূসর পথের ধূলা চ.কা ৪৭৭। ২ মলিন। "শশিনঃ···লেখা কিরণপরিক্ষয়ধূসরা কু.স ৪.৪৬। —সর পুং [√ধূ+সর (সরক্)-ক, উ ৩.৭৩] ১ ঈষৎপাণ্ডু-বর্ণ, কৃষ্ণশ্বেতবর্ণ, শুক্লপীতবর্ণ (ত.বা)। ২ উষ্ট্র। ৩ গর্দ্দভ। ৪ কপোত। ৫ তৈলকার, তেলি। ৬ ধূসরবস্তুমাত্র—ধূলি করভ ইত্যাদি। (শ.ক)।

ধূসরি, -রী বি (?) বাদ্যবিশেষ। "°রী কৃ ২৫৬ °রি ম ১১১৮।

ধূসরিত বিণ [°র+ইত (ইতচ্)] সঞ্জাতধূসরবর্ণ, ঈষৎপাণ্ডু। "মহিষধূসরিতঃ সরিত্তটঃ (অ.টী)। মে ৫।

ধৃ সক [ভ্বা, উ—ধরতি, -তে; অনিট্] ১ ধারণ —অক [ভ্বা, ঙ

—ধ্রয়তে ; অনিট্] ১ অবধ্বংস, পতন (ক.ক)। ২ (সক) অবিধ্বংসন, স্থাপন (গোবিন্দভট্ট)।—অক [তুদা, ও ধ্রিয়তে; অনিট্] ১ স্থিতি, জীবন। ২ (সক) ধারণ (ক.ক)। —সক [চু,প—ধারয়তি; সেট্] ধারণ। [√ধৃ —প্রীতি। "রঘু ১৬.৮২ মল্লিনাথ।]

ধৃক্ (-জ্) বিণ [√ধৃজ্+ক্বিপ্ (০)-ক-১ব; স্ত্রী -ক্] ধারী। "কালরূপ°, পরিব্রাজকরূপ° বেষ°, রূপ°, শরীর°। [সমাসে উত্তরপদ]

ধৃজ (ঞ্জি), -জ্ সক [ভ্বা, প —ধৃজতি, ধৃঞ্জতি; সেট্] গতি।

ধৃত বিণ [ধৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ ধারিত, কৃতধারণ। "ব্যাধোঽধো ধৃতচাপসজ্জিতশরঃ (সু.র)। ২ অবলম্বিত। "করধৃতকম্পিতশোভিতদণ্ডম্ (মোহমুদ্গর)। ৩ গৃহীত, স্বীকৃত। "কেশবধৃতমীনশরীর গী.গো ১.৫। ৪ আক্রান্ত। "ব্যাঘ্রেণ ধৃতঃ স পান্থঃ হি ১ ২৫/১৬। ৫ পরিহিত। "ধৃতং ত্বয়া…বল্কলম্ কু.স ৫.৪৪। °কুণ্ডল গী.গো ১.১৭। ৬ উপভুক্ত। "মনু ৪.৬৬। ৭ তুলিত, তুলায় পরিমিত। "অশ্বমেধসহস্রং চ সত্যং চ তুলয়া ধৃতম্ গো.রা ২.৬১.১০। ৮ স্থাপিত, নিয়োজিত। "তেন মহদ্রুষ্ট্রযূথং কৃত্বা রক্ষাপুরুষো ধৃতঃ।—পঞ্চ ৪ ৫৫/৫৬। ৯ সংস্তম্ভিত, উঢ়। "°মন্দর গী.গো ১.২৩। ১০ সংযত, আকৃষ্ট। "ধৃতাঃ প্রগ্রহাঃ অবতরত্বায়ুষ্মান্ শ ১ ২৪/১৫। ১১ উদ্ধৃত (পাঠ, বচন)। ১২ বন্দীকৃত। ১৩ [+ত.ক] পতিত।—ত ক্লী [+ত-ভা] ১ ধারণ, গ্রহণ, স্বীকার। ২ স্থিতি। ৩ পতন। [°বর্ম্মা (-র্ম্মন্) বিণ —ধৃতকবচ, সন্নদ্ধ। °ব্রত (বিণ)—গৃহীতব্রত।]

ধৃতরাষ্ট্র পুং [কর্ম্মধা] ১ ধর্ম্মানুসারে পালিত রাজ্য ; সুরাজদেশ। ২ নাগভেদ। ৩ দুর্যোধনের পিতা। [ইঁহার মাতা অম্বিকা। ইনি জন্মান্ধ ছিলেন। কনিষ্ঠভ্রাতা পাণ্ডু সেই হেতু রাজ্যাভিষিক্ত হইয়াছিলেন। ইনি আলিঙ্গনচ্ছলে ভীমকে বধ করিবার ইচ্ছা করিলে, শ্রীকৃষ্ণ ইঁহাকে লৌহভীম অর্পণ করেন এবং ইনি বাহুদ্বয়ে আলিঙ্গন করিয়া ভীমমূর্ত্তি চূর্ণ করেন। (মহা ১১.১২শ অধ্যায়)। অনন্তর, ভীষ্মাদির উদ্দেশ্যে অন্নপানাদির দানযজ্ঞ অনুষ্ঠান করিয়া গান্ধারীর সহিত মহাবনে প্রস্থান করেন এবং সেই স্থানে উভয়েই দাবাগ্নিতে দগ্ধ ও পঞ্চত্বপ্রাপ্ত হন (মহা ১৪.১৫শ, ৩৭শ অধ্যায়)।]—ষ্ট্রী স্ত্রী হংসী।

ধৃতরাষ্ট্রী দ্র 'ধৃতরাষ্ট্র'।

ধৃতাত্মা (-ত্মন্) বিণ [বহুব্রী] ধৃতচিত্ত, সংযতমনাঃ।

ধৃতি স্ত্রী [√ধৃ+তি (ক্তিন্) -ভা ; ছান্দস] ১ ধারণ। "অস্ত্রধৃতিভেদে নামভেদের কারণ।—চৈ.চ ২০৯ ; গোপীচন্দন-মালা° ২৪৪। ২ তুষ্টি, সন্তোষ। "মনু ৬.৯২ ; ১০.১১৬। রঘু ৩.১০ ; ১৬.৮২। ৩ ধৈর্য্য। "গী ১১.২৪। মাঘ ৭.১০। ৪ দুঃখাদি হেতু অবসন্ন চিত্তের স্থিরীকরণ (শ্রীধর)। "গী ১৬.৩। ৫ আস্থা, প্রতীতি। "রঘু ৮.৬৬। কি ১৪.১০। ৬ সর্থ 'ধারণা' (৩)। "গী ৬.২৫ ; ১৮.৩৩। ৭ উৎসাহ। "কি ৬.১৮। ৮ সুখ। ৯ [+তি-র্ম্ম] যজ্ঞ। "শত° ভ ৩.২৪.২১। ১০ মাতৃকাবিশেষ। ১১ আশ্রয়, শরণ। "বসুধা চিন্তয়ামাস কা মে ধৃতির্ভবিষ্যতি।—বিষ্ণু ১.১৯ ; ৪৪। ১২ ব্যভিচারিভাববিশেষ। 'সা.দ ৩.১৬৮। ১৩ অষ্টাদশাক্ষরপাদ বৃত্তবিশেষ। ১৪ (জ্যোতিষে) যোগভেদ।—তি পুং বিশ্বদেবভেদ। "মহা ১৩.৯১.৩০।

ধৃতিমান্ (-মৎ) বিণ [ধৃতি+মৎ (মতুপ্) অস্ত্যর্থে -১ব ; স্ত্রী-মতী] ১ ধৈর্য্যবান্, সুখদুঃখে একরূপ। "গো.রা ১.১.৪। মনু ৭.২১০। ২ তুষ্টিমান্, সুখিত। "কি ৫.১৯। —মান্ পুং অগ্নিভেদ। "মহা ৩.২২০.১২।

ধৃষ্ সক [ভ্বা. প—ধর্ষতি ; সেট্] ১ হিংসা। ২ (অক) সংহতি, সমূহ (ক.ক)। —ষ্ অক [স্বা, প—ধৃষ্ণোতি ; সেট্] প্রাগলভ্য, ধৃষ্টতা। —ষ্ সক [চু, ও—ধর্ষয়ন্তে ; সেট্] ১ শক্তিবন্ধ, অভিভব (ক.ক)। ২ ধর্ষণ (outrage)। —ষ্ অক [চু, ভ্বা, প—ধর্ষয়তি, ধর্ষতি ; সেট্] ১ কোপ। ২ (সক) অভিভব (ক.ক)। ৩ প্রহসন।

ধৃষ্ট বিণ [√ধৃষ্+ত (ক্ত)-ক, পা ৭.২.১৯। ১ প্রগল্ভ, অবিনীত। ২ নির্লজ্জ। ৩ নির্দ্দয়। —ষ্ট পুং নায়কবিশেষ। 'সা.দ ৩.৩৬। ভা.চ ৭০০। "ভা.চ ৩৬৪। —ষ্টা স্ত্রী অসতী। [°কেতু (পুং)—ধৃষ্টদ্যুম্নের পুত্র। "গী ১.৫।]

ধৃষ্টদ্যুম্ন পুং [বহুব্রী] 'প্রগল্ভ-বল' (নীলকণ্ঠ), দ্রুপদের পুত্র। [ইনি ভারতসমরে পাণ্ডবপক্ষে যোদ্ধা ছিলেন। পিতৃহত্যার প্রতিশোধের নিমিত্ত অশ্বত্থামা ইঁহাকে নিহত করেন। দ্র 'দ্রুপদ'; 'দ্রোণ'।]

ধৃষ্ণি পুং [ধৃষ্+নি (ক্নি)-ক (অ.টী)] কিরণ, কর। —ষ্ণু বিণ [+নু (ক্নু)-ক] ধর্ষণশীল, ধৃষ্ট, প্রগল্ভ। —ষ্য বিণ [+য (ক্যপ্)-র্ম্ম] ধর্ষণীয়, হিংসনীয়, অভিভবার্হ।

ধে সক [ভ্বা, প—ধয়তি ; অনিট্] পান। "স্তনন্ধয়।

ধেআ সর্ম্ম [√ধিয়া[২] > √ধেয়া, -আ ; অপ্র] ধ্যান করা ; ভাবা। "যোগ ধেআই শ্রী.কী ৩৫৮। ধেআই।—ম ২৪৭। ধেআয় ধেয়ানে শ্রী.ম ৮৯ ; ধেআই ব্রহ্মব্যাজে ২১৯।

ধেআন বি [ধিয়ান >ধেয়ান, -আন ; তু 'ধেঅণ' (চ) ; অপ্র] ধ্যান। "ধেআন করিআঁ শ্রী.কী ২৮৯। জোগ-ধেআনে শূ ৫ ; ৯২। ম ৮৯ ; ২৪৭। ধেআনে আছেন হর ক.চ ২১। শ্রী.ম ৭২ ; ৮৯।

ধেইধেই বি [হি থেঈ থেঈ ; ধ্বন্যাত্মক ; তু 'ধিয়া-ধিয়া'] তালে নৃত্যের শব্দ ও ভঙ্গি। "ধেইধেই-থেইথেই-নৃত্যগীত-তালিকে (কালিকে) ভা.চ ৪২৭।

ধেড়ে বিং [ধাড়ি[১],-ড়ী > °ড়ে] ধাড়ীর মত ; অধিকবয়স্ক। "ধেড়ে বৌ ব.প্র ৪৩০। —ড়ে বি [সং 'দহর'—মূল] ১ যুবা। "বুড়ো বয়সে ধেড়ে কাচ লী ৯। ২ উদ্‌বিড়াল (otter)। "ভা.চ ৭৩৭।

ধেনু স্ত্রী [√ধে+নু-র্ম্ম, 'ই' (অন্তাদেশ), উ ৩.৩৪] ১ 'বৎসের পেয়' ; অচিরপ্রসূতা সবৎসা গবী ; নবসূতিকা (অ.কো)। "রঘু ১.১। ২ গবীমাত্র। ৩ কামধেনু। "ধেনুং ধীরাঃ সূনৃতাং বাচমাহুঃ উ.চ ৫.৩১। ৪ ধেনুমূর্ত্তি দানীয়দ্রব্য। "ক্ষীর°, গুড়°, তিল°। ৫ গোরূপা পৃথিবী। ৬ হ্রস্বার্থক। "অসি°, খড়্গ°। ৭ পশু-স্ত্রীজাতিবাচক। "খড়্গ° (গণ্ডক-স্ত্রীজাতি) ; [°ধন (বি)—গোধন। "প্রভাতে উঠিয়া পুত্র লয়্যা ধেনুধন। গোঠেরে বিজয় কর লয়্যা শিশুগণ॥—শ্রী.ম ১১৮। °মক্ষিকা (স্ত্রী)—দংশ, ডাঁশ।]

ধেনুক পুং [ধেনু+ক (কন্) সাদৃশ্যে, সংজ্ঞার্থে] ধেনুসদৃশ কংসচর অসুরভেদ। [ধেনুক গোবর্দ্ধনপর্ব্বতে বলরাম কর্ত্তৃক নিহত হয় (হ ৭০তম অধ্যায়)।]—নুকা স্ত্রী হস্তিনী। [°সূদন, °হা (-হন্), ধেনুকারি (পুং)—ধেনুকঘাতক বলরাম।]

ধেনুকা দ্র 'ধেনুকা'।

ধেনুষ্যা স্ত্রী [ধেনু+য (যৎ), ষ্ (ষুক্) আগম, স্ত্রী আ (টাপ্), পা ৪.৪.৮৯] দুগ্ধার্থ বন্ধকে স্থিতা গাভী বা মহিষী (অ.টী) ; ঋণপ্রদান হেতু উত্তমর্ণকে দোহনার্থ প্রদত্তা ধেনু ; পীতদুগ্ধা (কাশিকা)।

ধেনো বিং [ধান[২]+ও[৬]] ১ ধান্যসম্বন্ধী, ধানের। "ধেনো হাট। ২ ধান্যযুক্ত, আ-ফোটা। "গুমো চিড়ে জলো দই, তিতগুড় ধেনো খই (অধম ফলার তারে কয়) বা.প্র ২৯৫। ৩ যে জমিতে ধান হয়। "ধেনো জমি। ৪ ধান্যবিকার হইতে প্রস্তুত (মদ)। "ঢুলীরা ধেনো মদ খেয়ে আমোদ কত্তে লাগলো। হ ১৫৫। —নো বি ধেনো মদ। "স.এ ৩।

ধেয় বিণ [√ধা+য (যৎ)-র্ম্ম] ১ ধারণীয়। "স ধাতা স ধেয়ঃ (মহা)। ২ পোষণীয়। ৩ [√ধে+য-র্ম্ম] -পেয়, পানীয়। —য় ক্লী [+য-ভা] ১ ধারণ ; পোষণ। ২ পান। ৩ (ব্যাকরণে) স্বার্থিক তদ্ধিতপ্রত্যয়। "নাম°, ভাগ°, রূপ°।

ধেয়া সর্ম্ম [ধিয়া > °য়া ; পদ্যে] ধ্যান করা। "ধেয়াইল : ধেয়াইতে ব.প ৩০০। ধেয়াই রৈয়াছি পদ ম.পা ১৪৮। ইন্দ্র চন্দ্র যে পদ ধেয়ায় ভা.চ ২৫৬। [ধেয়া (ধ্যান কর্), ধেয়াঞা (প.ক)

ধেয়ান বি [দ্র 'ধেআন' ; পদ্যে] ধ্যান "বুড়াশিব ধেয়ান কৈরা চায় ব.প ৩০। গো.চ ১৩। গ ১৮০। গো.বি ১১। ক.চ ৫৪;১৮৫। চৈ.ম ৭২। প.র ৮১। —নী বিং ধ্যানী, ধ্যানস্থ। "প.ক।

ধৈবত পুং (সঙ্গীতে) সপ্তস্বরান্তর্গত ষষ্ঠ স্বর ; ধা। [ইহা অশ্বরবতুল্য (অশ্বস্তু ধৈবতং রৌতি)। ইহার তিন শ্রুতি।]

ধৈরজ, -য বি [সং ধৈর্য্য >(স্বরাগমে) বা ধৈরয,-জ ; হি ধীর, -রজ; ঠ ধীর ; গু ধীরজ ; মৈ ধৈরয ; তু 'থিরজ'; ধৈরন (গো.চ) ; পদ্যে] ধৈর্য্য। "ধৈরজ ধরহ বি.প ৩৭। ধৈরজ।—গো ৯৮; চৈ.ম ১৮৪। ধৈরয ন.বি ৪০ ; ব.প ১০৮২ ; ভ.গ্র ৩৯৬।

ধৈর্য্য ক্লী [ধীর+য (ষ্যঞ্)] ১ ধীরভাব, ধীরকর্ম্ম, ধৃতি। "°কলিতা মাঘ ৯.৫৯। বীর্য্য ধৈর্য্য…নলের সমান ম ৪৫২। ২ অনাকুলভাব, ক্ষোভহীনতা, শান্তভাব। "বিপদি ধৈর্য্যম্ হি ১.৩২। ৩ অপ্রমাদ, সাবধানতা। ৪ ঔদাসীন্য। "মাঘ ১০.৬৮। ৫ কাঠিন্য। "মাঘ ১০.১৪। ৬ নির্ব্বিকারচিত্ততা। 'মনসো নির্ব্বিকারত্বং ধৈর্য্যম্ (ভ.বা)। ৭ ধার্ষ্ট্য, বৈমত্য, ধৃষ্টতা। "পূ.মে ৪০। ৮ যৌবনে নায়কের বা নায়িকার সাত্বিক স্বভাবজ অলঙ্কারভেদ। 'সা.দ ৩.৯৮। ৯ স্থির চিত্তোন্নতি (উজ্জ্বলনীলমণি)। "ভ.গ্র ৩৯৬, টীকা। —র্য্য বিং [বাঙ্লায় ; অপ্র] ধীর, শান্ত। "ধৈর্য্য হও।—ম ১৯২। ধৈর্য্য হ'য়ে থা।—শি ১০৭।

ধোআঁ বি [দ্র 'ধুঞা' ; অপ্র] ধূম। "গো.চ ৩১০।

ধোঁক দ্র 'ধুঁক'।

ধোঁকা[১] সর্ম্ম [°ক+আ[৮]] হাঁফ ধরান। "ধোঁকালেক ধূর্জ্জটিকে ধরালেক কটি।—শি ৮৫ ; ১০৫।

ধোঁকা[২], -খা, ধোকা -খা বি [সং 'ধুঁক'—ধূর্ত্ততা; হি ধোকা,-খা] ১ সন্দেহ, সংশয়। "হয় নাই পাছে বলি হ'য়েছিল ধোঁকা শি ১০৪। ২ মিথ্যা বাক্য ; শঠতা, ঠকামি, ধাপ্পা। "ধোকায় ভুলিয়া গেনু।—শি ১০৫। ঠকের ধোঁকায় ঠেকি পিতা কি কুলে রাখবেন খোঁটা দা ৭২৪। ৩ বাটা ছোলার ডাউলের ব্যঞ্জনবিশেষ। [ধোকা খাওয়া (হি ধোখা খানা)—প্রতারিত হওয়া ; ঠকা। ধোকা দেওয়া (হি ধোখা দেনা)—প্রতারিত করা ; ভুলান, ঠকান। "পারবে দিতে মিথ্যে ধোঁকা।—কা ১২৩। ধোকা লাগান—সন্দেহ উৎপাদন করা। ধোকার টাটী (হি ধোখে কী টট্টী)—মায়ার পর্দ্দা ; মায়ার ঘর বা রচনা। "এই সংসার ধোকার টাটী ব.প ১৫৩৫। দা ১৯৯৩।

ধোঁয়া বি [দ্র 'ধুঁঞা'] ধূম। "বি.পা ২৯৭।

ধোকড়, -ড়ি, -রি বি [সং ধৌতকট ; হি ধুকড়ী, মৈ ধোকড়া] ১ থলিয়া, আধার। "নারদের কন্দলের ধোকড়ি কৃ.উ ৭। ২ ছেঁড়া কাঁথা বস্ত্রাদি। "ধোকরি এড়িয়া পাইলা কামিনীর কোল গো.বি ১২৬। সদাগর আচ্ছাদন না ছাড়ে ধোকড়ি ক.চ ২৭৭। ৩ মোটা কাপড় (?)। [কথার ধোকড়—বচনবাগীশ, কথার ভট্টচাজ্জি। চটের ধোকড়া—চটের মোটা কাপড়। "ম.ম ১২০। মাকড় মাল্লে ধোকড় হয়—এক যজমান পুরোহিতকে জিজ্ঞাসা করিল, 'ঠাকুর! মাকড় মাল্লে কি হয়?' তিনি শিহরিয়া বলিলেন, 'সর্ব্বনাশ! মাকড় মাল্লে মহাপাপ হয়, ব্যয়সাধ্য প্রায়শ্চিত্ত করিতে হয়!' যজমান কহিল, 'ঠাকুর! আমি মারি নাই, আপনার ছেলে মারিয়াছে'। তখন তিনি বলিলেন 'মাকড় মাল্লে ধোকড় হয়,' অর্থাৎ কিছুই হয় না। (গৌণার্থে) স্বার্থের কথায় সকল বিধিব্যবস্থা উল্টায়।]

ধোকা, -খা দ্র 'ধোঁকা[২]'। [°বাজ (হি ধোখেবাজ)—কপটী, ধূর্ত্ত। °বাজী—ধূর্ত্ততা, কপটতা।]

ধোঙা বি [ধূম >ধোমা,-ঙা] ধূম। "ব.প ১৩৬৪।

ধোড়কাক বি [সং দ্রোণকাক ; ধুড়াকাক (ত্রিপুরা)] দাঁড়কাক। "বা.ম ২৩০।

ধোনা বি [ধুন+আ[৬]] সর্থ 'ধুন' (২)। "তুলা ধোনা।

ধোপ বি [সং ধাবন ; হি ধোব] ধোপার ধোওয়া ; ধোলাই। [ধোপদস্ত (ধোপ+দস্ত)—ধোপে পরিষ্কৃত ; ধোলাই-করা। "°দস্ত কামিজ হু ৪৬; ধোপদস্ত ধুতিখানি ১৬২। °ফরাশ—ধোওয়া চাদরে ঢাকা বিছানা। "সন্ন্যাসী …ধোপফরাশের উপর দিয়ে বাবুর মাতায় আশীর্ব্বাদী ফুল ছোঁয়ালেন হু ৩। [ধোপ খোলা—ধোলাইএ বেশ ধবধবে হওয়া। ধোপ-দেওয়া, ধোপপড়া—ধৌত। ধোপেতে ধুলিন (অপ্র)—ধোপার মধ্যে প্রধান। "কৃ ৪৪৫।

ধোপা, -বা বি [সং ধাবক ; হি, ঠ ধোবী ; ড় ধোবা] যে জীবিকার্থ কাপড় ধোয় ; রজক ; রজকজাতি। "ধোবা কৃ.উ ১৬৫। —পানী, —বানী বি [ধোপা,-বা+নী ; হি ধোবিন ; ঠ ধোবীণ] ধোপার স্ত্রী বা মেয়ে। "ধোপানী ম.ভা ৫৪,-৫। নেতানী ধোবানী ব.প ২৯৪। [ধোপার পাট—ধোপার কাপড় কাচার তখ্‌তা। ধোপা নাপিত বন্ধ করা—সমাজচ্যুত করা।]

ধোবো বিং ['ধবল >°বো ; অপ্র] শুভ্র, পরিষ্কৃত। "মেরজাইটিও বিলক্ষণ ধোবো ছিল।—হু ১৬৩।

ধোয়া বিং [সং ধৌত >প্রা ধোঅ >বা (ধোআ) °য়া] ১ ধৌত, প্রক্ষালিত, কাচা (কাপড়, বাসন) ২ নির্ম্মল, কুটিলতাহীন (মন)। —য়া বি [ধু[২]+আ[৬] >(ধোআ) °য়া] ধৌত করা ; প্রক্ষালন, কাচা। [°থালি—খোসাহীন ধোয়া মুগের ডাউল। ধোয়াট—ধোয়া-মাটি, পলি। ধোয়ান—ধৌত করান। ধোয়ানী—ধোয়ানের ব্যয়। ধোয়াপানী, ধোয়া-জল। "চাল°।]

ধোয়াট, ধোয়ানী দ্র 'ধোয়া'।

ধোর অক [ভ্বা, প—ধোরতি ; সেট্] গতিচাতুর্য্য (ক.ক)।

ধোরণ ক্লী [√ধোর্+অন (ল্যুট্)-ভা] ১ গতিচাতুর্য্য, গমন-কৌশল। ২ [+অন-ক] হস্ত্যশ্বরথাদি (ত্রিকাণ্ডশেষ)। —রিত, -তক ক্লী [+ত (ক্ত)-ভা ; ক (কন্) স্বার্থে] ১ গমনচাতুর্য্য। ২ অশ্বের গতিবিশেষ ; ছাড়্‌তক্ (অ.চি)।

ধোরিত, -তক দ্র 'ধোরণ'।

ধোলাই বি [হি ধুলাঈ] ১ ধৌত করা ; ধোয়া, কাচা। ২ কাচার মজুরী।

ধোসা দ্র 'ঢোসা'।

ধৌত বিণ [√ধাব্+ত (ক্ত)-র্ম্ম, উ (উঠ্)] ১ প্রক্ষালিত। "তুষারশ্রুতিধৌতরক্ত কু.স ১.৬। শাখিনো ধৌতমূলাঃ শ ১.১৫, টীকা। বিন্দু-ছটা ধৌত ক.চ ১০। শিশির° কা ৩২। নীলসিন্ধু-জল-ধৌত-চরণতল।—গান ২২১। ২ মার্জ্জিত। ৩ শোধিত। ৪ উজ্জ্বলীকৃত, প্রভাসিত। "দন্তাংশুধৌতাধরম্ (আননম্) গী.গো ১২ ১৩। ৫ নির্ম্মল, ধবলীকৃত। "চন্দ্রিকাধৌতহর্ম্ম্যা পূ.মে ৭। ৬ [বাঙ্লায় ; অপ্র] শুক্ল। "ধূপ ধুনা ধৌত ধান্য শ্রী ২০৩। ধৌত-বর্ণ ঐরাবত ম.পা ৫। —ত ক্লী ১ রৌপ্য। ২ [ত-ভা] প্রক্ষালন। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ হঠযোগের অঙ্গবিশেষ। ২ [বাঙ্লায় ; অপ্র] ধুতি কাপড়। "কেমন পরিছ ধৌতি : পাবন কৈল ধৌতি শূ ২৩। [°কট (পুং) —স্থূলসূত্রকৃত পাত্র (থলিয়া) ; প্রসেবক, ধোকড়। °কোশজ, °কৌষেয় (ক্লী) —ধৌত কৃমিকোষ-জাত বস্ত্র। °শিল (ক্লী)—স্ফটিক।]

ধৌতি দ্র 'ধৌত'।

ধৌম্য পুং [ধূম+য (ষ্যঞ্)] ধূমের গোত্রাপত্য বা অপত্য ; যুধিষ্ঠির-পুরোহিত মুনিবিশেষ। [ইনি দেবলের কনিষ্ঠ ভ্রাতা। উৎকোচক তীর্থে ইঁহার আশ্রম ছিল। পাণ্ডবেরা এই আশ্রমে গিয়া ইঁহাকে পৌরোহিত্যে বরণ করেন। অজ্ঞাতবাসের পূর্ব্বে পাণ্ডবের প্রতি ইঁহার উপদেশবাক্য বিশেষ জ্ঞানবত্তার পরিচায়ক (মহা ১.১৮৩তম অধ্যায় ; ৪.৪র্থ অধ্যায়)।]

ধৌম্র পুং [ধূম্র+অ (অণ্) স্বার্থে] ধূম্রবর্ণযুক্ত। —ম্র পুং ধূম্রবর্ণ।

ধৌরিত ক্লী [ধোরিত+ অ(অণ্) স্বার্থে] সর্থ 'ধোরিত (২)।

ধৌরেয় বিণ [ধুর্+এয় (ঢক্)] ধুর্বহ, ভারবাহী। —রেয় পুং ১ ভারবাহী পশু; বৃষ অশ্ব। ২ ধুরন্ধর, শ্রেষ্ঠ।

ধৌর্য্য ক্লী [ধূর্য্য+অ (অণ্)] 'ধূর্য্যসম্বন্ধী', অশ্বগতিভেদ, ধোরিত।

ধ্মা সক [ভ্বা, প—ধমতি ; অনিট্] ১ অগ্নিসংযোগ, অগ্নিসংযুক্ত করা। "ধমতি স্বর্ণং বণিক্ (ক.ক)। ২ অগ্নিফুৎকৃতি, আগুনে ফুঁ দেওয়া। "মুখেনৈব ধমেদ্ বহ্নিম্ (ক.ক)। ৩ ধ্বনি, সশব্দীকরণ, বাদন। "শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ গী ১.১৮।

ধ্মাত বিণ [√ধ্মা+ত (ক্ত)-র্ম্ম] ১ ফুৎকারে সন্দীপিত ; সংধুক্ষিত। ২ ধ্বনিত; বাদিত। ৩ সশব্দীকৃত। দ্র 'ধ্বনিত'। ৪ স্ফীত, অগ্নীভূত। "মান°।—হি ২.১৪০। —ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অগ্নিসংযোগ, দহন। ২ ধ্বনি, বাদন। —পিত বিণ [√ধ্মাপি +ত (ক্ত)-র্ম্ম] বৃংহিত ; বহুলীকৃত।

ধ্মান দ্র 'ধ্মাত'।

ধ্যা সর্ম্ম [সং √ধ্যৈ—ধ্যা ; হি, ঠ √ধ্যা ; পক্ষে] ধ্যান করা। "অবতার-শিরোমণি, ধ্যায় ভব পদ্মযোনি।—জ ২। হর-পদ ধ্যাই ম.পা ৭ ; ধ্যাএ ৫ ; ৮২। ধ্যায় অহরহ।—কথা ৬৮। [ধ্যাই —ধেয়াইয়া। "পৃথিবী ভ্রমএ সবে যোগপথ ধ্যাই মী ৩।]

ধ্যাত বিণ [√ধ্যৈ+ত (ক্ত)-র্ম্ম] চিন্তিত, ধ্যানবিষয়ীকৃত। "°মাত্রাগত ক.সা ৫.৪৫। °ধবা (নৈ)। —তব্য বিণ [+তব্য-র্ম্ম] চিন্তনীয়, ধ্যেয়। —তা (তৃ) বিণ স্মর্তা। "(ত্বমেব চাসি) ধ্যাতা ধ্যেয়ঞ্চ যৎ পরম্ কু.স ২.১৫।

ধ্যান ক্লী [ধ্যৈ+অন (ল্যুট্)-ভা] ১ চিন্তন, মনন। "ধ্যানমাস্থিতঃ রা ১.২.২২। মনু ১.১২। ২ অদ্বিতীয় বস্তুতে চিত্তবৃত্তিপ্রবাহ। "°স্তিমিতলোচন রঘু ১.৭৩। শ ৬৪২। ৩ ইষ্টদেবতা চিন্তন। ৪ পরমাত্মচিন্তন। ৫ (যোগশাস্ত্রে) যোগবিশেষ। ৬ [+অন-ণ] দেবতাবিশেষের রূপবর্ণনমন্ত্র। ৭ [+অন-র্ম্ম] ধ্যেয় বিষয়। "বিস্তার আকার ধ্যান ভা.চ ২৬৩। [°গম্য (বিণ)—ধ্যানলভ্য, ধ্যানগোচর। °তৎপর, °পর, °স্থ (বিণ)—ধ্যানৈকনিষ্ঠ; ধ্যানমগ্ন। °যোগ (পুং)—ধ্যানরূপ যোগ ; ধ্যাতব্য-স্বীকারোপায়, ধ্যানাভ্যাস। "মনু ৬.৭৩,-৯।

ধ্যানিক বিণ [°ন+ইক (ঠক্)] ধ্যাননির্বৃত্ত, ধ্যানসাধ্য। "মনু ৬.৮২।

ধ্যায়া সর্ম্ম [ধেয়া > °য়া; অপ্র; তু 'ধোয়ায়' (ম.ম ৩৬)] ধ্যান করা। "পৃথিবী ভ্রমএ তারা জোগপথ ধ্যায়াই গো.বি ১৫ ; ৪২।

ধ্যায়ান বি [ধেয়ান > °ন; অপ্র] ধ্যান। "গো.বি ১৬ ; ১২৮,-৪৮।

ধ্যেয় বিণ [√ধ্যৈ+য (যৎ) -র্ম্ম] চিন্তনীয়। "কু.স ২.১৫। চৈ.চ ১২০। যোগীকুলধ্যেয় যোগী মা ১২১।

ধ্র বিণ [√ধৃ+অ (ক)-ক] ধারক। "অগ্নী°, কু°, মহী°।

ধ্রু[১] সক [ভ্বা, প—ধ্রবতি ; অনিট্] গতি। —সক [তুদা, প —ধ্রুবতি ; অনিট্] ১ গতি। ২ (অক) স্থৈর্য্য।

ধ্রু[২] বি [ধ্রুব > ধ্রু (সংক্ষেপে)] ধুয়া। "স্ত্রী.কী ২ ; ৩। চৈ.ম ৩।

ধ্রুক্ (ধ্রুহ্) বিণ [√দ্রুহ্+ক্বিপ্ (০)-ক-১ব ; স্ত্রী -ক্] ১ দ্রোহকারক, অপকারী। "অসুরদ্রুহাম্ মাঘ ২.৩৫। ২ ঘাতক। "ভর্তৃদ্রুহাম্ মনু ৫.৯০। [সমাসে উত্তরপদ]।

ধ্রুপদ, ধ্রুপদী দ্র 'ধুরপদ'।

ধ্রুব বিণ [√ধ্রু[১]+অ (ক)-ক, উ ১.৬১ ; ছান্দস] ১ স্থির। "ধ্রুবেচ্ছামনুশাসতীং সুতাম্ কু.স ৫.৫। ২ নিশ্চিত। "যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি নিষেবতে হি ১.২২৫। শ ১.১৭। ৩ শাশ্বত, নিত্য। "কু.স ৭.৮৫। ৪ অব্যভিচারী ; অপরিহার্য্য। "জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।—গী ২.২৭। ৫ সতত। ৬ (ব্যাকরণে) যে অঙ্গ বিনা জীবন থাকে না সেই (অঙ্গ)। "পা ৩.৪.৫৪। ৭ আবশ্যক (ত.বা)। —ব পুং ১ শঙ্কু, কীল। ২ স্থাণু। ৩ শিব। ৪ বিষ্ণু। ৫ ব্রহ্মা। ৬ বটবৃক্ষ। ৭ নক্ষত্রবিশেষ। ৮ উত্তরমেরু। ৯ (জ্যোতিষে) যোগবিশেষ। ১০ অষ্টবসুর একতম। ১১ যজ্ঞিয় গ্রহপাত্রভেদ। ১২ নাসিকাগ্রভাগ। ১৩ রোমাবর্ত্তভেদ। ১৪ (সঙ্গীতে) গীতাঙ্গবিশেষ, ধুয়া। ১৫ শরারিপক্ষী। ১৬ উত্তানপাদের পুত্র। [ইঁহার মাতা সুনীতি। ইনি একদিন বিমাতা সুরুচির পুত্র উত্তমকে পিতৃক্রোড়ে আসীন দেখিয়া, সিংহাসনে উঠিবার ইচ্ছা করিলে, সুরুচি তিরস্কার করেন। তিরস্কারে বিষণ্ণ হইয়া ইনি মাতার নিকটে উপস্থিত হইলে, সুনীতি শান্ত করিয়া কহিলেন, 'বৎস! যদি উত্তম আসন লাভ করিতে ইচ্ছা কর, তবে বিষ্ণুর আরাধনা কর'। মাতার এই বাক্যে পিতৃগৃহ ত্যাগ করিলে, নারদ ভগবানের রূপবর্ণনাপূর্ব্বক ইঁহাকে দ্বাদশাক্ষর ভগবন্মন্ত্রে দীক্ষিত করিয়া, মন্ত্র-জপের উপদেশ দেন। মন্ত্র জপ করিতে করিতে ধ্রুব তন্ময় হইলে, ভক্তবৎসল ভক্তের দৃষ্টিগোচর হন এবং রাজ্যপালনান্তে জ্যোতির্ম্ময় দিব্য ধ্রুবলোকে গমনের বরদান করিয়া অন্তর্ধান করেন (ভ ৪.৯)।] —ব ক্লী ১ আকাশ। ২ স্বর্গ। তর্ক। —বা স্ত্রী ১ যজ্ঞপাত্রভেদ, জুহু। ২ সর্থ 'ধ্রুব' (১৪)। "প্রাবেশিকী ধ্রুবা গীয়তে।—বা.ভা ১১২। ধ্রুবা গীতিঃ ১.১৪। ৩ সাধ্বী, সতী। ৪ দোহনকালে স্থিরা গবী। ৫ মূর্ব্বা। [°তারা (বি)—ধ্রুবনক্ষত্র ; (গৌণার্থে) একমাত্র স্থির লক্ষ্য। "জীবনের ধ্রুবতারা ডুবেছে যাহার।—হেম ২৫৫। নির্ভয়ে ছুটিতে হবে সত্যেরে করিয়া ধ্রুবতারা স.স্ব ১৫। °লোক (পুং) —ধ্রুবাধিষ্ঠিত লোক ; সত্যলোকান্তর্গত ধ্রুবস্থান।]

ধ্রুবক পুং [ধ্রুব+ক (কন্) স্বার্থে] ১ স্থাণু, বৃক্ষকাণ্ড। ২ স্থূণা, স্তম্ভ। —ক পুং, -কা স্ত্রী সর্থ 'ধ্রুব' (১৪)।

ধ্রুবা দ্র 'ধ্রুব'।

ধ্রুবাবর্ত্ত পুং [কর্ম্মধা] শিরোমধ্যস্থ রোমাবর্ত্ত।

ধ্রৌব্য বিণ [ধ্রুব+য (ষ্যঞ্)] ধ্রুবস্থানপ্রাপক। "ভ ৪.১২.৪৪। —ব্য ক্লী ১ ধ্রুবভাব, স্থিরতা। "পা ৩.৪.৭৬। ২ নিত্যতা, শাশ্বতভাব। ৩ নিশ্চয়।

ধ্বংস্ (ধ্বন্স্) অক [ভ্বা, ও—ধ্বংসতে ; সেট্] ১ ধ্বংস, স্খলন, অধঃপতন। ২ নাশ। —স্ সক গতি। [অপ, অব—অবধ্বংস, চূর্ণন। বি—বিধ্বংস, ক্ষয়।]

ধ্বংস[১] পুং [√ধ্বংস্+অ (ঘঞ্)-ভা ; তু 'ধ্বংশ' (গো. বি ১৮৯) ; 'ধ্বংশাইয়া' (দু ২১)] ১ স্খলন, ভ্রংশ। ২ বিনাশ, ক্ষয়। "কার্য্য° ধৈর্য্য°, বজ্র°, রিপু°। কল্মষধ্বংসকারী।—হি ১.২০। ৩ তিরোভাব। —স বিং (বাঙলায়) বিনষ্ট, ক্ষয়প্রাপ্ত। "অবশ্য হইবে ধ্বংস…রাবণি মে ৯৯। স্নেহ কি একদিনে ধ্বংস হইয়া থাকে?—ব.প্র ১৬১। —সক বিণ [√ধ্বংসি+অক (ণ্বুল্)-ক] নাশক, ক্ষয়কারক। "প্রলয়াবস্থা° মনু ১.৬, কুল্লুক। —সন বিণ [√ধ্বংসি+অন (ল্যুট্) -ক ; স্ত্রী -নী] ধ্বংসয়িতা, নাশক। "মহা ৫.১৫৬.৩। —সন ক্লী [+অন-ভা] ১ বিনাশন। "কংসধ্বংসনধূমকেতু।—গী.গো ৫.২০। ২ [√ধ্বংস্+অন-ভা] সর্থ 'ধ্বংস'। —সিত বিণ [√ধ্বংসি+ত (ক্ত)-র্ম্ম] ১ বিনাশিত, নিহত। ২ ভ্রংশিত, অবস্রংসিত। —সী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -সিনী] ১ বিনাশী, ঘাতক। "ক্রতু°, ধেনুক°, রিপু°। ২ [√ধ্বংস্+ইন্-ক-১ব] ধ্বংসশীল, বিনাশী, নশ্বর। "প্রাণাঃ ক্ষণধ্বংসিনঃ।—ভর্তৃহরি। [সমাসে উত্তরপদ]। ৩ [ধ্বংস+ইন্ (ইনি)-১ব] ধ্বংসযুক্ত। "জালান্তরগতে সূর্য্যকরে ধ্বংসী বিলোক্যতে। ত্রসরেণুস্ত স জ্ঞেয়ঃ… ॥

ধ্বংস[২] অর্ম্ম [সং √ধ্বংস্ > প্রা √ধ্বংস] ধ্বংসপ্রাপ্ত হওয়া ; মরা। "সভা হতে ধ্বংসিবে খুল্লনা ম.পা ১০৮।—সা সর্ম্ম [ধ্বংস[২] + আ° ; সং

.√ধ্বংসি >প্রা √ধ্বংস] ধ্বংস করা ; নষ্ট করা। "দেহ-পাপপুরুষে তাহাতে ধ্বংসাইয়া দ্রু ২১। ধৃতপাঠ '°শাইয়া'।

ধ্বকধ্বক বিং [দ্র 'ধকধক২ ; যুক্তাক্ষর ওজোগুণার্থ] অতিদীপ্ত, সমুজ্জ্বল। "দীপ্ত সূর্য্য হুতাশন, ধ্বকধ্বক দুনয়ন সা.ম ৪১ ; (অর্চ্চি-পুঞ্জ) ধ্বকধ্বক ৫৯।—ক ক্রি.বিং অতিদীপ্তভাবে। "শিরে ধ্বকধ্বক, জ্বলিতেছে রতন-মণি।—হেম ৩১ ; ৩৪০।

ধ্বজ্ সক [ভ্বা প—ধ্বজতি ; সেট্] গতি।

ধ্বজ পুং [ধ্বজ্+অ (অচ্) অস্ত্যর্থে] 'ধ্বজযুক্ত', শৌণ্ডিক। দ্র 'ধ্বজ (৫)। "মনু ৪.৮৫। —জ পুং, ক্লী [√ধ্বজ্+অ (অচ্)-ক, অন্তর্ভাবিতণ্যর্থ (অ.টী) ; ছান্দস] ১ যাহা যোধবিশেষকে জানায় ; কেতন, পতাকা। "ধ্বজো রথস্য প্রজ্ঞানম্ রা ২.৬৭.৩০। ২ পতাকা-দণ্ড। ৩ বংশদণ্ডোপরিস্থ বস্ত্রখণ্ডভেদ (ত.বা)। "নগরং পতাকাধ্বজ-মালিনম্ মহা ৩.৭৭.৬। ধ্বজম্...সিংহকেতুবিভূষিতম্ (হ)। মৎস্য° রঘু ৭.৪০। বংশস্যাগ্রে ধ্বজো যথা।—পঞ্চ ১.২৭। কেন বা উড়িছে ধ্বজ প্রতি গৃহচূড়ে।—মা ১০১। ৪ চিহ্ন, লক্ষণ। "গরুড়°, বৃষ°, মকর°। শবশিরোধ্বজ মনু ১১.৭৩। সুরাধ্বজং সুরাপানে।—বিষ্ণু ৫.৫০। ৫ মদ্যপানগৃহের চিহ্নবিশেষ। ৬ ব্যবসায়ের চিহ্নবিশেষ (trade-mark)। ৭ শ্রেষ্ঠ, প্রধান, অবতংস। "মনুজ° ; ধ্বজো নৃপকুলস্যাস্য। —গো.রা ২.৬১.১৮। [সমাসে উত্তরপদ]। ৮ মেঢ্র। "°ভঙ্গ। ৯ খট্টাঙ্গ। ১০ পূর্ব্বদিগ্‌বর্ত্তী গৃহ। ১১ দর্প, গর্ব্ব। ১২ শঠতা, কৈতব (A.)। ১৩ সুরাভাজনচিহ্ন। দ্র 'ধ্বজী'। [°গৃহ (ক্লী)—ধ্বজ-রক্ষণার্থ গৃহ। °পট (পুং, ক্লী)—পতাকা। "রঘু ১২.৮৫। °পাত, °ভঙ্গ (পুং)—মেঢ্রশৈথিল্যকর বা ক্লীবতাজনক রোগবিশেষ। °বজ্রাঙ্কুশ (বি)—বিষ্ণুর পদতলস্থ ধ্বজবজ্রাঙ্কুশাকৃতি চিহ্নভেদ। "শ্রী.ম ৯১। ব.স্থি ৪২৫। °বহ (বি)—ধ্বজবাহক। "মে ১৫।]

ধ্বজবান্ (-বৎ) বিণ [ধ্বজ+বৎ (বতুপ্)-১ব] ১ ধ্বজযুক্ত, পতাকী। "রা ১.৫.১১। ২ চিহ্নবান্, চিহ্নিত। ৩ দুষ্কৃতিচিহ্নাঙ্কিত (অপরাধী)। দ্র 'মনু ১১.৭৩। বিষ্ণু ৫.৪-৭। —বান্ পুং ১ ধ্বজ-বাহক। ২ শৌণ্ডিক। "মনু ৪.৮৪।

ধ্বজা বি [সং ধ্বজ ; হি, ঠ, মৈ °জা] ১ পতাকা, নিশান। "হৈম° —হেম ৫০। ২ (সাদৃশ্যে) দীর্ঘ বংশাদির দণ্ড। —জি বি [ধ্বজ +ই১১] ধ্বজা। "দাড়ী ধ্বজি পোতে নৌকা বাঁধিবারে স্ব.প্র ৫২। [কুলের ধ্বজা (নিন্দার্থে)—কুলকলঙ্ক-স্বরূপ (পুত্রাদি)। রূপের ধ্বজা (নিন্দার্থে)—কুরূপা, কুৎসিতা। "সাগর।—দেখতে কেমন ? নয়ন।—রূপের ধ্বজা ! যেন গালফুলো গোবিন্দের মা।—ব.প্র ৪৩২।]

ধ্বজাংশুক ক্লী [ষ.ত] ধ্বজের বস্ত্রখণ্ড ; পতাকাবস্ত্র।

ধ্বজারোপণ ক্লী [ষ.ত] দেবপ্রাসাদাদিতে ধ্বজস্থাপন।

ধ্বজাহৃত পুং [স.ত] ধ্বজে, অর্থাৎ সংগ্রামে আহৃত ; সংগ্রামে স্বামিসকাশ হইতে জিত দাসবিশেষ। "মনু ৮.৪১৫।

ধ্বজিনী দ্র 'ধ্বজী'। [°পতি (পুং) —সেনাপতি। "তান্ ধ্বজিনী-পতিম্ রণে নিহত্য গো.রা ৫.৪১.৪১।]

ধ্বজী (-জিন্) বিণ [ধ্বজ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -জিনী] ১ ধ্বজ-বান্ ; ধ্বজবাহক। "(ধ্বজিনম্) রথম্ গো.রা ৩.২৮.৩২। ২ চিহ্নযুক্ত। ৩ দোষার্থচিহ্নবিশেষযুক্ত (দোষী)। "মনু ১১.৯৩। —জী পুং ১ (শ্রেষ্ঠতা-বান্) ব্রাহ্মণ। ২ শৌণ্ডিক। "যাজ্ঞ ১.১৪১। ৩ রথ। ৪ 'শৃঙ্গবান্', পর্ব্বত। ৫ (সাদৃশ্যে) সর্প। ৬ অশ্ব। ৭ 'শিখাবান্', ময়ূর। —জিনী স্ত্রী [°ন্+স্ত্রী ঈ (ঙীপ্)] 'ধ্বজবতী', বাহিনী, সেনা, চমূ। "রা ৩. ৩৭.৪। রঘু ৭.৪০।

ধ্বড়্‌ধ্বড় বি ভয়াদিজন্ত দ্রুতহৃৎস্পন্দন। "°ড় পড়ে বুক।—হেম ৮।

ধ্বন্ অক [ভ্বা, প—ধ্বনতি ; সেট্ ; (ণিজন্ত) ১ ধ্বনয়তি। "ধ্বনয়তি ঘণ্টাম্। ২ ধ্বানয়তি (অস্পষ্টাক্ষরমুচ্চারয়তি)।] শব্দ। —ন অক [অদন্ত চু, প—ধ্বনয়তি ; সেট্] শব্দ। "°তি মৃদঙ্গঃ।

ধ্বন্‌স্ দ্র 'ধ্বংস্'।

ধ্বন অর্ম্ম [সং √ধ্বন্] শব্দ করা। "(থক্ থক্) ধ্বনিল কর্কশ ন ৯৪৫। —ন সর্ম্ম [সং √ধ্বনি (ণিজন্ত)] ধ্বনিত করা। "গুরুজীর জয়, ধ্বনিয়া তুলেছে দিক্।—কথা ৭২।

ধ্বনন ক্লী [√ধ্বন্+অন (ল্যুট্)-ভা] ১ অব্যক্তশব্দকরণ। ২ গুঞ্জন। ৩ ধ্বনি, রসাদিপ্রতীতি ; ব্যঞ্জনাজন্য বোধ। "সা.দ ৪.১, টীকা। —নি পুং [+ই-ভা, ৪.১৩৯ ; ছান্দস] ১ শব্দ। "শ্রোত্রাভিরামধ্বনিনা রথেন রঘু ২.৭২ ; রাজতালীবন° ৪.৫৬। ২ মৃদঙ্গাদিশব্দ। "তূর্য্য° (S.W.)। পটহ° রঘু ৯.৭১। পু.মে ৫৬। ৩ স্বর। "কণ্ঠ°, করুণ°, °বিকার (S.W.)। গীতক° মাঘ ৬.৪৯। মুকুন্দের হেন দিব্য ধ্বনি চৈ.ভা ১৬৫। ৪ গানশব্দ। "সাম° মনু ৪.১২৩। ৫ মেঘশব্দ। ৬ বর্ণাত্মক শব্দ (word)। ৭ ব্যঞ্জনাজন্য অর্থবোধ ; শব্দাদিগত শক্তি। "সা.দ ৪.১, টীকা। ৮ ধ্বনিযুক্ত কাব্য ; উত্তমকাব্য। [ইহাতে বাচ্যার্থ অপেক্ষা ব্যঙ্গ্যার্থ অতিশয় চমৎকারজনক (সা.দ ৪.১)]। ৯ [বাঙ্‌লায় ; অপ্র] নামখ্যাতি, সুনাম। "দানেশ্বর ধ্বনি মোর জগতে শুভই ব.প ৮৯। ১০ বাক্য। "দ্বিজপূজ্য বেদের ধ্বনি দা ৮। [°কাব্য (ক্লী)—দ্র 'ধ্বনি (৮)। °গ্রহ (পুং)—কর্ণ। °নালা (স্ত্রী) —বংশী। °বিকার (পুং)—কাকু।]

ধ্বনি দ্র 'ধ্বনন'।

ধ্বনিত বিণ [ধ্বন্+ত (ক্ত)-ক, পা ৭.২ ; ১৮] ১ শব্দিত। "ধ্বনিতো মৃদঙ্গঃ (কাশিকা)। ২ [√ধ্বনি+ত-র্ম্ম] ব্যঞ্জিত, ব্যঞ্জনাবোধিত। ৩ বাদিত। —ত ক্লী [+ত-ভা] ১ শব্দ, ধ্বনি। "পু.মে ৪২। ২ গর্জ্জিত, স্তনিত। "°সূচিত কি ৫.১২। [ধ্বনিতধ্মাত (একার্থক) —সশব্দীকৃত, মহাকোলাহলপূর্ণ। "(বিদর্ভ, বিরাট) নিয়ত ধ্বনিত-ধ্মাত কর্ম্মকলরোলে স.স্ব ৬৯।]

ধ্বস্ত বিণ [√ধ্বন্‌স্+ত (ক্ত)-ক] ১ ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট। "নলিন্যো ধ্বস্তকমলাঃ গো.রা ৩.৫৮.৩৮। °রজঃসত্ত্বতমোমল।—ভ ১.১৩.৫৪। ২ পতিত, চ্যুত, গলিত, ভ্রষ্ট। ৩ গত, আক্রান্ত। "প্রভাম্বিব তমো-ধ্বস্তাম্ রা ৫.১৯.১৪। ৪ [+ত-র্ম্ম] নিরাকৃত। "ধূমৈর্ধ্বস্তার্কভাসাম্ ...দিশাম্।—মু ৩.২৮। —স্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ধ্বংস, নাশ। ২ চ্যুতি, ভ্রংশ।

ধ্বাঙ্ক্ষ পুং [√ধ্বাঙ্ক্ষ্ (ঘোররব)+অ (অচ্)-ক ; 'ধ্মাঙ্ক্ষ' (পাঠান্তর) ; তু 'ঢংক'—বায়স (দেশী ৪.১৩) ; ছান্দস] ১ কাক। "তীর্থ° পা ২.১.৪২ ; °রাবী ৩.২.৭৯। ২ মৎস্যভক্ষক পক্ষিভেদ। ৩ তক্ষক। ৪ ভিক্ষুক। —ঙ্ক্ষী স্ত্রী বায়সী। [°জঙ্ঘা (স্ত্রী)—কাকজঙ্ঘা। °পুষ্ট (পুং)—কোকিল। °নাসা (স্ত্রী)—কাকনাসা।]

ধ্বান পুং [√ধ্বন্+অ (ঘঞ্)-ভা] ১ শব্দ, ধ্বনি। "আক্রন্দিত° ; দুন্দুভি° (S.W.)। ২ গর্জ্জন, স্তনিত। "মন্দ্রধ্বানঘন ; প্রলয়জলধর° (প্রবোধচন্দ্রোদয়)। ৩ গুঞ্জন।

ধ্বান্ত ক্লী [√ধ্বন্+ত (ক্ত)-ক, 'তমঃ' অর্থে নিপাতিত, পা ৭.২. ১৮] ১ তিমির। "গী.গো ১১.১১। মহাধ্বান্তহারী তেজ যেই ধ্বান্ত হরে।—রঙ্গ ৩৬। মোহধ্বান্তনাশন চ.কা ৩২৬। ধ্বান্তরূপ দন্তিযূথ। —কাদ ৩২। ২ ধ্বনিত। "বেদধ্বনি°।—অত্রি ৩০৭। ৩ (বাঙ্‌লায়) অজ্ঞানতিমির। "ধ্যানে ধরিলেন ধনী ধ্বান্তবিনাশনে।—রঙ্গ ৩৬। [°শত্রু (পুং)—১ 'তমঃশত্রু', সূর্য্য ; চন্দ্র। ২ অগ্নি। ৩ শুক্লবর্ণ।]

ধ্বান্তারাতি পুং [ষ.ত] ১ 'তিমিরশত্রু', সূর্য্য ; চন্দ্র। ২ অগ্নি। —ন্তারি পুং তিমিরারি। "ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্। ধান্তারি সর্ব্বপাপঘ্ন দেব দিবাকর।—ম ১৪৬২।

ধ্ব্, অক [স্তা, প—ধ্বরতি ; অনিট্] ১ কৌটিল্য। "ধ্ব্ৰীতা বুধি মায়াভিঃ (ভট্টি)। ২ (সক) কুটিলীকরণ।

ন

ন১ ত-বর্গের পঞ্চম বর্ণ এবং বিংশ ব্যঞ্জন ও স্পর্শবর্ণ। ইহা অনুনাসিক বর্ণ। দ্র 'ক১, ঙ১ ; ত১।

ন২ পুং ১ বিত্ত, রত্ন। ২ বন্ধ। ৩ গণেশ। ৪ (ছন্দঃশাস্ত্রে) ত্রিলঘুবর্ণযুক্ত গণ। 'ত্রিলঘুশ্চ নকারঃ (Tribrachys)।

ন৩ ব্য [ছান্দস ; Av. n ; আ 'লা' ; ফা 'না' ; হি 'না' ; ঠ, শু, মৈ 'ন' ; L. ne ; Ger. Nein ; F. ne ; A.S. nan ; E. no ; ন (চট্টগ্রাম)] ১ নিষেধ, অভাব। "রা ১.৬৪.১৭। ন ছিল কৈলাস শূ ১। ন হন মী ২০। সু ন দৃশ্য ম পা ১৩ ; ১৫৫। ন চাহে।—গ ৩৯। বি.প ২০৯। ন শীত ন তপ্ত।—ম ২৮০। ন ভূত ন ভবিষ্যত ভ.গ্র ১৪৫। ন.প ১৫১। ন পূর্ব্ব ন পর ভা.চ ৪০৪,-৪১। ন ভূত ন ভাবী বা.দ ১৩৯ ; রঙ্গ ৫৯। ২ সমাসে পূর্ব্বপদ 'ন'—ন-কুল, ন-পুংসক, ন-ক্ষত্র, ন-ক্র (পা ৬.৩.৭৫)। ৩ 'ন' শব্দের সহিত 'সুপ্সুপা' সমাস—নৈকধা (পা ৬.৩.৭৪,সি), নাতিবাদ। নসংহত ; নভিন্নবৃত্তি (কি ১.১৯)। নাতিপ্রগে (মনু ৪.৬২)। বাঙলায় ক্রিয়ার সহিত মিলিত পূর্ব্বস্থ 'ন' ; যথা, নও, নহ—না হও ; হওনা। "অলপ ভাগি নহ বি.প ২০৯। ফুল নও যে কেশের করি বেশ প.র ৬৯, টীকা। [নন—না হন ; নহেন। "আমার দণ্ড্য নন শি ৪২। নবে—না হইবে। "সিদ্ধি নবে দু ৫২। সত্যে বিচলিত নবে ম ৩৯৫। আজ্ঞা নবে অন্য মত শ্রী ১৪৩। শি ১। নয়, নহে—হয় না। "ইহা না করিলে নয় কু ২৫০ ; ছোট নহে কাজ ২৬৬। নয়কে হয় করা—'না'কে 'হাঁ' করা ; মিথ্যাকে সত্য করা। "আ.দু ২৮। ন স্যাৎ করা—একেবারে অস্বীকার করা। নহ ১ নহে। "সো নহ অন্ধ (প.ক)। ২ হইও না। "ধনি নহ উতরোল (প.ক)। ৩ হও না। "কেনে নহ এক পাশ (প.ক)। নহ, -হো —না হই ; হই না। "হাম নহ কামিনী নারী প.র ৫৬। যোগ্য পাত্র নহো আমি চৈ ৮৯। নহসি—না হও। "শ্রী.কী ৫১। নহি—না হই। "বিজয়ী নহি রণে ক.চ ৩। নহিছে—না হইতেছে। "ভা.চ ৬৭৮। নহিত —না হইত। "যদি মোর নহিত বন্ধন ম ২৬৩। যদি তাঁর শুভদৃষ্টি প্রাসাদে নহিত জ ৪৭। নহিব, -বে,—না হইবে। "নহিব শ্রী.কী ১৮৭। এমত নহিব।—ম ১৯৫। নহিয়ে—না হই ; হই না (প.ক)। নহিল, নৈল—না হইল। "নহিল শ্রী.কী ২৮১। অমৃত নহিল।—ম ৯। নহিলে, নৈলে—না হইলে। "নৈলে কেন···দূর করে দেয় ভাই কু ২৫০, -১। নহিহ—হইও না (শ্রী.কী)। নহে (ন হএ)—১ হয় না (শ্রী.কী)। ২ না। "ম.ম ১১ ; নহে হয় ২৭। নহুক—না হউক। "নহুক এমন। —ম ২৮৫। চৈ.ভা ৯। নহোঁ—নহি। "নহোঁ সতন্তর শ্রী.কী ২৪। হার নহো পিয়া, গলায় পরয়ে।—ব ৯৩। নৈ, নই—না হই। "আমি বামুন নৈ।—শ্রী ১৫৪। নৈল—নহিল, না হইল। "কিছু মিছা নৈল শ্রী.ম ১৯৪। যুদ্ধে নৈল পরাজিত এখনও দেবতা।—হেম ১৪৬। নহি (সং নহি)—নিশ্চয় নয়। "নহি ধ্বনি করে বা.দ ১৪৩।]

ন৪ বি [লোহ > লো > নো > ন] সধবার লৌহময় বলয়বিশেষ ; খাড়ু। [হাতের ন ক্ষয় যাক—অর্থাৎ যাবজ্জীবন সধবা থাক ; পাকা চুলে সিঁদুর পর। "হাতের ন ক্ষয় যাক নী ১৯।]

ন৫ বিং [সং নব > প্রা নঅ > বা 'ন', নআ, -ন্না ; ফা নউ] ১ নূতন। "ন-পুরান (নূতন-পুরাতন)। ২ জন্মানুসারে চতুর্থ, বা সেজোর পরবর্ত্তী (ভাই, বোন ইত্যাদি)। "*কাকা, *জেঠা, *বউ, *বুড়ী, *মেয়ে। "নদিদি জা ৪৪। [কোন কোন স্থানে 'ন'এর পরিবর্ত্তে 'ধন' 'ফুল' 'রাঙা' 'সোনা' বিশেষভাবে ব্যবহৃত হয়। "ধনদাদা, ফুল-কাকা রাঙাদাদা, সোনাকাকা।]

ন৬ বিং [সং নব (নবন্) > প্রা নঅ > বা 'ন' ; হি, মৈ 'নৌ' ; ঠ নউ, নৌ] নবসংখ্যক, নয়। "*গুণ, *নর, *নরী। ন আনা গো.চ ৪৭৮। ন লাক শ্রী.মা ১১২। ন বুড়ি···কড়ি শ্রী ১০২ ; ন দিনে ২০৩।

ন৭ কা.ক্তি [সং আম্ (ষষ্ঠী-বহুব) > লি 'নং' প্রা 'ণ' (হে ৩.৬) > বা 'ন' ; তু 'চরণন ধ্যান লগায়কে রহো (কবীর)] সর্ব্বনামের উত্তর সম্ভ্রমসূচক ষষ্ঠী বিভক্তি। "এহান অ.প ৬১ ; তাহান অর্দ্ধেক অঙ্গ ১২৪। তাহান চরিত্র চৈ.ভা ৩ ; তান পত্নী ৯ ; ইহান···কন্যা ২৯ ; উহান সঙ্গ ১২৬। কুলবতী গণন বিষাদ জ.প ৬২। [ইহান (লি ইমাসানং, প্রা ইমাণ)—ইঁহার। উহান (লি অমূসানং ; প্রা অমুণ) —উঁহার। তান (প্রা তাণ)—তাঁর। তাহান (লি তাসানং)—তাঁহার।]

ন৮ ক্রি.ক্তি [এন > ন] স্বরান্ত ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে অনুজ্ঞায় বিহিত বিভক্তি। " √হ—হন, √ল—লন ; √খা—খান, যান ; √দি—দিন, নিন ; √ধু—ধুন (ধোওয়া), শুন। "শ্রীকবিকঙ্কণ গান ক.চ ২৩। দেখিবারে পান : কাট কাট করিয়া কাটারি তুলে ধান শ্রী.মা ১৭৩।

ন৯ [তু 'প্রা ণডাল, ণলাড (ললাট—হে ১.৪৭ ; ২৫৭)] 'ন'-স্থানে 'ল'। "নাঙ্গল (লাঙ্গল), নে (লও), নেউ (লউক, দ্র 'ল৪')।—শ্রী.কী। নব (লইব), নাগিয়া (লাগিয়া)।—গো.চ। নৈল, নৈ যায় ব.প ১২৮২। নাগে চ.বি ২৫৯। নবঙ্গ দু ৬৩। নবলেশ জ্ঞা ৬৯।

নঅ(আ)ন, নএয়ান বি [সং নয়ন (য় > অ ; আ ; য় > ইঅ > এয়া) ; তু 'নয়ান'] নয়ন। "নঅন পঙ্কজ বি.সা ১৯। নআনে দিলেক সান।—মী ৫। নএয়ান হইয়া গেল ঘোর ম.গা ২০।

নআ, -ন্না বিং [দ্র 'ন৫'] নব। "এ নআ যৌবন শ্রী.কী ৩৬৭। নয়া সনন্দ E.P. 61.

নই বিং [সং নব ; হি নয়া > নঈ (স্ত্রীলিঙ্গে)] ১ নূতন। "সেবা কর্ম্ম নইরাণী করিছে আসিয়া ভ.গ্র ৫৭। —ই বি ১ [সং নদী > প্রা ণই, -ঈ > বা 'ই ; নই (দো) ; হি, ঠ নঈ] নদী। "কালী নই তীরে শ্রী.কী ৩৩১। ২ [সং নর > নরী (স্ত্রীলিঙ্গে) > নই ; হি, ঠ নরী] পশুর স্ত্রীজাতি ; মাদী। "*ছাগল, *বাছুর। ঘরে এঁড়ে বাইরে নই। এ সুখের কথা কারে কই॥—প্রবচন। —ই স.বিং [সং নবতি > প্রা ণবই > বা *ই] নবতিসংখ্যক। —ই বি নই (৯০) এই সংখ্যা। "একা*, বিরা*।

নইচা, -চে বি [ফা 'নাবেচা'—হুঁকার নল] ১ হুঁকার খোলে লগ্ন নলের মত দীর্ঘ কাষ্ঠখণ্ড। ২ (সাদৃশ্যে) কণ্ঠনালী, গলা। "(মুখ) খুলবে না ত কি নইচে বন্ধ হয়ে থাকবে।—লী ৪৩।

নউমি বিং [সং নবমী > *মি, দ্র 'ন৬'] নবমী। "নউমি দসা দেখি গেলা হে নড়াএ বি.সা ৩৮৯।

নও স.বিং [ফা নউ (নয়) > *ও] নবসংখ্যক। "নও বুড়ি তারজা গো.চ ১ ; ৫০। নও কড়া কড়ি ব.প ৪১।

নওয়া সর্ব ন৫। "চি.স ৩৯৫.১১।

নওয়াজি(জী)মা বি [আ লবাজিম্, -জ.মহ্] সর্ব্বদা প্রয়োজনীয় দ্রব্যসমূহ (necessaries)। "*জীমা কাগজ পত্র E.P. 67.

নওল বিং [সং নব > প্রা ণবল্ল > বা (নবল) *ল ; হি, মৈ নবল ; ঠ নবলী] ১ নবীন। "নওল কিশোর বি.প ৯৭ ; গো ৬৬ ; নওল কিশোরী ১৬৭ ; ব ১২৬ ; প.র ৫০। ২ নবজাত, নূতন। "নওল বাজুল জ.প ৬১। —ওলা বিং [সং নব (নবন্) > প্রা ণবল্ল > *ল > *লা] নয় ফোটার তাস। —ওলী বিং [ঠ নবলী] নব। "নওলী যৌবন ক.চ ১৮৮।

নং 'নম্বর' শব্দের সংক্ষেপাক্ষর। "দাখিলার ক্রমিক নং।

নকর বি [ফা নউকর ; হি নৌকর] ভৃত্য। "গো.চ ৪৮৬,-৭। —**করী** বি [হি নৌকরী] ভৃত্যের কার্য্য ; চাকরী।

নকল বি [আ নক্.ল্] ১ প্রতিলিপি, প্রতিলেখ (copy)। "দলিলের নকল। ২ অনুকরণে প্রস্তুত কৃত্রিম বস্তু ; ভেল, ঝুঠা। "নকল মুক্তা। ৩ [আ 'নক্.ক.াল্'—ভাঁড়] ভাঁড়ামি, কাহারও ভাবভঙ্গি কথাবার্ত্তা-ইত্যাদির অনুকরণ ; হাস্যজনক অঙ্গভঙ্গি। "আ.ছু ১৪৭। —**কলী** বিং [আ নক্.লী ; হি °লী] ১ নকল-করা, প্রতিলিখিত (copied)। ২ অনুকরণে কৃত ; কৃত্রিম, ঝুঠা [°নবীস—যে নকল করে ; লিপিকর (copyist)। °নবীসী—নকলনবীসের কার্য্য বা পদ। নক্‌লী রাত—কৃত্রিম (মেঘান্ধকারজন্য) রাত্রিতুল্য দিন। "নক্‌লী রাতে চাষার সাথে চষা-ভূয়ের হচ্চে বিয়ে কু.কে ৬৮। নকুলে—যে নকল (রঙ-তামাশা) ভালবাসে।]

নকশ, -স '-ক্' বি [আ নক্.শ্] ১ চিত্র। "বৌদ্ধ কদ্ধি করিল নকস শ্রী ৬৩। ২ [হি নক্‌শ] একপ্রকার তাসের জুয়াখেলা। —**শা, -সা** বি [হি, ই নকশা] ১ উৎকীর্ণ (খোদাই-করা) চিত্র। ২ সূচি-শিল্প, ফুল বুটা ইত্যাদির চিত্র। "নকশা কাটা। ৩ জমির রেখাচিত্র ; ম্যাপ। ৪ মানচিত্র। ৫ রেখাচিত্র (plan)। "বাড়ির নকশা। [°সাগুল (বি)—সর্থ 'গুলনকস'। "আ.দ্রু ২০৭।]

নকাশি, -সি বি [আ নক্.ক.াশী] চিত্রকর্ম্ম, খোদাইএর কাজ। "নকাসি বাজু।—দা ১৬৩৩।

নকিঞ্চন বিণ [সুপ্‌সুপা] অকিঞ্চন, দরিদ্র। "স্থানভ্রষ্টা নকিঞ্চনাঃ (পাঠান্তর) মহা ৫.১৩৩.২৯।

নকি(কী)ব বি [আ নক.ীব.] যে ভৃত্য, রাজা-প্রভৃতির নাম উপাধি ইত্যাদি ঘোষণা করে এবং দরবারে আগন্তুকের পরিচয় দেয় (herald)। "নকিবে হুকুম দিল শ্রী ২১৫। নকিব ফুকারে বি.সু ১৯। নকীব সেলাম গাহে ভা.চ ৪১২ ; ৫৪০। নকীব ফিরিছে টহলে বা.দ ১৩৬। নকীব ফুকারি ধায়, সুলতান সমীপে যায়, করপুটে সমাচার কহে।—হেম ৩৭। সীতারাম রায় সভাস্থলে সিংহাসনে গিয়া বসিলেন। নকীব স্তুতিবাদ করিল।—ব.প্র ৪৯৬।

নকুল[১] পুং [ন কুল যাহার, বহুব্রী, পা ৬.৩.৭৫] ১ যাহার যূথ নাই ; বেজি, নেউল। "নকুলো বেদ ভেষজীম্।—অথর্ব্ববেদ ৮.৭.২৩। ২ মাদ্রীসুত চতুর্থ পাণ্ডব। [ইনি অশ্বতত্ত্বে পরম পণ্ডিত ছিলেন। অজ্ঞাতবাসে বিরাটগৃহে ইনি গ্রন্থিক নাম ধারণ করিয়া অশ্ব-চিকিৎসকের পদ গ্রহণ করেন।] ৩ শিব। —**লী** স্ত্রী ১ নকুলস্ত্রীজাতি। "মহা ১৬.২.৯। ২ শিবপত্নী। ৩ কুঙ্কুম। ৪ শঙ্খিনী। ৫ জটামাংসী। [নকুলী(লে)শ (পুং)—ভৈরববিশেষ। "ভা.চ ৫৫।]

নকুল[২] '-ল্' বি [আ নুক্.ল্] চাট। "ঘটে ভাজা নকুল ব.প ৪৮১। আকুল হইল বড় নকুল লাগিয়া ভা.চ ৮৮,-৯।

নকুলী ; নকুলে দ্র 'নকুল[১]' ; 'নকল'।

নক্ত ক্লী [√নজ্+ত (ক্ত) ।—শ.ক ; 'নক্ত'—রাত্রি (ঋগ্বেদ ১.১৩.৭); cf., Gr. nux ; L. nox ; Ger. Nacht ; Sclav. nosti ; Kelt. innocht] ১ রাত্রি। "দিবা নক্ত ভ.গ্র ৬৬। °যোগে শি ৭৮। ২ নক্তব্রত। "অযাচিতাৎ পরং নক্তম্ (শ.ক)। [°চর (বি) —রাক্ষস। "°চরান্তক দা ১৫৯৫। °চারী (-রিন্) বিণ ১ 'রাত্রিচর', পেচক। ২ রাক্ষস। ৩ বিড়াল। ৪ ভূতাদি। ৫ তস্কর। ৬ রাত্রি-চরমাত্র। °ভোজন (বিণ)—রাত্রিভোজী। "পরাশর ৮.৪৪,-৫। (ক্লী)—রাত্রির খাদ্য। °ব্রত (ক্লী)—রাত্রিভোজনরূপ ব্রতবিশেষ। (ইহাতে হবিষ্য-ভোজন স্নান সত্যভাষণ আহারলাঘব হোম অধঃশয্যা বিহিত, দিবাভোজন নিষিদ্ধ।)]

নক্তক পুং [নক্ত+ক (কন্) সংজ্ঞার্থে] (রাত্রিসাদৃশ্যে) মলিন জীর্ণ বস্ত্র ; কর্পট, নেকড়া, ন্যাতা।

নক্তম্ ব্য রাত্রিতে। "গচ্ছন্তীনাম্...নক্তম্ পূ.মে ৩৭। কু.স ১.৩০। মাঘ ১.২১। [°চর '-ঞ্চর' (পুং)—১ 'রাত্রিচর', পেচক। ২ রাক্ষস। ৩ চোর। ৪ রাত্রিচরমাত্র। [°চর্য্যা (স্ত্রী)—রাত্রিতে বিচরণ। °চারী (-রিন্) বিণ—সর্থ 'নক্তঞ্চর'। °দিন (ক্লী)—রাত্রি ও দিন, অহো-রাত্র। °দিবম্ (ব্য) রাত্রিতে ও দিনে।]

নক্তমাল পুং [°ম্+ √অল্+অ (অণ্.)-ক] চিরবিল্ব। "রঘু ৫.৪২।

নক্তান্ধ বিণ রাত্র্যন্ধ, রাতকানা (সুশ্রুত)।

নক্র পুং [ন+ √ক্রম্+অ (ড)-ক ; ত.পু ; পা ৬.৩.৭৫] ১ কুম্ভীর। "গো.রা ৩.১৭.২৪। গূঢ়° রঘু ৭.৩০। পঞ্চ ৩.৪৪। ম ২৭১। যমচক্র-ধারী নক্র।—মে ১৮৯। (দারী) বক্র হলে নক্র একেবারে দা ৫৫। ২ গ্রাহ, মকর। "রঘু ১৬.৫৫। ৩ বৃশ্চিকরাশি। —**ক্র** (ক্লী) ১ (সাদৃশ্যে?) চৌকাঠের উপরের কাঠ ; অগ্রদারু, ঝনকাঠ। ২ নাসিকা, নাক। —**ক্রা** স্ত্রী নাসিকা। [°রাট্ (রাজ্.) °রাজ (পুং)—গ্রাহ, মকর।]

নক্ষত্র ক্লী [ন ক্ষত্র, সুপ্‌সুপা (পা ৬.৩.৭৫) ; √নক্ষ্. গতি+অত্রন্, উ ৩.১০৫ ; ছান্দস ; ফা অখ্.-তর্] ১ তারা। "নক্ষত্রাণামহং শশী গী ২০.২১। °ভূষণং চন্দ্রঃ (সু.র)। ২ অশ্বিনী-প্রভৃতি সপ্তবিংশতি তারকা। ৩ (সাদৃশ্যে) মুক্তা। ৪ সপ্তবিংশতি মুক্তার হার ; নক্ষত্রমালা। [°চক্র (ক্লী)—অশ্বিনী-প্রভৃতি নক্ষত্রমণ্ডল। °জীবী (-বিন্) পুং —গ্রহাচার্য্য, দৈবজ্ঞ। "বিষ্ণু ৮২.৭। °দর্শ (পুং)—'নক্ষত্রের দর্শক' ; জ্যোতির্ব্বিৎ ; গ্রহাচার্য্য। °নাথ, °প, °পতি, °রাজ (পুং)—'নক্ষত্রশ্রেষ্ঠ', চন্দ্র। "°নাথ রঘু ৬.৬৬। °পথ (পুং)—আকাশ। °পাঠক (পুং) —গ্রহাচার্য্য। "অত্রি ৩৭৮। °পুরুষ (পুং)—নক্ষত্রগণের পুরুষাকার ; পুরুষরূপে সজ্জিত সপ্তবিংশতি নক্ষত্র। °বর্ত্ম (-র্ত্মন্) ক্লী—নক্ষত্র-পথ, আকাশ। °বিদ্যা (স্ত্রী)—জ্যোতিঃশাস্ত্র। °বৃষ্টি (স্ত্রী) নক্ষত্র-পাত। °যোগ (পুং)—চন্দ্রের অশ্বিনী-প্রভৃতির সহিত যোগ। দ্র 'মহা ১৩.৬৪তম অধ্যায়। °লোক (পুং)—নক্ষত্রাধিষ্ঠিত লোক ; আকাশ।]

নক্ষত্রনেমি পুং [ষ.ত] ১ নক্ষত্রচক্রের নেমিতুল্য ; বিষ্ণু। ২ চন্দ্র। ৩ ধ্রুব। —**নেমি** স্ত্রী রেবতীনক্ষত্র।

নক্ষত্রমালা স্ত্রী [ষ.ত] ১ নক্ষত্রসমূহ। ২ নক্ষত্রের সংখ্যানুসারে সপ্তবিংশতি মুক্তার হার (অ.কো)। ৩ হস্তিকণ্ঠস্থ মালা।

নক্ষত্রশূল পুং [কর্ম্মধা] যাত্রায় নিষিদ্ধ পূর্ব্বাদি দিকে শূলতুল্য মৃত্যুজনক শ্রবণাদি নক্ষত্রভেদ। [পূর্ব্বে শ্রবণা জ্যেষ্ঠা, দক্ষিণে পূর্ব্বভাদ্রপদ অশ্বিনী, পশ্চিমে পুষ্যা রোহিণী, উত্তরে হস্তা উত্তরফাল্গুনী, নক্ষত্রশূল।]

নক্ষত্রামৃতযোগ পুং [উ.লো] বারভেদে তিথিনক্ষত্রযোগজন্য অমৃতযোগ, অর্থাৎ পাপযোগাদি অশুভযোগনাশক যোগ।

নক্ষত্রেশ পুং [ষ.ত] নক্ষত্রের পতি ; চন্দ্র। "সা.দ ২$\frac{১}{১}\frac{৪}{৪}$।

নখ পুং ক্লী [ন খ (ইন্দ্রিয়) যাহার, বহুব্রী, পা ৬.৩.৭৫ ; ছান্দস ; ফা নাখু.ন্) ১ 'ইন্দ্রিয়হীন', নখর। "°প্রভা রঘু ২.৩১। পদনখ-চন্দ্রগণ চৈ.চ ২২০। নখে নখ বাজায়ে নারদ মুনি হাসে ভা.চ ৭৯ ; শি ৭৭। ২ নখীনামক গন্ধদ্রব্য। ৩ (নখসংখ্যানুসারে) বিংশতি (২০) সংখ্যা। —**খ** পুং খণ্ড। [°কাটা (বি)—নরুন। °খাদী (-দিন্) বিণ —নখখাদিতা (যে দাঁতে নখ কাটে) ; যে যজ্ঞশেষ মাংস নখে ছিন্ন করিয়া খায় (নীলকণ্ঠ)। "মহা ১২.১৯৩.১৩। মনু ৪.৭১। °দারণ, °নিকৃন্তন (ক্লী)—নখখণ্ডন ; নখচ্ছেদনাস্ত্র, নরুন। "°ন।—ছান্দোগ্য ৬.১.৬। °পদ (ক্লী)—নখক্ষত। "রঘু ১৯.৩৫। পূ.মে ৩৫। র ১৭৬। °বিষ (পুং)—নরাদি। °ব্রণ (পুং)—নখক্ষত। °লেখা (স্ত্রী) —নখক্ষত ; নখ দ্বারা লেখন। °শস্ত্র (ক্লী)—নখচ্ছেদক ; নরুন। "সুশ্রুত ১.৮.৩। °শূল (বি)—নখের কুনি-পাকা রোগ।]

নখউধা বিং [অপ্র] নখামুধা, নখাস্ত্রা। "°ধা নারসিংহী চ.বি ৩২২।

নখত, -তর, -তা বি [সং নক্ষত্র > প্রা ণক্‌খত্ত > বা নখত, -তা, বা নক্ষত্তর > °তর ; বৈষ্ণবসাহিত্যে] নক্ষত্র। "ভকত-নখত-বৃন্দ গো ২৮ ; নখতর চাঁদ ২২৫। ভকত-নখতর মাঝ জ.প ৬। মাস নখতা তিথিযুতা।—খনা।

নখদর্পণ বি ১ নখই দর্পণ, অর্থাৎ দর্পণতুল্য প্রতিবিম্বিত অভীষ্ট বিষয়ের দর্শক। [ইহা আভিচারিক ক্রিয়াবিশেষ। ইহার গুণিন, কোন বিষয়ের জিজ্ঞাসুর নখে তেল মাখাইয়া তাহাতে জিজ্ঞাসিত বিষয় মন্ত্রবলে সুস্পষ্ট প্রতিবিম্বিত করিয়া পুঙ্খানুপুঙ্খরূপে দেখায়।] ২ (সাদৃশ্য) কোন বিষয়ের ঘটনাবলীর পুঙ্খানুপুঙ্খরূপে প্রদর্শনার্থ ব্যবস্থা। "(ভারতের) সর্ব্বশক্তি এক কেন্দ্রে হইত কেন্দ্রিত, …সমগ্র ভারত, করিয়া একই নখদর্পণে স্থাপিত ন ৯৩৩। ৩ সবিশেষ অবগত বিষয়। "কলিকাতার রাস্তা সকল আমার নখদর্পণ ছিল ব.প্র ১৯৮। যার একটা বিদ্যা জানা আছে তার সব কটাই আপনা-আপনি নখদর্পণ হয়ে পড়ে।—অ.গ্র ৭। [°ণে রাখা—(গৌণার্থে) সবিশেষ জানা। "নির্জ্জনে, একেলা বসি, আমি গো কেমনে, বিশ্বের সংবাদ রাখি নখের দর্পণে অ.শু ১২।]

নখম্পচ বিণ [নখ+ √পচ্+অ (খশ্)-ক, ম্ (মুম্) ; উ.ত ; স্ত্রী -চা] 'নখতাপক', ঈষদুষ্ণ। "°চা যবাগূঃ (সি)। মাঘ ৯.৮৫।

নখর বিণ [নখ+ √রা+অ (ক) -ক; বৈদিক] নখাকৃতি-কণ্টক(?)-যুক্ত। "নখরপ্রাসযোধিনঃ মহা ৬.১৮.১৭।—খর পুং, স্ত্রী [নখ+র স্বার্থে (অ.টী)] নখ। [নখরাঙ্কুর (পুং)—তীক্ষ্ণনখাঘাত। "এবা রাধাবক্ষোরুহে নখরাঙ্কুরানর্পয়তি বি মা ৭৫৮।]

নখরঞ্জনী স্ত্রী [ষ.ত] 'নখরঞ্জয়িত্রী', নাপিতাস্ত্র, নরুন। "অনন্ত-চরণোপান্তচারিণী মলহারিণী। পুনর্ভবচ্ছেদকরী গঙ্গেব নখরঞ্জনী। —উদ্ভট। চ.দা ৩২। গো ১৬৩।

নখরদর্পণ বি ১ সর্থ 'নখদর্পণ (১)। ২ (সাদৃশ্যে) বিষয়মাত্রের সুস্পষ্টবোধজনক বিশদ বিবৃতি। "(এই কৃষ্ণবর্ণ জাতি) জগতব্রহ্মাণ্ড নখরদর্পণে, খুলিয়া দেখাত মনুজসন্তানে।—হেম ২৫৪।

নখরায়ুধ পুং [বহুব্রী] ১ 'নখরাস্ত্র', সিংহ। ২ ব্যাঘ্র। ৩ কুক্কুট।

নখলেখক পুং [ষ.ত] জীবিকার্থ নখে শিল্পকারক।

নখাঘাত পুং [তৃ.ত] ১ নখ দ্বারা আঘাত। ২ সুরতে নর্ম্মার্থ নখাঘাত। ৩ যুদ্ধার্থ নখাঘাত।

নখানখি ব্য [কর্ম্মব্যতীহারে বহুব্রী, 'ই' (ইচ্), দীর্ঘ] পরস্পর নখে নখে প্রহারপূর্ব্বক প্রবৃত্ত যুদ্ধ। "যুদ্ধমাসীৎ °খি মহা ৮.৪৯.৭৩।

নখিল বিং [বৈষ্ণবসাহিত্যে] লক্ষিত। "ওরূপ °ল নয় প.র ৩৩,-৫।

নখী (-খিন্) বিণ [নখ+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -খিনী] মহানখযুক্ত (সিংহাদি)। —খী পুং ১ সিংহ। ২ ব্যাঘ্র। ৩ মহানখযুক্ত পশুমাত্র। "ব্যাঘ্রশ্চ নখিনাং বরাঃ।—হ ৭৩.৮। নখিনাঞ্চ (বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ) —চাণক্য।

নগ পুং [ন+ √গম্+অ (ড)-ক ; ত.পু ; পক্ষে 'অগ' ; ছান্দস] ১ অ-গামী, পর্ব্বত। "কু.স ১.১। নগারি-অঙ্গজ ম ৬২০। ২ বৃক্ষ। "ভিদ্যমানমিবাশক্তিস্ত্রাতুমস্তো নগো নগম্ (রা)। নগ নামে নাম যার। —ম ৬২০। °বাসী ম.পা ১৯। °শ্রেণী।—রঙ্গ ১৯৭। ৩ স্থাবর (শ.ক)। ৪ সূর্য্য (A.)। ৫ কুলপর্ব্বতের সংখ্যানুসারে 'সপ্ত' সংখ্যা। [°জ (বিণ)—পর্ব্বতজাত। "ভট্টি ১০.৯। °জ (পুং) হস্তী। °জা (স্ত্রী)—গিরিজা, পার্ব্বতী। °নদী (স্ত্রী)—গিরিনিঃসৃতা নদী। "পূ.মে ২৭ (পাঠান্তর)। °নন্দিনী (স্ত্রী)—পর্ব্বতসুতা, দুর্গা। "মে ৫৫। দু ৬১। °পতি (পুং)—১ গিরিরাজ ; হিমালয়। ২ ওষধি-পতি, চন্দ্র। °ভিৎ (-দ্) পুং—১ 'পর্ব্বতচ্ছেদী', ইন্দ্র। ২ 'পাষাণ-চ্ছেদক', টঙ্ক। °ভূ (বিণ)—গিরিজাত। °মূর্দ্ধা (-র্দ্ধন্) পুং —গিরিশিরঃ, শিখর। °রন্ধ্রকর (পুং)—ক্রৌঞ্চদারণ, কার্ত্তিকেয়। "রঘু ৯.২। °রাজ (বি)—হিমালয়। "মে ৩১৮।]

নগণ্য বিং গণনার অযোগ্য ; হেয় ; তুচ্ছ, অবজ্ঞেয়।

নগদ বি [আ নক্‌দ্] মজুত টাকা (ready money)। [নগদ বিক্রী—মূল্যগ্রহণপূর্ব্বক বিক্রয়। নগদ মূল্য—ক্রয়কালে দেয় মূল্য (cash price)। নগদা খরিদদার—যে নগদ পয়সায় কেনে, ধারে কেনে না। নগদা মুটে—নগদ পয়সার মুটে। "মৃণালিনী।—তুমি ইহার কি ? গিরিজায়া।—নগদা মুটে।—ব.গ্র ১১৭।]

নগদান বি [হি নক্‌দী] নগদ টাকার খাজনা (ফসলের অংশ নহে)। বিপ 'ফসলী, ভাওলী'।

নগদী বি [নগদ+ঈ[১], হি, ঠ °দী] ১ যে ভৃত্য খোরাকী-সমেত নগদ টাকা বেতন লয় ; পশ্চিমা চাকর। "নগদী রোহিণীকে লইয়া গেল ব.গ্র ২৭৭। ২ নগদ বেতনের পদাতিক। "সাজে নগদী হাজার শ্রী.মা ১৮৭।

নগন বিং [নগ্ন > °ন ; পদ্যে] উলঙ্গ। "যোগিনী নগন দু ৮৮।

নগর স্ত্রী [নগ+র অস্ত্যর্থে, বাহুলকে ; বৈদিক] 'পর্ব্বততুল্য-প্রাসাদ-বান্', পুর, পত্তন।—গরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীষ্)] পুরী, নগর। [°কীর্ত্তন (স্ত্রী)—নগরে পরিভ্রমণপূর্ব্বক হরিনামকীর্ত্তন। °পাল ; °রক্ষী (-ক্ষিন্) (পুং)—নগররক্ষক, কোট্টপাল। "°রক্ষী—কথা ৩৬। °মর্দ্দী (-র্দ্দিন্) পুং—মত্তহস্তী। °মার্গ (পুং)—রাজপথ।]

নগরাধিকৃত, -ধিপ, -ধিপতি, -ধ্যক্ষ পুং [ষ.ত] নগরের অধিকারিভেদ ; নগররক্ষার্থ রাজপুরুষ ; নগররক্ষক। "°প ক.সা ৫.৪৯ ; °তি ১০.১৭০। °ক্ষ হ ১৪৭.৫।

নগরি(রী)য়া বিং [°র+ইয়া[২], ঈয়া ; সং °রীয় ; °রিআ (গো.চ)] নগরবাসী। "নগরিয়া লোক চৈ.চ ৬৪ ; ভ.গ্র ৩৪৭। নগরীয়া লোক ব.প ৭০৭ ; ন.প ৩১৬। নগরিয়া বেশ্যা বি.পা ৩৫২। —য়া বি নগরবাসী জন। "°রিয়া ক.চ ৮৭। °রিয়াগণ ব.প ৩২০।

নগরীয় বিণ [°র+ঈয় (ছ)] নগরস্থিত, নগরবাসী (লোক)।

নগরোপকণ্ঠ পুং, স্ত্রী, -রোপান্ত পুং [ষ.ত] নগরসমীপ, পুরসান্নিধ্য। "°কণ্ঠে রঘু ৫.৬১।

নগাঙ্গী বি হিমালয়ের অঙ্গভূতা ; পার্ব্বতী। "ক.চ ২৭১।

নগাধিপ, -ধিপতি, -ধিরাজ পুং [ষ.ত] ১ পর্ব্বতের শ্রেষ্ঠ ; গিরিরাজ ; হিমালয়। "°রাজ কু.স ১.১। °পতি শি ১৫। ২ সুমেরু।

নগাপগা স্ত্রী [উ.লো] গিরিনিঃসৃত নদী। "মাঘ ২.১০০।

নগারি পুং [ষ.ত] পর্ব্বতের শত্রু ; ইন্দ্র। "°অঙ্গজ ম ৬২০।

নগুণ বি সূতার নয় তারে প্রস্তুত পৈতা। "সোনার নগুণ মোরে গড়ি দিতে পৈতা গো.বি ৪৯ ; ৫১।

নগে [লগে > °গে ; পূর্ব্ববঙ্গে] লগ্নভাবে, সঙ্গে। "অসংখ্য বিদ্যুত যেন এক নগে ছুটে ব.প ১৩২৯।

নগেন্দ্র পুং [নগ ইন্দ্রতুল্য, উপ. স] পর্ব্বতশ্রেষ্ঠ, হিমালয়। "°সক্তা রঘু ২.২৮। [°কুমারী, °নন্দিনী, °জা (বি)—হিমালয়কন্যা, পার্ব্বতী। "°নী ম ৪২৫। °রী, °জা ম.পা ২। °গুপ্ত (বিণ) —হিমালয়রক্ষিত। "কু.স ৭.৫০।]

নগোত্তম বি নগশ্রেষ্ঠ, কৈলাস। "ম.পা ৩ ; ২১।

নগ্‌গি বি [লঘ্বী > লগ্‌ঘী > °গ্‌গি ; অপ্র] লঘ্বী ক্রিয়া ; মূত্রত্যাগ। "নগ্‌গি করে দিল হনু সব মুক্ত পাত্রে শ্রী.মা ১২৩।

নগ্ন বিণ [√নজ্ ব্রীড়া+ত (ক্ত)-ক ; 'নগ্ন'—বিবসন (ঋগ্বেদ ১০.৬১. ৯ ; ৮.৭৯.২) ; cf., Gr. nochd ; L. nudus ; Ger. nockt ; R. nagoi ; A.S. nacod ; Swedish—naken ; E. naked]

১ বিবসন, বিবস্ত্র। "নগ্নক্ষপণকে দেশে রজকঃ কিং করিষ্যতি। —চাণক্য। অ° ভ ১.৪.৫। ম.পা ১৯। ২ উপস্থাচ্ছাদনবাসরহিত। "ন নগ্নঃ স্নানমাচরেৎ।—মনু ৪.৪৫ ; ৭৫। ৩ যাহার কুল বেদশাস্ত্র-শ্রুতহীন। 'যেষাং কুলে ন বেদোঽস্তি ন শাস্ত্রং নৈব চ শ্রুতম্। তে নগ্নাঃ কীর্ত্তিতাঃ…॥ ৪ অকৃষ্ট, মরু (দেশ)। —গ্ন পুং ১ ক্ষপণক, দিগম্বর, জৈন। "°রক্তপটাদি ভ ৪.১৯.২৫। ২ বৌদ্ধসন্ন্যাসী (A.)। ৩ বিবস্ত্রসন্ন্যাসিভেদ, নাগা। ৪ শিব। ৫ বন্দী, স্তুতিপাঠক। "নৈ ১৯.২১। —গ্না স্ত্রী ১ বিবস্ত্রা নারী ; নগ্নিকা। ২ বিবস্ত্রা থাকার যোগ্যা বালিকা ; অনুদ্ভিন্নকুচা কন্যা ; গৌরী। "পঞ্চ ৩.২০৪। ৩ নির্লজ্জা নারী। ৪ (বাঙলায়) সহজসৌন্দর্য্যময়ী। "(কে তুমি) নধর নগনা লতা সা.ম ৪। [°কান্তি (বিং)—নগ্না বা ভূষাহীন অবস্থায় কান্তি-যুতা ; সহজসুন্দরী। "নগ্নকান্তি…তুমি অনিন্দিতা চ.কা ২০১। °জিৎ (পুং)—কৌশল্যরাজবিশেষ। 'ভ ১০.৫৮.৩২। °মুষিত (বিণ) —হৃতধনাদি অতএব নগ্নতাপ্রাপ্ত। "°মুষিতপ্রখ্য ভট্টি ৫.৮৪। °সৌন্দর্য্য (বি) সহজশ্রী। "নগন-সৌন্দর্য্যময়ি অ.গু ৯৬।]

নগ্নক বিণ [নগ্ন+ক (কন্) স্বার্থে ; স্ত্রী -গ্নিকা] ১ নগ্ন, বিবস্ত্র। "পঞ্চ ৪.৬১। —ক পুং সর্থ 'নগ্ন' (পুং)। —গ্নিকা স্ত্রী ১ অজাতস্ত্রী-ব্যঞ্জনা, একবাসা। "ত্রিংশদ্বর্ষো দশবর্ষাং ভার্য্যাং বিন্দেত নগ্নিকাম্ মহা ১৩.৪৪.১৪। ২ সর্থ 'নগ্না'। "পঞ্চ ৪.৫৯ ; ৬০।

নগ্নত্ব ক্লী [নগ্ন+ত্ব] নগ্নভাব, বিবস্ত্রতা। "হি ২৮ (কথারম্ভ)।

নগ্না দ্র 'নগ্ন'।

ন(নো)ঙর, -ঙ্গর, -ঙ্গোর বি [ফা লন্‌গর্ ; হি লংগর ; ঠ নাংগর ; ড় লঙ্গল.] জাহাজ নৌকা ইত্যাদি বাঁধার লাঙ্গলের মত লোহার অঙ্কুশবিশেষ (anchor)। [নোঙর করা, ফেলা—নোঙর ফেলিয়া নৌকাদি বাঁধা। নোঙ(ঙ্গো)র-করা—নোঙরে বাঁধা। নোঙ্গোর-করা …নৌকা হু ১৭৩। নোঙর-ছেঁড়া—নোঙর-কাটা। "নোঙর-ছেঁড়া ভাঙা তরী।—গান ১২৭। নোঙর তোলা—নোঙর উঠাইয়া নৌকা ছাড়া।]

নঙ্গ[1] পুং [সং নগ্ন >প্রা ণগ্‌গ, *ণংগ >বা নঙ্গ, নাঙ ; হি নংগ ; অর্ব্বাচীন সংস্কৃত] উপপতি।

নঙ্গ[2] বি [লবঙ্গ >লঙ্গ >°ঙ্গ] লবঙ্গতুল্য স্বর্ণালঙ্কার। "দা ১৬৩৩।

নচিকেতাঃ (-তস্) পুং ১ বাজশ্রবার পুত্র ঋষিবিশেষ (কঠো-পনিষৎ)। [মহাভারতে উদ্দালকপুত্র নচিকেতার বিবরণ দ্রষ্টব্য (মহা ১৩.৭১তম অধ্যায়)।] ২ অগ্নি।

নচেৎ অব্য [সং ন চেৎ] যদি তাহা না হয় ; না হইলে ; অসম্ভবপক্ষে। "নচেৎ রাজস্ব দেহ শ্রী.মা ২৪।

নচ্ছার বিং [নর+ছার >নর্চ্ছার >°র] নরাধম। "স্বামী তোমার বড়ই নচ্ছার ম.ম ৭১। নচ্ছার যত ব.সু ১৬।

নছ(স)ব্ বি [আ নসব্] দৃঢ়ভাবে স্থাপন ; পোতা। "জমি বাঁশ নসব্ দ্বারা দখল লওয়া।

নছি(সী)ব বি [আ নসীব্] ভাগ্য, কপাল। "নছিবেতে ফলে ধন গো.চ ১৮৪। [নছিব বিরোধ—দুর্ভাগ্য (গো.চ)।]

নজদিক, -গ বি [ফা নজ্‌.দীক্ (বিং)] নিকট, সমীপ, কাছ। "পাজীর নজদিগে নাহি যাই।—দা ২১২৬। দশ আদমির °দিগে আ.হু ৯২ ; তেনাদের নজদিগে এস্তে মোর ডর লাগে ১৩১।

নজর বি [আ নজ.র্] ১ দৃষ্টি, দর্শনশক্তি। "কোথায় চলিয়া গেছে না চলে নজর সা ম ৬১। ২ চোখ। "ধম্মিরাজা নজরে দেখিল গো.চ ৬৫ ; ৩৭৮। নজরে নজরে হই হারা ব.প ১৩৬১। ৩ দৃষ্টিপাত, দেখা। "নজরের পাপ কারণ সংসার ব্যাকুল গো.চ ৪৩৮,-৬১। ৪ সুবিশেষ দৃষ্টিপাত। "দাসী গিয়া চাহে বুড়া করিয়া নজর গো.চ ৩৫৮। (রমা) [illegible] দিকটা একেবারে নজর করিয়া দেখে নাই।—ব.গ্র ৪৭৮। ৫ কৃপা-দৃষ্টি। "মনিবের নজরে পড়া। ৬ অপকারক দৃষ্টি। "ডাইনের নজর। ৭ তত্ত্বাবধান, দেখা-শুনা। ৮ লক্ষ্য। ৯ মনের উদার বা অনুদার ভাব ; মনোবৃত্তি। "ক্ষুদ্র লোকের ক্ষুদ্র নজর।—দা ২০৫৯। ১০ [আ নজ্‌.র্] উপঢৌকন, ভেট। "°ফেরেঙ্গের এলচি ইহা নজর দিয়াছে ব.খি ৩৪৫। [নজর করা—দেখা। "E.P. 65. নজর দেওয়া—কুদৃষ্টি দেওয়া ; দ্র 'নজর' (৬)। নজর ধরা—দৃষ্টিহ্রাস হওয়া। নজর লাগা—কুদৃষ্টিতে পতিত হওয়া। নজরে আসা, পড়া—দৃষ্টিগোচর হওয়া। নজরে ধরা, লাগা—চক্ষুর প্রীতিজনক বা পছন্দসই হওয়া। নজরে পড়া—কৃপা-দৃষ্টিতে পড়া।]

নজরবন্দী, -ন্দী বি [আ নজ.র্+ফা বন্‌দী] অবরোধ, আটক। "সেনকে নজরবন্ধী রাখ সাবধানে ব.প ৪৬২।

নজরানা বি [ফা নজ্‌.রানা ; হি °না] রাজা জমিদার ইত্যাদির সাক্ষাৎকারে দেয় সেলামী ; উপঢৌকন, ভেট। "নজরানা ব'লে বার লক্ষ টাকা চায় ভা.চ ২০।

নজিমা বিং [আ লাজি.ম্] আবশ্যক, প্রয়োজনীয়, দরকারী।

নজি(জী)র বি [আ নজ.ীর্] ১ দৃষ্টান্ত, প্রমাণ। ২ আদালতে পূর্ব্বে বিচারে নির্দ্ধারিত বিষয় (precedent)।

নঞ্ ব্য ১ সর্থ 'অ°'। ২ স্বরূপ (ত.বা)।

নঞণ, -ঞাণ, -ঞান বি [সং নয়ন >প্রা ণযণ >বা °ণ (য> অ>ঞ) ; নয়ান> °ন ; অপ্র] নয়ন। "নঞাণে বহে লোহ চ.বি ১৬ ; °ন ১৮৩,-৪ ; ২২৭,-৩৪ ; এ তিন নঞণী ২৭২। কমল-নঞান ব.প ৫৬০ ; কুরঙ্গনঞানী ৫৬৫,-৬ ; ৮০৮।

নট্ অক [ভ্বা, প—নটতি ; সেট্] ১ নর্ত্তন। ২ (সক) হিংসা। —ট্ অক [চু. প—নাটয়তি ; সেট্] ১ অধঃপতন ; ভ্রংশ ; স্পন্দন (ক.ক)। ২ দীপ্তি। ৩ (সক) অভিনয়, অনুকরণ। "শরসন্ধানং নাটয়তি শ $১\frac{৯}{১০}$।

নট[1] পুং [√নট্+অ (অচ্)-ক ; স্ত্রী -টী] ১ সূত্রধার। "নটনর্ত্তক রা ১.১৩.৭। ২ নর্ত্তক, নটুয়া। 'ন নটা ন বিটা ন গায়কাঃ। —ভর্ত্তৃহরি। নাচত গৌর নিখিলনট-পণ্ডিত ন.প ২৫৭। নাচয়ে নট ভা.চ ৫৫১। ৩ নবরসাভিনয়চতুর। "নটনর্ত্তকগন্ধর্ব্ব ভ ১.১১.২১। ৪ অভিনেতা। "কুর্ব্বন্নয়ং প্রহসনস্য নটঃ কৃতোঽসি।—ভর্ত্তৃহরি (A.)। ৫ ব্রাত্য ক্ষত্রিয় হইতে ক্ষত্রিয়ার গর্ভজাত জাতিবিশেষ। 'মনু ১০.২২। ৬ [√নম্+অট (ডট)-ক, উ ৪.১০৪] অশোক। ৭ শোণ্যাক-বৃক্ষ। ৮ নড়, নল-তৃণ। —টী স্ত্রী ১ নট-স্ত্রী। ২ নটজাতি-স্ত্রী। ৩ সূত্রধারের সহকারিণী অভিনেত্রী। ৪ বেশ্যা। "কথা ৩১। ৫ নলী-নামক গন্ধদ্রব্য। [°চর্য্যা (স্ত্রী)—নটকার্য্য, অভিনয়। "ভ ১.৩.৩৭। °ভূপ (বি)—নটরাজ, শ্রেষ্ঠনর্ত্তক। "°নাচত গৌরচন্দ্র নটভূপ। —ন.প ১৯৭। °ভূষণ, °মণ্ডন (পুং)—'নটের ভূষয়িতা' ; হরিতাল। °নারায়ণ (পুং)—রাগবিশেষ। °বর (পুং)—১ সূত্রধার। ২ নট-শ্রেষ্ঠ। "°বপুঃ (শ.ক)। °মেল (বি)—নর্ত্তকসমাজ। "নটের প্রশংসা যেন নটমেলে শ্রী.ম ৫৫। °রঙ্গ (পুং)—নটের অভিনয়স্থান ; রঙ্গভূমি। °রাজ (বি)—সর্থ 'নটভূপ'। "ব.প ৮১৫। গোরা নটরাজ ন.প ৩১০। চৈ.ম ১০৩। °সংজ্ঞক (পুং)—নট।]

নট[2], **-ঠ** বিং [সং নষ্ট >লি নট্‌ঠ, প্রা ণট্‌ঠ >বা নঠ,-ট ; তু 'হি √নঠ] ১ নষ্ট, নাশপ্রাপ্ত। "ছয় ডিঙ্গা হবে নট ক.চ ৩২। ২ অপহৃত। "নট হৈল যেই (তাহা আর পাবা কই) শ্রী.মা ৬৮। ৩ বিকৃত, টক। "দধি দুধ ঘরে নঠ হএ।—শ্রী.কী ৩১ ; ৪১। ৪ বিধ্বস্ত, তছরূপ। "অক নঠ করে যেহ উদাওঁ সাঙে শ্রী.কী ১৪২। ৫ ছিন্ন। "নঠ না করিহ সব অলঙ্কারে শ্রী.কী ১৩৩। ৬ দুষ্ট। "তেজহ হেন নঠ বুধী শ্রী.কী ১১৩। নঠশীল ভা.চ ৩৯১। ৭ নষ্ট, হীন। "মর্য্যাদা হইবে নট

রা.স ৩৪। নঠ হৈল ফুল অভিমান।—ব ১৫৫। ৮ অপবিত্র। "মোর ব্রত ভঙ্গ করি, নট কৈলি মোর গারী ক.চ ১৯৩। ৯ নষ্ট, বিফল, বৃথা। "তারে করি ক্রোধ,…যৌবন করিলে নঠ শি ১০১। ১০ বিপন্ন। "(বিদেশী) ছেড়ে দিলে আমি হব নট ভা.চ ২৬৮। ১১ অসিদ্ধ, ব্যর্থ। "সব কর্ম্ম হবে নট ভা.চ ৩১০। ১২ বিদলিত। "না করিহ নঠ, কনককমলফুল।—ম ৪৭৯। (মুকুল) নট না কর না কর ভা.চ ৩৩২।

নট[৩] অর্ম্ম [সং √নট্ > প্রা √ণট্ট > বা °ট ; হি, ঠ √নট] নৃত্য করা। "রঙ্গিণীগণ…নটই বি.প ৯৯ ; নটতি কলাবতী ১০০। [নটকায় —নৃত্য করিতেছে ; ঝুলিতেছে। "জাদ লম্বিত, বেণিফণি ভুজ, বেঢ়ি কটি নটকায় জ.প ১৮।]

নটক পুং [নট+ক (কন্) স্বার্থে] ১ নট, নর্ত্তক। "অত্রি ২৮২। কৃ.উ ২১৩। ২ [বাঙলায় ; অপ্র] দোষ। "লঘু নটক পাইলে কাটে তার মাথা।—শ্রী.কী ৭১। ৩ দুষ্ট, লম্পট। "নটক কাহ্নাঞি শ্রী.কী ৮০ ; ৯৬। —টকী বিং দুষ্টা, দুর্বিনীতা। "নটকী গোয়ালী শ্রী.কী ৩১৮। [°মেলক (ক্লী)—হাস্যরসপ্রধান দৃশ্যকাব্যভেদ। 'সা.দ ৬.২৬৭।]

নটচাঁদ, -চান্দ বি [দ্র 'নট[২]] নষ্টচন্দ্র। "ভাদরে দেখিনু নটচাঁদে চ.দা ৮২। হেরিনু কিয়ে নটচান্দ।—ব ১১৭।

নটন ক্লী [√নট্+অন (ল্যুট্)-ভা] ১ নর্ত্তন, নৃত্য। "মধুর নটন বি.সা ৩৬৬। গৌর° ন.প ১৮৭ ; °ঘটন পগ ১৯৩ ; °পণ্ডিতবর ২৮১ ; °পটু ৩৪২। °বিভোর।—গো ২৭ ; নটন-হিলোলে, লোল মণি কুণ্ডল ৭৩। °বিহার জ্ঞা ৪৭। চৈ ৪০। ব ৩৭। হেম ৩৩৭। ২ আঙ্গিক বা বাচিক অভিনয়। —টনী বি নর্ত্তকী। "°সমাজ রা.শে ১১৪। [°শূর—নর্ত্তনশূর, শ্রেষ্ঠ নর্ত্তক। "জ্ঞা ১২১।]

নটপটি বি [লটপট > °টি] শিথিল। "নটপটি পাগ ন.প ৩২৪।

নটিনী বি [নট+ইনী ; হি °ন, °নী ; ঠ °নী ; মৈ °ন, °নিআ] ১ নটি, নর্ত্তকী। "নটিনী জিনিয়া ঠাট শ্রী.ম ৯৯। নটিনী (গান আরম্ভ করিল) ভ.গ্র ৩১৫। জ্ঞা ১২১। (তটিনী) নেচে চলে যেন নটিনী।—কথা ৪৯। ২ বেশ্যা। "শ্রী.মা ৯২.৩। ব.প ৫০৯।

নটিয়া, -টে, নৈটে বি [সং লুণ্টক ; লতা > নটা > °য়া, -টে, নৈটে] লতানিয়া বর্ষার শাকবিশেষ (Amarantu)। "আমার কথাটি ফুরাল। নটে গাছটি মুড়াল॥ নৈটা শাকে ফুলবড়ি ক.চ ১৫৭।

নটেশ্বর পুং [ষ.ত] 'নটশ্রেষ্ঠ', নটরাজ, শিব।

নঠ দ্র 'নট[২]।

নঠী বিং দুষ্টা, মুখরা। "নঠী বড়রাধা দেখিলেঁ প্রাণ হরে শ্রী.কী ৩৯৬।

নড়্ অক [চু, প—নাড়য়তি ; সেট্ ; তু '√নট্'] ভ্রংশ।

নড়[১] পুং, ক্লী [√নল্+অ (অচ্)-ক, ল্ > ড়্ (অ.টী) ; তু 'নট[১] > প্রা ণড] নলতৃণ। "পা ৪.২.৮৮। —ড় পুং জাতিবিশেষ (A.)। [ইহারা সীসার চুড়ি প্রস্তুত করে] —ড়ক ক্লী অংসদ্বয়ের মধ্যস্থ নলাকার অস্থি। [°প্রায় (বিণ)—নলবহুল (দেশ)। °বন (ক্লী) —নলবন। °সংহতি (স্ত্রী)—নলসমূহ।]

নড়[২] বি [নড়[৩] > °ড় ; অপ্র] ১ দৌড়। "উঝটে মরয়ে যে পলায় দেয় নড় চ.বি ১৬৭। ২ [নট > প্রা ণড ; অপ্র] নর্ত্তক। "চলে তের শত নড় ম.ম ১৭৩।

নড়[৩] অক [সং √নড্ ; ঠ √নড ; তা '√নড' (H.B. 248).] ১ সরিয়া যাওয়া ; চলিয়া যাওয়া। "রামের ইঙ্গিত পাইয়া বানরেরা নড়ে কৃ ৩৭৭। ২ প্রস্থান করা ; যাওয়া। "নটক নর্ত্তক নড়িল কৃ.উ ২১৩। ঠাট কটক নড়ে কৃ ২৬৯,-৭২। যমঘরে সেই নড়ে ক.চ ৫৫। চ বি ১২। ব.প ৫২০। ৩ ধাবিত হওয়া ; দৌড়ান। "হাহাকার করি, পথাপথ ছাড়ি, ব্রজযুস্মী সব নড়ে ব.প ১১২২। ৪ যাত্রা করা। "সদাগর পাছে নড়ে, হাঁচি জোঠী বাধা পড়ে ক.চ ২০৪। ৫ স্পন্দিত হওয়া ; নড়া, কাঁপা। "পবনে দশন নড়ে ক.চ ২২১। মুঞি বিনে সেই দেহ পুড়িলে না নড়ে চৈ.ভা ২৬০। বায়ে নড়ে দাঁত ভা.চ ৫৯ ; ৮১। ৬ অন্যথা বা মিথ্যা হওয়া। "কথা নাহি নড়ে শ্রী ১১। সে এই, হেন বুঝি কথনো না নড়ে চৈ.ভা ৯২। এ কথা না নড়ে ভা.চ ৩২৪। ৭ নাশ পাওয়া ; লয় পাওয়া। "আকাশ নড়ে জমিন নড়ে নড়ে পবন পানি গো.চ ৭৭, -৮। ৮ ত্বরান্বিত হওয়া ; তাড়াতাড়ি করা। "সাজ সাজ ডাক ছাড়ে, রাহুত মাহুত নড়ে ক.চ ৯৪। ৯ লড়াই করা ; স্পর্দ্ধা করা। "ক্ষুদ্র হইয়া নড় বেটা আমার বরাবর গো.চ ২২৪। —ড়া[২] সর্ম্ম [নড়+আ[৮] ; মৈ √নড়ার্] স্থানচ্যুত করা ; স্পন্দিত করা ; নড়ান, সরান। "হাত খান নড়াইতে না পাইল গো.চ ২২৪। [নড়ন, নড়া[৩]—সর্থ 'নড়[২]। নড়ান—'সর্থ 'নড়া[৩]।]

নড়ক দ্র 'নড়[১]।

নড়চড় বি [নড়[৩] > নড় ; চল > চড়] নড়া ও চলা ; অন্যথাভাব, ব্যতিক্রম। "কথা দিলে কি আর নড়চড় আছে?—ব.প্র ২০১। ঘটকের কথার নড়চড় নেই অ গ্র ৭৫।

নড়ন দ্র 'নড়[৩]। [°চড়ন—নড়ন-চলন, নড়াচড়া।]

নড়নড় বি [নড়[৩] > নড়, দ্বিত্ব ; ভাবাত্মক] অত্যন্ত নড়ার ভাব ; অতিশিথিলভাব। "(কাষ্ঠাসন) বসিলেই পরে, নড়নড় করে স্ব.প্র ৯৯। —ন'ড়ে বিং শিথিল, ঢিলা।

নড়বড় বি [লড়বড় > °ড় ; ভাবাত্মক] শিথিলবন্ধভাব, সঞ্চলনভাব। "রাবণের দশ মাথা করে নড়বড় কৃ ১৮৬। চাম করে নড়বড়ে চৈ.চ ৩৪৫। —ব(বো)ড়ে বিণ শিথিলবন্ধন, জীর্ণ। "নড়বোড়ে পাতার কুটীরে ব.সু ৯।

নড়া[১], **-লা** বি [সং নলক > প্রা *ণলঅ > বা নলা, -ড়া ; তু 'ণুলা' —শাখা (দেশী ৪.৪৩)] নলের মত কনুই পর্য্যন্ত হাতের লম্বা হাড় বা উপরিভাগ।

নড়া[২], **নড়া**[৩], দ্র 'নড়[৩]।

নড়াচড়া বি ১ নড়া ও চলা ; সর্থ 'নড়ন-চড়ন'। "যেমন শুয়ো পড়া, নড়াচড়া হইল ক্ষান্ত স্ব.প্র ৩৯। ২ স্রোতোবেগে গতি। "(গঙ্গা কন) আমার সর্ব্বাঙ্গে ঘিরেছে চড়া, সাধ্য নাই আর নড়াচড়া।—দা ১৭।

নড়ি, -ড়ী বি [সং 'নড়'—নল (?) ; (মুণ্ডারি) নাড়ি—a plant] ১ লাঠি, ছড়ি। "নড়ী ভর করি বুড়ী উঠি দিল রড় কৃ ২৪৪। নড়ি ব.প ১১০৯। হাতে নড়ী শ্রী ৮। নড়ী হাতে চৈ ৭৯। ২ [?] মজুর (?)। "ডাকিয়া আনিল যত নগরের নড়ি ক.চ ১৮৩।

নড়েভোলা বিং [নেলাভোলা > °লা] অকর্ম্মণ্য-কাণ্ডজ্ঞানহীন ; নগণ্য-হাবাগোবা। "কত বেটা টেপা-গোঁজা—নড়েভোলা…কারবারের হেপায় আগুল হইয়া গেল আ.চু ১৪০।

নড়্বল বিণ [নড়+বল (ড্বলচ্)] নড়প্রায়, বহুনড়যুত (স্থান, দেশ)। "রঘু ১৮.৫।

নত[১] বিণ [√নম্+ত (ক্ত)-ক] ১ নম্রীভূত, নমনযুত। ২ অনুন্নত, চেপটা। "°নাসিক। ৩ কুটিল, বক্র। "°ভ্রূ। ৪ [+ত-র্ম্ম] নমস্কৃত, প্রণত। —ত পুং জন্মনাড়িকাবিশেষ (শ.ক)। —ত ক্লী [+ত-ভা] নমন, নতি। "পা ৫.২.৩১। [°নাড়িকা, °নাড়ী (স্ত্রী)—মধ্যাহ্নের পূর্ব্ব ও মধ্যরাত্রের পর জন্মকাল। °নাসিক (বিণ)—অবনাট, খাঁদা। °ভ্রূ (স্ত্রী)—কুটিলভ্রূ নারী। °শিরা (বিং)—নতমস্তকা। "মা ৩৫৫। নতাঙ্গী (স্ত্রী)—নারী।]

নত[২], **-থ** '-ত্, -থ্' বি [সং নাথ ; হি, ঠ, গু নথ] স্ত্রীলোকের বলয়াকার নাকের গহনা। "মুকুতাশোভিত নথে চ.দা ১৯। এবার ‥ জগন্নাথকে নত দিয়ে আসবো।—লী ৩৯। [°নাড়া—নথপরা মুখ নাড়িয়া গর্ব্বের কথা বলা। "খাটতো মজুর কাটতো নাড়া, তার মেগের যে নথ-নাড়া।—ম্বা ৪৯৬। নথ-নাড়া দিয়া দেখা—নথ-পরা মুখ

নাড়িয়া কথা বলিয়া স্বামীকে ভুলাইবার চেষ্টা করা। "গিন্নী মনে মনে করিলেন—আর একবার নথ-নাড়া দিয়া দেখিব ব.প্র ৩৪৫।]

নতবান্, -মান বিং [তু 'বলবান্, কম্পমান'; অপ্র] অবনত। "নতবান্ রায় শ্রী ২০; গেল সবে হ'য়ে নতমান ২৭; নতমান ৪৪।

ন(না)তা বি [সং জ্ঞাতি > লি নাতি > বা (নাত) না(ন)তা; হি নাত, -তা; ঠ নাতে] ১ জ্ঞাতিসম্বন্ধ, সম্বন্ধ। "তোমা সনে নাতা কি তার।—ভ.প্র ২৩১। ২ ছল, ছুতা। "(কৃষ্ণ যথা) বসন হরিল গোপিকার করি নতা ৪৫৪।

নতি স্ত্রী [√নম্+তি (ক্তিন্)-ভা] ১ নম্রভাব, নমন। "শিরো° (S.W.)। শিরাংসি নতিমাযযুঃ ক.সা ৯.১৮। নতি রতি…কেবল পতির প্রতি ভা.চ ৬৬৭। ২ নমস্কার, প্রণতি। "নতি করে বহুত শ্রী.মা ১৩। চৈ.চ ১২২। ন.প ৭৭। শি ৪। ৩ সাষ্টাঙ্গ প্রণাম। "নতি করে…লোটায় অবনি শ্রী.মা ১৯৭। [ত্রিকোণ ষট্‌কোণ অর্দ্ধচন্দ্র প্রদক্ষিণ দণ্ড অষ্টাঙ্গ উগ্র—এই সপ্ত নতিলক্ষণ (কালীপুরাণ)।]

নতিমান্ (-মৎ) বিং নতিযুক্ত, নত, পতিত। "অষ্টাঙ্গ লোটায়ে বিশাই হৈল নতিমান্ ক.চ ৩২; ১২৭।

নতু অব্য [নতুবা > নতু; হি নতু; অপ্র] না হইলে; নচেৎ। "নতু আমি গরল ভক্ষিব বা.ম ৩১; নতু জাতিনাশ হত ৫৪।

নতুন বিং [সং নূতন; হি নৌতন > নোতন > নোতুন > °ন (?); অস নোতুন] ১ নব, অচিরপ্রবৃত্ত। "নতুন-যৌবনা ম.পা ১৩২। ২ সদ্যঃকৃত, টাটকা। "নতুন নবনি ছানা রা.শে ২৩।

নতুবা অব্য [সং 'ন তু বা'] সর্থ 'নতু'। "নতুবা সবংশে তারে শ্রীরাম লক্ষ্মণ। খণ্ড খণ্ড করিবেন রাখে কোন জন॥—কৃ ২৪৭।

নতোন্নত বিণ [কর্ম্মধা] নিম্নোচ্চ, বন্ধুর। "°ভূবিভাগ শ ৪.১৫।

নত্তা বি ['নব নত্তা' > নত্তা] শিশুর জন্মের নবম রাত্রিতে, অর্থাৎ নবমরাত্রির দিনে সূতিকাগার হইতে বহির্গমন ও গৃহমার্জ্জনাদি। "নত্তা কৈল নয় দিনে ক.চ ১১৩। নত্তা কৈল ন দিনে শ্রী.মা ১৩; ২২।

নথ দ্র 'নত২'।

নথ(থি)নী বি [নথ+ইনী; হি নথনী; ঠ নথ(থি)ণী] ছোট নথ। "নাসিকায় নথিনী রা.শে ৯৭।

নথি, -থী বি [হি নথী; ঠ নথ্‌থী] সূতায় গাঁথা কোন-এক বিষয়ের কাগজপত্র; তাড়া, ফাইল। "নথির গোছা।—হেম ৩৮৭।

নদ্ অক [ভ্বা, প—নদতি; সেট্] ১ অব্যক্তশব্দ, নাদ। "নদতি ঘণ্টা। ২ [চু, প—নাদয়তি; সেট্] দীপ্তি। [উদ্, নি—উচ্চ নাদ।]

নদ পুং [√নদ্+অ (অচ্)-ক] ১ পর্ব্বতাদিজাত সাগরাদিমিলিত অকৃত্রিম জলপ্রবাহ; পুংবাচক সিন্ধুব্রহ্মপুত্রাদি। "নদং ন ভিন্নম্। —ঋগ্বেদ ১.৩২.৮। চিরস্থির কবে নীর, হায় রে জীবননদে!—মাইকেল। দামোদর নদ।—হেম ৪৫। ২ অম্বুপ্রবাহ, প্রবাহ। "সুবিনদৈর্নদৈঃ কি ৫.২৭। মাঘ ৪.৬৬। ৩ (বাঙলায়) অব্যক্তশব্দ, গুঞ্জন। "গুন-গুন-নদ, বহু ষট্‌পদ বা.দ ১। [°পতি, °রাজ (পুং)—সমুদ্র।]

নদথু পুং [নদ্+অথু (অথুচ্)-ভা] নাদ। "ছান্দোগ্য ৩.১৩.৮।

নদাল বিণ [তুং সং ললাট > প্রা ণডাল] ভাগ্যবান্।

নদি(দী)য়া, নদ্যা, নৈদা বি [সং নবদ্বীপ+প্রা *ণঅ+দীঅ +বা (নদীআ) °য়া; নদ্যা; নৈদা (বর্ণবিপর্য্যয়)] নবদ্বীপ। "নদিয়া চৈ.ম ১২১'। শ্রীনদীয়া ন.প ৭; নৈদা ৩৬৩। নদ্যা হৈল গোকুল শি ৪। [নদীয়াচান্দ—নবদ্বীপচন্দ্র গৌরচন্দ্র। "ন.প ১৫৮।]

নদারদ বিং দরদ-হীন; নিষ্ঠুর, সহানুভূতিহীন। "বি.সু ৯১।

নদী স্ত্রী [নদ+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ অষ্টসহস্রধনুঃপরিমিত স্ত্রীবাচক জলপ্রবাহ—গঙ্গাযমুনাদি। 'প্রাক্‌স্রোতসো নদ্যঃ প্রত্যক্‌স্রোতসো নদা নর্ম্মদাং বিনা মাঘ ৪.৬৬, মল্লিনাথ। "পরিধিং নদীনাম্। —ঋগ্বেদ ৩.৩৩.৩। ২ জলপ্রবাহমাত্র। [°কদম্ব (ক্লী)—নদীসমূহ। °কান্ত (পুং)—সমুদ্র। °কান্তা (স্ত্রী)—লতা। °তর (পুং)—নদী-সন্তরণ। "যাজ্ঞ ১.১৬৯। °তরস্থান (ক্লী)—নদীতরণস্থান, ঘট্ট, পারঘাট। °দোহ (পুং)—নদীতরণে দেয় কর; খেয়ার কড়ি। "পা ৬.৩.১০, সি। °নালা (বি)—নদী ও পয়োনালী। "শি ৭৬। °পুর (পুং)—নদী-জলোচ্ছ্বাস, নদীপ্লাবন। °বন্ধ (পুং)—নদীর ইষ্টকাদিবদ্ধ ঘট্ট (বাঁধান-ঘাট)। "পরাশর ৯.৩৯। °বেগ, °রয় (পুং)—নদী প্রবাহ, স্রোতঃ। "°বেগ শ ২২৫। °বঙ্ক (পুং)—নদীর বাঁক। °মুখ (ক্লী)—১ নদীপ্রবেশ-মার্গ। "রঘু ১৭.৫৪। ২ নদীপ্রভব। "ধাষ্ট্যৈঃ…নদীমুখৈঃ মহা ২.৫১.১১।

নদীজ বিণ [নদী+ √জন্+অ (ড)-ক; উ.ত] নদীজাত। —জ পুং ১ ভীষ্ম। ২ হিজ্জলবৃক্ষ। ৩ অর্জ্জুনবৃক্ষ। ৪ বিটমাক্ষিক (antimony)। —জ ক্লী ১ পদ্ম। ২ স্রোতোঞ্জন।

নদীমাতৃক বিণ [নদী মাতা যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] যে দেশের নদী মাতৃতুল্যা পালিকা; নদীজলসম্পন্নশস্যে পালিত (দেশ)।

নদীষ্ণ পুং [নদী+ √স্না+অ (ক)-ক, কৌশলার্থে ষত্ব; উ.ত] ১ নদীস্নানে কুশল; নদ্যবগাহনে পটু; ডুবুরি। "রঘু ১৬.৭৫। ২ নদী-তরণে কুশল। "ভট্টি ২.৪৩।

নদ্ধ বিণ [নহ্+ত (ক্ত)-র্ম] ১ বদ্ধ। "খর্জ্জূরীস্কন্ধনদ্ধানাম্ (করিণাম্) রঘু ৪.৫৭। ২ খচিত, সমাবৃত। "মহাগদাং কাঞ্চনপট্টনদ্ধাম্ মহা ৩. ১৫৪.১৭। ৩ ধৃত, পরিহিত। —দ্ধ ক্লী [+ত-ভা] বন্ধন। —দ্ধ্রী স্ত্রী [+ত্র (ষ্ট্রন্)-ণ+স্ত্রী ঈ (ঙীপ্)] 'বন্ধনসাধন', চর্ম্মরজ্জু।

নধর বিং [নবধর > °র?] ১ নব, অচিরজাত, শ্যামল-কান্ত। "নধর …লতা সা.ম ৪; নধর মন্দার ২১; নধর নিকুঞ্জ-রাজি ৪৮। নধর লতা।—কু.কে ৬৮; নধর ঘাসের অঙ্ক ৬৯। ২ কমনীয়, কান্ত, লাবণ্যময়। "নধর শরীর সা.ম ১৯। নধর দেহ প.কা ১৭। শিশুর নধর-অধর অ.গু ৭১। নধর গড়ন ব.প্র ৩৫৮। ৩ শ্যামকান্ত। "বাহন নধর, নব-জলধর স্ব.প্র ১২৮। ৪ নবীন, তরুণ। "কামিজ-আঁটা নধর বাবু।—হেম ৩৭৮। ৫ সদ্যঃপ্রস্ফুটিত, অম্লান। "(নীলোৎপল) নিখুঁৎ-নধর কু.কে ৬।

ননৎকার বি [হুঙ্কার > নৎকার > °র; অপ্র] অতিশয় অবজ্ঞা। "নাচিতে নাচিতে নাট্যা ননৎকারে চায় শ্রী.মা ৬৫।

ননদ বি [সং ননন্দা (-ন্দৃ) > প্রা ণণংদা; হি ননংদ, -নদ; ঠ নণংদ, -ণদ] স্বামীর ভগিনী; ঠাকুর-ঝি। "ভ.প্র ২১৯। —দিনী, -দী বি [°দ+ইনী, ঈ°; হি °দী; মৈ °দি, -দী, নংদী] ননদ। "ননদিনী চ.দা ৫২; জ্ঞা ৮; ৯১। ননদী ক.চ ৬৯; দা ১৮৭; বা.দ ১৮২। ননদী নাগিনী ভা.চ ২৭৭। ননদিনী…শূর্পণখা মে ১২১। [ননদখেমি—ননদ, ভ্রাতৃবধূর দোষ-অপরাধ ক্ষমা করিবেন, এই উদ্দেশ্যে ননদকে ভ্রাতৃবধূর দেয় অর্থাদি। "ব.প ২৭২।]

ননদিয়া বি [হি ননদোঈ (°দ-পতি?)] নন্দাই। "ম.ম ১৮৬।

ননন্দ বি [দ্র 'ননদ'] ননদ। "শাশুড়ী ননন্দ ক.চ ৬৪।

নন(না)ন্দা (-ন্দৃ) স্ত্রী [ন+ √নন্দ্+ঋ (ঋন্)-ক-১ব, উ ২.৯৭, দীর্ঘ, পৃষো] যে ভ্রাতৃজায়ায় আনন্দিত হয় না; পতিস্বসা, ননদ। "ননান্দরি সম্রাজ্ঞী ভব।—ঋগ্বেদ ১০.৮৫.৪৬। উ.চ ১২১৩। ননন্দা ভ.প্র ৪৩৯। [°ন্দৃপতি (পুং)—ননদের স্বামী; নন্দাই।]

ননভঙ বিং [অপ্র] লণ্ডভণ্ড। "গো.চ ২৯০।

ন-নর বিং যে মালার নয়টা নর; নবনরীক। "ন-নর মতির মালা। —সুরধুনীকাব্য ৪৬। —নরী বি নবনরীক মালা। "(শর্ব্বরী) গৌরবে পরে তারার ন-নরী প.ভূ ৭১।

ননী বি [সং নবনীত > প্রা ণবণীঅ (প্রা.ম), ণঅণীঅ (বি.মা ৭.১৯) বা

ননী ; হি নৱনী, লুনী ; ঠ লোণী ; প নৌণী] মাখন, তাজা মাখন। "ব.প ১১০৮। ওর মাখন খেয়েছি—ওর ননী খেয়েছি—ও গোরু আমার হলো না ?—ব.প্র ৬৪৯। [°চোর, -রা—ননীর চোর ; শ্রীকৃষ্ণ। "°চোর ভ.গ্র ৩০২। °চোরা শ্রী ৬৩ ; ব.প ১১০৮। মা হইয়া বলে ননীচোরা ব ৪৩।]

নন্বু ব্য ১ প্রশ্ন। "নন্বয়ং যোগী (অ.কো)। ২ অবধারণ ; নিয়ম। "উপপন্নং নন্বু শিবম্ রঘু ১.৬০। ৩ অনুজ্ঞা। "নন্বু সন্দিশ মাঘ ৯.৬১। ৪ অনুনয়, প্রসাদন। "নন্বু কোপং মুঞ্চ (অ.কো)। ৫ আমন্ত্রণ, সম্বোধন। "নন্বুং মাং প্রাপয় পত্যুরন্তিকম্ কু.স ৪.৩২। ৬ বিনিগ্রহ। ৭ পরকৃতি। ৮ আক্ষেপ। ৯ অধিকার। ১০ সম্ভ্রম। ১১ বাক্যারম্ভ। ১২ প্রত্যুক্তি। ১৩ বিরোধোক্তি। ১৪ উৎপ্রেক্ষালঙ্কারব্যঞ্জক। ১৫ অনুপ্রশ্ন।

নন্দ্ অক [ভ্বা, প—নন্দতি ; সেট্] আনন্দ। "রঘু ৩.২৩। [অভি—অভিনন্দন। আ—আনন্দ। প্রতি—সংবর্দ্ধন।]

নন্দ পুং [√নন্দ্+অ (অচ্)-ক] ১ বিষ্ণু। ২ নরপতিবিশেষ। [ইঁহার পিতা মহানন্দি, জননী শূদ্রা। ইঁহার নয় পুত্র শত বর্ষ রাজত্ব করেন এবং অবশেষে নন্দবংশ কৌটিল্য (চাণক্য) কর্ত্তৃক উন্মূলিত হয়। ইহার পরে মৌর্য্য চন্দ্রগুপ্ত রাজ্যে অভিষিক্ত হন (ভ ১২.১.৪১-২)। ৩ গোপবিশেষ। "°গোপ মহা ৪.৬.২। °নিদেশ গী.গো ১.১। [ইনি পূর্ব্বজন্মে দ্রোণনামক বসু ছিলেন। ধরা ইহার ভার্য্যা ছিলেন। ব্রহ্মার আদেশে দ্রোণ ব্রজে নন্দনামে এবং ধরা যশোদানামে জন্মগ্রহণ করেন। একান্ত ভক্তি ও ব্রহ্মবাক্য হেতু ভগবান্ বাল্যলীলায় ইঁহাদিগকে প্রীত করেন (ভ ১০.৮.৪৮-৫২। হ ৫৫তম অধ্যায়)। ৪ ভেক। ৫ [+অ (ঘঞ্)-ণ] একাদশাঙ্গুল বেণুবিশেষ। ৬ কুবেরের নিধিবিশেষ। ৭ (নন্দগণের সংখ্যানুসারে) নব (৯) সংখ্যা। "বি.মা, গ্রন্থসমাপ্তি, ২। ৮ মৃদঙ্গবিশেষ। "মহা ৭.২৩.৮৫। ৯ [+অ-ভা] আনন্দ, হর্ষ। "তাহে তরঙ্গ উঠে সঘন আনন্দ নন্দ রে।—রবীন্দ্র। [°দুলাল, °বালা—শ্রীকৃষ্ণ। "°ল ব.প ৭৯১ ; °লা ৮১৩। °নন্দন (বি)—শ্রীকৃষ্ণ। "ভা.চ ১৬০। °নন্দিনী, °পুত্রী (স্ত্রী)—দুর্গা। তু 'নন্দগোপকুলে জাতাম্ (দুর্গাম্) মহা ৪.৬.২। °মহোৎসব (বি)—কৃষ্ণজন্ম হেতু নন্দকৃত মহোৎসব ; নন্দোৎসব। "চৈ.চ ১৬৫।]

নন্দক বিণ [√নন্দি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -ন্দিকা] ১ নন্দয়িতা, হর্ষজনক। "দেবতাস্তব° মহা ১৩.১৬৫.৩৬। মাঘ ৩.১৯। ২ কুলপালক। —ন্দক পুং ১ বিষ্ণুখড়্গ। ২ খড়্গমাত্র। ৩ ভেক। ৪ [নন্দ +ক (কন্) স্বার্থে] নন্দগোপ। —কী (-কিন্) পুং বিষ্ণু।

নন্দকী (-কিন্) দ্র 'নন্দক'।

নন্দথু পুং [√নন্দ্+অথু (অথুচ্)-ভা] আনন্দ। "ভট্টি ৫.২০।

নন্দন বিণ [√নন্দি+অন (ল্যু)-ক ; স্ত্রী -না] আনন্দয়িতা, হর্ষক। "মনোনয়ন° মহা ৩.১০৮.১, ১৪৬.৫। শক্র° হি ১.৭৬ ; অরি° ২.৭। কুলনন্দনা (পঞ্চ)। ব্রজকুল° চ.দা ৭। হৈমবতীহৃদয়° ক.চ ১। গগন মগন নন্দন-আলোক-উল্লাসে। —রবীন্দ্র। —ন্দন পুং ১ পুত্র। "রাজর্ষি° গো.রা ২.১২০.১৬। রঘু ৩.৪১। নন্দ° ভা.চ ১৬০। ২ অপত্য, পৌত্রাদি। "কুরু° গী ২.৪১। রঘু° ভট্টি ২.৪২। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ ভেক। ৬ বৎসরবিশেষ (বৃহৎসংহিতা ৮.৩৮)। ৭ পর্ব্বতভেদ (হ)। —ন্দন ক্লী ১ ইন্দ্রের উদ্যান। "কু.স ২.৪১। সন্তোষো নন্দনং বনম্ (উদ্ভট)। সন্তোষ নন্দনবন ব.প ১৩৭৫। ২ [+অন (ল্যুট্)-ভা] প্রীণন, তোষণ। —ন্দনা স্ত্রী কন্যা। [°কানন (বি)—নন্দনবন। "মে ৩৫। °জ (ক্লী) —'নন্দনজাত', হরিচন্দন। °বাড়ী, °বন (বি)—আম্রাদিবৃক্ষের উদ্যান। "ম.ম ৬৬,-৭।]

নন্দা স্ত্রী [√নন্দি+অ (অচ্) -ক+স্ত্রী আ (টাপ্)] ১ 'নন্দয়িত্রী', গৌরী। ২ ননান্দা, ননদ। ৩ উভয় পক্ষের প্রতিপৎ ষষ্ঠী ও একাদশী তিথি। "মিলালে আনি রিক্তা মাঝে নন্দা।—কু.কে ১৪১। ৪ মৃৎপাত্র, অলিঞ্জর, নাদা। ৫ সম্পদ্। ৬ [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] আনন্দ, হর্ষ, সমৃদ্ধি।

ন(নো)ন্দাই বি [ননন্দা—নন্দা+আই৩ ; সং ননান্দপতি ; হি নংদোঈ, ননদোঈ] ননদের স্বামী। "নোন্দায়ের কোলে স.এ ১৭।

নন্দি পুং [√নন্দ্+ই (ইন্)-ক, উ ৪.১১৭] ১ বিষ্ণু। ২ শিব। ৩ শিবানুচরভেদ। ৪ (নাট্যে) নান্দীপাঠক, সূত্রধার। —ন্দি পুং স্ত্রী [+ই-ভা] আনন্দ, হর্ষ। "°বর্দ্ধন গো.রা ২.৪৩.৭। ভূয়সী নন্দিঃ মহা ৫.১৩৫.২০। সুহৃদাং নন্দিবর্দ্ধনঃ ভ ৪.১৬.১৮। —ন্দি পুং, ক্লী ১ দ্যূতাঙ্গবিশেষ। ২ দ্যূত। —ন্দী২ স্ত্রী [নন্দি+স্ত্রী ঈ (ঙীপ্)] দুর্গা। [°কর, °বিবর্দ্ধন (বিণ)—আনন্দজনক, হর্ষবর্দ্ধন (S.W.)।]

নন্দিক পুং [নন্দি+ক (কন্) স্বার্থে] ১ শিবানুচর। ২ আনন্দ। ৩ ইন্দ্রক্রীড়াস্থান। ৪ সর্থ 'নন্দা (৪)। —ন্দিকা স্ত্রী [নন্দা+ক+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'নন্দা' (৩ ; ৪)। [নন্দিকেশ্বর পুং—১ শিব। ২ শিবানুচর। ৩ উপ-পুরাণভেদ।]

নন্দিগ্রাম পুং [কর্ম্মধা] গ্রামবিশেষ। "°গত রঘু ১২.১৮। [রামচন্দ্রের বনবাসকালে ভরত এইস্থানে সিংহাসনে রামপাদুকা রাখিয়া রাজ্যপালন করেন (মহা ৩.২৭৬.৩৯)।] —গ্রামী বি রাঢ়ীয় সাবর্ণগোত্র বিশ্বরূপের সন্তানগণ। "ব.প ৩১৫।

নন্দিঘোষ বিণ [বহুব্রী] যাহার ঘোষ আনন্দজনক ; হর্ষজনকধ্বনিযুক্ত। "রথৈঃ…নন্দিঘোষৈঃ।—মহা ১৩.১০৭.৮৪। —ঘোষ পুং ১ অর্জ্জুনরথ। ২ [উ.লো] আনন্দজনক ধ্বনি।

নন্দিত বিং আনন্দিত। "মনে মহানন্দিত ন.প ৯৩। (মম চিত) নন্দিত কর নন্দিত কর হে।—রবীন্দ্র।

নন্দিনী স্ত্রী [√নন্দি+ইন্ (ণিনি)-ক+স্ত্রী (ঙীপ্)] 'আনন্দয়িত্রী', কন্যা। ২ উমা। ৩ ননান্দা। ৪ গঙ্গা। "পৃথিবীতে নন্দিনী। —গ ১৩৫,-৯০। ৫ সুরভিকন্যা বসিষ্ঠধেনু। "মহা ১.১৭৫.১৫। রঘু ১.৮২। ম ১৭০। ৬ তুলসী। ৭ ত্রয়োদশাক্ষর-পাদক বর্ণবৃত্তভেদ। [°তনয়, °সুত (পুং)—কোষকারক ব্যাধি।]

নন্দিবর্দ্ধন বিণ [ষ.ত] আনন্দবর্দ্ধক। দ্র 'নন্দি' পুং, স্ত্রী। —বর্দ্ধন পুং ১ পুত্র। কৌশল্যা° (মহানাটক)। ২ মিত্র। ৩ পক্ষান্ত—পূর্ণিমা, অমাবস্যা। ৪ শিব।

নন্দী১ (ন্দিন্) বিণ [√নন্দ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -ন্দিনী] ১ হর্ষযুক্ত। "বিজয়° গো.রা ৬.৯৮.১৮। যুদ্ধ° মহা ৬.১.১৫। ২ [√নন্দি+ইন্-ক-১ব] আনন্দয়িতা। "উ.চ ৩.১৪। —ন্দী পুং ১ শিব। ২ শিবদ্বারপাল। "লতাগৃহদ্বারগতোঽথ নন্দী কু.স ৩.৪১। ৩ শিবগণবিশেষ। ৪ বিষ্ণু। ৫ বটবৃক্ষ। ৬ গর্দ্দভাণ্ডবৃক্ষ। ৭ (নাট্যে) নান্দীপাঠক সূত্রধার (অ.চি)। ৮ (বাঙ্লায়) হিন্দুর উপাধিবিশেষ।

নন্দী২ দ্র 'নন্দি১'।

নন্দীশ, -শ্বর পুং [ষ.ত] ১ শিব। ২ [কর্ম্মধা] নন্দী।

নন্দীসরঃ (-রস্) ক্লী ইন্দ্রসরোবর।

নপুংসক পুং, ক্লী [ন স্ত্রী ন পুমান্ ইতি, ত.পু ; স্ত্রীপুংস >পুংসক, নিপাতিত, পা ৬.৩.৭৫] ১ ক্লীব। "পঞ্চ ১.৩৫০। নপুংসক মন তবু সুখে করে ক্রীড়া বি.সু ৩৫। ২ শণ্ঠ, খোজা। "নপুংসক লোক রাজা আনে ডাক দিয়া ম.ম ১৩০। ৩ কাপুরুষ, ভীরু। "নপুংসক হয়্যা তুমি আইলে পলাইয়া শ্রী.মা ২৩৬। —পুংসক ক্লী ১ ক্লীবলিঙ্গ। "(রূপভেদেন) স্ত্রীপুংনপুংসকং জ্ঞেয়ম্ (অ.কো)। ২ ক্লীবলিঙ্গ পদ। "অর্দ্ধং নপুংসকম্ পা ২.২.২।

নপুর বি [অপ্র] নূপুর "পদেত নপুর দিল গো.বি ৭৮। গ ১১১।

নপ্তা (-প্তৃ) পুং [ন+ √পত্+তৃ (তৃন্)-ণ,-১ব, নিপাতিত, উ ২.৯৪ ; তু 'নপাৎ'—পুত্র (ঋগ্বেদ ১.৫৮.৮)] ১ পৌত্র, নাতি।

"মাঘ ১৬.৩৮। ২ দৌহিত্র। ৩ প্রপৌত্র। "ব্যাসং বসিষ্ঠনপ্তারং শক্তেঃ পৌত্রম্ (বন্দে)। —প্তৃী স্ত্রী পৌত্রী; দৌহিত্রী।

নক্কর বি [আ °র্] ভৃত্য। "কৃ ১০। শি ৮৪। E.P. 101.

নকলা বি ব্যঞ্জনের সহিত যুক্ত 'ন'। "ক্ন, গ্ন ইত্যাদি।

নব[১] বিণ [√নু+অ (অপ্)-র্ম; Av. nava; cf., Gr. neos; L. novus; A.S. niwe; E. new] ১ নূতন। "চমসং নবম্। —ঋগ্বেদ ১.২০.৬। রঘু ৪.১১। ২ তরুণ। "নবং বয়ঃ (পাঠান্তর) মহা ৪.১৪.৩৩; রঘু ২.৪৭; ভ ৩.২০.৩২; °বয়সী দা ৬৫। নবারুণ ব.ৰি ৯৯। ৩ অচির। "নবোঢ়া, °প্রসূতা। লতা…নবপ্ররূঢ়াঃ। —গো.রা ৫.১১.১৭। নবাবতারং…উৎপলম্ রঘু ৩.৩৬। ৪ নূতন, কলামাত্র। "শশিনং নবম্ রঘু ১.৮৩; নবোদয় ২.৭৩। ৫ অচিরজাত, কোমল। "তৃণম্…নবং নবম্ হি ১.১২৩। °পলাশপলাশবন মাঘ ৬.২। ৬ সদ্যঃসম্ভৃতসলিল, অতিনীল। "নবাম্বুদানীক রঘু ৩.৫৩। মাঘ ১.৪। ৭ অচিরপ্রবৃত্ত। "নবযৌবনাঢ্য ভা.চ ৫৬৭। ৮ সদ্যঃপক, তপ্ত। "নবান্নম্ (প্রাণকরম্)। —চাণক্য। ৯ অচিরবিকসিত, অম্লান। "নবকুরবক উ.মে ২। নবকঞ্জমালা ভ ৮.৮.২৪। নববন্ধুক জ.প ৭৭। ১০ অচিরাভিষিক্ত। "নবে তস্মিন্ মহীপালে রঘু ৪.১১। ১১ তৎকালনিঃসৃত। "উষ্ণং নবং প্রপাস্যামি…রুধিরম্ মহা ১.১৫২.১০। ১২ অনভিনীত। "নবেন নাটকেন শ ১২। ১৩ অনুপভুক্ত, অনাহত। "নবং বস্ত্রং নবং ছত্রম্ (সু র)। ১৪ আধুনিক। —ব পুং [+অ-ভা] ১ স্তব। ২ রক্তপুনর্নবা। [°গ্রহ (বিণ)—নূতনগৃহীত, নবধৃত। "নবগ্রহম্…দ্বিপম্ রা ২.৫৮.৩। °জ্বর (পুং)—তরুণজ্বর। °দীধিতি (পুং) —'উজ্জ্বলকর', মঙ্গলগ্রহ। °নীত (ক্লী)—'নবোদ্ধৃত', দুগ্ধসারভেদ, মাখন। "চারি বেদ 'দধি'—ভাগবত 'নবনীত'।—চৈ.ভা ৩১০। °প্রসূতা (বিণ)—অচিরকৃতপ্রসবা। "°তা বরটা।—নৈ ১.১৩৫। °প্রাশন (ক্লী)—নবান্নভোজন। °বধূ (স্ত্রী)—নূতন বধূ; নবোঢ়া। °বধ্বাগমন (ক্লী)—নববধূর পিতৃগৃহ হইতে ভর্তৃগৃহে গমন। "ব.প ১২৩১। °যজ্ঞ (পুং)—নবশস্যের যজ্ঞ; নবান্ননিমিত্ত যজ্ঞ। দ্র 'আগ্রয়ণ'। °সূতি, °সূতিকা (স্ত্রী)—১ অচিরপ্রসূতা নারী। ২ ধেনু। নবনারী —নবযুবতী। "ম.পা ১৬২।]

নব[২] (**-বন্**) স.বিণ [cf. L. Novem—nine] ১ নবসংখ্যক। "মার্কণ্ডাদিনবরূপা গৌরী ম.পা ৪৯। ২ (ক্লী?) সংখ্যাবিশেষ, নয় (৯)। "নবতিং নবাধিকাম্ রঘু ৩.৬৯। [°গ্রহ (পুং, বহুব)—সূর্য্য চন্দ্র মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি রাহু কেতু—এই নবগ্রহ। °ছিদ্র (ক্লী)—'নবদ্বার', শরীর। °দণ্ড, °দণ্ডক (ক্লী)—নবদণ্ডযুক্ত রাজছত্রবিশেষ। "মী ২৮। °দ্বার (বিণ)—চক্ষুঃকর্ণাদিনবচ্ছিদ্রযুক্ত, নবরন্ধ্র। "গী ৫.১৩। °দ্বার (ক্লী)—দেহ। °ভাগ (পুং)—নবমভাগ। °লক্ষণ (বিণ)—শ্রবণাদিনবলক্ষণান্বিত (ভক্তি)। দ্র 'ভ ৭.৫.২৩।]

নবউ, -বহু, -বৌ বি [ন[৫]+বউ, -হু, বৌ] চতুর্থ বধূ। "ন-বহু —ভা.চ ৫৪৫। ওদের নবউটা' (পাঠান্তর 'ন-বৌটা')।—হু ৯।

নবকুসুমিতা বিং প্রথম ঋতুমতী। "বিভা °তা বি.সু ৬৯।

নবখণ্ড বি ইন্দ্রদ্বীপাদি ভারতের নয় ভাগ। 'ইন্দ্রদ্বীপঃ কশেরুমাংস্তাম্রবর্ণো গভস্তিমান্। নাগদ্বীপঃ কটাহশ্চ সিংহলো বারুণস্তথা। অয়ন্ত নবমস্তেষাং দ্বীপঃ সাগরসংবৃতঃ।—গরুড়পুরাণ, পূর্ব্বখণ্ড, ৫৫তম অধ্যায়। বিষ্ণুপুরাণ ২.৩.৬-৭। "°বিনাশন।—কৃ ৩৪৫। ভ.প্র ১৬৬। চৈ.চ ৩০৭।

নবগুণ পুং [বহুব্রী; '°ন' (শূ ৯৩)] (নয়টি সূতার তারে কৃত) উপবীত, পৈতা। "°ধারিন্ দ্বি.মা ৪২১। °বর্ণ কৃ ২১৩,-৮৩। মনুষ্য-অস্ত্রের নবগুণ।—ম ১১৭০। ম.ম ১৬১; সোণার °গুণ ১৬৩। [নবগুণ তুলিয়া ধরা—অভিশাপ দেওয়ার নিমিত্ত পৈতা দেখান।" "নবগুণ তুলিয়া ধরে.…না দেয় খেয়ার কড়ি ক.ম ১১।]

নবঘননীল, -শ্যাম বি নবমেঘতুল্য শ্যামল। "°ম অঙ্গ শ্রী.মা ৮২। °নীলবাস চ.কা ৩৫৫। —শ্যাম বি শ্রীকৃষ্ণ। "শি ৭৫।

নবচত্বারিংশৎ স.বিং [উ.লো; পু.বা—°শ, °শত্তম (স্ত্রী -শী, মী)] নবাধিকচত্বারিংশৎসংখ্যক। —শৎ স্ত্রী উনপঞ্চাশ।

নবডঙ্ক, -ঙ্কা, -ঙ্গা বি [?] ১ শূন্য, সম্পূর্ণ অভাব। "তাতে (বিদ্যাতে) নবডঙ্ক, বক্কর পেটে আস্কফলাও নাই দা ৭২৪; লাভের বিষয় নবডঙ্ক ১৩৩। ক্রিয়াকাণ্ড নাই, প্রাপ্তির দফা নবডঙ্গা (টেকচাঁদ)। ২ ফাঁকি। "সে দিকে নবডঙ্কা! ছেলে টাকা শুদ্ধ সরেছে। জোচ্চোর বাপমার ছেলে কি সাধু হবে?—অ.গ্র ৮৯।

নবত[১] পুং [√নু+অতচ্ (ত.বা) হস্তিভূষণার্থ কম্বল; কুথ।

নবত[২], **নহবৎ, নৌবত** '-ত্' বি [আ নউবত্; হি, ঠ নৌবত] ১ উৎসবসূচক বাদ্য। "খয়রাত করিল নহবত বসাইল ভ.প্র ২২২। ২ দেবমন্দিরে রাজপ্রাসাদে বা ধনীর তোরণে প্রহরে প্রহরে বাদনীয় বাদ্য। "নৌবত ঝাঁঝের বোল ভা.চ ২৬৬। যমুনা কল্লোলসাথে নহবৎ মিলায় না তান। —চ.কা ৪৬৫। ৩ [ঠ নৌবত] বড় নাগরা, ডঙ্কা। "নহবৎ ভা.চ ২৬; ধুধু ধুধুধু নৌবত বাজে ৪৬০। [নবৎখানা—নবতের ঘর। "ব.প ১৫১৭।]

নবতা স্ত্রী [নব+তা (তল্)] নবভাব, অক্লিষ্টতা। "ক্লেশঃ ফলেন হি পুনর্নবতাং বিধত্তে কু.স ৫.৮৬।

নবতি স.বিণ [নব দশৎ (দশক) পরিমাণ ইহার ইতি নব+তি নিপাতিত, পা ৫.১.৫৯; পু.বা—নবতিতম (স্ত্রী -নবতিতমী)] নবদশপরিমাণ, নবতিসংখ্যক। —তি স্ত্রী নবতি (৯০) সংখ্যা। নবতিং নবাধিকাম্ রঘু ৩.৬৯। —তিকা স্ত্রী [°তি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ নবতিসংখ্যা। ২ তুলিকা।

নবতিকা দ্র 'নবতি'।

নবত্রিংশৎ সং.বিং [উ.লো; পু.বা—°শ, °শত্তম (স্ত্রী -শী, -মী)] নবাধিকত্রিংশৎসংখ্যক। —শৎ স্ত্রী উনচল্লিশ (৩৯) সংখ্যা।

নবদণ্ড, দণ্ডক ক্লী [বহুব্রী নবদণ্ডযুক্ত রাজছত্রবিশেষ। "মী ২৮। ছত্র নবদণ্ড কৃ ৮৭। [রাজচ্ছত্র ত্রিবিধ—মনোহর, কনকদণ্ড ও নবদণ্ড (যুক্তিকল্পতরু)।] [নবদণ্ড ঝড়া (বি)—সূত্রগ্রথিত ধারারূপে লম্বমান নবসংখ্যক সোনার ফুলের পূজার সজ্জাবিশেষ। "মালীর দোকানে কেনে নবদণ্ড ঝড়া ম.ম ২৩৫।]

নবদশ (**-শন্**) স.বিণ [উ.লো] নবাধিক দশ; একোনবিংশতিসংখ্যক। —দশ পু.বা [°শন্+অ (ডট্); স্ত্রী -শী] নবদশের পূরণ; একোনবিংশতিতম। "সুন্দরকাণ্ডে…°দশঃ সর্গঃ (গো.রা)।

নবদুর্গা স্ত্রী [কর্ম্মধা] ১ কদলী দাড়িম্বী প্রভৃতি নবপত্রিকা। "পত্রিকে নবদুর্গা ত্বম্ (বৃহন্নন্দিকেশ্বরপুরাণ)। ২ কুমারিকা ত্রিমূর্ত্তি কল্যাণী রোহিণী কালী চণ্ডিকা শাম্ভবী দুর্গা ভদ্রা—এই নবনামিকা কন্যা (শ.ক); শৈলপুত্রী ব্রহ্মচারিণী ইত্যাদি দেবীনবক (ব্রহ্মবৈবর্ত্ত)। ৩ (বাঙলায়) পার্ব্বতী। "শি ১৯। ৪ দুর্গা, দুর্গাপ্রতিমা। "নবদুর্গে সুরার্চ্চিতে।—দু ২১। মেয়ে ত নয়, যেন নবদুর্গা।—লী ২১।

নবদ্বার বিণ [বহুব্রী] যাহাতে নব ছিদ্র; দুই চক্ষুঃ কর্ণ নাসিকা, মুখ পায়ু উপস্থ—এই নবচ্ছিদ্রযুক্ত। "নবদ্বারে পুরে শ্বেতাশ্বতর ৩.১৪। গী ৫.১৩। —দ্বার ক্লী [কর্ম্মধা] চক্ষুরাদি নব ছিদ্র। "মনো নবদ্বারনিষিদ্ধবৃত্তি কু.স ৩.৫০।

নবধা ব্য [নবন্+ধা (ধাচ্)] নবপ্রকারে, নয় ভাবে। "তুষ্টির্নবধা সাংখ্য ৪৯, তত্ত্বকৌমুদী। নবধা কুললক্ষণম্।

নবনত্তা, -র্ত্তা বি [নবনক > °ত্তা, -র্ত্তা] সর্ব 'নত্তা'। "নয় দিনে নবনত্তা ক চ ৪৫। নবম বাসরেতে করিল নবনর্ত্তা শ্রী.ম ২০।

নবনবতি স.বিণ [উ.লো; পু.বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -মী)] নবাধিকনবতিসংখ্যক। —তি স্ত্রী নবনবতি (৯৯) সংখ্যা

নবনিধি পুং [কর্ম্মধা] কুবেরের মহাপদ্মাদি নবরত্ন। 'মহাপদ্মশ্চ পদ্মশ্চ শঙ্খো মকরকচ্ছপৌ। মুকুন্দকুন্দনীলাশ্চ খর্ব্বশ্চ নিধয়ো নব॥ "নবনিধি ন.প ৮।

নবনী স্ত্রী [নব+ √নী+অ (ড)-র্ম্ম+স্ত্রী ঈ (ঙীষ্) দ্র ; 'ননী'] নবনীত। "নবনীনাম্ (ব্রহ্মবৈবর্ত্ত—শ.ক)। °চোরা ব.প ১১০৯। চৈ.ভা ৪৯৯। চৈ.ম ৯৬। ন.প ৮৮; নবনী জিতি তনু ১৫৫। ব ৪১। নবীননবনী-নিন্দিত করে চ.কা ২৬৪।

নবনীত দ্র 'নব১'।

নবপঞ্চাশৎ স.বিণ [উ.লো ; পূ.বা—°শ ; °শত্তম (স্ত্রী -মী,-মী)] নবাধিকপঞ্চাশৎসংখ্যক। —শৎ স্ত্রী উনষাট (৫৯) সংখ্যা।

নবপত্রিকা স্ত্রী, বহুব [কর্ম্মধা] কদলী দাড়িমীপ্রভৃতি নবসংখ্যক পত্রিকা ; কলাবউ। 'কদলী দাড়িমী ধান্যং হরিদ্রা মানকং কচুঃ। বিল্বাশোকৌ জয়ন্তী চ বিজ্ঞেয়া নবপত্রিকাঃ॥ "°প্রবেশ, °প্রবেশন। [কদলী-প্রভৃতির অধিষ্ঠাত্রী দেবতা ব্রহ্মাণী ইত্যাদি। দ্র 'বৃহন্নন্দিকেশ্বর-পুরাণ। হু ৩৯।]

নবপত্রী বি সর্থ 'নবপত্রিকা'। "হু ৩৯।

নবপ্রস্থান বি বৌদ্ধমতে হীনায়ন ও মহায়ন দুই প্রকার পন্থা। সে পন্থা-গমনের প্রস্থানস্বরূপ নয়টি সিদ্ধান্ত, যথা—(১) বিশ্ব অনাদি অতএব ঈশ্বরশূন্য ; (২) জগৎ অসত্য ; (৩) অহং তত্ত্ব ; (৪) জন্ম-জন্মান্তর ও পরলোক প্রকৃত ; (৫) বুদ্ধই তত্ত্বলাভের উপায় ; (৬) নির্ব্বাণই পরম তত্ত্ব ; (৭) বৌদ্ধদর্শনই দর্শন ; (৮) বেদ মানবরচিত ; (৯) দয়াদি সদ্ধর্ম্মাচরণই বৌদ্ধজীবন (শ্রীচরিতামৃত-ভাষ্য)। "চৈ.চ ১২৩।

নববিংশতি স.বিণ [উ.লো ; পূ.বা—°শ, °তিতম (স্ত্রী -মী, -মী); নববিংশ (মী ৪৫)] নবাধিকবিংশতিসংখ্যক। —তি স্ত্রী উনত্রিশ (২৯) সংখ্যা।

নবম পূ.বা [নবন্+ম (মট্) পূরণার্থে স্ত্রী -মী ; 'নমী' (কথ্যভাষা —নী ৮৮) ; নয়ম (মী ৪২)] নবসংখ্যার পূরণ ; আটের পরবর্ত্তী। "নবমী দশা গেলি।—বি.প ১৯৮। —ম পুং লগ্নাবধি নবম রাশি। —মী স্ত্রী চন্দ্রের নবমকলাক্রিয়োপলক্ষিত কাল ; তিথিবিশেষ।

নবমল্লিকা, -মালিকা স্ত্রী [মল্লিকা > মালিকা] ১ পুষ্পপ্রধান-বৃক্ষবিশেষ। "শ ১২৬। ২ নবমল্লিকাপুষ্প, বাসন্তী, নেয়ালি। "নব-মালিকাকুসুমপেলবা শ ১২৬।

নবযৌবন ক্লী [কর্ম্মধা] অভিনব যৌবন ; যৌবনপ্রারম্ভ। —যৌবনা স্ত্রী নবযৌবনবতী, নবযুবতী। —যৌবনী বি [সং °না] নবযুবতী। "নীমসম তিত নবযৌবনী ক.চ ১৩৭।

নবরঙ্গ বি [সং নারঙ্গ ; হি নররংগী] নারঙ্গ লেবু। "পহিল বদরী সম পুন নবরঙ্গ বি.প ৩২,-৩।

নবরত্ন ক্লী [উ.লো] ১ নবসংখ্যক রত্ন। 'মণিমাণিক্যবৈদূর্য্যগোমেদা বজ্রবিদ্রুমৌ। পদ্মরাগং মরকতং নীলঞ্চেতি যথাক্রমম্॥ ২ বিক্রমাদিত্যের সভাস্থ নব পণ্ডিতরত্ন। 'ধন্বন্তরিক্ষপণকামরসিংহশঙ্কুবেতালভট্টঘটকর্পর-কালিদাসাঃ। খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য॥ ৩ (বাঙলায়) নবচূড়াযুক্ত দেবমন্দির বা মঠ। "নবরত্ন মঠের কলসী বি.পা ২৪৯। রাসমণির নবরত্নের সামনে।—হু ১৭৬।

নবরস পুং [উ.লো] নবাবয়ব রস ; শৃঙ্গারাদি নবরস। "°রুচিরাং নির্ম্মিতিম্ কা.প্র ১.১।

নবরাত্র বিণ [নব রাত্রিতে নির্বৃত্ত ইতি (তদ্ধিতার্থ দ্বিগু, প্রত্যয়লোপ) —নবরাত্রি+সমাসান্ত 'অ' (অচ্)] নব রাত্রিতে বা নব দিনে নির্বৃত্ত (যাগাদি)। —রাত্র ক্লী নবরাত্রসাধ্যব্রত ; আশ্বিনের শুক্লপ্রতিপদাদি নবমীপর্য্যন্ত নবদিবসকর্ত্তব্য ব্রতভেদ।

নবল বিং [নব১+ল স্বার্থে ; হি. মৈ নবল] নব, নূতন। "নবল বসন্ত নবল মলয়ানিল বি.সা ৩৬৬।

নবশশী (-শিন্) পুং [কর্ম্মধা] নবোদিতচন্দ্রকলা। "°ভৃৎ পূ.মে ৪৩।

নবশস্যেষ্টি স্ত্রী [উ.লো] নবশস্যনিমিত্ত ইষ্টি (যজ্ঞভেদ) ; আগ্রয়ণ। "মনু ৪.২৬,-৭।

নবশাক, -খ বি সর্থ 'নবশায়ক'। "°ক বি.সু ৯০। °খ হু ১৬৭।

নবশায়ক পুং, বহুব [কর্ম্মধা] নববিধ শায়কতুল্য গোপাদি নব জাতি। 'গোপো মালী তথা তৈলী তন্ত্রী মোদক-বারুজী। কুলালঃ কর্ম্মকারশ্চ নাপিতো নবশায়কাঃ॥—পরাশরসংহিতা। দ্র 'নবশাখ' (সম্বন্ধনির্ণয়)।

নবশ্রাদ্ধ ক্লী [কর্ম্মধা] অশৌচান্তে কর্ত্তব্য শ্রাদ্ধ ; আদ্যশ্রাদ্ধ।

নবষষ্টি স.বিণ [উ.লো ; পূ.বা—°ষ্ট, °ষ্টিতম (স্ত্রী -ষ্টী, -মী)] নবাধিকষষ্টিসংখ্যক। —ষষ্টি স্ত্রী উনসত্তর (৬৯) সংখ্যা।

নবসপ্ততি স.বিণ [উ.লো ; পূ.বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -মী)] নবাধিকসপ্ততিসংখ্যক। —তি স্ত্রী উনআশী (৭৯) সংখ্যা।

নবস্ফুট বিং নূতন প্রস্ফুটিত, সদ্যঃস্ফুটিত। "তরুণীর সৌন্দর্য্য বাসন্তী মল্লিকার ন্যায় ; নবস্ফুট···পরিমলময় ব.প্র ৫২।

নবাৎ, -ত বি [ফা নবাত্] ১ চিনির নিরেট খাদ্যবিশেষ। "কিনিল নবাত ক.চ ১৫৬। নবাত শ্রী.ম ৭৪ ; চৈ.চ ১৫৮। নবাৎ।—দা ৯৭৭। ২ খেজুরগুড়ের গোল ছোট পাটালি (বীরভূম)।

নবান্ন ক্লী [কর্ম্মধা] ১ নূতন অন্ন ; নবতণ্ডুল। ২ অচিরপক্ব, তপ্ত। "নবান্নম্ (সদ্যঃপ্রাণকরম্)।—চাণক্য। ৩ পিত্রাদির উদ্দেশ্যে করণীয় নবান্ননিমিত্তক শ্রাদ্ধবিশেষ। দ্র 'আগ্রয়ণ'।

নবাব বি [অ নর্ব্রাব্] ১ বাদশাহের প্রতিনিধি দেশবিশেষের শাসন-কর্ত্তা। "নবাবের অনুমতি কালি হবে রণ।—ন ৫০৬। ২ ক্ষুদ্র মুসলমান রাজ্যের মালিকের উপাধি। "রামপুরের নবাব। ৩ (উপহাসে) নবাবের মত চাল-চলন-ওয়ালা বিলাসী। —বী বিং [°ব+ঈ৮] ১ নবাবের সম্বন্ধী। "নবাবী আমল।—হু ৩৫। ২ নবাবের মত বা যোগ্য (চাল)। —বী বি [হি নব্বাবী] ১ নবাবের পদ বা কার্য্য। ২ নবাবের মত হুকুম। ৩ নবাবের শাসনকাল। [নবাবজাদা—নবাবের ছেলে। "নবাবজাদার বেটা।—দা ২০৭০। বাক্য-নবাব—বচনবাগীশ, কথার ভটচাজ্জি। "একবার ওগো বাক্য-নবাব, চল দেখি কথা শুনে। —রবীন্দ্র।]

নবাশীতি স.বিণ [উ.লো ; পূ.বা—°ত, °তিতম (স্ত্রী -তী, -মী)] নবাশীতিসংখ্যক। —শীতি স্ত্রী উননব্বই (৮৯) সংখ্যা।

নবি, -বী বি [আ নবী] ভবিষ্যদ্বক্তা, ঈশ্বরের দূত, পয়গম্বর। "নবি ভা.চ ৭২৪ ; দা ২০৭২।

নবি(বী)সিন্দা বি [ফা নবীসন্দহ্] লেখক, দলিললেখক।

নবীন বিণ [নব১+ঈন (খ) স্বার্থে, পা ৫.৪.২৫, সি] ১ নব, নূতন। "নবীন উৎসাহে।—ন ৮৫১,-২। ২ আধুনিক। ৩ তরুণ। "নবীন ভাবুক।—রঙ্গ ৮২। °ন হৃদয়।—ন ৮৫২। ৪ সদ্যঃস্ফুটিত, অম্লান। "নবীন কুসুমরাশি।—ন ৮৫১। ৫ অচিরজাত, কোমল। "নবীন পল্লবে চুম্বি।—ন ৮৫১। ৬ নবোদিত, বাল। "নবীন রবি ন ৮৫১। ৭ নব, নির্ম্মল। "কালিন্দী-নীলনবীনজীবনে।—ন ৮৫১। [নবীনভুড়কি —একপ্রকার খেলা। "জা ৩৩।]

নবীভাব পুং [নব+অভূততদ্ভাবে চ্বি (০)+ √ভূ+অ (ঘঞ্)-ভা ; গতিসমাস] পুনর্ব্বার নূতনভাব। "গী ১৯ (২৬শ সংস্করণ)। —ভূত বিণ [+ √ভূ+ত (ক্ত)-ক] নবভাবপ্রাপ্ত। "গী ২১।

নবীস [ফা নবীস্] লেখক, কেরানী। "নকল°, খুসনবিস°, সেহা°।

নবেতর বিণ [সুপ্‌সুপা] নবভিন্ন, বৃদ্ধ। "রঘু ৮.২২।

নবোঢ়া বিণ [নব ঊঢ়া, সুপ্‌সুপা] নবপরিণীতা (স্ত্রী)। "প্রমদা নবোঢ়াঃ গো.রা ৫.১১.১৭। —ঢ়া স্ত্রী ১ নবপরিণীতা স্ত্রী। "ভা.চ ৫৪৫। বি.সু ২৫। ২ নায়িকাবিশেষ। "লজ্জাভয়পরাধীনরতির্নবোঢ়া (রসমঞ্জরী)। ভা.চ ৬৬৮।

নবোদক ক্লী [কর্ম্মধা] ১ নূতন জল ; নবখাতে উত্থিত জল। ২ গগনপতিত জল ; বর্ষোদক।

নবোদ্ধৃত ক্লী [সুপ্‌সুপা] 'তৎকালে উদ্ধৃত'; নবনীত, ননী।

নব্ব(ব্বু)ই স.বি [সং নবতি >লি নব্‌তি, প্রা ণউই ; হি, প নব্‌বে ; ঠ নব্‌বদ] নবতিসংখ্যক। —ই বি নব্বই (৯০) সংখ্যা।

নব্য বিণ [নব+য (যৎ) স্বার্থে, নব >নূ (অ.কো, পা ৫.৪.২৫,সি)] ১ নব, নূতন। "নব্যা নব্যা যুবতয়ো ভবন্তীঃ।—ঋগ্বেদ ৩.৫৫.১৬। নব্য পাত্রে চৈ.চ ৯১ ; নব্যগৃহে ঃ নব্য নৌকা ঃ নব্যবাস ১৭৬। নব্য…বসন চৈ.ম ১০৯। বাদ্য নব্য নব্য ন.বি ১৫১। ২ আধুনিক। ৩ তরুণ। "নব্যা স্ত্রী (সু.র)। নব্য-বয়েস বটি।—দা ৫৫০। ৪ (বাঙলায়) নূতন, প্রখরদৃষ্টিযুক্ত। "অন্ধকের পুনঃ যেন নব্য চক্ষু হইল।—দ্রু ৯৭। —ব্য ক্লী [√নু+য-ভা] স্তুতি। [নব্যতন্ত্র—আধুনিক যুবকসম্প্রদায়। "ব.প ১৭৯৩।]

নভ পুং [√নভ্‌ হিংসা+অ (অচ্‌)-ক ; তু 'সং নভস্‌ >প্রা ণভ] শ্রাবণমাস। "নভ নয় দিনে হইল লগ্ন শ্রী.মা ১৩৭। —ভ ক্লী আকাশ। "নভোকস্‌। নভচুম্বী শৃঙ্গবরে সা.ম ৫৮। স্থলে জলে নভতলে।—গান ১৭৫।

নভঃ (-ভস্‌) ক্লী [√নহ্‌+অস্‌ (অসুন্‌)-র্ম্ম, হ্‌ >ভ্‌,উ ৪.২১১; ছান্দস] ১ আকাশ। "মনু ৪.৩৭। পতিতাং নভস্তঃ রঘু ৫.২৯। ২ স্বর্গ। ৩ মেঘ। ৪ জল। —ভাঃ (ভস্‌) পুং ১ শ্রাবণমাস। "রঘু ১৮.৬ ; ১৯.৫৭। ২ বর্ষাকাল। ৩ ঘ্রাণ, নাসিকা। ৪ [+অস্‌-ধি] পতদ্‌গ্রহ, পিক্‌দানী। ৫ [অস্‌-ণ] মৃণালসূত্র। ৬ (জ্যোতিষে) লগ্ন হইতে দশম স্থান। ৭ (দ্বিব) স্বর্গ-মর্ত্ত্য। [°সৎ (-দ্‌) পুং—১ 'আকাশগামী', দেবতা। "মাঘ ১.১১। ২ পক্ষী ; নক্ষত্র। °সরিৎ (স্ত্রী) —আকাশগঙ্গা, গঙ্গা। °গ (নভোগ) পুং—'আকাশগামিমাত্র', পক্ষিদেবগ্রহাদি। °গতি (পুং°)—পক্ষি-প্রভৃতি। °দীপ, °ধুম (পুং) —মেঘ। °নদী (স্ত্রী)—স্বর্গগঙ্গা। °মণি (পুং)—সূর্য্য। °মণ্ডল (ক্লী) —গগনমণ্ডল। "সা.দ ১০°উ। স.শ ১০৩। °রেণু (স্ত্রী)—কুজ্ঝটিকা।]

নভঃস্থল পুং শিব। —স্থল বি [সং নভস্তল] নভোরূপ স্থান ; আকাশ। "মে ১৫০ ; ২২৪। মা ১২৯। —স্থলী স্ত্রী আকাশ।

নভঃস্পৃক্‌ (-শ্‌), -স্পৃশ বিণ [নভস্‌+ √স্পৃশ্‌+ক্বিপ্‌ (০)-ক -১ব ; উ.ত ; ষ.ত ; বিকল্পে 'নভস্পৃশ্‌, -শ'] ১ মেঘস্পর্শী। "সৈন্যরেণুশ্চ শব্দশ্চ প্রাদুরাস্তাং নভস্পৃশৌ রা ২.৯৬.৩। ২ অত্যুচ্চৈঃ, মহান্‌। দ্র '(১)। ৩ অতিবিশাল। "বক্ত্রং কৃত্বা নভঃস্পৃশম্‌ গো.রা ৫.৬.৪। ৪ অন্তরিক্ষব্যাপী। "গী ১১.২৪। ৫ মহাকায়। "(নাগৈঃ) নভঃস্পৃশৈঃ মহা ১১.৫.৯।

নভশ্চর বিণ [নভস্‌+ √চর্‌+অ (ট)-ক ; উ.ত] গগনচারী, আকাশবিহারী, খচর, খেচর। "গো.রা ৩.৪৯.৪৫। কু.স ৫.২৩। —র পুং ১ পক্ষী। ২ দেবতা। ৩ গন্ধর্ব্ব। "নভশ্চরৈর্গীতযশাঃ সঃ রঘু ১৮. ৬। ৪ গ্রহাদি। ৫ মেঘ। ৬ বায়ু।

নভস ক্লী [√নভ্‌ শব্দ+অস (অসচ্‌)-ক (ত.বা) ; নভস্‌ >°স (অ-আগম), তু 'উপশরদ (উপ+শরদ্‌, পা ৫.৪.১০৭) ; সং শরদ্‌, প্রাবৃষ্‌ >প্রা সরদ, পাউস] সর্থ 'নভ' ক্লী। —স পুং সর্থ 'নভ' পুং। [নভসঙ্গম (পুং)—'নভোগামী', পক্ষী।]

নভস্তল ক্লী [ষ.ত] গগনতল, গগন। "°শ্যামতনু রঘু ১৮.৬। নৈ ২.৬৯। জলধরপটলৈরাবৃত্তে নভস্তলে।—হি ৩৬।

নভস্য পুং [নভস্‌+য (যৎ), 'তত্র সাধু' (অ.কো) ; মত্বর্থে, পা ৪.৪.১২৮, কাশিকা; ছান্দস] 'জলবিষয়ে সাধু; মেঘযুক্ত', ভাদ্র মাস। "রঘু ৯.৫৪; ১২.২৯।

নভস্বৎ, -স্বত বি [সং °স্বান্‌ ; অপ্র] বায়ু। "অশ্ব যায়, নভস্বত হারে যায় বা.দ ৫৯। ছুটে যেন নভস্বৎ।—হেম ১৫৯।

নভস্বান্‌ (-স্বৎ) পুং [নভস্‌+বৎ (বতুপ্‌) অস্ত্যর্থে-১ব ; °স্বৎ (বিণ)।—ঋগ্বেদ ৮.২৫.৬] 'নভঃ যাহার স্বামী বা আশ্রয়' (অ.টী) ; বায়ু। "রঘু ৪.৮। মাঘ ১.১০।

নভোবীথী স্ত্রী [কর্ম্মধা] আকাশপথ ; শূন্যমার্গ। "ভ ৫.২২.৬।

নভৌকাঃ (-কস্‌) বিণ [নভঃ ওকঃ যাহার বহুব্রী, সন্ধি আর্ষ (শ্রীধর)] নভোবাসী, খেচর। "ভ ২.৬.১৫।

নম্‌ সক [ভ্বা, প—নমতি ; অনিট্‌] ১ নমস্করণ। "নম ক্ষিতীন্দ্রম্‌ ভট্টি ১২.৩৯। নমামি কমঠতনু ম.বি ২১৯। ২ (অক) নম্রীভাব। "নমন্তি ফলিনো বৃক্ষাঃ। [অব. আ—অবনতি। উদ্‌—উন্নতি। উপ —উপনতি, উপস্থিতি। পরি—পরিণাম, পরিপাক। বি-পরি—বি-পরিণাম, পরিবর্ত্তন। প্র—প্রণাম।]

নম[১] বি [সং নমস্‌ >লি নম, প্রা ণমো ; হি, ঠ নম] নমস্কার। "ম ১০৫০। [নম নম, নমো নম—পুনঃপুনঃ নমস্কার। "নম নম পঞ্চানন ঃ নমো নম দিগম্বর ম.পা ২২। নম নম—গৌররায় চৈ.ম ৪৬।]

নম[২] সর্ম্ম [সং √নম্‌ >লি √নম, প্রা √ণম ; হি, ঠ, গু √নম ; পদ্যে] নমস্কার করা (to bow to)। "নমহুঁ বাণী ক.চ ২ ; ১৯৪। —ম অর্ম্ম প্রণত হওয়া (to bow, bend)। "নমি আমি, কবিগুরু, তব পদাম্বুজে।—মে ১০৮।

নমঃ (-মস্‌) ব্য [√নম্‌+অস্‌ (অসুন্‌)-ভা ; 'নমঃ'—স্তোত্র (ঋগ্বেদ ১.৫১.১৪)] নতি, প্রণাম, নমস্কার। "নমস্ত্রিমূর্ত্তয়ে তুভ্যম্‌ কু.স ২.৪। নমো যজ্ঞকায় ঃ নমঃ কূর্ম্ম-অবতার ম ৬৮২। [নমস্তুতে (সং নমোঽস্তু তে)—তোমাকে নমস্কার। "শ্রী.মা ৭৬। নমস্তে—তোমাকে নমস্কার। "কৃ ৩৫১। ম ৬৮২ ; ১০৫০। নমো—নমস্কার। "নমো বরাহরূপ ম.বি ২১৯। নমো নমঃ, নমো নমো—"°মঃ ম.ম ২৩৬। °মো ম.পা ৩১। নমো নম, নমঃ নমঃ—পুনঃপুনঃ নমস্কার। "নমো নম। ম ১০৫০। নমঃ নমঃ ভা.চ ১.৩।]

নমঃ(ম)শূদ্র বি [?] বাঙালী শূদ্রবিশেষ ; চাঁড়াল। "নমঃশূদ্র দা ৬২১ ; ব.প ১৭৮৩। [বোধ হয়, হেয়তাপরিহারার্থ 'নমঃ'।]

নমন ক্লী [√নম্‌+অন (ল্যুট্‌)-ভা] ১ নতি। ২ নমস্করণীয়, প্রণম্য। ৩ [নমি+অন-ভা] বক্রীকরণ, নোয়ান। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্‌)-র্ম্ম] সর্থ 'নমন' ক্লী (২)। "°পাদ ভ ৩.২১.২১।

ন(না)মনা বি ['লম্বন'—মূল (?)] বটের শাখা হইতে লম্বমান শিকড় ; বটের ঝুরি। "নমনা নামি নামি স্ব.প্র ৩৮।

নমসি(স্যি)ত বিণ [√নমস্য+ত (ক্ত)-র্ম্ম, বিকল্পে 'য'-লোপ, পা ৬.৪.৫০] কৃতনমস্কার, প্রণত (অ.কো)।

নমস্ক দ্র 'নমস্করণ'।

নমস্কর সর্ম্ম [সং √নমস্কৃ—নমস্করণ >°র] প্রণাম করা। "গুরু নমস্করিয়া চলিল বিশ্বম্ভর চৈ.ভা ১৪৪ ; প্রভু নমস্করিতে ৩৭২ ; ন্যাসীরে নমস্করি ৪২৮ ; আচার্য্যেরে নমস্করিলেন ৪৩১। নমস্করি চৈ.চ ৬৭ ; চৈ.ম ১৯১ ; ন.প ২১৩।

নমস্করণ ক্লী, **-স্কার** পুং [নমস্‌+ √কৃ+অন (ল্যুট্‌), +অ (ঘঞ্‌) -ভা, গতিসমাস ; °র (ছান্দস)] প্রণাম, প্রণতি। "নমস্কারং প্রযুজ্য সা মহা ৩.৫৭.১৬। মদীয়ো নমস্কারো বাচ্যো ভগবতঃ (পঞ্চ)। চৈ.চ ২। [নমস্কার ত্রিবিধ—কায়িক বাচিক মানসিক। দণ্ডপ্রণামাদি কায়িক, স্তবমন্ত্রাদিকৃত নতি বাচিক, ইষ্টাদিগত চিত্তে নতি মানসিক। রাত্রিতে নমস্কার নিষিদ্ধ, এই হেতু 'প্রাতঃ' শব্দপূর্ব্বক (প্রাতর্নমস্কার, প্রাতঃপ্রণাম) নমস্কারের বিধি আছে (মহা—শ.ক)।] —স্কৃত বিণ [+ত

(ক্ত)-র্ম্ম] ১ প্রণত। ২ পূজিত। "গঙ্গা লোকনমস্কৃতা মহা ৩.১০৮.২১। —স্কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] নমস্কার। —স্ক্রিয়া স্ত্রী [+অ (শ) -ভা+স্ত্রী আ (টাপ্)] নমস্কার। "সা.দ ৬.৩১৯। কাব্যাদর্শ ১.১৪। নারায়ণে নমস্ক্রিয়া শ্রী.মা ১১৪,-৯। [নমস্কার হওয়া (অপ্র)—প্রণাম করা। "নমস্কার হৈল ম.বি ২১৫। দাদা মহাশয়! নমস্কার হই।—দা ৮১২। নমস্কারি²—নমস্কার করিয়া। "আসিবা…ভবানী নমস্কারি অ.প ১৩২। ম.পা ১০১। ম.বি ১৬৮। নমস্ক—বিরাগ ও ঠাট্টা অর্থে। "মহা ১২.১৯৬.১৬।

নমস্তার দ্র 'নমস্করণ'।

নমস্কারি¹, -রী বি [°স্কার+ই৮, ঈ৭] নমস্কারসম্বন্ধী, বিবাহের পরে বধূর শ্বশ্রূ-প্রভৃতিকে নমস্কারকালে দেয় বস্ত্রাদি। "শ্বশুর শাশুড়ী নমস্কারি শ্রী ১৪৭; নমস্কারি বহুমূল্য ধন ১৪৮,-৫০।

নমস্কারি² দ্র 'নমস্করণ'।

নমস্কৃতি, -স্ক্রিয়া দ্র 'নমস্করণ'।

নমস্য¹ সক [নমস্+য (ক্যচ্)—√নমস্য (পা ৩.১.১৯), ভ্বা, প —নমস্যতি; সেট্; ছান্দস] নমস্করণ। "ত্বাং দেবি নমস্যামি রা ২.৫২. ৮৭। দ্বিজৈঃ কচ্চিন্ নমস্যসি ভট্টি ৬.৬৪।

নমস্য² বিণ [√নমস্+য (যৎ)-র্ম্ম; ছান্দস] নমস্কারার্হ, পূজ্য। "ব্রহ্মন্নতিথির্নমস্যঃ।—কঠোপনিষৎ ১.৮। নমস্যঃ সর্বভূতানামতিথিঃ মহা ১৩.৩৫.১। জ্ঞান হয় গায়ত্রী কি সবার নমস্যা।—কৃ ১২৪। দেবি! তুমি নমস্যা আমার।—ন ১০৯০। হেম ১৩০। কাদ ৪৮। —স্যা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (°টাপ্)] পূজা।

নমস্যা দ্র 'নমস্য²'।

ন(না)মাজ বি [ফা নমাজ্; তু 'নমস্'—স্তোত্র (ঋগ্বেদ ১.৫১.১৫)] ১ মুসলমানধর্ম্মবিহিত ঈশ্বরোপাসনা। "নমাজ ক.চ ৮৫,-৬। নামাজ ভা.চ ৪৮৪; নমাজ ৪৯১; ৭২৪। ২ নমস্কার। "অনারেবল শিষ্টদাস! —গরিব নমাজ।—হেম ৩৮১। [নামাজ পড়া—নমাজের মন্ত্র পড়া। "সন্ধ্যা করি কি °জ পড়ি দা ২০৭২।]

ন(না)মিত বিণ [√ন(না)মি+ত (ক্ত)-র্ম্ম] নতীকৃত, নম্রীকৃত। "শ্বপুচ্ছমিব নামিতম্।—হি ২.১৩৫। কুচভরনমিতাঙ্গী বি.সু ২। সরম-নমিত নয়নে।—গান ১৪৫।

নমুচি পুং [ন+ √মুচ্+ই (ইন্)-ক, উ ৪.১১৭,-৯] দৈত্যবিশেষ। [নমুচি দক্ষকন্যা দনুর গর্ভজাত কশ্যপপুত্র। নমুচি ইন্দ্রের ভয়ে সূর্য্য-রশ্মিতে প্রবেশ করিলে, ইন্দ্র তাহার সহিত সখ্য করিয়া নিয়ম করেন যে, তিনি রাত্রিতে বা দিনে, শুষ্ক বা আর্দ্র দ্রব্যে তাহাকে নিহত করিবেন না। অনন্তর একদিন সন্ধ্যায় জলের ফেনে ইন্দ্র নমুচির মস্তক ছিন্ন করেন (মহা ৯.৪৩.৩৩-৩৬) ।] °দ্বিট্ (-ষ্), °সূদন (পুং)—ইন্দ্র। "°ট্ মাঘ ১.৫১ ।]

নমুদ বি [ফা নমুদ্] আকৃতি; নির্ম্মাণ। "পুলবন্দি করাইয়া রাস্তার নমুদ করিলেন ব.প ১৬৮৭। —দী বিং খ্যাত, সম্মানী। "আমি নমুদী উজির।—হেম ৩৮০।

নমুনা, -নো বি [ফা নমুনহ্] ১ নিদর্শনস্বরূপ বা গুণের পরিচায়ক কোন দ্রব্যের অংশ (sample)। ২ আদর্শ, প্রতিরূপ (pattern)। "কুমোর নমুনো মত সং তৈয়ের করবে।—হু ৩৫।

নমেরু পুং সুরপুন্নাগবৃক্ষ; রুদ্রাক্ষ। "°প্রসবাবতংস কু.স ১.৫৫। রঘু ৪.৭৪। [স্ত্রীগীত নমেরুর দোহদ (উ.মে ১৭, মল্লিনাথ)।]

নমোবাক বিণ [বহুব্রী] যাহাতে 'নমঃ' শব্দের উচ্চারণ; নমঃশব্দো-চ্চারণপুরঃসর, নমস্কারপূর্ব্বক। "উ.চ ১.১।

নম্বর বি [E. number; হি নম্বর] ১ শ্রেণীর ক্রমিক সংখ্যা। "বাড়ির নম্বর। ২ পৃষ্ঠার সংখ্যা। "দাখিলার ক্রমিক নম্বর। ৩ মোক-দ্দমার সংখ্যাঙ্ক। ৪ পরীক্ষার প্রশ্নমূল্যজ্ঞাপক সংখ্যা (mark)। ৫ গুণাগুণপরিচায়ক অঙ্ক। "পয়লা নম্বরের ময়দা। [নম্বর-ওয়ারী —১ নম্বরযুক্ত মূল মোকদ্দমা। "নম্বর-ওয়ারী ও মোৎফরেক্কার তদ্বির। —হু ১২। ২ (হি নম্বর ওয়ার)—পর্য্যায়ক্রমে, পর-পর। পয়লানম্বর —প্রথম সংখ্যা; (পণ্যে) উৎকর্ষসূচক।]

নম্বরী বিং [°র+ঈ৭; হি নম্বরী] ১ নম্বরযুক্ত, সংখ্যাঙ্কিত। ২ সংখ্যা-নুযায়ী। [নম্বরী নোট—যে নোটের নম্বর রাখিতে হয়।]

নম্য বিণ [√নম্+য (যৎ)-র্ম্ম] ১ পূজ্য। ২ [√°মি+য] নমনীয়।

নম্র বিণ [√নম্+র] ১ নমনশীল। ২ অবনত। "°নাসিক (S.W.)। স্তোকনম্রা স্তনাভ্যাম্ উ.মে ২১। কুচভারনম্র ভা.চ ৬০৬। নম্র নেত্র-পাতে চ.কা ২০১। ৩ বিনয়ান্বিত। ৪ প্রণত। "কু.স ৭.২৮। নম্রঃ প্রণিপাতশিক্ষয়া রঘু ৩.২৫; ১১.৪। ৫ কোমল। একখানি অশ্রুভরে নম্র ভালবাসা চ.কা ১১৯। ৬ (অপ্র) নিম্ন, অধঃস্থিত। "নম্র দুই হাথে ধরে দণ্ড কমণ্ডলু চৈ.ম ১৬৯। —ম্রক বিণ নম্র। —ম্রক পুং বেতস। —ম্রতা স্ত্রী নমনশীলতা, নতভাব। "গুরৌ নম্রতা।—ভর্তৃহরি।

নম্রক দ্র 'নম্র'।

নয়¹ বিণ [√নী+অ (অচ্)-ক; স্ত্রী -য়া] ১ নেতা, নায়ক। ২ নীতিযুক্ত, ন্যায্য। —য় পুং [+অ-ণ] ১ নীতি, রাজনীতি। "নরেন্দ্রস্য জাগ্রতো নয়চক্ষুষা রা ১.৭.১৬। °গুণ রঘু ৯.২৭। কি ১০. ২৯। ২ শাস্ত্র। "°চক্ষুস্ রঘু ১.৫৫। ৩ ন্যায় (অ.চি) ৪ চক্রাদি-ব্যূহরূপে সেনান্যাস। "সেনানয়বিশারদ।—রা ২.১.২৯। ৫ দ্যূত-বিশেষ। ৬ উপায়, প্রবন্ধ। "কথংচিন্ন বিকল্পন্তে বিদ্বদ্ভিশ্চিন্তিতা নয়াঃ। —পঞ্চ ১.৩৭০। ৭ সিদ্ধান্ত। "বৈশেষিকে নয়ে—ভাষাপরিচ্ছেদ ১০৫। ৮ নীতিপ্রয়োগ। "মু ৬.১১। ৯ মত, বাদ। ১০ পদ্ধতি। ১১ বিষ্ণু (মহা)। ১২ [+অ-ভা] প্রাপণ, নয়ন। ১৩ আচরণ, চরিত। "দুর্°। [°কোবিদ, °জ্ঞ, °বিৎ (-দ্), °বিশারদ (বিণ)—নীতিশাস্ত্রে পণ্ডিত; নীতিজ্ঞ, রাষ্ট্রনীতিকুশল। °চক্ষুঃ (ক্ষুস্)—শাস্ত্রজ্ঞান যাহার প্রমাণ; নীতিজ্ঞানসম্পন্ন। "রঘু ১.৫৫। °পীঠী (স্ত্রী)—দ্যূতাঙ্গের পীঠীতুল্য; দ্যূতাঙ্গ অষ্টকোষ্ঠ; পাশার ছক। °বাদী (দিন্) বিণ—নীতি-বিৎ, রাজনীতিকুশল। °শাস্ত্র (ক্লী)—নীতিশাস্ত্র; অর্থশাস্ত্র। °শালী (-লিন্) বিণ—নীতিসম্পন্ন, নীতিজ্ঞ। "কি ৫.২৪। মু ১.২২।]

নয়² স.বিং [সং নব (-বন্) > প্রা ণব > বা নয়] নবসংখ্যক। —য় বি নয় (৯) সংখ্যা। [নয়-ছয় করা—নষ্ট করা। "টাকার দরকার ত এখনি, যখন আনন্দে তাহা নয়-ছয় করিবার শক্তি নষ্ট হয় নাই গ.স ৬। দ্র 'ছয়'। নয়দুয়ারী—দ্বারে দ্বারে ভিক্ষাকারিণী; অতিদরিদ্রা, গালি-বিশেষ। "°রী মড়িপোড়ানীর মেয়ে জা ২১।]

নয়দা বি [নবাগত > °দা] গ্রামান্তর হইতে নবাগত গৃহস্থ; নূতন বাসিন্দা। "নয়দারা রাজিনামা দিতে চাইনি বলে ওদের মেজো বউরি …ধরে নিয়ে গিয়েলো।—নী ২২।

নয়ন ক্লী [√নী+অন (ল্যুট্)-ণ] ১ যাহার দ্বারা বিষয়ে বুদ্ধি নীত হয়; লোচন, নেত্র। "°সমুথ রঘু ২.৭৫। নয়ন তোমারে পায় না দেখিতে, রয়েছ নয়নে নয়নে।—রবীন্দ্র। ২ [+অন-ভা] প্রাপণ, আনয়ন। "নয়নং পারিজাতস্য দ্বারকাম্ (হ)। শকুন্তলা°।—শ ৪২; পিতুরন্তাঃ সমীপনয়নম্ ৫২। ৩ যাপন। "কালস্য নয়নে যুক্তাঃ সোম-পন্থ্যাঃ মহা ১.৬৬.১৬। ৪ বিনয়ন, শিক্ষণ। "সুনীতনয়নায় চ (দণ্ডো বিধাত্রা বিহিতঃ)।—মহা (S.W.)। —য়নী¹ স্ত্রী কনীনিকা, নেত্র-তারকা। [°কোণ (বি)—অপাঙ্গ, নেত্রান্ত। "হের মা নয়নকোণে। —শ্রী.মা ১৫। °গোচর (বিণ)—নেত্রবিষয়ীভূত, দৃষ্টিপথগত। °চ্ছদ (পুং)—নেত্রাবরণ। °পথ (পুং)—দৃষ্টিবিষয়। °পুট (পুং)—নেত্রাবরণ। "°গত (পিটক)—বৃহৎসংহিতা ৫২.২। °বারি, °সলিল (ক্লী)—অশ্রু। "°সলিলং পূ.মে ৩৯। °বিষয় (পুং)—দৃষ্টিপথ; দিঙ্মণ্ডল। °সমুত্থ (বিণ) —নেত্রোৎপন্ন। "রঘু ২.৭৫। °সুভগ (বিণ)—দৃষ্টিপ্রিয়। "পূ.মে ৯।]

নয়নজুলি বি [°ন?+জুলি] মাটি কাটায় রাস্তার পার্শ্বস্থ খাত।
নয়নতারা বি চক্ষুর তারাতুল্য প্রিয়। "তারানাথের নয়নতারা। —দা ১৩২; ১৬৬৫।
নয়নসুখ বি [হি নৈনসুখ] সূক্ষ্ম সূতী বস্ত্রবিশেষ।
নয়না বি (নয়নাকৃতি) মৎস্যবিশেষ; আবরো-মাছ। "শি ৮৫।
নয়নাঞ্চল বি নেত্রপ্রান্ত, অপাঙ্গ। "চঞ্চল °লে ন.প ২৮৪।
নয়নাঞ্জন ক্লী [ষ.ত] নেত্রকজ্জল। "°প্রভ রা ২.৯৫.১৯।
নয়নাভিঘাত পুং [ষ.ত] নেত্ররোগভেদ (সুশ্রুত)।
নয়নাভিরাম পুং [উ.ত] 'নেত্রপ্রীতিকর', চন্দ্র।
নয়নাসার বি অশ্রুপাত। "প.তৃ ৩৮। নয়নাসারে তাঁহার দেহলতা সিক্ত করিলেন ব.প্র ১০১।
নয়নী[১] দ্র 'নয়ন'।
নয়নী[২] [হি °নী] (বাঙ্লায়) যার চোখ আছে; চক্ষুষ্মতী নারী। "হাতের কঙ্কণ, দেখিতে দর্পণ, চাহে না কোন নয়নী ভ.গ্র ৩৮৮।
নয়নোৎসব পুং [বহুব্রী] ১ যাহা হইতে নেত্রের প্রীতি; নেত্রপ্রীতি-কর বস্তু; নেত্রনির্ব্বাণ। ২ প্রদীপ।
নয়নোপান্ত পুং [ষ.ত] চক্ষুঃপ্রান্ত, অপাঙ্গ।
নয়ল, নয়(হ)লি বিং [সং নব >প্রা ণবল্ল >বা (নঅল্ল) নয়ল, -লি, -হলি] ১ নব, প্রথম। "নয়লি লেহা।—বি.প ১৫। নয়লি যৌবন চ.দা ১১৮; শ্রী ২৪৭। নহলি যৌবন ক.চ ২৭; ১৫৪; ব.প ১৩৫৪। নয়ল সুলেহ (প.ক)। ২ নূতন, শোভন, বিচিত্র। "নয়ল সিঙ্গার···জনগণ মোহয়ে ন.প ১৬২।
নয়া বিং [সং নব >প্রা ণঅ >বা (নয়) °য়া; হি নয়া; ঠ নরা; 'নোয়া' রং (চট্টগ্রাম)] ১ নূতন। বিপ 'পুরান'। "নয়া সিকিআ বান্ধুআ গো.চ ৬৭। ২ আধুনিক। "নয়া বস্তি। ৩ অচিরজাত, শিশু। "নয়া নয়া সাপ। ৪ অচির অভিষিক্ত। "নয়া রাজার মাও গো.চ ১৮৬। ৫ অচিরদীক্ষিত। "নয়া শিষ্যের মন গো.চ ২৯১। ৬ তাজা, টাটকা।
নয়ান বি [সং নয়ন; হি নয়না] চোখ। "নয়ান তরঙ্গ বি.প ১৭; ১২৮; নয়ানে নয়ানে দোঁহার ২১২। নয়ানে চ.দা ১০০,-২। ললাট-নয়ানে ক.চ ২৫। নয়ান সাফল।—গ ৪০; তিন নয়ানধারী ১৭২। °যুগ।—ম ৯৭৭; ত্রিনয়ানী সেনা ১১৬৫। নয়ানে নয়ানে চাহ গো.বি ৬৭। দুনয়ান জ্ঞা ৩৪। °সন্ধান ন.প ২৮৮।
নয়ানজুলি, -যুলি বি সর্থ 'নয়নজুলি'। "দু দিকে করে থালি নয়ান-যুলি ব.প ১৪৩১। ভরল···পাতায় নয়ানজুলি কৃ.কে ৬৮।
নর[১] পুং [√নৃ প্রাপণ+অ (অচ্)-ক; তু 'নর'—নায়ক (ঋগ্বেদ ১.৫৩.২)] ১ মানুষ। "রা ১.১.৭। বুদ্ধিমৎসু নরাঃ শ্রেষ্ঠাঃ মনু ১.৯৬। ২ পুরুষ। ৩ মানুষের দৈর্ঘ্যপরিমাণ। ৪ পাশার ঘুঁটি; শারি। ৫ পুংপশু। "পশূনাং তু নরদ্বয়ম্।—শু ৩.১৯৭। ৬ অশ্ব। ৭ জীব; ঈশ্বর; ব্রহ্ম, পরমাত্মা। 'পিণ্ডব্রহ্মাণ্ডনেতৃত্বাম্নরৌ জীবেশ্বরাবুভৌ। তয়োশ্চ নয়নাচ্ছৃদং ব্রহ্মাপি নর উচ্যতে॥—মহা ১.১, নীলকণ্ঠ। "আপো বৈ নরসূনবঃ মনু ১.১০। শি ১৪। ৮ বিষ্ণু। ৯ শিব। ১০ ঋষিবিশেষ। "°নারায়ণ। ১১ অর্জ্জুন। ১২ ছায়াব্যবহারোপযোগী কীলকবিশেষ; শঙ্কু (লীলাবতী)। —রী[২] স্ত্রী [নর+ঈ (পুংযোগ-লক্ষণ ঙীন্), পা ৪.১.৭৩, তত্ত্ববোধিনী] নর-স্ত্রীজাতি। "কিন্নরীণাং নরীণাম্ (তত্ত্ববোধিনী)। [°কান্ত (বি)—নরপতি। "ম.পা ৩২; ১২৩। °দেব (পুং)—১ নর দেবতুল্য; নরশ্রেষ্ঠ। "°রূপে মে ২৯২। ২ রাজা। "°সম্ভব রঘু ৩.৪২। °দ্বিট্ (-ষ্) পুং—'নরহিংসক', রাক্ষস। "ভট্টি ১৫.৯৪। °নাথ (পুং)—রাজা। "ভ ৪.২৬.১৭। °নাথমার্গ (S.W.)। °পতি (পুং)—নরপাল, রাজা। "°কুল রঘু ২.৭৫। কুসুমায়ুধ° ক.ম ২.৩৫। °পতিপথ (পুং)—রাজগমনযোগ্য বিস্তৃত পথ; রাজমার্গ। "পু.মে ৩৭। °পশু (পুং)—১ নরাকার পশু; নরাধম। "ভ ৬.১৬.৩৮। ২ পুংজাতি পশু। °পাল (পুং)—'প্রজারক্ষক', রাজা। °পুঙ্গব (পুং)—নরশ্রেষ্ঠ, নরর্ষভ। °প্রেত (বি)—নরাকার প্রেত; নরাধম। °বলি (পুং)—পূজোপচার নর। "কৃ ৩৩৬। °বারণ (ক্লী)—কপাট। "রা ২.১১৪.২। °বাহন (পুং)—১ নর যাঁহার বাহন; কুবের। "রা ৩.৪৮.৫। রঘু ৯.১১। ২ (ক্লী) নরযান, শিবিকাদি। °বাহী (হিন্) বিণ—নর যাহার বাহী; নর-বাহক। "°হিনা (যানেন) মহা ২.৬৯.২৩। °বীর (পুং)—বীর-পুরুষ। °ব্যাঘ্র (পুং)—নরশ্রেষ্ঠ। °ভুক্ (-জ্) পুং—'নরভক্ষক' রাক্ষস। °ভূ (স্ত্রী)—ভারতবর্ষ। °মণি (বি)—'নরশ্রেষ্ঠ', রাজা। "মে ৩০২। °মালা (স্ত্রী)—নরমুণ্ডমালা। "°বিভূষণা (চণ্ডী)। °মালিনী (বিণ, স্ত্রী)—নরমুণ্ডমালাবতী (স্ত্রী)। °মেধ (পুং)—যে যজ্ঞে নরবলি হয়; পুরুষমেধযজ্ঞ (বাজসনেয়িসংহিতা, ৩০শ অধ্যায়)। "গো.রা ১.৬৩.৬; ১৪। °যন্ত্র (ক্লী)—শঙ্কুযুক্ত সূর্য্যঘড়ী। °যান (ক্লী)—১ নরবাহ্য যান; শিবিকাদি। ২ তথ্‌ত্‌রাবা (নীলকণ্ঠ)। "মহা ১২.৩৭.৪০। পঞ্চ ৩.২.৩৩। শ্রী ১১; ১৫৬। °যোনি (বিং)—নর-জন্মপ্রাপ্ত। "ম ৩৪১। °রাজ (বি)—নরপতি। "মা ১০১। °লোক (পুং)—নরভুবন, পৃথিবী। "°নাথ মহা ৩.১২০.২৯। °বীর গী ১১. ২৮। মে ২৩২। °শার্দ্দূল (পুং)—১ নরশ্রেষ্ঠ। ২ পুরুষোত্তম, বিষ্ণু। "ভ ৭.৮.৩৯। °শৃঙ্গ (ক্লী)—নরশৃঙ্গবৎ অলীকপদার্থ। তু 'শশশৃঙ্গ'। °সখ (পুং)—নরঋষির সখা; নারায়ণ। °সার (পুং)—বণিগ্‌দ্রব্য, নিশাদল।]
নর[২] '-র্' বি [সং নর[১]; ফা নর্; Av. Pahlavi—nar] ১ পুরুষ-জাতি। "নর পায়রা। ২ [সং লহরী; ফা নহ্‌র্; হি লহর] হারের তরঙ্গাকার মুক্তাদির পঙ্‌ক্তি; যষ্টি। "এক°, পাঁচ°, ন°।
নরঋষি বি নরনামক ঋষি। দ্র 'নরনারায়ণ'। "°মূর্ত্তি ম ৪২৩।
নরক পুং, ক্লী [√নৄ প্রাপণ+অক (বুন্)-ক, উ ৫.৩৫] ১ 'ক্লেশ-প্রাপক', পাপভোগস্থান, নিরয়। [নরকসংখ্যা একবিংশতি (দ্র 'মনু ৪.৮৮-৯০। ভ ৫.২৬৭)। নরকবর্ণন (দ্র 'মেঘনাদবধ, ৮ম সর্গ)।] ২ (বাঙ্লায়) বিষ্ঠা। "নরনাথ নরকনিকটে উপস্থিত শি ৩৮। —রক পুং অসুরবিশেষ [ধরার গর্ভজাত বরাহরূপী বিষ্ণুর পুত্র। ইহার অন্য নাম 'ভৌম'; রাজধানী প্রাগ্‌জ্যোতিষপুর। ব্রহ্মার বরদৃপ্ত নরক অদিতির কুণ্ডল ও বরুণের ছত্র হরণ এবং অমরাদ্রি অধিকার করিলে, শ্রীকৃষ্ণ ইন্দ্রের প্রার্থনায় প্রাগ্‌জ্যোতিষপুরে গমনপূর্ব্বক অসুরকে নিহত করিয়া কুণ্ডল ও ছত্র উদ্ধার করেন (ভ ১০.৫৯তম অধ্যায়। হ ১২০-১২১তম অধ্যায়।) মতান্তরে, নরক ইন্দ্রপদ প্রার্থনা করিলে, ইন্দ্র বিষ্ণুর শরণাপন্ন হন। বিষ্ণু চপেটাঘাতে নরককে নিহত করেন (মহা ৩.১৪২.১৫-২৬তম অধ্যায়)।] [°কুণ্ড (ক্লী)—সংযমনীস্থ পাপভোগ-স্থানভেদ। [নরককুণ্ড ষড়শীতিসংখ্যক (৮৬)। দ্র 'ব্রহ্মবৈবর্ত্ত, প্রকৃতি-খণ্ড, ২৭,-৮তম অধ্যায়। °জিৎ (পুং)—শ্রীকৃষ্ণ, বিষ্ণু। °দেবতা (স্ত্রী)—অলক্ষ্মী। °স্থা (স্ত্রী)—বৈতরণী।]
নরকান্তক পুং [নরকের অন্তক, ষ.ত] শ্রীকৃষ্ণ। —ন্তকারী (-রিন্) বি 'নরকের অন্তকারক', শ্রীকৃষ্ণ। "দা ৮০০।
নরকারি বি নরকের শত্রু; শ্রীকৃষ্ণ। "নন্দনন্দন °কারে বা.দ ৪।
নরকেশরী (-রিন্) পুং [কর্ম্মধা] ১ যিনি নর ও কেশরী, নর-সিংহাবতার বিষ্ণু। ২ [উপ.স] নরশ্রেষ্ঠ।
নরগণ পুং [ষ.ত] ১ মনুষ্যসমূহ। ২ নরনক্ষত্রবিশেষের গণ। ৩ নর-জাত জন।
নরঞ্জ পুং বরগুক, ব্রণবিশেষ, নারাঙ্গা।

নরনারায়ণ পুং, দ্বিব [দ্বন্দ্ব] নর ও নারায়ণ ঋষিদ্বয়। [সত্য যুগে ইঁহারা ধর্ম্মপত্নী মূর্ত্তির গর্ভে চতুর্থ অবতাররূপে জন্মগ্রহণ করেন (ভ ১.৩.৯ ; ২.৭.৬ ; মহা ৩.৮৭.৫, নীলকণ্ঠ)। কৈলাসসমীপস্থ বদরিকাশ্রমে ইঁহাদের তপোবন (মহা ৩.১৪৫.১৮ ; ১৫৬.১০)। দ্বাপরের শেষে ইঁহারাই যথাক্রমে অর্জ্জুন-বাসুদেবরূপে আবির্ভূত হন (মহা ৩.৮৬.৫, নীলকণ্ঠ)।] ২ [উ.লো] নররূপ নারায়ণ ; শ্রীকৃষ্ণ। "ম ৭৩৬। নরনারায়ণ ঋষি কৃষ্ণ-অবতার।—ম.বি ২৪০। °রূপ।—ন ৯৬৭। ৩ (বাঙলায়) অর্জ্জুন। "মহাকোপে যুদ্ধ করে নরনারায়ণ।—ম ১১৫৪, -৭৮,-৭৯। সেই নরনারায়ণ জন্মিল অর্জ্জুন ম.বি ২৪০। নরনারায়ণ পার্থ।—মা ১১৮। ৪ লক্ষ্মণ। "ব.প ৫৭৬ ; লক্ষ্মণ যে নরনারায়ণ ৫৮১।

নরম বি [ফা নরম্ ; তু 'সং নর্ম্ম'] ১ কোমল (soft)। "নরম বিছানা। ২ মৃদু, বিনীত (কথা)। ৩ শান্ত, ধীর ; মৃদু (মেজাজ)। বিপ 'গরম'। ৪ কোমল (সুর)। বিপ 'কড়ি'। ৫ মৃদু, ঢিমা (আঁচ)। ৬ মৃদুপ্রকৃতি, শান্তস্বভাব। "এ সাহেব নরম—ও সাহেব কড়া আ.চু ৪৮। ৭ সরস, ভিজা। "নরম পাট, মাটী। ৮ স্নেহার্দ্র, সদয়, অনুকূল। "মনটা একটু নরম হলো ব.প্র ৩৪২। ৯ নিকৃষ্ট, নিরেস। ১০ বিকৃত, পচা (মাছ ইত্যাদি)। [°গরম—কড়ি-কোমল, মিঠা-কড়া ; কটু-চাটু। "নরমে গরমে কয় শি ৬৮। °ধাত—শ্লেষ্মাপ্রধান ধাতু। °সরম—শান্তশিষ্ট। নরমান (হি √নরমা)—নরম বা ঠাণ্ডা হওয়া। নরমের বাঘ—দুর্ব্বলের পীড়ক। "শক্তের ভক্ত, নরমের বাঘ। বাজার নরম হওয়া—দর কমা।]•

নরসানি, -সিং বি তীক্ষ্ণধার কাটারিবিশেষ। "নরসানি কাটারি ব.প ৮৬১। নরসিং কাটারি ম.ম ৬৬, ১০৯,-৮৩।

নরসার পুং বণিগ্‌দ্রব্যবিশেষ ; বোল, নিশাদল (শ.ক)।

নরসিংহ পুং [উপ.স] ১ নরশ্রেষ্ঠ। "ম ৬১৮। নরসিংহ বীর কালু শ্রী ২০৮। ২ [কর্ম্মধা] যিনি নর ও সিংহ ; বিষ্ণুর অর্দ্ধনর অর্দ্ধসিংহ চতুর্থ অবতার ; নৃসিংহ। [প্রহ্লাদের বাক্যরক্ষার্থ ও প্রহ্লাদের রক্ষার্থ ভগবান্ স্তম্ভভেদপূর্ব্বক নরসিংহরূপে আবির্ভূত হইয়া হিরণ্যকশিপুকে নিহত করেন (ভ ৭.৮.১২-১৪।] ৩ (বাঙলায়) রাজা। "নরসিংহ বীরসিংহ রায় বি.সু ১২৩।

নরসুন্দর বি যে কামাইয়া নরকে সুন্দর করে ; নাপিত। "শ্রী.মা ৩৯। দা ১৫৭৯। —ন্দরী বি নাপিতের স্ত্রী। "দা ১৬৮৭,-৮।

নরহরি পুং[কর্ম্মধা] ১ সর্থ 'নরসিংহ'। "ধৃতনরহরিরূপ গী.গো ১.৮। ম ৫৪৩। ২ (বাঙলায়) নররূপ হরি ; শ্রীকৃষ্ণ। "ম ১২০০। অ.প ২৯ ; ৩০। ব.প ৬০২। শ্রী.ম ৮৬ ; ১৮২। ৩ গৌরচন্দ্র। "হেলন নরহরি-অঙ্গ ন.প ৩১৫।

নরাঙ্কিতন্যায় দ্র 'ন্যায়'।

ন(না)রাজ '-জ্' বি [ঢ় নরাজ ; সং বেম ; হি লপেটন] তাঁতীর কোলের কাছে, তাঁতের যে মোটা বেলনে বোনা কাপড় জড়ান থাকে ; বাপদণ্ড, কোল-নারাজ।

নরাধম পুং [স.ত] বিবেকাদিহীন জন ; নরাপসদ।

নরাধিপ পুং [ষ.ত] নরের অধিপতি ; রাজা। "গী ১০.২৭।

নরান্তক পুং [ষ.ত] ১ 'নরনাশক', মৃত্যু। ২ রাবণপুত্র রাক্ষসবিশেষ। "গো.রা ৬.১৮.১৭। কৃ ২৪৮।

নরায়ণ পুং [নরের অয়ন, ষ.ত] 'নরাশ্রয়' নারায়ণ। 'নরাণাময়নং যস্মাৎ তেন নরায়ণঃ স্মৃতঃ (ব্রহ্মবৈবর্ত্ত)।

নরাশ, -শন পুং [নর+ √অশ্ +অ (অণ্)-ক ; উ.ত ; বহুব্রী] 'নরখাদক', রাক্ষস। "°ন মহা ৩.১৫৭.২০। °শ ভট্টি ১২.৭৫।

নরি, -রী[1] বি [দ্র 'নর[2]' (২)] হারে গ্রথিত মুক্তাদির পঙ্‌ক্তি বা যষ্টি ; মুক্তাদির ছড়া। "ন°, পাঁচ°। হীরা মণি মুক্তা নরি নরি ভ.প্র ২২৫।

নরী[1] দ্র 'নরি'।

নরী[2] দ্র 'নর[1]'।

নরুণ, -ন বি [নখরদনী (অ.রা), নখহরণী > প্রা ণহরণী (অ.রা) > বা (ন্হরণ) °ণ, °ন ; হি,মৈ নহরনী ; ঠ নরাণী, নহ্রাণী ; গু নরাণী ; ঢ় নহরুণী] নাপিতের নখচ্ছেদনার্থ অস্ত্রবিশেষ ; নখকাটা। "নরুণের দাগ। —শ্রী ১৫। তাদের আবার 'এজিটেসন'—নরুন উঁচু করা।—হেম ৩৮২।

নরেন্দ্র পুং [নর ইন্দ্রতুল্য, উপ.স] ১ 'নরশ্রেষ্ঠ', রাজা। "রা ১.৭.১৬। মনু ৯.২৫৩। রঘু ২.১৮। ২ বিষবৈদ্য। "সুনিগ্রহা নরেন্দ্রেণ ফণীন্দ্রা ইব শত্রবঃ।—মাঘ ২.৮৮। ৩ গ্রহাদিনিবারক বৈদ্যভেদ (ত.বা)। ৪ একবিংশত্যক্ষরপাদক বৃত্তবিশেষ। [°মার্গ (পুং)—রাজগমনযোগ্য পথ ; রাজপথ। "মহা ১.২১৮.১৮। রঘু ৬.৬৭।]

নরেশ, -শ্বর পুং [ষ.ত] নরপতি, রাজা। "°র রা ১.৬০.১৪।

নরোত্তম পুং [নি.স] ১ 'জীবসমূহে উৎকৃষ্টতম' ; নিরুপাধিচৈতন্য, ব্রহ্ম। "নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্ (মহা)। ২ পুরুষোত্তম নারায়ণ (ত.বা) ; বিষ্ণু। "নরোত্তমে নমস্কার শি ৪। ৩ [স.ত] নরশ্রেষ্ঠ। ৪ জাতবৈরাগ্য আত্মবান্ পুরুষ (ত.বা)। ৫ (বাঙলায়) শ্রীকৃষ্ণ। "নর-অবতারের °ম বন্দহঁ শ্রী.ম ৪।

নর্ক বি [সং নরক > বা °র্ক (র > র্) ; তু 'স্বর্গ' ; 'নর্ক' (Inscription, A. D. 1542) ; হি, জাটু—নর্ক] নরক। "কভু স্বর্গে কভু নর্কে ভ.প্র ১৮৪। সৃজিলেক…মহী স্বর্গ নর্ক ব.প ১৩০৭।

নর্ত্ত পুং [√নৃত্ +অ (ঘঞ্)-ভা] ১ নর্ত্তন, নৃত্য। "নিত্যানর্ত্তো নর্ত্তকঃ মহা ১৩.১৭.৫০। ২ [+অ (অচ্)-ক] নর্ত্তক। —র্ত্তক বিণ [√নর্ত্তি+অক (ণুল্)-ক ; স্ত্রী -র্ত্তিকা] ১ নর্ত্তয়িতা। "দ্র 'নর্ত্ত (১)। ২ বিক্ষেপক। "তর্কো বিচারঃ সন্দেহাদ্ ভ্রূশিরোঽঙ্গুলিনর্ত্তকঃ সা.দ ৩.১৭১। —র্ত্তক পুং [√নৃত্ +অক (ষ্বুন্)-ক ; স্ত্রী -কী] ১ নৃত্যশিল্পী, নৃত্যকর্ম্ম-কৌশলী, নৃত্যকারী, নট। "রা ১.১৩.৭। মহা ৪.১১.৮। ২ শিব। ৩ সঙ্কীর্ণজাতিবিশেষ। "বৈশ্যায়াং রজকাজ্জাতো নর্ত্তকো গায়কো ভবেৎ।—উশনা। ৪ ময়ূর। ৫ চারণ। ৬ হস্তী। ৭ খড়্গাধারাদিনর্ত্তক, কেলক। —র্ত্তকী স্ত্রী ১ নৃত্যকর্ম্মকুশলা, নৃত্যকারিণী, নটী, বাই। "রঘু ১৯.১৪। ২ ময়ূরী। ৩ করেণু। ৪ নলিকানামকগন্ধদ্রব্য। —র্ত্তন ক্লী [+অন (ল্যুট্)-ভা] অঙ্গবিক্ষেপভেদ, নৃত্য। "মনু ২.১৭৮। শ্রী.মা ১১। —র্ত্তন পুং [+অন-ক] নর্ত্তক। "মহা ৪.৩৭.২২।

নর্ত্তক দ্র 'নর্ত্ত'।

নর্ত্তন দ্র 'নর্ত্ত'। [°প্রিয় (পুং)—শিব ; ময়ূর। °শালা (স্ত্রী)—নৃত্যগৃহ, নাচঘর। "মহা ৪.২২.৩।]

নর্ত্তনাগার, -ন-গৃহ ক্লী [ষ.ত] নৃত্যশালা। "°গার মহা ৪.২২.১৬ ; °গৃহ ৩৬.২৪।

নর্ত্তিত বিণ [√নর্ত্তি+ত (ক্ত)-র্ম্ম] ১ কারিতনৃত্য। "উ.মে ১৮। °ময়ূর।—ভর্ত্তৃহরি। ২ চলিত। "°বামপাদপদ্মা সা.দ ৩ ১৭৪/১৭৫।

নর্দ্দ্ অক [ভ্বা, প—নর্দ্দতি ; সেট্] শব্দ। [আ, নি—নিনাদ।]

নর্দ্দ পুং [√নর্দ্দ্ +অ (ঘঞ্)-ভা] শব্দ, ধ্বনি ; বৃষধ্বনি। —নর্দ্দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'নর্দ্দ'। "নর্দ্দনং মৃগপক্ষিণাম্। —র্দ্দিত বিণ [+ত (ক্ত)-ক] শব্দিত, ধ্বনিত ; গর্জ্জিত। "বলীবর্দ্দেন নর্দ্দিতম্ হি ২ ৮২/৮২। —র্দ্দিত ক্লী [+ত-ভা] নর্দ্দন, ধ্বনি, গর্জ্জন। "সঞ্জীবক° হি ২ ১৭/১৮। —র্দ্দিত পুং দ্যূতক্রীড়াগত ব্যাপারবিশেষ। "মৃ ২.৮। —র্দ্দী (-র্দ্দিন্) [+ইন্ (ণিনি)-ক-১ব] শব্দকারী, বিকথক। "গেহে° পা ২.১.৪৮।

নর্ম্ম (-র্ম্মন্) ক্লী [√নৃ+মন্ (মনিন্)-ক,-১ব, উ ৪.১৪৬] ১ 'আনন্দপ্রাপক', পরিহাস। "°জনকমলকম্ গী.গো ১২.২০। ২ বৈদগ্ধ্য। "প্রত্যক্ষরে নর্ম্ম বিভূষিত চৈ.চ ৩৪২। ৩ বৈদগ্ধ্যক্রীড়িত (কৈশিকী বৃত্তির অঙ্গবিশেষ)। 'সা.দ ৬.১২৫। [°গর্ভ (বিণ)—

পরিহাসপূর্ণ, সপরিহাস; (পুং) কৈশিকী বৃত্তির অঙ্গভেদ। "সা.দ ৬.১২৮। °সখা (বি)—পরিহাসকুশল সহচর। "সুবলাদি নর্ম্মসখা ভ.গ্র ৪৪৭। °সচিব, °সুহৃৎ (-দ্) পুং—পরিহাসসহায়, ক্রীড়াসহচর, মোসাহেব। °সাচিব্য (ক্লী)—নর্ম্মসচিবকর্ম্ম, ক্রীড়াসম্বন্ধী অধিকারিত্ব। "মাঘ ১.৫৯।]

নর্ম্মী বি [ফা, নরমী] শৈত্য, ঠাণ্ডা। "নর্ম্মীরে প্রকাশিয়ে, গর্ম্মীরে বিনাশিয়ে, শীতল করিলে হিয়ে, বাহবা রে হাওয়া ভা.চ ১৩৬।

নল্ সক [ভ্বা, প—নলতি; সেট্] বন্ধন।

নল পুং [√নল্+অ (অচ্)-ক] ১ তৃণবিশেষ, খাগড়া। ২ বানরবিশেষ। [ঋতুধ্বজ মুনির শাপে বানররূপী বিশ্বকর্ম্মার ঔরসে ঘৃতাচীর গর্ভে নলের জন্ম হয় (বামনপুরাণ, ৬২তম অধ্যায়)। নল রামাদেশে বানরসৈন্যের উত্তরণার্থ সমুদ্রে সেতু নির্ম্মাণ করেন।] ৩ চন্দ্রবংশীয় রাজবিশেষ। [ইনি বীরসেনের পুত্র ও নিষধদেশের অধিপতি। ইঁহার পত্নী দময়ন্তী। কলির কোপে দ্যূতে সর্ব্বস্বান্ত হইয়া ইনি পত্নীর সহিত বনবাস আশ্রয় করেন এবং কলিমোহিত হইয়া নিদ্রিতা পত্নীকে ত্যাগ করেন। বনে দাবানল হইতে কর্কোটকনাগকে উদ্ধার করিয়া এবং কলিনিগ্রহার্থ কর্কোটকদংশনে শ্রীহীন হইয়া ইনি অযোধ্যারাজ ঋতুপর্ণের সারথ্য স্বীকার করেন। অনন্তর, দময়ন্তীর দ্বিতীয় স্বয়ংবরে সমাহূত ঋতুপর্ণের সহিত বিদর্ভে উপস্থিত ও দময়ন্তীর সহিত সম্মিলিত হন (দ্র 'দময়ন্তী')। শতপথব্রাহ্মণে, নিষধপতি নল 'নলনৈষিধ' বলিয়া উক্ত হইয়াছেন (ভা.উ, ২য়, উপক্রমণিকা ১৭৩)] ৪ সূর্য্যবংশীয় রাজবিশেষ (হ ১৫শ অধ্যায়)। ৫ পিতৃদেবভেদ। —ল ক্লী ১ (নলসদৃশ-দণ্ডযুক্ত?) পদ্ম। ২ [হি নল; ঠ নল, -ল.] (বাঙলায়) নলতুল্য অন্তঃশূন্য ধাতুর বা মাটির লম্বা চোঙা (pipe, tube)। ৩ [মৈ নল] নাল, মৃণাল। "এক নলে গাঁথা যন দুই ফুল বি.প ৫৮। —লী² স্ত্রী ১ মনঃশিলা। ২ গন্ধদ্রব্য—নটী। [°কানন (ক্লী)—নলবন। °পট্টিকা (স্ত্রী)—নলের পাটী; দরমা। °মীন (পুং)—চিঙড়ি মাছ; জালমাছ (বীরভূম)। "গো.রা ৩.৭৬.৯।] [নল চালা—চোর ধরার নিমিত্ত মন্ত্রবলে নল চালিত করা। "(সন্ন্যাসী) নল চালে, চোর বলিয়া দেয় ব.প্র ২৩১। নলচালা—চোরধরার পূর্ব্বোক্ত আভিচারিক বিদ্যা। "সন্ন্যাসী।—কোনটা ভণ্ডামি? আমি।—এই নলচালা। "ব.প্র ২৩১।]

নলক¹ ক্লী [নল+ক (কন্) সংজ্ঞার্থে] ১ নলাকার ভুজাস্থি; শাখাস্থি। ২ দীর্ঘ অস্থিমাত্র। —কিনী স্ত্রী 'নলকযুক্তা', জঙ্ঘা।

নলক², -লোক, নোলক, -লোক¹ বি [লোলক > °ক] মাঝের নাকের লোল স্ত্রীভূষণবিশেষ। "নলক ঝলকে রা.শে ৩০। নাসায় নলক মুক্তা ভ.গ্র ১৬৫; নোলক ২৩৬। নলক।—দা ১৪৮১। নোলক—শিশু ১০১। নথে নূতন নোলক ব.প্র ৪৭০। নলোক দোদুল্যমান ন.৩ ৩১। নোলোক নাকে বি.বু ১৯।

নলকূবর পুং [নল কূবর যাহার, বহুব্রী (অ.টী)] কুবেরপুত্র। "ভা.চ ২৪২। [একদা ইনি ভ্রাতা মণিগ্রীবের সহিত সুরাপানে উন্মত্ত ও বিবস্ত্র হইয়া গঙ্গাজলে রমণীগণের সহিত ক্রীড়া করিতেছিলেন। নারদ সেই সময়ে উপস্থিত হইলে, রমণীগণ শাপভয়ে বস্ত্র পরিধান করেন। উন্মত্ত কুবেরপুত্রদ্বয়কে তদবস্থায়ই দেখিয়া দেবর্ষি 'স্থাবরযোনি প্রাপ্ত হও' বলিয়া অভিশাপ দিলেন। ভ্রাতৃদ্বয় ঋষিশাপে বৃন্দাবনে যমলার্জ্জুনরূপে জন্মগ্রহণ করেন এবং শ্রীকৃষ্ণের সান্নিধ্যে শাপমুক্ত হন (ভ ১০.১০তম অধ্যায়); শি ৩৬। দ্র 'ভা.চ ২৪২।]

নলখড়ি বি ১ খড়জাতীয় নলতৃণবিশেষ। "(চিঙড়ি) গোঁফ উভ কৈল যেন নলখড়ির বন ক.চ ২৯৯। ২ গণিতে অঙ্কবিশেষ। চি.স ২য় ১০১.২৫।

নলখাক, -খাগ, -খাগড়া, -খাড়া বি ['নলখড়্গ' > নলখাড়া, °গড়া, °গ, °ক] খড়্গাবৎ ধারালপাতাযুক্ত নলতৃণ। "নলখাগড়ার বন। ম ১২৬০,-৮। নলখাগ ম.গা ২। নলখাক ম.ম ২৩০। [বাঘে বাঘে যুদ্ধ হয়। নলখাগড়ার প্রাণ যায়॥—প্রবলে প্রবলে বিরোধে দুর্ব্বলের সর্ব্বনাশ হয়।]

নলদ ক্লী [নল+√দো+অ (ক)-ক (অ.টী)] ১ বীরণমূল, উশীর। "কি ৫.২৫। নৈ ৪.১১৬। ২ পুষ্পরস, মকরন্দ।

নলনা বিং [সং ললন > °না] সখেল, সবিলাস। "ময়মত্ত হাতী ভাতি গতি নলনা।—গো ৩২।

নলপত বি [হি লল্লোপত্ত (লোলপ্রাপ্ত?)] ১ খোশামোদ, মিনতি। "হাতে পায়ে ধরি কত নলপত করে।—শি ১০৬। ২ 'করিব কি না' —এইরূপ দ্বৈধহেতু কার্য্যশৈথিল্য। "নলপত করা।

নলপা অর্ম্ম [নলপ্রায় > °পা (?); হি √লপক—দীপ্তি পাওয়া] বিদ্যুৎপ্রকাশ হওয়া। "থেকে থেকে বিদ্যুৎ নলপাচ্চে।—হু ২৮। [নলপান—সর্থ 'নলপা'।]

নলা¹ দ্র 'নড়া'।

নলা² বিং নলযুক্ত। [দু°—যাহার দুই চোঙ (বন্দুক)। সাত°—ব্যাধের পাখী ধরার সাতনলের ফাঁদবিশেষ।]

নলাটী বি [সং ললাটিকা, তু 'সং ললাট > প্রা ণলাড'] নারীর ললাটের ভূষণবিশেষ। "বি.সু ১৯।

নলি, -লী¹ বি [নল+ই⁹; ঈ; হি, মৈ নলী; ঠ নলী] ১ ছোট নল; তাঁতীর সুতা জড়াইবার ছোট কঞ্চির নল। ২ গলার নল; কণ্ঠনালী। "কম্পিত কণ্ঠের নলি।—হেম ১১৫। ৩ [সং নখর > প্রা ণহর > বা (নর, -রী) °লী; গু নহোর; তু 'ণহরী'—ছুরী (দেশী ৪.২০)] শ্বাপদের বা পক্ষীর নখ। "নলী মারা। [নলিভরা—নলিতে বয়নার্থ সুতা জড়ান। নলি-নলি—নলের মত সরু সরু (হাত, পা)। জোলায় নেয় নলি-নলি, খোদায় নেয় থলি-থলি—মানুষে ক্ষতি করে অল্প, ঈশ্বর করেন সর্ব্বস্বান্ত।]

নলিকা স্ত্রী ১ সর্থ 'নলি (১)। ২ নলাকার অস্ত্রবিশেষ।

নলিচা, নলচে বি সর্থ 'নইচা'।

নলিত পুং ['নলতিক্ত'—মূল?] নালিতাশাক, না'লতে।

নলিন ক্লী [√নল্+ইন (ইনচ্)-ক, উ ৪.৪৯; নলিন্ > °ন? তু 'নলীন' (শ্রী.কী)] ১ যে সৌরভ বদ্ধ করে; পদ্ম। "প্রফুল্ল° গো.রা ২.৪.১৪। বিনালৈর্নলিনৈঃ (মহা)। নলিনাভবক্ত্রঃ।—রঘু ১৮.৫। যদুকুলনলিনদিনেশ গী.গো ১.১৯। নীল° ১০.৫। তোহ্মার নয়ন, মলিন নলিন শ্রী.কী ২১৮; নীল নলিনে ৩৭৮। নলিন শ্রী.মা ৮৩; ব ১১৬; বা.দ ৯৭। °নির্জিতে নেত্রকোণে বি.সু ১৩৩। ২ জল। ৩ নীলিকা। [নলিনেশয় (পুং)—'জলশায়ী', বিষ্ণু।]

নলিনী স্ত্রী [নল+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ পদ্মযুক্ত দেশ। ২ পদ্মিনী, পদ্মলতা, পদ্মঝাড়। "নলিন্যঃ শুষ্কপঙ্কজাঃ গো.রা ৩.২৯.১২। নলিনীঃ ফুল্লপঙ্কজাঃ (মহা)। কু.স ৪.৬। °পত্র শ ৪.২৬। ৩ কমলাকর, সরসী। "নলিন্য…ত্রস্তমীনজলচরাঃ গো.রা ৩.৫৮.৩৮। মহা ৩.১৫৩.১; নলিনীম্…কমলোৎপলমালিনীম্ ১৫৮.৮১। ভ ১.৬.১২। ৪ পদ্ম। "হা হন্ত হন্ত নলিনীং গজ উজ্জহার (ভ্রমরাষ্টক)। ৫ ইন্দ্রপুরী (রা.টীকা)। "রা ২.৯৪.২৬। ৬ ব্যোমগঙ্গা। "গ ১৯৫। ৭ নারিকেল। "নলিনীবাষ্পসম্পত্ত্যা বুদ্ধ্যা শ্রীঃ পরিপাল্যতে।—কামন্দক। ৮ নারিকেলাসব (A.)। ৯ পদ্মসমূহ। [°খণ্ড, °ষণ্ড (ক্লী)—পদ্মিনীসমূহ। °দল (ক্লী)—পদ্মপত্র। "°কল্পিতস্তনাবরণ শ ৩.১৮। নলিনীদলগতজলম্ (মোহমুদ্গর)। °রুহ (ক্লী)—মৃণাল।]

নলিয়ান, ন'লেন '-ন্' বি ['নওল'—মূল; ন'লেন > °য়ান (সাধুভাষা)] নওলা (নূতন) খেজুরে গুড়। "°গুড়, °পাটালি; ন'লেনের গন্ধ। [ন'লেনগুড়—নূতন খেজুরগুড়। "কথাগুজিন বড় মিষ্টি যেন ন'লেন গুড় বি.বু ৩৭।]

নলী¹; নলী² দ্র 'নলি'; নল'।

নলীয়া, ন'লে বি [নল+ঈয়া, এ৭ ; হি নলিয়া] যে নাতনলা দিয়া পাখী ধরে ; ব্যাধ।

নলোক দ্র 'নলক২'।

নল্ব পুং চতুঃশতহস্তপরিমাণ, ৪০০ হাত (অ.কো)। "রাবণস্য শরীরং তু পঞ্চনল্বায়ুবিস্তৃতম্ গো.রা ৬.৯২.৬২।

নশ্ অক [দি, প—নশ্যতি ; বেট্] ১ নাশ, ক্ষয়, মরণ। ২ অদর্শন। [প্র, বি—বিনাশ।]

নশ্যৎপ্রসূতিকা স্ত্রী [°তি যাহার, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্) +স্ত্রী আ (টাপ্)] যে নারীর সন্তান নষ্ট হয় ; মৃতবৎসা।

নশ্বর বিণ [নশ্+বর (ক্বরপ্)-ক ; স্ত্রী -রী] ১ নাশশীল, অবশ্য-বিনাশী, বিধ্বংসী। "বিশ্বম্…নশ্বরম্ ভ ৫.১৮.৪। (লক্ষ্মীঃ) জলাপাত-তুষারকণনশ্বরী ক.সা ১৯.৫০। ২ [অন্তর্ভাবিতণ্যর্থ] নাশক, ঘাতক। "প্রহরণ নশ্বর সংগ্রামে।—মে ১৭৩ ; নশ্বর শরে ২২০। থলদল-নশ্বর হে বা.দ ৩। ৩ ভীষণ, তুমুল। "যোধ হত এ নশ্বর রণে।—মে ২৬১। ৪ [বাঙলায় ; অপ্র] মর, মানব। "হবেক নশ্বর শ্রী.মা ১১।

নষ্ট বিণ [√নশ্+ত (ক্ত)-ক] ১ নাশপ্রাপ্ত, বিধ্বস্ত। "নষ্টং…নানু শোচন্তি পণ্ডিতাঃ।—পঞ্চ ১.৩৬৩। ২ ক্ষয়প্রাপ্ত, ক্ষীণ। ৩ মৃত। ৪ দৃষ্টিপথাতীত, তিরোভূত। "মনু ৮.২৩২। ৫ নিরুদ্দেশ। "নষ্টে মৃতে …পতৌ।—পরাশর ৪.২৬। নষ্ট ক্লীব কিম্বা মৃত (পতি)।—দা ১৯৫৮। ৬ দুষ্ট, দোষযুক্ত। "°চন্দ্র। ৭ দুশ্চরিত্র, লম্পট। "নষ্টা নিলর্জ্জাশ্চ কুলস্ত্রিয়ঃ।—চাণক্য। ম.ম ৭১। ৮ পলায়িত। ৯ নিষ্ফল, ব্যর্থ। "নষ্টং দেবলকে দত্তম্ মনু ৩.১৮০। বুদ্ধিশতমচেতনে নষ্টম্ হি ২.১৬১। ১০ অপকৃষ্ট, অধম। "অসন্তুষ্টা দ্বিজা নষ্টাঃ।—চাণক্য। ১১ হত, অকর্ম্মণ্য। "সলজ্জা গণিকা নষ্টাঃ।—চাণক্য। ১২ (বাঙলায়) অপব্যয়িত। —ষ্ট ক্লী [+ত-ভা] নাশ ; ক্ষয় ; মরণ, তিরোভাব। [°চেতন, °সংজ্ঞ (বিণ)—চেতনাহীন, অচেতন, মূর্চ্ছিত। °চেষ্ট (বিণ)—চেষ্টাহীন, নিস্পন্দ, নিশ্চেষ্ট। °চেষ্টতা (স্ত্রী)—১ হর্ষশোকাদি হেতু সকলচেষ্টানাশ ; প্রলয় (অ.টী)। ২ সাত্ত্বিকভাবভেদ, প্রলয়, মূর্চ্ছা। ৩ নিশ্চেষ্টতা, নিরী-হতা। °জাতক (ক্লী)—জন্মকালজ্ঞানার্থ উপায়ভেদ ; নষ্টকোষ্ঠী-উদ্ধার। °স্মৃতি (বিণ)—স্মৃতিশক্তিহীন।] [নষ্টের গোড়া—দুষ্টামির আদিকারণ। নষ্টের রাজা—দুষ্টের প্রধান। "(ঐ বুড়ী) ছিল নষ্টের রাজা।—দা ১৮১।]

নষ্টকোষ্ঠী বি অজ্ঞাতজন্মপত্রিকা। "সে ব্যক্তি নষ্টকোষ্ঠী উদ্ধার করিতে জানিত ব.প্র ৪৫২।

নষ্টচন্দ্র পুং [কর্ম্মধা] দুষ্ট চন্দ্র ; ভাদ্রের শুক্লা ও কৃষ্ণা চতুর্থীতে উদিত চন্দ্র। [চন্দ্র ভাদ্রচতুর্থীতে গুরুপত্নী তারাকে হরণ করেন। তারাশাপে শশাঙ্ক কলঙ্কী হন। এই হেতু ঐ তিথিতে চন্দ্র নষ্ট। নষ্ট-চন্দ্রদর্শনে দর্শকের কলঙ্ক হয়।]

নষ্টপনা, -ষ্টামি বি [নষ্ট+পনা, আমি২] দুষ্টামি, শঠতা। "নষ্ট-পনা স্ব.প্র ১১০। সেটুকু ফকিরের নষ্টামি ব.প্র ৪৩৯।

নষ্টি স্ত্রী [√নশ্-তি (ক্তিন্)-ভা] নাশ। "স্ববল° ভ ৯.১০.২১।

নস্ স্ত্রী [ছান্দস 'নস্'—নসোর্যমঃ (ঋগ্বেদ ৫.৬১.২) ; Ger. Nase] নাসিকা। "নস্তঃ প্রাণাঃ।—যাজ্ঞ ৩.১২৭। গাবো…নসি দামযন্ত্রিতাঃ ভ ৪.১১.২৭। —সা স্ত্রী [নস্+স্ত্রী আ (আপ্)] নাসিকা (ত্রিকাণ্ড-শেষ)। "বিনসা ভট্টি ৫.৮।

নসীব দ্র 'নছিব'।

নস্কর বি [লস্কর > °র] ১ সেনা। "নৃপতির নস্কর…জুঝে।—শ্রী.মা ২০৫। ২ ভারপ্রাপ্ত রাজকর্ম্মচারিবিশেষ। "মুঞি সে নস্কর, এথাকার মোর ভার চৈ.ভা ৩৮৪।

নস্ত পুং [√নস্ কৌটিল্য+ত (ক্ত) ?] নাসিকা। "শোণিতম্…প্রসুস্রাব নস্ততঃ মহা ৪.৬৮.৪৭ ; ৬৪। —স্ত ক্লী নস্য। —স্তা স্ত্রী নাসাকৃতছিদ্র। —স্তিত বিণ [নস্তা+ইত (ইতচ্)] কৃতনাসাছিদ্র, নাসাছিদ্রে ন্যস্তরজ্জু (নাকফোঁড়া) (বৃষাদি)। —স্তোত বিণ [নস্তে উত, স.ত] সর্থ 'নস্তিত'।

নস্তা, নস্তিত, নস্তোত দ্র 'নস্ত'।

নস্পর্শন ক্লী [ন স্পর্শন, সুপ্সুপা] অস্পর্শন। "প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য শ্রেয়ো নস্পর্শনং নৃণাম্ মহা ৩.২.৪৯।

নস্য বিণ [নাসিকা+য (যৎ), নাসিকা > নস্, পা ৫.৮.৬, সি] ১ নাসিকাহিত। ২ নাসিকাভব। —স্য পুং প্রগ্রহ, লাগাম। —স্য ক্লী ১ নাসিকাহিতকর চূর্ণ ; নস্যি। "জগতের নস্য, করি আগে নস্য স্ব.প্র ১১৮। নস্য উড়ে আকাশ জুড়ে চ.কা ২৩৬। বুঝি বা বিশ্ব করবে নস্য।—গান ২। ২ নাসালোম। ৩ নাসা দ্বারা গ্রহণীয় ঔষধভেদ ; নাস। ৪ নাসাসূত্র। "মহা ৩.৩০.২৬, নীলকণ্ঠ। —স্যা স্ত্রী ১ নাসিকা। ২ নাসাকৃতছিদ্র। [°ধানী (বি)—নস্যের আধার বা কৌটা। "নিঃস্ব করুক নস্যধানী কু.কে ১৫৪।]

নস্যা দ্র 'নস্য'।

নস্যোত বিণ [নস্য দ্বারা উত, তৃ.ত] নাসাসূত্র দ্বারা প্রোত (নীলকণ্ঠ) ; নাসাছিদ্রগত সূত্রে বদ্ধ (নাকফোঁড়া)। "নস্যোত ইব গোবৃষঃ মহা ৩.৩০.২৬।

নহ্ সক [দি, উ—নহ্যতি, -তে ; অনিট্] বন্ধন। [অপি—আচ্ছাদন। উদ্—উন্নমনপূর্ব্বক বন্ধন। সম্—আচ্ছাদন ; সমবায়। পরি—পরিণাহ, দৈর্ঘ্য।]

নহ অব্য [সং নহি] নিশ্চিত না ; কথনও নয়। "মালতী মাল শিরে, নহ গন্ধ ঃ কণ্ঠে গরল নহ, মৃগমদ সার বি.প ১৫৭।

নহন ক্লী [নহ্+অন (ল্যুট্)-ভা] বন্ধন, নিয়ন্ত্রণ। "হারবল্লীনহন-নিবিড়িত বা.ভা ২.৩৮।

নহবৎ, নহবৎখানা দ্র 'নবত২'।

নহর বি [আ নহর্] ১ ক্ষুদ্র নদী, খাল ; পয়োনালী। ২ [হি লহর] আমোদ-সামোদ, রঙ্গরস। "এ নয় তেমন সহর, যে করিবে নহর, লয়ে কুলাঙ্গনা।—দা ৫৫৯।

নহলি দ্র 'নয়ল'। [নহলী যৌবনী—নবযৌবনা, নবযুবতী। "সীমন্তিনী নহলী যৌবনী ব.প ২৬৫।]

নহা অর্ম্ম [সং √স্না > লি √নহায়, প্রা √ণহা > বা নহা, না ; হি, মৈ √নহা ; ঠ, গু √নাহ] স্নান করা। "নহাই উঠল তীরে রাই বি.সা ২৫। [নহাইলি—স্নাতা, কৃতস্নানা। "নহাইলি গৌরী বি.সা ২৪। নাহি—স্নান করিয়া। "বি.সা ২৬]

নহি ব্য নিষেধ ; নিশ্চয় না। "নহি ঋগ্বেদ ১.১০.৮। নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ গী ৩.৫। দো ১২৬। নহি জটা ইহ বেণী বিভঙ্গ বি.প ১৫৭। নহি রেক নহি রূপ নহি ছিল বন্ন চিন শূ ১। গ ৪৬ ; নহি ফেরে দিন রাতি ৫০। নহি পাই গো.বি ২১। নহি দিয় কর ম.পা ৫৩ ; নহি করি ৬০। আমি তুমি দুই নহি বি.পা ৩৬৩। তাহা দিব নহি বাম্য শ্রী.ম ২২৮। [নহি গেলে—না গেলে। "ম.পা ১৬। নহি দেহি —দেয় না। "ম.পা ২১। নহি নহি—না না (অবধারণে)। "নহি নহি সখি পিচ্ছিলঃ পন্থাঃ।—সা.দ ১০৪৮। হঠ পরিরম্ভণে নহি নহি বোল বি.প ৬১। (সনাতন) পুন কহে নহি নহি ভ.প্র ৩১৮।]

নহুষ পুং [√নহ্+উষ (উষচ্)-ক, উ ৪.৭৫ ; 'নহুষ'—মনুষ্য (ঋগ্বেদ ১.৩১.১১)] ১ চন্দ্রবংশীয় রাজবিশেষ। [ইনি পুরূরবার পৌত্র, আয়ুর পুত্র এবং যযাতির পিতা। ইনি অগস্ত্যশাপে সর্পযোনিপ্রাপ্ত হন এবং অজগররূপে ভীমকে আক্রমণ করিলে, যুধিষ্ঠির ভীমের উদ্ধারার্থ ইঁহার সমীপে উপস্থিত হন। এইরূপে যুধিষ্ঠিরের সহিত সমাগমে ও হিতগর্ভ সম্ভাষণে মুনিবরে ইঁহার শাপান্ত হয়। শাপান্তে সর্পদেহত্যাগ করিয়া ইনি স্বর্গারোহণ করেন। (মহা ৩.১৮১.৩৩-৪১)।] ২ বিষ্ণু।

না১ ব্য [তু 'সং ন > প্রা ণা] নিষেধ। "মুখপানে চেয়ে বলে 'না না

না'।—গান ১৬৭। [সংস্কৃতে ইহার প্রয়োগ নাই, বাঙলায় ভূরি প্রয়োগ ; **১** ক্রিয়াম্বিত 'না'। "কে না বঁধুরে দেখে বুক ফেটে মরে চ.দা ১২৪। কে না চাহে শ্যাম পানে ফিরি।—ব ১৫৭। **২** ক্রিয়ার সহিত মিলিত 'না'। 'দ্র 'নার়'। **৩** উহ্যক্রিয়াম্বিত 'না'। "সরকার অধোমুখে না রাম না গঙ্গা—কিছুই না বলিয়া চলিল আ.দু ১৭২। **৪** বিশেষণাম্বিত 'না'। "না ভাল না মন্দ। না সাদা, না কাল। নাক, নাকো (না[১] + ক[৮])—না। "থাকে নাক।—হেম ৯৬ ; ধরবে নাকো ৩৮৫। এস নাক।—গান ২২। 'না' করা (ঢাকা)—'না' বলা ; বারণ করা। "তিনি আমারে যাইবার না করেন। না হয়েন (ক্রিয়ার পূর্ব্বে 'না')—হন না। "ব্রহ্ম বেদের কারণ না হয়েন।—রামমোহন রায়। এইরূপ, 'চেষ্টা না পাইবেন ; হিন্দোস্থান না হয়' ব.প্র ১৭৫৩,-৫।

না[২] বি [সং নৌ—নায়ঃ (প্রথমা-বহুব) > লি নারা ; প্রা ণারা, নারা (হে ১.১৬৪), ণাব (পৈ) ; হি নাউ, -র ; ঠ নার ; মৈ নাও ; cf., L. navis] **১** নৌকা। "শ্রী.কী ১৪৭। গো.চ ৭৪। পার হব নাকে শূ ৫৫,-৬। পিয়া দরিয়ার না বি.প ২১০। বিনোদ-নায় ক.চ ২১২। নাএ চড়সিয়া শ্রী.ম ৬৬ ; °খানি ৬৮। শ্রী ৪৫। জ্ঞা ১৩৬। আমার কাঠের না, দিলে পা, না হবে মোর মনিষ্যি।—রসসাগর। **২** বাণিজ্য-তরি, পোত। "সাত নায়ে কর যে বেপার ক.চ ১৬৩। [নাএ (কর্ম্ম-কারক)—নৌকা। "পাতি আছে নাএ শ্রী.কী ১৪৩। না-এ (করণ, অধিকরণ)—নৌকা দ্বারা ; নৌকায়। "পার হঅ নাএ ঃ নাএ চড় শ্রী.কী ১৪৭। নায়ে তরে—নৌকায় ও তটে ; জলে স্থলে। "নায়ে তরে লোক খাড়া বি.পা ২৭৪,-৮০। খেওয়া-না—খেয়ার নৌকা। "ম.ম ১১।]

না[৩] অব্য [সং ননু > প্রা ণং ; ণ (হে ; পৈ) > বা 'না'] **১** প্রশ্ন। "চ ১৯। কথা না যাসি বড়ায়ি শ্রী.কী ৩৩। এ না বেশ কোন দেশে ছিল ব.প ৯৮৭। উহা না শিখিয়াছে কোথা প.র ৩৩। কি না তোর হইল চ.দা ৭০। ব ১৩৫। এ না বুদ্ধি কে না দিল তোরে রা.শে ৩৭। কি না হইল মোরে ম.ম ৫৮। কহ না চৈ.ম ১৪। কও না দেখি শি ৮৩। **২** অবধারণে, নিশ্চয়ার্থ-'ই'। "কত না যতনে বি.প ১২। চ.দা ৭৪ ; ১১৮। বড় না সাহস।—ম ২৯৫। বড় না কুটিল।—শ্রী ৭৮। কত না নিষ্ঠুর বাণী বল ক.চ ৬৮। শ্রী.কী ২৬। বড় না দেখি ত্বরা শি ৮২। কত না মনের সাধে ন.প ১৫৩। সে না রূপে বি.সু ২৮। পাগল ওই না বুড়া ভা.চ ৭৯। **৩** অনুনয়, প্রসাদন। "কত না পরিব গোঁসাই কেওদা বাঘের ছড় ঃ কত না মাখিব…বিভূতি শূ ১০৮। জননী বিনয়, শুনহ তনয়, আর না বলিব কি রা.শে ৯৪। **৪** [মৈ না] পাদপূরণে। "ভনহিঁ বিদ্যাপতি গাওল না।—Grierson। শ্রবণ মঙ্গল গীত না চৈ.ম ২৩। **৫** [প্রা 'ণং' (বাক্যালঙ্কারে—হে ৪.২৮৩)] বাক্যালঙ্কার। "জেনা বিরিখের লইলাম ছেঞা গো.চ ২১২, এক না দুগ্ধ দিম ২২৬। এক না চেলা আছে ব.প ৭০ ; যে না বাঁশের বাঁশী সে না বাঁশে লাগালি পাঙ ১৩২৫। **৬** বিতর্ক, সংশয়, না জানি। "চল চল আলো সখি বেলি অসকাল। পথে না কানাই আর কি পাতে জঞ্জাল॥—শ্রী.ম ৬৯। **৭** স্বীকার। "ওটা না হয় মুসলমানের রচা ব.প্র ৫৪২। **৮** যদি, ত। "ডুবেছি না ডুবতে আছি, পাতাল কতদূরে দেখি ব.প ১৬২৮। **৯** অথবা। "তোর কি বিয়ের মন নাই না কি ?—ব.প্র ২০২। **১০** অবহেলা। "ফোড়া না ফোড়া ; তত গ্রাহ্য করিলাম না। —পা.ঝো ১৭০। [অর্থাৎ কি না—পূর্ব্বোক্ত বাক্যার্থানুসারে কি তাৎপর্য্য। "অর্থাৎ কি না এত বড় হাবা, জন্ম দেয়নি আর কারো বাবা।—কা ৮৪। কিছু না কিছু (হি—কুছ ন কুছ)—নিশ্চিত কিছু ; অন্তত কিছু। কেউ না কেউ (হি—কোঈ ন কোঈ)—নিশ্চিত যে-কেহ। তাই না—সেই হেতুই ; তাহাতেই। "তাই না শাস্ত্রে করে মানা, মুখে কলায় পুষ্‌তে সাপের ছানা!—প.কা ২৭।]

না[৪] অর্দ্ধ [দ্র 'নহা'] স্নান করা ; নাওয়া। [নাওয়া খাওয়া—স্নানাহার। "জা ৮। নাওয়ান—স্নান করান।]

নাঅ বি [দ্র 'না[২] ; অপ্র] নৌকা। "ফুলের নাঅ…নাহিঁ সহে ভরা শ্রী.কী ১১৮। [নাঅ (কর্ম্ম, অধিকরণ)—নৌকা, নৌকায়। "নাঅ বাহ্মিতেঁ ঃ নাঅ লঞা থাক তোহ্মে শ্রী.কী ১৪০।]

নাঅর বি [সং নাগর > প্রা *নাঅর > বা °র, নায়র] নাগর, প্রিয়, বঁধু। "হেরি নাঅর রাধা, খণ্ডিল মনের দ্বিধা শ্রী.ম ৮৬ ; বুঝিল নাঅর নিরপেক্ষ ১৬৪।

নাই[১] বি [সং নাপিত > প্রা নারিঅ > বা (নারি) °ই ; হিঁ, সি নাঈ ; ঠ ন্হারী] **১** নাপিত। "বি.পা ২৪১। বা.ম ২৭২। **২** [সং নাভি > প্রা নাহি > বা °ই] নাভি। "°কুণ্ড। **৩** চাকার মধ্যস্থ সচ্ছিদ্র কাষ্ঠখণ্ড ; চাকার হাঁড়ি (nave)। **৪** ['নেহ'—মূল] স্নেহ, আদর, প্রশ্রয়। "(ছেলেটা) বালক-কালাবধি বিশেষ নাই পাইয়া থাকিবে আ.দু ১৬। কুকুরকে নাই দিলে কাঁধে চড়ে (প্রবচন)।

নাই[২] অব্য [সং (নঞ্) > প্রা নাইং (হে ২.১৯০) > বা °ই] **১** না। "ভয় কি, মারিব নাই ঃ আমি কে, জানিস নাই ঃ রাম কে, জানিস নাই।—কৃ ২৪৯। করো নাই কোন্দল শি ৩১ ; বসে খেতে বাঁচি নাই বারিধির বালি ৬৮। **২** [সং নাস্তি > প্রা ণ(ন)ত্থি > বা (নাথি) নাহি, -ই] অবিদ্যমান, অনুপস্থিত। [নাই ঘরে—অভাবের ঘরে, গরীবের ঘরে। "নাই ঘরে খাঁই বেশী।]

নাই[৩] ক্রি [সং নাস্তি > প্রা ণ(ন)ত্থি ; ণহি (পৈ) > বা (নাহি) °ই ; তু 'ঠ নাথি, -থী, নাহীং, √নাথি ; গু নথী] অভাবার্থক ক্রিয়া ; থাকে না। "যত-আনি তত নাই ভা.চ ১০৪। সেথায় কথা নাই কারো ঘরে।—শিশু ৭২। 'নাই নাই' ভয় সে শুধু আমারি—রবীন্দ্র। [নাইকো (নাহিক > °কো)—নাই। "মোদের আসা-যাওয়া শূন্য হাওয়া, নাইকো ফলাফল।—গান ১২৭। নাই মামার চেয়ে কাণা মামা ভাল—(গৌণার্থে) একেবারে অভাব অপেক্ষা অভাবের আংশিক-পূরণও ভাল। "নাই মামা তা অপেক্ষা,…কাণা মামাটা ভাল।—দা ৪৯। সহকারিভাবে 'নাই' অতীতার্থসূচক। "আমি বলি নাই ; তুমি বল নাই ইত্যাদি।]

নাইয়া বি [সং নাবিক > প্রা নাবিঅ, নাইঅ > বা (নাইআ) °য়া, নায়্যা, -য়ে ; হি নৈয়া ; 'নাহী' (চ)] কর্ণধার, মাঝি, দাঁড়ী। "নাইয়া ক.চ ১৮৯। নাইয়া ব.প ১৪৯১ ; চৈ.ভা ৩৮৫। [নাইয়া-পাইক, -পাইট—নাবিকদল ও ভৃত্যগণ। "ক.চ ১৮৯ ; ২৪২,-৯]

নাউআ বি [হি নাউ ; অপ্র] নাপিত। "গো.চ ১৫৭। —আনি বি [°আ + আনি[৩] ; হি নাউন] নাপিতানী। "গো.চ ১৫৭।

নাউড়ে বি [ঠ নারাড়ী, -ড্যা ; ড় °ড়ি ; অপ্র] নাবিক। "শূ ৫৬।

নাএক বি [নায়ক > °ক (য় > ই্অ > এ)] গ্রামের প্রধান ব্যক্তি ; গ্রামণী। দ্র 'নায়ক (১২ ; ১৩)। "ভকত নাএকে শূ ১১৫। ব.প ২৬৬ ; ৪৭২।

নাএ(য়ে)ব বি [ফা নাএব্] **১** রাজার বা জমিদারের প্রতিনিধি। **২** প্রতিনিধি। "কাজী নাহি মানে পেগম্বরের নায়েব ভা.চ ৪৭৯। **৩** সহকারী। °নাজির, °পুরুত, °মুনসী। —বী বি নাএবের পদ বা কার্য্য।

নাও[১] বি [দ্র 'না[২]] নৌকা। "ম.গা ৫। বা.ম ১৪২। বি.পা ৬১। ম.ম ২০৭। চৈ.ভা ১৬৬। [°ঘাট—খেয়াঘাট। "বি.পা ২০৩।]

নাও[২] বি [হি নাউঁ ; অপ্র] নাম। "গো.চ ১৩০,-৬৯। [নাঞা, -ঞে —নামে। "ধর্ম্মের নাঞা গো.চ ৬। ধর্ম্মের নাঞে ৯৩।]

নাং [নাগাত > নাং] পর্য্যন্ত। "২রা বৈশাখ নাং ৩০ রোজ।

নাক[১] পুং [ন অক (দুঃখ) যাহাতে, বহুব্রী ; 'নাক'—দ্যুলোক (ঋগ্বেদ ১.১২৫.৫)] **১** স্বর্গ। "ঋগ্বেদ ১০.৯০.১৬। রঘু ১.৫। কি ৫.২৭। নাকে…দৈত্য চলিল চ.বি ২০৬। নাকেতে নির্জ্জরগণ করে হাহাকার

(কাব্যনির্ণয়)। **২** আকাশ। "নাকং ব্যাপ্নোতি তেজসা মহা ১.১৭১.৬। [°চর (পুং)—'আকাশচর', দেবগ্রহবিদ্যাধরাদি। °নাথ, °নায়ক (পুং)—ইন্দ্র। "°ক (নৈ)। °পৃষ্ঠ (ক্লী)—**১** নভস্তল। "মহা ২.১১.১৬। **২** সুরলোকতল; স্বর্গতল। "শ ৭২/৪। °বনিতা (স্ত্রী)—অপ্সরোগণ। "কি ৫.২৭। °লোক (পুং)—স্বর্গলোক। "নৈ ৫.৪৬। মাঘ ১৫.৮৮। °সৎ (-দ্) পুং—'আকাশগামী', দেবতা। "ভট্টি ১.৪।]

নাক[2] বি [সং নক্র >প্রা ণক্ক >বা °ক; তু 'ণক্ক'—নাসিকা (দেশী ৪.৪৬); হি, ঠ, গু, মৈ, ড়—নাক] নাসিকা। "থাক থাক থাক, কাটাইব নাক ভা.চ ৩৭৩। [°কড়াই—মটরের মত পাশের নাকের গহনা। °কানকাটা—(গৌণার্থে) বেহায়া (সূর্পণখার নাককান কাটা ইহার মূল)। °খত—মাটিতে নাকঘষা শাস্তি। "কাহার নাকখত…দণ্ড হইত আ.দু ১৪৬। °চনা, °চোনা—নাকের গহনাবিশেষ। "°চনা ব.প ৩৮৬। °চোনা দা ১৪৮১। °ছাবি—পাশের নাকের গহনা (দ্র 'ছাব')। °নাড়া—ভঙ্গিপূর্ব্বক মুখনাড়া দেওয়া। "দা ৬৪। °ফোড়া, °বিন্ধা—নাসিকাচ্ছিদ্রগতরজ্জুবদ্ধ (বৃষাদি)। "খুল্লনার হবে সাধু নাকবিন্ধা পশু ক.চ ১২৩। °শির (আ °সীর্)—নাকের শিরা বা দাঁড়া। °সাট—নিদ্রায় নাকের শব্দ বা ডাক। "নিদ্রিত যতেক লোক শুনে নাকসাট ব.প ৩৮২। °স্বানা—সর্থ 'নাকচনা'। "নাসিকায় নাকস্বানা ব.প ৯১০। নাক উঁচু করে চলা—অহঙ্কারে মাথা উঁচু করে চলা। "চক্রবর্ত্তীরে বড় নাক উঁচু করে চলতো, এইবারেই দেখবে!—অ গ্র ৮৫। নাক কেটে যাত্রাভঙ্গ—(গৌণার্থে) পরের অনিষ্টেচ্ছায় অগ্রে আপনার সাজ্ঘাতিক অনিষ্ট করা (যাত্রায় বিকৃতাঙ্গদর্শন অশুভ)। "দা ১১৮২। নাক চুল কাটা—নাক কাটিয়া ও মাথা মুড়াইয়া অপমান করা। "বি.পা ২৪৫; নাক চুল কাটিয়া করিহ গঙ্গার পার ৩৫৪। শ্রী ২২৭। নাক ঝাড়া—নাক হইতে শ্লেষ্মা বাহির করা। নাক ডাকা—নিদ্রায় নাসিকা গর্জ্জন (snoring)। নাক দিয়ে মুখ দিয়ে কথা বেরোন—অতি তাড়াতাড়ি বলা (যেন মুখে কুলাইতেছে না, নাক দিয়াও বাহির হইতেছে)। নাক বিঁধান—গহনা পরার নিমিত্ত নাক সচ্ছিদ্র করা। নাক সীটকান—ঘৃণায় বা অবজ্ঞায় নাসিকাকুঞ্চন। নাকে কাঁদা—নাকী সুরে কাঁদা। নাকে ক্ষত বা খত দেওয়া—দ্র 'ক্ষত'।]

নাকচ বিং [ফা নাকি.স্; ঠ নাকুচ, -স] অনুপযোগী, খারাব; অপটু, অকর্ম্মণ্য; অকেজো, অব্যবহার্য্য।

নাকা, -কান, -কাল বিং [নাগাল >নাকাল, -ন, নাকা; অপ্র] তুল্য। "বাগের নাকান এঙ্গা পেঙ্গা বিলাইর নাকা বৈসে গো.চ ৭৪,-৫। নাকাল ব.প ৪৯; ৫১।

নাকাড়া বি সর্থ 'নাকারা[3]'।

নাকান দ্র 'নাকা'।

নাকানি বি [নাক+পানী] নাকপর্য্যন্ত জলে নিমজ্জন। "নাকানি ডুবিয়া তাহে সাঁতারে আপনি শ্রী.ম ৬৮। [°চুবানি—ডুবান-ভাসান; হাবুডুবু। "°নি খাইয়া…মরে।—কৃ ১৮৬। নাকানি দিয়া থাকা—নাক পর্য্যন্ত ডুবাইয়া থাকা।]

নাকারন্দা বিং [ঠ নাকর্ন্তা] অক্ষম, অযোগ্য; অনুপযোগী।

নাকারা[1] বিং [ফা নকারা] অযোগ্য, খারাব, অকর্ম্মণ্য, অক্ষম।

নাকারা[2] বিং [ন+সাকারা; অপ্র] কদাকার, কুৎসিত। "সাকারা কন্যার ভাগ্যে নাকারা পাত্র।—দা ৯৭২।

নাকারা[3], **নাগারা, -গাড়া** বি [আ নক.রা; ঠ নগারা] আনদ্ধবাদ্যবিশেষ। "নাগারা গো.চ ১৩৬; নাগাড়া ১৯৬। নাগারা ঢেক-ঢেক (বাজয়ে) ক.চ ২৪২। ধাঁধাঁ গুড়গুড় বাজে নাগারা ভা.চ ৪৫৮; ৫২২। গুড়গুড় গরজিত নাকারা।—রঙ্গ ২১। দুর্গতোরণে নাকারা বাজিতে বাহিরে আসিল ছুটি।—কথা ১১৯।

নাকাল[1] দ্র 'নাকা'।

নাকাল[2] বি [আ নকাল্] শাসন, নিগ্রহ। "কাল ব্যাটার ভারি নাকাল করিচি বি.বু ২। —কাল বিং নিগৃহীত, অপদস্থ, লজ্জিত। "(ঠাকুর) পরিহাস করিয়া তাঁহাকে যে কত নাকাল করিয়াছেন, তাহার সীমা নাই গ.স ৬০। [নাকাল দেওয়া—গোপ্রভৃতি-দমনার্থ নাসাচ্ছিদ্রে দড়ি বাঁধা।]

নাকী (-কিন্) পুং [নাক+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] **১** 'স্বর্গবাসী', দেবতা। "মাঘ ১.৪৫; ২.১০৬, ১৩.৬৩। **২** [নাক[2]+ঈ[৭]; হি নকী] (বাঙ্লায়) নাকসম্বন্ধী, নাকে উচ্চারিত, অনুনাসিক। "নাকীস্বরে জিজ্ঞাসা করিলেন আ.দু ১৬।

নাকুড় বি [ন+পাকুড়; তু 'নাকড়ি, -ড়ী (শ্রী.কী); 'নাকর পাকর' (গো.চ ২৭৪)] যাহা পাকুড় (অশ্বত্থ) নয়; অশ্বত্থজাতীয়বৃক্ষ; পর্কটী।

নাকেশ্বর বি [নাগকেশর >°র; অপ্র] পুষ্পতরুবিশেষ। "চ.বি ৩৮। —রী বি সুন্দরবনের ব্যাঘ্রবিশেষ। "ব.প ১৩৭০।

নাকেশ্বরী দ্র 'নাকেশ্বর'।

নাক্ষত্র বিণ [নক্ষত্র+অ (অণ্); স্ত্রী -ত্রী] নক্ষত্রসম্বন্ধী। —ক্ষত্র ক্লী নক্ষত্রসম্বন্ধী যষ্টিদণ্ডাত্মক প্রকাশরূপ দিন; অহোরাত্র। —ক্ষত্র পুং নাক্ষত্রত্রিংশদ্দিনাত্মক মাস, অর্থাৎ ষাট দণ্ড দিনের ত্রিশ দিন। 'নাড়ীষষ্ট্যা তু নাক্ষত্রমহোরাত্রং প্রচক্ষতে। তৎ ত্রিংশতা ভবেন্ মাস…॥—সূর্য্যসিদ্ধান্ত। —ত্রিক বিণ [+ইক (ঠঞ্); স্ত্রী -কী] নক্ষত্রসম্বন্ধী, নক্ষত্রনিমিত্ত। "কলৌ নাক্ষত্রিকী দশা। —ত্রিক পুং সর্থ 'নাক্ষত্র (পুং)। —ত্রিকী স্ত্রী নক্ষত্রদশা।

নাখবান বিং [লক্ষবর্ণ >°ন; তু 'দশবাণ'] 'লক্ষগুণবর্ণ-বিশিষ্ট অতিবিশুদ্ধ। "নাখবান কনক।—গো ৩২,-৮।

নাগ[1] বিণ [নাগ+অ (অণ্); স্ত্রী -গী (পা ৪.১.৪২)] হস্তীসম্বন্ধী; অর্থাৎ স্থূল। —গ পুং [নগ+অ] **১** পর্ব্বতে স্থিত বা জাত; হস্তী। "গো.রা ২.১০৬.২৯। শ ২.৪। ভুজযুগে নিন্দে নাগে—ম ১৯১। **২** নাগকেশর বৃক্ষ। "ভ ৩.১৫.১৯। **৩** পুন্নাগ। **৪** নাগদন্তক। **৫** মেঘ। **৬** মুস্তক। **৭** দেহস্থবায়ুভেদ। "নাগ উদ্গিরণকরঃ (বেদান্তসার)। **৮** সীসক। **৯** তাম্বূলী। "গো.রা ৬.৯৬.৩। **১০** দেশভেদ, নাগপুর (?)। **১১** শ্রেষ্ঠ। "পুরুষ°। নৃপতি° শ্রী.ম ২১৬। [সমাসে উত্তরপদ]। **১২** সর্প। "গো.রা ১.৫ ১৮। ম ৬৩৮। **১৩** নরাকার ফণাঙ্গুলাদিযুক্ত দেবযোনিবিশেষ; অনন্তকর্কোটকাদি। "অনন্তশ্চাস্মি নাগানাম্ গী ১০.২৯। [ইহারা কদ্রুগর্ভজাত কশ্যপসন্তান। ইহাদের মধ্যে অনন্তাদি ষড়্‌বিংশতি নাগ শ্রেষ্ঠ। পাতাল অর্থাৎ নাগলোক ইহাদের বাসস্থান (মহা ১.৬৫তম অধ্যায়। হ ৩য় অধ্যায়)।] **১৪** ক্রূরাচারী। **১৫** গ্রাহ, মকরাদি। —গ ক্লী **১** বঙ্গ। **২** সীসক। **৩** (জ্যোতিষে) করণবিশেষ। **৪** অশ্লেষানক্ষত্র। **৫** (বাঙলায়) কায়স্থ ও বারুজির উপাধি। —গী স্ত্রী [নাগ+স্ত্রী ঈ (ঙীষ্)] **১** হস্তিনী। **২** নাগজাতি-স্ত্রী। **৩** সর্পী। [°কেশ(স)র (পুং)—নাগকেশরবৃক্ষ। °গর্ভ (পুং)—'সীসকগর্ভ', সিন্দুর। °চূড় (পুং)—শিব। °জ (ক্লী)—'সীসকজাত', সিন্দুর; বঙ্গ। °দন্ত, °দন্তক (পুং)—**১** হস্তিদন্ত। **২** (সাদৃশ্যে) গৃহভিত্তিলগ্ন কাষ্ঠাদিকীলক। "স ভিক্ষাপাত্রং নাগদন্তকেঽবস্থাপ্য স্বপিতি।—হি ১ৃ১ৃ৩। °দন্ত রঙ্গ ৬। °দমনী (স্ত্রী)—বিষনাশক ওষধিভেদ। °দ্রু (পুং)—'হস্তিপ্রিয় বৃক্ষ', সিজগাছ। °নক্ষত্র (ক্লী)—নাগদেবতাক অশ্লেষানক্ষত্র। °নায়ক (পুং)—**১** নাগশ্রেষ্ঠ—অনন্তাদি অষ্টনাগ। **২** সর্থ 'নাগনক্ষত্র'। °পঞ্চমী (স্ত্রী)—নাগপ্রিয় আষাঢ়-কৃষ্ণপঞ্চমী। "ম.ম ২১৭। [ইহা মনসাপূজার তিথি।] °পতি (পুং)—**১** করিশ্রেষ্ঠ ঐরাবত। **২** নাগশ্রেষ্ঠ অনন্ত। °পদ (পুং)—রতিবন্ধবিশেষ। °বল (পুং)—'হস্তিতুল্যবলবান্', ভীমসেন (দ্র "মহা ১.২৮.৬৮,-৯)। °বল্লরী, °বল্লী, °লতা (স্ত্রী)

—তাম্বুলী, পানের গাছ। "নাগলতা ক.ম ৪.৫।°বল্লী ছু ৬৬; ম.পা১৭৭। °ভূষণ (পুং)—'ফণিভূষণ', শিব। °রক্ত (ক্লী)—সীসককৃত রক্তবর্ণচূর্ণ; সিন্দুর। °রঙ্গ (পুং)—যাহার ফলের রঙ্গ নাগজাতসিন্দুর-তুল্য; নারঙ্গ, কমলালেবুর গাছ। °রাজ (পুং)—১ অনন্ত। ২ মহা-গজ। °লোক (পুং)—নাগভুবন, পাতাল। °সম্ভব (ক্লী)—সিন্দুর। °সাহ্বয় (ক্লী)—'নাগসদৃশনামযুক্ত', হস্তিনাপুর। "মহা ১.৪৩.২১।]

নাগ[2] বি [লাগ > °গ; অপ্র] ১ সঙ্গ, সাহচর্য্য। "নাগ পাএ কাহ্নে শ্রী.কী ১৪৩। ক.চ ১৪৮। গোপী নাগ নাহি এড়ে শ্রী.ম ৯৬। ২ এক সঙ্গে গমন; সহগমন। "(প্রভুর) নাগ নাহি পায় কেহ চৈ.ভা ৩৭৩। ৩ দেখা। "(মিশ্র) তর্জ্জ-গর্জ্জ করে বড় নাগ না পাইয়া চৈ.ভা ৪৪। —গি বি দেখা। "সমরে তোমার নাগি যদি পাই চ.বি ৩২০। নাগি পাইলেই লৈব জাতি চৈ.ভা ৩২৩।

নাগ[3] অর্ম্ম [√লাগ > °গ] ১ সংলগ্ন হওয়া। "আকাশে…নাগে সাগরের পাণি চ.বি ৭৫। ২ আরম্ভ করা। "গাঙ্গি বলিতে নাগিল গো.চ ২৩। ৩ উদ্দেশ্য বা লক্ষ্য করা। "জমপুরি নাগিয়া জম জাএছে গো.চ ২৩। ৪ আরব্ধ হওয়া। "নাগ নাগ কন্দুল কৌতুক দেখি নাগ শ্রী.মা ১৭৩।—গা[2] সর্ম্ম [°গ+আ[৮]] যোজনা করা; সাজান। "এখো রথে নাগাইল কতো রাজার ধন চ.বি ১৪৮। [লাগল—লাগিল। "ব ৬৮।]

নাগদনা বি [সং নাগদমনী; হি °দৌনা] বিষনাশক ওষধিবিশেষ। "ব.প ২১৩।

নাগপাশ পুং [কর্ম্মধা] ১ সর্পের সার্দ্ধদ্বয় আবর্ত্তন (আড়াই পেঁচ); সর্পবন্ধ। "(অসুর) বন্দি নাগপাশে ছু ৮; ৮৯। ২ বরুণের পাশাস্ত্র। দ্র 'পাশ[1]'। ৩ যুদ্ধায়ুধবিশেষ। "নাগপাশ বাণ এড়ে।—কৃ ২৫৯। [বাল্মীকীয় রামায়ণে 'বদ্ধৌ তু শরবন্ধেন', 'শরবেষ্টিতসর্ব্বাঙ্গৌ' (রা ৬.৪৫তম সর্গ)।]

নাগপুর ক্লী [ষ.ত] ১ নাগের বাসস্থান; পাতাল। ২ নাগনামে পুর; হস্তিনাপুর। "মহা ১.১১৩.৩৫। ৩ পাণ্ড্যদেশে কান্তকুজতীরবর্ত্তী পুর (রঘু ৬.৫৯, মল্লিনাথ)।

নাগপুষ্প পুং ১ নাগকেশর। ২ পুন্নাগ। ৩ চম্পকবৃক্ষ।

নাগফট বি নাগফণার মত নাসিকা। "ব.প ২৪৯।

নাগমাতা (-তৃ) স্ত্রী [ষ.ত] ১ কদ্রু। ২ মনসা। ৩ সুরসা।

নাগযষ্টি, -ষ্টিকা স্ত্রী [উ.লো] নাগাধিষ্ঠিত যষ্টি; জলাশয়োৎসর্গে বাপী-প্রভৃতিতে আরোপিত নাগাধিষ্ঠানভূত বিল্বাদির যষ্টি; রইকাঠ (শ.ক)। [বাপী পুষ্করিণী ও সরোবরে যথাক্রমে বার পনর কুড়ি আঙুল এবং সাগরে একহাত নাগযষ্টি স্থাপিত হয়।]

নাগর বি [নগর+অ (অণ্); স্ত্রী -রী] ১ নগরভব, নগরস্থিত। ২ নগরসম্বন্ধী, পৌর। ৩ নগরপ্রচলিত। ৪ বিদগ্ধ। ৫ শিষ্ট, সভ্য। ৬ চতুর। ৭ দুষ্ট, ধূর্ত্ত। ৮ নগর-হিত। "মহা ২.৫.১২১। —গর পুং ১ পৌরজন, পৌর। "পু.মে ২৫। ভ ১০.৫৬.১৭। ২ বিদগ্ধ, রসিক। "গো.চ ১১। সে অতি নাগর গোকুল কাহ্ন বি.সা৬০। °রাজ বি.প ৯৪। চ.দা ৪৩। ৩ দেবর। ৪ নাগরঙ্গবৃক্ষ। ৫ (জ্যোতিষে) গ্রহযুদ্ধ-ভেদ (ত.বা)। ৬ (বাঙলায়) নায়ক, প্রিয়, বঁধু। "জয় গোলকের পতি রাধার নাগর চৈ.ম ৩৪। ও কে নাগর তরুমূলে (প.ক)। ৭ বিলাসী। "কেন বা নাগরবেশ ছাড়িয়া সন্ন্যাস চৈ.ম ৬। —গর ক্লী ১ শুণ্ঠী। ২ রাজকশেরু, নাগরমুথা। ৩ রতিবন্ধবিশেষ। ৪ অক্ষর-বিশেষ, দেবনাগরী; 'নগর' দেশে প্রথম প্রচলিত অক্ষরভেদ {ত.বা; দ্র 'পা ৪.২.৯৫ (কাশিকা); ৪.২.১২৮, তত্ত্ববোধিনী}। —গরী[2] স্ত্রী [+°র+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ বিদগ্ধা, রসিকা, নায়িকা। "হৃত্তাভীরীঃ স্মরতু স কথং সংবৃতো নাগরীভিঃ (উদ্ধবদূত)। তথন নাগরী বুঝিলা চাতুরী চ.দা ৪৩,-৬। নাগর হে গিয়াছিনু নাগরীর হাটে ভা.চ ২৮৫। মথুরা° ব.প ৪৬। ২ সুহীবৃক্ষ। ৩ সর্থ 'নাগর (৪)। [°মুস্তা (স্ত্রী) —মুস্তাবিশেষ, জলজতৃণবিশেষের মূল; কেশুর। °রাজ (বি)—রসিক-চূড়ামণি। "দ্র নাগর পুং (২)। বুদ্ধির নাগর—বুদ্ধিমান্ নাগর। "গো.চ ১৯১; ৩০৫। রূপের নাগর—রূপবান্ নাগর। "ভা.চ ৩০৩।]

নাগরক পুং [নগর+অক (বুঞ্)] শিল্পী; চৌর। "পা ৪.২.১২৮।

নাগরদোলা বি এক সঙ্গে অনেকের উর্দ্ধাধোভাবে পাক খাওয়ার বড় দোলাবিশেষ। (merry-go-round).

নাগরপনা, -রালি বি [°র+পনা, আলি[৪]] বৈদগ্ধ্য, রসিকতা, চাতুরী। "কত না নাগরপনা জানে।—ব ১৫৫। ভিক্ষুরূপ হইলা ছাড়িয়া নাগরালি।—চৈ ৬৫। °লি-বেশে ন.প ২৩৯; °লি-ঠাটে ২৮৮; °লি-কাচে ২৯২। নাগরালি…কোরব হত লু.র ৭৬।

নাগরমুথা বি [ঠ °মোথা] সর্থ 'নাগরমুস্তা'।

নাগরমুস্তা দ্র 'নাগর'।

নাগরা বি ১ সর্থ 'নাকারা'। "গো.চ ২৪০,-১। শ্রী ১১,-৩। ২ [নাগোরা > °রা] দেশী জুতাবিশেষ।

নাগ(গি)রি, নাগরী[1] বি [তু 'গাগরী'] কলসী। "পিতলের নাগরি গো.চ ৬৭; পিতলের নাগিরি ২৬১।

নাগরিক বিণ [নগর+ইক (ঠঞ্), স্ত্রী -কী] ১ নগরভব, নগর-স্থিত, নগরবাসী। ২ নগরজাত। ৩ সভ্য, শিষ্ট। ৪ বিদগ্ধ, রসিক। "°বৃত্তি শ ৫$\frac{১}{২}$। —ক পুং ১ পৌর। ২ নগররক্ষাধিকৃত, কোটাল। "ততঃ প্রবিশতি নাগরিকঃ শ্যালঃ।—শ ৬$\frac{১}{২}$। —ক ক্লী নগরাগত শুল্ক।

নাগরিমা বি [°র—°মা, তু 'গরিমা'] সর্থ 'নাগরপনা'। "গৌর-নাগরিমা-গন্ধ ভরিল ব্রহ্মাণ্ড চৈ.ম ৩৫; ১২৮।

নাগরী[1]; **নাগরী**[2] দ্র 'নাগরি; নাগর'।

নাগরী[3] বি [হি, ঠ °রী] সর্থ 'দেবনাগরী'।

নাগর‍্যা বিং [সং নাগরিক > প্রা ণা(না)গরিঅ > বা (নাগরিআ) °র‍্যা; অপ্র] নগরবাসী, নগরস্থ। "°র‍্যা ছাওয়াল ক.চ ১০৯।

নাগল বি [নাগাল > °ল; অপ্র] ১ সাক্ষাৎকার, দেখা। "বিরলে পাইয়াছি নাগল না দিব ছাড়িয়া।—ব ১৪০। ২ সাহচর্য্য; সঙ্গ। "চারি জাতির নাগল পাইল গুপীচাঁদ রাজাএ।—ম.গা ৩।

নাগা[1] বি [সং নগ্নক > প্রা ণ(ন)গ্গঅ > বা (নগ্গঅ) °গা; হি, ড় নাগা; প নংগা; ঠ নাগডা; গু নাগ; সি নংগ; তু 'নগ্গ'—বস্ত্রহীন (দেশী ৪.২৮)] ১ শৈব নগ্ন (উলঙ্গ) সন্ন্যাসিবিশেষ। "কে তোরে পরালে বাস নাগা-সন্ন্যাসী?—অ.গু ৪৭। আ.ছু ১৩৩। জা ৩৯। ২ দিগম্বর শিব। "কেমন করি ঘর করি মা নিয়ে এ ন্যাংটা নাগা! গি.ষি ১১৭। ৩ আসামের পাহাড়ীয়া জাতিবিশেষ। ৪ নাগাজাতির বস্তির নিকটস্থ পাহাড়। ৫ [নাগ[3] > °গা] আটক, প্রতিবন্ধক। "যখন পাকিবে খন্দ,…দরিদ্রের ধানে দিবে নাগা ক.চ ৮৫।

নাগা[2] দ্র 'নাগ[3]'।

নাগাইত, -গাত, -গাদ অব্য [আ লগ.া'যত্] যাবৎ, অবধি, পর্য্যন্ত। "নিমন্ত্রণ গিয়াছে নাগাদ লঙ্কা।—দা ৯৩৯। আজকে নাগাদ হয় নি জানা।—প.কা ৭৬। সে নাগাদ ব্রজনাথ কবিরাজ দেখছে আ.ছু ১২৩।

নাগাইল, -গাল, -গালি বি [লাগাল > °গাল, °লি, °ইল] ১ লাগ, সঙ্গ; সাহচর্য্য। "সর্পের নাগালি যেন না ছাড়ে সাপিনী শ্রী.ম ১১৯। ২ সাক্ষাৎকার, দেখা। "পথে নাগাল পাইলে ব.প ২৪; নাগাইল পাইলে ৩৪; নাগালি ১০৯৭। জমের নাগাল পায় গো.চ ১৩। বাঘটার নাগাল নাহি পেল শ্রী.মা ৭৫। তোমার নাগালি নাহি পাই চৈ.ভা ১৯৬। সেনাপতির নাগাল না পাইয়া…ফিরিয়া আসিলাম ব.প্র ৪৬। ৩ সন্ধান, উদ্দেশ। "নাগালি পাইলে, আগে সংশয় আমার চৈ.ভা ৬৮৪। শ্যামের নাগাল পালাম না গো সই আ.ছু ২৫।

৪ সামীপ্য। "লাফে লাফে লপটে নাগালি পায় যায় (হানে ঠায় ঠায়) শ্রী ২২৫। (কোয়ারা তারার) না পেয়ে নাগাল, ছাড়ি দিয়া হাল, ...কাঁদি হয় সারা স্ব.প্র ২৯। [নাগাইল, নাগাল পাওয়া—দেখিতে পাওয়া; জানিতে পারা। "ছয় মাসের পরমাই...নাগাল পায়।—ব.প ৩০,-১। নাগালি না পাওয়া—ধরিতে না পারা। "না পাইয়া প্রভুর নাগালি বিপ্রগণে (চলিলেন জনকের স্থানে) চৈ.ভা ৪২।]

নাগাঙ্গনা স্ত্রী [ষ.ত] হস্তি-স্ত্রী; হস্তিনী।

নাগাড় বি [লাগাড় > °ড়] লাগ, সম্বন্ধ, সংস্রব। "চার পাঁচ দিনের পর আমাদের নাগাড় মরে।—হু ১৮০।

নাগাড়া; নাগাত, -দ দ্র 'নাকারা৩; নাগাইত'।

নাগান্তক পুং [ষ.ত] ১ নাগের নাশক; গরুড়। "নাগের নাগান্তক যেন।—ম ৬৩৮। ২ ময়ূর। ৩ হস্তিনাশক সিংহ।

নাগারা; -নাগাল, -লি দ্র 'নাকারা৩; নাগাইল'।

নাগাশন পুং [বহুব্রী] ১ নাগভক্ষক, গরুড়। ২ ময়ূর। "পক্ষ ১.১৭০।

নাগাহ্ব, -হ্বয় স্ত্রী হস্তিনাপুর। —হ্বয় পুং তাম্বূলী। "রসালনাগাহ্বয়শস্তক গো.রা ৬.৯৬.৩।

নাগি দ্র 'নাগ২'।

নাগিনী বি [নাগ+ইনী; সং নাগী] ১ নাগজাতি-স্ত্রী, নাগপত্নী। "নাগিনী যক্ষিণী কত।—কৃ ৩৩৫। নাগ-নাগিনীর মূর্ত্তি।—জ ৪৯। নাগিনী-কুমারী ভা.চ ৫০৪। ২ নাগকন্যা। "ভ্রাতৃস্থানে চলিল নাগিনী।—ম ৩৬। ৩ সর্পী। "কালনাগিনী ব.প ১৭৪। ম.ভা ৩৮।

নাগেন্দ্র পুং [উপ.স] ১ নাগশ্রেষ্ঠ, নাগরাজ; অনন্ত। "°বৈরী মে ৩০৩। ২ নাগশ্রেষ্ঠ কর্কোটক। "মহা ৩.৬৬.৯। ৩ দ্বিপেন্দ্র; ঐরাবত। "°হস্ত কৃ.স ১.৩৬।

নাগেশ পুং [ষ.ত] ১ নাগপতি, অনন্ত। ২ পতঞ্জলি।

নাগোরা বি [হি নাগোর (মারবাড়ের অন্তর্গত নগর) > °রা] ১ নাগোর-নগরের বড় গাই বা বলদ। "নাগোরা গাই। ২ (নাগোর-জাত ?) দেশী জুতাবিশেষ। "পায়ে °রা জুতা আ.চু ৪৮।

নাঙ, -ঙ্গ বি [সং নঙ্গ (নগ্ন > নগ্‌গ, নংগ ?) ; লাঙ্গ (পূর্ব্ববঙ্গ)] জার।

নাঙট বিং [নেঙটা > °ট] দিগম্বর। "যে যায় নাঙট-বেশে চু ২৪; ধাইছে নাঙট-বেশে ৩৩; ব.প ৫৯০।

নাঙ(ঙ্গ)ল বি [সং লাঙ্গল > প্রা লংগল > বা লা(না)ঙল; হি নাগল; ঠ, গু নাংগর; সি লংগরু] হল। "নাঙ্গল গো.চ ৩। [বামন গেল ঘর। নাঙল তুলে ধর॥—প্রভু অবর্ত্তমানে, কাজে ফাঁকি দেওয়ার প্রবচনবিশেষ।]

নাঙ্গা বিং [সং নগ্ন > প্রা নগ্‌গ, *নংগ > বা °ঙ্গা; হি, ঠ নংগা] নেঙটা। "নাঙ্গা কালি হৈল মএনা গো.চ ১৯।

নাচ১ বি [সং নৃত্য > লি নচ্চ, প্রা ণ(ন)চ্চ > বা °চ; হি, ঠ, গু, প, ড় নাচ; সি নাচু] ১ নৃত্য। "ভারত ভুলিল ভবের নাচে ভা.চ ১১৬। ২ নৃত্যবৎ পশুর বা পক্ষীর অঙ্গভঙ্গি। "ভালুক° । তোর (ময়ূরের) নাচে।—হেম ৩১৩। [°ওয়ালী—নর্ত্তকী। °কাচ—নৃত্য ও রঙ্গভঙ্গ। "ভ.প্র ৩৩৩। °ঘর, °মহল (হি °র; °ল)—নৃত্যশালা।]

নাচ২, -ছ বি [সং রথ্যা > লি, প্রা রচ্ছা > বা (লচ্ছা > লাছা) লাছ, নাছ,-চ; লাছ (শূ ১২৫; বাঁকুড়া)] ১ রাস্তা, পথ; পথের নিকটস্থ দ্বার; বহির্দ্বার (street-door); বাহির মহল; বারবাড়ী। "নাচে গিআ চাহে রাই নান্দের নন্দন শ্রী.কী ৩০৯। ভাবকি দেখারে ব্যাঘ্র ভ্রমে নাচে নাচে।—শ্রী ৭৬। চন্দনে চর্চ্চিত বটে জম রাজার নাছ।—শূ ৫৬। নাপিতিনী বসি আছয়ে নাছে চ.দা ৩৪। পাষাণে রচিত নাছ বাট ক.চ ৬৩; ৭৯। নাছে বাটে ঝাটি ছড়া শ্রী.ম ১৮। নাছের ভিখারী ব.প ১০৬; ৪৫৮; নাছে বাটে...স্বস্তিক সিন্দুর-লেখা ১১৬৯; ব্যারাইতে না পাই নাছে ১৩৫৫। জমাদার বসয়ে নাছে বা.প্র ৯৬। কেহ নাচের ভিক্ষুক শ্রী ১৭; নাছে ঘাটে বাটে ৭০; ৯৮; বাইতি...আসিয়া আছে নাছে ২৫৮,-৬৩। নাছের কুকুর ভ.প্র ৪৮১। দেখিয়া কাঙ্গালি,...রহিতে না দিবে নাছে।—ভা.চ ১০৬। নাচে নাচে নাচে কত নর্ত্তকী বা.দ ১২৫। ২ (গৌণার্থে) বাড়ী। "বিংশতি বৎসর ছিল চণ্ডালের নাছে শ্রী.মা ৯৫। (নারী) আন মোর নাচে ম.বি ১১০। [°দরজা—বহির্দ্বার, সুমুখ-দোর। °বাট—রাস্তা, পথ। "চ.বি ৩৭৩। নাচের ভিখারী—পথের ভিখারী, অতি দরিদ্র।]

নাচ৩ অর্ম্ম [সং √নৃত্ > লি √নচ্চ, প্রা √ণ(ন)চ্চ > বা °চ; হি, ঠ, গু, ড়, মৈ √নাচ; প √নচ্চ, -চ; সি √নচ] ১ নৃত্য করা; নাচা। "নাচন্তি চ ৩০; মী ১৮; কৃ.উ ২৮৭। নাচএ নারদ শ্রী.কী ২। নাচে বি.পা ৩৩৫। ২ স্পন্দিত হওয়া। "রাবণের নাচে বাম অঙ্গ।—কৃ ২০২; চু ২২। বামেতর নয়ন নাচিল।—মে ২০৭,-১৫।—চ সর্ম্ম (অপ্র) নৃত্যের সহিত গান করা। "হেন রামায়ণ গীত নাচিল তথাতে : সাতকাণ্ড রামায়ণ নাচিল নাটকে শ্রী.ম ২৭৬। —চা সর্ম্ম [নাচ+আ৮] ১ নৃত্য করান; নাচান। "নাচায়েন আপন সেবক চৈ.ভা ৪৫৭। সাপের বাসায়, ভেকেরে নাচায় ভা.চ ৩৭০। ২ মত্ত করা; মাতান। "মিলি যত ছুড়ী সে বুড়ীরে নাচায়েছে ব.প ১৫৩। ৩ অভিনয় করান। "বহু নাচাইলে আমায় চৈ.চ ৮৬। ৪ নানা সরস ভাবভঙ্গিতে প্রয়োগ করা। "তাঁর বাণী শিষ্যা, তারে বহুত নাচাই : কৃপা না নাচায়, বাণী বসিয়া রহিল।—চৈ.চ ৩৫৭। [নাচা—সর্থ 'নাচ৩'। "বি.পা ৩৩৫। নাচান—সর্থ 'নাচা'। নাচায় কাচায়—নৃত্য ও অঙ্গভঙ্গি করায়। "ভ.প্র ২০৩।]

নাচন বি [নাচ°+অন] ১ নৃত্য। "দামোদর জুড়িল নাচনে শ্রী.কী ২৩৬। গো.চ ১০৪। বি.পা ২৫। বা.ম ৩৫৬। চৈ.চ ৩৫৭। গীত নাচন চৈ.ম ৭১। মহেশের নাচন ভা.চ ১৫। ২ স্পন্দনভঙ্গি। "পরাণ হরিল রাঙ্গা নয়ন নাচনে।—ব ১৫১। —চনি বি [°ন+ই১] নাচন। "বাসুকির নাচনি বি.পা ২৫। ২ সবিলাস নেত্রস্পন্দন বা কটাক্ষপাত। "কিবা সেই নয়ান-নাচনি প.র ২৭; ৩৪। নয়ন° গো ৭৫। —চনী বি [সং নর্ত্তকী, নর্ত্তনী > প্রা ন(ণ)চ্চণী (হে, কুমারপালচরিত ২.৬৭, টীকা; ক.ম ৪.১০) > বা °নী] ১ নর্ত্তকী। "নাচনীর বেশে গো.চ ৪৮১। ইন্দ্রের নাচনী।—ম ৬৯২,-৩; ক.চ ১৪৫; শ্রী ১০; রা.প ৩৮। ২ সর্থ 'নাচনি (২)। "নয়ননাচনী।—ব ১৫২। —চুনী বি নর্ত্তকী। "আহ্মে নহোঁ নাচুনী শ্রী.কী ২৪২। [নাচন কোঁদন, নাচা কোঁদা (হি নাচ কুদ)—নর্ত্তন-কুর্দ্দন; আমোদ-আহ্লাদ, রঙ-তামাশা। নাচনিপাখী—পাখীর মত তাঁতের সজ্জাবিশেষ। ইহাতে 'ব' বাঁধা থাকে এবং 'ব'-এর সঙ্গে ইহা উঠে ও নামে।]

নাচনি, নাচনী, নাচুনী দ্র 'নাচন'।

নাচনীয়া বিং [°ন+ঈয়া] নৃত্যকুশল। "°য়া পাখী কৃ ২৭২।

নাচাড়ি, -ড়ী, -রি, -রী বি [শৌরীন্দ্রমোহন ঠাকুর প্রণীত 'সঙ্গীত-শাস্ত্র-প্রবেশিকা'য় দেখা যায়, 'লহচাড়ী'—গীতপ্রবন্ধবিশেষ (১৫ পৃষ্ঠা) ; কিন্তু এই প্রবন্ধ যে কি প্রকার তাহা জানা যায় না। প্রাচীন বাঙ্গলায় যে 'নাচাড়ী' আছে, তাহা দীর্ঘত্রিপদী; ইহার নামান্তর 'নাচাড়ি দীর্ঘ-ছন্দ' 'দীর্ঘছন্দ নাচাড়ি' (মী ১২; ১৭); 'খর্পছন্দ (খর্ব্বছন্দ) পয়ার' ইহার বিশেষক। সাধারণতঃ অন্য গ্রন্থে ইহাই 'নাচাড়ী'। বোধ হয়, 'লহচাড়ী' প্রবন্ধের সহিত 'দীর্ঘত্রিপদী'র সাম্য আছে এবং তজ্জন্য 'লাচাড়ী' 'নাচাড়ী' বা 'নাচারি' নামকরণ হইয়াছে। মতান্তরে 'না-চারি' অর্থাৎ চারিপদী পয়ার নহে, অর্থাৎ ত্রিপদী। পূর্ব্বপক্ষ সমীচীন, বোধ হয়।] দীর্ঘত্রিপদী ছন্দ; লাচাড়ী ছন্দের প্রবন্ধ। "°ড়ী গো.চ ৩৭৫। নাচাড়ি রচিলা কৃত্তিবাস কৃ.অ ১২; ২৪। কৃ.উ ২৪১। নাচারি বি.প ৮; ২৫; °রী ৭৫,-৬। কৃত্তিবাস নাচাড়ী সুসার।—কৃ ২৫৪। দ্র 'লাচাড়ি'।

নাচায়ন বি [√নাচা+অন ; অপ্র] নাচান ; মাতান। "বহু নাচাইলে আমায় ছাড় নাচায়ন চৈ.চ ৮৬।

নাচার বিং [ফা না-চারা] যাহার চারা নাই ; প্রতিকারে অসমর্থ; নিরুপায়। "জগদানন্দ নাচার জ.প ২৫। ভ্রমর বলে, করিব কি নাচার।—দা ২১৩৭। ব্রজেশ্বর নাচার—আপনি পা টেপার নিমন্ত্রণ লইয়াছেন ব.প্র ৩৮৭। —রী বিং নাচার। "হাত বাড়ীয়ে মুখে সে চায়, আমি তখন নাচারী।—শিশু ১০৩।

নাচি, -ছি বি [?] লোহার পাত ইত্যাদি জোড়ার খীল, যাহার মাথা পিটিয়া চেপ্‌টা করিয়া পাত আঁটা হয় (rivet)।

নাচিয়ে বি [হি নচরৈয়া] নৃত্যকুশল, নর্ত্তক।

নাছ, নাছদরজা দ্র 'নাচ২।

নাছা(ছো)ড় বিং ১ যে সঙ্গ ছাড়ে না। "আমাকে নাছাড় তুমি যেই খানে যাই বি.পা ২৪৫। ২ যে যাইতে দেয় না, ধরিয়া রাখে। "গড়াগড়ি পায়ে ধরি নাছোড় বিবিজান।—হেম ৩৭৭। ৩ নির্ব্বন্ধশীল, জেদী। "নাছোড় বান্দা।

নাছি দ্র 'নাচি'।

নাজিম বি [আ নাজ়ীম্] পাতশাহের নিয়োজিত দেশের শাসনকর্ত্তা। [নাএব°—নাজিমের সহকারী।]

নাজি(জী)র বি [আ নাজ়ীর্] দরবারের বা আদালতের কর্ম্মচারিবিশেষ; পেয়াদার অধ্যক্ষ। "গো.চ ১০৮। নাজীর ভা.চ ৪১২। নাজির ৪৯৭। [°দপ্তর—নাজীরের আফিশ। "আ.দু ১০৫।]

নাজেহাল বিং [আ নজ়া'+হাল্] 'মৃত্যুযন্ত্রণার দশা' ; দুর্দ্দশাগ্রস্ত, অতিবিপন্ন, হায়রান।

নাঞি, -ঞী ক্রি [নাই > °ঞি, -ঞী ; অপ্র] ১ সর্থ 'নাই৩'। "নাঞি ম ৬ ; ক.চ ৩, ২৬ ; ভ.গ্র ৩৭১। ২ [নাই২ > °ঞি, -ঞী] না। "বৃথা যজ্ঞ কেন কর, বেদ মান নাঞী শি ১১। [নাঞিক—নাই। "প্রভুর নাঞিক দোষ ব.প ৫৪৬। আন নাঞী—আনয়ন কর নাই। "যজ্ঞেশ্বর জামাতাকে যজ্ঞে আন নাঞী শি ১১।]

নাঞ্ছন বি[লাঞ্ছন > °ন; অপ্র] কলঙ্ক। "কাল নাঞ্ছন কোলে ধরে শশধরে শ্রী.কী ৯৩।—না বি নির্য্যাতন, পীড়ন। "নাঞ্ছনা হৈল তোর চ.বি ১৯৪।

নাট পুং [√নট্+অ (ঘঞ্)-ভা ; তু 'সং নৃত্য > প্রা ণ(ন)ট্ট] ১ নৃত্য। "আইলাম নাট করিবার মী ১৭। গো.বি ৯১। ম ৮১৮। ক.চ ৭। দশরথ চান্দনাট প.র ২৭। চৈ.চ ২২০। ২ কর্ণাটক দেশ। ৩ (বাঙ্‌লায়) লীলা। "কে বুঝে তোমার নাট চৈ.চ ১১৬। ৪ খেলা। "কত বাল্য-নাট স্ব.প্র ৫৮। ৫ কাণ্ড, ব্যাপার। "ভাঁড়্ দত্ত কৈল এত নাট ক.চ ১০৬। উদরভরণ লাগি পাতিয়াছে নাট।—চৈ ২৫। কে কোথা দেখেছে হেন নাট, ভা.চ ৩৪৩। ৬ অভিনয়, ভাবপ্রকাশ। "ঘরে গিয়া আর নাট, বাকা মুখে কথা কয় চোখা ভা.চ ২৮৪। ৭ রঙ্গ। "আর গুস্তাহ খুল্লনা আছেন ভাল নাটে ক.চ ২১৮। ৮ কৌতুক, তামাশা, মজা। "জানেন বিস্তর ঠাট, দেখাইব তার নাট ভা.চ ৩৬০। বা.দ ১৯৩। ৯ ভাবভঙ্গি। "সেই ছাঁদ সেই নাট বা.দ ২৫৬। [নাট নাটুয়া—নর্ত্তকী (একার্থক)। "গো.বি ৬৯। °মন্দির (বি)—দেবমন্দিরের সমীপস্থ নৃত্যগীতোৎসবের মণ্ডপ। "গো.চ ৬৭। ব.প্র ৩৪০। °শাল, °শালা (বি)—নৃত্যশালা। "°ল কৃ.উ ১১। °লা কৃ ৩৭৭। নাটের গুরু—নষ্টের (শঠতার) গুরু ; অতিশঠ। "উনি নাটের গুরু চ.সা ১১।]

নাটআ, -টুয়া, -টোআ, -য়া বি [নাট+উয়া২ > °টুয়া, °টোয়া, -আ, -টয়া ; হি, গু নটরা, -টুরা, ঠ নটরা, -টুরা ; মৈ নটুআ ; তু 'নাট্য' (শ্রী.মা ৬৫)] ১ নাটকারক, নর্ত্তক। "তামিলের নাটুয়া ব.প ২০১ ; নাটআ খঞ্জন ২৮৫ ; নাটোয়া ৬১৪। নাটুয়া-বেশে নাচে।—গ ১৮৫। নাটুয়া ক.চ ৬ ; শ্রী.ম ৯৯ ; চৈ.ম ৬৭ ; হু ৩৬। নাটুয়া মোহন বেশ জ.প ১৯। ২ নর্ত্তকী। "নাটোআর ভেসে।—মী ১৪,-৫। নাটুয়া গো.বি ৬৯ ; নাটোয়া ৮২,-৩। নাটুয়া ব.প ২৮৮।

নাটক পুং [√নট্+অক (ণ্বুল্)-ক] ১ নর্ত্তক। "অখিল° শ্রী.ম ১৪৩। নাটক দেখিয়া শিবঠাকুর ভা.চ ১১৬ ; শ্মশান° ১৫৭ ; কুঞ্জ° ১৬০ ; ৩৪৭। ২ অভিনেতা। "সাতকাণ্ড রামায়ণ নাচিল নাটকে শ্রী.ম ২৭৬। —টক ক্লী [√নাটি+অ (অচ্)-র্ম্ম+ক (কন্)] ১ অভিনেয় দৃশ্যকাব্য ; রূপকভেদ। ২ [বাঙ্‌লায় ; অপ্র] নাটাই। "ব.প ৮৩। —টকী স্ত্রী ১ ইন্দ্রসভা। ২ [বাঙ্‌লায়; অপ্র] নর্ত্তকী। "বৃহন্নলা নাটকী ব.প ৬১৩। [°লক্ষণ (ক্লী)—নাটকের ষট্‌ত্রিংশৎ লক্ষণ (সা.দ ৬.৭-১১)।]

নাটকী দ্র 'নাটক'।

নাটকীয় বিণ [°ক+ঈয়(ছ)] ১ নাটকসম্বন্ধী, নাটকলিখিত। ২ নাটকে বর্ণনীয় ; নাটকবর্ণ্য (বস্তু)। "মাঘ ২.৮।

নাটন বি [নটন > °ন] নৃত্য। "বালা করয়ে নাটন ক.চ ২১২।

নাটা বিং নষ্ট, অর্থাৎ শিথিল ; স্খলিত। "নাটা পাটা...আলাইল কেশ শি ৩২। —টা বি [লতা > °টা] লতানীয়া কাঁটাগাছবিশেষ ও তাহার বাঁটুলের মত গোল ফল। "চক্ষু জিনি নাটা ক.চ ৪৬। নাটাপারা দুটা আঁখি শ্রী ৮২।

নাটাই বি [সং নর্ত্তকী > প্রা ণট্টঈ (প্রা.প্র ৩.২২) > বা °ই ; হি লটাঈ] (নর্ত্তকীসাদৃশ্যে) সূতা গুটাইবার চরকি। "বুকে বাণ বাজিয়া °ই যেন ঘুরে কৃ ৭১। [নাটান—নাটাইতে সূতা জড়ান।]

নাটিকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ উপরূপকবিশেষ, রত্নাবলীপ্রভৃতি [দ্র 'সা.দ ৬.২৬৯-৭২)। "ক.চ ২১৫। ২ [বাঙ্‌লায় ; অপ্র] নর্ত্তকী। "নাটিকার নৃত্যভঙ্গ শ্রী.মা ৫৩।

নাটিত বিণ [√নাটি+ত (ক্ত)-র্ম্ম] অভিনীত। —টিত, -তক ক্লী [+ত-ভা, ক (কন্) স্বার্থে] অভিনয়। "ভীতিনাটিতকেন শ ৬$\frac{০}{১}$। পতনভয়নাটিতক রঘু ৯.৪৬, মল্লিনাথ।

নাটিম বি [লট্টু ; 'নাট'—মূল ?].খেলনাবিশেষ। "ভ.গ্র ২০৩।

নাটুয়া, নাটোআ, -য়া দ্র 'নাটআ'।

নাটেয়, -টের পুং [নটী+এয়, এর (ঢক্, ঢ্রক্)] নটীসুত।

নাট্য ক্লী [নট+য (ঞ্য), পা ৪.৩.১২৯] ১ নটধর্ম্ম, নটকর্ম্ম ; নৃত্যগীতবাদ্য, তৌর্য্যত্রিক (অ.কো)। ২ নৃত্য। "বয়ং বিভো তে নটনাট্যগায়কাঃ ভ ৭.৮.৫০। নাটিকার নাট্য শ্রী.মা ৫৩। বা.দ ৭৯। ৩ [√নাটি+য (যৎ)-র্ম্ম] অভিনেয় দৃশ্যকাব্য ; নাটক। "রত্যাদ্যুদ্বোধকা লোকে বিভাবাঃ কাব্যনাট্যয়োঃ সা.দ ৩.২৯। ৪ নাট্যশাস্ত্র। ৫ [+য-ভা] বাক্যার্থাভিনয়, অভিনয়। "নাট্যেন সিঞ্চতি শ ১$\frac{২}{১}$; নাট্যেন সুমনসো গৃহ্লাতি ৪$\frac{০}{১}$।—ট্য পুং অভিনেতা। [°প্রিয় (পুং)—শিব। °ভাষা (স্ত্রী)—নাট্যে পাত্রভেদে প্রযোক্তব্য ভাষা (সা.দ ৬.১৫৮-১৬৯)। °শালা (স্ত্রী)—১ নাট্যগৃহ, রঙ্গ ; নৃত্যশালা। "মে ৭। ২ সর্থ 'নাটমন্দির'। °শাস্ত্র (ক্লী)—নৃত্যাদিবিষয়কগ্রন্থ ; ভরত-কৃত নাট্যগ্রন্থভেদ।]

নাট্যাচার্য্য পুং [ষ.ত] নাট্যগুরু, নৃত্যাদিশিক্ষক। "মা.মি ১$\frac{০}{৪}$।

নাট্যালঙ্কার পুং, **-ঙ্কৃতি** স্ত্রী [ষ.ত] আশীরাদি ত্রয়স্ত্রিংশৎ নাট্যের ভূষণ। 'সা.দ ৬.১৯৫-১৯৮।

নাট্যোক্তি স্ত্রী [ষ.ত] নাটকে প্রযুক্ত স্বাগত-প্রভৃতি পারিভাষিক শব্দ। 'সা.দ ৬.১৩৭-১৪০।

নাড়, -ড়া২ সর্ম্ম [সং √লাড—আক্ষেপ ; নড়া > নাড়া, -ড়] ১ স্থানান্তরে লওয়া ; সরান। "গো নারিকেল নেড়ে (নাড়িয়া) রো।—খনা। ২ চালিত করা ; স্পন্দিত করা। "সীতা নাড়ে হাতটি বানরে নাড়ে মাথা।—কৃ ২১২,-৫০। চোয়াল নাহি নাড়ে ক.চ ২০২। শ্রী ৩৫।

চ.বি ৮৭। ৩ অন্যথা করা ; না মানা। "আজ্ঞা নাড়ে এমন যোগ্যতা কার হয় ব.প ৪৭৮। ৪ [তা √নড়ু—to plant] স্থানান্তরে রোপণ করা। ৫ ছড়ান, ঘাঁটা। "ধুঞা পোড়া অন্ন দেখি নাড়ি চাড়ি চায় ব.প ৩৩১। [নাড়া, -ড়ান—সর্থ 'নাড়'। নাড়ে চাড়ে—বিচালিত করে ঝাঁকুনি দেয়। "ঝুলি নাড়ে চাড়ে শিব ঝুলিতে নাই কড়ি ম.ম ১২।]

নাড়া[১] বি [√নাড়+আ৬] ১ সঞ্চালন, স্পন্দন। "ধরিয়া রাবণে …মাথা তুলি দিল নাড়া ক.চ ১৫ ; বাহু° ২৫। গাছ° ব.প ৭৮৫। হাত° ভা.চ ৩৭৫। নাক° দা ৬৪। নথ° ব.প্র ৩৪৫। ঢেউয়ের নাড়ায় কু.কে ৩০। ২ অপসারণ, সরান। ৩ স্থানান্তরে রোপণ। "আম নাড়া টুকটুকী, কাঁটাল নাড়া ভুও।—খনা। ৪ আঘাত, ঘা। "একটুমাত্র নাড়া খাইলেই হিন্দুতে মুসলমানে…সংঘাত বাধিয়া যায় না কি? —রবীন্দ্র। [°চাড়া—১ নাড়া ও চালা ; অপসারণ। ২ চর্চ্চা, আলোচনা। "নবাবি মেজাজের কথা নিয়ে নাড়া-চাড়া হয়।—হু ৪০। °ঝাড়া— নাড়া ও ঝরান। "নাড়াঝাড়া দিয়া ভাজে ঘৃতে জবজব শ্রী ৩১ ; ১০৭। °নাড়ি—বারংবার নাড়া ; ঘাঁটাঘাঁটি।]

নাড়া[২] 'নাড়'।

নাড়া[৩] বি [সং নাড়, -ল, -লা ; মৈ নার ; 'নাড়া' (ঢাকা)—বিচালি] ১ ধানের নলের মত গোড়া (stalk)। "খাটিতো মজুর কাটিতো নাড়া দা ৪৯৬। ২ বিচালি, খড়। "ছাউনি সব নাড়া কৃ ৩৭৬।

নাড়া[৪] বিং [?] ১ মুণ্ডিতমস্তক, মুণ্ড। ২ পত্রশূন্য ; পল্লবহীন, মুড়া। "নাড়া তালের গাছ গো.চ ২১৫,-৮। —ড়া বি বৈষ্ণবসম্প্রদায়বিশেষ। "তব মাতা নাড়া সঙ্গে নাড়া হৈল নাকি ভ.গ্র ৪১২।

নাড়ি, -ড়ী স্ত্রী [√নল্+ই (ণি)-ণ (অ.টী) + বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্) ; ছান্দস] ১ শিরা, স্নায়ু। "মা.মা ৫.১। ২ হস্তের বা পদের শিরা। ৩ নাল, পদ্মাদির ডাঁটা। ৪ ব্রণবিশেষ, নালী-ঘা। ৫ ধান্যযবাদির নাল ; নাড়া (অ.কো) ৬ নালমাত্র, চোঙা। "সমুদ্র উদর যত নদ-নদী নাড়ী শ্রী.ম ২৯৬। ৭ গণ্ডদূর্ব্বা। ৮ নাড়ীতুল্য রেখাভেদ (ত.বা)। ৯ প্রণালী ; (সাদৃশ্যে) বৃষ্টিসর্জ্জন সৌরকর। "রঘু ১০.৫৮। ১০ শাকাদির ডাঁটা। ১১ দণ্ড, চব্বিশ মিনিট্। ১২ নাড়ীসদৃশ শুষ্কশিরা। "বহুনাড়ীকঃ স্তম্ভঃ (সি)। [°চক্র (ক্লী)—নাভিমণ্ডলস্থ কুক্কুটাণ্ডতুল্য নাড়ীমূল। °জঙ্ঘ (পুং)—কাক ; বকভেদ। °ব্রণ (পুং) —নাড়ীবৎ পূযবাহী ব্রণ ; নালী-ঘা। °যন্ত্র (ক্লী)—নাড়ীতুল্য শল্যোদ্ধরণার্থ বিংশতিবিধ যন্ত্রভেদ (সুশ্রুত)। °শাক (পুং)—পাটশাক।] [নাড়ী কাটা—সদ্যোজাত শিশুর গর্ভনাড়ী ছিন্ন করা। নাড়ীছেঁড়া ধন—সন্তান। "পা.প্র ১৩২। নাড়ী ঝাড়ি—নাড়ী-ভুঁড়ি। "কৃ.উ ৭৪। নাড়ী টেপা—হাতের নাড়ী টিপিয়া গতি পরীক্ষা করা ; হাত দেখা। নাড়ী-ভুঁড়ি—নাড়ী ও ভুঁড়ি। "মে ২৭১। নাড়ীর টান—গর্ভধারণজন্য স্নেহবন্ধন।]

নাড়িকা স্ত্রী [নাড়ি+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ সর্থ 'নাড়ি'। ২ কালমানভেদ। দ্র 'ভ ৩.১১.৮।

নাড়িখুড়ি বি ['খুটি'নাটি >খুড়িনাড়ি >°ড়ি ?] স্বল্পায়াসসাধ্য কার্য্য (?)। "নগেন্দ্রনিলয়ে রব নাড়ি-খুড়ি করি শি ১০০।

নাড়িনক্ষত্র ক্লী [উ.লো] ষড়্‌নাড়ীচক্রে ও নবনাড়ীচক্রে স্থিত নক্ষত্র ; লোকের জন্মনক্ষত্র এবং জন্ম হইতে দশম ষোড়শ অষ্টাদশ ত্রয়োবিংশ ও পঞ্চবিংশ নক্ষত্র ; জন্মনক্ষত্র। [নাড়িনক্ষত্র জানা—আমূল সকল বৃত্তান্ত সবিশেষ জানা।]

নাড়িন্ধম বিণ [নাড়ী+ √ধ্মা+অ (খশ্)-ক, হ্রস্ব ; উ.ত] উচ্চনীচাধিরোহণ-জন্য মুহুর্মুহুঃ শ্বাসকারক। "নাড়িন্ধমান্ মার্গান্ ভট্টি ৬.৯৪। নাড়িন্ধমেন শ্বাসেন (কাদম্বরী)। —ন্ধম পুং নাড়ী (নাল)। ফুৎকারে যে শব্দিত করে ; স্বর্ণকার।

নাড়ী দ্র 'নাড়ি'।

নাড়ীক, -ড়ীচ পুং পাটশাক, নালিতা।

নাড়ু বি [লাড়ু >°ড়ু] সর্থ 'লাড়ু'। "চৈ.চ ৩১২।

নাঢ়া বি চৈতন্যদেবকৃত অদ্বৈতাচার্য্যের নাম। "নাঢ়া নাঢ়া নাঢ়া' বোলে মস্তক ঢুলাঞা চৈ.ভা ২২৮। ন.প ২৪৬। [আচার্য্যের পৈতৃক বাসভূমি 'নাড়িয়াল' গ্রামের নামানুসারে এই নাম।]

নাণক ক্লী [ন অণক, সুপ্‌সুপা] 'অকুৎসিত', মুদ্রাদিচিহ্নিত দ্রম্মনিষ্কাদি ; মুদ্রা। "যাজ্ঞ ২.২৪৩। °মোষিকা।—মৃ ১.২৩।

নাণ্ডামুণ্ডা বিং [মুণ্ড >°ণ্ডা ; 'নাণ্ডা' (অনু.শব্দ ?)] নেড়ামুড়া, কেশহীন। —মুণ্ডী বি প্রায় কেশহীনা নারী। "ব.প ৮।

নাতজামাই ; নাতবউ দ্র 'নাতিন ; নাতি'।

নাতান বিং [ফা না-তরান্] অশক্ত, সঙ্গতিহীন, যোত্রহীন। বিপ 'সাতান'। "আমি কখন নাতান কখন সাতান, কখন বাকীর দায়ে না ঠেকি রে।—রামপ্রসাদ।

নাতি বি [সং নপ্তৃক >প্রা নত্তিঅ (হে ১.১৩৭) >বা (নত্তি) °তি ; তু 'নাতিআ' (শ্রী.কী) ; হি নাতী ; ঠ নাতু ; মৈ নাঁতী] ১ পৌত্র। "গো.চ ২৬৭। ক.চ ২৬। ২ দৌহিত্র। ৩ পৌত্রের সম্পর্কবিশিষ্টমাত্র। "শ্রী.কী ১১। গ্রামসম্বন্ধে সাত ভাই সদাগরের নাতি ক.চ ১৭০। ৪ [লাতি >°তি ; ড় নাত] লাথি। "জা ১৬। [নাতবউ—নাতির স্ত্রী। নাতি-পতি, নাতি-পুতি—পৌত্র-পৌত্রী। "°পতি ম.গা ১১। গো.চ ৩৪০। °বেটা—প্রপৌত্র।]

নাতিখর্ব্ব বিং যাহা অতি ছোট না ; নাতিহ্রস্ব। "নালিকা নাতিখর্ব্ব নাতিদীর্ঘ। —য ৯।

নাতিদীর্ঘ বিণ [সুপ্‌সুপা] ১ নাত্যধিক, কিয়ান্, কিছু। "কুণ্ডিনে কালং নাতিদীর্ঘমিবাবসৎ মহা ৩.৭৭.২০। ২ নাত্যায়ত।

নাতিদূর ক্লী [সুপ্‌সুপা] অনতিদূরস্থ স্থান ; কিঞ্চিৎ দূর। "নাতিদূরাদিতো বনম্ গো.রা ৩.১.২৯ ; ১৭.১৬।

নাতিন, -নী বি [নাতি+নী ; °নী >°ন ; হি °ন ; ঠ নাতীণ, নাত (তু 'নাতজামাই')] ১ পৌত্রী। "°ন ক.চ ২৬ ; ১১৯। ২ দৌহিত্রী। ৩ পৌত্রীর সম্পর্কবিশিষ্টা নারী। "সোনার নাতিনী চ.দা ১১। °নী শ্রী.কী ১০। °ন ম.ভা ৫৬। নাতিনীঘাতিনী বুড়ী ভা.চ ৩০৩। চুম্বিতাম… মঞ্জরীবৃন্দে…নাতিনী বলিয়া।—মে ১১৯। [নাতিনী-জামাই, নাতজামাই (ঠ নাত-জাংৱঈ)—নাতিনীর স্বামী। "নাতিনী-জামাই।—মে ১১৯।

নাতিনীচ বিণ [সুপ্‌সুপা] অনতিনিম্ন। "নাতিনীচম্ (আসনম্) গী ৬.১১। নাতিনীচাম্ (ধারাম্)।—কাত্যায়ন ১.১৫।

নাতিমানিতা স্ত্রী [সুপ্‌সুপা] অতিমানিতার অভাব। "গী ১৬.৩।

নাত্যুচ্ছ্রিত বিণ [ন অত্যুচ্ছ্রিত, সুপ্‌সুপা] অনত্যুচ্চ। "নাত্যুচ্ছ্রিত (আসন) গী ৬.১১।

নাথ্ অক [ভ্বা, আ—নাথতে ; সেট্] ১ আশীর্ব্বাদ, ইষ্টার্থাশংসন (ক.ক)। —থ্ দ্বিক [ভ্বা, প—নাথতি ; সেট্] ১ প্রার্থনা। "নাথতি ভূমিং নৃপং বিপ্রঃ (ক.ক)। ২ (সক) উপতাপ। "নাথতি শক্রং বলী (ক.ক)। ৩ (অক) ঐশ্বর্য্য।

নাথ পুং [√নাথ্+অ (অচ্)-ক] ১ ঈশ্বর, প্রভু, অধিপ। "নরলোক° মহা ৩.১২০.২৯। ত্রিলোক° কু.স ৫.৭৭। রঘু ৫.১৩। পতি পুত্রগণ, নাথ, পাণ্ডুবধূ রাখহ প্রমাদে।—ম ৩৫৫। ২ স্বামী, পতি। "গো.রা ৫.৩৭.২১। বালে, নাথ, বিমুঞ্চ মানিনি রুষম্ সাদ ৩১১ই। ৩ পালক। "নবোদয়ং নাথমিবৌষধীনাম্ রঘু ২.৭৩। ৪ নায়ক, প্রধান। "যূথ°। ৫ কার্য্যসাধক। "মহা ৩.১২০.৩। ৬ রক্ষক, আশ্রয়। "°বান্। অনাথের নাথ তুমি।—কৃ ২৯১। ৭ যাহা উপতপ্ত করে ; বৃষাদির নাসাবদ্ধ রজ্জু। "°হরিঃ পশুঃ (সি)। ৮ [+অ (ঘঞ্)-ভা] ঐশ্বর্য্য। "তে নাথবন্তঃ পুরুষপ্রবীরাঃ মহা ৩.১২০.৩।

৯ [বাঙ্লায় ; অপ্র] প্রভু, মনিব। "গচ্ছ নাথ ভোজন করিতে ম.পা ৯৮। ১০ গোরক্ষনাথ। "মী ১০,-১। গো.বি ৪৮,-৯। ১১ মীন-নাথাদি প্রবর্ত্তিত উপাসকসম্প্রদায়বিশেষ। ১২ উপাধিবিশেষ। ১৩ নাথ-সম্প্রদায়ের সাধক। "গো.চ ৪১৫।

নাথবান্ (-বৎ) বিণ [নাথ+বৎ (বতুপ্)-১ব ; স্ত্রী -বতী] ১ নাথযুক্ত, পরবান্, পরাধীন। ২ রক্ষকবান্। "রা ১.৬২.১২ ; নাথবতী ২.৩৮.১। (দ্রৌপদীম্) নাথবতীমনাথবৎ (সভাং নীতাম্) মহা ১.১.১৫৭। উ.চ ১.৪৩। ৩ প্রভুবিশিষ্ট, সনাথ। ৪ ঐশ্বর্য্যবান্। দ্র 'নাথ (৮)।

নাথা বি [হি লাত ; ঠ লাথ] লাথি ; ধাক্কা। "দিল ঘাড়-নাথা শ্রী ২৪৪। —থি বি লাথি, পদাঘাত। "ম ৮৪৭। ক.চ ৯০। ছুটাইল নাথি শ্রী.ম ২৩। চ.বি ৩১৪। [নাথা-সুথা,-নোথা—লাথি-চড়। "°সুথা ব.প ৪৫৩ ; শ্রী ১৫ ; ২৪৪। °নোথা ক.চ ১৫।]

নাথিত বিণ [√নাথ্+ত (ক্ত)-র্ম্ম] যাচিত। "তথাপি নাথমানস্য নাথ নাথয় নাথিতম্ ভ ২.৯.২৫

নাদ[১] পুং [√নদ্+অ (ঘঞ্)-ভা ; ছান্দস] ১ শব্দ, ধ্বনি। "তূর্য্য°, দুন্দুভি°। ২ [তু 'ণংদিঅ'—সিংহনাদ (দেশী ৪.১৯)] গর্জ্জন। "রা ১.১.৬৮। মেঘ° মহা ৩.৭৩.৭। ৩ কূজন ; পক্ষিরব। "শকুনৈর্বল্গুনাদৈঃ রা (S.W.)। কোকিল পঞ্চম নাদ পুরে ক.চ ৩৪। ৪ ভূষণধ্বনি। "বলয়নূপুর° ।—রা.প ৪০। ৫ বীণারব। "মে ৪৭। ৬ ব্রহ্মস্বরূপ-ঘোষভেদ (ত.বা)। "ভ ৭.১৫.৫৩। ৭ সিংহনাদ, হুঙ্কার। "রঘু ১২. ৭৯। ৮ (ব্যাকরণে) বাহ্যপ্রযত্নভেদ। 'পা ৮.২.১, সি। "°বৎ। ৯ অর্দ্ধচন্দ্রাকৃতি সানুনাসিক বর্ণ (৺)। [°মুদ্রা (স্ত্রী)—(তন্ত্রে) ঊর্দ্ধাঙ্গুষ্ঠমুষ্টি মুদ্রাবিশেষ।]

নাদ[২] বি [হি, ঠ লীদ ; মৈ লিদ্দ] গো-প্রভৃতির মল। "ঘোড়ার নাদ। —ম ১১৬১। শ্রী.ম ১০৮। ঘোড়া-হাতী নাদ শ্রী ২২১। —দি বি [°দ+ই[৯]] ছাগলাদির ক্ষুদ্র মলপিণ্ড। "ছাগল°।

নাদ[৩], **-দা** বি [সং নন্দা ; হি নাঁদ ; ঠ নাংদ] মুখ-চওড়া বড় মৃৎ-পাত্রবিশেষ। "বৃষ নাদা নিঃশেষ করিয়া…প্রস্থান করিল ব.প্র ৬৩৪।

নাদ[৪] অর্ম্ম [সং √নদ্—নাদ] ১ শব্দ করা ; গর্জ্জন করা। "(শিখি-সমূহ) উর্দ্ধ নাদে ঘন ঘনাগমে শ্রী.ম ২১৬। পক্ষীন্দ্র যথা নাদে মে ৩৯। নাদে কাদম্বিনী।—মা ১০৩। ২ সিংহনাদ করা। "নাদিল কর্ব্বুরদল। —মে ৪০ ; নাদিল দানববালা ৮৫ ; ২৩৪। ৩ ধ্বনিত হওয়া ; বাজা। "নাদিল কম্বু।—মে ১২। ৪ [নাদ[২] > √নাদ]গবাদির মলত্যাগ করা;নাদা।

নাদনা '-দ্' বি [হি লাদ (ভার)—মূল ? ; গ্রাম্য] ভারী লাঠি ; লগুড়। "বাবারে! যে নাদনা, য়্যাকন ত নাজি হই।—নী ২৯।

নাদা দ্র 'নাদ[৩]'। [°পেটা—নাদার মত স্থূলোদর। "ন.ত ৪৭।]

নাদি দ্র 'নাদ[২]'।

নাদী (-দিন্) বিণ [√নদ্+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -দিনী] ১ শব্দকারী, বিরাবী। "মেঘ° গো.রা ২.১৩.২৩ ; পর্জ্জন্যসম° ২৫। অর্ণবধীর° রঘু ৩.৫৯। বজ্র° কামান।—ন ৪৯৮। ২ গর্জ্জনকারী। "খর°, গর্দ্দভ°, সিংহ°। ৩ [নাদ+ইন্ (ইনি) অস্ত্যর্থে,-১ব] নাদবান্, ধ্বনিযুক্ত, শব্দিত। "স্নিগ্ধগম্ভীরনাদিন্যা…গিরা মহা ২.২৫.৫। বেলাসু মৃদঙ্গনাদিষু রঘু ১৯.৫।

নাদুসনুদুস, নাদুসনুদুস বিং ['নুদি'—মূল ?] মোটাসোটা, গোলগাল (চেহারা)।

নাদেয় বিণ [নদী+এয় (ঢক্) ; স্ত্রী -য়ী] ১ নদীসম্বন্ধী। "নাদেয়াঃ (আপঃ) বিষ্ণু ১.১৪। ২ সৌবীরাঞ্জন। ৩ নদনদী-জল। "নাদেয়ং নাদেয়ং (ন+আদেয়) শরদি, বসন্তে চ নাদেয়ম্ (ন+অদেয়ম্)—বৈদ্যক। —য়ী স্ত্রী ১ অম্বুবেতস। ২ নাগরঙ্গ। ৩ জবা। ৪ ভূমিজম্বু।

নাদেয়ী দ্র 'নাদেয়'।

নানকপন্থী বি গুরুনানক-প্রবর্ত্তিত ধর্ম্মাবলম্বী ; শিখ।

নানা[১] ব্য [না+না (নাঞ্) স্বার্থে, পা ৫.২.২৭] ১ পৃথক্, ভিন্ন। "মুগ্ধবোধ ২৮৯। ২ অনেক, বহুপ্রকার। "°শস্ত্রপ্রহরণ গী ১.৯ ; °বিধ, °বর্ণ ১১.৫। °দর্প ভ ৭.৮.৪৫। ৩ নানাজাতীয়। "°স্ত্রীষু মনু ৯.১৪৮। °জলচরসনাথ।—পঞ্চ ১২১৬। ৩ উভয়। "নানাবিধং ত্যজেৎ (অ.টী)। ৪ বর্জ্জন, বিনা। "নানা নারীং বিফলা লোকযাত্রা (অ.টী)। [°জাতি, °জাতীয় (বিণ) বহু-প্রকার। °দিগ্‌দেশ (ক্লী) —অনেক দিক্ ও দেশ। "হি ১২। °দিগ্‌দেশীয় (বিং) —নানাদিগ্‌দেশ হইতে আগত। "°য় ব্রাহ্মণ পণ্ডিতের সমাগম আ.চু ১৩৩। °বর্ণ (বিণ) —চিত্রবর্ণযুক্ত, বিচিত্র ; বহুবর্ণযুক্ত। (পুং) শুক্লাদি বা ব্রাহ্মণাদি বর্ণ। °বিধ (বিণ) —নানাপ্রকার, বিবিধ। °রূপ (বিণ) —নানাপ্রকার। "নানারূপাণি…বীজানি মনু ৯.৩৮। (ক্লী) —বহু মূর্ত্তি।]

নানা[২] বি [হি, ঠ, মুণ্ডারি—'নানা'] মাতামহ। "চৈ.চ ৬৪। —নী বি [হি. ঠ. মুণ্ডারি—'নানী'] মাতামহী। [°শ্বশুর—দাদা-শ্বশুর। নানার খালা—মাতামহের মাসী। "ব.ছি ৪।]

নানান বিং ['নানানম্'—নানাজাতীয়ক, বহু (ঋগ্বেদ ৯.১১২.১)] নানা, বহুপ্রকার। "নানান বেশ মী ৫। নানান বাদ্য অ.প ৬৩। গ ২৮। ব.প ৩৭৩ ; ৬০৩। নানান প্রকারে বা.ম ১১৫। নানান দুর্গতি ২৩৬। ম.পা ১৫,-৬। ম ১০৩২। নানান সহরে ক.চ ৮৭। ভ.প্র ১৪৮। নানান শিঙ্গার ৪১১। নানান দেশে নানান ভাষা। বিনে স্বদেশীয় ভাষা পুরে কি আশা॥—বৃ.প ১৫৪৩। [°থান (বিরক্তিতে) নানা আপদ্-বিপদ্।]

নানাবিধি বি [অপ্র] নানা বিধান। "নানাবিধি যে করিল তৎকাল অ.প ৫৭। —বিধি বিং নানাবিধ। "নানাবিধি ভোগ চ.বি ৬১। নানাবিধি দ্রব্য ম.পা ১৭৬। —বিধি ক্রি.বিং নানাপ্রকারে। "নানাবিধি প্রবঞ্চিয়া পাঠাইল বনে ম.বি ২৩৫। (বীর) নানাবিধি পুজে চ.বি ৬১।

নানাস্থানী বিং [°ন+ঈ[৭]] পৃথক্‌স্থানস্থিত, পরস্পরবিচ্ছিন্ন ; বাসস্থানচ্যুত। "নানাস্থানী হইলাম অরণ্যে পাঁচ ভাই ম.বি ৬৬।

নান্ত বিণ [ন অন্ত যাহার ; বহুব্রী] অনন্ত, অসীম। বিপ 'সান্ত'।

নান্দিকর পুং [নান্দী+ √কৃ+অ (ট) -ক ; উ.ত, হ্রস্ব বহুল (পা ৬.৩.৬৩), 'নান্দীকর' (কাশিকা)] নান্দীপাঠক, সূত্রধার। 'সূত্রধারঃ পঠেন্নান্দীম্ সা.দ ৬.২৪, টীকা।

নান্দিয়া বি সর্থ 'নাদ[৩]'। "গো.চ ৭ ; ৮১।

নান্দী স্ত্রী [নন্দ্+অ (ঘঞ্) -ধি+স্ত্রী ঈ (ঙীষ্), বৃদ্ধি ; পৃষো] ১ দেবতারা যাহাতে আনন্দ লাভ করেন ; নাটকারম্ভে বিঘ্নশান্তির নিমিত্ত দেবদ্বিজনৃপাদির আশীর্বচনযুক্ত স্তুতিশ্লোক (সা.দ ৬.২৪)। "চৈ.চ ২৫৭। ২ আশীর্বাদ, মঙ্গল্যবস্তু ; দেবাদিস্তুতি (সা.দ, টীকা)। ৩ ভেরীসদৃশবাদ্যভেদ (অ.টী)। ৪ সমৃদ্ধি, অভ্যুদয়। "°মুখ। [°কর (পুং) —সর্থ 'নান্দিকর'। °পট (পুং) —কূপাদিমুখবন্ধন-বস্ত্র। °বাদী (-দিন্) (পুং) —সর্থ 'নান্দিকর'। °শ্রাদ্ধ(ক্লী) —নান্দীমুখ। °শ্লোক(বি) —সর্থ 'নান্দী' (১)। "চৈ.চ ২৫৬।]

নান্দীমুখ ক্লী [ব.ত] ১ 'বৃদ্ধির মুখ' ; বিবাহাদিকার্য্যে অনুষ্ঠেয় আভ্যুদয়িকশ্রাদ্ধ ; বৃদ্ধিশ্রাদ্ধ। "কৃ ৭৭। পিতা করে নান্দীমুখ, তবে বিবাহের সুখ ক.চ ২৭৬। —মুখ পুং ১ যাহার পিতৃ-প্রভৃতি তিন পুরুষ জীবিত, তাহার বৃদ্ধপ্রপিতামহাদি (ত.বা) ; লেপভুক্ পিতৃগণের ঊর্দ্ধ সপ্তম অষ্টম ও নবম পুরুষ। [পিতৃ-প্রভৃতি তিন পুরুষ 'পিণ্ডভাক্', তদূর্দ্ধ তিন পুরুষ 'লেপভাক্', তদূর্দ্ধ তিন পুরুষ 'নান্দীমুখ', তদূর্দ্ধ তিন পুরুষ 'অশ্রুমুখ'—সর্ব্বশুদ্ধ দ্বাদশ পুরুষ তর্পণ-শ্রাদ্ধভাগী (শাতাতপ ৬.৫ ; ৬)।] ২ সমৃদ্ধিসাধন বিবাহাদি। "°মুখে বিবাহে (ত.বা)। —মুখী স্ত্রী নান্দীশ্রাদ্ধভাগিনী মাতৃ-প্রভৃতি।

নাপসন্দ বিং [ফা নাপসন্দ্] অনভিমত, অপ্রিয় ; অপসন্দ।

নাপাক বিং [ফা নাপাক্] অশুদ্ধ, অশুচি ; অবৈধ। "যত কাম করে হিন্দু সকলি নাপাক ভা.চ ৪৭৯ ; বাম হস্ত নাপাক, তসবী জপে তায় ৪৮৪।

নাপান বি [?] হাব-ভাব, সবিলাস ভঙ্গি। "নাপান করে নাগর ভুলায় শ্রী.মা ৯৪ ; নাপান করিয়া পান খায় ৯৯। নাপানে বলিছে, তানানা তাথেনি থেনি শ্রী ৯ ; নারীর নাপান তান সদাই নূতন ১৯ ; ৪১ ; কত খান নাপান ভুলাতে ধর্ম্মদাসে ৫৫ ; ১০১,-২,-৩,-৪৭। —পানী বি হাবভাব-কুশলা নারী। "কত মন্ত্র তন্ত্র জানে সে নাপানী ভা.চ ৫২৫। [°ঝাঁপান—সর্থ 'নাপান'। "হ্মাস বেশ নাপানঝাঁপান ভা.চ ৫২৭।]

নাপানী দ্র 'নাপান'।

নাপিত পুং [ন+ √আপ্+ত (ক্ত), উ ৩.৮৭ ; তু 'সং নাপিত > লি নহাপিত ; প্রা পহাব্লিঅ { স্নাপিত (?) হে ১.১৩০} ; হি, মৈ নাঈ, -উ ; ঠ নহারী, ন্হারী °ত (শতপথব্রাহ্মণ)] সঙ্কীর্ণজাতি নবশায়কবিশেষ। "আশ্বলায়নগৃহ্যসূত্র ১.১৫.১৮। মহা ৫.৩৪.৮৪। নরাণাং নাপিতো ধূর্ত্তঃ।—পঞ্চ ৩.৭৪। মী ২৬। গো.চ ৫১। [ইহারা ক্ষত্রিয় হইতে শূদ্রা-গর্ভে জাত। ইহাদের বৃত্তি ক্ষুরকর্ম্ম। ইহারা ভোজ্যান্ন (যম ২০ ; পরাশর ১১.২০,-১)।] [°শালা, °শালিকা (স্ত্রী)—নাপিতের ক্ষৌরগৃহ।]

নাপিতা(তি)নী বি [নাপিত+আনী৩, ইনী ; নাপ্তিনী (কথ্য-ভাষা); সং নাপিতী] নাপিতের স্ত্রী। "নাপিতিনীবেশ চ.দা ৩২,-৩,-৫। নাপিতানী ব.প্র ৩৫৩।

নাপিতী স্ত্রী [°ত+স্ত্রী ঈ (ঙীষ্)] নাপিত-স্ত্রী। "পঞ্চ ১১৮৯৯।

নাফানী বি যে নারী নিন্দা শুনিলে লাফাইয়া উঠে ; মুখরা, প্রচণ্ডা। "সে বলে নাফানী আলো না জান আপনা ভা.চ ৮০।

নাব১, -বী৩ বি [দ্র 'নায়২ ; অপ্র] নৌকা। "°বী চ ১৬ ; °ব ২৭ [নাবেঁ—নৌকায়, নাএ।]

নাব২,-ম৪ বিং [লম্ব > লাম,-ব > নাম,-ব] নিম্ন, নীচু (জমি)। —ব,-ম,-বো,-মো বি ১ নিম্ন স্থান। "অঘানে পাকএ সিস নামএ পড়এ কলা শূ ১১০। নামতে ব.প ১১০৮। পড়িল নাবোতে ভ.গ্র ৩১৫। বসিল নামোতে রা.শে ৮৩। ২ হীন অবস্থা। "দয়া করে কত নাববে নাবোতে।—কা ১৩৭। —মা২ বি ১ নিম্ন স্থান। "নামাতে থাকিয়া মীন হুঙ্কার পূরএ মী ২। [নাম করা—নীচু করা। নামা পায়—পাএর নিম্ন ভাগ। "নামা পায়েতে গুজরী পাতা ব.প ১৮৯৮। নামো পথ—নিম্নগামী পথ। "স্ব.প্র ১৮৯। পার নাব—পাএর তলায় স্থিত, অর্থাৎ অনায়াসে উল্লঙ্ঘনীয়। "যত বৃক্ষ দেউল আমার পার নাব ব.প ১৩৭০।]

নাব৩,-ম৫ অর্ম্ম [নাম্ব > °ম, °ব] ১ অবরোহণ করা ; নামা। "দোলা ছাড়ি জানকী নামেন ভূমিতলে কৃ ৩৬৭। নাম বাপ !—চৈ.ভা ৩২। ২ লম্বমান হওয়া ; ঝুলিয়া পড়া। "পাটের মশারি বেড়, ভূমে নামে গজ দেড় ক.চ ১৫৯। থাঁড়া নামে দুই থর ব.প ৪৩৬। রাতুল ধড়ার থোপ, দুই দিগে নামিয়াছে রা.শে ৩৬। ৩ অবতীর্ণ হওয়া, উপস্থিত হওয়া। "অধিকারী দূতী সেজে···আসোরে নাবলেন।—হু ৫০। —বা,-মা৩ সক [°ম+আ৮] ১ অবরোহণ করান ; নামান, উলান। "নামাও চৈ.ভা ৩২। ২ নত করা ; নোয়ান। "রাজার সাক্ষাতে গিয়া নামাইল মাথা নী ১৮। মাথা নামাইল আসি রাজার গোচর বি.পা ২১৫। ৩ লম্বিত করা ; ঝুলান। "বসিলা নায়ের বাড়ে নামাইয়া পদ ভা.চ ২৫৫। ৪ খুলিয়া ফেলা, খোলা। "পায়ের পঞ্চম পা হইতে নামাইলেই মিষ্ট ব.প্র ৬০২। [নাবা, -মা—সর্থ 'নাব৩'। "ওঠা নাবা প্রেমের তুফানে।—গি.ম্বি ১০৩। নাবা(মা)ন—সর্থ 'নাবা'। দুধ নামা—প্রসূতির স্তনে দুগ্ধসঞ্চার হওয়া। পেট নামা—তরলমল-নিঃসরণ হওয়া। বিষ নামা—শরীরস্থ বিষ অধোগামী হওয়া। অঙ্ক নামান—(গণিতে) দশকের অতিরিক্ত সংখ্যা পাতিত করা। নাই (নামাই)—নামাইয়া। "তরলনয়ানী রহলি শির নাই—ব ৭৯ ; (রাই) রোই শির নাই ১০৮।

নাবড় বিং [না-বোধ > °ড় ; দ্র 'আবোড়'] ১ অবোধ, মূর্খ। "(লক্ষ্মীছাড়া হইলে) নাবড় ছেবড় লোকে রটে।—শ্রী ৩ ; নগরে নাবড় লোক না বুঝিল বোল ৯৫। ২ [আ লবরা, হি 'লাবাড়'—মিথ্যাবাদী ; ঠ 'নাব্রডা'—অপ্রিয়] মিথ্যাবাদী, ধূর্ত্ত, দুষ্ট। "নাবড়ে কহিল রাজার স্থানে। ক.চ ৯৯ ; ঠক নাবড়ের বোলে ১০৬। শ্রী.মা ১০৮,-৪৬। দেশ নষ্ট নাবড় লোকের হল দাব শ্রী ৯৯ ; নাবড় বেটা : বিটল নাবড় ১২৮ ; ২৫৫। —বড়ি, -ড়ী লি [নাবড়+ঈ৮] নাবড়ের ধর্ম্ম বা কর্ম্ম ; ধূর্ত্ততা, দুষ্টামি। "পাত্রের নাবড়ি শ্রী ১২৮,-৭৩। নাবড়ি শ্রী.মা ১৬১।

নাব(ম)না '-র,-ম্-' বি [লম্বন > °না] বটের শাখা হইতে লম্বমান শিকড় ; বটের ঝুরি।

নাবা দ্র 'নাব৩'।

নাবারোহ পুং [নৌতে আরোহ, স.ত] নৌকারোহী ; নাবিক।

নাবাল বিং [নাব২+তল (?)] নাব, নিম্ন ; ঢালু (জমি)।

নাবালক, -গ বিং [ফা না+বলিগ্] যে ব্যবহারযোগ্য-বয়ঃপ্রাপ্ত নহে ; অপ্রাপ্তবয়স্ক (minor)। বিপ 'সাবালক, -গ'। "নাবালক বালক উপরে (নালিশ-বন্দ···গ্রাহ্য নয়) দা ২১০৬।

নাবাল্যত [নাবালগ—°ল—°ল্য(তু 'বাল—বাল্য'); অপ্র] নাবালগকাল হইতে ; শৈশব হইতে। "নাবাল্যত দেখি যেন রতির মদন ব.প ৭০৯।

নাবিক বিণ [নৌ+ইক (ঠক্) ; স্ত্রী -কী] নৌসম্বন্ধী, নৌশুল্কাধিকারে নিযুক্ত। 'নাবিকঃ শৌল্কিকঃ।—বিষ্ণু ৫.১৩২। —বিক পুং [+ইক (ঠন্)] ১ যে নৌকা দ্বারা উত্তীর্ণ হয় ; নৌযাত্রিক। ২ [+ইক অস্ত্যর্থে, পা ৫.২.১১৬] যাহার নৌকা বাহ্যভাবে আছে ; কর্ণধার। "রা ২.৫২.৮০। অথ্যাতিরিতি তে কৃষ্ণ, মগ্না নৌনাবিকে ত্বয়ি।—উদ্ভট। —বী১ (-বিন্) পুং [নৌ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] নাবিক।

নাবী১ দ্র 'নাবিক'।

নাবী২ [নাব১+ঈ৭] যাহা ঠিক সময়ের নহে ; অসাময়িক (ফসল, বর্ষা)।

নাবী৩ দ্র 'নাব১'।

নাবোপজীবন পুং [নৌ উপজীবন যাহার, বহুব্রী] নৌকর্ম্মজীবী জাতিভেদ ; পাটনী (?)। "মহা ১৩.৪৮.২১।

নাব্য বিণ [নৌ+য (যৎ) ; স্ত্রী -ব্যা] নৌকা দ্বারা তরণীয় ; নৌতার্য্য। "নাব্যাঃ সুপ্রতরা নদীঃ (স চকার) রঘু ৪.৩১। মাঘ ১২.৭৬। —ব্য ক্লী [নব+য (ষ্যঞ্)] নবভাব, নূতনত্ব।

নাভি পুং [√নহ্+ই (ইঞ্)-ক, উ ৪.১২৫ ; 'নাভি'—সন্নদ্ধা ; অবস্থাপক (ঋগ্বেদ ১.৫৯.১) ; cf., A.S. nafa, -u ; Danish —nav ; E. nave] ১ 'বন্ধনকারক', প্রধানমহীপতি, চক্রবর্ত্তী, মুখ্যনৃপ। "মণ্ডলনাভিতা রঘু ৯.১৫। ২ চক্রমধ্যস্থ পিণ্ডিকা ; চাকার হাঁড়ি। "অরৈঃ সন্ধার্য্যতে নাভিঃ।—পঞ্চ ১.৮৯। ৩ মধ্যবিন্দু, কেন্দ্র। ৪ শ্রেষ্ঠ, প্রধান। "নাভির্নৃপমণ্ডলস্য রঘু ১৮.২০। ৫ গর্ভজাত নাড়ী। "°সম্বন্ধ ; সনাভি। ৬ ক্ষত্রিয়। ৭ মনু-প্রপৌত্র। 'ভ ৫.৩.১। ৮ শিব। ৯ কস্তূরীমৃগ। "ভ ৩.২১.৪৪। —ভি পুং, স্ত্রী [ফা নাফ্ ; E. navel] ১ প্রাণীর অঙ্গবিশেষ ; নাই। "নিম্ন° উ.মে ২১। °রন্ধ্র রঘু ১৮.২০। আবর্ত্ত° পু.মে ২৮। [সমাসে উত্তরপদ 'নাভি' > 'নাভ' ; —উন্নাভ, পঙ্কজনাভ (রঘু ১৮.২০) ; ঊর্ণনাভ, পদ্মনাভ।] ২ গর্ত্ত। "সমুদ্র° মহা ৩,২০.১৭। ৩ উদরাবর্ত্ত, গোঁড় (ত.বা)। —ভি স্ত্রী মৃগনাভি, কস্তূরী। নাভিগন্ধ পু.মে ৫২। [°কূপ (বি)—নাভিরন্ধ্র। "ভা.চ ২৯১। °গয়া (বি)—যাজপুরের অন্তর্গত বিরজাক্ষেত্র। চৈ.ভা ৩৯১। চৈ.ম ৩৬১। °গুড়(ল)ক, °গোলক (পুং)—উদরাবর্ত্ত, গোঁড়। °জ, °জন্মা(-ন্মন্), °ভব পুং—'বিষ্ণুনাভিজাত', ব্রহ্মা। °নাড়ী স্ত্রী, °নাল (ক্লী) —ভ্রূণের নাভিসংলগ্ন নাড়ী (umbilical cord)। °মূল (ক্লী)

—নাভির অধোভাগ। °রন্ধ্র (ক্লী)—নাভিকূপ। "রঘু ১৮.২০। °শ্বাস (বি)—নাভিনির্গত দীর্ঘশ্বাস। "হেম ৫৭। °সম্বন্ধ (পুং)—এক গর্ভজাতনাড়ীসম্বন্ধ, একোদরসম্বন্ধ। "°সম্ভব ভট্টি ১৮.১।]

নাভিচ্ছেদ বি সদ্যোজাত শিশুর নাড়ীচ্ছেদন। "ম.পা ৩৫।

নাভ্য বিণ [নাভি+য (যৎ), নাভি > °ভ, পা ৫.১.২; ৬] ১ নাভিহিতকর। ২ নাভিসম্বন্ধী। ৩ নাভিজাত। "নাভ্যে পদ্মে নিবগ্নায় ভ ৩.৪.১৩। —ভ্য পুং শিব।

নাম১ (-মন্) ক্লী [√ম্না+মন্ (মনিন্)-র্ম্ন-১ব, নিপাতিত, উ ৪.১৫০; ছান্দস; ফা নাম্; cf., Gr. onoma; L. nomen; A.S. nama; Gothic—namo; E. name] ১ অভিধান, সংজ্ঞা। "গবাং নিহিতা সপ্ত নাম।—ঋগ্বেদ ১.১৬৪.৩। কৈকসীং নাম নামতঃ রা ৭.৯.৭। রঘু ৩.২১। আত্মনাম গুরোর্নাম নামাতিকৃপণস্য চ। শ্রেয়স্কামো ন গৃহ্নীয়াজ্জ্যেষ্ঠাপত্যকলত্রয়োঃ॥ ২ নামমাত্র, কেবল নাম। "যজন্তে নামযজ্ঞৈস্তে দম্ভেন গী ১৬.১৭। ৩ (ব্যাকরণে) স্বাদিবিভক্তিযোগ্য পঞ্চবিধ শব্দ। 'উণাদ্যন্তং কৃদন্তঞ্চ তদ্ধিতান্তং সমাসজম্। শব্দানুকরণঞ্চৈব নাম পঞ্চবিধং স্মৃতম্॥—গোপীচন্দ্র। ৪ দ্রব্য। বিপ 'গুণ'। ৫ নামসূচকশব্দ; সমপর্যায় শব্দ। "ইতি বৃক্ষনামানি (A.)। [°করণ, °কর্ম্ম (-র্ম্মন্) (ক্লী)—শিশুর জন্মের একাদশ বা দ্বাদশ দিনে করণীয় নাম রাখার সংস্কারবিশেষ। "মনু ২.৩০। অহন্যেকাদশে নাম (কার্য্যম্) যাজ্ঞ ১.১২। °ণ, °র্ম্ম।—গ ৩৮ °গীত (বি)—ইষ্টনামগান। "বিশ্বনাথ…নামগীত গাইছে ভা.চ ৪৫। °গ্রহ (পুং), °গ্রহণ (ক্লী)—নামোচ্চারণ। "°ণ মনু ৬.৬৭; নামজাতিগ্রহ ৮.২৭১। স্বভর্তৃনামগ্রহণ রঘু ৭.৪১। °ত্যাগ (পুং)—নামবর্জ্জন। "স্বনামত্যাগ।—পঞ্চ ১৲৭০ (কথামুখ)। °ধর (বিং)—নামধারী, তন্নামক। "পুস্তক ভারত নামধর।—ম ২। °ধাতু (পুং)—(ব্যাকরণে) নামপূর্ব্বক ধাতু; সুবন্তপদপ্রকৃতিক প্রত্যয়ান্ত ধাতু। যথা, শব্দং করোতি ইতি √শব্দায়। °ধারক, °ধারী (-রিন্) বিণ—নামমাত্রধারক, কেবল তৎপদবাচ্য, বিহিতক্রিয়াবিহীন। "°ধারকবিপ্র।—পরাশর ৩.৬। যশ্চ কাষ্ঠময়ো হস্তী যশ্চ চর্ম্মময়ো মৃগঃ। যশ্চ বিপ্রোঽনধীয়ানস্ত্রয়স্তে নামধারকাঃ॥—বশিষ্ঠ ৩। পঞ্চ ২.৯১। °বাচক (বিণ)—সংজ্ঞাসূচক। °মালা (স্ত্রী)—নামসংগ্রহ, শব্দকোষ। "দেশী°। °মুদ্রা (স্ত্রী)—নামের মুদ্রা যাহাতে থাকে; উৎকীর্ণ-নামাক্ষর অঙ্গুরীয় বা মুদ্রাভেদ। °মুদ্রাক্ষর (ক্লী)—অঙ্গুরীয়ে নামের মুদ্রাকৃত বা উৎকীর্ণ অক্ষর। "শ ১২৲২। °যজ্ঞ (পুং)—নামমাত্রে যজ্ঞ; দম্ভার্থ বা খ্যাতিলাভার্থ কৃত যজ্ঞ। "গী ১৬.১৭। °লিঙ্গ (ক্লী)—নাম ও লিঙ্গ; শব্দের লিঙ্গ। "°লিঙ্গানুশাসন (অ.কো)। °শেষ বিণ—নামমাত্র যাহার শেষ; নামমাত্রপর্য্যবসিত, মৃত। "উ.চ ২.৬।] [নাম করা—নাম গ্রহণ বা উল্লেখ করা; ইষ্টনাম জপ করা। নাম কাটান—দল ছাড়া। নাম-কাটা সেপাই—(গৌণার্থে) স্বদল ছাড়িয়া বহির্গত। "কতকগুলিন নাম-কাটা সেপাই ঢুকেছেন স.এ ২। নাম ডাকা—মুমূর্ষুর কর্ণে তারকব্রহ্ম-নাম উচ্চারণ করা। নাম ডোবা—বংশলোপ হওয়া। নাম না থোয়া—নামগন্ধ না রাখা। "গোপের না থুইল নাম ম.বি ১৯৩। নাম লওয়া—নামে নামে উল্লেখ করা। "যতেক অপমান হইল কি লইমু নাম অ.প ১০৭। নাম লেখান—১ পুলিশে নাম রেজিষ্টারভুক্ত করিয়া সাধারণ বেশ্যা হওয়া। "ঘরে থাক্‌তে না পারিস, নাম লেখা গে!—ন.ত ১২। ২ দলভুক্ত হওয়া। নামে—নামমাত্রে (কার্য্যে নহে)। "নামে গোয়ালা, কাঁজী ভক্ষণ।—প্রবচন।]

নাম২ ব্য ১ প্রাকাম্য। "কৈকসীং নাম নামতঃ রা ৭.৯.৭। হিমালয়ো নাম নাগাধিরাজঃ কু.স ১.১। ২ সম্ভাব্য, কথঞ্চিৎ, সম্ভাবনা। "কু.স ৩.৩; ৫.৪২। ৩ ক্রোধ। "মমাপি নাম দশাননস্য পরৈঃ পরিভবঃ। ৪ উপগম, অঙ্গীকার। "এবমস্তু নাম (অ.টী)। শ ৫.৮। মাঘ ১০.৮৬। ৫ কুৎসা, নিন্দা। "পরোঽপি কো নাম তবানুমন্যতে কু.স ৫.৬৮। কো নামায়ং সন্ধ্যাশায়ী (অ.টী)। ৬ বিস্ময়। "আশ্চর্য্যমন্ধো নাম কৃষ্ণং দ্রক্ষ্যতি পা ৩.৩.১৫১, সি। ৭ স্মরণ। ৮ বিকল্প। ৯ অপরমার্থ। "কু.স ৫.৩২।

নাম৩ '-ম্' বি [ফা নাম্] ১ খ্যাতি, যশ। "নাম-করাকরি।—কা ১৩৯। ২ সম্মান, প্রতিপত্তি, পসার। [°করাকরি—লোকমুখে খ্যাতিপ্রসার। নামে কাটা—পসারে সিদ্ধিলাভ করা।]

নাম৪; নাম৫ দ্র 'নাব২; নাব৩'।

নামগন্ধ বি নামলেশ, নামমাত্র। "এই ভূমণ্ডল এমন অনেকপ্রকার প্রাণীর নিবাসভূমি ছিল, যাহাদিগের নামগন্ধও এক্ষণে নাই পা.প্র ৬৬।

নামজাদা বিং [ফা নাম্-জ়াদ্] প্রথিতনামা, প্রসিদ্ধ। "নামজাদা মিয়া শ্রী ১৬; ৬৬। নামজাদা সিকাই শ্রী.মা ৬৬। নামজাদা মালগুলা, গায় মাখা রাঙ্গা ধুলা বি.সু ১৭।

নামঞ্জুর বিং যাহা মঞ্জুর নহে; অননুমোদিত। "নামঞ্জুর! নামঞ্জুর! হ'ল না পছন্দ অ.গু ৪।

নামডাক বি খ্যাতির প্রসার; যশোবিস্তার। "(ব'সে) বাড়াই নামডাক শ্রী ২৫৭। নামডাক ছিল যত, সকলি হইল হত ভা.চ ১৮৪।

নামতা বি [নাম১+পাতা (পত্র)?] গুণনের এক-আদি সংখ্যাক্রমে ধারাবাহিক তালিকা (multiplication-table)। [নামতার কোটা—নামতার ঘর (পঙ্‌ক্তি)।]

নামদা বি [ফা নম্‌দা] ঘোড়ার জিনের নিম্নস্থ লোমের গদি।

নামধেয় ক্লী [নামন্+ধেয় স্বার্থে] নাম। "নামধেয়ং দধানাঃ।—ঋগ্বেদ ১০.৭১.১। পুন্নামধেয় গো.রা ৫.৩৫.৪৩। মনু ২.৩০। নামধেয়ানি…বহুশাখিনাম্ রঘু ১.৪৫। কৃত° শ ১২৲৯।

নামনা দ্র 'নাবনা'।

নামমাত্র বিণ [নাম মাত্রা যাহার, বহুব্রী] নামধারী। "ভৃত্যো নামমাত্রঃ।—পঞ্চ ১.৮২। —মাত্র ক্লী [নি.স] কেবল নাম। (ঔষধম্) ন নামমাত্রেণ করোত্যরোগম্।—হি ১.৮০। [°প্রস্তাব (পুং)—নামাক্ষরমাত্র-সঙ্গতি। "শ ৭২৲৫।

নামা১ বি [ফা নামহ্] পত্র, প্রমাণপত্র, লেখন। "অজুহাৎ° ওকালৎ°, বয়°, মোক্তার°, রাজি°, রোজ°।

নামা২; নামা৩; নামাজ দ্র 'নাব২; নাব৩; নমাজ'।

নামাঙ্ক বিণ [বহুব্রী] যাহাতে নামাক্ষর আছে; নামাক্ষরচিহ্নযুক্ত। "রঘু ১২.১০৩। —ঙ্কিত বিং নামাক্ষরযুক্ত। "রাম-নামাঙ্কিত অশ্বমেধ নিমন্ত্রণপত্র।—সী ৭০।

নামাপরাধ পুং [ষ.ত] নামের অপরাধ; সাধুনিন্দা, শ্রুতিশাস্ত্রনিন্দা, দেবগুরুপিতৃব্রাহ্মণনিন্দা ইত্যাদি (পদ্মপুরাণ)। "চৈ.চ ২৪৪।

নামাবলি, -লী স্ত্রী [ষ.ত] ১ দেবনামমালা। ২ (বাঙ্গলায়) দেবনামমালাঙ্কিত উত্তরীয়। "°বলি দা ৭০। °লী ব.প্র ২৯।

নামিনী বিং [নাম্নী > °নী; পদ্যে] নামযুক্তা। "খুল্লনানামিনী ক.চ ১১৭। পাটলা° ভ.গ্র ৩৮।

নামী বি [নাম+ঈ৭] নামধারী। "নাম-নামীর কৃষ্ণে নাহি ভেদ চৈ.চ ১৮৪। —মী বিং [ফা নামী] বিখ্যাত।

নাম্ব অর্ম্ম [সং √লম্ব্ >লি √লম্ব, প্রা √লংব; ড় √নাম্ব] ১ লম্বিত হওয়া; ঝুলিয়া পড়া। "চারিদিকে নাম্বে গজমুক্তার ঝারা ক.চ ২২৩। ২ অবতরণ করা; নামা। "নাম্বিলী যমুনার জলে শ্রী.কী ২৫৯। নাম্বিআ আগমর জলে শূ ৮৯। নাম্বিল পাতালে শ্রী.ম ২৯৭। গঙ্গায় নাম্বিয়া ব.প ৮৭৭। শ্রী.মা ৪১। চ.বি ৩৮। ৩ অবরোহণ করা; নামা। "নাম্বিল রথ হইতে ম ৩০৮; ৪৯১। ভ.গ্র ১৮৪। সীতা নাম্বিল ভূতলে।—ব.প ৫০৬,-৫১; ৮৩৪। চৈ.ম ১১৮। —ম্বা সর্ম্ম [নাম্ব+আ৮] অবতীর্ণ করা; নামান। "নাম্বাইআঁ দধি তার শ্রী.কী ১৮৬,

-৯। বৃক্ষ হৈতে নাম্বাইয়া আনহ।—ম ৬২১। ভ.গ্র ১৮৪। চক্তে হৈতে ···নাম্বাইল চৈ.চ ৩০৮। কাঁঠাল নাম্বাইলা ভ.গ্র ৩০২। [নাম্বা—১ সর্ব 'নাম্ব'। ২ নিম্ন, নীচু। "পরে নাম্বা কর্ণে বলি ব.প ২৮৭। নাম্বাঅ, -ম্বায়িতে, -য়িল, -লেঁ, -লোঁ (শ্রী.কী)।]

নায়[১] পুং [√নী+অ (ণ)-ক] ১ নায়ক, নেতা। ২ 'অভীষ্টপ্রাপক', উপায়। "নায়ঃ কোঽত্র সঃ ভট্টি ৬.৮২। ৩ [+অ (ঘঞ্)-ভা] নয়ন, প্রাপণ। ৪ [+অ-ণ] নীতি, সামাদি। "ভট্টি ৭.৩৬।

নায়[২] '-য়্' বি [সং নৌ >লি নাৱা, প্রা ণাৱা ; হি, ঠ নাৱ] নৌকা। "এ হরি বন্ধো তুয়া পদনায় বি.প ২১৭।

নায়ক বিণ [√নী+অক (-ণ্বুল্)-ক ; স্ত্রী -য়িকা] প্রাপক, নেতা। —ক পুং ১ নেতা। ২ অগ্রণী, মুখর। ৩ শ্রেষ্ঠ, প্রধান। "ন বসেদ্ বহুনায়কে (S.W.)। গো.রা ৩.৩৩.১৪। ৪ প্রভু, স্বামী, পতি। "কুমুদিনী° হি ১২। নায়ক নফর।—ম.ভা ১০। জীয়াইব নায়ক তোমার বা ম ৩৬৫। ৫ রাজা। "উপক্রন্তমিদং সর্ব্বমনালম্বমনায়কম্। —রা ২.৪৮.২৫। অনায়কে ন বস্তব্যম্ (S.W.)। ৬ সেনাপতি, সেনানী। "নায়কা মম সৈন্যস্য—গী ১.৭। হতং সৈন্যমনায়কম্। —চাণক্য। ৭ দশগ্রামের অধিকারী। 'শু ১.১৯২। ৮ হার-মধ্যমণি। "নায়ক নীলমণি।—ব ৭৯। ৯ শাক্যমুনি। ১০ (অলঙ্কারে) রতির আলম্বন ; শৃঙ্গারসাধক। [ধীরোদাত্ত, ধীরোদ্ধত, ধীরললিত, ধীরপ্রশান্ত এই চতুর্বিধ নায়ক ; শৃঙ্গারে প্রত্যেক নায়ক, দক্ষিণ ধৃষ্ট অনুকূল শঠ এই চতুর্বিধ ; সুতরাং সর্ব্বশুদ্ধ ষোড়শ নায়ক (সা.দ ৩.২৯-৩৫)। রসমঞ্জরীমতে, পতি উপপতি বৈশিক—এই ত্রিবিধ নায়ক। পতি দক্ষিণাদি ভেদে চতুর্বিধ (ভা.চ ৬৯৮,-৯)।] ১১ নিদর্শন। "দশৈতে পুংসি নায়কাঃ (ত.বা)। ১২ (বাঙলায়) কবির আশ্রয়দাতা রাজা ইত্যাদি। "নায়কেরে হবে বরদায় ক.চ ৪ ; ৭। [মঙ্গলকাব্যের কবিগণ এই নায়কের আশ্রয়ে থাকিয়া কাব্য রচনা করিতেন এবং 'নায়ক' বলিয়া ভণিতায় আশ্রয়দাতার উল্লেখ করিতেন।] ১৩ গ্রামের প্রধান ব্যক্তি। "নায়কে হইবে বরদায় শ্রী.মা ৫। শ্রী ১। নায়কের করিবে কল্যাণ ম.ভা ৫। [মঙ্গলকাব্য গ্রামের প্রধান ব্যক্তির গৃহে অষ্টাহ গীত হইত। ইঁহারা পালায় নায়ক বলিয়া উল্লিখিত হইয়াছেন।] —য়িকা স্ত্রী [°ক+স্ত্রী আ (টাপ্)] ১ নেত্রী, শ্রেষ্ঠা, প্রধানা। ২ কর্ত্রী, গৃহস্বামিনী। ৩ পত্নী। ৪ দুর্গার অষ্টশক্তিভেদ। দ্র 'অষ্টনায়িকা'। ৫ রতির আলম্বনরূপা নারী। [নায়িকা ত্রিবিধা—স্বা বা স্বীয়া, অন্যা বা পরকীয়া, সাধারণী বা সামান্যবনিতা। স্বীয়া ত্রিবিধা—মুগ্ধা মধ্যা প্রগল্ভা। মধ্যা ও প্রগল্ভা ষড়্বিধা—ধীরা অধীরা ধীরাধীরা। জ্যেষ্ঠা কনিষ্ঠা ভেদে এই ষড়্বিধ দ্বাদশপ্রকার। পরকীয়া দ্বিবিধা—পরোঢ়া, কন্যকা। অতএব স্বীয়া ত্রয়োদশ, পরকীয়া দ্বিবিধা ও সামান্যা—সর্ব্বশুদ্ধ ষোড়শ নায়িকা (সা.দ ৩.৫৬-৭৩। ভা.চ ৬৬৭-৬৮৬। ভ.গ্র ৩৮১)।] [°মণি (পুং)—হারমধ্যমণি। "কি ৯.২, মল্লিনাথ।]

নায়কী বি [সং নায়িকা ; তু 'নর্ত্তকী' ; অপ্র] নায়িকা। "নায়কে লয়ে কেলিছে নায়কী।—মে ১১০।

নায়র বি [দ্র 'নাঅর'] ১ নাগর। "মানায়ত নায়র বি.প ১৪৮। এ দুখ সায়র. নিমগন নায়র।—ব ১৮৬। শ্রী.ম ৮৬। ২ নাগরিক, পৌরজন। "দিন দুই দেখা শুনা নায়রের সাথে শি ৯ ; হেমন্ত নগরে বলে, হৈমবতী আইলা, নায়র।—৯৯। ৩ নগর। "আমি যাইব নায়র ক.চ ১৬৬। —রি, -রী বি নাগরী, রসিকা। "হাম নহ নায়রী ভয়া বি.প ১১০। বর নায়রী গো১০৩। নায়রী জ্ঞা ৬৯ ; ব.প ১১৩২। °রি। —ব ২৫ ; নায়রী নাহ ১৮২। [নায়র দিদি (হি 'নৈহর'—স্ত্রীর মাতৃকুল)—সহোদরা জ্যেষ্ঠভগিনী। "গো.চ ৮১ ; পদ্ভুনা নায়র দিদি ১০৩।]

নায়েক বি [নাএক >°ক] সর্ব 'নায়ক' (১২ ; ১৩)। "শ্রী ৫ ; ২৫।

নায়েব দ্র 'নাএব'।

নায়্যা বি [দ্র 'নাইয়া'] নাবিক। "ব.প ৪৭১ ; ৯১০ ; নন্দের নন্দন নায়্যা ১০৬৩। ক.চ ২৪০,-৯। শ্রী.ম ৬৬। জ্ঞা ১৩৬।

নার[১] বিণ [নর+অ (অণ্) ; স্ত্রী -রী] ১ নরসম্বন্ধী, নরদেহস্থ, মানুষ। "নারম্···অস্থি মনু ৫.৮৭। (নারম্) মলমূত্রপুরীষাস্থি (শ.ক)। ২ আত্মসম্বন্ধী। —র পুং ১ তর্ণক, গোবৎস। ২ বালক। ৩ জল। —র ক্লী ১ নরসমূহ। ২ জীবসমূহ। "ভ ১০.১৪.১৪। 'নার' শব্দে কহে সর্ব্বজীবের নিচয় চৈ.চ ৬। —রা স্ত্রী [°র+স্ত্রী আ (টাপ্), কুল্লুক] 'পরমাত্মসম্বন্ধী', জল। "আপো নারা ইতি প্রোক্তাঃ মনু ১.১০।

নার[২] অর্ম্ম [না+ √পার (সং ন+ √পারি >প্রা √পার)] ১ না পারা ; অসমর্থ হওয়া। "বুঝিতে নারিনু।—কৃ ২১২ ; রাবণ জীতে সীতা নিতে নারিবে রঘুনাথ ২৫০ ; রহিতে নারিস বেটা পরদার বিনে ২৫১। নারিল···জল করিতে বন্ধন।—ম ৩৯ ; ৫৪১ ; ধরিতে নারিবে যুধিষ্ঠিরে ৮২৬। তরাতে নারি।—দু ৫৫। নারিবেন ম.পা ১২৯। নারিব।—ব ১৮০। ধরিতে নারে থেহা ন.প ১২১,-৫৩। (ভোক) সহিতে নার চৈ.ম ৫৩। জীয়াইতে নার চৈ.চ ৬৫। ২ অনিচ্ছুক হওয়া। "বিষয়ীর স্থানে আমি মাগিতে নারিব ভ.গ্র ২১। —র সর্ম্ম আঁটিতে না পারা। "নারিলাম ভা.চ ৯৯। বাবাকে পারি, নারীকে নারিব।—দা ১১৬। [নারন্ত—না পারেন। "দেবে রাখিতে নারন্ত অ.প ৮ ; ৫৫। নারম—না পারি। "সেই অশ্ব আনিতে নারম অ.প ৮। নারহ, -রিএ, -রিলোঁ, -রিবোঁ, -রোঁ (শ্রী.কী)।]

নারক বিণ [নরক+অ (অণ্) ; স্ত্রী -কী ; °ক (অথর্ব্ববেদ ১২.৪.৩৬)।] নরকভব, নরকস্থ ; নরকসম্বন্ধী। —রক পুং ১ নরকস্থ প্রাণী। ২ [+অ স্বার্থে] নরক। "জে সব নারক অ.প ৩৬। —রকী (-কিন্) বিণ [°ক+ইন্ (ইনি)-১ব ; স্ত্রী -কিনী] নরকভোগী। "(সঃ) মহানারকিনারকী (ত.বা)। —রকী পুং ১ নরকস্থ-প্রাণী। "দ্র 'নারকী' (বিণ)। ২ (বাঙলায়) পাপী, দুর্বৃত্ত। "নারকী তুই নাহি কোন ধর্ম্ম।—কৃ ৫। ম ৩২৪। ভ.গ্র ২৫৪। নারকীর জনম বিফল বি.সু ১০৮। ভা.চ ১৯।

নারকিনী বি [দ্র 'নারকী' (বিণ)] পাতকিনী। "কা ৬০।

নারকী দ্র 'নারক'।

নারকীয় বিণ [°ক+ঈয় (ছ)] নরক-সম্বন্ধী, নরকবাসী। —কীয় পুং নরকস্থ প্রাণী।

নারঙ্গ পুং [সং নাগরঙ্গ (অ.কো) >প্রা *নাঅরংগ >°ঙ্গ ? ; ফা নারন্জ, -ন্‌গ্ ; হি, ঠ নারংগ, -গী ; P. laranga ; Spanish—naranja ; F. orenge ; E. orange ; Malayalam—narañ-gay ; স্পেনদেশে মুসলমানরাজত্বকালে 'নারঙ্গ' শব্দের প্রচলন হয়। স্পেন হইতে 'narange' শব্দ ইংলণ্ডে আসে ও তৎপূর্ব্বে ইংরাজী ভাষার রীতি অনুসারে article 'a' ব্যবহৃত হইত। পরে 'a' এবং 'narange' শব্দের 'n' মিলিত হইয়া 'an orange' শব্দের উৎপত্তি হয়। এক্ষণে 'an' article এবং 'orange' ফল হইয়া দাঁড়াইয়াছে (সাহিত্যপরিষৎ-পত্রিকা)।] ১ ফলতরুবিশেষ, কমলালেবুর গাছ। ২ (সাদৃশ্যে) গর্জ্জর, গাজর। ৩ পিপ্পলীরস। ৪ যমজ প্রাণী। ৫ 'নারীসমূহগামী', বিট, লম্পট। —ঙ্গ, -ঙ্গক ক্লী নারঙ্গফল, কমলালেবু। [নারঙ্গি কমলা —কমলালেবু। "ম.গা ১৭।]

নারদ পুং [নার+ √দা+অ (ক) -ক ; উ.ত] যিনি আত্মজ্ঞান দেন ; যিনি পিতৃগণকে জল দেন (আগম) ; দেবর্ষিবিশেষ। [ইনি মনুর সৃষ্ট প্রজাপতিবিশেষ (মনু ১.৩৪,-৫)। ভাগবতে, ব্রহ্মার ইন্দ্রিয় হইতে এবং মতান্তরে, ব্রহ্মার উৎসঙ্গ হইতে ইঁহার জন্ম (ভ ১,৬.৩১ ; ৩.১২.২৩)।

ইঁহার রচিত স্মৃতিগ্রন্থ 'নারদপঞ্চরাত্র'। নারদকথিত 'পুরাকল্পজন্মবৃত্তান্ত' ভাগবতে প্রথম স্কন্ধে ষষ্ঠ অধ্যায়ে দ্রষ্টব্য।]

নারদীয় ক্লী [°দ+ঈয় (ছ)] নারদের প্রতি সনকাদির উপদেশাত্মক বেদব্যাসকৃত মহাপুরাণভেদ।

নারসিংহ পুং [নরসিংহ+অ (অণ্)] 'নরসিংহসম্বন্ধী', বিষ্ণু। —সিংহ ক্লী উপপুরাণভেদ। —সিংহী স্ত্রী শক্তিমূর্ত্তিবিশেষ।

নারাঙ্গা, -রেঙ্গা বি [সং নারঙ্গ] কমলালেবু। "নেবু নারেঙ্গা শ্রী ১৭৯। —রাঙ্গা বি রোগবিশেষ (Erysipelas)। "পোড়া°।

নারাচ পুং [নার+আ √চম্+অ (ড)-ক; উ.ত] ১ 'নরসমূহভক্ষক', লৌহবাণবিশেষ, প্রক্ষেড়ন। "গো.রা ২.৬৬.১৫। রঘু ৪.৪১। মে ১০১। [ইহা পার্শ্বধার তীক্ষ্ণাগ্র ঋজু (মহা ১.১৩৯.৬, নীলকণ্ঠ)।] ২ বাণমাত্র। "কনক° (কাদম্বরী)। ৩ জলহস্তী। ৪ অষ্টাদশাক্ষরপাদ ছন্দোভেদ। —চিকা, -চী স্ত্রী নারাচসদৃশ স্বর্ণকারের তুলাযন্ত্র; নিক্তি।

নারাচিকা, নারাচী দ্র 'নারাচ'।

নারাজ বিং [ফা না-রাজ্.] গর-রাজী, অনিচ্ছু; অসন্তুষ্ট। "কু.কে ১৭১। তাহারা স্ত্রী পুত্র পালনের ভারে আক্রান্ত হইতে নারাজ পা.প্র ১৩৬। মোরা গাতা দিতিত নারাজ নই।—নী ২৮।

নারাঞ্জি বি কমলালেবুর রঙের শাড়ী। "ব.প ১৫২১।

নারাণ বি [সং নারায়ণ >প্রা *নারাঅণ >°ণ হি নারাইন; কথ্যভাষা] নারায়ণ। "নারাণ বেটার বিভা শি ১৭। [°তৈল—সর্থ 'নারায়ণতৈল'। "ব.প ২৮৬।]

নারায়ণ পুং [নার অয়ন যাঁহার, বহুব্রী; নারাঅন (শূ ২০); বৈদিক] ১ প্রলয়সলিল যাঁহার আশ্রয়; জীবসমূহের আশ্রয়; বিষ্ণু, পরমাত্মা। 'নারাণাময়নাচ্চাপি ততো নারায়ণঃ স্মৃতঃ।—মহা ৫.৭০.১০। তাঃ (নারাঃ) যদস্যায়নং পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ মনু ১.১০। ভ ২.১০.১১। 'নার'-শব্দে কহে সর্ব্ব জীবের নিচয়। 'অয়ন'-শব্দেতে কহে তাহার আশ্রয়॥ অতএব তুমি হও মূল নারায়ণ।—চৈ.চ ৬। ২ ঋষিবিশেষ। "আমি নারায়ণ ঋষি।—ম ৩৮৮। [দ্র 'নরনারায়ণ'। ৩ অজামিল-পুত্র। ৪ শ্রীকৃষ্ণের অর্ব্বুদসংখ্যক গোপসৈন্যবিশেষ; সংশপ্তক, নারায়ণী সেনা। "মৎসংহননতুল্যানাং গোপানামর্ব্বুদং মহৎ। নারায়ণা ইতি খ্যাতাঃ সর্ব্বে সংগ্রামযোধিনঃ॥—মহা ৫.৭.১৮। ৫ (বাঙলায়) নরদেহস্থিত অন্তর্যামী আত্মা বা ভগবান্। "মানুষের নারায়ণে তবুও কর না নমস্কার!—গী.লি ১২৫। —য়ণী স্ত্রী [°ণ+অ (অণ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ 'নারায়ণশক্তি', লক্ষ্মী। ২ দুর্গা। "নারায়ণি নমোঽস্তু তে (চণ্ডী)। ৩ গঙ্গা (শ.ক)। ৪ শতাবরী। ৫ (বাঙলায়) শ্রীকৃষ্ণের রণদক্ষ গোপসৈন্যবিশেষ। দ্র 'নারায়ণ (৪)'। "ম ৭০১। —ণীয় বিণ [°ণ+ঈয় (ছ)] নারায়ণসম্বন্ধী, নারায়ণবিষয়ক (আখ্যান)। "°ণীয়মাখ্যানম্ (মহা)। [°ক্ষেত্র (ক্লী)—গঙ্গাতট হইতে হস্তচতুষ্টয়মিত নারায়ণস্বামিক তীরভূমি। 'প্রবাহমবধিং কৃত্বা যাবদ্ধস্তচতুষ্টয়ম্। তত্র নারায়ণঃ স্বামী…॥—ব্রহ্মপুরাণ। "গীতামাহাত্ম্য ২। অ.প ১৩৭। °তৈল (ক্লী) —ঔষধপক্বতৈলবিশেষ। "কৃ ২৮৩। ক.চ ১৩৩। °প্রিয় (পুং)—শিব; হরিচন্দন। নারায়ণাশ্রম (পুং)—তীর্থভেদ। "ভ.৭.২৪.৩২।]

নারিকল বি [সং নারিকেল; হি নারিয়ল; ঠ নারল.; গু নারিয়ল; প নরেল্, নলের; সি নরিল্, নাইরু; ফা নারগীল্.] নারিকেলবৃক্ষ ও তাহার ফল। "শূ ৮৯। ম.গা ২৩।

নারিকের, -ল পুং [নারিক+√ঈরি+অ (অণ্)-ক (অ.টী); নারি (সং নাড়ি?)+কের ('কেরল' দেশ) তদ্দেশীয় নারিকেলবৃক্ষ —Caldwell; বর্ণভেদ—'নারীকের, -ল, নাড়ি (ড়ী)-কের, নালিকের'] ফলতরুবিশেষ। "°ল রা ৩.৩৫.১৩। নারিকেল, যার স্তনচয়, মাতৃদুগ্ধসম রসে তোষে তৃষাতুরে।—মা ১২৭। —র, -ল ক্লী ১ নারিকেলফল। "°লাসব। ২ নারিকেলরজ্জু, কাতাদড়ি। "ন নারিকেলৈঃ …গাবো নিবন্ধনীয়াঃ।—পরাশর ৯.৩৩ [°কুমারী (বি)—নারিকেল ও কুমড়ার ব্যঞ্জন। "ম.ম ৯৫। °কোরা (বি) —কোরনী দিয়া খোঁড়া নারিকেলের শাঁস। "ম.ম ৯৫; ১৪৫। °খণ্ড (ক্লী) —শর্করাগব্যযুতে সংযুক্ত গোদুগ্ধে পক্ব খণ্ডিত নারিকেল-শস্য। "শূলে নারিকেলখণ্ড। —দা ৩৬৩। °খণ্ডলাড়ু (বি) —খণ্ডের সহিত পক্ব নারিকেল-কোরার লাড়ু; নারিকেল-সন্দেশ। "চৈ.চ ৩১২। °পুলী (বি)—নারিকেলের পুর-দেওয়া পিষ্টকভেদ। "কৃ ৩৭৬। চৈ.চ ১৭০। °ফুল (বি)—নারিকেল-ফুলের মত সোনার ফুলের করভূষণবিশেষ। °সমুদ্গক (পুং) —নারিকেলসম্পুটক, নারিকেলমালার মুখ-ফুটা-করা কৌটা। "শ ৪৪৳।]

নারিকেলাসব ক্লী [ষ.ত] নারিকেলমদ্য। "রঘু ৪.৪২।

নারিচপত্র বি [সং নাড়ীচ] নালিতাশাক। "বি.পা ২২০।

নারী স্ত্রী [নৃ, নর+স্ত্রী ঈ (ঙীষ্), বৃদ্ধি, পা ৪.১.৭৩, সি; নর+অ (অঞ্) 'ধর্ম্ম্য' অর্থে+স্ত্রী ঈ (ঙীপ্), পা ৪.৪.৪৯, সি; 'নারি, -রী' (ঋগ্বেদ ৮.৬৬.৮; ১০.১৮.৭,৮৬.১১)] ১ নৃজাতির বা নরজাতির স্ত্রী; নরের ধর্ম্ম্যা; স্ত্রীলোক, সীমন্তিনী। "রা ১.১.২৭। মনু ১.৩২। [পদ্মিনী চিত্রিণী শঙ্খিনী হস্তিনী ভেদে নারী চতুর্ব্বিধা (রসমঞ্জরী। ভা.চ ৭২১)।] ২ (বাঙলায়) পত্নী। "ম.গা ৫; ৮। রামের নারী।—কৃ ২৪৮। ম ৪১৭। সম্বরের নারী ক.চ ২২। ৩ (অ.প্র) স্ত্রীজাতিমাত্র। "সারী নারী, শুক পুরুষ।—জ্ঞা ১২৯। [°কলা (বি) স্ত্রীসুলভ চাতুরী। "মোর ঠাঁই না রহে নারীকলা ম.ম ১৭; ২১৩। ২ রতিশাস্ত্র। "বিবিধ প্রকারে গোদা জানে নারীকলা।—ম.ম ২০৫। °চোর,-রা (বি) —পরদারাপহারী। "অধীত নারীচোরা গো.চ ১৭৬। °রা।—কৃ ২৫৭। °র ভ.গ্র ৩০২। °বিজিত (বিং)—স্ত্রীবশীকৃত, স্ত্রৈণ। "অ.প.১১। শ্রী.ম ৪০। °দূষণ (ক্লী) —স্ত্রীচরিত্র-দূষক ষড়্‌বিধ দোষ—সুরাপান-প্রভৃতি। "মনু ৯.১৩। °দেশ (বি)—নারীশাসিত দেশ; প্রমীলার রাজ্য। দ্র 'কদলী° (৭)। °রত্ন (ক্লী)—নারীশ্রেষ্ঠ, স্ত্রীরত্ন।] [নারী-ব্যবহারে—স্ত্রীলোকের মধ্যে প্রচলিত কথোপকথনের ভাবে। "(গোয়ালিনী) সাত পাঁচ কথা কহে নারী-ব্যবহারে বা.ম ১২৮।]

নারে, নাহারে বি তালে গাওয়ার নিমিত্ত ব্যবহার্য্য নিরর্থক শব্দ। "নাহারে চৈ.ম ১৭; ৬০; "নারে হয় চৈ.ম ২৩; ৬৪।

নাল১ বিণ [নল+অ (অণ্)] নলসম্বন্ধী; নলনির্ম্মিত। "নালং বনম্ ভ ৬.১১.৮। —ল ক্লী [√নল্+অ (ণ)-ক] ১ পদ্মাদির দণ্ড (stalk); পদ্ম-প্রভৃতির ডাঁটা। "শিষ্টাঃ (কমলাকরাঃ) গো.রা ৩.২২.২৫। মণিনালময়াম্বুজাম্ (নলিনীম্) মহা ২.৩.৩০। উপগূঢ়° রঘু ৬.১৩। °দণ্ড কু.স ৭.৮৯। বৈদূর্য্য° উ.মে ১৫। জলে চিনে নাল ম.গা ৮। গরুঅ উরু নাল শ্রী.কী ১৯৫; ৩৭৮। সনাল কমল ভা.চ ১০; পদ্ম° ২৯০। বা.দ ২১৩। ২ নালসদৃশ অন্তঃশূন্য বস্তুমাত্র। "কণ্ঠ° রঘু ১৫.৫২। ৩ সিরা, নাড়ী। "যেই নালে উজাইলা বিষ সেই নালে ভাটী।—বি.পা ৩৫৯। ৪ বন্দুক। "শু ৪.৭.১৯৬-১৯৮। ৫ হরিতাল। —ল পুং ১ সর্থ 'নাল' ক্লী (১)। ২ খাত, খাল। —লা২ স্ত্রী সর্থ 'নাল' ক্লী (১)। [নালাস্ত্র (ক্লী) —সর্থ 'নাল' ক্লী (৪)। "শু ৪.৭.২১০।]

নাল২ '-ল্' বি [সং লালা; হি লাল; ঠ লাল.] ১ লালা (saliva)। "গোটা°, °ঝোল। ২ লালাতুল্য দ্রব্যমাত্র। ৩ [লাল >°ল] লোহিত। "আগুন ক্যামন নালে গো.চ ১২৪। সপ্ত নাল সূত্র ম.পা ১৬১। ৪ [নাল, -লি >°ল] কুমুদিনী, কুমুদপুষ্প (waterlily)। [নাল কাটা—ঔষধপ্রয়োগে নাল বাহির হওয়া। নাল হড়্‌হ'ড়ে—লালা হেতু পিচ্ছিল। নালান—লালাক্ষারণ করা।]

নাল৩ '-ল্' বি [আ না'ল্] অশ্বাদির খুরে সংলগ্ন লৌহখণ্ড (horse-shoe)। [নালবন্দী—নাল লাগান (shoeing)।]

নালচ বি [সং লালসা ; হি, ঠ লালচ ; স্ত্রীভাষা] লোভ।

নালন বি [বৈষ্ণবসাহিত্যে] লালন, আদর। "নালন করইতে স্তন-ক্ষীরে ভীগল বাস।—প.র ৩।

নালা¹ বি [সং নাল ; হি, ঠ নালা]। ১ খাত, খাল, নর্দ্দমা। "কোলে করি নালা পার করে ক.চ ১৪৩। ২ চোঙ্গ (barrel)। "দো° বন্দুক। [নালা কেটে জল আনা—ইচ্ছা করিয়া বিপদ্ ঘটান। "বাবু ভাল নালা কেটে জল এনেছে আ.দু ১৬।]

নালা² দ্র 'নাল¹'।

নালায়েক বিং [ফা না-লায়ক্] অযোগ্য, অপটু, অকেজো। "তুমি শালা বড় নালায়েক আছে।—নী ১১।

নালি¹, -লী স্ত্রী [নাড়ি, -ড়ী > °লি, -লী] ১ সর্ব 'নাড়ি' (১ ; ৩ ; ১১)। ২ শাককড়ম্ব, ডাঁটা। ৩ খাত, নালা, ড্রেন। ৪ হস্তিকর্ণ-বেধনী। ৫ পদ্ম (A.)। ৬ (বাঙলায়) নালি-ঘা।

নালি² বি [নাল+ই] লালা। "মুখে ভাঙ্গে নালি।—কৃ ৩৪২।

নালিক ক্লী [নাল+ইক (ঠক্)] ১ 'নালযুক্ত', পদ্ম। ২ বংশীবিশেষ। ৩ নালাস্ত্র, বন্দুক। "নালিকাস্ত্র শু ১.২৩৯। —ক পুং মহিষ। —কা স্ত্রী ১ পদ্মাদির দণ্ড ; নাল। ২ নাল (tube)। ৩ দণ্ডকাল, ঘটিকা। ৪ হস্তিকর্ণবেধনিকা। ৫ নালিতাশাক।

নালিকের পুং, **-কেলি, -লী** স্ত্রী সর্ব 'নারিকের'।

নালি-ঘা বি [সং নাড়ীব্রণ] ব্রণবিশেষ ; শোষ।

নালিতা বি [সং নাড়ী(লী)চ, 'নালতিক্ত' > °তা ? ; 'নালিতা' (ঢাকা)—পাট ; 'শুখতাপাতা' (রাজসাহী)] ১ তিক্তপাটশাক। 'নালিতা বদলে রাজা দিবে কাঁচা সোণা বা.ম ২০৯। ২ পাটশাক। "ঘৃতে নালিতার শাক ক.চ ১৫৭। ব.প ২২১।

নালিম বি [নাল² > °ম ; তু 'রক্তিম'] ১ লোহিতাভা। "উরজ-উদয়-থল নালিম দেল।—বি.প ৩৭। ২ (অপ্র) মৃণাল। "রাজা দালিম ফেলে নালিম খান।—দা ৭৫৭।

নালিশ বি [ফা °শ্] অভিযোগ। "গো.চ ৯২। [°বন্দ—অভিযুক্ত। "ছুকরি নালিশ-বন্দ।—দা ২০৯৯।]

নালী দ্র 'নালি'।

নালীক পুং [নালী+ক (কন্) সাদৃশ্যে, হ্রস্বাভাব, পৃষো।] ১ মুখে লৌহযুক্ত অন্তশ্ছিদ্র শরভেদ। "মহা ৩.৩১০.১৭। মাঘ ১৯.৬১। ২ শল্য, বরশা। ৩ নারিকেলকমণ্ডলু। "নালীকং বিভৃয়াদ্ ব্রতী (স্মৃতি)। ৪ কমলদণ্ড ; কমল (A.)। —ক ক্লী কমলসমূহ। —কিনী স্ত্রী [°ক+ইন্ (ইনি)+স্ত্রী ঈ (ঙীপ্)। ১ নালীকসমূহ; পদ্মসমূহ। ২ নালীকদেশ, পদ্মিনী, পদ্মসরোবর।

নালীব্রণ পুং [তু 'নাড়ীব্রণ'] নাড়ীবৎ পুঁযবাহী ব্রণ ; নালি-ঘা।

নালুক বিং ['লোলক > ক (?) ; হি °ক—কৃশ, দুর্ব্বল] পাতলা (thin)। "ঘড়া গাড়ু সব নালুক।—দা ৬৭।

নালুয়া বিং [অপ্র] কৃশোদরী, সুন্দরী। "নালুয়া পতনি কন্যা হালুয়া পড়ে বাএ গো.চ ৭১।

নাশ¹ পুং [√নশ্+অ (ঘঞ্)-ভা] ১ ক্ষয়, ধ্বংস। "রা ১.৬৫.১৬। সর্ব্বনাশে সমুৎপন্নে অর্দ্ধং ত্যজতি পণ্ডিতঃ।—পঞ্চ ৪.২৮। ২ হানি। "অর্থ° হি ১.১৩৭। ৩ মৃত্যু, নিধন, বিয়োগ। "প্রিয়° রঘু ৮.৮৮। দানবা নাশমাগতাঃ (S.W.)। ৪ অদর্শন, অনুপলব্ধি। ৫ পলায়ন। ৬ অভাব। "পূর্ণ°।—যাজ্ঞ ১.৬৩। ৭ কারণলয়। 'নাশঃ কারণলয়ঃ (সাংখ্যসূত্র)। ৮ নিষ্ফলত্ব, বৈফল্য। "অভিক্রমনাশঃ গী ২.৪০। ৯ বিলয়, বিলোপ। "বুদ্ধি° গী ২.৬৩। ১০ প্রতিকার, প্রতিবিধান। "আপন্নাশায় বিবুধৈঃ কর্ত্তব্যাঃ সুহৃদোঽমলাঃ।—পঞ্চ ২.১৮১। ১১ নির্ব্বাণ। "নাশং ব্রজতি দীপঃ (S.W.)। ১২ (গণিতে) অপ-নয়ন, নিরাকরণ (elimination)। —শক বিণ [√নাশি+অক (ণ্বুল্)-ক ; স্ত্রী -শিকা] নিহন্তা, অন্তক, ক্ষয়কারক। "তাবুভৌ নাশকৌ হেতূ।—মহা ২.১৬.১৪। —শন বিণ [+অন (ল্যু)-ক ; স্ত্রী -না] ১ নাশক। "জ্ঞানবিজ্ঞান° গী ৩.৪১। পুতনা-বক° ভা.চ ১৬০। ২ নিরাসক, হারক। "শোক°, শ্রম°। কলুষনাশন কথা। —চ.বি ২৭। ৩ নীচযোনিপ্রাপক "ইদং...নাশনমাত্মনঃ গী ১৬.২১। ৪ প্রতীকারক। "কুষ্ঠনাশন, ব্যাধি° (সুশ্রুত)। ৫ বিলোপক। "কীর্ত্তি° মনু ৮.১২৭। —শন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ ধ্বংসন। ২ মারণ, ঘাতন। ৩ অপনোদন, নিরাস। "শোক° মহা (S.W.)। ৪ বিস্মরণ। "অধীতস্য চ নাশনম্।—যাজ্ঞ ৩.২২৮। ৫ ভস্মীকরণ, দাহ। "কামাঙ্গ° গো.রা ১.২৬.১৪। ৬ [নাশ—°ন ; অসাধু] নাশ। "সঙ্কীর্ত্তন হইতে পাপসংসার-নাশন।—চৈ.চ ৩৫৩। জীবন আজ করিব নাশন।—দা ২২১ ; প্রাণ-নাশন ১৩৮৫। —শিত বিণ [+ত (ক্ত) -র্ম ; তু 'নাশিঅ (চ)] ১ নিহত। ২ নিরস্ত, দূরীকৃত। "গী ৫.১৬। —শী (-শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] ১ নাশক, বিঘাতী, বিলোপক। "দারিদ্র্যদোষো গুণরাশিনাশী। ২ [√নশ্+ইন্-১ব] ক্ষয়ী, নাশশীল। "গী ২.১৮। ৩ নাশপ্রাপ্ত। "মনু ৮.১৮৫। —শ্য বিণ [√নাশি+ য (যৎ)-র্ম] নাশনীয়, নাশার্হ। "ভাষাপরিচ্ছেদ ১৬২।

নাশ² সর্ম [সং √নাশি > প্রা √ণাস ; হি √নাশ-স ; ঠ √নাশ ; পদ্যে] ১ নষ্ট করা ; ধ্বংস করা। ২ নিহত করা ; বধ করা। "রাজ্যের কারণে আমি সভারে নাশিল।—ম ১১১০। মরীচিকা মরুদেশে, নাশে প্রাণ তৃষাক্লেশে (মা)। ৩ তিরোহিত করা ; দূর করা। "তিমির নাশয়ে যার দন্তপঙ্‌ক্তিগুলি ক.চ ২৯১। —শা² সর্ম [°শ+আ²] নষ্ট করান। "গুরুয়া গরবকুল নাশাইল কুলবতী (প.ক) [নাশই, -শল, -শসি, -নাশাওয়ে (নাশে)।—প.ক]

নাশ³ বি [সং ন্যাস > প্রা ণা(না)স] কেশসংস্কার ; প্রসাধন। [নাশে বেশে থাকা—সাজ-সজ্জা করিয়া সুসজ্জিতভাবে থাকা। "নাশে বেশে রামের কাছে থাকিহ তপোবন কৃ.অ ১১।]

নাশতা '-শ্-' বি [ফা নাশ্‌তা] প্রাতরাশ (breakfast)।

নাশপাতী '-শ্-' [ফা নাশ্°] কাবুলী ফলবিশেষ (pear)।

নাশা¹ বিং [সং নাশক > প্রা *ণা(না)সঅ > বা °শা] ১ নাশক, হারক, দূরীকারক। "তিলক তিমিরনাশা।—ম ১। পাতক° শ্রী ১। ললাটিকা তমনাশা ভ.গ্র ১৫৬। দর্প° দা ১৭৫। ঘুম...তাপনাশা —শিশু ৬। ২ বিলোপকারক, ভ্রংশকর। "বিবাদ না কর বুদ্ধিনাশা বা.ম ১৫১। ৩ নাশিকা, ঘাতিকা। "খেটকে খলনাশা ভা.চ ৪২৯। খগগর্ব্বনাশা বা.দ ১৫১। ৪ বিহীনা। "জননী...জাতিকুলনাশা শ্রী ৯৮। ৫ বিঘ্নকারক। "কর্ম্মনাশা (লোক)।

নাশা² দ্র 'নাশ²'।

নাশিত, নাশী, নাশ্য দ্র 'নাশ¹'।

নাষ্টিক পুং [নষ্ট+ইক (ঠঞ্)] স্বামিরূপে নষ্টধনলাভের যোগ্য ; নষ্টধন-স্বামী। "নাষ্টিকো লভতে ধনম্ মনু ৮.২০২। —ষ্টিক ক্লী নষ্টদ্রব্য, হারান জিনিশ। "শু ২.১০৫।

নাস¹ বি [সং নস্য > প্রা *ণস্স > বা °স ; হি, ঠ, গু °স] ১ নস্য, নাকে টানার ঔষধ। "বাটিয়া তাহার রস নাস দিলা নাকে শ্রী.মা ৩৪। ২ [সং নাসা] নাক। "তিলফুল সুললিত নাস (প.ক)। [°দান—নাসের ডিবা।]

নাস² বি [সং ন্যাস > প্রা ণাস] কেশসংস্কার। "নাসের কাকই গো.চ ১০৩ ; ২৪৭,-৫৩। [নাস-বেশ—কেশসংস্কার-বেশধারণাদি সাজসজ্জা, প্রসাধন। "দূরে গেল নাস-বেশ কেশ নাহি বান্ধে শ্রী ৯ ; ১০১। নাস-বেশের সজ্জা শ্রী.ম ৬৯। না করিব নাস-বেশ।—গো ২২৬। নাস-বেশ বনাইয়া জ্ঞা ৬১।

নাসত্য পুং, দ্বিব [নাসা+ত্য (ত্যপ্), সংজ্ঞায় ক্লুব (অ.টী)] অথবা

সংজ্ঞার নাসাপুটজাত (অ.টী); অশ্বিনীকুমারদ্বয়। "দস্র মহা ৩.১২১.২৪। হ ৯.৫৭। ঋগ্বেদ ১০.১৬.১৪, সায়ণ।

নাসা স্ত্রী [√নাস্ শব্দ+অ (অচ্)-ক+স্ত্রী আ (টাপ্)] ১ নাসিকা। "চিচ্ছেদ কর্ণনাসে।—রা ৩.১৮.২১। নাসাভ্যন্তর।—গী ৫.২৭। °প্রমাণ, °রোগ, নাসার্বুদ। আজানুলম্বিত নাসা।—ম ১; সুনাসা ৪৪৯। তিলফুল জিনি নাসা ক.চ ৯। ২ ঘ্রাণেন্দ্রিয়ভেদ। ৩ দ্বারোপরিস্থিত দারু; দ্বারকাঠ। ৪ বাসকবৃক্ষ। ৫ (বাঙলায়) পেঁয়াজের মত নাসাস্ফীতি রোগবিশেষ (Polypus of the nose)। "নাসা ভাঙ্গা। [°দারু (স্ত্রী)—দ্র 'নাসা (৩)। °পুট (পুং, ক্লী)—নাসারন্ধ্র। "শ্রী.ম ২২। °রন্ধ্র (ক্লী)—সর্থ 'নাসাপুট'। °বংশ (পুং)—নাসাপৃষ্ঠস্থ-মধ্যভাগ (bridge of the nose)।]

নাসিকা স্ত্রী [নাসা+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] ১ নাসা। "পা ১.১.৮। ২ সর্থ 'নাসা (২; ৩)। ৩ নাসাতুল্যদ্রব্যমাত্র—নাগদন্তাদি। ৪ হস্তিদন্ত। °মল (ক্লী)—সিঙ্ঘাণ, শিকনি।]

নাসিক্য বিণ [°কা+য (যৎ)] নাসিকাভব, নাসাস্থ, নাসাজাত।

নাসীর বিণ অগ্রসর। "নৈ ১৬.৪। —র পুং [√নাস্ শব্দ+ঈর (ঈরন্)-খি (অ.টী)°] সেনামুখ। "নৈ ১.৬৮।

নাস্তানাবুদ্ বি [ফা নেস্ত্-নাবুদ্] বিধ্বংস। "°দ করা। সে আলমারি ভাঙিয়া নাস্তানাবুদ করিয়া ফেলিল।—গল্পগুচ্ছ।

নাস্তি[১] ব্য [ন অস্তি, সুপ্সুপা] অবিদ্যমান, সত্তাহীন। "অতিথিবালকশ্চৈব রাজা ভার্য্যা তথৈব চ। অস্তি নাস্তি ন জানাতি দেহি দেহি পুনঃ পুনঃ॥—চাণক্য। অস্তি নাস্তি যত শ্রী.ম ৪৫।

নাস্তি[২] সং. ক্রি [ন+অস্তি] 'না আছে'; নাই, নহে। "শুনিয়া করিল নাস্তি রাজা দুর্য্যোধন।—ম ৭২৫। গতির্নাস্তি।—চু ৩০। নাস্তি হস্ত পা।—শ্রী ১১০। তোমার বিদ্যা নাস্তি, বুদ্ধি নাস্তি, নাস্তি তোমার কায়া।—দা ৫৭৮।

নাস্তিক বিণ [নাস্তি+ইক (ঠক্), পা ৪.৪.৬০] ১ 'পরলোক নাই'—ইহা যাহার মতি; পরলোকে অবিশ্বাসী; পরলোকাভাববুদ্ধিশালী (কুল্লুক); নাস্তিপরলোক (মল্লিনাথ)। "মনু ৮.৩০৯। মাঘ ১৬.৭। ২ ঈশ্বরে অবিশ্বাসী; ঈশ্বরনাস্তিত্ববাদী। [মাধ্যমিক যোগাচার সৌত্রান্তিক বৈভাষিক চার্ব্বাক দিগম্বর—এই ষড়্‌বিধ নাস্তিক।] ৩ পরলোকসাধনাদৃষ্টাভাববাদী। ৪ বেদনিন্দক। "মনু ২.১১। —ক ক্লী যাহাতে তর্ক বলীয়ান্, সর্ব্ব বস্তু স্বভাবসিদ্ধ, ঈশ্বর কাহারও কর্ত্তা নহেন, বেদ অকিঞ্চিৎকর, তাদৃশ শাস্ত্র (শু ৪.৩.৫৫)।

নাস্তিকতা স্ত্রী, **ক্য** ক্লী [°ক+তা (তল্),+য (যৎ) পা ৫.১.১২৮, সি)] নাস্তিকভাব, শাস্ত্রীয়ফলবৎকর্ম্মে ফলাভাববুদ্ধি, অদৃষ্টার্থকর্ম্মাভাববুদ্ধি (কুল্লুক)। "°ক্য মনু ৩.৬৫, ১১.৬৭; উশনা ৯.৬৮।

নাস্য ক্লী [নাসা+য (যৎ)] বৃষাদির নাসারন্ধ্রস্থ রজ্জু; নাথ। "ছিন্ন° মনু ৮.২৯১।

নাহ[১] বি [সং নাথ >প্রা ণা(না)হ; হি, ঠ নাহ; বৈষ্ণবসাহিত্যে] নাথ, পতি, নায়ক, প্রিয়, বঁধু। "হঠ করি নাহ কয়ল যত কাজ বি.প ৬৮; °গেহে ৭৯; °মুখ ১৬৯। নলিনীনাহনন্দিনীনদীনিকট নীপনিকুঞ্জনিবাসী।—গো ৭৬। °মাধবজ.প ৮। বর° প.র ৫৮। গোকুল° ন.প ৮৯। [নাহক—বঁধুর, বঁধুর প্রতি। "নাহক কি করসি রোখ।—গো ২২১। নাহক আদর।—জ্ঞান ৬৯। রা.শে ১১৮।]

নাহ[২] অর্ম [দ্র 'নহা'] স্নান করা। "নাহিতে দেখিনু ঘাটে চ.দা ২৪; নাহিয়া ৫৩। সর্ব্বতীর্থফল লভে নাহিলে পুষ্করে।—ম ৪৫৯। —হা সর্ম [নাহ+আ৮] স্নান করান; নাহান। [নাহলি—স্নাতা। "যাইতে পেখলুঁ নাহলি গোরি (প.ক)। নাহিতে, -হিবারে, -হী, -হে (শ্রী.কী)।]

নাহক বিং [ফা না-হক্] অন্যায্য; মিথ্যা, বৃথা, শুধু-শুধু। "হালাল না করি করে নাহক হালাক ভা.চ ৪৭৯। পাকা-ঘুটী নাহক পায় কাঁচাতে।—দা ১১৬। নিরপরাধী বেচারীদের নাহক কয়েদ ব.প্র ৫২৪।

নাহি অব্য [নাই[২] >°হি ('হ' আগম)] ১ না। "গায় হাত দিয়া কথা কও নাহি বটে শি ৬৯। ২ [নাই[৩] >°হি] সর্থ 'নাই[৩]'। "পড়িল সকল ঠাট নাহি একজন।—কৃ ২৯১। আমি চুরি করি নাহি ভ.গ্র ৩৬০। ৩ সর্থ 'নাই[২] (২)। "নাহি ঘরে সদা খাই খাই ভা.চ ১০৪।

নাহুষ, -ষি পুং [নহুষ+অ (অণ্), +ই (ইঞ্)] নহুষ-পুত্র, যযাতি। "গো.রা ৩.২৩.২৪। যযাতির্নাহুষঃ মহা ১.৭৫.৩২।

নি[১] ব্য উপসর্গবিশেষ;—১ নিষেধ, নিবোধ। "নিবাত, নিবাতস্থ গী ৬.১৯। ২ নিশ্চয়। ৩ নিবেশ। ৪ নিত্য। "নিবিশতে। স্থবিশত (পঞ্চ)। ৫ কৌশল। "নিপুণ। ৬ সম্যক্, ভৃশ, অত্যন্ত। "°গৃহীত °গূঢ় °ধুবন, °শিত। ৭ আদেশ। "°দেশিত। ৮ বন্ধন। "°বন্ধ। ৯ সংশয়। ১০ ক্ষেপ, নিন্দা। "°কার, °কৃষ্ট। ১১ উপরম, বিরতি। "°বৃত্ত। ১২ সামীপ্য। "°কট। ১৩ আশ্রয়। "°ধান, °লয়। ১৪ দান। ১৫ মোক্ষ, মুক্তি। ১৬ অন্তর্ভাব। "°ক্ষেপ, °গার, °পাত, °পীত। ১৭ বিন্যাস। ১৮ রাশীকরণ। "°কর, °চয়।

নি[২] বি (সঙ্গীতে) স্বরসপ্তকে সপ্তম স্বর 'নিষাদ'। দ্র 'গ[৩]'।

নি[৩] অব্য [সং নির্ >প্রা 'নি', প্রা 'ণি'; হি 'নি'—নিকম্মা; ঠ নি] ১ অবিদ্যমান। "মাধব নিকরুণ অন্ত বি.প ১৬৯। নিলাজ পরাণ জ্ঞা ২৩০। নি-উদ্বেগে।—ম ৯৭৩। নিজঞ্জালে কাচেন কাপড় ম.ভা ৫৪। নিকড়্যো নাগর।—শি ৮৬। ২ [না[৩]>নি] প্রশ্নে, কি। "ম. গা ১৫। কিছু নি চাঞ্চল্য মুঞি উপাধিক করোঁ চৈ.ভা ২৭২; এই নি পণ্ডিত ২৮৫; কেহ নি আসিয়া আছে ৩২০। তুমি নি দেখেছ ম.ম ১০; কুশলে নি আছে লক্ষীন্দর ২০৪,-২৯; দুষ্টে লাগ পাইয়া নি না করিছে বশ ২৩৭। ম. পা ১৫৮। ৩ বিনয়, কাতরতা। "জাগ নি জাগ নি করি, দুই হাতে তোলে ধরি বি.পা ৩১৬। ৪ নিশ্চয়। "তবু নি মএনামতি এ নাম পাড়াব।—গো.চ ১২৬। আর জন হৈলে নি 'সারি' (যম?) ঘরে যায়।—বি.পা ৩৫৮। ৫ মাত্র, ই। "দেখিলে নি দয়া লাগে বি.পা ৩৬৭। আগে নি লেখন-সন্দেশ ভেজব জ.প ৫; আঁধল, এক নি রহু হাম ৬৬। সব বেটা নি রাবণ হৈল ভেদ নাই কন জনে ব.প ৫২৮। ৬ [নাই[২] >নি] না। "তবু নি আসিবে তোমার জমপুরির ভিতর গো.চ ৩০। অএ বাপু চিননি আমারেঃ পারনি যে চেলা চিনিবার মী ১৭। পারিবা নি শিঘ্র চিনিবারে গো.বি ৮৮। আর নি বলিবে মন্দ ম.পা ৭৭; ১০২। ঠাওরাতে পারলি নি।—গি.দ্বি ১২৮। [নিকি—না কি। "তা হোতে অধিক নিকি হিড়িম্বা যুবতী অ.প ১১; আইল নিকি ৩০। নিকিন—না কি। "আগুন হইতে নিকিন মানুস জিয়তে বারায় গো.চ ৮৬; ১২০।]

নি[৪] ক্রি [নাই[৩]>নি] (অতীতে) অভাবার্থক ক্রিয়া। "আজো এরা মরে নি? : লক্ষ্মী আজো সরে নি? : ভিটে ঘুঘু কেন চরে নি?—বা.প্র ২২৮। 'পাই নি' ব'লে আর কাঁদিব না স.স্ব ২৬।

নি[৫] সর্ম [সং √নী >প্রা √নে, প্রা √ণী, ণেঅ; হি √লে; ঠ √নে; তু 'বকঃ...তং নীত্বা স্থলে ধৃতবান্ (হি ৪৩৪)। ব্যজনং নীত্বা বায়ুং বিদধতি; প্রত্যঙ্গং প্রেক্ষ্য ধনং নেষ্যামঃ (পঞ্চ ১৪২৫২)] ১ প্রাপিত করা; লইয়া যাওয়া। "নিল পুরীর ভিতর ম.গা ১১। দক্ষিণ পাটনে নিয়া।—মী ১২। কতোয়ালে নিব ধরি গো.বি ৬২। যমপুরে নিল সৈন্য।—ম ৮০৮। (নীলাম্বরে) নিবে নিজপুরে ক.চ ৩২। দেশে ...নিয়া অ.প ১২৯। (সেনে) নিল রাজার সমাজ শ্রী ১১৯। ২ গ্রহণ করা; ধারণ করা। "জাঠা নিল হাতে।—কৃ ২৯১। হেথার নিম্বু কেড়ে।—শ্রী ২৩৭। (হরি) সুদামাকে নিল বক্ষে করি শি ১০০।

৩ অধিকার করা। "রাজ্য নিতে ভরত না করিল অপেক্ষা।—কৃ ৯৯। তোমাথে মারিয়া পাছে নিব স্বর্গস্থান চ.বি ৬৩। ৪ অপহরণ করা; চুরি করা। "তোঁ মোর নিআঁছিস বাঁশী শ্রী.কী ৩২৫। যার মন তার কাছে লোকে বলে নিলে নিলে ব.প ১৫৪৭। ৫ বধ করা। "নিল দেবী সারথির জীবনে।—চ.বি ৯২। ৬ সঙ্গে লওয়া। "রাজভেট নিল সাধু ক.চ ১৩২। ৭ চালিত করা; চালান। "রথ নিয়া দূরে গেল সারথি।—ম ৯০৭। ৮ বহন করা। "বস্থলে নিআঁ নান্দোঘরে থুইল শ্রী.কী ৪২। হাটে নি বেচিলে গো.বি ৬৬। হাতে গলে বান্ধি …নিল ম.বি ১৯১। ৯ লইয়া রাখা। "পাতালে…নিল রাজা বলি ব.প ১৩৪৫। ১০ আক্রমণ করা; ধরা। "বৎসক মারিল এই গোঠ মাঝে নিয়া।—ব.প ৭৭২। ১১ উপভোগ করা। "তাদের মেয়েদের নিলে কিছু হয় না।—মা ৩৩১। ১২ মূল্য দিয়া গ্রহণ করা; কেনা। "(শঙ্খ) লক্ষ্মীকান্ত নিতে নারে লবে কোন রঙ্ক শি ১০০। ১৩ উদ্ধার করা। "রাবণ জীতে সীতা নীতে নারিবে রঘুনাথ।—কৃ ২৫০। ১৪ আত্মসাৎ করা। "যে কিছু পাইল সব নিল দেবগণে।—ম ১৪। [নিউক, নিগ—লউক। "নিগ গো.চ ২৩৭। ত্রিশূল নিউক চোরে। —ম.ম ১০। নিগাইস—লইয়া যাইস। "গো.চ ২২৬। নিগাব—নিয়া যাব। "জিউ নিগাব বান্দিয়া গো.চ ১৪। নিগায়—নিয়া যায়। "জমক নিগায় পিট্টিয়া গো.চ ১৭। নিগি, নিগিয়া—নিয়া গিয়া; লইয়া গিয়া। "বান্দিক নিগি…দিল গো.চ ১৫; টাকা নিগিয়া…দিল ১৬। নি যায় —নিয়া যায়। "নি যায় পিট্টিয়া গো.চ ৩৩। নিল, -লেঁ, -লোঁ (শ্রী.কী)।]

নিঅ(য়)ড়, -য়র বি [সং নিকট>প্রা ণিঅড (গামণিঅডে—গাথা-সপ্তশতী ৫.২), ণিঅল (পৈ) >বা নিঅড়, -য়ড়, -য়র; হি নিয়র; মৈ নিঅ(য়)র; ঠ নিকড; '°য়ড্ডী (চ); cf. E. near] নিকট, সমীপ। "পরভুর নিঅড়ে শূ ১৬। নিতি নিতি নিয়র আও (কান) বি.প ৫৮; নিয়রে ৬২; নিয়ড়ে ১৮৭। °ড় কৃ.উ ১২৪; ম ২১৮; শ্রী.মা ৪৬। ব.প ৮; নিঅড়ে ১০৭৯। নিয়ড়ে ক.চ ৪৬; শ্রী.ম ৯৯; চৈ.ম ৫০। নিয়রে ব.প ৯০; গ ১৫৬; শ্রী.মা ৬০, ১১৬। —য়ড় বিং ১ নিকট, সন্নিহিত। "নিয়ড় হইল তোর যমের করণ শ্রী.কী ১০৫। ২ নিকট, ঘনিষ্ঠ। "নিয়ড় সম্বন্ধ শ্রী.কী ১০৪।

নি-আঁশ বিং আঁশ-হীন (আঁব)। "নি-আঁশ ও আঁব।—দীনবন্ধু।

নিউমোনিয়া বি [E. pneumonia] ফুসফুসের প্রদাহ।

নিংড়া, নিঙাড়, -ঙ্গড়, -ড়া, -ঙ্গাড়, -র, -ঙ্গুড় সর্ম্ম [সং নিস্ √কৃষ্ (নিষ্কৃষ্) >লি √নিক্‌কড্‌ঢ> বা (√নিংকড়) > √নিঙ্গড়, -ড়া, -ঙ্গাড়, -র, -ঙ্গুড়, নিংড়া (?)] নিষ্কৃষ্ট করা; চাপিয়া (রসাদি) নিঃশেষে বাহির করা। "অধর বিম্বফল তোরি। কো রস নেল নিঙ্গারি॥—রা.শে ৪। জগৎ ছানিয়া কেবা৹ রস নিঙ্গাড়িল গো প.র ৭৮। মুঠা করে সর্ষে নিঙ্গুড়ি মাথে তেল (ধৃতপাঠ—'নিঙ্গুড়ি') শ্রী.মা ৪৫। পাকা ফল নিঙ্গুড়িয়া থায়।—কৃ ১৮৪। পিয়ে সাধুজন নিঙ্গড়িয়া সেই ছান্দে।—ম ৬৪১। নিঙ্গুড়ে খেয়েছে সুধা শ্যাম-সুধাকরে।—দা ৩৯৯। দুঃখসুখের লক্ষধারায়৹ পাত্র ভরিয়া দিয়েছি তোমায়৹ নিঠুর পীড়নে নিঙাড়ি বক্ষ চ.কা ২১৭। ২ জলাদিনিষ্কর্ষণার্থ সবলে পাক দিয়া চাপা বা মোচড়ান। "কেশ নিঙ্গাড়িতে (পাঠান্তর 'নিঙ্গড়াইতে') বহে জলধার বি.প ১৮। চলে নীল শাড়ী, নিঙ্গাড়ি নিঙ্গাড়ি চ.দা ২০; ইক্ষু…নিঙ্গা-ড়িতে রসময় ১০৮। বসন নিঙাড়ি মোছই সব তনু ব.প ১০৩১। নিংড়েচিংড়ে…আঁটিটে আস্তাকুড়ে ফেলে দিইচি।—জা ২১। [নিংড়ান —সর্থ 'নিংড়া'।]

নিঃক্ষত্র, -ত্রিয় বিণ [বহুব্রী] ক্ষত্রিয়হীন। "নিঃক্ষত্রামকরোন্ মহীম্ ভ ১.৩.২০। °য় কৃ ২৫১। °ত্রা ম ৬৯৮; ১২৭০।

নিঃক্ষত্রি, -ক্ষেত্রী বিং [সং নিঃক্ষত্রিয়; তু 'নিখতি' (বি.সু ৫০)] ক্ষত্রিয়হীন। "°ত্রি হইবে ক্ষিতি।—ম ৩৭৪। °ত্রী ব.প ৮৯০।

নিঃক্ষিপ্ত বিণ [নির্+ √ক্ষিপ্+ত (ক্ত)-র্ম্ম] ১ ত্যক্ত, প্রেরিত। "°মাত্রে গর্ভে (পাঠান্তর) রা ১.৩৭.২১। ২ যাপিত (কাল)। —ক্ষেপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রেরণ, নিক্ষেপ। ২ অন্যপুরুষে স্বধনার্পণ (কুল্লুক); গচ্ছিত রাখা। "মনু ৮.৪। [ইহা অষ্টাদশ ব্যবহারপদের একতম।] ৩ (বাঙলায়) দান। "সর্ব্বস্ব° চৈ.ভা ৪৪১। —ক্ষেপ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ক্ষেপণীয়। "নিঃক্ষেপ্যোঽয়োময়ঃ শঙ্কুঃ মনু ৮.২৭১।

নিঃশক্তি বিং শক্তিহীন। "চৈ.চ ১০৩। °ক্তি ঈশ্বর ভ.গ্র ৩৩৩।

নিঃশঙ্ক বিণ [নিঃ শঙ্কা যাহার, বহুব্রী; স্ত্রী -ঙ্কা] ১ নির্ভীক। "°চিত্তে সী ৪১। ২ নির্বিবিচার। "মাঘ ৮.১৩।

নিঃশব্দ বিণ [বহুব্রী] ১ শব্দরহিত, নীরব। "নিঃশব্দং রোদিতুমারেভে (কাদম্বরী)। নিঃশব্দ হইল স্থান।—ম ১৩৩,-৪। °নিশীথপ্রভাবে। —কাদ ৬২। ২ শব্দগুণহীন। "নিঃশব্দং তৎ পরং ব্রহ্ম। ৩ (বাঙলায়) মৌনী। "কি হেতু নিঃশব্দ হৈয়া আছহ নৃপতি।—ম ২২৪। ভ.গ্র ৪৭২। ৪ পাদক্ষেপশব্দহীন। "যাও নিঃশব্দ চরণে।—চ.কা ১২৭। [°পদসঞ্চারে —মৃদুপদক্ষেপে। "°রে…অপসৃত হইলেন ব.দ্বি ৫। নিঃশব্দে—নীরবে। "ম ২১৫।]

নিঃশরণ বিণ [বহুব্রী] শরণহীন, রক্ষকরহিত, নিরাশ্রয়। —শরণ্য বিং শরণহীন, নিরাশ্রয়। "বা.দ ৬৭।

নিঃশলাক বিণ [নির্গতা শলাকা (শজারু) যাহা হইতে (অ.টী), বহুব্রী] বিবিক্ত, নির্জন। —লাক ক্লী বিবিক্তদেশ। "অরণ্যে নিঃশলাকে মনু ৭.১৪৭।

নিঃশেষ বিণ [বহুব্রী] শেষহীন, সমস্ত, সকল। "°বিশ্রাণিত রঘু ৫.১। °চ্যুতচন্দন সা.দ ২। দেহগন্ধ…নিঃশেষে৹ লইল শোষণ করি —কথা ৪৬। পত্র নিঃশেষে দগ্ধ ব.প্র ৭৫। —শেষিত বিং নিঃশেষীকৃত। "বজ্রনিঃশেষিত…বিদ্যুৎ।—কা ২০।

নিঃশ্রয়ণী, -য়িণী স্ত্রী [নির্+ √শ্রি+অন (ল্যুট্)-ণ+স্ত্রী ঈ (ঙীপ্); °য়+ইন্ (ইনি)+ঈ] কাষ্ঠময়সোপান, শিঁড়ি।

নিঃশ্রেণি,-ণী স্ত্রী [বহুব্রী] 'নিশ্চিতশ্রেণিযুক্তা', অধিরোহণী, শিঁড়ি। "ত্রিদিবনিঃশ্রেণি রঘু ১৫.১০০।

নিঃশ্রেয় বি [সং °য়স] মঙ্গল, শ্রেয়োলাভ। "পুরুষের নিঃশ্রেয় সে কি করিলে হয় চৈ ১৮। নিঃশ্রেয়কর্ত্তা।—জ ২

নিঃশ্রেয়স ক্লী [নিঃ শ্রেয়ঃ, প্রা.স, সমাসান্ত অ (অচ্), নিপাতিত] ১ নিশ্চিত শ্রেয়ঃ; মোক্ষ। "°কর গী ৫.২; মনু ১২.৮২; ১১৬। ২ মঙ্গল। ৩ বিজ্ঞান, পরা বিদ্যা। "চৈ ১৯। ৪ ভক্তি। ৫ অনুভাব। —য়স পুং শঙ্কর।

নিঃশ্ব(শ্বা)স অর্ম্ম [সং নিঃ √শ্বস্ >প্রা √ণিস্‌সস; পদ্যে] নিঃশ্বাস ত্যাগ করা; দীর্ঘশ্বাস ফেলা। "নিঃশ্বসিয়া কেঁদে ওঠে মন।—চিত্রা ১৭। নিঃশ্বসিছে নিঃস্ব হাওয়া কু.কে ৪০। নিঃশ্বাসিয়া কহে ধর্ম্মপাল। —কথা ৫৯।

নিঃশ্বসন ক্লী [নির্+ √শ্বস্+অন (ল্যুট্)-ভা] নিঃশ্বাস। —শ্বসিত বিণ [+ত (ক্ত)-ক] ত্যক্তনিঃশ্বাস। —শ্বসিত ক্লী [+ত-ভা] নিঃশ্বাস। "বি.ক্র ২.১৯। —শ্বাস পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রাণ-বায়ুর বহির্নিসঃরণ; বহির্মুখ শ্বাস। "পদ্মনিঃশ্বাস রা ২.৬১.৮। নিঃশ্বাসানামশিশিরতয়া উ.মে ২৩; ৩০। ছাড়ে তপত নিঃশ্বাস চৈ.ম ৭৬। ২ শ্বাসবায়ু, শ্বাস। "দেহগন্ধ নিঃশ্বাসে নিঃশেষে, লইল শোষণ করি।—কথা ৪৬।

নিঃসংশয় বিণ [বহুব্রী] সংশয়হীন, নিঃসন্দেহ। "রঘু ১৫.৭৯।

—শয়িত বিং সংশয়াভাবযুক্ত, সংশয়রহিত। "°রূপে সী ২০। নিঃসংশয়িত পরিচয় ৩০।

নিঃসখা বিং সখাহীন, অসহায়। "ম ২০৬।

নিঃসঙ্গ বিণ [বহুব্রী] ১ সঙ্গরহিত, বিষয়াসক্তিহীন। "নিঃসঙ্গতা মুক্তিপদং যতীনাম্ (বিষ্ণুপুরাণ)। ২ নিস্পৃহ, ফলাভিসন্ধিহীন। "যন্ নিঃসঙ্গস্তং ফলসি।—কি ১৮.২৪। মু ১.১৪। ৩ নিঃস্নেহ, উদাসীন, বীতরাগ। ৪ অসংসক্ত, বিচ্ছিন্ন।

নিঃসত্ত্ব বিণ [বহুব্রী] ১ বলহীন, বীর্য্যরহিত। "গো.রা ৩.২৭.১৪। ২ ধৈর্য্যহীন। "ভ ১.৪.১৭। ৩ জন্তুহীন। "নিঃসত্ত্বং বনং ময়া কর্ত্তব্যম্।—পঞ্চ ১২১১৮। ৪ প্রভাবহীন, নিস্তেজাঃ। "নিঃসত্ত্বঃ পরিভূয়তে।—হি ১.১৪৩। ৫ সত্তাহীন, অবিদ্যমান। ৬ নীচমনাঃ।

নিঃসত্য বিণ [বহুব্রী] সত্যহীন, মিথ্যাবাদী। "°তা হি ১.৯৯।

নিঃসন্ততি, -সন্তান বিণ [বহুব্রী] সন্তানহীন, নির্ব্বংশ, আঁটকুড়া। "°তি (S.W.)।

নিঃসন্দ, -ন্ধ বিং [সং "°ন্দেহ'; অপ্র] ১ নিঃসংশয়। "বেড়ায় …নিঃসন্দে ভ.গ্র ১৭১। যায় মনের নিঃসন্দে ম.ভা ৪৭। বুঝিলাম নিঃসন্দ।—দা ২০০। ২ নিশ্চিত, ঠিক। "এর শাস্তি নিঃসন্ধ, হয় কুষ্ঠ না হয় অন্ধ।—দা ৫০০।

নিঃসন্ধি বিণ [বহুব্রী] সন্ধিশূন্য, নিরন্তরসংযোগ, সুসংশ্লিষ্ট, নিবিড়। "নিঃসন্ধি করহ চালে, পিপীলিকা যাইতে না পারে ম.ভা ২৮।

নিঃসপত্ন বিণ [বহুব্রী] শত্রুরহিত, নিষ্কণ্টক। "নিঃসপত্ন রাজ্য মাঝে রত্নসিংহাসনে।—কা ১৫৫।

নিঃসম্পাত বিণ [বহুব্রী] সম্পাতহীন, গতিশূন্য। নিঃসম্পাতঃ কৃতঃ পন্থাঃ।—হ ৮১.১৩। —সম্পাত পুং নিশীথ।

নিঃসম্বল বিং ১ অর্থবলহীন, নিঃস্ব, রিক্তহস্ত। ২ পথখরচরহিত, পাথেয়হীন। "নিঃসম্বলে পথ বহা।

নিঃসর অর্থ [সং নিঃ- √সৃ > লি √নিস্‌সর, প্রা ণি(নি)স্‌সর > বা °র (অর্দ্ধতৎসম)] ১ নিঃসৃত হওয়া; বাহির হওয়া। "ঘোড়া নিঃসরিল অ.প ৯২; ১১৪। গৃহ হোস্তে নিঃসরিলেন ম.পা ২০। ২ উচ্চারিত হওয়া। "বাক্য নিঃসরিল।—কৃ ৭৪; নিঃসরে বচন ৩৫৯। দুর্গা যুগ্মাক্ষর, নিঃসরোক ম.পা ৮১; ১১৯; বক্ত্রে নিঃসরএ ১৭৯। ৩ ক্ষরিত হওয়া; ঝরা। "নিঃসরিল ঘাম বা.ম ৫৫। ৪ উৎপন্ন হওয়া; জন্মান। "অঙ্কুর নিঃসরে ব.প ২৬৩। ৫ যুদ্ধার্থ বাহির হওয়া। "নিঃসরিল রাক্ষসের গণ অ.প ৯৪।

নিঃসরণ ক্লী [নির্‌+ √সৃ+অন (ল্যুট্)-ভা] ১ নির্গম, বহির্গমন। "আহারনিঃসরণমার্গ।—পঞ্চ ১.৪৪১। ২ [+অন-ণ] গৃহাদি-মুখ, নির্গমপথ। "বানরোঽপি প্রাপ্তনিঃসরণো বহির্ভূতঃ (S.W.)। ৩ উপায়। ৪ নির্ব্বাণ, মুক্তি।

নিঃসলিল বিণ [বহুব্রী] জলহীন, বিশুষ্ক। "মহা ৩.১০৫.৬।

নিঃসহ বিণ [নির্‌+ √সহ্‌+অ (অচ্)-ক] ১ অত্যন্ত অসহ। "মাঘ ৫.৬২। ২ অধীর। "(পুষ্করবাঃ) বিরহনিঃসহঃ ক.সা ১৭.৯। ৩ [+অ (অপ্)-র্ম্ম] ধারণে অশক্য। "হর্ষোৎকর্ষবিমুক্তি-নিঃসহতনোঃ গী.গো ১২.১৩।

নিঃসাড়তা বি নিঃস্পন্দতা, নিরুদ্যমভাব। "নিঃসাড়তার পাষাণখণ্ডে বারংবার আহত-প্রতিহত চা.পূ ৬৪।

নিঃসার বিণ [বহুব্রী] ১ নির্গতসার, স্থিরাংশহীন, অসার। ২ অকিঞ্চিৎকর। "নিঃসারাল্পফল।—পঞ্চ ১.৩০৭ ৩ বলহীন।

নিঃসারণ ক্লী [নির্‌+ √সারি+অন (ল্যুট্)-ভা] ১ বহিষ্করণ নিষ্কাসন। ২ [+অন-ণ, স্বার্থে ণিচ্] গৃহাদিমুখ, দ্বার। —সারিত বিণ [+ত (ক)-র্ম্ম] বহিষ্কৃত, নিষ্কাসিত। —সার্য্য বিণ [+য (যৎ) -র্ম্ম] বহিষ্কার্য্য। "মনু ২.১১, কুলূক।

নিঃসীম বিং [সং "°মা'] সীমাহীন; অনন্ত। "প্রতাপে নিঃসীম ক.চ ২৪৫। —সীমা (-মন্) বিণ [বহুব্রী; স্ত্রী -মা (মন্), -মা] সীমাহীন, নিরবধি। "মহতাং নিঃসীমানশ্চরিত্রবিভূতয়ঃ।—ভর্ত্তৃহরি।

নিঃসৃত বিণ [নির্‌+ √সৃ+ত (ক্ত)-ক] নির্গত। [নিঃসৃতোদর (বিণ)—স্থূলোদর, লম্বোদর। "নিঃসৃতোদরী গো.রা ৩.২৪.১৪।

নিঃস্নেহ বিণ [নির্গত স্নেহ যাহা হইতে, বহুব্রী] ১ স্নেহহীন, প্রীতিরহিত। "প্রতিগ্রহ° মহা ১৩.২৩.৮৬। সা মাং ত্যজতি নিঃস্নেহা।—পঞ্চ ৪.৪৫। ২ তৈলহীন। "কেশা অপি বিরজ্যন্তে নিঃস্নেহাঃ।—পঞ্চ ১.৯০। ৩ নীরস, শুষ্ক। "(অস্থি) নিঃস্নেহম্ মনু ৫.৮৭। —স্নেহা স্ত্রী অতসী।

নিঃস্নেহা দ্র 'নিঃস্নেহ'।

নিঃস্পন্দ বিণ [বহুব্রী] ১ স্পন্দহীন, নিশ্চেষ্ট, স্তব্ধ। "°ভুজ রঘু ৬.৪০। ২ নির্নিমেষ, স্থির। "°নয়নে সী ৪৯।

নিঃস্পৃহ বিণ [বহুব্রী; 'নিস্পৃহ' (বিসর্গলোপ)] ১ নির্গতস্পৃহ, স্পৃহাহীন, ইচ্ছারহিত। "রঘু ৮.১০। "তা সী ৭৭। ২ আস্থাহীন। "বস্তু-বিশেষনিঃস্পৃহাঃ…বিপশ্চিতঃ কি ২.৫।

নিঃস্যন্দিত বিং নিঃস্রুত, ক্ষরিত। "°ত মকরন্দে।—গো ৫৯।

নিঃস্রব পুং [প্রা.স; 'নিস্রব' (বিসর্গলোপ)] নির্গতস্রব (মিতাক্ষরা); বিশেষ; অবশেষভাগ। "যাজ্ঞ ২.২৫৪। —স্রাব পুং [নির্‌+স্রাবি+অ (অচ্)-ক; 'নিস্রাব' (অ.কো)] ১ 'নিঃশেষে মূত্রস্রাবক' (অ.কো); ভক্তরস; মণ্ড, ফেন। ২ [নির্‌+ √স্রু+অ (ঘঞ্) -ভা] ১ ব্যয়। "অল্প° (ত.বা)। ২ নির্গমন, নিঃসরণ। "আগ্নেয়-গিরির ধাতুনিঃস্রব। —স্রুত বিণ [+ত (ক্ত)-ক] নির্গত, ক্ষরিত, প্রবাহিত। "নিঃস্রুত অশ্রুজলে ব.প্র ১৫৫; শবনিস্রুত রক্ত ১৮৬।

নিঃস্ব বিণ [বহুব্রী] ১ নির্ধন, দরিদ্র। "নিঃস্বো বষ্টি শতম্ (সু.র)। ২ (বাঙলায়) বিফল, ব্যর্থ। "নিষ্ফলতার নিঃস্ব নিশাস কু.কে ৪০। ৩ সৌরভধনহীন। "নিঃস্ব হাওয়া কু.কে ৪০।

নিঃস্বত্ব বিং স্বত্বহীন, স্বামিত্বরহিত, অনধিকারী।

নিঃস্বন বিণ [বহুব্রী] নিঃশব্দ, গর্জ্জনহীন। "বর্ষতি বর্ষাসু নিঃস্বনো মেঘঃ (সু.র)। —স্বন পুং [প্রা.স] ১ অতিশয় শব্দ; গর্জ্জিত। "কি ৫.৬। ২ বাদ্যধ্বনি। "(মুরজানকগোমুখান্) তুমুলনিঃস্বনান্ ভ ৮.৮. ১৩। শঙ্খের নিঃস্বনে।—ম ৮৫২। ৩ স্বর, রব, নাদ। "স্বচিত্তায়ত° রা ১.৪.৩৩। 'জয় গুরুজীর', হাঁকে শিখবীর, সুগভীর নিঃস্বনে। —কথা ৭৪। ৪ নিশ্চিত শব্দ। "মহা ১.১.১২১।

নিঃস্বাদু বিণ [বহুব্রী] স্বাদহীন, নীরস, স্বাদরহিত। "হি ১২১৭৮।

নিঃস্বার্থ বিং [বহুব্রী] স্বার্থহীন, স্বপ্রয়োজনরহিত।

নিঁদ বি [সং নিদ্রা > লি নিন্দা, প্রা ণি(নি)দ্দা, (অপভ্রংশ) ণিংদ > বা °দ; হি নীংদ; ঠ নীদ; বৈষ্ণবসাহিত্যে] নিদ্রা। "নিঁদে প্রসবিলা কন্যা যশোদা পুণ্যবতী চৈ.ম ১৮০। নিঁদে নিঁদায়লি বালা (প.ক)।

নিঁদা অর্ম্ম [সং নি- √দ্রা > লি √নিদ্দায়, প্রা √ণি(নি)দ্দা, *√নিংদা > বা °দা] নিদ্রিত হওয়া; ঘুমান। দ্র 'নিঁদ'। —দা সর্ম্ম নিদ্রিত করা; ঘুম পাড়ান। "নিমাই চান্দেরে নিঁদাইতে ন.প ৯৪। কৃষ্ণেরে নিঁদাইতে ব্র.প ২০৬।

নি(লি)ক, -খ বি [সং লিক্ষা, -খ্যা > প্রা লিক্‌খা, *-ক্‌খ > বা (লীখ, -ক) °খ, -ক; হি, ঠ লীখ] উকুনের ডিম্ব বা বাচ্চা। তু 'নিকি'।

নিকট বিণ [নি+ √কট্ গতি+অ (অচ্)-ক (অ.টী); স্ত্রী -টা] ১ সমীপগত, আসন্ন, সন্নিহিত। "গম্যতাং কিঞ্চিন্নিকটং সরঃ (পঞ্চ)। নিকট শমন।—ম ৫০০। ২ সম্বন্ধ (ত.বা)। ৩ (বাঙলায়) সম্বন্ধানুসারে ঘনিষ্ঠ। "তিনিই তোমার নিকট-জ্ঞাতি বা নিকট-কুটুম্ব পা.প্র ৪৯। —কট পুং, ক্লী সমীপ, অদূর, সান্নিধ্য। "রাজনিকট ক.সা ৩.৭৩; তট° ৭৫। নিকটে রহিআ শ্রী.কী ৩৩। [°বর্ত্তী (-র্ত্তিন্) বিং

—নিকটস্থ, আসন্ন। নিকটাবর্ত্তি (অপ্র)—নিকটবর্ত্তী। "ব.প ১৬৮৪, -৬। নিকটিক (বিণ)—নিকটস্থ। "রাজ° মনু ৯.২৫৯, মেধাতিথি।]

নিকটিক দ্র 'নিকট'।

নিকড়ি(ড়ী)য়া, -ড়্যে বিং [নি+কড়ীয়া, -ড়ো; মৈ নিকৌরিআ] অ-ধনবান্, দরিদ্র, নিঃস্ব। "নিকড়িয়া সদাগর শ্রী.ম ৬৪। নিকড়ো নাগর শি ৮৬।

নিকর পুং [নি+ √কৃ+অ (অপ্)-র্ম্ম] ১ সমূহ, সমুদয়, রাশি। "নীর° মাঘ ৪.৫৮। মুগ্ধ বধূ° গী.গো ১.৪০। হর্ষাশ্রু° ১১.৩২। ২ সজ্ব। ৩ সার। ৪ ন্যায়দেয় ধন। ৫ নিধি, রত্ন। "ক.চ ১৮৮। ৬ (বাঙ্‌লায়) ঘনদ্রব্যের দৈর্ঘ্য প্রস্থ ও বেধ (উচ্চতা)—এই পরিমাণনিকরের ফল; নিটনকালি। 'ঊর্দ্ধ দিয়া সারায় পুর। পুরণ অঙ্ক হয় নিকর॥ —শুভঙ্কর। ৭ ঠিক, সমষ্টি। "খরচ কত হইয়াছে তাহার নিকর কিছু কহিতে পারি না আন্দাজ দশ বারো হাজার হইয়া থাকিবে ব.প ১৬৮১। [°বাকী—বাকী করের সমষ্টি।]

নিকরুণ বিং [সং নিষ্করুণ > প্রা ণি(নি)ক্‌করুণ > বা °ণ; বৈষ্ণব-সাহিত্যে] করুণাহীন, নির্দয়। "নিকরুণ মাধব বি.প ১৫৫; মাধব °ণ-অন্ত ১৫৯,-৭৮। গো ২৫৪। °ণ কান্ত জ্ঞা ২৩০। শ্রী.ম ১১৬।

নিকর্ত্তন ক্লী [নি+ √কৃৎ+অন (ল্যুট্)-ভা] ১ ছেদন। "দৌর্নি-কর্ত্তন গো.রা ৩.৭৪.৩২। ২ অর্থাপহার। "মহা ৫.৩০.২৮।

নিকর্ষ পুং [নি+ √কৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ কর্ষণ, কষণ। "তপনীয়-নিকর্ষরাজি মাঘ ২০.৬৮। ২ (বাঙ্‌লায়) অপকর্ষ। "উৎকর্ষ° অ.শী ৩৭। —কর্ষণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সন্নিবেশ, সন্নিকর্ষ। ২ [+অন-ধি (অ.টী)] পুরাদির বহির্ভূত বিহারভূমি। ৩ প্রাঙ্গণসন্নিহিত স্থান; গৃহাদিপরিচ্ছিন্ন দেশ। ৪ [বহুব্রী] কর্ষণহীন ভূমি; পতিত জমি।

নিকল অর্ম্ম [সং নির্-√গল্; হি √নিকল; তু 'নিক্কলিত্তা'—নির্গত (দো)] ১ নির্গলিত হওয়া; নিঃসৃত বা ক্ষরিত হওয়া; ঝরা। "অম্বর-স্কন্ধ হইতে দুগ্ধ নিকলিল।—ম ১২০৫। অঙ্গে নিকলে রুধির শ্রী.মা ১৬; ১৯১। শোণিত নিকলে।—শি ৭৯। ২ বাহির হওয়া। "নয়নে নিকলে অগ্নি ক.চ ১৫। নিকলে সুগন্ধে ম.ম ৮০। ৩ ঘর হইতে বাহিরে আসা। "নিকলিল ময়নামতি যাত্রা করিয়া গো.চ ১০। নিকলিতে না পারে জানানা ভা.চ ৪৯৭। ৪ উদ্গীর্ণ হওয়া; প্রকাশ পাওয়া। "(চমক উগরে) অনল জেহেন নিকলয় গো.বি ১৯৪। ৫ আবির্ভূত হওয়া। "জটা ভেদি নিকলিল জতি গোর্খনাথ গো.বি ৭। রণমধ্যে নিকলিল শল্যের কুমার ম ৭৭২। ৬ প্রবাহিত হওয়া। "হাথ কুঠাইলেক রাজা নিকলিল পানী কৃ.উ ৪৫। —কল সর্ম্ম [হি √নিকাল] বাহির করা; ত্যাগ করা। "ফেলয়ে খায় সব প্রচুর। বলে ডাক নিকলহ দূর॥—ব.প ৭।

নিকশ, -ষ, -স অর্ম্ম [সং 'নিস্-√কাসি' (নিষ্কাসি)—মূল; হি √নিকস; বৈষ্ণবসাহিত্যে] বহির্গত হওয়া; বাহির হওয়া। "জীব নিকসব যব রাথব কোই বি.প ৫৬; নিকসল ১৪৩; নিকসয়ে কঠিন পরাণ: নিকসউ কঠিন পরাণ ১৮৫। নিকশয় কঠিন পরাণ ব.প ১০১৫; নিকশউ ১০২০; শ্বাস না নিকশে ১০৮৬। (ভানুর বালা) নিকসে জ্ঞা ১৯৪; নিকসই বারি ২০৭। নিকশিল ভ.গ্র ১২৫; নিকষিল ১২৬; নিকশিলা ২২৫। মিকসে জ.প ৪।

নিকষ পুং [নি+ √কষ্+অ (ঘ)-ধি] ১ 'কষণস্থান', স্বর্ণাদি-পরীক্ষার্থ প্রস্তরভেদ; কষপাষাণ, কষ্টিপাথর। "নিকষং নিকষে যথা মহা ১২.২০৫.১২। নিকষে হেমরেখা রঘু ১৭.৪৬। মা ১২৫। নিবিড় নিশা নিকষ-ঘন কালো গী.লি ২২। সে দিন নদীর নিকষে অরুণ, আঁকিল প্রথম সোনার লেখা চ.কা ৩১৩। ২ বিশুদ্ধিপরীক্ষার্থ বস্তু; পরীক্ষাস্থান। "নবেষ দর্পনিকষস্তব চন্দ্রকেতুঃ উ.চ ৫.১০। ৩ [+অ (ঘঞর্থে ক)-ভা] কষণ, কষণরেখা। "কনকনিকষস্নিগ্ধা বিদ্যুৎ (S.W.)। কনকনিকষরুচি গী.গো ৭.৩৬। দ্র 'নিকষ (১)। ৪ [বাঙ্‌লায়; ভ্রান্ত প্রয়োগ; তু 'নিক্কোষিলা'] অসিকোষ। "নিকষে যথা অসি, আবরিব, মায়াজালে আমি দোঁহে।—মে ১৬০। [°গ্রাবা (-বন্), °পাষাণ (পুং)—১ নিকষপ্রস্তর। "আপন্নিকষপাষাণ।—হি ২.৭৯। নিকষপাষাণে,...কনক রেখা বি.প ১৯০। °ণ স্ব.প্র ১৪১। ২ (সাদৃশ্যে) পরীক্ষাস্থান। "তত্ত্বনিকষগ্রাবা তু তেষাং বিপৎ।—হি ১.২২৪। °কুলীন (বি)—বৈবাহিকক্রিয়াদোষহীন কুলীন ব্রাহ্মণ।]

নিকষা স্ত্রী রাক্ষসজননী (মেদিনী), রাবণাদির জননী। "নিকষা প্রসব কৈল চারিটি সন্তান।—কৃ ৩৯৯। নিকষা সতী তোমার জননী। —মে ২০২। [বাল্মীকি রামায়ণে, রাবণাদির জননী, 'কৈকসী', পিতা 'বিশ্রবাঃ', মাতামহ 'সুমালী' (রা ৭.৯ম সর্গ)। কৃত্তিবাসী রামায়ণে, রাবণাদির জননী 'নিকষা', পিতা 'বিশ্রবা', মাতামহ 'মাল্যবান্' (কৃ ৩৯৯)। অমরকোষে 'নিকষা' পুলস্ত্যভার্য্যা (দ্র 'নিকষাত্মজ')।] —কষা ব্য নিকটে। "লঙ্কাং নিকষা মাঘ ১.৬৮। [নিকষাত্মজ (পুং) —১ নিকষাপুত্র, রাক্ষস। ২ (বাঙ্‌লায়) রাবণাদি।]

নিকষিত বিং [সং 'কষিত'] নিকষে পরীক্ষিত; বিশুদ্ধ। "রজকিনী প্রেম, নিকষিত হেম চ.দা ১৫৪।

নিকষোপল পুং [কর্ম্মধা] নিকষপ্রস্তর। "গী.গো ১১.১২।

নিকষ্টিয়া ক্রি [?] খিচাইয়া। "আছে °য়া দাঁত শ্রী.মা ৮০।

নিকসিপেড়ে বি নক্‌শাপাড়-যুক্ত। "°ড়ে ধুতি দা ৩৭৩।

নিকা[১], -কে[২] বি [আ 'নিকাহ্'—বিবাহ] (বাঙ্‌লায়) মুসলমানের বিধবা-বিবাহ। "(মিয়া) কেহ নিকা কেহ করে বিয়া ক.চ ৮৬। নিকা নাহি দিয়া রাঁড় করি ঘরে রাখে ভা.চ ৪৭৯।, তোকে বিয়েও করে নি, তোকে নিকেও করে নি।—জা ২২। [নিকা পড়ান, বান্ধা—নিকার মন্ত্র পড়ান। "(মোল্লা) নিকা বান্ধি পায় এক তঙ্কা ব.প ৩১৯।]

নিকা[২] সর্ম্ম [প্রা 'ণিক্ক'—সর্ব্বথা মলরহিত (প্রা.ম); তু 'সং নিক্ত' —শোধিত] গোময়াদিলেপে মলহীন বা শুদ্ধ করা; গোবর দেওয়া; পরিষ্কার করা। "হাড়ি...শ্বেতখানা নিকাইয়া না করে স্নান গো.চ ৬২। [নিকান—সর্থ 'নিকা২'।]

নিকাম বিণ [নি+ √কম্+অ (ঘঞ্)-র্ম্ম; ছান্দস] ১ প্রভূত, প্রচুর। "স্রোতোবহাম্...নিকামজলাম্ শ ৬.১৬। অশুভং নিকামম্। —পঞ্চ ১.৪০৩। (অম্বু) পপৌ নিকামম্ ভ ৮.২.২৫। ২ যথেপ্সিত, ইচ্ছানুরূপ। "রাত্রৌ অপি নিকামং শয়িতব্যং নাস্তি।—শ ২ৃ। ৩ অত্যন্ত, অত্যর্থ, অতিশয়িত। "°তপ্তা কু.স ৫.২৩। °সুখিন্ মাঘ ৪.৫৪। কামো নিকামনিরঙ্কুশঃ গী.গো ৭.৪০। —কাম ক্লী অতিশয় (ত.বা)।

নিকায় পুং [নি+ √চি+অ (ঘঞ্)-র্ম্ম, পা ৩.৩.৪১,-২] ১ সমান-ধর্ম্মী প্রাণীর সমূহ; সজাতিপ্রাণিসম্প্রদায়, সজ্ব। "ভিক্ষুক°, বৈয়াকরণ°, ব্রাহ্মণ° (কাশিকা)। সর্ব্বসত্ত্বনিকায় ভ ৫.৫৮। ২ সমূহ রাশি। "গোময়° (সি)। তপ্তহেমনিকায়াভ ভ ৪.২৪.২৫। ৩ [+অ-ধি] নিবাস। "দেব° মহা ২.১২.৪। কাশী° (সি)। মনু ১.৩৬। ৪ লক্ষ্য। ৫ পরমাত্মা। ৬ [+অ-ভা] রাশীকরণ; "গোময়ানাং নিকায়ঃ (সি)। —কায্য পুং [+য (ণ্যৎ)-ধি; পা ৩.১.১২৯] গৃহ। "ভট্টি ৬.৬৬।

নিকার পুং [নি+ √কৄ+অ (ঘঞ্) -ভা, পা ৩.৩.৩০] ১ ধান্য-বিক্ষেপ, ধান-ঝাড়া। ২ [+ √কৃ+অ-ভা] ভর্ৎসনা। ৩ পরাভব। "কি ১.৪৩। ৪ মারণ, বধ। "রাজ্ঞাং নিকারে সহসা প্রবৃত্তঃ মহা ১.১৮৯.২১। ৫ খলীকার, খলকার্য্য, অপকার।—কারণ ক্লী [+ √কারি+অন (ল্যুট্)-ভা] মারণ, বধ।

নিকারি বি ['নিকার'—মূল ?] মৎস্যবিক্রেতা জাতিবিশেষ। "গো.চ ২৩১।

নিকাল সর্ম [সং নি-√কালি (প্রেরণ); হি √নিকাল] ১ স্থানান্তরে প্রেরণ করা। 'নিকালিল ধাইএ তানে শত্রুজন-ভয়ে অ.প ১২৯। ২ বাহির করা। "খুলিতুন নিকালি দিল অষ্ট অলঙ্কার গো.বি ৭১। নিকালে বা.ম ২৬৬। নিকালিয়া (পাঠান্তর) চৈ.চ ৩৩৬। ৩ নিঃসারিত করা। "শরীর কাটি রক্ত নিকালিয়া (ভবানী পুজে) বা.ম ১৭৯। ৪ বাসচ্যুত বা নির্ব্বাসিত করা। "রাজ্য লৈয়া নিকালিয়া কৈলে দেশান্তরী ব.প ৪৯৯।

নিকাশ[১] বিণ [নি+√কাশ্+অ (অচ্)-ক, উপসর্গদীর্ঘ—'নীকাশ (পা ৬.৩.১২৩; অ.কো)] তুল্য, সদৃশ। "মণিনিকাশোদাম্ (নদীম্) রা ২.৯৫.৯। বিদ্যুৎপুঞ্জ° মা.মা ৫.১৩। [সমাসে উত্তরপদ, নিত্যসমাস] —কাশ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রকাশ (ত.বা)। ২ সমীপ। "ভ ৩.১৬.৩০। ৩ [+অ (অচ্)-ক] দিক্‌চক্র, দিঙ্মণ্ডল (A.)।

নিকাশ[২]**,-স** বি [সং নিষ্কাস>প্রা *নিক্কাস; হি, ঠ, নিকাশ; নিকাস (মুণ্ডারি)—outlet] ১ নিষ্কাসন, নিঃসারণ; নির্গমন। "জল°। ২ নির্গমনপথ, দ্বার। "নাহি জীউ-হরিণ-নিকাশ ব.প ১০৮৬। ৩ আয়-ব্যয়-নির্ণয়ার্থ হিসাবের সমাপ্তি; হিসাব-শেষ। "নিকাশে তাহার গোঁজা তারে হয় গোঁজা ভা.চ ৪০৭; নিকাশের মুহুরীর ৪০৮। [নিকা (কে)শ করা—১ (কার্য্য) শেষ করা। ২ (খাদ্য) শেষ করা; উদরসাৎ করা। "লুচি…দেড় দিস্তে নিকেশ করি ন.ত ৬৬। নিকাশী—নিকাশসম্বন্ধী (কাগজ)।]

নিকাশ৩**, -স** সর্ম [সং নিষ্কাসি (নিস্-√কাসি): হি √নিকাস] ১ বাহির করা। "কলার পাটুয়াখোলা হৈতে আম্র নিকাশিয়া। তাঁর পত্নী তাঁরে দেন…॥—চৈ.চ ২৩৬। দ্রব্য নিকাশিয়া ভ.গ্র ৪১০। ২ কোষ-মুক্ত করা; খাপ হইতে খোলা। "কাষ্ঠের তলোয়ার যে কেমনে নিকাশিব: নিকাশে তলোয়ার ভ.গ্র ২২৮।

নিকাষ পুং [নি+√কষ্+অ (ঘঞ্)-ভা] কষণ, কষণরেখা। "তেজোভিঃ কনকনিকাষরাজিগৌরৈঃ কি ৭.৬।

নিকি, -খি বি [সং লিক্ষিকা>প্রা *লিক্‌খিয়া >বা (লিখি, -কি) °খি, -কি] উকুনের ডিম বা বাচ্চা। "ডেঙ্গর উকুন নিকি করে কিল-বিলি ভা.চ ২১১। নিকি ম'রে প'চা গন্ধ জা ৯।

নিকুঞ্চক পুং [নি+√কুঞ্চ্+অক (ণুল্)-ক] ১ জলবেতস। ২ কুড়বচতুর্থাংশ।

নিকুঞ্জ পুং, ক্লী [নি-√গুঞ্জ্+অ (ঘঞ্)-ধি, গু>কু (অ.টী)] কুঞ্জ। "মহা ১.৯৪.৪০। ঋতু ১.২৩। [°মন্দির (বি)—বিলাসভবন, শয়নগৃহ। "ম.গা ১১। গো.চ ৩৩৯।]

নিকুটিয়া ক্রি সর্থ "নিকষ্টিয়া'। "কত মরে…°য়া দন্ত শ্রী.মা ৭২।

নিকুম্ভ পু ১ কুম্ভকর্ণপুত্র। "রা ৬.৭৫.৪৬। ২ শিবানুচরভেদ। "রঘু ২.৩৫। ৩ স্কন্দানুচরভেদ। ৪ বিশ্বদেবভেদ (ত.বা)।

নিকুম্ভিলা স্ত্রী ১ লঙ্কার পশ্চিমভাগস্থ গুহাবিশেষ। দ্র 'ইন্দ্রজিৎ'। "মে ৪৭; ২০৪। ২ নিকুম্ভিলাস্থিতা দেবী।

নিকুরম্ব ক্লী [নি+√কুর্ (শব্দ)+অম্ব (অম্বচ্)—ধি ?] নিকর, সমূহ। "চিকুর°, কিরণ° (আনন্দলহরী)। আকীর্ণপুষ্প° (মৎস্যপুরাণ)। লতা° গী.গো ১১.৫।

নিকৃত বি (নি+√কৃ+ত (ক্ত)-র্ম] ১ পরিভূত। "উ.চ ৬.১৪। ২ নিপীড়িত, ব্যথিত। "নিকৃতো দুঃখেন মহতা মহা ৩.৬৬.১৫। ৩ বঞ্চিত। "মহা ৩.৭১.৫। ৪ নিরস্ত, দূরীকৃত। "মহা ৩.১৪৭.৩০। ৫ শঠ। ৬ পতিত। ৭ নীচ। —কৃত ক্লী [+ত.ভা] পরিভব। —কৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ ভর্ৎসন। ২ ক্ষেপ, নিন্দা। ৩ শাঠ্য। "মহা ২.৬১.১১,-৪। ৪ অপকার। "°পর কি ১.৪৩। ৫ নীচকর্ম্ম। "মহা ২.৫৯.১৩,-৪। ৬ নিরাস, দূরীকরণ। ৭ বঞ্চনা। ৮ দৈন্য, দীনভাব। —কৃতি পুং বসুভেদ।

নিকৃতি দ্র 'নিকৃত'।

নিকৃন্তন বিণ [নি+√কৃৎ+অন (ল্যুট্)-ক, কৃৎ >কৃন্ত,, দ্র 'পা ৭.১.৫৯; স্ত্রী-নী] ছেদক, নাশক। "অরি° গো.রা ১.৩০.১৪। পরসেনা° (S.W.)। বিরহি° গী.গো ১.৩২। স্নেহপাশ° ভ ৬.৫.৪০। অজপা…ভবপাশনিকৃন্তনী (তন্ত্র)। —ন্তন ক্লী [+অন-ভা] ১ ছেদন, খণ্ডন, নাশন। "নিকৃন্তনঞ্চ শত্রূণাম্ মহা ৩.২২৮.৩৭। ২ [+অন-ণ] ছেদনাস্ত্র। "একেন নখনিকৃন্তনেন সর্ব্বং কার্ষ্ণায়সং বিজ্ঞাতং স্যাৎ ছান্দোগ্য ৬.১.৬। —ন্তিনী বিং ছেদিনী, ঘাতিনী। "দৈত্য° কৃ ৩৫১। রক্তবীজ° ভা.চ ৮।

নিকৃষ্ট বিণ [নি+√কৃষ্+ত (ক্ত)-র্ম] ১ জাত্যাচারাদি হেতু নিন্দিত; অধম। "নিকৃষ্টের কন্যা হ'লে প্রকৃষ্টে প্রদান শি ৮। ২ নীচ, অপসদ। ৩ নিকট (A.)। তু 'সন্নিকৃষ্ট'। ৪ (বাঙলায়) অপকৃষ্ট, খারাব (দ্রব্য)।

নিকে[১] ক্রি.বিং [হি নীক (বিং)] মনোহরভাবে, সুসজ্জিতভাবে। "নখর নিকর, নিকে পসারল, কত নিশাকর হাট।—ব ৬৮। গো ৮৮।

নিকে[২] দ্র 'নিকা[১]'।

নিকেত পুং [নি+√কিত্+অ (ঘঞ্)-ধি] ১ গৃহ। "বৃহস্পতি° মহা ৫.১৩.৮। অ° গী ১২.১৯; মনু ৬.২৫। কু.স ৫.২৫। ২ বাসস্থান। "তিমিনক্র° রা (S.W,)। ৩ স্থান। "গোকর্ণনিকেতমীশ্বরম্ রঘু ৮.৩৩। ৪ আশ্রম, তপোবন। "নিকেত…বিশ্রবসো মুনেঃ মহা ৩.৮৯.৫। —কেতন ক্লী [+অন (ল্যুট্)-ধি] গৃহ, বাসস্থান। "কেলি°, জলযন্ত্র° (S.W.)। রাম° (রা)। বৃক্ষমূল° মনু ৬.২৬। ক.চ ৭৬।

নিকেশ বি [নিকাশ > °শ] ১ সমাপ্তি, শেষ। "প্রায় কর্ম্ম হয়েছে নিকেশ।—দা ২০১৯। নিমেষ ফেলতে কর্ম্ম নিকেশ।—কা ১২৭। ২ শেষ হিসাব। "চাহিলেই দিব কাজের নিকেশ স্ব.প্র ১০৩। [°প্রকাশ—আয় ব্যয়ের হিসাব-কিতাব। "ব্যয়ের কিছু নিকেশ প্রকাশ নাই আ.দু ১৩৭।

নিকোচন ক্লী [নি+√কুচ্+অন (ল্যুট্)-ভা] সঙ্কোচ, ভঙ্গি। "অহমনেনাক্ষিনিকোচনেনোপহসিতঃ মনু ৮.৪৫, কুল্লুক।

নিক্‌তি বি [হি, ঠ নিকতী; সং নারাচিকা, -চী; 'নিষ্কমিতি' > °তি (?); 'নিত্তি' (গো.চ)] স্বর্ণকারের ক্ষুদ্র তুলাযন্ত্রবিশেষ। [নিক্‌তির ওজন—সূক্ষ্ম মান; খাঁটি ওজন।]

নিক্কণ,-ক্কাণ পুং [নি+√ক্কণ্+অ (অপ্; ঘঞ্)-ভা] ১ বীণাশব্দ। ২ ক্বণনমাত্র (অ.টী); শব্দমাত্র। "বাজে বাদ্য গভীর নিক্কণে।—মে ৩২; ১৬১; ৩০৪। মা ১৫২। নূপুর-নিক্কণ চ.কা ৪৬৫। ভৃঙ্গ বুঝি করিছে নিক্কণ?—অ.গু ১১৭। বাদ্যনিক্কণ ব.প্র ২১০। সারঙ্গের মধুর নিক্কণে ব.দ্বি ১২৭।

নিক্ষত্র বিং [সং নিঃক্ষত্র] ক্ষত্রহীন। "নিক্ষত্র করিলা বসুমতী বি.পা ৫। [নিক্ষত্রিলা—নিক্ষত্র করিলা। "বা.ম ৪।]

নিক্ষা স্ত্রী [তু 'লিক্ষা'] উৎকুণডিম্ব, ক্ষুদ্রযূক, নিকি।

নিক্ষিপ সর্ম [সং নি √ক্ষিপ্] নিক্ষেপ করা। "(কোষা) নিক্ষিপিলা ঘোরনাদে।—মে ২০০।

নিক্ষিপ্ত বিণ [নি+√ক্ষিপ্+ত (ক্ত)-র্ম] ১ ত্যক্ত। ২ কৃত-নিক্ষেপ (দ্রব্য)। ৩ বন্ধকরূপে স্থাপিত; ন্যস্ত, আধীকৃত। "যন্নো-র্নিক্ষিপ্ত আধিঃ।—বিষ্ণু ৫.১৮০। —ক্ষেপ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ ক্ষেপণ; প্রেরণ। "অলম্…মাম্মানাং ব্যাখ্যানেষু কটাক্ষনিক্ষেপেণ সা.দ ২২১। ২ ত্যাগ। ৩ শিল্পিহস্তে সংস্কারার্থ দ্রব্যাদিদান (ত.বা)। ৪ সমক্ষে বস্তুবিশেষসমর্পণ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.৬৮। ৫ [+অ-র্ম]

নাম নির্দ্দেশ না করিয়া যে বাসনস্থ মুদ্রিত ধন পরহস্তে অর্পিত হয় (কুল্লুক)। "মনু ৮.১৪৯। বিষ্ণু ৫.১৬৪। পঞ্চ ১.১৪। ৬ [+অ-স] যাহার নিকটে বিশ্বাসপূর্ব্বক নিঃশঙ্কভাবে দ্রব্য নিহিত হয়। 'স্বদ্রব্যং যত্র বিশ্রম্ভান্নিক্ষিপত্যবিশঙ্কিতঃ। নিক্ষেপো নাম তৎ প্রোক্তম্...॥ —মিতাক্ষরা। —ক্ষেপণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'নিক্ষেপ' (১; ২)। ২ নির্ভরন্যাস; বিন্যাস, স্থাপন। "কু.স ১.৩৩; ৫.৮৫। —ক্ষেপী (-পিন্) পুং [°প+ইন্ (ইনি)] নিক্ষেপের স্বামী। দ্র 'নিক্ষেপ (৫)। "পঞ্চ ১.১৪। —ক্ষেপ্তা (-প্তৃ) পুং [+তৃ (তৃচ্) -ক-১ব] নিক্ষেপকারী, উপনিধাতা, বন্ধকদাতা। "মনু ৮.১৮১,-৬। —ক্ষেপ্য বিণ [+ য (ণ্যৎ)-র্ম্ম] ক্ষেপণীয়। "মনু ৮.২৭১।

নিখণ্ড বিং [অপ্র] অখণ্ডিত, প্রবল। "তরঙ্গ নিখণ্ড ব.প ৩৮৬।

নিখনন ক্লী [নি+ √খন্+অন (ল্যুট্)-ভা] ভূগর্ভে নিধান, পোতা। —খাত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ নিহিত, স্থাপিত। "অষ্টদ্বীপনিখাত-যূপ রঘু ৬.৩৮; শল্যং নিখাতম্ ৯.৭৮। ২ দত্ত। "গাঢ়ং নিখাত ইব মে হৃদয়ে কটাক্ষঃ মা.মা ১.২৮।

নিখর্ব্ব বিণ [প্রা.স] ১ অতিখর্ব্ব, বামন। ২ নিখর্ব্বসংখ্যক। —খর্ব্ব পুং অযুতকোটি সংখ্যা।

নিখাদ বি [সং নিষাদ; হি, ঠ °দ] স্বরগ্রামের সপ্তম স্বর (নি)। "(গুরুমহাশয়) লোক দেখিলে...আপন পঞ্চম স্বরকে নিখাদ করিতেন আ.দু ১৪৫। —খাদ বিং [নি°+খাদ] খাদহীন, বিশুদ্ধ। "নিখাদ সোনা কু.কে ১৫৪।]

নিখিল বিণ [বহুব্রী] ১ যাহা হইতে খিল (শেষ) নিবৃত্ত; নিঃশেষ, সমগ্র, সর্ব্ব। "রা ১.৫.৪। উ.মে ৩৩। ২ বিশেষ। "মনু ২.৮।

নিখুঁৎ, -খুঁত, -তি, -খুতি বিং [নি°+খুঁত; হি নিখোট] ১ খুঁত-হীন, নির্দ্দোষ। "ব্যবহার নিখুঁৎ গ.স ৯০। ২ সর্ব্বাঙ্গসুন্দর। "নিখুঁৎ-নধর...সোহাগ-শতদল কু.কে ৬। ৩ উপাদেয়, উৎকৃষ্ট। "নিখুঁত নিখুঁত মণ্ডা কৃ ৩০৬। নিখুতি নিখুতি মণ্ডা—বা.প্র ৭৫। —ত, -তি বি উৎকৃষ্ট মিষ্টান্নবিশেষ। দ্র (৩)। "নিখুতি এলাচ-দানা।—দা ৯৭৭। বরফি—নিখুতি—মনোহরা আ.দু ৬৬।

নিগড় বিণ [°ড়+অ (অচ্) অস্ত্যর্থে] দন্তায়োনিগড়, লৌহশৃঙ্খলবদ্ধ। "মনু ৪.২১০। —গড় পুং, ক্লী [নি+ √গড় বন্ধন+অ (অ.টী)] ১ লৌহময় পাদবন্ধোপকরণ; শৃঙ্খল, দাড়ুক (অ.টী)। "পাদৌ নিগড়-সংযুক্তৌ ক.সা ১০.১৩৮। ২ হস্তীর পাদবন্ধন-লৌহশৃঙ্খল। "নিগড়ান্দু-লাবীৎ (করেণুরাজঃ) মাঘ ৫.৪৮। ৩ শৃঙ্খলা, বন্ধনমাত্র। "ধ্যানানু-বদ্ধহৃদয়° ভ ৬.৯.৪১। হৃদয় নিগড়ে বন্দী।—ম ৮৫৭। ক.চ ১০৩। ম.পা ৭৩; ১০০। মিশ্রকেশী—যার কেশ কামের নিগড়।—মা ১২১। মে ১৭। —গড়িত বিণ [√নিগড়ি+ত (ক্ত)-র্ম্ম] ১ নিগড়যন্ত্রিত, বদ্ধ। "মনু ৪.২১০; কুল্লুক। ২ নিয়ন্ত্রিত, নিমীলিত। "নিদ্রা °জনদৃশি (দশকুমার)।

নিগ(গা)দ পুং [নি+ √গদ্+অ (অপ্; ঘঞ্)-ভা ১ ভাষণ, কথন। ২ শব্দমাত্র (ত.বা)। ৩ উচ্চৈঃ মন্ত্রজপ। 'নিগদস্তু জনৈর্বেদ্যঃ (আগম)। ৪ [+অ-র্ম্ম] উচ্চৈঃ জপ্য মন্ত্র; গদ্যাত্মকস্তোত্র (শ্রীধর)। "শতপথব্রাহ্মণ ১১.২.১.৬। নিগাদেনাভিষ্টূয়মানো ভগবান্ ভ ৫.৩.১৬। —গদিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ভাষিত, কথিত। —গদিত ক্লী [+ত -ভা] ভাষণ।

নিগম¹ পুং [নি+ √গম্+অ (ঘ)-ণ, পা ৩.৩.১১৯] ১ 'জ্ঞানসাধন', বেদ। "°কল্পতরোর্গলিতং ফলম্ ভ ১.১.৩। নিগমকল্পতরু, বিগলিত কল চারু শ্রী.ম ৩। ২ বেদের উদ্ধৃত শ্লোক বা শ্লোকাংশ; শ্রুতি। ৩ বেদার্থবোধক গ্রন্থ। "মনু ৪.১৯। ৪ শাস্ত্রবাক্য। ৫ ন্যায়শাস্ত্র। ৬ তন্ত্রশাস্ত্র। "ক.চ ১। ৭ শব্দপ্রকৃতি, ধাতু। ৮ বর্ত্ম, পথ। ৯ বাণিজ্য। ১০ [+অ-ধি] হট্ট, হাট; মেলা। ১১ পুরী। ১২ [+অন -ভা] নিশ্চয়। ১৩ উপদেশ। "ভ ১.৫.৩৯। -গমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ প্রবেশ, অন্তর্গমন। ২ [+অন-ণ] (ন্যায়ে) পঞ্চ অবয়বের শেষ অবয়ব; হেতুকথনপূর্ব্বক প্রতিজ্ঞার পুনঃ কথন। 'হেত্বপদেশাৎ প্রতিজ্ঞায়াঃ পুনর্বচনং নিগমনম্।

নিগম² '-ম্' বি [সং নির্গম >লি নিগ্‌গম; প্রা ণিগ্‌গম >বা °ম; পদ্যে] ১ নির্গমন, বহির্গমন। "কেমনে প্রবেশ হয় কেমনে নিগম। —ম ১০১০। না জানি নিগম শ্রী.মা ১৭১। ২ নির্গমনপথ। "পুরী সব সাজাইছে প্রবেশ নিগম বি.পা ১৮০।

নিগ(গা)র পুং [নি+ √গৃ+অ (অপ্, ঘঞ্)-ভা] ভক্ষণ। বিপ 'উদ্গার'। —গরণ ক্লী [অন (ল্যুট্)-ভা] ১ ভক্ষণ। বিপ 'উদ্গিরণ'। ২ অধঃকরণ। "সা.দ ১০.১২৮। —গরণ পুং [+অন-ণ] ১ গল। ২ হোমধূম। —গ(গা)ল পুং [°র > °ল] ১ ভক্ষণ। ২ অশ্বগলদেশ।

নিগাড় সর্ম্ম [সং √গালি] ঝরান, গালা; ফেনশূন্য করা। "জল শেষ হইল ভাত নিগাড়িল ম.ম ১৮৮।

নিগার, নিগাল দ্র 'নিগর'।

নিগীর্ণ বিণ [নি+ √গৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ ভক্ষিত। ২ অন্তর্ভাবিত, অন্তঃকৃত। "উপমানেনান্তর্নিগীর্ণস্যোপমেয়স্য কা.প্র ১০।

নিগুড়, নিগূঢ়² '-ঢ়' বি [সং নিগড়; অপ্র] ১ শৃঙ্খল, বেড়ী। "নিগূঢ়-বন্ধন।—কৃ ১৭১; ম ১২৩১; শ্রী ২৪৫; দা ৭৬৬। নিগুঢ়বন্ধন শ্রী.মা ২২৩। ২ (অপ্র) নিতান্ত, অতীব। "বেটা...বর্ব্বর নিগুড় শ্রী.মা ১৬৮।

নিগূঢ়¹ বিণ [নি+ √গুহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ গুপ্ত, প্রচ্ছন্ন, সংবৃত। "°জত্রু; °মন্ত্রসাধন (কাদম্বরী)। নিগূঢ় সে কথা ব.প ৯৮৯। নিগূঢ়-বিষয় ক.চ ১। ২ অপরিজ্ঞাত। [নিগূঢ় তত্ত্ব—অপ্রকাশিত সত্য কথা; খাঁটি কথা। "আমি সব বিষয়ের নিগূঢ় তত্ত্ব জানিতে চাই আ.দু ৭১।]

নিগূঢ়² দ্র 'নিগুড়'।

নিগৃহীত বিণ [নি+ √গ্রহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ নিয়ন্ত্রিত, বশীকৃত, সংযত। "গী ২.৬৮। ২ নিরুদ্ধ। ৩ পীড়িত, আক্রান্ত। "°ধেনু রঘু ২.৩৩। ৪ পক্ষসমর্থনে বা হেতুবাদে পরাভূত।

নিগ্রহ পুং [নি+ √গ্রহ্+অ (অপ্)-ভা] ১ নিরোধ। "মনো দুর্নিগ্রহং চলম্ গী ৬.৩৫। ২ সংযম, বশীকরণ। "গী ৩.৩৩। মনু ৬.৯২। ৩ নিয়ন্ত্রণ, শাসন, দমন। "নিগ্রহং প্রকৃতীনাম্ মনু ৭.১৭৫। গ ৭৫। ৪ সংহার, হনন, বিনাশ। "নিগ্রহসংগ্রহে প্রভুঃ ভ ৭.২.৩৯। অরি° রঘু ১৫.৬। ৫ পরিভব, পরাজয়। ৬ বন্ধন। "বুদ্ধিং কৃতাং নিগ্রহে কেশবস্য।—মহা ১.১.১৭৪। ৭ অবরোধ, বন্দীকরণ। ৮ অনুগ্রহাভাব। ৯ ভর্ৎসন। ১০ নিরাকরণ, দূরীকরণ। "হিম° রঘু ৯.২৫। ১১ নিবর্হণ, ভস্মীকরণ। "মদনস্য নিগ্রহাৎ কু.স ৫.৫৩। ১২ দণ্ড। "রঘু ১১.৫৫। ১৩ অপকার। "রঘু ৯.৯০। ১৪ নিপীড়ন। "নিগ্রহানুগ্রহ নরে ভ.প্র ২৯০। ১৫ (মল্লশাস্ত্রে) হস্তদ্বয় দ্বারা কন্ধরাকর্ষণপূর্ব্বক শত্রুর অধোমুখী-করণ (নীলকণ্ঠ)। "মহা ২.২৩.২৩। ১৬ চিকিৎসা। ১৭ বিরাগ। ১৮ (ন্যায়ে) হেতুবাদে, পক্ষপ্রতিষেধে বা দোষোদ্ধারে পরাজয়। "বিতণ্ডা-ছল-নিগ্রহাদি চৈ.চ ১০৪। ১৯ [+অ-ণ] ধারণদণ্ড, হাতল। "সাধু° (সুশ্রুত)। ২০ সীমা। ২১ [+অ (অচ্)-ক] বিষ্ণু। ২২ শিব। —গ্রহণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ নিরোধ, নিয়ন্ত্রণ। "বাষ্প° গো.রা ৬.৯৯.৪৮। ২ চিকিৎসা। "রোগ° (সুশ্রুত)। —গ্রহীতব্য বিণ [+তব্য-র্ম্ম] শাসনীয়। "মনু ৮.৩১৭, কুল্লুক। —গ্রাহ পুং [+অ (ঘঞ্)-ভা] আক্রোশ, বাধ, শাপ। "পা ৩.৩.৪৫। ভট্টি ৭.৪৩। —গ্রাহ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] শাসনীয়। "রা ২.৭৮.৪। [°স্থান (ক্লী)—(ন্যায়ে) বাদীর পরাভবহেতু বাক্যভেদ; প্রমাণাদির একতম। নিগ্রহিয়া (হি √নিগ্রহ)—পীড়িত করিয়া। "নিগ্রহিয়া বিগ্রহেরে নিধি মিল হ'য়ে।—প.ত ৫৩।

নিঘ বিণ [নি+ √হন্+অ (অপ্)-র্ম, নিপাতিত, ৩.৩.৮৭] নিমিত, সম-বিস্তারদৈর্ঘ্য, সমারোহপরিণাহ, অর্থাৎ উচ্চতা ও বিস্তার সমান এমন (বৃক্ষ)। "নিঘানিঘতরুচ্ছন্নে ভট্টি ৭.৬৫।

নিঘণ্টু পুং [নি+ √ঘট+উ (ত.বা)] যাস্ককৃত বৈদিকপর্য্যায় শব্দ-সংগ্রহ; একার্থকবৈদিকশব্দ-সূচী। "মহা ১২.৩৪২.৮৮।

নিঘর্ষ পুং, **-ঘর্ষণ** ক্লী [নি+ √ঘৃষ্+অ (ঘঞ্), +অন (ল্যুট্)-ভা] ঘর্ষণ। "তরুশাখান্তনিঘর্ষজোঽনলঃ কি ২.৫১।

নিঘস পুং [নি+ √অদ্+অ (অপ্)-ভা] ভক্ষণ।

নিঘাত পুং [নি+ √হন্+অ (ঘঞ্)-ভা] ১ আহনন, নির্ঘর্ষণ। "জ্যানিঘাত-কঠিনত্বচো রঘু ১১.৪০; ৭৮। ২ আঘাত। "মদনশর°। —ঋতু ৬.২৭, টীকা। ৩ উদাত্তাদিহননপূর্ব্বক অনুদাত্তকরণ (মনোরমা)। ৪ [+অ-র্ম] অনুদাত্তস্বর (ত.বা)। —ঘাতি, -তিকা স্ত্রী [+ই (ইঞ্)-ণ; ক (কন্)+স্ত্রী আ (টাপ্)] লৌহমুদ্গর। "নিঘাতিকা-তাড়ন পা ৫.২.১২০, কাশিকা।

নিঘাবানা বি [?] চৌকিদার। "মজুরের °না ঢালী বি.সু ১০৪।

নিঘ্ন বিণ [নি+ √হন্+অ (ঘঞর্থে ক)-র্ম] ১ অধীন, আয়ত্ত। "রঘু ১৪.৫৮। বিধেয়° (অ.কো)। প্রণত জনের নিঘ্ন ক.চ ১। ২ আহত। ৩ পূরিত, গুণিত (লীলাবতী)।

নিঙাড়, -ঙ্গড়, -ড়া, -ঙ্গাড়, -র, -ঙ্গুড় দ্র 'নিংড়া'।

নিচয়[১] পুং [নি+ √চি+অ (অচ্)-ভা] ১ সমূহ, নিকর। "অন্নানাং নিচয়ং সর্ব্বং সৃজস্ব রা ১.৫২.২৩। ক্ষয়ান্তা নিচয়াঃ—মহা ১১.২.৩। ২ সঞ্চয়ন, সঞ্চয়। "অস্থি° রা ২.৭৭.২২। ষণ্মাসনিচয়ো বা স্যাৎ সমানিচয় এব বা। —মনু ৬.১৮। ৩ [+অ-র্ম] রাশীকৃত দ্রব্য। ৪ নিশ্চয়। দ্র 'নিচয়[২]'।

নিচয়[২], **-য়ে** ক্রি.বিং [সং নিশ্চয় > প্রা নিচ্চ(চ্ছ)য় > বা °য়; বৈষ্ণব-সাহিত্যে] নিশ্চিত, ঠিক। "নিচয় মরিব।—বি.প ১৬০; নিচয়ে হাম যায়ব ২০৪। নিচয় জানিও চ.দা ৮২; ১০৩। নিচয়ে মরিব জ্ঞা ১৯০। নিচয়ে নিরিখনু।—গো ২৫৪। ব ১৬৩।

নিচল বি [সং নিশ্চল > প্রা নিচ্চল > বা °ল; নিচ্চল (দো); বৈষ্ণব-সাহিত্যে] ১ স্থির, নিস্পন্দ। "শ্রী.কী ৭৩। নিচল লোচন বি.প ২০১। নিচল তনু।—গো ১৬৬। ২ ইন্দ্রিয়বৃত্তিহীন, শান্ত। "পরম নিচল মধ্যে ধ্যান কর বসি গো.বি ১৫০। ৩ অক্ষয়। "নিচল রহুক নাম কীর্ত্তির শবদ ব.প ১৩১২। —চল ক্রি.বিং স্থিরভাবে। "ন রহ নিরুপম, নিলয় নিচলহি।—গো ২৫৪।

নিচিত বিণ [নি+ √চি+ত (ক্ত)-র্ম] ১ ব্যাপ্ত। "অংসব্যাপি শকুন্তনীড়নিচিতম্…জটামণ্ডলম্।—শ ৭.১১। মাঘ ১৭.১৪। ২ পূরিত, সমাকীর্ণ। ৩ রাশীকৃত, সংগৃহীত।

নিচিন্তে ক্রি.বিং [সং নিশ্চিন্ত > প্রা নিচ্চিংত > বা °ন্ত; 'নিছন্তে' (গো.চ); অপ্র] নিশ্চিন্তে, নিরুদ্বেগে। "নিচিন্তে রহিলা গো.বি ৮৯। নিচিন্তে হারাইলা ধন।—মী ২৩।

নিচিয়া ক্রি নিচয়ন (নির্ব্বাচন) করিয়া। [নিচিয়া বাছিয়া—একার্থক শব্দ। "গহনা নিল নিচিয়া বাছিয়া ব.প ২৮৭,-৮।]

নিচু দ্র 'নিচু'।

নিচুপে ক্রি.বিং [অপ্র] নিঃশব্দে। "সব জন রহল °পে গো ৪১।

নিচুল পুং ১ হিজ্জলবৃক্ষ। ২ স্থলবেতস; কবিবিশেষ। "পু.মে ১৪। —চুলক ক্লী চোলাকৃতি কঞ্চুক।

নিচোড়, -ড়া সর্ম্ম [হি √নিচু(চো)ড়; মুণ্ডারি 'নিচুড়া'—to squeeze] নিষ্পিষ্ট করা; নিঙড়ান, চাপা। "মুঠে নিচোড়িয়া তাহে দিল আদারস ক.চ ১৫০। বসন নিচোরি মুছই সব সখী তনু গো ১৬। অধর বিষফল তোরি। কো রস নেল নিচোরি।—প.কা।

নিচোর দ্র 'নিচোড়'।

নিচোলা পুং [নি+ √চুল+অ (অচ্)-ণ] ১ 'আচ্ছাদনসাধন', উত্তরচ্ছদ, প্রচ্ছদপট, উত্তরীয়। "সখি…নীলয় নীলনিচোলম্ গী.গো ৫.১১। শ্রী.কী ২৮১। নীল নিচোল ব.প ৩৩৪; গো ১৩১। পীত নিচোল শ্রী.ম ৩৬; ১৭১। নিচোল-অঞ্চল জ্ঞা ১৫২। বুক্কের নিচোলবাস চ.কা ২১২। বাসন্তীনিচোলা অ.গু ৭। ২ শয্যাস্তরণ, বিছানার চাদর। ৩ দোলিকাদির আবরণবস্ত্র (ত.বা)। —চোলক পুং কঞ্চুক। নিচোলা-চল (অসাধু)—নিচোলাঞ্চল। "শ্রী.মা ২৫।]

নিচ্চ(চ্ছ)য় ক্রি.বিং সর্থ 'নিচয়[২]'। "নিচ্চয় বিদেশে রানি আমি জাবতে মরিয়া গো.চ ১৯৬; ২৬৫; নিচ্ছয় ২৭৫।

নিচ্ছিবি পুং ব্রাত্যক্ষত্রিয় হইতে সবর্ণাজাত জাতি। 'মনু ১০.২২।

নিছ সর্ম্ম [সং নির্+ √মঞ্চ্—নির্ম্মঞ্চ্ (নীরাজন) > বা (√নিচ) °ছ] ১ আরতি করা; বরণ করা। "নিছিয়া পেলেন পান—শূ ৭৮। নিছিয়া ফেলিল পাণ ক.চ ২৬: ৪৮; পুত্রবধূ নিছিয়া লইয়া চল ঘর ২৯৬। নিছিয়া ফেলিল পান শ্রী ১৯। ব.প ৪১৯। নানা রত্ন ফেল দুর্য্যোধনেরে নিছিয়া।—ম ২১১। আপাদ-মস্তক তৃণে নিছিয়া লইয়া। —চৈ.ভা ২১৩। [বরণের সময়ে বরণদ্রব্য হস্তে লইয়া মস্তকাদি অবয়ব লক্ষ্য করিয়া ঘুরাইতে হয়। ইহা অভিচার-(টোটকা)-বিশেষ। ইহার উদ্দেশ্য অমঙ্গল-নিরাকরণ।] ২ [হি—'নিচ্ছাবর' (উৎসর্গ) —মূল?] প্রসাদনার্থ উৎসর্গ করা। "পরাণ নিছিয়া ভারে দিয়ে বি.প ২১৩। নিছি দিনু জাতি কুল চ.দা ৬৪। জাতি যৌবন ধন, নিছি ফেলিব শ্যাম-পায় জ্ঞা ১১। পরাণ নিছিয়ে তোমার নয়ান কাজরে ৫৪। নিছই তনু আপনার।—গো ২। নিছই নরহরি জীবন ন.প ২৯৮। সেবা কৈল নিছিয়া পরাণে ভ.গ্র ২৪২। [নিছাই—নিছনি করিয়া (?)। "বদন নিছাই (প.ক)। নিছাএ—বরণ করিয়া। "পাণ নিছাএ ফেলিল ব.প ১৪৪। নিছিয়া পুঁছিয়া—উত্তমরূপে পুঁছিয়া। "(চরণ) নিছিয়া পুঁছিয়া লয় শিরে চৈ.ভা ২৭৩। নিশিবোঁ—নিছিবোঁ, নিছনিরূপে দান করিব। "দাসী হঞা তার পাএ নিশিবোঁ আপনা।—শ্রী.কী ২৯৪। নিছাওয়ে, -ছিয়া, -য়ে, -লুঁ (প.ক)।]

নিছক বিং [ছাকা > °ক ?; তু 'ণিচ্ছক্ক'—নির্লজ্জ (দেশী—প্রা.ম; অ.রা)] অমিশ্র, শুদ্ধ, খাঁটি, ছাকা। "নিছক খেউড়—হেম ৩৮৪। তারপর তুমিই সমস্ত বিষয়টা লইয়া পায়ের উপর পা দিয়া নিছক মজা মার আ.ঢু ৯১।

নিছন, -নি[৩] বি [সং নিঃস্বন > প্রা নিস্সণ > বা (নিসন) °ন, -নি] ধ্বনি। "অমিয়া নিছনি, বাজিছে সঘন, মধুর মুরলীগীত চ.দা ৬৬; প.র ৫১। অমিয়া নিছন, বাজিছে সঘন (প.ক)।

নিছনি[১] বি [সং √নির্ম্মঞ্চ্—'নির্ম্মঞ্চন'—মূল; দ্র 'নিছ'] ১ নীরাজন, আরতি। "বসনে পদ মুছি, নিছনি কৈল শচী, বসন অমূল্য রতন ক.চ ৩৯। ২ বরণ। "নিছনি করিতে গেনু লয়ে তৈল কুড় ভা.চ ৮২; পুত্রের নিছনি কৈলা ৫২৪। —নি, -নী বি ['নির্ম্মঞ্চনীয়'—মূল] ১ নির্ম্মঞ্চন-দ্রব্য, আরতির দ্রব্য, বরণদ্রব্য। "পিরীতি লাগিয়া দিনু পরাণ নিছনি চ.দা ১১৪। চরণের নিছনী ফুল ক.চ ১৪। কত নিধি চরণ-নিছনি ল'য়ে চলে শ্রী ২৭; কত নব যুবতী নিছনি মোর পায় ১০২। দিতে চাই যৌবন নিছনি প.র ২৭; তবুত না হয় তোমার নিছনি সমান ৪১। জাতি কুল শীল দিয়া, ওরূপ নিছনি।—ব ৭০। কোটি চন্দ্র নিছনি যে সে চন্দ্রবদন চৈ.ম ১০৭। অঙ্গে অঙ্গে…অনঙ্গ নিছনি ভ.গ্র ৪০৪; ত্রিভুবন যাহার নিছনি ৪৮২। পদনখনিকর-নিছনি ঘনশ্যাম ব্র.প ১৭০। ২ নীরাজনবস্ত্র। "সতেক হাত নেতে কৈল ঘোড়ার নিছনি।—শূ ৬৮। ৩ (সাদৃশ্যে) অতিপ্রিয়বস্তু। "রূপ গুণ কাজ তোর, পরাণ নিছনি মোর রা.শে ৩৪। ৪ পূজা, সমাদর। "নাথের নিছনি করি, তবে সে আমার মনে সুখ পি ১০৩। ৫ ভূষণ (?)। "শ্যাম অঙ্গে পীতাম্বর হাটক নিছনি ম ১২৭৬। ৬ [ফা নিশানী > নিছনী ?] চিহ্ন, পতাকা। "বাটীর

ভিতরে ষার সোণার নিছনী ম.ভা ৬৮। [°ডালা—বরণডালা, বরণ-দ্রব্যের পাত্র। "ভা.চ ৭৭। নিছনি পুছনি—বরণ ও সম্মার্জ্জন (শিশুর মঙ্গলার্থ আচারবিশেষ)। "শ্রী.ম ২২; নিছনি পুছনি করে কল্যাণ-কারণ ৭৭। নিছনি পোছনি—পূজাঙ্গ বরণ ও সম্মার্জ্জন। "নিছনি পোছনি করে গঙ্গার পাএ গ ৫৯।]

নিছনি² বি [সং নির্মন্থন > প্রা 'ণিম্মঞ্ছণ' (বি.মা ৫২৳) —মূল; 'নিছন' (শ্রী.কী)] 'বিনাশক', আপদ্, বালাই। "(চাঁদ বলে) যাক পুত্র আমার নিছনি বা.ম ১৪০। গোরার নিছনি লঞা মরি চৈ.ম ৬.১৪০। তোমার নিছনি যাই ভ.গ্র ৮১। উঠহ বাছনি, মো যাঙ নিছনি রা.শে ১৬; ২৯। পিয়ার নিছনি লৈয়া মুই যাঙ মরি প.র ৬৪। —ছুনি বি সর্থ 'নিছনি²। "কাহার বাছুনি রে নিছুনি ল'য়ে মরি ভা.চ ২৭৯। কাহার রমণী গো নিছুনি লয়ে মরি বি.সু ১০৭। [তোমার নিছনি যাই; মো যাঙ নিছনি (প্রা 'তুজ্ঝ নিম্মঞ্ছণং জামি'—সং 'তব নির্মন্থণং যামি' —বি.মা ৫২৳)—তোমার বালাই লইয়া মরি বা মরিয়া যাই।]

নিছনি³; নিছনী; নিছুনি দ্র 'নিছন; নিছনি¹; নিছনি²।

নিজ্ সক [হ্বা, এ—নেনেক্তি, নেনিক্তে; অনিট্] ১ শোধন, নির্ম্মলী-করণ। ২ পোষণ। [অব—প্রক্ষালন। নির্—নির্ণেজন, শুদ্ধি।]

নিজ বিণ [নি (নিয়ত) + √জন্ + অ (ড)-ক (অ.টী); ছান্দস] ১ স্বক, স্বীয়। "অয়ং নিজঃ পরো বেতি গণনা লঘুচেতসাম্।—হি ১.৭২। নিজেঽধিকারে রঘু ১৮.২৮। নিজাদংশাৎ যাজ্ঞ ২.১২৭। নিজ দোষ শ্রী.কী ২৬। কু ৯৯। ২ নৈসর্গিক, স্বাভাবিক। "নিজেন তেজসা রঘু ৩.১৫। কি ৬.৩৭। ৩ সহোদর। "ভগিনীং নিজাম্ মনু ২.৫০; নিজঃ...দেবরঃ ৯.৬৯। ৪ নিত্য। [নিজ গায়—গায়-লাগা, লাগা-লাগি। নিজ মনে—আপন মনে। "ভ.গ্র ১৭৭। নিজস্ব—স্বীয় ধন; ব্যক্তিগত দ্রব্য। নিজে—স্বয়ং, আপনি। নিজেকে—আপনাকে। "নিজেকে কত দমন করেচি ঘ।—২৮৩। নিজের—আপনার। "সুখ দুঃখ পরের হাত, না নিজের হাত?—ব.প্র ২১২। নিজের আভ্যন্তরীণ কঠিন শক্তি চা.পু ৫১। নিজের ভাই—সহোদর ভাই। নিজেরে—আপনাকে। "মেঘ বরিষার, নিজেরে নাশিয়া দেয় বৃষ্টিধার।—কথা ৪।]

নিজনা '-জ্-' বি [সং নির্বোল (কৃ.স ২৫)] লাঙ্গলের মুড়ায় আঁটা বক্রাগ্র কাষ্ঠখণ্ড; মুঠে।

নিজাম্ বি [আ নিজ.াম্] প্রধান শাসনকর্ত্তা; হায়দরাবাদের রাজার উপাধি। [নিজামৎ, -ত (আ নিজ.ামৎ)—নিজামের পদ বা অধিকার; ফৌজদারী বিচার। নিজামতী—নিজামতের সম্বন্ধী। নেজামত আদালত —ফৌজদারী আদালত। "ভাল আদালত নেজামত।—দা ২০৮৪। নেজামত আদালত।—হু ১২।]

নিজ্জ(জ্জ)স বিং [তেলেগু—'নিজ্জম্'—(H.B. 65)—true] সত্য, ঠিক, নিশ্চিত। "নিজ্জস জানিবা E. 116.

নিজ্ঝুম, নিঝুম বিং [নি³+ধুম > নিধুম > °ম] ১ নিঃশব্দ, নীরব। "নিশা হয়েছে নিঝুম শ্রী ৪৬। নিঝুম চারিভিত।—শিশু ১৪৫। রাতি,...নিস্তব্ধ নিঝুম চ.কা ১০২। নিঝুম চারিদিক। —রবীন্দ্র। ২ স্থির, নিস্তব্ধ। "নিজ্ঝুমে ঘুম যাও জননীর কোলে শ্রী.ম ২৭। অতিহুঁ রভসভরে, শ্যাম নাগরীর কোরে, অঙ্গ হেরি রহল নিঝুম গো ১৬৫। তমোময় ক্রম, নিঃশব্দ নিঝুম স্ব.প্র ৮৮।

নিঝর বি [সং নির্ঝর > লি নিজ্ঝর, প্রা ণিজ্ঝর > বা নী(নি)ঝর; হি নীঝর; পদ্যে] নির্ঝর, ঝরনা। "খাল খানা নিঝর।—শ্রী ১৫৬। —ঝর; -রে ক্রি.বিং (সাদৃশ্যে) নির্ঝরপ্রবাহতুল্য, অবিরলধারায়। "নিঝর ঝরে দুনয়ান। গো ১১৪। নিঝরে নয়ন ঝরে ব.প ১০৯৪। নিঝরে ঝরয়ে দুটি আঁখি (প.ক)। [নিঝরই—নির্ঝরতুল্য অবিশ্রান্ত ঝরে। "নয়ন নীরদে নীর নিঝরই।—গো ২৫৪।]

নিট্ বিং [E. net] আনুষঙ্গিক ব্যয় বাদে অবশিষ্ট; ঠিক, খাঁটি (আয়, লাভ)। [নিট্ খবর—খাঁটি সংবাদ।]

নিটনকাত বি জমির পরিমাণানুসারে নির্দ্ধারিত জমা।

নিটনকালি বি নিটোল দ্রব্যের কালি; দ্র 'নিকর (৬)।

নিটল ক্লী [তু 'সং ললাট > প্রা ণিডাল (প্রা.প্র), -ডল (প্রা.ম); ঠ নিডল] ললাট। "নিটলতল-চুম্বিত (দশকুমার)। [নিটলাক্ষ (পুং)—'ললাটনেত্র', শিব।]

নিটোল বিং [সং নিস্তল > লি নিত্তল, প্রা ণিত্তল (ক.ম ৩.৪) > বা (নিটুল) °ল] ১ যাহাতে তল (টোল) নাই; সুগোল; সুবৃত্ত। "নিটোল কাঁটাল। ২ পরিপুষ্ট, সুপরিণত, উপচিত, চৌরস। "নিটোল বুকের পাটা সা.ম ১৯। ললাট নিটোলে অ.গু ৯৪। নিটোল গোল গঠন জ্ঞা ৪৬। নিটোল ললাটে...টিপ।—লী ৩১। যদি সে কপাল তেমনি নিটোল করিয়া আঁকিতে পারিতাম ব.প্র ৫২। ৩ ঘনদ্রব্য (cube)।

নিঠুর বি [সং নিষ্ঠুর > লি নিট্ঠুর, প্রা ণিট্ঠুর > বা °র; হি, মৈ —নিঠুর; ঠ নিঠুর; পদ্যে] ১ নির্দ্দয়। "নিঠুর কান বি.প ১৯০। ম.ম ১০৭। চৈ.ম ১৩০। ২ পরুষ, কঠোর। "নিঠুর বচনে শ্রী.কী ১৮৩। [°পনা, °রাই (হি° ঈ)—নিষ্ঠুরতা। "সো যদি করু নিঠুরাই —গো ২১৮। °ই (প.ক); চৈ.চ ৮৭। ব.প ১০৯৪। নিঠুরপনা সোঙরিয়া মরি জ্ঞা ১৫৮।]

নিড়বিড়া, -ড়ে বিং [সং নির্বীর্য্য] দুর্ব্বল, অর্থাৎ যে কাজে চটপটে না; অলস, ঢিলা।

নিড়া সর্ম [হি নিরানা (নিরাকরণ) > √নিরা > বা °ড়া] শস্য-ক্ষেত্রের তৃণাদি নিরাকৃত (উৎপাটিত) করা; ফসল তৃণহীন করা; নিড়ান (to weed)। "আমার ধান্য নিড়াবে এখানে ম.ভা ১৭। ধান্য নিড়াই চান্দ মনে বাসে ভাল।—ম.ম ১৫০। [নিড়ান—সর্থ 'নিড়া'। নিড়া(ড়ে)ন—নিড়ানের অস্ত্র; ফোড়। নিড়ান-কাড়ান—নিস্তৃণী করণ-কর্ষণ।]

নিডীন ক্লী [নি + √ডী + ত (ক্ত)-ভা] পক্ষীর নিম্নাভিমুখগতি। দ্র 'ডীন'।

নিত ক্রি.বিং [সং নিত্য > বা (উচ্চারণসাম্যে) নিত্ত > নিত; হি, ঠ, গু, মৈ, জাটু—'নিত'; সি নিতু] ১ সর্ব্বদা। "বয়স কালে যুবতী রাঢ়ী নিত কলঙ্কে রাও ব.প ৪৮। তৈলোক নাথ, নিত উগারিঅ নিত ভশম সাথ বি.প ২২৪। অপরাধ করোঁ নিত চৈ.চ ২৮১। ২ প্রতিদিন। "ভাবিয়া সাবিত্রী মনে,...স্বামীর পালন করে নিত ক.চ ৬৭। এই মতে সেবা নিত চ.বি ১১৯। ব.প ৪৬০। —তি ক্রি.বিং [নিত্য > °তি (দ্র 'ই'¹¹); °তি (চ); হি °তি] ১ সর্ব্বদা। "সুধা পড়ে যেন নিতি।—হু ৮। ২ প্রত্যহ। "নিতি নিরামিষ খাই। —মী ১৩। নিতি হইব গ্রাস গো.বি ১৭০। শ্রী.কী ৯। [নিত নিত, নিতি নিতি—নিত্য নিত্য। "নিতি নিতি শ্রী.কী ৬। তোমারে পূজিবে নিত নিত।—ম ৪৪১; ভোগ ভুঞ্জি নিতি নিতি ১০৭৩। নিতি নিতি নিয়র আও ব.প ৫৮; নিতি নিতি ঐছন, নব নব খেলন ৯৭। নিতি নিতি বাড়ে ধন।—ক.চ ৯৭। আসি নিতি নিতি চৈ.চ ১৫৫। গাওয়াব নিত নিত ব.প ৩৬৮। নিতি নিতি...যায় ভ.গ্র ২৬০। নিত(তু)ই—নিত্যই, সদাই, প্রত্যহই। "নিতই নূতন, পিরীতি দুজন চ.দা ৭৯। গুণগাথা নিতুই নূতন।—চৈ.ম ৭১। নিতই নূতন রঙ্গ।—জ্ঞা ১৭৭। নিতি কর্ম্ম —নিত্যকর্ম্ম, দৈনিক কার্য্য। "ম.গা ৫।]

নিতকলঙ্কে ক্রি.বিং ['নিষ্কলঙ্কে'—মূল] বিনা কলঙ্কে। নিতকলঙ্কে মর হউক স্বামীর পদতল ৫০।

নিতম্ব পুং [নি + √তম্ + ব (কন্)-ক (অ.টী)] ১ যাহা গ্লানিপ্রাপ্ত হয়; স্ত্রীকটির পশ্চাৎ; পাছা। "নিতম্বমিব মেদিন্যাঃ রঘু ৪.৫২।

পু.মে ৪১। বিপুলতর° মাঘ ১১.৫। নিতম্বে রশনা সাজে ক.চ ৪। কনককলস দুই নিতম্বধারিণী।—ম ৯৫৩। বিপুল নিতম্ব।—গ ৩৭। °প্রহার ভা.চ ৩৬০। **২** (সাদৃশ্যে) গিরিমধ্যভাগ, কটক। "°ভূমি।—মাঘ ১১.৭৬। গিরের্নিতম্বে ভট্টি ২.৮। °প্রভবা নদাঃ ভ ৫.১৯.১৬। **৩** কটি-মাত্র। **৪** রোধঃ, নদীতীর। "মহানদী° মহা ১. ১২০.১২। **৫** স্কন্ধ। [°বিম্ব (ক্লী)—নিতম্বমণ্ডল। "ঋতু ১.৪। (কাঞ্চী) বিশাল নিতম্ববিম্বে।—মে ৩৭।]

নিতম্ববতী স্ত্রী [°ম্ব+বৎ (বতুপ্)+স্ত্রী ঈ (ঙীপ্)] প্রশস্তনিতম্বা নারী; সুন্দরী রমণী। "চারু চুচুম্ব নিতম্ববতী গী.গো ১.৪৩; °মুখ ২.৪।

নিতম্বিনী স্ত্রী [°ম্বিন্+স্ত্রী ঈ (ঙীপ্)] **১** প্রশস্তনিতম্বযুক্তা নারী; সুন্দরী কামিনী। "কু.স ৩.৭। ম ১০৮৫। মে ৪৯; ৮৪,-৯। **২** নারী। "ঋতু ১.৫। ব্যাধ° ক.চ ৪৮; ৬৬। ব.প ৩১০। —তম্বী (-ম্বিন্) বিণ [°ম্ব+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -ম্বিনী] নিতম্ববান্, প্রশস্তনিতম্ব। "মেখলাগুণপদৈর্নিতম্বিভিঃ রঘু ১৯.২৬। কি ৮.১৬।

নিতম্বী দ্র 'নিতম্বিনী'।

নিতরাম্ ব্য **১** অতিশয়। "ব্রাহ্মণো নিতরাং গুরুঃ ভ ১.৭.৪৩। **২** সুতরাং। **৩** অবধারণ। "প্রাণাংস্ত্যজামি নিতরাং তদবাপ্তিহেতোঃ (S.W.)। **৪** সর্বদা (A.)।

নিতল ক্লী [বহুব্রী] **১** তলহীন, সপ্তপাতালের একতম। **২** (বাঙলায়) অতল, গভীর। "অতল দিঘি নিতল জলে কু.কে ৬৮।

নিতা বি [হি ন্যোতা; 'ন্যতা' (চট্টগ্রাম)] 'নিমন্ত্রণ'। "গো.বি ১৭।

নিতাই বি নিত্যানন্দ। [ইঁহার পিতা হাড়াই পণ্ডিত, মাতা পদ্মাবতী। ইনি অনন্তের অবতার। বীরভূমের অন্তর্গত একচক্রায় ইনি অবতীর্ণ হন। নবদ্বীপে নন্দনাচার্য্যের গৃহে চৈতন্যদেবের সহিত ইঁহার মিলন হয়। ইনি গৃহী ছিলেন।]

নিতানি, -ত্তানি, -ত্যানি ক্রি.বিং ['নিত্যদিনই'—মূল; অপ্র] প্রত্যহই। "(দুগ্ধ) নিত্তানি যোগায় ভ.গ্র ২০২; পাঁচটি মোহর আসে নিতানি সকাশে ২৫১, নিত্তানি ২৬৮; নিতানি ৩০০; ৪২৬; নিত্যানি বিহায় তাতে অনুভব হয় ৪৭১।

নিতান্ত বিণ [নি+ √তম্+ত(ক্ত)-ক] অতিশয়, অত্যর্থ, একান্ত অতিমাত্র। "°পীবর (স্তনদ্বয়) রঘু ৩.৮। °দীর্ঘ কু.স ৩.৪। পঞ্চ ২.১১৯। —তান্ত ক্রি.বিং [নিত্তান্ত (গো.চ)] **১** একান্ত, নিশ্চিত। "যাবে নিতান্ত! —কা ১৩৭। নিতান্ত নিরপরাধা সী ২৩। **২** (অপ্র) যথার্থ, ঠিক। "নিতান্ত বলিল আহ্মি তোহ্মার চরণে ম.পা ৮৭; ১৩৭। **৩** সবিশেষ, বিচারপূর্ব্বক। "নিতান্ত ভাবিয়া দেখ মনে ম.পা ৪৭,-৮। **৪** কোন প্রকারে; কিছুতে। "নিতান্ত না নষ্ট হইল এ মহিষাসুর।—দু ৮৭। [নিতান্ত পক্ষে—একান্তপক্ষে; শেষ পক্ষে; নারাজ-পক্ষে। "নিতান্ত পক্ষে, তিনি যাহাতে তোমার খোরপোষ পাঠাইয়া দেন, তা আমার করিতে হইবে ব.গ্র ৩৫১।]

নিতি দ্র 'নিত'।

নিত্ত ক্রি.বিং [সং নিত্য, ত্য>ত্ত, উচ্চারণসাম্যে] প্রত্যহ। "গো.বি ৬৪।

নিত্য[১] বিণ [নি+ত্য (ত্যপ্) ধ্রুবার্থে, পা ৪.২.১০৪, সি; 'নিত্য'—ধ্রুব, অসাধারণ (ঋগ্বেদ ১.৬৬.১; ৭১.১)] **১** 'নিরতধ্রুব', সতত, অবিরত। "°জাত গী ২.২৬; °সত্ত্ব ৪৫। °যুক্ত, °শঙ্কিত, °স্থায়ী (S.W.)। উগায়হ নিত্য বিব।—ক.চ ১৪৪। **২** পরিনিষ্ঠিত। "অধ্যাত্ম° গী ১৫.৫। **৩** সদৈকরূপ, কূটস্থ। "গী ২.১৮; ২৪। **৪** জন্মনাশরহিত, শাশ্বত, সনাতন, অনশ্বর। "যদি নিত্যম্ (যশঃ) অনিত্যেন (কায়েন লভ্যেত) হি ১.৪৯। **৫** প্রতিদিনসাধ্য, দৈনিক। "°কর্ম্ম। আদান° মনু ১১.১৫। **৬** অবশ্যকর্ত্তব্য, অনতিক্রমণীয়। **৭** সততস্থিত, তৎপর। "ধর্ম্ম° রা ২.৩৭.১৯; মহা ৩.১২৬.৩৬। **৮** অবিচ্ছিন্নপরম্পরাক (ত.বা)। —ত্য পুং সমুদ্র। —ত্য ক্লী অকরণে প্রত্যবায়সাধন সন্ধ্যাবন্দনাদি (বেদান্তসার)। —ত্যা স্ত্রী **১** দেবীশক্তিভেদ, পার্ব্বতী। "বি.সু ৪৭। **২** মনসাদেবী। [°কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—দৈনিক-বিহিতকর্ম্ম—পঞ্চযজ্ঞাদি। °কৃত্য (ক্লী), °ক্রিয়া (স্ত্রী) —সর্ব 'নিত্যকর্ম্ম'। "°কৃত্য ম ৫২১। °গতি (পুং)—সদাগতি, বায়ু। °দা (ব্য) সর্ব্বদা। "ভ ২.৫.১৯। °নৈমিত্তিক (ক্লী)—নিয়মিত ও নিমিত্তহেতুক কার্য্য—পর্ব্বশ্রাদ্ধাদি। "ম ৯৪৯। °প্রলয় (পুং)—প্রাত্যহিক প্রলয়; সুষুপ্তি। °বদ্ধ (বিং)—সতত মায়ামুগ্ধ; ভগবৎ-পরাঙ্মুখ। "নিত্যবদ্ধ—কৃষ্ণ হৈতে নিত্য বহির্মুখ চৈ.চ ২২২। °মুক্ত (বিং)—নিত্য মায়াবন্ধহীন; ভগবৎপরায়ণ। "চৈ.চ ২২২। °মুক্ত (পুং)—কালত্রয়ে বন্ধনহীন; পরমাত্মা। °যৌবনা (স্ত্রী)—দ্রৌপদী। °সমাস (পুং)—অস্বপদবিগ্রহ (ব্যাসবাক্যে সমস্যমানপদহীন) সমাস-বিশেষ। যেমন, 'অন্য দ্রব্য'—'দ্রব্যান্তর' ইত্যাদি। °হোম (পুং) —দ্বিজের প্রত্যহ-কর্ত্তব্য অগ্নিহোত্রাদি-ক্রিয়া।]

নিত্য[২] বি [সং নৃত্য (নৃ>নি, দ্র 'ঋ'[১]); অপ্র] নৃত্য। "মী ১৮। নিত্য করে।—গ ৯৭; নিত্য গীত ১০৯। চ.বি ১৩। —ত্যক বি [°ত্য>°ক; অপ্র] নর্ত্তক। "নিত্যক যেন নাচে অ.প ৩২।

নিত্যক দ্র 'নিত্য[২]'।

নিত্যশঃ (-শস্) ব্য [নিত্য+শঃ (শস্)] সতত। "গী ৮.১৪।

নিত্যা দ্র 'নিত্য[১]'।

নিত্যানধ্যায় পুং [কর্ম্মধা] সর্ব্বথা বর্জ্জনীয় বেদপাঠকাল।

নিত্যানন্দ পুং [বহুব্রী] 'সতত আনন্দিত'। দ্র 'নিতাই'।

নিথর বিং [নি-থির>°র; তু 'হি নিথরনা' পদ্যে] অতিস্থির, নিস্পন্দ, নিস্তব্ধ। "নিকুঞ্জ নিথর। ন—৮১৮; হাসিছে হাসির রাশি, শ্বেত প্রস্তরের চারু নিকুঞ্জ নিথর ৯১৭। কালোর গানে জীবন আনে নিথর বনে বয় দখিনা কু.কে ১৫৮।

নি(নী)দ বি [সং নিদ্রা>লি নিন্দ, প্রা নিন্দ (বি.মা ৩৮), পিংদ, নিন্দা>বা (নিন্দ) নী (নি)দ; নিদ (চ); হি নী (নীং)দ; ঠ নীজ, -দ; প নীংদ; মৈ নীঁদ; সি নিংড] নিদ্রা। "তঁহি নিদ যায় বি.প ১৩৩। নীদ সে আইল চ.দা ৪৫। যায় নিদ।—শ্রী ৪৫। নিদ ন.প ৩৯৮; বা.ম ২৩৩; বা.দ ২৪২। [নিদঁত —নিদ্রিত। "ব.প ৮১। নিদেঁর স্বপনে—নিদ্রায় স্বপ্নে বি.প ৪৮।]

নিদয়, -য়া বিং [সং নির্দয়>লি, প্রা নিদ্দয়>বা °য়; পদ্যে] নিষ্ঠুর। "নিদয়া বিধি শ্রী.কী ৬২; নিদয় হৃদয় ৩৫৮। সে হৈয়া নিদয়া (প.ক)। তুমি শিব নিদয় নিঠুর ম.ম ১০৭। —দয়া বিং দয়াহীনা। "নিদয়া নিঠুর হয়্যা (ঘর গেল্যা) ক.চ ১৪৫।

নিদর্শক বিণ [নি+ √দর্শি+অক (ণ্বুল্) -ক; স্ত্র -র্শিকা] নির্দ্দেশক, সূচক। "উল্কাপাতাশ্চ বহবঃ মহাভয়নিদর্শকাঃ।—মহা ৩.১৯০.৭৭; ১৩.১৪৩.৫৩। —দর্শন বিণ [+ √দৃশ্+অন (ল্যুট্)-ণ; স্ত্রী -নী] **১** নিশ্চয়-দর্শনসাধন। "জ্ঞানমাত্মতত্ত্ব-নিদর্শনম্ ভ ২.৫.১। **২** প্রমাণভূত। "সতাং বুদ্ধিং পুরস্কৃত্য সর্ব্বলোকনিদর্শনীম্ (পাঠান্তর) রা ২.৫০৮.১৮। **৩** [√দর্শি+অন-ক] অভিজ্ঞাপক। "ধর্ম্মাধর্ম্ম° ভ ৬.১.৪৭। দর্শন ক্লী **১** উদাহরণ, দৃষ্টান্ত। "রঘু ৮.৪৫। **২** প্রমাণ। "মনু প্রভৃতের নিদর্শনম্।—শ ২৪। পঞ্চ ৩.২২। ম.ম ২০১। **৩** শাস্ত্রশাসন, বিধি। **৪** (ন্যায়ে) পঞ্চ অবয়বের তৃতীয় অবয়ব—উদাহরণ। **৫** (বাঙলায়) চিহ্ন। —দর্শনা স্ত্রী নিশ্চয়পূর্ব্বক সাদৃশ্যাবিষ্কাররূপ অর্থালঙ্কারবিশেষ। [সম্ভব বা অসম্ভব বস্তুসম্বন্ধ ব্যঞ্জনা দ্বারা উপমানোপমেয়ভাব বুঝাইলে নিদর্শনা অলঙ্কার হয় (সা.দ ১০.৫১,-২)।]

নিদা সর্ম্ম [নিদ+আ[৯]; অপ্র] নিদ্রিত করা। "ঘন গীত গায় নিদাইতে বনমালী।—শ্রী.ম ২৬। [নিদাইল—নিদ্রাগত, নিদ্রিত "নিদাইল গোআলা ভাগ দেখি অভ্যন্তরে শ্রী.ম ১৬।]

নিদাঘ পুং [নি+ √দহ্+অ (ঘঞ্)-ধি, কৃত্ তু 'সং দাহ > প্রা দাঘ (হে) ; বৈদিক] ১ গ্রীষ্মকাল। "গো.রা ৫.৪১.২৫। ম ৩৩৭। মে ১৯৭। °পীড়িত প.তৃ ৮৬। ২ উষ্ম, তাপ। "নিদাঘার্তাঃ ...অধ্বগাঃ রঘু ১০.৫। ৩ স্বেদ, ঘর্ম্ম। [°কর (পুং) —'উষ্মকর', সূর্য্য। °কাল (পুং)—গ্রীষ্মকাল। "ঋতু ১.১। স.শ ৮০। °সলিল (ক্লী)—উষ্মজন্য জল ; স্বেদ। "কি ৫.২৯।]

নিদাঘার্ত্ত বিণ [নিদাঘে আর্ত্ত, সুপ্‌সুপা] ঘর্ম্মাতুর, তাপপীড়িত। "নিদাঘার্ত্তা ব্যালী রঘু ১২.৩২। মে ২৬৯।

নিদাটি, -টী,- ত্যাটী বি [নিদ+মাটি, -টী] অভিমন্ত্রিত (পড়া) নিদ্রাজনক মাটি। "নিদাটী লাগিল লোক নিদ্রায় বিভোল শ্রী.মা ১৯৫। নগরে নিদাটী দিব শ্রী ১১৭। নিদ্যাটী ব.প ৩৭৯। [নিদাটি লাগা —নিদাটী কার্য্যকর হওয়া।]

নিদান ক্লী [নি+ √দা+অন (ল্যুট্)-ণ ; ছান্দস] ১ যাহা দ্বারা কার্য্যনিশ্চয় হয় (অ.টী) ; আদিকারণ, আরম্ভক, মূলকারণ। "বাত-ব্যাধি° ।—সুশ্রুত ২.১.১। নিদানমিক্ষ্বাকুকুলস্য সন্ততেঃ রঘু ৩.১। সুরকুলকেলি° গী.গো ১.২০। সই কহিনু নিদান। প্রেমের পরাণ সহে এতেক অপমান।—জ্ঞা ১৮৫। বংশের নিদান তব।—মে ২৯১। ২ কারণমাত্র। "মুঞ্চ ময়ি মানমনিদানম্ গী.গো ১০.২। এ সখি ...কহত নিদান বি.প ৪৫। চারুতা° প.তৃ ৫৮। ঝকড়ার নিদান পা.প্র ১৫১। ৩ রোগহেতু। ৪ রোগনির্ণয়। ৫ পৈলমুনিকৃত চিকিৎসা-গ্রন্থভেদ (শ.ক)। ৬ রোগনিদানগ্রন্থ (pathology)। "ধনি! আমি কেবল নিদানে।—দা ৩৬৪। ৭ [+ √দৈ+অন-ভা] শোধন, শুদ্ধি। ৮ [+ √দো+অন-ভা] কারণক্ষয়। ৯ অবসান। ১০ (বাঙ্‌লায়) শেষ দশা ; মৃত্যু। "বুঝনু আপন নিদান বি.প ১৬৮। দ্র 'নিদান (৬)। ১১ একান্তপক্ষ, শেষপক্ষ। "নিদান মাথায় করে লয়ে যাব রথ শ্রী.মা ২১৪। ১২ শেষ কথা, সারকথা। "পাইবা ব্রতের ফল কহিল নিদান।—ম ২৪৭। ১৩ আদি, আদিদেব। "নিদান জানিল প্রভু ভকতবৎসল রা.স ১৩। ১৪ শেষদশাগত। "কানু ভেল বহুত নিদান গো ২০৭ ; জ্ঞা ২১১। [°স্থান (ক্লী)—চিকিৎসাশাস্ত্রে রোগ নির্ণয়াধিকার (সুশ্রুত)। °কাল (বি)—অন্তিমকাল।]

নিদারুণ বিং ১ অতিদারুণ, সুকঠোর (বাক্য)। ২ সুদুঃসহ (যন্ত্রণা, গ্রীষ্ম)। ৩ অতিনিষ্ঠুর। "নিদারুণ বিধি (প.ক)। ৪ নির্দ্দয়। "কেমনে সহিছে তোরে নিদারুণ ধর্ম্মে।—ম. পা ৮১। ৫ দুঃখবহুল, কঠিন। "নিদারুণ প্রাণ নাহি যায় ক.চ ১৪৬।

নিদালি,-দুটি,-টী,নিদুলি বি [নিদ+ধুলি>লি; নিদাটি,-টী>°টি, -টী] সর্থ 'নিদাটি'। "নিদুটি লাগিবে যেন লোকে যায় নিদ : নিদুটী শ্রী ৪৫,-৬। নিদুলি ঘুচিলে,উঠে যেন প্রাণী, পলাইলে পরে চোর।—হেম ৮২।

নিদিগ্ধ বিণ [নি+ √দিহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ বিলিপ্ত, ম্রক্ষিত। ২ লেপাদি হেতু বর্দ্ধিত ; উপচিত। —গ্ধা স্ত্রী এলা।

নিদিগ্ধা দ্র 'নিদিগ্ধ'।

নিদিধ্যাস পুং, **-সন** ক্লী [নি+ √ধ্যৈ+স (সন্)+অ (ঘঞ্), +অন (ল্যুট্),-ভা] দেহাদিজড়বিষয়ক বিজাতীয়জ্ঞানরহিত অদ্বিতীয়-ব্রহ্মের সজাতীয়-প্রত্যয়-প্রবাহ, অর্থাৎ দেহাদি-জড়ের জ্ঞান না হয়, এরূপে অদ্বিতীয়ব্রহ্মের অবিচ্ছেদে ধ্যান (বেদান্তসার)।

নিদুটি, -টী, নিদুলি দ্র 'নিদালি'।

নিদেন বি [নিদান> °ন (গ্রাম্য)] সর্থ 'নিদান' (৬)। "নিদেন দেখে নিদেন রোগ, বৈদ্য শেষ করে দিলেন ব্যাখ্যে।—দা ২০৭৬। —দেন ক্রিং.বিং [হি, ঠ নিদান] অন্ততঃ, একান্তপক্ষে, অতিকম। "নিদেন সাতটা ফজলি আম খাও অ.প্র ১৩৯। [°রোগ—সাজ্যাতিক রোগ।]

নিদেশ পুং [নি+ √দিশ্+অ (ঘঞ্) -ভা] ১ আজ্ঞা, আদেশ। "রা ২.৩৪.৪৩। স্থিতঃ নিদেশে রঘু ১৪.৪৪। °বর্ত্তী কু.স ৩.৪। °ক্রমে সী ৮৭। ২ পরিভাষণ, কথন, কথা। "এতহু নিদেশ কহলু তোহে সুন্দরি বি. প ৪৯। ৩ শাসন। ৪ [প্রা.স] নিকট, সামীপ্য। "মনু ২.১৯৭। ৫ ভাজন। ৬ [বাঙ্‌লায় ; অপ্র] দেশ, স্থান। "দুই সৈন্যে চলি গেল যার যে নিদেশ.ব.প ৬২০। —শিনী স্ত্রী [দ্র 'নিদেশী'।] দিক্। —দেশী (-শিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক -১ব ; স্ত্রী -শিনী] আজ্ঞা-কারক। —দেষ্টা(-ষ্টৃ) বিণ [+তৃ(তৃচ্)-ক-১ব ; স্ত্রী-ষ্ট্রী] সর্থ 'নিদেশী'। [°কারী (-রিন্) বিণ—আজ্ঞাপালক, বচনকর। "যুধিষ্ঠিরস্যাস্মি নিদেশ-কারী মহা ৪.৬৫.১৬। °বর্ত্তী (-র্ত্তিন্) বিণ—আজ্ঞাকারী। "কু.স ৩.৪।]

নিদ্দাম ক্রি.বিং [নির্দম > °ম ; অপ্র] দম ফেলিতে না পায়, এমন-ভাবে ; অনবরত। "নিদ্দাম...ডাঙ্গাইল গো.চ ২৪৩।

নিদ্রা স্ত্রী [নি+ √দ্রা+অ (অঙ্)-ভা+স্ত্রী আ (টাপ্)] ১ সুপ্তি, স্বপ্ন, শয়ন। "(কাকুৎস্থ) নিদ্রামভ্যেহি রা ১.৩৪.১৪। °বশ, নষ্টনিদ্র, মুক্তনিদ্র, বীতনিদ্র (S.W.)। প্রচ্ছায়সুলভনিদ্রা দিবসাঃ শ ১.৩। ২ তন্দ্রা, অর্থাৎ নিদ্রার অন্তে ও আদিতে আলস্য (অ.টী)। ৩ তত্ত্বা-প্রতিবোধ (ত.বা)। —দ্রাণ বিণ [+ত(ক্ত)-ক] ১ নিদ্রাগত, সুপ্ত। ২ নিমীলিত। —দ্রালু বিণ [+আলু (আলুচ্)-ক] নিদ্রাশীল, শয়ালু। "ম.ম ২২০।

নিদ্রাআলী, -উলি, -দ্রালিক বি [অপ্র] নিদ্রার অধিষ্ঠাত্রী দেবী। "নিদ্রালিক আইনলেন গো.চ ২১৩ ; °লী ৪৩৭। °উলি স্মরি বি.পা ৩১০। —দ্রালি, -লী বি [নিদ্রাধুলি, -লী > °লি, -লী] সর্থ 'নিদাটি'। "চণ্ডীরে নিদ্রালি দিয়া বাহিরে গেলা হর ম.ম ৬ ; ১০ ; নিদ্রালী লাগিয়া গায়, সুখে বেহুলা নিদ্রা যায় ১৯৪।

নিদ্রাগম পুং [বহুব্রী] নিদ্রাবির্ভাবকাল, নিদ্রাকাল। "সুখং নিদ্রাসি নিদ্রাগমে (কুরঙ্গ)।—ভর্ত্তৃহরি।

নিদ্রাণ দ্র 'নিদ্রা'।

নিদ্রাভিভূত, -দ্রালস বিণ [তৃ.ত ; সুপসুপা] নিদ্রাগত, নিদ্রাজড়। "°লসা বধূঃ হি ৩১১। °ভূতা সীতা।—সী ২৩।

নিদ্রালি, নিদ্রালিক, নিদ্রালী দ্র 'নিদ্রাআলী'।

নিদ্রিত বিণ [নিদ্রা+ইত (ইতচ্)] জাতনিদ্র, সুপ্ত।

-নিধন[1] বিণ [নি (নিবৃত্ত) ধন যাহা হইতে, বহুব্রী] 'নিবৃত্তধন', নির্ধন। "নিধনতা সর্ব্বাপদামাস্পদম্।—মৃ ১.১৪ ; হি ১.১৪৩।

নিধন[2] পুং, ক্লী [নি (নিষেধ) + √ধা+অন (যুচ্)-ভা, উ ২.৮১ ; ছান্দস] ১ মরণ, নাশ। "অনাদিনিধন মহা ১.১.৪০। স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ।—গী ৩.৩৫। মেচ্ছনিবহনিধন গী.গো ১.১৪। দানবকুল° মা ২৫২। ২ প্রলয়। "যুগাদিনিধনে মহা ১৩.৮৫.৪৪। ৩ সমাপ্তি। "মনু ৩.২৭৯। ৪ মাসের অন্তিমভাগ। ৫ (জ্যোতিষে) লগ্ন হইতে অষ্টমস্থান। ৬ জন্মনক্ষত্রাবধিক সপ্তম ষোড়শ ত্রয়োবিংশ নক্ষত্র। [°কারী(-রিন্) বিণ—নাশকারক, নাশক। "দশবদন° । °ক্রিয়া (স্ত্রী)—অন্ত্যেষ্টিক্রিয়া।]

নিধনিয়া বি [নি+ধনিয়া ; বৈষ্ণবসাহিত্যে] নির্ধন, দরিদ্র। "নিধনিয়ার ধনে ব.প ১০৯৩।

নিধান[1] ক্লী [নি+ √ধা+অন (ল্যুট্)-ভা] ১ স্থাপন, রাখা। ২ পোষণ, সংরক্ষণ। ৩ অপ্রকাশতা। "পা ৬.২.১৯২। ৪ [+অন -র্ম্ম] নিধি, রত্ন। "°গর্ভা রঘু ৩.৯। ৫ বিত্ত, ধন। "মনু ৮.৩৬। ৬ নিক্ষেপ, নিখাতবিত্ত। "সমুদ্ধৃতনিধানানি (গৃহাণি) রা ২.৩৩.১৮। ৭ [+অন-ধি ; 'নিধান'—স্থান (ঋগ্বেদ ১.১৬৩.৫)] আধার, ভাজন, নিধি। "নিধানং তপসামেষঃ গো.রা ৩.১৮.২৫। গুণক নিধান বি.প ১৮১। কৃপার নিধান চৈ.চ ১৬। ৮ আশ্রয়। "গঙ্গার নিধান তুমি।—গ ১১৪। ৯ প্রবেশ-স্থান, লয়স্থান। "(অহমস্য জগতঃ) নিধানম্ গী ৯.১৮ ; ১১.১৮ ; ৩৮। এতন্নানাবতারাণাং নিধানম্ ভা ১.৩.৫।

১০ বিরামস্থান। —ধি পুং [+ই (কি)-ধি] ১ আধার, পাত্র। "গুণ°, জল°। তপোনিধি।—রঘু ১.৫৬; অথর্ব্ব° ৫৯। নিধেঃ কলানাম্ (নৈ)। ২ কোষ, ধনাগার। ৩ কুবেরের অষ্ট বা নব রত্ন (দ্র 'অষ্টনিধি, নবনিধি')। "পঞ্চ ৫১/১ । তুমি অষ্টনিধি।—ম ৮১৮। তুমি, মোর নিধি রাই।—ব ১৯৭। ৪ বিত্ত, ধন। ৫ ভূনিখাত অস্বামিক ধন। "বিষ্ণু ৩.৩৬,-৭। ৬ নিক্ষেপদ্রব্য। "মহা ২.৬১.২৯। ৭ সমুদ্র। ৮ রত্নসদৃশ দ্রব্য, শ্রেষ্ঠার্থ। "গজ°। ম ১১। নায়ক° ভ.গ্র ৩৭৫। রক্ষঃকুল°।—মে ১; সুর° ৪৬; সুরদল° ৭০; নেতৃনিধি ২৩৪। দেবকুল°।—মা ১৫২। পুরুষ°।—কাদ ২৯। ৯ বিষ্ণু। [°নাথ, নিধীশ, -শ্বর (পুং) —'রত্নাধিপ', কুবের। °প (পুং) —বিদ্যারূপনিধি-রক্ষক। "মনু ২.১১৫। °পাল (পুং) —শঙ্খাদিনিধিরক্ষক। "মহা ১৪.৬৫.১২।] °প্রাপ্ত (ক্লী) —রথ্যাদিতে পতিতাদি অনির্ণীতস্বামিক বস্তু; পথে প'ড়ে পাওয়া জিনিস। "শু ২.১০৪।]

নিধান[2], -ধানী বিং [অপ্র] ধান্যশূন্য, ধান-চাড়াহীন। "নিধানী করিয়া থই ক.চ ৪৪; নিধান করিয়া থই ২০৯।

নিধি দ্র 'নিধান'।

নিধুবন ক্লী [প্রা.স] ১ অতিকম্পন। ২ [নি (অত্যন্ত) ধুবন (কম্পন) যাহাতে, বহুব্রী] সুরতলীলা রতিক্রীড়া, মৈথুন। "°পরিরম্ভ ক.ম ৩.৭; °কন্দঃ প্রসরতি চন্দ্রঃ ২৯। °শীল গী.গো ২.১৮ শ্রী.কী ১১৪। নিধুবনে রমণীরঙ্গরসে মাতসু বি.প ২১৯। লাখগুণ নিধুবন।—গো ২৬৭। °ক্রীড়া ব্র.প ২৭৬। জ্ঞা.চ ৫৭২,-৮০। ৩ নর্ম্ম, পরীহাস (A.)। ৪ (বাঙ্‌লায়) বৃন্দাবনান্তর্গত কুঞ্জবিশেষ। "ভ.গ্র ৪৫৫। ব্র.প ২৭৬। [°লীলা (স্ত্রী) —রতিবিলাস। "নবনিধুবনলীলা মাঘ ১১.১৮। °সমর (বি)—রতিরণ। "ব ১২৭।]

নিন[1] বি [নিন্দ > নিন; অপ্র] নিদ্রা। "চক্‌থে নাই সে নিন গো.চ ১৭৪। চক্ষত আইল নিন ব.প ৬৬।

নিন[2], নেহানী বি [?] সূত্রধরের অস্ত্রবিশেষ (chisel)।

নিনড় বিং যাহা নড়ে না; নিত্য, অনশ্বর। "সপ্ত হাজার আনল নড়ে নিনড় কোন থানি গো.চ ৭৭; নিনড় কপালখানি ৭৮।

নিন(না)দ পুং [নি+ √নদ্+অ (অপ্, ঘঞ্)-ভা] ১ শব্দ, ধ্বনি, ঘোষ। "নিনদ রঘু ৯.৭৩। সুনিনদৈর্নদৈঃ কি ৫.২৭। নিনদ ভ ৭.৮.১৪। মেঘের নিনাদ।—ম ১৫৬। রোদন-নিনাদ।—মে ১৯; ৪৯। ২ রব, কণ্ঠধ্বনি। "স্ত্রীসহস্রনিনাদ রা ২.৪.১৯। ৩ রথতুল্য শব্দ। ৪ গুঞ্জন (A.)। —নাদিত বিণ [নি+ √নাদি+ত (ক্ত)-র্ম্ম] ধ্বনিত, বাদিত। —নাদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -দিনী] ১ শব্দকারক। ২ শব্দকারয়িতা, বাদয়িতা। [নিনাদে—শব্দ করে; বাজে। "নিনাদে নাগরা শ্রী ১৩। নিনাদি—নিনাদ করিয়া। "হেম ৪৩১। নিনাদিছে—ধ্বনিত করিতেছে; বাজাইতেছে। "কেহ শৃঙ্গ নিনাদিছে মে ১৯৩।

নিনাদ দ্র 'নিনদ'।

নিনাদন বি [নিনাদ > °ন; অপ্র] ধ্বনি, পাঠ। "বেদ° শূ ৮০।

নিনু বি [E. linen] ক্ষৌমবস্ত্র। "নিনুর ছাপচাপকান স.এ ২২।

নিন্দ্ সক [ভ্বা, প—নিন্দতি; সেট্] কুৎসা, নিন্দা।

নিন্দ[1] বি [দ্র 'নিদ']। নিদ্রা। "নিন্দের সপনে গো.চ ১৭৫। নয়নক নিন্দ গেও বি.প ১৬৪; ২১৯। লোচন° গো ১১০। নিন্দ যাই।—জ্ঞা ১০। নিন্দক ভোরি রা.শে ১৪; নিন্দে ভেল ভোর ১১০। নিন্দ যাই চৈ.ম ৩৮। আসুক নিন্দ : গেল নিন্দ শ্রী.ম ২৭। নিন্দ ম.ম ১৯৬। [নিন্দতে (নিদ্রায়), নিন্দভোলে, -লেঁ (ঘুমের ঘোরে), নিন্দাইব (ঘুম পাড়াইব), নিন্দাউলী (নিদ্রাজনক), নিন্দে (নিদ্রায়)—শ্রী.কী।]

নিন্দ[2] সর্ম্ম [সং √নিন্দ্ > লি √নিন্দ, প্রা √ণিংদ; হি নিংদ; পদ্যে] ১ নিন্দা করা। "নিন্দসি কৃষ্ণ কালা শ্রী.কী ৯৩; নিন্দএ ৩৭৯। ভিন্ন জ্ঞানে নিন্দে···সে মরে পুড়িয়া।—চৈ.ভা ২৬১। ২ অপকর্ষ হেতু অবজ্ঞা করা। "ম ৮; ভুজযুগে নিন্দে নাগে ১৯১। মৃগেন্দ্রের মধ্যদেশ নিন্দি কটি-তটে।—দু ৮। পদনখে নিন্দিয়াছে ইন্দু ব প ৩৭০। ৩ ধিক্কার দেওয়া। [নিন্দ (-ন্দই), নিন্দ (-ন্দহ), নিন্দউ, নিন্দল (প.ক)। নিন্দি (নিন্দই)—নিন্দা করে। দ্র 'নিন্দ[2] (২)। কাঞ্চন-কমল, নিন্দি মুখ।]

নিন্দক বিণ [√নিন্দ্+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -ন্দিকা] ১ নিন্দা-কারক, দূষক। "বেদ° মনু ২.১১। কুলীন° চৈ.চ ১৭১। ২ তিরস্কারক, অবজ্ঞাকারক। "বদরনিন্দক (কুচ) ভা.চ ৯; ১১। —ন্দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] গর্হণ, কুৎসন, অপবাদ। "ভগবন্নিন্দন (S.W.)। চৈ.চ ১৭১। —ন্দন বিং নিন্দুক। "স্বাদুবিনিন্দন চৈ.চ ৭৯। ইন্দু-নিন্দন, নখর-ছন্দন।—ব ৩১। —নীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] গর্হণীয়, দূষণীয়, কুৎসার্হ; গর্হিত। —ন্দা[1] স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্)] গর্হা, কুৎসা, অপবাদ।—ন্দিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ গর্হিত, কুৎসিত। "মনু ৩.৪২। ২ ধিক্কৃত। ৩ শাস্ত্রগর্হিত, নিষিদ্ধ। "মনু ৩.৪৭। নিন্দিতস্য চ সেবনাৎ যাজ্ঞ ৩.২১৯। ৪ লোকগর্হিত (অতিভোজনাদি)। ৫ (বাঙলায়) নিন্দক। "কুন্দনিন্দিত দন্তে ব.প্র ১৪৯। [নিন্দাস্তুতি (স্ত্রী) —নিন্দাস্থলে প্রশংসা; ব্যাজস্তুতি।]

নিন্দন, নিন্দনীয়, নিন্দা[1] দ্র 'নিন্দক'।

নিন্দা[2] অর্ম্ম [নিন্দ[1]+আ[9]; অপ্র] নিদ্রিত হওয়া। "দিবসে রজনী ভাবি নিন্দাইল সবে। [নিন্দে নিন্দায়লি—নিদ্রায় নিদ্রিত হইল; ঘুমাইল। "নিন্দে নিন্দায়লি বালা রা.শে ২। ব ১০২।]

নিন্দা(ন্দ্যা)টী বি [নিন্দ+মাটী] সর্থ 'নিদাটি'। "°টী শ্রী ২১৬,-৭। নিন্দ্যাটী ব.প ৩৮১; ৪৭৪।

নিন্দাস্তুতি, নিন্দিত দ্র 'নিন্দক'।

নিন্দুক, -ন্দুয়া বিং [সং নিন্দক; তু 'ঘাতুক'] ১ নিন্দাকারী। "নিন্দুক পাষণ্ডিগণ চৈ.ভা ২৩৯; ৩৩৬। নিন্দুক চৈ.চ ৩২; ন.প ৩৬৬; ব ৩২। নিন্দুক ব্রাহ্মণ বি.পা ৪০। নিন্দুক ব.প ৯২৭। পিতৃনিন্দুক।—ন ১২৮২। নিন্দুকদল।—কা ৮। ২ তিরস্কারক, অবজ্ঞাকারক। "দশন কুন্দ-নিন্দুয়া (প.ক)। কুন্দনিন্দুক হাস জ.প ১০।

নিপট বিং [নিপ্‌পট্‌ঠ (অধিক—দেশী ৪.৩১) > °ট; হি, ঠ, গু, জাটু °ট] অধিক, অত্যন্ত। "শ্যাম রে, নিপট কঠিন মন তোর (ভানুসিংহ)। নিপট নিদয় (পদ্যপাঠ, ১ম ভাগ)।

নিপট্টবাহ্য বিং [°ট্ট+°হ্য, দ্র 'নিপট'] সম্পূর্ণবাহ্যজ্ঞানবিশিষ্ট। "নিপট্টবাহ্য হৈল প্রভু দুঁহাকে বন্দিলা চৈ.চ ৩৩১।

নিপ(পা)ঠ পুং [নি+ √পঠ্+অ (অপ্, ঘঞ্)-ভা] পাঠ।

নিপতন ক্লী [নি+ √পত্+অন (ল্যুট্)-ভা] ১ পতন, অধোগমন। "গির্য্যগ্রাদ্ বা নিপতনম্ (মহা)। ২ স্রাব, পাত। "গর্ভস্য চ নিপতনম্।—বৃহৎসংহিতা ৫১.৩৫।—পতিত বিণ [+ত (ক্ত)-ক] অধোগত, ভ্রষ্ট।

নিপাত[1] পুং [নি+ √পত্+অ (ঘঞ্) -ভা] ১ পতন, পাত। "অশ্রু° রা ২.৭৪.২৬; মহা ৩.৯.৫। তুষারসঙ্ঘাতনিপাতশীতলাঃ ঋতু ৫.৪। উৎসেধ° কু.স ৫.২৪। ২ অধঃপতন। ৩ উপরি পতন; আক্রমণ। "সিংহ° রঘু ২.৬০। ৪ আঘাত। "নিশিতনিপাতাঃ···শরাঃ শ ১.১০। ৫ মৃত্যু। ৬ বিনাশ, ক্ষয়। "আ নিপাতাচ্ছরীরস্য মনু ৬.৩১; ১১.১০৫। দশাস্য° কৃ ৩৪৮। শুধু নিয়ে যোর আকর্ষণ, নিদারুণ নিপাতের।—কা ১০। ৭ [+অ (ণ)-ক] সূত্রানুসারে অনিষ্পন্ন বা অসিদ্ধ শব্দ। ৮ অদ্রব্যার্থবোধক 'চ'-প্রভৃতি শব্দ। 'পা ১.৪.৫৭,-৮। ৯ স্থাপন, উচ্চারণ। "পর°, পূর্ব্ব°। —পাতন বিণ [+ √পাতি+অন (ল্যুট্) -ক; স্ত্রী -নী] নাশন, হারক। "ভগনেত্র° মহা ৩৩৯.৭৪; ২৭১.৮০। —পাতন ক্লী [+অন-ভা] ১ নাশন, মারণ, বধ। "খশূকর° মনু

৮.২৯৮। পরাশর ৯.১০। ম ৯১৭; সর্ব্ব° ১৩৩৯। ক.চ ২১২। রণে নিপাতন চ.বি ৯১ ; ৩১৭। ২ ঘাতন, দণ্ডাদিঘাত। "মনু ১১.২০৯। চললক্ষ্য° রঘু ৯.৪৯। ৩ অধোনয়ন। ৪ নিপাত, পাত। "উল্কা° যাজ্ঞ ১.৪৫। ৫ (ব্যাকরণে) সূত্রানুসারে অনিষ্পন্ন শব্দের সাধন।—পাতিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নাশিত, মারিত, হত। "দ্বিজং দৃষ্ট্বা নিষাদেন নিপাতিতম্ রা ১.২.১৩। হি ২.১২০। ২ পাতিত, অধোনীত। ৩ (ব্যাকরণে) সূত্রানুসারে অনিষ্পন্ন বা অসিদ্ধ (শব্দ)।—পাতী (-তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব ; স্ত্রী -তিনী] ১ নাশক, হারক, ঘাতী। "অন্ধক°, রিপু° (মহা)। ২ দাহক। "জ্যোতিরিন্ধননিপাতি রঘু ১১.২১। ৩ [+ √পত্+ইন্-ক-১ব] নিপাতকারী। "(অলিভিঃ] কুসুমপঙ্‌ক্তিনিপাতিভিঃ রঘু ৯.৪১।

নিপাত² সর্ম্ম [সং নি- √পাতি ; পদ্যে] বিনাশ করা। "তব আগে পার্থ মোর সৈন্য নিপাতিল।—ম ৯০৩। বৈরী নিপাতিয়া পদ্ম নেহালে কৌতুকে ম.ম ২০ ; ৯০।

নিপাতন দ্র 'নিপাত'।

নিপান ক্লী [নি+ √পা+অন (ল্যুট্)-ধি] ১ পশুগণের জলপানার্থ কূপসমীপস্থ জলাধার ; উপকূপজলাশয়, আহাব। "°সলিল শ ২.৬। ২ পুষ্করিণ্যাদি জলাশয়। "মনু ৪.২০১। ৩ কূপ। "°খনিত্র ভ ২.৭.৪৮। হি ১.১৮৩। ৪ [+অন-ণ] গোদোহনপাত্র। ৫ [+অন-ভা] নিঃশেষে পান।—পীত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিঃশেষে পীত; নিঃশেষিত।

নিপীড়ন ক্লী [নি+ √পীড়ি+অন (ল্যুট্)-ভা] ১ নির্ব্বাথন, সংক্লেশন। ২ নিষ্পীড়ন ; নিঙড়ান। ৩ পীড়ন বা মর্দ্দন। "কুচাগ্রদ্রুতপরিরম্ভ° মাঘ ২.৭৪।—ড়না স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] সর্থ 'নিপীড়ন'। "দীন° (S.W.)। মাঘ ১৩.১১।—পীড়িত [+ত (ক্ত) -র্ম্ম] ১ নির্ব্যথিত, ক্লেশিত। ২ কৃতনিষ্পীড়ন।

নিপুণ বিণ [নি+ √পুণ্ শুভকর্ম্মকরণ+অ (ক)-ক] ১ ক্রিয়াদক্ষ, প্রবীণ, কুশল, পটু। "মনু ৯.২৬৭। ২ পণ্ডিত। "শ্রীহর্ষো নিপুণঃ কবিঃ। —নাগানন্দ ১.৩। ৩ তীব্র। "প্রসন্ননিপুণেন তপসা ভ ৫.৪.৫। ৪ সূক্ষ্ম। "নিপুণয়া মত্যা (সুশ্রুত)। ৫ অভিজ্ঞ। "শ্রমণাং ধর্ম্মনিপুণাম্ রা ১.১.৫৭।

নিপ্রত্যাশী বিং প্রত্যাশাহীনা, অপুত্রা। "°নাপিতানী ব.প্র ৬২৮।

নিব্ বি [E. nib] কলমের ধাতুনির্ম্মিত পৃথক্ মোচ।

নিব অর্ম্ম [সং নির্+ √বা >নির্ব্বা >লি √নিব্বা >বা °ব] নির্ব্বাণ হওয়া ; নিবা। "প্রদিপ নিবিলে জেন অন্ধকার রজনী গো.বি ১২০। ২ (সাদৃশ্যে) মৃদুতর হওয়া; ক্রমে কমা। "দিনের আলো নিবে এল।—শিশু ৮৪। ক্লান্ত কণ্ঠে কোকিলের···কুহুধ্বনি নিবে নিবে আসে কু.কে ৪০। [নিব-নিব, নিবু-নিবু—নির্ব্বাণপ্রায়। "(দীপখানি) নিবু-নিবু করে পবনে স.স্ব ৫২।]

নিবড় অর্ম্ম [সং নি+বৃত্ >নির্বর্ত্ত >প্রা √নিব্বট্ট >বা (নিবড্ড্) °ড়] ১ নিবৃত্ত হওয়া ; অতীত হওয়া। "এগার নিবড়ে যখন বারতে প্রবেশ।—কৃ ৫। এই কর্ম্মপণে নিবড়িল দশদিন ম ৮০৪ ; ৯৫২। নিবড়িল···অষ্টম রজনী ক.চ ১১০। নিবড়িয়া সাত ঘটি শ্রী ১০৯। একবৎসরে নিবড়িল দুই দরশন ব.প ৩৬৪। ২ সমাপ্ত হওয়া; শেষ হওয়া। "শ্রী.কী ৬৯৩। যজ্ঞ নাঞি নিবড়ে কৃ.উ ২৬৯। ন দিনে নিবড়ে পূজা শ্রী ২০৩। শাস্ত্রমত যত ছিল, একে একে নিবড়িল ক.চ ৪৭। চৈ.ম ৬৯। শ্রী.ম ১৭০। [নিবাড়ে—নিবড়ে, শেষ হয়। "রতিপতি-হোম নিবাড়ে ভা.চ ৩৩৪।]

নিবদ্ধ বিণ [নি+ √বন্ধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ নিয়ন্ত্রিত, বদ্ধ। "নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।—গী ১৮.৬০। ২ আবৃত। "উ.চ ৬৯। ৩ গ্রথিত, রচিত। ৪ আশ্রিত, গত। "ধারানিবদ্ধেব কলঙ্করেখা রঘু ১৬.১৫। ৫ ধৃত। "কু.স ৫.১০।

নিবন্ধ পুং [নি+ √বন্ধ্+অ (ঘঞ্)-ভা] ১ নিয়ন্ত্রণ, বন্ধন। ২ নিরোধ। ৩ রচনা, গ্রন্থন। ৪ নিয়তবন্ধন ; নিয়ত সংসারবন্ধন। "নিবন্ধায়াসুরী (সম্পৎ) মতা গী ১৬.৫। ৫ [+অ-র্ম্ম] গ্রন্থসন্দর্ভ; গ্রন্থবৃত্তি। ৬ চিরস্থায়ী ব্যবস্থা বা বন্দোবস্ত। "যাজ্ঞ ১.৩১৮ ; ২.১২৪। ৭ [+অ-ণ] বন্ধন, পাশ। ৮ হেতু। ৯ মূল। "কর্ম্মনিবন্ধকৃন্তন ভ ৬.২.৪৬। ১০ [+অ-ধি] প্রতিষ্ঠাভূমি, ভিত্তিমূল। ১১ [+অ (অচ্)-ক] মূত্ররোধরূপ রোগভেদ। ১২ (কুষ্ঠরোধক) নিম্ববৃক্ষ। ১৩ (বাঙলায়) নিয়ম। "তোমাসনে নিবন্ধ করিনু দুই দণ্ড ক.চ ৯৯। ১৪ নির্ব্বন্ধ। "দৈব নিবন্ধন খণ্ডন না জাএ শ্রী.কী ৩১১।—বন্ধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'নিবন্ধ' (১ ; ২)। "সত্য° কৃ ৯। সন্ধি° ব.প্র ১৭২। ২ রচনা, গ্রন্থন। "কু.স ৭.৯০। ৩ ধারণ। "মৌঞ্জী° মনু ২.২৭। ৪ [+অন-ণ] পাশ। "গাত্রৈঃ স্নায়ুনিবন্ধনৈঃ মহা ১১.৪.১৫। ৫ হেতু, নিদান, মূল। "লোকযাত্রায়াঃ···স্ত্রীনিবন্ধনম্ মনু ৯.২৭। ত্বয়ি মে ভাবনিবন্ধনা রতিঃ রঘু ৮.৫২। পরস্পর°—পঞ্চ ১.৮৭। আলস্যনিবন্ধনং বচনম্।—হি ২০৯ (কথারম্ভ)। দৈবনিবন্ধনে। —ম ৪১। ম.বি ৮৯। স্নেহ···কার্য্যনিবন্ধন শ্রী.ম ১৪২। পরগৃহবাস° অপবাদ সী ২৮। অনৈক° পা.প্র ৮৫ ; অভাব° ১৪২। জীবন°। —কাদ ১০৭। ৬ ভৃত্যাদির ক্রিয়াবসানে প্রদত্ত গোসুবর্ণাদি শাশ্বত পারিতোষিকদান (মল্লিনাথ)। "মাঘ ২.১১২। ৭ [+অন-র্ম্ম] গ্রন্থ; গ্রন্থবৃত্তি। "সন্নিবন্ধন মাঘ ২.১১২। ৮ [+অন-ধি] বীণাগ্রন্থিত তন্ত্রীবন্ধন-কীলক ; উপনাহ, কান্ (the peg of a lute)।—বন্ধন বিণ [+অন-ণ ; স্ত্রী -নী] ১ বন্ধনসাধন। "নিবন্ধনী রজ্জুরেষা যা গ্রামে বসতো রতিঃ।—মহা (S.W.)। ২ সম্পাদক। "পা.দ ১.৩৫। —বন্ধনী স্ত্রী পাশ, বন্ধ।—বন্ধী (-ন্ধিন্) বিণ [+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -ন্ধিনী] বন্ধনকারক, সংযোজক।

নিবন্ধন দ্র 'নিবন্ধ'।

নিবপন ক্লী [নি+ √বপ্+অন (ল্যুট্)-ভা] ১ পিণ্ডোদকক্রিয়ারূপ পিতৃদান ; নিবাপ। "শ ৬.২৫। ২ বীজবিকিরণ ; বপন।

নিবর্ত্ত¹ বিং [সং নিবৃত্ত ; তু 'নিবর্ত্ত²' ; অপ্র] ১ বিরত, ক্ষান্ত। "নিবর্ত্ত হইল।—ম ২৭১ ; সুহৃদ্‌গণ নিবর্ত্ত করিল ৩৬৬ ; ৪৩৯ ; ৫৭২ ; ১২১৫। শ্রী.ম ২৪২। কেহো বা নিবর্ত্ত হয় চৈ.ভা ২১৫। ২ নির্ব্বাণ। "জলেতে নিবর্ত্ত হইল সব হুতাশন।—ম ৮২৬।—বর্ত্ত বি নিবৃত্তি, নিষেধ। "প্রবর্ত্ত নিবর্ত্ত গোসাঞি তুমি সে নিয়ম শ্রী.ম ৫২।

নিবর্ত্ত² অর্ম্ম [সং নি- √বৃৎ—নিবর্ত্ত >প্রা √নিবট্ট ; পদ্যে] ১ নিবৃত্ত হওয়া ; থামা। "নিবর্ত্ত নিবর্ত্ত আরে রাজসৈন্যগণ।—অ.প ১৫। ২ প্রত্যাবৃত্ত হওয়া ; ফিরা। "নিবর্ত্তিয়া আইল পুনঃ বনের ভিতর ম.বি ১০৩।—বর্ত্ত সর্ম্ম [সং নি- √বর্ত্তি—নিবর্ত্তয়্ >°র্ত্ত] ১ নিবৃত্ত করা ; থামান। "চারিদিগে ভাঙ্গি যায় সৈন্য নিবর্ত্তন্ত।—অ.প ১৬। ২ নিষেধ করা ; বারণ করা। "কেবা খেলা নিবর্ত্তিল কেবা প্রবর্ত্তিল। —ম ৩৪২। ৩ প্রশমিত করা। "শুনিয়া দেবের বাণী নিবর্ত্তিলা কোপ।—গ ২০৬। ৪ নির্ব্বাপিত করা ; নিবান। "জল দিয়া নিবর্ত্তিল যতেক অনল ম ১৫১।—বর্ত্তা সর্ম্ম [°র্ত্ত+আ°] নিষেধ করা। "যুধিষ্ঠির বৈল নিবর্ত্তাহ অকারণ।—ম ৩৬৬।

নিবর্ত্তন ক্লী [নি+ √বৃৎ+অন (ল্যুট্)-ভা ; 'নিবর্ত্তন'—নিতরাং বর্ত্তনম্ (ঋগ্বেদ ৩.৯.২)] ১ নিবৃত্তি, বিরতি। "রাজ্যান্নিবর্ত্তনং তস্য মহা ১.২.৯৮। যাইতে নারিল, বিঘ্ন কৈল নিবর্ত্তন চৈ.চ ৮৮। ২ প্রত্যাবর্ত্তন, প্রত্যানয়ন। ৩ নিবারণ। "সর্পসত্র° মহা ১.৫৮.১২। সর্ব্বানর্থ° চৈ.চ ২২৮। ৪ সংহার। "অস্ত্রাণাং সরহস্যনিবর্ত্তনম্ গো.রা ১.৩১.৩ ; ১১।—বর্ত্তনা স্ত্রী [+অন (যুচ্)+স্ত্রী আ (টাপ্)] নিবারণ, নিষেধ। বিপ 'প্রবর্ত্তনা'।—বর্ত্তনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম]

নিবার্য্য, প্রতিবিধেয়। "দিষ্টস্ত গ্রন্থিরনিবর্ত্তনীয়ঃ মহা ১.১৯৮.২। মনু ৮.১৬৮, কুল্লুক। —বর্ত্তয়িতব্য বিণ [+তব-র্ম্ম] নির্বার্য্য। "গো.রা ২.২১.২২। —বর্ত্তিত বিণ [+ √বর্ত্তি+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রত্যাবর্ত্তিত। ২ নিরাকৃত। "কু.স ৫.৫৪। ৩ নিবারিত। ৪ প্রত্যাকৃষ্ট। "রঘু ৭.২৩। —বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [+ √বৃৎ+ইন্ (ণিনি) -ক-১ব ; স্ত্রী -র্ত্তিনী] ১ পরাঙ্মুখ। "সংগ্রামেষ্বনিবর্ত্তিনাম্ (রা)। মনু ৭.৮৭। ২ প্রত্যাবর্ত্তনশীল। "স্রোতসো বানিবর্ত্তিনঃ।—রা ২.১০৫.৩১।

নিবর্ত্তা দ্র 'নিবর্ত্ত'।

নিবর্হণ বিণ [নি+ √বর্হ্+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] বিনাশক, হন্তা। "শক্র° রা ৬.১০২.১৪, ৪৮ ; ১০৩.২৩। কি ২.৪৩। ব্যাধি°, দোষ° (সুশ্রুত)। —বর্হণ ক্লী [+অন-ভা] বিনাশন, হনন, বধ। "রা ১.৩.৩২ ; মেঘনাদ° ৩৬। —বর্হিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বিনাশিত, হত। ২ অপহৃত, নিরস্ত। "মাঘ ১.২৯।

নিবস অর্ম্ম [সং নি- √বস্ >প্রা √নিবস ; হি, ঠ √নিবস ; পদ্যে] ১ বাস করা। "সুখে নিবসন্ত অ.প ৮৯। বাইতি নিবসে পুরে ক.চ ৮৯। ২ অবস্থান করা। "সঙ্গেতে অলিনী, নিবস নলিনী, না জান বিরহব্যথা ক.চ ১৪৪ ; নিবসে পদ্মিনী তায় ধরিয়া কুঞ্জর ২৪৬। [নিবসই, -সতি—বাস করে (প.ক)।]

নিবসতি স্ত্রী [নি+ √বস্+অতি (অতিচ্)-ধি, উ ৪.৬০] বাসস্থান, গৃহ। "সতী নিবসতি এল ভা.চ ৮৬। —বসথ পুং [+অথ (অথচ্)-ধি, উ ৩.১১৬] গ্রাম। —বসন ক্লী [+অন (ল্যুট্)-ধি] ১ গৃহ। ২ [+অন-ণ] 'আচ্ছাদনসাধন', বস্ত্র, অংশুক। "হৈমনৈর্নিবসনৈঃ রঘু ১৯.৪১। °গ্রহণ মাঘ ১০.৬০। ৩ [বাঙ্লায় ; অপ্র] বাস। "ঋতুপর্ণ-দেশে নিবসন ম.বি ১৩৭। —বস্তব্য বিণ [+তব্য-ভা] স্থাতব্য। "নিবস্তব্যমাশ্রমেষু ত্রিষু (মহা)। ২ [+তব্য-র্ম্ম] অধিস্থাতব্য। (অস্মাভিঃ) নিবস্তব্যং ছন্নাবাসম্ মহা ১.১৪৬.২৮।

নিবসথ, নিবসন দ্র 'নিবসতি'।

নিবহ পুং [নি+ √বহ্+অ (অপ্)-র্ম্ম] ১ সমূহ, নিচয়। "জন° —পঞ্চ ৫.৮। অম্বু° (বৃহৎসংহিতা)। ম্লেচ্ছ° গী.গো ১.১৪। ২ রাশি। ৩ [+অ-ণ] অগ্নিজিহ্বাভেদ। ৪ [+অ (অচ্)-ক] সপ্তবায়ুর একতম।

নিবা, -ভা সর্ম্ম [নিব+আ^ > °বা,-ভা] ১ নির্ব্বাপিত করা ; নিবান। "প্রদিব নিবানে গো.বি ১২০, টীকা। অনল নিভায় করি বৃষ্টি ম ৯১৮। মনের আগুন, মনে নিভাইতে, যেমন করয়ে প্রাণী প.র ৫৬। মসাল নিবায় ভা.চ ৭৩ ; অনল নিভায়ল ৩৩৪। ২ মৃদু বা স্নিগ্ধ করা। "সূর্য্যতেজ নিভাইল রাবণ-প্রতাপে।—কৃ ৪৩৭। [নিবাইল —নির্ব্বাপিত। "বিষম অনল, নিবাইল নহে চ.দা ৬২। নিবাএ —নিবায়। "শ্রী.কী ১২৮।] নিবা(ভা)ন—১ সর্ম 'নিবা'। ২ নির্ব্বাণ। "নিভান আগুনি দিলা জ্বালি।—জ্ঞা ২৪২। নিভান অনল ব.প ৮৫৫। নিভান আগুন ম.ম ১৮২ ; ২৩৭।]

নিবাত বিণ [নিরুদ্ধ বাত যাহাতে, বহুব্রী (পা ৬.২.৮, কাশিকা)] ১ নিরুদ্ধবায়ু, নির্বাত। ২ [নি+ √বা হিংসা+ত (ক্ত)-র্ম্ম] অভেদ্য, শস্ত্রদুর্ভেদ। "°কবচ। ৩ অহিংসিত, অনাহত, নিরাপদ্ (A.)। —বাত পুং ১ নির্বাতপ্রদেশ। "দীপো নিবাতস্থঃ গী ৬.১৯। °পদ্মস্তিমিতেন চক্ষুষা রঘু ৩.১৭। °নিষ্কম্প ইব প্রদীপঃ কু.স ৩.৪৮। ২ শস্ত্রাভেদ্য কবচ ; দৃঢ় বর্ম্ম। ৩ আশ্রয়, নিবাস। —বাত ব্য [অব্যয়ীভাব] বাতাভাব (কাশিকা)। "°স্তিমিতাং বেলাম্ রঘু ১২.৩৬। [°নিষ্কম্প, °স্তিমিত (বিণ)—বাতাভাবে নিশ্চল। "কি ১৪.৩৭।]

নিবাতকবচ পুং, বহুব [বহুব্রী] অভেদ্যকবচ দৈত্যগণবিশেষ। [ইহারা হিরণ্যকশিপুর পুত্র সংহ্রাদের বংশজাত। ইহাদের সংখ্যা তিনকোটি। ইহারা সমুদ্রমধ্যে দুর্গে বাস করিত। ইন্দ্রের আদেশে অর্জুন ইহাদিগকে নিহত করেন (মহা ৩.১৬৮-১৭২ অধ্যায়)। ভাগবতে, পুলোমা ও কালকার ষষ্টি সহস্র পুত্র পৌলোম-কালকেয়গণ 'নিবাতকবচ' (ভ ৬.৬.৩৪-৩৬, শ্রীধর)।]

নিবাপ পুং [নি+ √বপ্+অ (ঘঞ্)-র্ম্ম] ১ পিতৃগণ ও মাতৃমাত্রের উদ্দেশ্যে সামান্য দান (অ.টী) ; দ্র 'নিবপন (১)। "নিবাপাঞ্জলি রঘু ৫.৮ ; °দত্তিভিঃ ৮.৮৬। নিবাপ-অঞ্জলি প.তৃ ৭৫। ২ পিতৃতর্পণ (অ.চি)। ৩ দানমাত্র। "মহা ১৩.৯১.২৫ ; ১৪.৬৫.৭। °মাল্যতা রঘু ৮.৬২। ৪ বীজশস্য।

নিবার[১] বি [নিবারণ > °র ; অপ্র] নিষেধ। "শোণিত করয়ে পান নাহিক নিবার।—ম ৯৪৩।

নিবার[২] সর্ম্ম [সং নি+ √বারি—নিবারয় >প্রা √ণিব্বার >বা °র ; হি, ঠ নিবার ; পদ্যে] ১ নিবারণ করা ; নিষেধ করা ; বন্ধ করা। "মথন নিবারি চলি গেলা হৃষীকেশ।—ম ১০ ; ১৩। ২ শান্ত করা ; স্থির করা। "এবে মন নিবারি মোহোর বোল ধর শ্রী.কী ৩০৮। কোন পরকারে এখন নিবারিবা হিয়া (প.ক)। ৩ মন্ত্রবলে শক্তিহীন করা ; বারা। "তৈল মন্ত্রে না নিবারিল অ.প ৬৮। ৪ পরাঙ্মুখ করা ; পরাভব করা। "কি উপায়ে নিবারিবে তারে এ সমরে।—হেম ২৩১। [নিবারিআঁ, -রিতেঁ, -রিলোঁ, -রেঁ, -রোঁ (শ্রী.কী)।]

নিবারণ বিণ [নি+ √বারি+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -ণী] ১ নিবারক। "বর্ম্মাণি দৈত্যাস্ত্রনিবারণানি (হ)। ২ প্রশমন। "পিত্তবাত° (সুশ্রুত)। অমঙ্গল্য° ভ ৬.২৩.৩৪। রোগ° দা ৪৮০,-১। ৩ (বাঙ্লায়) নিবারিত। "কত মর্ম্মপীড়াই...নিবারিত হইত ব.প্র ১৬০। —বারণ ক্লী [+অন-ভা] ১ নিষেধ। ২ নিরাকরণ, প্রশমন। "উষ্ম°, বর্ষ°। ব্রহ্মদণ্ডমনিবারণমস্ত্রপুগৈঃ ভ ৩.১৫.৩৫। ৩ নিবর্ত্তন। "মহা ৩.৫৯.১০। ৪ দূরীকরণ। "দংশ° রঘু ২.৫। —বারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিষিদ্ধ ; প্রশমিত ; নিরাকৃত ; নিবর্ত্তিত। —বার্য্য বিণ [+য (যৎ)-র্ম্ম] নিবারণীয়, প্রশমনীয়। "অনিবার্য্যবিক্রম গো.রা ৫.৩৯.৩২। [নিবারন (অপ্র)—উদ্ঘাটন। "কপাট কর নিবারন। —শূ ৩৩। °মন্ত্র (বি)—জড়ের শক্তিনাশক মন্ত্র। "তৈলনিবারণমন্ত্র অ.প ৬৮।]

নিবারিণী বিং হারিণী, নাশিনী। "পাপতাপ°।—কৃ ১২।

নিবাস পুং [নি+ √বস্+অ (ঘঞ্)-ভা] ১ বাস, অবস্থান। "মহা ১.১৮৫.৬। °হেতু।—হি ১.১৮৪। ২ [+অ-ধি] বাসস্থান, গৃহ। ৩ আশ্রয়, আধার। "গী ৯.১৮। জগন্নিবাস মাঘ ১.১ ; ১১.৩৭। ৪ দেশ। "পা ৪.৩.৮৯, কাশিকা। —বাসী (-সিন্) বিণ [+বস্ +ইন্ (ণিনি)-ক -১ব] ১ নিবাসকারী। "জনস্থান° রা ১.১.৪৬। গ্রাম° মনু ৫.১১। মাতৃবন্ধু° রঘু ১২.১২। ২ পরিধানকারী। "নবক্ষৌমনিবাসিন্ কু.স ৭.২৬। [নিবাসি—নিবাস করি ; বাস করি। "মোরা আনন্দে নিবাসি।—মে ১৫৮।]

নিবিড় বিণ [নি+বিড় (বিড়চ্) 'নাসিকানতি' অর্থে—°ড়+অ (অচ্) অস্ত্যর্থে, পা ৫.২.৩২, তত্ত্ববোধিনী] ১ নতিযুক্ত, নত, চেপ্টা (নাসিকা)। "নিবিড়া নাসিকা। ২ (উপমান হেতু ঘনত্বসাধর্ম্ম্যে) ঘন, সান্দ্র। "কালিকেব নিবিড়া রঘু ১১. ১৫। নিবিড় বায়ু।—গ ৫৫। নিবিড়কৃষ্ণ ব.প্র ১১৬। ৩ নীরন্ধ্র, অত্যন্ত-সংযোগ, নিরন্তর, অবিরল। "কৃতনিবিড়কুচাগ্রা।—ঋতু ৫.১১। নিবিড়ম্...কণ্ঠবন্ধনম্ রঘু ১৯.৪৪। নিবিড়াশ্লেষ গী.গো ১২.১০। দুই তনু নিবিড় বন্ধন : নিবিড় পুলকে ক.চ ১৬৭ ; নিবিড় নিতম্বে ২৪১। নিবিড় আলিঙ্গন জ্ঞা ৭৭। নিবিড় আশ্লেষ চৈ.ম ১০। নিবিড় কপাট ব.প ৩৮২। নিবিড় অরণ্য। —ব.প্র ৫২। ৪ নিরন্তরমূল, ঘন। "নিবিড়াঃ কেশাঃ (কাশিকা)। ৫ নিরন্তরবয়ন, ঘন। "নিবিড়ং বস্ত্রম্ (কাশিকা)। ৬ দৃঢ়। "নিবিড়ে

নিবিড়োঽপি মুষ্টিঃ রঘু ৯.৫৮। কু.স ৩.৫৯। নিবিড় নীবিবন্ধ বি.প ৮৫। জড়ায়ে…সুনিবিড় পাকে কু.কে ২৫। ৭ অত্যন্ত। "নিবিড়ং জড়ভূয়ম্। —নৈ ৫.৬১। ৮ (বাঙলায়) কেবল, বিশুদ্ধ। "নিবিড় আনন্দে মাতিয়া প.র ৭৭। নিবিড় প্রেমে ন.প ৩০৭। নিবিড় প্রেমের সরস বরষা।—রবীন্দ্র। ৯ ঘনতিমিরময়। "নিবিড় নিশা নিকষ-ঘন কালো। —গী.লি ২২। ১০ ঘনকালিমারঞ্জিত। "কজ্জল-নিবিড় প্রশস্ত লোচনের চকিত কটাক্ষ ব.প্র ২১। ১১ ভরপুর, পুরা। "মুচুকুন্দফুলের গন্ধ বসন্তের আকাশে নিবিড় নেশা ধরাইয়া দিল গ.স ৯। ১২ সুগভীর। "নিবিড় হবে তিমির রাতি।—গান ৮১। নিবিড় নিশীথ।—কথা ৭৩।

নিবিরীস বিণ [নি+বিরীস (বিরীসচ্), দ্র 'নিবিড়'] সর্থ 'নিবিড় (৩)। "°নিতম্বভারখেদি (জঘনম্) মাঘ ৭.২০।

নিবিষ্ট বিণ [নি+ √বিশ্+ত (ক্ত)-ক] ১ অভিনিবেশযুক্ত, অবহিত, একাগ্র। "রা ২.৮৪.১। ২ স্থিত। "(কোশলঃ) নিবিষ্টঃ সরযূতীরে রা ১.৫.৫। কু.স ৩.৭০। ৩ স্থির। "°চেতস্ কু.স ৫.৩১। সূর্য্যানিবিষ্টদৃষ্টি রঘু ১৪.৬৬। ৪ স্থির, নিঃসংশয়িত। "সীতেয়মিত্যেব নিবিষ্টবুদ্ধিঃ।—গো.রা ৫.১৯.৩৪। ৫ কৃত-সেনানিবেশ, সমাবাসিত-সৈন্য। "নিবিষ্টমুদধেঃ কূলে তং প্রপেদে বিভীষণঃ রঘু ১২.৬৮। ৬ অনুষ্ঠাতা। "স্বে স্বে ধর্ম্মে নিবিষ্টানাম্ মনু ৭.৩৫। ৭ [+ত-র্ম্ম] কৃত, নির্ম্মিত। "দিবোদাসেন নিবিষ্টাং নগরীম্ (হ)। পূর্ব্বনিবিষ্টস্য তড়াগস্য মনু ৯.২৮১। ৮ আশ্রিত। "সম্যঙ্-নিবিষ্টদেশ মনু ৯.২৫২। ৯ লব্ধ। "অন্তর্নিবিষ্টপদম্ (শাপম্) রঘু ৯.৮২।

নিবীত বিণ নিবীত—বিশিষ্ট। "বনমালিকয়া নিবীতৌ (দেবৌ)—ভ ৩.১৫.২৮। —বীত ক্লী [নি+ √অজ্+ত (ক্ত)-ক, √অজ্ > বী] ১ মালাকারে কণ্ঠলম্বিত যজ্ঞসূত্র। 'নিবীতং কণ্ঠলম্বনম্।—উশনা ১.৯। ২ (সাদৃশ্যে) কণ্ঠলম্বিত মাল্যসূত্রাদি। দ্র 'নিবীত (বিণ)। —বীত পুং, ক্লী, -তা স্ত্রী [+ √ব্যে+ত-র্ম্ম; স্ত্রী আ (টাপ্)] আচ্ছাদনবস্ত্র, প্রাবৃত, উড়্‌নী। —বীতী (-তিন্) বিণ [°ত+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব] ১ নিবীতবান্, ধৃত-মালাকারযজ্ঞসূত্র। "মনু ২.৬৩। ২ (সাদৃশ্যে) কণ্ঠলম্বিতবস্ত্রধারী। 'ঋজুপ্রালম্বে যজ্ঞসূত্রে বস্ত্রে চ নিবীতী ভবতি (কুল্লূক)।

নিবৃত বিণ [নি+ √বৃ+ত (ক্ত)-র্ম্ম] পরিখাদিবেষ্টিত, পরিক্ষিপ্ত। —বৃত ক্লী [+ত-ণ, বাহুলকে] আবরণ। "পা ৩.৩.২১, সি। ২ উত্তরীয়, উড়নী (ত.বা)।

নিবৃত্ত বিণ [নি+ √বৃৎ+ত (ক্ত)-ক] ১ নিবৃত্তিযুক্ত, বিরত। "নিবৃত্তাম্বরাভিলাষ কু.স ১.৫১। রঘু ৫.২৩। °মাংসস্তু তত্রভবান্ জনকঃ উ.চ ৪২২। ২ উপশান্ত। "গী ১৪.২২। ৩ প্রত্যাবৃত্ত। "নিবৃত্তে ভরতে ধীমানত্রে রামস্তপোবনম্ (প্রপেদে) ভট্টি ৪.১। ৪ সমাপ্ত। —বৃত্ত ক্লী [+ত-ভা] ১ প্রত্যাবর্ত্তন। ২ সংসার-নিবৃত্তিহেতুক বৈদিক কর্ম্ম। "মনু ১২.৮৮। ৩ চিত্তের বিষয়োপরম। ৪ অভাব। —বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ বিরতি। "অভিষেক° রা ২.২২.৫। ২ বিষয়-বিরাগ। "নিবৃত্তিস্তু মহাফলা।—মনু ৫.৫৬। নিবৃত্তিমার্গে জীবমাত্র-বধের নিষেধ।—চৈ.চ ৬৪। ৩ অবসান। "শাপনিবৃত্তিকারণ।—রঘু ৮.৮২। ৪ প্রতিগমন, প্রত্যাবর্ত্তন। "স্বপুরনিবৃত্তয়ে রঘু ৪.৮৭। ৫ আবৃত্তি, পুনর্জন্ম-গ্রহণ। "মাঘ ১৪.৬৪। [°মাংস (বিণ)—মাংসাহার-বিরত। °রাগ (বিণ)—বিরতবিষয়ানুরাগ, বিরক্ত।]

নিবৃন্ত বিং নির্‌বৃন্ত, বৃন্তহীন। "নিবৃন্ত পুষ্পের শয্যা চৈ.চ ৭৪।

নিবেদ সর্ম্ম [সং নি- √বেদি—নিবেদয়্ > বা° দ; হি, ঠ √নিবেদ] ১ জ্ঞাপন করা; জানান। "কাতে নিবেদিবোঁ মোএঁ শ্রী.কী ১০৭। বুঝিয়া কার্য্যের তত্ত্ব, নিবেদয়ে ভাঁড়ুদত্ত ক.চ ১০৮। ২ দেবোদ্দেশে উৎসর্গ করা; দেবতাকে দেওয়া। "নৈবেদ্য তাম্বূল নিবেদেহি হর উদ্দেশেতে ম.পা ৮। অন্নাদি নিবেদিয়া ভা.চ ১৪৬। ৩ বলা। "(যত কিছু) দিবেদিহ কাহ্নের থানে শ্রী.কী ৩০১।

নিবেদক বিণ [নি+ √বেদি+অক (ণ্বুল্)-ক] ১ জ্ঞাপক, বিজ্ঞাপয়িতা। "কর্ম্মানিবেদক।—মহা ১৩.৪৩.৯। ২ উৎসর্গকারক। —বেদন বিণ [+অন (ল্যুট্)-ক] বিজ্ঞাপক, সূচক। "স্ফুরতে নয়নং চাস্য সব্যং ভয়নিবেদনম্ (হ—S.W.)। —বেদন[২] ক্লী [+অন -ভা] ১ বিজ্ঞাপন। "(রাজা) চকারাত্মনিবেদনম্ মহা ৩.২৯৪.৫। মোর নিবেদন।—ম ৫৬৪। কৃ.চ ১০। আপনি…সাষ্টাঙ্গ প্রণিপাত নিবেদন করিয়া কহিবেন সী ৫। ২ কথন। "পৃথিব্যাশ্চ নিবেদনম্ বা ১.৩.২৫। বধোপায়° ৩৫। অরসিকেষু কবিত্বনিবেদনম্ (সু.র)। ৩ সমর্পণ। "আত্ম° ভ ৭.৫.২৩। ৪ দেবোদ্দেশে দান; উৎসর্গ। "অন্ননিবেদন চৈ.ম ৯০। ব.প ৪৮০। —বেদিত বিণ [+ত (ক)-র্ম্ম] ১ বিজ্ঞাপিত। "রঘু ১.৯৫। কু.স ৫.৬২; দিগম্বরত্বেন নিবেদিতং বসু ৭২। ২ সূচিত। "নিবেদিতং নিঃশ্বসিতেন সোষ্মণা কু.স ৫.৪৬। ৩ দেবোদ্দেশে দত্ত; উৎসৃষ্ট। —বেদিত ক্লী [+ত-ভা] নিবেদন। "সখি অতিথীনাম্ ইব নিবেদিতম্ শ ৪২। —বেদী (-দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী-দিনী] জ্ঞাপক। "প্রিয়নিবেদিনঃ গো.রা ১.৭০.৫; ২.২.৩৩। —বেদ্য বিণ [+য (যৎ) র্ম্ম] ১ জ্ঞাপনীয়। "নিবেদ্যমত্রাত্যয়িকং হি মেঽস্তি মহা ৫.৩২.৪। ২ সমর্পণীয়, দেবোদ্দেশে দেয়। —বেদ্য ক্লী নৈবেদ্য।

নিবেদন[১] বিং [অপ্র] বেদনাহীন, ব্যথাশূন্য। "অন্তরে এক বেদন, আছে, করি নিবেদন, নি-বেদন কর যদি শ্রীহরি।—দা ৩৪১।

নিবেদন[২] দ্র 'নিবেদক'।

নিবেদনমিতি [°নম্+ইতি] পূজ্যজনে লিখিত পত্রে সমাপ্তিসূচক। "মদন ইহাতে সাক্ষী নিবেদনমিতি বা.দ ১৭৩।

নিবেদিত, -দী, -দ্য দ্র 'নিবেদক'।

নিবেশ পুং [নি+ √বিশ্+অ (ঘঞ্)-ভা] ১ প্রবেশ। ২ উপবেশন। ৩ দারসংগ্রহ, বিবাহ। "মহা ১.১৪.১; ৩.৯৭.২। ৪ স্থিতি, বাস। "স গঙ্গাদ্বারমাশ্রিত্য নিবেশমকরোৎ প্রভুঃ মহা ১.২১৪.৬। ৫ [+ √বেশি+অ (অচ্)-ভা] সন্নিবেশ, স্থাপন, নির্ম্মাণ। "নিবেশং চক্রিরে সর্ব্বে পুরাণাং নৃবরা রা ১.৩২.৫। স্কন্ধাবার° গো.রা ৩.২.৩। ৬ বিন্যাস। ৭ সৈন্যবিন্যাস। ৮ রচনা। ৯ প্রক্ষেপ। "গৌরসিদ্ধার্থ° কু.স ৭.৭। ১০ [+অ-ধি] 'নিবেশাধার', গৃহ, আশ্রয়। "বা.দ ১৫। ১১ শিবির। "সেনা° রঘু ৫.৪৯। ১২ স্থান। "মহানিবেশৌ…পয়োধরৌ।—কি ৪.৮। —বেশন ক্লী [+অন (ল্যুট্) -ভা] ১ প্রবেশ। ২ স্থিতি। "আকাশেঽবস্থিতঃ শব্দঃ সর্ব্বশ্রোত্র-নিবেশনঃ।—হ ২৮১.১২। ৩ বিবাহ। "প্রতিলোম° ভ ৩.৭.৩১। ৪ [+অন-ধি] 'নিবেশাধার', শিবির। ৫ নগর। ৬ গৃহ। "রাম° রা ২.৩২.৩। পিতুস্তস্য নিবেশনে মহা ৩.৯৯.২৭। ৭ কুলায়। ৮ [+ √বেশি+অন-ভা] বিন্যাস। "স্কন্ধাবার° (হ)। সৈন্য° মনু ৭.১৫৪, কুল্লুক। —বেশিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ স্থাপিত, নিহিত। "স্থলনিবেশিতাটনী রঘু ১১.১৪। ২ বিন্যস্ত। ৩ সমাহিত। "বিদ্যা-নিবেশিতমন ক.চ ১৯। —বেশী (-শিন্) বিণ [+ √বিশ্+ইন্ (ণিনি)-ক-১ব] স্থিত। "মহাগ্রহারে কালিন্দ্যা উপকণ্ঠনিবেশিনি ক.সা ২৫.৭৪। —বেশ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] ১ বিবাহ্য, পরিণেয়। "ভবান্ নিবেশ্যঃ প্রথমম্ মহা ১.১৯১.৮। ২ [+ √বেশি+য (যৎ)-র্ম্ম] করণীয়, নির্ম্মেয়। "তদিয়ং পুঃ…নিবেশ্যা মম।—হ ১১৬.২৮।

নিবোধত সং, ক্রি [নি+ √বুধ্+লোট্-ত (মধ্যম পুরুষের বহুবচন)] তোমরা জান। দ্র 'উত্তিষ্ঠ'।

নিভ১ বিণ [নি+ √ভা+অ (ক)-ক] ১ অতীব ভাসমান। ২ সদৃশ, তুল্য। "শতপত্রনিভেক্ষণ রা ২.২৬.১১। অয়শ্চক্র° রঘু ১৩.১৫। পয়ঃফেননিভা শয্যা ভ ৩.৩৩.১৬। নীলকান্তমণিনিভ নয়নযুগল (পদ্যপাঠ, ১ম ভাগ)। [নিত্যসমাসে উত্তরপদ] —ভ পুং ১ ব্যাজ, ছল। "সোঽপি স্নাননিভান্নীতঃ ক.সা ৪.৫৭। ২ প্রকাশ। "চারুনিভাননা। হ ২১০.৫।

নিভ২ অর্ম্ম [নির > °ভ] ১ নির্ব্বাণ হওয়া। "নিভিল বিচ্ছেদহুতাশন ব.প ৯৪৭। ২ (সাদৃশ্যে) বিলুপ্ত হওয়া। "বিদ্যুৎ নিভিয়া গেল স্ব.প্র ১৭৩।

নিভা দ্র 'নিবা'।

নিভঞ্জন বিং [অপ্র] ভঞ্জনহীন, অবিক্ষিপ্ত। "°মতি শ্রী.ম ২৯৫।

নিভঁাজ বিং [নি+ভাঁজ] ভাঁজহীন, অমিশ্র, বিশুদ্ধ, খাঁটি। "(সন্ন্যাসী) যে ভাষায় কথা কহিত, তাহার চৌদ্দ আনা নির্ভাঁজ সংস্কৃত ব.প্র ২৩০।

নিভালন ক্লী [নি+ √ভালি+অন (ল্যুট্)-ভা] দর্শন।

নিভৃত বিণ [নি+ √ভৃ+ত (ক্ত)-র্ম্ম ; 'নিভৃত'—অব্যাকুল ; গূঢ় (ঋগ্বেদ ১.১০২.৫ ; ২.১৪.১০)।] ১ ধৃত। ২ গুপ্ত, গূঢ়। "পঞ্চ ৫১/২। ৩ অস্তময়াসন্ন, অস্তগমনোন্মুখ। "নভসা নিভৃতেন্দুনা তুল্য।—রঘু ৮.১৫। ৪ নিশ্চল। "নিভৃতাচার রা ২ ৪৫.২৭। °দ্বিরেফম্ (কাননম্) কু.স ৩.৪২। নিভৃতোর্দ্ধকর্ণাঃ (রথ্যাঃ)।—শ ১.৮। নিভৃতাত্মা ভ ১.১৫.৩২। ৫ স্থির; অস্ফুট। "নিভৃতাক্ষরম্ মাঘ ৬.২০। ৬ অর্পিত। "কামিনামনিভৃতাঙ্গপি…নখানি মাঘ ১০.৬৬। ৭ অচপল, ধীর। "অনিভৃতকর।—উ.মে ৭। ৮ বিনীত। ৯ নির্জ্জন। "°নিকুঞ্জগৃহ গী.গো ২.১১। নিভৃত হও যদি তবে করি নিবেদন চৈ.চ ৬৫। কু.কে ২৫। ১০ বিনীতবেশ, ছদ্মবেশ। "পাপবুদ্ধীনাং নিভৃতং চরতাম্ মনু ৯.২৬৩। ১১ পূর্ণ, ব্যাপ্ত। "তচ্চিত্তয়াঙ্গন্নিভৃতো ন বেদ। —ভ ১০.৩২.২০। ১২ রুদ্ধ। "দ্বারং নিভৃতং বিধায়।—পঞ্চ ৫১/২। ১৩ অবিদিত। "নিভৃতার্থ মাঘ ১৩.৪২। ১৪ নিশ্চল, পরমাসক্ত। "সা বভৌ নিভৃতা প্রিয়ে কু.স ৬.২। ১৫ একাগ্র।

নি(নী)ম১ বি [সং নিম্ব > প্রা ণিংব > বা নী(নি)ম ; হি, ঠ নীম] ১ নিম্ববৃক্ষ। ২ নিম্বপত্র। "মূলা বাগ্যণ নীম, তাহে দিয়া রান্ধ নীম ক.চ ৪৪। ম.ম ১২। উজ্জাবনী নগর বাসিবে যেন নিম ব.প ৩৬৭। ৩ (সাধর্ম্ম্যে) তিক্তদ্রব্য। "সুয়া যদি নিম দেয় সেহ হয় চিনি। দুয়া যদি চিনি দেয় নিম হন তিনি॥—ভা.চ ৫৩৫। ৪ তিক্তস্বাদ। "যমনিয়মের নিমে…তনু তিতা কু.কে ১৮৮। [°ফল (বি)—নিম্বফলাকৃতি শিশুর কটিভূষণবিশেষ। "অ.গ্র ২৫।]

নিম২ বিং [ফা 'নীম্'—অর্দ্ধ ; তু 'সং নেম'] অর্দ্ধ, প্রায়। [°খাসা—আধ-খাসা, মাঝারি (দই)। "নিম-খাসা রকমের…ইংরিজি বাজনা। হু ১৫২। °খুন—আধখুন, হতপ্রায়। °গোচ—মাঝারিগোছ। "নিমগোচের দাঙ্গা।—হু ৫৪। °রাজী—প্রায় রাজী।]

নি(নে)মক বি [ফা নমক্] নুন। "নিমকের দাওয়ান।—হু ১। [°হারাম (ফা নমক্, আ হরাম্)—যে নুন খাইয়াও অহিত করে; অকৃতজ্ঞ, কৃতঘ্ন। "নিমকহারাম বেটা ভা.চ ৩৭৮ ; ৪৭৬। °হারাম, -মী (°ম+ঈ৭ ; আ হরামী—দুর্বৃত্ত)—নিমকহারামের কাজ ; কৃতঘ্নতা। "নেমকহারামী সকল বেটাই করে।—দা ৪৮৬। জয়ন্তা…আমার ঠাই নিমকহারাম করিলেক E.P. 114. সাফ্ নেমকহারামী।—লী ৪২। নিমকের কাজ—প্রতিপালকের উপকার। নিমকের চাকর—প্রভুর অনুগত ভৃত্য। দ্র 'নুণ'।]

নিমকি, -কী বি [ফা 'নম্‌কীন্'—লবণযুক্ত] ঘিয়ে ভাজা ময়দার লবণযুক্ত খাদ্যবিশেষ। "°কি স.এ ৫৪। [নিমকীর দাওয়ানী—নিমকের দেওয়ানের পদ। "হু ১।]

নিমগ্ন বিণ [নি+ √মস্জ্+ত (ক্ত)-ক] ১ জলান্তর্গত, কৃতমজ্জন। "যস্মিন্ (শোকসাগরে) নিমগ্নোঽহম্।—রা ২.৫৯.৩১। নিমগ্নস্ত পয়োরাশৌ।—হি ২.১৪। নিমগ্ন তপঃসাগরে ব্যোমকেশ।—মা ১২১। ২ নিবিষ্ট। "ভক্তিযোগেন নিমগ্নঃ ভ ৩.২.৪। ৩ অন্তর্হিত। "বল্মীকার্দ্ধনিমগ্নমূর্ত্তি।—শ ৭ ১১। বক্ষসি নিমগ্নকুচদ্বিতয়েন (দয়িতেন) মাঘ ৯.৭৪। ৪ লুপ্তপ্রায়। "ভবতা শান্তনোর্বংশো নিমগ্নঃ পুনরুদ্ধৃতঃ মহা ৫.৩১.৯। ৫ (বাঙলায়) কোটরগত, বসা। "°নয়নেন্দীবর ব.প্র ৩০৯।

নিমজ্জথু পুং [নি+ √মস্জ্+অথু (অথুচ্)-ভা] ১ নিমজ্জন। ২ শয়ন। "ভট্টি ৫.২০। —মজ্জন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ জলে অবগাহন ; স্নান। ২ অবগাহন। "সংসারগহনে উন্মজ্জননিমজ্জনে। (ক্লিশ্যন্তে যেঽল্পবুদ্ধয়ঃ) মহা ১১.৩.১৮। দৃঙ্‌নিমজ্জনমুপৈতি সুধায়াম্। —নৈ ৫.৯৪। —মজ্জিত বিণ [+ √মজ্জি+ত (ক্ত)-র্ম্ম] ১ কারিতনিমজ্জন। "নিমজ্জিতো বন্দিনেহাপ্স্ বিপ্রঃ মহা ৩.১৩২.১৫। ২ (বাঙলায়) নিমগ্ন। "তটিনী তাহে হয় নিমজ্জিত।—ন ১১৬১ ; নিমজ্জিত মহাধ্যানে ১৪৪১। আকণ্ঠনিমজ্জিতা কোন যুবতী ব.দ্বি ৩।

নি(নে)মন্তন্ন বি [নিমন্ত্রণ > °ন্ন ; হি ঠ নেৱতা ; দ্র 'নিতা'] ভোজনার্থ আহ্বান। "মধ্যাহ্নভোজনের নিমন্তন্ন—হু ২৭। —ন্তন্নে, -ন্তন্নে বি নিমন্ত্রিত ব্যক্তি। "নেমন্তন্নেরা এসে একে একে জুঠলেন—হু ২৮; নিমন্তন্নে, বাড়ির কর্ত্তা…মস্করা কত্তে লগেলো ২৯।

নিমন্ত্র সর্ম্ম [সং নি+ √মন্ত্রি—নিমন্ত্রয়্ > লি √নিমন্তে, প্রা ণিমংত] ১ ভোজনার্থ আহ্বান করা। "নিমন্ত্রিয় উগ্রসেন রাজা : নিমন্ত্রিবা (টীকা) অ.প ২৫। বিপ্র সব নিমন্ত্রয়ে চৈ.চ ১৮৪। ২ উৎসবে সম্মেলনার্থ আহ্বান করা। "এওগণে নিমন্ত্রিতে চলে বাড়ী বাড়ী বা.ম ২৭৩,-৪।

নিমন্ত্রণ ক্লী [নি- √মন্ত্র+অন (ল্যুট্)-ভা] ১ আবশ্যক শ্রাদ্ধভোজনাদিতে দৌহিত্রাদির প্রবর্ত্তন বা নিয়োগ। "পা ৩.৩.১৬১। ২ আহ্বান। "নিমন্ত্রণ করি আন তার ভার্য্যাগণ।—ম ৪০৩। ঘরে ঘরে দাসী নিমন্ত্রণ দিল।—ভা.চ ৫৪২। ব্রজেশ্বর নাচার—আপনি পা টেপার নিমন্ত্রণ লইয়াছেন ব.প্র ৩৮৮। ৩ উৎসবাদিতে সম্মেলনার্থ ও ভোজনার্থ আহ্বান। "ব্রাহ্মণপ্রতিবেশ্যানাম্…অনিমন্ত্রণে।—যাজ্ঞ ২.২৬৬। ঋষি মুনি ব্রাহ্মণেরে নিমন্ত্রণ দিল।—ম ১১৩৫। ক.চ ১১। প্রভু নিল নিমন্ত্রণ।—শ্রী ৭৩। চৈ.চ ১৮৪। সী ৬৬। —মন্ত্রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] আহূত। "দিগ্‌ভ্যো নিমন্ত্রিতাশ্চৈনমভিজগ্মুর্মহর্ষয়ঃ। —রঘু ১৫.৫৯। সী ৬৯। [°পত্র (ক্লী)—আহ্বানলিপি। "অশ্বমেধ° সী ৭০,-১।]

নিময় পুং [নি+ √মি+অ (অচ্)-ভা] বিনিময়, পরিবর্ত্তন। "পক্বেনামস্য নিময়ং ন প্রশংসন্তি সাধবঃ মহা ১২.৭৮.৭। —মেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] পরিবর্ত্তনীয়। "নাহং শতেন নিমেয়ঃ মহা ১৩.৫১.৯।

নিমর্ম্ম বিং [অপ্র] মর্ম্মহীন, প্রাণহীন। "°র্ম্ম হইয়া পড়ে শ্রী.ম ২৪।

নিমা বি [ফা নীম ; হি নীমা] জামার নীচে পরিধেয় আধা আস্তেনের জামাবিশেষ। "নিমা টুপী পরি ব.প ২১৬।

নিমাই, -ঞি বি চৈতন্যদেব। দ্র 'চৈতন্য'। 'শেষ যে জন্ময়ে তার নাম সে নিমাঞি চৈ.ভা ২৯। ডাকিনী শাকিনী হৈতে, শঙ্কা উপজিত চিতে, ডরে নাম থুইল নিমাই চৈ.চ ৫২। [সদ্যঃপ্রসূত শিশু শচীর দেহ অপবিত্র বলিয়া স্তন্যপান করেন নাই। শচী শিশুর অমঙ্গলাশঙ্কায় কাঁদিতে লাগিলেন ; তখন এক 'বিলাসিনী' বলিলেন, 'ইহা ষষ্ঠীর খেলা, শিশুকে বৃক্ষের উপরে রাখ।' শচী শিশুকে নিম্ববৃক্ষে রাখিলেন। পরে আচার্য্য শচীর কর্ণে 'হরে কৃষ্ণ' মন্ত্র শুনাইলে, শিশু স্তন্যপান করিলেন। আচার্য্য বলিলেন, বালকের নাম আমি রাখিলাম 'নিমাই' (চৈ.ম ৩৫, -৬, টীকা)। ইহাতে বোধ লয়, 'নিমাই' শব্দের মূল 'নিম্বায়' বা 'নিম্বাই'।]

নিমাঞা ক্রি [সং নির্‌- √মা—নির্ম্মা > প্রা √নিম্মাণ (হে ৪.১৯) > নিমা—°ঞা ; অপ্র] নির্ম্মাইয়া, নির্ম্মাণ করিয়া। "লঙ্কা নিমাঞা দিব যত গেছে পুড়্যা ব.প ৫৩১।

নিমান ক্লী [নি+ √মা+অন (ল্যুট্)-ণ] মূল্য। "পা ৫.২.৪৭।

নিমানন্দী বি [নিম্বাদিত্য > °ন্দী, তু 'রামানন্দী'] নিম্বাদিত্যের শিষ্য। "রামানন্দী…নিমানন্দী কত ব.প ১৫১৯।

নিমাল, -লি বি [সং নির্ম্মাল্য > প্রা ণিম্মল্ল, নিম্মালি (প্রা.ম) *ণিম্মালিয়, -অ > বা °ল, °লি ; বৈষ্ণবসাহিত্যে] নির্ম্মাল্য। "অধর নিমাল বি.সা ৩১৫। ভেলি নিমালিক মালা বি.প ২০১।

নিমি পুং ইক্ষ্বাকুবংশীয় নৃপবিশেষ। "হা নিমিজনকবংশনন্দিনি !—উ.চ ১৪২৩। [ইনি মিথিলারাজবংশের আদিপুরুষ। ইঁহার পুত্র মিথির নামানুসারে 'মিথিলা' (রা ১.৭১.৩ ; ৪)]

নিমিখ বি [সং নিমিষ (ষ > খ, দ্র 'নিমেখ' ; ঠ °খ ; তু 'তা—'ইমই' —নিমেষ, চক্ষুর পাতা] ১ চক্ষুর্নিমীলন, পলক ফেলা। "অনিমিখে ব.প ৮১৭। ২ চক্ষুর পাতা ; পলক। "নিমিখ নাহিক পড়ে ভ.গ্র ৭৯। ৩ দৃষ্টি। "না চলে নিমিখ পথ ক.চ ৫৭। নিমিখ মিলায় তার প্রভুর বদনে ব.প ২৬৫। ৪ নিমেষপরিমিত কাল ; অত্যল্প কাল। আঁখির নিমিখে৹ যদি নাহি দেখি৹ তবে সে পরাণে মরি চ.দা ১৪৭। নিমিখে যুগ মানই।—গো ২৬০। নিমিখে গেলা চৈ.ম ১২। নিমিখ অন্তর হৈলে ব.প ৮১৭।

নিমিত বিণ [নি+ √মি+ত (ক্ত) -র্ম্ম] ১ উৎক্ষিপ্ত। "পদে পদে দুর্নিমিতে রঘু ৭.১০। কু.স ৭.৬১। ২ [প্রা.স] সমন্তাৎ মিত ; সমারোহপরিণাহ। দ্র 'নিঘ'।

নিমিত্ত ক্লী [নি+ √মিদ্‌+ত (ক্ত)-ক, বর্ত্তমানে] ১ হেতু, কারণ। "শ ৭.৩০। নিমিত্তং কিঞ্চিদাসাদ্য দেহি প্রাণৈর্বিমুচ্যতে হি ১.১৭৫। ২ উদ্দেশ্য। "সন্নিমিত্তো বরং ত্যাগঃ হি ৩.১০৩। ৩ ফল। "নিমিত্তাৎ কর্ম্মযোগে পা ২.৩.৩৬, সি। অনিমিত্তনিমিত্তেন ধর্ম্মেণ ভ ৩.১৫.১৪। ৪ লক্ষ্ম, চিহ্ন। "নিমিত্তং যন্ত্বয়া দৃষ্টং বাহুকে দৈবমানুষম্ মহা ৩.৭৫.৫। ৫ শকুন, চক্ষুঃস্পন্দনাদি শুভাশুভসূচক লক্ষণ। "নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি গী ১.৩০। মহা ১৬.১.১। উৎপাত° মনু ৬.৫০। ৬ সাধনদ্রব্য (instrument)। "°কারণ। ৭ প্রবর্ত্তক। 'দ্র 'নিমিত্ত (৩)। ৮ [+ √মিদ্‌ হিংসা+ত-র্ম্ম] শরব্য, লক্ষ্য। "মাঘ ২.২৭। [°কারণ (ক্লী)—(ন্যায়ে) কারণবিশেষ, ঘটের কুলালচক্রদণ্ডাদি। "চৈ.চ ২৩। °জ্ঞ (বিণ) —শকুনজ্ঞ, শুভাশুভসূচকলক্ষণবিৎ। "রঘু ১.৮৬। °বধ (পুং)—গবাদির রোধাদি হেতু বধ। °বিৎ (-বিদ্‌) বিণ—সর্থ 'নিমিত্তজ্ঞ'। (পুং) দৈবজ্ঞ। °মাত্র (ক্লী)—হেতুমাত্র। "নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্ গী ১১.৩৩। °হেতু (পুং)—সর্থ 'নিমিত্তকারণ'। "°তু।—ভাষাপরিচ্ছেদ ১৭। ঘটের নিমিত্তহেতু যৈছে কুম্ভকার চৈ.চ ২৩। নিমিত্তের ভাগী—হেতুরূপে প্রতীয়মান।]

নিমিত্তী (-ত্তিন্‌) বিণ [°ত্ত+ইন্‌ (ইনি) অস্ত্যর্থে-১ব] নিমিত্ত-যুক্ত, হেতুমান্‌। —মিত্তী পুং বধকর্ত্তৃবিশেষ।

নিমি(মে)ষ পুং [নি+ √মিষ্‌+অ (ঘঞ্‌), ঘঞর্থে ক)-ভা ; গুণাভাব, ' √মিষ্‌ কুটাদি (মাঘ ১১.১৮, মল্লিনাথ), বস্তুতঃ ' √মুষ্‌' কুটাদি নহে ; 'নিমেষ' ছান্দস] ১ চক্ষুর্নিমীলন, পলক ফেলা ; নেত্র-পক্ষ্মদ্বয়ের স্বাভাবিক উন্মেষ-সঙ্কোচ (১.৬৪ কুল্লুক)। বিপ 'উন্মেষ'। "নিমেষান্তর গো.রা ৩.৩৬.১৯ ; নিমিষান্তর ৫.৫৬.৫৯ ; মহা ১.১৮৭.২০। নিমেষালসপক্ষ্মপঙ্‌ক্তি রঘু ২.১৯। চৈ.চ ১৭। ২ নিমেষোপলক্ষিত কাল। "নিমেষ।—শুক্লযজুর্ব্বেদ ৩২.২। মনু ১.৬৪। ম ৫৬১। ৩ অত্যল্পকাল। "হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বম্ (মোহমুদ্গর)। নিমিষমিব নেষ্যামি দিবসম্।—ভর্ত্তৃহরি। ব্যূহ প্রবেশিল বীর চক্ষুর নিমেষে।—ম ৮৩৪। চক্ষুর নিমেষে গেল ম.ম ১১। ৩ নেত্রপক্ষ্মগত রোগবিশেষ ; পক্ষ্মসঙ্কোচন, চোখ-লাফ-পাড়া। "সুশ্রুত ৪.৩৯.১৭। ৪ পুষ্পপত্র-নিমীলন। ৫ বিষ্ণু (মহা)। [°অন্তর (ক্লী)—নিমেষাব-কাশ। "গো.রা ৩.৩৬.১৯। °অলস (বিণ)—নিমেষমন্দ, নির্নিমেষ। দ্র 'নিমিষ (১)।]

নিমীলন ক্লী [নি+ √মীল্‌+অন (ল্যুট্)-ভা] ১ নিমেষণ, পক্ষ্ম-সঙ্কোচন। বিপ 'উন্মীলন'। "নয়ন° গী গো ৪.২২। ২ অবিকাস। "পদ্ম° (সা.দ)। ৩ কালবিশেষ (শ.ক)। ৪ [+অন-ধি] মরণ। —লা, -লিক স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ (টাপ্) ; ক (কন্) স্বার্থে+স্ত্রী আ] ১ নিমীলন, নেত্রমুদ্রণ। ২ [+অ-ণ] নিদ্রা। ৩ ব্যাজ, ছল। —মীলিত বিণ [+ত (ক্ত)-ক] ১ কৃতনিমীলন, মুদ্রিত। "প্রজালোপ° রঘু ১.৬৮। °নেত্রে থাকা আর শ্রেয়ঃ নয়।—ন ৪২৬। ২ কোরকিত। ৩ অন্তর্হিত, অস্তমিত। "দ্যৌর্নিমীলিতনক্ষত্রা (হ)। ৪ [+মীলি +ত-র্ম্ম] আবৃত। "রজো° রঘু ৯.৭৪। ৫ মোহিত। "হৃদয়ন্যস্তমণি-স্পর্শ° রঘু ১২.৬৫।

নিমীলনয়ন বিং [পদ্যে] নিমীলিতনেত্র। "তুমি ঘুমাইছ নিমীল-নয়নে স.স্ব ১৯।

নিমেয় ; নিমেষ, দ্র 'নিময় ; নিমিষ'।

নিম্ন বিণ [নি+ √ম্না+অ (ক)-ক ; ছান্দস] ১ নীচ, নাবাল্‌। ২ গভীর, গম্ভীর। "°নাভি উ.মে ২১ ; মাঘ ১০.৫৮। ৩ কৃশ, ক্ষীণ। "°মধ্যাবসানা।—ঋতু ৫.১২। ৪ নিকৃষ্ট, নীচ, অধম। —ন্ন ক্লী ১ অধোদেশ, নিম্নস্থান। "তিষ্ঠেত নিম্নোৎসৃষ্টমিবোদকম্ রা ২.১১৩.১৬। মহা ২.২০.১৭। পয়শ্চ নিম্নাভিমুখম্ কু.স ৫.৫। ঋতু ২.১৩। ২ নিম্নাবয়ব—জঘনাদি। "জলনিবিড়িতবস্ত্রব্যক্তনিম্নোন্নতাভিঃ (বধূভিঃ) মা[illegible]মা ৪.১০। ৩ গর্ত্ত। [°উন্নত (বিণ)—উচ্চনীচ, উচ্চাবচ, বিষম, উদ্‌ঘাতী। °গ (বিণ)—নীচগামী, নিম্নপ্রবণ। °গা (স্ত্রী)—নদী। মনু ৯.২২। রঘু ৮.৮। °তীর বি.সু ১১৫। নিম্নাপ (বি)—নদী। "শ্রী.মা ১৬।]

নিম্ব পুং বৃক্ষবিশেষ, নিম্‌গাছ। "রা ২.৩৫.১৬। —ম্ব ক্লী নিম্বফল। [°নিসিন্দা (বি)—নিম্ব ও নিসিন্দা গাছ। "°সারে চৈ.চ ২৮১। °বার্ত্তাকী (বি)—নিম্বপত্র সহিত তৈলপক্ব বার্ত্তাকুখণ্ড ; নিমবেগুন। "চৈ.চ ৩১৫। °সুকুতা (বি)—নিম্বপত্রের তিক্তব্যঞ্জনবিশেষ। "চৈ.চ ১৭০।

নিম্বু স্ত্রী [√নিম্ব্‌ সেচন+উ-ক (ত.বা) ; হি নীংবূ ; ঠ নিংবী ; র্ক লিমূন্ ; আ লইমুম্ ; F. limon ; E. lemon] জম্বীরবিশেষ, কাগজীলেবুগাছ। —ম্বূক পুং সর্থ 'নিম্বূ'। —ম্বূক ক্লী নিম্বূকফল, কাগজী নেবু (ভাবপ্রকাশ)। [নিম্বূকফল-পানক (ক্লী)—নিম্বূকরস-মিশ্রিত পানা বা সরবৎ (lemonade)।]

নিম্লোচ পুং, **-চন** ক্লী [নি+ √ম্লুচ্‌ গতি+অ (ঘঞ্‌), +অন (ল্যুট্)-ভা] অস্তগমন। "ভ ৩.২.৭।

নিয়ড় দ্র 'নিঅড়'।

নিয়ত বিণ [নি+ √যম্‌+ত-ক] ১ উপরত, নিবৃত্ত। ২ [+ত-র্ম্ম] বদ্ধ, রচিত, কৃত। "নিয়তাঞ্জলি। ৩ সংযত। "°অশন, °আহার, °বাক্, °ব্রত। °মানস গী ৬.১৫। ৪ বশীকৃত, নিগৃহীত, নিয়ন্ত্রিত। "প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া গী ৭.২০। কার্য্যৈঃ…নিয়তাশ্চিত্তবিক্ষেপাঃ উ.চ ৩৪। ৫ সমাহিত। "নিয়তাত্মন্ গী ৮.২। ৬ নিত্য, অবশ্যানুষ্ঠেয়। নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণো নোপপদ্যতে গী ১৮.৭ ; ২৩। ৭ অপরিহার্য্য, অত্যাজ্য। "সন্নিমিত্তে বরং ত্যাগো বিনাশে নিয়তে সতি। —হি ৩.১০৩। ৮ সেবাপর। "(ভরদ্বাজঃ) প্রাযচ্ছত মুনেস্তস্য বল্কলং নিয়তো গুরোঃ।—রা ১.২.৭। ৯ সিদ্ধ, জনিত। "স্বভাবনিয়তং কর্ম্ম গী ১.৪৭। প্রকৃতি° উ.চ ৬.১৪। ১০ নিশ্চিত। "ভাষাপরিচ্ছেদ ১৬। ১১ ব্যবস্থিত। "নিয়তৈকযতিব্রতানি।—শ ৭.২০। ১২ প্রকৃত, প্রস্তুত।

"নিয়তানাং সকৃদ্ ধর্ম্মঃ সা পুনস্তুল্যযোগিতা কা.প্র ১০.১০৪। **১৩** কৃত-নিয়ম। **১৪** আচারনিষ্ঠ। "মাঘ ১৩.২৩। —য়ত ক্রি.বিং (বাঙলায়) নিয়মিতভাবে, নিরন্তর। —য়তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা **১** নিয়মন, সংযম। **২** [+তি-ণ] দৈব, ভাগ্য। "নিয়তিঃ সর্ব্বভূতানাং বিয়োগেষপি কারণম্ গো.রা ৪.২৪.৪। নিয়তির্দুরতিক্রমা (হ)। নিয়তের্নিয়োগাৎ মাঘ ৪.৩৪। প.তৃ ৭৪। **৩** বিধি, নিয়ম। [°বাক্, নিয়তাশন, নিয়তাহার দ্র 'নিয়ত (৩)'।]

নিয়তি দ্র 'নিয়ত'।

নিয়তঃ বি [সং "°তিঃ'; অপ্র] দৈব। "কি করে। চারা কি। নিয়তঃ কেন বাধ্যতে।—ব.প ১৬৯২।

নিয়ন্তব্য বি [নি+ √যম্+তব্য-র্ম্ম] **১** শাসিতব্য, দমনীয়। "নিয়ন্তব্যা দস্যবঃ গো.রা ২.১২২.২২। 'ব্যাঃ...পাপপুরুষঃ।—মহা ৫.৫৪.২০। **২** নিগৃহীতব্য। "নিয়ন্তব্যঃ সদা ক্রোধঃ মহা ৫.৩৮.৩০। —য়ন্তা (-স্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী-ত্রী; ছান্দস] নিয়মনকারী, নিয়ন্ত্রয়িতা, শাসক। "নিয়ন্তা দুর্বিনীতানাম্ গো.রা ২.১.৩০। রঘু ১.১৭। চিত্তস্য নিয়ন্তৃণাম্ কু.স ৩.৪০, মল্লিনাথ।—য়ন্তা পুং **১** সারথি, সূত। "মহা ৭.১৩.২২। রঘু ১.১৭। **২** বিষ্ণু।

নিয়ন্ত্রণ ক্লী [নি+ √যন্ত্র্+অন (ল্যুট্)-ভা] **১** সঙ্কোচন। **২** নিয়মন, প্রতিবন্ধ। **৩** স্থাপন। "সা.দ ২১/২। **৪** শাসন, নিগ্রহ।—য়ন্ত্রিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিয়মিত; নিগৃহীত, সংযত।

নিয়ন্তা (-স্তৃ) দ্র 'নিয়ন্তব্য'।

নিয়ম পুং [নি+ √যম্+অ (অপ্)-ভা] **১** নিয়মন, বন্ধক। **২** নিয়ন্ত্রণ। **৩** সংযম, নিগ্রহ। **৪** বারণ, নিবর্ত্তন। "অধর্ম্ম° মনু ৮.১২২। **৫** বন্ধ (ত্রিকাণ্ডশেষ)। **৬** প্রকার। "বিনয়মন্যূণো বাচি নিয়মঃ উ.চ ২.২। **৭** প্রতিজ্ঞা, অঙ্গীকার। **৮** নিশ্চয় (ত্রিকাণ্ডশেষ)। **৯** ব্রতচর্য্যা। "নিয়মাপেক্ষা রঘু ১.৯৪। অপ্সরাঃ প্রেষিতা নিয়মবিঘ্নকারিণী শ ১/২। **১০**। মন্ত্রণা **১১** সঙ্কল্প। "নিয়মং প্রথমং কৃত্বা পশ্চাৎ পূজাং সমাচরেৎ (চণ্ডী)। **১২** [+অ-ণ] বিধি, ব্যবস্থা। "গুরু ষষ্ঠং তু পাদানাং শেষেষ্বনিয়মো মতঃ। **১৩** সূত্র, লক্ষণ। **১৪** ব্রত, উপবাসাদি পুণ্য (অ.কো)। **১৫** নিত্যকর্ম্ম। "°বিধি। **১৬** শরীরাতিরিক্ত দেশকালাদি-সাধনাপেক্ষ সন্ধ্যোপাসনজপাদি। "মাঘ ১৩.২৩। **১৭** শৌচ সন্তোষ তপঃ স্বাধ্যায় ঈশ্বরপ্রণিধান (বেদান্তসার। পা.দ ২.৩২); অক্রোধ গুরুশুশ্রূষা শৌচ আহারলাঘব স্বাধ্যায় (মার্কণ্ডেয়পুরাণ)। **১৮** তপঃ দান ব্রত শৌচ যজ্ঞ স্বাধ্যায় উপস্থনিগ্রহ মৌন উপবাস স্নান (অত্রি ৪৯); শৌচাদি সপ্ত গুরুসেবা অক্রোধ অপ্রমাদ (যাজ্ঞ ৩.৩১৩)। **১৯** (মীমাংসায়) যাহা জীবের স্বাভাবিক প্রবৃত্তিপ্রাপ্ত ও শাস্ত্রপ্রাপ্ত, তাদৃশ বিধিবিশেষ। যেমন, 'দ্বাদশ্যাং পারয়েৎ—দ্বাদশীতে পারণা জীবের স্বাভাবিক ও শাস্ত্রপ্রাপ্ত। "বিধিরত্যন্তমপ্রাপ্তৌ নিয়মঃ পাক্ষিকে সতি। **২০** কবিসময়প্রসিদ্ধি—বসন্তে কোকিলকূজন, বর্ষায় ময়ূরনৃত্য ইত্যাদি। **২১** [+অ (অচ্)-ক] বিষ্ণু। **২২** শিব। —য়মন ক্লী [+অন (ল্যুট্)-ভা] **১** সর্ব 'নিয়ম (১; ২)'। **২** নিগ্রহ। "নিয়মনাদসতাম্ রঘু ৯.৬। **৩** [+অন-ণ] নিয়ম, বিধি। [°নিষ্ঠা, °স্থিতি (স্ত্রী)—নিয়মে শ্রদ্ধা; নিয়মপালন। °বিধি (পুং)—নিত্য-কর্ম্মানুষ্ঠান। "কু.স ১.৬০।]

নিয়মন দ্র 'নিয়ম'।

নিয়মিত বিণ [নি+ √যমি+ত (ক্ত)-র্ম্ম] **১** কৃতবন্ধন, বদ্ধ। **২** নিবর্ত্তিত, বিনীত। "°পরিখেদা (সা) কু.স ১.৬০। **৩** নিয়ন্ত্রিত, নিগৃহীত। **৪** ধৃত; বিরুদ্ধ। "মাঘ ৭.৫৬। **৫** কৃতনিয়ম। —য়ম্য বিণ [+য (যৎ)-র্ম্ম] নিয়মনীয়, শিক্ষ্য। "মথবিষয়া নিয়ম্যা নন্বু দিব্য-চক্ষুষা রঘু ৩.৪৫।

নিয়র[১] দ্র 'নিঅড়'।

নিয়র[২] বি [সং নীহার; গ্রাম্য 'নেয়র'] শিশির। "রাইত হ'লে সাড়ি-খানি থাকে নিয়রে ভিজিয়া গো.চ ২৫৫। [°মেলানি—অতিসূক্ষ্ম সাড়ী-বিশেষ। ইহা এত সূক্ষ্ম যে শিশিরে ভিজিলে ঘাসে মিলিয়া যায়। "গো.চ ২৫৫।]

নিয়াই, নেই, নেয়াই, -হাই বি [হি নিহাঈ; মৈ নেহাই; সং শূর্ম্ম; 'নিঘাত'—মূল (?)] কামার বা সোণার যে লৌহপিণ্ডে লৌহাদি রাখিয়া হাতুড়ি দিয়া পিটায় (anvil)। "নিয়াই উপরে রেখে পেটে ধুমধাম শ্রী.মা ১৪৩।

নিয়াম পুং [নি+ √যম্+অ (ঘঞ্)-ভা] **১** নিয়ম। **২** নিয়ন্ত্রণ, সংযম। —য়ামক বিণ [+অক (ণ্বুল্)-ক] **১** নিয়মকারক, নিয়ন্তা। **২** শাসক। "নিয়ামক বাপ নাই চৈ.ভা ২১৪। **৩** নিবারক, বোধক। "বারি বহ্নের্নিয়ামকম্ (কামন্দক)। —য়ামক পুং **১** পোতবাহ, নাবিক। **২** নিয়ন্তা, সারথি।

নিযুক্ত বিণ [নি+ √যুজ্+ত (ক্ত)-র্ম্ম] **১** কৃতনিয়োগ, নিয়োজিত, অধিকৃত। "যঃ পৌরবেণ রাজ্ঞা ধর্ম্মাধিকারে নিযুক্তঃ শ ১/২/৩। **২** প্রেরিত, প্রবর্ত্তিত। "কেনাপি দেবেন হৃদি স্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি (আহ্নিকতত্ত্ব)। **৩** অনুজ্ঞাত, আদিষ্ট। "স্ত্রিয়া সম্যঙ্ নিযুক্তয়া মনু ৯.৫৯; ১৪৭। বিষ্ণু ৩.১১৭। **৪** প্রার্থিত (রা.টীকা)। "বিষ্ণুর্নিযুক্তঃ সরসস্তমৈঃ রা ১.১৬.১। —যুক্ত পুং **১** অধিকারে নিযুক্ত পুরুষ; অধিকৃত, কর্ম্মচারী। **২** [বাঙলায়; অপ্র] নিয়োগ, বিধান। "বিধির নিযুক্ত নাহি খণ্ডে মহাজন।—ম ৪১৬। —যুক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] **১** নিয়োগ, আদেশ। **২** প্রেরণা, প্রবর্ত্তনা।

নিযুত স.বিণ নিযুতসংখ্যক। —যুত ক্লী **১** লক্ষসংখ্যা (অ.কো)] **২** দশলক্ষসংখ্যা।

নিযুদ্ধ ক্লী [নি+ √যুধ্+ত (ক্ত)-ভা] সন্নিকর্ষে যুদ্ধ; বাহুযুদ্ধ। "°শীল মহা ৪.৮.১০; °কুশল ১৩.৩.৩। ভ ১০.৪৩.৩২। দ্র °শু ৪.৭.৩৩৮-৩৪০।

নিযোক্তা (-ক্তৃ) বিণ [নি+ √যুজ্+তৃ (তৃচ্)-ক-১ব; স্ত্রী-ক্ত্রী] নিয়োগকারী, নিয়োজক; প্রবর্ত্তক। —যোক্তা পুং স্বামী, প্রভু। "রঘু ২.৫৬।

নিয়োগ পুং [নি+ √যুজ্+অ (ঘঞ্)-ভা, জ্ > গ্] **১** আজ্ঞা, অনুশাসন, আদেশ। "রা ২.২১.৪৯; মন্নিয়োগ ৩.৩৬.৪; মনু ১.৪০। °ক্রিয়া রঘু ৫.১১। **২** নিশ্চয়, অবধারণ। "রঘু ১৭.৪৯। এবেঽনিয়োগে। —মুগ্ধবোধ ২৮। **৩** প্রেরণ, প্রবর্ত্তন। **৪** বিধবায় বা অযোগ্যপতি সধবায় যথাবিধি পুত্রজননার্থ দেবরাদির প্রবর্ত্তন। দ্র 'মহা ১.১০৬। মনু ৯.৬০-৬২। **৫** [+অ-ধি] অধিকার। "রৈবতক ত্বমপি স্বনিয়োগমশূন্যং কুরু।—শ ২/১। পশূনামন্বেষণমস্মাকং নিয়োগঃ।—হি ২/৩। **৬** কর্ম্ম। "অনিয়োগে নিযুক্তেন ত্বয়া রাজ্ঞা (রামঃ প্রব্রাজিতো বনম্) গো.রা ২.৬৮.১৭। —যোগ্য পুং [+য (ণ্যৎ)-ক, অর্হার্থে] 'নিয়োগে অর্হ'; প্রভু। তু 'নিযোজ্য'। [°পত্র, -ত্রী (বি)—অধিকারদানপত্র।

নিয়োগী (-গিন্) বিণ [°গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] নিয়োগ-বান্, অধিকারযুক্ত। —য়োগী পুং **১** অধিকারপ্রাপ্ত পুরুষ; অধিকৃত। "দুষ্টব্রণা ইব প্রায়ো ভবন্তি হি নিয়োগিনঃ।—হি ২.১০৪,-৫। **২** সদ্-গোপের উপাধি।

নিয়োজ সর্ম্ম [সং নি+ √ যোজি—নিয়োজয় > লি √নিযোজে > বা° জ] নিযুক্ত করা। "(কালকেতু) নিয়োজে বিশালনামা দুআর দক্ষিণে ক.চ ৯৬। চরে নিয়োজে শ্রী.মা ১৬১। রাণী নিয়োজে পার্ব্বতী ১০৭। [নিয়োজিল বিং (দ্র 'ইল[২]')—নিয়োজিত। "বজ্জ-অশ্ব-নিয়োজিল সেনাপতিগণ।—ম ৪৮। নিয়োজিল, -লী (শ্রী.কী)। নিয়োজিতে-জিমু (অ.প ৭)।]

নিয়োজন ক্লী [নি+ √যুজ্+অন (ল্যুট্)-ভা] ১ নিয়োগ, অধিকার-দান। "সংকারপূর্ব্বক°।—মুগ্ধবোধ ৯৫৪। অন্য অন্য কর্ম্মে অন্য মুনি-নিয়োজন।—ম ৩০৫। ২ আদেশ। ৩ প্রেরণ, প্রবর্ত্তন। ৪ সংযোজন, বন্ধন, যোজনা। "বাসুকিনাগের দড়ি কৈল নিয়োজন।—ম ৮। —যোজিত বিণ [নি+ √যোজি+ত (ক্ত) -র্ম্ম] ১ প্রেরিত, প্রবর্ত্তিত। "গো.রা ২.১৩.১১। (পুরুষঃ) বলাদিব নিয়োজিতঃ গী ৩.৩৬। ২ অধি-কৃত। "(অলি-পংক্তিঃ) গুণকৃত্যে ধনুষো নিয়োজিতা।—কু.স ৪.১৫। ৩ আদিষ্ট। ৪ সংযোজিত। —যোজ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম, শক্যার্থে] নিয়োজনশক্য, প্রবর্ত্তনীয়।—যোজ্য পুং প্রেষ্য, ভৃত্য। "পা ৭.৩.৬৮, সি। শ ৭.৪।

নির্ ব্য উপসর্গবিশেষ :—১ বিয়োগ। "নিঃসঙ্গ। ২ অত্যয়। "নির্মেঘ, নিরাতঙ্ক। ৩ আদেশ। "নির্দেশ। ৪ অতিক্রম। "নিষ্ক্রান্ত। ৫ ভোগ। "নির্বেশ। ৬ নিশ্চিত। ৭ নিষেধ, অভাব। "নির্মক্ষিক। [স্বরবর্ণ, বর্গের তৃতীয় চতুর্থ পঞ্চম বর্ণ য র ল ব হ পরে, 'নিস্'>'নির্'; উদাহরণ পরে দ্রষ্টব্য। (বাঙ্‌লায়) নির্ > (স্বরাগমে) নির—নিরদয়, নিরমল, নিরমান (প.ক)]

নির '-র্' [সং নির্ ; অপ্র] অভাব। "নির-অপরাধে চৈ.ভা ২০৯,-৫৯। নির-ব্রহ্ম তেজ মোর তোর মনে জ্ঞান ম.পা ২।

নিরংশ বিণ [বহুব্রী] ১ 'নির্গতাংশ', অংশরহিত, দায়ভাগহীন। "নিরংশৌ (পাঠান্তর) ক্লীবপতিতৌ মনু ৯.২০১। ২ সমগ্র।

নিরংশু বিং [বহুব্রী] নির্গতাংশু, নিষ্প্রভ। "মে ২১৮।

নিরক্ষ[১] বিণ [বহুব্রী] অক্ষরেখাশূন্য (দেশ)। —ক্ষ পুং নিরক্ষদেশ, বিষুবরেখাস্থিত স্থান।

নিরক্ষ[২] সর্ম্ম [সং নির্+ √ঈক্ষ্—নিরীক্ষ্ >প্রা √নিরক্থ (নিরক্থয়, হে ৪.৪১৮) >বা °খ, °ক্ষ ; অপ্র] নিরীক্ষণ করা। "মুখানি নিরক্ষে। —গ ৩৯। ম.পা ১৩ ; নিরক্ষিয়া ৪৫ ; নিরক্ষএ ১০২। নিরক্ষিয়া ম.ম ১৫। [নিরক্ষণ, -ন (সং নিরীক্ষণ)—দৃষ্টিপাত। "°ণ গো.বি ২ ; শ্রী.মা ২১৫ ; ব.প ১৬৯৫। °ন।—মী ৪৬।]

নিরখ, নিরিখ[২], **নিরীখ** সর্ম্ম [দ্র 'নিরক্ষ[২]'; সং নির্ √ঈক্ষ্ —নিরীক্ষ্ >প্রা √ণিরিক্থ >বা নিরী(রি)খ; হি, ঠ, মৈ নিরখ] ১ নিরীক্ষণ করা। "দিনকর নিরিখে আকাশে।—ম ৬০১। নাথে নিরখত ন.প ৩২৫। নিরীখে বদন জ.প ২৭ ; নিরখত ৭৮। গঙ্গা নিরখিয়ে প্রভু ৭২। নিরখি নন্দিনীরে বি.সু ৭৮। নিরখিল ন ৪৯৬। ২ পরীক্ষা করিয়া বুঝা; বিশেষভাবে জানা। "নন্দ-নন্দন, নিচয়ে নিরিখনু. নিঠুর নাগরজাতি।—গো ২৫৪। ৩ দিব্য চক্ষুতে দেখা। "দিব্য চক্ষু পাইয়া তবে নিরীখে ফাল্গুনী—ম ৪২৬। [নিরখই, -খণ, -খনিয়া, -খব, -খিতে (প.ক)। নিরিখিয়—দেখিয়া। "ন.প ১৩০।]

নিরগ্নি বিণ [বহুব্রী] অগ্নিসাধ্যেষ্টাখ্য কর্ম্মত্যাগী। "গী ৬.১।

নিরঙ্কুশ বিণ [বহুব্রী] ১ 'অঙ্কুশপ্রতিবন্ধ-নির্গত', প্রতিবন্ধহীন, অবাধ, অনিবার্য্য, স্বতন্ত্র। "ঈশ্বরঃ...নিরঙ্কুশম্ রা ৩.৩৬.৬। মু ৩.৬। ভ ১.১৭. ১৬। কামো নিকাম° গী.গো ৭.৪০। নিরঙ্কুশ গমন মদন-বিথার। —গো ১৩৫,-৬। নিরঙ্কুশ নাগররাজ (প.ক)। ব.প ১১৯। °ভাব পা.প্র ১৪৩,-৫৬। ২ উদ্দাম, উচ্ছৃঙ্খল, যথেচ্ছচারী। "নিরঙ্কুশ ইব দ্বিপঃ ভ ৪.১৪.৫।

নিরঞ্জন বিণ [বহুব্রী] ১ 'নির্গতাঞ্জন', অঞ্জনহীন, নির্দ্ধৌতকজ্জল। "°নে দৃশৌ কি ৮.৫২। নীরে নিরঞ্জন লোচন বি.প ১৯; ৭৮। ২ উপাধিনিবর্ত্তক। "ন শোভতে জ্ঞানমলং নিরঞ্জনম্ ভ ১.৫.১২। ৩ দোষরহিত, অকলঙ্ক। ৪ অজ্ঞানশূন্য। —ঞ্জন পুং ১ পরমাত্মা। "বিষ্ণু ১.৪৯। ক.চ ৮। ম.পা ৩; ১২। ২ শিব। "ক.চ ১। ৩ (বাঙ্‌লায়) ধর্ম্মঠাকুর। "পুজেন নিরঞ্জন শ্রী ৫০। শ্রী.মা ৯। ৪ [বং 'নীরাজন' অথবা 'নিমজ্জন' (প্রা*নিমংজন)—মূল (?)] জলে দুর্গাদি-প্রতিমার নিমজ্জন। "বিজয়া দশমী আজি নিরঞ্জন ব.সু ৩৯। কর্ম্মকর্ত্তারা প্রতিমা নিরঞ্জন করে...ঘর্ম্মমুক্তো হলেন।—হু ২০০। —ঞ্জনা স্ত্রী ১ দুর্গা। ২ 'অন্ধকারহীনা', পূর্ণিমা। —ঞ্জনী বি (অপ্র) দুর্গা। "শ্রী.মা ২।

নিরঞ্জনা, -নী দ্র 'নিরঞ্জন'।

নিরত বিণ [নি+ √রম্+ত (ক্ত)-ক] ১ একান্তরত, অনুরক্ত। বিপ 'বিরত'। "তপঃস্বাধ্যায়° রা ১.১.১। প.তৃ ৬০। ২ পরিনিষ্ঠিত। "স্বকর্ম্ম° রা ২.৬.১৩। গী ১৮.৪৫। ৩ সন্তুষ্ট। "দার° মনু ৩.৪৫। ৪ নিয়তাহার। "বন্যেন ফলমূলেন নিরতৌ রা ৭.৯৪.২০। —রতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] অত্যন্তরতি, অনুরক্তি, পরিনিষ্ঠা। বিপ 'বিরতি'। "অধর্ম্ম°।

নিরতিশয় বিণ [সুপ্সুপা] ১ অত্যন্ত, অতিশয়, সমধিক। ২ সর্ব্বা-তিশায়ী, অনুপম। "নিরতিশয়ং গরিমাণং তেন জনন্যাঃ।—পঞ্চ ১.৩১। °বিস্রম্ভ উ.চ ৬.৩৪।

নিরত্যয় বিণ [বহুব্রী] অত্যয়হীন, নির্ব্বাধ, নির্বিঘ্ন। "রঘু ১৭.৫৩। কি ১.১২।

নিরনুনাসিক বিণ [বহুব্রী] অর্দ্ধচন্দ্রাকৃতিবর্ণশূন্য। "মুগ্ধবোধ ৪৯।

নিরন্ত বিং [অপ্র] ১ অন্তহীন, অসংখ্যক। "নিরন্ত তোহ্মার নাম শ্রী মা ১৩১। ম.পা ১৫ ; °রূপিণী ৫০। ২ অসীম। "°মহিমা ম.পা ৫।

নিরন্তক বিণ [বহুব্রী] অন্তকরহিত, নাশহীন। "জগদন্তো নিরন্তকঃ কু.স ২.৯। জগদন্ত নিরন্তক।—মা ১৩৯।

নিরন্তর বিণ [বহুব্রী] ১ অন্তরহীন, নিরবকাশ, নিবিড়, নীরন্ধ্র। "°সন্নিকর্ষ পা ২.৩.৫, তত্ত্ববোধিনী। ২ সংশ্লিষ্ট। "(স্তনৌ) নিরন্তরৌ মহা ৪.১৪.২০। মাঘ ৯.৬৬। °র শরজালে গড়িব পঞ্জর।—ম ৮০৪। ৩ নিরবকাশ, অবিচ্ছেদ, সতত। "শরবৃষ্টি নিরন্তরা গো.রা ৫.৫.৮৮। কু.স ৫.২৫। ৪ পরিপূরিত। "বালবৃদ্ধনিরন্তরাম্ (অযোধ্যাম্) গো.রা ৬.১১২.৪২। ৫ অভেদ, অপৃথক্। "সুহৃদি নিরন্তরচিত্তে (নিবেদ্য দুঃখং সুখী ভবতি)।—পঞ্চ ১.৩৭২। ৬ সন্নিহিত ; সান্দ্র। "কৃষ্ণ-নিরন্তরাম্বরাঃ (মেখলাঃ) মাঘ ১৬.৭৬।

নিরন্ন বিণ [বহুব্রী] অন্নহীন, শস্যশূন্য। "প্রজা নিরন্নে ক্ষিতিপৃষ্ঠ এতা ...পতিমভ্যবোচন্ ভ ৪.১৭.৯।

নিরন্বয় বিণ [বহুব্রী] ১ অন্বয়হীন, বংশরহিত। ২ নিরনুগম। "°জনে বনে ভট্টি ৫.৬৬। ৩ অনন্বিত, অনম্পক্ত। ৪ পরস্পরসম্বন্ধশূন্য (পদ)। ৫ পরোক্ষকৃত, স্বামিসমক্ষতাহীন। নিরন্বয়ং ভবেৎস্তেয়ম্ মনু ৮.৩৩২। ৬ ব্যাপ্যব্যাপকসম্বন্ধহীন। ৭ অসম্বন্ধ, অনৈক্য। ৮ আকস্মিক। "°বিপর্য্যাসবিরসবৃত্তি উ.চ ৬৩৩।

নিরপত্রপ বিণ [বহুব্রী] অপত্রপাহীন, নির্লজ্জ। "মহা ১.৮.৮।

নিরপরাধ বিণ [বহুব্রী] অপরাধহীন, নির্দ্দোষ। "নিরপরাধা জানকী সী ২১। —রাধিনী বিং [সং °ধা] দোষহীনা। "পা.প্র ১৫৫। —রাধী বিং [অপরাধী > °ধী (নঞর্থে) ; সং 'নিরপরাধ'] নির্দ্দোষ। "নিরপরাধীর দণ্ড।—কৃ ৬৫। °ধী।—রামমোহন রায়। সে শিশু, নিরপরাধী ব.প্র ২৫৭।

নিরপেক্ষ বিণ [বহুব্রী] ১ অপেক্ষাহীন, আশাশূন্য। "নিরপেক্ষান্ গৃহেষিমান্ গো.রা ২.৪৪.১৯। মনু ৬.৪৯। ফল° পা ৩.২.১৩৪, কাশিকা। ২ স্বতন্ত্র। "কি ১১.৩৯। ৩ কর্ম্মসম্বন্ধহীন। "নিরপেক্ষো ন কর্ত্তব্যো ভৃত্যৈঃ স্বামী।—হি ২.৮২। ৪ বিগতস্পৃহ, বীতরাগ, উদাসীন। "কামেষু নিরপেক্ষঃ মনু ৬.৪১। তোমাসম নিরপেক্ষ নাহি মম গণে চৈ.চ ২৬৯। মন নিরপেক্ষ বিনে স্থির নাহি হয় ভ.প্র ৩৭২। ৫ স্বার্থবোধনার্থ অন্যাপেক্ষাশূন্য। "নিরপেক্ষো রবঃ 'শ্রুতিঃ' (ত.বা)। ৬ অভিপ্রায়রহিত (A.)। ৭ (বাঙ্‌লায়) পক্ষপাতহীন, ন্যায্য।

"নিরপেক্ষ বচন ।—কৃ.উ ১২ । —পেক্ষা স্ত্রী [প্রা.স] নির্গত অপেক্ষা; বীতস্পৃহতা । "রাজ্যে চ নিরপেক্ষয়া গো.রা ২.১১৬.৫ । —পেক্ষিত বিণ [বহুব্রী] অপেক্ষিতহীন, অপেক্ষাশূন্য । "°তং চেষ্টিতম্ (প্রবোধ-চন্দ্রোদয়) । —পেক্ষী (-ক্ষিন্) বিণ [°ক্ষা+ইন্ (ইনি) অস্ত্যর্থে -১ব; স্ত্রী -ক্ষিণী] অনপেক্ষাবান্, নিরপেক্ষ, আশাশূন্য, উদাসীন । "মহা ১৩.১৩২.১৪ ।

নিরপেখি বিং [সং °পেক্ষী; বা °খী, °খি (দ্র 'খ২'); অপ্র] উদাসীন । "কি দেখি আপনে এত হইলে নিরপেখি ব.প ৮৩৬ ।

নিরবকাশ বিণ [বহুব্রী] অবকাশহীন, নিরন্তর, অনবসর ।

নিরবগ্রহ বিণ [বহুব্রী] ১ অবগ্রহহীন, অপ্রতিবন্ধ, অবাধ । ২ স্বতন্ত্র, স্বচ্ছন্দ । ৩ বৃষ্টিপ্রতিবন্ধহীন ।

নিরবচ্ছিন্ন বিং অনবচ্ছিন্ন, অবিচ্ছেদ, সতত । "নিরবচ্ছিন্ন দুঃখভোগ সী ৯৫। ইংরাজদিগের °ন্ন অনুচিকীর্ষু পা.প্র ১ ।

নিরবদ্য বিণ [বহুব্রী] ১ অবদ্যহীন, দোষরহিত; মনোজ্ঞ । "নিরবদ্যত্ব ভ ৭.৮.১ । ২ অজ্ঞানশূন্য । ৩ রাগদ্বেষাদিহীন । —বদ্য পুং বিষ্ণু; পরমাত্মা (শ্বেতাশ্বতরোপনিষৎ) ।

নিরবধি বিণ [বহুব্রী] ১ অবধিহীন, অসীম, অনন্ত । "কালো হ্যয়ং নিরবধিঃ মা.মা ১.৫ । উ.চ ৩.৪৪ ; ৬.৩০ । ২ অবিচ্ছিন্ন, সতত । মা.মা ৪.৩ । ম.পা ১ ; ৪৬ ।

নিরবয়ব বিণ [বহুব্রী] ১ অবয়বহীন (পরমাণু, আকাশ) । ২ সর্ব্বা-বয়বশূন্য, নিরাকার (ব্রহ্ম) ।

নিরবলম্ব বিণ [বহুব্রী] অবলম্বহীন, নিরাশ্রয়, নিরালম্ব । "সন্ততি-চ্ছেদনিরবলম্বানাং কুলানাম্ শ ৬$\frac{২}{৩}\frac{৩}{৪}$ ।

নিরবশেষ বিণ [বহুব্রী] অবশেষহীন, সমগ্র । "নিরবশেষতঃ গো.রা ১.৭২ ৩৬ ; নিরবশেষং তং মেষং বুভুজে ৩.১৬.২৮ ।

নিরবসিত বিণ [নির্-অব+ √সো+ত (ক্ত)-ক] পাত্র-বহিষ্কৃত (চণ্ডালাদি) । "পা ২.৪.১০ ।

নিরবস্তার বিণ [বহুব্রী] অবস্তারহীন, আস্তরণরহিত । "ভূতলে নিরবস্তারে শয়ানাম্ ভ ৪.২৬.১৭ ।

নিরভিমান বিণ [বহুব্রী] অভিমানহীন, আত্মমানশূন্য, অমানী । "ভ ৫.১৫.৭ । —মানিনী বিং [সং °না] অভিমানহীনা । "অয়ি নিরভিমানিনী ।—চ.কা ১১৯ । নিরভিমানিনী···মৃণালিনী—ব.প্র ১৭৯ । —মানী বিং [অভিমানী > °নী (নঞর্থে) ; সং °ন] অমানী । "আপনি নিরভিমানী, অন্যে দিবে মান চৈ.চ ৬১ ।

নিরভ্র বিণ [বহুব্রী] অভ্রহীন, মেঘশূন্য । "মহা ১.৩০.৩৬ ।

নিরম, -মা, নির্ম্ম, -র্ম্মা সর্ম্ম [সং নির্+ √মা—নির্ম্মা > বা নির্ম্মা, র্ম্ম, -রমা, -ম (স্বরাগমে), পদ্যে] নির্ম্মাণ করা । "নির্ম্মায়িলোঁ এ বৃন্দাবনে শ্রী.কী ২২২ ; বাঁশী নির্ম্মিল ৩১২ । নির্ম্মাইল কৃ.উ ২১৩ । নির্ম্মাইয়া দিব লঙ্কা ।—কৃ ২৫০ । কেবা নিরমিল.˚ প্রেম-সরোবর চ.দা ৫৩ । শকট নির্ম্মিহে ব.প ১৩০৪ । নির্ম্মায়েন, -য় ক.চ ৮৬,-৯ । নির্ম্মিয়াছে রসময় কূপ শ্রী.মা ৮৬ । অস্থি নির্ম্মাইল : মস্তক নির্ম্মিল বা.ম ৫৭ । নির্ম্মাইছি তরণী ম.পা ১২৪ । [নিরমাই (নির্ম্মাণ করে, করিয়া), -মাওল, -মিলুঁ (প.ক) । নির্ম্মিল ন.প ৪২১ । নিরমিতে সিন্দূর—সীমন্তে সিন্দূররেখা রচনা করিতে । "ব ১০৯ ।]

নিরমঞ্ছ, -ঞ্ছু সর্ম্ম [নির্ম্মঞ্ছ্ > বা (স্বরাগমে) °ঞ্ছ, -ঞ্ছু ; দ্র 'নিছ'] ১ নীরাজন করা ; আরতি করা; বরণ করা । "কুন্তল পিঞ্ছে, চরণ নিরমঞ্ছল, অব কিয়ে সাধসি মান ।—গো ২০৬ । ২ নীরাজনদ্রব্যরূপে দান করা ; উৎসর্গ করা । "জিউ নিরমঞ্ছল গোবিন্দদাস ।—গো ৯৯; মঞ্জু হাম জীবন, তোহে নিরমঞ্ছব ১৮৯ । [নিরমঞ্ছন—নীরাজন-দ্রব্য, পূজাদ্রব্য । "কোটি কোটি কিয়ে, শরদ সুধাকর, নিরমঞ্ছন মুখচাঁদে ।—গো ৪৬ ।]

নিরমঞ্ছ, -মঞ্ছন দ্র°'নিরমঞ্ছ' ।

নিরমদ বিং [সং নির্ম্মদ > (স্বরাগমে) °দ] গ্লানিযুক্ত, নিস্তেজ । "তনু নিরমদ ।—ব ১৮৬ ।

নিরমল বিং [সং নির্ম্মল > বা (স্বরাগমে) °ল ; পদ্যে] ১ পরিষ্কৃত, স্বচ্ছ । "নিরমল তার জল চ.দা ৫৩ । নিরমল নীরময়ী স.শ ৮৩ । ২ মেঘহীন । "নিরমল···আকাশ স.শ ৮২ । ৩ নিষ্কলঙ্ক, নির্দ্দোষ । "নিরমল কুল শিল (প.ক) ।

নিরমাণ বিং [সং নির্ম্মাণ > (স্বরাগমে) °ণ ; পদ্যে] নির্ম্মাণ । "লোচন লোরে তটিনী নিরমাণ বি.প ১৮১ । ব ১১০ ।

নিরম্বু বিণ [বহুব্রী] ১ নিষিদ্ধজল, ত্যক্তোদক । "নিরম্বুর্ধারয়েৎ প্রাণান্ কো বৈ দিব্যসমাঃ শতম্ ভ ৭.৩.১৯ । ২ জলহীন, নির্জ্জল । ৩ (বাঙ্‌লায়) জলপানহীন, জলবিন্দুপান-বহিত । "নিরম্বু (তপ) ম ৯৪৬। নিরম্বু উপাস ।—রঙ্গ ২১ ।

নিরয় পুং [অয় (শুভাবহবিধি) হইতে নিষ্ক্রান্ত (অ.টী), প্রা.স ; তু 'সং নরক > প্রা ণরয়] নরক, দুর্গতি । "রা ২.২১.২৮ । মনু ৬.৬১ । [°গামী—নরকগামী । "সী ৪৫ ।]

নিরর্গল বিণ [বহুব্রী] ১ অর্গলহীন, অপ্রতিবন্ধ, অবাধ । ২ অন্না-র্থ্যর্থীর অনাবৃতদ্বার (নীলকণ্ঠ) । "অশ্বমেধানাজহ্রে···স নিরর্গলান্ মহা ৩.২৯০.৭০ । ৩ অনিয়ন্ত্রিত, যথেচ্ছগামী । "নিরর্গলস্তুরঙ্গমো বিসর্জ্জিতঃ মা.মি ৫$\frac{১}{১}\frac{৪}{৫}$ । ৪ উচ্ছৃঙ্খল । "প্রলাপ° মা.মা ৫.২৫ ।

নিরর্থ, -র্থক বিণ [বহুব্রী ; সমাসে বিকল্পে 'ক' (কপ্) ; স্ত্রী র্থা, র্থিকা] ১ অর্থহীন, নির্ধন । "স্ত্রিয়···পুরুষং নিরর্থম্···ত্যজন্তি মৃ ৪.১৫ । ২ নিষ্প্রয়োজন, নিষ্ফল, ব্যর্থ । "নিরর্থং প্রবদন্তি তে রা ২.১০০.৩৯ । নিরর্থং কলহম্ মহা ৫.৩৮.৩১ ; ক্রোধশ্চাপি নিরর্থকঃ ৩২ । °ক । —হি ২৬ (কথারম্ভ) । নিরর্থ ।—মে ১৮২ । ৩ অভিধেয়শূন্য । ৪ প্রাকৃতোচিত, বিচারমূঢ় । "বাং ভূৎ তে বুদ্ধিরেবং নিরর্থিকা রা ১. ১০৮.২ । ৫ বিফল, দুর্ব্বল । "দৈবমেব পরং মন্যে পৌরুষং তু নিরর্থকম্ রা ১.৫৮.২২ । —র্থক ক্লী ১ কাব্যদোষভেদ, পাদপূরণার্থ তু হি ইত্যাদি (expletive) । "চন্দ্রালোক ২.৬ । ২ (ন্যায়ে) নিগ্রহস্থানবিশেষ, অবাচকপদপ্রয়োগ—জবগভেত্যাদি ।

নিরল বি [নিরালা > °ল ; অপ্র] নির্জ্জনস্থান, একান্ত, নিভৃত । "নিরলে বসিয়া ব.প ৬৫ । —রলে ক্রি.বিং গোপনে । "এই সময় জাত্নুরে নিরলে বান্দ আলি গো.চ ৭০ ।

নিরলস বিং ['নিরালস্য' সাধু ; ঠ °স] আলস্যহীন । "নিরাহারে নিরলস (উট) ।—রঙ্গ ২১ । নিরলস···কর হে ।—গী.লি ৬ ।

নিরশন বিণ [বহুব্রী] অশনরহিত, নিরাহার । —ন ব্য [অব্যয়ীভাব] অশনাভাব, অনশন ।

নিরস[১] বিণ [বহুব্রী] ১ নিবৃত্তরস, রসহীন, শুষ্ক । "অধর নিরস করু কোন গোঁয়ার রা.শে ৩ । (অধর) নিরস ভেল (প.ক) । ২ নিঃস্বাদু, বিরস । —রস, —রেস বিং [ঠ '°স'—অপকৃষ্ট] (বাঙ্‌লায়) মন্দ, খারাব । বিপ 'সর(রে)স' । "পড়িল নিরস দান রা.শে ৭২ ।

নিরস[২] সর্ম্ম [সং নির্+ √অস্—নিরস্ > প্রা √ণিরস > বা °স] ১ তিরস্কৃত করা ; পরাজয় করা । "নিরসি শরদশশি, হসিত লপন লস ন.প ২৮৩ । ২ নিক্ষেপ করা ; খুলিয়া ফেলা । "নিরসি নূপুর, নিয়রে নিকসই গো ২৫৪ । ৩ নিরস্ত হওয়া ; ক্ষান্ত হওয়া । "নিরসল হেরি বিহান (প.ক) । ৪ [নিরস[১] > √°স] শুষ্ক করা ; শুখান । "খীর দণ্ড দেই নিরসত পানি বি.সা ৩৩৫ ।

নিরসন বিণ [নির্+ √অস্+অন(ল্যুট্)-ক ; স্ত্রী -নী] ১ নিরাসক,

দূরীকারক। "বৃজিন°; কশ্মল° ভ ৫.৪.৫; ১২। মাঘ ৬.৪৭। ২ (বাঙলায়) তিরস্কারক, পরাভবকারী। "হাস সুধারস-নিরসন (প.ক)। —সন ক্লী [+অন-ভা] ১ প্রত্যাখ্যান, প্রত্যাদেশ। "সোল্লুণ্ঠবাক্যে করে প্রিয়-নিরসন চৈ.চ ১৬১। ২ দূরীকরণ। "রাজ্যান্নিরসনম্ মহা ১৪.৪.১০। ৩ অপনয়ন। "মোহ° প.তৃ ৬০। ৪ খণ্ডন, নিরাস। ৫ বধ। ৬ [+অন-র্ম] নিষ্ঠীবন।

নিরস্ত বিণ [নির্+√অস্+ত(ক্ত)-র্ম] ১ প্রত্যাখ্যাত, নিরাকৃত, নিবারিত। ২ অপনীত, দূরীকৃত। "অরুণের তমো নিরস্তম্ রঘু ৫.৭১। °কুহক ভ ১.১.১। °পাদপ।—হি ১.৭১। মে ২০০। ৩ প্রোষিত ৪ নিষ্ঠ্যুত। ৫ প্রতিহত। "সা (শক্তিঃ) নিরস্তা মহোল্কয়া (চণ্ডী)। ৬ খণ্ডিত। ৭ নির্ব্বাসিত। "গৃহান্নিরস্তা…বৈদেহসুতা রঘু ১৪.৮৪। ৮ ত্যাজিত। "সরস্তনিরস্তধৈর্য্য কি ৩.২১। °গাম্ভীর্য্য মাঘ ১.৫৫। ৯ ত্যক্ত। "°দয়ঃ…মদনঃ মাঘ ৯.৬৩। ১০ দ্রুতোচ্চারিত, ত্বরিতোদিত। ১১ (বাঙলায়) বিরত, ক্ষান্ত। "শুনিয়া সীতার বাক্য নিরস্ত রাবণ।—কৃ ১৪৫। ম ৫৬৩। হস্তে ধরি নিরস্ত করিল ত্রিলোচন ম.ম ৪৬। ব.দ্বি ৯১। —রস্ত পুং ত্যক্ত শর। —রস্ত ক্লী [+ত-ভা] ১ প্রত্যাখ্যান। ২ নিবারণ। ৩ নিষ্ঠীবন। ৪ ক্ষেপণ। ৫ দ্রুতোচ্চারিত বাক্য (অ.চি)।

নিরস্ত্র বিণ [বহুব্রী] অস্ত্রহীন, প্রহরণরহিত। "মে ১৯৯।

নিরস্থি বিণ [বহুব্রী] অস্থিহীন। "মাংসং নিরস্থি (সুশ্রুত)।

নিরহঙ্কার বিণ [বহুব্রী] নির্গতাহংপ্রত্যয়, দেহাদিতে অহমিত্যভিমানশূন্য; ধনবত্তাদিজন্য আত্মসম্ভাবনাহীন; অগর্ব্ব। "গী১২.১৩। ভ ১.১৫.৪০। —ক্কার বি অহঙ্কারাভাব। "নিরহঙ্কার ব্যতীত ধর্ম্মাচরণ নাই ব.প ৩৭৩। —কৃত, -কৃতি, -ঙ্‌ক্রিয়া বিণ সর্থ নিরহঙ্কার। "°ত মহা ১৪.৪০.৭; ৩.৩২.৬। °য় ভ ৩.২৭.১৪; °তি (পাঠান্তর) ৬.১.৫৭। —ঙ্‌ক্রিয়া স্ত্রী অহঙ্কারাভাব। "ভ ৩.২৯.১৮।

নিরাকরণ ক্লী [নির্-আ+√কৃ+অন (ল্যুট্)-ভা] ১ প্রত্যাদেশ, প্রত্যাখ্যান। "°বিক্রবা শ ৬ষ্ঠ। ২ প্রতিকার, প্রতিবিধান, নিবারণ। "সাহসিকাদিকণ্টক° মনু ৯.২৫২, কুল্লুক। ব.প ১৬৮৮। অহিত° সী ২৬; ৩৭। ৩ প্রতিবাদ, প্রতিষেধ। "দেবতাঽপূর্ব্বাদি° মনু ১২.৯৫, কুল্লুক। ৪ (বাঙলায়) (বিরুদ্ধপ্রতিষেধপূর্ব্বক) নির্দ্ধারণ, নির্ণয়; সমাধান, সিদ্ধান্ত। "কি মতে বৃদ্ধি কি মতে পতন নিরাকরণ কিছুই উপস্থিত নাহি ব.প ১৬৮২। —করিষ্ণু বিণ [+ইষ্ণু (ইষ্ণুচ্)-ক; স্ত্রী -ষ্ণু] ১ নিরাকরণশীল, নিবারণশীল, নিরাসক। "রঘু ১৪.৫৭। ভট্টি ৫.১। ২ প্রতিষেধক। —কর্ত্তা (-কর্ত্তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক ১ব; স্ত্রী -র্ত্রী] নিরাসক।

নিরাকার বিণ [বহুব্রী] ১ নির্গতাকার, অবয়বহীন, অরূপ। "তারা আমার নিরাকারা ব.প ১৫৩৭। হরি, সকলরূপে রূপ মিশায়ে আপনি নিরাকার (গান)। ২ বাহ্যপ্রকাশহীন, গূঢ়। "(পাণ্ডবাঃ) নিরাকারাঃ কাষ্ঠেষগ্নিরিব মহা ৫.৩৪.৬২। ৩ নিরালঙ্কার (রা টীকা)। "(অযোধ্যা) নিরাকারা রা ২.১১৩.২৪। —কার পুং ১ ব্রহ্ম। ২ বিষ্ণু। ৩ শিব। "ক.চ ১।

নিরাকাশ বিণ [বহুব্রী] নির্গতাকাশ, শূন্যস্থানহীন, নিরবকাশ। "(উৎপেতুঃ হরিযূথপাঃ) কৃত্বাকাশং নিরাকাশম্ গো.রা ৫.৬৪.২৪।

নিরাকুল বিণ [প্রা.স] ১ অত্যন্ত আকুল। "অলিকুলসঙ্কুলসমূহ-নিরাকুলবকুল গী.গো ১.২৯। ২ অত্যন্ত অশান্ত; অধীর। "নিরাকুল ধায় (সৈন্য) অ.প ৪১। শান্ত হ'রে মম চিত্ত নিরাকুল।—(রবীন্দ্র)। ৩ অতিক্ষুব্ধ। "একূল ওকূল, দুকূল নিরাকুল, তরঙ্গে তরণী স্থির নয় জ্ঞা ১৩৭। ৪ অনাকুল, শান্ত। "ত্রিভুবনে এক ধন্যা, কারে সমর্পিব কন্যা, কবে আমি হব নিরাকুল ক.চ ১৯। —কুল ক্লী অনাকুলভাব, শান্তি।

নিরাকৃতি বিণ [বহুব্রী; স্ত্রী-তি] অবিদ্যমানাকৃতি, আকৃতিহীন, নিরাকার। "বিষ্ণুঃ…নিরাকৃতিঃ।—হ ২১৮.৪৫। ২ অধ্যয়নচেষ্টা নির্গত যাহা হইতে; স্বাধ্যায়হীন। ৩ পঞ্চমহাযজ্ঞানুষ্ঠানরহিত। "মহা ৪.১৫৪।—কৃতি পুং স্বাধ্যায়হীন উপাধ্যায় বা অধ্যাপক (অ.টী)। —কৃতি স্ত্রী [নর্-আ+√কৃ+তি (ক্তিন্)-ভা] ১ প্রত্যাদেশ, নিরাকরণ, নিবারণ। ২ লোপ, নিরাস। "চেষ্টাজ্ঞাননিরাকৃতি সা.দ ৩.১৩৯। ৩ অপলাপ। "এষঃ (কালঃ) সর্ব্বনিরাকৃতিঃ ভ ১.৬.৪। ৪ প্রতিবাদ, খণ্ডন।

নিরাগ বি [সং নিদাঘ (দ > ড় > র); অপ্র] গ্রীষ্মকাল। "নিরাগের কালে ব.প ২৮১।

নিরাগস বিং [সং °স্; অপ্র] নিরপরাধ। "শ্রী.মা ১৬৪।

নিরা(রে)ট বিং [হি 'নিরাট'—নিতান্ত] ১ অত্যন্ত। "নিরেট বোকা।—লী ৪৪। নিরেট বাঁজা।—জা ৭। ২ অতিমূর্খ। ৩ যাহা ফাঁপা নয়; সুসংহত, সুদৃঢ়, আঁট-সাঁট (solid)। "(কবাট) যেমন আছিল সেই হইল নিরাট শ্রী.ম ১৬। নিরেট পাষাণ।—ন ৪৭২। জালের কাঁঠি নিরেট থাঁটি কু.কে ১৫৩। শরীরের সকল অঙ্গকে মজবুত করিলে শরীরটি নিরেট হয় আ.দু ৮৭। ৪ [নিরেট-বাঁজা —যে নারীর একটিও সন্তান হয় নাই। বিপ 'কাকবন্ধ্যা'।]

নিরাতঙ্ক বিণ [বহুব্রী] নির্গতাতঙ্ক, নির্ভয়। "রঘু ১.৬৩।

নিরাদিষ্ট বিণ [নির্-আ+√দিশ্+ত (ক্ত)-র্ম] নিসৃষ্ট, দত্ত। "°ধনশ্চেত্তু প্রতিভূঃ স্যাৎ মনু ৮.১৬২।

নিরাধার বিং ১ আধারহীন, নিরালম্ব। ২ অপার, অসীম, অকূল। "নিরাধার পারাবার গলস্কার বয় ব.প ১৪৯৭।

নিরানই, -নব্বই, -নৈ, -রেনব্বই স.বিং [সং নবনবতি; হি নিনানরে] নবনবতিসংখ্যক। "নিরানৈ বৎসর বয়স ব.প ৪১৫। —নই বি নিরানব্বই (৯৯) সংখ্যা। [নিরা(রে)নর্ব্বইএর ধাক্কা—সঞ্চিতার্থের শততম মুদ্রা পূর্ণ করার নিমিত্ত প্রাণপণ চেষ্টা; একবার টাকা জমিলে, জমাইবার ঝোঁক। "ধনীর চিন্তা ধন ধন নিরানর্ব্বইএর ধাক্কা।—দা ৮০৬। নিরেনব্বইয়ের ধাক্কা চা.পু ১১। নিরেনব্বইয়ের আবর্ত্ত—ধন বা কোন বস্তু জমাইবার ঘূর্ণিপাক বা নেশা। "চা.পু ১১।]

নিরানন্দ বিণ [বহুব্রী] আনন্দহীন, বিষাদযুক্ত। "নিরানন্দ…সকলি দেখায়।—হেম ১।—নন্দ বি [হি °ন্দ] (বাঙলায়) নিরানন্দভাব, বিষাদ, দুঃখ। "এ নিরানন্দ ত্যজ চন্দ্রাননে!—মে ২৬০। প্রাণ নিরানন্দময়।—ন ১৩২৯।

নিরাপৎ (-দ্) বিণ [বহুব্রী] নির্গতাপদ্, বিপদ্‌বিহীন, ব্যসনহীন। "রঘু ১.৬৪। [নিরাপদেষু (সং °পৎসু)—স্নেহভাজনব্যক্তি ও পুত্রাদিকে লিখিত পত্রের পাঠ।]

নিরাবাধ বিণ [নির্গতা আবাধা যাহা হইতে, বহুব্রী] ১ আবাধাহীন, প্রতিবন্ধশূন্য। ২ নিরাপদ্, নির্ব্বিঘ্ন। "নিরাবাধাঃ (পুরুষা বনচারিণঃ) মহা ১.১৫৩.৩৩। ৩ ব্যথারহিত। ৪ স্পষ্ট উচ্চারিত। "বাণীং নিরাবাধাম্ মহা ১৩.১৪৪.২১। —বাধ পুং (ব্যবহারে) পক্ষাভাসবিশেষ; যাহা বস্তুতঃ ব্যবহারপক্ষ নহে, তাদৃশ অভিযোগহেতু। যেমন, আমার বাড়ীর দীপালোকে এই ব্যক্তি নিজগৃহে কার্য্য করে (মিতাক্ষরা)।

নিরাময় বিণ [নির্ (নাস্তি) আময় যাহার (অ.টী), বহুব্রী] ১ আময়হীন, নীরোগ, রোগরহিত। ২ মনঃপীড়াহীন। "নিরাময়ো হ্যরোগশ্চ রা ১.১.৯০। ৩ সর্ব্বদুঃখনাশক। "কৃত্বা রক্ষাং নিরাময়াম্। —রা ১.৬২.১৮। ৪ নিরুপদ্রব, নিষ্কণ্টক। ৫ নিরাপদ্, নির্ব্বিঘ্ন। "উপায়োঽয়ম্…নিরাময়ঃ মহা ৩.২৩৭.২২। —ময় পুং ১ শূকর। ২ বনচ্ছাগল। ৩ শিব। —ময় ব্য [অব্যয়ীভাব] আময়াভাব অরোগ, কুশল। "পৃষ্ট্বা চাপি নিরাময়ম্ রা ১.৪০.২১।

নিরামিষ বিণ [বহুব্রী] ১ আমিষহীন, মৎস্যমাংসাদিরহিত। ২ বিষয়াভিলাষরহিত। "মনু ৬.৪৯। ৩ মাংসাদিখাদ্যহীন। "প্রাপ্তো মম পুত্রো নিরামিষঃ গো.রা ৪.৬১.৩৬। ৪ স্পৃহণীয়-প্রতিবোধহীন। "নাস্তি যুদ্ধং নিরামিষম্ মহা ৪.৫৩.১৪। —মিষ ক্লী মাংসাদিহীন খাদ্য। "নিরামিষাশী।—হি ১৫৬।

নিরামিষ্য, -মিষ্‌ষি, নিরমিষ বিং [আমিষ্য > °ষ্য, -ষ্‌ষি, নিরামিষ > °ষ] ১ সর্থ 'নিরামিষ (১)' "°ষ্যব্রতী ম ৪৬২। °ষ্য অন্ন ক.চ ১৭২। °ষ্য ব্যঞ্জন ব.প ৩৩৩; বা.ম ২৮৭। ২ খাদ্যপণ্যহীন। "সিংহ যেন দুঃখচিত্ত নিরামিষ বনে।—ম ৬৩৬। ৩ বেশ্যাসুরাপ্রভৃতি-লোভজনকবস্তুহীন। "যে নৈকোখানায় তাকাই, সকলই মালভরা, কেবল আমরা ব্যাটারাই নিরামিষ্।—হু ১৬৮। কি বাবা, নিরমিষ ব'সে রয়েছ যে!—লী ৯৬। —মিষ্য বি নিরামিষখাদ্য। "°ষ্য খাই গো.বি ৬৪। গ ২০৩। নিরামিষ্য রান্ধিয়া থুইল বা.ম ১৪৭। শ্রী.মা ১৮৩। রা.স ১৬। °ভোজন ব.প ১৭১৬।

নিরায় বিং [বহুব্রী] আয়হীন। "যাজ্ঞ ২.২৭১।

নিরায়ত বিণ [সুপ্‌সুপা] ১ অত্যন্ত আয়ত; অতিবিস্তারযুক্ত। ২ অতিদীর্ঘীভূত। "°পূর্ব্বকায়াঃ (রথ্যাঃ)।—শ ১.৮।

নিরালম্ব বিণ [বহুব্রী] ১ আলম্বরহিত, নিরাশ্রয়, অবলম্বনহীন। "তপ্যমানা নিরালম্বা গো.রা ১.৪৯.৩০। [বাঙলায়; অপ্র] আচ্ছাদন-হীন, খোলা। "নিরালম্ব স্থানে।—জ ৭২। ৩ নিঃসম্পর্ক, অনাহূত। "নিরালম্ব লোক চলে হাজার হাজার ম.ম ১৭৩।

নিরালয়, -লা বিং [°য়>লা; হি °লা; ঠ °ল.া, গু °লু.— অসংযুক্ত] ১ লোকসমাগমশূন্য, নির্জ্জন, নিভৃত। "যেমন স্থান তেমনি নিরালা।—স্ব.প্র ৩০। সাঁঝেতে নিরালা সব ঠাঁই (ছবি ও গান)। সরোবর …নিরালা।—চ.কা ১৩৮। নিরালা (কুঞ্জে) অ.গু ১৫। সহসা পড়িল বজ্রের শিখা৹ নিরালয় মোর পরাণ'পরে।—কু.কে ১৮১। ২ [হি °লা] অনুপম, অপূর্ব্ব, অতিসুন্দর। "কালি সবে রামরূপ দেখিব নিরালা দা ১০৬৭।—লা বি ১ নির্জ্জনস্থান; একান্ত। "নিরালে যুকতি ক.চ ৪৭। সরল প্রাণের কথা৹ নিরালায় কহে প্রাণ খুলি (ছবি ও গান)। ২ নিভৃতে বক্তব্য বিষয়; গোপন কথা। "রহিল রহিল তবে৹…আমার নিরালা স.স্ব ২৩। [নিরাল পিয়াল—নিস্তব্ধ পিয়াল। "গান ১৭৬।]

নিরালোক বিণ [বহুব্রী] নির্গতালোক, আলোকবিহীন, অন্ধকার। "রা ২.১১১.১৪। মহা ১.৩২.৫।—লোক ব্য [অব্যয়ীভাব] আলোকাভাব, প্রকাশশূন্য (শ্রীধর)। "ভ ২.১০.২১।

নিরাশ বিণ [বহুব্রী] ১ আশারহিত। "নিরাশঃ স্যাৎ ফলাগমে গো.রা ২.৬৫.৭। ২ নিঃস্পৃহ। "মনো বভূবেন্দুমতীনিরাশম্ রঘু ৬.২।—শ বি [সং নৈরাশ্য, হি, ঠ °শা; অপ্র] নৈরাশ্য। "বাড়য়ে নিরাশ।—ম ৫৬২। নিরাশের ভয়।—হেম ১০২।—রাশা বিং [সং °শ; আশা > °শা; অপ্র] নিরাশ। "°শা হইয়া চলে ভ.প্র ২৩৮।

নিরাশীঃ (-শিস্) বিণ [নাস্তি আশীঃ যাহার, বহুব্রী; স্ত্রী -শীঃ] ১ আশীঃশূন্য হিতাশংসনহীন। ২ নিষ্কাম, নিরাকাঙ্ক্ষ, নিরভিলাষ, বিতৃষ্ণ। "গী ৩.৩০; ৬.১০। কু.স ৫.৭৬।

নিরাশ্রয় বিণ [বহুব্রী] ১ অবিদ্যমানাশ্রয়, আশ্রয়হীন। "গো.রা ১.৪৫. ২। ব.প্র ৩। ২ নিরালম্ব, অবলম্বনরহিত, অনাশ্রিত। "ন তিষ্ঠতি নিরাশ্রয়ং লিঙ্গম্।—সাংখ্য ৪১। ৩ যোগক্ষেমার্থ আশ্রয়ণীয়রহিত (শ্রীধর)। "গী ৪.২০। ৪ অসহায়, একাকী। "কষ্টো বাসো নিরাশ্রয়ঃ।—চাণক্য। —শ্রিত বিং [আশ্রিত > °ত (নঞর্থে); সং °য়] নিরবলম্বন। "নিরাশ্রিতা…লতা।—ন ৮৩৭।

নিরাস পুং [নির্‌+ √অস্‌+অ(ঘঞ্‌)-ভা] ১ প্রত্যাখ্যান; নিরাকরণ, খণ্ডন। "স্বরূপবিধি° পা ৪.৩.৬৮, সি। মনু ৩.১৭৭, কুল্লূক। এ বাদের নিরাস বলহ কিসে হয় ব.প ১১৫৭। ২ অপনয়ন। "আশঙ্কার নিরাস হইতেছে না সী ৫৬। —রাস বিং [তু 'সং নিরাস > প্রা ণিরাস; অপ্র] নিরাশ। "দন্ত উপাড়িলে যেন ভুজঙ্গ নিরাস।—ম ৭১৩। [নিরাসিল—প্রত্যাখ্যান করিল। "ভক্তি স্থাপি নিরাসিলা বাদী ভ.প্র ২৩।

নিরাসক্ত বিং [আসক্ত > °ক্ত (নঞর্থে); অনাসক্ত'—সাধু] আসক্তি-হীন। "স.স্ব ৯০। মানুষের পক্ষে এরূপ নিরাসক্ত ভাব ত ভাল নয়।] —গল্পগুচ্ছ।

নিরাহার বিণ [বহুব্রী] আহাররহিত, উপবাসী। "রা ১.৪৮.৩০।—হার পুং [প্রা.স] নিবৃত্ত আহার; উপবাস। "যাজ্ঞ ৩.৩১।—হার ব্য [অব্যয়ীভাব] আহারাভাব, উপবাস। —হারী বিং [আহারী > °রী (নঞর্থে); সং °র; অপ্র] উপবাসী। "ম ১০৮৯।

নিরাহিত বিং [অপ্র] সমাহিত, একাগ্র। "শ্রী.মা ২০৮।

নিরিখ[১] বি [ফা নির্‌খ্‌] বাজারদর, দর, হার (rate)। "জমিদার-রূপ ঢেঁকি…নূতন নিরিখরূপ চাউল বাহির করিয়া,…সুখে সিদ্ধ করিয়া অন্ন ভোজন করিতেছেন ব.প্র ৬২৮। [জমির নিরিখ—জমির প্রতি বিঘার দর।]

নিরিখ[২] দ্র 'নিরখ'।

নিরিন্দ্রিয় বিণ [বহুব্রী] ১ ইন্দ্রিয়হীন, নেত্রাদিরহিত, বিকলেন্দ্রিয়। "যে কেচিন্নিরিন্দ্রিয়াঃ মনু ৯.২০১। ২ নিষ্পাপান্তঃকরণ। "মনু ৯.১৮।

নিরিবিল, -লি বিণ ['নিরাবিল'—মূল (?)] নির্জ্জন, নিভৃত, নিরালা। "নিরিবিল এক তীরতরু-তলে (বসিয়ে) ব.স্থ ৫০।—বিল, -লি বি ১ নিভৃত স্থান; একান্ত। "নিরিবিলে থাকিলে দুজন৹ কেমন খুলিয়া যায় মন ব.স্থ ১৩। তাদের তলে তলে নিরিবিলি৹ নদী হেসে চলে খিলিখিলি।—শিশু ৭৩। নিরিবিলি ঝিঁ-ঝিঁ ডাকে।—হেম ২৫৫। ২ অবসর, সুযোগ, ফাঁক। "আমি একটু নিরিবিলি পেলেই যাব ব.প্র ৩১৯।—বিলি ক্রি.বিং শান্তভাবে, নিরুদ্বেগে। "খাঁচার পাখী বলে, বনের পাখী আয়৹ খাঁচায় থাকি নিরিবিলি।—গান ১০৩। নিরিবিলি যে বিজনে৹ ঘুঘুরা করিছে ঘর-করনা।—শিশু ১০। এই ঠাঁই থাক নিরিবিলি স্ব.প্র ২০৩।

নিরীক্ষ সর্ম্ম [দ্র 'নিরখ'; অপ্র] নিরীক্ষণ করা। "নিরীক্ষিয়া আশীষ করেন যত মেয়ে শ্রী.মা ৩৯।

নিরীক্ষক বিণ [নির্‌+ √ঈক্ষ্‌+অক (ণ্বুল্‌)-ক] ১ দর্শক, দ্রষ্টা; বিশেষ দ্রষ্টা। ২ সাক্ষী। "ভ ৬.৯.৪৫।—ক্ষণ ক্লী [+অন(ল্যুট্)-ভা] ১ দর্শন, দৃষ্টিপাত। "প্রণয়° ভ ১.৯.৪০, চকিতনিরীক্ষণা ৫.৮.৪। কটাক্ষ° (S.W.)। ২ পরিদর্শন, বিশেষভাবে দেখা। "রাজা স্থান নিরীক্ষণ করিলেন কৃ.চ ৩০।—ক্ষা স্ত্রী [+অ-ভা+স্ত্রী আ(টাপ্)] ১ নিরীক্ষণ। ২ জ্ঞান, জিজ্ঞাসা। "বলাবল° রা ১.৭৫.১৫।—ক্ষিত বিণ [ত(ক্ত)-র্ম্ম] দৃষ্ট, অবলোকিত।—ক্ষিত ক্লী [+ভ-ভা] নিরীক্ষণ, অবলোকন। "কি ২.৫৫।—ক্ষ্য বিণ [+য(ণ্যৎ)-র্ম্ম] দর্শনীয়, বিচার্য্য। "অর্থঃ সহ কামেন নিরীক্ষ্যো ধর্ম্মচক্ষুষা গো.রা ৪.৮৪.৫। [°ক্ষণ-পত্র—বিবাহে কন্যা দেখার পরে কৃত গণপণাদিবিষয়ক পত্র; পাকা দেখা। "ব.প ১২৯।]

নিরীখ দ্র 'নিরখ।' [নিরীখন (অপ্র)—নিরীক্ষণ, বিশেষ করিয়া দেখা; নির্ব্বাচন। "পদ্মফুল নিরীক্ষণ করি তুলে শূ ২৮।]

নিরীতি বিণ [নির্‌ (নাস্তি) ঈতি যাহার, বহুব্রী] অনাবৃষ্ট্যাদিরহিত। দ্র 'ঈতি'। "(নিরীতয়ঃ) প্রজাঃ রঘু ১.৬৩।

নিরীশ্বর বিণ [বহুব্রী] ১ ঈশ্বররহিত (বাদ)। ২ নাস্তিক।

নিরীহ বিণ [নির্গতা ঈহা যাহার, বহুব্রী [১ ঈহাশূন্য, চেষ্টারহিত। "°তা মহা ৩.২.৪৯; হি ১.১৯১। রঘু ১০.২৪। নিরীহ…জগন্নাথ

—ম ৮০০। ২ নিষ্ক্রিয়, নিস্পৃহ। "ভ ৩.৫.৫। ভ.গ্র ৩১৬। ৩ (বাঙলায়) শান্ত, অহিংসক, নির্ব্বিরোধ। "নিরীহ পক্ষীর শাপে।...অবিলম্বে মরিবে সবংশে ক.চ ১২৬।

নিরুক্ত বিণ [নির্+ √বচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ নিঃশেষে ব্যাখ্যাত। ২ কথিত। "নিরুক্তা প্রকৃতির্হ্যেষা (শ.ক)। ৩ প্রকাশিত। "ভ ৭.৯. ৪৮। —রুক্ত ক্লী [+ত-ভা] ১ নির্ব্বচন, ব্যুৎপত্তি। ২ পদভঞ্জন, পদবিভাগ (অ.চি)। ৩ [+ত-ধি, বাহুলকে] পদের অবয়বার্থ-নির্ব্বাচক যাস্কাদিকৃত গ্রন্থভেদ; বেদাঙ্গবিশেষ। 'শু ৪.৩.৪৪। ৪ যাস্ক-কৃত নিঘণ্টুভাষ্যগ্রন্থ। —রুক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সর্থ 'নিরুক্ত ক্লী (১)। "জরৎকারু° মহা ১.৪০.২। ২ অলঙ্কারবিশেষ (A.)। ৩ সর্থ 'নিরুক্ত (৪,—A.)। [°কার (পুং)—যাস্ক।]

নিরুৎসব বিণ [বহুব্রী] উৎসবহীন, নিরানন্দ। "রঘু ৮.৬৬।

নিরুৎসাহ বিণ [বহুব্রী] উৎসাহরহিত, নিরুদ্যম। "হি ২.৭।

নিরুৎসুক বিণ [প্রা.স] ১ অত্যন্ত উৎসুক, অত্যুন্মনাঃ, অতিব্যগ্র। ২ [বহুব্রী] উৎসুকহীন, ঔৎসুক্যরহিত, বিক্লব। "মমাপি...মৃগয়াং প্রতি নিরুৎসুকং চেতঃ (পাঠান্তর) শ ২৳। নিরুৎসুক চিত্তে।—কাদ ৭৭; ১১৩।

নিরুদক বিণ [বহুব্রী] উদকহীন, শুষ্ক। "পা ৬.২.১৮৪। ম ৩৮।

নিরুদ্দিষ্ট, -দ্দেশ বিং [উদ্দিষ্ট > °ষ্ট (নঞর্থে); '°শ' সাধু] উদ্দেশ-হীন, সন্ধানরহিত, ঠিকানাশূন্য। "দৈত্য হৈল নিরুদ্দেশ—কৃ ১৫৫। তাঁহার পত্নী বহুকাল নিরুদ্দিষ্টা ব.প্র ১৮৯।

নিরুদ্ধ বিণ [নি+ √রুধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতনিরোধ, কৃতগমনাদি-রোধ। "জামাতৃযজ্ঞেন বয়ং নিরুদ্ধাঃ।—উ.চ ১.১১। ২ নিভৃত, অবরুদ্ধ। "°বাতায়নমন্দিরোদর।—ঋতু ৫.২। নিরুদ্ধে নন্দিনা দ্বারে ক.সা ১.৪৬। ৩ নিবারিতপ্রচার (শঙ্কর)। "চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া গী ৬.২০। °করণাশয় ভ ১.১৩.৫৬। ৪ পরিব্যাপ্ত। "খগপাদক্ষতৈঃ পর্ণৈর্নিরুদ্ধম্ (বনম্) গো.রা ২.৯৮.৫। নিরুদ্ধং গগনং সর্ব্বং...মেঘৈঃ। —মহা ১৩.৩২.২৬। ৫ কলুষিত, গদ্‌গদ। "মাতরো বাষ্পনিরুদ্ধকণ্ঠ্যঃ গো.রা ২.১২৩.২৪। ৬ বন্দীকৃত।

নিরুদ্যম বিণ [বহুব্রী] উদ্যমহীন, নিরুদ্যোগ, উৎসাহহীন, জড়। "গো.রা ৪.৯.৪৯। মনু ৯.৩০২, কুল্লুক।

নিরুদ্বেগ বিণ [বহুব্রী] উদ্বেগহীন, নির্ভীক। "গোরা ২.৬৯.২৮।

নিরুপদ্রব বিণ [বহুব্রী] ১ উপদ্রবহীন, নিরাপদ্, নির্ব্বিঘ্ন। "গো.রা ৬.৮৪.১। ন হি সঞ্চয়বান্ কশ্চিদ্ দৃশ্যতে নিরুপদ্রবঃ মহা ৩.২.৪৮। নির্ধনঃ...নিরুপদ্রবঃ।—পঞ্চ ২.১২৩। ২ (জ্যোতিষে) উৎপাতরহিত। —দ্রব ব্য [অব্যয়ীভাব] উপদ্রবাভাব।

নিরুপপত্তি বিণ [বহুব্রী] উপপত্তিহীন, অপ্রমাণ।

নিরুপম বিণ [নির্ (নাস্তি) উপমা যাহার, বহুব্রী] উপমাহীন, অতুল, অনুপম। "নিরুপম (রাম) রা ২.৩৪.১। ভা চ ১৭৮।

নিরুপাধি, -ধিক বিণ [বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)] উপাধিরহিত, শুদ্ধ। "ভ ৮.১২.৮। চৈ ৬৫।

নিরুপাম বিং [সং °পম; দ্র 'অনুপাম'; অপ্র] অতুল। "গ ১১২।

নিরূঢ় বিণ [নি+ √রুহ্+ত (ক্ত)-ক] রূঢ়, প্রসিদ্ধ (শব্দার্থ)। বিপ 'যৌগিক'। "স্তোর্ন কাচিদথবাস্তি নিরূঢ়া সৈব সা চলতি যত্র হি চিত্তম্। —নৈ ৫.৫৭। —রূঢ় পুং [°ঢ়ি+অ (অচ্) অস্ত্যর্থে] নিরূঢ়িযুক্ত শব্দ; নিরূঢ়-লক্ষণায় অর্থবোধক শব্দ। যেমন, 'কলিঙ্গ সাহসিক'—'কলিঙ্গ' স্বার্থে দেশবিশেষে নিরূঢ় বা প্রসিদ্ধ; সাহস চেতনধর্ম্ম, অতএব 'কলিঙ্গ' শব্দ নিরূঢ়লক্ষণায় 'চেতনকলিঙ্গবাসী' অর্থের বোধক। —রূঢ়া স্ত্রী নিরূঢ়শব্দবোধিত লক্ষণাবিশেষ। —রূঢ়ি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ প্রসিদ্ধি। "চতসৃষপি...বিদ্যাসু নিরূঢ়িমাগতা (মতিঃ) কি ২.৬। ২ নিরূঢ়লক্ষণা। [°লক্ষণা (স্ত্রী) —সর্থ 'নিরূঢ়া'।]

নিরূপক বিণ [নি+ √রূপি+অক (ণ্বুল্)-ক] নির্দ্ধারক। —পণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ নির্দ্ধারণ, নির্ণয়, নিশ্চয়। "রূপ° ভ ৫. ৩.৪। কাব্যস্বরূপ° সা.দ ১৳। ত্যজিব জীবন এই মোর নিরূপণ। —ম ৫৩২। ২ আলোক, অবলোকন। ৩ বিচার। "অভিজনশুদ্ধি° মনু ৩.১৩০, কুল্লুক। ৪ [+অন-ণ] নিদর্শন। ৫ বিধান। "যুক্তাঃ শাস্ত্রোক্তৈশ্চ নিরূপণৈঃ মহা ৩.৭১.৩১। ৬ (বাঙলায়) ব্যবস্থা, বন্দোবস্ত। "পণে বুড়ি নিরূপণ, কাহনেতে চারি পণ ভা.চ ২৮৪। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ নির্দ্ধারিত, নির্ণীত। "ময়া নিরূপিত-স্তভ্যং পতিঃ ভ ৪.২৭.২৮। ২ বিচারিত। ৩ নিযুক্ত। "নিরূপিতো বালক এব যোগিনাং শুশ্রূষণে ভ ১.৫.২৩। ৪ প্রযুক্ত। "অস্ত্রাণি...নিরূপিতানি ভ ১.১৫.১৬। ৫ ধৃত। "ত্বয়াত্মনোঽর্দ্ধেঽহং...নিরূপিতা ভ ৪.৩.১৪।

নিরূহ বিণ [বহুব্রী] উহশূন্য, নিশ্চিত। —রূহ পুং [নির্+ √উহ্ +অ (ঘঞ্)-ভা] ১ বিতর্ক, তর্কণ। ২ নিগ্রহ, পরাভব। ৩ [+অ -ণ] বস্তি (enema)-ভেদ। 'কষায়ক্ষীরতৈলৈর্যো (বস্তি) নিরূহঃ স নিগদ্যতে (সারকৌমুদী)। —রূহ ব্য [অব্যয়ীভাব] উহাভাব, নিশ্চয়। —রূহণ ক্লী [অন (ল্যুট্)-ভা] ১ বিতর্কণ। ২ বস্তি দ্বারা মলনিঃসারণ।

নির্ঋণী বিং [ঋণী > °ণী (নঞর্থে), সং অঋণী; অপ্র] ঋণশূন্য। "নির্ঋণী হইল দ্বিজ।—ম ১০৫৪।

নির্ঋতি বিণ নিরুপদ্রব (শ.ক)। —তি পুং [ঋতি (মঙ্গল) হইতে নির্গত (প্রা.স), অথবা নিশ্চিত ঋতি (পীড়া) যাহাতে (বহুব্রী)—অ.টী; 'নির্ঋতি'—রক্ষোজাতিদেবতা (ঋগ্বেদ ১.৩৮.৬)] ১ মৃত্যু। "ভ ১.১৯.৪। ২ রাক্ষস। ৩ নৈর্ঋত-দিকের দিক্‌পাল। "মনু ১১.১১৯। দু ১১; ৭০। —তি স্ত্রী ১ অলক্ষ্মী। "সা (বাক্) হি লোকস্য নির্ঋতিঃ উ.চ ৫.৩০। ২ অধর্ম্মভার্য্যা। "মহা ১.৬৬.৫৪।

নিরেট, নিরেনব্বই, নিরেস দ্র 'নিরাট; নিরানই; নিরস[১]:

নিরোগী বিং [রোগী > °গী (নঞর্থে); হি, ঠ, গু °গী; সং নীরোগ; অপ্র] রোগহীন।

নিরোদ্ধব্য বিণ [নি+ √রুধ্+তব্য-র্ম্ম] ১ নিরোধার্হ, প্রতিরোধনীয়। ২ রক্ষণীয়। "মহা ১২.৮৬.১৫। — রোধ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ প্রতিবন্ধ, রোধ। ২ নিগ্রহ, নিয়ন্ত্রণ, সংযমন। "ইন্দ্রিয়াণাং নিরোধেন মনু ৬.৬০। ৩ লয়, নাশ। "যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ পা.দ ১.২। ৪ হনন, অন্তর্মুখভাবে অবস্থাপন। "অভ্যাসবৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ পা.দ ১.১২। ৫ সংস্তম্ভন। "অন্তশ্চরাণাং মরুতাং নিরোধাৎ কু.স ৩.৪৮। ৬ নিবারণ, নিষেধ। ৭ বন্ধন, কারাবরোধ। "সংবৎসর° মনু ৮.৩৭৫। ৮ পরি-বেষ্টন, আবরণ। —রোধন ক্লী [অন (ল্যুট্)-ভা] ১ সর্থ 'নিরোধ'। ২ কারাপ্রবেশন।

নিরোধ, নিরোধন দ্র 'নিরোদ্ধব্য'।

নিরোদ্ধার বিং [অপ্র] যাহা হইতে উদ্ধার নাই; অতিনিবিড়। "নিরোদ্ধার অন্ধেতে, বঞ্চিব কেমতে ম.পা ৫৩; ৭৫। ২ বন্দীকরণ। ৩ (বাঙলায়) পূজাসমাপ্তিপর্য্যন্ত দেবতাকে রাখা। "পূজা লাগি কথো কাল করে নিরোধন চৈ.চ ৩৪৯।

নির্গত বিণ [নির্+ √গম্+ত (ক্ত) -ক] ১ নিষ্ক্রান্ত, নিঃসৃত, বহি-র্ভূত। "নির্গতো গদাৎ (অ.কো)। ২ প্রস্থিত, প্রয়াত। "কার্য্যার্থং নির্গতম্ (ভর্ত্তারম্)। ৩ আবির্ভূত। "চিরনির্গতাপি কলিকা শ ৬.৪।

নির্গন্ধ বিণ [বহুব্রী] গন্ধহীন. সৌরভশূন্য। "নির্গন্ধ ইব কিংশুকাঃ। —চাণক্য। নির্গন্ধ-অপরাজিতা।—ন ৮৮৫।

নির্গন্ধন ক্লী [নির্+ √গন্ধ্ হিংসা+অন (ল্যুট্)-ভা] হিংসন।

নির্গম পুং [নির্+ √গম্+অ (ঘঞর্থে ক) -ভা] ১ নিক্রম, বহি-র্গমন। "রঘু ১১.৩। প্রবেশ জানিয়ে আমি না জানি নির্গম।—ম ৮৩৩; ১০১০। ২ অপগম, অপায়। "মধু° রঘু ১৯.৪৬। ৩ [+

অ-ণ] নির্গমনপথ, দ্বার। ৪ শ্বাসমার্গ, নাসাপুট। "ভ ৩.১৫.২৮। ৫ [+অ-খি] নির্গমনস্থান, রপ্তানীর জায়গা। "মনু ৮.৪০১। ৬ [বাঙলায়; অপ্র] দুর্গম, নিবিড়। "বড়ই নির্গম বন ম ৪২৩। —র্গমন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ সর্ব 'নির্গম (১)'। ২ প্রয়াণ, প্রস্থান। ৩ [অন-ণ] দ্বারী প্রতিহারী। [নির্গম গম্ভীর—অতিগভীর। "নির্গম গম্ভীর জলে ব.প ২৬৮। নির্গমে—১ ধূমোদ্গম বিনা; নির্ধূমে, স্থিরভাবে। "নির্গমে জ্বলে অগ্নি ধূম শিখা নাই ম.ম ১০৯। ২ নির্গত হয়। "ধূম সতত নির্গমে।—হেম ১২৮।]

নির্গমন দ্র 'নির্গম'।

নির্গুণ বিণ [বহুব্রী] ১ গুণহীন বিদ্যাশৌর্য্যরূপাদিশূন্য। "রা ২.৩৩.১১; নির্গুণম্…অপত্যম্ হি ৪৪ (কথারম্ভ)। নির্গুণ নির্গুণ জনে কৈল নিয়োজিত শি ১১৩। সকলে নির্গুণ কয় ভা.চ ১০৪। ২ সত্ত্বাদিগুণরহিত। "নির্গুণং গুণভোক্তৃ চ।—গী ১৩.১৪। নির্গুণস্য গুণাত্মনঃ ভ ১.১০.১৯। দ্র 'নির্গুণ (১)'। ৩ জ্যারহিত (ধনু)। —র্গুণ পুং ১ পরমাত্মা। ২ শিব। দ্র নির্গুণ (১)।

নির্গূঢ় বিণ [প্রা.স] অতিগূঢ়, সংবৃত। —ঢ় পুং বৃক্ষকোটর।

নির্গ্রন্থ বিণ [বহুব্রী] ১ নিবৃত্তগ্রন্থ, নিবৃত্তক্রোধাহঙ্কারগ্রন্থি, অবিদ্যাবন্ধনহীন। "ভ ১.৭.১০। চৈ.চ ২৩৩। মুনিগণ নির্গ্রন্থ।—চৈ ৪০। ২ 'গ্রন্থজ্ঞানহীন', মূর্খ। ৩ নির্ধন। "'নির্গ্রন্থ'-শব্দে কহে—ব্যাধ নির্ধন চৈ.চ ২৪১। ৪ অসহায়। —ন্থ পুং ১ দ্যূতকার। ২ ক্ষপণক, দিগম্বর। ৩ সংসারবিরাগী মুনিভেদ। —ন্থক পুং সর্ব 'নির্গ্রন্থ' (১-৩)। —ন্থিক পুং 'গ্রন্থিহীন, নগ্ন'; ক্ষপণক।

নির্গ্রন্থক, নির্গ্রন্থিক দ্র 'নির্গ্রন্থ'।

নির্গ্রাহ্য বিণ [নির্+গ্রহ্+য (ণ্যৎ)-র্ম] অববোধনীয়। "বিদগ্ধৈ-র্নিগ্রাহ্যো ন পুনরবিদগ্ধৈঃ উ.চ ৪.২১।

নির্ঘণ্ট পুং, ক্লী [নির্+√ঘণ্ট্ দীপ্তি+অ (অচ্)-ধি] ১ গ্রন্থের সূচীপত্র। ২ নিঘণ্টু। ৩ (বাঙলায়) তালিকা। "দা ৭৪১।

নির্ঘাত পুং [নির্+√হন্+অ (ঘঞ্)-ভা] ১ পবনাহত পবনের ভূমিতে পতনজন্য প্রচণ্ড শব্দ। 'যদান্তরীক্ষে বলবান্ মারুতো মরুতা-হত। পতত্যধঃ স নির্ঘাতো জায়তে বায়ুসম্ভবঃ॥—জ্যোতিষ। দ্র 'বৃহৎ-সংহিতা ৬৯.১। ২ অন্তরীক্ষজাত উৎপাতধ্বনিবিশেষ। "মনু ৪.১০৫। রঘু ৯.৬৪। যার শুনি রব লোক সব নির্ঘাত মানয় কৃ ১৯৮। ম ২৩; ১০৮। ম.বি ৪৯। ৩ বজ্রাঘাত; নিরভ্রবজ্রাঘাত (শ্রীধর)। "ভ ১.১৪.১৫। ৪ ঘূর্ণিবায়ু, বাত্যা। ৫ নিগ্রহ, শাসন "অহহ দারুণো দৈবনির্ঘাতঃ উ.চ ২৪। —র্ঘাত বিং ১ (বাঙলায়) বজ্রাঘাততুল্য; প্রচণ্ড। "শব্দ শুনিয়া নির্ঘাত ম ৫৪৩। ২ সাজ্যাতিক; মারাত্মক। "নির্ঘাত কিল শ্রী.মা ৪৬। নির্ঘাত আঘাত।—দা ১৩৯। নির্ঘাত চাপড় ম.ভা ৫৪। ৩ নিষ্ঠুর; কঠোর। "বচন নিরঘাত গো.বি ১৩৯, -৮৫। নির্ঘাতবাক্য।—ম ৩৬। নির্ঘাত উত্তর শ্রী.মা ৮৭। নির্ঘাত বাণী। —দা ২০৮১। ৪ দারুণ। "অকারণে মনে নির্ঘাত দুঃখ দেওয়া… বড়ই পাপ পা.প্র ১৫৫। ৫ নিশ্চিত লক্ষ্যঘাতক; অব্যর্থ। "(গায়ে বাটুল) মারে নির্ঘাত সন্ধান শ্রী.মা ১৩০। —র্ঘাত ক্রি.বিং ১ প্রচণ্ড আঘাতপূর্ব্বক। "নির্ঘাত কিলায় বি.পা ২৪০। ২ সুদৃঢ়, নীরন্ধ্র। "দ্বার ঘাটিল তাথে নির্ঘাত করিয়া বি.পা ৩০২। ৩ প্রচণ্ডবেগে। "(হাতুড়ি) মারিল নির্ঘাত।—শি ৭১; ১০৬। ৪ দারুণ। "অন্তরে বড় বাজিল নির্ঘাত।—শি ১১। ৫ প্রচণ্ড আঘাতপূর্ব্বক। "লোহার মুদগরে, আপন উদরে, নির্ঘাত হানে।—ম ১০৭

নির্ঘাতন ক্লী [নির্+√ঘাতি+অন (ল্যুট্)-ভা] যন্ত্রকর্ম্মভেদ। "সুশ্রুত ১.৭.১৩।

নির্ঘৃণ বিণ [বহুব্রী] ১ ঘৃণাহীন। ২ দয়াহীন, নির্দ্দয়। "(কামঃ) নির্ঘৃণং তপতি শ ৩.১২। উ.চ ১.৪৯।

নির্ঘোষ বিণ [বহুব্রী] ঘোষহীন, নিঃশব্দ। "নির্ঘোষম্ (ব্রহ্ম পরি-চিন্তয়েৎ) মহা ১৪.১৯.৩৬। —র্ঘোষ পুং [নির্+√ঘুষ্+অ (ঘঞ্) -ভা] ১ শব্দমাত্র। "হয়শিঞ্জিত° রা ২.৪০.১৯। রথ° মহা ৩.৭৩.৩; মেঘ° ১১। গম্ভীর° রঘু ১.৩৬; জ্যা° ৯.৬৪। ভারতী° উ.চ ৩।

নির্জন বিণ [বহুব্রী] জনহীন, বিজন। "নির্জনে বনে রা ২.৩৬.৭; মহা ৩.৬১.২৭। —র্জন ক্লী নির্জন স্থান; নিভৃত। "দুটি জন-প্রাণী. অসীম নির্জনে চ.কা ১১৯।

নির্জর বিণ [বহুব্রী] ১ জরারহিত, বার্দ্ধক্যহীন। "জীবশ্রেষ্ঠ নির্জর অমর।—হেম ১৩০। ২ জীর্ণতারহিত, অক্ষয়। —র্জর পুং দেবতা। "নির্জরের রাজা শ্রী.মা ১১। নির্জরাধিপতি ম.পা ২৮। ব.প ৮৪৮। শ্রী ১৪। শি ১২; ১৩। —র্জর ক্লী 'নির্জ্জিতজর', সুধা। —র্জরা স্ত্রী গুড়ূচী। —র্জরা বি [সং °র; অপ্র] দেবতা। "ম.পা ১; ২২,-৩; ১৪৫।

নির্জরা দ্র 'নির্জর'।

নির্জল বিণ [বহুব্রী] ১ নির্গতজল, জলহীন। "নির্জলেষু চ দেশেষু খানয়ামাসুঃ (উদপানান্) রা ২.৮০.১২। ২ জলভাগহীন, নীরস, শুষ্ক। ৩ জলমিশ্রণহীন। "তক্রং হ্যুদশ্বিন্ মথিতং পাদাম্ব্বর্দ্ধাম্বুনির্জলম্ (অ.কো)। ৪ (বাঙলায়) বিশুদ্ধ, খাঁটি। "কেমন নির্জল নিন্দা! কেবল আমার দোষ!—ন ৯৭০। —র্জল ক্লী জলশূন্য দেশ; মরু। "কোশক জনয়েদ্ রাজা নির্জলেভ্যো যথা জলম্ মহা ১২.১৩০.১৩। —র্জলা বিং [সং °ল] ১ জলহীন, খাঁটি (দুধ)। ২ অমিশ্র, শুদ্ধ। "যে স্ত্রীলোক স্বয়ং উপার্জ্জন করে,…তাহার নিকট স্বামীর নির্জলা মান পাওয়া ভার আ.দু ১০৮। [নির্জলৈকাদশী (স্ত্রী)—জ্যৈষ্ঠের শুক্লৈকাদশী।

'নির্জ্জান বি [সং নির্য্যাণ > প্রা ণিজ্জাণ; অসাধু] নির্ব্বাণ। "মহাবৃষ্টি হইল অগ্নি পাইল নির্জ্জান অ.প ১৯।

নির্জিত বিণ [নির্+√জি+ত (ক্ত)-র্ম] ১ সম্যক্ জিত; পরাজিত। "নির্জিতৈরাবতা গজাঃ।—কু.স ২.৫০। ২ বশীকৃত। "ভাবনির্জিত-চেতসা ভ ১.৬.১৭। লাবণ্যনির্জিতমনস্ ভা.চ ৬৩২। ৩ জয়লব্ধ। "প্রীতিং লপ্স্যসে বীর্য্যনির্জিতাম্।—রা ১.৬৯১০। দ্রৌপদীং…নির্জিতা-মর্জ্জুনেন মহা ১.১.১৪৫। ৪ প্রতিহত। "যে নির্জিতা বিঘ্নাঃ রা ১.৬৯.১১। —র্জিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] নির্জয়, পরাভব। "অনঙ্গ° (S.W.)। [নির্জ্জিয়া—পরাজিত করিয়া। "ব.প ১৩০৪।]

নির্জীব বিণ [বহুব্রী] ১ 'নির্গতজীব', জীবাত্মরহিত (দেহ)। ২ প্রাণ-হীন, মৃত, নিহত। "(সুতপুত্রম্) নির্জীবং কুরু পাণ্ডব। মহা ৪.২২.২৭। ৩ প্রাণহীন। ৪ (বাঙলায়) মৃততুল্য, অতিদুর্ব্বল।—বতা বি জীবন-রাহিত্য, প্রচেষ্টাহীনতা, নিরুদ্যমভাব, গতানুগতিকভাব। "এই নির্জীবতা ধরা পড়ে বাঁধা-নিয়মের নিশ্চেষ্ট অনুসরণ দ্বারা চা.পু ৬০।

নির্ঝর পুং [নির্+ঝৄ+অ (অপ্)-ণ (অ.টী)] ১ পর্ব্বত হইতে বেগে পতিত জলধারা; পর্ব্বতাবতীর্ণ-জলপ্রবাহ, ঝরনা। "রা ২.৪৮.১৪। °চয়।—রঙ্গ ৮২। ২ বারিপ্রবাহ। "গিরি°রা ২.২৮.৭; রঘু ২.১৩। ভাগীরথী° কু.স ১.১৫। ৩ সূর্য্যাশ্ব। ৪ তুষানল। —র্ঝরিণী স্ত্রী [দ্র 'নির্ঝরী' (পুং)] গিরিনদী; নদী। "ভূরিস্রোতসো নির্ঝরিণ্যঃ উ.চ ২.১৯; ম.চ ৫.৪০। চ.কা ২১৩। প.কা ৮৬। —রী[১] (-রিন্) পুং °র+ইন্ (ইনি)-১ব; স্ত্রী -রিণী] নির্ঝরবান্, পর্ব্বত। —রী[২] স্ত্রী ["র+স্ত্রী ঈ (ঙীষ্)] ১ নির্ঝর। ২ নদী। "জটাকটাহসম্ভ্রমভ্রমন্নিলিম্প° (শিবস্তব)।

নির্ঝরী[১], নির্ঝরী[২] দ্র 'নির্ঝর'।

নির্ণ(র্ন)ত বিণ [নির্+√নম্+ত (ক্ত)-ক] কৃশ, তনু। "নির্ণতোদরী রা ৩.১৮.১৫। নির্নতোদরী গো.রা ৩.২৪.১৩।

নির্ণয় পুং [নির্+√নী+অ (অচ্)-ভা] ১ নিশ্চয়, অবধারণ। "শৃণুত কর্ম্মযোগস্য নির্ণয়ম্ মনু ১২.২। সামর্থ্য°।—হি ২.১৫৭। বিন্ধিছে কি না বিন্ধিছে কে জানে নির্ণয়।—ম ১৯৪; ৪৩৭। ২ বিধি,

ব্যবস্থা। "দণ্ডপারুষ্য° মনু ৮.৩০১। কল্লিবে আসন দিব্য নির্ণয় যেমতে —ম ৭৩৯। ৩ গুণদোষনির্দ্ধারণ, বিবাদনিরাকরণ। "সর্ব্বজ্ঞস্তাপ্যেকাকিনো নির্ণয়াভ্যুপগমো দোষায়।—মা.মি ১২৭/৮। কার্য্য° যাজ্ঞ ২.১০। ৪ বিচার। —র্ণয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] নির্ণয়। —র্ণায়ক বিণ [+অক (ণ্বুল্)-ক] নির্ণয়কারক, নির্ণেতা। [°পাদ (পুং)—চতুষ্পাদ ব্যবহারের নির্ণয়াত্মক চতুর্থ সাধ্যসিদ্ধিপাদ। (দ্র 'উত্তরপাদ')। "যাজ্ঞ ২.৮।

নির্ণিক্ত বিণ [নির্+ √নিজ্+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রক্ষালিত, ধৌত। "অদ্ভির্নির্ণিক্তম্ মনু ৫.১২৭। তোয়নির্ণিক্তপাণি রঘু ১৭.২২। ২ অপনীতমল, শোধিত। ৩ অপগতপাপ, কৃতপ্রায়শ্চিত্ত। "মনু ১১.১৯০। —র্ণিক্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] প্রক্ষালন, শোধন। —র্ণেক পুং [+অ (ঘঞ্)-ভা] শুদ্ধি। "মনু ৫.১১৩।—র্ণেজক পুং [+অক ণ্বুল্) ক] 'শোধক', রজক। "চেল° মনু ৪.২১৬,-৯।

নির্ণীত বিণ [নির্+ √নী+ত (ক্ত)-র্ম্ম] নিশ্চিত, নির্দ্ধারিত, বিহিত। "ভ ২.১.১১। —র্ণেতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] ১ নিশ্চয়কারক, অবধারক। ২ বিবাদপদনির্ণায়ক। —র্ণেতা পুং বিচারক। —র্ণেয় বিণ [+য (যৎ)-র্ম্ম] অবধার্য্য।

নির্ণেক, -র্ণেজক ; নির্ণেতা, -র্ণেয় দ্র 'নির্ণিক্ত ; নির্ণীত'।

নির্দ্দণ্ড বিণ [বহুব্রী] দণ্ডহীন। "°ও শূদ্র উচ্যতে মহা ১২.১৫.৯।

নির্দ্দম বিং দম বন্ধ হয় এমন (প্রহার) ; রুদ্ধশ্বাস। "মেয়ে মানুষকে নির্দ্দম করিয়া রামকান্ত পেটা করিতে পারি।—নী ৪৯।

নির্দ্দয় বিণ [বহুব্রী] ১ দয়াহীন, নিষ্ঠুর। "রঘু ১১.৮৪। °দন্তদংশ গী.গো ১০.১১। ২ দুঃসহ। "°রতিশ্রমালসা রঘু ১৯.৩২। ৩ গাঢ, নিবিড়। "নির্দ্দয়াশ্লেষ উ.মে ৪৫। ৪ দয়ার যোগ্য নহে এমন; অ-দয়ার্হ। "মনু ৯.২৩৯।

নির্দ্দর বিণ [বহুব্রী] ১ দরহীন, নির্ভীক। ২ কঠিন। —র্দ্দর পুং [নির্+ √দৃ+অ (অচ্)-ক] দরী, গুহা। "গিরিনির্দ্দরবাসিনাম্ (সিংহানাম্) রা ২.২৮.৭। —র্দ্দর ক্লী সার।

নির্দ্দশ বিণ [নির্গত দশ যাহার, বহুব্রী, সমাসান্ত, 'অ' (ডচ্) ; স্ত্রী -শ] নির্গতদশাহ, অতিক্রান্তদশদিন। "নির্দ্দশং জ্ঞাতিমরণম্ মনু ৫.৭৭। যাজ্ঞ ১.১৭০। পশুর্নির্দ্দশঃ ভ ৯.৭.১০ ; ১১। —শাহ বিণ [বহুব্রী] নির্গতদশাহ। "অ°।

নির্দ্দহন বিণ [বহুব্রী] ১ দহনহীন, দাহহীন। ২ [প্রা.স] অতিদাহক। —হন পুং ভল্লাতক। —হন ক্লী মূর্ব্বালতা।

নির্দ্দাতা (-তৃ) পুং [নির্+ √দো+তৃ (তৃচ্)-ক-১ব] ১ ছেদক। "মনু ৭.১১০। ২ [+ √দৈ+তৃ-১ব] শোধক।

নির্দ্দায় বিং দায়রহিত। "নির্দ্দায় ফারগ পত্র E.P. 112.

নির্দ্দারিত বিণ [নির্+ √দারি+ত (ক্ত) -র্ম্ম] বিদারিত, নির্ভিন্ন। "ক্রূরনির্দ্দারিতাঙ্কঃ (নাগঃ) মাঘ ১৮.২৮।

নির্দ্দিষ্ট বিণ [নির্+ √দিশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতনির্দ্দেশ, উপদিষ্ট। "°কারী মহা ১৩ ১.৬৫, -৮। ২ প্রদর্শিত। "প্রথমানির্দ্দিষ্টং সমাস উপসর্জ্জনম্ পা ১.২.৪৩। ৩ কথিত। "রঘু ১.৯৫। ৪ শাস্ত্রোক্ত, বিহিত। "অ° মনু ৫.১১ ; °ফলভোক্তা ৭.১৪৪। —র্দ্দেশ পুং [+অ (ঘঞ্)-ভা] ১ শাসন, আজ্ঞা। "পিতুর্বচননির্দ্দেশাৎ।—রা ১.১.২৪ ; °পালন ২.২৪.১। ২ কথন। "প্রত্যয়ার্থনির্দ্দেশঃ কর্ত্তব্যঃ পা ৩.১.১৯, বার্ত্তিক। কুন্তধারিপুরুষ° সা.দ ২৭/৮। ৩ উপদেশ। ৪ প্রদর্শন। ৫ [+অ-র্ম্ম] ভৃতি, বেতন। "মনু ৬.৪৫। ৬ [+অ-ণ] প্রতিপাদক শব্দ; নাম, ব্যপদেশ। "ওঁ তৎ সদিতি নির্দ্দেশো ব্রহ্মণঃ গী ১৭.২৩। —র্দ্দেশক বিণ [+অক (ণ্বুল্)-ক] আদেশক ; প্রদর্শক। —র্দ্দেশ্য বিণ [+য (ণ্যৎ)-র্ম্ম] নির্দ্দেশার্হ, কথনীয়। "অ° গী ১৭.৩। মনু ১১.১৪৭।

নির্দ্দেশ, নির্দ্দেশক, নির্দ্দেশ্য দ্র 'নির্দ্দিষ্ট'।

নির্দ্দোষ বিণ [বহুব্রী] দোষহীন। "রা ৪.৮.৮। রঘু ১০.৭২। —ষী বিং [দোষী > °ষী (নঞর্থে) ; সং °ষ] নির্দ্দোষ। "ম ১২৩৫।

নির্দ্ধ(র্ধ)ন বিণ [বহুব্রী] ১ ধনহীন, দরিদ্র। "রা ২.৩৯.২৫। ২ গৃহীতসর্ব্বস্ব। "তং রাজা নির্ধনং কৃত্বা…প্রবাসয়েৎ।—মনু ৯.৯৬। —নী বিং [ধনী > °নী (নঞর্থে) ; সং °ন: অপ্র] দরিদ্র। "নির্দ্ধনী বা.ম ৩; নির্ধনী ৯৫ ; শ্রী.মা ১৯ ; বি.পা ৫৫। নির্দ্ধনী ম.পা ৬৭।

নির্দ্ধার পুং [নির্+ √ধারি+অ (অচ্)-ভা] ১ নিশ্চয়, নির্দ্ধারণ, নির্ণয়। " 'মনুষ্য নহে, ইহোঁ কৃষ্ণ'—করিল নির্দ্ধার চৈ.চ ১৯৭। চু ৫৯ ; ৬০। চৈ ১০৭। ন.প ৪৫। ভ.গ্র ১৩৩। —র্দ্ধার ক্রি.বিং নিশ্চিত। "আমি জানিয়ে নির্দ্ধার চৈ.চ ৩০১। বনে পাঠাইলা নির্দ্ধার ভ.গ্র ৭৫। —র্দ্ধারণ ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ নিশ্চয়, অবধারণ। ২ (ব্যাকরণে) জাতি গুণ সংজ্ঞা ও ক্রিয়া দ্বারা সজাতিসমুদায় হইতে একের পৃথক্করণ। 'পা ২.৩.৪১। —র্দ্ধারিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] নিশ্চিত, নির্ণীত, অবধারিত। —র্দ্ধার্য্য বিণ [+য (যৎ)-র্ম্ম] ১ নিশ্চেয়, অবধার্য্য, নির্ণেয়। ২ (ব্যাকরণে) সজাতিসমুদায় হইতে গুণাদি দ্বারা পৃথক্করণীয়। ৩ নিঃশঙ্ককর্ম্মচারী। ৪ [বাঙলায় ; অপ্র] নির্দ্ধারিত, স্থির। "লগ্নপত্র নির্দ্ধার্য্য করিল ব.প ৯৩৯।

নির্দ্বন্দ্ব বিণ [বহুব্রী] ১ দ্বন্দ্বরহিত, শীতোষ্ণাদিদ্বন্দ্বনির্গত, সুখদুঃখাদিসমবুদ্ধি। "গী ২.৪৫। ২ দ্বন্দ্বরহিত, অবিরোধ। "নির্দ্বন্দ্বং হৃদয়ম্ ক.সা ১৭.১৫০। ৩ পরস্পরসম্বন্ধরহিত। "মহা ১৪.১২.১।

নির্ধূত বিণ [নির্+ √ধূ+ত (ক্ত)-র্ম্ম] ১ বিকম্পিত। "নির্ধূতান্ বায়ুনা পদ্ম…পুষ্পসঞ্চয়ান্ রা ২.৯৫.১০। °পত্রশিখর ৫.১৪.১৫। ২ নাশিত, নিরস্ত। "জ্ঞাননির্ধূতকল্মষ গী ৫.১৭। নির্ধূতোঽধরশোণিমা গী.গো ১২.১৩। ভ ৪.১৭.২৯। বধনির্ধূতশাপস্য।—রঘু ১২.৫৭। ৩ অপনীত, অপাকৃত। ৪ ভর্ৎসিত। "নির্ধূতোঽস্মি বলীয়সা রা ৪.৮.৩২। ৫ নিঃসারিত। "(বিদুরঃ) রোষেণ ময়া পাপেন নির্ধূতঃ মহা ৩.৬.৮। ৬ ত্যক্ত। "নির্ধূতাত্মাত্মসাক্ষিণঃ যাজ্ঞ ২.৭৩। ৭ বিহিত। "রাজনির্ধূতদণ্ড মনু ৮.৩১৮। ৮ ক্ষিপ্ত। "তেজসা তস্য নির্ধূতঃ রা ৪.৬.২২।

নির্ধৌত বিণ [নির্+ √ধাব্+ত (ক্ত)-র্ম্ম] পরিমৃষ্ট, বিধৌত, পরিষ্কৃত। "°হারগুলিকাবিশদং হিমাম্ভঃ রঘু ৫.৭০।

নির্নাভি বিণ [প্রা.স] নিষ্ক্রান্তনাভি, অতিক্রান্তনাভি। "(সা) °কৌশেয়ং…অভ্যঙ্গনেপথ্যমলঞ্চকার কু.স ৭.৭।

নির্নিমেষ বিণ [বহুব্রী] অনিমেষ, পক্ষ্মপাতহীন। "নির্নিমেষে তোমায় হেরে।—শিশু ৩।

নির্ব্বংশ বিণ [বহুব্রী] বংশহীন, নিঃসন্তান। "নির্ব্বংশ করিতে তোরে রাম-অবতার।—কৃ ২৫৩। রাবণ নির্ব্বংশ হল ব.প ১৬২৯। —র্ব্বংশিয়া, -শে বিং [সং °শ ; দ্র 'ইয়া২, এ৭'] নিঃসন্তান, গালি। "°য়ার বিটি ব.প ১২৯। °শে পিশে শ্রী.মা ৮৫ ; °শের বেটা ৮৬।

নির্ব্বচ সর্ম্ম [সং নির্+ √বচ্ ; অপ্র] ১ ব্যাখ্যা করা ; বর্ণন করা। "নির্ব্বচিতে কোনখানে…সর্ব্বথা দোষের নাহি লেশ।—শি ৮২ ; ১১৩। ২ বুঝিতে পারা। "নরনাথ নাথবাক্য নির্ব্বচিতে নারে।—শি ৩৮। ৩ বাছিয়া লওয়া। "নির্ব্বচিলা নগরে নির্দ্দোষী এক প্রজা।—শি ৩৮।

নির্ব্বচন ক্লী [নির্+ √বচ্+অন (ল্যুট্)-ভা] ১ নিরুক্তি, ব্যুৎপত্তি। "মহা ৩.২৭.৩৭। ২ নির্ব্বর্ণন, ব্যাখ্যান, কথন। "যরি কত গুণ, কেবা পারে নির্ব্বচনে বা.দ ৫। ৩ [+অন-র্ম্ম] কিংবদন্তী, জনশ্রুতি। "মহা ৩.৩৩.৮২। —চন ক্রি.বিং বচনরহিত, তূষ্ণীম্। "মাল্যেন তাং নির্ব্বচনং জঘান কু.স ৭.১৯।

নির্ব্বন্ধ পুং [নির্+ √বন্ধ্+অ (ঘঞ্)-ভা] ১ আগ্রহ। "°পৃষ্টঃ স জগাদ সর্ব্বম্ রঘু ১৪.৩২। তথায় নির্ব্বন্ধ কর শয্যা করিবারে ম ৬০১।

নির্ব্বন্ধাতিশয়দর্শনে গী ১৮। ২ অভিনিবেশ। "অত এব খলু নির্ব্বন্ধঃ শ ৩৪। অবস্তুনির্ব্বন্ধপরা কু.স ৫.৬৬। ৩ প্রার্থনাতিশয়, পুনঃ পুনঃ প্রার্থনা। "°সপ্তাতরূষা (গুরুণা) রঘু ৫.২১। ৪ অভিশংসন। "গুরো-শ্চালীকনির্ব্বন্ধঃ গো.রা ২.৭৯.১৭; মহা ৫.৪০.৩; মনু ১১.৫৬। ৫ (বাঙলায়) অঙ্গীকার, সত্য। "তবে পূর্ব্ব নির্ব্বন্ধ কহিবা তাঁর স্থান। —কৃ ৯১। ৬ নিয়ম, বিধান, ব্যবস্থা। "নির্ব্বন্ধ করিয়া গেল ব্রহ্মার নন্দন। —ম ২২৯; বিধির নির্ব্বন্ধ ৫৬; ১১৯০। সেবার নির্ব্বন্ধ চৈ.চ ২২। ৭ ভবিতব্যতা, অবশ্যম্ভাবিতা। "দৈবের নির্ব্বন্ধ।—ম ৩৬৬; বা.ম ৫৪। অকস্মাৎ ঘটে আসি দৈবের নির্ব্বন্ধ শ্রী ১১। ৮ ফল। "কর্ম্মের নির্ব্বন্ধ। —ম ৪০৯। ৯ নিরূপণ। "আজুক মিলন-সময় নিরবন্ধ ব.প ১০৮২। ১০ বাঁধন। "সুবর্ণ নির্ব্বন্ধ ব.প ২৫৩। —ন্ধন বি [অপ্র] সর্থ 'নির্ব্বন্ধ (৭)। "দৈব-নির্ব্বন্ধন কৃ.উ ১২। —ন্ধিত বিং [অপ্র] নির্ব্বন্ধযুক্ত, নিয়ম-বদ্ধ। "আজি হৈতে নির্ব্বন্ধিত করহ সকল। নিশায় করিব সঙ্গে কীর্ত্তন-মঙ্গল॥—চৈ.ভা ২০৯। [°ন্ধ মরণ—দৈবনিরূপিত মৃত্যু। "ম.ম ১৯৫।]

নির্ব্বন্ধন দ্র "নির্ব্বন্ধ'।

নির্ব্বপণ ক্লী [নির্+বপ্+অন (ল্যুট্)-ভা] ১ প্রদান। "পিণ্ড° মনু ৩.২৪৮,-৬০। ২ অন্নাদিসংবিভাগ। "ভ ৫.১২.১২। ৩ [+অন-র্ম্ম] পিণ্ড। "দাতুং নির্ব্বপণং সম্যক্ মহা ১৩.৮৪.১৪।

নির্ব্বর্ণন ক্লী [নির্+√বর্ণ+অন (ল্যুট্)-ভা] দর্শন, আলোকন। —র্ণনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] দর্শনীয়, অবলোকনার্হ। "অনির্ব্বর্ণনীয়ং পরকলত্রম্ শ ৫২৮।

নির্ব্বর্ত্তক বিণ [নির্+√বর্ত্তি+অক (ণ্বুল্)-ক] সম্পাদয়িতা, সাধক, কারক। "দ্বীপবাস° ভ ৫.২০.১৮। —র্ব্বর্ত্তন ক্লী [+অন (ল্যুট্) -ভা] সম্পাদন, সাধন। —র্ব্বর্ত্তিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সম্পাদিত, সাধিত, কৃত। —র্ব্বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব, স্ত্রী -র্ত্তিনী] সর্থ 'নির্ব্বর্ত্তক'। "আত্মকার্য্যানির্ব্বর্ত্তিনী শ ৫২২। —র্ব্বর্ত্ত্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সম্পাদনীয়, সাধ্য; উৎপাদ্য।

নিবর্ব্বর্ত্তী(-র্ত্তিন্) দ্র 'নিবর্ব্বর্ত্তক'।

নির্ব্বল বিণ [বহুব্রী] বলহীন, অশক্ত। "নির্ব্বলের বল ধর্ম্ম।—ম ৫২০। চ.বি ৩০৯। —র্ব্বলী বিং [বলী > °লী (নঞর্থে); অপ্র] নির্ব্বল। "কাকে কল্য নির্ব্বলী ব.প ১৩০৮।

নির্ব্বহ সর্ম্ম [সং নির্+√বহ্+অ(অচ্) কর্ত্তৃবাচ্যে] নির্ব্বাহ করা; সমাপ্ত করা। "যজ্ঞ যেন নির্ব্বহিল পাণ্ডুর নন্দন অ.প ৪।

নির্ব্বহণ ক্লী [নির্+√বহ্+অন (ল্যুট্-ভা] ১ সমাপ্তি। "মাঘ ১৪.৬৩। ২ (নাটকে) প্রস্তুতকথাসমাপ্তি, আরব্ধকথানির্ব্বাহ, নিষ্ঠা। ৩ (নাটকে) উপসংহারনামক চরম সন্ধি; উপসংহৃতি। 'সা.দ ৬.৮০। "কার্য্যো নির্ব্বহণেঽদ্ভুতঃ সা.দ ৬.১০।

নির্ব্বাক্ বিং বাক্যহীন, মৌনী, নিঃশব্দ। "নির্ব্বাক্ নির্ম্মম,...শান্তি। —কা ২৩; নির্ব্বাক্ সিন্ধুতলে ৩৪। চেয়ে রব...দিগন্তের পারে, নিস্তব্ধ নির্ব্বাক চ.কা ২৯৫। নির্ব্বাক তিরস্কার ব.প্র ৭৩।

নির্ব্বাচ সর্ম্ম [সং নির্+√বচ্+নিচ্ অ (অচ্)] ১ নির্ব্বাচন করা; বাছিয়া লওয়া; বিচারপূর্ব্বক স্থির করা। "আপনি নির্ব্বাচি তাহা বলহ ম ৯৫২। নির্ব্বাচিয়া শ্রী.মা ১৭; অনেক রোদন ক'রে নির্ব্বাচিল এই ২৪। ভাল নির্ব্বাচিলে কি?—শি ২৭; কিছু °চিতে নারি ৮৯।

নির্ব্বাচক বিং [নির্ব্বাচ > °ক] যে বাছে; পদপ্রার্থীর নির্ণয়কারী (elector)। —চন বি বাছিয়া লওয়া; নির্দ্ধারণ, স্থিরীকরণ। —চিত বিং স্থিরীকৃত, নির্দ্ধারিত।

নির্ব্বাণ বিণ [নির্+√বা+ত (ক্ত)-ক, ত > ন (পা ৮.২.৫০)] ১ শান্ত, দীপ্তিরহিত (অগ্নি, প্রদীপ)। "নির্ব্বাণানলাত কু.স ২.২৩। নির্ব্বাণদীপে কিম্ তৈলদানম্ (সু.র)। °বৈরদহন।—বে ১.৭। ২ মোক্ষপ্রাপ্ত। "নির্ব্বাণো মুনিঃ (অ.টী)। ৩ অস্তগত (সূর্য্য)। ৪ কৃতমজ্জন। "নির্ব্বাণো হস্তী (শ.ক)। —র্ব্বাণ ক্লী [+ত-ভা] ১ অস্তগমন। ২ অন্তর্ধান। ৩ নিবৃ্তি, নিরতিশয় সুখ। "অয়ে লব্ধং নেত্রনির্ব্বাণম্ শ ৩৪। ৪ মোক্ষ, অপবর্গ। "আসন্ন° রঘু ১২.১। ৫ লয়। "ব্রহ্ম° গী ২.৭২। ৬ দীপ্তিরাহিত্য, তাপশান্তি। "°কালে দীপস্য মহা ৪.২২.২২। অপি নির্ব্বাণমায়াতি নানলো যাতি শীততাম্ হি ১.১৪০। কি ১৮.৩৯। ৭ বিনাশ। "°ভূয়িষ্ঠং বীর্য্যম্ কু.স ৩.৫২। ৮ গজমজ্জন, হস্তি-স্নান। "অনির্ব্বাণস্য দন্তিনঃ রঘু ১.৭১। ৯ বিশ্রান্তি। ১০ সমাপ্তি। ১১ অবসান। "অনির্ব্বাণো দিবসঃ শ ৩২৮। ১২ শূন্য। ১৩ নিশ্চল। ১৪ বিদ্যোপদেশন। ১৫ বিষ্ণু। [°ভূয়িষ্ঠ (বিণ)—নষ্টপ্রায়।]

নির্ব্বাত বিণ [নির্+√বা+ত (ক্ত)-ক] ১ নির্গত। "নির্ব্বাতো বাতঃ (সি)। ২ [বহুব্রী] নির্গতবাত, বায়ুশূন্য, বায়ুপ্রবাহহীন। "নির্ব্বাতমিব বায়ুনা (সদঃ) মহা ২.৩৬.৩৯। °নীড়গর্ভ।—হি ৩৪। নির্ব্বাতেব বনস্থলী রঘু ১৫.৬৬। নির্ব্বাত কালেতে যেন দহয়ে অনল। —ম ৮০৪। নির্ব্বাত তড়াগ স.শ ৮২। —র্ব্বাত পুং বায়ুসঞ্চারহীন দেশ। "নির্ব্বাতে ব্যজনম্ হি ২.১৬৪।

নির্ব্বাদ পুং [নির্+√বদ্+অ (ঘঞ্)-ভা] ১ নিন্দিতবাদ, পরীবাদ, অপবাদ, নিন্দা। "আত্মনির্ব্বাদকথা রঘু ১৪.৩৪। ২ নিশ্চিতবাদ। ৩ অবজ্ঞা। —র্ব্বাদ ব্য [অব্যয়ীভাব] বাদাভাব। [নির্ব্বাদে—নিরাপদে। "ম.পা ৬৮।]

নির্ব্বাপ পুং [নির্+√বপ্+অ (ঘঞ্)-ভা] ১ দান। ২ পিতৃ-লোকোদ্দেশে দান; পিতৃদান। "মহা ১৩.৮৭.১৭। ৩ ভক্ষণ (রা.টীকা)। "নির্ব্বাপার্থং পশূনাম্ রা ২.৯১.৭৯। ৪ [+অ-র্ম্ম] ভিক্ষা। "ব্রাহ্মণো গৃহীতনির্ব্বাপঃ সমায়াতঃ।—পঞ্চ ৫২২। ৫ বপনার্থ শস্যবীজ।

নির্ব্বাপণ ক্লী [নির্+√বপ্+ই (ণিচ্)+অন (ল্যুট্)-ভা] ১ মারণ, বধ। ২ দান। ৩ বপন, বীজবিকিরণ। "নীতিবীজ°—পঞ্চ ১৩২৯। ৪ [+√বা+ই (ণিচ্)+অন-ভা] নির্ব্বাণতাসাধন, নিবান। "দীপ° (তিথিতত্ত্ব)। ৫ উপশমন। "কর্ত্তব্যানি দুঃখিতৈর্দুঃখনির্ব্বাপণানি উ.চ ৩২৮। কাম° চৈ.চ ১১৫। —পয়িতা (-তৃ) বিণ [+তৃ (তৃচ্) -ক-১ব; স্ত্রী-ত্রী] সন্তাপহারক, নির্ব্বাপক। "স্মর এব তাপহেতু-র্নির্ব্বাপয়িতা স এব মে জাতঃ শ ৩.৮; শরীরনির্ব্বাপয়িত্রীঃ শারদীঃ জ্যোৎস্নাম্ ৩২৭। —পিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতনির্ব্বাপণ; উপশমিত। ২ উপ্ত। "নীতিবীজং নির্ব্বাপিতম্।—পঞ্চ ১৩২৩। —র্ব্বাপ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] কর্ত্তব্য। "যাজ্ঞ ২.৮৫।

নির্ব্বাপয়িতা দ্র 'নির্ব্বাপণ'।

নির্ব্বারিত বিং ১ অবারিত, অবাধ। "নির্ব্বারিত স্রোতে...দিশে দিশে কর্ম্মধারা ধায় চ.কা ৩৭৯। ২ উন্মুক্তদ্বার, অপাবৃত। "প্রভাতের...প্রত্যক্ষ কিরণ...নির্ব্বারিত করি দেয় ত্রিলোকের গীতের ভাণ্ডার।—কা ৪৪।

নির্ব্বাস বিং [অপ্র] ১ বস্ত্রহীন, উলঙ্গ। "নির্ব্বাস প্রহার করে ম.পা ৫৫। ২ গন্ধহীন। "ব.প্র ৫২।

নির্ব্বাসন ক্লী [নির্+√বাসি+অন (ল্যুট্)-ভা] ১ পুরাদি হইতে বহিষ্করণ; প্রব্রাজন। "গো.রা ২.১৫.৩৩। অষ্ট বর্ষ নির্ব্বাসন। —রবীন্দ্র। সীতানির্ব্বাসনপ্রতিজ্ঞা সী ৩২। ২ বধ, মারণ। ৩ বিসর্জ্জন। "(মোরে) কেন দিলে নির্ব্বাসন ভ্রাতৃকুল হতে?—কা ১৫৩। —র্ব্বাসিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] পুরাদি হইতে বহিষ্কৃত। —সনীয়, -স্য বিণ [+অনীয় (অনীয়র্),+য (যৎ),-র্ম্ম] পুরাদি হইতে বহিষ্কার্য্য। "°স্য মনু ৯.২৭৪; °নীয় (কুল্লুক)। °স্য যাজ্ঞ ২.১৪৫।

নির্ব্বাহ পুং [নির্+বহ্+অ (ঘঞ্)-ভা] ১ কার্য্যসম্পাদন, নিষ্পাদন সাধন। "যাবতা স্যাৎ স্বনির্ব্বাহঃ স্বীকুর্য্যাৎ তাবদেব তু (ত.বা)। ক্ষৌরকর্ম্ম-নির্ব্বাহ হইল চৈ.ভা ৩৬৬। ২ প্রতিপালন।

"নির্ব্বাহঃ প্রতিপন্নবস্তুষু সতামেতদ্ধি গোত্রব্রতম্।—মৃ ২.১৮। ৩ সমাপ্তি। ৪ যাপন। "দিনত্রয়নির্ব্বাহোচিত-ধন মনু ৪.৭, কুল্লুক। ৫ সাংসারিক-কার্য্যসাধন, সংসার চালান। একবৃত্ত্যানির্ব্বাহসম্ভবে মনু ৪.১৩ কুল্লুক। আহা মরি ঘুঁটে বেচি তোমার নির্ব্বাহ।—ভা.চ ২৩৪। চাষ ছাড়িয়া দিলে সংসার নির্ব্বাহ হওয়া দুষ্কর নী ৪৭। ৬ (বাঙলায়) নির্ণয়, নির্দ্ধারণ। "তার সঙ্গে হল তব সম্বন্ধ নির্ব্বাহ ব.প ৯৩৪,-৯। —হক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী -হিকা] নিষ্পাদক, সম্পাদয়িতা। "পক্ষাদিনির্ব্বাহকস্ত সূর্য্যস্য।—ঋগ্বেদ ৩.৫৩.১৬, সায়ণ। অঙ্গীকৃত° সা.দ ৩.৩২, টীকা। —হণ ক্লী [+ √বাহি+অন (ল্যুট্)-ভা] ১ সম্পাদন, নিষ্পাদন। "তপনমিশ্রের ঘরে ভিক্ষানির্ব্বাহণ চৈ.চ ৩৩; ১০৭; ২৭৫; ৩৩৮। ২ সমাপ্তি। ৩ (বাঙলায়) জীবিকার্জ্জন। "তাঁত বুনে হয়ে মাত্র দিননির্ব্বাহণ ভ.গ্র ২৪৬। —হী (-হিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] নিঃস্রাবী। "অধোভাগাশ্চোর্দ্ধভাগানির্ব্বাহিণঃ (ব্রণাঃ)—সুশ্রুত। [নিরবাহ—নির্ব্বাহ করে; নিষ্পাদন করে। "জ্ঞা ১৪১। নির্ব্বাহিল—১ যাপন করিল। "পঞ্চ দিন তথা নির্ব্বাহিল ব.প ৬১২। ২ সম্পাদন করিল; করিল। "দিন-কৃত্য নির্ব্বাহিল দশ সহস্র মারি ব.প ৬২০,-৫৭। ম.বি ২৫৯। খরচ-নির্ব্বাহ—ব্যয় করা। "সম্প্রতিএ বিবাহ,···বিনে খরচ-নির্ব্বাহ. হবে না।—দা ১৫৬৯।]

নির্ব্বিকল্প, -ল্পক বিণ [বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্)] ১ নির্গতবিকল্প, বিকল্পহীন, পক্ষান্তরশূন্য। ২ জ্ঞাতৃজ্ঞেয়াদি বিভাগশূন্য, ভেদবুদ্ধিবর্জ্জিত, জগৎ ও ব্রহ্মের তাদাত্ম্যজ্ঞানানুবন্ধী। বিপ 'সবিকল্প'। আত্মারামা বিহিতমতয়ো নির্ব্বিকল্পে সমাধৌ।—বে ১.২৩। [°সমাধি (পুং)—জ্ঞাতৃজ্ঞেয়াদিভেদহীন অদ্বিতীয় বস্তুতে তদাকার বুদ্ধিবৃত্তির একীভাবে অবস্থান।]

নির্ব্বিকার বিণ [বহুব্রী] ১ 'নির্গতবিকার', বিকারহীন, অন্যথাভাব-রহিত, একরূপ। ২ ভয়শোকক্রোধহর্ষাদিতে গম্ভীর বা অবিচলিত। দ্র 'সা.দ ৩.৫৩। ৩ হর্ষবিষাদশূন্য। "সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্ব্বিকারঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে গী ১৮.২৬। ৪ জন্মাদিষড়্ভাববর্জ্জিত (পরমাত্মা)। ৫ দ্বেষাদি-হীন। "মা.মি ৫.১৪। ৬ পক্ষপাতশূন্য। "ঋতু ২.২৮। ৭ দ্বৈধহীন। আমাদের রাজার মন বড় নির্ব্বিকার সী ১৯। —কার পুং পরমাত্মা।

নির্ব্বিচার বিণ [বহুব্রী] বিচাররহিত, ন্যায়শূন্য। —চার ক্রি.বিণ নির্ব্বিকল্পভাবে, বিনা বিচারে। "নির্ব্বিচারং গুরোরাজ্ঞা ময়া কার্য্যা গো.রা ২.২৩.১০।

নির্ব্বিচেষ্ট বিণ [বহুব্রী] বিচেষ্টাহীন, নিশ্চেষ্ট। "মহা ৩.৬৩.২৮।

নির্ব্বিণ্ণ বিণ [নির্+ √বিদ্+ত (ক্ত)-ক, পা ৮.৪.২৯, সি] ১ নির্ব্বেদ-যুক্ত; তত্ত্বজ্ঞান আপদ্ ঈর্ষ্যাদি হেতু আত্মাবমাননাযুক্ত। "বিশ্বামিত্রো ক্ষত্রভাবাৎ নির্ব্বিণ্ণো বাক্যমব্রবীৎ মহা ১.১৭৫.৪৫। নির্ব্বিণ্ণঃ শুচমেতি।—হি ১.১৪৩। ২ খিন্ন, বিষণ্ণ। "নির্ব্বিণ্ণ সনাতন লাগিল কহিতে চৈ.চ ২৮১। ৩ বৈরাগ্যযুক্ত, বিরক্ত। "নির্ব্বিণ্ণোঽহমত্র বাসেন (কাশিকা)। নির্ব্বিণ্ণ সেই বিপ্র চৈ.চ ১২৭।

নির্ব্বিনোদ বিণ [বহুব্রী] বিনোদহীন, নির্ব্যাপার। উ.মে ২৭।

নির্ব্বিন্ধ্যা স্ত্রী [প্রা.স] বিন্ধ্যনিষ্ক্রান্তনদীবিশেষ। "পূ.মে ২৮। কৈলা নির্ব্বিন্ধ্যাতে স্নানে চৈ.চ ১৩১।

নির্ব্বিবর বিণ [বহুব্রী] বিবরহীন, নিরন্ধ্র, নিরন্তরাল। "মাঘ ৯.৪৪।

নির্ব্বিবেক বিণ [বহুব্রী] বিবেকহীন, বিচারশক্তিরহিত। "°ত্ব ক.সা ৫.২৫। —বেকী বিং [বিবেকী > °কী (নঞর্থে); সং °ক] নির্ব্বিবেক। "নির্ব্বিবেকী নারী সে কেমন লু.র ১৪৯।

নির্ব্বিরোধী বিং [বিরোধী > °ধী (নঞর্থে); °'ধ' সাধু] বিরোধহীন। "ম ১০৯৮। ইহারা নির্ব্বিরোধী ব.প্র ১৭২।

নির্ব্বিশঙ্ক বিণ [বহুব্রী] ১ বিশঙ্কাহীন, নিঃসংশয়। "মনু ৭.১৭৬। ২ নির্ভয়, নিঃশঙ্ক। "ক্রিয়তাং নির্ব্বিশঙ্কেন গো.রা ৩.২৮.২৫। পঞ্চ ১৩১৩।

নির্ব্বিশেষ বিণ [বহুব্রী] ১ বিশেষরহিত, নির্ভেদ, সদৃশ, তুল্যরূপ। "অম্বরং সাগরং চোভৌ নির্ব্বিশেষমপশ্যত গো.রা ৫.৭৪.৩৪। উৎপল° কু.স ১.৪৬। ২ তুল্য, সম। "°প্রতিপত্তি রঘু ১৪.২২। ৩ সর্ব্বদা একরূপ (পরব্রহ্ম)। ৪ নির্গতাতিশয় (মল্লিনাথ), নির্গতভেদ। "সংবর্দ্ধিতানাং সুতনির্ব্বিশেষম্ (পাদপানাম্)।—রঘু ৫.৬। অপত্য-নির্ব্বিশেষে সী ১। —শেষ বা [অব্যয়ীভাব] বিশেষাভাব, অভেদ। "অত্র স্বগৃহনির্ব্বিশেষেণ স্থীয়তাম্ হি ১২১৩।

নির্ব্বিষ বিণ [বহুব্রী] নির্গতবিষ, বিষহীন। "নির্ব্বিষেণাপি সর্পেণ কর্ত্তব্যা মহতী ফটা।—পঞ্চ ৩.৮৫।

নির্ব্বিষয় বিণ [প্রা.স] ১ বিষয়নিষ্ক্রান্ত, নিরবকাশ। "রঘু ৯.৩২। ২ বিষয়নিষ্ক্রান্ত, অগোচর। "ত্বয়া মনোনির্ব্বিষয়ার্থকাময়া কু.স ৫.৩৮। ৩ বিষয়পরাঙ্মুখ (মনঃ)। ৪ লক্ষ্যহীন। "কিং চৈবং কাব্যং প্রবিরলবিষয়ং নির্ব্বিষয়ং বা স্যাৎ সা.দ ১৩। ৫ রাজ্যনিষ্কাশিত। "রা ২.১০৪.৪।

নির্ব্বিষ্ট বিণ [নির্+ √বিশ্+ত (ক্ত)-র্ম্ম] ১ ভুক্ত, উপভুক্ত। "°বিষয়স্নেহ রঘু ১২.১। [+ত-ক] ২ কৃতবিবাহ। ৩ কৃতাগ্নিহোত্র। ৪ প্রাপ্তবেতন। ৫ অনুপ্রবিষ্ট। "ভ ১.২.৩৩।

নির্ব্বীজ বিণ [বহুব্রী] ১ বীজহীন। ২ কারণরহিত। ৩ সমাধিভেদ "পা ১.৫১।

নির্ব্বীর বিণ [বহুব্রী] বীরশূন্য। "নির্বীরমুর্ব্বীতলম্ (মহানাটক)। —র্ব্বীরা স্ত্রী অবীরা স্ত্রী।

নির্ব্বীরা দ্র 'নির্ব্বীর'।

নির্ব্বৃত বিণ [নির্+ √বৃ+ত (ক্ত)-ক] ১ লব্ধসুখ, সুখী। "কমলবসতিমাত্র° শ ৫.১। ২ সুস্থিত, সুস্থ। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ সুখ, আনন্দ। "গো.রা ২.৬৯.১৬। ইষ্টসমাগম° রঘু ৯.৩৮। শ ৭.১৯। কু.স ৫.৫৫। শ্রী.মা ৮। কোথাও নির্ব্বৃতি নাই ভ.গ্র ১১৬; অ° ২১৬। নমো নমো বিশ্বেষের ভীষণা নির্ব্বৃতি।—কা ২৪। ২ সুস্থিতি, সুস্থতা। "হৃদয়স্য চ নির্ব্বৃতিঃ মহা ৩.৭৪.৩। তৎসুখং যত্র নির্ব্বৃতিঃ (S.W.)। ৩ মোক্ষ। ৪ মৃত্যু। ৬ অস্তগমন। [নির্বৃতিস্থান (ক্লী)—সুখাস্পদ। "শ ৭১২।]

নির্ব্বৃত্ত বিণ [নির্+ √বৃৎ+ত (ক্ত)-ক] ১ নিষ্পন্ন। "নির্ব্বৃত্তঃ স স্বয়ংবরঃ মহা ৩.৫৮.৪। কর্ম্ম° (ফল) রঘু ১৭.১৮। ২ [+ত-র্ম্ম, অন্তর্ভাবিতণ্যর্থ] নির্ব্বর্ত্তিত। "পা ৪.২.৬৮। —র্ব্বৃত্তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] ১ নিষ্পত্তি, সম্পাদন। "নাম° গো.রা ১.২৭.২২। যজ্ঞ° মনু ৩.২৩। ২ প্রাপ্তি। কর্ম্মণাং ফলনির্ব্বৃত্তিম্ মনু ১২.১। ৩ [বহুব্রী] বৃত্তিহীন, জীবিকারহিত।

নির্ব্বৃষ্ট বিণ [নির্+ √বৃষ্+ত (ক্ত)-ক] নিঃশেষে কৃতবর্ষণ। "নির্ব্বৃষ্টলঘুভির্মেঘৈঃ রঘু ৫.১৫।

নির্ব্বেদ পুং [নির্+ √বিদ্+অ (ঘঞ্)-ভা] ১ তত্ত্বজ্ঞান আপদ্ ঈর্ষ্যাদি হেতু স্বাবমাননা, অর্থাৎ আপনার প্রতি হেয়জ্ঞান; স্বাবমানন (অ.চি)। "পরিভবান্নির্ব্বেদমাপদ্যতে।—মৃ ১.১৪; হি ১.১৪৩। চৈ.চ ৭৯। °প্রকাশপূর্ব্বক।—কাদ ৬৬। [ইহা ব্যভিচারিভাববিশেষ। 'সা.দ ৩.১৪২।] ২ চিত্তখেদ, বিষাদ। "নির্ব্বেদং সমপদ্যত রা ১.৫৫.১০। ভ ৫.১৪.১৫। ৩ বৈরাগ্য। "গী ২.৫২। ৪ বিরক্তি। "সক্রোধনির্ব্বেদম্ উ.চ ৫১১৩।

নির্ব্বেশ পুং [নির্+ √বিশ্+অ (ঘঞ্)-ভা] ১ ভোগ, উপভোগ। "কৃত° ভ ৬.২.৭। ২ বিবাহ। ৩ মূর্চ্ছন। ৪ পরিশোধন। "ভর্ত্তুঃ পিণ্ডস্য নির্ব্বেশং কর্ত্তুমিচ্ছামি গো.রা ৩.৩৩.২৫। ৫ [+অ-র্ম্ম] বেতন। —শনীয় বিণ [+অনীয় (অনীয়র্)-র্ম্ম] ভোগ্য। "নেত্র° রঘু ১৮.৫২।

নির্বৈর বিণ [বহুব্রী] নির্গতবৈর, দ্বেষশূন্য। "গী ১১.৫৫।

নির্ব্ব্যথন ক্লী [নির্+ √ব্যথি+অন (ল্যুট্)-ভা] ১ অত্যন্ত ব্যথন ; নিপীড়ন। ২ [+অন-ণ] ছিদ্র, রন্ধ্র।

নির্ব্ব্যপেক্ষ বিণ [বহুব্রী] ব্যপেক্ষাহীন, নিস্পৃহ। "দর্ভাঙ্কুরনির্ব্ব্যপেক্ষ রঘু ১৩.২৫।

নির্ব্ব্যাপার বিণ [বহুব্রী] ১ ব্যাপারশূন্য, নিরর্থক। "°স্থিতৌ …ক্ষণঃ (অ.কো)। ২ কার্যবিরত। "রঘু ১৫.৫৬। —র ব্য [অব্যয়ী-ভাব] ব্যাপাররাহিত্য, নিস্পন্দতা। "°বিলক্ষিত উ.চ ৬$\frac{২}{১}\frac{৪}{৫}$।

নির্ব্ব্যূঢ় বিণ [নির্-বি+ √বহ্+ত (ক্ত)-র্ম্ম] ১ ত্যক্ত (শ.ক)। ২ নিষ্পাদিত, সমাপ্ত। "°দুর্ব্বহপ্রতিজ্ঞাভার বে ৬$\frac{২}{১}\frac{২}{২}$। ৩ প্রতিপাদিত, সপ্রমাণীকৃত। ৪ [+ত-ক] উপচিত, বৃদ্ধিপ্রাপ্ত। "°সৌহৃদভরা মা.মা ৬.১৭। ৫ অপ্রতিবন্ধ, যথেষ্টবিনিয়োগার্হ ; স্থির (শ.ক)। "স্ত্রীণাং পতিপুত্রাদিধনে ন নির্ব্ব্যূঢ়ং স্বত্বম্ (দায়ভাগ)। ধনসম্পত্তিতে পিতারই নির্ব্ব্যূঢ় স্বত্ব পা.প্র ১৬৮।

নির্ভয় বিণ [বহুব্রী], ১ ভয়রহিত। "রা ২.২২.৯। ২ চৌরাদিভয়রহিত। "নির্ভয়ম্…রাষ্ট্রম্ মনু ৯.২৫৫।

নির্ভর বিণ [নিঃশেষে ভর যাহাতে, বহুব্রী] ১ নিঃশেষে ভারযুক্ত ; অতিমাত্র, নিতান্ত। ২ নিবিড়। "অভ্যর্ণে পরিরভ্য নির্ভরমুরঃ গী.গো ১.৪৯। ৩ গাঢ়, গভীর। "°নিদ্রাসুখিনা (পান্থেন)।—হি ৩$\frac{২}{২}\frac{৩}{৪}$। ৪ আকুল। "ক্ষুভিতবাষ্পোৎপীড়° উ.চ ৭$\frac{৩}{৪}$। নির্ভর আবেশে চৈ.ম ৯১। চৈ.ভা ৩২০। ৫ তীব্র, প্রচণ্ড। "স্মরপরবশ গী.গো ১২.১। ৬ পূর্ণ। "প্রেমনির্ভরয়া গিরা ভ ৯.১৮.২০। অমর্ষ°, অমৃত°, হর্ষ° (কু.স)। ৭ পরি-ব্যাপ্ত। "জ্যোৎস্নানির্ভরে রাত্রিমধ্যে।—ক.ম ৩.৭। ৮ (বাঙ্লায়) সমাবিষ্ট। "চলিতে না পারে—প্রেমে ভৈ গেল নির্ভর চৈ.ম ১২৩। —র্ভর ক্রি.বিং একান্তভাবে, সস্পৃহভাবে। "(প্রভুর রূপ) একদৃষ্টে পান সভে করেন নির্ভর চৈ.ভা ৩৬৫। [নির্ভরে —১ তীব্রবেগে। "নির্ভরে বাজিল গিয়া লক্ষ্মণের বুকে।—ম ৫৫৭ ; ৬৮৪। চৈ.ম ১১৪। ২ সাংঘাতিকভাবে। "নির্ভরে …মারিল কামড় শি ৭৯।]

নির্ভর্ৎসন ক্লী [নির্+ √ভর্ৎস+অন (ল্যুট্)-ভা] ১ তিরস্কার ; ভর্ৎসনা। "মাঘ ১৫.৮৭। ২ অভিনব। [+অন-ণ] অলক্তক। —সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ তিরস্কৃত, পরাভূত। "অশোকনির্ভর্ৎ-সিতপদ্মরাগ কু.স ৩.৫৩। ২ নিন্দিত, ধিক্কৃত (শ.ক)।

নির্ভাত বিণ [নির্+ √ভা+ত (ক্ত)-ক] অতিদীপ্ত। "ভ ১.১১.২০।

নির্ভিন্ন বিণ [নির্+ √ভিদ্+ত (ক্ত)-র্ম্ম] ১ খণ্ডিত, বিচ্ছিন্ন। ২ [+ত-ক] আবির্ভূত। "°হৃদয়াবেগ উ.চ ৬$\frac{৭}{৪}\frac{০}{১}$।

নির্ভীক, -ভীত বিণ [নির্গত ভী ভীত (ভয়) যাহা হইতে, বহুব্রী, সমাসান্ত 'ক' (কপ্) ; স্ত্রী -কা. -তা] নিঃশঙ্ক, নির্ভয়। "°তা রা ২.২৭.১৮। °ত ভ ৪.১৮.১। সমরে নির্ভীত।—ম ৭৬৩। নির্ভীতগতি শ্রী.ম ২১৩। নির্ভীক প.তৃ ৪।

নির্ভেদ পুং [নির্+ √ভিদ্+অ (ঘঞ্)-ভা] ১ ভেদন, খনন। "পৃথিব্যাশ্চাপি নির্ভেদঃ রা ১.৪০.৪। ২ খণ্ডন, ছেদন।

নির্ম্ম দ্র 'নিরম'।

নির্ম্মক্ষিক ব্য [অব্যয়ীভাব] ১ মক্ষিকার অভাব। ২ মক্ষিকাশূন্য ; একান্ত নির্জন দেশ। "কৃতং ভবতা নির্ম্মক্ষিকম্ শ ২$\frac{৭}{৮}$।

নির্ম্মঞ্ছন বি [দ্র 'নিছনি১'] সর্থ 'নিছনি১'।

নির্ম্মঞ্ছ সর্ম্ম [নির্ম্মঞ্ছ > °ঞ্ছ, দ্র 'নিছ'] সর্থ 'নিরমঞ্ছ'। "নানারত্ন' নির্ম্মঞ্ছিয়া পেলে।—জ ৫২। নির্ম্মঞ্ছয়ামি বিধুভির্মুখবিম্বমস্ত চৈ ২১৬। ২ [সং √মঞ্জ্ (চু.প)—মার্জ্জন ; নির্+ √মঞ্জ্ > নির্ম্মঞ্জ্ > বা °ঞ্ছ ; অথবা সং √মৃজ্ > প্রা √মজ্জ, *মংজ > মঞ্জ (?)] মার্জ্জনা করা ; মুছান। "গোবর্দ্ধন হৈতে সবে নির্গত হইয়া। প্রাণাধিক নির্ম্মঞ্ছল কৃষ্ণমুখ চায়া ব্র.প ৯৩। তু 'ঘর্ম্মস্থ বিন্দোঃ কণং নির্ম্মঞ্জ্য ; পাদরজাংসি…নির্ম্মঞ্ছয়ামি ব্র.প ৯৩।

নির্ম্মঞ্ছন বি [নির্ম্মঞ্ছ+অন ; তু 'নেওছন (বি.সা ৩১৫)] ১ নীরা-জন, বরণ। "°সজ্জা : বিশ্বম্ভরনির্ম্মঞ্ছন করে নারীগণ চৈ.ম ৭১ ; °সজ্জ ৮৪। করি নির্ম্মঞ্ছন, নিছিয়া ফেলিল পান ব.প ৪১৯। জম্বু, মীন-কেতন, করু নির্ম্মঞ্ছন, চরণে দেই দশ চন্দ জ.প ৪। নির্ম্মঞ্ছন করে তাঁর সবে করে পূজা।—কৃ ৪৬। ম ১১২৩ ; কর্ণের নন্দনে, বসাল্য আসনে, নির্ম্মঞ্ছন করিলেন সুখে ১১২৪। ২ নীরাজনদ্রব্য। "প্রাণরাজ্য করে। প্রভুপদে নির্ম্মঞ্ছন চৈ.চ ৩০৯। ৩ সর্থ 'নিছনি১'। "বুড়ী বলে ললিতার যাঙ নির্ম্মঞ্ছন চৈ ৪৯। [শব্দকল্পদ্রুমে 'নীরাজন' শব্দের অর্থ 'নির্ম্মঞ্ছন' আছে ; কিন্তু উহা মূলশব্দরূপে ধৃত হয় নাই, উহা সংস্কৃত নহে।]

নির্ম্মৎসর বিণ [বহুব্রী] নির্গতমৎসর, ঈর্ষ্যাশূন্য। "ভ ১.১.২। ভ.গ্র ১৯৪ ; ৪১০।

নির্ম্মথন ক্লী [নির্+ √মথ্+অন (ল্যুট্)-ভা] ১ অতিমন্থন। "অপ্সু নির্ম্মথনাৎ রা ১.৪৫.৩৩। ২ নির্ঘর্ষণ। "কাষ্ঠনির্ম্মথনাদগ্নিং জনয়িত্বা গো.রা ৩.৭৫.৫০। ভ ৯.১৪.৪৬। ৩ প্রণাশন, সংক্ষয়। "পৃতনা° উ.চ ৫.৮।

নির্ম্মদ বিণ [বহুব্রী] ১ নির্গতমদ, অপ্রমত্ত, অগর্ব্ব। "মহা ৩.৯৯.৬৬। ২ মদবারিহীন (হস্তী)। ৩ হর্ষশূন্য।

নির্ম্মন্থন ক্লী [নির্+ √মন্থ্+অন (ল্যুট্)-ভা] ১ অতিমন্থন, বিলোড়ন। ২ বিহিংসন, প্রণাশন। ৩ কাষ্ঠসংঘর্ষণ। "নির্ম্মন্থনাদগ্নিঃ। —অত্রি ৩৫৬। —র্ম্মন্থ্য ক্লী [+য (ণ্যৎ)-র্ম্ম] অগ্নিজননার্থ ঘর্ষণীয় দারু ; অরণি।

নির্ম্মম বিণ [নির্গত মম যাহা হইতে, বহুব্রী] ১ যাহা হইতে 'মম' (মমতা) নির্গত ; মমতাশূন্য। "গী ২.৭১। ভ ১.১৫.৪০। নির্ম্মম, …শান্তি।—কা ২৩। ২ নিস্পৃহ, বিতৃষ্ণ। "নির্ম্মমোঽর্থেষু রঘু ১৫.২৮। [°তা (স্ত্রী), °ত্ব (ক্লী)—নির্ম্মমভাব, নিস্পৃহতা।]

নির্ম্মর্য্যাদ বিণ [প্রা.স] ১ মর্য্যাদানিষ্ক্রান্ত, সীমাতীত। ২ উৎপথবর্ত্তী, উচ্ছৃঙ্খল। "রা ২.১০৯.৩। মহা ৩.১৫.৩২। ৩ অবিনীত, অশিষ্ট। "°দঃ স নো বীরঃ গো.রা ৩.৪১.১২। ৪ মার্গচ্যুত, পর্য্যাকুল। "নির্ম্মর্য্যাদ-মিমং লোকং করিষ্যামি গো.রা ৩.৬৯.১৯।

নির্ম্মল বিণ [বহুব্রী] ১ নির্গতমল, মলহীন। ২ বিশদ, মার্জ্জিত। "নির্ম্মলাভিশ্চ মুক্তাভিঃ মহা ১৩.৮১.২৪। ৩ প্রসন্ন, স্বচ্ছ। °সলিলকণ সী ১০। ৪ নিষ্কলুষ, অপাপ। "মনু ৮.৩১৮। ৫ নির্দ্দোষ, অকলঙ্ক। "(রাম) শশাঙ্ক ইব নির্ম্মলঃ (রা)। নির্ম্মল সঙ্গীত।—শি ১১৩। ৬ প্রকাশবহুল। "সাত্ত্বিকং নির্ম্মলং ফলম্।—গী ১৪.১৬। ৭ (বাঙ্লায়) সুস্পষ্ট, বেশ। "সূত্রের অর্থ বুঝিয়ে নির্ম্মল চৈ.চ ১০৩। —র্ম্মল ক্লী অভ্রক।

নির্ম্মলী বি [হি, ঠ °লী] জলনির্ম্মলীকরণ কতকফল ; কতফল।

নির্ম্মা দ্র 'নিরম'।

নির্ম্মাণ ক্লী [নির্+ √মা+অন (ল্যুট্)-ভা] ১ রচনা। "বিচিত্র-নির্ম্মাণ দিল শঙ্খ।—কৃ ৩৬৫। বিচিত্র নির্ম্মাণ তাড় ব.প ৯০৯। শঙ্খের …নির্ম্মাণের ঘটা শি ৯৯। ২ সৃষ্টি, নির্ম্মিতি। "°দক্ষ ভট্টি ১.৬। ৩ পরিচ্ছেদ। "যতশ্চাধ্বকালনির্ম্মাণম্ পা ১.৪.৩০, বার্ত্তিক, সি। ৪ [+অন-ণ] পদার্থ। "°ভাগ উ.চ ৪$\frac{৩}{৪}$; জগৎপুণ্যনির্ম্মাণরাশি ৬.৯। ৫ [+অন-র্ম্মা] আকার, মূর্ত্তি। "ভিত্তৌ বা সদৃক্ষমীদৃশস্য নির্ম্মাণস্য উ.চ ৪$\frac{২}{২}\frac{০}{১}$। চিত্রনির্ম্মাণাৎ রমণীয়নির্ম্মাণাঃ রঘু ১৮.৫৩, মল্লিনাথ। জয়াবিজয়া-নির্ম্মাণ।—দু ১০। প্রকাণ্ড নির্ম্মাণ চ.বি ২৩৩। মরি সে কিশোরীমূর্ত্তি ! কৌমুদী-নির্ম্মাণ।—ন ৯৫৯। সাগরচরেতে যেন বালির নির্ম্মাণ।—হেম ৭। ৬ সার। ৭ সমঞ্জস। —র্ম্মাতা(-তৃ) বিণ [+তৃ (তৃচ্)-ক-১ব ; স্ত্রী -ত্রী] নির্ম্মাণকর্ত্তা, স্রষ্টা, রচয়িতা। "বা.ম ৫৭।

নির্মায়িনী বি [অপ্র] নির্মাণকর্ত্রী, স্রষ্ট্রী। "বিশ্ব° ক.চ ১০৪।
নির্মায়ী (-য়িন্) বিং [মায়ী > °য়ী (নঞর্থে) ; অপ্র] মায়া-রহিত। "নির্মায়ী নির্মোহ তুমি।—ম ১১০০।
নির্মালি বি [সং °ল্য (ল্য > লি, দ্র 'ই')] নির্মাল্য। "কু.কে ২২।
নির্মাল্য ক্লী [নির্ + √মল্ + য (ণ্যৎ)-র্ম্ম] দেবতাকে দত্ত ও বিসর্জ্জনোত্তর উচ্ছিষ্ট দ্রব্য ; দেবোচ্ছিষ্ট দ্রব্য—পুষ্পাদি। 'অর্ব্বাক্ বিসর্জ্জনাদ্ দ্রব্যং নৈবেদ্যং সর্ব্বমুচ্যতে। বিসর্জ্জিতে জগন্নাথে নির্মাল্যং ভবতি ক্ষণাৎ ॥ "নির্মাল্যোজ্ঝিতপুষ্পনিকরে কা ষট্পদানাং রতিঃ।—শৃ ১০। প্রভুর নির্মাল্য সদা করিব ভক্ষণ।—জ ১৯। অশোক নির্মাল্য-শেষ কু.কে ৪০।
নির্মিত বিণ [নির্ + √মা + ত (ক্ত)-র্ম্ম] ১ কৃতনির্মাণ, রচিত, কৃত। "হি ৩.৬। ২ সৃষ্ট। ৩ ঘটিত, কৃত। "বিধেশ্চৈব ভাবিত্বাদ্দৈব-নির্মিতাৎ মহা ৩.১১০.৩৭। —র্মিতি স্ত্রী [+ তি (ক্তিন্)-ভা] নির্মাণ, রচনা। "°শ্রী মাঘ ৩.৫৮। নবরসরুচিরাং নির্মিতিম্ কা.প্র ১.১। শালভঞ্জী কাহার নির্মিতি ক.চ ২৭।
নির্মুক্ত বিণ [নির্ + √মুচ্ + ত (ক্ত)-র্ম্ম] ১ বিযুক্ত, বিরহিত। "হিমনির্মুক্তয়োঃ···চিত্রাচন্দ্রমসোঃ রঘু ১.৪৬। ২ বন্ধশূন্য, অপরিগ্রহ। ৩ সঙ্গরহিত। ৪ মুক্তকঞ্চুক, খোলোষ-ছাড়া (সর্প)। "নির্মুক্তেব হি পন্নগী রা ২.৪৩.২। —র্মুক্তি [+ তি (ক্তিন্)-ভা] মোচন, ত্যাগ। "শাপ° ক.সা ৫.১৩১।
নির্মূল বিণ [বহুব্রী] ১ মূলরহিত (বৃক্ষাদি)। "বৃক্ষান্ নির্মূলান্ মহা ৫.৭৫.৮। ২ অমূলক, ভিত্তিহীন। ৩ উৎসাদপ্রাপ্ত, বিধ্বস্ত। ৪ (বাঙ্‌লায়) অনাদি মহাবিষ্ণু। "অম্বুলের পুত্র সেটা নির্মূলের নাতি শি ১১। ["নির্মূল"—'মহাবিষ্ণু', তাঁহার পুত্র অম্বুল, অর্থাৎ 'তমোগুণ', তাহার পুত্র 'শিব' (দ্র 'সৃষ্টির দেবতা'—শি ৭)।] —লন ক্লী [√নির্মূলি + অন (ল্যুট্)-ভা] নির্মূলীকরণ, উৎপাটন।
নির্মৃষ্ট বিণ [নির্ + √মৃজ্ + ত (ক্ত)-র্ম্ম] নিঃশেষে মৃষ্ট ; প্রোঞ্ছিত। "নির্মৃষ্টরাগোঽধরঃ সা.দ ২৲২।
নির্মোক পুং [নির্ + √মুচ্ + অ (ঘঞ্)-ভা] ১ মোচন, ত্যাগ। ২ [+ অ-র্ম্ম] সর্পত্যক্ত চর্ম্মকোষ ; কঞ্চুক, খোলোষ। "গো.রা ২.৯১.১২। বিষ্ণু ১.৩৭। °পটাঃ রঘু ১৬.১৭। ৩ (সাদৃশ্যে) কবচ, সাঁজোয়া। "স্ব.প্র ১৫৯। ৪ আকাশ। ৫ চর্ম্মমাত্র। "মৃগনির্মোকবসন মহা ১৩.১৪১.১০২।
নির্মোক্ষ পুং [প্রা.স] নিঃশেষে মোক্ষ ; বিমুক্তি। "ঋণ° রঘু ১০.২।
নির্মোহ বিণ [প্রা.স] মোহনিষ্ক্রান্ত, মোহবর্জ্জিত, অবিবেকরহিত। "গী ১৫.৫। ম ৭৪৩।
নির্যশস্ক বিণ [বহুব্রী] 'নির্গতযশাঃ', যশোহীন। "মহা ৩.৯৪.১৩।
নির্যাণ ক্লী [নির্ + √যা + অন (ল্যুট্)-ভা] ১ নির্গমন, নিষ্ক্রমণ। ২ অধ্বনির্গম। ৩ নিঃসরণ। ৪ প্রাণবায়ুনিঃসরণ, মরণ। "নির্যাণং কুম্ভকর্ণস্য গো.রা ১.৪.১১১। সৈন্যের নির্যাণ অ.প ১৫,-৭। শ্রী.ম ৩১৮। চৈ.চ ৩১৯। ব্র.প ৪৭। ৫ নির্ব্বাণ। ৬ [+ অন-ণ] হস্তীর অপাঙ্গদেশ। "মাঘ ৫.৪১। ৭ পশুর পাদবন্ধনরজ্জু। "মাঘ ১২.৪১। —র্যাত বিণ [+ ত (ক্ত)-ক] ১ নিঃসৃত ; অন্তর্হিত। ২ প্রস্থিত। "রা ১.১৩.৩৯। —র্যাপণ ক্লী [+ √যাপি + অন-ভা] নিঃসারণ। "স্থানান্নির্যাপণম্ ভ ১.৭.৫৭। [নির্যাপিব—নির্যাপণ করিব ; কাটাইব। "ম.বি ১৬০।]
নির্যাতন ক্লী [নির্ + যাতি + অন (ল্যুট্)-ভা] ১ বৈরশুদ্ধি, শত্রুতা-সাধন। "বৈরনির্যাতনসক্তা।—সী ১১। ২ প্রতীকার। ৩ প্রতিদান। ৪ দান, অর্পণ। "মণি° রা ১.৩.৩৪। ৫ ন্যস্তদ্রব্যের সমর্পণ ; ন্যাসার্পণ। ৬ ঋণশুদ্ধি, ঋণশোধ। "পা ১.৩.৩৬, কাশিকা। ৭ (বাঙ্‌লায়) পরিভব, অবমাননা। "সহ্নি তরে স্বয়ং কৃষ্ণ সহি নির্যাতন।—ম ১০৬৬। —র্যাত্য বিণ [+ য (যৎ)-র্ম্ম] ১ শোধনীয়। ২ প্রতিদেয়। "মহা ৩.১৯২.৪৩।
নির্যা(র্য্যা)স পুং, ক্লী [নির্ + √যাসি নিষ্পীড়ন + অ (অচ্)-র্ম্ম] ১ নিষ্পীড়িত দ্রব্য ; কাথ, কষায়। ২ বৃক্ষনির্গতরস, ক্ষীর। "মনু ৫.৬। আকন্দ°, নিম্ব° (সুশ্রুত)। শাল° রঘু ১.৩৮। ৩ গুগ্‌গুলু-প্রভৃতি। "রা ২.৭৬.১৬। ৪ নিষ্যন্দী জলাদি। "মুখস্বেদঃ···রোষ° হ ৮৭.৭২। ৫ (বাঙ্‌লায়) সারভাগ। "আস্বাদিল রসের নির্য্যাস চৈ.চ ১৫। —র্য্যাস বিং ১ (বাঙ্‌লায়) সারভূত, তাত্ত্বিক। "তাহার (ব্রহ্মের) নির্য্যাস কথা।—চু ২৯। নির্য্যাস বারতা চৈ.ম ৭৪। ২ পূর্ণ, পুরা। "দ্বাদশ মাসেতে একবৎসর নির্য্যাস।—চু ২৭। —র্য্যাস ক্রি.বিং ১ নিশ্চিত, ঠিক। "ভগণে শূন্য ফল জানিয় নির্য্যাস ব.প ১৩১৯। ২ দৃঢ়, শক্ত। "মন্দোদরী নিকটেতে আছয়ে নির্য্যাস।—কৃ ৩৫৫। আঁচলে আঁচলে গ্রন্থি বান্ধিয়া নির্য্যাস ম.ম ৬ ; বান্ধিয়া নির্য্যাস মৎস্য ১৪৭ ; পত্র বান্ধিল নির্য্যাস ২০৩। ৩ যথাশক্তি। "পেট ভরি ছয় ভাই খাইল নির্য্যাস ম.ম ৯৮। ৪ তীব্র, কঠোরভাবে। "মহামায়া ভৎর্সিল নির্য্যাস ম.ম ২১৫। —র্য্যাস বি ১ সিদ্ধান্ত, নিরূপণ। "কে হেন নির্য্যাস কৈল।—চু ৩৪ ; ব্রহ্মবস্তু নিরাকার, নির্য্যাস না হয় তার ৫০। ২ নিগূঢ় কথা। "এতকাল নাহি শুনি এমত নির্য্যাস চৈ.ম ১৬৮।
নির্যূষ পুং [প্রা.স] নির্গতযূষ, নির্য্যাস (শ.ক)।
নির্যূহ পুং [নির্ + √উহ্ + অ (ক)-র্ম্ম (?); পৃষো] ১ মত্তহস্তী। ২ গৃহভিত্তিনির্গত হস্তিদন্তাকার কাষ্ঠখণ্ড ; নাগদন্তক। ৩ দ্বার। ৪ শেখর, শিরোভূষণ। ৫ পট্টশালা। "মহা ১.৩.১৩৩। ৬ শিখর। ৭ প্রাসাদাগ্র, মত্তবারণাখ্য উপাশ্রয় (মল্লিনাথ)। "চারুতোরণনির্যূহা (লঙ্কা) গো.রা ৫.৯.৫৮। মাঘ ৩.৫৫। ৮ নির্য্যাস, ক্বথিতরস। তু 'নির্যূষ'। "ফলনির্যূহসংসিদ্ধ রা ২.৯১.৬৭।
নির্যোগ পুং লাঙ্গলাবয়ববিশেষ, নিজনে, মুঠে। "কৃ.স ১১০,-১।
নির্লজ্জ বিণ [বহুব্রী] নির্গতলজ্জ, লজ্জাহীন। "নষ্টা নির্লজ্জাশ্চ কুলস্ত্রিয়ঃ।—চাণক্য। —জ্জিত বিং [লজ্জিত > °ত (নঞর্থে); অপ্র] নির্লজ্জ। "ম.ম ১১২।
নির্লিপ্ত বিণ [নির্ + √লিপ্ + ত + (ক্ত)-র্ম্ম] ১ লেপরহিত, অম্রক্ষিত। ২ আসঙ্গহীন, নিঃসঙ্গ। ৩ সম্বন্ধশূন্য। —র্লেপ বিণ [বহুব্রী] ১ নির্গতলেপ, লেপনরহিত। "মনু ৫.১১২। ২ সম্বন্ধহীন, নিঃসঙ্গ, অনাসক্ত। "নিগুর্ণ নির্লেপ তুমি।—ম ১০০৩। "প্রভু নির্লেপ শরীর।—গ ১০। নির্লেপক চু ১৯। শ্রী.ম ১৪৪।
নির্লেখন ক্লী [নির্ + √লিখ্ + অন (ল্যুট্)-ভা] ১ নখাদি দ্বারা অবদারণ ; মলাদির অপসারণ ; আঁচড়ান। ২ [+ অন-ণ] নির্লেখন-সাধন দ্রব্য। "জিহ্বা° (সুশ্রুত)।
নির্লেপ দ্র 'নির্লিপ্ত'।
নির্লোড়িত বিণ [নির্ + √লোড়ি + ত (ক্ত)-র্ম্ম] আলোড়িত, আলোকিত। "অনির্লোড়িতকার্য্য মাঘ ২.২৭।
নির্লোভী বিং [লোভী > °ভী (নঞর্থে) ; °'ভ' (সাধু), হি. ঠ °ভী] লোভহীন, অলোভ।
নির্লোমা(-মন্) বিণ [বহুব্রী] লোমরহিত (টাক)-রোগযুক্ত, টাক-পড়া। "শাতাতপ ৪.২৫। চৈ.চ ৪৫।
নির্হরণ ক্লী [নির্ + হৃ + অন (ল্যুট্)-ভা] ১ বহির্নয়ন, নিঃসারণ। "গো.রা ২.৮০.২০। ২ শববহিষ্করণ। "মনু ৫.১৮, কুল্লুক। ৩ দহন। "বীজ° ভ ৭.৭.২৮। ৪ ক্ষয়, নাশ। "অঘ° ভ ৬.৩.২৪। পাপ° মনু ৮.৯২, কুল্লুক। —র্হার পুং [ঘঞ্)-ভা] ১ সর্ব 'নির্হরণ' (১)। ২ নিষ্কর্ষণ, নিষ্কাশন। ৩ ক্ষয়, নাশ। "কর্ম্ম° ভ ৩.২৯.১০ ; ৬.১.১১। ৪ শল্যাদির উৎপাটন বা অভ্যাবকর্ষণ। ৫ দাহার্থ শবনয়ন।

"ভ ৭.২.৩৫। ৬ মূত্রাদিত্যাগ। বিপ 'আহার'। "আহারনির্হার-বিহারযোগাঃ সুসংবৃতা ধর্ম্মবিদা তু কার্য্যাঃ। ৭ ধনসঞ্চয়ন। "মনু ৯.১৯৯। —র্হারক বিণ [+অক (ণ্বুল্)-ক] ১ বহিষ্কারক, নিঃসারক। ২ শব-বহিষ্কারক। "প্রেত° মনু ৩.১৬৬। —র্হারী (-রিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী-রিণী] ১ সর্ব 'নির্হারক' (১; ২)। ২ দূরগামী (গন্ধ)। "আমোদঃ সোঽতিনির্হারী (অ.কো)। —হৃত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] উৎপাটিত, উদ্ধৃত। "°বাচ্যশল্য রঘু ১৪.৪২। —হৃতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] নিঃসারণ। "নিরস্থানাং নির্হৃতিঃ।—কামন্দক।

নির্হার, -রক, নির্হারী, -র্হৃত, -র্হৃতি দ্র 'নির্হরণ'।

নির্হেতু, -তুক বিণ [বহুব্রী; বিকল্প 'ক' (কপ্)] নির্গতহেতুক, অকারণ। "ব.প ১৩২৬। [°তুত্ব (ক্লী)—অর্থদোষভেদ। 'সা.দ ৭.৯।]

নির্হ্রাদ পুং [নির্+ √হ্রদ্+অ (ঘঞ্)-ভা] ১ শব্দ, ধ্বনি। "°বতী মহাচমূঃ কি ১৪.২৭। ভ ৭.৮.১৬। ২ অব্যক্তধ্বনি। "সারসৈঃ কল-নির্হ্রাদৈঃ রঘু ১.৪১। ৩ ধনুগুর্ণশব্দ, টঙ্কার। "ভীম° (গাণ্ডিব) মহা ১৪.৭৩.১৫।

নিল(লা)জ বিং [সং নির্লজ্জ > প্রা ণিলজ্জ > বা °জ; হি নিলজ, -জ্জ; ঠ নিলাজরা; পদ্যে] ১ লজ্জাহীন। "নিলজ চক্রপাণী শ্রী.কী ৪১। নিলাজকানু শ্রী.ম ৬৩; নিলজ ৬৪। নিলাজ পরাণ জ্ঞা ২৩০; প.র ৬৩। নিলাজচণ্ডী বি.পা ২৩৪। কা ৩৩। ২ অসঙ্কোচ। "বীভৎস আহার, বীভৎস ক্ষুধারে করে নির্দ্দয় নিলাজ।—চ.কা ৩৭৮। ৩ অনাবৃত। "নিলাজ নীল আকাশ ঢাকি, নিবিড় মেঘ কে দিল মেলে?—গী.লি ২৩।—জিনী বিং [°জ+ইনী; হি °জী] লজ্জা-হীনা। "নগরের নিতম্বিনী নিলাজিনী বড় শি ৯৯।

নিলয়১ পুং [নি+ √লী+অ (অচ্)-ধি] ১ গৃহ, আলয়। "রা ১.৭২.২১। রঘু ২.১৫। হৃদয়°।—রঙ্গ ১০৭। ২ বাসস্থান। "মহেন্দ্র° রা ২.৭৫.২৬। ৩ আশ্রয়। "বৈর° রা ১.২.১০। ভূত° ভ ৮.১.১১। খগ°, প্রতাপ°, মধু° (S.W.)। ৪ [+অ-ভা] নিঃশেষে লয়; অদর্শন, অস্তময়। "রঘু ২.১৫। ৫ নিবাস। "মাঘ ৯.৪। —লয়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অদর্শন, তিরোভাব। ২ [+অন-ধি; বৈদিক] আধার, বাসস্থান, নীড়াদি আশ্রয়স্থান। "নদীনিলয়নাঃ সর্পাঃ রা ২.২৮.২০। অনিলয়ন ভ ৫.১৯.১৯।

নিলয়২, -লঅ, -লয় বি [সং নির্ণয় > প্রা ণিণ্ণঅ,-অ > বা নিলয়,-অ, -লয় (ণ্ণ > ল্ল, দ্র 'ন১')]; অপ্র] ১ নিশ্চয়। "নিলয় হইল ব.প ৯৩৯। ২ নির্দ্ধারণ। "কার্য্যের নিলয় ব.প ৮৬০। ৩ বেগবলাদিনিরূপণ। "ধবল বয়ন ঘোড়া নিলঅ না জানি শূ ৯২।

নি(নী)লাম বি [P. leilão; হি নীলাম; ঠ নিলাম] ক্রয়ার্থিগণের-মধ্যে যে সর্ব্বোচ্চ দর দেয়, তাহাকে দ্রব্য বিক্রয় করা (auction)। —লামী বিং [°ম+ঈ৭] নিলামে বিক্রেয় বা ক্রীত (জিনিষ)। [°ইস্তাহার—নিলামী সম্পত্তির তালিকার সহিত নিলামের নিয়মাবলী-পত্র। °খরিদা—নিলামে ক্রীত (জমি, জমা, ব্রহ্মোত্তর)। °জারি—নিলাম কার্য্যকর করার নিমিত্ত নিলামের হুকুম। নিলাম ডাকা—নিলামে দ্রব্যের দর ডাকিয়া বলা (to bid); নিলাম ডাকিয়া দ্রব্য কেনা। °রদ—কারণ দেখাইয়া নিলাম বন্ধ করা।]

নিলিম্প পুং [নি+ √লিপ্+অ (শ)-ক; ছান্দস] দেব। [°নির্ঝরী (স্ত্রী)—সুরধুনী, স্বর্গঙ্গা। "জটাকটাহসম্ভ্রমভ্রমন্°।]

নিলীন বিণ [নি+ √লী+ত (ক্ত)-ক] ১ নিঃশেষে লীন; বিগলিত। ২ অবস্থিত। "পুষ্পৈঃ...নিলীনভৃঙ্গৈঃ ভট্টি ২.৫। ৩ সংমিশ্র। ৪ লয়-প্রাপ্ত; নষ্ট। ৫ অন্তর্লীন। "রা ২.৪৬.৩।

নিশ্ স্ত্রী [নিশা > °শ্ (শসাদি বিভক্তিতে)] রাত্রি। "(বাগ্যতো নিশি) একমুৎপাদয়েৎ পুত্রম্ মনু ৯.৬০।

নিশঙ্ক বিং [সং নিঃশঙ্ক > প্রা ণিস্‌সংক > বা °ঙ্ক; হি নিশংক; অপ্র] নির্ভয়। "সে হইল নিশঙ্ক।—গ ২৮। মনেত নিশঙ্ক ম.বি ২০৬। —ঙ্কিনী বিং [°ঙ্ক+ইনী; অপ্র] নির্ভীকা। "ভা.চ ৩৭০। [°ঙ্কে—নির্ভয়ে। "রা.শে ১৬।]

নিশব্দ বিণ [বহুব্রী] শব্দহীন, নীরব। "দ্বিরেফবিন্দং নু নিশব্দনিশ্চলম্ কি ৮.৩৫। [নিশবদ (স্বরাগমে)—নীরব। "রাজা হইল নিশবদ।—গ ১৫৪। নিশবদ মণ্ডন (প.ক)। নিশবদে—১ নীরবে। "অ.প ১০। ২ নীরব হয়। "নিশবদে ভীম অ.প ৮।]

নিশমন ক্লী [নি+ √শম্+ই (ণিচ্)— √শমি+অন (ল্যুট্)-ভা; তু 'নিশামন'] ১ দর্শন। ২ শ্রবণ।

নিশস অর্ম্ম [সংনির্+ √শ্বস্ > প্রা √ণিস্‌সস > বা °স; বৈষ্ণব-সাহিত্যে] নিঃশ্বাস ফেলা। "নিশসি তনু মোড়ই।—ব ৭২। দীঘ নিশসই: নিশসি নিহারসি ফুটল কদম্ব (প.ক)। নিশসই পুন পুন ব.প ১০৯২।

নিশা স্ত্রী [√নিশ্, তনুকরণ+অ (ক) ক+স্ত্রী আ (টাপ্)। —অ.টী; নিশ্+স্ত্রী আ (ভাগুরি)] ১ যে ব্যাপার তনু করে; রাত্রি। "রা ২.৪৬.২। রঘু ১.৯৫। মে ৯। ২ হরিদ্রা। ৩ দারুহরিদ্রা। ৪ মেষ বৃষ মিথুন কর্কট ধনুঃ ও মকর রাশি। [°কর (পুং) —১ 'রাত্রিকারক', চন্দ্র। "কু.স ৪.১৩। ২ কর্পূর। ৩ কুক্কুট। °কান্ত (বি)—চন্দ্র। "নব নিশাকান্ত-কান্তি।—মে ১১৯। °গৃহ (ক্লী) —শয়নমন্দির। °জল (ক্লী), °তুষার (পুং)—হিম, শিশির। "°র ভট্টি ২.৪। °নাথ, °পতি (পুং)—১ চন্দ্র। ২ কর্পূর। ৩ নিশায় নগর-রক্ষীর অধ্যক্ষ; কোটাল। "°থ ব.প ৪৫৩; বি.সু ৯৫। °তি ব.প ৪২৩; ম ১০২; ৬০৬। ক.চ ২৫১,-৬১। °পুষ্প (ক্লী)—উৎপল, কুমুদ। °বিহার (পুং)—নিশাচর, রাক্ষস। "ভট্টি ২.৩৬। °বেদী (-দিন্) পুং—'নিশামান-জ্ঞ', কুক্কুট। °মণি (পুং), °রত্ন (ক্লী)—নিশার মণিতুল্য; চন্দ্র। "ন ৪৮৬। °মুখ (ক্লী)—নিশারম্ভ; প্রদোষ, রজনী-মুখ। "পঞ্চ ১২৬।২। চৈ ৫৭। হেম ১০১।]

নিশাকাল বি নিশীথ, গভীররাত্রি। "রাত্রি নিশাকালে গেলা ব.প ৬৫২। কে তোরা এ নিশাকালে আইলি মরিতে?—মে ৮.৬।

নিশাচর বিণ [নিশা+ √চর্ +অ (ট)-ক; উ.ত; স্ত্রী -রী] নিশাবিহারী, রাত্রিচর। "°চরাণি ভূতানি।—গো.রা ২.৯.২৭। ব.প ৬৫২। —চর পুং ১ রাক্ষস। "গো.রা ৩.৫৪.২৭। রঘু ১০.৪৫। ২ শৃগাল। ৩ পেচক। ৪ সর্প। ৫ চক্রবাক। ৬ ভূতপিশাচাদি। ৭ চৌর। ৮ শিব। ৯ (বাঙলায়) নগররক্ষার্থ রাত্রিচর প্রহরী; কোটাল। "শ্রী.মা ১৮। —চরী স্ত্রী [°র+স্ত্রী ঈ (ঙীপ্)] ১ রাক্ষসী। ২ কুলটা। ৩ অভিসারিকা। "রঘু ১১.২০। ৪ কেশিনী-নামকগন্ধদ্রব্য। [°পতি (পুং)—১ ভূতনাথ, শিব। ২ রাবণ।]

নিশাত বিণ [নি+ √শো+ত (ক্ত)-র্ম্ম; বিকল্পে 'ই' আদেশে 'নিশিত', পা ৭.৪.৪১] অতিতীক্ষ্ণীকৃত, সুতীক্ষ্ণ, সুশাণিত। "°রৌদ্রেষু (হেতিষু) কি ১৪.৩০।

নিশাত্যয় পুং [ষ.ত] ১ নিশাবসান। ২ [বহুব্রী] প্রভাত।

নিশাদল দ্র 'নিসাদল'।

নিশাদান বি [অপ্র] নিশায় রতিদান বা স্ত্রী-সহবাস। "হেন বুঝি রামা মোরে দিল নিশাদান ক.চ ১৫৮।

নিশান১ ক্লী [নি+ √শো+অন (ল্যুট্)-ভা; তু 'নিশাণ'—"তেষাং (শস্ত্রাণাম্) নিশানার্থম্ সুশ্রুত ১.৮.৯।] ১ তীক্ষ্ণীকরণ, তেজন। ২ [অপ্র] নিশিতাগ্রভাগ। "অঙ্কুশের নিশান ম.বি ২০৯।

নিশান২ বি [ফা °ন্; হি °ন, -না; ঠ °ণ, -ণা, -ণী] ১ প্রমাণ, নিদর্শন। "পাষাণে নিশান আছে শ্রীরামের গুণ।—কৃ ২৪১। নিশান নৃপতি

আগে দিস্থ শ্রী.মা ১১০। **২** চিহ্ন, অভিজ্ঞান। "বাঘের নিশান তুমি দিবে রাজপুরে শ্রী ৮৯। **৩** লক্ষণ; বিশেষ চিহ্ন। "করেতে কঙ্কণ শঙ্খ কপালে সিন্দুর। নারীর নিশান রাথি বেশ করে দূর॥ —শ্রী ২৩৬। **৪** দলিলপত্রাদিতে রাজা-প্রভৃতির বিশেষ চিহ্ন—মোহর, পাঞ্জা ইত্যাদি। "পাট্টায় নিশান মোর ধর।—ক.চ ৮৪। **৫** শরীরাদিতে কৃত চিহ্ন; দাগ। **৬** দলিল ইত্যাদিতে নিরক্ষরের হস্তাক্ষরের পরিবর্তে কৃত চিহ্ন, ঢ্যারা ইত্যাদি। **৭** স্থানের পরিচয়ার্থ কৃত চিহ্ন। **৮** পতাকা, ধ্বজ। "°দার শ্রী.মা ১৪। মৃগ-মদ-চিত্র নিশান।—গো ১৬। রাজাই পাইলা··· নিশান ভা.চ ৫২২। **৯** [ফা, হি °না] লক্ষ্য। "হাসিয়া লজ্জার ভরে, হানিল কটাক্ষ-শরে, হর-মন-হরিণ নিশান শি ১১০। **১০** বন্দুক বাণ ইত্যাদির তাক ঠিক করার নিমিত্ত লক্ষ্য; চাঁদ। **১১** পাত্তা, ঠিকানা। **১২** [ফা °নী] আদর্শ। "নিজে সে পাষাণ কিন্তু রূপের নিশান বা.দ ২৫৬। —না বি [ফা °না] **১** অভিজ্ঞান-চিহ্ন। "কপালে নিশানা ছিল তথনি চিনিল।—কৃ ১২। **২** লক্ষ্য। [°দার (°ন+দার; ঠ °র; হি °বরদার)—যে নিশান লইয়া রাজা সেনা বা দলের আগে যায়; পতাকাধারী। "শ্রী.মা ১৪। °দিহি (হি °দেহী)—আসামীকে চিনাইয়া দেওয়া বা সনাক্ত করা। "আমি বজরা তল্লাশী করিতেছি—তুমি নিশানদিহি করিবে, আইস।—ব.প্র ৪২১। নিশা(সা)ন সহি—ঢ্যারা সহি। "নিসান সহি—শ্রীমুচিরাম চঙ্গ E.P. 88,-9.]

নিশা(সা)ন[৩] 'ন্' [সং নিস্বান > প্রা *ণিস্সাণ > বা নিসান; অপ্র] **১** বাদ্যধ্বনি। "থমক নিসান।—ম ১১৩৬। মুরলীনিসান (প.ক)। বেণুর নিশান ব.প ৭৮২; ডম্বুর° ১১১১। শিঙ্গা বেণুর নিশান।—গো ৬৮; মুরলী° ১৪৪,-৮৬। দামার নিশান।—শি ৭৬। বীণানিশান ন.প ২০৫। **২** তীব্রধ্বনি। "বজর নিশানে ব.প ১০৪৬। **৩** পক্ষিরব। "সারস হংসী নিশান।—গো ৮০; ব.প ১০৫১। **৪** [ঠ নিশা(সা)ণ] রণভেরী, ডঙ্কা। "বাজে ঝঝরি নিসান শ্রী.ম ৪৬; নিশান নেঙসা বাজে ৬৬; নিশান ফুকারে ৬৭। দুন্দুভি নিশান (বাজুক বাজনা)।—দু ৬; ৯২।

নিশানা দ্র 'নিশান[২]

নিশানি বি [ফা, হি °নী; ঠ °ণী] চিহ্ন, অভিজ্ঞান। "রামকলার গাছ পুঁতে নিশানি থুইল ক.চ ২০০।

নিশানী বি [°ন+ঈ[৭]] পতাকাধারী। "শ্রী ১৫।

নিশান্ত পুং [ষ.ত] **১** রাত্রিশেষ, নিশাবসান। **২** [বহুব্রী] যাহাতে নিশাশেষ হয়; ভবন। "রঘু ১৬.৪০। মাঘ ১.৬১। **৩** রাত্রির পশ্চিম যাম বা শেষ প্রহর। "মনু ৪.৯৯। (নিত্যলীলা) নিশান্ত নিশা পর্য্যন্ত চিন্তে বিজ্ঞগণ ন.প ৩৪৫।

নিশান্ধ বিণ [স.ত] রাত্রিতে দৃষ্টিশক্তিহীন; রাত্র্যন্ধ।

নিশাপালা বি সর্থ 'জাগরণ (৩)। "ক.চ ৪৯; ৯২।

নিশাভাগ বি [নিশিভাগ > °গ ('নিশি' 'নিশা' একার্থক)] নিশীথ, অর্দ্ধরাত্রি। "°গ গো.চ ৩৪৮। দ্বিতীয় প্রহর যথন রাত্রি নিশাভাগে।—কৃ ২৫০। °গে রাতি।—ম ১০০৯। °গ রাতি শ্রী.মা ৮৯; শ্রী ৬৪; ব.প ১৩৯০,-৬; রাত্রি নিশাভাগে ৩৮৩, ৫৩০। °গ রাত্রিত অ.প ১৩২। °গে ম.ম ১০৫; চৈ.ভা ৬৩, °গ ৪৬৬; বা.ম ১৭৬।

নিশামন ক্লী [নি+ √শামি+অন (ল্যুট্)-ভা] **১** চাক্ষুষজ্ঞান (মাধব); (মতান্তরে) জ্ঞাপনমাত্র। "পা ৭.৪.৬৮, সি। **২** আলোচনা।

নিশারাতি, -রাত্র, -ত্রি বি রাত্রির নিশাভাগ; গভীর রাত্রি। "শনি মঙ্গলবারে জাগাইবে নিশারাতি ক.চ ১৩৬। নিশারাত্রিত (হইল উপস্থিত) অ.প ১৩৩। °ত্রে···করেছে শয়ন ম.ম ১৫৭।

নিশাস বি [সং নিঃশ্বাস > প্রা ণিস্সাস > বা (নিসাস) °স; হি নিসাস; মৈ নিশাস] **১** নিঃশ্বাস, বহির্মুখ শ্বাস। "দীর্ঘ নিশ্বাসে শ্রী.কী ৩৯। ধেয়ানে বসিলেন পরভু ছাড়িয়া নিশাস ব.প ১১৩; নিশাসে বাঢ়ে বিরহ ৯৬৮। দীঘল নিশাস।—জ্ঞা ২৪। **২** অন্তর্মুখ শ্বাস; উচ্ছ্বাস। "নাভিবিবর সঞ্চে লোমলতাবলি, ভুজগি নিশাস পিয়াসা বি.সা ১৬। [নিশাসই—নিঃশ্বাস ফেলে (প.ক)।]

নিশি, -শী বি [সং নিশা > প্রা নিসি; হি, মৈ নিশি, -সি; ঠ নিশি, -শী] রাত্রি। °নিশি নিশি জাগি বি.প ১৯২। নিশির কাহিনী চ.দা ৭৪। °শি।—ম ৫৬৭। দিবা নিশি ক.চ ২; নিশি অবসান ৩৩। নিশির স্বপন শ্রী.মা ১৫৮। °শি।—দু ৫৫। নিশি-অবশেষ।—জ্ঞা ৮৪; বিহান নিশি ৮৫। নিশি রূপবতী।—মা ১৫৫। °শি মে ১২০,-৭০। নিশির শিশির।—কাদ ১৩৭। —শি বি [সং নিশীথ > প্রা ণিসীহ > বা °শি; হি 'নিসি নিসি' —নিশীথ] নিশীথ, গভীর রাত্রি। "নিশিতে ভবানী (যাইয়া রাজারে বলে) ভ.গ্র ২৫৪। —শি [নিশা—নিশি (সপ্তমী-১ব)] রাত্রিতে। "নিশি-বৈঠলি সুবদনী ঝুর বি.প ১৭৮। আজ নিশি পাণ্ডবেরে বধিব। —ম ৯৭৫।

নিশিকান্ত বি [সং নিশাকান্ত; অপ্র] চন্দ্র। "বা.দ ৫৯।

নিশিগন্ধা বি [ঠ নিশি (শী) গংধ] রজনীগন্ধা ফুল। "হেম ১৯০। ন ৯১৭। বা.দ ২৪। জাগালে···নিশীথে নিশিগন্ধা কু.কে ১৪১।

নিশিত বিণ সর্থ 'নিশাত'। "ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া।—কঠ ৩.১৪। নিশিতঃ শরঃ রা ২.৬৩.৪৫। অসঙ্গনিশিতজ্ঞান।—ভ ৫.৩.১১। ক্ষুরধার নিশিত চা.পূ ৮৩। —ত ক্লী লৌহ। [°নিপাত (বিণ)—তীব্র-নিপাত, সাংঘাতিক। "°তাঃ শরাঃ শ ১.১০।]

নিশিদিশি, -সি ক্রি.বিং [সং দিবস > প্রা দিঅস > বা দিস, অনু-প্রাস হেতু 'দিসি, -শি, ঠ নিশিদিনি; পদ্যে] **১** রাত্রিদিন, অহোরাত্র, নিরন্তর। "নিশিদিশি অনুক্ষণ, প্রাণ করে উচাটন চ.দা ৮৭। °শি ব.প ৮৬৪; ৯৯৩,-৪; ব ১৮৮; চ.চ ৯; চৈ.ভা ১৬৬; দু ১০১,-৩; ন.প ১৫৩। °শি দাঁড়িয়ে আছ (বট !)।—শিশু ১৪২,-৫৩। **২** কথনও। "নিশিদিশি বন্ধু তোমায় পাশরিতে নারি—চ.দা ৮১। —দিসি বি রাত্রি ও দিন। "নিশিদিসি গোঙায় নিমাঞির কথা কৈয়া ন.প ৩৯৮।

নিশিনাথ বি [অপ্র] সর্থ 'নিশাপতি (৩)। "°দারা বি.সু ৮৩; বাহু তুলি কুতূহলী নাচে নিশিনাথে ৯৩।

নিশিপতি বিং [সং নিশা°; হি °তি] **১** চন্দ্র। "°কাঁতি গো ১৯০। **২** [অপ্র] সর্থ 'নিশাপতি (৩)। "ম.পা ৯৯; ১৩৫। ব.প ৩২৬।

নিশিভাগ বি [সং নিশীথ > প্রা ণিসীহ > বা (নিসী) নিশি+ভাগ; অপ্র] নিশীথভাগ, অর্দ্ধরাত্র, গভীর রাত্রি। "জাগ্ রে নগরলোক নিশিভাগ রাতি শ্রী ১১৭।

নিশিভোর বি রাত্রির ভোরবেলা; প্রভাত। "দেথাইতে মোরে, আইলে নিশিভোরে, দেথিনু, এথন চল ভ.গ্র ৩৮৭।

নিশিমুখ বি [সং নিশা°; অপ্র] প্রদোষ। "শ্রী.ম ৫৬। মুখে মুখে নিশিমুখে (শিথিকুল নৃত্য করে) বা.দ ১০৪,-১৫।

নিশী দ্র 'নিশি'।

নিশীথ পুং [নি+ √শী+থ (থক্)-ধি, উ ২.৯; 'নিশিতা'—নিশীথ (তৈত্তিরীয় ২.২.২.২)] **১** অর্দ্ধরাত্র। "মহা ৪.২২.৬৭। °প্রদীপ রঘু ৩.১৫। নিবিড় নিশীথ।—কথা ৭৩। °আকাশে : সমুদ্র—রবীন্দ্র। **২** রাত্রিমাত্র। "(সুতন্ত্রীগীতম্) শুচৌ নিশীথেঽনুভবন্তি কামিনঃ। —ঋতু ১.৩। নক্ষত্র নিশীথপুষ্প।—হেম ১৭৮। —থিনী স্ত্রী [°থ+ইন্ (ইনি) অস্ত্যর্থে+স্ত্রী ই (ঙীপ্)] 'নিশীথবতী', রাত্রি। "কৃ ১২৯। °কাল ম.পা ৬২; শ্রী.মা ১২৪। ন ৪১৩। পূর্ণিমা° —গান ১৪৪। মাধবী নিশীথিনী অ.শু ৮৯। অমা° প.তৃ ৮৪। [নিশীথিনীনাথ, নিশীথিনীশ (পুং)—চন্দ্র।]

নিশীশ্বর বি [অপ্র] সর্থ 'নিশাপতি (৩)। "ক.চ ৯২। ম.পা ১১৩,-৩৫। ব.প ৩২৪। বি.সু ৮৯; ১১৪।

নিশুতি (যু)তি বি ['নিযুপ্তি > নিষু(শু)তি, তু ' √শী—শয়ন] **১** গভীর নিদ্রা; সুষুপ্তি। "নিশুতির শান্তগৃহে অ.শু ৯৯। **২** গভীর নিদ্রাকাল; অধিক রাত্রি। "ক্রমে যবে হ'য়েছে নিশুতি।...পশিলাম ...শয়নমন্দিরে অ.শু ৬১। —তি বিং গভীর নিদ্রিত। "বৃন্দাবন-বাসী যত হইল নিশুতি ম ১১০৪। গ্রামের লোক নিশুতি জা ২৭।

নিশুম্ভ পুং [নি+ √শুম্ভ্ হিংসা+অ (ঘঞ্)-ভা] **১** নির্দয়যন্ত্রণ। "মা.মা ৫.২২। **২** দলন, মর্দন। "ম.চ ২.৩৩। **৩** [+অ-ক] দৈত্য-বিশেষ। [নিশুম্ভ দনুর গর্ভজাত কশ্যপপুত্র, শুম্ভের কনিষ্ঠ ভ্রাতা। ইহারা চণ্ডী কর্তৃক নিহত হয়।] [°মর্দিনী (স্ত্রী)—দুর্গা]

নিশোয়াস বি [সং নিশ্বাস > °স ('বা' > উআ > ওয়া)] নিশ্বাস। "সঘনে নিশোয়াস বি.প ১৪১,-৫৩।

নিশ্চই, -এ ক্রি-বিং [সং নিশ্চয়; হি, মৈ নিশ্চৈ, দ্র 'ঐ৪'] নিশ্চিত, ঠিক। জানিয়া নিশ্চএ ম.গা ৫; নিশ্চই যাইব রাজা ২৫; দিলাম নিশ্চএ ২৯।

নিশ্চয় পুং [নির্+ √চি+অ (অচ্)-ভা] **১** নিঃসংশয়জ্ঞান, নির্ণয়, অবধারণ। °রা ১.৩৮.২৪। ক্ষিপ্র° মনু ৭.১৭৯। **২** 'ইহা এইরূপই' —ঈদৃশ বিষয়পরিচ্ছেদ; সিদ্ধান্ত। "নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে গী ১৮.৪। **৩** সঙ্কল্প, আশয়, বুদ্ধি। "যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ গী ২.৩৭। কৃতনিশ্চয়া রঘু ১২.৪। স্থিরনিশ্চয়ং মনঃ কু.স ৫.৫। **৪** অধ্যবসায় (শঙ্কর)। "দৃঢ়° গী ১২.১৪। **৫** প্রমাণজ্ঞান। "ভ ৩.২৬.৩০। **৬** অর্থালঙ্কারবিশেষ। [উপমানের নিষেধপূর্বক উপমেয়ের স্থাপন, 'নিশ্চয়' অলঙ্কার (সা.দ ১০.৩৯)। যেমন, আমি নারী, হর নই, শুন রে মদন (রাম বসু)।] —শ্চয় ক্রি-বিং (বাঙলায়) নিশ্চিত, সত্য, ঠিক। "কোথা গেল মোর সতী বলহ নিশ্চয় ভা.চ ৩৬। —শ্চায়ক বিণ [+অক (ণ্বুল্)-ক; স্ত্রী-য়িকা] নিশ্চয়কারক, নির্ণেতা। —শ্চিত বিণ [+ত (ক্ত)-র্ম] **১** নির্ণীত, অবধারিত। "নিশ্চিতং মতমুত্তমম্ গী ১৮.৬। °প্রিয়তমাগতি মাঘ ৯.৪৩। **২** [°ত (নিশ্চয়) +অ (অচ্)] নিশ্চয়বান্ (গী.টীকা), কৃতনিশ্চয়। "বনবাস° রা ২.২৪.৩৮; মরণায় নিশ্চিতাম্ ২৭.২৩। গী ১৬.১১। **৩** অব্যভিচারী। "রা ১.৩৮.২৪। যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতম্ গী ২.৭। **৪** [+ত-ক (মল্লিনাথ)]। নিশ্চিতবান্। "অরাবণমরামং বা জগদদ্যেতি নিশ্চিতঃ রঘু ১২.৮৩। —শ্চিতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] নিশ্চয়, নির্ণয়। [°তর (বিং) —নিশ্চিততর, ধ্রুবতর। "নিশ্চয়কে নিশ্চয়তর করিবার জন্য...লোক পাঠাইলেন। ব.প্র ৩১৩। নিশ্চয়তা—নিশ্চয়ের ভাব। "তদ্বিষয়ে নিশ্চয়তা আছে কি না ব.প্র ২২৫।]

নিশ্চল বিণ [নির্+ √চল্+অ (অচ্)-ক] **১** স্থির, অচল। "সেই সব জীব-ছায়া, নিশ্চল।—হেম ১০৪। বসিলেন হরিদাস হইয়া নিশ্চল চৈ.ভা ১২২। বিশুদ্ধ নিশ্চল, পরব্রহ্ম স্বপ্রকাশ।—রামমোহন। **২** বিক্ষেপচলন-রহিত। "নিশ্চলা (বুদ্ধিঃ)।—গী ২.৫৩। ইন্দ্রিয় নিশ্চল মন বি.প ৮৫। **৩** একনিষ্ঠ, একান্ত। "নরো নিশ্চলমানসঃ (গীতামাহাত্ম্য)। সুনহ...হইয়া নিশ্চল।—গ ৩। নিশ্চলা ভক্তি প.তৃ ৫০। **৪** (বাঙলায়) নির্নিমেষ, নিষ্পন্দ। "নিশ্চল নেত্রে চাব মুখপানে প.তৃ ৭৮। **৫** ব্যাপাররহিত। "কোষ-মাঝে নিশ্চল কৃপাণ কা ২০। —লা স্ত্রী **১** অচলা, পৃথিবী। **২** শালপর্ণী।

নিশ্চলা দ্র 'নিশ্চল'।

নিশ্চিন্ত বিণ [নির্গত চিন্তা যাহা হইতে, বহুব্রী] চিন্তাশূন্য। [নিশ্চিন্তাএ (অপ্র)—নির্ভাবনায়। "°এ সুখ ভোগ করে ম.পা ৬৭।]

নিশ্চেতন বিণ [বহুব্রী] চেতনাহীন, মূঢ়মতি। "অহো নিশ্চেতনো রাজা (রামং বনবাসে প্রবৎস্যতি) রা ২.৪১.৬।

নিশ্চেষ্ট বিণ [বহুব্রী] **১** চেষ্টারহিত, গাত্রচালনাদিহীন। "নিশ্চেষ্টাঃ (পক্ষিণঃ) রা ২.৪৫.৩১। **২** (বাঙলায়) অন্যথাভাবরহিত, গতানু-গতিক। "বাঁধা-নিয়মের নিশ্চেষ্ট অনুসরণ চা.পু ৬০।

নিশ্ছন্দঃ (-ন্দস্) বিণ [বহুব্রী] ছন্দোরহিত, বেদাধ্যয়নশূন্য। "নিশ্ছন্দঃ (কুলম্) মনু ৩.৭।

নিশ্ছিদ্র বিণ [বহুব্রী] **১** ছিদ্রহীন, নীরন্ধ্র। **২** ন্যূনতাহীন, অচ্ছিদ্র। "সর্বং করোতি নিশ্ছিদ্রমনুসংকীর্তনং তব ভ ৮.২৩.১৬। **৩** নির্দোষ। "হও তুমি নিশ্ছিদ্র ভ.গ্র ৪৭২।

নিশ্বস অর্ম [সং নি+ √শ্বস্] নিশ্বাস ফেলা। "বুকের পরে নিশ্বসিয়া, শুব্ধ রহে গান চ.কা ৩২৯। —স সর্ম নিশ্বাসরূপে ত্যাগ করা। "ভারতসমুদ্র তার বাষ্পোচ্ছ্বাস নিশ্বসে গগনে স.স্ব ৯২।

নিশ্বসিত ক্লী [নি+ √শ্বস্+ত (ক্ত)-ভা] নিশ্বাসবায়ু। "কু.স ৫.৪৬। —শ্বাস পুং [+অ [ঘঞ্)-ভা; তু 'নিশ্বাস' (গো.বি ১৩৫)] সর্থ 'নিঃশ্বাস'। "স্বনিশ্বাসানুকারিণম্।—রঘু ১.৪৩। শিবা...নিশ্বাসাঙ্গার-বর্ষিণী।—হ ৮০.২৭। [নিশ্বাস প্রশ্বাস—বহির্মুখ ও অন্তর্মুখ শ্বাস। "নিশ্বাস প্রশ্বাস উনপঞ্চাশ পবন বা.দ ১৫৫।]

নিশ্বাস দ্র 'নিশ্বসিত'।

নিষক্ত বিণ [নি+ √সন্জ্+ত (ক্ত)-ক] সংক্রান্ত, বিম্বিত। "(সঃ) খড়্গে নিষক্তপ্রতিমং (আত্মানম্) দদর্শ কু.স ৭.৩৬।

নিষঙ্গ পুং [নি+ √সন্জ্+অ (ঘঞ্)-ভা] **১** নিতান্তসঙ্গ, অত্যাসক্তি, সঙ্গ। "কার্য্যে° (S.W.)। **২** [+অ-ধি] তূণ, তূণীর। "প্রগৃহ্য ভল্লান্ নিশিতান্ নিষঙ্গাৎ মহা ৪.৫৪.৩৪। রঘু ২.৩০। পৃষ্ঠেতে নিষঙ্গ।—ম ১৮৯। দুলিছে নিষঙ্গ সঙ্গে বেণী।—মে ৩৫; ৮৩। **৩** খড়্গ। "নিষঙ্গধি।—শুক্লযজুর্বেদ ১৬.১০। —ষঙ্গী (-ঙ্গিন্) বিণ [°ঙ্গ+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব] **১** নিষঙ্গবান্, সংযুক্ত, সক্ত। "স্থাণৌ নিষঙ্গি-ণ্যনসি মাঘ ১২.২৬। **২** তূণধারী; খড়্গধারী। —ষঙ্গী পুং **১** ধনুর্দ্ধর, ধন্বী। "সুধন্বান ইষুমন্তো নিষঙ্গিনঃ।—ঋগ্বেদ ৫.৫৭.২। রঘু ৭.৫৬। **২** অসিযোদ্ধা।

নিষঙ্গী দ্র 'নিষঙ্গ'।

নিষণ্ণ বিণ [নি+ √সদ্+ত (ক্ত)-ক, ষত্বে ণত্ব; তু 'নিষত্ত'—নিষণ্ণ (ঋগ্বেদ ১.৫৮.৩)] আসীন, উপবিষ্ট। "রঘু ১.৮৯; ২.২৩। °হরিণ শ ৬.১৭। —ষদ্যা স্ত্রী [+য (ক্যপ্)-ধি+স্ত্রী আ (টাপ্)] পণ্যবিক্রয়-শালা, দোকান; হট্ট। "মাঘ ১৮.১৫।

নিষদ্যা দ্র 'নিষণ্ণ'।

নিষধ বিণ কঠিন (মেদিনী)। —ষধ পুং **১** পর্বতবিশেষ। "ভ ৫.১৬.৯। **২** (বহুব) দেশবিশেষ। "মহা ৩.৫২.৫৫। **৩** নিষধবাসিগণ। **৪** নিষধ-রাজগণ। **৫** নিষাদস্বর।

নিষাদ পুং [নি+ √সদ্+অ (ঘঞ্)-ধি; নিষণ্ণমত্র পাপকম্ (নিরুক্ত ৩.৮)] **১** 'পাপের আধার'; চণ্ডাল, পারশব। [ব্রাহ্মণ হইতে শূদ্র কন্যায় ইহাদের জন্ম (মনু ১০.৮। যাজ্ঞ ১.৯১)। মৎস্যবধ ইহাদের বৃত্তি (মনু ১০.৪৮)।] **২** ব্যাধ, কিরাত। "রা ১.২.১৫। উ.চ ২.৫। মা নিষাদ বলিয়া তাহার উপাখ্যান।—কৃ ৫। গান ২২। **৩** চৌর্য্য-বৃত্তি-দস্যুবৃত্তিসূচক কটুভাষী মৎস্য-মাংসলোভী ব্রাহ্মণ। 'অত্রি ৩৭১। **৪** (সঙ্গীতে) স্বরসপ্তকের সপ্তম স্বর। [ইহার দুই শ্রুতি, উচ্চারণ-স্থান ললাট। ইহা হস্তিস্বরতুল্য।] —ষাদিত বিণ [+ √সাদি > ত (ক্ত) -র্ম] উপবেশিত। —ষাদী (-দিন্) বিণ [+ √সদ্+ইন্ (ণিনি)-ক -১ব; স্ত্রী -দিনী] নিষণ্ণ, আসীন। "রঘু ১.৫২; ইক্ষুচ্ছায়নিষাদিন্যঃ (শালিগোপ্যঃ) ৪.২০। —ষাদী পুং [√সাদী+ইন্-ক-১ব] যে

হস্তীকে বসায়; হস্তিপক, মাহুত। "মাঘ ৫.৪১। ম.বি ৫০। মে ১৫।

নিষাদী দ্র 'নিষাদ'।

নিষিক্ত বিণ [নি+ √সিচ্+ত (ক্ত)-র্ম্ম] ১ অতিসিক্ত, আর্দ্রীকৃত। ২ আহিত, কৃতাধান (শুক্রাদি)।

নিষিঞ্চন বি [সং নিষেচন; তু 'সিঞ্চন'] নিষেক, আর্দ্রীকরণ। "পথ-নিষিঞ্চনে চৈ.চ ১৫১।

নিষিদ্ধ বিণ [নি+ √সিধ্+ত (ক্ত)-র্ম্ম] ১ 'কৃতনিষেধ' প্রতিষিদ্ধ। "মনু ৮.৩৬১। ২ নিবারিত। "স্মৃতনিষিদ্ধ-চাপলম্ (অথম্) রঘু ৩.৪২। কু.স ১.২৬। ৩ বাধিত।

নিষুতি দ্র 'নিশুতি'।

নিষুপ্ত বিণ [সং সুষুপ্ত, তু 'নিশু(ষু)তি'] সুনিদ্রিত। "চ.কা ১২৫।

নিষূদক বিণ সর্থ 'নিসূদক'।

নিষূদন বিণ [নি+ √সূদি+অন (ল্যু)-ক, স্ত্রী -না] হিংসক, ঘাতক। "কেশি° গী ১৮.১। কংসকেশি° মহা ৩.১৪.১০। বল° রঘ ৯.৩। ম্লেচ্ছ° শ্রী.ম ১২২। —ষূদন ক্লী [+অন্ (ল্যুট্)-ভা] নিহনন, মারণ, বধ (অ.কো)।

নিষেক পুং [নি+ √সিচ্+অ (ঘঞ্)-ভা] ১ আর্দ্রীকরণ, সেচন। "জলনিষেকনিরতা পাষাণসুন্দরী ব.প্র ২৮৫। ২ ক্ষরণ। "বীর্য্যনিষেক-ভূমিনা কু.স ৩.১৬। তৈলনিষেকবিন্দু রঘু ৮.৩৮। ৩ স্নান। "সুখসলিল-নিষেকঃ।—ঋতু ১.২৮। ৪ বীর্য্যাধান, গর্ভাধান। "তেষাং নিষেকাদ্যঃ শ্মশানান্তো মন্ত্রবৎক্রিয়াসমূহঃ।—বিষ্ণু ২.৩। °দিবসে শ্রী.মা ২২; ৩৫। ৫ [+অ-র্ম্ম] রেতঃ। "মনু ৪.১৫১। ৬ গর্ভ। "প্রজা° রঘু ১৪.৬০। ৭ [+অ-ণ] প্রক্ষালনার্থ জল। —ষেচন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সর্থ 'নিষেক (১)'। "তরোর্মূলনিষেচনেন ভ ৪.৩১.১৪। [নিষেকিব —নিষেক করিব; গর্ভাধান করিব। "অ.প ৬৫।]

নিষেধ পুং [নি+ √সিধ্+অ (ঘঞ্)-ভা] ১ নিবর্ত্তন, প্রতিষেধ। "অশেষবিশেষমায়া° ভ ৬.৪.২৮। ২ নিবারণ। ৩ নঞর্থ। ৪ [+অ-ণ] নিবৃত্তিসাধন বাক্যভেদ। বিপ 'বিধি'। ৫ 'নঞ'-অব্যয়। "দ্বৌ নিষেধৌ প্রকৃতার্থং গময়তঃ। —ষেধক বিণ [+অক (ণ্বুল্)-ক] নিবর্ত্তক, বারক। "তত্তৎকর্ম্ম° মনু ৫.৮৪, কুল্লুক। —ষেধন ক্লী [+অন (ল্যুট্)-ভা] নিষেধ। "সুশ্রুত ১.৩.৯। চৈ.চ ৩০১। —ষেধী (-ধিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব] নিষেধক, তিরস্কারক। "অরুণরাগ-নিষেধিভিরংশুকৈঃ রঘু ৯.৪৩। [°বিধি (পুং)—নিষেধবিষয়ে ইষ্ট-সাধনবোধক বাক্য।]

নিষেবণ ক্লী [নি+ √সেব্+অন (ল্যুট্)-ভা] ১ সেবা, পরিচর্য্যা। ২ পালন, আচরণ। "বেদব্রত° (মহা)। ৩ অনুবর্ত্তন, অনুষ্ঠান। "শিষ্টাচার° (মহা)। ৪ গমন। "মদ্যপস্ত্রী° মনু ১১.৬৭। ৫ গমন, যাত্রা। "পুণ্যতীর্থ° ভ ১.২.১৬। ৬ করণ; জ্ঞান। "সাধুকাব্য° সা.দ ১২৷। ৭ ভোজন। "কটুতিক্ত° (সুশ্রুত)। ৮ পান। "পাদপদ্ম-মকরন্দ° ভ ৮.২৩.৭। ৯ ভজন, অর্চ্চন। "কৃষ্ণ°, চৈ.চ ৮৩। —ষেবিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ সেবিত, পরিচরিত। ২ জুষ্ট, অধ্যুষিত। "বনং মুনিনিষেবিতম্ রা ২.২৬.২৯। মৃগব্যাল° (মহা)। ৩ অনুষ্ঠিত। "মনু ৬.৮৮। ৪ পরিপালিত। "ব্যালী···ময়াবৃদ্ধা নিষেবিতা গো.রা ২.৩৪.৯। সুরবালা° (কামদুঘা) প.তৃ ১৭। —ষেবিতব্য বিণ [+তব্য -র্ম্ম] ১ সেবনীয়, ভক্ষণীয়। "শুক্রবৃদ্ধিদানি নিষেবিতব্যানি রসায়নানি (S.W.)। ২ অনুসর্ত্তব্য, আচরণীয়। "ব্রতং···নিষেবিতব্যম্।—শ ১.২৪। ৩ উপভোগ্য (সুখাদি)। —ষেবী (-বিন্) বিণ [+ইন্ ণিনি)-ক-১ব; স্ত্রী -বিণী] ১ ভোজী। "বস্ত্বাহার° গো.রা ২.৩৭.২। ২ গামী। "প্রেতান্ত্যস্ত্রীনিষেবিণঃ মনু ১২.৫৯।

নিষ্ক পুং, ক্লী [√নিষ্ক্ পরিমাণ+অ (ঘঞ্)-ণ; ছান্দস] ১ চতুঃ-সুবর্ণপরিমাণ, ষোল মাষা। 'চতুঃসুবর্ণকো নিষ্কঃ।—বিষ্ণু ৪.১০। মনু ৮.১৩৭। যাজ্ঞ ১.৩৬৫। ২ দ্বাত্রিংশদ্রক্তিকাপরিমিত কাঞ্চন (অ.টী)। ৩ ষোড়শদ্রম্ম, ষোল কাহন (লীলাবতী)। "পা ৪.৩.১৫৬, সি। ৪ অষ্টাধিক শত বা সার্দ্ধশত সুবর্ণ। "হিরণ্য° মহা ৩.২৩.২। ৫ ব্যব-হারিক রূপক; টাকা (ত.বা)। ৬ উরোভূষণ, পদক। "রা ২.৭০.২১। নিষ্কাভরণ ভ ২.৯.১১। কু.স ২.৪৯। ৭ হেমপাত্র। ৮ সুবর্ণ। "নিষ্কস্য বিকারঃ নৈষ্কিকঃ পা ৪.৩.১৫৬, সি। ৯ দীনার। [°কণ্ঠ, °গ্রীব (বিণ)—নিষ্কালঙ্কৃতগল। "ভ ৩.২৩.৩১; (উপদেববরস্ত্রিয়ঃ) নিষ্ককণ্ঠ্যঃ ৪.৩.৬।]

নিষ্কণ্টক বিণ [বহুব্রী] ১ নির্গতকণ্টক, কণ্টকহীন। ২ শত্রুরহিত, বাধকহীন। "রাজ্যং নিষ্কণ্টকম্ মহা ৪.৬.২৯। ম ১২৩। ৩ নিরাপদ, নির্ব্বিঘ্ন। "দেশং কুরু নিষ্কণ্টকম্ রা ১.২৪.৩১।

নিষ্কন্দিনী বিণ নাশিনী, দলনী। "দুষ্টনিষ্কন্দিনী।—কৃ ৩৫১।

নিষ্কপট বিং [বহুব্রী] কপটরহিত, সরল, শুদ্ধচিত্ত। "নিষ্কপট রীত ভ.প্র ৪৪; ৪১৭। চৈ.ভা ৩১৮। [নিষ্কপটে—একাগ্রচিত্তে। "নিষ্কপটে তুমি হৈলা কৃষ্ণাশ্রয় চৈ.চ ১০৬।]

নিষ্কম্প বিণ [বহুব্রী] কম্পহীন, নিশ্চল, স্থির। "°পর্ণ (রা)। °চামর-শিখ শ ১.৮। বেগনিষ্কম্পকেতুনা রঘু ১৫.৪৮। নিষ্কম্পবৃক্ষং কু.স ৩.৪২,-৮। শৈলমালা নিষ্কম্প।—ন ১৩৫১।

নিষ্করুণ বিণ [বহুব্রী] করুণারহিত, নির্দয়। "পঞ্চ ৪.১৬।

নিষ্কর্ম্মা বিং সাংসারিককর্ম্মহীন। "নিষ্কর্ম্মা মাগীরা···দাঁড়িয়ে গ্যাল। —হু ১৭৫।

নিষ্কর্ষ পুং [নিস্+ √কৃষ্+অ (ঘঞ্)-ভা] ১ নিঃসারণ। "যুক্তি-সহকারে শাস্ত্রার্থ নিষ্কর্ষ করিতে হয় পা.প্র ১৪১। ২ করার্থ প্রজাপীড়ন; "মহা ২.১৩.১৩। ৩ [+অ-র্ম্ম] সার। "ত্রয়ী° মনু ৪.১২৫। ৪ তাৎ-পর্য্য। "নিষ্কর্ষোহয়ং প্রদর্শ্যতে।—ভাষাপরিচ্ছেদ ১৩৮। —র্ষণ বিণ [+অন (ল্যুট্)-ক] নিঃসারক, উদ্ধারক। "শোকশল্যনিষ্কর্ষণৌষধম্ রঘু ১২.৯৭। —ষ্কর্ষণ ক্লী [+অন-ভা] ১ নিঃসারণ, নিষ্কাসন। ২ অপনয়ন। "শিরস্ত্র° রঘু ৭.৬৬।

নিষ্কর্ষণ দ্র 'নিষ্কর্ষ'।

নিষ্কল বিণ [নির্গত কলা যাহার বহুব্রী] ১ কলাহীন, অংশরহিত। বিপ 'সকল'। "নিষ্কল···কলাধর যথা রাহুগ্রাসে মে ২০৭। ২ নিরবয়ব, সম্পূর্ণ। "শ্বেতাশ্বতর ৬.১৯। সর্ব্বজ্ঞ নিষ্কল···পরব্রহ্ম।—রামমোহন। ৩ নিরুপাধি। "ব্রহ্মণি নিষ্কলে F ১.৯.৪৪। ৪ হীনাবয়ব। ৫ নষ্ট-বীর্য্য (মেদিনী)। ৬ (বাঙলায়) তেজোহীন, নির্বীর্য্য। "দাঁড়াইলা বলী, নিষ্কল।—মে ২০৭। —ল পুং ব্রহ্মা। —ল ক্লী ব্রহ্ম। —লা, -লী স্ত্রী নীরজস্কা নারী।

নিষ্কলা, নিষ্কলী দ্র 'নিষ্কল'।

নিষ্কষায় বিণ [বহুব্রী] নির্গতকষায়, রাগাদিদোষবর্জ্জিত। "মহা ১২.১৮.৩৪।

নিষ্কাম বিণ [বহুব্রী] ১ নির্গতকাম, বিষয়ভোগেচ্ছাহীন। ২ দৃষ্টাদৃষ্ট-ফলকামনারহিত (কর্ম্ম)। "মনু ১২.৮৯। নিষ্কাম পাদপে নাহি পড়ে পক্ষিগণ শ্রী.ম ১৪২। —মী বিং [কামী > °মী (নঞর্থে) সং °ম] সর্থ 'নিষ্কাম (২)'। "বৈষ্ণ নিষ্কামী ভক্ত।—দু ৫১। বৈরাগী আমি, অতি নিষ্ঠা নিষ্কামী।—দা ৪৫৬।

নিষ্কারণ বিণ [বহুব্রী] ১ কারণহীন, অনাদি। "ভ ৮.৩.১৫। ২ অহেতুক, অকারণ। "কিং স্যাদ্ নিষ্কারণো বন্ধুঃ।—হি ৩.১০৯। °পরিত্যাগিন্ উ.চ ৩২৷। অ.প ১৩৩। —ণ ব্য [অব্যয়ীভাব] কারণাভাব, অকারণ। "ত্বং তু নিষ্কারণাদেব শ্রীয়সে গো.রা ৩.১০.২৩।

[°ণে—অকারণে। "দিগ্‌গজ…নিষ্কারণে গৃহত্যাগী হইতে চাহেন নাই ব.প্র ৪০।

নিষ্কাশ, -স পুং [নিস্‌+ √কশ, -স গতি+অ (ঘঞ্‌)-ভা] ১ নির্গম, বহির্গমন। "ন চ পশ্যামি নিষ্কাশং বিলাদস্মাৎ গো.রা ৪.৫২.৮। ২ অবসান। "সন্ধ্যে রজনীদিনয়োঃ প্রবেশনিষ্কাশৌ, -সৌ (হলায়ুধ)। ৩ [√কাশি, -সি+অ (অচ্‌)-ভা] বহিষ্করণ, নিঃসারণ, নিষ্কাশন। —শ পুং [+ √কাশ্‌+অ (অচ্‌)-ক] প্রাসাদাদির উপস্থান (উপরিস্থ বহির্গতভাগ) ; বারাণ্ডা, সাজা (শ.ক)। —শন, -সন ক্লী [+ √কাশি, -সি+অন (ল্যুট্‌)-ভা] বহিষ্করণ, নিঃসারণ। —শিত, -সিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] ১ বহিষ্কৃত, নিঃসারিত, দূরীকৃত। "নগরান্‌ নিষ্কাশিতা (S.W.)। সী ৫৬। ২ আহিত। ৩ অধিকৃত।

নিষ্কাস দ্র 'নিষ্কাশ'।

নিষ্কিঞ্চন বিণ [বহুব্রী] ১ নির্গতকিঞ্চন, অকিঞ্চন, দরিদ্র। "নিষ্কিঞ্চনা বয়ম্‌ ভ ১০.৬০.১৪। ২ ত্যক্তধন, বিত্তবিরক্ত। "নিষ্কিঞ্চনানাং নৃপ যজ্জনং বিদুঃ ভ ২.৯.৬। নিষ্কিঞ্চন হৈলে ভয় ঐহিক সংসারে শ্রী.ম ২৯৫। ৩ নিরস্তবিষয়াভিমান। "মহীয়সাং পাদরজোঽভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ ভ ৭.৫.৩২। নিষ্কিঞ্চন বিনে দেখা নাহি পায় আন চৈ ১১৩। নিষ্কিঞ্চন ভক্ত চৈ.চ ২৯৪।

নিষ্কুট পুং [কুট হইতে নির্গত, প্রা.স] ১ গৃহসমীপস্থ কৃত্রিম বন বা উপবন ; গৃহারাম। "মহা ১.২১৮.১৬। ২ কেদার, ক্ষেত্র। "সনিষ্কুটাম্‌ (পৃথিবীম্‌) মহা ৩.২৫৩.৩১। ৩ কপাট। ৪ অন্তঃপুর। ৫ পর্ব্বত-বিশেষ। "মহা ২.২৭.২৯। —টি, -টী স্ত্রী এলা।

নিষ্কুটি, নিষ্কুটী দ্র 'নিষ্কুট'।

নিষ্কুল বিণ [বহুব্রী] ১ নির্গতাবয়ব, অন্তরাবয়বসমূহশূন্য (দাড়িমাদি)। "পা ৫.৪.৬২। ২ সপিণ্ডরহিত। "মনু ৮.২৮। ৩ বংশহীন। "নিষ্কুলং কুরু বৈরিণম্‌ গো.রা ৪.২৬.১৪। ৪ (বাঙ্‌লায়) কৌলীন্যহীন, অকুলীন। —লীন বিণ নিন্দিতকুলজাত।

নিষ্কুলীন দ্র 'নিষ্কুল'।

নিষ্কুষিত বিণ [নিস্‌+ √কুষ্‌+ত (ক্ত)-র্ম্ম, পা ৭.২.৪৭] ১ কৃত-নিষ্কোষণ, নিষ্কাশিতান্তর্ভাগ, খোশা-ছাড়ান (দাড়িমাদি)। ২ খণ্ডিত। "নিষ্কুষিতং বিহঙ্গৈঃ রঘু ৭.৫০। কাকৈর্নিষ্কুষিতম্‌ ।—গঙ্গাষ্টক। ৩ খাদিত, জর্জ্জরিত। "কীটনিষ্কুষিতং ধনুঃ ভট্টি ৫.৪২।

নিষ্কুহ পুং [নিস্‌+ √কুহ্‌ বিস্মাপন+অ (ক)-ক] বৃক্ষকোটর।

নিষ্কূজ বিণ [বহুব্রী] ১ নির্গতকূজন, পক্ষিরববিরহিত। "নিষ্কূজমিব তত্বনম্‌ রা ২.৫৯.৬। ২ নিঃশব্দ। "উ.চ ২.১৫।

নিষ্কৃত বিণ [নিস্‌+ √কৃ+ত (ক্ত)-র্ম্ম] ১ নিঃসারিত, দূরীকৃত। ২ নাশিত। "অনিষ্কৃতৈনসঃ মনু ১১.৫৪। ৩ নির্ম্মুক্ত। ৪ (বাঙ্‌লায়) বহিষ্কৃত। "(কুক্কুর) ক্ষুণ্ণ মনে জিহ্বা নিষ্কৃত করিল।—ব.প্র ৬৩৩। —ত ক্লী [+ত-ণ, বাহুলকে] 'নিষ্কৃতিসাধন', প্রায়শ্চিত্ত। "অঘ° ভ ১.১৯.২ ; চীর্ণনিষ্কৃত ৬.১.১৯। —তি স্ত্রী [+তি (ক্তিন্‌)-ভা; ছান্দস] ১ নিঃসারণ। ২ নিস্তার। ৩ শুদ্ধি। "মনু ৩.১৯ ; ৮.১০৫। ৪ দোষ-প্রশমন, দোষশান্তি। "মনু ১১.২৭। ৫ আনৃণ্য, ঋণশুদ্ধি। "মনু ২.২২৭। ৬ নির্ম্মুক্তি। "কৃতঘ্নে নাস্তি নিষ্কৃতিঃ (স্মৃতি)। (নমো নমো বিশ্বেশের) শ্মশানের ভস্মমাখা পরমা নিষ্কৃতি।—কা ২৪। ৭ উদ্ধার। ৮ [+তি-ণ] প্রায়শ্চিত্ত। "নিষ্কৃতিং চর মহা ৩.১১০.৪৬। অমুক্ত° মনু ১১.২১০।

নিষ্কৃষ্ট বিণ [নিস্‌+ √কৃষ্‌+ত (ক্ত)-র্ম্ম] ১ বহিরাকৃষ্ট, বহিষ্কৃত। ২ সারভূত। ৩ নিশ্চিত।

নিষ্কোষ পুং, -ষণ ক্লী [নিস্‌+ √কুষ্‌+অ (ঘঞ্‌),+অন (ল্যুট্‌) -ভা] ফলাদির অন্তর্ভাগের বহিষ্করণ ; ছাড়ান। "°ণ পা ৫.৪.৬২। —ষ বিং [প্রা.স] কোষনির্গত, খাপ-খোলা। —ষিতব্য বিণ [+তব্য -র্ম্ম] অপনেতব্য, অপনয়নার্হ। "ভট্টি ৯.৩০। [নিষ্কোষিলা—নিষ্কোষ করিল। "দৌবারিক নিষ্কোষিলা অসি।—মে ২০।]

নিষ্ক্রম পুং, -মণ ক্লী [নিস্‌+ √ক্রম্‌+অ (ঘঞ্‌),+অন (ল্যুট্‌) -ভা] ১ নির্গমন, বহির্গমন। "গো.রা ৩.১৬.৩১। অর্দ্ধেক নিষ্ক্রম হ'ল মহিষ হইতে।—দু ৮। অ.শী ৩১। ২ প্রয়াণ। ৩ শিশুর জন্মের চতুর্থ-মাসে করণীয় সংস্কারবিশেষ। 'চতুর্থে মাসি নিষ্ক্রমঃ।—যাজ্ঞ ১.১২। —ম পুং [বহুব্রী] ১ যাহার সন্তান নিন্দিত; দুষ্কুল। ২ [+অ-ণ] বুদ্ধিসম্পত্তি, মতিপ্রকর্ষ।

নিষ্ক্রয় পুং [নিস্‌+ √ক্রী+অ (অচ্‌)-ভা] ১ বিক্রয়। "মনু ৯.৪৬। ২ ক্রয়। ৩ বিনিময়। ৪ প্রত্যুপকারনির্গতি, প্রত্যুপকারপরিশোধ। "মাঘ ১.৫০। ৫ [+অ-ণ] বুদ্ধিযোগ। ৬ সামর্থ্য। ৭ মোচনমূল্য, পরিক্রয়মূল্য, বিনিময়দ্রব্য, মূল্য। "স্বদেহার্পণ° রঘু ২.৫৫ ; শ্রুত° ৫.২২; আত্ম° ১৫.৫৫। ৮ বেতন। ৯ প্রত্যুপকার।

নিষ্ক্রান্ত বিণ [নিস্‌+ √ক্রম্‌+ত (ক্ত)-ক] নির্গত, প্রস্থিত। "মহা ১৩.২.৪৬। সী ১৫। —ক্রামণ বি নিষ্ক্রান্ত করা; নিঃসারণ। "ইচ্ছামাত্রে কৈল নিজ প্রাণ-নিষ্ক্রামণ চৈ.চ ৩১৮।

নিষ্ক্রামণ দ্র 'নিষ্ক্রান্ত'।

নিষ্ক্রিয় বিণ [বহুব্রী] ১ নির্গতক্রিয়, ক্রিয়ারহিত, ব্যাপারহীন। "গো.রা ২.৪৯.২৬। নিষ্ক্রিয়া গুণাঃ।—ভাষাপরিচ্ছেদ ৮৬। ২ বিহিত ক্রিয়ার অননুষ্ঠাতা। "মনু ১১.১৮।

নিষ্ঠ বিণ [নি+ √স্থা+অ (ক)-ক, ষত্বে থ >ঠ ; অথবা, নিষ্ঠা > °ষ্ঠ (বহুব্রীহিতে উত্তরপদ)] ১ একান্তস্থিতিশীল ; নিরত, পর, প্রধান। "জ্ঞান°, তপো°, স্বাধ্যায়°, কর্ম্ম° মনু ৩.১৩৪। ২ [বাঙ্‌লায় ; অপ্র] নিষ্ঠাবান্‌, শ্রদ্ধান্বিত। "কহি আমি শুন নিষ্ঠ ক.চ ২৩৫। ৩ সত্য, ঠিক। "তবে বলি নিষ্ঠ ম.ম ১০৮। —ষ্ঠা স্ত্রী [+অ (অঙ্‌)-ভা+স্ত্রী আ (টাপ্‌)] ১ সম্যক্‌স্থিতি, ধর্ম্মাদিতে শ্রদ্ধা, অনুরাগ। "তপসি তে নিষ্ঠা।—ভ ৩.৯.৩৮। নিষ্ঠা দেখি মুনি মন্ত্র দিলেন ধ্রুবেরে।—ম ১০৩৪। ২ ব্যবস্থা। ৩ অভিনিবেশ, তাৎপর্য্য। "তন্নিষ্ঠ গী ৫.১৭। ৪ ধৈর্য্য। "মনো নিষ্ঠাশূন্যং ভ্রমতি মা.মা ১.৩১। ৫ নিষ্পত্তি, সমাপ্তি। "মনু ৮.২২৭। নিষ্ঠাং গতে (কর্ম্মণি) ভট্টি ১.১৩। ৬ নাশ, অন্ত। "বাহু-বিমর্দ্দনিষ্ঠ রঘু ৭.৫২। ৭ নাটকের পঞ্চম সন্ধি ; নির্বহণ। ৮ যাচ্ঞা। ৯ নিশ্চয়, অবধারণ। "মহা ১৪.২২.১২। বাস-নিষ্ঠা কৈল—চন্দ্র-শেখরের ঘর।—চৈ.চ ২.২। ১০ [+অ-ধি] অন্তসীমা। "তৃষ্ণানিষ্ঠা-গত বি.মু ৭৮। ১১ উৎকর্ষ। ভক্তি-নিষ্ঠা চৈ.চ ১২৫। ১২ ব্রত (S.W.)। ১৩ স্থিতি, আশ্রয়। "লোকেঽস্মিন্‌ দ্বিবিধা নিষ্ঠা গী ৩.৩। ১৪ বিষ্ণু (মহা)। ১৫ প্রাপ্যবিষয়। "ক। নিষ্ঠাঽবিজিতাত্মনাম্‌ ভ ১১. ৫.১। ১৬ (ব্যাকরণে) পারিভাষিক 'ক্ত' 'ক্তবতু' প্রত্যয়। —ষ্ঠান ক্লী [+অন-ধি] ব্যঞ্জন। "°বরসঞ্চয় রা ২.৯১.৬৭। —ষ্ঠিত বিণ [+ত (ক্ত)-ক] ১ সম্যক্‌ স্থিত ; অবস্থিত। "সৎপথে নিষ্ঠিতস্তু রা ৭.১০.৫। নিগমবর্ত্মনি নিষ্ঠিতানাম্‌ ভ ২.৭.৩৭। ২ প্রবীণ, পণ্ডিত। "রা ১.১.১৪ ; যজ্ঞকর্ম্মসু নিষ্ঠিতান্‌: স্থাপত্যে নিষ্ঠিতাম্‌ ১.১৩.৬। ৩ নিষ্ঠাযুক্ত, শ্রদ্ধাবান্‌। [নিষ্ঠাকাষ্ঠা—শ্রদ্ধাতিশয়, বিশেষ আস্থা। নিষ্ঠান্ত (পুং)—বংশস্থিতির শেষ। "সুমিত্রো নাম নিষ্ঠান্তঃ ভ ৯.১২.১৫।]

নিষ্ঠা, নিষ্ঠাকাষ্ঠা, নিষ্ঠান, নিষ্ঠিত দ্র 'নিষ্ঠ'।

নিষ্ঠী(ষ্ঠে)ব পুং, -বন ক্লী [নি+ √ষ্ঠিব্‌+অ (ঘঞ্‌),+অন (ল্যুট্‌) -ভা, বিকল্পে দীর্ঘ (স্বামী—অ.টী) ; তু° √ষ্ঠিব্‌ >ষ্ঠীব্‌ (পা ৭.৩.৭৫)] মুখে শ্লেষ্মাদিনিরসন ; থু-থু ফেলা। পূতিনিষ্ঠীবন (সুশ্রুত)। নিষ্ঠীবন-শরাব (S.W.)।

নিষ্ঠুর বিণ [নি+ √স্থা+উর (কুরচ্‌)-ক (অ.টী)] ১ মর্ম্মস্পৃক্‌, পরুষ, কঠোর। "গিরো দারুণনিষ্ঠুরাক্ষরাঃ গো.রা ২.৬২.৪৩। মাঘ ৫

৪৯। ২ ক্রূর। "শস্ত্রব্যবহারনিষ্ঠুরে বিপক্ষভাবে রঘু ৩.৬২। ৩ প্রচণ্ড তীব্র। "ভগবদ্গোত্রনিষ্পাতৈর্বজ্রনিষ্পেষনিষ্ঠুরৈঃ ভ ১০.৪৪.২০। ৪ অনুকম্পারহিত। "তে ব্যবসায়ঃ প্রতিপত্তিনিষ্ঠুরঃ রঘু ৮.৬৫। নিষ্ঠুর সত্যের মত (বিসর্জন)।—র স্ত্রী পরুষবাক্য।

নিষ্ঠেব, নিষ্ঠেবন দ্র 'নিষ্ঠীব'।

নিষ্ঠ্যূত বিণ [নি+ষ্ঠিব্+ত (ক্ত)-র্ম্ম, ব > উ (ঊঠ্)] ১ নিরস্ত, বিক্ষিপ্ত। "তেজো বহ্নিনিষ্ঠ্যূতমৈশম্ রঘু ২.৭৫। মাঘ ৩.১০। ২ উদ্গীর্ণ। "নিষ্ঠ্যূতঃ...লাক্ষারসঃ কেনচিৎ শ ৪.৫। —ত ক্লী [+ত-ভা] ১ নিষ্ঠীবন। ২ মুখনিঃসারিত জল। "যাজ্ঞ ২.২১৬।

নিষ্ণ বিণ [নি+√স্না+অ (ক)-ক, কৌশলে যত্ন, টুত্ব] কুশল। "আতিথ্যনিষ্ণা বনবাসিমুখ্যাঃ ভট্টি ২.২৬। —ষ্ণাত বিণ [+ত (ক্ত) -ক] ১ কুশল, নিপুণ। "বেদ্যাঃ সর্ব্বত্র নিষ্ণাতাঃ মহা ৩.১১০.৫৩। তরঙ্গরঙ্গলীলা° মাঘ ৮.৬৩। ২ পারগত। "বৈশম্পায়নঃ...নিষ্ণাতো যজুষাম্ ভ ১.৪.২১। ৩ অভিজ্ঞ। "লোকবৃত্তান্ত°।—শ ৫২৬। ৪ ব্যবস্থিত। "যাজ্ঞ ২.৮৬।

নিষ্পতিপুত্রা স্ত্রী [বহুব্রী] পতিপুত্রহীনা স্ত্রী; অবীরা।

নিষ্পত্তি স্ত্রী [নিস্+√পদ্+তি (ক্তিন্)-ভা] ১ সমাপ্তি। ২ সিদ্ধি। "ভর্ত্তৃকর্ম্ম° ভ ৫.৯.১৪। ভার্য্যাত্ব° মনু ৮.২২৭, কুল্লুক। ৩ পরিপাক। "ফল° গো.রা ২.৪২.৯। কু.স ২.৩৭। ৪ (বাঙলায়) মীমাংসা, মিটমাট। "মোকদ্দমার নিষ্পত্তি। ৫ নিঃসরণ, বাহির হওয়া। "ব্রাহ্মণের বাঙনিষ্পত্তি নাই ব.প্র ২৭। —ষ্পন্ন বিণ [+ত (ক্ত)-ক] সমাপ্ত; সিদ্ধ।

নিষ্পত্র বিণ [বহুব্রী] ১ নির্গতপত্র (বৃক্ষ)। ২ পত্রহীন। ৩ এক পার্শ্বে নিক্ষিপ্ত সপুঙ্খশরের অন্য পার্শ্বে নির্গমনযুক্ত (মৃগ)। "পা ৫.৪.৬১।

নিষ্পন্দ বিণ ['নিস্পন্দ' সাধু] ১ স্পন্দহীন, নিশ্চেষ্ট। "জ্যাবন্ধনিষ্পন্দভুজেন রঘু ৬.৪০। ২ স্থির, স্তব্ধ "°ন্দান্তরবঃ গো.রা ১.৩৬.১৫।

নিষ্পবন ক্লী [নিস্+√পূ+অন (ল্যুট্)-ভা] নিস্তুষীকরণ, ঝাড়া।

নিষ্পরিগ্রহ বিণ [বহুব্রী] ১ পরিগ্রহহীন, পরিজনশূন্য। ২ বিষয়াদিসঙ্গরহিত (যতি-প্রভৃতি)। —গ্রহ পুং যতি।

নিষ্পাণ্ডব বিং পাণ্ডবহীন, অপাণ্ডব। "°ব ধরা।—ম ৯০৭।

নিষ্পাদক বিণ [নিস্+√পাদি+অক (ণ্বুল্)-ক] নিষ্পত্তিকারক, সাধক। —দন ক্লী [+অন (ল্যুট্)-ভা] সম্পাদন, সাধন। —দিত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] সাধিত, কৃত। —দ্য বিণ [+য (যৎ)-র্ম্ম] সম্পাদ্য, সাধ্য।

নিষ্পাপী বিং [পাপী > °পী (নঞর্থে); সং °প] পাপরহিত। "ম ৩৭১; নিষ্পাপী হইল অশ্ববর ১২০৫।

নিষ্পাব বিণ [নিস্+√পূ+অ (ঘঞ্)-র্ম্ম] নির্বিকল্প (মেদিনী)। —ব পুং [+অ-ভা] ১ ধান্যাদিনিস্তুষীকরণ, ঝাড়া। ২ পূতীকরণ, শোধন। ৩ ধান্যবিশেষ, শ্বেতশিম্বীধান্য। ৪ কড়ঙ্গর, তুষ-কুঁড়া। ৫ রাজমাষ, বরবটী। ৬ শিম্বিকা। ৭ [+অ-ণ] শূর্পবায়ু, কুলার বাতাস। ৮ পবন, বায়ু। —বী স্ত্রী শিম্বীভেদ, বোড়া (শ.ক)।

নিষ্পীড় বিণ [নিস্+√পীড়ি+অ (অচ্)-র্ম্ম] নিপীড়িত, সন্তাপিত। "(বদনম্) নিষ্পীড়ং চার্করশ্মিভি গো.রা ২.৬২.১৭। —ড়ন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ অতিপীড়ন, নির্বাধন। ২ রসনিষ্কর্ষণার্থ বিমর্দ্দন; নিঙড়ান। "বস্ত্রনিষ্পীড়নোদকম্ (তর্পণমন্ত্র)। —ড়িত বিণ [+ত (ক্ত) -র্ম্ম] ১ অতিব্যথিত, নিপীড়িত। ২ রসনিঃসারণার্থ মর্দ্দিত। "নিষ্পীড়িতেন্দুকরকন্দল উ.চ ৩.১১।

নিষ্পুলাক বিণ [বহুব্রী] নির্গতপুলাক, তুচ্ছধান্যহীন, আগড়াবাছা (ধান্য)। "মনু ৮.৩৩১, কুল্লুক।

নিষ্পেষ পুং [নিস্+√পিষ্+অ (ঘঞ্)-ভা] ১ অতিপেষণ, নিষ্পীড়ন, চূর্ণন। ২ সঙ্ঘর্ষ, নির্ঘর্ষণ। "তল° মহা ৫.৪৮.৫২। অশ্মনিষ্পেষোৎপতিতানলম্ রঘু ৪.৭৭। ৩ ঘাত। "বজ্রনিষ্পেষনিষ্পিষ্ট রা ২.২৩.৩৩। ৪ ঘাতশব্দ। "নিষ্পেষমিব বজ্রস্য গো.রা ৪.৩০.২০। মহাশব্দং বজ্রনিষ্পেষতুল্যম্ মহা ৫.৪৮.৫২। ৫ সঙ্ঘর্ষধ্বনি। "আয়ুধানাং চ নিষ্পেষঃ গো.রা ৩.৩১.৪২।

নিষ্প্রচার বি [বহুব্রী] প্রচাররহিত, নিশ্চল। "মহা ১৩.৫.৮।

নিষ্প্রতিঘ বিণ [বহুব্রী] প্রতিঘরহিত, অপ্রতিবন্ধ। "নিষ্প্রতিঘেন চক্ষুষা রঘু ৮.৭৮।

নিষ্প্রতিভ বিণ [বহুব্রী] ১ নির্গতপ্রতিভ, প্রতিভাহীন, জড়। ২ প্রাগল্ভ্যরহিত।

নিষ্প্রবাণি বিণ [নির্গতা প্রবাণী যাহার, বহুব্রী, সমাসে হ্রস্ব] তন্তুবায়শলাকানির্গত, নব, তাঁতকাটা। "°ণিঃ পটঃ পা ৫.৪.১৬০, সি।

নিষ্প্রভ বিণ [বহুব্রী] নির্গতপ্রভ, প্রভাহীন, দীপ্তিশূন্য, ম্লান। "নিতান্ত নিষ্প্রভ মুখারবিন্দ সী ২৫।

নিষ্প্রয়োজন বিণ [বহুব্রী] ১ প্রয়োজনশূন্য, নিরর্থক। "মনু ১.৭৪, কুল্লুক। ২ অভিপ্রায়হীন, উদ্দেশ্যরহিত। "মহা ১৩.৩১.১৮।

নিষ্প্লুষ্ট বিণ [নিস্+√প্লুষ্+ত (ক্ত)-র্ম্ম] নির্দগ্ধ। "নিষ্প্লুষ্টপৌরুষ ভ ২.৭.৯।

নিষ্ফল বিণ [বহুব্রী] ১ ফলশূন্য; বন্ধ্য (বৃক্ষ)। "নিষ্ফলা বৃক্ষাঃ গো.রা ৪.৪৮.৮। ২ ব্যর্থ, কর্ম্মফলহীন। "মনু ৩.১৪৪। নিষ্ফলোদয়ঃ কু.স ৪.১৩। ৩ বৃষণহীন, বীর্য্যরহিত। —ল পুং ফলশূন্য ধান্যনাল; পলাল, নাড়া। —লী স্ত্রী বিগতরজস্কা স্ত্রী।

নিষ্ফলী দ্র 'নিষ্ফল'।

নিষ্য(স্য)ন্দ পুং [নি+√স্যন্দ্+অ (ঘঞ্)-ভা, অপ্রাণিকর্তৃকে] ১ স্রবণ, জলাদিক্ষরণ। ২ [+√অ (অচ্)-ক] ক্ষরিত জলাদি; সলিলস্রাব। "বল্কলশিখানিষ্যন্দরেখাঙ্কিত।—শ ১.১৪। পূ.মে ৪২। ৩ নির্ঝর। "হিমাদ্রিনিষ্যন্দ রঘু ১৪.৩। ৪ ক্ষরিত ক্ষীর (বৃক্ষনির্য্যাস)। "গ্রন্থিনিষ্যন্দগন্ধ উ.চ ২.২০। ৫ দ্রব। "তদঙ্গনিষ্যন্দজলেন রঘু ৩.৪১। ৬ নির্য্যাস, রস। "বাল্মীকেঃসরস্বতীনিষ্যন্দঃ উ.চ ৬৩২৬। —ন্দী (-ন্দিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -ন্দিনী] স্রাবী, ক্ষরণকারী। "কনকরস° শ ৭৪। হিমনিষ্যন্দিনী রঘু ১৫.৬৬। মাঘ ৪.৫৮। —ষ্য(স্য)ন্ন বিণ [+ত (ক্ত)-ক] স্রুত, ক্ষরিত।

নিস্ ব্য উপসর্গবিশেষ—১ সাকল্য। ২ সর্থ 'নির্'।

নিসর্গ পুং [নি+√সৃজ্+অ (ঘঞ্)-ভা] ১ অর্পণ, দান। "মনু ৮.১৪৩। ২ আজ্ঞা। "পিতামহ° মহা ৩.২৯২.১৮। ৩ ত্যাগ। ৪ নির্ম্মাণ সৃষ্টি। "প্রজা°। ৫ [+অ-র্ম্ম] স্বভাব, প্রকৃতি। "গো.রা ২.২৯.১৯। °সংস্কারবিনীত রঘু ৩.৩৫। °পণ্ডিতাম্ কু.স ৪.১৬। ক্রূর° ভ ৭.১০.৩০। নিসর্গের শোভা।—রঙ্গ ৮২। °খেলা, °ক্রীড়া।—হেম ১৭৮। নিসর্গতঃ কন্যাসন্তানদিগেরও পিতৃধনে কতক অধিকার আছে পা.প্র ৯৪। ৬ স্বরূপ। ৭ রূপ (মেদিনী)। ৮ সৃষ্টি। ৯ [বাঙলায়; অপ্র] কৌশল। "ম.ম ৮৯। [°জ (বিণ)—স্বভাবজাত, সহজ। °সিদ্ধ (বিণ)—স্বাভাবিক।]

নিসাড় বিং [পদ্যে] ১ নিঃশব্দ, নীরব। "তোরা নিসাড় হইয়া, আর না সজনি ব.প ১০০১। ২ অসাড়, নিস্পন্দ। "নিসাড় শরীর। —হেম ৩৪।

নিসা(শা)দল বি [সং নরসার; ফা নৌশাদর্] সর্থ 'নরসার' (sal-ammoniac)।

নিসান দ্র 'নিশান'।

নিসানী বি সর্থ 'নিশানী'। "গো.বি ১২।

নিসিন্দা বি [সং নিসিন্ধু; হি নিগোরী, ঠ নিগড়ী (সং নিগুণ্ডী); ড় বেগুনিআ] বৃক্ষবিশেষ (Vitex negundo)।

নিসিন্ধু পুং 'সিন্ধুবৎ বহুরস' ; সিন্ধিবার, নিসিন্দা।

নিসূদক বিণ [নি+সূদি+অক (ণুল্)-ক ; 'নিষূদক' সাধু] ১ ঘাতক, হিংসক। "আত্রেয়ী° যাজ্ঞ ৩.২৫০। ২ বিদারক। "ক্রৌঞ্চ° মহা ৩.৮৪.১৬০। —সূদন বিণ [+অন (ল্যুট্)-ক ; স্ত্রী -না; 'নিষূদন' সাধু ; তু 'লি নিস্‌দন'] সর্থ 'নিসূদক'। "বলবৃত্র° মহা ৩.৫৪.২৩। শুক্রাম্মরীগুল্ম° (সুশ্রুত)। কুবলয়° শ্রী.ম ১২৯। জীবকুল° প.তৃ ৩৮। —সূদন ক্লী [+অন (ল্যুট্)-ভা] মারণ, বধ। "মনু ৮.২৪২, কুল্লুক।

নিসূদন দ্র 'নিসূদক'।

নিসৃষ্ট বিণ [নি+ √সৃজ্+(ক্ত)-র্ম] ১ ত্যক্ত। "মনু ৮.৪১৪। ২ ক্ষিপ্ত। "শরাঃ...নিসৃষ্টাঃ গো.রা ৩.৩১.১৭। শৈলনিসৃষ্টবজ্র। —ভ ৩.২৮.২২। ৩ স্থাপ্য (অ.টী)। ৪ দত্ত, অর্পিত। "যস্মিন্ নিসৃষ্টোঽহং ত্বয়া রা ২.৭৭.৬। ৫ নিযুক্ত, অনুজ্ঞাত। "অনিসৃষ্টো গুরুণা মনু ২.২০৫। ৬ শুস্ত (ত.বা)। ৭ মধ্যস্থ (ত্রিকাণ্ডশেষ)।

নিসৃষ্টার্থ পুং ১ ত্রিবিধ দূতের একতম ; যে দূত উভয়ের (যে প্রেরক ও যাহার নিকটে প্রেরিত হয়, এই দুই এর) ভাব বুঝিয়া স্বয়ং সুসঙ্গত কার্য্য করে (সা.দ ৩.৪৮)। ২ ধনের আয়ব্যয়পালনে এবং কুসীদকৃষি-বাণিজ্যে নিযুক্ত পুরুষ (বৃহস্পতি)। —র্থা স্ত্রী ত্রিবিধা দূতীর একতমা; যে দূতী নায়ক ও নায়িকার অভীষ্টার্থ জানিয়া আপন বুদ্ধিতে কার্য্য সাধন করে (সা.দ ৩.৪৮, টীকা)।

নিস্‌কড়ি বিং মূল্য বিনা প্রাপ্ত ; নিকড়ে। "নিস্‌কড়ি প্রসাদ চৈ.চ ১৫৮ ; ২৯০।

নিস্তন্তু বিণ [বহুব্রী] তন্তুহীন, বংশাঙ্কুররহিত, বংশহীন (মহা)।

নিস্তন্দ্র, -ন্দ্রি বিণ [বহুব্রী] তন্দ্রাহীন, অনলস।

নিস্তব্ধ বিণ [নিস্+ √স্তন্ভ্+ত (ক্ত)-ক, ষত্বাভাব] ১ নিশ্চল, নিস্পন্দ। "নিস্তব্ধ নিষেধসম।—কথা ৪৪। চেয়ে রব...দিগন্তের পারে, নিস্তব্ধ নির্ব্বাক্ চ.কা ২৯৫। ২ অভিভূত। "অ° ভট্টি ৯.৮৯।

নিস্তমস্ক বিণ [নির্গত তমঃ যাহা হইতে, বহুব্রী, বিকল্পে সমাসান্ত 'ক' (কপ্)] ১ তিমিররহিত। ২ বিগতকল্মষ, নিষ্পাপ। "হরিবিক্রম-নিস্তমস্কং (মার্গম্) ।—শ ৭.৬।

নিস্তরঙ্গ বিং তরঙ্গহীন, প্রশান্ত। "জল অস্থির, কিন্তু নদী অস্থির নহে, নিস্তরঙ্গ ব.প্র ৩৭৯।

নিস্তরণ ক্লী [নিস্+তৃ+অন (ল্যুট্)-ভা] ১ তরণ, পারগমন। "ভবনিধি-নিস্তরণে।—দা ২। ২ নিস্তার, উদ্ধার। ৩ নির্গম, বহির্গমন। ৪ পরিরক্ষণ, পরিত্রাণ। "স্বনিস্তরণাশক্তৌ মনু ৮.৩৫০, কুল্লুক। ৫ [+অন-ণ] উপায়।

নিস্তল বিণ [নিরস্ত তল (প্রতিষ্ঠা) যাহার, বহুব্রী] ১ 'প্রতিষ্ঠারহিত', তলহীন, অতল। "নিস্তল...জল ম.ভা ৪৯। ২ বর্ত্তুল, বৃত্ত, গোল, নিটোল। "মুক্তাকলাপস্য চ নিস্তলস্য কু.স ১.৪২। ৩ চল, অস্থির। —ল ক্লী [প্রা.স] নিতান্ত তলদেশ ; তল (অ.চি)। —লা স্ত্রী বটিকা।

নিস্তলা দ্র 'নিস্তল'।

নিস্তার[1] পুং [নিস্+তৃ+অ (ঘঞ্), বাহুলকে] ১ তরণ, পারগমন। "জীর্ণা তরিঃ সরিদতীবগভীরনীরা, বালা বয়ং সকলমিত্যনর্থহেতুঃ। নিস্তারবীজমিদমেব কৃশোদরীণাং যন্মাধব ত্বমসি সম্প্রতি কর্ণধারঃ॥—উদ্ভট। ২ উদ্ধার, ত্রাণ। 'দ্র 'নিস্তার' (১)। নিস্তারকারিণী। —কৃ ৩৫১। ৩ [+অ-ণ] উপায়। ৪ ঋণশুদ্ধির উপায়। "গৃহীত-রাজবর্ত্তনস্য নিস্তারঃ।—হি ৩১১৩০। —রিণী বি ১ উদ্ধারকারিণী দেবী। "সুর-নর-নিস্তারিণী।—কৃ ২২। কে নাম রেখেছে নিস্তারিণী।" —দা ১৬৫৬। ২ দুর্গা। "নীলকণ্ঠ তথা নিস্তারিণীমনোহর মে ৯৯। [°বীজ (ক্লী)—ভবার্ণবতরণ-কারণ। "নিস্তারণবীজং...ব্রহ্মমন্ত্রস্য সাধনম্ (মহানির্ব্বাণতন্ত্র)।]

নিস্তার[2] সর্ম [সং নিস্+ √তারি—নিস্তারয় > প্রা √ণিত্থার > বা °র ; হি, ঠ √নিস্তার ; অস √°র্] ১ উদ্ধার করা ; মুক্তি দেওয়া। "নিস্তারিছ জগ জন ম.পা ১৩৪। নিস্তারিতে ঐছে...আর নাই চৈ.চ ৫ ; নিস্তারিল দক্ষিণ দেশে ১১০। জীব নিস্তারিতে চৈ.ম ১৬২। ২ ত্রাণ করা ; রক্ষা করা। "নীলকণ্ঠ যথা,...নিস্তারিলা ভবে, নিস্তার এ বলে, সখে!—মে ৯৯।

নিস্তুষ বিণ [বহুব্রী] ১ নির্গততুষ, তুষহীন (যবাদি)। ২ নির্ম্মল। —ষিত বিণ [√নিস্তুষি+ত (ক্ত)-র্ম] ১ নিস্তুষীকৃত, ত্বগ্‌বিহীন। ২ ত্যক্ত। ৩ লঘূকৃত।

নিস্তেজাঃ (-জস্) বিণ [বহুব্রী ; স্ত্রী -জাঃ] ১ নির্গততেজস্ক, তেজোহীন, নিষ্প্রভ। ২ তেজোরহিত, প্রভাবশূন্য। "বলবানপি নিস্তেজাঃ কস্য নাহভিভবাস্পদম্ হি ২.১৭২। ৩ নিঃসত্ত্ব, শক্তিহীন। "নিস্তেজাঃ কালি করিব বামারে।—মে ১০৭। ৪ নিরুৎসাহ।

নিস্ত্রিংশ বিণ [ত্রিংশৎ হইতে নির্গত, প্রা.স, 'অ' (ডচ্) প্রত্যয় ; স্ত্রী -শা] ১ ত্রিংশতের অধিক। "নিস্ত্রিংশানি বর্ষাণি দেবদত্তস্য (কাশিকা)। ২ (খড়্গসাদৃশ্যে) নির্দ্দয়, নিষ্ঠুর। "নিস্ত্রিংশং হৃদয়ম্।—পঞ্চ ১.৩৯৮ ; ৫১৯২। —শ পুং 'ত্রিংশৎ অঙ্গুলির অধিক' ; খড়্গ। "°ধারী, °ভৃৎ, বন্ধ°। "দীধিতিসটা।—নাগানন্দ ৩.১৬। —শী (-শিন্) বিণ [°শ+ইন্ (ইনি)-১ব] খড়্গধারী।

নিস্ত্রৈগুণ্য বিণ [বহুব্রী] গুণত্রয়কার্য্যহীন, নিষ্কাম। "নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন গী ২.৪৪। নিস্ত্রৈগুণ্য ভব।—রামমোহন রায়।

নিস্পন্দ বিণ [নিস্+স্পন্দ্ > নিঃস্পন্দ (রঘু ১৫.৩৭), নিস্পন্দ (বিসর্গলোপ), তু 'নিষ্পন্দ'; বহুব্রী] ১ সর্থ 'নিষ্পন্দ'। "নিস্পন্দা জঘনস্থলী গী.গো ১২.১২। ন ১০৬১। ২ নেত্রসঙ্কোচরহিত, অনিমেষ। "নৈ ৮.১৩। নিস্পন্দ নয়নে (বিদ্যাসাগর-ধৃতপাঠ) সী ৪৯।

নিস্পৃহ ; নিস্যন্দ ; নিস্রব, -স্রাব, -স্রুত দ্র 'নিঃস্পৃহ ; নিষ্যন্দ ; নিঃস্রব'।

নিস্ব(স্বা)ন পুং [নি+ √স্বন্+অ (অপ্, ঘঞ্)-ভা] ১ মহাশব্দ, গর্জ্জিত। "গজের নিস্বন।—ম ৬৪৩। ২ বাদ্যধ্বনি। "মঙ্গলতূর্য্যনিস্বন রঘু ৩.১৯। শঙ্খের নিস্বন।—ম ৬৪০। বাঁশরী° প.তৃ ৫১। ৩ শব্দ, ধ্বনি। "গীতনিস্বন।—ঋতু ১.৮। গম্ভীর নিস্বনে (ধুলা উড়িল গগনে)। —শ্রী.ম ২৪। ৪ ক্ষ্বেড়, সিংহনাদ, নাদ। "(রঘুঃ) সহোত্থিতঃ সৈনিক-হর্ষনিস্বনৈঃ রঘু ৩.৬১।

নিহড়ি (?)। "নিহড়ি চলিল ধেয়ে শি ১১২।

নিহত বিণ [নি+ √হন্+ত (ক্ত)-র্ম] ১ মারিত, বিনাশিত। "গৃধ্রং চ নিহতং দৃষ্ট্বা রা ১.১.৫৩। ২ তাড়িত। "হাসব্রীড়াবলোক° ভ ১.১১.৩৭। ৩ প্রতিহত। "গদা চ নিহতা...স্যপতদ্ ভুবি গো.রা ৩.৩৫.৫১। —হনন ক্লী [+অন (ল্যুট্)-ভা] ১ মারণ, বধ। ২ উদাত্তস্বরে অনুদাত্তাদির অনুচ্চারণরূপ নিঘাত। —হন্তা (-ন্তৃ) বিণ [+তৃ (তৃচ্) -ক-১ব ; স্ত্রী -ন্ত্রী] মারয়িতা, ঘাতক। "ভ্রাতৃ° গো.রা ৪.৫৭.১৬। মনু ৫.৫১। —হন্তব্য বিণ [+তব্য-র্ম] বধ্য। "পঞ্চ ১.১৯৯।

নিহন্তা, নিহনন দ্র 'নিহত'।

নি(নে)হাই, নেহাই, নেই[2] বি ['নিঘাত'—মূল (?) ; হি নিহাঈ ; মৈ নেহাই] যে লৌহপিণ্ডের উপরে ধাতু তাতাইয়া পেটা হয় (anvil)। "ত্রস্তে পুড়ি হস্ত করে নেহাই উপরে শি ৭১।

নি(নে)হাত, -ৎ ক্রি.বিং [ফা নিহ়াযত্] ১ অত্যন্ত। "সেটা নেহাৎ বাঁদর।—কা ৮৮। জাতে...নেহাত ওঁচা প.কা ১৯ ; নেহাৎ ছোট্ট ছেলে ২৪। ওসব যেন নেহাৎ থিয়েটারী কু.কে ৭১ ; নেহাৎ শিশু ৮৩।

তোমরা নেহাত বেহায়া গি.ম্বি ৭৩। ২ ন্যূন পক্ষে; অন্ততঃ। "তার সনে নেহাৎ নাও বিয়াল্লিশ খান বি.পা ১৮১। [নেহাৎ পক্ষে—শেষ পক্ষে। "তবু গেছি প্রিন্সিপালের দ্বারে. বিনি মাইনের, নেহাৎপক্ষে, …ভর্ত্তি হবার জন্যে প.কা ৭০।]

নিহার, -ল সর্ম্ম [সং নি+ √ভালি—নিভালয় > প্রা √নিহাল > বা °ল,-র; হি, মৈ √নিহার; ঠ, গু √নিহাল.] নিরীক্ষণ করা; বিশেষভাবে দেখা; দেখা। "নিহালয়ে ঝোপ-ঝাড়ে ক.চ ৫৭। সুন্দরি উলটি নেহারহ নাহ।—জ্ঞা ২১৯। [নিহারসি, -রি, -রে (প.ক)। নেহালয়—দেখে। "নটি রূপ নেহালয় গো.চ ২৫৪,-৫।]

নিহাল দ্র 'নিহার'।

নিহালী বি [ফা °লী] কার্পেটের আসন; গদি (cushion)। "ব্যয় করি বহু কড়ি, করিলাম…নিহালী পামরী ক.চ ১২০।

নিহিংসন ক্লী [নি+ √হিন্‌স্+অন (ল্যুট্)-ভা] মারণ, বধ।

নিহিত বিণ [নি+ √ধা+ত (ক্ত)-র্ম্ম] ১ স্থাপিত। "ক্ষিতিনিহিত-জানুচরণ।—পঞ্চ ৫২১২। ২ আহিত। "দিনান্তে নিহিতং তেজঃ সবিত্রা রঘু ৪.১। ৩ নিক্ষিপ্ত, নিগূঢ়। "ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াম্ মহা ৩.৩১২.১১৭।

নিহ্নব পুং [নি+ √হ্নু+অ (অপ্)-ভা] ১ অপহ্নব, অপলাপ। "যাজ্ঞ ২.১১। ২ শাঠ্য, নিকৃতি। "মনু ৯.২১। ৩ অবিশ্বাস। ৪ শুদ্ধি, শোধন। —হ্নুত বিণ [+ত (ক্ত)-র্ম্ম] কৃতাপলাপ। —হ্নুতি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা] সর্থ 'নিহ্নব' (১-৩)।

নিহ্রাদ পুং [নি+ √হ্রদ্+অ (ঘঞ্)-ভা] সর্থ 'নির্হ্রাদ'।

নী[১] দ্বিক [ভ্বা, এ—নয়তি, -তে; অনিট্] নয়ন, প্রাপণ। "নয়তি নয়তে গাং বনং গোপঃ (ক.ক)। [অনু—অনুনয়। অপ—অপনয়ন, অপসারণ। অভি—অভিনয়, অনুকরণ। আ—আনয়ন। উদ্—উন্নয়ন, উৎক্ষেপ। উপ—উপনয়ন; ভৃতি (পা ১.৩.৩৬)। নি—নিনয়ন, প্রাপণ। "মনু ৩.২১৮। নির্—নির্ণয়। পরি—পরিণয়। প্রতি-আ—প্রত্যানয়ন। বি—১ বিনয়ন, শিক্ষণ। "রঘু ৩.৩৯। ২ অপনয়ন। "ক্রোধং বিনয়তে পা ১.৩.৩৭। ৩ ঋণাদিশোধন; ধর্ম্মাদ্যর্থ বিনিয়োগ। "পা ১.৩.৩৬। সম্-উদ্—উৎকর্ষপ্রাপণ। "কি ১.৮।]

নী[২] প্র [ইনী > নী; ফা 'নী'—শেরনী (ব্যাঘ্রী), সরদারনী; হি 'নী'—সুনারনী (স্বর্ণকার-স্ত্রী); প 'নী'—উনটনী] বাঙলা স্ত্রী-প্রত্যয়। "কামারনী, কুলুনী, ছুতারনী, ডোমিনী, তেলিনী, ধোপানী, ময়রানী, হাড়িনী।

নীকাশ বিণ [নিকাশ > °শ (বিকল্পে দীর্ঘ)] সদৃশ। "অম্বু বিকাসিকাশনীকাশম্ মাঘ ৫.৩৫। [সমাসে উত্তরপদ]। —শি বি [অপ্র] সাদৃশ্য, তুলনা। "কোন ঠাই, কারো ঠাই. সে গোলাপি রাগ নাই,…হার মেনে গেছি আমি ক'রে নিকাশি!—অ.গু ৪৮।

নীচ বিণ [নি+ √চি+অ (ড)-ক, দীর্ঘ (অ.টী)] ১ 'নিকৃষ্টশোভা-ধারী', জাতিগুণকর্ম্মাদি হেতু নিকৃষ্ট; প্রাকৃত, অধম, ইতর। "নীচ প্রায় কার ঠাঁই নহে অবনত স.শ ৩৮। ২ হেয়, অপকৃষ্ট। "নীচৈর-নীচৈরতিনীচনীচৈঃ সর্ব্বৈরুপায়ৈঃ ফলমেব সাধ্যম্ (সু.র)। ৩ নিম্ন, অনুন্নত। বিপ 'উচ্চ'। "(আসনম্) নাত্যুচ্ছ্রিতং নাতিনীচম্ গী ৬.১১। নীচং শয্যাসনম্ মনু ২.১৯৮। ৪ নিম্নস্থানস্থিত। "ঋগ্বেদ ১০.৩৪.৯। ৫ খর্ব্ব, বামন। "নীচেন বপুষা।—হ ৭৯.৩৪। ৬ নিকৃত্ত, কৃতক্ষৌর-কর্ম্ম। "°কেশশ্মশ্রুনখ যাজ্ঞ ১.১৩১। °কেশনখ (সুশ্রুত)। ৭ গভীর, নিম্ন। "নীচা নাভিঃ।—পঞ্চ ১.২২১। ৮ অনুচ্চ, মৃদু (স্বর)। ৯ অধম, মন্দ। "কলং বরমধ্যনীচম্ (বৃহৎসংহিতা)। ১০ অসাধু। "নীচো বদতি ন কুরুতে, ন বদতি সজ্জনঃ করোত্যেব (সু.র)। —চ পুং চোরনামকগন্ধদ্রব্য। —চ ক্লী নিম্নস্থান। "°গত। —চক বিণ [°চ+ক (কন্) স্বার্থে] মন্দ, ধীর। "গচ্ছ নীচকয়া গত্যা মহা ৩.১৪৫.৫। [নীচে দিয়া—নিম্নভাগ দিয়া। "চোকের নীচে দিয়া…জল গড়াইয়া আসিতেছিল ব.প্র ৩৫০।]

নীচক দ্র 'নীচ'।

নীচকৈঃ (-কৈস্) ব্য [নীচৈস্+অক্ (অকচ্)] নীচৈঃ।

নীচগ বিণ [নীচ+ √গম্+অ (ড)-ক; উ.ত] নিম্নগামী, নিম্নাভি-মুখ। —গ ক্লী জল। —গা বিণ নীচবর্ণগামিনী (স্ত্রী)। —গা স্ত্রী নদী।

নীচগা দ্র 'নীচগ'।

নীচযোনি, -নী (-নিন্) বিণ [বহুব্রী; °নি+ইন্ (ইনি) অস্ত্যর্থে-১ব; স্ত্রী -নি, -নিনী] নীচযোনিযুক্ত, নীচজাতি। "প্রাণিনাম্ …নীচযোনিনাম্।—হ ১৯৮.৫।

নীচু বিং [সং নীচ; হি °চু] ১ নিম্ন। বিপ 'উঁচু'। নীচু বিনা উঁচু দিকে জল কভু যায় না (পদ্যমালা)। ২ অবনত, হেঁট। "করে' আছি মাথা নীচু. অল্প স্বল্প পাই।—কথা ৬৯। —চু বি অধোভাগ। "তুমি যদি থাক আমার উপরে, আমি রব সব-নীচু।—কথা ৬৪। [মুখ নীচু হওয়া—লজ্জায় অধোমুখ হওয়া।]

নীচৈঃ (-চৈস্) ব্য [নি+ √চি+ঐস্ (ডৈসি), দীর্ঘ, উ ৫.১৩; ছান্দস] ১ অধোগত। বিপ 'উচ্চৈঃ'। "নীচৈর্মুখঃ পা ৬.২.১৬৮, কাশিকা। ২ অল্পক। "রঘুঃ…নীচৈর্বিনয়াদদৃশ্যত রঘু ৩.৩৪। ৩ নম্র। "রঘু ৫.৬২। ৪ তালু-প্রভৃতি সমান স্থানে নীচভাগে নিষ্পন্ন (অচ্)। "নীচৈরনুদাত্তঃ পা ১.২.৩০। ৫ মন্দ, ধীর। "নীচৈর্গতিঃ। ৬ খর্ব্ব, হ্রস্ব। "(তৃণানি) মৃদূনি নীচৈঃপ্রণতানি সর্ব্বতঃ।—পঞ্চ ১.১৩৩। ৭ অধঃ। "মহা ১.৭৮.৯। নীচৈর্গচ্ছত্যুপরি চ দশা উ.মে ৪৮। ৮ শনৈঃ। "নীচৈর্বাস্যতি…তে পূ.মে ৪২। ৯ মৃদু। "নীচৈঃ শংস (অমরু)। ১০ পর্ব্বতবিশেষ। "পূ.মে ২৫। [°গতি (স্ত্রী)—মন্দগমন; নিম্ন-গমন।]

নীঝর বি সর্থ 'নিঝর'। "নয়নে. বারি ঝরু নীঝর বি.প ১৫৪। [নীঝরে—অবিরত বর্ষণে। "নীঝরে ঝরই নয়ান (প.ক)।]

নীড় পুং, ক্লী [নি+ √ঈড়্+অ (ঘঞ্)-র্ম্ম; তু 'নীল'—নিলয়, কুলায়ভূত অন্তরিক্ষ (ঋগ্বেদ ৪.১.১১; ১২)] ১ স্থান, বাসস্থান। "তানি নীড়ানি সিংহানাং গিরিঃ গো.রা ৪.৪৩.১৭। (গিরিক্রোড়ে) লোকনীড়খানি।—চ.কা ১৪০। ২ পক্ষীর বাসস্থান; কুলায়, বাসা। "দিনক্ষয়ে নীড়ানি শ্রয়ন্তি খগাঃ গো.রা ২.৯৬.২৮। শকুন্ত° শ ৭.১১। মে ১১৫। বক্ষোনীড়।—গান ১৪৯। হত্যা বিহঙ্গের নীড়ে।—রবীন্দ্র। ৩ রথাবয়ববিশেষ; রথাদির উপবেশনস্থান। "(রথৈঃ) ভগ্ননীড়ধ্বজৈঃ গো.রা ৫.৪০.১৪। ভগ্ন-চক্রাক্ষনীড় মহা ৬.৭১.৬২। ৪ উপাশ্রয়। "মাঘ ৩.৫৫। [°জ, নীড়োদ্ভব (পুং)—'কুলায়জাত', পক্ষী। °জেন্দ্র (পুং)—পক্ষিরাজ, গরুড়।]

নীত[১] বিণ [√নী+ত (ক্ত)-র্ম্ম] ১ প্রাপিত, আনীত। "নেত্রা নীতাঃ…বিমানগ্রভূমীঃ উ.মে ৮। যেন তিনি রামের সম্মুখে নীতা হইয়াছেন।—সী ৯৭। অঙ্গুলীসঙ্কেতনীতনয়নে আকাশপ্রান্তে চাহিয়া দেখ।—ব.দ্বি ৬। ২ যাপিত। "নীতা রাত্রিঃ ক্ষণ ইব ময়া উ.মে ২৮। নীতং জন্ম নবীননীরজবনে।—ভ্রমরাষ্টক ৪। ৩ গৃহীত। নীতং যদি নবনীতং নীতং নীতং কিমেতেন। আতপতাপিতভূমৌ মাধব মা ধাব মা ধাব॥—উদ্ভট। নীতং নবনবনীতং কিয়দিতি পৃষ্টো যশোদয়া কৃষ্ণঃ (সু.র)। —ত ক্লী ধন।

নীত[২] '-ত্' বি [সং নীতি; ঠ °ত] ১ নীতি, শাস্ত্রবিধি। "কোন্ কর্ম্ম পরিহরি কি নীত পালিব?—ম ১১৫৮। বেদ শাস্ত্র জান নীত ধ.প ৫৫০। নীত বুঝান।—শ্রী.মা ১৮৩। স্বামী যে কাজ করে সেই তাহার নীত ম ম ৭৯। ২ অনুশাসন, উপদেশ। "আবর্ত্তে বলেন নীত ক.চ৮২।

৩ সামাজিক রীতি ; আচারব্যবহার। "এখানে মোকাম কর আগে বুঝি নীত শ্রী ১৫৬। শচী…জন-নীতবিদ ন.প ১৪২। তুমি রাঢ়দেশী ব্রাহ্মণ কিছুই নীতজ্ঞান নাই ব.প ১৭৩৫। [°ভীত (''হিত'—মূল, বা 'ভীত' অনু.শব্দ ?)—নীতিকথা। "বিপরীত নীতভীত শুনিয়া বিস্তর শি ৬৮।]

নী(নি)তবর বি [মিত্র > প্রা মিত্ত > বা মীত > নী(নি)ত+বর ; হি মীত (মিত্র)] বিবাহে বরের সঙ্গী মিত্রভাবাপন্ন বর ; কোলবর। "সেঁউতি নীতবর হইবে বলিয়া, সাজিয়া আসিয়া দুলিতে লাগিল ব.প্র ৬১০।

নীতি স্ত্রী [√নী+তি (ক্তিন্)-ভা] ১ নয়ন, প্রাপণ। ২ [+তি-ণ] অনুশাসনবাক্য, হিতকথা। "কথাচ্ছলেন বালানাং নীতিস্তদিহ কথ্যতে।—হি ৮ (অবতরণিকা)। ৩ শুক্রাদিকৃত অনুশাসনগ্রন্থ ; নীতিশাস্ত্র, রাষ্ট্রনীতি, অর্থশাস্ত্র, ন্যায়, নয়। "নীতিরস্মি জিগীষতাম্ গী ১০.৩৮। ৪ সামদানাদি উপায়। "কালে খলু সমারব্ধাঃ ফলং বধ্নন্তি নীতয়ঃ রঘু ১২.৬৯। ৫ নীতিসংগ্রহ। "আত্মোদয়ঃ পরজ্যানির্দ্বয়ং নীতিঃ।—মাঘ ২.৩০। ৬ শিষ্টাচরণ, সাধুব্যবহার। ৭ উপায়, কল্প। "মাঘ ৬.৩। [°কুশল (বিণ)—নীতিশাস্ত্র-পণ্ডিত। °জ্ঞ (বিণ) —নীতিবেত্তা। "মনু ৭.১৭৭। °বিদ্যা (স্ত্রী)—১ নীতিশাস্ত্রজ্ঞান। "নীতিবিদ্যাং দদাতি।—হি ২ (অবতরণিকা)। ২ নীতিশাস্ত্র। °শাস্ত্র (ক্লী)—শুক্রাদিকৃত রাজনীতিবিদ্যা। "°বিশারদ—হি ১.৩৯। —পঞ্চ ১০ (কথামুখ)। °সন্ধি (পুং)—নীতিশাস্ত্রের সন্ধান ; নীতিক্রম। "পঞ্চ ২.৪৭।]

নীধ্র ক্লী [নি+ √ধৃ+অ (ক)-ক, দীর্ঘ (অ.টী)] পটলপ্রান্ত চালের ছাঁচ। "গৃহাণি নীধ্রেরিব যত্র রেজুঃ (মাঘ)।

নীন বিং [সং নিম্ন > লি নিম্ন, প্রা ণিম্ন > বা °ন ; অপ্র] ১ নিম্ন, কম। "কুচ, সুন্দর সুবলিত, পুষ্ট হইতে কিছু নীন ভ.গ্র ৩৮২। ২ হেয়, লঘু। দ্র 'নূন'।

নীপ পুং [√নী+প-ক, উ ৩.২৩ ; তু 'নীপ'—গিরির অধোভাগ (শুক্লযজুর্বেদ ১৬.১৭)] ১ 'আনন্দপ্রাপক', কদম্ববৃক্ষ। "ঋতু ৩.১৩। °নিকুঞ্জ গো ২৫৪ ; চ.কা ৩৫৪। °কলি চৈ ২৮। °ছায় জ্ঞা ১২। ২ ধারাকদম্ব। ৩ ধূলিকদম্ব (বিশ্ব)। ৪ বন্ধুকবৃক্ষ। ৫ নীলাশোক। ৬ পর্ব্বতের পাদদেশ। ৭ রাজবিশেষ। "°বংশ রঘু ৬.৪৬। —প ক্লী কদম্বপুষ্প। "সীমান্তে…নীপং বধূনাম্ উ.মে ২। °নিকরে জ্ঞা ২৪। নীপক মাল।—ব ৬৫। নবনীপের মালা চ.কা ৩৩৮।

নীবাক পুং [নি+ √বচ্+অ (ঘঞ্)-ভা] মহার্ঘ হেতু ধান্যাদিতে আদরাতিশয়।

নীবার পুং [নি+ √বৃ+অ (ঘঞ্)-র্ম্ম, ধান্যে দীর্ঘ : ছান্দস] ১ তৃণধান্য, উড়িধান। "শ্যামাক° গো.রা ২.২৮.২১। রঘু ৫.১৫। শ ১.১৫। শুকমুখভ্রষ্ট নীবারকণিকা।—কাদ ১২। ২ শ্যামাক প্রভৃতি (অ.টী)। [°পাক (পুং)—নীবারধান্য। "রঘু ৫.৯। °ভাগধেয় (পুং) —নীবারাংশ। "রঘু ১.৫০।]

নীবি, -বী স্ত্রী [নি+ √ব্যে+ই (ইন্)-ণ, দীর্ঘ, য-লোপ, ডিৎ, উ ৪.১৩৫, বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্) ; ছান্দস] ১ নারীর কটিবস্ত্রবন্ধন ; নারীর জঘনস্থ বস্ত্রের গ্রন্থি (কাত্যায়ন)। "°বী যাজ্ঞ ২.২৮৭ ; রঘু ৭.৯ ; কু.স ১.৩৮। খসয়ে…নীবি নিচোর জ্ঞা ৯৩। নীবি খসায় চৈ.চ ২২১ ; ৩৩৯। নীবীছলে তথি, বান্ধল পাটক ডোর।—ব ৬৭। ২ (উপলক্ষণে) পুংস্কটিবস্ত্রবন্ধ (অ.টী)। তু 'ঔপনীবিক' ভট্টি ৪.২৬। ৩ বস্ত্রমাত্র (ত.বা)। "নিকশত নীবি নীবিবন্ধ গো ৭৫। ৪ শূদ্রের পিত্রাদিশ্রাদ্ধে মোটকবন্ধন (শ.ক)। ৫ [+ √বে+ই-ণ] বণিকের মূলধন ; পরিপণ। [°নিবন্ধ (বি)—সর্থ 'নীবিবন্ধ'। "খলত নীবি-নিবন্ধ জ.প ১৬। নীবি(বী)বন্ধ—নারীর বসনগ্রন্থিরূপ বন্ধন। "°ক্ষোচ্ছ্বসিত উ.মে ৭। নীবিবন্ধ করল উদেস বি.প ২২ ; খসয়ে নীবিবন্ধ ৪৬ ; ৭০,-৫। তোড়ল যব নীবিবন্ধ ১২৬। জ্ঞা ২৪৮ রক্তাম্বর নীবিবন্ধে বাঁধা চ.কা ২৫৪।]

নীবী দ্র 'নীবি'।

নীর ক্লী [√নী+র (রক্)-ক, উ২.১৩ ; নি+ √ঈর্+অ (ক) —অ.টী ; তা 'নীর' ; তেলেগু নীরু, -লু (H.B. 247)] ১ জল। "°নিকর মাঘ ৪.৫৮। পদনখনীর গী.গো ১.৯। নীর লোভে মৃগী, পিয়াসে ধাইতে, ব্যাধ শর দিল বুকে চ.দা ১০৯। শুনে ক্ষীর দেখি নীর হইল রুধির ভা.চ ৩৬৭। ২ রস। [°ধর (পুং)—জলধর, মেঘ। "উ.চ ৬.১৭। বা.দ ১৭৮। °পতত্রী (-ত্রিন্) পুং—জলচরপক্ষী, হংসপ্রভৃতি। "রঘু ৯,২৭। °রুহ (ক্লী)—নীরে জাত পদ্ম।]

নীরক্ত বিং [নির্+রক্ত] রক্তহীন। "নয়ন নীরক্ত হৈল।—ম ২৬৫ ; নীরক্ত হৈল সরস্বতীজল ৯৪৪।

নীরজ বিণ [নীর+ √জন্+অ (ড)-ক ; উ.ত] জলজাত। —জ পুং ১ উদ্বিড়াল। ২ উশীর। —জ পুং, ক্লী ১ পদ্ম। "সর্ব্বে বধূরল্পেন কালেনাপ্স্বিব নীরজাঃ মহা ১.১২৪.৩২। নীল° ক.সা ৪.৬। নবীন নীরজবন।—ভ্রমরাষ্টক ৪। °চরণ শ্রী.মা ৪। নীরজ-মকরধারু ম.পা ১৩২। জ.প ৯। °শেজ গো ২৫৪। °নয়ন ন.প ২৯২। বা.দ ১।

নীরজস্ক, -জাঃ(-জস্) বিণ [নির্গত রজঃ যাহা হইতে, বহুব্রী, সমাসে বিকল্পে 'ক' (কপ্) ; স্ত্রী -স্কা, -জাঃ] ১ রজোহীন, ধূলিশূন্য। "বায়ুরবাৎ…নিরজস্কঃ গো.রা ১.২৫.৪ ; নীরজস্কং…পন্থানম্ ২.১১৬.১৬। ২ রজোগুণক্রিয়াহীন। "গো.রা ২.১১৬.১৬। ৩ পরাগশূন্য (পুষ্প)। —স্কা, -জাঃ স্ত্রী গতার্ত্তবা নারী। [নীরজীকারিত (বিণ)—নির্ধূলীকারিত। "ভট্টি ৩.৫৫।]

নীরজাঃ (-জস্) দ্র 'নীরজস্ক'।

নীরদ পুং [নীর+ √দা+অ (ক)-ক] ১ 'জলদাতা', মেঘ। "গো.রা ৬.৬৬.২৮। নবীন নীরদ জ.প ৯। °নির্ম্মিত নীল চন্দ্রাতপ —ন ৪১২। নবীননীরদ-কান্তি প.তৃ ৪৯। ২ মুস্তক, মুথা।

নীরধি, নীরনিধি পুং [নীর+ √ধা+ই (কি)-ধি ; উ.ত ; ষ.ত] 'জলের আধার' ; সমুদ্র। "নীরনিধিনন্দিনী।—রঙ্গ ৮৫।

নীরন্ধ্র [নির্+রন্ধ্র ; বহুব্রী] ১ অবিদ্যমানরন্ধ্র, অচ্ছিদ্র। "সুরঙ্গদ্বারং…শিলাসঞ্চয়েন নীরন্ধ্রং কৃত্বা পিহিতম্ ক.ম ৪৯০। ২ নিরন্তর, ঘনসন্নিবেশ, নিরবকাশ, সান্দ্র। "বাণৈর্নীরন্ধ্রৈঃ কু.স ১৬.১১। °নীলনিচুল উ.চ ২.২২, °নিবন্ধ ৬৬। °দ্রুমশিশিরাং ভুবম্ মাঘ ৮.৩। ধনমানের দ্বারা নীরন্ধ্রভাবে আবৃত-আচ্ছন্ন চা.পু ২।

নীরনিধি দ্র 'নীরধি'।

নীরব বিণ [নির্+রব ; বহুব্রী] ১ রবশূন্য, নিঃশব্দ। "(রশনা) নীরবা রঘু ৮.৫৮। নীরব রবাব বীণা—মে ৭। নীরব প্রকৃতি। —ন ৭৫৯ ; ১০৬১। নিশার মত নীরব গী.লি ২৩। ২ মৌনী। "সে শুধু শুনেছে নীরব সন্ধ্যা।—কা ৩৪।

নীরস বিণ [নির্+রস ; বহুব্রী] ১ রসহীন, শুষ্ক। "শ্লাঘ্যং নীরসকাষ্ঠতাড়নশতম্।—শৃ ৯। নীরস করিয়া ভাজে শ্রী ১০৭। ২ জলহীন। "এষা রসা নীরসা (চাতকাষ্টক)। ৩ শৃঙ্গারাদি-রসহীন। "নীরসায়াং রসং বালো বালিকায়াং বিকল্পয়েৎ।—পঞ্চ ৪.৫৮। ৪ স্বাদরহিত, নিস্বাদু। ৫ মাধুর্য্যহীন, শ্রুতিকঠোর, কর্কশ। "পৈশাচং নীরসং বচঃ ক.সা ৮.১৫। ৬ নিঃসার, ব্যর্থ। "অলব্ধফলনীরসান্…সমাগমমনোরথান্।—বিক্র ২.১১। ৭ নির্দ্দয়। —রস পুং [বহুব্রী] 'অতিরসময়', দাড়িম্ব।

নীরাজন পুং, **-না** স্ত্রী [নির্+ √রাজ্+অন (ল্যুট্),+রাজি +অন (যুচ্),-ণ, স্ত্রী আ (টাপ্)] **১** বিজিগীষু রাজার যুদ্ধযাত্রাকালে অনুষ্ঠেয় অশ্বাদির শান্তিকর্ম্মবিশেষ। "বাজিনীরাজনাবিধৌ রঘু ৪.২৫। [শরৎকালে শুক্লদশমীতে নীরাজনের বিধি আছে। ইহাতে লক্ষণসম্পন্ন অশ্বের পূজা হয়। এই অশ্বের চেষ্টাবিশেষে শুভাশুভফল নিরূপিত হয়। পুরোহিত, সকুশ উদুম্বরশাখা ও আম্রশাখা ঘটোদকে ডুবাইয়া জল সেচন করিতে করিতে শান্তিমন্ত্র উচ্চারণ করিয়া, রাজা অশ্ব গজ সৈনিক ও রথ—চতুরঙ্গ স্পর্শ করেন। সবিস্তর বিবরণার্থ দ্রষ্টব্য 'শ.ক'।] **২** দীপাদির আবর্ত্তনদ্বারা দেবপ্রতিমার পূজাবিশেষ ; নির্ম্মঞ্চন, আরতি। "নৈ ১.১৪৪। [দীপমালা সোদকাব্জ ধৌতবস্ত্র চূতাশ্বত্থাদিপত্র ও সাষ্টাঙ্গ প্রণিপাত দ্বারা পঞ্চবিধ নীরাজনবিধি আছে (কালোত্তরতন্ত্র)।] **৩** দূর্ব্বাযবাঙ্কুরাদি দ্বারা অনুষ্ঠেয় মঙ্গলজনক বিধিবিশেষ। "নীরাজনাবিধি রঘু ১৭.১২। নীরাজন করি শিরে ধান্য দূর্ব্বা দিল।—গো ৪৩।

নীরাজনা দ্র 'নীরাজন'।

নীরুক্(-জ্), -রুজ বিণ [নির্গত রুক্, রুজা যাহার বহুব্রী, -১ব ; স্ত্রী -ক্,-জা] নির্গতরোগ, নীরোগ। "°জ গো.রা ৬.১২২.১০৩। নীরুজস্ত কিমৌষধৈঃ।—হি ১.১৪।

নীরুজ দ্র 'নীরুক্'।

নীরূপ বিণ [নির্+রূপ ; বহুব্রী] রূপহীন, অমূর্ত্ত। "নীরূপ জগন্নাথ ম ৮০০। —রূপ পুং **১** দেব। **২** বায়ু। —রূপ ক্লী আকাশ।

নীরেন্দ্র বি 'জলাশয়শ্রেষ্ঠ', সমুদ্র। "°প্রতিম···আকাশ ন ১০৬১।

নীরোগ বিণ [নির্+রোগ ; বহুব্রী] রোগহীন। —রোগী বিং [রোগী > °গী (নঞর্থে) ; সং °গ] রোগহীন। "মা ১৪৫।

নীল[১] বিণ [নীলী+অ (অন্), পা ৪.২.২, সি ; ছান্দস] **১** নীলী দ্বারা রক্ত ; নীলীরঞ্জিত। **২** [নীল+অ (অচ্)] নীলবর্ণবান্, শ্যামল, কৃষ্ণবর্ণ। "নীলং প্রেক্ষ্য চ কাননম্।—রা ২.৫৫.৮। নীলং সলিলবসনম্ পু.মে ৪১। আনীলমুখং স্তনদ্বয়ম্ রঘু ৩.৮। —ল পুং [নীর > °ল (নীরবর্ণসদৃশ ?) ; দ্রবিড়ীয় (?) ; ফা নীল্ ; P. anil] **১** নীলবর্ণ। **২** নীলগিরি। "ভ ৫.১৬.১০। **৩** মণিবিশেষ। "নীলং মণিম্ (রা)। **৪** নীল ওষধি ; নীলগাছ। **৫** কুবেরের নিধিবিশেষ। দ্র 'অষ্টনিধি'। **৬** বটবৃক্ষ। **৭** রামের কপিসেনাপতি। "রাবণের মুকুটেতে নীলবীর মুতে।—কৃ ২৭২। **৮** নীলকণ্ঠপক্ষী। **৯** নীলবৃষ। **১০** (সাদৃশ্যে) লাঞ্ছন, চিহ্ন। **১১** মঙ্গল ঘোষ। **১২** (বাঙলায়) নীলকর সাহেব। "নীলের দৌরাত্ম্য যদি রহিত হয়, তবে ···স্কুল স্থাপন করিয়া দিতে পারি।—নী ৩৬। **১৩** নীলচাষ। "নীলের দাদন।—নী ৩৭। —ল ক্লী **১** কাচলবণ। **২** তালীশপত্র। **৩** বিষ। **৪** তুথাঞ্জন। **৫** সৌবীরাঞ্জন। **৬** নীলবর্ণ (indigo dye)। **৭** অন্ধকার। "°রাজি। —লা বিণ স্ত্রী [°ল+স্ত্রী আ (টাপ্), পা ৪.১.৪২] নীলীরঞ্জিতা, নীলবর্ণা (শাটী)। —লা[২] স্ত্রী **১** নীলমক্ষিকা। **২** নীলপুনর্নবা। **৩** নীলীবৃক্ষ। **৪** মল্লাররাগ-স্ত্রী। **৫** (দ্বিব) স্কন্ধসমীপবর্ত্তী শিরাদ্বয়। —লী বিণ, স্ত্রী [°ল+স্ত্রী ঈ (ঙীষ্)] নীলবর্ণা। "নীলী গৌঃ। —লী স্ত্রী **১** ওষধিবিশেষ, নীলের গাছ। "পা ৪.২.২, সি। °রস, °বর্ণ।—পঞ্চ ১২৳৮৳। **২** নীলমক্ষিকা। **৩** চক্ষুর নীলিকারোগ। **৪** পূর্ব্বরাগবিশেষ। 'সা.দ ৩.১৯৬। [°কমল (ক্লী)—**১** নীলপদ্ম। **২** নীলোৎপল, ইন্দীবর। "নীলকমলাক্ষ।—কৃ ৩৫৩। °কান্ত (বি)—নীলমণি। °ক্রৌঞ্চ (পুং) —নীলবক। °গ্রাব (পুং)—নীলকণ্ঠ, শিব। °তাল (পুং)—হিন্তাল ; তমাল। °পদ্ম (ক্লী)—নীলকমল, ইন্দীবর। "কৃ ৩৫০। "°পিচ্ছ (পুং)—শ্যেনপক্ষী। °বর্ণ (পুং)—নীলরঙ্গ। "পঞ্চ ১২৳৮৳। °বসন, °বাসাঃ (-সস্) পুং—**১** 'নীলবস্ত্রধারী', বলরাম। **২** শনৈশ্চর। °বৃষ (পুং)—বিশেষলক্ষণাক্রান্ত বৃষবিশেষ। °মক্ষিকা (স্ত্রী)—মক্ষিকাভেদ (সুশ্রুত)। °রাজি (স্ত্রী)—তিমিরপঙ্ক্তি, তমোরাশি। "ঋতু ১.২। °শৈল (বি)—নীলগিরি। "ম ৪৫৩। °সার (পুং) তিন্দুবৃক্ষ, তেঁদগাছ।] [নীল গাঁজা—নীলগাছ পচান। "ময়রাণী লো সই, নীল গেঁজেছো কই ?—নী ৩৫।]

নীল[২] '-ল্' বি [নীললোহিত > নীল (পূর্ব্বপদ)] শিব। [নীলের উপবাস ; চরকপর্ব্বে শিবের প্রীত্যর্থ উপবাস।]

নীলক পুং [নীল[১]+ক (কন্) স্বার্থে] **১** নীল অশ্ব। **২** (বীজগণিতে) অজ্ঞাতরাশি। **৩** ভ্রমর। —ক ক্লী **১** কাচলবণ। **২** তুথাঞ্জন। **৩** বর্ত্তলোহ, পিত্তলবিশেষ।

নীলকণ্ঠ বিণ [বহুব্রী] নীলবর্ণকণ্ঠযুক্ত। 'দ্র (৮)। —কণ্ঠ পুং [বহুব্রী] **১** শিব। "গো.রা ৫.৮৯.৪১। ম ১৪। প.তৃ ৭২। [সমুদ্রমন্থনে উত্থিত কালকূট কণ্ঠে ধারণ হেতু 'নীলকণ্ঠ' (মহা ১.১৮.৪৪। ম ১৪)] **২** ময়ূর। "উ.মে ১৮। **৩** দাত্যূহপক্ষী। **৪** চটক। **৫** খঞ্জন। "বনে নীলকণ্ঠ নাচে।—চৈ ১৯৪। **৬** পক্ষিবিশেষ, টেঁশ্‌কনা। "দ্বু ১০৪। ভা.চ ৪৬৭। [বিজয়া-দশমীতে এই পক্ষিদর্শন শুভজনক বলিয়া প্রসিদ্ধি আছে। কিন্তু তিথ্যাদিতত্ত্বে খঞ্জনদর্শন শুভ বলিয়া বিহিত (শ.ক)] **৭** ভ্রমর। **৮** (বাঙলায়) নীলবর্ণ কণ্ঠ। "রত্ন-কণ্ঠমালা৹ পরিলা কি নীলকণ্ঠে নীলকণ্ঠ ভব।—মা ১২৬। প.তৃ ৭২। **৯** পুষ্পবিশেষ। "ম.ম ৩৮ ; ৫০।

নীলকর বি নীলের চাষী ইংরাজ বণিক্। "°বিষধর।—নী ৯৭। —কুঠি বি নীলের কারখানা।

নীলকান্ত দ্র 'নীল[১]'।

নীলকুঠি দ্র 'নীলকর'।

নীলগাই, -উ বি নীল গোসদৃশ বন্যপশুবিশেষ। "°উ বি.সু ১৭।

নীলগাউ দ্র 'নীলগাই'।

নীলগিরি বি **১** দাক্ষিণাত্যে মাদ্রাজের পর্ব্বতশ্রেণী। **২** উড়িষ্যার পর্ব্বতশ্রেণী ; নীলাচল। "জিনি নীলগিরি, তোমার কবরী ক.চ ৬৪। °মাহাত্ম্য।—জ ৬।

নীলগ্রীব দ্র 'নীল[১]'।

নীলধ্বজ পুং [বহুব্রী] মাহিষ্মতী পুরীর রাজা নীল। "মহা ২.৩১.২১। মা ১১৭। [ইঁহার পত্নী জ্বালা, কন্যা স্বাহা (জৈমিনিভারত)। কাশীদাসী ভারতে, ইঁহার পুরী মাহেশ্বরী, পত্নী জনা (১১৩৭,-৯)।]

নীলপটল ক্লী [ষ.ত, অথবা কর্ম্মধা] নীলরঙ্গ-রাশি ; নীলবর্ণ আস্তরণ। "নীলপটলৈরিব জলধরপটলৈঃ।—হি ৩৳।

নীলমণি পুং, **-রত্ন** ক্লী [কর্ম্মধা] **১** নীলনামক মণি ; ইন্দ্রনীল। "নীলমণি চুড়ী।—জ্ঞা ১৯৫। **২** শ্রীকৃষ্ণ। [সবে ধন নীলমণি—সর্ব্বস্বভূত গোপাল ; (গৌণার্থে) একমাত্র আদরের ধন।]

নীলমাধব পুং [কর্ম্মধা] জগন্নাথদেব। দ্র 'স্কন্দপুরাণ, উৎকলখণ্ড। জগৎমঙ্গল, ২১শ পরিচ্ছেদ।

নীলরতন বি [সং °রত্ন] **১** সর্থ 'নীলমণি'। **২** ছেলের আদরের ডাক বা নাম।

নীললোহিত বিণ [°ত+অ (অচ্)] নীললোহিতবর্ণযুক্ত, ধূমল, বেগুনে। —হিত পুং [ত.পু] **১** নীললোহিতমিশ্রিতবর্ণ। **২** [°রোহিত (ম.পা ১৪৮)] 'কণ্ঠে নীল, কেশে লোহিত' ; শিব। "মহা ১৩.১৬.৪৭। শ ৭.৩৫। কু.স ২.৫৭। °চক্ষুস্ উ.চ ৬.৩। [হোমনিরত ব্রহ্মার ললাটস্বেদে অধিষ্ঠিত তেজঃ অগ্নিতে পতিত হইয়া নীল ও পরে লোহিত হয় ; সেই তেজে জাত 'নীললোহিত' (অ.টী)। দ্র 'ভ ৩.১২.৬-৭। বাজসনেয়িসংহিতা ১৬.৭, মহীধরভাষ্য।] —হিতা স্ত্রী শিবা (শ.ক)।

নীলা বি [নীলা > °লা ; অপ্র] ১ নীলা। "ভয়ঙ্কর নীলা চ.বি ২৭১। ২ [নীল > °লা ; পদ্যে] নীলমণি। "হীরা নীলা কিনিল ক.চ ৭৬। হীরা নীলা মতি পলা চ.বি ৩৫। নীলার কণ্ঠি।—কা ১৩৪। [নীলাএ, -য়ে—লীলাক্রমে। "বেদ উদ্ধারিলোঁ।…নীলাএ আহ্মে শ্রী.কী ১০১। নীলায়ে ফেলিয়া কালী মুখের মাঝার চ.বি ২২৯।]

নীলা২ দ্র 'নীল'১।

নীলাঙ্গ পুং [বহুব্রী] 'নীলাবয়বযুক্ত', সারস। —লাঙ্গী বি [বাঙলায় ; অপ্র] কালী। "ক.চ ২৭১।

নীলাঙ্গী দ্র 'নীলাঙ্গ'।

নীলাচল, -লাদ্রি পুং [কর্ম্মধা] নীলগিরি। "°দ্রি ম ৬০০।

নীলাঞ্জন ক্লী [কর্ম্মধা] ১ সৌবীরাঞ্জন। ২ তুথ। "°চয়প্রখ্যম্ (শনৈশ্চরং বন্দে)। ম.পা ৪। নীলাঞ্জন-ছায়া চ.কা ২৮৬। [মেঘের নীল-অঞ্জন—মেঘের অঞ্জনবৎ নীলবর্ণ। "চ.কা ৩৫৪।]

নীলাব্জ ক্লী [কর্ম্মধা] নীলপদ্ম, ইন্দীবর। "চৈ.চ ৩৪৭। [অতিশয়োক্তি হেতু এখানে 'কৃষ্ণমুখ-কমল'—'নীলাব্জ'।]

নীলাম্বর পুং [বহুব্রী] ১ 'নীলবস্ত্রধর', বলদেব। "ব.প ৮৯৫। ২ শনৈশ্চর। —র ক্লী [কর্ম্মধা] ১ নীলবস্ত্র। ২ (বাঙলায়) নীলাকাশ। "তাহার অঞ্চলপ্রান্ত লুটাইছে নীলাম্বর ঘিরে স.স ১৭। ফুল্লনীলাম্বর। —ন ১৩৫০,-১। ৩ নীলশাটীবিশেষ। "চন্দ্র নীলাম্বরনির্ম্মিত কুসুম। —ন ১৩৫০। ছিল পড়ি একভিতে, নীলাম্বর বস্ত্রখানি।—কথা ৪৬। —ম্বরী বি [°র+ঈ৭] 'নীলাকাশের বর্ণযুক্ত'; নীলশাড়ীবিশেষ। "পাট শাড়ী, নীলাম্বরী আদি বা.ম ১৪৭। পরিধান নীলাম্বরী। —দা ২০৫।

নীলাম্বু বি নীলজল, সমুদ্র। [°সুতা—লক্ষ্মী। "মে ১৮৭।]

নীলাশ্মা (-শ্মন্) পুং [কর্ম্মধা] নীলপ্রস্তর, নীলমণি।

নীলিম বিং ['নীলিমন্'—মূল ; পদ্যে] নীল। "নীলিম অম্বর—ব ১৭৬। নীলিম প্রভাতাকাশে।—ন ১০৯০। —লিমা (-মন্) পুং [নীল+ইমন্ (ইমনিচ্)-১ব] নীলভাব, নীলত্ব, নীলবর্ণ। "নীলিমস্বরূপ গী.গো ৮.৩। নেত্রনীলিমা।—ন ৪৪৯; নয়ননীলিমা ১১৩৯। ধারা পড়িছে কালির পারা, ঘনতর নীলিমায়।—হেম ১০৯। নীলিমায়, পরিব্যাপ্ত করি দিয়া মহাসিন্ধুনীর, তীরে তীরে।—চ.কা ১৩৭। নিবিড়নীলিমা সী ১০।

নীলিমা (-মন্) দ্র 'নীলিম'।

নীলী দ্র 'নীল'১। [°বর্ণ (বিণ) নীলবর্ণরঞ্জিত। °রস (পুং) —নীলীবর্ণরঞ্জিত জল। "°পূর্ণং মহাভাণ্ডম্।—পঞ্চ ১।২৬৮। °রাগ পুং—১ নীলবর্ণ। ২ পূর্ব্বরাগবিশেষ। "সা.দ ৩.১৯৬। ৩ পূর্ব্বরাগবিশেষযুক্ত নায়ক।]

নীলোৎপল ক্লী [কর্ম্মধা] ইন্দীবর। "°পত্রধারয়া শ ১.১৭।

নীলোপল পুং [কর্ম্মধা] নীলপ্রস্তর, নীলমণি।

নীহার পুং [নি √হৃ+অ (ঘঞ্)-র্ম্ম, দীর্ঘ ; 'নিহার' (শব্দরত্নাবলী)] ঘনীভূত শিশির, তুষার, হিম; কুজ্ঝটিকা। "(খাণ্ডবম্) প্রাচ্ছাদায়দমেয়াত্মা নীহারেণেব চন্দ্রমাঃ মহা ১.২২৭.২। নীহারময়ো দিনপূর্ব্বভাগঃ রঘু ৭.৬০। নীহার বরিষে জেন পূর্ণশশধর অ.প ১১৭। নীহারের উত্তুঙ্গ নির্জ্জনে চ.কা ১৩৭।

নীহারিকা বি অতিদূর আকাশে দৃশ্যমান নীহারপুঞ্জসদৃশ দূরায়াত নক্ষত্রসমষ্টি বা বাষ্পীয় পদার্থ (Nebula)। "শূন্যে শোভে নীহারিকা-সেতু কু.কে ১৪৮।

নু১ ব্য [ছান্দস] ১ বিতর্ক, বা। "স্বপ্নো নু মায়া নু মতিভ্রমো নু। —শ ৬.১০। কু.স ১.৪৬। মাঘ ১০.১৪। ২ অপমান। ৩ অনুনয়। ৪ অতীত। ৫ প্রশ্ন। "ততো দুঃখতরং নু কিম্।—গী ২.৩৬। ৬ হেতু। ৭ অপদেশ। ৮ বিকল্প।

নু২ সক [তুদা, অদা, প—নুবতি, নৌতি ; সেট্] স্তবন।

নু৩ সর্ম্ম [সং √নম্ > প্রা √ণর > বা (√নউ) √নু] নত হওয়া, নীচু হওয়া। "আম ফলে থোকা থোকা নুইয়া পড়ে ডাল ম.ম ১৯৬।

নু৪ ক্রি-ক্তি [ইলু > ইনু > নু] সর্থ 'ইলু'। "লাজে রহনু: ঘুমনু হাম বি.প ১৪৫। বন্দনু নিরঞ্জন ম.পা ৩। গেনু ভা.চ ৮২; মুত পানু ২৮৬; ঠাকুরে আনু লয়ে ৫৩২।

নুকি বিং [লুকি > °কি] লুক্কায়িত, গুপ্ত। "ও নুকি করতহিঁ দেহা বি.প ১৯।

নুকোচুরী বি [লুকোচুরি > °রী] লুকোচুরি খেলা। "কত দিনের নুকোচুরী কত ঘরের কোণে।—শিশু ৮৫।

নু(নো)ওা, -য়া সর্ম্ম [নু৩+আ৮ > (নুআ)°ও,-য়া ; হি √নরা ; ঠ √নমরি] (প্রণামার্থে মাথা) নত করা। "মাএর চরণে গিয়া নুওাইল মাথা কৃ.অ ২১। শ্রীরামে নোওায় মাথা।—কৃ ২৫৫। কালু নোয়াল মাথা শ্রী.মা ১৮৮; লাউসেন নুয়াইল মাথা ২১৬। কালু নুয়ালু মাথা ব.প ৩৯২। কালু কয় কিছু নোয়াইয়া মাথা।—শ্রী ২০৭। [নুঞা —নত হইয়া। "শ্রী.মা ১৮৭। নোয়ান—সর্থ 'নুওা'।]

নুটি বি [দ্র 'নোট'১] নুড়ি, পিণ্ড। "শোণ নুটির মত পাকা গোঁপে কলপ দিচ্ছি।—হু ১০৮।

নুঠ বি [নুটি > নুট > °ঠ] নুটির মত গাত্রসঙ্কোচপূর্ব্বক জড়সড়ভাব। "অনেক রেতে বাড়ী আসেন, আর নুঠ ক'রে বগীর ঘরে যান। —জা ২৫।

নুড়নুড়, নুনুড় বি [নড়নড় > °ড় ; ভাবাত্মক] শিথিলবন্ধ ক্ষুদ্র দ্রব্যের দোলনের ভাব। —নুড়ী১ বি ১ ঘণ্টার দোলনপিণ্ড। ২ আলজিভ।

নুড়া, -ড়ো বি [নোড়া > °ড়া, -ড়ো] আগুন ধরাইবার নিমিত্ত নোড়ার মত সঙ্কুচিত তৃণগুচ্ছ। "আড়াই নুড়ার জ্বালে (লোহার কড়াই রান্ধে) ম.ভা ২৭। তখন নুড়ো জ্বেলে দেবে ও চাঁদমুখে।—হু ১৬৬। তোর মুখে নুড়ো জ্বেলে দিই গি.দ্বি ১০৫।

নুড়ি বি [নোড়া > নোড়ী, -ড়ি > °ড়ি] ১ ছোট নোড়া বা পাথর; শিলাখণ্ড। "তাহার (নদীর) পায়ে বাজে নুড়ি।—শিশু ৭৩। নুড়ি-শিলা।—হেম ৩৯০। ২ নুড়ির মত বস্তুমাত্র। "চুলের, শণের নুড়ি। ৩ নীচজাতিবিশেষ। "শ্রী ১৩। ভা.চ ২৭৩। ৪ ধান্যগুচ্ছ (?)। "পাতি মারে পুঁতে যায় নুড়ি শি ৮০।

নুড়ো দ্র 'নুড়া'।

নুণ, -ন বি [সং লবণ > প্রা লোণ > বা °ণ, -ন ; হি নো(লো)ন ; মৈ নোন ; প লূণ ; ঠ লোণ ; গু লুণ ; সি লুণু ; অস লোণ্] লবণ। "রাজার নুন খাও বেটা গো.চ ৯১। সুধিব সেনের নুন শ্রী.মা ১৯০। নুন খেয়ে গুণ গাইতে।—কা ৭৯। [রোমানেরা সৈন্যদিগকে ও অন্য পৌর কর্ম্মচারীকে বেতনের পরিবর্ত্তে লবণ ও অন্যান্য আবশ্যক দ্রব্য দিতেন। বৃত্তিরূপে প্রদত্ত লবণাদির সাধারণ নাম 'লবণ'ই ছিল। পরে লবণাদির পরিবর্ত্তে 'মুদ্রাবেতনে'র নিয়ম হইলেও, 'বৃত্তি'র 'লবণ' নামই ছিল। ইংরাজী 'salary' শব্দের মূল Salt-money ('The Story of Salt', *The Modern Review* November, 1930)। ইহা হইতে 'নুন খাওয়া', 'নুন শোধা', 'নুনের কাজ করা' ইত্যাদি বাক্য তাৎপর্য্যে 'কৃতজ্ঞ ভৃত্যের বিষয়' বুঝায়।] [নুন-কুটা—ঈষৎ লবণস্বাদযুক্ত। নুন-গুড়ানি—নুনের দানার মত বৃষ্টিজলবিন্দু। নুন-টান—ব্যঞ্জনাদিতে লবণাধিক্য। নুন-মাটী—বৈরাগীর নুন-মাটীতে সমাধি। "শাক্ত হয়তো গঙ্গা দিও, বৈরাগীকে নুন-মাটী দা ৪৬।]

নুত বিণ [√নু+ত (ক্ত)-র্ম্ম [১ স্তুত। ২ প্রণত। "নরপতি চরণৌ …অরিনুতৌ ভট্টি ১২.৮৬। —তি স্ত্রী [+তি (ক্তিন্)-ভা]

১ স্তুতি। "চ.বি ২৪৮,-৯২। ২ প্রশংসা। "পরগুণ° (শ.ক)। ৩ প্রণতি। ৪ পূজা।

নুত্ত, -ন্ন বিণ [√নুদ্+ত (ক্ত) -র্ম, পাক্ষিক নত্বাভাব] ১ ক্ষিপ্ত, প্রেরিত। ২ ছিন্ন, নিরস্ত। "নুন্নম্…তমঃ মাঘ ১.২৭। কি ৩.৩৩।

নুদি বি [সং তুন্দি > (তুন্দি) °দি] উদরের মাংসবৃদ্ধি; ভুঁড়ি। "নুদি লাগা। [°বেলে—পেটমোটা বেলেমাছ-বিশেষ। নুদো-পেটা —স্থূলোদর, ভুঁড়ে। "নুদো-পেটা ভুঁদো দাদা।—হেম ৩৭৯।]

নুদুর-নাদুর বিং দ্র 'নাদুরনুদুর'। "শরীরটী মুচির কুকুরের মত নুদুর-নাদুর।—হু ৪৪।

নুনি, -নী সর্থ দ্র 'ননী'। "নুনীর পুতলি যেন মিলায় শরীরে চৈ.ভা ১৭৪। নুনী খায় শ্রী.ম ২৯। নুনিক পুতলি।—ব ১২৭।

নুনিয়া বি [সং লাবণিক > প্রা লোণিয় > (নোনিয়া) °য়া; হি নো (লূ) নিয়া] জাতিবিশেষ। [ইহারা লবণ প্রস্তুত করিয়া বিক্রয় করে। কবিকঙ্কণে, চণ্ডালের লবণবিক্রয় দেখা যায় (ক.চ ৮৯)।]

নুন্ন দ্র 'নুত্ত'।

নুনু বি [হি নুনী; মৈ 'নেনা'—বালক] শিশুর শিশ্ন।

নুনুড় দ্র 'নুড়নুড়'।

নুনুড়ী[1] দ্র 'নুড়নুড়'।

নুনুড়ী[2] বি অজগলস্তন। "জটটি…রামছাগলের গলার নুনুড়ীর মত ঝুলতো।—হু ১২৬।

নুয়া, নুয়ান দ্র 'নুঙা'।

নু(নু)র বি [আ নূর্] জ্যোতিঃ, দীপ্তি। "ঈশ্বর মর্দ্দের মুখে হাত বুলাইয়া। আপনার নূর দিল দাড়ি গোঁফ দিয়া॥—ভা.চ ৪৭৯; ঈশ্বরের নূর বলি দাড়ীর যতন ৪৮২। —রি, -রী বি [আ 'নূরী'—সুশোভন] ১ সুন্দর পক্ষিবিশেষ। "নুরি।—কৃ ৪৫৯। লঘু নুরী বা.ম ১১৮। নূরী ভা.চ ১২৭। নুরীর পুচ্ছে অ.গু ২৬। ২ শ্রেষ্ঠার্থক। "দীনবন্ধু' বঙ্গ-সাহিত্য-নুরী।—হেম ২৯৪।

নুরি, নুরী দ্র 'নুর'।

নুল, -লা[2] বি ['নুলা'—শাখা (দেশী ৪.৪৩)] (সাদৃশ্যে) পশুর হাথা; থাবা (paw)। "অবনী লুটায়ে অঙ্গ আগে দুটা নুলা শ্রী ৮২। (বিড়াল) আপনার ডাইন নুলটী…উঠাইল পা.প্র ৬৮।

নুলা[1] **-লো** বিং [সং রুগ্ণ > প্রা *রুল্ল > বা (রুলা > লুলা) °লা; হি লুলা; ঠ লুংডা] বিকল, ঠুঁঠা। "রঘুয়ার হাত দুখানি নুলো।—লী ৫২। —লা, -লো বি বিকলহস্ত ব্যক্তি; হাত-ঠুঁঠা লোক। "কানা খোঁড়া নুলো যে আসে মরতে।—কা ৮৬।

নুলা[2]**; নুলো** দ্র 'নুল; নুলা[1]'।

নূতন বিণ [নব+তন (তনপ্) স্বার্থে; নব > নূ; ছান্দস] ১ নব, নবীন। বিপ 'প্রতন, প্রত্ন'। "নূতনেশ্বর রঘু ৮.১৫। নূতন রাজা।—দা ৫৮০। ২ অনাহত। "নূতন বস্ত্র।—দা ৫৮০। ৩ অচিরজাত, অচিরোদ্ভিন্ন (অঙ্কুর, পত্র)। "নূতন ধানের মঞ্জরী।—গান ৯৪। ৪ ইদানীন্তন, অর্ব্বাচীন। ৫ প্রথম। "নূতনযৌবন ক.সা ২৪.২২৮। নূতন বয়সে ধরে না রূপ।—দা ৬১০। ৬ অশ্রুতপূর্ব্ব। "শুনতে ভাল নিত্য নূতন কথা।—দা ৫৮০। ৭ অদৃষ্টপূর্ব্ব। "ধরেছ এখন নূতন বেশ।—দা ৫৮০। ৮ নবোঢ়। "নূতন ভার্য্যা পতির বশ হয় না।—দা ৬০৯। ৯ (বাঙলায়) তাজা, টাটকা। "নূতন সরিষার তেল ভাল মাখতে।—দা ৫৮১। ১০ অপরিপক্ব, অবিজ্ঞ। নূতন চোর পড়ে ধরা: নূতন বৈদ্য ভয়ানক।—দা ৬১০। ১১ সদ্যঃ চাক-ভাঙা। "অতি মিষ্ট নূতন মধু।—দা ৫৮০। ১২ অ-বনিয়াদী। "নূতন ধনীর বিত্তমান, কভু রয় না মানীর মান।—দা ৬০৯। ১৩ যাহা বর্ত্তমান বৎসরে উৎপন্ন। "নূতন চা'লে অগ্নিনষ্ট।—দা ৬০৯; নূতন গুড়ে পিত্ত-বৃদ্ধি ৬১০। ১৪ আ-কাড়া, অব্যবহৃত। "নূতন হাঁড়িতে তৈল সয় না।—দা ৬১০। ১৫ অপরিপুষ্ট। "নূতন ইক্ষুর নাই মিষ্ট।—দা ৬১০। [বিশেষ্যবিশেষে ইহার নানা অর্থ হয়।]

নূত্ন বিণ [নব+ত্ন (ত্নন্) স্বার্থে, নব > নূ; ছান্দস] ১ নূতন। বিপ 'প্রত্ন'। "সর্ব্বে চ নূত্নবয়সঃ ভ ৬.১.৩৫। ২ অনাহত। "দুকূলে নির্ম্মলে নূত্নে দত্ত্বঃ ভ ৩.২৩.২৮।

নূন বিং [সং ন্যূন > প্রা ণূণ > বা °ন; অপ্র] ১ ন্যূন, কম। "তম হৈল নূন ভ.গ্র ২৭০। ২ খর্ব্ব, হ্রস্ব। "গোরি কলেবর নূনা বি.প ১৪। ৩ হেয়, লঘু। "নাম নূন (পাঠান্তর—'নীন') জ্ঞানে অন্য শুভকর্ম্মে মতি ভ.গ্র ২৯০। —নতা বি [সং ন্যূনতা] ন্যূনভাব, কমী। "প্রেম-ভাব পক্ব আর কিঞ্চিত নূনতা ভ.গ্র ৪৬০।

নূনম্ ব্য [ছান্দস] ১ বিতর্ক। ২ নিশ্চয়, অবধারণ, অবশ্য। "তং বেধা বিদধে নূনং মহাভূতসমাধিনা রঘু ১.২৯। কু.স ১.১২। ৩ স্মরণ। ৪ বাক্যপূরণ।

নূপুর পুং, ক্লী [ন্যূন (ন্যূনভাগ) + √পূরি+অ (অণ্)-ক, মনীষাদি (অ.টী)] পাদাঙ্গদ, মঞ্জীর, নেপুর। "রা ২.৬০.১৯। গুণবানপি মৌর্খ্যাৎ পাদে লুঠতি নূপুরঃ (উদ্ভট)। [°শিঞ্জিত (ক্লী)—নূপুররব (রা)।]

নূর, নূরি, নূরী দ্র 'নুর'।

নৃ পুং [√নী+ঋ-ক, ডিৎ, উ ২.৯৯; 'নৃ'—পুরুষ; 'নারী'—স্ত্রী (ঋগ্বেদ ১.৪৩.৬)] ১ নর, পুরুষ। ২ মনুষ্যজাতি। "অযোধ্যাং নৃসহস্র-সঙ্কুলাম্।—রা ১.৬.২৮। নৄনন্নৈঃ (অর্চ্চয়েৎ)।—মনু ৩.৮১। নৃপ্রধান বি.সু ১৬১। ৩ শঙ্কু, সূর্য্যঘড়ির পিন্। ৪ দাবার বল বা ব'ড়ে। ৫ (অভিধানে) পুংলিঙ্গসূচক শব্দ। "সংবেদো বেদনা ন না; সূত্রাণি নরি তন্তবঃ (অ.কো)। [°কপাল (ক্লী)—নরশিরোস্থি। "বা.দ ২৩৯। °কান্ত (বি)—নৃপতি। "ম.পা ১৩৫,-৯। °কেশরী (-রিন্) পুং —যিনি নর ও কেশরী; নরসিংহাবতার। °জগ্ধ (বিণ)—ভুক্তমানুষ। "ভট্টি ৫.৩৮। °দুর্গ (ক্লী)—চতুর্দ্দিগবস্থিত হস্ত্যশ্বরথযুক্ত বহুসেনা কর্ত্তৃক রক্ষিত স্থান। "মনু ৭.৭০। °দেব (পুং)—নরদেব, রাজা। "°চিহ্ন-ধৃক্ ভ ১.১৬.৫। নৈ ১০.৩৩। °পশু (পুং)—১ নরাকৃতি পশুবৃত্তি জন। ২ নররূপ পশু। "(যে পুরুষাঃ) নৃপশূন্ খাদন্তি ভ ৫.২৬.৩১। °পাল (পুং)—'নরপালক', রাজা। "ভ ৪.১৬.২১। °বরাহ (পুং) —বরাহাবতার। °বাহন (পুং)—নরবাহন, কুবের। °মণি (বি)—'নর-শ্রেষ্ঠ', রাজা। "মে ৮১; ১৭৫; ২৬৩। °ভুক্ (-ভুজ্)—'নরভোজী', রাক্ষস। "ভট্টি ১৪.৭৪। °মিথুন (ক্লী)—১ মনুষ্যের স্ত্রীপুরুষযুগল। ২ মিথুনরাশি। °মুণ্ড (বি)—নরশিরঃ। "°মালিনী।—মে ১০০। °মেধ (পুং)—নরমেধ। °যজ্ঞ (পুং)—অতিথিপূজন, পঞ্চযজ্ঞের এক-তম—অতিথিপূজন। "মনু ৩.৭০। বিষ্ণু ৫৯.২৫। °লোক (পুং) —'নরভুবন', পৃথিবী। "গী ১১.৪৮। নৃলোকপাল ভ ২.৬.৪৩। শ্রী.মা ১২। চৈ.চ ৮০। °শৃঙ্গ (ক্লী)—নরশৃঙ্গ', তদ্বৎ অসৎপদার্থ। "নাসদুৎ-পাদো নৃশৃঙ্গবৎ (সাংখ্যসূত্র)। °সিংহ (পুং)—১ সর্থ 'নৃকেশরী'। "ভ ৭.৮.১৯। নৃসিংহ-আবেশ ন.প ৩৫৮। ২ 'নর সিংহতুল্য', পুরুষ-শ্রেষ্ঠ। "রঘু ১৮.৩৫। °সিংহচতুর্দ্দশী (স্ত্রী)—নৃসিংহাবির্ভাব-চতুর্দ্দশী, বৈশাখশুক্লচতুর্দ্দশী। "চৈ.চ ২৪৪। °সেন (ক্লী), °সেনা (স্ত্রী)—নর-সেনা, পদাতিক। °সোম (পুং)—'নর সোমতুল্য', পুরুষশ্রেষ্ঠ। "রঘু ৫.৫৯। °হরি (পুং)—সর্থ 'নৃকেশরী'। "নৃহরিদাস ভ ১.১৫. ১৬।]

নৃগ পুং ইক্ষ্বাকুবংশীয় নৃপবিশেষ। [ইনি ভ্রমবশে ব্রাহ্মণধেনুদান হেতু ব্রহ্মশাপে কৃকলাসযোনি প্রাপ্ত হন (মহা ১.৩.৭০)।]

নৃৎ অক [দি, প—নৃত্যতি ; সেট্] নর্ত্তন, গাত্রবিক্ষেপ। "পরিনৃত্যতীব বনক্রমে বি.সা ৫২৭।

নৃতি স্ত্রী [√নৃৎ+ই (ইন্)-ভা] নর্ত্তন। —ত্ত বিণ [+ত (ক্ত)-ক] কৃতনর্ত্তন। —ত্ত ক্লী [+ত-ভা] নৃত্য। "কবন্ধ° বা.ভা ১.৬৮।

নৃত্ত দ্র 'নৃতি'।

নৃত্য ক্লী [√নৃৎ+য (ক্যপ্)-ভা] তালমানাদিযুক্ত সবিলাস গাত্রবিক্ষেপ ; নৃত্ত। "°গীত।—কঠোপনিষৎ ১.২৬। নৃত্যং ময়ূরাঃ (বিজহুঃ) রঘু ১৪.৬৯। [°প্রিয় (পুং)—মহাদেব। °শালা (স্ত্রী)—নাট্যগৃহ, নাচঘর। °স্থান (ক্লী)—নৃত্যগৃহ, রঙ্গভূমি।]

নৃত্যক বি [নৃত্য—°ক, তু 'নর্ত্তক'; অপ্র] ১ নর্ত্তক। "ম ২১১। শ্রী.ম ২৫২। নৃত্যকে করয়ে নৃত্য ম.পা ১৭৮। ব.প ৭৭০। ২ [অপ্র] নৃত্য। "নৃত্যক-শালায় শ্রী.ম ২৭২। —কী বি [°ক+ঈপ্‌ ; তু 'নর্ত্তকী' ; অপ্র] নর্ত্তকী। "শ্রী.ম ২৩৩। নৃত্যকীয়ে নৃত্য করে ম.পা ১৬৭,-৭৫,-৯। দা ৮৮৫। রাণী নৃত্যকীরদিগের নৃত্য দর্শন করেন কৃ.চ ৩১ ; ৫৮।

নৃপ পুং [নৃ+ √পা+অ (ক)-ক ; উ.ত] 'নরপালক', নরপতি, রাজা। "রা ১.২৫.২২। [°গৃহ, °মন্দির (ক্লী)—সৌধ, প্রাসাদ। °জা (বি) —রাজকন্যা। "বি.সু ৫০। °বল্লভ (ক্লী)—(বৈদ্যকে) তৈলভেদ ; ঘৃতভেদ। "দা ৩৬২। °মণি (বি)—১ নৃপশ্রেষ্ঠ, মহারাজ। "ম ৬৮ ; ৩৬০। ক.চ ৬৭। ম.পা ৩০। ২ রাজা। "নাগ° অ.প ১০৮। °লক্ষ্ম (-লক্ষ্মন্) ক্লী—রাজচিহ্ন—ছত্রচামরাদি। °শাসন (ক্লী)—রাজশাসন, রাজাজ্ঞাপত্র। °সভ (ক্লী)—রাজসভা।]

নৃপতি পুং [ষ.ত ; ছান্দস] ১ নরাধিপ, রাজা। "মনু ৭.৩৪। কত কোটি কামের নৃপতি গৌরহরি চৈ.ম ৬৩। ২ কুবের। ৩ শ্রেষ্ঠার্থ। "কদম্ব° বি.মা ৭.৩০। খগ° শ্রী.ম ১৩২। [°চূড়ামণি (বি)—নৃপশ্রেষ্ঠ, মহারাজ। "ক.চ ৩৩। °শার্দ্দুল (পুং)—মহারাজ, সম্রাট্। "রা ২.১৪.৪৩।]

নৃপবল্লভ দ্র 'নৃপ'।

নৃপাঙ্গন ক্লী [ষ.ত] রাজসভা, ধর্ম্মাধিকরণ।

নৃপাত্মজ পুং [ষ.ত] রাজপুত্র। —জা স্ত্রী রাজকন্যা। "নৈ ১০.১৫।

নৃপাসন ক্লী [ষ.ত] রাজাসন ; ভদ্রাসন ; সিংহাসন। "সী ৫৯।

নৃপেন্দ্র পুং [উপ.স] 'নৃপ ইন্দ্রতুল্য' ; মহারাজ। "ভ ১.১০.২০।

নৃশংস বিণ [নৃ+ √শংস্+অ (অণ্)-ক, উ.ত ; ছান্দস] 'নরহিংসক', ক্রূর, ক্রূরকর্ম্মা, পরদ্রোহী, ঘাতুক, নিষ্ঠুর। "রা ১.৬.৮। মনু ৩.৪১। —শংস ক্লী ক্রূরকার্য্য। "(কর্ত্তব্যং রাজসূনুনা) নৃশংসমনৃশংসং বা রা ১.২৫.১৮। [নৃশংসয় (পদ্যে মিলের জন্য ; অসাধু)—নৃশংস। "ন ৫১৫,-৪২।]

নে[১] সর্ম্ম [দ্র 'নি[৫]'] গ্রহণ করা ; লওয়া। "সমরে জিনিয়া নেউক অশ্ববর অ.প ১১৫। [নেওয়া—সর্থ 'নে[১]'। "নেওয়া-থোওয়া। নেউ (লউক), নেওঁ (লই)।—শ্রী.কী। নেব, -বা, -ল (প.ক)। নেয়ল—লইল, পরিল। "চরণে নেয়ল রতন নূপুরে বি.প ১৩৫। নেল—লইল। "শ্রবণক পথ দুহু লোচন নেল বি.প ৩১ ; ৪০; গোকুল মাণিক কো হরি নেল ১৬৩। কো রস নেল নিজারি রাশে ৪। আঁচরে নেল। —ব ১০৪। দুরযশ নেল—কলঙ্ক পাওয়াইল ; কলঙ্কিনী করিল। "দারুণ দুরবিধি দুরযশ নেল।—ব ১০৮। নে-থো—নেওয়া-থোওয়া, লইয়া রাখা ; সংগ্রহ করা। "লাভের বসন্ত অন্ত হইয়া, অলাভের হেমন্ত শীঘ্র উদয় হইবে—অতএব 'নে-থো'রই সময় এই আ.দু ১৫১।]

নে[২] কা.ক্তি [ন[৭]+এ[৫] ; অপ্র] ১ দ্বিতীয়া বিভক্তি ; কে। "দেখিতে তাহানে চৈ.ভা ৮০। ২ সপ্তমী বিভক্তি ; তে। "মহাপ্রীত হয় তানে মহেশ পার্ব্বতী চৈ.ভা ৩।

নে[৩] অব্য [না[১] > নে] না। "দেখলি নে সতের হাট, শিখলি নে সতের পাঠ, লিখলি নে গুরুকে 'চরণেষু'।—দা ৪৩।

নেআলী বি [সং নৈপালী > প্রা *ণেআলী > বা °লী, নেহালী] নবমল্লিকা। "নেআলী মাহলী শ্রী.কী ১৪,-৫।

নেই[১] বি [সং ন্যায় (য় > ইঅ > ই) ; নেআঅ (শ্রী.কী)] বৃথা তর্ক ; শুষ্কতর্ক। ⊣ নেই-আঁকুড়ে—যে নেই আঁকড়িয়া থাকে, ছাড়ে না ; শুষ্কতর্ক-রসিক। "নেই করা নেই-আঁকুড়ের স্বভাব। নেই-তকরার —শুষ্ক-তর্কবিতর্ক।]

নেই[২] দ্র 'নিহাই'।

নেউগী বি [নিয়োগী > °গী] সদ্‌গোপের উপাধি। "ক.চ ৫৪।

নেউজ বিং ['নবজ'—মূল] অচিরজাত, কচি। "কলার নেউজ পাত আইস তো ধরিয়া গো.চ ৫০।

নেউট অর্ম্ম [সং নি+ √বৃৎ > প্রা √নিরট্ট > বা (√নিউট) °ট] ১ নিবৃত্ত হওয়া ; ফিরা। "নেউটি উদয়গিরি করিল গমন।—কৃ ৩২২। গর্জ্জিয়া নেউটে।—ম ২০০। না নেউটে...জীবন যৌবন ক.চ ১৩৪। নেউটে চল।—ব.প ১৮৩। তাহাতে মজিল মন, না আইসে নেউটিয়া। —ম.ম ৭৯। চৈ.চ ৩২৬। ২ অন্যথা হওয়া। "কহিল বচন আসি আর না নেউটে।—ম ৭৭। ৩ কোপনিবৃত্ত হওয়া ; শান্ত হওয়া। "বার বার মহাদেব করিল বিনয়। তবুও না নেউটিল চণ্ডীর হৃদয়॥—ম.ম ১৬। ৪ পরাঙ্মুখ হওয়া। "থাক থাক করিয়া নেউটে শীঘ্রগতি ম.বি ১৯১।

নেউয়া বিং [নেহ+উয়া[২]] স্নেহদ্রব্যযুক্ত, চিক্কণ, চকচকে, টনটনে। "নড়িতে চড়িতে নারে নেউয়া হৈল পেট।—কৃ ১৮৪।

নেউল বি [সং নকুল > প্রা ণউল > °ল ; হি নেরলা, ন্যোলা] বেজি। "নেউল-প্রমাণ।—কৃ ২০৫ ; ২৭২।

নেওট, -টা 'টো' বিং [স্নেহ(নেহ)পুষ্ট—মূল ?] স্নেহপালিত, স্নেহ হেতু অনুগত। "বাপ-নেওট ছেলে শি ৭৩।

নেওতা বি [হি, ঠ নেৱতা] নিমন্ত্রণ। "ভ.গ্র ২৪৭।

নেওয়া[১], **নেয়া**[২] বি [সং লেপ > প্রা লের > বা (লেউআ) লেওয়া > °য়া, নেয়া] ১ লেপ, পাতলা আবরণ। "পানের বুকে চুনের নেওয়া দিয়ে গো.চ ৯ ; ব.প ৩২। ২ ডাব-নারকেলের শাঁসের পাতলা লেপ ; ডাবের শাঁস। [°পাতি—নেওয়ার পাত ; পাতলা নেওয়া। "ও আমার ডাব-নারকেলের নেওয়াপাতি।—জা ২২। নেওয়াপাতি ভুঁড়ি—অল্পভুঁড়ি।]

নেওয়া[২] সর্ম্ম [নে[১]+ওয়া] নিবৃত্ত করা ; ফিরান। "ততক্ষণে জ্যোতীশ্বর শঙ্করে নেওয়ায় ম.ম ৭৩।

নেওয়াজ বিং [ফা নৱাজ্.] প্রতিপালক, দয়াল। [গরীব নেওয়াজ —দীনদয়াল। "বি.সু ১২৩।]

নেং, নেঙ বিং [সং লঙ্গ] খঞ্জভাব। [নেঙচিয়া চলা—খোঁড়াইয়া যাওয়া। "নেঙচিয়া চলি চলি...উঠে সিংহাসনে স্ব.প্র ৯৯।]

নেংগা, ন্যাঙ্গা বিং [সং নগ্ন > প্রা ণগ্গ, *ণংগ > বা (নংগা) °গা ; হি নংগ, -গা ; ঠ নংগা ; দ্র 'নাগা'] উলঙ্গ ; (গৌণার্থে) মুক্তকোষ, খাপ-খোলা। "ন্যাঙ্গা তরওয়ালের পাহারা।—হু ৬৫।

নেংটা, -টো, নেঙ(ঙ্গ)টা বিং [সং লগ্ন ; হি নংগটা ; মৈ নাংগট ; 'লিঙ্গপটীয়া'—মূল (?)] ১ উলঙ্গ। "সঙ্গে দানা ঘটা, ধাইল নেঙ্গটা ক.চ ১৬। নেঙটা হ'য়ে শিঙ্গা বাজায় শাশুড়ীর কাছে শি ২৭। নেঙটা মেয়ের এত আদর জ'টে বেটা ত বাড়ালে।—রামপ্রসাদ। দশ হাত কাপড়ে মেয়ে নেংটা।—গি.ছি ১০৬। ২ আদুড়, খালি। "নেংটো পা। নেংটো পা! লেডীর সামনে।—horrible!—অ.গ্র ৭৫। —টী বি ['লিঙ্গপটী'—মূল (?) ; মৈ—নংগোটী] লিঙ্গমাত্রাচ্ছাদন-বস্ত্র ; কৌপীন।

নেংটি, নেঙ্গটি বি [সং গিরিকা, বালমূষিকা (অ.কো) ; লিঙ্গালিকা (শ.ক)] ক্ষুদ্রমূষিকবিশেষ ; শলা ইঁদুর।

নেংটা দ্র 'নেংটা'।

নেংটো দ্র 'নেংটা'।

নেংড়া, নেঙ(ঙ্গ)ড়া বিং [সং লঙ্গ—খঞ্জতা ; হি লংগড় ; ঠ লংগড়া] ১ খঞ্জ, খোঁড়া। ২ একপ্রকার আম। [নেংড়ান (হি √লংগড়া ; ঠ √লংগড)—খোঁড়াইয়া চলা।]

নেকটানেকটি '-ক্-ক্-' বি [নিকট-নিকট > °টি] অতিনিকটবর্তী। "দুই জনে নেকটা-নেকটি হওয়াতে ইনি ওঁকে ও উনি এঁকে হুমড়ি খাইয়া দেখিলেন আ.হু ১৬০।

নেকড়া বি [সং লক্তক ; হি লোকরা ; প 'নোক্‌রা'—নর টুকরা কাপড়] পুরান কাপড়ের টুকরা। [নেকড়া-চোপড়া—ছেঁড়া কাপড়-চোপড়।]

নেকড়িয়া, -ড়ে বি [সং কোক, বৃক ; হি লকড়া] ক্ষুদ্রজাতি ব্যাঘ্র-বিশেষ (wolf)।

নেকড়ে দ্র 'নেকড়িয়া'।

নেকনজর বি [ফা নেক্+নজর] শুভদৃষ্টি, কৃপাদৃষ্টি, সুনজর। "চেয়ে একবার নেকনজরে,…অবলার ধন দেলাতে হুকুম হয়।—দা ২০৮৯ ; নেকনজর কর কাঙ্গাল পানে ২১০২।

নেকনাম বি [ফা নেক্+নাম] সুনাম, সুখ্যাতি।

নেক(খ)রা বি [ফা নখ্‌রা] ছল ; কৌতুক, তামাসা, ভাঁড়ামি।

নেকা[১] 'ন্যা' বি [ফা 'নেক্'—সাধু] যে সাধুর ভান করে ; কপটসাধু ; সেয়ান-বোকা। "মাঝে মাঝে হয়েন কতই নেকা যেন বা.দ ২৩৬। নেকা বোকা ঢিলে কাছা। তিনে না প্রত্যয় বাছা॥—খনা। **—কী** বি ১ বুদ্ধিহীনা। "আমি তো আর নেকী নই,…আমি সব বুঝতে পারি অ.গ্র ৩। ২ যে স্ত্রীলোক নেকীর ভান করে (ক্রোধে)। "কৌশল্যা কহিল, 'চেন না নেকি ?'—ব.দ্বি ৭৮। [নেকা ঢঙ্গ হওয়া—নেকা সাজা। "নেকা ঢঙ্গ হয়ে রামা বলে সেই কি ?—বি.সু ৬৪। নেকামি—নেকাভাব।]

নেকা[২] বি সর্থ 'নিকা[১]'। দ্র 'কবিলা'।

নেকামি দ্র 'নেকা[১]'।

নে(ন্যা)কার বি [সং ন্যক্কার] বমি। "গোদে তেল দিয়া কত তুলিব ন্যাকার।—ক.চ ২৬ ; নেকার ১১৯ ; ন্যাকার ২০৯। [নেকার নেকার করা—বমি-বমি করা। "কুলীনের নাম করিলে গাটা নেকার নেকার করে।—ব.প ১৪৩৩। নেকার-বাঁত্ করা (°র+বাস্তি)—বমি করা।]

নেখন বি [লেখন > °ন ; অপ্র] পত্র। ঐ অক্ত দিয়া নেখন নেখিবার নাগিল গো.চ ২৭৪।

নেখরা দ্র 'নেকরা'।

নেগা বি [ফা নিগাহ্] দৃষ্টি, দর্শন। "তোমার ছোট লেড্‌কার ঢোল নেগা করে মোর বড় গর্মি হচ্ছে আ.হু ৯২।

নেঙসা বি [ধ্বন্যাত্মক (?) ; তু 'ধাঙসা'] বাদ্যবিশেষ। "শ্রী.মা ৬৬ ; ৭২।

নেঙু(ঙ্গু)ড় বি [লাঙুল > °ড় ; হি লংগুর ; ঠ লংগুল ; নেঙ্গুল (গো.চ)] লেজ। "সদায় তক্ষক থাকে নেঙ্গুড়ে বেড়িয়া বা.ম ১৬৮।

নেঙ্গটা ; নেঙ্গটি ; নেঙ্গুড় দ্র 'নেংটা ; নেংটি ; নেঙুড়'।

নেচি বি [লেচি > °চি] সর্থ 'লেচি'।

নে(ন্যা)জ বি [লেজ > °জ] ১ লেজ। "ময়রাদিদি ন্যাজের দিকে—জা ১১। ন্যাজ।—শিশু ৫৬। ২ (সাদৃশ্যে) ঘুঁড়ির নীচের কোণে বাঁধা লম্বমান সুত্রাদি। ৩ (উপহাসে) উপাধি। **—জা**[২] বি মাছের সমাংস পুচ্ছ বা পোঁছা। [নেজা-মুড়া—দ্র 'লেজ'।]

নেজক পুং [√নিজ্+অক (ণ্বুল্)-ক] 'বস্ত্রমলশোধক', রজক। "মনু ৮.৬৫। **—জন** ক্লী [অন (ল্যুট্)-ভা] ১ শোধন, প্রক্ষালন। ২ [+অন -ধি] রজকালয়। "মহা ৭.১৮৪.১৩।

নেজন দ্র 'নেজক'।

নেজনা 'ন্যাজ্‌না' বি [সং নির্বোল ; তু 'নেজ'] সর্থ 'নির্বোল'। "জোলুয়ে নেজনা যুড়ি মুড়ে রাখে আল শি ৭২।

নেজা[১], **-ঞ্জা** বি [ফা নেজ়হ্] প্রাস, বরশা। "ছাড়িতে শিখয়ে নেজা ক.চ ৪৬। নেজা হাতে কোতোয়াল ঢুকে তার ঘরে বি.সু ১০২। ডানি হাতে নিল নেঞ্জা ব.প ৪৩২।

নেজা[২] দ্র 'নেজ'।

নেজামত ; নেঞ্জা দ্র 'নিজাম ; নেজা[১]'।

নেজু(যু)ড় বি সর্থ 'লেজুড়'। "লাঙ্গুলে বেঁধেছ ভাল সভ্যতা লেযুড়।—হেম ৩৪৮।

নেট্ বি [E. net] জালের মত বোনা সুতী কাপড়। "নেটের মশারি।—মন্ত্র ৯৭। নেটের চাদর।—হু ৪৬।

নেটা 'ন্যা-' বিং [হি নেটা ; cf., E. left] ১ যে ডান হাতের কাজ বাঁ হাতে করে (left-handed)। ২ [লেটা > °টা] সর্থ 'লেটা'। "দা ৫৫১।

নেঠা বি নিষ্ঠা, আশ্বাস। "প্রবোধে কথার দিয়া নেঠা শ্রী ৪২।

নেড় 'ন্যাড়্' বি [সং লণ্ড ; হি, ঠ লেংড ; অস নের, -রা] মলদণ্ড।

নে(ন্যা)ড়া বিং [নাড়া > °ড়া] সর্থ 'নাড়া[৩]'। **—ড়া** বি ভেকধারী বৈষ্ণবসম্প্রদায়বিশেষ (অবজ্ঞাসূচক)। "নেড়াগুল দা ২৪২ ; ৯২৭ ; জাত্যংশে কুলীন বড় নেড়া ৯২৮ ; ২০৯০। ন্যাড়া বষ্টমরা খোল খত্তাল নিয়ে ছিলো।—হু ৭৪। **—ড়ী** বি নেড়াসম্প্রদায়ের বৈষ্ণবী। "একটা ন্যাড়া-নেড়ীর গান গাই।—বি.বু ৩৮। [নেড়া ধর আগুন—নাড়া খড়ের (নাড়ার) আগুন। "নেড়া খর আগুন জ্বেলে দি কুলীনের মুয়্যা ব.প ১৪৩৩। °মুড়া (তু 'হি লুণ্ড-মুণ্ড)—নেড়া ; পত্রহীন (বৃক্ষ) ; ধ্বজহীন (রথ)। "ধ্বজভঙ্গ রথ নেড়ামুড়া হয্যা রয়।—ম ৮৬৪। °সেজ—পত্রহীন সেজ (স্নুহী)-বিশেষ ; তে-শিরা সিজ। নেড়ার নেই বাট-পাড়ের ভয় (নেলা > নেড়া)—মূর্খের শত্রুভয় নাই।]

নেড়িকুকুর বি সাধারণ বেটো কুকুর। "বাটীতে এমনি সোরশরাবত হইতে লাগিল যে পাড়ার নেড়িকুকুর ভেগে গেল (আ.হু)।

নেড়ে বি [তু 'নেড়িয়া'—মুণ্ড (গো.চ)] নিম্নশ্রেণীর মুসলমান ; মুসলমান (অবজ্ঞাসূচক)। "নেড়ে-পাড়া আ.হু ৪৯ ; জেতে মুই নেড়ে ৭৮। তুই যে নেড়ে।—নী ২৯।

নেত বি [সং নেত্র > প্রা ণেত্ত > বা °ত] অংশুকবস্ত্রবিশেষ। "নেতর বসন শূ ২৩ ; নেতের পতাকা ৩৭। ম.গা ১০। নেতের ঘেরা গো.চ ১৭৭। নেতের পাছড়া।—কৃ ২৬০ ; নেতের ওয়াড়ে ৩৭৯। পতাকা নেত।—ম ১২৭৬। নেতের বসন পরিধান।—ক.চ ৬১ ; নেতের পতাকা ৮৭ ; ৩০১। ব.প ২৪৫। নেতের চান্দোয়া দল নেতের মশারি ম.ম ১০০। নেতের মশারি বা.ম ২৮৬,-৯। [°ধটী, -ড়ী (বি)—নেত-বস্ত্রখণ্ড। "চৈ.চ ৩১০। °পাট—নেতপট্ট, নেতবস্ত্র। "নেতপাট সিংহাসন উপরেতে তুলি।—কৃ ১। °ফাল—নেতখণ্ড। "পথে শোভে নেতফাল শ্রী.ম ১৫৫। °সাড়ী—নেতের সাড়ী। "পরে পাট নেতসাড়ী শ্রী.ম ১৯।]

নেতব্য বিণ [√নী+তব্য] নেয়, প্রাপণীয়। "অবশ্যং যদি নেতব্যো রাম এষ ত্বয়া গো.রা ১.২৩.১৪। **—তা**[৩] (তৃ) বিণ [+তৃ (-তৃচ্)-ক -১ব ; স্ত্রী -ত্রী ; ছান্দস] ১ নায়ক। "এষ যূথপতির্নেতা গো.রা ৬.৩.৩১। নেতা চমূনাম্ রঘু ১৪.২২। ২ প্রেরক। "নেত্রা…সদাগতিনা উ.মে ৮। ৩ বাহক। "(যাবদেব নলঃ) ইতো নেতা মহা ৩.৬৬.৬।

অমুনেত্রী ভ ১.১৯.৬। ৪ প্রাপক ; নির্ব্বাহক। "মমু ৭.১৭। ৫ শিক্ষয়িতা। "যস্য মে ভবতী নেত্রী মহা ৫.১৩৬.১৩। ৬ প্রবর্ত্তক। —তা পুং ১ নায়ক। "রঘু ৪.৭৫। ২ প্রভু। ৩ দণ্ডপ্রণেতা। "মমু ৭.২৫। ৪ কাব্যনায়ক। ৫ বিষ্ণু। —ত্রী স্ত্রী ১ নায়িকা। "দেবী চৌধুরাণী দস্যুদিগের নেত্রী ব.প্র ৪০৩। ২ লক্ষ্মী। ৩ নাড়ী। ৪ নদী। [নেতৃনাথ, নেতৃপতি (বি)—নায়কগণের অধিপতি। "মে ২৬২।]

নেতা[১] 'ন্তা-' বি [সং নক্তক > প্রা *ণত্তঅ > বা (নাতা) °তা ; হি লত্তা ; ঠ লত্তী] ১ বস্ত্রখণ্ড, নেকড়া। "নেতা চিপি ঘর্ম্ম শিব ফেলিল ভূমিতে বা.ম ৫৫। বউ যে নেতামত হ'য়ে পড়লেন।—লী ১০৮। ২ পাকপাত্র মোছার বা ঘর নিকানর বস্ত্রখণ্ড। "হাঁড়ীতে নেতা দেওয়া। [নেতান—নেতার মত শিথিল হওয়া।]

নেতা[২] 'ন্তা-' বি [সং জ্ঞাতি > লি ঞাতি, প্রা ণাই ; হি নাতা ; ঠ ন্যাত,-তী] জ্ঞাতি ; সম্বন্ধ, সংস্রব। [°সূত্র—জ্ঞাতিসম্বন্ধ-লেশ ; সম্পর্কগন্ধ। নেতুড় (হি লথড়না—লিপ্ত হওয়া)—সম্বন্ধ, সংস্পর্শ।]

নেতা[৩] দ্র 'নেতব্য'।

নেতি ব্য [ন+ইতি] না, অর্থাৎ ইহা তৎ (ব্রহ্ম) নহে, এইরূপে। "নেতি নেতীত্যতত্ত্বজন্ ভ ৭.৭.২৩। [°বাচক—নিষেধার্থক।]

নেতুড় দ্র 'নেতা[২]'।

নেত্র পুং [√নী+ত্র (ষ্ট্রন্)-ক, উ ৪.১৫৮] নেতা, প্রবর্ত্তক। "তন্নেত্রাঃ সন্তু মে পুত্রাঃ।—মহা ২.৭৫.৮। কর্ম্মণা দেবনেত্রেণ ভ ৩.৩১.১। —ত্র ক্লী [√নী+ত্র (ষ্টন্)-ণ] ১ 'নয়নসাধন', চক্ষুঃ, লোচন। "নেত্রৈঃ পপুঃ (তং প্রজাঃ)।—রঘু ২.৭৩। ২ (গৌণার্থে) কার্য্যজ্ঞানকারণ। "প্রায়েণ গৃহিণীনেত্রাঃ কন্যার্থেষু কুটুম্বিনঃ কু.স ৬.৮৫। ৩ মন্থনরজ্জু। "মহা ১.১৮.১৩। ৪ বৃক্ষমূল। ৫ জটা। ৬ রথ। ৭ অংশুক, বস্ত্র-বিশেষ (অ.কো)। "রঘু ৭.৩৯। [বোধ হয়, এই বস্ত্রে নেত্রাকার চিহ্ন থাকিত।] ৮ বস্তিশলাকা (ত.বা)। ৯ (নেত্রসংখ্যানুসারে) দুই (২) সংখ্যা। "নেত্র পক্ষ শ্রী.মা ১৭৬। ১০ তিন (৩) সংখ্যা। "সাতে হরি চন্দ্র নেত্র বাণ যদি রয়।—ব.প ১৩। [°কোষ (পুং)—নেত্র-পটল। °গোচর (বিণ)—চক্ষুর্বিষয়ীভূত, নেত্রপথগত। °চ্ছদ (পুং)—নেত্রাচ্ছাদক চর্ম্মপুট ; চোখের পাতা। °জল, °বারি (ক্লী)—অশ্রু। °নির্ব্বাণ (ক্লী)—নেত্রের নিরতিশয় সুখ ; নেত্রনির্বৃতি। "শ ৩$\frac{৪}{৫}$। °পর্য্যন্ত (বিণ)—নেত্রাবধিক ; (পুং) নেত্রপ্রান্ত, অপাঙ্গ। °পাক (পুং)—নেত্ররোগভেদ (সুশ্রুত)। °পিণ্ড (পুং)—চক্ষুর্গোলক ; বিড়াল। °মল (ক্লী), °বিট্ (বিষ্) স্ত্রী—দূষিকা, পিচুটি। °মুট্ (-মুষ্) বিণ—নেত্রচোর, নয়নহারক, নেত্রাভিরাম। "নেত্রমুষং…রথম্।—মহা ৩.৪২.৭। °যোনি (পুং)—১ ইন্দ্র। দ্র 'সহস্রাক্ষ'। ২ চন্দ্র। দ্র 'অত্রি'। °রঞ্জন (ক্লী)—কজ্জল। °রোগ (পুং)—চক্ষুরোগভেদ। °রোম (-মন্) ক্লী—চক্ষুরোম, পক্ষ্ম। °স্তম্ভ (পুং) চক্ষুর উন্মীলনাদিব্যাপারা-ভাব।]

নেত্রবন্ধ পুং [ষ.ত] বস্ত্র দ্বারা নেত্রপ্রচ্ছাদনরূপ বালকগণের ক্রীড়া-বিশেষ ; কানামাছি-খেলা। [এই খেলায়, কোন বালকের চোখে কাপড় বাঁধিয়া ছাড়িয়া দেয় এবং 'আমাদের ছোঁও' বলিয়া তাহার কাছে কাছে অন্য বালকেরা ঘুরিয়া বেড়ায় (ভ ১০.১৮.১৪)। এ বিষয়ে ব্যাখ্যান্তর আছে (দ্র 'ভ.টীকা)।]

নেত্রানন্দ বিং নেত্রপ্রীতিকর। "কৃষ্ণ…নেত্রানন্দ চৈ.চ ৮২।

নেত্রান্ত পুং [ষ.ত] নেত্রপ্রান্ত, অপাঙ্গ। "তেরছ °বাণ চৈ.চ ২১৯।

নেত্রাভিষ্য(স্য)ন্দ পুং [ষ.ত] নেত্ররোগবিশেষ (সুশ্রুত)।

নেত্রাম্বু ক্লী [ষ.ত] নেত্রজল, অশ্রু।

নেত্রোৎসব বিণ [বহুব্রী] যাহাতে নেত্রের উৎসব ; নয়নানন্দকর। "(কৌশল্যাঃ) নেত্রোৎসবঃ সোম ইব দ্বিতীয়ঃ রঘু ১৮.২৭। —সব পুং [ষ.ত] ১ নয়নানন্দ, নেত্রপ্রীতিকর বিষয়। "নেত্রোৎসব তাহাতে পাইব সর্ব্বজন।—চৈ ২২৯। ২ (বাঙ্লায়) অনবসরের পরে জগন্নাথের নবযৌবনদিবসে চক্ষুর অঙ্গরাগ। "কালি হব নেত্রোৎসব।—চৈ ২২৯। চৈ.চ ১৫০।

নেত্রৌষধ ক্লী [ষ.ত] ১ নেত্ররোগের ঔষধ। ২ কজ্জল।

নেন-দেন বি [হি লেন-দেন ; ঠ লেণ-দেণ] (ব্যবসায়ে, অর্থসম্বন্ধে) নেওয়া-দেওয়া। "নেন-দেন করা।

নেপথ্য ক্লী [নে (নায়ক) তাহার পথ (কামজননাদি ব্যাপার)—নেপথ +য (যৎ) অনপেতার্থে (অ.টী)] ১ সুবর্ণচন্দনাদিকৃত শরীরশোভা ; বেশ, প্রসাধন। "অভ্যঙ্গ° কু.স ৭.৭। ২ ভূষণ, অলঙ্কার। "গী.গো ৫.২০। ৩ নটগণের বেশরচনা-স্থান ; সাজঘর। "নেপথ্যাভিমুখম-বলোক্য।—শ ১$\frac{২}{২}$। ৪ জবনিকা। "নেপথ্যং স্যাজ্ জবনিকা (অজয়)। ৫ রঙ্গের বহির্ভূত স্থান। 'রঙ্গাদ্ বহিস্তু নেপথ্যং ইতি মুনিঃ (অর্থাৎ ভবতঃ)। "(নেপথ্যে) ভো ভো রাজন্ আশ্রমমৃগোঽয়ম্।—শ ১$\frac{৯}{১০}$। ৬ রঙ্গজ্যা, রঙ্গভূমি (মেদিনী)। [°বিধান (ক্লী)—বেশরচনা। °ভৃৎ (বিণ)—বেশধারী। "উদার° রঘু ৬.৬। শ ১$\frac{২}{২}$।]

নেপাল পুং [নৃপাল > নেপাল ; তু 'গিরালা (নৃপালাঃ) পৈ ১.১৯৮] ১ হিমালয়তটস্থ পর্ব্বতীয় দেশবিশেষ। "°পাল, °পালক, °বিষয় (S.W.)। বৃহৎসংহিতা ৪.২২। ২ (বহুব) নেপালবাসিগণ। —পাল ক্লী তাম্র। —পালিকা, -লী স্ত্রী মনঃশিলা [°কম্বল (পুং)—চিত্রকম্বল, কুথ। °নিম্ব (পুং)—নিম্বভেদ।]

নেপালিকা, নেপালী দ্র 'নেপাল'।

নেপুর বি [সং নূপুর > প্রা ণেউর ; হি, গু, মৈ °র ; ঠ নেপুর ; নেউর (চ) ; নপুর (গো.বি ৯৫)] নূপুর। "সোনার নেপুর ম.গা ৯। গো.বি ৯৫। গো.চ ৩৩৪। কারো ভ্রমে…করতে নেপুর ক.চ ২৪।

নেবা 'ন্যা-' বি [E. liver] লিবরের দোষজন্য কামলা রোগ (jaundice)।

নেবু বি [সং নিম্বূ (ভাবপ্রকাশ) ; জম্বীর, নারঙ্গ (অ.কো) ; হি নীবূ, লীমূ ; ঠ নিংবূ ; আ লেমূ ; র্ক লিমূন্ (limun) ; F. limon ; E. lemon, lime] অম্লফলবিশেষ ; লেবুগাছ।

নেম[১] প্রায়, অর্দ্ধ। তু 'নিম[২]'। "পা ৭.১.৫২, সি।

নেম[২] বি [সং নিয়ম > প্রা ণিঅম ; হি, ঠ নেম ; গু নীম] ব্রত। "অপতিত নেম ভ.গ্র ১৮। [ব্রত°—একার্থক।]

নেমক, নেমকহারামী দ্র 'নিমক'।

নেমন্তন, -ন্তোন্নো বি [সং নিমন্ত্রণ > প্রা ণিমংতণ > বা °ন্ন] নিমন্ত্রণ। "বাড়ির ক্ষুদে ক্ষুদে ছেলেরা…কুটুম্ব নেমন্তোন্নো কত্তে বেরোন। —হু ১১৫,-৬। —ন্তন্নে বিং [°ন্ন+এ৭] ১ নিমন্ত্রণ করার নিমিত্ত নিযুক্ত। "পেসাদার নেমন্তন্নে বামণ।—হু ১১৫ ; নেমন্তন্নে বামুণ…পান চিবুতে পান চিবুতে নেমন্তোন্নো সেরে যান ১১৬। ২ যে বাড়িতে নিমন্ত্রণ হয় ; নিমন্ত্রণসম্বন্ধী। "নেমন্তন্নে বাড়ির কর্ত্তা।—হু ২৯। —ন্তন্নে বি নিমন্ত্রিত ব্যক্তি। "নেমন্তন্নেরা এসে একে একে জুঠলেন। —হু ২৮।

নেমন্তন্নে দ্র 'নেমন্তন'।

নেমাজ বি সর্থ 'নমাজ'। "ব.প ৩২০। ব.প্র ৪৭০। ব.দ্বি ৪।

নেমাৎ বি [নিম্বাদিত্য > °ৎ] নিম্বাদিত্যমতবাদী। "আ.দু ২০৬।

নেমি, -মী স্ত্রী [√নী+মি-ক, উ ৪.৪৩ ; বিকল্পে স্ত্রী ঈ (ঙীষ্), √নম্+ই (কি), পা ৩.১৭১, কাশিকা ; ছান্দস] ১ চক্রপ্রান্ত, প্রধি, চাকার ধার। "ঋগ্বেদ ১.৩৮.১২। রথনেমি (শতপথব্রাহ্মণ)। রথনেমি রা ২.১০৩.৪০ ; রঘু ১.৩৯। চক্রনেমি উ.মে ৪৮। °মি শ ৭.৭ ; রথাঙ্গ-নেমি ১০। নেমি।—রঙ্গ ২২১ ; হেম ১৭৮। (অদৃষ্টচক্রের) নেমির

পেষণে ব.দ্বি ৬০। তাঁহার জীবন যে 'নেমি' (অসাধু) আশ্রয় করিয়া আবর্ত্তিত হইত, তাহা মহত্ত্ব চা.পু ৬৬। ২ বেষ্টন, সীমা। "মেদিনী-মুদধিনেমিম্ রঘু ৯.১০; সমুদ্র° ১৪.৩৯। ৩ (সাদৃশ্যে) কূপপ্রান্তভূমি; কূপোপরিস্থ পট্টপ্রান্তভাগ; কূপের রজ্জুধারণার্থ ত্রিকোণদারুযন্ত্র (অ.টী)। ৪ কূপসমীপস্থ সমতলস্থল (ত.বা)। —মি পুং ১ (নেমিযোগ্যতা হেতু) তিনিশবৃক্ষ, রথদ্রু। ২ বপ্র। [°বৃত্তি (বিণ)—নেমিবৃত্তির ন্যায় ব্যাপারবান্। "রঘু ১.১৭।]

নেমোখারামী বি সর্থ 'নিমকহারামী' (দ্র 'নিমক')। "°মী কত্তি বলে নী ৫৩।

নেয় বিণ [√নী+য (যৎ)-র্ম্ম] ১ নেতব্য, প্রাপণীয়। "তদ্ব্যপদেশনেয়া রঘু ১৪.৪৫। ২ পরিচালনীয়। "মূঢ়ঃ পরপ্রত্যয়নেয়বুদ্ধিঃ মা.মি ২.২। ৩ যাপনীয়।

নেয়া[১], **-য়ে** বি [নায়্যা >(নায়ে) নেয়ে, -য়া] নাবিক। "নেয়ের স্বভাব।—কৃ ১৮১; ২৪১। কানু যার নেয়ে শ্রী ৫৫। নেয়ে বড় রসরাজ।—জ্ঞা ১৩৯। নবীন নেয়া।—ব ১৩৫।

নেয়া[২] দ্র 'নেওয়া[১]'।

নেয়াই দ্র 'নিহাই'।

নেয়াপাতি বিং (নেওয়াপাতি-সাদৃশ্যে) অল্প। দ্র 'নেওয়া'। "নেয়া-পাতিরকমের ভুঁড়ি।—হু ২৫।

নেয়ার, -ল বি [ফা নরার্; হি নি(নে)রার] খাট ইত্যাদি ছাওয়ার চওড়া ফিতা। "নেয়ারের ছানী খাট ব.প ২৪৩। নেয়াল বুনিয়া নাম বোলায় বেনটা ক.চ ৮৬।

নেয়াল দ্র 'নেয়ার'।

নেয়ে দ্র 'নেয়া[১]'।

নেরেল বি [সং নারিকেল >প্রা ণারিএল >বা (নারেশ) °ল, গ্রাম্য] নারিকেল ফল। "নেরেল ব্যাল।—জা ৩৫।

নেলা 'স্থা-' বিং [সং এনস্ >জি এল—(নঞর্থে) লি নেল (ন+এল) —নিষ্পাপ, নির্দোষ (ন অস্‌সা এলনতি নেলা—বুদ্ধঘোষকৃত দীঘনিকায়-টীকা); সং মূঢ় >প্রা নালিঅ (হে ৪.৪২২); 'এল'—কুশল (দেশী ১.১৪৪)—(নঞর্থে) 'নেল'—অকুশল] মূঢ়, মূর্খ, কাণ্ডজ্ঞানহীন, ক্ষেপা ('সাধু' সংসারে 'মূঢ়' 'ক্ষেপা' বলিয়া পরিচিত হয়)। [°ক্ষেপা, °খেলা, °ভোলা—'কাণ্ডজ্ঞানহীন', পাগলাটে। "এই নেলাখেলা মাগীকে মনে করেছিলুম গোয়েন্দা গি.দ্বি ১২৩।]

নেশা, -সা বি [আ নশা; গু নিশা] ১ মাদকসেবনজন্য মত্ততা। "ভাঙের নেশায় বা.ম ৫০; ৬১। আশার নেশা ছুটিল না (মা)। ২ অত্যাসক্তি। "পাশার নেশায় চিত্ত নেত্র হইল হারা শ্রী ১৩৫। ৩ উন্মত্ততা। "যৌবনের নবীন নেশায় চ.কা ৩৪১। ৪ মোহ। "নয়নের নেশা চ.কা ৪৩। মানের নেশার ঝোঁকে অ.গু ৩৭। ৫ মাদকদ্রব্য। "চড়ুই ভাতি—বনভোজন—নেসা একাদিক্রমে চলিয়াছে আ.দু ১৪৭। [°খোর (আ নশা+খোর)—মাদক-সেবনে আসক্ত; মাদকসেবী। নেশায় চুর—মত্ততায় বিহ্বল।]

নেষ্ট বিণ [ন ইষ্ট, সুপ্সুপা] অনিষ্টকর। "বৃহৎসংহিতা ৬১.৪।

নেষ্টা (-ষ্টৃ) পুং [√নী+তৃ (-তৃন্)-ক-১ব, নিপাতিত, উ ২.৯৪] ঋত্বিগ্‌বিশেষ। দ্র 'অগ্নিষ্টোম'। "পা ২.২.২৯, সি।

নেহ, -হা বি [সং স্নেহ >প্রা ণেহ; হি নেহ; বৈষ্ণবসাহিত্যে] প্রণয়, প্রেম। "নেহা কৈল: গোপিকার নেহা শ্রী.ম ১১৭। শ্যামর নেহ রা.শে ১; নেহানলে হিয়া জ্বলে ৮৫। বন্ধুর সহিতে, পরাণে পরাণে নেহা (প.ক)। সুনেহ ন.প ৩০৬। নেহা ব.প ৮৩৬,-৭। সভারে সমান নেহ চৈ.ম ১৮৯।

নেহা দ্র 'নেহ'।

নেহাই; নেহাত দ্র 'নিহাই[১]'; নিহাত'।

নেহার, -ল[২] সর্ম্ম [নিহার >°র, -ল] ১ নিরীক্ষণ করা। "ক্রুদ্ধ হৈয়া দুই ভাই দোঁহাকে নেহালি।—ম ২২৮। শিশু-শ্রীমুখ নেহালে শ্রী.ম ৩৭। ব্রজবিহার নেহারে ব.প ৪২৪। নেহাল গোপালবিজয়—দুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (পৃ. ৪৩)। ২ লক্ষ্য করা। "(সব গোপী) বনে বনে চলে কৃষ্ণের চরণ নেহালি রা.প ২০। ৩ অন্বেষণ করা। "চণ্ডিকামণ্ডপে গিয়া চৌদিকে নেহালে।—ম ১২০১। ৪ কৃপাদৃষ্টিতে দেখা। "দীন দুঃখিত, নেহারি কর, করুণা ভুবনে পরচার ন.প ৩৯১। —হার অর্ম্ম কটাক্ষপাত করা। "রঙ্গিম নয়ন নেহারি গো ৭৫। —হালা সর্ম্ম [°ল >°লা] ১ দেখা। "নটি রূপ নেহালায় গো.চ ২৫৪,-৫। ২ [°ল+আ[৮]] দেখান। "কি তুমি নেহালাও নটি তোমার পাজায় পাজায় চুল গো.চ ২৫৮। [নেহার—দেখ (প.ক)। নেহারই—নেহারে, দেখে। "নেহারই ফেরি বি.প ১০৯। নেহারই দশদিশ (প.ক)। নেহারবি —দেখিবি, চাহিবি। "আধ নেহারবি বঙ্কিম গীম বি.প ৫২। নেহারল দেখিল (প.ক)।]

নেহারণি, -নি বি [°র+অনি[২]] নিরীক্ষণ, দৃষ্টি। —রিণী বিং দৃষ্টিকারিণী। "চকিত নেহারিণী রা.শে ৮৮। [বঙ্ক নেহারণি, -নি—বক্র-দৃষ্টি, অপাঙ্গদর্শন, কটাক্ষ। "বঙ্ক নেহারনি বি.প ১৩। বঙ্ক নেহারণি (প.ক)। বঙ্ক নেহারান ছন্দ।—গো ৭৫।]

নেহাল[১] বিং [ফা নিহাল্] পূর্ণকাম, সুখী, প্রীত। "ধনদানে ডোমগণে করিল নেহাল শ্রী ১৪৭। পরমেশ্বরীর যদি পদধুলি পাবি। তবু কত কালকে নেহাল হ'য়ে যাবি॥—শি ৯৮।

নেহাল[২] দ্র 'নেহার'।

নেহালি[১] বি [দ্র 'নেআলী'] নবমল্লিকা। "চ.বি ২২০। ম.ম ৩৮।

নেহালি[২] বি [ফা নিহালী] গদি, তোশক, আস্তরণ। "মেথলি এড়িয়া পাইলা এরূপ নেহালি গো.বি ১২৬। বিচিত্র পালঙ্ক তুলি নেহালি উপর।—ম ৮১৩।

নেহোরা বি [হি নিহোরা] প্রার্থনা, প্রার্থিত বিষয়। "আমার এক নেহোরা রাখিবা ভ.গ্র ৪৬; ৬১; ২৫১।

নৈ[১] ক্রি ১ নয়। "জন্মিলে মরণ আছে এড়াবার নৈ শ্রী.মা ১৯৭। ২ লইয়া। "পাতালকেতুক ক্রোধে নৈ যায় খেদিয়া ব.প ১২৮২। [নৈল—লইল। "ব.প ১২৮২।]

নৈ[২] বি নদী (প্রাচীন রূপ)।

নৈ বিং [সং 'নব'] নবজাত। "নৈ বাছুর।

নৈঋত বি [সং নৈর্ঋতী; হি °ত] দক্ষিণপশ্চিমকোণ। "দু ৯; ১০। চ.বি ১১৩।

নৈঃশ্রেয়স বিণ [নিঃশ্রেয়স+অ (অণ্)] নিঃশ্রেয়সসম্বন্ধী, স্বর্গাদি-শ্রেয়োহেতুক (ধর্ম্ম)। "মনু ৯.৩৩৪। —সিক [°স+ইক (ঠক্)] নিঃশ্রেয়সে সাধু; মোক্ষার্থ (কর্ম্ম)। "মনু ১২.৮৮।

নৈক বিণ [ন এক, সুপ্সুপা] অনেক। —ক পুং বিষ্ণু। [°চর (বিণ) —একচর নহে; যূথচর (শূকরাদি)। "ভ ৫.৮.১৮।]

নৈকটিক বিণ [নিকট+ইক (ঠক্), পা ৪.৪.৭৩] ভিক্ষার্থে গ্রামের ক্রোশমাত্র দূরে বাসকারী (ভিক্ষু, সন্ন্যাসী)। "ভট্টি ৪.১২।

নৈকট্য ক্লী [নিকট+য (ষ্যঞ্)] সান্নিধ্য। "ক.সা ১৫.১২৫।

নৈকধা ব্য [ন একধা, সুপ্সুপা] বহুধা, নানাপ্রকার। "স তং চিচ্ছেদ নৈকধা গো.রা ৬.৭৭.১২।

নৈকষেয় পুং [নিকষা+এয় (ঢক্)] ১ নিকষার অপত্য; রাক্ষস। ২ (বাঙলায়) রাবণ। "মে ৬; ৫২। ৩ বিভীষণ। "মে ৯৭।

নৈকষ্য বিং যাহার কৌলীন্য নিকষে পরীক্ষণীয়, অর্থাৎ নির্দোষ। দ্র 'নিকষ'। "নৈকষ্য কুলীন।

নৈকৃতিক বিণ [নিকৃতি+ইক (ঠক্)] নিষ্ঠুরাচার। "মনু ৪.১৯৬।

নৈগম বিণ [নিগম+অ (অণ্); স্ত্রী -মী] নিগমসম্বন্ধী, বৈদিক, শাস্ত্রীয়। —গম পুং [+অ স্বার্থে] ১ বেদের উপনিষদ্‌ভাগ। ২ নিগমবিৎ। ৩ নিগমভব, বণিক্। ৪ নাগরিক। ৫ নীতি, নয় (অ.চি)। ৬ উপায় (A.)

নৈজ বিং [নিজ+অ (অণ্) স্বার্থে; অপ্র] নিজ, স্বকীয় (অস্ত্র)। "(শার্ঙ্গপাণি) ব্রহ্মাস্ত্রে ব্রহ্মাস্ত্র বারে নৈজে পাশুপত।—শি ৫৭।

নৈত্য(ত্যি)ক বিণ [নিত্য+অক (বুঞ্),+ইক (ঠক্); স্ত্রী -ত্যকা, -ত্যিকী] নিত্যানুষ্ঠানের। বিপ 'নৈমিত্তিক'। "এতানি যঃ কুরুতে নৈত্যিকানি মহা ৫.৩৩.১২০। নৈত্যকং বিধিম্ ।—মনু ২.১০৪; ১০৫,-৬।

নৈত্যিক দ্র 'নৈত্যক'।

নৈদাঘ বিণ [নিদাঘ+অ (অণ্); °ঘ' (নিদাঘ)—"°ঘো নাম ঋতুঃ (অথর্ব ৯.৫.৩১)] নিদাঘসম্বন্ধী, গ্রীষ্মভব। "নৈদাঘ ঝটিকা ব.প্র ৩; নৈদাঘ বায়ু ১৬; ৭৪। —ঘিক, -ঘীয় বিণ [°ঘ+ইক (ঠঞ্), +ঈয় (ছ); স্ত্রী -কী, -য়া] সর্থ 'নৈদাঘ'। "নৈদাঘিকং তাপম্ ভ ৩.১৪.৪৯।

নৈধন ক্লী [নিধন+অ (অণ্) স্বার্থে] নিধন, মরণ। "উপলব্ধং মে তস্য বীরস্য নৈধনম্ গো.রা ৪.৫৮.১১।

নৈধ্রুব পুং [নিধ্রুব+অ (অণ্)] নিধ্রুবগোত্র-প্রবর ঋষিভেদ। "নিধ্রুবাণাং কাশ্যপবাৎসারনৈধ্রুব (আশ্বলায়নশ্রৌত)।

নৈপুণ, -ণ্য ক্লী [নিপুণ+অ (অণ্),+য (ষ্যঞ্)] ১ নিপুণভাব দক্ষতা, প্রাবীণ্য। "আনুরূপ্যং···নৈপুণোন্নেয়ম্ উ.চ ২.২৬। °ণ মাঘ ১৬.৩০। ২ নিপুণকর্ম্ম। "অহং প্রষ্টব্যো নৈপুণেষু।—মহা ৩.৬৭.৩। ৩ নিষ্ঠাতত্ত্ব। "ধর্ম্মনৈপুণ মনু ১০.৮৫।

নৈবিদ্দ, -দ্দি, -দ্য বি সর্থ 'নৈবেদ্য'। "নৈবিদ্দি শূ ৮০। চিনির নৈবিদ্দি।—সু ১৫৭। নৈবিদ্য সর্করা শ্রী.ম ১৯২,-৪। [নৈবিদ্দি টৈবিদ্দি —নৈবেদ্যাদি। "গি দ্বি ৬৫।]

নৈবেদ্য ক্লী [নিবেদ্য+অ (অণ্) স্বার্থে] দেবোদ্দেশে দেয় ভক্ষ্য-ভোজ্য লেহ্য পেয় চোষ্য—পঞ্চবিধ দ্রব্য; দেববলি। 'ভক্ষ্যং ভোজ্যঞ্চ লেহ্যঞ্চ পেয়ং চোষ্যঞ্চ পঞ্চমম্ (এতন্নৈবেদ্যম্)।

নৈবেশিক ক্লী [নিবেশ+ইক (ঠক্)] বিবাহার্থ দেয় দ্রব্য, অর্থাৎ কন্যা। "যাজ্ঞ ১.২১০।

নৈমিত্তিক বিণ [নিমিত্ত+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ নিমিত্ত হইতে আগত; নিমিত্তজন্য। ২ কার্য্যোপাত্ত, আগন্তুক। বিপ 'নিত্য'। —ক পুং নিমিত্তশাস্ত্রজ্ঞ; নিমিত্তশাস্ত্রাধ্যেতা, শাকুনিক, দৈবজ্ঞ। —ক ক্লী ১ নিমিত্তজন্য কর্ত্তব্যকর্ম্ম, জাতকর্ম্মাদি (বেদান্তসার)। ২ নিমিত্তা-নুবন্ধী কার্য্য। "নিমিত্তনৈমিত্তিকয়োরয়ং ক্রমঃ শ ৭.৩০। [°দান (ক্লী) —গ্রহণবিবাহসংক্রান্তিসন্তানজন্ম-জন্য দান। 'অত্রি ৩২০। °লয় (পুং) —ব্রহ্মার নিদ্রানিমিত্ত-জাত প্রলয়বিশেষ। "ব্রাহ্মো নৈমিত্তিকো লয়ঃ ভ ৮.২৪.৭। °স্নান (ক্লী)—গ্রহণাদিনিমিত্তক স্নান।]

নৈমিষ বিণ [নিমিষ+অ (অণ্)] নিমিষসম্বন্ধী, ক্ষণিক। —মিষ ক্লী [পাঠান্তর—"°শ' (দ্র 'মহা ১.১.১, নীলকণ্ঠ; ভ ১.১.৪, শ্রীধর] অরণ্যরূপ তীর্থবিশেষ। "রঘু ১৯.১। সী ৬৭,-৮। [বিষ্ণু এই অরণ্যে নিমিষে দানববল নিহত করেন; এই হেতু ইহা 'নৈমিষ', 'নৈমিষারণ্য' নামে খ্যাত (বরাহপুরাণ; দ্র 'নীলকণ্ঠ-শ্রীধর-টীকা)। এই তীর্থে রামচন্দ্রের অশ্বমেধ ও কুলপতি শৌনকের দ্বাদশবার্ষিক সত্র অনুষ্ঠিত হয় (রা ৭.৯২। মহা ১.৪)। পৌরাণিক সৌতি এই তীর্থে ঋষিমণ্ডলে ভারতকথার বর্ণনা করেন।] [°কানন, °ক্ষেত্র (বি)—নৈমিষারণ্য। "°ন।—ম ৩। °ক্ষেত্রে সী ৬৭। নৈমিষারণ্য (ক্লী)—দ্র 'নৈমিষ' ক্লী। "মহা ১.১.১। সী ৬৬।]

নৈয়গ্রোধ ক্লী [ন্যগ্রোধ+অ (অণ্); বৈদিক] বটফলাদি।

নৈয়ায়িক পুং [ন্যায়+ইক (ঠক্)] ন্যায়শাস্ত্রবিৎ, ন্যায়াধ্যেতা।

নৈরন্তর্য্য ক্লী [নিরন্তর+য (ষ্যঞ্)] ১ নিরন্তরভাব, অবিচ্ছেদ। "পা.দ ১.১৪। মনু ২.১৮৭, কুল্লুক। ২ নিরবকাশতা।

নৈরাকার বিং [সং নিরাকার; তু 'নৈরাশ'; অপ্র] অরূপ, অমূর্ত্ত। "নিরঞ্জন নৈরাকার।—শূ ১৩১। মায়াতে মনুষ্যদেহ দেব নৈরাকার ম ১৮১। ধর্ম্ম নৈরাকার ক.চ ৫। ব.প ৩০১, ব্রহ্ম নৈরাকার ১৩৩০। শ্রী.ম ১৪। তুমি নৈরাকার চ.বি ২৯। [ভ্রমে নৈরাকারে—অমূর্ত্তভাবে ভ্রমণ করে। "হস্ত পদ নাই ধর্ম্মের ভ্রমে নৈরাকারে ব.প ৩০০। নৈরেকার (গ্রাম্য)—একাকার, অন্ধকারময়। "মুদিলে নয়ন সব নৈরেকার। কেহ নয় আমার, আমি নৈ রে কার॥—দা ৯১০।]

নৈরাশ বিং [নৈরাশ্য > °শ; সং নিরাশ; অস °শ] ১ নিরাশ, আশাহীন। "দৈবে করিল নৈরাশ চ.দা ১০৮। কৃ ৩৫৪। দন্ত উপাড়িলে যেন ভুজঙ্গ নৈরাশ।—ম ৭৯২। কৈলু তপ, হইতে °শ—গ ১১৭, -৫৬। চ.বি ১৪; ৬৮। বি.পা ৮২। জীবনে নৈরাশ বা.ম ২২৩। জ্ঞা ২৪০। [ভূরি প্রয়োগ] ২ নিস্পৃহ। "নৈরাশ হইয়া সেই থাকি নিজ সুখে। আশা এড়ি হরি চিন্তি এড়াইল দুঃখে॥—শ্রী.ম ২৯৫। —রাশ বি [পদ্যে] ১ নৈরাশ্য। "নাগের নৈরাশ।—ম ২৮। সে আশ নৈরাশ হল শ্রী.মা ২৭। আশা ও নৈরাশ চ.কা ২৯৫। পাইল নৈরাশ ন.প ৮৭। ২ [নিরাস > শ; অপ্র] নিরাস, তিরোভাব। "চন্দ্রের প্রকাশে যে তারার নৈরাশ।—ম ৭৬৯। —রাশী বিং [অপ্র] নৈরাশ্যযুক্ত, নিরাশ। "মাতা করিলে নৈরাশী।—দু ৫৫।

নৈরাশ্য ক্লী [নিরাশ+য (ষ্যঞ্)] ১ নিরাশভাব, আশাবিরহ। "মহা ৩.৭১.৭। উ.চ ৩.১৩। একবার মনোমধ্যে নৈরাশ্য স্থিরতর হইলে, আর তত ক্লেশকর হয় না।—ব.প্র ৭৫। ২ নিষ্কামভাব, নিস্পৃহতা। "আশা হি পরমং দুঃখং °শ্যং পরমং সুখম্ (ব্রহ্মবৈবর্ত্ত)।

নৈরুক্ত পুং [নিরুক্ত+অ (অণ্)] নিরুক্তাধ্যেতা। "মনু ১২.১১১।

নৈর্ঋত বিণ [নির্ঋতি+অ (অণ্); স্ত্রী -তী; ছান্দস] ১ নির্ঋতি-সম্বন্ধী। "গো.রা ৫.৭৩.৫৭। নৈর্ঋতীং দিশম্ মনু ১১.১০৫। ২ নৈর্ঋতকোণগত। "কৃত্বা তু নৈর্ঋতান্ দর্ভান্ মহা ২.৮০.২২। —ত পুং ১ দক্ষিণপশ্চিম-কোণ। ২ [+অ (অণ্)] নির্ঋতির অপত্য; রাক্ষস। গো.রা ৫.৭৩.৫৭। নৈর্ঋত্য যেন রাক্ষসাঃ মহা ১.৬৬.৫৪। °শস্ত্রমার্গান্ রঘু ১৪.৪; ১৫.২০। —ত ক্লী রাক্ষস-দেবতাক-মূলানক্ষত্র। —তী[২] স্ত্রী ১ নৈর্ঋত দিক্। ২ রাক্ষসশক্তি। [°ঘ্ন (বিণ)—রাক্ষস-ঘাতক। "রঘু ১১.২১।]

নৈর্ঋতী[১] বিণ [+স্ত্রী ঈ (ঙীষ্)] নির্ঋতি-সম্বন্ধিনী। দ্র 'নৈর্ঋত'।

নৈর্ঋতী[২] দ্র 'নৈর্ঋত'।

নৈর্গুণ্য ক্লী [নির্গুণ+য (ষ্যঞ্)] ১ নির্গুণভাব, সত্ত্বাদিগুণরাহিত্য। "নৈর্গুণ্যাদ্ ব্রহ্ম চাপ্নোতি মহা ১৩.২০৫.২১। ভ ১.১৫.৩১। ২ গুণ-মাত্ররাহিত্য। ৩ অশক্তত্ব। "মহা ২.১৬.১৬।

নৈশ বিণ [নিশা+অ (অণ্); স্ত্রী -শী] ১ নিশাসম্বন্ধী, রাত্রিকালিক। "নৈশেন তমসা রা ১.৩৪.১৫। নৈশং তিমিরম্।—শ ৬.৩০। সান্দ্র নৈশতমে প.তৃ ৩৪। নৈশগগন ব.প্র ৩; নৈশবায়ু ৭৫; নৈশাকাশ ১৭৫। ২ নিশাসঞ্চিত। "নৈশমেনঃ মনু ২.১০২। —শিক বিণ [+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ সর্থ 'নৈশ'; নিশাভব। ২ রাত্রি-ব্যাপক। "বিশুদ্ধির্নৈশিকী স্মৃতা মনু ৫.৬২।

নৈষধ পুং [নিষধ+অ (অণ্)] নিষধদেশের রাজা; নিষধমাত্র। "নৈষধস্যার্থপতেঃ রঘু ১৮.১। ২ নলরাজ। "মহা ৩.৫৩.১৬। ৩ নিষধদেশবাসী। ৪ নলচরিতাবলম্বনপূর্ব্বক শ্রীহর্ষকৃত মহাকাব্যভেদ। "সা.দ ৬৩২১১। পড়ে নৈষধ ক.চ ২১৫। —ধীয় বিণ [°+ঈয়

(ছ)] নৈষধসম্বন্ধী, নলসম্বন্ধী। "°চরিত নৈ ১.১.১৫৫। —ধ্য পুং [নিষধ+য (ণ্য)] নিষধরাজের অপত্য। "পা ৪.১.১৭২।

নৈষাদি পুং [নিষাদ+ই (ইঞ্)] নিষাদপুত্র। "মহা ১.১২.৩২,-৮।

নৈষ্কর্ম্ম্য ক্লী [নিষ্কর্ম্মন্+য (ষ্যঞ্)] নিষ্কর্ম্মভাব, কর্ম্মশূন্যতা, জ্ঞাননিষ্ঠা। "গী ৩.৪ ; ১৮.৪৯।

নৈষ্কৃতিক বিণ [নিষ্কৃতি+ইক (ঠক্); স্ত্রী -কী] পরাপমানকারী। "গী ১৮.২৮।

নৈষ্ঠিক বিণ [নিষ্ঠা+ইক (ঠক্); স্ত্রী -কী] ১ নিষ্ঠাভব, আত্যন্তিক। "শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্ গী ৫.১২। ২ অন্তে ভব; মরণে বিহিত। "বিদধে বিধিমস্য নৈষ্ঠিকম্ রঘু ৮.২৫। ৩ নিশ্চল, বিক্ষেপরহিত। "ভক্তির্ভবতি নৈষ্ঠিকী।—ভ ১.২.১৮। ৪ মরণপর্য্যন্ত গুরুকুলবাসী (ব্রহ্মচারী)। "যাজ্ঞ ১.৪৮। হারীত ৩.১৪। দক্ষ ১.৮। ৫ নিষ্ঠাবান্, শ্রদ্ধাসম্পন্ন। "স্বধর্ম্মেতে নৈষ্ঠিক সমস্ত।—বি.সু ১৫। ৬ ব্রহ্মচর্য্যবিষয়ক। "নৈষ্ঠিকীং বুদ্ধিম্ রা ১.৬৩.১৪। —ক পুং যাবজ্জীবনব্রহ্মচারী। "কু.স ৫.৬২। নৈষ্ঠিক মউন পণ কৈল ভ.প্র ২০৭। চৈ.ভা ২৫৩। [°ব্রহ্মচর্য্য (ক্লী)—মরণাবধি ব্রহ্মচর্য্য। "মনু ৩.১, কুল্লূক। °ব্রহ্মচারী (রিন্)—নিত্য (মরণাবধি) ব্রহ্মচর্য্যে স্থিত "শ ১২৩, টীকা।]

নৈষ্ঠুর্য্য ক্লী [নিষ্ঠুর+য (ষ্যঞ্)] নিষ্ঠুরভাব, পারুষ্য। "হি ১.৯৯।

নৈসর্গিক বিণ [নিসর্গ+ইক (ঠক্); স্ত্রী -কী] নিসর্গাগত, স্বভাবসিদ্ধ, স্বাভাবিক। "তদেব নৈসর্গিকমুন্নতত্বম্ রঘু ৫.৩৭। নৈসর্গিকী ...কুসুমস্য সিদ্ধা মূর্দ্ধ্নি স্থিতিঃ মা.মা ৯.৫০। নৈসর্গিক শক্তি সকলের মূর্ত্তিবর্ত্তী পা.প্র ৯৪।

নো[1] ব্য [ছান্দস] নঞর্থ, অভাব ইত্যাদি। "গো.রা ৩.৪১.১২। গী ২.৬। সা.দ ৩২৪৬। [নো চেৎ—যদি না হয়। "হি ১২৬।]

নো[2] দ্র 'ন'[8]।

নো[3] [সং লোত >প্রা *লোঅ >লো >নো] অশ্রু। "নেতের আঁচলে চণ্ডী মুছালেন নো শ্রী.মা ২০৭।

নোআ, বি [সং লোহ >বা লোহা >°আ, -য়া ; হি লোহা ; অপ্র] লৌহ। "নোআর ছড়ি গো.চ ২৭৭।

নোংরা, নোঙরা বিং [তু 'সং নগ্নতা—অশ্লীলতা] ১ ঘৃণাজনক, অমার্জ্জিত, আ-মাজা। "ভোজনপাত্র নোঙরা হইলে...তাঁহারা লজ্জিত ...হইয়া যান পা.প্র ২৯। ২ আবর্জ্জনাময়, অপরিষ্কৃত (ঘর, জায়গা)। ৩ মলিন (কাপড়)। ৪ অপরিপাটি, শৃঙ্খলাহীন (কাজ)। ৫ অশ্লীল, লজ্জাজনক (কথা)। ৬ অভদ্রোচিত, কটু, কড়া। "নোংরা সমালোচন প.কা ৭৬। ৭ অপরিষ্কৃত, ময়লা-মাখা। "মেখেছ সব কালী, নোংরা বলে তাই দিয়েছে গালি!...পূর্ণশশী মাখে মসী, নোংরা বলুক দেখি!—শিশু ১১। —রা বি আবর্জ্জনা, ময়লা। "নোংরা সাফ করা। [নোংরামি—নোংরাভাব। নোংরা হওয়া —অশুচি হওয়া; রজস্বলা হওয়া।]

নোকর বি দ্র 'নকর'। "নোকর চাকর কিসের জন্য?—কা ১২২। —রি, রী বি চাকরী। "°রি প.কা ২০।

নোকসান বি [আ নুক্‌সান্; মৈ °ন] ক্ষতি, হানি। "সরকারি বেড়ী নোকসান হইবে কেন?—ব.প্র ৪৪৮।

নোক্তা বি [আ নুক্‌তা] ১ বিন্দু, ফার্সী বর্ণমালার বিন্দু। ২ [আ নুক্‌তা] সুসঙ্গত সার কথা। "পোক্তা হুকুম দিয়ে লেখ একটু নোক্তা অ.গ্র ১২১। ৩ দোষারোপ। [নোকতা দেওয়া (হি—নুকতা লগানা)—দোষারোপ করা]

নোঙর, -ঙ্গর, -ঙ্গোর ; নোঙরা দ্র 'নঙ্গর ; নোংরা'।

নোঙা, -ঙ্গা, -য়া[1] সর্ব [নুঙা, -য়া >°ঙা, -ঙ্গা, -য়া] ১ সর্থ 'নুঙা'। "মাথা নোঙায়।—কৃ ২০৮; ৩৩৬। নোয়াএ মাথা। —গ ৪৫। ক.চ ৫৫। শিশুত্তের আগে নোঙাইল মাথা চ.বি ১৩৫,-৬৭। ২ (লজ্জায় মাথা) নত করা। "মাথা নোঙাইল শিব হাসেন পার্ব্বতী বা.ম ৩৬৮। ৩ (গুণযোজনার্থ ধনু) নত করা বা বাঁকান। নোয়াইতে নারে ধনুক ম.বি ৩১। ৪ ভারে নত করা। "ফলে ফুলে বৃক্ষডাল নোঙাইছে ভালে শ্রী.ম ৮১। ৫ বক্র করা; বাঁকান। "ক্ষণে ক্ষণে সর্ব্ব অঙ্গ হয় গুণ্ডাকৃতি। তিলর্দ্ধেকো নোঙাইতে নাহিক শকতি।—চৈ.ভা ২১৩। [নোঙাইয়া, -ইউ, -ঙাব,-ঙায়,-ঙাল,-এ্যাফ্রিঙা (ব.প ৩২৪; ৪৫০; ৪৫৩; ৫০২; ৫০৪; ৬৭৭); নোয়াইবাম, নোয়াম—নোয়াই। "অবধান কর গুরু নোয়াইবাম মাথা।—মী ১৮। অবধান কর বাপু নোয়াম জে মাথা গো.বি ৯৫। নোঙান,-য়ান—সর্থ 'নোঙা'।]

নোট[1] বি [সং লোষ্ট >প্রা লোট্‌ঠ >বা লোঠ, -ট >নোট, নুটি] পিণ্ড, নুড়ি। "নোট বান্ধিল তার নয় গটা চুল শ্রী.মা ৯৪। —টা বি লোষ্টতুল্য শম্বুক (?)। "পুখুরে তুই কুড়াতিস নোটা শ্রী.মা ১৬০।

নোট[2] বি [E. note] ১ টাকার পরিবর্ত্তে ব্যবহার্য্য সরকারের প্রদত্ত পত্রখণ্ড-বিশেষ ; সরকারী হুণ্ডি (currency note)। ২ স্মরণার্থ লিখিত বিষয়। ৩ টীকা, টিপ্পনী।

নোটন বি [সং 'লুঠন'—মূল] লুঠাইয়া পড়ার নৃত্যবিশেষ। "ডোমনা কাওড়া নোটন নাচে মএনা গো.চ ৯৫। [নোটে—লুঠিত হয়। "হরিহর নোটে যেন চিল শ্রী.মা ২২০।]

নোটা বি [হি লোটা] ধাতুপাত্রবিশেষ। "গো.চ ৪৫; ৫৫।

নোটিস্ বি [E. notice ; নুটিস্ (গ্রাম্য)] সাধারণের বা ব্যক্তিবিশেষের অবগতির নিমিত্ত বিজ্ঞাপন-পত্র।

নোড়, -ড়[2] সর্থ 'নোয়াড়'।

নোড়া, -ঢ়া বি [সং লোষ্টক >প্রা লোট্‌ঠঅ >বা (লোঠা) লোঢ়া, -ড়া, নোঢ়া,-ড়া] শিলাখণ্ড, পেষণার্থ শিলাখণ্ড। "মস্তক ভাঙ্গিব তোর নোঢ়ার প্রহারে চ.চ ৮। নির্ঘাত নোড়া মারে শি ১০৬। তুমি শিল, আমি নোড়া।—দা ২১২৩।

নোঢ়া দ্র 'নোড়া'।

নোতক বি [সং লোত বা (লোতক) °ক ; অপ্র] অশ্রু। "নয়নে °ক ঝরে।—ম ১৪৮; ২২৯,-৩৮। [°পাত—অশ্রুপাত। "ম ২২৯।]

নোদন ক্লী [√নুদ্+অন (ল্যুট্)-ভা] ১ প্রেরণ। ২ ক্ষেপণ, নিরাস। ৩ অপসারণ। ৪ খণ্ডন (ত.বা)। ৫ সংযোগভেদ। "ভাষাপরিচ্ছেদ ১১৭। —দয়িতা (-তৃ) বিণ [√নোদি+তৃ (তৃচ্)-ক-১ব] প্রেরক। "কু.স ৩.২১।

নোদয়িতা দ্র 'নোদন'।

নোধা ব্য [নবন্+ধা (ধাচ্), পৃষো. তু 'ষোঢ়া'] নবপ্রকারে, নবধা। "নোধা বিধায় রূপং স্বম্ ভ ৩.২৩.৪৭।

নোন বি [সং লবণ >প্রা লোণ >বা °ন ; হি নোন ; ঠ লোণ] লবণ, (লক্ষণায়) অন্ন। 'লজ্জিলে নরকগতি নৃপতির নোন শ্রী ২০৭। —না বিং [নোন >°না ; হি নোনা] ১ লবণস্বাদযুক্ত (জল)। ২ লবণাংশযুক্ত (জমি, দেশ, মাটি)। ৩ লবণমিশ্র। "নোনা ইলিশ। ৪ নোনাজলে জাত। "নোনা কাঁকড়া, চিংড়ী, মাছ।—না[2] বি [ঠ লোণা] লবণাংশ, নুন। "নোনা-লাগা ইট, দেয়াল, মাটি। [নোন লঙ্ঘন করা—নিমকহারামী করা। দ্র 'নুন'।] [নোনা জল ঢুকান —(গৌণার্থে) ইচ্ছা করিয়া বিপদ্ ঘটান। নোনা হাওয়া—নোনা দেশের হাওয়া।]

নোনা[1] বি [সং লবলী ; P. annona ; হি 'নোনা'—আতা] ফলবিশেষ ও তাহার গাছ (Annona reticulata)।

নোনা২ দ্র 'নোন'।

নোবৎ দ্র 'নবত'। "করিপৃষ্ঠে নোবৎ বাজিছে।—রঙ্গ ২১।

নোয়া১ অক [সং নম্ > বা নু+আ] অবনত হওয়া। —ন, -নো সক অবনত করা। দ্র নোঙা।

নোয়া২, **-হা** বি ১ সর্থ 'নোআ'। "নোহার মুদ্গর গো ৮২৮ ; নোয়ার মুদ্গর ৩৯। ২ সর্থ 'ন৪'। "হাতের নোয়া আ.দ্রু ৫।

নোয়াড়, -ড়ি বি [সং লবলী ; রোয়াইল (ঢাকা)] ফলবৃক্ষবিশেষ (Cicca disticha) ও তাহার অম্লফল। "°ড়ি ম ৪৪৩।

নোর বি [লোর > °র] অশ্রু। "নয়নের নোর শ্রী.ম ৯৩। রা.শে ১৯।

নোল১ বি [সং লোল > °ল] শিথিল, ঢিলা। "নোল দিয়ে তাই এগিয়ে এলাম কু.কে ২৩।

নোল২ দ্র 'নোড়'।

নোলক দ্র 'নলক'।

নোলা বি [সং লোলা > °লা ; তা 'নালু, -লুকা'—জিহ্বা] খাদ্যলোভ ; জিহ্বা, জিহ্বালৌল্য। [নোলার জল পড়া—অতিলোভে জিহ্বা লালায়িত হওয়া।]

নোহ বি [লোহ > °হ] অশ্রু। "লোচনের নোহে।—ম ৮৪৯।

নৌ১ স্ত্রী [√নুদ্+ঔ (ডৌ)-ণ, উ ২.৬৪ ; ছান্দস] নৌকা। "রা ২.৫২.৮ ; ৯। হি ১.৯১। [°কর্ণধার (পুং)—নাবিক। °কর্ম্ম (-র্ম্মন্) ক্লী—নৌকাসাধ্য কার্য্য ; নৌব্যবহার। "মনু ১০.৩৪। °কর্ম্ম-জীবী (-বিন্)—নৌকাব্যবহারজীবী। "মনু ১০.৩৪। °চর (পুং) —'নৌকার চরণকারী' ; নাবিক। "রঘু ১৭.৮১। °জীবিক (পুং) —নৌকাব্যবহারবৃত্তি, নাবিক। "বৃহৎসংহিতা ৭.৬। °তার্য্য (বিণ) —নৌকা দ্বারা তরণীয় ; নৌসুপ্রতর, নাব্য। °দণ্ড (পুং)—নৌকা-চালনার্থ দণ্ড : নৌকাদণ্ড, দাঁড়। °বাটক (বি)—নৌ-সেনা। "নৌবাটক গৌড়াভিমুখে যাত্রা করিল।—শশাঙ্ক ২২৫,-৭। °বাহ (পুং)—নাবিক। °বিদ্যা (বি)—নাবিকবিদ্যা। °ব্যসন (ক্লী)—নৌকানিমজ্জন। "°ব্যসনে বিপন্নঃ শ ৬২৩। °ভঙ্গ (পুং)—নৌব্যসন, নৌকা বান-চাল হওয়া। "মনু ৮.৪০৯, কুল্লুক। °যান (ক্লী) —নৌকাযাত্রা। °যায়ী (-য়িন্) বিণ—নৌকারূঢ়। "মনু ৮.৪০৯। °সাধন (ক্লী) —নৌকারূপ যুদ্ধসাধন ; রণতরি। "রঘু ৪.৩৬। °সেনা (বি) —জলযোধ।]

নৌ২ সং বিং [সং নব (-বন্) ; হি, ঠ 'নৌ' ; অপ্র] নবসংখ্যক, নয়। "নৌ লাখ গো.চ ৪১৪।

নৌকতা বি [লৌকিকতা > °তা] ১ বিবাহাদিতে সামাজিকভাবে প্রদত্ত অর্থাদি। "নৌকতা যৌতুক যত ধন শ্রী ১৫০। ২ [অপ্র] পুরস্কার। "পদাতিকগণকে রাজা করিল নৌকতা চ.বি ৩৬৬। ৩ (কাকু হেতু) তিরস্কার, দণ্ড। "না বাঁচালে নৌকতা পাবেক তার মত শ্রী.মা ১১২।

নৌকা স্ত্রী [নৌ+ক (কন্) স্বার্থে+স্ত্রী আ (টাপ্)] তরণী, তরি। "ক্ষণমিহ সজ্জনসঙ্গতিরেকা। ভবতি ভবার্ণবতরণে নৌকা।—মোহমুদ্গর। এমত রামের গুণ কে দিবে তুলনা। পাদস্পর্শে শিলা নর নৌকা হয় সোণা।—কৃ ১৮১। (সংসারসিন্ধু) হেলে তরে সাধুজন ধর্ম্মের নৌকায়।—ম ৪১৯। খেয়া-নৌকা গজেন্দ্রগমনে যাইতেছে—পারের প্রয়োজনে ব.বি ৩ [°খণ্ড (বি) ১ শ্রীকৃষ্ণের নাবিকরূপে কৃত ব্রজলীলার অংশবিশেষ। "ডানভাগে নৌকাখণ্ড কানু যায় নেয়ে।—শ্রী ৫৫। ২ নৌকাকৃতি অর্থাৎ নৌকার মত উভয় প্রান্তে সরু ও মধ্যে চওড়া শব্দালঙ্কারে চিত্রকাব্যের ছন্দোবন্ধবিশেষ। "চি.স ২য় ৮৮.১৮। °ডুবি (বি)—নৌব্যসন। °দণ্ড (পুং) —নৌকাচালনার্থ দণ্ড ; ক্ষেপণী, দাঁড়।]

নৌখ বি [অপ্র] নখ। "নৌখের রাছাড়া। মী ৩১।

নৌঘর বি নৌকারোহীর বাসের গৃহ ; রইঘর। "ম.ম ১৪০।

নৌত(তু)ন বিং [সং নূতন ; হি নৌতন (নব-তন > হি 'নউ' (নৌ)-তন অস ; নোতুন] ১ নূতন, প্রথম। "রহিতে সোয়াথ নাহি নৌতুন লেহ।—বি.প ৯৪। ২ নবনির্ম্মিত। "নৌতন মণ্ডপে শূ ৭৩। নৌতুন তরি।—ক.চ ১৬০। নৌতুন সিংহাসনে ব.প ৭৩৮। তরণী নৌতুন নয়।—ব ১৩৬। ৩ অনাস্বাদিত। "নৌতুন কবিত্বরসে, নৃপতির অভিলাষে ক.চ ২৩৬। ৪ অননুভূতপূর্ব্ব। "(কৃষ্ণে) নিত্য নৌতুন তার বাঢ়ে অনুরাগ চৈ.ম ৫৮। ৫ অশ্রুতপূর্ব্ব। "রচিল নৌতুন গীত, চক্রবর্ত্তী শ্রীকবিকঙ্কণ।—ক.চ ৯। ৬ নবজাত, কচি। "নৌতুন তৃণ।—জ্ঞা ৩৬। ৭ অব্যবহৃত। "জলপাত্র দুই নৌতন আনাইল ব.প ১২০২। ৮ নবভাবসম্পন্ন। "প্রতিদিবস নৌতুনা, রাই মৃগী-লোচনা ব.প ১১৩২।

নৌবত, নৌবতখানা দ্র 'নবত'।

নৌবলাধ্যক্ষ বি নৌসেনা-নায়ক (admiral)। "শশাঙ্ক ৯৮।

নৌরোজা বি [ফা নৌরোজ্.] পারসীকদিগের নববর্ষের প্রথমদিন। "°জা-হাটে : নৌরোজা-পর্ব্ব : °জা আমোদ।—রঙ্গ ৫৮।

নৌল বি [সং নকুল > প্রা ণউল > বা °ল] বেজি। "ম.পা ১২৮।

ন্যক্ ব্য ১ নীচ। ২ ঘৃণ্য। ৩ অধঃ। "অতিষ্ঠদ্ ভ্রূণহা কোট্যাং বার্দ্ধ্ বি-ন্যক্ পপাত হ।—বসিষ্ঠ ২। [°করণ (ক্লী), °কার (পুং) —১ তিরস্কার। "ভ ৭.১.২২। ২ নীচীকরণ, অবজ্ঞা। ৩ ঘৃণা, কুৎসা, নিন্দা। "শ্রী.মা ৩৯। "কৃত (বিণ)—তিরস্কৃত ; অবজ্ঞাত। °ভাব (ন্যগ্‌ভাব) পুং—নীচভাব ; অধোভাব।]

ন্যগ্রোধ পুং [ন্যক্ রোধ (রোধক), সুপ্‌সুপা ; ন্যগ্রোহ (ন্যক্+রোহ) > ন্যগ্রোধ (ঐতরেয়ব্রাহ্মণ ৭.৫.৪) ; ছান্দস] ১ 'নিম্নরোধক', বট। "°ক্ষীর রা ২.৫২.৬৮। কু.কে ১১৬। ২ শমীবৃক্ষ। ৩ বাহু। 'ন্যগ্রোধৌ তু স্মৃতৌ বাহু (মৎস্যপুরাণ, ১১৮ অধ্যায়)। ৪ ব্যামপরিমাণ, বেঁউ। ৫ বিষ্ণু (মহা)। [°পরিমণ্ডল (পুং)—যাহার পরিমণ্ডল (উচ্ছ্রয় ও পরিণাহ) ব্যাম ; সমোচ্ছ্রয়পরিণাহ পুরুষ ; ন্যগ্রোধপরিণাহ (রা.টীকা), মানান-সই লম্বা-চওড়া ব্যক্তি। 'ব্যামেন উচ্ছ্রয়ো যস্য অধ ঊর্দ্ধঞ্চ দেহিনঃ। সমোচ্ছ্রয়পরিণাহো ন্যগ্রোধপরিমণ্ডলঃ।—মৎস্যপুরাণ। "রা ৩.৪৭.৩৪। ন্যগ্রোধপরিমণ্ডলতনু চৈতন্য চৈ.চ ১০। °পরিমণ্ডলা (স্ত্রী)—অঙ্গনাবিশেষ। 'স্তনৌ সুকঠিনৌ যস্যা নিতম্বে চ বিশালতা। মধ্যে ক্ষীণা ভবেদ্ যা সা ন্যগ্রোধ-পরিমণ্ডলা॥ "ভট্টি ৫.১৮।

ন্যঙ্কু পুং [নি+ √অন্চ্+উ-ক, কুত্ব, পা ৭.৩.৫৩ ; উ ১.১৮] মৃগ-বিশেষ। "শুক্লযজুর্ব্বেদ ২৪.২৭.৩২। রঘু ১৬.১৫।

ন্যঙ্গতা স্ত্রী [ন্যঙ্গ+তা (তল্)] অশ্লীলতা, নোংরাভাব। "ন্যঙ্গতা-যুক্তাক্ষেপে কার্ষাপণশতম্ (দণ্ড্যঃ)।—বিষ্ণু ৫.৩৩।

ন্যচ্ছ পুং ক্ষুদ্ররোগবিশেষ, মেচেতা (শ.ক—ভাবপ্রকাশ)।

ন্যস্ত বিণ [নি+ √অস্+ত (ক্ত)-র্ম্ম] ১ ক্ষিপ্ত। ২ নিহিত, স্থাপিত। "বক্ত্রু দ্বারন্যস্তোত্তরীয়াঞ্চল।—পঞ্চ ৫২২। ৩ ন্যাসভাবে স্থাপিত। ৪ ত্যক্ত, উৎসৃষ্ট। "°শস্ত্র। ৫ লিখিত। "ন্যস্তাক্ষরাঃ (ভূর্জ্জত্বচঃ) কু.স ১.৭। ৬ অর্পিত, দত্ত। "রা ১.৬৬.১৩। স্তনন্যস্তো-শীরম্ (বপুঃ) শ ৩.৫। "রাজ্য বিক্র ৫.১৭। ৭ মন্ত্রন্যাসপূর্ব্বক অর্পিত। "°ষড়ঙ্গচক্রনিহিত মা.মা ৫.২। ৮ অঙ্কিত, লিখিত। "চিত্র°। —স্য বিণ [+য (যৎ) বাহুলকে] ত্যক্তব্য। "মহা ৭.১৯৮.৫২। [°দেহ (বিণ)—ত্যক্তদেহ, মৃত। °শস্ত্র (বিণ) —ত্যক্তায়ুধ, ত্যক্তযুদ্ধ। "মনু ৩.১৯২। ন্যস্তশস্ত্রস্য শোকাদ্ দ্রোণস্য। —বে ৩.১৮।]

ন্যাই বি [দ্র 'নেই১'] সর্থ 'নেই১'। "কর মিথ্যা ন্যাই।—ম ১৮৬।

ন্যাওয়া বি [নেওয়া¹ > *'য়া] সর্থ 'নেওয়া¹'। "পানের বুকত চুনের ন্যাওয়া দিয়া গো.চ ২৫২।

ন্যাংটি বি সর্থ 'নেংটী'। "বার গাইটা ন্যাংটি গো.চ ২৭৩। —টো বিং [নেংটা > *'টো] উলঙ্গ। "মোরে ন্যাংটো করো না।—নী ৫১।

ন্যাংড়া, -রা বি [নাঙল > নাঙলা > *'রা,-ড়া] নাঙলের মোটা দড়ি। "হালের ন্যাংরা গো.চ ২৩৯ ; *ড়া ৩০০।

ন্যাংবোট বি [E. longboat] জাহাজের পিছনে বাঁধা বড়বোট ; (গৌণার্থে) সহচর, সঙ্গী (উপহাসে)। "ন্যাংবোটদেরেই বা একেবারে কালা-পানির জল খাইয়ে শ্রীমন্ত সদাগর না হয় নাই সাজালে!—অ.গ্র ১০৫।

ন্যাকরা বি সর্থ 'নেকরা'। "আ মর মিন্সে, ন্যাকরা করিস না কি? —গি.দ্বি ১০৫।

ন্যাঙ্গা বিং [দ্র 'নেং'] খঞ্জ। "ন্যাঙ্গা ঘাটিয়াল হৈল গো.চ ২৮১।

ন্যায় পুং [নি+ √ই+অ (ঘঞ্)ভা, পা ৩.৩.৩৭] ১ উচিত হইতে অচলন (প্র.টী) ; সমপ্রস, অপক্ষপাত। "ন্যায়বাদী রা ৩.৪৫.৩২। ২ বিচার। "ন্যায় করি তার তাপ করে নিবারণ ম ৩৫৭। করিলুঁ অনেক ন্যায় ক.চ ৯৯। ন্যায় করি জিনিব পদ্মারে বা.ম ৩২২,-৫৮। বি.পা ৩৫৪। ৩ [+অ-ণ] ঔচিত্য, যুক্তি। "ন্যায়াধারা হি সাধবঃ কি ১১.৩০। ৪ ব্যবহারপদ, অভিযোগহেতু। "ন্যায় জিনিবারে কহে অসত্যবচন চৈ.চ ৯৬। ৫ ধর্ম্ম। "বিপ্র কহে—সাক্ষী বোলাঞা করিবেক ন্যায় চৈ.চ ৯৬। ৬ নয়, নীতি। "ন সম্যগ্ দৃষ্টোঽয়ং ন্যায়ঃ পঞ্চ ১।৪৩৬। ৭ উপায়। "অধার্ম্মিকং ত্রিভির্ন্যায়ৈর্নিগৃহ্নীয়াৎ মনু ৮.৩১০। তবে আমি ন্যায় করি ব্রাহ্মণেরে জিনি চৈ.চ. ৯৬। ৮ সাধুতা। ৯ যথাশাস্ত্র শাসননীতি। ১০ শাস্ত্র। "মনু ৭.৩০। ১১ উদাত্তাদি স্বর। "যাসাং (গিরাম্) ন্যায়ৈস্ত্রিভিরুদীরণম্ কু.স ২.১২। ১২ গৌতমকৃত দর্শনবিশেষ ; ন্যায়দর্শন। ১৩ তর্কশাস্ত্র। "ক.চ ২১৫। ১৪ (দর্শনে) প্রতিজ্ঞা হেতু উদাহরণ উপনয় নিগমন—এই পঞ্চাবয়ব বাক্যভেদ (syllogism)। "ইঁহার সহ আমার ন্যায় বুঝ মন দিয়া চৈ.চ ১৩৭। ১৫ বিশয়াদি-পঞ্চাঙ্গ অধিকরণ। দ্র 'মহা ২.৫.৩, নীলকণ্ঠ। ১৬ বিষ্ণু (মহা)। ১৭ সাদৃশ্য (A.)। ১৮ (বাঙলায়) সদৃশ, তুল্য। ১৯ তর্ক, বাদানুবাদ। "গর্ব্বিত সনে ন্যায় করি না হয় উচিত ব.প ৪৯৯। অনেক করিলুঁ ন্যায় ক.চ ৯৯। ২০ লোকশাস্ত্র-প্রসিদ্ধ দৃষ্টান্তবিশেষ (popular maxim)। [এইরূপ ন্যায় বহুসংখ্যক। তাহাদের মধ্যে প্রসিদ্ধ ও কথাপ্রসঙ্গে প্রযোজ্য কতকগুলি ন্যায় নিম্নে প্রদত্ত হইল।]

অজাকৃপাণীয়ন্যায় (পুং)—শুষ্কে অজার গাত্রকণ্ডুয়ন হেতু শুষ্কে শিথিলবদ্ধ কৃপাণের পতনে অজার গলচ্ছেদন যেরূপ, সেইরূপ আত্মকৃত কার্য্যে আত্মবিনাশ।

অন্ধগজ(হস্তি)ন্যায় পুং—একদা কতকগুলি অন্ধ হস্তীর আকার-নির্ণয়ার্থ প্রবৃত্ত হইল। একজন হস্তীর পদস্পর্শ করিয়া স্থির করিল, 'হস্তী শুণ্ডাকার'; দ্বিতীয় অন্ধ লাঙ্গুল স্পর্শ করিয়া বলিল, 'হস্তী রজ্জুরূপ'; তৃতীয় কর্ণ স্পর্শ করিয়া নির্ণয় করিল, 'হস্তী শূর্পাকৃতি', অপর অন্ধ হস্তীর শুণ্ড স্পর্শ করিয়া বুঝিল, 'হস্তী সর্পবৎ'। এইরূপ, এক একরূপ এবং সৎ নিরঞ্জনের কোটি কোটি রূপ অজ্ঞে কল্পনা করে।

অন্ধগোলাঙ্গুলন্যায় পুং—মহারণ্যে পথভ্রষ্ট এক অন্ধকে দেখিয়া এক শঠ জিজ্ঞাসা করিল, 'তুমি এখানে কেন? কোথায় যাইবে?' অন্ধ বলিল, 'আমি নগরে যাইব।' ধূর্ত্ত তখন এক বৃষের লাঙ্গুল ধরাইয়া বলিল, 'এই বৃষ তোমাকে নগরে লইয়া যাইবে, লাঙ্গুল ছাড়িও না'। অন্ধ প্রতারণা বুঝিতে না পারিয়া, লাঙ্গুল ধরিয়া যাওয়ার বিশেষ কষ্ট ভোগ করিল। খলের বাক্যে সাধু প্রতারিত হইয়া কষ্ট ভোগ করেন।

অন্ধদর্পণন্যায় পুং—অন্ধ চক্ষুহীন, দর্পণে তাহার প্রয়োজন নাই। এইরূপ, অজ্ঞের শাস্ত্র নিষ্প্রয়োজন। "যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা শাস্ত্রং তস্য করোতি কিম্। লোচনাভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি॥ —সু.র।

অন্ধপঙ্গুন্যায় পুং—পঙ্গু, অন্ধের স্কন্ধারূঢ় হইয়া গমনে সমর্থ হয়, অন্ধ পঙ্গুর চক্ষুতে চক্ষুষ্মান্ হয়। এইরূপ শক্তিবিশেষের অভাব হইলেও পরস্পরের সহযোগে কার্যসিদ্ধি হয়।

অন্ধপরম্পরান্যায় পুং—এক অন্ধ বলিল 'দুগ্ধ শ্বেত'। 'কিরূপে জানিলে?'—জিজ্ঞাসা করিলে, সে বলিল অন্য অন্ধ বলিয়াছে। এইরূপে দ্বিতীয় অন্ধ অন্য অন্ধকে মূলরূপে নির্দ্দেশ করিলে, যেমন অন্ধবাক্যে দুগ্ধের শ্বেতত্ব সপ্রমাণ হয় না, তদ্রূপ বিষয়-বিশেষে অজ্ঞসমূহের বাক্যে সংশয় থাকে।

অরণ্যরোদন(রুদিত)ন্যায় পুং—অরণ্য জনশূন্য, সুতরাং অরণ্যে রোদন বিফল। নিষ্ফল প্রয়াসমাত্র ইহার উদাহরণ। 'উষরবৃষ্টিন্যায়' 'বধিরকর্ণজপন্যায়' এইরূপ। দ্র 'অরণ্যরুদিত'।

অরুন্ধতীপ্রদর্শনন্যায় পুং—অরুন্ধতী দেখাইবার ইচ্ছায়, তাহার নিকটস্থ স্থূল নক্ষত্র দেখাইয়া, পরে তাহা অরুন্ধতী নহে বলিয়া প্রকৃত অরুন্ধতী দেখান হয়। গৌণ উপদেশের প্রত্যাখ্যান ও মুখ্য উপদেশকরণ, ইহার অভিপ্রেত বিষয়। 'শাখাচন্দ্রন্যায়' এইরূপ।

অর্দ্ধকুক্কুটীন্যায় পুং—কুক্কুটীর অর্দ্ধ বৃদ্ধ ও অর্দ্ধ যুবা, এ কথা প্রমাণে নিতান্ত অগ্রাহ্য। এইরূপ অখণ্ড একটি ঈশ্বর বলা, অন্যটি অস্বীকার করা। "একেতে বিশ্বাস অন্যে না কর সম্মান। অর্দ্ধকুক্কুটী-ন্যায় তোমার প্রমাণ॥—চৈ.চ ২৬।

অর্দ্ধজরতীয়ন্যায় পুং—স্তনশৈথিল্য হেতু স্ত্রী তরুণী নহে এবং কৃষ্ণ কেশ হেতু তাহাকে জরতীও বলা যায় না; সুতরাং ঈদৃশী স্ত্রী অর্দ্ধজরতী। প্রয়োজন কিঞ্চিৎ সিদ্ধ, কিঞ্চিৎ অসিদ্ধ হইলে, এই ন্যায় প্রযোজ্য।

অশোকবনিকান্যায় পুং—অশোকবনে গমন করিলে, যথেষ্ট ছায়া সৌরভ লাভ হয়, অন্য বনে যাওয়ার ইচ্ছা থাকে না। এইরূপ, যেখানে ইষ্টলাভ, তাহা ভিন্ন অন্যত্র গমনে ইচ্ছাভাব, ইহার দৃষ্টান্তবিষয়।

অশ্মলোষ্টন্যায় পুং—লোষ্ট তুলাপেক্ষা কঠিন, কিন্তু শিলার সহিত তুলনায় কোমল। নীচের সহিত তুলনায় যে উচ্চ, উচ্চতরের সহিত তুলনায় সে নীচ। এইরূপ, পরস্পর-তুলনা হেতু বৈষম্যে ইহার প্রবৃত্তি। তু 'অধোঽধঃ পশ্যতঃ কস্য মহিমা নোপচীয়তে। উপর্য্যুপরি পশ্যতঃ সর্ব্ব এব দরিদ্রতি॥—হি ২.২।

অশ্বতরীগর্ভন্যায় পুং—অশ্বতরীর গর্ভ নিজ মৃত্যুর কারণ। এইরূপ স্বযোনিনাশকের দৃষ্টান্তে এই ন্যায় প্রযোজ্য। 'বৃশ্চিকীগর্ভন্যায়', 'কদলীফলন্যায়' এইরূপ।

অহিনকুলন্যায় পুং—নকুল সর্পের নিত্যশত্রু। তদ্বৎ স্বভাববৈরস্থলে এই ন্যায়ের প্রবৃত্তি।

আরণ্যরোদনন্যায় পুং—সর্থ 'অরণ্যরোদনন্যায়'।

উষ্ট্রকণ্টকভক্ষণন্যায় পুং—উষ্ট্র শমীপত্রভক্ষণজন্য সুখ-লেশ হেতু শমীকণ্টকবেধজন্য দুঃখ সহ্য করে। এইরূপ অল্প সুখের আশায় সকলে অভীষ্টলাভে প্রচুর দুঃখ ভোগ করে।

কদম্বগোলকন্যায় পুং—কদম্বগোলকের সর্ব্বাবয়বে যুগপৎ কুসুমোদ্গম হয়। এইরূপ, সর্ব্বপ্রদেশে কোন বিষয়ের সমকালে প্রসারে এই ন্যায়ের প্রবৃত্তি। ভাষাপরিচ্ছেদ, ১৬৬। 'কদম্বকোরকন্যায়', 'কদম্ব-মুকুলন্যায়' এইরূপ।

করকঙ্কণন্যায় পুং—'কঙ্কণ' শব্দ 'করভূষণ' বুঝাইলেও 'কর' শব্দের প্রয়োগে 'করস্থ কঙ্কণ' বুঝাইতেছে। এইরূপ, অন্য শব্দের প্রয়োগ-

কালে তৎসম্বন্ধিতার্থ-প্রকাশে ইহার প্রবৃত্তি। 'ধনুর্জ্যা' 'কর্ণাবতংস' এইরূপ (সা.দ ৭.২৬)।

কাকতালীয়ন্যায় পুং—দ্র 'কাকতালীয়'।

কাকদন্তপরীক্ষা(বিচার)ন্যায় পুং—কাকের দন্ত নাই, জানিয়াও তদ্বিষয়ে পরীক্ষা যেমন নিষ্ফল, তদ্রূপ সম্যগবগত বিষয়ের বিচারাভিনিবেশ সম্পূর্ণ ব্যর্থ।

কাকাক্ষিগোলকন্যায় পুং—প্রসিদ্ধি, কাকের একমাত্র অক্ষিগোলক উভয় চক্ষুতে সঞ্চরিত হইয়া দর্শনকার্য্য সম্পন্ন করে। তদ্রূপ, এক পদের উভয়ত্র সম্বন্ধবিবক্ষায় ইহার প্রবৃত্তি। যেমন "পরাজিত-পরাভূতৌ ত্রিষু নষ্টতিরোহিতৌ (অ.কো)। এখানে, 'ত্রিষু' পদের কাকাক্ষিগোলকবদ্ উভয়ত্র সম্বন্ধ।

কূপমণ্ডূকন্যায় পুং—কূপবাসী মণ্ডূক কূপের বিষয়ই জানে। বহির্ভূত নদীসাগরাদি-বিষয়ে অনভিজ্ঞ। সেইরূপ যে গৃহেই অবস্থিত, সে তদ্বহির্ভূত দেশাদিবিষয়ে সম্পূর্ণ অনভিজ্ঞ। দ্র 'কূপকচ্ছপ'।

কূপযন্ত্রঘটিকান্যায় পুং—চক্রের আবর্ত্তনে কূপযন্ত্রের ঘটিকাসমূহের অধোমুখ ঊর্দ্ধমুখ, জলপূর্ণতা জলশূন্যতা হয়। এইরূপ, জীবনও সুখ-দুঃখে, সম্পদ্-বিপদে বৈচিত্র্যময়। দ্র 'মৃ ১০.৫৯।

কূর্ম্মাঙ্গন্যায় পুং—কূর্ম্মাঙ্গসমূহ কূর্ম্মদেহে প্রবিষ্ট হইলে, তিরোভূত এবং নির্গত হইলে, আবির্ভূত হয়। এইরূপ, কারণ সূত্রাদি হইতে কার্য্য পটাদি নিঃসৃত ও আবির্ভূত হইয়া উৎপন্ন এবং কারণে নিবিষ্ট ও তিরোভূত হইয়া বিনষ্ট হয়। ফলতঃ, অসতের উৎপত্তি ও সতের বিনাশ নাই; যাহা নাই, তাহা নাইই; যাহা আছে, তাহা আছেই। দ্র 'গী ২.১৬; ৫৮।

কৈমুতিকন্যায় পুং—দ্র 'কৈমুতিক'।

খলকপোত(কপোতিকা)ন্যায় পুং—বৃদ্ধ যুবা শিশু সকলপ্রকার কপোত শস্যভক্ষণার্থ যেমন খলে যুগপদ্ পতিত হয়, সেইরূপ এক কার্য্যানুষ্ঠানার্থ সমকালে অনেক কারণের উপস্থাপন। দ্র 'সা.দ ১০.৮৫। মাঘ ১০.১৬, মল্লিনাথ।

গড্ডলি(রি)কাপ্রবাহন্যায় পুং—যূথের অগ্রগামিনী মেষী নদ্যাদিতে পড়িলে, অনুগামী মেষযূথ, নিবারিত হইলেও, নিমিত্ত বিচার না করিয়া তাহার অনুসরণ করে। এইরূপ, নিবারিত হইলেও লোকের নির্বিচারে অনিষ্টমার্গে প্রবৃত্তি। অথবা, মেষযূথ কর্ত্তৃক মেষীর অনুগমনের ন্যায়, নির্বিচারে পূর্ববর্ত্তীর অনুসরণ। 'গতানুগতিকন্যায়' এইরূপ।

গোবলীবর্দ্দন্যায় পুং—বলীবর্দ্দ গোবিশেষ হইলেও, গোশব্দ দ্বারা বলীবর্দ্দের বাটিতি প্রতীতি হয়। এইরূপ অন্যপদার্থের সামান্য-বিশেষরূপ বোধনার্থ এই ন্যায়ের প্রবৃত্তি। এই ন্যায়ে পুনরুক্তি-পরীহার হয়। দ্র 'মনু ৮.২৮। ভট্টি ১৭। 'ব্রাহ্মণবসিষ্ঠন্যায়' 'ব্রাহ্মণ পরিব্রাজকন্যায়' এইরূপ।

ঘট্টকুটীপ্রভাতন্যায় পুং—এক ব্যক্তি খেয়ায় পয়সা দিবার ভয়ে, খেয়াঘাটের পথ ছাড়িয়া অন্য পথে চলিতে লাগিল। কিন্তু সে অন্ধকারে পথভ্রষ্ট হইয়া দেখিল, ঘুরিতে ঘুরিতে সে প্রভাতে ঘট্ট-কুটীতেই (খেয়ানদীর ঘরে) উপস্থিত হইয়াছে। উদ্দেশ্যবৈফল্যস্থলেই এই ন্যায়ের প্রবৃত্তি।

ঘুণাক্ষরন্যায় পুং—ঘুণকীট কাষ্ঠে যে সকল ছিদ্র করে, তাহাদের রেখা-সংযোগে কথঞ্চিৎ অক্ষর নিষ্পন্ন হয়। তদ্রূপ, একার্থে প্রবৃত্তের অন্যার্থে নিষ্পত্তি, অথবা যাদৃচ্ছিক নিষ্পত্তিতে ইহার প্রয়োগ। দ্র 'মাঘ ৩.৫৮।

তক্রকৌণ্ডিন্যন্যায় পুং—সকল ব্রাহ্মণকে দধি দেও, কৌণ্ডিন্যকে তক্র দেও, অর্থাৎ কৌণ্ডিন্য ব্রাহ্মণ হইলেও তৎসম্বন্ধে সাধারণ নিয়মের ব্যভিচার ও বিশেষ নিয়মের প্রবর্ত্তনা। ব্যাকরণে সাধারণ ও বিশেষ বিধির সম্বন্ধে ইহার প্রবৃত্তি।

তৃণজলৌকান্যায় পুং—যেমন তৃণজলৌকা (চিনাজোঁক) তৃণান্তর গ্রহণ করিয়া পূর্ব্বাশ্রিত তৃণ ত্যাগ করে, তদ্রূপ জীব স্বীয় অবিদ্যাজন্য কামকর্ম্মবাসনাদির অনুরূপ দেহান্তর উৎপাদনপূর্ব্বক পূর্ব্ব দেহ ত্যাগ করে।

দগ্ধপট(পত্র)ন্যায় পুং—দগ্ধ পটের ও পত্রের আকার স্পষ্ট দৃশ্যমান হইলেও, বস্তুতঃ তাহা যেমন সত্য নহে, তদ্রূপ দৃশ্যমান বস্তুসমূহ অসত্য।

দণ্ডাপূপ(পূপিকা)ন্যায় পুং—মূষিক দণ্ড ভক্ষণ করিয়াছে বলিলে, দণ্ডসংলগ্ন পিষ্টক নিশ্চিত ভক্ষণ করিয়াছে, ইহা অর্থ হইতে সহজে প্রতীত হয়। বিশেষসম্বন্ধ বস্তুদ্বয়ের একের বিষয়ে যাহা অভিহিত হয়, সমান ন্যায়ে অন্যের বিষয়েও তাহাই প্রতীতিবিষয় হয়। দ্র 'সা.দ ১০.৮৩।

দেহলীদীপন্যায় পুং—দেহলীস্থিত (চৌকাঠের অধঃকাষ্ঠস্থ) দীপ গৃহের অন্তর্ভাগ ও বহির্ভাগ আলোকিত করে। তাদৃশ, যুগপদ্ উভয় উদ্দেশ্যসিদ্ধির উপায়ে ইহার প্রয়োগ। তু 'এক ঢিলে দুই পাখী মারা'। 'রথ দেখা কলা বেচা'।

নষ্টাশ্বদগ্ধরথন্যায় পুং—দুই ব্যক্তি দুই রথে ভ্রমণ করিতে করিতে এক গ্রামে উপস্থিত হইয়া রাত্রিযাপনার্থ অবস্থান করিল। দৈব-যোগে গৃহদাহে একের অশ্ব ও অন্যের রথ দগ্ধ হইল। তখন তাহারা মিলিত হইয়া একের রথে অন্যের অশ্ব যোজনা করিয়া স্বস্থানে যাত্রা করিল। ব্যক্তিগত বিশেষ সাহায্যসমবায়ে কার্য্যসিদ্ধি—ইহার এই দৃষ্টান্ত।

পঙ্কপ্রক্ষালনন্যায় পুং—পঙ্ক স্পর্শ করিয়া পঙ্কলেপ প্রক্ষালন করা অপেক্ষা, পঙ্ক স্পর্শ না করাই ভাল। ইচ্ছাপূর্ব্বক বিপদ্ ঘটাইয়া, পরে বিপদ্‌নিবারণের চেষ্টা করা অপেক্ষা পূর্ব্ব হইতেই বিপৎপরী-হারের চেষ্টাই যুক্তিসঙ্গত। "প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য দূরাদস্পর্শনং বরম্।—পঞ্চ ২.১৭৫।

পিষ্টপেষণন্যায় পুং—পিষ্ট দ্রব্যের পুনর্ব্বার পেষণ নিরর্থক। তদ্রূপ, কৃত বিষয়ের পুনরনুষ্ঠান ব্যর্থ। 'তুষকণ্ডনন্যায়' 'মৃতমারণন্যায়' এইরূপ। তু 'মরার উপর খাঁড়ার ঘা', 'মরাকে মারা'।

বধ্যঘাতকন্যায় পুং—বধ্য ও ঘাতক পরস্পরবিরোধী, সুতরাং একত্র অবস্থান অসম্ভব। বিরোধী বস্তুদ্বয়ের সহাবস্থানের অসিদ্ধত্বে ইহা দৃষ্টান্ত।

বহ্নিধূমন্যায় পুং—যেখানে ধূম, সেখানে বহ্নি, ধূমের সহিত বহ্নির ব্যাপ্যব্যাপকভাবে নিত্যসম্বন্ধ। এইরূপ বস্তুদ্বয়ের নিত্যসম্বন্ধস্থলে ইহার প্রবৃত্তি।

বিষক্রিমিন্যায় পুং—বিষে জাত ও বৃদ্ধিপ্রাপ্ত কৃমি বিষের তেজে নষ্ট হয় না। যাহা একের সাঙ্ঘাতিক, তাহা অন্যের প্রাণরক্ষক। তু 'বিপ্রাস্মিন্ নগরে মহান্ কথয় কঃ?—তালদ্রুমাণাং গণঃ, কো দাতা?—রজকো দদাতি বসনং প্রাতর্গৃহীত্বা নিশি। কো দক্ষঃ? —পরদারবিত্তহরণে সর্ব্বোঽপি দক্ষো জনঃ, কস্মাজ্জীবসি হে সখে? —বিষক্রিমিন্যায়েন জীবাম্যহম্।—বৃদ্ধচাণক্য (পাণ্ডুলিপি)। Cf., 'what is one man's blood, is another man's poison.

বিষবৃক্ষন্যায় পুং—বিষবৃক্ষও সংবর্দ্ধিত করিয়া স্বয়ং ছেদন করা অনুচিত। আপনার অর্জ্জিত বিষয় নিকৃষ্ট হইলেও, স্বয়ং তাহা নষ্ট করা যুক্তিসিদ্ধ নহে। "বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ কু.স ২৫৫।

বীচিতরঙ্গন্যায় পুং—বীচির আন্দোলনে জলে তরঙ্গের পরে তরঙ্গ

উৎপন্ন হয়। এইরূপ আকাশে জাত শব্দ তরঙ্গপরম্পরায় শ্রুতি-পথগত হয়। "বীচিতরঙ্গন্যায়েন তদুৎপত্তিস্তু কীর্ত্তিতা।—ভাষা-পরিচ্ছেদ ১৬৬।

বীজাঙ্কুরন্যায় পুং—বীজ হইতে অঙ্কুর, আবার অঙ্কুর হইতে বীজ; অতএব বীজ ও অঙ্কুর প্রত্যেকেই কারণ ও কার্য্য। এইরূপ কর্ম্ম বিনা শরীর হয় না; শরীর বিনা কর্ম্ম অসম্ভব। দুই বস্তুর প্রত্যেকের কার্য্যকারণত্ব হেতু ইতরেতর প্রসঙ্গত্বে ইহার প্রবৃত্তি।

বৃদ্ধকুমারীবাক্যন্যায় পুং—কোন বৃদ্ধা কুমারীকে ইন্দ্র বর দিতে চাহিলে, কুমারী প্রার্থনা করিলেন, 'যেন তাঁহার পুত্রগণ বহু ক্ষীর ঘৃত অন্ন কাঞ্চনপাত্রে ভোজন করিতে পায়।' কুমারীর পতি নাই, সুতরাং পুত্র গাভী ধান্য কাঞ্চন অসম্ভব হইলেও, এক বরেই পতিপুত্রাদি সংগৃহীত হইয়াছে। এইরূপ, একবাক্যে নানার্থপ্রতি-পাদনে ইহার প্রয়োগ।

মণ্ডূকপ্লুতিন্যায় পুং—মণ্ডূক লম্ফ দিয়া এক স্থান হইতে স্থানান্তরে যায়, মধ্যবর্ত্তী স্থান স্পর্শ করে না। সেইপ্রকার, ব্যাকরণে অনুবৃত্তিতে পরসূত্রে পূর্ব্বসূত্রের অর্থ অনুবর্ত্তন করে, উভয় সূত্রের মধ্যস্থ সূত্রে পূর্ব্বসূত্রের অন্বয় থাকে না। দ্র 'পা ২.৪.৩৪ কাশিকা। 'মণ্ডূকপ্লুত' 'মণ্ডূকপ্লুতি' (মুগ্ধবোধ, ৩৬৭, টীকা) এইরূপ।

লাজাবন্ধনন্যায় পুং—এক ক্ষুধার্ত্ত ব্যক্তি স্তম্ভে ঠেস দিয়া বসিয়া ছিল। সেই সময়ে এক জন তাহাকে খই দিতে চাহিলে, সে তাড়াতাড়ি স্তম্ভবেষ্টনপূর্ব্বক মিলিত অঞ্জলিপুটে খই লইল, দ্বিতীয় ব্যক্তি চলিয়া গেল। পরে, ক্ষুধার্ত্ত স্তম্ভব্যবধান হেতু খই খাইতেও পারে না, বা অঞ্জলি খুলিয়া মুখের নিকটে খই আনিতেও পারে না। সাংসারিক, সুখভোগের আশায় বদ্ধ হয়, ফলে সুখভোগও হয় না, ভোগের আশাও ছাড়িতে পারে না। ইহা কথ্যভাষায় 'খ'য়ে বাঁধন'।

লৌহচুম্বকন্যায় পুং—নিষ্ক্রিয় চুম্বক, লৌহের সন্নিকর্ষমাত্রে আকর্ষক ও সক্রিয় হয়। অসঙ্গ অকর্ত্তা পুরুষসান্নিধ্য হেতু প্রকৃতির ক্রিয়াপ্রবর্ত্তক।

শতপত্র-পত্রশতভেদন্যায় পুং—পদ্মের শতসংখ্যক দল উপর্য্যুপরি রাখিয়া সূচি দ্বারা ভেদ করিলে, ভেদনে কালের যুগপদ্‌ভাব প্রতীত হয়, কিন্তু এরূপ যৌগপদ্য ভ্রম; কারণ, প্রথমে সূচীপত্র-সংযোগ, দ্বিতীয় পত্রাবয়ব-ক্রিয়া, তৃতীয় পত্রাবয়ব-বিভাগ, চতুর্থ আরম্ভ-সংযোগ নাশ, পঞ্চম পত্রনাশ; এইরূপ প্রতিপত্রের ভেদনে বহুক্ষণ-বিলম্ব। এইরূপ, ক্রমে সংঘটিত বিষয়সমূহের যৌগপদ্যভ্রমে এই ন্যায় প্রযোজ্য।

শাখাচন্দ্রন্যায় পুং—চন্দ্র বৃক্ষশাখা হইতে বহুদূরবর্ত্তী, কিন্তু শাখার অন্তরালে থাকিয়া দেখিলে, চন্দ্র শাখাসংলগ্ন বোধ হয়। শিশুকে চন্দ্র দেখাইতে হইলে, অগ্রে শাখা, পরে তদনুসারে তৎসংলগ্ন চন্দ্র দেখাইলে, শিশু অনায়াসেই চন্দ্র দেখিতে পায়। এইরূপ, দূরবস্তুর দর্শনে, নিকট যে বস্তুর সহিত ঐ দূরবস্তুর সংলগ্নভাব বোধ হয়, তাহা অগ্রে দেখিয়া, পরে তদনুসারে দেখিলে, দূরবস্তু অনায়াসে দেখা যায়। চৈ.চ ২১০,-১১,-১৬।

শ্যেনকপোতন্যায় পুং—শ্যেন কর্ত্তৃক কপোতের আকস্মিক আক্রমণ যেরূপ, সেইপ্রকার আকস্মিক দৈবদুর্বিপাক।

সিংহাবলোকনন্যায় পুং—প্রসিদ্ধি যে সিংহ কোন মৃগ বধ করিয়া, 'অন্য কোন মৃগ থাকিলে, বধ করিব' এই বুদ্ধিতে অগ্রে ও পৃষ্ঠদেশে অবলোকন করে। এইরূপ, শব্দের পূর্ব্বে ও পরে অন্বয়স্থলে ইহার প্রবৃত্তি। 'মহা ১.৬৩.৪৮, নীলকণ্ঠ। সাংখ্য ৭, তত্ত্বকৌমুদী।

সূচীকটাহন্যায় পুং—অল্পায়াসসাধ্যা সূচী, বহ্বায়াসসাধ্য কটাহ; উভয়ের নির্ম্মাণে, পূর্ব্বে সুখসাধ্যা সূচীর পরে কষ্টসাধ্য কটাহের নির্ম্মাণ সঙ্গত। এইরূপ স্বল্পায়াসসাধ্য কার্য্যের পূর্ব্বে ও বহুকষ্টসাধ্য কার্য্যের পরে অনুষ্ঠানবিষয়ে ইহা প্রযোজ্য।

স্থালীপুলাকন্যায় পুং—পাকপাত্রের একটি তণ্ডুল সুপক্ব হইলে, সমস্ত সুপক্ব হইয়াছে, অনুমিত হয়। তদ্রূপ, বিষয়বিশেষের একাংশের পরীক্ষায়, অবশিষ্টের জ্ঞানলাভ হয়।

স্থূণানিখননন্যায় পুং—যেরূপ গৃহের স্থূণা (খুঁটি) নানাপ্রকারে দৃঢ়-নিখাত করিতে হয়, তদ্রূপ যুক্তি উদাহরণ প্রভৃতি দ্বারা সমর্থিত পক্ষ দৃঢ়ীকরণীয়।

স্ফটিকলৌহিত্যন্যায় পুং—স্ফটিক জবার সান্নিধ্যে লোহিত এবং জবার অপনয়নে পুনঃ স্বরূপপ্রাপ্ত হয়। এইরূপ, গুণ হেতু আত্মা উপাধির ভাব ধারণ করে, অথবা অজ্ঞান হেতু আত্মায় কর্ত্তৃত্বারোপ হয়।

ন্যায়তঃ (-তস্) ব্য [ন্যায়+তঃ (তসি)] ন্যায়ানুসারে, বিচারে, ধর্ম্মতঃ। উপনিন্যে ন্যায়তোঽন্যায়তো ধনম্ ভ ৬.১.৬৬।

ন্যায়পথ পুং [ন্যায়োপেত পন্থা, উ.লো, সমাসান্ত 'অ'] ১ মীমাংসা-শাস্ত্র। ২ (বাঙলায়) ধর্ম্মমার্গ।

ন্যায়পর, -পরায়ণ বিং [বহুব্রী] ন্যায়নিষ্ঠ, ধার্ম্মিক।

ন্যায়বর্ত্তী (-র্ত্তিন্) বিণ [ন্যায়+√বৃৎ+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] যথাশাস্ত্রব্যবহারী। "মনু ৫.১৪০।

ন্যায়বাগীশ বি [স.ত] ন্যায়শাস্ত্রে বৃহস্পতিতুল্য; ন্যায়ে পরম-পণ্ডিত। "দা ২০৪০।

ন্যায়বাদী (-দিন্) বিণ [ন্যায়+√বদ্+ইন্ (ণিনি)-ক-১ব; উ.ত] ন্যায়কথনশীল, সত্যবাদী। "গো ৩.৫১.৩৪।

ন্যায়বৃত্ত বিণ [বহুব্রী] ন্যায়তঃ কার্য্যকারী; যথাশাস্ত্রব্যবহারী। "মনু ৭.৩২। —বৃত্ত ক্লী [উ.লো] শাস্ত্রবিহিতাচার।

ন্যায়রত্ন বি [স.ত] ১ ন্যায়ে শ্রেষ্ঠপণ্ডিতের উপাধিবিশেষ। ২ (গৌণার্থে) পণ্ডিত। "ঐ বিদ্যার (গোচিকিৎসার) ন্যায়রত্ন দা ৭০০।

ন্যায্য বিণ [ন্যায়+য (যৎ)] ১ ন্যায়ানপেত, ন্যায়োপেত, যুক্ত, উচিত। "মনু ২.১৫২। রঘু ২.৫৫। কি ১১.৩০। ২ ন্যায়সিদ্ধ। ৩ ন্যায়ভব। ৪ ধর্ম্ম্য, শাস্ত্রীয়। "গী ১৮.১৫। [ন্যায্য গণ্ডা—ন্যায়ানুসারে প্রাপ্য অর্থাদি। "তোমার ন্যায্যগণ্ডা রইলই অ.গ্র ৭৩।]

ন্যাশবেশ বি সর্থ 'নাসবেশ', দ্র 'নাশ২'। "ব.প ৩৮৭,-৯১।

ন্যাস পুং [নি+√অস্+অ (ঘঞ্)-ভা] ১ নিক্ষেপ। ২ অর্পণ, বিন্যাস, প্রক্ষেপ, স্থাপন। "পদ° রা ২.৪৫.১৮। খুর° রঘু ২.২। পাদ° কু.স ৬.৫০। পদ° মাঘ ২.১১২। চরণ° পু.মে ৫৫। ৩ আঘাত, প্রহার। "অতিশস্ত্রনখ° রঘু ১২.৭৩। ৪ বর্ণবিন্যাস, লেখন। "শোণিতেনাক্ষরন্যাসঃ ক.স।৮.১৫। ৫ অঙ্কন। "রেখা° (S.W.)। ৬ আধিরূপে স্থান; গচ্ছিত রাখা। ৭ পরিত্যাগ। "কাম্যানাং কর্ম্মণাং ন্যাসম্ গী ১৮.২। দেহ° মহা ৩.২৯৩.২৩। দেহ°, শরীর°, শস্ত্র°, (S.W.)। ৮ পূজাজপাদির পূর্ব্বে বিঘ্ননাশমন্ত্রসিদ্ধ্যাদির নিমিত্ত দেহাবয়বভেদে বর্ণাদিবিন্যাস। "অঙ্গ°, কর°, মাতৃকা°, ষড়ঙ্গ°। ৯ কোন বস্তু গৃহস্বামীকে দেখাইয়া তৎপরোক্ষে, 'গৃহস্বামীকে দিবে' বলিয়া সেই পরিবারের কোন ব্যক্তিকে সেই দ্রব্যের অর্পণ (মিতাক্ষরা)। "যাজ্ঞ ২.৬৮। ১০ [+অ-র্ম্ম] রক্ষণার্থ বিশ্বাসপূর্ব্বক স্থাপিত ধন; উপনিধি। "প্রত্যর্পিত° শ ৪.২২। ১১ ন্যস্ত দ্রব্য। "কৌস্তুভ° রঘু ১০.৬২। ১২ [+অ-ধি] হরদত্তপ্রণীত 'পদভঞ্জন'-নামক ব্যাকরণ-গ্রন্থ। "°কার। মাঘ ২.১১২। ১৩ দেবপূজাস্থান। "°ভূত রা ১.৬৬.১৩। ১৪ (বাঙলায়) সর্থ 'নাস২'। "ন্যাস-বেশ নাপান ঝাপান ভা.চ ৫২৭। —সী (-সিন্) বিণ [+ইন্ (ণিনি)-ক-১ব; স্ত্রী -সিনী] ত্যাগী। —সী পুং সন্ন্যাসী। "ভ ৪.৩০.৩৬; গৃহস্থো যেন পদবীমঞ্জসা ন্যাসিনামিয়াৎ ৭.১৫.৭৪। চৈ.ভা ১৭৪। চৈ.চ ১৪৩। চৈ.ম ১৯২।

ন্যাসিবর, -মণি, ন্যাসিশিরোমণি বি সন্ন্যাসিশ্রেষ্ঠ। "ন্যাসিমণি চৈ.ভা ৪১৫,-৮৬। °র ব্র.প ২৬৮; চৈ.ম ১৯২। ন্যাসিশিরোমণি চৈ.চ ৩১৯; ন.প ৪১৯।

ন্যাসী দ্র 'ন্যাস'।

ন্যুঙ্খ বিণ [নি+ √উঙ্খ্ গতি+অ (অচ্)-ক] ১ মনোজ্ঞ, সুন্দর। ২ সম্যক্, যুক্ত। —ঙ্খ পুং সামবেদের ষট্‌প্রণব (মেদিনী)।

ন্যুব্জ বিণ [নি+ √উব্জ্ কৌটিল্য+অ (ঘঞ্)-ধি, নিপাতিত (পা ৭.৩.৬১),+অ (অচ্)-ক (অ.টী)] ১ রোগ হেতু ভুগ্ন বা কুটিল (অ.টী)। ২ অধোমুখ, উবুড়। "°পাত্র যাজ্ঞ ১.২৩৪। °কটাহ-কল্পে ব্যোম্নি।—নৈ ২২.৩২। "°দেহ…উট।—রঙ্গ ২১। ৩ কুব্জ, কুঁজা। ৪ কুটিল, কূর্ম্মপৃষ্ঠাকৃতি (convex)। —ব্জ পুং ১ দর্ভময়স্রুক্; স্রুগ্‌মাত্র। ২ কুশ (অ.চি)। —ব্জা স্ত্রী ১ শ্রাদ্ধাদিপাত্রভেদ (শ.ক)। ২ কর্ম্মরঙ্গফল, কামরাঙা। [°খড়্গ (পুং)—কুব্জখড়্গভেদ, তরবার।]

ন্যূন বিণ [নি+ √উন্ পরিহাণ+অ (অচ্)-র্ম্ম] ১ পরিহীণ, বিরহিত। "পাদৈর্ন্যূনম্ (আত্মানম্) ভ ১.১৬.২১। ২ উন, কম। বিপ 'অতিরিক্ত, অধিক, পূর্ণ'। "ন্যূনাক্ষর (শতপথব্রাহ্মণ)। মনু ৮.২০৩। ন্যূনমধিকমিতি ন বেদ।—ভ ৫.৯.১১। ৩ গর্হ্য, নিন্দনীয়। ৪ অধম, অপকৃষ্ট। "°জাতিকুলোদ্ভব মহা ১৩.১৪৩.৪৬। ন্যূন হৈল জগন্নাথ দৈত্যের সমরে।—ম ১১৩৪। ৫ অবর। "পা ৫.৪.৫৭। [°কল্প (বি)—ন্যূন ব্যবস্থা, ন্যূন পক্ষ। "আমাকে দিতে পারেন না অল্প, পঞ্চাশ হাজার ন্যূনকল্প।—দা ৯৭৪; সকল বিষয়ে ন্যূনকল্প, কেবল পাহাড়ে গল্প ১৫৬১। °কল্পে, °পক্ষে—ন্যূনের ব্যবস্থায়; অন্তত (at least)।]

ন্যূনতা স্ত্রী [ন্যূন+তা (তল্)] ন্যূনভাব, হীনতা, অপকর্ষ। তুল্যতাং দ্রোণভীষ্মাভ্যাং…বাসুদেবার্জ্জুনাভ্যাং চ ন্যূনতাম্ (মহা)। অর্জ্জুনের ন্যূনতা।—ম ১৯৭।

ন্যূনপঞ্চাশদ্‌ভাব পুং [বহুব্রী] যাহাতে ন্যূনপঞ্চাশতের (ঊনপঞ্চাশ-বায়ুর) ভাব; পাগল (কালিকাপুরাণ)।

ন্যূনাধিক বিণ [দ্বন্দ্ব] ১ ন্যূন ও অধিক; কম-বেশী। ২ লঘু-গুরু, উচ্চ-নীচ। "এক হ'য়ে দুই (স্ত্রী পুরুষ) হইলা লীলার কারণ। দুই মধ্যে ন্যূনাধিক নাহি কোন জন॥—দু ৫৯। —ধিক্য বি অল্পতা ও আধিক্য; উৎকর্ষাপকর্ষ, তারতম্য।